বাংলা একাডেমী

ব্যবহারিক বাংলা অভিধান

পরিমার্জিত সংস্করণ

প্রধান সম্পাদক

ডক্টর মুহম্মদ এনামুল হক

[স্বরবর্ণ অংশ]

সম্পাদক

শিবপ্রসন্ন লাহিড়ী

[ব্যঞ্জনবর্ণ অংশ ও পরিমার্জিত সংস্করণ]

সহযোগী সম্পাদক

স্বরোচিষ সরকার

[পরিমার্জিত সংস্করণ]

বাংলা একাডেমী ঢাকা

বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান
চতুর্দশ পুনর্মুদ্রণ : আষাঢ় ১৪১৮ / জুন ২০১১

প্রথম প্রকাশ : স্বরবর্ণ অংশ—অগ্রহায়ণ ১৩৮১ / ডিসেম্বর ১৯৭৪
ব্যঞ্জনবর্ণ অংশ—জ্যৈষ্ঠ ১৩৯১ / জুন ১৯৮৪
দ্বিতীয় সংস্করণ : অগ্রহায়ণ ১৩৯৯ / নভেম্বর ১৯৯২

পরিমার্জিত সংস্করণ : পৌষ ১৪০৭ / ডিসেম্বর ২০০০
প্রথম পুনর্মুদ্রণ : মাঘ ১৪০৮ / জানুয়ারি ২০০২
ত্রয়োদশ পুনর্মুদ্রণ : পৌষ ১৪১৭ / জানুয়ারি ২০১১

পাণ্ডুলিপি
সংকলন উপবিভাগ

বাএ ৪৯৩১

প্রকাশক
শাহিদা খাতুন
পরিচালক
প্রাতিষ্ঠানিক, পরিকল্পনা ও প্রশিক্ষণ বিভাগ
বাংলা একাডেমী, ঢাকা ১০০০

মুদ্রক
সমীর কুমার সরকার
ব্যবস্থাপক
বাংলা একাডেমী প্রেস

প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী

মুদ্রণ সংখ্যা : ১০০০০ কপি

মূল্য : ৩২৫.০০ টাকা

BANGLA ACADEMY BYABAHARIK BANGLA ABHIDHAN [Bangla Academy Functional Bengali Dictionary]. Published by Shahida Khatun, Director, Establishment, Planning and Training Division, Bangla Academy, Dhaka 1000. Fourteenth Reprint : June 2011. Price Tk. 325·00 only.

ISBN 984-07-4939-0

পরিমার্জিত সংস্করণের প্রসঙ্গ-কথা

বাংলা একাডেমী প্রতিষ্ঠার পরপরই "পূর্ব পাকিস্তানী ভাষার আদর্শ অভিধান" নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়, যে প্রকল্পের অধীনে আঞ্চলিক ভাষার অভিধান, ব্যবহারিক বাংলা অভিধান ও বাংলা সাহিত্যকোষ নামে তিন খণ্ড অভিধান প্রণয়নের পরিকল্পনা গৃহীত হয়েছিল। ঐ পরিকল্পনা অনুযায়ী 'পূর্ব পাকিস্তানের আঞ্চলিক ভাষার অভিধান' নামক প্রথম খণ্ডের কাজ শুরু হয় ১৯৫৮ সালে এবং ১৯৬৪ সালে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্র সম্পাদনায় তা প্রকাশিত হয়। অন্যদিকে ব্যবহারিক অভিধান নামক দ্বিতীয় খণ্ডের কাজ ১৯৬১ সালে শুরু হলেও এর স্বরবর্ণ অংশ ডক্টর মুহম্মদ এনামুল হকের সম্পাদনায় ১৯৭৪ সালে এবং অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ীর সম্পাদনায় ব্যঞ্জনবর্ণ অংশ ১৯৮৪ সালে প্রকাশ পায়। প্রথম প্রকাশের সময়ে এর নাম ছিল 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান'। ১৯৯২ সালে 'দ্বিতীয় সংস্করণ' নামে পুনর্মুদ্রণ করার সময়ে অভিধানটির নাম পরিবর্তন করে 'বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান' রাখা হয়।

পরিকল্পনা থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত গণ্য করা হলে ব্যবহারিক বাংলা অভিধানটির বয়স ৪০ বছর ছাড়িয়ে গেছে। এই ৪০ বছরের মধ্যে অভিধানটি বাংলাদেশের প্রবীণ–নবীন অনেক পণ্ডিত ব্যক্তির সান্নিধ্য লাভ করেছে। পরিকল্পনা গ্রহণের সময়ে বাংলা একাডেমীর পরিচালক ছিলেন ডক্টর মুহম্মদ এনামুল হক। তবে ১৯৬১ সালে অভিধানটির শব্দসংকলনের কাজ যখন শুরু হয়, তখন এর পরিচালক ছিলেন সৈয়দ আলী আহসান। অভিধানটির সংকলন ও সম্পাদনা পর্যায়ের প্রায় পুরোটা সময়ে সংকলন বিভাগের প্রধান হিসেবে এর সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত ছিলেন এ কে এম হাবীবুল্লাহ্ খোন্দকার। অভিধানটি কিভাবে প্রণয়ন করা যায় সে ব্যাপারে সুপারিশ ও নীতিমালা প্রণয়নের লক্ষ্যে ১৯৬১ সালের ১১ই জানুয়ারি ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্, মুনীর চৌধুরী, অজিত কুমার গুহ এবং আহমদ শরীফকে নিয়ে একটি বিশেষজ্ঞ-উপসঙ্ঘ গঠিত হয়। কয়েকটি সভায় আমন্ত্রিত সদস্য ছিলেন আফিয়া দিল। এছাড়া ১৯৬১ সাল থেকে ১৯৬৪ সালের মধ্যে উক্ত উপসঙ্ঘে অন্তর্ভুক্ত সদস্য হিসেবে যাঁদের নাম পাওয়া যায়, তাঁদের মধ্যে মোহাম্মদ আবদুল কাইউম, মুহম্মদ আবদুর রাজ্জাক, তারাপদ ভট্টাচার্য, গোলাম সামদানী কোরায়শী, জ্যোতিপ্রকাশ দত্ত, মুহম্মদ জহুরুল হক, লুৎফুল হায়দার চৌধুরী, রওশন আরা বেগম, সন্‌জীদা খাতুনের নাম উল্লেখযোগ্য। কাজী রফিকুল হক, মুফাজ্জল হায়দার চৌধুরী, আনিসুজ্জামান, মুহম্মদ মাহ্ফুযুল্লাহ্, আঃ রশিদ ওয়াসেকপুরী, জগলুল হায়দার চৌধুরী, আবু তালেব, মুফাখ্খারুল ইসলাম, মৌলানা নূরুদ্দীন আহমদ, আলী আহমদ, নিজামুদ্দীন, মোল্লা এবাদত হোসেন, ইদ্রিস মিয়া, মীর আবুল হুসেন, কাজি আকরাম হুসেন, আখ্তারুর রহমান, আবদুস সাত্তার প্রমুখ সংকলক হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। এঁদের মধ্যে পরিমাণের দিক দিয়ে সবচেয়ে বেশি অংশের সংকলক ছিলেন কাজী রফিকুল হক। অভিধানের আরবি, ফারসি, তুর্কি, হিন্দি/উর্দু শব্দগুলোর সংকলক হিসেবে তিনি কাজ করেছিলেন। পরবর্তীকালে ব্যঞ্জনবর্ণ অংশ প্রকাশের পূর্বে বাংলাদেশের প্রতিনিধিত্বশীল লেখকের রচনা থেকে শব্দ সংগ্রহের কাজ করেছেন মুহম্মদ আবদুল জলিল, মুহম্মদ হাবিবুল্লাহ্ এবং নূরুল ইসলাম। এছাড়া অভিধানটি সম্পাদনার বিভিন্ন পর্যায়ে খানবাহাদুর আবদুল হাকিম এবং আবদুল হক ফরিদী গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।

"পরিমার্জিত সংস্করণ" বলা হলেও আসলে এটি বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধানের সংশোধিত, সংযোজিত, পরিমার্জিত ও পুনর্বিন্যস্ত সংস্করণ। অভিধানটিকে অধিক

ব্যবহারযোগ্য করে তোলাই এ সংস্করণের লক্ষ্য। কোনো অভিধান প্রকাশের সঙ্গে সঙ্গেই তা সংস্করণযোগ্য হয়। ১৯৬০–এর দশকে পরিকল্পিত ও প্রণীত ব্যবহারিক বাংলা অভিধানটি সেই সূত্রে বহু আগে থেকেই নতুন সংস্করণের অপেক্ষায় ছিল। তাছাড়া প্রথমবার শব্দ সংকলনের সময়ে পদ্ধতিগত শৃঙ্খলা যথাযথভাবে পালিত না হওয়ায় এটি অভ্যন্তরীণ অসংখ্য ত্রুটি–বিচ্যুতি নিয়ে প্রকাশ পায়, স্বরবর্ণ অংশের ভূমিকায় ড. মুহম্মদ এনামুল হকের একটি মন্তব্যে তার প্রতিফলন ঘটেছিল। এভাবে নানা কারণে সৃষ্ট ত্রুটি–বিচ্যুতি দূর করার লক্ষ্যে অভিধানটির পরিমার্জিত সংস্করণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বেশ কয়েক বছর পর অভিধানটি পুনরায় পাঠকের নিকট তুলে দিতে পারছি বলে আমরা আনন্দিত।

অভিধান সংকলন, সম্পাদনা ও প্রকাশনার বিভিন্ন পর্যায়ে নানা ধরনের ত্রুটি সত্ত্বেও প্রকাশের পর থেকে বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধানের বিশেষ কিছু দিক বোদ্ধামহল কর্তৃক প্রশংসিত হয়। কারণ, অসংখ্য নতুন শব্দ অভিধানটিতে প্রথমবারের মতো সন্নিবেশিত হয়েছিল, বিশেষভাবে সাতচল্লিশ পরবর্তী বাংলাদেশের লেখকদের ব্যবহৃত শব্দ ও মধ্যযুগের পুথিসাহিত্যে ব্যবহৃত শব্দের বড়ো একটি অংশ এখানে প্রথমবারের মতো অন্তর্ভুক্ত হয়েছিল। বাংলা ভাষায় আরবি–ফারসি উৎসের শব্দগুলোর ব্যুৎপত্তি আরবি বর্ণে নির্দেশ করার ফলে অভিধানটি স্বতন্ত্র মর্যাদা লাভ করেছিল। এছাড়া স্থিত বাংলা সাহিত্য থেকে বাক্যচয়ন করে শব্দনির্বাচন করার ফলে শব্দের বানানগত যে বৈচিত্র্য অভিধানটিতে স্থান পায়, সাহিত্যপাঠের সময়ে তা ব্যবহারকারীকে অপরিহার্য সহায়তা দান করে। এসব নানা কারণে অভিধানটির ব্যাপক চাহিদা সবসময়ে ছিল এবং এখনও রয়েছে।

একটি বড়ো প্রতিবন্ধকতা থাকার জন্য বইটির হুবহু পুনর্মুদ্রণ করে বাজারের চাহিদা পূরণ করতে আমরা নিবৃত্ত হয়েছিলাম। প্রতিবন্ধকতাটি হলো বাংলা বানান। ১৯৯২ সালে বাংলা একাডেমী বাংলা বানানের ক্ষেত্রে ঐক্য সৃষ্টির লক্ষ্যে প্রমিত বাংলা বানানের একটি নিয়ম প্রণয়ন করে। স্বাভাবিকভাবে প্রত্যাশা করা যেতে পারে যে, বাংলা একাডেমীর অভিধানসমূহ ঐ বানান অনুসরণ করবে। একইভাবে বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধানের বর্ণনা অংশের বানান, শীর্ষশব্দের প্রথমটির বানান প্রভৃতি ক্ষেত্রে ঐ নিয়ম অনুসৃত হবে, সেটাই প্রার্থিত। আনন্দের কথা এই যে, কিছুটা সময় নিলেও শেষ পর্যন্ত আমরা প্রতিবন্ধকতাটি দূর করে পাঠকের কাছে অভিধানটিকে তুলে দিতে পারলাম।

বাংলা একাডেমীর সংকলন উপবিভাগের তৎকালীন উপপরিচালক এবং গসফো বিভাগের বর্তমান পরিচালক জনাব সেলিনা হোসেনের ঐকান্তিক আগ্রহে নতুন এই সংস্করণের উদ্যোগ গ্রহণ করা হয়। অভিধানের অন্যতম সম্পাদক প্রফেসর শিবপ্রসন্ন লাহিড়ী এবং বাংলা একাডেমীর অন্যতম কর্মকর্তা ডক্টর স্বরোচিষ সরকার ১৯৯৩ সালে পরিমার্জিত এই সংস্করণের কাজ শুরু করেন। গৃহীত পদ্ধতি অনুযায়ী সংশোধন, সংযোজন, পরিমার্জন, ও পুনর্বিন্যাসের প্রাথমিক কাজ করেছেন ডক্টর স্বরোচিষ সরকার। প্রফেসর লাহিড়ী একাধিকবার তা গভীর মনোযোগের সঙ্গে দেখেছেন, সংশোধন করেছেন এবং মুদ্রণের অনুকূলে মতামত দিয়েছেন। আমরা গভীরভাবে দুঃখিত ও মর্মাহত এই কারণে যে, প্রফেসর শিবপ্রসন্ন লাহিড়ী অভিধানটির মুদ্রিত চেহারা দেখে যেতে পারেননি। গত ২৪শে জুন ২০০০ তারিখে বার্ধক্যজনিত কারণে তিনি পরলোক গমন করেন। তবে মারা যাওয়ার আগে ভূমিকা ও পরিশিষ্ট অংশ ব্যতীত পুরো পাণ্ডুলিপি তিনি সম্পাদনা করে গিয়েছিলেন।

পরিমার্জিত সংস্করণে কিছু মৌলিক পরিবর্তন আনা হয়েছে। বিন্যাসেও কিছু পরিবর্তন ঘটেছে। অভিধা অংশ এবং ভুক্তি–উপভুক্তির শীর্ষশব্দের প্রথমটির বানান বাংলা একাডেমীর প্রমিত বানান অনুযায়ী করা হয়েছে, শীর্ষশব্দের পাশাপাশি তৃতীয় বন্ধনী ব্যবহার করে উচ্চারণ দেখানো হয়েছে, প্রয়োগবাক্যগুলোকে অবিকল রেখে শব্দের অর্থ সংজ্ঞার ভাষাকে সাধু রীতি থেকে চলিত

রীতিতে নিয়ে আসা হয়েছে, লেখকের নাম, উৎস-ভাষা, বিষয় ও ব্যাকরণনির্দেশের জন্য বাঁকা হরফে শব্দসংক্ষেপ ব্যবহার করা হয়েছে, ভুক্তির শেষে দ্বিতীয় বন্ধনী ব্যবহার করে শীর্ষশব্দের ব্যুৎপত্তি এবং ব্যাকরণনির্দেশ প্রদান করা হয়েছে। অভিধানের মুখবন্ধ ও ব্যবহারবিধি এক্ষেত্রে ব্যবহারকারীকে সাহায্য করবে বলে আমাদের ধারণা। ব্যবহারবিধির পাশাপাশি বর্ণানুক্রম, যুক্তবর্ণ, শব্দসংক্ষেপ, প্রতিবর্ণ প্রভৃতির তালিকাও বর্তমান সংস্করণে প্রথমবারের মতো মুদ্রিত হলো। পরিমার্জিত এ সংস্করণে শব্দের সংখ্যাও বেড়েছে। বর্তমানে এর মোট ভুক্তির সংখ্যা ৩২,৭৩৭ এবং ভুক্তি-উপভুক্তি মিলিয়ে মোট ৭৩,২৭৯টি শব্দের অভিধা অভিধানটিতে পাওয়া যাবে।

পরিমার্জিত সংস্করণ বলা হলেও অভিধানটির পাণ্ডুলিপি সম্পূর্ণ নতুনভাবে তৈরি করতে হয়েছিল। তাই নতুন অভিধানের মতোই এতে ভুলত্রুটির পরিমাণ একটু বেশি থাকা অস্বাভাবিক নয়। এক্ষেত্রে ব্যবহারকারীগণ যদি তাঁদের সহায়তার হাত প্রসারিত করেন, তাহলে পরবর্তী মুদ্রণগুলোতে তা দূর করা সম্ভব হবে।

অভিধানটির নতুন এই সংস্করণের পাণ্ডুলিপি প্রণয়ন ও প্রকাশের সঙ্গে যুক্ত সকলকে আমার আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ।

ঢাকা ॥ ১৪ ডিসেম্বর ২০০০

ডক্টর সৈয়দ আনোয়ার হোসেন
মহাপরিচালক
বাংলা একাডেমী

দ্বিতীয় সংস্করণের প্রসঙ্গ–কথা

বাংলা একাডেমী প্রকাশিত অভিধানসমূহ মুদ্রণের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, এ বইগুলোর প্রচ্ছদে একই ডিজাইন ব্যবহার করা হবে এবং নামের সঙ্গে 'বাংলা একাডেমী' কথাটি যুক্ত হবে। 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান' গ্রন্থটির নাম সে কারণেই সংশোধিত দ্বিতীয় সংস্করণে 'বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান' করা হলো।

১৯৮৪ সালে 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান' প্রকাশের মধ্য দিয়ে সর্বপ্রথম এদেশের মানুষের ব্যবহৃত শব্দাবলি তার বাচ্যার্থ ও সমকালীন ব্যঙ্গ্যার্থ নিয়ে সঙ্কলিত হয়। ডক্টর মুহম্মদ এনামুল হক এবং অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ীর সম্পাদনায় এ কাজটি সুসম্পন্ন হওয়ায় বহু দিনের অভাব পূর্ণ হয়েছিল। ডক্টর মুহম্মদ এনামুল হকের লিখিত ভূমিকায় বিস্তৃতভাবে তাঁদের গৃহীত প্রণয়ন–কৌশল ব্যাখ্যা করা হয়েছে। এ প্রণয়ন–কৌশল ছিল যথাযথভাবে বাগর্থ–বিজ্ঞান অনুসারী। বাংলা ভাষা-চর্চায় যাঁরা প্রতিনিধিস্থানীয় তাঁদের শব্দ প্রয়োগের দিকে নজর রেখে এবং তাদের প্রয়োগের দৃষ্টান্ত তুলে ধরে এ অভিধান যেভাবে প্রণয়ন করা হয়েছিল, তার মধ্য দিয়ে সঙ্কলকদের গবেষণা–মনস্কতার পরিচয় পাওয়া যায়। যদিও কোথাও কোথাও সে পদ্ধতির যথাযথ অনুসরণের অভাব স্বয়ং মুহম্মদ এনামুল হককে পীড়িত করে, যা তিনি এ গ্রন্থের ভূমিকায় উল্লেখ করেছেন। তাঁর মতো পণ্ডিত ব্যক্তির হাতে গ্রন্থটির দ্বিতীয় সংস্করণ করানো সম্ভব হলে, এর গ্রহণযোগ্যতা নিঃসন্দেহে আরো বৃদ্ধি পেত ! মোট কথা, অন্য দশখানা অভিধান দেখে নতুন একখানা অভিধান রচনার মতো সহজতর পদ্ধতিতে এ অভিধান রচিত হয়নি। একথা বিবেচনা করে এবং বাংলা অভিধানের প্রতি বাংলাদেশের মানুষের ক্রমবর্ধমান চাহিদার কথা ভেবে 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান'–এর উপর ভিত্তি করে ইতোমধ্যেই (১৯৯২) আমরা 'বাংলা একাডেমী সংক্ষিপ্ত বাংলা অভিধান' প্রকাশ করেছি। আশার কথা, শেষোক্ত অভিধানটিও এ অভিধানের মতো জনমনে প্রচুর আগ্রহের সৃষ্টি করতে সক্ষম হয়েছে। তবে 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান'–এর কার্যকারিতা ব্যাপকতর হওয়ায় এর চাহিদাও অক্ষুণ্ন; যার ফলে এর পুনর্মুদ্রণের প্রয়োজন হলো।

ভাষা নিয়ত পরিবর্তনশীল ; সময়ের ব্যবধানে তাই শব্দের বানান, তার উচ্চারণ এবং ব্যঙ্গ্যার্থে প্রতিনিয়ত পরিবর্তন ঘটতে থাকে। কোনো ভাষায় ব্যবহৃত শব্দের বানানের একাধিক রূপ এবং একাধিক অর্থ উক্ত ভাষার জীবনীশক্তি এবং প্রবহমানতারই বহিঃপ্রকাশ। তা সত্ত্বেও, বিশেষত শব্দের বানানের ক্ষেত্রে বাংলাদেশের প্রধান প্রবণতা একটি সুনির্দিষ্ট পদ্ধতি প্রয়োগের পক্ষপাতী—যা শিক্ষার্থী ও ব্যবহারিক ভাষাচর্চাকারীদের পক্ষে সুবিধাজনক। একথা বিবেচনা করে বাংলা একাডেমী দেশের পণ্ডিতদের সমন্বয়ে গঠিত কমিটি দ্বারা বাংলা বানানবিধি প্রণয়ন করেছে। বর্তমান অভিধানটি এ বানানবিধি প্রণয়নের পূর্ববর্তী প্রয়াস—পাঠককে সেকথা স্মরণ রাখতে অনুরোধ করি। সর্বোপরি, একথা স্মরণ রাখা দরকার, কোনো অভিধানই প্রকৃতপক্ষে ভাষাকে নিয়ন্ত্রণ করে না, বরং পালন করে ঐতিহাসিকের ভূমিকা।

কোনো গ্রন্থের পুনর্মুদ্রণ মানেই হলো, পাঠকের বিচারের মাপকাঠিতে তা উত্তীর্ণ এবং গ্রহণযোগ্য। এভাবে 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান'টি স্বীকৃতি পাওয়ায় বাংলাদেশের শিক্ষিত সাধারণের কাছে বাংলা একাডেমীর পক্ষ থেকে কৃতজ্ঞতা নিবেদন করি। পুনর্মুদ্রণের সঙ্গে জড়িত বাংলা একাডেমীর কর্মকর্তা ও কর্মচারীদেরকে ধন্যবাদ। 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান' গ্রন্থটির দ্বিতীয় সংস্করণে একে 'বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান' এই নতুন নামে কাইয়ুম চৌধুরীর আঁকা সুদৃশ প্রচ্ছদে আপনাদের হাতে তুলে দিতে পেরে আমরা আনন্দিত। আশা করি প্রথম মুদ্রণের মতো এ অভিধানও সকলের কাছে গ্রহণীয় হবে।

তারিখ
৭.৮.১৩৯৯
২১.১১.১৯৯২

মোহাম্মদ হারুন–উর–রশিদ
মহাপরিচালক
বাংলা একাডেমী

অখণ্ড সংস্করণের প্রসঙ্গ–কথা

'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান' সংকলনের কাজ ১৯৬১ সালে শুরু হয়। স্বরবর্ণ অংশ ছাপা শুরু হয় ১৯৬৯ সালে এবং তা প্রকাশিত হয় ১৯৭৪ সালে।

ব্যঞ্জনবর্ণ অংশের সম্পাদক অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ী। এ অংশের সঙ্গে বিশেষজ্ঞ হিসাবে ঘনিষ্ঠভাবে জড়িত ছিলেন খান বাহাদুর আবদুল হাকিম, জনাব আবদুল হক ফরিদী এবং ডঃ আহমদ শরীফ। এঁদের সকলের অক্লান্ত পরিশ্রম এবং তুলনাহীন নিষ্ঠা ও ধৈর্য ছাড়া অভিধানটির এ অংশ প্রকাশ করা দুঃসাধ্য হতো। এঁদের সবার কাছে আমরা কৃতজ্ঞ। অভিধানটির সংকলনের বিভিন্ন পর্যায়ে যাঁরা আমাদের সাহায্য করেছেন এবং পরামর্শ ও উপদেশ দিয়েছেন, তাঁদের সবাইকেও কৃতজ্ঞতা জানাই।

১৯৭৫ সালের প্রথমদিকে ব্যঞ্জনবর্ণ অংশের ছাপার কাজ শুরু হয়। ১৯৮৩ সালের মার্চ মাস পর্যন্ত মাত্র দশ ফর্মা ছাপা সম্ভব হয়েছিল। এপ্রিল ১৯৮৩ থেকে জুন ১৯৮৪–র মধ্যে বাকি অংশ ছাপা হয়। অভিধান মুদ্রণের কাজ দুরূহ ও জটিল, তবুও তুলনামূলকভাবে কম সময়ের মধ্যে এ দায়িত্ব পালন করতে হয়েছে। অভিধানটি যাতে নির্ভুল হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য আমরা চেষ্টা করেছি, কিন্তু তবুও ভুল থেকে যাওয়া অসম্ভব নয়। সহৃদয় পাঠক যদি ভুলের প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন, আমরা বাধিত হবো।

এ অভিধান সংকলনের কাজে বাংলা একাডেমীর এবং বাংলা একাডেমীর প্রেসের আমার যেসব সহকর্মী দিনরাত কাজ করেছেন এবং অল্প সময়ে অভিধানটির প্রকাশ সম্ভবপর করে তুলেছেন, তাঁদেরও কৃতজ্ঞতা জানাই।

ডঃ মুহম্মদ শহীদুল্লাহ্‌র জন্মশতবার্ষিকীর বছর শুরুর অব্যবহিত পূর্বে অভিধানটি প্রকাশ করা সম্ভব হলো, এটি আমাদের জন্য বিশেষ গৌরবের। বাংলা একাডেমী কর্তৃক প্রকাশিত 'আঞ্চলিক ভাষার অভিধান'–এর সম্পাদক ডঃ মুহম্মদ শহীদুল্লাহ্‌ এবং এ অভিধানের স্বরবর্ণ অংশের সম্পাদক ডঃ মুহম্মদ এনামুল হক–এর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করি।

মনজুরে মওলা
মহাপরিচালক
বাংলা একাডেমী

আষাঢ়, ১৩৯১
জুন, ১৯৮৪

স্বরবর্ণ অংশের ভূমিকা

পৃথিবীর প্রায় সাড়ে বার কোটি লোক বাংলা ভাষায় কথা বলে। তন্মধ্যে শুধু বাংলাদেশেই ১৯৭৪ সালের আদমশুমারি মতে (নগণ্য সংখ্যক অন্য ভাষাভাষীকে বাদ দিয়া) বাংলা ভাষাভাষী লোকের সংখ্যা সাত কোটি তের লক্ষ। এই ভাষা পৃথিবীর উন্নত ভাষাগুলির মধ্যে অন্যতম এবং রবীন্দ্রনাথ ও নজরুল ইসলামের জন্মদাত্রী। ইহা শুধু জীবিত নহে, একটি জীবন্ত ভাষাও বটে। পৃথিবীর যে-কোন জীবন্ত ভাষার সঞ্জীবনী-শক্তি বিবর্তনের মধ্য দিয়াই স্ফূর্ত ও মূর্ত হয়। বাংলা ভাষাও এর ব্যতিক্রম নহে।

বর্তমানে নানা সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, বৈজ্ঞানিক ও প্রযুক্তিবিদ্যাবিষয়ক কারণে বাংলা ভাষা দ্রুত বিবর্তিত হইতেছে, অন্য কথায়, পরিবর্তিত ও পরিবর্ধিত হইতেছে। বাংলা ভাষার এই পরিবর্তন ও পরিবর্ধনকে স্বীকার না করিয়া উপায় নাই। কারণ, রক্ষণশীলতা শুধু বাংলা ভাষার নহে, পৃথিবীর যে-কোন জীবিত ভাষার পক্ষে একটি অন্তর্ঘাতী শক্তি।

ভাষার বিবর্তন প্রথমে মুখে-মুখে শুরু হয়; পরে গানে-গানে, গাথায়-গাথায় ও লেখায়-পড়ায় এবং পরিশেষে সাহিত্যে স্থান পাইয়া আভিজাত্য লাভ করে। তখন পণ্ডিত ব্যক্তিরা সাহিত্যে ব্যবহৃত ভাষা হইতে শব্দ চয়ন করিয়া যেই ভাণ্ডারে শব্দগুলিকে অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনাসহ জমা করিয়া রাখেন, তাহারই সাধারণ নাম 'অভিধান' বা শব্দকোষ। বাংলা ভাষায় এই জাতীয় ক্ষুদ্র-বৃহৎ বেশ কয়েকখানি অভিধান প্রচলিত আছে। এতৎসত্ত্বেও, নূতন করিয়া এই জাতীয় আর একখানা বাংলা অভিধান সংকলনের প্রয়োজনীয়তা অনুভূত হইল কেন—এই ক্ষেত্রে ইহাই একটি বড় প্রশ্ন।

যদিও অতীতে পৃথিবীর বাংলা ভাষাভাষী লোকের একটি বৃহত্তর অংশ প্রাক্তন পূর্ব পাকিস্তানে বাস করিত এবং বর্তমানে বাংলাদেশে বাস করে, তথাপি এই দেশের সাহিত্যনির্ভর উল্লেখযোগ্য কোন বাংলা অভিধান বিগত সাতাইশ বৎসরের {(১৯৪৭-১৯৭১) = ২৪ + ৩ (১৯৭২-১৯৭৪)} মধ্যে বাংলাদেশে সংকলিত হয় নাই। এখনও দেশে শিক্ষিতসমাজের ব্যবহারোপযোগী নির্ভরযোগ্য কোন উত্তম অভিধান নাই বলিলেই চলে। বিদেশের উপর নির্ভর করিয়া কোন দেশ চিরকাল চলিতে পারে না। দেশকে অন্যান্য ক্ষেত্রের ন্যায় অভিধানের ক্ষেত্রে, তথা জ্ঞানের ক্ষেত্রেও স্বাবলম্বী হইতে হইবে। অথচ এইদিকে আজও দেশের পণ্ডিত ব্যক্তিগণের গঠনমূলক-দৃষ্টি আকৃষ্ট হইতেছে না। মূলতঃ এই অভাব পূর্ণ করার উদ্দেশ্যেই 'বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান' নামে এ অভিধানটি সংকলিত হইয়া প্রকাশিত হইতেছে।

ইহারও একটি ছোট্ট ইতিহাস আছে। এখন হইতে প্রায় দেড় যুগ পূর্বে আমি যখন বাংলা একাডেমীর পরিচালক ছিলাম, তখন তিন খণ্ডে পূর্ব-পাকিস্তানের বাংলা ভাষার একখানা পূর্ণাঙ্গ অভিধান সংকলনের পরিকল্পনা প্রস্তুত করিয়াছিলাম। ইহার প্রথম খণ্ডে পূর্ব-পাকিস্তানের উপভাষা, দ্বিতীয় খণ্ডে প্রকাশ্যতঃ পূর্ব-পাকিস্তানের, অপ্রকাশ্যতঃ সমগ্র বাংলার সাহিত্যিক ভাষা এবং তৃতীয় খণ্ডে এই সাহিত্যে ব্যবহৃত বাগ্‌বিধি (Idiom), পরোক্ষোক্তি (allusion), পারিভাষিক শব্দ, ভৌগোলিক নাম, পৌরাণিক ও ঐতিহাসিক নাম ও ঘটনা, আরবী, ফারসী, সংস্কৃত, ইংরেজী প্রভৃতি ভাষার উদ্ধৃতি ও তার বাংলা অর্থসহ আনুষঙ্গিক তথ্য, দর্শন বিজ্ঞানের সংক্ষিপ্ত তত্ত্ব ও তথ্যাদি আভিধানিক পদ্ধতিতে স্থান দেওয়ার কথা ছিল। বাংলা একাডেমীতে আমার অবস্থানকালেই প্রথম খণ্ডের জন্য পূর্ব-পাকিস্তানের প্রায় দেড় লক্ষ ঔপভাষিক শব্দ সংগৃহীত ও আভিধানিক পদ্ধতিতে সাজানো হইলে পর, ইহার সম্পাদনের ভার পরলোকগত সুবিখ্যাত ভাষাতাত্ত্বিক ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্‌র (১৮৮৫-১৯৬৯) সুযোগ্য হস্তে সমর্পিত হয়। দীর্ঘদিনের ঐকান্তিক চেষ্টায় তিনি এ কাজ সুসম্পন্ন করেন। অতঃপর, বাংলা একাডেমী কর্তৃক এটা 'পূর্ব-পাকিস্তানী আঞ্চলিক ভাষার অভিধান' (১৯৬৪) নামে প্রকাশিত হইলে, ইহা পণ্ডিত-সমাজের অকুণ্ঠ প্রশংসা লাভ করে।

তাঁহার অবর্তমানে পূর্ব-পরিকল্পিত অভিধানটির দ্বিতীয় খণ্ড সম্পাদনের ভার নানা অনাড়ী লোকের হাত ঘুরিয়া যেই অবস্থায় আমার কাছে আসিয়া পৌঁছিয়াছে, সেই অবস্থায় ইহার কোন বিশেষ উন্নতি-বিধান আমার পক্ষে একরূপ সাধ্যাতীত হইলেও, নানা কারণে আমাকে এ দুঃখজনক পরিস্থিতির মোকাবিলা করিতে হইতেছে। ইহা সহজসাধ্য কাজ নহে। পরাজয়ের গ্লানির প্রতি উদাসীন হইয়াই বাংলাদেশের সাহিত্যে ব্যবহৃত শব্দ-সম্পদের অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনামূলক প্রয়োজনের প্রতি লক্ষ্য রাখিয়া অভিধানটির প্রস্তুত পাণ্ডুলিপির যতটুকু সংস্কার সম্ভব, তাহা করিতে কসুর করি নাই—এতটুকু বলিতে পারি। যে-সব বিষয়ের প্রতি কিঞ্চিদধিক লক্ষ্য রাখিয়াছি, তাহা মোটামুটি এইরূপ :

১। প্রচলিত বাংলা অভিধানগুলিতে বাংলাদেশের আধুনিক কবি-সাহিত্যিক, এমন কি, মধ্যযুগীয় কবি কর্তৃক ব্যবহৃত বহু সাধারণ তৎসম, তদ্ভব, দেশী বা বিদেশী শব্দ পর্যাপ্ত পরিমাণে ধরা হয় নাই ; যেমন, অচন্দ্রচেতন (বুদ্ধদেব) ; অফর, বাউরী (জসীম) ; উর (আলাওল) ; অব্যাজ (হায়াত মামুদ) ; উল্লপ (সুধীন দত্ত) ; অনিকেত (আহসান হাবীব); আলবেদা (শাহাদৎ হোসেন) ; আধার (বোরহানুদ্দীন) ইত্যাদির ন্যায় শব্দ প্রচলিত অভিধানে সচরাচর দেখা যায় না। বর্তমান অভিধানে সে-অভাব পূর্ণ করার যথাসাধ্য চেষ্টা করিয়াছি। বলা বাহুল্য, বাংলাদেশে এই শ্রেণীর লেখক ও সাহিত্যিকদের লেখা পঠিত, সমালোচিত ও পাঠ্যতালিকাভুক্ত হইয়াছে ও হইতেছে।

২। প্রচলিত বাংলা অভিধানে বাংলো ভাষায় ব্যবহৃত শব্দগুলি ভাষাগত-ভিত্তিতে সর্বত্র সুচিহ্নিত নহে। আধুনিক বাংলা বানানের অরাজকতার মূলে ইহার যথেষ্ট অবদান রহিয়াছে। এই অবস্থার উন্নতি বিধানে তৎপর হইয়া শব্দগুলির শ্রেণী নির্ণয়নে সচেষ্ট হইয়াছি। বাংলা ভাষায় তৎসম (সংস্কৃত), অর্ধতৎসম, তদ্ভব, দেশী ও বিদেশী—এই পাঁচ শ্রেণীর শব্দই প্রচলিত আছে। আচার্য শ্রী সুনীতিকুমার চট্টোপাধ্যায় (জন্ম-১৮৮৯) মহাশয়ের মতে রবীন্দ্রনাথ, শরৎচন্দ্র প্রভৃতি বাংলার বিশ্ববিশ্রুত কবি-সাহিত্যিকের সাধারণ লেখায় ব্যবহৃত শব্দের শতকরা প্রায় ২৫ টি তৎসম (সংস্কৃত), ৫টি অর্ধ-তৎসম, ৬০টি তদ্ভব, ২টি দেশী ও ৮টি বিদেশী শব্দ রহিয়াছে। এই শব্দগুলি বাংলা ভাষার প্রচলিত অভিধানে সুচিহ্নিত নহে, এবং বোধ হয়, শতকরা ৯৫ জন শিক্ষিত বাঙালীর নিকট বাংলা শব্দের এ শ্রেণীগুলি একেবারেই অপরিচিত। অথচ, কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবর্তিত (১৯৩৬) যেই বাংলা বানান-পদ্ধতি (Orthography) এখন দেশে চালু আছে, তার সবটুকুই এ পঞ্চশ্রেণীভিত্তিক। ফলে, এই দেশের বানান-পদ্ধতিতে বর্তমানে স্বৈরাচারিতা ভয়ঙ্করভাবে প্রকট হইয়া উঠিয়াছে। এই স্বৈরাচারিতার পরিমাণ পশ্চিমবঙ্গে তুলনামূলকভাবে অল্প হইলেও, আতঙ্কজনক না হউক, কিছুতেই উপেক্ষণীয় নহে। দুই-একটি উদাহরণ না দিলে আমার বক্তব্যটি সুস্পষ্ট হইবে না বলিয়া আশঙ্কা হয় : কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবর্তিত (১৯৩৬) বানান-পদ্ধতি অনুসারে কোন শব্দেই রেফের (ˊ) পর বর্ণদ্বিত্ব হইবে না—ইহাই নিয়ম। 'কৃত্তিকা'-কে হত্যা করিয়া 'কার্ত্তিক' বানানে 'কার্তিক' লিখিলে এক খুন মাফ করিতে রাজী আছি। কিন্তু, 'অর্ঘ্য', 'দৈর্ঘ্য', 'হর্ম্য', 'ঊর্ধ্ব' প্রভৃতি বহু শব্দের বানান যদি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানানের দোহাইতে 'অর্ঘ', 'দৈর্ঘ', 'হর্ম', 'উর্ধ' প্রভৃতি ধরনের বানানে লিখিত হইতে থাকে (প্রকৃতপক্ষে লিখিত হইতেছে), তবে কয় খুন মাফ করিব?

কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবর্তিত (১৯৩৬) বানান-পদ্ধতি অনুসারে কেবল তৎসম শ্রেণীর শব্দের বানানের বেলায় পদান্ত্য-'ম্' বর্ণের সহিত পরবর্তী 'ক'-বর্গীয় বর্ণাদ্য পদের সন্ধি হইলে, 'ম্'-স্থানে 'ং' অনুস্বার অথবা বিকল্পে 'ঙ' লেখা চলিতে পারে। সুতরাং অহম্ + কার = অহংকার, অহঙ্কার; ভয়ম্ + কার = ভয়ংকর, ভয়ঙ্কর; সম্ + গীত = সংগীত, সঙ্গীত ; সম্ + ঘাত = সংঘাত, সঙ্ঘাত ; সম্ + ক্ষিপ্ত = সংক্ষিপ, সঙ্ক্ষিপ্ত ; সম্ + খ্যা = সংখ্যা, সঙ্খ্যা প্রভৃতি যেই বানানেই লিখিত হউক মানিয়া লইয়াও, সংগ, সংগে, গংগা, অংগ, অংক, আশংকা, আকাংক্ষা প্রভৃতি বানান কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বানান সংস্কারের

অজুহাতে কিছুতেই সঙ্গ, সঙ্গে, গঙ্গা, অঙ্গ, অঙ্ক, আশঙ্কা, আকাঙ্ক্ষা প্রভৃতি বানানের পরিবর্তে স্বীকার করিয়া লওয়া যায় না। বলি, এই সমস্ত শব্দে 'সন্ধি' কোথায়?

এইরূপ, আর একটি প্রধান সংস্কার হইল—তদ্ভব, দেশী ও বিদেশী শব্দের বেলায় মনুষ্যেতর জীব, বস্তু, গুণ, ভাব ও কর্ম-বাচক শব্দের এবং দ্বিরাবৃত্ত শব্দের শেষে কেবল 'ই' হবে—'ঈ' হবে না, যেমন কাঠবিড়ালি, বেঙাচি; কাঠি, সুজি; কেরামতি, চুরি; পাগলামি, দুষ্টুমি; বাবুগিরি, কেরানীগিরি; সরাসরি, সোজাসুজি ইত্যাদি। অথচ এখনও আমরা বাড়ী, গাড়ী, ঘড়ী, হাতী, মাতলামী, পাগলামী, জজিয়তী প্রভৃতির শেষে 'ঈ'-কার দেবার ব্যবহার করিয়া চলিয়াছি।

বাংলা বানানে এই জাতীয় আরও কত স্বৈরাচার যে চলিতেছে, তাহার ইয়ত্তা নাই। বানানের এই শ্রেণীর উচ্ছৃঙ্খলতাকে অজ্ঞতা-প্রসূত স্বৈরাচার বলিয়া উল্লেখ করিতে হয়। আমরা এই সমস্ত স্বৈরাচারী বানান স্বীকার করি না। তবে, তন্মধ্যে যেইগুলি বহু প্রচলিত, তাহা এই অভিধানে ধরিয়াছি; এবং শব্দের শেষে প্রথম বন্ধনীর মধ্যে (অ-বা) সঙ্কেত দিয়া 'অপপ্রযুক্ত বানান' বলিয়া চিহ্নিত করিয়া দিয়াছি। এই নামে চিহ্নিত করার কারণ এই যে, এই সমস্ত বানানে লিখিত শব্দগুলি কোন্ শ্রেণীভুক্ত শব্দ, তাহা না জানার ফলে কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবর্তিত বানানের নিয়ম যথাযথভাবে প্রযুক্ত হইতেছে না বলিয়া আমার ধারণা। আমার এই ধারণা দীর্ঘদিন বাংলা ভাষার শিক্ষকতালব্ধ অভিজ্ঞতাপ্রসূত।

৩। সুতরাং এই অভিধানের সাহায্যে যাহাতে বাংলা ভাষার শব্দগুলি কোন্ শ্রেণীভুক্ত, সে সম্বন্ধে একটা সুস্পষ্ট নির্দেশ পাওয়া যায়, তৎপতি বিশেষ দৃষ্টি রাখিয়াছি। মোটের উপর, এই অভিধানে কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রবর্তিত বানানই অনুসৃত হইয়াছে। ইহা করিতে গিয়া যেই পদ্ধতি অবলম্বিত হইয়াছে, তাহা এইরূপ :

(ক) তৎসম বা সংস্কৃত শব্দের প্রকৃতি-প্রত্যয়াদি বাদ দিয়াছি। কারণ, দেশের অতি অল্প সংখ্যক পণ্ডিত ব্যক্তি ব্যতীত শিক্ষিত জনসাধারণও তৎসম-শব্দের উৎপত্তি-ব্যুৎপত্তি লইয়া মাথা ঘামান না। বরং তাঁহারা এইগুলিকে অনর্থক জটিলতা বলিয়া মনে করেন। যাঁহারা ইহাদের আবশ্যকতা অনুভব করেন, তাঁহারা সংস্কৃত বা সংস্কৃত ভাষাভিত্তিক বাংলা অভিধান হইতে অতি সহজেই এইসব বিষয় জানিয়া লইতে পারিবেন। তথাপি, কদাচিৎ অত্যাবশ্যক বোধে দুই-এক স্থলে বিশিষ্ট তৎসম শব্দের প্রকৃতি-প্রত্যয়ও যে দেওয়া হয় নাই, তেমন নহে।

(খ) এতদ্ব্যতীত অন্য চার শ্রেণীর শব্দকে বিশেষভাবে চিহ্নিত করিয়া দিয়াছি। শব্দের শেষে বন্ধনীর মধ্যেই সংক্ষেপে এই কাজটি সারিয়া দিয়াছি; যেমন—আক্রা—বিণ. দুর্মূল্য, মহার্ঘ। [সং অক্রেয়>আক্রা (অর্ধতৎসম)]। অফর—বিণ. পড়ন্ত, শেষ। [সং অপ্রহর> অপ্পহর> অফর]। আখা, আকা—বি. চুল্লী, উনান। [সং উখা (=হাঁড়ি)>আখা, আকা] আচার—বি. মুখরোচক চাটনি। [achar পর্তু.; آچار আচার ফা.] ইত্যাদি ইত্যাদি।

৪। শব্দ সংকলনেও অভিধানটি একেবারে বৈশিষ্ট্যহীন নহে। প্রচলিত যেই সমস্ত শব্দ ধৃত হইয়াছে, নিতান্ত অপ্রচলিত না হইলে সেই সমস্ত শব্দ তো গৃহীত হইয়াছেই, তদুপরি অত্যাধুনিক কবি-সাহিত্যিক কর্তৃক ব্যবহৃত, এমন কি মধ্যযুগীয় সাহিত্যে স্থানপ্রাপ্ত কিছু সংখ্যক শব্দও বাংলাদেশের সাহিত্যসেবী ও ছাত্রদের আবশ্যকতার প্রতি লক্ষ্য রাখিয়া স্থান দেওয়া আবশ্যক বলিয়া মনে করিয়াছি। ফলে, বড়ু চণ্ডীদাস, কবিকঙ্কণ, ভারতচন্দ্র, দৌলত উজির, সৈয়দ সুলতান, মোহাম্মদ খাঁ, আলাওল প্রভৃতির কাব্যে ব্যবহৃত কিছু বিশিষ্ট শব্দ এ অভিধানে স্থান পাইয়াছে। আরবী, ফারসী, হিন্দী, উর্দু, পর্তুগীজ, ইংরেজী প্রভৃতি ভাষার শব্দাধিক্যের কথা বোধ হয়, না বলিলেও চলে। কেননা, আধুনিকতম বাংলা অভিধান হইতে এই সমস্ত ভাষার শব্দকে কিছুতেই বাদ দেওয়া যায় না। বিশেষতঃ, সাম্প্রতিক কালে বাংলাদেশের সাহিত্যে আরবী, ফারসী ও ইংরেজী শব্দের প্রবেশ নানা কারণে বেশ বাড়িয়া

যাওয়ায়, বাংলা ভাষায় শব্দগুলি সম্পূর্ণ স্বাভাবিকতাপ্রাপ্ত (naturalised) হউক বা না হউক, এইগুলিকেও এই অভিধানে স্থান দেওয়া সমীচীন বলিয়া মনে করিয়াছি।

৫। এ অভিধানে বাংলার খ্যাতনামা কবি–সাহিত্যিকদের, বিশেষ করিয়া বাংলাদেশের বিশিষ্ট কবি–সাহিত্যিকদের লেখায় ব্যবহৃত শব্দের অজস্র প্রয়োগ দেখানো হইয়াছে। বাংলাদেশের বাগ্‌বিধি ও বাক্‌রীতি, এমন কি, প্রবাদ–প্রবচনও শব্দের ব্যবহার প্রসঙ্গে যথাসম্ভব উদাহৃত হইয়াছে। যেমন,—অচেনা ('অচেনায় চিনতে নারি'—বাউল) ; অবস্থা—শব্দটির আনুষঙ্গিক অবস্থাপন্ন, অবস্থান্তর প্রভৃতির সঙ্গে বাংলাদেশের 'অবস্থাগতিকে' ও আছে ; আগে— ('মায়ের আগেতে খবর কহিও'—জসীম) ইত্যাদি ইত্যাদি।

৬। এই অভিধানে যেই বর্ণানুক্রম অনুসৃত হইয়াছে তাহা এইরূপ :

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ঁ ; ক খ গ ঘ ঙ ; চ ছ জ ঝ ঞ ; ট ঠ ড ড় ঢ ঢ় ণ ; ত থ দ ধ ন ; প ফ ব ভ ম ; য (য়) র ল শ ষ স হ।

বলাবাহুল্য, বাংলা ভাষার লেখায় বর্গীয়–'ব'–এর মধ্যে কোন পার্থক্য রক্ষিত হয় না ; এমন কি, উচ্চারণেও কোন বিশেষ অনুভবযোগ্য প্রভেদ নাই। তবে অন্তঃস্থ–'ব' বর্ণের রূপান্তরিত অবস্থায় শ্রোতব্য ধ্বনি স্বকর্ণে শুনিতে এবং লিখিতব্য রূপ স্বচক্ষে দেখিতে পাওয়া যায় ; যেমন অসোয়াস্তি>অস্বস্তি স. ; সোয়ামি>স্বামী স. ; সোয়াস্তি>স্বস্তি স. ; শোয়াস>শ্বাস স. ; সোনা>স্বর্ণ স. ; দুয়ার>দ্বার স. বিশ্‌শাস>বিশ্বাস স. ; আশ্‌শাস>আশ্বাস স. ; নিস্‌স>নিঃস্ব স. ; খোয়াব>খ্বাব ফা. ; দুই>দ্বি স. ইত্যাদি শব্দে অন্তঃস্থ–'ব' = যথাক্রমে 'ওয়', 'ও', 'ব'–ফলাযুক্ত ব্যঞ্জন বর্ণের দ্বিত্ব প্রাপ্তি, 'ওয়', 'উ', 'উয়' প্রভৃতিতে রূপান্তরিত ধ্বনি। অধিকন্তু, তৎসম শব্দের 'সন্ধি'–তে অন্তঃস্থ–'ব' এখনো বর্জিত হয় নাই ; যেমন অনু + অয় = অন্বয় ; বশম্‌ + বদ = বশংবদ ; সম্‌ + বেদন = সংবেদন ; সু + আগত = স্বাগত; অনু + এষণ = অন্বেষণ ইত্যাদি। তদুপরি, বাংলায় 'ব'–ফলাযুক্ত শব্দাদ্য, শব্দমধ্য বা শব্দান্ত ব্যঞ্জন শ্রুতিগোচর হউক বা না হউক, দৃষ্টিগোচর অবস্থায় সগর্বে এখনো বর্তমান ; এই সমস্ত 'ব'–ফলার 'ব' অন্তঃস্থ–'ব' বলিয়া ইংরেজীতে এ 'ব'–গুলিকে হয় 'V' অথবা 'W' দিয়া প্রতিবর্ণকৃত করা হইয়া থাকে। অতএব, বাংলা ভাষায় অন্তঃস্থ–'ব' বর্ণটিকে হত্যা করা হইলেও, ইহা মরিয়া ভূত হইয়া রাত–বিরাতে আমাদেরকে দেখা দিয়া থাকে। সুতরাং, আমরা দুই 'ব'–বর্ণকে এক আকৃতিতে লিখিলেও, ইহাদের কোন্‌টি কোন্‌ 'ব' তা চিহ্নিত করিয়া রাখিতে হয়। এ ব্যাপারে নিম্নলিখিত পদ্ধতিটি এই অভিধানে অনুসৃত হইল :

(ক) সমস্ত 'অ–তৎসম' শব্দের আদিতে ব্যবহৃত ব'–বর্ণ বর্গীয়–'ব'। সুতরাং সমস্ত অচিহ্নিত আদ্য 'ব'–যুক্ত অর্ধতৎসম, তদ্ভব, দেশী ও বিদেশী শব্দের আদ্য 'ব'–বর্ণকে বর্গীয়–'ব' বলিয়া ধরিতে হইবে।

(খ) যেই সমস্ত আদ্য 'ব'–যুক্ত তৎসম শব্দের পূর্বে*—এই চিহ্ন দেওয়া হইয়াছে, সেই সমস্ত 'তৎসম' শব্দের আদ্য 'ব'–বর্ণকে বর্গীয়–'ব' বলিয়া ধরিয়া লইতে হইবে।

(গ) যেই সমস্ত আদ্য 'ব'–যুক্ত তৎসম শব্দের পরে †—এই চিহ্ন দেওয়া হইয়াছে, সেই সমস্ত 'তৎসম' শব্দের আদ্য 'ব'–বর্ণকে বিকল্পে অন্তঃস্থ 'ব' বলিয়া ধরিয়া লইতে হইবে।

(ঘ) যেই সমস্ত আদ্য 'ব'–যুক্ত তৎসম শব্দের পূর্বে বা পরে কোন বিশিষ্ট চিহ্ন দেওয়া হয় নাই, সেই সমস্ত তৎসম শব্দের আদ্য 'ব'–বর্ণকে অন্তঃস্থ–'ব' বলিয়া ধরিতে হইবে।

৭। পূর্বেই উল্লেখ করিয়াছি নানা আনাড়ী লোকের হাত ঘুরিয়া অভিধানটি যেই অবস্থায় আমার হাতে আসিয়া পৌঁছিয়াছে তাহার বিশেষ উন্নতি সাধন করা আমার পক্ষে সম্ভবপর ছিল না। তবু, বর্তমানে যেই সামান্য উন্নতিটুকুও করিতে সমর্থ হইয়াছি তাহাতে বাংলা একাডেমীর

সংকলন বিভাগ পূর্ণ সহযোগিতা দান না করিলে, আমার পক্ষে ইহাও সম্ভবপর হইত না। ইহার জন্য আমি এই বিভাগের নিকট সামগ্রিকভাবে, বিশেষ করিয়া, বিভাগীয় অধ্যক্ষ অধ্যাপক এ. কে. এম. হাবীবুল্লাহ খোন্দকার সাহেবের নিকট ব্যক্তিগতভাবে কৃতজ্ঞ। 'আঞ্চলিক ভাষার অভিধানে'র ন্যায় তাঁহারই প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই অভিধানটিরও সংকলনের কাজ সম্পন্ন হইয়াছে।

৮। এই অভিধান প্রণয়নে যেই সমস্ত শব্দকোষ, ব্যাকরণ ও ভাষাতাত্ত্বিক পুস্তকাদি আলোচিত হইয়াছে তাহা সংক্ষেপে এইরূপ :

(ক) বঙ্গীয় শব্দকোষ (১৩৪১)—হরিচরণ বন্দ্যোপাধ্যায়
(খ) সরল বাংলা অভিধান (১৯২৮)—সুবলচন্দ্র মিত্র
(গ) বাংলা ভাষার অভিধান (১৩৪৪)—জ্ঞানেন্দ্রমোহন দাস
(ঘ) সংসদ বাঙ্গালা অভিধান (১৩৬৮)—শৈলেন্দ্র বিশ্বাস
(ঙ) চলন্তিকা (১৩৪৫)—রাজশেখর বসু
(চ) ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ—সুনীতিকুমার চট্টোপাধ্যায়
(ছ) ব্যবহারিক বাঙ্গালা ব্যাকরণ (১৩৫১)—বসন্তকুমার চট্টোপাধ্যায়
(জ) ব্যাকরণ-মঞ্জরী—মুহম্মদ এনামুল হক
(ঝ) Origin and Development of Bengali Language (1926)—Suniti Kumar Chatterji
(ঞ) An Etymological Dictionary of Bengali (1971)—Sukumar Sen
(ট) Perso-Arabic Elements in Bengali (1967)—Dr. G. M. Hilali

আমি গভীর কৃতজ্ঞতার সহিত এই সমস্ত পুস্তকের ঋণ স্বীকার করিতেছি। অ-তৎসম শব্দের উৎপত্তি ও ব্যুৎপত্তি নির্ণয়ে এই সমস্ত গ্রন্থের দান অপরিসীম। অতঃপর সুপণ্ডিত ব্যক্তিদের কাছ হইতে অভিধানটির গঠনমূলক সমালোচনা প্রাপ্ত এবং তাঁহাদের দিয়া কোন ভ্রম-প্রমাদ প্রদর্শিত হইলে তাহা কৃতজ্ঞতার সহিত স্বীকৃত হইবে।

বিনীত
মুহম্মদ এনামুল হক
প্রধান সম্পাদক

ঢাকা,
নভেম্বর, ১৯৭৪'

ব্যঞ্জনবর্ণ অংশের ভূমিকা

১৯৭৪ সনে ডঃ মুহম্মদ এনামুল হকের সুযোগ্য সম্পাদনায় অভিধানটির 'স্বরবর্ণ' অংশ প্রকাশিত হয়। এরপর এর 'ব্যঞ্জণবর্ণ' অংশটির সম্পাদনার ভার আমার উপর অর্পিত হয়। 'স্বরবর্ণ' অংশে যে রীতি পদ্ধতি অবলম্বিত হয়েছে, সমতা রক্ষার প্রয়োজনে, ইচ্ছে থাকা সত্ত্বেও, 'ব্যঞ্জনবর্ণ' অংশ প্রণয়নে তার ব্যতিক্রম করার উপায় ছিল না।

এ অভিধানে সন্নিবিষ্ট হয়েছে :

১. আধুনিক বাংলা সাহিত্যে ব্যবহৃত বাংলা শব্দসমূহ ;
২. প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যে ব্যবহৃত বাংলা শব্দসমূহ ;
৩. বাংলা ভাষার বিশিষ্ট লেখকদের সঙ্গে সঙ্গে বাংলাদেশের বিশিষ্ট লেখকদের রচনা থেকে শব্দ প্রয়োগের উদাহরণ ;
৪. বাংলা সাহিত্যে ও বাংলা ভাষাভাষীদের দৈনন্দিন জীবনে সচরাচর ব্যবহৃত আরবী, ফার্সী, হিন্দী, ইংরেজী প্রভৃতি শব্দ।

অভিধানটির দ্বিতীয় সংস্করণ সম্পাদনার সুযোগ পেলে শব্দসমূহের উচ্চারণ, ভাষাতত্ত্ব ও ব্যাকরণসংক্রান্ত বিস্তৃততর আলোচনা প্রভৃতি সন্নিবিষ্ট করে অভিধানটির পূর্ণতর রূপ দেবার ইচ্ছা থাকলো।

বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের আঞ্চলিক ভাষাসমূহ নিঃসন্দেহে বাংলা ভাষার সমৃদ্ধ ভাণ্ডার। বাংলা একাডেমী সুপণ্ডিত ডঃ মুহম্মদ শহীদুল্লাহ্‌র সম্পাদনায় বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান প্রকাশ করেছে। পশ্চিমবঙ্গের উপভাষাসমূহ সম্পর্কে আলোচনা বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকার বিভিন্ন সংখ্যায় ছড়িয়ে-ছিটিয়ে আছে। এগুলো সংগৃহীত ও শৃঙ্খলাবদ্ধ হয়ে অভিধান প্রণীত হওয়া বিশেষ প্রয়োজন। বাংলাদেশের ব্যবহারিক বাংলা অভিধান-এ আঞ্চলিক ভাষার অতি স্বল্পসংখ্যক কয়েকটি শব্দ স্থান দেওয়া হলো। আঞ্চলিক ভাষার বিপুল শব্দসম্ভার থেকে সর্বজনবোধ্য শব্দসমূহ আত্মসাৎ করে অভিধানের দ্বিতীয় সংস্করণে সন্নিবিষ্ট করার ইচ্ছা থাকলো। এ-প্রসঙ্গে একথা অবশ্যস্বীকার্য যে, কয়েকজন শক্তিশালী সাহিত্যিক আঞ্চলিক ভাষা ও আঞ্চলিক ভাষার শব্দ নিয়ে গ্রন্থ রচনা করে অভিধানে আঞ্চলিক শব্দ গ্রহণের প্রয়োজন প্রতিষ্ঠিত করেছেন।

ভাষা নিয়ত পরিবর্তনশীল। বাংলা ভাষা ক্রমশই সমৃদ্ধতর হয়ে উঠছে ; এর শব্দভাণ্ডার অধিকতর স্ফীতকায় হচ্ছে ; সাহিত্যিকদের রচনায় শব্দ প্রয়োগের বৈচিত্র্য সৃষ্টি হয়ে চলছে ; বিদেশী ভাষা থেকে নতুন নতুন শব্দ গ্রহণ এবং পরিচিত বাংলা শব্দসমূহ শক্তিশালী সাহিত্যিকদের লেখায় অভিনব ভঙ্গি ও রীতিতে প্রকাশ লাভ করছে। 'লসে (loss-এ) লোকসানে' 'ফেব্রুয়ারি' (ফেব্রুয়ারী) 'তালা' (একতালা, দোতালা) প্রভৃতি নতুন শব্দ ও বানান সংবাদপত্র ও সাহিত্যিকদের লেখায় ব্যবহৃত হচ্ছে। এই অগ্রগতি ও সমৃদ্ধির সাথে তাল মিলিয়ে অভিধানে নতুন নতুন শব্দ এবং নতুন ও পুরাতন শব্দের বিচিত্র প্রয়োগের অন্তর্ভুক্তি প্রয়োজন। বর্তমান অভিধানটি কয়েকটি সংস্করণে প্রকাশিত হওয়ার পূর্বে এ-চাহিদা পূর্ণ করার স্পর্ধা রাখে না। তথাপি এ-পর্যন্ত প্রকাশিত অভিধানসমূহ অপেক্ষা এ-চাহিদা যে কিছুটা পূরণের চেষ্টা করা হয়েছে তার প্রমাণ গ্রন্থটিতে রয়েছে। সতর্ক বিচার-বিবেচনা ও আলোচনার পর ঐ ধরনের শব্দ ও বানান দ্বিতীয় সংস্করণে গ্রহণের চেষ্টা করা হবে।

বাংলা একাডেমী থেকে বিভিন্ন বিষয়ে পরিভাষা-কোষ রচিত ও প্রকাশিত হয়েছে। তাই গ্রন্থশেষে পৃথকভাবে বাংলা পরিভাষিক শব্দের তালিকা দিয়ে অভিধানের কলেবর বৃদ্ধি করা হলো না।

অভিধানটির ব্যঞ্জনবর্ণ অংশ রচনায় সাধুরীতির ভাষা ব্যবহার করলেও অন্যান্য অভিধান এবং এই

অভিধানের স্বরবর্ণ অংশের মতো আলোচ্য শব্দের প্রয়োগ চলিত ও সাধু উভয় রীতির বাক্যে দেখানো হয়েছে।

যাতে অল্প জায়গা লাগে সে উদ্দেশ্যে কখন কখন একাধিক শব্দের সন্ধিবিচ্ছেদ একত্রে দেওয়া হয়েছে।

বলা বাহুল্য, অভিধানটির স্বরবর্ণ অংশে ডঃ মুহম্মদ এনামুল হকের ভূমিকা এবং ভূমিকার পরিশিষ্টে প্রদত্ত সঙ্কেতসমূহ অভিধানটির ব্যঞ্জনবর্ণ অংশ সম্পর্কে সমভাবে প্রযোজ্য। এই প্রসঙ্গে নিম্নলিখিত অতিরিক্ত সঙ্কেত ও পরিবর্তনগুলো লক্ষণীয়—

১. অবনীন্দ্র—অবনীন্দ্রনাথ ঠাকুর।
কালীসিং—কালীপ্রসন্ন সিংহ।
গুণময়—গুণময় মান্না।
দক্ষিণা—দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার।
পদ্য/পদ্যে—শুধু পদ্যে ব্যবহৃত।

২. অভিধানটির স্বরবর্ণ অংশের ভূমিকার পাঁচ ও ছয় পৃষ্ঠায় শব্দের আদিতে অবস্থিত অন্তঃস্থ ও বর্গীয় ব–সম্পর্কীয় বক্তব্য সহজবোধ্য ও শৃঙ্খলাবদ্ধ করার উদ্দেশ্যে এই দু'ধরনের ব–এর তালিকা ৮৪৪ পৃষ্ঠায় দেওয়া হলো।

২

এরূপ একটি অভিধান প্রণয়নে বহু পণ্ডিতের সাহায্য ও উপদেশ প্রয়োজন। এই অংশের 'ক'–বর্গ পর্যন্ত সম্পাদনার সঙ্গে যুক্ত ছিলেন মরহুম ডঃ মুহম্মদ এনামুল হক। তাঁকে গভীর শ্রদ্ধা জানাই। খানবাহাদুর আবদুল হাকিম, জনাব আবদুল হক ফরিদী ও ডঃ আহমদ শরীফ অভিধানটিকে নির্ভুল করার জন্যে অভিধান উপসঙ্ঘের বিশেষজ্ঞ হিসাবে এর পাণ্ডুলিপি পরীক্ষা এবং অন্যান্য বিষয়ে যে নির্দেশ ও সহায়তা প্রদান করেছেন তার জন্যে আমি তাঁদের কাছে কৃতজ্ঞ। এই অংশের দ্রুত ছাপা ও প্রকাশনা ব্যবস্থার কৃতিত্ব বর্তমান মহাপরিচালকের।

অভিধানটির এ–খণ্ডের পাণ্ডুলিপি সংরক্ষণ ও শব্দ সংগ্রহের কাজে আমাকে বিশেষভাবে সাহায্য করেছেন জনাব আবুল কালাম মুস্তাফা। প্রুফ দেখার জটিল কাজটি নিষ্ঠার সাথে সম্পন্ন করেছেন জনাব মুস্তাফা পান্না।

বেশ কয়েকটি সংস্করণ প্রকাশিত হওয়ার পূর্বে কোন অভিধানই মোটামুটি ত্রুটিমুক্ত হতে পারে না। বর্তমান অভিধানটিও যে সর্বাঙ্গসুন্দর বা ত্রুটিশূন্য হয়নি সে বিষয়ে আমি সচেতন। এটি রচিত হয়ে দীর্ঘকাল পড়ে থাকার পর দ্রুত প্রকাশের চেষ্টা করতে গিয়ে অতি সামান্য কয়েকবার প্রুফ দেখেই ছাপতে বাধ্য হয়েছি। এ কারণেও কিছু পরিমাণে ভুলত্রুটি রয়ে গেছে। ভুলত্রুটিগুলো যাতে পরবর্তী সংস্করণে সংশোধিত হতে পারে তার জন্যে সর্বপ্রকার গঠনমূলক প্রস্তাব কৃতজ্ঞতার সাথে গ্রহণ করবো।

ঢাকা
আষাঢ়, ১৩৯১
জুন, ১৯৮৪

বিনীত
শিবপ্রসন্ন লাহিড়ী
সম্পাদক

পরিমার্জিত সংস্করণের মুখবন্ধ ও ব্যবহারবিধি

নিয়ম অনুযায়ী মুখবন্ধটি লেখার কথা ছিল প্রফেসর শিবপ্রসন্ন লাহিড়ীর। আমাদের দুর্ভাগ্যবশত গত ২৪শে জুন ২০০০ তারিখে তিনি বার্ধক্যজনিত কারণে পরলোকগমন করেন। মারা যাওয়ার এক সপ্তাহ আগে তিনি পরিমার্জিত সংস্করণের আগাগোড়া একটি প্রুফ দেখে শেষ করে যান। ১৭ই জুন ২০০০ তারিখে শেষ ফর্মাটি পাঠানোর সময়ে তিনি বেশ দীর্ঘ একটি চিঠিতে অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য আমাকে নির্দেশ দিয়ে যান এবং ঐ চিঠির শেষে তিনি লেখেন : "আমার বয়স হয়েছে এবং অন্য কাজ আছে। আমাকে প্রুফ দেখার কাজে আর দেবেন না। আমি যেসব সংশোধন করলাম, প্রয়োজন বোধ করলে তার উপর সংশোধন করবেন। আপনাকে সম্পূর্ণ স্বাধীনতা দেওয়া হলো।" উক্ত "স্বাধীনতা"-ই আমাকে বর্তমান সংস্করণের মুখবন্ধ ও ব্যবহারবিধি রচনার কাজে সাহস জুগিয়েছে।

সংকলন ও সম্পাদনার পূর্ব-ইতিহাস

অভিধানটির সংকলন ও সম্পাদনার প্রাথমিক পর্যায়ে (১৯৬১-১৯৬৪) এর সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত ছিলেন বাংলাদেশের বিখ্যাত ভাষাবিদ ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্। পুরনো নথিপত্রে দেখা যায়, তাঁর পরিকল্পিত ও প্রণীত নীতিমালা অনুসারেই সংকলনের কাজ শুরু হয়েছিল। ১৯৬১ সালের ১৯শে সেপ্টেম্বর তারিখে স্বাক্ষরিত ৪১টি অনুচ্ছেদ সংবলিত 'সঙ্কলন ও সম্পাদনা পদ্ধতি' শীর্ষক নির্দেশিকায় ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ অভিধানটির কাঠামো সম্পর্কে যে দিকনির্দেশনা দান করেছিলেন, প্রধানত তার উপরে ভিত্তি করে অভিধানের ভুক্তিসমূহ রচিত হয়। এরও আগে একই বছরের ৬ই জুলাই তারিখের সভায় তিনি 'শব্দসংগ্রহ পদ্ধতি' সম্পর্কেও তাঁর সুস্পষ্ট মতামত ব্যক্ত করেছিলেন। শব্দের অভিধা বাক্যসাপেক্ষ— এই ধারণার উপরে ভিত্তি করে প্রথম পর্যায়ে তিনি মধ্যযুগের এবং আধুনিক যুগের উল্লেখযোগ্য সাহিত্যকর্ম থেকে বাক্যচয়নের কাজ শুরু করার পরামর্শ দিয়েছিলেন এবং আহমদ শরীফ, অজিতকুমার গুহ, মুনীর চৌধুরীকে সহযোগী হিসেবে মনোনীত করে মধ্যযুগের অসংখ্য প্রকাশিত-অপ্রকাশিত পাণ্ডুলিপি এবং আধুনিক যুগের প্রতিনিধিত্বশীল প্রকাশিত রচনার নমুনা নির্বাচন করেছিলেন। এমনকি মধ্যযুগের সাহিত্য থেকে নমুনা নির্বাচন করেছিলেন তিনি নিজে এবং সে কাজে আহমদ শরীফ তাঁকে সহায়তা করেছিলেন। এছাড়া ১৮০০ সাল থেকে ১৯৪৭ পর্যন্ত সময়ে প্রকাশিত সাহিত্যের নমুনা নির্বাচন করেছিলেন অজিতকুমার গুহ এবং ১৯৪৭ থেকে ১৯৬০ সাল পর্যন্ত সময়ে প্রকাশিত সাহিত্যের নমুনা নির্বাচন করেছিলেন মুনীর চৌধুরী। ঐসব সাহিত্যিক দৃষ্টান্ত থেকে সংকলকগণ কিভাবে শব্দসংগ্রহ করবেন ৬ই জুলাই ১৯৬১ তারিখের উল্লিখিত সভায় গৃহীত নিম্নলিখিত প্রস্তাবের মধ্যে তার প্রতিফলন ঘটে। সেখানে লেখা হয় :

> শব্দসংগ্রহ পদ্ধতি নিম্নরূপ হইবে :—
>
> প্রথমত অভিধান আলোচনা না করিয়া বিভিন্ন পুস্তক হইতে শব্দসংগ্রহ করিতে হইবে।
>
> (ক) একজন কোন একটা বিশেষ বই পাঠ করিয়া বিশিষ্ট বিশিষ্ট শব্দগুলি উদাহরণসহ চিহ্নিত করিবেন।
>
> (খ) দ্বিতীয় ব্যক্তি শব্দগুলি উদাহরণসহ, কার্ডে, দ্বিতীয় লাইন বাদ দিয়া নকল করিবেন।
>
> (গ) তৃতীয় ব্যক্তি কার্ডে শব্দের অর্থ লিখিবেন। শব্দের ব্যুৎপত্তি নিরূপণের বেলায় কেবল মূলরূপ দেখাইলেই চলিবে—মধ্যবর্তী কোনরূপ দেখানোর প্রয়োজন নাই।

অতঃপর ঐ তারিখেই বাংলা একাডেমীর কর্মকর্তা মোহাম্মদ আবদুল কাইউম, মুহম্মদ আবদুর রাজ্জাক এবং এ কে এম হাবীবুল্লাহ্‌র তত্ত্বাবধানে কাজ শুরু করার দায়িত্ব অর্পণ করা হয়েছিল। তাঁদের

অনুসরণ করতেন, তাহলে অভিধানটির মান অধিক উন্নত হতো, সে বিষয়ে সন্দেহের কোনো অবকাশ নেই। পরিবর্তিত পরিস্থিতিতে পরিমার্জিত সংস্করণেও তা করা সম্ভব হয়নি। তা সত্ত্বেও ভবিষ্যৎ আভিধানিকের কাজে লাগবে ভেবে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ প্রণীত উল্লিখিত 'সঙ্কলন ও সম্পাদনা পদ্ধতি'-টিকে উদ্ধৃত করা হলো :

পূর্ব পাকিস্তানী বাংলার আদর্শ অভিধান—২য় খণ্ডের সঙ্কলন ও সম্পাদনা পদ্ধতি

অবলম্বন

১। সাধারণভাবে নিম্নলিখিত কয়টি অভিধান আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে বিশেষক্ষেত্রে প্রয়োজনবোধে অন্য যে কোন অভিধান আলোচনা করা চলবে। শব্দের অভিধা সম্পর্কিত বক্তব্য যাতে প্রচলিত কোন অভিধানের হুবহু নকল না হয়, সেদিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

ক) বাংলা ভাষার অভিধান, জ্ঞানেন্দ্রমোহন দাস। খ) সংসদ বাংলা অভিধান—সাহিত্য সংসদ, কলিকাতা। গ) চলন্তিকা—রাজশেখর বসু। ঘ) ব্যবহারিক শব্দকোষ—কাজী আবদুল ওদুদ। ঙ) শব্দকোষ—হরিচরণ বন্দ্যোপাধ্যায়।

২। বিভিন্ন পুস্তক থেকে সংগৃহীত শব্দাবলী (প্রয়োগের উদ্ধৃতিসহ)।

ক্রমবিন্যাস

১। মূল শব্দগুলো সংসদ অভিধানের ন্যায় বর্ণানুক্রমিক বিন্যস্ত হবে।

২। মূল শব্দের সংশ্লিষ্ট প্রত্যয়ান্ত ও সমাসবদ্ধ শব্দাবলী একত্র থাকবে।

৩। অভিধা সম্পর্কীয় বিষয়গুলো নিম্নরূপে লিখতে হবে :

ক) একক অর্থবিশিষ্ট শব্দের ক্ষেত্রে—

শব্দ—পদপরিচয় সংকেত/পরিভাষা সংকেত/অর্থ, সমার্থ/'প্রয়োগ'—প্রয়োগকর্তা। আনুষঙ্গিক শব্দ। ব্যুৎপত্তি।

খ) একাধিক অর্থবিশিষ্ট শব্দের ক্ষেত্রে—

১ পদপরিচয় সংকেত/পরিভাষা সংকেত/অর্থ, সমার্থ/ 'প্রয়োগ'—প্রয়োগকর্তা।
২ পদপরিচয় সংকেত/পরিভাষা সংকেত/অর্থ, সমার্থ/ 'প্রয়োগ'—প্রয়োগকর্তা।
৩ পদপরিচয় সংকেত/পরিভাষা সংকেত/অর্থ, সমার্থ/ 'প্রয়োগ'—প্রয়োগকর্তা।
আনুষঙ্গিক শব্দ। ব্যুৎপত্তি

গ) অসম ব্যুৎপন্ন তদ্ভব শব্দের ক্ষেত্রে—

শব্দ[১] | ক বা খ-এর অনুরূপ পৃথক পৃথক কার্ডে লিখতে হবে।
শব্দ[২] |

ঘ) একাধিক বানান বিশিষ্ট শব্দের ক্ষেত্রে—

শব্দ, শব্দ, শব্দ—পদপরিচয়, সংকেত ইত্যাদি।

ঙ) প্রাচীন বাংলা, মধ্য বাংলা, অশুদ্ধ বা বিরল প্রয়োগ শব্দের ক্ষেত্রে—

শব্দ/প্রা-বাং/ম-বাং/। শব্দ/ম-বাং/। শব্দ/অশু/। শব্দ/বিরল/।

বানান

১। তৎসম, বিরল প্রয়োগ, ব্যাকরণ-দুষ্ট, প্রাচীন বাংলা, মধ্য বাংলা এবং প্রয়োগ উদ্ধৃতির ক্ষেত্রে বানানের মূলরূপ রক্ষিত হবে।

২। নির্বাচিত মূল শব্দ, অর্থ ও আনুষঙ্গিক শব্দের ক্ষেত্রে সর্বত্র আধুনিক বানান পদ্ধতি অবলম্বিত হবে।

৩। অবশ্য সকল ক্ষেত্রেই রেফের পরস্থিত ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব বর্জনীয়।

৪। তৎসম শব্দে ব্যবহৃত ঈ–কার ও ঊ–কার রক্ষিত হবে। স্ত্রীবাচক শব্দ ব্যতীত তদ্ভব, দেশজ ও বিদেশী শব্দে সর্বত্র ই–কার ও উ–কার হবে।

শব্দ

১। কোন শব্দের একাধিক বানান থাকলে সুপ্রচলিত ও নির্বাচিত বানানবিশিষ্ট শব্দটি সর্বপ্রথম এবং অন্যান্য বানানবিশিষ্ট শব্দগুলো উক্ত মানানুযায়ী পরপর কমাসহ লিখতে হবে।

২। সমোচ্চারিত শব্দ ব্যুৎপত্তিভেদে সংখ্যার দ্বারা চিহ্নিত করে পৃথক পৃথক কার্ডে লিখতে হবে।

৩। আধুনিক সাহিত্যে অপ্রচলিত প্রাচীন ও মধ্য বাংলায় ব্যবহৃত শব্দাবলীর পেছনে প্রথম বন্ধনীর মধ্যে যথাক্রমে প্রা–বাং ও ম–বাং লিখতে হবে।

৪। কোন প্রচলিত শব্দ ব্যাকরণদুষ্ট বা বিরল প্রয়োগ হলে, তার পেছনে প্রথম বন্ধনীর মধ্যে যথাক্রমে 'অশু' ও 'বিরল' লিখতে হবে।

৫। আঞ্চলিক বা অশিষ্ট শব্দ উদ্ধৃত চিহ্ন দ্বারা চিহ্নিত করতে হবে।

৬। কোন শব্দের সাধু ও চলিত রূপ থাকলে তা একসঙ্গে লিখতে হবে। প্রথমে সাধুরূপ এবং ওবলিক দিয়ে চলিত রূপটি লিখতে হবে।

৭। একার্থবোধক বিভিন্ন মূল শব্দ, সংশ্লিষ্ট পদপরিচয়, অর্থ, প্রয়োগ ও ব্যুৎপত্তিসহ একত্রে থাকবে। অবশ্য বর্ণক্রমানুসারে প্রতিটি শব্দ যথাস্থানে মূল শব্দের দ্রষ্টব্য সংকেত সহ উল্লিখিত হবে।

৮। প্রচলিত ব্যবহারিক অভিধানসমূহে বিধৃত হয়নি, এমন কোন নতুন শব্দ পাওয়া গেলে, তা যথারীতি প্রয়োগসহ লিখতে হবে। কার্ডের ডান কোণে লাল পেনসিল দিয়ে 'নু' লিখে রাখতে হবে।

৯। পারিভাষিক শব্দের ক্ষেত্রে অর্থের অব্যবহিত পূর্বে প্রথম বন্ধনীর মধ্যে সংশ্লিষ্ট বিষয়ের সংকেত লিখতে হবে।

১০। মূল শব্দ হিসেবে কারক–বিভক্তি বা ক্রিয়া–বিভক্তি নেওয়া চলবে না।

পদপরিচয়

১। মূল শব্দের সঙ্গে ড্যাশের পর নির্ধারিত পদপরিচয়–সংকেত লিখতে হবে।

২। একই শব্দ একাধিক পদে ব্যবহৃত হলে, পৃথকভাবে অর্থসহ পদপরিচয় দিতে হবে।

৩। যে শব্দের সঙ্গে প্রয়োগ বিদ্যমান, তার পদপরিচয় যাতে উদ্ধৃতাংশের প্রসঙ্গানুরূপ হয়, তৎপ্রতি লক্ষ্য রাখতে হবে।

পরিভাষা সংকেত

১। অর্থের অব্যবহিত পূর্বে প্রথম বন্ধনীর মধ্যে নির্ধারিত পরিভাষা সংকেত লিখতে হবে।

২। বিদেশী কোন প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত পরিভাষার ক্ষেত্রে উক্ত নিয়ম প্রয়োজ্য হবে না। কারণ উক্ত শব্দ যদি প্রচলিত হয়, তবে তা সাধারণ শব্দ হিসেবেই গৃহীত হবে।

অর্থ

১। তুল্যভাবসূচক অর্থ বা সমনাম কমা দ্বারা পৃথক করতে হবে।

২। অর্থের একাধিক প্রতিশব্দ দিতে পারলে ভালো হয়। কিন্তু উক্ত প্রয়োজনে অপ্রচলিত শব্দ ব্যবহার করা চলবে না।

৩। একাধিক অর্থবিশিষ্ট শব্দের ক্ষেত্রে সর্বাধিক প্রচলিত অর্থটি সর্বপ্রথম এবং অন্যান্য অর্থগুলো উক্ত মানানুযায়ী পর পর সংখ্যা দ্বারা পৃথক করে লিখতে হবে। প্রতি অর্থের সঙ্গে সংশ্লিষ্ট পদপরিচয় ও প্রয়োগের উল্লেখ থাকবে।

৪। প্রচলিত অভিধানসমূহে বিধৃত হয়নি এমন কোন নতুন অর্থ প্রয়োগসহ পাওয়া গেলে, তা গ্রহণ করতে হবে।

৫। প্রচলিত অভিধানে প্রদত্ত যে কোন শব্দের অপ্রচলিত অর্থ প্রয়োগ ছাড়া গৃহীত হবে না।
৬। যে কোন শব্দের অর্থ যাতে প্রচলিত ব্যবহারিক অভিধানসমূহে প্রদত্ত অর্থের চেয়ে কম না হয়, তৎপ্রতি বিশেষ লক্ষ্য রাখতে হবে।

প্রয়োগ

১। অর্থের অব্যবহিত পরেই প্রথম বন্ধনীর মধ্যে উদ্ধৃতি চিহ্নসহ প্রয়োগ এবং ড্যাশচিহ্ন দিয়ে প্রয়োগকর্তার নির্ধারিত নামসংকেত লিখতে হবে।
২। প্রয়োগের উদ্ধৃতি সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়, যাতে শব্দটির প্রাসঙ্গিক অর্থ বোধগম্য হয়, তৎপ্রতিও লক্ষ্য রাখতে হবে।
৩। প্রয়োগের উদ্ধৃতি ছাড়াও শব্দের প্রামাণিকতার জন্যে কোন বিশেষ শব্দ বা বাক্য যথানিয়মে উল্লেখ করা চলবে।

আনুষঙ্গিক শব্দ

১। অভিধা সম্পর্কীয় সকল জ্ঞাতব্যের শেষে নির্ধারিত মূল ভাষা সংকেত লিখতে হবে।
২। তৎসম শব্দের ক্ষেত্রে শুধু মূল ভাষাসংকেত লিখলেই চলবে।
৩। তদ্ভব শব্দের ক্ষেত্রে মূল শব্দটির পূর্বে ব্যুৎপত্তি চিহ্নসহ ভাষাসংকেত লিখতে হবে।
৪। বিদেশী শব্দের ক্ষেত্রে মূল শব্দটির পূর্বে ব্যুৎপত্তিচিহ্নসহ বাংলা প্রতিবর্ণীকরণ দিতে হবে এবং যথারীতি ভাষাসংকেত লিখতে হবে।
৫। দেশজ শব্দের ব্যুৎপত্তি নির্দেশের প্রয়োজন নেই।

প্রাথমিক পর্যায়ে অভিধানটির সংকলক হিসেবে যাঁদের মনোনীত করা হয়েছিল, বর্তমান সংস্করণের মহাপরিচালকের প্রসঙ্গ-কথায় তাঁদের নাম উল্লেখ করা হয়েছে। ৪-৬-৬৪ তারিখ নাগাদ উক্ত নীতিমালা অনুযায়ী সংকলিত শব্দের সংখ্যা দাঁড়িয়েছিল ২১৫৭৮টি। ১৯৬৮ সাল নাগাদ এ সংখ্যা প্রায় ৭০ হাজারে উন্নীত হয়। অতঃপর শুরু হয় সংকলিত শব্দ নিয়ে ভুক্তি রচনা ও সেসব ভুক্তি সম্পাদনার কাজ।

১৯৬৪ সাল পর্যন্ত এর প্রধান সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছিলেন ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্। ৪-৬-৬৪ তারিখে এ সংক্রান্ত তাঁর সর্বশেষ সভায় তিনি একজন সহকারী সম্পাদক নিয়োগের প্রস্তাব করেছিলেন। কিন্তু দীর্ঘ চার বছর পরে ১৯৬৮ সালে উপসঙ্ঘের পরবর্তী সভা যখন হয়, কাজী দীন মুহম্মদ তখন বাংলা একাডেমীর পরিচালক। তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১৪-৫-৬৮ তারিখের সভায় ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ উপস্থিত ছিলেন না। ঐ সভায় অভিধানটির সম্পাদক হিসেবে পরবর্তী দায়িত্ব পালন করার জন্য ডক্টর কাজী দীন মুহম্মদের নাম প্রস্তাব করেছিলেন মুনীর চৌধুরী। ডক্টর কাজী দীন মুহম্মদ সম্পাদক হিসেবে দায়িত্ব পালনের সময়ে ভুক্তি রচনার নিয়মে উল্লেখযোগ্য দুটি পরিবর্তন এনেছিলেন। শহীদুল্লাহ্ প্রণীত সিদ্ধান্তে বিদেশি শব্দের ব্যুৎপত্তির ক্ষেত্রে শুধু প্রতিবর্ণ ব্যবহার করার কথা ছিল, সেখানে কাজী দীন মুহম্মদের সময়ে (৩০-১২-৬৮) বলা হয়: "আরবী ফারসী উর্দূ শব্দের বেলায় তৃতীয় বন্ধনীর মধ্যে বাংলা উচ্চারণসহ আরবী হরফে মূল শব্দটি লিখিয়া ভাষাসংকেত দিতে হইবে।" তাছাড়া, শহীদুল্লাহ্ প্রণীত সিদ্ধান্তে বলা হয়েছিল "তৎসম শব্দে ব্যবহৃত ঈ-কার ও ঊ-কার রক্ষিত হবে। স্ত্রীবাচক শব্দ ব্যতীত তদ্ভব, দেশজ ও বিদেশী শব্দে সর্বত্র ই-কার ও উ-কার হবে।" অন্যদিকে কাজী দীন মুহম্মদের সময়ে সিদ্ধান্ত নেওয়া হয়: "মূলের সঙ্গে সঙ্গতি রক্ষার্থে কোন কোন বিদেশী শব্দে ঈ-কার বা ঊ-কার বসিবে। যেমন—ঈদ, গরীব, খুশী, কবূল।" ভাষারীতি সম্পর্কিত পরিবর্তনটিও লক্ষণীয়। ডক্টর মুহম্মদ শহীদুল্লাহর নীতিমালাটি প্রণীত হয়েছিল চলিত ভাষায়, অন্যদিকে দীন মুহম্মদের সংযোজিত নীতিমালার ভাষা সাধু। অভিধানের অভিধা অংশের ভাষারীতির সঙ্গে এর সম্পর্ক থাকা বিচিত্র নয়।

সম্পাদনার এই পর্বে আর একটি উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে এ কে এম কবীর চৌধুরী বাংলা একাডেমীর পরিচালক হিসেবে দায়িত্ব পাওয়ার পরে। তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ৮-৪-৬৯ তারিখের

সভায় উপসঙ্ঘ কাজী দীন মুহম্মদকৃত নীতিমালার পরিবর্তনকে "নিয়ম ও যুক্তিবহির্ভূত" বিবেচনা করে। উপসঙ্ঘের সভা ছাড়াই ডক্টর কাজী দীন মুহম্মদ আরো কিছু পরিবর্তন এনেছিলেন যা শহীদুল্লাহ্র নীতিমালার সঙ্গে সাঞ্জস্যপূর্ণ ছিল না, যেমন—সংস্কৃতের সংকেত 'স'–এর পরিবর্তে 'ত', হিন্দি শব্দগুলোকে উর্দু বিবেচনায় তার সংকেত 'উ', এবং 'ঙ'–এর পরিবর্তে সর্বত্র 'ং'–এর ব্যবহার ইত্যাদি। এই পরিস্থিতিতে উপসঙ্ঘের উল্লিখিত সভা অভিধানের সম্পাদনার ভার অন্য কোনো বিশেষজ্ঞের উপরে অর্পণের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করে, এবং দীন মুহম্মদের সম্পাদিত পাণ্ডুলিপি পরীক্ষা করে একটি প্রতিবেদন পেশ করার জন্য মুনীর চৌধুরীকে দায়িত্ব দেওয়া হয় এবং সম্পাদক হিসেবে তাঁর নাম প্রস্তাব করা হয়। মুনীর চৌধুরী তাঁর ২৯–৪–৬৯ তারিখের প্রতিবেদনে ডক্টর মুহম্মদ এনামুল হকের সঙ্গে তাঁর আলোচনার কথা জানান এবং এ ধরনের কাজ করতে তাঁর নিজের অপারগতার কথাও জ্ঞাপন করেন। অতঃপর কবীর চৌধুরী, মুনীর চৌধুরী, অজিত কুমার গুহ, ডক্টর আহমদ শরীফ এবং এ কে এম হাবীবুল্লাহ্র উপস্থিতিতে ১০–৫–৬৯ তারিখের সভায় অভিধানটির সম্পাদক হিসেবে ডক্টর মুহম্মদ এনামুল হকের নাম প্রস্তাব করা হয়। এর পরবর্তী ইতিহাস স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণ অংশের সম্পাদকদ্বয়ের ভূমিকা থেকে জানা যাবে।

পরিমার্জিত সংস্করণের প্রস্তাব ও কর্মপন্থা

১৯৯২ সালে বাংলা একাডেমী বাংলা বানান প্রমিত করার লক্ষ্যে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করে এবং উক্ত কমিটি 'বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম' শীর্ষক একটি নীতিমালা প্রণয়ন করে। এর ফলে স্বাভাবিকভাবেই অন্যান্য অভিধানের মতো ব্যবহারিক অভিধানের বানানের ব্যাপারেও পুনর্বিবেচনার প্রয়োজন দেখা দেয়। এই পরিপ্রেক্ষিতে ১৫–১০–৯৪ তারিখে কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অভিধানটির পরবর্তী সংস্করণ প্রকাশের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। পরিষদ অভিধানের অন্যতম সম্পাদক শিবপ্রসন্ন লাহিড়ীকে এবং তাঁর সহযোগী হিসেবে বর্তমান উপস্থাপককে কাজটি সম্পন্ন করার জন্য দায়িত্ব প্রদান করে। অতঃপর সংকলন উপবিভাগ প্রণীত একটি নীতিমালা অনুযায়ী আমরা প্রমিত বানানের সঙ্গে অভিধানের বানান সঙ্গতিপূর্ণ করা, ব্যুৎপত্তি প্রদানে সমতা সৃষ্টি করা, অভিধা অংশে ভাষার্থগুলোকে সাধু থেকে চলিত রূপে নিয়ে আসা, উচ্চারণ সংযোজন করা, বাংলা একাডেমী থেকে প্রকাশিত অন্যান্য অভিধানের সঙ্গে সঙ্গতিপূর্ণ বিন্যাস ও ব্যাকরণচিহ্ন প্রয়োগ করা প্রভৃতির কাজ শুরু করি।

নির্দেশিকা, বর্ণানুক্রম ও যুক্তাক্ষর

'অভিধান ব্যবহার নির্দেশিকা' নামের একটি ছক 'মুখবন্ধ'–এর পরপরই সন্নিবেশিত হয়েছে। পরিমার্জিত সংস্করণের বিন্যাস বোঝার জন্য এবং ভুক্তিবিন্যাসের তাৎপর্য ব্যবহারকারীর নিকট তুলে ধরার জন্য ছকটি প্রণীত। অভিধানটি ব্যবহার করার পূর্বে ব্যবহারকারী যদি স্বব্যাখ্যাত এই ছকটি দেখে নেন, তাহলে অভিধানের কাছে তাঁর প্রত্যাশিত প্রশ্নের মীমাংসা প্রাপ্তি সহজতর হবে। ভুক্তির বিভিন্ন অংশের পরিচয় প্রদানের চেষ্টাও এখানে করা হয়েছে।

পরিমার্জিত সংস্করণে ব্যবহৃত বর্ণানুক্রম পূর্ববর্তী সংস্করণের অনুরূপ। তবে প্রধানত বানাননীতি পরিবর্তনের কারণে পূর্ববর্তী সংস্করণের অনেক শব্দকেই তার জায়গা বদল করতে হয়েছে। ব্যবহারকারীর সুবিধার কথা ভেবে বর্ণানুক্রম সংক্রান্ত একটি তালিকা 'মুখবন্ধ'–এর শেষে সন্নিবেশিত হলো (তালিকা–১ দ্রষ্টব্য)। অনুস্বর, বিসর্গ ও চন্দ্রবিন্দু সংযুক্ত শব্দগুলো খোঁজার কাজে অধিকাংশ ব্যবহারকারীকে বেশ সমস্যায় পড়তে হয়। বিষয়টি বিবেচনা করে বর্ণানুক্রম সংক্রান্ত ঐ তালিকার একাংশে এ ধরনের শব্দের অনুক্রম কেমন হয়, তার একটি নমুনাও প্রদান করা হয়েছে।

আলাদা একটি তালিকায় (তালিকা–২ দ্রষ্টব্য) বাংলা যুক্তবর্ণগুলোকেও বিশ্লিষ্ট করে দেখানো হয়েছে। কারণ কুটিল লিপির উত্তরাধিকারী বাংলা লিপির মধ্যে এমন কিছু অস্বচ্ছ বর্ণ রয়েছে, উপর দিয়ে দেখে তার অভ্যন্তরীণ গঠন বোঝা অনেক সময়ে কঠিন হয়। তালিকাটি থেকে শুধু যুক্তবর্ণের

স্বচ্ছরূপই জানা যাবে, তাই নয়, ব্যবহারকারীকে এটি বর্ণানুক্রম বিষয়ক জটিলতা থেকেও মুক্তি দেবে বলে মনে করি।

বানান

অভিধানের পরিমার্জিত সংস্করণে 'বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম'-কে অনুসরণ করা হয়েছে প্রধানত তিন স্থানে। এক. ভুক্তির শীর্ষশব্দ হিসেবে একই শব্দের জন্য একাধিক বানান থাকলে সেক্ষেত্রে প্রথম বানানটির বানান প্রমিত করা হয়েছে, এবং সেই অনুযায়ী ভুক্তিটি বিন্যস্ত হয়েছে। দুই. অভিধা অংশের বানান প্রমিত করা হয়েছে। তিন. যেসব প্রয়োগবাক্য অর্থকে বোধগম্য করার প্রয়োজনেই সংকলক কর্তৃক রচিত.হয়েছিল, সেগুলোর বানানও প্রমিত করা হয়েছে। মাত্র কয়েকটি শব্দের বানানে প্রমিত বানান অনুসরণ করা হয়নি। এর মধ্যে "খ্রিস্ট" শব্দের বানান বিশেষ উল্লেখযোগ্য। প্রমিত বানানের ২.০৪ সূত্রে এটির মূর্ধন্য "ষ"-বিশিষ্ট বানান সমর্থিত। তবে ব্যবহারিক অভিধানের "স"-বিশিষ্ট স্থিত বানান পাঠ্যপুস্তকের বানানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকায় বানানটিকে অপরিবর্তনীয় রাখা হয়েছে। প্রমিত বানানের সঙ্গে বর্তমান অভিধানের উল্লেখযোগ্য আর একটি অসঙ্গতি হয়তো অনেকের চোখে পড়বে, তা হলো প্রমিত বানানের ৩.০১ সূত্র অনুযায়ী অভিধানের বর্ণগুলোকে যথেষ্ট স্বচ্ছ করা হয়নি। এ ব্যাপারে সবচেয়ে বড়ো সীমাবদ্ধতা হলো প্রকাশনার কাজে বাংলা একাডেমীর ব্যবহৃত ফন্ট। শহীদ লিপি নামের এই ফন্টটিতে পুরনো যুক্তাক্ষর তৈরি করা খুবই সহজ, অন্যদিকে প্রস্তাবিত স্বচ্ছরূপ সেখানে বর্ণের নান্দনিকতা নষ্ট করে। বিষয়টি বিবেচনা করে সচেতনভাবেই বর্ণ বা হরফের চেহারাকে পূর্ববৎ রাখা হলো।

বিরতিচিহ্ন ও সংকেত

পরিমার্জিত সংস্করণে বিরতিচিহ্ন ব্যবহারের ক্ষেত্রে কিছু তাৎপর্যপূর্ণ পরিবর্তন আনা হয়েছে। যেমন পূর্বে অর্থান্তরের ক্ষেত্রে সর্বত্র কমা ব্যবহার করা হয়েছিল। বর্তমানে প্রতিটি আলাদা অর্থের জন্য ব্যবহৃত হয়েছে সেমিকোলন। অর্থবিভ্রান্তির সম্ভাবনা হ্রাস করার লক্ষ্যেই এই ধরনের পরিবর্তন গ্রহণ করা হয়। কেননা অনেক সময়ে দেখা যায়, কোনো শব্দের অভিধা কখনো একটি মাত্র শব্দে আবার কখনো একাধিক শব্দগুচ্ছে, এমনকি যৌগিক বাক্য দিয়েও প্রদান করার দরকার হয়, সর্বোপরি, অভিধা-বাক্যে কখনো কখনো অপরিহার্যভাবে কমা ব্যবহারেরও প্রয়োজন হয়। তাই অর্থান্তরের ক্ষেত্রে সেমিকোলন ব্যবহার করে প্রাসঙ্গিক অভিধাকে অধিক সুস্পষ্ট করে তোলা সম্ভব ভেবে উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এছাড়া ভুক্তির বিভিন্ন অংশকে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করার স্বার্থে বর্তমান সংস্করণে নতুনভাবে কয়েকটি সংকেত ব্যবহৃত হলো, যার অনেকগুলোই বাংলা একাডেমীর অন্যান্য অভিধানে প্রযুক্ত সংকেতগুলোর অনুরূপ। এর মধ্যে পদান্তর বোঝানোর জন্য বর্গচিহ্ন (❑), সমান বোঝাতে সমান-সমান চিহ্ন(=), দ্রষ্টব্য বোঝাতে দ্রষ্টব্য-চিহ্ন (⇒) প্রভৃতি উল্লেখযোগ্য। একইভাবে সমতা-রক্ষার প্রয়োজনে উচ্চারণ-নির্দেশের জন্য তৃতীয় বন্ধনী এবং ভুক্তির শেষে ব্যুৎপত্তি-নির্দেশের জন্য দ্বিতীয় বন্ধনী ব্যবহার করা হয়েছে, যা ব্যবহারকারীর জন্য সহায়ক হবে বলে মনে করা যায়।

উচ্চারণ

পরিমার্জিত সংস্করণে সবচেয়ে উল্লেখযোগ্য সংযোজন হলো প্রায় প্রতিটি ভুক্তিতে শীর্ষশব্দের উচ্চারণ প্রদান করা। ১৯৮৪ সালে প্রকাশিত অভিধানটির ব্যঞ্জনবর্ণ অংশের ভূমিকায় ঐ অংশের সম্পাদক প্রফেসর শিবপ্রসন্ন লাহিড়ী লিখেছিলেন : "অভিধানটির দ্বিতীয় সংস্করণ সম্পাদনার সুযোগ পেলে শব্দসমূহের উচ্চারণ, ভাষাতত্ত্ব ও ব্যাকরণসংক্রান্ত বিস্তৃততর আলোচনা প্রভৃতি সন্নিবিষ্ট করে অভিধানটির পূর্ণতর রূপ দেওয়ার ইচ্ছা থাকলো।" পরিমার্জিত সংস্করণে প্রদত্ত উচ্চারণ এভাবে শুধু সম্পাদকের ইচ্ছাই পূর্ণ করেছে, তাই নয়, এতে ব্যবহারকারীর বহু দিনের প্রত্যাশাও পূর্ণ হয়েছে। উচ্চারণ সংযোজন করার ফলে অভিধানটি বাংলা অভিধানের ইতিহাসে একটি নতুন দৃষ্টান্ত স্থাপন করলো, এটি

নিঃসন্দেহে বলা যায়। কেননা, এটিই হলো এখন একমাত্র পূর্ণাঙ্গ বাংলা অভিধান, যাতে ভুক্তিতে অন্তর্ভুক্ত শীর্ষশব্দের পাশে তার উচ্চারণটিও পাওয়া যাবে।

বাংলা বর্ণমালার স্বীকৃত উচ্চারণের উপরে নির্ভর করে উচ্চারণ-নির্দেশ করা হয়েছে। আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালায় উচ্চারণ প্রদান করা হলে নিঃসন্দেহে তা অধিক বিজ্ঞানসম্মত হতো। কিন্তু অধিক সংখ্যক ব্যবহারকারীর সুবিধার কথা বিবেচনায় রেখে উচ্চারণগুলোকে বাংলা বর্ণমালায় প্রদানের ব্যাপারে সম্পাদকমণ্ডলী সিদ্ধান্ত নেন। অধিক আগ্রহী পাঠক মুখবন্ধের পরে সন্নিবেশিত বাংলা বর্ণের প্রতিবর্ণীকরণ তালিকা (তালিকা-৪ দ্রষ্টব্য) থেকে সাহায্য নিয়ে উচ্চারণটিকে আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালায় রূপান্তরিত করে নিতে পারবেন। তবে যাঁরা আন্তর্জাতিক ধ্বনিবর্ণমালায় শব্দের সূক্ষ্মতর উচ্চারণ প্রত্যাশা করেন, তাঁদের জন্য এ উচ্চারণ হয়তো পদনির্দেশ হিসেব কাজ করবে, সম্পূর্ণ সমাধান দেবে না। উচ্চারণ-নির্দেশের কাজে বাংলা একাডেমী প্রকাশিত নরেন বিশ্বাস প্রণীত 'বাংলা একাডেমী বাঙলা উচ্চারণ অভিধান'-এর সংস্করণ থেকে ব্যাপক সাহায্য গ্রহণ করা হয়েছে। বাংলা উচ্চারণ বিষয়ক সূত্রসমূহের জন্য উক্ত গ্রন্থের ভূমিকা দ্রষ্টব্য। প্রসঙ্গত উল্লেখ্য, উচ্চারণের ক্ষেত্রে প্রধানত নরেন বিশ্বাসকে অনুসরণ করা হলেও বেশ কয়েকটি শব্দের উচ্চারণে কমবেশি স্বাতন্ত্র্য লক্ষ করা যাবে। যে-কোনো জীবন্ত ভাষার পক্ষে তেমন ভিন্নতা মোটেই অস্বাভাবিক কিছু নয়। এছাড়া এখানে প্রযুক্ত অনেক শব্দের উচ্চারণ নরেন বিশ্বাসের গ্রন্থে নেই, আবার অনেক শব্দের উচ্চারণ নরেন বিশ্বাসের বইয়ে রয়েছে, অথচ সে শব্দগুলো এখানে উপশীর্ষকের মর্যাদা পাওয়ায় পদ্ধতিগত কারণে তার উচ্চারণ সন্নিবেশিত হয়নি।

ব্যুৎপত্তি

পূর্ববর্তী সংস্করণে আরবি-ফারসি উৎসের শব্দগুলোকে আরবি বর্ণে, এবং ইউরোপীয় ভাষার শব্দগুলোকে রোমান বর্ণে প্রদান করা হয়েছিল। তৎসম ও তদ্ভব শব্দের ক্ষেত্রেও মাঝে মাঝে ব্যুৎপত্তি প্রদান করা হয়েছে। দেশি শব্দগুলোর জন্য কোনো ব্যুৎপত্তি প্রদান করা হয়নি। ব্যুৎপত্তি প্রদানের ব্যাপারে এই অসমতা দূর করার লক্ষ্যে পরিমার্জিত সংস্করণে যাবতীয় শব্দের ব্যুৎপত্তি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। পূর্ববর্তী সংস্করণে ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ প্রণীত নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করায় শব্দের ব্যুৎপত্তি প্রদানের ক্ষেত্রে উল্লিখিত অসমতার সৃষ্টি হয়েছিল বলে মনে হয়। শহীদুল্লাহ চেয়েছিলেন শুধু বিদেশি শব্দের বেলায় উৎস-ভাষা সংকেতের পাশাপাশি মূল শব্দটির বাংলা প্রতিবর্ণীকরণ যোগ করতে। কিন্তু সম্পাদনার এক পর্যায়ে আরবি-ফারসি প্রভৃতি ভাষার শব্দের জন্য আরবি লিপিতে মূল শব্দটিকে লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। সম্ভবত এই পরিস্থিতিতেই যাবতীয় শব্দের ব্যুৎপত্তি প্রদানের বিষয়টি ডক্টর মুহম্মদ এনামুল হকের মাথায় আসে। কিন্তু শেষ পর্যন্ত অজ্ঞাত পক্ষের সঙ্গে আপোস করে তা প্রদান করার কাজ থেকে তিনি নিজেকে বিরত রেখেছিলেন। বাংলা একাডেমীকে লেখা একটি পত্রে ডক্টর মুহম্মদ এনামুল হকের সেই মানসিক অবস্থার প্রতিফলন লক্ষ করা যায়। পত্রের এক জায়গায় তিনি লিখেছিলেন : "শব্দের ব্যাকরণ আলোচনাকে অনেকে আতঙ্কজনক ব্যাপার বলিয়া মনে করিয়া থাকেন। এ বিষয়ে যাঁহাদের কোন চর্চা নাই, তাঁহারা ইহাতে আতঙ্কিত হইলেও, আমি ইহাকে খুব জটিল ও বড় ব্যাপার বলিয়া মনে করি না" (২৫-৭-৬৯ তারিখে বাংলা একাডেমীর পরিচালককে লেখা চিঠি)। অতঃপর শুধু আরবি, ফারসি ও ইউরোপীয় ভাষার ব্যুৎপত্তি হিসেবে মূল ভাষার শব্দগুলো যথাক্রমে আরবি ও রোমান লিপিতে এবং "সহকর্মীদের কাজের সুবিধা"-র কথা ভেবে তৎসম ও তদ্ভব শব্দগুলোর ব্যুৎপত্তি বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। ডক্টর মুহম্মদ এনামুল হক তাঁর ঐ চিঠিতে আরো লিখেছিলেন: "আমি ঠিক করিয়াছি এইগুলিকে বাদ দিব। কারণ ঠিকমত এইগুলির ব্যবহার করিতে না পারিলে সম্পাদকের অজ্ঞতাই সূচিত হইবে। আমরা অজ্ঞ হইতে পারি, তবে হাতেকলমে অজ্ঞতার পরিচয় দিতে আমি রাজি নহি।" এনামুল হকের এই বাক্যগুলো থেকে মনে হয়, সংকলকগণ তৎসম ও তদ্ভব শব্দগুলোর ব্যুৎপত্তিও সংকলন করেছিলেন, এবং তাতে ভুলের পরিমাণ হয়তো কিছু বেশি ছিল। পরিমার্জিত সংস্করণের সময়ে প্রফেসর শিবপ্রসন্ন লাহিড়ীর মতো সংস্কৃত ভাষায় বিশেষজ্ঞ ব্যক্তি বিষয়টি দেখে দেওয়ায় ডক্টর এনামুল হকের উক্ত আশঙ্কা থেকে আমরা অনেকটা মুক্ত হতে পারি।

এই পটভূমিতে অভিধানটির পরিমার্জিত সংস্করণে তৎসম–অতৎসম নির্বিশেষে অভিন্ন নীতি গ্রহণ করে সব ধরনের শব্দের ব্যুৎপত্তি প্রদান করা হয়েছে। এভাবে সবগুলো শব্দের ব্যুৎপত্তি প্রদানের পেছনে আমাদের সবচেয়ে বড়ো যুক্তি হলো : ব্যবহারকারী যখন কোনো শব্দের ব্যুৎপত্তি জানতে চাইবেন, তখন তিনি শব্দের জাতিভেদ নির্ণয় করে তারপরে অভিধানের দ্বারস্থ হবেন, এমন প্রত্যাশা করা শুধু অনুচিতই নয়, অবাস্তবও। তাই শব্দের ধরন বিবেচনা করে প্রধানত দুইভাবে ব্যুৎপত্তি প্রদানের চেষ্টা করা হয়েছে : এক. মূল ভাষার শব্দকে সরাসরি উদ্ধৃত করে, এবং দুই. শব্দের ব্যাকরণগত গঠন নির্দেশ করে। প্রথম ধরনের মধ্যে রয়েছে আরবি–ফারসি উৎসের শব্দ ও ইউরোপীয় ভাষাগুলোর শব্দ এবং দ্বিতীয় ধরনের মধ্যে রয়েছে অবশিষ্ট তৎসম–অতৎসম শব্দ। ফারসি উৎসের শব্দগুলোর মূল রূপকে আরবি লিপিতে তো বটেই সেই সঙ্গে তার বাংলা প্রতিবর্ণীকরণও দেখানো হয়েছে, যাতে আরবি লিপির সঙ্গে অপরিচিত ব্যক্তিও শব্দের মূল রূপটির সঙ্গে পরিচিত হতে পারেন। অন্যদিকে রোমান লিপির সঙ্গে সকলেরই কমবেশি পরিচয় আছে ধরে নিয়ে তার কোনো প্রতিবর্ণ প্রদান করা হয়নি।

ভুক্তির শেষে প্রদান–করা ব্যুৎপত্তি–নির্দেশকে সবসময়ে শীর্ষশব্দের ব্যুৎপত্তি হিসেবে বিবেচনা করতে হবে। যাঁরা উপভুক্তি হিসেবে অন্তর্ভুক্ত প্রত্যয়ান্ত ও সমাসবদ্ধ শব্দের ব্যুৎপত্তি প্রত্যাশা করেন, একটু কষ্ট করলেই তাঁরা তা উদ্ধার করতে পারবেন ধরে নিয়েই আলাদাভাবে সেগুলোর ব্যুৎপত্তি প্রদান করে ভুক্তিগুলোকে জটিলতর করে তোলা হয়নি। উপভুক্তি হিসেবে অন্তর্ভুক্ত সমাসবদ্ধ শব্দগুলোর ব্যুৎপত্তি অনুসন্ধানের কাজ খুবই সহজ, অধিকাংশ ক্ষেত্রেই সমাসবদ্ধ শব্দের পূর্বপদ বা পরপদ আলাদা ভুক্তির মর্যাদা পেয়েছে এবং সেখানে তার ব্যুৎপত্তি প্রদান করা হয়েছে। তবে প্রত্যয়ান্ত পদগুলোর বেলায় বিশেষভাবে প্রত্যয়ান্ত তৎসম শব্দের বেলায় এটি জটিলতর। তবে উপভুক্তিগুলোর অনুরূপ অনেক শব্দই অভিধানে মূল ভুক্তি হিসেবে স্থান পেয়েছে, সেখান থেকে এর ব্যুৎপত্তি সম্পর্কে আন্দাজ করা যায়। যেমন "গমন" শব্দের কয়েকটি আনুষঙ্গিক শব্দ "গম্য", "গত", "গতি", "গমনীয়", "গন্তব্য" প্রভৃতি। "গমন"–সহ এগুলোর ব্যুৎপত্তি হবে যথাক্রমে : √গম্+অন(ল্যুট্), √গম্+য(যৎ), √গম্+ত(ক্ত), √গম্+তি(ক্তি), √গম্+অনীয় (অনীয়র্), √গম্+তব্য(তব্যৎ)। পরিমার্জিত সংস্করণে এর মধ্যে শুধু "গমনীয়" শব্দটি "গমন"–এর উপভুক্তি হয়েছে, অন্যগুলো আলাদা ভুক্তির মর্যাদা পেয়েছে। এর অনুরূপ শব্দ যদি কোথাও অন(ল্যুট্) প্রত্যয়ান্ত শব্দের উপভুক্তি হিসেবে অন্তর্ভুক্ত হয়ে থাকে, সচেতন ব্যবহারকারীর জন্য তা হয়তো অনুদ্ধারযোগ্য হবে না।

শব্দসংক্ষেপ

ব্যবহারিক অভিধানের পূর্ববর্তী সংস্করণে অনেকগুলো শব্দসংক্ষেপ ব্যবহার করা হয়েছিল। কিন্তু তার কোনো তালিকা প্রদান না করায় শব্দসংক্ষেপগুলো প্রকৃত অর্থে কী অর্থ বহন করে, তা স্পষ্ট ছিল না। প্রধানত তিন ধরনের শব্দসংক্ষেপ অভিধানটিতে ব্যবহৃত হয়েছে, এগুলো হলো : এক. ব্যাকরণ ও উৎস–ভাষা নির্দেশক; দুই. বিষয় নির্দেশক; এবং তিন. প্রয়োগবাক্যের লেখক নির্দেশক। পরিমার্জিত সংস্করণে তিন ধরনের শব্দসংক্ষেপেরই আলাদা তিনটি তালিকা তৈরি করা হয়েছে এবং 'মুখবন্ধ' অংশের পরপরই তা স্থান পেয়েছে। শব্দসংক্ষেপগুলোকে যাতে সহজেই আলাদাভাবে চিহ্নিত করা যায় এবং অভিধা, অর্থ, ব্যুৎপত্তি, প্রয়োগবাক্য প্রভৃতির সঙ্গে যাতে মিশে যেতে না পারে সেজন্য এগুলোকে বাঁকা হরফে মুদ্রণ করা হয়েছে। বিশেষভাবে তৃতীয় শ্রেণির শব্দসংক্ষেপগুলো লেখকের প্রথম নাম ও দ্বিতীয় নামের আদ্যক্ষর দিয়ে তৈরি করা হয়েছে, যা পূর্ববর্তী সংস্করণের তুলনায় ভিন্নরূপ। এর ফলে একই নামের একাধিক লেখককে চিনতে ব্যবহারকারীর সুবিধা হবে।

প্রতিবর্ণীকরণ

পরিমার্জিত সংস্করণের ব্যুৎপত্তিতে আরবি ও ফারসি শব্দের জন্য আরবি বর্ণের পাশাপাশি বাংলা প্রতিবর্ণ ব্যবহার করে উৎস–নির্দেশ করা হয়েছে। এ ব্যাপারে ব্যবহারিক অভিধানের প্রথম সংস্করণের জন্য প্রণীত প্রতিবর্ণীকরণ তালিকাটিকে যথাসাধ্য অনুসরণ করা হয়েছে। উক্ত তালিকায়

ج، ذ، ز، ض এবং ظ বর্ণের জন্য যথাক্রমে জ, য, য, য এবং য ব্যবহার করা হয়েছিল। একাধিক বর্ণের প্রতিবর্ণ হিসেবে একটিমাত্র বর্ণের ব্যবহার যথেষ্ট যুক্তিসম্মত নয় বিবেচনায় ج، ذ، ز، ض এবং ظ বর্ণগুলোর জন্য যথাক্রমে জ, য, জ়, দ় এবং জ় ব্যবহার করা হয়েছে। এছাড়া যেখানে একই বর্ণ দিয়ে একাধিক বর্ণের প্রতিবর্ণীকরণ দেখানো হয়েছে সুনির্দিষ্টভাবে চিহ্নিত করার জন্য তার একটিকে ফুটকি-যুক্ত করা হয়েছে। বর্তমান সংস্করণের কাজে ব্যবহৃত উক্ত প্রতিবর্ণের একটি তালিকা 'মুখবন্ধ'-এর পরে সংযোজিত হলো (দ্রষ্টব্য তালিকা-৫)। কাজটি নির্ভুলভাবে সম্পন্ন করার লক্ষ্যে আলীগড় বিশ্ববিদ্যালয়ের আরবি বিষয়ের পিএইচডি গবেষক এবং বাংলা একাডেমীর কর্মকর্তা জনাব হারুন অর রশিদকে দিয়ে তা প্রুফ দেখানো হয়েছে।

কৃতজ্ঞতাস্বীকার

পরিমার্জিত সংস্করণের কাজে বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গে এ পর্যন্ত প্রকাশিত প্রায় সবগুলো অভিধান ও বানান-বিষয়ক বইয়ের প্রত্যক্ষ ও পরোক্ষ সাহায্য গ্রহণ করা হয়েছে। সবচেয়ে বেশি সহায়তা গ্রহণ করা হয়েছে হরিচরণ বন্দ্যোপাধ্যায়ের 'বঙ্গীয় শব্দকোষ' এবং জ্ঞানেন্দ্রমোহন দাসের 'বাঙ্গালা ভাষার অভিধান'-এর নিকট থেকে। বাংলাদেশের বিশিষ্ট আভিধানিক আবু ইসহাকের নিকট থেকে দুইভাবে সহায়তা পাওয়া গেছে। তাঁর 'সমকালীন বাংলা ভাষার অভিধান'-এর ১ম খণ্ডের পরিশিষ্টে প্রদত্ত উপসর্গের তালিকা এবং ২য় খণ্ডের পরিশিষ্টে প্রদত্ত প্রত্যয়ের তালিকা ব্যুৎপত্তি নির্ণয়ের কাজে খুবই সহায়ক ভূমিকা পালন করেছে। পাশাপাশি শব্দসংক্রান্ত অনেক জটিলতায় টেলিফোনের মাধ্যমেও তিনি সম্পাদকমণ্ডলীকে সরাসরি সাহায্য করেছেন।

অভিধান বিভাগের পরিচালক জনাব সেলিনা হোসেনের পরিকল্পনা ও তত্ত্বাবধানে অভিধানটি বর্তমান চেহারা লাভ করেছে। কাজটি আরো সুন্দর এবং আরো নির্ভুল না হওয়ার পেছনে যেসব প্রতিকূলতা কাজ করেছে, উপযুক্ত কর্মপরিবেশের অভাব তার অন্যতম। তা সত্ত্বেও যতোটুকু করা সম্ভব হয়েছে, তার পেছনে জনাব সেলিনা হোসেনের আগ্রহ, তাগাদা, পরামর্শ ও ভর্ৎসনার ইতিবাচক ভূমিকার কথা সবিশেষ স্মরণীয়। সম্পূর্ণ ব্যক্তিগত উৎসাহে তিনি বেশ কয়েকটি নতুন শব্দ সংগ্রহ করে অভিধানের ভুক্তি হিসেবে ব্যবহারের জন্য দিয়েছিলেন, যা অভিধানটির শব্দভাণ্ডারকে সমৃদ্ধ করেছে। বাংলা একাডেমীর অন্যতম উপপরিচালক জনাব ফরহাদ খান একটি শব্দের ব্যুৎপত্তি ঠিক করে দিয়েছেন। অভিধানটির অঙ্গসৌষ্ঠব সম্পর্কে গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছিলেন সংকলন উপবিভাগের প্রাক্তন উপপরিচালক জনাব ওবায়দুল ইসলাম। উচ্চারণ সম্পর্কে কিছু অসঙ্গতি নির্দেশ করে অভিধানটিকে প্রায়োগিক ত্রুটি থেকে মুক্ত করতে সহায়তা করেছেন বাংলা একাডেমী প্রেসের ব্যবস্থাপক জনাব মুহম্মদ হাবিবুল্লাহ। সম্পূর্ণ স্বতঃস্ফূর্তভাবে সাহায্য করতে এগিয়ে এসেছেন অ্যাডভোকেট জনাব সৈয়দ লুৎফর রহমান। অভিধানের ভুক্তি হিসেবে সংযোজনের জন্য তিনি বেশ কয়েকটি শব্দ সংগ্রহ করে দিয়েছেন।

'বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম'-এর বিশেষজ্ঞ কমিটির সদস্য প্রফেসর আনিসুজ্জামান, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান এবং জনাব জামিল চৌধুরীর প্রতি বিশেষ কৃতজ্ঞতা এ কারণে যে, পরিমার্জিত সংস্করণটি প্রকাশের চূড়ান্ত পর্যায়ে উক্ত 'প্রমিত বানানের নিয়ম'-এর সংস্করণ কিছু অসঙ্গতি নির্দেশ করা হলে গত ২৭-১১-২০০০ তারিখে একটি বিশেষ সভায় তাঁরা তা সংশোধন করেন। সংশোধিত ঐ নিয়মটি বর্তমান অভিধানের পরিশিষ্ট হিসেবে সর্বপ্রথম মুদ্রিত হলো।

পরিমার্জিত সংস্করণটির পাণ্ডুলিপি সম্পূর্ণ নতুনভাবে তৈরি করতে হয়েছে বলে কোনো অভিধানের প্রথম সংস্করণের মতোই এর মধ্যে নানা রকম ভুলভ্রান্তি থেকে যেতে পারে। সহৃদয় ব্যবহারকারীগণ যদি সেগুলোর প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করেন, তাহলে পরবর্তী মুদ্রণে কৃতজ্ঞতাস্বীকারসহ তা সংশোধন করা হবে।

বাংলা একাডেমী, ১৯ ডিসেম্বর ২০০০

স্বরোচিষ সরকার

অভিধান ব্যবহার নির্দেশিকা

এ অভিধানে শব্দের উচ্চারণ, অর্থ, পদ পরিচয়, অর্থান্তর, প্রয়োগ, ব্যুৎপত্তি প্রভৃতি কিভাবে নির্দেশ করা হয়েছে নিম্নলিখিত নির্দেশিকায় তা পরিস্ফুট করার চেষ্টা করা হলো :

শীর্ষশব্দ
উচ্চারণ

অবশিষ্ট [অবোশিশ্‌টো] *বিণ* ১ বাকি। ২ উদ্বৃত্ত। ৩ অতিরিক্ত। {*স.* অব+√শিষ্‌+ত(ক্ত)}

সাধারণ অর্থ

বিকল্প শীর্ষশব্দ
পদ পরিচয়

খেত, ক্ষেত [খেত] *বি* মাঠ, চাষের জমি, শস্যোৎপাদনের মাঠ (চায় তারা ফসলের খেত, দীঘি ও খামার—*বিদে*)। **~-খোলা, ~-খামার** *বি* আবাদি জমি, চাষির কর্মক্ষেত্র (এক গেলাস চাউল-পানি খাইয়া খেত-খোলা দেখিতে বাহির হইয়া ওসমান সরকারের অনেক দিনের অভ্যাস—*আমআ*)। **খেতালি, খেতি, ক্ষেতি** *বি* ১ চাষ-আবাদ (...বিবিধ ক্ষেত ক্ষেতি শোভয়—*দৌবা*)। ২ ক্ষেত কর্ষণের বা চাষ-আবাদের কাজ। {*স.* ক্ষেত্র>*প্রা.* খেত্ত>খেত}

উপভুক্তি
প্রয়োগবাক্য

অভিন্ন বানানের
একাধিক ভুক্তি

তর[১] [তর্‌] *বিণ* ১ বিভোর, নিমগ্ন, চুর (এই শরাবের পিয়ালা দিয়ে তর করি দিল—*নই*)। ২ জলসিক্ত, ভিজে যাওয়া (ভিজে তর হয়ে যাওয়া)। {*ফা.* তর تر}

তর[২] [তর্‌] *বি* বিলম্ব, দেরি, অপেক্ষা (তর সহেনাক একটি তিল—*আমোক*; তর সয় না বর, দিনেই বিয়া কর—*ছড়া*)। {*স.* ত্বরা>}

ব্যুৎপত্তি

তর[৩], **তরো** [তরো] *বিণ* প্রকারের, ধরনের, শ্রেণির (কেমনতর লোক)। **তরো-বেতরো** *বিণ* বিভিন্ন প্রকারের, নানা ধরনের, হরেক রকম (আলোর নিশেন ঝুলছে—চৌকো লম্বা চওড়া সরু তরো-বেতরো—*অঠা*)। **বে-** *বিণ* খারাপ ধরনের, খারাপ, দুষ্ট, বেয়াড়া। {*আ.* তরহ طرح}

অধীন [ওধিন্] *বিণ* ১ আয়ত্ত; বশীভূত (আজ্ঞার অধীন)। ২ অন্তর্গত; অন্তর্ভুক্ত (শাসনের অধীন)। ৩ অনুগত; বাধ্য (অধীন জন)। ☐ *বি* ১ অধীন ব্যক্তি (অধীনের বিনীত নিবেদন)। ২ নিয়ন্ত্রণ; তত্ত্বাবধান (তাঁর অধীনে আমি কাজ করি)। **অধীনতা** *বি* আজ্ঞানুবর্তিতা; পরাধীনতা। **অধীনা, অধিনী, অধীনী** *বিণ* আশ্রিতা; বশীভূতা; অনুগতা (তুমি নব জলধর এ তব অধিনী—মন্দ তাইতো কাঁদায় নিশিদিনই এ অধীনী—*নই*)। {স. অধি + ইন(খ)}

অর্থান্তর সংখ্যা

পদান্তর সংকেত

প্রত্যয়

উৎস–ভাষা নির্দেশ

দর্জি ⇒ দরজি

দ্রষ্টব্য

নিদ = নিদ্রা

অভিন্নতা নির্দেশক

বানানো [বানানো] *ক্রি* ১ তৈরি করা; গড়া; প্রস্তুত করা (বাড়ি বানানো শেষ হয়েছে)। ২ রাঁধা (রুটি বানানো; কোর্মা বানানো)। ৩ রাঁধবার জন্য কোনো কিছু কোটা (মাংস বানানো, তরকারি বানানো)। ৪ কোনো কিছুর সঙ্গে তুল্য জ্ঞান করা (ভেড়া বানানো)। ৫ কিছুতে পরিণত করা (বোকা বানানো)। ☐ *বিণ* কৃত্রিম; মিথ্যা। {**তুল.** *হি* বনানা; ক্রিয়ার রূপ—বানাই, বানাও, বানান, বানাবে, বানিয়ো ইত্যাদি; অসমাপিকার রূপ—বানিয়ে, বানাতে ইত্যাদি}

ক্রিয়ার রূপ

পরপদ [পরোপদ্] *বি* ১ শ্রেষ্ঠ স্থান; পরম বা সর্বশ্রেষ্ঠ পদ। ২ মোক্ষ। ৩ (*ব্যা.*) সমাসে সমস্যমান পদদুটোর মধ্যে পরেরটি বা দ্বিতীয়টি (শ্রেষ্ঠধন—এখানে 'ধন' দ্বিতীয় পদ)। {স. পর+পদ; ৬তৎ}

বিষয় নির্দেশ

ব্যাকরণ নির্দেশ

তালিকা-১

বাংলা বর্ণানুক্রম

সাধারণ বর্ণানুক্রম

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ঢ ণ ত থ দ ধ ন প ফ ব ভ ম য র ল শ ষ স হ ড় ঢ় য় ৎ ং ঃ ঁ

এই অভিধানে ব্যবহৃত বর্ণানুক্রম

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ ং ঃ ঁ ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত (ৎ) থ দ ধ ন প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ

যুক্তাক্ষরের বর্ণানুক্রম

ক্ক ক্ট ক্ত ক্ষ ক্স গ্ণ গ্ধ ঙ্ক ঙ্ক্ষ ঙ্খ ঙ্গ ঙ্ঘ ঙ্ম চ্চ চ্ছ চ্ছ্র জ্জ জ্ঝ ঞ্চ ঞ্ছ ঞ্জ ঞ্ঝ ট্ট ড্ড ড়্গ ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ ণ্ন ণ্ম ত্ত ত্থ দ্গ দ্ঘ দ্দ দ্ধ দ্ভ ধ্ব ন্ট ন্ঠ ন্ড ন্ত ন্ত্ব ন্থ ন্দ ন্ধ ন্ন ন্ম প্ট প্ত প্ন প্প ব্জ ব্দ ব্ধ ব্ব ম্ন ম্প ম্ফ ম্ব ম্ভ ম্ম ল্ক ল্গ ল্ট ল্ড ল্প ল্ম ল্ল শ্চ শ্ছ ষ্ক ষ্ট ষ্ঠ ষ্ণ ষ্প ষ্ফ ষ্ম স্ক স্খ স্ট স্ত স্থ স্প স্ফ হ্ণ হ্ন হ্ম

কার চিহ্ন

া ি ী ু ূ ৃ ে ৈ ো ৌ

ফলা চিহ্ন

্ন ্র ্য ্ব ্ল ্ম

স্বরবর্ণ, কারচিহ্ন, অনুস্বর, বিসর্গ ও চন্দ্রবিন্দুর বিন্যাসের নমুনা

ক কঅ কআ কই কঈ কউ কঊ কঋ কএ কঐ কও কঔ কং কঃ কঁ কঁক কঁখ ...কা কাঅ কাআ কাই কাঈ কাউ কাঊ কাঋ কাএ কাঐ কাও কাঔ কাং কাঃ কাঁ কাঁক কাঁখ কাঁগ...কি কিঅ কিআ কিই কিঈ কিউ কিঊ কিঋ কিএ কিঐ কিও কিঔ কিং কিঃ কিঁ কিঁক কিঁখ কিঁগ ...কু কুঅ কুআ কুই কুঈ কুউ কুঊ কুঋ কুএ কুঐ কুও কুঔ কুং কুঃ কুঁ কুঁক কুঁখ কুঁগ....কৃ কৃঅ কৃআ কৃই কৃঈ কৃউ কৃঊ কৃঋ কৃএ কৃঐ কৃও কৃঔ কৃং কৃঃ কৃঁ কৃঁক কৃঁখ কৃঁগ...

তালিকা-২

বাংলা যুক্তবর্ণের তালিকা

ক্ + ক = ক্ক	ঙ্ + ঘ = ঙ্ঘ	ণ্ + ড = ণ্ড	ধ্ + ম = ধ্ম
ক্ + ট = ক্ট	ঙ্ + ঘ + য = ঙ্ঘ্য	ণ্ + ড + য = ণ্ড্য	ধ্ + য = ধ্য
ক্ + ত = ক্ত	ঙ্ + ঘ + র = ঙ্ঘ্র	ণ্ + ড + র = ণ্ড্র	ধ্ + র = ধ্র
ক্ + ত + র = ক্ত্র	ঙ্ + ম = ঙ্ম	ণ্ + ঢ = ণ্ঢ	ন্ + ট = ন্ট
ক্ + ব = ক্ব	চ্ + চ = চ্চ	ণ্ + ন = ণ্ন	ন্ + ঠ = ন্ঠ
ক্ + ম = ক্ম	চ্ + ছ = চ্ছ	ণ্ + ব = ণ্ব	ন্ + ড = ন্ড
ক্ + য = ক্য	চ্ + ছ + ব = চ্ছ্ব	ণ্ + ম = ণ্ম	ন্ + ত = ন্ত
ক্ + র = ক্র	চ্ + ছ + র = চ্ছ্র	ণ্ + য = ণ্য	ন্ + ত + ব = ন্ত্ব
ক্ + ল = ক্ল	চ্ + ঞ = চ্ঞ	ত্ + ত = ত্ত	ন্ + ত + য = ন্ত্য
ক্ + ষ = ক্ষ	চ্ + য = চ্য	ত্ + ত + ব = ত্ত্ব	ন্ + ত + র = ন্ত্র
ক্ + ষ + ণ = ক্ষ্ণ	জ্ + জ = জ্জ	ত্ + থ = ত্থ	ন্ + ত + র + য = ন্ত্র্য
ক্ + ষ + ম = ক্ষ্ম	জ্ + জ + ব = জ্জ্ব	ত্ + ন = ত্ন	ন্ + থ = ন্থ
ক্ + ষ + য = ক্ষ্য	জ্ + ঝ = জ্ঝ	ত্ + ব = ত্ব	ন্ + দ = ন্দ
ক্ + স = ক্স	জ্ + ঞ = জ্ঞ	ত্ + ম = ত্ম	ন্ + দ + য = ন্দ্য
খ্ + য = খ্য	জ্ + ব = জ্ব	ত্ + ম + য = ত্ম্য	ন্ + দ + ব = ন্দ্ব
খ্ + র = খ্র	জ্ + য = জ্য	ত্ + য = ত্য	ন্ + দ + র = ন্দ্র
গ্ + ণ = গ্ণ	জ্ + র = জ্র	ত্ + র = ত্র	ন্ + ধ = ন্ধ
গ্ + ধ = গ্ধ	ঞ্ + চ = ঞ্চ	ত্ + র + য = ত্র্য	ন্ + ধ + য = ন্ধ্য
গ্ + ন = গ্ন	ঞ্ + ছ = ঞ্ছ	থ্ + ব = থ্ব	ন্ + ধ + র = ন্ধ্র
গ্ + ন + য = গ্ন্য	ঞ্ + জ = ঞ্জ	থ্ + য = থ্য	ন্ + ন = ন্ন
গ্ + ব = গ্ব	ঞ্ + ঝ = ঞ্ঝ	থ্ + র = থ্র	ন্ + ব = ন্ব
গ্ + ম = গ্ম	ট্ + ট = ট্ট	দ্ + গ = দ্গ	ন্ + ম = ন্ম
গ্ + য = গ্য	ট্ + ব = ট্ব	দ্ + ঘ = দ্ঘ	ন্ + য = ন্য
গ্ + র = গ্র	ট্ + ম = ট্ম	দ্ + দ = দ্দ	প্ + ট = প্ট
গ্ + র + য = গ্র্য	ট্ + য = ট্য	দ্ + দ + ব = দ্দ্ব	প্ + ত = প্ত
গ্ + ল = গ্ল	ট্ + র = ট্র	দ্ + ধ = দ্ধ	প্ + ন = প্ন
ঘ্ + ন = ঘ্ন	ড্ + ড = ড্ড	দ্ + ব = দ্ব	প্ + প = প্প
ঘ্ + য = ঘ্য	ড্ + য = ড্য	দ্ + ভ = দ্ভ	প্ + য = প্য
ঙ্ + ক = ঙ্ক	ড্ + র = ড্র	দ্ + ম = দ্ম	প্ + র = প্র
ঙ্ + ক + য = ঙ্ক্য	ড়্ + গ = ড়্গ	দ্ + য = দ্য	প্ + র + য = প্র্য
ঙ্ + ক + ষ = ঙ্ক্ষ	ঢ্ + য = ঢ্য	দ্ + র = দ্র	প্ + ল = প্ল
ঙ্ + খ = ঙ্খ	ঢ্ + র = ঢ্র	দ্ + র + য = দ্র্য	প্ + স = প্স
ঙ্ + গ = ঙ্গ	ণ্ + ট = ণ্ট	ধ্ + ন = ধ্ন	ফ্ + র = ফ্র
ঙ্ + গ + য = ঙ্গ্য	ণ্ + ঠ = ণ্ঠ	ধ্ + ব = ধ্ব	ফ্ + ল = ফ্ল

ব্ + জ = ব্জ	য্ + য = য্য	শ্ + য = শ্য	স্ + খ = স্খ
ব্ + দ = ব্দ	র্ + ক, খ, ... = র্ক, র্খ, ...	শ্ + র = শ্র	স্ + ত = স্ত
ব্ + ধ = ব্ধ		শ্ + ল = শ্ল	স্ + ত + য = স্ত্য
ব্ + ব = ব্ব	র্ + ক, খ, ... + য = র্ক্য, র্খ্য, ...	ষ্ + ক = ষ্ক	স্ + থ = স্থ
ব্ + য = ব্য		ষ্ + ক + র = ষ্ক্র	স্ + থ + য = স্থ্য
ব্ + র = ব্র	ল্ + ক = ল্ক	ষ্ + ট = ষ্ট	স্ + ন = স্ন
ব্ + ল = ব্ল	ল্ + গ = ল্গ	ষ্ + ট + য = ষ্ট্য	স্ + প = স্প
ভ্ + য = ভ্য	ল্ + ট = ল্ট	ষ্ + ট + র = ষ্ট্র	স্ + ফ = স্ফ
ভ্ + র = ভ্র	ল্ + ড = ল্ড	ষ্ + ঠ = ষ্ঠ	স্ + ব = স্ব
ম্ + ন = ম্ন	ল্ + প = ল্প	ষ্ + ঠ + য = ষ্ঠ্য	স্ + ম = স্ম
ম্ + প = ম্প	ল্ + ব = ল্ব	ষ্ + ণ = ষ্ণ	স্ + য = স্য
ম্প + র = ম্প্র	ল্ + ভ = ল্ভ	ষ্ + প = ষ্প	স্ + র = স্র
ম্ + ফ = ম্ফ	ল্ + ম = ল্ম	ষ্ + প + র = ষ্প্র	স্ + ল = স্ল
ম্ + ব = ম্ব	ল্ + য = ল্য	ষ্ + ফ = ষ্ফ	হ্ + ণ = হ্ণ
ম্ + ভ = ম্ভ	ল্ + ল = ল্ল	ষ্ + ব = ষ্ব	হ্ + ন = হ্ন
ম্ + ভ + র = ম্ভ্র	শ্ + চ = শ্চ	ষ্ + ম = ষ্ম	হ্ + ব = হ্ব
ম্ + ম = ম্ম	শ্ + ছ = শ্ছ	স্ + ক = স্ক	হ্ + ম = হ্ম
ম্ + য = ম্য	শ্ + ন = শ্ন	স্ + ক + র = স্ক্র	হ্ + য = হ্য
ম্ + র = ম্র	শ্ + ব = শ্ব	স্ + ট = স্ট	হ্ + র = হ্র
ম্ + ল = ম্ল	শ্ + ম = শ্ম	স্ + ট + র = স্ট্র	হ্ + ল = হ্ল

কয়েকটি যুক্তবর্ণ ও ফলা সম্পর্কে টীকা

ক্ষ

ক্ ও ষ বর্ণ দুটির যুক্তরূপ। এর উচ্চারণ "খিয়ো" হলেও শব্দের মধ্যে এর উচ্চারণ দুই রকম, যথা— (১) শব্দের আদিতে "খ"–রূপে (ক্ষমা, ক্ষয়, ক্ষীণ); এবং (২) অনাদিতে সাধারণত "ক্‌খ" ক্বচিৎ "খ্‌খ" রূপে (রুক্ষ, লক্ষণ)। বর্ণটিকে ক–বর্গের অন্তর্ভুক্ত করে অভিধানে স্থান দেওয়া হয়েছে।

জ্ঞ

জ্ ও ঞ বর্ণ দুটির যুক্তরূপ। উচ্চারণে "জ্" এবং "ঞ" বর্ণ দুটির কোনোটিকেই পাওয়া যায় না। এই যুক্তবর্ণটি আদিতে থাকলে "গঁ" রূপে (জ্ঞান, জ্ঞাপন, জ্ঞেয়) এবং অনাদি অবস্থায় "গ্‌গঁ" রূপে উচ্চারিত হয় (অজ্ঞ, বিজ্ঞ, অজ্ঞান)।

ঞ্জ

ঞ্ ও জ বর্ণ দুটির যুক্তরূপ। উচ্চারণে পরবর্তী বর্ণ "জ"–এর ধ্বনি অটুট থাকলেও 'ঞ্' বর্ণটি 'ন্'–রূপে উচ্চারিত হয় (অঞ্জন, ব্যঞ্জন, সঞ্জয়)। বর্ণটি আদি বর্ণরূপে কখনো অবস্থান করে না বা উচ্চারিত হয় না।

ম–ফলা

১. শব্দের আদিবর্ণের সঙ্গে যুক্ত হলে ম–ফলা উচ্চারিত হয় না। তবে কখনো কখনো ঐ বর্ণটিকে অনুনাসিক করে। যথা : শ্মশান, স্মরণ। ২. শব্দের অনাদি বর্ণের সঙ্গে যুক্ত হলে ম–ফলা ঐ বর্ণটিকে উচ্চারণে দ্বিত্ব ও অনুনাসিক করে (এই নিয়মের ব্যতিক্রম 'ল্ম')। যথা—আত্মা, পদ্ম (উচ্চারণে

যথাক্রমে আত্তাঁ, পদ্দোঁ)। ৩. ম-ফলা যুক্ত বর্ণের 'ম' কখনো কখনো উচ্চারিত হয়। যথা : যুগ্ম=যুগ্মো, বাগ্মী=বাগ্মি, মৃণ্ময়=মৃন্ময়)।

য-ফলা

'্য'—(য-ফলা) সর্বদাই অন্য বর্ণের সঙ্গে যুক্ত হয়; বর্ণ হিসেবে এর একক অবস্থান নেই। এটি কখনো সংস্কৃতের মতো 'ইয়'-রূপে উচ্চারিত হয় না। ১. '্য' কোনো শব্দের আদি বর্ণের সঙ্গে যুক্ত হলে সাধারণত ঐ বর্ণটিকে শ্বাসাঘাতযুক্ত করে (একটু জোর দিয়ে) উচ্চারণ করতে হয় মাত্র। যথা : চ্যবন, দ্যুতি, স্যন্দন, ন্যুব্জ, ন্যস্ত। কিন্তু "ব্যবচ্ছেদ", "ব্যথা", "ব্যবধান", "ব্যবসা" প্রভৃতি সংস্কৃত শব্দগুলি বাংলা উচ্চারণে "অ্যা" ধ্বনিতে পরিণত হয় (বাংলা উচ্চারণে ব্যাবোচ্ছেদ্, ব্যাথা, ব্যাবোধান্, ব্যাব্শা)। ২. "্য" কোনো শব্দের আদি বর্ণের সঙ্গে যুক্ত হলে ক্বচিৎ "ে" (এ-কার) রূপে (উচ্চারণে বেক্তি, বেত্তিতো) উচ্চারিত হয়। ৩. অনাদি বর্ণের সঙ্গে যুক্ত য-ফলা বর্ণটির উচ্চারণ দ্বিত্ব করে। যথা—মধ্য, সত্য, দ্রব্য (উচ্চারণ যথাক্রমে মোদ্ধো, বা মোধ্ধো, শোত্তো, দ্রোব্বো)। ব্যতিক্রম : 'বাহ্য' শব্দটিতে য-ফলা "জ্" রূপে হ্-এর আগেই উচ্চারিত হয় (বাজ্ঝো)।

ব-ফলা

ব-ফলা সর্বদাই অন্য বর্ণের সঙ্গে যুক্ত হয়। বর্ণ হিসেবে এটি কখনো সংস্কৃতের মতো 'উঅ'-রূপে, ইংরেজি W (ওয়া) রূপে এবং আরবি و রূপে উচ্চারিত হয় না। ১. ব-ফলা শব্দের আদি বর্ণের সঙ্গে যুক্ত হলে বর্ণটিকে শ্বাসাঘাতসম্পন্ন করে মাত্র এবং বর্ণটিকে একটু জোর দিয়ে উচ্চারণ করতে হয়। যথা : শ্বাপদ, ত্বরা, দ্বারা, দ্বীপ। ২. অনাদি বর্ণের সঙ্গে ব-ফলা যুক্ত হলে বর্ণটি দ্বিত্ব উচ্চারিত হয়। যথা: বিশ্ব, স্বত্ব (উচ্চারণে যথাক্রমে বিশ্শো, শত্তো)। ৩. হ্-এর সাথে ব-ফলা যুক্ত হলে এই ব-ফলা কখনো কখনো (ক) "উ"-রূপে হ্-এর আগে উচ্চারিত হয়। যথা—জিহ্বা (উচ্চারণে "জিউভা"); (খ) "ও"-রূপে হ্-এর আগে উচ্চারিত হয়। যথা—আহ্বান (উচ্চারণে 'আওভান'—এসব ক্ষেত্রে "হ্" "ভ্"-তে পরিণত হতে দেখা যায়)।

হ্ন, হ্ণ

রূপ দুটি যথাক্রমে 'হ্' ও 'ন' এবং 'হ্' ও 'ণ'-এর যুক্তরূপ। যুক্তবর্ণ দুটির উচ্চারণ প্রায়ই "ন্হ" অথবা "ন্ন"। যথা : মধ্যাহ্ন, চিহ্ন, অপরাহ্ণ (উচ্চারণ যথাক্রমে মধ্যান্হো, চিন্হো, অপরান্হো)। যুক্তবর্ণ দুটি কখনো শব্দের আদিতে বসে না।

হ্ম

"হ্" ও "ম" বর্ণ দুটির যুক্তরূপ। ব্রহ্ম, ব্রহ্মা, সুহ্ম প্রভৃতি (বাংলা ভাষায় ব্যবহৃত) তৎসম এবং আহ্মার, আহ্মে (আম্হে), তুহ্মে (তুম্হে) প্রভৃতি প্রাচীন বাংলা শব্দে "হ্ম" বর্ণটির ব্যবহার দেখা যায়। "হ্ম" বর্ণটির বাংলা উচ্চারণ "ম্হ" (বাংলা ভাষাভাষী কোনো কোনো অঞ্চলে "ম্ভ")। "হ্ম"-এর ধ্বনিগত নাম ঘোষ (voiced) মহাপ্রাণ (aspirated) ওষ্ঠ্য (bilabial) নাসিক্য (nasal)। শব্দের আদি বর্ণরূপে 'হ্ম' দেখা যায় না।

হ্ল

"হ্" ও "ল" বর্ণদ্বয়ের যুক্তরূপ। হ্লাদ, হ্লাদিনী, আহ্লাদ প্রভৃতি কয়েকটি সংস্কৃত শব্দে যুক্তবর্ণটির প্রয়োগ দেখা যায়। যুক্ত বর্ণটি প্রায়ই "ল্হ", বা "ল্ল" রূপে উচ্চারিত হয়। কিন্তু অধ্যাপক মুহম্মদ আবদুল হাই-এর উক্তি এ প্রসঙ্গে প্রণিধানযোগ্য : "'ল' উচ্চারণের জন্য জিভের ডগা দাঁতের গোড়ায় স্পর্শ করিয়ে বাতাসের অতিরিক্ত চাপ দিলেই 'ল্হ'-এর যথার্থ উচ্চারণ পাওয়া যায়।" হ্ল (ল্হ) মহাপ্রাণ (aspirated) ঘোষ (voiced) ওষ্ঠ্য (bilabial) নাসিক্য (nasal)। শব্দের আদি বর্ণরূপে "হ্ল" দেখা যায় না।

তালিকা-৩

অভিধানে ব্যবহৃত সংকেত ও শব্দসংক্ষেপ

সংকেত ও শব্দসংক্ষেপ

⇒	দ্রষ্টব্য
=	সমান
√	ধাতু
❑	পদান্তর
>	থেকে
<	উৎস
~	ভুক্তিবিকল্প
[ ]	উচ্চারণের জন্য ব্যবহৃত
{ }	ব্যুৎপত্তির জন্য ব্যবহৃত

ব্যাকরণ ও পদপ্রকাশক শব্দসংক্ষেপ

অক্রি	অসমাপিকা ক্রিয়া
অনু	অনুকারক শব্দ, শব্দদ্বৈত
অব্য	অব্যয়
অব্যয়ী.	অব্যয়ীভাব সমাস
আক্ষ.	আক্ষরিক
আল.	আলঙ্কারিক
উপ.	উপসর্গ
একব	একবচন
কর্মধা.	কর্মধারয় সমাস
ক্রি	ক্রিয়া
ক্রিবি	ক্রিয়া-বিশেষ্য
ক্রিবিণ	ক্রিয়াবিশেষণ
ক্লীব.	ক্লীবলিঙ্গ
তৎ	তৎপুরুষ সমাস
তুল.	তুলনীয়
দ্বন্দ্ব.	দ্বন্দ্ব সমাস
দ্বিগু.	দ্বিগু সমাস
ধ্বন্যা.	ধ্বন্যাত্মক
নতৎ	নঞ্‌ তৎপুরুষ সমাস
নিত্য.	নিত্য সমাস
পু.	পুংলিঙ্গ
প্রব.	প্রবচন
বহু.	বহুব্রীহি সমাস
বহুব	বহুবচন
বাগ.	বাগ্‌বিধি
বি	বিশেষ্য
বিণ	বিশেষণ
বিবিণ	বিশেষ্যের বিশেষণ
বিণ-বিণ	বিশেষণের বিশেষণ
বিপ.	বিপরীতার্থক শব্দ
ব্য.	ব্যঙ্গার্থ
ব্যা.	ব্যাকরণ
মধ্য.	মধ্যপদলোপী কর্মধারয় সমাস
সং	সংক্ষেপ
সচ.	সচরাচর
সম্বো.	সম্বোধনে
সম্মা.	সম্মানসূচক
সর্ব	সর্বনাম
স্ত্রী.	স্ত্রীলিঙ্গ

ভাষা বিষয়ক শব্দসংক্ষেপ

অ.	অহমিয়া/অসমিয়া
অপ্র	অপপ্রয়োগ
অমূ.	অজ্ঞাতমূল
অশি.	অশিষ্ট
আঞ্চ.	আঞ্চলিক
অশু.	অশুদ্ধ
অশুপ্র	অশুদ্ধ কিন্তু প্রচলিত
আ.	আরবি
ই.	ইংরেজি
ইটা.	ইটালীয়
উ.	উর্দু
ও.	ওড়িয়া
ওল.	ওলন্দাজ
কোল.	কোল ভাষা
গুজ.	গুজরাটি
গ্রি.	গ্রিক
চী.	চীনা
জ.	জর্মন
জা.	জাপানি
টি.	টিপরা
তা.	তামিল

তু.	তুর্কি
তে.	তেলেগু
দ্রা.	দ্রাবিড়
নপ্র	নতুন প্রচলিত
নে.	নেপালি
পা.	পালি
পাঞ্জা.	পাঞ্জাবি
পো.	পর্তুগিজ
প্রা.	প্রাকৃত
প্রাবা.	প্রাচীন বাংলা
প্রাপ্র	প্রাচীন প্রয়োগ
ফ.	ফরাসি
ফা.	ফারসি
বা.	বাংলা
ব্র.	ব্রজবুলি
অপভ্র.	অপভ্রংশ
মবা.	মধ্যযুগীয় বাংলা
মা.	মালয়ালম
মু.	মুণ্ডারি
রু.	রুশীয়
লা.	ল্যাটিন
শুঅপ্র	শুদ্ধ কিন্তু অপ্রচলিত
স.	তৎসম বা সংস্কৃত
সা.	সাধুরীতি
স্পে.	স্পেনীয়/হিস্পানি
হি.	হিন্দি

বিষয়-নির্দেশক শব্দসংক্ষেপ

অর্থ.	অর্থনীতি
অল.	অলঙ্কারশাস্ত্র
আইন.	আইনবিষয়ক
আন্ত.	আন্তর্জাতিক
আয়ু.	আয়ুর্বেদ
ইতি.	ইতিহাস
উদ্ভিদ.	উদ্ভিদবিদ্যা
কৃষি.	কৃষিবিষয়ক
খব	খনার বচন
গণিত.	গণিত
গতি.	গতিবিদ্যা
গার্হ	গার্হস্থ্যবিদ্যা
গ্রন্থা.	গ্রন্থাগারবিজ্ঞান
চিকি.	চিকিৎসাবিদ্যা
ছন্দ.	ছন্দশাস্ত্র
জন.	জনসংখ্যা বিষয়ক
জ্যা.	জ্যামিতি
জ্যোবি	জ্যোতির্বিজ্ঞান
জ্যোশা	জ্যোতিষ শাস্ত্র
দর্শন.	দর্শন শাস্ত্র
নন্দন.	নন্দনতত্ত্ব
নীতি.	নীতিশাস্ত্র
ন্যায়.	ন্যায়শাস্ত্র
পদার্থ.	পদার্থবিদ্যা
পদ্য.	পদ্যে ব্যবহৃত
পরি.	পরিভাষা
পূগী	পূর্ববঙ্গ গীতিকা
প্রশা.	প্রশাসনিক
প্রাণী.	প্রাণীবিজ্ঞান
বল.	বলবিজ্ঞান
বাগ.	বাগ্‌বিধি
বাণিজ্য.	বাণিজ্যবিষয়ক
বীগ	বীজগণিত
বিজ্ঞান.	বিজ্ঞান বিষয়ক
বৈপ	বৈষ্ণব পদাবলী
বৈশা	বৈদিক শাস্ত্র
বৈসা	বৈষ্ণব সাহিত্য
বৌগাদো	বৌদ্ধ গান ও দোহা
বৌশা	বৌদ্ধ শাস্ত্র
ব্যা.	ব্যাকরণ
ব্যাংক.	ব্যাংকবিষয়ক
ভাষা.	ভাষাতত্ত্ব
ভূগো.	ভূগোল
ভূবি.	ভূবিদ্যা
মনো.	মনোবিজ্ঞান
মুদ্রণ.	মুদ্রণশিল্প
মুশা	মুসলিম শাস্ত্র
মুস	মুসলিম সমাজবিষয়ক
মৃৎ	মৃৎবিজ্ঞান
মৈগী	ময়মনসিংহ গীতিকা
যোশা	যোগশাস্ত্র
রঙ্গ.	রঙ্গরসাত্মক
রসা.	রসায়ন
রাষ্ট্র.	রাষ্ট্রবিজ্ঞান
শিক্ষা.	শিক্ষাবিষয়ক
সনৃ	সঙ্গীত ও নৃত্যকলা
সবি	সমাজবিজ্ঞান
সাবি	সাহিত্যবিষয়ক
স্বাস্থ্য.	স্বাস্থ্যবিজ্ঞান
হিশা	হিন্দু শাস্ত্র
হিস	হিন্দু সমাজ
হোমি.	হোমিওপ্যাথি

লেখকদের নামসংক্ষেপ

অআ	অদ্ভুতাচার্য (১৬শ শতক)
অচিসে	অচিন্ত্যকুমার সেনগুপ্ত
অঠা	অবনীন্দ্রনাথ ঠাকুর
অতুসে	অতুলপ্রসাদ সেন
অব	অক্ষয়কুমার বড়াল
অমৃব	অমৃতলাল বসু
অরা	অন্নদাশঙ্কর রায়
আআ	আবদুল্লাহ আলমূতী শরফুদ্দীন
আআআ	আলাউদ্দীন আল আজাদ
আই	আবু ইসহাক
আইশা	আসকার ইবনে শাইখ
আউ	আজিমুদ্দীন
আকআ	আকবর আলী
আকউ	আকবরউদ্দীন
আকসা	আবদুল করিম সাহিত্যবিশারদ
আগ	আবদুল গনি হাজারী
আখাঁ	মাওলানা মুহম্মদ আকরম খাঁ
আজই	আজহারুল ইসলাম
আকা	আবদুল কাদির
আকাশা	আবুল কালাম শামসুদ্দিন
আগাচৌ	আবদুল গাফ্ফার চৌধুরী
আচৌ	আনিস চৌধুরী
আজা	আবু জাফর শামসুদ্দীন
আনিস	আনিসুজ্জামান
আপ্র	আচার্য প্রফুল্লচন্দ্র রায়
আফ	আবুল ফজল
আম	আবদুল মওদুদ
আমআ	আবুল মনসুর আহমদ
আমা	আল মাহমুদ
আমো	আবু হেনা মোস্তফা কামাল
আর	আতাউর রহমান
আরও	আবদুর রশীদ ওয়াসেকপুরী
আরু	আবু রুশদ্
আলীআ	সৈয়দ আলী আশরাফ
আশ	আহমদ শরীফ
আস	আবু সয়ীদ আইয়ুব
আসা	আবদুস সাত্তার
আসি	আশরাফ সিদ্দিকী
আহ	আবুল ফরাহ মুঃ আবদুল হক ফরিদী
আহা	আহসান হাবীব
আহো	আবুল হোসেন
ইখাঁ	ইব্রাহীম খাঁ, প্রিন্সিপাল

ইহো	ইসমাইল হোসেন শিরাজী
ঈগু	ঈশ্বর গুপ্ত
ঈবি	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
এআ	এয়াকুব আলী চৌধুরী
এও	এস. ওয়াজেদ আলী
ওআ	ওহিদুল আলম
ওয়া	মোহাম্মদ ওয়াজেদ আলী
ওয়ালি	মোঃ ওয়ালিউল্লাহ
ওহ	ওবায়েদুল হক
কচৌ	কবীর চৌধুরী
কব	করুণানিধান বন্দ্যোপাধ্যায়
কবল্ল	কবি বল্লভ
কম	কবি মঈনুদ্দীন
কমু	কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী
কশে	কবি শেখর
কাআউ	কাজী আফছারউদ্দীন
কাআও	কাজী আবদুল ওদুদ
কাআমা	কাজী আবদুল মান্নান
কাই	কাজী ইমদাদুল হক
কাদা	কাশীরাম দাস
কাগু	কালীপ্রসন্ন দাস গুপ্ত
কাঘো	কালীপ্রসন্ন ঘোষ
কাদী	কাজী দীন মোহাম্মদ
কাদৌ	কাজী দৌলত
কামু	ড. কাজী দীন মুহম্মদ
কামো	ড. কাজী মোতাহার হোসেন
কায়	কায়কোবাদ
কারা	কালিদাস রায়
কাসি	কালীপ্রসন্ন সিংহ
কাহ্ন	কাহ্নপাদ
কুম	কুমুদরঞ্জন মল্লিক
কৃও	কৃত্তিবাস ওঝা
কৃক	কৃষ্ণদাস কবিরাজ
কৃম	কৃষ্ণচন্দ্র মজুমদার
কেম	কেদারনাথ মজুমদার
ক্ষীবি	ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ
ক্ষেদা	ক্ষেমানন্দ দাস
খব	খনার বচন
খমি	খগেন্দ্রনাথ মিত্র
খাআ	খানবাহাদুর আহছানউল্লাহ
খাহা	খানবাহাদুর আবদুল হাকিম
খামো	খান মো. মঈনুদ্দিন
গিঘো	গিরিশচন্দ্র ঘোষ
গিসে	গিরিশ চন্দ্র সেন

গুমা	গুণময় মান্না
গোগা	গোপীচন্দ্রের গান
গোদা	গোবিন্দদাস
গোমো	গোলাম মোস্তফা
গোহা	গোপাল হালদার
গৌচ	গৌরিশঙ্কর চট্টাচার্য
ঘচ	ঘনরাম চক্রবর্তী
চদা	চণ্ডীদাস
চমু	চণ্ডীচরণ মুনশী
ছউ	ছদরুদ্দীন
জউ	জসীমউদ্‌দীন
জব	জগদীশচন্দ্র বসু
জয়	জয়দেব / গীতগোবিন্দ
জরা	জহীর রায়হান
জহা	জগলুল হায়দার আফরিক
জাআ	জাহানারা আরজু
জীদা	জীবনানন্দ দাশ
জুআ	এস. এন. কিউ জুলফিকার আলী(নছরু)
জোখা	জোবেদা খানম
জ্ঞাদা	জ্ঞানদাস
তাব	তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
তামি	তারিণীচরণ মিত্র
তাহো	তালিম হোসেন
দমি	দক্ষিণারঞ্জন মিত্রমজুমদার
দারা	দাশরথি রায়
দীমি	দীনবন্ধু মিত্র
দেসে	দেবেন্দ্রনাথ সেন
দৌবা	দৌলত উজির বাহরাম খান
দ্বিব	দ্বিজ বংশীদাস
দ্বিমা	দ্বিজমাধব
দ্বিরা	দ্বিজেন্দ্রলাল রায়
নই	কাজী নজরুল ইসলাম
নমি	নরেন্দ্রনাথ মিত্র
নর	নজিবর রহমান
নসে	নবীনচন্দ্র সেন
নাআ	মোহাম্মদ নাসির আলী
নীই	নীলিমা ইব্রাহীম
নীচ	নীরেন্দ্রনাথ চক্রবর্তী
নূমো	নূরুল মোমেন
পাকা	পাগলা কানাই
প্যামি	প্যারীচাঁদ মিত্র (টেকচাঁদ ঠাকুর)
প্রচৌ	প্রমথ চৌধুরী
প্রবি	প্রমথনাথ বিশী
প্রমু	প্রভাতকুমার মুখোপাধ্যায়
প্রসা	প্রবোধকুমার সান্যাল
প্রেআ	প্রেমাঙ্কুর আতর্থী
প্রেমি	প্রেমেন্দ্র মিত্র
ফআ	ফররুখ আহমদ
ফগ	ফকির গরীবুল্লাহ
বআমি	বন্দে আলী মিয়া
বআহে	বশীর আলহেলাল
বউ	বদরুদ্দীন উমর
বচ	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
বচদা	বড়ু চণ্ডীদাস
বমু	বলাইচাঁদ মুখোপাধ্যায়
বর	আ.ন.ম. বজলুর রশীদ
বিগু	বিজয় গুপ্ত
বিচ	বিহারীলাল চক্রবর্তী
বিদে	বিষ্ণু দে
বিপ	বিদ্যাপতি
বিব	বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
বিমি	বিমল মিত্র
বিমু	বিনয় মুখোপাধ্যায় (যাযাবর)
বুব	বুদ্ধদেব বসু
বৃদা	বৃন্দাবন দাস
বেআ	বেনজীর আহমদ
বেসা	বেদূঈন সামাদ
বেরো	বেগম রোকেয়া
বোখা	বোরহানউদ্দীন খান জাহাঙ্গীর
ভন	ভবানন্দ
ভব	ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়
ভারা	ভারতচন্দ্র রায়গুণাকর
ভূমু	ভূদেব মুখোপাধ্যায়
মআ	মওলানা আকরম খাঁ
মঈন	মঈন উদ্দিন
মউ	মবিনউদ্দীন আহমদ
মগা	ময়নামতীর গান
মত	মদনমোহন তর্কালঙ্কার
মদ	মাইকেল মধুসূদন দত্ত
মব	মনোজ বসু
মযই	মযহারুল ইসলাম
মহী	মহীউদ্দিন
মাউ	মাহবুব–উল–আলম
মাকৃ	মাধবাচার্য [কৃষ্ণমঙ্গল]
মাখা	মাহমুদা খাতুন সিদ্দিকা
মাগা	মানিক গাঙ্গুলী
মাগান	মানিক রাজার গান

মাদা	মাধব দাস
মাব	মানিক বন্দ্যোপাধ্যায়
মামু	মাওলানা মুস্তাফিজুর রহমান
মীম	মীর মশাররফ হোসেন
মুআরা	মুঃ আবদুর রাজ্জাক
মুআহা	মুহম্মদ আবদুল হাই
মুই	মুফাখখারুল ইসলাম
মুএ	মুহম্মদ এনামুল হক
মুচৌ	মুনীর চৌধুরী
মুত্তা	মুত্তালিব
মুম	মুহম্মদ মনসুরউদ্দীন
মুর	মুজিবর রহমান খাঁ
মুশ	ড. মুহম্মদ শহীদুল্লাহ
মোক	মোহাম্মদ কবীর
মোকা	আবু হেনা মোস্তফা কামাল
মোখা	মোহাম্মদ খান
মোব	মোহাম্মদ বরকতুল্লাহ
মোম	মোহিতলাল মজুমদার
মোমা	মোঃ মাহফুজউল্লাহ
মোহ	মোজাম্মেল হক
মোচৌ	মোতাহের হোসেন চৌধুরী
যবা	যতীন্দ্রমোহন বাগচী
যসে	যতীন্দ্রনাথ সেনগুপ্ত
যোস	যোগীন্দ্রনাথ সরকার
রই	রওশন ইজদানী
রক	রশিদ করিম
রখাঁ	রশীদ খাঁন
রঙ্গসে	রঙ্গলাল সেন
রজসে	রজনীকান্ত সেন
রঠা	রবীন্দ্রনাথ ঠাকুর
রাভ	রামেশ্বর ভট্টাচার্য
রাখা	রাজিয়া খান
রাজ	রাজনারায়ণ বসু
রাত্রি	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
রাপ	রামাই পণ্ডিত [শূন্য পুরাণ]
রাব	রাজশেখর বসু (পরশু)
রাবি	রাসবিহারী মুখোপাধ্যায়
রাম	রামরাম বসু
রামা	রাজিয়া মাহবুব
রামু	রাজীবলোচন মুখোপাধ্যায়
রামি	রাজেন্দ্রলাল মিত্র
রারা	রামমোহন রায়
রাসা	রাহুল সাংকৃত্যায়ন [অনুবাদক—ভগীরথ]
রাসে	রামপ্রসাদ সেন [বিদ্যাসুন্দর]
রির	রিজিয়া রহমান
লাশা	লালন শাহ
লুর	ডাঃ লুৎফর রহমান
শও	শওকত ওসমান
শচ	শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
শাআ	শাহেদ আলী
শাকা	শামসুদ্দীন আবুল কালাম
শাফ	শাহ ফজলুর রহমান
শামা	বেগম শামসুন্নাহার মাহমুদ
শারা	শামসুর রাহমান
শাস	শাহ মুহম্মদ সগীর
শাহ	শামসুল হক
শাহো	শাহাদাত হোসেন
শেআ	শেখ আবদুর রহিম
শেক	শেখ ফজলল করিম
শেফ	শেখ ফয়জুল্লাহ
শেহ	শেখ হবিবর রহমান সাহিত্যরত্ন
শিমি	শিবরতন মিত্র সম্পাদিত প্রাচীন পত্রাবলী
শ্রীন	শ্রীকর নন্দী
সচ	সঞ্জীব চট্টোপাধ্যায়
সজ	সরদার জয়েনউদ্দীন
সত্যেসে	সত্যেন সেন
সদ	সত্যেন্দ্রনাথ দত্ত
সভা	সতীনাথ ভাদুড়ী
সমসে	সমর সেন
সাখা	সাবিরিদ খান
সাহ	সানাউল হক
সিজা	সিকান্দার আবু জাফর
সুকা	সুফিয়া কামাল
সুগ	সুনীল গঙ্গোপাধ্যায়
সুঘো	সুবোধ ঘোষ
সুচ	সুনীতিকুমার চট্টোপাধ্যায়
সুদ	সুধীন্দ্রনাথ দত্ত
সুভ	সুকান্ত ভট্টাচার্য
সুমো	সুফী মোতাহার হোসেন
সুরা	সুকুমার রায়
সৈআ	সৈয়দ আলাওল
সৈআআ	সৈয়দ আলী আহসান
সৈএ	সৈয়দ এমদাদ আলী
সৈও	সৈয়দ ওয়ালিউল্লাহ
সৈমু	সৈয়দ মুজতবা আলী
সৈমুআ	সৈয়দ মুর্তাজা আলী
সৈশা	সৈয়দ শামসুল হক

সৈসু	সৈয়দ সুলতান
সৈহা	সৈয়দ হামজা
স্বাবি	স্বামী বিবেকানন্দ
হবা	হবীবুল্লাহ বাহার
হশা	হরপ্রসাদ শাস্ত্রী
হার	হাবীবুর রহমান
হাহা	হাসান হাফিজুর রহমান
হুক	হুমায়ুন কবীর
হেব	হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
হেমা	হেয়াত মাহমুদ
হেহো	হেমায়েত হোসেন

নির্বাচিত মধ্যযুগীয় গ্রন্থাবলি

নং	গ্রন্থের নাম	লেখকের নাম	রচনা কাল
১	পদকল্পতরু	বিদ্যাপতি	১৫ শতক
২	শ্রীকৃষ্ণবিজয়		১৫ শতক
৩	মনসামঙ্গল	বিপ্রদাস	১৫ শতক
৪	মনসামঙ্গল	বিজয়গুপ্ত	১৫ শতক
৫	কৃত্তিবাসী রামায়ণ		
৬	পরাগলী মহাভারত		১৬ শতক
৭	ছুটিখানী মহাভারত		১৬ শতক
৮	চৈতন্যভাগবত	বৃন্দাবন দাস	১৬ শতক
৯	চৈতন্য মঙ্গল	জয়ানন্দ	১৬ শতক
১০	অদ্বৈতপ্রকাশ	ঈশান নাগর	১৬ শতক
১১	কবিকঙ্কণ চণ্ডী		১৬ শতক
১২	ইউসুফ জোলেখা	শাহ মুহম্মদ সগীর	১৬ শতক
১৩	গোরক্ষবিজয়	শেখ ফয়জুল্লাহ	১৬ শতক
১৪	মধুমালতী	মুহম্মদ কবীর	১৬ শতক
১৫	লায়লী মজনু	দৌলত উজীর	১৬ শতক
১৬	নবী বংশ	সৈয়দ সুলতান	১৬ শতক
১৭	নুরজামাল	হাজী মুহম্মদ	১৬ শতক
১৮	সয়ফুলমুলক বদিউজ্জামাল	দোনাগাজী	১৬ শতক
১৯	চৈতন্যচরিতামৃত	কৃষ্ণদাস কবিরাজ	১৭ শতক
২০	রায়মঙ্গল	কৃষ্ণদাস কবিরাজ	১৭ শতক
২১	কালিকা মঙ্গল	কৃষ্ণদাস কবিরাজ	১৭ শতক
২২	মহাভারত	রামদাস	১৭ শতক
২৩	সতীময়না	কাজী দৌলত	১৭ শতক
২৪	সেকান্দরনামা	আলাউল	১৭ শতক
২৫	তোহফা	আলাউল	১৭ শতক
২৬	মুক্তাল হোসেন	মুহম্মদ খান	১৭ শতক
২৭	দুলামজলিস	আবদুল করিম	১৭ শতক
২৮	কিফায়তুল মুসলীন	মুত্তালিব	১৭ শতক
২৯	জেবলমুলক সামারোখ	সৈয়দ মুহম্মদ আকবর	১৭ শতক
৩০	লালমতী সয়ফুল মুলক	আবদুল হাকিম	১৭ শতক
৩১	অন্নদা মঙ্গল	ভারতচন্দ্র রায়	১৮ শতক
৩২	কালিকা মঙ্গল	রামপ্রসাদ সেন	১৮ শতক
৩৩	ধর্ম মঙ্গল	ঘনরাম চক্রবর্তী	১৮ শতক
৩৪	সত্যনারায়ণ	বিদ্যাপতি	১৮ শতক
৩৫	সত্যনারায়ণ	অযোধ্যারাম	১৮ শতক
৩৬	সত্যনারায়ণ	শ্রীকবিবল্লভ	১৮ শতক
৩৭	সত্যনারায়ণ	কৃষ্ণহরি দাস	১৮ শতক
৩৮	জঙ্গনামা	রাধাচরণ গোপ	১৮ শতক
৩৯	জ্ঞানসাগর	আলিরেজা	১৮ শতক
৪০	গুলেবকাউলি	মুহম্মদ মুকিম	১৮ শতক
৪১	দাকেয়কুল হাকায়েক	সৈয়দ নুরুদ্দিন	১৮ শতক
৪২	আম্বিয়াবানী	হায়াৎ মাহমুদ	১৮ শতক
৪৩	হায়রাতুল ফেকাহ	মুহম্মদ আলী	১৮ শতক
৪৪	সির্নামা	কাজী শেখ মনসুর	১৮ শতক

তালিকা-৪

বাংলা বর্ণমালার প্রতিবর্ণ

বর্ণ	রোমান প্রতিবর্ণ	বাংলা উচ্চারণ	আন্তর্জাতিক ধ্বনিবর্ণে উচ্চারণ
অ	a	অ	ɔ [ʃɔre ɔ]
আ	ā	আ	a, a: [ʃɔre a]
ই	i	ই	i [rhɔʃʃo i]
ঈ	ī	ই	i: [dirgho i]
উ	u	উ	u [rhɔʃʃo u]
ঊ	ū	উ	u: [dirgho u]
ঋ	r	রি	ri
এ	e	এ	e
ঐ	ai, ai̯	ওই	oi
ও	o	ও	o
ঔ	au, au̯	ওউ	ou
ক	k	ক	k [kɔ]
খ	kh	খ	kh [khɔ]
গ	g	গ	g [gɔ]
ঘ	gh	ঘ	gh [ghɔ]
ঙ	ng	উয়োঁ	ŋ [uõ]
চ	c	চ	c [cɔ]
ছ	ch	ছ	ch [chɔ]
জ	j	জ	dz [dzɔ]
ঝ	jh	ঝ	dzh [dzhɔ]
ঞ	ñ	ইয়োঁ	ña [iõ]
ট	ṭ	ট	ṭ [ṭɔ]
ঠ	ṭh	ঠ	ṭh [ṭhɔ]
ড	ḍ	ড	ḍ [ḍɔ]
ঢ	ḍh	ঢ	ḍh [ḍhɔ]
ণ	ṇ	ন	n [murdhonno nɔ]
ত	t	ত	t [tɔ]
থ	th	থ	th [thɔ]
দ	d	দ	d [dɔ]
ধ	dh	ধ	dh [dhɔ]
ন	n	ন	n [dɔnto nɔ]

বর্ণ	রোমান প্রতিবর্ণ	বাংলা উচ্চারণ	আন্তর্জাতিক ধ্বনিবর্ণে উচ্চারণ
প	p	প	p [pɔ]
ফ	ph	ফ	ph [phɔ]
ব	b	ব	b [bɔ]
ভ	bh	ভ	bh [bhɔ]
ম	m	ম	m [mɔ]
য	y, j	জ	dz [ɔntostho dzɔ]
র	r	র	r [rɔ]
ল	l	ল	l [lɔ]
শ	s´, sh	শ	ʃ [talobbo ʃɔ]
ষ	ṣ, sh	শ	ʃ [murdhonno ʃɔ]
স	s	স	s [dɔnto ʃɔ]
হ	h	হ	h [hɔ]
ড়	ṛ	ড়	ṛ [ḍɔe ʃunno ṛ]
ঢ়	ṛh	ঢ়	ṛh [ḍhɔe unno ṛh]
য়	ẏ	য়	j [ɔntostho jɔ]
ৎ	t	ত্	t [khɔndo tɔ]
ং	ng	ঙ্	ŋ [onuʃʃɔr]
ঃ	ḥ	হ্	h [bi ɔrgo]
(ঁ)	~	(ঁ)	~ [cɔndrobindu]

Extra

অ্যা, ্যা		অ্যা	æ æ
ব	w,v	ওয়	w[ɔntostho bɔ]

তালিকা-৫

আরবি-ফারসি প্রতিবর্ণ

আরবি বর্ণ	বাংলা প্রতিবর্ণ	ইংরেজি প্রতিবর্ণ
ا اِ اُ	আ-া ই-ি উ-ু	a i u
ب	ব	b
ت	ত	t
ث	ছ়	th
ج	জ	dj, j
ح	হ়	h
خ	খ	kh
د	দ	d
ذ	য	dh
ر	র	r
ز	জ	z
س	স	s
ش	শ	sh
ص	স়	ṣ
ض	দ়	d

আরবি বর্ণ	বাংলা প্রতিবর্ণ	ইংরেজি প্রতিবর্ণ
ط	ত়	tw
ظ	জ়	z
ع	উল্টা কমা '	'
غ	গ়	gh
ف	ফ	f
ق	ক়	q
ك	ক	k
ل	ল	l
م	ম	m
ن	ন	n
و	ৱ	w
ه	হ	h
ى	য়	y
ي	(	a
ء	,	,

ফারসি/উর্দু বর্ণ	বাংলা প্রতিবর্ণ	ইংরেজি প্রতিবর্ণ
پ	প	p
ٹ	ট	ṭ
چ	চ	c
ڈ	ড	ḍ
ڑ	ড়	ṛ
ژ	ঝ	zh
گ	গ	g

আরবি স্বরধ্বনি	বাংলা প্রতিস্বর
ـِ	ি - ই
ـُ	উ - ু
ـً	আন
ـٍ	ইন
ـٌ	উন
^	হস্ চিহ্ন
ω	দ্বিত্ব চিহ্ন

বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান

অ

অ১ [অ–এর স্বাভাবিক উচ্চারণ 'অ'(অনন্ত, অদৃশ্য), অ–এর বিকৃত উচ্চারণ 'ও'—ইংরেজি home শব্দের 'o'-এর মতো (অতি, কটু)]। বাংলা স্বরধ্বনির প্রথমটির লেখ্যরূপ এবং বাংলা স্বরবর্ণমালার প্রথম বর্ণ। এর উচ্চারণ-স্থান কণ্ঠ। স্বরধ্বনির সঙ্গে যুক্ত না হলে কোনো ব্যঞ্জনধ্বনিই পূর্ণরূপে উচ্চারিত হয় না। এজন্য ব্যঞ্জনধ্বনির উচ্চারণ সৌকর্যার্থে স্বরধ্বনির মূল রূপের প্রতীক ব্যঞ্জনধ্বনির সঙ্গে যুক্ত হয়। স্বরধ্বনির এই প্রতীকের নাম 'কার'। 'অ'–স্বর ব্যতীত অন্যান্য স্বরধ্বনির পৃথক পৃথক 'কার' আছে। 'অ'–স্বরের 'কার' অদৃশ্য অবস্থায় ব্যঞ্জনধ্বনির গায়ে আত্মগোপন করে থাকে। (ক্+অ=ক; খ্+অ=খ; গ্+অ=গ ইত্যাদি।

অ২ *অব্য* সম্বোধনসূচক (অ আবদুল্লাহ্; অ ভাই, কেমন আছ?); খেদ সূচক (অ কপাল!)।

অ–, অন্ [অ, অন্] সংস্কৃত ব্যাকরণ এবং তদনুসারী অন্যান্য ভাষার ব্যাকরণে এ দুটি 'নঞ্' অব্যয়ের রূপান্তর। নঞ্ তৎপুরুষ সমাসে ব্যাসবাক্যে যে 'ন' থাকে তা উত্তরপদের আদি বর্ণ ব্যঞ্জন হলে 'অ' হয়, স্বর থাকলে 'অন্' হয়। 'ন' দ্বারা অভাব, অল্পতা, অপ্রশস্ততা, অন্যত্ব, সাদৃশ্য ও বিরোধ—এই ছয় প্রকার অর্থ প্রকাশিত হয়; যথা : অভাবার্থে (ন[অ]+যত্ন= অযত্ন, ন[অ]+গতি = অগতি—অগতির গতি); অল্পতা অর্থে (ন[অন্]+আয়াস = অনায়াস); অপ্রশস্ততা অর্থে (ন[অ] + কাল = অকাল, ন[অ]+সময় = অসময়); অন্যত্ব অর্থে (ন[অ] + ঘট = অঘট, ন[অ]+মুসলিম=অমুসলিম); সাদৃশ্যার্থে (ন[অ] + ব্রাহ্মণ= অব্রাহ্মণ—ব্রাহ্মণের মতো, যেমন ক্ষত্রিয়); বিরোধ অর্থে (ন[অ]+ধর্ম= অধর্ম, ন[অ]+সুর = অসুর)। মধ্য বাংলায় 'অ' পূর্ণতা অর্থেও ব্যবহৃত হতো। যথা: অকুমারী= পূর্ণ যৌবনপ্রাপ্ত কুমারী, তরুণী। {*স.* }

অই [ওই] পদ্যে ছন্দের খাতিরে নির্দেশক স্বরবর্ণ 'ঐ' কখনো কখনো 'অই' রূপে ব্যবহৃত হয়। {*স.* অসৌ>*প্রা.* অহ>অপভ্র. ওই>*বা.* অ, অই, ওই}

অইছন ⇒ ঐছন

অইছে ⇒ ঐছে

অইরান [ওইরান্] *বিণ* ১ বিরান; জনমানবহীন। ২ ধ্বংসপ্রাপ্ত। {*ফা.* ৱীরান ویران }

অউপকারী (*মবা.*) [অ–উপোকারী] *বি* অপকারী; যে উপকার করে না (তোমা প্রতি উপকারী কিবা অউপকারী—*সৈসু*)। {অ+ উপকারী}

অঋণ [অরিন] *বি* ঋণাভাব। {অ+ঋণ, *নতৎ*}

অঋণী [অরিনি] *বিণ* ঋণমুক্ত, ঋণশূন্য। {*স.* অ+ঋণ+ইন্(ইনি); *স.* অনৃণী}

অওরত ⇒ আওরত

অওসৎ ⇒ আওসত

অংগুস্তানা, অংগুশ্তানা [ওঙ্‌গুস্‌তানা, –শ্‌ঠানা] *বি* ১ অঙ্গুলাবরণ; সেলাইয়ের সময়ে সুচের খোঁচা থেকে রক্ষা পাওয়ার জন্য আঙুলে ব্যবহৃত আচ্ছাদন বিশেষ। ২ চামাটি। ৩ মেজরাব। {*ফা.* অংগুশ্‌তানাহ্ انگشتانه ; *তুল.* *স.* অঙ্গুষ্ঠত্রাণ}

অংশ [অঙ্‌শো] *বি* ১ ভাগ; খণ্ড ('অংশ করে বংশ পড়ে')। ২ অঞ্চল; স্থান। ৩ মালিকানা; স্বত্ব; share। ৪ দেবতার ঔরস বা বীর্য। ৫ অবতার। ৬ বিষয় বা পক্ষ (কোনো অংশে কম যায় না)। ৭ প্রত্যঙ্গ; parts। ৮ বৃত্ত–পরিধির ৩৬০ ভাগের ১ ভাগ। ৯ রাশিচক্রের ত্রিংশ বা দ্বাদশ ভাগের এক ভাগ। **~ক** *বি* ১ জ্ঞাতি। ২ দিন। **~গ্রাহী** (–হিন্) *বিণ* অংশীদার; শরিক। **~ত** *ক্রিবিণ* অংশক্রমে; কিয়দংশে; আংশিকভাবে। **~ন** *বি* বণ্টন; বিভাগকরণ। **~নীয়** *বিণ* বিভাজ্য; ভাগের উপযুক্ত। **~ভাক** *বিণ* ১ অংশীদার; উত্তরাধিকারী। ২ অংশ চায় এমন (তোমাদের প্রাপ্য দক্ষিণারও অংশভাক হই নাই—*রাব*)। **~ভাগী** (–গিন্) *বিণ* অংশ পাওয়ার যোগ্য; অংশীদার। **~মান** *বিণ* ভাগ–বাটোয়ারা হচ্ছে এমন। **~ল** *বিণ* বলবান; বলশালী। **~হর, ~হারী** *বিণ* ১ অংশলোপ বা অপহরণ করে এমন। ২ অংশগ্রহণকারী। **অংশাংশ** *বি* ১ ভাগের ভাগ (অংশের অংশাংশ যেই কলা তার নাম—*কৃক*)। ২ ভিন্ন ভিন্ন ভাগ। **অংশাংশি, অংশা-অংশি** *বি* পরস্পর ভাগ বাটোয়ারা; ভাগাভাগি। **অংশানো** *ক্রি* উত্তরাধিকার বা অংশীদারসূত্রে প্রাপ্য হওয়া; বর্তানো। **অংশিত** *বিণ* ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত; বিভাজিত। {*স.* √অংশ্ + অ(অচ্)=অংশ}

অংশী [ওঙ্‌শি] *বিণ* ১ অংশবিশিষ্ট। ২ অংশ আছে এমন; ভাগী; partner; shareholder। { *স.* অংশ+ইন্‌(ইনি)}

অংশীদার [ওঙ্‌শিদার্‌] *বি* সম্পত্তি বা কারবারে অংশ আছে যার; partner। **অংশীদারি** *বি* অংশীদারের কাজ, ভাব বা অবস্থা। ◻*বিণ* অংশীদার সম্পর্কীয়। { *স.* অংশী+*ফা.* দার دار }

অংশু [ওঙ্‌শু] *বি* ১ কিরণ; রশ্মি (অংশু অন্ধকার করে দূর—*ঘচ*)। ২ তন্তু; আঁশ। ~**ক** *বি* সূক্ষ্ম বস্ত্র (চীনাংশুক)। ~**পট** *বি* গরদ তসর মটকা প্রভৃতি রেশমি সুতার কাপড়। ~**ময়ী** *বিণ স্ত্রী.* উজ্জ্বলা; প্রভাবিশিষ্টা (উষা অংশুময়ী গিরিশৃঙ্গ মাঝে—*মদ*)। ~**ময়** *পু.*। ~**মালী** *বি* ১ সূর্য (তেজস্বী মধ্যাহ্নে যথা দেব অংশুমালী—*মদ*)। ২ প্রদীপ্ত; তেজোময় (দিনমণি যেন অংশুমালী—*মদ*)। ~**ল** *বিণ* কিরণবিশিষ্ট। ~**শিরাল-দেহ** *বি* যে দেহের শিরাসমূহ একই কেন্দ্র থেকে সর্বত্র ব্যাপ্ত হয়; the rediata। { *স.* √অশ+উ}

অংশ্যমান [অঙ্‌শোমান] *বিণ* ভাগ করা হচ্ছে এমন। { *স.* অন্‌শ+মান(শানচ)}

অংস [অঙ্‌শো] *বি* স্কন্ধ; কাঁধ (আসন করিলা তার অংস—*ক্ষেদা*)। ~**কূট** *বি* ষাঁড়ের কাঁধের মাংসপিণ্ড; ককুদ; hump। ~**ত্র** *বি* স্কন্ধ-রক্ষক বর্ম বা আবরণীবিশেষ। ~**ফলক**, ~**ফলকাস্থি** *বি* কাঁধের ত্রিকোণাকার অস্থিবিশেষ; shoulder blade। ~**ভার** *বি* ১ কাঁধের বোঝা। ২ দায়িত্ব। ~**ল** *বিণ* পুষ্টদেহ; চওড়া কাঁধবিশিষ্ট; শক্তিশালী। ~**লা** *বিণ স্ত্রী.*। { *স.* √অংস+অ(অচ্‌) অথবা √অম+স}

অংহ [অঙ্‌হ] *বি* ১ পাপ; অধর্ম (অংহেতে অঙ্কিত অঙ্গ—*ভারা*)। ২ অধঃপতন। { *স.* অংহস্‌>*প্রা.* অংহ}

অঁকোল [অঁকোল্‌] *বি* আঁকড় নামক গাছ। { *স.* অঙ্কোট>}

অক[১] [অক্‌] *বি* ১ পাপ। ২ দুঃখ; অশান্তি। { *স.* অ+ক}

অক[২] [অক্‌] *বি* রূপকথার বৃহৎ পাখিবিশেষ। { *ফা.* রূাক رواق }

অকখর *(প্রাব্য.)* *বি* অক্ষর; বর্ণ। { *স.* অক্ষর>}

অকচ [অকচ্‌] *বিণ* কেশবিহীন; টেকো। **অকচা** *স্ত্রী.*। { *স.* অ(নঞ)+কচ}

অকট-বিকট [অকট্‌বিকট্‌] *(মব্য.)* *বি* আঁকুবাঁকু; ছটফট (অকট বিকট করে পড়িয়া তরাসে—*কৃও*)। { *স.* অকৃত-বিকৃত}

অকটু [অকোটু] *বিণ* কটুতাহীন; মধুর। ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+কটু; *নতৎ* }

অকঠোর [অকঠোর্‌] *বিণ* ১ অকঠিন; অকর্কশ; সদয়। ২ সহজ; সরল। { *স.* অ(নঞ)+কঠোর; *নতৎ* }

অকণ্টক [অকন্‌টক্‌] *বিণ* ১ কাঁটা নেই এমন; কাঁটাশূন্য; নিষ্কণ্টক। ২ *(আল.)* বাধাহীন; উপদ্রবহীন; শত্রুহীন (পুনর্বার অকণ্টক রাজ্যপ্রাপ্ত হইয়াছে—*ঈবি*)। **অকণ্টকে** *ক্রিবিণ* নিরাপদে; নির্বিঘ্নে; বিনা বাধায়। { *স.* অ(নঞ)+কণ্টক; *নতৎ* }

অকথন [অকথোন্‌] *বিণ* ১ কথায় প্রকাশ করার অযোগ্য; অবক্তব্য (অকথন বেয়াধি এ কহা নাহি যায়—*চদা*)। ◻*বি* কুকথা; অনুচিত কথা। **অকথনীয়** *বিণ* বলার উপযুক্ত নয় এমন; বলা অনুচিত এমন। { *স.* অ(নঞ)+কথন; *নতৎ* }

অকথা [অকথা] *বি* অশ্লীল বা অনুচিত কথা। { অ+কথা}

অকথিত [অকোথিতো] *বিণ* ১ অনুক্ত বা অনুচ্চারিত (অকথিত বাণী—*রঠা*)। ২ বলার অযোগ্য (শরম দিবে কি তাহারে—অকথিত নিবেদনে—*রঠা*)। { *স.* অ(নঞ)+কথিত; *নতৎ* }

অকথ্য [অকোত্‌থো] *বিণ* ১ অশ্লীল বা অনুচিত (কথা); বলার অযোগ্য (অকথ্য খবর—*মব*)। ২ কথায় প্রকাশ করা যায় না এমন (অকথ্য বেদনা—*চদা*)। ~**কথন** *বি* ১ বলার মতো নয় এমন কথা; গালি (উচিত কহিতে লাজ অকথ্য কথন—*সৈআ*)। ২ অবর্ণনীয়; অনির্বচনীয়। { *স.* অ(নঞ)+কথ্য; *নতৎ* }

অকনিষ্ঠ[১] [অকোনিশ্‌ঠো] *বিণ* কনিষ্ঠ নেই এমন। { *স.* অ(নঞ)+কনিষ্ঠ; *বহু* }

অকনিষ্ঠ[২] [অকোনিশ্‌ঠো] *বি,বিণ* পাপাসক্ত; পাপী। { *স.* অক(=পাপ)+নিষ্ঠ; *বহু* }

অকপট [অকপট্‌/অকপোট্‌] *বিণ* সরল; কপটতাহীন। *বি* ~**তা**। **অকপটে** *ক্রিবিণ* সরলভাবে; গোপন না রেখে। ~**চিত্ত** *বিণ* সরলমনা; অমায়িক স্বভাবসম্পন্ন। { অ+কপট}

অকবজ [অকবোজ্‌] *বিণ* অনায়ত্ত; অনধিকৃত। { অ+*আ.* ক্বব্‌দ্‌ قبض }

অকবি [অকোবি] *বি,বিণ* কবি-প্রতিভাহীন বা কবি নামের অযোগ্য (কবি ও অকবি যাহা বলো মোরে—*নই*)। { অ+কবি; *নতৎ* }

অকমনীয় [অকমোনিয়ো] *বিণ* ১ অবাঞ্ছনীয়; কাম্য নয় এমন। ২ অসুন্দর; কুৎসিত। { *স.* অ(নঞ)+কম্‌+অনীয়; *নতৎ* }

অকম্প, অকম্পন, অকম্পিত, অকম্প্র [অকম্‌পো, -ন, -কোম্পিতো, -প্রো] *বিণ* স্থির; কম্পনশূন্য; অবিচলিত (অকম্প চামর শিরে—*মদ*, অকম্পিত নিদ্রাহীন আঁখি—*রঠা*)। **অকম্পনীয়** *বিণ* কম্পনের অযোগ্য; কম্পনের মতো নয় এমন। { *স.* অ(নঞ)+কম্প, কম্পন, কম্পিত, কম্প্র; *নতৎ* }

অকর [অকর্‌] *বিণ* নিষ্কর; শুল্কের অযোগ্য; duty free। ২ হস্তহীন। ৩ কিরণহীন। { *স.* অ(নঞ)+কর; *বহু* }

অকরণ [অকরন্‌] *বি* ১ কর্মশূন্যতা; নিষ্ক্রিয়তা। ২ অবৈধ বা অন্যায় কাজ। **অকরণী** *বি (গণিত.)* যে রাশিকে ভাগ করলে ভাগশেষ থাকে না; rational quantity—যেমন √৪৯=৭। **অকরণীয়** *বিণ* ১ অকর্তব্য; করা উচিত নয় এমন। ২ সম্পর্ক স্থাপনের অযোগ্য (অকরণীয় ঘর)। { *স.* অ(নঞ)+করণ; *নতৎ* }

অকরোটি [অকরোটি] *বি (প্রাণী.)* যে সকল প্রাণীর মাথার খুলি আংশিক বা সম্পূর্ণ নেই; acrania। { *স.* অ+করোটি; *বহু* }

অকর্কশ [অকর্‌কোশ্‌] *বিণ* ১ কোমল; নরম। ২ মসৃণ; তেলতেলে। { *স.* অ(নঞ)+কর্কশ; *নতৎ* }

অকর্ণ [অকর্‌নো] *বি,বিণ* ১ কান নেই এমন (অকর্ণ শুনতে পান—*ভারা*)। ২ বধির। ৩ হালশূন্য (অকর্ণ নৌকা)। ☐ *বি* সর্প। { *স.* অ(নঞ)+কর্ণ; *বহু* }

অকর্তব্য [অকর্‌তোব্‌বো] *বিণ* করা উচিত নয় এমন; অনুচিত (বুঝিবার চেষ্টা করা অকর্তব্য—*বচ*)। { *স.* অ(নঞ)+কর্তব্য; *বহু* }

অকর্তা [অকর্‌তা] *বি,বিণ* ১ কর্তা নয় যে। ২ অপ্রধান। **অকর্তৃত্ব** *বি*। { *স.* অ(নঞ)+কর্তা; *বহু* }

অকর্ম [অকর্‌মো] *বি* ১ কর্মের অভাব; নিষ্ক্রিয়তা। ২ অপকর্ম; খারাপ কাজ। **~ক** *বিণ* ১ (*ব্যা.*) যে ক্রিয়াপদের কর্ম নেই; intransitive (অকর্মক ক্রিয়া)। ২ বেকার; কর্মশূন্য (শুধু অকর্মক নয়, নিঃসম্বল—*অচিসে*)। **~কাণ্ড** *বি* অপকর্মের ঘটা (অকর্মকাণ্ড প্রকাণ্ড না হলে ওরা বাঁচে কী করে?—*রঠা*)। **~ণ্য** *বিণ* ১ কর্মক্ষম নয় এমন; অপটু (অকর্মণ্য দাস—*রঠা*)। ২ অকেজো; ব্যবহারের অযোগ্য।

অকর্মা (-র্মন্) *বিণ* ১ কোনো কাজের নয় এমন। ২ অলস (অকর্মা বলা হল তাঁদের—*অঠা*)। ৩ কুকর্মকারী; অন্যায়কারী। **অকর্মার ধাড়ি** *বি* নিতান্ত অলস ব্যক্তি; আলস্যের দরুন কাজ পণ্ড করে এমন লোক। { *স.* অ(নঞ)+কর্ম; *নতৎ* }

অকর্মিষ্ঠ [অকোর্‌মিশ্‌ঠো] *বি* ১ কুকর্মে রত। ২ অকর্মণ্য। { *স.* অ(নঞ)+কর্মিষ্ঠ; *বহু* }

অকল ⇒ আকল

অকলঙ্ক [অকলোঙ্‌কো] *বিণ* ১ কলঙ্কহীন; অপবাদহীন; নির্দোষ (সারথি তব শুভ্র শুচি কীর্তি অকলঙ্ক—*সদ*)। ২ কলঙ্কশূন্য (অকলঙ্ক শশী)। ৩ নির্মল; পবিত্র; সুন্দর (অকলঙ্ক হাস্যমুখে... ঘুমাইতে কার অঙ্কটিতে—*রঠা*)।

অকলঙ্কিত, অকলঙ্কী *বিণ* কলঙ্কী নয় এমন; সাধু; নির্দোষ। **অকলঙ্কিতা, অকলঙ্কিনী** *স্ত্রী*। { *স.* অ(নঞ)+কলঙ্ক; *নতৎ* }

অকলমন্দ ⇒ আকল

অকলুষ [অকোলুশ্] *বিণ* পাপ বা দোষের অভাব। ২ নিষ্পাপ, নির্দোষ। **অকলুষিত** *বিণ*। { *স.* অ(নঞ) + কলুষ; *নতৎ* }

অকল্ক [অকল্‌কো] *বিণ* ১ মলহীন; নির্মল। ২ নিষ্পাপ। ৩ নির্বিকার। **অকল্কা** *বি* জ্যোৎস্না (এই নীল অকল্কায় [illegible])। { *স.* অ(নঞ)+কল্ক; *নতৎ* }

অকল্পনা [অকল্‌পোনা] *বি* ১ চিন্তার অভাব। ২ কুকল্পনা, খারাপ চিন্তা। { *স.* অ(নঞ)+ √কল্পি+অন(ল্যুট্)+আ; *নতৎ* }

অকল্পিত [অকোল্‌পিতো] *বিণ* ১ মনগড়া বা কল্পিত নয় এমন, অকাল্পনিক; প্রকৃত; বাস্তব। ২ কল্পনা করা যায়নি এমন। { *স.* অ(নঞ)+√কল্পি+ত(ক্ত); *নতৎ* }

অকল্পনীয় [অকল্‌পোনিয়ো] *বিণ* কল্পনা করা যায় না এমন। { *স.* অ(নঞ)+√কল্প+অনীয়; *নতৎ* }

অকল্মষ [অকল্‌মশ্] *বিণ* নিষ্পাপ। { *স.* অ(নঞ)+কল্মষ; *নতৎ* }

অকল্যাণ [অকোল্লান্, -ল্যান্] *বি* অমঙ্গল; অশুভ। ☐ *বিণ* অমঙ্গলজনক (অকল্যাণ এই সুর—*জউ*)। **~কর** *বিণ* অমঙ্গলজনক; অশুভকর; ক্ষতিকর। **~কারিণী** *স্ত্রী*। { *স.* অ(নঞ)+কল্যাণ; *নতৎ* }

অকষ্ট [অকশ্‌টো] *বিণ* কষ্টশূন্য; ক্লেশহীন। **~কল্পনা** *বি* অনায়াসসাধ্য বা স্বতঃস্ফূর্ত কল্পনা। **~কল্পিত** *বিণ*। **~বদ্ধ** *বিণ* ১ অতি কষ্টে গ্রথিত (সাধু বাংলার বাক্য গঠন পদ্ধতি অকষ্টবদ্ধ—*সুদ*)। ২ অত্যন্ত সঙ্কটাপন্ন; অধিক দুঃখে পতিত। ☐ *বি* উভয় সঙ্কট; অপ্রতিহার্য বিপদ। { *স.* অ(নঞ)+কষ্ট; *নতৎ* }

অকসর ⇒ আকসার

অকস্মাৎ [অকোশ্‌শাত্] *অব্য ক্রিবিণ* ১ হঠাৎ; সহসা; অতর্কিতে; অজানিতভাবে। ☐ *বি* আকস্মিক প্রাপ্তি বা ঘটনা (ছেড়েছি সব অকস্মাতের আশা—*রঠা*)। { *স.* অ(নঞ)+কস্মাৎ }

অকাজ [অকাজ্] *বি* বাজে বা অন্যায় কাজ (সে হল অকাজের কাজী—*আশ*)। { *বা.* অ(নঞ)+কাজ; *নতৎ* }

অকাট[১] ⇒ আকাট

অকাট[২] [অকাট্] *বিণ* অখণ্ডনীয় (অকাট সত্য—*সদ*)। { *স.* অকাট্য> }

অকাট্য [অকাট্‌টো] *বিণ* ১ কাটা যায় না এমন (অকাট্য বস্তু)। ২ খণ্ডন করা যায় না এমন; অখণ্ডনীয় (অকাট্য যুক্তি)। চূড়ান্ত; অপরিবর্তনীয় (আপাতস্বাচ্ছন্দ্যও একটা অকাট্য পদ্ধতির অন্তর্ভুক্ত—*সুদ*)। { *স.* অ(নঞ)+কাট্য; *নতৎ* }

অকাঠা [অকাঠা] *বি* বাজে কাঠ। { অ+কাঠ (<*স.* কাষ্ঠ)+আ }

অকাণ্ড [অকান্‌ডো] *বিণ* কাণ্ডহীন; গুঁড়ি নেই এমন। ☐ *বি* কুকার্য; অঘটনীয় ব্যাপার। **অকাণ্ডে** *ক্রিবিণ* অসময়ে; অকারণে; হঠাৎ। { *স.* অ(নঞ)+ কন+ড+অ(ক); *বহু* }

অকাতর [অকাতর্/-তোর্] *বিণ* ১ কাহিল নয় এমন; অব্যাকুল; খেদহীন (কোন চিন্তা নাই বাছা হয়ে অকাতর—*ঘচ*)। ২ সুস্থ; নীরোগ (অকাতর দেহে—*রঠা*)। ৩ অকুণ্ঠ (অতি অকাতর চিত্ত—*রঠা*)। **~তা** *বি*। **অকাতরে** *ক্রিবিণ* ১ অকুণ্ঠচিত্তে (অকাতরে দান করা)। ২ অক্লেশে; অনায়াসে (অকাতরে পরিশ্রম করা)। ৩ নিশ্চিন্ত আরামে বা প্রগাঢ়ভাবে (অকাতরে ঘুমানো)। { *স.* অ(নঞ) +কাতর; *বহু* }

অকাপট্য [অকাপোট্‌টো] *বি* ১ সারল্য; কপটতাশূন্যতা। ২ কামহীনতা; ইন্দ্রিয়পরায়ণ নয় এমন ভাব। { *স.* অ(নঞ)+কপট+য(ষ্যঞ); *নতৎ* }

অকাম[১], **অকাম্য** [অকাম্, অকাম্‌মো] *বিণ* অবাঞ্ছনীয়; অনভিপ্রেত। { *স.* অ(নঞ)+কাম, কাম্য; *নতৎ* }

অকাম[২] ⇒ আকাম

অকামিক (*ব্র.*) [অকামিক] *অব্য* ১ হঠাৎ (বিধিক যখনে ভেল অকামিক—*বিপ*)। ২ অকারণ (অকামিক জাগি ঠৈলি সানন্দা—*বিপ*)।

অকাম্য ⇒ অকাম[১]

অকায় [অকায়্] *বিণ* কায়াহীন; দেহহীন (অকায়, অকঙ্কাল কলকাতা ছায়াময়—*বুব*)। ☐ *বি* ১ রাহুগ্রহ। ২ পরমাত্মা। { *স.* অ(নঞ)+কায়; *নতৎ* }

অকার [অকার্] *বি* 'অ'-বর্ণ বা ধ্বনি (উল্লেখ্য : অ বর্ণের আলাদা কোনো কার চিহ্ন নেই)। **অকারান্ত** *বিণ* অন্তে

'অ' ধ্বনিযুক্ত; হসন্তান্ত ধ্বনি নয় এমন। {অ+কার; নতৎ}

অকারণ [অকারোন্] *বিণ* ১ অহেতুক; কারণবিহীন (শুধু অকারণ পুলকে—*রঠা*)। ২ ব্যর্থ; বিফল; বৃথা (তুমি বিনে অকারণ জীবন যৌবন—*দৌবা*)। ☐ *ক্রিবিণ* ১ অনর্থক; শুধু শুধু। **অকারণে** *ক্রিবিণ*। {*স.* অ+কারণ; নতৎ}

অকারত [অকারত] *(মবা.)* *বিণ* অনর্থক; অহেতুক; বৃথা (হামজা বলে সব অকারত—*সৈহা*)। {অ+*ফা.* কার کار +ত}

অকার্য [অকারজো] *বি* অকাজ; কুকাজ; বাজে কাজ। ☐ *বিণ* অকর্তব্য; অকরণীয় (তাহা বস্তুত অকার্য—*রাব*)। **~কর** *বিণ* ১ কুকর্মকারী। ২ বৃথা; নিষ্ফল। **~করী** *স্ত্রী.*। {*স.* অ(নঞ)+কার্য; নতৎ; বহু}

অকাল [অকাল্] *বি* ১ অসময়; অপরিণত কাল। ২ দুর্ভিক্ষ (এ দেশে অকাল নাই—*ঘচ*)। ৩ *(জ্যোবি)* অপ্রশস্তকাল; যে কাল শুভ কাজের উপযোগী নয় (ওদিকে সামনে একটা অকাল চার পাঁচটা মাস জুড়িয়া—*রঠা*)। ☐ *বিণ* অসময়োচিত (তেঁই শুখাইল জলপূর্ণ আলবাল অকাল নিদাঘে—*মদ*)। **অকালে** *ক্রিবিণ* অসময়ে; অনুপযুক্ত কালে। **~অপক্ব** *বিণ* *(আল.)* বোকা; বয়সোচিত ব্যবহার বা বুদ্ধির অভাব (হয় সে অকালপক্ব; নয় সে অকাল-অপক্ব—*রঠা*)। **~কুষ্মাণ্ড** *বি* ১ অকালে উৎপন্ন কুমড়া। ২ *(আল.)* মূর্খ; অকর্মণ্য; অপদার্থ। **~জ, ~জাত** *বিণ* নির্ধারিত সময়ের পূর্বে বা পরে জন্মেছে এমন; অকালে উৎপন্ন। **~পক্ব** *বিণ* ১ অকালে পাকা। ২ *(আল.)* ইঁচড়ে পাকা; বাল্যে বৃদ্ধের ন্যায় আচরণ যার। **~পক্বতা** *বি*। **~বার্ধক্য** *বি* অসময়ে আগত বৃদ্ধাবস্থা। **~বৃদ্ধ** *বিণ* যথাসময়ের পূর্বেই বার্ধক্যে উপনীত (থেকো না অকালবৃদ্ধ বসিয়া একেলা—*রঠা*)। **~বোধন** *বি* অসময়ে আহ্বান। ২ *(আল.)* অসময়ে কোনো কাজ সম্পাদন। **~মৃত্যু** *বি* পরিণত বয়সের পূর্বে মৃত্যু। **~সন্ধ্যা** *বি* অসময়ে আগত সময়। {*স.* অ(নঞ) (অপ্রশস্ত)+কাল; বহু}

অকালী ⇒ আকালী

অকাল্পনিক [অকাল্‌পোনিক] *বিণ* কল্পনাপ্রসূত নয়; বাস্তব (সে যে অকাল্পনিক, সে যে সত্য—*রঠা*)। {*স.* অ+কাল্পনিক; বহু}

অকিঞ্চন [অকিন্‌চন্,-চোন্] *বিণ* ১ কিছুই নেই এমন; নিঃস্ব; দরিদ্র (নিতান্ত অকিঞ্চনের ঘরের হতভাগ্য মলিন শিশু—*রঠা*) ২ তুচ্ছ; নগণ্য (কৃপা প্রভু, কর অকিঞ্চনে—*মদ*)। ৩ ইতর; মূঢ়; অধম (আমি অতি হেয় ও অকিঞ্চন—*প্যামি*)। **~তা, ~ত্ব** *বি*। {*স.* অ(নঞ)+কিঞ্চন; বহু}

অকিঞ্চিৎ, অকিঞ্চিৎকর [অকিন্‌চিত্, অকিন্‌চিত্‌কর্] *বিণ* নগণ্য; তুচ্ছ (সংসার অতি অকিঞ্চিৎকর—*ঈবি*)। **অকিঞ্চিৎকরতা** *বি* সামান্য অবস্থা; নগণ্য ভাব (এতকালের অকিঞ্চিৎকরতা থেকে—*রঠা*)। {*স.* অ(নঞ)+কিঞ্চিৎ, +কর}

অকীর্তি [অকিরতি] *বি* অখ্যাতি; নিন্দা; দুর্নাম। **~কর** *বিণ*। **~ত, অকীর্তিত** *বিণ* প্রচারিত হয়নি এমন; অঘোষিত; অজানা (অন্য কন্যা চিত্র করে একথা অকীর্ত—*ক্ষেদা*)। {*স.* অ(নঞ)+কীর্তি; নতৎ}

অকু, অকুআত [অকু, -য়াত্] *বি* ঘটনা; দুর্ঘটনা; অপরাধমূলক কার্য; হাঙ্গামা। **অকুস্থল, অকুস্থান** *বি* ১ দুর্ঘটনাস্থল; যে স্থলে অপরাধমূলক কার্য সংঘটিত হয়েছে (তাড়িঘড়ি অকুস্থান থেকে সরে পড়ে—*সৈমু*)। ২ ঘটনাস্থল (আরো দু'একজন কৌতূহলী কথা শুনছে, অকুস্থল দেখছে—*শও*)। {*আ.* আত ات + ব্রকুয়াত্ وقوع বহুব}

অকুটিল [অকুটিল্] *বিণ* সরল; অকপট। **~তা** *বি*। **অকুটিলা** *স্ত্রী.*। {*স.* অ(নঞ)+কুটিল; বহু}

অকুণ্ঠ, অকুণ্ঠিত [অকুন্‌ঠো, -ন্‌ঠিতো] *বিণ* ১ অকাতর; অসঙ্কুচিত। ২ অব্যাহত; অপ্রতিহত (অকুণ্ঠিত মর্যাদায় আছিস দাঁড়ায়ে—*রঠা*)। ৩ অক্ষুব্ধ। **অকুণ্ঠিতা** *স্ত্রী.* (তুমি অকুণ্ঠিতা—*রঠা*)। **অকুণ্ঠিতচিত্ত** *বিণ* উদারচিত্ত; মুক্তপ্রাণ; সরলমনা। **অকুণ্ঠিতচিত্তে** *ক্রিবিণ*। {*স.* অ(নঞ)+কুণ্ঠ, √কুণ্ঠ+ত(ক্ত), বহু}

অকুতোভয় [অকুতোভয়্] *বিণ* কোথাও ভয় নেই এমন; নির্ভীক; অসমসাহসিক। **অকুতোভয়া** *স্ত্রী.*। **~তা** *বি* ভয়শূন্যতা; অসমসাহসিকতা (কার্যদক্ষতা ও অকুতোভয়তা প্রভৃতির প্রভূত পরিচয় প্রদান করিতে লাগিলেন—*ঈবি*)। {*স.* অ(নঞ)+কুতঃ+ভয়; বহু}

অকুফ [ওকুফ্] *বি* বুদ্ধি; কাণ্ডজ্ঞান (তোমার বেটার নহে আক্কেল অকুফ—*ফগ*)। {*আ.* ব্রকুফ্ وقوف}

অকুমার [অকুমার্] *বি* ১ যথার্থ কুমার। ২ পাঁচের অধিক বয়সের বালক। {*স.* অ(নঞ, সম্যক অর্থে)+কুমার; নতৎ}

অকুমারী [অকুমারি] *বি স্ত্রী.* ১ তরুণী; নবীন যুবতী। ২ বারো বৎসরের অধিক বয়স্ক কুমারী (ঘন ঘন নিঃশ্বাস ছাড়এ অকুমারী—*দৌবা*)। **~ব্রত** *বি* হিন্দু কুমারীর পালনীয় অনুষ্ঠান বিশেষ। {*স.* অ(নঞ, অতীত)+কুমার+ঈ; নতৎ; বহু}

অকুল [অকুল্] *বি* নীচ বংশ; বিবাহাদি সম্পর্কের অযোগ্য বংশ। {*স.* অ(নঞ)+কুল; বহু}

অকুলন, অকুলান [অকুলন, -লান্] *বি* অভাব; অপ্রাচুর্য; অনটন (কোনো কিছুর অকুলান হওয়া)। {*স.* অ(নঞ)+কুলন; নতৎ}

অকুলীন [অকুলিন্] *বিণ* নীচবংশজাত; বংশমর্যাদাহীন (অকুলীন ভাষা)। {*স.* অ(নঞ)+কুল+ঈন(খ); নতৎ}

অকুশল [অকুশল্] *বি* ১ অমঙ্গল; অশুভ। ২ অপটু; অনিপুণ। {*স.* অ(নঞ)+কুশল; বহু}

অকুস্থল, অকুস্থান ⇒ অকু

অকূল [অকূল্] *বিণ* ১ তীরহীন; অপার; অসীম (অকূল মানস-সাগর জলে—*রঠা*)। ২ গভীর; নিবিড় (যেন কি অকূল চেনাচেনি—*অচিসে*)। ☐ *বি* *(আল.)* কঠিন বিপদ; ঘোর সঙ্কট (অকূলে পড়া)। **~ পাথার** *বি* ১ অসীম সমুদ্র; দুস্তর পারাবার। ২ *(আল.)* কঠিন বিপদ; মহাসঙ্কট। **~ভাসা** *বিণ* কূলহীন পাথারে ভাসমান (অকূল-ভাসা তরীর আমি মাঝি—*রঠা*)। **অকূলে কূল**

পাওয়া *ক্রি (আল.)* মহাবিপদ থেকে উদ্ধার পাওয়া; ঘোর সঙ্কটে সাহায্য পাওয়া। **অকূলে ডুবা, অকূলে ভাসা** *ক্রি (আল.)* কঠিন বিপদগ্রস্ত হওয়া; প্রাণ যাওয়ার উপক্রম হওয়া। **অকূলের ভেলা** *বি (আল.)* অসহায় অবস্থার আশ্রয়। { *স.* অ(নঞ)+কূল; *বহু* }

অকৃত [অকৃত] *বিণ* ১ করা হয়নি এমন; অসম্পাদিত। ২ নিরর্থক; বিফল। ~**কর্মা** *বিণ* অপটু; অপারগ; অকর্মণ্য। ~**কার্য** *বিণ* নিষ্ফল; ব্যর্থ। ~**কার্যতা** *বি*। ~**দার** *বিণ* অবিবাহিত; অনূঢ়। ~**ধী** *বিণ* অল্প বুদ্ধিসম্পন্ন, অস্থিরচিত্ত। ~**নামী** *বিণ স্ত্রী* অখ্যাতা; অপ্রসিদ্ধ (অচিরাৎ সেই অকৃতনাম্নী প্রতিবাসিনী স্বর্ণালঙ্কারে ভূষিতা হইল —*বচ*)। ~**নামা** *পু*। ~**বিদ্য** *বিণ* অশিক্ষিত; নিরক্ষর (অনেক অকৃতবিদ্য মূর্খেরও ঈশ্বর জ্ঞান আছে—*বচ*)। { *স.* অ(নঞ)+কৃত; *নতৎ* }

অকৃতঘ্ন [অকৃতঘ্নো] *বিণ* উপকারীর উপকার স্বীকার করে এমন; কৃতজ্ঞ; নিমকহালাল। **অকৃতঘ্নতা** *বি*। { *স.* অ(নঞ)+কৃতঘ্ন; *বহু* }

অকৃতজ্ঞ [অকৃতগ্গোঁ] *বিণ* উপকারীর উপকার স্বীকার করে না এমন; নিমকহারাম। ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+কৃতজ্ঞ; *বহু* }

অকৃতদার, অকৃতধী, অকৃতনামা, অকৃতনামী, অকৃতবিদ্য ⇒ অকৃত

অকৃতাত্মা [অকৃতাততাঁ] *বি, বিণ* অপবিত্র চিত্ত; অবিশুদ্ধ চিত্ত। { *স.* অ+কৃত+আত্মা; *বহু* }

অকৃতাদর [অকৃতাদর্] *বিণ* ১ অনাদৃত; অনভ্যর্থিত। ২ অনাদরকারী; অন্যের প্রতি আদর দেখায়নি এমন। { *স.* অকৃত+আদর; *বহু* }

অকৃতাপরাধ [অকৃতাপোরাধ্] *বিণ* নির্দোষ; নিরপরাধ; অপরাধ করেনি এমন। { *স.* অ(নঞ)+কৃত+অপরাধ; *বহু* }

অকৃতার্থ [অকৃতারথো] *বিণ* ১ অকৃতকার্য; ব্যর্থ (পরীক্ষায় অকৃতার্থ হইবার বেদনা—*রঠা*)। ২ দরিদ্র; অর্থ উপার্জন করেনি এমন। { *স.* অ(নঞ)+কৃত+অর্থ; *নতৎ, বহু* }

অকৃতিত্ব [অকৃতিত্তো] *বি* অক্ষমতা; অপটুতা; অযোগ্যতা। { *স.* অ(নঞ)+কৃতিন্+ত্ব; *নতৎ* }

অকৃতী [অকৃতি] *বিণ* অক্ষম; অপটু; অযোগ্য (অকৃতী আতুর অন্ধ অন্ন করে খায়—*ঘচ*)। { *স.* অ(নঞ)+কৃত+ইন্(ঈ); *নতৎ; বহু* }

অকৃতোদ্বাহ [অকৃতোদ্‌বাহো] *বিণ* অবিবাহিত। **অকৃতোদ্বাহা স্ত্রী**। { *স.* অ(নঞ)+কৃত+উদ্বাহ; *নতৎ; বহু* }

অকৃত্য [অকৃত্‌তো] *বিণ* অকর্তব্য; অকরণীয়। ☐*বি* নিন্দিত কাজ; কুকাজ। ~**কারী** *বিণ* কুকর্মকারী { *স.* অ(নঞ, কুৎসিত)+কৃত্য; *নতৎ; বহু* }

অকৃত্রিম [অকৃত্‌ত্রিম্] *বিণ* ১ বিশুদ্ধ; খাঁটি; আসল (অকৃত্রিম ঔষধ)। ৩ অকপট; ছলনাশূন্য (অকৃত্রিম হাসি—*রাব*)। ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+কৃত্রিম; *নতৎ* }

অকৃপ [অকৃপ্] *বিণ* নির্দয়; নিষ্ঠুর। **অকৃপা** *বি*। { *স.* অ(নঞ)+কৃপা; *বহু* }

অকৃপণ [অকৃপোন্, -পন্] *বিণ* ১ মুক্তহস্ত; বদান্য (অনেক দেছেন যিনি মানবেরে অকৃপণ করে—*সদ*)। ২ অমিতব্যয়ী। ৩ প্রচুর (উদার অকৃপণ—*রঠা*)। ~**তা** *বি*। { *স.* অ+কৃপণ; *বহু* }

অকৃষ্ট [অকৃশটো] *বিণ* চষা হয়নি এমন; অকর্ষিত (অকৃষ্ট জমি)। ~**পচ্য** *বি* পতিত জমিতে যে শস্যাদি উৎপন্ন হয়ে থাকে (পর্বতে অকৃষ্টপচ্য গম আর দ্রাক্ষালতা জন্মায়) { অকৃষ্ট অ(নঞ)+√কৃষ্+ত(ক্ত); *নতৎ* }

অকৃষ্ণ [অকৃশনো] *বিণ* ১ কৃষ্ণবর্ণ নয় এরূপ; কালো ছাড়া অন্য যে কোনো রংবিশিষ্ট। ২ সাদা (অকৃষ্ণ বরণে কহি পীতবরণ—*কৃক*)। ~**কর্মা** *বিণ* নিষ্পাপ; দুষ্কার্যহীন; নিষ্কলঙ্ক। { *স.* অ(নঞ)+কৃষ্ণ; *নতৎ* }

অকেজো [অকেজো] *বিণ* কাজের অযোগ্য; যা কোনো কাজে আসে না; অকর্মণ্য (অকেজো লোক, অকেজো গাড়ি)। { অ+(কাজ+উয়া>কাউজ্যা>) কেজো; *বহু* }

অকেলাস [অকেলাশ্] *বিণ* দানা বাঁধে না এমন (কয়লাকে বলা হয় অকেলাস বা দানাহীন কার্বন- *আআ*)। **কেলাসিত** *বিণ* দানাযুক্ত। { *স.* অ(নঞ)+কেলাস; *বহু* }

অকেশ [অকেশ্] *বিণ* কেশহীন; টেকো। **অকেশী, অকেশা** *স্ত্রী*। { *স.* অ(নঞ)+কেশ; *বহু* }

অকৈতব [অকোইতব্] *বিণ* অকপট; অকৃত্রিম; সরল। { *স.* অ(নঞ)+কৈতব; *বহু* }

অকোপ [অকোপ্] *বি* ক্রোধশূন্যতা। ☐*বিণ* ক্রোধশূন্য; রাগ নেই এমন। **অকোপী** *বিণ*। { *স.* অ(নঞ)+কোপ; *বহু* }

অকোবিদ [অকোবিদ্] *বিণ* অপণ্ডিত; মূর্খ। { *স.* অ(নঞ)+কোবিদ; *নতৎ* }

অকৌশল [অকোউশল্] *বি* অপটুতা; কৌশলের অভাব (অকৌশল, নিরানন্দ এবং পরশ্রীকাতরতা পরিপূর্ণ—*বচ*)। ২ বিরোধ; ঝগড়া। { *স.* অ(নঞ)+কৌশল; *নতৎ* }

অক্কা [অক্‌কা] *বি* প্রভু; মালিক। ~ **পাওয়া** *ক্রি (ব্য.)* মরে যাওয়া। ~**প্রাপ্তি** *বি*। { *ফা.* আকা ﺁﻗﺎ }

অক্টোপাস [অকটোপাশ্, -স্] *বি* ১ অষ্টভুজ সামুদ্রিক প্রাণীবিশেষ। ২ *(আল.)* ব্যাপকভাবে অনিষ্টকর প্রভাবযুক্ত শক্তি বিশেষ (কি অক্টোপাসের পাল্লাতেই না পড়েছিল সে—*নীহ*)। ৩ *(আল.)* চতুর্দিক থেকে বেষ্টিত। ৪ আক্রান্ত ও বিপন্ন হওয়া। { *ই* octopus }

অক্টোবর [অকটোবর্] *বি* ইংরেজি বৎসরের দশম মাস। { *ই* October }

-**অক্ত**[১] [অকতো] *বিণ* মিশ্রিত, লিপ্ত (তৈলাক্ত, কর্দমাক্ত)। { *স.* √অন্জ্+ত(ক্ত) }

অক্ত[২] ⇒ ওক্ত

অক্ফ = ওয়াকফ

অক্রম [অকক্রম্] *বিণ* ১ ক্রমশূন্য; বিশৃঙ্খল; এলোমেলো। ☐*বি* শৃঙ্খলার অভাব; বিপর্যাস। { *স.* অ(নঞ)+ক্রম; *নতৎ* }

অক্রিয় [অকক্রিয়ো] *বিণ* ১ নিষ্ক্রিয়; বেকার (অক্রিয় অবকাশ—*অচিসে*)। ২ নিরুদ্যম। ৩ অচল; ক্রিয়াশূন্য। ~**তা**, ~**ত্ব** *বি*। ~**কর্মা** *বিণ* কুকাজ করে এমন; কুকর্মা। { *স.* অ(নঞ)+ক্রিয়া; *বহু* }

অক্রিয়া [অকক্রিয়া] *বি* ১ কর্মশূন্যতা; নিষ্ক্রিয়তা। ২ অন্যায় কার্য; অবৈধ ক্রিয়া। **~নিষ্ঠ, ~ন্বিত, ~রত, ~সক্ত** *বিণ* কুকর্মে রত। **~চরণ** *বি* কুব্যবহার; অবৈধ আচরণ। { *স.* অ(নঞ্)+ক্রিয়া; *নতৎ* }

অক্রীত [অকক্রিতো] *বিণ* ১ ক্রয় করা হয়নি এমন। ২ কেনার মতো নয় এমন (অক্রীত বস্তু)। { *স.* অ(নঞ্)+ক্রীত; *নতৎ*, *বহু* }

অক্রুদ্ধ [অক্রুদ্‌ধো] *বিণ* আড়ষ্ট; ক্রোধহীন। { *স.* অ(নঞ্)+ক্রুদ্ধ; *নতৎ* }

অক্রূর [অকক্রুর্] *বিণ* সরল; অকুটিল। ☐ *বি* কৃষ্ণের পিতৃব্য। **(এক পয়সায়) ~সংবাদ শুনানো** ১ *(আল.)* দীর্ঘ কাহিনী সংক্ষেপে বলা। ২ *(আল.)* মহামূল্যবান বস্তু সস্তায় বিকানো। { *স.* অ(নঞ্)+ক্রূর; *নতৎ*; *বহু* }

অক্রেয় [অকক্রেয়ো] *বিণ* দুর্মূল্য; মহার্ঘ; আক্রা। **~তা** *বি*। { *স.* অ(নঞ্)+ক্রেয়; *বহু* }

অক্রোধ [অকক্রোধ্] *বি* ক্রোধশূন্যতা। ☐ *বিণ* ক্রোধহীন; রোষশূন্য (তিনি অক্রোধ ও ক্ষমাহীন—*বচ*)। **অক্রোধিত, অক্রোধী** *বিণ*। { *স.* অ+ক্রোধ; *নতৎ* }

অক্লান্ত [অক্লান্‌তো] *বিণ* ক্লান্তিহীন; অশ্রান্ত। ☐ *ক্রিবিণ* ক্লান্তিহীনভাবে; ক্রমাগত। **~কর্মা** *বিণ* পরিশ্রমে অকাতর; অতিশয় পরিশ্রমী। { *স.* অ(নঞ্)+ক্লান্ত; *নতৎ*; *বহু* }

অক্লিষ্ট [অক্লিশ্‌টো] *বিণ* ১ ক্লান্তিশূন্য; শ্রান্তিহীন; অদম্য। ২ নিবৃত্তিহীন; অবিরাম; নিরবচ্ছিন্ন (অক্লিষ্ট যত্ন বা স্নেহ)। ৩ অম্লান (অক্লিষ্ট কান্তি বা শোভা)। **~কর্মা** *বিণ* পরিশ্রমে অকাতর; অক্লেশে কর্মসমাপনকারী। { *স.* অ(নঞ্)+ক্লিষ্ট; *নতৎ* }

অক্লীব [অকক্লিব্] *বিণ* ১ পুরুষত্ববিশিষ্ট; বীর্যবান। ২ ধৈর্যশীল; সহিষ্ণু। { *স.* অ+ক্লীব; *বহু* }

অক্লেশ [অকক্লেশ্] *বি* ক্লেশের অভাব। ☐ *বিণ* ক্লেশহীন। **অক্লেশে** *ক্রিবিণ* অনায়াসে; বিনা পরিশ্রমে; সহজে। { *স.* অ(নঞ্)+ক্লেশ; *নতৎ* }

অক্ষ [অক্‌খো] *বি* ১ ক্রীড়াবিশেষ; পাশা (নির্জীব শুষ্ক অক্ষকে শুনিয়ে দিচ্ছে—*মব*)। ২ *(ভূগো.)* মেরুকেন্দ্র রেখা; axis। ৩ রুদ্রাক্ষ বীজ (হেরিবে তাহার অক্ষরাজিতে তোমারি সে নামমালা—*মোম*)। ৪ *(ভূগো.)* বিষুবরেখা থেকে কোনো স্থানের কৌণিক দূরত্ব; latitude। ৫ ইন্দ্রিয় (প্রত্যক্ষ বা পরোক্ষ)। ৬ চক্ষু (কুম্ভকার চক্র যেন ঘুরে দুই অক্ষ—*কাদা*)। **~ক্রীড়া** *বি* পাশাখেলা। **অক্ষটি, অক্ষত**—পৃথক ভুক্তি। **~পাদ** *বি* ন্যায়শাস্ত্র-প্রণেতা; গৌতম ঋষি। **~বাট** *বি* ১ কুস্তির আখড়া। ২ পাশা খেলার আড্ডা। **~মালা, ~সূত্র** *বি* রুদ্রাক্ষমালা; জপমালা (অক্ষসূত্র কমণ্ডলুধারী—*ভারা*)। **~বৃত্ত, ~রেখা** *বি (ভূগো.)* বিষুবরেখা থেকে সমদূরবর্তী উত্তর ও দক্ষিণের কল্পিত রেখা; parallel of latitude। **~রেখা** ⇒ বৃত্ত। **~হার** *বি* জপমালার বীজের হার (অঙ্গে পরিব গৈরিক বাস, গলায় অক্ষহার—*জউ*)। { *স.* √অক্ষ্+অ (অচ্) }

অক্ষটি ⇒ আখেট

অক্ষত [অকখতো] *বিণ* ১ ক্ষতশূন্য; বা আঘাতহীন। ২ নির্দোষ; নিখুঁত। ৩ অখণ্ডিত; অচ্ছিন্ন। ☐ *বি* আতপ চাল। **~দেহ, ~শরীর** *বি* ক্ষতহীন দেহ; নিখুঁত বা অবিকৃত শরীর। ☐ *বিণ* ক্ষতহীন দেহ বিশিষ্ট; অবিকৃত অঙ্গবিশিষ্ট। **~দেহে, ~শরীরে** *ক্রিবিণ*। **~যোনি** *বিণ* পুরুষসঙ্গম হয়নি এমন (নারী); কুমারী। **~শরীর** ⇒ দেহ। **~শরীরে** ⇒ দেহে। { *স.* অ(নঞ্)+ক্ষত; *নতৎ* }

অক্ষম [অকখম্] *বিণ* ১ ক্ষমতাহীন; দুর্বল। ২ অসমর্থ; অপটু। ৩ অযোগ্য। **অক্ষমা**[১] *স্ত্রী* (নিতান্ত অক্ষমা অনভিজ্ঞা—*রঠা*)। **~তা** *বি*। { *স.* অ(নঞ্)+ক্ষম; *বহু* }

অক্ষমা[১] ⇒ অক্ষম

অক্ষমা[২] [অকখমা] *বি* ১ ক্রোধ; ক্ষমাশূন্যতা। ২ অসহিষ্ণুতা। { *স.* অ(নঞ্)+ক্ষমা; *নতৎ* }

অক্ষয় [অকখয়্] *বিণ* ১ ক্ষয়হীন; অমর; চিরস্থায়ী (অক্ষয়কীর্তি)। ২ অফুরন্ত (অক্ষয় ভাণ্ডার)। **~কীর্তি** *বি* ১ চিরদিন বর্তমান থাকে এরূপ কাজ বা প্রতিষ্ঠান। ২ চিরস্থায়ী খ্যাতি বা যশ। **~তৃতীয়া** *বি* চান্দ্র বৈশাখের শুক্লাতৃতীয়া; হিন্দুপর্ববিশেষ। **~লোক** *বি* স্বর্গ; বেহেশ্‌ত। { *স.* অ(নঞ্)+ক্ষয়; *বহু* }

অ-ক্ষর [অক্‌খর্] *বিণ* ক্ষরণশূন্য; স্থিতিশীল (অক্ষরজ্ঞান যদি সকলেই পায়, অ-ক্ষর অব্যয়—*নই*)। { *স.* অ+√ক্ষর্+অ (অচ্); *বহু* }

অক্ষর [অকখোর্] *বিণ* বর্ণ; হরফ; letter। ☐ *বি* ১ *(ছন্দ.)* একবারে উচ্চারণযোগ্য শব্দের ক্ষুদ্রতম অংশ; syllable। ২ সিসা নির্মিত হরফ; type। **~জীবী** (-বিন্), **~জীবিক, ~জীবক** *বি* লিপিকর; লেখক; মুদ্রাকর। **~ডম্বর** *বিণ* অক্ষরের আড়ম্বরযুক্ত বা ঘটাপূর্ণ (বাণভট্টের হর্ষচরিত অক্ষরডম্বর হলেও কেবলমাত্র ধ্বনিসার নয়—*প্রচৌ*)। **~পরিচয়** *বি* ১ বর্ণজ্ঞান। ২ পাঠারম্ভ। ৩ *(আল.)* সামান্যতম জ্ঞান। **~বিন্যাস** শ্রেণিবদ্ধভাবে অক্ষর সাজানো বা লিখন; বর্ণসংস্থাপন। **~মালা** *বি* বর্ণমালা। **অক্ষরে অক্ষরে** *ক্রিবিণ* যথাযথভাবে; অবিকল; হুবহু; ঠিক ঠিক। **অক্ষরান্তরীকরণ** *বি* এক ভাষার শব্দকে অন্য ভাষায় অক্ষরে প্রকাশ করা; প্রতিবর্ণীকরণ; অনুলিখন; transliteration। { *স.* অ(নঞ্)+ √ক্ষর+অ (অচ্) }

অক্ষাংশ [অকখাঙ্‌শো] *বি (ভূগো.)* বিষুবরেখা থেকে উত্তর বা দক্ষিণ দিকে কোনো স্থানের কৌণিক দূরত্ব; latitude। { *স.* অক্ষ+অংশ; ৬তৎ }

অক্ষার [অকখার্] *বি* যা ক্ষার নয়; যাতে alkali (সোডা চুন ইত্যাদি) নাই। **~লবণ** *বি* সৈন্ধবাদি লবণ; rocksalt। { *স.* অ(নঞ্)+ক্ষার; *নতৎ* }

অক্ষি [ওকখি] *বি* চোখ; আঁখি (চকিত রহিল অক্ষি পালক পাসরি—*কচৌ*)। **~কাচ** *বি* পরকলা; lens। **~কোটর** *বি* চোখের খোল; orbit; socket of the eye। **~গত** *বিণ* দৃষ্টিগোচর। **~গোলক** *বি* চোখের অভ্যন্তরস্থ সমস্ত গোলাকার অংশ; eyeball। **~তারকা** *বি* চোখের তারা। **~পক্ষ্ম, ~লোম** *বি* চোখের পাতার লোম; eyelash। **~পট** *বি (প্রাণী.)* অক্ষিগোলকের পশ্চাদ্‌ভাগস্থ অতি সূক্ষ্ম ঝিল্লি বা পর্দা; retina। **~পটল** *বি* চোখের পাতা। **~পুট** *বি* চোখের পাতা; eyelid। **~লোম** ⇒ পক্ষ্ম। { *স.* অক্ষ+ই }

অক্ষিণ্ণ [অকখিন্ন] *বিণ* ক্ষুণ্ণ বা ব্যথিত হয়নি এমন; অদুঃখিত; অক্ষুব্ধ। { *স.* অ(নঞ)+ক্ষিণ্ণ; *নতৎ*, *বহু* }

অক্ষুণ্ণ [অকখুন্ন] *বিণ* ১ ক্ষুণ্ণ হয়নি এমন; অক্ষুণ্ণগতি; মনস্তাপশূন্য। ২ অব্যাহত; অপ্রতিহত (অক্ষুণ্ণগতি)। ৩ অখণ্ড; অচ্ছিন্ন (অক্ষুণ্ণপ্রতাপ)। ৪ অটুট (অক্ষুণ্ণ মনোবল)। ৫ অবিকৃত (অক্ষুণ্ণ সতীত্ব)। ৬ অস্পষ্ট। ৭ বলবৎ; বজায় (শক্তি অক্ষুণ্ণ)। { *স.* অ(নঞ)+ক্ষুণ্ণ; *নতৎ*, *বহু* }

অক্ষুব্ধ, অক্ষুভিত [অকখুবধো, অকখুভিতো] *বিণ* ১ নিস্তরঙ্গ; শান্ত (অক্ষুব্ধ সাগর)। ২ অব্যাকুল; ধীর (অক্ষুব্ধ হৃদয়)। **~চিত্ত** *বিণ* অব্যাকুল হৃদয়; অচঞ্চল চিত্ত। **~চিত্তে** *ক্রিবিণ* অব্যাকুল চিত্তে; দুঃখিত না হয়ে (সমস্ত কথা শ্রবণ করিয়া অক্ষুব্ধচিত্তে বলিলেন—*ঈবি*)। { *স.* অ(নঞ)+ক্ষুব্ধ; *নতৎ* }

অক্ষেমা [অকখেমা] *বি* ১ খিটখিটে ভাব; অধৈর্য (অষ্টমাসে রামা, মনেতে অক্ষেমা, ঘন মুখে উঠে হাই—*ক্ষেদা*)। ২ বিষণ্ণতা; বিরসভাব (তোমার অক্ষেমা দেখি চিত্ত স্থির নাই—*হেমা*)। { *স.* অ(নঞ)+ক্ষেম>+আ; *নতৎ* }

অক্ষোভ [অকখোভ] *বিণ* ক্ষোভরহিত; অকাতর। □ *বি* ক্ষোভের অভাব; শান্তভাব। **অক্ষোভে** *ক্রিবিণ*। **অক্ষোভিত** *বিণ*। { *স.* অ(নঞ)+ক্ষোভ; *নতৎ* }

অক্ষোভ্য [অকখোবভো] *বিণ* ১ অবিক্ষুব্ধ; শান্ত (অক্ষোভ্য ...জলধি—*ঈবি*)। ২ যার জন্য ক্ষোভ করা উচিত নয়; আক্ষেপের অযোগ্য। { *স.* অ(নঞ)+ ক্ষোভি+য(যৎ) ; *বহু* }

অক্ষৌহিণী [অকখোউহিনি] *বি* ২১৮৭০০ যোদ্ধাবিশিষ্ট সেনাদল; দশ অনীকিনী। □ *বিণ* (*আল.*) অসংখ্য (অক্ষৌহিণী সেনা—*শাহো*)। { *স.* অক্ষ+উহিনী}

অক্সিজেন [অকসিজেন] *বি* মৌলিক গ্যাসবিশেষ; অম্লজান; প্রাণবায়ু (বাতাসে যথেষ্ট অক্সিজেন রয়েছে—*শাফ*)। { *ই* oxygen}

অক্সিডেশন [অকসিডেশন] *বি* দহন; জ্বলন; অক্সিজেন সংযোগ (অক্সিজেন যুক্ত হইয়া নূতন পদার্থ তৈয়ার করিবার প্রণালীকে অক্সিডেশন বলে—*আআ*)। { *ই* oxidation}

অখণ্ড [অখনডো] *বিণ* ১ সমগ্র; অভগ্ন; আস্ত (পরস্পর অখণ্ড সম্মিলিত—*রঠা*)। ২ অক্ষুণ্ণ (অখণ্ড প্রতাপ)। ৩ পরিপূর্ণ; জমাট (অখণ্ড অন্ধকার)। ৪ অক্ষত; নিখুঁত। **~তা** *বি*। **~নীয়, অখণ্ড্য** *বিণ* ১ অকাট্য; অপরিবর্তনীয় (অখণ্ডনীয় যুক্তি)। ২ অবিভাজ্য। **~নীয়তা** *বি*। { *স.* অ(নঞ)+খণ্ড; *নতৎ* }

অখণ্ডিত [অখোনডিতো] *বিণ* ১ অবিভক্ত (অখণ্ডিত ক্ষণ)। ২ নির্ভুল; ত্রুটিশূন্য (অখণ্ডিত মত)। { *স.* অ(নঞ)+ √খণ্ড+ত(ক্ত); *নতৎ* }

অখন [অখোন] *অব্য* এখন। **~-তখন** *বিণ* মুমূর্ষু; মর মর (রোগীর অবস্থা অখন-তখন)। { *স.* এতৎ+ক্ষণ> এক্ষণ> }

অখর্ব [অখরবো] *বিণ* লম্বা; খর্ব নয় এমন। { *স.* অ+খর্ব; *নতৎ* }

অখল [অখল] *বিণ* সরল; ছলনাশূন্য; অকপট (বালকের অখল হৃদয়ে—*সদ*)। { *স.* অ(নঞ)+খল; *নতৎ* }

অখাত [অখাত] *বিণ* অখনিত; স্বাভাবিকভাবে সৃষ্ট (অখাত জলাশয়)। { *স.* অ(নঞ)+√খন (খোঁড়া)+ত(ক্ত); *নতৎ* }

অখাদ্য [অখাদদো] *বিণ* খাওয়ার যোগ্য নয় এমন। আহারের অনুপযুক্ত (অখাদ্য মোটা ভাত—*রঠা*)। □ *বি* নিষিদ্ধ ভোজ্য; হারাম খাদ্য (তুমিও তো শুনতে পাই অখাদ্য খাও—*রাব*)। { *স.* অ(নঞ)+খাদ্য; *নতৎ*, *বহু* }

অখিণ্ন [অখিননো] *বিণ* খেদশূন্য; দুঃখবিহীন। { *স.* অ(নঞ)+ √খিদ্+ত(ক্ত); *নতৎ* }

অখিদ্য [অখিদদো] *বিণ* ১ খেদহীন। ২ অক্লান্ত। **~মান** *বিণ* ১ অম্লান ২ অননুশোচ্য। { *স.* অ(নঞ)+ √খিদ্+য(যৎ); *নতৎ* }

অখিল [অখিল, ওখিল (নাম হলে)] *বিণ* ১ সমগ্র; সমস্ত (অখিল ক্রন্দন হাসি—*রঠা*)। ২ বিরাট (অখিল ক্ষুধায়—*সুদ*)। ৩ বিশ্বজগৎ। **~আধান** *বিণ* বিশ্বের স্থাপনকর্তা (বিশ্ববীজ অখিল-আধান—*ঘচ*)। **~খণ্ড** *বি* ভূখণ্ড। **~প্রিয়** *বিণ* সর্বজনপ্রিয়; বিশ্বজন সমাদৃত (কোকিল অখিল প্রিয় সুমধুর তানে—*কম*)। { *স.* অ+খিল; *নতৎ* }

অখুশি [অখুশি] *বি* অসন্তোষ। □ *বিণ* অসন্তুষ্ট। { অ+ *ফা.* খুশি خوشی ; *নতৎ* }

অখেদ [অখেদ] *বিণ* অনুতাপহীন; আক্ষেপশূন্য। □ *বি* খেদহীনতা; দুঃখের অভাব। { *স.* অ(নঞ)+খেদ; *নতৎ* }

অখ্যাত [অকখ্যাতো] *বিণ* ১ অপ্রসিদ্ধ (অখ্যাত কীর্তির ধুলা—*রঠা*)। ২ নগণ্য; তুচ্ছ (এসো কবি, অখ্যাতজনের —*রঠা*)। ৩ নিন্দিত। { *স.* অ(নঞ)+ খ্যা(কথন)+ত(ক্ত); *নতৎ* }

অখ্যাতনামা [অকখ্যাতোনামা] *বিণ* অপ্রসিদ্ধ; অজ্ঞাত (অখ্যাতনামা মনুষ্য—*রঠা*)। { *স.* অ(নঞ)+খ্যাতনামা; *বহু* }

অখ্যাতি [অকখ্যাতি] *বি* নিন্দা; অপযশ; দুর্নাম। **~কর, ~কারক, ~জনক** *বিণ* নিন্দাজনক; অযশস্কর। { *স.* অ(নঞ)+ √খ্যা+তি(ক্তি); *নতৎ* }

অগচ্ছিত [অগোচছিতো] *বিণ* জিম্মায় দেওয়া হয়নি; যা অন্যের ন্যস্ত নয়। { *স.* অ(নঞ)+গচ্ছিত>; *নতৎ* }

অগঠন [অগঠোন] *বিণ* অশোভন; বেমানান (বড়র সঙ্গে ছোটর পিরীত হয় অগঠন—*পূগী*)। { *স.* অ(নঞ)+গঠন; *নতৎ* }

অগড়–বগড় = আগড়ম–বাগড়ম

অগড়ম-বগড়ম = আগড়ম-বাগড়ম

অগণন [অগনন,-নোন] *বিণ* গুণে শেষ করা যায় না এমন; অসংখ্য (হাতে লয়ে দীপ অগণন—*রঠা*)। { *স.* অ(নঞ)+গণন}

অগণনীয় [অগনোনিয়ো] *বিণ* ১ অসংখ্য; অনেক (অগণিত ফুল—*রঠা*)। ২ গণনা করা হয়নি এমন। { *স.* অ(নঞ)+গণনীয়; *বহু* }

অগণ্য [অগোনো] *বিণ* ১ অসংখ্য; অনেক (শত রাজপথ, গৃহ অগণ্য—*রঠা*)। ২ নগণ্য; অকিঞ্চিৎকর; তুচ্ছ। { *স.* অ(নঞ)+ √গণ্+য (যৎ); *নতৎ* }

অগতি [অগোতি] *বি* ১ অবলম্বনহীন, নিরাশ্রয় বা

নিরুপায় লোক (অগতির গতি)। ২ অন্ত্যেষ্টিক্রিয়া সুসম্পন্ন হওয়ার অভাব (অগতিতে সমাহিত)। ৩ দুর্গতি; বিপদ। ☐ *বিণ* গতিহীন। ~**ক** *বিণ* অসুবিধাজনক; বেগতিক। { *স.* অ(নঞ)+গতি; *বহু* }

অগত্যা [অগোত্‌তা] *ক্রিবিণ* অনন্যোপায় হয়ে (অগত্যা আমাকে যেতে হলো); বাধ্য হয়ে; কাজেই। { *স.* অগতি+তৃতীয়ার একবচন অথবা *বা.* 'আ' প্রত্যয়}

অগদ [অগদ্] *বি* বিষপ্রতিষেধক ঔষধ; antidote ঔষধ। ☐ *বিণ* ১ সুস্থ; ব্যাধিহীন। ২ গদাহীন। ~**তন্ত্র** *(চিকি.) বি* বিষবিজ্ঞান; বিষক্রিয়া; বিষক্রিয়াপ্রতিষেধক বিদ্যা; toxicology। { *স.* অ(নঞ)+গদ; *নতৎ* }

অগন্তব্য [অগনতোব্‌বো] *বিণ* অগম্য; গমনের অযোগ্য; দুর্গম। { *স.* অ(নঞ)+গন্তব্য; *নতৎ* }

অগভীর [অগোভির্] *বিণ* ১ অল্প গভীর; সামান্য খাত বিশিষ্ট (স্বচ্ছ অগভীর জলের তলে—*রঠা*)। ২ ভাসা-ভাসা; সামান্য (অগভীর জ্ঞান)। { *স.* অ(নঞ)+গভীর; *নতৎ* }

অগম [অগম্,-মো] *বিণ* ১ গমন করা যায় না এমন; অগন্তব্য; অগম্য (অগম দূরে—*সুদ*)। ২ অগাধ; অথৈ (অগম জল)। ৩ গতিহীন। ☐ *বি* দুর্গম স্থান (অতল অগমে মুক্ত আমার প্রাণ—*বুব*)। { *স.* অ(নঞ)+গম; *বহু* }

অগম্য [অগোম্‌মো] *বিণ* ১ দুর্গম; গমনের অযোগ্য। ২ যাওয়া নিষিদ্ধ বা অকর্তব্য এমন। **অগম্যা** *বি,বিণ স্ত্রী.* যে-রমণীকে সম্ভোগ করা নীতি বা ধর্ম বহির্ভূত। { *স.* অ(নঞ)+√গম্+য (যৎ); *নতৎ* }

অগর্হিত [অগোর্‌হিতো,-হিত্] *বিণ* ১ অনিন্দিত; নির্দোষ। ২ বৈধ। { *স.* অ(নঞ)+গর্হিত; *নতৎ* }

অগস্ত্য [অগোস্‌তো, অগস্‌তো] *বি* ১ *(জ্যোবি)* নক্ষত্রবিশেষ; Canopus। ২ প্রাচীন মুনি। ~**যাত্রা** *বি* ১ *(আল.)* শেষ যাত্রা; যে-যাত্রায় বিদেশযাত্রী আর ফিরে আসে না। ২ ভাদ্র মাসের প্রথম তারিখ। ৩ *(আল.)* যেকোনো মাস-পয়লা; নিষিদ্ধ যাত্রা। **অগস্ত্যোদয়** *বি* ভাদ্র মাসের ১৭/১৮ তারিখে 'অগস্ত্য' নক্ষত্রের উদয়। { *স.* অগ+√স্তৈ+অ(ক)}

অগা, অঘা [অগা,-ঘা] *বিণ* ১ মূর্খ; নির্বোধ; হাঁদা। ২ অকর্মা; অপদার্থ। ~**কান্ত**, ~**চণ্ডী**, ~**রাম** *বি,বিণ* মূর্খ; নির্বোধ বা অপদার্থ ব্যক্তি। ~ **মারা** *বিণ,বি* মূর্খ। { *স.* অজ্ঞ, অঘ (অর্থ : পাপ)+ *বা.* আ}

অগাধ [অগাধ্] *বিণ* ১ অথৈ; অতলস্পর্শ; গভীর (অগাধ সমুদ্র)। ২ অপরিমেয় (অগাধ শান্তি—*রঠা*)। ৩ অনন্ত; বিস্তৃত; অসীম (অগাধ আকাশে—*রঠা*)। ৪ সুপ্রচুর (অগাধ ঘামে—*সদ*)। ☐ *বি* অনন্ত বা অসীম (আমার বুকে অগাধের সাধ জেগেছে—*অচিসে*)। { *স.* অ(নঞ)+√গাধ্+অ (ঘঞ); *বহু* }

অগীত [অগিতো] *বিণ* গাওয়া হয়নি এমন (অগীত গান—*রঠা*)। { *স.* অ(নঞ)+গীত; *বহু*}

অগুণ [অগুন্] *বি* অপরাধ; দোষ; অহিত (কিবা তার কৈলো অগুণ—*বচদা*)। ☐ *বিণ* গুণহীন। { *স.* অ(নঞ)+গুণ; *বহু* }

অগুনতি, অগুন্তি [অগুন্‌তি] *বিণ* অসংখ্য; অজস্র; বহু; অনেক (অগুন্তি তারা)। { *স.* অগণিত> অগনতি> অগুনতি (স্বরসঙ্গতিতে) এবং 'গুণ' শব্দের প্রভাবে}

অগুয়ান ⇒ আগুয়ান

অগুরু১, **অগৌর** [অগুরু, অগউর্] *বি* শিংশপাবৃক্ষ, গন্ধকাষ্ঠবিশেষ (পুড়িছে অগুরু—*মদ*; অগৌর চন্দনে রাজা পুড়ি লইল খুড়ি—*কমু*)। { *স.* অ(নঞ)+গুরু; *বহু* }

অগুরু২ [অগুরু] *বিণ* গুরুবিহীন; যার গুরু নেই (অগুরু ব্যক্তির মুক্তি নাই)। { *স.* অ(নঞ)+গুরু; *বহু* }

অগো [অগো] *অব্য* (সম্বোধনসূচক) ওগো; (আঞ্চ) ওলো। { *স.* অঘোঃ>}

অগোচর [অগোচর্] *বিণ* বুদ্ধি বা ইন্দ্রিয়ের অতীত; অপ্রত্যক্ষ; অজ্ঞাত; অপ্রকাশ্য (অগোচর কবি করেছে রচনা—*রঠা*)। **অগোচরা** *স্ত্রী.* (ওগো অগোচরা, জান নাহি জান—*রঠা*)। **অগোচরে** *ক্রিবিণ*। { *স.* অ(নঞ)+গোচর; *বহু* }

অগোছালো [অগোছালো] *বিণ* এলোমেলো; অবিন্যস্ত। { *স.* গুচ্ছ>*প্রা.* গোচ্ছ> গোছ+ আলো}

অগোপন [অগোপন্] *বি* প্রকাশ; অগুপ্ত। **অগোপনীয়** *বিণ* গোপনের অযোগ্য; প্রকাশ্য; গোপন করা যায় না এমন। { *স.* অ(নঞ)+গোপন; *বহু*; অ+ √গুপ্+অনীয়}

অগোর [অগোর্] *বিণ* অচেতন (দিবানিশি রহত অগোর—*গোদা*)। { *স.* অঘোর>}

অগৌণ [অগোউনো] *বি* অবিলম্ব; ত্বরা। ☐ *বিণ* মুখ্য; প্রধান। **অগৌণে** *ক্রিবিণ*। { *স.* অ(নঞ)+গৌণ; *নতৎ* }

অগৌর১ ⇒ অগুরু

অগৌর২ [অগোউর্,-রো] *বিণ* গোরা বা ফরসা নয় এমন। **অগৌরী** *স্ত্রী.*। ~**বর্ণ** *বিণ* দেহের বর্ণ ফরসা নয় এমন; শ্যামলা। ~**বর্ণা** *স্ত্রী.* (অবগুণ্ঠনবতী অগৌরবর্ণা স্ত্রী—*রঠা*)। { *স.* অ(নঞ)+গৌর; *বহু* }

অগৌরব [অগোউরব্] *বি* ১ অসম্মান; অমর্যাদা। ২ অখ্যাতি (মগ্ন হলেম আনন্দময় অগাধ অগৌরবে—*রঠা*)। **অগৌরবা** *বি স্ত্রী.* মর্যাদাহীনা; অসম্মানিতা (অগৌরবার বাড়িয়ে গরব করবে আপন সাথী—*রঠা*)। { *স.* অ(নঞ)+গৌরব; *নতৎ* }

অগ্নি [ওগ্‌নি] *বি* ১ আগুন; অনল; বহ্নি। ২ তেজ; শক্তি। ৩ পরিপাক শক্তি; ক্ষুধা (জঠরাগ্নি)। ৪ জ্বালা (শোকাগ্নি)। ☐ *বিণ* উজ্জ্বল বর্ণবিশিষ্ট; আগুনের মতো রং এমন (আরও কিনিয়া আনছে অগ্নিপাটের শাড়ি—*পূগী*)। ~**কণা** *বি* অগ্নিস্ফুলিঙ্গ; আগুনের ফুলকি। ~**কর্ম**, ~**কার্য**, ~**ক্রিয়া**, ~**সংস্কার**, ~**সৎকার** *বি* হিন্দুদের অন্ত্যেষ্টিক্রিয়া; শবদাহ (অগ্নিসংস্কারার্থ গ্রামের উপান্তবর্তী শ্মশানে লইয়া গিয়া—*ঈবি*)। ~**কল্প** *বিণ* ১ অত্যন্ত গরম; আগুনের মতো উষ্ণ। ২ উগ্র; কোপোদ্দীপ্ত। ~**কাণ্ড** *বি* ১ গৃহদাহ; আগুনের ব্যাপক ধ্বংসলীলা। ২ *(আল.)* তুমুল ঝগড়া; প্রচণ্ড মারামারি-কাটাকাটি। ~**কার্য** ⇒ ~**কর্ম**। ~**কুণ্ড** *বি* আগুন জ্বালাবার বা রক্ষা করবার গর্ত বা স্থান। ~**কোণ** *বি* পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ; পূর্ব-দক্ষিণ কোণ। ~**ক্রিয়া** ⇒ ~**কর্ম**। ~**ক্রীড়া** *বি* ১ আতস-বাজি পোড়ানো। ২ আগুনের খেলা। ~**গর্ভ** *বিণ* ভিতরে আগুন আছে এমন। ~**গিরি** *বি* আগ্নেয় পর্বত (অগ্নিগিরি

এসে যেন মরুভূর কাছে হায় জলধারা যাচে—*নই*)। **–চূর্ণ, –চূর্ণক** *বি* বারুদ, অঙ্গার, গন্ধকাদি সংযোগে তৈরি দাহ্যচূর্ণ; gunpowder। **–ঝঙ্কার** *বি* আগুনের ন্যায় তেজপূর্ণ শব্দ ও বাক্য (একদিন আত্মবিস্মৃত মুসলমান কায়কোবাদের কবিতার অগ্নিঝঙ্কারে উদ্বুদ্ধ হয়েছিল— *সৈমুআ*)। **–তপ্ত** *বিণ* ১ আগুনে গরম করা হয়েছে এমন। ২ আগুনের মতো গরম। **–তুল্য** *বিণ* আগুনের ন্যায়। **–তেজা** *বিণ* আগুনের মতো তেজপূর্ণ (আগুনে সে প্রাণ সঁপেছে অগ্নিতেজা নিষ্কলুষ—*সদ*)। **–দগ্ধ** *বিণ* আগুনে পোড়া। **–দাতা** *বি* হিন্দুদের মধ্যে যে মৃতের মুখাগ্নি করে। **–দাত্রী** *স্ত্রী*। **–দাহ** *বি* ১ অগ্নিকাণ্ড; আগুনে গৃহাদি পোড়া (অগ্নিদাহের খেলা—*রঠা*)। ২ আগুনের তাপ। **–দাহ্য** *বিণ* আগুনে পুড়ে যায় এমন; combustible। **–পক্ব** *বিণ* ১ আগুনের তাপে রাঁধা হয়েছে এমন; আগুনে সিদ্ধ। ২ আগুনের তাপে শক্ত করা হয়েছে এমন (অগ্নিপক্ব ইষ্টক)। **–পরীক্ষা** *বি* ১ (*আল.*) অতি কঠিন পরীক্ষা। ২ আগুনের সাহায্যে শুদ্ধাশুদ্ধ নির্ণয় বা বিচার। **–পুরুষ** *বি* আগুনের মতো তেজস্বী ব্যক্তি (চট্টগ্রাম বিদ্রোহের অগ্নিপুরুষ মাস্টারদা সূর্যসেন)। **–প্রবেশ** *বি* আগুনে জীবন বিসর্জন (সীতার অগ্নিপ্রবেশ)। **–প্রস্তর** *বি* চকমকি পাথর; অগ্নি উৎপাদক প্রস্তর। **–বর্ণ** *বিণ* আগুনের মতো লাল বর্ণ বিশিষ্ট। **–বর্ধক** *বিণ* পরিপাকশক্তি বৃদ্ধিকারী। **–বর্হ** *বিণ* আগুনের মতো লালবর্ণ ময়ূরপুচ্ছ সদৃশ (অগ্নিবর্হ দিগন্তের পারে—*সুক*)। **–বাণ** *বি* ১ অগ্নিবর্ষণকারী তীরবিশেষ। ২ (*আল.*) চরম আঘাত (কলদৈত্য আসিয়া বেচারা তাঁতের উপর অগ্নিবাণ হানিল—*রঠা*)। **–বিম্ব** *বি* আগুনের প্রতিচ্ছবি; আগুনের আকৃতি (আর বজ্র, জ্বলে উঠে আচম্বিতে অগ্নিবিম্ব যাহে—*মোম*)। **–বৃষ্টি** *বি* ১ (*আল.*) প্রচণ্ড তাপ বিকিরণ। ২ জ্বলন্ত বস্তু বা ক্রুদ্ধ তিরস্কারবর্ষণ। **–ভাণ্ড** *বি* আগুন রাখার পাত্র; মালসা (জ্বলন্ত অগ্নিভাণ্ডে নিক্ষেপ করিতে লাগিলেন—*রঠা*)। **–মন্ত্র** *বি* ১ যে মন্ত্রে আগুনের মতো তেজ বিদ্যমান। ২ কঠিন সঙ্কল্প। **–ময়** *বিণ* ১ অগ্নিতুল্য; তেজপূর্ণ (অগ্নিময় চক্ষু যথা—*মদ*)। ২ আগুনের দ্বারা পরিব্যাপ্ত (অগ্নিময় দশদিশ—*মদ*)। **–মান্দ্য** *বি* পরিপাকশক্তি হ্রাস; অজীর্ণ রোগ। **–মূর্তি, –শর্মা** (–র্মন্) *বিণ* অতিশয় ক্রোধান্বিত (রেগে তারা অগ্নিশর্মা—*মব*)। **–মূল্য** *বিণ* দুর্মূল্য; মহার্ঘ। **–যুগ** *বি* (*আল.*) বিপ্লব যুগ। **–শর্মা** ⇒ **–মূর্তি**। **–শিখা** *বি* আগুনের শিখা। **–শুদ্ধ** *বিণ* আগুনের দ্বারা শোধিত। **–শুদ্ধি** *বিণ*। **–সংস্কার, –সৎকার** ⇒ **–কর্ম**। **–সহ** *বিণ* আগুনে পোড়ে না এমন; fireproof। **–সেবন** *বি* আগুন পোহানো। **–স্ফুলিঙ্গ** *বি* আগুনের ফুলকি। **–হোত্র** *বি* বেদ অনুযায়ী প্রাত্যহিক হোম। **–হোত্রী** *বি* যে প্রতিদিন হোম করে; সাগ্নিক ব্রাহ্মণ (অগ্নিহোত্রী মিলেছে হেথায় ব্রহ্মবিদের সাথে—*সদ*)। {*স.* √অগ্+নি}

অগ্ন্যস্ত্র ⇒ আগ্নেয়াস্ত্র

অগ্ন্যুৎপাত [ওগ্‌নুত্‌পাত্] *বি* ১ আগ্নেয় পর্বত থেকে আগুন ইত্যাদি বের হওয়া। ২ আকাশ থেকে ধূমকেতু উল্কা বজ্র ইত্যাদির পতন। {*স.* অগ্নি+উৎপাত; ৬তৎ}

অগ্ন্যুৎসব [ওগ্‌নুত্‌শব্] *বি* আগুনের খেলা; হিন্দু উৎসব; হোলির চাঁচর (বহ্নি উৎসব); bon fire। {অগ্নি+উৎসব; ৬তৎ}

অগ্ন্যুদ্‌গম, অগ্ন্যুদ্‌গার [ওগ্‌নুদ্‌গম্,–গার্] *বি* আগ্নেয় পর্বত অথবা কামানাদি আগ্নেয়াস্ত্র থেকে আগুন বের হওয়া। {*স.* অগ্নি+উদ্‌গম, উদ্‌গার}

অগ্র [অগ্‌গ্রো] *বিণ* ১ প্রথম; প্রধান (অগ্রনায়ক)। ২ আগের; অগ্রবর্তী (অগ্রজ) ☐ *বি* ১ উপরিভাগ; শিখর (গৃহাগ্রে উড়িছে ধ্বজ—*মদ*)। ২ আগা; প্রান্ত (সূচ্যগ্র মেদিনী)। ৩ পুরোভাগ; সম্মুখ (মুখাগ্রে যার বাধে না কিছুই—*রঠা*)। ৪ অবলম্বন; লক্ষ্য (একাগ্রচিত্ত)। **–গণ্য** *বিণ* প্রথমে বা সবার আগে উল্লেখযোগ্য; প্রধান; শ্রেষ্ঠ। **–গতি, –গমন, –সরণ, –সৃতি** *বি* ১ সম্মুখ পানে গমন; পুরোভাগে যাওয়া (একটুকু চাপল্য নেই আর্যর ভঙ্গিতে, অগ্রসরণে—*অচিসে*; অতি ধীরে মুখশ্রীর অগ্রসৃতি—*বুব*)। ২ উন্নতি; বৃদ্ধি; সর্বাপেক্ষা উৎকৃষ্ট হওয়া। **–গামী** (–মিন্), **–সর, –গ** *বিণ* সম্মুখে গমনকারী; পুরোগামী। **–গামিনী** *স্ত্রী*। **–জ** *বিণ* ১ বড়ো ভাই। ২ আগে জন্মেছে এমন; প্রথমে জাত। **–জা** *স্ত্রী*। **–জিহ্বা** *বি* আলজিভ। **–ণী** *বিণ* ১ শ্রেষ্ঠ; প্রধান। ☐ *বি* প্রবর্তক; নায়ক; প্রধান নেতা; pioneer। **–ণীশোভন** *বিণ* পূর্বসূরি বা অগ্রবর্তীদের উপযুক্ত (অগ্রণীশোভন অধ্যবসায়ের ফলাফল—*সুদ*)। **–দানী** *বি* হিন্দুদের শ্রাদ্ধের তিলাদি দান গ্রহণকারী পতিত ব্রাহ্মণ (গরীব অগ্রদানী বামুনের মেয়ে—*বিব*)। **–দূত** *বি* ১ অগ্রনায়ক; পথপ্রদর্শক; pioneer। ২ প্রথম সংবাদবাহক। ৩ সেনাদলের পথ পরিষ্কারক। **–নেতা** (নেতৃ) *বি* নায়ক; সেনাপতি। **–পথিক** *বি* অগ্রবর্তী লোক; পুরোগামী (অগ্রপথিক হে সেনাদল জোর কদম চল রে চল—*নই*)। **–পশ্চাৎ** *ক্রিবিণ* ১ আগপাছ; পূর্বাপর। ২ (*আল.*) ভালো–মন্দ। ৩ (*আল.*) ভূত–ভবিষ্যৎ। **–বর্তী** *বিণ* সম্মুখস্থ; পুরোগামী; আগের। **–বর্তিনী** *স্ত্রী*। **–ভাগ** *বি* ১ শিখর; চূড়া। ২ প্রান্ত। ৩ প্রথম অংশ (অগ্রভাগ লয়ে ভবানীর নামে দিলা—*ভারা*)। **–মহিষী** *বি স্ত্রী*. পাটরানী। **–সর** ⇒ অগ্রগামী। **–সরণ** ⇒ **–গতি**। **–সূচনা** *বি* পূর্বাভাস। **–সৃতি** ⇒ **–গতি**। **–স্থ, –স্থিত** *বিণ* সম্মুখস্থিত; শীর্ষদেশে অবস্থিত; পূর্বস্থিত। {*স.* √অগ্+র}

অগ্রহণীয় [অগগ্রোহোনিয়ো] *বিণ* গ্রহণের অযোগ্য। {*স.* অ(নঞ্)+গ্রহণীয়; *নতৎ*}

অগ্রহায়ণ, অঘ্রান [অগ্‌গ্রোহায়োন্, অগ্‌ঘ্রান্] *বি* বাংলা সনের অষ্টম মাস (অঘ্রানের সওগাত—*নই*)। {*স.* অগ্র+হায়ন>}

অগ্রাধিকার [অগ্‌গ্রাধিকার্] *বি* সকলের আগে সুবিধালাভের সুযোগ; প্রাধান্য। {*স.* অগ্র+অধিকার; ৭তৎ}

অগ্রাহ্য [অগগ্রাজ্‌ঝো, অগ্রাজ্‌ঝো] *বি,বিণ* ১ গ্রহণ। ২ অবজ্ঞেয়। ৩ বাতিল; না মঞ্জুর। **– করা** *ক্রি* ১ অবজ্ঞা করা; উপেক্ষা করা। ২ বাতিল বা না–মঞ্জুর করা {*স.* অ(নঞ্)+গ্রাহ্য; *নতৎ*}

অগ্রিম [ওগ্‌গ্রিম্] *বিণ* ১ আগাম (অগ্রিম দেয় চাঁদার হার)।

২ প্রথম। ৩ জ্যেষ্ঠ। ~**ক** *বি* কোনো কিছু কেনার আগে অথবা কাজ শুরু করার পূর্বে মূল্যের অথবা পারিশ্রমিকের যে অংশ দেওয়া হয়; বায়না; দাদন; আগাম; advance। {*স.* অগ্র+ইম}

অগ্রিয়, অগ্রীয় [ওগ্‌গ্রিয়ো] *বিণ* ১ প্রধান; শ্রেষ্ঠ; প্রথম। ২ অগ্র সম্বন্ধীয়। ৩ অগ্রিম। ~**প্রদান** *বি* দাদন; যা আগাম দেওয়া হয়েছে; payment on account। {*স.* অগ্র+ঈয়}

অগ্রে [অগ্‌গ্রে] *ক্রিবিণ* ১ আগে; প্রথমে (অগ্রে যাওয়া)। ২ সম্মুখে; সমীপে (দ্রোণগুরু অগ্রে কহে করিয়া রোদন—*কাদা*)। {*স.* অগ্র>}

অগ্র্য [অগ্‌গ্রো] *বিণ* ১ পূর্ববর্তী। ২ আদ্য। ৩ শ্রেষ্ঠ। {*স.* অগ্র+য (যৎ)}

অঘ [অঘ] *বি* ১ পাপ; অধর্ম। ২ কলঙ্ক। ৩ দুঃখ। {*স.* √অঘ্+অ(অচ)}

অঘটন [অঘটন্] *বি* ১ অসম্ভব ঘটনা; অপ্রত্যাশিত ব্যাপার। ২ সংঘটিত না হওয়া। ~**ঘটনপটীয়সী** *বিণ স্ত্রী.* অসাধ্য সাধনে সুনিপুণা (লেখকগণের অঘটনঘটনপটিয়সী অসাধারণ প্রতিভা—*মজা*)। **অঘটনীয়** *বিণ* অসম্ভাব্য; ঘটা সম্ভব নয় এমন। **অঘটিত** *বিণ* ঘটেনি এরূপ। {*স.* অ(নঞ)+ঘটন; *নতৎ*}

অঘর [অঘর্] *বি* অসমান ঘর; বৈবাহিক সম্পর্ক স্থাপনের পক্ষে অযোগ্য ঘর বা বংশ। {অ+ঘর (<*স.* গৃহ); *বহু*}

অঘা ⇒ অগা

অঘাট ⇒ আঘাট

অঘৃণ্য [অঘ্রিন্নো] *বিণ* ঘৃণ্য নয় এমন; ঘৃণার অযোগ্য। {*স.* অ(নঞ)+ঘৃণ্য; *বহু*}

অঘোর[১] [অঘোর] *বিণ* ১ অচেতন; বেহুঁশ (অঘোর নিদ্রা)। ২ প্রচণ্ড; ভীষণ (অঘোর বাদল—*ঘচ*)। {*স.* অ(নঞ)+ঘোর; *নতৎ*}

অঘোর[২] [অঘোর] *বিণ* শান্ত; ভয়ঙ্কর নয় এরূপ। ☐ *বি* শিব (অঘোর-মন্ত্র)। ~**তন্ত্রী**, ~**পন্থি**, **অঘোরী** *বি* শিবোপাসক সম্প্রদায়বিশেষ। {*স.* অ(নঞ)+ঘোর; *নতৎ*}

অঘোষ [অঘোশ্] *বিণ* অনিনাদিত; অনুদাত্ত; লঘুধ্বনিযুক্ত; ফিসফিসে। ~ **ধ্বনি** *বি* যেসব ধ্বনি উচ্চারণের সময়ে স্বরযন্ত্রের ভিতরকার স্বরতন্ত্রী (vocal cord) যথারীতি কাঁপে না সেগুলো অঘোষ-ধ্বনি। ~ **বর্ণ** *বি* যেসব বর্ণ উচ্চারণকালে স্বরতন্ত্রী যথেষ্ট কম্পিত হয় না; লঘু ধ্বনিযুক্ত বর্ণ; বাংলা বর্ণমালার বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ এবং শ ও স অঘোষবর্ণ। {*স.* অ(নঞ)+ঘোষ; *নতৎ*}

অঘ্রাত ⇒ অনাঘ্রাত

অঘ্রান ⇒ অগ্রহায়ণ

অঙ্ক [অঙ্‌কো] *বি* ১ (*গণি.*) আঁক; sum (অঙ্ক কষা)। ২ (*গণিত.*) রাশি; সংখ্যা; number; digit; figure। ৩ হিসাব; গণনা। ৪ কোল; ক্রোড় (মাতৃ অঙ্ক)। ৫ নাটকের পরিচ্ছেদ বা বিভাগ (পঞ্চাঙ্ক নাটক)। ৬ দাগ; চিহ্ন; কলঙ্ক (ললিতমোহনের চরিত্রে অঙ্কদান করে—*দীমি*)। ৭ অলঙ্কার; ভূষণ (কপট অঙ্ক রটায় আমার কত কলঙ্ক—*বুব*)। ~ **করা**, ~ **কষা** *ক্রি* ১ আঁক কষা। ২ হিসাব করা। ৩ গণনা করা। ~**গত** *বিণ* ১ ক্রোড়স্থিত। ২ আয়ত্ত; হস্তগত। ~**দেশ** *বি* ১ কোল; ক্রোড়। ২ পাতার উপরস্থিত তল; ventral surface। ~**পাত** *বি* সংখ্যা স্থাপন। ২ রেখা অঙ্কন। ৩ চিহ্নিতকরণ (চাপরাসী তাহার বাহুতে সেই মৃত্তিকা দ্বারা কি অঙ্কপাত করিতেছে—*সচ*)। ~**বাচক** *বিণ* সংখ্যা নির্দেশক; ১ ২ ইত্যাদি সংখ্যাবোধক; cardinal। ~**বিদ**, ~**বেত্তা**, ~**শাস্ত্রবিদ**, ~**শাস্ত্রবেত্তা** *বি* যে অঙ্ক অর্থাৎ গণিত জানে; গণিতজ্ঞ ব্যক্তি। ~**বিদ্যা** *বি* গণিত শাস্ত্র। ~**লক্ষ্মী** *বি* পত্নী; স্ত্রী। ~**লগ্ন** *বিণ* ১ ক্রোড়স্থ। ২ নিকটস্থ। ~**শায়ী** (~য়িন্) *বিণ* কোলে শায়িত। ~**শায়িনী** *স্ত্রী.* ~**শাস্ত্র** *বি* গণিত শাস্ত্র; বীজগণিত; পাটীগণিত ইত্যাদি। ~**শাস্ত্রবিদ**, ~**শাস্ত্রবেত্তা** ⇒ ~**বিদ**। ~**স্থ**, ~**স্থিত** *বিণ* ১ কোলে অবস্থিত। ২ অতি নিকটস্থ। ৩ (*আল.*) আয়ত্ত; হস্তগত। ~**স্থলী** *বি* ক্রোড়; কোল (পিতামাতার অঙ্কস্থলীর একটি সংক্ষিপ্ত ইতিহাস—*রঠা*)। ~**স্থিত** ⇒ ~**স্থ**। **অঙ্কোপরি** *অব্য* কোলের উপর। {*স.* √অঙ্ক্+অ(অচ)}

অঙ্কন [অঙ্‌কোন্] *বি* ১ আঁকা; চিত্রণ। ২ চিহ্নিতকরণ; চিহ্ন দেওয়া। ৩ সংখ্যা লিখন। ৪ (*জ্যা.*) রেখাপাতন; construction। **অঙ্কনি** *বি* পেন্সিল খড়ি তুলি ইত্যাদি; অঙ্কনের উপকরণ। **অঙ্কনীয়** *বিণ* ১ অঙ্কনের যোগ্য; লেখনীয়। ২ আঁকতে হবে এমন। {*স.* √অঙ্ক্+অন (ল্যুট)}

অঙ্কারূঢ় [অঙ্‌কারুঢ়ো] *বিণ* অন্তর্ভুক্ত; ক্রোড়ভুক্ত (এর পরের ঘটনা আর ইতিহাসের অঙ্কারূঢ় নয়—*সুদ*)। {*স.* অঙ্ক+আরূঢ়}

অঙ্কিত [ওঙ্‌কিতো] *বিণ* ১ চিহ্নিত; লিখিত (বরষার নির্ঝরে অঙ্কিত কায়—*রঠা*)। ২ চিত্রিত; ক্ষোদিত (অঙ্কিত প্রতিকৃতি)। ৩ বর্ণিত; বিবৃত (চরিত্র অঙ্কিত হওয়া)। ৪ গ্রথিত; ছাপ পড়া (মানসপটে অঙ্কিত হওয়া)। ৫ (*জ্যা.*) আঁকা; অঙ্ক পাতন (বৃত্ত অঙ্কিত করা)। {*স.* √অঙ্ক্+ত(ক্ত)}

অঙ্কুট [ওঙ্‌কুট্] *বি* চাবি; কুঞ্চিকা (সিদ্ধির অঙ্কুটে সোনার স্বর্গের দ্বার খুলিত না তবু—*সুদ*)। {*স.* অঙ্কুট}

অঙ্কুর [ওঙ্‌কুর্] *বি* ১ বীজাঙ্কুর; নবোদ্‌গত উদ্ভিদ (শস্যের অঙ্কুর)। ২ উন্মেষ; প্রকাশ; প্রথম অবস্থা (কিছু কিছু উতপত্তি অঙ্কুর ভেল—*বিপ*)। ৩ মূল; আদি; সূত্রপাত (অঙ্কুরে বিনাশ)। ৪ অগ্রভাগ; আগা (কুশাঙ্কুর)। ৫ মুকুল; কলি। **অঙ্কুরিত** *বিণ* ১ অঙ্কুর নির্গত হয়েছে এমন; মুকুলিত। ২ আবির্ভূত; প্রকাশিত। **অঙ্কুরোদ্‌গম**, **অঙ্কুরোদয়** *বি* ১ অঙ্কুর দেখা দেওয়া; মুকুল বের হওয়া। ২ সূত্রপাত; উন্মেষ। {*স.* অঙ্ক+উর, +ইত}

অঙ্কুশ, অঙ্কুষ [ওঙ্‌কুশ্] *বি* মাহুত যে লৌহদণ্ডের সাহায্যে হাতি পরিচালনা করে; ডাঙ্গশ; হস্তিতাড়নদণ্ড (অঙ্কুশ মারিয়া হস্তী সদাএ দেয় তুরি—*শেফ*)। **অঙ্কুশী** *বি* ১ আঁকশি। ☐ *বি স্ত্রী.* অঙ্কুশধারণকারিণী। {*স.* অঙ্ক+উশ}

অঙ্কোপরি [অঙ্‌কোপোরি] *অব্য* কোলের উপর। {*স.* অঙ্ক+উপরি}

অঙ্গ [অঙ্‌গো] *বি* ১ দেহ; শরীর (কাম-অঙ্গ-ভস্ম লেপে

অঙ্গে— *ভারা*)। ২ মূর্তি; আকৃতি (একদা তুমি অঙ্গ ধরি ফিরিতে— *রঠা*) ৩ একাংশ (যেমন চলার অঙ্গ পা-তোলা পা-ফেলা— *রঠা*)। ৪ অংশ; ভাগ (নিম্নাঙ্গ)। ৫ প্রাচীন ভারতের প্রদেশবিশেষ (অঙ্গবঙ্গকলিঙ্গ)। ৬ পর্যায়; গুণগ্রাম (উচ্চাঙ্গের রচনা)। **~গ্রহ** *বি* ১ দেহের আক্ষেপ বা খিঁচুনি রোগ। ২ ধনুষ্টঙ্কার রোগ। **~গ্লানি** *বি* ১ দেহের কষ্ট। ২ শরীরের ময়লা। **~চালন, ~চালনা, ~বিক্ষেপ, ~সঞ্চালন** *বি* ১ দেহের নাড়াচাড়া। ২ ব্যায়াম। **~চ্ছেদ, ~চ্ছেদন** *বি* ১ দেহের কোনো অংশ কেটে ফেলা। ২ মূল থেকে কোনো অংশ বিচ্যুত বা ভাগ করা। **~জ** *বি* ১ সন্তান। □ *বিণ* দেহ থেকে উৎপন্ন। **~জা** *স্ত্রী.*। **~ত্র, ~ত্রাণ** *বি* বর্ম; সাঁজোয়া। **~ন্যাস** *বি* মন্ত্র উচ্চারণসহ দেহের অংশ স্পর্শ করা। **~প্রত্যঙ্গ** *বি* দেহের বিভিন্ন অংশ (আমার সীমন্ত হইতে পদাঙ্গুলি পর্যন্ত অঙ্গপ্রত্যঙ্গের যত কিছু ভূষণ ছিল— *রঠা*)। **~প্রসাধন, ~রাগ** *বি* ১ দেহের সাজসজ্জা; দেহের প্রসাধন। ২ দেহসজ্জার উপকরণ; প্রসাধন দ্রব্য (সকল বৈচিত্র্যের মধ্যে ভুবন ভরিয়া তাহারই অঙ্গরাগ— *এআ*)। **~প্রায়শ্চিত্ত** *বি* পাপমোচনের জন্য দেহশোধন; অঙ্গশোধক প্রায়শ্চিত্ত। **~বিকার** ⇒ **~বিকৃতি**। **~বিকৃতি, ~বিকার** *বি* দেহ বা দেহাংশের বিকার; বিকলাঙ্গতা। **~বিক্ষেপ** ⇒ **~চালন**। **~বিন্যাস** দেহের ভঙ্গি বা ঢং। **~বিহীন, ~হীন** *বিণ* ১ বিকলাঙ্গ; বিকৃতাঙ্গ; শরীরের কোনো অংশ নেই এমন। ২ বিদেহী; অশরীরী (অঙ্গবিহীন আলিঙ্গন— *রঠা*)। ৩ ত্রুটিপূর্ণ; অসম্পূর্ণ (আকুল হইলে পূজা হয় অঙ্গহীন— *ভারা*)। **~বিহীনা, ~হীনা** *স্ত্রী.*। **~বিহীনতা, ~হীনতা** *বি*। **~ভঙ্গি, ~ভঙ্গ, ~ভঙ্গিমা** *বি* অঙ্গ সঞ্চালন দ্বারা মনোভাব প্রকাশ; ইঙ্গিত (অঙ্গভঙ্গ দেখাইয়া তুমি কৈলা কামীন— *ভারা*)। **~মর্দন** *বি* গা-টেপা; massage। **~মোটন** *বি* গা মটকানো; গা মোড়া দেওয়া। **~রক্ষা, ~রাখা** *বি* ১ জামা বিশেষ; আংরাখা (ওড়নাখানি উড়িয়ে দেব অঙ্গরাখার পর— *সদ*)। ২ অঙ্গত্রাণ; বর্ম। **~সংস্কার** *বি* ১ দেহের সাজসজ্জা। ২ শরীর মার্জন। **~সংস্থান** *বি* দেহের গঠন। **~সঞ্চালন** ⇒ **~চালন**। **~সেবা** *বি* ১ অঙ্গমর্দন। ২ অঙ্গপ্রসাধন; অঙ্গরাগ। **~সৌষ্ঠব** *বি* দেহের সৌন্দর্য। **~হানি** *বি* ১ দেহের কোনো অংশে অভাব বা ত্রুটি; অঙ্গবৈকল্য। ২ কাজের অংশবিশেষের ত্রুটি বা অঘটন। **অঙ্গাবরণ** *বি* দেহাচ্ছাদনবস্ত্র; পরিচ্ছদ। {*স.* অঙ্গ+অ(অচ)}

অঙ্গদ [অঙ্‌গদ্] *বি* ১ ভূষণবিশেষ; বাহুর অলঙ্কার; কেয়ূর; বাজুবন্দ (রতনে জড়িত বাহু অঙ্গদ কঙ্কণ— *সেআ*)। ২ কিষ্কিন্ধ্যাধিপতি বালির পুত্র। {*স.* অঙ্গ+দা+অ(ক)}

অঙ্গন [অঙ্‌গন্] *বি* ১ আঙিনা; উঠান। ২ চাতাল (তব অঙ্গনে প্রতি ঘাসে ঘাসে অশ্রু আমার ব'ল— *সিজা*)। ৩ (*আল.*) দেহ; শরীর (রক্ত প্রাণের অঙ্গনে— *নই*)। {*স.* অঙ্গ+অন(ল্যুট্)}

অঙ্গনা [অঙ্‌গনা] *বি স্ত্রী.* ১ নারী; রমণী (অনেক দিবস ধরি অসুস্থ অঙ্গনা— *দীবা*)। ২ অঙ্গসৌষ্ঠবসম্পন্না স্ত্রী; সুদর্শনা নারী (কি রঙ্গে অঙ্গনা বেশ ধরিলি দুর্মতি?— *মদ*)। {*স.* অঙ্গ+ন+আ(টাপ্)}

অঙ্গাঙ্গী(-ঙ্গিন্) [অঙ্‌গাঙ্‌গি] *বিণ* ১ শরীরের এক অঙ্গের অন্য অঙ্গের সঙ্গে সম্বন্ধযুক্ত (সৃষ্টি ধ্বংস এতে অঙ্গাঙ্গি জড়িত— *শেক*)। ২ স্বপক্ষীয়ের প্রতি পক্ষপাত। **~ভাব, ~সম্বন্ধ** *বি* অবিচ্ছেদ্য ঘনিষ্ঠতা; ঘনিষ্ঠ। সৌহার্দ্য; গলাগলিভাব। {*স.* অঙ্গ+অঙ্গ+ইন(ইনি)}

অঙ্গার [অঙ্‌গার্] *বি* ১ কয়লা। ২ কলঙ্ক; গ্লানি (কুলাঙ্গার)। **~ক** *বি* কয়লা; carbon। **~ধানী, ~ধানিকা** *বি* ধুনুচি; আগুনের মালসা। **অঙ্গারিত** *বিণ* দগ্ধ; প্রায় অঙ্গারে বা কয়লায় পরিণত। **অঙ্গারীয়** *বিণ* কয়লা সম্বন্ধীয়; কয়লাঘটিত; অঙ্গারময়। {*স.* √অঙ্গ্+আর (আরন্) অথবা অঙ্গার+অ (অচ্)}

অঙ্গারাম্ল [অঙ্‌গারাম্‌ল়ো] *বি* অঙ্গার ও অম্লজানের সংযোগে উৎপন্ন অম্লবিশেষ; carbonic acid। {অঙ্গার+অম্ল; *দ্বন্দ্ব*}

অঙ্গিকা [ওঙ্‌গিকা] *বি* কাঁচুলি; কঞ্চুলিকা; আঙ্গিনা। {*স.* অঙ্গ+ইক+আ}

অঙ্গী(-ঙ্গিন্) [ওঙ্‌গি] *বিণ* ১ দেহধারী; শরীরী; দেহী। **অঙ্গিনী** *স্ত্রী.* (হেমাঙ্গিনী)। **~করণ** *বি* অঙ্গীকার বা প্রতিজ্ঞাকরণ। {*স.* অঙ্গ+ইন(ইনি)}

অঙ্গীকার [ওঙ্‌গিকার্] *বি* ১ প্রতিশ্রুতি; প্রতিজ্ঞা (নবজীবনের অঙ্গীকার— *বুব*)। ২ (*মবা.*) সম্মতি; স্বীকৃতি। ৩ পূর্বে যা ছিল না তা অঙ্গীভূত করণ (যৌবন করে না ক্ষমা; প্রতি অঙ্গ অঙ্গীকার করে মনোরমা— *বুব*)। □ *ক্রি* অঙ্গীভূত করা; দেহের অন্তর্গত করা (কৃপা করি আমারে করিলা অঙ্গীকার— *ভারা*)। {*স.* অঙ্গী(-ঙ্গিন্)+√কৃ+অ (ঘঞ্)}

অঙ্গীভূত [ওঙ্‌গিভুতো] *বিণ* অঙ্গের অন্তর্ভুক্ত; অন্তর্গত; পূর্বে মূলের অংশরূপে গণ্য ছিল না এখন অংশরূপে গণ্য হয়েছে এমন। {*স.* অঙ্গ+(চ্বি)+√ভূ+ত(ক্ত)}

অঙ্গুরি, অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক [ওঙ্‌গুরি,-রিয়ো,-রিয়ক্] *বি* আংটি; অঙ্গুলিভূষণ-অলঙ্কার। {*স.* অঙ্গুরি, +ঈয়(ছ), +ক(কন্)}

অঙ্গুলি, অঙ্গুল [ওঙ্‌গুলি, ওঙ্‌গুল্] *বি* আঙুল (উঠিবে বাজি তন্ত্রীরাজি মোহন অঙ্গুলে— *রঠা*)। **অঙ্গুলিত্র, ~ত্রাণ** *বি* অঙ্গুলিতে পরিধেয় আঘাত নিবারক কবচ বিশেষ; অংগুস্তানা। **~নির্দেশ, ~সঙ্কেত, ~হেলন** *বি* আঙুল দ্বারা নির্দেশদান বা ইশারাকরণ। **~মোটন, ~স্ফোটন** *বি* আঙুল মটকানো বা ফুটানো। {*স.* √অঙ্গ্+উলি}

অঙ্গুষ্ঠ [ওঙ্‌গুশ্‌ঠো] *বি* বৃদ্ধাঙ্গুলি (পরস্পরকে অসংখ্য অঙ্গুষ্ঠ দেখাইতেছে— *বচ*)। {*স.* অঙ্গু+√স্থা+অ (ক)}

অঙ্ঘ্রি [ওঙ্‌ঘ্রি] *বি* পদ; চরণ (দ্বিকর কমল কমলাঙ্ঘ্রিতল ভুজ কমলের দণ্ড— *কাদা*)। {*স.* √অঙ্ঘ্+রি(ক্রিন্)}

অচকিত [অচোকিতো] *বিণ* ১ অভীত; অশঙ্কিত। ২ অবিস্মিত। {*স.* অ(নঞ্)+চকিত<চক্+ত(ক্ত); *নতৎ*}

অচক্রী(-ক্রিন্) [অচোকক্রি] *বিণ* সরল; অকপট; অখল {*স.* অ(নঞ্)+চক্রী}

অচক্ষু [অচোকখু] *বিণ, বি* চক্ষুবিহীন (অচক্ষু সর্বত্র চান— *ভারা*)। {*স.* অ+চক্ষুঃ; *বহু*}

অচঞ্চল [অচন্‌চল্] *বিণ* ১ চঞ্চলতাশূন্য। ২ স্থিতিশীল;

অবিচল; স্থায়ী (উৎসাহ-তেজ অচঞ্চল—*সদ*)। { *স.* অ(নঞ্)+চঞ্চল; *বহু* }

অচতুর [অচোতুর্] *বিণ* ১ চালাক নয় এমন। ২ অকৌশলী; অপটু। { *স.* অ(নঞ্)+চতুর; *বহু* }

অচন্দ্রচেতন [অচন্‌দ্রোচেতোন্] *বিণ* যৌনচেতনাশূন্য (অচন্দ্রচেতন যুবা ঘণ্টা দুই ব্যাডমিন্টন খেলে—*বুব*)। { *স.* অ+চন্দ্র+চেতন; *বহু* }

অচপল [অচপোল্] *বিণ* স্থির; স্থায়ী; চঞ্চলতাহীন (তুমি অচপল)। **অচাপল্য** *বি*। { *স.* অ(নঞ্)-চপল; *নতৎ, বহু* }

অচর *বিণ* গতিহীন; নিশ্চল; স্থিতিশীল (চরাচর – চর+ আচর)। { *স.* অ(নঞ্)+চর; *নতৎ* }

অচরিতার্থ [অচোরিতার্‌থো] *বিণ* অকৃতার্থ; বিফল মনোরথ। { *স.* অ(নঞ্)+চরিতার্থ; *বহু* }

অচল [অচল্] *বিণ* ১ স্থির; গতিহীন (অচল আলোকে রয়েছে দাঁড়ায়ে—*রঠা*)। ২ অপ্রচলিত (অচল প্রথা)। ৩ ঘষা; মেকি; জাল (অচল টাকা বা নোট)। ৪ পতিত; একঘরে; সমাজচ্যুত (সমাজে অচল)। ৫ ব্যবহারের অযোগ্য; অকেজো (অচল ঘড়ি)। ৬ পরিচালনা বা নির্বাহের উপায়বিহীন (পটলের অভাবে হরকুমারের অবস্থা অচল হইয়াছে—*রঠা*)। ৮ স্থায়ী; সুপ্রতিষ্ঠ (তোমার মস্তক দিলে রাজার দীর্ঘ আয়ুও অচল রাজ্য হয়—*ঈবি*)। ☐ *বি* পর্বত (অটল অচল যথা—*মদ*)। **~ন** *বি* অপ্রচলন। **~নীয়** *বিণ* প্রচলনের অযোগ্য। **~প্রতিষ্ঠ** *বিণ* দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। **অচলা** *বিণ স্ত্রী.* গতিহীনা; স্থিরা (অচলা ভক্তি)। ☐ *বি* পৃথিবী (তোমার চরম বন্দি লোটায়ে অচলা—*ঘচ*)। **অচলায়তন** *বি* ১ প্রগতিবিরোধী গতানুগতিক গোঁড়ামিপূর্ণ প্রথা বা প্রতিষ্ঠান (কিন্তু ঐ মহিমার অচলায়তনে—*নই*); গতিহীন বা সংস্কারবিহীন আচার বা প্রথা। ২ রবীন্দ্রনাথের একটি বিখ্যাত নাটকের নাম। ☐ *বিণ* অনড়; অপরিবর্তনীয়; প্রগতিহীন (অচলায়তন হয়ে থাকা)। **অচলিত** ⇒ অপ্রচলিত। **অচলিষ্ণু** *বিণ* গতিশীল নয় এমন; স্থির। { *স.* অ(নঞ্)+ √চল্+অ (অচ); *নতৎ* }

অচাঞ্চল্য, অচাপল্য [অচানচোল্‌লো, অচাপোল্‌লো] *বি* স্থৈর্য; গাম্ভীর্য; দৃঢ়মতিত্ব। { *স.* অ(নঞ্)+চাঞ্চল্য, চাপল্য; *নতৎ* }

অচালন [অচালোন্] *বি* অপ্রয়োগ; অস্পন্দন। **অচালনীয়, অচাল্য** *বিণ* স্থানান্তর বা প্রয়োগ করা অসম্ভব এমন; চালনার অযোগ্য। { *স.* অ(নঞ্)+ √চালি+অন (ল্যুট্) }

অচিকিৎসা [অচিকিত্‌শা] *বি* চিকিৎসার অভাব। ২ কুচিকিৎসা। **অচিকিৎস্য, অচিকিৎসনীয়** *বিণ* চিকিৎসা বা প্রতিকার নেই এমন। { *স.* অ(নঞ্)+চিকিৎসা; *নতৎ* }

অচিকীর্ষু [অচিকির্‌শু] *বিণ* কিছু করতে অনিচ্ছুক; অলস। { *স.* অ(নঞ্)+চিকীর্ষু; *নতৎ, বহু* }

অচিন [অচিন্] *বি* অচেনা; অজানা (অচিন পাখি)। ☐ *বিণ* ১ অচিহ্নিত; অনির্দিষ্ট (অচিন লোকে সীমাবিহীন রাতে—*রঠা*)। ২ বহিরাগত (দেখিলে অচিন গজ পলায়ন্ত ডরে—*সৈআ*)। { *স.* অচিহ্ন> }

অচিন্তনীয়, অচিন্ত্য [অচিন্‌তোনিয়ো, অচিন্‌তো] *বিণ* অভাবনীয়; ধারণার অতীত (অচিন্ত্যলীলা—*সদ*)। **অচিন্তনীয়া** *স্ত্রী.*। { *স.* অ(নঞ্)+চিন্তনীয়, চিন্ত্য; *বহু; নতৎ* }

অচিন্তিত, অচিন্তিতপূর্ব [অচিন্‌তিতো,-পুর্‌বো] *বিণ* অভাবিত; পূর্বে চিন্তা বা অনুমান করা হয়নি এমন। { *স.* অ(নঞ্)+চিন্তিত,+পূর্ব; *বহু* }

অচিন্ত্য ⇒ অচিন্তনীয়

অচির [অচির্] *বিণ* স্বল্পকালস্থায়ী; ক্ষণস্থায়ী। **~তা** *বি*। **~কারী, ~ক্রিয়** *বিণ* ক্ষিপ্রকারী; কর্মতৎপর। **~কাল** *বি* ক্ষণকাল; স্বল্প সময়। **~কালে** *ক্রিবিণ* অনতিবিলম্বে। **~জীবী**(–বিন্) *বিণ* অল্পায়ুবিশিষ্ট; নশ্বর; অনিত্য। **~দ্যুতি, ~প্রভা** *বি* বিদ্যুৎ; চপলা। **~প্রসূতা** *বিণ* স্বল্পদিন পূর্বে প্রসবকারিণী (হালীমা বিবি অচির-প্রসূতা—*আর*)। **~স্থায়ী** *বিণ* ক্ষণস্থায়ী; নশ্বর। **অচিরে** *ক্রিবিণ* শীঘ্র; অনতিবিলম্বে; সত্বর (অচিরে মরিয়াও গেল—*আজাশা*)। { *স.* অ(নঞ্)+চির; *নতৎ* }

অচিরাৎ [অচিরাত্] *ক্রিবিণ* অবিলম্বে; শীঘ্র; অচিরে (উন্মাদনা অচিরাৎ পলাল কোথায়?—*সুদ*)। { *স.* অ(নঞ্)-চিরাৎ; *নতৎ* }

অচিহ্নিত [অচিন্‌হিতো] *বিণ* চেনবার জন্য দাগ বা চিহ্ন দেওয়া হয়নি এমন; অপরিচিত (অচিহ্নিত কর্মচারী) { *স.* অ(নঞ্)+চিহ্নিত; *বহু* }

অচুম্বিত [অচুম্‌বিতো] *বিণ* ১ চুম্বন করা হয়নি এমন (অচুম্বিত কুমারীগালের—*সুদ*)। ২ স্পর্শ করেনি এমন। { *স.* অ(নঞ্)+চুম্বিত; *বহু* }

অচূর্ণ, অচূর্ণিত [অচুর্‌নো,-নিতো] *বিণ* ১ গুঁড়া করা হয়নি এমন; অখণ্ডিত; আস্ত। ২ অবিনষ্ট; যা ধ্বংস করা হয়নি। { *স.* অ(নঞ্)+চূর্ণ, চূর্ণিত; *বহু* }

অচেত [অচেতো] *বিণ* তত্ত্বজ্ঞানহীন; অজ্ঞান (যে জন অচেত-চিত্ত সেই সদা দুঃখী—*ভারা*)। **~চিত্ত** *বিণ* তত্ত্বজ্ঞানহীন হৃদয়সম্পন্ন; জ্ঞানশূন্য মন এমন (যারা অচেতচিত্ত, তাদের মনে এই ধারণা একেবারে বদ্ধমূল হয়েছে—*প্রচৌ*)। { *স.* অ(নঞ্)+চেতঃ; *বহু* }

অচেতন [অচেতোন্] *বিণ* ১ সংজ্ঞাহীন। ২ চেতনাশূন্য; জড় (এই অচেতন জীবনরাশি—*রঠা*)। ৩ বাহ্যজ্ঞানহীন (ক্রোধে অচেতন হওয়া)। ৪ মোহগ্রস্ত (জাগো জাগো থেকো না রে অচেতন—*রঠা*)। ৫ অজ্ঞান; মূর্খ। { *স.* অ(নঞ্)+চেতন; *নতৎ* }

অচেনা [অচেনা] ১ *বিণ* অজানা; অপরিচিত। ২ অপরিচিত ব্যক্তি (অচেনায় চিনতে নারি, ভবের বাজার ঘুরে মরি —বাউল গান)। { *স.* অ+চিহ্ন>; *নতৎ* }

অচেষ্ট [অচেশ্‌টো] *বিণ* ১ নিরুদ্যম; নিশ্চেষ্ট। ২ অসাড়; জ্ঞানশূন্য (ঝাঁপ দিয়া পড়ে কেহ অচেষ্টা হইয়া—*বৃদা*)। **অচেষ্টিত** *বিণ* ১ চেষ্টা বা যত্ন করা হয়নি এমন। ২ অনন্বেষিত বা অপরীক্ষিত। { *স.* অ+চেষ্টা; *বহু* }

অচৈতন্য [অচোইতন্‌নো] *বিণ* সংজ্ঞাহীন; অচেতন (অচৈতন্য প্রেয়সীরে অবহেলে লয়ে কোলে—*রঠা*)। ☐ *বি* অজ্ঞানতা; তত্ত্বজ্ঞানহীনতা (তোমার হাসি দিয়ে আমার অচৈতন্য ঢাকি—*রঠা*)। { *স.* অ(নঞ্)+চৈতন্য; *বহু; নতৎ* }

অচ্ছ [অচ্ছো] *বিণ* ১ নির্মল; যার মধ্য দিয়ে দৃষ্টি রোধ হয় না। ২ স্বচ্ছ; transparent। { *স.* √অনচ্+ছ; অথবা অ+√ছো+অ (ড); *বহু* }

অচ্ছদ, অচ্ছন্ন [অচ্ছদ্, অচ্ছন্নো] *বিণ* ছাদহীন; অনাবৃত; খোলা। { *স.* অ(নঞ)+ছদ, ছন্ন; *বহু* }

অচ্ছায় [অচ্ছায়্] *বিণ* মুক্ত; উদার; অনাবৃত; নির্মুক্ত (মুক্ত নীলাম্বরে অচ্ছায় আলোক গাহে বৈরাগ্যের স্বরে যে ভৈরবী গান—*রঠা*)। { *স.* অ+ছায়া; *বহু* }

অচ্ছিদ্র [অচ্ছিদ্রো] *বিণ* ১ ছিদ্রহীন। ২ নির্দোষ; ত্রুটিশূন্য। { *স.* অ(নঞ)+ছিদ্র; *বহু; নতৎ* }

অচ্ছিন্ন [অচ্ছিন্নো] *বিণ* অখণ্ডিত; অবিভক্ত; সম্পূর্ণ। **–ত্বক** *বিণ* খৎনা বা মুসলমানি করা হয়নি এমন; uncircumcised। { *স.* অ(নঞ)+ছিন্ন; *নতৎ* }

অচ্ছুত, অচ্ছুৎ [অচ্ছুত্] *বি* হিন্দু বর্ণাশ্রম প্রথা অনুযায়ী স্পর্শের অযোগ্য জাতিগোষ্ঠীবিশেষ; অস্পৃশ্য; হরিজন। { *স.* অস্পৃশ্য>; *বহু* }

অচ্ছেদ্য [অচ্ছেদ্দো] *বিণ* ছেদন করা যায় না এমন (অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ)। { *স.* অ+√ছিদ্+য; *বহু* }

অচ্ছোদ [অচ্ছোদ্] *বিণ* ১ স্বচ্ছ; নির্মল (অচ্ছোদ সরসী নীরে রমণী যেদিন নামিলা স্নানের তরে—*রঠা*)। ২ হিমালয়নির্গত স্রোতস্বিনীবিশেষ। { *স.* অচ্ছ+উদ; *বহু* }

অচ্যুত [অচ্চুতো] *বিণ* অপতিত; অভ্রষ্ট। { *স.* অ(নঞ)+চ্যুত; *নতৎ* }

অছ, অছয়, অছি, অচ্ছ, অচ্ছউ, অচ্ছত, অচ্ছন্ত, অচ্ছন্তে, অচ্ছন্ত, অচ্ছন্তে, অচ্ছসি (*ব্র.*) [অনুরূপ উচ্চারণ] *ক্রি* আছে (কে অছ, জিবন অছয় পুন—*বিপ*)। { *স.* √অস্> }

অছই, অচ্ছম (*ব্র.*) [অছই, অচ্ছম] *ক্রি* আছি। { *স.* অস্ }

অছইতে (*ব্র.*) [অছইতে] *অক্রি* থাকতে (অছইতে বধু নহি করিঅ উদাস—*বিপ*)। { *স.* √অস্> }

অছল, অছলোঁ, অছলো (*ব্র.*) [অছল, –লোঁ, –লো] *ক্রি* ছিল। { *স.* √ অস্> }

অছলিহু, অছিলোঁ, অছলোঁ (*ব্র.*) [অনুরূপ উচ্চারণ] *ক্রি* ছিলাম (এতদিন অছলিহু অপনে গোয়ানে—*বিপ*)। { *স.* √অস্> }

অছি, ওছি [ওছি] *বি* ১ অছিয়তকারী; অন্তিম উপদেশ বা নির্দেশ দানকারী। ২ নাবালকের সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবক; তত্ত্বাবধায়ক; trustee (নাবালক পক্ষে যে অছি আছেন- *মীম*)। { *আ.* ৱসী وصى }

অছিলে (*প্রাবা.*) [অছিলে] *ক্রি* ছিল (অছিলে—*চর্যা*)। { *স.* √অস্> }

অছিঅত, অছিয়ত ⇒ অসিয়ত

অজ[১] [অজো] *বিণ* ১ খাঁটি; পুরাদস্তুর। ২ নিরেট (অজমূর্খ)। **–পাড়াগাঁ** *বি* খাঁটি পল্লিগ্রাম (চেয়ে চেয়ে দেখি অজ পাড়াগাঁর চেহারা—*মব*)। { *স.* আদ্য> অজ্জ> }

অজ[২], **অজা** [অজো, অজা] *বি* ১ ছাগল; মেষ (পুত্র হৈলে দুই অজা সুতা হৈলে এক—*সৈআ*) ২ (*জ্যোবি*) মেষরাশি। **অজা** *স্ত্রী*। { *স.* √অজ্(গমন)+অ(অচ), +আ(টাপ) }

অজ[৩] [অজো] *বিণ* জন্মহীন; চিরবর্তমান। { *স.* অ(নঞ)+√জন্(√জন্–উৎপন্ন হওয়া) +অ(ড) }

অজগর, অজাগর (*মবা.*) [অজোগর্, –জা–] *বি* ছাগল হরিণ প্রভৃতি গিলে খেতে পারে এমন বড়ো সাপ (গিরি হস্তে নামিছে যে হেন অজগর—*সৈআ*)। { *স.* অজ+√গৃ+অ(অচ); উপপদ তৎ }

অজচ্ছল [অজচ্ছল্] *বিণ* প্রচুর; অঢেল। { *স.* অজস্র>অজস্সর> }

অজন্ত [অজন্তো] *বিণ* (*ব্যা.*) স্বরান্ত; শেষে স্বর আছে এমন। { *স.* অচ্+অন্ত }

অজন্মা [অজন্মা] (অজন্মন্) *বি* দুর্ভিক্ষ; শস্যাদি উৎপন্ন না হওয়ার মতো অবস্থা (কয়েক বছর অজন্মা যাচ্ছে)। ☐ *বিণ* বেজন্মা; জারজ। { *স.* অ(নঞ)+জন্মন্; *বহু* }

অজপা ⇒ অজিফা

অজবুক ⇒ উজবুক

অজয় [অজয়্] *বি* ১ জয়ের অভাব। ২ পরাজয়। ☐ *বিণ* অজেয়; জয় করা যায় না এমন। { *স.* অ(নঞ)+জয়; *বহু* }

অজর [অজর্] *বিণ* জরা বা বার্ধক্যরহিত (আমি অজর অমর অক্ষয়—*নই*)। { *স.* অ(নঞ)+জরা; *বহু* }

অজরামর [অজরামর্] *বিণ* বার্ধক্য ও মৃত্যুরহিত। { *স.* অজর+অমর; *দ্বন্দ্ব* }

অজস্র [অজোস্স্রো] *বিণ* অসংখ্য; দেদার (নদীতে অজস্র ডিঙ্গি নৌকা—*আজা*)। ☐ *ক্রিবিণ* সর্বদা; ক্রমাগত। **–ত্ব** *বি* বাহুল্য; অপরিমিতি (সকল প্রকার অজস্রত্ব—*রঠা*)। { *স.* অ(নঞ)+√জস্+র; *নতৎ* }

অজা ⇒ অজ

অজাগর[১] ⇒ অজগর

অজাগর[২] [অজাগর্] *বিণ* ঘুমন্ত; নিদ্রিত। ☐ *বি* ভৃঙ্গরাজ বৃক্ষ। { *স.* অ(নঞ)+জাগর; *নতৎ* }

অজাচার [অজাচার্] *বি* কপটতা; ছলনা (ভক্তিক্ষেত্রে অজাচার ছদ্ম উচাটন—*বিদে*)। { *স.* অজ+আচার; ৬তৎ }

অজাত[১] [অজাতো] *বিণ* জন্মেনি এমন (অজাত ভুবন ভ্রূণ মাঝে—*রঠা*) **–শত্রু** *বিণ* শত্রু জন্মেনি এমন। ☐ *বি* মগধরাজ বিম্বিসারের পুত্রের নাম। **–শ্মশ্রু** *বিণ* দাড়ি ওঠেনি এমন (বয়স বেশি নয়, এখনও অজাতশ্মশ্রু অপোগণ্ড অর্বাচীন উকিল—*রঠা*)। { *স.* অ(নঞ)+√জন্+ত(ক্ত); *নতৎ; বহু* }

অজাত[২] [অজাত্] *বি* ১ নীচ বংশোদ্ভূত ব্যক্তি; ইতর লোক। ২ হীন বংশ; অঘর (একটা অজাত কুজাতের ছেলে—*অচিসে*)। ☐ *বিণ* ১ জারজ। ২ হীন বংশীয়; হীন জাতে জন্ম। { *স.* অ(নঞ)+ √জন্+ত (ক্ত); *বহু* }

অজানা, অজানিত [অজানা,–নিতো] *বিণ* ১ অজ্ঞেয়; জ্ঞানের অতীত (হে অজানা, অজানা সুর নব, উড়িয়ে দিলে অজানিতের পানে—*রঠা*)। ২ অজ্ঞান; অপরিচিত (অজানা আঁধার সাগর বাহিয়া অজানিত বঁধু নীরবে সঁপিল—*রঠা*)। { *স.* অ(নঞ)+ জ্ঞা+অন(ল্যুট্)> অজান+আ; *নতৎ* }

অজান্তে, অজানিতে [অজান্‌তে, নিতে] *ক্রিবিণ* ১ অজ্ঞাতসারে। ২ অগোচরে; না জানিয়ে। {*বা.* অ+ √জান্‌+ইত= অজানিত>অজান্ত+এ}

অজিজ্ঞাস [অজিগ্‌গাঁশো] *বিণ* অকৌতূহলী; জানবার ইচ্ছা নেই এমন (পড়িনু অনেক শাস্ত্র গুরুকে ভজিয়া। তে কারণে অজিজ্ঞাসে না কহ দেখিয়া—*হেমা*)। **অজিজ্ঞাসিত** *বিণ* জিজ্ঞাসা করা হয়নি এমন। **অজিজ্ঞাস্য** *বিণ* জিজ্ঞাসার অনুপযুক্ত। {*স.* অ(নঞ)+জিজ্ঞাসা>; *বহু*}

অজিত [অজিতো] *বিণ* অপরাভূত; অপরাজিত (অপ্রমিততেজঃ অজিতবংশজ—*কাদা*)। {*স.* অ(নঞ)+√জি+ত(ক্ত); *বহু*}

অজিতেন্দ্রিয় [অজিতেনদ্রিয়ো] *বিণ* ইন্দ্রিয়সমূহ বশীভূত নয় এমন; ইন্দ্রিয়পরায়ণ। {*স.* অ(নঞ)+জিত+ইন্দ্রিয়; *বহু*}

অজিন [অজিন্‌] *বি* ১ ছাগচর্ম; মৃগচর্ম; বাঘছাল (অজিন-আসন—*নই*; তিনি স্বীয় অজিনাসন ভূতলে স্থাপন করিয়া তদুপরি উপবিষ্ট হইলেন—*গিঘো*)। ২ পশুচর্ম; চর্মনির্মিত আসন (অজিন শয়নে—*কায়*)। **~ধারী** *বিণ* পশুচর্ম পরিহিত। **~ধারিণী** *স্ত্রী.*। {*স.* √অজ্‌+ইন (ইনন)}

অজিফা, অজপা (*মবা.*) [ওজিফা, অজপা] *বি* ১ প্রাণীদের শ্বাস গ্রহণ ও ত্যাগ ক্রিয়ারূপে জপিত হয় এমন মন্ত্র; স্বাভাবিক শ্বাসক্রিয়ার দ্বারা সাধ্য মন্ত্র (অজপা জপএ নিত্য নিঃশব্দে নীরব—*দৌবা*)। ২ খোরপোশ; ভরণপোষণ। {*আ.* ৱজীফাহ্‌ وظيفة }

অজীর্ণ [অজিরনো] *বি* অপরিপাকজনিত উদরের রোগবিশেষ। ❑ *বিণ* অপরিপক্ব; হজম হয়নি এমন (অজীর্ণ ভোজন দ্রব্য—*মদ*)। {*স.* অ(নঞ)+ √জৄ+ত(ক্ত); *বহু*}

অজু, ওযু [ওজু] *বি* শরীর ও মনের পবিত্রতা বিধানের জন্য প্রথমে দুই হাতের কব্জি পর্যন্ত ধুয়ে গড়গড়া করা, কুলি করা, নাকে পানি দেওয়া, মুখমণ্ডল ধোয়া, দুই হাত কনুইসহ ধোয়া, মাথা মসেহ্‌ করা, ও দুই পায়ের পাতা গোড়ালিসহ ধোয়া। {*আ.* ৱদু وضو }

অজুরদার [ওজুরদার] *বি* মজুরি গ্রহণকারী; মজুর; শ্রমিক। {*আ.* আজর اجر। *ফা.* +দার دار }

অজুরা ⇒ আজুরা

অজুহাত, ওজুহাত [ওজুহাত্‌] *বি* ১ কারণ; হেতু; ছুতা; বাহানা (পলায়নের একটা অজুহাত পেয়ে তুমিও যেন বেঁচে গেলে—*শাফ*; তবু একটা ওজুহাত জুটেছিল তাদের অদৃষ্টে—*অচিসে*)। ২ ওজর; আপত্তি। {*আ.* ৱজুহাত্‌ وجوهات }

অজেয় [অজেয়ো] *বিণ* জয় করা যায় না এমন; দুর্জয়। {*স.* অ(নঞ)+জেয়; *বহু*}

অজৈব [অজোইবো] *বিণ* প্রাণী বা উদ্ভিদ সম্বন্ধীয় নয় এমন। (অজৈব রসায়ন)। {*স.* অ(নঞ)+জৈব; *নতৎ*; *বহু*}

অজ্ঞ [অগ্‌গোঁ] *বিণ* মূর্খ; অজ্ঞান; নির্বোধ। **~তা** *বিণ*। **~তামূলক** *বিণ* মূর্খতা বা অজ্ঞানতা থেকে উৎপন্ন। {*স.* অ(নঞ)+ √জ্ঞা+অ (ক); *বহু*}

অজ্ঞাত [অগ্‌গাঁতো] *বিণ* অজানা; অবিদিত; অপ্রকাশিত। **~কুলশীল** *বিণ* বংশ পরিচয় ও স্বভাব-চরিত্র জানা নেই এমন ; সম্পূর্ণ অপরিচিত। **~নামা** *বিণ* অবিদিত বা অখ্যাত নামবিশিষ্ট। **~পরিচয়** *বিণ* পরিচয় জানা নেই এমন। **~পূর্ব** *বিণ* পূর্বে জানা যায়নি এমন। **~বাস** *বি* অন্যের অগোচরে বা গোপনে অবস্থান। **~সারে, অজ্ঞাতে** *ক্রিবিণ* গোপনে; অগোচরে। {*স.* অ(নঞ)+জ্ঞাত; *নতৎ*}

অজ্ঞান [অগ্‌গাঁন] *বিণ* ১ মূর্খ; নির্বোধ; অজ্ঞ (কাঠ না পুড়ায়ে আগুনে জ্বালাবে বলে কোন অজ্ঞান?—*নই*)। ২ অচৈতন্য; সংজ্ঞাহীন (অজ্ঞান হইয়া আমি পড়িনু ভূতলে—*মদ*)। ❑ *বি* ১ অজ্ঞতা; জ্ঞানাভাব (আমাদের অজ্ঞান, আমাদের হৃদয়ের দুর্বলতাই তাহার বল—*রঠা*)। ২ (*দর্শন.*) মায়া; অবিদ্যা। **~তা** *বি*। **~কৃত** *বিণ* না জেনে করা হয়েছে এমন; অজ্ঞতাবশত কৃত (অজ্ঞানকৃত অপরাধ—*রঠা*)। **~বাদ, অজ্ঞাবাদ, অজ্ঞেয়বাদ** *বি* জগতের প্রকৃত রহস্য অজ্ঞেয় বা অজ্ঞাত—এই মত; ইন্দ্রিয়গ্রাহ্য জগতের বাইরে কিছু থাকলেও তা মানুষের পক্ষে জানা অসাধ্য—এই মত; agnosticism। **অজ্ঞানে** *ক্রিবিণ* না জেনে। **~ত** *ক্রিবিণ* অজ্ঞতাবশত। {*স.* অ(নঞ)+জ্ঞান; *বহু*}

অজ্ঞেয় [অগ্‌গেঁয়ো] *বিণ* জ্ঞানাতীত; জানা যায় না এমন (এ অজ্ঞেয় সৃষ্টি 'আমি' অজ্ঞেয় অদৃশ্য—*রঠা*)। {*স.* অ(নঞ)+জ্ঞেয়; *বহু*}

অজ্ঞেয়বাদ ⇒ অজ্ঞান

অঝর, অঝোর [অঝর্‌, অঝোর্‌] *বিণ* ১ অবিশ্রান্ত; অবিরাম। ২ অজস্রধারাবর্ষী (বড়ায়ি বড়ায়ি বুলি অঝর নয়নে—*ঘচ*)। **অঝরে, অঝোরে** *ক্রিবিণ* (অঝরে ঝরিল অশ্রু নিস্পন্দ নয়নে—*রঠা*)। {*স.* অজস্র অথবা অজস্রধার>অজঝোর>}

অঞ্চল [অন্‌চল্‌] *বি* ১ আঁচল; বস্ত্রপ্রান্ত (ভীরু ভয়ে লুকায় অঞ্চলে—*নই*)। ২ দেশের অংশ বিশেষ; এলাকা (পাহাড় অঞ্চল; মরু অঞ্চল)। ৩ আবরণ (কেন গো বসন ফেল, ঘুচাও অঞ্চল—*রঠা*)। ৪ প্রান্তভাগ (নয়নক অঞ্চল চঞ্চল ভাণ—*বিপ*)। **~প্রভাব** *বি* স্বামীর উপর স্ত্রীর কর্তৃত্ব বা প্রভাব (আজকাল অঞ্চলপ্রভাব অতীব প্রবল—*দীমি*)। {*স.* √অঞ্চ্‌+অল(অলচ্‌)}

অঞ্চিত [অন্‌চিতো] *বিণ* ১ বক্র করা হয়েছে এমন; বাঁকানো (অধরের অঞ্চিত কার্মুক—*সুদ*)। ২ পূজিত (বিরিঞ্চি-অঞ্চিত পদ দিলা বলি মাথে—*মদ*)। ৩ উত্থিত; শিহরিত (রোমাঞ্চিত)। ৪ গ্রথিত। ৫ ভূষিত। **~ভ্রূ** *বিণ* বক্র ভ্রূ-বিশিষ্ট। {*স.* √অঞ্চ্‌+ত(ক্ত)}

অঞ্জন, আঞ্জন [অন্‌জন্‌, আ–] *বি* ১ সুর্মা; কাজল (আমার চোখে অঞ্জন বুলিয়ে গেল—*নই*; আঞ্জন-মন্দির সম পাপকারী কুণ্ডাধম, পরশে লাগায় কালি অঙ্গে—*দৌকা*)। ২ মালিন্য; কালিমা (নিরঞ্জন)। ৩ আয়ুর্বেদ মতে বিবিধ ধাতুঘটিত দ্রব্য (রসাঞ্জন, নীলাঞ্জন)। {*স.* অঞ্জ্‌+অন(ল্যুট)}

অঞ্জনি [অন্‌জোনি] *বি* ক্ষুদ্র ব্রণবিশেষ (শরীরে অঞ্জনি

যেন পুত্র কুপণ্ডিত—*দীবা*)। {*স.* অঞ্জনিকা>}

অঞ্জনিকা [অনজোনিকা] *বি* আঁজনাই; নেত্ররোগবিশেষ। {*স.* √+অঞ্জ্+অন(ল্যুট্)+ক(কন্)+আ(টাপ্)}

অঞ্জলি [অনজোলি] *বি* ১ যুক্তকর; করজোড় (অঞ্জলি করিয়া গৌরী কহিলা শঙ্করে—*কমু*)। ২ আঁজল; করপুট (ভীরু বাসনার অঞ্জলিতে—*রঠা*)। ৩ ভজনা; সেবা; মান্য (ব্রহ্মা আদি দেব যাঁরে করেন অঞ্জলি—*কমু*)। ৪ যুক্ত করে প্রদত্ত পুষ্প ইত্যাদি নৈবেদ্য। **~য়া** *অক্রি* (অশোক রোমাঞ্চিত মঞ্জুরিয়া দিল তার সঞ্চয় অঞ্জলিয়া—*রঠা*)। **~পুট, ~বন্ধ** *বি* করপুট; আঁজলা। **~পুটে** *ক্রিবিণ* যুক্তকরে; বিনীতভাবে (কহিগো অঞ্জলিপুটে—*কমু*)। **~বদ্ধ** *বিণ* যুক্তকর; বদ্ধাঞ্জলি (**অঞ্জলি**বদ্ধ হস্ত)। **~বন্ধন** *বি* আঁজলাকরণ; করপুট গঠন। {*স.* √অঞ্জ্ (দীপ্তি পাওয়া)+অলি(অলিচ্)}

অটনি, অটনী [অটোনি] *বি* ধনুকের অগ্রভাগ; ধনুকের কোটি (রাজা রুষ্ট হইয়া অটনী দ্বারা তাঁহার স্কন্ধে মৃত সর্প ক্ষেপণ করিয়াছেন—*ঈবি*)। {*স.* √অট্(গমন করা)+অনি+ঈ(ঙীপ্)}

অটবি, অটবী [অটোবি] *বি* ১ বন; অরণ্য (অটবী গাত্রদেশে উঠিত সে উছাসি—*রঠা*)। ২ বৃক্ষ; বিটপী (ঝড়ে ভেঙ্গে গেছে বিরাট অটবী—*জার*)। {*স.* √অট্(বিচরণ করা)+অবি+, ঈ(ঙীপ্)}

অটল [অটল্] *বিণ* ১ নিশ্চল; স্থির; অচঞ্চল (পাশে একটা অটল পদার্থ একেবারে চাপিয়া বসিয়া আছে—*রঠা*)। ২ দৃঢ় (অটল অচল যথা—*মদ*)। {*স.* অ(নঞ্)+√টল্+অ (অচ্); নতৎ}

অটাল [অটাল্] *বি* অস্থান; কুস্থান (সে কোন অটালে গিয়ে পড়বে)। {*বা.* অ+টাল(স্থান); নতৎ}

অটুট [অটুট্] *বিণ* ১ অভগ্ন; আস্ত; সম্পূর্ণ। ২ নিখুঁত; ত্রুটিহীন। {*স.* অত্রুটি>; নতৎ}

অটো১ [অটো] *বি* গন্ধদ্রব্যবিশেষ; আতর। {*ই* otto}

অটো২ [অটো] *বিণ* ইঞ্জিনচালিত (অটো রিকশা) {*ই* auto}

অটোগ্রাফ [অটোগ্রাফ্] *বি* স্বহস্তলেখ; হাতের লিখন। {*ই* autograph}

অট্ট [অট্টো] *বিণ* উচ্চ (অট্ট গরজে অম্বর ভরি—*রঠা*)। **~অট্ট হাসি** *বি* অতি উচ্চ বা বিকট হাসি (অট্ট অট্ট হাসিছে [illegible])। **~নাদ, ~নিনাদ, ~রব, ~রোল** *বি* অতি উচ্চ শব্দ (যেন এ লক্ষ যক্ষশিশুর অট্টরোল—*রঠা*)। **~হাস, ~হাসি, ~হাস্য** *বি* অতি উচ্চ বা বিকট হাসি। {*স.* √অট্ট+অ(অচ)}

অট্টালিকা [অট্টালিকা] *বি* প্রাসাদ; পাকা বাড়ি। {*স.* অট্টালক (√অট্ট+আল+ক(কন্))+আ(টাপ্)}

অডিকলন, ওডিকলোন [ওডিকোলন্] *বি* গন্ধদ্রব্যবিশেষ; সুগন্ধি নির্যাসবিশেষ। {*ফা.* eau-de-Cologne}

অডিট [অডিট্] *বি* ব্যবসা-বাণিজ্য বা অফিসের টাকা-পয়সা সংক্রান্ত খাতাপত্র ও হিসাব পরীক্ষা। **~র** *বি* হিসাব-পরীক্ষক; auditor। {*ই* audit}

অড়হর, অড়র [অড়্হর্, অড়র্] *বি* ডালবিশেষ {*স.* আঢ়কী>}

অঢেল, আঢেল [অঢেল্, আ-] *বিণ* প্রচুর; অনেক; অজস্র (অঢেল টাকা; আঢেল শিরনী দিয়াছে—*নই*)। {অ+ঢের>ঢেল>}

অণিমা (–মন্) [ওনিমা] *বি* ১ সূক্ষ্মত্ব। ২ অতি সূক্ষ্ম আকার ধারণের যৌগিক ক্ষমতা; যে শক্তির সাহায্যে মানুষ সকলের অলক্ষ্যে সকল স্থানে ভ্রমণ করতে পারে। {*স.* অণু-ইমন্(ইমনিচ্)}

অণু [ওনু] *বি* পদার্থের অবিভাজ্য সূক্ষ্মতম বা ক্ষুদ্রতম অংশ; molecule। ◻ *বিণ* অল্প; ক্ষুদ্র; ঈষৎ (অণু পরিমাণ)। **~মাত্র** *বিণ* সামান্য পরিমাণ; কিছুমাত্র; লেশমাত্র (অণুমাত্র সংশয় নাই—*ঈবি*)। {*স.* √অণ্(শব্দ করা)+উ(উন্)}

অণুচ্ছেদ ⇒ অনুচ্ছেদ

অণুবীক্ষণ [ওনুবিকখন্] *বি* চক্ষুর অগোচর ক্ষুদ্র পদার্থ দর্শনের যন্ত্রবিশেষ; microscope। {*স.* অণু+বীক্ষণ}

অণ্ড [অনডো] *বি* ১ আণ্ডা; ডিম। ২ অণ্ডকোষের বিচি। **~কোষ** *বি* মুষ্ক; হোল। **~জ** *বিণ* ডিম্বজাত। **অণ্ডাকার, অণ্ডাকৃতি** *বিণ* ডিমের ন্যায় আকারবিশিষ্ট, oval (অণ্ডাকার বহুতর চানকার মধ্যে—*বচ*)। **অণ্ডালু** *বিণ* ডিমযুক্ত, আণ্ডাদার (অণ্ডালু মাছ)। {*স.* √অম্+ড}

অত, অতো [অতো] *বিণ* অধিক; এত বেশি (অত টাকা চাই না)। ◻ *ক্রিবিণ* বেশি পরিমাণে; প্রচুর (অত খেয়ো না)। ◻ *সর্ব* ঐ পরিমাণে (অত আনিনি)। **~শত** *বিণ* এত বিষয়; নানা ব্যাপার; খুঁটিনাটি (অতশত কথায় কাজ কি?)। ◻ *ক্রিবিণ* খুব তলিয়ে (অতশত বুঝি না)। {*স.* ইয়ৎ>}

অতএব, অতেব (*মবা.*) [অতোএব্, অতেব] *অব্য* সুতরাং; কাজে কাজেই (অতেব করেছি আশা—*ঘচ*)। {*স.* অতঃ+এব}

অতঃপর [অতপপর্] *অব্য* এর পর; তারপর; অনন্তর। {*স.* অতঃ+পর}

অতট [অতট্] *বি* পর্বতাদির উচ্চ স্থল; ভৃগুদেশ; নদীর উচ্চ পার্শ্বদেশ। ◻ *বিণ* ১ তটশূন্য। ২ বিপুল। {*স.* অ(নঞ্)+তট; নতৎ}

অতথ্য [অতোতথো] *বিণ* অযথার্থ; মিথ্যা। {*স.* অ(নঞ্)+তথ্য; নতৎ}

অতদবির [অতোদবির্] *বি* অতদারক; তত্ত্বাবধানের অভাব; চেষ্টার অভাব। **অতদবিরে** *ক্রিবিণ*। {*বা.* অ(নঞ্)+ *আ.* তাদবীর [illegible]; নতৎ}

অতনু [অতোনু] *বি* মদন; কাম (অতনুর ঐ বিষ মাখা শর—*নই*)। ◻ *বিণ* ১ দেহহীন; অশরীরী (অতনু অতল ভাব—*সদ*)। ২ অকৃশ; স্থূল। **~রতি** *বি* আসঙ্গলিপ্সা; কামরতি (অতনুরতি বাঁধিনি আজো মোরা—*বিদে*)। {*স.* অ(নঞ্)+তনু; বহু}

অতন্দ্র, অতন্দ্রিত [অতনদ্রো, -দ্রিতো] *বিণ* ১ নিদ্রাহীন; জাগ্রত (অতন্দ্র চোখে তন্দ্রা আসিল—*নই*)। ২ মনোযোগী; উৎসাহী (বিদ্যাদানে অতন্দ্র নিয়ত—*সদ*)। ৩ সতর্ক; সাবধান (অতন্দ্র প্রহরী)। ৪ উজ্জ্বল (অতন্দ্র যুগল চন্দ্র—*সদ*)। ◻ *ক্রিবিণ* অনলসভাবে (সাম্রাজ্যেরি স্বর্গ-সিঁড়ি গড়ছ তখন অতন্দ্র—*সদ*)। **অতন্দ্রিতা** *বিণ* *স্ত্রী.*

নিদ্রাশূন্যা; জাগ্রতা (নিশি অতন্দ্রিতা—*সদ*)। { *স.* অ(নঞ)+তন্দ্রা, তন্দ্রিত; *বহু* }

অতরুণ [অতোরুন্] *বিণ* অ-নবীন; লুপ্তযৌবন; তারুণ্যহীন (কী করুণ, আহা, অতরুণ তনু সাজানু—*বুব*)। { *স.* অ(নঞ)+তরুণ; *বহু* }

অতর্ক [অতর্কো] *বি* কুতর্ক; অযথা তর্ক। ~**নীয়** *বিণ* তর্কাতীত; যুক্তি-বিচারে মীমাংসা করা যায় না এমন (অতর্কনীয় আত্মা তত্ত্বাদি বিষয়ের সবিশেষ মীমাংসা আছে—*ঈবি*)। { *স.* অ(নঞ)+তর্ক; *নতৎ* }

অতর্কিত [অতোরকিতো] *বিণ* অচিন্তিত; অপ্রত্যাশিত; অলক্ষিত (অতর্কিত কারণে তোমার ভয় উপস্থিত হইবেক—*ঈবি*)। **অতর্কিতে** *ক্রিবিণ* হঠাৎ; অসতর্ক অবস্থায়। { *স.* অ(নঞ)+তর্ক+অ(অচ); *নতৎ*; *বহু* }

অতল [অতল্] *বি* পাতাল; সপ্ত পাতালের অন্যতম (অতলের শয্যাতল ছাড়ি—*রঠা*)। ❑ *বিণ* ১ গভীর; অগাধ; অথৈ (স্বচ্ছ অতল স্নিগ্ধ নীলিমা—*রঠা*; অথই অতল)। ২ অনধিগম্য (অতল রহস্য যেন চাহে বলিবারে—*রঠা*)। { *স.* অ(নঞ)+√তল+অ; *বহু* }

অতলস্পর্শ [অতলোসপরশো] *বিণ* তলদেশ স্পর্শ করা যায় না এমন; অতি গভীর। { *স.* অ(নঞ)+তল+স্পর্শ; *বহু* }

অতলন্ত ⇒ অতলান্ত

অতলান্ত, অতলন্ত [অতলানতো,-লন্তো] *বিণ* অগাধ; গভীর (অতলন্ত সিন্ধু—*হেব*)। { *ই* Atlantic Ocean; নেই তল ও অন্ত যার—*বহু* }

অতশত ⇒ অত

অতসী [অতোশি] *বি* ১ পীতবর্ণ ফুলবিশেষ (অতসী অপরাজিতায় ভূষিত দেহ—*সদ*)। ২ তিসি; মসিনা (অতসীর শাখা হয়ে দূর তারকার জন্য আঁকুপাঁকু—*অচিসে*)। ৩ শণগাছ। { *স.* অত+অস (অসচ)+ঈ(ঙীষ) }

অতি [ওতি] *অব্য* অধিক অনুচিত অতিক্রান্ত প্রভৃতি অর্থে ব্যবহৃত উপসর্গবিশেষ (অতিমাত্র, অত্যাচার)। ❑ *বি* আতিশয্য; অন্যায্য পরিমাণ(কোনো কিছুর অতি ভালো নয়। ❑ *বিণ* ১ অসঙ্গত; অনুচিত; অতিরিক্ত (অতিমান, অতিবাড়, অতিশয়)। ২ (*ব্র.*) উৎকৃষ্ট। ❑ *বিণ-বিণ* অতিশয় (কৃষ্ণকান্ত অতি প্রশান্ত -*রঠা*)। ~**কথা** *বি* অতিশয়োক্তি; বাজে কথা। ~**কায়** *বিণ* প্রকাণ্ড দেহবিশিষ্ট (অতিকায় রথী—*মদ*)। ~**ক্রম**, ~**ক্রমণ** *বি* পার হওয়া; লঙ্ঘন; ডিঙানো। ~**ক্রমণীয়**, ~**ক্রম্য** *বিণ* ডিঙানো যায় এমন; লঙ্ঘনসাধ্য। ~**ক্রান্ত** *বিণ* ১ অতীত; গত। ২ লঙ্ঘিত; ডিঙানো হয়েছে এমন। ~**ক্ষণিক** *বিণ* স্বল্পকালস্থায়ী (তাহার অতিক্ষণিক জন্মগৃহবাসের স্নেহময় স্মৃতিচিহ্ন—*রঠা*)। ~**ঘরন্তী** *বিণ* *স্ত্রী.* গৃহকর্মে সুনিপুণা; ঘরসংসারসর্বস্বা। ~**জীবিত** *বিণ* দীর্ঘকালস্থায়ী (মধ্যযুগের অতিজীবিত সমাজ ব্যবস্থা—*সুদ*)। ~**জীবন** *বি*। ~**তর** *বিণ* অতি বেশি; অত্যধিক(দুঁহে প্রেম অতিতর—*ভারা*)। ~**দর্প** *বি* অত্যধিক অহঙ্কার। ~**দৈব** *বিণ* অলৌকিক; অতিজাগতিক (গরুড়ের এইরূপ অতিদৈব কর্ম দেখিয়া—*ঈবি*)। ~ **পরিপক্ব** *বিণ* ইঁচড়ে পাকা; অতি পাকা (অতি পরিপক্ব চোদ্দর মতো দেখাইত—*রঠা*)। ~**পাত** *বি* যাপন; অতিক্রমণ (কালাতিপাত)। ~**পিনদ্ধ** *বিণ* অত্যন্ত আঁটসাঁট; অধিক ঘনসন্নিবদ্ধ (বক্ষে অতিপিনদ্ধ জরির ফুলকাটা কাঁচুলি আবদ্ধ—*রঠা*)। ~**প্রসঙ্গ** *বি* অত্যুক্তি; বারংবার উক্তি। ~**প্রাকৃত, অপ্রাকৃত** *বিণ* অলৌকিক; অনৈসর্গিক; supernatural। ~**বড়/বড়ো** *বিণ* ১ অতি বৃহৎ; খুব বড়ো। ২ অত্যন্ত; খুব (অতিবড় বৃদ্ধ পতি—*ভারা*)। ৩ কঠিনতম (অতিবড়ো দিব্বি)। ৪ (*ব্য.*) বেজায়; বড়োই ভারী (অতি বড়ো দরদি)। ~**বল** *বিণ* অত্যন্ত শক্তিশালী; প্রবল। ~**বাড়** *বি* বেশি বাড়াবাড়ি; অত্যন্ত বা অতিরিক্ত অহঙ্কার। ~**বাদ** *বি* ১ অত্যুক্তি। ২ অপ্রিয় বাক্য; রূঢ়বাক্য। ~**বাহন** *বি* অতিক্রমণ; যাপন; পর্যটন (পথ অতিবাহন করেছেন; রাত্রি অতিবাহন করিয়া—*রঠা*)। ~**বাহিত** *বিণ* অতিক্রান্ত; উদ্‌যাপিত; অতীত। ~**বিনীত** *বিণ* অত্যধিক বিনয়যুক্ত (এক অতিবিনীত সুদীর্ঘ বক্তৃতা পাঠ করিলেন -*রঠা*)। ~**বিষম** *বিণ* অতিশয় ভীষণ; অত্যন্ত মারাত্মক (ঈদৃশ অতিবিষম বিষম শর—*ঈবি*)। ~**ভক্তি** *বি* ১ মাত্রাতিরিক্ত ভক্তি। ২ (*আল.*) কপট ভক্তি। ~**ভক্ত** *বিণ*। ~**মন্দা** *বি* পণ্যদ্রব্যের মূল্যের অত্যধিক হ্রাস প্রাপ্তি। ~**মর্ত্য** *বিণ* অলৌকিক; অপার্থিব; স্বর্গীয় (অতিমর্ত্য পদার্থ—*সুদ*)। ~**মাত্র** *বিণ* অধিক; অত্যন্ত; অতিশয়। ~**মান** *বি* অনুচিত আত্মগৌরব; অসঙ্গত আত্মমর্যাদাজ্ঞান। ~**মানব**, ~**মানুষ** *বি* মহাপুরুষ; মহামানব। ❑ *বিণ* অলৌকিক; অসাধারণ। ~**মানবিক**, ~**মানুষিক** *বিণ* অলৌকিক; অপার্থিব; অসাধারণ। ~**মানুষবাদ** *বি* উচ্চতর শ্রেণির অসাধারণ মানুষের অস্তিত্ব সম্বন্ধীয় মতবাদ (কোরআন... গুরুপূজা ও অতিমানুষবাদের তীব্রতর প্রতিবাদ করিয়াছে—*আখাঁ*)। ~**রঞ্জন** *বি* অত্যুক্তি; বাড়িয়ে বলা (অতিরঞ্জনপটু লেখক)। ~**রঞ্জিত** *বিণ*। ~**রিক্ত** *বিণ* প্রয়োজনের চেয়ে বেশি; অত্যধিক; বাড়তি। (আজিকার ভিক্ষা মাত্রা অতিরেক নহে—*কাদা*)। ~**শয়** *বিণ* অত্যন্ত বেশি; অতিরিক্ত। **আতিশয্য** *বি*। ~**শয়োক্তি** *বি* ১ অত্যুক্তি; বাহুল্যবর্ণন। ২ (*ব্যা.*) কাব্যালঙ্কারবিশেষ। ~**সার, অতীসার** (বিরল) *বি* উদরাময়; পেটের পীড়াবিশেষ। { *স.* √অত্+ই }

অতিথি, অতিথ (বিরল) [ওতিথি, ওতিথ্] *বি* আগন্তুক; অভ্যাগত; মেহমান (ঐ শোন গো অতিথ বুঝি আজ, এল আজ—*রঠা*)। **অতিথিনী** *বি* *স্ত্রী.* আগন্তুকা; অভ্যাগতা (আনন্দ-সুন্দর তনু, স্বপনের অতিথিনী—*মোম*)। ~**পরায়ণ**, ~**প্রিয়**, ~**বৎসল**, ~**সেবক** *বিণ* অতিথির সেবা করতে ভালোবাসে এমন। ~**বৎসল** ⇒ ~**পরায়ণ**। ~**সেবক** ⇒ ~**পরায়ণ**। ~**পরিচর্যা**, ~**সৎকার**, ~**সেবা** *বি* অতিথিকে আহার ও আশ্রয়দান এবং তার আরাম আয়েশের ব্যবস্থা। ~**প্রিয়** ⇒ ~**পরায়ণ**। ~**শালা** *বি* ১ অতিথিদের থাকার ঘর। ২ পান্থনিবাস। { *স.* অত্+ইথি }

অতিষ্ঠ [অতিশ্‌ঠো] *বিণ* উত্যক্ত; অস্থির; থাকতে অক্ষম (বিপ্রগণ অতিষ্ঠ হইয়াছেন—*রাব*)। { *স.* অ(নঞ)+তিষ্ঠ; *বহু* }

অতিহুঁ (*ব্র.*) [অনুরূপ উচ্চারণ] *অব্য* অত্যন্ত; অতিশয় (অতিহুঁ লাজ ভয়—*বিপ*)। { *স.* অত+হিঁ }

অতীত [ওতিত্] *বিণ* ১ বিগত; হয়েছে বা ঘটে গেছে এমন (অতীত [illegible])। ২ শেষ; সমাপ্ত (আবশ্যক অতীত হইয়া গেলে [illegible])। ৩ বাইরে; অগোচর (দৃষ্টির অতীত; ধারণার [illegible])। ☐ *বি* বিগতকাল (অসীম অতীতে চাহিতে [illegible] দেখা দেয় অবশেষে—*রঠা*)। ~**বেত্তা** *বি* যিনি [illegible] বিষয় জানেন। { *স.* অতি+ √ই+ ত(ক্ত)}

অতীন্দ্রিয় [[illegible]দ্রিয়ো] *বিণ* ইন্দ্রিয়াতীত; চক্ষুকর্ণাদির অগোচর [illegible] *বি*। { *স.* অতি+ইন্দ্রিয়}।

অতীব [[illegible]] *বিণ* অত্যন্ত; অধিক। **অতীবা** *বিণ স্ত্রী.* [illegible] (অসীমচুম্বনী, তবু চুম্বনের অতীত, [illegible])। { *স.* অতি+ইব}

অতীসার ⇒ [illegible]

অতুচ্ছ [অতুচ্ছো] *বিণ* তুচ্ছ; অশিক্ষিত লোকের মুখে [illegible] 'তুচ্ছ' শব্দের কথ্যরূপ (এটা বুঝি অতুচ্ছ কথা [illegible])। { *স.* অ(নঞ)+তুচ্ছ}

অতুল, অতুলন, অতুলনীয়, অতুলিত, অতুল্য [[illegible], -লন, -লোনিয়ো, -লিতো, -ল্লো] *বিণ* [illegible]; সাদৃশ্য খুঁজে পাওয়া যায় না এমন; অদ্বিতীয় [illegible] অতুল বিভব—*মীম*; জীবনের অতুলন স্বাদ থেকে [illegible]; অতুলিত দেখি আঁখি মুখ করতল—*সেঅ*)। **অতুলনা, অতুলনীয়া, অতুলিতা, অতুল্যা** *স্ত্রী.*। { *স.* অ(নঞ)+ তুল, তুলন, তুলনীয়, তুলিত, তুল্য; *বহু*}

অতুষ্ট [অতুশ্‌টো] *বিণ* অসন্তুষ্ট; বিরক্ত। **অতুষ্টিকর** *বিণ* অসন্তোষজনক; বিরক্তিজনক। { *স.* অ(নঞ)+তুষ্ট; *নতৎ; বহু*}

অতৃপ্ত [অতৃপ্‌তো] *বিণ* ১ অসন্তুষ্ট; অপরিতুষ্ট। ২ অচরিতার্থ; অসফল (অতৃপ্ত কামনা—*রঠা*)। **অতৃপ্তি** *বি*। { *স.* অ(নঞ)+ √তৃপ্+ত(ক্ত); *নতৎ; বহু*}

অতৃপ্য [অতৃপ্‌পো] *বিণ* তৃপ্তি দেওয়া যায় না বা তৃপ্ত হয় না এমন (যে কারিগর এই পরিবর্তনশীল সংসার, আর এই অতৃপ্য নয়ন সৃজন করিয়াছেন—*বচ*)। { *স.* অ(নঞ)+তৃপ্য; *বহু*}

অতেব ⇒ অতএব

অত্যধিক [ওত্‌তোধিক্] *বিণ* অত্যন্ত বেশি; প্রয়োজনের অধিক। { *স.* অতি+অধিক; *প্রাদি*}

অত্যন্ত [ওত্‌তোন্‌তো] *বিণ* অতিশয়; খুব বেশি। ~**গামিক** *বিণ* অতিশয় দ্রুতগামী। { *স.* অতি+অন্ত; *প্রাদি*}

অত্যন্তিক [ওত্‌তোন্‌তিক্] *বিণ* অত্যধিক। { *স.* অতি+অন্তিক; *প্রাদি*}

অত্যয় [ওত্‌তয়্] *বি* ১ অতিক্রম; অতিপাত (কালাত্যয়)। ২ বিনাশ; ধ্বংস; মৃত্যু (প্রাণাত্যয়)। ৩ বিপদ; দুঃখ। ৪ (*পরি.*) আকস্মিক বিপদ; emergency। ~**পত্র** *বি* জরুরি সনদপত্র; emergency certificate। **অত্যয়িত** *বিণ*। { *স.* অতি+ √ই+অ(অচ)}

অত্যল্প [ওত্‌তল্‌পো] *বিণ* অতি অল্প; যৎকিঞ্চিৎ { *স.* অতি+অল্প; *প্রাদি*}

অত্যাহিত [ওত্‌তাহিত্] *বি* অতিশয় অকল্যাণ; সর্বনাশ। { *স.* অতি+অহিত; *প্রাদি*}

অত্যাচার [ওত্‌তাচার্] *বি* উৎপীড়ন; জুলুম; উপদ্রব; দুর্ব্যবহার। ২ অপরিমিত বা অত্যধিক আহার বিহার পরিশ্রম ইত্যাদি। (শরীরের উপর অত্যাচার)। **অত্যাচারী** (-রিন্) *বিণ* জালিম; উৎপীড়ক। **অত্যাচারিণী** *স্ত্রী.*। **অত্যাচারিত** *বিণ* উৎপীড়িত; দুর্ব্যবহার প্রাপ্ত। { *স.* অতি+ আচার; *কর্মধা*}

অত্যাজ্য [অত্যাজ্‌জো] *বিণ* ত্যাগ করা যায় না এমন; অপরিহার্য। { *স.* অ(নঞ)+ত্যাজ্য; *নতৎ; বহু*}

অত্যাবশ্যক, অত্যাবশ্যকীয় [ওত্‌তাবোশ্‌শোক্, ওত্‌তাবোশ্‌শোকিয়ো] *বিণ* অতি প্রয়োজনীয়; অত্যন্ত দরকারি। { *স.* অতি+আবশ্যক, আবশ্যকীয়; *প্রাদি*}

অত্যাশ্চর্য [ওত্‌তাশ্‌চোর্‌জো] *বিণ* অতি অদ্ভুত; অত্যন্ত বিস্ময়কর (অত্যাশ্চর্য ক্ষমতা)। { *স.* অতি+আশ্চর্য; *প্রাদি*}

অত্যাসক্ত [ওত্‌তাশক্‌তো] *বিণ* অতিশয় অনুরক্ত; অত্যন্ত আসক্ত। **অত্যাসক্তি** *বি*। { *স.* অতি+আসক্ত; *প্রাদি*}

অত্যুক্তি [ওত্‌তুক্‌তি] *বি* অতিরঞ্জিত বর্ণনা; অতিশয় উক্তি। { *স.* অতি+উক্তি; *প্রাদি*}

অত্যুগ্র [ওত্‌তুগ্‌গ্রো] *বিণ* অত্যন্ত প্রখর; অতিশয় উগ্র বা রুক্ষ। { *স.* অতি+উগ্র; *প্রাদি*}

অত্যুচ্চ [ওত্‌তুচ্‌চো] *বিণ* অতিশয় উচ্চ। { অতি+উচ্চ; *প্রাদি*}

অত্যুজ্জ্বল [ওত্‌তুজ্‌জল্] *বিণ* অতিশয় দীপ্তিমান; অত্যন্ত উজ্জ্বল। { *স.* অতি+উজ্জ্বল; *প্রাদি*}

অত্যুৎকৃষ্ট [ওত্‌তুত্‌কৃশ্‌টো] *বিণ* অতি উত্তম; অত্যন্ত ভালো। { *স.* অতি+উৎকৃষ্ট; *প্রাদি*}

অত্যুৎপাদন [ওত্‌তুত্‌পাদোন্] *বি* অধিক মাত্রায় উৎপাদন; overproduction। { *স.* অতি+উৎপাদন; *প্রাদি*}

অত্যুষ্ণ [ওত্‌তুশ্‌নো] *বিণ* অত্যন্ত গরম; অতিশয় উত্তপ্ত। { *স.* অতি+উষ্ণ; *প্রাদি*}

অত্র [অত্‌ত্রো] *ক্রিবিণ* এখানে; এ স্থানে। ~**ত্য** *বিণ* এ স্থানের; এখানকার; এই দেশের (অত্রত্য লোকে তোমার প্রকৃত পরিচয় পাইলে প্রাণদণ্ড হইবে—*ঈবি*)। { *স.* এতদ্+ত্র(ত্রল)}

অত্রস্ত [অত্রোস্‌তো] *বিণ* ১ অশঙ্কিত; ভয়শূন্য। ২ অব্যস্ত; ত্বরাশূন্য। { *স.* অ(নঞ)+ত্রস্ত; *নতৎ; বহু*}

অত্রস্থ [অত্‌ত্রোসথো] *বিণ* এ জায়গার; এ স্থানের; এ বাড়ির বা পরিবারের (অত্রস্থ সকলই মঙ্গল)। { *স.* অত্র+স্থ}

অত্বর [অত্‌তর্] *বিণ* ত্বরাযুক্ত নয় এমন; বিলম্বিত (অথবা অত্বর চিঠি, মধ্যরাতে নাজুক তন্দ্রায়—*বুব*)। { *স.* অ(নঞ)+ত্বরা; *বহু*}

অথই, অথৈ [অথোই] *বিণ* গভীর; অতলস্পর্শ (অথই অতল)। { অ+(*স.* স্থলী>)থই; *বহু*}

অথচ [অথোচো] *বিণ অব্য* ১ তথাপি; তা সত্ত্বেও; কিন্তু। ২ পক্ষান্তরে। { *স.* অথ+চ}

অথবা [অথোবা] *অব্য* বা; কিংবা; পক্ষান্তরে। { *স.* অথ+বা}

অথবেথে, অথব্যথে (*মবা.*) [অথবেথে, অথব্যাথে]

ক্রিবিণ ব্যস্তসমস্তভাবে (কেহ আইলা অথব্যথে—*বচন্দ*)। { *স.* অস্তব্যস্তে> }

অথর্ব [অথরবো] *বিণ* ১ জরাগ্রস্ত; উত্থানশক্তিরহিত (অথর্ব বৃদ্ধ)। ২ অকেজো; অকার্যকরী (সেকেলে বিদ্যে অত্যন্ত বেশি অথর্ব হয়ে পড়েছে—*রঠা*) ☐ *বি* চতুর্থ বেদ। { *স.* অথ+ √ঋ+বন(বনিপ্) }

অথান্তর, আথান্তর, আতান্তর [অথান্তর, আ-, আতা-] *বি* ১ অন্য অবস্থা প্রাপ্তি; অবস্থার বিপর্যয়; বিপদ; মুশকিল; অসুবিধা (মুই পরাধিনীহেতু এই অথান্তর—*দৌকা*; বড় আথান্তর সেই পুষ্পের কারণ—*বিগু*)। ২ দুর্ভাবনা; দুশ্চিন্তা (চণ্ডী হেথা পাতে আথান্তর—*বিগু*)। { *স.* অবস্থান্তর>; *নিত্য.* }

অথির ⇒ অস্থির

অথৈ ⇒ অথই

অদক্ষ ⇒ [অদোকখো] *বিণ* অনিপুণ; অপটু। { *স.* অ+দক্ষ; *নতৎ; বহু* }

অদন [অদন্] *বি* ১ ভোজন; ভক্ষণ (বদনে রদনে লড়ে অদনে বঞ্চিত—*ভারা*)। ২ আহার্য; খাদ্যদ্রব্য। { *স.* অ+ অদ+অন }

অদন্ত [অদনতো] *বিণ* দন্তহীন; দাঁত পড়ে গেছে এমন (অদন্ত বুড়া—*সদ*)। ☐ *বি* দন্তহীন লোক (অদন্তের বিকট হাসি—*অঠা*)। { *স.* অ+দন্ত; *বহু* }

অদভুত, অদভূত (*মবা.*) [অদভুত, -] *বিণ* অদ্ভুত; আশ্চর্যজনক (অদভুত লাগে তোর সুনিআঁ বচন—*বচন্দ*)। { অদ্ভুত>(স্বরাগমে) অদভুত }

অদমনীয়, অদম্য [অদমোনিয়ো, অদোমমো] *বিণ* অজেয়; দমন করা যায় না এমন (অদম্য ইচ্ছা)। { *স.* অ+√দম+অনীয়, য (যৎ); *বহু* }

অদয় [অদয়] *বিণ* নির্দয়; নিষ্ঠুর (অদয় অক্রূর যবে সে আসিল ব্রজমণ্ডলে—*মদ*)। { *স.* অ+দয়া; *বহু* }

অদরকারি, অদরকারী [অদরকারি] *বিণ* অনাবশ্যক; অপ্রয়োজনীয়। { *বা.* অ+ *ফা.* দরকার دركار + *বা.* ই/ঈ; *নতৎ* }

অদর্শন [অদরশন্] *বি* অদেখা; দৃষ্টির বহির্ভূত হওয়া (ক্ষণেক অদর্শনে—*রঠা*)। ☐ *বিণ* দৃষ্টির অগোচর; বিলুপ্ত (কলিকালে এই পুরী হইবে অদর্শন—*ভারা*)। { *স.* অ(নঞ)+দর্শন; *নতৎ* }

অদল[1] [অদল্] *বিণ* পাপড়িশূন্য; দলহীন। { *স.* অ(নঞ)+দল; *নতৎ* }

অদল[2] [অদল] *বি* পরিবর্তন। **~বদল** *বি* ১ পরিবর্ত; ওলট-পালট (পূর্বাপর একই রকম থেকে যেতো তার মতিগতিতে যদি কোন অদল না হোত—*ওহ*)। ২ বিনিময়; এক জিনিস দিয়ে অন্য জিনিস নেওয়া। { *আ.* উদুল عدول }

অদহনীয়, অদাহ্য [অদহোনিয়ো, অদাজ্‌ঝো] *বিণ* আগুনে পোড়ে না এমন; দগ্ধ হওয়ার অযোগ্য। { *স.* অ(নঞ)+দহনীয়, দাহ্য; *বহু* }

অদান [অদান্] *বি* অযোগ্য দান। { *স.* অ(নঞ)+দান; *নতৎ* }

অদাহ্য ⇒ অদহনীয়

অদিতি [অদিতি] *বি স্ত্রী.* ১ পৃথিবী। ২ দক্ষ প্রজাপতির কন্যা (অদিতি যদিচ বোন সতীন হায়রে এই বঞ্চিত তার—*সদ*)। { *স.* অ+ √দো+তি(ক্তিন) }

অদিন [অদিন্] *বি* ১ অশুভ দিন; অসময়। ২ দুর্দিন; দুঃসময়; অকাল। { *স.* অ(নঞ)+দিন; *নতৎ; বহু* }

অদিব্য [অদিব্‌বো] *বিণ* ১ পার্থিব; অস্বর্গীয় (রূপ হল অদিব্য, রস হল দিব্য—*অঠা*)। ২ অসুন্দর; কুৎসিত। { *স.* অ(নঞ)+দিব্য; *নতৎ* }

অদীক্ষিত [অদিকখিত/-তো] *বিণ* দীক্ষা লাভ করেনি এমন। { *স.* অ(নঞ)+দীক্ষিত; *বহু* }

অদুল, অদূল [অদুল্] *বি* বিচ্যুতি; পথভ্রষ্টতা; প্রত্যাবর্তন; পরিবর্তন; বদল। { *আ.* উদূল্ عدول }

অদূর [অদুর] *বিণ* নিকটবর্তী; অল্প দূরস্থিত (বাজিবে আরতিশঙ্খ অদূরমন্দিরে—*রঠা*)। **অদূরে** *ক্রিবিণ* কাছে; নিকটে (অদূরে হেরিলা রক্ষঃপতি, রণক্ষেত্র—*মদ*)। **~দর্শী** *বিণ* অপরিণামদর্শী; ভবিষ্যৎ সম্বন্ধে উদাসীন। **~দর্শিনী** *স্ত্রী.*। **~দর্শিতা** *বি.*। **~বর্তী** *বিণ* নিকটস্থ; দূরে অবস্থিত নয় এমন (তাহার অদূরবর্তী মুদির দোকানে—*রঠা*)। **~বর্তিনী** *স্ত্রী.*। **~বর্তিতা** *বি.*। **~স্থ** *বিণ* নিকটবর্তী; অল্প দূরে অবস্থিত এমন। { *স.* অ(নঞ)+দূর; *নতৎ* }

অদূল ⇒ অদুল

অদৃশ্য [অদদৃশশো/অদৃশশো] *বিণ* ১ চোখে দেখা যায় না এমন; দৃষ্টির অগোচর। ২ অপ্রত্যক্ষ জগতের; অতীন্দ্রিয় সত্তার (তোমার গায়ের শক্তি তোমাকে পীড়িতের নিক্ষিপ্ত অদৃশ্য বাণ হতে রক্ষা করে না—*লুর*)। { *স.* অ(নঞ)+ √দৃশ+য(ক্যপ); *নতৎ; বহু* }

অদৃষ্ট[1] [অদৃশটো] *বিণ* ১ চোখে দেখা যায় না এমন; দৃষ্টির অগোচর। ২ অপ্রত্যক্ষ জগতের; অতীন্দ্রিয় সত্তার (তোমার গায়ের শক্তি তোমাকে পীড়িতের নিক্ষিপ্ত অদৃশ্য বাণ হতে রক্ষা করে না—*লুর*)। { *স.* অ(নঞ)+ √দৃশ+ত(ক্ত); *নতৎ; বহু* }

অদৃষ্ট[2] [অদৃশটো] *বি* ভাগ্য; কপাল; তকদির; নিয়তি (অদৃষ্টের লেখা মোছে না)। ☐ *বিণ* দেখা যায় না বা দেখা যায়নি এমন; দৃষ্টির অগোচর (অন্যের অদৃষ্ট কিছু কারিকরি করি—*ভারা*)। **~ক্রমে** *ক্রিবিণ* কপালগুণে; ভাগ্যবশত। **~চর** *বিণ* চর্মচক্ষের অতীতরূপে বিচরণকারী (আমি এক অদৃষ্টচর অশ্রুতপূর্ব আশ্চর্য দর্শন করিয়াছি—*ঈবি*)। **~পরীক্ষা** *বি* ভাগ্য যাচাই করণ; ভাগ্য পরীক্ষা। **~পুরুষ** *বি* ভাগ্যবিধাতা। **~পূর্ব** *বিণ* আগে দেখা যায়নি এমন। **~বাদ** *বি* প্রাক্তন (পূর্বজন্মের) কর্মফলের দরুন ইহজন্মের সুখ-দুঃখ ভোগ—এই মতবাদ; ভাগ্যে যা আছে তা-ই হবে—এই মতবাদ; ভাগ্যের প্রতি আস্থা। **~বাদী** *বিণ* ভাগ্যের উপর একান্ত নির্ভরশীল। **~বৈগুণ্য** *বি* ভাগ্যহীনতা; দুর্ভাগ্য (আমারই অদৃষ্টবৈগুণ্যবশত এই উপদ্রব উপস্থিত হইতেছে—*ঈবি*)। **~লিপি** *বি* কপালের লেখা। **অদৃষ্টের পরিহাস** *বি* ভাগ্য-বিড়ম্বনা। { *স.* অ+ √দৃশ+ত(ক্ত); *বহু* }

অদৃষ্টি [অদৃশটি] *বি* কুদৃষ্টি; বিরক্তিপূর্ণ দৃষ্টি। { *স.* অ+ দৃষ্টি; *নতৎ* }

অদেখা, আদেখা, আদেখ্‌খ (*মবা.*) [অদ্যাখা, আ-,

[illegible] *বিণ* দেখা হয়নি বা যায়নি এমন; অদৃশ্য; অদৃষ্ট ([illegible] *দেখি* আর অদেখা—*অচিসে*; আদেখা [illegible] থেকে মুশ্ উদয়নে মেদিনী জয় হইল [illegible])। { *বা.* অ, আ+দেখ; *বহু* }

অদেয় [অদেয়ো] *বিণ* দেওয়ার অযোগ্য; দিতে পারা যায় না এমন (অদেয় যা দিনু মাথায়ে ছাপার কালি—*রঠা*) { *স.* অ(নঞ)+দেয়; *বহু* }

অদ্ভুত [অদ্ভুত্] *বিণ* ১ বিস্ময়কর; আশ্চর্যজনক; [illegible]। ২ আকস্মিক। ৩ অসাধারণ। ❑ *বি* কাব্যের [illegible]। ~**কর্মা** *বিণ* ১ অলৌকিক কার্য সম্পাদনকারী। ২ অসাধারণ কর্মশক্তিবিশিষ্ট। ❑ *বি* (*বা.*) [illegible] কাণ্ড করে যে। { *স.* অৎ+√ভূ+উত্(ডুতচ্)> }

অদ্য [অদ্দো] *অব্য* ১ এখন। ২ সম্প্রতি। ৩ আজ। ❑ *বি* ১ আজকের দিন। ২ বর্তমান কাল (তখনো তো হেথা এক [illegible] অদ্য—*রঠা*)। ~**কার**, ~**তন** *বিণ* আজকের। { *স.* [illegible] }

অদ্যাপি [অদ্দাপি] *অব্য* এখনও; আজও; একাল পর্যন্ত ([illegible])। { *স.* অদ্য+অপি }

অদ্যাবধি [অদ্দাবোধি] *অব্য* ১ আজ থেকে। ২ আজ [illegible] { *স.* অদ্য+অবধি; *বহু* }

অদ্রব [অদ্দোবো] *বিণ* অগলিত; গলে না এমন। { *স.* [illegible]+দ্রব; *বহু* }

অদ্রি [অদ্দ্রি] *বি* পর্বত। { *স.* √অদ্+রি(ক্রিন্) }

অদ্রোহ [অদ্দ্রোহো] *বি* অহিংসা; অবিরোধ। { *স.* [illegible]+দ্রোহ; *নতৎ* }

অদ্বয় [অদ্দয়] *বিণ* অদ্বিতীয়; অতুল্য (আত্মার অমল [illegible]। পৃথ্বীর মাঝে অদ্বয় গণি—*সদ*)। ~**বাদ** *বি* [illegible]; একেশ্বরবাদ; তৌহিদ। { *স.* অ(নঞ)+দ্বয়; [illegible]; *বহু* }

অদ্বিতীয় [অদ্দিতিয়ো] *বিণ* দ্বিতীয় বা তুল্য নেই এমন; [illegible] (তাজমহল জগতে অদ্বিতীয় হর্ম্য)। { *স.* অ(নঞ)+দ্বিতীয়; *বহু* }

অদ্বৈত [অদ্দোইতো] *বিণ* ভেদশূন্য; অদ্বিতীয়। ❑ *বি* [illegible] জনৈক প্রধান পার্শ্বচর। ~**বাদ** *বি* ব্রহ্ম [illegible] দ্বিতীয় কিছুই নেই, জীব ও ব্রহ্ম অভিন্ন—এই মতবাদ। *তুল.* ওয়াহদাতুল ওজুদ বা হামা উস্ত মতবাদ। ~**বাদী** *বিণ*। { *স.* অ(নঞ)+দ্বৈত; *বহু* }

অধ (*মবা.*) [অধ] *বিণ* অর্ধ (অধ নদী গেলে—*বচদা*)। { *স.* অর্ধ }

অধঃ [illegible] পদ হিসেবে অধহ্, কিন্তু সন্ধিস্থলে পরপদের [illegible] দ্বিত্ব উচ্চারণ, যেমন অধঃপাত = অধোপ্‌পাত, [illegible] *অব্য* নিম্নে (নীচে পৃথিবী রেখেছ সপ্ত পাতালের [illegible])। ~**কৃত** *বিণ* ১ দমিত; পরাভূত (তবু দুঃসহ [illegible] অধঃকৃত করিয়া—*রঠা*)। ২ নিপাতিত; [illegible]। ~**পতন**, ~**পাত** *বি* অধোগতি; নৈতিক [illegible]; [illegible]প্রাপ্তি। ~**পতিত** *বিণ*। ~**পাতে যাওয়া** *ক্রি* উৎসন্নে যাওয়া; খারাপ হওয়া; গোল্লায় যাওয়া। ~**পেতে**, ~**পাতিয়া** *বিণ* উন্মার্গগামী; উৎসন্ন; নষ্ট। ~**শিরা**, ~**শির** *বিণ* মাথা নিম্নদিকে এমন; নিম্নশির (এই তপস্বী অধঃশিরা ও বৃক্ষে লম্বমান হইয়া ধূমপান করিতেছেন—*ঈবি*)। ~**স্থ**, ~**স্থিত** *বিণ* ১ নিম্নে আছে এমন; নিম্নস্থিত। ২ অধীন; নিম্নপদস্থ। { *স.* অধস্ }

অধন্য [অধোন্‌নো] *বিণ* অভাগ্য; অকৃতার্থ (চির অধন্য হয়েছি হঠাৎ সকল ধনীর ধনী—*সদ*)। { *স.* অ(নঞ)+ধন্য; *নতৎ*; *বহু* }

অধবা [অধোবা] *বিণ স্ত্রী.* স্বামী ছাড়া; স্বামীবর্জিতা (অধবা নারীর ভাগ্যে দুঃখ নাহি যায়—*পুগী*)। { *স.* অ(নঞ)+ধব(স্বামী); *বহু* }

অধম [অধম্/ ধোম্] *বিণ* হীন; তুচ্ছ; অপকৃষ্ট; নিন্দিত। **অধমাঙ্গ** *বি* চরণ; পা। **অধমাধম** *বিণ* নীচতম; অত্যন্ত নিকৃষ্ট; অধমদের মধ্যে সব চেয়ে অধম। { *স.* অধস্+ম }

অধমর্ণ [অধোমরনো] *বি* দেনাদার; খাতক; কর্জদার; ঋণকারী। { *স.* অধম-ঋণ; *বহু* }

অধমাঙ্গ, অধমাধম ⇒ অধম

অধর [অধোর্] *বি* ১ নিচের ঠোঁট (ওষ্ঠে অধরেতে চাপি অন্তরের দ্বার ঝাঁপি—*রঠা*)। ২ ওষ্ঠ; ঠোঁট (তাম্বুল রাতুল হৈল অধর পরশে—*সৈআ*)। ~**পল্লব** *বি* কিশলয়তুল্য কোমল ওষ্ঠ। ~**চুম্বন** *বি* মুখচুম্বন। ~**মদিরা**/ ~**মধু**/ ~**সুধা**/ **অধরামৃত পান করা** *ক্রি* চুম্বন করা। { *স.* অ(নঞ)+√ধৃ+অ(অচ্) }

অধরা[1] [অধরা] *বিণ স্ত্রী.* অধরবিশিষ্টা (কিম্বা বিম্বাধরা রামা অম্বুরাশি তলে—*মদ*)। { *স.* অধর+আ (টাপ্) }

অধরা[2] [অধরা] *বিণ* ধরা যায় না এমন; ইন্দ্রিয়াতীত (অধরা রূপ—*রঠা*) { *স.* অ(নঞ)+ধরা; *বহু* }

অধরামৃত ⇒ অধর

অধরু (*বা.*) [অধোরু] *বিণ* অস্থির (অধরু আচর ওর—*বিপ*)। { *স.* অধৈর্য> }

অধরোষ্ঠ, অধরৌষ্ঠ [অধরোশ্‌ঠো, -রৌশ্-] *বি* নিচের ও উপরের ঠোঁট। **অধরোষ্ঠ্য** *বিণ* অধরোষ্ঠ দ্বারা উচ্চারিত হয় এমন। { *স.* অধর-ওষ্ঠ; *দ্বন্দ্ব* }

অধর্ম [অধরমো] *বি* পাপ; অন্যায়; ধর্মবিরুদ্ধ আচরণ। ❑ *বিণ* ধর্মবিরুদ্ধ; নীতিবহির্ভূত; গর্হিত (সতত অধর্ম কর্মে রত লঙ্কাপতি—*মদ*)। ~**নিষ্ঠ**, ~**চারী**, ~**পরায়ণ**, **অধর্মাচারী**, **অধর্মী** *বিণ* ধর্মবিরুদ্ধ কার্যে নিরত; পাপী; অন্যায়কারী; ধর্মহীন (বিনাশিব অধর্মী সৌমিত্রি মূঢ়ে—*মদ*)। **অধর্মাচরণ**, **অধর্মানুষ্ঠান** *বি* পাপকাজ; ধর্মবিরুদ্ধ আচরণ বা কর্ম। **অধর্ম্য** *বিণ* ধর্মবিরুদ্ধ; গর্হিত; অন্যায়। { *স.* অ(নঞ)+ধর্ম; *নতৎ* }

অধস্তন [অধস্‌তন্, -তনো] *বিণ* ১ নিম্নস্থিত; নিম্নগত; বংশপরম্পরাক্রমে পরবর্তী (অধস্তন পুরুষ)। ২ অধীন; পদমর্যাদায় ন্যূন (অধস্তন কর্মচারী)। { *স.* অধস্+তন }

অধার্মিক [অধারমিক] *বিণ* পাপিষ্ঠ; ধর্মহীন। ❑ *বি* অধার্মিকতা। { *স.* অ(নঞ)+ধার্মিক; *বহু* }

অধি [ওধি] *অব্য* প্রাধান্য আধিপত্য আধিক্য ইত্যাদিসূচক উপসর্গ। { *স.* উপসর্গ }

অধিক [ওধিক] *বিণ* বেশি; অনেক; অতিরিক্ত। **অধিকা** *স্ত্রী.* (তুমি সখী পরাণ-অধিকা—*মোম*)। ~**তম** *বিণ* সর্বাপেক্ষা অধিক; সবচেয়ে বেশি। ~**তর** *বিণ* দুইয়ের মধ্যে অধিক; অপেক্ষাকৃত বেশি। { *স.* অধি+ক(কন্) }

অধিকন্তু [অধিকোনতু] *অব্য* আরও; বেশির ভাগে;

উপরন্তু; তার উপর। { স. অধিকং+তু}

অধিকরণ [ওধিকরোন্] *বি* ১ (*ব্যা.*) ক্রিয়ার আধারবোধক কারকবিশেষ। ২ অধিকার করা; দখল করা। ৩ স্থান; কার্যালয়। { স. অধি+√কৃ+অন(ল্যুট)}

অধিকর্তা [ওধিকর্‌তা] *বি* কোনো প্রতিষ্ঠানের সর্বোচ্চ দায়িত্বশীল ব্যক্তি; পরিচালক। { স. অধি+কর্তা}

অধিকাংশ [ওধিকাঙশো] *বিণ* বেশির ভাগ। { স. অধিক+অংশ; *কর্মধা.*}

অধিকার [ওধিকার্] *বি* ১ স্বত্ব; স্বামিত্ব; দাবি। ২ দখল; আয়ত্ত (অধিকার করা)। ৩ জ্ঞান; অভিজ্ঞতা (শাস্ত্রে অধিকার)। ৪ আধিপত্য; কর্তৃত্ব (তদীয় অধিকার কালে প্রজালোকের সৌভাগ্য সঞ্চার ঘটিয়াছিল —*ঈবি*)। ৫ যোগ্যতা; উপযুক্ততা (স্বাধীনতার অধিকার)। ৬ এলাকা। –**ভেদ** *বি* যোগ্যাযোগ্যের পার্থক্যবিচার। **অধিকারী**(–রিন্) *বিণ* স্বত্ববান; মালিকানাসম্পন্ন। □*বি* ১ মালিক; প্রভু। ২ যাত্রাদলের অধ্যক্ষ বা দলপতি (যাত্রার বালক অধিকারীর কানমলা খাইয়া—*বচ*)। ৩ উপাধিবিশেষ। ৪ উচ্চপদস্থ কর্মচারী (নীরব সচিববৃন্দ, অধিকারী যত রক্ষঃশ্রেষ্ঠ —*মদ*)। **অধিকারিণী** *স্ত্রী.*। { স. অধি+√কৃ+অ(ঘঞ্)+ইন}

অধিকৃত [ওধিকৃক্রিতো] *বিণ* ১ আয়ত্তে বা দখলে আনীত। ২ শিক্ষা বা চর্চার দ্বারা লব্ধ। □*বি* যার উপর কার্য নির্বাহের ভার অর্পিত হয়; অধ্যক্ষ (কেবল অধিকৃতবর্গের বিবেচনার উপর নির্ভর করিয়া নিশ্চিন্ত হইয়াছি—*ঈবি*)। **অধিকৃতি** *বি*। { স. অধি+√কৃ+ত(ক্ত)}

অধিগত [ওধিগতো] *বিণ* ১ প্রাপ্ত; লব্ধ। ২ জ্ঞাত; শিক্ষার দ্বারা আয়ত্ত। { স. অধি+√গম্+ত (ক্ত)}

অধিগম, অধিগমন [ওধিগম্,–মোন্] *বি* প্রাপ্তি; লাভ; আয়ত্তি। { স. অধি+√গম্+অ(ঘঞ্), অন(ল্যুট)}

অধিগম্য [ওধিগোম্মো] *বিণ* ১ জ্ঞেয়; জ্ঞানগম্য। ২ প্রাপ্য; লভ্য (তাঁদের পক্ষে অধিগম্য বাড়িগুলো মনে মনে ভেবে গেলো—*বুব*)। { স. অধি+√গম্+য(ণ্যৎ)}

অধিত্যকা [ওধিত্‌তোকা] *বি* (*ভূগো.*) পর্বতের সমতল উপরিভাগ বা সানুদেশ। { স. অধি+ত্যক(ত্যকন্)+আ}

অধিদেব, অধিদেবতা, অধিদৈবত [ওধিদেব্, –দেবোতা, –দোইবত্] *বি* অধিষ্ঠাত্রী দেবতা; অন্তর্যামী পুরুষ (ফলত অধিদৈবতের সঙ্গে তারা প্রায় অপত্য সম্বন্ধ পাতিয়েছিল—*সুদ*)। { স. অধি+দেব, দেবতা, দৈবত}

অধিনায়ক [ওধিনায়োক্] *বি* নেতা; দলপতি; সেনাপতি। –**ত্ব** *বি*। { স. অধি+নায়ক}

অধিপ, অধিপতি [ওধিপো,–পোতি] *বি* মালিক; প্রভু; রাজা (এহিজন মৃত্যু অধিপতি—*সৈসু*)। { স. অধি+√পা+অ (ক), অতি(ডতি)}

অধিবাস[১] [ওধিবাশ্] *বি* বাসস্থান; আবাস। { স. অধি+√বস্+অ (ঘঞ্)}

অধিবাস[২] [ওধিবাশ্] *বি* বিবাহের পূর্বে অথবা শুভকর্মাদির আগে পালনীয় হিন্দু সংস্কারবিশেষ (করিলা মঙ্গল অধিবাস—*ঘচ*)। **অধিবাসন** *বি*। { স. অধি+√বস্+ণিচ্+অ (অচ্), +অন(ল্যুট)}

অধিবাসী [ওধিবাশি] *বিণ* নিবাসী; বাসিন্দা। { স. অধিবাস+ইন(ণিনি)}

অধিবিন্না ⇒ অধিবেদন

অধিবৃত্ত [ওধিবৃত্তো] *বি* (*গণিত.*) বৃত্তবৎ ক্ষেত্রবিশেষ; parabola। **অধিবৃত্তাকার** *বি* (অধিবৃত্তাকার কক্ষপথে কদাচিৎ দেখতে পাওয়া যায়—*শেক*)। { স. অধি+বৃত্ত}

অধিবেত্তা ⇒ অধিবেদন

অধিবেদন [ওধিবেদোন্] *বি* প্রথম স্ত্রী থাকা সত্ত্বেও দ্বিতীয়বার বিবাহ করা। **অধিবেত্তা** *বি* প্রথম স্ত্রী থাকা সত্ত্বেও যে স্বামী দ্বিতীয়বার বিবাহ করে। { স. অধি+√বিদ্+অন(ল্যুট)}

অধিবেশন [ওধিবেশোন্] *বি* সভা ইত্যাদির অনুষ্ঠান; বৈঠক। ২ সভার সম্মেলন; meeting। { স. অধি+√বিশ্+অন(ল্যুট)}

অধিভুক্ত [অধিভুক্‌তো] *বিণ* কোনো প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণে এমন (অধিভুক্ত কলেজ); affiliated { স. অধি+ভুক্ত}

অধিভূ ⇒ অধিপ

অধিমাংস [ওধিমাঙ্‌শো] *বি* ১ ফোঁড়া; বিস্ফোটক। ২ চক্ষুর এক প্রকার রোগ। { স. অধি+মাংস}

অধিরথ [ওধিরথ্] *বি* ১ সারথি। ২ কর্ণের পালক–পিতা। ৩ মহারথ। { স. অধি+রথ}

অধিরাজ [ওধিরাজ্] *বি* সম্রাট; শাহানশাহ; প্রধান রাজা। **অধিরাজ্য** *বি* সার্বভৌম রাষ্ট্রের অধীন রাজ্যবিশেষ। { স. অধি+রাজন্}

অধিরূঢ়, অধ্যারূঢ় [ওধিরুঢ়ো, ওদ্‌ধা–] *বিণ* আরূঢ়; সমাসীন (সিংহাসনে অধিরূঢ় হইয়া—*ঈবি*)। { স. অধি+√রুহ্+ত (ক্ত), অধি+আ+√রুহ্+ত(ক্ত)}

অধিরোপ [ওধিরোপ্] *বি* আরোপ; প্রয়োগ (সমাধি খুঁড়িয়া ঋষি করে অধিরোপ—*দৌবা*)। **অধিরোপিত** *বিণ*। { স. অধ্যারোপ>}

অধিরোপণ [ওধিরোপোন্] *বি* ১ আরোহণ করানো। ২ ধনুকে শরযোজন। { স. অধি+√রোপি+অন(ল্যুট)}

অধিরোহণ [ওধিরোহোন্] *বি* উপরে ওঠা; আরোহণ; চড়া। **অধিরোহণী, অধিরোহিণী** *বি* যা দ্বারা উপরে চড়া যায়; সোপান; সিঁড়ি (কিরূপে জ্বলন্ত অধিরোহণী দ্বারা আরোহণ করিল—*ঈবি*)। **অধিরোহী**(–হিন্) *বি,বিণ* আরোহী। **অধিরোহিণী** *স্ত্রী.*। { স. অধি+√রুহ্+অন(ল্যুট),+ইন}

অধিশয়িত [ওধিশোয়িতো] *বিণ* অধিষ্ঠিত; শুয়ে আছে এমন। { স. অধি+√শী+ত (ক্ত)}

অধিশায়িত [ওধিশায়িতো] *বিণ* অধিষ্ঠাপিত; শায়িত। { স. অধি+√শী+ণিচ্+ত (ক্ত)}

অধিষ্ঠাতা [ওধিশ্‌ঠাতা] *বিণ* অধিষ্ঠানকারী; অবস্থানকারী। □*বি* নিয়ন্তা। **অধিষ্ঠাত্রী** *স্ত্রী.*। { স. অধি+√স্থা+তৃ(তৃচ)}

অধিষ্ঠান [ওধিশ্‌ঠান্] *বি* ১ অবস্থিতি; স্থিতি (কুলাচারে অধিষ্ঠান—*সদ*)। ২ আবির্ভাব; উপস্থিতি। ৩ আশ্রয়; আধার (দেবতার অধিষ্ঠান)। ৪ উপবেশন। { স. অধি+√স্থা+অন(ল্যুট)}

অধিষ্ঠাপন [ওধিশ্‌ঠাপোন্] *বি* অধিষ্ঠান করানো। **অধিষ্ঠাপিত** *বিণ*। { *স.* অধি+ √স্থা+ণিচ্+অন(ল্যুট্)}

অধিষ্ঠিত [ওধিশ্‌ঠিতো] *বিণ* ১ অবস্থিত; অধ্যুষিত। ২ আগত; উপস্থিত। ৩ অধিকৃত; আক্রান্ত; বেষ্টিত। { *স.* অধি+√স্থা+ত (ক্ত)}

অধীত [ওধিতো] *বিণ* পাঠ করা হয়েছে এমন; পঠিত (সে কালের শিক্ষায় ব্যাকরণ অধীত হত বারো বছর ধরে—*সুদ*)। **অধীতি** *বি* অধ্যয়ন (সাহিত্য সৃষ্টিতে প্রথম দরকার প্রতিভা, দ্বিতীয় অসাধারণ অধ্যবসায় ও গভীর অধীতি—*মুম*)। **অধীতী**(-তিন্) *বি,বিণ* যে পাঠ করে; অধ্যয়নকারী; কৃতবিদ্য। { *স.* অধি+ √ই+ত (ক্ত)}

অধীন [ওধিন্] *বিণ* ১ আয়ত্ত; বশীভূত (আজ্ঞার অধীন)। ২ অন্তর্গত; অন্তর্ভুক্ত (শাসনের অধীন)। ৩ অনুগত; বাধ্য (অধীন জন)। ☐ *বি* ১ অধীন ব্যক্তি (অধীনের বিনীত নিবেদন)। ২ নিয়ন্ত্রণ; তত্ত্বাবধান (তাঁর অধীনে আমি কাজ করি)। **অধীনতা** *বি* আজ্ঞানুবর্তিতা; পরাধীনতা। **অধীনা, অধিনী, অধীনী** *বিণ* আশ্রিতা; বশীভূতা; অনুগতা (তুমি নব জলধর এ তব অধিনী—*মদ*, তাইতো কাঁদায় নিশিদিনই এ অধীনী—*নই*)। { *স.* অধি+ইন(খ)}

অধীয়মান [ওধিয়োমান] *বিণ* পঠিত হচ্ছে এমন (অধীয়মান পুস্তক)। { *স.* অধি+ √ই+শানচ্(মান)}

অধীয়ান [ওধিয়ান্] *বিণ* বিদ্যার্থী; অধ্যয়নকারী (ছাত্র)। { *স.* অধি+ √ই+ আন(শানচ্)}

অধীর [ওধির্] *বিণ* ১ অস্থির; চঞ্চল। ২ ধৈর্যহীন; অসহিষ্ণু। ৩ কাতর; ব্যাকুল। ৪ ব্যগ্র; উৎকণ্ঠিত। **অধীরতা** *বি*। **অধীরা** *বিণ স্ত্রী.* ধৈর্যহারা; ধৈর্যহীনা (শকুন্তলা একান্ত অধীরা হইয়া কহিতে লাগিলেন—*ঈবি*)। **অধীরতা** *বি* চঞ্চলতা; অধৈর্য; অস্থিরতা। { *স.* অ (নঞ্)+ধীর; নতৎ; বহু}

অধীশ, অধীশ্বর [ওধিশ্, ওধিশশর্] *বি* ১ মালিক; অধিপতি; কর্তা। ২ সম্রাট; নৃপতি; রাজা। { *স.* অধি+ঈশ, ঈশ্বর}

অধুনা [ওধুনা] *অব্য* সম্প্রতি; আজকাল; বর্তমানে। **~তন, ~তনী** *বিণ* আধুনিক; বর্তমানকালীন; আজকালকার (অধুনাতনী হঠকারিতা—*সুদ*)। { *স.* ইদম্+ধুনা}

অধৃষ্ট [অধ্রিশ্‌টো] *বিণ* বিনীত; অনুদ্ধত। { *স.* অ (নঞ্)+ধৃষ্ট; বহু; নতৎ}

অধৃষ্য [অধ্রিশ্‌শো] *বিণ* অজেয়; পরাজিত করা যায় না এমন। **অধৃষ্যতা** *বি*। { *স.* অ (নঞ্)+ধৃষ্য; বহু; নতৎ}

অধৈর্য [অধোইর্‌জো] *বি* অস্থিরতা; অসহিষ্ণুতা (স্ত্রীর অধৈর্য উত্তরোত্তর বাড়িয়া উঠিতেছে—*রঠা*)। ☐ *বিণ* অধীর; ধৈর্যহীন; ব্যাকুল। { *স.* অ (নঞ্)+ধৈর্য}

অধোগতি, অধোগমন [অধোগোতি, -গমোন্] *বি* ১ নিম্নগতি; নিচের দিকে যাওয়া। ২ অবনতি; দুর্দশা; অধঃপতন (আকস্মিক অধোগতির খবর তার কানে আসে—*আচিসে*)। ৩ নরকবাস; দোজখে যাওয়া। **অধোগত, অধোগামী** (-মিন্) *বিণ*। { *স.* অধঃ+গতি, গমন; বহু; ৭তৎ}

অধোদৃষ্টি [অধোদৃশ্‌টি] *বিণ* নিম্নদৃষ্টিসম্পন্ন; নিচের দিকে লক্ষ্য এমন। ☐ *বি* নিম্নদিকে দৃষ্টি বা লক্ষ্য। { *স.* অধঃ+দৃষ্টি; বহু}

অধোদেশ [অধোদেশ্] *বি* নিচের দিক; নিম্নাংশ। { *স.* অধঃ+দেশ; কর্মধা}

অধোবদন ⇒ অধোমুখ

অধোভাগ [অধোভাগ্] *বি* নিম্নাঙ্গ; নিম্নস্থল। { *স.* অধঃ+ভাগ; কর্মধা}

অধোভুবন, অধোলোক [অধোভুবন্,-লোক্] *বি* পাতাল; রসাতল। { *স.* অধঃ+ভুবন, লোক; কর্মধা}

অধোমুখ, অধোবদন [অধোমুখ্, -বদোন্] *বিণ* নতমুখ; নতশির; মাথা হেঁট করেছে এমন (রাণী এককালে হতবুদ্ধি ও অধোবদন হইয়া রহিলেন—*ঈবি*)। { *স.* অধঃ+মুখ, বদন; বহু}

অধোলোক ⇒ অধোভুবন

অধ্যক্ষ [ওদ্‌ধোক্‌খো] *বি* ১ কর্তা; প্রভু; মালিক (আমবাগানের অধ্যক্ষ প্রতিবেশীর অভিযোগক্রমে—*রঠা*)। ২ পরিচালক; তত্ত্বাবধায়ক; principal। ৩ ভারপ্রাপ্ত কর্মচারী (কোষাধ্যক্ষ, সংকলনাধ্যক্ষ)। **~ত্ব, ~তা** *বি* মাতব্বরি; বিজ্ঞপনা (অধ্যক্ষতা করিতে গিয়া—*ঈবি*)। { *স.* অধি+অক্ষ; প্রাদি সমাস}

অধ্যবসায় [ওদ্‌ধোবশায়্] *বি* ১ অবিরাম সাধনা; ক্রমাগত চেষ্টা (অফুরন্ত তাদের অধ্যবসায়—*মব*)। ২ দৃঢ় প্রযত্ন (এই মুসলমান সন্তানের জন্য আপনার এতদূর পর্যন্ত অধ্যবসায়—*রঠা*)। **অধ্যবসায়ী**(-য়িন্), **~শীল** *বিণ* অক্লান্ত পরিশ্রমী; নিয়ত যত্নশীল; উদ্যোগী। { *স.* অধি+অব+ √সো+অ (ঘঞ্)}

অধ্যয়ন [ওদ্‌ধয়ন্/-য়োন্] *বি* পাঠ; মনোযোগের সঙ্গে পাঠ। **~নিবিষ্ট, ~নিরত, ~রত, ~মগ্ন** *বিণ* গভীর মনোযোগের সঙ্গে পাঠ করছে এমন। **~শীল** *বিণ* গভীর মনোযোগের সঙ্গে পাঠ করার স্বভাববিশিষ্ট (অধ্যয়নশীল ছাত্রের উন্নতি অনিবার্য)। { *স.* অধি+ √ই+অন(ল্যুট্)}

অধ্যশন [ওদ্‌ধোশন্] *বি* অতিভোজন; মাত্রাতিরিক্ত আহার (অধ্যশন স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর)। { *স.* অধি+অশন}

অধ্যাত্ম [ওদ্‌ধাততোঁ] *বিণ* ১ পরমাত্মবিষয়ক; আল্লাহ সম্বন্ধীয়; ঈশ্বরবিষয়ক। ২ আত্ম বা চিত্ত বিষয়ক। ৩ শরীর সম্পর্কীয়। **~জ্ঞান, ~তত্ত্ব** *বি* ১ আল্লাহ বা ঈশ্বর বিষয়ক জ্ঞান। ২ আত্মবিদ্যা। **~তত্ত্ববিৎ, ~তত্ত্ববিদ** *বিণ* অধ্যাত্মজ্ঞানসম্পন্ন। **~বাদ** *বি* আল্লাহ বা পরমাত্মাই সকল কিছুর মূল—এই মতবাদ। **~সাধনা** *বি* খোদা বা পরমাত্মা প্রাপ্তির সাধনা। { *স.* অধি+আত্মন্+অ (টচ্); আত্মাকে অধিকার করে—*অব্যয়ী.*}

অধ্যাত্মিক ⇒ আধ্যাত্মিক

অধ্যাপক, অধ্যাপয়িতা [ওদ্‌ধাপোক্, -পোয়িতা] *বি* শিক্ষক; ওস্তাদ; আচার্য। ২ কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার পদবিশেষ। **অধ্যাপিকা, অধ্যাপয়িত্রী** *স্ত্রী*। **অধ্যাপকি** *বি* শিক্ষাদানের পেশা বা বৃত্তি; অধ্যাপনা (অধ্যাপকি করো আর যাই কর, পাঠানত্ব যাবে কোত্থেকে—*সৈমু*)। { *স.* অধি+ √ই+ণিচ্+অক(ণ্বুল্), তা(তৃচ্)}

অধ্যাপন, অধ্যাপনা [ওদ্‌ধাপোন্, -পনা] *বি* শিক্ষাদান; অধ্যয়ন করানো। **অধ্যাপিত** *বিণ* পড়ানো হয়েছে এমন

(এই সকল বিদ্যা যে এদেশে অধীত, অধ্যাপিত, আদৃত এবং অনূদিত হয়, ইহা সামান্য দুঃখের বিষয় নহে—*বচ*)। { স. অধি+ √ই-ণিচ্+অন(ল্যুট্),+আ}

অধ্যাপয়িতা, অধ্যাপয়িত্রী, অধ্যাপিকা ⇒ অধ্যাপক

অধ্যাপিত ⇒ অধ্যাপন

অধ্যায় [ওদ্‌ধায়্] *বি* পুস্তকের পরিচ্ছেদ বা বিভাগ; পর্ব; কাণ্ড; পাঠ; chapter। { স. অধি+ √ই+অ (ঘঞ্)}

অধ্যারূঢ় ⇒ অধিরূঢ়

অধ্যারোপ ⇒ অধ্যাস

অধ্যারোপণ [ওদ্‌ধারোপন্] *বি* আরোপ করা; স্থাপন। { স. অধি+ আরোপণ}

অধ্যাস, অধ্যাসন [ওদ্‌ধাশ্, ওদ্‌ধাশন্] *বি* সত্তা বা গুণাগুণ আরোপ; এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা বা জ্ঞান (গৌরীশৃঙ্গ অধ্যাস মরীচিকা—*বিদে*)। **অধ্যাসিত, অধ্যাসীন** *বিণ* অধিষ্ঠিত; উপবিষ্ট, আরূঢ়। { স. অধি+ √আস্+অ (ঘঞ্),অন(ল্যুট্)}

অধ্যাহরণ, অধ্যাহার [ওদ্‌ধাহরোন্, -হার্] *বি* উহ্য বাক্য পূরণ; পাদপূরণ। **অধ্যাহৃত** *বিণ*। { স. অধি+আ+ √হৃ+অন(ল্যুট্), অ (ঘঞ্)}

অধ্যুষিত [ওদ্‌ধুশিতো] *বিণ* উপনিবিষ্ট; অধিষ্ঠিত। (মোসলেম অধ্যুষিত দেশসমূহে—*এও*)। { স. অধি+ √বস্+ত(ক্ত)}

অধ্যেতব্য [ওদ্‌ধেতব্‌বো] *বিণ* অধ্যয়ন করতে হবে এমন। { স. অধি+ √ই+ তব্য}

অধ্যেতা [ওদ্‌ধেতা] *বি* পাঠক; বিদ্যার্থী; ছাত্র। **অধ্যেত্রী** *স্ত্রী*। { স. অধি+ √ই+ তৃ(তৃচ্)}

অধ্যেষণ [ওদ্‌ধেশন্] *বি* প্রার্থনা; সবিনয় জিজ্ঞাসা; আরম্ভ। { স. অধি+ √ইষ্+ অন(ল্যুট্)}

অধ্রুব [অধ্রুবো] *বিণ* অনিত্য; পরিবর্তনশীল; অনিশ্চিত। { স. অ(নঞ্)+ধ্রুব; *নতৎ* }

অন্ ⇒ অ

অনক্ত [অনক্‌তো] *বি* অসময় (অনক্তে কি ছেলে ঘরের বার করতে হয়?—*মোহ*)। { স. অন্ (নঞ্)+ আ. ৱাক্ত্ وقت }

অনক্ষর [অনকখর্, -খোর্] *বিণ* ১ বর্ণজ্ঞানহীন মূর্খ; নিরক্ষর। ২ অক্ষরশূন্য; লুপ্ত অক্ষর (হ'ল কাব্য অনক্ষর—*নসে*)। { স. অন্ (নঞ্)+অক্ষর; *নতৎ* }

অনগ্ন [অনগ্‌নো] *বিণ* আবৃত; উলঙ্গ নয় এমন। { স. অ (নঞ্)+নগ্ন; *বহু* }

অনঘ [অনঘ্] *বিণ* ১ পবিত্র; নিষ্পাপ। ২ দুঃখরহিত; বিপদ-শূন্য। ৩ মনোজ্ঞ; মনোরম। { স. অন্ (নঞ্)+অঘ; *বহু* }

অনঙ্গ [অনঙ্‌গো] *বি* ১ মদন; কন্দর্প (গিরিশ তোমার রূপে, মোহিলা অনঙ্গকোপে—*ক্ষেদা*)। ২ কামভাব; কামরিপু (গুরুজন লঙ্ঘিল যে দুরন্ত অনঙ্গে—*ভন*)। ৩ দেহহীন; অঙ্গহীন। **~কলা** *বি* কামভাব (চাতুরী সুবেষে বালা জাগায় অনঙ্গ কলা—*দৌবা*)। { স. অন(নঞ্)+ অঙ্গ; *বহু* }

অনচ্ছ [অনচ্‌ছো] *বিণ* অস্বচ্ছ; অনির্মল (অনচ্ছ আলোকে—*মোম*) { স. অন্(নঞ্)+অচ্ছ; *নতৎ* }

অনটন [অনোটন্] *বি* অভাব; টানাটানি; অপ্রতুল। { স. অন্ (নঞ্)+অটন; *নতৎ* }

অনড় [অনড়্] *বিণ* ১ অচল; স্থির (কঠিন অনড় ভূধর—*দ্বিরা*)। ২ অপরিবর্তনীয়; অটল (আমার প্রতিজ্ঞা অনড়)। { অ (নঞ্)+নড়; *নতৎ* }

অনত [অনতো] *বিণ* গর্বিত; দুর্বিনীত। { স. অ (নঞ্)+নত}

অনতহি (মবা) [অনতহি] *অব্য* অন্যত্র; অনস্থানে (অনতহি গমনে এতহি নিহার—*বিপ*)। { স. অন্যত্র> অনত+ হি(৭মী)}

অনতি [অনোতি] *বিণ* বেশি নয়; অল্প (অনতিদূর)। **~কাল** *বি* অল্প সময়; অচিরকাল (ইহার অনতিকাল পরেই—*রঠা*)। **~দীর্ঘ** *বিণ* কিঞ্চিৎ দীর্ঘ; নাতিদীর্ঘ; বেশি লম্বা নয় এমন। **~দূর** *বিণ* কিয়দ্দূর; খুব দূরে নয় এমন। **~দূরে** *ক্রিবিণ*। **~পক্ব** *বিণ* ১ অল্পবয়স্ক; সুকুমার (সতেরো বৎসর বয়সের সময় তাহাকে অনতিপক্ব সতেরোর অপেক্ষা অতি-পরিপক্ব চোদ্দর মতো দেখাইত—*রঠা*)। ২ খুব পাকা নয়; অল্প পাকা বা ডাঁসা। **~পূর্ব** *বিণ* খুব পূর্বের নয়; ক্ষণকাল পূর্বের। **~পূর্বে** *ক্রিবিণ*। **~বিলম্ব** *বিণ* খুব বেশি দেরিতে নয়; শীঘ্র। **~বিলম্বে** *ক্রিবিণ* (মহাশয়ের অভিপ্রায় অনতিবিলম্বে সফল হইবে—*রঠা*)। **~ব্যক্ত** *বিণ* খুব স্পষ্ট নয় এমন; প্রায় অপ্রকাশিত (এই রকম অনতিব্যক্ত আভাসের আশ্চর্য জাদু আমরা দেখেছি—*অচিসে*)। **~মূল্যবান** *বিণ* অধিক মূল্যবান নয় এমন; সাধারণ (তাঁহার পরিচ্ছদ অনতিমূল্যবান—*বচ*)। **~রিক্ত** *বিণ* বেশি নয় এমন; খুব অধিক নয় এমন। **~স্ফুট** *বিণ* বেশি ফোটেনি এরূপ; অর্ধস্ফুট (অনতিস্ফুট চাপা ফুলটির মতো পেলব—*রঠা*)। **~ক্রম, ~ক্রমণ** *বি* লঙ্ঘন না করা; পার না হওয়া। **~ক্রমণীয়, ~ক্রম্য** *বিণ* লঙ্ঘন করা উচিত নয় বা করা যায় না এমন (তারই অদম্য অনতিক্রম্য টানে—*বুব*)। **~ক্রান্ত** *বিণ* লঙ্ঘিত করা হয়নি এমন; অনুত্তীর্ণ। { স. অন্ (নঞ্)+ অতি; *নতৎ* }

অনতীত [অনোতিতো] *বিণ* গত বা অতিক্রান্ত হয়নি এমন। **~বাল্য** *বিণ* বাল্যকাল অতীত হয়নি এমন। { স. অন্ (নঞ্)+অতীত; *বহু* }

অনধিক [অনোধিক্] *বিণ* ১ কিঞ্চিৎ; অল্প। ২ বেশি নয় এমন। ৩ মধ্যে (হাজার টাকার অনধিক)। { স. অন্ (নঞ্)+অধিক; *নতৎ*; *বহু* }

অনধিকার [অনোধিকার্] *বি* স্বত্ব বা অধিকারের অভাব। **অনধিকারী** (-রিন্) *বিণ* অধিকারহীন; অযোগ্য। **অনধিকৃত** *বিণ* অনায়ত্ত। **~চর্চা** *বি* যে বিষয়ে জ্ঞান নেই তার আলোচনায় লিপ্ত হওয়া বা হস্তক্ষেপ করা। **~চর্চী**(-র্চিন্) *বিণ*। **~প্রবিষ্ট** *বিণ* অনুমতি বা অধিকার ছাড়াই প্রবেশ লাভ করেছে এমন। **~প্রবেশ** *বি* বিনা অধিকারে বা অনুমতিতে কোনো স্থানে প্রবেশ। { স. অন্ (নঞ্)+ অধিকার}

অনধিগত [অনোধিগতো] *বিণ* ১ অপঠিত; অনধীত; অজ্ঞাত। ২ অলব্ধ; অপ্রাপ্ত। { স. অন্ (নঞ্)+ অধি+গত; *নতৎ* }

অনধিগম্য [অনোধিগমমো] *বিণ* ১ অবোধ্য; জ্ঞানের

অতীত (অনধিগম্য রহস্যলীলা)। ২ অগম্য; দুর্গম (অনধিগম্য পথ দুর্গম)। { সং. অন্ (নঞ্)+অধি+গম্য; নতৎ }

অনধীত [অনোধিতো] *বিণ* অপঠিত; পড়া হয়নি এমন। { সং. অন্ (নঞ্)+অধীত; বহু; নতৎ }

অনধ্যায় [অনোদধায়] *বি* পাঠে বিরতি; বিদ্যালয়ের ছুটি। { সং. অন্ (নঞ্)+অধ্যায়; নতৎ }

অনুকম্পায়ী [অনোনুকমপায়ি] *বিণ* সহানুভূতিহীন; নির্দয় (অননুকম্পায়ীদের সুরুচি—সুধ)। { সং. অন্ (নঞ্)+অনুকম্পায়ী; বহু }

অননুকরণীয় [অনোনুকরোনিয়ো] *বিণ* অনুকরণের অসাধ্য বা অযোগ্য। { সং. অন্ (নঞ্)+অনুকরণীয়; বহু }

অননুভবনীয় [অনোনুভবোনিয়ো] *বিণ* অনুভূতির অতীত। { সং. অন্ (নঞ্)+অনুভবনীয়; বহু }

অননুভূতপূর্ব [অনোনুভূতোপুরবো] *বিণ* আগে অনুভব করা হয়নি এমন। (অননুভূতপূর্ব সহায় উপস্থিত হইল—*বচ*)। { সং. অন্ (নঞ্)+অনুভূত+পূর্ব; বহু }

অননুমত, অননুমোদিত, অনভিমত [অনোনুমতো, অনোনুমোদিতো, অনোভিমতো] *বিণ* অনুমতি বা সমর্থন বা অভিমত লাভ করা যায়নি এমন। { সং. অন্ (নঞ্)+অনুমত, অনুমোদিত, অভিমত; বহু }

অননুমেয় [অনোনুমেয়ো] *বিণ* অনুমান করা যায় না এমন। { সং. অন্ (নঞ্)+অনুমেয়; বহু }

অননুমোদন [অনোনুমোদন] *বি* অসমর্থন; অনুমোদনের অভাব। **অননুমোদিত** ⟶ অননুমত। { সং. অন্ (নঞ্)+অনুমোদন; নতৎ }

অননুশীলন [অনোনুশিলন] *বি* অভ্যাস বা চর্চার অভাব। **অননুশীলিত** *বিণ*। { সং. অন্ (নঞ্)+অনুশীলন; নতৎ }

অননুষ্ঠিত [অনোনুশঠিতো] *বিণ* অনুষ্ঠান করা হয়নি এমন; অসম্পাদিত। { সং. অন্ (নঞ্)+অনুষ্ঠিত; বহু }

অনন্ত [অনোনতো] *বিণ* ১ অসীম; অশেষ। ২ অক্ষয়; চিরস্থায়ী (সঙ্গে বরাঙ্গ শচী অনন্তযৌবনা—*মধু*)। ৩ বাহুতে পরিধেয় অলঙ্কারবিশেষ (মোটা মোটা সোনার অনন্ত—*বিব*)। ☐ *বি* ১ আকাশ (তোমার অনন্তমাঝে এমন সন্ধ্যা হয়নি কোন কালে—*রঠা*)। ২ সর্পরাজ শেষনাগ। **~কাল** *বি* চিরকাল; আবহমানকাল। **~কালব্যাপী, ~কালস্থায়ী** *বিণ* নিত্য বর্তমান; চিরস্থায়ী। **~নিদ্রা** *বি* (*অল.*) মৃত্যু; চিরনিদ্রা। **~রূপা, ~রূপিণী** *বিণ* *স্ত্রী* নানারূপধারিণী (এক মূর্তি অনন্তরূপিণী)। **~রূপী** *বিণ* অসংখ্য আকৃতিবিশিষ্ট। **~শয়ন, ~শয্যা** *বিণ* ১ বিষ্ণুর অনন্তনাগ শয্যা। ২ (*অল.*) মৃত্যু। { সং. অন্ (নঞ্)+অন্ত; বহু }

অনন্তর [অনন্তর] *ক্রিবিণ* তারপর; অতঃপর (অনন্তর অনতিদূরবর্তী মন্দিরে প্রবেশ—*ঈবি*)। { সং. অন্ (নঞ্)+অন্তর; নতৎ }

অনন্য [অনোনন্নো] *বিণ* ১ একক; অভিন্ন। ২ অনুপম; অদ্বিতীয়। **অনন্যা** *স্ত্রী* (ভেবেছি আসবে নিয়ে অনন্যা সুপ্রীতি—*সাহ*)। **~কর্মা** *বিণ* একক কর্মে রত; একাগ্র (রাজা অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া কেবল ভোগসুখে কালযাপন করিতে লাগিলেন—*ঈবি*)। **~গতি, ~সহায়** *বিণ* গত্যন্তরহীন, অনন্যোপায় (অনন্যসহায় একমাত্র গীতিধ্বনিতে কর্ণ-বিবর পরিপূরিত হইতেছে—*বচ*)। **~চিত্ত** *বিণ* একাগ্রচিত্ত; অনন্যমনা। **~চিত্তা** *বিণ* *স্ত্রী* (অনন্যচিত্তা হইয়া স্থিরকর্ণে শ্রবণ করে—*ঈবি*)। **~চিন্তা** *বিণ* একক বিষয়ে চিন্তা; একাগ্র ধ্যান। **~তন্ত্র** *বিণ* মৌলিক; অন্যের নেই এমন (অনন্যতন্ত্র প্রতিভা—*রঠা*) **~তন্ত্রতা** *বি*। **~দৃষ্টি** *বিণ* বিষয়ান্তরে দৃষ্টিহীন, একাগ্রদৃষ্টি (বিস্ময়াবিষ্ট ও অনন্যদৃষ্টি হইয়া নিরীক্ষণ করিতে লাগিলেন—*ঈবি*)। **~বৃত্তি** *বিণ* যার অন্য কর্ম বা চেষ্টা নেই। **~মতি, ~মন, ~মনা** *বিণ* একাগ্রচিত্ত; অন্যদিকে মন নেই এমন (রাজা অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া কেবল ভোগসুখে কালযাপন করিতে লাগিলেন—*ঈবি*) **~মনে** *ক্রিবিণ* একাগ্রচিত্তে (তিনি অনন্যমনে সন্তুষ্টচিত্তে—*রঠা*)। **~সহায়** ⟹ **~গতি**। **~সাধারণ, ~সুলভ** *বিণ* অসাধারণ; অন্য ব্যক্তিতে দুর্লভ। { সং. অন্ (নঞ্)+অন্য; বহু }

অনন্যোপায় [অনোনোনোপায়] *বিণ* অনন্যগতি; উপায়ান্তরবিহীন (অবশেষে অনন্যোপায় হইয়া—*রঠা*)। { সং. অন্ (নঞ্)+অন্য+উপায়; বহু }

অনন্বয়, অনন্বিত [অনোনোনয়, –নিত] *বিণ* অসংলগ্ন; অসংযুক্ত; সম্পর্কশূন্য। **অনন্বয়োপমা** *বি* কাব্যালঙ্কার-বিশেষ; এক বস্তুতে উপমান ও উপমেয়ের ধর্ম বর্ণিত হয়ে নিজেই নিজের উপমা হলে অনন্বয়োপমা হয় (তোমার তুলনা তুমি—*নিধুবাবু*)। { সং. অন্ (নঞ্)+অন্বয়, অন্বিত; বহু }

অনপত্য [অনপোতত্তো] *বিণ* সন্তান নেই এমন; নিঃসন্তান। **অনপত্যতা** *বি*। { সং. অন্ (নঞ্)+অপত্য; বহু }

অনপনেয় [অনপনেয়ো] *বিণ* ১ মোছা যায় না এমন (অনপনেয় কালি)। ২ সরিয়ে ফেলা যায় না এমন। ৩ অপসারণের অযোগ্য। ৪ অপহরণের অযোগ্য। { সং. অন্ (নঞ্)+অপনেয়; বহু }

অনপরাধ [অনপোরাধ] *বি* অপরাধহীনতা; নির্দোষিতা। ☐ *বিণ* নিরপরাধ; নির্দোষ। **অনপরাধী** *বিণ*। { সং. অন্ (নঞ্)+অপরাধ; বহু }

অনপেক্ষ [অনপেকখো] *বিণ* নিরপেক্ষ; স্বাধীন; অন্যের মুখাপেক্ষী নয় এমন (একই অনপেক্ষ আকাশ—*অচিসে*)। **অনপেক্ষতা** *বি*। **অনপেক্ষিত** *বিণ* অপ্রত্যাশিত; অসম্ভাবিত। { সং. অন্ (নঞ্)+অপেক্ষা; বহু }

অনবকাশ [অনবোকাশ] *বি* অনবসর; অবকাশের অভাব (এমন কি অনবকাশের সময়ও ইহার সম্বন্ধে চিন্তা করিয়াছে—*রঠা*)। ☐ *বিণ* অবসরহীন; অবকাশশূন্য। { সং. অন্ (নঞ্)+অবকাশ; বহু }

অনবগত [অনবোগতো] *বিণ* অবিদিত; অজ্ঞাত (এজন্য সকলের সকল ভাব সকলে অনবগত—*প্যামি*)। { সং. অন্ (নঞ্)+অবগত; বহু }

অনবগুণ্ঠিত [অনবোগুনঠিতো] *বিণ* ঘোমটাবিহীন। **অনবগুণ্ঠিতা** *স্ত্রী* (উষার উদয়সম অনবগুণ্ঠিতা—*রঠা*)। { সং. অন্ (নঞ্)+অবগুণ্ঠিত; বহু; নতৎ }

অনবচ্ছিন্ন [অনবোচছিননো] *বিণ* বিরামহীন; নিরবচ্ছিন্ন;

একতানা। { স. অন্ (নঞ্)+ অবচ্ছিন্ন; বহু; নতৎ }

অনবচ্ছেদ [অনবোচ্‌ছেদ্] *বি* বিরামশূন্যতা; ছেদহীনতা। { স. অন্ (নঞ্)+অবচ্ছেদ; নতৎ }

অনবতুল [অনবোতুল্] *বিণ* অনুপম; অতুলনীয় (তাঁর অশেষ পরিবর্তন ও অনবতুল বৃদ্ধি—*সুদ*) { স. অন্ (নঞ্)+অবতুল; নতৎ; বহু }

অনবদ্য [অনবোদ্‌দো] *বিণ* অনিন্দ্য; নির্দোষ; নিখুঁত (দেওয়ান মদীনা গাথাসাহিত্যের অনবদ্য অবদান—*সেমুগ্রা*)। { স. অন্ (নঞ্)+অবদ্য }

অনবধান [অনবধান্] *বি* ১ অমনোযোগ; উপেক্ষা। ❑ *বিণ* অমনোযোগী; যত্নহীন। **অনবধানতা** *বি*। { স. অন্ (নঞ্)+অবধান; নতৎ }

অনবরত [অনবরতো] *ক্রিবিণ* অবিরাম; অবাধে; সতত (নয়নযুগল হইতে অনবরত অশ্রুধারা নির্গত হইতেছিল—*ঈবি*)। ❑ *বিণ* অবিশ্রান্ত; নিরন্তর। { স. অন্(নঞ্)+অব+ √রম্+ত (ক্ত); নতৎ }

অনবরুদ্ধ [অনবরুদ্‌ধো] *বিণ* মুক্ত; স্বাধীন। **অনবরোধ** *বি*। { স. অন্ (নঞ্)+অবরুদ্ধ; বহু }

অনবসর [অনবশর্] *বি* অনবকাশ; সময়ের অভাব (কেবল অনভ্যাস, অনিচ্ছা, অনবসর ইত্যাদি কারণেই পারে না—*রঠা*)। ❑ *বিণ* অবকাশহীন; বিরামশূন্য (অনবসর কর্মপ্রবাহ—*মব*)। { স. অন্ (নঞ্)+অবসর; নতৎ }

অনবসিত [অনবোশিতো] *বিণ* অসমাপ্ত; অপরিণত। { স. অন্ (নঞ্)+অবসিত; বহু; নতৎ }

অনবস্থ, অনবস্থিত [অনবস্‌থো, -খিতো] *বিণ* অব্যবস্থিত; অস্থির; চঞ্চল। **অনবস্থিতচিত্ত** *বিণ* চঞ্চলমতি; অব্যবস্থিতচিত্ত। { স. অন্ (নঞ্)+অবস্থা, অবস্থিত; বহু }

অনবস্থা [অনবস্‌থা] *বি* ১ অব্যবস্থা; অস্থিরতা। ২ উপপাদ্য ও উপপাদকের অনবরত উল্লেখহেতু তর্কদোষবিশেষ। { স. অন্ (নঞ্)+অবস্থা; নতৎ }

অনবস্থিত, অনবস্থিতচিত্ত ⇒ অনবস্থ

অনবহিত [অনবহিতো] *বিণ* ১ অমনোযোগী। ২ অসতর্ক (তুমি এ বিষয়ে ক্ষণমাত্রও অনবহিত থাকিবে না—*ঈবি*)। ৩ অবিদিত; অজ্ঞাত। ৪ যত্নহীন। { স. অন্ (নঞ্)+অবহিত; নতৎ; বহু }

অনভিজাত [অনোভিজাতো] *বিণ* অসম্ভ্রান্ত; অকুলীন; বংশমর্যাদাহীন (লেখকগণও সাধারণত অনভিজাত নন—*আশ*)। { স. অন্ (নঞ্)+অভিজাত; বহু; নতৎ }

অনভিজ্ঞ [অনোভিগ্‌গো] *বিণ* অভিজ্ঞতাহীন; অজ্ঞ; আনাড়ি। **অনভিজ্ঞতা** *স্ত্রী* (নিজেকে নিতান্ত অক্ষম অনভিজ্ঞা জ্ঞান করিয়াছিল—*রঠা*) **-তা** *বি* অজ্ঞতা; অভিজ্ঞতাশূন্যতা (ঘরের লোকের বাধা, অনভিজ্ঞতার বাধা—*রঠা*)। { স. অন্ (নঞ্)+অভিজ্ঞ; বহু; নতৎ }

অনভিপ্রায় [অনোভিপ্‌প্রায়্] *বি* ইচ্ছার অভাব; অসম্মতি। { স. অন্(নঞ্)+অভিপ্রায়; নতৎ }

অনভিপ্রেত [অনোভিপ্‌প্রেতো] *বিণ* ইচ্ছাবিরুদ্ধ; অবাঞ্ছিত; অননুমত (ইহ তাহার অনভিপ্রেত ছিল না—*রঠা*)। { স. অন্+অভিপ্রেত; বহু; নতৎ }

অনভিব্যক্ত [অনোভিব্‌ব্যাক্‌তো] *বিণ* অব্যক্ত; অস্পষ্ট; অপ্রকাশিত। { স. অন্ (নঞ্)+অভিব্যক্ত; বহু }

অনভিভবনীয় [অনোভিভবোনিয়ো] *বিণ* পরাভবের অতীত; অপরাজেয়। { স. অন্ (নঞ্)+অভিভব+অনীয়; বহু }

অনভিভূত [অনোভিভুতো] *বিণ* ১ অপরাজিত ২ অবাহত। ৩ অব্যাকুল। { স. অন্ (নঞ্)+অভিভূত; বহু }

অনভিমত ⇒ অননুমত

অনভিলষণীয় [অনোভিলশোনিয়ো] *বিণ* অবাঞ্ছনীয়; অপ্রার্থনীয়। **অনভিলষিত** *বিণ* অবাঞ্ছিত; অপ্রার্থিত। **অনভিলাষ** *বি* ইচ্ছার অভাব; অভিলাষহীনতা। **অনভিলাষী** *বিণ*। { স. অন্ (নঞ্)+অভিলষণীয়; বহু }

অনভ্যস্ত [অনোভ্‌ভোস্‌তো] *বিণ* ১ অভ্যাস নেই এমন; আনাড়ি। ২ অভ্যাস করা হয়নি এমন (অনভ্যস্ত কাজ)। **অনভ্যাস** *বি*। { স. অন্ (নঞ্)+অভ্যস্ত; বহু }

অনমনীয় [অনমোনিয়ো] *বিণ* নত হয় না বা করা যায় না এমন; শক্ত; দৃঢ়। { স. অ (নঞ্)+নমনীয়; বহু }

অনমিত [অনমিতো] *বিণ* নত নয় এমন; সমুন্নত (আঁখি তোলো অনমিত—*নই*)। { স. অ (নঞ্)+নমিত; বহু }

অনম্বর [অনম্‌বর্] *বিণ* বস্ত্রহীন; নগ্ন; উলঙ্গ। ❑ *বি* ১ আকাশ (অনম্বরপথে চলিল কনকরথ—*মদ*)। ২ বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ। **অনম্বরা** *বিণ স্ত্রী* বস্ত্রহীনা; নগ্না; উলঙ্গিনী (অনম্বরা অনাসক্তা চির একাকিনী—*রঠা*)। { স. অন্(নঞ্)+অম্বর; বহু }

অনর্গল [অনরগল্] *ক্রিবিণ* ক্রমাগত; অবিরাম; অনবরত (মাঝে মাঝে দাঁড়ায় বেঁকে নিন্দা শুনে অনর্গল- সন্দ, অনর্গল আরবীতে কি বকছে—*মুআহা*)। ❑ *বিণ* বাধাবন্ধহীন; উদ্দাম। { স. অন্ (নঞ্)+অর্গল; বহু }

অনর্ঘ [অনরঘো] *বিণ* নির্দিষ্ট মূল্য নেই এমন; অমূল্য। { স. অন্ (নঞ্)+অর্ঘ }

অনর্থ [অনরথো] *বি* ১ অনিষ্ট; অমঙ্গল; অশুভ। ২ অঘটন; বিপত্তি (দশটায় পৌঁছুতে না পারলে মহা অনর্থ ঘটবে—*রাখা*)। ৩ ভুল অর্থ; কদর্থ (কত না অর্থ কত অনর্থ—*রঠা*)। ❑ *বিণ* নিরর্থক; ব্যর্থ; নিষ্ফল (অর্থ সাধনের নিমিত্ত অনর্থ প্রয়াস পাইয়াছেন—*ঈবি*)। **-কর** *বিণ* অমঙ্গল ঘটায় এমন; অনিষ্টজনক। **-করী** *স্ত্রী*। **-দর্শী** *বিণ* দুঃখবাদী; সর্বত্র অমঙ্গল দর্শনকারী। **-দর্শিনী** *বিণ স্ত্রী* অশুভদর্শিনী; অনিষ্ট লক্ষ্যকারিণী (বুদ্ধি যেন অনর্থদর্শিনী না হয়—*রাব*)। **-পাত** *বি* অশুভ ঘটনা; বিপদ (কিছুই দিবেন না; দিলেই অনর্থপাত হইবে—*ঈবি*)। { স. অন্ (নঞ্)+অর্থ; নতৎ }

অনর্থক [অনরথক্] *বিণ* ১ ব্যর্থ; নিষ্ফল (অনর্থক চেষ্টা)। ২ অকারণ; অহেতুক (অনর্থক বিলম্ব)। ❑ *ক্রিবিণ* শুধু শুধু; বৃথা (অনর্থক বকা)। { স. অন্ (নঞ্)+অর্থ+ক(কন্); বহু }

অনল [অনল্/-নোল্] *বি* অগ্নি; আগুন। { স. √অন্+অল(কলচ্) }

অনলস [অনলশ্] *বিণ* আলস্যহীন; পরিশ্রমী। { স. অন্ (নঞ্)+অলস; বহু }

অনল্প [অনলপো] *বিণ* অধিক; বেশি। { *স.* অন (নঞ)+অল্প; *বহু; নতৎ* }

অনশন [অনশন/অনোশন] *বি* উপবাস; অনাহার। **-ক্লিষ্ট** *বিণ* উপবাসপীড়িত; অনাহারে কাতর। **-ব্রত** *বি* উপবাসের দৃঢ়সঙ্কল্প; অনাহার প্রতিজ্ঞা। **অনশনা** *বি স্ত্রী*. উপবাসিনী; অনাহারিণী (মাতঙ্গিনী অনশনা রহিলেন—*বচ*)। { *স.* অন (নঞ)+অশন; *নতৎ* }

অনশ্বর [অনশশর] *বিণ* অবিনাশী; চিরস্থায়ী; অক্ষয় (অনশ্বর প্রণয়—*বচ*)। **অনশ্বরতা** *বি*। { *স.* অ (নঞ)+নশ্বর; *নতৎ* }

অনসম্ভবতা [অনসমভবোতা] *বি* অসম্ভাব্যতা; অঘটনীয়তা (দেশকালাতীত অনসম্ভবতার ভাণ্ডারে নিহিত ছিল—*রঠা*)। **অনসম্ভব** *বিণ*। { *স.* অন (নঞ)+অসম্ভবতা; *নতৎ* }

অনসূয় [অনোসুয়ো/অন-] *বিণ* ঈর্ষাশূন্য; অহিংসুক। **অনসূয়া** *বি স্ত্রী*. শকুন্তলার এক সখীর নাম। ❑ *বিণ স্ত্রী*. ঈর্ষাশূন্যা। { *স.* অন (নঞ)+অসূয়; *বহু* }

অনস্বীকার্য [অনোশশিকারজো] *বিণ* অস্বীকার করা যায় না এমন; অবশ্যস্বীকার্য। { *স.* অন (নঞ)+অস্বীকার্য; *বহু* }

অনহঙ্কার [অনহঙকার] *বি* অহঙ্কারশূন্যতা; অমায়িকতা। **অনহঙ্কারী** *বিণ*। { *স.* অন (নঞ)+অহঙ্কার; *নতৎ* }

অনহেলা [অনহেলা] *বি* উপেক্ষা; অবজ্ঞা; অবহেলা (পরের গলগ্রহ হয়ে অনহেলার ভাত গিলতে হতো—*নই*)। { *স.* অন (নঞ)+হেলা; *নতৎ* }

অনা [অনা] 'মন্দ' 'কুৎসিত' 'অভাব' প্রভৃতি অর্থজ্ঞাপক বাংলা উপসর্গ 'অনা' সাধারণত বাংলা শব্দের পূর্বে এবং কখনো কখনো সংস্কৃত ও বিদেশি শব্দের সাথেও ব্যবহৃত হয়ে থাকে। যথা - অনাছিষ্টি, অনাসৃষ্টি, অনারামইত্যাদি। { *স.* অন (নঞ)>অনা }

অনাকর্ষণীয় [অনাকরশোনিয়ো] *বিণ* আকর্ষণীয় নয় এমন; অমনোরম। **অনাকর্ষণ** *বি*। { *স.* অন (নঞ)+আকর্ষণীয়; *বহু* }

অনাকার [অনাকার] *বিণ* ১ নিরাকার; আকারহীন। ২ জমাট; সূচিভেদ্য (বাইরে অনাকার অন্ধকার—*বুব*)। { *স.* অন (নঞ)+আকার; *বহু* }

অনাকুল, অনাকুলিত [অনাকুল, -লিতো] *বিণ* দৃঢ়; একাগ্র; অকাতর (অনাকুলিত চিত্তে এই সমস্ত বিদ্যায় কৃতকার্য হইয়াছিলেন—*ঈবি*)। { *স.* অন (নঞ)+আকুল, আকুলিত; অনাকুল- *নতৎ*; অনাকুলিত—*বহু* }

অনাক্রম্য, অনাক্রমণীয় [অনাকক্রোমমো, -মোনিয়ো] *বিণ* আক্রমণের অসাধ্য; দুরাক্রম্য (এ দুর্গম দুর্গে বন্দী, অনাক্রমণীয়, নিশ্চিন্ত আমার সত্তা—*বুব*)। { *স.* অন (নঞ)+আক্রম্য, আক্রমণীয়; *বহু* }

অনাক্রান্ত [অনাকক্রান্তো] *বিণ* আক্রান্ত নয় বা আক্রান্ত হয়নি এমন। { *স.* অন (নঞ)+আক্রান্ত; *বহু* }

অনাগত [অনাগতো] *বিণ* ১ ভবিষ্যৎ; ভাবী (অনাগতকাল)। ২ অনুপস্থিত; এখনও আসেনি এমন (অনাগত জন)। **অনাগতবিধাতা** *বি,বিণ* ভবিষ্যতের জন্য ব্যবস্থাকারী। **অনাগতা** *বি স্ত্রী*. ১ ভবিষ্যৎ; ভাবীকাল (অয়ি অনাগতা—*রঠা*)। ২ অনুপস্থিত (ব্যক্তি)। { *স.* অন (নঞ)+আগত; *বহু* }

অনাগম [অনাগম] *বি* ১ উপার্জন বা লাভের অভাব। ২ অনুপস্থিতি; না আসা। **অনাগমন** *বি* অনুপস্থিতি। **অনাগম্য** *বিণ* ১ অনধিগম্য; দুর্গম। ২ অসম্ভাব্য; অঘটনীয়। { *স.* অন (নঞ)+আগম; *নতৎ* }

অনাঘ্রাত, অঘ্রাত [অনাগঘ্রাতো, অগঘ্রাতো] *বিণ* ১ ঘ্রাণ নেওয়া হয়নি এমন (অনাঘ্রাত ফুল)। ২ ভোগ করা হয়নি এমন। ৩ অকলুষিত; অসম্পৃক্ত (দোষে একাও অনাঘ্রাত চিত্ত *ঈবি*)। **অনাঘ্রাতা** *স্ত্রী*. (যূথী অনাঘ্রাতা—*রঠা*)। { *স.* অন (নঞ)+আঘ্রাত, ঘ্রাত; *বহু* }

অনাচার [অনাচার] *বি* ১ অশিষ্ট আচার; কদাচার। ২ শাস্ত্রবিগর্হিত আচার। **অনাচারী** *বিণ* ১ কদাচারী; গর্হিত আচরণকারী। ২ ভ্রষ্টাচারী; সমাজ ও শাস্ত্র বিগর্হিত আচরণকারী। ৩ আচার লঙ্ঘনকারী (আমরা সবাই নব্যযুগের সভ্য যুবা অনাচারী—*রঠা*)। { *স.* অন (নঞ)+আচার; *নতৎ* }

অনাচ্ছন্ন [অনাচছনো] *বিণ* ১ অনাবৃত; অনাচ্ছাদিত। ২ অনভিভূত; অবশীভূত। { *স.* অন (নঞ)+আচ্ছন্ন; *নতৎ*; *বহু* }

অনাছিষ্টি ⇒ অনাসৃষ্টি

অনাটন ⇒ অনটন

অনাড়ম্বর [অনাড়মবর] *বি* জাঁকজমক বা ঘটার অভাব। ❑ *বিণ* সাদাসিধা; আড়ম্বরহীন (অনাড়ম্বর অনুষ্ঠান)। { *স.* অন (নঞ)+আড়ম্বর; *বহু* }

অনাড়ষ্ট [অনাড়শটো] *বিণ* স্বচ্ছন্দ; জড়তাশূন্য (সে জীবন হতো অনাড়ষ্ট, অবিজড়িত, স্বাধীন—*বুব*)। { *স.* অন (নঞ)+আড়ষ্ট; *নতৎ*; *বহু* }

অনাঢ্য [অনাডডো] *বিণ* ধনী নয় এমন; মধ্যবিত্ত। { *স.* অন (নঞ)+আঢ্য (=ধনী); *বহু* }

অনাতপ [অনাতপ] *বিণ* আতপ নয় এমন (অনাতপ চাউল)। ❑ *বি* ছায়া; রৌদ্রহীন স্থান। { *স.* অন (নঞ)+আতপ; *বহু* }

অনাতুর [অনাতুর] *বিণ* আতুর বা রুগ্ণ নয় এমন; অক্লিষ্ট; অরুগ্ণ। { *স.* অন (নঞ)+আতুর; *বহু* }

অনাত্ম [অনাততো] *বিণ* আত্মসম্পর্কশূন্য; impersonal। **অনাত্মজ্ঞ** *বিণ* নিজ আত্মা, প্রকৃতি বা অবস্থা জ্ঞাত নয় এমন। **অনাত্মজ্ঞতা** *বি*। { *স.* অন (নঞ)+আত্ম; *বহু* }

অনাত্মীয় [অনাততিয়ো] *বিণ* ১ আত্মীয় নয় এমন; পর। ২ আত্মীয়শূন্য; আপনজনবিহীন (অনাত্মীয় সংসার—*রঠা*)। ৩ শত্রু; দুশমন। **-তা** *বি* ১ আত্মীয়তার অভাব। ২ অসদ্ভাব; বিদ্বেষভাব; শত্রুতা। { *স.* অন (নঞ)+আত্মীয়; *বহু* }

অনাথ [অনাথ] *বিণ* সহায়শূন্য; এতিম; নিরাশ্রয়। **অনাথা, অনাথিনী** (*অপ্র.*) *বিণ স্ত্রী*. ১ নিরাশ্রয়া; সহায়হীন (অনাথা করিআঁ মোক কাহাঁএ পলাএ—*বচদা*; অনাথিনী দুই স্ত্রী—*রঠা*)। ২ বিধবা; স্বামীহারা। **অনাথাশ্রম, -নিবাস** *বি* এতিম বা মাতৃপিতৃহীন বালক-বালিকার আশ্রয়স্থল;

এতিমখানা; orphanage। { স. অ(নঞ)+নাথ; বহু }

অনাদর [অনাদর্] *বি* ১ অযত্ন; আদরের অভাব। ২ উপেক্ষা; অমনোযোগ (কিন্তু তাহার অনাদর দেখিয়া—*রঠা*)। ৩ অসম্মান; অপমান। ~**ণীয়** *বিণ* অনাদরের যোগ্য বা উপযুক্ত; আদরের অযোগ্য। **অনাদৃত** *বিণ* উপেক্ষিত; অবজ্ঞাত। **অনাদৃতা** *স্ত্রী*। { স. অন্ (নঞ)+আদর; নতৎ }

অনাদায় [অনাদায়] *বি* অপ্রাপ্তি; আদায়ের অভাব। ❑ *বিণ* বাকি; অপ্রাপ্ত। **অনাদায়ী** *বিণ* অপ্রাপ্ত; বাকি।

অনাদেয় (*অপ্র*) *বিণ* আদায় করা সম্ভব নয় এমন; আদায়ের অযোগ্য। { অন(নঞ)+আ, আদায় ।।। }

অনাদি [অনাদি] *বিণ* ১ আদিহীন; উৎপত্তিবিহীন; স্বয়ম্ভু। ২ চিরকালীন; চিরগত (বেঁচে আছি সেই এক অনাদি আশার অপার প্রেরণা নিয়ে—*রখা*)। { স. অন(নঞ)+আদি; বহু }

অনাদৃত, অনাদৃতা ⇒ অনাদর

অনাদ্য [অনাদদো] *বিণ* আদিহীন; অপ্রথম। **অনাদ্যা** *স্ত্রী*। { স. অন(নঞ)+আদ্য; বহু }

অনাদ্যন্ত [অনাদ্দোনতো] *বিণ* আদি-অন্তহীন; অনন্ত (ধ্বনিতেছে চিরকাল অনাদ্যন্ত রবে—*রঠা*)। { স. অন(নঞ)+আদি+অন্ত; বহু }

অনাদ্যা ⇒ অনাদ্য

অনাবশ্য [অনাবোশশো] *বিণ* অপ্রয়োজনীয়; আবশ্যক নয় এমন (অনাবশ্য, অনাদৃত এনে দাও অযাচিত—*রঠা*)। { স. অন (নঞ)+অবশ্য; বহু }

অনাবশ্যক [অনাবোশশোক] *বি* অপ্রয়োজন; অদরকার; বেদরকার (অনাবশ্যকের ভাঙা ঘাটে—*রঠা*)। ❑ *বিণ* অপ্রয়োজনীয়; অদরকারি; বেদরকারি। { স. অন(নঞ)+আবশ্যক; নতৎ }

অনাবাসিক [অনাবাসিক] *বিণ* বাস করে না এমন; nonresident। { স. অন্ (নঞ)+আবাসিক; বহু }

অনাবিদ্ধ [অনাবিদ্ধো] *বিণ* অনাহত; বিদ্ধ হয়নি এমন (অনাবিদ্ধ পাখি—*অচিসে*)। { বা. অনা+বিদ্ধ; বহু }

অনাবিল [অনাবিল] *বিণ* ১ অমল; অকলুষিত (সে প্রেম কত গভীর, কত অনাবিল—*ফগ*)। ২ স্বচ্ছ; নির্মল। **অনাবিলা** *বিণ স্ত্রী*, নির্মলা, অকলুষিতা (যাদের বাণীময়ী দিঠি সে অনাবিলা—*মোম*)। { স. অন (নঞ)+আ; অনাবিল; নতৎ; বহু }

অনাবিষ্কার্য [অনাবিশকারজো] *বিণ* আবিষ্কার করা যায় না এমন (তার উপকরণ অনাবিষ্কার্য—*সুদ*)। **অনাবিষ্কৃত** *বিণ* আবিষ্কার করা হয়নি এমন; অপ্রকাশিত (সময়ের অনাবিষ্কৃত অন্তরীপ জীবন)। { স. অন (নঞ)+আবিষ্কার্য; বহু }

অনাবিষ্ট [অনাবিশটো] *বিণ* অমনোযোগী (সেই অনাবিষ্ট বালকসমাজে লব্ধপ্রবিষ্ট হইয়াছিলেন—*বচ*)। { স. অন(নঞ)+আবিষ্ট; বহু }

অনাবৃত [অনাবৃতো] *বিণ* আচ্ছাদনশূন্য; খোলা। **অনাবৃতি** *বি* আবরণশূন্যতা; উন্মুক্ততা। { স. অন (নঞ)+আবৃত; বহু }

অনাবৃত্তি [অনাবৃততি] *বি* ১ অনভ্যাস; চেষ্টাশূন্যতা। ২ ফিরে না আসা; অপ্রত্যাবর্তন (তার অনেকাংশেই থেকে যায় অনাবৃত্তি—*অচিসে*)। { স. অন্ (নঞ)+আবৃত্তি; নতৎ }

অনাবৃষ্টি [অনাবৃশটি] *বি* বর্ষণাভাব; অপর্যাপ্ত বৃষ্টি। { বা. অনা+ স. বৃষ্টি; নতৎ }

অনামক, অনামিক [অনামোক, -মিক] *বিণ* অনামা; নাম নেই এমন; নামহীন (আনন্দে-বিষাদে মেশানো ঐ অনামিক অনুভূতির জমির উপর—*প্রচৌ*)। { স. অ (নঞ)+নামক, নামিক; বহু }

অনাময় [অনামোয়] *বি* আরোগ্য; সুস্থতা; রোগাভাব। ❑ *বিণ* নিরাময়; নীরোগ; সুস্থ। **অনাময়তা** *বি*। { স. অন্ (নঞ)+আময়; নতৎ }

অনামা[১] [অনামা] *বিণ* নামহীন। **অনাম্নী** *স্ত্রী*. { স. অ (নঞ)+নামন্; বহু }

অনামা[২] ⇒ অনামিকা

অনামিক ⇒ অনামক

অনামিকা, অনামা [অনামিকা, অনামা] *বি* কনিষ্ঠার সংলগ্ন অঙ্গুলি। { স. অ (নঞ)+নামিকা, নামন্; বহু }

অনামুখ, অনামুখা, অনামুখো [অনামুখো, -মুখা, -মুখো] *বিণ* মুখদর্শনে অমঙ্গল হয় এমন (তাহার কাছেও আমি অনামুখো, আমার মুখ অযাত্রা—*দমি*)। { বা. অনা+ স. মুখ+ বা. আ, ও; বহু }

অনাম্নী ⇒ অনামা

অনায়ত [অনায়তো] *বিণ* সঙ্কীর্ণ; অবিস্তৃত। { স. অন (নঞ)+আয়ত; নতৎ; বহু }

অনায়ত্ত [অনায়ত্তো] *বিণ* অবাধ্য; অবশীভূত; আয়ত্তের বহির্ভূত। **অনায়ত্তি** *বি* বিশৃঙ্খলা; এলোমেলো ভাব (ঘরে দোরে অরুচি, অনায়ত্তি—*অচিসে*)। { স. অন (নঞ)+আয়ত্ত; বহু }

অনায়াস [অনায়াশ] *বি* অল্প পরিশ্রম; অক্লেশ। ❑ *বিণ* সহজ; স্বতঃস্ফূর্ত; আয়াসশূন্য (অনায়াস গৌরবের সিংহাসনে বসে মৃদু হেসে—*রঠা*)। ~**কৃত** *বিণ* অক্লেশে সাধিত। ~**লব্ধ** *বিণ* সহজে প্রাপ্ত। ~**লভ্য** *বিণ* অক্লেশে লাভ করা যায় এমন। ~**সাধ্য** *বিণ* সহজসাধ্য; বিনা ক্লেশে করা যায় এমন। ~**সিদ্ধ** *বিণ* অক্লেশে সম্পাদিত; সহজে সম্পন্ন। **অনায়াসে** *ক্রিবিণ* সহজে; অক্লেশে; বিনা পরিশ্রমে। { স. অন (নঞ)+আয়াস; নতৎ }

অনারত [অনারতো] *বিণ* অবিশ্রান্ত; অবিরাম। { স. অন (নঞ)+আরত; নতৎ }

অনারব্ধ [অনারব্ধো] *বিণ* অনারম্ভ; শুরু করা হয়নি এমন। { স. অন (নঞ)+আরব্ধ; বহু; নতৎ }

অনারাম [অনারাম] *বি* অশান্তি; অসুখ (শরীরের পক্ষে এমন অনারামের—*বুব*)। { বা. অন্ (নঞ)+ ফা. আরাম آرام }

অনারারি, অনারারী [অনারারি] *বিণ* অবৈতনিক ও সম্মানসূচক (অনারারি ম্যাজিস্ট্রেট; আমাদের এই মোসাহেবিটা অনারারী ছিল—*শেহ*)। { ই. honorary }

অনারেবল [অনারেবল] *বিণ* সম্মানিত; মাননীয় (অঙ্কল থেকে অনারেবল আর কে এমন আছে—*হেমা*)। { ই. honourable }

অনারোগ্য [অনারোগ্গো] *বি* অস্বাস্থ্য; আরোগ্যের অভাব। ~**কর**, ~**জনক** *বিণ*। { *স.* অন্ (নঞ)+আরোগ্য; *বহু* }

অনার্তব [অনারতব] *বিণ* অসাময়িক; অকালজ। **অনার্তবা** *বিণ স্ত্রী* ঋতুমতী হয়নি এমন; অল্পবয়স্কা; অজাতরজস্কা। { *স.* অন্ (নঞ)+ঋতু+অ(অণ্); *নতৎ; বহু* }

অনার্য [অনারজো] *বি* আর্য নয় এমন জাতি; non-Aryan। ❑ *বিণ* ১ আর্য ভিন্ন অন্য। ২ অভদ্র; অসাধু; দুর্বিনীত। –**তা** *বি* অভদ্রতা; অসাধুতা। –**সুলভ** *বিণ* অনার্য জাতির মধ্যে সহজে লভ্য; অভদ্র (অনার্যসুলভ ব্যবহার)। { *স.* অন্ (নঞ)+আর্য; *বহু* }

অনালম্ব [অনালমবো] *বিণ* অবলম্বনহীন; শূন্যে অবস্থিত। { *স.* অন্ (নঞ)+আলম্ব; *বহু* }

অনালোচনীয়, অনালোচ্য [অনালোচোনিয়ো, অনালোচচো] *বিণ* আলোচনার বহির্ভূত বা অযোগ্য। { *স.* অন্ (নঞ)+আলোচনীয়; আলোচ্য; *বহু* }

অনাশ্রয় [অনাসস্রয়] *বিণ* নিরাশ্রয়; সহায়হীন। ❑ *বি* আশ্রয়ের অভাব। { *স.* অন্ (নঞ)+আশ্রয়; *নতৎ; বহু* }

অনাসক্ত [অনাশকতো] *বিণ* আসক্তিহীন; অননুরক্ত; নির্লিপ্ত (অনাসক্ত পূর্ণজ্ঞান বিহরে লীলায়—*সদ*)। **অনাসক্তি** *বি*। **অনাসক্তা** *বিণ স্ত্রী* আসক্তিশূন্যা; নির্লিপ্তা (অনম্বরা অনাসক্তা চির-একাকিনী—*রঠা*)। { *স.* অন্ (নঞ)+আসক্ত; *বহু* }

অনাসৃষ্টি, অনাছিষ্টি [অনাশ্রিশটি, –ছি–] *বি* ১ সৃষ্টিছাড়া অবস্থা; অদ্ভুত ব্যাপার (নিজেকে বুঝতে পারিনে বলেই তো এই অনাসৃষ্টি—*রাখা*)। ❑ *বিণ* ১ অদ্ভুত (বৌমার যেমন অনাছিষ্টি ঝোঁক—*নই*)। ২ কুৎসিত; নিন্দনীয় (এ যে অনাসৃষ্টি অনাচার—*রঠা*)। { *বা.* অনা (=মন্দ)+সৃষ্টি; *নতৎ* }

অনাস্থা [অনাসথা] *বি* ১ আস্থার অভাব; অবিশ্বাস; ভরসাহীনতা; non-confidence। ২ উপেক্ষা; অবহেলা; অনাদর। { *স.* অন্(নঞ)+আস্থা; *নতৎ* }

অনাস্বাদ [অনাশশাদ] *বি* স্বাদহীনতা। ❑ *বিণ* স্বাদহীন; বেমজাদার। **অনাস্বাদিত** *বিণ* স্বাদ গ্রহণ করা হয়নি এমন। { *স.* অন্ (নঞ)+আস্বাদ; *নতৎ; বহু* }

অনাহত, অনাহদ (*মবা.*) [অনাহতো, –হদো] *বিণ* ১ বাজানো হয়নি বা আঘাত পায়নি এমন (আমার অনাগত, আমার অনাহত—*রঠা*)। ২ অক্ষত; আঘাতপ্রাপ্ত হয়নি এমন (বাজবে নাকি গহন রাতির বীণায় অনাহত—*সদ*)। ৩ শ্রোতগোচর হয় না এমন; নৈসর্গিক ধ্বনিগুণবিশিষ্ট (নিশীথে সাধকরা অনাহত ধ্বনির অস্তিত্ব অনুভব করেন)। ❑ *বি* যৌগিক ষট্‌চক্রের অন্তর্গত চতুর্থ চক্রের নাম। { *স.* অন্ (নঞ)+আহত>; *বহু; নতৎ* }

অনাহার [অনাহার] *বি* উপবাস; অনশন। **অনাহারী** *বিণ* উপবাসী; খায়নি এমন। **অনাহারে** *ক্রিবিণ* আহারের অভাবে; অনশনে। { *স.* অন্ (নঞ)+আহার; *বহু; নতৎ* }

অনাহিত [অনাহিতো] *বিণ* অহিতকর; অনিষ্টকারী (যে কিছু অনাহিত শুনাও বচন। সেমত উচিত ফল পাইবা রতন—*দৌবা*)। { *বা.* অনা+হিত; *বহু* }

অনাহুত [অনাহুতো] *বিণ* আহুতি দেওয়া হয়নি এমন। { *স.* অন্ (নঞ)–আহুত; *বহু* }

অনাহূত [অনাহুতো] *বিণ* অনিমন্ত্রিত; ডাকা হয়নি এমন (অনাহূত–অনার্যের ধারে দিয়ে আছে সে অবধি—*সদ*; সে অনাহূত শরতের সুসজ্জিত ঘরের মধ্যে প্রবেশ করিয়া—*রঠা*)। ❑ *ক্রিবিণ* অপ্রাসঙ্গিক; অসঙ্গত (অনাহূত কথা কেন কওগো ভগিনী—*পূগী*)। { *স.* অন্ (নঞ); +আহূত; *বহু; নতৎ* }

অনাহ্লাদ [অনালহাদ] *বি* অখুশি; অসন্তোষ; নিরানন্দ (ইহাতে কাহার অনাহ্লাদ আছে—*ঈবি*)। **অনাহ্লাদিত** *বিণ*। { *স.* অন্ (নঞ)+আহ্লাদ; *নতৎ* }

অনিকাম [অনিকাম] *বিণ* সকাম; কামনাযুক্ত (বাংলা কাব্য ও অসংলগ্ন ভাবচ্ছবির অনিকাম সংঘট্ট—*সুদ*)। –**তা** *বি* অনুরাগ; কামনা (সে অবস্থার বৈশিষ্ট্যই যেহেতু অনিকামতা—আদেশ উপদেশ গ্রহণের অপার ক্ষমতা—*সুদ*)। { *স.* অ(নঞ)+নিষ্কাম = অনিষ্কাম>অনিকাম; *বহু* }

অনিকেত [অনিকেত] *বিণ* গৃহহীন; উন্মূল; বাসস্থান নেই এমন (তাকে দেখি নিজের মনের আর্শিতে সকাল সন্ধ্যা অনিকেত প্রেয়সীর মত—*হার*)। { *স.* অ+নিকেত (=নিকেতন); *বহু* }

অনিচ্ছা [অনিচ্‌ছা] *বি* ১ অনভিলাষ; অপ্রবৃত্তি; ইচ্ছার অভাব। ২ অরুচি (আহারে অনিচ্ছা)। ৩ ঔদাসীন্য; বিরাগ। ৪ অসম্মতি; আপত্তি। ~**কৃত** *বিণ* ইচ্ছার বিরুদ্ধে সম্পাদিত বা অনুষ্ঠিত। ~**সত্ত্বে** *ক্রিবিণ* ইচ্ছার অভাব সহ। ~**য়** *ক্রিবিণ* ইচ্ছার বিরুদ্ধে। **অনিচ্ছিত** *বিণ* অনাকাঙ্ক্ষিত; অবাঞ্ছিত (শীতকালের বাদলা, অনিচ্ছিত অতিথির মত—*রঠা*)। **অনিচ্ছুক, অনিচ্ছু** *বিণ* ১ অনভিলাষী; ইচ্ছাহীন। ২ অসম্মত; অরাজি; গররাজি। { *স.* অন্ (নঞ)+ইচ্ছা; *নতৎ* }

অনিত্য [অনিততো] *বিণ* অস্থায়ী; নশ্বর। –**তা** *বি* নশ্বরতা; অস্থায়িত্ব (ঐশ্বর্যের অনিত্যতা দর্শনে—*ঈবি*)। { *স.* অ (নঞ)+নিত্য; *বহু; নতৎ* }

অনিদ্র [অনিদ্‌দ্রো] *বিণ* নিদ্রাহীন; বিনিদ্র (ভাবিতেছি অর্ধরাত্রি অনিদ্র নয়ান—*রঠা*)। **অনিদ্রা** *বি* ১ নিদ্রাহীনতা; ঘুমের অভাব। ২ অনিদ্রা-রোগ; insomnia। { *স.* অ (নঞ)+নিদ্রা; *বহু* }

অনিন্দনীয়, অনিন্দ্য [অনিন্‌দোনিয়ো, অনিন্‌দো] *বিণ* ১ নিন্দার অযোগ্য। ২ অনবদ্য (সেই আমি নিত্য নব অনিন্দ্য প্রমদা—*সদ*)। ৩ সুন্দর-নিখুঁত। **অনিন্দিত** *বিণ* ১ নিন্দিত নয় এমন; অগর্হিত; অদুষ্ট। ২ নিখুঁত; সুন্দর; অনবদ্য। **অনিন্দিতা** *স্ত্রী.* (তুমি অনিন্দিতা—*রঠা*) **অনিন্দ্যসুন্দরী** *বিণ স্ত্রী* নিখুঁত সুন্দরী; সর্বাঙ্গসুন্দরী (লুৎফুন্নিসা ছিলেন অনিন্দ্যসুন্দরী রূপসী—*সেমুআ*)। { *স.* অ (নঞ)+নিন্দনীয়, নিন্দ্য; *বহু* }

অনিপুণ [অনিপুন] *বিণ* ১ অদক্ষ; অকুশলী। ২ অগোছালো; অসজ্জিত (যতই সঙ্কীর্ণ অন্ধকার অনিপুণ হোক গৃহ—*বুব*)। **অনিপুণা** *স্ত্রী*। { *স.* অ (নঞ)+নিপুণ; *বহু; নতৎ* }

অনিবদ্ধ [অনিবদ্‌ধো] *বিণ* অসংযত; শিথিল। { *স.* অ (নঞ)+নিবদ্ধ; *বহু; নতৎ* }

অনিবার [অনিবার] *ক্রিবিণ (পদ্য.)* বারবার; ক্রমান্বয়ে; অবিচ্ছেদে (যুগে যুগে অনিবার—*রঠা*)। ❑ *বিণ (পদ্য.)* অনিবার্য; নিবারণ করা যায় না এমন; প্রচণ্ড (মহাকায় বলে অনিবার—*কারা*)। **~ণীয়, অনিবার্য** *বিণ* ১ নিবারণ করা যায় না এমন; অপ্রতিরোধ্য (অনিবার্য বেগে উথলিয়া উঠিতেছে—*ঈবি*)। ২ অবশ্যম্ভাবী। **অনিবারিত** *বিণ* ১ অপ্রতিহত; অব্যাহত; অবাধ। ২ অনিষিদ্ধ। { *স.* অ (নঞ্)+নিবার; *বহু* }

অনিবিড় [অনিবিড়] *বিণ* হালকা (শীতকালের অনিবিড় মেঘে আকাশ আচ্ছন্ন হইয়াছে—*বচ*)। { *স.* অ (নঞ্)+নিবিড়; *নতৎ* }

অনিমন্ত্রিত [অনিমোনত্রিতো] *বিণ* অনাহূত; আহ্বান করা হয়নি এমন (সেদিন অনিমন্ত্রিত শশিভূষণ নৌকা করিয়া—*রঠা*)। { *স.* অ (নঞ্)+নিমন্ত্রিত; *বহু* }

অনিমিখ, অনিমিক (বিরল) [অনিমিখ্,-ক] *বিণ (পদ্য.)* অপলক; নিস্পন্দ (জাগো আজো অনিমিখ—*নই*)। **অনিমিখে** *ক্রিবিণ (পদ্য.)* নিমেষে; একদৃষ্টিতে (অনিমিখে চাহিয়া রৈলু স্তবকিতনয়ানে—*ভন*)। { *স.* অনিমিষ>; *বহু* }

অনিমিত্ত [অনিমিত্‌তো] *বিণ* অহেতুক; অকারণ। ❑ *বি* দুর্নিমিত্ত, অশুভ লক্ষণ। { *স.* অ (নঞ্)+নিমিত্ত; *বহু* }

অনিমিষ, অনিমেষ [অনিমিশ্, -মেশ্] *বিণ* ১ অপলক; বদ্ধদৃষ্টি (আঁখি অনিমিখ—*রঠা*)। ২ স্থির; নিস্পন্দ; অচল (তুমি অনিমেষ মুরাতি—*রঠা*)। **~নেত্রে, ~লোচনে** *ক্রিবিণ* স্থির দৃষ্টিতে; অপলক দৃষ্টিতে। { *স.* অ(নঞ্)+নিমিষ, নিমেষ; *বহু* }

অনিয়ত [অনিয়তো] *বিণ* ১ অসংযত; উচ্ছৃঙ্খল। ২ অনির্দিষ্ট; অনির্দিষ্ট; অস্থির। **অনিয়তাকার** *বিণ* কোনো নির্দিষ্ট আকারবিহীন; প্রায়ই আকার পরিবর্তিত হয় এমন। { *স.* অ (নঞ্)+নিয়ত; *নতৎ; বহু* }

অনিয়ন্ত্রিত [অনিয়নত্রিতো] *বিণ* অসংযত; অনিবারিত। { *স.* অ (নঞ্)+নিয়ন্ত্রিত; *বহু* }

অনিয়ম [অনিয়ম্] *বি* ১ অবিধি; নিয়মের অভাব। ২ অব্যবস্থা; বিশৃঙ্খলা। ৩ অসংযম। ৪ নিয়মের ব্যতিক্রম বা ব্যত্যয় (আমি অনিয়ম উচ্ছৃঙ্খল—*নই*)। **অনিয়মিত** *বিণ*। { *স.* অ (নঞ্)+নিয়ম; *নতৎ; বহু* }

অনিরুদ্ধ [অনিরুদ্‌ধো] *বিণ* ১ অনির্ধারিত; অবাধ। ২ উন্মুক্ত। ❑ *বি* শ্রীকৃষ্ণের পৌত্রের নাম। { *স.* অ (নঞ্)+নিরুদ্ধ; *নতৎ* }

অনিরূপিত [অনিরূপিতো] *বিণ* অনির্ণীত; নির্দিষ্ট নয় এমন। { *স.* অ(নঞ্)+নিরূপিত; *নতৎ; বহু* }

অনির্ণীত [অনিরনিতো] *বিণ* অনির্দিষ্ট; অনির্ধারিত (এমন অনির্ণীত—*অচিসে*)। **অনির্ণয়** *বি*। { *স.* অ (নঞ্)+নির্ণীত; *নতৎ* }

অনির্ণেয় [অনিরনেয়ো] *বিণ* নির্ণয় করা যায় না এমন (সৌরজগতের গ্রহের সংখ্যা আজও অনির্ণেয়)। { *স.* অ (নঞ্)+নির্ণেয়; *বহু* }

অনির্দিষ্ট [অনিরদিশটো] *বিণ* অনির্ধারিত; অনির্ণীত; অনিশ্চিত। { *স.* অ (নঞ্)+নির্দিষ্ট; *বহু* }

অনির্দেশ [অনিরদেশ] *বি* অনির্দিষ্ট অবস্থা। **অনির্দেশ্য** *বিণ* নির্দিষ্ট করা যায় না এমন; অনির্ণেয় (একটা অনির্দেশ্য কাল্পনিক পদার্থের অনুসন্ধানে—*রঠা*)। { *স.* অ (নঞ্)+নির্দেশ; *নতৎ* }

অনির্বচনীয়, অনির্বাচ্য [অনিরবচোনিয়ো, -বাচ্চো] *বিণ* বর্ণনাতীত; অবর্ণনীয় (অন্তরাত্মা অনির্বচনীয় আনন্দরসে আপ্লুত হয়—*ঈবি*)। **অনির্বচনীয়া, অনির্বাচ্যা** *বিণ স্ত্রী.* বর্ণনাতীতা; গুণাতীতা (অনির্বাচ্যা–নিরুপমা, আপনি আপন সমা—*ভারা*)। { *স.* অ (নঞ্)+নির্বচনীয়, নির্বাচ্য; *বহু* }

অনির্বাণ [অনিরবান] *বিণ* ১ নির্বাণ বা মুক্তি-রহিত। ২ অনির্বাপিত; জ্বলন্ত (প্রথম আলোর স্পর্শে জেগেছে যে জ্বালা এখনো তা অনির্বাণ—*রখা*)। ৩ অনিবৃত্ত; অশান্ত। **অনির্বেয়** *বিণ* নির্বাপিত করা যায় না এমন (অনির্বেয় কামানল পোড়ায় হৃদয়ে—*মদ*)। { *স.* অ (নঞ্)+নির্বাণ; *বহু* }

অনির্বাদ [অনিরবাদ্] *বি* নির্বিবাদ; অকলহ (অনির্বাদে নির্বাহ যত দায়—*ভারা*)। { *স.* অ (নঞ্)+নির্বাদ; *নতৎ* }

অনির্বেয় ⇒ অনির্বাণ

অনিল [ওনিল্] *বি* বায়ু; বাতাস; সমীরণ (মলয়ানিল)। { *স.* √অন(বাঁচা)+ইল(ইলচ্) }

অনিশ্চয় [অনিশচয়] *বি* সন্দেহ; সংশয়। **অনিশ্চিত** *বিণ* অনির্ণীত; অনির্ধারিত (মানুষের অনিশ্চিত ভবিষ্যৎকে নিশ্চিত করিবে?)। { *স.* অ (নঞ্)+নিশ্চয়; *বহু* }

অনিষ্ট [অনিশটো] *বি* অমঙ্গল; অপকার; ক্ষতি। ❑ *বিণ* অবাঞ্ছিত; অনভিলষিত। **~কর, ~কারী, ~কারক, ~জনক, ~দায়ক** *বিণ* হানিকর; ক্ষতিকারক। **অনিষ্টাচরণ** *বি* ক্ষতি সাধন। { *স.* অন্ (নঞ্)+ইষ্ট; *নতৎ* }

অনিষ্ঠ [অনিশঠো] *বিণ* নিষ্ঠাশূন্য; অনুরক্তিহীন; শ্রদ্ধাহীন। { *স.* ন(নঞ্)+নিষ্ঠা; *বহু* }

অনিষ্ঠা [অনিশঠা] *বি* নিষ্ঠার অভাব; অনাস্থা। { *স.* অ (নঞ্)+নিষ্ঠা; *নতৎ* }

অনীক ⇒ অনীকিনী

অনীকিনী, অনীক [ওনিকিনি, ওনিক] *বি* ১ সৈন্যদল (সম্রাটের অনীকিনী সনে—*কায়*)। ২ সৈনিক; সেনানী (পাশে উপবনে পরদেশী অনীকিনী—*সুদ*)। { *স.* অন+ঈক+ইন+ঈ(ঙীপ্), অন+ঈক }

অনীত [অনিতো] (*মবা.*) *বি* কুরীতি; দুর্নীতি (অনীত দেখিয়া রত প্রলয়কারণ—*ক্ষেদা*)। ❑ *বিণ* ১ অন্যায়; গর্হিত; নীতিবিরুদ্ধ (অনীত কর্ম)। ২ দুর্বিনীত; অশিষ্ট (অনীত দেখিয়া শিবে দক্ষ কোপে রোষে—*কমু*)। { *স.* অনীতি> *বহু* }

অনীতি [অনিতি] *বি* দুর্নীতি; কুনীতি। { *স.* অ (নঞ্)+নীতি; *নতৎ* }

অনীপ্সিত [অনিপশিতো] *বিণ* অবাঞ্ছিত; অনভিলষিত। { *স.* অন্ (নঞ্)+ঈপ্সিত; *বহু; নতৎ* }

অনীশ, অনীশ্বর [অনিশ্, অনিশশর] *বিণ* নাস্তিক; ঈশ্বরের অস্তিত্বে আস্থাহীন; ঈশ্বরহীন। **অনীশ্বরবাদ** *বি* নাস্তিকতা; ঈশ্বর বলে কেউ নেই—এই মত। **অনীশ্বরবাদী** *বিণ*। { *স.* অন+ঈশ, ঈশ্বর }

অনীহ ⇒ অনীহা

অনীহা [অনিহা] *বি* নিস্পৃহতা; নিশ্চেষ্টতা; অনুৎসাহ (মজ্জাগত অনীহার অঙ্গীকার শুধু আমাদের আত্মপ্রসাদে বাজে না—*সুদ*)। **অনীহ** *বিণ* নিস্পৃহ; অনিচ্ছুক। { *স.* অন্ (নঞ)+ঈহ; *নতৎ* }

অনু[1] (*মবা.*) [ওনু] *বি* ১ অনুরূপ; অনুযায়ী (নৃপতি কিঙ্কর, সেবি নিরন্তর, আজ্ঞা অনুজেই কর্ম—*সৈআ*)। ২ পশ্চাৎ; পশ্চাৎভাগ; পিছন দিক (যেন বড় সুবুদ্ধি সন্ধান করে অনু—ঘচ)। { *স.* √অন্+উ (সাদৃশ্যার্থে) }

অনু[2] [ওনু] *অব্য* পশ্চাৎ সাদৃশ্য ব্যাপ্তি অধীন বারংবার ইত্যাদি অর্থবোধক তৎসম উপসর্গ। যেমন—অনুগমন (পশ্চাদর্থে), অনুরূপ (সাদৃশ্যার্থে), অনুক্ষণ (ব্যাপ্তি অর্থে), অনুগত (অধীন অর্থে), অনুলেপন (বারংবার অর্থে)। { *স.* √অন্+উ }

অনুকম্পন [ওনুকম্পোন্] *বি* শিহরণ; স্পন্দন (সমস্ত শিরার মধ্যে অনুকম্পন এবং গানের তালে তাহার সর্বাঙ্গে আন্দোলন উপস্থিত হইত—*রঠা*)। { *স.* অনু+কম্পন; *অব্যয়ী* }

অনুকম্পা [ওনুকম্পা] *বি* সমবেদনা; দয়া; অনুগ্রহ (অনুকম্পা হৈলে অনুভব—*ভারা*)। { *স.* অনু+কম্পা; *অব্যয়ী* }

অনুকরণ, অনুকর্ম [ওনুকরোন্, ওনুকরমো] *বি* ১ নকল; সদৃশীকরণ। ২ অনুসরণ; অনুরূপ আচরণ। **~কারী**, **অনুকর্তা** *বি,বিণ* যে অনুকরণ করে। **~দক্ষ**, **~পটু** *বিণ* অপরের অনুকরণ করতে নিপুণ। **~প্রিয়** *বি,বিণ* অনুকরণ করতে ভালোবাসে এমন। **~বৃত্তি** *বি* অনুকরণ করবার অভ্যাস। **অনুকরণীয়** *বিণ* অনুকরণের যোগ্য। { *স.* অনু+করণ, কর্ম; *অব্যয়ী* }

অনুকল্প [ওনুকল্পো] *বি* ১ বদল; পরিবর্ত; alternative (নীলিমার অনুকল্পে আজ যারা সয়েছে বিমান—*জীদা*; অনুকল্পের অভাব ছিল না—*বচ*)। ২ প্রতিনিধি; substitute। ৩ গৌণ বিধি; অপ্রধান নিয়ম (যে জগতে তার বাস, সেখানে স্থিতি অনুকল্প—*সুদ*)। { *স.* অনু+কল্প; *অব্যয়ী* }

অনুকার [ওনুকার] *বি* অনুকরণ; সদৃশীকরণ। □ *বিণ* অনুকারী (তাহা গুরুত্ব অনুকারী—*বচ*)। **অনুকরণীয়** *বিণ* অনুকরণযোগ্য। { *স.* অনু+√কৃ+অ (ঘঞ) }

অনুকূল [ওনুকুল্] *বিণ* ১ সহায়; হিতকারী; পোষক (অনুকূল পতি—*ঈবি*)। ২ সদয় (চিরদিনে সে বিহি ভেলি অনুকূল—*বিপ*)। □ *ক্রিবিণ* সদয়ভাবে (চলিলে সাথে হাসিলে অনুকূল—*রঠা*)। **অনুকূলতা, আনুকূল্য** *বি*। { *স.* অনু+কূল; *অব্যয়ী* }

অনুকৃত [ওনুকৃতো] *বিণ* অনুকরণ করা হয়েছে এমন (তোমার পবিত্র আদর্শ জগতের ঘরে ঘরে অনুকৃত হবে—*কক*)। **অনুকৃতি** *বি*। { *স.* অনু+কৃত }

অনুক্ত [অনুক্তো] *বিণ* ১ অকথিত; বলা হয়নি এমন (কোনো অনুক্ত অনির্দিষ্ট কারণে তাকে দেবে না—*বুব*)। ২ (*ব্যা.*) উহ্য (অনুক্ত কর্তা)। { *স.* অন্ (নঞ)+উক্ত; *নতৎ* }

অনুক্রম [অনুক্ক্রোম্] *বি* ১ পর্যায়পরম্পরা; পারম্পর্য; যথাক্রম; order (কিরূপ পূজিত হবে অনুক্রম কহ শুনি তার—কৃও)। ২ কর্মসূচি; কার্যতালিকা; programme। **~ণ** *বি* অনুসরণ; অনুবর্তন। **~ণিকা**, **~ণী** *বি* ভূমিকা; মুখবন্ধ; অবতরণিকা। **অনুক্রমিক** *বিণ* ক্রমানুসারী। { *স.* অনু+ক্রম; *অব্যয়ী* }

অনুক্ষণ, অনুখন [ওনুকখন্, ওনুখন্] (*পদ্য.*) *ক্রিবিণ* সর্বদা; প্রতিক্ষণ; নিরন্তর (এ বিশ্বে অনন্ত রস ঝরে অনুক্ষণ—*নই*; অনুখন যেই করিছে মথন অতীতের পারাবার—*সদ*)। { *স.* অনু+ক্ষণ; *অব্যয়ী* }

অনুগ [ওনুগো] *বিণ* ১ অনুচর; অনুগামী; সেবক। ২ অনুযায়ী; অনুসারী (নিয়মানুগ)। { *স.* অনু+√গম্+অ(ড) }

অনুগত [ওনুগতো] *বিণ* ১ বাধ্য; অধীন; আশ্রিত। ২ মতানুসারী; মতাবলম্বী। **আনুগত্য** *বি*। { *স.* অনু+√গম্+ত (ক্ত) }

অনুগমন, অনুগম [ওনুগমোন্, ওনুগম্] *বি* ১ অনুসরণ; পশ্চাদ্‌গমন (বেদাঙ্গের অনুগম করেন—*ঈবি*)। ২ সহযাত্রা; একত্রে গমন। ৩ সহমরণ। **অনুগামী**(-মিন্) *বিণ* ১ অনুসরণকারী; পশ্চাদ্‌গমনকারী (তব অনুগামী দাস—*মদ*)। ২ সহচর; সহযাত্রী। **অনুগামিনী** *স্ত্রী*। { *স.* অনু-√গম্+অন(ল্যুট্), অ(ঘঞ); *অব্যয়ী* }

অনুগৃহীত [ওনুগ্‌গৃহিতো] *বিণ* ১ উপকৃত; প্রতিপালিত। ২ অনুগ্রহপ্রাপ্ত; কৃপাপ্রাপ্ত। **অনুগৃহীতা** *স্ত্রী*। { *স.* অনু+গৃহীত }

অনুগ্র [ওনুগ্গ্রো] *বিণ* ১ শিষ্ট; ভদ্র; শান্ত (অনুগ্রস্বভাব)। ২ উগ্রতাশূন্য; মৃদু (অনুগ্র সৌরভ)। { *স.* অন্ (নঞ)+উগ্র *নতৎ*; *বহু* }

অনুগ্রহ [ওনুগ্গ্রোহো] *বি* ১ দয়া; কৃপা; করুণা। ২ সহায়তা; আনুকূল্য; উপকার। ৩ প্রসন্নতা; সন্তুষ্টি। **অনুগ্রাহক, অনুগ্রাহী** *বিণ* অনুগ্রহকারী; সহায়। **অনুগ্রাহিকা** *স্ত্রী*। { *স.* অনু+√গ্রহ্+অ (অপ্) }

অনুঘটক [ওনুঘটোক্] *বি,বিণ* প্রভাবক; catalyst (যে সব পদার্থ রাসায়নিক ক্রিয়ায় অংশ গ্রহণ না করিয়াও ঐ ক্রিয়াকে সাহায্য করিতে পারে, তাহাদিগকে অনুঘটক বা প্রভাবক বলে—*আজা*)। { *স.* অনু+ঘটক; *অব্যয়ী* }

অনুচর [ওনুচর্] *বি* ১ সহচর; অনুগামী; সঙ্গী। ২ ভৃত্য; আজ্ঞাবহ; দাস। □ *বিণ* অনুগমনকারী; follower (আমরাও কালের অনুচর—*বচ*)। **অনুচরী** *স্ত্রী*। **অনুচারী**(-রিন্) *বিণ* অনুগামী; অনুসারী। □ *বি* ভৃত্য; পরিচারক। **অনুচারিণী** *স্ত্রী*। { *স.* অনু+চর; √চর্+অ(অচ্); অনুগামী চর—*মধ্য.* }

অনুচিকীর্ষা [ওনুচিকিরশা] *বি* অনুকরণ করার ইচ্ছা। **অনুচিকীর্ষু** *বিণ* অনুকরণ করতে ইচ্ছুক (এখনও বহু কবি ও গীতিকার নজরুল ইসলামের অনুচিকীর্ষু)। { *স.* অনু+চিকীর্ষা }

অনুচিত [অনুচিত্] *বিণ* অন্যায়; অকর্তব্য অযথা। □ *ক্রিবিণ* অন্যায়ভাবে (তাহে হৈল বিপরীতি, আরো কহ অনুচিত—*ভারা*)। { *স.* অন্ (নঞ)+উচিত; *নতৎ* }

অনুচিন্তন, অনুচিন্তা [ওনুচিন্‌তন্, -চিন্‌তা] *বিণ* ১ অনুধ্যান; পশ্চাৎচিন্তা। ২ নিরন্তর চিন্তা; গভীর চিন্তা। { *স.* অনু+চিন্তন, চিন্তা; *অব্যয়ী* }

অনুচ্চ [অনুচ্চো] *বিণ* ১ উঁচু নয় এমন; নিচ (অনুচ্চ স্থান)।

২ নিম্ন, মৃদু (অনুচ্চ কণ্ঠে)। { স. অন্ (নঞ্)+উচ্চ; নতৎ; বহু }

অনুচ্চারণীয়, অনুচ্চার্য [অনুচ্‌চারোনিয়ো, -চারজো] *বিণ* ১ উচ্চারণ করতে পারা যায় না অথবা উচ্চারিত হয় না এমন (ফরাসি শব্দে অনুচ্চার্য)। ২ অকথ্য; উচ্চারণের অযোগ্য। **অনুচ্চারিত** *বিণ* অনুক্ত; অব্যক্ত (একটু বা বিতৃষ্ণা আছে অনুচ্চারিত - *অচিসে*)। { স. অন্ (নঞ্)+উচ্চারণীয়, উচ্চার্য; *বহু; নতৎ* }

অনুচ্ছেদ, অণুচ্ছেদ *(অশুপ্র.)* [অনুচ্‌ছেদ] *বি* প্রবন্ধ বা আইনের ক্ষুদ্রাংশ; paragraph। { স. অনু+ছেদ>; *অব্যয়ী* }

অনুজ, অনুজন্মা [ওনুজো, ওনুজনমা] *বি* কনিষ্ঠ ভ্রাতা; ছোটভাই। **অনুজা** *স্ত্রী*। **অনুজাত** *বিণ* পরে জাত বা উৎপন্ন। { স. অনু+জ (<জন্+ড), জন্ম (জন্মন্) }

অনুজীবী [ওনুজিবি] *বি* ভৃত্য; আশ্রিত; পোষ্য। ▢ *বিণ* অনুবর্তী; অনুগামী। **অনুজীব্য** *বিণ* আশ্রয় করার বা সহায় হওয়ার যোগ্য। { স. অনু+জীবিন্> }

অনুজ্জ্বল [অনুজ্‌জল্] *বিণ* ১ অল্প দীপ্তি বা প্রভাযুক্ত (অনুজ্জ্বল দীপ)। ২ অপ্রখর; মেধাহীন (অনুজ্জ্বল প্রতিভা)। { স. অন্(নঞ্)+উজ্জ্বল; *নতৎ; বহু* }

অনুজ্ঞা [অনুগ্‌গাঁ] *বি* ১ আদেশ; অনুমতি; সম্মতি; (আমি তোমাকে অনুজ্ঞা প্রদান করি নাই—*ঈবি*)। ২ প্রবর্তনা; নিয়োগ। ৩ *(ব্যা.)* ক্রিয়ার আদেশভাব (যেমন 'মারা ক্রিয়ার অনুজ্ঞায় 'মার')। ~**ত** *বিণ* আদেশ বা অনুমতিপ্রাপ্ত। { স. অনু+জ্ঞা+অ (অঙ্)+আ (টাপ্) }

অনুতপ্ত [ওনুতপতো] *বিণ* কৃতকর্মের জন্য দুঃখিত; সন্তপ্ত। { স. অনু+তপ্ত; *অব্যয়ী* }

অনুতাপ [ওনুতাপ্] *বি* অনুশোচনা; আফসোস; পরিতাপ। **অনুতপ্ত** *বিণ*। **–গ্রস্ত** *বিণ* অনুতপ্ত; পরিতাপগ্রস্ত; আক্ষেপকারী (ক্রোধ শান্তি হইলে যারপরনাই অনুতাপগ্রস্ত হইবেন –*ঈবি*)। { স. অনু+তাপ; *অব্যয়ী* }

অনুৎকর্ষ [অনুত্‌করশো] *বি* অপকর্ষ; অনুন্নতি। { স. অন্ (নঞ্)+উৎকর্ষ; *নতৎ* }

অনুত্তম [অনুত্‌তম্] *বিণ* ১ সর্বোৎকৃষ্ট; অত্যুত্তম (পরোপকার অনুত্তম ধর্ম)। ২ নিকৃষ্ট; অধম; (অনুত্তম বংশে যার জন্ম, তার আচরণ প্রায়ই অশোভন হয়)। { স. অন্ (নঞ্)+উত্তম; *বহু* }

অনুত্তর [অনুত্‌তর্] *বিণ* ১ নিরুত্তর; প্রত্যুত্তরহীন। ২ যার উত্তরে অর্থাৎ পরে আর কিছু নেই; শ্রেষ্ঠ; সর্বোত্তম। ৩ উত্তর দিকে অবস্থিত নয় এমন; দক্ষিণ দিকস্থ। { স. অন্ (নঞ্)+উত্তর; *বহু* }

অনুত্তীর্য [অনুত্‌তিরজো] *বিণ* দুস্তর; দুরতিক্রম্য (বৃক্ষাদিশূন্য অনন্ত প্রান্তরবৎ জীবনের পথ অনুত্তীর্য হইত—*বচ*)। { স. অন্ (নঞ্)+উত্তীর্য; *বহু* }

অনুৎসাহ [অনুত্‌শাহো] *বি* উৎসাহের অভাব; উদ্যমহীনতা। ▢ *বিণ* নিরুৎসাহ; উদ্যমহীন। **অনুৎসাহী** *বিণ*। { স. অন্ (নঞ্)+উৎসাহ; *নতৎ* }

অনুৎসুক [অনুত্‌শুক] *বিণ* আগ্রহান্বিত নয় এমন; নিরুৎসুক (হৃদি অনুৎসুক—*সদ*)। { স. অন্ (নঞ্)+উৎসুক; *বহু* }

অনুদয় [অনুদয়্] *বি* সূর্যোদয়ের পূর্ব সময় (অনুদয়ে ওঠে আর অস্ত যায় মধ্যরাত্রে—*অচিসে*)। { স. অ (নঞ্)+উদয়; *নতৎ* }

অনুদাত্ত [অনুদাত্‌তো] *বিণ* অনুচ্চস্বর; নিম্নস্বর। { স. অন্ (নঞ্)+উদাত্ত; *নতৎ* }

অনুদান [ওনুদান্] *বি* বৃত্তি; ভাতা; সাহায্য। { স. অনু+দান }

অনুদার [অনুদার্] *বিণ* সঙ্কীর্ণমনা; নীচাশয়। ▢ *বিণ* বাখিল; কৃপণ (অনুদার বিলাসী বাঁদর অভুক্তের বুঝিল না দুঃখ—*সদ*)। { স. অন্ (নঞ্)+উদার; *বহু* }

অনুদাস [ওনুদাস্] *বিণ* দাসের দাস (দাসানুদাস)। { স. অনু+দাস }

অনুদিত [অনুদিতো] *বি* উদিত হয়নি এমন; অনুদ্গত; অপ্রকাশিত; অনুক্ত; অকথিত। { স. অন্ (নঞ্)+উদিত; *বহু* }

অনুদিন [ওনুদিন্] *ক্রিবিণ* প্রত্যহ; রোজ রোজ (অনুদিন মহামিতি, পিপীলিকা মক্ষি প্রভৃতি, সর্করাদি দিলেন্ত খাইবার- *দোবা*)। { স. অনু (পুনঃপুন অর্থে)+দিন (-প্রতিদিন); *অব্যয়ী* }

অনুদ্ঘাতী [অনুদ্‌ঘাতি] *বিণ* সমতল; অবন্ধুর। **অনুদ্ঘাতিনী** *স্ত্রী*. (বাংলাদেশের অন্য ভূমি যেরূপ সচরাচর অনুদ্ঘাতিনী, এ প্রদেশ সেরূপ নহে—*বচ*)। { স. অন্ (নঞ্)+উদ্ঘাত+ইন্(ইনি); *বহু* }

অনুদ্দিষ্ট [অনুদ্‌দিশটো] *বিণ* ১ লক্ষ্যের বা বক্তব্যের বিষয় নয় এমন। ২ সন্ধান বা উদ্দেশ বা খোঁজ নেই এমন। { স. অন্ (নঞ্)+উদ্দিষ্ট; *বহু* }

অনুদ্দেশ [অনুদ্‌দেশ্] *বিণ* নিখোঁজ; নিরুদ্দেশ। ▢ *বি* খোঁজ বা উদ্দেশ না পাওয়া। { স. অন্ (নঞ্)+উদ্দেশ; *বহু* }

অনুদ্ধত [অনুদ্‌ধতো] *বিণ* বিনীত; নম্র; শান্ত (অনুদ্ধত স্বরে কহিলেন—*ঈবি*)। { স. অন্+উদ্ধত; *নতৎ; বহু* }

অনুদ্বেগ [অনুদ্‌বেগ্] *বি* নিশ্চিন্ততা; উদ্বেগশূন্যতা। **অনুদ্বিগ্ন** *বিণ* নিশ্চিন্ত। { স. অন্ (নঞ্)+উদ্বেগ; *নতৎ* }

অনুদ্বেল [অনুদ্‌বেল্] *বিণ* অচঞ্চল; স্থির (আরেকটি দিক অন্ধ- অসাড়, বশিগ্ঘাতে অনুদ্বেল—*সদ*)। { স. অন্ (নঞ্)+উদ্বেল; *বহু* }

অনুদ্ভিন্ন [অনুদ্‌ভিন্‌নো] *বিণ* ১ ভেদ করে ওঠেনি এমন; অনুদ্গত। ২ অনতিস্ফুট; স্বল্পবিকশিত। ৩ অস্ফুট; অপরিস্ফুট (অনুদ্ভিন্নযৌবনা বালিকা)। { স. অন্ (নঞ্)+উদ্ভিন্ন; *বহু* }

অনুদ্ভূত [অনুদ্‌ভুতো] *বিণ* উদ্ভব ঘটেনি এমন; potential (অনুদ্ভূত বৃত্তি)। { স. অন্ (নঞ্)+উদ্ভূত; *বহু* }

অনুদ্যোগ [অনুদ্‌দোগ্] *বি* অনুদ্যম; ঔদাস্য। { স. অন্ (নঞ্)+উদ্যোগ; *নতৎ* }

অনুধাবন [ওনুধাবোন্] *বি* ১ অনুসরণ; পশ্চাদ্ধাবন (পরস্পরের দ্রুত অনুধাবন করিয়া —*রঠা*)। ২ পর্যালোচনা; বিবেচনা (আর ইহারও অনুধাবন করা আবশ্যক—*ঈবি*)। ৩ মনোনিবেশ; মনঃসংযোগ। ৪ অনুসন্ধান; খোঁজ। **অনুধাবিত** *বিণ* ১ পশ্চাদ্ধাবিত; অনুসৃত। ২ অভিনিবিষ্ট; বিবেচিত। { স. অনু+√ধাব্+অন (ল্যুট্); *অব্যয়ী* }

অনুধ্যান [অনুদ্‌ধ্যান] *বি* নিরন্তর চিন্তা; অনুচিন্তন; সর্বদা স্মরণ (প্রতি মুহূর্তে দেখার পিপাসা যেন বা গভীর অনুধ্যান—*আহা*)। **অনুধ্যায়ী** (–য়িন) *বিণ* সর্বদা চিন্তাকারী (শুভানুধ্যায়ী ব্যক্তি)। **অনুধ্যেয়** *বিণ* অনুধ্যানের যোগ্য; সর্বদা ধ্যান করার উপযুক্ত। {*স.* অনু+ধ্যান; *অব্যয়ী*}

অনুনয় [ওনুনয়] *বি* মিনতি; অনুরোধ; বিনীত অনুরোধ বা প্রার্থনা; কাতরোক্তি (অনুনয় করিবে না কেউ- *নই*)। **অনুনয়ী** (–য়িন) *বিণ* বিনীত অনুরোধকারী। **~-বিনয়** *বি* সাধ্য-সাধনা; সকাতর প্রার্থনা (বহু অনুনয়-বিনয় করেও কোনো ফললাভ হলো না)। {*স.* অনু+√নী+অ(অচ্)}

অনুনাদ [ওনুনাদ্] *বি* ১ পুনঃপুন আহবান (শান্ত হইবে মৃত্যুর অনুনাদ—*আহা*)। ২ প্রতিধ্বনি; অনুরণন। **অনুনাদিত** *বিণ* ১ প্রতিধ্বনিত; অনুরণিত। ২ একসঙ্গে শব্দিত; সমশব্দ বিশিষ্ট। ৩ শব্দিত; ধ্বনিত। {*স.* অনু+নাদ}

অনুনাসিক [ওনুনাশিক্] *বিণ* ১ খোনা; নাকি (অনুনাসিক স্বর)। ২ নাসিকার সাহায্যে উচ্চার্য (অনুনাসিক বর্ণ—ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ)। {*স.* অনু+নাসিক}

অনুন্নত [অনুন্‌নতো/ও–] *বিণ* ১ নিম্নসমাজভুক্ত; হীনবংশীয় (অনুন্নত সম্প্রদায়)। ২ অসমৃদ্ধ; অনগ্রসর (অনুন্নত দেশ)। ৩ অনুচ্চ। **অনুন্নতি** *বি*। {*স.* অন্ (নঞ্)–উন্নত; *বহু*}

অনুপ (*মবা.*) [অনুপ/ওনুপ্] *বিণ* অনুপম; তুলনাহীন; সাদৃশ্যশূন্য (তুলির্ণু প্রেমের মুক্তা অতুল অনুপ—*দৌবা*)। {*স.* অনুপম>অনুপ}

অনুপকার [অনুপোকার্] *বি* অপকার; অনিষ্টসাধন। **অনুপকারক, অনুপকারী** *বিণ* অপকারী; ক্ষতিকারক (জ্ঞানের নিকষে স্বদেশের আধ্যাত্মিক সহৃদয় হৃদয় সংবেদ্যতাও অনুপকারী নয়—*সুদ*)। {*স.* অন্ (নঞ্)+উপকার; *নতৎ*}

অনুপদ [ওনুপদ্] *ক্রিবিণ* ১ পশ্চাৎ। ২ পিছনে পিছনে; পদে পদে। ৩ অতঃপর; অনন্তর। ❑ *বিণ* পশ্চাদ্‌গামী। **অনুপদী** *বিণ* ১ অনুগামী; পশ্চাদ্‌গামী; অনুবর্তী। ২ অনুসরণকারী (মৃগ অনুপদী বীর যায় ধীরগতি—*কমু*)। ৩ অন্বেষণকারী। {*স.* অনু+পদ; *অব্যয়ী*}

অনুপদিষ্ট [অনুপোদিশ্‌টো] *বিণ* উপদেশ বা শিক্ষা দেওয়া হয়নি এমন। {*স.* অন্ (নঞ্)+উপদিষ্ট; *বহু*}

অনুপপত্তি [অনুপোপোত্‌তি] *বি* ১ অসঙ্গতি; অভাব। ২ অসিদ্ধি; অকৃতকার্যতা। **অনুপপন্ন** *বিণ* অসিদ্ধ; অসম্পন্ন। {*স.* অন্ (নঞ্)+উপপত্তি; *নতৎ*}

অনুপম, অনুপাম (*পদ্য., মবা.*) [অনুপম/ওনু–, –পাম্] *বিণ* নিরুপম; অতুলনীয়; উপমাহীন (ত্রিভুবনে অনুপাম চারি মহাবীর—*দৌবা*)। **অনুপমা** *স্ত্রী*। **অনুপমেয়** *বিণ* উপমা বা তুলনা দেওয়া যায় না এমন। {*স.* অন্ (নঞ্)+উপমা; *বহু*}

অনুপযুক্ত [অনুপোজুক্‌তো] *বিণ* ১ অনুচিত; অসঙ্গত (অনুপযুক্ত কথা)। ২ অযোগ্য; অক্ষম (অনুপযুক্ত লোক)। ৩ প্রয়োজনের অনুরূপ নয় এমন। **অনুপযুক্ততা** *বি*। {*স.* অন্ (নঞ্)+উপযুক্ত; *বহু*}

অনুপযোগ [অনুপোজোগ্] *বি* উপযোগিতা বা প্রয়োজনশূন্যতা। **অনুপযোগিতা** *বি* ১ অপ্রয়োজনীয়তা; প্রয়োজনের সঙ্গে অসঙ্গতি। ২ অযোগ্যতা; অক্ষমতা। **অনুপযোগী** *বিণ*। {*স.* অন্ (নঞ্)+উপযোগ}

অনুপল [ওনুপল্] *বি* ১ অত্যল্পকাল; সময়ের ক্ষুদ্রাংশ। ২ ১/১৫০ সেকেন্ড; ১/৬০ বিপল। {*স.* অনু+পল}

অনুপস্থিত [অনুপোসথিতো] *বিণ* গরহাজির; অবর্তমান। ❑ *বি* ভবিষ্যৎ; অনাগতকাল (উপস্থিত পরিত্যাগ করিয়া অনুপস্থিত প্রত্যাশা—*ঈবি*)। **অনুপস্থিতি** *বি*। {*স.* অন্ (নঞ্)+উপস্থিত; *নতৎ*}

অনুপাত [ওনুপাত্] *বি* ১ (*গণিত*) এক রাশির সাথে অন্য রাশির ভাগ সম্বন্ধ; ratio। ২ এক বস্তুর হ্রাস বৃদ্ধির জন্য অন্য বস্তুর হ্রাসবৃদ্ধি। **অনুপাতে** *ক্রিবিণ* অনুসারে; অনুযায়ী; তুলনায়; আন্দাজে। {*স.* অনু+পাত}

অনুপান [ওনুপান্] *বি* ঔষধের সঙ্গে সেবনীয় দ্রব্য (অনুপান দিতে হবি না—*রাব*)। {*স.* অনু+পান; *অব্যয়ী*}

অনুপাম ⟹ অনুপম

অনুপায় [ওনুপায়] *বি* সহায়হীনতা; উপায়শূন্যতা; নিঃসহায়তা; নিরুপায় অবস্থা (আজি বড় দেখি অনুপায়—*ভারা*; কেমন একটা ভিক্ষার অনুপায়—*অচিসে*)। ❑ *বিণ* নিরুপায়; অসহায়। {*স.* অন্ (নঞ্)+উপায়; *বহু*}

অনুপুঙ্খ [ওনুপুঙখো] *বিণ* অতি সূক্ষ্ম; পুঙ্খানুপুঙ্খ। {*স.* অনু+পুঙ্খ}

অনুপূরক [ওনুপুরক্] *বিণ* ১ কোনো কিছু পূরণ করে এমন; complementary। ২ অতিরিক্ত; supplementary। {*স.* অনু+পূরক; *অব্যয়ী*}

অনুপূর্ব [ওনুপুরবো] *বি* যথাক্রম; অনুক্রম; পরপর। ❑ *বিণ* অনুক্রমিক। **আনুপূর্বিক** *বিণ*। {*স.* অনু+পূর্ব; *প্রাদি*}

অনুপ্ত [অনুপ্‌তো] *বিণ* বপন করা হয়নি এমন। {*স.* অন্ (নঞ্)+উপ্ত; *বহু*}

অনুপ্রবেশ [ওনুপ্রোবেশ্] *বি* ১ ভিতরে প্রবেশ; অন্তঃপ্রবেশ। ২ মর্মগ্রহণ; হৃদয়ঙ্গম। **অনুপ্রবিষ্ট** *বিণ*। {*স.* অনু+প্রবেশ; *অব্যয়ী*}

অনুপ্রস্থ [ওনুপ্রোসথো] *বিণ* প্রস্থ বা আড়ের দিকে; প্রস্থানুরূপ। ❑ *ক্রিবিণ* আড়াআড়ি। {*স.* অনু+প্রস্থ; *অব্যয়ী*}

অনুপ্রাণন [ওনুপ্‌প্রানন্] *বি* প্রেরণাদান; শক্তিসঞ্চারণ। **অনুপ্রাণিত** *বিণ*। **অনুপ্রাণনা** *বি* প্রেরণা শক্তি সঞ্চার; inspiration। {*স.* অনু+প্রাণন; *অব্যয়ী*}

অনুপ্রাস [ওনুপ্‌প্রাশ্] *বি* (*অল.*) একই ধ্বনি বা বর্ণের পুনঃপুন প্রয়োগ (যেমন: সিরাজের সুবর্ণ মদিরা(র)—*রঠা*; নূপুরের নিক্বণ(ন)—*রঠা*)। {*স.* অনু+প্র–আস}

অনুপ্রেরিত [ওনুপ্‌প্রেরিতো] *বিণ* উদ্দীপ্ত; অনুপ্রাণিত (দু'জনের মধ্যে দু'জনে অনুপ্রেরিত, সংবেদিত—*বুব*)। **অনুপ্রেরণা** *বি* উদ্দীপনা; অনুপ্রাণনা; উৎসাহ। {*স.* অনু+প্রেরিত; *অব্যয়ী*}

অনুবন্ধ [ওনুবন্‌ধো] *বি* ১ উপক্রম; উদ্যোগ; অবতারণা (দক্ষ জীয়াইতে হয় করে অনুবন্ধ—*কমু*)। ২ অনুরোধ; নির্বন্ধ

(বহু অনুবন্ধ করি পরম ভকতি—*কাদো*)। ৩ সঙ্কল্প; চেষ্টা (শঙ্করে ছলিতে তবে হলো অনুবন্ধ—*ঘচ*) ৪ উপলক্ষ। ৫ প্রসঙ্গ (মনমথ পাঠ পাইল অনুবন্ধ—*বিপ*)। ৬ সম্বন্ধ; অবিচ্ছেদ। ৭ পারম্পর্য; correlation। ৮ (*ব্যা.*) প্রকৃতি প্রত্যয় প্রভৃতির গুণ, বৃদ্ধি ইত্যাদি—কার্যসাধনে যে বর্ণটি লোপ পায়। **অনুবন্ধী** *বিণ* ১ সম্বন্ধীয়; সংক্রান্ত। ২ অবিচ্ছিন্ন; অকথিত। {*স.* অনু+বন্ধ+অ(অচ্); *অব্যয়ী.*}

অনুবর্তন [ওনুবরতোন্] *বি* ১ অনুসরণ; অনুগমন; অনুবৃত্তি (আমি কিয়ৎক্ষণ প্রভুর চিত্তবৃত্তি অনুবর্তন করি—*ঈবি*; পুরানো ধারার অনুবর্তন—*আচৌ*)। ২ পরিচর্যা; সেবা। ৩ স্থানান্তরে গমন। **অনুবর্তী** (-র্তিন্) *বিণ* ১ অনুগামী; বশবর্তী (রাজনীতির অনুবর্তী হইয়া—*ঈবি*)। ২ অনুযায়ী; অনুসারী। **অনুবর্তিতা** *বি*। **অনুবর্তিনী** *স্ত্রী.*। {*স.* অনু+বর্তন; *অব্যয়ী.*}

অনুবল [ওনুবল্] *বি* ১ অনুগ্রহ; কৃপা (নিজ অনুবলে ব্যাপ্ত কর এই মায়া—*ক্ষেদা*)। ২ ক্ষমতা; প্রভাব (ব্যাসের তপের অনুবলে—*ভারা*)। ৩ সহায়; সাহায্যকারী (সেই কালে কেবা মোর হবে অনুবল—*কমু*)। ☐ *ক্রিবিণ* সামর্থ্যের অনুরূপ; ক্ষমতা অনুযায়ী। {*স.* অনু+বল; *অব্যয়ী.*}

অনুবাত [ওনুবাত্] *বিণ* বায়ুর অনুকূল; যেদিকে বায়ু বয় সেই অভিমুখী। {*স.* অনু+বাত; *অব্যয়ী.*}

অনুবাদ [ওনুবাদ্] *বি* ১ ভাষান্তর; তরজমা; translation। ২ পুনঃপুন কথন (গুণানুবাদ)। ৩ অনুকরণ; নকল। ৪ বিড়ম্বনা; প্রতিকূলতা। ৫ অপবাদ। **অনুবাদক** *বিণ* ১ ভাষান্তরকারী; মোতর্জম। ২ অনুকারক। **অনুবাদিত** ⇒ অনূদিত। **অনুবাদী** (-দিন্) *বিণ* ১ অনুবাদক; তরজমাকারী। ২ (*সন্*) বাদী বিবাদী সংবাদী ভিন্ন অন্য সুর। ৩ অনুরূপ; অনুযায়ী। **অনুবাদ্য** *বিণ* অনুবাদযোগ্য। {*স.* অনু+বাদ}

অনুবার [ওনুবার্] *অব্য* বারবার; পুনঃপুন। {*স.* অনু+বার}

অনুবাসন [ওনুবাশন্/-শোন্] *বি* সুগন্ধীকরণ; সুরভীকরণ। **অনুবাসিত** *বিণ*। {*স.* অনু+√বাসি+অন(ল্যুট্)}

অনুবিদ্ধ [ওনুবিদ্ধো] *বিণ* যুক্ত; গ্রথিত; খচিত। {*স.* অনু+বিদ্ধ; *অব্যয়ী.*}

অনুবিধি [ওনুবিধি] *বি* কোনো আইন বা নিয়ম-কানুনের অন্তর্গত ব্যবস্থা। {*স.* অনু+বিধি; *অব্যয়ী.*}

অনুবৃত্তি [ওনুবৃত্তি] *বি* অনুবর্তন। ২ অনুকরণ। ৩ পূর্ব প্রসঙ্গের জের; পূর্বানুবৃত্তি। ৪ সেবা; পরিচর্যা। {*স.* অনু+বৃত্তি; *অব্যয়ী.*}

অনুবেদন [ওনুবেদোন্] *বি* ১ পশ্চাৎজ্ঞান। ২ সমবেদনা; সহানুভূতি। ৩ জ্ঞাপন; জ্ঞানদান। {*স.* অনু+বেদন; *অব্যয়ী.*}

অনুব্রজ [ওনুব্রোজো] *ক্রি* অগ্রসর হয়ে অভ্যর্থনা জানানো এবং বিদায়কালে পশ্চাদ্গমন করা (অনুব্রজি আনিতে গোবিন্দ যান বঙ্গে—*ভন*)। **অনুব্রজন** *বি*। **অনুব্রজী** (-জিন্) *বিণ* অনুগামী; পশ্চাদ্গামী (অনুব্রজী নরপতি পাছু পাছু যায়—*কমু*)। {*স.* অনু+ব্রজ; *অব্যয়ী.*}

অনুভব [ওনুভব্] *বি* ১ উপলব্ধি; জ্ঞান (সখি কি পুছসি অনুভব মোয়—*বিপ*)। ২ প্রভাব; মাহাত্ম্য (মহানুভব) (জানিনু তোমার অনুভব—*ভারা*)। **অনুভূতি** *বিণ*। **অনুভবা** (*মবা.*) *বিণ স্ত্রী.* প্রভাবযুক্তা; শক্তিসম্পন্না (তেজ বলে অনুভবা—*ক্ষেদা*)। {*স.* অনু+ভব; *অব্যয়ী.*}

অনুভাব [ওনুভাব্] *বি* ১ প্রভাব; মহিমা। ২ সুখানুভূতি; সন্তোষ (যার সঙ্গে হয় তার অনুভাব প্রীতি—*কাদো*)। ৩ (*অল.*) স্থায়িভাবের লক্ষণাদি; যা থেকে রসের উৎপত্তি হয় (প্রকৃতিরও সকল রাগরঙ্গ তার বিভাব ও অনুভাব মাত্র—*প্রচৌ*)। ৪ মনোভাবব্যঞ্জক হাবভাব; ইশারা (অনুভাবে খোঁয়াইলে জীয়ে পোড়া মাছ—*ক্ষেদা*)। **অনুভাবনা** *বি* অনুধ্যান; পশ্চাৎচিন্তা (সরায়ে মহান সিংহ আসে যায় অনুভাবনায় স্নিগ্ধ হয়ে—*জীদা*)। **অনুভাবিত** *বিণ* অনুভব করানো হয়েছে এমন। {*স.* অনু+ভাব}

অনুভূত ⇒ অনুভূতি

অনুভূতি [ওনুভূতি] *বি* উপলব্ধি; অনুভব। ২ সুখ দুঃখবোধ; feeling। **অনুভূত** *বিণ* উপলব্ধ; অবগত। ☐ *বি* (বিরল) উপলব্ধি; অনুভব (ভক্তির যথার্থ স্বরূপ যিনি অনুভূত করিতে চান—*বচ*)। {*স.* অনু+√ভূ+তি(ক্তি)}

অনুভূবিন্দু [অনুভূবিনদু] *বি* (*জ্যোবি*) চাঁদের কক্ষপথের বিন্দুবিশেষ (চাঁদের কক্ষপথের যে বিন্দুটা পৃথিবীর সবচেয়ে কাছে রয়েছে সেটাকে বলে অনুভূবিন্দু—*শাফ*)। {*স.* অনুভূ+বিন্দু}

অনুভূমিক [ওনুভূমিক্] *বিণ* দিক চক্রবালের সমান্তরাল; horizontal। {*স.* অনু+ভূমি+ক(কন্)}

অনুমত [ওনুমতো] *বিণ* ১ অনুমোদিত; স্বীকৃত; সম্মত। ২ আদিষ্ট; নির্দেশপ্রাপ্ত। {*স.* অনু+মত}

অনুমতি [ওনুমোতি] *বি* ১ সম্মতি; অনুমোদন (কর্তার অনুমতিতেই কর্ম সম্পাদিত হয়)। ২ অনুকূলমতি; সম্মত (আইস গো মনসা দেবি হয়ে অনুমতি—*বিগু*)। {*স.* অনু+√মন+তি(ক্তি)}

অনুমন্তা [ওনুমনতা] *বিণ* অনুমতিদাতা; আজ্ঞাকর্তা। {*স.* অনু+√মন+তা(তৃচ্)}

অনুমরণ [ওনুমরোন্] *বি* সহমরণ। **অনুমৃত** *বিণ*। **অনুমৃতা** *স্ত্রী.*। {*স.* অনু+মরণ; *অব্যয়ী.*}

অনুমান, অনুমিতি [ওনুমান্, ওনুমিতি] *বি* ১ ধারণা; আন্দাজ। ২ নির্ধারণ; যুক্তির দ্বারা সিদ্ধান্তে আগমন। ৩ (*অল.*) অর্থালঙ্কারবিশেষ। **অনুমিত** *বিণ* অনুমান করা হয়েছে এমন। **অনুমেয়** *বিণ* অনুমানযোগ্য; অনুমান দ্বারা লভ্য। {*স.* অনু+√মা+অন(ল্যুট্), তি(ক্তি)}

অনুমাপক [ওনুমাপোক্] *বিণ* ১ নির্ধারক; নির্ণায়ক। ২ অনুমানের হেতু; অনুমানজনক। {*স.* অনু+√মা+ণিচ্+অক(ণ্বুল্)}

অনুমিত, অনুমিতি ⇒ অনুমান

অনুমৃত, অনুমৃতা ⇒ অনুমরণ

অনুমেয় ⇒ অনুমান

অনুমোদক ⇒ অনুমোদন

অনুমোদন [ওনুমোদোন্] *বি* ১ সম্মতিদান; সমর্থন। ২ মঞ্জুরি; sanction; confirmation। **অনুমোদক** *বিণ*। **অনুমোদিত** *বিণ* ১ অনুমত; সমর্থিত। ২ সরকারি পর্যায়ে স্বীকৃত বা মঞ্জুরিপ্রাপ্ত। {*স.* অনু+√মুদ্+ণিচ্+অন(ল্যুট্); *অব্যয়ী.*}

অনুযাত্র, অনুযাত্রিক [ওনুযাত্ত্রো,–ত্ত্রিক্] *বিণ* অনুচর; অনুগামী; পশ্চাদ্‌গামী। ☐ *বি* সঙ্গী; সাথি। { *স.* অনু+যাত্রা+ইক(ঠন); *অব্যয়ী.*}

অনুযায়ী(য়িন্) [ওনুজায়ি] *বিণ* ১ অনুরূপ; সদৃশ। ২ অনুগামী; অনুচর; অনুবর্তী (স্বীয় অনুযায়ীদিগকে বিশ্রাম করিতে আদেশ দিয়া—*ঈবি*)। { *স.* অনু+ √যা+ইন্(ণিনি)}

অনুযুক্ত ⇒ অনুযোগ

অনুযোগ [ওনুজোগ্] *বি* ১ দোষারোপ; নালিশ; অভিযোগ। ২ ভর্ৎসনা; তিরস্কার। **অনুযুক্ত** *বিণ* ১ যোগ্য; উপযুক্ত (কন্যা অনুযুক্ত নহে জামাতা দুর্জয় -*কাদো*)। ২ তিরস্কৃত; লাঞ্ছিত। **অনুযোক্তা, অনুযোগী**(–গিন্) *বিণ* অনুযোগকারী; নালিশকারী। **অনুযোগিনী** *স্ত্রী.*। **অনুযোগ্য, অনুযোজ্য** *বিণ* অনুযোগের বিষয় হওয়ার যোগ্য। { *স.* অনু+যোগ; *অব্যয়ী.*}

অনুরক্ত [ওনুরক্‌তো] *বিণ* অনুরাগবিশিষ্ট; আসক্ত (কতকগুলি অনুরক্ত শিষ্যও সংগ্রহ করিয়াছেন—*রাব*)। **অনুরক্তা** *স্ত্রী.*। **অনুরক্তি** *বি* অনুরাগ; আসক্তি (ঐকান্তিক অনুরক্তি)। { *স.* অনু+√রন্‌জ্+ত (ক্ত)}

অনুরঞ্জক ⇒ অনুরঞ্জন

অনুরঞ্জন [ওনুরন্‌জোন্] *বি* ১ মনোরঞ্জন; তুষ্টকরণ; প্রীতি সম্পাদন (প্রজালোকের সর্বাঙ্গীণ অনুরঞ্জনের জন্য—*ঈবি*)। ২ রঞ্জিতকরণ। **অনুরঞ্জক** *বিণ* প্রীতি সম্পাদক; মনোরঞ্জনকারী (প্রজানুরঞ্জক নরপতি)। ☐ *বি* যে রং করে। **অনুরঞ্জিত** *বিণ* ১ অনুরাগযুক্ত। ২ বর্ণরঞ্জিত। { *স.* অনু+ √রঞ্জি+অন(ল্যুট্); *অব্যয়ী.*}

অনুরণন [ওনুরনোন্] *বি* প্রতিধ্বনি; ধ্বনির প্রভাবে ধ্বনিত কম্পন। ☐ *ক্রি* অন্য ধ্বনির প্রভাবে ধ্বনিত হওয়া। **অনুরণিত** *বিণ* প্রতিধ্বনিত। { *স.* অনু+√রণ্+অন(ল্যুট্); *অব্যয়ী.*}

অনুরত [ওনুরতো] *বিণ* অনুরক্ত; আসক্ত (প্রবীণ প্রাচীন [illegible] দিনমান কর্ম-অনুরত—*রঠা*)। **অনুরতি** *বি* অনুরাগ; আসক্তি। { *স.* অনু+√রম্+ত(ক্ত)}

অনুরাগ [ওনুরাগ্] *বি* ১ প্রেম; প্রীতি; সোহাগ। ২ আদর; স্নেহ, যত্ন। ৩ প্রবৃত্তি; আসক্তি (ধর্মানুরাগ)। ৪ (*সন্*) রাগের সঞ্চার (অনুরাগ সেসব রাগিণী—*ভারা*)। ৫ দোষ; [illegible] হারিয়ে কন্যা কর্মের অনুরাগে—*পূগী.*) ☐ *ক্রিবিণ* যথেচ্ছা; যেমন খুশি (কোহু ভাই ক্রুদ্ধ হই মারে অনুরাগে—*শাম*)। **অনুরাগী** (–গিন্) *বিণ* ১ প্রেমিক; অনুরাগযুক্ত। ২ আসক্ত; অনুরক্ত। **অনুরাগিণী** *স্ত্রী.*। { *স.* অনু+রাগ; *অব্যয়ী.*}

অনুরাধা [ওনুরাধা] *বি* নক্ষত্রবিশেষ। { *স.* অনু+ √রাধ্+আ(টাপ্); *প্রাদি*}

অনুরুদ্ধ [ওনুরুদ্‌ধো] *বিণ* ১ অনুরোধ করা হয়েছে এমন। ২ প্রার্থনা করা হয়েছে এমন; প্রার্থিত; যাচিত। { *স.* অনু+ √রুধ্+ত (ক্ত); *বহু.*}

অনুরূপ [ওনুরুপ্] *বিণ* ১ তুল্য; সদৃশ; সম; corresponding। ২ যোগ্য; উপযুক্ত (তুমি অনুরূপ পাত্রেই অনুরাগিণী হইয়াছ—*ঈবি*)। **অনুরূপ** *বি*। { *স.* অনু+রূপ; *অব্যয়ী.*}

অনুরোধ [অনুরোধ্] *বি* প্রার্থনা; সুপারিশ (অনেকেই অনুরোধে ঢেঁকি গেলে)। ☐ *ক্রিবিণ* উপলক্ষ; খাতির (কার্যানুরোধ)। { *স.* অনু+ √রুধ্+অ (ঘঞ্)}

অনুর্বর [ওনুরবর্] *বিণ* ১ উৎপাদন-ক্ষমতাশূন্য; উর্বর নয় এমন। ২ মেধাশূন্য; অপ্রখর (অনুর্বর মস্তিষ্ক)। **অনুর্বরা** *বিণ স্ত্রী.* নিষ্ফলা; ব্যর্থ (অনুর্বরা অভিশাপ তব—*রঠা*)। { *স.* অন্ (নঞ্)+উর্বর; *নতৎ.*; *বহু*}

অনুলম্ব [ওনুলম্‌বো] *বিণ* খাড়াই বরাবর; লম্বালম্বি। { *স.* অনু+লম্ব; *অব্যয়ী.*}

অনুলাপ [ওনুলাপ্] *বি* পুনঃপুন কথন; বারবার বলা (তার অনুলাপ তেমনই সত্যাসত্যের অতীত—সুদ)। { *স.* অনু+ √লপ্+অ(ঘঞ্); *অব্যয়ী.*}

অনুলিখন, অনুলিপি, অনুলেখ [ওনুলিখন্,–লিপি, –লেখ্] *বি* ১ শ্রুতলিখন, dictation। ২ অনুরূপ লিখন; লিপ্যন্তর; transliteration। ৩ কোনো লেখা বা পাণ্ডুলিপির নকল (আরবী অনুলিপি অদ্যাপিও প্যারিস এবং বার্লিনে বিদ্যমান—*আকআ*)। **অনুলেখক** *বি* মূল লেখকের পক্ষে পাণ্ডুলিপি প্রস্তুতকারক; লিপিকর; পাণ্ডুলিপি নকলকারী। { *স.* অনু+লিখন, লিপি, লেখ; *অব্যয়ী.*}

অনুলিপ্ত [ওনুলিপ্‌তো] *বিণ* ১ অনুরঞ্জিত (আকাশে নীল দেহকে যেন গোপীচন্দন অনুলিপ্ত করিয়া দিয়াছে—*নই*)। ২ লিপ্ত। { *স.* অনু+লিপ্ত; *অব্যয়ী.*}

অনুলেখ, অনুলেখক ⇒ অনুলিখন

অনুলেপ, অনুলেপন [ওনুলেপ্,–লেপোন্] *বি* লেপন; প্রলেপ। **অনুলিপ্ত** *বিণ*। { *স.* অনু+লেপ, লেপন; *অব্যয়ী.*}

অনুলোম [ওনুলোম্] *বি* যথাক্রম; অনুক্রম। ☐ *বিণ* অনুকূল। – **বিবাহ** *বি* হিন্দু উচ্চবর্ণের পুরুষের সঙ্গে নিম্নবর্ণের নারীর বিবাহ। *তুল.* **প্রতিলোম বিবাহ**। **অনুলোমে** *ক্রিবিণ* প্রকৃষ্টপ্রণালী অনুসারে। (ওই অনুলোমে বিলোবে—*নই*)। { *স.* অনু+লোম; *প্রাদি.*}

অনুল্লঙ্ঘন [ওনুল্‌লঙ্‌ঘন্] *বি* অনতিক্রম। **অনুল্লঙ্ঘনীয়, অনুল্লঙ্ঘ্য** *বিণ* অনতিক্রমণীয়; উল্লঙ্ঘন করা যায় না এমন (অনুল্লঙ্ঘনীয় প্রয়োজন—*ঈবি*; তাহার অনুল্লঙ্ঘ্য প্রমাণ আছে—*বচ*)। { *স.* অন্ (নঞ্)+উল্লঙ্ঘন, উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য; *বহু.*}

অনুশাসন [ওনুশাশোন্] *বি* ১ আদেশ; বিধান; edict (অশোকের অনুশাসন)। ২ উপদেশ; শিক্ষা। **অনুশাসক** *বিণ*। { *স.* অনু+ √শাস্+অন(ল্যুট্); *অব্যয়ী.*}

অনুশিষ্য [ওনুশিশ্‌শো] *বি* শিষ্যের শিষ্য; প্রশিষ্য। { *স.* অনু+শিষ্য}

অনুশীলন [ওনুশিলন্] *বি* চর্চা; অভ্যাস। **অনুশীলনী** *বি* অধীত পাঠের আলোচনা; অনুশীলন সহায়। **অনুশীলনীয়** *বিণ* চর্চা বা অভ্যাস করতে হবে এমন। **অনুশীলিত** *বিণ* ১ অনুশীলন করা হয়েছে এমন; চর্চার দ্বারা লব্ধ। ২ সুমার্জিত। { *স.* অনু+শীলন}

অনুশোচন, অনুশোচনা [ওনুশোচোন্,–না] *বি* কৃতকর্মের জন্য অনুতাপ; পরিতাপ; গত বিষয়ের জন্য খেদ (অনুশোচনায় মানুষ সৎ হয়)। { *স.* অনু+শোচন, শোচনা; *অব্যয়ী.*}

অনুশোচিত [ওনুশোচিতো] *বি* অনুশোচনা। { *স.* অনু+শোচিত; *অব্যয়ী.*}

অনুষঙ্গ [ওনুশঙ্‌গো] *বি* ১ প্রসঙ্গ; সম্বন্ধ। ২ আসক্তি; টান;

স্নেহ (আত্মীয়তার যে অনুষঙ্গে হেমলতার স্নেহ মমতাগুলি ডালপালা মেলে—*বুব*)। ৩ অনুগ্রহ; অনুকম্পা; দয়া (তুঁহু যদি কহসি করিঞা অনুষঙ্গ—*বিপ*)। **আনুষঙ্গিক** *বিণ*। **অনুষঙ্গী** *বিণ* অনুষঙ্গবিশিষ্ট। { *স.* অনু+ √সন্‌জ্+ অ(ঘঞ্)+ইন}

অনুষ্টুপ্ [ওনুশটুপ্] *বি* সংস্কৃত ছন্দবিশেষ। { *স.* অনু+ √স্তভ্+ক্বিপ্}

অনুষ্ণ [অনুশ্‌নো] *বিণ* ১ শীতল; ঠাণ্ডা। ২ অলস; জড় (অনুষ্ণ বসুন্ধরায়—*সুদ*)। { *স.* অন্ (নঞ্)+উষ্ণ; *নতৎ* }

অনুষ্ঠাতা, অনুষ্ঠাত্রী ⇒ অনুষ্ঠান

অনুষ্ঠান [ওনুশ্‌ঠান্] *বি* ১ উদ্যোগ; আরম্ভ; আয়োজন। ২ ক্রিয়াকর্ম উৎসব ইত্যাদি। ৩ অধিবেশন (সমিতির অনুষ্ঠান)। ৪ শাস্ত্রানুগ ক্রিয়াপদ্ধতি; সংস্কার। **অনুষ্ঠাতা**(–তৃ) *বি,বিণ* উদ্যোগকর্তা; সম্পাদক। **অনুষ্ঠাত্রী** *স্ত্রী*। **অনুষ্ঠিত** *বিণ* নির্বাহিত; সম্পাদিত; আচরিত। **অনুষ্ঠেয়** *বিণ* অনুষ্ঠানযোগ্য; কর্তব্য। { *স.* অনু+ √স্থা+অন(ল্যুট্)}

অনুসন্ধান [ওনুশনধান্] *বি* ১ অন্বেষণ; খোঁজ। ২ গবেষণা (অনুসন্ধান-বিশারদ)। **অনুসন্ধানী** *বিণ* অনুসন্ধানে পটু। **অনুসন্ধাতা, অনুসন্ধায়ক, অনুসন্ধায়ী** (–য়িন্) *বিণ* অন্বেষণকারী। **অনুসন্ধেয়** *বিণ* অনুসন্ধানযোগ্য। { *স.* অনু+সন্ধান; *অব্যয়ী*}

অনুসন্ধিৎসা [ওনুশনধিত্‌শা] *বি* খুঁজে বের করার ইচ্ছা বা প্রবৃত্তি (অনুসন্ধিৎসার অভাবে মানুষ প্রকৃত জ্ঞান লাভে অসমর্থ হয়)। **অনুসন্ধিৎসু** *বিণ* অন্বেষণেচ্ছু; অনুসন্ধানে আগ্রহশীল (অনুসন্ধিৎসু পাঠক—*আজই*)। { *স.* অনু+সন্ধিৎসা}

অনুসন্ধেয় ⇒ অনুসন্ধান

অনুসরণ [ওনুশরোন্] *বি* ১ অনুগমন; পশ্চাদ্‌গমন। ২ অনুরূপ আচরণ; অনুকরণ। { *স.* অনু+সরণ; *অব্যয়ী*}

অনুসার [ওনুশার্] *বি* ১ অনুগমন; অনুসরণ (তাহা হস্তে নিঃসরিছে শরীর সবার; পুনরপি তথা সকলের অনুসার—*সৈআ*)। ২ অনুরূপ; অনুযায়ী। ৩ অনুমান (যে পারি কিঞ্চিৎ কহি বুঝ অনুসারে—*ভারা*)। ৪ জন্য; নিমিত্ত (ভিক্ষার অনুসারে ফিরেন ঘরে ঘরে—*কমু*)। **অনুসারী** (–রিন্) *বিণ* ১ অনুসরণকারী; অনুগমনকারী। ২ অনুযায়ী; অনুরূপ। **অনুসারিণী** *স্ত্রী*। { *স.* অনু+ √সৃ+অ(অণ্)}

অনুসিদ্ধান্ত [ওনুশিদ্‌ধান্‌তো] *বি* (*জ্যা.*) উপপাদ্য থেকে সহজে আসা যায় এমন সিদ্ধান্ত; corollary। { *স.* অনু+সিদ্ধান্ত; *অব্যয়ী*}

অনুসূচক [ওনুশুচক্] *বিণ* নির্দেশক। { *স.* অনু+সূচক; *অব্যয়ী*}

অনুসূচন [ওনুশুচন্] *বি* ১ নির্দেশকরণ। ২ নিদর্শন। { *স.* অনু+সূচন; *অব্যয়ী*}

অনুসূচনা [ওনুশুচনা] *বি* ১ অনুষ্ঠান। ২ আলোচনা; আন্দোলন। { *স.* অনু+সূচনা; *অব্যয়ী*}

অনুসূর্য [ওনুশুরজো] *বি* চন্দ্র বা প্রদীপ (সকলের কাছ থেকে চেয়েছে কি নিরন্তর তিমিরবিদারী অনুসূর্যের কাজ—*জীদা*)। { *স.* অনু+সূর্য; *অব্যয়ী*}

অনুসৃত [ওনুস্‌সৃতো] *বিণ* অনুসরণ করা হয়েছে এমন। **অনুসৃতি, অনুসরণ** *বি*। { *স.* অনু+ √সৃ+ত(ক্ত)>}

অনুস্মরণ [ওনুশ্‌শঁরোন্] *বি* স্মরণ; মনে করা। **অনুস্মরি** *অক্রি* স্মরণ ক'রে (কান্দিতে লাগিলা তবে বাপ অনুস্মরি—*শাস*)। { *স.* অনু+স্মরণ; *অব্যয়ী*}

অনুস্মৃতি [ওনুস্‌সঁতি] *বি* পশ্চাৎস্মরণ; পরবর্তীকালে স্মরণ। { *স.* অনু+স্মৃতি; *অব্যয়ী*}

অনুস্যূত [ওনুশ্‌শুতো] *বিণ* ১ গ্রথিত। ২ সম্বদ্ধ। { *স.* অনু+ √সিব্+ত (ক্ত)}

অনুস্বর, অনুস্বার [ওনুশ্‌শর্, –শার্] *বি* অনুনাসিক বর্ণবিশেষ; ং। { *স.* অনু+স্বর, স্বার; *অব্যয়ী*}

অনূঢ় [অনুঢ়] *বিণ* অবিবাহিত; অপরিণীত। **অনূঢ়া** *বিণ স্ত্রী*. কুমারী; অবিবাহিতা (অনূঢ়া অনুজা এই রঞ্জাবতী নামে—*ঘচ*)। **অনূঢ়ান্ন** *বি* হিন্দুসমাজে আইবড় ভাত; গায়ে হলুদের পর ও বিবাহের পূর্বে কন্যাকে দেয় অন্ন। { *স.* অন্ (নঞ্)+ঊঢ়; *বহু*}

অনূদিত, অনুবাদিত (*অপ্র.*) [ওনুদিতো, ওনুবাদিতো] *বিণ* ভাষান্তরিত (ইংরেজিতে অনুবাদিত হইয়া ইংলন্ডে যায়—*বচ*)। { *স.* অনু+ √বদ্+ত (ক্ত); *অব্যয়ী*}

অনূপ [ওনুপ্] *বি* ১ সজল দেশ; খাল বিল জলাভূমি পরিপূর্ণ তৃণলতাচ্ছাদিত দেশ (বাংলা একটা চমৎকার অনূপ দেশ)। ২ মহিষ। { *স.* অনু (নিকট বা সহিত অর্থে)+অপ্(জল)=অনূপ; *বহু*}

অনূর্ধ্ব [অনুরধো] *বিণ* অনুচ্চ; উচ্চ নয়; অতিক্রম করেনি এমন; অনতিক্রান্ত (অনূর্ধ্ব দশ বছর)। {অন্ (নঞ্)+ ঊর্ধ্ব; *নতৎ*}

অনৃত [অনৃতো] *বিণ* অসত্য; মিথ্যা (অনৃত তোমার যাহা কিছু কবি তাই হয়ে গেছে ছাই—*নই*)। **~বাদী** (–দিন্), **~ভাষী** (–ষিন্) *বিণ* মিথ্যাবাদী। **~বাদিনী, ~ভাষিণী** *স্ত্রী*। { *স.* অ (নঞ্)+ √ঋ+ত(ক্ত); *নতৎ*}

অনেক [অনেক্] *বিণ* ১ একাধিক; নানা (অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট)। ২ প্রচুর; ঢের; বিস্তর (সে অনেক কথা)। ৩ বহু ব্যক্তি (অনেকে বলে)। ৪ জগৎ; বিশ্ব (অনেকের পতি তেঁই পতি মোর বাম—*ভারা*)। **~~~, অনেকানেক** *বিণ* নানান; বিভিন্ন। **~ধা** *ক্রিবিণ* বহুপ্রকারে বা দিকে। **~বিধ, ~ প্রকার** *বিণ* নানা রকম; বহু রূপ। { *স.* অন্ (নঞ্)+এক; *নতৎ*}

অনেকান্ত [অনেকান্‌তো] *বিণ* নিশ্চিন্ত; খাঁটি (অল্প বয়সেই অনেকান্ত জড়বাদের আশ্রয় নিয়েছিলুম—*সুদ*)। □*বি* অনিশ্চয়তা; সন্দেহ (এর একদেশদর্শিতাও ভিতরে ভিতরে অনেকান্ত—*সুদ*)। { *স.* অনেক+অন্ত (গোপনীয়ও নয়, প্রকাশিতও নয়); *স.* অন্(নঞ্)+একান্ত; *নতৎ*; *বহু*}

অনৈক্য [অনোইক্‌কো] *বি* ১ বিরোধ; গরমিল; অমিল। ২ মতভেদ; মতদ্বৈধ। { *স.* অন্ (নঞ্)+ঐক্য; *নতৎ*}

অনৈচ্ছিক [অনোইচ্‌ছিক্] *বিণ* অস্বেচ্ছাকৃত; ইচ্ছার বিরুদ্ধে চালিত। { *স.* অন্ (নঞ্)+ঐচ্ছিক; *নতৎ*; *বহু*}

অনৈপুণ্য [অনোইপুন্‌নো] *বি* অদক্ষতা; অপটুতা। { *স.* অ (নঞ্)+নৈপুণ্য; *নতৎ*}

অনৈসর্গিক [অনোইশোর্‌গিক্] *বিণ* অস্বাভাবিক; অলৌকিক; অতিপ্রাকৃত (একটা আসন্ন অনৈসর্গিক

উপদ্রবের আশঙ্কা জন্মিত—*রঠা*)। { *স.* অ (নঞ্‌)+ নৈসর্গিক; *নতৎ* }

অনৌচিত্য [অনোউচিত্‌তো] *বি* অন্যায্যতা; অযুক্ততা (তার রচনায় অনৌচিত্য দোষ আছে—*আচৌ*)। { *স.* অন্ (নঞ্‌)+ ঔচিত্য; *নতৎ* }

অনৌদার্য [অনোউদারজো] *বি* সঙ্কীর্ণতা; হীনমন্যতা (স্বভাবসিদ্ধ অনৌদার্যবশত—*রঠা*)। { *স.* অন্ (নঞ্‌)+ ঔদার্য; *নতৎ* }

–অন্ত [অন্‌তো] *বি* বাংলা কৃদন্ত-প্রত্যয়—ধাতুর শেষে ঘটমান বর্তমানকাল (present progressive tense) বোঝাতে ব্যবহৃত ('উদিত হচ্ছে এমন' অর্থে √উঠ্+অন্ত =উঠন্ত; চলছে এমন অর্থে √চল্+অন্ত=চলন্ত)। এই প্রত্যয়যোগে গঠিত শব্দ কৃদন্ত বিশেষণ। { *স.* শতৃ (=অৎ)> }

অন্ত [অন্‌তো] *বি* ১ শেষ; অবসান (দিনান্তে নিশান্তে শুধু পথ প্রান্তে ফেলে যেতে হয়—*রঠা*)। ২ প্রান্ত; সীমা (গ্রামান্ত)। ৩ মৃত্যু; নাশ (অন্তকাল)। ৪ স্বরূপ; প্রকৃত মনোভাব (অন্ত পাওয়া ভার)। ☐ *অব্য* অবধি; পর্যন্ত (পক্ষান্ত, মাসান্ত)। **~কাল** *বি* মৃত্যুর সময়; অন্তিম সময় (অগ্নিকুণ্ড দেহ ঝালি আমি তাহে দেহ ঢালি অন্ত-কালে কব এই কর্ম—*ভারা*)। **~ত** *অব্য* কমসে কম; অন্যূন। **~স্থ** *বিণ* প্রান্তস্থিত; সীমায় অবস্থিত। { *স.* √অম্+ত(তন্) }

অন্তঃ (অন্তর্‌-) [স্বতন্ত্র পদ রূপে 'অন্‌তহ্‌'; সমাসবদ্ধ শব্দে বিসর্গ (ঃ)-এর পরবর্তী ধ্বনির দ্বিত্ব উচ্চারণ হয়ে থাকে, বিসর্গের কোনো উচ্চারণ থাকে না, যেমন অন্তঃকরণ [অন্‌তোক্‌করণ্‌] *অব্য* ভিতরে মধ্যে অন্তরে গোপনে ইত্যাদি অর্থে অন্য শব্দের সাথে যুক্ত হয়। **~করণ** *বি* হৃদয়; মন। **~কোণ** *বি* (*জ্যা.*) ভিতরে অবস্থিত কোণ; interior angle। **~পট** *বি* পর্দা; আবরণ। **~পাতী** (-তিন্‌) *বিণ* অন্তর্গত; মধ্যবর্তী। **~পুর** *বি* অন্দর মহল; অবরোধ। **~পুরত্ব** *বি* (অন্তঃপুরত্বপ্রাপ্ত হইয়াছিল —*বঙ্ক*)। **~পুরিকা** *বি* অন্তঃপুরবাসিনী রমণী। **~প্রক্ষেপণ** *বি* প্রক্ষেপ; একের লেখায় অন্যের লেখার সংযোজন; interpolation। **~শত্রু** *বি* ১ গৃহশত্রু; গৃহভেদী। ২ দেশদ্রোহী; বিদ্রোহী অধিবাসী। ৩ দেহান্তর্গত ষড়রিপু। **~শিলা** *বিণ* যার অভ্যন্তরে পাথর বিদ্যমান। **~শীলা, ~শীলে** *বিণ* অভ্যন্তরীণ (পেটকামড়ানি ও গা বমি প্রভৃতি অন্তঃশীলে রোগেরও অভাব রইল না —*প্যারী*)। **~শুল্ক** *বি* মাদক দ্রব্যাদির উপর ধার্য কর; excise duty। **~সত্ত্বা** *বিণ* গর্ভবতী; গর্ভিণী (এক্ষণে আপনার সহধর্মিণী অন্তঃসত্ত্বা হইয়াছে—*ঈবি*)। **~সংজ্ঞা** *বি* অভ্যন্তরীণ বোধশক্তি। **~সলিল** *বিণ* অভ্যন্তরে জলবিশিষ্ট। **~সলিলা** *স্ত্রী.* (ফল্গু নদী অন্তঃসলিলা)। **~সার** *বি* ভিতরের সারবস্তু। ☐ *বিণ* ভিতরে সারবস্তু আছে এমন। **~সারবিহীন, ~সারশূন্য** *বিণ* সারবস্তু নেই এমন। **~স্থ** *বিণ* মধ্যবর্তী; অভ্যন্তরস্থ। **~স্থ বর্ণ** *বি* য র ল ব—এই চারটি বর্ণ। { *স.* √অম্+অর(অরন্) }

অন্তকাল, অন্তত ⇒ অন্ত

অন্তর [অন্‌তর্‌] *বি* ১ অন্তঃকরণ; মন; হৃদয়; দিল (অন্তর মম বিকশিত কর অন্তরতর হে—*রঠা*)। ২ অভ্যন্তর; মধ্য (হিয়ার অন্তরে মোর কে দিল আগুনি—*দৌবা*)। ৩ ফাঁক; তফাত; ব্যবধান (কিঞ্চিৎ অন্তরে কিঙ্করকে দেখিতে পাইয়া—*ঈবি*)। ৪ পার্থক্য; তারতম্য; ভেদ (মতান্তর)। ৫ অবসান; শেষ (শিশুতা অন্তরে হৈল যৌবন বিস্তার —*ভন*)। ৬ আত্মীয় (অন্তরতম)। ☐ *বিণ* ভিন্ন; অন্য (দেশান্তর)। **~টিপুনি** *বি* অন্যের অগোচরে কারো হৃদয়ে গোপন আঘাত দান। **~জ্ঞ** *বিণ* ১ অন্তর্যামী। ২ দূরদর্শী; বিশেষজ্ঞ। **~স্থ** *বিণ* মনোগত; হৃদয়ের অন্তর্গত। **~ হওয়া** *ক্রি* দূরে যাওয়া; অন্তর্হিত হওয়া (লখাই অন্তর হৈল দেখিয়া শাশুড়ী—*ক্ষেদা*)। { *স.* অন্ত+ √রা+অ(ক) }

অন্তরঙ্গ [অন্‌তোরঙ্‌গো/অন্‌তরঙ্‌গো] *বি* ১ আত্মীয়; বন্ধু; সুহৃদ (তোরে অন্তরঙ্গ জানি—*ভারা*)। ☐ *বিণ* বিশেষ বন্ধুত্বপূর্ণ (অন্তরঙ্গ সুহৃদ)। ২ অভ্যন্তরস্থ অঙ্গ। { *স.* অন্তর+অঙ্গ; *বহু* }

অন্তরণ ⇒ অন্তরিত

অন্তরা [অন্‌তরা] *বি* (*সন্‌*) গানের 'ধুয়া' ও 'আভোগে'র মধ্যবর্তী অংশবিশেষ। { *স.* অন্তর+ *বা.* আ }

অন্তরাত্মা [অন্‌তোরাত্‌তাঁ/-ত-] *বি* ১ জীবাত্মা। ২ অন্তঃকরণ (পথে পুলিশ দেখে চোরের অন্তরাত্মা শুকিয়ে গেল)। { *স.* অন্তর+আত্মা }

অন্তরাপত্যা [অন্‌তোরাপোত্‌তা/-ত-] *বিণ* গর্ভবতী (সনকা অন্তরাপত্যা—*ক্ষেদা*)। { *স.* অন্তর+অপত্য+আ(টাপ্‌) }

অন্তরায় [অন্‌তোরায়্‌] *বি* বাধা; প্রতিবন্ধক; বিঘ্ন (মুসলমান লেখকদের বিষয়ে লিখিবার প্রধান অন্তরায় হইতেছে তাহাদের মুদ্রিত গ্রন্থের স্বল্পতা এবং দুষ্প্রাপ্যতা—*মুশ*)। { *স.* অন্তর+√অয়্+অ (অণ্) }

অন্তরাল [অন্‌তোরাল্‌] *বি* আড়াল; ব্যবধান; অবকাশ (আলোকে ভাঙ্গিয়া গেল রজনীর অন্তরাল—*রঠা*)। **~বর্তী**(-তিন্‌) *বিণ* আড়ালস্থিত; অন্তরালে অবস্থিত (অন্তরালবর্তী সিঙ্গী পরিবারের রান্নাঘর—*রাব*)। **~বর্তিনী** *স্ত্রী.*। { *স.* অন্তর+আ+ √লা+অ(ক) }

অন্তরিক্ষ, অন্তরীক্ষ [অন্‌তোরিক্‌খো] *বি* আকাশ; গগন। **~চারী** *বিণ* আকাশচারী; গগনবিহারী। **~বাসী** *বিণ* আকাশবাসী। **~বাসিনী** *স্ত্রী.*। **~মণ্ডল** *বি* নভোমণ্ডল; বায়ুমণ্ডল। { *স.* অন্তঃ+ √ঈক্ষ্‌+অ(অচ); *৭ তৎ* }

অন্তরিত [অন্‌তোরিতো] *বিণ* ১ অন্তর্হিত; লুক্কায়িত। ২ আবৃত; আচ্ছন্ন। ৩ অপসারিত; দূরীভূত। ৪ ভিতরকার; মনোগত; অন্তরস্থিত (ফাটি অন্তরিত রাগে—*মদ*)। ৫ সরকারি আদেশে নির্দিষ্ট স্থানে আবদ্ধ। **অন্তরণ** *বি* নির্দিষ্ট স্থানে আবদ্ধকরণ; internment। **অন্তরীণ** *বি* নির্দিষ্ট স্থানে নজরবন্দী; internee (স্বপ্নে সময় অন্তরীণ—*আহা*)। { *স.* অন্তর্+√ই+ত(ক্ত) }

অন্তরিন্দ্রিয় [অন্‌তোরিন্‌দ্রিয়ো] *বি* মন; হৃদয়। { *স.* অন্তঃ+ইন্দ্রিয় }

অন্তরীক্ষ ⇒ অন্তরিক্ষ

অন্তরীণ ⇒ অন্তরিত

অন্তরীপ [অন্‌তোরিপ্‌] *বি* (*ভূগো.*) যে স্থলভাগ ক্রমশ সূক্ষ্মাগ্র হয়ে সমুদ্রে প্রবেশ করেছে; cape।

অন্তরীয় [অনতোরিয়ো] *বি* ১ অন্তর্বাস; underwear। ২ ইজার, ধুতি ইত্যাদি। *বিপ.* উত্তরীয়। { *স.* অন্তর+ঈয়(ছ)}

অন্তর্গত [অনতরগতো] *বিণ* মধ্যবর্তী; অভ্যন্তরস্থ। { *স.* অন্তর+গত}

অন্তর্গূঢ় [অনতরগুঢ়ো/-তো-] *বিণ* ভিতরে লুকায়িত; অপ্রকাশিত; গুপ্ত (অন্তর্গূঢ় বাষ্পাকুল বিচ্ছেদক্রন্দন—*রঠা*)। { *স.* অন্তর+গূঢ়}

অন্তর্গৃহ [অনতরগৃহো/-তো-] *বি* গৃহের অভ্যন্তরে গৃহ; ঘরের ভিতরে ঘর। { *স.* অন্তর+গৃহ; *অব্যয়ী.*}

অন্তর্ঘাত [অনতোরঘাত] *বি* অভ্যন্তরে থেকে ক্ষতিসাধন। **–ক, অন্তর্ঘাতী** (-তিন) *বিণ* মর্মবিদারী; অন্তর্ঘাতকারী; fifth columnist। { *স.* অন্তর+ঘাত}

অন্তর্জগৎ [অনতোরজগোত্/-ত-] *বি* ভাবলোক; চিন্তারাজ্য; মনোজগৎ। **বহির্জগৎ** *বিপ.*। { *স.* অন্তর+জগৎ}

অন্তর্জল [অনতোরজল/-ত-] *বি* ১ জলমধ্য। ২ স্থল ও জলের মধ্য। { *স.* অন্তর+জল; *অব্যয়ী.*}

অন্তর্জলি, অন্তর্জলী *(অপ্র.)* [অনতোরজোলি, -ত-] *বি* মুমূর্ষুর পারলৌকিক মঙ্গলের জন্য হিন্দু অনুষ্ঠানবিশেষ; যাতে দেহের নিম্ন অর্ধাংশ গঙ্গা নদীতে নিমজ্জিত করা হয়। { *স.* অন্তর্জল+*বা.* ই/ঈ}

অন্তর্জাতীয়, অন্তঃরাষ্ট্রীয় [অনতোরজাতিয়ো, -রাশট্রিয়ো] *বিণ* সর্ব জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত; international। { *স.* অন্তর+জাতীয়, রাষ্ট্রীয়}

অন্তর্দর্শন [অনতোরদরশোন/-ত-] *বি* নিজ মন বা চিন্তার পরীক্ষা; আত্মদর্শন। { *স.* অন্তঃ+দর্শন}

অন্তর্দাহ [অনতোরদাহো, -ত-] *বি* ১ নিদারুণ শোক; সন্তাপ। ২ ঈর্ষাবশত গায়ের জ্বালা। { *স.* অন্তর+দাহ; ৭তৎ}

অন্তর্দৃষ্টি [অনতোরদৃশটি/-ত-] *বি* ১ সূক্ষ্ম মনো-বিশ্লেষণক্ষমতা; দিব্যদৃষ্টি; introspection। ২ আত্মজ্ঞান; অনুভূতি। { *স.* অন্তর+দৃষ্টি; ৭তৎ}

অন্তর্দেশ [অনতোরদেশ/-ত-] *বি* ১ অভ্যন্তর; হৃদয়। ২ মধ্যবর্তী স্থান; উপত্যকা। { *স.* অন্তর+দেশ}

অন্তর্দ্বার [অনতোরদার/-ত-] *বি* ঘরের খিড়কি, গুপ্তদ্বার। { *স.* অন্তর+দ্বার}

অন্তর্ধান [অনতোরধান/-ত-] *বি* তিরোধান; অদৃশ্য হয়ে যাওয়া। { *স.* অন্তঃ+ √ধা+অন(ল্যুট)}

অন্তর্নিবিষ্ট, অন্তর্নিহিত [অনতোরনিবিশটো, -নিহিতো/-ত-] *বিণ* অভ্যন্তরে স্থাপিত; হৃদয়ে সন্নিহিত। □*বি* বদ্ধমূল; সহজাত। { *স.* অন্তর+নিবিষ্ট, নিহিত; ৭তৎ}

অন্তর্বর্তী [অনতোরবোরতি/-ত-] *বিণ* মধ্যবর্তী; অন্তর্গত। { *স.* অন্তঃ+বৃৎ+ইন}

অন্তর্বত্নী [অনতোরবোতনি/-ত-] *বিণ* গর্ভবতী; গর্ভিণী (অন্তর্বত্নী হইয়া যথাকালে দুই সুকুমার যমজ কুমার প্রসব করিলেন—*ঈবি*)। { *স.* অন্তর+বৎ+ঈ}

অন্তর্বাণিজ্য [অনতোরবানিজজো/-ত-] *বি* দেশ বা রাষ্ট্রের অভ্যন্তরীণ বাণিজ্য; inland trade। **বহির্বাণিজ্য** *বিপ.*। { *স.* অন্তঃ(অন্তর)+বাণিজ্য}

অন্তর্বাষ্প [অনতোরবাশপো/-ত-] *বি* অবদমিত অশ্রু; চেপে রাখা চোখের পানি। □*বিণ* চেপে রেখেছে এমন অশ্রু। { *স.* অন্তর+বাষ্প; বহু}

অন্তর্বাস [অনতোরবাশ/-ত-] *বি* ১ অন্তরীয়; অধোবস্ত্র; নিচের কাপড়; underwear। ২ কৌপীন। { *স.* অন্তর+বাস; *মধ্য.*}

অন্তর্বাহ, অন্তর্বাহী [অনতোরবাহো, -বাহি] *বিণ* ভিতরের দিকে প্রবহমান। { *স.* অন্তর+বাহ, বাহী}

অন্তর্বিগ্রহ, অন্তর্বিপ্লব, অন্তর্বিরোধ [অনতোর-বিগগ্রোহো, -বিপপ্লব, -বিরোধ] *বি* ১ গৃহবিবাদ; আত্মকলহ। ২ গৃহযুদ্ধ; দেশবাসীর মধ্যে দুই বা ততোধিক পক্ষের পরস্পরের মধ্যে বিবাদ; civil war। { *স.* অন্তর+বিগ্রহ, বিপ্লব, বিরোধ; *মধ্য.*}

অন্তর্বিবাহ [অনতোরবিবাহো/-ত-] *বি* হিন্দু সমাজে স্বীয় বংশে বা গোত্রে বিবাহ। { *স.* অন্তঃ+বিবাহ; *মধ্য.*}

অন্তর্বিরোধ ⇒ অন্তর্বিগ্রহ

অন্তর্বেদনা [অনতোরবেদোনা/-ত-] *বি* মানসিক অশান্তি; মনোবেদনা। { *স.* অন্তঃ+বেদনা; *মধ্য.*}

অন্তর্বেদি, অন্তর্বেদী [অনতোরবেদি/-ত-] *বি* দুই নদীর মধ্যস্থ প্রদেশ; দোআব। { *স.* অন্তঃ+বেদি, বেদী; *মধ্য.*}

অন্তর্ভুক্ত, অন্তর্ভূত [অনতোরভুকতো, -ভুতো/-ত-] *বিণ* অন্তর্গত; মধ্যস্থিত। { *স.* অন্তঃ+ভুক্ত, ভূত}

অন্তর্ভেদী [অনতোরভেদি/-ত-] *বিণ* অন্তর ভেদকারী; penetrating (অন্তর্ভেদী দৃষ্টি)। { *স.* অন্তর+ভেদী; বহু}

অন্তর্মাধুর্য [অনতোরমাধুরজো/-ত-] *বি* অভ্যন্তরীণ সৌন্দর্য। { *স.* অন্তর+মাধুর্য; *কর্মধা.*}

অন্তর্মুখ, অন্তর্মুখী [অনতোরমুখ, -মুখী] *বিণ* নিবিষ্টচিত্ত; আত্মবিষয়ে চিন্তাশীল; introspective। { *স.* অন্তর+মুখ, মুখী}

অন্তর্যামী [অনতোরজামি/-ত-] *বিণ* মনের ভাব জানেন এমন; হৃদয়ের ভাববেত্তা (খোদা সর্বজ্ঞ ও অন্তর্যামী)। □*বি* খোদা; ঈশ্বর; যিনি অন্তরে অবস্থান করেন ও মনের সকল কথা জানেন। { *স.* অন্তর+যামী; বহু}

অন্তর্হাস [অনতোরহাস/-ত-] *বি* গুপ্ত হাসি; অব্যক্ত হাস্য। { *স.* অন্তর+হাস; *মধ্য.*}

অন্তর্হিত [অনতোরহিতো/-ত-] *বিণ* তিরোহিত; অদৃশ্য হয়েছে এমন; চক্ষুর অগোচর (চকিতের মধ্যে অন্তর্হিত হইল—*রঠা*)। { *স.* অন্তর+ √ধা+ত (ক্ত)>}

অন্তস্তল [অনতোসতল/-ত-] *বি* ১ সর্বনিম্ন তল (অন্তরের অন্তস্তল)। ২ মন; হৃদয়। { *স.* অন্তর (=অন্তঃ)+ তল; *মধ্য.*}

অন্তস্থ ⇒ অন্ত

অন্তস্পট *(মবা.)* [অনতোসপট/-ত-] *বি* পর্দা; আবরণ (জরকসী অন্তস্পট প্রতি দ্বারে দ্বারে—*সৈআ*)। { *স.* অন্তঃ+পট>; *মধ্য.*}

অন্তিক [ওনতিক] *বিণ* ১ সন্নিহিত; নিকট। ২ চরম; extreme (অন্তিক ব্যবস্থা গ্রহণ করা হলো)। □*বি* সন্নিধান, নৈকট্য। { *স.* অন্ত+ইক (ঠক)}

অন্তিম [ওনতিম] *বিণ* ১ শেষ; চরম। ২ মৃত্যুকালীন। –

অবস্থা, ~ দশা *বি* মুমূর্ষু অবস্থা; শেষ দশা। ~ কাল, ~ সময় *বি* মরণকাল; মৃত্যু সময়। ~ শয়ন, ~ শয্যা *বি* যে শয়নে বা শয্যায় মৃত্যু ঘটে। { *স.* অন্ত+ইম}

অন্তেবাসী (–সিন্) [অনতেবাশি] *বি* ১ গুরুগৃহে অবস্থানকারী ছাত্র বা শিষ্য। ২ প্রতিবেশী; পড়শি (যত অন্তেবাসী থাকে, জিজ্ঞাসিলু একে একে—*কমু*)। ৩ *(হিশা)* গ্রামপ্রান্তবাসী চণ্ডাল। ◻ *বিণ* নিকটস্থ; সমীপবর্তী। { *স.* অন্তে+√বস্+ইন(ণিনি)}

অন্ত্য [অনতো, ওন্‌-] *বিণ* ১ চরম; অন্তিম; শেষ। ২ অন্তস্থ; শেষস্থ। ◻ *বি* শূদ্র। ~জ *বিণ* ১ নীচ বংশজাত; শূদ্রকুলজাত; অস্পৃশ্য। ২ পরিত্যক্ত (তেতালার ছোট ঘরে, যেটা সিঁড়ি ভাঙবার ভয়ে পরিবারে অন্ত্যজ—*বুব*)। ◻ *বি* নীচ জাতি। ~দেশ *বি* শেষ প্রান্ত (বাঙলা শব্দের অন্ত্যদেশে অনুস্বার যোগ করিলে সংস্কৃত হয়—*সৈমু*)। ~ **বর্ণ** *বি* ১ শেষ হরফ বা অক্ষর। ২ চতুর্থ বর্ণ; শূদ্র। { *স.* অন্ত+য(যৎ)}

অন্ত্যেষ্টি, অন্ত্যেষ্টিক্রিয়া [অনতেশটি, -ক্রিয়া] *বি* মৃতের সৎকার; অন্তিম অনুষ্ঠান (অন্ত্যেষ্টি ব্যতীত নাহি গতি এ নগরে—*মদ*; মৃতের অন্ত্যেষ্টিক্রিয়ার ব্যবস্থাও হতো সেখানে—*আকাশা*)। { *স.* অন্ত্য+ইষ্টি,+ক্রিয়া; *কর্মধা.*}

অন্ত্র [অনত্রো] *বি* ১ নাড়িভুঁড়ি; আঁতড়ি; bowels। ২ পাকস্থলীর নিম্ন থেকে মলদ্বার পর্যন্ত যন্ত্র; intestines। ~**বৃদ্ধি** *বি* এক প্রকার রোগ; hernia। { *স.* √অম্+ত্র(ষ্ট্রন)}

অন্দর, আন্দর [অনদর/ -দোর, আ-] *বি* ১ ভিতর; অভ্যন্তর (জলের তলে পাহাড় ছিল লাগল বুকের অন্দরেতে—*রঠা*)। ২ অন্তঃপুর; অন্দরমহল। ~ **মহল** *বি* অন্তঃপুর। { *ফা.* আন্দার اندر }

অন্ধ [অনধো] *বিণ* ১ চক্ষুহীন; দৃষ্টিহীন; কানা। ২ প্রচণ্ড; গাঢ় (অন্ধ তামস—*রঠা*)। ৩ মূর্খ; অজ্ঞান। ~**কূপ** *বি* অপরিসর অন্ধকারময় কক্ষ; তায়খানা। ~**তম** *বিণ* গাঢ় অন্ধকারবিশিষ্ট। ~ **তমস** *বি* গাঢ় অন্ধকার। ~**তা**, ~**ত্ব** *বি* দৃষ্টিহীনতা; চক্ষুহীনতা। ~**তমিস্র** *বি* নিবিড় অন্ধকার। ~**বিশ্বাস** *বি* যুক্তিহীন গভীর আস্থা (অন্ধ বিশ্বাস এদেশে শিকড় গাড়িয়া বসিয়াছিল—*ওয়া*)। ~**হওয়া** *ক্রি* ১ দৃষ্টিশক্তি থেকে বঞ্চিত হওয়া। ২ *(আল.)* কোনো বিষয়ে বা কারো গুণ বা দোষ না দেখা। ৩ *(আল.)* হিতাহিত জ্ঞানশূন্য হওয়া। **অন্ধের নড়ি, অন্ধের যষ্টি** *বি* *(আল.)* অসহায়ের সহায়; অক্ষমের অবলম্বন। { *স.* √অন্ধ+অ(অন)}

অন্ধকার [অনধোকার্] *বি* আলোর অভাব; তিমির; তমঃ; আঁধার। ◻ *বিণ* অন্ধকারময়; তমিস্র (অন্ধকার রাত্রি)। ~ **দেখা** *ক্রি* ভয়ে ও ভাবনায় দিশ্বিদিক জ্ঞানশূন্য হওয়া। ~ **দেখানো** *ক্রি* বিপদে ফেলে অভিভূত করা। **অন্ধকারে ঢিল মারা** *ক্রি* আন্দাজ বা নিছক অনুমানের উপর নির্ভর করে কোনো কাজ করা অথবা কোনো বিষয়ে মন্তব্য করা। **অন্ধকারে থাকা** *ক্রি* কোনো বিষয়ে অজ্ঞ থাকা। **অন্ধকারে হাতড়ানো** *ক্রি* অনুমানের উপর নির্ভর করে পথ চলা বা কোনো বিষয়ে অনুসন্ধান করা। { *স.* অন্ধ+√কৃ+অ(অণ্)}

অন্ধানুকরণ [অনধানুকরোন্] *বি* নির্বিচার অনুসরণ; যুক্তিহীন অনুরূপ আচরণ (এ যে আরো পীড়াদায়ক, মূল্যহীন, অর্থহীন, ইউরোপের অন্ধানুকরণ—*সৈমু*)। { *স.* অন্ধ+অনুকরণ; *কর্মধা.*}

অন্ধিসন্ধি [ওনধিশোনধি] *বি* ১ ছিদ্র; ফাঁক; রন্ধ্র। ২ ভিতরের কথা; গুপ্ত তথ্য (মনের অন্ধিসন্ধি)। ৩ উদ্দেশ্য; হদিস (ডুবুরী ডুবিলেও অন্ধিসন্ধি পাইত না—*প্যামি*)। ৪ উপায়; উদ্যোগ (অন্ধিসন্ধি করে কত কেমনে মিটে আশ—*মৈগী*)। { *স.* রন্ধ্র>অন্ধি; সন্ধান>সন্ধি; *দ্বন্দ্ব.*}

অন্ধীভূত [ওনধিভুতো] *বিণ* অন্ধতাপ্রাপ্ত; অন্ধ হয়েছে এমন। { *স.* অন্ধ+চ্বি+√ভূ+ত(ক্ত)}

অন্ধ্র [অনধ্রো] *বি* ১ প্রাচীন জাতিবিশেষ। ২ মাদ্রাজের উত্তর-পূর্ব অঞ্চল; তেলেগুভাষীদের দেশ। { *স.* √অন্ধ+র}

অন্ন [অননো] *বি* ১ ভাত। ২ আহার্য; খাদ্যদ্রব্য। ~ **ওঠা** *ক্রি* ১ জীবিকা রহিত হওয়া (তোর এখানকার অন্ন উঠেছে)। ২ *(আল.)* পরমায়ু শেষ হওয়া। ~**কষ্ট, অন্নাভাব** *বি* ১ খাদ্যাভাব; আহার্যের অকুলান। ২ দুর্ভিক্ষ; আকাল। ~**কূট**, ~**কোট** *বি* অন্নের পাহাড়; আহার্যের স্তূপ। ~**ক্ষেত্র** ⟹ ~**ছত্র**। ~**গত প্রাণ** *বিণ (ব্য.)* আহার্য ছাড়া বাঁচে না এমন। ~**চিন্তা** *বি* জীবিকার জন্য উদ্বেগ (অন্নচিন্তা চমৎকারা)। ~**ছত্র**, ~**সত্র**, ~**ক্ষেত্র** *বি* যে স্থানে অন্ন বিতরণ করা হয়। ~**জল** *বি* দানাপানি; আহার্য। ~**জল ওঠা** *ক্রি (আল.)* আয়ু শেষ হওয়া বা চাকরির মেয়াদ শেষ হওয়া। ~**দা** *বিণ* অন্নদায়িনী; আহার্য প্রদানকারিণী (অন্নদা এ বনে তুমি—*মদ*)। ◻ *বি* হিন্দু দেবী দুর্গা। ~**দাতা** *বিণ* আহার্য দানকারী। ◻ *বি* প্রতিপালক; অভিভাবক। ~**দাত্রী** *স্ত্রী*। ~**দাস** *বিণ* অন্নের জন্য যে পরের দাসত্ব করে। ~**নালি** *বি* গ্রাসনালি; oesophagus; gullet। ~**পানি** *বি* আহার্য ও পানি; দানাপানি (নারিকেলের গোপন কোষে অন্নপানি জোগায় গো সে—*সদ*)। ~**পায়ী** *বিণ* আহার্য বস্তু পান করে এমন; চিবিয়ে খেতে অক্ষম (অন্নপায়ী বঙ্গবাসী স্তন্যপায়ী জীব—*রঠা*)। ~**পূর্ণা** *বি* হিন্দুদের দেবী ভগবতী। ◻ *বিণ স্ত্রী.* আহার্যে পরিপূর্ণ। ~**প্রাশন** *বি* শিশুদের প্রথম আহার্য গ্রহণের অনুষ্ঠান; মুখে ভাত। ~**ভোজী** *বিণ* অন্ন ভোজনে প্রাণ ধারণ করে এমন। ~**ময়** *বিণ* অন্নপূর্ণ; অন্নগঠিত। ~**মুষ্টি** *বি* এক মুষ্টি আহার্য; সামান্য খাদ্য (তখন অন্নমুষ্টির জন্য দ্বিতীয় আশ্রয় অন্বেষণের চেষ্টা করিতে তাহার অত্যন্ত ধিক্কার বোধ হইল—*রঠা*)। ~**রস** *বি* ভুক্ত খাদ্যজাত রসবিশেষ; chyle। ~**লোভাতুর** *বিণ* আহার্যের জন্য কাতর; খাদ্য প্রত্যাশায় ব্যাকুল (মৈত্রেয়ী ভূমার চেয়ে অন্নলোভাতুর—*জীদা*)। ~**সংস্থান** *বি* জীবিকার্জন। ~**সত্র** ⟹ ~**ছত্র**। ~**হীন** *বিণ* নিরন্ন; উপবাসী। ◻ *বি* ভিক্ষুক। { *স.* √অদ্+ত (ক্ত); √অন্+ন(নন্)}

অন্য [ওননো] *সর্ব* অপর লোক। ◻ *বিণ* ভিন্ন; পর। ~-~ ⟹ অন্যোন্য। ~**কৃত** *বিণ* অপরের দ্বারা অনুষ্ঠিত বা সম্পাদিত। ~**গত** *বিণ* ১ অপরের উপর নির্ভরশীল। ২ অপরের প্রতি আসক্ত। ~**জনা** *সর্ব স্ত্রী.* অপরলোক (অন্যজনা লক্ষ্মী সে কল্যাণী—*রঠা*)। ~**জন** *পু.*। **অন্যত** *অব্য* ১ অন্য থেকে; অপর থেকে। ২ অন্যভাবে; ভিন্ন

উপায়ে।□ *ক্রিবিণ* অন্যত্র; ভিন্ন স্থানে। ~**তম** *বিণ* বহুর মধ্যে এক। ~**তর** *বিণ* দুইয়ের মধ্যে এক। ~**ত্র** *ক্রিবিণ* অন্য বিষয়ে বা স্থানে। ~**থা** *অব্য* নতুবা; না হয়তো।□ *বি* ১ ভিন্নরূপ; অন্যরূপ (কোনও কালে অন্যথাভাব দেখিতে পাওয়া যায় না—*ঈবি*)। ২ ব্যতিক্রম; বৈপরীত্য। ~**থা করা** *ক্রি* লঙ্ঘন করা; অন্যরূপ করা। ~**থাচরণ** *বি* বিপরীত ব্যবহার; বিরুদ্ধ আচরণ। ~**দীয়** *বিণ* অপর সম্বন্ধীয়। ~**পূর্বা** *বিণ স্ত্রী.* যে পূর্বে অন্যের বাগ্‌দত্তা বা স্ত্রী ছিল। ~**পূর্ব** *পু.*। ~**বিধ** *বিণ* অপর প্রকার। ~**ভাব** *বি* ভাবান্তর; ভিন্নভাব। ~**মনস্ক**, ~**মনা** *বিণ* আনমনা; অমনোযোগী। ~**মনস্কতা** *বি*। ~**মনে** *ক্রিবিণ* আনমনা অবস্থায়; অন্য বিষয়ে নিবিষ্ট থেকে (অন্যমনে চলি পথে; ভুলি নে কি ফুল?—*রঠা*)। ~**সাপেক্ষ** *বিণ* অন্যের সঙ্গে সম্বন্ধযুক্ত; relative। {*স.* √অন্+য}

অন্যান্য [ওন্‌নান্‌নো] *বিণ* ১ অপরাপর। ২ ভিন্ন ভিন্ন। {*স.* অন্য+অন্য; *দ্বন্দ্ব.*}

অন্যায় [অন্‌ন্যায়্] *বি* ১ অনুচিত কার্য; ন্যায়বিরুদ্ধ কর্ম। ২ অবিচার; জুলুম।□ *বিণ* অনুচিত; অকর্তব্য। ~**কৃৎ** *বি* অন্যায়কারী; জালিম (আমরা অন্যায়কৃৎকে শাস্তি দিতে ছুটে যাই—*মোচৌ*)। ~**ত** *ক্রিবিণ* অন্যায়ভাবে। **অন্যায়াচরণ** *বি* অনুচিত ব্যবহার; ন্যায়বিরুদ্ধ ব্যবহার। ~**চারী** *বিণ*। {*স.* অ(নঞ্)+ন্যায়}

অন্যায্য [অন্যাজ্‌জো] *বিণ* অনুচিত; অসঙ্গত; অন্যায়। {*স.* অ (নঞ্)+ন্যায্য; *নতৎ*}

অন্যাসক্ত [ওন্‌নাশক্‌তো] *বিণ* অপরের প্রতি অনুরক্ত। **অন্যাসক্তা** *স্ত্রী.*। {*স.* অন্য+আসক্ত; ৭তৎ}

অন্যূন [অন্‌নুনো/অনুনো] *বিণ* ১ অন্তত; কমপক্ষে। ২ সম্পূর্ণ; আস্ত। {*স.* অ (নঞ্)+ন্যূন; *নতৎ*}

অন্যোন্য, **অন্য-অন্য** (*মবা.*) [ওন্‌নোন্‌নো, -ওন্‌নো] *বিণ* পরস্পর (অন্যে-অন্যে দোহান মিলন হইল পুনি—*দৌবা*)। ~**নির্ভর** *বিণ* পরস্পর নির্ভরশীল (নৈরাত্ম্য আর বৈচিত্র্য অন্যোন্যনির্ভর—*সুদ*)। {*স.* অন্যঃ+অন্য}

অন্বয় [অন্‌নয়্] *বি* ১ (*ব্যা.*) পদের পরস্পর সম্বন্ধ; relation। ২ সম্বন্ধযুক্ত পদসমূহের ক্রমবিন্যাস। ৩ ক্রম; ধারা। ৪ সম্বন্ধ; মিল। **অন্বয়ী** *বিণ*। {*স.* অনু+অয়}

অন্বর্থ [ওন্‌নরথো, অ-] *বিণ* যথার্থ; অর্থসঙ্গত; অর্থানুরূপ (তুমি আমার দুর্মুখ নাম অন্বর্থ করিয়া দিলে—*ঈবি*)। ~**নামা** *বিণ* নামের অর্থের সঙ্গে স্বভাবের মিল বিদ্যমান এমন। {*স.* অনু+অর্থ}

অন্বিত [ওন্‌নিতো] *বিণ* ১ যুক্ত; সম্পন্ন (আশান্বিত)। ২ পরস্পর সম্বন্ধযুক্ত। {*স.* অনু+√ই+ত (ক্ত)}

অন্বিষ্ট [ওন্‌নিশ্‌টো, অ-] *বিণ* অন্বেষিত; অনুসন্ধান করা হয়েছে এমন। {*স.* অনু+√ইষ্+ত (ক্ত)}

অন্বীক্ষণ [ওন্‌নিক্‌খন্, অ-] *বি* ১ পশ্চাৎ-দর্শন; retrospection। ২ অন্বেষণ। **অন্বীক্ষিত** *বিণ*। {*স.* অনু+ঈক্ষণ}

অন্বীক্ষা [ওন্‌নিক্‌খা, অ-] *বি* দর্শন; ন্যায়শাস্ত্র। {*স.* অনু+ঈক্ষা}

অন্বেষক ⇒ অন্বেষণ

অন্বেষণ [অন্‌নেশন্, ওন্‌নেশন্] *বি* তালাশ; অনুসন্ধান; খোঁজ। **অন্বেষিত** *বিণ*। **অন্বেষক** *বি* গবেষক। {*স.* অনু+√ইষ্+অন(ল্যুট্); *অব্যয়ী.*}

অপ্, **অপ** [অপ্] *বি* জল; সলিল; (ক্ষিতি অপ্ তেজ ভরি—*সদ*)। {*স.* √আপ্+অ(ক্বিপ্)}

অপ- [অপো] *অব্য* নিন্দা বিরোধ প্রতিকূল ইত্যাদি সূচক তৎসম উপসর্গবিশেষ। ~**কর্ম** *বি* ১ কুকর্ম; দুষ্কর্ম। ২ অন্যায় বা ক্ষতিকর কাজ। ~**কর্মা** *বিণ* ১ কুকর্মকারী; খারাপ করে এমন। ২ অন্যায়কারী; ক্ষতিকর কাজ করে এমন। ~**কলঙ্ক** *বি* মিথ্যা অপবাদ; অনুচিত কলঙ্ক। ~**কীর্তি** *বি* দুর্নাম; অপযশ। ~**ক্রান্ত** *বিণ* অপসৃত; বহির্গত; পলায়িত (তথা হইতে অপক্রান্ত হইয়া সূর্যাস্ত সময়ে বনমধ্যে প্রবেশপূর্বক—*ঈবি*)। ~**ক্রিয়া** *বি* কুকর্ম; অপকার। ~**গ্রহ** *বি* প্রতিকূল গ্রহ। ~**ঘাত** *বি* ১ দুর্ঘটনায় মৃত্যু; অপমৃত্যু। ২ আকস্মিক দুর্ঘটনায় আঘাতপ্রাপ্তি। ~**ঘাতক**, ~**ঘাতী** (-তিন্) *বিণ* অপঘাতকারী। ~**চ্ছায়া** *বি* ১ বিকৃত ছায়া; আবছায়া। ২ ভূতপ্রেতের অস্পষ্ট ছায়া। ~**জাত** *বিণ* স্ববংশীয় গুণ বা পূর্বের উৎকর্ষ লয় পেয়েছে এমন।□ *বি* হীনতাপ্রাপ্ত জাতি; নীচ জাতি (অপজাতদের প্রভাব কমেছিল—*সুদ*)। ~**জাতি** *বি* হীনজাতি; নষ্টকুল। ~**দেব**, ~**দেবতা** *বি* ভূত প্রেত ইত্যাদি (জাগিয়া দেখিনু জুটিয়াছে যত হনুমান আর অপদেব—*নই*)। ~**পাঠ** *বি* অশুদ্ধ পাঠ; লিপিকর প্রমাদ। ~**প্রয়োগ** *বি* অনুচিত উদ্দেশ্য বা প্রক্রিয়ায় প্রয়োগ। ~**মিশ্রণ** *বি* ভেজাল বা নিকৃষ্ট দ্রব্য মিশানো। {*স.* উপসর্গবিশেষ}

অপকর্ষ [অপোকরশো] *বি* ১ নিকৃষ্টতা; হীনতা। ২ অবনতি। **উৎকর্ষ** *বিপ.*। {*স.* অপ+√কৃষ্+অ(ঘঞ্)}

অপকলঙ্ক ⇒ অপ

অপকার [অপোকার্] *বি* অনিষ্ট; ক্ষতি। ~**ক**, **অপকারী** *বিণ* ক্ষতিকর; অনিষ্টকারী। **অপকৃত** *বিণ* অপকার করা হয়েছে এমন; ক্ষতিগ্রস্ত। **অপকৃতি** *বি*। {*স.* অপ+√কৃ+অ(ঘঞ্)}

অপকীর্তি ⇒ অপ-

অপকৃত, **অপকৃতি** ⇒ অপকার

অপকৃষ্ট [অপোকৃশ্‌টো] *বিণ* ১ নিকৃষ্ট; জঘন্য; মন্দ। ২ অবনতিপ্রাপ্ত; অপনীত। {*স.* অপ+√কৃষ্+ত (ক্ত)}

অপকেন্দ্র [অপোকেন্‌দ্রো] *বিণ* কেন্দ্র থেকে দূরে গমনকারী। {*স.* অপ+কেন্দ্র}

অপক্রান্ত, **অপক্রিয়া** ⇒ অপ-

অপক্ক [অপক্‌কো] *বিণ* ১ পাকেনি এমন; কাঁচা। ২ অসিদ্ধ; পাক করা হয়নি এমন। {*স.* অ (নঞ্)+পক্ক; *নতৎ.*; *বহু*}

অপক্ষপাত [অপোক্‌খোপাত্] *বি* নিরপেক্ষতা; ন্যায়কারিতা।□ *বিণ* নিরপেক্ষ; পক্ষপাতহীন (অপক্ষপাত সমালোচনার দ্বারা—*রঠা*)। **অপক্ষপাতী** (-তিন্) *বিণ* ১ নিরপেক্ষ। ২ ন্যায়দর্শী। **অপক্ষপাতিত্ব**, **অপক্ষপাতিতা** *বি*। {*স.* অ+পক্ষপাত; *নতৎ*}

অপক্ষয় [অপোক্‌খয়্] *বি* বিনাশ; লোপ (তাঁহার সেই প্রতিষ্ঠার অপক্ষয় সম্ভাবনা নাই—*ঈবি*)। {*স.* অপ+ক্ষয়}

অপক্ষেপ [অপোক্‌খেপ্] *বি* প্রত্যাখ্যান; অগ্রাহ্যকরণ। {*স.* অপ+√ক্ষিপ্+অ(ঘঞ্)}

অপগত [অপোগতো] *বিণ* ১ বিগত; পলায়িত; অপসৃত (অপগত–নেশা পাঁচ শ' বিড়াল তখন বসেছে উঠে—*সদ*)। □ *বিণ* মৃত। **– হওয়া** *ক্রি* বিদূরিত হওয়া; অপসৃত হওয়া। **অপগমন, অপগম** *বি* পলায়ন; অপসরণ; প্রস্থান। { *স.* অপ+ √গম্+ত(ক্ত)}

অপগা [অপোগা] *বিণ* নিম্নদিকে গমনরতা; নিম্নগামিনী; সমুদ্রগামিনী। □ *বি* নদী। { *স.* অ+√গম্+অ(ড)+আ(টাপ্)}

অপগ্রহ, অপঘাত, অপঘাতক, অপঘাতী ⇒ অপ

অপচয় [অপোচয়্] *বি* ১ অপব্যয়; ব্যজে খরচ। ২ ক্ষতি; হ্রাস; ক্ষয়। **অপচিত** *বিণ* ১ অপব্যয়িত। ২ ক্ষয়প্রাপ্ত; ক্ষীণ। **অপচিতি** *বি*। **অপচীয়মান** *বিণ* ক্ষয়প্রাপ্ত বা অপব্যয়িত হচ্ছে এমন; ক্ষীয়মাণ। { *স.* অপ+ √চি+ অ(অচ্)}

অপচায়িত [অপোচায়িতো] *বিণ* বৃথা ব্যয়িত; অপব্যয়িত। { *স.* অপ+√চি+ণিচ্+ত (ক্ত)}

অপচার, অবচার [অপোচার্, অবো–] *বি* ১ অবিহিত আচরণ; বে–আইনি ব্যবহার। ২ বদহজম; অজীর্ণ (হজম করিতে পারেন নাই, সুতরাং অপচার ও উদরাধ্মান হইয়া রহিয়াছে—*ঈবি*)। **অপচারী** (–রিন্) *বিণ* অন্যায় ব্যবহারকারী; অহিতাচারী (অপচারী দ্রষ্টাই প্রকট—*সুদ*)। { *স.* অপ+ √চর্+অ(ঘঞ্)}

অপচিকীর্ষা [অপোচিকির্শা] *বি* অপকার করার ইচ্ছা। **অপচিকীর্ষু** *বিণ*। { *স.* অপ+√চিকীর্ষ (√কৃ+সন)+অ+আ(টাপ্)}

অপচিত, অপচিতি, অপচীয়মান ⇒ অপচয়

অপচ্ছায়া, অপজাত, অপজাতি ⇒ অপ-

অপটু [অপোটু] *বিণ* ১ অনিপুণ; অক্ষম। ২ অসুস্থ; অশক্ত। {অ (নঞ্)+পটু; *নতৎ*}

অপঠিত [অপোঠিতো] *বিণ* পাঠ করা হয়নি এমন। { *স.* অ (নঞ্)+পঠিত; *বহু*; *নতৎ*}

অপণ্য [অপোন্‌নো] *বিণ* অবিক্রেয়; খাস্তা; অচল (অপণ্য দ্রব্যের ভারে—*সুদ*)। { *স.* অ (নঞ্)+পণ্য; *নতৎ*}

অপণ্ডিত [অপোন্‌ডিত] *বিণ* জ্ঞানহীন; মূর্খ। { *স.* অ (নঞ্)+পণ্ডিত; *বহু*}

অপত্নীক [অপোত্‌নিক] *বিণ* ১ বিপত্নীক; পত্নী নাই এমন; মৃতদার। ২ অবিবাহিত। { *স.* অ (নঞ্)+পত্নী+ক(কপ্); *বহু*}

অপত্য [অপোত্‌তো] *বি* সন্তান; পুত্র বা কন্যা (অপত্য কলত্র সহিত পুনর্জীবিত দেখিয়া অপরিসীম হর্ষ প্রাপ্ত হইলেন—*ঈবি*)। **–নির্বিশেষে** *ক্রিবিণ* আপন সন্তানের ন্যায়; নিজ সন্তানবৎ (অপত্যনির্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন—*ঈবি*)। **–স্নেহ** *বি* সন্তানের প্রতি স্নেহ বা ভালবাসা। **–হীন** *বিণ* সন্তানহীন; নিঃসন্তান। { *স.* অ+ √পত্+য(যৎ)}

অপথ [অপথ্] *বি* ১ কুপথ; বিপথ; মন্দপথ। ২ ভুলপথ; যে স্থানে পথ নেই (অসময়ে অপথ দিয়ে যাস—*রঠা*)। { *স.* অ (নঞ্)+পথ; *বহু*; *নতৎ*}

অপথ্য [অপোত্‌থো] *বিণ* কুপথ্য; রোগীর অখাদ্য। { *স.* অ (নঞ্)+পথ্য; *নতৎ*}

অপদ [অপদ্] *বিণ* পদহীন (অপদ সর্বত্র গতাগতি—*ভারা*)। { *স.* অ (নঞ্)+পদ; *বহু*}

অপদস্থ [অপোদস্‌থো] *বিণ* অসম্মানিত; লাঞ্ছিত (লোকের চক্ষে অপদস্থ করা হইতেছে—*রঠা*)। { *স.* অ(নঞ্)+পদস্থ; *বহু*; *নতৎ*}

অপদার্থ [অপোদার্‌থো] *বিণ* ১ অসার। ২ অযোগ্য। ৩ অকর্মণ্য। { *স.* অ+পদার্থ; *বহু*}

অপদেব, অপদেবতা ⇒ অপ-

অপনয়, অপনয়ন [অপোনয়্, –নয়োন্] *বি* অপসারণ, দূরীকরণ। **অপনীত** *বিণ* দূরীভূত; অপসৃত (তাহা অপনীত হউক—*রাব*; অপনীত সূর্যকর—*বচ*)। { *স.* অপ+√নী+অ(অচ্), অন(ল্যুট্)}

অপনোদন [অপোনোদোন্] *বি* দূরীকরণ; অপসারণ; খণ্ডন। **অপনোদিত** *বিণ*। { *স.* অপ+ √নুদ্+অন(ল্যুট্); *নতৎ*}

অপপাঠ, অপপ্রয়োগ ⇒ অপ-

অপবর্গ [অপোবর্‌গো] *বি* মুক্তি; মোক্ষ। { *স.* অপ+√বৃজ্+অ(ঘঞ্)}

অপবাদ [অপোবাদ্] *বি* নিন্দা; কুৎসা; গিবত; বদনাম। **অপবাদক** *বিণ*। { *স.* অপ+বাদ}

অপবিত্র [অপোবিত্‌ত্রো] *বিণ* অশুচি; নাপাক; অশুদ্ধ। **অপবিত্রতা** *বি*। { *স.* অ (নঞ্)+পবিত্র; *নতৎ*; *বহু*}

অপব্যবহার [অপোব্‌ব্যাবোহার্] *বি* ১ অনুচিত আচরণ। ২ অন্যায্য প্রয়োগ; অপপ্রয়োগ (আজকাল 'ফলশ্রুতি' শব্দের অপব্যবহার খুব বেশি দেখা যায়)। { *স.* অপ+ব্যবহার}

অপব্যয় [অপোব্‌ব্যায়্] *বি* বাজে খরচ; বেহুদা খরচ; অপচয়; বৃথা ব্যয়। **অপব্যয়িতা** *বিণ* অন্যায়ভাবে ব্যয়িত। **অপব্যয়িত** *বি* অপব্যয় করার অভ্যাস বা স্বভাব। **অপব্যয়ী** (–য়িন্) *বিণ* অপব্যয়কারী। { *স.* অপ+ব্যয়; *প্রাদি*}

অপভাষ [অপোভাশ্] *বি* নিন্দা; কুৎসা (শুনিলে হইবে অপভাষ—*চদা*)। { *স.* অপ+ভাষা}

অপভাষা [অপোভাশা] *বি* অসাধু গ্রাম্য বা অশিক্ষিত ও অমার্জিত জনের ভাষা বা বাক্য। { *স.* অপ+ভাষা; *কর্মধা.*}

অপভূবিন্দু [অপোভুবিন্‌দু] *বি* চাঁদের কক্ষপথের বিন্দুবিশেষ। { *স.* অপ+ভূ+বিন্দু}

অপভ্রংশ [অপোব্‌ভ্রোঙ্‌শো] *বি* ১ প্রাকৃত স্তরের পরের ভাষা। ২ মূল শব্দের বিবর্তিত রূপ। ৩ বিকৃতি; অশুদ্ধি। ৪ বিচ্যুতি; স্খলন; স্বস্থান থেকে বিচলন (সম্রাটের সিংহদ্বারের সিংহের এই অপভ্রংশ—*রঠা*)। **অপভ্রষ্ট** *বিণ* ১ বিকৃত; অশুদ্ধ। ২ স্খলিত; পতিত। { *স.* অপ+√ভ্রন্‌শ্+অ(ঘঞ্)}

অপমান [অপোমান্] *বি* অসম্মান; অবমাননা; লাঞ্ছনা। **অপমানিত** *বিণ* অপমান করা হয়েছে এমন। **অপমানিতা** *স্ত্রী.*। **অপমান্য** (*মবা.*) *বিণ* অপমানের যোগ্য। **অপমান্যা** *স্ত্রী.* (অপমান্যা বুড়ী তুমি যাও নিজের ঘরে—*মৈগী*)। { *স.* অপ+মান; *কর্মধা.*}

অপমিশ্রণ ⇒ অপ-

অপমৃত্যু [অপোমৃত্‌তু] *বি* অস্বাভাবিক বা অপঘাত মৃত্যু। { *স.* অপ+মৃত্যু; *কর্মধা.*}

অপযশ [অপোজশ্] *বি* নিন্দা; কলঙ্ক; অখ্যাতি (আপনারও বিলক্ষণ অপযশ হইতেছে—*ঈবি*)। **–স্কর** *বিণ*

অখ্যাতিজনক; নিন্দাসূচক। { স. অপ৲যশস্}

অপয়া [অপয়া] *বিণ স্ত্রী.* ১ অলক্ষণা; কুলক্ষণা। ২ অমঙ্গলজনক; অশুভ। {অ (নঞ্) + পয় (<পদ) + আ; বহু}

অপর [অপর্] *বিণ* অন্য; অপর (অপর ব্যক্তি)। ২ বিপরীত (অপর তীর)। ৩ শেষ; পশ্চাদ্বর্তী (পূর্বাপর আলোচনা)। ☐ *সর্ব* অন্য লোক (অপরের কথা)। ~**ঞ্চ**, ~**ন্তু** *অব্য* অপিচ; আরও (অপরন্তু, লাটৌ্যধি দ্বারা দেহস্থ পঞ্চভূত প্রকম্পিত করিলে—*রাব*)। **অপরা** *বিণ স্ত্রী.* অন্য; ভিন্ন। ☐ *সর্ব স্ত্রী.* অন্য স্ত্রীলোক। **অপরাবিদ্যা** *বি* অপ্রধান বিদ্যা (অপরাবিদ্যা সম্পূর্ণ আয়ত্ত না হলে কারও পক্ষে পরাবিদ্যা লাভের অধিকার জন্মায় না—*প্রচৌ*)। **অপরাপর** *বিণ* অন্যান্য; অন্য সমস্ত। { স. অ (নঞ্)+পর; নতৎ }

অপরাজিত [অপরাজিতো] *বিণ* পরাস্ত হয়নি এমন; অপরাভূত। **অপরাজিতা** *বিণ স্ত্রী.* অপরাভূতা। ☐ *বি* ১ ফুলবিশেষ (তুমি অপরাজিতার সুনীল মাধুরী—*নই*)। ২ লতাবিশেষ। **অপরাজেয়** *বিণ* অজেয়; পরাভূত করা যায় না এমন। { স. অ (নঞ্)+পরাজিত; নতৎ }

অপরাধ [অপোরাধ্] *বি* ১ দোষ; ত্রুটি। ২ আইন বিরুদ্ধ কাজ; দণ্ডনীয় কর্ম। ৩ পাপ; অধর্ম। **অপরাধী** (–ধিন্) *বিণ*। **অপরাধিনী** *স্ত্রী.*। { স. অপ+ √রাধ্+অ(ঘঞ্)}

অপরাপর ⇒ অপর

অপরাবিদ্যা ⇒ অপর

অপরামর্শ [অপরামর্‌শো] *বি* কুপরামর্শ; কুমন্ত্রণা। ☐ *বিণ* পরামর্শযোগ্য নয় এমন; অনুচিত (বিলম্ব করাই অপরামর্শ ও অকর্তব্য—*ঈবি*)। { স. অ(নঞ্)+পরামর্শ; নতৎ; বহু}

অপরাস্ত [অপরাস্‌তো] *বিণ* অপরাজিত; অপরাভূত। { স. অ (নঞ্)+পরাস্ত; নতৎ }

অপরাহ্ণ [অপোরান্‌হো] *বি* বিকাল; মধ্যাহ্ন থেকে সূর্যাস্ত পর্যন্ত কাল। { স. অপর+অহ্ন; কর্মধা. }

অপরিকল্পিত [অপোরিকোল্‌পিতো] *বিণ* অচিন্তিত; অনুদ্ভাবিত। { স. অ (নঞ্)+পরিকল্পিত; নতৎ }

অপরিগ্রহ [অপোরিগ্‌গ্রোহো] *বি* অস্বীকার; অগ্রহণ। ☐ *বিণ* অবিবাহিত; অপরিণীত। { স. অ (নঞ্)+পরিগ্রহ; নতৎ }

অপরিচয় [অপোরিচয়্] *বি* পরিচয় বা জ্ঞানের অভাব। **অপরিচিত** *বিণ* অজানা; অচেনা; অজ্ঞাত। **অপরিচিতা** *বিণ স্ত্রী.* অজ্ঞাতা; অচেনা; অজানা (শুধাই তোমায় অপরিচিতা—*রঠা*)। { স. অ (নঞ্)+পরিচয়; নতৎ }

অপরিচ্ছন্ন [অপোরিচ্‌ছন্‌নো] *বিণ* মলিন; নোংরা; অপরিষ্কৃত। { স. অ (নঞ্)+পরিচ্ছন্ন; নতৎ }

অপরিচ্ছিন্ন [অপোরিচ্‌ছিন্‌নো] *বিণ* অবিভক্ত; একটানা; অসীম। { স. অ (নঞ্)+পরিচ্ছিন্ন; নতৎ }

অপরিজ্ঞাত [অপোরিগ্‌গ্যাতো] *বিণ* অজানিত; অবিদিত; অজ্ঞাত (যৌবনের অনেক অপরিজ্ঞাত রহস্য কথা উদ্‌ঘাটিত হয়—*অচিসে*)। { স. অ(নঞ্)+পরিজ্ঞাত; নতৎ }

অপরিজ্ঞেয় [অপোরিগ্‌গেঁয়ো] *বিণ* দুর্জ্ঞেয়; অজ্ঞেয়; জানা যায় না এমন। { স. অ (নঞ্)+পরিজ্ঞেয়; বহু }

অপরিণত [অপোরিনতো] *বিণ* ১ অপূর্ণ; তরুণ (অপরিণত বয়স)। ২ অপরিপক্ব; কাঁচা। ~**বয়স** *বিণ* ১ অল্পবয়স। ২ যৌবনপ্রাপ্ত নয় এমন। ৩ নাবালক। ~**বুদ্ধি** *বিণ* ১ বুদ্ধি পরিণত হয়নি এমন। ২ চপলমতি। ৩ ছ্যাবলা। { স. অ (নঞ্)+পরিণত; নতৎ }

অপরিণামদর্শী (–র্শিন্) [অপোরিনাম্‌দোর্‌শি] *বিণ* অদূরদর্শী; অবিবেচক। **অপরিণামদর্শিতা** *বি* (আমাদের অপরিণামদর্শিতা ও অবিমৃষ্যকারিতার দোষেই এই বিষয় সর্বনাশ ঘটিতেছে—*ঈবি*)। { স. অ (নঞ্)+পরিণাম৲ √দৃশ+ইন; নতৎ }

অপরিণীত [অপোরিনিতো] *বিণ* অবিবাহিত। **অপরিণীতা** *স্ত্রী.*। { স. অ (নঞ্)+পরিণীত; বহু}

অপরিতৃপ্ত [অপোরিত্রিপ্‌তো] *বিণ* অতৃপ্ত; সন্তুষ্ট হয়নি এমন। { স. অ (নঞ্)+পরিতৃপ্ত; নতৎ; বহু }

অপরিতোষণীয়া [অপোরিতোশোনিয়া] *বিণ স্ত্রী.* তৃপ্তি সাধন করা যায় না এমন; অতৃপ্ত (অপরিতোষণীয়া আকাঙ্ক্ষার বৃদ্ধিতে যন্ত্রণা হয়—*বচ*)। **অপরিতোষণীয়** *পু.*। { স. অ (নঞ্)+পরিতোষ+নীয়+আ; বহু }

অপরিত্যাজ্য [অপোরিত্‌ত্যাজ্‌জো] *বিণ* অপরিহার্য; পরিত্যাগ করা যায় না এমন। { স. অ (নঞ্)+পরিত্যাজ্য; বহু }

অপরিপক্ব [অপোরিপক্‌কো] *বিণ* ১ অপক্ব; কাঁচা। ২ অপরিণত; অনভিজ্ঞ। **অপরিপক্বতা** *বি*। { স. অ (নঞ্)+পরিপক্ব; নতৎ; বহু}

অপরিপন্থী (–ন্থিন্) [অপোরিপোন্‌থি] *বিণ* অনুকূল; অবিরোধী। **অপরিপন্থিনী** *স্ত্রী.*। { স. অ (নঞ্)+পরিপন্থী; নতৎ; বহু }

অপরিপাক [অপোরিপাক্] *বি* অজীর্ণতা। **অপরিপাচ্য** *বিণ* বদহজমকারক। { স. অ (নঞ্)+পরিপাক; নতৎ }

অপরিপূর্ণ [অপোরিপুর্‌নো] *বিণ* ১ অসম্পূর্ণ; অসফল। ২ অপূর্ণ; পূর্ণ হয়নি এমন। ~**তা** *বি*। { স. অ (নঞ্)+পরিপূর্ণ; বহু; নতৎ }

অপরিবর্তন [অপোরিবর্‌তোন্] *বি* অবস্থান্তর প্রাপ্তির অভাব; অবিকার। ☐ *বিণ* যথার্থ; অবিকৃত (অপরিবর্তন অর্ঘ তোমার উদ্দেশে—*রঠা*)। –**শীল** *বিণ* পরিবর্তন হয় না এমন। **অপরিবর্তনীয়** *বিণ* পরিবর্তনের অযোগ্য বা অসাধ্য। **অপরিবর্তিত** *বিণ* অবিকৃত; বদলায়নি এমন; যথাযথ। { স. অ (নঞ্)+পরিবর্তন; বহু }

অপরিমাণ [অপোরিমান্] *বি* প্রাচুর্য; অপর্যাপ্ততা। ☐ *বিণ* অঢেল; অপর্যাপ্ত; অমিত (শূন্য ব্যোম অপরিমাণ মদ্যসম করিতে পান—*রঠা*)। **অপরিমিত** *বিণ* ১ দেদার; অপর্যাপ্ত; মাপজোখ বা সীমা সংখ্যা নেই এমন। ২ ন্যায্যের অতিরিক্ত; অধিক (অপরিমিত স্নেহ—*রঠা*)। **অপরিমেয়** *বিণ* পরিমাণের অসাধ্য; অমেয় (জীবন অপরিমেয় নাকি—*জীদা*)। { স. অ(নঞ্)+পরিমাণ; বহু }

অপরিশুদ্ধ [অপোরিশুদ্‌ধো] *বিণ* অবিশুদ্ধ; অপবিত্র। { স. অ (নঞ্)+পরিশুদ্ধ; নতৎ }

অপরিশোধনীয়, অপরিশোধ্য [অপোরিশোধোনিয়ো, –শোদ্‌ধো] *বিণ* পরিশোধ করা যায় না এমন (অপরিশোধনীয় ঋণে বদ্ধ করিলেন—*বচ*)। **অপরিশোধিত** *বিণ* ১

পরিশোধ করা হয়নি এমন। ২ বিশুদ্ধ বা পরিস্কৃত করা হয়নি এমন। { *স.* অ (নঞ)+পরিশোধনীয়, পরিশোধ্য; *বহু* }

অপরিস্কার [অপোরিশ্‌কার্‌] *বি* মালিন্য; পরিচ্ছন্নতার অভাব। □ *বিণ* অপরিচ্ছন্ন; মলিন; নোংরা। **অপরিস্কৃত** *বিণ* পরিস্কার করা হয়নি এমন; অশোধিত। { *স.* অ (নঞ)+পরিষ্কার; *নতৎ* }

অপরিসীম [অপোরিশিম্‌] *বিণ* অসীম; অশেষ (মানুষের প্রতি খোদার দয়া অপরিসীম)। { *স.* অ (নঞ)+পরিসীমা; *বহু* }

অপরিস্ফুট [অপোরিস্‌ফুটো] *বিণ* অস্পষ্ট; অস্ফুট। { *স.* অ (নঞ)+পরিস্ফুট; *নতৎ* }

অপরিস্ফুরণ [অপোরিস্‌ফুরন্‌] *বি* অস্ফুটতা; বিকাশের অভাব বা অনতিবিকাশ (তাহা বুদ্ধিবৃত্তির অপরিস্ফুরণ মাত্র—*রঠা*)। { *স.* অ (নঞ)+পরিস্ফুরণ; *নতৎ* }

অপরিহার্য, অপরিহরণীয় [অপোরিহার্‌জো, -হরোনিয়ো] *বিণ* অপরিত্যাজ্য; এড়ানো যায় না এমন। { *স.* অ (নঞ)+পরিহার্য, পরিহরণীয়; *বহু* }

অপরীক্ষিত [অপোরিক্‌খিতো] *বিণ* পরীক্ষা করে দেখা হয়নি এমন। { *স.* অ (নঞ)+পরীক্ষিত; *বহু* }

অপরূপ [অপোরুপ্‌] *বিণ* ১ অপূর্ব; অতুলনীয় (কিবা অপরূপ রূপ হেরি তরুতলে—*ভারা*)। ২ অদ্ভুত; বিস্ময়কর; আশ্চর্য। ৩ কদাকার। ৪ বেয়াড়া। { *স.* অপ+রূপ; *বহু* }

অপরোক্ষ [অপরোক্‌খো] *বিণ* সাক্ষাৎ; প্রত্যক্ষ (ঘেরিল তন্বীর তনু অপরোক্ষ স্নেহে—*সুদ*)। { *স.* অ+পরোক্ষ; *নতৎ* }

অপর্ণা [অপর্‌না] *বি* যিনি তপস্যাকালে পর্ণ অর্থাৎ বৃক্ষের পত্র পর্যন্ত খাননি; দুর্গা; পার্বতী (শিবপদ ধ্যান গৌরী করে অনুক্ষণ॥ ত্যজিল বৃক্ষের পত্র ত্যজি অন্নপান। এই হেতু 'অপর্ণা' হইল অভিধান॥—*কমু*)। { *স.* অ (নঞ)+পর্ণ+আ(*স্ত্রী.*); *বহু* }

অপর্যাপ্ত [অপোরজাপ্‌তো] *বিণ* ১ প্রচুর; অঢেল; প্রয়োজনের অধিক (অপর্যাপ্ত তৃণরাশি সুস্নিগ্ধ কোমল—*রঠা*)। ২ অপ্রচুর; পর্যাপ্ত নয় এমন (মাসিক এক হাজার টাকার সরকারি সাহায্য যে-কোনো কলেজের পক্ষে অপর্যাপ্ত)। { *স.* অ (নঞ)+পর্যাপ্ত; *নতৎ* }

অপলক [অপলোক্‌] *বিণ* পলকহীন; অনিমেষ (অপলক চোখে)। **অপলকা** *স্ত্রী.*। { *স.* অ (নঞ)+পলক; *বহু* }

অপলকা [অপল্‌কা] *বিণ* পলকা; ভঙ্গুর। { অ (সম্যক)+পলকা; *নতৎ* }

অপলাপ [অপোলাপ্‌] *বি* ১ অবমাননা (সত্যের অপলাপ) ২ গোপন। ৩ মিথ্যা উক্তি। ৪ অস্বীকার (তুমি একেবারে পরিণয় পর্যন্ত অপলাপ করিতেছ—*ঈবি*)। { *স.* অপ+√লপ্‌+অ(ঘঞ) }

অপশন [অপ্‌শন্‌] *বি* ইচ্ছা; পছন্দ (পার্টিশনের সময়ে অপশন দিয়ে এসেছিলেন—*আআআ*)। { *ই.* option }

অপশব্দ [অপোশব্‌দো] *বি* ১ অপভ্রংশ বা বিকৃত শব্দ; অপকৃষ্ট শব্দ; ব্যাকরণদুষ্ট শব্দ; inelegant word। ২ অশ্লীল শব্দ। { *স.* অপ+শব্দ; *প্রাদি.* }

অপশ্রুতি [অপোস্‌স্রুতি] *বি* ধাতুর মূল স্বরধ্বনির অর্থাৎ মূল শ্রুতির অপশ্রবণ বা বিকার। এইরূপ বিভিন্ন মূল স্বরধ্বনির বিকার বা পরিবর্তনের নমুনা—'চল্‌>চাল' 'পড়>পাড়' 'দিশা>দেশ' 'টুট্‌>তোড়' ইত্যাদি; ablaut। { *স.* অপ+শ্রুতি; *কর্মধা.* }

অপসরণ [অপোশরোন্‌] *বি* ১ দূর হওয়া; স্থানান্তরে গমন। ২ পলায়ন। **অপসৃত** *বিণ*। { *স.* অপ+ √সৃ+অন(ল্যুট্‌) }

অপসারণ [অপোশারোন্‌] *বি* দূরীকরণ; সরানো; স্থানান্তরিতকরণ (সংগ্রহ করছিলেন অপসারণের অভিপ্রায়ে—*রঠা*)। **অপসারিত** *বিণ*। { *স.* অপ+ √সৃ+ণিচ+অন(ল্যুট্‌) }

অপসিদ্ধান্ত [অপোশিদ্‌ধান্‌তো] *বি* অনুচিত সিদ্ধান্ত; অন্যায় বিচার (আধুনিক বাংলা কাব্যের সঙ্গে ব্যাকরণের অসদ্‌ভাব বুঝি বা এই অপসিদ্ধান্তের অন্যতম পরিণাম—*সুদ*)। { *স.* অপ+সিদ্ধান্ত }

অপসৃত [অপোস্‌সৃতো] *বিণ* পালিয়ে গেছে এমন; দূরীভূত। { *স.* অপ+ √সৃ+ত(ক্ত) }

অপস্মার [অপোশ্‌শাঁর্‌] *বি* মৃগীরোগ; epilepsy (অপস্মার রোগে আক্রান্ত হইলেন—*ঈবি*)। { *স.* অপ+√স্মারি+অ(অচ্‌) }

অপহত [অপোহতো] *বিণ* বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত (অপহত হাস্যকর, তোর কণ্ঠে আমি যে তন্ময়—*বুব*)। { *স.* অপ+ √হন্‌+ত(ক্ত) }

অপহরণ [অপোহরোন্‌] *বি* চুরি; লুণ্ঠন। **অপহর্তা**(-র্তৃ), **অপহারক, অপহারী** (-রিন্‌) *বিণ* চোর; লুণ্ঠনকারী। **অপহৃত, অপহারিত** *বিণ* চুরি গেছে এমন। { *স.* অপ+ √হৃ+অন(ল্যুট্‌) }

অপহুজুর [অপোহুজুর্‌] *বি* অন্যায় অধিকারী বা জবর দখলকারী কর্তা। { অপ+*আ.* হুদুর حضور }

অপহৃত ⇒ অপহরণ

অপহ্নব, অপহ্নুতি [অপোন্‌হব, -ন্‌হুতি] *বি* ১ সত্যের অপলাপ; অস্বীকার। ২ কাব্যালঙ্কারবিশেষ (বর্ণনীয় বস্তু বা বিষয়কে অস্বীকার বা গোপন করে উপমানের স্থাপন, যেমন—বৃষ্টি জলে গগন কাঁদিলা—*মদ*)। { *স.* অপ+ √হ্নু+অ(অপ), তি (ক্তিন্‌) }

অপাক [অপাক্‌] *বি* অজীর্ণ। { *স.* অ(নঞ)+পাক; *নতৎ; বহু* }

অপাঙ্‌ক্তেয়, অপাংক্তেয় (*অশুপ্র.*) [অপাঙ্‌তেয়ো] *বিণ* এক সারিতে বসার অযোগ্য; অসমকক্ষ; অনুপযুক্ত (বাংলা ভাষা তাদের কাছে ছিল কতকটা অপাঙ্‌ক্তেয়—*সৈমুআ*)। ২ একঘরে। { *স.* অ(নঞ)+পঙ্‌ক্তি+এয়; *নতৎ* }

অপাঙ্গ [অপাঙ্‌গো] *বি* ১ নেত্রকোণ; চক্ষুর প্রান্তভাগ (অপাঙ্গে আজ ভিড় করেছে গো লুকানো যতেক বাণী—*নই*)। ২ কটাক্ষ; আড়চোখ। { *স.* অপ+অঙ্গ }

অপাচ্য [অপাচ্‌চো] *বিণ* জীর্ণ বা হজম হয় না এমন। { *স.* অ(নঞ)+পাচ্য; *বহু* }

অপাঠ্য [অপাঠ্‌ঠো] *বিণ* ১ পাঠের অযোগ্য; পাঠের জন্য অরুচিকর (অপাঠ্য সব পাঠ্য কেতাব সামনে আছে খোলা—*রঠা*)। ২ অস্পষ্ট (যা ছিল এতদিন অপাঠ্য

চিহ্নহীন—*অচিসে*)। { *স.* অ(নঞ)+পাঠ্য; *নতৎ; বহু* }

অপাত্র [অপাত্‌ত্রো] *বি* কুপাত্র; অযোগ্য ব্যক্তি। { *স.* অ(নঞ)+পাত্র; *নতৎ* }

অপাদান [অপাদান্] *বি (ব্যা.)* কারকবিশেষ; যে কারকে ভীত গৃহীত চলিত উৎপন্ন প্রভৃতি অর্থ নির্দেশ করে তাকে অপাদান কারক বলে; যেমন, গাছ থেকে ফল পড়ে। এখানে 'গাছ' অপাদান কারক। { *স.* অপ+আ+√দা+অন(ল্যুট্) }

অপান [অপান্] *বি* ১ মলদ্বার; গুহ্যদেশ (এই অশ্বের অপান দেশে অগ্নি প্রদান কর—*ঈবি*)। ২ *(যোগ)* নিম্নাভিমুখ বা বহির্মুখ বায়ু। *তুল.* **প্রাণ**। { *স.* অপ+√অন্+অ(অচ্) }

অপাপ [অপাপ্] *বিণ* নিষ্পাপ। ~**বিদ্ধ** *বিণ* পাপশূন্য; মাসুম; নিষ্পাপ; নিষ্কলুষ। { *স.* অ(নঞ)+পাপ; *বহু* }

অপাবরণ [অপাবরোন্] *বি* উন্মোচন; উদ্‌ঘাটন। **অপাবৃত** *বিণ*। { *স.* অপ+আ+√বৃ+অন(ল্যুট্) }

অপাবৃণু [অপাব্রিনু] *বিণ* আবৃত করা যায় না এমন; অনাচ্ছাদ্য (হে পূষণ, হে পরিপূর্ণ, অপাবৃণু, তোমার হিরণ্ময়পাত্রের আবরণ খোলো—*রঠা*)। { *স.* অপ+আ+√বৃ+লোট্, মধ্যম পুরুষ *একব* }

অপায় [অপায়্] *বি* ক্ষতি; অমঙ্গল। { *স.* অপ+√ই+অ(অচ্) }

অপার [অপার্] *বিণ* ১ অসীম; কূলহীন (অপার ভুবন, উদার গগন—*রঠা*)। ২ অগাধ; গভীর (দক্ষিণে যার অপার সাগর দোলা—*রখাঁ*)। { *স.* অ+পার; *বহু* }

অপারক, অপারগ [অপারোক্,-গ্] *বিণ* অসমর্থ; অক্ষম (আমরা সেগুলির যাথার্থ্য গ্রহণ করতে সম্পূর্ণ অপারগ—*মুআরা*)। **অপারগতা** *বি* অক্ষমতা; অসামর্থ্য। { *স.* অ(নঞ)+পারগ, পারক; *নতৎ; বহু* }

অপারেটর [অপারেটর্] *বি* ১ যন্ত্রচালক; যে যন্ত্রাদি চালনা করে। ২ যন্ত্র চালনায় দক্ষ ব্যক্তি। { *ই.* operator }

অপার্থিব [অপারথিব্] *বিণ* অলৌকিক; পৃথিবীর নয় এমন। **অপার্থিবা** *বিণ স্ত্রী.* অলোকসম্ভূতা; পৃথিবীর বস্তু-স্পর্শ শূন্য (নারী হ'য়ে রক্তমাংসহীন, অপার্থিবা—*বুব*)। { *স.* অ(নঞ)+পার্থিব; *নতৎ* }

অপার্যমানে [অপারজোমানে] *ক্রিবিণ* অপারগতায়; অক্ষমতার জন্য না পারলে। { *স.* অ(নঞ)+পার্যমান> }

অপিক্ষিত ⇒ অপেক্ষা

অপিচ [ওপিচ/-চো] *অব্য* আরও; অধিকন্তু। { *স.* অপি+চ }

অপিনদ্ধ [অপিনদ্‌ধো] *বিণ* পরিহিত; শরীরের আবরকরূপে বন্ধন করা হয়েছে এমন। { *স.* অপি+নদ্ধ; *নতৎ* }

অপিনিহিত ⇒ অপিনিহিতি

অপিনিহিতি [ওপিনিহিতি] *বি* শব্দ মধ্যে ই বা উ থাকলে যথাস্থানের পূর্বে তা উচ্চারণ করার প্রবণতা; যেমন—সাধু>সাউধ; রাতি>রাইত ইত্যাদি। **অপিনিহিত** *বিণ*। { *স.* অপি+নি+√ধা+তি(ক্তিন্); *ই.* epenthesis }

অপিশুন [অপিশুন্] *বিণ* অখল; সৎ। { *স.* অ(নঞ)+পিশুন; *নতৎ* }

অপিস ⇒ অফিস

অপীন [অপিনো/-ন্] *বিণ* কৃশ; হালকা; পাতলা (অপীন দেহের পক্ষে আঁচলটা এত পর্যাপ্ত—*অচিসে*)। { *স.* অ(নঞ)+পীন(স্থূল); *নতৎ* }

অপুচ্ছ [অপুচ্‌ছো] *বিণ* পুচ্ছহীন। { *স.* অ(নঞ)+পুচ্ছ; *নতৎ* }

অপুত্রক, অপুত্র [অপুত্‌ত্রক,-ত্‌ত্র] *বিণ* পুত্রহীন; নিঃসন্তান (তাঁহার অপুত্রক পিতৃব্য—*রঠা*)। { *স.* অ(নঞ)+পুত্রক, পুত্র; *বহু* }

অপুপ, অপূপ [অপুপ্] *বি* ১ সিদ্ধ পুলি; পুরি বা পিষ্টক (ঘিয়ে ভাজা অল্প মিষ্ট অপুপ)। ২ রুটি; bread। ৩ পাঁউরুটি; loaf। { *স.* অপ+√বপ্+অ(অচ্); *নতৎ* }

অপুষ্পক [অপুশ্‌পক্] *বিণ* ১ ফুল ধরে না এমন (জোগায়ে জীয়নরস অপুষ্পক বীজে—*সুদ*)। ২ ফুলহীন (পূর্ণ করে অপুষ্পক অঘ্রাণের প্রচ্ছন্ন প্রতিভা—*বুব*)। { *স.* অ(নঞ)+পুষ্পক; *বহু* }

অপূপ ⇒ অপুপ

অপূরণ [অপুরন্] *বি* কমতি। **অপূরণীয়** *বিণ* পূরণ করা যায় না এমন (অপূরণীয় ক্ষতি)। { *স.* অ(নঞ)+*স.* √পূর+অন(ল্যুট্); *নতৎ* }

অপূর্ণ [অপুরনো] *বিণ* ১ পূর্ণ নয় এমন; অসমাপ্ত (অপূর্ণ কাজ)। ২ অতৃপ্ত(অপূর্ণ বাসনা)। ~**তা** *বি*। **অপূর্ণা** *স্ত্রী.*। { *স.* অ(নঞ)+পূর্ণ; *নতৎ; বহু* }

অপূর্ব [অপুরবো] *বিণ* ১ অভূতপূর্ব; অভিনব। ২ অত্যুৎকৃষ্ট; অতি সুন্দর। ৩ চমৎকার; আশ্চর্য। ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+পূর্ব; *নতৎ* }

অপেক্ষক ⇒ অপেক্ষা

অপেক্ষণ [অপেক্‌খোন্] *বি* রক্ষণ; তত্ত্বাবধান (নিয়োজিত কর তারে ছেলি অপেক্ষণ—*কমু*)। { *স.* অপ+ঈক্ষণ }

অপেক্ষমাণ ⇒ অপেক্ষা

অপেক্ষা [অপেক্‌খা] *বি* ১ প্রতীক্ষা (অবশেষে অপেক্ষার হলো অবসান)। ২ ভরসা; নির্ভরতা (বৃষ্টির অপেক্ষায় কৃষিকাজ বন্ধ)। ৩ তোয়াক্কা; খাতির (তার অপেক্ষা করা অর্থহীন)। ৪ প্রত্যাশা (ফলের অপেক্ষা কে না করে)। ৫ সবুর; বিলম্ব (একটু অপেক্ষা কর)। ◻ *অব্য* চেয়ে; থেকে (চন্দ্র অপেক্ষা পৃথিবী বড়)। ~**কৃত** *বিণ* অন্য বস্তু বা বিষয়ের তুলনায় (অপেক্ষাকৃত মন্দ)। **অপেক্ষিত, অপিক্ষিত** *(মবা.)* *বিণ* প্রতীক্ষিত; প্রত্যাশিত; ঈপ্সিত (পণ এক ছাড়া দিই অপিক্ষিত জনে—*ক্ষেদা*)। **অপেক্ষী** (-ক্ষিন্), **অপেক্ষক** *বিণ* অপেক্ষাকারী(-রিন্); প্রত্যাশী। **অপেক্ষমাণ** *বিণ* প্রতীক্ষমাণ; অপেক্ষা করে আছে এমন। { *স.* অপ+ঈক্ষা }

অপেয় [অপেয়ো] *বিণ* ১ পান করার যোগ্য নয় এমন। ২ দূষিত। ৩ পান করা অনুচিত এমন। { *স.* অ(নঞ)+পেয়; *বহু* }

অপেরণ [অপেরন্] *বি* আপাতদৃষ্টিতে গ্রহ-নক্ষত্রের স্থানচ্যুতি; aberration (তার অপেরণে অপচারী দ্রষ্টাই প্রকট—*সুদ*)। { *স.* অপ+√ঈর্+অন(ল্যুট্) }

অপোগণ্ড [অপোগন্‌ডো] *বি* শিশু। ◻ *বিণ* ১ অল্পবয়স্ক নাবালক। ২ অনধিক পনেরো বৎসর বয়স্ক (অসহায়

অপোগণ্ড শিশুর ভার)। ৩ অপদার্থ; অযোগ্য (অপোগণ্ড অর্বাচীন উকিল—*রঠা*)। অপরিণত (এই অল্পায়ু অপোগণ্ড অকালপক্ক কুষ্মাণ্ডগণ—*রাব*)। { *স.* অপ+√গম্+ড; *বহু* }

অপৌরুষ [অপোউরুশ্] *বি* ১ পুরুষের অযোগ্য আচরণ। ২ অগৌরব; নিন্দা (কী লজ্জা! কী অপৌরুষ!—*অচিসে*)। □ *বিণ* অলৌকিক; মানুষের দ্বারা সম্পাদিত নয় এমন। **অপৌরুষেয়** *বিণ* অলৌকিক; অমানুষিক। { *স.* অ(নঞ)+পৌরুষ; *বহু*; *নতৎ* }

অপ্রকট [অপ্‌প্রোকট্] *বিণ* ১ অব্যক্ত; অপ্রকাশিত; গোপন। ২ অন্তর্হিত; তিরোহিত। **~ লীলা** *(বৈসা) বি* যে লীলা এখনও প্রকাশ পায়নি এবং নিজের রূপেই অবস্থিত। { *স.* অ(নঞ)+প্রকট; *নতৎ* }

অপ্রকম্প [অপ্রোকম্‌পো] *বিণ* স্থির; অনড় (অপ্রকম্প শিখা)। { *স.* অ(নঞ)+প্রকম্প; *নতৎ* }

অপ্রকাশ [অপ্‌প্রোকাশ্] *বি* গোপন; অগোচরে স্থিতি। □ *বিণ* অব্যক্ত; অপ্রকাশিত; লুক্কায়িত (অপ্রকাশ, চিরস্বপ্রকাশ—*রঠা*)। **অপ্রকাশিত** *বিণ* প্রকাশ পায়নি এমন; গুপ্ত (এতদিন অবসরাভাবে অপ্রকাশিত ছিল—*রঠা*)। **অপ্রকাশ্য** *বিণ* ১ প্রকাশের যোগ্য নয় এমন; গোপনীয় (এই অপ্রকাশ্য অপরিহার্য অপ্রতিবিধেয় প্রত্যহ পুঞ্জীভূত দুঃখভার—*রঠা*)। ২ গুপ্ত; লুক্কায়িত। { *স.* অ(নঞ)+প্রকাশ; *নতৎ* }

অপ্রকৃত [অপ্রোকৃতো, –ত্] *বিণ* অযথার্থ; মিথ্যা; অসত্য। { *স.* অ(নঞ)+প্রকৃত; *নতৎ* }

অপ্রকৃতিস্থ [অপ্রোকৃতিস্‌থো] *বিণ* ১ স্বাভাবিক অবস্থায় নেই এমন। ২ বিকৃত মস্তিষ্ক। **~তা** *বি*। { *স.* অ(নঞ)+প্রকৃতিস্থ; *বহু*; *নতৎ* }

অপ্রগল্‌ভ [অপ্রোগল্‌ভো] *বিণ* বাচাল; নির্লজ্জ বা ধৃষ্ট নয় এমন (তপস্বিকন্যারা স্বভাবত অপ্রগল্‌ভস্বভাবা—*ঈবি*)। **অপ্রগল্‌ভা** *স্ত্রী*। { *স.* অ(নঞ)+প্রগল্‌ভ; *বহু* }

অপ্রগাঢ় [অপ্রোগাঢ়ো] *বিণ* হালকা (অগভীর সেই অপ্রগাঢ় নিদ্রায় কপালকুণ্ডলা স্বপ্ন দেখিতে লাগিলেন—*বচ*)। { *স.* অ(নঞ)+প্রগাঢ়; *নতৎ* }

অপ্রচলিত, অচলিত [অপ্রোচোলিতো, অচোলিতো] *বিণ* অব্যবহৃত; প্রচলিত নয় এমন। **অপ্রচলন** *বি*। { *স.* অ(নঞ)+প্রচলিত, চলিত; *নতৎ* }

অপ্রজ্বলিত [অপ্রোজ্‌জোলিতো] *বিণ* অপ্রদীপ্ত; জ্বলে ওঠেনি এমন (সে ভালোবাসা অপ্রজ্বলিত ইন্ধনের মতো ছিল মাত্র—*রঠা*)। { *স.* অ(নঞ)+প্রজ্বলিত; *নতৎ* }

অপ্রণয় [অপ্‌প্রোনয়্] *বি* ১ অপ্রীতি; অনুরাগের অভাব। ২ বিবাদ। ৩ মনোমালিন্য। **অপ্রণয়ী** (–য়িন্) *বিণ* ১ অপ্রেমিক। ২ বেরসিক। { *স.* অ(নঞ)+প্রণয়; *নতৎ* }

অপ্রতর [অপ্‌প্রোতর্] *বিণ* অবেগবান; স্রোতোহীন; মরা (নিঃস্ব অপ্রতর পরিখার মাঝে—*সুদ*)। { *স.* অ(নঞ)+প্রতর; *নতৎ* }

অপ্রতর্ক্য [অপ্রোতর্‌কো] *বিণ* তর্ক দ্বারা স্থির করতে পারা যায় না এমন। { *স.* অ(নঞ)+প্র+√তর্ক্+য(যৎ); *বহু* }

অপ্রতিকরণীয়, অপ্রতিকার্য [অপ্রোতিকরোনিয়ো, –কারজো] *বিণ* ১ অপ্রতিবিধেয়; প্রতিকারের অযোগ্য (শূন্যের প্রকোপ অপ্রতিকার্য—*সুদ*)। ২ চিকিৎসার অতীত। { *স.* অ(নঞ)+প্রতিকরণীয়, প্রতিকার্য; *নতৎ* }

অপ্রতিগ্রহ [অপ্‌প্রোতিগ্‌গ্রোহো] *বি* দানগ্রহণে অস্বীকার। { *স.* অ+প্রতিগ্রহ; *বহু* }

অপ্রতিদ্বন্দ্বী (–ন্দ্বিন্) [অপ্‌প্রোতিদ্‌দোন্‌দি] *বিণ* ১ শত্রুশূন্য; প্রতিপক্ষহীন; অবিরোধী। ২ সমকক্ষহীন। { *স.* অ(নঞ)+প্রতিদ্বন্দ্বী; *বহু* }

অপ্রতিবন্ধ [অপ্রোতিবন্‌ধো] *বিণ* দুর্বার; বন্ধন করা বা বাধা দেওয়া যায় না এমন (সে এক অভাবিত মেয়ে, অপ্রতিবন্ধ—*অচিসে*)। **~ক** *বিণ* অবাধ; মুক্ত; উদার। { *স.* অ(নঞ)+প্রতিবন্ধ; *বহু* }

অপ্রতিবিধেয় [অপ্রোতিবিধেয়ো] *বিণ* প্রতিবিধান করা যায় না এমন; অপ্রতিকার্য (অথচ এই অপ্রকাশ্য অপরিহার্য অপ্রতিবিধেয় প্রত্যহ পুঞ্জীভূত দুঃখভার বহন করিয়া—*রঠা*)। **অপ্রতিবিধান** *বি*। { *স.* অ(নঞ)+প্রতিবিধেয়; *বহু* }

অপ্রতিভ [অপ্‌প্রোতিভো] *বিণ* ১ অপ্রস্তুত; হতবুদ্ধি। ২ লজ্জিত ও বিব্রত। { *স.* অ(নঞ)+প্রতিভ; *বহু* }

অপ্রতিম [অপ্‌প্রোতিম্] *বিণ* নিরুপম; অতুলনীয় (তাকে কোনও বিশেষ অবদানের গুণে অপ্রতিম লাগে না—*সুদ*)। { *স.* অ(নঞ)+প্রতিমা; *বহু* }

অপ্রতিষ্ঠ [অপ্রোতিশ্‌ঠো] *বিণ* ১ প্রতিপত্তিহীন; অবিখ্যাত। ২ স্থিতিলাভ করেনি এমন; অপ্রতিষ্ঠিত। ৩ অনির্ণীত। **অপ্রতিষ্ঠা** *বি*। **অপ্রতিষ্ঠিত** *বিণ* স্থাপিত হয়নি এমন; অপ্রতিষ্ঠ। { *স.* অ(নঞ)+প্রতিষ্ঠা; *বহু* }

অপ্রতিহত [অপ্‌প্রোতিহতো] *বিণ* অবাধ; অব্যাহত; অপ্রতিবন্ধ (কাউন্সিলে অপ্রতিহত প্রতাপ—*রাব*)। { *স.* অ(নঞ)+প্রতিহত; *বহু* }

অপ্রতীত [অপ্‌প্রোতিতো] *বিণ* অদ্ভুত; অবিশ্বাস্য (তাদের মতে গ্রাম্য পদের ন্যায় 'অপ্রতীত' পদ কাব্যে অব্যবহার্য—*প্রচৌ*)। **অপ্রতীতি** *বি* অবিশ্বাস। { *স.* অ(নঞ)+প্রতীত; *নতৎ* }

অপ্রতুল [অপ্‌প্রোতুল] *বি* ১ অপ্রাচুর্য; আধিক্যের অভাব। ২ কমতি; অল্পতা (এখানে গোলের অপ্রতুল কি?—*ঈবি*)। ৩ অভাব; অনটন (অপ্রতুলে কত দীন বাছাধন—*নসে*)। ৪ অসমৃদ্ধি; শ্রীহানি; শ্রীভ্রষ্টতা (এ দেশের অত্যন্ত অপ্রতুল হইল দেশাধিকারী অতি দুরন্ত—*রামু*)। { *স.* অ(নঞ)+প্রতুল; *অব্যয়ী* }

অপ্রত্যক্ষ [অপ্রোত্‌তোকখো] *বিণ* ১ ইন্দ্রিয়ের অগোচর। ২ পরোক্ষ। { *স.* অ(নঞ)+প্রত্যক্ষ; *নতৎ* }

অপ্রত্যয় [অপ্রোত্‌তয়] *বি* প্রত্যয়ের অভাব; অবিশ্বাস; সন্দেহ। **অপ্রত্যয়ী** *বিণ* ১ অবিশ্বাসী। ২ সন্দিগ্ধ। { *স.* অ(নঞ)+প্রত্যয়; *বহু* }

অপ্রত্যাগত [অপ্রোত্‌তাগতো] *বিণ* ফিরে আসেনি এমন (তাঁহাকে অপ্রত্যাগত দেখিয়া শিষ্যদিগকে কহিলেন—*ঈবি*)। { *স.* অ(নঞ)+প্রত্যাগত; *বহু* }

অপ্রত্যাশিত [অপ্রোত্‌তাশিতো] *বিণ* ১ আশাতীত (এ আমার অপ্রত্যাশিত পুরস্কার)। ২ অভাবনীয়। ৩ আকস্মিক (তার অপ্রত্যাশিত আগমনে সকলেই অবাক হয়ে গেল)। **অপ্রত্যাশা** *বি*। { *স.* অ(নঞ)

+প্রত্যাশিত; বহু; নতৎ }

অপ্রধান [অপ্‌প্রোধান্‌] *বিণ* ১ মুখ্য নয় এমন; শ্রেষ্ঠ নয় এরূপ। ২ গৌণ। { *সং* অ(নঞ্)+প্রধান; *বহু*; *নতৎ* }

অপ্রধৃষ্য [অপ্‌প্রোধ্রিশ্‌শো] *বিণ* অপরাজিত; অধৃষ্য; অজেয় (প্রদর্শি পৌরুষ দর্প অপ্রধৃষ্য বীর্য্য গর্ব—*ইহো*)। { *সং* অ(নঞ্)+প্রধৃষ্য; *বহু* }

অপ্রবৃত্তি [অপ্‌প্রোব্রিত্‌তি] *বি* ১ অরুচি; অপছন্দ। ২ অনিচ্ছা; অনাসক্তি। { *সং* অ(নঞ্)+প্রবৃত্তি; *নতৎ* }

অপ্রমত্ত [অপ্রোমত্‌তো] *বিণ* ১ মত্ততাশূন্য; মাতাল নয় এমন। ২ ধীর; অবহিত (অপ্রমত্ত অযুক্ত হও—*সদ*)। { *সং* অ(নঞ্)+প্রমত্ত; *বহু*; *নতৎ* }

অপ্রমেয় [অপ্রোমেয়ো] *বিণ* ১ অপরিমেয়; প্রচুর চর্ব্য চূষ্য লেহ্য পেয় নানা রস অপ্রমেয়—*ভারা*)। ২ *বিণ* অসীম; অজ্ঞেয় (অপ্রমেয় গাণ্ডীব ধনু—*ঈবি*)। { *সং* অ(নঞ্)+প্রমেয়; *বহু*; *নতৎ* }

অপ্রযত্ন [অপ্রোজত্‌নো] *বি* অনুদ্যম; চেষ্টার অভাব। ❑*বিণ* নিরুদ্যম; নিশ্চেষ্ট। { *সং* অ(নঞ্)+প্রযত্ন; *নতৎ* }

অপ্রযুক্ত [অপ্রোজুক্‌তো] *বিণ* ১ অব্যবহার্য বা অব্যবহৃত। ২ অসঙ্গত; অনুচিত। { *সং* অ(নঞ্)+প্রযুক্ত; *নতৎ* }

অপ্রয়োজন [অপ্‌প্রোয়োজন্‌] *বি* অনাবশ্যকতা; অদরকার; নিষ্প্রয়োজন (অপ্রয়োজনের প্রয়োজন নিয়া তার কারবার—*আশ*)। **অপ্রয়োজনীয়** *বিণ* অনাবশ্যক; অদরকারি। **অপ্রয়োজনীয়তা** *বি*। { *সং* অ(নঞ্)+প্রয়োজন; *নতৎ* }

অপ্রশংসা [অপ্‌প্রোশঙ্‌শা] *বি* অখ্যাতি; নিন্দা (অপ্রশংসার কথা)। **অপ্রশংসনীয়** *বিণ* প্রশংসার অযোগ্য; নিন্দনীয় (ইহার মধ্যে কোন্ গ্রন্থ অপ্রশংসনীয়?—*বচ*)। { *সং* অ(নঞ্)+প্রশংসা; *নতৎ* }

অপ্রশমনীয় [অপ্‌প্রোশমোনিয়ো] *বিণ* অনিবার্য; অদম্য (একটা অদম্য, অপ্রশমনীয় পিপাসা—*বিব*)। { *সং* অ(নঞ্)+প্রশমনীয়; *বহু* }

অপ্রশস্ত [অপ্‌প্রোশস্‌তো] *বিণ* ১ সঙ্কীর্ণ; অবিস্তৃত। ২ অপকৃষ্ট; নিন্দিত। ৩ প্রতিকূল। ৪ অনুপযুক্ত। { *সং* অ(নঞ্)+প্রশস্ত; *নতৎ* }

অপ্রসন্ন [অপ্‌প্রোশন্‌নো] *বিণ* ১ অসন্তুষ্ট; বিরক্ত (তাহা হইতে উহার মন এখন অপ্রসন্ন হইত না—*ঈবি*)। ২ ম্লান; বিমর্ষ; আনন্দশূন্য (অপ্রসন্ন আকাশের ভ্রূভঙ্গে যখন—*রঠা*)। ৩ ক্ষুব্ধ; দুঃখিত। –**তা** *বি*। { *সং* অ(নঞ্)+প্রসন্নতা; *নতৎ* }

অপ্রসিদ্ধ [অপ্‌প্রোশিদ্‌ধো] *বিণ* অখ্যাত; অবিখ্যাত; অপ্রতিষ্ঠ। **অপ্রসিদ্ধি** *বি*। { *সং* অ(নঞ্)+প্রসিদ্ধ; *নতৎ* }

অপ্রসূতা [অপ্‌প্রোশুতা] *বিণ স্ত্রী* অজন্মদায়িনী; সন্তানহীনা; অসন্তানবতী (কার হৈল পুত্র কন্যা কেহ অপ্রসূতা—*হেমা*)। { *সং* অ(নঞ্)+প্রসূতা; *বহু* }

অপ্রস্তুত [অপ্রোসতুত্] *বিণ* ১ প্রস্তুত হয়নি এমন; অনির্মিত। ২ তৈরি করার কাজ শেষ হয়নি এমন (অপ্রস্তুত ব্যক্তি)। ৩ লজ্জিত; বিব্রত; অপ্রতিভ; সলজ্জ; শরমিন্দা। ৪ *(অল.)* উপস্থিত নয় এমন; বর্তমান বিষয় নয় এমন। ~ **প্রশংসা** *বি* সাহিত্যে ব্যবহৃত অর্থালঙ্কার বিশেষ। এই অলঙ্কার অপ্রাসঙ্গিক বর্ণনা থেকে প্রাসঙ্গিক বর্ণনীয় বিষয়টি ব্যঞ্জনায় বুঝানো হয় (যেমন : কুকুরের কাজ কুকুর করেছে, কামড় দিয়েছে পায়, তা বলে কুকুরে কামড়ানো কিবে মানুষের শোভা পায়?—*সদ*)। { *সং* অ(নঞ্)+প্রস্তুত; *নতৎ*; *বহু* }

অপ্রাকৃত ⇒ অতিপ্রাকৃত

অপ্রাচুর্য [অপ্‌প্রাচুরজো] *বি* ১ স্বল্পতা। ২ আধিক্যের অভাব। ৩ অভাব। { *সং* অ(নঞ্)+প্রাচুর্য; *নতৎ* }

অপ্রাপ্ত [অপ্‌প্রাপতো] *বিণ* পায়নি বা পাওয়া যায়নি এমন। ~**বয়স্ক** *বিণ* ১ নাবালক। ২ বয়ঃপ্রাপ্ত হয়নি বা সাবালকত্ব লাভ করেনি এমন। { *সং* অ(নঞ্)+প্রাপ্ত; *নতৎ* }

অপ্রাপ্তি [অপ্‌প্রাপ্‌তি] *বি* ১ অলাভ। ২ প্রাপ্তির অভাব। ৩ অভাব (কিছু অপ্রাপ্তির অভিশাপ—*রঠা*)। { *সং* অ(নঞ্)+প্রাপ্তি; *নতৎ* }

অপ্রাপ্য [অপ্‌প্রাপ্‌পো] *বিণ* ১ পাওয়া যায় না এমন; প্রাপ্য নয় এরূপ। ২ দুর্লভ; দুষ্প্রাপ্য। { *সং* অ(নঞ্)+প্রাপ্য; *বহু* }

অপ্রামাণিক [অপ্‌প্রামানিক্‌] *বিণ* ১ অবিশ্বাস্য। ২ প্রমাণশূন্য; ভিত্তিহীন; দলিলহীন। ~**তা** *বি*। **অপ্রামাণ্য** *বিণ*। { *সং* অ(নঞ্)+প্রামাণিক; *নতৎ* }

অপ্রাসঙ্গিক *বিণ* অবান্তর; আলোচ্য বিষয়ের বহির্ভূত; irrelevant। { *সং* অ(নঞ্) + প্রাসঙ্গিক; *নতৎ* }

অপ্রিয় [অপ্‌প্রিয়ো] *বিণ* ১ অপ্রীতিকর; অরুচিকর। ২ বিরাগভাজন। ~**কর** *বিণ* অসন্তোষজনক; অপ্রীতিকর (কোন অংশ চক্ষুর অপ্রিয়কর নয়—*বচ*)। ~**বাদী** (–দিন্), ~**ভাষী** (–ষিন্) *বিণ* কটুভাষী; দুর্মুখ; মুখরা। { *সং* অ(নঞ্)+প্রিয়; *বহু*; *নতৎ* }

অপ্রীতি [অপ্‌প্রিতি] *বি* ১ অপ্রণয়। ২ অসদ্ভাব; মনান্তর। ৩ অসন্তোষ। ৪ বিরাগ। **অপ্রীত** *বিণ*। ~**কর** *বিণ* অসন্তোষজনক; অপ্রিয়কর (তাহা নিতান্ত অপ্রীতিকর বোধ হইল না—*রঠা*)। ~**ভাজন** *বিণ* বিরাগভাজন; অসন্তোষের পাত্র। { *সং* অ(নঞ্)+প্রীতি; *নতৎ* }

অপ্সরা, অপ্সরী *(অপ্র)*, **অপ্সর** *(অপ্র)* [অপ্‌শরা, –শোরি, –শর্] *বি* হিন্দুমতে স্বর্গবেশ্যা; সুরসুন্দরী (অপ্সর কিন্নর যক্ষ—*ভারা*; স্বর্গপথে কলকণ্ঠে অপ্সরী কিন্নরী—*রঠা*)। { *সং* অপ্+√সৃ+অস(অসুন্) }

অফ করা [অফ্ করা] *ক্রি* নিবানো। { *ই* off+*বা.* করা }

অফর [অফর্] *বিণ* বিকাল; অপরাহ্ণ (অফর বেলায় নাও বাইয়া যাও—*জউ*)। { অ(অপ্রশস্ত অর্থে)+প্রহর= *সং* অপ্রহর>অপ্পহর> অফর; *নতৎ* }

অফলা, আফলা [অফলা, আ–] *বিণ* ফল ধরে না এমন; বন্ধ্যা (মাটিও আফলা নয়—*অচিসে*)। { *সং* অফল+*বা.* আ; *বহু* }

অফার [অফার্] *বি* ১ দিতে চাওয়া (এক কাপ চা-ও অফার করলাম না—*আআআ*)। ২ প্রস্তাব (চাকরির অফার এসেছে)। { *ই* offer }

অফিস, আপিস *(অপ্র)* [অফিশ্, আপিশ্] *বি* দপ্তর; কার্যালয় (বিষম রাক্ষস ওটা মেলিয়া অফিস কোঁটা—*রঠা*; আফিস ছেড়ে এলাম যদি—*দ্বিরা*)। { *ই* office }

অফিসার [অফিসার্] *বি* পদস্থ কর্মচারী; আফসর { *ই.* officer; (*তুল.*) *ফা.* আফসার افسر }

অফুট, অফুটা [অফুট্, -টা] *বিণ* অপ্রস্ফুটিত; অবিকশিত (অফুট কুসুম ডালা—*জউ*)। { *স.* অস্ফুট> *বা.* অফুট+*বা.* আ}

অফুরন্ত, অফুরান [অফুরন্‌তো,–রান্] *বিণ* শেষ হচ্ছে না এমন; ফুরাচ্ছে না এরূপ (বিশাল সাগর দক্ষিণে অফুরান—*রখা*)। { *বা.* অ(নাই অর্থে)+√ফুরা+অন্ত, আন; *বহু* }

অফেরু (*মবা.*) [অফেরু] *বি* পেয়ারা; অমরুদ (অফেরু—*বচদা*)।

অব [অবো] *অব্য* অনাদর নিশ্চয়তা ন্যূনতা ব্যাপ্তি নিম্নগতি ইত্যাদি অর্থে ব্যবহৃত তৎসম উপসর্গ। { *স.* উপসর্গবিশেষ }

অবকর [অবোকর্] *বি* যাকে ঝাঁটা দ্বারা দূরীভূত করা হয়; জঞ্জাল; ধুলাবালি; আবর্জনা (তাথে পাও দিয়া গোয়াইল অবকর—*হেমা*)। { *স.* অব+√কৃ+অ(অল্)}

অবকাঠামো [অবোকাঠামো] *বি* মধ্যস্থিত ব্যাপ্ত অদৃশ্য কাঠামো বা ঠাট; infrastructure। { *স.* অব+*বা.* কাঠামো}

অবকাশ [অবোকাশ্] *বি* ১ অবসর; বিরাম। ২ ছুটি (গ্রীষ্মাবকাশ)। ৩ ফাঁক। { *স.* অব+√কাশ্+অ(ঘঞ্)}

অবক্ষয় [অবোকখয়্] *বি* বিনাশ; হানি; ক্ষতি। { *স.* অব+ক্ষয়}

অবক্ষিপ্ত ⇒ অবক্ষেপ

অবক্ষেপ [অবোকখেপ্] *বি* নিম্নে নিক্ষেপ; ইতস্তত ক্ষেপণ। **অবক্ষিপ্ত** *বিণ*। { *স.* অব+√ক্ষিপ্+অ(ঘঞ্)}

অবগত [অবোগতো] *বিণ* জ্ঞাত; বিদিত; খবরপ্রাপ্ত; ওয়াকিফহাল। **অবগতি** *বি* (জনসাধারণের অবগতির জন্য)। { *স.* অব+√গম্+ত(ক্ত)}

অবগাই (*ব্র.*) [অবোগাই] *অক্রি* ১ বিশ্রাম ক'রে (অনন্ত অবগাই—*জ্ঞদা*)। ২ শান্ত ক'রে (এহি কর দেখি রোখ অবগাই—*বিপ*)। { *স.* অবগাহ্য>অবগাহি>}

অবগাঢ়ি (*ব্র.*) [অবগাঢ়ি] *বিণ* বিহ্বল (অমঙ্গল শুনলু সতী পতিভয় অবগাঢ়ি—*বিপ*)। { *স.* অব+ √গাহ্+ত(ক্ত)+*বা.* ই}

অবগাহ, অবগাহন [অবোগাহো,–ন্] *বি* পানিতে নেমে ডুব দিয়ে গোসল; শরীর ডুবিয়ে স্নান (সঙ্গীতের তরঙ্গময় সুরধারায় অবগাহন করার পরে—*রাখা*)। { *স.* অব+ √গাহ্+অ(ঘঞ্),অন(ল্যুট্)}

অবগুণ [অবোগুন্] *বি* অপগুণ; দোষ; গুণহীনতা। { *স.* অব+গুণ}

অবগুণ্ঠন [অবোগুনঠন্] *বি* ঘোমটা; স্ত্রীলোকের মুখাবরণ (করি লুণ্ঠন অবগুণ্ঠন—*রঠা*)। **অবগুণ্ঠিত** *বিণ* ১ ঘোমটার দ্বারা আবৃত। ২ গুপ্ত; লুক্কায়িত (অন্তরালে সে অবগুণ্ঠিত—*রঠা*)। **অবগুণ্ঠিতা** *স্ত্রী.*। { *স.* অব+√গুণ্ঠ্+অন(ল্যুট্)}

অবচন ⇒ অবচনীয়

অবচনীয়, অবচন [অবচোনিয়ো, অবচোন্] *বিণ* অনির্বচনীয়; বাক্যাতীত (অবচন এ কি শ্লোক! অপরূপ সৃষ্টি—*সদ*)। { *স.* অ+বচন, বচনীয়}

অবচয় [অবোচয়্] *বি* ১ চয়ন; ফুল তোলা। ২ অপচয়। ৩ মূল্য হ্রাস; depreciation। **অবচিত** *বিণ*। { *স.* অব+ √চি+অ (অচ্), ত(ক্ত)}

অবচয়ন [অবোচয়োন্] *বি* ১ ফুল তোলা; চয়ন। ২ অপচয়। { *স.* অব+ √চি+অন(ল্যুট্)}

অবচিত ⇒ অবচয়

অবচেতন [অবোচেতোন্] *বিণ* অর্ধসচেতন; অর্ধসজ্ঞান; subconscious (তেমনই সাধ থাকলেও, অবচেতন প্রতিবন্ধকের প্রতিপক্ষে এগোনো অধিকাংশ মানুষের সাধ্যে কুলায় না—*সুদ*)। { *স.* অব+চেতন}

অবচ্ছায় [অবোচছায়্] *বি* অন্তরাল; আড়াল (অখ্যাতির অবচ্ছায়ে—*সুদ*)। { *স.* অব+ছায়া}

অবচ্ছিন্ন [অবোচছিন্‌নো] *বিণ* ১ বিশিষ্ট; যুক্ত। ২ বিচ্ছিন্ন; বিভক্ত (নিরবচ্ছিন্ন)। { *স.* অব+ছিন্ন}

অবচ্ছেদ [অবোচ্‌ছেদ্] *বি* ১ ছেদন; খণ্ড; অংশ; বিভাগ। ২ সীমা; বিচ্ছেদ। ~**ক** *বিণ* ১ ছেদনকারী। ২ বিচ্ছেদ বা বিরাম সৃষ্টিকারী। ৩ বিভাগকারী। **অবচ্ছেদে** *ক্রিবিণ* সর্বসাকুল্যে; নির্বিশেষে। { *স.* অব+ছেদ}

অবজর (*মবা.*) [অবোজর্] *বিণ* মুক্তার ন্যায় উজ্জ্বল বা সোনালি (কুকুরের গলে যেন অবজর ভূষণ—*দৌবা*)। { *ফা.* আবজর ابزر }

অবজান (*মবা.*) [অবোজ্জান্] *বি* অবজ্ঞা (বুঝিয়া কার্যের তত্ত্ব, নিবেদয়ে ভারু দত্ত, পশ্চাতে করিয়া অবজান—*কমু*)। { *স.* অবজ্ঞান>}

অবজ্ঞা [অবোগ্‌গাঁ] *বি* ১ উপেক্ষা। ২ তাচ্ছিল্য। ৩ ঘৃণা। ৪ অবমাননা; অপমান। ~**ত** *বিণ* (সে অজ্ঞাত অবজ্ঞাত তুচ্ছ সাধারণ নারী মাত্র নহে—*রঠা*)। **অবজ্ঞেয়** *বি* অবজ্ঞার যোগ্য। { *স.* অব+ √জ্ঞা+অ(অঙ্)+আ}

অবতংস [অবোতঙ্‌শো] *বি* ভূষণ; অলঙ্কার; রত্ন (চন্দ্র বংশ অবতংস বীর পুরূরবা—*মোম*)। { *স.* অব+ √তংস্+অ(ঘঞ্)}

অবতত [অবোততো] *বিণ* সংহৃত; ব্যাপ্ত (তার আদিম অবতত দেহের অনেক যন্ত্রকে রোগ দুঃখ ভোগ করতে হয়—*রঠা*)। **অবততি** *বি* বিস্তৃতি; ব্যাপ্তি। {অব+ √তন(বিস্তারে)+ত(ক্ত), তি(ক্তিন্)}

অবতরণ [অবোতরোন্] *বি* নামা; অবরোহণ। **অবতরণিকা** *বি* ১ ভূমিকা; মুখবন্ধ। ২ সোপান সিঁড়ি। { *স.* অব+ √তৃ+অন(ল্যুট্)}

অবতল [অবোতল্] *বিণ* মধ্যস্থলে নিম্ন এমন উপরিভাগ বিশিষ্ট; concave (যে দর্পণের মাঝখানে ভিতরের দিকে বাঁকানো উহাকে অবতল দর্পণ বলে—*আআ*)। **উত্তল** *বিপ.* (convex)। { *স.* অব+তল}

অবতার [অবোতার্] *বি* ১ হিন্দুমতে দেবতার জীবদেহ ধারণ; incarnation (কৃষ্ণ বিষ্ণুর অবতার)। ২ মূর্তিমান রূপ (শয়তানের অবতার, করুণার অবতার)। ৩ অবতরণ। { *স.* অব+ √তৃ+অ(ঘঞ্)}

অবতারণ [অবোতারোন্] *বি* ১ নামানো; নিম্নে আনয়ন (তাহাকে অবতারণ ও স্কন্ধে স্থাপন করিয়া সন্ন্যাসীর নিকট চলিলেন—*ঈবি*)। ২ প্রস্তাবন। **অবতারণা** *বি*

প্রস্তাবনা; ভূমিকা। **অবতারণী** *বি* সিঁড়ি; সোপান। { *স.* অব+ √তৄ+ণিচ্+অন(ল্যুট্)}

অবতীর্ণ [অবোতির্নো] *বিণ* ১ উপনীত; উপস্থিত (সর্বশেষে হোসেন যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইলেন)। ২ অবতাররূপে আবির্ভূত। ৩ আবির্ভূত। ৪ নিম্নাগত (বিমান কিঞ্চিৎ অবতীর্ণ করিয়া নিদ্রান্বিতা লাবণ্যবতীকে লইয়া পলায়ন করিল—*ঈবি*)। ৫ উত্তীর্ণ; অতিক্রান্ত। { *স.* অব+ √তৄ+ত(ক্ত)}

অবদমন [অবোদমোন্] *বি* অজ্ঞাতসারে অন্তরের স্বাভাবিক ইচ্ছার দমন; repression। **অবদমিত** *বিণ*। { *স.* অব+দমন, দমিত}

অবদাত [অবোদাত্–তো] *বিণ* ১ বিশুদ্ধ; নির্মল; নির্দোষ (ধন্য রাজা রঘুনাথ, কুলেশীলে অবদাত—*কমু*)। ২ গুণসম্পন্ন; সর্বাঙ্গসুন্দর (তার সুত রঘুনাথ, রাজগুণে অবদাত গুরু করি করিল পূজিত—*কমু*)। { *স.* অব+ √দৈ+ত(ক্ত)}

অবদান [অবোদান্] *বি* সুসম্পাদিত কাজ; কীর্তি; প্রশংসনীয় কর্ম ('মেঘনাদবধ–কাব্য' মধুসূদনের অবিস্মরণীয় অবদান)। { *স.* অব+ √দৈ+অন(ল্যুট্)}

অবদ্ধ [অবদ্‌ধো] *বিণ* আবাঁধা; মুক্ত (অবদ্ধ নিবিড় কেশরাশি পশ্চাদ্ভাগ অন্ধকার করিয়া রহিয়াছিল—*বচ*)। { *স.* অ(নঞ্)+বদ্ধ; *নতৎ* }

অবদ্য [অবোদ্‌দো] *বিণ* অকথ্য; নিন্দনীয়। { *স.* অ(নঞ্)+বদ্য; *নতৎ* }

অবধান [অবোধান্] *বি* ১ প্রণিধান। ২ বিশেষ মনোনিবেশ। ৩ মনোযোগের সাথে শ্রবণ (করো অবধান—*রঠা*; ব্রাহ্মণ বলেন কন্যা কর অবধান—*ক্ষেদা*)। ৪ শুনতে আজ্ঞা হোক অর্থে (কহে মন্ত্রিবর, জুড়ি দুই কর, অবধান মহিপতি—*রঙ্গসে*)। { *স.* অব+ √ধা+অন(ল্যুট্)}

অবধারণ[1] [অবোধারোন্] *বি* ১ নিরূপণ; নির্ণয় (তাহাও বহু চেষ্টায় অবধারণ করা গেল না—*রঠা*)। ২ সীমা নির্ধারণ; পরিমাণ নির্ণয় (তাহার অবধারণ জন্য জেলায় জেলায় আসেসর নিযুক্ত হইতেছিল—*বচ*)। ৩ ধার্যকরণ; নির্ধারণ। **অবধারিত** *বিণ* ১ নিশ্চিত; অনিবার্য (প্রাণদণ্ড একপ্রকার অবধারিত বলিতে হইবে—*ঈবি*)। ২ নির্ধারিত; নির্ণীত (স্বর্ণকারের সহিত অবধারিত কথা আছে—*ঈবি*)। **অবধার্য, অবধারণীয়** *বিণ* নির্ণেয়; অবধারণযোগ্য। { *স.* অব+ √ধারি+অন(ল্যুট্)}

অবধারণ[2], **অবধারণি** *(ব্র.)* [অবধারোন্, –নি] *ক্রিস্থির* করেছি (হাম অবধারণ –*বিপ*)। { *স.* অব+ধারণ, ধারণি}

অবধি [অবোধি] *অব্য* ১ থেকে; হতে (জনম অবধি হাম রূপ নেহারলুঁ নয়ন না তিরপিত ভেল—*বিপ*)। ২ পর্যন্ত (সেদিন থেকে আজ অবধি)। ☐ *বি* সীমা; শেষ; পার (আত্মীয়–স্বজনহীন অবস্থায় তাহার দুর্গতির অবধি নেই। { *স.* অব+ √ধা+ই}

অবধূত [অবোধুত্] *বি* সর্বসংস্কারমুক্ত সন্ন্যাসীবিশেষ (রাখিব মহিমা তবে গোর্খ অবধূতে—*শেফ*)। **অবধৌত** *বিণ* প্রক্ষালিত; বিশেষভাবে ধোয়া। **অবধৌতিক** *বিণ* 'অবধূত' নামক সন্ন্যাসী সম্বন্ধীয়। { *স.* অব+√ধূ+ত(ক্ত)}

অবধ্য [অবোদ্‌ধো] *বিণ* বধের অযোগ্য; বধ করা যায় না এমন (দূত অবধ্য)। ~**তা** *বি*। **অবধ্যা** *স্ত্রী*। { *স.* অ(নঞ্)+ বধ্য; *নতৎ, বহু* }

অবনত [অবোনতো] *বিণ* ১ আনত; বিনত। ২ পতিত; হীনাবস্থাপ্রাপ্ত। ~**মুখী** *বিণ* নতমুখী; লজ্জানত (অবনতমুখী সন্ধ্যা—*রঠা*)। **অবনতা** *বিণ স্ত্রী.* আনতা; বিনতা (হৃদয় ভারে ধরায় অবনতা—*রঠা*)। **অবনতি** *বি* ১ অনুন্নতি; হীনতা। ২ নিম্নগতি; অধোগতি। { *স.* অব+নত}

অবনমন, অবনয়ন [অবোনমোন্, অবোনয়োন্] *বি* ১ অবনতকরণ; নোয়ানো। ২ অবনতি; হীনাবস্থা। ৩ দমন। **অবনমিত** *বিণ* ১ অবনত করা হয়েছে এমন। ২ নত (শ্রদ্ধাভরে ঈষৎ অবনমিত হইয়া—*রঠা*) { *স.* অব+ নমন, নয়ন}

অবনম্র [অবোনম্‌ম্রো] *বিণ* শিষ্ট; বিনীত (সুকোমল, সুন্দর এবং সম্পূর্ণ অবনম্র—*রঠা*)। { *স.* অব+নম্র}

অবনয়ন ⇒ অবনমন

অবনি ⇒ অবনী

অবনিবনা, অবনিবনাও [অবোনিবনা, –নাও] *বি* অনৈক্য; মনোমালিন্য। { *বা.* অ+ *হি.* বনিবনাউ; *নতৎ* }

অবনি, অবনী (বিরল) [অবোনি] *বি* পৃথিবী; ভূমি; দেশ। ~**তল** *বি* ভূতল; ধরণীতল। ~**পতি** *বি* রাজা; মহারাজা। ~**মণ্ডল** *বি* সমগ্র পৃথিবী; ভূমণ্ডল। { *স.* √অব্+অনি+ ঈ(ঙীপ্)}

অবন্তী, অবন্তি (বিরল) [অবোন্‌তি] *বি* মালব দেশ; উজ্জয়িনী। { *স.* √অব্+অন্তি=অবন্তি+ঈ}

অবন্ধন [অবন্‌ধোন্] *বি* বন্ধনের অভাব; মুক্তি। ☐ *বিণ* অবাধ; মুক্ত (অয়ি অবন্ধনে—*রঠা*)। { *স.* অ(নঞ্)+বন্ধন; *নতৎ* }

অবন্ধ্য [অবন্‌দ্‌ধো] *বিণ* সফল; সার্থক। { *স.* অ(নঞ্)+ বন্ধ্য; *নতৎ* }

অববাহিকা [অবোবাহিকা] *বি* নদীর উভয় পার্শ্বস্থ যে ভূমির উপর দিয়ে পানি এসে নদীতে পড়ে; basin of a river। { *স.* অপ(–অব)+বাহ্+ইক(ঠন্)+আ(টাপ্)}

অববুদ্ধ [অবোবুদ্‌ধো] *বিণ* ১ জাগরিত; সজাগ। ২ প্রবুদ্ধ; সম্বুদ্ধ। { *স.* অব+ √বুধ্+ত(ক্ত)}

অববোধ [অবোবোধ্] *বি* ১ বিশেষ জ্ঞান; তত্ত্বজ্ঞান। ২ জাগরণ। ৩ জ্ঞানদান; জ্ঞাপন। { *স.* অব+ √বুধ্+ অ(ঘঞ্)}

অবভাস [অবোভাশ্] *বি* ১ প্রকাশ; স্ফুরণ। ২ অধ্যাস; আরোপ। ৩ মিথ্যা জ্ঞান; ছল। ~**মান** *বিণ* প্রকাশিত; স্ফুরিত; দীপ্ত; ভাস্বর (তুমি স্বীয় কিরণমণ্ডল দ্বারা দিবাকরের ন্যায় অবভাসমান হইতেছ—*ঈবি*)। { *স.* অব+ √ভাস্+অ (ঘঞ্)}

অবভৃথ [অবোভ্রিথ্] *বি* ১ হিন্দুদের যজ্ঞ। ২ যজ্ঞান্তে স্নান; গৌণ যজ্ঞ (তদনন্তর যথাবিধি অবভৃথ ক্রিয়া সম্পাদন করিলেন—*ঈবি*)। { *স.* অব+ √ভৃ+থ(কথন্)}

অবমত [অবোমত্] *বি* অবহেলিত; অবজ্ঞাত; অনাদৃত। **অবমতি** *বি* অবজ্ঞা; হেয়জ্ঞান; উপেক্ষা। { *স.* অব+ √মন্+ত(ক্ত)}

অবমন্তা [অবোমন্‌তা] *বিণ* অবজ্ঞাকারী; তিরস্কারকারী। **অবমন্য** *বিণ* অবজ্ঞেয়। { *স.* অব+ √মন্+তৃ(তৃচ্)}

অবমাননা, অবমানন, অবমান [অবোমানোনা,-মানোন্, -মান্] *বি* অপমান; অসম্মান (প্রাণের দারুণ অবমানন—*রঠা*)। **অবমাননীয়, অবমান্য** *বিণ* অপমানের যোগ্য; হতাদরের উপযুক্ত। **অবমানয়িতা** *বিণ* অবমাননাকারী; অপমানকারী। **অবমানিত** *বিণ* অপমানিত; অবজ্ঞাত (সে অবহেলিত অবমানিত পরিত্যক্ত স্ত্রী—*রঠা*)। {*স.* অব+মাননা, মানন, মান)}

অবমুক্ত [অবোমুক্তো] *বিণ* নির্দিষ্ট লক্ষ্যে মুক্ত। **অবমুক্তি** *বি*। {*স.* অব+মুক্ত, মুক্তি}

অবমোচন [অবোমোচোন্] *বি* মুক্তিদান; উন্মোচন; খালাস। ২ পরিত্যাগ। {*স.* অব+ √মুচ্+অন(ল্যুট্)}

অবয় (*মবা.*) [অবয়্] *বি* অবয়ব; আকৃতি (চিত্র লিখে লোকে একে অবয়-আকৃতি লিখে প্রাণমাত্র দিতে পারে নাই *ক্ষেদা*)। {*স.* অবয়ব>}

অবয়ব [অবোয়ব] *বি* ১ অঙ্গ; হস্তপদাদি। ২ চেহারা; গড়ন; আকৃতি (আবরিলা অবয়ব সুচারু-হাসিনী—*মদ*)। ৩ অংশ; উপকরণ। **অবয়বী** (-বিন্) *বিণ* অবয়ববিশিষ্ট, অঙ্গী। {*স.* অব+ √যু+অ(অপ্)}

অবর [অবোর্] *বিণ* ১ নিকৃষ্ট; অধম; পশ্চাদ্বর্তী (আপন দেশে পশু নই মোরা অবর শবর জাতি—*সদ*)। ২ নিম্নপদস্থ; অপ্রধান; সহকারী; অধীন; subordinate; assistant (অবর সচিব)। {অ(নঞ্)+বর(শ্রেষ্ঠ, উত্তম); নতৎ}

অবরা [অবোরা] *বি* ১ হিন্দু দেবী দুর্গা। ❑ *বিণ* সর্বশ্রেষ্ঠা। {*স.* অ(নঞ্)+বর+আ(টাপ্)}

অবরুদ্ধ [অবোরুদ্ধো] *বিণ* ১ রুদ্ধ; ব্যাহত; বদ্ধ (পথ অবরুদ্ধ—*রঠা*)। ২ আটক; গ্রেফতার; বন্দী (আপনি উহাকে অবরুদ্ধ করুন—*ঈবি*)। ৩ বেষ্টিত; শত্রু দ্বারা পরিবেষ্টিত। ৪ আবদ্ধ; প্রতিরুদ্ধ। {*স.* অব+রুদ্ধ}

অবরেণ্য [অবোরেন্নো] *বিণ* বরণ করার অযোগ্য; অবরণীয়; সমাদরের অযোগ্য (অবরেণ্যে বরণ করা)। {*স.* অ(নঞ্)+বরেণ্য; *নতৎ; বহু*}

অবরে-সবরে, অবুরে-সবুরে [অবরেসবরে, -বু-বু-] *ক্রিবিণ* কালে ভদ্রে; সময়ে সময়ে; মধ্যে মধ্যে; কখনো কখনো (অনিশা এই উৎপাত ঘটে অবরে সবরে—*শও*)। {*ফা.* আবর ابر (= بر) + *আ.* সবর صبر}

অবরোধ [অবোরোধ্] *বি* ১ আটক; প্রতিরোধ (তাহার বাক্য পথ সবলে অবরোধ করিল—*রঠা*)। ২ অন্তঃপুর (ধরাধরি করি সখী লইয়া দেবীরে অবরোধে—*মদ*)। ৩ পরিবেষ্টন; blockade (নয় দিবস পাটনা অবরোধ করিয়াছিলেন—*ঈবি*)। ৪ পর্দা (অবরোধ প্রথা)। ৫ কারাগার; হাজত। ~**ক** *বিণ* অবরোধকারী। ~**প্রথা** *বি* পর্দা প্রথা; স্ত্রীলোকদিগকে এমনভাবে অন্তঃপুরে রাখা যাতে অনাত্মীয় ব্যক্তির সঙ্গে দেখা-সাক্ষাৎ না ঘটে। {*স.* অব+রোধ}

অবরোহ [অবোরোহো] *বি* ১ অবতরণ। ২ (*দর্শন.*) কারণ থেকে কার্যের অনুমান; deduction। ৩ অধোগতি; হীনাবস্থা (তেমনই ব্যক্তি স্বরূপের অবরোহ প্রতিবেশীর প্রতিষ্ঠা বাড়ায়—*সুদ*)। ~**ণ** *বি* অবতরণ; ঊর্ধ্ব থেকে নিম্নে নামা। ~**ণী** *বি* সিঁড়ি; সোপান। **অবরোহী** (-হিন্) *বিণ* কারণ বিচারপূর্বক কার্য নির্ণয় প্রণালীসম্মত; deductive। {*স.* অব+ √রুহ্+অ(ঘঞ্)}

অবর্জনীয় [অবর্জোনিয়ো] *বিণ* অপরিহার্য; অপরিত্যাজ্য। {*স.* অ(নঞ্)+বর্জনীয়; *নতৎ*}

অবর্তমান [অবর্তোমান্] *বিণ* ১ অবিদ্যমান; অনুপস্থিত। ২ মৃত। ৩ গত। **অবর্তমানে** *ক্রিবিণ* ১ অবিদ্যমানে (শার্দূলী অবর্তমানে নাশি শিশু যথা নিষাদ—*মদ*)। ২ মৃত্যুর পর (পিতার অবর্তমানে পুত্র-কন্যাই সম্পত্তি ভোগ করে)। {*স.* অ(নঞ্)+বর্তমান; *নতৎ*}

অবর্ষিত [অবোর্শিতো] *বিণ* বর্ষিত হয়নি বা ঝরেনি এমন (অবর্ষিত অশ্রুধারা—*রঠা*)। {*স.* অ(নঞ্)+বর্ষিত; *নতৎ; বহু*}

অবল ⇒ অবলা

অবলম্ব [অবোলম্‌বো] *বি* অবলম্বন; আশ্রয়স্থল। ❑ *বিণ* লম্বিত; ঝুলছে এমন। ~**ন** *বি* ১ নির্ভর; আশ্রয়। ২ আশ্রয় করণ; ধারণ; গ্রহণ (ধর্মাবলম্বন)। ৩ ভর করণ (যষ্টি অবলম্বন)। **অবলম্বিত** *বিণ* ১ আশ্রিত; শরণাগত। ২ গৃহীত; ধৃত; অবলম্বন করা হয়েছে এমন। ৩ লম্বমান; অবনত। **অবলম্বী** (-ম্বিন্) *বিণ* ১ নির্ভরশীল; অবলম্বনকারী। ২ লম্বমান; ঝুলছে এমন। {*স.* অব+ √লম্ব্+অ(ঘঞ্)}

অবলা[1] [অবোলা] *বিণ স্ত্রী.* বলহীনা; অক্ষমা। ❑ *বি স্ত্রী.* নারী; ললনা (পতি বিনা অবলার কি গতি জগতে—*মদ*)। ❑ *বিণ* (*ব্য.*) অসমর্থ; অক্ষম (জ্ঞান তৃষ্ণা তার প্রবল; কিন্তু বই কেনার বেলা সে অবলা—*সৈমু*)। **অবল** *পু.*। ~**জাতি** *বি* নারীকুল; স্ত্রীজাতি। {*স.* অ(নঞ্)+বল+আ(টাপ্); *নতৎ; বহু*}

অবলা[2] [অবোলা] *বিণ স্ত্রী.* বাকশক্তিহীন; অবোলা; মূক; শব্দ উচ্চারণে অক্ষম (ও আমার অবলা জীব, কথা বলতে পারে না—*শচ*)। {*বা.* অ+বোল+আ>}

অবলিপ্ত [অবোলিপ্‌তো] *বিণ* প্রলিপ্ত; লেপন করা হয়েছে এমন। {*স.* অব+লিপ্ত}

অবলী [অবোলি] *বিণ* দুর্বল; বলহীন (অবলা অবলী হৈলা—*ভন*)। {*স.* অবলা>}

অবলীঢ় [অবোলিঢ়্] *বিণ* ১ লেহন করা হয়েছে এমন। ২ আস্বাদিত। {*স.* অব+ √লিহ্+ত(ক্ত)}

অবলীলা [অবোলিলা] *বি* ১ অনায়াস; অক্লেশ। ২ হেলা। ৩ অসঙ্কোচ। ~**কৃত** *বিণ* অনায়াসকৃত; সহজ (একটি অবলীলাকৃত শোভা প্রকাশ পায়—*রঠা*)। ~**ক্রমে** *ক্রিবিণ* অনায়াসে, সহজে; অসঙ্কোচে (হেলায় এই ছয় ক্রোশ অবলীলাক্রমে চলিয়া আসিলাম—*ঈবি*)। {*স.* অব+লীলা}

অবলুণ্ঠন [অবোলুন্‌ঠন্] *বি* ১ ভূলুণ্ঠন। ২ গড়াগড়ি। **অবলুণ্ঠিত** *বিণ* ভূলুণ্ঠিত; গড়াগড়ি দিচ্ছে এমন। **অবলুণ্ঠিতা** *স্ত্রী.*। {*স.* অব+লুণ্ঠন}

অবলুপ্ত [অবোলুপ্‌তো] *বিণ* ১ লোপপ্রাপ্ত। ২ অন্তর্হিত; অদৃশ্য। {*স.* অব+লুপ্ত}

অবলেপ [অবোলেপ্] *বি* ১ প্রলেপ। ২ লেপন। ৩ গর্ব; অহঙ্কার। ~**ন** *বি* প্রলেপন। মাখানো। {*স.* অব+লেপ}

অবলেহ [অবোলেহো] *বি* ১ লেহন; জিহ্বা দ্বারা আস্বাদন। ২ চেটে খাওয়ার ঔষধ বা খাদ্য। { *স.* অব+ √লিহ্+ অ(ঘঞ্) }

অবলেহন [অবোলেহন্] *বি* চাটা; চেটে আহার করা (যজ্ঞীয় হবি অবেক্ষণ বা অবলেহন করে নাই—*ঈবি*)। { *স.* অব+ √লিহ্+অন(ল্যুট্) }

অবলোকন [অবোলোকোন্] *বি* দর্শন (তাহাদিগকে অবলোকন করিতে লাগিলেন—*ঈবি*)। **অবলোকিত** *বিণ* দৃষ্ট। { *স.* অব+ √লোক্+অন(ল্যুট্) }

অ-বল্গা [অবল্গা] *বিণ* বল্গাহীন; উদ্দাম; অবাধ (বলক দিয়ে ক্ষীর সায়রে ছুটছে পুলক অ-বলগা *সদ*)। { *স.* অ(নঞ্)+বল্গা; *বহু* }

অবশ [অবশ্] *বিণ* ১ অবাধ্য; অনায়ত্ত। ২ অসাড়; বিকল (সকলে ভোজন করি আনন্দে অবশ—*ভারা*)। ৩ অস্বাধীন; পরতন্ত্র। { *স.* অ(নঞ্)+বশ; *নতৎ* }

অবশিষ্ট [অবোশিশ্টো] *বিণ* ১ বাকি। ২ উদ্বৃত্ত। ৩ অতিরিক্ত। { *স.* অব+শিষ্+ত(ক্ত) }

অবশীভূত [অবোশিভুতো] *বিণ* অবাধ্য; অবশ্য; অননুগত। **অবশীভাব** *বি*। **অবশীভূতা** *স্ত্রী*। { *স.* অ+বশীভূত }

অবশে ⇒ অবশ্য[২]

অবশেষ [অবোশেশ্] *বি* ১ অন্ত; সমাপ্তি; অবসান। ২ সীমা; শেষ। □ *বিণ* অবশিষ্ট (ধ্বংসাবশেষ)। □ *ক্রিবিণ* শেষাশেষি। **অবশেষে** *ক্রিবিণ* শেষ সময়ে; পরিশেষে। { *স.* অব+শেষ }

অবশ্য[১] [অবোশ্শো] *বিণ* অবাধ্য; বশ করা যায় না এমন। ~**তা** *বি*। { *স.* অ+বশ্য }

অবশ্য[২], **অবশে** (*মবা.*) [অবোশ্শো, অবশে] *অব্য* যদিও; তবে। □ *ক্রিবিণ* নিশ্চয়; নিশ্চিতরূপে (বড়ই সাহসী তুঞি, অবশে জানিলু মুঞি—*ভন*)। □ *বিণ* অপরিহার্য; অনিবার্য (অবশ্য কর্তব্য)। — — *ক্রিবিণ* নিশ্চয়ই; অন্যথা না করে। ~**ম্ভব**, ~**ম্ভাবী**(-বিন্) *বিণ* নিশ্চয় ঘটবে বা না ঘটে পারে না এমন (সকল অনিবার্য কারণ একত্র হইয়া ছিল যাহাতে গ্রন্থের এই বিচিত্র পরিণাম অবশ্যম্ভব হইয়া উঠিয়াছিল—*রঠা*)। **অবশ্যম্ভাবিতা** *বি*। **অবিশ্যি** *অব্য* 'অবশ্যই' (নিশ্চিতার্থে ব্যবহৃত) শব্দের আধুনিক বিকৃতি: প্রথম বিকৃতি—অবশ্যি>অবিশ্যি (স্বরসঙ্গতিতে)। { *স.* অ(নঞ্)+বশ্য; *নতৎ* }

অবসন্ন [অবোশন্নো] *বিণ* ১ অবসাদগ্রস্ত; শ্রান্ত। ২ বিষণ্ন (অবসন্ন দিবালোকে—*রঠা*)। ~**তা** *বি*। **অবসন্না** *বিণ স্ত্রী*, অবসানপ্রাপ্তা; ক্ষয়প্রাপ্তা (রজনী অবসন্না হইল—*ঈবি*)। { *স.* অব+ √সদ্+ত(ক্ত) }

অবসর [অবোশর্] *বি* ১ অবকাশ; ছুটি। ২ ফাঁক; ফুরসত। ৩ কর্ম বা চাকরি থেকে বিদায় গ্রহণ; কর্ম-সময়ের (চাকরির) সমাপ্তি; retirement (সাতান্ন বৎসর বয়সে সরকারি কর্মচারীরা চাকরি থেকে 'অবসর' গ্রহণ করে থাকেন)। ৪ উপযুক্ত সময়; সুযোগ। **অবসৃত** *বিণ* ১ অবসরপ্রাপ্ত; বিদায়ী (রাজকার্য হইতে অবসৃত হইয়া বিকলচিত্ত হইতেন—*ঈবি*)। ২ অপসৃত; দূরীভূত। { *স.* অব+ √সৃ+অ(অপ্) }

অবসাদ [অবোশাদ্] *বি* অতিশয় শ্রান্তি; ক্লান্তিজনিত বিষণ্ণভাব; উৎসাহহীনতা; fatigue (অপমান এবং অবসাদে অবনত হইয়া—*রঠা*)। { *স.* অব+√সদ্+ অ(ঘঞ্) }

অবসান [অবোশান্] *বি* ১ শেষ; সমাপ্তি; অন্ত। ২ মৃত্যু। **অবসিত** *বিণ*। { *স.* অব+ √সো+অন(ল্যুট্), ত(ক্ত) }

অবস্তু [অবোস্তু] *বি* অসার বস্তু (মানুষ বস্তুর চেয়ে অবস্তুকে বেশি মূল্যবান জ্ঞান করে -*রঠা*)। □ *বিণ* অসার; অপদার্থ। { *স.* অ(নঞ্)+বস্তু }

অবস্থা [অবোস্থা] *বি* ১ দশা; হাল (সত্তার তিন অবস্থা)। ২ ভাব (মনের অবস্থা)। ৩ সাংসারিক দশা (আমার অবস্থা ভালো নয়)। ৪ হাল; গতিক (দেশের অবস্থা)। ৫ সঙ্গতি; সম্পদ (অবস্থাপন্ন)। ৬ ক্ষেত্র। ৭ দুর্গতি। ~**গতিকে** *ক্রিবিণ* পারিপার্শ্বিক অবস্থার চাপে। ~**ন্তর** *বি* অবস্থার পরিবর্তন; অন্য অবস্থা (নিত্য সমাস)। ~**পন্ন** *বিণ* সম্পৎশালী; ধনবান। { *স.* অব+ √স্থা+অ(অঙ্)+আ(টাপ্) }

অবস্থান [অবোস্থান্] *বি* ১ বাস; স্থিতি। ২ বাসস্থান; location। { *স.* অব+স্থান }

অবস্থান্তর, **অবস্থাপন্ন** ⇒ অবস্থা

অবস্থাপন [অবোস্থাপোন্] *বি* সংস্থাপন; সন্নিবেশ; স্থাপিত করণ। **অবস্থাপিত** *বিণ* স্থাপিত; সন্নিবিষ্ট (সাতিশয় শোচনীয় অবস্থায় অবস্থাপিত হইয়াছি—*ঈবি*)। { *স.* অব+স্থাপন }

অবস্থায়ী(-য়িন্) [অবোস্থায়ি] *বিণ* ১ অবস্থানকারী। ২ স্থিতিবান। { *স.* অব+√স্থা+ইন্ }

অবস্থিত [অবোস্থিতো] *বিণ* ১ আছে বা রয়েছে এমন; বর্তমান; বিদ্যমান (মীরপুর ঢাকায় অবস্থিত)। ২ শান্তসমাহিত; নিবিষ্ট (অবস্থিতচিত্ত ব্যক্তি)। ৩ আশ্রিত। **অবস্থিতি**, **অবস্থান** *বি*। { *স.* অব+ √স্থা+ত(ক্ত) }

অবহার[১] [অবোহার্] *বি* ১ যুদ্ধবিরতি; armistice। ২ সৈন্যগণকে যুদ্ধক্ষেত্র থেকে শিবিরে আনয়ন। ৩ ধর্মান্তর গ্রহণ। **অবহার্য** *বিণ*। { *স.* অব+ √হৃ+অ(ঘঞ্) }

অবহার[২] [অবোহার্] *বি* বাটা; ন্যায্য মূল্য থেকে বাদ দেওয়া অংশ; discount (ব্যবসায়ে 'অবহার' একটা স্বীকৃত নীতি)। { *স.* অব+ √হৃ+অ(ঘঞ্) }

অবহাস [অবোহাশ্] *বি* পরিহাস; উপহাস। **অবহসিত** *বিণ*। { *স.* অব+ √হস্+অ(ঘঞ্) }

অবহি, **অবহু**, **অবহুঁ** (*মবা.*) [অবোহি, -হু, হুঁ] *অব্য* এখনই; এখনও (কুঞ্জবাটপর অবহি মো ধাওব—*রঠা*; তাহেতু মধুকর অবহু নিরাকুল—*কাদো*)। { *স.* অধুনা>অব(এখন)+ হি হু, হুঁ (নিশ্চয়ার্থক) }

অবহিত [অবোহিতো] *বিণ* ১ নিবিষ্ট; মনোযোগী (প্রজারঞ্জন কার্যে সর্বদা অবহিত থাকিবে—*ঈবি*)। ২ জ্ঞাত; বিদিত। ৩ সতর্ক; সাবধান। { *স.* অব+ √ধা+ত(ক্ত) }

অবহু, **অবহুঁ** ⇒ অবহি

অবহেলন, অবহেলা [অবোহেলন, -হেলা] *বি* ১ উপেক্ষা; হেলা; অবজ্ঞা। ২ অযত্ন; অনাদর। ৩ অবলীলা; অনায়াস। ৪ অমনোযোগ। **অবহেলিত** *বিণ* অবহেলা করা হয়েছে এমন। { *স.* অব+√হেড়্+অন(ল্যুট্), অ(ঘঞ্)+আ }

অবাক (অবাচ্) [অবাক্] *বিণ* নির্বাক; বাক্যহীন; মূক (বিস্ময়ে অবাক হওয়া)। **~ জলপান** *বি* যে জলপান তার স্বাদে গুণে [illegible]—কয়েক প্রকার খাদ্যবস্তুকে ভেজে লঙ্কা [illegible] মশলা প্রভৃতি মিশ্রণে প্রস্তুত। { *স.* অ(নঞ্)+[illegible]; *নতৎ* }

অবাঙালি, অবাঙ্গালী [অবাঙালি, অবাঙ্গালি] *বি* ১ [illegible] ব্যক্তি বা জাতি। ☐ *বিণ* বাংলাদেশের [illegible] নয় এমন। ২ বাঙালিসুলভ নয় বা বাঙালির প্রকৃতি [illegible] এমন। { অ(নঞ্)+বাঙালি, বাঙ্গালী; *নতৎ*; *বহু* }

অবাঙ্মুখ [অবাঙ্মুখ] *বিণ* অধোবদন; নতমুখ; অবাক (বাক [illegible]) (লজ্জায়) মুখ যার। { *স.* অবাক্+মুখ; *বহু* }

অবাচী [অবাচী] *বি* দক্ষিণ দিক; অধোদিক (যতদূর যেতে [illegible] অবাচীর অন্ধকারে গিয়ে—*জীদা*)। **~ উষা** *বি* [illegible], aurora australis। { *স.* অবাচ্+ঈ }

অবাচ্য [অবাচ্চো] *বিণ* ১ অকথ্য; বলা অনুচিত এমন। ২ অনির্বচনীয়; [illegible] প্রকাশের অযোগ্য (তাহাদেরই মত ঋদ্ধিশালী [illegible] সৌন্দর্যময়—*বিব*)। ☐ *বি* দুর্বাক্য; অশ্লীল বাক্য। { *স.* অ(নঞ্)+বাচ্য; *নতৎ*; *বহু* }

অবাধ [অবাধ্] *বিণ* ১ বাধাহীন; অবারিত; অপ্রতিবন্ধ (অবাধ [illegible] পাওয়া—*রঠা*)। ২ অনর্গল; মুক্ত। ☐ *বি* সীমাহীনতা; [illegible] অসীম (বিবাগী কর অবাধ-পানে, পথ কেটে [illegible] অজানাদের দেশে—*রঠা*)। **~ বাণিজ্য** *বি* বাধাহীন বাণিজ্য; free trade। **অবাধে** *ক্রিবিণ* ১ অনায়াসে। ২ নির্বিঘ্নে। ৩ অনর্গল; অবিরাম। ৪ [illegible]। { *স.* অ(নঞ্)+বাধ; *বহু* }

অবাধ্য [অবাদ্ধো] *বিণ* ১ অবশীভূত; কথা শোনে না এমন। ২ অনিবার্য; দুর্বার। **~তা** *বি* আদেশ অমান্যকরণ; [illegible] (আমার অবাধ্যতা সহিলে কেন—*রঠা*)। { *স.* অ+বাধ্য; *বহু* }

অবান্তর [অবান্তর্] *বিণ* ১ মূল প্রসঙ্গের বহির্ভূত; irrelevant (এসব কথা এখানে অবান্তর—*বর*)। ২ অপ্রধান; প্রধানের অন্তঃপাতী (অবান্তর বিভাগ)। ☐ *বি* বৃত্তান্ত; কাহিনী (জানিলে দেবতাগণ সব অবান্তর—*কাদা*)। { *স.* অব+অন্তর }

অবান্ধব [অবান্ধোব] *বিণ* বন্ধুশূন্য; মিত্রহীন; নির্বান্ধব (এই অবান্ধব দেশে রাজদণ্ডে প্রাণত্যাগ করিতেছে—*ঈবি*)। { *স.* অ(নঞ্)+বান্ধব; *বহু* }

অবায়ু [অবায়ু] *বিণ* বায়ুশূন্য; বাতাসহীন (যেন পথ হারায়ে অন্ধ অবায়ু চিরমহাশূন্যের যাত্রী—*বুব*)। { *স.* অ+বায়ু; *নতৎ* }

অবারণ [অবারোন্] *বিণ* বাধাহীন; মুক্ত; অনর্গল (অলক্ষিত চরণের অকারণ অবারণ চলা—*রঠা*)। **অবারণীয়** *বিণ* অনিবার্য; দুর্বার (কেদারখণ্ড হইতে যে জল নির্গত হইতেছিল, অবারণীয় হওয়াতে তাহা রোধ করিবার জন্য তথায় শয়ন করিয়াছিলাম—*ঈবি*)। **অবারিত** *বিণ* ১ মুক্ত; অবাধ (অবারিত মাঠ—*রঠা*)। ২ উন্মুক্ত; আবরণহীন (সহসা অবারিত হয়ে গেল ডানহাতের দিকটা—*মব*)। ৩ বারণ করা যায় না বা হয়নি এমন। { *স.* অ(নঞ্)+বারণ; *বহু* }

অবার্য [অবারজো] *বিণ* অনিবার্য; দুর্বার। **~তা** *বি* ১ বাধাহীনতা; উন্মুক্ততা। ২ ঔদার্য (দস্যুতার ঔদার্য নেই, অবার্যতা নেই—*অচিসে*)। { *স.* অ(নঞ্)+√বারি+য(যৎ); *নতৎ*; *বহু* }

অবাসক [অবাশোক্] *বি* ফুলবিশেষ (কালাফুল অবাসক নাগ কুরুবক—*সৈআ*)। { *বা.* অ(নঞ্) + *স.* বাসক }

অবাস্তব [অবাস্তোব] *বিণ* ১ অসত্য; অলীক; অমূলক (অবাস্তব কল্পনা)। ২ অবস্তু সম্বন্ধীয়; কাল্পনিক (ভূত অবাস্তব হলেও তার ভয়টা বাস্তব)। ৩ অযৌক্তিক; ভ্রমপূর্ণ (কাকতালীয় যুক্তি অবাস্তব)। **~তা** *বি* সত্তাহীনতা; বস্তুহীনতা (তোমার যুক্তি অবাস্তবতায় পূর্ণ)। { *স.* অ(নঞ্)+বাস্তব; *নতৎ* }

অবিকল [অবিকল্] *বিণ* ১ অবিকৃত। ২ পূর্ণাঙ্গ; সম্পূর্ণ। ৩ যথাযথ; যেরূপ হওয়া আবশ্যক সেইরূপ (অবিকল বিবরণ)। { *স.* অ(নঞ্)+বিকল; *নতৎ* }

অবিকার [অবিকার্] *বি* বিকারহীনতা। ☐ *বিণ* ১ অপরিবর্তিত; স্থির। ২ অপরিবর্তনীয়; বিকৃত করা যায় না এমন। **অবিকারী** (-রিন্) *বিণ* কোনো রকমের বিকারহীন; নির্বিকার। ২ অবিকার্য। { *স.* অ(নঞ্)+বিকার; *বহু* }

অবিকৃত [অবিকৃতো] *বিণ* ১ বিকাররহিত (একেবারে অবিকৃতভাবে ফিরিয়াছেন—*রঠা*)। ২ অমিশ্র; বিশুদ্ধ; খাঁটি। ৩ প্রকৃত অবস্থাযুক্ত। ৪ নষ্ট হয়নি বা পচেনি এরূপ। **অবিকৃতি** *বি* বিকাররাহিত্য। { *স.* অ(নঞ্)+বিকৃত; *নতৎ* }

অবিক্রীত [অবিক্ক্রিতো] *বিণ* বিক্রয় করা হয়নি বা যায়নি এমন (দ্রব্য)। **অবিক্রেয়** *বিণ* বিক্রয়যোগ্য নয় এমন (পচা মাছ অবিক্রেয়)। { *স.* অ(নঞ্)+বিক্রীত; *বহু* }

অবিচল, অবিচলিত [অবিচল,-চোলিতো] *বিণ* ১ অচঞ্চল; স্থির (ভিজতে ভিজতে অবিচল জনতা তখনো গাইছে—*মব*)। ২ অব্যাকুল। { *স.* অ(নঞ্)+বিচল, বিচলিত; *নতৎ*; *বহু* }

অবিচার [অবিচার্] *বি* ১ জুলুম; অন্যায় (অবিচার অত্যাচার আর কতো সইবো বলো)। ২ নির্বিচার; বিচারের অভাব। ৩ অবিবেচনা। ৪ বিচারহীন। ৫ বিবেচনাশূন্য। **~ক, অবিচারী**(-রিন্) *বিণ* অবিচারকারী; অত্যাচারী; জালিম; অন্যায়কারী। **অবিচারিণী** *বিণ স্ত্রী.* বিবেচনাহীনা; অত্যাচারিণী (সেই অত্যাচারিণী অবিচারিণী মা অহর্নিশি তাহার নিরুপায় চিত্তকে আকর্ষণ করিত—*রঠা*)। **অবিচারিত** *বিণ* ১ অত্যাচারিত; উৎপীড়িত (অবিচারিতা নারী)। ২ অবিবেচিত; অযুক্তিযুক্ত (অবিচারিত কথার জবাব নেই)। { *স.* অ(নঞ্)+বিচার; *নতৎ* }

অবিচ্ছিন্ন [অবিচ্ছিন্নো] *বিণ* ১ অখণ্ডিত (জনগণ রাজনীতির অবিচ্ছিন্ন অংশ)। ২ ধারাবাহিক (অবিচ্ছিন্ন জনপ্রবাহ)। ☐ *বিণ, ক্রিবিণ* অবিরাম; অনবরত (অবিচ্ছিন্ন অবিরল চলে নিরবধি—*রঠা*)। { *স.*

অ(নঞ)+বিচ্ছিন্ন; বহু}

অবিচ্ছেদ [অবিচ্ছেদ] *বি* ১ সংলগ্নতা; বিচ্ছেদের অভাব। ২ বিরহহীনতা; মিলন। ৩ অখণ্ড; অবিভক্ত। ৪ ধারাবাহিক। ☐ *ক্রিবিণ* অবিরাম; একটানা (মিটায়ে মনের খেদ গেঁথে গেছে অবিচ্ছেদ—*রঠা*)। **অবিচ্ছেদে** *ক্রিবিণ* ১ অবাধে; সহজে (পূর্বে যখন উভয়ে অবিচ্ছেদে একত্র ছিল—*রঠা*)। ২ বিরামহীনভাবে (অবিচ্ছেদে পড়ে বাজ শব্দ দূর দূর—*ক্ষেদা*)। **অবিচ্ছেদ্য** *বিণ* বিযুক্ত বা খণ্ডিতকরণের অযোগ্য বা অসাধ্য (প্রত্যঙ্গ অঙ্গের অবিচ্ছেদ্য অংশ)। {স. অ(নঞ)+বিচ্ছেদ; নতৎ}

অবিচ্যুত [অবিচ্চুতো] *বিণ* সংলগ্ন; অস্খলিত; অচ্যুত। {স. অ(নঞ)+বিচ্যুত; নতৎ; বহু}

অবিজড়িত [অবিজোড়িতো] *বিণ* নির্লিপ্ত; মুক্ত (সে জীবন হ'তো অনাড়ষ্ট; অবিজড়িত, স্বাধীন—*বুব*)। {স. অ(নঞ)+বিজড়িত; নতৎ; বহু}

অবিজ্ঞ [অবিগ্গোঁ] *বিণ* ১ বিজ্ঞতাশূন্য (অবিজ্ঞ সর্বজ্ঞ পতি গণক রাজার—*ভারা*)। ২ অবিশেষজ্ঞ। ৩ অদূরদর্শী। ৪ মূর্খ। **–তা** *বি*। {স. অ(নঞ)+বিজ্ঞ; বহু}

অবিজ্ঞাত [অবিগ্গাঁতো] *বিণ* ১ অজ্ঞাত; জানা যায়নি এরূপ। ২ অজ্ঞান; জানে না এমন। **অবিজ্ঞেয়** *বিণ* জ্ঞানাতীত; অজ্ঞেয়। {স. অ(নঞ)+বি+জ্ঞাত; নতৎ; বহু}

অবিতথ, অবিতথ্য [অবিতথো,–তোতথো] *বি* যাথার্থ্য; সত্যতা। ☐ *বিণ* সত্য; যথার্থ। {স. অ(নঞ)+বি+তথ, তথ্য; নতৎ}

অবিদগ্ধ [অবিদগধো] *বিণ* ১ পণ্ডিত বা বিদ্বান নয় এমন; বেরসিক। ২ অকুশলী; অচতুর। {স. অ(নঞ)+বিদগ্ধ, বহু}

অবিদিত [অবিদিতো] *বিণ* ১ অজ্ঞাত; অজানা (সৃষ্টিরহস্য মানুষের নিকট আজও অবিদিত)। ২ অপরিচিত; অখ্যাত। {স. অ(নঞ)+বিদিত; নতৎ}

অবিদ্ধ [অবিদধো] *বিণ* বিদ্ধ হয়নি এমন; অচ্ছেদিত। {স. অ(নঞ)+বিদ্ধ; বহু; নতৎ}

অবিদ্যমান [অবিদদোমান] *বিণ* অবর্তমান; অনুপস্থিত। **অবিদ্যমানে** *ক্রিবিণ*। **~তা** *বি*। {স. অ(নঞ)+বিদ্যমান; নতৎ; বহু}

অবিদ্যা [অবিদদা] *বি* ১ (*দর্শন.*) অজ্ঞান; মায়া (অবিদ্যা পাঁচ প্রকারের যথা—তম, মোহ, মহামোহ, তামিস্র এবং অন্ধতামিস্র)। ২ প্রকৃতি। ৩ রক্ষিতা; বারাঙ্গনা; বেশ্যা। ৪ যুদ্ধাস্ত্রবিশেষ। {স. অ(নঞ)+বিদ্যা; নতৎ}

অবিদ্বান [অবিদদান] *বিণ* অপণ্ডিত; বিদ্যাহীন। {স. অ(নঞ)+বিদ্বান; বহু; নতৎ}

অবিধবা [অবিধোবা] *বিণ* সধবা; এয়ো; স্বামীর মৃত্যু হয়নি এমন। {স. অ(নঞ)+বিধবা; নতৎ; বহু}

অবিধান [অবিধান] *বি* ১ অন্যায় নির্দেশ; অশাস্ত্রীয় ব্যবস্থা। ২ অব্যবস্থা। {স. অ(নঞ)+বিধান; বহু}

অবিধি [অবিধি] *বি* ১ অনিয়ম। ২ অশাস্ত্রীয় বিধান। ☐ *বিণ* নিয়মবিরুদ্ধ। ২ শাস্ত্র বহির্ভূত। ৩ অনুচিত; অসঙ্গত (এখানে কাপালিক আসিতে পারে, এখানে কোন কথা অবিধি—*বচ*)। {স. অ(নঞ)+বিধি; বহু}

অবিধেয় [অবিধেয়ো] *বিণ* ১ অন্যায়; অকর্তব্য; অনুচিত (পাঠকের কর্ণপীড়ন করা অবিধেয়—*বচ*)। ২ শাস্ত্রবিরুদ্ধ; নীতি বহির্ভূত (বিনা প্রণাম প্রদক্ষিণে চলিয়া যাওয়া অবিধেয়—*ঈবি*)। {স. অ(নঞ)+বিধেয়; নতৎ}

অবিনয় [অবিনয়] *বি* ১ বিনয়ের অভাব। ২ অশিষ্টতা। ৩ ঔদ্ধত্য; ধৃষ্টতা। **অবিনয়ী** (-য়িন্) *বিণ* অশিষ্ট; উদ্ধত; ধৃষ্ট। {স. অ(নঞ)+বিনয়; বহু}

অবিনশ্বর [অবিনশশর্] *বিণ* অক্ষয়; অবিনাশী; শাশ্বত (প্রেম অবিনশ্বর—*রাব*)। **~তা** *বি* (আত্মার অবিনশ্বরতা)। {স. অ(নঞ)+বিনশ্বর; নতৎ; বহু}

অবিনাশ [অবিনাশ্] *বি* ১ ক্ষয়শূন্যতা। ২ অমরত্ব। ☐ *বিণ* অক্ষয়; অমর; শাশ্বত (অবিনাশ পুরেত যাইমু—*সৈসু*)। **~পুর** *বি* বেহেশত; অমরানগরী (মৃত্যু হইয়া অবিনাশপুরেত রহিলা—*সৈসু*)। **অবিনাশী** (-শিন্) *বিণ* ১ অক্ষয়; অনশ্বর (কাশীতে যে পাপ হবে অবিনাশী—*ভারা*)। ২ শাশ্বত; অমর; চিরন্তন। ৩ তাজা; টাটকা; (তেকারণে যত দ্রব্য ছিল অবিনাশী—*ক্ষেদা*)। {স. অ(নঞ)+বিনাশ; বহু}

অবিনীত [অবিনিতো] *বিণ* অবিনয়ী; উদ্ধত; অশিষ্ট। **অবিনীতা** *স্ত্রী*। {স. অ(নঞ)+বিনীত; বহু; নতৎ}

অবিন্যস্ত [অবিনোস্তো] *বিণ* ১ অসজ্জিত। ২ অগোছালো; এলোমেলো। {স. অ(নঞ)+বিন্যস্ত}

অবিপন্ন [অবিপনো] *বিণ* অবিপদগ্রস্ত; বিপদে পড়েনি এমন। {স. অ(নঞ)+বিপন্ন; বহু}

অবিবাদ [অবিবাদ] *বি* বিরোধশূন্যতা; মৈত্রী। **অবিবাদী** (-দিন্) *বিণ* নির্বিরোধ; শান্ত; নিরীহ। **অবিবাদে** *ক্রিবিণ* নির্বিবাদে; অনায়াসে; সহজে। {স. অ(নঞ)+বিবাদ; নতৎ}

অবিবাহিত [অবিবাহিতো] *বিণ* বিবাহ হয়নি এমন; অনূঢ়। **অবিবাহিতা, অবিবাহী** (-হিন্) *বিণ স্ত্রী*. অনূঢ়া কুমারী (অবিবাহী গর্ভবতী আপদের চিন—*ক্ষেদা*)। {স. অ(নঞ)+বিবাহিত; বহু}

অবিবেক [অবিবেক] *বি* ১ অজ্ঞানতা। ২ মূঢ়তা; বিবেকহীনতা। ☐ *বিণ* বিবেকহীন; মূঢ়; অজ্ঞ (অবিবেক সিন্ধু বন্ধু তারে প্রাণ বুরে—*ভন*)। **~তা, অবিবেকিতা** *বি* বিবেকশূন্যতা; মূঢ়তা। **অবিবেকী** (-কিন্) *বিণ* অজ্ঞ; মূঢ়; বিবেকহীন। {স. অ(নঞ)+বিবেক; বহু}

অবিবেচক [অবিবেচক] *বিণ* ১ বিবেচনাশূন্য; বিচারবুদ্ধিহীন (অবিবেচক লোকে তদপেক্ষা তাহাকে ঢের বেশি বাড়াইয়া থাকে—*বঠা*)। ২ হঠকারী; অন্যায়কারী। **অবিবেচনা** *বি* ১ বিবেচনা বা বিচার বুদ্ধির অভাব। ২ অবিচার; অন্যায়। **অবিবেচিত** *বিণ* বিবেচনা করা হয়নি এমন; ধীরভাবে বা বিশেষরূপে অবিচারিত। **অবিবেচনীয়, অবিবেচ্য** *বিণ* বিবেচনার অযোগ্য; অবিচার্য। {স. অ(নঞ)+বিবেচক, বহু; নতৎ}

অবিভক্ত [অবিভক্তো] *বিণ* ১ ভাগ করা হয়নি এমন। ২ অখণ্ডিত; অনংশিত। ৩ সম্পূর্ণ; অখণ্ড (তখন শেরে বাংলা ছিলেন অবিভক্ত বঙ্গদেশের প্রধানমন্ত্রী)। {স. অ(নঞ)+বিভক্ত; নতৎ}

অবিভাজ্য [অবিভাজজো] *বিণ* ভাগ করা অসাধ্য বা

অনুচিত এমন। { স. অ(নঞ্)+বিভাজ্য; নতৎ; বহু }

অবিমিশ্র [অবিমিস্স্রো] *বিণ* ১ ভেজালমুক্ত। ২ বিশুদ্ধ; খাঁটি। ৩ অমিশ্র। { স. অ(নঞ্)+বিমিশ্র; নতৎ; বহু }

অবিমৃষ্য [অবিমৃশশো] *বিণ* ১ অবিবেচক; অসহনশীল। ২ অসন্দিগ্ধ। ~**কারিতা**, ~**কারিত্ব** *বি* পূর্বাপর বিবেচনাহীনতা; হঠকারিতা (আমাদের... অবিমৃষ্যকারিতার দোষেই এই বিষম সর্বনাশ ঘটিতেছে—*ঈবি*)। ~**কারী** (–রিন্) *বিণ* হঠকারী; গোঁয়ার; অবিবেচক (সাতিশয় উদ্ধতস্বভাব ও অবিমৃষ্যকারী পুরুষ ছিলেন—*ঈবি*)। { স. অ(নঞ্)+বিমৃষ্য; নতৎ }

অবিযুক্ত [অবিজুক্‌তো] *বিণ* অখণ্ডিত; সংলগ্ন; অবিচ্ছিন্ন। { স. অ(নঞ্)+বিযুক্ত; নতৎ }

অবিরত [অবিরতো] *বিণ* অবিশ্রান্ত; বিরামহীন; ধারাবাহিক। □ *ক্রিবিণ* অনবরত; সতত; একটানা। **অবিরতি** *বি* বিরামের অভাব; অবিশ্রান্ত। { স. অ(নঞ্)+বিরত; নতৎ }

অবিরল [অবিরল্] *বিণ* ১ ঘন; ফাঁকশূন্য; নিবিড় (অবিরল তরুশাখার অসংখ্য নীড়ে—*রঠা*)। ২ অজস্র; অসংখ্য (অবিরল গুপুরির সারি—*জীদা*)। □ *ক্রিবিণ* অবিশ্রান্ত; নিরন্তর (কোমল কণ্ঠে কুলুকুলু সুর, ফুটে অবিরল তরল মধুর—*রঠা*)। { স. অ(নঞ্)+বিরল; নতৎ }

অবিরাম [অবিরাম্] *ক্রিবিণ* ১ সর্বদা; নিরন্তর। □ *বিণ* ১ থামে না এমন; বিরতিহীন। ২ বিরাম বা বিশ্রামহীন। { স. অ(নঞ্)+বিরাম; বহু }

অবিরোধ [অবিরোধ্] *বি* ১ অবিবাদ। ২ সমন্বয়; ঐকমত্য। □ *বিণ* বিরোধহীন। **অবিরোধী** (–ধিন্) *বিণ* নিরীহ; শান্তস্বভাব; নির্বিরোধ। **অবিরোধে** *ক্রিবিণ* নির্বিবাদে; অবাধে (অবিরোধে ত্রিভুবন ভ্রম তপোধন—[illegible])। { স. অ(নঞ্)+বিরোধ; নতৎ }

অবিরুদ্ধ [অবিরুদ্‌ধো] *বিণ* অপ্রতিকূল; অবিরোধী; অনুকূল (শাস্ত্রান্তরের সহিত অবিরুদ্ধ—*ঈবি*)। { স. অ(নঞ্)+বিরুদ্ধ; নতৎ }

অবিলম্ব [অবিলম্‌বো] *বি* ত্বরা; বিলম্বহীনতা। □ *বিণ* [illegible] ত্বরিত। **অবিলম্বিত** *বিণ* শীঘ্র; ত্বরিত। **অবিলম্বে**, **অবিলাম** (বিরল) *ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি; দেরি না [illegible] তাহার ভীষণ অসুখ আসে যেন [illegible])। { স. অ(নঞ্)+বিলম্ব; নতৎ }

অবিলাস [অবিলাশ্] *বি* বিলাসশূন্যতা; অশৌখিনতা। □ [illegible] বিলাস রহিত; অবিলাসী। **অবিলাসিতা** *বি* [illegible] আড়ম্বরহীনতা। **অবিলাসী** (–সিন্) *বিণ* [illegible]; অশৌখিন। { স. অ(নঞ্)+বিলাস; নতৎ }

অবিশুদ্ধ [অবিশুদ্‌ধো] *বিণ* ১ অখাঁটি; ভেজালমিশ্রিত। ২ দোষযুক্ত; অশুদ্ধ। ৩ অশাস্ত্রীয়; আচারবিরুদ্ধ। ৪ কৃত্রিম। { স. অ(নঞ্)+বিশুদ্ধ; নতৎ }

অবিশেষ [অবিশেশ্] *বি* অভেদ; ভেদশূন্যতা। □ *বিণ* অভিন্ন; সমান (শৈশবের শোভা যেন স্বর্গ অবিশেষ—*ধচ*) ~**ত্ব** *বি*। **অবিশেষিত** *বিণ*। { স. অ(নঞ্)+বিশেষ; নতৎ }

অবিশ্রান্ত, **অবিশ্রাম** [অবিসস্রান্‌তো, অবিসস্রাম্] *বিণ* অক্লান্ত; অশ্রান্ত। □ *ক্রিবিণ* অবিরাম; অনবরত; সতত। **অবিশ্রান্তা** *স্ত্রী*। { স. অ(নঞ্)+বিশ্রান্ত, বিশ্রাম; বহু }

অবিশ্রুত [অবিসস্রুতো] *বিণ* অখ্যাত; অপ্রসিদ্ধ। { স. অ(নঞ্)+বিশ্রুত; নতৎ; বহু }

অবিশ্বস্ত [অবিশশস্‌তো] *বিণ* বিশ্বাসের অযোগ্য। { স. অ(নঞ্)+বিশ্বস্ত; নতৎ }

অবিশ্বাস [অবিশশাশ্] *বি* বিশ্বাসের অভাব; অপ্রত্যয়; অনাস্থা। **অবিশ্বাসী** (–সিন্) *বিণ* ১ বিশ্বাস করে না এমন; সন্দিগ্ধ। ২ বিশ্বাস করা যায় না এমন; বিশ্বাসঘাতক; বেইমান (অবিশ্বাসী, আততায়ী বধিল জীবন—*নসে*)। **অবিশ্বাস্য** *বিণ* বিশ্বাসের অযোগ্য। { স. অ(নঞ্)+ বিশ্বাস; নতৎ }

অবিষয় [অবিশয়্] *বি* অবস্তু; অক্ষেত্র; অপাত্র (কিন্তু ঈশ্বরগুপ্তের সময় অসময় নাই, বিষয় অবিষয় নাই, সীমা সরহদ্দ নাই—*বচ*)। { স. অ(নঞ্)+বিষয়; বহু }

অবিষহ্য [অবিশোজ্‌ঝো] *বিণ* দুর্বিষহ; অসহনীয়। { স. অ(নঞ্)+বি+ √সহ্+য; নতৎ }

অবিষাদ [অবিশাদ্] *বি* খেদ বা দুঃখহীনতা। { স. অ(নঞ্)+বিষাদ; নতৎ }

অবিসংবাদ [অবিশঙ্‌বাদ্] *বি* ১ অবিরোধ। ২ মিলন; ঐক্য। **অবিসংবাদিত** *বিণ* বিরোধ বা মতানৈক্য শূন্য; সর্বসম্মত। **অবিসংবাদিতা**, **অবিসংবাদিত্ব** *বি* বিরোধহীনতা; মতৈক্য। **অবিসংবাদী** (–দিন্) *বিণ* অবিরোধী; অপ্রতিকূল। **অবিসংবাদিনী** *স্ত্রী*। **অবিসংবাদে** *ক্রিবিণ* নির্বিবাদে; অবিরোধে (তোমার ন্যায়, অবিসংবাদে সংবাদে সর্বসাধারণের নিরতিশয় স্নেহভূমি আমার দৃষ্টিপথে পতিত হয় নাই—*ঈবি*)। { স. অ(নঞ্)+বিসংবাদ; নতৎ }

অবিস্তীর্ণ [অবিসতিরনো] *বিণ* সঙ্কীর্ণ; অপ্রশস্ত। { স. অ(নঞ্)+বিস্তীর্ণ; নতৎ }

অবিস্মরণীয় [অবিশশঁরোনিয়ো] *বিণ* ভুলবার নয় এমন; চির জাগরূক (জাগো অবিস্মরণীয় ধ্যানমূর্তি ধরে—*রঠা*)। { স. অ(নঞ্)+বিস্মরণীয়; বহু }

অবিহিত [অবিহিতো] *বিণ* বিধানসম্মত নয় এমন; অবৈধ; শাস্ত্রবিরুদ্ধ। □ *বি* অকর্তব্য; অনুচিত কার্য (বিহিত হইতে অবিহিতে গিয়া উত্তীর্ণ হয়—*রঠা*)। { স. অ(নঞ্)+বিহিত; বহু; নতৎ }

অবীর [অবির্] *বিণ* ১ বীরশূন্য। ২ শক্তিহীন; নির্বীর্য। **অবীরা** *বিণ* *স্ত্রী* অনাথা; অবলা; পতিপুত্রহীনা (ঐ অবীরা সুপ্রীম কোর্টে আপীল করিল—*ঈবি*; অনাথার স্বামী তুমি অবীরার পুত্র—*সদ*)। { স. অ(নঞ্)+বীর, বহু }

অবুঝ [অবুঝ্] *বিণ* ১ নির্বোধ; অবোধ। ২ প্রবোধ মানে না এমন; একগুঁয়ে। ৩ বোঝানো যায় না এমন; দুর্বোধ্য (উদার হাসি সাগর সহে অবুঝ অবহেলা—*রঠা*)। { স. অ(নঞ্)+বুঝ; বহু }

অবুরে সবুরে ⇒ অবরে সবরে।

অবৃষ্টি [অবৃশ্‌টি] *বিণ* বৃষ্টিহীন; বারিপাত করে না এমন (আকাশে অবৃষ্টিসংরম্ভ মেঘ—*রঠা*)। { স. অ(নঞ্)+বৃষ্টি; বহু }

অবেক্ত ⇒ অব্যক্ত

অবেক্ষক ⇒ অবেক্ষণ

অবেক্ষণ, আবেক্ষণ, অবেক্ষা [অবেক্‌খন্‌, আ–, অবেক্‌খা] *বি* ১ অবলোকন; দর্শন (যজ্ঞীয় হবি অবেক্ষণ বা অবলেহন করে নাই— *ঈবি*)। ২ পরিদর্শন; পর্যবেক্ষণ। ৩ বিচার; পর্যালোচনা (তারপর শাস্ত্র কাব্য ইত্যাদির আবেক্ষণ— *অঠা*)। ৪ অনুসন্ধান। **অবেক্ষক** *বিণ* পর্যবেক্ষক; পরিদর্শক; পরীক্ষক। **অবেক্ষণীয়** *বিণ* পর্যবেক্ষণ বা পরিদর্শনের যোগ্য। **অবেক্ষমাণ** *বিণ* দর্শন করছে এমন; দর্শনে রত। **অবেক্ষমাণা** *স্ত্রী*। **অবেক্ষাধীন** *বিণ* পরীক্ষাধীন; বিবেচনাধীন। **অবেক্ষিত** *বিণ* অবলোকিত; দৃষ্ট। **অবেক্ষ্যমাণ** *বিণ* ১ আলোচিত হচ্ছে এমন। ২ দৃষ্ট বা পরিদৃষ্ট হচ্ছে এমন। **অবেক্ষ্যমাণা** *স্ত্রী*। { *স.* অব+ঈক্ষণ }

অবেণীবদ্ধ, অবেণীসংবদ্ধ [অবেনিবদ্‌ধো, সঙ্‌বদ্‌ধো] *বিণ* আলুলায়িত; মুক্ত; বেণী করে বাঁধা হয়নি এমন। { *স.* অ(নঞ)+বেণীবদ্ধ, বেণীসংবদ্ধ; *নতৎ*; *বহু* }

অবেদন [অবেদোন্‌] *বি* অনুভূতির লোপ; anaesthesia। **অবেদনিক** *বিণ* অনুভূতি লোপকারী। □ *বি* অনুভূতিনাশক ঔষধ; anaesthetic। { *স.* অ(নঞ) + বেদন; *বহু* }

অবেদনীয়, অবেদ্য [অবেদোনিয়ো, অবেদ্‌দো] *বিণ* ১ অবোধ্য; বুদ্ধির অগম্য। ২ অজ্ঞেয় (নবজাতকের অবেদ্য ক্রন্দন— *সুদ*)। { *স.* অ(নঞ)+বেদনীয়, বেদ্য; *বহু* }

অবেলা [অব্যালা] *বি* ১ অসময়। ২ অশুভ ক্ষণ। ৩ দিনশেষ; বেলাশেষ (প্রায়ই আপনাকে অবেলায় এখানে দেখতে পাই— *সৈমু*)। { *স.* অ(নঞ)+বেলা; *নতৎ* }

অবৈতনিক [অবোইতোনিক্‌] *বিণ* ১ বিনা বেতনে কাজ করে এমন; honorary। ২ বেতন নেওয়া হয় না এমন; free। { *স.* অ(নঞ)+বেতন+ইক(ঠক); *বহু* }

অবৈধ [অবোইধো] *বিণ* ১ হারাম; শাস্ত্রবিরুদ্ধ। ২ আইন বহির্ভূত; বেআইনি; নাজায়েজ। ৩ নীতিবিরুদ্ধ। { *স.* অ(নঞ)+বৈধ; *নতৎ* }

অবোধ [অবোধ্‌] *বিণ* ১ অবুঝ (অবোধ শিশু)। ২ নির্বোধ। ৩ অজ্ঞান। { *স.* অ(নঞ)+বোধ; *বহু* }

অবোধ্য [অবোদ্‌ধো] *বিণ* বোঝা যায় না এমন; অজ্ঞেয়; বুদ্ধির অতীত (অবোধ্য ভাষা)। { *স.* অ(নঞ)+বোধ্য; *বহু* }

অবোলা, অবোল [অবোলা, –বোল্‌] *বিণ* ১ মূক; বাকশক্তিহীন; বোল নেই এমন; অ-বলা (অবোলা জীব— *মব*)। ২ অসহায়া (অবোলা বৌ— *অচিসে*)। { *বা.* অ(নঞ)+বোল+আ, বোল; *বহু* }

অব্জ [অবজো] *বি* পদ্ম; কমল; উৎপল (জবায় কানন, অব্জে তড়াগ সাজায় তোমার পূজার ডালি— *কারা*)। { *স.* অপ্‌+√জন্‌+অ(ড) }

অব্দ [অবদো] *বি* ১ বৎসর; সন (মরিব গরল ভক্ষি অব্দ অবশেষে— *সাখা*)। ২ বিশেষ পদ্ধতিতে গণনা করা বৎসর (আপন নামে অব্দ প্রচলিত করিলেন— *ঈবি*)। { *স.* অপ+ √দা+অ(ক) }

অব্ধি [ওবধি] *বি* সমুদ্র; জলধি; সাগর। **অব্ধিজ** *বিণ* সমুদ্রজাত। { *স.* অপ্‌+ √ধা+ই(কি) }

অব্ধ্যগ্নি [অবধোগ্‌নি] বাড়বাগ্নি; বাড়বানল। { *স.* অব্ধি+অগ্নি }

অব্যক্ত, অবেক্ত (*মবা.*) [অব্‌ব্যাক্‌তো, অবেক্‌তো] *বিণ* ১ অপ্রকাশিত; গুপ্ত। ২ অস্পষ্ট। ৩ অজ্ঞাত (তোমার অবেক্ত কিছু গুহ্য নাহি মোর— *ভন*)। ৪ সূক্ষ্ম। □ *বি* (*দর্শন.*) পরমাত্মা; প্রকৃতি। { *স.* অ(নঞ)+ব্যক্ত; *নতৎ*; *বহু* }

অব্যবধান [অব্যাবোধান্‌] *বি* ১ ব্যবধানহীনতা। ২ মোটেই ফাঁক বা বিরাম নেই এমন অবস্থা; immediacy। { *স.* অ(নঞ)+ব্যবধান; *নতৎ*; *বহু* }

অব্যবসায় [অব্যাবোশায়] *বি* ১ অভ্যাস বা চর্চার অভাব। ২ অনধিকার। ৩ উদ্যমের অভাব। **অব্যবসায়ী** (–য়িন্‌) *বিণ* ১ অনভিজ্ঞ। ২ অনধিকারী। ৩ ব্যবসা-বুদ্ধিহীন; অবণিক। ৪ চর্চা বা অনুশীলনে উদ্যোগী নয় এমন। **অব্যবসায়িনী** *স্ত্রী*। { *স.* অ (নঞ)+ব্যবসায়; *নতৎ* }

অব্যবস্থ, অব্যবস্থিত [অব্যাবোস্‌থো, অব্যাবোস্‌থিতো] *বিণ* ১ বিশৃঙ্খল; অগোছালো; এলোমেলো। ২ অস্থির; চঞ্চল; পরিবর্তনশীল। ৩ কর্তব্যাকর্তব্য মীমাংসারহিত; অনিশ্চিত। **অব্যবস্থা** *বি* ১ অবন্দোবস্ত; বিশৃঙ্খলা; অনিয়ম। ২ বিধিপালন বা নিয়মের অভাব। **অব্যবস্থিতচিত্ত** *বিণ* অস্থিরমতি; চঞ্চলচিত্ত (অকৃতজ্ঞ অব্যবস্থিতচিত্ত রাজা— *রঠা*)। { *স.* অ (নঞ)+ব্যবস্থা, ব্যবস্থিত; *বহু* }

অব্যবহার [অব্‌ব্যাবোহার্‌] *বি* ১ ব্যবহারের অভাব। ২ কদাচরণ; কুব্যবহার। **অব্যবহার্য** *বিণ* ব্যবহারের অযোগ্য; অকেজো। **অব্যবহৃত** *বিণ* ১ ব্যবহার করা হয়নি এমন। ২ অনাচরিত; অপ্রচলিত। { *স.* অ(নঞ)+ব্যবহার; *নতৎ* }

অব্যবহিত [অব্‌ব্যাবোহিতো] *বিণ* ব্যবধানহীন; সংলগ্ন। ~ **পূর্বে** *ক্রিবিণ* ঠিক পূর্বক্ষণে। { *স.* অ(নঞ)+ব্যবহিত; *নতৎ* }

অব্যভিচার [অব্‌ব্যাভিচার্‌] *বি* ১ স্থিরতা; একনিষ্ঠতা; অপরিবর্তন। ২ অবৈধ আচারশূন্যতা; অস্খলন। **অব্যভিচারী** (–রিন্‌) *বিণ* ১ একনিষ্ঠ; অবিচলিত; দৃঢ়। ২ ব্যভিচারী নয় এমন। **অব্যভিচারে** *ক্রিবিণ* অবাধে; অনায়াসে। { অ(নঞ)+বি+অভিচার; *নতৎ* }

অব্যয় [অব্‌বয়্‌] *বিণ* ক্ষয় বা পরিবর্তন নেই এমন; অনন্ত; নিত্য (আমি অজর অমর অক্ষয়; আমি অব্যয়— *নই*)। □ *বি* (*ব্যা.*) লিঙ্গ বচন কারক বা বিভক্তিভেদে যে শব্দের কোনো পরিবর্তন ঘটে না। **অব্যয়ীভাব** *বি* (*ব্যা.*) সমাসবিশেষ এই সমাস অব্যয়ের সাথে বিশেষ্য যোগে সম্পন্ন হয়। { *স.* অ(নঞ)+ব্যয়; *বহু* }

অব্যর্থ [অব্‌ব্যার্‌থো] *বিণ* কখনো বিফল হয় না এরূপ; অমোঘ; সার্থক (অব্যর্থ সাধনা, অব্যর্থ লক্ষ্য)। { *স.* অ(নঞ)+ব্যর্থ; *বহু* }

অব্যাকুল [অব্‌ব্যাকুল্‌] *বিণ* অনাকুল; চিত্তচাঞ্চল্যশূন্য। { *স.* অ(নঞ)+ব্যাকুল; *বহু*; *নতৎ* }

অব্যাকৃত [অব্‌ব্যাকৃতো] *বিণ* অপরিবর্তিত; অভিন্ন; অখণ্ডিত। □ *বি* (বেদান্তে) ব্রহ্ম ভিন্ন জগদুৎপত্তি-বীজ (জগৎ অব্যাকৃত ছিল— *বচ*)। { *স.* অ(নঞ)+ব্যাকৃত; *নতৎ*; *বহু* }

অব্যাঘাত [অব্‌ব্যাঘাত্] *বি* ব্যাঘাতের অভাব। □ *বিণ* বাধাবন্ধহীন; অপ্রতিবন্ধ। **অব্যাঘাতে** *ক্রিবিণ* নির্বিঘ্নে; অবাধে (অব্যাঘাতে তন্ত্রশাস্ত্রের অনুশীলন করিতে পারিব—*ঈবি*)। { *স.* অ(নঞ)+ব্যাঘাত; *নতৎ*; *বহু* }

অব্যাজ [অব্‌ব্যাজ্] *বি* অকপটতা; সরলতা। □ *ক্রিবিণ* শীঘ্র; ত্বরা; অবিলম্বে (একজন চর তুমি পাঠাও অব্যাজ—*হেমা*)। **অব্যাজে** *ক্রিবিণ* ১ অবিলম্বে; শীঘ্র (রিপুবধ কর অব্যাজে—*ভারা*)। ২ অকপটে। { *স.* অ(নঞ)+ব্যাজ; *নতৎ* }

অব্যাপার [অব্‌ব্যাপার্] *বি* ১ অবিষয়। ২ বাজে কাজ; অকাজ। { *স.* অ(নঞ)+ব্যাপার; *নতৎ* }

অব্যাহত [অব্‌ব্যাহতো/-হো-] *বিণ* ১ অপ্রতিহত; অবাধ। ২ অব্যর্থ। **অব্যাহতরূপে** *ক্রিবিণ* বিনা বাধায়। **অব্যাহতি** *বি* নিস্তার; মুক্তি; পরিত্রাণ। { *স.* অ(নঞ)+ব্যাহত; *নতৎ* }

অব্যুৎপন্ন [অব্‌বুত্‌পন্‌নো] *বিণ* ১ ব্যুৎপত্তিহীন; যার মূল অজ্ঞাত এমন (অব্যুৎপন্ন শব্দ)। ২ অশিক্ষিত; অপণ্ডিত। { *স.* অ(নঞ)+ব্যুৎপন্ন; *বহু*; *নতৎ* }

অব্যূঢ় [অব্‌বুঢ়ো] *বিণ* অবিবাহিত; অনূঢ়। **অব্যূঢ়া** *স্ত্রী*। **অব্যূঢ়ান্ন** *বি* হিন্দুসমাজের আইবড় ভাত; গাত্রহরিদ্রার পর ও বিবাহের পূর্বে কন্যাকে দেয় অন্ন। { *স.* অ(নঞ)+ব্যূঢ়(বি+উঢ়); *বহু* }

অব্রাহ্মণ [অব্রাম্‌হোন্] *বি* ১ ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতি (অব্রাহ্মণ নহ তুমি তাত—*রঠা*)। ২ হীন ব্রাহ্মণ; পতিত ব্রাহ্মণ। □ *বিণ* ব্রাহ্মণসুলভ নয় এমন। { *স.* অ(নঞ)+ব্রাহ্মণ; *নতৎ* }

অভক্ত [অভক্‌তো] *বিণ* ১ ভক্ত নয় এমন; ভক্তভিন্ন। ২ [illegible] নয় এমন। **অভক্তি** *বি* ১ অশ্রদ্ধা। ২ ঘৃণা। ৩ [illegible] অভাব। { *স.* অ(নঞ)+ভক্ত; *নতৎ* }

অভক্ষ্য, অভক্ষণীয় [অভোক্‌খো, অভোক্‌খোনিয়ো] *বিণ* ১ খাবার অযোগ্য (তাহার অভক্ষ্য প্রায় কিছুই নাই—[illegible])। ২ অখাদ্য। □ *বি* নিষিদ্ধ খাদ্য; শাস্ত্রবিরুদ্ধ আহার্য; [illegible] খাদ্য (প্রাণ বাঁচাইতে গিয়া অভক্ষ্যও ভক্ষণ করা [illegible])। { *স.* অ(নঞ)+ভক্ষ্য, ভক্ষণীয়; *নতৎ*; *বহু* }

অভগ্ন [illegible] *বিণ* ১ ভাঙ্গা নয় এমন; যুক্ত। ২ পূর্ণ; আস্ত ([illegible] রাশি)। { *স.* অ(নঞ)+ভগ্ন; *বহু*; *নতৎ* }

অভঙ্গ [illegible] *বিণ* ১ অটুট। ২ আস্ত; গোটা। □ *বি* [illegible]; তুকারামের কবিতা। { *স.* অ(নঞ)+ভঙ্গ; [illegible] }

অভঙ্গুর [illegible] *বিণ* ভাঙে না বা নষ্ট হয় না এমন। { *স.* [illegible]; *বহু*; *নতৎ* }

অভদ্র [illegible] *বিণ* ১ অশিষ্ট; অসভ্য। ২ ইতর; ছোটলোক। ৩ নিন্দনীয়। ৪ গর্হিত। **অভদ্রতা** *বি*। { *স.* অ(নঞ)+ভদ্র; *নতৎ* }

অভব্য [অভোব্‌বো] *বিণ* ১ অশিষ্ট; অভদ্র; গোঁয়ার। ২ অমার্জিত; অসংস্কৃত (অভব্য বস্তুতন্ত্রের পটভূমিতে—*সুদ*)। **অভব্যতা** *বি*। { *স.* অ(নঞ)+ভব্য; *বহু*; *নতৎ* }

অভয় [অভয়্] *বি* ১ ভয়শূন্যতা; নির্ভীকতা। ২ আশ্বাস। ৩ সাহস। ৪ ভরসা (অভয় আশ্বাস ভরা নয়ন বিশাল—*রঠা*)। □ *বিণ* নির্ভীক; সাহসী। **অভয়া** *বিণ স্ত্রী* ভয়হীনা। □ *বি* দুর্গা। **অভয়ারণ্য** *বি* যে বনে পশু-পাখি নির্ভয়ে বিচরণ করতে পারে। **অভয়ে** *ক্রিবিণ* নির্ভয়ে; অকাতরে (যুঝিব আমরা অভয়ে—*মদ*)। { *স.* অ(নঞ)+ভয়; *নতৎ* }

অভরসা [অভরশা] *বি* ভরসাহীনতা; নির্ভরশূন্যতা (ডাকিলে বোলান না দেও অভরসা পাই—*বিগু*)। { *বা.* অ(নঞ)+*বা.* ভরসা; *নতৎ* }

অভাগা [অভাগা] *বিণ* ভাগ্যহীন; হতভাগ্য। □ *বি* করুণার পাত্র। **অভাগী, অভাগিনী** *স্ত্রী*। { *স.* অভাগ্য>; *বহু* }

অভাগ্য [অভাগ্‌গো] *বি* দুর্ভাগ্য; দুরদৃষ্ট (অল্পকালে ঘটে আমি অশেষ অভাগ্য—*ঘচ*)। □ *বিণ* ভাগ্যহীন; হতভাগ্য (আমি অভাগ্য এনেছি বহিয়া—*রঠা*)। { *স.* অ(নঞ)+ভাগ্য; *বহু* }

অভাজন [অভাজোন্] *বি* অযোগ্য ব্যক্তি; অক্ষম মানুষ; অতি হীনজন (যত অভাজন, যত পাপীতাপী—*রঠা*)। { *স.* অ(নঞ)+ভাজন; *নতৎ* }

অভাব [অভাব্] *বি* ১ অবিদ্যমানতা; না থাকার ভাব। ২ অনটন; অর্থকষ্ট (অভাবের সংসার)। **অভাবী, ~গ্রস্ত** *বিণ* দরিদ্র; গরিব। **~পূরণ** *বি* দারিদ্র্যমোচন। **অভাবে স্বভাব নষ্ট**—দারিদ্র্যহেতু মানুষের স্বীয় প্রকৃতিবিরুদ্ধ আচরণ বা ব্যবহার। { *স.* অ(নঞ)+ভাব; *নতৎ* }

অভাবনীয়, অভাব্য [অভাবোনিয়ো, -ভাব্‌বো] *বিণ* ১ ভাবা যায় না এমন; অচিন্তনীয় (অভাবনীয় ভবিষ্যৎ—*রঠা*)। ২ অঘটনীয়; অপ্রত্যাশিত (মহাকাব্য সেই অভাব্য—*রঠা*)। □ *বি* অপ্রত্যাশিত বস্তু বা বিষয় (আমরা চকিত অভাবনীয়ের...—*রঠা*)। { *স.* অ(নঞ)+ভাবনীয়, ভাব্য; *বহু*; *নতৎ* }

অভাবিত [অভাবিতো] *বিণ* ভাবা হয়নি এমন; অসম্ভাবিত; অচিন্তিত (অভাবিত উচ্চহাস্যে উড়াইয়া দেয় দিকে দিকে—*রঠা*)। **~পূর্ব** *বিণ* পূর্বে ভাবা হয়নি এমন; অচিন্তিতপূর্ব (পাছে পিছনের দিক হইতে অভাবিতপূর্ব একটা কিছু ঘটে—*রঠা*)। { *স.* অ(নঞ)+ভাবিত; *নতৎ*; *বহু* }

অভাবী ⇒ অভাব

অভাব্য ⇒ অভাবনীয়

অভি- [ওভি] *অব্য* সমীপ সম্মুখ নিকট সাদৃশ্য বীপ্সা ইত্যাদিসূচক তৎসম উপসর্গ। { *স.* উপসর্গবিশেষ }

অভিকর্ষ [ওভিকরশো] *বি* ভূ-কেন্দ্রের অভিমুখে জড় পদার্থের আকর্ষণ; gravitational attraction। { *স.* অভি+কর্ষ }

অভিকেন্দ্র [ওভিকেনদ্রো] *বিণ* কেন্দ্রের অভিমুখে গমনকারী; কেন্দ্রাভিগ; centripetal। { *স.* অভি+কেন্দ্র }

অভিগম ⇒ অভিগমন

অভিগমন, অভিগম [ওভিগমোন্, ওভিগমো] *বি* ১ সম্মুখে গমন; প্রত্যুদ্গমন। ২ আশ্রয়। ৩ প্রাপ্তি। ৪ সঙ্গম; সম্ভোগ (এইজন্য তিনি অহল্যাতে অভিগমন করেন—*বচ*)। **অভিগম্য** *বিণ* ১ অভিমুখে গমনসাধ্য। ২ আশ্রয়ণীয়। **অভিগামী** (-মিন্) *বিণ* অভিমুখে গমনকারী। **অভিগামিনী** *স্ত্রী*। { *স.* অভি+গমন, গম }

অভিগ্রস্ত [ওভিগ্‌গ্রোস্‌তো] *বিণ* ১ কবলিত। ২ আক্রান্ত। ৩ লুণ্ঠিত। { *স.* অভি+গ্রস্ত }

অভিগ্রহ [ওভিগ্গোহো] *বি* আক্রমণ। আক্রমণার্থে অভিযান। ২ লুণ্ঠন। ৩ স্পর্ধা। {সং. অভি+গ্রহ}

অভিগ্রহণ [ওভিগ্গোহোন্] *বি* লুণ্ঠন। ২ যুদ্ধ দ্বারা দখলে আনয়ন। {সং. অভি+গ্রহণ}

অভিঘাত [ওভিঘাত্] *বি* ১ আঘাত; প্রবল আঘাত। ২ আলোড়ন। ৩ প্রতিঘাত। ৪ হত্যা; বধ। ৫ শব্দাদির উপর ঝোঁক; emphasis; উক্ত ঝোঁক প্রদানের চিহ্ন। **অভিঘাতী** (-তিন্) *বিণ* আঘাতকারী; বিনাশকারী। ❑*বি* শত্রু। **অভিঘাতিনী** *স্ত্রী*। {সং. অভি+ঘাত+ইন্(ণিনি)}

অভিচার [ওভিচার্] *বি* ১ নিজের ইষ্ট ও অন্যের অনিষ্ট সাধনের জন্য কৃত তান্ত্রিক প্রক্রিয়া (সৃজিছে অভিচার নিঠুর অবিচার—*মদ*)। ২ পরহিংসা। **অভিচারী**(-রিন্) *বিণ* অভিচারকর্তা। **অভিচারিণী** *স্ত্রী*। {সং. অভি+চার}

অভিজন [ওভিজন্/জোন্] *বি* ১ আভিজাত্য; কৌলীন্য। ২ বংশ; কুল। ৩ কুলশ্রেষ্ঠ। ৪ জন্মভূমি। {সং. অভি+জন}

অভিজাত [ওভিজাতো/জাত্] *বিণ* ১ উচ্চবংশীয়; কুলীন। ২ সদ্বংশজাত। ৩ সম্ভ্রান্ত; মর্যাদাসম্পন্ন। ৪ ভদ্রোচিত; শিষ্ট। ৫ জ্ঞানী। **আভিজাত্য** *বি*। **~তন্ত্র** *বি* উচ্চবংশীয় সম্প্রদায়ের দ্বারা রাজ্য শাসন প্রণালী; aristocracy। {সং. অভি+জাত}

অভিজিৎ [ওভিজিত্] *বিণ* জয়লাভ করে এমন। ❑*বি* নক্ষত্র বিশেষ; Vega। {সং. অভি+ √জি+ক্বিপ্}

অভিজ্ঞ [ওভিগ্গোঁ] *বিণ* ১ বিশেষজ্ঞ। ২ বহুদর্শী। ৩ জ্ঞানী; বিজ্ঞ। **অভিজ্ঞা** *স্ত্রী*। **অভিজ্ঞতা** *বি* সাধনা বা বহুদর্শিতা দ্বারা লব্ধ জ্ঞান। {সং. অভি+√জ্ঞা+অ(ক)}

অভিজ্ঞা [ওভিগ্গাঁ] *বি* আদ্যজ্ঞান; স্মৃতি (ব্যক্তিগত অভিজ্ঞতা আর কাব্যগত অভিজ্ঞা এক নয়—*সুদ*)। **অভিজ্ঞাত** *বিণ* চর্চা বা নিদর্শন দ্বারা জ্ঞাত। **অভিজ্ঞান** *বি* স্মারক; নিদর্শন; পরিচায়ক বস্তু বা চিহ্ন (তবে যদি কোন অভিজ্ঞান দর্শাইতে পারে; তাহার শাপমোচন হইবে—*ঈবি*)। **অভিজ্ঞান-পত্র** *বি* পরিচয়-পত্র; credential; নিদর্শন-পত্র; identity card। {সং. অভি+ √জ্ঞা+অ(অঙ)+আ(টাপ্)}

অভিধা [ওভিধা] *বি* ১ শব্দের যে শক্তির দ্বারা ব্যাকরণ ও অভিধানসম্মত মূল অর্থের বোধ জন্মে সেই শক্তিকে শব্দের 'অভিধা' বলে। ২ নাম; সংজ্ঞা। ৩ উপাধি। {সং. অভি+ √ধা+অ(অঙ)+আ(টাপ্)}

অভিধান [ওভিধান্] *বি* ১ অর্থসহ শব্দকোষ; dictionary। ২ পরিচয়; নাম (এই হেতু অপর্ণা হইল অভিধান—*কমু*)। ৩ বাক্য; নির্দেশ। **আভিধানিক** *বিণ* ১ শব্দকোষ সম্বন্ধীয়। ২ শব্দার্থবিদ; lexicographer। {সং. অভি+ √ধা+অন(ল্যুট্)}

অভিধেয় [ওভিধেয়ো] *বিণ* বাচ্য; বোধক; প্রতিপাদ্য (তার প্রমাণ ধর্মতলার বঙ্গমন্দিরে অভিধেয় বিচিত্র চিত্র অভিধা—*প্রচৌ*)। ❑*বি* ১ নাম; সংজ্ঞা। ২ অভিধা। ৩ প্রতিপাদ্য অর্থ। {সং. অভি+ √ধা+য(যৎ)}

অভিনন্দন [ওভিনন্দন্] *বি* ১ প্রশংসাবাদ দ্বারা আনন্দ প্রকাশ। ২ সংবর্ধনা; সম্মান প্রদর্শন। ৩ অনুমোদন। **~পত্র** *বি* কারো আগমন বা বিদায় উপলক্ষে প্রদত্ত সম্মান ও প্রশংসাসূচক পত্র; মানপত্র। **অভিনন্দিত** *বিণ* ১ প্রশংসা দ্বারা সংবর্ধিত; সাদরে গৃহীত বা আদৃত। ২ সম্মানিত। {সং. অভি+ √নন্দ্+অন(ল্যুট্)}

অভিনব [ওভিনবো] *বিণ* ১ নতুন। ২ নব উদ্ভাবিত। ৩ অপূর্ব। **অভিনবতা, অভিনবত্ব** *বি* নূতনত্ব (সিঁড়ি থেকেই অভিনবতা শুরু—*মব*)। {সং. অভি+নব}

অভিনয় [ওভিনয়্] *বি* ১ নাট্য প্রদর্শন। ২ নাটকের কোনো অংশ অবলম্বনে নাট্যকলা প্রদর্শন। ৩ অনুকরণ; কৃত্রিম ভাব প্রকাশ; ভান। **অভিনীত** *বিণ* অভিনয় করা হয়েছে এমন। **অভিনেতা** *বি* অভিনয়কারী। **অভিনেত্রী** *স্ত্রী*। **অভিনেয়** *বিণ* ১ অভিনয়যোগ্য। ২ অভিনয়ের বিষয়ীভূত। {সং. অভি+ √নী+অ(অচ)}

অভিনিবেশ [ওভিনিবেশ্] *বি* ১ মনোযোগ (বাহ্যবস্তু সম্বন্ধে আমার কৌতূহল বা অভিনিবেশ লেশমাত্র ছিল না—*রঠা*)। ২ একাগ্রতা। ৩ প্রণিধান। **অভিনিবিষ্ট** *বিণ* ১ মনোযোগী। ২ একাগ্রচিত্ত। **অভিনিবিষ্টা** *স্ত্রী*। {সং. অভি+নিবেশ}

অভিনীত, অভিনেতা, অভিনেত্রী, অভিনেয় ⇒ অভিনয়

অভিন্ন [অভিন্নো] *বিণ* ১ ভেদরহিত; সমান। ২ পৃথক নয় এমন। ৩ অচ্ছিন্ন (... একটি অভিন্ন বিল্বপত্র—*বচ*)। **~তা, ~ত্ব** *বি* ভেদহীনতা; একাত্মতা। **~ পরিবার** *বি* একান্নবর্তী পরিবার। **~হৃদয়** *বিণ* একাত্ম, অন্তরঙ্গ। {সং. অ+ভিন্ন; *নতৎ; বহু*}

অভিপন্ন [ওভিপন্নো] *বিণ* ১ বিপন্ন; বিপদগ্রস্ত। ২ প্রাপ্ত; শরণাগত; আশ্রিত। {সং. অভি+ √পদ্+ত(ক্ত)}

অভিপ্রায় [ওভিপ্প্রায়্] *বি* ইচ্ছা; অভিলাষ। ২ মতলব; উদ্দেশ্য। ৩ তাৎপর্য; অর্থ। ৪ মত। **অভিপ্রেত** *বিণ* ১ অভিলষিত; বাঞ্ছিত। ২ উদ্দিষ্ট; লক্ষ্য (তিনি যে অর্থই অভিপ্রেত করিয়া থাকুন না—*বচ*)। {সং. অভি+প্র+ √ই+অ(অণ্)}

অভিপ্লুত [ওভিপ্প্লুতো] *বিণ* প্লাবিত; উচ্ছলিত। {সং. অভি+প্লুত}

অভিবাদন [ওভিবাদোন্] *বি* সালাম; নমস্কার; প্রণাম। ২ বন্দনা। ৩ সম্মান-জ্ঞাপন; অভিনন্দন। **অভিবাদক** *বিণ* অভিবাদনকারী। **অভিবাদিকা** *স্ত্রী*। **অভিবাদ্য** *বিণ* অভিবাদনের যোগ্য। {সং. অভি+√বদ্+ণিচ্+অন(ল্যুট্)}

অভিবাসন [ওভিবাশোন্] *বি* স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস; immigration। **অভিবাসী**(-সিন্) *বিণ* স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাসকারী। {সং. অভি+বাসন}

অভিব্যক্তি [ওভিব্ব্যাকতি] *বি* ১ প্রকাশ; বিকাশ। ২ ক্রমবিকাশ। ৩ কোনো জীবের ক্রমবিকাশের ফলে নতুন জীবের উৎপত্তি; evolution। **অভিব্যক্ত** *বিণ* সম্যক প্রকাশিত বা বিকশিত। **~বাদ** *বি* ক্রমবিকাশ-নীতি; theory of evolution (এতদিন ওকে সৌজাত্য অভিব্যক্তিবাদ ... সম্বন্ধে যা কিছু বলেছি—*রঠা*)। {সং. অভি+বি+ √অনজ্+তি(ক্তি)}

অভিব্যাপ্ত [ওভিব্ব্যাপতো] *বিণ* পরিব্যাপ্ত; সর্বতোভাবে বিস্তৃত। **অভিব্যাপ্তি** *বি* সম্যক বিস্তৃতি; ব্যাপ্তি। {সং. অভি+ব্যাপ্ত}

অভিভব, অভিভাব, অভিভূতি [ওভিভব্, -ভাব, -ভুতি] *বি* ১ পরাজয়; পরাভব (তক্ষক আমাকে অভিভব করিতে পারিবে না—*ঈবি*)। ২ অপমান; অসম্মান। ৩ ভাবাবেশ; বিহ্বলতা (প্রকৃত কালের অভিভাব পাঠকের অন্তরাত্মায় পৌঁছায়—*সুদ*)। { *স.* অভি+ ভব, ভাব, ভূতি }

অভিভাবক [ওভিভাবোক্] *বি* ১ রক্ষক; তত্ত্বাবধায়ক; guardian। ২ আশ্রয়দাতা। **অভিভাবিকা** *স্ত্রী*। { *স.* অভি+ √ভূ+ অক(ণ্বুল) }

অভিভাষণ [ওভিভাশোন্] *বি* সভায় প্রদত্ত বক্তৃতা; বক্তৃতা; address (সভাপতির অভিভাষণ)। { *স.* অভি+ ভাষণ }

অভিভূত [ওভিভুতো] *বিণ* ১ পরাভূত। ২ আক্রান্ত। ৩ বিহ্বল। ৪ ভাবাবিষ্ট; আচ্ছন্ন। **অভিভূতি** *বি*। { অভি+ √ভূ+ত(ক্ত) }

অভিমত [ওভিমত্] *বি* ১ অভিপ্রায়। ২ উদ্দেশ্য। ৩ মত। ⊡ *বিণ* ১ মনোনীত। ২ অনুমোদিত। ৩ অভীষ্ট। { *স.* অভি+মত }

অভিমন্যু [ওভিমোনু] *বি* উত্তরার স্বামী ও পরীক্ষিতের পিতা; অর্জুন ও সুভদ্রার পুত্র। ২ (*বৈশ.*) আয়ান ঘোষ; (*প্রাব.*) আইহন; রাধার স্বামী। { *স.* অভী+ মনু }

অভিমান [ওভিমান্] *বি* ১ প্রিয়জনের ত্রুটিপূর্ণ আচরণজনিত মনোবেদনা বা ক্ষোভ। ২ অহঙ্কার; গর্ব। ৩ আত্মমর্যাদাবোধ। **অভিমানী** (-নিন্) *বিণ*। **অভিমানিনী** *স্ত্রী*। { *স.* অভি+মান }

অভিমুখ [ওভিমুখ্] *বি* ১ সম্মুখ (গৃহাভিমুখে অবস্থিত গোশালা)। ২ উদ্দেশ (চাঁদ অভিমুখে যাত্রা)। ⊡ *বিণ* ১ সম্মুখীন। ২ উদ্দেশে গমনোদ্যত (গৃহাভিমুখ হওয়া)। **অভিমুখী** (-খিন্) *বিণ* ১ সম্মুখীন। ২ উদ্দেশে গমনোদ্যত বা গমনশীল। **অভিমুখিতা** *বি*। **অভিমুখিনী** *স্ত্রী*। { *স.* অভি+মুখ }

অভিযাচিত [ওভিজাচিতো] *বিণ* প্রার্থিত। { *স.* অভি+যাচিত }

অভিযান [ওভিজান্] *বি* দেশ জয়, আবিষ্কার বা শত্রুদমনের জন্য সদলবলে যাত্রা; expedition। { *স.* অভি+ √যা+ অন(লুট্) }

অভিযুক্ত [ওভিজুক্তো] *বিণ* ১ অভিযোগ বা নালিশ করা হয়েছে এমন; নালিশ দায়ের করা হয়েছে এমন। ২ আসামি। ৩ বিবাদী; প্রতিবাদী। **অভিযোক্তা** *বি*, *বিণ* ১ অভিযোগকারী। ২ বাদী। ৩ ফরিয়াদি। { *স.* অভি+যুক্ত }

অভিযুজ্যতা ⇒ অভিযোজন

অভিযোগ [ওভিজোগ্] *বি* ১ নালিশ। ২ দোষারোপ। **অভিযোগী** (-গিন্) *বিণ* অভিযোগকারী; বাদী। **অভিযোগ্য** *বিণ* অভিযোগ আনা যেতে পারে এমন।

অভিযোজন [ওভিজোজোন্] *বি* উদ্দেশ্য সাধনের উপযোগী করণ; adaptation (অভিজ্ঞানে অভিজ্ঞা যতই স্পষ্ট হোক না কেন; তার মর্যাদা অভিযোজনে—*সুদ*)। **অভিযোজিত** *বিণ* অভিপ্রায় সাধনের উপযোগী করা হয়েছে এমন। **অভিযোজ্য** *বিণ* অভিপ্রায় বা উদ্দেশ্য সাধনের উপযোগী করা যায় এমন। **অভিযুজ্যতা**, **অভিযোজ্যতা** *বি* উদ্দেশ্য সাধনের উপযোগী করণের ক্ষমতা বা ভাব। { *স.* অভি+যোজন }

অভিরত [ওভিরতো] *বিণ* অত্যাসক্ত; অত্যন্ত অনুরক্ত। **অভিরতি** *বি* অত্যাসক্তি। { *স.* অভি+রত }

অভিরাম [ওভিরাম্] *বিণ* ১ মনোহর; সুন্দর (কমলকোরক অভিরাম—*সদ*)। ২ তৃপ্তিদায়ক (নয়নাভিরাম দৃশ্য)। { *স.* অভি+ √রম্+ অ(ঘঞ্) }

অভিরুচি [ওভিরুচি] *বি* ১ অভিলাষ; বাসনা (স্মৃতির চেয়ে আসলটাতেই আমার অভিরুচি—*রঠা*)। ২ প্রবৃত্তি। ৩ ইচ্ছা। { *স.* অভি+ √রুচ্+ ই(ইন্) }

অভিরূপ [ওভিরুপ্] *বিণ* ১ অনুরূপ। ২ মনোরম; প্রিয়। { *স.* অভি+রূপ; বহু }

অভিরোষ [ওভিরোশ্] *বি* আকস্মিক আবেগজনিত ক্রোধ বা রাগ (অজ্ঞানে করিনু দোষ; ক্ষমা কর অভিরোষ—*ভারা*)। { *স.* অভি+রোষ }

অভিলষণীয় [ওভিলশোনিয়ো] *বিণ* বাঞ্ছনীয়; কাম্য; স্পৃহণীয়। { *স.* অভি+ √লষ্+ অনীয় }

অভিলষিত ⇒ অভিলাষ

অভিলাষ [ওভিলাশ্] *বি* ইচ্ছা; বাসনা; স্পৃহা। **অভিলষিত** *বিণ* বাঞ্ছিত; ঈপ্সিত; প্রার্থিত (অভিলষিত কণ্ঠে মালাও উঠিল না—*রঠা*)। ⊡ *বি* অভিলাষ; বাসনা (সেইদিন আমি তোমার অভিলষিত সম্পন্ন করিব—*ঈবি*)। **অভিলাষী** (-ষিন্) *বিণ* ১ ইচ্ছুক; আকাঙ্ক্ষাকারী (আমি ফরাসি ভাষা শিক্ষায় অভিলাষী)। ২ প্রার্থী। ৩ লোলুপ; লোভী। **অভিলাষিণী** *বিণ স্ত্রী*, ইচ্ছামতী; আকাঙ্ক্ষিণী (উপবন-বিহারে অভিলাষিণী হইয়া পিতার অনুমতি প্রার্থনা করিলেন—*ঈবি*)। { *স.* অভি+ √লষ্+ অ(ঘঞ্) }

অভিশংসন [ওভিশঙশন্] *বি* ১ মিথ্যা দোষারোপ; অপবাদ। ২ প্রকাশ্যভাবে দোষারোপ; impeachment। **অভিশংসিত** *বিণ*। **অভিশংসিতা** *স্ত্রী*। { *স.* অভি+শংসন }

অভিশঙ্কা [ওভিশঙ্কা] *বি* আশঙ্কা; সংশয়। **অভিশঙ্কী** (-ঙ্কিন্) *বিণ* শঙ্কাবিশিষ্ট; সংশয়ী। { *স.* অভি+শঙ্কা }

অভিশপ্ত [ওভিশপ্তো] *বিণ* অভিশাপগ্রস্ত (যারা অত্যাচার করে, তারা অভিশপ্ত)। { *স.* অভি+ √শপ্+ত(ক্ত) }

অভিশাপ [ওভিশাপ্] *বি* ১ অভিসম্পাত; শাপ। ২ অনিষ্টকামনা (অত্যাচারীরা লোকের অভিশাপ কুড়িয়ে বেড়ায়)। { *স.* অভি+ √শপ্+অ(ঘঞ্) }

অভিশ্রুতি [ওভিসস্রুতি] *বি* অপিনিহিতির ফলে উচ্চারিত ই বা উ ধ্বনির পূর্বস্থিত স্বরের সঙ্গে সন্ধির ফলে উদ্ভূত নতুন স্বর; umlaut; vowel mutation—যেমন: করিয়া>কইর্যা>করে(-কোরে); বানিয়া>বাইন্যা>বেনে; জালুয়া>জাউল্যা>জেলে। { *স.* অভি+শ্রুতি }

অভিষিক্ত ⇒ অভিষেক

অভিষেক [ওভিশেক্] *বি* ১ মন্ত্রপূত তীর্থবারিতে স্নান করিয়ে সিংহাসনারোহণ-অনুষ্ঠান (রাজার অভিষেক ক্রিয়া)। ২ অবগাহন; স্নান। ৩ কর্মে নিয়োগ। ৪ ভিজানো। **অভিষিক্ত** *বিণ* ১ অভিষেক করা হয়েছে এমন। ২ সিক্ত; আর্দ্র (বৃষ্টি আসিয়া তাহার সর্বাঙ্গ অভিষিক্ত করিয়া দিতেছে—*রঠা*)। ৩ সিঞ্চিত। ৪ কর্মে নিযুক্ত। **অভিষেচন** *বি* ভালো করে ভিজানো; অভিষেক। { *স.* অভি+

√সিচ্+অ(ঘঞ্), ত(ক্ত), অন(ল্যুট্)}

অভিষ্যন্দ, অভিস্যন্দ [ওভিশ্‌শন্‌দো] *বি* ১ ক্ষরণ। ২ বারিপ্রবাহ। ৩ আধিক্য; আতিশয্য। **অভিষ্যন্দী, অভিস্যন্দী**(-ন্দিন্) *বিণ* ১ ক্ষরণশীল। ২ অধিক বৃদ্ধিপ্রাপ্ত। {স. অভি+√স্যন্দ্+অ(ঘঞ্)}

অভিসন্তাপ [ওভিশন্‌তাপ্] *বি* মনস্তাপ; অত্যন্ত দুঃখ। {স. অভি+সন্তাপ}

অভিসন্দর্ভ [ওভিশন্‌দর্‌ভো] *বি* বৃহত্তর গবেষণাপত্র; গবেষণামূলক নিবন্ধ; thesis। {স. অভি+সন্দর্ভ}

অভিসন্ধান, অভিসন্ধি [ওভিশন্‌ধান্, -শন্‌ধি] *বি* ১ গুপ্ত অভিপ্রায়; মতলব (শত্রুর অভিসন্ধি অজ্ঞাত)। ২ উদ্দেশ্য; অভিপ্রায় (তাহার অভিসন্ধি কি —*রবি*)। {স. অভি+সন্ধান, সন্ধি}

অভিসম্পাত [ওভিশম্‌পাত্] *বি* অভিশাপ; বদদোয়া (কারও ক্ষতিসাধন করে অভিসম্পাত পেতে চাই নে)। {স. অভি+সম্পাত}

অভিসরণ [ওভিশরোন্] *বি* ১ অনুগমন; অনুবর্তন। ২ অভিসার। {স. অভি+সরণ}

অভিসার [ওভিশার্] *বি* গোপন মিলনের উদ্দেশ্যে নায়ক-নায়িকার সঙ্কেতস্থলে গমন (আঁধারের চাদর মুড়ি দিয়ে তখনো রাত্রি অভিসারে বেরোয়নি—*নই*)। **অভিসারক, অভিসারী**(-রিন্), **অভিসারিক** (বিরল) *বিণ* ১ গোপন মিলনার্থে সঙ্কেতস্থলে গমনকারী। ২ চুপে চুপে বা সজ্জিতরূপে গমনকারী। (পথিক মেঘ আসে অভিসারিক—*অচিসে*)। **অভিসারিকা, অভিসারিণী** *স্ত্রী*। {স. অভি+√সারি+অ(ঘঞ্)}

অভিস্যন্দ, অভিস্যন্দী ⇒ অভিষ্যন্দ

অভিহত [ওভিহতো] *বিণ* ১ আহত; আঘাতপ্রাপ্ত। ২ বিতাড়িত; তাড়িত। ৩ পরাজিত; পরাভূত। ৪ নষ্ট। {স. অভি+√হন্+ত(ক্ত)}

অভিহিত [ওভিহিতো] *বিণ* ১ নামযুক্ত; সংজ্ঞাযুক্ত (বারম্বার পরিচিত ও অভিহিত করিতে লাগিল —*রঠা*)। ২ কথিত; উক্ত। {স. অভি+√ধা+ত(ক্ত)}

অভী [ওভি] *বিণ* নির্ভীক; ভয়শূন্য। {স. অ(নঞ্)+√ভী; বহু}

অভীক [ওভিক্] *বিণ* ১ নির্ভীক, ভয়হীন। ২ কামুক। ৩ লোভী। {স. অ(নঞ্)+√ভী+ক(কপ্); বহু}

অভীপ্সা [ওভিপ্‌সা] *বি* একান্ত বাসনা; অভিলাষ (হতাশা আর অভীপ্সার দ্বন্দ্ব)। **অভীপ্সিত** *বিণ* একান্ত বাঞ্ছিত; অভিলষিত। **অভীপ্সু** *বিণ* ১ ইচ্ছুক; অভিলাষী। ২ একান্তভাবে কামনা করছে এমন। {স. অভি+ঈপ্সা}

অভীষ্ট [ওভিশ্‌টো] *বিণ* ১ বাঞ্ছিত; অভিলষিত; ঈপ্সিত। ২ প্রিয়। ৩ বাসনা; ইচ্ছা (আজ তাহার অভীষ্ট সিদ্ধ হইবে—*রঠা*)। {স. অভি+ইষ্ট}

অভুক্ত [অভুক্‌তো] *বিণ* ১ অনাহারী; উপবাসী (বহু লোক এখনও অভুক্ত)। ২ ভোগ করা হয়নি এমন (জীবনটা বিবর্ণ, বিরস এবং চির অভুক্ত—*রঠা*)। ৩ খাওয়া হয়নি এমন; অভক্ষিত। {স. অ(নঞ্)+ভুক্ত; নতৎ; বহু}

অভূত [অভুতো] *বিণ* ১ হয়নি এমন; অজাত। ২ গত হয়নি এমন; অনতীত। **অভূতপূর্ব** *বিণ* পূর্বে হয়নি বা ঘটেনি এমন (চন্দ্রপৃষ্ঠে মানুষের অবতরণ ও ভ্রমণ সৃষ্টির ইতিহাসে এক অভূতপূর্ব ঘটনা)। {স. অ(নঞ্)+ভূত; নতৎ; বহু}

অভেদ [অভেদ্] *বি* ১ ভেদের অভাব। ২ ঐক্য। □ *বিণ* অভিন্ন; নির্বিশেষ (অভেদ হইলে ভেদ এ বড় বিরোধ—*ভারা*)। ~**নীয়, অভেদ্য** *বিণ* ১ ভেদ করা যায় না এমন; ভেদের অযোগ্য (অভেদ্য কবচে ধর্ম্ম আবরেন তারে—*মদ*)। ২ অপ্রবেশ্য। **অভেদাত্মা** *বিণ* অভিন্ন হৃদয়; একাত্ম (আজকে অভেদাত্মা তাদের সঙ্গে—*মদ*)। **অভেদী** (-দিন্) *বিণ* ভেদভাবহীন; উদার (অভেদী প্রকৃতি—*প্যামি*)। {স. অ(নঞ্)+ভেদ; বহু}

অভোগ [অভোগ্] *বি* অব্যবহার; ভোগরহিত। **অভোগ্য** *বিণ* ভোগের অযোগ্য বা অসাধ্য। {স. অ(নঞ্)+ভোগ; নতৎ}

অভোজন [অভোজোন্] *বি* অনাহার; উপবাস। □ *বিণ* অখাদ্য; অভক্ষ্য। {স. অ(নঞ্)+ভোজন; নতৎ}

অভোজ্য [অভোজ্‌জো] *বিণ* অখাদ্য; অভক্ষ্য। {স. অ(নঞ্)+ভোজ্য; নতৎ; বহু}

অভ্যঙ্গ [ওব্‌ভোঙ্‌গো] *বি* তৈলাদি দ্বারা অঙ্গমর্দন; আভ্যং। {স. অভি+অঙ্গ}

অভ্যঞ্জন [ওব্‌ভোন্‌জোন্] *বি* আপাদমস্তক তৈলাক্তকরণ; anointing। {স. অভি+√অন্‌জ্+অন(ল্যুট্)}

অভ্যন্তর [ওব্‌ভোন্‌তর্] *বি* ভিতর; মধ্য। **অভ্যন্তরীণ, আভ্যন্তর, আভ্যন্তরিক** (অপ্র), **আভ্যন্তরীণ** (অশুপ্র) *বিণ* ১ মধ্যবর্তী; অন্তর্বর্তী। ২ অভ্যন্তরে আছে এমন; ভিতরের। ৩ মানসিক। {স. অভি+অন্তর}

অভ্যবহার [ওব্‌ভোবহার্] *বি* ভোজন; ভক্ষণ; আহার (অর্কপত্র অভ্যবহার করাতে চক্ষুর দোষ জন্মিয়া অন্ধ হইলেন—*ঈবি*) {স. অভি+অব+√হৃ+অ(ঘঞ্)}

অভ্যর্থনা [ওব্‌ভোর্‌থোনা] *বি* ১ সংবর্ধনা; আপ্যায়ন; সাদরে গ্রহণ (রিক্ত করে শূন্য ঘরে করো অভ্যর্থনা—*রঠা*)। ২ সম্ভাষণ। **অভ্যর্থনা-সভা, অভ্যর্থনা-সমিতি** *বি* অভ্যর্থনার নিমিত্ত গঠিত সমিতি; reception committee। **অভ্যর্থিত** *বিণ* অভ্যর্থনা করা হয়েছে এমন। {স. অভি+√অর্থি+অন(ল্যুট্)+আ(টাপ্)}

অভ্যর্হিত [ওব্‌ভোর্‌হিতো] *বিণ* সম্মানিত; পূজিত। **অভ্যর্হণা** *বি* সংবর্ধনা; সম্মাননা। {স. অভি+√অর্হ্+ত(ক্ত)}

অভ্যস্ত, অভ্যস্তা ⇒ অভ্যাস

অভ্যাগত [ওব্‌ভাগতো] *বি* ১ আগন্তুক; গৃহাগত ব্যক্তি (পরম সমাদরে অতিথিসেবা ও অভ্যাগত পরিচর্যা প্রাপ্ত হইয়াছেন—*ঈবি*)। ২ নিমন্ত্রিত অতিথি; মেহমান; **অভ্যাগতা** *বি স্ত্রী*. নারী; আগন্তুক; আগতা (অভ্যাগতা, কারুকার্যকারিণীর নিকট ধরাসনে উপবেশন করিয়া...—*বচ*)। {স. অভি+আগত}

অভ্যাগম [ওব্‌ভাগম্] *বি* ১ আগমন; উপস্থিতি (চাপা পড়ে রইলো অন্যদের অভ্যাগমে, অন্য নানা প্রসঙ্গে ও আয়োজনে—*বুব*)। ২ ফলপ্রাপ্তি। ৩ অভ্যুত্থান। ৪ যুদ্ধ; বিরোধ। {স. অভি+আগম}

অভ্যাগমন [ওব্‌ভাগমোন্] *বি* উপস্থিতি; আগমন। {স.

অভি+আগমন}

অভ্যাস [ওবভ্যাস] *বি* ১ প্রতিনিয়ত আচরণজাত স্বভাব। ২ শিক্ষাহেতু বারবার আবৃত্তি বা চেষ্টা। ৩ পরিচয়; অভিজ্ঞতা। **অভ্যস্ত** *বিণ* ১ নিত্য আচরণ জাত; স্বভাবপ্রাপ্ত; অভিজ্ঞ। ২ সুপরিচিত; অভ্যাস দ্বারা আয়ত্ত (চারিদিগের অভ্যস্ত জগৎটা—*রঠা*)। ৩ পুনঃপুন কৃত। **অভ্যস্তা** *বিণ স্ত্রী.* স্বভাবপ্রাপ্তা; অভিজ্ঞা (অনাচারে অভ্যস্তা হইয়াছেন—*রাব*)। **অভ্যাসী** (-সিন্) *বিণ* অভ্যাসকারী। **অভ্যাসিনী** *স্ত্রী*। { *স.* অভি+√অস্+অ(ঘঞ্) }

অভ্যাহার [ওবভাহার] *বি* ডাকাতি; লুটপাট। { *স.* অভি+আহার}

অভ্যুত্থান [ওবভুত্থান্] *বি* উত্থান; উদয়; ওঠা। ২ উন্নতি; সমৃদ্ধি। ৩ বিদ্রোহ। **অভ্যুত্থিত** *বিণ* অভ্যুত্থান করেছে এমন। { *স.* অভি+উত্থান}

অভ্যুদয় [ওবভুদয়] *বি* ১ সমুত্থান; উদয়; উদ্‌গম। ২ শ্রীবৃদ্ধি; সমৃদ্ধি। ৩ উৎসব। **অভ্যুদিত** *বিণ* উত্থিত; উদিত; উদ্‌গত। { *স.* অভি+উদয়}

অভ্যুদাহরণ [ওবভুদাহরোন্] *বি* প্রতিকূল দৃষ্টান্ত। { *স.* অভি+উদাহরণ}

অভ্যুদিত ⇒ অভ্যুদয়

অভ্র [অবভ্রো] *বি* ১ খনিজ ধাতুবিশেষ; mica। ২ মেঘ (আকাশে ভাসে শরতের শুভ্র অভ্ররাশি)। ৩ আকাশ। **অভ্রংলিহ** *বিণ* গগনস্পর্শী; অত্যুচ্চ (অভ্রংলিহ ঢেউএ নিমিষে নিমেষে মুছে দিয়ে যায়—*বিদে*)। ~**ভেদী** (-দিন্) *বিণ* ১ আকাশ অথবা মেঘ ভেদকারী; (অভ্রভেদী চূড়া)। ২ আকাশচুম্বী; অত্যুচ্চ (অভ্রভেদী চূড়া যদি যায় গুঁড়া হয়ে—*মদ*) ৩ অনমনীয়; দৃঢ়; অত্যধিক (অভ্রভেদী গাম্ভীর্য ভূমিসাৎ করিয়া দিল—*রঠা*)। { *স.* √অভ্র+অ(অচ্) }

অভ্রম [অভ্রোম্] *বি* ১ লজ্জা; শরম; অপ্রতিভ অবস্থা (মেয়েটা অভ্রমে পড়েছে)। ২ অভ্রান্তি; প্রমাদশূন্যতা। **অভ্রান্ত** *বিণ*। { *স.* অ(নঞ্)+ভ্রম}

অভ্রাতৃক [অভ্রাতৃত্রিক] *বিণ* ভ্রাতা নেই এমন; ভ্রাতৃহীন। { *স.* অ(নঞ্)+ভ্রাতৃ+ক; বহু }

অভ্রান্ত [অবভ্রানতো] *বিণ* ১ ভুল হয় না এমন; ভুল করে না এমন। ২ নির্ভুল; প্রমাদশূন্য। ৩ সঠিক। **অভ্রান্তি** *বি*। ~**লক্ষ্য** *বি* অব্যর্থ সন্ধান; স্থির লক্ষ্য। { *স.* অ(নঞ্)+ভ্রান্ত; নঞ্‌তৎ }

অমঙ্গল [অমোঙগোল্] *বি* ১ অকল্যাণ; মঙ্গলের অভাব। ২ বিপদ (অমঙ্গলের সাথে সংগ্রাম-তরে—*রঠা*)। ৩ ক্ষতি; অপকার। ☐ *বিণ* অশুভ; অকল্যাণময় (হায়রে মঙ্গলহীন অমঙ্গল দিনে—*মদ*)। **অমঙ্গল্য** *বিণ* অকল্যাণকর; অশুভ। { *স.* অ(নঞ্)+মঙ্গল; নঞ্‌তৎ }

অমজবুত [অমোজবুত্] *বিণ* অদৃঢ়; অপোক্ত; দুর্বল (বনেদ হয়েছে অমজবুত—*সদ*)। { অ(নঞ্)+মজবুত মضبوط *আ.* }

অমত [অমত্] *বি* অসম্মতি। **অমতি** *বি* ১ অরুচি; অপ্রবৃত্তি। ২ কুমতি। **অমতে** *ক্রিবিণ* ইচ্ছার বিরুদ্ধে; অসম্মতিতে। { অ(নঞ্)+মত; নঞ্‌তৎ }

অমৎসর [অমত্‌সর] *বিণ* বিদ্বেষহীন; পরশ্রীকাতর নয় এমন (একমাত্র অমৎসর বিদ্রূপই উপভোগ্য)। { *স.* অ(নঞ্)+মৎসর; বহু }

অমধুর ⇒ অমধুরতা

অমধুরতা [অমোধুরতা] *বি* রূঢ়তা; কর্কশতা (কিছু অমধুরতা ব্যক্ত ছিল—*বচ*)। **অমধুর** *বিণ*। { *স.* অ(নঞ্)+মধুরতা; নঞ্‌তৎ }

অমন [অমোন্] *বিণ* ঐরূপ; ঐ প্রকার। **অমনই** *বিণ* ঠিক ঐরূপ; সম্পূর্ণ ঐ ধরনের। { *স.* অমুষ্মিন্> }

অমনি [ওমনি] *বিণ* ১ ঐ প্রকার; ঐরূপ (অমনি সন্ধ্যার মত হও—*রঠা*)। ২ আদুড়; খালি; অনাবৃত (অমনি গায়ে থেকো না, অমনি পা)। ৩ শুধু; তরকারিশূন্য (অমনি ভাত)। ৪ না ভালো না মন্দ (অমনি এক রকম)। ☐ *ক্রিবিণ* ১ অকারণে; অনর্থক (অমনি যাওয়া; অমনি রাগ করা)। ২ খালি হাতে; কিছু না নিয়ে (আত্মীয় বাড়িতে অমনি যাওয়া যায় না)। ৩ বিনা মূল্যে (অমনি নেব কিনে—*রঠা*)। ৪ বিনা শ্রমে; বিনা আয়াসে (অমনি টাকা আসে না)। ৫ তৎক্ষণাৎ; তখনি (অমনি চারিধারে নয়ন উঁকি মারে—*রঠা*)। ৬ অবলম্বনহীন অবস্থায় (অমনি থাকা)। **অমনি-অমনি** *ক্রিবিণ* শুধু শুধু; বিনা কারণে। ~**একরকম** বিশেষ ভালোও নয় মন্দও নয়; মধ্যম রকম। { *বা.* অমন< *স.* অমুষ্মিন্+*বা.* ই}

অমনুষ্য [অমোনুশ্‌শো] *বিণ* ১ জনশূন্য; মনুষ্যশূন্য; বিজন (এই অমনুষ্য বিজন প্রদেশে)। ২ মানুষ ভিন্ন অন্য জাতির; যক্ষরক্ষপ্রভৃতি জাতীয়। ৩ অপ্রাণী; যা প্রাণীবাচক নয় (পশুপাখিরা অমনুষ্য)। ৪ অমানুষ; মনুষ্যত্বহীন (সে একটা পশু, অমনুষ্য)। { *স.* অ(নঞ্)+মনুষ্য; বহু }

অমনুষ্যত্ব [অমোনুশ্‌শোত্‌তো] *বি* মনুষ্যত্বের অভাব; মনুষ্যত্বহীনতা। { *স.* অ(নঞ্)+মনুষ্যত্ব; নঞ্‌তৎ }

অমনোনয়ন [অমনোনোয়ন্] *বি* অমনোনীতকরণ। { *স.* অ(নঞ্)+মনোনয়ন; নঞ্‌তৎ }

অমনোনীত [অমনোনিতো] *বিণ* মনোনীত হয়নি এরূপ; অনির্বাচিত। { *স.* অ(নঞ্)+মনোনীত; বহু; নঞ্‌তৎ }

অমনোযোগ [অমনোজোগ্] *বি* ১ মনোযোগের অভাব; উদাসীনতা; অনবধানতা। ২ উপেক্ষা; অবহেলা। **অমনোযোগী** (-গিন্) *বিণ* উদাসীন; মনোযোগী নয় এরূপ। { *স.* অ(নঞ্)+মনোযোগ; নঞ্‌তৎ }

অমন্দ [অমনদো] *বিণ* অমন্থর; অতীব (অমন্দ মারুত) ২ নিতান্ত মন্দ; খারাপ (জিনিসটা অমন্দ নয়)। { *স.* অ(নঞ্)+মন্দ; নঞ্‌তৎ }

অমর [অমর্, -মো] *বিণ* ১ মৃত্যুহীন; অবিনশ্বর (আমি অজর অমর অক্ষয়—*নই*)। ২ চিরজীবী; চিরস্মরণীয় (অমর কীর্তি)। ☐ *বি* দেবতা। ~**তা**, ~**ত্ব** *বি*। ~**ধাম**, ~**লোক** *বি* বেহেশ্‌ত; স্বর্গ; জান্নাত। { *স.* অ(নঞ্)+√মৃ+অ; নঞ্‌তৎ; বহু }

অমরা[১] [অমরা, -মো-] *বি* গর্ভকুসুম; গর্ভস্থ শিশুর নাভির সঙ্গে যুক্ত নাড়ির অগ্রভাগস্থ ফুল; placenta। { *স.* অমর+আ(*স্ত্রী*) }

অমরা[২], **অমরাবতী** [অমরা/-মো-, -বোতি] *বি* বেহেশ্‌ত; স্বর্গলোক (ধরায় লাবণ্য আনে অমরার কথা—*সদ*; এ কোন অমরাবতী কহ লো কল্পনে—*কায়*)।

{স. অমরা,+বতী}
অমর্ত, অমর্ত্য [অমর্‌তো/–র্মো–] *বিণ* ১ অপার্থিব; স্বর্গীয় (তোমার মর্তের ওই অমর্ত্য বেশ নাই—*হাহা*)। ২ অমর; অবিনাশী। ❑ *বি* দেবতা। ~**লোক** *বি* বেহেশত। {স. অ(নঞ)+মর্ত, মর্ত্য; নতৎ}
অমর্যাদা [অমরজাদা] *বি* ১ অপমান; অসম্মান। ২ অনাদর। ৩ অবজ্ঞা। {স. অ(নঞ)+মর্যাদা; নতৎ}
অমর্ষ, অমর্ষণ [অমরশো, –শন্] *বি* ১ ক্ষমাশূন্যতা; অসহিষ্ণুতা। ২ ক্রোধ। ❑ *বিণ* ক্রোধান্ধ। ২ ক্ষমাহীন; অসহিষ্ণু। ~**গ্রস্ত, ~বান** *বিণ* ক্রোধান্বিত; ক্ষমাশূন্য (কদ্রু ও বিনতা পরস্পর দাস্য পণ করিয়া অমর্ষগ্রস্ত ও রোষপরবশ হইয়াছিলেন—*ঈবি*)। **অমর্ষিত, অমর্ষী** (–র্ষিন্) *বিণ* ক্রোধান্বিত; অসহনশীল। {স. অ(নঞ)+√মৃষ্+অ(ঘঞ), অন(লুট্)}
অমল [অমল্] *বিণ* ময়লাশূন্য। ২ অনাবিল; নির্মল (সহজ প্রেমের অমল আমোদে—*সদ*)। ৩ শুভ্র; ধবল (অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া, দেখি নাই কভু দেখি নাই এমন তরণী বাওয়া—*রঠা*)। **অমলা** *স্ত্রী*। {স. অ(নঞ)+মল; নতৎ}
অমলক [অমলক/ –মো–] *বি* ১ আমলকী। ২ অধিত্যকাস্থ বাসস্থান। {স. অমল+ক}
অমলিন [অমোলিন্] *বিণ* ১ মলিন নয় এমন। ২ উজ্জ্বল। ৩ নির্দোষ; নিষ্কলঙ্ক। {স. অ(নঞ)+মলিন; নতৎ; বহু}
অমলেট [অমলেট্] *বি* ভাজা ডিম; ডিম ভাজা। {ই. omlet}
অমসৃণ [অমোসৃন্] *বিণ* কর্কশ; অসমান; অচিক্কণ; কোমলতাশূন্য; স্নিগ্ধতাশূন্য। {স. অ(নঞ)+মসৃণ; নতৎ}
অমহিমা [অমোহিমা] *বি* অখ্যাতি; অপযশ (ঘরে অবিবাহিতা বড়ই অমহিমা—*বিগু*)। {স. অ(নঞ)+মহিমা; নতৎ}
অমা, অমাবস্যা, অমাবৈস্যা (*মবা.*) [অমা, অমাবোশ্‌শা, –বোই–] *বি* কৃষ্ণপক্ষের শেষ তিথি; চন্দ্রকলার অদৃশ্যকাল (অমাচুমে পূর্ণিমা! অপরূপ দৃশ্য—*সদ*; অমাবৈস্যা জেন হইল, প্রতিপদ তেন হইল—*শেক*)। **অমানিশা, অমানিশি, অমারজনী** *বি* অমাবস্যারাত্রি (চারিদিকে দুর্দিনের অমানিশা—*মামু*)। {স. অমা+√বস্+য(ণ্যৎ)+আ(টাপ্)}
অমাংসল [অমাঙ্‌শল্] *বিণ* কৃশ; শীর্ণ; মাংসহীন। {স. অ(নঞ)+মাংসল}
অমাতৃক [অমাতৃক্] *বিণ* মাতৃহীন। {স. অ(নঞ)+মাতৃক; বহু}
অমাত্য [অমাত্‌তো] *বি* মন্ত্রী; মন্ত্রণাদাতা। {স. অমা+ত্য(ত্যপ্)}
অমাননা [অমানোনা] *বি* ১ মান্য বা পালন না করণ। ২ অবজ্ঞা; অনাদর। ৩ অসম্মান। {স. অ(নঞ)+মাননা}
অমানব [অমানোব্] *বিণ* ১ মনুষ্যশূন্য। ২ অমানুষ মনুষ্যত্বহীন। ৩ মানবেতর। {স. অ+মানব; নতৎ}
অমানিশা, অমানিশি ⇒ অমা
অমানী (–নিন্) [অমানি] *বিণ* ১ মর্যাদাহীন; হীন; অবজ্ঞেয় (কুলকুণ্ডলিনী জাগ্রতা হইলে অমানী ব্যক্তিকেও মান দেয়—*রাব*)। ২ নিরহঙ্কার; নিরভিমান। {স. অ(নঞ)+মানী; বহু; নতৎ}
অমানুষ [অমানুশ্] *বি* কুলোক; দুর্জন। ❑ *বিণ* ১ মনুষ্যত্ববর্জিত। ২ পশুতুল্য (ক্ষীণ যে পুরুষ সেই অমানুষ হৃদয় তাহার নিষ্করুণ—*সদ*)। ৩ অলৌকিক; মনুষ্যাতীত (অপ্রমেয় অমানুষ বীর্য দর্শনে—*ঈবি*)। **অমানুষিক, অমানুষী** *বিণ* ১ মনুষ্যাতীত; অলৌকিক (এই শব্দ মানুষিক নহে; অমানুষিকও নহে—*রঠা*; মানুষ হয়ে এরা সবাই অমানুষী শক্তি ধরে—*সদ*)। ২ পাশবিক; মানব স্বভাববিরুদ্ধ (অমানুষিক অত্যাচার)। **অমানুষিকতা** *বি*। {স. অ(নঞ)+মনুষ}
অমান্য [অমান্‌নো] *বি* ১ লঙ্ঘন; উপেক্ষা। ২ অসম্মান। ❑ *বিণ* অশ্রদ্ধেয়। {স. অ(নঞ)+মান্য; নতৎ}
অমাবস্যা, অমাবৈস্যা ⇒ অমা
অমায়িক [অমায়িক্] *বিণ* ১ সরল; অকপট। ২ নিরহঙ্কার। ৩ ভদ্র; সদালাপী। ৪ স্নেহশীল; প্রীতিপূর্ণ। ৫ মধুর স্বভাব। **অমায়িকতা** *বি*। {স. অ+মায়িক; নতৎ}
অমারজনী ⇒ অমা
অমার্জিত [অমারজিতো] *বিণ* ১ অসভ্য; অভদ্র। ২ স্থূল। ৩ অপরিষ্কৃত; অসংস্কৃত। {স. অ(নঞ)+মার্জিত; নতৎ; বহু}
অমিঞা ⇒ অমিয়া
অমিত [অমিতো] *বিণ* অপরিমিত; অমাপা। ২ প্রচুর; অঢেল; অত্যধিক। ~**তেজা** *বিণ* অপরিমিত তেজবিশিষ্ট; অসীম ক্ষমতাবান। ~**বুদ্ধি** *বিণ* চতুর; অতিবুদ্ধিমান; বিচক্ষণ (অমিতবুদ্ধি ব্যাসদেব—*ঈবি*)। ~**ব্যয়** *বি* বেহিসাবি খরচ; অযথা ব্যয়। ~**ব্যয়িতা** *বি* বেহিসাবি খরচের অভ্যাস। ~**ব্যয়ী** (–য়িন্) *বিণ* বেহিসাবি খরচ করে এমন; অর্থ অপচয়কারী। ~**ভাষী** (–ষিন্) *বিণ* অসংযতবাক; বাচাল। **অমিতাচার** *বি* অসংযত আচরণ; ভোগবিলাসে অসংযম। ❑ *বিণ* অসংযমী; ভোগবিলাসী। **অমিতাচারী** (–রিন্) *বিণ* ১ অসংযমী। ২ অযথা আচরণকারী। ~**চারিতা** *বি*। {স. অ(নঞ)+মিত; নতৎ}
অমিতাভ [অমিতাভো/ও–] *বি* ১ অমিত আভা যার; বুদ্ধ। ২ পঞ্চধ্যানী বুদ্ধের চতুর্থ বুদ্ধ। ❑ *বিণ* অসীম তেজোময়। {স. অমিত+আভা; বহু}
অমিত্রাক্ষর [অমিতত্রাক্‌খর্] *বি* (*ছন্দ.*) যে পয়ার ছন্দে অন্ত্যানুপ্রাস ও যতির নিয়ম রক্ষিত হয় না; blank verse। {স. অ(নঞ)+মিত্রাক্ষর; বহু}
অমিয় [অমিয়ো] *বি* সুধা; অমৃত (অধরে অমিয় রাশি ভরা—*কায়*)। ❑ *বিণ* সুধাময়; অমৃততুল্য (কত-না ছিল অমিয় মুখ—*রঠা*)। {স. অমৃত>}
অমিয়া, অমিঞা (*মবা.*) [ওমিয়া, –ঞা] *বি* অমৃত; সুধা (অমিয়া বরিখে মুখে হাস্যের মাধুরি—ভন)। ~**জিত** *বিণ* অমৃতাপেক্ষা অধিক (বচন অমিয়াজিত মধু—*সৈআ*)। {স. অমৃত>}
অমিল [অমিল্] *বি* ১ গরমিল; মিলের অভাব (আকাশের সাথে অমিল প্রচার করি—*রঠা*)। ২ ভেদ; বিরোধ। ৩ অভাব; অনটন (কঞ্চির ভারি অমিল কিনা—*বিব*)। {স.

অ(নঞ্)+মিল; নতৎ}

অমিশ্র, অমিশ্রিত [অমিস্‌স্রো, -স্‌স্রিতো] *বিণ* ১ মিশানো নয় এমন। ২ বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল (অতিথির পক্ষে সে নিশ্চয়ই অমিশ্র অমৃত হইবে—*রঠা*)। ৩ পৃথক; আলাদা। **অমিশ্রণ** *বি* মিশ্রণের অভাব। **অমিশ্ররাশি** *(গণিত)* *বি* অখণ্ড সংখ্যা; পূর্ণ সংখ্যা। {*স.* অ(নঞ্)+মিশ্র; *নতৎ; বহু*}

অমীমাংসা [অমিমাঙ্‌শা] *বি* নিষ্পত্তিশূন্যতা; অসিদ্ধান্ত; অসমাধান। **অমীমাংসিত** *বিণ* অনিষ্পন্ন; অকৃত-নিশ্চয়। {*স.* অ(নঞ্)+মীমাংসা; *নতৎ*}

অমুক [অমুক্‌] *বিণ* অজ্ঞাতনামা; অনির্দিষ্টনামা। ❑ *বি* অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু। {*স.* অমুক}

অমুখ্য [অমুক্‌খো] *বিণ* অপ্রধান; গৌণ। {*স.* অ(নঞ্)+মুখ্য; *নতৎ*}

অমুত্র [অমুত্‌ত্রো] *অব্য, ক্রিবিণ* পরলোকে; পরত্র। {অমু (<*স.* অদস্‌)+ত্র(ত্রল্‌)}

অমূর্ত [অমুর্‌তো] *বিণ* মূর্তিহীন; নিরাকার। {*স.* অ(নঞ্)+মূর্ত; *নতৎ*}

অমূল¹ ⇒ আমূল

অমূল², অমূলক [অমুল্‌, -লক্‌] *বিণ* ১ ভিত্তিহীন। ২ কাল্পনিক। ৩ অকারণ (অমূলক হাসি-অশ্রু; অমূলক ভয়—*রঠা*)। {*স.* অ(নঞ্)+মূল,+ক(কপ্‌); *বহু*}

অমূল্য, অমূল (*কাব্য*), **অমূলিত** *(বিরল)* [অমুল্‌লো, অমুল্‌, -লিতো] *বিণ* মূল্য দিয়ে কেনা যায় না এমন; মর্যাদার সীমা নেই এমন (একটি রতন মাত্র তাহার আছিল অমূল্য—*মদ*; আর যত দিয়াছেন্ত রত্ন অমূলিত—*মসং*)। {*স.* অ(নঞ্)+মূল্য>; *বহু*}

অমৃত [অম্‌রিতো] *বি* ১ সুধা; পীযূষ; যা পান করলে অমর হওয়া যায় (চাতকে দেবে এককণা অমৃত হয় পাত—*ভন*)। ২ অতি উপাদেয় সুস্বাদু খাদ্য। ৩ জীবন রক্ষা করে এমন বস্তু। ৪ অমর সত্তা; দেবতা (অমৃতের পুত্র)। ৫ স্বর্গ; বেহেশ্‌ত। ৬ মোক্ষ। ❑ *বিণ* ১ অতি সুস্বাদু; রসনার তৃপ্তিদায়ক। ২ জীবন রক্ষা করে এমন। ৩ অমর। **~ত্ব** *বি* ১ অমরত্ব। ২ মুক্তি। **~বল্লি** *বি* গুলঞ্চ; গুড়ুচি। **~ভাষী** (-ষিন্‌) *বিণ* মিষ্টভাষী; প্রিয়বাদী। **~ভাষিণী** *স্ত্রী*। **~লোক** *বি* স্বর্গ; বেহেশ্‌ত; দেবলোক। **অমৃতায়মান** *বিণ* অমৃতের ন্যায় বোধ হয় এমন (অমৃতায়মান বচন পরম্পরা শ্রবণ গোচর করিয়া হাস্যমুখে বলিলেন—*ঈবি*)। {*স.* অ(নঞ্)+মৃত; *নতৎ*}

অমৃতি, আমৃতি [অম্‌রিতি, আম্‌রিতি] *বি* ১ জিলাপির ন্যায় মিষ্টান্নবিশেষ। ২ গলা-সরু পাত্রবিশেষ (এত বলি ঝারি বাটা অমৃতি লয়—*ভারা*)। {*স.* অমৃত+ইন্‌,>}

অমৃতোপম [অম্‌রিতোপমো] *বিণ* ১ অমৃতের ন্যায়; অমৃততুল্য। ২ অতি মধুর। ৩ জীবনদায়ক। {*স.* অমৃত+উপমা; *বহু*}

অমেধাবী [অমেধাবি] *বিণ* মেধাহীন; মেধা নেই এমন। {*স.* অ(নঞ্)+মেধাবী; *বহু*}

অমেধ্য [অমেদ্‌ধো] *বিণ* ১ অপবিত্র। ২ পুণ্যকর্মের উপযুক্ত নয় এমন; অযজ্ঞীয়। ❑ *বি* মল বিষ্ঠা ইত্যাদি অপবিত্র বস্তু (সর্ব অঙ্গে অমেধ্য পঙ্কের পরকাশ—*বৃদা*)। {*স.* অ(নঞ্)+মেধ্য; *নতৎ; বহু*}

অমেয় [অমেয়ো] *বিণ* ১ অপরিমেয় (কিন্তু যার পরমায়ু অমেয় অক্ষয়—*সুদ*; সূর্যের অমেয় মধু পান করে বর্ষীয়সী পৃথিবী অমর—*মুচৌ*)। ২ বৃহৎ; পরিমাপ করা যায় না এরূপ (একটি অমেয় সিঁড়ি মাটির উপর থেকে নক্ষত্রের আকাশে উঠেছে—*জীদা*)। {*স.* অ(নঞ্)+মেয়; *নতৎ*}

অমোঘ [অমোঘ্‌] *বিণ* ১ অব্যর্থ (অমোঘ ঔষধ)। ২ অপরিবর্তনীয়; অটল (সত্যি এ কী অমোঘ সঙ্কল্প—*মব*)। ৩ সফল; সার্থক। {*স.* অ(নঞ্)+মোঘ; *নতৎ*}

অম্বর [অম্‌বর্‌] *বি* ১ আকাশ (পূর্ণ মেঘে মেদুর অম্বর—*রঠা*)। ২ বস্ত্র (হাসি চন্দ্রমুখী মুখে ঝাঁপিলা অম্বর—*ভারা*)। ৩ শূন্য (ক্ষণে ভূমে ক্ষণেক অম্বরে—*কমু*)। ৪ এক প্রকার দাহ্য গন্ধদ্রব্য; ambergris। ৫ স্ত্রীলোকের বস্ত্র; শাড়ি (মূল্যবান নীলাম্বরী পরিহিতা রমণী)। {*স.* অম্ব+√রা+অ(ক), অথবা √অম্ব্‌+অর; *আ.* আম্বর عنبر}

অম্বরি, অম্বুরি [অম্‌বোরি, -বুরি] *বিণ* অম্বর দ্বারা সুবাসিত (এতক্ষণ শুধু অম্বরি তামাকের ধোঁয়ার কএটি ক্ষীণধারা বেরুচ্ছিল—*প্রচৌ*)। ❑ *বি* উগ্রতাহীন সুগন্ধি মিঠা তামাক (অম্বুরি অথবা ভেলসায় মানে না—কড়া তামাকের উপর কড়া তামাক খাইতে লাগিল—*প্যামি*)। {*আ.* আম্বরী عنبری}

অম্বল [অম্‌বোল্‌] *বি* ১ অম্ল; টক। ২ অম্লরোগ (একটু বেশি খাইলেই অম্বল হইত—*রঠা*)। ৩ এক প্রকার টকস্বাদবিশিষ্ট ঝোল (দই দম্বল টোকো অম্বল—*সুরা*)। {*স.* অম্ল> *প্রা.* অম্বিল>}

অম্বা, অম্বালিকা, অম্বিকা [অম্‌বা, -লিকা, ওম্‌বিকা] *বি* ১ পুরাণোক্ত তিন ভগিনী : কাশীরাজের জ্যেষ্ঠা কন্যার নাম 'অম্বা' দ্বিতীয়ার নাম 'অম্বিকা',—ইনি ধৃতরাষ্ট্রের জননী; কনিষ্ঠার নাম 'অম্বালিকা'—ইনি পাণ্ডুর জননী। ২ মাতা। ৩ হিন্দুদেবীবিশেষ; দুর্গা। {*স.* √অম্ব্‌+আ(টাপ্‌),+লা+ক(কন্‌)+আ(টাপ্‌),+ক(কন্‌)+আ(টাপ্‌)}

অম্বু [ওম্‌বু] *বি* জল; পানি। **~জ** *বিণ* ১ পানিতে জন্মেছে এরূপ; জলজাত। ❑ *বি* ১ পদ্ম। ২ শঙ্খ। **~জা** *বি স্ত্রী* ১ পদ্মিনী; নলিনী। ২ লক্ষ্মী। **~দ** *বি* বারিদ; জলদ; মেঘ (বোলে অম্বুদ ডম্বরু কম্বু বিষাণ—*নই*)। ❑ *বিণ* পানি দেয় এমন; জলদ; জলদানকারী। **~ধি, ~নাথ, ~নিধি** *বি* সমুদ্র; সাগর; জলধি; উদধি; দরিয়া; জলনিধি; পয়োধি; পয়োনিধি; অম্ভোধি; অম্ভোনিধি। **~বাচি, ~বাচী** *বি* জ্যৈষ্ঠ সংক্রান্তির পর সূর্যের মিথুন রাশিতে গমনকালে আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগের সময়—এই সময়ে হিন্দু বিধবাদের অগ্নিপক্ক খাদ্য গ্রহণ নিষিদ্ধ (অম্বুবাচীতে...দুধ খেলে সাপের ভয় ঘোচে—*রঠা*)। **~বাহ, ~বাহী** (-হিন্‌) *বিণ* জলবহনকারী। ❑ *বি* মেঘ। **~রাশি** *বি* সমুদ্র (নাদিল কম্বু অম্বুরাশি রবে—*মদ*)। {*স.* √অম্ব্‌+উ(কু)}

অম্বুরি ⇒ অম্বরি

অম্ভঃ (-ম্ভস্‌) [অম্‌ভহ্‌, সন্ধিতে অধিকাংশ ক্ষেত্রে অম্‌ভো] *বি* জল। **অম্ভোজ** *বিণ* জলজাত। ❑ *বি* ১ পদ্ম। ২ চন্দ্র। ৩ শঙ্খ। **অম্ভোদ** *বি* মেঘ। **অম্ভোধি, অম্ভোনিধি** *বি*

সমুদ্র (তদনন্তর মথ্যমান অম্ভোধির গর্ভ হইতে শীতল ময়ূখসম্পন্ন সৌম্য ও প্রসন্নমূর্তি চন্দ্র উৎপন্ন হইলেন—*ঈবি*)। { *স.* √অম্ভ্‌+ অস্‌(অসুন্‌)}

অম্র ⇒ আম্র

অম্রাত, অম্রাতক ⇒ আম্রাত

অম্ল [অম্‌ম্লো] *বি* ১ টক। ২ অম্বল; টক ব্যঞ্জন। ৩ রোগবিশেষ। ৪ দ্রাবক; অ্যাসিড। ☐ *বিণ* টকস্বাদযুক্ত। ~**তা** *বি* অম্লধর্মী অবস্থা; অম্লযুক্ততা; acidity। ~**পিত্ত** *বি* রোগবিশেষ; অম্ল ও পিত্তের আধিক্য জনিত অজীর্ণ রোগ। ~**মধুর** *বিণ* মিষ্ট কিন্তু ঈষৎ অম্লস্বাদযুক্ত (অম্লমধুর আম)। ~**জান** *বি* অক্সিজেন নামক গ্যাসবিশেষ; oxygen। { *স.* √অম্‌+ল(ক্ত)}

অম্লজান, অম্লতা, অম্লপিত্ত, অম্লমধুর ⇒ অম্ল

অম্লমিতি [অমম্লোমিতি] *বি* অম্লের পরিমাণাদি হিসাব করার বিদ্যা; acidimetry। { *স.* অম্ল+মিতি; ৬তৎ}

অম্লরাজ [অমম্লোরাজ] *বি* রাজাম্ল; নাইট্রিক এসিড ও হাইড্রোক্লোরিক এসিডের আনুপাতিক মিশ্রণ; aqua regia। { *স.* অম্ল+রাজ}

অম্লাক্ত [অমম্লাক্‌তো] *বিণ* টকস্বাদযুক্ত। { *স.* অম্ল+অক্ত; তৎ}

অম্লান [অমম্লান] *বিণ* ১ অমলিন। ২ অবিষণ্ণ; প্রফুল্ল। ৩ কুণ্ঠাহীন; দ্বিধাহীন (অম্লানবদনে মিথ্যা বলা)। ~**বদনে** *ক্রিবিণ* অসঙ্কোচে; দ্বিধাহীনভাবে। ~**মুখ** *বি, বিণ* প্রসন্ন বদন। { *স.* অ+ম্লান; নতৎ}

অম্লীকরণ [ওমম্লিকরোন্‌] *বি* অম্লে পরিণত করণ; acidification। **অম্লীকৃত** *বিণ* ঈষৎ অম্লে পরিণত বা অম্লযুক্ত করা হয়েছে এমন; acidulated। { *স.* অম্ল+চ্বি+>ঈ+করণ}

অম্লেয় [অমম্লেয়ো] *বিণ* মলিনতাবিরহিত; ম্লান হয় না এরূপ (কেমনে, অম্লেয় প্রেম, ধরি ভাষায় তোমাকে অবিকার—*বুব*)। { *স.* অম্ল+এয়(ঢক)}

অম্লোদ্গার [অমম্লোদ্‌গার] *বি* টক বা চুকা ঢেকুর। { *স.* অম্ল+উদ্গার; অম্লরসযুক্ত উদ্গার (*মধ্য.*)}

অযত্ন [অজত্‌নো] *বি* ১ যত্নের অভাব। ২ অবহেলা; অনাদর। ☐ *বিণ* যত্নহীন। ~**কৃত** *বিণ* বিনা কষ্টে বা চেষ্টায় সম্পাদিত। ~**বান, ~শীল** *বিণ* ১ নিশ্চেষ্ট। ২ অধ্যবসায়হীন। { *স.* অ(নঞ্)+যত্ন; *বহু*}

অযথা [অজথা] *বিণ* ১ অন্যায়; অনুচিত। ২ অমূলক; অসত্য; অপ্রকৃত। ৩ অনর্থক। ☐ *ক্রিবিণ* অন্যায়রূপে; অকারণে; খামাখা। ~**ভাবে** *ক্রিবিণ* অসঙ্গত উপায়ে। ~**ভূত** *বিণ* ১ অসম্পূর্ণ; অপূর্ণাঙ্গ (সেই অযথাভূত দর্শনশাস্ত্রের অযৌক্তিকতা সপ্রমাণ করিবার নিমিত্ত—*ঈবি*)। ২ (*দর্শন.*) উদ্দেশ্যের বিপরীত অর্থ প্রতিপাদক। { *স.* অ(নঞ্)+যথা; নতৎ}

অযথার্থ [অজথারথো] *বিণ* ১ মিথ্যা; যথার্থ নয় এমন। ২ অপ্রকৃত; অবাস্তব। ৩ অন্যায্য; অবৈধ। ৪ ভুল, বেঠিক। **অযথার্থতা** *বি*। { *স.* অ(নঞ্)+যথার্থ; নতৎ}

অযশ, অযশঃ (-শস্‌) [অজশ্‌/-শহ্‌] *বি* অখ্যাতি; নিন্দা; দুর্নাম; অপযশ। ☐ *বিণ* যশহীন। ~**স্কর** *বিণ* অখ্যাতিজনক। ~**স্বী** (-স্বিন্‌) *বিণ* ১ অখ্যাত। ২ কীর্তিহীন; অকীর্তিমান। { *স.* অ(নঞ্)+যশস্‌; নতৎ}

অযাচক [অজাচোক] *বিণ, বি* প্রার্থনা করে না যে; প্রার্থী নয় এমন। ~**বৃত্তি** *বি* প্রার্থনা না করে স্বেচ্ছায় প্রদত্ত বস্তুতে জীবন ধারণ (অযাচক বৃত্তি অবলম্বন)। *স.* অ+যাচক; নতৎ; বহু}

অযাচনীয়, অযাচ্য [অজাচোনিয়ো, অজাচ্‌চো] *বিণ* প্রার্থনার অনুপযুক্ত। { *স.* অ(নঞ্)+যাচনীয়, যাচ্য; বহু; নতৎ}

অযাচিত [অজাচিতো] *বিণ* প্রার্থনা করা হয়নি এমন; অপ্রার্থিত (অনাবশ্য, অনাদৃত, এনে দাও অযাচিত—*রঠা*)। ~**ভাবে** *ক্রিবিণ* ১ না চাইতেই; প্রার্থনা ব্যতীতই। ২ নিজে বা আপনা থেকেই। { *স.* অ(নঞ্)+যাচিত; নতৎ}

অযাজনীয়, অযাজ্য [অজাজোনিয়ো, অজাজ্‌জো] *বিণ* যাজনের বা যজ্ঞক্রিয়ার অনুপযুক্ত। **অযাজ্য-যাজন** *বি* ১ নিষিদ্ধ বা অবিহিত যজ্ঞের অনুষ্ঠান। ২ পতিতদের পৌরোহিত্য। **অযাজ্যযাজী** (-জিন্‌) *বিণ বি* অযাজ্যযাজনকারী। { *স.* অ(নঞ্)+যাজনীয়, যাজ্য; বহু; নতৎ}

অযাত্রা [অজাত্‌রা] *বি* ১ অশুভ যাত্রা; অপ্রশস্ত যাত্রা। ২ যে সময়ে কোথাও যাওয়া নিষেধ। ৩ যাত্রাকালীন অমঙ্গল-সূচক চিহ্ন বা লক্ষণাদি। { *স.* অ(নঞ্)+যাত্রা; নতৎ}

অযুক্ত [অজুক্‌তো] *বিণ* ১ অসংলগ্ন; সংযোগহীন; পৃথক। ২ অনুচিত; যুক্তিবিরুদ্ধ, অসঙ্গত (তিনি যে তাঁহার প্রতি এবংবিধ অযুক্ত আচরণ করিবেন, ইহা স্বপ্নের অগোচর—*ঈবি*)। **অযুক্তি** *বি* ১ কুযুক্তি, কুপরামর্শ। ২ সংযোগহীনতা। ৩ বিচারে অসঙ্গতি। ৪ অন্যায় বা ভুল বিচার ৫ অনৌচিত্য। **অযুক্তিযুক্ত** *বিণ* অযৌক্তিক। { *স.* অ(নঞ্)+যুক্ত; নতৎ}

অযুগত (*মব্য.*) [অজুগতো] *বিণ* অযুক্তিযুক্ত; অনুচিত (তুমি হৈলা বিপ্রগত, কার্য হৈল অযুগত—*সৈআ*)। { *স.* অযুক্ত>}

অযুগ্ম [অজুগ্‌মো] *বিণ* ১ বেজোড়। ২ পৃথক; আলাদা; স্বতন্ত্র; অসম্মিলিত। { *স.* অ(নঞ্)+যুগ্ম; নতৎ}

অযুত [অজুত্‌] *বিণ* যুক্ত নয়; বিযুক্ত; অসংখ্যযুক্ত। ☐ *বি, বিণ* দশ হাজার; দশ সহস্র। { *স.* অ(নঞ্)+যুক্ত>যুত; নতৎ}

অযোগ [অজোগ্‌] *বি* ১ যোগের অভাব; সম্বন্ধের অভাব। ২ বিচ্ছেদ; বিয়োগ। ৩ অনুপযোগিতা। ৪ অশুভ যোগ। ~**বাহ, ~বাহ বর্ণ** *বি* (*ব্যা.*) অনুস্বার (ং) ও বিসর্গ (ঃ) এই দুই বর্ণ; স্বর ও ব্যঞ্জনবর্ণের মধ্যে উল্লেখ নেই অথচ কার্য নির্বাহ করে এমন বর্ণ। { *স.* অ(নঞ্)+যোগ; বহু}

অযোগ্য [অজোগ্‌গো] *বিণ* ১ যোগ্য নয় এমন; অনুপযুক্ত। ২ অকর্মণ্য; অব্যবহার্য; অকেজো। ৩ অক্ষম। ৪ অন্যায্য **অযোগ্যা** *স্ত্রী*। **অযোগ্যতা** *বি*। { *স.* অ(নঞ্)+যোগ্য; নতৎ; বহু}

অযোধ্য [অজোদ্‌ধো] *বিণ* যুদ্ধ করার যোগ্য নয় এমন; অজেয়। { *স.* অ(নঞ্)+ √যুধ্‌+য(যৎ); বহু}

অযোধ্যা [অজোদ্‌ধা] *বি* রামের জন্মস্থানরূপে প্রসিদ্ধ প্রাচীন নগরী; বর্তমান ভারতের উত্তর প্রদেশের শহর বিশেষ। { *স.* অ(নঞ্)+√যুধ্‌+য(যৎ)+আ(টাপ্‌)(*স্ত্রী.*)}

অযোনি [অজোনি] *বিণ* জন্মরহিত। **~জ, ~সম্ভব, ~সম্ভূত** *বিণ* স্ত্রীজননেন্দ্রিয় জাত নয় এমন। □*বি* পরমেশ্বর, ব্রহ্মা। **~জা, ~সম্ভবা, ~সম্ভূতা** *বিণ স্ত্রী* অগর্ভজাত; স্ত্রীজননেন্দ্রিয় থেকে জাত নয় এমন (অযোনি-সম্ভবা কন্যা পরমা সুন্দরী—*বিগু*)। □*বি* সীতা; দ্রৌপদী। {*স.* অ(নঞ)+যোনি; *বহু*}

অযৌক্তিক [অজোউক্‌তিক্] *বিণ* যুক্তিপূর্ণ নয় এমন; যুক্তিবিরুদ্ধ। **অযৌক্তিকতা** *বি*। {*স.* অ(নঞ)+যুক্তি+ইক(ঠক্); *বহু*; *নতৎ*}

অয়ন [অয়োন্] *বি* ১ পথ। ২ *(জ্যোতি.)* সূর্যের গতি (দক্ষিণায়ন ও উত্তরায়ণ)। ৩ যুদ্ধভূমি। ৪ শাস্ত্র। ৫ সাধনার মার্গ (হীনযান)। ৬ আশ্রয়; অবলম্বন। **~বৃত্ত, ~মণ্ডল** *বি* রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্যের দৃশ্যমান গমন-পথ; ক্রান্তিবৃত্ত; ecliptic। **অয়নাংশ** *বি (জ্যোতি.)* সূর্যের ভ্রমণ-পথের অংশ বা পরিমাণ। {*স.* √অয়্+অন(ল্যুট্)}

অয়স (অয়স্) [অয়োশ্] *বি* লৌহ। **অয়স্কঠিন** *বিণ* ১ লোহার মতো শক্ত। ২ অত্যন্ত কঠিন (অয়স্কঠিন ব্রত—*প্রেমি*)। **অয়স্কর্ষণী** *বি* চৌম্বক শক্তি, magnetic power। **অয়স্কান্ত** *বি* চুম্বকপাথর; magnet (অয়স্কান্তে আকৃষ্ট লৌহের ন্যায়—*ঈবি*)। {*স.* √অয়্+অস(অসুন্)}

অয়ি, অয়ে (বিরল) [ওয়ি, অয়ে] *অব্য* ভক্তি প্রেম বা স্নেহসূচক সম্বোধনবিশেষ (অয়ি ভুবনমনোমোহিনী! অয়ি নির্মলসূর্যকরোজ্জ্বল ধরণী! জনক জননী—*রঠা*)। {*ফা.* **আয়** ای ; *তুল. স.* অয়ি= √অয়্ (গমন করা)+সংজ্ঞার্থে 'ই' প্রত্যয়}

অয়েল [অয়েল্] *বি* তৈল; তেল; oil। **~ করা** *ক্রি* যন্ত্রাদি ঠিকমতো চালু রাখার জন্য তৈল প্রদান করা। **~ক্লথ** *বি* জল প্রবেশ করতে না পারে এরূপ তেলতেলে কাপড়বিশেষ; oilcloth। **~ পেইন্টিং** *বি* তৈলচিত্র; oil painting (অয়েল পেন্টিং, মূল্যবান ফ্রেমে বাঁধানো—*শচ*)। **~ পেপার** *বি* তেলা কাগজবিশেষ; oil paper। **অয়েল্ড** *বিণ* তেল দেওয়া হয়েছে এমন; তেল মাখানো হয়েছে এমন; olied (সেটা আবার রোজই অয়েল্ড হচ্ছে, তার কোথাও একটু জং ধরে না—*নই*)। {ই. oil}

অয়োময় [অয়োময়] *বিণ* লৌহময়; লৌহকঠিন। {*স.* অয়স্+ময়; *নতৎ*}

অয়োমুখ [অয়োমুখ্] *বিণ* লৌহময় মুখবিশিষ্ট। □*বি* লৌহের অগ্রভাগযুক্ত বাণ। {*স.* অয়স্+মুখ; *বহু*}

অর [অর্] *বি* ১ চাকার পাখি; spoke (গরুড় তৎক্ষণাৎ অঙ্গসংকোচ করিয়া অরমধ্যবর্তী স্থান দ্বারা তন্মধ্যে প্রবিষ্ট হইলেন—*ঈবি*)। ২ ব্যাসার্ধ; radius। {*স.* √ঋ+অ(অচ্)}

অরক্ষণীয়, অরক্ষ্য [অরোকখোনিয়ো, অরোকখো] *বিণ* রক্ষা করা যায় না এমন। **অরক্ষণীয়া** *বিণ স্ত্রী* অবিবাহিতা রাখা যায় না বা রাখা অনুচিত এমন (অচিন্তনীয়া অরক্ষণীয়া বিশ্বতরুণীর উদ্দেশে—*রাব*)। {*স.* অ(নঞ)+রক্ষণীয়, রক্ষ্য; *বহু*; *নতৎ*}

অরক্ষিত [অরোকখিতো] *বিণ* ১ রক্ষা করা হয়নি এমন। ২ রক্ষা ব্যবস্থাহীন; unprotected; open (... অথচ গৃহ অরক্ষিত রাখিয়া ... —*রঠা*)। ৩ সুরক্ষিত নয় এমন; অসহায় (যাহার মধ্যে একটি অসামান্য মর্যাদা আছে সেই সবচেয়ে বেশি অরক্ষিত—*রঠা*)। ৪ অপালিত (অরক্ষিত নিয়ম)। ৫ অসঞ্চিত। {*স.* অ(নঞ)+রক্ষিত; *নতৎ*}

অরক্ষ্য ⟹ অরক্ষণীয়

অরঘট্ট [অরোঘটটো] *বি* ১ কূপ থেকে জল তুলবার যন্ত্র বা আধার। ২ কূপ; কুয়া। {*স.* অর+ঘট্ট}

অরচিত [অরোচিতো] *বিণ* এখনও রচনা করা হয়নি এমন (অরচিত দূর যজ্ঞভূমে—*রঠা*)। {*স.* অ(নঞ)+রচিত; *বহু*; *নতৎ*}

অরজা, অরজাঃ, অরজস্কা [অরোজা, অরোজাহ্, অরজোশ্‌কা] *বিণ* এখনো ঋতুমতী হয়নি এমন (অরজা বালিকা)। {*স.* অ(নঞ)+রজস্; *বহু*}

অয়্যারিং [অয়ারিং] *বি* বিদ্যুতের তার স্থাপনা। {*ই.* wiring}

অরণি, অরণী [অরোনি] *বি* ১ চকমকি পাথর, flint (সে অরণি প্রস্তর হইতে শিশির আবির্ভাব করিতে পারিত—*মোহ*)। ২ অগ্নিমন্থন কাষ্ঠ; যে কাষ্ঠ ঘষে অগ্নি উৎপাদন করা হয়। {স √ঋ+অনি, ঈ(ঙীপ্)}

অরণ্য [অরোননো] *বি* বন; জঙ্গল। **~চর** *বিণ* অরণ্যে বাস করে এমন (দণ্ডক অরণ্যচর ক্ষুদ্র প্রাণী যত—*মদ*)। **~ষষ্ঠী** *বি* জ্যৈষ্ঠ মাসে পালিত হিন্দু ব্রত বা পূজাবিশেষ; জামাইষষ্ঠী। **অরণ্যানী** *বি* বিশাল অরণ্য; মহাবন (তোমরা পদ্মাবতীকে কোন অরণ্যানীতে পরিত্যাগ করিয়া ত্বরায় আমাকে সংবাদ দিবে—*ঈবি*)। **অরণ্যে রোদন**—বৃথা ক্রন্দন; বৃথা অনুনয়-বিনয়। {*স.* √ঋ+অন্য}

অরতি [অরোতি] *বি* প্রীতির অভাব; বিরক্তি। {*স.* অ(নঞ)+রতি; *নতৎ*}

অরদ [অরদ্] *বিণ* দন্তহীন (বুড়ারও অরদ-অধরে মধুর হাসিটি উঠিছে ফুটি—*মোম*)। {*স.* অ(নঞ)+রদ; *বহু*}

অরন্ধন [অরনধন্] *বি* ১ হিন্দুমতে যে দিনে রন্ধন নিষিদ্ধ; ভাদ্রসংক্রান্তি। ২ রন্ধন না করা; রন্ধনে ক্ষান্তি। {*স.* অ(নঞ)+রন্ধন; *নতৎ*}

অরব [অরব্] *বি* শব্দাভাব; নিঃশব্দ। □*বিণ* রবশূন্য; নিঃশব্দ; মূক। **অরবে** *ক্রিবিণ* নিঃশব্দে; নির্বাক হয়ে; নীরবে (বসেছে অরবে শাখে পাখী—*মদ*)। {*স.* অ(নঞ)+রব; *বহু*}

অরবিন্দ [অরোবিন্‌দো] *বি* পদ্ম; কমল (পূর্ণশশী নিন্দে মুখে নিন্দে অরবিন্দ—*দৌবা*)। {*স.* অর+√বিন্দ+অ(শ)}

অরাতি [অরাতি] *বি* শত্রু; অরি (কে আছে সীতার আর এ অরাতিপুরে—*মদ*)। □*বিণ* হিংস্র। {*স.* √ঋ+অরু}

অরসজ্ঞ, অরসিক [অরশোগগো, অরোশিক্] *বিণ* রসজ্ঞানশূন্য; বেরসিক। **অরসজ্ঞা, অরসিকা** *স্ত্রী*। **অরসিকেষু**—অরসিককে। {*স.* অ(নঞ)+রসজ্ঞ, রসিক; *বহু*; *নতৎ*}

অরাজক [অরাজক্] *বিণ* ১ রাজাশূন্য। ২ শাসনবিহীন (একটা অনির্দেশ্য অরাজক স্থান আছে—*রঠা*)। ৩ বিশৃঙ্খল। **অরাজকতা** *বি*। {*স.* অ(নঞ)+রাজা+ক(সামাসান্ত কপ্); *বহু*}

অরাজি, অরাজী [অরাজি] *বিণ* রাজি নয় এমন; গররাজি (তিনি স্বরাজী, না অরাজী- -*রাব*)। { *রা.* অ+ আ. রাদি راضی ; *নতৎ* }

অরাতি [অরাতি] *বি* অরি; শত্রু; রিপু; বৈরী (অরাতি নিকরে কাঁরি লণ্ড ভণ্ড—*হেমে*)। ~ **দমন** *বিণ* শত্রু দমনকারী। ▢*বি* শত্রুকে দমনকরণ। { *স.* অ(নঞ)+ √রা+তি; *নতৎ* }

অরাল [অরাল] *বিণ* নত; বক্র; বঙ্কিম (পাকা দ্রাক্ষার অরাল লতায় তোমারই তনুর মদিরা ভরা—*সুদ*)। ▢*বি* ১ মত্ত হস্তী ২ ধুনা। **অরালা** *স্ত্রী*। { *স.* অর+আ+ √লা+অ(ক) }

অরি [ওরি] *বি* শত্রু; বৈরী। ~**ন্দম** *বিণ* শত্রু দমন করে এমন; শত্রুদমনকারী (অরিন্দম ইন্দ্রজিৎ—*মদ*)। ~**মর্দন** *বিণ* অরিন্দম। ▢*বি* শত্রুদমন। ~**মিত্র** *বি* শত্রুর বন্ধু। { *স.* √ঋ+ই }

অরিত্র [ওরিত্‌ত্রো] *বি* ১ নৌকার হাল। ২ দাঁড়। { *স.* √ঋ+ইত্র }

অরিন্দম ⇒ অরি

অরিষ্ট [ওরিশ্‌টো] *বি* ১ আয়ুর্বেদীয় তরল ঔষধবিশেষ। ২ দুর্লক্ষণ। ৩ মরণচিহ্ন। ৪ আসব; মদ; fermented wine। ৫ রিঠা; রিঠে। { *স.* অ(নঞ)+রিষ্ট; *নতৎ* }

অরিহ [ওরিহ] *বিণ* রিপুনাশক; শত্রুনাশক; শত্রুঘাতক। ▢*বি* সূর্য। { *স.* অরি+ √হন+অ(ড) }

অরীতি [অরিতি] *বি* অনিয়ম; অপ্রথা। ২ কুপ্রথা। { *স.* অ(নঞ)+রীতি; *নতৎ* }

অরু[1] (*ব্র.*) [ওরু] *বিণ* রক্তবর্ণ সুন্দর বদন (চারু অরু লোচন কাজরে রঞ্জিত ভেলা—*বিপ*)। { *স.* অরুণ>অরু }

অরু[2] (*ব্র.*) [ওরু] *অব্য* আর; অপর (একদিন হেরি হরি হসি হসি যায়। অরু দিন নাম ধরি মুরলি বাজায়॥—*বিপ*)। { *স.* অপর>অবর>অওর>অরও>অরু }

অরুগি, অরোগী(-গিন্) [অরুগি, -রো-] *বিণ* সুস্থ; রোগহীন (সপুত্র বান্ধব হৌক অরুগি চিরায়ু—*সৈআ*)। *স.* অ(নঞ)+রোগিন্>; *বহু; নতৎ* }

অরুগ্ন [অরুগ্‌নো] *বিণ* রুগ্ন নয় এমন; সুস্থ; স্বাস্থ্যবান (অরুগ্ন বলিষ্ঠ হিংস্র নগ্ন বর্বরতা—*রঠা*)। { *স.* অ(নঞ)+ রুগ্ন; *বহু; নতৎ* }

অরুচি [অরুচি] *বি* ১ বিতৃষ্ণা বা অনিচ্ছা (খাদ্যে অরুচি ধরে গেছে)। ২ মুখে খাদ্যমাত্র বিস্বাদ লাগা রোগ। ৩ অপ্রীতি; বিরাগ। ~**কর** *বিণ* অপ্রীতিকর; বিরক্তিকর। ~**ধরা** *ক্রি* বিরূপ মনোভাবের সৃষ্টি হওয়া। { *স.* অ+রুচি; *নতৎ* }

অরুণ [ওরুন্] *বি* ১ সূর্য। ২ তরুণ সূর্য; বালার্ক; নবোদিত সূর্য। ৩ উষা বা সন্ধ্যাকালীন সূর্যের দীপ্তি; উষা বা সন্ধ্যারাগ (শিশির ভেজা ঘাসে ঘাসে অরুণ রাঙা চরণ ফেলে—*রঠা*)। ৪ সূর্য-সারথি। ▢*বিণ* ১ রক্তবর্ণ (অরুণ অরবিন্দ সম তরুণ এ হৃদয়—*সদ*)। ২ কৃষ্ণাভ রক্তবর্ণ। ৩ আরক্ত। ~ **বর্ণ** *বিণ* অব্যক্ত রক্তবর্ণ (কপোলদ্বয় অরুণ বর্ণ হইয়া উঠিয়াছিল—*রঠা*)। ~**লোচন** *বিণ* রক্তচক্ষু। ~**সারথি** *বি* সূর্য। **অরুণা** *বিণ স্ত্রী*. অরুণবর্ণ বিশিষ্টা। ▢*বি* গরুড় ও সূর্যসারথির ভগ্নি; অপ্সরাবিশেষ (অরুণার রশ্মিরাগে রাঙিয়াছে উষার আকাশ—*শাহো*)। **অরুণিত** *বিণ* রক্তবর্ণ-প্রাপ্ত। **অরুণিম** *বিণ* রক্তবর্ণ আভাবিশিষ্ট (দূর আকাশের অরুণিম উৎসবে- *রঠা*)। **অরুণিমা** *বি* রক্তিমা; গোলাপি আভা। **অরুণোদয়** *বি* ১ উষা; উষাকাল; সূর্যোদয়ের প্রাক্কাল। ২ নব সূর্যের আবির্ভাব। **অরুণোপল** *বি* রক্তবর্ণ মণিবিশেষ; চুনি বা পদ্মরাগ মণি। { *স.* √ঋ+উন্ }

অরুন্তুদ [ওরুন্‌তুদ্] *বিণ* ১ মর্মঘাতী; মর্মভেদী (এলায়ে বিশাল জটা; অরুন্তুদ; অশনি আস্ফালি—*মদ*)। ২ অতিশয় হৃদয়বিদারক (দাঁড়ায়ে তেমনি তাজ অরুন্তুদ বিয়োগ কাহিনী—*শাহো*)। { *স.* অরুস্ (=মর্মস্থল) + √তুদ্(পীড়া দেওয়া)+অ(খচ) }

অরুন্ধতী [ওরুন্‌ধোতি] *বি স্ত্রী*. ১ সপ্তর্ষিমণ্ডল পরিবেষ্টিত ক্ষীণ নক্ষত্রবিশেষ (কোথা গো সপ্ত ঋষি কোথা আজ ?—কোথায় অরুন্ধতী ? -*সদ*)। ২ বিবশিষ্ঠ মুনির পত্নী। { *স.* অ+ √রুধ্+ত(ক্ত)+ঈ(স্ত্রী.) }

অরূপ [অরূপ্] *বিণ* নিরাকার (তোমার অরূপ মূর্তিখানি—*রঠা*)। ▢*বি* নিরাকার ঈশ্বর; আল্লাহ (অরূপ তোমার বাণী/ অঙ্গে আমার চিত্তে আমার/ মুক্তি দিক সে আনি—*রঠা*)। **অরূপা** *বিণ স্ত্রী*. নিরাকার; আকারহীনা (অরূপ সে, অলক্ষিত আলোকে আসীনা—*রঠা*)। { *স.* অ(নঞ)+রূপ; *বহু* }

অরে [অরে, ও] *অব্য* সম্বোধনসূচক শব্দ; (তুচ্ছার্থে) ওরে। { *স.* অরেরে }

অরোরা [অরোরা] *বি* ১ উষাকাল। ২ হিন্দু ও গ্রিক মতে উষা দেবী (না-দিন না-রাত্রির দেশে একাকিনী অরোরা আলো বিতরণ করেন -*অঠা*)। ৩ মেরুজ্যোতি। { *ই.* aurora }

অর্ক [অর্‌কো] *বি* ১ সূর্য (অর্ক চন্দ্র একত্রে মিলিল স্নেহ ধরি—*সৈআ*)। ২ স্ফটিক; আতসী পাথর; rock crystal। ৩ কিরণ; আলোক; ৪ আকন্দ গাছ (ক্ষুধার্ত হইয়া অর্কপত্র ভক্ষণ করিলেন—*ঈবি*)। ৫ তাম্র। ~**পত্র** *বি* ১ আকন্দ গাছ। ২ আকন্দ গাছের পাতা। ~**ফলা** *বি* ১ শিখা; টিকি (তর্ক যাদের অর্কফলার তুমুল আন্দোলন—*সদ*)। ২ রেফ চিহ্ন। ~**বৃক্ষ**, ~**পাদপ** *বি* নিমগাছ। **অর্কাঘাত** *বি* সর্দিগর্মি। ~**তাপত্তি** *বি* স্ফটিকে পরিণত হওয়া, crystallization। { *স.* √অর্চ্+ অ(ঘঞ) }

অর্কিড, আর্কিড [অর্‌কিড্,আ-] *বি* পরগাছা (আর্কিড-এর মত তার আকারের অপূর্বতা—*প্রচৌ*)। { *ই.* orchid }

অর্গল [অর্‌গল্] *বি* ১ খিল; দরজার হুড়কা (এতটুকু পড়তেই যেন মনের অর্গল খুলে গেল—*নই*)। ২ প্রতিবন্ধক; বাধা; অন্তরায়। **অর্গলিকা, অর্গলি** *বি স্ত্রী*. ক্ষুদ্র অর্গল; ছিটকিনি। **অর্গলিত** *বিণ*। { *স.* √অর্জ্>অল(কলচ্) }

অর্গান, অর্গ্যান [অর্‌গান্,-গ্যা-] *বি* এই নামের বাদ্যযন্ত্র (অর্গানের শঙ্খনাদে জেগে, চরাচর ডুবাল উর্বর মোক্ষে—*সুদ*)। { *ই* organ }

অর্ঘ [অর্‌ঘো] *বি* ১ মূল্য (মহার্ঘ)। ২ হিন্দুদের পূজার উপকরণ; পূজোপচার। ৩ পূজা। { *স.* √অর্ঘ+অ(ঘঞ) }

অর্ঘ্য [অর্‌ঘো] *বি* ১ হিন্দুদের পূজার উপকরণ। ২ সম্মানিত ব্যক্তিকে সংবর্ধনার জন্য প্রদত্ত মালা ইত্যাদি

উপচার। ◻ *বিণ* পূজনীয়; উপাস্য। ~**পাত্র** *বি* সম্মান প্রদর্শনার্থে প্রয়োজনীয় উপকরণ রাখার পাত্র (শীঘ্র কুটীর হইতে অর্ঘ্যপাত্র লইয়া আইস—*ঈবি*)। {*স.* √অর্ঘ্+য(যৎ)}

অর্চক [অরচক] *বি* যে অর্চনা করে; পূজক। {*স.* √অর্চ্+অক(ণ্বুল)}

অর্চন, অর্চনা [অরচন/–চো–, অরচোনা] *বি* উপাসনা; পূজা। **অর্চনীয়, অর্চ্য** *বিণ* পূজনীয়; পূজ্য; উপাস্য। **অর্চিত** *বিণ* পূজিত; উপাসিত। {*স.* √অর্চ্+ণিচ্+অন(যুচ্),+আ(টাপ্)}

অর্চা [অরচা] *বি* ১ পূজা। ২ প্রতিমা (পূজাঅর্চা)। {*স.* √অর্চ্+অ+আ}

অর্চি, অর্চিঃ(–র্চিস্) [ওরচি, ওরচিহ্] *বি* ১ শিখা। ২ জ্বালা। ৩ দীপ্তি। ৪ সূর্যকিরণ; অংশু। {*স.* √অর্চ্+ইন, ইস্(ইসি)}

অর্চিত, অর্চ্য ⇒ অর্চন

অর্জক, অর্জয়িতা(–তৃ) [অরজোক, –য়িতা] *বিণ* অর্জনকারী। **অর্জিকা, অর্জয়িত্রী** *স্ত্রী*। {*স.* √অর্জ্+অক(ণ্বুল),+ তৃ(তৃচ)}

অর্জন [অরজোন] *বি* ১ উপার্জন; রোজগার; আয়। ২ [illegible] দ্বারা প্রাপ্তি। ৩ লাভ। **অর্জিত** *বিণ* উপার্জিত; [illegible] দ্বারা প্রাপ্ত; চেষ্টালব্ধ (অর্জিত জ্ঞান)। {*স.* √অর্জ্+[illegible](ল্যুট্)}

[illegible]র্জয়িতা, অর্জয়িত্রী, অর্জিকা ⇒ অর্জক

[illegible] ⇒ অর্জন

[illegible] [[illegible]জুন] *বি* ১ পাণ্ডবদের তৃতীয় ভ্রাতা; ধনঞ্জয়; [illegible]। ২ নেত্ররোগবিশেষ; আঞ্জনি। ৩ বৃক্ষবিশেষ। ৪ [illegible] পুরাণোক্ত কৃতবীর্যের পুত্র; কার্তবীর্য। {*স.* [illegible](উনন)}

[illegible] [[illegible]] *বি* ১ হুকুম (অর্ডার করা)। ২ ফরমায়েশ ([illegible] অর্ডার দেওয়া)। **অর্ডারি** *বিণ* ফরমায়েশি; [illegible] অনুযায়ী কৃত বা নির্মিত (অর্ডারি মাল)। {*ই.* [illegible]}

[illegible] [[illegible], –নো] *বি* সমুদ্র (রক্নোবর, মহিমার অর্ণব [illegible])। ~**তরি**, ~**পোত**, ~**যান** *বি* সমুদ্রগামী [illegible] অর্ণবপোতে আরোহণ করিলাম—*ঈবি*)। {[illegible]}

অর্থ[1] [illegible] *বি* ১ ধন; টাকাকড়ি; বিত্ত; সম্পত্তি ([illegible])। ২ প্রয়োজন; উদ্দেশ্য; হেতু (দেশ সেবার্থে [illegible])। ৩ [illegible] (যথার্থ)। ৪ জাগতিক সৌভাগ্য ([illegible])। ৫ ইচ্ছা; অভিলাষ; প্রার্থনা ([illegible])। ৬ ধনবিজ্ঞান (অর্থশাস্ত্র)। ৭ জ্ঞাতব্য বিষয় ([illegible])। ৮ কাম্যবস্তু (পুরুষার্থ)। ~**কর** *বিণ* আয়জনক; উদ্দেশ্যসাধক। ~**করী** *বিণ* অর্থোপার্জনে সহায়ক; আয়জনক (অর্থকরী বিদ্যা)। ~**কষ্ট**, ~**কৃচ্ছ্র** *বি* টাকা–পয়সার অভাবহেতু ক্লেশ বা কষ্ট; দারিদ্র্য। ~**কামী** (–মিন্) *বিণ* অর্থ বা টাকা পয়সা কামনা করে এমন। ~**কৃচ্ছ্র** ⇒ ~**কষ্ট**। ~**গৃধ্নু**, ~**পর**, ~**পরায়ণ** *বিণ* ধনলোভী; ধনসর্বস্ব; কৃপণ। ~**চিন্তা** *বি* উপার্জনের জন্য ভাবনা বা চিন্তা। ~**চেষ্টা** *বি* ধন উপার্জনের চেষ্টা। ~**দণ্ড** *বি* জরিমানা; ফাইন। ~**নীতি** *বি* ধনবিজ্ঞান; economics। ~**পর**, ~**পরায়ণ** ⇒ ~**গৃধ্নু**। ~**পিশাচ** *বিণ*, *বি* পাপ–পুণ্যের বিচার না করে অর্থ সঞ্চয়ে প্রয়াসী; আদর্শবিহীন–রূপে ব্যয়কুণ্ঠ। ~**প্রদ** *বিণ* অর্থ দেয় বা দান করে এমন। ~**প্রাপ্তি** *বি* অর্থলাভ; ধনলাভ (অর্থপ্রাপ্তিযোগ)। ~**বান** *বিণ* অর্থশালী; ধনবান। ~**বিদ্যা** *বি* অর্থবিষয়ক বিদ্যা; অর্থনীতি; economics। ~**বিনিয়োগ** *বি* টাকা খাটানো বা নিয়োগ করা; investment (ব্যবসায়ে অর্থবিনিয়োগ)। ~**বৈকল্প** *বি* কথার ফাঁকি; ব্যপদেশ। ~**ব্যয়** *বি* টাকা খরচ। ~**ভাগ্য** *বি* অর্থলাভের অদৃষ্ট; অর্থের সৌভাগ্য। ~**ভাণ্ডার** *বি* তহবিল; কোষ। ~**শালী** (–লিন্) *বিণ* ধনবান; ধনী। ~**শাস্ত্র** *বি* ১ ধনবিজ্ঞান। ২ রাজনীতিশাস্ত্র; রাষ্ট্রবিজ্ঞান (চাণক্য তায় দায়ে না আমল; অর্থশাস্ত্রে নেহাৎ সে নামকাটা—সুদ)। ৩ নীতিশাস্ত্র; ethics। ~**শূন্য** *বিণ* ধনহীন। ~**সংস্থান** *বি* ধন আহরণ সঙ্গতি। ~**সঙ্কট**, ~**সমস্যা** *বি* অর্থাভাবজনিত বিপদ বা সমস্যা। ~**সিদ্ধি** *বি* উদ্দেশ্য সিদ্ধি; প্রয়োজন সাধন। ~**হানি** *বি* ধনক্ষয়। ~**হীন** *বিণ* ধনশূন্য। **অর্থাগম** *বি* ধনপ্রাপ্তি। **অর্থোপার্জন** *বি* টাকা আয়। {*স.* √অর্থি+অ(অচ্)}

অর্থ[2] [অরথো] *বি* শব্দের তাৎপর্য; মানে। ~**গৌরব** *বি* (*অল.*) সাহিত্যে ভাবের গুরুত্ব। ~**গ্রহ** *বি* অর্থবোধ। ~**বাদ** *বি* বিশেষ তাৎপর্যমণ্ডিত উক্তি। ২ স্তুতিবাদ। ৩ নিন্দাবাদ। ~**বিদ**, ~**বিৎ** *বিণ* ১ শব্দার্থবেত্তা। ২ তত্ত্বজ্ঞ। ~**সঙ্গতি** *বি* তাৎপর্যের অভিন্নতা; ভাবের সামঞ্জস্য। **অর্থাগম** *বি* অর্থ উদ্ধার; তাৎপর্য গ্রহণ (এ জাতীয় উপমা অর্থাগমের সহায় নয়; এমন কি অনেক সময়ে প্রাঞ্জলতার পরিপন্থী—সুদ)। {*স.* √অর্থ+অ(অচ্)}

অর্থাৎ [অরথাত্] *অব্য* মানে; এর মানে। {*স.* অর্থ+আৎ, ৫মী *একব*}

অর্থান্তর [অরথান্তর] *বি* ১ অর্থভেদ। ২ ভিন্ন অর্থ বা অপর তাৎপর্য। ~**ন্যাস** *বি* (*অল.*) বিশেষের দ্বারা সামান্যকে বা সামান্য দ্বারা বিশেষকে সমর্থন; corroboration (যথা—কেন পান্থ ক্ষান্ত হও হেরি দীর্ঘপথ? উদমে বিহনে কার পুরে মনোরথ?—*কৃম*)। {*স.* অর্থ+অন্তর; *নিত্য.*}

অর্থাপত্তি [অরথাপোত্তি] *বি* ১ (*অল.*) কাব্যালঙ্কার বিশেষ। ২ অনুমানের সাহায্যে সিদ্ধান্ত প্রাপ্তি (তবু প্রতিযোগী অর্থাপত্তির আপত্তি বিপত্তি মনীষার আপোষে সত্যই মেটে কিনা সন্দেহ—সুদ)। {*স.* অর্থ+আপত্তি}

অর্থিত [ওরথিতো] *বিণ* ১ প্রার্থিত; যাচিত। ২ জিজ্ঞাসিত। {*স.* √অর্থ+ত(ক্ত)}

অর্থী (–র্থিন্) [ওরথি] *বিণ* ১ প্রার্থনাকারী; যাচক (অর্থী প্রার্থী বাদী প্রতিবাদী—*রঠা*)। ২ অভিলাষী; কামী (বিদ্যার্থী)। ৩ ধনবান; বিত্তশালী। ৪ বাদী; অভিযোক্তা। {*স.* √অর্থ্+ইন্}

অর্ধ, অধ (*ম.*) [অরধো, অধ] *বি* আধা; দুইভাগের একভাগ। ◻ *বিণ* ১ আধাআধি; আধা (অধ নদী গেলে পুনি বহে খর বাএ—*বচন্দা*)। ২ অসম্পূর্ণ (অর্ধসমাপ্ত)। ◻ *ক্রিবিণ* আংশিকভাবে (অর্ধভুক্ত)। ~**চন্দ্র** *বি* ১ অর্ধ প্রকাশিত চন্দ্র। ২ (*বা.*) গলাধাক্কা (এঁরাই আবার অর্ধচন্দ্র

পেয়ে চৌকাঠের বাইরে এসে—*নই*)। ৩ এক ধরনের সেনা সমাবেশ। ৪ মুসলমানদের ধর্মীয় পতাকা (হইল উজ্জ্বল... অর্ধচন্দ্র—*নসে*)। ~**চন্দ্রাকার**, ~**চন্দ্রাকৃতি** *বিণ* অর্ধচন্দ্রের আকৃতিবিশিষ্ট। ~**নারীশ্বর** *বি* হিন্দুদের এক দেহে মিলিত হরগৌরীর যুগল মূর্তি। ~**নিমগ্ন** *বিণ* অর্ধভাগ ডুবানো আছে এমন। ~**নিমীলিত**, ~**মুদ্রিত** *বিণ* আধ বোজা। ~**নির্মিত** *বিণ* ১ আধগড়া; অর্ধেক প্রস্তুত হয়েছে এমন। ২ অসম্পূর্ণ। ~**পথ** *বি* মাঝপথ। ~**পরিস্ফুট** *বিণ* অস্পষ্ট। ~**বয়স্ক** *বিণ* মাঝবয়সী; প্রৌঢ়। **অর্ধাবনমিত** *বিণ* অর্ধনত; অর্ধেক বাঁকানো (অর্ধাবনমিত দেহে রুকু করিল—*কাই*)। ~**ব্যক্ত** *বিণ* অর্ধস্ফুট; অস্পষ্ট; আধো আধো (গৃহময়ূরকণ্ঠে অর্ধব্যক্ত কেকার অপরার্ধ আর ফুটিল না—*বচ*)। ~**মুদ্রিত** ⇒ ~**নিমীলিত**। ~**মূর্ছিত** *বিণ* প্রায় অজ্ঞান; সামান্য জ্ঞান আছে এমন। ~**মূর্ছিতা** (এখনও আমার সহচরী অর্ধমূর্ছিতা রহিয়াছেন—*বচ*)। ~**রাত্র**, ~**রাত্রি** *বি* মাঝরাত; মধ্যরাত্র। ~**শত** *বিণ* পঞ্চাশ। ~**স্ফুট** *বিণ* অর্ধোচ্চারিত; আধো আধো। { *স.* √ঋধ্+অ(ঘঞ্); অর্ধ+অ(অচ্)}

অর্ধাংশ [অরধাঙশো] *বি* দুই ভাগের এক ভাগ। { *স.* অর্ধ+অংশ; *কর্মধা.*}

অর্ধাঙ্গ [অরধাঙগো] *বি* ১ দেহের অর্ধাংশ। ২ পতি; স্বামী। ৩ আংশিক পক্ষাঘাত। **অর্ধাঙ্গী**, **অর্ধাঙ্গিনী** *বি স্ত্রী.* পত্নী; স্ত্রী। [তুল. *ই* better half]। { *স.* অর্ধ+অঙ্গ}

অর্ধাবশিষ্ট [অরধাবোশিশটো] *বিণ* অর্ধেক অবশিষ্ট বা বাকি আছে এমন। { *স.* অর্ধ+অবশিষ্ট; *কর্মধা.*}

অর্ধার্ধ [অরধারধো] *বি* অর্ধেকের অর্ধেক; সিকি অংশ। { *স.* অর্ধ+অর্ধ; ৬তৎ}

অর্ধার্ধি [অরধারধি] *বি* আধাআধি। { *স.* অর্ধ+অর্ধ (নিপাতনে)+*বা.* ই; *দ্বন্দ্ব*}

অর্ধাশন [অরধাশোন] *বি* অশনের অর্ধভাগ; আধপেটা আহার। { *স.* অর্ধ+অশন; ৬তৎ}

অর্ধাসন [অরধাশোন] *বি* আসনের অর্ধভাগ। { *স.* অর্ধ+আসন; তৎ}

অর্ধেক [অরধেক] *বি* দুই ভাগের একভাগ; অর্ধভাগ। { *স.* অর্ধ+এক; তৎ}

অর্ধেন্দু [অরধেনদু] *বি* ১ পূর্ণরূপে উদিত হয়নি এমন চন্দ্র। ২ চন্দ্রের অর্ধভাগ; অর্ধচন্দ্র। { *স.* অর্ধ+ইন্দু; ৬তৎ}

অর্ধোচ্চারিত [অরধোচ্চারিতো] *বিণ* অস্পষ্ট বা অসম্পূর্ণভাবে উচ্চারিত। { *স.* অর্ধ+উচ্চারিত; *কর্মধা.*}

অর্ধোদয় [অরধোদয়] *বি* পৌষ বা মাঘ মাসের অমাবস্যায় দিবাভাগে রবিবারে শ্রবণা-নক্ষত্র ও ব্যতীপাতঘটিত যোগবিশেষ। { *স.* অর্ধ+উদয়; *মধ্য.*}

অর্ধোদিত [অরধোদিতো] *বিণ* ১ সম্পূর্ণ উদিত হয়নি এমন। ২ অর্ধেক উদিত। { *স.* অর্ধ+উদিত; *কর্মধা.*}

অর্পণ [অরপোন] *বি* ১ দান। ২ প্রদান। ৩ ন্যস্তকরণ। ৪ সংস্থাপন। ৫ নিক্ষেপ। **অর্পয়িতা**(-তৃ) *বিণ* অর্পণকারী। **অর্পয়িত্রী** *স্ত্রী.*। **অর্পিত** *বিণ* অর্পণ করা হয়েছে এমন (যে কার্যভার আমার প্রতি অর্পিত হইয়া পড়িয়াছে—*রঠা*)। **অর্পিতা** *স্ত্রী.*। **অর্পণীয়** *বিণ* অর্পণযোগ্য। { *স.* √অর্পি+অন(ল্যুট্)}

অর্বাচীন [অরবাচিন] *বিণ* ১ হালের; নবীন; আধুনিক; অপ্রবীণ। ২ অপরিণত বুদ্ধি; অপরিপক্ব; বিবেচনাশক্তিহীন। ~**তা** *বি*। { *স.* অর্বাচ্+ঈন(খ)}

অর্বুদ [ওরবুদ] *বিবিণ* দশ কোটি (পড়িল অর্বুদ সেনা হাতির ঠেলায়—*হেমা*)। ☐ *বি* রোগবিশেষ; আব; tumour। { *স.* অব+ √বুন্দ্+অ(ক)}

অর্শ [অরশো] *বি* মলনালির রোগবিশেষ; piles। { *স.* √ঋ+অস(অসুন্)}

অর্শা, **অর্সা**, **অর্শানো** [অরশা, –, অরশানো] *ক্রি* ১ বর্তানো; উত্তরাধিকারসূত্রে পাওয়া বা অধিকারে আসা (অলিখিত অবস্থায় পিতা থেকে পুত্রে অর্শাতে চললো—*অঠা*; কাহারের সিংহাসন আমাকে অর্শে—*দীমি*)। ২ স্পর্শ হওয়া; লাগা (দোষ অর্শানো)। ☐ *বিবিণ* উক্ত সকল অর্থে। { *আ.* ৱরছ ورث }

অর্হ [অরহো] *বিণ* ১ উপযুক্ত; যোগ্য (দণ্ডার্হ)। ২ পূজ্য; মান্য। ☐ *বি* মূল্য (মহার্হ)। **অর্হা** *স্ত্রী.*। ~**ণ**, ~**ণা** *বি* ১ পূজা। ২ যোগ্যতা। ~**ণীয়** *বিণ* পূজ্য, পূজনীয়। { *স.* √অর্হ্+অ(অচ্)}

অর্হৎ, **অর্হন্** [অরহত, অরহন] *বি* ১ নির্বাণের অধিকারী বৌদ্ধ বা জৈন সন্ন্যাসী (অর্হৎ শ্রমণ তীর্থঙ্করে গৌরব তোমার কীর্তন করে—*সদ*)। ২ বুদ্ধদেব। { *স.* √অর্হ্+অৎ(শতৃ), অন্}

অল ⇒ আল[২]

অলক [অলোক/–লক] *বি* ১ কেশ বা কুঞ্চিত কেশ (ধূলি হতে ফুল নিয়া মোরা পরি অলকে—*সদ*)। ২ ললাট বা গ্রীবাভাগে পতিত কুঞ্চিত কেশগুচ্ছ; চূর্ণ কুন্তল। ৩ তরঙ্গিত মেঘবিশেষ। ৪ অঙ্গে লিপ্ত কুমকুম। { *স.* √অল্+অক(কুন্)}

অলকনন্দা, **অলকানন্দা** [অলোকনন্দা, –লোকা–] *বি* ১ নদী বিশেষের নাম। ২ পুরাণোক্ত স্বর্গে অবস্থিত গঙ্গার নাম। { *স.* অলকা, অলক+নন্দা}

অলকা [অলোকা] *বি* ১ হিন্দুদের ধনদেবতা কুবেরের পুরী। ২ অলক; কুঞ্চিত কেশ (জোড়াভুরু আর অলকার মাঝে পঞ্চমী চাঁদ পাতা—*মোম*)। { *স.* √অল্+অক(কুন্)+আ}

অলকাতিলক, **অলকাতিলকা** [অলোকাতিলোক, –কা] *বি* চন্দন দ্বারা মুখমণ্ডলের সজ্জা; তিলক ফোঁটা; পত্রলেখা (রূপের পেয়ালার গায়ে-গায়ে এরা ছায়া ফেলে অলকাতিলকার মত থাকলো—*অঠা*)। { *স.* অলকা+তিলক,+*বা.* আ}

অলকানন্দা ⇒ অলকনন্দা

অলক্ত, **অলক্তক** [অলকতো, অলকতক] *বি* আলতা; যাবক; লাক্ষারস (অলক্ত পরিবর্তে কণ্টক বেধ বাহিত রক্তধারা চরণদ্বয় রঞ্জিত করিতে লাগিল—*বচ*)। ~**রাগ** *বি* আলতার রং বা আভা। { *স.* অ+রক্ত,+ক}

অলক্ষণ [অলকখোন] *বি* ১ কুলক্ষণ; অশুভ চিহ্ন (প্রণাম করেন মোরে একি অলক্ষণ—*ভারা*)। ২ অকল্যাণ; অমঙ্গল (ইহার কোন্দলে তার অলক্ষণ হবে—*ভারা*)। ☐ *বিণ* কুলক্ষণযুক্ত; অপয়া। **অলক্ষণা** *বিণ স্ত্রী.* কুলক্ষণযুক্তা; অপয়া (অলক্ষণা–সুলক্ষণা যে হই সে হই—*ভারা*)। **অলক্ষণে**, **অলক্ষুনে** *বিণ* অমঙ্গলজনক, অশুভ ক্ষণযুক্ত, অপয়া। { *বহু.*; *স.* অ(নঞ্)+লক্ষণ; *নতৎ*}

অলক্ষিত [অলোক্‌খিতো] *বিণ* লক্ষিত হয়নি এমন; নজরে পড়েনি এরূপ। ~**ভাবে, অলক্ষিতে** *ক্রিবিণ* ১ অপরের অজ্ঞাতসারে (অলক্ষিতে পিছিয়ে যেতে চাই—*রঠা*)। ২ দৃষ্টির অগোচরে। ৩ অতর্কিত; অসতর্ক অবস্থায়। { *স.* অ(নঞ)+লক্ষিত; *নতৎ*; *বহু* }

অলক্ষুণে ⟹ অলক্ষণ

অলক্ষ্মী [অলোক্‌খি] *বিণ* কাজে কর্মে শ্রীহীনা। ২ হতভাগ্য। ☐ *বি* ১ দুর্ভাগ্য (অলক্ষ্মী যাহার সহায়—*রঠা*)। ২ শ্রীহীনতা। ~**তে পাওয়া** *ক্রি* ১ দুর্দশাগ্রস্ত হওয়া। ২ দুর্ভাগ্যগ্রস্ত থেকে হয় এমন আচরণে অভ্যস্ত হওয়া। ~**র দশা** *বি* শ্রীহীনতা; দারিদ্র্য। ~**র দৃষ্টি** *বি* অভাব; অনটন; দুর্দশা। { *স.* অ(নঞ)+লক্ষ্মী; *বহু* }

অলক্ষে [অলোক্‌খে] *ক্রিবিণ* অন্যের দৃষ্টির অগোচরে (এক সময় অলক্ষে কাহারও নিকট বিদায় না লইয়া—*রঠা*)। { *স.* অ(নঞ)+ √লক্ষ্+*বা.* এ}

অলক্ষ্য [অলোক্‌খো] *বিণ* ১ দেখা যায় না এমন; অদৃশ্য; দৃষ্টির অগোচর (অলক্ষ্য সুদূর তরে উঠিছে মর্মর স্বর—*রঠা*)। ২ অজানিত; অজ্ঞাত; গোপনচারী (মানুষের লক্ষ লক্ষ অলক্ষ্য ভাবনা—*রঠা*)। ৩ অনির্ণেয়। ☐ *বি* ১ অন্তরাল; অদৃশ্য স্থান (অলক্ষ্য হইতে)। ২ শূন্য; স্বর্গ (অলক্ষ্যের পানে—*রঠা*)। { *স.* অ(নঞ)+লক্ষ্য; *নতৎ* }

অলখ [অলখ্] *বিণ* দৃষ্টির অগোচর; লক্ষ্যের বহির্ভূত (দুই বাহু তুলি বলো জয় জয় অলখ নিরঞ্জন—*রঠা*)। ~**বিহারী** *বিণ* দৃষ্টির বাহিরে বিচরণকারী (তিমিরবিদারী [illegible]বিহারী—*নই*)। **অলখিত** *(পদ্য.)* *বিণ* অদৃশ্য; [illegible] না এমন (বাজে অলখিত তারি চরণে—*রঠা*)। **অলখিতে** *(পদ্য.)* *ক্রিবিণ* অলক্ষিতে; অগোচরে (যে [illegible] আমার ভুবনে সবার আঁখির অলখিতে—[illegible])। { *স.* অলক্ষ্য>; *নতৎ* }

অলঙ্কার, অলংকার [অলোঙ্‌কার্] *বি* ১ গহনা; ভূষণ; [illegible]। ২ প্রসাধন; সজ্জা। ৩ শোভা। ৪ গৌরব; [illegible] সৌন্দর্য ও মাধুর্যবৃদ্ধিকারী গুণ (অনুপ্রাস, [illegible] উপমা, যমক ইত্যাদি)। **অলঙ্করণ, অলঙ্কৃতি, অলঙ্ক্রিয়া** *বি* ১ অলঙ্কার; সজ্জার উপকরণ (বিচিত্র [illegible])। ২ অলঙ্কার দ্বারা সজ্জিতকরণ। ৩ [illegible]। ৪ প্রসাধন। ৫ চিত্রণ। ৬ সাহিত্যে [illegible] চিত্রাদির প্রয়োগ। **অলঙ্কর্তা**(–র্তৃ) *বিণ, বি* ১ অলঙ্কার দ্বারা সজ্জিত করে এমন। ২ প্রসাধক। **অলঙ্কর্ত্রী** *স্ত্রী*। ~**ক** *বিণ* অলঙ্কৃত করে এমন; শোভাবর্ধক। ☐ *বি* শোভা বৃদ্ধির উপকরণ; অলঙ্কার (ভাব [illegible] যা কিছু অলঙ্কৃত এবং যা কিছু অলঙ্কারক [illegible] সঙ্গে—*অঠা*)। ~**শাস্ত্র** *বি* কাব্যালঙ্কার সংক্রান্ত বিষয় বা গ্রন্থ। **অলঙ্কৃত** *বিণ* ১ ভূষিত; সজ্জিত; আভরণমণ্ডিত (সেই ধাপ দিয়া অলঙ্কৃত কঙ্কাল তাহার আন্দোলনহীন ঋজু গতিতে—*রঠা*)। ২ সৌষ্ঠবমণ্ডিত; সমৃদ্ধ (সভা অলঙ্কৃত করিয়া রাখিয়াছেন—*রাব*)। { *স.* অলম্ + √কৃ+অ(ঘঞ), তৃ(তৃচ), ত(ক্ত)}

অলঙ্ঘন [অলঙ্‌ঘন্] *বি* ১ লঙ্ঘন বা অবহেলা না করণ। ২ পালন। ৩ অনুপবাস। **অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য** *বিণ* ১ লঙ্ঘনের অসাধ্য; লঙ্ঘন করা অসম্ভব এমন (অলঙ্ঘ্য অজেয়—*মদ*)। ২ লঙ্ঘন করা যায় না বা লঙ্ঘন করা অনুচিত এমন। ৩ অবশ্য পালনীয়। { *স.* অ(নঞ)+লঙ্ঘন; *নতৎ* }

অলজ্জ [অলজ্‌জো] *বিণ* লজ্জাহীন; নির্লজ্জ (অলজ্জ নবজন্মা—*বুব*)। **অলজ্জিত** *বিণ* লজ্জা নেই এমন। { *স.* অ(নঞ)+ লজ্জা; *বহু* }

অলদ ⟹ ওলদ

অলপ *(ব্রবু.)* [অলপ্] *বিণ* ১ অল্প (ধনী অলপ বয়সী—*বিপ*)। ২ হীন; ছোট ইতর (অলপ হঞা চাহ বড়ার সঙ্গ—*বচদা*)। { *স.* অল্প> }

অলপ্পেয়ে, অল্পেয়ে [অলপ্‌পেয়ে, অল্‌পেয়ে] *বি* গালিবিশেষ। ☐ *বিণ* স্বল্পায়ু (ওরে বুড়া আঁটকুড়া নারদ অল্পেয়ে—*ভারা*)। { *স.* অল্পায়ুঃ+ *বা.* ইয়া>; *বহু* }

অলবড্ডো, অলবড্ডে [আলোবোড়্‌ডো, –বোড়্‌ডে] *বিণ* ১ অসাবধান। ২ অগোছালো। ৩ হাবাগোবা; আনাড়ি। **অলবড্ডা** *বিণ স্ত্রী.* দীর্ঘসূত্রী (মেয়ে বড় অলবড্ডা—*প্যামি*)। { *স.* অল্পবুদ্ধি+ *বা.* ইয়া= অল্পবুদ্ধিয়া> অলবুড্ডে> অলবড্ডে}

অলব্ধ [অলব্‌ধো] *বিণ* লাভ করা যায়নি এমন; অপ্রাপ্ত (অলব্ধ বস্তু অলভ্য নয়)। { *স.* অ(নঞ)+লব্ধ; *নতৎ* }

অলভ্য [অলোভ্‌ভো] *বিণ* লাভ করা যাবে না এমন; অপ্রাপণীয়; অপ্রাপ্য। { *স.* অ(নঞ)+লভ্য; *নতৎ* }

অলম্বুষ [অলম্‌বুশ্] *বি* ১ পৌরাণিক রাক্ষস–বিশেষ—রাবণের মন্ত্রী প্রহস্ত; ঘটোৎকচ কর্তৃক নিহত কৌরব পক্ষের রাক্ষসের নাম। ২ যে সাধারণের অনেক ক্ষতি করে। ৩ গালিবিশেষ। ৪ লজ্জাবতী লতা। ☐ *বিণ* নির্বোধ; হাবা; অমার্জিত (আমার কপালে জুটেছে একটা হাবা–গোবা অলম্বুষ)। { *স.* অলম্+√বুস্+অ(ঘঞ)}

অলস [অলশ্] *বিণ* ১ কুঁড়ে; পরিশ্রমবিমুখ। ২ মন্থর (অলস গমনে—*সদ*)। ৩ জড় প্রকৃতি। ৪ উদাস; অন্যমনস্ক (গতি ধীর, মন্থর, অলস—*সদ*)। **আলস্য,** ~**তা** *বি*। { *স.* অ+ √লস্+অ(অচ্); *নতৎ* }

অলাত, আলাত [অলাত্,আ–] *বি* জ্বলন্ত অঙ্গার (পোড়ে মৌচাক আধিদৈবিক অলাতে—*সুদ*)। ~**চক্র** *বি* চক্রাকার বহ্নি; জ্বলন্ত কাঠ বা অঙ্গার ঘোরালে আগুনের যে চক্র সৃষ্টি হয় (জানি জানি, এই অলাত চক্রে চঙ্ক্রমণ—*বিদে*)। ~**শিলা** *বি* পাথুরে কয়লা। { *স.* অ+ √লা+ত(ক্ত); *নতৎ* }

অলাবু, অলাবূ [অলাবু] *বি* লাউ। { *স.* অ(নঞ)+ √লব্+উ, ঊ}

অলাভ [অলাভ্] *বি* ১ লাভহীনতা। ২ লোকসান; ক্ষতি। ৩ অপ্রাপ্তি। { *স.* অ(নঞ)+লাভ; *নতৎ* }

অলি[১] [ওলি] *বি* ১ ভ্রমর (অলির গানে কানন ভরে গেল—*আফ*)। ২ বৃশ্চিক। ৩ মদ্য (অলিপান)। ~**কুল** *বি* ভ্রমরের ঝাঁক। { *স.* √অল্+ই(ইন্)}

অলি[২]**, ওলি** [ওলি] *বি* ১ অভিভাবক; অছি। ২ দরবেশ (কত অলি দরবেশ, এমন কি কত নবী–রছুলের পবিত্র জীবনী—*আখা*)। ৩ রক্ষক। **অলি-অসি, অলি-অছি** *বি* নাবালকের অভিভাবক বা সম্পত্তির রক্ষক (যদি

নাবালক পুত্রের অলি-অছি পদ বহাল থাকে, তবে ত মঙ্গল, তাহা না থাকিলে ভরা-ডুবি, একেবারে বিসর্জন—মীম)। { আ. রলী ولی }

অলিক (মবা.) [ওলিক] ললাট, কপাল। { স. অলক্ষ্য> }

অলিখিত [অলিখিতো] *বিণ* লেখা হয়নি এমন (কোন এক অলিখিত ইতিহাসের অন্তর্গত—রঠা)। { স. অ(নঞ্)+লিখিত; বহু; নতৎ }

অলিগলি [ওলিগোলি] *বি* গলিঘুঁজি; সঙ্কীর্ণ পথ। { স. গল; গলি; অনু. অলি }

অলিজিহ্বা [ওলিজিওভা] *বি* আলজিভ; অপজিহ্বা। { স. অলি+জিহ্বা }

অলিঞ্জর [ওলিন্‌জর] *বি* মাটির বড়ো পাত্র; জালা। { স. অলিঞ্জর }

অলিন্দ [ওলিন্‌দো] *বি* বারান্দা; চাতাল (অনেক দূরে মুক্ত দেশের অলিন্দে—নই)। { স. √অল্+ইন্দ(কিন্দচ্) }

অলিভ [ওলিভ্] *বি* ফলবিশেষ; জলপাই ফল (গ্রীসের অলিভ বন অন্ধকার—জীদা)। ~ **অয়েল** *বি* জলপাই ফল থেকে প্রস্তুত তেল। { ই. olive }

অলিমা, ওয়ালিমা, ওলিমা [ওলিমা, ওয়ালিমা, ওলিমা] *বি* ১ মুসলমানদের বৈবাহিক ভোজ; বিবাহ উৎসবে প্রদত্ত ভোজ। ২ বিবাহ উপলক্ষে বরপক্ষের আয়োজিত ভোজের অনুষ্ঠান (হজরতের গৃহেও অলিমার খানা প্রস্তুত হইতে লাগিল—আখা)। { আ. রলিমাহ ولیمة }

অলীক [অলিক্] *বি* অসত্য; মিথ্যা (জীবন কি অলীক?)। ❑ *বিণ* ১ অমূলক (বস্তুতঃ ইহা এক অলীক কল্পনা মাত্র—ঈবি)। ২ অসার; বৃথা (কিন্তু ফকীরের রাজকন্যা লাভের বাসনা যে বামনের চাঁদ ধরার আশার মত নিতান্তই অলীক—শেক)। ~**তা** *বি*। { স. √অল্+ঈক(কীকন্) }

অলুক [অলুক্] *বিণ* লোপরহিত; লোপ হয় না এমন; লোপাভাব। ~ **সমাস** *বি* (ব্যা.) সমাসবিশেষ; যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না (যেমন—হাতে-খড়ি, গায়ে-হলুদ, যুধিষ্ঠির ইত্যাদি)। { স. অ(নঞ্)+লুক্ (লুক্কায়িত) }

অলুপ ⇒ আলোপ

অলুফা, আলুফা [অলুফা, আ-] *বি* বিনামূল্যে প্রাপ্ত খাদ্য। ❑ *বিণ* সহজলভ্য। { আ. আলুফাহ الوفة }

অলুফাদার, আলুফাদার [অলুফাদার, আ-] *বি, বিণ* লোভনীয় পদের অধিকারী। { আ. আলুফাহ الوفة + ফা. দার دار }

অলুব্ধ [অলুব্‌ধো] *বিণ* লোভহীন। { স. অ(নঞ্)+লুব্ধ; বহু }

অলোক [অলোক্] *বিণ* ১ অসাধারণ। ২ নির্জন; লোকবসতিহীন। ~**সাধারণ** *বিণ* মনুষ্যলোকে সাধারণত ঘটে না বা দেখা যায় না এমন; অসাধারণ; অলৌকিক। ~**সামান্য** *বিণ* মনুষ্যলোকে সামান্য নয় এমন; অসামান্য; অসাধারণ। ~**সামান্যা** স্ত্রী। ~**সুন্দর** *বিণ* মনুষ্যলোকে দেখা যায় না বা এই জগতে দেখা যায় না এমন সুন্দর; অসামান্য সুন্দর (সে অলোকসুন্দর প্রফুল্ল কমলের ঘ্রাণ নেবার ভাগ্য আছে কিনা, কে বলবে—ইহো)। ~**সুন্দরী** স্ত্রী। { স. অ(নঞ্)+লোক; নতৎ }

অলৌকিক [অলোউকিক্] *বিণ* ১ মনুষ্যের পক্ষে অসম্ভব; লোকাতীত। ২ ইহলোকের নয় এমন। { স. অ(নঞ্)+লৌকিক; নতৎ; বহু }

অল্প [অল্‌পো] *বিণ* ১ কম; সামান্য; ঈষৎ; একটু। ২ লঘু (অল্পপ্রাণ)। ৩ অনুদার; হীন (অল্পমতি)। ৪ ক্ষুদ্র (অল্পতনু)। ~**তা**, ~**ত্ব** *বি*। ~চেতা *বিণ* ক্ষুদ্রপ্রাণ; অনুদার। ~ **জলের মাছ** *বি* ১ সামান্য সম্পদ নিয়ে গর্ব করে যে ব্যক্তি। ২ যে ব্যক্তি সামান্য বিদ্যা নিয়ে অধিক পাণ্ডিত্যের ভান করে। ~**জীবী** (বিন্) *বিণ* অল্পকাল বাঁচে এমন। ~**জ্ঞ** *বিণ* অল্পজ্ঞানসম্পন্ন। ~**জ্ঞতা**, ~**জ্ঞত্ব** *বি*। ~**তনু** *বিণ* হ্রস্বদেহ; খর্বাকৃতি; নাটা; বেঁটে; বামন। ~**দর্শী** (-র্শিন্) *বিণ* অদূরদর্শী। ~**প্রাণ** *বিণ* ১ ক্ষীণায়ু। ২ ক্ষুদ্রপ্রাণ; সঙ্কীর্ণচেতা। ৩ ক্ষীণ শ্বাসবায়ু সহযোগে উচ্চারিত। ~**প্রাণ বর্ণ** *বি* বর্গের ১ম ৩য় ও ৫ম বর্ণ এবং য র ল ব। ~**বিদ্য** *বিণ* অল্প লেখাপড়া জানে এমন। ~**বিদ্যা** *বি* সামান্য লেখাপড়া বা জ্ঞান। ~**বিদ্যা ভয়ঙ্করী**—সামান্য বিদ্যা বড়ো ক্ষতিকর, তাতে জ্ঞান জন্মে না অথচ বিদ্বান বলে অহঙ্কার জন্মে। ~**বুদ্ধি** *বিণ* ১ সামান্য বুদ্ধিসম্পন্ন। ২ মন্দমতি। ৩ জড়বুদ্ধি। ~**ভাষী** (-ষিন্) *বিণ* অল্প কথা বলে এমন; মিতবাক। ~**মতি** *বিণ* হীনচেতা; নীচ। ~**স্বল্প** *বিণ* একটু-আধটু; খুব কম। **অল্পে-অল্পে** *ক্রিবিণ* ১ ক্রমশ; ধীরে ধীরে। ২ সামান্যের উপর দিয়ে। { স. √অল্+প }

অল্পাকাঙ্ক্ষা [অল্‌পাকাঙ্‌খা] *বি* ক্ষুদ্র আশা। **অল্পাকাঙ্ক্ষী** (-ঙ্ক্ষিন্) *বিণ*। { স. অল্প+আকাঙ্ক্ষা; কর্মধা. }

অল্পাধিক [অল্‌পাধিক্] *বিণ* ১ কম-বেশি। ২ কিছু কম বা কিছু বেশি এমন। { স. অল্প+অধিক; দ্বন্দ্ব }

অল্পায়ত [অল্‌পায়োতো] *বিণ* অপরিসর; সঙ্কীর্ণ; কম চওড়া (বনমধ্যে একটি অল্পায়ত স্থান ছিল—বচ)। { স. অল্প+আয়ত; কর্মধা. }

অল্পায়ু [অল্‌পায়ু] *বিণ* ১ জীবনকাল হ্রস্ব এমন; অল্প দিন বেঁচে থাকে এমন (এই অল্পায়ু, অপোগণ্ড, অকালপক্ব, কুষ্মাণ্ডগণের সঙ্গে—রাব)। ২ অল্পদিন কার্যকর বা চালু থাকে এমন। { স. অল্প+আয়ুঃ; বহু }

অল্পায়ুধ [অল্‌পায়ুধো] *বিণ* ১ অস্ত্রবলে হীন। ২ জ্ঞান বা চিত্তে হীন (অল্পের মধ্যে অল্পায়ুধকে অনেকখানি বোঝাবার জন্য শাস্ত্র—অঠা)। { স. অল্প+আয়ুধ; বহু }

অল্পাশয় [অল্‌পাশয়্] *বিণ* হীনমতি। ২ তুচ্ছ বিষয়ে আকাঙ্ক্ষা করে এমন। { স. অল্প+আশয়; বহু }

অল্পাহারী (-রিন্) [অল্‌পাহারি] *বি, বিণ* যার খোরাক কম; সামান্য আহার করে যে। **অল্পাহার** *বি* অল্প পরিমাণ খাওয়া; লঘু ভোজন। { স. অল্প+আহারী; বহু }

অল্পেয়ে ⇒ অলপেয়ে

অশক্ত [অশক্‌তো] *বিণ* ১ দুর্বল। ২ অক্ষম; অপারগ। **অশক্তি** *বি* দুর্বলতা; শক্তির অভাব (অশক্তি তার আসন পেতেছিল তোমার অন্তরেতে—রঠা)। { স. অ(নঞ্)+শক্ত }

অশক্য [অশোক্‌কো] *বিণ* ১ ক্ষমতাতীত; অসাধ্য (বড়ই

অশক্য কার্যে করিল আরতি—*সেআ*)। ২ অসম্ভব (করিছি অশক্য কর্ম যত না বুঝায়—*ভন*)। ☐*বি* অভাবনীয় কথা বা বিষয় (কহিতে অকথ্য কথা শুনিতে অশক্য—*দৌবা*)। { *স.* অ(নঞ্)-শক্য; *নতৎ* }

অশঙ্ক [অশঙ্‌কো] *বিণ* ১ শঙ্কা নেই এমন; শঙ্কাহীন। ২ নির্ভীক। ৩ নিরুদ্বেগ। ৪ নিঃসংশয়; নির্দ্বন্দ্ব। ~**নীয়** *বিণ* শঙ্কার অযোগ্য বা ভয়ের অতীত। **অশঙ্কিত** *বিণ* শঙ্কিত নয় এমন; ভয় পায়নি এমন। **অশঙ্কিনী** *বিণ স্ত্রী.* শঙ্কাহীনা (আমারে প্রেমের বীর্যে করো অশঙ্কিনী—*রঠা*)। { *স.* অ(নঞ্)+শঙ্কা; *বহু* }

অশত্রু [অশোত্‌ত্রু] *বিণ* ১ শত্রুশূন্য; শত্রুহীন। ২ অপ্রতিকূল। ~**তা** *বি*। { *স.* অ(নঞ্)+শত্রু; *বহু* }

অশথ [অশথ্] *বি* অশ্বত্থ বৃক্ষ; অশথ গাছ (অশথে বাঁধিতে আঁচলের সুতা মাথার চুলের সাথে—*সদ*)। { *স.* অশ্বত্থ>অশথ}

অশন [অশোন্] *বি* ১ আহারের বস্তু; খাদ্যদ্রব্য (বসন [illegible] অশন আসন যত—*রঠা*)। ২ ভোজন; আহার। [illegible]**শন** *বি* অন্নবস্ত্র; খাওয়া পরা। **অশনা** *বি* ক্ষুধা; [illegible] (দুরন্ত লোভ বিরাম-নাশক, হায়রে, গ্রাসক [illegible] কাল, তবু সদা অশনা পীড়িত—*মদ*)। **অশনায়ী** [illegible] *বিণ* ক্ষুধিত; অনাহারী (থেমে গেছে আজ অশনায়ী অন্বেষা—*বিদে*)। { *স.* √অশ্+অন(ল্যুট্)}

অশনি [অশোনি] *বি* বাজ; বজ্র; কুলিশ। ~**পাত**, [illegible] *বি* বজ্রপাত; বজ্রপতন; বাজপড়া (বিনা মেঘে অশনিপাতের মত তার দাদু বলে উঠলেন—*আফ*)। { *স.* [illegible] }

অশরণ [অশরোন্] *বিণ* আশ্রয়হীন; নিরাশ্রয়; নিঃসহায় [illegible] তারা অকূলের কূল ... অশরণ যে তার [illegible]—*রঠা*)। **অশরণা** *বিণ স্ত্রী.* সহায়হীনা; নিঃসহায়া; [illegible] (অশরণা দুখিনীর কর দুঃখ অন্ত—*সদ*)। { [illegible] শরণ; *বহু* }

অশরীর [অশোরির্] *বি* ১ শরীরহীন; অদেহী। ২ [illegible]। **অশরীরী** (–রিন্) *বিণ* দেহ নেই [illegible], কায়াহীন; দেহহীন; নিরাকার। **অশরীরিণী** *স্ত্রী.*। { [illegible] শরীর *নত* }

অশান্ত [illegible] *বিণ* ১ চঞ্চল; অস্থির। ২ প্রবোধহীন; [illegible], হে অশান্ত—*রঠা*)। ৩ দুরন্ত। ৪ [illegible]। { *স.* অ(নঞ্)+শান্ত; *নতৎ* }

অশান্তি [illegible] *বি* ১ শান্তির অভাব। ২ মানসিক [illegible]। ৩ কলহ; বিবাদ; বিতর্ক। ৪ [illegible]। { *স.* অ(নঞ্)+শান্তি; *নতৎ* }

অশাশ্বত [illegible] *বিণ* চিরস্থায়ী নয় এমন; অনিত্য। { *স.* [illegible] শাশ্বত; *নতৎ* }

অশাসন [অশাশোন্] *বি* শাসনের অভাব। **অশাসিত** *বিণ* শাসন করা হয় না বা হয়নি এমন; শাসনশূন্য। **অশাস্য** *বিণ* শাসন করা যায় না এমন; শাসন বহির্ভূত। { *স.* অ(নঞ্)+শাসন; *নতৎ* }

অশাস্ত্র [অশাসত্রো] *বি* যা শাস্ত্র মধ্যে গণ্য নয়; কুশাস্ত্র। ☐*বিণ* শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ। **অশাস্ত্রীয়** *বিণ* ১ শাস্ত্রবিরুদ্ধ (অনেক অশাস্ত্রীয় আচার-ব্যবহার-বিধি তাহাতে গৃহীত হইয়াছে—*বচ*)। ২ শাস্ত্রবহির্ভূত। { *স.* অ(নঞ্)+শাস্ত্র; *বহু*; *নতৎ* }

অশিক্ষা [অশিকখা] *বি* ১ শিক্ষার অভাব। ২ কুশিক্ষা। ~**পটু** *বিণ* শিক্ষার অভাব সত্ত্বেও দক্ষ বা কুশলী (এই অশিক্ষাপটু অভিনেত্রী—*রঠা*)। { *স.* অ(নঞ্)+শিক্ষা; *নতৎ* }

অশিক্ষিত [অশিক্‌খিতো] *বিণ* ১ শিক্ষা পায়নি এমন। ২ মূর্খ; বিদ্যাহীন। ৩ অসভ্য। **অশিক্ষিতা** *স্ত্রী.*। { *স.* অ(নঞ্)+শিক্ষিত; *বহু*; *নতৎ* }

অশিথিল [অশিথিল্] *বিণ* দৃঢ়; আঁটসাঁট; ঢিলা বা আলগা নয় এমন। { *বা.* অ(নঞ্)+শিথিল, *বহু*; *নতৎ* }

অশিব [অশিব্] *বি* অমঙ্গল; অকল্যাণ (আমি অশিব তিক্ত অভিশাপ—*নই*)। ☐*বিণ* অমঙ্গলযুক্ত বা অমঙ্গল আনয়ন করে এমন; অশুভ। { *স.* অ(নঞ্)+শিব; *নতৎ*; *বহু* }

অশিষ্ট [অশিশ্‌টো] *বিণ* ১ অসভ্য; অভদ্র; অভব্য। ২ দুরন্ত; অশান্ত। ~**তা** *বি*। **অশিষ্টাচরণ, অশিষ্টাচার** *বি* অভদ্র ব্যবহার; অমার্জিত আচরণ। { *স.* অ(নঞ্)+শিষ্ট, *নতৎ* }

অশীতি [অশিতি] *বি*, *বিণ* আশি। ☐*বি* ৮০ এই সংখ্যা। ~**তম** *বিণ* আশিসংখ্যক। ~**পর** *বিণ* আশিরও অধিক বয়সবিশিষ্ট (অশীতিপর বৃদ্ধ)। { *স.* অষ্ট+দশন্+তি}

অশীল [অশিল্] *বিণ* ১ দুষ্ট; অশিষ্ট (অশীল নটিপনা জেগেছে প্রাণে প্রাণে—*সুদ*)। ২ দুঃশীল; অমার্জিত। **অশীলতা** *বি*। { *স.* অ(নঞ্)+শীল; *বহু* }

অশুচি [অশুচি] *বিণ* অপবিত্র (সেই জন্য ওটাকে অশুচি রোগের মতই বোধ হয়—*অচিসে*)। { *স.* অ(নঞ্)+শুচি; *নতৎ* }

অশুদ্ধ [অশুদ্‌ধো] *বিণ* ১ ভুল; ত্রুটিপূর্ণ। ২ অপবিত্র। ৩ অসংস্কৃত; অশোধিত। ৪ শাস্ত্র মতে অসিদ্ধ। **অশুদ্ধি** *বি* ১ অপবিত্রতা। ২ ভুল। **অশুদ্ধিপত্র** *বি* ভ্রমাত্মক মুদ্রণের সংশোধন তালিকা। { *স.* অ(নঞ্)+শুদ্ধ; *নতৎ* }

অশুভ [অশুভো] *বি* ১ অকল্যাণ; অমঙ্গল (শুভ অশুভের আলপনা—*রঠা*)। ২ পাপ। ☐*বিণ* অকল্যাণকর; অমঙ্গলজনক। ~**কর**, ~**ঙ্কর** *বিণ* অমঙ্গল বা অকল্যাণজনক। { *স.* অ(নঞ্)+শুভ; *নতৎ* }

অশুমার [অশুমার্] *বিণ* অসংখ্য; অফুরান; অঢেল; বেশুমার। { অ+শুমার *ফা.* شمار ; *বহু* }

অশুষ্ক [অশুশ্‌কো] *বিণ* ১ শুষ্ক নয় এমন; ভিজা। ২ সরস; তাজা। ৩ অনুভূতিপূর্ণ। { *স.* অ(নঞ্)+শুষ্ক; *নতৎ* }

অশেষ [অশেশ্] *বিণ* ১ শেষ নেই এমন; অন্তহীন (আমারে তুমি অশেষ করেছ—*রঠা*)। ২ সুচিন্তিত; সুবিশাল; সুদূরপ্রসারী (পথশূন্য তরুশূন্য প্রান্তর অশেষ—*রঠা*)। ৩ অসীম। ৪ অনেক; নানান; বহু (অনেক প্রকার)। ☐*বি* সীমাহীনতা। ~**জ্ঞ**, ~**তত্ত্বজ্ঞ** *বিণ* সব কিছু জানে এমন; সর্বজ্ঞ। ~**বিধ** *বিণ* অনেক প্রকার; বহু রকম; নানাবিধ। { *স.* অ(নঞ্)+শেষ; *বহু* }

অশোক[১] [অশোক্] *বি* গাঢ় লালবর্ণের পুষ্পবিশেষ বা সেই পুষ্পতরু। ☐*বিণ* নিবৃত্তশোক; শোকহীন; শোকশূন্য (অশোক কৌতুক করে যত বিদ্যাধর—*ভারা*)। ~**কানন**,

~**বন** *বি* অশোক বৃক্ষে পরিপূর্ণ বন; যে বনে রাক্ষসেরা সীতাকে হরণান্তে বন্দিনী করে রাখে। ~**ষষ্ঠী** *বি* হিন্দুব্রতবিশেষ; চৈত্র মাসের শুক্লাষষ্ঠী। { *স.* অ(নঞ্‌)+ শোক; *বহু* }

অশোক[২] [অশোক্] *বি* মগধের বিখ্যাত নৃপতি। ~**লিপি** *বি* রাজা অশোক কর্তৃক প্রস্তরে উৎকীর্ণ ব্রাহ্মী-লিপি। ~**স্তম্ভ** *বি* অশোক কর্তৃক স্থাপিত অনুশাসনলিপিযুক্ত প্রস্তর-স্তম্ভ। { *স.* অ(নঞ্‌)+শোক; *বহু* }

অশোচনীয়, অশোচ্য [অশোচোনিয়ো, অশোচ্চো] *বিণ* শোক করা অনুচিত এমন। { *স.* অ+শোচনীয়, শোচ্য; *বহু* }

অশোধন [অশোধোন্] *বি* শোধন বা পরিমার্জনের অভাব। **অশোধিত** *বিণ* শোধন করা হয়নি এমন; অসংশোধিত। { *স.* অ(নঞ্‌)+শোধন; *নতৎ* }

অশোভন [অশোভোন্] *বিণ* ১ শোভা পায় না এমন। বেমানান। ২ অসঙ্গত; অনুচিত। ৩ দেখতে খারাপ; বিশ্রী; কুৎসিত (তাঁহাদের মধ্যেকার বিরোধ অশোভন রূপে আমার সম্মুখে প্রকাশ হইবে—*রঠা*)। **অশোভনা** *স্ত্রী*। ~**তা** *বি*। { *স.* অ(নঞ্‌)+শোভন; *নতৎ*; *বহু* }

অশৌচ [অশোউচো] *বি* ১ অশুদ্ধি। ২ হিন্দুমতে আত্মীয়বর্গের মরণাদির জন্য দেহাশুদ্ধি। ৩ সন্তান জন্মহেতু প্রসূতির নির্দিষ্ট সময় পর্যন্ত দেহাশুদ্ধি। **অশৌচান্ত** *বিণ* অশৌচ অবস্থার শেষ বা শেষ দিন। { *স.* অ(নঞ্‌)+শৌচ }

অশ্ম [অশ্‌শোঁ] *বি* ১ প্রস্তর; শিলা; পাষাণ; ২ শিলাজতু; bitumen। ~**মণ্ডল** *বি* পৃথিবীর প্রস্তরময় স্তর। ~**র** *বিণ* ১ পাথুরে; প্রস্তরময়। ২ শিলা সম্বন্ধীয়। ~**রী** *বি* পাথুরি নামক রোগ। **অশ্মীভূত** *বিণ* প্রস্তরীভূত; প্রস্তরে পরিণত; শিলীভূত; fossilized। { *স.* √অশ্‌+মন্‌ }

অশ্রদ্ধা [অস্‌স্রোদ্‌ধা] *বি* ১ অভক্তি, শ্রদ্ধার অভাব (মাতৃভাষার উপর অশ্রদ্ধা ক্রমেই কমে আসছে)। ২ অবজ্ঞা; ঘৃণা। ৩ অনুরাগের অভাব; বিরাগ। ৪ অপ্রবৃত্তি। ৫ অনাস্থা। **অশ্রদ্ধ** *বিণ* ১ শ্রদ্ধাহীন। ২ আস্থাহীন। **অশ্রদ্ধেয়** *বিণ* ১ শ্রদ্ধার অযোগ্য। ২ হেয়; ঘৃণ্য। { *স.* অ(নঞ্‌)+শ্রদ্ধা; *নতৎ* }

অশ্রান্ত [অস্‌স্রান্‌তো] *বিণ* ১ শ্রান্তিহীন; শ্রান্তিরহিত। ২ অক্লান্ত। ৩ বিরামহীন; অবিরাম; অবিশ্রাম। ☐ *ক্রিবিণ* অবিরত; অবিশ্রান্ত; অনবরত (অশ্রান্ত গাহিতেছিল বিফল কাকলি—*রঠা*)। ~**গতি** *বি* অবিরাম গতি; অক্লান্ত গমন (চলেছে অশ্রান্ত গতি যত পান্থ দল—*রঠা*)। **অশ্রান্তি** *বি* ১ শ্রান্তিহীনতা। ২ বিরামহীনতা। { *স.* অ(নঞ্‌)+শ্রান্ত; *নতৎ*; *বহু* }

অশ্রাব্য [অস্‌স্রাব্‌বো] *বিণ* ১ শোনা যায় না এমন; শোনার অযোগ্য। ২ অশ্লীল; কুৎসিত; কুরুচিপূর্ণ। { *স.* অ(নঞ্‌)+শ্রাব্য; *নতৎ* }

অশ্রু [ওস্‌স্রু] *বি* চোখের পানি; নয়ন জল; নেত্রবারি। ~**আঁখি**, ~**চোখ** *বি* অশ্রুপূর্ণ আঁখি বা চোখ (অশ্রুআঁখি পরে যদি ফুটে ওঠে তব স্নেহচোখ—*রঠা*)। ~**গদগদ** *বিণ* আবেগাতিশয্যে প্রায় রুদ্ধবাক বা অস্ফুটবাক। ~**জল** (*অশুপ্র*) *বি* অশ্রু। ~**পাত**, ~**বর্ষণ** *বি* ক্রন্দন। ~**প্লুত** *বিণ* অশ্রুপ্লাবিত; অশ্রুবিধৌত; অশ্রুপরিপূর্ণ (অশ্রুপ্লুত করুণায় পরিপূর্ণ ক্ষমার প্রভাতে—*রঠা*)। ~**বর্ষণ** ⇒ ~**পাত**। ~**বারি** (*অশুপ্র*) *বি* নয়নজল (সন্ধ্যা বেলায় নয়ন ভরিয়া এনেছি অশ্রুবারি—*রঠা*)। ~**বিসর্জন** *বি* ক্রন্দন; অশ্রুত্যাগ। ~**ভারাক্রান্ত** *বিণ* ১ চোখের পানিতে ভারী। ২ ক্রন্দনবশে কাতর। ~**ময়**, ~**মান** *বি* অশ্রুপূর্ণ; অশ্রুযুক্ত। **অশ্রুময়ী, অশ্রুমতী** *স্ত্রী*। ~**মুখ** *বিণ* অশ্রুসিক্ত মুখবিশিষ্ট। ~**মুখী** *স্ত্রী*। ~**মোচন**, ~**বিমোচন** *বি* নেত্রবারি বিসর্জন; ক্রন্দন। ~**রুদ্ধ** *বিণ* ক্রন্দনাবেগে রুদ্ধ বা ব্যাহত (অশ্রুরুদ্ধ কণ্ঠ)। ~**সংবরণ** *বি* চোখের পানি সামলানো; ক্রন্দন বন্ধ করণ। ~**সজল**, ~**সিক্ত** *বিণ* চোখের পানিতে ভিজা। { *স.* √অশ্‌+রু }

অশ্রুত [ওস্‌স্রুতো] *বিণ* শোনা যায়নি বা হয়নি এমন (অতীতের গৃহছাড়া কত যে অশ্রুতবাণী—*রঠা*)। ~**পূর্ব** *বিণ* পূর্বে কখনও শোনা যায়নি এমন (যদি কেহ সেই অদৃষ্টচর; অশ্রুতপূর্ব অদ্ভুত বিদ্যাপ্রকাশকে চাতুরী অথবা প্রতারণা শব্দে নির্দেশ করে—*ঈবি*)। { *স.* অ(নঞ্‌)+শ্রুত; *নতৎ* }

অশ্রেয়, অশ্রেয়ঃ (-য়স্‌) [অস্‌স্রেয়ো, অস্‌স্রেয়োহ্] *বিণ* ১ অপ্রশস্ত। ২ অহিতকর; অমঙ্গলজনক। ৩ অধম। ৪ অশুভ। ☐ *বি* ১ অহিত; অমঙ্গল। ২ অনর্থ। **অশ্রেয়সী** *স্ত্রী*। **অশ্রেয়স্কর** *বিণ* ১ অনুচিত; অবিধেয়। ২ অমঙ্গলজনক। { *স.* অ(নঞ্‌)+শ্রেয়স্‌>; *নতৎ* }

অশ্রোতব্য [অস্‌স্রোতোব্‌বো] *বি* অশ্রাব্য; শ্রবণের অযোগ্য। { *স.* অ(নঞ্‌)+শ্রোতব্য; *নতৎ*; *বহু* }

অশ্রোত্রিয় [অস্‌স্রোত্‌ত্রিয়ো] *বিণ* বেদজ্ঞানহীন ব্রাহ্মণ। ☐ *বিণ* শ্রোত্রিয়হীন; বেদজ্ঞব্রাহ্মণশূন্য। { *স.* অ(নঞ্‌)+ শ্রোত্রিয়; *বহু*; *নতৎ* }

অশ্লীল [অশ্‌শ্লিল্/অস্‌স্লিল্] *বিণ* ১ কুৎসিত; জঘন্য। ২ অশালীন; অশিষ্ট। ৩ কুরুচিপূর্ণ; কদর্যরুচি (অশ্লীল মন্তব্য করে—*বর*)। ~**তা** *বি*। { *স.* অ(নঞ্‌)+শ্লীল; *নতৎ* }

অশ্লেষা [অস্‌স্লেশা] *বি* অশুভ সূচনাকারী নক্ষত্রবিশেষ (মোদের সাক্ষাৎ হল অশ্লেষার রাক্ষসী বেলায়—*সুদ*)। { *স.* অ(নঞ্‌)+শ্লেষ+আ; *বহু* }

অশ্ব [অশ্‌শো] *বি* ঘোড়া; ঘোটক; তুরঙ্গম; বাজী; হয়। **অশ্বা, অশ্বী, অশ্বিনী** *স্ত্রী*। ~**কোবিদ**, ~**বিৎ** *বিণ* অশ্বসংক্রান্ত যাবতীয় ব্যাপারে অভিজ্ঞ। ~**ক্ষমতা** ⇒ **অশ্বশক্তি**। ~**খুর** *বি* ১ ঘোড়ার খুর। ২ গন্ধদ্রব্যবিশেষ। ~**খুরা** *বি স্ত্রী*। ফুলবিশেষ; অপরাজিতা ফুল। ~**গন্ধা** *বি* এই নামের ক্ষুদ্র বৃক্ষবিশেষ। ~**গ্রীব** *বিণ* ঘোড়ার ন্যায় দীর্ঘগ্রীবাবিশিষ্ট। ~**ডিম্ব** *বি* অলীক কল্পনা; কাল্পনিক বা অসার বস্তু; কিছুই নয়; ঘোড়ার ডিম। ~**তর** *বি* খচ্চর; অশ্ব ও গর্দভের মিলনজাত প্রাণীবিশেষ। ~**তরী** *স্ত্রী*। ~**পাল**, ~**পালক**, ~**রক্ষক** *বি* ঘোড়ার তত্ত্বাবধায়ক; সহিস। ~**বাহ**, ~**বাহন** *বি* অশ্বারোহী; ঘোড়সওয়ার। ~**বিৎ** ⇒ ~**কোবিদ**। ~**মুখী** *বি* কিন্নরী। ~**মেধ** *বি* হিন্দু রাজাদের দিগ্বিজয়ের পর ঘোড়া বলিদান যজ্ঞ। ~**যান** *বি* ঘোড়ায় টানা গাড়ি। ~**শক্তি**, ~**ক্ষমতা** *বি* horse power (... ক্ষমতার ব্যবহারিক ক্ষমতার নাম horse power বা অশ্বক্ষমতা—*আআ*)। ~**শালা** *বি* আস্তাবল। ~**সাদী** (-দিন্‌) *বি* অশ্বারোহী। { *স.* √অশ্‌+ব(ক্বন্‌) }

অশ্বত্থ [অশ্‌শোত্‌থো] *বি* বৃক্ষবিশেষ; অশথ গাছ; পিপ্পল; বট জাতীয় বৃক্ষ। { *স.* অ(নঞ)+শ্ব+ √স্থা+অ; *নতৎ* }

অশ্বত্থামা [অশ্‌শোত্‌থামা] *বি* মহাভারতে চিত্রিত কুরুপক্ষীয় যোদ্ধা। { *স.* অশ্বত্থামা }

অশ্বমেধ [অশ্‌শোমেধ্] *বি* ঘোড়ার কপালে জয়পত্র বেঁধে দিয়ে সকল রাজাকে বশ্যতা স্বীকারে বাধ্য করার পর ঐ ঘোড়াকে নিধন করে অনুষ্ঠিত প্রাচীন ভারতীয় যজ্ঞবিশেষ। { *স.* অশ্ব+মেধ; *বহু* }

অশ্বা ⇒ অশ্ব

অশ্বারূঢ় [অশ্‌শারুঢ়ো] *বিণ* ঘোড়ায় চড়ে আছে এমন (*তোমার নির্ভীক অশ্বারূঢ় রঠা*)। **অশ্বারূঢ়া** *বিণ স্ত্রী.* (*অশ্বারূঢ়া কেহ—মদ*)। { *স.* অশ্ব+আরূঢ়; *তৎ* }

অশ্বারোহণ [অশ্‌শারোহোন্] *বি* ঘোড়ায় চড়ন। **অশ্বারোহী** (*-হিন্*) *বি* ঘোড়সওয়ার। { *স.* অশ্ব+আরোহণ; *৭তৎ* }

অশ্বিনী [অশ্‌শিনি] *বি* ১ নক্ষত্রবিশেষ। □*বি স্ত্রী.* ১ অশ্বারূপধারিণী সূর্যপত্নী। ২ (*অপ্র*) ঘোটকী। ~**কুমার**, ~**সুত** *বি* দেব চিকিৎসক যমজ দেবভ্রাতৃদ্বয়ের কোনো একজন। { *স.* অশ্ব+ইন(ইনি)+ঈ (ঙীপ্) }

অশ্বী ⇒ অশ্ব

অষুধ, অষুধ করা, অষুধ ধরা ⇒ ঔষধ

অষ্ট [অশ্‌টো] *বি, বিণ* আট; ৮ এই সংখ্যা বা সংখ্যক। ~**ঐশ্বর্য** *বি* হিন্দুমতে আটপ্রকার গুণ। ~**ক** *বি, বিণ* আটের সমষ্টি। □*বি* ১ প্রথম আট পঙ্‌ক্তি (পেত্রার্কার সনেটের অষ্টক পরস্পর মিলিত—*প্রচৌ*)। ২ অষ্ট অধ্যায়যুক্ত বা শ্লোকসংবলিত গ্রন্থ। ~**কুষ্ঠি** *বি* আঁটকুড়ি; গালিবিশেষ (এক চক্ষুখাদিকা ভর্তার পরমায়ুহন্ত্রী অষ্টকুষ্ঠি পুত্রী—*ভারা*)। ~**চত্বারিংশ**, ~**চত্বারিংশত্তম** *বিণ* ৪৭টির পরবর্তী; আটচল্লিশের পূরক। ~**চত্বারিংশৎ** *বি,বিণ* ৪৮ এই সংখ্যা বা সংখ্যক। ~**দিক্‌পাল** *বি* হিন্দুমতে ইন্দ্র বহ্নি যম নৈর্ঋত বরুণ মরুৎ কুবের ও ঈশান—এই অষ্ট দেবতা। ~**ধর্ম** *বি* হিন্দুমতে সত্য শৌচ অহিংসা অনসূয়া ক্ষমা অনৃশংসা অকার্পণ্য সন্তোষ এই আট ধর্ম। ~**ধা** *অব্য* ১ আট প্রকারে বা আট প্রকারে। ২ আটবার বা আটবারে। ৩ আটদিক বা আটদিকে। ~**ধাতু** *বি* স্বর্ণ রৌপ্য তাম্র পিতল কাংস্য রাং বা রাং সীসক ও লৌহ—এই আট ধাতু। ~**নবতি** *বি, বিণ* আটানব্বই; ৯৮ সংখ্যা বা সংখ্যক। ~**নবতিতম** *বিণ* ৯৭টির পরবর্তী; আটানব্বই-এর পূরক। ~**নাগ** *বি* হিন্দুমতে অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট শঙ্খ—এই অষ্টবিধ সর্প বা নাগ। ~**নায়িকা** *বি* হিন্দুমতে মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী কৌমারী—এই অষ্টনায়িকা। ~**পাদ** *বি* ১ শরভ। ২ মাকড়সা। □*বিণ* অষ্টপদবিশিষ্ট। ~**প্রহর** *বি* ১ দিবারাত্র; সর্বদা; সবসময়। ২ হিন্দুদের দিবারাত্রব্যাপী সংকীর্তন। □*ক্রিবিণ* দিবারাত্র ব্যাপিয়া। ~**বজ্র** *বি* হিন্দুমতে বিষ্ণুর সুদর্শনচক্র, শিবের ত্রিশূল, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, বরুণের পাশ, যমের দণ্ড, কার্তিকেয়ের শক্তি, ও দুর্গার অসি। ~**বসু** *বি* হিন্দু পুরাণ মতে গঙ্গা থেকে উৎপন্ন ভব ধ্রুব সোম বিষ্ণু অনিল অনল প্রত্যুষ প্রভব—এই অষ্ট গণদেবতা। ~**বিধ** *বিণ* আট রকম; আট প্রকার। ~**ভুজ** *বিণ* আট বাহুবিশিষ্ট। ~**ভুজা** *বিণ স্ত্রী.* আটটি হাতবিশিষ্টা। □*বি* হিন্দুদের দুর্গা দেবী। ~**ম** *বিণ* আট সংখ্যার পূরক। ~**মঙ্গলা** *বি স্ত্রী.* হিন্দুমতে দুর্গার এক মূর্তি। ~**মী** *বি স্ত্রী.* তিথিবিশেষ। ~**মূর্তি** *বি* ১ হিন্দুমতে শিব। ২ হিন্দুমতে শিবের ক্ষিতি, জল, অগ্নি, বায়ু, আকাশ, যজমান, সোম ও সূর্য—এই আটটি মূর্তি। ~**রম্ভা** *বি* কিছুই না; শূন্য; ফাঁকি। ~**সিদ্ধি** *বি* হিন্দুমতে অণিমা মহিমা গরিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিত্ব বশিত্ব—যোগের এই অষ্ট অঙ্গ। { *স.* √অশ্(>ষ)+অন(কনিন্) }

অষ্টাংশিত [অশ্‌টাঙ্‌শিতো] *বিণ* ১ আট অংশে বিভক্ত। ২ আট পাতায় ভাঁজ করা। { *স.* অষ্ট+অংশিত; *বহু* }

অষ্টাঙ্গ [অশ্‌টাঙ্‌গো] *বি* ১ শরীরের অষ্ট অবয়ব যথা—দুই হস্ত, দুই চক্ষু, হৃদয়, কপাল, কণ্ঠ, ও মেরুদণ্ড; মতান্তরে—দুই হস্ত, দুই চক্ষু, হৃদয়, কপাল, মন, ও বাক্য; মতান্তরে—পায়ের দুই বৃদ্ধাঙ্গুলি, দুই হাঁটু, দুই হাত, বক্ষ, ও নাসিকা। ২ শল্য, শালাক্য, কায়চিকিৎসা, ভূতবিদ্যা, কৌমারভৃত্য, অগদতন্ত্র, রসায়নতন্ত্র, বাজীকরণ—এই অষ্ট আয়ুর্বেদিক প্রক্রিয়া। ৩ যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি—এই অষ্টযোগ। **সাষ্টাঙ্গ প্রণাম** *বি* ১ হিন্দুমতে ভূমিতে দেহের অষ্ট অঙ্গ (অর্থাৎ জানু পদ হস্ত উরঃ বুদ্ধি শিরঃ বাক্য চক্ষু অথবা দুই হাত দুই পা বক্ষ চক্ষুদ্বয় মস্তক) স্পর্শ করে প্রণাম। ২ ইসলামি মতে দুই হাত, দুই হাঁটু, দুই পা, নাসিকা, ও ললাট—এই আট অঙ্গ স্পর্শ করে ভূমিতে সেজদা দেওয়া। { *স.* অষ্ট+অঙ্গ; *কর্মধা.* }

অষ্টাত্রিংশ, অষ্টাত্রিংশত্তম [অশ্‌টাত্‌ত্রিঙ্‌শো, -ত্‌তমো] *বিণ* আটত্রিশ সংখ্যার পূরক; সাঁইত্রিশের পরবর্তী। **অষ্টাত্রিংশৎ** *বি,বিণ* আটত্রিশ; ৩৮ এই সংখ্যা বা সংখ্যক। { *স.* অষ্টন্+ত্রিংশৎ/ত্রিংশত্তম; অষ্টাধিক ত্রিংশৎ/ত্রিংশত্তম; *মধ্য.* }

অষ্টাদশ [অশ্‌টাদশ্] *বি,বিণ* আঠারো; ১৮। □*বিণ* ১৮ সংখ্যার পূরক। **অষ্টাদশী** *বিণ স্ত্রী.* আঠারো বৎসর বয়স্কা। { *স.* অষ্টন্+দশ; অষ্টোত্তর দশ—*মধ্য.* }

অষ্টাপদ [অশ্‌টাপদ্] *বি* ১ সোনা; স্বর্ণ (কাঠের সেঁউতী মোর হৈল অষ্টাপদ—*ভারা*)। ২ পাশার ছক। ৩ অষ্টপদবিশিষ্ট জন্তু; অক্টোপাস। ৪ মাকড়সা; ঊর্ণনাভ। { *স.* অষ্টন্+পদ; *বহু* }

অষ্টাবক্র [অশ্‌টাবক্‌ক্রো] *বি* পৌরাণিক মুনিবিশেষ; স্বনামখ্যাত বিকলাঙ্গ মুনি। { *স.* অষ্টন্+বক্র; *বহু* }

অষ্টাবিংশ, অষ্টাবিংশতিতম [অশ্‌টাবিঙ্‌শো, -তিতমো] *বিণ* ২৮ সংখ্যার পূরক। **অষ্টাবিংশতি** *বি, বিণ* আটাশ; ২৮ সংখ্যা বা সংখ্যক। { *স.* অষ্টন্+বিংশ, বিংশতি+তম; *মধ্য.* }

অষ্টাশি, অষ্টাশীতি [অশ্‌টাশি, অশ্‌টাশিতি] *বি, বিণ* আটাশি; ৮৮ সংখ্যা বা সংখ্যক। **অষ্টাশীতিতম** *বিণ* ৮৮ সংখ্যার পূরক। { *স.* অষ্ট>অষ্টন্+অশীতি; *মধ্য.* }

অষ্টাহ [অশ্‌টাহো] *বি* আটদিন। { *স.* অষ্টন্+অহ; *কর্মধা.* }

অষ্টি [ওশ্‌টি] *বি* ফলের আঁঠি; বিচি। { *স.* √অস্+তি(ক্তিন্) }

অষ্টেপৃষ্ঠে ⇒ আষ্টেপৃষ্ঠে

অসওয়াসা, ওয়াসওয়াসা [অস্‌ওয়াশা, ওয়াস্‌ওয়াশা]

বি কুমন্ত্রণা (খান্নাসের অসওয়াসা চিরদিন চেয়েছে যেমন—*ফজ্‌ল*; বেশক দুনিয়ার ধন দওলৎ শয়তানের ওয়াসওয়াসা—*আমজা*)। {রসরসাহ্ আ. وسوسة }

অসংকুচিত, অসঙ্কুচিত [অশঙ্‌কুচিতো] *বিণ* ১ সঙ্কোচহীন; কুণ্ঠাহীন; অকুণ্ঠিত। ২ অসংগৃহীত; অহ্রস্বীভূত। ৩ প্রশস্ত। { স. অ(নঞ্)+সঙ্কুচিত; *নতৎ* }

অসংকোচ, অসঙ্কোচ [অশঙ্‌কোচ্] *বি* ১ সঙ্কোচহীনতা। ২ প্রশস্ততা; উদারতা। ☐ *বিণ* ১ সঙ্কোচহীন; সঙ্কোচ নেই এমন। ২ প্রশস্ত; উদার। **অসঙ্কোচে** *ক্রিবিণ*। { স. অ(নঞ্)+সঙ্কোচ; *নতৎ* }

অসংখ্য [অশোঙ্‌খো] *বিণ* অগণ্য; সংখ্যাতীত। { স. অ(নঞ্)+সংখ্যা; *বহু* }

অসংখ্যাত [অশোঙ্‌খ্যাতো] *বিণ* সংখ্যা নিরূপণ করা যায়নি এরূপ; অপরিমিত; অগণিত (সে-রহস্যও আসলে হয়তো অসংখ্যাত সাধারণের অনন্য সমষ্টি—*সুদ*)। { স. অ-সংখ্যাত; *বহু* }

অসংখ্যেয় [অশোঙ্‌খেয়ো] *বিণ* সংখ্যা নিরূপণ করা যায় না এমন; সংখ্যাতীত। { স. অ(নঞ্)+সংখ্যেয়; *বহু* }

অসংগত, অসঙ্গত [অশঙ্‌গতো] *বিণ* ১ অযৌক্তিক; যুক্তিবিরুদ্ধ (এরূপ চিন্তা নিতান্ত অসঙ্গত এবং অন্যায়—*রঠা*)। ২ অন্যায্য; অবিহিত। ৩ অবাস্তব। **অসঙ্গতি** *বি* ১ যুক্তি বা সম্বন্ধহীনতা। ২ সংস্থানের অভাব। { স. অ(নঞ্)+সঙ্গত; *নতৎ; বহু* }

অসংঘট [অশঙ্‌ঘটো] *বিণ* অঘটনীয় (অসংঘট কাজে পুন সংঘট করাএ—*বচদা*)। { স. অ(নঞ্)+সংঘট }

অসংবদ্ধ ⇒ অসম্বদ্ধ

অসংবর ⇒ অসংবরণীয়

অসংবরণীয়, অসংবর [অশঙ্‌বরোনিয়ো, অশঙ্‌বরো] *বিণ* সংবরণ করা যায় না এমন; অনিবার্য। **অসংবরণ** *বি*। { স. অ(নঞ্)+সংবরণীয়, সংবর, *বহু; নতৎ* }

অসংবৃত, অসম্বৃত *(অপ্র)* [অশঙ্‌ব্রিতো, অশম্‌ব্রিতো] *বিণ* ১ অনাচ্ছাদিত; আবরণশূন্য; নগ্ন। ২ শরীরের কাপড় চোপড় আলগা হয়ে পড়েছে এমন; আলুলায়িত; এলোমেলো; বিস্রস্ত। **অসংবৃতা** *স্ত্রী*। { স. অ(নঞ্)+সম্বৃত; *নতৎ; বহু* }

অসংযত [অশঙ্‌জতো] *বিণ* ১ সংযমহীন; উচ্ছৃঙ্খল। ২ নিয়ম বন্ধন মানে না এমন। ৩ উদ্দাম। **–রসনা** *বিণ* জিহ্বার সংযম নেই এমন। { স. অ(নঞ্)+সংযত; *নতৎ; বহু* }

অসংযুক্ত [অশঙ্‌জুক্‌তো] *বিণ* সংযুক্ত নয় এমন; বিযুক্ত। { স. অ(নঞ্)+সংযুক্ত; *নতৎ; বহু* }

অসংলগ্ন [অশঙ্‌লগ্‌নো] *বিণ* ১ অসম্বদ্ধ; অর্থহীন। ২ পূর্বাপরসম্পর্কহীন। ৩ পরস্পরবিরোধী। { স. অ(নঞ্)+সংলগ্ন; *নতৎ; বহু* }

অসংশয় [অশঙ্‌শয়্] *বিণ* ১ নিঃসন্দেহ; অসন্দিগ্ধ। ২ নিশ্চিত; দ্বন্দ্বরহিত। ☐ *বি* সন্দেহহীনতা; নিশ্চয়তা। **অসংশয়িত** *বিণ* সংশয়হীন, অসন্দিগ্ধ, সন্দেহহীন। **অসংশয়ে** *ক্রিবিণ* নিঃসন্দেহে; দ্বিধাহীনভাবে (অসংশয়ে করি স্থির—*রঠা*)। { স. অ(নঞ্)+সংশয়; *বহু* }

অসংশোধন [অশঙ্‌শোধোন্] *বি* অসংস্কার; অপরিমার্জন। **অসংশোধনীয়, অসংশোধ্য** *বিণ* সংশোধন করা যায় না এমন। **অসংশোধিত** *বিণ* সংশোধন করা হয়নি এমন। { স. অ(নঞ্)+সংশোধন; *নতৎ* }

অসংশ্লিষ্ট [অশঙ্‌শ্লিশ্‌টো] *বিণ* সংশ্লিষ্ট নয় এমন; অসম্পর্কিত; সম্বন্ধশূন্য। { স. অ(নঞ্)+সংশ্লিষ্ট; *নতৎ* }

অসংসক্ত [অশঙ্‌শক্‌তো] *বিণ* অসংশ্লিষ্ট; নিঃসংসর্গ; নির্লিপ্ত। { স. অ(নঞ্)+সংসক্ত; *নতৎ; বহু* }

অসংসাহস, অসংসাহসিক ⇒ অসম

অসংস্কৃত [অশঙ্‌স্‌ক্রিতো] *বিণ* ১ অশোধিত; অমার্জিত। ২ অবিন্যস্ত (অসংস্কৃত কেশরাশি)। ৩ শাস্ত্রীয় সংস্কারের অনুকূল নয় এমন। ৪ সংস্কৃত ভাষা থেকে ভিন্ন। **– বাক্য** *বি* ১ সংস্কৃত ব্যতীত অন্য ভাষায় কথিত বাক্য। ২ অসংশোধিত বা অশ্লীল বাক্য; অমার্জিত বাক্য। { স. অ(নঞ্)+সংস্কৃত; *নতৎ* }

অসংস্থান [অশঙ্‌স্থান্] *বি* সংস্থানের অভাব; অসঙ্গতি; অপ্রতুল (আমার অনুপস্থিতিকালে গৃহে যে কোনও বিষয়ের অসংস্থান হইবেক, তুমি তাহা সম্পন্ন করিবে—*ঈবি*)। { স. অ(নঞ্)+সংস্থান; *নতৎ* }

অসংহত [অশঙ্‌হতো] *বিণ* সংলগ্ন বা একত্র নয় এমন; বিক্ষিপ্ত; অসংবদ্ধ। { স. অ(নঞ্)+সংহত; *নতৎ* }

অসকাল [অশকাল্] *বি* ১ অসময়। ২ সন্ধ্যা (প্রাতঃকালে গেল পাল চরিবার তরে। অসকাল হৈল ফিরা নাহি আল্য ঘরে—*ক্ষেদা*)। { অ(নঞ্)+সকাল }

অসকৃৎ [অশকৃত্] *অব্য* পুনঃপুন; বার বার; বহুবার। { স. অ(নঞ্)+সকৃৎ; *নতৎ* }

অসঙ্কুচিত ⇒ অসংকুচিত

অসঙ্কোচ, অসঙ্কোচে ⇒ অসংকোচ

অসঙ্গ [অশঙ্‌গো] *বিণ* সঙ্গীহীন। ☐ *বি* পুত্র-পরিবার বিষয়াদি ত্যাগরূপ বৈরাগ্য। { স. অ(নঞ্)+সঙ্গ; *বহু* }

অসঙ্গত ⇒ অসংগত

অসচ্চরিত্র [অশচ্‌চোরিত্‌ত্রো] *বিণ* ১ চরিত্রহীন। ২ অসাধু। **অসচ্চরিত্রা** *স্ত্রী*। **–তা** *বি*। { স. অ(নঞ্)+সৎ+চরিত্র; *বহু; নতৎ* }

অসচ্ছল [অশচ্‌ছল্] *বিণ* ১ আর্থিক অনটন আছে এমন (অসচ্ছল অবস্থা)। ২ অপ্রতুল; অপ্রচুর (তোমাদের ঘরে খাওয়া পরা অসচ্ছল নয়—*রঠা*)। ৩ দরিদ্র (অসচ্ছল ব্যক্তি)। **–তা** *বি*। { স. অ(নঞ্)+সচ্ছল; *নতৎ* }

অসজ্জন [অশজ্‌জন্] *বি* ১ অসাধু বা দুষ্ট লোক। ২ অভদ্র বা অশিষ্ট ব্যক্তি। { স. অ(নঞ্)+সজ্জন; *কর্মধা* }

অসৎ [অশত্] *বিণ* ১ মন্দ; গর্হিত; নিন্দনীয়। ২ অসাধু। ৩ সত্তা নেই এমন; অবিদ্যমান; অস্তিত্বহীন। **অসতী** *বিণ স্ত্রী* ভ্রষ্টচরিত্রা; নষ্টা; ব্যভিচারিণী; কুলটা (মধ্যবাংলায় এই অর্থে পুংলিঙ্গেও 'অসতী' শব্দ ব্যবহৃত হতো: যথা—সতী কি অসতী তোমাতে বিদিত ভাল মন্দ নাহি জানি। কহে চণ্ডীদাস পাপ পুণ্যসম যুগল চরণ মানি—*চদা*)। **অসতীত্ব** *বি*। { স. অ(নঞ্)+সৎ *নতৎ* }

অসতর্ক [অশতরকো] *বিণ* অসাবধান; হুঁশিয়ার নয় এমন। **–তা** *বি*। { স. অ(নঞ্)+সতর্ক; *নতৎ* }

অসতী, অসতীত্ব ⇒ অসৎ

অসত্তা [অশত্‌তা] *বি* অনস্তিত্ব; অবিদ্যমানতা; মিথ্যা।

{স. অ(নঞ)+সত্তা; নতৎ}

অসত্য [অশোত্‌তো] *বিণ* সত্য নয় এমন; অলীক; অযথার্থ। ❑ *বি* মিথ্যা (অসত্য অবশ্য পরিত্যাজ্য)। ~**বাদী** *বিণ* মিথ্যা বলে এমন; মিথ্যাবাদী। {স. অ(নঞ)+সত্য; নতৎ}

অসদাচরণ [অশদাচোরোন্] *বি* ১ মন্দ ব্যবহার বা আচরণ। ২ দুর্বৃত্ততা। **অসদাচার** *বি* ১ কদাচার। ২ দুর্বৃত্ততা। **অসদাচারী** *বিণ*। {স. অসৎ+আচরণ, কর্মধা}

অসদুপদেশ [অশদুপোদেশ] *বি* কুপরামর্শ; কুমন্ত্রণা। {স. অ(নঞ)+সদুপদেশ; নতৎ}

অসদৃশ [অশদ্রিশো] *বিণ* ১ অন্য রকম; ভিন্ন প্রকার; বিসদৃশ। ২ বিরুদ্ধ। ৩ বেমানান; অনুপযুক্ত। {স. অ(নঞ)+সদৃশ; নতৎ}

অসদ্‌গ্রাহী [অশদ্‌গ্রাহি] *বিণ* ১ অবৈধ দান গ্রহণকারী। ২ ঘুষখোর। **অসদ্‌গ্রাহিতা** *বি*। {স. অ(নঞ)+সদ্‌গ্রাহী; *বহু*; নতৎ}

অসদ্ব্যবহার [অশদ্‌ব্যাবোহার] *বি* ১ অভদ্র আচরণ; মন্দ আচরণ। ২ দুর্ব্যবহার। ৩ অনুপযুক্ত ব্যবহার; অযথার্থ প্রয়োগ। {স. অ(নঞ)+সদ্ব্যবহার; নতৎ}

অসদ্ভাব [অশদ্‌ভাব] *বি* ১ মনোমালিন্য; কলহ। ২ অপ্রতুল; অসংস্থান (অধুনা বেইমানের কোনো অসদ্ভাব নাই)। ৩ অভাব (শারীরিক ব্যায়ামের অসদ্ভাবেই হউক বা ঐহিক সুখ সম্ভোগেই হউক—*বচ*)। {স. অ(নঞ)+সদ্ভাব; নতৎ}

অসন [অশন্] *বি* ২ ক্ষেপণ; ত্যাগকরণ; *ত্যাগ করা*। ২ আসন; গাছ; পিয়াসাল। {স. √অস্+অন (ল্যুট্)}

অসন্তুষ্ট [অশন্তুশ্‌টো] *বিণ* ১ অসুখী; নাখোশ; অপ্রীত। ২ বিরক্ত। ৩ অতৃপ্ত; সন্তোষশূন্য। ৪ ক্ষুব্ধ। **অসন্তুষ্টি, অসন্তোষ** *বি* ১ বিরাগ; বিরক্তি। ২ অতৃপ্তি। {স. অ(নঞ)+সন্তুষ্ট; নতৎ}

অসন্দিগ্ধ [অশন্‌দিগ্‌ধো] *বিণ* ১ নিঃসংশয়; নিঃসন্দেহ; নিশ্চিত। ২ সন্দেহ করে না এমন (তাহার অসন্দিগ্ধ প্রমাণ প্রদর্শন করিয়াছেন—*ঈবি*)। {স. অ(নঞ)+সন্দিগ্ধ; নতৎ}

অসন্দিহান [অশনদিহান্] *বিণ* সন্দেহ করে না এমন। ২ সংশয়শূন্য; অসন্দিগ্ধ (যে আজ্ঞা করিবেন, তাহাই অসন্দিহান চিত্তে শিরোধার্য করিব—*ঈবি*)। {স. অ(নঞ)+সন্দিহান; নতৎ}

অসপত্ন [অশপত্‌নো] *বি* মিত্র; সখা (গান সে অসপত্ন [illegible])। ❑ *বিণ* ১ শত্রুহীন; অরিশূন্য। ২ নিষ্কণ্টক; নির্বিঘ্ন। {স. অ(নঞ)+সপত্ন; বহু}

অসপ্ত [অশপ্‌তো] *বিণ* ছয় সংখ্যক; ষষ্ঠ (অসপ্ত মথনে [illegible] কবির কর্ম্ম—*ক্ষেদা*)। {স. অ(নঞ)+সপ্ত; নতৎ}

অসবর্ণ [অশবর্‌নো] *বিণ* ভিন্ন জাতীয়; ভিন্ন বর্ণভুক্ত (পূর্বে অসবর্ণ বিবাহের শাস্তি ছিল প্রাণদণ্ড—*প্রচৌ*)। ~**বিবাহ** *বি* ভিন্ন বর্ণ বা গোত্রে বিবাহ। {স. অ(নঞ)+সবর্ণ; নতৎ}

অসভ্য [অশোভ্‌ভো] *বিণ* ১ অভদ্র; অশিষ্ট; অমার্জিত; অশ্লীল। ২ অশিক্ষিত; দুর্বিনীত; গোঁয়ার। ৩ অসামাজিক। ৪ বর্বর। ৫ বন্য। ~**তা** *বি*। {স. অ(নঞ)+সভ্য; নতৎ}

অসম [অশমো] *বিণ* ১ সমান নয় এমন; অসমান। ২ সাদৃশ্যহীন। ৩ ভিন্ন প্রকার; অন্য রকম। ৪ অসমতল; উঁচুনিচু। ৫ বিষম। ~**তা** *বি*। ~**কক্ষ** *বিণ, বি* সমকক্ষ নয় এমন; শক্তিতে সমান নয় এমন (এই লড়াই নিতান্ত অসমকক্ষের লড়াই—*রঠা*)। ~**দর্শী** (-র্শিন্) *বিণ* পক্ষপাতী; একচোখা। ~**দর্শিতা** *বি*। ~**বয়সী** *বিণ* সমবয়সী নয় এমন; অসমানবয়স্ক (দুই অসমবয়সী বন্ধুর মধ্যে—*রঠা*)। ~**সাহস, অসংসাহস** (বিরল) *বি* সম্পূর্ণ ভয়শূন্যতা; অকুতোভয়তা। ❑ *বিণ* দুঃসাহসিক। ~**সাহসিক**, ~**সাহসী** (-সিন্) *বিণ* ১ অতুল সাহসযুক্ত; অত্যন্ত সাহসী এমন; কোনো কিছুতে ভয় করে না এমন; অকুতোভয় (নিতান্ত অসংসাহসিকের কার্য বলিয়া বোধ হয় না—*ঈবি*)। ২ দুঃসাহসী। ~**সাহসিকতা** *বি*। {স. অ(নঞ)+সম; নতৎ}

অসমক্ষ [অশমোকখো] *বি* অসাক্ষাৎ; অদেখা। **অসমক্ষে** *ক্রিবিণ* অসাক্ষাতে; অগোচরে; আড়ালে; পরোক্ষে। {স. অ(নঞ)+সম+অক্ষ; নতৎ}

অসমঞ্জ [অশমোনজো] *বি* সগর রাজার জ্যেষ্ঠ পুত্র। ❑ *বি, বিণ* পাপ বা অন্যায়ের প্রতিবাদকারী (শেলি-পরবর্তী অসমঞ্জদের নিয়মিত নির্যাতন দেখে এই সিদ্ধান্ত শেষ পর্যন্ত অপরিহার্য—*সুদে*)। {স. অ(নঞ)+সম্+√অঞ্জ্+অ; বহু}

অসমঞ্জস [অশমোন্‌জশো] *বিণ* ১ সামঞ্জস্যহীন। ২ সাদৃশ্যহীন। ৩ বেখাপ্পা; অনুপযুক্ত। ৪ বিষম। ৫ অসঙ্গত। {স. অ(নঞ)+সমঞ্জস; নতৎ}

অসমতল [অশমোতল্] *বিণ* অসমান; বন্ধুর; উঁচুনিচু; এবড়ো-খেবড়ো। {স. অ(নঞ)+সমতল; বহু; নতৎ}

অসমতা, অসমদর্শী ⇒ অসম

অসময় [অশোময়] *বি* ১ অনুপযুক্ত সময় (ফসলের পক্ষে অসময়)। ২ অকাল (অসময়ের ফল)। ৩ দুঃসময় (সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়, অসময়ে হায় হায় কেহ কারো নয়—*কৃম*)। ৪ উপযুক্ত কালের পরবর্তী সময় (অসময়ের সন্তান)। **অসময়ে** *ক্রিবিণ*। {স. অ(নঞ)+সময়; নতৎ}

অসমর্থ [অশমোরথো] *বিণ* ১ সমর্থ নয় এমন; অক্ষম। ২ দুর্বল; কমজোর। ৩ অপটু। ~**তা, অসামর্থ্য** *বি*। {স. অ(নঞ)+সমর্থ; নতৎ}

অসমর্থন [অশমোরথোন্] *বি* অননুমোদন। **অসমর্থিত** *বিণ* ১ সমর্থিত নয় এমন; অননুমোদিত। ২ এখনো সঠিকভাবে স্বীকৃত হয়নি এমন (অসমর্থিত সংবাদ)। {স. অ(নঞ)+সমর্থন; নতৎ}

অসমসাহস, অসমসাহসী ⇒ অসম

অসমান [অশমান্] *বি, বিণ* সমান বা একরূপ নয় এমন। ❑ *বিণ* ১ অসমতল। ২ বক্র; বাঁকা। ৩ অসমকক্ষ। {স. অ(নঞ)+সমান; নতৎ}

অসমাপক [অশমাপক্] *বিণ* কার্য সমাপ্ত করে না এমন। **অসমাপিকা** *স্ত্রী*। **অসমাপিকা ক্রিয়া** *বি* (*ব্যা.*) যে ক্রিয়া দ্বারা বাক্যের সমাপ্তি ঘটে না এবং এর সমাপ্তির জন্য অপর ক্রিয়াপদের অপেক্ষা রাখে। {স. অ(নঞ)+সমাপক; নতৎ}

অসমাপ্ত [অশমাপ্‌তো] *বিণ* ১ অসম্পন্ন; অনিষ্পন্ন; অসম্পূর্ণ। ২ অর্ধ সমাপ্ত। **অসমাপ্তি** *বি* অসম্পূর্ণতা; অসম্পাদনতা (যুগারম্ভে সৃষ্টিকালে অসমাপ্তি পুঞ্জীভূত যেন—*রঠা*)। { *স.* অ(নঞ)+সমাপ্ত; *নতৎ* }

অসমীক্ষ্যকারী (–রিন্) [অশোমিক্‌খোকারি] *বিণ* ১ হঠকারী; অবিমৃষ্যকারী; আচরণে অদূরদর্শী বা অবিবেচক। ২ গোঁয়ার। **অসমীক্ষ্যকারিতা** *বি*। { *স.* অ(নঞ)+ সমীক্ষ্যকারী; *বহু* }

অসমীচীন [অশোমিচিন্] *বিণ* সমীচীন বা যুক্তিযুক্ত নয় এমন; অসঙ্গত; অনুচিত। ২ অন্যায্য। ৩ উপযুক্ত নয় এমন। { *স.* অ(নঞ)+সমীচীন; *নতৎ* }

অসমীয়া, অহমীয়া [অশোমিয়া, –হো–/–হ–] *বি* আসামের ভাষা বা আসামের অধিবাসী। ☐ *বিণ* আসাম সম্বন্ধীয় বা আসামে জাত। { *স.* অসম/অহম্+ঈয়+আ }

অসম্পর্ক [অশম্‌পর্‌কো] *বি* সম্বন্ধের বা সম্পর্কের অভাব। ☐ *বিণ* সম্পর্কহীন; নিঃসম্পর্ক। **অসম্পর্কীয়** *বিণ* ১ সম্পর্কহীন; অনাত্মীয়। ২ সম্বন্ধহীন; যোগাযোগশূন্য। { *স.* অ(নঞ)+সম্পর্ক, সম্পর্কীয়; *নতৎ* }

অসম্পূর্ণ [অশম্‌পুর্‌নো] *বিণ* ১ অপূর্ণ ২ অসমাপ্ত। ৩ অসমগ্র; আংশিক। **–তা** *বি*। { *স.* অ(নঞ)+সম্পূর্ণ; *বহু; নতৎ* }

অসম্পৃক্ত [অশম্‌প্রিক্‌তো] *বিণ* ১ সম্পর্কশূন্য বা সম্পর্ক রহিত; নিঃসম্পর্কিত। ২ অসংশ্লিষ্ট (এত কাছে বসেও তাদের থেকে অসম্পৃক্ত থাকতে হবে—*অচিসে*)। **অসম্পৃক্তি** *বি*। { *স.* অ(নঞ)+সম্পৃক্ত; *নতৎ* }

অসম্বদ্ধ, অসংবদ্ধ [অশম্‌বদ্‌ধো,-ঙ্‌-] *বিণ* ১ একত্র গ্রথিত নয় এমন। ২ অসংলগ্ন; উল্টাপাল্টা; এলোমেলো (পাগলের মত এত অসংবদ্ধ কথা বলিতেছে—*ঈবি*)। ৩ পূর্বাপরবিরুদ্ধ। **অসম্বদ্ধতা** *বি*। { *স.* অ(নঞ)+সম্বদ্ধ, সংবদ্ধ, সম্বদ্ধতা; *নতৎ* }

অসম্বন্ধ [অশম্‌বন্‌ধো] *বিণ* ১ সম্বন্ধবিহীন; অসংলগ্ন। ২ পূর্বাপরবিরুদ্ধ। { *স.* অ(নঞ)+সম্বন্ধ; *বহু* }

অসম্বর [অশম্‌বর্] *বিণ* ১ সম্বরণে অসমর্থ। ২ অধৈর্য; বেসামাল (শেষে প্রভু হইলেন বড় অসম্বর—*বৃদা*)। ☐ *বি* অস্ত্রবিশেষ (কোন হাতে কোঁচা কোন হাতে খোঁচা কোন হাতে অসম্বর—*কেদা*)। { *স.* অ(নঞ)+সম্বর; *বহু* }

অসম্বাধ [অশম্‌বাধ্] *বিণ* ১ বাধারহিত; বিঘ্নহীন। ২ সংঘর্ষহীন। { *স.* অ(নঞ)+সম+বাধা>; *বহু* }

অসম্বৃত ⇒ অসংবৃত

অসম্ভব [অশম্‌ভব্] *বিণ* ১ সম্ভব নয় এমন। ২ ঘটে না বা ঘটানো যায় না এমন; দুর্ঘট; অঘটনীয়। ৩ অদ্ভুত। ৪ অস্বাভাবিক। **অসম্ভাবনীয়** *বিণ* ঘটার সম্ভাবনা নেই এমন; সম্ভাবনারহিত। **অসম্ভাবিত** *বিণ* অপ্রত্যাশিত; ঘটবে বলে আশা করা যায়নি এমন (এই অসম্ভাবিত পরিণয়সংঘটন দ্বারা অতুল ঐশ্বর্যের অধিপতি হইলেন—*ঈবি*)। **অসম্ভাব্য** *বিণ* ১ সম্ভাবনার যোগ্য নয় এমন; অসম্ভবপর। ২ অলৌকিক। { *স.* অ(নঞ)+সম্ভব; *নতৎ* }

অসম্ভূত [অশম্‌ভুতো] *বি* উৎপন্ন হয়নি এমন; অজাত। { *স.* অ(নঞ)+সম্ভূত; *নতৎ* }

অসম্ভেদ [অশম্‌ভেদ] *বিণ* তত্ত্বজ্ঞানহীন; নির্বোধ (বর্বর কৈতর যে না মানিল নিষেধ। নামিল সভার আগে হয়া অসম্ভেদ—*হেমা*)। { *স.* অ(নঞ)+সম্ভেদ (ভেদ = তত্ত্ব); *নতৎ* }

অসম্ভ্রম [অশম্‌ভ্রোম্] *বি* ১ অমর্যাদা; অসম্মান। ২ হেলা; অনাদর। **অসম্ভ্রমে** *ক্রিবিণ* হেলাভরে; অবহেলে; অবলীলাক্রমে (প্রবাদে যাঁর তুমি রূপবতি, ভ্রম অসম্ভ্রমে শূন্যে—*মদ*)। { *স.* অ(নঞ)+সম্ভ্রম; *বহু* }

অসম্মত [অশম্‌মতো] *বিণ* ১ সম্মত নয় এমন; নারাজ; গররাজি; অনিচ্ছুক। ২ অস্বীকৃত। ৩ অননুমত; মতানৈক্য আছে এমন। { *স.* অ(নঞ)+সম্মত; *নতৎ* }

অসম্মতি [অশম্‌মোতি] *বি* অনিচ্ছা; অমত; অস্বীকৃতি। { *স.* অ(নঞ)+সম্মতি; *নতৎ* }

অসম্মান [অশম্‌মান] *বি* ১ অপমান; মর্যাদাহানি। ২ অনাদর; অবহেলা। **অসম্মানিত** *বিণ* অবমানিত; হতমান। { *স.* অ(নঞ)+সম্মান; *নতৎ* }

অসরল [অশরোল্] *বিণ* ১ সরল নয় এমন। ২ কপট। **অসরলতা** *বি* কপটতা। { *স.* অ(নঞ)+সরল; *নতৎ* }

অসহ [অশহো] *বিণ* ১ অসহিষ্ণু। ২ ক্ষমাশূন্য। ৩ অসহ্য (এ কুসুমমালা হয়েছে অসহ—*রঠা*)। **–ন** *বি* অসহিষ্ণুতা। ☐ *বিণ* ১ অসহ্য; সহ্যশক্তি বহির্ভূত (অতি–অসহন বহ্নিদহন—*রঠা*)। ২ অসহিষ্ণু। ৩ ক্ষমাশূন্য। **–নীয়** *বিণ* সহ্য করা যায় না এমন; অসহ্য। **–মান** *বিণ* সহ্য বা ক্ষমা করতে অক্ষম বা অসমর্থ (একান্ত অসহমান হইয়া করতলে করাল করবাল ধারণপূর্বক তৎক্ষণাৎ তথায় উপস্থিত হইলেন—*ঈবি*)। { অ (নঞ)+সহ; *নতৎ* }

অসহযোগ [অশহোজোগ্] *বি* ১ সহায়তা বা সাহায্য না করণ। ২ একত্রে কাজ না করা। ৩ সরকারকে রাজ্য শাসনে সাহায্য না করার আন্দোলনবিশেষ (আজ অসহযোগের অসহ্য আবেগে সে কলেজত্যাগিনী—*রঠা*)। **– আন্দোলন** *বি* প্রজাগণ কর্তৃক ক্ষমতাসীন সরকারকে শাসনকার্য পরিচালনায় সহায়তা না করার আন্দোলন বিশেষ; non-cooperation movement। **অসহযোগিতা** *বি* ১ সাহায্য না করা; সহায়তা না করা। ২ একত্রে কাজ না করা। **অসহযোগী** (–গিন্) *বিণ* অসহযোগ করে এমন। { *স.* অ (নঞ)+সহযোগ; *নতৎ* }

অসহায় [অশহায়্] *বিণ* ১ নিঃসহায়; সহায়হীন (ভুললো তার অসহায় স্ত্রী, অসহায়তর শিশুগুলি—*অচিসে*)। ২ নিরুপায়। ৩ নিঃসঙ্গ; একা। { *স.* অ(নঞ)+সহায়; *বহু* }

অসহিষ্ণু [অশোহিশ্‌নু] *বিণ* ১ সহ্যশক্তিহীন; অধৈর্য। ২ অধীর; অস্থির। **অসহিষ্ণুতা** *বি*। { *স.* অ(নঞ)+সহিষ্ণু; *নতৎ* }

অসহ্য [অশোজ্‌ঝো] *বিণ* সহ্য করা যায় না এমন; অসহনীয়; দুঃসহ। { *স.* অ(নঞ)+সহ্য; *বহু* }

অসাক্ষাৎ [অশাক্‌খাত্] *বিণ* ১ দৃষ্টির বাহির; অপ্রত্যক্ষ। ২ অগোচর; ইন্দ্রিয়ের সীমা বহির্ভূত। **অসাক্ষাতে** *ক্রিবিণ* ১ দৃষ্টির বাইরে; আড়ালে। ২ গোপনে। { *স.* অ+সাক্ষাৎ; *নতৎ* }

অসাজন্ত [অশাজোন্‌তো] *বিণ* ১ খাপ খায় না এমন;

বেমানান; অনুপযুক্ত; অযোগ্য (আমার একটি মেয়ে, আমি কি প্রাণ ধরে অসাজন্ত বরে দিতে পারি—*দীমি*)। ২ অশোভন। { *বা.* অ+সাজন্ত; *নতৎ* }

অসাড় [অশাড়] *বিণ* ১ অনুভূতিহীন; চেতনাহীন; সংজ্ঞাহীন (এই অসাড় প্রকৃতির বুকে আমরাও অসাড় হইয়া ঘুমাইয়াছিলাম—*শেহ্য*)। ২ অবশ; শক্তিহীন (এর অসাড় জিভে কথা ফোটাতে পারেন না—*অচিসে*)। ৩ বোধশক্তিহীন (অসাড় দেহ)। ~**তা** *বি* অসাড়ের ভাব (এমন একটা শুষ্ক অসাড়তার সঞ্চার হইয়াছে—*রঠা*)। **অসাড়ে** *ক্রিবিণ* ১ অসাড় অবস্থায়। ২ অজ্ঞাতসারে। { অ(নঞ)+সাড়; *বহু; নতৎ* }

অসাদৃশ্য [অশাদৃশ্‌শো] *বি* সাদৃশ্যের অভাব; অমিল; অনৈক্য। { *স.* (নঞ)+সাদৃশ্য; *নতৎ* }

অসাধ [অশাধ্] *বি* ১ অনিচ্ছা; অনভিলাষ। ২ অরুচি। ৩ আগ্রহের অভাব। { *স.* অ(নঞ)+সাধ; *নতৎ* }

অসাধারণ [অশাধারোন্] *বিণ* ১ সাধারণে দেখা যায় না এমন। ২ সচরাচর দুর্লভ। ৩ অসামান্য; সমান দেখা যায় না এমন। ৪ বিশিষ্ট। ৫ অনন্যসাধারণ। ~**ত্ব**, ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+সাধারণ; *নতৎ* }

অসাধু [অশাধু] *বিণ* ১ অসৎ; মন্দ। ২ ঠক; প্রতারক। ৩ গর্হিত; নিন্দার্হ। ৪ অসম্ভ্রান্ত। ৫ ব্যাকরণদুষ্ট (অসাধু প্রয়োগ)। **অসাধুতা** *বি*। { *স.* অ(নঞ)+সাধু; *নতৎ* }

অসাধ্য [অশাদ্‌ধো] *বিণ* ১ করতে পারা যায় না এমন; চেষ্টার অতীত। ২ অপ্রতিকার্য। ~**সাধন** *বি* অসম্ভবকে সম্ভব করা; অসাধ্য কার্য সম্পাদন। { *স.* অ(নঞ)+সাধ্য; *নতৎ* }

অসান [অশান্] *বিণ* অসাড়; নিঃসাড়, চেতনাশূন্য (চুম্বিয়া অসান মুখ দেয় চুপে নীরব বিদায়—*দেসে*)। { অ(নঞ)+সান (সংজ্ঞা=জ্ঞান); *নতৎ* }

অসাবধান [অশাবধান্] *বিণ* ১ অসতর্ক; অনবধান। ২ অমনোযোগী; অনবহিত। **অসাবধানতা** *বি*। { *স.* অ(নঞ)+ সাবধান; *নতৎ* }

অসাব্যস্ত [অশাব্‌বোস্‌তো] *বিণ* ১ ধার্য বা স্থির হয়নি এমন (অসাব্যস্ত বিবাহ তার—*সদ*)। ২ মীমাংসিত হয়নি এমন; অনির্ধারিত; অনির্ণীত। { *স.* অ(নঞ)+সাব্যস্ত; *নতৎ* }

অসামঞ্জস্য [অশামোন্‌জোশ্‌শো] *বি* ১ অসঙ্গতি; ঔচিত্যের অভাব। ২ অমিল। **অসমঞ্জস** *বিণ*। { *স.* অ(নঞ)+সামঞ্জস্য; *নতৎ* }

অসাময়িক [অশামোয়িক্] *বিণ* ১ সময়ের উপযোগী নয় এমন। ২ অকালীন; অকালিক (এই অসাময়িক বৃষ্টির জন্য জওয়াবদিহি করিতে হইবে—*রঠা*)। **অসাময়িকী** *স্ত্রী*। { *স.* অ(নঞ)+সাময়িক; *নতৎ* }

অসামর্থ্য ⇒ অসমর্থ

অসামাজিক [অশামাজিক্] *বিণ* ১ সমাজবহির্ভূত। ২ কারও সঙ্গে মেশে না এমন; অমিশুক। ৩ অভদ্র; অসভ্য। { *স.* অ(নঞ)+সামাজিক; *নতৎ* }

অসামান্য [অশামান্‌নো] *বিণ* ১ অসাধারণ; সমান নেই এমন; অতুল্য (যে সকল অসামান্য কার্য করিয়া গিয়াছেন—*রঠা*)। ২ অলৌকিক। ৩ অল্প নয় এমন; বিলক্ষণ। **অসামান্যতা** *বি*। { *স.* অ(নঞ)+সামান্য; *নতৎ* }

অসামাল [অশামাল্] *বিণ* ১ সামলানো যায় না এমন; বেসামাল; অসংবৃত। ২ বেগ ধারণে অক্ষম। ৩ অসতর্ক। { অ(নঞ)+সামাল; *বহু* }

অসাম্প্রদায়িক [অশাম্‌প্রোদায়িক্] *বিণ* ১ দলনিরপেক্ষ; সম্প্রদায়ভিত্তিক নয় এমন; সর্বজনীন। ২ সাম্প্রদায়িক চেতনাহীন; দলাদলিশূন্য; উদার। **অসাম্প্রদায়িকতা** *বি*। { *স.* অ(নঞ)+সাম্প্রদায়িক; *বহু* }

অসাম্য [অশাম্‌মো] *বি* ১ অসমতা। ২ সাদৃশ্যের অভাব। ৩ অমিল। ৪ একতার অভাব। { *স.* অ(নঞ)+সাম্য; *নতৎ* }

অসার [অশার] *বিণ* ১ সারহীন। ২ তুচ্ছ; নিকৃষ্ট; অপদার্থ; বাজে। ৩ মিথ্যা। ৪ ফোঁপড়া; ভিতরে শূন্য এমন (অসার কাষ্ঠ)। ~**ত্ব**, ~**তা** *বি*। { *স.* অ(নঞ)+সার; *বহু* }

অসি[১] [ওশি] *বি* ১ তলোয়ার; তরবারি। ২ অস্ত্রবল। ~**চর্যা** *বি* ১ অসিচালন শিক্ষা। ২ অসিচালনা। ~**চালনা** *বি* তরবারি চালনা। ~**পত্র** *বি* ১ অসির মতন তীক্ষ্ণ পত্রযুক্ত বৃক্ষ; ইক্ষু। ২ তরবারির খাপ। ~**যুদ্ধ** *বি* তরবারির সাহায্যে লড়াই। { *স.* √অস্+ই(ইন) }

অসি[২] ⇒ অছি

অসিত [অশিত্] *বি* কৃষ্ণবর্ণ। ▢ *বিণ* শ্যামল; কৃষ্ণবর্ণ বিশিষ্ট। **অসিতা** *স্ত্রী*। ~**পক্ষ** *বি* কৃষ্ণপক্ষ। ~**বর্ণ** *বি* কৃষ্ণবর্ণ। { *স.* অ(নঞ)+সিত; *নতৎ* }

অসিদ্ধ [অশিদ্‌ধো] *বিণ* সিদ্ধ হয়নি এমন; অপক্ব; কাঁচা। ২ অর্ধসিদ্ধ। ৩ অসম্পূর্ণ; অসমাপ্ত। ৪ অসফল; ব্যর্থ; বিফল। ৫ প্রমাণ বা যুক্তি দ্বারা সমর্থিত নয় এমন। **অসিদ্ধি** *বি* অসাফল্য; ব্যর্থতা। { *স.* অ(নঞ)+সিদ্ধ; *নতৎ* }

অসিয়ত, অছিয়ত, ওছিয়ত [ওসিয়ত্] *বি* ১ অন্তিম উপদেশ বা নির্দেশ। ২ উইল (বহু দরকারী অসিয়ত করিলেন—*হবা*)। ~**নামা** *বি* অছি নিয়োগপত্র; অন্তিম নির্দেশপত্র; লিখিত উইল। **অসিয়তি, অছিয়তি, ওছিয়তি** *বি* সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবকত্ব (সে অছিয়তি হইতেও খারিজের দরখাস্ত করিবে—*মীম*)। { *আ.* ৱসিয়াত وصية }

অসিলা, অছিলা, উছিলা [ওসিলা, ~, উ] *বি* ১ উপলক্ষ; মাধ্যম। ২ ওজর; অজুহাত; বাহানা (তোরা হাজার ছল-ছুতো অসিলা করে বললেও—*নই*; আসগরের অছিলা নিয়েই এসেছিল দুপুরে—*শাহ*)। { *আ.* ৱসিলাহ وصيلة }

অসী ⇒ অছি

অসীম [অশিম্, নামের ক্ষেত্রে 'ওশিম'] *বিণ* ১ সীমাহীন। ২ অনন্ত; অশেষ। ৩ প্রচুর; প্রভূত। ~**তা** *বি* সীমাহীনতা (মহামৌন অসীমতা নিশ্চল সাগর—*রঠা*)। { *স.* অ(নঞ)+ সীমা>; *বহু* }

অসু [ওশু] *বি* ১ শরীরস্থ পঞ্চবায়ু। ২ প্রাণ (গতাসু)। { *স.* √অস্+উ(উন্) }

অসুখ [অশুখ্] *বি* ১ দুঃখ; অশান্তি; অসোয়াস্তি (ভিজে কাক ডাক ছাড়ে মনের অসুখে—*রঠা*)। ২ রোগ; ব্যাধি;

পীড়া। ~**বিসুখ** *বি* রোগব্যাধি (তার অসুখ বিসুখ কিছু হয়নি —*রঠা*)। **অসুখী**(-খিন্) *বিণ* দুঃখিত; ব্যথিত (মেহেরউন্নিসার আশানাশিনী কথা শুনিয়াও অসুখী হয়েন নাই— *বচ*)। { *স.* অ(নঞ)+সুখ; *নতৎ* }

অসুন্দর [অশুন্দর্] *বিণ* ১ কুরূপ; কুৎসিত; বিশ্রী। ২ অশোভন। { *স.* অ(নঞ)+সুন্দর; *নতৎ* }

অসুবিধা [অশুবিধা] *বি* ১ অস্বস্তি ২ ঝঞ্ঝাট; ঝামেলা; হাঙ্গামা; ঝক্কি। ৩ বাধা; বিঘ্ন। { *স.* অ(নঞ)+সুবিধা; *নতৎ* }

অসুমার ⇒ অশুমার

অসুযোগ [অশুজোগ্] *বিণ* সুযোগের অভাব। ❑ *বি* অসুবিধা; বিঘ্ন; বাধা; প্রতিকূল অবস্থা (যদি কোন অসুযোগে আমরা কৃতকার্য না হই—*বচ*)। { *স.* অ(নঞ)+সুযোগ; *নতৎ* }

অসুর [ওশুর্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত দেবকুলের শত্রুদল। ২ দৈত্য; দানব (কালো মেয়ের কটাক্ষেরি ভয়ে অসুর আছে খেমে— *সদ*)। **অসুরী** *স্ত্রী*। **আসুরিক** *বিণ*। { *স.* অ-সুর, √অস্+উর(উরন্); *নতৎ*; *বহু* }

অসুলভ [অশুলভ্] *বিণ* ১ সহজলভ্য নয় এমন। ২ সস্তা নয় এমন। ৩ দুর্লভ; দুষ্প্রাপ্য। { *স.* অ(নঞ)+সুলভ; *নতৎ*; *বহু* }

অসুস্থ [অশুস্থো] *বিণ* ১ রুগ্ন; পীড়িত। ২ অপ্রকৃতিস্থ; অস্বচ্ছন্দ। **অসুস্থা** *স্ত্রী*। **অসুস্থতা** *বি*। { *স.* অ(নঞ)+সুস্থ; *নতৎ* }

অসূক্ষ্ম [অশুকখো] *বিণ* স্থূল। ~**দর্শী** (-র্শিন্) *বিণ* স্থূলদর্শী; অতীক্ষ্নবুদ্ধি। ~**দর্শিতা** *বি*। { *স.* অ(নঞ)+সূক্ষ্ম; *নতৎ* }

অসূয়ক [অশুয়ক্] *বিণ* ১ নিন্দক; পরশ্রীকাতর। ২ বিদ্বেষী; ঈর্ষাপরায়ণ। ❑ *বি* স্বভাবতই সব কিছুর প্রতি বিদ্বেষভাবযুক্ত লোক। { *স.* √অসূয়+অক(বুঞ) }

অসূয়া [অশুয়া] *বি* ১ ঈর্ষা; দ্বেষ; হিংসা (তাঁহাদের রচনা অনেক সময়ে হিংসা, অসূয়া, অকৌশল, নিরানন্দ এবং পরশ্রীকাতরতা পরিপূর্ণ—*বচ*)। ২ গুণে দোষারোপ। ৩ পরশ্রীকাতরতা। ~**পর**, ~**পরবশ** *বিণ* ঈর্ষাযুক্ত; ঈর্ষান্বিত দ্বেষশীল। { *স.* √অসূয়+অ+(অচ্)+আ }

অসূর্যম্পশ্য [অশুরজম্পোশ্শো] *বিণ* সূর্যের মুখ পর্যন্ত দেখেনি এমন (রহিমা অসূর্যম্পশ্যা নিত্য চুপে চুপে—*রঠা*)। **অসূর্যম্পশ্যা** *বি,বিণ স্ত্রী* ১ সূর্যের মুখ পর্যন্ত দেখেনি এমন নারী। ২ অন্তঃপুরবাসিনী। { *স.* অ(নঞ)+সূর্য+√দৃশ্+অ (খশ্)+আ }

অসৃক্ [অসিক্] *বি* ১ রক্ত; রুধির; শোণিত। ২ কুমকুম। { *স.* √অস্+ঋজ্; *নতৎ* }

অসৈনিক [অশোইনিক্] *বিণ* অসামরিক; civil। { অ(নঞ)+সৈনিক; *নতৎ* }

অসোয়াস্তি ⇒ অস্বস্তি

অসৌজন্য [অশোউজোন্নো] *বি* ১ অভদ্রতা; অশিষ্টতা; অশিষ্টাচার। ২ শালীনতার অভাব। { *স.* অ(নঞ)+সৌজন্য; *নতৎ* }

অসৌষ্ঠব [অশোউশ্ঠব্] *বি* ১ অসৌন্দর্য। ২ গঠন পারিপাট্যের অভাব। ❑ *বিণ* ১ অসুষ্ঠু; অশোভন; সৌন্দর্যহীন। ২ সামঞ্জস্যহীন। { *স.* অ(নঞ)+সৌষ্ঠব; *নতৎ* }

অসৌহার্দ, অসৌহৃদ্য [অশোউহারদো, -হৃদ্দো/রিদ্দো] *বি* বন্ধুত্বের অভাব; প্রীতির অভাব। { *স.* অ+সৌহার্দ, সৌহৃদ্য; *নতৎ* }

অস্খলিত [অস্খোলিতো] *বিণ* ১ অবিচ্যুত; অপতিত ২ অচঞ্চল; অবিচলিত; স্থির। { *স.* অ(নঞ)+স্খলিত; *নতৎ* }

অস্ট্রেলিয়ান, অস্ট্রেলীয় [অসট্রেলিয়ান্, -লিয়ো] *বিণ* অস্ট্রেলিয়া মহাদেশীয়; অস্ট্রেলিয়া মহাদেশে জাত। ❑ *বি* অস্ট্রেলিয়া মহাদেশের লোক বা ভাষা। { *ই.* Australian, অস্ট্রেলিয়া+আন, ঈয় }

অস্ত [অস্তো] *বি* ১ সূর্যচন্দ্রাদির পশ্চিম দিকে অদৃশ্য অবস্থা। ২ শেষ; অবসান। ~**গত**, ~**মিত** *বিণ* অস্ত গেছে বা অদৃশ্য হয়েছে এমন। ~**গমন** *বি* অস্তে যাওয়া। ~**গিরি, অস্তাচল** *বি* হিন্দু পুরাণোক্ত যে পর্বতবিশেষের অন্তরালে সূর্য অস্ত যায়। ~**পাট** *বি* অস্তাচল; যেদিকে সূর্যাদি অস্ত যায় (উদয়-গোধূলি রঙে রাঙা হয়ে উঠেছিল যথা অস্তপাট—*নই*)। ~**মন** *বি* অস্তগমন। ~**মান, অস্তায়মান**, ~**গামী** *বিণ* অস্ত যাচ্ছে এমন (অস্তমান রবি—*রঠা*)। { *স.* √অস্+ত (ক্ত) }

অস্তব্যস্ত, অস্তেব্যস্তে ⇒ আস্তব্যস্ত

অস্তমন, অস্তমান ⇒ অস্ত

অস্তর¹, **আস্তর** [অস্তর্, আ-] *বি* ১ পলস্তারা, চুন সুরকি বালি ইত্যাদির প্রলেপ। ২ জামা টুপি ইত্যাদির লাইনিং বা ভিতর দিকের কাপড়। { *ফা.* আস্তর استر }

অস্তর² ⇒ অস্ত্র

অস্তাচল ⇒ অস্ত

অস্তাভা [অস্তাভা] *বি* অস্তগমনকালীন সূর্যের আভা। ২ মৃদু ঔজ্জ্বল্য (সেই ঠোঁটের লালিমার অস্তাভা— *অচিসে*)। { *স.* অস্ত+আভা }

অস্তি [ওস্তি] *বি* সত্তা; অস্তিত্ব (অস্তি ইহার হয় না নাশ— *নই*)। ❑ *ক্রি* আছে। ~**ত্ব** *বি* ১ (*দর্শন.*) সত্তা। ২ স্থিতি; বিদ্যমানতা। ~**নাস্তি** *বি* থাকা না থাকা; অস্তিত্ব-অনস্তিত্ব। { *স.* √অস্+তি(লট্) }

অস্তু [ওস্তু] *ক্রি* হোক (তথাস্তু)। { *স.* √অস+তু(লোট্) }

অস্তুতি, অস্তুত (*মবা.*) [অস্তুতি,-তুতো] *বি* স্তুতি; স্তব; মহিমাকীর্তন; প্রশংসাবাণী (ইলাহির অস্তুতি কহিলা বহুতর—*সৈসু*; যুগে যুগে বসি যদি অস্তুত লেখয়—*সৈআ*)। { অ(নঞ)+√স্তু+তি(ক্তি), ত(ক্ত) }

অস্তোন্মুখ [অস্তোনমুখ] *বিণ* অস্তগমন করছে এমন; অস্তগমনোদ্যত। { *স.* অস্ত+উন্মুখ }

অস্ত্যথ [অস্তোথো] *বিণ* অস্থিগত (অস্থিমধ্যে অস্ত্যথ জীবন—*ভারা*)। { *স.* অস্থিগত> }

অস্ত্যর্থ [অস্তোরথো] *বি* বিদ্যমানতার অর্থ; আছে এই অর্থবোধক। ~**ক** *বিণ* অস্ত্যর্থবিশিষ্ট; অস্তিত্বসূচক। { *স.* অস্তি+অর্থ }

অস্ত্র, অস্তর [অস্ত্রো, অস্তোর] *বি* ১ হাতিয়ার; প্রহরণ; আয়ুধ। ২ প্রহারের উদ্দেশ্যে নিক্ষেপ করার

ধারালো যন্ত্র। ৩ কাটার জন্য ব্যবহৃত যন্ত্র। ৪ *(আল.)* উদ্দেশ্য সাধনে ব্যবহারের উপযুক্ত কোনো কিছু (অশ্রুই তার অস্ত্র)। ~ **করা** *ক্রি* অস্ত্রের সাহায্যে চিকিৎসা করা; অপারেশন করা। ~**কার** *বি* যে অস্ত্র নির্মাণ করে; অস্ত্রনির্মাতা। ~**কোবিদতা** *বি* অস্ত্রবিষয়ক পাণ্ডিত্য; অস্ত্রবিদ্যায় দক্ষতা (অসাধারণ রণপাণ্ডিত্য এবং অস্ত্রকোবিদতা দর্শনে সকলেই স্তম্ভিত হইলেন—ইহো)। ~**চিকিৎসা** *বি* রোগীর দেহে অস্ত্রোপচারপূর্বক চিকিৎসা; শল্যচিকিৎসা। ~**ত্যাগ**, ~**সংবরণ** *বি* যুদ্ধে বিরত হয়ে অস্ত্রবর্জন। ~**নিক্ষেপ** *বি* আঘাত করার উদ্দেশ্যে অস্ত্রগ্রহণ। ~**ধারী** (-রিন্) *বিণ* অস্ত্রবর্ষণ। ~**ধারণ** *বি* যুদ্ধ করার উদ্দেশ্যে অস্ত্রধারণ করেছে এমন; সশস্ত্র; অস্ত্রসজ্জিত। ☐ *বি* যোদ্ধা; সৈনিক; শান্ত্রী। ~**নিবারণ** *বি* অস্ত্রের আঘাত বা প্রহার রোধ। ~**বিদ** *বিণ* অস্ত্রের ব্যবহার জানে এমন। ~**লেখা** *বি* অস্ত্র দ্বারা আঘাতজনিত চিহ্ন, অস্ত্রাঘাতের চিহ্ন (পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা—মদ)। ~**শস্ত্র** *বি* সর্বপ্রকার অস্ত্র; আক্রমণ করার জন্য এবং আক্রমণ প্রতিরোধ করার জন্য ব্যবহৃত অস্ত্রাদি—যা নিক্ষেপ করা যায় তা অস্ত্র, যেমন—বর্শা এবং যা হাতে প্রহার করা যায় তা শস্ত্র, যেমন—তরবারি। বাংলা ব্যবহারে এই পার্থক্য রক্ষা করা হয় না বরং জোড়াশব্দ হিসাবে ব্যবহার করা হয়। ~**শালা, অস্ত্রাগার, অস্ত্রালয়** *বি* অস্ত্র রাখার গৃহ; অস্ত্রের ভাণ্ডার। ~**সংবরণ** ⇒ অস্ত্রত্যাগ। **অস্ত্রাগার** ⇒ ~**শালা**। **অস্ত্রাঘাত** *বি* ১ অস্ত্রের আঘাত; অস্ত্রের প্রহার। ২ প্রহারজনিত চিহ্ন। **অস্ত্রালয়** ⇒ ~**শালা**। **অস্ত্রী** (-স্ত্রিন্) *বিণ* অস্ত্রধারী। ☐ *বি* যোদ্ধা (ফেরে অস্ত্রিদল—মদ)। { স. √অস্+ত্র,> }

অস্ত্রীক [অস্‌ত্রিক্] *বিণ* ১ বিপত্নীক। ২ স্ত্রী সঙ্গে নেই এমন। ৩ অবিবাহিত। **সস্ত্রীক** *বিপ*. { স. অ (নঞ্)-স্ত্রী+ক(কপ্); বহু }

অস্ত্রোপচার [অস্‌ত্রোপোচার্] *বি* চিকিৎসার্থ রোগীর দেহে অস্ত্রপ্রয়োগ; অপারেশন। { স. অস্ত্র+উপচার}

অস্থান [অস্‌থান্] *বি* ১ কুস্থান; মন্দস্থান (তাহাকে জাহান্নাম নামক একটা অস্থানে যাইতে অনুরোধ করি—*রঠা*)। ২ অপ্রশস্ত বা অযোগ্য স্থান। ৩ অযোগ্য পাত্র। ৪ শরীরের বিশেষ স্থান। **অস্থানে** *ক্রিবিণ* ১ শরীরের বিশেষ অংশে যেখানে আঘাত লাগলে মৃত্যু ঘটতে পারে। ২ অনুপযুক্ত স্থানে কালে বা পাত্রে। ~**কুস্থান** *বি* নিষিদ্ধ বা ঘৃণ্য স্থান। **অস্থানিক** *বিণ* স্থানীয় নয় এমন; বহিরাগত। { স. অ(নঞ্)+স্থান; নতৎ }

অস্থাবর [অস্‌থাবর্] *বিণ* ১ স্থানান্তরকরণযোগ্য; গমনশীল, জঙ্গম। ২ অস্থিতিশীল। { স. অ(নঞ্)+স্থাবর; নতৎ }

অস্থায়ী [অস্‌থায়ি] *বিণ* ১ অল্পকাল স্থায়ী; ক্ষণস্থায়ী। ২ স্থায়ী নয় এমন; সাময়িক। ৩ ক্ষণভঙ্গুর; বিনাশী। ৪ পাকাপোক্ত নয় এমন। **অস্থায়িতা, অস্থায়িত্ব** *বি*। { স. অ(নঞ্)+স্থায়িন্; নতৎ }

অস্থি [ওস্‌থি] *বি* ১ হাড়। ২ কঙ্কাল। ~**চর্মসার** *বিণ* ১ কেবলমাত্র অস্থি ও চর্ম অবশিষ্ট আছে এমন। ২ অতিশয় শীর্ণ। ~**দান**, ~**সমর্পণ** *বি* হিন্দুমতে পবিত্র জলে মৃতের অস্থি নিক্ষেপ। ~**দাহকারী** (-রিন্) *বিণ* হাড়জ্বালানি; অতিশয় দুষ্ট বা চঞ্চল (এই অস্থিদাহকারী দস্যু মেয়েকে ধরে আনার জন্য—*রঠা*)। ~**বিজ্ঞান**, ~**বিদ্যা** *বি* শরীরস্থ অস্থিসম্বন্ধীয় বিদ্যা; অস্থিবিষয়ক শাস্ত্র। ~**শেষ**, ~**সার** *বিণ* ১ কেবল হাড় অবশিষ্ট আছে এমন; কঙ্কালসার। ২ অতিশয় শীর্ণ। { স. √অস্+থি(ক্থিন্) }

অস্থিতপঞ্চ, অস্থিতপঞ্চক, অস্থিতপঞ্চম, অস্থিরপঞ্চক, অস্থিরপঞ্চম [অস্‌থিতোপন্‌চো, –চক্, –চম্, –র্‌-ক্, –র্‌-ম্] *বি* ১ সমীকরণ জাতীয় অঙ্কবিশেষ। ২ কঠিন সমস্যা। ৩ কিংকর্তব্যবিমূঢ়তা, চিন্তাকুলতা। { স. অ(নঞ্)+স্থিত, স্থির+পঞ্চ, পঞ্চক, পঞ্চম }

অস্থিতি [অস্‌থিতি] *বি* ১ অস্থায়ী; স্থিতিহীন; অবিদ্যমানতা ২ চাঞ্চল্য। ~**স্থাপক** *বিণ* স্থিতিস্থাপকতা-বিহীন। { স. অ(নঞ্)+স্থিতি; নতৎ }

অস্থির, অথির *(মব্য.)* [অস্‌থির্, অথির্] *বিণ* ১ চঞ্চল; চপল (কুন্দ দন্ত ছুঁয়ে ছুঁয়ে অথির বিজলী যায় ছুটি—সুমো; থির বিজুরিক পাতিয়া—*বিপ*)। ২ আকুল; বিহ্বল (উঠানের ভিড় আতঙ্কে অস্থির হইয়া সরিয়া গেল—*আজা*)। ৩ নশ্বর; ক্ষণস্থায়ী (দিন দুই সুখভোগ অথির জীবন—*কাদো*)। ৪ অনিশ্চিত, অনির্ধারিত। **অস্থিরতা, অস্থিরত্ব, অস্থৈর্য** *বি*। { স. অ(নঞ্)+স্থির; নতৎ> }

অস্থিরপঞ্চক, অস্থিরপঞ্চম ⇒ অস্থিতপঞ্চ

অস্নাত [অস্‌স্নাতো] *বিণ* স্নান করেনি এমন। ~**ক** *বিণ* ১ হিন্দুমতে গুরুগৃহে অধ্যয়ন শেষে যথাবিধি স্নানান্তর গৃহস্থাশ্রমে প্রবেশ করেনি এমন। ২ স্নাতক হয়নি এমন। { স. অ(নঞ্)+স্নাত; বহু }

অস্পন্দ [অস্‌পন্‌দো] *বিণ* স্পন্দনহীন; স্তব্ধ; অনড়; অচল। **অস্পন্দিত** *বিণ* স্পন্দনরহিত; স্তব্ধ (পুত্তলিকার ন্যায় অস্পন্দিতকায় দাঁড়াইয়া ছিলেন—বচ)। { স. অ(নঞ্)+ √স্পন্দ; বহু }

অস্পর্শনীয়, অস্পর্শ্য [অস্‌পর্‌শোনিয়ো, অস্‌পর্‌শো] *বিণ* ১ অস্পৃশ্য। ২ ছোঁয়ার যোগ্য নয় এমন। ৩ গ্রহণের অযোগ্য। { স. অ+স্পর্শনীয়, স্পর্শ্য; বহু }

অস্পষ্ট [অস্‌পশ্‌টো] *বিণ* ১ স্পষ্ট নয় এমন; অপরিস্ফুট; ঝাপসা। ২ সহজে বা পরিষ্কার বোঝা যায় না বা সম্পূর্ণ বোঝা যায় না এমন। **অস্পষ্টতা** *বি*। { স. অ(নঞ্)+স্পষ্ট; নতৎ }

অস্পৃশ্য [অস্‌পৃশ্‌শো] *বিণ* ১ স্পর্শের অযোগ্য; ছোঁয়া নিষিদ্ধ এমন। ২ অশুচি; অপবিত্র। ৩ ঘৃণ্য। ৪ স্পর্শ করা যায় না এমন। ☐ *বি* অচ্ছুত; হিন্দু বর্ণবাদ অনুসারে অস্পৃশ্য জাতি। (কে বলে তোমারে বন্ধু অস্পৃশ্য অশুচি—*সদ*)। **অস্পৃশ্যা** *স্ত্রী*। ~**তা** *বি*। { স. অ(নঞ্)+স্পৃশ্য; বহু }

অস্পৃষ্ট [অস্‌পৃশ্‌টো] *বিণ* ১ স্পর্শ করা হয়নি এমন। ২ উচ্ছিষ্ট নয় এমন; ভুক্ত হয়নি এমন। { স. অ(নঞ্)+স্পৃষ্ট; নতৎ }

অস্ফুট [অস্‌ফুটো] *বিণ* ১ ফোটেনি এমন; অবিকশিত। ২ অপরিস্ফুট; আধো-আধো। ৩ অব্যক্ত। ৪ অস্পষ্ট (অস্ফুট চন্দ্রালোকে—*রঠা*)। ~**বাক** *বিণ* আধো-আধো কথা বলে এমন। { স. অ+স্ফুট; নতৎ }

অস্মদ [অস্‌মদ্] *সর্ব* ১ আমি; আমরা। ২ আমাদের। মদীয়। { *স.* √অস্+মদ(মদিক্)}

অস্মদাদি [অস্‌মোদাদি] *সর্ব* আমরা এবং আমাদের স্বশ্রেণীস্থ ব্যক্তিবর্গ (উক্ত ভাষা যে অস্মদাদির ভাষ্য নহে; তাহা বলা বাহুল্য—*প্রচৌ*)। **অস্মদীয়** *বিণ* আমাদের সম্বন্ধীয়; আমাদের। { *স.* অস্মদ্+আদি}

অস্মার [অস্‌মার্] *বি* স্মৃতিভ্রংশ; amnesia রোগ। { *স.* অ(নঞ্)+স্মার; *নতৎ* }

অস্মিতা [অস্‌মিতা] *বি* ১ অহংকার; আমিত্ব। ২ ব্যক্তিত্ব; ব্যক্তিবৈশিষ্ট্য। { *স.* √অস্+ (লট্)মি+তা}

অস্বচ্ছ [অশ্‌চছো] *বিণ* ১ পরিষ্কার নয় এমন; ঘোলা; আবিল। ২ ভিতর দিয়ে দেখা যায় না এমন; অনচ্ছ। { *স.* অ(নঞ্)+স্বচ্ছ; *নতৎ* }

অস্বচ্ছন্দ [অশ্‌চছন্‌দো] *বিণ* ১ সহজ বা সাবলীল নয় এমন। ২ অস্বস্তিপূর্ণ। { *স.* অ(নঞ্)+স্বচ্ছন্দ; *নতৎ* }

অস্বতন্ত্র [অশ্‌শতন্‌ত্রো] *বি* ১ পরাধীন; অস্বাধীন। ২ বৈশিষ্ট্যহীন। ৩ অভিন্ন। { *স.* অ(নঞ্)+স্বতন্ত্র; *নতৎ* }

অস্বস্তি, অসোয়াস্তি [অশ্‌শোস্‌তি, অশোয়াস্‌তি] *বি* ১ মনের অশান্তি; অস্বাচ্ছন্দ্য; দৈহিক অস্বচ্ছন্দতা (তাদের অসোয়াস্তির সীমা থাকে না—*অঠা*)। ২ স্বাচ্ছন্দ্য বা আরামের অভাব। { *স.* অ(নঞ্)+স্বস্তি>; *নতৎ* }

অস্বাচ্ছন্দ্য [অশাচ্‌ছন্‌দো] *বিণ* স্বাচ্ছন্দ্যের অভাব। 🞎 *বি* অস্বস্তি। { *স.* অ(নঞ্)+স্বাচ্ছন্দ্য; *নতৎ* }

অস্বাতন্ত্র্য [অশাতন্‌ত্রো] *বিণ* পরাধীনতা। 🞎 *বি* ১ বৈশিষ্ট্যের অভাব। ২ অভিন্নতা। { *স.* অ(নঞ্)+স্বাতন্ত্র্য; *নতৎ* }

অস্বাদিত [অশ্‌শাদিতো] *বিণ* অনাস্বাদিত; উপভোগ করা হয়নি এমন (অস্বাদিত মধু যেমন যূথী অনাঘ্রাতা—*রঠা*)। { *স.* অ(নঞ্)+স্বাদিত; *নতৎ*; *বহু* }

অস্বাদু [অশ্‌শাদু] *বিণ* বিস্বাদ; স্বাদহীন। { *স.* অ(নঞ্)+স্বাদু; *নতৎ* }

অস্বাধীন [অশ্‌শাধিন্] *বিণ* পরাধীন। { *স.* অ(নঞ্)+স্বাধীন; *নতৎ* }

অস্বাভাবিক [অশ্‌শাভাবিক্] *বিণ* ১ স্বভাব বা প্রকৃতি বিরুদ্ধ। ২ অনৈসর্গিক; অলৌকিক। ৩ অসাধারণ। ৪ কৃত্রিম। { *স.* অ(নঞ্)+স্বাভাবিক; *নতৎ* }

অস্বামী, অস্বামিক [অশ্‌শামি, –ক্] *বিণ* প্রভু বা অধিকারী নেই এমন; বেওয়ারিশ। { *স.* অ(নঞ্)+স্বামিন্+, +ক; *বহু* }

অস্বাস্থ্য [অশাস্‌থো] *বি* ১ স্বাস্থ্যহীনতা; স্বাস্থ্যের অভাব। ২ অস্বাস্থ্যকরতা (স্থানীয় অস্বাস্থ্যের উল্লেখ করিয়া—*রঠা*)। ৩ পীড়া; অসুখ। **~কর** *বিণ* স্বাস্থ্যের পক্ষে হানিকর। { *স.* অ(নঞ্)+স্বাস্থ্য; *নতৎ* }

অস্বীকার [অশ্‌শিকার্] *বি* ১ লঙ্ঘন; অমান্যকরণ (নেতৃত্ব অস্বীকার)। ২ অসম্মতি বা অমত প্রকাশ। ৩ গ্রহণ না করণ (দায়িত্ব অস্বীকার)। ৪ প্রত্যাখ্যান (নিমন্ত্রণ অস্বীকার)। ৫ না মানা (দোষ অস্বীকার)। **অস্বীকৃত** *বিণ* ১ অস্বীকার করা হয়েছে এমন। ২ স্বীকার করেনি এমন। **অস্বীকৃতি** *বি*। **অস্বীকার্য** *বিণ* স্বীকার করা যায় না এমন; অস্বীকারের অযোগ্য। { *স.* অ(নঞ্)+স্বীকার; *নতৎ* }

অহ (সন্ধিতে অহঃ রূপে [অহো] *বি* ১ দিনমান, দিবাভাগ (অহর্নিশ)। ২ দিবস; দিন (পুণ্যাহ)। { *স.* অহন্}

অহং, অহম্ [অহঙ্, –ম্] *বিণ* আমি। 🞎 *বি* আমিত্ব; বিশিষ্ট সত্তা (কেননা যাহা করিতেছি তাহাতেই অহংভাব আছে—*গিঘো*)। ২ অহঙ্কার। { *স.* অহম্; অস্মদ্ শব্দের ১মা একব}

অহংকার, অহঙ্কার [অহোঙ্‌কার্] *বি* ১ অহমিকা; গর্ব। আত্মচেতনা; অহংজ্ঞান (অহঙ্কার নহিলে কি ভেদ ব্রহ্মজীবে—*ভারা*)। **অহংকারী, অহঙ্কারী** (–রিন্) *বিণ* ১ অহঙ্কার করে এমন। ২ অভিমানী। **অহংকৃত, অহঙ্কৃত** *বিণ* গর্বিত; দম্ভী। **অহংমন্যমান** *বিণ* আত্মপরায়ণ; আত্মসর্বস্ব (কেবল এম. এ. কেবল বি. এ. কেবল অহংমন্যমান—সদ)। { *স.* অহম্+√কৃ+অ (ঘঞ্)}

অহঃপতি [অহোপ্‌পোতি] *বি* ১ দিনের অধিপতি (অর্থাৎ সূর্য)। ২ সূর্য; রবি; সহস্রকিরণ; সহস্রাংশু। { *স.* অহন্+পতি; ৬ তৎ}

অহঙ্কার, অহঙ্কারী, অহঙ্কৃত ⇒ অহংকার

অহনা [অহোনা] *বি* ১ উষা (আর সে কুমারী নহে, নহে সে অহনা—*মোম*)। ২ দিনের প্রারম্ভ। 🞎 *বিণ* উজ্জ্বল। { *স.* অহন্+আ (*স্ত্রী.*) }

অহম ⇒ অহং

অহমিকা [অহোমিকা] *বি* ১ আমিত্ব; অহংসর্বস্বতা (...অহমিকার অন্ধতায় স্থানু ও পঙ্গু হয়ে আছে—*বর*)। ২ অহঙ্কার। ৩ দর্প; দম্ভ; নিরর্থক গর্ব। { *স.* অহম্+ইক(ঠন্)+আ(টাপ্)}

অহমীয়া ⇒ অসমীয়া

অহম্পূর্বিকা [অহোমপুর্‌বিকা] *বি* 'আমিই পূর্বে আমিই পূর্বে' এইরূপ কথা; আপনার অগ্রাধিকারের বোধ ও চেষ্টা। { *স.* অহম্+পূর্ব+(সমাসান্ত)ক+আ(কন্)(*স্ত্রী.*) (টাপ্); *বহু* }

অহরহ [অহোরহো] *ক্রিবিণ* ১ সর্বদা; সতত; নিয়ত (কার বিরহ রক্ত ঝরায় বক্ষে অহরহ—*নই*)। ২ নিত্য; প্রত্যহ; প্রতিদিন। { *স.* অহন্+অহন্ (অহঃ+অহ)>; *দ্বন্দ্ব.* }

অহর্নিশ, অহর্নিশি (*অপ্র*) [অহোরনিশ,–নিশি] *ক্রিবিণ* ১ দিবারাত্র; নিশিদিন। ২ সতত; সর্বদা (অবগুণ্ঠন ঘুচাইয়া অহর্নিশি স্বজন স্নেহে—*রঠা*)। { *স.* অহন্+নিশা; *দ্বন্দ্ব.* }

অ-হল্য [অহোল্‌লো] *বিণ* অকর্ষিত; অনাবাদী (অ-হল্য মৃত্তিকা। কী দুর্বার শক্তি তার সেই নির্দয় কৌমার্যে—*অচিসে*)। 🞎 *বি* কর্ষণ করা যায় না বা করা উচিত নয় এমন ভূমি। { *স.* অ(নঞ্)+হল্য; *নতৎ* }

অহল্যা [অহোল্‌লা] *বিণ* অপূর্ব সুন্দরী। 🞎 *বি* পুরাণবর্ণিত গৌতম মুনির পত্নী। { *স.* অ(নঞ্)+হল্য+আ(টাপ্); *বহু* }

অহহ (বিরল) [অহহ্] *অব্য* হায় হায়। { *স. ধ্বন্যা.* }

অহি[১] ⇒ ওহি

অহি[২] [ওহি] *বি* সাপ; সর্প। **~কোষ** *বি* সাপের খোলস। **~তুণ্ডিক** *বি* সাপুড়িয়া; সাপুড়ে। **~নকুলসম্বন্ধ** *বি* সহজাতশত্রুতা; সাপ ও বেজির মধ্যে বিদ্যমান বৈরীভাবের ন্যায় সম্বন্ধ। **–নকুলিকা** *বি* চিরবিরোধ; চিরশত্রুতা।

{স. অ(নঞ)+√হন+ই(ণিণ)}

অহিংস [অহিঙ্‌শো] *বিণ* ১ হিংসা নেই এমন; দ্বেষশূন্য। ২ বল প্রয়োগে অনিচ্ছুক (অহিংস নীতি)। ❑ *বি* জীবহত্যায় অপ্রবৃত্ত। **–অসহযোগ** *বি* বলপ্রয়োগ না করে সরকারের সঙ্গে সহযোগিতা না করণ; non-violent non-cooperation। **~ক, অহিংস্র** *বিণ* হিংসা করে না এমন (অহিংসক জীব যত—*মদ*)। {স. অ(নঞ)+√হিংস, হিংস্র; বহু}

অহিংসা [অহিঙ্‌শা] *বি* ১ হিংসা না করণ; হিংসাবৃত্তির অভাব। ২ দ্বেষহীনতা; দ্বেষশূন্যতা। ৩ বলপ্রয়োগ বা পরপীড়নে নিবৃত্তি। {স. অ(নঞ)+হিংসা; নতৎ}

অহিত [অহিতো] *বি* অমঙ্গল; অশুভ; ক্ষতি; অকল্যাণ **~কর, ~কারী** (–রিন্‌) *বিণ* অপকারী; অনিষ্টজনক; ক্ষতিকর; অকল্যাণকর; অমঙ্গলকারী। **~কামী** (–মিন্‌) *বিণ* অমঙ্গল কামনা করে এমন; অশুভাকাঙ্ক্ষী। **অহিতাচরণ, অহিতাচার** *বি* অনিষ্টসাধন; অমঙ্গলসাধন। **–চারী** (–রিন্‌) *বিণ* অনিষ্টকারী। **অহিতাচারিণী** *স্ত্রী*। {স. অ(নঞ)+হিত; নতৎ}

অহিফেন [অহিফেন্‌] *বি* আফিম। **–সেবী** (–বিন্‌) *বিণ* আফিমখোর। {স. অহি (=সাপ) + ফেন (=বিষ)= অহিফেন; তুল. *গ্রি.* opion; ই. opium}

অহিভুক [ওহিভুক্‌] *বি* ১ ময়ূর। ২ নকুল; বেজি। ৩ গরুড়। {স. অহি+ভুক}

অহিহন [ওহিহন্‌] *(অপ্র.)* *বিণ* সেই; ঐ; ঐরূপ (চক্রাবর্তে ফিরে মহি অহিমন কাণ—*মাগা*)। {স. অহিসম>}

অহী ⇒ ওহী

অহীশ্বর [ওহিশ্‌শর্‌] *বি* নাগেশ্বর; সর্পরাজ; শেষ; অনন্ত (নাগ)। {স. অহি+ঈশ্বর}

অহৃত [অহ্রিতো] *বিণ* চুরি যায়নি বা হরণ করা হয়নি এমন। {স. অ(নঞ)+হৃত}

অহৃদ্য [অহ্রিদ্‌দো] *বিণ* ১ অপ্রিয়; মনোমতো নয় এমন। ২ নিরানন্দজনক। ৩ অরুচিকর। {স. অ(নঞ)+হৃদ্য; নতৎ}

অহে [ওহে] *অব্য* সম্বোধনসূচক শব্দ; ওহে (অহে যুবরাজ মান মদের সায়র—*ভন*)। {স. *ধ্বন্যা.*}

অহেতু, অহেতুক [অহেতু, –তুক্‌] *বিণ* ১ অকারণ (মনে উঠে অহেতু কৌতুকে—*রঠা*)। ২ অনর্থক; নিষ্প্রয়োজন। ৩ নিঃস্বার্থ। **অহেতুকী** *বিণ স্ত্রী.* কারণহীন; অকারণ (এই অহেতুকী রেলওয়ে প্রীতি—*রাব*)। {স. অ(নঞ)+হেতু, +ক(সমাসান্ত); বহু}

অহৈতুক [অহোইতুক্‌] *বিণ* ১ অকারণ (অহৈতুক বারিবিন্দু ঝরে—*রঠা*)। ২ অযৌক্তিক। **অহৈতুকী** *স্ত্রী.* কারণশূন্য; কার্যকারণ সম্পর্কহীন (অহৈতুকী ভক্তি)। {স. অ(নঞ)+হেতুক; নতৎ}

অহো [অহো] *অব্য* খেদ বিস্ময় প্রভৃতি ভাব প্রকাশক ধ্বনি; ওহো। {স. *ধ্বন্যা.*}

অহোরাত্র [অহোরাত্‌ত্রো] *অব্য* দিবারাত্র; সর্বক্ষণ (এটা বুঝি আমাদের অহোরাত্র দুঃখ দেয়—*রঠা*)। ❑ *ক্রিবিণ* এক সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা। **অহোরাত্রি** *(অপ্র.)*, **অহোরাতি** *(অপ্র, পদ্য.)* *বিণ* সর্বদা; সব সময়ে; দিনরাত (কৃষ্ণযাত্রা অহোরাত্রি —*বৃন্দ*; বন্ধু ভার্যা যাহার সে চিন্তে অহোরাতি- *মোখা*)। {স. অহন্‌=অহঃ+ রাত্রি= অহোরাত্র; দ্বন্দ্ব}

অহ্ন [অন্‌হো] *বি* ১ দিন। ২ দিনমানের সমান তিন ভাগের এক-এক ভাগ (পূর্বাহ্ণ, মধ্যাহ্ন, অপরাহ্ণ)। {স. অহন্‌ (সমাসের উত্তরপদে অহ্ন)}

অ্যাঁ [অ্যাঁ] *অব্য* বিস্ময় হতাশা সাড়া ইত্যাদিসূচক ধ্বনি। {*বা.* বিস্ময় প্রভৃতি জ্ঞাপক ধ্বনি}

অ্যাকটিং, একটিং [অ্যাক্‌টিঙ্‌] *বিণ* ১ পরিবর্ত; স্থায়ী একজনের স্থলে অন্যের অস্থায়ী নিয়োগ; বদলি। ❑ *বি* অভিনয় (মাথা কাটেনি ওস্তাদ ! অ্যাকটিং করছে—*শাহ*)। {ই. acting}

অ্যাকর্ডিয়ান [অ্যাকর্‌ডিয়ান্‌] *বি* হারমোনিয়মের মতো রিড এবং ভাঁজবিশিষ্ট বাদ্যযন্ত্র, যা কাঁধে ঝুলিয়ে বাজানো হয়। {ই. accordian}

অ্যাকসিডেন্ট [অ্যাক্‌সিডেন্‌ট্‌] *বি* দুর্ঘটনা (ট্রেন-অ্যাকসিডেন্ট) {ই. accident}

অ্যাকসেন্ট [অ্যাক্‌সেন্‌ট্‌] *বি* উচ্চারণের ঝোঁক; প্রস্বর (পয়লা সিলেবলে অ্যাকসেন্ট দেওয়া খারাপ রান্নায় লঙ্কা ঠেসে দেওয়ার মত—*সৈমু*)। {ই. accent}

অ্যাকসেলারেটর [অ্যাক্‌সেলারেটর্‌] *বি* ইঞ্জিন চালিত গাড়ির বেগবর্ধক যন্ত্রবিশেষ। {ই. accelerator}

অ্যাকাউন্ট [অ্যাকাউন্‌ট্‌] *বি* হিসাব (কিন্তু এঁদের বাড়ীর প্রণামীর টাকা বাবুর অ্যাকাউন্টে ব্যাঙ্কে জমা হয়—*কাসি*)। {ই. account}

অ্যাকাডেমি, একাডেমী [অ্যাকাডেমি] *বি* ১ শিল্প, সাহিত্য, বিজ্ঞান ইত্যাদির চর্চা ও গবেষণার কেন্দ্র (বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী, শিশু একাডেমী)। ২ কোনো বিষয়ে প্রশিক্ষণ দানের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত শিক্ষাপ্রতিষ্ঠান (মিলিটারি অ্যাকাডেমি, বুলবুল ললিতকলা একাডেমী)। ৩ বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত প্রাথমিক বা মাধ্যমিক পর্যায়ের স্কুল (দীর্ঘা ইউনিয়ন একাডেমী)। {ই. academy}

অ্যাটম [অ্যাটম্‌] *বি* পরমাণু; *(পদার্থ.)* পদার্থের সূক্ষ্মতম কণা যা রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে। ❑ *বিণ* পারমাণবিক (অ্যাটম বোমা)। **অ্যাটম বোম** *বি* পরমাণু বোমা। {ই. atom}

অ্যাটর্নি [অ্যাটর্‌নি] *বি* আইনসম্মত প্রতিনিধি; আমমোক্তার; উকিল। **– জেনারেল** *বি* সরকার কর্তৃক নিযুক্ত আইন বিষয়ক মুখ্যপ্রতিনিধি; মহাব্যবহারদেশক; মুখ্য সরকারি উকিল। {ই. attorney}

অ্যাটাসি-কেস, এটাচি-কেস [অ্যাটাচিকেস্‌] *বি* চামড়ার প্রস্তুত ক্ষুদ্র পেটিকা বিশেষ; চামড়ার হাত-বাক্স (লীলা একটা চামড়ার এ্যাটাসি-কেস খুলিয়া বলিল—*বিব*)। {ফ. অ্যাট্যাশে attache+*লা.* ক্যাসাস casus, ই. case}

অ্যাটিচুড, এটিচুড [অ্যাটিচুড্‌] *বি* ১ মনোভাব; ভাবভঙ্গি (সাহেবের এটিচুড দেখে কিন্তু আমার তখনই মনে হয়েছিল—*ইআ*)। ২ ধরন-ধারণ; চালচলনের বিশেষ ভঙ্গি। {ই. attitude}

অ্যাডভান্স, এডভান্স [অ্যাড্‌ভান্‌স্] *বিণ* অগ্রিম; দাদন বা বায়না স্বরূপ দেয়। ☐ *বি* অগ্রিম প্রদত্ত অর্থাদি; দাদন; বায়না (পাঁচ টাকা অ্যাডভান্স দিতে হবে)। { *ই* advance }

অ্যাডভারটাইজ করা [অ্যাড্‌ভারটাইজ্ করা] *ক্রি* বিজ্ঞাপন দেওয়া; ঘোষণা করা (এ পোস্টে তো মুসলমানই নেবে বলে অ্যাডভারটাইজ করেছে—*কাই*)। { *ই* advertise+করা }

অ্যাডভোকেট [অ্যাড্‌ভোকেট্] *বি* অধিবক্তা; হাইকোর্টের বা উচ্চ আদালতের উকিল { *ই* advocate }

অ্যাডমিরাল [অ্যাড্‌মিরাল্] *বি* নৌ-সেনাপতি; নৌ-বাহিনীর সর্বোচ্চ পদ। { *ই* admiral }

অ্যাডিশনাল [অ্যাডিশনাল্] *বিণ* অতিরিক্ত; বাড়তি (অ্যাডিশনাল দুখানা ঠ্যাং বেড়ায় পিছে নড়ে—*নই*)। { *ই* additional }

অ্যাদ্দিন ⇒ এতদিন

অ্যানটেনা, অ্যান্টিনা [অ্যানটেনা, --টি-] *বি* বেতারযন্ত্রে তড়িৎ-চুম্বকীয় শব্দতরঙ্গ প্রেরণ অথবা গ্রহণের জন্য রেডিও, টেলিভিশন ইত্যাদির সঙ্গে সংযুক্ত যন্ত্রবিশেষ (ডিস-অ্যানটেনা)। { *ই* antenna }

অ্যানোফিলিস [অ্যানোফিলিস্] *বি* ম্যালেরিয়া রোগের জীবাণু বহনকারী এক ধরনের মশা, যার কামড়ে মানুষের শরীরে ম্যালেরিয়া রোগের সৃষ্টি হয়। { *ই* anopheles }

অ্যান্টিনা ⇒ অ্যানটেনা

অ্যান্টিবায়োটিক [অ্যান্‌টিবায়োটিক্] *বি (রসা.)* নানা ধরনের অণুজীব থেকে তৈরি পেনিসিলিন বা স্ট্রেপটোমাইসিন জাতীয় রাসায়নিক পদার্থ, যা প্রাণীদেহের ক্ষতিকর জীবাণু প্রতিরোধ করে। ☐ *বিণ* জীবাণুরোধক (অ্যান্টিবায়োটিক ঔষধ)। { *ই* antibiotic }

অ্যাপ্রন [অ্যাপ্‌প্রোন্] *বি* কাজের সময়ে পোশাককে ময়লা থেকে বাঁচানোর জন্য আলগা যে জামা পরা হয় (চিকিৎসক অ্যাপ্রন পরে এলেন)। { *ই* appron }

অ্যাপ্লিকেশন [অ্যাপ্‌লিকেশন্] *বি* আবেদন পত্র; দরখাস্ত (হ্যাঁ সার, অ্যাপ্লিকেশনও সঙ্গে এনেছি--*কাই*)। { *ই* application }

অ্যাফিডাভিট [অ্যাফিডাভিট্] *বি* শপথপত্র; সাধারণত ম্যাজিস্ট্রেটের নিকট কৃত অঙ্গীকারের ভিত্তিতে তৈরি হলফনামা। { *ই* affidavit }

অ্যাবস্ট্রাক্ট [অ্যাবস্‌ট্রাক্‌ট্] *বি* সংক্ষিপ্তসার; সারাংশ (বাজেটের অ্যাবস্ট্রাক্ট, হিসাবের অ্যাবস্ট্রাক্ট)। ☐ *বিণ* ১ সংক্ষিপ্ত (অ্যাবস্ট্রাক্ট বিল)। ২ বিমূর্ত; ভাবমূলক (অ্যাবস্ট্রাক্ট আর্ট)। ৩ *(গণিত.)* শুদ্ধ (অ্যাবস্ট্রাক্ট সংখ্যা)। { *ই* abstract }

অ্যামপ্লিফায়ার [অ্যাম্‌প্লিফায়ার্] *বি* ধ্বনিবর্ধক যন্ত্র; ধ্বনিকে উচ্চতর ও অধিক দূর থেকে শ্রবণের উপযোগী করার যন্ত্রবিশেষ। { *ই* amplifier }

অ্যামবাস্যাডার [অ্যাম্‌বাস্যাডার্] *বি* রাষ্ট্রদূত; রাজদূত। { *ই* ambassador }

অ্যামেচার [অ্যামেচার্] *বি* ১ অপেশাদার বা অদক্ষ কর্মী; শখের কর্মী। ২ আনাড়ি লোক (এ কাজের জন্যে নিপুণ কারিগর দরকার, অ্যামেচার দিয়ে হবে না—*আই*)। ☐ *বিণ* ১ অর্থলাভের আশা না করে শুধু আনন্দলাভের জন্যে কোনো প্রিয় কাজে নিয়োজিত; শৌখিন (অ্যামেচার শিকারি)। ২ অপেশাদার; অপটু; আনাড়ি (অ্যামেচার দর্জি)। { *ই* amateur }

অ্যাম্বুলেন্স [অ্যাম্‌বুলেন্‌স্] *বি* রোগীবাহ যান; আহত লোক বা রোগী বহনের গাড়ি (টেলিফোনে অ্যাম্বুলেন্স গাড়ি আনাইয়া...তাহাকে মেডিক্যাল কলেজ হাসপাতালে আনা হয়—*বিব*)। { *ই* ambulance }

অ্যাম্বুশ [অ্যাম্‌বুশ্] *বি.* ওঁৎ পাতা; শত্রুকে হঠাৎ আক্রমণ করার জন্য গোপন জায়গায় লুকিয়ে থাকা। { *ই* ambush }

অ্যারারুট [অ্যারারুট্] *বি.* ১ গ্রীষ্মমণ্ডলীয় এক শ্রেণির উদ্ভিদের (অ্যারারুটগাছ) শিকড়ের শ্বেতসারপ্রধান অংশ থেকে তৈরি পুষ্টিকর গুঁড়-খাদ্য, যা লঘুপাচ্য খাদ্য হিসেবে ব্যবহৃত হয়। { *ই* arrowroot }

অ্যারেস্ট [অ্যারেস্‌ট্] *বি* গ্রেফতার। { *ই* arrest }

অ্যারোপ্লেন [অ্যারোপ্লেন্] *বি* উড়োজাহাজ; বিমান। { *ই* aeroplane }

অ্যালজেব্রা [অ্যাল্‌জেবরা] *বি (গণিত.)* বীজগণিত (অপু অ্যালজেব্রার শক্ত আঁক কষিতেছিল—*বিব*)। { *ই* algebra }

অ্যালবাম [অ্যাল্‌বাম্] *বি* ১ সাদা কাগজ বা পকেটযুক্ত এমন এক ধরনের বই—যাতে ছবি, স্ট্যাম্প, অটোগ্রাফ প্রভৃতি সংরক্ষণ করা হয়। ২ একাধিক ডিস্ক বা রেকর্ড রাখবার আবরণবিশেষ। ৩ একই শিল্পীর একাধিক গান সংবলিত লং-প্লে রেকর্ড। { *ই* album }

অ্যালাউন্স [অ্যালাউন্‌স্] *বি* ভাতা (ট্রাভেলিং অ্যালাউন্স)। { *ই* allowance }

অ্যালার্জি [অ্যালারজি] *বি* মানব-শরীরের রোগবিশেষ—যে রোগের উপসর্গরূপে বিশেষ কোনো খাবার গ্রহণ বা বিশেষ কোনো বস্তুর সংস্পর্শে আসার ফলে মানবদেহে ফুসকুড়ি, হাঁচি, হাঁপানি প্রভৃতি উপসর্গ দেখা দেয়। { *ই* allergy }

অ্যালার্ম [অ্যালার্‌ম্] *বি* ঘুম ভাঙানোর জন্য বা সতর্ক করার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ (অ্যালার্ম-ঘড়ি)। { *ই* alarm }

অ্যালুমিনিয়ম ⇒ এলুমিনিয়ম

অ্যালোপ্যাথি [অ্যালোপ্যাথি] *বি* বিপরীতধর্মী ঔষধ প্রয়োগ ও অস্ত্রোপচারের সাহায্যে রোগ নিরাময়ের বিজ্ঞানভিত্তিক চিকিৎসাপদ্ধতি। { *ই* allopathy }

অ্যাশ-ট্রে, অ্যাস-ট্রে [অ্যাশ্‌ট্রে] *বি* ছাইদানি; বিড়ি-সিগারেটের ছাই ঝাড়বার পাত্রবিশেষ (জামবাটি সাইজ অ্যাশট্রে পোড়া সিগারেটে ভর্তি—*সৈমু*)। { *ই* ash-tray }

অ্যাসিড, এসিড [অ্যাসিড্] *বিণ* ১ দ্রাবক। ২ রাসায়নিক অম্ল; তেজাব। { *ই* acid }

অ্যাসিস্ট্যান্ট [অ্যাসিস্‌ট্যান্‌ট্] *বিণ* সহকারী; সাহায্যকারী; সহ-। { *ই* assistant }

অ্যাসেটিলিন [অ্যাসেটিলিন্] *বি* বর্ণহীন গ্যাসবিশেষ—যা জ্বললে উজ্জ্বল আলো বিকিরণ করে; C_2H_2। { *ই*

acetylene}

অ্যাসোসিয়েশন [অ্যাসোসিয়েশন্] *বি* সমিতি; সংঘ। {ই association}

অ্যাস্ট্রোনট [অ্যাস্ট্রোনট্] *বি* নভোচারী; মহাকাশে বিচরণকারী। {ই astronaut}

অ্যাস্ট্রনমি [অ্যাশ্‌ট্রোনোমি] *বি* জ্যোতির্বিদ্যা (জিওগ্রাফি কতক হিসেবে অ্যাস্ট্রনমির অন্তর্ভূত—*প্রচৌ*)। {ই astronomy}

আ

আ১ স্বরবর্ণমালার দ্বিতীয় ধ্বনিজ্ঞাপক বর্ণ। উচ্চারণ-স্থান **কণ্ঠ**। স্বরধ্বনিরূপে উচ্চারণ একমাত্রিক। বিবৃত আহ্বানে **বা গানে** আ' প্লুত হয়। 'মা', 'আপন' প্রভৃতি শব্দে আ **ধ্বনি** দীর্ঘ, কিন্তু 'কালো' 'দাও' প্রভৃতি শব্দে হ্রস্ব। **ব্যঞ্জনবর্ণের** সাথে যুক্ত হলে এটি 'া' (আকার) রূপ লাভ **করে।** {আ বর্ণ গ্রিক আলফা (α) এবং আরবি আলিফ (ا)-এর সঙ্গে তুলনীয়}

আ২ [আ] অব্য বিভিন্ন অর্থে ব্যবহৃত হয় : (১) আনন্দ **প্রকাশে** (আ মরি বাংলা ভাষা !—অতুপ্র); (২) সুখবোধে (**আ কি** আরাম !); (৩) বিদ্রূপে (আ মরণ আর কী !); (৪) **প্রশংসায়** (আ মরি ! আ মরি ! কী শোভা !); (৫) **স্বস্তিতে** (আ ! বাঁচা গেল !); (৬) স্মরণে (আ, তাই বটে) **ই**ত্যাদি। {আবেগ প্রকাশক ধ্বনিবিশেষ}

আ৩ [আ] অব্য তৎসম শব্দে 'উপসর্গ'-রূপে বিভিন্ন অর্থে ব্যবহৃত হয় : (১) 'ঈষৎ' অর্থে (আনত নয়ন, আরক্ত বদন); (২) 'থেকে' অর্থে (আসমুদ্র-হিমাচল); (৩) '**পর্যন্ত**' অর্থে (আকণ্ঠ ভোজন, আকর্ণ-নয়ন); (৪) '**বিপরীত**' অর্থে (আগমন—গমনের বিপরীত); (৫) 'সম্যক' অর্থে (আগত, আবিল); (৬) 'দিকে' অর্থে (আকর্ষণ) ইত্যাদি। {স. উপসর্গবিশেষ}

আ৪ [আ] অব্য বাংলা 'উপসর্গ' 'আ' (১) 'নঞর্থ' জ্ঞাপন করে : 'আকাচা', 'আলুনি', 'আধোয়া', 'আঘাটা' ; (২) 'কুৎসিত' অর্থ জ্ঞাপন করে : 'আকাট' মূর্খ; (৩) 'মন্দ' অর্থ প্রকাশ করে : 'আকাল' পড়েছে দেশে। {বা. উপসর্গবিশেষ}

-আ [আ] অব্য বাংলা 'প্রত্যয়' রূপে ব্যবহার : (১) অবজ্ঞা বা অনাদরে (পাগলা (–পাগল+আ), রামা, শ্যামা, বাদলা); (২) বৃহৎ অর্থে (খাঁড়া, হাঁড়া, ঘড়া); (৩) সাদৃশ্যার্থে (জামার 'হাত', পিছলা, বাঘা); (৪) বিশেষণ বোঝাতে ('কালা'-কানুন, 'আধা'-পথ, 'কাটা'-কাপড়); (৫) উৎপন্ন অর্থে (ভয়সা, পানা, সাক্ষীর 'কাঠরা'); (৬) পুং শব্দে (হাঁসা, পাঁঠা, মুর্গা, কুত্তা); (৭) স্বার্থে (সুতা, মাথা, পাতা, মুড়া, লেজা)। {বা. প্রত্যয়বিশেষ}

আঅর ⇒ আওর

আই১, আঈ, আয়ি, আয়ী [আই, –, আয়ি, –] *বি* ১ (হিন্দু সমাজে ব্যবহৃত) মাতামহী; পিতামহী (নাতু নিয়া আয়ী বাড়ি গেল—*দমি*)। ২ মাতা (বাসলী আয়ী—*বচদা*)। ৩ নারী; স্ত্রীলোক (এমন মেলানী ভার দিল আই বুড়ী—*ভারা*)। **আইমা, আজিমা** *বি* (হিন্দু সমাজে ব্যবহৃত) মাতামহী; মায়ের মা; নানী (আইমার কাছে শুতে যাই—*রঠা*)। **আইশাশ** *বি* শাশুড়ির মাতা (এ বড় অনেন্দ মাসী আইশাশ হবে—*ভারা*)। {স. আর্যিকা> আইআ>আই, আঈ}

আই২ (*মৈথ*.) [আই] *বি* আয়ু (পরমাই, অল্পাই)। **আই-হাঁড়ি** *বি* হিন্দুদের বিবাহকার্যে ব্যবহৃত মাঙ্গলিক হাঁড়ি। {স. আয়ুঃ>}

-আই [আই] বাংলা প্রত্যয়বিশেষ, –আই প্রত্যয়যোগে গঠিত শব্দ, যথা—লম্বাই, ঢালাই, ধোলাই, মিঠাই, জগাই, মাধাই, বড়াই, ঢাকাই, যাচাই, বাঁধাই, ইত্যাদি। {বা. প্রত্যয়বিশেষ}

আইও, আইও ⇒ এয়ো

আইচ [আইচ] *বি* ১ পুষ্প বা বৃক্ষবিশেষ। ২ কায়স্থদের উপাধিবিশেষ। {স. আদিত্য>আইচ্চ>আইচ}

আইটেম [আইটেম্] তালিকায় অন্তর্ভুক্ত স্বতন্ত্র বস্তু বা দ্রব্যাদি (তাদের প্রদর্শিত আইটেমগুলির দু একটি এখানেও ছিল—*আকাশা*)। {ই item}

আইডিন, আয়োডিন [আইডিন্, আয়োডিন্] *বি* ক্ষতাদি বিশোধক অ্যালোপ্যাথিক ঔষধ। {ই iodine}

আইডিয়া [আইডিয়া] *বি* ১ ধারণা; চিন্তা (একটা আইডিয়ার প্রতিধ্বনি হয়ে চিন্তার বালাই থেকে মুক্তি পাওয়াই অধুনাতন সংস্কৃতির উদ্দেশ্য—*মোচৌ*)। ২ পরিকল্পনা {ই idea}

আইডেন্টিফিকেশন [আইডেন্‌টিফিকেশন্] *বি* ১ শনাক্ত করণ (ধরা হয়েছে আইডেন্টিফিকেশনের সুবিধার জন্যে—*অচিসে*)। ২ পরিচয়; আইডেন্টিফিকেশন কার্ড, পরিচয়পত্র। {ই identification}

আইড়, আড় [আইড়, আড়] *বি* ১ টেংরা জাতীয় বড়ো মাছবিশেষ। ২ ক্ষেতের আল {স. আলি>(বর্ণ বিপর্যয়ে) আড়ি>}

আইঢাই [আইঢাই] *ক্রিবিণ* ছটফট; অস্থির; ব্যাকুল (জানটা যেন আমার রাত-দিন আইঢাই করত—*নই*)। {স. অস্থির>}

আইন [আইন্] *বি* ১ নিয়ম; বিধান; কানুন। ২ রাষ্ট্রীয় বিধি; রাজবিধি; সরকারি বিধান। ৩ ওকালতি বিদ্যা (আইন পড়িতেছ ডাক্তারির তুমি কি বোঝ—*রঠা*)। **–উজির, –মন্ত্রী, –সচিব** *বি* আইন দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী। **–কানুন** *বি* বিধি-ব্যবস্থা। **–কার** *বি* আইন প্রণয়নকারী (চলতে না হয় পারেইনি ও, আইনকারের বেবাক আঁখি ঠেরে—*সদ*)। **–জীবী** (–বিন্) *বি* উকিল মোক্তার ব্যারিস্টার প্রমুখ ব্যবহারাজীব। **–জ্ঞ** *বি* আইন শাস্ত্রবিদ। **–ত** *ক্রিবিণ* আইন অনুযায়ী। **– পাস করা** *ক্রি* ১ আইন অনুমোদন বা প্রবর্তন করা। ২ ওকালতি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। **–পেশা** *বি* ওকালতি মোক্তারি প্রভৃতি পেশা

(আইন পেশার পেশকারিতে মানটা গেল ঘেটে—*হেব*)। ~**বাজ** *বি* আইন শাস্ত্রে অভিজ্ঞ; আইনজ্ঞ (যত দেশের যত আইনবাজ এসেছেন—*মব*)। ~ **ব্যবসায়** *বি* ওকালতি, ব্যারিস্টারি প্রভৃতি আইন বিষয়ক পেশা। ~**ব্যবসায়ী** (-য়িন্) *বিণ বি* আইনজীবী; ব্যবহারাজীব। ~ **মাফিক**, ~ **মোতাবেক** *বিণ* আইন অনুযায়ী; আইনানুগ। ☐*ক্রিবিণ* আইন মতে; আইন অনুসারে (আইন মোতাবেক চললে মোকদ্দমা একরূপ দাঁড়ায়—*দীমি*)। ~**শাস্ত্র**, ~**বিদ্যা** *বি* আইন সম্পর্কীয় শাস্ত্র বা বিদ্যা। { *ফা.* আঈন آئین }

আইনকা ⇒ অনকা

আইন্দা ⇒ আয়েন্দা

আইবড়ো, আইবুড়ো [আইবড়ো, –বুড়ো] *বিণ* অবিবাহিত; অবিবাহিতা (একটি আইবড় মেয়ে আছে—*রাব*; মেয়ে কি চিরকাল আইবড়ো হইয়া থাকিবে ?—*রঠা*)। ~ **ভাত** *বি* ১ হিন্দুদের বিবাহের পূর্বে পাত্র পাত্রীর অবিবাহিত অবস্থার শেষ অন্নগ্রহণ অনুষ্ঠান। ২ উক্ত শেষ অন্নগ্রহণ অনুষ্ঠানের অন্ন (সেখানে মিত্রদের ছেলের বিবাহের আইবড় ভাত পাঠানো—*রঠা*)। { *স.* অব্যূঢ়(=অবিবাহিত) >আইবড়ো, আইবুড়ো}

আইমা ⇒ আই[১]

আইয়াম, আয়াম [আইয়াম, আয়াম] *বি* ১ দিনগুলি। ২ সময়; ঋতু। ৩ উপযুক্ত সময়। ~**বেজ**, ~**বিজ** *বি* শুক্ল পক্ষীয় দিবস; চান্দ্রমাসের ১৩ ১৪ ও ১৫ তারিখ (আইয়ামবেজের রোজা)। { *আ.* আয়্যাম *বহুব* ايام }

আইল ⇒ আল[১]

আইলা ⇒ আয়লা

আইশাশ [আইশাশ] *বি* শাশুড়ির মাতা; দিদিশাশুড়ি। { *স.* আর্যিকা+শ্বশ্রূ}

আইসক্রিম [আইস্‌ক্রিম্] *বি* দুধ জমানো বরফের মিষ্ট খাবারবিশেষ; মালাই বরফ (অরেঞ্জ আইসক্রিম, কফি কিংবা কোকো যত ইচ্ছা খাও—*আগ*)। { *ই.* icecream }

আঈ ⇒ আই[১]

আঈন ⇒ আইন

আউ ⇒ আয়ু

আউওল ⇒ আউয়াল

আউট [আউট্] *বিণ* ১ (*ব্য.*) ফাজিল; বখাটে; সংশোধনের অযোগ্য বা অতীত (ও ছেলে একেবারে আউট হয়ে গেছে—*শচ*)। ২ খেলা করার অধিকার হারিয়েছে এমন। ☐*ক্রিবিণ* ১ ফুটবল খেলায় সীমা অতিক্রম করেছে এমন বল। ২ বহিষ্কৃত (আউট করা)। { *ই.* out}

আউটানো, আওটানো [আউটানো, –ও–] *ক্রি* ১ আবর্তন বা আলোড়ন করা। ২ জ্বাল দিয়ে গাঢ় করা। ☐*বি* আবর্তন বা আলোড়ন। ☐*বিণ* ১ আলোড়িত বা আবর্তিত। ২ জ্বাল দিয়ে গাঢ় করা হয়েছে এমন (আউটানো দুধ)। { *স.* আবর্তন>আবট্টন> আউটন+আনো}

আউড়, আউল, আঁউর (*বিরল*) [আউড়্, –ল্, আঁউর্] *বি* ১ আড়াল; আড় (কুমকুম পাহাড়ে তাহারে দেখে চাঁদ আউড়ে গেল গো—*নই*)। ২ শস্যশূন্য খড়ের আঁটি। ☐*বিণ* বক্র (হাসিয়া চাহে আউড় দৃষ্টি, ডাক বলে সেই সে নষ্টী—ডাক)। { *স.* অন্তরাল>}

আউদর, আউদড় (*মবা.*) [আউদর্, –ড়্] *বিণ* অনাবৃত; আলুথালু; মুক্ত (ঘটক দেখিল তার আউদর চুলি—*ক্ষেদা*; পলাএ রাক্ষস সব আউদর চুলে—*কৃও*)। { *স.* আকুল>}

আউন্স [আউন্স্] *বি* পরিমাণবিশেষ; প্রায় আধ ছটাক। { *ই.* ounce }

আউয়াল, আওয়াল [আউয়াল্, –ও–] *বিণ* ১ প্রথম; আদি (সত্য যুগের মড়া আর আওল যুগের মাটি—*বিব*)। ২ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট (আউয়াল জমি)। ☐*ক্রিবিণ* ১ প্রথম; প্রারম্ভ (আওয়ালে আল্লার নূর—*আমআ*)। ২ প্রথম সময় (আওয়াল ওকতে ফজরের নামাজ—*আমআ*)। { *আ.* আওয়াল اول }

আউরত ⇒ আওরত

আউল[১] [আউল্] *বি* সহজপন্থি সাধক সম্প্রদায়ের লোক। { *আ.* আওলিয়া *বহুব* اولیا }

আউল[২] **আউলা, আওলা** [আউল্,–লা,–ওলা] *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল (আউল করএ কেন বাউল চরিত—*দৌবা*; আউলা মাথার কেশ—*পূগী*)। **আউলা-ঝাউলা** (*মবা.*) *বিণ* এলো-মেলো; বিশৃঙ্খল (আউলা–ঝাউলা অঙ্গের বসন মাথার কেশ খুলা—*মৈগী*)। { *স.* আকুল>আউল}

আউল[৩] ⇒ আউড়

আউলা-ঝাউলা ⇒ আউল[২]

আউলাদ ⇒ আওলাদ

আউলানো [আউলানো] *ক্রি* ১ আলুলায়িত করা; বিশৃঙ্খল করা; বন্ধনমুক্ত করা (আউলাইয়া মাথার কেশ)। ২ ভুল করা; গুলিয়ে ফেলা (বাঁশীর শবদে মো আউলাইলোঁ রান্ধন—*বচদা*)। ☐*বি* আলুলায়িত বা বিশৃঙ্খল করণ। ☐*বিণ* আলুলায়িত; বিশৃঙ্খল। { আউলা+আনো}

আউলি [আউলি] *বি* ঘণ্ট; লাবড়া; ঘ্যাঁট (সুপ ঘণ্ট মোচা ঘণ্ট কদলীর আউলি—*অঠা*)। { *স.* আউল+ই}

আউলিয়া, আওলিয়া, আউল্যা (বিরল) [আউলিয়া, –ও–, আউল্‌লা] *বি* সিদ্ধ তাপস বা দরবেশ (কে যে ছিলে তুমি জানি নাক কেহ দেবতা কি আওলিয়া—*নই*; শত শত আউল্যা বন্দো মস্তকের পাগে—*ক্ষেদা*)। { *আ.* আওলিয়া *বহুব* اولیاء }

আউলী [আউলি] *বিণ* উদাস; আকুল (মনটা ওর আউলী হ'ল—*সজ*)। ২ অস্থির। ☐*বি* বিশৃঙ্খলা (হ'সেন চণ্ডিকা দেখি ঠাটের আউলি—*কমু*)। { *স.* আকুল; *আ.* আওলিয়া اولیاء *বহুব* >আউল + ঈ}

আউশ, আউস, আশু [আউশ্, –, আশু] *বিণ* আশু বা শীঘ্র পাকে এমন (আউশ ধান, আউশ ডাঁটা)। ☐*বি* বর্ষাকালে উৎপন্ন ধানবিশেষ। { *স.* আশু>আউশ}

আএমা, আয়মা, আয়েমা [আয়্‌মা, –, আয়েমা] *বি* মুসলমান বাদশাহগণ কর্তৃক ধর্মপ্রচার বা পাণ্ডিত্যের পুরস্কারস্বরূপ মৌলভীদের প্রদত্ত নিষ্কর অথবা নামমাত্র করবিশিষ্ট ভূসম্পত্তি, জায়গির (চাকরান আয়মা . . . যে আছে—প্রাচীন পত্র; নিষ্কর আয়মা মহালের উপর কোম্পানী খাজনা ধার্য করায়—*গোহা*)। ~**দার** *বি* ধর্মপ্রচার, শিক্ষকতা ও দাতব্য কার্যের পুরস্কার স্বরূপ প্রাপ্ত নিষ্কর অথবা নামমাত্র করবিশিষ্ট জমি যে ভোগ করে। ~**দারি** *বি* আএমা জমির ভোগ দখল। { *আ.* *বহুব* আইম্মাহ ائمة ; *একব* امام }

আও (*ব্র.*) [আও] *ক্রি* এসো; আসে (নিতি নিতি নিয়র আও—*বিপ*)। **আওত** (*ব্র.*) আসে। **আওনু, আওলু, আওলু** (*ব্র.*) *ক্রি* এলাম। **আওব** (*ব্র.*) আসবে (অঙ্গণে আওব জব রসিয়া—*বিপ*)। **আওয়ে** (*ব্র.*) *ক্রি* আসে। **আওল** (*ব্র.*) *ক্রি* এলো। **আওলি** (*ব্র.*) *ক্রি* এলি।

আওকাত [আওকাত] *বি* অবস্থা; দশা; হাল (নিজের আওকাতের কি সে আন্দায পাইছিল না—*আমআ*)। { *আ.* আওকাত *বহুব* اوقات ; *একব* ৱকত وقت }

আওটানো ⇒ আউটানো

আওড় [আওড়] *বি* ১ প্রবর্তন; ঘূর্ণন (নিমিষের তরে নাচের আওড় বন্ধ করি—*সদ*)। ২ নদীর ঘূর্ণি বা পাক। { *স.* আবর্ত>আবট্ট>আওড় }

আওড়ানো, আউড়ানো [আওড়ানো, –উ–] *ক্রি* বার বার বলা বা আবৃত্তি করা (চাঁদ মামার ছড়া আউড়ে—*রঠা*)। ☐ *বি* আবৃত্তি করণ। ☐ *বিণ* আবৃত্ত; পুনঃপুন পঠিত। { আওড়, আউড়, + *বা.* আনো }

আওতা[১] [আওতা] *বি* ছায়া; রৌদ্রহীন স্থান (রৌদ্র চাই, আওতায় থাকিলে হইবে না—*বচ*)। { *স.* আপত>আও+তা }

আওতা[২] [আওতা] *বি* প্রভাব (এতবেশী আদরের আওতায় সে যেন কেমন ক্ষীণ এবং ক্ষণভঙ্গুর আকার ধারণ করিল—*রঠা*)। ২ অধিকার; আয়ত্ত, অধীন। { *আ.* আহাতাহ্ احاطة }

আওতা[৩] [আওতা] *বি* পরিধি; পাল্লা; বেষ্টনী। { *আ.* আহাতাহ্ احاطة }

আওধী [আওধি] *বিণ* আওধ বা অযোধ্যা সম্পর্কিত (ফারসী ও হিন্দী আওধী সাহিত্যের রোমান্টিক প্রণয় কাহিনীর ভাণ্ডার থেকে রস আহরণ—*আচৌ*)। { *স.* অযোধ্যা>আওধ+ঈ }

আওয়াজ, আবাজ (বিরল) [আওয়াজ্] *বি* ১ শব্দ; ধ্বনি (আওয়াজ তুলি প্রলয় ডাকে নিদ্রা গভীর ভাঙবো [illegible] ঝন ঝন আবাজ উড়ে—*পুগী*)। ২ কণ্ঠস্বর (আওয়াজটা ছোট করিয়া বলিলেন—*বচ*)। ~ **তোলা** *ক্রি* [illegible] ফরিয়াদ করা (শফী ও মায়নুন আওয়াজ [illegible])। { *ফা.* আৱাজ آواز }

আওয়াজি [আওয়াজি] *বি* দেয়ালের উপরের দিকের ছোট [illegible]। { *ফা.* আৱাজ آواز }

আওয়াম ⇒ আম

আওয়ারা [আওয়ারা] *বিণ* ভবঘুরে। **আওয়া–আওয়ারি** [illegible] অবস্থায় এখানে ওখানে ঘুরে ঘুরে [illegible] শিবের শিঙ্গা, যায় যত বিঙ্গাচিঙ্গা, [illegible] আওয়া–আওয়ারী—*কমু*)। { *ফা.* আৱারাহ্ [illegible] }

আওয়াল, আওয়ালওক্ত ⇒ আউয়াল

আওয়াল ⇒ আহওয়াল

আওর, আওঅর (*মবা.*) [আয়োর, আয়র] *অব্য* ১ এবং [illegible] আওর মোল—*বচদা*; আঅর তাম্বল রাগে [illegible])। ২ অতঃপর (আওর কী কহব সিনেহ তোর– [illegible])। { *স.* অপর>অবর>আওঅর>আওর }

আওরং [আওরঙ] *বি* সিংহাসন; রাজসিংহাসন। { *ফা.* আওরং اورنگ }

আওরত, আউরত, ঔরৎ [আওরত্, –উ–, ওউরত] *বি* ১ মহিলা; স্ত্রীলোক; নারী (আওরত সম ছি ছি ক্রন্দন রব পেশ—*নই*)। ২ পত্নী; স্ত্রী। { *আ.* আৱরত عورت }

আওল (*ব্র.*) [আওল] *ক্রি* এলো (বসন্ত আওল রে—*রঠা*)। { *স.* আগত> }

আওলা[১] [আওলা] *বি* অপরিচ্ছন্ন বা অপরিষ্কৃত স্থান। ☐ *বিণ* অপরিচ্ছন্ন; অপরিষ্কৃত। ২ আলোকহীন। (আওলা গোহাল মুক্ত করিয়া—*বআমি*)। ৩ সিক্ত; ভিজা। { *স.* আর্দ্রল>আদ্দল> আদল>আঅল+আ> আওলা }

আওলা[২] ⇒ আউল[২]

আওলাত, আওলাৎ [আওলাত্] *বি* ১ স্থাবর ও অস্থাবর সম্পত্তি। ২ ফলবান বৃক্ষাদি (সুবর্ণ রেখা নদীর ধারে পাঁচ বিঘা আওলাৎ ঘেরা ভদ্রাসন বাড়ি—*কাসি*)। { *আ.* হৱালাহ حوالہ }

আওলাদ, আউলাদ [আওলাদ্–উ–] *বি* সন্তান–সন্ততি (কারবালাজয়ী হোসেনের আওলাদ—*তাহো*)। { *আ.* আৱলাদ *বহুব* اولاد }

আওলিয়া ⇒ আউলিয়া

আওসত, অওসৎ [আওসত্, অওসত্] *বি* মধ্যবর্তী স্বত্ব; বড়ো জমিদারির অধীন খাজনা করা ভূসম্পত্তি (আওসত তালুক)। { *আ.* আৱসাত্ اوسط }

আওহাল ⇒ আহওয়াল

আংটা[১] [আঙটা] *বি* কড়া; বলয়াকার হাতল। { *স.* অঙ্গুষ্ঠ> }

আংটা[২] [আঙটা] *বি* আগুন রাখার পাত্র। { *স.* অগ্নিস্থালিকা> }

আংটি [আঙটি] *বি* অঙ্গুরীয়। { *স.* অঙ্গুরীয়>আঙ্গুরি> }

আংরা [আঙরা] *বি* কয়লা বা অঙ্গার। ☐ *বিণ* দগ্ধকাষ্ঠ (সমস্ত দেশ আঙরা হয়ে গেল—*শেক*)। { *স.* অঙ্গার }

আংরাখা [আঙরাখা] *বি* পরিধেয় লম্বা ও ঢিলা জামাবিশেষ (আসমানের ঐ আঙরাখা খুন–খারাবীর রং মাথা—*নই*)। { *স.* অঙ্গরক্ষিকা }

আংশিক [আঙ্শিক্] *বিণ* ১ অংশ সম্বন্ধীয়। ২ খানিক; কতক। ৩ অসম্পূর্ণ। { *স.* অংশ+ইক>ঠক }

আঃ[১] [আহ্] *অব্য* বিস্ময়; ক্রোধ; বিরক্তি; আরাম; সুখ; খেদ; ইত্যাদি সূচক ধ্বনিবিশেষ। { *ধ্বন্যা.* }

আঃ[২] [আ] 'আলাহিস্ সালাম'–এর সংক্ষিপ্ত রূপ অর্থাৎ তাঁহার উপর শান্তি বর্ষিত হউক—রসুল এবং নবীদের নামের পরে উচ্চারিত বা লিখিত হয়। { *আ.* আলাইহিস সালাম عليه السلام }

আঁইশ[১] ⇒ আঁশ

আঁইশ[২]**, আঁইষ**[১]**, আঁশ**[২] [আঁইশ, –, আঁশ] *বি* মাছের শল্ক। { *স.* আমিষ>আঁইষ>আঁইশ>আঁশ }

আঁইশ[৩]**, আঁইষ**[২] ⇒ আঁষ

আঁইঠা ⇒ আন্টে

আঁউর ⇒ আউড়

আঁও (*মবা.*) [আঁও] *বিণ* নতুন; আনকোরা (আঁও হাঁড়ি আঁও সরা আড়াই হালা বেনা—*ক্ষেদা*)। { *স.* অনীষিত> আনকা> }

আঁক [আঁক] *বি* ১ চিহ্ন; দাগ; নিশান (চন্দন সিঁদুরের আঁক—*দমি*)। ২ রেখা; আঁচড়। ৩ সংখ্যাসূচক চিহ্ন; ১ ২ ৩ ইত্যাদি। ৪ সংখ্যাবিষয়ক প্রশ্ন বা গণিতের অঙ্ক। ~ **করা**, ~ **কষা** *ক্রি* সংখ্যাবিষয়ক প্রশ্নের সমাধান করা (রাতে ফরটিটু একজাম্পলের প্রথম দশটা আঁক করে রাখিস তো—*অচিসে*)। ~**কাটা** *ক্রি* আঁচড় দেওয়া বা কেটে দাগ করা। ~**জোক** *বি* হিজিবিজি আঁচড় (যে সমস্ত আঁকজোক পড়িত তাহার সঙ্গে আর কোনো বর্ণমালার সাদৃশ্য ছিল না—*রঠা*)। ~**জোক কাটা** *ক্রি* যথেচ্ছভাবে হিজিবিজি আঁচড় কাটা বা রেখা টানা। ~জোখ *বি* হিসাব (এই ভগ্নাংশগুলিকে পরস্পরের সঙ্গে যোগ করতে হলে আঁকজোখ চাই—*প্রচৌ*)। {*স.* অঙ্ক>}

আঁকড়া [আঁকড়া] *বি* ১ কিছু ঝুলিয়ে বা আটকে রাখার জন্য বাঁকানো লোহা; hook। ২ কড়া; আংটা। ~~ **আঁকড়ি** *বি* জড়াজড়ি; টানাটানি। {*স.* আকর্ষণী>}

আঁকড়ানো [আঁকড়ানো] *ক্রি* জড়িয়ে ধরা; বেষ্টন করা; আলিঙ্গন করা। ❑ *বি* আলিঙ্গন করণ। ❑ *বিণ* বেষ্টিত, জড়ানো। {*স.* আকর্ষণী> আঁকড়ি> আঁকড়া+ *বা.* আনো}

আঁকড়ি [আঁকড়ি] *বি* ১ ছোট আঁকড়া; আঁকশি। ২ 'ক' 'ফ' প্রভৃতি বর্ণের পার্শ্বস্থ বক্র অংশ। {*স.* আকর্ষণী>}

আঁকন [আঁকোন] *বি* ১ অঙ্কন। ২ ছবি বা চিত্র (আঁকন আঁকা হবে—*রঠা*)। {*স.* অঙ্কন>}

আঁকশলা, আঁকশলী, আঁকসলি [আকশলা, –শোলি, –] *বি* ঢেঁকির মধ্যদেশে ব্যবহৃত কাষ্ঠদণ্ডবিশেষ (আঁকশলী পুয়া মোনা গড়ে মেকামেকী—*ভারা*)। {*স.* অক্ষশলাকা>}

আঁকশি, আঁকষি, আঁকুশি [আঁকশি, –, –কুশি] *বি* ১ ফল-ফুল পাড়ার জন্য বক্রমুখ দণ্ড; লগি-লগা। ২ বক্রমুখ কীলক যার সঙ্গে কোনো বস্তু ঝুলিয়ে রাখা যায়। {*স.* আকর্ষি>আঁকশি}

আঁকা [আঁকা] *ক্রি* ১ চিত্র করা; অঙ্কন করা (ছবি আঁকা)। ২ রেখা টানা (কাজল আঁকা)। ৩ দাগ কাটা বা চিহ্নিত করা; অঙ্কপাত করা। ৪ লেখা। ❑ *বি* অঙ্কন; চিত্র; লেখন; চিহ্নিত করণ। ❑ *বিণ* চিত্রিত; অঙ্কিত; লিখিত; চিহ্নিত। ~**জোকা**, ~**জোখা** *বি* চিত্রকরণ; হিজিবিজি রেখা টানা। ❑ *বিণ* চিত্রিত; অঙ্কিত। ~**নো** *ক্রি* অন্যের দ্বারা অঙ্কিত বা চিত্রিত করিয়ে নেওয়া। ❑ *বিণ* অঙ্কিত করানো হয়েছে এমন। {*স.* অঙ্ক>}

আঁকা বাঁকা [আঁকাবাঁকা] *বিণ* ১ সাপের গতির ন্যায়; বহু স্থানে বাঁকা (আঁকা বাঁকা পথ)। ২ বহু ভঙ্গিযুক্ত (আঁকা-বাঁকা ঠাম)। **এঁকে বেঁকে** *ক্রিবি* ঘুরে ফিরে; বেঁকেচুরে (বিজুলি ধায় এঁকেবেঁকে—*রঠা*)। {*স.* অনক্+অ(ঘঞ্) = অঙ্ক>আঁক+আ=আঁকা; *স.* বনক্+অ(ঘঞ্) = বঙ্ক>বাঁক+আ =বাঁকা; *কর্মধা.*}

আঁকিবুঁকি [আঁকিবুঁকি] *বি* ১ আঁক-জোঁক; হিজিবিজি দাগ। ২ কারুকার্য (আকাশে মেঘের খেলাঘরে কত রঙ কত ছাঁদ কত আঁকিবুঁকি—*বুব*)। {*স.* অঙ্ক>আঁক+ই, *অনু.* বুঁকি}

আঁকিয়া-বাঁকিয়া ⇒ এঁকে বেঁকে

আঁকু-পাঁকু ⇒ আঁকু-বাঁকু

আঁকু-বাঁকু, আঁকু-পাঁকু [আঁকুবাঁকু, –পাঁকু] *বি* ১ অতিশয় ব্যগ্রতা বা ব্যস্ততা প্রকাশ (প্রাণ করে আঁকু-বাঁকু কোথায় গেলে পাই তামাকু—*নই*)। ২ উদ্বেগ ভয় বা ব্যাকুলতা (সকলেই আঁকু-পাঁকু ও ত্রাহি ত্রাহি করিতে লাগিল—*প্যামি*)। ৩ বাহ্য আড়ম্বর বা উদ্যোগ (বঙ্কারামের পোহাবার, বক্রেশ্বরের কেবল আঁকুপাঁকু সার—*প্যামি*)। ❑ *বিণ* ব্যগ্র; ব্যস্ত; ব্যাকুল; উদ্বিগ্ন। {*স.* অঙ্কবঙ্ক>}

আঁখ [আঁখ] ⇒ আঁখি। ~**মুচোলি খেলা** *ক্রিবি* কানামাছি খেলা (এক ঝাঁক তারকা নীলাকাশে আঁখমুচোলি খেলছে —*জহা*)। {*স.* অক্ষি>}

আঁখর ⇒ আখর

আঁখি, আঁখ *(পদ্য.)* [আঁখি, আঁখ] *বি* চক্ষু; চোখ (নার্গিসফুলী আঁখ—*নই*)। ~**জল** *বি* চোখের পানি; অশ্রু। ~**ঠার** *বি* চোখের ইশারা; চোখের ইঙ্গিত (আঁখিঠার, অঙ্গভঙ্গী, হাসির কেতা বিস্তর শিখিয়াছেন—*মীম*)। ~**পুট** *(পদ্য.)* *বি* চোখের পাতা (কখনো আঁখিপুটে হাসি উঠে ভরিয়া—*রঠা*)। ~**মল** *(মবা.)* *বি* পিচুটি (আঁখিতে জনম তার নহে আঁখিমল—*কমু*)। {*স.* অক্ষি> অক্খি>}

আঁচ[১] [আঁচ] *বি* ১ আভাস; ইঙ্গিত (প্রথম ঘটকালির আঁচেই ইহাদের কাঁচা চুল পাকিবার উপক্রম হয়—*রঠা*)। ২ আন্দাজ; অনুমান; ধারণা (আঁচ করা)। {*স.* অনচ্+অ(ঘঞ্)=অঞ্চ>আঁচ}

আঁচ[২] [আঁচ] *বি* ১ জ্বাল; অগ্নিশিখা (নরম আঁচে রান্না করা)। ২ উষ্ণতা; তাপ (আঁচ লাগা)। ৩ ভাপ; ঝাঁজ; উষ্ণস্পর্শ (বোধহয় উনুনের তাপের আঁচ মেয়েটিকে একবার লাগিয়াছিল—*বচ*)। {*স.* অর্চিস্=অর্চিঃ> অচ্চি>আঁচ}

আঁচড় [আঁচোড়] *বি* দাগ; ঈষৎ গভীর রেখা (আঁচড় কাটা, আঁচড় দেওয়া, আঁচড় লাগা, আঁচড় পড়া)। ২ নখের আঘাত। ৩ *(আল.)* স্বল্প পরীক্ষা বা চেষ্টা। **আঁচড়া-আঁচড়ি** *বি* পরস্পর নখের আঘাত হানা। {*স.* আ+কর্ষ>আঁকড়>আঁচড়}

আঁচড়ানো [আঁচড়ানো] *ক্রি* ১ দাগ কাটা; রেখাপাত করা; নখাঘাত করা। ২ চিরুনি দ্বারা কেশবিন্যাস করা। ৩ রেখাপাত, কেশবিন্যাস ইত্যাদি কার্য করা। ❑ *বিণ* আঁচড়িয়ে বিন্যস্ত; পাটকরা (আঁচড়ানো চুল ভিজে—*রঠা*)। {*স.* আকর্ষ>আঁকড়>আঁচড়+ *বা.* আনো}

আঁচর, আঁচোর [আঁচোর] *(পদ্য.)* *বি* বস্ত্রের প্রান্তভাগ; অঞ্চল (আধ আঁচরে বস—*চদা*; কেঁদে কেঁদে ভিজেছে বুকের আঁচোর—*নই*)। {*স.* অঞ্চল>আঁচর, 'ল'>'র'}

আঁচল [আঁচোল] *বি* বস্ত্রের প্রান্তভাগ। ~**ধরা** *বিণ* রমণীদের একান্ত অনুগত; স্ত্রৈণ। ~ **ধরে বেড়ানো** *ক্রি* স্ত্রীলোকের দ্বারা পরিচালিত হওয়া বা তার অধীন হয়ে চলা। {*স.* অঞ্চল>}

আঁচলা [আঁচলা] *বি* কারুকার্য শোভিত আঁচলের অংশ (রামধনু-রং আঁচলা—*সদ*)। {*স.* অঞ্চল> আঁচল+ *বা.* আ =আঁচলা}

আঁচা[১] [আঁচা] *ক্রি* আন্দাজ বা অনুমান করা (আঙুল ফুলে কলাগাছ কিনা—সেটাও এঁচো ভাই—*অঠা*)। ❑ *বি* আন্দাজ বা অনুমানকর্ম। ~**আঁচি** *বি* পরস্পরের মনের

আগে অনুমান দ্বারা নির্ণয়কার্য (কি করি দুজনে মনে করে আঁচ আঁচি— ভারা)। { স. অনচ>আঁচ+আ}

আঁচা², আঁচানো [আঁচা, –নো] *ক্রি* আচমন করা; আহারান্তে হাত মুখ ধোয়া (সোনার গাড়ুর জলে আঁচাইল— *দাম*)। ❑ *বি* আচমন। { স. আ+√চম্>আঁচা+আনো}

আঁচিল [আঁচিল্] *বি* চর্মের উপরিস্থ উপমাংস (আঁচিলের মত ছারপোকা লয়ে প্যাচিল ধরিয়া ন্যাচি—*নই*)। { স. চর্মকীল>চামচিল (ক>চ)> চাঁচিল>আঁচিল}

আঁচোর ⇒ আঁচর

আঁজন [আঁজোন্] *বি* কাজল; সুর্মা (শাওনের দেয়া বঁধু নীল আঁজনে —*শাহো*)। { স. অঞ্জন>আঁজন}

আঁজনাই, আজনাই [আঁজনাই, আ–] *বি* ১ পৃষ্ঠে নীল অঞ্জন বর্ণের ডোরাবিশিষ্ট টিকটিকির ন্যায় প্রাণীবিশেষ; (আঞ্চ.)। ২ চক্ষুরোগবিশেষ; চক্ষুর পাতায় উদ্গত ক্ষুদ্র স্ফোটক; অঞ্জনী। { স. অঞ্জন+আই=আঁজনাই}

আঁজল ⇒ আঁজলা

আঁজল, আঁজলা [আঁজোল, আঁজলা] *বি* করপুট; অঞ্জলি (আঁজল ভরে সোনা দিতে ছাপিয়ে পড়ে চারি ধারে —*রঠা*; ঝিটায়ে ফুলের আঁজল ছুটেছে মরুর —*ফরু*)। ❑ *বিণ* অঞ্জলি পরিমাণ (এক আঁজলা জল —*রঠা*)। { স. অঞ্জলি+>আঁজলি> আঁজল}

আঁজি, আঁজী, আঞ্জি [আঁজি, –, আন্জি] *বি* ১ আগেকার যুগে অথবা তারও আগে লিখবার পূর্বে 'আঁজি' বা 'ণ' এই চিহ্ন দিয়ে লেখা আরম্ভ করা হতো এবং এই চিহ্ন দ্বারা ঈশ্বর বা খোদার নামও স্মরণ করা হতো। এটা 'ঁ' আদি অক্ষর' অর্থাৎ সর্বাদ্য মাঙ্গলিক অক্ষর। (ছেলেরা আঁজি ক খ পড়ে —*দমি*)। ২ বস্ত্র প্রান্তের রেখা (তাঁতি এখন কাপড়ের কিনারায় নানা রঙের আঁজী টানে— *মজী*)। –**মারা** *ক্রি* চুন সুরকি সিমেন্ট বালি ইত্যাদি দ্বারা ইট পাথরের জোড়ের মুখ বন্ধ করা। { স. আদ্য>আজ্জ> আঁজ+ই}

আঁট, আঁট¹ [আঁট্, আট্] *বি* দৃঢ়তা; কষণ (বাঁধনের আঁট, গিরার আঁট)। ৩ যত্ন; মনোযোগ (কাজে আঁট)। ৪ সংযম (মুখের আঁট)। ❑ *বিণ* ১ টান টান; মাপে ছোট (পরতে যে আঁট হবে যে আমার—*রঠা*)। ২ দৃঢ়বদ্ধ; দৃঢ়; শক্ত (দুয়ার কপাট অতি বড় আঁট—*কমু*)। ৩ জমাট (জল ... হিমালয়ের চূড়োয় বসে রইলো—*অঠা*)। –**সাঁট** *বিণ* ১ কষা; ঢিলা নয় এমন (আঁটসাঁট পোশাক)। ... { স. গ্রন্থি>গাঁঠ>আঁট, অথবা স. আবদ্ধ>; ...}

আঁটকুড়া, আঁটকুড়ো, আঁটকুড়ে [আঁটকুড়া, –ড়ো, –ড়ে] *বিণ* ১ পুত্রহীন; নিঃসন্তান (পুত্র না থাকিলে লোকে বলে আঁটকুড়া ...; মনেতে করছিলা যদি করবা আঁটকুড়া ... —*মৈগী*)। ২ পুত্র কন্যাদি জীবিত নাই এমন। আঁটকুড়ী *স্ত্রী*। { স. আত্ত (গৃহীত)+কুল>হি আঁটুকুড়া, ... আঁটকুড়িয়া>আঁটকুড়ে}

আঁটনি ⇒ আঁটুনি

আঁটসাঁট ⇒ আঁট

আঁটা [আঁটা, আটা (*আঞ্চ.*)] *ক্রি* ১ কষে বা শক্ত করে বাঁধা (কোমরবন্দ আঁটা)। ২ পরিধান করা বা বাঁধা (পাগড়ি আঁটা)। ৩ বন্ধ করা বা লাগানো (দরজায় খিল আঁটা)। ৪ আঠা ইত্যাদির সাহায্যে লাগানো (টিকিট আঁটা)। ৫ ঠেকানো; দমন করা (না জানি এ বামাদলে কে আঁটে সমরে— *মদ*)। ৭ ধরা; স্থান পাওয়া; কুলানো (বুড়া রাজার মনে সুখ আঁটে না—*দমি*)। ৮ পর্যাপ্ত হওয়া (যে পান খাইতে তাহা না আঁটে তাঁহারে—*ভারা*)। ৯ স্থির করা; নির্ধারণ করা (সে মনে মনে এক সঙ্কল্প আঁটিলে—*এও*)। ❑ *বিণ* বদ্ধ; বন্ধ; জোড়া। **আঁটাআঁটি, আঁটিসাঁটি** *বি* ১ কষাকষি; কড়াকড়ি; নিজের প্রাপ্য বুঝে নিতে অতিশয় যত্ন (কুলের যতপ্রকার আঁটাআঁটি—*আখা*)। ২ বাঁধাবাঁধি। ❑ *বিণ* সুরক্ষিত (আঁটাআঁটি সেই গড়ে থাকো মালখানা—*ভারা*)। { স. গ্রন্থি>গাঁঠ>আঁট+আ}

আঁটানো [আঁটানো] *ক্রি* ১ ধরানো; কুলানো (চাল আঁটানো)। ২ সাঁটা; লাগানো। { আঁট+আনো}

আঁটালো ⇒ আঠা

আঁটি¹, আটি¹ [আঁটি, আটি (*আঞ্চ.*)] *বি* তৃণ বা শস্যাদির গুচ্ছ (আঁটি আঁটি ধান চলে ভারে ভার—*রঠা*); (*আল.*) স্বার্থপরতা (নিজের বেলায় আঁটিআঁটি, পরের বেলায় চিমটি কাটি—নিজে আঁটি বেঁধে নেয়, পরকে দেওয়ার সময় এক চিমটিতে যতটুকু (যৎসামান্য) ওঠে, দেয়)। **বোঝার উপর শাকের** ~ খুব ভারী জিনিসের উপর সামান্য বস্তুর ভার। { আঁট+ই}

আঁটি², আঁঠি, আটি², আঠি [আঁটি, –ঠি, আটি, –ঠি] *বি* ফলের মধ্যস্থ বড়ো বীজ বা বিচি (আম আঁটির ভেঁপু—*বিব*; ন্যাংড়া আমের আঁঠি—*প্রচৌ*)। ~**সার** *ক্রিবিণ* আঁটি মাত্র অবশিষ্ট রেখে; নিঃশেষে (চুষিয়া আঁটিসার করিয়া খাইবার ক্ষমতা রাখে—*বিব*)। ❑ *বিণ* আঁটিসর্বস্ব; বড়ো আঁটিযুক্ত (আঁঠিসার আম খেয়ে আশ মেটে না)। { স. অস্থি>অট্‌ঠি> আঠি, আঁঠি, আঁটি, আটি}

আঁটিসাঁটি ⇒ আঁটা

আঁটিসার ⇒ আঁটি²

আঁটুনি, আঁটনি (*মবা.*) [আঁটুনি, আঁটোনি] *বি* ১ কষণ; দৃঢ়বন্ধন (প্রবাল মুকুতা গাঁথনি আঁটনি কত—*চদা*)। ২ যোজনা; বন্ধন; বাঁধুনি (কথার আঁটুনি)। **আঁটুনি কথুনি সার**—কাজের কিছুই নয় কেবল আড়ম্বর মাত্র! **বজ্র আঁটুনি ফসকা গেরো**—কাজের আয়োজনের সময়ে খুব কড়াকড়ি কিন্তু কার্যক্ষেত্রে বা পরিণামে শিথিলতা। { বা. √আঁট+ উনি=আঁটুনি}

আঁটুবাঁটু, আঁটুপাটু [আঁটুবাঁটু, –পাটু] *বি* ১ চলনে বাধা; আগুপিছুকরণ। ২ বার্ধক্য বা দৌর্বল্যহেতু জড়সড় ভাব (পাকা পাকা গোঁপদাড়ি, পায়ে পড়ে দিলে ছাড়ি, চলনে কতেক আঁটুবাঁটু— *ভারা*)। ❑ *বিণ* শক্ত; কঠিন। { আঁট+উ, *অনু.* বাঁটু, পাটু}

আঁটুলি, আঁটালি [আঁটুলি, আঁটালি] *বি* অষ্টপদী লোমকীট বিশেষ; এঁটুলি; আঁটাল; tick (সাপের আঁটুলি আনে খুঁজি বেদ্যা ঘরে—*কমু*)। { আঁট+উলি, আলি}

আঁটো [আঁটো] *বিণ* কষা; মাপে ছোট; আঁটসাঁট (সিল্কের আঁটো পোষাক—*শাহ*)। { আঁট+ও}

আঁঠি ⇒ আঁটি[২]

আঁঠু [আঁঠু] *বি* হাঁটু; জানু। { *সং* অষ্ঠীবৎ> *বা.* হাঁটু> }

আঁত [আঁত্] *বি* ১ নাড়ি। ২ পেট; জঠর; উদর (দশমাস অভাগী ধরেছে যারে আঁতে—*ঘচ*)। ৩ হৃদয়; অন্তর (আঁতে ঘা লাগা)। ৪ মনোভাব (আঁত বুঝতে পারা)। ~ **ওঠা** *ক্রি* দুর্গন্ধে বমন বমন ভাবের আতিশয্য হওয়া (বাঘছাল পরে বুড়া আঁত উঠে গন্ধে—*ভারা*)। ~ **খালি হওয়া**, ~ **পড়া**, ~ **বসা** *ক্রি* উদরে অন্ন না থাকা। ~ **পাওয়া ভার**—মনের অভিপ্রায় জানা মুশকিল। ~**মরা** *বিণ* অল্পভোজী বা ভোজনশক্তিহীন। **আঁতে আঁতে** *ক্রিবিণ* মর্মে মর্মে; অন্তরে অন্তরে। ২ ভিতরে ভিতরে; গোপনে। **আঁতে ঘা** *বি* হৃদয়ে বা মর্মে আঘাত। **আঁতের টান** *বি* নাড়ির টান; রক্তের টান। { *সং* অন্ত্র> অন্ত> আঁত }

আঁতকানো, আঁৎকানো [আঁত্কানো] *ক্রি* আতঙ্কিত হওয়া বা চমকে ওঠা (বিগাড়ু সব বিগড়ে দিলে, দেখলে জুজু আঁৎকে না-হক ডরে—*সদ*)। □ *বি বিণ* উক্ত অর্থে। **আঁতকে ওঠা, আঁৎকে ওঠা** *ক্রি* চমকে ওঠা; সচকিত হওয়া (বিস্ময়ে আঁতকে উঠল—*শেক*)। { *সং* আতঙ্ক> আঁতকা+আনো }

আঁতড়ি [আঁতড়ি] *বি* নাড়িভুঁড়ি (মড়ার আঁতড়ি কেহ করিয়া উত্তরী—*কমু*)। { *সং* অন্ত্র> (স্বরভক্তিতে) আঁতর(*প্রা* আতড়ী)>আঁতড়+ ই }

আঁতাত [আঁতাত্] *বি* পরস্পর বন্ধুত্ব বা সদ্ভাব। { *ফ.* entente }

আঁতিপাঁতি [আঁতিপাঁতি] *ক্রিবিণ* পুঙ্খানুপুঙ্খভাবে (খোঁজা, দেখা); সর্বত্র (আঁতিপাঁতি করে খোঁজা)। { (*সং* অন্ত্র>) আঁত+ই, অনু (*সং* প্রান্ত>) পাঁতি }

আঁতুড়, আঁতুড়ঘর [আঁতুড়, -ঘর্] *বি* সূতিকাগার বা সন্তানপ্রসব গৃহ, আঁত (নাড়ি) কাটার স্থান; আঁত (গর্ভ) মোচন স্থান। **আঁতুড়ে খোকা, আঁতুড়ে ছেলে** *বি* ১ সদ্যোজাত শিশু। ২ (*ব্য.*) নিতান্ত শিশু। { *সং* অন্তঃকুটী> অন্তউটি>আঁতউড়ি>আঁতুড়ি>আঁতুড় + ঘর }

আঁতুড়ি [আঁতুড়ি] *বি* ১ সূতিকা ঘরের অগ্নিকুণ্ড (চালের পাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি--*কমু*)। ২ নাড়িভুঁড়ি। { আঁতুড়+ই }

আঁদরু-পেঁদরু [আঁদরু-পেঁদরু] *বি* মেটে ফিরিঙ্গি (তুচ্ছার্থে); সাহেবিয়ানার আতিশয্য প্রকাশকারী ব্যক্তি। (সব আঁদরু-পেঁদরুর দল মিলে একাজ করেছে)। { *ই.* Endrew+Pedro; *দ্বন্দ্ব.* }

আঁদাড়-পাঁদাড় ⇒ আদাড়

আঁদিসাঁদি [আঁদিশাঁদি] *বি* ১ ফাঁক; রন্ধ্র; অন্ধিসন্ধি। ২ শৃঙ্খলা (ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদিসাঁদি—*ভারা*)। { *সং* অন্ধিসন্ধি> }

আঁধল, আঁধলা (*মবা.*), **আন্ধল, আন্ধলা** (*মবা.*) [আঁধল, আঁধলা, আন্ধল, আন্ধলা] *বি* অন্ধ; চক্ষুহীন ব্যক্তি (আঁধলের লড়ি বাছা—*কমু*; আঁধলারে দেখাইতে নাহি পাপ পুণ্য—*ভারা*; কামে আন্ধল হঞা—*বচদা*; খাদেতে পড়িছে এক দুঃখিত আন্ধলা—*দৌবা*)। □ *বিণ* কুদৃষ্টিযুক্ত (আঁধল প্রেম—*গোদা*)। { *সং* অন্ধ+ল (লচ)=অন্ধল> }

আঁধার, আন্ধার [আঁধার, আন্ধার] *বি* অন্ধকার; আলোকের অভাব (ঘুট ঘুট আন্ধার—*ভারা*)। □ *বিণ* ১ আলোকহীন; অন্ধকারাচ্ছন্ন (আঁধার হ'লো মাদার গাছের তলা—*রঠা*)। ২ বিষণ্ণ; অপ্রসন্ন; গম্ভীর; নিরানন্দ (আঁধার মুখ)। ~ **ঘরের বাতি**, ~ **ঘরের মানিক** *বি* ১ দুঃখ ও কষ্টের জীবনে একমাত্র সুখের বস্তু। ৩ বিধবার একমাত্র সন্তান। **আঁধারিয়া, আন্ধারিয়া** (*মবা.*) *বিণ* অন্ধকারময়; তিমিরাচ্ছন্ন (অবশেষে প্রবেশিলা আন্ধারিয়া ঘরে—*কমু*)। **আঁধারে ঢিল ছোড়া, আঁধারে ঢিল মারা** *ক্রি* ১ কোনো বিষয় সঠিক না জেনে আন্দাজে কিছু বলা। ২ আন্দাজের উপর নির্ভর করে কাজ করা। **আঁধারের বাতি** *বি* তাপিত হৃদয়ের আনন্দকর বস্তু। { *সং* অন্ধকার> }

আঁধি, আঁদি (বিরল), **আন্ধি** [আঁধি, আঁদি, আন্ধি] *বি* ঝড়ো হাওয়া; যে প্রবল বায়ু বা ঝড় ধুলায় চারিদিক অন্ধকারময় করে ও সকলকে অন্ধ করে। (আবার কি আঁধি এসেছে—*নই*; নৌকা আঁদিতে এগিয়ে পড়ে—*প্যামি*)। { *সং* অন্ধিকা>; *তুল. হি* আন্ধী }

আঁধিয়ার, আঁধিয়ারা, আন্ধিয়ার (*মবা.*), **আন্ধিয়ারী** (*মবা.*) [আঁধিয়ার, -রা, আন্ধিয়ার, -রি] *বি* অন্ধকার; আঁধার (উতলা বাতাস জড়াইয়া কাঁদে আঁধিয়ার নির্মম—*জউ*; আঁধিয়ারা হয়ে গেছে দশ দিশি—*নই*; অতি ঘন আন্ধিয়ার—*জ্ঞাদা*)। { *সং* অন্ধকার>আঁধিআর }

আঁব [আঁব্] আম; আম্র (এরা বর্ণচোরা আঁব, এদের চেনা ভার—*প্যামি*)। { *সং* আম্র> আম্ব> আঁব }

আঁশ[১], **আঁইশ**[১] [আঁশ্, আঁইশ্] *বি* ১ সূক্ষ্ম তন্তু; রোঁয়া; সূত্র (তুলার আঁশ)। ২ বৃক্ষলতা ফল প্রভৃতির ভিতরকার সূক্ষ্ম তন্তু (শাঁসটা খেয়ে আঁশটা ফেলে দিসরে—*দ্বিরা*)। **আঁশালো, আঁশুয়া** *বিণ* আঁশযুক্ত; আঁশবহুল; এঁশো। { *সং* অংশু> *বা.* আঁশ }

আঁশ[২] ⇒ আঁইশ[২]

আঁশফল [আঁশ্ফল্] *বি* লিচুজাতীয় এক প্রকার ফল।

আঁশবঁটি ⇒ আঁস

আঁশানো [আঁশানো] *ক্রি* ১ গুড়, চিনি প্রভৃতির রসে জ্বাল দেওয়া (পিঠে আঁশানো)। ২ সামান্য শুষ্ক করা (রৌদ্রে আঁশায়)। □ *বিণ* জ্বাল দেওয়া বা শুকানো হয়েছে এমন। { *সং* অংশু> *বা.* আঁশ+ *বা.* আনো }

আঁশালো, আঁশুয়া ⇒ আঁশ[১]

আঁষফল ⇒ আঁশফল

আঁষ্টে, আঁইষ্টা [আঁশ্টে, আঁইশ্টা] *বিণ* আমিষ বা মাছের গন্ধযুক্ত। □ *বি* মাছ-মাংস কোটার পর পরিত্যাজ্য অংশ। { আঁইষ+টিয়া> }

আঁস, আঁইস, আঁইশ[২] [আঁশ্, আঁইশ্, -] *বি* মাছ, মাংস, ডিম প্রভৃতি আমিষ দ্রব্য। □ *বিণ* ১ আমিষ ঘটিত বা আমিষ সংক্রান্ত। ২ মাছ, মাংস কোটা-রাঁধা প্রভৃতি কার্যে ব্যবহৃত (আঁষ হাঁড়ি)। ~**বটি** *বি* যে বঁটিতে মাছ কোটা হয় (যে ইস্পাতে তরবারি হয়, আঁশবঁটি কর তারে—*নই*)। { *সং* আমিষ>আঁইস> }

আঁসু [আঁসু] *বি* অশ্রু; আঁখিজল; চোখের পানি (নীল দরিয়ায় মেসেরের আঁসু—*নই*)। { *সং* অশ্রু> *হি* আঁসু }

আঁস্তাকুড় [আঁস্তাকুড়] *বি* আবর্জনা বা ভুক্তাবশিষ্ট

আবর্জনা ফেলবার স্থান। **আঁস্তাকুড়ের পাতা** *বি* ১ আবর্জনা; আঁস্তাকুড়ে ফেলে দেওয়া হয়েছে এমন বস্তু। ২ (*আল*.) নীচ বা হেয় ব্যক্তি। **আঁস্তাকুড়ের পাতা কখনও স্বর্গে যায় না**—নীচ ব্যক্তি কখনও উচ্চাসন লাভ করে না। { *স*. উৎসৃষ্ট>উচ্ছিষ্ট>আঁস্তা+ *স*. কুণ্ড>কুড় }

আক → আখ

আককুটে, আকখুটে [আককুটে, -খুটে] *বিণ* ১ কোনো জিনিসের যত্ন করে না এমন; দ্রব্যাদি নষ্টকারী। ২ অমিতব্যয়ী; অপব্যয়ী। { *স*. আখেটিক (সঞ্চয় করে না এমন প্রাণী)+ *বা*. ইয়া>এ }

আকক্ষ [আকোকখো] *ক্রিবিণ* কাঁখ পর্যন্ত। (আকক্ষলম্বিত কেশকলাপ—*কাসি*)। { *স*. আ (পর্যন্ত)+কক্ষ; *অব্যয়ী*. }

আকচা-আকচি ⇒ আখজ

আকচার, আকছার ⇒ আকসার

আকট-বিকট [আকটবিকট] *বি* মুখবিকৃতি (আকট বিকট করে পাইয়া তরাসে—*কৃও*)। { *স*. আকৃতি-বিকৃতি }

আকণ্ঠ [আকনঠো] *ক্রিবিণ* ১ গলা পর্যন্ত (আকণ্ঠ ভোজন)। ২ (*আল*.) সর্বতোভাবে (ঋণে আকণ্ঠ নিমগ্ন)। **~মগ্ন** *বিণ* গলা পর্যন্ত নিমজ্জিত (জলে আকণ্ঠ মগন—*বৈপ*)। { *স*. আ (অবধি)+কণ্ঠ; *অব্যয়ী*. }

আকন্দ → আখন্দ

আকনি → আখনি

আকন্দ [আকনদো] *বি* ১ বৃক্ষবিশেষ; অর্ক। ২ অর্কফুল (আকন্দ বদলে মাকন্দ পাব—*কমু*)। { *স*. অর্ক-মন্দার> অকমন্দ> আকন্দ }

আকপিল, আকপিশ [আকোপিল, -শ] *বিণ* ঈষৎ পিঙ্গল; পাংশুবর্ণের। { *স*. আ (ঈষৎ)+কপিল, কপিশ }

আকবত, আকিবত [আকবত, আকিবত] *বি* ১ পরিণাম (আপনা ঈমান গুণে, দুঃখ পায় জনে জনে, আকবতে হবে পেরেশান—*সৈহা*)। ২ ভবিষ্যৎ (আকবতে মুসলমানদের হবেই হবে দিগ্বিজয়—*সৈহা*)। ৩ পরকাল; আখেরাত (তাতে আর কারুর আকবতের কাজ হবে না—*কাইআ*)। { *আ*. আকিবাত عاقبت }

আকবর [আকবর] *বিণ* ১ মহান; বৃহত্তম। ২ বৃহৎ মহত্তম। { *আ*. আকবার اكبر }

আকবরনামা [আকবরনামা] *বি* আবুল ফজল কর্তৃক ফারসি ভাষায় লিখিত মোগল সম্রাট আকবরের রাজত্বের ইতিহাস গ্রন্থ। { *আ*. আকবার اكبر + *ফা*. নামাহ্ نامه }

আকবরি, আকব্বরি (বিরল) [আকবোরি, আকোবোরি] *বিণ* মোগল সম্রাট আকবরের নামাঙ্কিত বা আমলের (আকব্বরী মোহরপোরা লক্ষ্মীর খুঁটীর নিত্য সেবা হয়ে থাকে—*প্যামি*)। **~ পোলাও** *বি* বিশেষভাবে প্রস্তুত পোলাও (আকবরী পোলাওয়ের নাম গল্পে শুনিয়াছিলাম, আজ তা পেটে গেল—*নর*)। { *আ*. আকবার اكبر + ই }

আকম্প, আকম্পন [আকমপো, আকমপন] *বি* ঈষৎ কম্পন। **~মান, আকম্পিত, ~** *বিণ* ঈষৎ কম্পমান বা কম্পিত। { *স*. আ+কম্প, কম্পন }

আকর [আকর] *বি* খনি (রত্নাকর)। ২ উৎপত্তিস্থান; উৎস (সকল শাস্ত্রের আকর বলিয়া প্রসিদ্ধ—*বচ*)। ৩ আধার। **আকরিক, আকরীয়, আকরী** *বিণ* খনিজ। ২ খনি সম্বন্ধীয়। { *স*. আ+ √কৃ+অ (অপ্) }

আকর করা [আকোর্ করা] *বি* এক প্রকার বচ। { *আ*. আকির কুরহা عاقر قرحا }

আকরোট ⇒ আখরোট

আকর্ণ [আকরনো] *ক্রিবিণ* কান পর্যন্ত (লজ্জা এসে আমার আকর্ণ বেগনী ক'রে দিলে—*রাব*)। **~ন** *বি* শ্রবণ (বিলাপ বাক্য আকর্ণন করিয়া আমাদের হৃদয় বিদীর্ণ হইয়া গেল—*ঈবি*)। **আকর্ণিত** *বিণ* শ্রুত। { *স*. আ+কর্ণ; (কণ্ঠ পর্যন্ত) *অব্যয়ী*. }

আকর্ষ [আকরশো] *বি* ১ আকর্ষণ; টান। ২ যা আকর্ষণ করা হয়; আঁকুশি। ৩ (*উদ্ভিদ*.) লতার সূত্রাকার অঙ্গ; লতাতন্তু; প্রতান; tendril। **আকর্ষক, আকর্ষিক, আকর্ষী**(-র্ষিন্) *বিণ* আকর্ষণকারী। □ *বি* ১ আঁকশি (অন্য ফল আকর্ষী দিয়া পাড়া যায়—*বচ*)। ২ চুম্বক লৌহ। □ *বিবিণ* চুম্বক। { *স*. আ+ √কৃষ্+অ(ঘঞ্) }

আকর্ষণ [আকরশন্] *বি* ১ টান; আকর্ষ। ২ (*পদার্থ*.) একটি জড় পদার্থের দিকে অন্য জড় পদার্থকে সর্বদা টেনে রাখে যে শক্তি; মাধ্যাকর্ষণ। **আকর্ষণী** *বি* আঁকুসি। □ *বিণ* আকর্ষণকারিণী (আকর্ষণী শক্তি)। { *স*. আ+ কৃষ্+অন(ল্যুট্) }

আকল, অকল [আকল্, অ-] *বি* বুদ্ধি; জ্ঞান। **~ন** *বি* বোধ উৎপাদন; জ্ঞান জন্মানো (সুগন্ধি সৃজিল প্রভু স্বর্গ আকলিতে—*সৈআ*)। **~মন্দ** [-মন্দ্] *বিণ* বুদ্ধিমান; বিজ্ঞ। **~মন্দি** *বি* বুদ্ধিমত্তা; চতুরতা; বিচক্ষণতা। { *আ*. 'আকল্ عقل }

আকসার, আকছার (বিরল) [আকসার্] *ক্রিবিণ* সর্বদা; সচরাচর; হরহামেশা; প্রায়ই (বন্ধুবান্ধবদের ভিতর আকছারই দু'একজন বিলেত-ফেরতা থাকেন—*সৈমু*; এখন তো আকচার হচ্ছে—*মব*)। { *আ*. আকছার্ اكثر }

আকসির [আকসির্] *বি* ১ মহৌষধ; সুধা (তার শ্রান্তির আকসির জানো তুমি—*ফআ*)। ২ পরশমণি (এই তৌহিদের কল্যাণে মাটি তখন হয় আকসিরে পরিণত—*গোমো*)। { *আ*. আকসির اكسير }

আকস্মিক [আকোশশিক্] *বিণ* ১ অপ্রত্যাশিত; হঠাৎ ঘটেছে বা ঘটে এমন; অতর্কিত; অকস্মাৎ। ২ অকারণ; অহেতুক। { *স*. অকস্মাৎ+ইক(ঠক্) }

আকা১ (*প্রাবা*.) [আকা] *বি* রবি; সূর্য (লগ্নে আকা—*খনা*)। { *স*. অর্ক (সূর্য)>অক্ক>আক+ *বা*. আ=আকা }

আকা২ [আকা] *বি* ১ প্রভু; মালিক। ২ খোদা। { *ফা*. আক্বা آقا }

আকা৩ ⇒ আখা

আকাঙ্ক্ষা [আকাঙ্খা] *বি* ইচ্ছা; বাসনা; অভিলাষ। **আকাঙ্ক্ষীয়** *বিণ* আকাঙ্ক্ষা বা বাসনার যোগ্য; কাম্য। **আকাঙ্ক্ষিত** *বিণ* আকাঙ্ক্ষা করা হয়েছে এমন; বাঞ্ছিত; প্রার্থিত। **আকাঙ্ক্ষী** (-ঙ্ক্ষিন্) *বিণ* আকাঙ্ক্ষা করে এমন; অভিলাষী। **আকাঙ্ক্ষিণী** *স্ত্রী*. { *স*. আ+

√কাঙ্ক্ষ+আ (টাপ্)}

আকাঁড়া [আকাঁড়া] *বিণ* ঝেড়ে তুষ থেকে পৃথক করা হয়নি এমন (আকাঁড়া চাউল)। {*স.* অকণ্ডিত> আকণ্ডিঅ> আকাঁড়িঅ>আকাঁড়ি =আকাঁড়া}

আকাট[১], অকাট [আকাট্, অকাট্] *বিণ* অত্যন্ত; নিরেট (আকাট মূর্খ) {*স.* অ+ কাষ্ঠ>অকাঠ>আকাঠ}

আকাট[২] [আকাট্] *বিণ* খসখসে; অমসৃণ (প্রুফ কপির আকাট লাবণ্য— *অঠা*)। {আ+ কাট}

আকাটা [আকাটা] *বিণ* কাটা হয়নি এমন; অকর্তিত; অখণ্ডিত। {আ+ √কাট্+ আ}

আকাঠ ⇒ আকাঠা

আকাঠা, আকাঠ [আকাঠা, আকাঠ্] *বি* বাজে কাঠ; মন্দ কাঠ; অসার কাঠ (আকাঠার তৈরি পিঁড়ি)। ❑ *বিণ* অসংযত (ছেলেটা বড়ো আকাঠা)। {আ+*স.* কাষ্ঠ> কাঠ+আ}

আকাম, অকাম [আকাম্, অকাম্] *বি* কুকাজ; নিন্দনীয় কার্য। {আ+ *স.* কর্ম>কাম}

আকামত[১] [আকামত্] *বি* প্রতিষ্ঠা; উদ্বোধন (বিপুল সমারোহের সহিত নূতন মসজিদের 'আকামত' পর্ব শেষ হইল— *কাই*)। {*আ.* ইকামত اقامة >}

আকামত[২], আকামৎ ⇒ একামত

আকামানো [আকামানো] *বিণ* ক্ষৌরি করা হয়নি এমন; মুণ্ডিত নয় এমন। {আ+ *স.* কর্ম>কাম+ আনো}

আকায়েদ, আকায়িদ [আকায়েদ, -য়িদ্] *বি* ধর্মীয় বিশ্বাস; ধর্মবিশ্বাসের ধারাসমূহ; articles of faith (আকায়েদে হবে তারা নবীর বরাবর—*গোমো*)। {*আ.* 'আকাইদ' *বহুব* عقائد ; *একব* 'আকীদা'}

আকার[১] [আকার্] *বি* ১ মূর্তি; চেহারা; আকৃতি;গঠন। ২ লক্ষণ। ~**ইঙ্গিত** *বি* ১ ভাবভঙ্গি; ধরন-ধারণ। ২ ইশারা; সঙ্কেত। ~**প্রকার** *বি* ভাবভঙ্গি; ধরন-ধারণ। {*স.* আ+ √কৃ+অ(ঘঞ্)}

আকার[২] [আকার্] *বি* 'আ' স্বরবর্ণ ব্যঞ্জন বর্ণের সঙ্গে সংযুক্ত হলে যে বিশিষ্ট-রূপ লাভ করে তার নাম; যেমন ক্+আ+র্+আ = কারা; আ = া চিহ্ন। {*স.* আ+ √কৃ+অ (ঘঞ্)}

আকারিব [আকারিব্] *বি* নিকট আত্মীয়বর্গ। {*আ.* আকারিব *বহুব* اقارب }

আকাল [আকাল্] *বি* ১ দুঃসময়। ২ দুর্ভিক্ষ। ৩ অভাব (আকাল পড়েছে—*রঠা*)। {*স.* অকাল>}

আকালিক [আকালিক্] *বিণ* ১ অকালে জাত বা উৎপন্ন। ২ অসময়ে আগত (তপোবনে আকালিক বসন্ত উদয়—*মোম*)। ৩ ক্ষণস্থায়ী; আশু বিনাশী। {*স.* অকাল+(ষ্ণিক)}

আকালী, অকালী [আকালি, অকালি] *বি* শিখ সম্প্রদায় বিশেষ।

আকাশ [আকাশ্] *বি* ১ গগন; অন্তরীক্ষ; আসমান; ব্যোম; শূন্য; অম্বর। ২ স্বর্গ; heaven (আকাশ-পাতাল)। ৩ আবহাওয়া; weather (আকাশ ভালো নেই)। ৪ শূন্য; বায়ুমণ্ডল; atmosphere (আকাশে ওড়া)। ~-**আয়না** *বি* আকাশ রূপ আয়না (মুখ দেখে আকাশ-আয়নায়—*আসি*)। ~-**কুসুম** *বি* অলীক কল্পনা; কাল্পনিক বিষয় বা বস্তু (আকাশ-কুসুম করিনু চয়ন হতাশে—*রঠা*)। ~**গঙ্গা** *বি* ১ ছায়াপথ; milky way। ২ মন্দাকিনী; স্বর্গের গঙ্গা। ~**গলা** *বিণ* আকাশ থেকে অবতীর্ণ; স্বর্গীয় (চিত্তে নামে আকাশ-গলা আনন্দিত মন্ত্র রে—*রঠা*)। ~-**চাওয়া** *বিণ* আকাশের দিকে চেয়ে অপেক্ষা করা হয়েছে এমন (আমার অনেক দিনের আকাশ-চাওয়া আসবে ছুটে দখিন হাওয়া—*রঠা*)। ~**চিত্র** *বি* আকাশের গ্রহ উপগ্রহাদি নির্দেশক চিত্র; খগোলের মানচিত্র। ~**চুম্বী** *বিণ* অত্যন্ত উচ্চ; গগনস্পর্শী। ~**জাত** *বিণ* আকাশে বা শূন্যে জন্মেছে এমন। ~ **থেকে পড়া** *ক্রি* ১ অজানা বিষয় হঠাৎ জানতে পেরে অত্যন্ত বিস্মিত হওয়া। ২ না জানার ভান করে বিস্ময় প্রকাশ করা। ~**দীপ**, ~-**প্রদীপ** *বি* হিন্দুগৃহে কার্তিক মাসে সন্ধ্যাকালে উঁচু বাঁশের মাথায় জ্বেলে রাখা বাতি। ~**দুহিতা** *বি* প্রতিধ্বনি (আকাশ-দুহিতা ওগো শুন প্রতিধ্বনি—*মদ*)। ~**ধরা** *ক্রি* বৃষ্টি বন্ধ হওয়া। ~**নন্দিনী** *বি* প্রতিধ্বনি (বুঝিলাম এতক্ষণে কে তুমি ডাকিছ আকাশনন্দিনী—*মদ*)। ~**পট** *বি* আকাশের আঙিনা; শূন্যদেশ। ~**পথ** *বি* আকাশে গমনাগমনের পথ। ~**পাতাল** *ক্রিবিণ* ১ স্বর্গ থেকে পাতাল পর্যন্ত। ২ সর্ববিষয়ে বা সর্বত্র। ~ **পাতাল চিন্তা**, ~ **পাতাল ভাবনা** *বি* যে চিন্তা বা ভাবনার অবধি নেই। ~**পাতাল তোলপাড় করা** *ক্রি* তন্ন তন্ন করে খোঁজা। ~**প্রদীপ** ⇒ ~**ফুটো**। ~**বাণী** *বি* ১ দৈববাণী; অশরীরী বাক্য (হইল আকাশবাণী অন্নদা আইলা— *ভারা*)। ২ ভারতের সরকারি রেডিও সার্ভিসের নাম (আকাশবাণী কলকাতা)। ~**ব্যাপী** *বিণ* আকাশ ব্যাপ্ত করা (হুঙ্কার তার ছুটল আকাশ ব্যাপী—*রঠা*)। ~**পাতাল ভাবনা** ⇒ ~**পাতাল চিন্তা**। ~ **ভেঙে পড়া** *ক্রি* ১ হঠাৎ মহাবিপদে পড়া। ২ দুঃখ বা ভাবনার বোঝা নেমে আসা। ~**মণ্ডল** *বি* নভোমণ্ডল; দৃশ্যমান বৃত্তাকার আকাশ। ~**যান** *বি* উড়োজাহাজ; বিমান। ~**সম্ভবা** *বিণ স্ত্রী.* আকাশ-জাতা; আকাশে উৎপত্তি সম্ভব হয়েছে এমন (আকাশসম্ভবা প্রতিধ্বনি—*মদ*)। ❑ *বি* প্রতিধ্বনি। ~ **হাতে পাওয়া** *ক্রি* দুর্লভ বস্তু বা দুরাকাঙ্ক্ষিত বিষয় লাভ বা লাভের আশ্বাস পাওয়া (আকাশবাণীতে হাতে পাইল আকাশ—*ভারা*)। **আকাশে তোলা** *ক্রি* প্রাপ্যের অতিরিক্ত প্রশংসা করা। **আকাশের চাঁদ হাতে পাওয়া** *ক্রি* দুর্লভ বা আশাতীত বস্তু লাভ করা। {*স.* আ+ √কাশ্+অ (ঘঞ্)}

আকিক [আকিক্] *বি* মূল্যবান প্রস্তরবিশেষ; agate (আকিক এক জ্যোতিঃমন্ত অক্ষি—*সৈআ*; কালো আকীকের মতো নিকষ দরিয়ার বুক—*ফআ*)। {*আ.* 'আকীক' عقيق }

আকিকা [আকিকা] *বি* নবজাত শিশুর নামকরণ, চুল কামানো এবং সেই উপলক্ষে ছাগল প্রভৃতি জবাই করে উৎসব অনুষ্ঠান (আসিল 'আকিকা' উৎসবে প্রিয় বন্ধু স্বজন যত—*নই*)। {*আ.* আকিকাহ عقيقة }

আকিঞ্চন [আকিন্‌চন্] *বি* ১ অভিলাষ; কামনা; আকাঙ্ক্ষা (দুর্বলের এই প্রাণের আকিঞ্চন—*সদ*)। ২ চেষ্টা; প্রযত্ন;

প্রয়াস (অহো জীব কর আকিঞ্চন—*হেব*)। ৩ দৈন্য; দীনতা। { *স.* অকিঞ্চন+অ (অণ)}

আকিদা, একিদা (বিরল) [আকিদা, একিদা] *বি* ১ ধর্মবিশ্বাস (ইংরেজি শিখিয়া লোকের 'আকিদা' খারাব হইয়া যাইতেছে—*কাহ*)। ২ নিষ্ঠা; একাগ্রতা (কিপ্রকারে জয়ী হইব তাহাতেই কেবল একিদা থাকে—*প্যামি*)। { *আ.* 'আকিদাহ عقيدة }

আকিবত ⇒ আকবত

আকীর্ণ [আকিরনো] *বিণ* ব্যাপ্ত; ছড়ানো (অতি প্রাকৃতিক ঘটনার কাহিনী আকীর্ণ—*আচৌ*)। { *স.* আ+ √কৄ (বিক্ষেপ)+ত(ক্ত)}

আকুঞ্চন [আকুন্চন্] *বি* ১ সঙ্কোচন; ঈষৎ কুঁকড়ে কিংবা গুটিয়ে যাওয়া। ২ নিষ্পেষণ (পার্শ্বস্থ জানুর দৃঢ় আকুঞ্চন থেকে—*বুব*)। **আকুঞ্চিত** *বিণ* ঈষৎ সঙ্কুচিত; গুটানো (নাসাগ্র আকুঞ্চিত করিতে থাকিবে—*রঠা*)। { *স.* আ + √কুন্চ্+অন(ল্যুট্)}

আকুতি, আকুত, আকূত (*মবা.*) [আকুতি, –তো, –তো] *বি* ১ আগ্রহ; আকুলতা (প্রাণের আকুতি)। ২ অভিপ্রায়; মনের ভাব; উদ্দেশ্য (কি হেন আকুতে তার নামাতে লইয়া বসাএল মোরে—*জাদা*)। ৩ আকুল বাসনা। { *স.* আ+ √কূ+তি (ক্তি), ত (ক্ত), >}

আকুল [আকুল্] *বিণ* ১ উৎকণ্ঠিত; ব্যগ্র; উৎসুক (আকুল নয়ন আকাশে চাহিয়া উল্লাসে কারে যাচেরে—*রঠা*)। ২ কাতর (পিপাসাকুল)। ৩ অশান্ত; অধীর; উতলা (আকুল করিল মোর প্রাণ—*চদা*)। ৪ উন্মুক্ত; আলুলায়িত (আকুল কবরী—*রঠা*)। ৫ চঞ্চল (নূপুর গুঞ্জরি যাও আকুল অঞ্চলা—*রঠা*)। ৬ বিহ্বল; অভিভূত (বিস্ময়াকুল)। ৭ বিপর্যস্ত; বিক্ষিপ্ত (আঁচল আকাশে হতেছে আকুল—*রঠা*)। ৮ পরিব্যাপ্ত; আচ্ছন্ন (কুঞ্জ কুটিরে অয়ি ভাবাকুললোচনা—*রঠা*)। ~**তা** *বি* ব্যগ্রতা; ব্যাকুলতা; আকুলতা (ঘরের ভিতরে না দেয় থাকিতে অকারণ আকুলতা—*রঠা*)। **আকুলা, আকুলী** (বিরল) *বিণ স্ত্রী.* আকুল, কাতর; অস্থির (তুমি অকুলা ললনে—*মদ*; তবে কেন তেলা এবে এমত আকুলী—*ভন*)। **আকুলি** (কাব্য) *ক্রিবিণ* ১ উচ্ছ্বসিত বা উদ্বেলিত হয়ে (অকূল সিন্ধু উঠিছে আকুলি—*রঠা*)। ২ আকুল ক'রে। **আকুলিত** *বিণ* ১ ব্যাকুল; আকুল অবস্থাগ্রস্ত (শোকে আত্মীয় স্বজনকে আকুলিত হইতে হয়—*ঈবি*)। ২ বিক্ষিপ্ত; আলুলায়িত (আকুলিত করি কেশ—*ভন*)। **আকুলি-ব্যাকুলি, আকুলি-বিকুলি** *বি* উৎকণ্ঠা; আগ্রহ; ব্যগ্রসমস্ত ভাব। □*ক্রিবিণ* উৎকণ্ঠিত হয়ে; ব্যাকুলভাবে। **আকুলীকৃত** *বিণ* আকুল করা হয়েছে এমন। **আকুলীভূত** *বিণ* আকুল হয়ে উঠেছে এমন। { *স.* আ+ √কুল্+ অ (ক)}

আকৃত ⇒ আকূত

আকৃতি [আকৃতি/ আকরিতি] ১ গঠন; আকার; shape। ২ অবয়ব; শরীর। ~**প্রকৃতি** *বি* ১ হাবভাব। ২ আকার ও স্বভাব। **আকৃত** *বিণ* গঠিত; shaped। { *স.* আ+ √কৃ+তি (ক্তি)}

আকৃষ্ট [আকৃশ্‌টো] *বিণ* ১ আকর্ষণ করা হয়েছে এমন। ২ প্রলুব্ধ। ৩ মুগ্ধ। **আকৃষ্টি** *বি* { *স.* আ+√কৃষ্+ত (ক্ত)}

আকেবত ⇒ আকবত

আক্তা ⇒ আখতা

আক্দ, আক্ত [আকদ্, –কত্] *বি* ১ বিবাহ; বিবাহ-বন্ধন। ২ গ্রন্থি; চুক্তি। { *আ.* আকদ عقد }

আক্দখানি [আক্দখানি] *বি* কলেমা পড়িয়ে সাক্ষীদের সম্মুখে বিবাহ বন্ধনের অনুষ্ঠান। { *আ.* আকদ عقد + *ফা.* খানী خوانی }

আক্দ-রসুমাত [আক্দরসুমাত্] *বি* বিবাহ বন্ধন ও বিবাহের পূর্ণ সামাজিক অনুষ্ঠান (আক্দ-রসুমাতের দিন ঠিক করে পৌরজনের হর্ষবর্ধন করুন—*সৈমু*)। { *আ.* 'আকদ عقد + রুসুমাত رسومات ; দ্বন্দ্ব}

আকসা, আকসি [আক্সা, –সি] *বিণ* ফটোর সাহায্যে ব্লক করে মুদ্রিত (একটা আকসা কোরআন দেওয়া হয়েছে—*কাই*)। { *আ.* 'আকসী عكسی }

আক্কেল [আক্‌কেল] *বি* ১ বুদ্ধি; বিবেচনা; কাণ্ডজ্ঞান। ২ জ্ঞান। ৩ শিক্ষা; শাস্তি (কর্তার সঙ্গে গিয়া ভাল আক্কেল পাইয়াছি—*প্যামি*)। ~**গুড়ুম** *বি* ১ হতবুদ্ধিতা; আকস্মিক ভয়ে বুদ্ধিলোপ। ২ স্তম্ভিত; হতবুদ্ধি (দেখে তো আক্কেল গুড়ুম—*সজ*)। ~-**দাঁত** *বি* পরিণত বয়সে ওঠা দাঁত। ~-**দাঁত ওঠা** *ক্রি* ১ পরিণত বয়সে দন্তোদ্গম হওয়া। ২ (*আল.*) পরিণত বুদ্ধির অধিকারী হওয়া। ~ **দেওয়া** *ক্রি* ১ বুদ্ধির খর্বতা প্রমাণ করা; ঠকানো। ~**মন্ত** *বিণ* বুদ্ধিমান; বিজ্ঞ। –**মিঞা** *বি* (*ব্য.*) অতিপণ্ডিত; অতিবুদ্ধিমান (জবাব দিতে আক্কেল মিঞা একেবারে আক্কেল-হারা—*মুশ*)। ~**সেলামি** *বি* কৃত অপরাধ বা মূর্খতার জন্য প্রাপ্ত শাস্তি বা ফলভোগ (গোঁফ জোড়া বেমালুম কামিয়ে দিলেই যথেষ্ট আক্কেল সেলামী হবে—*আফ*)। ~ **হওয়া** *ক্রি* বিপদে পড়ে শিক্ষা পাওয়া। { *আ.* আকল عقل }

আক্ত ⇒ আকদ

আক্তা ⇒ আখতা

আক্রম [আক্‌ক্রোম্] *বি* ১ আক্রমণ (ব্যাঘ্রের আক্রমে মৃগসম—*রঠা*)। ২ বিক্রম (বিপুল আক্রমে নাশ তারে—*মদ*)। ৩ অধিকার; প্রাপ্তি। ৪ উদয়। { *স.* আ+ √ক্রম্+অ (ঘঞ্)}

আক্রমণ [আক্‌ক্রোমোন্] *বি* ১ অধিকার করার উদ্দেশ্যে কোনো দেশের সঙ্গে লড়াই শুরু করা। ২ হিংসাবশে বা ক্ষতির উদ্দেশ্যে অন্যের উপর বলপ্রয়োগ; হামলা। ৩ অধিষ্ঠান; গ্রাস; প্রকোপ (রোগের আক্রমণ)। **আক্রমণীয়** *বিণ* আক্রমণযোগ্য। **আক্রান্ত** *বিণ* ১ আক্রমণ করা হয়েছে এমন। ২ ব্যাধিগ্রস্ত; পীড়িত। { *স.* আ+√ক্রম্ + অন(ল্যুট্)}

আক্রা [আক্‌ক্রা] *বিণ* দুর্মূল্য; মহার্ঘ (সামান্য দু'একটি অত্যাবশ্যক দ্রব্য কেনে আক্রা দরে—*সৈমু*)। { *স.* অক্রেয়> আক্রা (অর্ধতৎসম)}

আক্রান্ত ⇒ আক্রমণ

আক্রোশ [আক্‌ক্রোশ্] *বি* ১ বিদ্বেষ; গায়ের ঝাল; ক্রোধ। ২ রোষ (প্রবল আক্রোশের সঞ্চার হইত—*রঠা*)। { *স.* আ+ √ক্রুশ্+অ (ঘঞ্)}

আক্লান্ত [আকক্লানতো] *বিণ* অতিশয় ক্লান্ত; পরিশ্রান্ত।

{*বা.* আ+*স.* ক্লান্ত}

আক্ষরিক [আক্‌খোরিক্] *বিণ* ১ অক্ষর সংক্রান্ত বা অক্ষর সম্বন্ধীয়। ২ অক্ষর অনুযায়ী। ৩ বর্ণে বর্ণে বা অক্ষরে অক্ষরে কৃত; হুবহু; literal (আক্ষরিক অনুবাদ) {*স.* অক্ষর+ইক(ঠক্)}

আক্ষিক [আক্‌খিক্] *বিণ* চাক্ষুষ। {*স.* অক্ষি+ইক(ঠক্)}

আক্ষিপ্ত [আক্‌খিপ্‌তো] *বিণ* ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত। ৩ আক্ষেপ জন্মেছে এমন; আক্ষেপযুক্ত। ৪ দুঃখে অধীর। {*স.* আ+√ক্ষিপ্+ত (ক্ত)}

আক্ষেপ [আক্‌খেপ্] *বি* ১ অঙ্গ বিক্ষেপ; হাত পা খিচুনি; তড়কা; convulsion। ২ ক্ষোভ; দুঃখ; মনস্তাপ। ৩ ক্ষোভ প্রকাশ; বিলাপ। ৪ কাব্যের অর্থালঙ্কারবিশেষ। {আ + √ক্ষিপ্ + অ(ঘঞ্)}

আখ, আক [আখ্, -ক্] *বি* ইক্ষু; sugarcane (কাটা আক এক স্থানে জড়ো করিতেছিল—*কাআও*)। {*স.* ইক্ষু>ইক্‌খু>ঈখ>আখ; *তুল.* *হি* উখ্}

আখখুটে ⇒ আখুটে

আখজ, আখেজ, আখুজী (বিরল), **আখুচী** [আখজ্, -খেজ্, -খুজি, -খুচি] *বি* ১ আক্রোশ; শত্রুতা; হিংসা (কোন্ না আখেজে হায়রে জাতি মারিল—*পৃগী*; আখুজী করিল বেনে তাহার কারণে—*কমু*)। ২ ইচ্ছা; আগ্রহ (আখেজ মিটিয়ে খাও)। **আখজা-আখজি, আখছা-আখছি** *বি* পরস্পর বৈরভাব; রাগারাগি (কাজের নেশাতে এতেই এত মারামারি, কাটাকাটি, আখ্‌ছা-আখ্‌ছি—*প্রেমি*)। {*আ.* আখ্‌য্ اخذ }

আখছা-আখছি, আখ্‌জা-আখ্‌জি ⇒ আখজ

আখটি ⇒ আখোট[১]

আখড়া [আখ্‌ড়া] *বি* ১ নৃত্যগীত বাদ্যাদি শিক্ষা ও মল্লবিদ্যা অভ্যাসের স্থান (অতঃপর আখড়া প্রবেশি শুভক্ষণে, মল্লবিদ্যা আরম্ভ করিল দুইজনে—*ঘচ*)। ২ আড্ডা। ৩ সন্ন্যাসীদের আশ্রম। **আখড়াই** *বি* সঙ্গীত ও অভিনয়াদির অভ্যাস ও মহড়া; rehearsal। **আখড়াই দেওয়া** *ক্রি* অভিনয়াদি অভ্যাস করা। **-ধারী** *বি* মঠ বা আখড়ার প্রধান। {*স.* অক্ষবাটি>*প্রা.* অক্‌খআড>আখাড়+আ=আখাড়া>আখড়া}

আখণ্ডল [আখন্‌ডল্] *বি* যিনি বজ্র দ্বারা পর্বত ভেঙে ফেলেন; ইন্দ্র। **~-ধনু** *বি* রংধনু; রামধনু (আখণ্ডল-ধনু লাজে পালাবে অমনি—*মদ*)। {*স.* আ+√খণ্ডি+অল(কলচ্)}

আখতা, আকতা, আক্তা [আখ্‌তা, -ক্, -] *বিণ* খাসি; খোজা; পুরুষত্বহীন; মুষ্কহীন (বিটী আখতা ভাতারের মাগ—*দীমি*)। ▢ *বি* মুষ্কহীন অশ্ব {*ফা.* আখ্‌তাহ্ اخته }

আখতার [আখ্‌তার্] *বি* তারা। {*ফা.* আখতার اختار }

আখন ⇒ আখন্দ

আখনি, আকনি [আখ্‌নি, -ক্‌নি] *বি* পোলাও পাক করার জন্য মসলা-সিদ্ধ পানি। {*ফা.* য়খ্‌নী یخنی }

আখন্দ, আখন, আকন, আকোন (বিরল) [আখন্‌দ্, -খন্, -কন্, -কোন্] *বি* ১ উপাধিবিশেষ। ২ শিক্ষক (এ গান বুঝিতে গেলে আকোনের কাছে গিয়া ফার্সি পড়িতে হয়—*প্যামি*)। {*ফা.* আখুন্দ اخوند }

আখবার [আখ্‌বার্] *বি* খবরের কাগজ; newspaper। {*আ.* আখবার *বহুব* اخبار ; *একব* খবর خبر }

আখর, আঁখর (বিরল) [আখোর্, আঁখোর্] *বি* ১ হরফ; বর্ণ (প্রেম লিখিতেছে গান কোমল আখরে—*রঠা*; আগুনের আঁখরে লিখে রেখে যায়—*নই*)। ২ কীর্তন গানে মাধুর্যের জন্য সংযোজিত অতিরিক্ত পদ। **~ কাটা** *ক্রি* লেখা; দাগ কাটা। **~ দেওয়া** *ক্রি* কীর্তন গানের সময়ে গায়ক গায়িকা কর্তৃক ভাবব্যাখ্যামূলক নতুন নতুন শ্রুতিমধুর পদ জুড়ে দেওয়া (ওঁর ভাবোল্লাস হয়েছে তাই উনি আখর দিচ্ছেন—*প্রচৌ*)। **আখরিয়া** (*মবা.*) *বি* লিপিকার; নকলনবিস (শ্রী বিজয়দাস নাম প্রভুর আখরিয়া—*বৃদা*)। {*স.* অক্ষর>আখর, আঁখর}

আখরোট, আকরোট (বিরল) [আখ্‌রোট্, -ক্-] *বি* বৃক্ষ বা ফলবিশেষ; walnut। {পশ্‌তু আখরোট;<*স.* অক্ষোট}

আখলাক [আখ্‌লাক্] *বি* ১ আচার-ব্যবহার; শিষ্টাচার (আদব, কায়দা, লেহাজ, তমিজ; তাহ্‌জিব আখলাক সমস্তই শিখে—*ইহো*)। ২ চরিত্র; স্বভাব। {*আ.* আখলাক্ *বহুব* اخلاق }

আখলান ⇒ আখলা

আখা, আকা [আখা, আকা] *বি* চুল্লি; উনান (আখা জ্বলে বিনা ফুঁয়ে—*হেব*; বাহু খুঁড়ে খুঁড়ে আখা বানাইয়া ভাত রাঁধো তুমি তায়—*বআমি*)। {*স.* উখা (=হাঁড়ি)>আখা}

আখাড়া ⇒ আখড়া

আখাম্বা [আখামবা] *বিণ* খাম্বা বা থামের মতো মোটা ও লম্বা; দীর্ঘাকৃতি; লম্বা (অসুরের মত আখাম্বা ঢ্যাঙা সায়েব—*রাব*)। {আ (সদৃশার্থে)+খাম্বা<*স.* স্তম্ভ)}

আখাল (*মবা.*), **আখলানো** [আখাল্, আখ্‌লানো] *বি* প্রক্ষালন; ধৌতকরণ। **আখায়িল** *বিণ* প্রক্ষালিত; ধৌত (আখায়িল ঘাঅত বিষ জালিল কাহ্নাঞিঁ—*বচদা*; মাছগুলো ভালো করে আখলাও)। {*স.* প্রক্ষাল>পাখাল>আখাল}

আখির, আখিরি ⇒ আখের

আখিরাত ⇒ আখেরাত

আখু [আখু] *বি* ১ মূষিক; ইঁদুর (গণেশের কাছে পুনঃ আখু চল্যা যাকু—*ক্ষেদা*)। ২ শূকর। **~ভুক** *বি* বিড়াল। {*স.* আ+ খন্+উ}

আখুচি, আখুজি ⇒ আখজ

আখুঞ্জি [আখুন্‌জি] *বি* উপাধিবিশেষ। {*ফা.* আখুন্দ اخوند + জাদাহ্ زاده }

আখুটি ⇒ আখোট

আখুটে, আখখুটে [আখুটে, আখ্‌খুটে] *বিণ* আবদারে। {*স.* অখট্টিকা (=বায়না ধরা)}

আখুভুক ⇒ আখু

আখেজ ⇒ আখজ

আখেট [আখেট্] *বি* মৃগয়া; শিকার (এ বুঝিয়া নরগণে দেখি মৃগকুল, আখেট করিতে করে আরতি বহুল—*সৈআ*)। ২ শিকার-কৃত প্রাণী; শিকার (আখেটের মাংসে বিনে, ভোজনে নাহিক আনে—*সৈআ*)। {*স.* আখেটক>}

আখেটক, আখেটি, আখেটিক, অক্ষটি (বিরল) [আখেটক্, -টি, -ক, অক্খোটি] *বি* শিকারি; মৃগয়াকারী; ব্যাধ (আখেটির ফাঁদ—*কমু*; হেনকালে অক্ষটি সেই বনে আইল—*মাক্*)। { *স.* আখেটক = আ+ √খিট্+অ(ঘঞ্)+ক(কন্)}

আখের, আখির [আখের, আখির] *বিণ* শেষ (আখের মোকাম ফেরদৌস খোদার আরশ যথায় রয়—*নই*; আমার খ্রায় আখের হইয়া আইল —*রাম*) ☐ *বি* ১ অন্তিম কাল; মৃত্যুকাল (আখেরে কলেমা মুখে না হৈব সর্বথা—*সৈআ*)। ২ পরিণাম (আখের ভেবে কর্ম্ম করে তাকেই বলি ধীরা—*দারা*)। ৩ ভবিষ্যৎ; ভবিষ্যৎকাল (আখেরটা তো দেখতে হবে—*বিব*)। ৪ পরকাল। **আখেরি, আখিরি** *বিণ* শেষ; অন্তিম (আখেরি নবীর ওগো দক্ষিণ বাহু—*নই*; যৌবনের আখিরি করিয়া ফারখতি লইতে পারি নাই—*বচ*)। ~ **চাহার শম্বা** *বি* ১ সফর চাঁদের শেষ বুধবার। ২ মুসলিম পর্ববিশেষ। ~ **জামানা** *বি* ১ অন্তিম কাল। ২ পৃথিবীর শেষ যুগ; মহাপ্রলয় বা কেয়ামতের নিকটবর্তী যুগ। ৩ হিন্দু পুরাণোক্ত কলিযুগ। ৪ পরকাল। { *আ.* আখির آخر }

আখেরাত, আখিরাত [আখেরাত, আখিরাত্] *বি* পরকাল; পরজীবন; শেষ বিচারের দিন (আখেরাতে খোদা তুমি—*নই*)। { *আ.* আখিরাত آخرت }

আখেরি ⇒ আখের

আখোট[১]**, আখোটি, আখুটি, আখটি** [আখোট, -খোটি, -খুটি, -খোটি] *বি* ১ আবদার; বায়না; জেদ (অকারণ আখোট করে—*নই*; যে আখুটি করে তা ঈশান সমারয়—*কৃক*)। ২ বিবাদ; ঝগড়া (যেন কতকালের আখোটি—*অচিসে*; কড়ি পাইবারে কত করিনু আখটি—*রঙ্গসে*)। { *স.* অখট্টিকা> }

আখোট[২] [আখোট্] *বি* আখরোট ফল। { *স.* অক্ষোট> অকখোট>আখোট}

আখোটি ⇒ আখোট[১]

আখোলা [আখোলা] *বিণ* খোলা নয় এমন; আবদ্ধ; বন্ধ; আটকানো। { *বা.* আ (নঞ্) +খোলা; *নতৎ* }

আখ্যা [আকখা] *বি* ১ সংজ্ঞা; উপাধি; নাম। ২ উল্লেখ; কথন। ~**ত** *বিণ* ১ উল্লিখিত; কথিত; সংজ্ঞাপ্রাপ্ত। ২ ব্যাখ্যাত; প্রসিদ্ধ। ~**ন** *বি* ১ কাহিনী; ইতিহাস। ২ কথন; উল্লেখ। ~**পত্র** *বি* পুস্তকের প্রথমে যে পৃষ্ঠায় নাম থাকে; title page। ~**য়ক** *বিণ* কথক; প্রচারক; বার্তাবহ। ~**য়িকা** *বি* কাহিনী; গল্প। ~**য়ী** (-য়িন্) *বিণ* আখ্যায়ক; কথক। **আখ্যেয়** *বিণ* ১ কথনীয়; বক্তব্য। ২ নামযুক্ত; আখ্যাযুক্ত। { *স.* আ+ √খ্যা+অ (অঙ্)+আ}

আগ[১] [আগ্] *বি* আগুন; অগ্নি; অনল (পশ্চিমে নীল লোহিতের খুন-জোশীতে রে লাগে আগ—*নই*)। { *স.* অগ্নি>অগগি>আগি>আগ}

আগ[২] (*মবা.*), **আগো** (*মবা.*) [আগ, আগো] *অব্য* ওগো; ওহে (আগ বড়ায়ি—*বচদা*; বিদ্যা বলে আগো আই জিজ্ঞাসি তোমায়—*ভারা*)। { *স.* ওঘোঃ> *বা.* ওগো}

আগ[৩] [আগ্] *বি* অগ্রভাগ (কেশের আগ চুম্বয়ে টাগ—*চদা*)। ☐ *বিণ* আদি; প্রথম; সর্বাগ্রবর্তী। ২ সর্বোচ্চ (আগডাল)। { *স.* অগ্র>অগ্গ>আগ}। ~**তোলা** *ক্রি* পুণ্য কার্যের উদ্দেশ্যে কোনো দ্রব্যের কিয়দংশ আগে উঠিয়ে রাখা। ~**তোলা সন্দেশ** *বি* চূড়া-তোলা বা চূড়াকৃতি সন্দেশ (ময়রা দুর্গামণ্ডা ও আগতোলা সন্দেশের ওজন দিতে আরম্ভ কল্লে—*ক্যসি*)। ~**দল** *বি* ১ যে সৈন্যদল পথ পরিষ্কার পরিখা-খনন ইত্যাদি কাজ করে অগ্রসর হয়; pioneer। ২ যুদ্ধে বিপক্ষ সৈন্যদলের সম্মুখবর্তী বাহিনী; vanguard। ~**দুয়ার** *বি* ১ সিংহদ্বার; সদর দরজা। ২ বহির্বাটি (আগদুয়ারে সদাগর পাশা খেলায়—*মাগান*)। ~**পাছ** *ক্রিবিণ* অগ্রপশ্চাৎ; পূর্বাপর (আগ-পাছ ভাবা)। ~ **বাড়ানো**, ~ **বাড়া, আগু বাড়া** *ক্রি* ১ অগ্রবর্তী হওয়া (আগুবাড়ি আসিয়া করিলা দরশন—*দৌবা*; মারুতি যখন এ কাজে আগ্ বাড়িয়েছেন—*অঠা*। ২ জিজ্ঞাসিত না হয়ে; গায়ে পড়ে; নিজে থেকে (আগ বাড়িয়ে কথা বলা তোমার অভ্যাস) { *স.* অগ্র>অগ্গ> আগ}

আগডম-বাগডম ⇒ আগড়ম-বাগড়ম

আগডুম-বাগডুম [আগডুম্ বাগডুম্] *বিণ* ১ অর্থহীন (আগডুম বাগডুম ছড়া)। ২ জাঁকজমকপূর্ণ বিবাহ যাত্রার বর্ণনামূলক (ছেলেভুলানো) ছড়ার সূচনা অংশ—আগডুম বাগডুম ঘোড়াডুম সাজে। { *মা.* আগডম=অগ্রদল (pioneers), *মা.* বাগডম=পদাতিক, *মা.* গোড়োডম= বড়ো দল, *মা.* সাজে=সজ্জিত}

আগড়, আগোড় [আগোড়্] *বি* ১ খিল; অর্গল (ঘরে আগড় দেওয়া দেখে সে ব'সে পড়ল—*নই*; রাজবাড়িতে আগোড় দেওয়া, সে কি মনস্তাপ—*নই*)। ২ কেওয়াড়; ঝাঁপ; কপাটের পরিবর্তে ব্যবহৃত বেড়া (তাহার গোহাল ঘরের আগড়ের পাশেও উঁকি মারিত—*বচ*)। ৩ বাধা; প্রতিবন্ধক (নানা আগড় অতিক্রম করে—*মব*; তখন কি আর একে আগোড় দিয়েও ঠেকান যাবে—*নই*)। { *স.* অর্গল>অগ্গল> আগর>আগড় (ল=র=ড়)}

আগড়-বাগড়, অগড়-বগড় [আগোড়্বাগোড়্, অগড়্বগড়্] *বি* ১ নানা প্রকার বাজে জিনিস, অখাদ্য। ২ আবোল-তাবোল বা অসংলগ্ন কথা। { *তুল. হি.* অগড়-বগড়; *দ্বন্দ্ব*}

আগড়ম-বাগড়ম [আগড়োম্বাগড়োম্] *বি* অর্থহীন অসংলগ্ন কথা; অপ্রয়োজনীয় বাক্য (অগড়ম-বগড়ম বকিতেছি—*ঈবি*)। { *তুল. হি.* আওড়ম-বওড়ম}

আগত [আগতো] *বিণ* ১ উপস্থিত; আগমন করেছে এমন; ঘটেছে এমন। ২ প্রাপ্ত (শরণাগত)। ~**প্রায়** *বিণ* আসন্ন; এসে পড়েছে এমন। { *স.* আ+√গম্+ত (ক্ত)}

আগতি (*মবা.*) [আগোতি] *বি* আগমন (পতির আগতি বার্তা শুনি দূত মুখে—*কমু*)। { *স.* আগত+ *বা.* ই}

আগন (*মবা.*) [আগোন্] *বি* অগ্রহায়ণ; অঘ্রান (আগন মাস—*মৈগী*)। { *স.* অগ্রহায়ণ> আগন}

আগন্তুক, আগন্তু [আগোন্‌তুক্, -তু] *বি* ১ অতিথি। ২ অপরিচিত; নবাগত ব্যক্তি। ৩ হঠাৎ আগত (আগন্তুক বিপদ)। ৪ বহিরাগত (আগন্তুক ব্যাধি) { *স.* আ+ √গম্+তু(তুন্), +ক (কন্)}

আগপাছ ⇒ আগ[৩]

আগম [আগোম্] *বি* ১ তন্ত্রশাস্ত্র; বেদাদি শাস্ত্র যা শিবের মুখ থেকে 'আ'-গত, গিরিজার কর্ণে 'গ'-ত এবং বাসুদেবের 'ম'-ত সম্মত, তাকেই আ গ ম 'আগম' শাস্ত্র বলে (স্থানে স্থানে যোগ কথা আগমের ভেদ—*সৈআ*)। ২ আগমন; উপস্থিতি (বর্ষাগম)। ৩ লাভ। ৪ উপার্জন; আয়। ৫ *(ব্যা.)* শব্দ গঠনকালে প্রকৃতির পরিবর্তন না ঘটিয়ে শব্দমধ্যে একটি বর্ণের আমদানি—যেমন: সু+নর=সুন্দর, বাঃ+নর=বান্দর ইত্যাদি শব্দে 'দ'-এর আগমন। ৬ আমদানি; import। ~ **শুল্ক** *বি* আমদানির উপর দেয় কর; import duty। { *স.* আ + √গম্+অ(ক)}

আগমন [আগোমোন্] *বি* আসা; উপস্থিতি। **আগমনী** *বি* আগমন সঙ্গীত; আহ্বানগীতি (আকাশ বীণার তারে তারে জাগে তোমার আগমনী—*রঠা*)। ☐ *বিণ* আগমন-সম্বন্ধীয়। { *স.* আ+ √গম্+অন(লুট্)}

আগর[১] [আগোর্] *বি* অগুরু; গন্ধকাষ্ঠবিশেষ (নানা পুষ্পমালা আর আগর চন্দন—*কাদৌ*)। ~**বাতি** *বি* ধূপকাঠি। { *স.* অগুরু>আগর; *ফা.* আগার اگر। }

আগর[২] [আগোর্] *বি* কাষ্ঠাদিতে ছিদ্র করিবার যন্ত্রবিশেষ; ভ্রমরযন্ত্র; তুরপুন। { *ই.* auger }

আগর[৩] [আগোর্] *(মবা)* *বিণ* শ্রেষ্ঠ; প্রধান; চূড়ামণি (কুলের আগর—*ভারা*; সে নর নাগর আগর সব গুণে—*জ্ঞাদা*)। **আগরী**[১] *স্ত্রী* (সে হেন সুন্দরী রূপে গুণে আগরী—*বিপ*)। { *স.* অগ্র>(স্বরভক্তিতে) আগর + *স্ত্রী.* ঈ=আগরী}

আগর[৪] *(ব্র.)* [আগর] *বি* নিলয়; আগার; আধার (তুহুঁ রস আগর নাগর ঢীট—*বিপ*)। { *স.* আগার>}

আগর[৫] [আগোর্] *অব্য* যদি। ~**মগর** *ক্রিবিণ* যদি-কিন্তু; ইতস্তত ভাব; বিলম্ব। ☐ *বি* দীর্ঘসূত্রিতা। { *ফা.* আগার اگر। }

আগরওয়ালা [আগোর্ওয়ালা] *বি* দিল্লি, আগ্রা প্রভৃতি অঞ্চলের ব্যবসায়ী সম্প্রদায়। { *হি.* আগরৱালাহ্}

আগরি[১] ⇒ আগুরি[২]

আগরি[২], **আগুরি**[২], **আগুড়ি** [আগোরি, -গুরি, গুড়ি] *বি,বিণ* আগাম; অগ্রিম; advance। {আগ (<*স.* অগ্র)+উড়ি}

আগরি[৩], **আগরী**[২] *(মবা)* [আগোরি] *বি* ১ আধার; আগার। ২ ডালি (সে হেন সুন্দরী গুণের আগরি—*চদা*)। { *স.* আগার> আগর (শব্দমধ্যে 'আ'-কার লোপে+*বা. স্ত্রী.* ই, ঈ যোগে}

আগরী[২] ⇒ আগর[৩]

আগরী[৩] *(মবা.)* [আগোরি] *বিণ* অচৈতন্য; অঘোর; বেহুঁশ (পরশে নাগরী, হইলা আগরী পড়িলা বেণ্যানী কোড়ে—*কমু*)। { *স.* অঘোর>আগোর>আগর+ঈ}

আগল[১] [আগোল্] *বি* ১ খিল; হুড়কা; অর্গল (দ্বারে দ্বারে ভাঙলো আগল—*রঠা*)। ২ প্রতিবন্ধক; বাধা; বেড়া; ঝাঁপ; কেওয়াড় (কুঞ্জ-দুয়ারে আগল পড়েছে আঁধিয়ারা বনতলে—*শাহো*)। ৩ আবরণ; পর্দা; বেষ্টনী (বন্ধ-চোখের আগল ঠেলে রঙের ঝিলিক ঝলমলে—*সদ*)। ৪ বন্ধন (লাস লাবণ্যে বেড়াও রূপের আগল—*ভন*)। { *স.* অর্গল>অগ্গল>আগল}

আগল[২] [আগোল্] *বিণ* ১ দড়; নিপুণ; অগ্রবর্তী (তুমি বিবাদে আগল—*বিগু*)। ২ শ্রেষ্ঠ; প্রধান; অগ্রগণ্য (প্রেমে নৃত্য করে হৈল বৈষ্ণব আগল—*কৃক*)। { *স.* অগ্র+ল}

আগল-ডাগল *(মবা.)* [আগোল্ডাগোল্] *বিণ* আয়ত; লম্বা-চওড়া; ডাগর; বাড়া (আগল-ডাগল আঁখি রে আসমানের তারা—*মৈগী*)। {ডাগল<ডাগর}

আগল-পাগল *(মবা.)* [আগোল্পাগোল্] *বিণ* এলোমেলো; ইতস্তত বিক্ষিপ্ত (আগল পাগল কালা মেঘ বাতাসেতে উড়ে—*পূগী*)। {পাগল, *অনু.* আগল}

আগলা [আগ্‌লা] *বিণ* অনাবৃত; খোলা; ঢিলা। { *স.* অলগ্ন> অলগ্গ >অলাগ (বর্ণবিপর্যয়ে) আগলা}

আগলানো [আগ্‌লানো] *ক্রি* ১ পাহারা দেওয়া; রক্ষার জন্য সতর্ক দৃষ্টি রাখা; সামলানো (ত্রস্ত সতর্ক স্নেহে তাহাদের আগলাইবার চেষ্টা করিতেছে—*রঠা*)। ২ আটক করা; অবরোধ করা (দশ লক্ষ সৈন্য মেলি রাবণে আগলে—*কৃও*)। ☐ *বি* আটককরণ; রক্ষাকরণ। {√আগ্‌লা + আনো}

আগলি[১], **আগলী**, **আগুলি** *(মবা.)* [আগোলি, -, -গুলি] *বিণ* ১ অগ্রবর্তী; প্রধান (রূপে গুণে যৌবনে ভুবনে আগুলি—*জ্ঞাদা*)। ২ সম্মুখবর্তী। ☐ *বি (মবা.)* আলয়; আগার (কর্ণধার আছিলেন বুদ্ধির আগলি—*কমু*)। ~**কাটা** *ক্রি* ঠেলে আগে যাওয়া; অন্য সকলকে ফেলে আগে বাড়া (আগুলি কেটে—*হেব*)। { *স.* অগ্র> আগর> আগলি}

আগলি[২] *(পদ্য.)* [আগোলি] *অক্রি* পাহারা দিয়ে; আগলিয়ে। **আগলিয়া**, **আগুলিয়া** *অক্রি* বাড়িয়ে (বাহু আগুলিয়া লইল আমারে—*সুকা*)। { *স.* অর্গল>}

আগলী ⇒ আগলি

আগস্ট, **অগস্ট**, **অগাস্ট** [আগস্‌ট্, অগস্‌ট্, অগাস্‌ট্] *বি* ইংরেজি সালের অষ্টম মাস। { *ই.* August }

আগাঁথা, **আগাথা** [আগাঁথা, -গাথা] *বিণ* গাঁথা হয়নি এমন; অগ্রথিত। {আ+গাঁথা}

আগা[১] [আগা] *বি* ১ ডগা; অগ্রভাগ (কত পুষ্পের আগা ভাঙ্গে মোচড়ে কলিকা—*বিগু*)। ২ সম্মুখভাগ। ৩ উপরিভাগ। ~**গোড়া** *বি* আদ্যন্ত (নাইকো আগাগোড়া—*রঠা*)। ☐ *ক্রিবিণ* ১ প্রথম থেকে শেষ পর্যন্ত; আদ্যন্ত (আগাগোড়া বাঁধে আপন হাতে—*রঠা*)। ২ আপাদমস্তক (আমাকে দেখলেই সে আগাগোড়া জ্বলে ওঠে)। { *স.* অগ্র>অগ্গ>আগ+আ =আগা}

আগা[২] [আগা] *বি* প্রভু; সম্ভ্রান্ত ব্যক্তি (আগা শিরাজী; আগা সাদেক রোড; আগা মসীহ্ লেন)। { *তু.* আগা آغا। }

আগাগোড়া ⇒ আগা

আগাছা [আগাছা] *বি* অপ্রয়োজনীয় গাছ; বাজে লতাপাতা বা তৃণ; weed। {আ+ গাছ+আ}

আগাজ [আগাজ] *বি* আরম্ভ; শুরু। { *ফা.* আগাজ آغاز। }

আগাড়ি [আগাড়ি] *বিণ* ১ অগ্রিম; advance (আজই তোমাকে টাকা দিয়ে যাব আগাড়ি—*অচিসে*)। ২ অগ্রবর্তী; পূর্ববর্তী। ৩ প্রথম (পাশা-পাশি দুজন করে দাঁড়িয়েছে ওরা, আগাড়ি থেকে শেষ পর্যন্ত—*গুমা*)। ☐ *বি* ঘোড়ার

সম্মুখের পায়ে বাঁধা দাঁড় (আগাড়ি পিছাড়ি দড়ি ঘুঁড়ীর এলায়—*ঘচ*)। { *স.* অগ্রবর্তী; *হি.* আগাড়ি}

আগাথা ⇒ আগাঁথা

আগানো [আগানো] *ক্রি* অগ্রসর করা বা হওয়া। ❑ *বি* অগ্রসর করণ বা হওন। { *স.* অগ্র>আগ+আনো}

আগাপাছতলা, আগাপাস্তলা [আগাপাস্‌তলা] *ক্রিবিণ* ১ আগাগোড়া; অগ্রপশ্চাৎ। ২ আপাদমস্তক; সর্বাঙ্গ { *স.* অগ্রপশ্চাৎ>; দ্বন্দ্ব.}

আগাম [আগাম্] *বিণ* আগামী; ভাবী (আগাম হপ্তায় দরগায় যেতে হবে—*অচিসে*)। ❑ *বি* ক্রীত বস্তু প্রাপ্তির পূর্বে দেয় অর্থের অংশ; অগ্রিম; বায়না; advance { *স.* অগ্রিম>}

আগামী (-মিন্) [আগামি] *বিণ* ভাবী; ভবিষ্যতে আসবে বা ঘটবে এমন। **আগামিনী** *বিণ স্ত্রী.* ভাবী; ভবিষ্যৎ (আগামিনী যামিনীর আভাস মলিন—*মোম*)। { *স.* আ+√গম্+ইন্(ণিনি)}

আগার [আগার্] *বি* ১ গৃহ; ভবন (নিজ আগারে প্রতিগমনপূর্বক—*ঈবি*)। ২ আধার (গুণের আগার)। { *স.* অগার+অ (অণ্)}

আগার পাগার [আগারপাগার্] *ক্রিবিণ* পূর্বাপর; আগপাছ (অত আগারপাগার ভেবে কাজ কল্লে আর এ জমানায় কোন কাজ করা যায় না—*মীম*)। { *স.* অগ্রপশ্চাৎ; *স.* অগ্র>অগ্‌গ>আগ+আর}

আগি (*মবা.*) [আগি] *বি* ১ আগুন (হৃদয়ে জ্বলত মধু আগি—*চদা*)। ২ অগ্নিমূর্তি, অগ্নিশর্মা (ঘরে গুরু দুরুজন, ননদিনী আগি—*চদা*)। { *স.* অগ্নি>অগ্‌গি>আগি}

আগিলা (*মবা.*) [আগিলা] *বিণ* ১ আগের; প্রথমে জাত (আগিলা কুসুম অধিক অভিলাষ—*বিপ*)। ২ সম্মুখ দিকস্থ (আগিলা ঘাটে সে নায়—*চদা*)। ৩ অগ্রবর্তী; ভাবী। **পাছিলা** *বিপ.*। { *স.* অগ্র>আগ+ইলা = আগিলা}

আগু [আগু] *বি* অগ্র; প্রথম; পূর্ব। ❑ *বিণ* অগ্রগামী; অগ্রবর্তী (আগুদল)। ❑ *ক্রিবিণ* অগ্রে; প্রথমে (আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস—*কৃও*)। ~**জন** *বি* গুরুজন; মুরুব্বি (আগুজনে রোষ করিলে বড় দোষ—*অঠা*)। ~**তে** *ক্রিবিণ* প্রথমে; পূর্বে। ~**পাছু, আগুপিছু** *ক্রিবিণ* ১ অগ্রপশ্চাৎ; ভূত ভবিষ্যৎ (চাহিস্‌নে আর আগুপিছু—*রঠা*)। ২ আরম্ভ ও পরিণাম (কেহ তার নাহি বুঝে আগুপিছু—*রঠা*)। ৩ ইতস্তত (আগুপিছু করা)। { *বা.* আগ (<*স.* অগ্র)+উ (বিশেষণার্থে)}

আগুন, আগুনী (*মবা.*) [আগুন্, -নি] *বি* অগ্নি (আগুনী জ্বালিল দেহে—*বচদা*)। ❑ *বিণ* ১ প্রচণ্ড উত্তাপযুক্ত (আগুন জ্বর)। ২ অগ্নিমূর্তি, অগ্নিশর্মা; অতিশয় ক্রুদ্ধ (আগুন হয়ে বাপ বারে বারে দিলেন অভিশাপ—*রঠা*)। ~ **করা** *ক্রি* কাঠ, কয়লা ইত্যাদি জ্বালিয়ে আগুন প্রস্তুত করা। ~ **ধরা,** ~ **লাগা** *ক্রি* ১ অগ্নি সংযুক্ত হওয়া। ২ (*আল.*) অভাব উপদ্রব বিপত্তি বিশৃঙ্খলা প্রভৃতির আবির্ভাব হওয়া। ~ **নিয়ে খেলা করা** *ক্রি* বিপত্তিকর জিনিস নিয়ে খেলা করা; অনিষ্টকর জিনিসে হাত দেওয়া। ~ **পোহানো,** ~ **পোয়ানো,** ~ **তাপানো** *ক্রি* আগুনের কাছে বসে তাপ নেওয়া বা হাত-পা গরম করা। ~**লাগা** ⇒ ~ **ধরা**। ~ **লাগানো** *ক্রি* ১ অগ্নি সংযোগ করা। ২ (*আল.*) উত্তেজিত করা বা রাগিয়ে দেওয়া। ৩ (*আল.*) ঝগড়া বাধানো। ~ **হওয়া** *ক্রি* ১ অতি ক্রুদ্ধ হওয়া। ২ উত্তপ্ত বা গরম হওয়া। ৩ অতি দুর্মূল্য হওয়া। **ঘরে** ~ **দেওয়া** *ক্রি* গৃহ-বিবাদ বাধানো। { *স.* অগ্নি>}

আগুপাছু, আগুপিছু ⇒ আগু

আগুবাড়া ⇒ আগ[২]

আগুয়ান, অগুয়ান (বিরল), **আগুসর, আগুসার** [আগুয়ান্, অগুয়ান্, আগুশর্, -শার্] *বিণ* অগ্রগামী; অগ্রবর্তী (কে আছ জোয়ান হও আগুয়ান—*নই*; একলি চলিল ধনি হেরি অগুয়ান—*বিপ*)। **আগুসরি** *অক্রি* অগ্রসর হয়ে (দেখিয়ে পথ তারা চলে আগুসরি—*অঠা*)। { *স.* অগ্রবান>}

আগুর [আগুর্] *ক্রিবিণ* আগে; নির্দিষ্ট সময়ের পূর্বে (আগুর বুনেছে যেই ক্ষেতে তায় বাড়িয়া উঠেছে গাছ—*বআমি*)। { *স.* অগ্র>}

আগুরি[১] ⇒ আগরি[১]

আগুরি[২], **আগরি**[২] [আগুরি, -গরি] *বি* উগ্র ক্ষত্রিয়; হিন্দু সম্প্রদায়বিশেষ (উগ্র ধর্মধারী বসিল আগুরি—*ঘচ*)। { *স.* উগ্রক্ষত্রিয়>}

আগুলানো, আগুলনো [আগুল্যানো, -লনো] *ক্রি* ১ অবরোধ করা; পথ রোধ করা; আটকানো (বাট আগুলিয়া পথে বুড়ী বৈসে ছলে—*ঘচ*; পলায় রাবণ আগুলিল বাট—*অঠা*)। ২ রক্ষণাবেক্ষণ করা; দেখাশুনা করা (এই বাড়ী আগুলিয়া কত কষ্টে, কতদিন খাইয়া, তাহার দিন গিয়াছে—*বিব*)। ৩ অধিকার করা; আয়ত্তে আনা। { *স.* অর্গল>আগল+আনো}

আগুলি ⇒ আগলি[১]

আগুলফ [আগুল্‌ফো] *ক্রিবিণ* গোড়ালি পর্যন্ত। ~**লম্বিত** *বিণ* গোড়ালি পর্যন্ত লম্বা। { *স.* আ (পর্যন্ত)+গুল্‌ফ; *অব্যয়ী.*}

আগুসর, আগুসার ⇒ আগুয়ান

আগে [আগে] *ক্রিবিণ* ১ প্রথমে; পূর্বে। ২ সম্মুখে; সামনে। ৩ নিকটে; কাছে (মায়ের আগেতে খবর কহিও বড় ব্যথা মোর জানে—*জউ*)। ~~ *ক্রিবিণ* অগ্রবর্তী বা সম্মুখবর্তী হয়ে; সামনে। ~**কার,** ~**র** *বিণ* ১ অগ্রবর্তী; প্রথমের। ২ অতীতের; বিগত। ~-**পাছে** *ক্রিবিণ* সম্মুখে ও পিছনে। ~ **পাছে করা** *ক্রি* ইতস্তত করা। ~**ভাগে** *ক্রিবিণ* সর্বাগ্রে; পূর্বেই (সেটাকে আগেভাগে খরচ করিলে অধর্ম হয় না—*রঠা*)। ~**র** ⇒ ~**কার**। { *স.* অগ্রে> অগ্‌গে>}

আগেয়ান, আগেয়ানি, আগেয়ানী (*মবা.*) [আগেআন্, -আনি, -আনি] *বিণ* অজ্ঞান (বিদ্যাপতি কহ তুহুঁ আগেয়ানী—*বিপ*) { *স.* অজ্ঞান>}

আগের ⇒ আগে

আগোছালো, অগোছালো [আগোছালো, অ-] *বিণ* বিশৃঙ্খল; এলোমেলো; আলুলায়িত (আগোছালো তা'র কুন্তলে যেন কালো মেঘ নামিয়াছে—*আহা*)। {আ (অভাবার্থে)+গোছা (<*স.* গুচ্ছ)+ আলো = আগোছালো}

আগোড় ⇒ আগড়

আগোরল (*ব্র.*) [আগোরল] *ক্রি* আগলালো; বেষ্টন করল

(আগোরল বটে—*চদা*)। { *স.* অর্গল}

আগোরি (*ব্র.*) [আগোরি] *অস-ক্রি* আগলে; আবৃত করে (কোরে আগোরি—*বিপ.*)। □ *বি* আধার (প্রেমের আগরি—*চদা*)। { *স.* অর্গলি>}

আগ্নেয় [আগ্‌নেয়ো] *বিণ* ১ অগ্নি সম্বন্ধীয়। ২ অগ্নিগর্ভ (আগ্নেয়গিরি)। ৩ অগ্নিযোগে কার্য হয় এমন (আগ্নেয় পোত)। ৪ অগ্নিনিঃসারক (আগ্নেয়াস্ত্র)। ৫ অগ্নিতাপে গলিত হয়ে উৎপন্ন (আগ্নেয় প্রস্তর)। ৬ অগ্নির গুণ বা ধর্মযুক্ত; জ্বলন্ত; উজ্জ্বল (আগ্নেয় বাণী)। ~ **অক্ষর** *বি* ১ জ্বলন্ত অক্ষর; অগ্নিময় অক্ষর (আগ্নেয়-অক্ষরে লেখা দেখিলা নৃমণি—*মদ*)। ২ উজ্জ্বল অক্ষর; স্পষ্ট ভাষা। ~**গিরি, আগ্নেয়াদ্রি** *বি* যে পর্বত থেকে অগ্নি অঙ্গার গলিত ধাতু ইত্যাদি নির্গত হয়; volcano (আমি বসুধা-বক্ষে আগ্নেয়াদ্রি, বাড়ব-বহ্নি, কালানল—*নই*)। **আগ্নেয়াস্ত্র, অগ্ন্যাস্ত্র** *বি* কামান-বন্দুক ইত্যাদি অগ্নি-নিঃসারক অস্ত্র। { *স.* অগ্নি+এয় (ঢক্)}

আগ্রহ [আগ্‌গ্রোহো] *বি* ১ প্রবণতা; ঝোঁক; ব্যগ্রতা। ২ ঐকান্তিক যত্ন বা মনোযোগ; অভিনিবেশ। ৩ আসক্তি; প্রবৃত্তি। **আগ্রহাতিশয্য, আগ্রহাতিশয়তা** *বি* অতিশয় আগ্রহের ভাব। **আগ্রহান্বিত, আগ্রহী** *বিণ* উৎসুক; আগ্রহযুক্ত। **আগ্রহান্বিতা** *স্ত্রী.*। { *স.* আ+√ গ্রহ্ + অ (অপ্)}

আঘণ (*প্রাবা.*) [আঘন] *বি.* অঘ্রান; অগ্রহায়ণ। { *স.* অগ্রহায়ণ}

আঘাট, আঘাটা, অঘাট [আঘাট্, –টা, অঘাট্] *বি* ১ অব্যবহার্য ঘাট; ব্যবহারের অযোগ্য ঘাট। ২ যেখানে ঘাট নেই এমন স্থান (আঘাটে বসে রৈলে বেলা যাচ্ছে বয়ে—*রঠা*)। { *স.* অঘট্ট>}

আঘাত [আঘাত্] *বি* ১ চোট; ঘা; কোপ। ২ প্রহার। ৩ ব্যথা; বেদনা (মনে আঘাত দেওয়া)। –**ক** *বিণ* আঘাত করে এমন। –**ন** *বি* ১ আঘাতকরণ; আঘাতদান। ২ বধ্যস্থান; হত্যাগৃহ, slaughter house। –**সহ** *বিণ* আঘাত সহ্য করতে পারে এমন। **আঘাতিত** (বিরল) *বিণ* আঘাতপ্রাপ্ত; আহত (আঘাতিত ব্যক্তি—*প্যামি*)। **আঘাতী** (–তিন্) *বিণ* আহত; ঘায়েল (শত্রুকে আঘাতী করিতে বৃথা চেষ্টা—*রারা*)। { *স.* আ+ √হন্ (বধ করা)+অ (ঘঞ্)}

আঘ্রাণ [আগ্‌ঘ্রান্] *বি* ১ গন্ধগ্রহণ; শোঁকা। ২ গন্ধ (নবীন ধানের আঘ্রাণে—*নই*; প্রতি কথায় গান হয়, প্রতি পদে নতুন আঘ্রাণ—*রখা*)। **আঘ্রাত** *বিণ* ঘ্রাণ বা গন্ধ গ্রহণ করা হয়েছে এমন। **অনাঘ্রাত** *বিপ* (অনাঘ্রাত পুষ্প)। **আঘ্রায়ক** *বিণ* গন্ধ গ্রহণ করে এমন। { *স.* আ + √ঘ্রা+অন(ল্যুট্)}

আঙল (*মবা.*) [আঙল] *বি* আমলকী (হাটে হাটে তোমার বাপ বেচিত আঙল—*কমু*)। { *স.* আমলক>}

আঙার ⇒ আঙ্গার

আঙ্গুল, আঙুল [আঙ্‌গুল্, আঙুল্] *বি* অঙ্গুলি (আঙুল আমার আকুল হল কাহার দৃষ্টি দোষে—*রঠা*)। ~ **ফুলে কলা গাছ**—আকস্মাৎ বা অতি দ্রুত পদোন্নতি বা ঐশ্বর্য বৃদ্ধি। ~ **মটকানো** *ক্রি* ১ আঙুল টেনে বা মোচড় দিয়ে মটমট শব্দ করা। ২ (*আল.*) অভিশাপ দেওয়া। ~**হাড়া** *বি* আঙ্গুলের রোগবিশেষ; আঙ্গুলের মাথায় ফোড়া। { *স.* অঙ্গুলি>}

আঙ্গ [আঙ্‌গো] *বিণ* অঙ্গ সম্বন্ধীয়; আঙ্গিক। □ *বি* (*মবা.*) অঙ্গ (এক এক আঙ্গ লক্ষ লক্ষ দান—*বচদা*)। { *স.* অঙ্গ+অ (অণ্)}

আঙ্গট, আঙ্গোট [আঙ্‌গোট্] *বিণ* অখণ্ড। ~–**পাত** *বি* কলাগাছের অখণ্ড পত্র বা আগপাতা। { *স.* অখণ্ড>}

আঙ্গস্তরী [আঙ্‌গোস্‌তোরি] *বি* আংটি; অঙ্গুরীয় (কোন কুহকিনী আঙ্গস্তরী স্মৃতি ঢেকেছে আমার মুক্ত নীল কিনার—*ফআ*)। { *ফা.* আঙ্গস্তরী انگشتری }

আঙ্গার [আঙ্‌গার্] *বি* ১ কয়লা; পোড়া কাঠ। ২ জ্বলন্ত কয়লা। { *স.* অঙ্গার>}

আঙ্গারটানা, আঙরটানা [আঙ্‌গার্‌টানা, আঙোর্–] *বি* অঙ্গার বা আগুন টেনে আনার যন্ত্রবিশেষ (তারপর আঙরটানা দিয়ে আগুন বার বার—*অচিসে*)। { *স.* অঙ্গার+ *বা.* টানা>}

আঙ্গারধানী, আঙারধানী [আঙ্‌গার্‌ধানি, আঙার্–] *বি* অঙ্গার বা আগুন রাখার পাত্র (আঙারধানীর বাষ্প বিভোল শ্বসিছে সকল খানে—*সদ*)। { *স.* অঙ্গার+ *ফা.* দান> ধান+ঈ}

আঙ্গিক [আঙ্‌গিক্] *বিণ* ১ অঙ্গ সম্বন্ধীয়। ২ অঙ্গজ। ৩ অঙ্গ দ্বারা সম্পাদিত। □ *বি* ভঙ্গি। { *স.* অঙ্গ+ইক(ঠক্)}

আঙ্গিনা, আঙিনা, আঙ্গন [আঙ্‌গিনা, আঙিনা, আঙ্‌গোন্] *বি* ১ অঙ্গন; উঠান; প্রাঙ্গণ; (আমার এই আঙ্গিনা দিয়ে যেয়ো না—*রঠা*; আমি খুঁজি কোন আঙ্গনে কাঁকন বাজে গো—*নই*)। ২ কোল; বুক (বসন্তকাল এসেছিল বনের আঙ্গিনায়—*রঠা*)। { *স.* অঙ্গন>}

আঙ্গিয়া, আঙিয়া [আঙ্‌গিয়া, আঙিয়া] *বি* ১ ছোট জামা (কোমল গায়ে দিল পরায়ে রঙিন আঙিয়া—*রঠা*)। ২ স্ত্রীলোকের পরিধেয় জামা; কাঁচুলি। { *স.* অঙ্গিকা> অঙিআ>আঙিয়া}

আঙ্গুর, আঙুর [আঙ্‌গুর্, আঙুর্] *বি* সুমিষ্ট রসালো ফলবিশেষ; দ্রাক্ষা। { *ফা.* আংকুর انگور }

আঙ্গোটি, আংগোটি [আঙ্‌গোটি] *বি* পায়ের বুড়া আঙ্গুলের আংটি। { *স.* অঙ্গুষ্ঠিকা>}

আচকান [আচ্‌কান্] *বি* লম্বা জামাবিশেষ; শেরোয়ানি (ভুঁড়ির পরে জগৎ জোড়া আচকানেরে লয় সে টানি—*জউ*)। { *ফা.* আচকান اچکن }

আচঞ্চল [আচন্‌চল্] *বিণ* ঈষৎ বিচলিত; অল্প চঞ্চল। { *স.* আ (ঈষৎ)+চঞ্চল}

আচমকা, আচকা [আচম্‌কা, আচ্‌কা] *ক্রিবিণ* সহসা; হঠাৎ; অকস্মাৎ (গর্ত হয়ে গেল আচমকা—*অচিসে*)। ~**সুন্দরী** *বিণ* প্রকৃত সুন্দরী নয় কিন্তু হঠাৎ দেখলে সুন্দরী বলে মনে হয় এমন; ক্ষণিক রূপের মোহ সৃষ্টিকারিণী। { *স.* চমৎকার>; *তুল.* *হি* অচানক, আচানক}

আচমন [আচ্‌মোন্] *বি* ১ হিন্দুদের পূজাদি কর্মের পূর্বে বিধি অনুযায়ী জলদ্বারা দেহশুদ্ধি করণ (স্নান আচমন করি শুদ্ধ হৈল তবে—*সৈআ*)। ২ আহারের পর জল দ্বারা হস্ত-মুখ প্রক্ষালন; আঁচানো (পিতলের ডাবরে করিল

আচমন—*বিপ্র*)। **আচমনীয়, আচমনি, আচমনী** *বি* আচমন করার পানি; হাত-মুখ ধোয়ার জল। ◻ *বিণ* আচমন করতে হয় এমন। { *স.* আ+√চম্+অন(ল্যুট)}

আচম্বিত [আচম্‌বিতো] *বিণ* আশ্চর্যান্বিত; বিস্মিত (আচম্বিত হইয়া পরে কয় পতির স্থানে—*মৈগী*)। ◻ *ক্রিবিণ* সহসা; হঠাৎ; অকস্মাৎ; আচমকা (ওখর থেকে প্রদীপ জ্বেলে আনবে আচম্বিতে—*রঠা*)। **আচম্বিতে** *ক্রিবিণ* সহসা; অকস্মাৎ; আচমকা (যথা—অম্বুরাশি যবে ভাঙে আচম্বিতে জাঙাল—*মদ*)। { *স.* আশ্চর্যান্বিত>}

আচর (*মবা.*) [আচোর্] *বি* অঞ্চল; আঁচল (আচরে কাঞ্চন ঝলকে মুখে—*জ্ঞাদা*)। { *স.* অঞ্চল>}

আচরণ [আচরোন্] *বি* ১ চালচলন; ব্যবহার (সদাচরণ, মহদাচরণ, কোন আচরণই স্থানিক, কালিক ও ব্যক্তিক প্রভাব নিরপেক্ষ নয়—*আশ*)। ২ অনুষ্ঠান পালন (ধর্মাচরণ)। **আচরণীয়** *বিণ* ১ আচরণের বা ব্যবহারের যোগ্য (জলাচরণীয়)। ২ বিধেয়; অনুষ্ঠেয় (আচরণীয় ধর্ম)। **আচরিত**¹ *বিণ* ১ আচরণ করা হয়েছে এমন; ব্যবহৃত। ২ অনুষ্ঠিত; কৃত। ৩ প্রচলিত (চিরাচরিত)। { *স.* আ+ √চর্+অন(ল্যুট)}

আচরিত² [আচোরিতো] *বিণ* অদ্ভুত; সৃষ্টিছাড়া (আজি কন্যা শুন এক আচরিত কথা—*মৈগী*)। { *স.* অচলিত> আচরিত (ল=র); আশ্চর্য>}

আচরিত³ ⇒ আচরণ

আচানক [আচানক্] *বিণ* অপরিচিত; আজগুবি (আচানক পুরুষ এক সঙ্গে তার নারী—*মৈগী*)। ◻ *ক্রিবিণ* অকস্মাৎ; হঠাৎ (আচানক সাধুর ডিঙ্গা কোথা হতে আইল—*পূগী*)। { *স.* আশ্চর্যজনক>; *হি.* অচানক্}

আচাভুয়া, আচাভুয়ো [আচাভুয়া, -ভুয়ো] *বিণ* ১ অত্যদ্ভুত; কিম্ভুতকিমাকার। ২ আশ্চর্যান্বিত; অবাক (তা দেখিয়া রাজকৈন্যা হইল আচাভুয়া—*শেফ*)। ৩ নির্বোধ; অজ্ঞ (মন্ত্রী আচাভুয়া হেন—*রঙ্গসে*)। ~ **বোম্বাচাক** *বি* অদ্ভুত বিষয়; অসম্ভব ব্যাপার (পূর্বে চুঁচড়োর মত বারোয়ারী পূজা আর কোথাও হতো না, 'আচাভুয়ার বোম্বাচাক' প্রভৃতি সং প্রস্তুত হতো—*প্যামি*)। { *স.* অত্যদ্ভুত> অচ্চবভুঅ>আচাভুয়া অথবা; *স.* অসম্ভব>}

আচার¹ [আচার্] তৈল মসলা যোগে আম-লেবু-কুল-জলপাই প্রভৃতি ফলে প্রস্তুত মুখরোচক চাটনি। { *পো.* achar *তুল. ফা.* আচার اچار }

আচার² [আচার্] *বি* ১ ব্যবহার; চালচলন (সদাচার)। ২ প্রথা; নিয়ম; পদ্ধতি; রীতি (দেশাচার)। ৩ নিষ্ঠা; সদাচার (আচারবান)। ৪ সংস্কার (ধর্মাচার)। ~**নিষ্ঠ** *বিণ* সদাচারপরায়ণ (শ্বশুরগণ আচারনিষ্ঠ পরম হিন্দু—*রঠা*)। ~**বর্জিত**, ~**হীন** *বিণ* ১ অশিষ্ট; সদাচারবিরহিত। ২ ধর্মীয় বা সামাজিক প্রথা অমান্য করে এরূপ। ~**বান** *বিণ* নিষ্ঠাবান; ধর্মানুরক্ত (হিন্দুশাস্ত্রবিহিত আচারবান নহে—*বচ*)। ~-**বিচার** *বি* ১ নিয়ম-শৃঙ্খলা (আচার-বিচার নাই)। ২ শাস্ত্রসম্মত বাছবিচার। ~-**ব্যবহার** *বি* চালচলন; অন্যের সঙ্গে আচরণ। ~**ভ্রষ্ট** *বিণ* ১ শাস্ত্রসম্মত বিধি লঙ্ঘনকারী; আচারবিচ্যুত। ২ দুশ্চরিত্র। **আচারী, আচারি** *বিণ* আচারপূত; নিষ্ঠাবান; শিষ্টাচারী (আচারি তোমার বাপ ধর্মে কর্মে মতি—*মৈগী*)। { *স.* আ+√চর্+অ (ঘঞ্)}

আচার্য [আচার্‌জো] *বি* ১ যিনি কোনো শাস্ত্রে জ্ঞান অর্জন করে তদনুরূপ আচরণ করেন তাঁকে 'আচার্য' বলে এই আচরণের মধ্যে শিক্ষাদানই প্রধান (বিজ্ঞানাচার্য)। ২ হিন্দুধর্মের শিক্ষাগুরু (আচার্যের আসন)। ৩ যিনি শিষ্যকে বেদ পড়ান। ৪ গণক ব্রাহ্মণ। **আচার্যা** *স্ত্রী.*। **আচার্যানী** *বি স্ত্রী.* আচার্যের পত্নী। { *স.* আ+√চর্+য}

আচালা [আচালা] *বিণ* ১ চালুনি দিয়ে চালা হয়নি এমন। ২ অপরিষ্কৃত { আ (নঞর্থক)-চাল = আচালা; *নতৎ; বহু.*}

আচোট [আচোট্] *বিণ* ১ পতিত; অনাবাদি। ২ অক্ষত; অনাহত (পাখসাট আচোট বন লোটায়—*সদ*)। { আ+চোট}

আচ্ছন্ন [আচ্‌ছন্‌নো] *বিণ* ১ আবৃত; আচ্ছাদিত; ঢাকা (মেঘাচ্ছন্ন)। ২ পরিব্যাপ্ত। ৩ অভিভূত; অচৈতন্য (আপনি মিথ্যা আভিজাত্যের মোহে আচ্ছন্ন হয়ে আছেন—*বর*)। { *স.* আ+√ছদ্+ত (ক্ত)}

আচ্ছা [আচ্‌ছা] *অব্য* ১ হাঁ; সম্মতি বা স্বীকারসূচক। ২ বেশ; খাসা; চমৎকার (আচ্ছা সেজেছে)। ৩ ধরা যাক (আচ্ছা, যদি নাই হয়)। ৪ খুব; ভালো (আচ্ছা করে পিটুনি দিল)। ৫ (*ব্য.*) বিলক্ষণ (আচ্ছা বেকুফ পাখী যাহোক—*অঠা*)। { *হি.* আচ্ছা }

আচ্ছাদ ⇒ আচ্ছাদক

আচ্ছাদক [আচ্‌ছাদক্] *বিণ* আচ্ছাদনকারী; আবরক। **আচ্ছাদন, আচ্ছাদ** *বি* ১ আবরণ; ঢাকনি। ২ চাঁদোয়া; ছাউনি। ৩ পরিধেয় বস্ত্রাদি (গ্রাসাচ্ছাদন)। **আচ্ছাদনীয়, আচ্ছাদ্য** *বিণ* আচ্ছাদনের যোগ্য; আবৃত করণোপযোগী। **আচ্ছাদিত** *বিণ* ১ আচ্ছাদন করা হয়েছে এমন; আবৃত; ঢাকা। ২ ছাদবিশিষ্ট; ছাওয়া। { *স.* আ+ √ছদ্+ণিচ্+ অক(ণ্বুল্)}

আচ্ছিন্ন [আচ্‌ছিন্‌নো] *বিণ* বিচ্ছিন্ন করে নেওয়া হয়েছে এমন; ছিঁড়ে নেওয়া; খণ্ডিত। { *স.* আ+ছিদ্+ত (ক্ত)}

আছ, আছি, আছে, আছেন, আছিল [আছ, -ছি, -ছে, -ছেন, -ছিলো] *ক্রি* ১ হওয়া; থাকা। ২ বিদ্যমান বা উপস্থিত থাকা (আমি এখানে আছি)। ৩ জীবিত থাকা; বেঁচে থাকা (তিনি এখনও আছেন)। ৪ অবস্থান করা; বাস করা (সে এখন দেশে আছে)। ৫ সহায় হওয়া (আমার আল্লাহ্ আছে)। { *স.* √অস্}

আছ্‌প, আস্‌প [আছ্‌প] *বি* অশ্ব; ঘোড়া। { *ফা.* আসপ اسپ }

আছওয়ার ⇒ আসোয়ার

আছড়া [আছ্‌ড়া] *বি* ছিটা; ছড়া; সেচ (পানির আছড়া)। ~-**আছড়ি** *বি* ১ পরপর আছাড় খেয়ে পড়া। ২ ছড়াহুড়ি; গড়াগড়ি; অঙ্গবিক্ষেপ। { *স.* ছটা>ছড়া>}

আছড়ানো [আছ্‌ড়ানো] *ক্রি* আছাড় দেওয়া; সজোরে মাটিতে বা নিম্নে নিক্ষেপ করা। ◻ *বি* আছাড় দেওয়া; নিক্ষেপকরণ। ◻ *বিণ* আছাড় দেওয়া হয়েছে এমন। { *স.* আ+√ক্ষিপ্>√আছড়া+আনো}

আছমান ⇒ আসমান

আছর ⇒ আসর² ও আসর³

আছাঁকা [আছাঁকা] *বিণ* ছাঁকা হয়নি বা ছাঁকা নয় এমন

(আছাঁকা দুধ)। { আ (নঞর্থক)। ছাঁক্+আ; নতৎ বহু }
আছাঁটা [আছাঁটা] *বিণ* ছাঁটা হয়নি বা ছাঁটা নয় এমন (আছাঁটা চাল)। ২ অকর্তিত; কাটা হয়নি এমন (আছাঁটা চুল)। { *বা.* আ (নঞর্থক)+√ছাঁট +আ; নতৎ *বহু* }
আছাড় [আছাড়] *বি* ঊর্ধ্বে উঠিয়ে সজোরে ভূতলে নিক্ষেপ; বেগে নিম্নে বা মাটিতে নিক্ষেপ বা পতন (পায়ে ধরি পাক দিয়া মারিল আছাড়—*ঘচ*)। ~ **খাওয়া** *ক্রি* পা পিছলে মাটিতে বা নিম্নে পড়ে যাওয়া। ~ **দেওয়া**, ~ **মারা** *ক্রি* আছড়ানো; নিক্ষেপ করা। **আছাড়ি-পিছাড়ি** *বি* ওলট পালট; এপাশ-ওপাশ (সাত দিন সাত রাত্রি ধরিয়া ময়ূরপঙ্খীগুলি সমুদ্রের মধ্যে আছাড়ি-পিছাড়ি করিল—*দমি*)। { *আ.* আশর عشر }
আছাড়ি [আছাড়ি] *বি* দা কুড়াল কোদাল ইত্যাদির হাতল। { আছাড়+ই }
আছাড়ি-পিছাড়ি ⟹ আছাড়
আছান ⟹ আসান
আছানা [আছানা] *বিণ* ছানা হয়নি বা চটকানো হয়নি এমন (আছানা আটা)। { আ+ছানা }
আছালতন ⟹ আসালতন
আছি, আছিল ⟹ আছ
আছিদর [আছিদর] *বি* ১ নিশ্ছিদ্র। ২ নির্দোষ; দোষশূন্য। ৩ *(আল.)* দোষদুষ্ট; সদোষ। ৪ *(আল.)* ধূর্ত। আছিদরী *স্ত্রী.* (অতি আছিদরী রাধা—*বচদা*)। { *স.* অচ্ছিদ্র> }
আছুদা, আসুদা [আছুদা] *বিণ* তৃপ্ত; পরিতৃপ্ত; সন্তুষ্ট (আছুদা হইয়া সবে খাও নিয়ামত—*সেহা*)। **আছুদাগি** *বি* পরিতৃপ্তি; তৃপ্তি; সন্তুষ্টি। { *ফা.* আসুদাহ آسوده }
আছে, আছেন ⟹ আছ
আছোঁয়া [আছোঁয়া] *বিণ* ১ স্পর্শ করা হয়নি এমন। ২ অকলুষিত; অকলঙ্ক (শুধু ধপধপ করছে আছোঁয়া শাদা বরফ—*অঠা*)। { আ+ছোঁয়া; *নতৎ; বহু* }
আছোলা [আছোলা] *বি* ১ খোসা ছাল বা ছিলকা ছাড়ানো হয়নি এমন (আছোলা আম)। ২ আচাঁছা; অমসৃণ (আছোলা তক্তা)। { *আ.* (নঞর্থক)+ ছুল্+আ = আছোলা }
আজ, আজি *(পদ্য.)* [আজ্, আজি] *বি* অদ্য; today (আজ ভালো দিন)। ☐ *অব্য ক্রিবিণ* অধুনা; বর্তমানে (আজ তার দিন ফিরেছে)। ☐ *ক্রিবিণ* এইবার; এক্ষণ (আজ তোমার দৌড় দেখিব)। ~**কার**, ~**কের** *বিণ* বর্তমান দিনের; এই সময়ের। ~**কাল**, ~**কালি** *অব্য, ক্রিবিণ* বর্তমান কালে; অধুনা। ~-**কাল করা** *ক্রি* গড়িমসি করা; টালবাহানা করা। ~**কে** *অব্য, ক্রিবিণ* ১ অদ্য; আজ (আজিকে এই সকাল বেলাতে বসে আছি—*রঠা*)। ২ এইবার; এতদিনে (আজিকে হয়েছে শান্তি—*রঠা*)। ~-**নয়-কাল** *বি* দীর্ঘসূত্রতা; গড়িমসি। ~ **বাদে কাল** *ক্রিবিণ* শীঘ্র; অদূর ভবিষ্যতে। ~**কের** ⟹ ~**কার**। { *স.* অদ্য>অজ্জ>আজ+ই }
আজকার[1], **আযকার** [আজকার] *বি* আল্লাহর নামস্মরণ (তিনি বেশির ভাগ সময় জেকের আজকারেই কাটান)। { *আ.* আযকার *বহুব* اذکار *একব.* যিকর ذکر }
আজকার[2], **আজকাল, আজকে, আজকের** ⟹ আজ
আজখোদ, আযখোদ [আজখোদ্] *অব্য* ১ নিজে; স্বয়ং। ২ নিজ থেকে বিনা পরোয়ানায় (আজখোদ হাজির)। { *ফা.* আজখোদ از خود }
আজগুবি, আজগবি [আজ্‌গুবি, আজ্‌গবি] *বিণ* ১ অদ্ভুত; অপূর্ব (কাল রাতে এক স্বপন দেখেছি তাজ্জব আজগবি—*মেম*)। ২ অবিশ্বাস্য। ৩ বানানো; ভিত্তিহীন (ধর্ম সম্পর্কে অন্ধ আবেগ ও অনুভূতি অনেক সময়ে আজগুবী বিকৃত ও মৌলিক ধর্মাদর্শ বিরোধী রূপ পরিগ্রহ করেছে—*আচৌ*)। ৪ অদৃশ্য; আকাশ থেকে প্রাপ্ত; আকাশ ফোঁড়া। ~ **কথা** *বি* অদ্ভুত কথা; ভিত্তিহীন অবিশ্বাস্য রটনা। { *ফা.* আয;+ *আ.* গায়বী غیبی }
আজড়ানো [আজড়ানো] *ক্রি* ১ খালি করা; এক পাত্র থেকে অন্য পাত্রে ঢেলে পাত্রমুক্ত করা। ২ ব্যক্ত করা; প্রকাশ করা (পল্লী কাহিনী না আজড়াইয়া মনের ফাঁপর দূর করিতে পারিল না—*কাআও*)। ৩ খুলে ফেলা (কাপড় আজড়ানো)। { *তুল. হি.* উজাড়না }
আজদা ⟹ আজদাহা
আজদাহা, আযদাহা, আজদা (বিরল) [আজদাহা, –, আজদা] *বি* অজগর; বড়ো সাপবিশেষ (রোষে ফুলে ওঠে কালা পানি যেন সুবিশাল আজদাহা—*ফজা*)। ☐ *বিণ* বিরাট; ভীষণ (আজিম আজদাহা সাপ পৌঁছিল আসিয়া—*সেহা*)। { *ফা.* আজদাহা اژدها }
আজনবি [আজ্‌নোবি] *বিণ* ১ বিদেশি। ২ অপরিচিত। { *আ.* আজনবী اجنبی }
আজনম ⟹ আজন্ম
আজনাই ⟹ আঁজনাই { *স.* অঞ্জনিকা }
আজন্ম, আজনম *(পদ্য.)* [আজন্‌মো] *বিণ* যাবজ্জীবন; চিরকালীন (আজন্ম প্রতীক্ষা)। ☐ *ক্রিবিণ* জন্মাবধি (আজন্ম এই কাজ করিতেছি)। ☐ *বি* যাবজ্জীবন; চিরকাল (আজনম—বুঝি আমরণ—*সদ*)। ~**কাল** *বি* চিরকাল; যাবজ্জীবন (আপন আজন্মকালের স্নেহমণ্ডিত পিতৃগৃহ—*রঠা*)। { *স.* আ (অবধি) + জন্মন্ }
আজব, আজায়েব [আজোব্, আজায়েব্] *বিণ* ১ অদ্ভুত; আশ্চর্য; অসাধারণ (গজব করিলে তুমি আজব কথায়—*ভারা*)। ২ অলৌকিক। { আজব্ *একব আ.* عجب আজাইব *বহুব* عجائب }
আজব-ঘর, আজবখানা, আজায়েবখানা [আজব্ ঘর্, –খানা, আজায়েব্-] *বি* যাদুঘর; প্রত্নশালা; museum।
আজবক ⟹ উজবুক
আজবতর [আজব্‌তর্] *বিণ* বিস্ময়কর (বিধাতার এক আজবতর সৃষ্টি—*মোহ*)। { *আ.* 'আজব' عجب + *ফা.* তর تر }
আজবোজ [আজ্‌বোজ্] *বিণ* বোকা; অবোধ (টাকা পেয়ে মুঠাভরা, হীরা পরধনহরা বুঝিল এ মেনে আজবোজ—*ভারা*)। { আজ (আড়)+বোজ (বুঝ) }
আজম[1] [আজোম্] *বি* আরব ব্যতীত অন্যান্য দেশ বা তার অধিবাসী (আরব ও আজম)। { *আ.* আজম عجم }
আজম[2], **আযম** [আজোম্] *বিণ* সবচেয়ে বড়ো; সবচেয়ে মহান। { *আ.* আজম عظم }

আজমীঢ় [আজ্‌মিঢ়] *বি* ভারতের রাজস্থান প্রদেশের অন্তর্গত একটি জেলা ও শহরের নাম—এখানে খাজা মঈনুদ্দীন চিশ্‌তির দরগাহ আছে। {অজমীঢ় (জনৈক রাজা)+স. অ (অণ্‌)}

আজরাইল, আযরাইল [আজ্‌রাইল] *বি* প্রাণহরণকারী ফেরেশ্‌তা; মালেকুলমউত; যমদূত। {আ. 'আযরা'ইল عزرائيل}

আজা [আজা] *বি* (হিন্দু সমাজে ব্যবহৃত) মাতামহ। **আজি** *স্ত্রী.* মাতামহী। {স. আর্যক>}

আজাজিল, আযাযীল [আজাজিল] *বি* শয়তান; ইবলিস। {আ. 'আজ্জাজীল عزازيل}

আজাড় [আজাড়্‌] *বিণ* ১ শূন্য; খালি; উজাড়। ২ উন্মুক্ত। ☐*বি* অবসর; ফুরসত ☐*ক্রি* আজাড়া; আজড়ানো। {অজ্ঞ.}

আজাড়ে ⇒ আজুড়ে

আজাদ, আযাদ [আজাদ্‌] *বিণ* ১ স্বাধীন। ২ মুক্ত; নিষ্কৃতিপ্রাপ্ত (পেরেশানি হৈতে দেল হইল আজাদ—*সৈহা*)। ~**দিল** *বি* মুক্ত হৃদয়; স্বাধীন চিত্ত। {ফা. আজ্জাদ آزاد}

আজাদি, আযাদি [আজাদি] *বি* মুক্তি; স্বাধীনতা। {ফা. আজ্জাদী آزادی}

আজান, আযান [আজান্‌] *বি* নামাজ পড়তে আসার জন্য আহ্বান (আজানের প্রতিশব্দ পীযূষ বর্ষণ করিত সেখানে—*কায়*)। ~ **দেওয়া** *ক্রি* আজানের বাণী উচ্চৈঃস্বরে ঘোষণা করা। {আ. আযান اذان}

আজানু [আজানু] *ক্রিবিণ* জানু পর্যন্ত; হাঁটু অবধি। ~**চুম্বিত** *বিণ* জানুকে চুম্বন করেছে এমন; জানুস্পর্শী (আজানুচুম্বিত মুক্তকৃষ্ণ কেশপাশে—*রঠা*)। ~**লম্বিত** *বিণ* জানু বা হাঁটু পর্যন্ত দীর্ঘ (আজানুলম্বিত জামা)। ~**লম্বিতবাহু** *বিণ* হাঁটু পর্যন্ত প্রসারিত বাহুবিশিষ্ট; দীর্ঘবাহু (আজানুলম্বিতবাহু দুর্বাদল শ্যাম—*কৃও*)। {স. আ (অবধি)+জানু; *অব্যয়ী.*}

আজাব, আযাব [আজাব্‌] *বি* শাস্তি; সাজা (দোজখের আজাব হতে রেহাই কি চাও? *জউ*)। {আ. আযাব عذاب}

আজায়েব, আজায়েবখানা ⇒ আজব

আজার, আযার [আজার্‌] *বি* দুঃখ; কষ্ট; অসুবিধা (ইউছফ পুছিল তুঝে কি আছে আজার—*ফগা*)। {ফা. আজ্জার آزار}

আজারি, আযারী [আজারি] *বিণ* ব্যথিত; রুগ্ণ। {ফা. আজ্জারী آزاری}

আজিজ, আযীয [আজিজ্‌] *বিণ* ১ শক্তিশালী। ২ প্রিয়। ৩ সম্মানিত। {আ. আজ্জীজ عزيز}

আজিজ মেসের/মিসির [আজিজ্‌ মেসের্‌/মিসির্‌] *বি* মিসরের মন্ত্রী বা শাসনকর্তা। {আ. আজ্জিজে মিসির عزيز مصر}

আজিজি, আযিযি [আজিজি] *বি* অনুনয়-বিনয়; বিনম্র প্রার্থনা (আজিজি করিনু তব না রাখিলা বাত—*সৈহা*)। {আ. আজিজ্জ عاجز + ই}

আজিম, আযীম [আজিম্‌] *বিণ* ১ বিরাট; অত্যন্ত বড়ো (আজিম দরখত্তে এক দেখিবারে পায়—*সৈহা*)। ২ শ্রেষ্ঠ {আ. 'আজীম عظيم}

আজীব [আজিব্‌] *বি* জীবিকা; ব্যবসায় (ব্যবহারাজীব = উকিল)। {স. আ+√জীব্‌+অ(ঘঞ্‌)}

আজীবন [আজিবোন্‌] *ক্রিবিণ* সমগ্র জীবন ব্যেপে (আজীবন চলা)। ☐*বিণ* জীবনব্যাপী; যাবজ্জীবন (আজীবনকাল পাষাণ কঠিন সরণে—*রঠা*)। {স. আ (অবধি) + জীবন; *অব্যয়ী.*}

আজীব্য [আজিব্‌বো] *বি* ১ উপজীব্য; জীবিকার আশ্রয়। ২ সহায়। {স. আ+জীব্য}

আজীমা ⇒ আই

আজু (*মব্য.*) [আজু] *অব্য.ক্রিবিণ* আজ; অদ্য (আজু হন্তে গুরু তুমি কহ উপদেশ—*দৌবা*)। {স. আজুঃ}

আজুড়ে, আজাড়ে [আজুড়ে] *বিণ* অত্যধিক; বেহুদা (তোমার যত আজুরে ভয়—*রাখা*)। {ফা. আজার آزار + বা. ইয়া}

আজুরা, অজুরা (বিরল) [আজুরা, অ–] *বি* মজুরি; পারিশ্রমিক; বেতন (আজুরা না লই যদি এই কর্ম করে—*সৈআ*)। {আ. আজ্জর اجر}

আজেজ, আজিয [আজেজ্‌, –জিজ্‌] *বিণ* ১ কিংকর্তব্যবিমূঢ়, হতবুদ্ধি (আজেজ হইল মর্দ হয়বতে পড়িয়া—*সৈহা*)। ২ সহায়হীন; অসমর্থ; অক্ষম। {আ. আজিজ্জ عاجز}

আজেবাজে [আজেবাজে] *বিণ* অকেজো; বাজে; তুচ্ছ (গা এলিয়ে বসে আজেবাজে গল্পগুজব—*মব*; যত চিন্তা আজে আর বাজে—*রখা*)। {আ. বাদ্‌ بعض > ফা. বাজে; *অনু.* আজে; *দ্বন্দ্ব.*}

আজ্জানো, আরযানো [আজ্‌জানো, আরজানো] *ক্রি* চাষাবাদ করা; বপন বা রোপণ করা। ☐*বি* চাষাবাদ; বপন; রোপণ। ☐*বিণ* বপনকৃত; রোপিত (নিজের আজ্জানো ধান)। {আ. আরদ্‌ ارض (=ভূমি)+আনো (=ভূমিতে চারা রোপণ)}

আজ্ঞপ্ত [আগ্‌গঁপ্‌তো] *বিণ* আদিষ্ট (ইহাও আজ্ঞপ্ত হইল যে, কোনও ব্যক্তি উপঢৌকন লইতে পারিবেন না—*ঈবি*)। **আজ্ঞপ্তি** *বি*। {স. আ + √জ্ঞা+ণিচ্‌+ত (ক্ত) = আজ্ঞাপিত>আজ্ঞপ্ত}

আজ্ঞা[১], আজ্ঞে, এজ্ঞে [আগ্‌গাঁ, –গেঁ, এগ্‌গেঁ] *অব্য* মাননীয় ব্যক্তির কথায় সাড়াজ্ঞাপক বা সম্মতিসূচক শব্দ। {স. আ+√জ্ঞা+অ}

আজ্ঞা[২] [আগ্‌গাঁ] *বি* আদেশ; হুকুম; নির্দেশ। ☐*অব্য* সম্মতি বা সাড়াজ্ঞাপক ধ্বনি। ~**কারী** (রিন্‌) *বিণ* ১ হুকুমদাতা; আদেশদানকারী। ২ হুকুমপালক; আদেশ মান্যকারী (আজ্ঞাকারী দাস)। ~**কারিণী** *স্ত্রী.*। ~**ধীন**, ~**বহ** *বিণ* আদেশপালনকারী; বাধ্য। ~**নুবর্তী** *বিণ* আদেশপালক; অনুগত। ☐*বি* আদেশপালক অনুচর; অনুগামী (কতলু খাঁর আজ্ঞানুবর্তিগণ এই লিপি... প্রতিপালন করিবে—*বচ*)। ~**নুবর্তিতা** *বি*। ~**পক** *বিণ* আদেশক; আজ্ঞাদানকারী। ☐*বি* নিয়োগকর্তা। ~**পত্র**, ~**লিপি** *বি* হুকুমনামা; আদেশপত্র। ~**পন** *বি* আদেশদান। ~**পিত** *বিণ* আদিষ্ট; আদেশ দেওয়া হয়েছে এমন। ~**ভঙ্গ** *বি* আদেশ অমান্যকরণ; হুকুমের অবমাননা। {স. আ+

জ্ঞা+অ+আ(টোপ্)}

আজ্ঞে ⇒ অজ্ঞো

আজ্ঞেয়িক [আগ্‌গেঁইক] *বি* অজ্ঞেয়বাদী; খোদার স্বরূপ জ্ঞানগ্রাহ্য নয় এই মতের অনুসারী, agnostic (এমন কি তাঁহাদের মধ্যে নাস্তিক বা আজ্ঞেয়িকও কেহ কেহ থাকিতে পারেন—*রঠা*)। { *স.* অজ্ঞেয়+ইক(ঠক)}

আঝাল, আঝালা[২] [আঝাল্‌, -ঝালা] *বিণ* ১ পরিমাণ মতো কিংবা যথেষ্ট ঝাল দেওয়া হয়নি এমন (আঝালা ব্যঞ্জন)। ২ ঝাল দিতে নেই এমন। **আঝালি** *বিণ* ১ ঝালহীন। ২ *(আল.)* নিস্তেজ; নির্জীব। { *আ.* (সামান্য)+ ঝাল}

আঝালা[১] [আঝালা] *বিণ* ঝালাই দেওয়া হয়নি বা পান দ্বারা জোড়া দেওয়া হয়নি এমন। {আ+ঝালা}।

আঝালা[২] **আঝালি** ⇒ আঝাল

আঝোড়া [আঝোড়া] *বিণ* ডাল-পালা ছেঁটে ফেলা হয়নি এমন (আঝোড়া খেজুর গাছ)। {আ+ঝোড়া (ঝুড়া)}

আঞ্চলিক [আন্‌চোলিক] *বিণ* স্থানীয়; বিশেষ এলাকা বা স্থান সংক্রান্ত (আঞ্চলিক ভাষার অভিধান)। { *স.* অঞ্চল+ইক}

আঞ্জ, আঞ্জন ⇒ অঞ্জন

আঞ্জনি, আঞ্জুনি [আনজোনি, -জুনি] *বি* ১ চোখের পাতার ব্রণ। ২ দেহে নীল অঞ্জনের ন্যায় রেখাবিশিষ্ট ক্ষুদ্রাকার প্রাণীবিশেষ; আঁজনাই। { *স.* অঞ্জনিকা>}

আঞ্জনেয় [আন্‌জোনেয়ো] *বি* অঞ্জনা বানরীর পুত্র; হনুমান (তাহলেও আঞ্জনেয়রা সরস্বতীর পুত্র নয়—*সুদ*)। { *স.* অঞ্জনা+ঢেয়>এয় (অপত্যার্থে)}

আঞ্জা [আন্‌জা] *বি* এক সন্তানের জন্ম থেকে পরবর্তী সন্তানের জন্ম পর্যন্ত মধ্যবর্তী সময় (সকল স্ত্রীলোকের আঞ্জা হয় না)। { *হি.* অনজনা}

আঞ্জাম, আনজাম [আন্‌জাম্] *বি* ১ আয়োজন; ব্যবস্থা; বন্দোবস্ত (চলে আঞ্জাম, দোলে তাঞ্জাম—*নই*; ভোজের লাগি কইর‍্যা নেও আনজাম—*রই*)। ২ সমাপ্তি; নির্বাহ; পালন (কার্যের আঞ্জাম করাইতে—*রাব*)। ৩ সামগ্রী; দ্রব্যসম্ভার; উপকরণ (তাঞ্জাম ভরা আঞ্জাম এ যে কিছুই রাখেনি বাকী—*নই*)। { *ফা.* আন্‌জাম্ انجام }

আঞ্জি ⇒ আঁজি

আঞ্জিনে, আঞ্জিনেয় [আন্‌জিনে, আন্‌জিনেয়ো] *বি* আঁজনাই; টিকটিকি জাতীয় প্রাণীবিশেষ। { *স.* অঞ্জন+এয় (ঢেয়)}

আঞ্জির, আঞ্জীর [আন্‌জির্] *বি* ডুমুর জাতীয় সুমিষ্ট ফলের গাছ ও এর ফল (শুনেছি সুদূর আঞ্জির শাখে মাতানো দোলার গান—*ফআ*)। { *ফা.* আঞ্জীর انجیر }

আঞ্জুনি, আঞ্জুনী ⇒ আঞ্জনি

আঞ্জুমন, আঞ্জুমান [আন্‌জুমন্‌, -মান্] *বি* সমিতি; সভা; মজলিস (এখানকার আঞ্জুমানের তরফ থেকে প্রেরিত হয়ে এসেছি—*সৈএ*)। { *ফা.* আঞ্জুমান انجمن }

আট[১] ⇒ আঁট

আট[২] [আট্] *বি* ৮ সংখ্যা। □ *বিণ* ৮ সংখ্যক। ~**কড়াই, ~কৌড়ে** *বি* হিন্দুসমাজে সন্তান জন্মের অষ্টম দিবসে আট প্রকার কলাই-ভাজা বিতরণ উৎসব (আটকড়াই বাতাসা ও এক এক চকচকে পয়সা—*অঠা*; ক্রমে মহা আনন্দে আটকৌড়ে সারা হলো—*প্যামি*)। ~**কৌড়ে, ~কাট, ~কাঠ** ⇒ ~**কড়াই**। ~**খানা** *বিণ* অস্থির; কুটিকুটি (অমনি মেয়েটা হেসেকুটে একেবারে আটখানা—*বচ*)। ~**খানা করা** *ক্রি* টুকরা টুকরা বা খণ্ড খণ্ড করা। ~**খানা হওয়া** *ক্রি (আল.)* অস্থির হওয়া বা ফেটে পড়া। ~**ঘাট, ~কাঠ, ~কাট** *বি* ১ অষ্টদিক; সকল দিক (আটঘাট বেঁধে কাজে নামো)। ২ সর্ব বিষয় (আট কাঠে দড়, ঘোড়ার উপর চড়)। ~**ঘাট বাঁধা** *ক্রি* ১ অষ্টঘাট বা চতুর্দিক বন্ধ করা। ২ *(আল.)* সকল বাধা বিঘ্নের সম্ভাবনা রোধের চেষ্টা করা। □ *বিণ* আট স্বরগ্রাম বাঁধা (আট বাট-বাঁধা বীণা আপনাকে ছাড়িয়ে চলেছে এই স্বপ্নে—*অঠা*)। ~**চল্লিশ** *বি* ১ ৪৮ সংখ্যা। ২ ৪৮ সংখ্যক। ~**চালা** *বিণ* ঘরের চারি চাল এবং চারিদিকে ঘেরা বারান্দার চারি চাল এরূপ আট চালবিশিষ্ট (আটচালা ঘর)। □ *বি* ১ আট চালবিশিষ্ট বড় ঘর (একখানি অন্ধকার আটচালার মধ্যে আসিয়া—*রঠা*)। ২ উৎসবাদির জন্য নির্মিত প্রাচীরহীন ঘর বা মণ্ডপ। ~**ত্রিশ** *বি* ৩৮ সংখ্যা। □ *বিণ* ৩৮ সংখ্যক। ~**পওর, ~পহর** ⇒ ~**পহর**। ~**পৌরে** *বিণ* অষ্টপ্রহর বা সর্বদা ব্যবহারের উপযুক্ত; পোশাকি নয় এমন (আটপৌরে কাপড়; প্রতি মুহূর্তের আটপৌরে এ জীবনে—*রখা*)। ~**পৌরে ভাষা** *বি* চলতি সাধারণ বা সর্বদা ব্যবহারের ভাষা। ~**প্রহর, ~পহর, ~পওর** *বি* ১ দিনের চারি প্রহর ও রাত্রির চারি প্রহর। ২ সমস্ত দিবা ও রাত্রি; সর্বদা; সর্বক্ষণ। ~**ষট্টি** *বি* ৬৮ সংখ্যা। □ *বিণ* ৬৮ সংখ্যক। { *স.* অষ্ট>*প্রা.* অট্ঠ>}

আটক, আটকা [আটোক্, আট্‌কা] *বি* বাধা; প্রতিবন্ধক (কোনদিন হাতছাড়া হইতে আটক নাই—*রঠা*)। □ *বিণ* বন্দী; কয়েদ; অবরুদ্ধ। ~ **পড়া** *ক্রি* অবরুদ্ধ হওয়া; বন্দী হওয়া; বাধাপ্রাপ্ত হওয়া (শৈবালেতে আটক প'ল তরী—*রঠা*)। ~**পাটক** *বি* বাধা-বন্ধন; লাগাম (অথচ দেখিতে পাই, মুখের আটক পাটক কিছুই নাই—*বচ*)। **আটকা-আটকি** *বিণ* কড়াকড়ি। □ *বি* দৃঢ় ব্যবস্থা। { *তুল. হি* অটক}

আটকপালে, আটকপালিয়া [আট্‌কপালে, -লিয়া] *বিণ* হতভাগ্য; পোড়া কপালে। **আটকপালী** *স্ত্রী.* (আঠকপালী—*বচদা*)। {আত্ত (নষ্ট)+কপাল+ইয়া>এ; *বহু.*}

আটকা, আটকা পড়া, আটকা-আটকি ⇒ আটক

আটকাট, আটকাঠ ⇒ আট[২]

আটকা-টাটকা [আট্‌কা-টাট্‌কা] *বিণ* টাটকা; তরতাজা (আটকা-টাটকা পূজার ফুল হাজি ভরা থাকে—*মৈগী*)। { *স.* তৎকাল>টট্‌কা >টাটকা, *অনু.* আটকা}

আটকানো [আট্‌কানো] *ক্রি* ১ আবদ্ধ করা; অবরুদ্ধ করা (ফাঁদে আটকানো)। ২ বাধা দেওয়া (জল আটকানো)। ৩ বাধাপ্রাপ্ত হওয়া (কথা আটকানো)। ৪ বেধে যাওয়া (পায়ে আটকানো)। ৫ সাঁটা; সংবদ্ধ করা (দেয়ালে আটকানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {আটকা+আনো}

আটকুড়িয়া ⇒ আঁটকুড়া

আটন [আটোন] *বি* ঘরের চালে ব্যবহৃত বাখারিবিশেষ (আটনের গায়ে সুপী বেতের হইয়াছে কারুকাজ—*জউ*)। { *স.* আকর্ষণ>আটন ?}

আটপিটা, আটপিটে ⇒ আটপিঠা

আটপিঠা, আটপিঠে, আটপিটা, আটপিটে [আটপিঠা, -ঠে, পিটা, -টে] *বিণ* ১ সর্বপ্রকার শ্রমে সুনিপুণ; সব কাজে দক্ষ। ২ অতিশয় চালাক। ৩ মজবুত; শক্ত সমর্থ (পুরুষের যে বাপু নানা জ্বালা। ... তার আটপিঠে না হলে চলে না—*নমি*)। ৪ কষ্টসহিষ্ণু। { *স.* অষ্ট>আট+ *স.* পৃষ্ঠ>পিঠ+আ/এ}

আটবিক [আটোবিক] *বিণ* অরণ্য সম্বন্ধীয়; বনজ; আরণ্য। ☐ *বি* বনবাসী; অরণ্যচর। { *স.* অটবি-ষ্ণিক>ইক}

আটা[1] [আটা] *বি* গমের গুঁড়া; গোধূমচূর্ণ। ~**পেষা করা** *ক্রি* (*আল.*) আষ্টেপৃষ্ঠে প্রহার করা; বেদম প্রহার করা। { *স.* অষ্ট>আট+আ আটা}

আটা[2] [আটা] *বি* আট ফোঁটার তাস। { আট+আ}

আটা ⇒ আঠা

আটাত্তর [আটাত্তোর] *বি* ৭৮ সংখ্যা। ☐ *বিণ* ৭৮ সংখ্যক। { *স.* অষ্টসপ্ততি>*প্রা.* অট্ঠহত্তরি>}

আটানব্বই [আটানব্‌বোই] *বি* ৯৮ সংখ্যা। ☐ *বিণ* ৯৮ সংখ্যক। { *স.* অষ্টনবতি}

আটান্ন [আটান্নো] *বি* ৫৮ সংখ্যা। ☐ *বিণ* ৫৮ সংখ্যক। { *স.* অষ্টপঞ্চাশৎ>*প্রা.* অট্ঠাবণ্ণ>}

আটাল ⇒ আঠা

আটালা [আটালা] *বি* ঝামেলা; আয়োজন; আড়ম্বর (মালিনীর মেয়ে দিনি সাথে সওদাগর-পুত্রের বিয়ে!! উচ্ছবের আটালায় আঁটে না—*দমি*)। { আক্ষ}

আটালি, আঁটুলি, আঠালু [আটালি, আঁটুলি, আঠালু] *বি* গরু, ছাগল প্রভৃতির দেহের লোমকীটবিশেষ; আঠার মতো লেগে থাকে যে কীট; এঁটুলি (উকুন আঠালু ঠোকরিয়ে খায় লেজের পালক নেড়ে—*বজামি*)। **আটালির মতো লাগা** *ক্রি* (*ব্য.*) নাছোড়বান্দা হয়ে লেগে থাকা। { *বা.* আঁট+আলি, উলি>}

আটালো ⇒ আঠা

আটাশ [আটাশ] *বি* ২৮ সংখ্যা। ☐ *বিণ* ২৮ সংখ্যক। { *স.* অষ্টাবিংশতি>*প্রা.* অট্ঠাইস>}

আটাশি [আটাশি] *বি* ৮৮ সংখ্যা। ☐ *বিণ* ৮৮ সংখ্যক। { *স.* অষ্টাশীতি>*প্রা.* অট্ঠাসি>}

আটাশে[1] [আটাশে] *বিণ* ১ আট মাসে ভূমিষ্ঠ হয় এমন। ☐ *বিণ* দুর্বল (আটাশে ছেলে)। { আটমাসিয়>}

আটাশে[2] [আটাশে] *বিণ* মাসের ২৮ তারিখ সম্পর্কিত (আটাশে বৈশাখ)। { আটাশ+এ}

আটাশে[3] [আটাশে] *বি* সহদূত। { *ফা.* attaché}

আটি[1] ⇒ আঁটি[1]

আটি[2] ⇒ আঁটি[2]

আটুলি ⇒ আটালি

আটেপিটে ⇒ আটেপিঠে

আটেপিঠে, আটেপিটে [আটেপিঠে, -পিটে] *অব্য* সর্ব প্রকারে; সব রকমে (আটেপিঠে দড়)। { আষ্টেপৃষ্ঠে>}

আটোপ (*মব্য.*) [আটোপ] *বি* ১ দর্প; গর্ব; দেমাক; অহঙ্কার (সহিতে না পারে ইন্দ্র যাহার আটোপ—*সৈআ*)। ২ প্রভাব; ক্রিয়া (তৃণভূমি বশ রহে মন্ত্রের আটোপ—*কাদৌ*)। ~**টঙ্কার** *বি* অহঙ্কারোক্তি; আস্ফালন (শুনয়ে মুরারি গুপ্ত আটোপ টঙ্কার—*বৃদা*)। { *স.* আ+ √তুপ্+অ (ঘঞ্)}

আঠকপালী ⇒ আটকপালে

আঠা, আটা[3] [আঠা, আটা] *বি* ১ কাই; লেই; গাঁদ। ২ ক্বাথ। ৩ গাছের চটচটে রস বা নির্যাস। ৪ আগ্রহ; মনোযোগ (কাজে আঠা থাকা)। **আটাকাঠি** *বি* পাখি ধরার জন্য আঠাযুক্ত কাঠি বা দণ্ডবিশেষ (আটাকাঠিটা পেলে ঠিক হত কিন্তু রিদয়ের বাবা সেটা চালের মটকায় তুলে রেখেছেন—*অঠা*)। ~**লো, আঠুলে** (বিরল)। **আটালো, আঁটালো** *বিণ* আঠাযুক্ত, চটচটে; এঁটেল (আঠুলে মাটি—*অচিসে*)। { *স.* গ্রন্থি>*বা.* গাঁঠ (হি. আঁটি)>আঁট+*বা.* আ>}

আঠার ⇒ আঠারো

আঠারো, আঠার [আঠারো] *বি* ১৮ সংখ্যা। ☐ *বিণ* ১৮ সংখ্যক। ~**ই** *বি* মাসের আঠারো তারিখ; মাসের অষ্টাদশ দিবস। ~ **ঘা** *বিণ* নানা প্রকার বা নানা জাতীয় ঘা অথবা ব্যাধিতে আক্রান্ত (বাঘে ছুঁলে আঠারো ঘা)। ☐ *বি* (*আল.*) নানা ফ্যাসাদ; নানা ঝঞ্ঝাট। ~**মাসে বৎসর** *বি* (*আল.*) দীর্ঘসূত্রতা; বিনা হিসাবে সময় যাপন। { *স.* অষ্টাদশ>*প্রা.* অট্ঠারহ>}

আঠি ⇒ আঁটি

আঠুলে ⇒ আঠা

আড্ডা [আড্‌ডা] *বি* ১ আবাস; মিলনকেন্দ্র (চোরের আড্ডা)। ২ বাসস্থান; ঠিকানা (আড্ডা গাড়া)। ৩ মজলিস; বৈঠক (তাসের আড্ডা)। ৪ ভাড়ার গাড়ি দাঁড়ানোর জায়গা (রিকশার আড্ডা)। ৫ সরাই; চটি। ~ **গাড়া** *ক্রি* বাসস্থান তৈয়ার করা বা বাসা বাঁধা (ইঁদেরা এসে আড্ডা গেড়ে বসল—*অঠা*)। ~ **জমানো** *ক্রি* খোশগল্প করা ~ **দেওয়া, ~ মারা** *ক্রি* ১ আড্ডায় যোগ দেওয়া। ২ দলবদ্ধ হয়ে আমোদ-স্ফূর্তি করা। ~**ধারী** *বি* আড্ডা বা দলের প্রধান ব্যক্তি। ☐ *বিণ* যে আড্ডায় বহু সময় কাটায়। ~**বাজ** *বিণ* যে আড্ডা বা খোশগল্পে অধিক সময় কাটায়। { *স.* অট্ট>; *হি.* অড্ডা>*বা.* অড্ড (দেবিড়?)}

আড়[1] [আড়] *বি* আড়াল; অন্তরাল (ঐ গাছে আড়ে চলতি রাস্তার বামপার্শ্বে—*মীম*; লুকায় মেঘের আড়ে পলাতক শীর্ণ ম্লান শশী—*মেমে*)। { *স.* অন্তরাল}

আড়[2] [আড়] *বিণ* ১ তির্যক; বাঁকা (তেরচা)। ২ অর্ধেক; আধ (আড় পাগলা)। ~**কালা** *বিণ* এককানে শোনে না এমন; আধকালা। ~**কোলা** *বি* পিঠ ও জানুদ্বয়ের নিচে ধরে কোলে করার অবস্থা (তাহাকে বলপূর্বক আড়কোলা করিয়া তুলিয়া লইয়া গেল—*রঠা*)। ~**চোখ, ~নয়ন** *বি* বাঁকা দৃষ্টি; চোরা কটাক্ষ। ~**পাগলা** *বিণ* আধপাগলা; ক্ষেপাটে। ~**বাঁশি** *বি* আড়ভাবে ধরে নিচের ঠোঁটে লাগিয়ে ফুঁ দিয়ে বাজানো হয় যে বাঁশি; মুরলী। ~**বুঝ, ~বুঝা, ~বুঝো** *বিণ* ১ বিপরীত বুদ্ধি বাঁকা বুদ্ধি; উল্টা বোঝে এমন। ২ গোঁয়ার; একগুঁয়ে। ~**ভাঙ্গা** *ক্রি* সোজা

করা। □ *বি* জড়তা বা আলস্য ভাঙা। ~**মোড়া ভাঙা** *ক্রি* জড়তা দূর করা; আলস্য ভাঙা (হাই তুলে আড়মোড়া ভাঙবে—*রবি*)। {*স.* অর্ধ>*প্রা.* অড্‌ঢ>আঢ়>আড়}

আড়[৩] [আড়্] *বি* ১ প্রস্থ ও চওড়া (আড়ে তিন মাইল)। ২ জড়তা; আড়ষ্টতা (জিহ্বার আড়)। ৩ পার্শ্ব; পাশ। ৪ কাপড় রাখার দণ্ড; দাঁড়। ~**কাঠ, ~কাঠা** *বি* কড়ি-কাঠ; ছাদ বা চালের নিচের প্রস্থের কাঠ। ~**খেয়া** *বি* সরাসরি পারাপারের ছোট খেয়াবিশেষ (আড়খেয়া পাটুনীরা সিকি পয়সায় ও আধপয়সায় পার কত্তে লাগলো—*কালি*)। ~**পার** *বি* অপর তীর; পরপার (পেনেটির আড়পার কোন্নগর—*রবি*)। **আড়ে** *ক্রিবিণ* প্রস্থের দিকে। {*হি* ওয়ার>}

আড়[৪] ⇒ আহিড়

আড়ং, আরঙ্গ (বিরল) [আড়োঙ্, আরঙ্‌গো] *বি* ১ হাট; গঞ্জ; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান। ২ মেলা (আড়ঙের দিনে পুতুল কিনিতে পয়সা জোটেনি তাই—*জউ*; ভাদ্দর মাসের আরঙ্গটি বড় ধুমে হইয়া যাবে—*প্যামি*)। ৩ কারখানা; গোলাঘর। ~**ঘাটা** *বি* নৌকায় আরোহণ করার ঘাট বা স্থান। ~**ছাঁটা** *বিণ* বিক্রয়ের জন্য ছাঁটা; সাধারণভাবে পরিষ্কৃত; ঢেঁকি-ছাঁটা নয় এমন। ~**ধোপ, ~ধোলাই** *বি* কোরা কাপড়ের রং ও মাড় উঠিয়ে সাদাকরণ। {*ফা.* আররঙ্গ اورنگ >আড়ং}

আড়কাটি ⇒ আড়কাঠি

আড়কাঠ, আড়কাঠা ⇒ আড়[৩]

আড়কাঠি, আরকাটি [আড়্‌কাঠি, আর্‌কাটি] *বি* ১ কুলি বা মজুর সংগ্রাহক; কুলির ঠিকাদার; recruiter (চা বাগানের আড়কাঠি যেন চালান করছি কুলি—*নই*; নির্বিরোধী ভারতপ্রজা আড়কাটিদের অত্যাচারে—*সদ*)। ২ কর্ণধার; বন্দরের নিকটবর্তী নদীতে বা মোহনায় অপ্রশস্ত পথে জাহাজ চালনাকারী; pilot। ৩ মাকু; বস্ত্রবয়নের উপকরণবিশেষ। ৪ কেন্দ্র; উপলক্ষ (এইবার মাগীরা মেজ বৌকে আরকাঠি করে সব বৌ-ঝিকে খেরেস্তান করে তুলবে—*নই*)। {*ই.* recruiter-এর সাদৃশ্যে গঠিত}

আড়কালা, আড়কোলা ⇒ আড়[২]

আড়খেমটা [আড়্‌খেম্‌টা] *বি* সঙ্গীত ও নৃত্যের তালবিশেষ। {*স.* অর্ধ>আড়+খেমটা}

আড়খেয়া ⇒ আড়[৩]

আড়গড়া, আড়গাড়া [আড়্‌গড়া, -গাড়া] *বি* ১ কাঠগড়া; বেষ্টিত স্থান; বেষ্টন (কাস্টমসের আড়গড়া অনতিপরেই—*মব*)। ২ আস্তাবল; ঘোড়ার গাড়ির আড্ডা (আড়তে না আড়গড়ায় কিছুই ঠিক-ঠিকানা নেই—*অচিসে*; নয়াবাজারের আব্বাস কোচম্যানের আড়গাড়াতেই তাঁর গাড়ি—*আমআ*)। {*হি* অড়্‌গাড়া (<আড্ডাঘোড়া), আড়গড়া (কাঠঘরা)}

আড়চোখ ⇒ আড়[২]

আড়ত, আড়ৎ [আড়োত্] *বি* ক্রয়-বিক্রয়ের বড়ো কেন্দ্র; কারবারের স্থান; গঞ্জ; গোলা; depot। ~**দার** *বি* যে অন্যের মাল নিজের গোলায় রাখে এবং দালালি বা কমিশন নিয়ে বিক্রি করে দেয় (রাত্রে এক শালের আড়তদার নিয়ন্ত্রণ করেছিলেন—*মব*)। ~**দারি** *বি* ১ আড়তদারের ব্যবসায় বা পেশা (হঠাৎ সে-দেশ আড়তদারি ফেঁদে বসল কিসে?—*মব*) ২ আড়তদারের দস্তুরি বা কমিশন। □ *বিণ* আড়তদারের পেশা বা দস্তুরি সংক্রান্ত। {*তুল. হি* আঢ়ৎ}

আড় ন, **আড়পাগলা** ⇒ আড়[২]

আ র ⇒ আড়[৩]

অ [অ রোম্‌বর্] *বি* ১ জাঁকজমক; সমারোহ; ঘটা; কেত। ২ বাহুল্য; আতিশয্য। ৩ মেঘগর্জন। ৪ ৫ গর্ব; অহঙ্কার। **আড়ম্বরি** *বি* আড়ম্বর প্রদর্শন; কজমকের ভাব। □ *বিণ* জাঁকজমকপূর্ণ; জ লো; জাঁকালো; ঘটাযুক্ত। {*স.* আ+√ডম্ব্>অর(অরন্)}

আড়ষ্ট [আড়োশ্‌টো] সাড়; অবশ; জড়তুল্য। ২ অস্বচ্ছল; সঙ্কুচিত। ৩ র্জিত। ~**তা** *বি* জড়তা; অসাড়ভাব; অস্বচ্ছন্দতা (তাহার আড়ষ্টতা যেন দূর হইয়া গেল—*আকাশ*)। { অঙ্গাকৃষ্ট>}

আড়া[১] [আড়া] *বি* ১ আ গড়ন, ডৌল (হাসি হাসি মুখখানি অপরূপ আড়া—*ঈগু*)। ২ প্রকার; রকম; ধরন। (*স.* আকার> আআর>আর>আর>আড় + *বা.* আ>}

আড়া[২], **আড়ি**[২] [আড়া, -ড়ি] *বি* ১ ধান্যের মাপবিশেষ। ২ বাঁশ বা বেতনির্মিত পাত্র; ধামা। {*স.* আঢ়ক>}

আড়া[৩] [আড়া] *বি* ১ ডাঙ্গা; কূল; পার; তীর (লস্কর সমেত বিবী উঠিল আড়ায়—*সৈহা*)। {*হি* ওয়ার> *বা.* আড়+আ}

আড়া[৪] [আড়া] *বি* ১ কড়িকাঠ; আড়কাঠ (ঘুণ ধরা বাঁশের আড়া—*অঠা*)। ২ কাপড় রাখার দণ্ড; সাঙ্গা (আড়া থেকে ঝুলছে কয়েক জোড়া বার্ণিশের জুতো—*অঠা*)। ৩ পাখির দাঁড়। ৪ মাচা। {*স.* অর>আড়+আ}

আড়া[৫] ⇒ আরা[২]

আড়া[৬] [আড়া] *বি* তেরচা ভাব। *ক্রি* ১ বেঁকে যাওয়া; তেরচা হওয়া। ২ (যন্ত্রাদি) বিকল হওয়া। {*স.* তির্যক>ত্যাড়া>আড়া}

আড়াআড়ি [আড়াআড়ি] *বিণ* প্রস্থের দিকে স্থিত; বাঁকা করিয়া রক্ষিত। □ *ক্রিবিণ* কোনাকুনি; আড়ভাবে; বাঁকা করে। □ *বি* ১ প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা (আড়াআড়ি বড় মজার জিনিস—*ঈবি*)। ২ শত্রুতা; পরস্পর হিংসামূলক মনোভাব (পরস্পরের সঙ্গে আড়াআড়ি করিলে যেমন দেখিতে হইত এও ঠিক সেইরকম—*রঠা*) {আড়+আ, আড়+ই}

আড়াই [আড়াই] *বিণ* দুই এবং আধ; ২.৫। ~ **অক্ষরে** *ক্রিবিণ* অল্পকথায়; সংক্ষেপে (পঞ্চ ভাইয়ে লেখে পত্র আড়াই অক্ষরে—*মৈগী*)। {*স.* অর্ধ+দ্বিতীয়>*প্রা.* অড্ঢাইয়>}

আড়াঠেকা [আড়াঠ্যাকা] *বি* সঙ্গীতের তালবিশেষ। {আড়াই+ঠেকা>}

আড়ানা [আড়ানা] *বি* রাগিণীবিশেষ। {*স.* কানাড়া>}

আড়ানি, আড়ানী (*মবা.*) [আড়ানি] *বি* ১ বড়ো ছাতা (ছত্রদণ্ড আড়ানী চামর মৌরছল—*ভারা*)। ২ বড়ো পাখা; টানাপাখা। ৩ চন্দ্রাতপ। {আড় (*স.* <অর?)+আনি}

আড়াল [আড়াল] *বি* ১ অন্তরাল; পর্দা; আবরণ (অজ্ঞানের অন্ধকারে আড়ালে ঢাকিছ যারে—*রঠা*)। ২ গোপন ব্যবধান (ধূলিসাৎ করেছ এ প্রাণের আড়াল—*রঠা*)। {*স.*

অন্তরাল>}

আড়াসি [আড়াশি] *বি* আড়ি; গোপনে শ্রবণ বা দর্শনের জন্য অন্তরালে অপেক্ষা (এই বেলা গিয়ে ঘুলঘুলিতে আড়াসি পেতে বসে থাকি—*অঠা*)। { *স.* অন্তরাল> *বা.* আড়াল>}

আড়ি[১] ⇒ আড়া[১]

আড়ি[২] [আড়ি] *বি* ১ অভিমান; বাক্যালাপ বন্ধ (আমি তো তাহার সহিত এক প্রকার আড়ি করিয়াছি—*রঠা*)। ২ বিবাদ; শত্রুতা; ঝগড়া (ইশকুলগুলোর সঙ্গে একদম আড়ি ঘোষণা করে লম্বা ছুটি পাওয়া গেল—*অঠা*)। ৩ আক্রোশ; ক্রোধ (ইছাই উপরে বড় ভূপতির আড়ি—*ঘচ*)। ৪ আড়াল। ~ **দেওয়া** *ক্রি* প্রতিযোগিতা বা বিবাদ করা। ~ **ধরা,** ~ **বাঁধা** *ক্রি* গোঁ ধরা। ~ **পাতা,** ~ **মারা** *ক্রি* আড়াল থেকে গোপনে অন্যের কথা শোনা। ~ **ভাঙ্গা** *ক্রি* ১ অভিমান দূর হওয়া; অসদ্ভাব শেষ হওয়া। ২ আলস্য ভাঙা। { *স.* অন্তরাল> *বা.* আড়াল>আড়+ই}

আড়ুলি, আড়ুরি (*মবা.*) [আড়ুলি, –রি] *বি* নদীর উচ্চ পাড় (পেকতে আড়ুলি ভাঙ্গি পড়ে যেন জলে—*ধচ*)। { *বা.* আড়+উলি (র)}

আড়ে [আড়ে] *ক্রিবিণ* আড়ালে আবডালে (আড়ে–ওড়ে কান পেতে থাকে ভক্ত—*অচিসে*)। ~**গেলা** *ক্রি* না চিবিয়ে তাড়াতাড়ি খাওয়া। ~**দিঘে** *ক্রিবিণ* লম্বায় চওড়ায়; দৈর্ঘ্যে-প্রস্থে (আড়েদিঘে পাঁচ হাত)। ~**হাতে** *ক্রিবিণ* অত্যন্ত উৎসাহের সঙ্গে; উদ্যমের সঙ্গে (আড়েহাতে কাজে লাগা)। ☐ *ক্রিবিণ* সজোরে (আড়েহাতে ঘা দেওয়া)। { *বা.* আড়+এ}

আঢাকা [আঢাকা] *বিণ* খোলা; অনাবৃত; অনাচ্ছাদিত। { *বা.* আ+ঢাকা}

আঢুল [আঢুল] *বিণ* তন্দ্রালস; ঢুলুঢুলু (আঢুল রাত্রি [illegible] *বিদে*)। { আ+ঢুলু>}

আঢেল → অঢেল

আঢ্য [আড্ডো] *বিণ* ১ ধনী; সমৃদ্ধ; সম্পদশালী। ২ [illegible], যুক্ত (ধনাঢ্য)। { *স.* আ+ √ধ্যৈ+অ (ক)}

আঢ়ক [আঢ়োক] *বি* ১ মাপ বা পরিমাণবিশেষ। ২ [illegible], সরু হৈমন্তিক ধান (আঢ়ক–হ'তে লক্ষ্মী—[illegible])। { *স.* আ+ √ঢৌক+অ (ঘঞ)}

আণবিক, আণব [আনোবিক, আনব] *বিণ* ১ অণুসংক্রান্ত; [illegible], molecular (আণব চৌম্বক বলে আকৃতি—[illegible])। ২ পরমাণু সংক্রান্ত, atomic। ~ **বোমা** [illegible] মারণাস্ত্রবিশেষ; অ্যাটম বোমা। { *স.* [illegible] ইক, অ (অণ)}

আণ্ডা, এণ্ডা [আনডা, এনডা] *বি* অণ্ড; ডিম (গণ্ডা গণ্ডা [illegible] প্রাণ—*ঈগু*)। ~**বাচ্চা** *বি* ১ গর্ভস্থ [illegible] সন্তান। ২ ছোট ছেলেপুলে। (*স.* অণ্ড>}

আণ্ডিল, আণ্ডীল [আনডিল] *বি* স্তূপ; টাল (টাকার [illegible] ডাডার—*হেব*)। ☐ *বিণ* বহু টাকার মালিক; [illegible] আণ্ডীল হয়ে যেতো—*প্যামি*)। { *স.* [illegible]}

আণ্ডার [আনডার] *বিণ* [illegible] ডিম আছে এমন; অণ্ডযুক্ত। { *স.* [illegible]>আণ্ডাল>}

আণ্ডীল ⇒ আণ্ডিল

আতঙ্ক [আতঙ্‌কো] *বি* ভয়; শঙ্কা; ত্রাস : **আতঙ্কিত** *বিণ* ১ ভীত; সন্ত্রস্ত; শঙ্কিত। ২ ভয়জড়িত; শঙ্কামিশ্রিত (একটা আতঙ্কিত প্রতিবাদ করলো—*অচিসে*)। { *স.* আ+√তঙ্ক্ + অ (ঘঞ)}

আতত [আততো] *বিণ* কল্পিত; অযৌক্তিক (তোমার বচন রাধা সবই আতত—*বচদা*)। **আততি** *বি* বিস্তৃতি (আততির আবর্ত–সেততে ঘেঁযাঘেঁষি—*বিদে*)। { *স.* অতথ্য>আতত}

আততায়ী (–য়িন্) [আতোতায়ি] *বিণ বি* প্রাণনাশের উদ্দেশ্যে আক্রমণকারী বা আঘাতকারী। ☐ *বি* শত্রু; রিপু। **আততায়ী** *বি*। { *স.* আতত+√অয়্+ইন(ণিনি)}

আতপ [আতোপ] *বি* ১ রৌদ্র; সূর্যকিরণ। ~**ক্লান্ত** *বিণ* রৌদ্রের উত্তাপে পরিশ্রান্ত (আতপক্লান্ত ব্যক্তির শ্রান্তি ও ক্লান্তি দূর হয়—*ঈবি*)। ~ **চাল,** ~ **তণ্ডুল** *বি* আলোচাল; রৌদ্রে শুকানো অসিদ্ধ ধানের চাল। ~**তাপ** *বি* সূর্যের তাপ; রৌদ্রের উষ্ণতা বা দাহ (একে মরুভূমি তাহাতে প্রচণ্ড আতপতাপ—*মীম*)। ~**ত্র,** ~**বারণ** *বি* আতপ থেকে রক্ষাকারী ছাতা (আতপত্রে শোভে রাঙ্গা ভাটী—*কমু*)। ~**স্নান** *বি* নগ্ন শরীরে সূর্যের উত্তাপ বা কিরণ লাগানো; রৌদ্র সেবন; sun-bath । **আতপ্ত** *বিণ* উত্তপ্ত; গরম (আতপ্ত পবনে—*রঠা*)। { *স.* আ+√তপ্+অ (অচ্)}

আতর [আতোর] *বি* পুষ্পসার; ফুলের নির্যাস; সুগন্ধি (ফুলের আত্মা আতর হ'ল অমর হল ইঙ্গিতে—*সদ*)। ~**ওয়ালা** *বিণবি* আতরবিক্রেতা; আতর ব্যবসায়ী। ~**দান,** ~**দানি** *বি* আতর রাখার পাত্র (মুখ নয় যেন আতরদান—*নই*; আন আতরদানি গুলবাগে—*নই*)। { *আ.* 'ঈত্‌র عطر }

আতরাফ [আতরাফ] *বি* ১ নিম্ন সমাজ বা বংশের লোক। ২ অঞ্চল; আশপাশ। ☐ *বিণ* নিম্ন সমাজস্থ; নীচ বংশীয় (দিকে দিকে আশরাফ–আতরাফ শিবির দিয়েছে দেখা—*আহা*)। { *আ.* আত্‌রাফ *বহুব* اطراف }

আতশ, আতস [আতোশ] *বি* ১ আগুন; অগ্নি (ময়দানের গরমি আতশ যেমন—*সৈহ*)। ২ হাউই; তুবড়ি। ৩ উত্তাপ। ☐ *বিণ* হাউইয়ের মতো; তুবড়ির ন্যায় (আতস গমনে জায় নৃপ আজ্ঞা ধরি—*সৈআ*)। ~**পরস্ত** *বি বিণ* অগ্নিপূজক (সেই হইতে তাহারা 'আতশপরস্ত' নামে অভিহিত হইল—*মোহ*)। ~**বাজি** *বি* ১ তুবড়ি হাউই পটকা প্রভৃতি বাজি; fireworks (তাই দিয়ে বানালাম শুধু আতশবাজি—*ভারা*)। ২ আগুনের খেলা। **আতশি, আতসি** *বিণ* অগ্নিময়; আগ্নেয় (জিবরাইলের আতশী পাখা সে ভেঙে যেন খান খান—*নই*)। **আতশি কাচ** *বি* সূর্যের কিরণ কেন্দ্রীভূত করে অগ্নি উৎপাদনকারী কাচ বিশেষ। { *ফা.* আতিশ آتش }

আতা [আতা] *বি* সুমিষ্ট ফলবিশেষ। { *পো.* ata}

আতান্তর [আতানতর] *বি* বিপদ; দুঃখ; কষ্ট (বড়ই আতান্তরে পড়েছি)। { *স.* অবস্থান্তর>}

আতাম্র [আতামম্রো] *বিণ* ঈষৎ তাম্রবর্ণ; পাটল (আতাম্র কুন্তলা)। { *বা.* আ + *স.* তাম্র}

আতায়ী (বিরল) [আতাই] *বি* চিল; পক্ষী–বিশেষ (একটি

আতস্থী বাঁধি নীড় নিবসিছে মনের হরষে—*কায়*)। { *স*. আত্যয়িক (বিপজ্জনক)>}

আতালি পাতালি, আথালি পাথালি, আথাল-পাথাল [আতালি পাতালি, –থা–থা–, আথাল্‌পাথাল্] *ক্রিবিণ* ১ এদিকে ওদিকে; চতুর্দিকে (শর শেলগুলি আথালি পাথালি—*ধচ*)। ২ ব্যস্ত-সমস্তভাবে; ব্যাকুল হয়ে। {*প্রা*. উৎথল্পথল্ল>উথাল + ই, পাথাল+ই = আথালি পাথালি। { *স*. উত্তাল৴ পাতাল> পাতালি, *অনু*. আতালি}

আতিক্ত, আতিতা [আতিকতো, –তিতা] *বিণ* ঈষৎ তিক্ত; প্রায় তিতা; তিতকুটে। { *বা*. আ + *স*. তিক্ত}

আতিথেয় [আতিথেয়ো] *বিণ* অতিথির সেবা করতে ভালোবাসে এমন; অতিথিসেবাপরায়ণ। ☐ *বি* (বিরল) অতিথি সেবার সামগ্রী; অতিথির খাদ্য পানীয় শয্যা ইত্যাদি। **আতিথেয়ী** *বিণ স্ত্রী*. অতিথিসেবা-পরায়ণা (তুমি এমনই আতিথেয়ী যে, সম্ভাষণ দ্বারাও আমার সংবর্ধন করিলে না—*ঈবি*)। –**তা** *বি* অতিথি সেবা; অতিথি সৎকার (আতিথেয়তার প্রশ্রয় নেবে ষোল আনা—*অচিসে*)। { *স*. অতিথি + এয়(ঢক)}

আতিথ্য [আতিত্‌থো] *বি* ১ অতিথিসেবা; অতিথি সৎকার। ২ অতিথির খাদ্য পানীয় আশ্রয় ইত্যাদি। –**গ্রহণ, –স্বীকার** *বি* অতিথি হওয়া; অতিথি সেবার সামগ্রী গ্রহণ। { *স*. অতিথি+য}

আতিপাতি [আতিপাতি] *ক্রিবিণ* তন্ন তন্ন করে; পুঙ্খানুপুঙ্খরূপে। **আতিবিতি** *ক্রিবিণ* শশব্যস্তে; আস্তেব্যস্তে; অতিসত্বর; তাড়াতাড়ি (আতিবিতি গেল রায় বিদ্যার ভবন—*ভারা*)। { *স*. অতিব্যস্ত>আস্তব্যস্ত>}

আতিশয্য ⇒ অতি

আ-তু [আতু] *অব্য* কুকুর ডাকার সংকেত বিশেষ (ওরা তো কুকুরের জাত; আ-তু বললেই দৌড়ে আসে)। { *হি*. কুত্তা>কুত্তু>কুতু>}

আতু আতু করা [আতুআতু করা] *ক্রি (বা.)* অতিরিক্ত যত্ন করা; আদরযত্ন বা সাবধানতার বাড়াবাড়ি করা (আতু আতু করে ছেলেটাকে একেবারে অপদার্থ বানিয়েছে। { *স*. আপ্রতা>}

আতুর [আতুর] *বিণ* ১ রুগ্‌ণ অসুস্থ। ২ কাতর; আর্ত (আতুর দিঠিতে শুধায় সে নীরবে রে—*রঠা*)। ৩ অভিভূত (শোকাতুর)। **আতুরাশ্রম, –নিবাস, আতুরালয়** *বি* ১ আর্ত পীড়িতদের বিনামূল্যে থাকার স্থান। ২ হাসপাতাল; দাতব্য চিকিৎসালয়। { *স*. আ+ √তুর্‌ + অ (ক)}

আতেলা [আতেলা] *বিণ* তৈলহীন; তেল নেই এমন; রুক্ষ। { *অ* + *তেলা*; *বহু*.}

আত্তার [আত্‌তার্] *বি* আতরওয়ালা; আতর-বিক্রেতা। (আত্তারগণ প্রত্যেক লোকের জন্য উৎকৃষ্ট গোলাবী আতর সাজাইয়া রাখিয়াছে—*ইহো*)। { *আ*. আত্তার عطار }

আত্তি [আত্‌তি] *বি* সমাদর; আত্মীয়সুলভ ব্যবহার (যত্ন আত্তি করা)। { *স*. আত্ম>আত্ত + *বা*. ই}

আত্তীকরণ [আত্‌তিকরোন্] *বি* দেহের অঙ্গীভূতকরণ; assimilation। { *স*. আ+ √দা+ ত (ক্ত) + (চ্বি)+করণ}

আত্ম[১] ⇒ আত্মা

আত্ম[২] (আত্মন্) [আত্‌তোঁ] *বিণ* আপনার; নিজের; স্বীয়; নিজ সম্বন্ধীয়। ☐ *বি* আপন; স্ব; নিজ। –**অবধারিত** *বিণ* স্বনির্ধারিত (প্রধান ব্যক্তির৷ আত্ম-অবধারিত নির্বাসন ও ইতস্তত পরিভ্রমণ করিয়া—*শেআ*)। –**কলহ** *বি* ১ নিজেদের মধ্যে ঝগড়া; স্বজন-বিরোধ। ২ গৃহবিবাদ। –**কুটুম্ব** *বি* আত্মীয়স্বজন। –**কৃত** *বিণ* নিজের হাতে সম্পন্ন; স্বকৃত। –**গত** *বিণ* ১ আত্মনিষ্ঠ। ২ নিজ আয়ত্তভুক্ত; স্বগত। –**গরিমা, –গর্ব, –গৌরব** *বি* অহঙ্কার; দেমাক। –**গর্বী** (–বিন্) *বিণ* অহঙ্কারী; দেমাকি। –**গুণ** *বি* নিজগুণ; আপন বিদ্যা বিনয়াদি গুণ। –**গুণাভিমানী** (–নিন্) *বিণ* নিজের গুণের জন্য গর্ব বা অভিমানবোধকারী। –**গুপ্ত** *বিণ* আপনাতে লুক্কায়িত; অপ্রকাশিতভাবে অবস্থিত। –**গুপ্তা** *স্ত্রী*. । –**গোপন, –গুপ্তি** *বি* ১ লুকিয়ে অবস্থান; গা ঢাকা দেওয়া। ২ নিজের মনোভাব গোপন। –**গ্লানি** *বি* নিজের উপর ক্ষোভ বা ধিক্কার; অনুতাপ; অনুশোচনা। –**ঘাত** *বি* ১ আত্মহত্যা; নিজেই নিজের প্রাণ বিনাশ। ২ নিজেই নিজের অনিষ্ট সাধন। –**ঘাতক, –ঘাতী** (তিন্), –**ঘ্ন** *বিণ* ১ নিজেই নিজের প্রাণ নষ্ট করে এমন; স্বীয় জীবননাশক; আত্মহত্যাকারী। ২ নিজের বড়ো রকমের অনিষ্ট সাধক (অন্যেরে আঘাত করে আত্মঘাতী ক্রোধ—*রঠা*)। –**ঘাতিকা, –ঘাতিনী** *বিণ স্ত্রী*. আত্মহত্যাকারিণী (দিদি শুনিলে আত্মঘাতিনী হইবেন—*ঈবি*)। –**চিন্তা** *বি* ১ নিজের ভালো মন্দ সম্বন্ধে চিন্তা। ২ আত্মা বা পরমাত্মা সম্বন্ধে দার্শনিক চিন্তা। –**চৈতন্য** *বি* আত্মজ্ঞান; আত্মবোধ। –**জ** *বি* পুত্র (উত্তরিলা রথী রাবণ অনুজ লক্ষ্যি রাবণ আত্মজে—*মদ*)। –**জা** *স্ত্রী*. । –**জীবনী** *বি* নিজের হাতে লেখা জীবনকাহিনী। –**জৈবনিক** *বিণ* আত্মজীবনীমূলক; স্বীয় জীবন সম্বন্ধীয় (তাঁর এখনকার লেখা হয়তো একটু ক্লেশকর রকমের আত্মজৈবনিক—*সুদ*)। –**জ্ঞ** *বিণ* ১ নিজের দোষগুণ জানে এমন। ২ আত্মার তত্ত্ব জানে এমন। –**জ্ঞান, –তত্ত্ব** *বি* ১ আত্মা বা পরমাত্মা সম্বন্ধীয় জ্ঞান। ২ অধ্যাত্মবিদ্যা বা দর্শন। –**তত্ত্বজ্ঞ** *বিণ* অধ্যাত্মতত্ত্ববিদ; আত্মজ্ঞানী। –**তুল্য** *বিণ* নিজের মতো; আপনার সমান। –**তুল্যা** *স্ত্রী*. । –**তুষ্টি, –তৃপ্তি** *বি* নিজের সন্তোষ; আত্মসুখ। **আত্মতুষ্ট** *বিণ*। –**তৃপ্ত** *বিণ*। –**ত্যাগ** *বি* ১ নিজের প্রাণ উৎসর্গ। ২ পরের মঙ্গলের জন্য স্বার্থ বিসর্জন। –**তৃপ্তি** ⇒ –**তুষ্টি**। –**ত্যাগী** (–গিন্) *বিণ*। –**ত্রাণ** *বি* নিজকে বিপদ থেকে বাঁচানো; আত্মরক্ষা। –**দমন** *বি* ১ আত্মসংযম। ২ ইন্দ্রিয় দমন। –**দর্শন** *বি* ১ আপন দোষগুণ পরীক্ষা; আত্মপরীক্ষা। ২ নিজ আত্মার স্বরূপ বোধ। –**দর্শী** (–শিন্) *বিণ* আত্মদর্শনকারী। **আত্মদর্শিনী** *স্ত্রী*. । –**দান, –বলি, –বলিদান** *বি* অন্যের উপকারার্থে নিজের জীবনদান; নিজের প্রাণ উৎসর্গ করণ। –**দোষ** *বি* নিজের অপরাধ; স্বীয় ত্রুটি। –**দোষ ক্ষালন, –দোষ খণ্ডন** *বি* নিজের দোষ দূরীকরণ; স্বীয় নির্দোষিতা প্রমাণ করা। –**দোষজ্ঞ** *বিণ* নিজের দোষ সম্পর্কে সচেতন এমন। –**দ্রষ্টা** *বি, বিণ* আত্মদর্শী। –**দ্রোহ** *বি* ১ নিজের অনিষ্ট; নিজ ক্ষতি সাধন। ২ আত্মপীড়ন। ৩

গৃহবিবাদ; ঘরোয়া ঝগড়া। **–দ্রোহী** (–হিন্) *বিণ* ১ নিজের অনিষ্টকারী; আত্মপীড়ক। ২ গৃহশত্রু। **–দ্রোহিণী** *স্ত্রী*। **–দ্রোহিতা** *বি*। **–নিগ্রহ** *বি* ১ আত্মদমন; আত্মসংযম। ২ আত্মপীড়ন; আত্মশাসন। **–নিবিষ্ট, –নিমগ্ন** ⇒ আত্মমগ্ন। **–নিয়োগ** *বি* নিজেকে নিযুক্তকরণ; মনোনিবেশ। **–নির্ভর** *বি* নিজের উপর ভরসা; স্বাবলম্বন। **–নির্ভরকারী** (–রিন্), **–নির্ভরশীল** *বিণ* নিজের উপর নির্ভরকারী; স্বাবলম্বী; আত্মপ্রত্যয়ী। **–নির্ভরকারিণী, –নির্ভরশীলা** *স্ত্রী*। **–নিষ্ঠ** *বিণ* ১ আপনাতে নিমগ্ন; আত্মগত। ২ আত্মজ্ঞানে নিষ্ঠাযুক্ত। **–নিষ্ঠা** *বি স্ত্রী*। **–পর** *বি* ১ আপনজন ও অপর; আপন ও পর। ২ স্বপক্ষ ও বিপক্ষ; শত্রুমিত্র। **–পরতা** *বি* স্বার্থপরতা। **–পরায়ণ** *বিণ* স্বার্থপর। **–পরায়ণতা** *বি* স্বার্থপরতা। **–পরায়ণা** *স্ত্রী*। **–পরিচয়** *বি* ১ নিজের পরিচয়; নিজের নাম-ধাম বংশ প্রভৃতির বিবরণ। ২ জাতিসত্তা। **–পরীক্ষা** *বি* স্বীয় দোষগুণ ও সামর্থ্যাদি ভালোভাবে বিচার। **–পীড়ন, –পীড়া** *বি* নিজকে কষ্ট দেওয়া; আত্মনিগ্রহ। **–পূজন, –পূজা** *বি* আত্মতোষণ; আত্মপ্রশংসা। **–পূজক** *বিণ*। **–প্রকাশ** *বি* ১ আবির্ভাব; বিকাশ। ২ স্বরূপ প্রকাশ; নিজের পরিচয় দান। **–প্রতারণ, –প্রতারণা, –প্রবঞ্চন, –প্রবঞ্চনা** *বি* আত্মবঞ্চনা; নিজেকে ভুল বোঝানো; নিজেকে ঠকানো বা ফাঁকি দেওয়া। **–প্রতারক, –প্রতারিত** *বিণ*। **–প্রতিষ্ঠা** *বি* নিজের প্রতিপত্তি সম্মান বা গৌরব প্রতিষ্ঠা। **–প্রত্যয়** *বি* ১ নিজের শক্তির উপর আস্থা; আত্মবিশ্বাস। ২ নিজের উপর নির্ভর। ৩ স্বমনে সত্যোপলব্ধি। **–প্রত্যয়শীল, –প্রত্যয়ী**(–য়িন্) *বিণ*। **–প্রশংসা** *বি* নিজেই নিজের সুখ্যাতি করা; আত্মশ্লাঘা। **–প্রসাদ** *বি* নিজের মনে অনুভূত আনন্দ বা তৃপ্তি। **–বঞ্চক** *বিণ* নিজেকে বঞ্চনা করে এমন; নিজের মনকে ভুল বোঝায় বা নিজেকে ফাঁকি দেয় এমন। **–বঞ্চিকা** *স্ত্রী*। **–বঞ্চন, –বঞ্চনা** *বি* নিজকে নিজে প্রতারণা; অপরাধ বা অন্যায় করে নির্দোষ রূপে নিজেকে ভাবা। **–বৎ** *বিণ* নিজের মতো; আপনার ন্যায়। **–বধ** *বি* আত্মহত্যা; আত্মহনন। **–বধী** (–ধিন্) *বিণ* আত্মহত্যাকারী (আত্মবধী হইমু নিশ্চয়—*রাখা*)। **–বর্গ** *বি* আত্মীয় স্বজন; আপন লোকজন। **–বশ** *বিণ* নিজের অধীন, স্ববশ। □ *বি* আত্মসংযম। **–বান** *বিণ* উদার-চিত্ত, মহৎপ্রাণ। **–বিকাশ** *বি* আত্মপ্রকাশ; অন্তর্নিহিত শক্তি বা গুণের স্ফুরণ। **–বিক্রয়** *বি* অন্যের নিকট পূর্ণ বশ্যতা স্বীকার। **–বিগ্রহ** *বি* নিজেদের মধ্যে বিবাদ; গৃহযুদ্ধ। **–বিচ্ছেদ** *বি* আপনজনের সাথে অমিল বা ছাড়াছাড়ি। **–বিদ, –বিৎ** (–বিদ্) *বিণ* যিনি আপনাকে জানেন, আত্মজ্ঞ। **–বিদ্যা** *বি* অধ্যাত্মবিদ্যা, পরমার্থতত্ত্ব। **–বিনাশ** *বি* আত্মহত্যা; নিজেই নিজের ধ্বংস সাধন। **–বিনাশক, –বিনাশী** (–শিন্) *বিণ*। **–বিভোর** ⇒ **–মগ্ন**। **–বিরোধ** *বি* ১ আপন মতের বিরুদ্ধ মত; আত্মদ্রোহ। ২ নিজের লোকের সঙ্গে কলহ; গৃহবিবাদ। **–বিলোপ** *বি* আপনার প্রাধান্যের বা কর্তৃত্বের চিহ্ন লোপ। ২ আত্মগোপন। **–বিশুদ্ধি** *বি* চিত্তশুদ্ধি, তওবা ও অনুশোচনা দ্বারা পাপ ক্ষয়; তওবা ও কাফফারা দ্বারা পাপমুক্তি। **–বিশ্বাস** *বি* স্বীয় শক্তি সামর্থ্য বা জ্ঞান বুদ্ধির উপর আস্থা; আত্মপ্রত্যয়। **–বিশ্বাসী** (–সিন্) *বিণ*। **–বিসর্জন** *বি* আত্মত্যাগ; জীবনদান। **–বিস্মরণ, –বিস্মৃতি** *বি* ১ নিজেকে ভুলে যাওয়া; তন্ময়ভাব। ২ আপনার দোষ গুণ বা ক্ষমতা সম্বন্ধে চেতনার অভাব। **–বিস্মৃত** *বিণ* ১ আপন-ভোলা; তন্ময়; নিজের প্রকৃত অবস্থা ভুলে গেছে এমন। ২ নিজ শক্তি সম্বন্ধে অচেতন এমন। **–বিহ্বল** *বিণ* শোক ভয়াদিতে অভিভূত। **–বিহ্বলা** *স্ত্রী*। **–বিহ্বলতা** *বি*। **–বুদ্ধি** *বি* ১ নিজের বুদ্ধি। ২ আত্মবোধ; সজ্ঞানভাব। **–বেদ** *বি* আত্মজ্ঞান; নিজের সম্বন্ধে বিশেষ বোধ (তার অনভ্যস্ত অভ্যাঘাতে অতর্কিত বুদ্ধির আত্মবেদ ঘোচেনি—*সুদ*)। **–বেদী** (–দিন্) *বিণ* নিজেকে জানে বা নিজের অবস্থা বুঝতে সমর্থ এমন; আত্মজ্ঞ, আত্মবিদ। **–বেদিনী** *স্ত্রী*। **–বেদিতা** *বি*। **–ভর্ৎসনা** *বি* আত্মগ্লানি। **–ভাব** *বি* নিজের চিন্তা বা মনোভাব। **–মগ্ন, –বিভোর, –নিবিষ্ট** *বিণ* নিজের চিন্তায় ডুবে থাকে এমন; নিজের ভাবে বিভোর। **–মগ্না, –নিমগ্না, –বিভোরা, –নিবিষ্টা** *স্ত্রী*। **–মান, –মর্যাদা, –সম্ভ্রম, –সম্মান** *বি* আপনার মান; নিজের প্রতি শ্রদ্ধা; আত্মগৌরব। **–ম্ভরি** *বিণ* ১ অহঙ্কারী; দাম্ভিক। ২ স্বার্থপর; আত্মপরায়ণ (তার জন্য যদি তাঁকে আত্মম্ভরি বল তাতে তিনি আত্মনির্ভরতা ত্যাগ করবেন না—*প্রচৌ*)। **–ম্ভরিতা, –ম্ভরিত্ব** *বি* স্বার্থপরতা; আত্মপরায়ণতা (কোম্পানির কর্মকারদিগের আত্মম্ভরিতা দোষে, যে রূপে রাজভ্রষ্ট হইলেন—*ঈবি*)। **–রক্ষণ, –রক্ষা** *বি* অনিষ্ট থেকে নিজের দেহ-প্রাণ ও মান-মর্যাদা রক্ষা। **–রত, –রতি** (বিরল) *বিণ* ১ স্বার্থপর। ২ আত্মতৃপ্ত। ৩ আত্মনিমগ্ন (অন্তরেতে শান্ত তুমি আত্মরতি মৌনী ঋষি—*সদ*)। **–রতি** *বি*। **–রূপ** *বি* ১ স্বরূপ। ২ নিজের রূপ সদৃশ অন্যের রূপ। **–রূপা** *স্ত্রী*, (আত্মরূপা আশা পূরাহ আসিয়া—*ভারা*)। **–লাঘব** *বি* নিজের সম্বন্ধে হীন ধারণা (তাঁরা তাঁর মনে এমনই আত্মলাঘব জাগিয়ে তুলেছিলেন—*সুদ*)। **–লোপ** *বি* স্বীয় প্রাধান্যের চিহ্নলোপ। **–লীন** *বিণ* আপনাতে লয়প্রাপ্ত; আত্মনিবিষ্ট। **–লীনা** *স্ত্রী*। **–শক্তি** *বি* নিজের ক্ষমতা; স্বীয় বল; আপন সামর্থ্য। **–শুদ্ধি, –শোধন** *বি* চিত্তশোধন; তওবা; অনুশোচনা ও কাফফারা দ্বারা আপন দোষ বা পাপ খণ্ডন। **–শ্লাঘা** *বি* নিজের মুখে নিজের তারিফ; আত্মপ্রশংসা। **–সংবরণ, –সম্বরণ** *বি* আত্মদমন; নিজের ভাবাবেগ নিরোধ। **–সংযম, –শাসন** *বি* নিজেকে দমন; আপন রিপুগণকে বশে আনয়ন; জিতেন্দ্রিয়তা। **–সংযমী** (–মিন্) *বিণ*। **–সংযমিনী** *স্ত্রী*। **–সংশয়** *বি* আপনার শক্তিতে অবিশ্বাস বা মনে মনে সন্দেহ। **–সদৃশ** *বিণ* আপনার ন্যায়; নিজের সমান বা তুল্য। **–সমর্পণ** *বি* ১ আপনাকে অন্যের হাতে সম্পূর্ণরূপে ছেড়ে দেওয়া। ২ অস্ত্রাদি ত্যাগ করে বিপক্ষের অধীনতা বা বশ্যতা স্বীকার। **–সমাহিত** *বিণ* ১ আত্মনিমগ্ন; আপনাতে আপনি মগ্ন। ২ তন্ময় (তাঁহাকে সকলের হইতে স্বতন্ত্র এবং আত্মসমাহিত বলিয়া বোধ হইল—*রঠা*)। **–সমাহিতি** *বি* আত্মস্থতা; তন্ময়তা; আত্মচিন্তায় মগ্নতা (আত্মসমাহিতি

নিরন্তর সাধনার ফল—সুদ)। ~**সর্বস্ব** *বিণ* স্বার্থপর। ~**সহায়** *বি* নিজেই নিজের অবলম্বন; স্বাবলম্বী; আত্মনির্ভরশীল। ~**সহায়তা** *বি* আত্মনির্ভরতা; নিজেকে নিজে সাহায্য করা। ~**সাৎ** *অব্য* অন্যায়ভাবে নিজের আয়ত্ত বা হস্তগত (আত্মসাৎ করা)। ~**সার** *বিণ* স্বার্থপর; আত্মসর্বস্ব। ~**স্তুতি** *বি* নিজের গুণকীর্তন; আপনার প্রশংসা; আত্মশ্লাঘা। ~**স্থ** *বিণ* ১ প্রকৃতিস্থ। ২ আত্মনিষ্ঠ; আত্মগত। ~**হত্যা**, ~**হনন** *বি* ১ আত্মনাশ; আত্মঘাত; স্বেচ্ছায় নিজের প্রাণনাশ। ২ নিজের বড়ো রকমের অনিষ্ট সাধন। ~**হন্তা** (–ন্তৃ) *বি, বিণ* আত্মঘাতক। ~**হন্ত্রী** *স্ত্রী*। ~**হা** *বি, বিণ* আত্মহত্যাকারী; আত্মঘাতী; আত্মবিনাশী (কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে—মদ)। ~**হারা** *বিণ* ১ আত্মবিস্মৃত; আত্মভোলা। ২ তন্ময়। ৩ বিহ্বল। ~**হিত** *বি* নিজের মঙ্গল; আপনার কল্যাণ। ~**হিতকর** *বিণ* নিজের মঙ্গলজনক; স্বীয় কল্যাণের অনুকূল। {স. আত্মন্}

আত্মা, আত্ম (বিরল) [আত্‌তাঁ, আতেতোঁ] *বি* ১ প্রাণীদেহে ব্যাপৃত চৈতন্যময় সত্তা; প্রাণ; জীবাত্মা; নফস (কি দশায় আত্মকুল জীবে আত্মদেশে—মদ)। ২ স্বভাব; হৃদয় (পাপাত্মা, পুণ্যাত্মা)। ৩ স্বয়ং, নিজ (আত্মবৎ)। ৪ পরমাত্মা; রুহ্। ৫ শরীর {স. আত্মন্>}

আত্মাদর [আত্‌তাঁদর] *বি* নিজের প্রতি শ্রদ্ধা; আত্মসম্মান (মনুষ্য-হৃদয়ে কেবল আত্মাদর আছে—বচ)। {স. আত্ম+আদর; ৬তৎ}

আত্মাদর্শ [আত্‌তাঁদরশো] *বি* ১ নিজ দৃষ্টান্ত। ২ আত্মার আদর্শ। {স. আত্ম + আদর্শ; ৬তৎ}

আত্মাধীন [আত্‌তাঁধিন্] *বিণ* স্বাধীন। {স. আত্ম+অধীন; ৬তৎ}

আত্মানন্দ [আত্‌তাঁনন্‌দো] *বি* ১ নিজের আনন্দ। ২ আধ্যাত্মিক উল্লাস। ☐ *বিণ* আপন আনন্দে বিভোর। {স. আত্ম+আনন্দ; ৬তৎ}

আত্মানুসন্ধান, আত্মান্বেষণ [আত্‌তাঁনুসন্‌ধান্, আত্‌তাঁনেশন্] *বি* ১ আত্মপরীক্ষা; নিজের দোষ-গুণ বিচার। ২ আত্মা সম্পর্কে জ্ঞানলাভের প্রয়াস। ৩ নিজ স্বরূপের অনুসন্ধান। **আত্মানুসন্ধায়ী** (–য়িন্), **আত্মান্বেষী** (–ষিন্) *বিণ* নিজের কৃত দোষ; নিজের অপরাধ; আত্মাপরাধ। {স. আত্ম+অনুসন্ধান, অন্বেষণ; তৎ}

আত্মাপহার ⇒ আত্মাপহারক

আত্মাপহারক, আত্মাপহারী (–রিন্) [আত্‌তাঁপোহারোক্, আত্‌তাঁপোহারি] *বিণ* নিজের প্রকৃত পরিচয় গোপন করে নিজেকে মিথ্যা নামে পরিচিত করে এমন; কপট; প্রবঞ্চক। **আত্মাপহার** *বি* জাল পরিচয়; প্রবঞ্চনা। {স. আত্ম+অপহারক; অপহারী; ৬তৎ}

আত্মাপুরুষ (*অপ্র*) [আত্‌তাঁপুরুষ্] *বি* জীবাত্মা; প্রাণ। ~ **খাঁচা ছাড়া হওয়া** *ক্রি* ১ দেহ থেকে প্রাণ বের হয়ে যাওয়া; মৃত্যু হওয়া। ২ অস্থির বা বিচলিত হওয়া। ~ **শুকিয়ে যাওয়া** *ক্রি* অত্যন্ত ভীত হওয়া; ভয়ে আড়ষ্ট হওয়া। {স. আত্মা+পুরুষ}

আত্মাবমাননা [আত্‌তাঁবোমানোনা] *বি* আত্মার অবমাননা; নিজের অসম্মান। {স. আত্ম+অবমাননা; ৬তৎ}

আত্মাবলম্বন [আত্‌তাঁবোলম্‌বোন্] *বি* স্বাবলম্বন; আত্মনির্ভরতা। **আত্মাবলম্বী** (–বিন্) *বিণ* স্বাবলম্বী; আত্মনির্ভরশীল। **আত্মাবলম্বিনী** *স্ত্রী*। **আত্মাবলম্বিতা** *বি*। {স. আত্ম+অবলম্বন; ৬তৎ}

আত্মাভিমত [আত্‌তাঁভিমত্] *বি* আপন মত; নিজের অভিপ্রায়। ☐ *বিণ* নিজের মতানুযায়ী। {স. আত্ম+অভিমত; ৬তৎ}

আত্মাভিমান [আত্‌তাঁভিমান্] *বি* অহঙ্কার; অহমিকা। **আত্মাভিমানী** (–নিন্) *বিণ* **আত্মাভিমানিনী** *স্ত্রী*। {আত্ম+অভিমান; ৬তৎ}

আত্মারাম [আত্‌তাঁরাম্] *বি* আত্মা; প্রাণপাখি। ☐ *বিণ* সন্তুষ্ট চিত্ত; আত্মজ্ঞান লাভে তৃপ্ত। ~ **খাঁচাছাড়া হওয়া** *ক্রি* অস্থির বা বিচলিত হওয়া। ~ **শুকিয়ে যাওয়া** *ক্রি* ভীত-চকিত হওয়া। {স. আত্ম+আরাম; বহু}

আত্মার্থ [আত্‌তাঁরথো] *বি* নিজ প্রয়োজন; স্বার্থ। ☐ *বিণ* স্বার্থপর। {স. আত্ম+অর্থ; ৬তৎ}

আত্মাশ্রয় [আত্‌তাঁস্রয়্] *বি* নিজের উপর নির্ভর; স্বাবলম্বন। **আত্মাশ্রয়ী** (–য়িন্) *বিণ*। {স. আত্ম+আশ্রয়; বহু}

আত্মাহুতি [আত্‌তাঁহুতি] *বি* জান কোরবানি; আত্মবিসর্জন (এ জন্য কত নেতাকে অসময়ে আত্মাহুতি পর্যন্ত দিতে হয়েছে—আকা)। {স. আত্ম+আহুতি; তৎ}

আত্মীয় [আত্‌তিয়ো] *বি* ১ স্বজন; জ্ঞাতি; কুটুম্ব। ২ বন্ধু-বান্ধব; অন্তরঙ্গ ব্যক্তি। ☐ *বিণ* আত্ম সম্পর্কীয়; আপন, স্বীয়; নিজ। **আত্মীয়া** *স্ত্রী*। ~**তা** *বি* ১ জ্ঞাতিত্ব; কুটুম্বিতা। ২ হৃদ্যতা। ৩ বন্ধুত্ব। ~**বিহীন** *বিণ* ১ জ্ঞাতিশূন্য। ২ বন্ধু-বান্ধবহীন। ~**স্বজন**, ~**বন্ধু** *বি* ১ রক্ত সম্পর্কের আপন জন; জ্ঞাতি। ২ জ্ঞাতিতুল্য আপন লোকজন। {স. আত্মন্ + ঈয়(ছ)}

আত্মোৎকর্ষ, আত্মোন্নতি [আত্‌তোঁত্‌করশো, আত্‌তোনন্‌তি] *বি* ১ নিজের আত্মার উন্নতি বা শ্রীবৃদ্ধি। ২ স্বীয় গুণপনার সমৃদ্ধি। {স. আত্ম+উৎকর্ষ, উন্নতি; তৎ}

আত্মোৎসর্গ [আত্‌তোঁত্‌শরগো] *বি* ১ আত্মত্যাগ; নিজ জীবন দান। ২ সুখ বা স্বার্থবিসর্জন। ৩ সম্যকভাবে আত্মনিয়োগ (দেশের কাজে আত্মোৎসর্গ করা)। {স. আত্ম+উৎসর্গ; তৎ}

আত্মোদরপূর্তি [আত্‌তোঁদরপুরতি] *বি* নিজের স্বার্থ-সিদ্ধি। {স. (আত্ম+উদর)+পূর্তি; তৎ}

আত্মোন্নতি ⇒ আত্মোৎকর্ষ।

আত্মোপকার [আত্‌তোঁপকার্] *বি* নিজের উপকার; আপনার মঙ্গল। {স. আত্ম+উপকার; ৬তৎ}

আত্মপকারক, আত্মোপকারী (–রিন্) *বিণ* ১ আপনার মঙ্গলজনক; আত্মহিতকারী। ২ স্বার্থপর। **আত্মোপকারিকা, আত্মোপকারিণী**। {স. আত্ম+উপকারক, উপকারী; ৬তৎ}

আত্মোপজীবী (–বিন্) [আত্‌তোঁপোজিবি] *বিণ* দৈহিক পরিশ্রমের দ্বারা জীবিকা নির্বাহ করে এমন। **আত্মোপজীবিনী** *বিণ স্ত্রী*. দেহ খাটিয়ে অসম্মানজনক উপার্জনে

আত্মোপজীবী অন্যের সাহায্য ছাড়া নিজের চেষ্টায় জীবিকা অর্জন করে এমন। { স. আত্ম+ উপজীবী; বহু }

আত্মোপম [আত্‌তোঁপোম্] *বিণ* নিজের ন্যায়; স্বসদৃশ। **আত্মোপমা** *বি*। { স. আত্ম+উপম; তৎ }

আত্যন্তিক [আত্‌তোন্‌তিক্] *বিণ* ১ অতিরিক্ত; অত্যধিক; অত্যন্ত (নারীর প্রতি আত্যন্তিক শ্রদ্ধাবোধেরও অভাব পরিলক্ষিত—*আচৌ*)। ২ যৎপরোনাস্তি; অশেষ (চিরবোধ্য মানুষ অভাবের শক্তিবেদনা থাকলে ক্রিয়াকর্মের আত্যন্তিক প্রসার পায়—*সৈমু*)। **আত্যন্তিকতা** *বি*। { স. অত্যন্ত+ ষ্ণিক(ঠক) }

আথান্তর ⇒ অথান্তর। { স. অবস্থান্তর> }

আথাল [আথাল্] *বি* গোশালা; গোয়ালঘর (আথালে দুইটি জোয়ান বলদ সারা মাঠ পানে চাহি—*জউ*)। { স. অ+ স্থল }

আথাল পাথাল, আথালি-পাথালি ⇒ আতালি পাতালি

আথিবিথি, আথেবেথে [আথিবিথি, আথেবেথে] *ক্রিবিণ* আস্তেব্যস্তে; শশব্যস্তে; অতি সত্বর; তাড়াতাড়ি (আনন্দে মা আথিবিথি করিয়া ডালা এলাইলেন, কুলা এলাইলেন—*দমি*; আথেব্যথে মহাপ্রভু আগমন করি—*বৃদা*)। { আস্তেব্যস্তে> }

আদ [আদ্] *বি* কোরানোক্ত দক্ষিণ আরবের জাতিবিশেষ (মাথা চাড়া দিয়ে কাঁটা বনে জাগে নতুন আদ সমুদ—*ফআ*)। { আ. আদ عاد }

আদ[২] [আদ] *বিণ* আদি; সাবেক; মূল; প্রথম (আদ বাড়ি)। { স. আদি> }

আদড়া ⇒ আদরা

আদত[১]**, আদৎ** [আদোত্] *বি* ১ স্বভাব; অভ্যাস। ২ আচার; রীতি; ধরন। { আ. আদৎ عادت }

আদত[২] [আদোত্] *বিণ* ১ আসল; খাঁটি; প্রকৃত (কি আদত কথা কও—*আহ*)। ২ আস্ত; সমগ্র। { স. আদি তঃ> }

আদত্ত ⇒ আদান

আদদ [আদোদ্] *বি* ১ সংখ্যা; গণন; অঙ্ক। ২ বার; দফা। { আ. আদদ عدد }

আদনা [আদ্‌না] *বিণ* ১ নীচ। ২ সামান্য; তুচ্ছ। { আ. আদ্‌না ادنى }

আদপে, আদবে [আদোপে, -দোবে] *ক্রিবিণ* ১ আদৌ; একেবারেই (যা আদপেই কেজো নয়—*আশ*)। ২ আসলে; মূলে। { স. আদৌ> }

আদব[১] [আদোব্] *বি* ১ শিষ্টাচার; ভদ্রতা; বিনয়; নম্রতা (পুছিলে উত্তর দিব আদব প্রমাণে—*সৈআ*)। ২ সম্মান প্রদর্শন (কর রে আদব হেথায় হাফিজ—*মুশ*)। ~**কায়দা,** ~**তমিজ** *বি* ১ ভদ্র সমাজের রীতি-পদ্ধতি। ২ ভদ্র ব্যবহার; শিষ্টাচার (ছেলেটি বেশ ভালো তো। বেশ আদবতমিজ)। ~**কায়দা দুরস্ত/দোরস্ত** *বিণ* ১ আদব-কায়দায় সুশিক্ষিত বা অভ্যস্ত। ২ শিষ্টাচারসম্মত। **আদবে** *ক্রিবিণ* বিনয়ের সঙ্গে; নম্রতার সঙ্গে (দুই জানু চাপি মান্য আদবে বসিল—*সৈআ*)। **আদবের খেলাফ, আদবের বরখেলাফ** *বি* শিষ্টাচার লঙ্ঘন। □ *বিণ* শিষ্টাচার বহির্ভূত; ভদ্রতাবিরুদ্ধ। { আ. আদব্ ادب }

আদব[২] ⇒ আদাব

আদবে[১] ⇒ আদপে

আদবে[২] ⇒ আদব[১]

আদম [আদোম্] *বি* ১ প্রথম সৃষ্ট মানুষের নাম (আদিম মানব আদমে সৃজিয়া—*নই*)। ২ মানুষ। ~**খোর** *বিণ* নরখাদক (আদমখোর সাত আদি পাহাড়েতে থাকে—*সৈহা*)। ~**গাড়ি** *বি* মনুষ্যচালিত রিকশা (এই রকমে আমার দিনগুলো এখন যাচ্ছে 'আদম-গাড়ির' (রিকশা) মতন এক হয়ে—*নই*)। ~**ব্যাপারী** *বি* জনশক্তি আমদানি-রফতানি সংক্রান্ত ব্যবসায়ে জড়িত বা উক্ত ব্যবসায়ের দালালি করে এমন ব্যক্তি। ~**শুমারি,** ~**শুমার** *বি* লোকগণনা, census (১৯৬১ সালের আদমশুমারি অনুযায়ী দেখা যায়—*সেমুআ*)। **আদমসুরাত, আদম-ছুরাত, আদম সুরত, আদমছবি** (বিরল) [আদোম্‌সুরাত্, -রত্, -ছোবি] *বি* মানবাকৃতি বিশিষ্ট নক্ষত্রপুঞ্জ; কালপুরুষ (মরু-শর্বরী পাড়ি দিয়ে যবে নেমে এল নীচে আদম সুরাত—*ফআ*; আমাদের আদমছবি যেন হাত পাও তুলি নাচিছে—*মীম*)। { আ. আদম্ +ফা. }

আদমি [আদ্‌মি] *বি* ১ মানুষ; লোক; ব্যক্তি (মণিরামপুরের মাধববাবু আচ্ছা আদমি—*প্যামি*)। ২ পতি; স্বামী (আমার আদমি একথা টের পালি আমাগো দুই জনকে গলা টিপে মেরে ফেলবে—*মদ*)। { আ. আদমী آدمی + ই }

আদর [আদোর্] *বি* ১ যত্ন; খাতির (আদর করে খাওয়ানো)। ২ সম্মান; মর্যাদা; কদর (গুণের আদর চিরদিনই আছে)। ৩ স্নেহ; প্রীতি; সোহাগ (আদরের দুলাল)। ৪ ভক্তি; শ্রদ্ধা। ৫ অনুরাগ। ~**অভ্যর্থনা** *বি* সমাদর ও যত্ন; খাতির ও তোয়াজ। ~**আপ্যায়ন** *বি* সমাদর ও সন্তোষ বিধান। ~ **করা** *ক্রি* স্নেহ করা; সোহাগ করা; যত্ন করা। ~**ণীয়** *বিণ* ১ আদরের যোগ্য। ২ মাননীয়; শ্রদ্ধেয়। ৩ গ্রহণযোগ্য। **আদরিণী** *বিণ স্ত্রী.* স্নেহ বা আদরের পাত্রী; সমাদরের যোগ্যা; সোহাগিনী। { স. আ-√দৃ+অ(অপ্) }

আদরা, আদড়া (বিরল) [আদ্‌রা, -ড়া] *বি* নকশা; খসড়া; প্রাথমিক রেখাচিত্র; sketch (আদরা শুধু আঁকা দেখি ঘুমতি-নদীর তীর ঘুরে—*সদ*; বিশ্বকর্মা ভারতবর্ষের আদড়াটা প্রায় শেষ করেছিলেন—*অঠা*)। { স. আদর্শ> }

আদরী ⇒ আদুরে

আদর্শ [আদোর্‌শো] *বি* ১ অনুকরণযোগ্য শ্রেষ্ঠ বিষয়। ২ নমুনা; দৃষ্টান্ত। ৩ আয়না; দর্পণ। ~ **নারী** *বি* এমন নারী যার উন্নত চরিত্র অনুসরণের যোগ্য। ~ **পুরুষ** *বি* যে মহৎ পুরুষের অনুকরণে চরিত্র উন্নত করা যায়। ~**বাদ** *বি* উচ্চ আদর্শ ও নীতি দ্বারা জীবন নিয়ন্ত্রিত করার মতবাদ (এইটুকু আদর্শবাদ ও রোমান্টিকতা প্রচ্ছন্ন না থাকলে সাহিত্যের উদ্দেশ্যই যাবে ব্যর্থ হয়ে—*আশ*)। ~ **বিদ্যালয়** *বি* যে বিদ্যালয়ে চরিত্র গঠন ও জীবনের মান উন্নয়নের জন্য বিভিন্ন বিষয়ে উন্নত ধরনের শিক্ষা দেওয়া হয়; model school। ~**লিপি** *বি* প্রাথমিক শিক্ষার্থীরা যে লিপি অনুসারে লিখতে শেখে। ~**স্থানীয়** *বিণ* আদর্শ হওয়ার যোগ্য; অনুকরণীয়। { স. আ.√দৃশ্+অ (ঘঞ্) }

আদল[১] [আদোল্] *বি* ১ সাদৃশ্য; অবয়বের মিল (এই

চিত্রগুলিতে নাট্যকারের সমসাময়িক বিত্তশালী ভূস্বামীদের আদল আছে —আহৌ)। ২ গঠন; আকৃতি (তার শান্ত মুখের মত আদল গবের আলোয় আরো ঝলমলে —শও)। { স. আদর্শ> }

আদল² [আদল্] *বি* ন্যায়বিচার (এমন আদলে খুব করেন বাদশাই —ফও)। { আ. আদল عدل }

আদা [আদা] *বি* আর্দ্রক; ঝাঁজবিশিষ্ট এক প্রকার মূল। **~জল খেয়ে লাগা** *ক্রি* নাছোড়বান্দা হয়ে লাগা; দৃঢ় সংকল্প; মরিয়া হয়ে লাগা। **আদায় কাঁচকলায়** *বিণ* বিরুদ্ধ স্বভাবযুক্ত; পরস্পর শত্রুভাবাপন্ন; সাপে-নেউলে। **আদার ব্যাপারী** *বি* নগণ্য লোক; ছোট কারবারি (আদার ব্যাপারীর জাহাজের খবরে কাজ কি?)। **আদার ব্যাপারী হয়ে জাহাজের খবর নেওয়া** *ক্রি* নিজের সামর্থ্যের বাইরে কাজ করতে যাওয়া। { স. আর্দ্রক> }

আদাই ⇒ আদায়

আদাওত, আদাওতি [আদায়োত্, -তি] *বি* শত্রুতা; বৈরভাব; দেষাদ্বেষি (বস্তিওয়ালা লোক সাথে আদাওতি রাখ—সৈহ)। { আ. আদাৱত عداوت }

আদাগা [আদাগা] *বিণ* দাগা হয়নি এমন; অচিহ্নিত। { আ+ দাগা }

আদাড় [আদাড়্] *বি* আস্তাকুঁড়; আবর্জনা ফেলার স্থান। **~ পাদাড়, আঁদাড় পাঁদাড়** *বি* বাড়ির পশ্চাদ্ভাগের আবর্জনা ফেলার স্থান; অপরিষ্কৃত স্থান; অস্থান কুস্থান (আঁদাড়ে-পাঁদাড়ে রিদয়কে দেখে—অঠা)। **আদাড়ে** *বিণ* ১ বনে-জঙ্গলে উৎপন্ন। ২ অভদ্র; পাজি। **আদাড়ের হাঁড়ি** *বি* হেয় বা অনাদৃত ব্যক্তি। { স. আধার>; অথবা, স. আ+ √বর্জি+ অন্ (ল্যুট্)+আ=আবর্জনা> }

আদান [আদান্] *বি* ১ গ্রহণ; লওয়া। ২ প্রতিগ্রহ। **আদত্ত** *বিণ*। **~প্রদান** *বি* ১ দান ও গ্রহণ; দেওয়া-নেওয়া; বিনিময়। ২ সম্বন্ধ স্থাপন; কন্যাদান ও গ্রহণ। ৩ সামাজিক ব্যবহার। { স. আ (বিপরীত অর্থে) + দান }

আদাব [আদাব্] *বি* সালাম; অভিবাদন। **~ তসলিমাত** *বি* সালাম বা অভিবাদনাদি (নিচু হয়ে আদাব তসলিমাত জানালুম—সৈমু)। **~ বাজানো** *ক্রি* কুর্নিশ করা; সেলাম বাজানো (রাজা প্রতাপাদিত্য আদব বাজাইয়া নিবেদন করিলেন—রবি)। { আ. আদাব آداب }

আদায়, আদাই, আদা (বিরল) [আদায়্, -দাই, আদা] *বি* ১ উসুল; গ্রহণ (খাজনা আদায় করা)। ২ লাভ; সংগ্রহ (আমি মেসোর কাছ হতে কাপড় আদায় করেছি—রঠা)। ৩ পরিশোধ (দেনা আদায় করা)। ৪ সম্পাদন; সাধন (নামাজ আদায় করা)। **~ উসুল করা** *ক্রি* আদায় করে জমা খরচের হিসাব লেখা। { আ. আদা' ادا }

আদার ⇒ আধার²

আদালত [আদালত্] *বি* বিচারালয়; কাছারি; কোর্ট (দেওয়ানি আদালত)। **~ করা** *ক্রি* মোকদ্দমা দায়ের করা। **~খরচা** *বি* মোকদ্দমা সংক্রান্ত খরচপত্র (শশিভূষণ নিজে উকিল, আদালত খরচা তিনিই বহন করিবেন—রঠা)। **আদালতি** *বিণ* ১ আদালত সম্বন্ধীয়। ২ ঢিলে তেতালা; দীর্ঘসূত্রী; বেশি ভোগায় এমন (আদালতি কাজ)। { আ. 'আদালত عدالت }

আদি [আদি] *বি* ১ প্রথম; প্রারম্ভ; শুরু (আদিতে একমাত্র খোদা ভিন্ন আর কিছুই ছিল না)। ২ হেতু; কারণ। ৩ উৎপত্তি; উৎপত্তিস্থান (নাহি তুয়া আদি অবসানা—বিপ)। ৪ প্রভৃতি; ইত্যাদি (পত্রাদি, সংবাদাদি)। ☐*বিণ* ১ মূল। ২ পূর্ব; পুরা; প্রাচীন (আদিবাস, আদিকাল)। **~কবি** *বি* ১ সংস্কৃতে প্রথম কবি। ২ বাল্মীকি। **~কাব্য** *বি* ১ সংস্কৃতে প্রথম কাব্য। ২ রামায়ণ। **~ কারণ** *বি* মূল কারণ। **~পুরুষ** *বি* কোনো বংশের প্রথম পুরুষ; বংশ প্রবর্তক; পূর্ব পুরুষ। **~বাসী** (-সিন্) *বি* আদিম জাতি বা অধিবাসী। **~ভূত** *বিণ* প্রথম উৎস; আদ্য; মূল। **~ভূতা** *স্ত্রী*। **~মানব** *বি* আদম; কোরান ও বাইবেল অনুসারে প্রথম সৃষ্ট মানব। **~রস** *বি* অলঙ্কার শাস্ত্রোক্ত নয় রসের প্রথম রস; শৃঙ্গার রস; কাম-প্রেমবিষয় রস। **~রসাত্মক, ~রসমিশ্রিত** *বিণ* শৃঙ্গাররস-প্রধান; আদিরসপূর্ণ। { স. আ+ √দা + ই(কি) }

আদিখ্যেতা, আধিখ্যেতা [আদিকখেতা, আধিকখেতা] *বি* ১ ভান; ন্যাকামি। ২ বাড়াবাড়ি; আতিশয্য (এও বুঝি পানশিরের কোনো জঙ্গলী অভ্যর্থনার আদিখ্যেতা —সৈমু; চাষাভুষোর ঘরে এমন ধারা আদিখ্যেতা জীবনে দেখিনি—মউ)। { স. অদৃক্ষিত= অ(-আ)+ দৃক্ষিত>দিক্‌খিত> দিখ্যেতা—পূর্বে কখনও দেখেনি এমন ভাব }

আদিত্য [আদিত্‌তো] *বি* ১ সূর্য (উদিলা আদিত্য এবে উদয়-অচলে—মদ)। ২ কশ্যপপত্নী অদিতি-র গর্ভজাত দ্বাদশ পুত্র। { স. অদিতি+য }

আদিনা [আদিনা] *বি* শুক্রবার। **~ মসজিদ** *বি* ১ শুক্রবারে জুম্মার নামাজ পড়ার মসজিদ। ২ ১৩৬৮ খ্রিস্টাব্দে সিকান্দর শাহের নির্মিত পাণ্ডুয়ার বিখ্যাত মসজিদ। { ফা. আদীনা آدینہ }

আদিম [আদিম্] *বিণ* ১ প্রথম; আদ্য (আদিম কুহু আদিম কেকা—সদ)। ২ অতি প্রাচীন; পুরাকালীন। **~তা, ~ত্ব** *বি*। { স. আদি+ম }

আদিরস, আদিরসমিশ্রিত, আদিরসাত্মক ⇒ আদি

আদিষ্ট [আদিশ্‌টো] *বিণ* ১ আদেশ দেওয়া হয়েছে এমন; আজ্ঞাপ্রাপ্ত; উপদিষ্ট। ২ নিয়োজিত। **আদেশ** *বি*। **আদিষ্টা** *স্ত্রী*। { আ. +√দিশ্ + ত (ক্ত) }

আদুড়, আদুল, আদুর [আদুড়, -ল্, -র্] *বিণ* ১ অনাবৃত; উন্মুক্ত; খোলা (বাবু মায় স্টাফ আদুড় গায়ে উঠানে দাঁড়িয়েছেন—কাসি)। ২ নগ্ন (আদুল গায়ে নায়লো সবাই নর্তকী পারা—সদ)। ৩ আলুলায়িত; অবিন্যস্ত (আদুল চুলের খোঁপাটি ঘেরিবে আমার বিনুনী দিয়া—বআমি)। { স. উদার (উন্মুক্ত) > }

আদুরিয়া ⇒ আদুরে

আদুরে, আদুরিয়া [আদুরে, -রিয়া] *বিণ* ১ অতি আদরের; প্রচুর আদর পেয়ে থাকে এমন। ২ বেশি আদরের দরুন খারাপ হয়ে যাচ্ছে এমন। **আদুরি, আদুরী, আদরী** *স্ত্রী*। **~ কথা** *বি* আধ-আধ কথা। **~ গোপাল** *বি* (ব্য.) অতিরিক্ত আদরে লালিত পালিত বালক। { স. আদর+বা. ইয়া> }

আদুল ⇒ আদুড়

আদৃত [আদৃতো] *বিণ* ১ সমাদৃত; আদর করা হয়েছে এমন। ২ সম্মানিত; অভিনন্দিত। ৩ আগ্রহের সঙ্গে গৃহীত। **আদর** *বি*। { *স.* আ+√দৃ+ত (ক্ত)}

আদেখ ⇒ অদেখা

আদেখলা, আদেখলে [আদেখ্‌লা, –লে] *বিণ* ১ দেখার বা পাওয়ার জন্য এত ব্যগ্র যে মনে হয় পূর্বে কখনো কোনো ভালো জিনিস দেখেনি বা ভোগ করেনি। ২ অতিলোভী। ৩ পেটুক। ৪ হ্যাংলা। **~পনা** *বি*। { *বা.* আ (নঞর্থক) + দেখ+লা (সাদৃশ্যার্থক)}

আদেখা ⇒ অদেখা

আদেশ [আদেশ্‌] *বি* ১ হুকুম; আজ্ঞা। ২ অনুমতি। ৩ উপদেশ। ৪ অনুশাসন; বিধি। ৫ নিয়োগ। ৬ *(ব্যা.)* এক বর্ণের স্থানে অন্য বর্ণের উৎপত্তি। **~ক, ~কর্তা, ~কারী** (–রিন্‌), **~দাতা** *বিণ* হুকুম দেয় এমন; আদেশপ্রদানকারী। **~কর্ত্রী, ~কারিণী, ~দাত্রী** *স্ত্রী*। **~পত্র** *বি* হুকুমনামা; শমন। **~পালক** *বিণ* হুকুম মতো কাজ করে এমন; আজ্ঞাবহ। **~লঙ্ঘন** *বি* হুকুম অমান্যকরণ; অবাধ্যতা। **আদেশানুবর্তী** (–র্তিন্‌) *বিণ* হুকুম পালনকারী; আদেশমতো কার্যকারী। { *স.* আ+√দিশ্‌+অ (ঘঞ)}

আদেষ্টা (–ষ্টৃ) [আদেশ্‌টা] *বি,বিণ* আদেশকর্তা; আদেশদানকারী। □ *বি* ১ উপদেশক। ২ শাসনকর্তা। **আদেষ্ট্রী** *স্ত্রী*। { *স.* আ+√দিশ্‌+তৃ (তৃ)}

আদৌ [আদোউ] *অব্য ক্রিবিণ* ১ মোটেই; একেবারেই; আদপে। ২ আদিতে; প্রথমে; আগে। { *স.* 'আদি' শব্দের সপ্তমীর এক বচন 'আদৌ'}

আদ্দাশ, আদ্দাস ⇒ আদাশ

আদ্দি[১]**, আদ্ধি**[১] [আদ্‌দি, আদ্‌ধি] *বি* কার্পাস সুতায় তৈরি সূক্ষ্ম বস্ত্রবিশেষ। {ঢাকার প্রাচীন মসলিন কাপড়ের 'আধি'>আদ্দি নামক শ্রেণি; *স.* আর্ধিকি; *তুল. হি* আদ্ধি}

আদ্দেক [আদ্‌দেক] *বি* অর্ধেক; অর্ধাংশ (আধুলিটা ছিনিয়ে নিয়ে বললে আমার আদ্দেক—*অচিসে*)। { *স.* অর্ধেক >}

আদ্ধি ⇒ আদ্দি

আদ্য, আদ্যি [আদ্‌দো, আদ্‌দি] *বিণ* প্রথম; আদিম (সেই পুষ্প হতে আদ্য আদম উজ্জ্বল—*সৈআ*)। **~কৃত্য** *বি* ১ প্রথম করণীয় কাজ (কেউ ধরে নেয় যে নিরীহনিগ্রহের প্রতিবিধানই হিতৈষণার আদ্যকৃত্য—*সুদ*)। ২ হিন্দুদের আদ্য শ্রাদ্ধ। **~ন্ত** *বিণ, ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া; সমস্ত। □ *বি* প্রথম ও শেষ; আদি ও অন্ত। **~প্রান্ত** *ক্রিবিণ* পূর্বাপর; আগাগোড়া; আদি–অন্ত। **~রস** *বি* অলঙ্কার শাস্ত্রের প্রথম রস; আদিরস। **~শ্রাদ্ধ** *বি* হিন্দু সমাজে প্রচলিত মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ। **আদ্যিকালের বদ্যিবুড়ো** *বিণ* অত্যন্ত প্রাচীন বা অভিজ্ঞ ব্যক্তি। { *স.* আদ্য+ *বা.* ই}

আদ্যা [আদ্‌দা] *বিণ স্ত্রী.* আদিভূতা। □ *বি স্ত্রী.* ১ প্রকৃতি। ২ পরমেশ্বরী। ৩ *বি স্ত্রী.* মহাবিদ্যা; দুর্গা; কালী; মহামায়া। (আদ্যা অত্মরূপা আশা পুরাহ আসিয়া—*ভারা*)। **~শক্তি** *বি স্ত্রী.* ১ পরমেশ্বরী; জগৎ–সৃষ্টির আদিকারণ। ২ মহামায়া। { *স.* আদ্য+আ(টাপ্‌)}

আদি ⇒ আদ্য

আদ্যোপান্ত [আদ্‌দোপানতো] *ক্রিবিণ* প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া (পৃথিবী তাহার নিকটে আদ্যোপান্ত মিথ্যা—*রঠা*)। { *স.* আদ্য+উপান্ত; অব্যয়ী}

আদ্রক [আদ্‌দ্রক] *বি* আদা { *স.* আর্দ্রক}

আদ্রিয়মাণ [আদ্‌দ্রিয়োমান] *বিণ* আদৃত হচ্ছে এমন। { *স.* আ+√দৃ+মান (শানচ)}

আধ [আধ্‌] *বিণ* ১ অর্ধ; আধা (আধ অঙ্গে শোভে বিভূতি ধবল—*ভারা*)। ২ আংশিক। **~~, আধো-আধো** *বিণ* ১ অসম্পূর্ণ; অসম্যক। ২ অস্ফুট (আধ–আধ বুলি)। **~~পনা** *বি (ব্য.)* বালকোচিত আচরণ। **~কপালে, ~কপালিয়া, ~কপালি** *বি* কপালের একদিকে ব্যথা বা কামড়ানি; অর্ধ শিরঃপীড়া। □ *বিণ* কপালের অর্ধেক জুড়ে আছে এমন। **~কামারিয়া** *বিণ* হাতুড়ে; অর্বাচীন (ইহাকে একজন আধকামারিয়া উকিল বলিয়া জানিতাম—*ঈবি*)। **~খেঁচড়া, আধাখেঁচড়া** *বিণ* ১ অসম্পূর্ণ; অর্ধ–সম্পাদিত। ২ বিশৃঙ্খল; এলোমেলো (আধখেঁচড়া শিকারের জন্য দু'চার দল পাখিও আস্তে আস্তে ফিরে আসছে—*সৈমু*; আধা খেঁচড়া ব্যবস্থা—*প্রচৌ*)। **~খেপা** ⇒ আধপাগলা। **~পর** *বিণ* ১ অর্ধপ্রহর। ২ দুপুর; মাঝ (শিমুলের গাছে আধপর রাতে শকুনী ঝাপটে ডানা—*বআমি*)। **~পাগলা, ~খেপা** *বিণ* প্রায় উন্মাদ; পাগলাটে। **~পেটা** *বিণ* অর্ধেক পেট ভরে এমন (আধপেটা খোরাকি)। **~পোড়া** *বিণ* অর্ধদগ্ধ; আংশিকভাবে দগ্ধ। **~বয়সী, আধাবয়সী** *বিণ* মধ্যবয়স্ক; যৌবন ও প্রৌঢ়কালের মধ্যবর্তী বয়স্ক। **~বুড়া/বুড়ো** *বিণ* প্রায় বৃদ্ধ; প্রৌঢ়। **~বুড়ি** *স্ত্রী*। **~ময়লা** *বিণ* ঈষৎ অপরিষ্কার; কিছু ময়লা (বাচ্চাদের জামাকাপড় সবই অর্ধেময়লা—*নীহি*)। **~মরা** *বিণ* ১ প্রায় মরা; অর্ধমৃত। ২ নির্জীব; নিস্তেজ; উদ্দীপনাহীন (আধমরাদের ঘা মেরে তুই বাঁচা—*রঠা*)। **~সারা, আধাসারা, আধাসারি** *বিণ* অসম্পূর্ণ; আধখেঁচড়া। □ *ক্রিবিণ* আধাআধি নিঃশেষ; অর্ধেক সাবাড় (দেখিতে দেখিতে চিলে করে আধাসারি—*কমু*)। { *স.* অর্দ্ধ>*প্রা.* অদ্ধ>}

আধলা [আধ্‌লা] *বি* ১ আধপয়সা (একটি আধলা দিয়ে খরচের খাতায় লিখলেন—*অঠা*)। ২ আধখানা; অর্ধাংশ। { *স.* অর্ধ>আধ+লা}

আধলি ⇒ আধুলি

আধা [আধা] *বিণ* অর্ধ (আধাপথ)। □ *বি* অর্ধেক (বাধা সুতনু তনুর আধা—*ভারা*)। **~আধি** *বিণ* অর্ধেক; প্রায় অর্ধেক (আধাআধি কাজ)। □ *ক্রিবিণ* অর্ধেক পরিমাণে (আধাআধি করা)। **~সরকারি** *বিণ* সম্পূর্ণরূপে সরকারি নয় এমন; semi-government। { *স.* অর্ধ>}

আধাখেঁচড়া ⇒ আধ

আধান [আধান্‌] *বি* ১ আধার; পাত্র। ২ উৎপাদন (গর্ভাধান)। ৩ ধারণ; গ্রহণ (গৌরী কোলে করিল আধান—*কমু*)। ৪ স্থাপন (অগ্ন্যাধান)। □ *বিণ* সঞ্চার (প্রকৃতিতে তেজপ্রভ করিল আধান—*কমু*)। { *স.* আ + √ধা+অন}

আধা বয়সী ⇒ আধ

আধার[১] [আধার্‌] *বি* ১ পাত্র; যাতে কোনো কিছু থাকে

(সুগন্ধি তাম্বুল রাখে এহি সে আধার—*সৈআ*)। ২ স্থান। ৩ আশ্রয়; অবলম্বন। { *স.* আ+√ধৃ+অ(ঘঞ্) }

আধার[২] [আধার] *বি* ১ খাদ্য। ২ পাখির খাদ্য; দানাপানি (মুখে আধার জোগাতে হয় আমাকেই—*বোধা*)। **~ দেওয়া** *ক্রি* পাখিকে দানাপানি দেওয়া। { *স.* অর্ধাহার> অদ্ধাআর>আধার }

আধারি (*মবা.*) [আধারি] *বি* কুঁড়েঘর (আধারি এড়িয়া পাইলা উহারি মেহারি—*শেফ*)। { *স.* অন্ধকার > আধার+ ই }

আধা সরকারি ⇒ আধা

আধি[১] [আধি] *বি* ১ দুশ্চিন্তা; ভাবনা; উৎকণ্ঠা (ব্যাধির চেয়ে আধি হ'ল বড়ো—*রঠা*)। ২ বিপদ (ভণয়ে বিদ্যাপতি আর নাহি আধি—*বিপ*)। **~ক্লিষ্ট** *বিণ* মনঃপীড়ায় আক্রান্ত; মনোবেদনায় কাতর। **~জ** *বিণ* মনঃপীড়াজাত। **~ব্যাধি** *বি* শারীরিক ও মানসিক রোগ (আধিব্যাধি নাহি হয় সপের দংশন—*কমু*)। { *স.* আ+√ধা+ই(কি) }

আধি[২] [আধি] *বি* বর্গা; অর্ধেক ফসলের বিনিময়ে জমি চাষের ব্যবস্থা (জমি বর্গা বা আধি দিয়া যে শস্যাদি প্রাপ্ত হন—*নর*)। { *স.* অর্ধ> *বা.* আধ+ই }

আধিকারিক [আধিকারিক] *বিণ* অধিকার সংক্রান্ত; স্বত্ব বিষয়ক। ☐ *বি* উচ্চ কর্মচারী; officer। { *স.* অধিকার+ ইক(ঠক) }

আধিক্য [আধিককো] *বি* ১ আতিশয্য; বাড়াবাড়ি। ২ প্রাধান্য; প্রাবল্য। { *স.* অধিক+য(ষ্যঞ্) }

আধিক্যেতা, আধিখ্যেতা = আদিখ্যেতা

আধিজৈবিক [আধিজোইবিক] *বিণ* পার্থিব; জীবন ও জগৎ সম্বন্ধীয়। ☐ *বি* জাগতিক বিষয় বা বস্তু (অতএব সে সময়ে আধিজৈবিকের ধ্যান অত্যাবশ্যক ঠেকে—*সুদ*)। { *স.* অধি + জীব+ইক }

আধিদৈবিক [আধিদোইবিক] *বিণ* প্রাকৃতিক; নৈসর্গিক; স্বাভাবিক; অনাবৃষ্টি; ভূমিকম্প; বজ্রপাত প্রভৃতি জাত (আধিদৈবিক দুঃখ বা বিপদ)। { *স.* অধি+দেব+ ইক(ঠঞ্) }

আধিপত্য [আধিপোততো] *বি* ১ কর্তৃত্ব; প্রভুত্ব (তাহার প্রতি তাহার আধিপত্য ঢের বেশি হইল—*রঠা*)। ২ প্রাধান্য। ৩ রাজত্ব (এখন সপরিবারে আধিপত্য করিতেছেন—*রাব*)। { *স.* অধিপতি+য(ষ্যঞ্) }

আধিভৌতিক [আধিভোউতিক] *বিণ* পঞ্চভূত বা জীবজন্তুজাত (আধিভৌতিক দুঃখ—*রঠা*; যেহেতু আধিভৌতিক অন্বয় ব্যতিরেকে অবিশ্বাসী —*সুদ*)। { *স.* অধি+ভূত+ইক(ঠঞ্) }

আধিরাজ্য [আধিরাজজো] *বি* ১ অধিরাজের ভাব। ২ অধিরাজের পদ। ৩ আধিপত্য; অধিকার। { *স.* অধিরাজ+য(ষ্যঞ্) }

আধুত, আধূত [আধুতো] *বিণ* ১ ঈষৎ কম্পিত; আন্দোলিত। ২ অভিভূত; ব্যাকুলিত। **আধুতা** *স্ত্রী.*। { *স.* আ + √ধু, √ধূ+ত (ক্ত) }

আধুনিক [আধুনিক] *বিণ* বর্তমান কালের; হালের; সাম্প্রতিক; অধুনাতন; নব্য। **আধুনিকতা** *বি*। **আধুনিকা** *স্ত্রী.*। { *স.* অধুনা+ইক(ঠঞ্) }

আধুলি, আধলি [আধুলি, আধলি] *বি* এক টাকার অর্ধেক মূল্যের মুদ্রা; পঞ্চাশ পয়সার মুদ্রা; আট আনি। { *স.* অর্ধ>আধ + *বা.* অলি, উলি }

আধূত ⇒ আধুত

আধৃত [আধৃতো] *বিণ* ১ গৃহীত। ২ রক্ষিত। { *স.* আ+ √ধৃ+ত(ক্ত) }

আধেক [আধেক] *বিণ, ক্রিবিণ* অর্ধেক; আধাআধি (অরুণ–রথ চূড়া আধেক যায় দেখা—*রঠা*)। { *স.* অর্ধ> *বা.* আধ+এক }

আধেয় [আধেয়ো] *বিণ, বি* ১ স্থাপনযোগ্য। ২ উৎপাদ্য। ৩ আধারস্থিত বস্তু (ভাব ও ভাষায় আধেয় আধার সম্পর্ক)। ৪ ধারণ করার যোগ্য। ৫ বন্ধক রাখার যোগ্য। { *স.* আ+√ধা+য(যৎ) }

আধেলা [আধেলা] *বি* আধ পয়সা। { *স.* অর্ধ>আধ+ লা=আধলা>আধেলা }

আধো-আধো ⇒ আধ

আধোয়া [আধোয়া] *বিণ* ১ ধোয়া বা কাচা হয়নি এমন; অধৌত (আধোয়া কাপড়)। ২ অপরিষ্কৃত। ৩ কোরা। { *বা.* আ+ধোয়া }

আধ্মাত [আদধাত] *বিণ* ১ শব্দিত; ধ্বনিত। ২ স্ফীত; বায়ুপূরিত। { *স.* আ+√ধ্মা+ত (ক্ত) }

আধ্মান [আদধান] *বি* ১ নিনাদ; শব্দ। ২ স্ফীতি। ৩ পেট ফাঁপা (উদরাধ্মান)। { *স.* আ+√ধ্মা+অন(ল্যুট্) }

আধ্যাত্মিক, অধ্যাত্মিক [আদধাততিক, অ-] *বিণ* ১ পারমার্থিক; spiritual (এই ধর্মের বীজমন্ত্রগুলি আধ্যাত্মিক ভাবাপন্ন—*শেআ*)। ২ আত্মা থেকে জাত বা আত্মা সম্বন্ধীয়। ৩ মানসিক। { *স.* অধ্যাত্ম+ইক(ঠঞ্) }

আধ্যান [আদধ্যান] *বি* ১ স্মরণ। ২ ধ্যান; চিন্তা। ৩ উৎকণ্ঠা; দুশ্চিন্তা। { *স.* আ+√ধ্যৈ+অন(ল্যুট্) }

আন[১] (*পদ্য.*) [আন] *বিণ* অন্য; অপর (আমি চাই না লো আন পানে—*নই*)। ☐ *ক্রিবিণ* ১ অন্যথা; অন্যরূপ (স্বপ্ন উপদেশ বলি না করিও আন—*বিগু*)। ২ অধিক; আর (শুন শুন, মাধব কি কহিব আন—*বিপ*)। **আন আন** *বিণ* অন্যান্য; অপরাপর (আন–আন দিন এখান দিয়াই তো যাই—*দমি*)। { *স.* অন্য> }

আন[২] [আন] *ক্রি* আনয়ন কর; নিয়ে আয়। **আনো** (তুমি আনো)। **আনুন** (আপনি আনুন)। **আনে** (সে আনে)। { *স.* আ-√নী> *বা.* √আন }

আন[৩] (*মবা.*) [আন] *বি* আহার্য; অন্ন (আন পানী নাহি খাও—*বচদা*)। { *স.* √অদ্+ক্ত>অন্ন> *বা.* আন }

আন[৪] [আন] *অব্য* সকল গণ আদি সমূহ প্রভৃতি ফারসি ভাষার বহুবচন বাচক (শরিক+আন = শরিকান; মালিক+আন = মালিকান)। { *ফা.* আন ان }

আনক [আনক] *বি* ঢাক; ভেরি; পটহ; মৃদঙ্গ। ☐ *বিণ* শব্দায়মান। { *স.* √অন+ণিচ্+অক(ণ্বুল্) }

আনকা, আনকো, আনখা, আইনকা [আনকা, -কো, -খা, আইনকা] *বিণ* ১ অজ্ঞাত; অপরিচিত (আনকা মানুষের কাছে ছেলেটা যেতে চায় না; আনকা কথা)। ২ দেখা যায় না এমন; অস্পষ্ট (আনকো আলোয় যায় দ্যাখ্যা ওই পদ্মকলির হাই তোলা—*সদ*)। ৩ অভিনব; অদ্ভুত (সঙ্গী বাবুরা দুই একটা আনখা শব্দ লইয়া রঙ্গ করত—

√প্যা/বি)। {হি. অনোখা; তুল. স. অনীক্ষ্য (অন (নঞ্)। ঈক্ষ)>অনিকখ>অনীখা>আনকা}

আনকোরা [আন্‌কোরা] *বিণ* ১ সম্পূর্ণ নতুন (আনকোরা প্রতিষ্ঠান—*মব*)। ২ আধোয়া; কোরা (আনকোরা কাপড়)। ৩ অমলিন; অব্যবহৃত (আনকোরা নোট)। ৪ টাটকা (স্বামীর খুনের ছোপ দেওয়া তায় ডগডগে আনকোরা—*নই*)। ৫ অনভিজ্ঞ; কাঁচা (আনকোরা যত নন-ভায়োলেণ্ট নন‌কো'র দলও নন খুশী—*নই*)। {হি. আনকোরা}

আনচান [আন্‌চান্] *বিণ* অস্থির; আকুল; উচাটন (দুর্নিয়ম দেনা মিটে যায় আজ তবু আনচান—*নই*)। ❑ *ক্রিবিণ* আকুলি বিকুলি; চঞ্চল; উতলা (মা বলিতে প্রাণ করে আনচান—*রঠা*)। ❑ *বি* প্রলাপ; বাজে কথা (বোলএ বচন আনচানে—*বচদা*)। {বা. আন (<অন্য)+ফা. চাইন چین > চন-আনচান}

আনজাম ⇒ আঞ্জাম

আনট, আনোট (*মব্য.*), **আনোটা** [আনোট, –, –টা] *বি* পায়ের আঙুলের আংটি; আঙোট (শোভিত নেপুর রত্ন আনট বিছিয়া—*সৈআ*)। {স. অঙ্গুষ্ঠ> আংগুট্ঠ> অনগুঠ>আনুট, আনোট, আনট}

আনত[১] [আনতো] *বিণ* ১ অবনত; ঈষৎ নত (আনত নয়ন—*রঠা*)। ২ নম্র; বিনীত। ৩ প্রণত। **আনতি** *বি* ১ বিনয়; নম্রতা। ২ প্রণাম; অবনমন। {স. আ+√নম্+ত(ক্ত)}

আনত[২] [আনত] *ক্রিবিণ* অপর দিকে (আনত হেরি তত্তহি দেই কানে—*বিপ*)। {স. অন্যত্র>অন্নত্ত>আনত্ত> আনত}

আনতি ⇒ আনত[১]

আনদেশ ⇒ আন্দেশা

আনদ্ধ [আনদ্‌ধো] *বি* চর্মাবৃত বাদ্যযন্ত্র; মৃদঙ্গ খোল তবলা বাঁয়া প্রভৃতি যন্ত্র (কাজ নাই আনদ্ধ ঝঙ্কারে—*সদ*)। ❑ *বিণ* ১ আবদ্ধমুখ; চর্মাচ্ছাদিত (আনদ্ধ যন্ত্র)। ২ গ্রথিত; সুবিন্যস্ত (আনদ্ধ কেশপাশ; আনদ্ধ আভরণ)। ৩ বেশভূষায় সজ্জিত; বস্ত্রালঙ্কারে ভূষিত। {স. আ+√নহ্+ত (ক্ত)}

আনন [আনোন্] *বি* ১ মুখমণ্ডল; বদন। ২ মুখ। {স. আ+√অন্+অন(ল্যুট্)}

আনন্তর্য [আনন্‌তর্‌জো] *বি* ১ অব্যবধান। ২ অনন্তরত্ব। {স. অনন্তর+য(ষ্যঞ্)}

আনন্ত্য [আনন্‌তো] *বি* ১ অসীমত্ব; অনন্তের ভাব; অশেষত্ব। ২ বাহুল্য। {স. অনন্ত+য(ষ্যঞ্)}

আনন্দ [আনন্‌দো] *বি* ১ হর্ষ; পুলক (আনন্দেরি সাগর হতে এসেছে আজ বান—*রঠা*)। ২ সুখ; তৃপ্তি (আনন্দ লাভ; আনন্দদান)। ৩ সন্তোষ; পরিতোষ; সম্যক তৃপ্তি (রাজার আনন্দকর রাজ্যের কুশল—*ভারা*)। ৪ স্ফূর্তি; আহ্লাদ (আনন্দ করা)। **আনন্দিত** *বিণ*। ~**কন্দ** *বি* আনন্দের উৎস বা মূল (সঙ্গে নিত্যানন্দ ভুবনে আনন্দকন্দ—*কমু*)। ~**ন** *বি* ১ হর্ষ উৎপাদন; আনন্দদান। ২ অভিনন্দন; স্বাগত জিজ্ঞাসা। ~**নীপ** *বি* আনন্দরূপ কদম্ববৃক্ষ (মানসে যিনি আনন্দনীপ বন্দি তাঁয় জাগরে, দীন—*সদ*)। ~**প্রবাহ** *বি* হর্ষস্রোত; সুখের সাগর (প্রজাবর্গ বহুদিনের পর রাজসন্দর্শন প্রাপ্ত হইয়া আনন্দপ্রবাহে মগ্ন হইল—*ঈবি*)। ~**মঞ্জুলা** *বি* আনন্দদায়ক কুঞ্জবন। ❑ *বিণ* আনন্দমধুর। ~**মতী** *বিণ, বি স্ত্রী.* আনন্দিতা; হর্ষপরিপূর্ণ (কোথায় ছিলে সেদিন আনন্দময়ী—*মব*)। ~**ময়** *বিণ* আনন্দপূর্ণ; সদানন্দ। ~**ময়ী** *স্ত্রী.*। ~**লহরি** *বি* ১ আনন্দের ঢেউ; হর্ষতরঙ্গ। ২ একতন্ত্রী বাদ্যযন্ত্রবিশেষ। ~**লাড়ু**, ~**নাড়ু** *বি* চালের গুঁড়া ও গুড় সহযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। ~**সম্পন্ন** *বিণ* হর্ষযুক্ত; পুলকিত (অন্ন খায় সবে সুখে আনন্দসম্পন্ন—*ভারা*)। {স. আ+√নন্দ্+অ (অচ্)}

আনমন[১] [আনমোন্] *বি* ঈষৎ নতকরণ; নোয়ানো; বাঁকানো। **আনমনীয়, আনম্য** *বিণ* বাঁকানো বা নোয়ানো যায় এমন। **আনমনীয়া, আনম্যা** *স্ত্রী.*। **আনমিত** *বিণ ক্রিবিণ* ঈষৎ নত; আনত (স্বর্ণ শীষে আনমিত শস্য ক্ষেত্রতল—*রঠা*; মস্তক আনমিত করিয়া—*রঠা*)। {স. আ+√নম্+অন(ল্যুট্)}

আনমনা, আনমন [আন্‌মোনা/–মনা, আন্‌মোন্] *বিণ* অন্যমনস্ক; অমনোযোগী; উদাসীন (আনমন যদি হই এক তিল—*রঠা*)। **আনমন** *বি*। **আনমনে** *ক্রিবিণ* শূন্য মনে; নির্লিপ্তভাবে; অন্যমনস্কভাবে (আর আনসার মাঝে মাঝে আনমনে হুঁ দিয়ে যাচ্ছে—*নই*)। {স. অন্যমনঃ (মনস্)>অন্নমনা>আনমনা}

আনম্র [আনম্‌ম্রো] *বিণ* বিনয়াবনত; বিনীত (তোমার আনম্র শিরে আনন্দে আদরে—*রঠা*)। {স. আ+নম্র}

আনয়ন [আনয়োন্] *বি* আনা; নিয়ে আসার কাজ। {স. আ+√নী+অন(ল্যুট্)}

আনর্থ, আনর্থ্য [আনর্‌থো] *বি* অনর্থকতা; ব্যর্থতা; অনর্থতা (তার এই আনর্থক্য—*অচিসে*)। {স. অন (ন অর্থে)+অর্থ=অনর্থ+অ (অণ্), য}

আনল, আনলি (*ব্র.*) [আনল, আনলি] *ক্রি* আনলো (আনল অনুরোধি; আনলি চোরি—*বিপ*)। {স. √নী>আন+ল}

আনল হক ⇒ আনাল হক

আনসার [আন্‌সার্] *বি* ১ স্বেচ্ছাসেবক বাহিনীবিশেষ। ২ হিজরতের পর মুহাজিরদের সাহায্যকারী মদিনাবাসীগণ। {আ. আনসার انصار}

আনা[১] [আনা] *ক্রি* নিয়ে আসা; আনয়ন করা। ❑ *বি* ১ আনয়ন (আনার খরচ)। ২ আসা; আগমন (আনাগোনা)। ❑ *বিণ* আনীত (তোমার আনা কাপড়)। **আনানো** *ক্রি* আনয়ন করানো। ❑ *বি* ১ অপরের দ্বারা আনয়নের কাজ সম্পন্নকরণ। ২ আনীত; সংগৃহীত। {স. আ+√নী>বা. √আন্+আ}

আনা[২], **আনি** [আনা, আনি] *বি* ১ এক টাকার ষোলো ভাগের এক ভাগ; চার পয়সা; ছয় নয়া পয়সা। ২ কোনো কিছুর ষোলো ভাগের এক ভাগ (কাগজটির এক আনা মাত্র শেষ হয়েছে)। ৩ তোলা বা ভরির ষোলো ভাগের এক ভাগ; ছয় রতি পরিমাণ। {স. আনক>প্রা. আণঅ>আনা}

আনা[৩] [আনা] *বি* ব্যবহার কর্ম অনুকরণ আচরণ প্রভৃতি-সূচক প্রত্যয় (গরিবানাহ, বাবুয়ানা)। {ফা. আনা انه}

আনাগোনা [আনাগোনা] *বি* যাওয়া-আসা, গমনাগমন; যাতায়াত (ওরে শান্ত তরী রাখ রে আনাগোনা—*রঠা*)। {*স.* আগমন+গমন (চর্যা) = অবনাগমন> আওনাগোন> আনাগোনা; দ্বন্দ্ব}

আনাচ-কানাচ [আনাচ্কানাচ্] *বি* ১ গলিঘুঁজি; কোনা; ঘুপচি; আড়াল; আবডাল; ছাঁচতলা (তাদের বাড়ির মেয়েমানুষ নিয়ে ... আনাচে কানাচে হাসিঠাট্টা, কথাবার্তা যে হতো না, এমন নয়—*সজ*)। ২ আঁদাড়-পাঁদাড়; অস্থানকুস্থান। {কানাচ> কানাচ, *অনু.* আনাচ; দ্বন্দ্ব}

আনাজ [আনাজ্] *বি* ১ কাঁচা তরকারি; শাকসবজি (এই সমে আনাজ সকল করিবেক জমা—*ফগ*)। ২ শস্য; ফসল। **–পত্র** *বি* শাকসবজি; রন্ধনোপযোগী তরকারি ও শাকাদি। **আনাজি** *বিণ* আনাজের উপযোগী (আনাজি কলা)। {*স.* অন্ন+√অদ্+অ> অন্নাদ>}

আনাড়ি [আনাড়ি] *বি,বিণ* অপটু; অনভিজ্ঞ; অনিপুণ (আনাড়ির হাতের রান্নায়—*অঠা*; একেবারে আনাড়ি—*রাব*)। ❑ *বিণ* ১ মূর্খ; অশিক্ষিত (তিনি কোনও বিষয় আনাড়ীর মতো চর্চা করতেন না—*আম*)। ২ হাতুড়ে। **–পনা** *বি* আনাড়ির কাজ বা ব্যবহার। {*স.* জ্ঞানী> *প্রা.* ণাণি> নাড়ি>; অথবা, *বা.* আ(নঞর্থক)+*স.* নাড়ি= অনাড়ি (নাড়ি জ্ঞান নেই এমন)}

আনানো ⇒ আনা[1]

আনাম [আনাম্] *বিণ* আস্ত; গোটা (একটা আনাম রসগোল্লা গিলতে গিয়ে গলায় *ঠেকে*—*ইখাঁ*)। {*আ.* আমান امان}

আনায় [আনায়্] *বি* জাল; ফাঁদ (আনায় মাঝারে বাঘে পাইলে কি কভু ছাড়ে রে কিরাত তারে—*মদ*)। {*স.* আ+√নী+অ (ঘঞ)}

আনার [আনার্] *বি* দাড়িম্ব; ডালিম; বেদানা। **–কলি** *বি* ১ কচি ডালিম; ডালিমের কুঁড়ি। ২ লাহোরের একটি বিখ্যাত স্থানের বা বাজারের নাম। {*ফা.* আনা انار}

আনারস [আনারশ্] *বি* অম্লমধুর রসবিশিষ্ট ফলবিশেষ। **আনারসি** *বিণ* আনারসের ন্যায় অম্লমধুর স্বাদযুক্ত। {*পো.* আনানাস ananas}

আনাল হক, আনল হক [আনাল্ হক্, –নল্–] আমি সত্য; আমি পরম সত্তা। মনসুর হাল্লাজ 'আনাল হক' বলায় প্রাণদণ্ড লাভ করেন (তিনি 'আনল হক' বলিতেন—*গিঘো*)। {*আ.* আনালহক্ক انا الحق। আমিই (পরম) সত্য}

আনি ⇒ আনা[2]

আনিস, আনীস [আনিস্] *বি* বন্ধুবান্ধব; সহচর (আতুরী ও আনীসদের বেশির ভাগ আনাগোনা হচ্ছে—*প্যামি*)। {*আ.* আনীস انيس}

আনীত [আনিতো] *বিণ* আনা হয়েছে এমন; উপস্থাপিত। {*স.* আ+√নী+ত (ক্ত)}

আনীল [আনিল্] *বিণ* ঈষৎ নীলবর্ণ; নীলাভ (আতাম্রকুন্তলা আনীললোচনা দুগ্ধফেনশুভ্রা হরিণলঘুগামিনী ইংরাজ মহিলা—*রঠা*)। ❑ *বি* নীলবর্ণ অশ্ব। **আনীলা** *স্ত্রী*। {*স.* আ+নীল}

আনীস ⇒ আনিস

আনু, আনে (*প্র.*) [আনু, আনে] *বিণ* অন্য; অপর (এতদিনে আবু ভাগে হাম আহনু; এখন জগতে নাহি আনে—*বিপ*)। {*স.* অন্য>}

আনুকূল্য [আনুকুল্লো] *বি* পোষকতা; সাহায্য (গ্রহনক্ষত্রের আকাশবাণী আনুকূল্যের ফলে যে শিশু ধরাধামে অবতীর্ণ হইয়াছে—*রঠা*)। ২ দাক্ষিণ্য; অনুগ্রহ; উপকার। {*স.* অনুকূল+য(ষ্যঞ)}

আনুখর (*প্রাব.*) [আনুখর্] *বি* অনুচিত কথা; দুর্বাক্য (অকারণে বোলে রাধা মোরে আনুখর—*বচদা*)। {*স.* অনক্ষর> অনকখর> আনুখর}

আনুগতী (*মব.*) [আনুগোতি] *বিণ স্ত্রী.* অনুগতা (আনুগতী ওকতী অনাথি আক্ষি নারী—*বচদা*) {*স.* অনুগতা+অ (অণ্)+*বা.* ঈ}

আনুগত্য [আনুগোত্তো] *বি* ১ বশ্যতা; অধীনতা; বাধ্যতা। ২ অনুবর্তন; অনুসরণ (অবিশ্রান্ত তাঁহাদের আনুগত্য করিতেছেন—*ঈবি*)। ৩ তোষামোদ। {*স.* অনুগত+য(ষ্যঞ)}

আনুতোষিক [আনুতোশিক্] *বি* সাহায্য; বৃত্তি। {*স.* অনুতোষ+ইক}

আনুপ ⇒ আনূপ

আনুপদিক [আনুপোদিক্] *বিণ* পদের অনুগামী; অনুসরণকারী; পশ্চাদ্‌গামী। {*স.* অনুপদ+ইক}

আনুপাতিক [আনুপাতিক্] *বিণ* ১ হার অনুসারে বিচারিত। ২ (*গণিত*) অপর কোনো পরিবর্তনশীল রাশির সহিত স্থির সম্বন্ধযুক্ত; proportional। {*স.* অনুপাত+ইক (ষ্ণিক)}

আনুপূর্ব, আনুপূর্ব্য [আনুপুরবো] *বি* যথাক্রম; পরম্পরা। **আনুপূর্বী** *স্ত্রী*। **আনুপূর্বিক** *ক্রিবিণ* যথাক্রমে; প্রথম থেকে। ❑ *বিণ* ১ ধারাবাহিক। ২ আগাগোড়া। **আনুপূর্বিকতা** *বি* ধারাবাহিকতা; ক্রমপরম্পরা (তিনি শুধুই সভ্যতার আনুপূর্বিকতা দেখিয়েছেন—*সুদ*)। {*স.* অনু+পূর্ব+অ (অণ্), য}

আনুমানিক [আনুমানিক্] *বিণ* ১ অনুমান দ্বারা বোঝা যায় বা স্থির করা যায় এমন; অনুমানসিদ্ধ। ২ আন্দাজি; মোটামুটি। {*স.* অনুমান+ইক (ঠক)}

আনুরক্তি [আনুরোক্তি] *বি* অনুরাগ; আসক্তি। {*স.* আ+অনু+√রন্‌জ্+তি (ক্তি)}

আনুরূপ্য [আনুরুপ্‌পো] *বি* সাদৃশ্য; তুল্যতা (বিশেষ যখন স্বরূপে ঘটে আনুরূপ্য—*অচিসে*)। {*স.* অনুরূপ+য(ষ্যঞ)}

আনুষঙ্গিক, আনুষঙ্গ [আনুশোঙ্‌গিক্, আনুশঙ্‌গো] *বিণ* ১ সংশ্লিষ্ট; প্রাসঙ্গিক (আনুষঙ্গিক ব্যয়)। ২ গৌণ; অপ্রধান (আনুষঙ্গ ফল করে সংসারের ক্ষয়—*কৃক*)। ❑ *বি* সংশ্লিষ্ট বিষয় বা বস্তু (আনুষঙ্গিকের তাড়নায়—*বুব*)। {*স.* অনুষঙ্গ+ইক(ঠক), অ (অণ্)}

আনুষ্ঠানিক [আনুশ্‌ঠানিক্] *বিণ* ১ অনুষ্ঠান সম্বন্ধীয়। ২ বিহিত অনুষ্ঠান অনুযায়ী; রসমি; বিধিবৎ; formal। ৩ শাস্ত্রীয় বিধিসম্মত। ৪ অনুষ্ঠান পালনকারী। {*স.* অনুষ্ঠান+ইক(ঠক)}

আনূপ, আনুপ [আনুপ] *বিণ* ১ জলবহুল। ২ জলবহুল স্থান সম্পর্কিত। ❑ *বি* জলপ্রিয় জন্তু—হাঁস, মহিষ প্রভৃতি। { *স.* অনুপ+অ (অণ্)}

আনেতা (–তৃ) [আনেতা] *বি* আনয়নকারী। { *স.* আ+√নী+তৃ}

আনোট, আনোটা ⇒ অনট

আন্ডারলাইন [আনডারলাইন্] *বিণ* চিহ্নিত; নিচে রেখা টান; (মোটা পেন্সিলে আন্ডারলাইন করা হয়েছে—*অচিসে*)। **আন্ডার-লাইনড** *বি* নিম্নরেখাঙ্কিত। { *ই.* underline }

আন্ত [আনতো] *বিণ* অন্তঃসম্বন্ধীয়। { *স.* অন্তঃ+অ (অণ্)}

আন্তর ⇒ আন্তরিক

আন্তরিক, আন্তর [আনতোরিক, আনতোর্] *বিণ* ১ অকপট; অকৃত্রিম; প্রকৃত; ঐকান্তিক। ২ মনোগত; মানসিক। ৩ অন্তঃকরণ সম্বন্ধীয়; হৃদয়জাত; হৃদ্য। ৪ আভ্যন্তরিক। **আন্তরিকতা** *বি*। { *স.* অন্তর+ইক, অ (অণ্)}

আন্তরীক্ষ, আন্তরিক্ষ [আনতোরিকখো] *বিণ* ১ আকাশ সম্বন্ধীয়। ২ আকাশ থেকে আগত (আন্তরীক্ষ বাণী)। ❑ *বি* আকাশ; মেঘজল। **অন্তরীক্ষ** *বি*। { *স.* অন্তরীক্ষ+অ (অণ্)}

আন্তরীণ [আনতোরিন্] *বিণ* অন্তরস্থ; অন্তর্বর্তী (সেই স্বাধীনতাকামী দেশসেবককে আন্তরীণ করে রাখা হলো; আন্তরীণ ব্যবস্থা)। { *স.* অন্তরীণ+অ (অণ্)}

আন্তরে, আন্তরে (*মবা.*) [আনতোরে, –রেঁ] *অব্য* জন্য; নিমিত্ত (তোমার আন্তরে গেলোঁ রাধিকার থানে—*বচদা*)। { *স.* অন্তর>}

আন্তর্জনীন (বিরল) [আনতোরজোনিন্] *বিণ* অন্তর্জাত; অভ্যন্তরীণ; সংস্রবোৎপন্ন। { *স.* অন্তর্+জন+ঈন = অন্তর্জনীন>}

আন্তর্জাতিক, আন্তর্জাতীয় [আনতোরজাতিক, –জাতিয়ো] *বিণ* ১ বিভিন্ন রাষ্ট্র সম্বন্ধীয়; সর্বজাতি সম্পর্কিত। ২ সকল জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত, international (আন্তর্জাতিক সঙ্ঘ, আন্তর্জাতিক বাণিজ্য)। { *স.* অন্তর্+জাতি+ইক (ষ্ণিক), ঈয়(ছ)}

আন্তর্মহাদেশীয় [আনতোরমহাদেশিয়ো] *বিণ* সর্বমহাদেশ সংক্রান্ত (আন্তর্মহাদেশীয় সম্পর্ক)। { *স.* অন্তর্+মহাদেশ+ঈয়(ছ)}

আন্ত্র, আন্ত্রিক [আনত্রো, –ত্রিক] *বিণ* অন্ত্র সম্বন্ধীয়; অন্ত্রঘটিত (আন্ত্রিক জ্বর)। { *স.* অন্ত্র+অ (অণ্), ইক(ঠক)}

আন্দর, আন্দর মহল ⇒ অন্দর

আন্দাজ [আনদাজ্] *বি* ১ অনুমান; ধারণা (আন্দাজ হয় মৌত নজদিগ—*প্যারি*; পরীক্ষার্থী আন্দাজের মার মারিলে সুদক্ষ পরীক্ষক সহজেই তাহা ধরিতে পারেন—*খাহা*)। ২ অনুভব; টের (বাস চলেছে ঘুমের মধ্যে আন্দাজ পাচ্ছি—*মব*)। ❑ *বিণ* ১ অনুরূপ; অনুযায়ী; আনুপাতিক; পরিমিত (এক সের ময়দা, সেই আন্দাজ ঘি ও চিনি)। ২ আনুমানিক (আন্দাজ কত দূর)। **আন্দাজি** *বিণ* ভিত্তিহীন; ভুয়া (আন্দাজি খবর)। ❑ *ক্রিবিণ* অনুমানের উপর নির্ভর করে (অন্ধকারে আন্দাজি কলম ছুটেছে—*মব*)। { *ফা.* আন্দাজ انداز }

আন্দাম [আনদাম্] *বি* শরীর; অঙ্গপ্রত্যঙ্গ। { *ফা.* অন্দাম اندام }

আন্দেশা, আনদেশ [আনদেশা, –দেশ্] *বি* ১ আশঙ্কা; ভাবনা; সন্দেহ (নেশা যত লাগে অনুরাগে, বুকে তত জাগে আন্দেশা—*নই*)। ২ চিন্তা; কল্পনা (আনদেশে ছুরত তার কহিতে নাহি পারি—*পুগী*)। { *ফা.* আনদীশাহ্ اندیشه }

আন্দোলন [আনদোলন্, –লোন্] *বি* ১ বিক্ষোভ; আলোড়ন (ছাত্র আন্দোলন)। ২ বিশেষ উদ্দেশ্য সিদ্ধির জন্য প্রচার বা আলোচনা দ্বারা উত্তেজনা সৃষ্টি করা (ভাষা আন্দোলন)। ৩ দোলন; কম্পন; সঞ্চালন। ৪ দোলায়িত–করণ; সঞ্চালিতকরণ। ৫ বাদানুবাদ; আলোচনা। **আন্দোলিত** *বিণ* কম্পিত; সঞ্চালিত (সারি দেওয়া সুপারির আন্দোলিত সঘন সবুজে—*রঠা*)। { *স.* √আন্দোলি+ অন(ল্যুট)}

আন্ধল, আন্ধলা ⇒ আঁধল

আন্ধা-চক্কর [আনধাচককোর্] *বি* গোলকধাঁধা (তিনি যেন আন্ধা চক্করে পড়িয়াছেন—*আমআ*)। { *স.* অন্ধচক্র>আন্ধাচক্কর}

আন্ধার, আন্ধারিয়া ⇒ আঁধার

আন্ধি ⇒ আঁধি

আন্ধিয়ার, আন্ধিয়ারি ⇒ আঁধিয়ার

আন্নাকালী [আননাকালি] *বি* অনাকাঙ্ক্ষিত কন্যাসন্তান যেন আর না জন্মে তার জন্যে হিন্দুদের কালীদেবীর নিকট প্রার্থনামূলক নামকরণ। { আর+না+কালী = আন্নাকালী}

আন্নাহিক [আননাহিক] *বিণ* দৈনন্দিন; প্রাত্যহিক। { *স.* অনুহ+ইক(ঠঞ)}

আন্বীক্ষিকী [আনবিকখিকি] *বি* ন্যায়শাস্ত্র; তর্কবিদ্যা (এই মনোভাবের সঙ্গে অ্যাকোয়াইনাস–এর আন্বিক্ষিকী তুলনীয়—*সুদ*)। { *স.* অনু+√ঈক্ষ্+আ(টাপ্)+ইক(ঠঞ)+ঈ(ঙীপ)}

আপ[১] [আপ্] *বি* জলরাশি (হৃদয় বায়ু বহ্নি আপ তারে দিল স্থল—*কমু*)। { *ফা.* আব آب ; *স.* অপ+অ(অণ্)}

আপ[২] [আপ্] *বি* আপনি; নিজে; স্বয়ং (সতী পতিব্রতা হৈলে থাকে আপে আপ—*হেমা*)। ❑ *বিণ* আপন; আপনার; নিজের (তে কারণে কে বিনাশে জাতি কুল আপ—*কাদৌ*)। ~**খোরাকি** *বিণ* খোরাকি ছাড়া; নিজের খরচে খোরাক সংগ্রহ করতে হয় এমন (মধ্যে মধ্যে গলাধাক্কা আপ খোরাকি বিনে মাইনে)। ~**রুচি** *বিণ* নিজের পছন্দমতো; আপন রুচিমাফিক (সেখানে আপরুচি খানা—*অঠা*)। ❑ *বি* নিজস্ব রুচি বা পছন্দ (হৃদয় নিয়ে সেখানে কথা যেখানে আপরুচি চলাতে গেলে চলে না—*অঠা*)। { *স.* আত্মন্> *প্রা.* অপ্প>*অপভ্র.* অপ্পন>আপ; *হি.* আপ}

আপকাওয়াস্তে, আপকেওয়াস্তে [আপকাওয়াসতে] *অব্য* ১ আপনার জন্য। ২ নিজের জন্য। ❑ *বিণ* চাটুকার; খোসামুদে। { *হি.* আপকাৱাস্তে اپکا واسطے }

আপক্ব [আপককো] *বিণ* ১ আধপাকা; ডাঁসা। ২ অর্ধসিদ্ধ;

অল্পাসিদ্ধ। { বা. আ+ স. পক্ব}

আপখোরাকি ⇒ আপ²

আপজাত্য [আপোজাত্তো] *বি* কুলোচিত গুণাবলির অভাব; বংশীয় উৎকর্ষ থেকে বিচ্যুতি; অপজাতের ভাব। { স. অপজাত + য(ষ্ণ্য)}

আপ-টু-ডেট [আপটুডেট্] *বিণ* আধুনিক; হাল আমলের (ইংরেজি বলা-কওয়া; চলা-ফেরা বেশভূষায় আপ-টু-ডেট—*শচ*)। { ই. up-to-date}

আপড়া [আপড়া] *বিণ* ১ অপঠিত; পড়া হয়নি এমন। ২ লেখাপড়া শেখেনি এমন; অশিক্ষিত। { আ+পড়া; বহু}

আপণ [আপোন্] *বি* ১ দোকান; ক্রয়-বিক্রয়ের স্থান; বিপণি (এক মণিকারের আপণে—*ঈবি*)। ২ হাট। **আপণিক** *বিণ* দোকান বা পণ্য সম্বন্ধীয়; বেচাকেনা সংক্রান্ত। ☐*বি* ১ দোকানদার; ব্যবসায়ী। ২ তোলা; মাশুল; হাটের খাজনা। { স. আ+√পণ্+অ (ঘ)}

আপৎ, আপৎকাল ⇒ আপদ¹

আপতন [আপতোন্] *বি* ১ পতন। ২ আকস্মিক সংঘটন বা ঘটনা; incidence। ৩ সহসা সংঘটিত দুর্ঘটনা; accident। ৪ আগমন। ৫ অবতরণ; নিচে নামা। **আপতিক** *বিণ* আকস্মিক (যে-বিস্ময় আপতিক অধৈর্যের দান—*সদ*)। **আপতিত** *বিণ* ১ অকস্মাৎ বা হঠাৎ আগত। ২ সহসা সংঘটিত। ৩ নিপতিত; পতিত। ৪ অবতীর্ণ। { স. আ+√পত্+অন(ল্যুট)}

আপত্তি [আপোত্‌তি] *বি* ১ অমত; অসম্মতি; ওজর। ২ বিপরীত যুক্তিপ্রদর্শন; বিরুদ্ধ যুক্তিতর্ক। ৩ বিপত্তি; বিপদ। { স. আ+√পদ্+তি (ক্তি)}

আপদ¹, আপৎ [আপোদ্, -ৎ] *বি* ১ বিপদ; বিপত্তি। ২ দুর্গতি; দুঃখ; দুর্দশা। ৩ বিরক্তিকর ব্যক্তি বস্তু বা বিষয়। **~কাল** *বি* বিপদের সময়; সঙ্কটের কাল; বিপন্ন অবস্থা। **~গ্রস্ত** *বিণ* বিপদগ্রস্ত; বিপন্ন। **~ধর্ম, আপদ্ধর্ম** *বি* আপৎকালে অবলম্বনীয় ধর্ম যা অন্যকালে অবিধেয় হতে পারে। **~বিপদ** *বি* বিবিধ দুঃখ; দুর্দশা। **~বালাই** *বি* আপদ-বিপদ; দুঃখ-দুর্দশা। { স. আ+ √পদ্+ক্বিপ; আ. আফাতুন আফাতুন آفات }

আপদ² ⇒ আপাদ

আপন [আপোন্] *বিণ* ১ নিজ; স্বীয়; নিজের; স্বকীয়। ২ আত্মীয় (তুমি যে আমার কত আপনার—*রঠা*; আপনারে এই জানা আমার ফুরাবে না—*রঠা*)। ৩ সাক্ষাৎ (আপন খালাতো ভাই)। ৪ নিজ স্বার্থ রক্ষা (আপন কোলে ঝোল টানা)। **~পর** *বিণ* ১ আত্মীয়-অনাত্মীয়। ২ শত্রুমিত্র। **~ভোলা, ~হারা** *বিণ* নিজের সুখশান্তি ও পরিপার্শ্ব সম্পর্কে উদাসীন; আত্মহারা; তন্ময়। **~সর্বস্ব** *বিণ* স্বার্থপর; নিজের সুখ সুবিধাই প্রধান লক্ষ্য এমন। *বিপ.* **পর**। { স. আত্মন্>প্রা. অপ্পণ>আপন}

আপনা [আপনা] *বি* নিজ; আপন; স্বীয় (আপনা থেকে)। **আপনার** *বিণ* নিজের; আত্মীয় (আপনা ঘর)। **~আপনি** *ক্রিবিণ* নিজ থেকে স্বতঃপ্রবৃত্ত হয়ে; স্বতঃস্ফূর্তভাবে। ☐*বি* আত্মীয় স্বজন; নিজেদের (আপনা আপনির মধ্যে বিবাহ)। { আপন+আ; হি. অপ্‌না, আপনা}

আপনার [আপ্‌নার্] ⇒ আপনা। **~ঢাক আপনি বাজানো** বা **পিটানো** *ক্রি* নিজেই নিজের গুণগান করা; আত্মপ্রশংসা করা। **আপনার/নিজের পায়ে কুড়াল মারা** -নিজেই নিজের ক্ষতি বা সর্বনাশ করা {আপনা+র}

আপনি [আপ্‌নি] *সর্ব* ১ 'তুমি'-র সম্ভ্রমসূচক রূপ; মধ্যম পুরুষ সম্ভ্রমসূচক সর্বনাম। ২ স্বয়ং; নিজে (আপনার ভাবে মরি যে আপনি—*রঠা*)। **~বাঁচলে বাপের নাম**—আত্মরক্ষাই সর্বশ্রেষ্ঠ ধর্ম; আত্মজীবনের মূল্য অন্য সবকিছু থেকে অধিক। { স. আত্মন্> প্রা. অপ্পণ>আপনি}

আপন্ন [আপোন্‌নো] *বিণ* ১ আপদগ্রস্ত; বিপন্ন। ২ প্রাপ্ত; লব্ধ (শরণাপন্ন, অবস্থাপন্ন)। **~সত্ত্বা** *বিণ* অন্তঃসত্ত্বা; গর্ভিণী। { স. আ+√পদ্+ত (ক্ত)}

আপরাহ্নিক [আপোরান্‌হিক্] *বিণ* বৈকালিক; অপরাহ্নকালীন। { স. অপরাহ্ণ+ইক(ঠঞ্)}

আপরুচি ⇒ আপ²

আপশানি ⇒ আফসানি

আপশোষ ⇒ আফসোস

আপস, আপোস, আপোষ [আপোশ্] *বি* ১ মিটমাট; রফা (মনিবের ক্ষতি করিয়া আপস করিয়াছে—*রঠা*; আপোষের মনোভাব নিয়ে বলেন—*আরু*)। ২ পরস্পরের মত বিনিময়; উভয় পক্ষের সম্মতি। **~মীমাংসা** *বি* উভয় পক্ষের সম্মতিক্রমে সমস্যার সমাধান বা রফা (আপস মীমাংসায় জমির সীমানা নির্ধারিত হলো)। **~হীন মনোবৃত্তি** *বি* প্রতিপক্ষের সহিত কোনো মিটমাট না করার মনোভাব; কোনো অন্যায় কথা বা কাজ কিছুতেই মেনে না নেওয়ার প্রবৃত্তি। **আপসে** *ক্রিবিণ* ১ নিজেদের ভিতর; আপনা আপনির মধ্যে (আপসে ঝগড়া করা)। ২ উভয় পক্ষের সম্মতিক্রমে; পরস্পরে মিলেমিশে (তারা আপসে একটা সভ্যতাই গড়ে তুলেছে—*সৈমু*)। ৩ বন্ধুভাবে; সদ্ভাবে। { ফা. আপস آپس >}

আপসোস ⇒ আফসোস

আপা¹ [আপা] *বি* বড় বোন। ☐*অব্য* বয়োজ্যেষ্ঠা অপরিচিতা মহিলা বা শিক্ষয়িত্রীর প্রতি সম্বোধনে ব্যবহৃত শব্দ। { তু. আপা آپا }

আপা² [আপা] *বি* জনরব; জনশ্রুতি। ☐*বিণ* জনশ্রুতিমূলক (আপা কথা)। { আ. আফ্‌রাহ্ افواه }

আপাং, আপাঙ্গ [আপাঙ্, আপাঙ্‌গো] *বি* বৃক্ষবিশেষ (এক জায়গায় ছিল কয়েকটা আপাং—*শমি*)। { স. অপাঙ্গক>}

আপাকা [আপাকা] *বিণ* ১ অপক্ব; কাঁচা। ২ আধপাকা; ঈষৎ পক্ব। { বা. আ+ স. পক্ব>}

আপাঙ্গ ⇒ আপাং

আপাণ্ডুর [আপানডুর্] *বিণ* ঈষৎ পাণ্ডুবর্ণ। { বা. আ+ স. পাণ্ডুর}

আপাত [আপাতো] *বি* ১ উপস্থিত সময়; তৎকাল; ঘটনাকাল; আরম্ভকাল। ২ পতন; সংঘটন। **~কঠিন** *বিণ* আপাতত কঠিন মনে হয় এমন কিন্তু তা নয়। **~ত** *অব্য, ক্রিবিণ* সম্প্রতি; এক্ষণে; উপস্থিতমতো; এখনকার মতো (আপাতত এ কাজটা করছি)। **~মধুর** *বিণ* উপস্থিতমতো

মধুর কিন্তু পরিণামে নয় { স. আ+√পত্+অ(ঘঞ্) }
আপাদ, আপদ² [আপাদ্, আপদো] *ক্রিবিণ* ১ পা পর্যন্ত। ২ পা থেকে। ~**চুম্বিত, ~লম্বিত** *বিণ* পা পর্যন্ত লম্বিত বা ঝুলানো। ~**মস্তক** *ক্রিবিণ* পা থেকে মাথা পর্যন্ত। { স. আ+পাদ, পদ; পা পর্যন্ত—*অব্যয়ী* }
আপান [আপান্] *বি* ১ পানের আড্ডা বা স্থান। ২ মদের দোকান। { স. আ+√পা+অন(ল্যুট্) }
আপামর [আপামর্] *বিণ* সকলেই; সাধারণ লোক পর্যন্ত; ছোটবড়ো অভেদে (আপামর সর্বজনে শান্তিবারি করিল প্রদান—*মোম*)। { স. আ+পামর; পামর পর্যন্ত—*অব্যয়ী* }
আপিঙ্গল [আপিঙ্গল্] *বিণ* ঈষৎ পিঙ্গল বা তাম্রবর্ণ; তাম্রাভ। { স. আ+পিঙ্গল }
আপিল, আপীল [আপিল্] *বি* ১ উচ্চতর বিচারালয়ে পুনর্বিচারের আবেদন। ২ আবেদন। { ই. appeal }
আপিস ⇒ অফিস
আপীড়ন [আপিড়ন্] *বি* ১ নিপীড়ন; সম্যক পীড়ন। ২ গাঢ় আলিঙ্গন। **আপীড়িত** *বিণ*। { স. আ+পীড়ন }
আপীত¹ [আপিতো] *বিণ* ঈষৎ পীত বা হলুদবর্ণ। { স. আ+পীত }
আপীত² [আপিতো] *বিণ* নিঃশেষে পান করা হয়েছে এমন; সম্যক পীত। { স. আ+√পা+ত (ক্ত) }
আপীন [আপিনো] *বি* গরু ছাগল প্রভৃতি পশুর স্তন বা ওলান; পালান। ☐*বিণ* মোটা; স্থূল; সুপুষ্ট। { স. আ+√প্যায়+ত (ক্ত) }
আপীল ⇒ আপিল
আপেক্ষিক [আপেক্খিক্] *বিণ* ১ অপেক্ষাকৃত; তুলনামূলক; তুলনায় নির্ধারিত। ২ সাপেক্ষ; অন্য বিষয়ের উপর নির্ভরশীল; পরস্পর নির্ভরশীল; relative (সমস্তই আপেক্ষিক কি না—*রাব*)। ~**তা** *বি* (একদিন জ্ঞান মাত্রেরই আপেক্ষিকতা লইয়া—*রঠা*)। ~ **গুরুত্ব** *বি* পরস্পর গুরুত্ব বা ওজন সম্বন্ধে তুলনা; অন্য বস্তুর তুলনায় গুরুত্ব বা ভার; specific gravity। ~ **তত্ত্ব** *বি* গতি মাত্রেই আপেক্ষিক এবং কাল জড়বস্তুর চতুর্থ মাত্রা—এই তত্ত্বের উপর প্রতিষ্ঠিত বিজ্ঞানী আইনস্টাইনের মতবাদ; Theory of Relativity। { স. অপেক্ষা+ইক(ঠক্) }
আপেল [আপেল্] *বি* ফলবিশেষ। { ই. apple }
আপোষ, আপোঙষ (*প্রাচ.*) [আপোশ্, –পোঙশো] *বিণ* দণ্ডাহত; বিলক্ষণ প্রহৃত (কংসে সুধি পাইলে হইবে তোহ্মে আপোষ—*বচদা*; মোঞি আপোঙষ হৈবোঁ তোহ্মা জাইবেঁ মার—*বচদা*)। { স. আ+√পুংস্> }
আপ্ত¹ [আপ্তো] *বিণ* ১ প্রাপ্ত; লব্ধ। ২ অভ্রান্ত; ভুলত্রুটিশূন্য; প্রামাণিক (আপ্ত বাক্য)। ৩ আত্মীয়; নিকট সম্পর্কীয়; সুহৃদ (আমা হন্তে তোর আপ্ত আর কেবা আছে—*দৌবা*; সমাজ শয়তান আপ্তজন উপদেশে পটু এ জীবন কি দামে বিকাবে?—*আগ*)। ~**কাম** *বিণ* সিদ্ধকাম; মনস্কামনা চরিতার্থ হয়েছে এমন। ~**তা** *বি* আত্মীয়তা; মৈত্রী (যেন মিত্র রাখিয়া আপ্ততা হৌক ভঙ্গ—*সৈআ*)। ~**বচন, ~বাক্য** *বি* ১ সিদ্ধবাক্য; ভ্রমপ্রমাদশূন্য বাক্য; অভ্রান্ত বাণী (খৃষ্টান ভ্রাতারা বাইবেলের প্রত্যেক বর্ণকে স্বর্গীয় আপ্তবাক্য বলিয়া বিশ্বাস করেন—*মজা*)। ২ মহাপুরুষদের উক্তি বা বাণী। ~**ভাবে** *ক্রিবিণ* স্বজন বা মিত্রের মতো আত্মীয়তা করে (সে দেশে কামিলা নাই, পাঠালেন তব ঠাঁই, আপ্তভাবে নৃপতিনন্দন—*কমু*)। ~**শ্রুতি** *বি* অভ্রান্ত কাহিনী; বিশ্বাস স্থাপন করা যায় এরূপ প্রবাদ প্রবচন বা কিংবদন্তি (এরূপ আপ্তশ্রুতি আছে—*ঈবি*)। **আপ্তি** *বি* প্রাপ্তি। { স. আপ্+ত(ক্ত) }
আপ্ত², **আফত** [আপ্তো, আফ্তো] *বিণ* নিজ; আপন (রইল কোথায় আফত স্বজন—*রই*)। ~**গরজি** *বিণ* স্বার্থপর; কেবল নিজের প্রয়োজনে কাজ করে এমন। ~**পর** *বি* আপন ও পর; স্বপক্ষ এবং বিপক্ষ; শত্রুমিত্র। ~**সার** *বিণ* স্বার্থপর। ☐*বি* যোগ বা তান্ত্রিক প্রক্রিয়ায় আত্মরক্ষা। { স. আত্মন্> }
আপ্যায়ন [আপ্পায়োন্] *বি* ১ অভ্যর্থনা; সংবর্ধনা। ২ প্রীতি সম্পাদন; সন্তোষসাধন। **আপ্যায়িত** *বিণ* ১ অভ্যর্থিত; সংবর্ধিত; আদর আপ্যায়নপ্রাপ্ত। ২ তুষ্ট; পরিতৃপ্ত (মোর রূপে আপ্যায়িত করে ত্রিভুবন—*কৃক*)। { স. আ+√প্যায়্+অন }
আপ্রাণ [আপ্প্রান্] *বিণ* প্রাণপণ; যথাসাধ্য (আপ্রাণ চেষ্টা)। ☐*ক্রিবিণ* প্রাণ থাকা পর্যন্ত; আজীবন। { স. আ+প্রাণ; *অব্যয়ী* }
আপ্লব, আপ্লাব, আপ্লাবন [আপ্প্লব্, –প্লাব্, –বোন্] *বি* ১ বন্যা; জলপ্লাবন। ২ অবগাহন; পানিতে শরীর ডুবিয়ে গোসল। **আপ্লাবিত** *বিণ* ১ প্লাবিত। ২ সিক্ত। { স. আ+প্লব, প্লাব, প্লাবন }
আপ্লুত [আপ্প্লুতো] *বিণ* ১ সিক্ত (অন্তরাত্মা অনির্বচনীয় আনন্দরসে আপ্লুত হয়—*ঈবি*)। ২ প্লাবিত। ৩ স্নাত। { স. আ+প্লুত }
আফওয়াই [আফওয়াই] *বি* জনরব; গুজব (সহর বাজারে মিলের ওড়িল আফওয়াই—*ফগ*)। { আ. আফ্ওয়াহ্ افواه }
আফখোরা ⇒ আবখোরা
আফগান [আফ্গান্] *বি* আফগানিস্তানের অধিবাসী; পাঠান জাতিবিশেষ (আফগান মোগল পাঠান দলে দলে—*দ্বিরা*)। ☐*বিণ* ১ আফগানিস্তানে জাত। ২ উক্ত দেশ বা তার অধিবাসী সম্বন্ধীয়। **আফগানি** *বিণ* আফগানিস্তানে জাত; কাবুলি। { ফা. আফগান افغان }
আফজল, আফযল [আফ্জল্] *বিণ* অপেক্ষাকৃত ভালো; উত্তম। { আ. আফদ্বাল্ افضل }
আফত, আফোত [আফত্, আফোত্] *বি* বিপদ; দুঃখ; দুর্দশা; সঙ্কট (আফত ঘটিবে আজ আমা সবাকার—*সৈহ*; বাবু আড় হয়ে পড়ে আফোতের তামাম করেন—*কাসি*)। { আ. আফত آفة }
আফতাব [আফ্তাব্] *বি* সূর্য (উঁয়ার আকাশ ম্লানিমায় ছায় আফতাব জ্যোতি ক্ষীণ—*শাহো*)। { ফা. আফ্তাব্ آفتاب }
আফতাবা, আফতাব [আফ্তাবা, –তাব্] *বি* জল-পাত্রবিশেষ; ভৃঙ্গার; গাড়ু (আফতাবা ও চিলুমচি সোনার লিয়া হাতে—*সৈহ*; মোগল তসবিরের গাড়ু বদনার

সমন্বয় আফতাবে—সৈমু)। {ফা. আফতাব آفتاب }

আফলা ⇒ অফলা

আফলাক [আফলাক] *বি* আকাশমণ্ডল (বাদশার প্রণয়গর্বে ভিন্ন করি শির তুলে নীল আফলাক—*আশরাফ*) {আ. আফ্‌লাক *বহুব* افلاک ; *একব* فلک }

আফলাতুন [আফলাতুন] *বি* গ্রিক দার্শনিক প্লেটো। ❑*বিণ* বুদ্ধিমান; জ্ঞানী (এ আফলাতুন মেয়ের জুলুমে—*নই*)। {ফা. আফলাতুন افلاطون ; *গ্রি.* Plato}

আফলোদয় [আফলোদয়] *ক্রিবিণ* ফলপ্রাপ্তি বা সিদ্ধিলাভ পর্যন্ত। ~ **কর্মা** *বিণ* অধ্যবসায়ী। {স. আ+ফলোদয়; *অব্যয়ী*}

আফশাঁ, আফশা [আফশাঁ, -শা] *বি* সূক্ষ্ম রুপালি বা সোনালি চূর্ণবিশেষ যা স্ত্রীলোকেরা সজ্জাস্বরূপ মুখে ও মাথায় ব্যবহার করে (আফশাঁ ও চুমকি বসান হইয়াছে—*বেরো*)। {ফা. আফ্‌শান افشان ; আ. ইফশা افشاء }

আফসর [আফসর] *বি* ১ অফিসার; কর্তা। ২ মুকুট। {ফা. আফ্‌সর افسر }

আফসানি, আপশানি [আফ্‌শানি, -প্-] *বি* ১ ছোড়াছুড়িকরণ; আস্ফালন। ২ খেদ; আফসোস। {ফা. আফ্‌শান افشان + বা. ই}

আফসানো [আফ্‌শানো] *ক্রি* ১ ছোড়া; ছিটানো; আস্ফালন করা (রেগে ডানা আপসে ঘোড়া এমনি তেজে উড়ে চলল যে—*অঠা*)। ২ বিফলমনোরথ হয়ে চাপা ক্রোধ বা খেদ প্রকাশ করা; আফসোস করা। {ফা. আফ্‌শান افشان }

আফসোস, আপসোস, আফশস [আফ্‌শোশ, -প্-] *বি* খেদ; পরিতাপ; অনুতাপ; মনস্তাপ; অনুশোচনা (আফসোস করে দেবরাজ—*সৈআ*; আমার বড়ই আপশস হইল—*বচ*)। {ফা. আফ্‌সোস্ افسوس }

আফাটা [আফাটা] *বিণ* ১ ফাটা নয় এমন; ফাটলশূন্য। ২ ছিদ্রহীন। ৩ (*আঞ্চ.*) মন্দ; পোড়া (আটকুড়ে কোটালের আফাটা কপাল—*দমি*)। {আ (নঞ)+ফাটা; *বহু*}

আফার (*প্রাবা.*) [আফার] *বি* লোকসান; ফাঁক; শূন্য (আছুক লাভ মোর মূলত আফার—*বচদা*)। {স. অপকার> অপআর> আফার, আপার}

আফিম, আফিং [আফিম, আফিঙ্] *বি* অহিফেন; পোস্ত ফলের রস থেকে তৈরি মাদক দ্রব্য। ~**খোর**, ~**চি** *বিণ* আফিমের নেশা করে এমন; নিয়মিতভাবে আফিম খায় এমন। {স. অহিফেন; তুল. ফা. আফয়ূন افیون *গ্রি.* opion}

আফুটন্ত, আফুটা, আফোটা [আফুটন্‌তো, -টা, -ফোটা] *বিণ* ১ ফোটেনি এমন; অপ্রস্ফুটিত। ২ অর্ধস্ফুট; অর্ধ প্রস্ফুটিত। ৩ সিদ্ধ হয়নি এমন (আফুটা ভাত)। {স. অস্ফুট>}

আফিস ⇒ অফিস

আফুটা ⇒ আফুটন্ত

আফেন্দি [আফেন্‌দি] *বি* প্রভু; তুর্কি ভাষার সম্মানসূচক উপনাম। {তু. আফিন্দী افندی }

আফোটা ⇒ আফুটন্ত

আফোত ⇒ আফত

আফ্ত ⇒ আপ্ত[২]

আফ্রিদি [আফ্‌রিদি] *বি* পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তের সাহসী জাতিবিশেষ (আফ্রিদি যদি হতাম আমি রে আজ—বন্দুকবাজ তীক্ষ্ণ তীরন্দাজ—*সদ*)। {অমু.}

আব[১] [আব্] *বি* ১ পানি; জল (আব-আতস-খাক বাদ মিলাইয়া এক সাত গড়াইল মানব দেহ—*মুম*; পঞ্চ আবের সমাহার=পাঞ্জাব)। ২ *বি* ঔজ্জ্বল্য (আবদারমুক্তা)। {ফা. আব্ آب }

আব[২] [আব্] *বি* রোগজনিত মাংসপিণ্ড; tumour। {স. অর্বুদ> অব্বুঅ> আবঅ>আব}

আব[৩], **আভ** [আব্, -ভ্] *বি* ১ মেঘ (সুনালী চান্নীর রাইত আবে পড়ল ঢাকা—*মৈগী*; আকাশ আসিয়া আভে ঘিরিল—*দমি*)। ২ অভ্র; মাইকা; mica (কোথায় নাকি খনি পেয়েছে আভের—*অচিসে*)। {স. অভ্র> অব্ভ> আভ, আব}

আব-ই-কওসর ⇒ আবে কওসর

আব-ই-হায়াত ⇒ আবে হায়াত

আব-এ-জমজম ⇒ আবে জমজম

আবওয়াব, আবোয়াব, আবুয়াব [আব্‌ওয়াব্, আবোয়াব্, আবুয়াব্] *বি* নির্ধারিত কর ব্যতীত অতিরিক্ত দেয় কর; রাজস্ব ব্যতীত অন্যবিধ কর; illegal cess (নবাবের পর নবাব শুধু আবওয়াবের সংখ্যা ও পরিমাণ বাড়িয়ে চললেন—*প্রবি*; খাজনার চেয়ে আবুয়াবের পরিমাণ ছিল অনেক বেশী—*ছউ*)। {আ. অব্‌বাব *বহুব* ابواب }

আবকার, আবগার [আব্‌কার্, আব্‌গার্] *বি* ১ মদ বা মাদক দ্রব্য প্রস্তুতকারক। ২ মদ্যাদি বিক্রয়কারী। {ফা. আবকার آبکار }

আবকারি, আবগারি [আব্‌কারি, আব্‌গারি] *বি* ১ মাদক দ্রব্যের ব্যবসায়। ২ মাদক দ্রব্য সংক্রান্ত রাজস্ব। ৩ মাদকদ্রব্য ব্যবসায় সম্বন্ধীয় রাজকীয় বিভাগ। ~ **বিভাগ**, ~ **মহাল** *বি* মাদক দ্রব্যের ব্যবসায়ের তত্ত্বাবধায়ক ও মাসুলাদি নিয়ামক সরকারি বিভাগ; excise department (কলিকাতায় আবকারি-বিভাগে স্থান পাইয়াছেন—*রঠা*)। ❑*বিণ* ১ মাদক দ্রব্য সম্বন্ধীয় (জানিস তো বল কি যে হল ফল আবকারী যুদ্ধের—*সদ*)। ২ মাদকদ্রব্য তৈরি ও এর ব্যবসায় এবং তৎসংক্রান্ত মাশুলাদির নিয়ামক। {ফা. আবকারী آبکاری }

আবক্ষ [আবোক্‌খো] *ক্রিবিণ* বুক অবধি (আবক্ষ জলে বসনাঞ্চল প্রসারিত করিয়া—*রঠা*)। ~**লম্বিত** *বিণ* বুক পর্যন্ত লম্বা। (আবক্ষলম্বিত দাড়ি—*রাব*) {স. আ+বক্ষ; *অব্যয়ী*}

আবখোরা, আফখোরা [আব্‌খোরা, -ফ্-] *বি* পানি পান করার পাত্রবিশেষ (সোনার আবখোরাটি যেমন সুমেরুর চূড়া—*অঠা*)। {ফা. আবখোরাহ آبخوره }

আবছা ⇒ অস্পষ্ট

আবছায়া, আবছা [আব্‌ছায়া, -ছা] *বি* ১ ছায়ামূর্তি; অস্পষ্ট আকার (তোমায় একটা আবছায়া বলে উপহাস করেন—*নই*)। ২ আলো-আঁধারি; আলোছায়া (ফিরবি ভোরের আবছায়ায়—*সদ*)। □*বিণ* অস্পষ্ট (সে যেন আবছায়াভাবে বুঝিল—*বিব*)। □*ক্রিবিণ* অস্পষ্টভাবে (আবছা দেখা)। {*স.* অপচ্ছায়া> অবছাআ> আবছায়া> আবছা}

আব-জম-জম ⇒ আবে জমজম

আবজোশ, আবজুশ [আব্‌জোশ্‌, -জু-] *বি* গোশতের শুরুয়া; gravy; ক্বাথ; broth। {*ফা.* আব্‌জুশ ابجوش }

আবডাল [আবডাল্‌] *বি* আড়াল; অন্তরাল (গম, ডাল অবশ্যি পিছনের দরজা দিয়ে আড়ালে আবডালে বিক্রি হল—*সৈমু*; কোঠার আবডালে থেকে আত্মরক্ষা করতে থাকে—*আই*)। {*স.* অন্তরাল>}

আবড়া-খাবড়া ⇒ এবড়ো খেবড়ো

আবণ্টন [আবন্‌টন্‌] *বি* অংশে ভাগকরণ ও বিতরণ; allotment। {*স.* আ+বণ্টন}

আবথা *(মবা.)* [আবোথা] *বি* দুর্দশা; দুরবস্থা (আকাশ হঐ মোর আবথা দেখ—*বচদা*)। {*স.* অবস্থা>}

আবদার[১] [আব্‌দার্‌] *বি* বায়না; অসঙ্গত দাবি; অন্যায় অনুরোধ। **আবদেরে, আবদারে** *বিণ* আবদার করে বা বায়না ধরে এমন (আবদেরে ছেলের কান্না মা শুনতে পাচ্ছেন কিনা জানিনে—*নই*)। {*তুল. হি* 'আবদা'=তীব্র বাসনা (+ 'র')}

আবদার[২] [আব্‌দার্‌] *বিণ* উজ্জ্বল; চমকদার (আবদার মুক্তা)। {*ফা.* আব্‌দার آبدار }

আবদারে ⇒ আবদার[১]

আবদাল [আব্‌দাল্‌] *বি* একশ্রেণির দরবেশ। ২ অধুনালুপ্ত চুন প্রস্তুতকারী বাঙালি মুসলমান সম্প্রদায় বিশেষ। {*আ.* আব্‌দাল্‌ ابدال }

আবদেরে ⇒ আবদার[১]

আবদ্ধ [আবদ্‌ধো] *বিণ* ১ আটক; অবরুদ্ধ (ঘরে আবদ্ধ)। ২ বদ্ধ (আবদ্ধ দরজা)। ৩ বাঁধা (শৃঙ্খলাবদ্ধ)। ৪ বিজড়িত; ব্যাপৃত (সংসারের কাজে আবদ্ধ)। ৫ বন্ধকি; mortgaged। {*স.* আ+বদ্ধ}

আবনুস ⇒ আবলুশ

আবর[১] [আবর্‌] *বিণ* মূর্খ; অবোধ; অসভ্য; বর্বর (কত আবর ... বশ হয়েছে—*মীম*; 'আবর'কে বুঝাব কত বুঝ নাহি মানে। ঢেঁকিকে বুঝাব কত নিত্য ধান ভানে—*প্রমু*)। {*স.* অবর> আবর}

আবর[২] [আবর্‌] *বি* মেঘ; হালকা বৃষ্টি (আসমান আবরে আবৃত)। {*ফা.* আব্‌র ابر }

আবরওয়াঁ ⇒ আবরোঁয়া

আবরক [আবোরক্‌] *বিণ* আচ্ছাদনকারী; আবরণকারী। □*বি* ১ ঢাকনি। ২ ঘোমটা। {*স.* আ+√বৃ+অ(অপ্‌)+ক(কন্‌)}

আবরণ [আবোরন্‌] *বি* ১ আবৃতকরণ; ঢাকন। ২ গায়ের কাপড়; আচ্ছাদন। ৩ ঢাকনি। **আবরিত, আবৃত** *বিণ*। **আবরণী** *বি* ঢাকনি; আচ্ছাদন (কুম্ভের আবরণী উন্মুক্ত করিল -*রাব*)। {*স.* আ+ √বৃ+অন(ল্যুট্‌)}

আবরা [আব্‌রা] *বি* ১ টুপি বা জামার বহির্ভাগ। ২ লেপ বালিশ ইত্যাদির আবরণ। {*ফা.* আবরা ابرا আবরহ ابره }

আবরু, আব্রু [আব্‌রু] *বি* ১ মর্যাদা; আভিজাত্য; মানসম্ভ্রম (কঙ্কণ-কিঙ্কিণী খুলিয়াছি তাই—জীবনে আব্রু, মরণে পর্দা নাই—*মোম*)। ২ নারীর সম্ভ্রম; ইজ্জত; সতীত্ব। ৩ পর্দা; আবরণ (তাদের মাথায় কাপড় নেই। আব্রুর কোনো বালাই নেই আর—*শও*)। ৪ অন্তরাল; আড়াল (সেইটেই আমাদের উভয়ের মধ্যে বৃহৎ ব্যবধান, সেইটেই একটা আব্রু—*রঠা*)। ৫ ভব্যতা; শ্লীলতা। **বে-আবরু** *বি* বে-ইজ্জত; অপমান। {*ফা.* আবরূ ابرو }

আবরোঁয়া, আবরুঁয়া, আবরওয়াঁ [আব্‌রোঁয়া, -রু-, -রও-] *বি* অতি সূক্ষ্ম বস্ত্রবিশেষ; মসলিন জাতীয় মিহি কাপড় যা ভিজলে পানির মতো দেখায়। (আয় আকাশের আবরুঁয়াতে—*সদ*)। {*ফা.* আবরোয়ান ابروان }

আবর্জন [আবরজন্‌] *বি* ১ পরিত্যাগ; সম্পূর্ণ বর্জন। ২ অবনমন। **আবর্জিত** *বিণ*। {*স.* আ+বর্জন}

আবর্জনা [আবোরজোনা/ -জনা] *বি* ১ জঞ্জাল; ময়লা; নোংরা বস্তু। ২ অবাঞ্ছিত বা অনভিপ্রেত ব্যক্তি (সমাজে নানাবিধ আবর্জনার অভাব নাই)। {*স.* আবর্জন+আ}

আবর্ত [আবরতো] *বি* ১ ঘূর্ণি; কুণ্ডলী (দক্ষিণাবর্ত)। ২ ঘূর্ণিজল; ঘূর্ণিপাক; জলের পাক (যমুনা আবর্তশালী বিষয় করালী—*কমু*)। ৩ আবর্তন; ঘূর্ণন। ৪ আবর্ত মেঘ; মেঘবিশেষের নাম (আবর্ত পুষ্কর মেঘ ডাকিতে—*হেব*)। □*বিণ* ঘূর্ণায়মান (আবর্তগতি)। **আবর্তিত** *বিণ*। **~বাত্যা** *বি* ঘূর্ণিবায়ু, cyclone। **~ন** *বি* ১ ঘূর্ণন; পরিভ্রমণ; চক্রাকারে ভ্রমণ। ২ পুনরাগমন; প্রত্যাবর্তন। ৩ আলোড়ন; আওটান; ঘোটন। ৪ পুনঃপুন অনুষ্ঠান। ৫ বেষ্টন। **~নী, ~ দণ্ড** *বি* ঘোটনকাঠি; মন্থনদণ্ড। **~মান** *বিণ* আবর্তন করছে এমন; বারবার ঘুরে বা ফিরে আসছে এমন। {*স.* আ+√বৃৎ+অ (ঘঞ্‌)}

আবলক, আবলুক [আব্‌লক, -লুক্‌] *বিণ* চিত্রবিচিত্র; সাদা-কালো মিশ্রিত (মুখ কালা অঙ্গ ধলা স্বরূপে আবলক—*হেমা*)। □*বি* মুখের একদিকে লালবর্ণ যুক্ত সাদা পায়রা। {*আ.* আব্‌লক ابلق }

আবলতাবল ⇒ আবোলতাবোল

আবলি, আবলী [আবোলি] *বি* ১ পঙ্‌ক্তি; সারি; শ্রেণি (তুঙ্গ-শৃঙ্গধরাকারে তরঙ্গ আবলী—*...*) সমষ্টি; সমূহ (গ্রন্থাবলি)। {*স.* আ+√বল্‌+ই, ঈ}

আবলুক ⇒ আবলক

আবলুশ, আবনুস [আব্‌লুশ্‌, -নু-] *বি* কালোবর্ণ ভারী ও শক্ত কাঠবিশেষ; ebony (আড়াশ আবলুশ কাটে বড় গোয়ালা—*কমু*)। {*ফা.* আব্‌নূশ آبنوس }

আবল্য, আবল্লি [আবোল্‌লো, আবোল্‌লি] *বি* ১ দুর্বলতা; বলহীনতা। ২ জড়তা; আলস্য (কিসে যাবে এ ঘোর আবল্য—*ইহো*)। ৩ অবসাদজনিত তন্দ্রার ভাব (যেন একটু আবল্লির মত এসেছে—*অমৃব*)। {*স.* অবল+য}

আবশ্যক [আবোশ্‌শোক্] *বি* প্রয়োজন; দরকার। ☐ *বিণ* ১ প্রয়োজনীয়; দরকারি। ২ অপরিহার্য। ~**তা** *বি* প্রয়োজনীয়তা। **আবশ্যকীয়** *বিণ* প্রয়োজনীয়; দরকারি। { *স.* অবশ্যম্+অক(বুঞ্‌) }

আবশ্যিক [আবোশ্‌শিক্] *বিণ* অবশ্যকরণীয়; বাধ্যতামূলক; compulsory (আবশ্যিক বিসংবাদে বারংবার হই পণ্ডশ্রম—*সুদ*)। { *স.* অবশ্য+ষ্ণিক>ইক }

আবহ [আবহো] *বিণ* ১ বহনকারী; ধারক (শোকাবহ)। ২ উৎপাদক; জনক (ভয়াবহ)। ☐ *বি* ১ সপ্তবায়ুর অন্যতম বায়ুবিশেষ; ভূ-বায়ু। ২ চতুর্দিকের বায়ুমণ্ডল। ৩ চারপাশের ভাব পরিমণ্ডল; atmosphere। ~**বিজ্ঞান**, ~**বিদ্যা** *বি* আবহাওয়া সংক্রান্ত বিজ্ঞান; বায়ুমণ্ডল বিদ্যা, meteorology। ~ **সংবাদ** *বি* ঝড়বৃষ্টি বায়ু ইত্যাদির গতি ও অবস্থা সম্বন্ধীয় খবর; meteorological report। ~**সঙ্গীত** *বি* নাটকাদি অভিনয়কালে দর্শকদের অন্তরালে নির্বাহিত নাটকীয় ঘটনার অনুষঙ্গী সঙ্গীত; background music। ~**মান** *বিণ* ক্রমাগত; চিরপ্রচলিত; নিরবচ্ছিন্ন। ~**মানকাল** *ক্রিবিণ* চিরকাল; অনাদিকাল। { *স.* আ+ √বহ্+অ (ঘঞ্) }

আবহাওয়া [আবহাওয়া] *বি* জলবায়ু; climate। { *ফা.* আবেহাৱা ابوهوا }

আবা[১] [আবা] *বি* গলা থেকে হাঁটু পর্যন্ত বুক খোলা লম্বা জামাবিশেষ। { *আ.* 'আবা' عبا }

আবা[২], **আবাআবা** [আবা, - -] *অব্য* শিশুদের আনন্দধ্বনি; মুখে হাতের তালু ঘন ঘন বাজিয়ে উৎপন্ন ধ্বনি। ~ **দেওয়া** *ক্রি* ক্ষণকাল খেলা বন্ধ করার জন্য ইঙ্গিত করা। { *স.* আহবান> }

আবাঁধা [আবাঁধা] *বিণ* ১ অবিন্যস্ত; উন্মুক্ত; খোলা (মেয়েটির আবাঁধা চুলের সঙ্গে শাড়ি ওড়ে—*অচিন্ত্য*)। ২ অগোছালো (আবাঁধা সংসার)। ৩ মলাট দিয়ে বাঁধা বা সেলাই করা হয়নি এমন (আবাঁধা খাতা)। { আ+বাঁধা }

আবাগা ⟹ আবাগে

আবাগি, **আবাগী** [আবাগি] *বিণ, বি স্ত্রী.* ভাগ্যহীনা; হতভাগিনী (কোন চোখখাগী আবাগীর বেটির বুকে বসে—*নই*)। { *স.* অভাগী> }

আবাগে, **আবাগা** [আবাগে, -গা] *বিণ, বি* হতভাগা; ভাগ্যহীন; পোড়াকপালে (আবাগে কাকের কথা ভেবে কার কী হবে—*অচিন্ত্য*)। { *স.* অভাগ্য> }

আবাছা [আবাছা] *বিণ* বাছা হয়নি এমন; ভালোমন্দ মিশানো। { *বা.* আ (নঞ্)+√বাছ্ + আ; *নতৎ* }

আবাজ ⟹ আওয়াজ

আবাটা [আবাটা] *বিণ* বাটা বা পেষা হয়নি এমন। { *বা.* আ (নঞ্) + √বাট্+আ; *নতৎ*; *বহু* }

আবাথাবা (*মবা.*) [আবাথাবা] *ক্রিবিণ* যে কোনো প্রকারে (আবাথাবা করে বাবা তুঞি সেরা রে—*শিবায়ন কাব্য*)। { *স.* অবিস্তার>অবিথার> }

আবাদ [আবাদ্] *বি* ১ কৃষিকর্ম; চাষ (ধানের আবাদ ছেঁচে দিয়ে ফসল হ'ল গাঞ্জিকা—*সদ*)। ২ কর্ষিত বা চষা জমি। ৩ জনপদ; বসতি; বাসযোগ্য স্থান। ~ **করা** *ক্রি* ১ চাষ করা। ২ জঙ্গলাদি পরিষ্কার করে চাষ বা লোকবসতির উপযুক্ত করা (পৈত্রিক ভিটেটা আবাদ করার মত যথেষ্ট অর্থ সঞ্চয় করতে সক্ষম হয়নি—*শাহেদ*)। **আবাদি** *বিণ* ১ চাষযোগ্য; আবাদের উপযোগী। ২ কর্ষিত; চষা হয়েছে এম- ☐ *বি* গ্রামের উপকণ্ঠ; বাসস্থান। { *ফা.* আবাদ آباد

অা... ল, **আবাবীল** [আবাবিল্] *বি* বাবুই জাতীয় ...শষ (খোদার সৈন্য আবাবিল তারে ধ্বংস করিল ...ত—*গোমো*)। ২ ঝাঁকসমূহ—অর্থে ব্যবহৃত ...হীন আরবি শব্দ। { *আ.* আবাবীল্ ابابيل }

অা... আবার] *ক্রিবিণ* পুনরায়; পুনর্বার। ☐ *অব্য* ১ অধিকন্তু; আরও; এতদ্ব্যতীত। ২ অবিশ্বাস ও অনিশ্চয়তা বোঝাতে এবং নেতিসূচক ...শ (ফকিরের আবার ঘর; কী আবার করবে?)। { ... +বার= আরবার>আবার ('র্'-লোপে) }

আবাল[১] [আবাল্] *বি, বিণ* ... প্রাপ্তবয়স্ক; নাবালক (অবোধ বা অসহায়) ছেলে মানু... ... বল যারে যবে আবাল কাহাক্রি—*বচদা*)। ☐ ... কিশোরবয়স্ক (আবাল গরু)। ☐ *বি* ১ মূর্খ লোক (আবালের সঙ্গে বসতি)। ২ উট। { *আ.* আবাল্ ابال }

আবাল[২] [আবাল্] *অব্য* বাল্যাবধি। ~**বৃদ্ধ** *বি* বালক থেকে বৃদ্ধ পর্যন্ত সকলেই। ~**বৃদ্ধবনিতা**, ~**বৃদ্ধরমণী** *বি* বালক থেকে বৃদ্ধ এবং স্ত্রীলোক পর্যন্ত সকলেই (খুলেছে জীবনযজ্ঞ রুদ্র আবালবৃদ্ধরমণী—*রঠা*)। **আবালি**, **আবালী** *বি, বিণ স্ত্রী.* অপ্রাপ্তবয়স্কা নাবালিকা বা অবোধ বালিকা (আজলী রাধা তোঁ আবালী বড়ী—*বচদা*)। ☐ *অব্য* ১ বালিকা পর্যন্ত। ২ বালিকা বয়স অবধি (আজন্ম আবালি সতী—*বচদা*)। { *স.* আ+বাল; *অব্যয়ী* }

আবাল্য [আবাল্লো] *অব্য ক্রিবিণ* বাল্য থেকে; শৈশবাবধি। { *স.* আ+বাল্য; *অব্যয়ী* }

আবাস [আবাশ্] *বি* বাসস্থান; গৃহ; বাটী; বাসা। ~**ভূমি**, ~**স্থল** *বি* বাস করার স্থান; থাকার জায়গা বা বাসা। { *স.* আ+ √বস্+অ (ঘঞ্) }

আবাসিক [আবাশিক্] *বিণ* ১ ছাত্রাবাসে বাসকারী; resident (আবাসিক ছাত্র)। ☐ *বি* রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত ব্যক্তি; care-taker। ~ **বিদ্যায়তন**, ~ **বিদ্যালয়** *বি* যে বিদ্যালয়ের অধিকাংশ ছাত্র আবাসিক; residential educational institution (প্রথম শ্রেণীর একটি আবাসিক বিদ্যালয়—*এও*)। ~ **বিশ্ববিদ্যালয়** *বি* যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ অধিকাংশই সংলগ্ন ছাত্রাবাসে থাকে; residential university। ~ **বৃত্তি** *বি* ছাত্রাবাসে বাসকারী ছাত্রদের জন্য নির্ধারিত অর্থ সাহায্য। { *স.* আবাস+ইক(ঠক্) }

আবাহন [আবাহন্/-হো-] *বি* ১ আমন্ত্রণ; নিমন্ত্রণ। ২ ডাক; আহ্বান। **আবাহিত** *বিণ*। **আবাহনী** *বিণ* আবাহন বিষয়ক (আবাহনী সঙ্গীত)। ☐ *বি* আবাহনের জন্য রচিত স্তুতি-গীত; অভ্যর্থনাসঙ্গীত। { *স.* আ+√বহ্+ণিচ্+অন(ল্যুট্) }

আবিদ, **আবেদ** [আবিদ্, -বে-] *বিণ* উপাসনাকারী; এবাদতকারী; ভক্ত (আবিদ অধিক প্রভু নিকটে মহৎ—*সৈআ*)। { *আ.* আবিদ عابد }

আবিদ্ধ [আবিদ্‌ধো] *বিণ* ১ বিদ্ধ। ২ ছিদ্রিত। {*স.* আ+বিদ্ধ}

আবিয়ে (বিরল) [আবিয়ে] *বিণ* অবিবাহিত (বিশেও আবিয়ে রবে—*গোদা*)। {আ+বিয়ে; *বহু*}

আবির, আবীর [আবির্] *বি* ১ ফাগ। ২ সুগন্ধি রঞ্জক দ্রব্য। {*স.* অভ্র; *তুল. আ.* আবীর عبير }

আবির্ভাব, আবির্ভবন [আবির্‌ভাব্, -ভবোন্] *বি* ১ উদয়; প্রকাশ (চাঁদের আবির্ভাব)। ২ প্রাদুর্ভাব (কলেরার আবির্ভাব)। ৩ অধিষ্ঠান; অবতরণ। **আবির্ভূত** *বিণ* ১ প্রকাশিত; উদিত (জানকীর গর্ভলক্ষণ আবির্ভূত হইল—*ঈবি*)। ২ প্রাদুর্ভূত। ৩ অধিষ্ঠিত; অবতীর্ণ। **আবির্ভূতা** *স্ত্রী*। **আবির্ভূতি** *বি* উৎপত্তি। {*স.* আবিস্+√ভূ+অ (ঘঞ্), অন(ল্যুট)}

আবিল [আবিল্] *বিণ* ১ কলুষিত; মলিন। ২ পঙ্কিল; ঘোলা (কোথাও বা আবর্ত আবিল—*রঠা*)। ~**তা** *বি* মলিনতা; কলুষ (দৃষ্টি প্রখর ও আবিলতাশূন্য—*মব*)। {*স.* আ+√বিল+অ (ক)}

আবিষ্কার, আবিষ্করণ, আবিষ্ক্রিয়া [আবিশ্‌কার্, -করোন্, -ক্রিয়া] *বি* ১ অজ্ঞাত বা অপ্রকাশিত বিষয় বা বস্তুর সন্ধান বা প্রকাশ। ২ উদ্ভাবন। **আবিষ্করণীয়, আবিষ্কার্য** *বিণ* ১ আবিষ্কারযোগ্য। ২ আবিষ্কার করতে হবে বা করা উচিত এমন। **আবিষ্কর্তা**(-র্তৃ), **আবিষ্কারক** *বি* যে আবিষ্কার করে বা করেছে; নতুন প্রকাশক; উদ্ভাবক। **আবিষ্কর্ত্রী, আবিষ্কারিকা** *স্ত্রী*। **আবিষ্কৃত** *বিণ* আবিষ্কার করা হয়েছে এরূপ; নতুন প্রকাশিত; উদ্ভাবিত। **আবিষ্কৃতা** *স্ত্রী*। {*স.* আবিস্+কার, করণ, ক্রিয়া}

আবিষ্ট [আবিশ্‌টো] *বিণ* ১ অভিভূত; বিহ্বল (আবিষ্ট হয়ে আলিঙ্গন করছে—*মব*)। ২ অধিষ্ঠিত; গ্রস্ত (ভূতাবিষ্ট)। ৩ তদ্‌গত; অভিনিবিষ্ট। ৪ পরিব্যাপ্ত। {*স.* আ+√বিশ্+ত (ক্ত)}

আবীর ⇒ আবির

আবু [আবু] *বি* পিতা। {*আ.* আবুন ابُ }

আবুড়া-খাবুড়া ⇒ এবড়ো-খেবড়ো

আবুয়াব ⇒ আবওয়াব

আবৃত [আবৃতো] *বিণ* ১ আচ্ছাদিত; ঢাকা। ২ পরিব্যাপ্ত; বিস্তারিত (মেঘাবৃত আকাশ)। ৩ বেষ্টিত; পরিবৃত। **আবৃতি** *বি* আবরণ; আচ্ছাদন। ২ বেষ্টন। ৩ প্রাচীর বেড়া। ৪ বেষ্টিত স্থান; ঘের; enclosure। {*স.* আ+√বৃ+ত (ক্ত)}

আবৃত্ত [আবৃত্‌তো] *বিণ* ১ আবৃত্তি করা হয়েছে এমন; পুনঃপুন পঠিত; অভ্যস্ত। ২ পুনরাগত; প্রত্যাগত। □*বি* মণ্ডল; চক্র। **আবৃত্তা** *স্ত্রী*। **আবৃত্তি** *বি* ১ ছন্দ ভাব ভাষা যথাযথ অভিব্যক্ত করে পাঠ; recitation। ২ বার বার পাঠ বা অভ্যাসকরণ; পুনঃপুন অনুশীলন। ৩ প্রত্যাগমন; প্রত্যাবর্তন; পুনঃপুন আগমন। {*স.* আ+√বৃৎ+ত(ক্ত)}

আবেকওসর, আব-ই-কওসর [আবেকওসর্, আবই-] *বি* বেহেস্তের কওসার নামক ঝরনার পানি (বেহেশতের অমৃতবিগলিত সুধানির্ঝর—মুসলিমের জীবনামৃত আবে কওসর—*গোমো*)। {*ফা.* আব ابِ + *আ.* কওছার کوثر ; ৬তৎ}

আবেক্ষণ ⇒ অবেক্ষণ

আবেগ [আবেগ্] *বি* ১ অনুভূতির প্রাবল্য (ভাবাবেগ)। ২ উৎকণ্ঠা; ব্যাকুলতা; চিত্তচাঞ্চল্য (শোকাবেগ)। ৩ ব্যগ্রতা; ত্বরা (মনের আবেগ)। {*স.* আ+বেগ}

আবে জমজম, আব-এ-জমজম, আব-জমজম [আবেজমজম্, -, আব্-] *বি* মক্কার পবিত্র জমজম কূপের পানি (আব-এ-জমজম তাঁর নিকট এক শিশি আছে—*রাব*; এদেরি চরণাঘাতে আব-জমজম প্রবাহিত হয় হৃদয়ের মরুতে—*নই*)। {*ফা.* আব ابِ + *আ.* জমজম زمزم ; ৬তৎ}

আবেদ ⇒ আবিদ

আবেদক [আবেদক্] *বিণ* আবেদনকারী; প্রার্থী। {*স.* আ+√বেদি+অক(ণ্বুল)}

আবেদন [আবেদোন্] *বি* ১ প্রার্থনা; নিবেদন। ২ দরখাস্ত; আরজি; petition। ৩ নালিশ; অভিযোগ। ৪ অন্তঃকরণে ভাব উৎপাদন; চিত্তাকর্ষণ, appeal (সুরের আবেদন)। ~**পত্র** *বি* দরখাস্ত; লিখিত প্রার্থনা; আরজি। **আবেদনীয়, আবেদ্য** *বিণ* ১ আবেদনযোগ্য; নিবেদ্য। ২ (যে বিষয়ে) আবেদন করতে হবে এমন; নিবেদনীয়। {*স.* আ+√বেদি+অন(ল্যুট)}

আবেশ [আবেশ্] *বি* ১ ভাবাবেগ; বিহ্বলতা; তন্ময়তা (যত আদেশ তোমার পড়ে থাকে আবেশে দিবস কাটে তার—*রঠা*)। ২ আসক্তি; অনুরাগ (শিশুকাল হইতে তার কোন্দলে আবেশ—*ভারা*)। ৩ অভিনিবেশ; গভীর মনোযোগ (লহনার বুঝি সাধু কপট আবেশ—*কমু*)। ৪ প্রবেশ; অনুপ্রবেশ (ভূতাবেশ)। ৫ আচ্ছন্নতা; মোহ। {*স.* আ+√বিশ্+অ (ঘঞ্)}

আবেষ্টক [আবেশ্‌টক্] *বিণ* পরিবেষ্টক। □*বি* বেড়া; প্রাচীর। {*স.* আ+√বেষ্ট+অক(ণ্বুল)}

আবেষ্টন [আবেশ্‌টন্/ -টোন্] *বি* ১ ঘেরাও কার্য; পরিবেষ্টন। ২ বেড়া; ঘের। ৩ পরিবেশ; পারিপার্শ্বিক অবস্থা। **আবেষ্টনী** *বি* ১ বেষ্টনী; বেড়া। ২ প্রতিবেশ; পারিপার্শ্বিকতা; পরিবেশ; environment। ৩ পরিধি। {*স.* আ+√বেষ্ট+অন}

আবেষ্টিত [আবেশ্‌টিতো] *বিণ* পরিবেষ্টিত; চতুর্দিক ঘেরাও এমন। {*স.* আ+√বেষ্ট+ত (ক্ত)}

আবেস্তা [আবেস্‌তা] *বি* অগ্নিপূজক জরথুশ্‌ত্রীয়দের ধর্মগ্রন্থ। {*ফা.* আবিস্তা ابستا }

আবে হায়াত, আব-ই-হায়াত [আবেহায়াত্, আবই-] *বি* জীবনবারি; অমৃতবারি (হারা সম্বিত ফিরে দিতে বুকে তুমি আনো আবে হায়াত—*ফআ*; পান করেছি অমর-করা তোমার ঠোঁটের 'আব-ই-হায়াত'—*নই*)। {*ফা.* আব ابِ + *আ.* হায়াত حياة ; তৎ}

আবোয়াব ⇒ আবওয়াব

আবোল-তাবোল, আবল-তাবল [আবোল্‌তাবোল্] *বি* ১ এলোমেলো কথা; অর্থহীন বাক্য; অসংলগ্ন উক্তি। ২ প্রলাপ (আবল-তাবল বকতে বকতে হঠাৎ গম্ভীর হয়ে ঘাড়টি কাৎ করে বলে—*নই*)। □*বিণ* আজে-বাজে; যা তা। {*হি* আন্‌বোল্-তন্‌বোল্}

আব্বা, আব্বু [আব্‌বা, -বু] *বি* পিতা; বাবা। { *আ.* আব اب > উ. আব্বাব ابو اب }

আব্রহ্ম [আব্রোম্‌হো] *ক্রিবিণ* ব্রহ্ম বা পরমাত্মা থেকে। **–স্তম্ব পর্যন্ত** ১ ব্রহ্ম থেকে তৃণগুচ্ছ পর্যন্ত। ২ পূর্ণ চৈতন্য থেকে অচেতন পদার্থ পর্যন্ত। { *স.* আ+ব্রহ্ম; *অব্যয়ী.* }

আব্রু ⇒ আবরু

আভ ⇒ আব[৩]

আভরণ (*মবা.*) [আভোরন্] *বি* ভূষণ; অলঙ্কার; গহনা। { *স.* আ+√ভৃ+অন}

আভা [আভা] *বি* ১ দীপ্তি; প্রভা; ছটা। ২ শোভা; সৌন্দর্য (হায়রে বর্তুল যথা রম্ভাবন আভা—*মদ*)। ৩ বর্ণ (স্বর্ণাভ)। { *স.* আ+√ভা+অ (অঙ)+আ(টাপ্‌)}

আভাং, আভাঙ্গ [আভাঙ্‌, আভাঙ্‌গ] *বি* অঙ্গ-প্রত্যঙ্গে তৈলাদি মর্দন। { *স.* অভ্যঙ্গ>}

আভাঙা, আভাঙ্গা [আভাঙা, আভাঙ্‌গা] *বিণ* ১ অভঙ্গ; অখণ্ড; চূর্ণিত নয় এমন। ২ অটুট (আভাঙা আলস্য—*অচিসে*)। ৩ অব্যবহৃত; এখনও ব্যবহার করা হয়নি এরূপ (আভাঙ্গা জমি)। { *স.* √ভন্‌জ>ভাঙ্‌+ আ}

আভাষ [আভাশ্‌] *বি* ১ ভূমিকা; মুখবন্ধ। ২ আলাপ; সম্ভাষণ। **–ণ** *বি* ১ আলাপ; কথোপকথন; সম্ভাষণ। ২ উক্তি (আমার হৃদয়ে যে কথা লুকানো তার আভাষণ—*রঠা*)। ৩ অভিভাষণ; বক্তৃতা। **আভাষিত** *বি* কথিত; উক্ত। { *স.* আ+√ভাষ্‌+অ (ঘঞ্‌)}

আভাস [আভাশ্‌] *বি* ১ ইঙ্গিত (আসল ঘটনার আভাস পাওয়া গিয়াছে)। ২ অস্পষ্ট বা অসম্পূর্ণ প্রকাশ (আভাসে দাও দেখা—*রঠা*)। ৩ সাদৃশ্য; আদল (ছেলের মুখে পিতার মুখের আভাস)। ৪ ছায়া; প্রতিবিম্ব। ৫ জ্যোতি; দীপ্তি; আভা। **~মান** *বিণ* প্রকাশমান; দীপ্যমান; প্রতীয়মান। **আভাসি** *অক্রি* প্রকাশিত উদ্ভাসিত বা দীপ্ত হয়ে (নয়নে উঠে গো আভাসি—*রঠা*)। { *স.* আ+√ভাস্‌+অ (ঘঞ্‌)}

আভিজন [আভিজন্‌] *বি* ১ অভিযোজনের ভাব; কৌলীন্য। ২ পদবি। { *স.* অভিজন+অ (অণ্‌)}

আভিজাতিক [আভিজাতিক্‌] *বিণ* ১ অভিজাত সম্বন্ধীয়; বংশমর্যাদা বিষয়ক। ২ কুল বা বংশ পরিচায়ক (আপনি নিজ আভিজাতিক চিহ্নের বর্ণনা না করিলে মুদ্রা পাইবেন না—*ঈবি*)। **আভিজাত্য** *বি* কৌলীন্য; বংশমর্যাদা (আপনি মিথ্যা আভিজাত্যের মোহে আচ্ছন্ন হয়ে আছেন—*রখা*)। { *স.* অভিজাত+ইক(ঠঞ্‌)}

আভিধানিক ⇒ অভিধান

আভিমুখ্য [আভিমুক্‌খো] *বি* ১ অভিমুখিতা। ২ মুখোমুখি অবস্থা। ৩ আনুকূল্য; সহায়তা। { *স.* অভিমুখ+য(ষ্যঞ্‌)}

আভীর [আভির্‌] *বি* গোপজাতিবিশেষ; আহীর (আভীর বালারা দুধাল গাভীরে দোহায় না—*নই*)। **আভীরী** *স্ত্রী.*। { *স.* আ+ভী+√রা+অ(ক)}

আভূতল [আভুতল্‌] *ক্রিবিণ* মাটি পর্যন্ত; মৃত্তিকা স্পর্শ করে (নিবেদিল আভূতল নত করি শির—*নসে*)। { *স.* আ+ভূতল; *অব্যয়ী.* }

আভূমি [আভূমি] *ক্রিবিণ* ভূমি পর্যন্ত (আভূমি নত)। { *স.* আ+ভূমি; *অব্যয়ী.* }

আভোগ [আভোগ্‌] *বি* ১ গানের ভণিতাযুক্ত পদ। ২ সঙ্গীতের চতুর্থ চরণ বা অংশ; সঙ্গীতের শেষ অংশ। ৩ পরিপূর্ণতা; বিস্তার। ৪ সম্যক ভোগ; উপভোগ। { *স.* আ+ভোগ}

আভ্যন্তর, আভ্যন্তরিক, আভ্যন্তরীণ ⇒ অভ্যন্তর

আভ্যাসিক [আভ্‌ভাশিক্‌] *বিণ* ১ অভ্যাস সম্বন্ধীয়। ২ অভ্যাসমতো; অভ্যাসানুযায়ী। { *স.* অভ্যাস+ইক(ঠক্‌)}

আভ্যুদয়িক [আভ্‌ভুদোয়িক্‌] *বিণ* ১ অভ্যুদয় সম্বন্ধীয়। ২ শুভজনক; উন্নতিপ্রদ; সমৃদ্ধিসাধক। ▢ *বি* হিন্দু বিবাহাদি উপলক্ষে করণীয় শ্রাদ্ধবিশেষ (বারবরদারী, আভ্যুদয়িকের খরচ—*অচিসে*)। { *স.* অভ্যুদয়+ইক(ঠক্‌)}

আম[১] [আম্‌] *বি* ফলবিশেষ; আম্রফল। **~আচার, আমের আচার** *বি* বিভিন্ন মসলাযোগে প্রস্তুত কাঁচা আমের চাটনি। **~-আদা** *বি* আমের গন্ধযুক্ত মূল বা শটিবিশেষ। **~সি, ~শি** *বি* কাঁচা আমের শুকনা ফালি (সেগুলি কুটিয়া নুন মাখিয়া আমসী করাই ভাল—*বচ*)। ▢ *বিণ* শুষ্ক; নীরস (শুখিয়ে আমসি হয়ে গেছে—*রাব*)। **–তা[২], ~সত্ত্ব** *বি* পাকা আমের রস শুকিয়ে প্রস্তুত অম্লমধুর খাদ্যবিশেষ। { *স.* আম্র> *প্রা.* অম্ব>}

আম[২], আওয়াম [আম্‌, আওয়াম্‌] *বি* জনসাধারণ (আলিম পাইল মর্ম আমে না পাইল—*সৈআ*)। ▢ *বিণ* সাধারণ (আমদরবার)। **–খাস** *বিণ* সাধারণ ও বিশিষ্ট; ছোটবড়। **–রাস্তা** *বি* সর্বসাধারণের ব্যবহারযোগ্য পথ; রাজপথ। **~ লোক, ~ লোগ** *বি* সাধারণ লোক। { *আ.* আম্মুন عام ; বহুব আৱাম عوام }

আম[৩] [আম্‌] *বি* ১ উদরস্থ শ্লেষ্মা বা কফ। ২ আমাশয়; অন্ত্রের রোগবিশেষ (তার কিছু আম দোষ আছে)। **~রক্ত** *বি* রক্ত-আমাশয়; রক্তাতিসার। **–শূল** *বি* আমাশয় জনিত পেটের বেদনা। { *স.* আ+√অম্‌+অ(ঘঞ্‌)}

আম[৪] [আম্‌] *বিণ* ১ কাঁচা; অপক্ব (আর্যজাতি এককালে ছিল আম মাংসভোজী—*অঠা*)। ২ আপোড়া; অদগ্ধ (আম সরা)। **–গন্ধী** (–ন্ধিন্‌) *বিণ* ১ কাঁচা গন্ধযুক্ত; অপক্ব দ্রব্যের গন্ধের ন্যায় গন্ধবিশিষ্ট। ২ দুর্গন্ধযুক্ত। { *স.* আ+√অম্‌+ঘঞ্‌>অ}

আমখাস ⇒ আম[২]

আমজাম ⇒ আঞ্জাম

আমট [আমোট্‌] *বি* আমসত্ত্ব। { *স.* আমাবর্ত>আমাবট্ট>আমট্ট}

আমড়া [আম্‌ড়া] *বি* এক প্রকার অম্লমধুর ফল। **– করা** *ক্রি* (*আল.*) কোনো কিছু করতে না পারা। **~ কাঠের ঢেঁকি** (*আল.*) অকেজো লোক। **~গাছি করা** *ক্রি* অযথা প্রশংসা করা; চাটুবাক্যে ভুলানো (তিনি এসে একটু আমড়াগাছি কর্তেই ..... লিখে দিলেন 'মাফ' —*সৈএ*)। **~ ভাতে করা** *ক্রি* (*আল.*) সৌন্দর্যহীন করা; কদর্য করা (ন্যাড়া ক'রে দেয় মাথা হায় আমড়াভাতে করে—*নই*)। { *স.* আম্রাতক> *প্রা.* অংবাডঅ> *মবা.* আম্বড়া>আমড়া}

আমতা[১], আমতা আমতা [আম্‌তা, – –] *ক্রিবিণ* ইতস্তত স্বীকার অস্বীকারের অস্পষ্টতাসূচকভাব (আমতা আমতা করা)। { আমি+তা}

আমতা[২] ⇒ আম[১]

আমদানি [আম্‌দানি] *বিণ* বিদেশ থেকে আনীত (হালের

আমদানি বিলাতি ছিটের জ্যাকেট—*রঠা*)। ☐*বি* ১ স্থানান্তর বা দেশান্তর থেকে বাণিজ্য দ্রব্য আনয়ন। ২ বিক্রয়ের পরিমাণ; আয় (আজকের আমদানি কত্তো)। ৩ আগমন; উপস্থিতি (ধনের আমদানি হইলেই লোকের আমদানি হয়—*প্যারি*)। ~ **রপ্তানি** *বি* পণ্যদ্রব্য বিদেশ থেকে আনয়ন এবং স্বদেশ থেকে বিদেশে চালান পাঠানো; import and export। ~ **শুমার** *বি* মোট আয়। {*ফা.* আমদানী آمدنی }

আমদ্‌রপ্ত [আমদ্‌রপ্‌ত্‌] *বি* ১ আমদানি রপ্তানি। ২ আসা-যাওয়া। {*ফা.* আমদ آمد + রফত رفت }

আমন [আমোন্‌] *বিণ* হৈমন্তিক; হেমন্তকালীন (আমন ধান)। ☐*বি* হেমন্তকালে জাত ধান; শালি ধান। {*স.* হৈমন>}

আমন্ত্রণ [আমোনত্রন্‌] *বি* ১ আহ্বান; নিমন্ত্রণ। ২ সম্বোধন। ৩ নিয়োগ। **আমন্ত্রয়িতা**(-তৃ) *বি* আমন্ত্রণকারী। **আমন্ত্রয়িত্রী** *স্ত্রী.*। **আমন্ত্রিত** *বিণ* ১ নিমন্ত্রিত; অভ্যাগত; আহূত। ২ অভিনন্দিত; সংবর্ধিত। ৩ নিয়োজিত। **আমন্ত্রিতা** *স্ত্রী.*। {*স.* আ+√মন্ত্র+অন(ল্যুট্‌)}

আমপারা [আম্‌পারা] *বি* কোরান মজিদের ত্রিশতম বা সর্বশেষ খণ্ড যার প্রথম শব্দ 'আম্ম' (একটি ... ছেলে 'আমপারা' ও 'পান্দেনামা' হাতে লইয়া মাদুরাসন হইতে উঠিয়া আসিল—*সৈও*)। {*আ.* 'আম্ম' عم + *ফা.* পারাহ پاره }

আমবাত [আম্‌বাত্‌] পিঁপড়াবাত; পিঁপড়ার কামড়ে মানবদেহ যেমন ফুলে ওঠে, তেমন লক্ষণবিশিষ্ট চর্মরোগবিশেষ। {আম +বাত}

আমমোক্তার [আম্‌মোক্‌তার্‌] *বি* বিষয় সম্পত্তি সংক্রান্ত কার্যনির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি; attorney (বন্ধুবর উকিল সাহেবকে আমমোক্তার নিযুক্ত করিয়াছি—*নর*)। ~**নামা** *বি* আমমোক্তার নিয়োগের দলিল, যে দলিল দ্বারা আমমোক্তারকে ক্ষমতা অর্পণ করা হয়; power of attorney। **আমমোক্তারি**, ~**গিরি** *বি*। {*আ.* আম্ম عام + মুখ্‌তার্‌ مختار }

আময় [আময়্‌] *বি* রোগ; ব্যাধি; পীড়া (উদরাময়, নিরাময়)। {*স.* আ+√মী+অ(অচ্‌)}

আময়দা, আমাদা [আময়্‌দা, আমাদা] *বিণ* প্রচুর; অপরিমিত (আময়দা আমদানীওয়ালা স্বামীর বন্ধ্যা স্ত্রীর অন্তরে ভবিষ্যতের... বিভীষিকা—*কেম*)। {*ফা.* আমদাহ آمده }

আমর[১] [আমর্‌] *বি* আদেশ; অনুজ্ঞা। {*আ.* আমর امر}

আমর[২] [আ মর্‌] *অব্য* বিরক্তি ক্রোধ অসন্তোষ প্রভৃতি প্রকাশক গালি; 'মরণ হোক' বাচক অভিশাপ।

আমরণ[৩] [আমরোন্‌] *ক্রিবিণ* মরণ অবধি। **আমরণান্তিক** *বিণ* মৃত্যু পর্যন্ত স্থায়ী। {আ.+মরণ; *অব্যয়ী.*}

আমরক্ত ⇒ আম[৩]

আমরা, আমারা (*মবা.*) [আমরা, -মা-] *সর্ব* আমি এবং আমার সঙ্গী (আমরা যাব; আমারা চলিল সর্বজন—*কাদা*)। {*স.* অস্মাকম্‌>*প্রা.* অমহাণ>*অপভ্র.* আহ্মরা>}

আমরার (*অপ্র.*) [আম্‌রার্‌] *সর্ব* আমাদের। {*স.* অস্মদ্‌>}

আমরাস্তা ⇒ আম[২]

আ মরি [আ মোরি] *অব্য* ১ আহা মরি; প্রশংসা বিদ্রূপাদিসূচক শব্দ (আ মরি বাংলা ভাষা !—*অতুপ্র*)। ২ আতিশয্য প্রকাশে।

আমরিষ [আমোরিশ্‌] *বি* ক্রোধ; অক্ষমা (কিযে কাহ্ন করে আমরিষে—*বচদা*)। {*স.* √মৃষ্‌+অ(ঘঞ্‌), আমর্ষ> (স্বরভক্তিতে) আমরিষ}

আমরুত [আমরুত্‌] *বি* পেয়ারা ফল। {*স.* অমৃত> আমরুত}

আমরুল, আমরুলী [আমরুল্‌, -রুলি] *বি* শাকবিশেষ (পানাপুকুরের চারধার আমরুলী শাকের সবুজ পাতায় ছেয়ে গিয়েছে—*অঠা*)। {*স.* অম্ললোনী>আমরুলি> আমরুল}

আমর্শ, আমর্শন [আমরশো, -শন্‌] *বি* ১ স্পর্শ। ২ চিন্তা; প্রণিধান। ৩ পরামর্শ। {*স.* আ+√মৃশ্‌+অ}

আমর্ষ [আমরশো] *বি* ১ ক্রোধ। ২ অক্ষমা। {*স.* আ+√মৃষ্‌+অ(ঘঞ্‌)}

আমল [আমোল্‌] *বি* ১ রাজত্বকাল; শাসনকাল (বাদশাহী আমল)। ২ অধিকার; দখল (পরগনা পরগনা হইল আমল—*ভারা*)। ৩ কাল; সময়; যুগ (তখন আবার তাকে হাল আমলে ফিরিয়ে আনলেন—*রাব*)। ৪ প্রশ্রয় (মরণের কালি হেথা পায় না আমল—*সদ*)। ৫ পালন; অনুষ্ঠান (আমল বিহীনে পাপ গুণহীন ধনু—*সৈআ*)। ~**দস্তক** *বি* সম্পত্তিতে অধিকার দানের দলিল বা অনুজ্ঞাপত্র। ~**দারি** *বি* ১ শাসন। ২ রাজস্ব; মালগুজারি। ৩ খাজনা আদায়কারীর পদ। ~ **দেওয়া** *ক্রি* প্রশ্রয় বা পাত্তা দেওয়া। ২ অধিকার দেওয়া; দখল দেওয়া। ~**নামা** *বি* ১ বিষয়াধিকারের হুকুমনামা; সম্পত্তি ভোগ দখল করার জন্য মালিকের আদেশপত্র। ২ মানুষের পাপপুণ্যের হিসাবপত্র (আরেক ফিরস্তা শাস্তি দিব আমলনামা চাইয়া—*পুগী*)। **আমলে আনা** *ক্রি* ১ মান্য করা; গণ্য করা (মেয়েটা এ সমস্ত আমলে আনে না—*মব*)। ২ কোনো কাজ আরম্ভ করা বা তার দায়িত্ব গ্রহণ করা। ৩ প্রয়োগ করা (আইন আমলে আনা)। {*আ.* আমল عمل }

আমলকী, আমলক, আমলা [আম্‌লকি, -লক্‌, -লা] *বি* ১ ফলবিশেষ। ২ বৃক্ষবিশেষ। {*স.* আ+ √মল্‌+ অক+ঈ; *মবা.* আঁওলা; *হি.* আঁওলা}

আমলা [আম্‌লা] ১ *বি* কেরানি; কর্মচারী। ~**তন্ত্র** *বি* যে শাসনব্যবস্থায় কেবল সরকারি কর্মচারীদের আধিপত্যই বিরাজমান; রাজকর্মচারীদের শাসন, bureaucracy। ~**ফয়লা** *বি* ছোট বড় কর্মচারী; কেরানি প্রভৃতি (আর আমলা-ফয়লার এজাহার যে বিলকুল খেলাপ, এই হচ্ছে হাকিমের দৃঢ় ধারণা—*প্রচৌ*)। {*আ.* আমলাহ্‌ عملة ; *একব* আমিল عامل }

আমলাতি, আমলাতী (*মবা.*) [আম্‌লাতি] *বি* আমলকী; আমলা (আনিল পাকড়ি ডাল হাঁই আমলাতি—*কমু*)। {*স.* আমলকী}

আমলানো [আম্‌লানো] *ক্রি* ১ ক্রমে ব্যথাযুক্ত হওয়া; টাটানো। ২ পচে টক হয়ে যাওয়া। ☐ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। {√আমলা+আনো}

আমলিয়াত [আম্‌লিয়াত্‌] *বি* ১ আধ্যাত্মিক চিকিৎসা। ২ তাবিজ; মাদুলি। {*আ.* আমলিয়াত عمليات }

আমশি ⇒ আম[১]

আমশূল ⇒ আম[৩]
আমসত্ত্ব, আমসি ⇒ আম[১]
আমহুকুম [আমহুকুম্] *বি* সাধারণ আদেশ; সার্বিক নির্দেশ। { *আ.* আম عام + হুকম্ حکم ; তৎ }
আমা[১] [আমা] *বিণ* আধপোড়া (আমা ইট)। { *স.* আম (কাঁচা) + আ (বিশিষ্টতা দানে)}
আমা[২] [আমা] *সর্ব* ১ আমি। ২ স্বয়ং; নিজে। ৩ আমাকে। { *স.* অস্মদ্>আমা}
আমাতিসার [আমাতিসার] *বি* আমাশয় রোগ; আমযুক্ত অতিসার। { *স.* আম+অতিসার; *মধ্য.* }
আমাদের [আমাদের] *সর্ব* আমি সহ এক বা একাধিক ব্যক্তির। { *স.* অস্মদ>আমা+দের (বিভক্তি)}
আমান[১] [আমান্] *বি* নিরাপত্তা; আশ্রয় (সাবানের চন্দ্রভরি মাগিব আমান—*সৈআ*)। { *আ.* আমান্ امان }
আমান[২] [আমান্] *বিণ* আস্ত; অখণ্ড (বড় বড় আমান হরফে তার কাছে যে পত্র লেখ তা—*আমআ*)। { *আ.* আমান امان }
আমানত [আমানত্] *বি* গচ্ছিত বস্তু (সমর্পিত তার হাতে নবীজীর পুণ্য আমানত—*ইহো*)। □ *বিণ* গচ্ছিত; জমা (সেগুলিতে টাকাকড়ি আমানত রাখা চলতো—*আম*)। **আমানতি** *বিণ*। ~ **করা** *ক্রি* জমা দেওয়া; মজুদ করা। ~**দার** *বি* যার কাছে গচ্ছিত রাখা হয়। ~ **রাখা** *ক্রি* গচ্ছিত রাখা (এক বৎসরের খরচ তাহার বাটীতে আমানত রাখিয়া থাকে—*ভব*)। { *আ.* আমানত امانة }
আমানি [আমানি] *বি* কাঞ্জি; কাঁজি; পান্তা ভাতের পানি (দুধের বদল ঝিনুক দিয়ে আমানি দেয় মায়ে—*নই*)। { *স.* অম্ল + পানীয়>অম্লআনি>আমানি}
আমান্ন [আমান্নো] *বি* ১ অপক্ব অন্ন; অসিদ্ধ খাদ্য; কাঁচা বা অসিদ্ধ চাউল। ২ চাউল। {আম+অন্ন}
আমামা [আমামা] *বি* পাগড়ি; শিরস্ত্রাণ (বাজিছে দামামা, বাঁধরে আমামা—*নই*)। { *আ.* আমামাহ্ عمامة }
আমার [আমার্] *সর্ব* মদীয়; নিজের। { *স.* অস্মদীয়>}
আমারার (*অপ্র.*) [আমারার্] *সর্ব* আমাদের। { *স.* অস্মদ>}
আমারি, আম্বারি (*মবা.*) [আমারি, আম্‌ভারি] *বি* হাতি বা উটের পিঠের আসন বিশেষ; হাওদা (শোভাকর দ্বার অতি উচ্চ আমারি সহিত হস্তী বরাবর যাইতে পারে—*রাম*; হাতীর আমারী ঘরে বসিয়া আমীর—*ভারা*; বস্ত্রাবৃত আম্বারী পৃষ্ঠে করিয়া উষ্ট্র সকল...প্রবেশ করিল—*মীম*; আম্বারিতে নারীগণ হইলেন্ত আরোহণ—*সেসু*)। { *আ.* ইমারি عماری }
আমাশয় [আমাশয়্] *বি* উদরস্থ শ্লেষ্মাযুক্ত এক প্রকার উদরাময়; আমাতিসার রোগ। ২ আমস্থলী; পাকস্থলী। { *স.* আম+আশয়; ৬তৎ }
আমি [আমি] *সর্ব* বক্তা নিজে। □ *বি* ১ আত্মা বা সত্তা (সকল খেলায় করব খেলা এই আমি—*রঠা*) ২ অহমিকা; অভিমান (আমি যাবে মলে)। ৩ (*ব্যা.*) উত্তম পুরুষ; [illegible]। { *স.* অস্মাভিঃ>অম্হাহি>আম্হি>আমি; *স.* অহম্>*প্রা.* অম্হি>}
আমিন[১], আমীন[১] [আমিন্] *বি* জমি জরিপকারী কর্মচারীবিশেষ। ২ তত্ত্বাবধায়ক; তদারককারী। ৩ সত্যবাদী; বিশ্বস্ত (যুবক নবীকে আমিন বলিয়া ডাকিত—*নই*)। { *আ.* আমিন امین }
আমিন[২], আমীন[২], আমেন [আমিন্, . . মেন্] *অব্য* প্রার্থনা পূর্ণ হোক; তাহাই হোক; amen (সকলেই আমিন আমিন বলিয়া... অশ্বারোহণে রাজপথে আসিয়া উপস্থিত হইলেন—*মীম*; আমরাও দু'হাত তুলে 'আমেন আমেন' (তথাস্তু তথাস্তু) বললুম—*সৈমু*)। { *আ.* আমিন امین *হিব্রু.* ও *গ্রি.* আমেন}
আমিনি [আমিনি] *বি* জমি জরিপের কাজ। { *আ.* আমিন+ *বা.* ই}
আমিনী (*মবা.*) [আমিনি] *বি* কামিনী; সেবিকা (সোল স আমিনী মেলি এহি-চন্দন খুরি—*রাপ*)। { *স.* কামিনী>}
আমির, আমীর [আমির্] *বি* ১ বড়োলোক; ধনী; বিত্তবান; সম্ভ্রান্ত ব্যক্তি (কে আমীর তুমি নওয়াব বাদশা বালাখানার—*নই*)। ২ সম্পদশালী সম্ভ্রান্ত মুসলমান। ৩ কাবুলের বাদশাহের উপাধি। ~**ওমরা** *বি* ১ বড়ো লোক; ধনী লোক। ২ উচ্চপদস্থ কর্মচারী। ৩ বাদশাহি দরবারের সভাসদ। ~**জাদা** *বি* সম্পদশালী সম্ভ্রান্ত ব্যক্তির সন্তান। □ *বিণ* আলস্যপরায়ণ; কর্মবিমুখ। **আমিরানা** *বি* বড়োলোকি; নবাবি। **আমিরি, আমীরি** *বি* নবাবি; বড়ো মানুষি (আমার মত গরীবের পক্ষে অতটা আমীরি পোষায় না—*কাই*)। □ *বিণ* ১ আমিরের ন্যায়; আমিরসুলভ। ২ আমির সম্বন্ধীয়। { *আ.* আমীর امیر ; *বহু.* উমারা امراء }
আমিরুল মোমেনিন, আমিরুল মুমেনীন [আমিরুল্ মোমেনিন্, -মু-] *বি* মুমিন বা বিশ্বাসীদের নেতা; হজরত মুহম্মদ (সাঃ)-এর স্থলবর্তী খলিফা। { *আ.* আমীরুল মু'মিনীন امیر المؤمنین }
আমিল [আমিল্] *বি* কর্মচারী (ঢাকায় দেওয়ান বকসীর আমিলরূপে কাটাইয়া চিত্রিসারের গৃহে ফিরিলেন—*গোহা*)। { *আ.* আমিল عامل }
আমিষ [আমিশ্] *বি* ১ মাংস। ২ মাছ মাংস ডিম প্রভৃতি জৈবখাদ্য, protein। ৩ (পুষ্টি বিজ্ঞান) একপ্রকার খাদ্যপ্রাণ বা vitamin (মাছ, মাংস, ডিম, ডাল, শিমের বিচি, দুধ ইত্যাদিতে প্রচুর পরিমাণে আমিষ জাতীয় খাদ্যপ্রাণ থাকে)। –**প্রিয়** *বিণ* মাছ মাংস ডিম খেতে ভালোবাসে এমন। –**লোলুপ** *বিণ* আমিষ সম্বন্ধে লোভ আছে এমন। **আমিষাশী** *বিণ* ১ মাংসভোজী (হরিণ খেয়েছে তার আমিষাশী শিকারীর হৃদয়কে ছিঁড়ে—*জীদা*)। ২ মাছ মাংস ডিম আহারকারী। { *স.* √অম্+ইষ(টিষচ)}
আমীলিত [আমিলিতো] *বিণ* ঈষৎ উন্মুক্ত; সামান্য খোলা (কেশরলালের আমীলিত ওষ্ঠাধরের মধ্যে জমা দিতে লাগিলাম—*রঠা*)। { *স.* আ+√মিল্+ত(ক্ত)}
আমুদে ⇒ আমোদ
আমূল [আমুল্] *ক্রিবিণ* মূল অবধি; গোড়া থেকে (ঘোড়ের চুল আমূল ছাঁটা—*রাব*)। □ *বিণ* সম্পূর্ণ; আগাগোড়া। { *স.* আ+মূল; *অব্যয়ী.*}
আমৃত্যু [আম্‌রিত্‌তু] *ক্রিবিণ* মৃত্যু পর্যন্ত; মরণ অবধি (তাহাদের স্ত্রীর কাছেও আমৃত্যু এ খবর ধরা পড়ে না—*রঠা*)। { *স.* আ+মৃত্যু; *অব্যয়ী.*}
আমেজ [আমেজ্] *বি* ১ ঈষৎ প্রকাশ; আদরা; আভাস। ২ আভা (নীলের আমেজ)। ৩ স্পর্শ; রেশ (গাঢ় শ্যাম ছায়াময় স্বপ্ন এক আমেজ লাগায় তৃষ্ণার্ত নয়ন মনে—*সুমো*)। ৪ মিশ্রণ। { *ফা.* আমিজ্ব آمیز }

আমেন ⇒ আমিন১

আমোদ [আমোদ] *বি* ১ হর্ষ; আহ্লাদ; আনন্দ। ২ উৎসব; ক্রীড়াকৌতুক। ৩ কৌতুক; মজা। ৪ সুগন্ধ (আমোদ অগুরুমেদ মৃগমদবেশ —*সৈআ*)। ☐ *বিণ* সুগন্ধপূর্ণ; সৌরভযুক্ত; সুরভিত (গন্ধে আমোদ করেছে— *অঠা*)। **–আহ্লাদ, –প্রমোদ** *বি* আনন্দ–উৎসব; ক্রীড়াকৌতুক। **–প্রিয়, আমুদে** *বিণ* কৌতুকপ্রিয়; স্ফূর্তিবাজ। **–ন** *বি* ১ বিনোদন; সন্তোষকরণ। ২ সৌরভ সম্পাদন; আমোদকরণ। **আমোদিত** *বিণ* ১ হৃষ্ট; আনন্দিত। ২ সুরভিত; সুভাষিত। **আমোদী** *বিণ* আনন্দিত; হর্ষযুক্ত। ২ সৌরভযুক্ত; সুগন্ধি। {আ+ √মুদ্+অ(ঘঞ্)}

আমোয়াল [আমোয়াল্] *বি* ধনসম্পদ; সম্পত্তি; পণ্য–দ্রব্যাদি। { *আ.* আমৱাল اموال ; *একব* মাল مال }

আম্নায় [আম্নায়] *বি* শ্রুতি; বেদ; আগম। { *স.* আ+ √ম্না+অ(ঘঞ্)}

আম্বর [আম্বোর্] *বি* সুগন্ধিদ্রব্যবিশেষ; amber। { *আ.* আম্বর عنبر ; *স.* অম্বর>}

আম্বরী [আম্বোরি] *বিণ* সুগন্ধি (আম্বরী তামাক)। { *আ.* আনবরী عنبری }

আম্বা [আম্বা] *বি* ১ স্পর্ধা; বড়াই (এ পঞ্চ ফোড়ন দিলা মহা আড়ম্বরে; আম্বা করি পুনঃ ঢালিলা—*সদ*)। ২ দুরাকাঙ্ক্ষা। { *স.* অহম্ভাব>}

আম্বিয়া [আম্বিয়া] *বি* নবীগণ; পয়গম্বরগণ (কত আম্বিয়া আউলিয়া বাদশা ফকির—*নই*)। { *আ.* আম্বিয়া انبياء ; *একব.* নবী}

আম্মা [আম্মা] *বি* ১ মাতা; জননী। ২ মাতৃস্থানীয়া মহিলা (আম্মা লাল তেরি খুন কিয়া খুনিয়া—*নই*)। { *স.* অম্বা; *আ.* উম্মুন ام }

আম্র, অম্র (*মবা.*) [আম্ম্রো, অ–] *বি* ১ আমগাছ। ২ আম গাছের ফল; চূত; রসাল (অম্র কাঁঠাল আর গুয়া নারিকেল—*শেফ*)। { *স.* √অম্+র}

আম্রসার [আম্ম্রোসার্] *বি* আমের পাতা বা শাখা (পূর্ণঘট শোভে নারিকেল আম্র–সারে—*বৃদা*)। { *স.* আম্র+ *স.* সহকার>*প্রা.* সহআর> সার; তৎ}

আম্রাত, আম্রাতক, অম্রাত, অম্রাতক [আম্ম্রাতো, –তক্, অম্ম্রাতো, –তক্] *বি* ২ আমড়া গাছ। ২ আমড়া গাছের ফল; আমড়া। { *স.* আম্র+√অত্+অ(অণ্), অক}

আম্ল, আম্লিক [আম্ম্লো, –ম্লিক্] *বি* ১ অম্লরসযুক্ত; টক। ২ অম্ল সম্বন্ধীয়। { *স.* অম্ল+অ(ষ্ণ), ইক(ষ্ণিক)}

আম্লা, আম্লিকা, আম্লীকা [আম্ম্লা, –ম্লিকা, –] *বি* ১ তেঁতুল গাছ। ২ অম্লোদ্‌গার। { *স.* আম্ল+আ (*স্ত্রী.*), আম্লিক+আ,>}

আম্লিক ⇒ আম্ল

আযখোদ ⇒ আজখোদ

আযতন [আজতোন্] *বি* সমাদর; বিশেষ যত্ন। { *স.* আ+√যত্+অন}

আযম ⇒ আজম[২]

আযমত, আজমত [আজ্মত্] *বি* মহত্ত্ব { *আ.* 'আজমত عظمت }

আযমাইশ, আজমায়েশ [আজ্মাযিশ্, আজ্মায়েশ্] *বি* পরীক্ষা। { *ফা.* আজমাইশ آزمائش }

আজ্‌রাঈল ⇒ আজরাইল।

আযল, আজল [আজোল্] *বি* ১ অনাদি; অতীত। ২ অদৃষ্ট; ভাগ্য (আযলের লেখা ঘোরে কিভাবে পশ্চাতে—*ফআ*)। ৩ জন্মনিয়ন্ত্রণের পদ্ধতি বিশেষ। { *আ.* আজল ازل }

আযাদ ⇒ আজাদ

আযাদী ⇒ আজাদি

আযান ⇒ আজান

আযাব ⇒ আজাব

আযাযীল ⇒ আজাজিল

আযীম ⇒ আজিম

আযীয ⇒ আজিজ

আযোড় যোড়ন (*মবা.*) [আজোড় জোড়ন্] *বি* অসম্ভব কার্য সাধন; অসম্ভবকে সম্ভবকরণ; অঘটন ঘটন (আযোড় যোড়ন আম্মে করিবাক পারি—*বচদা*)। { আ+জোড় (<যোড়)}

আয় [আয়্] *বি* ১ অর্থাগম; রোজগার; উপার্জন। ২ লাভ; উপস্বত্ব। **–কর** *বি* ১ আয়ের উপর ধার্য কর; income tax। ☐ *বিণ* লাভজনক; যাতে আয় হয় এরূপ (আয়কর ব্যবসায়)। **–ব্যয়** *বি* ১ রোজগার ও খরচ। ২ জমাখরচ। **–ব্যয়ক** *বি* ভবিষ্যৎ জমা খরচের অনুমিত হিসাব বা ফর্দ; বাজেট; budget। { *স.* আ+√অয়্/√ই+ অ(অব)}

আয়ত[১] [আয়তো] *বিণ* ১ বিশাল; টানটান (আয়ত লোচন)। ২ প্রসারিত; বিস্তৃত (ঊর্ধ্বে নীল আয়ত আকাশ—*মোম*)। ৩ বিষম বাহুবিশিষ্ট সমচতুষ্কোণ (আয়তক্ষেত্র)। { *স.* আ+√যম্+ত(ক্ত)}

আয়ত[২] ⇒ আয়তি[২]

আয়তন [আয়োতন্] *বি* ১ (*জ্যা.*) ক্ষেত্রমান; দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল; area। ২ (*গণিত.*) ঘনমান; volume। ৩ প্রস্থ, বিস্তার; পরিসর (বস্তু যে পরিমাণ স্থান দখল করিয়া থাকে তাহাকে তাহার আয়তন (volume) বলা হয়—*আত্রা*)। ৪ গৃহ; প্রতিষ্ঠান (মিলনায়তন, শিল্পায়তন)। ৫ ভদ্রাসন; বাস্তুভিটা (আয়তন ভূমি বাড়ি বীর দেয় বাক্য পড়ি—*কমু*)। ৬ দেবালয়; মন্দির। ৭ যজ্ঞবেদি। { *স.* আ+√যত্+অন}

আয়তি[১] [আয়োতি] *বি* ১ দৈর্ঘ্য; বিস্তার। { *স.* আ+√যম্-তি(ক্তি)}

আয়তি[২] [আয়োতি] *বি* ১ উত্তরকাল; ভাবীকাল; ফলপ্রদান কাল। ২ ভাবী শুভ সম্ভাবনা; ভাবীফল। { *স.* আ+√যা+ উতি(ক্তি)}

আয়তি[৩], **আয়ত, আয়াত** (বিরল) [আয়োতি, আয়োতো, আয়াত্] *বি* এয়োতি; সধবার লক্ষণ (চারি ছুঁড়ি বধূর আয়াত ঘুচে করে—*ঘচ*)। { *স.* অবিধবত্ব> আইহত্ত>আয়ত>}

আয়তি[৪], **আয়তী** [আয়োতি] *বি স্ত্রী.* এয়ো; সধবা নারী (জন্মযুগ আয়তী। কে তুমি—*দমি*)। { *স.* আয়ুষ্মতী>}

আয়ত্ত [আয়োত্‌তো] *বি* ১ অধিকার; কবল

(অবসরগুলিকে আয়ত্তগত করিয়া—*রঠা*)। ২ ক্ষমতা; সামর্থ্য (কাজটি তার আয়ত্তের বাইরে)। ☐ *বিণ* ১ অধীন; বশবর্তী। ২ অধিকৃত; হস্তগত। ৩ শিক্ষালব্ধ। **আয়ত্তি, ~তা** *বি*। **~গম্য** *বিণ* ১ অধিকার বা বশ করা যায় এমন (নিজের আয়ত্তগম্য বলিয়া বোধ করিতেন না—*রঠা*)। ২ অধিকার বা বশ করার উপযুক্ত। {*স.* আ+√যত্+ত(ক্ত)}

আয়ন [আয়োন্] *বি* ইলেকট্রনের হ্রাসবৃদ্ধি ঘটার ফলে বৈদ্যুতিক চার্জযুক্ত পরমাণু। **আয়নিত** *বিণ* (পরমাণুর ক্ষেত্রে) বৈদ্যুতিক চার্জযুক্ত। {*ই.* ion}

আয়না [আয়্না] *বি* ১ দর্পণ; আরশি। ২ কাচ। **~য় মুখ দেখা** *ক্রি* ১ (*আল.*) পরস্পর উপকারপ্রত্যুপকার করা। ২ (*আল.*) ভালো করে এমন লোকের ভালো করা এবং মন্দ করে এমন লোকের মন্দ করা। {*ফা.* আইনাহ্ آئینه }

আয়ন্দা ⇒ আয়েন্দা

আয়ব (*ব্র.*) [আয়ব] *ক্রি* আসবে (পিয়া যবে আয়ব—*বিপ*)। {*তুল. হি.* আওব}

আয়ব্যয়, আয়ব্যয়ক ⇒ আয়

আয়মা, আয়মাদার ⇒ আএমা

আয়মাল [আয়মাল] *বি* গ্রাম; পরগণা। {*আ.* উম্মাল عمال *একব* আমল عمل }

আয়র [আয়োর্] (*মবা.*) *অব্য* আর (হাছী জিঠী আয়র উঝাঁট না মানিলোঁ—*বচদা*)। {*স.* অপর>অবর>আওর, আয়র}

আয়ল (*ব্র.*) [আয়ল, আওল] *ক্রি* এলো (আয়ল হরি)। {আসিল>}

আয়লা, আইলা [আয়্লা, আইলা] *বি* আগুন রাখার মাটির তৈরি পাত্র; মালসা (ঈদু তার আয়লা হইতে ঘসির আংরা তুলিয়া তামাক সাজিয়া আনিল—*আমআ*)। {আইল+আ}

আয়স [আয়শ্] *বিণ* ১ লৌহময়; লৌহনির্মিত; লৌহসংক্রান্ত। ☐ *বি* লৌহ। **আয়সী** ১ *বি* লোহার বর্ম; লৌহ আবরণ (আয়সী আবৃত দেহ—*মদ*)। ☐ *বিণ* পাষাণ; নির্মম (আয়সী প্রেয়সী তুমি যাও সরে সরে—*সদ*)। {*স.* অয়স্+অ (অণ্)}

আয়ন্ত্রী ⇒ এয়ো

আয়া[1] [আয়া] *বি স্ত্রী.* দাই; সেবিকা; শিশুর পরিচারিকা; ঝি। **~গিরি** *বি* আয়ার চাকরি। {*পো.* আয়া aia + *ফা.* آیه ; *ই.* ayah, *তু.* আই}

আয়া[2] [আয়া] *বি* পিতামহ; মাতামহ। **আয়ী** *স্ত্রী.*। {*স.* আর্য>আয়য>আয়া}

আয়াত [আয়াত্] *বি* কোরানের বাক্য বা বাক্যাংশ। {*আ.* আয়াত آیات }

আয়াত [আয়াত্] *বিণ* এসেছে এমন; আগত; প্রাপ্ত। {*স.* আ+√যা+ত(ক্ত)}

আয়াম[1] ⇒ আইয়াম

আয়াম[2] [আয়াম্] *বি* দৈর্ঘ্য; বিস্তার; প্রসার। {*স.* আ+√যম্+অ(ঘঞ্)}

আয়াশ, আয়াস[1] ⇒ আয়েশ

আয়াস[2] [আয়াশ্] *বি* ১ যত্ন; প্রচেষ্টা; প্রয়াস; (আয়াসসাধ্য)। ২ ক্লান্তি; শ্রান্তি, অবসাদ। ৩ দুঃখ; ক্লেশ (ধর্মরক্ষা হেতু কত যে পাইনু আয়াস—*মদ*)। ৪ *বি* পরিশ্রম। **~ ছাড়া** *ক্রি* বিশ্রাম করা; শ্রান্তি দূর করা (কিবা পথ পরিশ্রমে, আইল দিগের ভ্রমে, আয়াস ছাড়িতে এই ঘর—*কমু*)। **~লব্ধ** *বিণ* শ্রমার্জিত। **~সাধ্য** *বিণ* কষ্টসাধ্য; পরিশ্রমসাপেক্ষ; দুঃসাধ্য; সুকঠিন। **আয়াসী** (~সিন্) *বিণ* ১ পরিশ্রমী। ২ যত্নশীল; সচেষ্ট। ৩ শ্রান্ত; ক্লান্ত। **আয়াসিনী** (*প্রাবা.*) *বিণ* শ্রান্তা (আয়াসিনী ভৈলা আজি তোহ্মে কি কারণে—*বচদা*)। **আয়াসেঁ** (*প্রাবা.*) *অব্য* শ্রান্তিহেতু (আয়াসেঁ কাহ্নের তরে সুতিলোঁ দিঞাঁ শিয়রে—*বচদা*)। {*স.* আ+√যস্+অ(ঘঞ্)}

আয়ি, আয়ী[1] ⇒ আই

আয়ী[2] ⇒ আয়া

আয়ু, আউ (*মবা.*) [আয়ু, আউ] *বি* ১ জীবনের মেয়াদ; পরমায়ু; হায়াত (আউ থাকিতে কাহাঞি মরণ ইছমি—*বচদা*)। ২ প্রাণ; জীবন (আয়ু শেষ)। ৩ বয়স। **আয়ুপ্রদ, আয়ুঃপ্রদ** *বিণ* পরমায়ু বর্ধক। **আয়ুরেখা** *বি* (*জ্যোশা*) আয়ুর লক্ষণবিশিষ্ট হস্তরেখা (আয়ুরেখা তেলোর ইস্‌পার উস্‌পার—*সৈমু*)। {*স.* আয়ুঃ>}

আয়ুদড় (*প্রাবা.*) ⇒ আউদড়

আয়ুধ [আয়ুধ্] *বি* অস্ত্রশস্ত্র; যুদ্ধাস্ত্র (নিষ্কোপলা সদাশিব আয়ুধ ভীষণ খরধার—*কায়*)। {*স.* আ+√যুধ্+অ(ক)}

আয়ুঃপ্রদ, আয়ুপ্রদ, আয়ুরেখা ⇒ আয়ু

আয়ুর্বেদ [আয়ুর্‌বেদ্] *বি* ১ কবিরাজি চিকিৎসা পদ্ধতি। ২ অথর্ব বেদের অন্তর্গত চিকিৎসাশাস্ত্র বা বিদ্যা। **~জ্ঞ, ~বিদ, ~বেত্তা, আয়ুর্বেদী**(~দিন্) *বিণ বি* আয়ুর্বেদীয় চিকিৎসক; কবিরাজ। ☐ *বিণ* আয়ুর্বেদ শাস্ত্রে অভিজ্ঞ। **আয়ুর্বেদীয়** *বিণ* ১ আয়ুর্বেদ সম্বন্ধীয়। ২ আয়ুর্বেদসম্মত। {*স.* আয়ুঃ+বেদ; ৬তৎ}

আয়ুষ্কর, আয়ুষ্য [আয়ুশ্‌কর, আয়ুশ্‌শো] *বিণ* ১ জীবনবৃদ্ধিকর; পরমায়ুবর্ধক। ২ জীবনদান করে এমন; সঞ্জীবক। {*স.* আয়ুঃ+√কৃ+অ(ট), য(যৎ); তৎ}

আয়ুষ্কাল [আয়ুশ্‌কাল্] *বি* ১ জীবৎকাল (একটি ছাগলের আয়ুষ্কাল মোটামুটি দশ বছর)। ২ স্থিতি (সচ্ছলতার আয়ুষ্কাল)। {*স.* আয়ুঃ+কাল; ৬তৎ}

আয়ুষ্মতী ⇒ আয়ুষ্মান

আয়ুষ্মান [আয়ুশ্‌মান্] *বিণ* দীর্ঘজীবী। **আয়ুষ্মতী** *স্ত্রী.*। {*স.* আয়ুঃ+মৎ,+ঈ}

আয়ুষ্য ⇒ আয়ুষ্কর

আয়েন্দা, আইন্দা (বিরল) [আয়েএনদা, ~ইন্দা] *বি* ভবিষ্যৎ; আগামী (আমরা আয়েন্দাতে সেই মতন মেনে চলব—*আমআ*)। {*ফা.* আইন্দাহ্ آینده }

আয়েব, আএব [আএব্] *বি* ১ দোষ; ত্রুটি (ভাতের কি কব পান পানীয় আয়েব—*ভারা*)। ২ কলঙ্ক; অখ্যাতি। {*আ.* আয়ীব عیب }

আয়েবা ⇒ আএমা

আয়েশ, আয়েস, আয়াশ [আয়েশ্, ~, ~য়াশ্] *বি* ১ আরাম; বিলাস; সুখভোগ (আমরা বেচারী ব্যবসা চাকরি করি আর তোমরা করগো আয়েস—*দ্বিবা*)। ২ আমোদ;

স্ফূর্তি (পাঁচো ইয়ার নৌকায় উঠেই আয়েশ জুড়ে দিলেন—*কাসি*)। ৩ আনন্দোল্লাসময় জীবন। **আয়েশি, আয়েসি** *বিণ* ১ আরামপ্রিয়; বিলাসী (আয়েশি মানুষ—*মব*; পার হয়ে যাও আয়েশি রাতের ফাঁদ—*ফআ*; যে সমাজের আয়েসির দলও কাব্যকলার আদর করে—*প্রচৌ*)। ২ ইন্দ্রিয়পরায়ণ। **আয়াশি** *বি* ১ আরামের জীবন যাপন। ২ ইন্দ্রিয়পরায়ণতা। {*আ.* আইশ عيش 'আয়্‌শ্'}

আয়োগ [আয়োগ্] *বি* তদন্তাদির জন্য নিযুক্ত সভ্যসঙ্ঘ; কমিশন; commission। {*স.* আ+√যুজ্+অ(ঘঞ)}

আয়োজক ⇒ আয়োজন

আয়োজন [আয়োজন্/-জোন্] *বি* ১ উদ্যোগ; চেষ্টা। ২ সংগ্রহ; জোগাড়। ৩ সংগৃহীত উপকরণ বা খাদ্যসামগ্রী। **আয়োজক, –কর্তা** *বিণ, বি* আয়োজনকারী; উদ্যোক্তা। {*স.* আ+ √যুজ্+অন}

আয়োজিত [আয়োজিতো] *বিণ* সংগৃহীত; আহৃত; সংকলিত। {*স.* আ+ √যুজ্+ণিচ্+ত(ক্ত)}

আয়োডিন ⇒ আইডিন

আর [আর্] *অব্য* ১ এবং ও (আমি আর তুমি)। ২ অতঃপর; এর পরে (আর কিছু বলার নেই)। ৩ এর অধিক; এর বেশি (আর কী বলবো)। ৪ যুগপৎ; এককালে (আমাদের ঘরের লক্ষ্মী আর তোমাদের যম—*বচ*)। ৫ কিংবা; অথবা (মারো আর কাটো)। ৬ তদুপরি; তার উপর (একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন—*চদা*)। ৭ পক্ষান্তরে (আমরা খেটে মরছি আর তোমরা ঘুমুচ্ছ)। ৮ কাজেই (এরপর আর সেখানে যাওয়া চলে না)। ৯ আক্ষেপ অবসাদ হতাশা ক্রোধ বিস্ময় বিরক্তি ইত্যাদি বোধক (আর বোলো না, আর যাব না)। □ *বিণ* ১ বিগত (আমাকে আর বছরে দুশো টাকা দিয়েছিল—*সৈমু*)। ২ আগামী (আর রোববারে যাবো)। ৩ দ্বিতীয়; অন্য একটি (এমন মেয়ে আর পাবে না)। ৪ অপর; অন্য (আর জন কয় এই মহাশয়—*ভারা*)। □ *ক্রিবিণ* ১ ভিন্ন রকম; অন্যরূপে (বলে এক করে আর)। ২ পুনরায়; পুনর্বার (হেন দুষ্ট বাক্য প্রিয় না বোলিহ আর—*ভন*)। ৩ পরে; ভবিষ্যতে (আর দেখতে পাবে না)। ৪ বর্তমানে; এখন (আর সেদিন নাই)। ৫ এখনও (বৃথা কেন ডাকো আর?)। ৬ কখনও (আমড়া গাছে কি আর আম ফলে?)। ৭ পুনশ্চ; অধিকন্তু (আর দেখো, যদি তাকে পাও)। ৮ তদবধি; সেই থেকে (সেই যে শুল আর উঠল না)। ৯ পূর্বে বা পরে কখনও (আর দেখা হয়নি; আর দেখা হবেও না)। ১০ অব্যবহিত পরেই, প্রায় তখনই (আমিও উঠলাম আর গাড়িও ছাড়ল)। ১১ অবশ্য (যা হবার হয়েছে, তোমাকে আর তা বলছি না)। □ *সর্ব* অন্য লোক বিষয় বা বস্তু (একে চায় আরে পায়)। ~ ~ বিণ অন্যান্য; অপরাপর (আর আর জিনিসপত্র)। **~ও, আরো** *বিণ* ১ এছাড়া অন্য; এতদ্ব্যতীত; অপর (আরও টাকা; আরো লোকে শুনেছে)। □ *বিণ-বিণ* অধিকতর; অপেক্ষাকৃত (আরও ভালো জিনিস)। □ *ক্রিবিণ* এছাড়াও; অধিকন্তু (আরো বলছি শোনো)। **~ কতো – কতই** *ক্রিবিণ* অল্পই; খুব বেশি নয় (সে আর কতো লাগবে; আর কতোই বা লাগবে)। **~কি** *অব্য* প্রায় তদ্রূপ (বেটা নবাব আর কি!)। **~বার** *ক্রিবিণ* আবার; পুনর্বার। {*স.* অপর>আওর>আর; *হি* আওর}

আরওয়াহ, আরোয়াহ্ [আর্‌ওয়াহ্, আরোয়াহ্] *বি* ১ আত্মাসমূহ। ২ প্রাণী; জীব (এমন কৌশলে শেষ করা যায় যে একটি আরওয়াহরও খবর হয় না—*মীম*)। {*আ.*; *একব* আরর্‌রাহ্ ارواح রূহ্ روح}

আরক [আরক্] *বি* ১ সার; নির্যাস। ২ তীব্র রস; ঝাঁঝওয়ালা নির্যাস (নর্দমার মুখে আরক ঢেলে ঢেলে বীজাণুমুক্ত করছে—*মব*)। ৩ চুয়ানো মদ (পিপা পিপা সুরা আরক উজাড়ি—*সদ*)। {*আ.* আরক عرق}

আরকান [আর্‌কান্] *বি* ১ মৌলিক বিষয়; মৌলিক নীতি। ২ কর্মচারীবৃন্দ। {*আ.* আরকান্ ارکان *একব* রকন رکن}

আরক্ত, আরক্তিম [আরক্‌তো, আরোক্‌তিম্] *বিণ* ১ ঈষৎ রক্তবর্ণ; অল্প লাল; রক্তাভ (আরক্ত করতল—*রঠা*; যৌবনতাপে উত্তপ্ত আরক্তিম রূপখানি—*রঠা*)। ২ গাঢ় রক্তবর্ণ; টকটকে লাল। **–নয়ন, –নেত্র, –লোচন** *বিণ* ক্রুদ্ধ; রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট। □ *বি* ক্রোধপূর্ণ দৃষ্টি। **–মুখ** *বিণ* লজ্জায় মুখ রাঙা হয়েছে এমন; শরম-রাঙা। {*স.* আ+রক্ত, রক্তিম}

আরক্ষ, আরক্ষক [আরোক্‌খো, –খক্] *বি* ১ থানা; ঘাঁটি। ২ রক্ষীসৈন্য; প্রহরী। □ *বিণ* রক্ষাকর্তা। **আরক্ষা** *বি* পুলিশ। **আরক্ষা বিভাগ** *বি* পুলিশ বিভাগ। **আরক্ষিক, আরক্ষী** (–ক্ষিন্) *বি* ১ পুলিশের লোক; কনস্টেবল। ২ প্রহরী। {*স.* আ+ √রক্ষ্+অ (অচ্)}

আরঙ্গ ⇒ আড়ং

আরজ, আরয [আরজ্] *বি* আবেদন; প্রার্থনা (সে যাইয়া আরজ করিল—*রাম*)। **–গুজার** *বিণ* আবেদনকারী; নিবেদক। **–দাস্ত** *বি* দরখাস্ত; আবেদনপত্র (পুত্রের আরজদাস্ত অনুযায়ী কাননগো দপ্তরে মুহুরিগিরিতে পদার্পণ হইলেন—*রাম*)। **~বেগ, ~বেগী** *বি* আদালতের পেশকার; যে ব্যক্তি রাজা বা বিচারপতির সম্মুখে দরখাস্ত দাখিল বা পাঠ করে (রাজার হীরার বাক্যে হইল সংশয়, আরজবেগীরে কহে লহ পরিচয়—*ভারা*)। {*আ.* আরদ্ عرض}

আরজা [আর্‌জা] *বিণ* সস্তা; অল্পমূল্য। {*ফা.* আর্‌জা ارزان}

আরজি, আর্জি [আর্‌জি] *বিণ* ১ আবেদনপত্র; দরখাস্ত। ২ প্রার্থনা; অনুরোধ (নিষ্ঠুর করুণ সে আরজী কানে না শুনলে ঠাওর করা অসম্ভব—*শও*)। {*আ.* আরদী عرض + *ফা.* ی}

আরজু [আর্‌জু] *বি* বাসনা; ইচ্ছা (তাদের মনের আরজু সকল বলল ছেলের ঠাঁই—*রই*)। {*ফা.* আর্‌জু ارزو}

আরণ্য [আরোন্‌নো] *বিণ* বনজাত; বন্য (এক আরণ্য গজ রাজার রথদর্শনে শঙ্কিত হইয়া—*ঈবি*)। **~ক** *বিণ* বনসম্বন্ধীয় (আরণ্যক আমার যৌবন—*সুদ*)। □ *বি* হিন্দুধর্মগ্রন্থ বেদের অন্তর্গত ব্রাহ্মণের উপসংহার ভাগ।

{স. অরণ্য+অ(অণ্)}

আরত [আরতো] *বিণ* ১ অনুরক্ত; আসক্ত। ২ রত। ৩ বিরতিক্রম; রতিকর্মে দক্ষ (মুঞি অতি বালি সো আরত নহি— *বিপ*) {স. আ+√রম্+ত(ক্ত)}

আরতি১ [আরোতি] *বি* ১ বিরতি; নিবৃত্তি। ২ আসক্তি; অনুরাগ (পূরিব সকল বাঞ্ছা মনের আরতি—*কাদৌ*)। ৩ আদেশ; আজ্ঞা (বিষম আরতি দিল নরপতি—*কমু*)। ৪ আগ্রহ (আরতি না কর কানু—*বিপ*)। ৫ আহ্বান; নিয়োগ (সাজে মেঘনাদ পেয়ে বাপের আরতি—*কৃত্ত*)। ৬ আশা; আকাঙ্ক্ষা; প্রার্থনা (ধনকা আরতি না পূরল—*বিপ*)। {স. আ+√রম্+তি(ক্তি)}

আরতি২ [আরোতি] *বি* নীরাজনা; প্রদীপ ধূপ ধুনা ইত্যাদি দ্বারা দেবমূর্তি বরণ করার হিন্দু ধর্মীয় বিধি। {স. আরাত্রিক>}

আরতি৩ ⇒ আর্তি

আরদালি, আর্দালি [আরদালি] *বি* চাপরাশি; পিয়ন; পেয়াদা (উহাদিগকে আমাদের আরদালি করিয়া রাখিব—*আমজ্য*; ডাক হাঁকিতেই নাজেম আরদালী জোড়হস্তে হুজুরে খাড়া হইল—*মীম*)। {ই orderly}

আরদাশ ⇒ আর্দাশ

আরফাত, আরাফাত [আরফাত্, আরাফাত্] *বি* ১ মক্কা থেকে প্রায় বারো মাইল পূর্বে অবস্থিত প্রসিদ্ধ ময়দান—প্রতি বৎসর জিলহজ্জ চাঁদের নয় তারিখে হাজীগণের এই ময়দানে সমবেত হওয়া হজ্জের অবিচ্ছেদ্য অঙ্গ। ২ মাঠ; ময়দান (এই বাঙলায় তোমরা আনিও মুক্তির আরফাত—*নই*)। {আ. 'আরাফাহ عرفة }

আরব১ [আরোব্] *বি* ১ একটি দেশের নাম। ২ জাতি বিশেষ। ৩ ঐ দেশের অধিবাসী। **আরবি** *বি* ১ আরব দেশের ভাষা (আরবে আরবী ভাষে পাইল ইমান—*সৈসু*)। ২ আরব দেশের অধিবাসী; আরব জাতি। ❑ *বিণ* ১ আরব দেশজ; আরব দেশে জাত (আরবি ঘোড়া)। ২ আরব দেশ সম্বন্ধীয়। ৩ আরবদেশ সংলগ্ন (আরবি দরিয়া—*নই*)। **আরব্য** *বিণ* ১ আরব দেশীয়; আরব দেশে জাত (তেজস্বী আরব্য অশ্ব—*ইহো*)। ২ আরবদেশ সম্বন্ধীয়। {আ. 'আরব عرب }

আরব২ ⇒ আরাব

আরবার ⇒ আর

আরবি ⇒ আরব১

আরব্ধ [আরোব্‌ধো] *বিণ* শুরু করা হয়েছে এমন; অনুষ্ঠিত। {স. আ+√রভ্+ত(ক্ত)}

আরব্য ⇒ আরব১

আরমান [আরমান্] *বি* ১ বাসনা; অভিলাষ; আকাঙ্ক্ষা (বাদশা বলে কহ বাবা দেলের আরমান—*সৈহা*)। ২ দুঃখ; আফসোস (মা জান্ ...কত আরমান করতে লাগলেন—*নই*)। {ফা. আরমান্ ارمان }

আরমানি, আরমানী [আরমানি] *বি* আরমেনিয়া দেশের অধিবাসী (আরমানি অলন্দাজ দিনেমার ইংরাজ—*সৈআ*)। ❑ *বিণ* আরমেনিয়া দেশীয় আরমেনিয়া দেশ জাত। {ই Armenian}

আরম্ভ [আরোম্‌ভো] *বিণ* ১ শুরু; সূত্রপাত; সূচনা। ২ উপক্রম; উদ্যোগ। ৩ উৎপত্তি। ৪ প্রস্তাবনা (গ্রন্থারম্ভ)। –**ক** *বি, বিণ* আরম্ভকারী। {স. আ+√রভ্+অ(ঘঞ্)}

আরয ⇒ আরজ

আরশ, আরস [আরোশ্] *বিণ* ১ সর্বব্যাপী খোদার আসন; বেহেশতের উচ্চতম অবস্থান (আরশে থাকিয়া হাসিলেন খোদা—*নই*)। ২ রাজাসন; সিংহাসন। {আ. 'আরশ্ عرش }

আরশি, আরসি [আরশি] *বি* আয়না; মুকুর; দর্পণ (হে সরসী! তুমি তারার আরসী—*সদ*)। {স. আদর্শিকা> আরশিআ>}

আরশোলা, আরসোলা, আরসুলা [আরশোলা, –, –শুলা] *বি* তেলাপোকা (উড়ি উড়ি আরসুলা দেয় তুড়ি লাফ—*সদ*)। **আরশোলা আবার পাখি**—তেলাপোকা পোকাই, পাখি নয়—ক্ষুদ্র মহতের, নীচ উচ্চের, অনুপযুক্ত উপযুক্তের মর্যাদা লাভে অক্ষম। {স. অগ্রপদা>}

আরস ⇒ আরশ

আরা১, আড়া [আরা, আড়া] *বি* ১ করাত। ২ চর্মকারের সেলাইয়ের যন্ত্র; awl। {ফা. আরবহ্ اره ; তুল. স. আরা}

আরা২ [আরা] *বি* গাড়ির চাকার নাভি থেকে নেমি পর্যন্ত যে দণ্ড থাকে; চাকার পাখি; spokes। {স. অর>আর+আ (বিশিষ্টার্থে)}

আরা৩ (*ব্র.*) [আরা] *অব্য* অন্য (তুয়া বিনু গতি নাহি আরা—*বিপ*)। {হি. ঔর; আউর}

আরাকশ, আরাকস [আরাকশ্] *বি* করাতি; যারা করাত দিয়ে কাঠ চিরে তক্তা তৈরি করে। {ফা. ارہ + كش }

আরাত [আরাত্] *বি* অরুচি (বটের ফলে আরাত তার, রয়েছে লোভ নিমের তরে—*রঠা*)। {স. অরতি>আরাত (স. অ>আ (=অনাসক্তি)}

আরাত্রিক [আরাত্‌ত্রিক] *বি* নীরাজন; আরতি; প্রদীপাদি দ্বারা হিন্দুগণের দেবমূর্তিবরণ। {স. আ+রাত্রি+ইক(ঠঞ্)}

আরাধক [আরাধক্/ -ধোক্] *বি* উপাসক; পূজক। {স. আ+√রাধ্+অক(ণ্বুল্)}

আরাধনা, আরাধন [আরাধোনা, –ধোন্] *বি* ১ প্রার্থনা; উপাসনা। ২ সেবা। **আরাধনীয়, আরাধ্য** *বিণ* আরাধনার যোগ্য; উপাস্য। **আরাধ্যমান** *বিণ* আরাধনা করা হচ্ছে এমন; উপাস্যমান। **আরাধিত** *বিণ* ১ উপাসিত; পূজিত। ২ সেবিত। {স. আ+√রাধ্+অন(যুচ্)+আ}

আরাফাত ⇒ আরফাত

আরাব, আরব [আরাব্, আরব্] *বি* ১ ধ্বনি; শব্দ (মিনার চূড়ে মুয়াজ্জিনের শুনছি আরাব—*নই*)। ২ কোলাহল (হ্রেষার তীব্র তীক্ষ্ন আরাবে—*বেআ*)। {স. আ+√রু+অ(ঘঞ্), +অ(অপ্)}

আরাম১ [আরাম্] *বি* উপবন; ফলফুলের বাগান; বাগানবাড়ি। {আ. ইরম্ ارم }

আরাম২ [আরাম্] *বি* ১ সুখ; আনন্দ; আয়েশ (মরমীর হিয়ার আরাম—*সদ*)। ২ বিশ্রাম; শ্রান্তি-অপনোদন (সারাদিন খেটেছ, এখন আরাম করো)। ❑ *বিণ* সুস্থ; রোগমুক্ত; নীরোগ (কিছুদিন রোগে ভুগে এবার আরাম

হয়েছি)। ~-কুর্সি, ~-কেদারা *বি* আরামে বসার চেয়ার; arm chair (একখানা আরাম কুর্সীতে বসিয়া ভাবিতেছেন---*ইহো*)। { *ফা.* আরাম্ آرام }

আরারুট [আরারুট্] *বি* আদা বা হলুদ গাছের মতো দেখায় এমন এক প্রকার গুল্মের পালো বিশেষ। { *ই.* arrowroot }

আরাশ [আরাশ্] *বি* পালিশ; চুনকামের উপর ঘষে মেজে অধিক সৌন্দর্য বিধান করার কাজ। { *ফা.* আরা'ইশ آرائش }

আরাস্তা [আরাস্‌তা] *বি* সুশোভিত; সুসজ্জিত (না-জানা আনন্দে গো 'আরাস্তা' আজ আরবভূমি---*নই*)। { *ফা.* আরাস্তাহ্ آراسته }

আরি, আড়ি [আরি, আড়ি] *বি* আরা অপেক্ষা ক্ষুদ্র করাত। { *ফা.* আরবাহ آره ; *স.* অর, আর+*বা.* ই }

আরিন্দা [আরিন্‌দা] *বি* বাহক; প্রেষ্য; খাজাঞ্চিখানার রাজস্ব বহনকারী। ~**খরচ** *বি* পাঠানোর খরচ। { *ফা.* আরিন্দাহ آرنده }

আরূঢ় [আরূঢ়ো] *বিণ* ১ চড়েছে এমন; সওয়ার (অশ্বারূঢ়)। ২ আরোহণ করেছে এমন (সিংহাসনে আরোহণ, বৃক্ষারোহণ) { *স.* আ+ √রুহ্+ত(ক্ত) }

আরে [আরে] *অব্য* ১ ভয় লজ্জা বিস্ময় বিরক্তি ক্রোধ ঘৃণা ইত্যাদি সূচক। ২ সম্বোধনসূচক (ভাল হৈল আরে বঁধু আসিলা সকালে---*দ্বিব*)। [তুল. অরে]। -**রে** *অব্য* সম্বোধনসূচক (ধৃত দধি নঠ কইলি আরেরে কাহ্নাঞিল---*বচদা*)। { *স.* অরে }

আরেফিন [আরেফিন্] *বি* মারেফতপন্থিগণ (প্রভাতের প্রতীক্ষায় জাগে আরেফিন---*শাহো*)। { *আ.* *বহুব* আরেফিন্ عارفين *একব* আরিফ عارف }

আরো ⇒ আর

আরোগ্য [আরোগ্‌গো] *বি* ১ রোগমুক্তি; রোগনিবৃত্তি। ২ স্বাস্থ্য; রোগহীনতা। { *স.* অরোগ+য(ষ্যঞ্) }

আরোপ [আরোপ্] *বি* ১ ভাগী বা দায়ীকরণ; অর্পণ (দোষারোপ)। ২ একের উপর অন্যের ধর্ম সংস্থাপন; অবভাস; অধ্যাস। ৩ সন্নিবেশ; স্থাপন (মুণ্ডে আরোপিয়া গিরি আনে হনুমান---*কমু*)। ~**ক** *বি* আরোপকারী। ~**ণ** *বি* ১ স্থাপন; আরোহণ করানো (সিংহপৃষ্ঠে আরোপণ দক্ষিণ চরণ---*কমু*)। ২ এক বস্তুতে অপর বস্তুর ধর্মস্থাপন। ৩ সংযোজন (ধনুকে জ্যা আরোপণ)। ৪ শস্যাদি রোপণ। **আরোপিত** *বিণ* আরোপ বা আরোপণ করা হয়েছে এমন। **আরোপ্য** *বিণ* আরোপের উপযুক্ত। **আরোপ্যমাণ** *বিণ* আরোপ করা হচ্ছে এমন। { *স* আ+ √রোপি+ অ(অচ) }

আরোয়াহ্ ⇒ আরওয়াহ

আরোহ [আরোহো] *বি* ১ (*দর্শন.*) কার্য থেকে কারণ অনুমান; induction। ২ আরোহণ (দুরারোহ)। ৩ উচ্চতা। ৪ নিতম্ব (বরারোহ)। ৫ দৈর্ঘ্য। ৬ শ্রেণি। **অবরোহ** *বিপ*। ~**ক** *বি* আরোহণকারী। ~**ণ** *বি* ১ উপরে ওঠা; উর্ধ্বে গমন। ২ চড়া (অশ্বারোহণ)। ~**ণী** *বি* সোপান; সিঁড়ি। **আরোহিত** *বিণ* ১ আরোহণ করা হয়েছে এমন। ২ চড়ানো হয়েছে এমন। **আরোহী** (-হিন) *বিণ* ১ আরোহণকারী। ২ সঙ্গীতে স্বরের নিম্নগ্রাম থেকে উর্ধ্ব গতিযুক্ত বা অনুলোমগতি বিশিষ্ট (আরোহী সুর)। ৩ (*দর্শন.*) কার্য থেকে কারণ বিচারের প্রণালীসম্মত; inductive। **আরোহিণী** *বিণ স্ত্রী.* আরোহণকারিণী। { *স.* আ+√রুহ্+অ(ঘঞ্) }

আর্‌যান, আর্‌যানো ⇒ আজ্ঞান

আর্ক [আরক্] *বিণ* (প্রভাতের) নবোদিত সূর্য (বালার্ক সিন্দুর বিন্দু); সূর্য সম্বন্ধীয়; সৌর। ~**ফলা** *বি* ১ রেফ ( ) এই চিহ্ন। ২ সৌর রশ্মি। ৩ (*বা.*) টিকি (আর্ক ফলার ঘটাটা জাঁকাল রকম---*বচ*)। { *স.* অর্ক+অ(ষ্ণ) }

আর্কিড ⇒ অর্কিড

আর্জি ⇒ আরজি

আর্ট [আরট্] *বি* ১ সাহিত্য চিত্রাঙ্কন নৃত্যগীতাভিনয় প্রভৃতি রসাত্মক রচনা বা বিদ্যা (হাতের লেখা তখন একটা আর্ট হয়ে উঠেছিল---*ইখাঁ*)। ২ চারু ও সুকুমার শিল্পকলা। ৩ নান্দনিক শিল্প। ৪ রসমধুর ভঙ্গি। ৪ ছলাকলা; ঢং। **আর্টিস্ট** *বি* শিল্পী; রূপদক্ষ (ধর্মপ্রবর্তক কবি আর্টিস্ট প্রভৃতিই মানবের যথার্থ শিক্ষক---*প্রচৌ*)। { *ই.* art }

আর্ত [আরতো] *বিণ* বিপন্ন; অভিভূত। ২ কাতর; আকুল; বিহ্বল। ৩ পীড়িত; অসুস্থ। **আর্তি** *বি*। ~**নাদ,** ~**স্বর** *বি* কাতর চিৎকার; বিপদসূচক ক্রন্দন ধ্বনি। ~**মানবতা** *বি* বিপন্ন মানবতা। { *স.* আ+ √ঋ+ত(ক্ত) }

আর্তব [আরতবো] *বি* স্ত্রীরজ। ⊔ *বিণ* ১ স্ত্রীরজ সম্বন্ধীয় (আর্তব ব্যাধি)। ২ গ্রীষ্ম বর্ষাদি ঋতু সংক্রান্ত। { *স.* ঋতু+অ(অণ্) }

আর্তস্বর ⇒ আর্ত

আর্তি, আরতি [আরতি] *বি* ১ কাতরতা; ব্যাকুলতা (মুখে একটা অতিক্রান্তিক আর্তি আনলে---*অচিসে*)। ২ রোগ; পীড়া। ৩ ব্যথা; যন্ত্রণা; ক্লেশ। { *স.* আ+√ঋ+ তি(ক্তি) }

আর্থ ⇒ আর্থিক

আর্থনীতিক [আরথোনিতিক্] *বিণ* অর্থনীতি সম্বন্ধীয়। { অর্থনীতি+ইক(ষ্ণিক) }

আর্থিক, আর্থ [আরথিক্, আরথো] *বিণ* অর্থ সম্বন্ধীয়; ধনবিষয়ক। ২ ব্যক্তিগত ধন বা সঙ্গতি সম্বন্ধীয় (আর্থিক অবস্থা)। ৩ শব্দার্থ বিষয়ক। { *স.* অর্থ+ইক(ঠক্), অ(অণ্) }

আর্দালি ⇒ আরদালি

আর্দাশ, আরদাশ, আদ্দাশ, আদ্দাস [আরদাশ্, -, আদদাশ্, -] *বি* ১ আবেদন; প্রার্থনা (তাদের আর্দাশ নাহি শুনিলে কানে---*ঈগু*)। ২ অভিযোগ; নালিশ (কান্দিয়া আরদাশ করে খোদাতাল্লার স্থানে---*পূগী*; রাজারে আদ্দাশ করি জামতি লুঠিতে---*ঘচ*; আদ্দাস করয়ে আসি চমরীর ঘটা---*কমু*)। ৩ আফসোস; পরিতাপ (পিঠে চুন মাখি চলে হাঁটুরে আদ্দাসে---*কমু*)। { *আ.* 'আরদ عرض +*ফা.* দাশ্‌ত داشت }

আর্দ্র [আরদ্রো] *বিণ* ১ সিক্ত; ভিজা (আর্দ্রবসন)। ২ কোমল; নরম (দয়ার্দ্রচিত্ত)। -**তা** *বি* সিক্ততা; humidity (বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণকে উহার আর্দ্রতা বলে---*আজা*)। { *স.* √অর্দ+র(রক্) }

আর্দ্রক [আরদ্রক্] *বি* আদা। { *স.* আর্দ্র+ক(কন্) }

আর্দ্রা [আরদ্রা] *বি* নক্ষত্র বিশেষ; Orionis। { *স.* আর্দ্র+আ }

আর্ধ [আর্‌ধো] *বিণ* অর্ধসম্বন্ধীয়। {অর্ধ+অ(অণ্)}

আর্মচেয়ার [আর্‌ম্‌চেয়ার] *বি* আরাম কেদারা; প্রায় শয়ন করা যায় এমন আরামদায়ক চেয়ার। {*ই.* armchair}

আর্য [আর্‌জো] *বি* মনুষ্যজাতি বিশেষ। □ *বিণ* ১ মান্য; সম্মানিত (বিপ্র বলে মিশ্র তুমি জগতের আর্য—*বৃদা*)। ২ সুসভ্য। **আর্যামি** *বি* ১ (বিদ্রূপে) আর্যের ভাব (আর্যামি আর জিঙ্গোপনায় ছাই দিয়ে দে—*সদ*)। ২ সদাচার; ধর্মশীলতা। **-পথ** *বি* হিন্দুমতে স্বামীর বা সারধর্মের পথ (দুস্ত্যজ্য আর্যপথ নিজ পরিজন—*কৃক*)। **-পুত্র** *বি* হিন্দুমতে পতি বা স্বামী (এরূপ না হইলেই বা আর্যপুত্র, রঘুকুল ধুরন্ধর হইবেন কেন ?—*ঈবি*)। **-ভাষা** *বি* আর্যজাতির ভাষা; Aryan Language। **-সমাজ** *বি* স্বামী দয়ানন্দ সরস্বতী কর্তৃক প্রতিষ্ঠিত বৈদিক ধর্মমূলক সমাজ বা সম্প্রদায়। {*স.* √ঋ(গমন করা)+য(ণ্যৎ)=আর্য। 'ঋ'—ধাতু গমনার্থক বলে 'জ্ঞানার্থক' ও 'প্রাপ্ত্যর্থক'। অতএব যাঁরা 'জ্ঞানী' অথবা 'শাস্ত্র পারঙ্গম' তাঁরাই আর্য। এটা 'আর্য'–শব্দের মৌলিক অর্থ। অথবা অর্য+অ>*প্রা.* অজ্জ}

আর্যা [আর্‌যা] *বি স্ত্রী.* ১ মান্যা স্ত্রীলোক। ২ শাশুড়ি। □ *বি* ১ সংস্কৃত ছন্দবিশেষ। ২ ছড়ার আকারে রচিত গণিতের সূত্র (শুভঙ্করের আর্যা)। **-বর্ত** *বি* আর্য অধ্যুষিত প্রাচীন–ভারতের উত্তরাঞ্চল। {*স.* আর্য+আ(*স্ত্রী.*)}

আর্যামি ⇒ আর্য

আর্ষ [আর্‌শো] *বিণ* ১ ঋষি সম্বন্ধীয়। ২ ঋষি প্রযুক্ত (আর্ষজ্ঞানে স্তব্ধ মগ্নধ্যানী—*আর*)। {*স.* ঋষি+অ(অণ্)}

আর্হত [আর্‌হত্] *বিণ* ১ অর্হৎ সম্বন্ধীয়। ২ জৈন ধর্ম সম্বন্ধীয়। □ *বিণ* ১ জৈন দিগম্বর সন্ন্যাসী। ২ বুদ্ধবিশেষ। {*স.* +অর্হৎ+অ(অণ্)}

আল[১], **আলি**, **আইল** [আল্, -লি, আইল্] *বি* ১ জমির সীমা নির্দেশক বাঁধ (কাঁকাল বাঁকা রাখাল ছোঁড়া আগলে দাঁড়ায় আল—*নই* ক্ষেত্রের আলি বন্ধন করিতে—*ঈবি*)। ২ উঁচু পথ; জাঙাল (উঠছে আলে নামছে গাড়ায়—*সদ*)। ৩ পাড়; তীর (গঙ্গার আলে বসত আমরা বাঙ্গালী—*সদ*)। ৪ বাধা; আটক (মুখের আল না থাকা)। {*স.* আল/ *আ.* হা'ইল حائل }

আল[২], **অল** [আল্, অল্] *বি* ১ বিষাক্ত কীট পতঙ্গাদির হুল। ২ বিঁধনাস্ত্র; সূক্ষ্মমুখ অস্ত্রবিশেষ (জুতা সেলাই করার আল)। ৩ সূক্ষ্ম প্রান্ত; সরু অগ্রভূমি। ৪ (*আল.*) খোঁচা; কথার দ্বারা আঘাত করার প্রবৃত্তি (কথার আল)। ~ **কাটা** *ক্রি* লোহা বা কাঠ সংযুক্ত করবার জন্য খাঁজ কাটা। □ *বিণ* লোহা বা কাঠের সঙ্গে যুক্ত করার জন্য খাঁজ কাটা আছে এমন। **-বিঁধ** *বি* সূক্ষ্মাগ্র কীলক প্রবেশযোগ্য ক্ষুদ্র ছিদ্র। {*স.* আল}

আল[৩] [আল্] বি আগুন রাখার মাটির পাত্র বিশেষ (আগুনের আলে....ঘুঁটে আর তুষ দিয়া—*বআমি*)। {*আঞ্চ.*}

আল[৪] [আল্] (*প্রাবা.*) *বি* ওজর; আপত্তি; অজুহাত; ছল (ঔষধ খাইবার আলে জন জন পালায়—*মাগান*)। {*আ.* 'আলত' علت। অথবা 'ইল্লত' علت }

আল[৫] [আল্] *বি* সন্তানসন্ততি; পরিবার। {*আ.* আল ال }

আল[৬] ⇒ আলো[২]

আল–আহ্লাদ ⇒ আহ্লাদ

আলওয়ান ⇒ আলোয়ান

আলকাটা ⇒ আল[২]

আলকাতরা [আল্‌কাত্‌রা] *বি* পাথুরে কয়লা ইত্যাদি থেকে প্রস্তুত কালো ঘন নির্যাস বিশেষ। {*ফা.* alcatrao; *আ.* আল–কাত্‌রাহ্ القطرة। }

আলকুশি, **আলকুশী** [আল্‌কুশি] *বি* শুঁয়োপোকার রোঁয়ার ন্যায় আলযুক্ত লতাগাছ বা তার ফল। {*স.* আল+শুক(<শুক্র)+ই(বর্ণবিপর্যয়)>}

আলকে–তিলক (*মবা.*) [আলোকেতিলক্] *বি* চুলের নীচে কপালে কুঙ্কুমাদি রচিত তিলক (আলকেতিলক চড়ায় কাজল নয়নে—*বচদা*)। {*স.* অলক>আলক+তিলক}

আলকেমি [আল্‌কেমি] *বি* রসায়ন শাস্ত্র (তিনি আলকেমী সম্বন্ধে গভীর গবেষণা করেছিলেন)। {*আ.* আলকিমিয়া' الكمياء। }

আল–কোরান, **আলকুরআন** ⇒ কোরান[১]

আলখাল্লা, **আলখিল্লা**, **আলখেল্লা** [আল্‌খাল্‌লা, -খিল্‌লা, -খেল্‌লা] *বি* লম্বা ঢিলা গাত্রাবরণ বা জামা বিশেষ (তোমার চেয়ে দেখছি তোমার আলখাল্লা বড় !)। {*আ.* আল্‌খলক় الخلق। }

আলগ ⇒ আলগা

আলগরজ, **আলগরয** [আল্‌গরোজ্] *অব্য* মোটকথা; সংক্ষেপে (আলগরয, ইহাও খোদার এক শানে-আযিম—*আমআ*)। {*আ.* আল্‌গরদ্ব الغرض। }

আলগা, **আলগ** [আল্‌গা, আলোগ্] *বিণ* ১ পৃথক; আলাদা; স্বতন্ত্র (আলগা হয়ে বসা)। ২ শিথিল; ঢিলা; এলায়িত (আলগা করগো খোঁপার বাঁধন—*নই*)। ৩ অলগ্ন; অনাবদ্ধ (আলগা কাপড়)। ৪ ফসকা (আলগা গেরো)। ৫ অনাবৃত; বস্ত্রহীন (আলগা গা)। ৬ উন্মুক্ত; খোলা (আলগা দরজা)। ৭ আঢাকা (খাবার আলগা রয়েছে)। ৮ বেঁফাস; অসংযত (আলগা মুখ, আলগা কথা)। ৯ আন্তরিকতাহীন; লোক দেখানো (আলগা সোহাগ)। ১০ উদাসীন; অসতর্ক (আলগা পুরুষ)। ১১ সম্পর্কহীন; বাইরের উটকো (আলগা লোক বাইরে দাঁড়িয়ে)। □ *ক্রিবিণ* তফাত; দূর (আলগে থাকি রামগতি যে নজর করে চায়—*পুগী*)। ~ ~ **থাকা** *ক্রি* কোনো কিছুতেই গা না লাগানো; দূরে দূরে থাকা। ~ দেওয়া *ক্রি* প্রশ্রয় দেওয়া; শাসন শিথিল করা। {*বা.* আ+*স.* লগ্ন>}

আলগোছ [আল্‌গোছ্] *বিণ* ১ অস্পৃষ্ট; অসংলগ্ন। ২ অবলম্বনহীন। ৩ প্রস্তুত; গমনোন্মুখ (হাতে পায়ে আলগোছ)। **-ভাবে** *ক্রিবিণ*। **-আলগোছি** *বি* কোনো অবলম্বন ছাড়া শিশুর প্রথম দাঁড়াবার বা হাঁটার চেষ্টা। **আলগোছি দেওয়া** *ক্রি* শিশুর ঐরূপ দাঁড়ানো (আলগোছি দেয় দশমাসে—*কমু*)। **আলগোছে আলগছে** (*মবা.*) *ক্রিবিণ* ১ অসংলগ্নভাবে; স্পর্শদোষ বাঁচিয়ে (পিঠে লুটিয়ে পড়া বিনুনী কেশদাম বুকের উপর ফেলে আলগোছে নাড়তে লাগল—*শও*)। ২ সন্তর্পণে; অতি সাবধানে

(আলগোচে তুমি গিয়া করহ বন্ধন—*বৃন্দা*; রুধিরের পানা আলগছে দানা চাতকেরা পিয়ে যেন জল—*কমু*)। { *স.* অলগ্ন>*প্রা.* অলগগ+ *হি.* সে> *বা.* আলগচে}

আলঙ্কারিক [আলোঙ্‌কারিক্] *বিণ* অলঙ্কার শাস্ত্র সম্বন্ধীয়। □ *বি* ১ অলঙ্কার শাস্ত্রে বিশেষজ্ঞ। ২ অলঙ্কার শাস্ত্রের গ্রন্থরচয়িতা। ৩ (বিরল) গহনা নির্মাতা। { *স.* অলঙ্কার+ইক(ঠক্)}

আলচা [আল্‌চা] *বি* ১ বক্রদৃষ্টি; আড়চাহনি। ২ অলক্ষ্যে দর্শন; গোপনে সন্ধান। {আড়+চাওয়া=আড়চাঅচ> আরচা>আলচা}

আলজিভ, আলজিব, আলজিহ্বা [আলোজিভ্, –জিব্, –জিওভা] *বি* উপজিহ্বা; গলনালির মুখে জিহ্বার আকৃতি বিশিষ্ট মাংসখণ্ড; uvula। { *স.* অলিজিহ্বা}

আলটপকা, আলটপ্পা [আলটপ্‌কা, –টপ্‌পা] *ক্রিবিণ* ১ হঠাৎ; আচম্বিতে; অপ্রত্যাশিতভাবে (একটা ঢিল তুলে নেয় আলটপকা আর সজোরে ছুঁড়ে মারে—*অচিসে*)। ২ আলগোছে। ৩ অনায়াসে; বিনা চেষ্টায়। { *হি.* টপকচ>}

আলটী (*মবা.*) [আল্‌টি] *বি* ছল (আলটী করিল বেনে তথির কারণে—*কমু*)। {আড়+তা>আড়তা>আলটা>}

আলতমগা [আল্‌তমগা] *বি* ১ রাজকীয় সহি বা সিল। ২ জায়গির। ৩ মেডেল। { *তু.* আত–তম্‌গা التمغا }

আলতা [আল্‌তা] *বি* ১ অলক্ত; স্ত্রীলোকদের পদরঞ্জনের রং বা রংমিশ্রিত তুলা (আলতা পায়ে)। ২ লাক্ষারস। { *স.* অলক্তক>*প্রা.* অলত্তঅ>অলাতা>আলতা}

আলতারাপ ⇒ আলতারাফ

আলতারাফ, আলতারাপ, আলতালা [আল্‌তারাফ্, –প্, –তালা] *বি* সিন্দুক আলমারি দেরাজ ইত্যাদির কপাট বন্ধ করে বাইরে থেকে তালা লাগানোর জন্য ব্যবহৃত ধাতব কব্জা। { *আ.* আত্তরফ الطرف }

আলতু-ফালতু [আল্‌তুফাল্‌তু] *বিণ* আজেবাজে (আলতু ফালতু লোকের ছেলেপান এলে বিলে পাশ করেছে—*আআআ*)। { *হি.* 'ফাল্‌তু' + *অনু.* 'আল্‌তু'}

আলতো [আল্‌তো] *বিণ* ১ আলগোছ (মসৃণ কপালে ছোঁয়াবে আলতো হাত—*শারা*)। ২ আলগা; ফাঁপা (আলতো খোঁপা)। ৩ এলোমেলো; অসংলগ্ন (আলপনা দ্যায় আলতো বাতাস ভোরাই সুরে মনভোলা—*সদ*)। ~**ভাবে** *ক্রিবিণ* আলগোছে (আলতোভাবে ওদের উপর একটা নজর বুলিয়ে নিয়ে—*সৈমু*)। { *মা.* আলঙ্গ (loosely) + তোলাহ (lightly)>আলংতো>}

আলনা [আল্‌না] *বি* ১ কাপড়–চোপড় রাখার দীর্ঘ পায়াযুক্ত মঞ্চ বা দণ্ডবিশেষ। ২ বস্ত্রাদি শুকানোর জন্য কাঠ বা বাঁশের প্রস্তুত দণ্ডবিশেষ (উঠানে বাঁশের আলনায় জাল শুকাইতে দিয়াছে—*বিব*)। { *স.* আলম্বন>}

আলপনা, আলিপনা [আল্‌পোনা, আলিপনা] *বি* ১ মেঝে, দেয়াল, সিঁড়ি, পিঁড়ি প্রভৃতিতে অঙ্কিত চিত্রকলা বিশেষ। ২ শুভ কাজে উৎসবে আতপ চালের গুঁড়া, চক, রং প্রভৃতির দ্বারা অঙ্কিত ফুল পাতা ইত্যাদির সৌন্দর্যময় চিত্র। ৩ নকশা বিশেষ। { *স.* আলিম্পন>}

আলপাকা [আল্‌পাকা] *বি* ১ মেষ জাতীয় পশুর মসৃণ ও উজ্জ্বল লোমজাত কাপড় বিশেষ (অষ্টাদশ শতাব্দীর দিকে আস্কারা আলপাকা শিল্পের জন্য খ্যাতি অর্জন করিয়াছিল—*শামা*)। ২ দক্ষিণ আমেরিকার প্রসিদ্ধ মেষ জাতীয় পশুবিশেষ। { *ই.* alpaca}

আলপিত [আলোপিতো] *বিণ* আলাপ করা হয়েছে এমন; আভাষিত; উক্ত। { *স.* আ+ √লপ্‌+ত(ক্ত)}

আলপিন [আল্‌পিন্] *বি* কাগজাদি ফুঁড়ে গেঁথে রাখার জন্য ধাতুর প্রস্তুত সরু কীলক বিশেষ; পিন; pin। { *পো.* alfinete>}

আলফাজ, আলফায [আল্‌ফাজ্] *বি* শব্দ (হাদিস কোরআনের বাহিরের এক আলফাযও এস্তেমাল করিতেন না—*আমআ*)। { *আ.* আলফাজ *বহুব* الفاظ ; *একব* লফ্‌জ্ব لفظ }

আলবত, আলবাত [আল্‌বত্, –বাত্] (*মবা.*) *অব্য* অবশ্য; নিশ্চয় (আলবত দেব—*অচিসে*; আলবত কাপুরুষ—*আকাশা*; মেহমানী খাইতে যাইবে আলবত্ত বিহানে—*সৈহা*)। { *আ.* আল–বাত্তাহ البتة }

আলবাটি (*মবা.*) [আল্‌বাটি] *বি* পিকদানি; থুথু বা কফ ফেলার পাত্র বিশেষ (দুইদিকে আলবাটি জ্বলে পুরা গাড়ু—*কমু*)। { *স.* লালা>লাল>আল+ বাটি=আলবাটি}

আলবার্ট ⇒ এলবার্ট

আলবাল [আল্‌বাল্] *বি* জল সেচন করার জন্য গাছের চারিদিকের আলি বা মাটির ঘের (জলসেক করিতাম তরু আলবালে—*রঠা*)। { *স.* অল্প>আল / *বা.* আইল>}

আলবিধ ⇒ আল[২]

আলবেদা [আল্‌বেদা] *বি* বিদায় (আলবেদায় ধ্বনিয়া জাহান—*শাহো*)। { *আ.* আল্‌ৱেদা الوداع *ফা.* আল্‌বিদা' الوداع }

আলবোলা [আল্‌বোলা] *বি* দীর্ঘ নলবিশিষ্ট হুক্কা বিশেষ; গুড়গুড়ি; ফরসি (বহু–কুণ্ডলায়িত বৃহৎ আলবোলা লইয়া—*রঠা*)। { *ফা.* আল্‌বলা البل }

আলম [আলোম্] *বি* পৃথিবী; দুনিয়া (ফকির হয়ে দেশ–দেশান্তর ঘুরে আল্লার আলম দেখে বেড়াব—*মীম*)। ~**গির** *বি* ১ দুনিয়ার শ্রেষ্ঠ ব্যক্তি। ২ মুঘল বাদশাহ্ ঔরঙ্গজীবের উপাধি। { *আ.* আলম্ عالم }

আলমানী ⇒ এলেমান

আলমারি, আলমারী [আল্‌মারি] *বি* জিনিসপত্র রাখার জন্য কপাট ও তাকযুক্ত আধার বিশেষ। { *পো.* almario, *ই.* almirah, *আ.* আলমারআতু المرآة }

আলমাস [আল্‌মাস্] *বি* হীরা (আমি আলমাস, গওহর লুটে—*ফআ*)। { *আ.* অলমাস্ الماس }

আলম্পানা, আলম্পনা [আলোম্‌পানা, –পনা] *বি* জাহাঁপনা; বাদশাহ (শুন শুন আলম্পানা বাদশা নামদার—*সৈহা*; উজীর কহিছে আলম্পনা সেলামত—*ভারা*)। { *আ.* 'আলম عالم + *ফা.* পানাহ্ پناه }

আলম্ব [আলম্‌বো] *বি* আশ্রয়; অবলম্বন (নিরালম্ব)। ~**ন** *বি* ১ আশ্রয়; অবলম্বন; আশ্রয়করণ। ২ (*অল.*) স্থায়ীভাব–উদ্রেককারী বিভাব বিশেষ। **আলম্বিত** *বিণ* ১ আশ্রিত; অবলম্বিত। ২ লম্বিত; ঝুলানো। ৩ ধৃত। **আলম্বী** (–ম্বিন্) *বিণ* ১ আশ্রয়কারী; অবলম্বনকারী। ২ লম্বমান। { *স.* আ + √লম্ব্‌+অ(অচ্)}

আলয় [আলয়্] *বি* ১ বাড়ি; গৃহ; আগার (বিদ্যালয়)। ২ বাসস্থান (লোকালয়)। ৩ আশ্রয়; নিলয় (কমলালয়)। ৪ আধার (হিমালয়)। { *স.* আ+√লী+অ (অচ)}

আলস *(পদ্য.)* [আলশ্] *বি* আলস্য; জড়তা (ক্রমে ক্রমে আনন্দ আলস—*রঠা*)। ☐ *বিণ* অলস। **আলসে, আলসিয়া** *বিণ* অলস; কুঁড়ে (আলসে নয় সে ওঠে রোজ সকালে—*নই*)। **আলসেমি, আলসেমো** *বি* কুঁড়েমি; অলসতা। { *স.* আলস্য >}

আলসে¹ ⇒ আলিসা

আলসে², **আলসেমি, আলসেমো** ⇒ আলস

আলস্য [আলোশ্শো] *বি* ১ কুঁড়েমি; অলসতা। ২ জড়তা। ৩ শ্রমবিমুখতা; কর্মে উপেক্ষা বা অনুৎসাহ। **–ত্যাগ** *বি* ১ হাই তোলা; আড়মোড়া ভাঙা। ২ পরিশ্রমী হওয়া; জড়তা ত্যাগ; অলসতা বর্জন। { *স.* অলস+য(ষ্যঞ্)}

আলহামদুলিল্লাহ্ [আল্হাম্দুলিল্লাহ্] ১ সমুদয় প্রশংসা আল্লাহর। ২ শোকর বা কৃতজ্ঞতা প্রকাশক বাক্য—ভোজনান্তে, সুসংবাদ শুনলে বা হাঁচি দিলে বলতে হয়। { *আ.* আলহামদুলিল্লাহ্ الحمد لله }

আলহামরা [আল্হাম্রা] *বিণ* রক্তবর্ণ; লাল (আলহামরা পাথর)। ☐ *বি* মুসলিম আমলে স্পেনের একটি বিখ্যাত প্রাসাদ। { *আ.* আল্হুমরা' الحمراء }

আলহিদা ⇒ আলাদা

আলহেলাল [আল্হেলাল্] *বি* নতুন চাঁদ (মুক্তিপথের আলহেলাল—*ফআ*)। { *আ.* আল্হিলাল الهلال }

আলা¹ [আলা] *বিণ* সর্বোচ্চ; প্রথম; শ্রেষ্ঠ; প্রধান (উজিরে আলা)। { *আ.* আলা اعلى }

আলা² [আলা] *বিণ* আলোকিত; উদ্ভাসিত; উজ্জ্বল (হয় দেহেশ্‌ত আলা—*মুশ*; ভুবন করেছে আলা—*ঘচ*)। ☐ *বি* আলোক; আলোকিত পরিবেশ (আলার ভিতরে কালাটি রয়েছে—*চন্দ*)। { *স.* আলোক >}

আলা³ [আলা] *বিণ* ১ অবসন্ন; ক্লান্ত; (ঘুমে নয়ন আলা—*সদ*)। ২ সম্পর্করহিত (ভালবেসে হয়েছি আলা—*হেব*)। ৩ এলো; শিথিল। { *স.* আকুল>আউল+আ>}

আলা⁴ [আলা] *বিণ* বিনা উপার্জনের; বিনা পরিশ্রমের; পড়ে-পাওয়া (বলে শালা আলা টাকা মোর—*ভারা*)। { আলা³ >}

আলা⁵ ⇒ ওয়ালা

আলাইকুম ⇒ আলায়কুম

আলাইবালাই [আলাইবালাই] *বি* ১ আপদ-বিপদ; রোগশোক; অমঙ্গল। ২ জঞ্জাল। { *আ.* 'ইল্লত علة + *আ.* বালা بلى + ই; দ্বন্দ্ব.}

আলাকাড়ি ⇒ এলাকাড়ি

আলাঝালা [আলাঝালা] *বি* আদর; স্নেহ প্রকাশ (পুত্র কোলে লইয়া সতীন আলাঝালা করে রে—*পূগী*)। ☐ *বিণ* আলোমেলো; আউল- আউলা। { *স.* আহ্লাদ>আলা, হি. ঝালা}

আলাত¹ ⇒ অলাত

আলাত² [আলাত্] *বি* ১ যন্ত্রপাতি। ২ সাজ-সরঞ্জাম। ৩ আসবাব কাছি; মোটা দড়ি (তোল তাল আলাত নৈল মোটাসোটা কাছি—*পূগী*)। { *আ.* আলাত آلات }

আলাদা, আলাহিদা, আলহিদা [আলাদা, -হিদা, আল্হিদা] *বিণ* ১ অন্য ভিন্ন। ২ পৃথক; স্বতন্ত্র (ওদের পূজা আলাহিদা হয়েছে কিনা—*দীমি*; অন্যদিকে মক্কা শরীফের কথা আলহিদা ছিল—*আম*)। **– করে দেখা** *ক্রি* ১ পর ভাবা; অনাত্মীয় মনে করা। ২ স্বতন্ত্রভাবে বিচার করা। **– হওয়া** *ক্রি* পৃথগন্ন হওয়া। { *আ.* 'আলাহিদাহ্ علاحده }

আলান [আলান্] *বি* ১ হাতি বাঁধার থাম (কালিপদ মরকত-আলানে, মন-কুঞ্জরেরে বাঁধ এঁটে—*রাম*)। ২ বেঁধে রাখার খুঁটি বা গোঁজ (রাখ ডিঙ্গা পুঁতিয়া আলান—*কমু*)। { *স.* আ+√লা+অন(ল্যুট)}

আলানো [আলানো] *ক্রি* ১ আলুলায়িত করা; এলানো। ২ খোলা; মেলা (সাধুর নিকটে তার আলাইও পাজি—*কমু*)। ৩ ওলট-পালট করা; ছড়িয়ে দেওয়া (ধান আলানো)। ৪ আলগা করা। ৫ বাসি হওয়া। { *স.* আকুল>আউল+আনো>}

আলাপ [আলাপ্] *বি* ১ কথাবার্তা; সম্ভাষণ। ২ পরিচয়; জানাশোনা (তার সঙ্গে আমার আলাপ নেই)। ৩ সঙ্গীতের সুর ভাঁজা (সেতারে সে করেছে আলাপ—*সদ*)। **–চারিতা** *বি* আলাপ-আলোচনার অবস্থা (আমার মেজাজ ঠিক আলাপচারিতার স্তরে নেই—*শও*)। **–চারী** (-রিন্) *বিণ* আলাপ-আলোচনাকারী। **–ন** *বি* কথোপকথন; সম্ভাষণ (এ নহে পথের আলাপন—*নই*)। **–নীয়, আলাপ্য** *বিণ* আলাপের যোগ্য। ☐ *বি* যে সম্পর্কে আলাপ করতে হবে; আলাপের বিষয়। **–পরিচয়, –-সালাপ** *বি* ১ পরস্পর কথোপকথন। ২ কথোপকথন ও জিজ্ঞাসাবাদ দ্বারা পরস্পরের মধ্যে ঘনিষ্ঠতা সাধন। **–-প্রলাপ** *বি* বহু লোকের আলাপ জনিত কলরোল; আনন্দ কলরব (আলাপে প্রলাপে হাসি উচ্ছ্বাসে আকাশ উঠিল আকুলি—*রঠা*)। **আলাপী**(-পিন্) *বি* আলাপের পাত্র (আমাদের নব পরিচিত আলাপীটি ঈষৎ হাসিয়া কহিলেন—*রঠা*)। ☐ *বিণ* মিশুক; আলাপ করতে ভালোবাসে এমন (লোকটা খুব আলাপী)। **আলাপিনী** *স্ত্রী*। **আলাপিত** *বিণ* পরিচিত; আলাপ আছে বা আলাপ হয়েছে এমন। **আলাপিতা** *স্ত্রী* (যে-কোনো আলাপিতার সঙ্গেই কথা ব'লে বিশেষ পক্ষপাতের সুর লাগায়—*রঠা*)। { *স.* আ+√লপ্+অ (ঘঞ্)}

আলাভোলা (আলাভোলা) *বিণ* ১ আত্মবিস্মৃত; আপনভোলা (প্রেমিক-প্রেমিকা মিলন-শয়নে চিরদিন আলাভোলা—*মোম*)। ২ সাদাসিধা; অচতুর; সরল। { *হি.* অল্‌বেলা}

আলামত [আলামত্] *বি* ১ চিহ্ন; নিদর্শন; লক্ষণ (এ তো মৃত্যুরই আলামত—*আলীআ*)। ২ অলৌকিক ঘটনা; অবাক কাণ্ড (গাছের ওপরে সন্ন্যাসী তারা দেখিয়াছে আলামত—*বআমি*)। ৩ জমির সীমা নির্দেশক চিহ্ন। { *আ.* 'আলামত্ علامت }

আলায়কাস্সালাম, আলেকসালাম [আলায়্কাস্-সালাম্, আলেক্সালাম্] *বি* তোমার উপর শান্তি বর্ষিত হোক; সালামের জবাব। { *আ.* 'আলাইকাস্ সালাম্,

عليك السلام }

আলায়কুম, আলাইকুম, আলেকুম [আলায়্কুম্, –ইকুম্, –লেকুম্] *বি* সালামের প্রত্যুত্তর অর্থাৎ আপনাদের উপরও শান্তি বর্ষিত হউক। {*আ.* 'আলাইকুমুস্ সালাম {' عليكم السلام }

আলাল [আলাল্] *বিণ* ধনী; বড়োলোক। **আলালের ঘরের দুলাল** *বি* ধনীর ঘরের অতি আদুরে ও প্রায় ক্ষেত্রে বখাটে ছেলে। {*হি* আলাল=অকর্মণ্য}

আলাহিদা ⇒ আলাদা

আলি[১] ⇒ আল[১]

আলি[২] ⇒ আলী[১]

আলি[৩], **আলী**[২] [আলি] *বি* শ্রেণি; পঙ্‌ক্তি; সারি (গীতালি)। {*স.* আ+√অল্+ই(ইন্)}

আলি[৪], **আলী**[৩] [আলি] *বি* সখী; সঙ্গিনী (আলি আলিঙ্গন চাহে—*বিপ*)। {*তা.* আলি >}

আলি[৫], **আলী**[৪] [আলি] *বিণ* মহান; উদার; উন্নত; (গুরুদাসের মেজাজ আলি হয়ে গ্যাচে—*কাসি*)। –**মেজাজ,** –**মিযাজ** *বিণ* উদারমতি; উন্নতমনা। –**শান,** –**ছান** *বিণ* ১ বিরাট; খুব বড়ো (জমিদার-বাড়ির আলিশান গম্বুজটার কিনারে—*অচিসে*)। ২ মহান (ধার্মিক সুজন আলাল গুণে আলিছান—*পুগী*)। ৩ সম্ভ্রান্ত; মর্যাদাসম্পন্ন। –**হুকুম** *বি* দরাজ অনুমতি; ঢালাও হুকুম (এত আলিহুকুম উচিত আছি নয়—*ঘচ;* তিনি তাহাই তাহাদিগকে লইতে আলী হুকুম দিয়া দিলেন—*রঠা*)। {*আ.* 'আলী على }

আলিএ কালিএ (*প্রাবা.*) [আলিয়ে কালিয়ে] *বি* ১ অলি-গলিতে। ২ (*আল.*) আলো আঁধারিতে; নানান জটিলতায় (আলিএ কালিএ বাট রুন্ধেলা—*চর্যাপদ*)। {অ (বর্ণ)+আলি (শ্রেণি)+ক(বর্ণ)+আলি (শ্রেণি); *তা.* আলি (নারী), *অনু.* কালি}

আলিঙ্গন [আলিঙ্‌গন্] *বি* ১ কোলাকুলি; আশ্লেষ; প্রীতি বা স্নেহভরে বুকে জড়িয়ে ধরা। ২ সানুরাগে বরণ (মৃত্যুকে আলিঙ্গন করা)। **আলিঙ্গিত** *বিণ* আলিঙ্গন করা হয়েছে এমন; বাহুবদ্ধ; আশ্লিষ্ট। {*স.* আ+√লিঙ্গ্+অন(ল্যুট্)}

আলিছান ⇒ আলি[৫]

আলিজালি, আলিঝালি [আলিজালি, –ঝা–] *ক্রিবিণ* এলোমেলো (প্রথম বিয়ের প্রাণ মাতোয়ারা উন্মাদনার কথা স্মরণ হয় আলিঝালি—*ওয়ালি*)। {⇒আউল ঝাউল}

আলিপনা ⇒ আলপনা

আলিম ⇒ আলেম

আলিমিযাজ, আলি মেজাজ ⇒ আলি[৫]

আলিম্পন, আলিম্পনা [আলিম্‌পন্, –পনা] *বি* ১ আলিপনা; আলপনা (শুভদিনে আলিম্পনে—*রঠা*)। ২ (ঘাসে ঘাসে রঙীন ফুলের আলিম্পন—*রঠা;* আষাঢ়ের দুটি যায় আলতার আলিম্পনা এঁকে—*ইখাঁ*)। {*স.* আ+√লিম্প্+অন(ল্যুট্)}

আলিশা ⇒ আলিসা

আলিশান ⇒ আলি[৫]

আলিস (*পদ্য.*) [আলিস্] *বি* আলস্য (বালিশ শুয়ে আলিস করে মানুষের কাজ হাঁটা—*নই*)। □ *বিণ* কুঁড়ে; অলস। {*স.* আলস্য >}

আলিসা, আলিশা, আলসে [আলিশা, –, আল্‌শে] *বি* ১ ছাদের প্রান্তভাগ বা কার্নিশ (আলিসায় একটি সলজ্জ রজনীগন্ধা—*অচিসে*)। ২ ছাদের প্রান্তস্থ অনুচ্চ প্রাচীর (বসি আলিসার আড়ে—*রঠা*)। {*স.* আলি + *বা.* সা (সাদৃশ্যার্থে)}

আলিস্যি ⇒ আলস্য

আলিহুকুম ⇒ আলি[৫]

আলী[১], **আলি** [আলি] *বি* ১ মুসলমানের নামের অংশবিশেষ। ২ ইসলামের চতুর্থ খলিফা; হজরত মুহম্মদ (সা.)-এর চাচাতো ভাই এবং কনিষ্ঠ জামাতা। {*আ.* 'আলী على }

আলী[২] ⇒ আলি[৩], আলি[৪], আলি[৫]

আলীঢ় [আলিঢ়্] *বিণ* আস্বাদিত; লেহন করা হয়েছে এমন। □ *বি* বাম জানু জুড়ে ডান পা ছড়িয়ে উপবেশনের ভঙ্গি। {*স.* আ+√লিহ্+ত (ক্ত)}

আলীন [আলিন্] *বিণ* ১ লয়প্রাপ্ত; বিলীন। ২ পরিব্যাপ্ত। {*স.* আ+ √লী+ত (ক্ত)}

আলীম ⇒ আলেম

আলীহুকুম ⇒ আলি[৫]

আলু [আলু] *বি* বিখ্যাত সবজি; গোল আলু; মূল বা কন্দ বিশেষ। **গোল–** *বি* গোলাকৃতি আলুজাতীয় কন্দ, potato। **আলুর দোষ** *বি* লাম্পট্য; চরিত্রদোষ। {অনার্য ওরাওঁ শব্দ 'আরু' > আলু (র=ল)}

-আলু [-আলু] *অব্য* (*ব্যা.*) বিশিষ্টার্থক বা শীলার্থক প্রত্যয় বিশেষ (দয়ালু)। {বাংলা প্রত্যয়বিশেষ}

আলুথালু [আলুথালু] *বিণ* ১ আলুলায়িত; শিথিল (আলুথালু হয় এবে কবরী বন্ধন—*মদ*)। ২ অসংবৃত; অসংযত (বিস্রস্ত বেশে আর আলুথালু কেশে)। {*স.* আলুলায়িত > আলু+ *অনু.* থালু}

আলুনি, আলুনী [আলুনি] *বিণ* ১ লবণহীন; আলোনা; উপযুক্ত পরিমাণে লবণের অভাবহেতু বিস্বাদযুক্ত (আলুণ আতেল কড়কড়া ভাত—*দমি*)। ২ কমনীয়তাশূন্য; লাবণ্যহীন (যদি মেয়েগুলোর শরীর ভাল থাকে, আলুনি না হয়ে যায়—*অচিসে*)। {*স.* অ+লবণ+আ>আলোনা> আলোনি>}

আলুফা ⇒ অলুফা

আলুবুখারা ⇒ আলুবোখারা

আলুবোখারা, আলুবুখারা [আলুবোখারা, আলুবুখারা] *বি* অম্লস্বাদ কাবুলি ফলবিশেষ। {*ফা.* আলুবুখারাহ آلوبخاره }

আলুয়ানো [আলুয়ানো] (*মবা.*) *ক্রি* এলানো; শিথিল হওয়া (অবধানে আলুয়ায় দৃঢ়বন্ধন দড়ি—*কমু*)। {*স.* আলুলায়ন>আলুয়ান}

আলুলায়িত, আলুলিত [আলুলায়িতো, –লিতো] *বিণ* এলায়িত; অসংযত (আলুলায়িত কুন্তল—*রঠা;* আলুলিত কেশ—*রঠা*)। {*স.* আ+√লুল্+অ(ক)=আলুল; আলুলায়+ত(ক্ত), >}

আলেকুম ⇒ আলায়কুম

আলেখা [আলেখা] *বিণ* ১ অলিখিত। ২ সাদা; ফাঁকা; শূন্য। {আ+লেখা}

আলেখ্য [আলেক্‌খো] *বি* চিত্র; ছবি; প্রতিমূর্তি। {*স.* আ+ √লিখ্‌+য}

আলেপ ⇒ আলেপন

আলেপন, আলেপ [আলেপোন্‌, -প-, আলেপ্‌] *বি* ১ আলপনা। ২ লেপন; প্রলেপ দান। {*স.* আ+√লিপ+অন(ল্যুট্‌), অ (ঘঞ)}

আলেম, আলিম [আলেম্‌, -লিম্‌] *বি,বিণ* ১ ইসলাম ধর্মতত্ত্বজ্ঞ (মোল্লা আলীম ফকির—*দৌকা;* আলিম ওলমা নহি, করেন্ত আদর—*সৈআ*)। ২ বিদ্বান। **–দার** (বিরল) *বিণ* বিদ্বান; পণ্ডিত (ফার্সিতে সত্যই আলেমদার—*গোহা*)। **আলেমুল গায়েব** *বি,বিণ* যিনি অদৃশ্য বিষয় জানেন; সর্বজ্ঞ (আল্লাহ্‌ আলেমুল গায়েব—মঈন)। {*আ.* আলিম عالم }

আলেয়া [আলেয়া] *বি* ১ জলাভূমিতে দৃষ্ট একপ্রকার বাষ্পোদ্ভূত আলোক বা জ্বলন্ত গ্যাস (আলেয়াগুলো দপদপিয়ে জ্বলছে নিবে, নিবছে জ্বলে—*সদ*)। ২ (*আল.*) ধাঁধা; প্রহেলিকা (আলেয়ার পিছনে ছুটিও না; আঁধার জীবন মাঠে দেখিলাম যে আলেয়া—*কায়*)। **–র আলো** *বি* (*আল.*) মিথ্যা মায়া; মিথ্যা প্রলোভন। {*স.* আলোক+ইয়া>আলোকিয়া>আলেয়া}

আলো[1] [আলো] *বি* ১ আলোক; দীপ্তি। ২ দীপ। ৩ রূপ; সৌন্দর্য (সতী এমন সুন্দরী যে সোনা হীরে তাঁর সোনার অঙ্গের আলোর কাছে টিম-টিম করতে লাগল—*অঠা*)। ☐*বিণ* উজ্জ্বল; আলোকিত। **–আঁধারি** *বি* আলো ও অন্ধকারের মিশ্রণ; অস্পষ্ট আলোক। ☐*বিণ* (*আল.*) কিছুটা স্পষ্ট ও কিছুটা অস্পষ্ট এমন ভাষায় বা ভাবে বর্ণিত বা চিত্রিত। **–করা** *ক্রি* উদ্ভাসিত করা; শোভিত করা। ☐*বিণ* উজ্জ্বলকারী; দীপ্তিদানকারী (দশ দিক আলো করা)। **– চাল** *বি* সূর্যতাপে পক্ব চাল; আতপ চাল; অসিদ্ধ ধানের চাল। **–ছায়া** *বি* ১ আলো ছায়ার পাশাপাশি অবস্থান। ২ ছবিতে যুগপৎ আলো ও আঁধার বা স্পষ্টতা ও অস্পষ্টতার মিশ্রণ; আলো-আঁধার। **–বিহঙ্গ** *বি* আলো রূপ বিহঙ্গ (আলো-বিহঙ্গ ভোলে হে সূর্য তোমার শেখানো পথের সুর—*ফজা*)। **–য় –য়** *ক্রিবিণ* ১ দিনের আলো থাকতে; অন্ধকার হওয়ার পূর্বে। ২ (*আল.*) সুযোগ বা সময় থাকিতেই। {*স.* আলোক> আলোঅ>আলো}

আলো[2]**, আল** [আলো, আল, আলো] *অব্য* সম্বোধনসূচক (আল রাধা—*বচদা*)। {*স.* হলা >}

আলোক [আলোক্‌] *বি* জ্যোতি; কিরণ; দীপ্তি; প্রভা। **–চিত্র** *বি* ছায়াচিত্র; ফোটোগ্রাফ। **–চ্ছটা/ছটা** *বি* আলোক-রশ্মি; আলোকের বিচ্ছুরণ। **–বিজ্ঞান** *বি* আলোক ও দৃষ্টিসংক্রান্ত বিজ্ঞান; optics। **–লতা** *বি* সাধারণত কুলগাছে বর্ধিত মূলহীন হরিদ্রাভ লতা বিশেষ (মানুষের উন্নাসিকতা আলোকলতার মতো মূল্যহীন —[illegible])। **–সঙ্কেত** *বি* আলোকের সাহায্যে পথাদি [illegible]; beacon। **–সজ্জা** *বি* আলো দ্বারা সজ্জিত মণ্ডপাদির বৈদ্যুতিক আলোকের সাজ। **–স্তম্ভ** *বি* পথনির্দেশক আলোকযুক্ত উচ্চ স্তম্ভ; বাতিঘর; light house। {*স.* আ+ √লুক্‌+অ (ঘঞ)}

আলোকন [আলোকন্‌] *বি* ১ দর্শন; দেখা; অবলোকন। ২ প্রদর্শন; দেখা। **–নীয়** *বিণ* দর্শনযোগ্য; দ্রষ্টব্য। **–নীয়া** *স্ত্রী*। {*স.* আ+ √লুক্‌+অন(ল্যুট্‌)}

আলোচনা, আলোচন [আলোচনা, -চন্‌] *বি* ১ অনুশীলন; চর্চা (জ্ঞানালোচনা)। ২ বিচার (কাব্যালোচনা)। ৩ আন্দোলন (এ নিয়ে খুব আলোচনা চলছে)। **আলোচনী** *বি* আলোচনার বিষয়। **আলোচনীয়, আলোচ্য** *বিণ* ১ আলোচনার জন্য উপস্থাপিত বা গৃহীত বা নির্দিষ্ট। ২ আলোচনার যোগ্য। **আলোচিত** *বিণ* আলোচনা করা হয়েছে এমন। **আলোচ্যমান** *বিণ* আলোচনা করা হচ্ছে এমন। {*স.* আ+√লুচ্‌+অন(ল্যুট্‌)+আ(টাপ্‌)}

আলোড়ক [আলোড়ক্‌] *বি* ১ আলোড়নকারী। ২ আলোড়ন দণ্ড। {*স.* আ+√লুড়্‌+অক}

আলোড়ন [আলোড়ন্‌] *বি* ১ মন্থন; আবর্তন; ঘোটন। ২ আন্দোলন; বিক্ষোভ। **আলোড়িত** *বিণ* আলোড়ন করা হয়েছে এমন। {*স.* আ+√লুড়্‌+অন}

আলোনা [আলোনা] *বিণ* লবণাক্ত নয় এমন; আলুনি (এখানে আলোনা মাটিতে সমুদ্রের স্পর্শমাত্র নেই—*রঠা*)। {*স.* লবণ>*বা.* আ (নেই অর্থে)+নুন+আ= আনুনা>আলুনা>আলোনা (স্বরসাম্যে)}

আলোপ, অলুপ [আলোপ্‌, অলুপ্‌] *বিণ* লুপ্ত; অন্তর্নিহিত (ক্ষেণেক আলোপ চন্দ্র ক্ষেণেক বিদিত—*সৈআ;* অলুপ করিব ভানু—*সৈআ*)। ☐*বি* বিনাশ; ধ্বংস। {*স.* অবলুপ্ত >}

আলোয়ান, আলওয়ান [আলোয়ান্‌] *বি* পশমি চাদর বিশেষ; পাড়বিহীন শাল। {*আ.* আল্‌ৱান্‌ الوان }

আলোল [আলোল্‌] *বিণ* ১ ঈষৎ চঞ্চল। ২ বিলোল। **–বিলোল** *বিণ* চঞ্চল (মধুর-মূরতি পতি আলোল-বিলোল গতি—*দৌবা*)। {*স.* আ+লোল}

আলোহিত [আলোহিত্‌] *বিণ* ১ ঈষৎ লাল। ২ রক্তাভ। {*স.* আ+লোহিত}

আল্লা ⇒ আল্লাহ্‌

আল্লামা, আল্‌লামা [আল্‌লামা] *বি* মহাবিদ্বান; পণ্ডিত (আল্‌লামা ইকবাল প্রাচ্য ও প্রতীচ্যের জ্ঞানসুধা আকণ্ঠ পান করেছিলেন—*আহ*)। {*আ.* আল্লামাহ علامة }

আল্লামি [আল্‌লামি] *বি* ১ মহাবিদ্বান। ২ সম্রাট আকবর কর্তৃক প্রদত্ত তাঁর উজির আবুল ফজলের উপাধি। {*আ.* আল্লামী علامى }

আল্লাহ, আল্লা [আল্‌লাহ্‌, আল্‌লা] *বি* খোদা; কোরানোক্ত নিরাকার, বিশ্বচরাচরের স্রষ্টা ও রক্ষাকর্তা, একক, অদ্বিতীয়, জন্ম ও মৃত্যুহীন, পাপের শাস্তিদাতা, পুণ্যের পুরস্কারদাতা, সর্বশক্তিমান, সর্বজ্ঞ, সদাজাগ্রত, অক্লান্ত; পরম দয়ালু; একমাত্র উপাস্য; সর্বজীব ও জগতের একমাত্র প্রভু। **–ওয়ালা** *বিণ* আল্লাতে সমর্পিত প্রাণ; ধর্মভীরু; খোদাভক্ত। **–র কসম, –র কিরা**—আল্লাহর পবিত্র নাম উচ্চারণপূর্বক শপথ। **–র কুদরত** *বি* অলৌকিক কাণ্ড। **–র গজব, –র গযব** *বি* আল্লাহ্‌ প্রদত্ত শাস্তি। {*আ.* আল্লাহ্‌ الله }

আশ[১] [আশ্] *বি* [illegible] আহার, ভোজন; ভক্ষণ (প্রাতরাশ)। {স. √অশ্+অ (অল্)}

আশ[২] [আশ্] *বি* ১ আশা; আকাঙ্ক্ষা; কামনা (যে তন সাধিতে করেছিনু আশ—*রঠা*)। ২ ইচ্ছা; অভিপ্রায় (কে) কুম্ভ কহিছে ও আপনাকি আশ—*বিপা*)। {স. আশা>}

আশংসা, আশংসন [আশঙ্শা, -শন্] *বি* ১ আশা; প্রত্যাশা। ২ কামনা; ইচ্ছা। ৩ সম্ভাবনা। ৪ সন্দেহ; সংশয়। **আশংসিত** *বিণ* আকাঙ্ক্ষিত; প্রার্থিত। **আশংসু** *বিণ* প্রত্যাশী; আকাঙ্ক্ষী। {স. আ+ √শংস্+অ (অন্), অন(ল্যুট্)}

আশক ⇒ এশক

আশকারা, আস্কারা [আশ্কারা] *বি* ১ প্রশ্রয় (তোমার আস্কারাতেই ও উচ্ছন্নে গেছে—*প্রেমি*)। ২ তদন্তের পর [illegible] গুপ্ত বিষয় প্রকাশ (কিন্তু চুরির আস্কারা হইল [illegible])। ~ **দেওয়া** *ক্রি* প্রশ্রয় দেওয়া (আশকারা দিয়ো [illegible] একেবারে মাথায় চড়ে বসবে)। {ফা. আশকার [illegible]}

আশখাস [আশ্খাশ্] *বি* ব্যক্তিগণ। {আ. আশখাস্ [illegible]; একব শখস্ شخص}

আশঙ্কা [আশঙ্কা] *বি* ১ সংশয়; সন্দেহ। ২ ত্রাস; শঙ্কা। **আশঙ্কনীয়** *বিণ* ত্রাসযোগ্য; ভীতিপ্রদ; ভয়ের। ~**স্থল** *বি* [illegible] বা সন্দেহের ব্যাপার। **আশঙ্কিত** *বিণ* ১ সংশয়িত; [illegible]। ২ ভীত; ত্রস্ত। ৩ আশঙ্কা করা হয়েছে এমন। {স. আ+শঙ্কা}

আশনা [আশ্না] *বি* ১ প্রণয়ী; প্রেমিক। ২ পরিচিত ব্যক্তি; [illegible]। {ফা. আশনা اشنا}

আশনাই, আসনাই [আশ্নাই] *বি* ১ প্রেম; প্রণয়; [illegible] (মন যত বলে আশ নাই, হাতে তত জাগে [illegible]—*নই*)। ২ অবৈধ প্রণয়; অসামাজিক প্রণয়। ৩ [illegible] আপনার নাম কহ, আমাকে আশনাই দেহ— [illegible] {ফা. আশনাঈ اشنائی}

আশপড়শি, আস-পড়শী [আশ্পড়্শি] (*মবা.*) *বি* [illegible] প্রতিবেশী (আশ-পড়শীগণ গুরু গরবিত [illegible])। {স. আশা (=পাশের দিক)>আস, আশ+স. [illegible] প্রতিবেশী}

আশপাশ [আশ্পাশ্] *বি* চারিপার্শ্ব; চারপাশ; এদিক [illegible] আশপাশ থেকে)। ☐ *বিণ* চারিদিকস্থ (আশপাশ [illegible])। **আশপাশে, আশেপাশে** *ক্রিবিণ* ১ [illegible] পার্শ্বে। ২ ইতস্তত। {তুল. হি. আস্পাস; [illegible] দিক)>আশ+(সহচর শব্দ) পাশ<স. [illegible]}

আশয় [illegible] *বি* ১ আধার (জলাশয়)। ২ অন্তঃকরণ; [illegible] সদাশয়)। ৩ আশ্রয়; স্থান (কুন্তলের [illegible] আশায় খোঁজে আমার পরাণ—*নই*)। ৪ [illegible] আশা (দাসের আশয়পুর—*বচ*)। ৫ [illegible] আশয়)। {স. আ+√শী+অ (অচ্)}

আশরত [আশ্রত্] *বি* স্ফূর্তি; আমোদ (কেটেছে নরম [illegible] আশরতে বহুদিন—*ফআ*)। {আ. আশারাহ [illegible]}

আশরফ [আশ্রফ্] *বিণ* ১ সম্ভ্রান্ত; ভদ্র; অধিক ভদ্র। ২ শ্রেষ্ঠ। {আ. আশ্রাফ্ اشرف}

আশরফি, আসরফি [আস্রর্ফি] *বি* স্বর্ণমুদ্রা বিশেষ; ১১ মাসা বা প্রায় ১০ গ্রাম ওজনের সোনার মোহর (আসরফি বস্ত্র অলঙ্কার আদি যত—*ভারা*)। {আ. আশ্রফ اشرف + ফা. ঈ ی}

আশরাফ [আশ্রাফ্] *বি* ভদ্রলোক; সম্ভ্রান্ত ব্যক্তি (আশরাফ আতরাফ)। {আ. আশরাফ اشراف; একব শরীফ شريف}

আশরাফ-উল-আম্বিয়া [আশ্রাফ্ উল আম্বিয়া] *বিণ* নবীদের মধ্যে শ্রেষ্ঠ (হে আশরাফ উল-আম্বিয়া মানবের শ্রেষ্ঠ পথপ্রদর্শক—*এও*)। ☐ *বি* হজরত মুহম্মদ (সা.) এর উপাধিবিশেষ। {আ. আশরাফুল আম্বিয়া اشرف الانبياء}

আশরাফুল মখলুকাত [আশ্রাফুল মখ্লুকাত্] *বি, বিণ* সৃষ্টির সেরা (মানুষ আশরাফুল মখলুকাত)। {আ. আশরাফুল মখলুকাত اشرف المخلوقات}

আশশাওড়া ⇒ আসশেওড়া

আশা[১] ⇒ আসা[২]

আশা[২] [আশা] *বি* ১ আকাঙ্ক্ষিত কোনো কিছু পাওয়ার জন্য অপেক্ষা; কাম্যবস্তু পাওয়ার সম্ভাবনায় বিশ্বাস; প্রত্যাশা (আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়—*মদ*)। ২ আশ্বাস; ভরসা (আশা দিয়ে, ভাষা দিয়ে—*রঠা*)। ৩ ইচ্ছা; বাসনা; আকাঙ্ক্ষা (যাওয়ার আশা আছে)। ৪ দিক (পূর্বাশা, উত্তরাশা)। ~**তীত** *বিণ* অপ্রত্যাশিত; আশার অধিক। ☐ *বি* আশার অতীত কোনো বস্তু; অসম্ভব কোনো কিছু (আকাশ-পানে বাহু তুলে চাহিলে, তাই, আশাতীত—*রঠা*)। ~ **দেওয়া** *ক্রি* আশ্বাস বা ভরসা দেওয়া। ~**নাশিনী** *বিণ* স্ত্রী. আশা ভঙ্গকারিণী; নিরুৎসাহব্যঞ্জক (মেহের উন্নিসার আশানাশিনী কথা শুনিয়াও অসুখী হয়েন নাই—*বচ*)। ~**ন্বিত** *বিণ* আশাযুক্ত; আশাবান। ~**ন্বিতা** স্ত্রী.। ~**বাদী** (-দিন্) *বিণ* আশা পোষণকারী (ভবিষ্যৎ সম্পর্কে আমি একজন আশাবাদী—*আকেসা*)। ~**বান** *বিণ* আশান্বিত; আশাযুক্ত। ~**বতী** স্ত্রী.। ~**ভঙ্গ** *বিণ* হতাশ; ভরসাশূন্য। ~**-ভরসা** *বি* ১ নির্ভর; অবলম্বন (এখন তুমিই আমার আশা ভরসা)। ২ সম্ভাবনা (পাওয়ার আশা-ভরসা নাই)। ~ **রাখা** *ক্রি* ভরসা করা; প্রত্যাশা করা। ~**রি**, ~**রী** *বিণ* আশান্বিত; প্রত্যাশী (মানুষ নহে ত সেই সুখের আশারী—*মঙী*)। ~**স্পদ** *বি* আশা-ভরসার স্থল (এই সমস্ত ভাবী আশাস্পদদিগের ব্যাকরণের ভ্রম সংশোধন করিয়া—*রঠা*)। ~**হত**, ~**হীন** *বিণ* হতাশ; নিরাশ (ছিলাম নিশিদিন আশাহীন প্রবাসী—*রঠা*)। {স. আ+ √অশ্+অ (অচ্)}

আশান ⇒ আসান

আশাবরি, আশাবরী, আশোয়ারি [আশাবোরি, -, আশোয়ারি] *বি* রাগিণী বিশেষ (আশাবরী সুরে ঝুরে সানাই—*নই*; সানাইতে আশোয়ারি রাগিণী বাজিছিল—*নই*)। {আ. আশাবরী اشبري}

আশি, আশী[১] [আশি] *বি* ৮০ সংখ্যা। ☐ *বিণ* ৮০ সংখ্যক। {স. অশীতি>প্রা. আসীই>আশি, আশী}

আশিক ⇒ আশেক

আশিন ⇒ আশ্বিন

আশিস [আশিশ্] *বি* আশীর্বাদ; শুভেচ্ছা; দোয়া (প্রভাতের আলো আশিস-পরশ করিছে তাহার দেহে—*রঠা*)। { *সং.* আশীঃ> }

আশী[1] ⇒ আশি

আশী[2] [আশি] *বি* সাপের বিষদাঁত। **~বিষ** *বি* সর্প; সাপ (কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে, কভু আশীবিষে দংশেনি যারে—*কৃম*)। { *সং.* আশী }

আশীর্বচন ⇒ আশীর্বাদ

আশীর্বাদ, আশীর্বচন [আশির্বাদ্, -বচন্] *বি* কল্যাণ প্রার্থনা; শুভেচ্ছা; মঙ্গল কামনা; দোয়া (সমস্ত অন্তর দিয়ে আশীর্বচন উচ্চারণ করেন প্রৌঢ় ভদ্রলোক —*নীই*)। **আশীর্বাদক** *বি* আশীর্বাদকারী; দোয়াকারী। আশীর্বাদিকা *স্ত্রী*। **আশীর্বাদী** *বিণ* আশীর্বাদের সঙ্গে দেয় (আশীর্বাদী ফুল, আশীর্বাদী কাপড়)। ❑ *বি* আশীর্বাদের সঙ্গে দেয় বস্তু বা উপহার। { *সং.* আশীঃ+বাদ, বচন }

আশু[1] ⇒ আউশ

আশু[2] [আশু] *বিণ* দ্রুত; ক্ষিপ্র (আশু গতি)। ❑ *ক্রিবিণ* সত্বর; শীঘ্রই; অবিলম্বে (আশু গৃহে তার দেখিবে না আর নিশীথে প্রদীপ ভাতি—*কৃম*)। **~কারী** (-রিণ্) *বিণ* শীঘ্র কাজ করতে সক্ষম এমন; চটপটে। **~গতি, ~গামী** (-মিন্), **~গ** *বিণ* দ্রুতগামী; ক্ষিপ্রগতি বিশিষ্ট (তুরঙ্গম বেগে আশুগতি—*মদ*)। **~চেতন** *বিণ* অকালপক্ব; ইঁচড়ে পাকা (আশুচেতন শিশু প্রথমে বিবশ বালকে ও পরিণামে বিদ্রোহী যুবকে বদলাতে বাধ্য—*সুদ*)। **~তর** *বিণ* ক্ষিপ্রতর (পবন অমনি চালাইল আশুতরে—*মদ*)। **~তোষ** *বিণ* শীঘ্র বা অল্পে তুষ্ট। **~পাতি** *বিণ* শীঘ্র পতন হয় এমন; শীঘ্র পড়ে বা ঝরে যায় এমন। **~শুক্ষণি** *বি* যে শীঘ্র শুষ্ক করে বা শুকায়; আগুন (চৌদিকে মঙ্গল ধ্বনি, দক্ষিণে আশুশুক্ষণি দধি দধি ডাকে গোয়ালিনী—*কমু*)। { *সং.* √অশ্+উ(উণ্) }

আশুরা [আশুরা] *বি* মুহররম চান্দ্র মাসের দশম দিন { *আ.* আশুরা عاشوراء }

আশুষ্ক [আশুশ্কো] *বিণ* কিঞ্চিৎ শুষ্ক (আশুষ্ক পুরীষস্তূপকে শূকর উল্টেপাল্টে দিলে—*সৈমু*)। { *সং.* আ+শুষ্ক }

আশেক, আশিক [আশেক্, -শিক্] *বি* প্রেমিক; প্রণয়াসক্ত (সন্ধান তার মিলবে আশেকে দিল-পিয়ারার পথে চুমায়—*নই*; মাশুকের বাহু ছড়ায়ে আশিক কসম করেছে হবে শহীদ—*নই*)। { *আ.* আশিক عاشق }

আশেপাশে ⇒ আশপাশ

আশৈশব [আশোইশব্] *অব্য ক্রিবিণ* শিশুকাল থেকে [illegible]। { *সং.* আ (অবধি)+শৈশব; অব্যয়ী. }

আশোবার ⇒ [illegible]

আশোয়ারি ⇒ [illegible]

আশোয়াস, আশোয়াসা [আশোয়াশ্, -য়াশা] (*মবা.*) *বি* ১ আশ্বাস; ভরসা (পান নদী পাওল হই [illegible])। ২ আশা; [illegible] আশোয়াসে —*ওআদা*)। ৩ [illegible] আশোয়াস।

ভ্রজদা)। { *সং.* আশ্বাস> }

আশ্চর্য [আশ্চোর্জো] *বিণ* ১ অদ্ভুত; বিস্ময়কর; আজব (আশ্চর্য ব্যাপার)। ২ বিস্ময়াপন্ন; আশ্চর্যান্বিত; বিস্মিত (তোমার কথা শুনে আশ্চর্য হচ্ছি)। ❑ *বি* অদ্ভুত বস্তু; বিস্ময়কর বিষয় (অশ্রুতপূর্ব আশ্চর্য দর্শন করিয়াছি—*ঈবি*)। { *সং.* আ+√চর্+য }

আশ্মন [আশমন্] *বিণ* প্রস্তরসম্বন্ধীয়; পাথুরে। ❑ *বি* সূর্যের সারথি 'অরুণ'। { *সং.* অশ্মন্ (প্রস্তর)+অ(অণ্) }

আশ্রম [আস্স্রোম্, -স্র-] *বি* ১ সংসারত্যাগী সাধু সন্ন্যাসীদের বাসস্থান। ২ সাধনা বা শাস্ত্রচর্চার জন্য নির্দিষ্ট স্থান; মঠ; আস্তানা। ৩ তপোবন (মুনির আশ্রম)। ৪ আশ্রয়; স্থান; গৃহ (অনাথাশ্রম)। ৫ শাস্ত্রোক্ত হিন্দু জীবনযাত্রার চতুর্বিধ অবস্থা—ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস। **~ধর্ম** *বি* আশ্রম-আচার; আশ্রমবাসীদের পালনীয় কর্তব্য। **আশ্রমিক, আশ্রমী** *বি বিণ* ১ আশ্রমধর্মচারী; আশ্রমধর্মপালনকারী। ২ যে আশ্রমে বাস করে। { *সং.* আ+√শ্রম্+অ (ঘঞ্) }

আশ্রয় [আসস্রয়্] *বি* ১ রক্ষক; শরণ; সহায় (গরিবের আশ্রয়)। ২ অবলম্বন। ৩ আধার (সর্বগুণের আশ্রয়)। ৪ আলয়; গৃহ; বাসস্থান (আশ্রয়হীন)। ৫ আশ্রয় গ্রহণ; অবলম্বন। **~ণীয়** *বিণ* আশ্রয় গ্রহণের উপযুক্ত; আশ্রয় করা যায় এমন। **~ণীয়া** *স্ত্রী*। **~দাতা** *বি* ১ যে আশ্রয় দান করে। ২ প্রতিপালক। **~দাত্রী** *স্ত্রী*। **~প্রার্থী** ⇒ আশ্রয়ার্থী। **~বিহীন, ~শূন্য** *বিণ* নিরাশ্রয়; সহায় সম্বলহীন; গৃহশূন্য; অনাথ। **আশ্রয়ার্থী, ~প্রার্থী** *বিণ* আশ্রয় চায় এমন। **আশ্রয়ার্থিনী, ~প্রার্থিনী** *স্ত্রী*। **আশ্রয়ী** (-য়িন্) *বিণ* ১ আশ্রয়গ্রহণকারী (রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী—*মদ*)। ২ আশ্রয়প্রাপ্ত। **আশ্রিত** *বিণ* ১ আশ্রয়প্রাপ্ত; শরণাগত। ২ অনুগ; সেবক। ৩ অবস্থিত (দেহাশ্রিত)। **আশ্রিতা** *স্ত্রী*। **আশ্রিতবৎসল** *বিণ* আশ্রিতের প্রতি স্নেহশীল; শরণাগত জনের প্রতি কৃপালু। **আশ্রিতবৎসলা** *স্ত্রী*। { *সং.* আ+√শ্রি+অ (অচ) }

আশ্রুত [আসস্রুতো] *বিণ* ১ অঙ্গীকৃত; প্রতিশ্রুত। ২ শ্রুত; আকর্ণিত। { *সং.* আ+শ্রুত }

আশ্লিষ্ট [আস্স্লিশ্টো, আশ্লি-] *বিণ* ১ সংশ্লিষ্ট; জড়িত (আমি সেই শাপে এই পাপে আশ্লিষ্ট ছিলাম—*ঈবি*)। ২ আলিঙ্গিত। ৩ পরিব্যাপ্ত। ৪ শ্লেষপূর্ণ; শ্লেষোক্তিবিশিষ্ট। { *সং.* আ+√শ্লিষ্+ত (ক্ত) }

আশ্লেষ [আশ্শ্লেশ্, -স্লেশ্] *বি* ১ আলিঙ্গন (পৃথিবী দেখার মতো অনেক অন্তরঙ্গ আশ্লেষে—*সৈআজা*)। ২ মিলন। ৩ শ্লেষ। { *সং.* আ+√শ্লিষ্+অ (ঘঞ্) }

আশ্বস্ত [আশ্শস্তো] *বিণ* আশ্বাস বা ভরসাপ্রাপ্ত; উদ্বেগহীন; আশঙ্কামুক্ত। { *সং.* আ+√শ্বস্+ত(ক্ত) }

আশ্বাস [আশ্শাশ্] *বি* ১ প্রবোধ; সান্ত্বনা; অভয়। ২ ভরসা (সদাগর বলে যত কপট আশ্বাস—*কমু*)। ৩ উৎসাহদান। **~ক** *বি* যে আশ্বাস দেয়; সান্ত্বনাদাতা। **~ন** *বি* ১ আশ্বাসদান; সান্ত্বনাদান। ২ উৎসাহপ্রদান। **আশ্বাসিত** *বিণ* আশ্বস্ত; সান্ত্বনা বা ভরসাপ্রাপ্ত; আশ্বাস দেওয়া হয়েছে এমন (আমি কিয়ৎ অংশে বীতশোক ও আশ্বাসিত হইয়াছি—*ঈবি*)। { *সং.* আ+√শ্বাসি+অ (অচ) }

আশ্বিন, আশিন [আশ্‌শিন্, আশিন্] বাংলা সনের ষষ্ঠ মাস। ◻ *বিণ* ১ ঐ মাস সম্বন্ধীয়; আশ্বিনের (কেশের গন্ধ আনিতে আশিন হওয়া—*নহী*)। **আশ্বিনে, আশ্বিন্যা** *বিণ* আশ্বিন মাসকালীন (আশ্বিন্যা পানিতে দেখে মাঠে নাইক ধান—*মেগী*)। {*স.* অশ্বিনী+অ (অণ্)}

আষাঢ় [আশাঢ়্] *বি* ১ বাংলা সনের তৃতীয় মাস। ২ (*আল.*) বর্ষা। **আষাঢ়ে, আষাঢ়িয়া** *বিণ* ১ আষাঢ় মাসে জন্মে এমন (একে একে ভাঙ্গে, আষাঢ়িয়া যেন শকুন্তা—*কমু*)। ২ আষাঢ় মাস সম্বন্ধীয়। **আষাঢ়ে গল্প** *বি* অদ্ভুত গল্প; অবিশ্বাস্য কাহিনী (আষাঢ়ে গল্প সে নয়, আমাদের নিতান্তই ঘরের জিনিস—*রঠা*)। {*স.* আ+√সহ (হ=ঢ)+অ; পূর্ব/উত্তর-আষাঢ়া+অ(অণ্)}

আষ্টেপৃষ্ঠে, অষ্টেপৃষ্ঠে [আশ্‌টেপৃশ্‌ঠে, অশ্‌টে–] *ক্রিবিণ* সর্বাঙ্গে; অষ্টাঙ্গে (দ্বিধা যেন ওর জিহ্বাকে আষ্টেপৃষ্ঠে বেঁধে ফেলেছে—*মঈন*)। {*স.* অষ্ট>(আষ্ট+*বা.* এ=আষ্টে) + পৃষ্ঠ+*বা.* এ=পৃষ্ঠে=আষ্টেপৃষ্ঠে}

আসওয়ার ⇒ আসোয়ার

আসক ⇒ এশ্‌ক

আসকে, আস্কে [আশ্‌কে] *বি* চালের গুঁড়া দ্বারা ছাঁচে প্রস্তুত পিঠাবিশেষ (একটা আস্কে পিঠে গড়িবার মুচি—*দিব*)। {*স.* আসেকিম}

আসক্ত [আশক্‌তো] *বিণ* ১ অতিশয় অনুরক্ত বা প্রীত (বিষয়াসক্ত)। ২ সংসক্ত; সংলিপ্ত। **আসক্তি** *বি* গভীর অনুরাগ; লিপ্সা। ২ ভোগবিলাস। ৩ সহবাস; সঙ্গ; সম্পর্ক। ৪ অভিনিবেশ। {*স.* আ+√সন্‌জ্+ত(ক্ত)}

আসঙ্গ [আশঙ্‌গো] *বি* ১ মিলন; সহবাস (আসঙ্গ লিপ্সা)। ২ ভোগাভিলাষ। ৩ প্রীতি; অনুরাগ (বন্ধনহীন মধ্য আসঙ্গ—*রঠা*)। ৪ মনোযোগ; অভিনিবেশ। **~লিপ্সা** *বি* সহবাসের ইচ্ছা (নারীর আসঙ্গ লিপ্সার একই মদোন্মত্ততার প্রকাশভেদ হয়েছে মাত্র—*আচৌ*)। {*স.* আ + √সন্‌জ্+অ (ঘঞ্)}

আসছে [আশ্‌ছে] *বিণ* আসছে এমন; আগত; আগামী (আসছে মাস)। {আসিতেছে>}

আসত্তি [আশোত্‌তি] *বি* ১ মিলন; সংযোগ। ২ (*ব্যা.*) বাক্যে পরস্পর অন্বিত পদসমূহের সন্নিহিত অবস্থান (যদি গ্রন্থমধ্যে বর্ণভ্রম ও আসত্তিদোষ থাকে—*ভব*)। {*স.* আ+√সদ্+তি (ক্তি)}

আসন [আশোন্] *বি* ১ বসবার স্থান বা উপকরণ (কাষ্ঠাসন)। ২ বসবার ছোট কম্বল, গালিচা ইত্যাদি। ৩ পীঠ। ৪ সম্মানিত অবস্থিতি; মর্যাদা (বিদ্বানের আসন)। ৫ বাসস্থান; গৃহ (ভদ্রাসন)। ৬ যোগসাধনায় উপবেশনের বিবিধ ভঙ্গি বা কৌশল (পদ্মাসন)। **~গ্রহণ** *বি* উপবেশন। **~পিঁড়ি** *বি* এক পায়ের উপর অন্য পা মুড়ে উপবেশন (তিনি তখন আসনপিড়ি হইয়া বসিয়া—*বচ*)। {*স.* √আস্+অন(ল্যুট)}

আসনাই ⇒ আশনাই

আসন্ন [আশন্‌নো/–শো–] *বিণ* ১ উপস্থিত বা আগতপ্রায় (আসন্ন বিপদ)। ২ বিপন্ন বা অন্তিম (আসন্নকাল)। ৩ নিকটবর্তী; ঘনিষ্ঠ (দুর্দশাপন্ন আসন্ন জ্ঞাতিসন্তানকে অন্ন দেওয়া দূষণীয় ব্যাপার নহে—*ঈবি*)। **~কাল** *বি* ১ মৃত্যুর সময়; অন্তিমকাল। ২ বিপৎকাল। **~প্রসবা** *বিণ স্ত্রী.* প্রসবকাল নিকটবর্তী হয়েছে এমন। **~মৃত্যু** *বিণ* মুমূর্ষু; মরণ অতি নিকটবর্তী এমন। {*স.* আ+√সদ্+ত(ক্ত)}

আসব [আশব্/–শো–] *বি* ১ চুয়ানো মদ; চোলাই করা মদ (রভস তোমার আসব—*সদ*)। ২ তাড়ি। **~মত্ত, ~মাতা** (*প্রাবা.*) *বিণ* সুরাপানে মত্ত; মাতাল; মদমত্ত। {*স.* আ+√সু+অ (অপ্)}

আসবাব [আশ্‌বাব্] *বি* ১ গৃহসজ্জার উপকরণ (আসবাবঠাসা হাঁশফাঁশ করা গুমোট ঘরে—*বুব*)। ২ উপকরণ; সরঞ্জাম (আসবাব দেখিয়া দেলে হবে বেকায়ার—*সৈহা*)। **~পত্র** *বি* আসবাবাদি। {*আ.* আসবাব اسباب}

আসমান, আছমান [আশ্‌মান্] *বি* আকাশ। **~জমিন** *বি* আকাশ ও পৃথিবী; দ্যুলোক ও ভূলোক। ◻ *বিণ* সীমাহীন; আকাশ–পাতাল; দূরতিক্রম্য। **~জমিন ফারাক, ~জমিন তফাত** *বি* আকাশ–পাতাল প্রভেদ; দূরতিক্রম্য ব্যবধান (বুদ্ধি ও বিবেচনা বিষয়ে উভয়ের আসমান জমীন ফরক—*ঈবি*)। **আসমানি** *বিণ* ১ আকাশের রং; হালকা নীল; নীলাভ (আসমানি রঙের শাড়ি)। ২ স্বর্গীয়; ঐশী (আসমানি কিতাব)। ৩ আকাশ সম্বন্ধীয়। **আসমানের চাঁদ হাতে পাওয়া** *ক্রি* দুষ্প্রাপ্য জিনিস লাভ করা। {*ফা.* আসমান آسمان}

আসমুদ্র [আশোমুদ্‌দ্রো] *ক্রিবিণ* সমুদ্র থেকে বা সমুদ্র পর্যন্ত। **~হিমাচল** *বিণ ক্রিবিণ* সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত বিস্তৃত। {*স.* আ+সমুদ্র, *অব্যয়ী.*}

আসর[১] [আশোর্] *বি* সভা; মজলিস; বৈঠক (গানের আসর, সাহিত্যের আসর)। **~গরম করা** *ক্রি* কথাবার্তা বা বক্তৃতার দ্বারা উদ্দীপনা সৃষ্টি করা। **~জমা** *ক্রি* ১ লোকসমাগম হওয়া। ২ সভাস্থ লোকের অন্তরে আনন্দ বা উদ্দীপনা সঞ্চার হওয়া। **~জমানো, ~মাতানো** *ক্রি* বাকচাতুর্য হাস্য পরিহাস ইত্যাদি দ্বারা শ্রোতৃবর্গকে হর্ষোৎফুল্ল করে তোলা। **~জাঁকানো** *ক্রি* বাকচাতুর্য বা ভাবভঙ্গি দ্বারা নিজেকে শ্রোতৃবর্গের মধ্যে বিশিষ্ট করে তোলা। **আসরে নামা** *ক্রি* সভাস্থলে বা কর্মক্ষেত্রে অবতীর্ণ হওয়া। {*আ.* আশ্‌র عشر (= দশ, অর্থাৎ দশজনের সভা)}

আসর[২], **আছর**[১] [আসর্] *বি* ১ অপরাহ্ণ; বৈকাল। ২ নমাজের ওক্ত বিশেষ (আসরের নমাজ)। {*আ.* আস্‌র عصر}

আসর[৩], **আছর**[২] [আসোর্] *বি* প্রভাব; চিহ্ন; ফল; ক্রিয়া (জিনের আসর)। {*আ.* আছর اثر}

আসরফি ⇒ আশরফি

আসল [আশোল্] *বিণ* ১ খাঁটি; বিশুদ্ধ; অবিকৃত; নির্ভেজাল (আসল সোনা)। ২ সত্য; প্রকৃত; যথার্থ (আসল ঘটনা)। ৩ মূল; আদি (আসল দলিল)। ৪ আনুষঙ্গিক খরচ বাদে মোট; নিট (আসল আয়)। ◻ *বি* মূলবস্তু (নানামতে সাবধানে রাখিল আসল—*ভারা*)। ২ বাণিজ্যাদির মূলধন (সুদে-আসলে)। **আসলি** *বিণ* বিশুদ্ধ; খাঁটি; নির্ভেজাল (আসলি সোনা)। **আসলে** *ক্রি বিণ* প্রকৃতপক্ষে (আসলে সে একটা

চোর)। { আ. আসল اصل }

আসশেওড়া, আশশাওড়া, আশ্যাওড়া [আশ্শ্যাওড়া] *বি* একপ্রকার গাছ; শেওড়া গাছ; যে গাছের শাখা দিয়ে দাঁত মাজা হয়। { স. আস্যশাখোট>আস্‌সাহোড়> আসসাওড়+ আ> আসশেওড়া}

আসহাব [আশ্‌হাব] *বি* হজরত মুহম্মদ (সা.)-এর সহচরবৃন্দ; সাহাবিগণ (আসহাব সকলে হেন কর জ্ঞান—*সৈআ*)। { আ. আস্‌হাব اصحاب }

আসহাব-এ-কাহাফ, আসাব কাহাফ [আস্‌হাব্‌-এ-কাহাফ্‌, আসাব কাহাফ্‌] *বি* গুহাবাসীগণ —কোরআনে উল্লিখিত সাত ব্যক্তি যাঁরা আল্লাহর প্রতি ঈমান এনে রাজরোষের ভয়ে একটি গুহায় বহুকাল ঘুমিয়ে থেকে জেগে উঠে দেশের বহু পরিবর্তন দেখে। **আসাব কাহাফি** *বিণ* আসহাব-এ-কাহাফ সম্পর্কিত (আসাব কাহাফি ঘুম ভেঙ্গে কেউ আসিবে না গান গেয়ে—*আজহ*)। { আ. আস্‌হাবে কাহ্‌ফ اصحاب كهف }

আসা[১] [আশা] *ক্রি* ১ আগমন করা; উপস্থিত হওয়া (বাড়ি আসা)। ২ উদ্রেক হওয়া; দেখা দেওয়া (ঘেন্না আসা; চক্ষে জল আসা)। ৩ কোনো কিছুতে জ্ঞান শিক্ষা বা অভ্যাস থাকা (গান বাজনা আমার বড় আসে না)। ৪ জোগানো (মাথায় বুদ্ধি আসা)। ৫ কোনো কিছুতে লাগা; উপযোগী হওয়া (এটা কোনো কাজে আসবে না)। ৬ আরম্ভ হওয়া (বৃষ্টি আসা)। ৭ উপার্জন হওয়া; আমদানি হওয়া (কিসে কড়ি আসে দুটো—*রঠা*; এই হাটে সবকিছুই আসে)। ৮ ঘটা; হওয়া (বিপদ আসা; মৃত্যু আসা)। ৯ যাওয়া (এখন আসি; ফুরিয়ে আসা)। ১০ ঢোকা; প্রবেশ করা (জানালা দিয়ে আলো আসে)। ১১ উপক্রম হওয়া (বমি আসা)। ১২ বিস্তৃত হওয়া; বৃদ্ধি পাওয়া (উঠোন পর্যন্ত পানি এসেছে)। ☐ *বিণ* আগত; এসেছে এমন (কাছে আসা)। ☐ *বি* আগমন; উপস্থিতি (আমার কাছে আসার মানে কি?)। **~ যাওয়া** *বি* ১ গমনাগমন; আনাগোনা; যাতায়াত (কেবল আসাযাওয়া সার)। ২ মেলামেশা (আমাদের মধ্যে আসাযাওয়া নেই)। ☐ *ক্রি* ক্ষতিবৃদ্ধি হওয়া; ভাবান্তর আনা; প্রভাব বিস্তার করা (তাতে আসে যাবে কিবা আর—*রঠা*)। { বা. √আস্‌+আ}

আসা[২], **আশা** [আশা] *বি* ১ দণ্ড; লাঠি (আসা হাতে চলছিল মুসা—*শাহে*; পয়গম্বর মুসার তবু তো ছিল আশা অদ্ভুত—*নই*)। ২ রাজদণ্ড (লাল আসা হস্তে ধরি—*সৈআ*)। **~নড়ি** *বি* লাঠি। { আ. আসা عصا }

আসাদন [আশাদোন্‌, -দ-] *বি* ১ প্রাপ্তি; লাভ। ২ সম্পাদন। **আসাদিত** *বিণ*। { স. আ+√সাদি+অন(ল্যুট্‌)}

আসান, আশান, আছান [আসান্‌] (*মবা.*) *বি* ১ আসানি; লাঘব (মুশকিল আসান)। ২ উদ্ধার (লাঠি মারিয়া বিনোদের আছান করিল—*মৈগী*)। ৩ রেহাই; নিষ্কৃতি; মুক্তি; সুবিধা (কিছুটা আসান পেতে নিশ্চয়ই—*মাসে*)। ৪ সান্ত্বনা; নিরাময় (দুঃখের দরদি নাই করিতে আসান—*পুঁথী*)। ☐ *বিণ* সহজ (আসান সবক)। { ফা. আসান آسان }

আসানি [আশানি] *বি* সহজ ভাব; আরাম। { ফা. আসানী آسانی }

আসাব কাহাফ, আসাব কাহাফি ⇒ আসহাব এ-কাহাফ।

আসাবরদার [আশাবরদার] *বি* রাজদণ্ড বহনকারী; শাসক বা মাতব্বর গোত্রের লোকদের দণ্ডধারী অনুচর। { আ. আসা[২]+ ফা. বরদার بردار }

আসামি[১] [আশামি] *বি* ১ অভিযুক্ত; অপরাধী; প্রতিবাদী। ২ খাতক; ঋণী; দেনাদার। ৩ প্রজা। { আ. আসামী أسامی }

আসামি[২], **আসামী**[২] [আশামি] *বিণ* ১ আসামদেশীয়; আসাম দেশজাত। ২ আসাম সম্বন্ধীয়। ☐ *বি* ১ আসামের অধিবাসী; অসমিয়া। ২ আসামের ভাষা; অহমিয়া। { বা. আসাম+ই, ঈ}

আসার[১] [আশার] *বি* ১ প্রবল বৃষ্টিপাত; প্রচুর বারিপাত। ২ জলকণা; জলস্রাব (ভাসিতাম দিবানিশি নয়ন আসারে—*কায়*)। { স. আ+√সৃ+অ (ঘঞ্‌)}

আসার[২] [আসার্‌] *বি* ১ নিদর্শন; চিহ্ন। ২ প্রাচীন চিহ্ন; প্রাচীন কীর্তি। { আ. আছার آثار ; একব আছর اثر (=চিহ্ন)}

আসালতন, আছালতন [আসালতন্‌] *অব্য* স্বয়ং; নিজে (বাদীকে আসালতন্‌ জবাব দিতে হইবে)। { আ. ইস্‌লাহ اصالة (=মূলত)}

আসাসোঁটা [আশাশোঁটা] *বি* রাজদণ্ড; রাজশক্তির চিহ্ন। { আ. আসা+ স. শৌণ্ড > সোঁড় > সোঁট+আ=সোঁটা }

আসিক্ত [আশিক্‌তো] *বিণ* অল্প বা অধিক ভিজা। { স. আ+ সিক্ত}

আসিদ্ধ [আসিদ্‌ধো] *বিণ* ১ সিদ্ধ নয় এমন। ২ অর্ধসিদ্ধ। { স. অসিদ্ধ >}

আসীন [আশিন্‌] *বিণ* ১ উপবিষ্ট। ২ অধিষ্ঠিত; অবস্থিত। **আসীনা** *স্ত্রী*. (একাকী আসীনা তব চরণতলে—*রঠা*)। { স. √আস্‌+ঈন(শানচ্‌)}

আসুদা ⇒ আসুদা

আসুপ্তি [আশুপ্‌তি] *বি* তন্দ্রা; অর্ধ জাগরণের অবস্থা (ক্লান্তিতে নিদ্রা-জাগরণে মেশা আসুপ্তির ভিতর দিয়ে কাটিল—*সৈমু*)। { স. আ+√স্বপ্‌+তি(ক্তি)=সুপ্তি}

আসুর, আসুরিক [আশুর্‌, -রিক্‌] *বিণ* ১ অসুর সম্বন্ধীয়। ২ অসুরের ন্যায়; অসুরতুল্য। ৩ ভয়ঙ্কর; অতি ভীষণ। ৪ অসুরদের প্রথানুযায়ী। ৫ অপবিত্র। ৬ নিন্দিত; গর্হিত। **আসুরী, আসুরিকী** *স্ত্রী*। **~বিবাহ** *বি* কন্যার অভিভাবককে অর্থ প্রদান পূর্বক অনুষ্ঠিত বিবাহ। { স. অসুর+অ (অণ্‌), ইক}

আসেচন [আশেচন্‌] *বিণ* উত্তমরূপে সেচন বা ভিজানো। ☐ *বি* ভালোভাবে সেচ প্রদান। { স. আ+সেচন}

আসেব [আসেব্‌] *বি* প্রেতাত্মা; ভূত (বলে আসেবের আসর হয়েছে উহার উপরে দেখ চেয়ে—*নই*)। { ফা. আসীব آسیب }

আসেসর, আসেসরি ⇒ এসেসর

আসোয়ার, আসওয়ার (*মবা.*), **আছওয়ার** [আসোয়ার্‌] *বিণ* আরোহী; আরূঢ় (পলায় তুরঙ্গ কাটা গেলে আসোয়ার—*কাদা*; বোরাকের পৃষ্ঠে নবী হৈল আসওয়ার—*হেমা*)। ☐ *বি* অশ্বারোহী সৈন্য (রোসাঙ্গে

সামনা (হেন্য' রাজ আছওয়ার—*সৈআ*; দেখিয়াছি আশোয়ার অনেক অনেক—*রঙ্গসে*)। { স. অশ্ববার; *প্রা. ফা.* সুয়ার صوار }

আস্কন্দিত [আস্‌কোন্‌দিতো] *বি* (অশ্বের) লাফিয়ে লাফিয়ে বেগে চলা; প্লুত গতি (আস্কন্দিতে নাচে নাচীনাজী —*মদ*)। { স. আ+ √স্কন্দ+ণিচ্+ত(ক্ত) }

আস্কারা, **আস্কারা দেওয়া** ⇒ আশকারা

আস্কে ⇒ আসকে

আস্ত [আস্‌তো] *বিণ* ১ গোটা; অখণ্ড; অভগ্ন; সমগ্র; পূর্ণ (আস্ত মানুষ গেলে—*রঠা*)। ২ পুরাপুরি; পুরাদস্তুর (আস্ত পাগল)। ৩ প্রকৃত; পাকা (আস্ত চোর)। ৪ মারাত্মক; ভয়ঙ্কর (আস্ত কেউটে)। ~ **না রাখা** *ক্রি* নির্মমভাবে প্রহার করা; মারের চোটে অস্থি বা অঙ্গ প্রত্যঙ্গ চূর্ণ করা (কাঞ্চীকে কি আর আস্ত রাখতুম?—*রঠা*)। { স. √অস্+তি>অস্তি> }

আস্তব্যস্ত, **আস্তবেস্ত** (বিরল) [আস্‌তোব্যাস্‌তো] *বিণ* অতিশয় ব্যস্ত (আস্তবেস্ত হয়ে খুলে মাথার পাগড়ি—*হেমা*)। **আস্তেব্যস্তে**, **অস্তেব্যস্তে** *ক্রি বিণ* ব্যগ্রভাবে; ত্রস্ত হয়ে (আস্তেব্যস্তে উঠি রাণী ধরে দুই হাত —*কৃও*)। { স. অস্ত+ব্যস্ত }

আস্তর[১] ⇒ অস্তর[১]

আস্তর[২], **আস্তরণ** [আস্‌তোর্‌, -রন্‌] *বি* ১ আচ্ছাদন বস্ত্র (সূর্য নিজেরে লুকায় টানিয়া বালুর আস্তরণে—*নই*)। ২ কারুকার্যখচিত চাদর বিশেষ। ৩ হাতির পিঠে পাতানোর জন্য কারুকার্যখচিত চাদর। ৪ গালিচা। { স. আ+ √স্তৃ+অ (অণ্‌), অন(ল্যুট্‌) }

আস্তাগফেরুল্লাহ [আস্‌তাগ্‌ফেরুল্‌লাহ্‌] আমি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করি—কোনো গুনাহর কাজ করলে একথা বলতে হয় { *আ.* আস্‌তাগ্‌ফিরুল্লাহ্‌ استغفر الله }

আস্তানা [আস্‌তানা] *বি* ১ খানকা; আশ্রম (সম্মুখে একটি পীরের আস্তানা—*প্যামি*)। ২ আড্ডা; বসত (ঝোপঝাড় কাটিয়া আস্তানা সাজাইবার কাজে ব্যস্ত হইয়া পড়িল—*শাকা*)। ৩ বাসস্থান; আশ্রয়স্থল (শুধু খোরাকি আর আস্তানা—*আচিসে*)। ~ **গাড়া**, ~ **করা** *ক্রি* সাময়িকভাবে বাস করার বা আড্ডা দেওয়ার জন্য কোনো স্থানে ওঠা (মোড়লের বাড়িতে আস্তানা করিলেন—*আমও*)। ~ **গুটানো** *ক্রি* আড্ডা তোলা বা ভাঙ্গা। { ফা. আস্‌তানাহ্‌ استان }

আস্তাবল [আস্‌তাবল্‌] *বি* অশ্বশালা; হাতি ঘোড়া উট ইত্যাদি পশু রাখবার স্থান (ঘোড়া রাখিয়া আস্তাবলে—*নই*)। { ফা. ইস্তবল اصطبل }

আস্তিক [আস্‌তিক্‌] *বিণ* আল্লাহর অস্তিত্বে বিশ্বাসী; পরকাল মানে এমন (হলে আস্তিক হবে আল্লা-মনুষে জানাজানি—*নই*)। ~**তা**, ~**ত্ব**, **আস্তিক্য** *বি*। { স. অস্তি+ইক(ঠক্‌) }

আস্তিন [আস্‌তিন্‌] *বি* কোট জামা ইত্যাদির হাতা (আস্তিন চিড়িল আপনার—*হেমা*; নওশার সাজ নাও পর খাড়া আস্তিন—*নই*)। ~ **গুটানো** *ক্রি* মারবার উদ্যোগ করা; মারমুখো হয়ে ওঠা; যুদ্ধং দেহি ভাব দেখানো (আস্তিন গুটাইয়া বলিল—*রাব*)। { ফা. আস্‌তীন استين }

আস্তীর্ণ, **আস্তৃত** [আস্‌তিরনো, আস্‌ত্রিতো] *বিণ* ১ বিছানো বা পাতা হয়েছে এমন। ২ প্রসারিত; বিস্তীর্ণ। ৩ সমাকীর্ণ; আচ্ছাদিত (উন্নতির পথ কুসুমাস্তীর্ণ নয়)। { স. আ+ √স্তৃ+ত (ক্ত) }

আস্তে [আস্‌তে] *ক্রিবিণ* ১ ধীরে (কাজটা আস্তে করো)। ২ সযত্নে; সন্তর্পণে (জিনিসটা আস্তে রাখো)। ৩ লঘুপদে (আস্তে হাঁটো)। ৪ অনুচ্চকণ্ঠে; মৃদুস্বরে (আস্তে কথা বলো)। ৫ চুপে চুপে; নিঃশব্দে। { ফা. আহিস্‌তাহ্‌ آهسته }

আস্তেব্যস্তে ⇒ আস্তব্যস্ত

আস্থা [আস্‌থা] *বি* ১ বিশ্বাস; ভরসা। ২ শ্রদ্ধা; নিষ্ঠা (ধর্মে আস্থা)। ৩ আশ্রয়; অবলম্বন (বিশেষ আস্থা না থাকাতে তাঁহাদের দুর্গ একপ্রকার নষ্ট হইয়া গিয়াছিল—*ঈবি*)। ৪ স্থিতি। ৫ সভা; সমিতি। ~**বান** *বিণ*। ~**ভাজন** *বিণ* ১ বিশ্বাসের উপযুক্ত; ভরসার পাত্র। ২ শ্রদ্ধার পাত্র; শ্রদ্ধার যোগ্য। { স. আ+√স্থা+অ(অঙ্‌) }

আস্থান [আস্‌থান্‌] *বি* ১ অবস্থিতি। ২ আশ্রয়; স্থান। ৩ আস্থা। ৪ সভা। { স. আ+√স্থা+অন(ল্যুট্‌) }

আস্থায়ী(-ইন্‌) [আস্‌থায়ি] *বি* সঙ্গীতের বা সুরের প্রথম চরণ (যার আস্থায়ীর সঙ্গে অন্তরার কোন সন্ধান নেই—*প্রচৌ*)। { স. আ+ √স্থা+ইন(ণিনি) }

আস্থিত [আস্‌থিতো] *বিণ* ১ আরূঢ়। ২ অধিষ্ঠিত। ৩ আশ্রিত। ৪ পরিব্যাপ্ত। { স. আ+স্থিত }

আস্পদ [আশ্‌পদ্‌] *বি* আধার; পাত্র (স্নেহাস্পদ, প্রেমাস্পদ, কল্যাণাস্পদ; রাজত্ব কি বিষম অসুখের ও বিপদের আস্পদ—*ঈবি*)। { স. আ+ √পদ+অ(সুট্‌ আগমে) }

আস্পর্ধা [আস্‌পর্‌ধা] *বি* ১ স্পর্ধা। ২ দর্প; অহঙ্কার; দম্ভ। ৩ আস্ফালন। { স. আ+ √স্পর্ধ+অ+আ(টাপ্‌) }

আস্ফালন, **আস্ফাল** [আশ্‌ফালন্‌, আশ্‌ফাল্‌] *বি* ১ গর্ব প্রকাশ; আত্মশ্লাঘা। ২ জোরে সঞ্চালন; বেগে আন্দোলিত করণ (ডাল না ভেঙ্গে পড়ে ঘাড়ে বানরের আস্ফালে—*অঠা*; গ্রামবাসী লেজা লইয়া আস্ফালন করিয়া উঠিল—*শাকা*)। ৩ তাড়ন। ৪ রোষ বা কোপ প্রকাশ। **আস্ফালিত** *বিণ*। { স. আ+ √স্ফলি+অন(ল্যুট্‌), অ(অচ্‌) }

আস্ফোট, **আস্ফোটন** [আস্‌ফোটো, -টন্‌] *বি* ১ সংঘর্ষজনিত শব্দ; ঠোকাঠুকি বা আছড়ানোর শব্দ (লাঙ্গুলাস্ফোট)। ২ মল্লক্রীড়ায় তাল ঠোকা (সহস্র আস্ফোট বজ্র নিনাদ হইতে লাগিল—*বচ*)। ৩ বিকাশ; প্রস্ফুটন। { স. আ+ √স্ফোটি+ অ (অচ্‌), অন(ল্যুট্‌) }

আস্য [আশ্‌শো] *বি* ১ মুখ; আনন (সহাস্য আস্যের ঈদৃশ বিসদৃশ ভাব—*মীম*)। ২ মুখগহ্বর (মোহনভোগ প্রস্তুত করিয়া ধূমপায়ী তপস্বীর আস্যে অর্পিত করিল—*ঈবি*)। { স. √অস্+য(ণ্যৎ) }

আস্বাদ [আশ্‌শাদ্‌] *বি* ১ রসানুভূতি; স্বাদ (বারবার আনিয়াছে বিস্ময়ের অপূর্ব আস্বাদ—*রঠা*)। ২ আস্বাদন; রসগ্রহণ। ~**ক** *বিণ* ১ স্বাদগ্রহণকারী। ২ রসগ্রাহী

(সাহিত্যের আস্বাদক)। ~ন *বি* ১ স্বাদগ্রহণ; জিহ্বা দ্বারা স্বাদ অনুভবকরণ। ২ রসগ্রহণ (কাব্যের আস্বাদন)। ~নীয়, আস্বাদ্য *বিণ* আস্বাদনের যোগ্য। **আস্বাদিত** *বিণ* ১ স্বাদ গ্রহণ করা হয়েছে এমন। ২ অনুভূত। { *স.* আ+ √স্বদ+অ (ঘঞ্) }

আহওয়াল, আওহাল, আওয়াল, আহোয়াল (বিরল)[আহ্ওয়াল, আওহাল্, আওয়াল্, আহোয়াল্] *বি* অবস্থা; দশা; সমাচার (বুঝাইয়া কহ মোরে তাহার আহওয়াল---*সৈহ্*; আমি সকলকে ডেকে বলি যে আমার এই আওহাল—*গিসে*)। { *আ.* আহ্ওয়াল *বহুব* احوال ; *একব* হাল حال }

আহকাম [আহ্কাম্] *বি* ১ আদেশ; আজ্ঞা (হুকুম আহকাম)। ২ বিধানসমূহ (কিন্তু কেয়ামে আহকামে সে উদ্দেশ্য নষ্ট হইয়া যায়—*নর*)। { *আ.* আহ্কাম *বহুব* احکام। *একব* হুকুম حکم }

আহট [আহট্] *বি* ১ পদধ্বনি; পদক্ষেপের মৃদু আওয়াজ (সরকার সাহেবের আহট পাইয়া তিনি ...... ছুটিয়া আসিলেন—*আমআ*)। ২ মৃদু শব্দ। { *আঞ্চ.* }

আহড় [আহড়] (*মবা.*) *বি* আড়াল; অন্তরাল (আহড়ে থাকিয়া রম্ভা জামাতা নেহারে—*কমু*)। ~**বিহড়** (*মবা.*) *বি* আড়াল; আবডাল; আনাচকানাচ (আহড়ে বিহড়ে থাকি মারয়ে ভাবকী—*কমু*)। { *স.* অন্তরাল > }

আহত [আহোতো, –হ–] *বিণ* ১ আঘাতপ্রাপ্ত; প্রহৃত। ২ ধ্বনিত; বাদিত (বাদ্যযন্ত্রাদি)। ৩ তাড়িত (বাত্যাহত)। ৪ মর্দিত (পদাহত)। **আহতি** *বি*। { *স.* আ+ √হন্+ত (ক্ত) }

আহদ [আহদ্] *বি* অঙ্গীকার; প্রতিশ্রুতি। ~**নামা** *বি* অঙ্গীকারপত্র। { *আ.* আহদ্ عهد }

আহব [আহব্, –হো–] *বি* ১ সংগ্রাম; যুদ্ধ (আপনি এই ভীষণ আহবে নেতৃত্ব গ্রহণ করুন—*ইহো*)। ২ হিন্দুদের যজ্ঞ/হোম করার স্থান। { *স.* আ+ √হ্বে+অ (অপ্) }

আহবাব [আহ্বাব্] *বি* বন্ধুবান্ধব। { *আ.* আহ্বাব *বহুব* احباب ; *একব* হাবীব্ حبيب }

আহমক ⇒ আহাম্মক

আহমদ [আহ্মদ্] *বি* ১ সর্বাপেক্ষা অধিক প্রশংসিত ব্যক্তি। ২ হজরত মুহম্মদ (সা.) এর অন্য নাম। { *আ.* আহ্মদ احمد }

আহরণ [আহোরন্, –হ–] *বি* ১ সংগ্রহ। ২ সঞ্চয়করণ। ৩ সঙ্কলন। ৪ উপার্জন। ৫ আয়োজন। ৬ যৌতুক; উপঢৌকন। **আহরণী** *বি* সঙ্কলনী; চয়নিকা। **আহরণীয়, আহর্তব্য** *বিণ* সংগ্রহ বা আহরণের যোগ্য। **আহর্তা** *বি, বিণ* সংগ্রাহক; আহরণকারী। { *স.* আ+√হৃ+ অন(ল্যুট্) }

আহরিৎ [আহোরিত্] *বিণ* ঈষৎ সবুজ। { *স.* আ+হরিৎ }

আহরিত (*অপ্র*), **আহৃত** [আহোরিতো, আহ্রিতো] *বিণ* ১ সংগৃহীত; সঞ্চিত; সঙ্কলিত; আহরণ করা হয়েছে এমন। ২ উপার্জিত। ৩ আয়োজিত। { *স.* আ+√হৃ+ ণিচ্+ ত(ক্ত); আ+√হৃ+ত(ক্ত); *স.* আহৃত> *প্রা.* √আহর+ ত(ক্ত) }

আহর্তব্য, আহর্তা ⇒ আহরণ

আহল ⇒ আহেল

আহলবাহল, আহলবিহল (*মবা.*) [আহোল্বাহোল্, –বি–] *বি* আড়াল-আবডাল; আনাচ-কানাচ; অন্ধিসন্ধি (আহলবাহল চাহি আন্ধারিয়া কোণে—*কমু*)। { *স.* অন্তরাল>আড়াল> আহল, *অনু.* বাহল }

আহলিয়া [আহোলিয়া] *বি* স্ত্রী। { *আ.* আহ্লিয়াহ اهلية }

আহলিয়াত [আহ্লিয়াত্] *বি* যোগ্যতা। { *আ.* আহ্লিয়্যত্ اهليت }

আহলে ⇒ আহেল

আহা [আহা] *অব্য* দুঃখ শোক আক্ষেপ সমবেদনা ইত্যাদি সূচক শব্দ। ~ **মরি** *অব্য* প্রশংসা অনুকম্পা বা বিদ্রূপসূচক শব্দ। □ *বিণ* প্রশংসনীয়; অনিন্দ্য সুন্দর; চমৎকার (আহা মরি রূপ)। { *স.* অহহ> }

আহাদ, আল–আহাদ [আহাদ্, আল্–] *বি* ১ অদ্বিতীয় সত্তা; একক। ২ আল্লাহ্; খোদা (আহাদ আছিল এক কাদৌ; আল–আহাদের সন্ধানে কর নাই তিল অবসর—*ইহো*)। { *আ.* আহাদ احد }

আহাদিল [আহাদিল্] *বিণ* ব্যথিত; আহত–জন (আমার নুরুকে কোন আহাদিল বদদোওয়া দিসনে যেন—*নই*)। { আহা+দিল }

আহাম্মক, আহাম্মুক, আহমক [আহাম্মক্, –মুক্, আহমক্] *বিণ* নির্বোধ; বুদ্ধিহীন; কাণ্ডজ্ঞানশূন্য; স্থূলবুদ্ধি সম্পন্ন (তারি ফন্দীতে তুমিও নারাজ—আমি কি আহাম্মক—*মোম*)। **আহাম্মকি, আহাম্মুকি** *বি* মূর্খতা; বোকামি; নির্বুদ্ধিতা (রায়তের পক্ষ থেকে তার প্রতিবাদ করা আহাম্মকি—*প্রচৌ*)। **আহাম্মকের ধাড়ি** *বিণ* অত্যন্ত বোকা।

আহার [আহার্] *বি* ১ ভোজন; খাদ্যগ্রহণ; খাওয়া। ২ খাদ্য; ভোজ্যদ্রব্য। ৩ আহরণ। ~–**আশ্রম** *বি* বিনামূল্যে আহার্য বিতরণের স্থান; লঙ্গরখানা (সুসজ্জিত সুন্দর রমণীয় আহার-আশ্রম খোলা হইয়াছে—*ইহো*)। ~–**নিদ্রা** *বি* ১ শয়ন–ভোজন। ২ সকল কাজ; নিত্যনৈমিত্তিক যাবতীয় কর্তব্য (আহার–নিদ্রা ত্যাগ করিয়া সে এই কাজে লাগিয়াছে)। ~–**বিহার** *বি* ভোজন ও আমোদ আহ্লাদ; আহার ও বিচরণ। ~**বৃত্তি** *বি* ভোজনকার্য; খাওয়া দাওয়া; ক্ষুৎপিপাসা নিবারণ (আহারবৃত্তি কিরূপে নির্বাহ করো?)। **আহারান্ত** *বি* ভোজন শেষ। **আহারাভাব** *বি* ১ খাদ্যবস্তুর অভাব; অন্নাভাব। ২ উপবাস; অনশন। **আহারার্থী** (–র্থিন্), ~**প্রার্থী** (–র্থিন্) *বি, বিণ* যে খেতে চায়; ভোজনাভিলাষী; বুভুক্ষু। **আহারী** (–রিন্) *বিণ* ১ ভোজনকারী (মিতাহারী)। ২ আহারে পটু; ভূরিভোজনক্ষম। { *স.* আ+ √হৃ+অ(ঘঞ্) }

আহার্য [আহার্জো] *বি* খাদ্যদ্রব্য; ভোজ্যবস্তু। □ *বিণ* ১ আহারের যোগ্য; ভক্ষ্য; ভোজ্য। ২ আহরণীয়; সংগ্রহযোগ্য। { *স.* আ+ √হৃ+য (ণ্যৎ) }

আহা–হা [আহাহা] *অব্য* দুঃখ ক্ষোভ শোক পরিতাপ অনুকম্পা আনন্দ ইত্যাদি সূচক শব্দ (আহা–হা বাহা বাহা কহিছে কানে—*রঠা*)। { *স.* আহো, অহহ }

আহিক [আহিক্] *বি* ১ সাপুড়ে। ২ কেতুগ্রহ। ৩ পাণিনি মুনি। { *স.* অহি+ইক }

আহিত [আহিতো] *বিণ* ১ অর্পিত; ন্যস্ত। ২ প্রতিষ্ঠিত; স্থাপিত। { *স.* আ+√ধা+ত (ক্ত)}

আহির, আহীর [আহির] *বি* গোপ জাতি বিশেষ; পশ্চিম দেশীয় গোয়ালা। **আহীরী, আহিরনী, আহিরিনী** *স্ত্রী.* (আহিরিনী চলে যায় ঘাট—*বিদে*; আমরা আহিরিনী সারা হল বিকিকিনি—*রঠা*)। { *স.* আভীর>*প্রা.* আহীর; *হি.* অহীর}

আহুট, আহুঠ, আলুঠ *(প্রাবা.)* [আহুট্, -ঠ্, -লুট্] *বি, বিণ* সাড়ে তিন; ৩½ (আহুট হাথ কলেবর তোর —*বচদা*)। { *স.* অর্ধ চতুর্থ>অড্‌ঢ়+চতুট্‌ঠ> অড্‌ড- অউট্‌ঠ> আহুট্‌ঠ> আহুট}

আহুড়, আহুড়ি *(মবা.)* [আহুড়্, আহুড়ি] *বি* দ্রুতগামী বার্তাবাহক; ধাবক (বিষম কটাক্ষ আহুড়ি থাকে—*সৈআ*)। { *স.* আ+ √হ্বে+ত (ক্ত)>আহূত>}

আহুত [আহুতো] *বিণ* আহুতি দেওয়া হয়েছে এমন; **আহুতি** *বিণ* হিন্দু পূজার হোম (এ আগুনে কেন আহুতি দান ?—*মদ*)। ২ মহৎ কার্যে আত্মোৎসর্গ (দেশের সেবায় আত্মাহুতি)। { *স.* আ+ √হু+ত(ক্ত)}

আহূত [আহুতো] *বিণ* আহ্বান করা হয়েছে এমন; আমন্ত্রিত; নিমন্ত্রিত (যাত্রার জন্য আহূত হইয়াছিল *রঠা*)। **আহূতি** *বি* আহ্বান; আমন্ত্রণ। { *স.* আ+√হ্বে+ত (ক্ত)}

আহৃত ⇒ আহরিত *(অপ্র)*

আহে *(প্রাবা.)* [আহে] *অব্য* সম্ভাষণসূচক শব্দ (আহে রাধা—*বচদা*)। { *স.* আহো}

আহেড়িয়া ⇒ আহের

আহের [আহের্] *বি* মৃগয়া; শিকার (আহের করএ গতি—*সৈআ*)। **আহেরিয়া, আহেড়িয়া** *বি* বসন্তের প্রথম দিবসে উদযাপিত রাজপুতনার বিখ্যাত শিকারোৎসব বিশেষ। ☐ *বিণ* শিকারি; মৃগয়াকারী। { *স.* আখেট>আহেড়>আহের}

আহের, আহেরা *(ব্র.)* [আহের, -রা] *ক্রিবিণ* ১ দিনরাত; দিবারাত্র; অহোরাত্র। ২ সর্বদা (মাধব, মনমথ ফিরত আহেরা—*গোদা*)। { *স.* অহোরাত্র>আহের (পদ্যে মিলের জন্য +আ)}

আহেল, আহেলা, আহেলি, আহলে, আহল [আহেল্, -লা-, -লি, আহলে, -ল্] *বিণ* ১ খাঁটি; খাস; অমিশ্র; আসল (আহেল বিলেতি ইঙ্গ বঙ্গদেব মতে—*প্রচৌ*; আহেলা বিলেতি শিক্ষার মোহে—*প্রচৌ*; আহেলী বিলাতি বোল —*হেব*)। ২ আনকোরা; নতুন। ☐ *বি* ১ পরিবার। ২ অধিবাসী (আহলে আরব)। ~ **বিলাত,** ~ **বেলাত** *বিণ* বিদেশ থেকে নবাগত এবং নতুন দেশ সম্পর্কে অভিজ্ঞ (আহেল বিলাত নবিশ সাহেব ধর্ম অবতার—*হেব*)। ☐ *বি* নতুন দেশ; নতুন রাজ্য (আহেল বেলাত খাস করেছো বাস—*ঈবি*)। **আহেলে ইসলাম** *বি* ইসলামের অন্তর্ভুক্ত লোক; মুসলিম। **আহেলে কেতাব** *বিণ* ১ প্রত্যাদিষ্ট ধর্মগ্রন্থ অনুসারী। ২ কেতাবি। ☐ *বি* ইহুদি ও খ্রিস্টান। **আহেলে জবান** *বিণ* মাতৃভাষাভাষী। ☐ *বি* ভাষাবিশেষজ্ঞ লোক (আহলে-জবানের মতো উর্দু বলেন)। { *আ.* আহল্ اهل }

আহোয়াল ⇒ আহ্ওয়াল

আহ্নিক [আনহিক্] *বিণ* প্রাত্যহিক; দৈনিক। ☐ *বি* হিন্দুদের প্রতিদিনের ধর্মকর্ম। ~ **গতি** পৃথিবীর ২৪ ঘন্টার বা প্রতিদিনের আবর্তন। { *স.* অহ্‌ন্+ইক(ঠঞ)}

আহ্লাদ [আল্‌হাদ্] *বি* ১ হর্ষ; আনন্দ; আমোদ। ২ আশকারা (আহ্লাদ দিয়ে দিয়ে ছেলেটার মাথা খেয়েছো)। **আহ্লাদিত** *বিণ* প্রীত; হৃষ্ট; আনন্দিত। **আহ্লাদী** *বি, বিণ স্ত্রী.* অতিরিক্ত আমোদপ্রিয়; হৃষ্টস্বভাবা; আহ্লাদে; আদুরে। ☐ *বি, বিণ* কারণে অকারণে আহ্লাদ প্রকাশ করে বা আদর করে এমন। **আহ্লাদে, আহ্লেদে** *পু.*। **আহ্লাদে আটখান** *বিণ* উল্লাসে আত্মহারা; খুশিতে ফেটে পড়ে এমন। { *স.* আ+√হ্লাদ্+অ(ঘঞ)}

আহ্বান [আওভান্] *বি* ১ আমন্ত্রণ; নিমন্ত্রণ (সভা আহ্বান করা) ২ সম্বোধন; ডাক (রণে আমি আহ্বানিরে তোরে—*মদ*)। **আহ্বায়ক** *বি, বিণ* আহ্বানকারী। **আহ্বায়িকা** *স্ত্রী.*। { *স.* আ+√হ্বে+অন(ল্যুট)}

আহ্মা, আহ্মি, আহ্মো *(প্রাবা.)* [আম্‌হা, -হি, -হো] *সর্ব* আমি। **আহ্মাক**—আমার। **আহ্মাকে**—আমাকে; আমার; আমা থেকে। **আহ্মাতে**—আমায়। **আহ্মার**—আমার। **আহ্মারা**—আমরা। { *স.* অস্মাকম্>*প্রা.* অম্হ (বর্ণবিপর্যয়ে)>; *স.* অহম্>*প্রা.* অম্হি (বর্ণবিপর্যয়ে)> অহ্ম>আহ্মা>}

ই

ই[১] বাংলা স্বরবর্ণমালার তৃতীয় বর্ণ। সংস্কৃতে এটি হ্রস্বস্বর; এর উচ্চারণ-স্থান তালু। এটি ব্যঞ্জনবর্ণের সাথে যুক্ত হলে 'ি' রূপ প্রাপ্ত হয়; যথা ক+ই=কি, ছ+ই=ছি ইত্যাদি। 'ি' ইকার নামে পরিচিত।

ই[২] *সর্ব* এ; ইহা (ধরিআ ধর্মের পাএ, রামাত্রি পণ্ডিত গাএ, ই বড় বিষম গণ্ডগোল—*রাপ*)। ☐ *বিণ* এই; 'ইন্ধন যার ঘরে নাই তার মিছাই জীবন'—*ছড়া*)। { *স.* ইদম্ >ইদ> ইঅ>ই}

-ই[৩] *অব্য* ১ নিশ্চয়ার্থে (সে বলবেই, কাজটা করবোই করবো)। ২ বক্তব্যে জোর (emphasis) দেবার জন্য (তাকে বলতে হবেই; যেখানে ছিলে সেখানেই থাকো)। ৩ কেবল; একমাত্র; অনন্য অর্থে (পুস্তকটি তোমাকেই দেবো; তাকেই সেখানে যেতে হবে)। ৪ অগ্রাহ্য বা অবজ্ঞা অর্থে (যে যা-ই বলুক না কেন, আমি কিছুই শুনবো না)। ৫ আধিক্য অর্থে (তুমি যতোই বলো, সে আর কতো খাবে ?)। ৬ বাক্যকে দৃঢ় করার অর্থে (না বলো; না-ই বললে; যদিই বা হয়, খুশি হবো)। ৭ হেতুবাচক (তার কথাতেই তো আগুন জ্বলেছে, না হলে কি এত কাণ্ড হয় ?

কাজেই বলতে হয় যতো দোষ তারই)। অনিশ্চয়ার্থ পদে (দেখলেই বা কি আসে যায়)। { স. 'হি'> }

-ই বাংলা তদ্ধিত প্রত্যয় হিসাবে 'ই' এর ব্যবহার। ১ স্বভাব, ভাব বা গুণ বোঝাতে—লম্বাই, খাড়াই, হাক-আখড়াই। ২ ব্যবসা বা বৃত্তি অর্থে—চৌকিদারি, ক্ষেতি, ডাক্তারি, মাস্টারি (মাস্টারি করে কত পাবে? ডাক্তারি করে ভালই পায়)। ৩ ক্ষুদ্রার্থে—ঝুড়ি, নুড়ি, কলসি, হাঁড়ি। ৪ মাসের পাঁচ থেকে আঠারো পর্যন্ত। তারিখ-বাচক—পাঁচই, ছয়ই, সাতই, আটই, নয়ই, দশই, এগারোই, বারোই, তেরোই, চোদ্দই, পনরোই, ষোলোই, সতেরোই, আঠারোই (ষোলোই তারিখে যাবে)। ৫ তদ্‌জাত অর্থে—পাটনাই, ঢাকাই, রূপাই, কাঁসাই (ঢাকাই শাড়ি, পাটনাই মটরের ডাল)। ৬ সাদৃশ্যার্থে—ছেলে-মানুষি, বড়োলোকি (এমন ছেলেমানুষিও কেউ করে? গরিব মানুষের বড়োলোকি সাজে না)। { বাংলা প্রত্যয় }

ইউনানি [ইউনানি] *বিণ* ১ গ্রিসদেশীয়; গ্রিক। ২ *(চিকি.)* হেকিমি ইউনানি দাওয়াখানা। { *আ.* য়ুনানী یونانی ; *গ্রি.* আইওনিয়ন }

ইউনিফর্ম [ইউনিফরম্] *বি* কোনো সঙ্ঘ দল বা সমকর্মী ব্যক্তিগণ যে বিশিষ্ট পোশাক পরিধান করে—যেমন সৈন্য, পুলিশ, নাবিক (ক্যাডেটের ইউনিফর্ম পরা একটা ফটো আছে—*আজআ*)। { *ই* uniform }

ইউনিভার্সিটি [ইউনিভারসিটি] *বি* বিশ্ববিদ্যালয় (ইউনিভার্সিটিতে পড়ে)। { *ই* university }

ইউনিয়ন, ইউনিয়ান [ইউনিয়ন্, -য়ান্] *বি* ১ কোনো বিশেষ কার্য সম্পাদনের উদ্দেশ্যে মনোনীত বা নির্বাচিত সদস্য সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠান (ট্রেড ইউনিয়ন, কলেজ ইউনিয়ন)। ২ পাশাপাশি কয়েকটি গ্রাম নিয়ে নির্দিষ্ট এলাকা; থানার একটি অংশ (তেরাব ইউনিয়ন)। **-বোর্ড, -কাউন্সিল** *বি* গ্রামের স্বাস্থ্য শিক্ষা যাতায়াত ব্যবস্থা প্রভৃতির উন্নতির তত্ত্বাবধানার্থে গ্রামবাসীদের নির্বাচিত প্রতিনিধি নিয়ে গঠিত স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান বিশেষ। { *ই* union }

ইউরেশীয়, ইউরেশিয়ান [ইউরেশিয়ো, -শিয়ান্] *বি* যার মাতাপিতার একজন ইউরোপবাসী ও অন্যজন এশিয়াবাসী (সে যে ইয়োরেশিয়ান নয়—*সৈমু*)। ☐ *বিণ* ইউরোপ ও এশিয়া সম্বন্ধীয়। { *ই* Eurasia }

ইউরোপীয়, য়ুরোপিয়ান [ইউরোপিয়ো, -য়ান্] *বি* ইউরোপের অধিবাসী (কিন্তু ইউরোপিয়ানরা এদের সঙ্গে মেশেন কেন?—*সৈমু*)। ☐ *বিণ* ১ ইউরোপ মহাদেশ সম্বন্ধীয়। ২ ইউরোপে জাত; ইউরোপে তৈরি। { *ই* Europe }

ইংরাজ ⇒ ইংরেজ

ইংরাজি, ইংরাজি নবিস ⇒ ইংরেজি

ইংরেজ, ইংরাজ [ইঙ্‌রেজ্, -রাজ্] *বি* ইংল্যান্ডের অধিবাসী। { *পো.* Ingles, Engrez; *তুল.* Anglaise }

ইংরেজি, ইংরাজি [ইঙ্‌রেজি, -রাজি] *বি* ইংরেজদের ভাষা; English (আগে বাংলা পরে ইংরেজি—*অচিসে*)। **-নবিস** *বি, বিণ* যারা ইংরেজি ভাষায় লিখতে ও পড়তে পারেন; ইংরেজি ভাষায় শিক্ষিত (ইংরেজিনবিস ইয়ার বকশিকে মদ খাওয়ান—*বচ*)। **-য়ানা** *বি* সাহেবিয়ানা; ইংরেজ সাহেবদের অন্ধ অনুকরণ। ☐ *বিণ* ইংরেজ সম্বন্ধীয়। ২ ইংল্যান্ডের তৈরি (পেয়ালা, ইংরেজি জুতো—*প্যামি*)। ৩ খ্রিস্টীয় বর্ষ গণনানুসারে (ইংরেজি নববর্ষ)। **-কেতা** *বি* ইংরেজদের পদ্ধতি; সাহেবি কায়দা। { *পো.* Engrez; *ই* English }

ইংলিশ [ইঙ্‌লিশ্] *বি* ইংরেজি ভাষা। ☐ *বিণ* ১ ইংল্যান্ডজাত; বিলাতি। ২ ইংরেজ সম্বন্ধীয়। **-ম্যান** *বি* ইংরেজ; ইংল্যান্ডের অধিবাসী। { *ই* English }

ইঃ [ইঃ] *অব্য* বিস্ময় দুঃখ বা কোপসূচক শব্দ। { ইস > }

ইঁচড়, ইচড়, এঁচড় [ইঁচোড়্, ইচোড়্, এঁচোড়্] *বি* অপক্ব কাঁঠাল; কাঁচা কাঁঠাল। **ইঁচড়ে পাকা** *বিণ* ১ অকালপক্ব। ২ *(অল.)* ফাজিল; জেঠা; বাচাল; বখাটে। { *স.* ইষ্কাক (চিংড়ি)> }

ইঁচা, ইচা [ইঁচা, ইচা] *বি* কুচো চিংড়ি; খুব ছোট চিংড়ি মাছ (ইঁচা মাছ)। { *স.* ইষ্কক>ইনচাঅ>ইঁনচা>ইঁচা }

ইঁট ⇒ ইট

ইঁটাল ⇒ ইটাল

ইঁদারা, ইদারা, ইন্দারা [ইঁদারা, ইদারা, ইন্‌দারা] *বি* বড়ো পাকা কুয়া; পাতকুয়া। { *স.* ইন্দ্রাগার> }

ইঁদুর, ইন্দুর, ইন্দূর [ইঁদুর্, ইন্‌দুর্, -] *বি* মূষিক। { *স.* উন্দুর>*প্রা.* ইন্দুর> }

ইঁদুরকানি [ইঁদুরকানি] *বি* দেখতে ইঁদুরের কানের মতো জলজ পানা বিশেষ। { *স.* উন্দুরকর্ণী > }

ইকড়ি-মিকড়ি [ইকড়িমিকড়ি] *বি* ছোট ছেলেমেয়েদের খেলাবিশেষ— ছড়া কেটে এই খেলা খেলতে হয়। { *আ.* *আ.* ইকরার اقرار }

ইকমিক, ইকমিক কুকার [ইকমিক্, -কুকার্] *বি* রান্না করার জন্য ধাতু নির্মিত চুলা বিশেষ; stove (কোনমতে ইকমিক কুকারে আলুসিদ্ধ, ডালসিদ্ধ ও ভাত—*বিব*)। { *ই* iemic+cooker }

ইকরা [ইক্‌রা] *ক্রি* "পড়ো"—হজরত মুহম্মদের (সা.) নিকট সর্বপ্রথম যে ওহি নাজিল হয় তার প্রথম শব্দ (তার প্রথম কথাই হলো ইকরা—ছউ) { *আ.* ইকরা' اقرأ }

ইকরা নামা ⇒ একরার

ইকরাম ⇒ একরাম

ইকরার ⇒ একরার

ইকলিম, একলিম [ইক্‌লিম্, একলিম্] *বি* ১ অঞ্চল—প্রাচীন ভৌগোলিকগণ তৎকালে পরিচিত সমগ্র পৃথিবীকে সাতটি অঞ্চলে বিভক্ত করতেন; তার প্রত্যেকটিকে ইকলিম বলা হতো (*তুল.* প্রাচীন হিন্দুদের ধারণাতে সপ্তদ্বীপা বসুন্ধরা)। ২ রাজ্য; দেশ। ৩ ভূখণ্ড। ৪ জনপদ। { *আ.* আকলীম اقليم }

ইকসির [ইক্‌সির্] *বি* ১ নির্যাস। ২ সুধা; elixir। { *আ.* আকসীর اكسير }

ইকসুল [ইকসুল্] *বি* আইন মোতাবেক আটক (এবারেও সুমন্দির ইকসুল করা বেরিয়ে গেছে—*দীমি*)। { *ই* exile? }

ইকামত ⇒ একামত

ইকার [ইকার্] *বি* 'ই' এই বর্ণ বা এই বর্ণের চিহ্ন, 'ি'। **ইকারাদি** *বিণ* আদিতে 'ই' বর্ণবিশিষ্ট (ইকারাদি শব্দ)। **ইকারান্ত** *বিণ* অন্তে 'ই' বর্ণবিশিষ্ট (ইকারান্ত শব্দ)। { *স.* ই+কার }

ইকুটি [ইক্যুটি] *বি* আইনের ধারাবিশেষ (জাল জালিয়াতের আইনমে, ইকুটির খোঁচ ও কমনলর প্যাঁচে বঙ্কুবিহারী বাবু দ্বিতীয় গুরুদ্বার ছিলেন—*প্যামি*)। { *ই.* equity }

ইক্ষু [ইকখু] *বি* আখ বা এর গাছ; সুমিষ্ট রসপূর্ণ তৃণ জাতীয় দণ্ডবিশেষ। ~**দণ্ড** *বি* কাটা আখ গাছ; কর্তিত আখ। ~**নেত্র** *বি* আখের গিঁঠ বা চোখ। ~**বিকার** *বি* আখের গুড়। ~**যন্ত্র** *বি* আখ মাড়াই কল; যে যন্ত্রের সাহায্যে আখের রস বের করা হয়। ~**সার** *বি* আখের গুড়। { *স.* √ইষ্+সু (ক্সু) }

ইক্ষ্বাকু [ইকখাকু] *বি* সূর্যবংশীয় প্রথম রাজা। { ইক্ষু+ আ+√কৃ+উ; ইক্ষু+√অক্+উ(উণ্) }

ইখতিয়ার ⇒ এখতিয়ার

ইখতিলাফ ⇒ এখতেলাফ

ইঙ্গবঙ্গ [ইঙগোবঙগো] *বিণ* ১ ইংরেজি ও বাংলা মিশ্রিত (ইঙ্গবঙ্গ ভাষা)। ২ সাজসজ্জা ও চালচলনে ইংরেজ ভাবাপন্ন বাঙালি (ইঙ্গবঙ্গ সমাজ)। { *ই.* Anglo-Bengali }

ইঙ্গিত [ইঙগিত্] *বি* ১ সঙ্কেত; ইশারা; মনের ভাব প্রকাশার্থে আঙুল চালনা বা চোখের ঠার। ২ আভাস (ঝড়ের ইঙ্গিত)। ~**কার** *(প্রাবা.)* *বি* হাবভাব; আকার ইঙ্গিত (ইঙ্গিতকারে হারিল রাধা কাহ্নের বচনে—*বচদা*)। ~**জ্ঞ** *বি.বিণ* ইঙ্গিতেই মনের ভাব বুঝতে পারে এমন (ইঙ্গিতজ্ঞ লোক মাত্রেই উপরোক্ত কথা ক'টির সার্থকতা বুঝতে পারবেন—*প্রচৌ*)। { *স.* √ইঙ্গ্+ত(ক্ত) }

ইঙ্গুদি, ইঙ্গুদ [ইঙগুদি, –দ] *বি* কণ্টকযুক্ত তাপস গাছ ও এর ফল (ইঙ্গুদি তৈল)। { *স.* √ইঙ্গ্+উদ(উদট্) }

ইচড় ⇒ ইঁচড়

ইচলা, ইচলি [ইচ্‌লা, ইচ্‌লি] *বি* চিংড়ি মাছ (থোর উড়ুম্বর ইচলি মাছে—*কমু*)। { *স.* ইঞ্চাক > ইনচাঅ > ইনচা > ইঁচা+ল, লি }

ইচা ⇒ ইঁচা

ইচ্ছা, ইচ্ছে [ইচ্‌ছা, ইচ্‌ছে] *বি* ১ অভিলাষ; স্পৃহা; বাসনা। ২ রুচি; প্রবৃত্তি (খাওয়ার ইচ্ছা নাই)। ৩ অভিপ্রায় (খোদার ইচ্ছায় সব হয়)। ~**কৃত** *বিণ* নিজের ইচ্ছায় সম্পাদিত; নিজে জেনে শুনে করেছে এমন। ~**ক্রমে** ⇒ ~**নুযায়ী**। ~**জনিত** *বিণ* অভিলাষজাত; বাসনা থেকে উদ্ভূত। ~**ধীন** *বিণ* বাসনার অধীন। ~**ধীনা** *স্ত্রী*। ~**নুগ, ~নুগামী**(–মিন্) *বিণ* বাসনার বশ এমন। ~**নুগা, ~নুগামিনী** *স্ত্রী*। ~**নুগত** *বিণ* স্বাধীন। ~**নুযায়ী, ~নুসারে, ~ক্রমে** *ক্রিবিণ* নিজের বাসনানুসারে; স্বেচ্ছামতে। ~**পূর্বক** *ক্রিবিণ* ইচ্ছা করে; অভিপ্রায় করে। ~**বরী** *বি স্ত্রী* স্বয়ম্বরা (ইচ্ছাবরী হইবেক আমার নন্দিনী —*কাদা*)। ~**বসন্ত** *বি* মসূরিকা রোগ; small pox। ~**বহির্ভূত** *বিণ* বাসনার বিরুদ্ধ; ইচ্ছার বাহিরে। ~**বিরুদ্ধ** *বিণ* বাসনার বিপরীত; করতে মন চায় না এমন। ~**মতো, ~মতে** *ক্রি বিণ* যথা অভিরুচি; খেয়াল মাফিক; বাসনানুযায়ী। ~**ময়** *বি* যাঁর ইচ্ছায় সব কিছু সংঘটিত হয়; আল্লাহ; পরমেশ্বর। ~**ময়ী** *স্ত্রী*। ~**মৃত্যু** *বি* স্বেচ্ছায় দেহ বিসর্জন; আত্মহত্যা। ❑ *বিণ* স্বেচ্ছায় দেহত্যাগ করতে পারে এমন। ~**সুখ** *ক্রি বিণ* নিজের জন্যই যে আনন্দ (কবীর স্বাধীন জীবিকার দ্বারা অর্জন করতেন টাকা, ইচ্ছাসুখে ঠেলতেন মাকু—*অচা*)। **ইচ্ছু, ইচ্ছুক** *বিণ* ১ অভিলাষী; বাসনাযুক্ত (মিলনেচ্ছু)। ২ রাজি; সম্মত। { *স.* √ইষ্+অ(শ)+আ(টাপ্); *স.* ঈপ্সু> *প্রা.* ইচ্ছু> }

ইছবগুল ⇒ ইসবগুল

ইছলাম ⇒ ইসলাম

ইজতিহাদ, ইজতেহাদ [ইজ্‌তিহাদ্, –তে–] *বি* গবেষণা; আবিষ্কার। { *আ.* ইজ্‌তিহাদ اجتهاد }

ইজননামা, এজিননামা [ইজন্‌নামা, এজি–] *বি* চুক্তিপত্র; সম্মতিপত্র। { *আ.* ইযন্ اذن + *ফা.* নামাহ্ نامه }

ইজম [ইজম্] *বি* মতবাদ; নীতি (আমি বুঝি নাকো কোনো 'ইজম' কোনোরূপ রাজনীতি—*নই*)। { *ই.* ism }

ইজমা ⇒ এজমা

ইজমালি, এজমালী ⇒ এজমালি

ইজলাস ⇒ এজলাস

ইজহার ⇒ এজাহার

ইজা [ইজা] *বি* জের; আগের পাতার খরচের সমষ্টি পরের পাতার মাথায় লেখা; carried over। { *আ.* আয়দান ایضا }

ইজাজত ⇒ এজাজত

ইজাদ[১] [ইজাদ] *বি* আবিষ্কার। { *আ.* ইজাদ ایجاد }

ইজাদ[২] [ইজাদ] *বি* অতিরিক্ত ভূমি। { *আ.* আজয়দ ازید }

ইজাফা [ইজাফা] *বিণ* বেশি; অধিক। (তিন সন ইজাফা দিয়াছি রাজকরে —*ঘচ*)। ❑ *বি* যোগ { *আ.* ইদাফাহ اضافة }

ইজাব [ইজাব] *বি* প্রস্তাবে সম্মতিসূচক বাক্য; মুসলমানি বিবাহ অনুষ্ঠানে কন্যা পক্ষের প্রস্তাব ও কন্যার স্বীকৃতি। ~**কবুল** *বি* গ্রহণ করতে সম্মতি; কন্যা পক্ষের বিবাহ প্রস্তাবে কন্যার সম্মতিসূচক বাক্য ও বরের গ্রহণে স্বীকারোক্তি। { *আ.* ঈজাব ایجاب }

ইজার[১] ⇒ ইজারা

ইজার[২]**, ইজের** [ইজার্, –জের্] *বি* ১ পায়জামা; পেন্টলুন (চুড়িদার ইজার—*রাদ*; কোমরবন্দের নিচে; ইজেরের ভাঁজে...... আফিঙ্ আর হশীশ—*সৈমু*)। ২ আন্ডিয়া। ~**বন্ধ, ~বন্দ** *বি* কোমরে পায়জামা বাঁধার ফিতা (হুসনের ইজারবন্দ হাতের অঙ্গুরী —*হেম*)। { *আ.* ইজার ازار }

ইজারা, ইজার[৩] [ইজারা, –র্] *বি* ১ ঠিকা; নির্দিষ্ট খাজনায় জমির মেয়াদি বন্দোবস্ত; lease (স্বদেশ পেয়েছে বারোয়ারী ভোগে লাখেরাজ ইজারায় —*হাহা*)। ২ স্বত্ব দখল; একচেটিয়া অধিকার (ওর ওপর খুকীর তখন ইজারা দখল—*নই*)। ৩ এক জিনিসের বদলে অন্য জিনিস গ্রহণ (চাবির থেলো ও রুমালের জন্যে .... দুখানি চৌকি ইজারা নেওয়া হল—*কাসি*)। ~**দার** *বি.বিণ* ঠিকাদার; জমি ইজারা নেয় যে। ~**মহল** *বি* ইজারা প্রাপ্ত জমিজমা। { *আ.* ইজারাহ اجارة }

ইজাহার ⇒ এজাহার

ইজিচেয়ার [ইজিচেয়ার্] *বি* আরাম-কেদারা; আরামকুর্সি; যে চেয়ারে গা এলিয়ে দিয়ে আরাম করে শোয়া যায়

(সোফাসেট ইজিচেয়ার সবই আছে বারান্দায়—*আআআ*)। { *ই* easy chair }

ইজের ⇒ ইজার[২]

ইজ্জত, ইজ্জৎ [ইজ্‌জত্] *বি* ১ মান; সম্মান; সম্ভ্রম (মানুষ বলেই সকল মানুষ ইজ্জতের দাবী করছে—*সদ*)। ২ নারীর পবিত্রতা; সতীত্ব; আবরু, সম্ভ্রম (শাহ্ বেগমের ইজ্জৎ কোথা—*মোম*)। { *আ* 'ইজ্জত عزت }

ইঞ্চি, ইঞ্চ [ইন্‌চি, ইন্‌চ] *বি* এক ফুটের বারো ভাগের এক ভাগ। ~পেড়ে *বিণ* এক ইঞ্চি পরিমাণ পাড় বা প্রান্তভাগ বিশিষ্ট (সমস্ত দেহ কাল ইঞ্চি-পেড়ে ধুতি কাপড়ে আবৃত—*নর*)। { *ই* inch }

ইঞ্জিন, ইনজিন, এঞ্জিন [ইন্‌জিন্, ~, এ~] *বি* রেলগাড়ি, কারখানা ইত্যাদি চালানোর যন্ত্র; বাষ্পাদি পরিচালিত গতি সম্পাদক যন্ত্র; (তাপশক্তিকে যান্ত্রিক শক্তিতে পরিণত করার যন্ত্রকে এঞ্জিন বলা হয়—*আআ*)। **ইঞ্জিনিয়ার** *বি* ১ যন্ত্রবিজ্ঞানবিদ; প্রকৌশলী। ২ ইঞ্জিন বা কল পরিচালক। ৩ কোনো যন্ত্র বা কল নির্মাতা। ৪ পূর্তকার্যে দক্ষ ব্যক্তি; পূর্ত কার্যের পরিকল্পনা ও পরিচালনাকারী। **ইঞ্জিনিয়ারিং** *বি* প্রকৌশল। ❑*বিণ* যন্ত্রনির্মাণ বা যন্ত্রবিজ্ঞান সম্বন্ধীয়। { *ই* engine }

ইঞ্জিল, ইনজিল [ইন্‌জিল্] *বি* আরবি ভাষায় বাইবেল বা খ্রিস্টানদের ধর্মগ্রন্থের নাম; Gospel; New Testament (তওরাত ইঞ্জিল ভরি শুনিল যাঁর আগমনী—*নই*)। { *আ* ইন্‌জিল انجيل }

ইঞ্জেকশান ⇒ ইনজেকশান

ইট, ইঁট [ইট্, ইঁট্] *বি* অট্টালিকাদি নির্মাণের জন্য চারিকোণাকৃতি আয়তক্ষেত্রের তুল্য অগ্নিদগ্ধ মৃত্তিকাখণ্ড বিশেষ। ~**খোলা** *বি* ইট তৈরি করার ও পাঁজা পোড়ানোর স্থান। ~**চুর** *বি* সুরকি; ইটের গুঁড়া। ~**পাটকেল** *বি* আস্ত ও টুকরা ইট। ~**টি মারলে পাটকেলটি খেতে হয়** আঘাত করলে প্রত্যাঘাত পেতে হয়। **ইটানো** *ক্রি* ইট দিয়ে আঘাত করা বা ইট ছুড়ে মারা। **ইটে নেই, ভিটে নেই** *বিণ* ঘর-দোর চাল-চুলো কিছুই নেই এমন। **ইটের পাঁজা** *বি* পোড়ানোর জন্য সাজানো ইটের স্তূপ। { *স* ইষ্টক> *পা* ইট্টক> ইটঠঅ> ইট, ইঁট }

ইটা [ইটা] *বি* ঢেলা (মুখে মারে ইটা—*বিগু*)। ~**ক্ষেত** *বি* ঢেলাপূর্ণ জমি; যে জমির ঢেলা এখনো ভাঙা হয়নি; অর্ধকর্ষিত ক্ষেত (পথ থুয়ে রূপা বে-পথে চলিল, ইটাক্ষেতে পাও মেলি—*জউ*)। ~**ল, ইটাল** *বি* ইট বা ইটের টুকরা (হীরামতি কপাট আদি ইটাল পাষাণ—*সৈআ*)। { ইট+আ=ইটা }

ইটি [ইটি] *সর্ব* এইটি; এই জিনিস (সখীরা বললেন, ইটি তাঁরই হাতে তৈরী—*সৈমু*)। ~ **সিটি** *সর্ব* এই জিনিস সেই জিনিস; এটা সেটা; এটা ওটা (নেড়ে চেড়ে ইটিসিটি—*রঠা*)। ❑*বি* বাজে বিষয় বা বস্তু। { *হি* ইটী; *স* ইদম্>ইদ>ইটি }

ইডিয়ট [ইডিয়ট্] *বিণ* নির্বোধ; আহাম্মক। { *ই* idiot }

ইড়কি, ইড়িক (*মবা*) [ইড়্‌কি, ইড়িক্] *বি* দ্রুত চলার জন্য অশ্বের পেটে পা অথবা জুতার কাঁটার গুঁতা বা মৃদু আঘাত দান। (ইড়কি দিতে চলে ইসারাতে—*ঘচ*)। { *স* √ঈর (প্রেরণ)>? }

ইড়া [ইড়া] *বি* শরীরের বামদিকস্থ রক্তবাহিকা নাড়িবিশেষ (ইড়া, সুষুম্না, পিঙ্গলা, নাভিপদ্ম, হৃৎপদ্ম, ব্রহ্মরন্ধ্র সমস্ত আনিয়া ফেলিলেন—*রঠা*)। { *স* √ইল্+অ(ক)+আ (ল=ড়) }

ইতঃক্ষিপ্ত [ইতক্‌খিপ্‌তো] *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত (সড়কের দু'পাশে ইতঃক্ষিপ্ত, কোথাও জমাট চাপবাঁধা কৃষক গেরস্তর ঘরবাড়ী—*শও*)। { *স* ইতঃ+ক্ষিপ্ত }

ইতঃপর [ইতপ্‌পর্] *অব্য* অতঃপর; এর পর (ইতঃপর ভেদদ্বন্দ্ব ছাড়ই সকল—*ভাবা*)। { *স* ইতঃ+পর }

ইতঃপূর্বে [ইতপ্‌পুরবে] *ক্রিবিণ* এর আগে। { *স* ইতস্> ইতঃ+পূর্ব+ *বা* এ }

ইতর [ইতর্] *বিণ* ১ নিম্নশ্রেণিস্থ; নীচমনোভাবাপন্ন (ইতর লোক)। ২ পশুশ্রেণিস্থ (ইতর জীব)। ৩ নীচ; অধম। ৪ অপর; ভিন্ন; অন্য (মানবেতর)। ৫ সাধারণ (ইতর সুখ—*বুব*)। ❑*বি* হীনমনোভাবাপন্ন লোক (ইতরের ন্যায় কার্য)। ~ **কথা** *বি* নীচ কথা; অভদ্রজনোচিত কথা (তাহার মধ্যে এত ইতর কথা মিশ্রিত থাকিত—*রঠা*)। ~**জন,** ~ **লোক** *বি* নীচ লোক; হীন মনোভাবাপন্ন লোক। ~ **জাতি** *বি* ১ নিকৃষ্ট বা হীনজাতি; সমাজের নিম্নশ্রেণি। ২ মানবেতর জাতি; মনুষ্য ভিন্ন অন্য জাতি; জীবজন্তু। ~**তা, ইতরামি** *বি* নীচতা; ছোট লোকের ন্যায় আচরণ বা কাজ। ~**বিশেষ** *বি* ১ পার্থক্য; ভিন্নতা। ২ তুলনা দ্বারা এক থেকে অন্যের কমবেশি প্রভেদ। ~ **ভাষা** *বি* ১ অভদ্র বা অমার্জিত ভাষা। ২ অকথ্য গালি; কটূক্তি। **ইতরেতর** *বিণ* পরস্পর। { *স* √ই+তর (তরক); ইত+√রা+অ(ক); *তুল* *লা* iterum; *হিব্র* iter }

ইতস্তত [ইতস্‌ততো] *অব্য*, *ক্রিবিণ* এখানে সেখানে; নানা দিকে; সর্বত্র (জিনিসগুলি ইতস্তত বিক্ষিপ্ত)। ❑*বি* দ্বিধা; সঙ্কোচ; করব কি না করব এরূপ ভাব। ~ **করা** *ক্রি* ১ সঙ্কোচ করা; কুণ্ঠাবোধ করা। ২ সংশয়াবিষ্ট হওয়া; দোটানায় পড়া। ৩ গড়িমসি করা। { *স* ইতস্+ততস্ }

ইতি [ইতি] *অব্য* সমাপ্তিসূচক শব্দ। ❑*বি* শেষ; খতম; অবসান; রফা (পড়ল ধুমের দফায় ইতি—*দ্বিরা*)। ❑*বিণ* এই; ওই (ইতিকর্তব্য)। ~**উতি** *ক্রিবিণ* এদিকে ওদিকে; নানাদিকে (ঘরে যায় ইতি-উতি চায়—*জউ*; বধূ চমকিয়া ইতি-উতি চায়—*মোম*)। ~**কথা** *বি* ১ উপকথা; কাহিনী। ২ বানানো গল্প; কল্পিত কাহিনী। ৩ ইতিহাস। ~**করা** *ক্রি* শেষ করা। ~**কর্তব্য** *বি* কর্তব্যকর্ম; অনুষ্ঠেয় বিষয়। ❑*বিণ* করা উচিত বা করার যোগ্য। ~**কর্তব্যতা** *বি* 'এটাই কর্তব্য' এরূপ জ্ঞান। ~**কর্তব্যবিমূঢ়** *বিণ* কিংকর্তব্যবিমূঢ়; উপস্থিত কি করতে হবে তা নির্ণয়ে অসমর্থ। ~**কর্তব্যবিমূঢ়তা** *বি*। ~**কাহিনী** *বি* ইতিহাস। ~**পূর্বে** (*অপ্র*), ইতিপূর্বে *অব্য*, *ক্রিবিণ* এর আগে। ~**মধ্যে** (*অপ্র*), **ইতোমধ্যে** *ক্রিবিণ*, *অব্য* এর মধ্যে; ইত্যবসরে; ইতোমধ্যে; এই সময়ের মধ্যে। ~**হ** *বি* ১ পরম্পরাগত লোকশ্রুতি; ইতিহাস। ২ ঐতিহ্যগত (ইতিহ ভাগ্য জড়াক-না নাগপাশে—*বিদে*)। { *স* √ই+তি (ক্তি) }

ইতিকাদ ⇒ এতেকাদ

ইতিকাফ ⇒ এতেকাফ

ইতিপূর্বে ⇒ ইতি, ইতঃপূর্বে

ইতিবার ⇒ এতেবার

ইতিবৃত্ত, ইতিবৃত্তকার ⇒ ইতিহাস

ইতিমধ্যে ⇒ ইতি

ইতিরাজ ⇒ এতেরাজ

ইতিহ ⇒ ইতি

ইতিহাস, ইতিবৃত্ত [ইতিহাশ্, ইতিব্রিত্তো] *বি* অতীত কথা; প্রাচীন কাহিনী; পূর্ব-বৃত্তান্ত (জীবনের ইতিবৃত্তে নামহীন কর্ম-উপহার—*রঠা*; ধর্মইতিহাস মতে—ফচ)। ~**কার** *বি* ইতিহাসলেখক; পুরাতত্ত্ব রচয়িতা। ~ **কথা** *বি* ইতিহাসে বর্ণিত কাহিনী; অতীত কথা (কিন্তু ইতিহাস কথায় বিরহীদিগের যেরূপ অবস্থা শুনিতে পাওয়া যায়—*ঈবি*)। ~**জ্ঞ**, ~**বিৎ**, ~**বেত্তা** *বি* যিনি ইতিহাস জানেন; পুরাতত্ত্বজ্ঞ। { *স.* ইতিহ+আস}

ইতোমধ্যে ⇒ ইতি

ইত্তিফাক ⇒ ইত্তেফাক

ইত্তিলা ⇒ এত্তেলা

ইত্তিহাদ ⇒ ইত্তেহাদ

ইত্তেফাক, এত্তেফাক, ইত্তিফাক [ইত্‌তেফাক্, এ–, ইত্‌তি-] *বি* ১ মিল; ঐক্য। ২ ঢাকা থেকে প্রকাশিত একটি বিখ্যাত দৈনিক পত্রিকার নাম। { *আ.* ইত্তিফাক اتفاق }

ইত্তেহাদ, এত্তেহাদ, ইত্তিহাদ [ইত্‌তেহাদ্, এ–, ইত্‌তি] *বি* ১ ঐক্য। ২ বন্ধুত্ব (সব দরিয়াকে বাঁধবে তোমার ইত্তেহাদ—*ফআ*)। { *আ.* ইত্তিহাদ اتحاد }

ইত্যনুসারে [ইত্‌তোনুশারে] *ক্রিবিণ* এভাবে; এই অনুযায়ী। { *স.* ইতি+অনুসারে}

ইত্যবকাশে, ইত্যবসরে [ইত্‌তোবোকাশে, ইত্‌তোবশরে] *অব্য ক্রিবিণ* এই অবসরে; এই সুযোগে; এই ফাঁকে (ইত্যবসরে তাহারা সভাস্থলে বসিয়া—*রঠা*; আমি ইত্যবকাশে তপস্বিদর্শনযোগ্য প্রদেশে গিয়া—*ঈবি*)। { *স.* ইতি+অবকাশে, অবসরে}

ইত্যাকার [ইত্‌তাকার্] *বিণ* এই প্রকার; এইরূপ। { *স.* ইতি+আকার}

ইত্যাদি [ইত্‌তাদি] *অব্য* ১ প্রভৃতি; এই এবং এইরূপ আরো। ২ এই প্রকার (ইত্যাদি অনেকবিধ কৃষ্ণে বুঝাইয়া—*কাদা*)। { *স.* ইতি+আদি}

ইথার, ঈথার [ইথার্] *বি* ১ *(পদার্থ.)* মহাশূন্যে পরিব্যাপ্ত অতি সূক্ষ্ম কাল্পনিক বায়বীয় পদার্থবিশেষ (আমি সেদিন ঈথারের স্পন্দন চর্মচক্ষে দেখেছি—*প্রচৌ*; হাওয়া-ফাঁপা নতুন সরোদ ঈথারে ঈথারে ভাসে—মাহফুজ)। ২ *(রসা.)* উবে যায় এমন বর্ণহীন তরল পদার্থবিশেষ (ছিপিহীন ইথরের মত একেবারে উবে গেল—*কাসি*)। { *ই.* ether; *গ্রি.* aither(আকাশ)}

ইথে [ইথে] *(পদ্য.) অব্য* ১ এতে; এই বিষয়ে (সেও কি সম্মত ইথে?—*কায়*)। ২ এজন্য (চণ্ডীদাস ইথে কহে—*চদা*)। ৩ এই; এর। { *স.* ইত্থম্>}

ইদ, ইদগাহ ⇒ ঈদ

ইদানীং [ইদানিঙ্] *অব্য ক্রি বিণ* আজকাল; সম্প্রতি; অধুনা। **ইদানীন্তন** *বিণ* আধুনিক; বর্তমানকালীন; সম্প্রতি হয়েছে এমন। { *স.* ইদানীম্>}

ইদারা ⇒ ইঁদারা

ইদুজ্জোহা, ইদুলফিতর ⇒ ঈদ

ইদ্দত, এদ্দাৎ (বিরল) [ইদ্‌দত্, এদ্‌দাত্] *বি* বিধবা বা তালাকপ্রাপ্তা নারীর পুনর্বিবাহের পূর্ববর্তী শরীয়ত নির্দিষ্ট কাল (এখনও এদ্দাৎ সময় উত্তীর্ণ হয় নাই—*মীম*)। { *আ.* ইদ্দত عدت }

ইনকাম, ইনকম [ইন্‌কাম্, কম্] *বি* আয়; উপার্জন। ~ **ট্যাক্স** *বি* আয়কর; উপার্জনের উপর নির্দিষ্ট হারে ধার্য রাজস্ব। { *ই.* income}

ইনকার, এনকার, ইংকার [ইন্‌কার্, এ–, ইঙ্-] *বি* ১ অস্বীকার (যদি নিলাম যদি যামিন ইনকার করে—*আমআ*)। ২ ঘৃণা; অপছন্দ (যে বস্তুটি পান বাটি ওয়ালী বিবিদের ইংকার করেন—মউ)। { *আ.* ইনকার انکار }

ইনকিলাব, ইনকেলাব [ইন্‌কিলাব্, ইনকে-] *বি* ১ বিপ্লব; বিদ্রোহ (এই দুনিয়ায় আসছে আবার নও-জমানার ইনকিলাব—*গোমো*)। ২ আন্দোলন। ৩ ঢাকা থেকে প্রকাশিত একটি দৈনিক পত্রিকার নাম। { *আ.* ইনকিলাব انقلاب }

ইনজিল ⇒ ইঞ্জিল

ইনজেকশন, ইঞ্জেকশান [ইনজেক্‌শন্, -শান্] *বি* ১ সূচি প্রয়োগ। ২ দেহে সূচি প্রয়োগে তরল ঔষধ অনুপ্রবিষ্ট করানো। ~ **দেওয়া** *ক্রি*। { *ই.* injection}

ইনটেলেকচুয়াল [ইন্‌টেলেক্‌চুয়াল্] *বিণ* বুদ্ধিসংক্রান্ত। ☐ *বি* বুদ্ধিজীবী; বুদ্ধিমান; বিচক্ষণ ব্যক্তি (আজকালকার ইনটেলেকচুয়ালদের মতো তিনি মরা মানুষ ছিলেন না—*মোচৌ*)। { *ই.* intellectual}

ইনতিকাল ⇒ এন্তেকাল

ইনতিহা, ইন্তিহা ⇒ এন্তেহা

ইনভয়েস [ইন্‌ভয়েস্] *বি* ১ মালের সঙ্গে যে চালান পাঠানো হয়েছে। ২ এক প্রকার চালান যাতে জাহাজ প্রভৃতির সাহায্যে প্রেরিত মালের মূল্য ইত্যাদি লেখা থাকে। { *ই.* invoice}

ইনভেলাপ ⇒ এনভেলাপ

ইনলাইটেন, এনলাইটেন [ইন্‌লাইটেন্, এন্–] *বিণ* আলোকপ্রাপ্ত; শিক্ষিত (তাহারই প্রিয় দিদিমণিকে নানারূপ শিক্ষা দিয়া ইনলাইটেন করিয়াছেন—*মীম*)। { *ই.* enlightened}

ইনশা আল্লাহ, ইনশা আল্লা [ইন্‌শা আল্‌লাহ্] *অব্য* খোদা চাহে তো; আল্লাহর ইচ্ছায় বা কৃপায় (ইনশাল্লাহ, যখন তোমরা মোরাকেবায়ে-নেসবতে-বায়নান্নাসে তালিম লইবে—*আমআ*)। { *আ.* ইনশা আল্লাহ তাআলা ان شاء الله تعلی }

ইনশিওরেন্স ⇒ ইনস্যুরেন্স

ইনসমনিয়া [ইন্‌সম্‌নিয়া] *বি* ১ অনিদ্রা রোগ। ২ নিদ্রাহীনতা; জাগরণ (বেশ তো ঘুমায়ে ছিলে! কখন হইল ইনসমনিয়া?—*নই*)। { *ই.* insomnia}

ইনসলভেন্ট [ইনসল্‌ভেন্‌ট্] *বিণ* দেউলে; ঋণ পরিশোধে অসমর্থ। { *ই.* insolvent}

ইনসান, এনসান [ইন্‌সান্, এ–] *বি* মানুষ (খুদার বান্দা

ইনসান সেই, নাই তার নিস্তার—*মোম*)। **ইনসানিয়াত, এনসানিয়াত** *বি* মানবতা; মনুষ্যত্ব। **ইনসানে কামিল** *বি* ১ সমুদয় মানবীয় গুণ যার ভিতর পরিপূর্ণভাবে বর্তমান। ২ সিদ্ধপুরুষ (প্রত্যেক ইনসানে থাকবে ইনসানিয়াত মনুষ্যত্ব)। { *আ.* ইন্সান انسان }

ইনসাফ, এনসাফ [ইন্সাফ্, এ–] *বি* সুবিচার; পক্ষপাতহীন বিচার; ন্যায়বিচার (হক ইনসাফ, সামান্য ন্যায়ের বাণ্ডা বও—*ফআ*)। { *আ.* ইন্সাফ انصاف }

ইনস্যানিটি [ইন্স্যানিটি] *বি* পাগলামি; ক্ষ্যাপামি; বাতুলতা (এ ধরনের ইনস্যানিটি অনেকেই বরণ করে নেবেন—*প্রচৌ*)। { *ই.* insanity }

ইনস্যুরেন্স, ইনসিওরেন্স, ইনশিওরেন্স [ইন্শিউরেন্স্, –শিও–, –] *বি* বিমা; ভাবী ক্ষতির প্রতিকারের জন্য চুক্তি—যার ফলে মৃত্যু বা কোনো ক্ষতি হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ স্বরূপ অর্থ প্রদান করে (ইনশিওরেন্সের দালালি—*রাব*)। ~ **করা** *ক্রি* ১ বিমা করা। ২ টাকাকড়ি ও চিঠিপত্র নিশ্চিতভাবে পৌঁছানোর জন্য ডাকবিভাগ কর্তৃক বিশেষ ব্যবস্থা গ্রহণ করা (টাকার ইনসিওর করেছে—*অচিসে*)। { *ই.* insurance }

ইনাম, এনাম [ইনাম্, এ–] *বি* পুরস্কার; বখশিশ; পারিশ্রমিক (ইনাম কি চাহ বলি পাতশা জিজ্ঞাসে—*ভারা*; বাদশাহ তো হাজার আশরফী এনাম দেবেনই—*জোআ*)। ~ **বকশিশ** *বি* পুরস্কার; পারিশ্রমিক (বাজী করলাম তামসা করলাম ইনাম বকশিশ চাই—*মৈগী*; বিস্তর বিস্তর ইনাম বখশিষ দিয়া-*রাম*; এনাম বকশিশ পাব হইল নেহাল —*সৈহা*)। { *আ.* ইন্'আম انعام }

ইনি [ইনি] *সর্ব (সম্মা.)* এই ব্যক্তি; এই লোক। { *স.* এয়াম্ = এনাম্> এণহং> এণহ> এহি> এনি = ইনি (স্বরসঙ্গতিতে) }

ইনিয়ে বিনিয়ে [ইনিয়ে বিনিয়ে] *ক্রিবিণ* ১ নানা প্রকারে; বিস্তারিতভাবে; ঘুরিয়ে ফিরিয়ে। ২ অনুনয় বিনয় করে। ৩ যত্নের সাথে; সোহাগ করে (কী আদরে পাতাগুলোর গায়ে ইনিয়ে বিনিয়ে হাত বুলিয়ে যাচ্ছে—*সৈমু*)। { *স.* অনুনয়+বিনয় > ? }

–ইনু [–ইনু] *ক্রিয়াবিভক্তি* উত্তম পুরুষের সাধারণ অতীতকালের রূপ (তোমারে ডাকিনু যবে—*রঠা*; *দেখিনু, চাহিনু, বলিনু*)। { –ইল+উ>ইন্+উ> }

ইন্টারপ্রেটর, ইন্টারপিটর [ইন্টার্প্রেটর্, –পি] *বি* আদালতের দোভাষী (ইন্টারপিটর অত্যন্ত বিরক্ত হইয়া মেজ চাপড়িয়া বলিল-*প্যামি*)। { *ই.* interpreter }

ইন্টারকন্টিনেন্টাল [ইন্টারকন্টিনেন্টাল্] *বিণ* আন্তঃমহাদেশীয়। { *ই.* intercontinental }

ইন্টারন্যাশনাল [ইন্টারন্যাশ্নাল্] *বিণ* আন্তর্জাতিক। { *ই.* international }

ইন্টারমিডিয়েট [ইন্টারমিডিয়েট্] *বি, বিণ* উচ্চ মাধ্যমিক; ম্যা[illegible] প্রবেশিকা ও ডিগ্রি পরীক্ষার মধ্যবর্তী শ্রেণি অথবা [illegible]। { *ই.* intermediate }

ইন্ডাইটমেন্ট [illegible] *বি* অভিযোগপত্র (গ্রাঞ্জুরিয়া [illegible] প্রত্যেক ইন্ডাইটমেন্টের উপর [illegible] লিখিয়া পাঠাইয়া দেন তাহার পর বিচার আরম্ভ হয়—*প্যামি*)। { *ই.* inditement }

ইন্ডিয়ান [ইন্ডিয়ান্] *বি* ভারতীয়। **রেড**~ *বি* আমেরিকার আদিবাসী।

ইন্তেকাল ⇒ এন্তেকাল

ইন্তেখাব ⇒ এন্তেখাব

ইন্তেজাম ⇒ এন্তেজাম

ইন্তেজার, ইন্তেজারি ⇒ এন্তেজার

ইন্তেহা ⇒ এন্তেহা

ইন্দারা ⇒ ইঁদারা

ইন্দিবর, ইন্দীবর [ইন্দিবর্] *বি* নীলপদ্ম; নীলোৎপল (ইন্দীবরের ন্যায় নয়ন—*প্রচৌ*)। { *স.* ইন্দিরা>ইন্দি+বর; *নতৎ* }

ইন্দিরা [ইন্দিরা] *বি* লক্ষ্মী; বিষ্ণুপত্নী; কমলা। { *স.* √ইন্দ্+ইর(কিরচ্)+আ(টাপ্) }

ইন্দীবর ⇒ ইন্দিবর

ইন্দু [ইন্দু] *বি* চন্দ্র। ~**নিভানন** *বি, বিণ* চাঁদমুখ; চাঁদের ন্যায় সুন্দর মুখবিশিষ্ট (কাঁদ, ইন্দুনিভাননে, তিত অশ্রুনীরে—*মদ*)। ~**কলা** *বি* চন্দ্রকলা। ~**নিভাননা,** ~**নিভাননী** *স্ত্রী.*। ~**ভূষণ,** ~**মৌলি** *বি* শিব। ~**মতী** *বি* পূর্ণিমা। ~**মুখী** *বিণ স্ত্রী.* চন্দ্রাননা; চাঁদের ন্যায় সুন্দর মুখবিশিষ্ট; সুন্দরী। ~**লেখা,** ~**রেখা** *বি* চন্দ্রকলা; চন্দ্রখণ্ড (প্রতিপদের তন্বী পাণ্ডু ইন্দুলেখার অবগুণ্ঠনের তলায়—*অচিসে*)। { *স.* √ইন্দ্+উ }

ইন্দুর ⇒ ইঁদুর

ইন্দুরেখা, ইন্দুলেখা ⇒ ইন্দু

ইন্দ্র [ইন্দ্রো] *বি* স্বর্গের দেবরাজ; সুরপতি। ~**কীল** *বি* মন্দর পর্বত। ~**জিৎ** *বি* মেঘনাদ; রাবণের জ্যেষ্ঠ পুত্র। ☐ *বিণ* ইন্দ্রকে জয় করেছে এমন; বাসবজয়ী (কি কৌশলে রাক্ষস ভরসা ইন্দ্রজিৎ মেঘনাদে—*মদ*)। ~**ত্ব** *বি* ১ ইন্দ্রের পদ এবং ঐশ্বর্য। ২ স্বর্গের আধিপত্য। ৩ প্রাধান্য। ~**পুরী,** ~**লোক** *বি* ১ অমরাবতী। ২ *(আল.)* বিরাট প্রাসাদ। ~**প্রসাদী** *বিণ* ইন্দ্রের প্রসাদের অর্থাৎ বৃষ্টিপাতের উপর নির্ভরশীল। ~**সুত** *বি* ১ ইন্দ্রপুত্র; জয়ন্ত। ২ বালী; বানররাজ। ৩ অর্জুন; তৃতীয় পাণ্ডব। ~**সেন** *বি* ১ ইন্দ্রসেনার ন্যায় সেনা যার। ২ যুধিষ্ঠিরের সারথি। ৩ নল রাজার পুত্র। { √ইন্দ্+র(রন্) }

–ইন্দ্র [ইন্দ্রো] *বি* প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি রাজা ইত্যাদি অর্থে শব্দের পরে যুক্ত হয় (নরেন্দ্র, বীরেন্দ্র)। { √ইন্দ্+র }

ইন্দ্রগোপ [ইন্দ্রোগোপ্] *বি* রক্তবর্ণ ক্ষুদ্র কীটবিশেষ; মখমলি পোকা। { *স.* ইন্দ্র+গো+প }

ইন্দ্রচাপ, ইন্দ্রধনু [ইন্দ্রোচাপ্, –ধোনু] *বি* রামধনু; রংধনু (ইন্দ্রচাপ রূপধরি, মেঘরাজ ধ্বজোপরি, শোভিতেছে কামকেতু–খচিত রতনে—*মদ*; ভাবের ইন্দ্রধনু ওঠে মোর সপ্ত আকাশে ঘেরি—*নই*)। { *স.* ইন্দ্র+চাপ, ধনু; ৬তৎ }

ইন্দ্রজাল [ইন্দ্রোজাল্] *বি* জাদুবিদ্যা; মায়াবিদ্যা; ভোজবাজি; ভেলকি (যেন শূন্য দিগন্তের ইন্দ্রজাল ইন্দ্রধনুচ্ছটা—*রঠা*)। **ইন্দ্রজালিক, ঐন্দ্রজালিক** *বিণ* ১ ইন্দ্রজাল সম্বন্ধীয়। ২ কুহকী; মায়াবী; জাদুকর (হাস্যরসে তিনি প্রকৃত ঐন্দ্রজালিক ছিলেন—*বচ*)। { *স.* ইন্দ্র+জাল }

ইন্দ্রজিৎ ⇒ ইন্দ্র

ইন্দ্রত্ব ⇒ ইন্দ্র

ইন্দ্রধনু ⇒ ইন্দ্রচাপ

ইন্দ্রনীল [ইন্দ্রোনিল্] *বি* মরকতমণি; নীলকান্তমণি; পান্না; emerald। { *স.* ইন্দ্র+নীল}

ইন্দ্রপাত, ইন্দ্রপতন [ইনদ্রোপাত, -পতন্] *বি* ইন্দ্রের মৃত্যু। (*আল.*) ইন্দ্রের মতো মহাপুরুষের মৃত্যু বা তিরোভাব। { ইন্দ্র+পাত, পতন; ৬তৎ }

ইন্দ্রপুরী, ইন্দ্রপ্রসাদী ⇒ ইন্দ্র

ইন্দ্রলুপ্ত [ইন্দ্রোলুপ্তো] *বি* টাক রোগ। { *স.* ইন্দ্র+লুপ্ত}

ইন্দ্রলোক, ইন্দ্রসুত, ইন্দ্রসেন ⇒ ইন্দ্র

ইন্দ্রাগার [ইনদ্রাগার্] *বি* ইঁদারা; বৃহৎ কূপ। { *স.* ইন্দ্র+আগার; ৬তৎ }

ইন্দ্রাণী [ইন্‌দ্রানি] *বি, স্ত্রী* ইন্দ্রপত্নী; শচী। { *স.* ইন্দ্র+ঈ (আন আগম)}

ইন্দ্রায়ুধ [ইন্দ্রায়ুধো] *বি* রংধনু; রামধনু; ইন্দ্রধনু। { *স.* ইন্দ্র+আয়ুধ; ৬তৎ }

ইন্দ্রাসন [ইন্দ্রাশোন্] *বি* সিংহাসন; তখ্‌ত; রাজপাট। { *স.* ইন্দ্র+আসন; ৬তৎ }

ইন্দ্রিয় [ইন্‌দ্রিয়ো] *বি* ১ যে সকল অঙ্গ বা শক্তি দ্বারা পদার্থের বা বাহ্য বিষয়ের উপলব্ধি বা জ্ঞান জন্মে এবং কর্ম-সাধন করা যায়---ইন্দ্রিয় মোট চৌদ্দটি : যথা—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক—এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; বাক, হস্ত, পদ, পায়ু, উপস্থ, এই পাঁচটি কর্মেন্দ্রিয়; মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত—এই চারটি অন্তরিন্দ্রিয় (মন সকল ইন্দ্রিয়ের পরিচালক)। ২ শারীরিক ভোগ (ইন্দ্রিয়-পরায়ণ)। **-গম্য, -গোচর, -গ্রাহ্য** *বিণ* জ্ঞানগম্য; বোধগম্য; প্রত্যক্ষ। **-গ্রাম** *বি* ইন্দ্রিয়সমূহ। **-গ্রাহ্য** ⇒ **-গম্য**। **-জয়, -দমন, -সংযম** *বি* ১ ইন্দ্রিয়কে বশীভূতকরণ; লালসা বাসনা বা উচ্ছৃঙ্খলতা থেকে ইন্দ্রিয়কে দূরে রাখা; কামপ্রবৃত্তি জয় করা। ২ ব্রহ্মচর্য সাধন। **-জয়ী** (-য়িন্), **-জিৎ** *বিণ* ইন্দ্রিয়দমনকারী; ইন্দ্রিয়সংযমী; জিতেন্দ্রিয়। **-জ্ঞান** *বি* প্রত্যক্ষ-জ্ঞান; ইন্দ্রিয় দ্বারা লব্ধ জ্ঞান। **-তৃপ্তি** *বি* ১ ইন্দ্রিয় দ্বারা সুখলাভ; ইন্দ্রিয়সমূহের তুষ্টিসাধন। ২ রমণ; সম্ভোগ। **-দমন** ⇒ **-জয়**। **-দোষ** *বি* ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা; লাম্পট্য। **-পর, -পরতন্ত্র, -পরবশ, -পরায়ণ, -বশ, -সেবী** (-বিন্), **-সংযম** ⇒ **-জয়**। **-বৃত্তি** *বি* ইন্দ্রিয়ের কাজ; দর্শন-শ্রবণ প্রভৃতি ক্রিয়া; বিষয়ানুভূতি। **-লালসা, -লিপ্সা** *বি* প্রবল ভোগবাসনা; কামুকতা; ইন্দ্রিয়সুখ ভোগের জন্য লোলুপতা। **-সেবা** *বি* ১ ইন্দ্রিয়ের সুখ ভোগেচ্ছা চরিতার্থকরণ; ইন্দ্রিয়সমূহের তৃপ্তিসাধন। ২ ভোগ-সুখে আসক্তি; বিষয় সম্ভোগ। **ইন্দ্রিয়াসক্ত** *বিণ* ইন্দ্রিয়ভোগসুখে আসক্ত; ইন্দ্রিয় সেবায় রত; ভোগবিলাসী; লম্পট। **-সেবী** ⇒ **-পর**। { *স.* ইন্দ্‌+ইয়(ঘ)}

ইন্ধন [ইন্‌ধন্] *বি* ১ আগুন জ্বালানোর উপকরণ; জ্বালানি কাঠ, কয়লা, ঘুঁটে ইত্যাদি। ২ উদ্দীপনা। { *স.* √ইন্ধ্+অন(লুট্)}

ইন্নালিল্লাহ্ [ইন্নালিল্লাহ্] *অব্য* নিশ্চয়ই আমরা আল্লাহ্‌র জন্য (শূন্য বিমানে ইন্নালিল্লাহ্ ধ্বনি ওঠে অবিরাম—*শাহেদ*)। { *আ.* ইন্নালিল্লাহ্ انا لله }

ইন্সপেক্টর [ইনসপেক্টার্] *বি* পরিদর্শক; তত্ত্বাবধায়ক। { *ই.* inspector}

ইফতার, এফতার [ইফ্‌তার্, এ-] *বি* আল্লাহর সন্তুষ্টির জন্য সারা দিন রোজা রেখে সূর্যাস্তের পর খাদ্য ও পানীয় গ্রহণ (সন্ধ্যাকাল হইলে ইফতার কর জলে—*সৈআ*; শুকনো রুটি আর পানি পাবে, ইফতার সময়ে—*ফআ*)।

ইফতারি, এফতারি *বি* ১ যে খাদ্য ও পানীয় গ্রহণ করে সারা দিনের রোজা সাঙ্গ করা হয়; ইফতারের জন্য আহার্য ও পানীয় সামগ্রী। ২ রোজার মাসে ইফতার-কালীন খাদ্য গ্রহণ। { *আ.* ইফতার افطار }

ইবতিদা, এবতেদা [ইব্‌তিদা, এব্‌তেদা] *বি* আরম্ভ; শুরু। { *আ.* ইব্‌তিদা ابتداء }

ইবন, ইবনে, এবনে [ইব্‌ন্, -নে, এব্‌নে] *বি* পুত্র (আবদুল্লাহ ইবন যিয়াদ)। { *আ.* ইব্‌ন ابن }

ইবরানি [ইব্‌রানি] *বি* হিব্রু ভাষা। { *আ.* ইব্‌রানি عبرانی }

ইবলিস, ইবলীস [ইব্‌লিশ্] *বি* ১ শয়তান। ২ শয়তানের নামবিশেষ (রোয়ে ওয়্যা হোবল ইবলিস খারেজিন—*নই*)। { *আ.* ইব্‌লিস ابلیس }

ইবারৎ, ইবারত ⇒ এবারত

ইবাদৎ, ইবাদত ⇒ এবাদত

ইভোলিউশন, ইভল্যুশন [ইভোলিউশন্] *বি* ক্রমবিকাশ; ধারাবাহিক বিবর্তন (ইউরোপের সাহিত্যের ইভলিউশান ইত্যাদির বিভাজন যথার্থই একটি আশ্চর্য ব্যাপার—*প্রচৌ*)। { *ই.* evolution}

ইমতিহান, ইমতেহান ⇒ এমতেহান

ইমন [ইমন্] *বি* রাগিণীবিশেষ (সন্ধ্যার আগে বেহালায় ইমন আলাপ করেন—*বিব*)। **-কল্যাণ** *বি (সং)* ইমন ও কল্যাণ যোগে উৎপন্ন মিশ্র-রাগিণীবিশেষ (ধরিল নতশিরে নয়ন মুদি ইমন-কল্যাণ সুর—*রঠা*; ক্ষীণকণ্ঠে ইমনকল্যাণ ধরলুম—*সৈমু*)। **-কেদারা** *বি (সং)* ইমন ও কেদারাযোগে উৎপন্ন মিশ্ররাগিণীবিশেষ। **-ভূপালী** *বি (সং)* ইমন ও ভূপালীযোগে উৎপন্ন মিশ্র রাগিণীবিশেষ। { *আ.* য়মন یمن }

ইমসন, ইমসাল [ইম্‌শন্, ইম্‌শাল্] *বি* এই বৎসর। { *ফা.* ইম্ ام = این (=এই) + সন سن *ফা.* সাল سال (=বৎসর)}

ইমান, ঈমান [ইমান্] *বি* ১ আল্লাহর ফিরিশতাগণ, আসমানি কিতাবসমূহ, নবী-রসুলগণ, শেষ বিচারের দিন ভাগ্যের ভালো-মন্দ ও মৃত্যুর পর পুনরুত্থান—এই সবের উপর বিশ্বাস (আরবে আরবী ভয়ে পাইল ইমান—*সৈমু*)। ২ বিশ্বাস। **-দার** *বিণ* ১ ধর্মবিশ্বাসী; আস্তিক; ধার্মিক। ২ বিশ্বস্ত। **-দারি** *বি* ধর্মশীলতা; বিশ্বস্ততা; সাধুতা। { *আ.* ঈমান ایمان }

ইমাম, এমাম [ইমাম্, এ-] *বি* ১ যিনি নামাজে নেতৃত্ব করেন; যাঁর পেছনে দাঁড়িয়ে জামাতে নামাজ পড়া হয় (কোথায় ইমাম? কোন সে খোৎবা পড়িবে আজিকে ঈদে?—*নই*)। ২ ধর্মীয় নেতা বা পথ প্রদর্শক শাস্ত্রবিদ (ইমাম আবু হানীফা, ইমাম বোখারি)। **ইমামত, -তি, -ত্ব, এমামতি, এমামত্ব** *বি* ১ নামাজের নেতৃত্ব; জামাতের নামাজ পরিচালনা করা। ২ নেতৃত্ব (ইমামতি তুমি করিবে না জানি, তুমি গাজী মহাবীর—*নই*)।

–বাড়া বি মহরমের অনুষ্ঠানের জন্য ব্যবহৃত গৃহবিশেষ যে স্থানে শিয়া সম্প্রদায় মুহররমের তাজিয়া রাখে। { আ. ইমাম امام }

ইমাম মেহদী, ইমাম মাহদী [ইমাম্‌মেহদি, –মাহ্‌দি] বি শিয়াদের শেষ ইমাম—ইসলামের সংস্কারের জন্য তিনি পুনরায় পৃথিবীতে আগমন করবেন এমন ধারণা করা হয়। { আ. ইমাম মেহদী امام مهدى }

ইমারত, এমারত [ইমারত্‌, এ–] বি দালান; অট্টালিকা; পাকাবাড়ি (ভায়ের আশার গড়ি ইমারত— হাহা)। { আ. 'ইমারত عمارة }

ইমিটেশন [ইমিটেশন্‌] বি নকল (ছিনতাইয়ের ভয়ে ইমিটেশনের গয়না পরে বের হলেন)। { ই. imitation }

ইয়ত্তা [ইয়ত্‌তা] বি ১ পরিমাণ; সংখ্যা। ২ সীমা। ~**রহিত** বিণ ১ অসংখ্য। ২ অনন্ত। { স. ইয়ৎ+তা }

ইয়া [ইয়া] বিণ-বিণ এতো; এই আকারের (ইয়া বড়ো বড়ো আম)। { স. ইয়ৎ }

–ইয়া, –এ–[ইয়া, এ] বি বাংলা প্রত্যয় বিশেষ (ডাকাতিয়া, খোসামুদে)। { স. ক্ত> প্রা. ইঅ, ইয়> বা. ইআ, ইয়া }

ইয়া আল্লা, ইয়া আল্লাহ [ইয়াআল্‌লা, –লাহ্‌] অব্য ১ হায় খোদা; ভয় বিস্ময় বা খেদসূচক শব্দ (ইয়াআল্লা বলে লাফিয়ে উঠলেন—রাব; ইয়াল্লা বলে আকাশ-ছোঁয়া লম্ফ মেরেছিল—সৈমু)। ২ আল্লাহকে সম্বোধন (ইয়া আল্লাহ–হে খোদা!)। { আ. ইয়া আল্লাহ يا الله }

ইয়াংকি, ইয়াঙ্কি [ইয়াঙ্‌কি] বি আমেরিকা মহাদেশের লোক (ইয়াঙ্কির লেনদেন ডলারে প্রত্যয়—জীদা)। ❑ বিণ আমেরিকা সম্বন্ধীয় বা আমেরিকায় জাত; আমেরিকান। { ই. Yankee }

ইয়াকুত, এয়াকুত [ইয়াকুত্‌, –এ] বি লালমণি; পদ্মরাগমণি; চুনি; ruby (জড়ো করি লাল, পোখরাজ আর ইয়াকুত ভরা দিন—ফআ; এয়াকুত, জমররুদ হীরা মুক্তা মণি—সৈআ)। { আ. ইয়াকুত ياقوت }

ইয়াজুজ মাজুজ, এয়াজুজ (বিরল) [ইয়াজুজ্‌ মাজুজ্‌, এয়া-] বি কোরানে উল্লিখিত জাতিবিশেষ—কেয়ামতের পূর্বে যাদের আবির্ভাব ঘটবে (সীসা হতে এয়াজুজ বাহির হইল—সৈআ)। { আ. ইয়াজুজ মাজুজ ياجوج ماجوج }

ইয়াদ [ইয়াদ্‌] বি স্মরণ; খেয়াল (ইয়াদ হইল আর নাহি সয়ে দের—সৈহা)। { ফা. ইয়াদ ياد }

ইয়াদগার [ইয়াদ্‌গার্‌] বি স্মারকলিপি; স্মরণচিহ্ন; memorandum। { ফা. ইয়াদগার يادگار }

ইয়াদদস্ত, ইয়াদদাস্ত [ইয়াদ্‌দস্‌ত্‌, –দাস্‌ত্‌] বি ১ স্মারকলিপি। ২ নোটবই; ডায়েরি। { ফা. য়াদ্‌দাশত্‌ [illegible] }

ইয়ানত [ইয়ানত্‌] বি সাহায্য। { আ. ইআনত্‌ اعانت }

ইয়ানাফসি [ইয়ানাফসি] অব্য হায় আমার নিজের কী হবে (ইয়ানাফসির সত্য হ'ল দুনিয়ার সেরা সত্য—আহসান)। { আ. ইয়ানাফসী يا نفسى }

ইয়ানে [ইয়ানে] অব্য অর্থাৎ এর অর্থ। { আ. ইয়ানি يعنى }

ইয়ার, এয়ার [ইয়ার, এ–] বি ১ সখা; দোস্ত; বন্ধু; boon companion (গেলাস-সাথী মস্ত ইয়ার—নই; এ ভব মাঝে সবই ফক্কা—জেনেছি আমরা পাঁচটি এয়ার—দ্বিরা)। ২ রসিক; ফাজিল। ~**কি** বি রসিকতা; ফাজলামি; তুচ্ছ বা বৃথা আমোদে তৎপরতা (যা যঃ ইয়ারকি করিস নি—রাব; আবার এয়াকি হচ্ছে?—সুরা)। ~**কি ঠোকা** ক্রি রসিকতা বা ফাজলামি করা; ইয়ারকি করা। ~**ঘেঁষা** বিণ ১ বন্ধুপ্রিয়। ২ হাল্কা; খেলো (ডিয়ারটাও একটু ইয়ার-ঘেঁষা—সদ)। ~**বকশি, ~বক্সি, ~বন্ধু** বি ১ সমপর্যায়ের বন্ধু-বান্ধব; তুচ্ছ ও হালকা আনন্দে বা কাজে সাহায্যকারী বন্ধুর দল (সভাস্থ ইয়ারবক্সির দল—প্রচৌ; ঘাসের উপর ইয়ারবক্সী .... বসবে—সৈমু; ইংরাজি-নবিশ ইয়ারবকশিকে মদ খাওয়ান—বচ)। ২ কুকর্মের সঙ্গী। { ফা. ইয়ার يار }

ইয়ারা [ইয়ারা] বি হে বন্ধু (ইয়ারা! তোমার পিয়ালা শপথ সেইদিনই—মোম)। { ফা. ইয়ার يار + বা. আ }

ইয়ারিং [ইয়ারিঙ্‌] বি কানের অলঙ্কারবিশেষ; মাকড়ি; দুল; কুণ্ডল। { ই. earring }

ইয়ার্কি ⇒ ইয়ারকি

ইয়াল্লা, ইয়াল্লাহ ⇒ ইয়া আল্লা

ইয়াসমিন, জেসমিন [ইয়াস্‌মিন্‌, জেস্‌মিন্‌] বি জুঁইফুল (যেখানে মুগ্ধ ইয়াসমিনের শুভ্র ললাট চুমি—ফআ)। { ফা. ইয়াসমীন ياسمين }

ইয়ে [ইয়ে] অব্য মনে পড়ছে না এমন কিছু; যে শব্দ মনে বা মুখে আসছে না সেই শব্দের পরিবর্তে ব্যবহৃত শব্দ। { স. ইদম্‌> }

ইয়োরেশিয়ান ⇒ ইউরেশিয়ান

ইরম্মদ [ইরম্‌মদ্‌] বি ১ বিদ্যুৎ; বজ্রাগ্নি (যুঝিতে লাগিলা দোঁহে, ইরম্মদ বেগে—কায়)। ২ বাড়বাগ্নি। ৩ হাতি। { স. ইরা+√মদ্‌+অ(খশ্‌) }

ইরশাদ ⇒ এরশাদ

ইরশাল, ইরসাল [ইর্‌শাল্‌] বি ১ খাজনার চালান। ২ খাজনা; কর (তুমি যে রাজার লোক চাহ ইরশাল—মচ)। { আ. ইরসাল ارسال }

ইরা [ইরা] বি ১ পৃথিবী (ইন্দিবর নয়নী ইঙ্গিতে ইচ্ছ ইরা—ভারা)। ২ বাণী। ৩ জল; পানি। ৪ অন্ন। ৫ সুরা। { স. √ইর্‌+র(রন্‌)+আ(টাপ্‌) }

ইরাক [ইরাক্‌] বি মধ্যপ্রাচ্যের একটি দেশ। **ইরাকি, ইরাকী** বিণ ১ ইরাক দেশীয়; ইরাক জাতীয়; ইরাকে জাত। ২ ইরাক দেশ সম্বন্ধীয়। ❑ বি ইরাক দেশের অধিবাসী। { আ. ইরাক় عراق }

ইরাদা ⇒ এরাদা

ইরান [ইরান্‌] বি পারস্য দেশ। **ইরানি** বিণ ১ ইরান বা পারস্যদেশীয়; পারস্য জাতীয়; ইরানে জাত (ইরানি মেয়ে)। ২ ইরান বা পারস্য দেশ সম্বন্ধীয়। ৩ ইরান বা পারস্য দেশের অধিবাসী। { ফা. ইরান ايران }

ইরাবতী [ইরাবোতি] বি পাঞ্জাবের অন্তর্গত রাবী নদী; ব্রহ্মদেশের নদী বিশেষ। { স. ইরা+বৎ+ঈ(ঙীপ্‌) }

ইর্সাল ⇒ ইরসাল

ইলচি¹, ইলচে [ইলচি, –চে] বি চিংড়ি মাছ (থোড় উড়ুম্বর ইলচি মাছে, খাইলে মুখের অরুচি ঘুচে—কমু)।

□ বিণ অধম; নিকৃষ্ট। {ইতর (স. ইত্বর)>}

ইলচি [ইলচি] বি দূত; রাজদূত। {তু. ইলচি ایلچی}

ইলচে ⇒ ইলচি

ইলজাম, ইলযাম ⇒ এলজাম

ইলশাগুঁড়ি, ইলশেগুঁড়ি [ইলশাগুঁড়ি, -শে-] বি গুঁড়িগুঁড়ি বৃষ্টি drizzle—এইরূপ বৃষ্টির সময়ে জালে অধিক ইলিশ মাছ ধরা পড়ে, এরকম ধারণা (ইলশেগুঁড়ি বৃষ্টি দেখেই খব ছুঁসে সব রাম ছাগল—নই)। {স. ইলীশ>ইলশা, ইলশে৷ গুঁড়ি}

ইলশে ⇒ ইলিশ

ইলহান ⇒ এলহান

ইলহাম ⇒ এলহাম

ইলা [ইলা] বি ১ পৃথিবী। ২ ধেনু। ৩ বাণী। ৪ জল; পানি। {স. √ইল্+অ+আ}

ইলাকা ⇒ এলাকা

ইলাহি ⇒ এলাহি

ইলিম ⇒ এলেম

ইলিমিলি [ইলিমিলি] বি অস্পষ্ট কথা; অস্পষ্ট বাক্য; অর্থহীন শব্দ (ইলিমিলি জপে সদা ছিলিমিলি মালে—কমু)। {আ. ইলাহ>ইলি+ অনু. মিলি; এলোমেলো>}

ইলিশ, ইলশা, ইলশে [ইলিশ্, ইল্‌শা, -শে] বি মাছ বিশেষ। {স. (অর্বাচীন) ইলীশ>}

ইলেক [ইলেক্] বি (গণিত) টাকা গণ্ডা পাই মণ সের ছটাক প্রভৃতি জ্ঞাপক চিহ্নবিশেষ যা অঙ্কের ডানে বা বামে বসে যেমন: ২ টাকা; ২/মণ; /২ সের ইত্যাদি। (যতেক ওধার কড়ি বামে ইলেক দিবে—শুভঙ্কর)। {ই+লেখ (<স. লেখ)}

ইলেকট্রিক [ইলেকট্রিক] বিণ বিজলিচালিত; বৈদ্যুতিক; electric। □ বি বিদ্যুৎ; তড়িৎ (ইলেকট্রিকের কল টিপিলে ... গেউ)। ~ ফ্যান বি বৈদ্যুতিক পাখা; বিজলি চালিত পাখা। ~ লাইট বি বৈদ্যুতিক আলোক; বিজলি বাতি। {ই. electric}

ইলেকট্রিসিটি [ইলেকট্রিসিটি] বি বিদ্যুৎ; বিজলি (আকাশ থেকে ইলেকট্রিসিটি শুষে নেন—রাব)। {ই. electricity}

ইলেকশন [ইলেকশন্] বি নির্বাচন; ভোট দ্বারা প্রতিনিধি নির্বাচন। {ই. election}

ইল্লত [ইল্লত্] বি নোংরামি; মলিনতা; অপরিচ্ছন্নতা। □ বিণ নোংরা (সারা মুল্লুক জুড়ে বসে আছে ইল্লত ... মোম)। ইল্লতে, ইল্লুতে বিণ নোংরা; অপরিচ্ছন্ন; মলিন; (ইল্লুতে মেয়েটার ভোল ফেরাও—অচিন্ত্য)। ইল্লতে কাণ্ড বি নোংরা ব্যাপার। {আ. ইল্লত علت}

ইশ ⇒ ঈশ

ইশক ⇒ এশক

ইশকাপন, ইস্কাপন, ইস্কাবন [ইশ্‌কাপোন্, -প-, -বোন্] বি তাসের চিহ্নবিশেষ; কালো রঙের পান-আঁকা তাস। {ওল. schopen}

ইশতাহার, ইশতেহার, ইস্তাহার [ইশ্‌তাহার্, -তে-, ইস্‌তা-] বি প্রচারপত্র; বিজ্ঞাপন; নোটিস (মুদ্রিত ইশতাহারে ঘোষিত হইল—আমঅা ইস্তাহার দ্বারা ... হুকুম দেওয়া যাইবেক—ঈবি)। {আ. ইশ্‌তিহার اشتهار}

ইশপিশ, ইসপিস [ইশ্‌পিশ্] বি অস্থিরতা; চাঞ্চল্য প্রকাশ। {স. √ইষ্ (ইচ্ছা)>, অনু. পিশ; তুল. নিশপিশ}

ইশবগুল ⇒ ইসবগুল

ইশা ⇒ এশা

ইশাদ ⇒ ইশাদি

ইশাদি, ইসাদি, ইশাদ [ইশাদি, -, ইশাদ্] বি সাক্ষী। (-সাক্ষ্য দেওয়ার জন্য ডাকা)। {আ. ইশ্‌হাদ اشهاد + ফা. ঈ ی}

ইশারা [ইশারা] বি ইঙ্গিত; সঙ্কেত (নিত্যকালের প্রিয়া আমায় ডাকছে ইশারায়—নই)। {আ. ইশার: اشارة}

ইষু [ইশু] বি বাণ; শর; তীর; (শূলদণ্ড ইষু পাশ করে—কমু)। {স. √ইষ্+উ(কু)}

ইষ্ট[1] [ইশ্‌টো] বি যজ্ঞাদি কর্ম। {স. √ইয্ + ত(ক্ত)}

ইষ্ট[2] [ইশ্‌টো] বিণ ১ কাম্য; বাঞ্ছিত; অভিলষিত (ইষ্টকর্ম)। ২ কল্যাণকর (ইষ্ট চিন্তা) ৩ পূজিত; উপাস্য (ইষ্টদেবতা)। ৪ আত্মীয় বা প্রিয় (ইষ্টকুটুম্ব, ইষ্টজন)। □ বি ১ কল্যাণ (ইষ্টকামনা)। ২ কাম্যবস্তু বা বিষয় (ইষ্টলাভ)। ৩ প্রিয়জন; আত্মীয়স্বজন (মাতাপিতা ইষ্টগণে অনেক চিন্তিল—দৌবা)। ~ কবচ বি অভীষ্টসিদ্ধির জন্য মন্ত্রপূত মাদুলি; তাবিজ। ~ কুটুম্ব বি আত্মীয়স্বজন। ~ গোষ্ঠী বি ১ একই গুরুর শিষ্যদের বা একই সম্প্রদায়ের লোকদের মধ্যে আলাপ-আলোচনা ও ভাব-বিনিময় (ইষ্টগোষ্ঠী বিচার করি না করিহ রোষে কৃক)। ২ আত্মীয় বা প্রিয়জনের সঙ্গসুখ উপভোগ। ~ ফল বি অভিপ্রেত ফল; কাম্যফল। ~ বিয়োগ বি প্রিয়জন বা আত্মীয় স্বজনের মৃত্যু। ~ সাধন, ~ সিদ্ধি বি মনোবাঞ্ছা পূরণ; অভিপ্রেত বিষয়ে সাফল্য। {স. √ইষ্+ত(ক্ত)}

ইষ্টক [ইশ্‌টক্] বি ইট। ~ খণ্ড বি ইটের টুকরা; ভাঙ্গা ইট। ~ জর্জর বিণ ইষ্টকজীর্ণ; ইট ধ্বসে পড়েছে বা ক্ষয়প্রাপ্ত হয়েছে এমন (গলির ভিতরকার ইষ্টজর্জর ... বাড়িগুলির—রঠা)। ইষ্টকালয় বি পাকাবাড়ি; দালান-কোঠা। {স. √ইষ্+ত(ক্ত)+ক}

ইষ্টানিষ্ট [ইশ্‌টানিশ্‌টো] বি লাভ ও ক্ষতি; উপকার ও অপকার; হিতাহিত (লেখার ইষ্টানিষ্ট অনুধাবন করবেন—মব)। {স. ইষ্ট+ অনিষ্ট}

ইষ্টাপত্তি [ইশ্‌টাপোত্‌তি] বি অভীষ্টসিদ্ধি; বাঞ্ছিত বস্তু বা বিষয় লাভ। {স. ইষ্ট+ আপত্তি}

ইষ্টাপূর্ত [ইশ্‌টাপুরতো] বি জনহিতকর কাজ; জলাশয় খনন, রাস্তাঘাট তৈরি, উপাসানালয় নির্মাণ প্রভৃতি কাজ। {স. ইষ্ট+ আপূর্ত}

ইষ্টি[1] [ইশ্‌টি] বি ইচ্ছা; অভিলাষ (ইষ্টিকুটুম)। {স. √ইষ্+তি(ক্তি)}

ইষ্টি[2] [ইশ্‌টি] বি ১ যজমান কর্তৃক অনুষ্ঠেয় যজ্ঞ। ২ মন্ত্রদাতা গুরু (ইষ্টি আর পুরোহিত, যাহা হতে অর্থস্থিত—রঠা)। {স. √ইষ্+তি(ক্তি>)}

ইষ্টিকা [ইশ্‌টিকা] বি ইটের গুঁড়া; সুরকি। {স. ইষ্ট+ক+আ}

ইস, ইশ, ঈস [ইশ্] অব্য বিস্ময় অবিশ্বাস ক্লেশ দুঃখ ইত্যাদিসূচক শব্দ (এমনি কি তার থাকবে চিরদিন?— ঈস [illegible]) {ধ্বন্যা}

ইসপার কি উসপার ⇒ এসপার-ওসপার

ইসমে আজম, এছমে আজম [ইস্‌মে আজম্‌, এছমে] বি মহানাম যা পাঠ করলে অলৌকিক কার্য সম্পাদন করা যায় (এছমে আজম তুমি পড় তিন বার, এখন বুঝিয়া নিবে কুদরত আল্লার—সৈয়দ; এসমে আজম এনে মৃত মুসলিমে তুই কর সঞ্জীব—নজ)। {আ. ইসম-ই-আ'জম اسم اعظم }

ইসপগুল → ইসবগুল

ইসপিস → ইশপিশ

ইসবগুল, ইসপগুল, ইছবগুল [ইসব্‌গুল্‌, -প্‌-, ইসব্-] বি ঔষধ বীজবিশেষ {ফা. ইসপগুল اسپغول }

ইসমাইলি [ইস্‌মাইলি] বি মুসলিম শিয়া সম্প্রদায়বিশেষ। {আ. ইসমা'ঈল+ই (প্রত্যয়) اسماعیلی }

ইসরাফিল, ইস্রাফিল [ইস্‌রাফিল্] বি চারজন শ্রেষ্ঠ ফেরেশতার অন্যতম যাঁর শিঙার ফুৎকারে কেয়ামত হবে (বাজে নবসৃষ্টির উল্লাসে ইসরাফিলের শিঙা- নজ; ইস্রাফিলের শিঙা বাজে—জউ)। {আ. ইসরাফীল اسرافیل }

ইসলাম, এসলাম [ইস্‌লাম্, এ-] বি ১ প্রাকৃতিক শান্তির ধর্ম—হজরত মুহম্মদ (সা.) একে পূর্ণতা দান করে প্রচার করেন। ২ আল্লাহর নিকট আত্মসমর্পণ। **ইসলামিয়াত** বি ইসলাম ধর্ম সম্পর্কীয় শাস্ত্র। **ইসলামি, ইসলামিক** বিণ ১ ইসলাম সম্বন্ধীয় (ইসলামি কেতাব)। ২ ইসলামের বিধি অনুযায়ী। {আ. ইস্‌লাম اسلام }

ইসলাহ্ [ইস্‌লাহ্] বি ১ সংশোধন; সংস্কার। ২ বিশুদ্ধি। {আ. ইস্‌লাহ্ اصلاح }

ইসা ⇒ ঈশা

ইসাদি ⇒ ইশাদি

ইসারা ⇒ ইশারা

ইস্কাপন → ইশ্‌কাপন

ইস্কুল ⇒ স্কুল

ইসক্রু, স্ক্রুপ ⇒ স্ক্রু

ইস্ক্রু, স্ক্রুপ [ইস্‌ক্রু, ইস্‌ক্রুপ্] বি ধাতুর তৈরি প্যাঁচ যুক্ত [illegible]বিশেষ; প্যাঁচকাটা পেরেক। **স্ক্রুপের প্যাঁচ, স্ক্রুপের পাক** বি ১ (আল.) কুটিল ও বক্র মনোভাব। ২ [illegible]চক্রান্ত। {ই. screw. ওল. schroef}

ইস্তক, ইস্তেক [ইস্‌তক্, -তে-] অব্য পর্যন্ত; অবধি ([illegible] পাওয়া ইস্তক—রান; কুরঙ্গ ইস্তক [illegible] ইস্তেক কোটিপাতলুনে [illegible] —সৈমু)। ২ এমনকি (ইয়ারবক্সী [illegible] কোনো কথায় কান দিলেন না— [illegible])। ৩ [illegible] ▫ বি [illegible] সাহেব বিবি [illegible]। ~ **নাগাদ** [illegible] প্রথম থেকে শেষ পর্যন্ত; [illegible] কাল থেকে [illegible] —নজ; [illegible] ইস্তকনাগাদ—অচি)। ~ **জুতা সেলাই নাগাদ চণ্ডী পাঠ**—সংসারের ছোটবড়ো সব রকমের কাজ {হি. ইস্তক}

ইস্তফা, ইস্তাফা, এস্তফা [ইস্‌তফা, -তা-, এস্‌তফা] বি ১ কর্মত্যাগ; জবাব; চাকরি ইত্যাদি পরিত্যাগ (কাজকর্মে ইস্তফা দিয়ে—সৈমু)। ২ ক্ষান্তি; সমাপ্তি; শেষ (লেখাপড়ায় ইস্তফা দেওয়া—রাব)। ৩ ক্ষমা। {আ. ইস্‌তি'ফা' استعفاء }

ইস্তাহার ⇒ ইশতাহার

ইস্তিগফার [ইস্‌তিগ্‌ফার্] বি আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা। {আ. ইস্তিগ্‌ফার استغفار }

ইস্তিনজা ⇒ এস্তেনজা

ইস্তিমাল ⇒ এস্তেমাল

ইস্তিরি, ইস্ত্রি [ইস্‌তিরি] বি ১ ধোওয়া ও কোঁচকানো জামা-কাপড় সোজা ও মসৃণ করার জন্য ধাতব তৈরি যন্ত্রবিশেষ। ২ ধোওয়া ও কোঁচকানো জামা কাপড় সোজা ও মসৃণ করা কার্য। ~ **করা** ক্রি {পো. estirar}

ইস্তিলাহ, এস্তেলাহ [ইস্‌তিলাহ্, এ-] বি পারিভাষিক শব্দ। **ইস্তিলাহি** বিণ পারিভাষিক। {আ. বহুব ইস্‌তিলাহ্; একব ইস্তিলাহাত اصطلاح }

ইস্তেক → ইস্তক

ইস্তেকবাল, এস্তেকবাল [ইস্‌তেক্‌বাল্, এ-] বি অভ্যর্থনা; অভিনন্দন (গেস্ট-অব-অনারের ইস্তেকবালের জন্য ইন্তেজার করিতেছেন—আমআ) {আ. ইস্তিক্‌বাল استقبال }

ইস্তেমাল ⇒ এস্তেমাল

ইস্ত্রি ⇒ ইস্তিরি

ইস্পাত [ইশ্‌পাত্] বি অঙ্গারক ইত্যাদি দ্বারা কঠিনীকৃত লোহা; শক্ত লোহা; steel। {পো. এসপাদা espada; ই. steel}

ইস্পিরিট, স্পিরিট [ইস্‌পিরিট্] বি ১ সুরাসার; কোহল; আরক। ২ তেজ; বীর্য; জীবনীশক্তি (লোকটার স্পিরিট নাই)। ৩ উৎসাহ। ৪ তাৎপর্য; সার। (কথার স্পিরিট)। {ই. spirit}

ইস্প্রিং ⇒ স্প্রিং

ইস্প্রিং, স্প্রিং [ইস্‌পিরিঙ্] বি যন্ত্রাদি চালু রাখার কাজে ব্যবহৃত ধাতুর তৈরি কুণ্ডলীকৃত স্থিতিস্থাপক লোহার তারের বলয়বিশেষ (একটা স্প্রিং অনবরত তার পেছনে থেকে তাকে গুঁতো মেরেছে—নজ)। {ই. spring}

ইস্রাফিল ⇒ ইসরাফিল

ইস্লামিক ⇒ ইসলাম

ইহ [ইহ্] অব্য ১ এই স্থানে; এই জগতে; এইকালে। ▫ বি উপস্থিত; বর্তমান; এই (ছাড় ইহ ধাত—গোদা)। ~ **কাল** বি জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সময়; জীবিতকাল; এই জন্ম। ~ **জগৎ**, ~ **লোক**, ~ **সংসার** বি এই পৃথিবী; মর্ত্যলোক; এই সংসার। ~ **জন্ম**, ~ **জীবন** বি জীবনকাল; বর্তমান জীবন। {স. ইদম্>}

ইহরাম ⇒ এহরাম

ইহসান ⇒ এহসান

ইহা [ইহা] *সর্ব* এই বস্তু; এই বিষয়; এই {*স.* ইদম্>}

ইহানত, এহানত [ইহানত্, এ-] *বি* ঘৃণা; তাচ্ছিল্য। {*আ.* اهانة}

ইহুদি, ইহুদী [ইহুদি] *বি* ১ হিব্রু; প্রাচীন জুডিয়া দেশের লোক। ২ প্রাচীন ধর্ম সম্প্রদায়বিশেষ; Jew। **ইহুদিনী** *স্ত্রী*। {*আ.* য়হূদী يهودى}

ঈ

ঈ বাংলা স্বরবর্ণমালার চতুর্থ বর্ণ। এটি সংস্কৃত দীর্ঘস্বর এবং এর উচ্চারণ-স্থান তালু। এটি ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে 'ী' এইরূপ আকার প্রাপ্ত হয়; যথা ক+ঈ=কী; জ+ঈ=জী ইত্যাদি; এর নাম দীর্ঘ ঈ-কার= 'ী'। {*স.* ঈ}

-ঈ [ই] বাংলা ভাষার সাধু রীতিতে তদ্ধিত প্রত্যয় হিসাবে এটি কয়েকটি অর্থে ব্যবহৃত হতো : (১) বিশেষণীয় 'ঈ'—তেজী (লোক), নাকী (সুর), রেশমী (কাপড়), সুতী (মোজা), সরকারী (কাজ), দরকারী (কথা), দামী (জিনিস), (লোকটি এ-কাজের কাজী (নয়), রাগী (মানুষ)। (২) স্ত্রী-প্রত্যয় হিসাবে 'ঈ'—মামী, কাকী, চাচী, বানরী, গাধী। (৩) দেশের অধিবাসী বোঝাতে—কাবুলী, বাঙালী, পাঞ্জাবী, বিহারী, আরবী, ইরানী, তুরানী, আফগানী। (৪) ভাষা বোঝাতে—ইংরেজী, ফরাসী, হিন্দী, আরবী, ফারসী, আসামী, মৈথিলী, সিন্ধী, বেলুচী। (৫) কোনো বিশেষ শ্রেণীর ব্যবসায়ী বা কারিগর বোঝাতে—শাঁখারী, কেরানী, ঢাকী, কাঁশারী। বর্তমানে কিছু স্ত্রীপ্রত্যয় ছাড়া অতৎসম শব্দে সর্বত্র 'ই' (হ্রস্ব ই) প্রত্যয়ের ব্যবহার চালু হয়েছে। {*স.* ঈপ(ঙীপ্, ঙীষ), ইন্ প্রভৃতি}

ঈঃ [ইঃ] *অব্য* যন্ত্রণা ক্রোধ তুচ্ছতা ইত্যাদি সূচক শব্দ। {*ধ্বন্যা.*}

ঈ-কার [(দীর্ঘ) ইকার] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ঈ' স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ী' চিহ্ন। ২ 'ঈ' বর্ণ। **ঈকারাদি** *বিণ* আদিতে 'ঈ'-বর্ণবিশিষ্ট (ঈকারাদি শব্দ)। **ঈকারান্ত** *বিণ* অন্তে 'ঈ'-বর্ণ বিশিষ্ট (ঈকারান্ত শব্দ) {ঈ+কার}

ঈক্ষণ [ইক্‌খন্] *বি* ১ দর্শন; দৃষ্টি (করুণার অপাঙ্গ ঈক্ষণে ভাগ্যদান দেহ ভাগ্যহীনে—*শাহো*; কোন সকৌতুকে কটাক্ষ ঈক্ষণে—*সুমো*)। ২ নেত্র; নয়ন; চক্ষু। **ঈক্ষমাণ** *বিণ* দেখছে এমন; নিরীক্ষমাণ। **ঈক্ষিত** *বিণ* অবলোকিত; দৃষ্ট। {*স.* √ঈক্ষ্+অন(ল্যুট্)}

ঈগল [ইগল্] *বি* চিল জাতীয় মাংসাশী বৃহৎ পাখি—আধুনিক বাংলায় 'বাজ' পাখি, মধ্যবাংলায় 'সাচান'। ~**স্বভাব** *বিণ* হিংস্র প্রকৃতির (ঈগল স্বভাব তোর পূর্ব পুরুষরা—*আমা*)। {*ই.* eagle}

ঈতি [ইতি] *বি* শস্যোৎপাদনের ছয় প্রকারের বিঘ্ন—যথা: অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থিত বৈরী রাজা। {*স.* √ঈ+তি(ক্তিন্)}

ঈদ [ইদ্] *বি* ১ মুসলমানদের বিখ্যাত পর্বদ্বয়—ঈদুজ্জোহা ও ঈদুল্ ফিৎর (রোজার উপোস ভেঙে দিল যেন 'ঈদ-রাতে'—*মোম*)। ২ খুশি; উৎসব। ~**গা**, ~**গাহ** *বি* যে স্থানে একত্র হয়ে ঈদের নামাজ পড়া হয়; ঈদের নামাজ পড়ার জায়গা (আজ পড়বি রে মন ঈদের নমাজ সেই সে ঈদগাহে—*নই*)। **ঈদুল আজহা, ঈদুজ্জোহা** *বি* জুলহজ্জ চান্দ্রমাসের ১০ তারিখে কোরবান উৎসব। **ঈদুলফিতর, ইদুলফিতর** *বি* শওয়াল চাঁদের প্রথম তারিখে রমজানের রোজা ভঙ্গের উৎসব। {*আ.* 'ঈদ' عيد}

ঈদৃশ, ঈদৃক [ইদ্‌দৃশো, -ক্] *বিণ* এর মতো; এরূপ; এতাদৃশ (ঈদৃশ স্থানে মাদৃশ জনের এতদনুযায়ী ফললাভের সম্ভাবনা কোথায়?—*ঈবি*)। **ঈদৃশী** *বিণ স্ত্রী.* এমন; এতাদৃশী; এরূপ (পুত্রের ঈদৃশী অবস্থা দেখিয়া মাবিয়া যারপরনাই দুঃখিত ও চিন্তিত হইলেন—*মীম*)। **ঈদৃশীতাদৃশী** *বিণ* এমন তেমন; সামান্য; তুচ্ছ (ঈদৃশী-তাদৃশী নহ ঈশান ঈহিনী—*ভারা*)। {*স.* ইদম্+√দৃশ্+অ(ক্বিন্)}

ঈপ্সা [ইপ্‌সা] *বি* ১ পাওয়ার ইচ্ছা; বাঞ্ছা; আকাঙ্ক্ষা। ২ লোভ; লিপ্সা। **ঈপ্সিত** *বিণ* বাঞ্ছিত; অভিলষিত; আকাঙ্ক্ষিত। **ঈপ্সু** *বিণ* ইচ্ছুক; পেতে ইচ্ছুক। {*স.* √আপ্+সন্+অ+আ(টাপ্)}

ঈমান ⇒ ইমান

ঈরিত [ইরিতো] *বিণ* ১ প্রেরিত। ২ চালিত। ৩ কথিত। ৪ কম্পিত। {*স.* √ঈর্+ত(ক্ত)}

ঈর্ষা, ঈর্ষ্যা [ইর্‌শা, -শ্যা] *বি* ১ পরশ্রীকাতরতা; হিংসা (ইঁহার সৌভাগ্য দেখিয়া দুঃখ ও ঈর্ষ্যা করিয়াছিলাম—*ঈবি*)। ২ দ্বেষ। ৩ প্রেমিক-প্রেমিকার পরস্পর ভালোবাসায় সন্দেহজনিত মনোভাব। ~**তুর** *বিণ* ঈর্ষাপরবশ; পরশ্রীকাতর। ❑*বি* অন্যের মঙ্গল যে সহ্য করতে পারে না (ঈর্ষ্যাতুরের কুমন্ত্রণায় কোথায় যাবে, হে মোর ভীরু—*নই*)। ~**নল** *বি* দ্বেষরূপ অগ্নি। ~**ন্বিত** *বিণ* ১ হিংসাযুক্ত। ২ পরশ্রীকাতর। ~**ন্বিতা** *স্ত্রী*। ~**পরায়ণ**, ~**পরবশ**, ~**লু**, **ঈর্ষী**(-র্ষিন্) *বিণ* ১ হিংসুটে; পরশ্রীকাতর; হিংসার বশীভূত। ২ বিদ্বেষপরায়ণ। ~**মূলক** *বিণ* ঈর্ষাজনিত; মূলে হিংসা আছে এমন। {*স.* √ঈর্ষ্য্+অ+আ(টাপ্)}

ঈশ [ইশ্] *বি* ১ আল্লাহ; ঈশ্বর (পরমেশ, জগদীশ)। ২ প্রভু; স্বামী (একী লাবণ্যে পূর্ণ প্রাণ প্রাণেশ হে—*রঠা*)। ৩ রাজা; অধিপতি (লঙ্কেশ, সুরেশ, লোকেশ)। ~**ত্ব** *বি* ১ প্রভুত্ব। ২ নেতৃত্ব। ~**প্রাণতা** *বি* আল্লাহর প্রতি ভক্তি (নবীর জীবনে আশ্চর্য ঈশপ্রাণতা বিকশিত হইয়াছে—*এআ*)। {*স.* √ঈশ্+অ(ক)}

ঈশক ⇒ এশক
ঈশবগুল ⇒ ইসবগুল
ঈশা¹ ⇒ ঈষা
ঈশা² ⇒ ঈসা
ঈশান [ইশান্] *বি* ১ উত্তর-পূর্ব কোণ (ঈশানের পুঞ্জমেঘ অন্ধবেগে ধেয়ে চলে আসে—*রঠা*)। ২ (*আল*) হিন্দুমতে প্রলয়ের দেবতা; ধ্বংসের রাজা নটরাজ (ওরে ও তরুণ ঈশান, বাজা তোর প্রলয় বিষাণ—*নই*)। ৩ শিব; মহাদেব; মহেশ্বর (এমন সময় ঈশান তোমার বিষাণ উঠিল বাজিয়া—*রঠা*)। **ঈশানী** *স্ত্রী*। **~কোণ** *বি* পূর্ব ও উত্তর দিকের মধ্যবর্তী কোণ। {*স.* ঈশ্+ আন(চানশ্)}
ঈশিতা, ঈশিত্ব [ইশিতা, ইশিত্তো] *বি* ১ ঈশ্বরত্ব। ২ সকলের উপর প্রাধান্য বা প্রভুত্ব। ৩ অষ্ট ঐশ্বর্যের অন্যতম। {*স.* √ঈশিন্ + তা (তল্); *স.* ঈশ্ + তৃ(তৃচ), ত্ব}
ঈশ্বর [ইশশর্] *বি* ১ আল্লাহ; খোদা; বিধাতা; God। ২ সৃষ্টিকর্তা; স্রষ্টা। ৩ প্রভু; অধিপতি (দিল্লীশ্বর, গৌড়েশ্বর)। ৪ পতি; স্বামী। ৫ প্রণয়ী; হৃদয়েশ (পাইয়া ঈশ্বর পত্র লাইলী অস্থির—*দৌলত*)। ৬ গুরু (ঈশ্বরের স্ত্রী সনে করে পরিহাস—*ডাক*)। ৭ হিন্দুদের পবিত্র স্থান বা মৃতের নামের পূর্বে ব্যবহার্য মাহাত্ম্যজ্ঞাপক ' চিহ্ন (' পুরীধাম; ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)। ☐ *বিণ* শ্রেষ্ঠ; প্রধান (সুরেশ্বর)। **~কৃত, ~সৃষ্ট** *বিণ* অলৌকিক, অপৌরুষেয়। **~ত্ব, ~তা** *বি* ঈশ্বরের ভাব; ঈশ্বরের গুণ, divinity। **~দত্ত** *বিণ* অলৌকিক; খোদাপ্রদত্ত; বিধিদত্ত। **~নিষ্ঠ, ~ভক্ত, ~পরায়ণ** *বিণ* ১ ধার্মিক; ঈশ্বরের প্রতি নিষ্ঠা বা ভক্তি আছে এমন; আল্লাহওয়ালা। ২ আস্তিক। **~নিষ্ঠা, ~ভক্তি, ~পরায়ণতা** *বি*। **~প্রসাদাৎ** *ক্রিবিণ* ঈশ্বরের দয়ায় অনুগ্রহে বা কৃপায়; খোদার রহমতে। **~বাদ** *বি* ঈশ্বরের অস্তিত্ব স্বীকৃতিমূলক মত, আস্তিক্য। **~পরায়ণ** ⇒ **~নিষ্ঠ**। **~বাদী** *বিণ*। **~বাদিনী** *স্ত্রী*। **ঈশ্বরী** *বি স্ত্রী* ১ স্বামিনী; প্রভুপত্নী; অধিকারিণী (হৃদয়েশ্বরী)। ২ ঈশ্বরের পত্নী; দুর্গা; লক্ষ্মী; সরস্বতী (ঈশ্বরীরে পরিচয় কহেন ঈশ্বরী—*ভারা*)। **~সৃষ্ট** ⇒ **~কৃত**। {*স.* ঈশ্+ বর(বরচ্)}
ঈষ [ইশ্] *বি* লাঙ্গলের ফলা। {*স.* ঈষা>}
ঈষৎ [ইশত্] *বিণ, অব্য* কিঞ্চিৎ; অল্প; কিছু; সামান্য। **ঈষদচ্ছ** *বিণ* আলো আসতে পারে এমন কিন্তু স্বচ্ছ নয়; translucent (যে জিনিসের ভিতর দিয়ে আলো স্বচ্ছ পদার্থের মতো অনায়াসে চলাচল করে না এবং অস্বচ্ছ পদার্থের মতো সম্পূর্ণরূপে বাধা পায় না তাকে ঈষদচ্ছ পদার্থ বলে—...)। **ঈষদুচ্চ, ঈষদুত্থিত, ঈষদুন্নত** *বিণ* অল্প উচু; সামান্য উন্নত। **ঈষদুদ্ভিন্ন** *বিণ* ১ অল্প বিকশিত, স্বল্প প্রকটিত বা প্রকাশিত; সামান্য পরিমাণে প্রস্ফুটিত। ২ স্বল্প অঙ্কুরিত। ৩ অল্প ফাঁক (ঈষদুদ্ভিন্ন ওষ্ঠাধর)। **ঈষদুষ্ণ** *বিণ* সামান্য গরম; কবোষ্ণ; কুসুম কুসুম গরম। **ঈষদূন** *বিণ* কিছু কম; সামান্য কম। {*স.* ঈষ্+ অৎ(অতি)}
ঈষা, ঈশা [ইশা] *বি* ১ লাঙ্গলের দণ্ড। ২ সীতা। {*স.* ঈষ্+অ+আ}
ঈষিকা, ঈষীকা [ইশিকা] *বি* ১ কাশ তৃণ। ২ তুলি। ৩ হাতির অক্ষিগোলক। ৪ শর ইত্যাদি তৃণের কুশ; খড়কে। {*স.* ঈষ+ঈক(কীকন্)+আ; ঈষা+ক(কন্)+আ(টাপ্)}
ঈসা, ইসা, ঈশা [ইসা, -শা] *বি* আল্লাহর প্রেরিত একজন নবী; যিশু; খ্রিস্ট ধর্মের প্রবর্তক (চলে গেল 'ঈসা', 'মুসা' ও 'দাউদ'—*নই*)। **ঈসায়ী** *বিণ* ১ খ্রিস্টীয় (ঈসায়ী সন)। ২ যিশুর মতাবলম্বী। {*আ.* ঈসা عیسی}
ঈসামসিহ, ইসামসি [ইসামসিহ, -মসি] *বি* ১ ঈসা নবী; যিশুখ্রিস্ট। ২ (*আল*) আসল বিষয়; মূল কথা (শেষ ইসামসিতে সমাপ্তি—অর্থাৎ বাবুর বংশরক্ষার দুর্ভাবনা—*কেম*)। {*আ.* ⇒ঈসা + মসীহ্ مسیح}
ঈসায়ী ⇒ ঈসা
ঈহা [ইহা] *বি* ১ চেষ্টা। ২ ইচ্ছা; স্পৃহা। **ঈহিত** *বিণ*। **ঈহিতা, ঈহিনী** *বিণ স্ত্রী*। (ঈদৃশী আদর্শী নহ ঈশান-ঈহিনী—*ভারা*)। তুল. **অনীহা** *বিপ*। {*স.* √ঈহ্+অ+আ(টাপ্)}

উ

উ বাংলা স্বরবর্ণমালার পঞ্চম বর্ণ। এটি হ্রস্বস্বর; এর উচ্চারণ-স্থান ওষ্ঠ। এটি ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে হ্রস্ব উ-কার (ু) রূপ প্রাপ্ত হয়; যথা— ক+উ=কু; গু+উ=গু ইত্যাদি।
-উ বাংলা তদ্ধিত প্রত্যয় হিসাবে এর ব্যবহার লক্ষণীয় : (১) বিশেষণার্থে—চাল+উ=চালু, ঢাল+উ=ঢালু। (২) স্বার্থে— উঁচ + উ = উঁচু, উনু (উনু ভাতে দুনু বল)। (৩) আদরার্থে—লালু, দাদু, আব্বু, মামু, খালু, বড়ু, কানু, ফজলু।
উই [উই] *বি* সাদা রঙের পিপীলিকা জাতীয় কীটবিশেষ; বল্মীক। **~চারা, ~ঢিপি, ~ঢিবি** *বি* উইপোকা কর্তৃক নির্মিত মাটির স্তূপ; বল্মীক; উইপোকার বাসা। **~ধরা, ~য়ে ধরা, ~লাগা** *ক্রি* উইপোকা দ্বারা আক্রান্ত হওয়া। ☐ *বিণ* ১ উইপোকা দ্বারা ভুক্ত; উইয়ে খাওয়া। ২ উই ধরেছে এমন। **~রাজ, উলিরাজ** *বি* উইকীটের শত্রু লাল পিপীলিকার মতো কীটবিশেষ। {*স.* উপদীকা>উঅঈআ>উইআ>উই}
উইল [উইল্] *বি* ১ শেষ ইচ্ছাপত্র; মৃত্যুর পরে সম্পত্তি বণ্টন বিষয়ে মালিকের ইচ্ছানুসারে প্রস্তুত ব্যবস্থাপত্র। ২

যে দানপত্র দাতার মৃত্যুর পরে বলবৎ হয়। {ই will}

উইলো [উইলো] *বি* উইলো গাছ বা গুল্ম। {ই willow}

উঃ [উহ্] *অব্য* বিস্ময় ক্রোধ দয়া দুঃখ প্রভৃতির অভিব্যক্তিসূচক শব্দ। {*ধ্বন্যা.*}

উঁ [উঁ] *অব্য* ১ অ্যাঁ শব্দের সংক্ষিপ্ত রূপ; সাড়া দেওয়ার জন্য ব্যবহৃত শব্দ। ২ আক্রোশসূচক ধ্বনি। {*ধ্বন্যা.*}

উঁআঁ [উঁআঁ] *ক্রিবিণ* ১ উচ্চবাচ্য; সাড়াশব্দ; যন্ত্রণা প্রকাশক শব্দ। ২ শিশুর ক্রন্দন ধ্বনি। {*ধ্বন্যা.*}

উঁকি¹ [উঁকি] *বি* আড়াল থেকে দেখা; গোপনে দর্শন। **–ঝুঁকি** *বি* আড়াল থেকে ক্রমাগত এদিকে সেদিকে দৃষ্টিপাত। **– দেওয়া, ~ মারা** *ক্রি* গোপনে দেখা; লুকিয়ে দেখা। [*স.* উদক্ষি (উৎ + অক্ষি)>উঅক্‌খি>উঅঁখি> উঁখি>উঁকি, উকি]

উঁচকপালি, উঁটকপালি [উঁচ্‌কপালি, উট্‌-] *বিণ স্ত্রী.* ১ উঁচু ললাটের দরুন কুশ্রী (লোকে আমায় দেখলে বোধ হয় আমার 'উঁচকপালী' 'চিরুনদাঁতী' কথা প্রকাশ হয়ে পড়বে—*নই*; উটকপালী ঘুঁটে চোরের মা—*অঠা*)। ২ অলক্ষণা। **উঁচকপালে, উচকপালে, উটকপাল, উঁচাকপাল** *বিণ* ১ উজ্জ্বল ললাটবিশিষ্ট। ২ সৌভাগ্যশালী। **উটকপাল** ⇒ **উঁচকপাল**। {*স.* উচ্চ+ কপাল+ *বা.* ই.>; বহু}

উঁচল [উঁচল্] *বি* তৃণাদি মেড়ে শস্য কুড়ানো; ঝাড়ন; চালন। {*স.* উঞ্ছন>উঁচন>উঁচল}

উঁচলানো, ওঁচলানো [উঁচ্‌লানো, ওঁ-] *ক্রি* ঝাড়া; চাল কলাই প্রভৃতি তুঁষ ও কাঁকর থেকে পৃথক করা। {*স.* উৎ+√চালি=উচ্চালি>*বা.* উঁচল+আনো,>}

উঁচা, উঁচু, উচা, উচু [উঁচা, –চু, উচা, –চু] *বিণ* ১ উচ্চ (উঁচা উঁচা পাবত—*চর্যপদ*)। ২ উন্নত; উদার (উঁচু মন)। ৩ কর্কশ; রূঢ় (উঁচু কথা)। ৪ উৎকৃষ্ট (উঁচু দরের মালমসলা)। **উঁচানো, উচানো, ওঁচানো** *ক্রি* উত্তোলন করা; উঁচু করা। □*বি* উত্তোলন (লাঠি উঁচানো)। □*বিণ* ঊর্ধ্বমুখী; উত্তোলিত (ওঁচা প্রোফেসর তার ওঁচানো গোঁফ ফুলিয়ে তাকায় একবার—*অসে*)। **উঁচানিচা, উঁচুনিচু, উঁচুনিচু** *বিণ* অসমান; এবড়ো খেবড়ো; এবড়োখেবড়ো; বন্ধুর। **– কথা** *বি* রূঢ় কথা; স্পর্ধাপূর্ণ কথা। **~ গলা** *বি* উচ্চস্বর; মুক্তকণ্ঠ (উঁচুগলায় তার গুণগান করবার ভিতর কোন বিপদ নেই—*প্রচৌ*)। **– দরের** *বিণ* উন্নত শ্রেণির। **––নজর** *বিণ* উন্নত দৃষ্টিসম্পন্ন; বড়ো নজর যার এমন; উদার দৃষ্টিভঙ্গি বিশিষ্ট। {*স.* উচ্চ>*বা.* উচা>উঁচা, উঁচু}

উঁচানো [উঁচানো] *ক্রি* উঠানো; উত্তোলন করা। **উঁচিয়ে ওঠা** *ক্রি* হীন অবস্থা থেকে উন্নত হয়ে ওঠা (লোকটা দুদিনেই খুব উঁচিয়ে উঠেছে)। {*স.* উচ্চ>উঁচু+ আনো}

উঁচোট, উচোট, উচট [উঁচোট্, –উচো–, উচট্] *বি* ১ ঠোকর; চলার পথে পদাঙ্গুলিতে আকস্মিক আঘাতপ্রাপ্তি; হোঁচট (পা বাড়াতে না বাড়াতে উচট খাই—*সুদ*)। ২ আকস্মিক বাধাপ্রাপ্তিজনিত চমক (ট্রাফিক থমকে দাঁড়ায়, উঁচোট খায়—*বিদে*)। **উচট** ⇒ **উঁচোট**। {*স.* 'উচ্চাট>*বা.* উচাট>উঁচোট>উচট, হোঁচট}

উঁহু [উঁহুঁ] *অব্য* অসম্মতিজ্ঞাপক ধ্বনি; না।

উক¹ [উক্] *বি* আখ, sugarcane। {*স.* ইক্ষু>*প্রা.* উচ্ছু>*হি* উখা>উখ>}

উক², **উকা** [উক্, উকা] *বি* ১ অগ্নির কণা। ২ অগ্নি। ৩ মশাল। {*স.* উল্কা>উক্কা>*পা.* উকা>উকা>উক}

উকড়া, উকড়ো, উখড়া [উক্‌ড়া, –ড়ো, –খ–] *বি* মুড়কি; গুড় মিশ্রিত খৈ। {*স.* ইক্ষুগুড়>উক্‌খুড়> উখুড়+ *বা.* আ (বিশিষ্টার্থে)= *হি* উখুড়া>উখড়া, উকড়া}

উকা [উকা] *বি* 'উকা' নামক মাছ ধরার বাঁশ বা বেত নির্মিত ফাঁদ; ঘূর্ণি; শিকি। {উখচ>}

উকার [উকার্] *বি* ১ 'উ' বর্ণ। ২ ব্যঞ্জনবর্ণের সঙ্গে উ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত ' ু ' চিহ্ন। **উকারাদি** *বিণ* আদিতে 'উ' বর্ণবিশিষ্ট (উপকার)। **উকারান্ত** *বিণ* মধ্যে বা অন্তে 'উ' বর্ণ বিশিষ্ট (জাদু, পিউ)। {*স.* উ+কার}

উকি, উক্কি [উকি, উক্‌কি] *বি* ১ উদ্‌গার; হিক্কা; হেঁচকি। ২ বমি বমি ভাব (পাশ থেকে ওলাউঠো রুগীর বমির ভূমিকার মত উকির শব্দ শোনা যেতে লাগলো—*ক্যাসি*)। **–ওঠা** *ক্রি* হিক্কা তোলা। **~ তোলা** *ক্রি* হিক্কা তোলা। {*স.* হিক্কিকা>হক্কিআ>হক্কি>উক্কি>উকি ?}

উকিল [উকিল্] *বি* ১ আইন ব্যবসায়ী; ব্যবহারাজীব। ২ প্রতিনিধি; মুখপাত্র। ৩ মুসলমানদের বিয়েতে যে ব্যক্তি কনের সম্মতি নিয়ে বরকে জানায় (উকিল বাপ; সে আমার পক্ষে উকীল নিযুক্ত হইয়া অপরের সঙ্গে বিবাহ স্থির করিয়া আসিল—*মীম*)। **–নামা**⇒ ওকালতনামা। **উকিলি** *বিণ* উকিলসুলভ (উকিলি বুদ্ধি) {*আ.* রকীল وكيل }

উকুন [উকুন্] *বি* চুলের কীট; কেশকীট। {*স.* উৎকুণ>}

উকো ⇒ উখা²

উক্ত [উক্‌তো] *বিণ* ১ বলা বা কথিত হয়েছে এমন; ব্যক্ত। ২ উল্লিখিত। ৩ উচ্চারিত। ৪ নির্দিষ্ট। {*স.* √বচ্+ক্ত>}

উক্তি [উক্‌তি] *বি* ১ কথা; বচন; বাক্য। ২ উল্লেখ। ৩ কথন। **~পরম্পরা** *বি* পর পর উল্লেখ; ধারাবাহিক কথা। {*স.* √বচ্+তি(ক্তি)}

উখড়নো, উখড়ানো, ওখড়ানো [উখ্‌ড়নো, –ড়ানো, ওখ্–] *ক্রি* সমূলে উৎপাটন করা; উপড়ানো (তরু উপাড়িয়া গিরি উখাড়িয়া...—*ভারা*)। □*বি* উৎপাটন; উন্মূলন। □*বিণ* উৎপাটিত, উন্মূলিত। {*স.* উৎ+√স্খল্ +অন(ল্যুট)>; উৎ+খন>উৎখোড়ন>উখোড়ন; *তুল. হি* উখাড়না}

উখল, উখলি (*পদ্য.*) [উখল্, উখলি] *বি* উদূখল। {*স.* উদূখল>*প্রা.* ওক্‌খল>উখল}

উখা¹, **উঘা** [উখা, উঘা] *বি* ১ ডেকচি; হাঁড়ি। ২ উনুন; চুলা। {*স.* √উখ্+অ(ক)+আ(টাপ্); *তুল.* আখা=চুল্লি}

উখা², **উখো** [উখা, উখো] *বি* ধাতু দ্রব্যাদি ঘষবার লৌহনির্মিত যন্ত্রবিশেষ; রেতি (হাত পায়ের শিকলে উখো ঘসতে হবে দিনরাত—*রঠা*)। {*স.* উৎঘর্ষ>}

উখা³, **উখো**³ [উখা, –খো] *বি* বেতের তৈরি মাছ ধরার

যন্ত্রবিশেষ। { *স.* অক্ষি>? }

উগলানো, ওগরানো, ওগলানো [উগ্‌লানো, ওগ্‌রানো, -লা-] *ক্রি* বমন করা; উদ্‌গিরণ করা। { *স.* উদ্‌গিরণ> উগ্‌গিলন>উগলন, উগলানো, ওগলনো, ওগরানো}

উগ্র [উগ্‌গ্রো] *বিণ* ১ কোপন; অসহিষ্ণু (কেউ বা উগ্র কেউ বা মিঠে—*সদ*)। ২ তীব্র; উৎকট; ভয়ানক (উগ্র বিষ)। ৩ প্রখর; প্রচণ্ড (উগ্র তাপ)। ৪ রূঢ়; কর্কশ; তীক্ষ্ণ (উগ্রকণ্ঠ)। ৫ ক্রূর; নিষ্ঠুর (আমার কর্মের গতি উগ্র হইল মোর পতি—*কমু*)। □*বি* ১ ক্ষত্রিয় জাতিবিশেষ। ২ শিব; মহাদেব; শঙ্কর (উগ্রতপ করে উগ্র করিতে অপার—*ভারা*)। ~তা, ~ত্ব *বি*। ~**কণ্ঠ**, ~**স্বর** *বিণ* কর্কশ ও ক্রুদ্ধ কণ্ঠস্বরবিশিষ্ট। ~**কর্মা** *বিণ* অনায়াসে ভয়ানক কাজ করতে পারে এমন। ~**ক্ষত্রিয়** *বি* আগুরী জাতি; হিন্দু সম্প্রদায় বিশেষ। ~**চণ্ডা**, ~**চণ্ডী** *বিণ স্ত্রী.* ১ অতিশয় কোপনস্বভাবা ও কলহপরায়ণা (ঠাকুরানী আজকাল অতিশয় উগ্রচণ্ডা হইয়াছেন—*ঈবি*)। ২ ভয়ঙ্করী (সাজে রক্ষ অনীকিনী উগ্রচণ্ডা রণে...—*মদ*)। □*বি স্ত্রী.* চণ্ডিকা দেবী। ~**তপা** *বিণ* কঠোর তপস্যাকারী (উগ্রতপা মহর্ষিগণ—*বাব*)। ~**বীর্য** *বিণ* তীব্র তেজবিশিষ্ট; অতিশয় তেজস্বী; অত্যন্ত ঝাঁঝালো (সে আনন্দ উগ্রবীর্য সুরার মত নেশার ঘোর আনে—*বিব*)। ~**মূর্তি** *বিণ* ক্রুদ্ধ ও ভয়ানক চেহারাবিশিষ্ট। **উগ্রা** *বিণ স্ত্রী.* ১ অতিশয় কোপনস্বভাবা; কলহপরায়ণা। □*বি স্ত্রী.* যোগিনীবিশেষ। { *স.* √উচ্‌+র(রন্‌)}

উঘরানো, উঘড়ানো [উঘরানো, -ড়-] *ক্রি* ১ উন্মুক্ত করা (সিক্ত চরণ তব মোছব যতনে কুন্তলভার উঘারি—*রঠা*)। ২ *ক্রি* নগ্ন করা; উদ্‌ঘাটন করা। { *স.* উৎঘাটন>উগ্‌ঘাড়ন>উঘারণ> উঘরান+আনো> উঘরানো>উঘড়ানো}

উঘা ⇒ উঘা[১]

উঘাড়, উঘার [উঘাড়,-র্‌-] *বিণ* ব্যক্ত; প্রকাশিত (আবেগে আপন ভাব কহেন উঘাড়ি—*কৃক*)। { *স.* উদ্‌ঘাটিত>উগ্‌ঘাড়িঅ>উঘাড়ি>উঘার}

উচক্কা, উচাক্কা [উচক্‌কা, -চা-] *ক্রিবিণ* হঠাৎ; আচমকা। □*বিণ* ১ উঠতি; নব্য; অপরিপক্ব (উচক্ক বয়স এত মনে নাহি আসে—*ভারা*)। ২ অবাধ্য; হঠকারী। ৩ উড়ু-উড়ু। { *স.* উৎচক্ষু>উচক্‌খু>উচক্ক+আ = উচক্কা (পথ চলাকালে যে নীচের দিকে তাকিয়ে চলে না—এই মূল অর্থের বিস্তৃতিতে)}

উচট ⇒ উচোট

উচল (*পদ্য.*), **উচ্চল** (*পদ্য.*) [উচল, উচ্‌চল] *বিণ* উঁচু, উচ্চ (উচল পথের পথিক ওগো; অচল পথের যাত্রী—*সদ*; উচল জমিনে চিকচিকে পানি—*বআমি*; ভাগীরথী তীরে আছে পর্বত উচ্চল—*হেমা*; উচল বলিয়া অচলে চড়িনু—*চদা*)। { *স.* উচ্চ+ল= উচ্চল>উচল}

উচা ⇒ উঁচা

উচাটন [উচাটন্‌] *বিণ* ব্যাকুল; অস্বস্তিপূর্ণ; উৎকণ্ঠিত (শরাব বিনে হের গুলবন উচাটন—*নই*)। □*বি* ব্যাকুলতা; উৎকণ্ঠা। { *স.* উচ্চাটন>}

উচিত [উচিত্‌] *বিণ* ১ কর্তব্য। ২ যোগ্য; উপযুক্ত। ৩ যথার্থ; ন্যায্য। **ঔচিত্য** *বি*। ~**বক্তা** *বিণ* উচিত কথা বলে এমন। { *স.* √উচ্‌+ত(ক্ত)}

উচুর (*মবা.*) [উচুর্‌] *বিণ* অধিক; অতিরিক্ত (বেলা হইল উচুর প্রচুর ভয় মনে—*ভারা*)। { *স.* উচ্চৈঃ>}

উচোট ⇒ উচোট

উচ্চ [উচ্‌চো] *বিণ* ১ উঁচু; তুঙ্গ (উচ্চ পর্বত)। ২ উন্নত; মহৎ (উচ্চ হৃদয়)। ৩ সম্ভ্রান্ত (উচ্চ বংশ)। ৪ চড়া (উচ্চ মূল্য)। ৫ ঊর্ধ্বতন (উচ্চ কর্মচারী)। ৬ বড়ো বা সম্মানজনক (উচ্চ পদ)। ~**তা** *বি*। ~**গ্রাম** *বি* উন্নত শ্রেণি; উন্নত পর্যায় (উচ্চগ্রামের প্রতিভা)। ~**বাচ্য** *বি* ১ সাড়াশব্দ। ২ প্রতিবাদ। ৩ কোনো কথা উত্থাপন। ~**বিদ্যালয়** *বি* যে প্রতিষ্ঠানে প্রবেশিকা বা মাধ্যমিক স্তর পর্যন্ত পাঠ দেওয়া হয়; high school। ~**রোল** *বি* উচ্চ শব্দ বা চিৎকার। ~**হাসি**, ~**হাস্য** *বি* অট্টহাস্য; কলরবময় হাস্য। { *স.* উৎ + √চি + অ(ড)}

উচ্চকিত [উচ্‌চোকিতো] *বিণ* ১ উৎকণ্ঠিত; উদ্বেগকম্পিত; ত্রস্ত (ঘনায় ছাপা মোহন মায়া উচ্চকিত রবে—*সদ*)। ২ চঞ্চল। { *স.* উৎ+চকিত=উচ্চকিত}

উচ্চণ্ড [উচ্‌চন্‌ডো] *বিণ* ১ প্রচণ্ড (যেখানে মানুষ তৈরি নেই, মত তৈরি হয়েছে, সেখানকার উচ্চণ্ড দণ্ডনায়কদের আমি বিশ্বাস করিনে—*রঠা*)। ২ অতি কোপন। ৩ ভীষণ। ৪ দুর্দান্ত। { *স.* উৎ+√চণ্ড+অ(অচ)}

উচ্চয়, উচ্চায় [উচ্‌চয়,— চায়] *বি* ১ চয়ন; সংগ্রহ (পুষ্পোচ্চয়)। ২ রাশি; পুঞ্জ (সমুচ্চয়) (এই শব্দের স্বতন্ত্র ব্যবহার নেই)। { *স.* উৎ+√চি + অ(অচ)}

উচ্চরণ [উচ্‌চরন্‌] *বি* ১ উচ্চারণ; ব্যক্তকরণ। ২ ঊর্ধ্বে বিচরণ। **উচ্চরিত** *বিণ* উক্ত; কথিত; ব্যক্ত; উল্লিখিত; উচ্চারণ করা গেছে এমন। { *স.* উৎ + √চর্‌ + অন(ল্যুট)}

উচ্চল ⇒ উচল

উচ্চাকাঙ্ক্ষ [উচ্‌চাকাঙ্‌খো] *বিণ* উচ্চাভিলাষী; উচ্চাকাঙ্ক্ষী। { *স.* উচ্চ + আকাঙ্ক্ষা; বহু}

উচ্চাটন [উচ্‌চাটন্‌] *বি* ১ চঞ্চলকরণ। ২ তন্ত্রমতে অভিচার দ্বারা মনের ব্যাকুলতা সৃষ্টির অনুষ্ঠানবিশেষ (তিনি শিখেছিলেন শুধু উচ্চাটনের মন্ত্র—*প্রচৌ*)। ৩ উৎকণ্ঠা; ব্যাকুলতা; চঞ্চলতা। ৪ উৎপীড়ন। □*বিণ* চঞ্চল; অশান্ত; উচাটন; ব্যাকুল। { *স.* উচ্চ+√অট্‌+অন}

উচ্চাবচ [উচ্‌চাবচো] *বিণ* উঁচুনিচু; বন্ধুর; অসমান (উচ্চাবচ বক্রপথে সারা বিশ্ব পরিক্রমা ক'রে—*সুদ*)। ~**তা** *বি* অমসৃণতা; বন্ধুরতা (ঐশ্বর্য তার শষ্পাবরণে নয়, উগ্র রুক্ষ রিক্ততায় উচ্চাবচতায়—*অচিসে*)। { *স.* উদক্‌+ অবাক্‌ (নিপাতনে)}

উচ্চায় ⇒ উচ্চয়

উচ্চার [উচ্‌চার্‌] *বি* ১ মল; বিষ্ঠা। ২ মলত্যাগ। { *স.* উৎ+√চর্‌+অ(ঘঞ) = উচ্চার—যা অপান বায়ুর বেগে ত্যাগ করা হয়}

উচ্চারণ [উচ্‌চারোন্‌] *বি* ১ মুখ দ্বারা ধ্বনি সৃষ্টি। ২ বাচন;

কথন। ৩ ব্যক্তকরণ; প্রকাশকরণ। ৪ বাচনভঙ্গি। ~তত্ত্ব *বি* ধ্বনিবিজ্ঞান; phonetics। ~বিভ্রাট *বি* ১ বিকৃত বা ভুল উচ্চারণ। ২ বিকৃত উচ্চারণের ফলে উদ্ভূত বিশৃঙ্খলায় বানান অর্থ ইত্যাদির বিকৃতি। **উচ্চারণীয়, উচ্চার্য** *বিণ* ১ উচ্চারণ করতে হবে এমন; উচ্চারণযোগ্য। ২ উচ্চারণ করা উচিত এমন। **উচ্চারিত** *বিণ* উচ্চারণ করা হয়েছে এমন। **উচ্চার্যমাণ** *বিণ* উচ্চারিত হচ্ছে এমন। { *স.* উৎ+√চারি+অন(ল্যুট)}

উচ্চাশয় [উচচাশয়] *বি* উদারতা; সহৃদয়তা। ☐ *বিণ* উন্নতচেতা; উদার প্রকৃতি বিশিষ্ট। { *স.* উচ্চ+আশয়; বহু}

উচ্চিংড়া, উচ্চিংড়ে, উইচিংড়ি [উচচিঙড়া, ~ড়ে, উইচিঙড়ি] *বি* পতঙ্গবিশেষ (ঝিঁঝি–পোকা ও উইচিংড়িরা প্রাণপণে ডাকচে—*প্যাম্রি*)। { *স.* উচ্চিঙ্গট}

উচ্চিঙ্গট, উচ্চুঙ্গ, উৎরিঙ্গে (বিরল) [উচচিঙগট, উচচুঙগ, উতরিঙগে] *বি* উচ্চিংড়ে (হ্যাঁ ভাই উৎরিঙ্গে! তুমি কি তিড়িং তিড়িং করে লাফিয়ে আকাশ ফড়িং ধরছ—*নই*)। { *স.* উৎ+চিঙ্গট}

উচ্চৈঃ [উচচৈ] *অব্য* উচ্চ; উন্নত; প্রচুর; অধিক। ~স্বর *বি* উচ্চরব; চিৎকার। ~স্বরে *ক্রিবিণ* উচ্চরবে; চিৎকার করে; ডাক ছেড়ে; জোর গলায়।~শ্রবাঃ (~বস্), **উচ্চশ্রবা** *বি* ইন্দ্রের বাহন। { *স.* উৎ+ √চি+ঐস}

উচ্ছন্ন ⇒ উৎসন্ন

উচ্ছল [উচছল] *বিণ* ১ উথলিয়ে বা ছাপিয়ে উঠছে এমন (উচ্ছল ছলছল তটিনী তরঙ্গে—*রঠা*)। ২ সর্বত্র ব্যাপ্ত। ৩ স্ফীত। ৪ উচ্ছ্বাসময়; চঞ্চল। ~ন *বি* উচ্ছল বা উচ্ছ্বসিত হওয়া; উথলন। **উচ্ছলিত, উচ্ছলিত** *বিণ* ১ উচ্ছ্বসিত; উথলিত। ২ উৎক্ষিপ্ত। ৩ উদগত (অতিকষ্টে উচ্ছলিত শোকাবেগের সংবরণ করিলেন—*ঈবি*)। { *স.* উৎ+√শল্+অ(অচ)}

উচ্ছা ⇒ উচ্ছে

উচ্ছিত্তি [উচছিত্‌তি] *বি* ১ উচ্ছেদ; সমূলে উৎপাটন। ২ বিনাশ। { *স.* উৎ+√ছিদ্(ছেদনে)+তি(ক্তি) = উচ্ছিত্তি}

উচ্ছিদ্যমান [উচছিদদোমান] *বিণ* উন্মূলিত হচ্ছে এমন। { *স.* উৎ+√ছিদ্+মান(শানচ)}

উচ্ছিন্ন [উচছিননো] *বিণ* ১ উৎপাটিত; উন্মূলিত। ২ উৎসাদিত; বিনষ্ট (কিয়ৎক্ষণ মধ্যেই আমি রাজার সমস্ত সৈন্য উচ্ছিন্ন করিতেছি—*ঈবি*)। ৩ নির্মূল; বিলুপ্ত (শেষ আশাও উচ্ছিন্ন হইল—*ঈবি*)। { *স.* উৎ+√ছিদ্+ত(ক্ত)}

উচ্ছিলীন্ধ্র [উচছিলিনদ্রো] *বি* ছাতা; কোঁড়ক (উচ্ছিলীন্ধ্রের মত দুর্দিনের উচ্ছ্বাস—*কেম*)। ☐ *বিণ* বিকশিত শিলীন্ধ্রযুক্ত। { *স.* উৎ + শিলীন্ধ্র (কদলী–পুষ্প)}

উচ্ছিষ্ট [উচছিশটো] *বিণ* ১ ভুক্তাবশেষ; এঁটো। ২ আহারান্তে পানি দিয়ে ধোয়া হয়নি এমন (উচ্ছিষ্ট হাত)। ৩ রন্ধন করা অন্নব্যঞ্জনাদি ব্যবহারে স্পৃষ্ট হয়েছে এমন। ৪ পরিত্যক্ত। ৫ ভোগ করা হয়েছে এমন। ~ভোজী *বিণ* ১ অপরের ভুক্তাবশেষ আহারকারী। ২ হীন; পরমুখাপেক্ষী। **উচ্ছিষ্টান্ন** *বি* ভুক্তাবশিষ্ট অন্ন বা খাদ্যসামগ্রী। { *স.* উৎ+ √শিষ্+ত(ক্ত)}

উচ্ছৃঙ্খল [উচছিঙখল] *বিণ* ১ বিশৃঙ্খল; অনিয়ন্ত্রিত। ২ স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী। ৩ অমিতাচারী; সমাজের অননুমোদিত রীতিতে চলে এমন। ৪ শৃঙ্খলহীন; বন্ধনমুক্ত। ~তা *বি* ১ যথেচ্ছাচার। ২ নিয়মবিরোধিতা। { *স.* উৎ+শৃঙ্খল}

উচ্ছে [উচছে] *বি* ১ রন্ধনোপযোগী তিক্তস্বাদ সবজিবিশেষ। ২ তিতকরলা; ছোট করলা। { *স.* উচ্চত্বক>?}

উচ্ছেদ [উচছেদ] *বি* ১ উৎপাটন; উন্মূলন; উৎসাদন। ২ বিনাশ। ~ক *বিণ* উচ্ছেদকারী। ~নীয়, **উচ্ছেদ্য** *বিণ* উচ্ছেদযোগ্য। { *স.* উৎ+√ছিদ্+অ(ঘঞ্)}

উচ্ছোষণ [উচছোশোন] *বিণ* ১ ঊর্ধ্বশোষক; দ্রুত শোষণকারী। ২ সন্তাপক। ☐ *বি* ১ ঊর্ধ্বশোষণ। ২ সন্তাপন। **উচ্ছোষিত** *বিণ* ১ শুষ্কীকৃত। ২ সন্তাপিত। **উচ্ছোষক** *বিণ* উচ্ছোষক কাগজ; blotting paper। { *স.* উৎ+√শুষ্+ণিচ্+অন(ল্যুট)}

উচ্ছ্রয়, উচ্ছ্রায় [উচছ্রয়, উচছ্রায়] *বি* ১ উচ্চতা। ২ উন্নতি। **উচ্ছ্রায়ী** *বিণ* ঊর্ধ্বগামী; উন্নতিশীল। **উচ্ছ্রিত** *বিণ* ১ স্ফীত; উদ্বেলিত (অফুরন্ত আনন্দে উচ্ছ্রিত হইয়া—*কাআও*)। ২ বৃদ্ধিপ্রাপ্ত। ৩ উদ্‌গত; উৎপন্ন। **উচ্ছ্রিতি** *বি* উচ্চতা; উচ্ছ্রায় (তদানীন্তন মনোজগতের উচ্ছ্রিতি ও পরিব্যাপ্তির নিদর্শন হিসাবে—*সুদ*)। **উচ্ছ্রিয়া** *অক্রি* উচ্ছ্রিত হয়ে; উথলে; স্ফীত হয়ে (উচ্ছ্রিয়া উঠিবে বিশ্ব পুঞ্জপুঞ্জ বস্তুর পর্বতে—*রঠা*)। { *স.* উৎ+√শ্রি+অ(ঘঞ্) = উচ্ছ্রয়, >}

উচ্ছ্বসন [উচছশন] *বি* ১ উচ্ছ্বাস। ২ উথলন; স্ফীতি। ৩ শ্বাস–প্রশ্বাস ক্রিয়া। ৪ উছলানো। **উচ্ছ্বসিত** *বিণ* ১ স্ফীত; উচ্ছলিত। ২ আকুল (উচ্ছ্বসিত ক্রন্দনে ভেঙে পড়া)। { *স.* উৎ+√শ্বস্+অন(ল্যুট)}

উচ্ছ্বাস [উচছাশ] *বি* ১ প্রবল ভাবাবেগ (...তাদের কথায় তিস্‌তা নদীর উচ্ছ্বাস—*শাহ*)। ২ উল্লাস। ৩ বিকাশ; স্ফুরণ। ৪ নিঃশ্বাস। ৫ স্ফীতি। **উচ্ছ্বাসিত** *বিণ* ১ উচ্ছ্বসিত করা হয়েছে এমন। (এত ছন্দ এত ভাবে উচ্ছ্বাসিত প্রীতি—*রঠা*)। ২ উন্মোচিত; বিকশিত। { *স.* উৎ+√শ্বস্+অ (ঘঞ্)}

উছল [উছল] *বিণ* ১ উচ্ছলিত; উছলে উঠছে এমন (পাষাণ হতে উছল স্রোতে বহায় যদি—*রঠা*)। ২ উদ্বেল। **উছলানো, উছলনো** *ক্রি* ১ উথলে ওঠা। ২ স্ফীত হয়ে বা ছাপিয়ে ওঠা। ☐ *বি* উথলন। ☐ *বিণ* উথলিত। উছলিত *বিণ*। { *স.* উৎ + √শল্+অ>*প্রা.* উচ্ছল>}

উছাস (*পদ্য.*) [উছাশ] *বি* উচ্ছ্বাস–এর কোমল রূপ; প্রবল ভাবাবেগের প্রকাশ (মনে পড়ে সেই হৃদয়–উছাস নয়নকূলে—*রঠা*)। { *স.* উচ্ছ্বাস>}

উছিলা ⇒ অসিলা

উছোই [উছোই] *বিণ* প্রবল ভাবাবেগপূর্ণ; উচ্ছলতাময় (কামকাজের ফাঁকে ফাঁকে যৌবনের উছোই আনন্দে দিন কাটায়—*সজ*)। { *স.* 'উচ্ছলিত'> *আঞ্চ.* উছোই}

উজবক, উজবুক [উজবক, ~বুক] *বিণ* ১ আহাম্মক; মূর্খ

(কোত্থেকে উজবুকটা এলোরে—*সেশা*)। ২ অশিক্ষিত। ☐*বি* উজবেগ; তাতার জাতিবিশেষ { *তু* উজবক ازبك }

উজর, উজোর, উজল *(পদ্য.)* [উজর,–জো–,উজল] *বিণ* উজ্জ্বল (শামিকখ তুমি শুদ্ধ করেছ্ উজল করেছ খাঁটি –*সদ*)। **উজলা** *ক্রি* উজ্জ্বল হওয়া (মণি মণি উজলে উঠ, এই সরোবরের জলে আমি নাইব—*দমি*)। **উজলানো** *ক্রি* উজ্জ্বল করা। { *স.* উজ্জ্বল>(ল=র) }

উজরত [উজরত্] *বি* পারিশ্রমিক; বেতন। { *আ.* উজরত اجرة }

উজাগর [উজাগর্] *বিণ* বিনিদ্র; নিদ্রাহীন। { উৎ+জাগর = উজ্জাগর>উজাগর }

উজাড়, উজোড়, উজার (বিরল) [উজাড়্, –জো–, উজার্] *বিণ* ১ শূন্য; খালি; নিঃশেষ (থলি ঝুলি উজাড় করে ফেলে যা আছে তোর ফুরাল রাতারাতি—*রঠা*)। ২ জনহীন; বসতিশূন্য। ☐*বি* জনশূন্য স্থান; বিরান জায়গা। { *স.* উচ্চাট> *হি* উজাড় }

উজান [উজান্] *বি* স্রোতের বিপরীত দিক। ২ জোয়ার। ৩ বিপরীত; উল্টা। ~**ভাটি** *বি* জোয়ার-ভাঁটা। **উজানো** *ক্রি* উজান দিকে যাওয়া। ২ অতিক্রম করা; পার হওয়া (অরণ্য বন কত প্যাহাড় উজাই—*দমি*)। ☐*বি* উজান দিকে গমন। ☐*বিণ* উজান দিকে চলেছে এমন। **উজানি** *বি* জোয়ার (হেনকালে দেখে নদী ধরিছে উজানী—*মৈগী*)। { *স.* উদ্ধান>উজ্জান> উজান }

উজার ⇒ উজাড়

উজাল, উজালা, উজিয়ালা *(মব্য.)* [উজাল্,–লা, উজিয়ালা] *বিণ* উজ্জ্বল; দীপ্তিমান (সরস বর্ণনা যেন উজাল দর্পণ—*সৈআ*; সেই ফুলেরই রং লেগে আজ ত্রিভুবন উজালা—*নই*; লস্কর নায়কমণি জহা উজিয়ালা—*দৌবা*)। { *স.* উজ্জ্বল> }

উজির, উযির, ওযির (বিরল) [উজির্, ও–] *বি* মন্ত্রী; অমাত্য (আমি যদি বাদসাহ হইব তবে তোমারদিগকে ওজির করিব—*রাম*)। **উজিরে আজম, ~ আলা** *বি* প্রধানমন্ত্রী। **উজিরি, উজিরালি** *বি* মন্ত্রিত্ব (উজিরি করা আর মন্ত্রণা দেওয়া ছাড়া আর কোন কাজ করা আমার দ্বারা হবে না—*অঠা*)। ~**জাদা, ওজির-জাদা** (বিরল) *বি* মন্ত্রিপুত্র (ওজিরজাদা বড়ই অনুগ্রহ করেন তাহাকে—*রাম*)। ~**জাদি** *স্ত্রী*। { *আ* ওজির وزير }

উজোর *(প্র.)* [উজোর্] *বিণ* উজ্জ্বল (আঁচরে উজোর—*বিপ*)। { *স.* উজ্জ্বল }

উজ্জয়িনী, উজ্জয়নী [উজ্‌জোয়িনি,–য়–] *বি* প্রাচীন নগরবিশেষ; রাজা বিক্রমাদিত্যের রাজধানী। { *স.* উৎ+√জি+অন(ল্যুট্)+ঈ(ঙীপ্),> }

উজ্জীবন [উজ্‌জিবোন্] *বি* ১ সঞ্জীবন; নবজীবন সঞ্চার। ২ মৃতপ্রায় হয়ে বা মারা গিয়ে পুনরায় চেতনা লাভ। ৩ বিস্মৃত বিষয়ের পুনরুত্থান। **উজ্জীবিত** *বিণ* ১ নবজীবনপ্রাপ্ত। ২ মৃতপ্রায় হয়ে পুনরায় প্রাণপ্রাপ্ত। ৩ বিলুপ্ত বা বিস্মৃত ঘটনা বা বিষয়; নবীভূত। { *স.* উৎ+ জীবন }

উজ্জ্বল [উজ্‌জল্] *বিণ* ১ আলোকিত; দীপ্তিমান। ২ তীক্ষ্ণ; প্রখর (মোর বুদ্ধি হন্তে বুদ্ধি উজ্জ্বল তোমার—*সৈআ*)। ৩ উদ্ভাসিত; শোভমান; ঝলমলে। ☐*বি* ঔজ্জ্বল্য (অঙ্কল অন্তরে যেন দীপের উজ্জ্বল—*সৈআ*)। ~**তা, ঔজ্জ্বল্য** *বি*। ~ **রস** *বি* রস শাস্ত্র বর্ণিত শৃঙ্গার রস। **উজ্জ্বলিত** *বিণ* ১ প্রদীপ্ত; প্রজ্বলিত। ২ উজ্জ্বল হয়ে উঠেছে বা করা হয়েছে এমন। ৩ পরিষ্কৃত। { *স.* উৎ+√জ্বল+অ(অচ্) }

উঞ্চ, উঞ্চল *(মব্য.)* [উনচ, উনচল] *বিণ* উচ্চ (দুস্তর দেয়াল উঞ্চ গিরিশৃঙ্গ সম—*কাদৌ*; কাদএ উঞ্চল রোলে দীর্ঘল নিঃশ্বাসে—*দৌবা*)। **উঞ্চল-পাঞ্চল** *বি* ওলটপালট (তবে সে সুধা উঞ্চল পাঞ্চল—*দৌবা*)। { *স.* উচ্চ>*প্রা.* উঞ্চ+ল; *স.* উত্থান>*প্রা.* উত্থল্ল> *মব্য.* উঞ্চল> }

উঞ্ছ [উনছো] *বি* ১ হীনজীবিকা; তুচ্ছবৃত্তি; জীবিকা নির্বাহের জন্য পরিত্যক্ত শস্যকণা সংগ্রহ কার্য। ২ পরিত্যক্ত অংশ (এই ফসলের উঞ্ছনে—*সদ*)। ☐*বিণ* হীন; নীচ; ওঁচা (সংসারের যত উঞ্ছ কাজ সব তাহার ঘাড়ে—*বিব*)। ~**জীবী, ~শীল** *বি,বিণ* ১ উঞ্ছবৃত্তিযোগে জীবিকা নির্বাহকারী। ২ ক্ষেত্রে পরিত্যক্ত শস্যকণা সংগ্রহ করে যে জীবিকা নির্বাহ করে। ~**বৃত্তি** *বি* ১ নীচবৃত্তি; হীন-জীবিকা। ২ উঞ্ছকর্মদ্বারা জীবিকানির্বাহ (যাচকের উঞ্ছবৃত্তি আত্ম-অপমান—*শাহো*)। ৩ স্বল্প উপকরণে জীবন যাপন (আজ তুমি উঞ্ছবৃত্তি করেছ গ্রহণ—*সদ*)। ~**লোভী** *বিণ* উঞ্ছবৃত্তিতে আগ্রহী (উঞ্ছলোভী মূষিকে সে সিদ্ধিদাতার বাহন করে—*সদ*)। { *স.* √উঞ্ছ + অ(ঘঞ্) }

উট [উট্] *বি* কুব্জপৃষ্ঠ পশুবিশেষ; উষ্ট্র। ~**চোখো** *বিণ* উটের মতো ক্ষুদ্র চক্ষু বিশিষ্ট। ~**পাখি** *বি* উটের মতো লম্বা গলাবিশিষ্ট স্থলচর বৃহৎ পাখি। ~**মুখো** *বিণ (ব্য.)* উটের মতো কদাকার মুখ বিশিষ্ট। { *স.* উষ্ট্র>*প্রা.* উট্ট, উটঠ>উট }

উটকা, উটকো[১] [উট্‌কা, –কো] *বিণ* স্বামীগৃহ থেকে কেবলই পিতৃগৃহে পলায়ন করে এমন (উটকা/উটকো বউ)। { *স.* √অট্ (গমন অর্থে)+ক(কন্)>*বা.* উট্‌ক+আ(টাপ্) }

উটকানো, উটকনো [উট্‌কানো, উট্‌কনো] *ক্রি* তন্ন তন্ন করে খোঁজা; উলটপালট করে সন্ধান করা। ☐*বি* ১ অন্বেষণ; অনুসন্ধান। ২ অনুসন্ধানের জন্য জিনিসপত্র উলটপালটকরণ। ☐*বিণ* উলটানো-পাল্টানো হয়েছে এমন। { *স.* উৎ+√ক্ষিপ্>*বা.* উটকা+আনো> }

উটকো[২], **উটক**[২] [উট্‌কো] *বিণ* ১ উদ্ভট; বাজে; অবিশ্বাস্য (উটকো কথা)। ২ অনির্ভরযোগ্য; অবিশ্বাস-যোগ্য; ভিত্তিহীন (উটকো খবর)। ৩ অপরিচিত; অজানা; আগন্তুক; অবাঞ্ছিত (উটকো লোক) ৪ অপ্রত্যাশিত; আকস্মিক। ৫ কিম্ভূত; কদাকার (উটকোমুখো)। ৬ চঞ্চলচিত্ত। ☐*ক্রিবিণ* হঠাৎ; আকস্মিকভাবে (কত মানুষ কত অসময়ে উটকো এসে হাজির হয়—*ওয়ালি*)। ~**খবর** *বি* অবিশ্বাস্য বা ভিত্তিহীন সংবাদ। ~ **মানুষ** *বি*

অপরিচিত ব্যক্তি। ~মুখো *বিণ* কিম্ভুতদর্শন; কদাকার (যার সঙ্গেই হোক না কেন, উটকোমুখো, তোর সঙ্গে নয়—*অচিসে*)। {*সং.* উষ্ট্> উট+ কো; *স.* উদ্ভট>}

উটজ [উটজ] *বি* কুঁড়েঘর; পর্ণকুটির। **–শিল্প** *বি* কুটির শিল্প {*স.* উট (তৃণপর্ণাদি) + জ(জাত)}

উটনো, উটনা, উঠনো, উঠনা [উটনো,–না, উঠনো, উঠনা] *বি* ১ ধার; বাকি (গঙ্গা মুদি শাসিয়ে গেছে উঠনো আর দেবে না—*অচিসে*)। ২ একই স্থান হতে নিয়মিত ধারে দ্রব্যাদি ক্রয়করণ। **~ওয়ালা** *বিণ* ধারে দ্রব্যাদি ক্রয়কারী (যদি ভিতরকার সব খবর ন্যান, তাহলে পাওনাদার মহাজন; উঠনোওয়ালা কুলীনের ছেলে বিস্তর দেখতে পাবেন—*প্যামি*)। {*স.* উত্থান>}

উঠতি, উটতি [উঠ্‌তি,–ট্–] *বি* উন্নতি; বৃদ্ধি। ☐ *বিণ* ১ উন্নতিশীল (এখন তার উঠতি অবস্থা)। ২ নবীন (উঠতি বয়সের ছেলে)। ৩ বৃদ্ধিশীল; চড়তি। **~-পড়তি** *বি* ১ ওঠানামা। ২ বাড়তি-ঘাটতি। **~ বয়স** *বি* নবীন বয়স; নবযৌবন। **~র মুখ** *বি* উন্নতির সূত্রপাত। {*স.* উত্থিতি>উটতি>উঠতি; *স.* উৎ+√স্থা>উট্‌ঠ>}

উঠন[১] [উঠন্] *ক্রিবি* ১ ওঠা; গাত্রোত্থান। ২ ফোলা; স্ফীত হওয়া। {*স.* উত্থান>}

উঠন[২] ⇒ উঠান

উঠন্ত [উঠন্‌তো] *বিণ* উঠছে এমন; উদীয়মান; বৃদ্ধিশীল। {বা √উঠ্+অন্ত = উঠন্ত}

উঠবন্দি, ওঠবন্দি [উঠ্‌বোনদি, ওঠ্–] *বি* জমি চাষ আবাদের জন্য রায়তদের সহিত মালিকের মেয়াদি বন্দোবস্তবিশেষ। {*বা.* উঠ + *ফা.* বন্দোবস্ত>}

উঠবোস, ওঠবোস [উঠ্‌বোশ্, ও–] *বি* ১ ক্রমান্বয়ে উঠে ও বসে যে ব্যায়াম। ২ অনবরত ওঠা ও বসা প্রক্রিয়ায় প্রদত্ত শাস্তি। {*স.* উৎ+√স্থা>*প্রা.*, উট্‌ঠ+উপ+√বিশ্> (উপবেশন>)বসা, ওঠাবসা>}

উঠয়ে (*ব্র.*) [উঠয়ে] *ক্রি* ওঠে (উঠিয়ে মঝু কাঁপ—*বিপ*)। **উঠল** (*ব্র.*) *ক্রি* উঠল (হৃদয় উঠল মঝু কাঁপি—*বিপ*)। **উঠলুঁ** (*ব্র.*), উঠনু—উঠলাম। {*স.* উৎ+√স্থা>*প্রা.* উট্‌ঠ>}

উঠসার, ওঠসার [উঠ্‌শার্, ও–] *বি* দাবা বড়ে খেলায় কিস্তিবিশেষ। ☐ *বিণ* উদ্ধারের কোনো পথ নেই এরূপ (তাহার সর্বনাশ উপস্থিত; উঠসার কিস্তিতেই মাত—*প্যামি*)। {উঠ + সারা>}

উঠা, ওঠা [উঠা, ওঠা] *ক্রি* ১ উত্থিত হওয়া বা করা; গাত্রোত্থান করা। ২ আসন ছেড়ে দাঁড়ানো। ৩ শয্যাত্যাগ করা; জাগা (ভোরে ওঠা)। ৪ অঙ্কুরিত হওয়া; গজানো (দাঁত ওঠা)। ৫ উদিত হওয়া; প্রকাশ পাওয়া (সূর্য ওঠা) ৬ আরোহণ করা; চড়া (ঘোড়ায় ওঠা) ৭ স্খলিত হওয়া; ঝরে যাওয়া (চুল ওঠা)। ৮ উদগীর্ণ হওয়া (মাটি ফুঁড়ে জল ওঠা)। ৯ বাড়া; বৃদ্ধি হওয়া (দাম ওঠা) ১০ প্রমোশন পাওয়া (ক্লাসে ওঠা) ১১ সংগৃহীত হওয়া (চাঁদা ওঠা)। ১২ প্রবেশ করা (কানে ওঠা)। ১৩ আমদানি হওয়া (বাজারে ওঠা)। ১৪ প্রচলিত হওয়া (নতুন ফ্যাশন ওঠা)। ১৫ উন্নীত হওয়া (জাতে ওঠা)। ১৬ লুপ্ত হওয়া (পাট ওঠা)। ১৭ নষ্ট হওয়া; জ্বলে যাওয়া (রং ওঠা)। ১৮ উল্লিখিত হওয়া (খাতায় নাম ওঠা)। ১৯ আবাদ হওয়া (জমি ওঠা)। ২০ বন্ধ হওয়া (খাওয়া ওঠা)। ২১ হঠাৎ বা আকস্মিকতা বোঝানো (ওঠ ছুঁড়ি তোর বিয়ে)। ২২ বিনা প্রস্তুতিতে কাজ করা (ওঠ বললেই কি ওঠা যায়? সব কিছুরই সময় আছে)। ২৩ আলস্য ত্যাগ করা (ওঠরে চাষী জগদ্বাসী ধর কষে লাঙল—*নই*)। **~নামা** *বি* ১ আরোহণ-অবরোহণ। ২ উত্থানপতন। **~পড়া** *বি* উত্থানপতন; উন্নতি-অবনতি। **উঠি-কি-পড়ি** *ক্রিবিণ* ব্যস্তসমস্ত; ত্রস্তব্যস্ত (ভদ্রলোক উঠি-কি-পড়ি করে ছুটতে লাগলেন)। **উঠে পড়ে লাগা** *ক্রি* পূর্ণোদ্যমে কাজে লাগা। **উঠে যাওয়া** *ক্রি* ১ লুপ্ত হওয়া (দোকান উঠে গিয়েছে)। ২ অন্যত্র চলে যাওয়া। ৩ রহিত হওয়া (সেল্‌স্ ট্যাক্স উঠে গেছে)। **উঠতে-বসতে** *ক্রিবিণ* যখন-তখন; সদা-সর্বদা। {*বা.* উঠ (<*স.* উৎ+√স্থা)+আ>}

উঠান[১], **উঠোন** [উঠান্, –ঠোন্] *বি* প্রাঙ্গণ; আঙিনা। **~-সমুদ্র**—উঠানকেই দুস্তর সমুদ্রতুল্য মনে করা। (*আল.*) ধর্মান্ধ, কুসংস্কারাচ্ছন্ন ও ভীরু; কূপমণ্ডূক। **~ চষা** *ক্রি* উচ্ছেদ করা; ভিটামাটি উৎসন্ন করা। ☐ *বি* ঘন ঘন আনাগোনা; নিত্য যাতায়াত। {*স.* উৎ+স্থান = উত্থান>*প্রা.* উট্‌ঠাণ>উঠান (অতিরিক্ত অর্থে)}

উঠানো, উঠান[২] [উঠানো] *ক্রি* ১ উত্তোলন করা; উন্নত করা; খাড়া করা। ২ উপরে তুলে দেওয়া (মাচায় উঠানো)। ৩ উত্থাপন করা; উল্লেখ করা (কথা উঠানো)। ৪ চড়ানো; আরোহণ করানো (গাড়িতে উঠানো)। ৫ অপসারণ বা উচ্ছেদ করা (বস্তি উঠানো) ৬ মুছে ফেলা; নিশ্চিহ্ন করা (দাগ উঠানো) ৭ জাগরিত করা (ঘুম থেকে উঠানো) ৮ উৎপাটিত বা নির্মূল করা (আগাছা উঠানো)। ৯ (*আল.*) তোষামোদে স্ফীত করা (আকাশে উঠানো)। **উঠিয়ে দেওয়া** *ক্রি* ১ উঠানো। ২ তুলে বা চড়িয়ে দেওয়া (গাছে উঠিয়ে দেওয়া)। ৩ উচ্ছেদ বা অপসারণ করা (বস্তি উঠিয়ে দেওয়া)। {√উঠ্+আনো}

উঠিত [উঠিত্] *বি* চাষের উপযোগী (জমি)। ☐ *বিণ* জঙ্গলমুক্ত করে চাষের উপযোগী করা হয়েছে এমন; আবাদি। **~-পতিত** (জমি) *বিণ* কোনো বছর আবাদ হয় এবং কোনো বছর হয় না এমন (জমি)। {*স.* পত্+ত(ক্ত)='পতিত' শব্দের অনুকরণে *বা.* √উঠ্+ইত= উঠিত}

উড্ডয়ন [উড়্‌ডয়ন্] *বি* শূন্যে বিচরণ; শূন্যে গমন; ওড়া। {*স.* উৎ+√ডী+অন(ল্যুট্)}

উড্ডীন, উড্ডীয়মান, উড্ডয়মান [উড়্‌ডিন্, -ডিয়োমান্, -ড্‌ড–] *বিণ* ১ উড়ছে এমন; উড়ন্ত। ২ *বিণ* শূন্যে বিচরণকারী; ঊর্ধ্বগামী। **উড্ডীনোন্মুখ** *বিণ* উড়তে উন্মুখ বা শূন্যে গমনোদ্যত এমন (থেমে পড়ে উড্ডীনোন্মুখ সুভদ্রাকে শূন্য থেকে কুড়িয়ে নিচ্ছে—*অচিসে*)। {*স.* উৎ+ ডী+ত(ক্ত)(ত=ন), মান(শানচ্)}

উড়কি [উড়্‌কি] *বি* ১ ধান্য বিশেষ; উড়িধান। (উড়কি-ধানের মুড়কি দেব—ছড়া)। {*স.* ওড়িকা}

উড়তি [উড়তি] *বিণ* ১ উড়ছে এমন; উড্ডীয়মান। ২ মুখে মুখে শ্রুত (উড়তি খবর)। { *স.* উৎ + √ডী> *বা.* √উড়্+তি}

উড়নচড়ে, উড়নচণ্ডে [উড়নচোড়ে, –চোনডে] *বিণ* ১ অপব্যয়ী; অমিতব্যয়ী। ২ উচ্ছৃঙ্খল; অলক্ষ্মী। **উড়নচণ্ডী** *স্ত্রী.*। ~ **ভাব** *বি* অপব্যয়ী ভাব (তোমার যে উড়নচণ্ডীভাব ও' দেখে কিছু ভরসা হয় না—*আআআ*)। { *স.* উৎ+ডয়ন=উড্ডয়ন> *প্রা.* উড্ডাণ>উড়ন; বহু}

উড়নি, উড়নী ⇒ উড়ানি

উড়ন্ত [উড়ন্‌তো] *বিণ* উড্ডীয়মান; উড়ছে এমন। { *স.* উৎ+√ডী> *বা.* √উড়্+অন্ত}

উড়ব (*ব্র.*) [উড়ব] *ক্রি* উড়ব (উড়ব তরাসে—*বিপ*)। { *স.* উৎ+√ডী>উড়্}

উড়শ, উড়ুশ, উরস [উড়শ, উড়ুশ, উরশ] *বি* ছারপোকা (উড়ুশের লেখা নাই উকুন ডালি ডালি—*মগা*)। { *স.* উদ্দংশ> উদশ>উড়শ, উড়ুশ, উরস ইত্যাদি}

উড়া[১] ⇒ উড়ো

উড়া[২], **ওড়া**[১] [উড়া, ওড়া] *ক্রি* উত্তরীয় জাতীয় বস্ত্র পরিধান করা। { *স.* উদ্+ ডী> *প্রা.* উড্ড> *বা.* উড়্+আ> }

উড়া[৩], **ওড়া**[২] [উড়া, ও–] *ক্রি* ১ শূন্যে বিচরণ করা। ২ দ্রুতগতিতে ছুটে যাওয়া। ৩ কাপ্তানি করা; বাবুগিরি করা (লোকটা খুব উড়ছে)। ৪ প্রচারিত হওয়া (খবরটা খুব উড়ছে)। ৫ দ্রুত খরচ হওয়া (লুচি সন্দেশ ওড়া)। ❑ *বি* শূন্যে গমন; উড্ডীয়মান হওয়া। **উড়া–উড়া, ওড়া–ওড়া** *ক্রিবিণ* অনিশ্চিতভাবে; ভাসাভাসা (উড়া–উড়া শোনা যাচ্ছে)। **উড়ে আসা** *ক্রি* ১ হঠাৎ আসা। ২ অতি দ্রুত আসা। ৩ অযাচিতভাবে আসা। ❑ *বিণ* অযাচিত; অবাঞ্ছিত (উড়ে-আসা লোক)। **উড়ে এসে জুড়ে বসা** *ক্রি* অযাচিতভাবে বা বিনা অধিকারে এসে সর্বেসর্বা হয়ে বসা; অহেতুক বা অবৈধভাবে প্রাধান্য জাহির করা। **উড়ে যাওয়া** *ক্রি* ১ বন্ধনমুক্ত হয়ে পালানো (পাখিটা উড়ে গেছে)। ২ অদৃশ্য হওয়া (কলমটি কোথায় উড়ে গেল?) ৩ দ্রুত ব্যয় হওয়া (টাকাগুলো দুদিনে উড়ে গেল)। ৪ দেহত্যাগ করা (প্রাণপাখি উড়ে গেল)। ৫ ভীত হওয়া (শুনে প্রাণ উড়ে গেল)। ৬ অপসৃত হওয়া (বাতাসে মেঘ উড়ে গেল)। { *বা.* √উড়্+আ, >ওড়া}

উড়ানো, ওড়ানো [উড়ানো, ওড়ানো] *ক্রি* ১ উড্ডীন করা। ২ শূন্যে ভাসিয়ে দেওয়া। ৩ অপব্যয় করা (লোকটা জলের মতো টাকা ওড়াচ্ছে)। **উড়িয়ে দেওয়া** *ক্রি* ১ শূন্যে ভাসানো। ২ বন্ধনমুক্ত করা (পাখি উড়িয়ে দেওয়া)। ৩ দ্রুত খরচ করে ফেলা (সে বেশ পয়সা ওড়াচ্ছে/ ওড়াচ্ছে)। ৪ অদৃশ্য করা (যাদুকর ফুলটি উড়িয়ে দিল)। ৫ অগ্রাহ্য করা (কথাটা উড়িয়ে দিয়ো না)। { *বা.* √উড়্ ওড়+ আনো}

উড়ানি, উড়ুনি [উড়ানি, উড়ুনি] *বি* উত্তরীয়; ওড়না; একপাট্টা চাদর (কেহ উড়ানি কেহ স্কন্ধস্থিত রঙিন রুমাল বিছাইয়া নমাজে যোগদান করিল—*কাই*; মেঘের উড়ানি ঘেরা নীল আকাশ—*সুমো*। { *স.* অববেষ্টনিক> ওড়্যনিক>ওঢ়নিঅ>উড়নি, উড়ুনি; *তুল. হি* ওঢ়্না}

উড়াল [উড়াল] *বি* উড়ন; শূন্যে গমন; উড্ডয়ন (... হালকা পাখায় এক ঝাঁক পাখির উড়াল দেবার মতো—*অচিসে*)। { *স.* √উদ্+ডী; *বা.* √উড়্+আল}

উড়ি, উড়িধান, ওড়ি [উড়ি, উড়িধান্, ওড়ি] *বি* অকর্ষিত জমিতে উড়ে পড়া বীজে উৎপন্ন ধান্য; নীবার। { *স.* ওড়িকা>ওড়িআ>ওড়ি> উড়ি}

উড়ি–উড়ি [উড়িউড়ি] *ক্রিবিণ* এখনই উড়বে এমন (উড়ি–উড়ি করছে বক—*অঠা*) { *স.* √উদ্+ডী> *বা.* √উড়্+ই}

উড়িয়া ⇒ ওড়িয়া

উড়িষ্যা, ওড়িশা [উড়িশ্‌শা, ওড়িশা] *বি* উৎকল দেশ। { *স.* ওড্রবিষয়>ওড্ডিশা>(উড়িষ্যা উচ্চারণে শ>ষ্য)}

উড়ুউড়ু [উড়ুউড়ু] *বিণ* উড়তে উদ্যত। ২ অস্থির; উচাটন (মনটা কেমন উড়ুউড়ু করছে)। ❑ *ক্রিবিণ* ১ পালাই পালাই; যাওয়ার জন্য অস্থির (সেই সময় তাদের মন উড়ুউড়ু করতে থাকল এমন যে—*অঠা*)। ২ উদাস ভাব { *স.* √উদ্+ডী> *বা.* √উড়্+উ}

উড়ুক্কু [উড়ুক্‌কু] *বিণ* ১ উড়তে সক্ষম বা ওড়ে এমন (উড়ুক্কু মাছ)। ২ উড়ুউড়ু; উদাস; চঞ্চল (কি রকম যেন চিন্তাকাশে উড়ুক্কু উড়ুক্কু ভাব—*সৈমু*)। { *স.* উদ্+ ডী> *বা.* উড়্+উক্কু}

উড়ুনি ⇒ উড়ানি

উড়ুপ, উড়ূপ [উড়ুপ্] *বি* ১ ভেলা; ক্ষুদ্র তরি; ডোঙা; জাহাজ (উড়ুপযোগে যেত সিন্ধুপার—*সদ*)। ২ চন্দ্র। { *স.* উড়ু+ √পা+অ(ড)}

উড়ুম্বর ⇒ উদুম্বর

উড়ুশ, উড়ুষ ⇒ উড়শ

উড়ো, উড়া [উড়ো, উড়া] *বিণ* ১ উড়তে সমর্থ; উড়ছে এমন। ২ ভিত্তিহীন; অনিশ্চিত; লোকমুখে শ্রুত (উড়ো কথা, উড়ো খবর)। ৩ পাওয়া যাবে না এমন (উড়ো খৈ গোবিন্দায় নমঃ)। ৪ বেনামি (উড়ো চিঠি)। ~ **জাহাজ** *বি* এরোপ্লেন; বিমানপোত; ব্যোমযান। { *স.* উদ্+√ডী> *বা.* √উড়্+উয়া = উড়ুয়া> উড়ো}

উত্তপত [উতপত] *বিণ* উত্তপ্ত; উষ্ণ; গরম (উতপত শ্বাস—*বিপ*)। { *স.* উত্তপ্ত}

উতর ⇒ উতোর

উতরণ, উতরনো ⇒ উতরানো

উতরাই, উৎরাই [উতরাই] *বি* ১ উচ্চস্থান থেকে বা পাহাড় থেকে অবতরণের পথ। ২ ঢাল (কত চড়াই কত না উতরাই—*সদ*)। { *স.* উত্তর>; *বা.* √ উৎরা + আই = উতরাই; *হি* উৎরাই}

উতরানো [উতরানো] *ক্রি* ১ লক্ষ্যস্থলে বা গন্তব্যস্থলে পৌঁছানো। ২ নামা; নেমে আসা। ৩ বাসনা বা আশা অনুযায়ী হওয়া (রান্নাটা উতরেছে)। ৪ ভালো হওয়া; নির্দিষ্ট মান অনুযায়ী হওয়া (লেখাটা উতরেছে)। ৫ সাফল্য লাভ করা (পরীক্ষায় উতরানো)। ৬ কাটা; অবসান হওয়া (সময় উতরে গেছে, পিউ পাখি

পালিয়েছে—*ঠো*)। ৭ উত্তীর্ণ হওয়া; পার হওয়া (নদী উতরানো)। ৮ তরল পদার্থ উত্তপ্ত হয়ে আলোড়িত হওয়া; বলক আসা। □ *বি* ১ উত্তরণ। ২ সফল হওয়া। ৩ অতিক্রমণ। { *স.* উত্তর>*বা.* √উৎরা + আনো = উতরানো; *তুল. স.* উত্তরণ}

উতরোল [উতোরোল] *বি* কোলাহল; গণ্ডগোল। □ *বিণ* ১ অশান্ত; অধীর (ধ্বনিতে ধ্বনিতে আর্দ্র উতরোল বায়—*রঠা*)। ২ ব্যাকুল; উৎকণ্ঠিত। *(ব্র.)* (অতি উতরোল–*বিপ*)। ৩ উচ্ছ্বসিত (উল্লাসে উতরোল যমুনার কল্লোল)। { *স.* উৎ + তরল = উত্তরল>*বা.* উতরল> উতরোল ('কলরোল') শব্দের সাদৃশ্যে গঠিত}

উতল, উতলা [উতোল্, -লা] *বিণ* ১ উদ্বিগ্ন; দুশ্চিন্তাগ্রস্ত। ২ ভাবাবেগে আকুল (আমার ভাবনা যত উতল হল অকারণে—*রঠা*)। ৩ চঞ্চল; অশান্ত (উতল হলো শাও আকাশ তোমার কলসীতে—*নই*)। { *স.* উত্তল>*প্রা.* উত্থল>উথল, উতল + আ = উতলা}

উতাপিত *(মবা.)* [উতাপিতো] *বিণ* সন্তপ্ত; ক্লিষ্ট; দুঃখিত; তাপিত (অকারণে পুত্রবর কেন উতাপিত। লাইলীর তোমা প্রতি নাহিক পীরিত—*দৌবা*)। { *স.* উত্তাপিত>}

উতার [উতার্] *বি* ১ দাওয়াই; প্রতিষেধক; পানি পড়া (কিন্তু যত বড় ডাইনীই তুমি হও সাহেবজাদী, এ যাদুর উতার আমি জানি—*আমআ*)। ২ ঢাল; নাবাল; নিম্নতা। { *স.* উত্তরণ>; *তুল. হি.* উতার}

উতারা [উতারা] *ক্রি* নামানো (উতারো সামান, দাঁড়াও সেনানী নির্ভীক–সিনা বাঘের মত—*হহো*)। { *স.* উদ্+√তৃ>; *হি.* উতারনা}

উতারল *(ব্র.)*, **উতারিল** *(পদ্য.)* [উতারল্, উতারিলো] *ক্রি* খুলে নিল (যতনে উতার কত পরকার—*বিপ*)। { *স.* উৎ + √তৃ}

উতোর, উতর *(পদ্য.)* [উতোর্, –] *বি* উত্তর; জবাব (খুঁটিনাটি বোল কবে কি বলেছে তাহারি উতোর যুঝে—*সদ*)। { *স.* উত্তর>}

উৎ, –উদ্ [উত্, –দ্] *অব্য* উর্ধ্ব প্রাবল্য উৎকর্ষ বিরুদ্ধ অতিক্রান্ত প্রভৃতিসূচক উপসর্গবিশেষ। {বাংলা তৎসম উপসর্গ বিশেষ}

উৎক [উত্‌ক] *বিণ* ১ উদ্বিগ্ন। ২ উৎসুক। { *স.* উৎ+ক(কন্)}

উৎকট [উত্‌কট্] *বিণ* ১ তীব্র; প্রখর। ২ উগ্র; ভয়ানক; বিকট। ৩ কঠিন; দুরূহ (উৎকট অসুখের অনেক অংশে নিবারণ হইয়াছিল—*ঈবি*) ৪ কঠোর; দুঃসহ; নিদারুণ (উৎকট দণ্ডবিধান করা, কদাচ উচিৎ হইতে পারে না—*ঈবি*)। ৫ অত্যধিক (জ্যোতির্বিজ্ঞান ও ফলিত জ্যোতিষশাস্ত্রের প্রতি এক উৎকট আগ্রহ—*আকআ*)। ৬ অতি প্রবল; দুর্বহ (এ উৎকট রোদনের শেষ কর, কর, কর পরমেশ—*সদ*)। { *স.* উৎ + কট}

উৎকণ্ঠ [উত্‌কন্‌ঠো] *বিণ* উদ্‌গ্রীব; অপেক্ষমাণ (উৎকণ্ঠ চকোর সম—*রঠা*) { *স.* উৎ+কণ্ঠ}

উৎকণ্ঠা [উত্‌কন্‌ঠা] *বি* উদ্বেগ; আশঙ্কা; ব্যাকুলতা; ব্যগ্রতা। { *স.* উৎ+√কণ্ঠ্+অ+আ(টাপ্)}

উৎকণ্ঠিত [উত্‌কোন্‌ঠিতো] *বিণ* উদ্বিগ্ন; ব্যাকুল (শ্রান্তিহীন আগ্রহের উৎকণ্ঠিত তান—*রঠা*)। **উৎকণ্ঠিতা** *বিণ স্ত্রী.* ১ উদ্বিগ্না; ব্যাকুলা। ২ *(অল.)* রসশাস্ত্রোক্ত নায়িকাবিশেষ। { *স.* উৎকণ্ঠা+ইত(ইতচ্); *স.* উদ্+√কণ্ঠ্+ত(ক্ত)}

উৎকপালী [উত্‌কপালি] *বিণ* উঁচু কপালযুক্তা; কদাকার (এই উৎকপালী বিড়ালাক্ষী মায়াবিনীর সহিত—*রাব*)। { *স.* উচ্চকপাল+ঈ>উঁচকপালি>}

উৎকর্ণ [উত্‌করনো] *বিণ* ১ শোনার জন্য অতিশয় ব্যগ্র। ২ শোনার জন্য কান খাড়া করেছে এমন। { *স.* উৎ+কর্ণ}

উৎকর্ষ [উত্‌কর্‌শো] *বি* ১ উৎকৃষ্টতা; শ্রেষ্ঠত্ব। ২ উন্নতি। ৩ বৃদ্ধি; আধিক্য। **উৎকৃষ্ট** *বিণ*। { *স.* উৎ + √কৃষ্ + অ(ঘঞ্)}

উৎকল [উত্‌কল্] *বি* উড়িষ্যা দেশ। { *স.* উৎ+ কলিঙ্গ>}

উৎকলিকা [উত্‌কোলিকা] *বি* ১ উৎকণ্ঠা। ২ ফুলের কুঁড়ি। ৩ ঢেউ; তরঙ্গ। { *স.* উৎ+√কল্+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

উৎকলিত [উত্‌কোলিতো] *বিণ* ১ উদ্ধৃত; গৃহীত। ২ উদ্বিগ্ন। ৩ তরঙ্গিত। { *স.* উৎ+√কল্+ত(ক্ত)}

উৎকিরণ [উত্‌কিরন্] *বি* খোদাইকরণ। { *স.* উৎ+√কৄ+অন}

উৎকীর্ণ [উত্‌কিরনো] *বিণ* ১ খোদাইকৃত; ক্ষোদিত। ২ চিত্রিত। ৩ বিদ্ধ। ৪ উৎক্ষিপ্ত। {উৎ+ √কৄ+ত(ক্ত)}

উৎকীর্তন [উত্‌কিরতোন্] *বি* ১ ঘোষণা। ২ প্রচার। ৩ উচ্চ–প্রশংসা। **উৎকীর্তিত** *বিণ* উৎকীর্তন করা হয়েছে এমন। { *স.* উৎ+কীর্তন}

উৎকুণ [উত্‌কুন্] *বি* উকুন; কেশকীট; চুলের পোকা। { *স.* উৎ+কুণ}

উৎকূলিত [উত্‌কূলিতো] *বিণ* কূলে উঠানো হয়েছে এমন; কূলে উৎক্ষিপ্ত। { *স.* উৎ+√কূল্+ণিচ্+ত(ক্ত)}

উৎকৃষ্ট [উত্‌কৃশটো] *বিণ* ১ উত্তম; প্রকৃষ্ট। ২ শ্রেষ্ঠ। ৩ উন্নত। **উৎকর্ষ** *বি*। { *স.* উৎ+√কৃষ্+ত(ক্ত)}

উৎকেন্দ্রিক [উত্‌কেন্‌দ্রিক্] *বিণ* কেন্দ্রত্যাগী; অদ্ভুত; খামখেয়ালি (এবং আপাতত প্রচলিত বিধি-ব্যবস্থার বিরুদ্ধে গেলেও, তিনি শেষ পর্যন্ত ইংরাজ উৎকেন্দ্রিকদের অন্যতম নন—*সুদ*)। **উৎকেন্দ্রিকতা** *বি*। { *স.* উৎ+কেন্দ্রিক}

উৎকোচ [উত্‌কোচ্] *বি* ঘুষ (কোম্পানির ইংরেজ ও দেশীয় কর্মচারীদিগকে নয় লক্ষ টাকা উৎকোচ দিয়াছি—*ঈবি*)। ~**ক** *বি, বিণ* উৎকোচদাতা; ঘুষদাতা। ~**গ্রাহী**(–হিন্) *বিণ* ঘুষ গ্রহণকারী; ঘুষখোর। { *স.* উৎ+√কুচ্+অক(ণ্বুল্); বহু}

উৎক্রম [উত্‌ক্রম্] *বি* ১ ব্যতিক্রম; ক্রমভঙ্গ। ২ বিপরীত ক্রম। ৩ ক্রমের বিপরীত গতি। ৪ উদ্‌গমন। ৫ লঙ্ঘন। ৬ নির্গমন। ৭ মৃত্যু। ~**ণ** *বি* ১ ক্রমের বিপরীতে গমন। ২ উর্ধ্বগমন। ৩ ক্রমবিপর্যয়। ৪ উল্লঙ্ঘন। ৫ মৃত্যু। ৬ *(ব্যা.)* বাক্যের মধ্যে শব্দবিন্যাসে বিপর্যয়। { *স.* উৎ+

√ক্রম্ অ(ঘঞ্)}

উৎক্রান্ত [উত্‌ক্রান্‌তো] *বিণ* ১ উল্লঙ্ঘিত; অতিক্রান্ত। ২ উদ্‌গত। ৩ মৃত। **উৎক্রান্তি** *বি* ১ উল্লঙ্ঘন। ২ উদ্‌গমন। ৩ ঊর্ধ্বগতি; ক্রমোন্নতি (ভাষা প্রাদেশিকতার গণ্ডি পেরিয়ে বিশ্বচেতনার বাহন হয়ে উঠেছে, এই উৎক্রান্তির ফলে—*সুদ*)। ৪ নির্গমন। ৫ মৃত্যু। {*স.* উৎ+√ক্রম্+ত(ক্ত)}

উৎক্রোশ [উত্‌ক্রোশ্] *বি* ১ কুরল পক্ষী; ঈগল জাতীয় পক্ষীবিশেষ (মুক্তপক্ষ নভশ্চারী উৎক্রোশের দিকে—*বিদে*)। ২ চিৎকার। {*স.* উৎ+ √ক্রুশ্+অ(ঘঞ্)}

উৎক্ষিপ্ত [উত্‌খিপ্‌তো] *বিণ* ১ ঊর্ধ্বে নিক্ষিপ্ত (কৃত্রিম উপগ্রহটি উৎক্ষিপ্ত হয়েছে)। ২ উন্মূলিত; উৎপাটিত। ৩ উত্তোলিত। {*স.* উৎ+ √ক্ষিপ্+ত(ক্ত)}

উৎক্ষেপ, উৎক্ষেপণ [উত্‌খেপ্, – পোন্] ঊর্ধ্বে নিক্ষেপ। **উৎক্ষেপক** *বিণ* ঊর্ধ্বে নিক্ষেপকারী। {*স.* উৎ+ √ক্ষিপ্+অ(অচ্), অন(ল্যুট্)}

উৎখাত [উত্‌খাত্] *বিণ* ১ সমূলে উৎপাটিত (পরিবারটিকে উৎখাত করা হয়েছিল)। ২ বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত। ৩ খুঁড়ে তুলে ফেলা হয়েছে এমন। ৪ অধিকারচ্যুত। ৫ উন্মূলন; উৎপাটন। ৬ উৎখনন। ৭ বিদারণ। ☐ *বিণ* বিদীর্ণ (বন্দুকের গুলীতে বক্ষ উৎখাত হইয়াছিল—*শেহ*)। {*স.* উৎ+ √খন্(ক্ত)}

উৎচক্ষু [উত্‌চোকখু] *বিণ* তীক্ষ্ণ চক্ষু (তাই একসঙ্গে উৎকর্ণ ও উৎচক্ষু দাঁড়ালোম—*শও*)। {*স.* উৎ+চক্ষু}

উত্তত [উত্‌ততো] *বিণ* উন্নত; ঊর্ধ্বমুখী (মানুষ উত্ততভঙ্গী নিয়েছে বলে তার আদিম অবতত দেহের অনেক যন্ত্রকে রোগদুঃখ ভোগ করতে হয়—*রঠা*)। {*স.* উৎ+ √তন্+ত(ক্ত)}

উত্তপ্ত [উত্‌তপ্‌তো] *বিণ* ১ অত্যন্ত তপ্ত; খুব গরম। ২ ক্রোধযুক্ত। {*স.* উৎ+ √তপ্+ত(ক্ত)}

উত্তম [উত্‌তম্/ –তো–] *বিণ* ১ খুব ভালো; উৎকৃষ্ট। ২ সর্বশ্রেষ্ঠ। ৩ উপাদেয়। **উত্তমা** *স্ত্রী*। ~ **পুরুষ** *বি* (*ব্যা.*) আমি আমরা ইত্যাদি সর্বনাম পদ; first person। ~ **মধ্যম** *বি* প্রচুর প্রহার; বিস্তর পিটুনি। ~ **মধ্যম দেওয়া** *ক্রি* প্রচুর প্রহার করা; আচ্ছা পিটুনি দেওয়া। {*স.* উৎ+তম(তমপ্)}

উত্তমর্ণ [উত্‌তোমর্‌নো] *বি, বিণ* যে ঋণ দেয়; কর্জদাতা; মহাজন (যদি উত্তরাধিকারীও না থাকে, তাঁহার কেহ [illegible] থাকিতে পারে—*ঈবি*)। {*স.* উত্তম+ঋণ; বহু}

উত্তমাঙ্গ [উত্‌তোমাঙ্‌গো] *বি* মাথা; মস্তক (যে ব্যক্তির [illegible] পরস্বামীর উত্তমাঙ্গ যোজিত, হইয়াছে; সেই [illegible] স্বামী হইবে—*ঈবি*)। ২ প্রধান অঙ্গ। ৩ মস্তক [illegible]। {*স.* উত্তম+অঙ্গ; কর্মধা.}

উত্তমাশা [[illegible]] *বি* দক্ষিণ আফ্রিকার একটি [illegible] নাম। {*ই.* Cape of Good Hope–এর [illegible]}

উত্তমন্যতা [[illegible]] *বি* নিজের সম্বন্ধে উচ্চ ধারণা (তাঁদের উত্তমন্মন্যতা শাসিতের প্রতি হয়ত অবজ্ঞার সৃষ্টি করেছিল—*আশ*)। {*স.* উত্তম+মন্যতা}

উত্তর [উত্‌তোর্] *বি* ১ জবাব; প্রতিবাক্য। ২ সাড়া; আহ্বানের উত্তর। ৩ উত্তর দিক। ৪ মীমাংসা; সমাধান; সিদ্ধান্ত। ৫ আপত্তি খণ্ডন। ৬ অর্থালঙ্কারবিশেষ। ☐ *বিণ* ১ পরবর্তী; ভবিষ্যৎ (উত্তরকাল)। ২ সচরাচর দেখা যায় না এমন; দুর্লভ; অসাধারণ (লোকোত্তর প্রতিভা)। ৩ অধিক (অষ্টোত্তর)। ৪ শেষ (উত্তর কাণ্ড)। ৫ উপরিস্থ (উত্তরচ্ছেদ)। ৬ উত্তর দিকস্থ (উত্তর মেরু)। ☐ *ক্রিবিণ* অব্যবহিত পরে; তাহার পর; অনন্তর; পশ্চাৎ (ইহা শ্রবণোত্তর বলিলেন)। ~ **কাল** *বি* পরবর্তীকাল; ভবিষ্যৎ–কাল। ~ **কালীন** *বিণ* ১ পরবর্তীকালের (উত্তরকালীন লোকেরা এ বিষয়ে বোধ হয় প্রত্যয় করিবেক না—*ঈবি*)। ২ ভবিষ্যতে ঘটবে এমন। ~ **কোশল** *বি* প্রাচীন অযোধ্যা। ~ **ক্রিয়া** *বি* ১ মৃতের শ্রাদ্ধাদি কার্য। ২ উত্তরদান কার্য। ~ **চ্ছদ** *বি* ১ আস্তরণ; উপরের আচ্ছাদন। ২ বিছানার চাদর। ৩ উত্তরীয়; চাদর। ~ **দান** *বি* উত্তর দেওয়া। ~ **দায়ক** *বিণ, বি* প্রতি কথায় প্রতিবাদ করে যে। ~ **পক্ষ** *বি* ১ তর্কের মীমাংসা; প্রশ্নের জবাব। ২ সিদ্ধান্ত পক্ষ। ~ **পশ্চিম** *বি* বায়ুকোণ। ~ **পুরুষ** *বি* পরবর্তী পুরুষ; বংশধর। ~ **পূর্ব** *বি* ঈশান কোণ। ~ –**প্রত্যুত্তর** *বি* বাদ–প্রতিবাদ; তর্ক–বিতর্ক। ~ **ফল্গুনী** *বি* নক্ষত্রবিশেষ। ~ **বিহীন** ⇒ ~ **রহিত**। ~ **বেতন** *বি* অবসর ভাতা; পেনশন। ~ **ভাদ্রপদ** *বি* নক্ষত্রবিশেষ। ~ **মালা** *বি* সমাধানসমূহ। ~ **মীমাংসা** *বি* বেদান্ত। ~ **মেরু** *বি* পৃথিবীর উত্তর প্রান্ত; সুমেরু। ~ **রহিত**, ~ **বিহীন**, ~ **হীন** *বিণ* নিরুত্তর। ~ **রাবীন্দ্রিক** *বিণ* রবীন্দ্র–পরবর্তী কালের (উত্তররাবীন্দ্রিক বাংলার ন্যায় সঙ্গতি যদিও খুব প্রশংসনীয় নয়—*সুদ*)। ~ **সাধক** *বি* ১ পরবর্তীকালের সাধক। ২ তান্ত্রিকের মুখ্য সহকারী। ~ **সাধিকা** *স্ত্রী*। ~ **সূরি** *বি, বিণ* পরবর্তীকালের জ্ঞানী গুণী; উত্তরকালের পণ্ডিত (উত্তরসূরীদের তুলনায় তিনি ছিলেন ইংরেজের পরম বন্ধু—*আনিস*)। ~ **হীন** ⇒ ~ **রহিত**। {*স.* উৎ+ √তৃ+অ(অপ্); *স.* উদ্+তর(তরপ্)}

উত্তরঙ্গ [উত্‌তরোঙ্‌গো] *বিণ* তরঙ্গময়; ঊর্মিসঙ্কুল। {*স.* উৎ+তরঙ্গ}

উত্তরণ [উত্‌তোরন্] *বি* ১ নদী সাগর প্রভৃতি পার হওয়া। ২ গন্তব্যস্থানে পৌঁছানো; উপস্থিত হওয়া। {*স.* উৎ+ √তৃ+অন(ল্যুট্)}

উত্তরা [উত্‌তোরা] *বি* মহাভারতোক্ত বিরাট রাজার কন্যা ও অভিমন্যুর পত্নী। {*স.* উত্তর+আ(টাপ্)}

উত্তরাখণ্ড [উত্‌তোরাখন্‌ডো] *বি* 'আর্যাবর্ত' নামে পরিচিত ভারতবর্ষের উত্তরাংশ। এর অপর নাম 'উত্তরাপথ'। তুল. *বিপ.* দক্ষিণাপথ। {*স.* উত্তরা+খণ্ড}

উত্তরাধিকার [উত্‌তোরাধিকার্] *বি* মৃত ব্যক্তির সঙ্গে সম্বন্ধজনিত দাবিতে মৃতের সম্পত্তিতে অধিকার; ওয়ারিসি স্বত্ব। ~ **সূত্র** *বি* বংশগত অধিকারের ক্রমধারা; বংশানুক্রমিক অধিকার ঘটিত সম্পর্কবন্ধন। **উত্তরাধিকারী**

(-রিন্) *বিণ বি* আত্মীয়ের মৃত্যুর পরে সম্পত্তির অধিকারী। **উত্তরাধিকারিণী** *স্ত্রী*। { *স.* উত্তর+অধিকার; *কর্মধা.* }

উত্তরাপথ [উত্‌তোরাপথ্] *বি* ভারতবর্ষের উত্তরস্থ হিমালয় অঞ্চল; আর্যাবর্ত। *তুল.* **দক্ষিণাপথ**। { *স.* উত্তরা+পথ }

উত্তরায়ণ [উত্‌তোরায়ন্] *বি* ১ বিষুবরেখা থেকে সূর্যের ক্রমশ উত্তরে গমন (মাঘের সূর্য উত্তরায়ণে পার হয়ে এল চলি—*রঠা*)। ২ সূর্যের উক্ত সময়ের গতিকাল। **উত্তরায়ণান্তবৃত্ত** *বি* যে কল্পিত রেখা দ্বারা সূর্যের উত্তরায়ণ গতিসীমা নির্দেশ করা হয়; কর্কটক্রান্তি; Tropic of Cancer। { *স.* উত্তর+অয়ন; *কর্মধা.* }

উত্তরাশা [উত্‌তোরাশা] *বি* ১ উত্তর দিক। ২ উত্তরের প্রত্যাশা। { *স.* উত্তর+আশা; ৭তৎ }

উত্তরাষাঢ়া [উত্‌তোরাশাঢ়া] *বি* নক্ষত্রবিশেষ। { *স.* উত্তর+আষাঢ়া; *কর্মধা.* }

উত্তরাস্য [উত্‌তোরাশ্‌শো] *বি-বিণ* উত্তরমুখ; উত্তরদিকে মুখ করে আছে এমন। { উত্তর+আস্য; *বহু* }

উত্তরীয়, উত্তরী [উত্‌তোরিয়ো, উত্‌তোরি] *বি* ১ উড়ানি; চাদর (শুভ্র উত্তরীয় প্রায়—*রঠা*; কৌষিক বস্ত্র, কৌষিক উত্তরী, চন্দনের ফোঁটা ভালে—*মদ*)। ২ উপবীতের ন্যায় পরিহিত বস্ত্র। { *স.* উত্তর+ঈয়(ছ), ঈ }

উত্তরোত্তর [উত্‌তোরোত্‌তর্] *ক্রিবিণ* ক্রমে ক্রমে; ক্রমানুয়ে; পরপর; ক্রমশ। { *স.* উত্তর+উত্তর }

উত্তল [উত্‌তল্] *বিণ* কূর্মপৃষ্ঠবৎ; অর্ধবৃত্তাকার উন্নত উপরিভাগবিশিষ্ট; convex। □ *বি (আল.)* কূর্ম পৃষ্ঠবৎ অংশ (আকাশের উত্তলে হেলান দেয়—উত্তরের দিকে মুখ করে মকরক্রান্তির সূর্য—*বুব*)। { *স.* উৎ+তল }

উত্তান [উত্‌তান্] *বিণ* চিত হয়ে শায়িত; ঊর্ধ্বমুখে শায়িত (অমনি সে বাণবিদ্ধ কেশরীর মত ... ছুটে গেল বনান্তরে ঊর্ধ্বশ্বাসে উত্তান আননে—*মোম*)। { *স.* উৎ+ √তন্+অ(ঘঞ্) }

উত্তাপ [উত্‌তাপ্] *বি* ১ তাপ; উষ্ণতা। ২ সন্তাপ। **উত্তাপিত** *বিণ* ১ তপ্তকৃত; তপ্ত করা হয়েছে এমন। ২ সন্তাপিত। { *স.* উৎ+তাপ }

উত্তাল [উত্‌তাল্] *বিণ* ১ অত্যন্ত উচ্চ; উত্তুঙ্গ (মুহূর্তে ঢেউ হয়ে ওঠে উত্তাল—*অচিসে*)। ২ উৎকট; ভয়ঙ্কর; তরঙ্গময়। ৩ উচ্চ শব্দকারী। ৪ অত্যন্ত আলোড়িত। **উত্তালতা** *বি* ১ প্রচণ্ড আলোড়ন। ২ ভাবাবেগজনিত আলোড়ন বা আন্দোলন (মাকে ফিরে পেয়ে ছেলেমেয়েগুলির উত্তালতা তখনো থামেনি—*অচিসে*)। { *স.* উৎ+তাল }

উত্তীর্ণ [উত্‌তির্‌নো] *বিণ* ১ পার হয়েছে এমন। ২ অতিক্রান্ত। ৩ উল্লঙ্ঘিত। ৪ উপস্থিত (প্রাসাদে গিয়া উত্তীর্ণ হইলাম—*রঠা*)। ৫ কৃতকার্য; সফল। ৬ মুক্ত; নিষ্কৃতিপ্রাপ্ত। { *স.* উৎ+ √তৃ+ত(ক্ত) }

উত্তুঙ্গ [উত্‌তুঙ্‌গো] *বিণ* অতিশয় উচ্চতাসম্পন্ন; খুব উঁচু (পাহাড়ের উত্তুঙ্গ চূড়ায়—*মব*)। **উত্তুঙ্গতা** *বি* উচ্চতা (মানুষের কল্পনার উত্তুঙ্গতা অতি দুরারোহ—*আহা*)। { *স.* উৎ+তুঙ্গ }

উত্তুরে [উত্‌তুরে] *বিণ* উত্তর দিকের; উত্তর দিক থেকে আগত (উত্তুরে হাওয়া)। { *স.* উত্তর + *বা.* ইয়া = উত্তরিয়া>উত্তইর‍্যা>উত্তুরে }

উত্তেজক [উত্‌তেজক্] *বিণ* উত্তেজনা সৃষ্টিকারী; উদ্দীপক। □ *বি* তেজালো দ্রব্য; শরীরযন্ত্রের উত্তেজনাবৃদ্ধিকারী ঔষধ; stimulant। **উত্তেজন** *বি* ১ উৎসাহদান; উদ্দীপন। ২ বিবর্ধন। ৩ অস্ত্র ইত্যাদি তীক্ষ্ণকরণ। ৪ কর্মপ্রবৃত্তি সঞ্চারণ। ৫ কামক্রোধাদি রিপুর উদ্দীপন। **উত্তেজনা** *বি* ১ উদ্দীপনা; প্রবল প্রেরণা। ২ অস্থিরতা; চিত্তচাঞ্চল্য। ৩ কামক্রোধাদি রিপুর প্রাবল্য। ৪ ভারসাম্যলুপ্ত মানসিক অবস্থা। **উত্তেজিত** *বিণ* ১ উত্তেজনা সৃষ্টি করা হয়েছে এমন; উত্তেজনাপ্রাপ্ত। ২ উদ্দীপিত। ৩ প্রবর্তিত। { *স.* উৎ+ √তিজ্+অক(ণ্বুল্) }

উত্তোলন [উত্‌তোলোন্] *বি* ১ তোলা; উঁচুতে উঠানো; উঁচু করা। ২ উঁচুতে ধারণ; বহন বা স্থাপন। ৩ উত্থাপন। **উত্তোলিত** *বিণ* ১ উত্তোলন করা হয়েছে এমন। ২ ঊর্ধ্বে স্থাপন করা হয়েছে এমন। ৩ উত্থাপিত। { *স.* উৎ+ √তুল্+ণিচ্+অন(ল্যুট্) }

উত্ত্যক্ত [উত্‌তক্‌তো] *বিণ* ব্যতিব্যস্ত; বিরক্ত; অস্থির। { *স.* উৎ+ত্যক্ত }

উৎত্রাস [উত্‌ত্রাস্] *বি* ভয়; সন্ত্রাস। **উৎত্রাসন** *বি* অতিশয় ব্যস্ত বা ভীতকরণ। { *স.* উৎ+ √ত্রস্+অ(ঘঞ্) }

উত্থ [উত্‌থো] *বিণ* ১ উত্থিত (সমুদ্রোত্থ)। ২ উৎপন্ন; সঞ্জাত। { *স.* উৎ+ √স্থা+অ(ক) }

উত্থান [উত্‌থান্] *বি* ১ ওঠা; খাড়া হওয়া। ২ উন্নতি; অভ্যুদয়। ৩ গাত্রোত্থান। ৪ বিদ্রোহ। ৫ আবির্ভাব। **উত্থান-পতন** *বি* ১ উন্নতি-অবনতি। ২ ওঠানামা। ৩ হ্রাসবৃদ্ধি। { *স.* উৎ+ √স্থা+অন(ল্যুট্) }

উত্থাপন [উত্‌থাপোন্] *বি* ১ প্রসঙ্গের অবতারণা। ২ প্রস্তাবনা। ৩ উত্তোলন। ৪ উল্লেখ। **উত্থাপক** *বিণ বি* ১ প্রস্তাবকারী; প্রস্তাবক। ২ উত্থাপনকারী। ৩ উত্তোলনকারী। **উত্থাপনীয়** *বিণ* ১ উত্থাপন করা চলে এমন; উত্থাপনযোগ্য। ২ উত্থাপন করতে হবে এমন। **উত্থাপিত** *বিণ* উত্থাপন করা হয়েছে এমন। { *স.* উৎ+ √স্থা+ণিচ্+অন(ল্যুট্) }

উত্থিত [উত্‌থিতো] *বিণ* ১ ঊর্ধ্বে উঠেছে এমন; ঊর্ধ্বগত। ২ উদ্‌গত; নির্গত। ৩ উন্নত; বর্ধিত। ৪ বিরুদ্ধে দণ্ডায়মান। **উত্থান** *বি*। { *স.* উৎ+√স্থা+ত(ক্ত) }

উৎপতন [উত্‌পতোন্] *বি* ১ উড়ে এসে পড়া। ২ উৎপত্তি। ৩ উদয়। ৪ উড়ন। **উৎপতিত** *বিণ*। { *স.* উৎ+পতন }

উৎপত্তি [উত্‌পোত্‌তি] *বি* ১ উদ্ভব; জন্ম। ২ আবির্ভাব; অভ্যুদয়। ৩ কারণ; মূল। **~মূল** *বি* ১ জন্মের বা সৃষ্টির হেতু। ২ মূলকারণ; আদি কারণ। **~স্থল, ~স্থান** *বি* উৎস; গোড়া; নিদান। { *স.* উৎ+ √পদ্+তি(ক্তি) }

উৎপথ [উত্‌পথ্] *বি* বিপথ; কুপথ; অসৎপথ। **~গামী** *বিণ* ১ বিপথগামী; অসৎপথে গমনকারী। ২ উচ্ছৃঙ্খল। **উৎপথ-গামিনী** *স্ত্রী*। { *স.* উৎ+পথিন্+অ (সমাসান্ত);

প্রাদি তৎ}

উৎপদ্যমান [উত্‌পদ্‌দোমান] *বিণ* উৎপন্ন হচ্ছে বা হয়েছে এমন; জায়মান। {*স.* উৎ+ √পদ্+মান (শানচ)}

উৎপন্ন [উত্‌পন্‌নো] *বিণ* ১ জাত; সৃষ্ট; নির্মিত। ২ উৎপাদিত; প্রস্তুত। ৩ উদ্ভূত। – **করা** *ক্রি* জন্মানো; সৃষ্টি করা। –**মতি** *বিণ* ১ উপস্থিত বুদ্ধিসম্পন্ন। ২ বুদ্ধিমান। –**মতিত্ব** *বি* উপস্থিত বুদ্ধিমত্তা; প্রয়োজনীয় দ্রুতচিন্তার ক্ষমতা (জয়শ্রী উৎপন্নমতিত্ববলে এক উপায় স্থির করিয়া কহিল—*ঈবি*)। {*স.* উৎ+ √পদ্+ত(ক্ত)}

উৎপল [উত্‌পল্] *বি* পদ্মফুল; কুমুদ। **উৎপলাক্ষ** *বিণ* ১ পদ্মের ন্যায় সুন্দর নেত্রবিশিষ্ট; কমলনয়ন। ২ সুন্দর চক্ষুবিশিষ্ট : **উৎপলাক্ষী** *স্ত্রী*. । {*স.* উৎ+ √পল্+অ(অচ্); *বহু*}

উৎপাটন [উত্‌পাটোন্] *বি* সমূলে উপড়ানো; উন্মূলন। **উৎপাটক** *বিণ* উন্মূলনকারী; উৎপাটনকারী। **উৎপাটনীয়** *বিণ* ১ উৎপাটনযোগ্য। ২ উৎপাটন করতে হবে এমন। **উৎপাটিত** *বিণ* সমূলে তুলে ফেলা হয়েছে এমন। {*স.* উৎ+ √পট্+ণিচ্+অন(ল্যুট্)}

উৎপাত [উত্‌পাত্] *বি* ১ উপদ্রব; দৌরাত্ম্য। ২ দৈব বিপদ (পথিমধ্যে কোন উৎপাতে পড়িয়াছে—*ঈবি*)। {*স.* উৎ+ পত্+অ(ঘঞ্)}

উৎপাদ [উত্‌পাদো] *বি* উৎপাদিত বস্তু বা উৎপাদনের মোট পরিমাণ; output। ২ উপরের দিকে পা থাকে এমন; ঊর্ধ্বপাদ। {*স.* উৎ+ √পদ্ + অ(ঘঞ্)}

উৎপাদন [উত্‌পাদোন্] *বি* ১ নির্মাণ; সৃষ্টি; জনন। ২ নির্মিত বস্তু; শিল্পজাত দ্রব্য। *বিপ.* **অনুৎপাদন**। **উৎপাদক, উৎপাদয়িতা(-তৃ), উৎপাদী(-দিন্)** *বিণ* ১ নির্মাতা; উৎপাদনকারী; প্রস্তুতকারী। ২ জনক; জন্মদাতা। ৩ উৎপত্তিকারী। ❑*বি (গণিত)* গুণনীয়ক; factor। **উৎপাদিকা, উৎপাদয়িত্রী** *স্ত্রী*. । **উৎপাদনীয়, উৎপাদ্য** *বিণ* উৎপাদন করা যায় বা করতে হবে এমন। **উৎপাদিত** *বিণ* উৎপাদন করা হয়েছে এমন; উৎপন্ন। **উৎপাদ্যমান** *বিণ* উৎপন্ন হচ্ছে বা জন্মাচ্ছে এমন। {*স.* উৎ+ √পদ্+ণিচ্+অন(ল্যুট্)}

উৎপিঞ্জর [উত্‌পিন্‌জর্] *বিণ* পিঞ্জরমুক্ত। {*স.* উৎ+পিঞ্জর}

উৎপিপাসু [উত্‌পিপাশু] *বিণ* ১ অতিশয় পিপাসিত। ২ উৎকণ্ঠিত। {*স.* উৎ+ √পা+সন্+উ}

উৎপিষ্ট [উত্‌পিশ্‌টো] *বিণ* বিমর্দিত। {*স.* উৎ+পিষ্ট}

উৎপীড়ন [উত্‌পিড়ন্] *বি* ১ উত্যক্তকরণ; ক্লেশদান। ২ জুলুম বা অত্যাচারকরণ। **উৎপীড়ক** *বিণ* ১ পীড়নকারী; অত্যাচারী। ২ পীড়াদায়ক। **উৎপীড়িকা** *স্ত্রী*. । **উৎপীড়িত** *বিণ* উৎপীড়ন করা হয়েছে এমন; অত্যাচারিত; ক্লেশপ্রাপ্ত। **উৎপীড়িতা** *স্ত্রী*. । {*স.* উৎ+পীড়ন}

উৎপূর্ণ [উত্‌পূর্‌নো] *বিণ* সুপরিপূর্ণ; পূর্ণমাত্রায় ভরা (আঙুরের গুচ্ছের মতো, অমনি একটি বৃন্তভরা অজস্র সুডৌল সৌন্দর্য, যৌবনরসে অমনি উৎপূর্ণ—*রঠা*)। {*স.* উৎ+পূর্ণ}

উৎপ্রাস, উৎপ্রাসন [উত্‌প্রাশ্, উত্‌প্রাশোন্] *বি* ১ উপহাস। ২ ঈষৎ হাস্য। ৩ ঊর্ধ্বনিক্ষেপণ; উৎক্ষেপ। {*স.* উৎ+প্রাস, প্রাসন}

উৎপ্রেক্ষণ [উত্‌প্রেক্‌খোন্] *বি* ১ প্রকৃত বস্তুতে অপ্রকৃতের আরোপকরণ। ২ বিতর্ক; সন্দেহাত্মক বাক্য। ৩ অবলোকন; দর্শন; দেখা। {*স.* উৎ+প্রেক্ষণ}

উৎপ্রেক্ষা [উত্‌প্রেক্‌খা] *বি* ১ *(অল.)* উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা (লজ্জাবেশে রাহু আসি গ্রাসিল চাঁদেরে, হাসি ভস্মে লুকাইলা দেব বিভাবসু—*মদ*)। ২ বিতর্ক। ৩ অনুমান; আন্দাজ। {*স.* উৎ+প্রেক্ষা}

উৎফুল্ল [উত্‌ফুল্‌লো] *বিণ* ১ অত্যন্ত প্রফুল্ল; উল্লসিত। ২ বিকশিত; প্রস্ফুটিত; ফুটন্ত। {*স.* উৎ+ফুল্ল}

উৎরাই ⇒ উতরাই

উৎস [উত্‌শো] *বি* ১ প্রস্রবণ; নির্ঝর; ফোয়ারা। ২ উৎপত্তিস্থল (শক্তির উৎস)। –**মুখ** *বি* ১ প্রস্রবণ বা ঝরনার উৎপত্তিপ্রান্ত বা মুখ। ২ উৎপত্তিস্থান। {*স.* √উন্দ্+স, 'ন' লোপ}

উৎসঙ্গ [উত্‌শঙ্‌গো] *বি* ১ ক্রোড়; অঙ্ক; কোল (উৎসঙ্গে লীনা বীণা সে মুক্তস্বরা—*অঠা*)। ২ পর্বতের সানুদেশ; অধিত্যকা (উৎসঙ্গ প্রদেশে, ধূর্জটির পাদপদ্মে পড়িছে সঘনে অশ্রুবারি—*মদ*)। ৩ আলিঙ্গন (জন্ম ও মৃত্যুর ভাবী উৎসঙ্গে যত আছে রূপ-রাগ নিল সেই সঙ্গে—*মোম*)। {*স.* উৎ+সঙ্গ}

উৎসন্ন, উচ্ছন্ন [উত্‌শন্‌নো, উচ্‌ছন্‌নো] *বিণ* ১ উচ্ছন্ন; বিনষ্ট। ২ বিধ্বস্ত; ধ্বংসপ্রাপ্ত। ৩ অধঃপতিত। ৪ উৎসাদিত। – **করা** *ক্রি* উচ্ছেদ করা; বিনাশ করা। **উৎসন্নে যাওয়া** *ক্রি* অধঃপাতে যাওয়া; গোল্লায় যাওয়া (মুছলমানও আজ ঠিক সেই সব কারণেই উৎসন্নে যাইতে বসিয়াছে—*মআ*)। {উৎ+ √সদ্+ত(ক্ত)}

উৎসব, উচ্ছব *(মবা.)* [উত্‌শব, উচ্‌ছব] *বি* ১ আনন্দানুষ্ঠান; পর্ব। ২ ধুমধাম (রঙ্গ ঢঙ্গ বহুল উচ্ছব গীত নাট—*সৈআ*)। ৩ আনন্দানুভূতি; আহ্লাদ (উৎসব হইল মনে সরোবর দেখি—*সৈআ*)। **উৎসব-কৌতুক** *বি* আমোদ-আহ্লাদ (মত্ত সবে উৎসব-কৌতুকে—*মদ*)। **উৎসবময়** *বিণ* উৎসবপূর্ণ। **উৎসবময়ী** *স্ত্রী*. । {*স.* উৎ+ √সু+অ(অপ্).> }

উৎসর্গ [উত্‌শর্‌গো] *বি* ১ সদুদ্দেশ্যে অর্পণ বা বিসর্জন। ২ স্বত্বত্যাগ; দান। ৩ কারো উদ্দেশ্যে নিবেদন। ৪ দেবতার উদ্দেশ্যে দান। ৫ প্রতিষ্ঠা করা। –**পত্র** *বি* গ্রন্থাদির যে পৃষ্ঠায় লিখিতভাবে কারো উদ্দেশে নিবেদন বা সমর্পণের কথা বলা হয়। **উৎসর্গীকৃত, উৎসর্গিত** *(অপ্র) বিণ* উৎসর্গ করা হয়েছে এমন। {*স.* উৎ+ √সৃজ্ +অ(ঘঞ্)}

উৎসর্জন [উত্‌শর্‌জন্] *বি* নিবেদন; উৎসর্গ; ত্যাগ (উৎসর্জন করো, সমর্পণ করো নিজেকে—*বুব*)। **উৎসৃষ্ট** *বিণ*। **উৎসর্জক** *বিণ* উৎসর্গকারী। {*স.* উৎ+ √সৃজ্+ অন(ল্যুট্)}

উৎসাদন [উত্‌শাদোন্] *বি* ১ উৎপাটন; উন্মূলন। ২ উচ্ছেদ; বিতাড়ন। ৩ বিনাশ; ধ্বংস। **উৎসাদনীয়** *বিণ* ১ উৎসাদনযোগ্য। ২ উৎসাদন করতে হবে এমন। **উৎসাদিত** *বিণ* বিনষ্ট বা ধ্বংস করা হয়েছে এমন (আমরা সমূলে

উৎসাদিত হই, ইহাই তাহাদের আন্তরিক কামনা—*ইহো*)। {*স.* উৎ+ √সদ্+ ণিচ্+ অন(ল্যুট)}

উৎসার, উৎসারণ [উত্শার, উত্শারোন্] *বি* ১ ঊর্ধ্বে ক্ষেপণ; চালন। ২ অপসারণ; দূরীকরণ। ৩ নিরাকরণ; অপনয়ন। **উৎসারক** *বিণ* উৎসারণকারী। **উৎসারণীয়** *বিণ* ১ উৎসারণযোগ্য। ২ উৎসারণ করতে হবে এমন। **উৎসারিত** *বিণ* ১ দূরীকৃত। ২ উৎক্ষিপ্ত। **উৎসারিতা** *বিণ স্ত্রী.*। {*স.* উৎ+ √সৃ+ণিচ্+অ(ঘঞ্), অন(ল্যুট)}

উৎসাহ [উত্শাহো] *বি* ১ কার্যে আগ্রহ; তৎপরতা; উদ্যম। ২ উদ্দীপনা। ৩ অধ্যবসায়; প্রযত্ন। **–ক** *বিণ* উৎসাহদানকারী। **উৎসাহিকা** *স্ত্রী.*। **–জনক** *বিণ* উৎসাহ প্রদান করে এমন। **–ন** *বি* উৎসাহ প্রদান। **–নীয়** *বিণ* উৎসাহদানের উপযুক্ত। **–ভঙ্গ** *বি* উদ্যমনাশ। **উৎসাহান্বিত** *বিণ* উদ্যমী; উৎসাহযুক্ত। **উৎসাহিত** *বিণ* উৎসাহ পেয়েছে এমন। **উৎসাহী** (–হিন্) *বিণ* উৎসাহশীল। **উৎসাহিনী** *স্ত্রী.*। **উৎসাহিতা** *স্ত্রী.*। {*স.* উৎ+ √সহ্+অ(ঘঞ্)}

উৎসিক্ত [উত্শিক্তো] *বিণ* ১ জলসেচন করা হয়েছে এমন; সিক্ত; আর্দ্রীকৃত। ২ গর্বিত; উদ্ধত। {*স.* উৎ+সিক্ত}

উৎসুক [উত্শুক্] *বিণ* ১ আগ্রহান্বিত; ব্যগ্র; অধীর (পর্যটকগণ আরব দেশে গমন করিলেই উৎসুকচিত্তে সেই সকল পাহাড় দেখিতে গমন করেন—*শেআ*)। ২ উৎকণ্ঠিত। ৩ উন্মনা। **–তা** *বি* ১ ঔৎসুক্য। ২ বিশেষ ব্যগ্রতা; আগ্রহাতিশয় (এই প্রবৃত্তির উৎসুকতা অনেকের মধ্যে আজকাল দেখা যায়—*অচিসে*)। **উৎসুকা** *বিণ স্ত্রী.* ঔৎসুক্যযুক্তা (শকুন্তলা নিতান্ত উৎসুকা হইলেন—*ঈবি*)। **উৎসুকী**(–কিন্) *বিণ* ঔৎসুক্যপূর্ণ; আগ্রহশীল (উৎসবের উৎসতেই, উৎসুকীর নিত্যসুখ—*সদ*)। {*স.* উৎ+ √সু+ক(কপ্)}

উৎসৃষ্ট [উত্স্রিশ্টো] *বিণ* ১ উৎসর্গীকৃত; সদুদ্দেশ্যে অর্পিত। ২ পরিত্যক্ত। ৩ দত্ত; উপহৃত। ৪ উচ্ছিষ্ট; এঁটো। ৫ প্রযুক্ত। {*স.* উৎ+ √সৃজ্+অ(ক্ত)}

উৎসেচ, উৎসেচন [উত্শেচ্, উত্শেচোন্] *বি* ১ উপরে জলসিঞ্চন। ২ উদ্রেক; উত্তেজন। **উৎসেচন ক্রিয়া** *বি* যে প্রক্রিয়ায় পদার্থ গেঁজে ওঠে; fermentation। {*স.* উৎ+ √সিচ্ + অ(ঘঞ্), অন(ল্যুট)}

উথল, উথাল [উথল্, –থাল্] *বিণ* ১ উথলিত; উচ্ছলিত; উদ্বেলিত। ২ উত্তাল; উত্তুঙ্গ। **উথলন** *(ব্র.) ক্রি* উথলে ওঠা (উথলন মদন পয়োধি তরঙ্গ—*বিপ*)। **উথল-পাথল, উথাল-পাথাল** *বিণ* ১ তরঙ্গক্ষুব্ধ; বিক্ষুব্ধ (নিম্নে নদী উথল–পাথল, ঢেউ ভেঙ্গে যায় ফেনার ভরে—*জউ*)। ২ উত্তাল; উত্তুঙ্গ (সমুদ্রের উথাল–পাতাল ঢেউয়ের জলে—*দমি*)। {*স.* উত্তাল>উথল্ল>উথাল>}

উথলানো, উথলনো [উথ্লানো, –লনো] *ক্রি* ১ উথলে ওঠা। ২ উপচানো। ৩ ফেঁপে বা স্ফীত হয়ে ওঠা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে (সকল–পরান–উথলানো এ যে সনাতন পরিচয়—*সদ*)। **উথলিত** *বিণ* ১ স্ফীত; উদ্বেলিত। ২ পরিপ্লাবিত। {*স.* উত্তাল> উথাল; *বা.* √উথ্লা+আন, আনো = উথ্লানো}

উদ[১], উদ্বিড়াল [উদ্,–বিড়াল] *বি* জলচর প্রাণীবিশেষ; ভোঁদড়। {*স.* উদ্র>*প্রা.* উদ্দ>; *স.* উদক>}

উদক[২], উদচ্ [উদিক্, –চ্] *বি* ১ উত্তর দিক দেশ বা কাল। ২ উত্তরাভিমুখী; উত্তরবর্তী। {*স.* উদ+√অঞ্চ্+ক্বিন্}

উদক[৩], উদ[২] *বি* [উদক্, উদ্] *বি* পানি; জল; বারি (গঙ্গোদক, কূপোদক)। **উদক কার্য** *বি* প্রাতঃকৃত্য (শৌচ আচমনাদি উদক কার্য আরম্ভ করিলেন—*ঈবি*)। **উদজ** *বিণ* জলজাত। {*স.* √উন্দ্+অক}

উদগ্র [উদগ্গ্রো] *বিণ* ১ ঊর্ধ্বাভিমুখ (দলিত ফণিনীর ন্যায় মুহূর্তের মধ্যেই উদগ্র হইয়া—*রঠা*)। ২ উৎকট; ভয়ঙ্কর; প্রচণ্ড (আমি চাই উদগ্র সংগ্রাম—*রঠা*)। ৩ সুউচ্চ। ৪ উদ্ধত। ৫ তীব্র। ৬ উৎকৃষ্ট। {*স.* উৎ+অগ্র}

উদচ্ ⇒ উদক্

উদজ [উদজ্] *বিণ* জলজাত; পানিতে উৎপন্ন (উদজ উদ্ভিদ)। {*স.* উদ+ জন্+অ(ড)}

উদজান [উদ্জান্] *বি* একপ্রকার জলীয় গ্যাস; হাইড্রোজেন গ্যাস; hydrogen। {*স.* উদ+ √জন্+অ(ড)+ অন(ল্যুট)}

উদধি [উদোধি] *বি* সমুদ্র (উদধি মেখলা মেদিনী—*কেম*)। {*স.* উদ+ √ধা+ই(কি)}

উদম ⇒ উদাম

উদমাদা [উদ্মাদা] *বিণ* হাবলা; আধপাগলা (কোন আমোদপ্রিয় লোক যমকে উদমাদা রকম দেখিয়া যমের সহিত কৌতুক করিয়াছে—*দীমি*)। {*স.* উন্মাদ = উদ্+মাদ>উদমাদ + আ = উদমাদা}

উদমো [উদ্মো] *বিণ* ১ বন্ধনমুক্ত; স্বচ্ছন্দবিহারী (উদমো ... ষাঁড়—*নই*)। ২ অপরিণতবয়স্ক (উদমো ষাঁড়ি)। {*স.* উদ্দাম}

উদয় [উদয়্] *বি* ১ আবির্ভাব; উত্থান (চন্দ্রোদয়)। ২ উৎপত্তি (ভাগ্যোদয়)। ৩ উদ্রেক; সঞ্চার (ক্রোধের উদয়)। ৪ উৎকর্ষ; বৃদ্ধি; উন্নতি। ৫ ফলসিদ্ধি; লাভ। **–কাল** *বি* ১ সূর্যোদয়ের কাল। ২ আবির্ভাবকাল। **–গিরি, উদয়াচল** *বি* ১ সূর্যের উদয়স্থান; পূর্বদিকের যে কল্পিত পর্বত থেকে সূর্যের উদয় হয় (উদয়গিরি হতে উচ্চে কহ মোরে তিমির লয় হল দীপ্তি সাগরে—*রঠা*; ওই কারা বসে আছে দূরে কল্পনা উদয়াচলপুরে—*রঠা*)। ২ উড়িষ্যার পর্বতবিশেষ। **উদীয়মান** *বিণ* উদিত হচ্ছে এমন। **উদয়াস্ত** *বি* ১ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়; সারাদিন (উদয়াস্ত খাটুনিটা দেখলি তো?—*বিব*)। ২ উদয় ও অস্ত। ☐ *ক্রিবিণ* দিনভর; সারাক্ষণ (উদয়াস্ত খাটা)। **উদয়োন্মুখ** *বিণ* উদিত হওয়ার উপক্রম করছে এমন। {*স.* উদ্+√ই+অ(অচ)}

উদর [উদর্] *বি* ১ পেট; জঠর। ২ গর্ভ। ৩ অভ্যন্তর ৪ কবল; গ্রাস। **–পরতা** *বি* ১ উদরপরায়ণতা; ঔদরিকতা। ২ যে রোগ হলে বার বার খেতে ইচ্ছা হয় (বিশাল উদর

'বসে উদরপরতা—*মদ*)। ~**পরায়ণ**, ~**সর্বস্ব** *বিণ* পেটুক; ঔদরিক। ~**পরায়ণা** *স্ত্রী*। ~**পিশাচ** *বিণ* খাদ্যাখাদ্য সম্পর্কে বাছবিচার করে না এমন; খাদ্যাখাদ্য সম্পর্কে যথেচ্ছাচারী বা নির্বিকার। ~**সাৎ** *বিণ* ১ উদরস্থ; উদরে গৃহীত; ভক্ষিত। ২ কবলিত; গ্রস্ত। **উদরাধ্মান** *বি* পেটফাঁপা (হজম করিতে পারেন নাই, সুতরাং অপচার ও উদরাধ্মান হইয়া রহিয়াছে—*ঈবি*)। **উদরাময়** *বি* পেটের পীড়া; diarrhoea। **উদরী**(–রিন্) *বি* একপ্রকার রোগ—এতে পেট ফুলে যায় ও পেটে জল জমে; dropsy (বাঙ্গলার নবাব আলীবর্দী খাঁ পীড়িত—উদরী রোগে আক্রান্ত—*ইহো*)। □ *বিণ* স্থূলোদর; পেটমোটা; ভুঁড়িওয়ালা। { *স.* উৎ+ √ঋ+অ}

উদলা, উদ্‌লা [উদ্‌লা] *বিণ* ১ আঢাকা; খোলা; উন্মুক্ত (একটা উদলা নৌকার ওপর জয়গুনের দৃষ্টি পড়ে—*আহৈ*)। ২ নগ্ন; অনাবৃত। ৩ অবাধ; অবারিত (বাদলা দিনের 'উদলা ঝামট ভাসিয়ে দেবে সৃষ্টি—*সদ*)। { *স.* উৎ+স্থল>*প্রা.* উত্থল>উদল+আ}

উদসল(*ব্র.*), **উদাসল**(*ব্র.*) [উদসল, উদা–] *ক্রি* উন্মুক্ত বা অনাবৃত করণ (তেজ্রি উদাসল কুচজোরা—*বিপ*)। { *তুল.* উদলা}

উদা [উদা] *বিণ* ১ ভিজা; সিক্ত। ২ মিয়ানো; নরম হয়ে যাওয়া। { *তুল.* *আঞ্চ.* ওদাওদা = ভিজা-ভিজা; *স.* আর্দ্র>ওদ্দ>ওদ+আ; *স.* উদ(জল অর্থে) + আ=উদা}

উদাত্ত [উদাত্‌তো] *বি* ১ সঙ্গীতের স্বরভেদ। ২ অর্থালঙ্কার বিশেষ। □ *বিণ* ১ গম্ভীর এবং উচ্চ (উদাত্ত কণ্ঠে)। ২ মহান (ধীরোদাত্ত); দরাজ (উদাত্ত কণ্ঠ)। { *স.* উৎ+আ+দা+ত(ক্ত)}

উদান [উদান্] *বি* মানবদেহে অবস্থিত পঞ্চবায়ুর অন্যতম কণ্ঠস্থিত বায়ু। { *স.* উৎ+আ+ √অন্+অ(ঘঞ্)}

উদাম, উদোম, উদম [উদাম্, –দো–, –দ–] *বিণ* ১ উলঙ্গ; নগ্ন (পিঠ ঢাকিতে গিয়া মুখ উদাম করিতে করিতে ছুট দেয়—*আমআ*; তাঁদের অসাক্ষাতে বাড়ীর অনেক ভাগ উদোম বন্ধনহীন এলো হয়ে পড়ে—*প্যামি*)। ২ উদ্দাম। ৩ মুক্ত। ৪ দুরন্ত। { *স.* উদ্দাম>উদাম}

উদার [উদার্] *বিণ* ১ বদান্য; দানশীল। ২ মহৎ; উচ্চ; প্রশস্ত। ৩ করুণাপূর্ণ। ৪ সরলতাবিশিষ্ট; অসংকীর্ণ। ~**চরিত**, ~**চিত্ত**, ~**চেতা** *বিণ* মহাপ্রাণ; উদারহৃদয়। ~**তা** *বি* ঔদার্য। ২ বদান্যতা; দানশীলতা। ৩ অকপটতা; ঋজুতা; সরলতা। ৪ শ্রেষ্ঠত্ব; মহত্ত্ব। ~**নীতি** *বি* অসংকীর্ণ মত বা রীতি। ~**নীতিক**, ~**নৈতিক** *বিণ* উদার নীতিতে বিশ্বাসী; উদারতন্ত্রী। ~**মতি**, ~**স্বভাব**, ~**হৃদয়** *বিণ* মহদাশয়; উচ্চপ্রকৃতিবিশিষ্ট; প্রশস্তমনা। { *স.* উদ্+আ+রা+অ(ক)}

উদারা [উদারা] *বি* (*সন্*) নিম্ন সপ্তকের সুর (এ সুধা সঙ্গীত স্বরতরঙ্গে তরঙ্গে উদারা মুদারা তারা ঘুরিয়া ফিরিয়া—*কায়*)। { *স.* উদার+আ}

উদাস [উদাশ্] *বিণ* ১ উদাসীন; বিষয়ে বিতৃষ্ণ। ২ আকুল ব্যাকুল (আমার গানে তোমায় ধরব বলে উদাস হয়ে যাই যে চলে—*রঠা*)। ৩ বিষণ্ণ; উন্মনা (মম অন্তর উদাসে পল্লব মর্মরে কোন্ চঞ্চল বাতাসে—*রঠা*)। □ *বি* ঔদাস্য; বিষয়-বৈরাগ্য। { *স.* উৎ+ √আস্+অ(অচ)}

উদাসল ⟹ উদসল

উদাসিনী ⟹ উদাসী ও উদাসীন

উদাসী (–সিন্) [উদাশি] *বিণ* ১ উদাস হয়েছে এমন। ২ বিষয়বিরক্ত। □ *বি* সন্ন্যাসী; সম্প্রদায়বিশেষ। **উদাসিতা** *বি*। **উদাসিনী** *স্ত্রী*। { *স.* উদাস+ইন্}

উদাসীন [উদাশিন্] *বিণ* ১ নিরপেক্ষ; নিঃসম্পর্ক। ২ অনাসক্ত; নির্লিপ্ত। ৩ সংসারে বীতস্পৃহ; বৈরাগী। **উদাসীনতা** *বি*। **উদাসীন** *পু*। **উদাসীনা** *স্ত্রী*। **উদাসী** (–সিন্) *পু*। **উদাসিনী** *স্ত্রী*। { *স.* উদ্+আসীন; *স.* উদাস+ইন্}

উদাহরণ [উদাহরোন্] *বি* ১ দৃষ্টান্ত; নিদর্শন। ২ বক্তব্য বিষয় প্রাঞ্জল করবার উদ্দেশ্যে অনুরূপ প্রসঙ্গের উল্লেখ। **উদাহৃত** *বিণ* ১ দৃষ্টান্তস্বরূপ ব্যবহৃত। ২ উল্লিখিত। { *স.* উৎ+আহরণ, আহৃত}

উদিত[১] [উদিতো] *বিণ* ১ উত্থিত; উদ্‌গত। ২ প্রকাশিত; আবির্ভূত। ৩ কথিত; উক্ত। □ *বি* উৎপন্ন। { *স.* উৎ+ই+ত(ক্ত)}

উদীচী [উদিচি] *বি* উত্তর দিক। ~ **উষা** *বি* সুমেরু প্রভা; Aurora Borealis। ~ **জ্যোতি** *বি* ১ উত্তরদিকের জ্যোতি বা আলো; সূর্য (মাগো যুগে যুগে চির ভাস্বর তুমি উদীচী জ্যোতি—*নই*)। ~**ন**, **উদীচ্য** *বিণ* উত্তরদিকস্থ। { *স.* উদচ্+ঈ(ঙীপ্)}

উদীয়মান [উদিয়োমান্] *বিণ* ১ উদয় হচ্ছে এমন; উঠছে (উদীয়মান সূর্য)। ২ প্রতিষ্ঠা লাভ করছে এমন (উদীয়মান কবি)। **উদীয়মানা** *স্ত্রী*। { *স.* উৎ+ √ঈ+মান(শানচ্)}

উদীরণ [উদিরন্] *বি* ১ উচ্চারণ। ২ কথন; কীর্তন। ৩ উদ্দীপন। ৪ প্রেরণ। **উদীরিত** *বিণ* ১ উচ্চারিত। ২ কথিত; কীর্তিত। ৩ উদ্দীপিত। ৪ প্রেরিত। **উদীর্যমাণ** *বিণ* উচ্চার্যমাণ। { *স.* উদ্+ √ঈর্+অন(ল্যুট্)}

উদীর্ণ [উদির্‌নো] *বিণ* ১ উদ্‌গত। ২ মহান; উদার (তোমার উদীর্ণ আবির্ভাবে মোর শূন্য পরিপূর্ণ হয় নাই কভু—*সুদ*)। { *স.* উৎ+ √ঋ+ত(ক্ত)}

উদুমধুম, উদুমধুমা [উদুম্‌ধুম্, –মা] *বিণ* গোঁয়ার; উপদ্রবকারী। { *স.* উদ্ধত>}

উদুম্বর, উড়ুম্বর [উদুম্‌বর্, –ড়ু–] *বি* যজ্ঞডুমুর বা তার গাছ। { *স.* উড়ুম্বর>}

উদূখল [উদুখল্] *বি* ১ উখলি; শস্যাদি রেখে মুষলের সাহায্যে পরিষ্কার বা চূর্ণ করার পাত্রবিশেষ। { *স.* উৎ+উখ্+ল}

উদেশ (*ব্র.*) [উদেশ্] *বি* ১ ..... (নাহি করন উদেশ—*জ্ঞাদা*)। ২ কারণ (সে কানু উদেশ—*বিপ*)। { *স.* উদ্দেশ}

উদো, উধো [উদো, –ধো] *বিণ* ১ নির্বোধ; মূর্খ। ২ অধঃপতিত; কলঙ্কিত। ~**মারা** *বিণ* ১ হাবাগোবা বোকা; নির্বোধ। ২ অলস; অকর্মা। **উদোর/ উধোর পিণ্ডি বুধোর ঘাড়ে**—একের কৃতকর্মের ফল অন্য একজন

নিরীহ নির্দোষ ব্যক্তির ঘাড়ে চাপানো। {উৎসাহ (উদো) মুখোপাধ্যায়কে নিয়ে প্রচলিত গল্প থেকে}

উদোম ⟹ উদাম

উদ্ ⟹ উৎ

উদ্‌গত [উদ্‌গতো] *বিণ* ১ উদ্ভূত; উৎপন্ন (এক ধারা নির্গত ও অপর ধারা উদ্‌গত হইবার মধ্যে মুহূর্ত মাত্র নয়নের যে অবকাশ পাইয়াছিলাম—*ঈবি*; তৌহিদের বাণী উদ্‌গত হইয়া—*মোব*)। ২ বহির্গত। ৩ উত্থিত; উপচীয়মান। **উদ্‌গতি** *বি* ১ উদ্‌গম; উৎপত্তি। ২ উদয়। ৩ ঊর্ধ্বগতি; উদ্‌গমন (পয়ারকে মাইকেল এমন পর্যায়ে তুলেছিলেন যার পরে তার উদ্‌গতি স্বভাবতই অসম্ভব—*সুদ*)। **উদ্‌গম** *বি* ১ উত্থান; উৎপত্তি। ২ *বি* উদ্ভব; উদয়। {*স.* উৎ+ √গম্+ত(ক্ত)}

উদ্‌গাতা [উদ্‌গাতা] *বি* সামবেদ গায়ক। ☐ *বিণ* ১ উচ্চরবে গীতকারী। ২ প্রদর্শনকারী; প্রচারক (উদ্‌গাতা জ্যোতিষ্ক যেন বৃত্তির নিজস্ব পূর্ণ করে অসম্পৃক্ত অয়নাংশ—*সুদ*)। **উদ্‌গাত্রী** *স্ত্রী*। {*স.* উৎ+ √গৈ+তৃ(তৃচ)}

উদ্‌গার [উদ্‌গার] *বি* ১ ঢেকুর; মুখ দিয়ে উদরস্থ বায়ু নির্গম। ২ বমন। ৩ উচ্চারণ। ৪ নিঃসরণ (যে যেন উদ্‌গার করে, তাহাই পার্ন করিয়া থাকি—*ঈবি*)। **উদ্‌গিরণ**, **উদ্‌গীরণ** *বি* ১ ঢেকুর উত্তোলন। ২ বমি করণ। ৩ উচ্চারণ। **উদ্‌গীরিত** *বিণ* নিঃসৃত; নির্গত (একদিন সামান্য কারণে বিষ উদ্‌গীরিত হইয়া পড়িল—*রঠা*) {*স.* উৎ+√গৃ+অ(ঘঞ্), অন(ল্যুট)}

উদ্‌গীত [উদ্‌গিতো] *বিণ* উচ্চকণ্ঠে বা উদাত্ত স্বরে গীত। **উদ্‌গীতি** *বি* উচ্চকণ্ঠের বা উচ্চস্বরের গান। {*স.* উৎ+√গৈ+ত(ক্ত)}

উদ্‌গীম (*ব্র.*) [উদ্‌গিম] উদ্‌গ্রীব। {*স.*}

উদ্‌গীরিত (*অশুপ্র*) [উদ্‌গিরিত] *বিণ* উদ্‌গীর্ণ; নিঃসারিত; উৎক্ষিপ্ত (একদিন একটা মহাসমারোহের আগ্নেয় উচ্ছ্বাস উদ্‌গীরিত হইয়া উঠিল—*রঠা*)। {*স.* উদ্‌গীর্ণ}

উদ্‌গীর্ণ [উদ্‌গির্‌নো] *বিণ* ১ বমি করে ফেলা হয়েছে এমন; উদ্‌গিরণ করা হয়েছে এমন। ২ নিঃসৃত। ৩ উচ্চারিত।

উদ্‌গ্রীব *বিণ* অত্যন্ত আগ্রহান্বিত; ব্যগ্র; উৎকণ্ঠিত (ভক্তের দল উদ্‌গ্রীব হইয়া বসিয়া আছে—*রাব*)। {*স.* উদ্+গ্রীবা; বহু}

উদ্‌ঘট্টন [উদ্‌ঘট্‌টন্] *বি* ১ ঘোঁটন; আলোড়ন (প্রাণপণে নিজ শক্তির একান্ত উদ্‌ঘট্টনে আধ্যাত্মিকতার জন্ম হইতে পারে—*রঠা*)। ২ উন্মোচন। {*স.* উদ্+√ঘট্ট+অন(ল্যুট)}

উদ্‌ঘাটন [উদ্‌ঘাটোন্] *বি* ১ উন্মোচন; অনাবৃতকরণ। ২ উন্মুক্তকরণ। ৩ প্রকাশকরণ। **উদ্‌ঘাটক** *বিণ* ১ উন্মোচনকারী; উদ্‌ঘাটনকারী; উন্মোচক। ২ প্রকাশক। **উদ্‌ঘাটিত** *বিণ* ১ উন্মোচিত। ২ প্রকাশিত। {*স.* উদ্+√ঘট্+ণিচ্+অন(ল্যুট)}

উদ্‌ঘুটি [উদ্‌ঘুটি] *বিণ* বিদ্‌ঘুটে; খাপছাড়া; উদ্ভট (তুমি যত উদ্‌ঘুট্টি কাণ্ড ছাড়া তো এক দণ্ড থাকো না বাপু—*বিব*) {*স.* উদ্ভট্টী>}

উদ্‌বমন [উদ্‌বমন্] *বি* উদ্‌গিরণ; বমন। {*স.* উৎ+বমন}

উদ্দণ্ড [উদ্‌দন্‌ডো] *বিণ* ১ লাঠি বা দণ্ড উত্তোলন করেছে এমন; খড়্‌গহস্ত; মারমুখী। ২ প্রবল প্রতাপান্বিত (স্বাগত তোমারে আজি হে নূতন উদ্দণ্ড বৈশাখ—*শাহো*)। ☐ *বি* উদ্যত দণ্ড। {*স.* উৎ+দণ্ড}

উদ্দাম [উদ্‌দাম্] *বিণ* ১ অত্যন্ত প্রবল; দুর্দমনীয় (উদ্বেল উদ্দাম মুক্ত উদার প্রবাহে—*রঠা*; ভবিষ্যৎ জানবার জন্য এক উদ্দাম আগ্রহও প্রত্যেকের মনে জাগরূক—*আহো*)। ২ অসংযত; উচ্ছৃঙ্খল; বন্ধনহীন। ৩ স্বেচ্ছাচারী। ~তা *বি*। {*স.* উদ্+দাম, +তা}

উদ্দিষ্ট [উদ্‌দিশ্‌টো] *বিণ* ১ অনিষ্ট। ২ লক্ষ্যীকৃত; অভীষ্ট (উদ্দিষ্ট ব্যক্তি বা বস্তু)। {*স.* উৎ+ √দিশ্+ত(ক্ত)}

উদ্দীপক [উদ্‌দিপক্] *বিণ* ১ প্রেরণাদায়ক; উত্তেজক। ২ প্রোজ্জ্বলক; দীপ্তিকারক। ৩ বিবর্ধক; প্রকাশক। {*স.* উৎ+দীপক}

উদ্দীপন [উদ্‌দিপন্] *বি* ১ উত্তেজন; বিবর্ধন। ২ প্রোজ্জ্বলন। ৩ প্রকাশন। **উদ্দীপনা** *বি* ১ উত্তেজনা; উৎসাহ; প্রেরণা। ২ আগ্রহাতিশয্য। **উদ্দীপনীয়** *বিণ* উদ্দীপনের যোগ্য। **উদ্দীপিত** *বিণ* ১ উত্তেজিত। ২ প্রোজ্জ্বলিত। ৩ উদ্ভাসিত। {*স.* উৎ+দীপন,+আ; উৎ+√দীপ্+ই(ণিচ)+অন(ল্যুট)}

উদ্দীপ্ত [উদ্‌দিপ্‌তো] *বিণ* জ্বলে উঠেছে এমন; জ্বলন্ত; প্রোজ্জ্বলিত (স্পর্শ করে লালসার উদ্দীপ্ত বিশ্বাস—*রঠা*)। ২ উত্তেজিত; উত্তেজনাপূর্ণ (অরুণের উদ্দীপ্ত আহবানে—*রঠা*)। ৩ আলোকিত; প্রদীপ্ত। **উদ্দীপ্তি** *বি* উৎসাহ; উত্তেজনা; প্রেরণা (কোথাও শান্তির কথা নেই তার; উদ্দীপ্তিও নেই—*জীদা*)। {*স.* উদ্+দীপ্ত}

উদ্দেশ [উদ্‌দেশ্] *বি* ১ অন্বেষণ; সন্ধান; খোঁজ (উদ্দেশ না পাই যদি—*সৈআ*)। ২ লক্ষ্য (উদ্দেশ করিয়া লেখা)। ৩ উদ্দেশ্য; মতলব; অভিসন্ধি। ৪ খবর; বার্তা; সংবাদ। ৫ ঠিকানা। ৬ স্মরণ। ~ক *বিণ* উদ্দেশকারী। {*স.* উদ্+ √দিশ্+অ(ঘঞ্)}

উদ্দেশ্য [উদ্‌দেশ্‌শো] *বি* ১ অভিপ্রায়; অভিসন্ধি; মতলব। ২ লক্ষ্য; উদ্দেশের বিষয়। ৩ তাৎপর্য; অর্থ; মানে। ৪ (*ব্যা.*) বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয়। ☐ *বিণ* ১ অভিপ্রেত। ২ উদ্দেশ করা হয়েছে বা হয় এমন। {*স.* উদ্+√দিশ্+য(ণ্যৎ)}

উদ্ধত [উদ্‌ধতো] *বিণ* ১ দুর্বিনীত; ধৃষ্ট; স্পর্ধিত। ২ দুরন্ত; দুর্দান্ত; উগ্র। ৩ গর্বিত; গোঁয়ার। **ঔদ্ধত্য** *বি*। **উদ্ধতি** *বি* ১ ঔদ্ধত্য; উচ্ছৃঙ্খলতা; ধৃষ্টতা। ২ গর্ব; অহঙ্কার (কতকগুলি নতুন উদ্ধতি, নতুন উত্তেজনা—*অচিসে*)। ৩ উন্নতি। {*স.* উৎ+ √হন্+ত(ক্ত)}

উদ্ধরণ [উদ্‌ধরোন্] *বি* ১ উদ্ধারকরণ। ২ উদ্ধার; মুক্তি। ৩ উত্তোলন। ৪ কোনো রচনা বা উক্তির অংশের উল্লেখ। {*স.* উৎ+ √হৃ+অন(ল্যুট)}

উদ্ধাবিত [উদ্‌ধাবিতো] *বিণ* তীব্রগতিযুক্ত; ঊর্ধ্বগতিবিশিষ্ট (অত্যন্ত দ্রুত, উদ্ধাবিত—*অচিসে*)। **উদ্ধাবন** *বি*। {*স.*

উৎ+ধাবিত}

উদ্ধার [উদ্‌ধার্] *বি* ১ মুক্তি; পরিত্রাণ; নিষ্কৃতি; অব্যাহতি। ২ উত্তোলন; উন্নয়ন; প্রতিষ্ঠা। ৩ অপহৃত নষ্ট বিস্মৃত বা লুপ্ত বিষয়ের পুনরধিকার। ৪ দূরীকরণ; অপসারণ। ৫ কোনো রচনা বা অংশের উল্লেখ। **উদ্ধারক** *বি* উদ্ধারকারী। { *স.* উৎ+√হৃ+অ(ঘঞ্) }

উদ্ধারচিহ্ন, উদ্ধরণচিহ্ন ⇒ উদ্ধৃত

উদ্ধৃত [উদ্‌ধৃতো] *বি* ১ কোনো রচনা বা উক্তি থেকে আহৃত। ২ উত্তোলিত; উত্থাপিত। ৩ অধিকৃত; পুনরধিকৃত। ৪ মোচিত। **উদ্ধৃতি** *বি* ১ কোনো রচনা বা উক্তি থেকে আহৃত অংশ। ২ উত্তোলন; উদ্ধার। ৩ মোচন। ৪ অধিকারকরণ। **উদ্ধৃতি চিহ্ন, উদ্ধরণচিহ্ন, উদ্ধারচিহ্ন** *বি* " " এরূপ চিহ্ন; inverted commas বা quotation marks। { *স.* উৎ+√হৃ/ধৃ+ত(ক্ত) }

উদ্বন্ধন [উদ্‌বন্‌ধন্] *বি* ১ ফাঁসি। ২ আত্মহত্যা বা বধের উদ্দেশ্যে গলায় দড়ি দিয়ে ঊর্ধ্বে বন্ধন। ~**রজ্জু** *বি* ফাঁসির দড়ি। { *স.* উৎ+বন্ধন }

উদ্বর্ত [উদ্‌বরতো] *বি* ১ অবশিষ্ট অংশ; উদ্বৃত্ত অংশ। ২ আধিক্য; অতিরেক। □ *বিণ* ১ অবশিষ্ট; উদ্বৃত্ত; বাকি। ২ অতিরিক্ত। { *স.* উৎ+√বৃত্+অ(ঘঞ্) }

উদ্বর্তন [উদ্‌বরতন্] *বি* ১ জীবনসংগ্রামে টিকে থাকা; survival (উদ্বর্তনের কুটিল পথে অগ্রগামীরা বয়সোচিত অবসাদে যখন ধূলায় লুটিয়ে পড়েছে... *সুদ*)। ২ গাত্রমার্জনার জন্য ব্যবহৃত দ্রব্যাদি। ৩ গন্ধ দ্রব্যাদি দ্বারা গাত্রমার্জন। { *স.* উদ্+√বৃত্+অন(ল্যুট্) }

উদ্বায়ী(-য়িন্) [উদ্‌বায়ি] *বিণ* বাতাসে উড়িয়া বা উবিয়া যায় এমন; volatile। { *স.* উদ্+√বা+ইন }

উদ্বায়ু [উদ্‌বায়ু] *বিণ* বায়ুগ্রস্ত; উন্মাদ (তুমি ভেবেছিলে উন্মাদ করে দেবে? উদ্বায়ু আজো হয়নি আমার মন—*বিদে*)। { *স.* উদ্+বায়ু }

উদ্বাসন [উদ্‌বাশন্] *বি* ১ বাস্তুত্যাগ; স্বদেশ বা বাসভূমি থেকে বিতাড়িত হওয়া। ২ বিসর্জন; ত্যাগ। { *স.* উৎ+√বস্+ণিচ+অন(ল্যুট্) }

উদ্বাস্তু [উদ্‌বাসতু] *বি* ১ বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত এরূপ ব্যক্তি; বাস্তুত্যাগী (সেই তো হাজার-লক্ষ উদ্বাস্তুর দলে ভিড়বেন—*মব*)। ২ বাসভূমির সম্মুখস্থ ভূমি। ৩ পোড়ো ভিটা। { *স.* উৎ+বাস }

উদ্বাহ [উদ্‌বাহো] *বি* বিবাহ; পরিণয় (উদ্বাহ-বন্ধনে আমি বাঁধিব মা তোরে—*কায়*)। **ঔদ্বাহিক** *বিণ*। ~**ক্রিয়া** *বি* বিবাহকার্য; পরিণয়কার্য (ভোজনান্তে যথারীতি ইসলামী কায়দা অনুযায়ী উদ্বাহক্রিয়া সম্পন্ন করা হইল—*ইহো*)। { *স.* উৎ+√বহ্+অ(ঘঞ্) }

উদ্বাহন [উদ্‌বাহোন্] *বি* ১ বিবাহদান; পরিণয় সম্পাদন। ২ উদ্ধারসাধন। **উদ্বাহিক** *বিণ* বিবাহ সম্বন্ধীয়; বৈবাহিক। **উদ্বাহিত** *বিণ* বিবাহিত; পরিণীত। **উদ্বাহিনী** *বি* রজ্জু; দড়ি। □ *বিণ* ঊর্ধ্বে বহনকারী। { *স.* উৎ+√বহ্+ণিচ+অন(ল্যুট্) }

উদ্বাহী [উদ্‌বাহি] ঊর্ধ্বে বহনকারী। ২ বিবাহকারী। **উদ্বাহিনী** *স্ত্রী*। { *স.* উৎ+√বহ্+ইন }

উদ্বাহু [উদ্‌বাহু] *বিণ* ১ ঊর্ধ্ববাহু; কোনো কিছু করার জন্য হাত উঠেছে এমন; উত্তোলিত বাহুবিশিষ্ট (তখন সেই 'গুলাল' দেখে আপনি উদ্বাহু হয়ে নৃত্য করবেন—*সৈমু*)। ২ ব্যাকুল; আকুল; ব্যগ্র (শিক্ষার ফললাভের জন্য আমরা সকলেই উদ্বাহু—*প্রচৌ*)। { *স.* উদ্+বাহু }

উদ্বিগ্ন [উদ্‌বিগ্‌নো] *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত; উৎকণ্ঠিত; ব্যাকুল (কী সংশয় জাগে তব উদ্বিগ্ন নয়নে—*রঠা*)। ~**তা** *বি* ব্যাকুলতা; উদ্বেগ; ভাবনা (এবার শ্রোতাদের মনের উদ্বিগ্নতা দূর হলো)। { *স.* উদ্+√বিজ্+ত(ক্ত) }

উদ্বিড়াল [উদ্‌বিড়াল্] জলমার্জার; যে বিড়াল জলে ডুব দিয়ে মাছ ধরে খায়। { *স.* উৎ+বিড়াল }

উদ্বুদ্ধ [উদ্‌বুদ্‌ধো] *বিণ* ১ প্রবুদ্ধ; অনুপ্রাণিত। ২ জাগরিত; চেতনাপ্রাপ্ত। ৩ উদিত; স্মৃতিপথে আগত। { *স.* উদ্+√বুধ্+ত(ক্ত) }

উদ্বৃত্ত [উদ্‌ব্রিত্‌তো] *বিণ* ১ ব্যয়ের পর অবশিষ্ট; বাকি। ২ বাড়তি; অতিরিক্ত (খানিকটা উদ্বৃত্ত থাকে—*অচিসে*)। { *স.* উৎ+√বৃত্+ত(ক্ত) }

উদ্বেগ [উদ্‌বেগ্] *বি* ১ সন্দেহজনিত ব্যাকুলতা; উৎকণ্ঠা; দুশ্চিন্তা। ২ ভয়মিশ্রিত ভাবনা। ৩ অস্থিরতা; চাঞ্চল্য। { *স.* উদ্+√বিজ্+অ(ঘঞ্) }

উদ্বেজক [উদ্‌বেজক্] *বিণ* ১ উদ্বেগজনক। ২ ক্লেশকর; কষ্টকর। ৩ বিরক্তিকর; উত্ত্যক্তকারী। { *স.* উদ্+√বিজ্+ই(ণিচ্)+অক(ণ্বুল্) }

উদ্বেজন [উদ্‌বেজন্] *বি* ১ উদ্বেগ। ২ উদ্বিগ্ন করা। **উদ্বেজয়িতা**(-তৃ) *বিণ* উদ্বেজক। **উদ্বেজিত** *বিণ* ১ উদ্বিগ্ন; ব্যাকুলিত (এত উদ্বেজিত অন্যমনস্ক ছিলাম যে, সেই মুহূর্তে সেই স্বর ও সেই স্পর্শ জানিয়াও জানিতে পারিলাম না—*রঠা*)। ২ উত্ত্যক্ত। ৩ উদ্বেলিত। ৪ দুঃখিত; ক্ষুব্ধ। { *স.* উৎ+ √বিজ্ + ই(ণিচ্)+অন(ল্যুট্) }

উদ্বেল [উদ্‌বেল্] *বিণ* ১ উচ্ছলিত; উথলিত। (উদ্বেল উদ্দাম মুক্ত উদার প্রবাহে—*রঠা*)। ২ কূলাতিক্রান্ত। ৩ সীমাতিক্রান্ত। **উদ্বেলিত** *বিণ* উচ্ছলিত; আকুলিত; উদ্বেল হয়েছে এমন (উদ্বেলিত হৃদয়ে রতন গৃহের মধ্যে প্রবেশ করিয়া বলিল—*রঠা*)। { *স.* উদ্+বেলা; *অব্যয়ী.* }

উদ্বোধ [উদ্‌বোধ্] *বি* ১ বোধের উদয়; জ্ঞানের উন্মেষ; বোধোদ্গম (এ বিষয়ে আমার উদ্বোধ মাত্র হয় নাই—*ঈবি*)। ২ স্মরণ। { *স.* উৎ+বোধ }

উদ্বোধন [উদ্‌বোধোন্] *বি* ১ সূত্রপাত; আরম্ভ (উদ্বোধন-সংগীত; উদ্বোধন-ভাষণ)। ২ বোধোৎপাদন; জাগরণ। **উদ্বোধক** *বিণ* ১ উদ্বোধনকারী। □ *বিণ, বি* ১ উদ্দীপক। ২ স্মারক। **উদ্বোধিত** *বিণ* উদ্বোধন করা হয়েছে এমন (ধর্ম হল উদ্বোধিত যজ্ঞ-বেদীর পরে—*সদ*)। { *স.* উৎ+√বুধ্+অন(ল্যুট্) }

উদ্বোধনি, উদ্বোধনী [উদ্‌বোধোনি] *বিণ* ১ উদ্বোধন সূচক; সূচনা নির্দেশক (উদ্বোধনি সংগীত, উদ্বোধনি ভাষণ)। ২ উদ্বোধন করা হয় এমন। { *স.* উদ্বোধন+ *বা.* বিশেষণীয় 'ই' বা 'ঈ' }

উদ্ব্যক্ত [উদ্‌ব্যাক্‌তো] *বিণ* জোর বা ঝোঁক দিয়ে প্রকাশিত; বিশেষভাবে কথিত বা উক্ত; emphatic। **উদ্ব্যক্তি** *বি* প্রকাশ্যে জোর বা ঝোঁক; emphasis। { *স.* উদ্+ব্যক্ত }

উদ্‌ভ্রান্ত [উদ্‌ব্র্যাস্‌তো] *বিণ* ১ অত্যন্ত ব্যস্ত; ব্যতিব্যস্ত (জিজ্ঞাসু মনকে উদ্‌ভ্রান্ত করে তুলতে বাধ্য—*অ/কঅ*)। ২ সন্ত্রস্ত। { *স.* উদ্‌+ব্যস্ত}

উদ্ভট [উদ্‌ভট্‌] *বিণ* ১ অদ্ভুত; আজগুবি। ২ উৎকট। ৩ গ্রন্থবহির্ভূত। ৪ শ্রেষ্ঠ। ☐ *বি* অজ্ঞাতনামা লেখকের রচনা। { *স.* উদ্‌+√ভট্‌+অ(অচ্‌)}

উদ্ভট্টি, উদ্ভুট্টি [উদ্‌ভট্‌টি, –ভু–] *বিণ* ১ অদ্ভুত; আজগুবি। ২ অশ্রুতপূর্ব (হনলুলু সুরে গান গায় উদ্ভট্টি—*নই*)। { *স.* উদ্ভট+*বা.* ই}

উদ্ভব [উদ্‌ভব্‌] *বি* উৎপত্তি; জন্ম। ☐ *বিণ* উৎপন্ন; জাত (দত্তকুলোদ্ভব কবি—*মদ*)। { *স.* উৎ+ √ভূ+অ(অচ্‌)}

উদ্ভাবন [উদ্‌ভাবন/–বো–] *বি* ১ আবিষ্করণ; অজ্ঞাত বিষয় প্রকাশকরণ (নতুন ভাব চিন্তার উদ্ভাবনে—*অশ*)। ২ উৎপাদন। ৩ পরিকল্পন। ৪ কল্পনা; চিন্তন। **উদ্ভাবক** *বিণ* ১ উদ্ভাবনকারী। ২ আবিষ্কারক। ৩ পরিকল্পনাকারী। **উদ্ভাবনীয়, উদ্‌ভাব্য** *বিণ* উদ্ভাবনের যোগ্য। **উদ্ভাবিত** *বিণ* উদ্ভাবন করা হয়েছে এমন। { *স.* উৎ+ √ভূ+ণিচ্‌+ অন(ল্যুট)}

উদ্ভাস [উদ্‌ভাশ্‌] *বি* ১ বিকাশ; প্রকাশ। ২ শোভা। ৩ দীপ্তি; জ্যোতি। ~**ক** *বিণ* ১ উজ্জ্বলকারক। ২ প্রকাশক। ☐ *বি* উদ্দীপন। **উদ্ভাসিত** *বিণ* উদ্ভাসন করা হয়েছে এমন। { *স.* উদ্‌+√ভাস্‌ +অ(ঘঞ্‌)}

উদ্ভিজ্জ [উদ্‌ভিজ্‌জো] *বি* তরু–লতা–গুল্ম ইত্যাদি, যা মাটি ফুঁড়ে জন্মে (সিক্ত উদ্ভিজ্জের ঘন গন্ধবাষ্প চতুর্দিকে—*রঠা*)। ☐ *বিণ* উদ্ভিজ্জাত। ~ **প্রকৃতি** *বিণ* শান্ত; নির্বিরোধ (আমি এমনি উদ্ভিজ্জ প্রকৃতি যে—*রঠা*)। **উদ্ভিজ্জাণু** ⇒ উদ্ভিদ। **উদ্ভিজ্জাশী, উদ্ভিদভোজী** (–জিন্‌) *বিণ,বি* উদ্ভিদভোজনকারী জীব (আমরা স্তন্যপায়ী উদ্ভিজ্জাশী জীব—*রঠা*)। *তুল.* **মাংসাশী**। { *স.* উদ্ভিদ্‌ + √জন্‌+ অ(ড)}

উদ্ভিদ, উদ্ভিদ্‌ [উদ্‌ভিদ্‌] *বিণ বি* তৃণলতা–গুল্মাদি, যা মাটি ফুঁড়ে জন্মে; তৃণ লতাদির অঙ্কুর। ~**বিদ্যা** *বি* উদ্ভিদবিজ্ঞান; Botany। **উদ্ভিদণু, উদ্ভিজ্জাণু** *বি* অতি ক্ষুদ্র উদ্ভিদ যা চোখে দেখা যায় না। { *স.* উৎ+ √ভিদ্‌+ ক্বিপ্‌}

উদ্ভিন্ন [উদ্‌ভিন্‌নো] *বিণ* ১ অঙ্কুরিত। ২ প্রকাশিত; প্রস্ফুট (উদ্ভিন্ন–যৌবনা নারী)। ৩ ভেদ করে উঠেছে এমন। { *স.* উৎ+√ভিদ্‌+ত(ক্ত)}

উদ্ভূত [উদ্‌ভুতো] *বিণ* ১ উৎপন্ন; জাত (অন্তঃকরণে বিলক্ষণ অনুকম্পা ও কৌতূহল উদ্ভূত হইল—*ঈবি*) ২ প্রকাশিত। ৩ উদিত। { *স.* উৎ+ √ভূ+ত(ক্ত)}

উদ্ভেদ [উদ্‌ভেদ্‌] *বি* ১ প্রকাশ; বিকাশ; প্রকটন (তুলিল উদ্ভেদ কবি কলোল্লোলে মহা ইতিহাস—*রঠা*)। ২ উদ্‌গম। ৩ প্রস্ফোটন। ৪ সঙ্গম। ৫ আবিষ্কার। **উদ্ভেদী**(–দিন্‌) *বিণ* মৃত্তিকাদি ভেদ করে ওঠে এমন। { *স.* উদ্‌+√ভিদ্‌+ অ(অচ্‌/ঘঞ্‌)}

উদ্‌ভ্রম [উদ্‌ভ্রম্‌/–ভ্রোম্‌] *বি* ১ বুদ্ধিনাশ; বুদ্ধিভ্রংশ। ২ উদ্বেগ; আকুলতা। { *স.* উদ্‌+√ভ্রম্‌+অ(ঘঞ্‌)}

উদ্যত [উদ্‌দতো] *বি* প্রবৃত্ত; নিরত। *বিণ* ১ উন্মুখ; উপক্রমকারী। ২ উদ্যোগী; উদ্যমশীল। ৩ উত্তোলিত। ~**দণ্ড** *বিণ* শাসনে উদ্যত; শাসনের নিমিত্ত দণ্ড উত্তোলন করেছেন এমন। ~**বাহু** *বিণ* ১ উত্তোলিত বাহু; ঊর্ধ্ববাহু। ২ আকুল; ব্যাকুল। ~**মুষল** *বিণ* মারমুখী; উদ্দণ্ড (পিতৃনাম শুধাইলে উদ্যত মুষল ... —*রঠা*)। **উদ্যতি** *বি* উদ্যোগ; উদ্যম। { *স.* উৎ+ √যম্‌+ত(ক্ত)}

উদ্যম [উদ্‌দম্‌] *বি* ১ উৎসাহ; অধ্যবসায়। ২ চেষ্টা; প্রয়াস; যত্ন। ৩ উদ্যোগ; উপক্রম (উদ্যম বিহনে কার পুরে মনোরথ?—*কৃম*)। ~**ভঙ্গ** *বিণ* ১ নিরুৎসাহ। ☐ *বি* উদ্যমহীনতা। ~**শীল** *বিণ* কর্মে যত্নশীল; কর্মে উৎসাহী; উদ্যোগী। **উদ্যমী** *বিণ* উদ্যমশীল; উদ্যোগী। { *স.* উৎ+ √যম্‌+অ (ঘঞ্‌)}

উদ্যান [উদ্‌দান্‌] *বি* বাগান; বাগিচা; উপবন। ~**পাল,** ~**পালক,** ~**রক্ষক** *বি,বিণ* ১ মালী। ২ যে বাগানের তত্ত্বাবধান করে বা রক্ষণাবেক্ষণ করে। ~**পালিকা** *বি স্ত্রী.* বাগানের রক্ষণাবেক্ষণকারিণী (একজন বুড়ী—বোধহয় উদ্যানপালিকা—কতকগুলি ফলমূল নিয়ে উপস্থিত করলে—*রঠা*)। ~**বিদ্যা** *বি* উদ্যানবিষয়ক বিদ্যা বা শাস্ত্র; horticulture। { *স.* উদ্‌+√যা+অন(ল্যুট)}

উদ্‌যাপন [উদ্‌জাপোন্‌] *বি* ১ পালন; সমাপন; নির্বাহ। ২ আরব্ধ ব্রত সম্পাদন। **উদ্‌যাপিত** *বিণ* উদ্‌যাপন করা হয়েছে এমন। { *স.* উৎ+যাপন}

উদ্‌যুক্ত, উদ্যুক্ত [উদ্‌জুক্‌তো, উদ্‌দুক্‌তো] *বিণ* যত্নশীল; চেষ্টাবান; উদ্যোগবিশিষ্ট (শিশুদ্বয়ের উদ্ধারার্থে উদ্যুক্ত হইলেন—*ঈবি*)। { *স.* উৎ+ √যুজ্‌+ত(ক্ত)}

উদ্যোগ [উদ্‌দোগ্‌] *বি* ১ আয়োজন; জোগাড় (বিয়ের উদ্যোগ করা)। ২ উপক্রম (কাকগুলো কা কা ক'রে বাসা ছেড়ে ওড়বার উদ্যোগ করলে ... —*প্যামি*)। ৩ উদ্যম; চেষ্টা। ৪ উৎসাহ। **উদ্যোক্তা**(–ক্তৃ), **উদ্যোগী**(–গিন্‌), ~**শীল** *বিণ* ১ আয়োজনকারী। ২ উদ্যম ও যত্নশীল; সচেষ্ট। ৩ উৎসাহী। { *স.* উৎ+ √যুজ্‌+অ(ঘঞ্‌)}

উদ্র [উদ্‌দ্রো] *বি* উদ্বিড়াল; উদ। { *স.* √উন্দ্‌+র}

উদ্রিক্ত [উদ্‌দ্রিক্‌তো] *বিণ* ১ উদ্রেক হয়েছে এমন। ২ উত্তেজিত। { *স.* উদ্‌+√রিচ্‌+ত(ক্ত)}

উদ্রেক [উদ্‌দ্রেক্‌] *বি* ১ সঞ্চার; উদয় (হানিফের সহানুভূতি উদ্রেক করবার জন্যে—*অচিসে*)। { *স.* উদ্‌+√রিচ্‌+ অ(ঘঞ্‌)}

উধাও [উধাও] *বিণ* ১ অদৃশ্য; নিরুদ্দেশ (উধাও কামনাসম—*রঠা*)। ২ দৃষ্টির বহির্ভূত। ☐ *বি* ঊর্ধ্বে ধাবন। { *স.* উদ্ধাব > *প্রা.* উদ্‌ধাঅ>উধাও; *স.* উদ্‌+ ধাবন>}

উধার [উধার্‌] *বি* ১ ধার; কর্জ; ঋণ। { *স.* উদ্ধার> উধার> ধার}

উধারল (*ব্র.*) [উধারল] *ক্রি* উদ্ধার করল (উধারল সিরসিজা— *বিপ*)। { *স.* উদ্‌+√হৃ}

উধারা (*ব্র., মবা.*) [উধারা] *ক্রি* উদ্ধার করা। { *স.* উদ্‌+ √ধৃ+অ(ঘঞ্‌)+আ}

উধো ⇒ উদো

উন ⇒ ঊন

উনআশি ⇒ ঊনআশি

উনচল্লিশ ⇒ ঊনচল্লিশ

উনত্রিশ ⇒ ঊনত্রিশ

উনন ⟹ উনান

উননব্বই ⟹ ঊননব্বই

উনপঞ্চাশ ⟹ ঊনপঞ্চাশ

উনপাঁজুরে, উনপাঁজুরি [উনপাঁজুরে, -রি] *বিণ* ১ কমবখত (পাড়াগেঁয়ে হলেই যে এমন উনপাঁজুরে হবে, এমন কোন কথা নাই—*প্যারি*)। ২ দুর্বল; অক্ষম। ৩ হতভাগ্য। {*স.* ঊন+পঞ্জর>উন+পঞ্জর+ইয়া>*বা.* উন+পঞ্জরিয়া>উনপাঁজইর‍্যা> উনপাঁজুরে}

উনমত (*ব্র., মবা.*) [উনমত] *বিণ* উন্মত্ত; (উনমত কান—*বিপ*)। {*স.* উন্মত্ত}

উনমাতই (*ব্র.*) [উনমাতই] *অক্রি* উন্মত্ত করে (চিত উনমাতই—*বিপ*)। {*স.* উন্মত্ত>}

উনষাট ⟹ ঊনষাট

উনসত্তর ⟹ ঊনসত্তর

উনা ⟹ ঊন

উনান, উনন, উনুন [উনান্, -নন্, -নুন্] *বি* চুল্লি; চুলা; আখা। {*স.* উষ্ণ>*প্রা.* উহ্ন, *পা.* উনহ>*বা.* উনহান>উনআন>উনান; *স.* উদ্ধ্মান>পা. উদ্ধান> অপভ্র. উধান>উনান}

উনি [উনি] *সর্ব* ঐ ব্যক্তি; সম্মুখস্থ ব্যক্তি। {*স.* অমূনি>অউনি>}

উনিশ, ঊনিশ [উনিশ্] *বি* ১ ১৯ সংখ্যা; ঊনবিংশ। ২ ১৯ সংখ্যক। **~বিশ** *বি* সামান্য পার্থক্য; তুচ্ছ প্রভেদ (ঊনবিংশ শতাব্দী ও বিংশ শতাব্দীতে যে বিশেষ কোন প্রভেদ আছে তা নয়, যদি থাকে তা সে উনিশ-বিশ—*প্রচৌ*)। **উনিশে** *বি,বিণ* মাসের উনিশ তারিখ। {*স.* ঊনবিংশতি>*প্রা.* এঊণবিংশা>}

উনুন ⟹ উনান

উনো ⟹ ঊন

উন্নত [উন্নতো] *বিণ* ১ মহৎ; উদার (উন্নতমনা)। ২ উঁচু; উচ্চ; তুঙ্গ (উন্নতশীর্ষ)। ৩ শ্রীবৃদ্ধিসম্পন্ন; সমৃদ্ধ (উন্নত দেশ)। ৪ মার্জিত; সভ্য (উন্নত রুচি)। ৫ গৌরবান্বিত; উচ্চ অবস্থাবিশিষ্ট। ৬ ভাগ্যবান। {*স.* উদ্+√নম্+ত(ক্ত)}

উন্নতি [উন্নোতি] *বি* ১ অগ্রগতি। ২ শ্রীবৃদ্ধি। ৩ উচ্চ বা সমৃদ্ধ অবস্থা; সৌভাগ্য। ৪ উচ্চতা। ৫ অভ্যুদয়। {*স.* উদ্+√নম্+তি(ক্তি)}

উন্নদ্ধ [উন্নদ্ধো] *বিণ* ১ ঊর্ধ্বে বদ্ধ; ঊর্ধ্বে গ্রথিত; উঁচু করে বাঁধা। ২ স্ফীত। ৩ উদ্যত; উন্নত (উন্নদ্ধ ফণা)। {*স.* উদ্+√নহ্+ত(ক্ত)}

উন্নমন [উন্নমন্] *বি* ১ উন্নয়ন; উত্তোলন। ২ উত্থাপন। ৩ উন্নতি। ৪ সম্যকভাবে নত হওয়া। **উন্নমিত** *বিণ* উন্নমন করা হয়েছে এমন। {*স.* উদ্+√নম্+ণিচ্+অন(ল্যুট্)}

উন্নয়ন [উন্নয়ন্] *বি* ১ উন্নতিসাধন। ২ উত্তোলন। ৩ উন্নতি। **~ প্রকল্প** *বি* ১ উন্নতিবিষয়ক পরিকল্পনা; planning of development। ২ উন্নতি বিষয়ে যুক্তিতর্ক সমর্থিত অনুমান বা সিদ্ধান্ত; development hypothesis। **~প্রকল্পক** *বি* উন্নয়ন বিষয়ে নকশাকার; planner। {*স.* উৎ+√নী+অন(ল্যুট্)}

উন্নস [উন্নশ্] *বিণ* নাসিকা উন্নত এমন; উঁচু নাকবিশিষ্ট। {*স.* উৎ+নাসা (>নস)+ সমাসান্ত অ(অচ্); বহু}

উন্নাসিক [উন্নাশিক] *বিণ* অবজ্ঞায় নাক উঁচু করে বা বাঁকায় এমন। ২ সব কিছুকেই তুচ্ছ করে এমন; snob (যত বড় উন্নাসিকই হোক না কেন, পুলিস সায়েবের বাংলোটি কিছুমাত্র ফেলনা নয়—*সৈমু*)। ৩ ঘ্রাণ গ্রহণে আগ্রহশীল (তখন রাস্তার লোক পর্যন্ত উন্নাসিক হয়ে থমকে দাঁড়ায়—*সৈমু*)। **উন্নাসিকতা** *বি*। {*স.* উৎ+নাসিকা; বহু}

উন্নিদ্র [উন্নিদ্রো] *বিণ* ১ নিদ্রাহীন; বিনিদ্র; জাগ্রত। ২ সাবধান; সতর্ক। **উন্নিদ্রা** *বি* ১ নিদ্রাহীনতা; ঘুম না আসা (উন্নিদ্রায় বহুক্ষণাবধি উৎকট মানসিক যন্ত্রণা—*বচ*)। ২ সাবধানতা; সতর্কতা। {*স.* উৎ+নিদ্রা; বহু}

উন্নীত [উন্নিতো] *বিণ* ১ উন্নতিপ্রাপ্ত। ২ ঊর্ধ্বে নীত বা স্থাপিত; উত্তোলিত। {*স.* উৎ+নীত}

উন্নেতা [উন্নেতা] *বি,বিণ* যে উন্নয়ন করে; উন্নতি সাধন করে এমন। ❑ *বিণ* ঊর্ধ্বে নিয়ে যায় এমন। {*স.* উৎ+নেতা; বহু}

উন্মগ্ন [উন্মগ্নো] *বিণ* ১ জলতল থেকে উত্থিত। ২ ডুবন্ত অবস্থা থেকে উদ্ধারপ্রাপ্ত। {*স.* উৎ+√মস্জ্+ত(ক্ত)}

উন্মজ্জন [উন্মজ্জন্] *বি* জলতল থেকে উত্থান; ভেসে ওঠা। {*স.* উৎ+মস্জ্+অন(ল্যুট্)}

উন্মত্ত [উন্মত্তো] *বিণ* ১ উন্মাদ; পাগল; বাতুল। ২ উত্তেজিত; ক্ষিপ্ত। ৩ হিতাহিত জ্ঞানলুপ্ত। ৪ মাতাল; অতিশয় আসক্ত। ৫ আত্মহারা; তন্ময়। {*স.* উৎ+√মদ্+ত(ক্ত)}

উন্মথন [উন্মথোন্] *বি* ১ উত্তমরূপে ঘোঁটা; মন্থন। ২ মর্দন। ৩ হনন। **উন্মথিত** *বিণ* ১ ঘোঁটা বা মন্থন করা হয়েছে এমন (সেই নাম উন্মথিত মনের প্রান্তরে ঘুরে ঘুরে জাগাবে, ডাকবে—*হার*)। ২ বহিরাগত আকর্ষণের ফলে উদ্বেলিত। {*স.* উৎ+মথন}

উন্মদ [উন্মদ্] *বিণ* ১ উন্মত্ত; ক্ষিপ্ত। ২ প্রমত্ত (উন্মদ পবনে যমুনা তর্জিত—*রঠা*)। **উন্মদা** *স্ত্রী*। {*স.* উৎ+√মদ্+অ(অচ্); বহু}

উন্মন [উন্মন্] *বি* ১ অন্যমনস্ক; উদাস (কলসে কঙ্কণে রিনিঠিনি ঝনকে চমকায় উন্মন চম্পা বনকে—*নই*)। ২ উদ্বেগযুক্ত। {*স.* উৎ+মনস্>; বহু}

উন্মনা, উন্মনাঃ [উন্মনা, -হ্] *বিণ* ১ উৎকণ্ঠিত; ব্যাকুল। ২ অন্যমনস্ক; আনমনা (স্নিগ্ধ নবঘন হেরি আছিল উন্মনা—*রঠা*)। ৩ উদাস (আমার উন্মনা আঁখি—*রঠা*)। ৪ উৎসুক; আগ্রহশীল (চক্ষু তাহার কল্পনায় উন্মনা—*আহা*)। {*স.* উৎ+মনস্; বহু}

উন্মন্থ ⟹ উন্মন্থন

উন্মন্থন, উন্মন্থ [উন্মন্থন্, উন্মন্থো] *বি* ১ আলোড়ন; মন্থন; ঘাঁটা। ২ হনন। {*স.* উৎ+√মন্থ্+অন(ল্যুট্), অ(ঘঞ্)}

উন্মাদ [উন্মাদ্] *বি* ১ পাগল; উন্মত্ত; ক্ষিপ্ত। ২ হিতাহিত জ্ঞানহারা। ৩ প্রচণ্ড (উন্মাদগতি)। ❑ *বি* পাগলামি;

উন্মত্ততা; বায়ুরোগ। **উন্মাদাগার** *বি* পাগলাগারদ; পাগলদের চিকিৎসালয়। {*স.* উৎ+√মদ্‌+অ(ঘঞ)}

উন্মাদন [উন্‌মাদন্‌] *বি* উন্মত্ততা জন্মানো; পাগল করা। ❑*বিণ* উন্মত্ত করা যায় এমন; উন্মত্ততা সম্পাদক। **উন্মাদক** *বিণ* ১ উন্মত্ততা জন্মায় এমন; পাগল করে এমন। ২ মত্ততা সৃষ্টিকারী; মাতাল করে এমন। **উন্মাদনা** *বি* ১ উত্তেজনা। ২ প্রেরণা; প্রবল উৎসাহ। ৩ চিত্তবিক্ষোভ। {*স.* উৎ+মদ্‌+ই(ণিচ)+অন(ল্যুট)}

উন্মাদিত [উন্‌মাদিতো] *বিণ* ১ উন্মাদ করা হয়েছে এমন। ২ উন্মাদনাবিশিষ্ট। {*স.* উৎ+ √মদ্‌+ই(ণিচ)+ত(ক্ত)}

উন্মাদী(–দিন্‌) [উন্‌মাদি] *বিণ* ১ উন্মাদযুক্ত; প্রমত্ত। ২ উন্মত্তকারী; উন্মাদক। **উন্মাদিনী** *স্ত্রী*। {*স.* উৎ+ √মদ্‌+ইন(ণিনি)}

উন্মান [উন্‌মান্‌] *বি* ১ পরিমাণবিশেষ। ২ ওজন; তৌল; ভারনির্ণয়। ৩ উচ্চতা নির্ণয়। {*স.* উৎ+ √মা+অন(ল্যুট)}

উন্মার্গ [উন্‌মার্‌গো] *বি* ১ কুপথ; অবিহিত পন্থা। ২ ভ্রষ্টাচার; কদাচার। ❑*বিণ* ১ কুপথ বা বিপথগামী। ২ কদাচারী; ভ্রষ্টাচারী। ৩ অন্যপথে বা বিপথে চালিত (উন্মার্গ হয়েছে নদী —*সুদ*)। **–গামী** *বিণ* ১ কুপথগামী; বিপথগামী (জাবালি ভ্রষ্টাচার উন্মার্গগামী নাস্তিক—*রাব*)। ২ অসদাচারী। {*স.* উৎ+মার্গ}

উন্মিষিত [উন্‌মিশিতো] *বিণ* বিকশিত; প্রস্ফুট (একই অনপেক্ষ আকাশ। একই উন্মিষিত ভবিষ্যৎ—*অচিসে*)। {*স.* উৎ+ √মিষ্‌+ত(ক্ত)}

উন্মীলন [উন্‌মিলন্‌] *বি* ১ চোখ মেলে চাওয়া; চোখ খোলা। ২ বিকাশ। ৩ উদ্‌ঘাটন; উন্মোচন। **উন্মীলিত** *বিণ* ১ উন্মীলন হয়েছে এমন। ২ প্রকাশিত। ৩ বিকশিত। ৪ উন্মোচিত; উদ্‌ঘাটিত। {*স.* উৎ+ √মীল্‌+অন(ল্যুট)}

উন্মুক্ত [উন্‌মুক্‌তো] *বিণ* ১ খোলা; বন্ধনরহিত; অবরোধমুক্ত। ২ মুক্তিপ্রাপ্ত; নিষ্কৃতিপ্রাপ্ত; খালাস। ৩ অনাবৃত; খোলা। ৪ অকপট; উদার। **~তা** *বি*। {*স.* উৎ+ √মুচ্‌+ত(ক্ত)}

উন্মুখ [উন্‌মুখ্‌] *বিণ* ১ ব্যগ্র; উৎসুক (নিজেদের ছত্রচ্ছায় রাখিতেই সে যেন বেশি উন্মুখ—*আকাশা*)। ২ উদ্যত (উন্মুখ অধরে চুম্বন–অমৃত—*রঠা*)। ৩ প্রবৃত্ত; তৎপর। **~তা** *বি*। {*স.* উৎ+মুখ; *বহু*}

উন্মুখর [উন্‌মুখর্‌] *বিণ* উন্মুখ ও মুখর; সোচ্চার; আগ্রহোদ্দীপ্ত; স্পষ্টরূপে ব্যগ্র; প্রকটভাবে আগ্রহান্বিত (শংকাহীন বিস্ময় ও সরল জিজ্ঞাসার উন্মুখর—*সুদ*)। {*স.* উৎ+মুখর; *বহু*}

উন্মুদ্র [উন্‌মুদ্‌দ্রো] *বিণ* ১ সিলমোহর দেওয়া নেই এমন। ২ চিহ্নশূন্য; অকলঙ্ক। ৩ বিকশিত; প্রস্ফুটিত (উন্মুদ্র উদ্যান লগ্নে যদি তুমি আদরে রাখিতে—*সুদ*)। {*স.* উৎ+মুদ্রা; *বহু*}

উন্মূল [উন্‌মুল্‌] *বিণ* নির্মূল। ❑*বি* উচ্ছেদ (জীবনের অবসানে হবে কি উন্মূল—*রঠা*)। {*স.* উৎ+মূল; *বহু*}

উন্মূলন [উন্‌মুলন্‌] *বি* ১ উৎপাটন। ২ উচ্ছেদ। ৩ বিনাশ। **উন্মূলিত** *বিণ* উৎপাটিত (এই বলিয়া উন্মূলিত তরুর ন্যায় ভূতলে পতিত হইয়া, লক্ষ্মণ হাহাকার করিতে লাগিলেন—*ঈবি*)। **উন্মূলয়িতা** (–তৃ) *বিণ* ১ উৎপাটন বা উন্মূলনকারী। ২ উচ্ছেদকারী। {*স.* উৎ+ √মূল্‌+ণিচ্‌+অন(ল্যুট)}

উন্মেষ, উন্মেষণ [উন্‌মেশ্‌, –শন্‌] *বি* ১ উন্মিলন; চোখ মেলে চাওয়া। ২ উদ্রেক; সঞ্চার (স্নেহের উন্মেষ)। ৩ ঈষৎ প্রকাশ। ৪ উদ্ভব। **উন্মেষিত, উন্মিষিত** *বিণ* ১ উন্মেষপ্রাপ্ত। ২ বিকশিত; উন্মীলিত। **উন্মেষিত-যৌবনা** *বিণ* সদ্যবিকশিত যৌবনসম্পন্না (উন্মেষিত যৌবনা নববধূ—*রঠা*)। {*স.* উৎ+ √মিষ্‌+অ(ঘঞ), অন(ল্যুট)}

উন্মোচন [উন্‌মোচন্‌] *বি* ১ বন্ধনমোচন; আবরণমুক্ত করা। ২ মুক্তিদান; নিষ্কৃতিদান। **উন্মোচিত** *বিণ* উন্মোচন করা হয়েছে এমন। {*স.* উৎ+ √মুচ্‌+অন(ল্যুট)}

উপ– [উপো] *অব্য* সাদৃশ্য নৈকট্য উৎকর্ষ স্বল্পতা উদ্‌যোগ ইত্যাদি সূচক উপসর্গ (উপক্রম, উপহার, উপবন)। {তৎসম উপসর্গবিশেষ}

উপকণ্ঠ [উপোকন্‌ঠো] *বি* ১ গ্রাম–নগরাদির প্রান্ত; উপান্ত (নগরীর উপকণ্ঠ)। ২ নিকট; সমীপ। {*স.* উপ+কণ্ঠ; *অব্যয়ী*}

উপকথা [উপোকথা] *বি* উপাখ্যান; কল্পিত গল্প; কাহিনী (কল্পিত গল্প কাহিনীই তো উপকথা)। {*স.* উপ+কথা; *অব্যয়ী*}

উপকরণ [উপোকরোন্‌] *বি* ১ উপাদান। ২ কার্যসাধনের জন্য প্রয়োজনীয় বস্তু। ৩ নৈবেদ্য প্রভৃতি উপচার। {*স.* উপ+করণ}

উপকর্তা(–র্তৃ) [উপোকরতা] *বিণ* উপকারক; উপকারী। **উপকর্ত্রী** *বি,বিণ স্ত্রী* উপকারিকা। {*স.* উপ+কর্তা (√কৃ+তৃ[তৃচ])}

উপকান্ত [উপোকান্‌তো] *বি* উপপতি (নিজ কান্ত বিনাশিল উপকান্তবলে—*দৌবা*)। {*স.* উপ+কান্ত; *অব্যয়ী*}

উপকার [উপোকার্‌] *বি* ১ হিতসাধন; আনুকূল্য; সাহায্য। ২ হিত; কল্যাণ। ৩ অনুগ্রহ। **উপকারক, উপকারী**(–রিন্‌) *বিণ* উপকর্তা; সাহায্যকারী (যে যে খেলায় শারীরিক পরিশ্রম হয়, সেই খেলাই উপকারক—*প্যামি*)। **উপকারিকা, উপকারিণী** *স্ত্রী*। **উপকারিতা** *বি* ১ উপকার করার ক্ষমতা। ২ উপযোগিতা। **উপকার্য** *বিণ* উপকার লাভের যোগ্য। {*স.* উপ+√কৃ+অ(ঘঞ)}

উপকূল [উপোকূল্‌] *বি* কূলের নিকটবর্তী স্থান; বেলাভূমি। {*স.* উপ+কূল; *অব্যয়ী*}

উপকৃত [উপোকৃতো] *বিণ* উপকার লাভ করেছে এমন; উপকারপ্রাপ্ত; অনুগৃহীত। **উপকৃতি** *বি*। {*স.* উপ+√কৃ+ত(ক্ত)}

উপকেশ [উপোকেশ্‌] *বি* কৃত্রিম কেশ; পরচুলা। {*স.* উপ+কেশ; *অব্যয়ী*}

উপক্রন্তা (-ন্তৃ) [উপোক্‌ক্রন্‌তা] *বিণ* ১ উদ্যোক্তা; আরম্ভকারী। ২ চেষ্টাবান। {*স.* উপ+ √ক্রম্‌+তৃ(তৃচ)}

উপক্রম [উপোক্‌ক্রোম্‌] *বি* উদ্যোগ; আয়োজন; জোগাড় (শ্রাবণে রজনীদিনে এক উপক্রম—*ভারা*; বাদলা হইবার উপক্রম দেখা যাইতেছে—*রঠা*)। ২ চেষ্টা। ৩ আরম্ভ; সূত্রপাত; সূচনা। **–ণিকা** *বি* ১ ভূমিকা; মুখবন্ধ; প্রস্তাবনা। ২ আরম্ভ; সূত্রপাত (তিনি অধিকাংশ উমেদারকেই উপক্রমণিকায় আশ্বাস দেন কিন্তু উপসংহারে সেটা সংহরণ করেন—*রঠা*)। **–ণীয়** *বিণ* আরম্ভ করার যোগ্য। **–মাণ** *বিণ* আরম্ভ করছে এমন। **উপক্রান্ত** *বিণ* আরম্ভ হয়েছে এমন; সূত্রপাত হয়েছে এমন; আরব্ধ। {*স.* উপ+ √ক্রম্‌+অ(ঘঞ্)}

উপক্রিয়া [উপোক্‌ক্রিয়া] *বি* উপকার। {*স.* উপ+ √কৃ+অ(শ)+আ(টাপ)}

উপক্রোশ [উপোক্‌ক্রোশ্‌] *বি* ১ জুগুপ্সা; ভর্ৎসনা; অপবাদ; নিন্দা। ২ অনুযোগ। {*স.* উপ+ √ক্রুশ্‌+অ(ঘঞ্)}

উপক্ষয় [উপোক্‌খয়্‌] *বি* ক্ষতি; অপচয়; হানি। {*স.* উপ+ক্ষি+অ(অচ)}

উপগত [উপোগতো] *বিণ* উপস্থিত; সন্নিহিত; সমাগত। ২ লব্ধ; প্রাপ্ত। ৩ জাত। ৪ সংঘটিত। ৫ কৃতমৈথুন; স্ত্রীরত। ৬ অনুরক্ত; আসক্ত। {*স.* উপ+ √গম্‌+ত(ক্ত)}

উপগম, উপগমন [উপোগমো/–ম্‌, –মোন্‌] *বি* ১ উপস্থিতি। ২ অনুরাগ; আসক্তি। ৩ সঙ্গম। ৪ জ্ঞান। ৫ লাভ। {*স.* উপ+ √গম্‌+অ(ঘঞ্), অন(ল্যুট)}

উপগিরি [উপোগিরি] *বি* ১ কৃত্রিম পাহাড়; নকল পাহাড়। ২ ছোট পাহাড়; খণ্ডশৈল। ৩ পর্বতোপকণ্ঠ। {*স.* উপ+গিরি; *অব্যয়ী.*}

উপগুরু [উপোগুরু] *বি* ১ গুরুর প্রতিনিধি বা সহচর। ২ গুরুস্থানীয় ব্যক্তি। {*স.* উপ+গুরু; *অব্যয়ী.*}

উপগৃহিণী [উপোগৃহিনি] *বি* উপপত্নী; রক্ষিতা (গৃহিণীর অনুরোধে লক্ষ্মীপূজা করিবেন; উপগৃহিণীর অনুরোধে সরস্বতীপূজা করিবেন—*বচ*)। {*স.* উপ+গৃহিণী; *অব্যয়ী.*}

উপগ্রহ [উপোগ্‌গ্রোহো] *বি* ১ বৃহৎ গ্রহের চতুষ্পার্শ্বে পরিক্রমণরত ক্ষুদ্র গ্রহ; অনুষঙ্গী গ্রহ। ২ আপদ। {*স.* উপ+গ্রহ; *অব্যয়ী.*}

উপচন, উপচনো ⇒ উপচানো

উপচয় [উপোচয়্‌] *বি* ১ সমূহ; নিচয়; সংগ্রহ। ২ শ্রীবৃদ্ধি; উন্নতি; পুষ্টি। ৩ আধিক্য। ৪ সম্পত্তির মূল্যবৃদ্ধি; appreciation। ৫ *(জ্যোবি)* রাশিচক্রে লগ্ন থেকে তৃতীয় ষষ্ঠ দশম ও একাদশ স্থান। {*স.* উপ+ √চি+অ(অচ)}

উপচর্যা [উপোচরজ্জা] *বি* ১ সেবা; পরিচর্যা; শুশ্রূষা। ২ চিকিৎসা। {*স.* উপ+ √চর্‌+য(যৎ)+আ}

উপচানো, উপচনো [উপ্‌চানো, –চ–] *ক্রি* ১ ছাপিয়ে বা উপচে পড়া; আধারের বাইরে বের হয়ে পড়া (পড়ে গো উপচে তনু জ্যোৎস্না চাঁদের রূপ অমিয়—*নই*)। ২ অতিরিক্ত হওয়া (উপচানো জল নদী—*হাহা*)। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* উপ+√চি>*বা.* √উপ্‌চা+আনো,>}

উপচার [উপোচার্‌] *বি* ১ পূজার সামগ্রী (পঞ্চোপচারে পূজা)। ২ উপকরণ (সমস্ত দিন বিবিধ উপচারে তাঁহার সেবা করিল—*রঠা*)। ৩ চিকিৎসা (অস্ত্রোপচার)। ৪ ধর্মানুষ্ঠান। ৫ ভোগ; ব্যবহার। **উপচরিত** *বিণ* ১ উপচারপ্রাপ্ত। ২ সেবিত। ৩ পূজিত। {*স.* উপ+ √চর্‌+অ(ঘঞ্)}

উপচিকীর্ষা [উপোচিকিরশা] *বি* পরহিত সাধনের ইচ্ছা; পরহিতৈষণা (কোন্‌ সমাজের উপচিকীর্ষা কতখানি—সে প্রসঙ্গ অমীমাংসিত রেখে—*সুদ*)। **উপচিকীর্ষু** *বিণ* পরের উপকার করতে ইচ্ছুক। {*স.* উপ+ √কৃ+সন্‌+অ+আ}

উপচিত [উপোচিতো] *বিণ* ১ সংগৃহীত; সঞ্চিত। ২ বর্ধিত; পরিপুষ্ট। ৩ মহার্ঘ; মূল্যবান। ৪ সমৃদ্ধ। **অপচিত** *বিপ.*। **উপচিতি** *বি* ১ সংগ্রহকরণ; সঞ্চয়। ২ বিবর্ধন; পরিপুষ্টি। ৩ মূল্যবৃদ্ধি; মহার্ঘতা। ৪ সমৃদ্ধি। ৫ *(প্রাণী.)* দেহস্থ তন্তুর পোষণ; anabolism। {*স.* উপ+ √চি+ত(ক্ত)}

উপচীয়মান [উপোচিয়োমান্‌] *বিণ* উপচিত হচ্ছে এমন; সঞ্চীয়মান; ক্রমবর্ধমান। {*স.* উপ+√চি+মান (শানচ)}

উপচ্ছায়া [উপোচ্‌ছায়া] *বি* ১ অপচ্ছায়া; অমঙ্গলজনক ছায়া; অশুভ ছায়া। ২ ছায়াময় কায়া; অশরীরী দেহ। ৩ *(পদার্থ.)* প্রচ্ছায়া বা নিবিড় ছায়ার প্রান্তস্থ লঘু ছায়া; penumbra। {*স.* উপ+ছায়া; *অব্যয়ী.*}

উপজনন [উপোজনন্‌] *বি* ১ জন্ম; উৎপত্তি; উদ্ভব। ২ উৎপাদন। {*স.* উপ+ √জন্‌+অন(ল্যুট)}

উপজয়, উপজএ *(মবা.)* [উপোজয়, –যে–] *ক্রি* উপস্থিত হয়; জন্মায় (বিঘিনি বিধারিত উপজয়ে শঙ্কা—*বিপ*)। **উপজিল** *(পদা.)* *ক্রি* জন্মালো; উৎপন্ন হলো। {*স.* উৎপদ্যতে>উপজ্জএ>উপজএ; *স.* উপ+জন্‌>*প্রা.* উপজ্জই>}

উপজাত [উপোজাতো] *বি* প্রধান বস্তুর উৎপাদনকালে জাত অপর কোনো বস্তু; by product। {উপ √জন্‌+ত(ক্ত)}

উপজাতি [উপোজাতি] *বি* ১ প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্র জাতি। ২ আদিবাসী সম্প্রদায়। ৩ সংস্কৃত কবিতার ছন্দবিশেষ। {*স.* উপ+ √জন্‌+তি(ক্তি)}

উপজিহ্বা [উপোজিওভা] *বি* আলজিভ। {*স.* উপ+জিহ্বা; *অব্যয়ী.*}

উপজীবিকা [উপোজিবিকা] *বি* ১ জীবনযাত্রা নির্বাহের উপায় বা বৃত্তি; পেশা; জীবিকা। ২ অপ্রধান জীবিকা (এমনিতে তার প্রধান জীবিকা কৃষিকাজ, মাছ ধরা তার উপজীবিকা—*আই*)। **উপজীবী**(–বিন্‌) *বিণ* ১ পেশা বা বৃত্তি অবলম্বন করেছে এমন। ২ পরাশ্রিত। **উপজীব্য** *বিণ* *বি* জীবিকার বা প্রয়োজনের জন্য গ্রহণযোগ্য। ☐*বি*

আশ্রয়; অবলম্বন (গণ প্রতিষ্ঠানের বিবর্তনই হবে তাঁহাদের উপজীব্য—*বর*)। {উপ+জীবিকা; *অব্যয়ী.*}

উপজ্ঞা [উপোগ্‌গাঁ] *বি* সহজাত জ্ঞান; জন্মগত বোধ instinct। {*স.* উপ+√জ্ঞা+অ(অচ)+আ}

উপড়ানো, ওপড়ানো [উপ্‌ড়ানো, ও-] *ক্রি* উৎপাটিত করা; উন্মূলিত করা। □*বি* উৎপাটন; উন্মূলিতকরণ। □*বিণ* উৎপাটন করা হয়েছে এমন; উন্মূলিত। {√উপড়া+আনো,>}

উপঢৌকন [উপোঢোউকন্] *বি* ১ উপহার; ভেট; সওগাত; ডালি। ২ ঘুষ। {*স.* উপ+ √ঢৌক্‌+অন(ল্যুট)}

উপত্যকা [উপোত্‌তকা] *বি* ১ দুই পর্বতের মধ্যবর্তী সমতল বা নিম্নভূমি। ২ পর্বতপার্শ্বস্থ ভূমি। {*স.* উপ+ত্যাক(ত্যকন্)+আ}

উপদংশ [উপোদঙ্‌শো] *বি* ১ সংক্রামক যৌন-রোগবিশেষ; গরমি বা ফেরঙ্গ রোগ; syphilis। ২ সুরাপানকালীন আনুষঙ্গিক ভক্ষ্য; চাট। {*স.* উপ+ √দন্‌শ্‌+অ(ঘঞ্‌)}

উপদশা *(মবা.)* [উপোদশা] *বিণ* উপবাসী; অভুক্ত (কখন খায় ঘৃতরন্ন কখন উপদশা—*গোগা*)। {*স.* উপ+দশা}

উপদান [উপোদান্] *(মবা.) বি* দান খয়রাত (ধন্য সেহি মোছলমান যে করিল উপদান, খাইল আর খিলাইয়া দিল—*হেমা*) {*স.* উপ+ √দা+অন}

উপদিশ্যমান [উপোদিশ্‌শোমান্] *বিণ* ১ উপদেশ পাচ্ছে এমন। ২ উপদেশ দেওয়া হচ্ছে এমন। {*স.* উপ+√দিশ্‌+মান(শানচ্‌)}

উপদিষ্ট [উপদিশ্‌টো] *বিণ* ১ উপদেশ দেওয়া হয়েছে এমন। ২ আদেশপ্রাপ্ত; আদিষ্ট। ৩ কথিত। ৪ উপদেশ লাভ করেছে এমন; উপদেশপ্রাপ্ত। {*স.* উপ+√দিশ্‌+ত(ক্ত)}

উপদেবতা, উপদেব [উপোদেবোতা,-দেব্] *বি* ১ হীন শ্রেণীর দেবযোনি; ভূতপ্রেত। ২ অকুলীন দেবতা; অপ্রধান দেবতা। **উপদেবী** *স্ত্রী.*। {*স.* উপ+দেবতা, দেব}

উপদেশ [উপোদেশ্] *বি* ১ করণীয় সম্পর্কে নির্দেশ। ২ মন্ত্রণা; পরামর্শ। ৩ শিক্ষা। ৪ অনুশাসন। **উপদিষ্ট** *বিণ* উপদেশ দেওয়া হয়েছে এমন। **উপদেশক** *বি,বিণ* ১ যিনি উপদেশ দান করেন; উপদেষ্টা; উপদেশদাতা। ২ শিক্ষক; অধ্যাপক। **~মূলক, উপদেশাত্মক** *বিণ* উপদেশপূর্ণ; উপদেশ রয়েছে এমন। **~নীয়, উপদেশ্য, উপদেষ্টব্য** *বিণ* উপদেশ দেওয়ার উপযুক্ত; উপদেশ দেওয়ার যোগ্য। **উপদেষ্টা(-ষ্টৃ)** *বি,বিণ* উপদেশ দান করেন যিনি; পরামর্শ বা মন্ত্রণাদাতা। □*বি* ১ গুরু; শিক্ষক। ২ মন্ত্রী। {*স.* উপ+√দিশ্‌+অ(ঘঞ্‌)}

উপদ্রব [উপোদ্‌দ্রোব্] *বি* ১ উৎপাত; দৌরাত্ম্য; অত্যাচার। ২ অমঙ্গলজনক ঘটনা; বিপদ। **উপদ্রুত** *বিণ* অত্যাচারিত। {*স.* উপ+√দ্রু+অ(ঘঞ্‌)}

উপদ্বীপ [উপোদ্‌দিপ্] *বি* ১ প্রায় চতুর্দিকে জল দ্বারা বেষ্টিত ভূভাগ; সমুদ্র বেষ্টিতপ্রধান ভূভাগের অংশবিশেষ; peninsula। {*স.* উপ+দ্বীপ; *অব্যয়ী.*}

উপধর্ম [উপোধর্‌মো] *বি* ১ অপকৃষ্ট লৌকিক ধর্ম (তবে আমার উপাসনা দুষ্ট, অলীক, উপধর্ম মাত্র—*বচ*) ২ লৌকিক ধর্ম। ৩ কুসংস্কার। {*স.* উপ+√ধৃ+মন্; *অব্যয়ী.*}

উপধা [উপোধা] *বি* ১ *(ব্যা.)* অন্ত্যবর্ণের পূর্ববর্ণকে 'উপধা' বলে। ২ ছল। ৩ উপায়। ৪ অমাত্যদের সাধুতার পরীক্ষা। {*স.* উপ+ √ধা+অ(অঙ্‌)+আ}

উপধাতু [উপোধাতু] *বি* ১ *(আয়ু.)* স্বর্ণ ইত্যাদি প্রধান ধাতুর ন্যায় ধাতু বা ধাতুঘটিত বিবিধ দ্রব্য—মাক্ষিক, তুত্থক, অভ্র ইত্যাদি। ২ দেহ থেকে উদ্ভূত পদার্থ—স্তন্য রজঃ স্বেদ ইত্যাদি। {*স.* উপ+ধাতু; *অব্যয়ী.*}

উপধান, উপাধান [উপোধান্, উপাধান্] *বি* ১ উপাধান; বালিশ। ২ ধারণ। ৩ প্রণয়। ৪ ব্রতবিশেষ। **উপধানীয়** *বি* বালিশ; উপাধান। {*স.* উপ+ √ধা+অন(ল্যুট্‌)}

উপধায়ক, উপধায়ী(-য়িন্) [উপোধায়োক, -ধায়ি] *বি, বিণ* উৎপাদন করে বা জন্ম দেয় এমন; উৎপাদক; জনক। {*স.* উপ+√ধা+অক(ণ্বুল্), ইন্(ণিনি)}

উপনগর [উপোনগোর্] *বি* ১ ক্ষুদ্র নগর। ২ নগরের উপকণ্ঠস্থ ক্ষুদ্র নগর; শহরতলি। {*স.* উপ+নগর; *অব্যয়ী.*}

উপনদ, উপনদী [উপোনদ্,-নোদি] *বি* যে নদী স্বতন্ত্রভাবে উৎপন্ন হয়ে বৃহত্তর নদীতে পতিত হয়। {*স.* উপ+নদ, নদী; *অব্যয়ী.*}

উপনয়ন [উপোনয়োন্] *বি* আনুষ্ঠানিকভাবে বালকের যজ্ঞোপবীত ধারণ; পৈতা দেওয়া (নবম বৎসরে মুচিরামের উপনয়ন হইল—*বচ*)। {*স.* উপ+√নী+অন(ল্যুট্‌)}

উপনাম [উপোনাম্] *বি* ১ প্রকৃত নামের পরিবর্তে ব্যবহৃত অন্য নাম; surname। ২ উপাধি; আখ্যা। {*স.* উপ+নাম; *অব্যয়ী.*}

উপনায়ক [উপোনায়োক্] *বি* ১ নাটকে বা উপন্যাসের মূল চরিত্র বিকাশে সাহায্যকারী চরিত্র; অপ্রধান নায়ক। ২ সহকারী; সহচর (উপনায়ক চরিত্র প্রায়ই মসীলিপ্ত)। {*স.* উপ+নায়ক; *অব্যয়ী.*}

উপনিপাত [উপোনিপাত্] *বি* ১ উপকণ্ঠে আগমন; সমীপে উপস্থিত। ২ উৎপাত; উপদ্রব (সেই উপনিপাতসমূহ যদিও ইংলণ্ডে সাংঘাতিক আকার ধরেনি—*সুদ*)। {*স.* উপ+নি+√পত্‌+অ(ঘঞ্‌)}

উপনিবেশ [উপোনিবেশ্] *বি* জীবিকা নির্বাহের জন্য অথবা স্থায়ীভাবে বাস করার জন্য দলবদ্ধভাবে বিদেশে যে বসতি স্থাপন করা হয়; colony (প্রাথমিক যুগে বঙ্গদেশ ছিল মুসলমান বণিকদের একটি উপনিবেশ)। **ঔপনিবেশিক** *বিণ*। **উপনিবিষ্ট, উপনিবেশিত** *বিণ* উপনিবেশ স্থাপন করা হয়েছে এমন। {*স.* উপ+নি+√বিশ্‌+অ(ঘঞ্‌)}

উপনিষদ, উপনিষৎ [উপোনিশদ্,-শত্] ১ *বি* হিন্দু ধর্মগ্রন্থ বেদের শেষাংশ; জ্ঞানকাণ্ড; বেদান্ত। ২ ব্রহ্মবিদ্যা। **ঔপনিষদ, ঔপনিষদিক** *বিণ*। {*স.* উপ+নি+√সদ্‌+ক্বিপ্}

উপনিহিত [উপোনিহিতো] *বিণ* অন্যের নিকট রক্ষিত; গচ্ছিত; ন্যস্ত। {উপ+নি+ √ধা+ত(ক্ত)}

উপনীত [উপোনিতো] *বিণ* ১ উপস্থিত; আগত (নগরীতে উপনীত হইয়া —*বচ*)। ২ আনীত। ৩ উপনয়ন দ্বারা সংস্কৃত; পৈতা হয়েছে এমন। { *স.* উপ+ √নী+ত(ক্ত)}

উপনেতা(–তৃ) [উপোনেতা] *বিণ* ১ কৃত্রিম বা সহকারী নেতা। ২ যিনি উপনয়ন করান। ৩ যিনি আনয়ন করেন। { *স.* উপ+নেতা; উপ+√নী+তৃ(তৃচ); *অব্যয়ী*}

উপন্যস্ত [উপোনন্‌সতো, –ন্ন্যা–] *বি,বিণ* ১ গচ্ছিত; অন্যের নিকট রক্ষিত। ২ উপস্থাপিত। ৩ প্রস্তাবিত উল্লিখিত। { *স.* উপ+নি+ √অস্‌+ত(ক্ত)}

উপন্যাস [উপোনন্‌ন্যাস্‌] *বি* ১ দীর্ঘ আখ্যায়িকা; বড়ো গল্প; novel। ২ কাল্পনিক উপাখ্যান (বাল্যকালে যত ভৌতিক উপন্যাস শ্রুত হইয়াছিল—*বচ*)। ৩ মুখবন্ধ। ৪ *বি* প্রস্তাব। **উপন্যাসিকা** *বি* ক্ষুদ্র উপন্যাস; novelette। {উপ+নি+ √অস্‌+অ(ঘঞ্)}

উপপতি [উপোপোতি] *বি* নাগর; অবৈধ প্রণয়ী; জার। **উপপত্নী** *স্ত্রী*। { *স.* উপ+পতি; *অব্যয়ী*}

উপপত্তি [উপোপোত্‌তি] *বি* ১ যুক্তি; প্রমাণ (ব্যাকরণ মতে উপপত্তি দেখাইয়া ন্যায়মতেও উপপত্তি দেখাইয়াছেন—*ঈবি*)। ২ সিদ্ধান্ত; মীমাংসা। ৩ সম্পাদন। ৪ প্রাপ্তি। ৫ ঘটনা। { *স.* উপ+ √পদ্‌+তি(ক্তি)}

উপপত্নী [উপোপোত্‌নি] *বি* অবৈধ প্রণয়িনী; রক্ষিতা; উপস্ত্রী। **উপপতি** *পু.*। { *স.* উপ+পত্নী; *অব্যয়ী*}

উপপথ [উপোপোথ্‌] *বি* ১ অপ্রশস্ত পথ; গলি। ২ অপ্রধান পথ। { *স.* উপ+পথ; *অব্যয়ী*}

উপপদ [উপোপোদ্‌] *বি* ১ (*ব্যা.*) সমাসবিশেষ; পূর্বপদের সহিত কৃদন্ত পদের সমাস। ২ পদের নিকটস্থ পদ; পূর্বপদ। ৩ অপ্রধান পদ। { *স.* উপ+পদ; *অব্যয়ী*}

উপপাতক [উপোপাতোক্‌] *বি* অপেক্ষাকৃত ন্যূন বা লঘু পাপ। { *স.* উপ+পাতক; *অব্যয়ী*}

উপপাদ [উপোপাদো] *বি* ১ মীমাংসা; যুক্তির দ্বারা সম্পাদন সমর্থন বা সমাধান; প্রতিপাদন; প্রমাণ করা। ২ প্রাপ্তি; লাভ; সংঘটন। { *স.* উপ+ √পদ্‌+অ(ঘঞ্)}

উপপাদক [উপোপাদোক্‌] *বিণ* ১ মীমাংসাকারী; সমাধানকারী। ২ সম্পাদক। { *স.* উপ+ √পদ্‌+ণিচ্‌+অক}

উপপাদন [উপোপাদোন্‌] *বি* ১ তর্ক ও যুক্তির সাহায্যে সমর্থন; মীমাংসাকরণ। ২ সাধন; সম্পাদন। ৩ প্রতিপাদন। **উপপাদনীয়** *বিণ* ১ উপপাদনযোগ্য। ২ প্রতিপাদ্য। ৩ সম্পাদ্য। **উপপাদ্য** *বি* (*গণিত.*) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন; প্রতিজ্ঞা; theorem। { *স.* উপ+ √পদ্‌+ই(ণিচ্‌)+অন(ল্যুট্‌)}

উপপুরাণ [উপোপুরান্‌] *বি* অপ্রধান পুরাণ (কালিকাপুরাণ, নৃসিংহ পুরাণ ইত্যাদি) { *স.* উপ+পুরাণ; *অব্যয়ী*}

উপপ্লব [উপোপ্‌প্লোবো] *বি* ১ বিপ্লব; বিদ্রোহ (দারুণ উপপ্লবের দিনে আমরা দানি শির—*নই*; সাধু নামধারী ব্যক্তিগণ কর্তৃক উপস্থাপিত উপপ্লবাদির চরম লক্ষ্য—*মঅা*)। ২ প্রাকৃতিক দুর্যোগ বা উপদ্রব। ৩ বিপদ। **উপপ্লাবী**(–বিন্‌) *বিণ* ১ বিদ্রোহী। ২ প্রচণ্ড; উন্মত্ত (উপপ্লাবী বাসনার বর্বর জোয়ারে—*বুব*)। **উপপ্লুত** *বিণ* ১ প্রাকৃতিক উপদ্রবে পীড়িত। ২ বিপদগ্রস্ত। { *স.* উপ+ √প্লু+অ(অপ্‌)}

উপবন [উপোবন্‌] *বি* ১ উদ্যান; বাগান। ২ বিলাসকুঞ্জ; উদ্যান-বাটিকা (ভাগ্যক্রমে তপোবন তোমার উপবন হইয়া উঠিল —*ঈবি*)। ৩ বনের সমীপস্থ ক্ষুদ্র বন (বনে উপবনে কুঞ্জে ফোটাও চামেলি চম্পা হেনা—*নই*)। ৪ পরিকল্পনানুযায়ী নির্মিত কৃত্রিম বন। { *স.* উপ+বন; *অব্যয়ী*}

উপবাস [উপোবাশ্‌] *বি* অনশন; উপোস। **উপবাসী**(–সিন্‌), **উপবাসক** *বিণ* না খেয়ে আছে এমন; অনাহারী (স্নেহে প্রেমে সম্ভাষণে উপবাসী প্রবাসী-হৃদয় আবারো আকাশ হয়—*রখা*)। { *স.* উপ+ √বস্‌+ অ(ঘঞ্)}

উপবিদ্যা [উপোবিদ্‌দা] *বি* গৌণ বা অপ্রধান বিদ্যা। { *স.* উপ+বিদ্যা; *অব্যয়ী*}

উপবিধি [উপোবিধি] *বি* প্রধান বা মূল আইনের অন্তর্গত অন্য আইন; bylaw। { *স.* উপ+বিধি; *অব্যয়ী*}

উপবিষ [উপোবিশ্‌] *বি* ১ আকন্দ করবীপ্রভৃতি বৃক্ষ থেকে নির্গত বিষাক্ত আঠা। ২ কৃত্রিম বিষ। { *স.* উপ+বিষ}

উপবিষ্ট [উপোবিশ্‌টো] উপবেশন। { *স.* উপ+ √বিশ্‌+ত(ক্ত)}

উপবীত [উপোবিত্‌] *বি* পৈতা; যজ্ঞসূত্র (পুরোহিতের কথায় অপু চেলী পরিল, নতুন উপবীত ধারণ করিল—*বিব*)। **উপবীতী** (–তিন্‌) *বিণ* উপবীত ধারণ করেছে এমন, যজ্ঞসূত্রধারী। { *স.* উপ+ √বী+ত(ক্ত)}

উপবৃত্তাকার [উপোবৃত্‌তাকার] *বি* বৃত্তাকারতুল্য, বৃত্তাকার সদৃশ (গ্রহের পথ বৃত্তাকার নয়, উপবৃত্তাকার—*শাফ*)। { *স.* উপ+বৃত্তাকার; *অব্যয়ী*}

উপবেদ [উপোবেদ্‌] *বি* আয়ুর্বেদ, ধনুর্বেদ, গন্ধর্ববেদ ইত্যাদি। { *স.* উপ+বেদ; *অব্যয়ী*}

উপবেশ ⇒ উপবেশন

উপবেশন, উপবেশ [উপোবেশোন্‌, –বেশ্‌] *বি* ১ বসা; আসনগ্রহণ। ২ বসানো। **উপবেশয়িতা**(–তৃ) *বি,বিণ* বসায় বা বসিয়ে দেয় এমন। **উপবেশিত** *বিণ* উপবেশন করানো হয়েছে এমন। **উপবিষ্ট** *বিণ* বসে আছে এমন; আসীন। { *স.* উপ+ √বিশ্‌+অন(ল্যুট্‌), অ(ঘঞ্)}

উপভাষা [উপোভাশা] *বি* মূলভাষার বিভিন্ন প্রাদেশিক বা স্থানীয় রূপ; dialect। { *স.* উপ+ভাষা; *অব্যয়ী*}

উপভোগ [উপোভোগ্‌] *বি* ১ বিশেষ তৃপ্তির সঙ্গে ভোগ; সম্ভোগ। ২ ভক্ষণ। ৩ ব্যবহারকরণ। **উপভুক্ত** *বিণ* ১ উপভোগ করা হয়েছে এমন। ২ ভক্ষিত। ৩ ব্যবহৃত। **উপভোক্তা**(–ক্তৃ) *বিণ* ভোগ করেছে এমন; উপভোগকারী। **উপভোগ্য** *বিণ* উপভোগের যোগ্য বা উপভোগ করতে হবে এমন। { *স.* উপ+ √ভুজ্‌+অ(ঘঞ্)}

উপম, উপাম (*মবা.*) [উপমো, উপামো] *বিণ* সদৃশ; তুল্য (প্রাসাদোপম)। ☐ *বি* উপমা; তুলনা (যা ভাবের উপম হয়ে বিচিত্র হয়ে দেখা দিলে—*অঠা*; এ তিন ভুবনে নাহি যাহার উপাম—*দৌবা*)। { *স.* উপ+ √মা+অ(অঙ্‌),>}

উপমন [উপোমোন্] *বি* অপ্রধান চিত্ত; অবচেতন মন (কেষ্টর মনের আড়ালে যে আর একটা উপমন এতদিন ছাই-চাপা ছিল—*রবি*)। { *স.* উপ+মন}

উপমন্ত্রী [উপোমোনত্রি] *বি* সহকারী মন্ত্রী। { *স.* উপ+মন্ত্রী; *অব্যয়ী.* }

উপ-মহাধ্যক্ষ [উপোমহাদ্‌ধোক্‌খো] *বি* vice-chancellor-এর এক সময়ের প্রচলিত বাংলা পরিভাষা; (বর্তমানে চালু পরিভাষা) উপাচার্য। { *স.* উপ+মহা+ অধ্যক্ষ}

উপমা [উপোমা] *বি* ১ তুলনা; সাদৃশ্য (ঠিক উপমা পাইনে খুঁজে—সে মাধুরী দেখায় কেমন—*নই*)। ২ *(অল.)* এক ধর্মবিশিষ্ট দুই ভিন্ন জাতীয় বস্তুর সাদৃশ্য বর্ণনা (এ জাতীয় উপমা অর্থাগমের সহায় নয়—*সুদ*)। **ঔপমিক** *বিণ*। **–ন** *বি* যার সহিত তুলনা করা হয়। **উপমিত** *বিণ* তুলনা করা হয়েছে এমন; তুলনাকৃত। **উপমিতি** *বিণ* ১ উপমা; তুলনা। ২ সাদৃশ্য সম্পর্কে জ্ঞান। **উপমেয়** *বি* ১ উপমার বিষয়। ◻ *বিণ* উপমিত করা হয়েছে এমন। { *স.* উপ+ √মা+ অ(অঙ্)}

উপমাংস [উপোমাঙ্‌শো] *বি* ত্বকের উপরে উদ্‌গত অতিরিক্ত মাংস; আঁচিল। { *স.* উপ+মাংস; *অব্যয়ী.* }

উপমাতা [উপোমাতা] *বি* ১ স্ত্রী; ধাত্রী পালিকা বা মাসিপিসি শ্রেণীর মাতৃতুল্যা নারী। ◻ *বিণ* উপমা দেয় এমন; তুলনাকারী। { *স.* উপ+মাতা; *অব্যয়ী.* }

উপমান, উপমিত, উপমিতি, উপমেয় ⇒ উপমা

উপযাচক [উপোজাচোক্] *বিণ* ১ নিজে থেকে এসে যাচ্ঞা করে এমন; স্বয়ংপ্রার্থী। ২ উপরপড়া। ৩ বিনা আহ্বানে অপরের দায়িত্ব নিয়ে কাজ করে দেয় এমন। **উপযাচিকা** *বি, বিণ স্ত্রী.* যে রমণী আপনা থেকে আসক্তি প্রকাশ করে বা সম্ভোগ প্রার্থনা করে। **উপযাচিত** *বিণ* ১ নিজে থেকে প্রার্থিত। ২ প্রার্থনা করা হয়েছে এমন। ◻ *বি* উপযাচন; প্রার্থনা; যাচ্ঞা; ভিক্ষা। { *স.* উপ+ √যাচ্+ অক(ণ্বুল্)}

উপযুক্ত [উপোজুক্‌তো] *বিণ* ১ যোগ্য; যথোপযোগী। ২ সমকক্ষ; তুল্য; অনুরূপ। ৩ ন্যায্য; উচিত। ৪ সমর্থ; সক্ষম। **–তা, উপযুক্তি** *বিণ*। { *স.* উপ+ √যুজ্+ত(ক্ত)}

উপযোগ [উপোজোগ্] *বি* ১ উপোযোগিতা; আবশ্যকতা; কার্যকারিতা। ২ উপকার; আনুকূল্য। ৩ ব্যবহার; প্রয়োগ। ৪ ভোজন; ভোগ। **–বাদ** *বি (দর্শন.)* জগতের সমস্তই মঙ্গলকর এই মতবাদ (তিনি ভুই-প্রচারিত উপযোগ-বাদের আদিপুরুষ—*সুদ*)। { *স.* উপ+ √যুজ্+ অ(ঘঞ্)}

উপযোগী(–গিন্) [উপোজোগি] *বি* ১ উপযুক্ত; যোগ্য; সঙ্গত। ২ প্রয়োজন সাধনে সমর্থ। ৩ কার্যকর। ৪ অনুকূল। **উপযোগিতা** *বিণ*। { *স.* উপযোগ+ইন্(ইনি)}

উপযোজন [উপোজোজোন্] *বি* অবস্থার উপযোগীকরণ; সামঞ্জস্যবিধান। { *স.* উপ+ √যুজ্+অন(ল্যুট্)}

উপর [উপোর্] *বি* ১ ঊর্ধ্বভাগ; ঊর্ধ্বদিক। ২ ঘরের চাল বা ছাদ। ◻ *বিণ* ১ ঊর্ধ্বে স্থিত; উচ্চ। ২ অতিরিক্ত। **~অলা, ~আলা, ~ওয়ালা** *বি* ১ ঊর্ধ্বতন কর্মচারী। ২ মালিক; প্রভু। ◻ *বিণ* উপরিতম; উপরস্থ। **~ ~** *অব্য ক্রিবিণ* ভাসাভাসা; আলগা আলগা; অগভীরভাবে। ◻ *বিণ* উপর্যুপরি; একের পর আর। **~চড়া** *বিণ* ১ গায়ে পড়ে ঝগড়া করে এমন। ২ আক্রমণকারী। **~চাল** *বি* ১ দাবা সতরঞ্চ বা ঐ জাতীয় খেলায় প্রতিপক্ষের চালকে বিফল করে পরাস্ত করার জন্য প্রদত্ত চাল। ২ চতুর বিপক্ষকে পরাস্ত করার মতো পাল্টা চাতুরী। **~চালাক** *বিণ* ১ অতিরিক্ত ধূর্ত; মাত্রাতিরিক্ত চালাক। ২ ফাজিল। **~চালাকি** *বি* লোক দেখানো বুদ্ধিমত্তা; অযথা চাতুরী (সবজান্তা যতখানি পাণ্ডিত্য দেখায় আসলে তাহার অনেকখানি উপরচালাকি—*সুরা*) **~পড়া** *বিণ* উপযাচক; স্বয়ংপ্রবৃত্ত। { *স.* উপরি >}

উপরত [উপোরতো] *বিণ* ১ নিবৃত্ত; বিরত। ২ বিগত। ৩ গত; মৃত। **উপরতি** *বি* ১ বাসনানিবৃত্তি; নিরাসক্তি; বৈরাগ্য। ২ মৃত্যু। { *স.* উপ+ √রম্+ত(ক্ত)}

উপরত্ন [উপোরত্‌নো] *বি* ১ কৃত্রিম রত্ন; রত্নসদৃশ উজ্জ্বল বস্তু। ২ অল্প দামের রত্ন। { *স.* উপ+রত্ন; *অব্যয়ী.* }

উপরন্তু [উপোরোনতু] *অব্য* এতদ্ব্যতীত; এ ছাড়া; অধিকন্তু (উপরন্তু বিড়ম্বনা—*বুব*)। { *স.* অপরন্তু>উপরন্তু}

উপরাজ [উপোরাজ্] *বি* রাজপ্রতিনিধি; viceroy (তুচ্ছ করি রাজ-রোষ উপরাজে দিল যে ধিক্কার—*সদ*)। { *স.* উপ+রাজন্; *অব্যয়ী.* }

উপরি[১] [উপ্‌রি] *বিণ* ১ নির্দিষ্টের অতিরিক্ত; বাড়তি (উপরি খরচ)। ২ অপ্রত্যাশিত (উপরি লাভ)। ◻ *বি* ঘুষ; নিয়ম বহির্ভূত আয় (বেতন ছাড়া উপরি কতো?)। {উপর+ই}

উপরি[২] [উপোরি] *অব্য* ১ উপরে; ঊর্ধ্বে। ২ তারপর; অনন্তর; অতঃপর। **–উক্ত** *বিণ* উপরে বা পূর্বে যা বলা হয়েছে; পূর্বোক্ত; প্রাগুক্ত ('উপরোক্ত' ভুল)। **~ ~, উপরা~** *বিণ* ১ পরপর; উপর্যুপরি। ২ একটির উপর আর একটি (উপরাউপরি এত বড় দুটো আঘাত কি করে সামলাবে নকু—*শাহ*)। ◻ *ক্রিবিণ* ভাসা ভাসা; অগভীরভাবে। **~চর** *বিণ* ঊর্ধ্বচর; আকাশগামী। ◻ *বি* পৌরাণিক রাজাবিশেষ। **~তন** *বিণ* ১ ঊর্ধ্বতন; ঊর্ধ্বস্থ। ২ পদমর্যাদায় উচ্চতর; উপরওয়ালা। **~ভাগ** *বি* বস্তুর যে অংশ উপরে থাকে; পৃষ্ঠ। **~স্থ, ~স্থিত** *বিণ* উপরে রয়েছে এমন। { *স.* উপ+রি; অথবা, ঊর্ধ্ব+রি (নিপাতনে)}

উপরুদ্ধ [উপোরুদ্‌ধো] *বিণ* ১ অনুরুদ্ধ। ২ আবদ্ধ। ৩ উৎপীড়িত; অত্যাচারিত। { *স.* উপ+ √রুধ্+ত(ক্ত)}

উপরোক্ত, উপর্যুক্ত [উপোরোক্‌তো, উপোরজুক্‌তো] *বিণ* পূর্বে উক্ত হয়েছে এমন; পূর্বে কথিত। { *স.* উপরি+উক্ত; সংস্কৃত ব্যাকরণে সন্ধির নিয়মে 'উপর্যুক্ত' শব্দটি শুদ্ধ, অন্যদিকে 'উপরোক্ত' শব্দটি বাংলায় বহুল প্রচলিত}

উপরোধ [উপোরোধ্] *বি* ১ বিশেষ অনুরোধ (মোর উপরোধে তোরে মহেশ ঠাকুর—*ভারা*)। ২ সুপারিশ। ৩

খাতির (তাহা সনে যুদ্ধ মোর কোন উপরোধ—*কাদো*)। –**ক** *বিণ* উপরোধকারী। **উপরোধে ঢেঁকি গেলা**—অনুরোধ এড়াতে না পেরে অনিচ্ছা সত্ত্বেও কোনো কাজ করা। { *স.* উপ+ √রুধ্+অ(ঘঞ) }

উপর্যুক্ত ⇒ উপরোক্ত

উপর্যুপরি [উপোর্‌জুপোরি] *অব্য* ১ একটির উপর অন্য একটি; উপরিউপরি। ২ ক্রমাগত; ক্রমান্বয়ে। { *স.* উপরি+উপরি }

উপল [উপল্] *বি* ১ শিলা; পাথর। ২ মহার্ঘপ্রস্তর। ৩ রত্ন। ~**ধোওয়া** *বিণ* পাথরের উপর দিয়ে প্রবাহিত ও স্বচ্ছ (পাহাড়ী ঝরনার উপলধোওয়া পানির স্বচ্ছতা তার চোখের মণিতে—*আজা*)। { *স.* উপ+ √লা+অ(ক) }

উপলক্ষ [উপোলক্‌খো] *বি* ১ উদ্দেশ্য; প্রয়োজন। ২ অবলম্বন; ব্যপদেশ। ৩ অজুহাত; ওছিলা; ছুতা। ৪ উদ্দেশ্য। { *স.* উপ+ √লক্ষ্+অ(ঘঞ) }

উপলক্ষক [উপোলক্‌খোক্] *বিণ* সাধারণ চিহ্নাদি অবলম্বন করে প্রকৃত ব্যাপার অবগত হওয়া যায় এমন। { *স.* উপ+ √লক্ষ্+অক(ণ্বুল্) }

উপলক্ষণ [উপোলক্‌খোন্] *বি* ১ সূচনা; আভাস। ২ নিদর্শন; চিহ্ন। ৩ উপক্রম। { *স.* উপ+ √লক্ষ্+অন(ল্যুট্) }

উপলক্ষণা [উপোলক্‌খোনা] *বি (অল.)* শব্দের অর্থবোধক শক্তিবিশেষ; অর্থালঙ্কারবিশেষ। { *স.* উপলক্ষণ+আ }

উপলক্ষিত [উপোলোক্‌খিতো] *বিণ* ১ উপলক্ষ করা হয়েছে এমন। ২ উদ্দিষ্ট। ৩ অনুমিত। ৪ সূচিত। { *স.* উপ+ √লক্ষ্+ত(ক্ত) }

উপলব্ধ [উপোলব্‌ধো] *বিণ* ১ অনুভূত; বোধিত। ২ প্রাপ্ত; লব্ধ। ৩ জ্ঞাত। **উপলব্ধি** *বি* ১ অনুভূতি; বোধ। ২ প্রাপ্তি; লাভ। ৩ জ্ঞান। { *স.* উপ+ √লভ্+ত(ক্ত) }

উপলভ্য [উপোলোব্‌ভো] *বিণ* ১ জ্ঞেয়। ২ প্রাপ্ত। ৩ লাভের যোগ্য। { *স.* উপ+√লভ্+য(যৎ) }

উপলিপ্ত [উপোলিপ্‌তো] *বিণ* উপরে লেপিত। { *স.* উপ+ √লিপ্+ত(ক্ত) }

উপলেপ, উপলেপন [উপোলেপ্, –লেপন্] *বি* উপরে লেপন। ২ উপরের প্রলেপ। { *স.* উপ+ √লিপ্+অ(ঘঞ), অন(ল্যুট্) }

উপশম [উপোশম্] *বি* ১ শান্তি; নিবৃত্তি। ২ রোগের শমতা। ৩ ইন্দ্রিয় দমন। ~**ক** *বিণ* উপশমকারী। ~**নীয়** *বিণ* উপশমের যোগ্য বা সাধ্য। **উপশমিত, উপশান্ত** *বিণ* উপশম হয়েছে এমন। { *স.* উপ+ √শম্+অ(ঘঞ) }

উপশয় [উপোশয়্] *বি* ১ শয়ন। ২ মৃগবধের জন্য ব্যাধগণ যে গুহায় লুক্কায়িত থাকে; গুহাবিশেষ; গর্তবিশেষ। **উপশায়ী** (–য়িন্) *বিণ* ১ শায়িত। ২ গুপ্ত; লুক্কায়িত (মৌনের বিশ্রম্ভালাপ উপশয়ী বিভীষিকা সনে—*সুদ*)। { *স.* উপ+ √শী+অ(অচ্) }

উপশান্ত ⇒ উপশম

উপশিরা [উপোশিরা] *বি* প্রধান শিরার সঙ্গে যুক্ত সূক্ষ্ম শিরা। { *স.* উপ+শিরা; *অব্যয়ী* }

উপশিষ্য [উপোশিশ্‌শো] *বি* ১ অপ্রধান শিষ্য। ২ শিষ্যের শিষ্য; প্রশিষ্য। { *স.* উপ+শিষ্য; *অব্যয়ী* }

উপশ্লেষ [উপোশ্‌শ্লেশ্] *বি* ১ বঞ্চনাহেতু মূল শব্দার্থ ত্যাগ করে কূটার্থের অনুসন্ধান। ২ উপহাস; বিদ্রূপ। { *স.* উপ+√শ্লিষ্+অ(ঘঞ) }

উপসঙ্ঘ, উপসংঘ [উপোশঙ্‌ঘো] *বি* মূল সংঘের অন্তর্গত ক্ষুদ্র সংঘ; sub-committee। { *স.* উপ+সঙ্ঘ; *অব্যয়ী* }

উপসংহরণ [উপোশঙ্‌হরোন্] *বি* ১ উপসংহার। ২ সংকোচন। { *স.* উপ+সম্+ √হৃ+অন(ল্যুট্) }

উপসংহার [উপোশঙ্‌হার্] *বি* ১ শেষ অংশ; সমাপ্তির অব্যবহিত পূর্ববর্তী অংশ। ২ সমাপ্তি; শেষ; পরিশেষ। **উপসংহৃত** *বিণ*। **উপসংহৃতি** *বি*। { *স.* উপ+সম্+ √হৃ+অ(ঘঞ) }

উপসন ⇒ উপসন্ন

উপসন্ন, উপসন *(মবা.)* [উপোশন্‌নো, –শন্] *বিণ* সমীপে আগত; আসন্ন; নিকটবর্তী (একদিন তীর্থস্থান হৈল উপসন—*সৈআ*)। { *স.* উপ+ √সদ্+ত(ক্ত) = উপসন্ন }

উপসর্গ [উপোশর্‌গো] *বি* ১ মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ। ২ রোগের লক্ষণ; রোগজাত বিকার। ৩ আনুষঙ্গিক অন্য বস্তু বা ব্যক্তি (চিকিৎসা তো তুমিই করিবে, ডাক্তার একজন উপসর্গ থাকা ভালো—*রঠা*)। ৪ বিঘ্ন; উৎপাত। ৫ *(ব্যা.)* প্র পরা ইত্যাদি অর্থহীন বর্ণ বা বর্ণসমষ্টি, যা ধাতুর পূর্বে বসে শব্দের অর্থান্তর ঘটায়। { *স.* উপ+ √সৃজ্+অ(ঘঞ) }

উপসাগর [উপোশাগোর্] *বি* তিন দিকে স্থল দ্বারা বেষ্টিত সাগরাংশ; ক্ষুদ্র সাগর। { *স.* উপ+সাগর; *অব্যয়ী* }

উপসৃষ্ট [উপোস্রিশ্‌টো] *বিণ* ১ মিলিত; সংযুক্ত। ২ *(ব্যা.)* উপসর্গযুক্ত। ৩ ত্যক্ত; বিসৃষ্ট। ৪ কামী; কামুক। { *স.* উপ+ √সৃজ্+ত(ক্ত) }

উপসেক [উপোশেক্] *বি* ১ জলসেক দ্বারা কোমলকরণ। ২ জলসেক। { *স.* উপ+ √সিচ্+অ(ঘঞ) }

উপসেচন [উপোশেচোন্] *বি* ১ জলসিঞ্চন; জলসেক। ২ সিক্তকরণ। { *স.* উপ+ √সিচ্+অন(ল্যুট্) }

উপসেবক [উপোশেবোক্] *বিণ* ১ উপভোগকারী; সম্ভোগকারী। ২ পরস্ত্রীতে আসক্ত। **উপসেবন** *বি* ১ উপভোগ। ২ উপাসনা। ৩ আসক্তি। { *স.* উপ+ √সেব্+অক(ণ্বুল্) }

উপসেবা [উপোশেবা] *বি* ১ উপভোগ; সম্ভোগ। ২ চাকরি। ৩ পূজা। **উপসেবিত** *বিণ* উপসেবা করা হয়েছে এমন। **উপসেবী** (–বিন্) *বিণ* ১ উপসেবাকারী। ২ পরিচর্যাকারী। { *স.* উপ+ √সেব্+অ+আ }

উপস্ত্রী [উপোস্‌ত্রি] *বি* উপপত্নী; রক্ষিতা। { *স.* উপ+স্ত্রী; *অব্যয়ী* }

উপস্থ [উপোস্‌থো] *বিণ* সমীপস্থ; নিকটস্থ। □ *বি* জননেন্দ্রিয় বা লিঙ্গ। { *স.* উপ+ √স্থা+অ(ক) }

উপস্থাপন [উপোস্‌থাপোন্] *বি* ১ উপস্থিতকরণ; আনয়ন। ২ অবতারণা; প্রস্তাবনা; উত্থাপন। ৩ দাখিলকরণ;

পেশকরণ। **উপস্থাপক, উপস্থাপয়িতা**(-তৃ) *বিণ* ১ উপস্থাপনকারী; আনয়নকারী। ২ প্রস্তাবকারী; উত্থাপনকারী। **উপস্থাপিকা, উপস্থাপয়িত্রী** *স্ত্রী.*। **উপস্থাপিত** *বিণ* উপস্থিত করা হয়েছে এমন। { *স.* উপ+ √স্থা+ণিচ্+অন(ল্যুট্) }

উপস্থিত [উপোস্‌থিতো] *বিণ* ১ সমাগত; আগত; হাজির। ২ বর্তমান; বিদ্যমান (উপস্থিতকাল; প্রমাণ উপস্থিত থাকা)। ৩ সম্মুখস্থ; নিকটবর্তী; আসন্ন (উপস্থিত বিপদ)। ☐ *বি* বিদ্যমান বস্তু বা বিষয় (উপস্থিত পরিত্যাগ করিয়া অনুপস্থিত প্রত্যাশা করা মূঢ়ের কর্ম—*ঈবি*)। ~**বক্তা** *বি* যে ব্যক্তি পূর্বপ্রস্তুতি ব্যতিরেকেই বক্তৃতা করতে পারে। ~**বক্ত্রী** *স্ত্রী.*। ~**বক্তৃতা** *বি* পূর্বপ্রস্তুতি ব্যতিরেকে বক্তৃতা। ~**বুদ্ধি** *বি* প্রত্যুৎপন্নমতিত্ব। **উপস্থিতি** *বি* ১ সমীপে আগমন; হাজিরি; সমাগম। ২ বর্তমানতা; বিদ্যমানতা। { *স.* উপ+ √স্থা+ত(ক্ত) }

উপস্বত্ব [উপোশত্‌তো] *বি* ১ সম্পত্তি থেকে লব্ধ আয়। ২ খাজনা। { *স.* উপ+স্বত্ব }

উপহত [উপোহতো] *বিণ* ১ আহত; আক্রান্ত; অভিভূত (শোকোপহত)। ২ বিনাশিত। ৩ বিঘ্নিত। { *স.* উপ+ √হন্+ত(ক্ত) }

উপহসিত [উপোহোশিতো] *বিণ* উপহাস করা হয়েছে এমন। { *স.* উপ+ √হস্+ত(ক্ত) }

উপহার [উপোহার্] *বি* প্রীতিসূচক দান; উপঢৌকন। **উপহৃত** *বিণ* ১ উপহারস্বরূপ প্রদত্ত। ২ উৎসর্গীকৃত। ৩ অর্পিত। ৪ আনীত; আহৃত। { *স.* উপ+ √হৃ+অ(ঘঞ্) }

উপহাস [উপোহাশ্] *বি* ১ বিদ্রূপ; ঠাট্টা। ২ উপেক্ষা; অবজ্ঞা। **উপহাস্য** *বিণ* উপহাসের যোগ্য (আমি উপহাস্য উপেক্ষণীয় একজন যে-সে গ্রাম্য যুবক নহি—*রঠা*)। { *স.* উপ+ √হস্+অ(ঘঞ্) }

উপহৃত [উপোহ্রিতো] *বিণ* উপহার দেওয়া হয়েছে এমন। **উপহার** *বি*। { *স.* উপ+ √হৃ+ত(ক্ত) }

উপহ্রদ [উপোহ্রদ্] *বি* যে হ্রদের সহিত সমুদ্রের যোগ রয়েছে; lagoon। { *স.* উপ+হ্রদ; *অব্যয়ী.* }

উপা ⇒ উষা

উপাখ্যান [উপাক্‌খান্] *বি* ১ কাল্পনিক কাহিনী। ২ গল্প। ৩ মূল কাহিনীর অন্তর্গত ক্ষুদ্র কাহিনী। ৪ বিবরণ; বৃত্তান্ত। { *স.* উপ+আ+ √খ্যা+অন(ল্যুট্) }

উপাগত [উপাগতো] *বিণ* ১ নিকটে এসেছে এমন; সমীপাগত। ২ উপস্থিত। ৩ প্রাপ্ত। **উপাগম** *বি* ১ নিকটে আগমন। ২ উপস্থিতি। ৩ প্রাপ্তি। { *স.* উপ+আ+ √গম্+ত(ক্ত) }

উপাঙ্গ [উপাঙ্‌গো] *বি* ১ অঙ্গের অঙ্গ; প্রত্যবয়ব; প্রত্যঙ্গ। ২ বেদের অঙ্গীভূত শাস্ত্রবিশেষ। ৩ পরিশিষ্ট। { *স.* উপ+অঙ্গ }

উপাচার্য [উপাচারজো] *বি* ১ আচার্যের সহকারী। ২ বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রধান (ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য)। { *স.* উপ+আচার্য }

উপাড়া [উপাড়া] *ক্রি* উৎপাটন করা (শালগাছ উপাড়িয়া আনে… —*কৃও*)। { *বা.* √উপড়া< *স.* উৎ+√পট্ (ণিজন্ত রূপ পাটি) }

উপাত্ত [উপাত্‌তো] *বিণ* ১ গৃহীত; স্বীকৃত। ২ প্রাপ্ত; লব্ধ। ৩ অর্জিত। ☐ *বি* যা অবলম্বনে অনুমান বা সিদ্ধান্ত করা হয় এরূপ বিষয়; অনুমান বা সিদ্ধান্তের অবলম্বন; data (অভিজ্ঞতা ও প্রেরণার মতো উপাত্তমাত্র—*সুদ*)। { *স.* উপ+আ+√দা+ত(ক্ত) }

উপাদান [উপাদান্] *বি* উপকরণ; মালমশলা। { *স.* উপ+আ+√দা+অন(ল্যুট্) }

উপাদেয় [উপাদেয়ো] *বিণ* ১ উৎকৃষ্ট। ২ সুস্বাদু। ৩ মনোরম। ৪ উপভোগ্য। { *স.* উপ+আ+√দা+য(যৎ) }

উপাধান [উপাধান্] *বি* বালিশ; শিরোধান; তাকিয়া। { *স.* উপধান, *স.* উপ+√ধা+অন(ল্যুট্)> }

উপাধি [উপাধি] *বি* ১ পদবি জাতি বংশ বিদ্যা সম্মান ইত্যাদির পরিচয়সূচক নামান্তে ব্যবহৃত শব্দ। ২ খেতাব। ৩ গুণ। ~**ধারী**(-রিন্) *বিণ* উপাধিপ্রাপ্ত; খেতাব প্রাপ্ত; ডিগ্রিধারী। ~**ক** *বিণ* ১ উপাধিধারী। ২ বিশেষ (উপাধিক নাহি ধন মিত্রের সমান—*দৌবা*)। ~**পত্র** *বি* যে পত্রে উপাধি লিখে দেওয়া হয়, certificate। { *স.* উপ+আ+ √ধা+ই(কি) }

উপাধ্যায় [উপাদ্‌ধায়্] *বি* ১ শিক্ষক; অধ্যাপক; গুরু; উপদেষ্টা। ২ বেদের অধ্যাপক। **উপাধ্যায়, উপাধ্যায়ী** *বি, স্ত্রী.* মহিলা উপাধ্যায়। **উপধ্যায়ী, উপাধ্যায়ানী** *বি, স্ত্রী.* উপাধ্যায়ের পত্নী। { *স.* উপ+অধি+ √ই+অ(ঘঞ্) }

উপান্ত [উপান্‌তো] *বি* ১ উপকণ্ঠ; সমীপ (এরি উপান্তে বৈষ্ণব লীলা লভিল প্রথম অমৃত ছিটা—*সদ*)। ২ প্রান্ত। ☐ *বিণ* ১ অন্তের অব্যবহিত পূর্বে বা পরে অবস্থিত এমন। **উপান্ত্য** *বিণ* ১ উপান্তে অবস্থিত; উপান্তবর্তী। ২ (*ব্যা.*) শব্দার্থের পূর্ববর্তী এমন (উপান্ত্য বর্ণ)। ~**বর্তী** *বিণ* প্রান্তবর্তী; উপকণ্ঠস্থ (অগ্নি সংস্কারার্থ গ্রামের উপান্তবর্তী শ্মশানে লইয়া গিয়া—*ঈবি*)। { *স.* উপ+অন্ত }

উপাম ⇒ উপম

উপায় [উপায়্] *বি* ১ কার্যসিদ্ধির পন্থা বা প্রণালী। ২ রোজগার; উপার্জন; আয় (সুরেশ দারোগা হয়েছে কিনা … আর উপায়ও আছে খুব—*সৈআ*)। ৩ প্রতিকার। ৪ কৌশল; সন্ধান। ৫ রাজ্য পরিচালন নীতি। ~**ক্ষম** *বিণ* উপার্জন করতে সমর্থ। ~**জ্ঞ** *বিণ* প্রতিকারের ক্ষমতা বা কৌশল জানা আছে এমন। **উপায়ান্তর** *বি* অন্য উপায়; গত্যন্তর। **উপায়ী** (-য়িন্) *বিণ* যে আয় করে; রোজগেরে। { *স.* উপ+ √ই+অ(ঘঞ্) }

উপায়ন [উপায়োন্] *বি* ১ উপহার; পারিতোষিক; ভেট (কণ্ঠে তব সন্ধ্যার মন্দার-উপায়ন—*সদ*)। ২ সন্নিহিত হওয়া; নিকটে গমন। { *স.* উপ+ √ই+অন(ল্যুট্) }

উপায়ান্তর, উপায়ী ⇒ উপায়

উপারম্ভ [উপারম্‌ভো] *বি* প্রারম্ভ; আরম্ভ। { *স.* উপ+আরম্ভ }

উপার্জক ⟹ উপার্জন

উপার্জন [উপারজোন্] *বি* ১ আয়; রোজগার; কামাই। ২ লাভ; প্রাপ্তি। ৩ সংগ্রহ; অর্জন। **উপার্জক** *বিণ* উপার্জনকারী; রোজগারী। **উপার্জিত** *বিণ* উপার্জন করা হয়েছে এমন। {*স.* উপ+ অর্জন}

উপার্থনা [উপারথোনা] *বি* অনুকূল মত বা সমর্থন প্রার্থনা; canvassing। {*স.* উপ+ √অর্থ্+অন(ল্যুট)}

উপাশ্রয় [উপাস্স্রয়্] *বি* অবলম্বন; আশ্রয়। ❑ *বিণ* অবলম্বনীয়; আশ্রয়ের যোগ্য। {*স.* উপ+আ+√শ্রি+ অ(অচ)}

উপাস ⟹ উপোস

উপাসনা, উপাসন [উপাশনা, -শন্] *বি* ১ এবাদত; আরাধনা; পূজা (সাধ করে কারা করে উপাসন—*রঠা*)। ২ আল্লাহ্‌র ধ্যান; জিকির; ঈশ্বরচিন্তা। ৩ উপকারের আশায় অপরের মনস্তুষ্টি সাধন। ৪ সাধ্যসাধনা (এনেছি পাড়ার করি উপাসনা—*রঠা*)। **উপাসক** *বি,বিণ* উপাসনা করে যে; আবিদ। **উপাসিকা** *স্ত্রী*। **উপাসিত** *বিণ* উপাসনা করা হয়েছে এমন। {*স.* উপ+√আস্+ অন(ল্যুট)+আ(টাপ্)}

উপাসীন [উপাশিন্] *বিণ* নিকটে উপবিষ্ট; নিকটে আসীন। {*স.* উপ+√আস্+ঈন(শানচ)}

উপাস্থি [উপাস্থি] *বি* দেহের অভ্যন্তরস্থ অস্থিতুল্য পদার্থ; কোমল অস্থি; cartilage। {*স.* উপ+অস্থি}

উপাস্য [উপাশ্শো] *বিণ* ১ উপাসনার যোগ্য; আরাধ্য। ২ আরাধিত; পূজিত। {*স.* উপ+√আস্+য(যৎ)}

উপাহার [উপাহার্] *বি* জলযোগ; অতি অল্প খাদ্য গ্রহণ; স্বল্পাহার। {*স.* উপ+√হৃ+অ(অণ্)}

উপাহৃত [উপাহৃতো] *বিণ* ১ আনীত; সংগৃহীত। ২ কল্পিত। {*স.* উপ+আ+ √হৃ+ত(ক্ত)}

উপু [উপু] *বিণ* উচ্চ; উন্নত। {*স.* ঊর্ধ্ব>*প্রা.* উব্ভ}

উপুড়, উবুড় [উপুড়্, -বু-] *বিণ* অধোমুখী; নিম্নমুখী; উল্টামুখী; ভূমির দিকে মুখ করে শয়ান আছে এমন, চিতের বিপরীত। **~হস্ত করা, ~হাত করা** *ক্রি* দান করা; দেওয়া (কিছু উপুড় হাত না করলে, বুঝেছিস ত, একেবারে মুলতবী—*নই*)। {*স.* অবমূর্ধা > *প্রা.* ওমুদ্ধ> ওমুড >উবুড়, উপুড়}

উপেক্ষা, উপেক্ষণ [উপেক্‌খা, -খন্] *বি* ১ তুচ্ছতাচ্ছিল্য বা অগ্রাহ্যকরণ। ২ অযত্ন; অনাদর; অবহেলা; তাচ্ছিল্য। ৩ ঔদাসীন্য। ৪ অমনোযোগ। ৫ অস্বীকার। **উপেক্ষক** *বিণ* উপেক্ষাকারী বা উদাসীন। **উপেক্ষণীয়** *বিণ* উপেক্ষার যোগ্য; অবজ্ঞেয় (আমি উপহাস্য উপেক্ষণীয় একজন যে-সে গ্রাম্য যুবক নহি—*রঠা*)। **উপেক্ষিত** *বিণ* উপেক্ষা করা হয়েছে এমন। **উপেক্ষিতা** *স্ত্রী*। {*স.* উপ+ √ঈক্ষ্+ অ(+আ), অন(ল্যুট)}

উপেখ (*ব্র., মবা.*) [উপেখ্] *ক্রি* উপেক্ষা কর। **-বি** (*ব্র.*) *ক্রি* উপেক্ষা কর বা করবে বা করবি (মোহে উপেখবি—*জ্ঞাদা*)। **-সি** (*ব্র.*), **-হ** (*ব্র.*) *ক্রি* উপেক্ষা করছ। **উপেখি** (*ব্র.*) **উপেখিআঁ** (*ব্র.*), **উপেখিয়ে** (*ব্র.*) *অসক্রি* উপেক্ষা করে (জাউ উপেখি—*বিপ*; তোকে উপেখিঅঁ কাহ্ন গেলা—*বচদা*)। **উপেখিল**—উপেক্ষা করল। **উপেখী**—উপেক্ষা করি। {*স.* উপেক্ষা}

উপেখা (*মবা., ব্র.*) [উপেখা] *ক্রি* উপেক্ষা করা (সময় উপেখিআঁ রহিলা—*বচদা*)। {*স.* অপেক্ষা}

উপোতী [উপোতি] *বি* পূতিকা; পুঁইশাক। {*স.* পূতিকা; উপোতিকা>}

উপোদ্‌ঘাত [উপোদ্‌ঘাত্] *বিণ* ১ আরম্ভ; উপক্রম। ২ সূচনা; ভূমিকা; প্রস্তাবনা। ৩ উদাহরণ; দৃষ্টান্ত। {*স.* উপ+উৎ+√হন্+অ(ঘঞ্)}

উপোষ [উপোশ্] *বি* উপবাস; অনাহার। **উপোষী** *বিণ*। **উপোষিত** *বিণ* ১ উপবাসী; অভুক্ত; অনাহারী। ২ অদর্শনে কাতর (উপোষিত আঁখিযুগে রূপরেখা ক্ষীণ—*মোম*)। {*স.* উপোষণ>; উপবাস>}। ⟹ উপোস

উপোস, উপাস [উপোশ্, -পাশ্] *বি* অনশন। **উপোসি, উপাসি** *বিণ* উপবাসী; অভুক্ত (পত্ররস চর্বে যেন দরিদ্র উপাসি—*কাদৌ*)। {*স.* উপবাস>উপোস}

উপোসথ [উপোশথ্] *বিণ* ১ উপোসিত; ক্ষুধার্ত। ❑ *বি* ১ (বাঙালী বৌদ্ধ সমাজে প্রচলিত অর্থ) উপবাস। ২ উৎসব (তত যে আমার পিপাসা নিবারি উপোসথ উল্লাসে—*মোম*)। {*স.* উপোষণ}

উপ্ত [উপ্‌তো] *বিণ* বপন করা বা বোনা হয়েছে এমন। **উপ্তি** *বি* বপন; বোনা। {*স.* √বপ্+ত(ক্ত)}

উফর-ফাঁফর (*মবা.*) [উফোর্‌ফাঁফোর্] *বিণ* অস্থির; অতিশয় অস্বস্তিযুক্ত (উফর ফাঁফর চিত্ত নিঃশ্বাস ছাড়এ—*দৌবা*)। ❑ *বি* শ্বাস নেওয়া যাচ্ছে না এমন অবস্থা। {*স.* উৎ+√স্ফুর্>ফুর্>উফর; *স.* উপরি> উফরি>উফর; *অনু.* ফাঁফর}

উবগার (*আঞ্চ.*) ⟹ উপকার

উবচান, উবচন, উবচনো = উপচানো

উবটন (*মবা.*) [উবটন্] *বি* বিলেপন (সুগন্ধ চূর্ণ দুহু অঙ্গে উবটন—*রাব*)। {*স.* উদ্বর্তন>*প্রা.* উব্‌বটন>}

উবরন, উবরনো = উবরানো

উবরানো, উবরনো [উব্‌রানো, -রনো] *ক্রি* উদ্বৃত্ত বা বাড়তি হওয়া। ❑ *বি* উদ্বৃত্ত হওয়া। ❑ *বিণ* উদ্বৃত্ত; বাড়তি। {*স.* উদ্‌বৃত্ত>*প্রা.* উবরন>+আন, আনো}

উবা, উপা [উবা, -পা] *ক্রি* ১ বাতাসে মিলিয়ে যাওয়া; উড়ে যাওয়া; অদৃশ্য হওয়া (কপট ভালবাসা একটুতে উপে যায় রঙ—*অঠা*)। ২ শেষ হয়ে যাওয়া; অতীত হওয়া (বাদশাহী উবে গেছে, ডুবেছে বিলাস—*সদ*)। {*স.* উৎ+ √বহ্=উদ্বহ>উব্বহ>উব+আ>}

উবুড় ⟹ উপুড়

উবেস (*প্রাবা.*) [উবেস্] *বি* উদ্দেশ (গঅণ উবেসেঁ—

চর্যাপদ)। { *স.* উদ্দেশ}

উব্দা [উব্‌দা] *বিণ* উল্টা; বিপরীতমুখী (উব্দা কইরা দোয়াতে কলম দিলেন—*নর*)। { *স.* অবমূর্ধা>}

উভ[১] *(পদ্য.)* [উভো] *সর্ব* যুগল; উভয়; দুইজন। **~চর** *বিণ* জলে ও স্থলে বিচরণকারী। **~বলী** (বিরল) *বিণ* উভয়ে বলীয়ান; দুইই শক্তিশালী (মানুষের মধ্যে উৎকর্ষ ও অপকর্ষ শুধু উভবলী নয়, একটার বাদে অন্যটা নিরর্থক—*সুদ*)। **~লিঙ্গ** *বিণ* ১ *(প্রাণী.)* একদেহে পুরুষ ও স্ত্রী যোনিবিশিষ্ট; hermaphrodite। ২ *(ব্যা.)* স্ত্রী ও পুরুষ উভয়লিঙ্গই বোঝায় এমন। { *স.* √উভ্+অ}

উভ[২] [উভো] *বিণ* ১ উচ্চ (অমনি এড়ায় রায় উভউভ লাফে—*ঘন*)। ২ ঊর্ধ্বমুখী (উভলেজে করিয়া পালায় কপিগণ—*কৃও*)। **~রড়ে** *ক্রি বিণ* দ্রুতবেগে। **~রায়** *ক্রি বিণ* উচ্চরবে (শিশু কাঁদে উভরায়—*রঠা*)। **~রোল** *বি* উচ্চ শব্দ। { *স.* ঊর্ধ্ব>*প্রা.* উব্‌ভ>উভ}

উভচর, উভবলী ⇒ উভ[১]

উভয় [উভয়্] *সর্ব,বিণ* দুই; দুইজন; যুগল। **~ত** *ক্রিবিণ* দুইপক্ষে বা দুই দিকে। **~তোমুখ** *বিণ* দুই দিকে মুখ আছে এমন। **~তোমুখী** *স্ত্রী.*। **~ত্র** *অব্য* দুইপক্ষে, দুইদিকে (তিনি প্রচার করেছিলেন যে উভয়ে সমান স্বাবলম্বী—উভয়ত্র মূল্যের ভিত্তি নিজস্বে—*সুদ*)। **~থা** *ক্রিবিণ* উভয় প্রকারে; দুইপ্রকারে। **~সঙ্কট** *বি* উভয় দিকেই বিপদ অর্থাৎ কোনো দিক দিয়ে যাওয়া যায় না বা পরিত্রাণ পাওয়া যায় না এমন অবস্থা, dilemma। { *স.* উভ+অয়}

উভরানো, উভরনো [উভ্‌রানো, -রনো] ১ *ক্রি* উপচানো; ছাপিয়ে পড়া (উত্তপ্ত বালুকায় খৈয়ের মত চটপট করে ফুটেফুটে তাওয়া উভরে চারিদিক ছিটকে পড়বে—*মীম*)। □ *বি* উদ্বৃত্ত হওন। □ *বিণ* বাড়তি; উদ্বৃত্ত। { *বা.* √উব্‌রা (<*স.* উৎ+√বৃৎ+ক্ত=উদ্বৃত্ত) +আন, আনো}

উম, ওম [উম্, ও-] *বি* তাপজনিত আরাম; উষ্ণতা; গরম; তাপ (কম্বলের উমে ঘুম ছড়ানো ছিল—*শও*; একখানা র‍্যাপার পেলে ওমটা ঠিক জমত—*সৈমু*)। **~দেওয়া** *ক্রি* তা দেওয়া (ডিমে ওম দেওয়া)। { *স.* উষ্ম>উম্‌হ>উম্, ওম}

উমত, উমতি *(মবা.)* [উমত, উমোতি] *বিণ* ১ উন্মত্ত। ২ অজ্ঞান। □ *ক্রিবিণ* অন্যমনস্কভাবে (উমতি কহই সখি করহ পয়ান—*বিপ*)। **উমতিনী** *স্ত্রী.*। { *স.* উন্মত্ত>}

উমদা, ওমদা [উম্‌দা, ও-] *বিণ* ১ উত্তম; উৎকৃষ্ট (সৈয়দ সাহেব একখানা বহুৎ উম্‌দা গল্প পেশ করছেন—*সৈমু*)। ২ মনোহর। ৩ উপাদেয় (কেমন যেন একটুখানি আলাদা, কিন্তু খেতে উম্‌দা—*সৈমু*)। { *আ.* উম্‌দাহ্ عمدة }

উমর ⇒ ওমর

উমরা[১], **উমরাহ্** ⇒ ওমরা

উমরা[২] [উম্‌রা] ১ *বি* হজের ন্যায় ধর্মীয় অনুষ্ঠান। ২ *বি* জিয়ারত। { *আ.* 'উম্‌রাহ عمرة }

উমান[১] [উমান্] *বি* মাপ; পরিমাণ; ওজন। **উমানিয়া** *অক্রি* ওজন করে; মেপে (ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি—*কমু*)। { *স.* উন্মান> উম্মান> উমান>উমান}

উমানো [উমানো] *ক্রি* ১ তপ্ত করা; গরম করা। ২ তাতানো। ৩ তা দেওয়া। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* উষ্ম>উম্‌হ>উম>*বা.* √উম্+আন, আনো}

উমিদ, উমীদ ⇒ উমেদ

উমেদ, ওমেদ, উমীদ, উম্মীদ [উমেদ্, ওমেদ্, উমিদ্, উম্‌মিদ্] *বি* ১ আশা; আকাঙ্ক্ষা (তার দাওত কবুল করবেন হজরত হয় মনে উমীদ—*নই*)। ২ প্রতীক্ষা; অপেক্ষা (যে সকল লোক কর্ম্মের ওমেদে থাকে—*ভব*)। ৩ *বি* প্রার্থনা। { *ফা.* উম্মীদ্ امید }

উমেদওয়ার ⇒ উমেদার

উমেদার, ওমেদার, ওমেদওয়ার [উমেদার্, ও-, ওমেদ্‌ওয়ার্] *বিণ* ১ প্রত্যাশী; প্রার্থী। ২ চাকরিপ্রার্থী; কর্মপ্রত্যাশী (ওমেদার ব্যক্তি সুপারিশ আনিবামাত্র—*ভব*; হোম সাহেবকে তেমনি ওমেদওয়ার ঘেরিয়া দাঁড়াইয়াছে—*বচ*)। □ *বি* মোসাহেব; স্বার্থসিদ্ধির জন্য পরের মনস্তুষ্টি সম্পাদনকারী ব্যক্তি (এক বড় মানুষের কতকগুলি উমেদার ছিলেন—*ঈবি*)। **উমেদারি, উমেদারী, ওমেদারি** *বি* ১ চাকরি প্রার্থনা; চাকরির আশায় অন্যের নিকট ঘোরাঘুরি (আপিসে কর্মের উমেদারিতে বাহির হইতে হইল—*রঠা*)। ২ মোসাহেবি (তাহারাই চিরকাল ওমেদারি করিয়া থাকে—*ভন*)। { *ফা.* উম্মীদ্‌বার امیدوار }

উম্মত [উম্‌মত্] *বি* ১ শিষ্য; অনুচর (নিখিল ব্যথিত উম্মত লাগি এখনো তোমার অশ্রু ঝরে—*ইহো*)। ২ জাতি। { *আ.* উম্মাহ امة }

উম্মি, উম্মী [উম্‌মি] *বিণ* নিরক্ষর; অজ্ঞ (আমরা উম্মি মানুষ, লেখাপড়াও জানি না—*মুম*)। { *আ.* উম্মী امی }

উম্মীদ ⇒ উমেদ

উম্মীদওয়ার ⇒ উমেদার

উম্মেদ ⇒ উমেদ

উম্মেদওয়ার ⇒ উমেদার

উযীর ⇒ উজির

উয়ল *(ব্র.)* [উঅল] *বি* উদিত হলো; প্রকাশ পেল (কনকলতা অবলম্বনে উয়াল—*বিপ*)। { *স.* উৎ+√ই>}

উয়ার ⇒ ওয়াড়

উয়ারি, উয়ারী *(মবা.)* [উয়ারি] *বি* বহির্বাটি, বৈঠকখানা (ঢেকা মারি কৈল নিয়া বাহির উয়ারি—*শেফ*; শীতল যে সিংহাসন শীতল উয়ারী—*দৌবা*)। { *স.* উপকারিকা> উঅআরিআ>উআরী, উয়ারি}

উয়েধরা ⇒ উই

উর[১] *(মবা.)* [উর্] *বি* ফুলবিশেষ; জবাফুল (উরের কলিকা জিনি রাতুল নয়ন—*সৈআ*)। { *স.* ওড্র>ওড়ঢ>ওঢ়>ওড়, ওর, উর}

উর[২] [উর্] *বি* বক্ষঃস্থল। { *স.* উরস্>}

উর[৩], **উরহ** [উর, উরহ] *ক্রি* ১ অবতীর্ণ হও; আবির্ভূত

হও। ২ এসে অধিষ্ঠান করো (কহে যোড় করে উরহ আমারে—*ভারা*)। { *স.* উত্তর >}

উরঃ (উরস্) [উরহ্] *বি* বক্ষ; বক্ষঃস্থল। { *স.* √ঋ+ অস্}

উরগ, উরঙ্গ, উরঙ্গম [উরগ্, উরঙ্গো, উরঙ্গমো] *বি* বুকে ভর দিয়ে চলে যে; সর্প (দংশিল ভীষণবেগে উরগের মত—*কায়*)। **উরগী, উরঙ্গী, উরঙ্গমী** *স্ত্রী.*। { *স.* উরস্+ √গম্ + অ(ড, খচ)}

উরজ [উরজ্] *বি* স্তন (উরজ কমলযুগ প্রফুল্ল সতত—*মদ*)। { *স.* উরঃ+জ(<জন্)+অ(ড)= উরোজ> উরজ}

উরঝাই (*ব্র.*) [উরঝাই] *বিণ* ১ মনিব। ২ শুষ্ক (চল্যার রাজপথে দুই উরঝাই—*পদকল্পতরু*)। { *হি.* মুরঝানা}

উরত, উরুত, উরাত [উরত্, –রু–, উরুত] *বি* উরু; জানুর উপরিভাগ; রান। { *স.* উরু+*বা.* ত}

উরমাল ⟹ উরুমাল

উরশী [উরোশি] *বি* ১ স্ত্রীর গর্ভে আপন ঔরসজাত কন্যা; মেয়ে (তোমার উরশী তোমাকে ডাকিয়া পাঠাইয়াছে—*নর*)। ২ মাষকলাই (শিম্ব উরশী দাল বাটি—*বিগু*)। { *স.* উরস্>উরশ + *বা.* ঈ}

উরশ্ছদ, উরস্ত্র, উরস্ত্রাণ [উরশ্ছদ্, উরস্ত্রো, উরস্ত্রাণ্] *বি* যোদ্ধাদের ব্যবহার্য বর্ম; কবচ। { *স.* উরঃ+ছদ, ত্র, ত্রাণ}

উরস[1] [উরশ্] *বি* বক্ষঃস্থল; উরঃ (অধরে, উরসে, চরণে, পাণিতে—*সদ*)। { *স.* √ঋ+অস্}

উরস[2], **ওরস** [উরশ্, ওরশ্] *বি* অলি দরবেশের মৃত্যুবার্ষিকী এবং সেই উপলক্ষে দোয়া ও জিয়াফত। ~ **শরিফ** *বি* অলি দরবেশের মৃত্যুবার্ষিকীতে তাঁদের সমাধিস্থলে পবিত্র অনুষ্ঠানবিশেষ (পীরের মাজারে অনুষ্ঠিত উরস শরিফ)। { *আ.* উর্স্ عرس }

উরসিজ[উরসিজ্] *বি* স্তন। { *স.* উরসি+জ<জন্+অ(ড)}

উরস্ত্র, উরস্ত্রাণ ⟹ উরশ্ছদ

উরুমাল, উরমাল [উরুমাল্, উরমাল্] *বি* ১ রুমাল; মুখ ইত্যাদি মোছার জন্য বস্ত্রখণ্ডবিশেষ (ধায় পাইক চাপ ঢাল, ঢালে বান্ধে উরুমাল—*কমু*)। ২ অশ্বাদির উরুত্রাণ (চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল—*কমু*)। { *ফা.* <রূমাল رومال }

উরাত ⟹ উরত

উরোগামী [উরোগামি] *বিণ* বুকে ভর দিয়ে চলে এমন; সাপ। { *স.* উরস্+ √গম্+ইন্}

উরোজ [উরোজ্] *বিণ* বক্ষঃস্থলে জন্মেছে এমন। ❑ *বি* স্তন (অভিরাম গ্রীবাভঙ্গে উরোজের অনবগুণ্ঠনে?—*সুদ*)। { *স.* উরস্+ √জন্+অ(ড)}

উর্ণ, ঊর্ণ [উর্নো] *বি* ১ উর্ণা। ২ সূত্র। { *স.* √ঊর্ণ্+অ}

উর্ণনাভ ⟹ ঊর্ণনাভ

উর্ণা, ঊর্ণা [উর্না] *বি* ১ মেষাদি পশুর লোম; পশম; wool। ২ জাল (আমরা যখন ঘরের আঁধার কোণে বসে মাকড়সার মত কথার উর্ণা বুনি—*নই*)। ~**ময়** *বিণ* মেষাদি পশুর লোম থেকে প্রস্তুত; পশমি। { *স.* √ঊর্ণ্+অ+আ(*স্ত্রী.*)}

উর্দি, উর্দী [উর্দি] *বি* কর্মচারীদের জন্য নির্দিষ্ট পোশাক; uniform (...তাদের অভিসম্পাত দিতে দিতে খানা ছেড়ে উর্দি চড়ালে—*সৈমু*)। { *তু.* ররদী وردی }

উর্দু, উর্দূ [উর্দু] *বি* ১ বাক্যগঠন ও ক্রিয়াপদের ব্যবহারে হিন্দি ভাষার অনুরূপ এবং হিন্দি ও ফারসি শব্দের মিশ্রণে সৃষ্ট ভাষাবিশেষ, যা মুসলিম বাদশাহ ও নবাবদের আমলে প্রচলিত হয়। ২ পাকিস্তানের রাষ্ট্রভাষা। ৩ সৈনিক। ৪ সেনানিবাস। ❑ *বিণ* উর্দু ভাষাসুলভ (উদাস উর্দুসুর মৃদু মিঠে স্বরে—*বিদে*)। ~**নবিস** *বি* যে উর্দু ভাষায় লেখাপড়া ভাল জানে। ~**ওয়ালা** *বিণ* উর্দুভাষী; উর্দুভাষা বলে এমন (পশ্চিমের কোন উর্দু-কওয়া বিবিকে—*অচিসে*)। ~**বাজার** *বি* সেনানিবাস সংলগ্ন বাজার। { *তু.* উর্দু اردو }

উর্বর, উর্ব্বর [উর্বর্] *বিণ* ১ প্রচুর সৃষ্টি শক্তিবিশিষ্ট (উর্বর-মস্তিষ্কপ্রসূত চিন্তা)। ২ সর্বপ্রকার শস্যের উৎপাদক। **উর্বরা, উর্ব্বরা** *স্ত্রী.* (জমির উর্বরা শক্তি)। { *স.* উরু+ √ঋ+অ}

উর্বশী, উর্ব্বশী [উর্বোশি] *বি* পুরাণোক্ত সুন্দরীশ্রেষ্ঠা ও অনন্ত-যৌবনা অপ্সরাবিশেষ। { *স.* উরু+√বশ্+অ(অচ্)+ঈ}

উর্বী [উর্বি] *বি* পৃথিবী। { *স.* উরু+ঈ}

উল [উল্] *বি* পশম; পশুলোমজাত সুতা। { *ই* wool}

উলকি, উল্কি [উল্কি] *বি* সুচের সাহায্যে দেহে অঙ্কিত স্থায়ী নকশা বা চিত্র (কপালের একটি ছোট উলকী টিপের মত দেখাইত—*বচ*)। { *স.* (উৎ+√লিখ্ >) উল্লিখ>}

উলকুড় [উল্কুড়্] *ক্রি বিণ* মূলসহ; শিকড়সমেত; জড়শুদ্ধ (যে তার অবাধ্য হয়েছে তার ভিটেমাটি একেবারে 'উলকুড়' উটিয়ে নিয়েছে—*মীম*)। { *আঞ্চ.*}

উলঝলুল (বিরল) [উল্ঝলুল্] *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল; আলুথালু (মনে পড়ে শুধু সোঁদা সোঁদা বাস এলো খোঁপার আকুল কবরী উলঝলুল—*নই*)। { *আঞ্চ.*}

উলঙ্গ [উলঙ্গো] *বিণ* ১ নগ্ন; বিবস্ত্র; নেংটা। ২ অকপট; উন্মুক্ত; উদার (উদ্ধত উলঙ্গদৃষ্টি—*নই*)। ৩ খাপমুক্ত; অনাবৃত (উলঙ্গ কৃপাণ)। **উলঙ্গা, উলঙ্গিনী** *স্ত্রী.*। { *স.* উন্নগ্ন >}

উলটা, উল্টা, উলটো, উল্টো [উল্টা, –, উল্টো, –] *বিণ* ১ অধোমুখ; উপুড়। ২ বিপর্যস্ত। ৩ বিপরীত। ৪ ঘোরালো; প্যাঁচালো (উলটা ক'রে বলি আমি সহজ কথাটাই—*রঠা*)। ~ **কথা** *বি* বিপরীত কথা। ~ **বুঝা** *ক্রি* ভালো কথার মন্দ অর্থ বোঝা; ভুল বোঝা; বিকৃত অর্থ করা। ~ **রথ** *বি* ১ রথ-যাত্রার অষ্টম দিনে রথ যথাস্থানে ফিরিয়ে আনার উৎসব। ২ বৈপরীত্যসূচক যাত্রা। ~ **বুঝিলি রাম**—ভালো কথার মন্দ অর্থ বোঝা;

বিপরীত মানে করা। { *প্রা.* অল্লট্ট>উলট্ট>উলট, উলটো; তুল. *হি* উলট}

উলট পালট, ওলট পালট, উলটা পালটা, উলটো পালটা [উলোটপালোট্, ও-, উটোপাল্টা, -টো-] *বিণ* ১ বিপর্যস্ত; বিশৃঙ্খল (হয় দুনিয়া ওলটপালট আর কিশে ভাই রক্ষা হবে —*ঈগু*)। ২ অসংলগ্ন; পরস্পরবিরোধী। ৩ বিপরীত। ৪ বিধ্বস্ত; বিনষ্ট। ৫ এলোমেলো; গোলমেলে। ❑ *বি* বিশৃঙ্খলা (সেখানে শুধুই ঝড় বাদল ওলোট পালট –*আকউ*)। ❑ *ক্রি বিণ* নড়চড় { *প্রা.* অলট্ট–পলট্ট> উলট–পালট}

উলটানো, ওলটানো [উল্টানো, ও-] *ক্রি* ১ উল্টা হওয়া বা করা। ২ অস্বীকার করা; প্রত্যাহার করা; বদলানো (কথা উলটানো)। ৩ পরিবর্তন করা; প্রত্যাহার করানো (নিয়ম উলটানো)। ৪ পার্শ্ব পরিবর্তন করা (পাতা উলটানো)। ৫ বিপর্যস্ত করা। ৬ ভাব পরিবর্তন করা (চোখ উলটানো)। ❑ *বি বিণ* উক্ত সকল অর্থে। { *বা.* √উল্টা+আনো}

উলন (*মবা.*) [উলন্] *বি* উল্বন; শরীরস্থ পিত্তজনিত ব্যাধিবিশেষ (আমি কাঁপি কামজ্বরে সে বলে উলন—*ভারা*)। { *স.* উল্বণ>উল্লন>**উলন**>উলন}

উলপ [উলপ্] *বি* উলুখড়। { *স.* √উল্+অপ}

উলফত, উলফৎ, ওলফৎ [উল্ফত্, –, ও-] *বি* বন্ধুত্ব; প্রেম; অনুরাগ; আসক্তি। { *আ.* উল্ফত الفت। }

উলমা ⇒ উলামা

উলস[১], **উড়ুশ, উড়ুশ** [উলশ্, -ড়শ্, -ড়ুশ্] *বি* ছারপোকা। { *স.* উদ্দংশ> *প্রা.* উড্ডংশ> *বা.* উড়স, উড়ুশ}

উলস[২] [উলশ্] (*পদ্য.*) *বি* উল্লাস; আনন্দ; পুলক। **উলসা, উলসানো** *ক্রি* উল্লসিত হওয়া; আনন্দে উজ্জ্বল হয়ে ওঠা (চারদিক আজ উলসে উঠেছে—*অঠা*)। **উলসিত** *বিণ*। **উলসি** (*পদ্য.*) *অক্রি* উল্লসিত হয়ে; পুলকিত হয়ে। { *স.* উল্লাস >}

উলা [উলা] *বিণ* প্রথম; সর্বোচ্চ। ~ **জমাত, জমাতে** ~ *বি* ১ প্রথম শ্রেণি। ২ মাদ্রাসা শিক্ষার ডিগ্রিবিশেষ। { *আ.* উলা اولى। }

উলামা, ওলামা [উলামা, ও-] *বি* ইসলামি শাস্ত্রবিদগণ; আলেম সম্প্রদায় (আলিম ওলমা নহি করেন্ত আদর—*সৈআ*)। ~**য়ে কেরাম** *বি* সম্মানিত ইসলামি শাস্ত্রবিদগণ (পাঁচজন ওলামায়ে কেরামও এসেছেন—*আরও*)। { *আ.* উলামা *বহুব* علماء, *একব* عالم }

উলিরাজ ⇒ উই

উলু[১], **উলুধ্বনি, হুলুধ্বনি** [উলু, উলুদ্ধোনি, হুলুদ্ধোনি] *বি* ১ জোকার; মুখগহ্বরে জিহ্বার দ্রুত সঞ্চালনে সৃষ্ট মঙ্গলধ্বনিবিশেষ (হঠাৎ শাঁখ বাজিয়া উঠিল, উলুধ্বনি শোনা গেল—*বিব*)। ২ আনন্দধ্বনি (আজ শেফালীর গায়ে হলুদ উলু দেয় পিক পাপিয়া—*নই*)। { *ধ্বন্যা.*}

উলু[২], **উলুখড়** [উলু, -খড়] *বি* তৃণবিশেষ (উলু দিয়ে ছাওয়া—*প্যামি*; ওপারে সবুজ উলুবন—*বিব*)। { *স.* উলুপ>*প্রা.* উলুঅ>}

উলুক, উলূক, উল্লুক [উলুক্] *বি* ১ পেচক; পেঁচা (নাসাপুটে জন্মিল উলুক—*ঘচ*)। ২ দেবরাজ ইন্দ্র। ৩ উলুখড়। **উলুকী, উলূকী** *বি স্ত্রী.* পেঁচী (দিবসে উলুকী অন্ধ—*সুদ*)। { *স.* উৎ+ √লোক্+অ(অচ্)}

উলুখাগড়া [উলুখাগ়ড়া] *বি* ১ উলুখড় ও নল। ২ (*আল.*) গরিব বা অকিঞ্চিৎকর ব্যক্তি। ৩ (*আল.*) নিরীহ প্রজা (রাজায় রাজায় যুদ্ধ হয় উলুখাগড়ার প্রাণ যায়—প্রবচন)। { *স.* উলুপ+ *স.* খগাড়}

উলুধ্বনি ⇒ উলু[১]

উলূক, উলূকী ⇒ উলুক

উলূখল [উলুখল্] *বি* উখলি; উদূখল। { *স.* উৎখল, *পা.* উকখল}

উলুপী, উলূপী [উলুপি] *বি* ১ শিশুক, শিশুমার। ২ কৌরব্য নামক নাগরাজের কন্যা; অর্জুনপত্নী। { *স.* উৎ+ √লুপ্+ইন্}

উল্কা [উল্কা] *বি* ১ আকাশ থেকে পতিত জ্বলন্ত প্রস্তরাদি। ২ আকাশে দ্রষ্টব্য সঞ্চরণশীল জ্বলন্ত অগ্নিপিণ্ড, meteor। ৩ মশাল। ~**পাত** *বি* উল্কা পতন। ~**পিণ্ড** *বি* উল্কা রূপে পতিত প্রস্তরাদি; meteor। ~**মুখী**(-খিন্) *বি* ১ খেঁকশিয়ালি। ২ আলেয়া। ৩ ক্রোধজনিত রক্তমুখী স্ত্রীলোক। { *স.* √উষ্+ক(কক্)+আ(টাপ্)}

উল্কি, উল্কী ⇒ উলকি

উল্টা, উল্টো ⇒ উলট

উল্লঙ্ঘন [উলোলঙ্ঘন্] *বি* ১ লাফ দিয়ে অতিক্রম; ডিঙ্গানো; অতিক্রম কার্য। ২ লঙ্ঘন; অগ্রাহ্যকরণ (জামাতৃকৃত নিমন্ত্রণের উল্লঙ্ঘন সর্বথা অবিধেয়—*ঈবি*)। ৩ বিরুদ্ধাচরণ; অমান্যকরণ। **উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য** *বিণ* ১ উল্লঙ্ঘনের যোগ্য। ২ উল্লঙ্ঘন করতে হবে বা করা প্রয়োজন এমন। **উল্লঙ্ঘিত** *বিণ* উল্লঙ্ঘন করা হয়েছে এমন। { *স.* উৎ+√লঙ্ঘ্+অন(ল্যুট্)}

উল্লম্ফন, উল্লম্ফ [উলোলম্ফন্, উলোলম্ফো] *বি* ১ লাফ দিয়ে অতিক্রম; উল্লঙ্ঘন; ডিঙানো। ২ লাফঝাঁপ করা। { *স.* উৎ+লম্ফন, লম্ফ}

উল্লম্ব [উলোলম্বো] *বিণ* খাড়া; লম্বালম্বিভাবে অবস্থিত; উপর–নিচভাবে অবস্থিত; vertical। { *স.* উৎ+লম্ব}

উল্লসিত [উলোলোশিতো] *বিণ* হৃষ্ট; আনন্দিত; উৎফুল্ল; আহ্লাদিত (উল্লসিত রঙ্গে—*রঠা*)। { *স.* উৎ+ √লস্+ ত(ক্ত)}

উল্লাল (*মবা.*) [উলোলাল্] *বি* শিশুকে দুলিয়ে আদর; সোহাগ (বুকে আরোপিয়া পদ করেন উল্লাল—*ঘচ*)। { *স.* উল্লোল}

উল্লাস [উলোলাশ্] *বি* ১ পরম আনন্দ; আহ্লাদ; হৃষ্টতা। ২ গ্রন্থের পরিচ্ছেদ (পঞ্চমোল্লাস)। **উল্লাসী**(-সিন্) *বিণ*

উল্লাসযুক্ত; আনন্দিত। **উল্লাসিনী** *স্ত্রী, বি, বিণ* (এ কেমন ধারা উল্লাসিনী গো—*মব*)। { *স.* উৎ+ √লস্+অ(ঘঞ্) }

উল্লিখিত [উল্‌লিখিতো] *বিণ* ১ উপরে বা পূর্বে লিখিত। ২ পূর্বে উক্ত। { *স.* উৎ+ √লিখ্+ত(ক্ত) }

উল্লুক, উললূক [উল্‌লুক্] *বি* ১ লেজহীন বানরের ন্যায় জন্তু; gibbon। ২ মূর্খ বা অভদ্র এই অর্থে প্রযুক্ত গালি (হোসেন খাঁ বড় বড় কাশ্মীরি উল্লুক ঠকাতে লাগলেন—*কাসি*)। { *স.* √উল্+লুক }

উল্লেখ [উল্‌লেখ্] *বি* ১ কোনো বিষয় সম্বন্ধে প্রসঙ্গত কিছু উক্তি। ২ বর্ণন। ৩ কথন। ৪ অর্থালঙ্কার বিশেষ। ~**ন** *বি* ১ কথন। ২ উল্লেখকরণ। ৩ কীর্তন। ~**নীয়, উল্লেখ্য** *বিণ* ১ উল্লেখের উপযুক্ত। ২ উল্লেখ করতে হবে বা করা উচিত এমন। ~**যোগ্য** *বিণ* ১ বিশিষ্ট। ২ উল্লেখ করার উপযুক্ত। { *স.* উৎ+ √লিখ্+অ(ঘঞ্) }

উল্লোল [উল্‌লোল্] *বি* বৃহৎ তরঙ্গ; বড় ঢেউ; দোদুল্যমান (জেগেছে কাশের বনে হিল্লোল উল্লোল—*শাহো*)। ❑ *বিণ* তরঙ্গময়; আন্দোলনশীল; লীলাচঞ্চল। { *স.* উৎ+ √লুল্+অ(অচ্) }

উল্বণ [উল্‌বন্] *বি* বায়ুপিত্তবিকার জাত রোগবিশেষ (কবিরাজ কহিলেন উল্বণ ক্রমেই বৃদ্ধি হইতেছে—*প্যামি*)। ❑ *বিণ* ১ বিকারজাত; উৎকট (ফেনিল মদিরা-মত্ত জনতার উল্বণ উল্লাস—*সুদ*)। ২ ব্যক্ত; সুস্পষ্ট; বিশদ। { *স.* উৎ+ √লু+অন(ল্যুট্); উৎ+ √লী+বন্ }

উশখুশ ⟹ উসখুস

উশপিশ, উশপীশ [উশ্‌পিশ্] *অব্য* অস্থিরতা বা অধীরতা প্রকাশসূচক ধ্বনি (হামিদা উশপিশ করিতে লাগিল—*মোহ*)। { *হি.* উসর পসর; 'নিশপিশ' জাতীয় শব্দ }

উশাস (*মব্য.*) [উশাশ্] *বি* শ্বাস (উশাস লইতে স্বর্গে লাগে ছত্র শির—*সৈআ*)। { *স.* উচ্ছ্বাস> }

উশীর, উষীর (বিরল) [উশির্] *বি* বেনার মূল; খসখস (উশীর হ'ল সুরভি আজি ধূপেরি পরিবর্তে—*সদ*)। **উশীরস্তম্ব** *বি* বেনার মূল বা খসখস গুল্মের গোছা (কি নিমিত্ত উশীরস্তম্বমাত্র অবলম্বন করিয়া অবাঙমুখে লম্বমান আছেন—*ঈবি*)। { *স.* উশীর, উষীর }

উশুল ⟹ উসুল

উশো [উশো] *বি* রাজমিস্ত্রিদের ব্যবহার্য পলস্তরা সমান করার কাষ্ঠনির্মিত যন্ত্র। { *অনু.* }

উষসী, উষসী [উশোশি] *বি* ১ সূর্যোদয়ের প্রাক্কাল; প্রভাত। ২ (*আল.*) উষা; প্রভাতরূপিণী (স্বর্গের উদয়াচলে মূর্তিমতী তুমি হে উষসী—*রঠা*; সুরের সভায় রাত্রিপারের উষসীরে আন টানি—*নই*)। ৩ প্রদোষ; সন্ধ্যা। ❑ *বিণ* ১ রূপবতী; পরমাসুন্দরী। ২ প্রভাতী। { *স.* উষস্+ঈ }

উষা, উষা [উশা] *বি* ১ প্রাতঃকাল; ভোরবেলা; প্রত্যুষ। ২ বাণরাজকন্যা ও অনিরুদ্ধ পত্নী। ~**কাল** *বি* প্রাতঃকাল; প্রভাত। ~**কালীন** *বিণ* প্রাতঃকালীন। ~**বালা** *বি স্ত্রী.* (*আল.*) প্রভাতরূপিণী (এই যে একবিন্দু অশ্রুর খবর তা উষাবালা নিজেই জানে না—*নই*)। ❑ *বি* শুকতারা। ~**লগ্ন** *বি* উষাকাল (বাংলা কাব্য সাহিত্যের উষালগ্নে চর্যাপদের আবির্ভাব হয়েছিল—*সৈমুআ*)। { *স.* √উষ্+আ }

উষীর ⟹ উশীর

উস্কখুস্ক, উস্কো খুস্কো [উশ্‌কোখুশ্‌কো] *বিণ* ১ রুক্ষ; শুষ্ক (উস্কখুস্ক চেহারা)। ২ তৈলহীন; অবিন্যস্ত (উস্কখুস্ক চুল)। ৩ বিশৃঙ্খল; এলোমেলো (নারিকেল গাছের উস্কো খুস্কো মাথার অবিশ্রান্ত আছাড় খাওয়া—*সৈমু*)। { *স.* শুষ্ক >খুষ্ক, *অনু.* উষ্ক }

উষ্ট্র [উশ্‌ট্রো] *বি* ১ ভারবাহী জন্তুবিশেষ; উট; ক্রমেলক। ২ (*আল.*) মরুভূমির জাহাজ নামে খ্যাত। **উষ্ট্রী** *স্ত্রী.*। ~**গ্রীব** *বিণ* উটের মতো গ্রীবাবিশিষ্ট। { *স.* √উষ্+ট্র(ষ্ট্রন্) }

উষ্ণ [উশ্‌নো] *বিণ* ১ তপ্ত; গরম। ২ ক্রুদ্ধ (... কর্ত্রী ঠাকুরাণী তত উষ্ণ হইতেছেন—*ঈবি*)। ৩ প্রখর। ❑ *বি* ১ তাপ; তপ্ততা। ২ ক্রোধ; উষ্মা। ৩ রৌদ্র। ~**কাল** *বি* গ্রীষ্মকাল। ~**তা**, ~**ত্ব** *বি* ১ তাপ। ২ তাপমাত্রা; temperature। ~**প্রস্রবণ** *বি* যে ঝরনা বা প্রস্রবণের জল উষ্ণ। ~**বীর্য** *বিণ* উত্তেজক; তেজস্কর। { *স.* √উষ্+ন(নক্) }

উষ্ণা [উশ্‌না] *বিণ* সিদ্ধ (উষ্ণা ধান)। { *স.* উষ্ণ> }

উষ্ণালু [উশ্‌নালু] *বিণ* ১ গরম সহ্য করতে পারে না এমন। ২ আতপক্লান্ত। { *স.* উষ্ণ+ *বা.* আলু }

উষ্ণীষ [উশ্‌নিশ্] *বি* মস্তকাচ্ছাদক পরিধেয় বিশেষ; পাগড়ি; কিরীট (মাথার উষ্ণীষও উধাও—*আজাশা*)। ~**কমল** *বি* বৌদ্ধতন্ত্রোক্ত মস্তকস্থিত পদ্ম। { *স.* উষ্ণ+ √ঈষ্+অ(ক) }

উষ্ম, উষ্মা [উশ্‌মো, উশ্‌মা] *বি* ১ তপ্ততা; তাপ। ২ গ্রীষ্মকাল। ৩ ক্রোধ; আক্ষেপ; উত্তেজনা (আপনাদের উষ্মা প্রদর্শনের যথেষ্ট কারণ আছে—*বর*)। ৪ প্রখরতা। ৫ তাপের মাত্রা। **উষ্মবর্ণ** *বি* (*ব্যা.*) শ ষ স হ শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত এই চারিটি বর্ণ। { √উষ্+ম(মক্); √উষ্+মন(মনিন্),+আ }

উসকানো [উশ্‌কানো] *ক্রি* ১ উজ্জ্বল করে বা বাড়িয়ে দেওয়া (প্রদীপের শিখা উসকানো)। ২ উত্তেজিত করা; প্ররোচিত করা (ঝগড়ায় উসকানো)। ৩ ফোঁড়া ইত্যাদির মুখ ফাটিয়ে দেওয়া। ❑ *বি* ১ প্ররোচিত করার কার্য; উত্তেজিত করার চেষ্টা। ২ প্রবর্ধন। ❑ *বিণ* ১ প্ররোচিত; উত্তেজিত। ২ প্রবর্ধিত। **উসকানি** *বি* ১ উত্তেজনা। ২ প্ররোচনা। { √উসকা (<*স.* উৎ + √কৃষ্) + আনো; *হি.* উসকানা }

উসখুস, উশখুশ [উশ্‌খুশ্] *বি* অধীরতা বা অস্বস্তির ভাব (দুর্গা খানিকক্ষণ দাঁড়াইয়া কেমন যেন উসখুস করিতে লাগিল—*বিব*)। { *স.* ঔৎসুক্য> *পা.* উস্‌সুক্ক=উস্‌সুক্ষ> উসখুস (বর্ণ বিপর্যয়ে) }

উসুখুসু [উশুখুশু] *বিণ* ১ অস্থিরতা বা অস্বস্তি প্রকাশক

(উসুখুসু শব্দটুকুন—*রঠা*)। ২ অস্থির; চঞ্চল। ❑ *ক্রিবিণ* উসখুস (হলধর গদাধর উসুখুসু করে—*প্যামি*)। { *স.* উৎসুক>; *হি.* অসখস}

উসুখুসু[2] [উশুখুশু] *বিণ* এলোমেলো; বিশৃঙ্খল; বিস্রস্ত (উসুখুসু চুলগুলি চোখ থেকে তুলে দাও—*মোম*)। { *স.* ঔৎসুক্য >}

উসুল[1], **উশুল** [উশুল্] *বি* ১ আদায় (তাতেই পরিবারের কাপড় কাচার দাম উসুল হতো—*কাসি*)। ২ জমা (প্রজারা বলে আমরা খাজনা দিতেছি, নায়েব উসুল দেয় না—*বচ*)। { *আ.* ওসূল وصول }

উসুল[2], **উসূল** [উশুল্] *বি* ১ মূলনীতিসমূহ। { *আ.* *একব* আস্ল اصل ; *বহুব* উসূল اوصول }

উস্তন-ফুস্তন, উস্তম-পুস্তম [উস্তন্-ফুস্তন্, উস্তমপুস্তম্] *বিণ* ব্যতিব্যস্ত। ❑ *ক্রিবিণ* উদ্ব্যস্ত; জ্বালাতন। { *ফা.* ওস্তন+খস্তন خستن + وستن }

উস্তাগর ⟹ ওস্তাগর

উস্তোয়ার ⟹ ওস্তওয়ার

উহ[1] (*প্রাবা.*) [উহো] *সর্ব* উহা। { *স.* অদস্>}

উহ[2], **উঃ** [উহ্, উঃ] *অব্য* কাতরতা তাচ্ছিল্য বা বিরক্তি ইত্যাদি প্রকাশক শব্দ। { *স.* অবহ; *ধ্বন্যা.*}

উহা [উহা] *সর্ব* ১ ঐ বা সেই প্রাণী বা বস্তু বা বিষয়। ২ তাহা। { *স.* অদস্>}

উহু, উহুঃ, উহুহু, উহুউহু [উহু, হু-, -হু, --] *অব্য* যন্ত্রণা বা কাতরতা প্রকাশক শব্দ। { *স.* অহহ; *ধ্বন্যা.*}

উহুঁ, উঁহু [উহুঁ, উঁহু] *অব্য* অসম্মতিজ্ঞাপক ধ্বনি। { *ধ্বন্যা.*}

উহ্যমান [উজ্ঝোমান্] *বিণ* ১ আকর্ষিত হচ্ছে এমন। ২ নীত হচ্ছে এমন। ৩ বাহিত হচ্ছে এমন। { *স.* বহ্+মান (শানচ্)}

ঊ

ঊ [সংস্কৃত ভাষায় সর্বত্র দীর্ঘ স্বররূপে উচ্চারিত হলেও বাংলা ভাষায় অধিকাংশ স্থলে এটি হ্রস্ব উ রূপে উচ্চারিত] বাংলা বর্ণমালার ষষ্ঠ স্বরবর্ণ। এটি হ্রস্ব-'উ' স্বরের দীর্ঘ স্বর। ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হলে এর আকার হয়—(ক্+ঊ=কূ)।

ঊঃ [উহ্] *অব্য* যন্ত্রণা অসহিষ্ণুতা বা বিদ্রূপ ব্যঞ্জক। { *ধ্বন্যা.*}

ঊঁঃ [উহ্] *অব্য* উপেক্ষা আক্রোশ ক্রোধ বা ভয়প্রদর্শন সূচক। { *ধ্বন্যা.*}

ঊকার [উকার্] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঊ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত ' ূ ' চিহ্ন। ২ 'ঊ' বর্ণ। **ঊকারাদি** *বিণ* আদিতে 'ঊ'-কার আছে এমন। { ঊ+কার}

ঊঝটি [উঝটি] *বি* অলঙ্কারবিশেষ (পদেও নূপুর দিল কনকউঝটি—*শেফ*)। { *স.* উজ্ঝটিকা>উঝটিআ>উঝটি}

ঊঢ় [উঢ়ো] *বিণ* বিবাহিত। **ঊঢ়া** *স্ত্রী.*। অনূঢ়া *বিপ.*। **ঊঢ়ি** *বি* বিবাহ। { *স.* √বহ্+ত(ক্ত)}

ঊর্ণ [উর্ন্] *বি* ঊর্ণা; পশুলোমজাত সূত্র; wool। **ঊর্ণী** *বিণ* উল-নির্মিত। { *স.* ঊর্ণা>}

ঊত [উত] *বিণ* বোনা হয়েছে এমন; woven। **ঊতি** *বি* বয়ন; সেলাই। { *স.* √বে (বস্ত্রনির্মাণে) +ত(ক্ত) = ঊত (বে>ঊ)}

ঊন, উন, ঊনো [উনো] *বিণ* ১ কম; ন্যূন (তবে কিনা প্রভুর ভাণ্ডার নাই ঊন—*সৈআ*)। ২ দুর্বল; কমজোর। ৩ অসম্পূর্ণ। ৪ হীন। { √ঊন্+অ(অচ্)}

ঊনআশি, উনআশি [উনোয়াশি] *বি,বিণ* ৭৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊনঅশীতি}

ঊনকোটি [উনোকোটি] *বিণ* বহুসংখ্যক; অন্তহীন; প্রায় কোটি খানেক (ঊনকোটি অজুহাত)। { *স.* ঊন+কোটি}

ঊনচত্বারিংশ [উনোচত্তারিঙ্শো] *বি* ঊনচল্লিশ; উনচল্লিশ; ৩৯ সংখ্যা। ~**তম** *বিণ* ঊনচল্লিশ-সংখ্যক। { *স.* ঊন+চত্বারিংশৎ}

ঊনচল্লিশ, উনচল্লিশ [উনোচোললিশ্] *বি,বিণ* ৩৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊনচত্বারিংশ}

ঊনত্রিংশ [উনোত্রিঙ্শো] *বি* ২৯ সংখ্যা; উনত্রিশ। ~**তম** *বিণ* উনত্রিশ সংখ্যক। { *স.* ঊন+ত্রিংশৎ}

ঊনত্রিশ, উনত্রিশ [উনোতিরিশ্] *বি,বিণ* ২৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊনত্রিংশ>}

ঊননবতি [উনোনবোতি] *বি* ঊননব্বই; ৮৯ সংখ্যক। ~**তম** *বিণ* ঊননব্বই সংখ্যক। { *স.* ঊন+নবতি}

ঊননব্বই, উননব্বই [উনোনোব্বোই] *বি,বিণ* ৮৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊননবতি}

ঊনপঞ্চাশ [উনোপন্চাশ্] *বি* ৪৯ সংখ্যা। ❑ *বিণ* ৪৯ সংখ্যক। ~ **পবন** পাগলামির হাওয়া। **ঊনপঞ্চাশে পাওয়া** *ক্রি* ভীমরতি ধরা; পাগল হওয়া (ওকে 'ঊনপঞ্চাশে' পেয়েছে, তা নৈলে কি এমন চোখের মাথা খেয়ে বসে নই)। { *স.* ঊনপঞ্চাশৎ>}

ঊনপঞ্চাশৎ [উনোপন্চাশত্] *বি* ঊনপঞ্চাশ সংখ্যা। **ঊনপঞ্চাশত্তম** *বিণ* ঊনপঞ্চাশ সংখ্যক। { *স.* ঊন+পঞ্চাশৎ}

ঊনবিংশতি [উনোবিঙ্শোতি] *বি* উনিশ। **ঊনবিংশতিতম** *বিণ* উনিশ সংখ্যক। { *স.* ঊন+বিংশতি}

ঊনষষ্টি [উনোশোট্‌টি] ১ *বি* ৫৯ সংখ্যা; উনষাট। ❑ *বিণ* ৫৯ সংখ্যক। { *স.* ঊনষষ্টি>}

ঊনষাট, উনষাট [উনোশাট্] *বি,বিণ* ৫৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊনষষ্টি}

ঊনসত্তর, উনসত্তর [উনোশোত্‌তোর্] *বি,বিণ* ৬৯ সংখ্যা বা সংখ্যক। { *স.* ঊনসপ্ততি}

ঊনষষ্টি [উনোশোশ্‌টি] *বি* ঊনষাট। **~তম** *বিণ* ঊনষাট সংখ্যক। { *স.* ঊন+ষষ্টি}

ঊনসপ্ততি [উনোশপ্‌তোতি] *বি* ৬৯ সংখ্যা। **~তম** *বিণ* ঊনসত্তর সংখ্যক। { *স.* ঊন+সপ্ততি}

উপ [উপ্] *বি* ১ হনুমানের ডাক। ❑ *অব্য* অকস্মাৎ। { *ধ্বন্যা.*}

উয়ারি মেহারি, মেহারি উয়ারি [উয়ারিমেহারি, মেহারিউয়ারি] *বি* মহিলাদের তাঁবু (আঁধারি এড়িয়া পাইলা উয়ারি মেহারি—*শেফ*)। { *স.* উপকারিকা (=তাঁবু) >উয়ারি; *স.* মহিলা >মেহারি}

উরা, উরা [উরা] *ক্রি* উত্তরণ করা; আবির্ভূত হওয়া; অবতীর্ণ হওয়া (উরি দাসে দেহ পদচ্ছায়া—*মদ*)। { *স.* উত্তরণ>উরণ}

ঊরু, উরু [উরু] *বি* মানবদেহের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত অংশ; উরুত; জানুর ঊর্ধ্বভাগ। **~গ্রাহ** *বি* রোগ বিশেষ। **~ভঙ্গ** *বি* উরুতা বা জানুর ঊর্ধ্বভাগ ভগ্ন হওয়া। **~স্তম্ভ** *বি* উরুতে জাত দুষ্টব্রণ বা স্ফোটক যাতে উরু অবশ হয়ে যায়। { *স.* √ঊর্ণু+উ(কু)}

ঊর্জস্বল [উরজশ্‌শল্] *বিণ* ১ বলবান; পরাক্রান্ত। ২ দৃঢ়দেহ; বলিষ্ঠ (অদম্য সাহস আর উর্জস্বল প্রেম—*মোম*)। { *স.* ঊর্জস্+বল}

ঊর্জস্বান [উরজশ্‌শান্] *বিণ* বলবান। **ঊর্জস্বতী** *স্ত্রী.*। **উর্জস্বী** *বিণ* শক্তিশালী। **উর্জস্বিনী** *স্ত্রী. বি,বিণ* বলবতী; শক্তিশালিনী। { *স.* ঊর্জস্+বৎ (বতুপ্)}

ঊর্ণনাভ, ঊর্ণনাভি [উর্‌নোনাভো, -নাভি] *বি* মাকড়সা (ঊর্ণনাভ জাল বুনে চলে—*আহা*)। { *স.* √ঊর্ণ+অ(অচ্) = ঊর্ণা+নাভি; *বহু.*}

ঊর্ণা, ঊর্ণাময় ⟹ উর্ণা

উর্দী ⟹ উর্দি

উর্দু ⟹ উর্দু

ঊর্ধ্ব [উর্‌ধো] *বি* ১ উপরের দিক; উপরিভাগ। ২ উচ্চতা (ঊর্ধ্বে তিন হাত)। ❑ *বিণ* ১ বেশি (ঊর্ধ্বপক্ষে)। ২ উপরিদিকস্থ (ঊর্ধ্বাংশ)। ৩ উন্নত; উচ্চ (ঊর্ধ্ববাহু)। **~কণ্ঠ** *বিণ* ১ উচ্চকণ্ঠ। ২ উন্নতগ্রীব। **~গ, ~গামী** *বিণ* ১ ঊর্ধ্বে গমনশীল; ক্রমান্বয়ে উপরে উঠছে এমন। ২ আকাশ বিহারী (মানুষের যেগুলো ঊর্ধ্বগ আবেগ—*সুদ*)। ৩ সৎপথগামী; ধার্মিক। ❑ *বি* বায়ুরোগ বিশেষ (ঊর্ধ্বগ বিকারে মোর পড়িয়াছে দাঁত—*ভারা*)। **~গতি** *বি* ১ ঊর্ধ্বে গমন। ২ উন্নতি; সমৃদ্ধি। ৩ পারলৌকিক সদ্‌গতি (কি সাধ্য তাঁর করি ঊর্ধ্বগতি—*কাদা*)। **~গ্রীব** *বিণ* ১ উন্নতগ্রীবা বিশিষ্ট। ২ উদ্‌গ্রীব; উৎকণ্ঠ (সমুৎকর্ণ অরণ্যানী ঊর্ধ্বগ্রীব পর্বতের মালা—*বিদে*)। **~চারী** *বিণ* ১ ঊর্ধ্বে বা শূন্যে বিচরণকারী। ২ উচ্চাকাঙ্ক্ষী; উচ্চকল্পনাপ্রবণ। **~তন** *বিণ* ১ উপরিস্থিত। ২ পূর্বতন; পূর্ববর্তী (ঊর্ধ্বতন পুরুষ)। **~তল** *বি* উপরতল; উপরতলা। **~দৃষ্টি, ~নয়ন, ~নেত্র** *বিণ* ১ উলটানো দৃষ্টি বিশিষ্ট; মৃত্যুর অব্যবহিত পূর্বে চক্ষুর যে অবস্থা হয় সেই অবস্থাগ্রস্ত। ২ উদাসদৃষ্টি সম্পন্ন; উদাসীন (বহিয়া নূতন প্রাণ; ঝরিয়া পড়ে না গান, ঊর্ধ্বনয়ন এ ভুবনে—*রঠা*)। ❑ *বি* উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি; যোগদৃষ্টি। **~দেহ** *বি* মৃত্যুর পরে প্রাপ্ত শরীর; সূক্ষ্মদেহ। **~নয়ন, ~নেত্র** ⟹ **~দৃষ্টি**। **~পক্ষে** *ক্রিবিণ* বেশির পক্ষে, বড়োজোর। **~পাতন** *বি* রাসায়নিক প্রক্রিয়া বিশেষ; চোলাই; distillation। **~ফণা** *বিণ* উদ্যতফণা (ঊর্ধ্বফণা ফণী—*মদ*)। **~বর্ত্ম** *বি* শূন্যমার্গ; আকাশ। **~বাহু** *বিণ* হস্ত উত্তোলন করে আছে এমন; ঊর্ধ্বহস্ত। ❑ *বি* ঊর্ধ্বহস্ত সন্ন্যাসী। **~ভাগ** *বি* উপরের অংশ। **~মুখ** *বি* মুখের উপরের দিক। ❑ *বিণ* উপর দিকে মুখ এমন; ঊর্ধ্বমুখী। **~রেতা, ~রেতাঃ** *বিণ* জিতেন্দ্রিয় (তপস্যা করতে গেল হয়ে ঊর্ধ্বরেতা—*ঘচ*)। ❑ *বি* সংযতেন্দ্রিয়; যোগী। **~লোক** *বি* স্বর্গ; বেহেশ্‌ত। **~শ্বাস** *বি* দ্রুত ধাবনের ফলে ঘন ঘন শ্বাসগ্রহণের অবস্থা। **~শ্বাসে** *ক্রিবিণ* অতি দ্রুতবেগে; সঘন নিশ্বাসের সঙ্গে; তীব্রগতিতে। **~স্থ, ~স্থিত** *বিণ* ঊর্ধ্বে অবস্থিত; উপরিস্থিত। { *স.* উৎ+ √হা + অ(ড) অথবা উদ্ + √ধ্বন্+অ}

ঊর্বর, ঊর্বরা ⟹ উর্বর

ঊর্বশী ⟹ উর্বশী

ঊর্বস্থি [উর্‌বোস্‌থি] *বি* ১ উরুর হাড়। ২ স্থূল হাড়। { *স.* উরু+অস্থি}

ঊর্মি [উর্‌মি] *বি* ১ তরঙ্গ; ঢেউ (সেই সাগরের আমি যে ঊর্মি—*নই*)। ২ জলপ্রবাহ; তরঙ্গময় স্রোত। **~ছন্দা** *বিণ* ঢেউয়ের ছন্দযুক্ত; তরঙ্গের ছন্দোময় (ঊর্মিছন্দা শত-নদীস্রোত ধারায় নিত্য পবিত্র-সিনান-শুদ্ধ-পূর্ববঙ্গ—*নই*)। **~মালী** *বি* সমুদ্র। **~ল** *বিণ* ঢেউ-খেলানো; তরঙ্গিত (জোয়ার ভাঁটায় এ-দেশে ও-দেশে নিত্য ঊর্মিল কল্লোল—*বিদে*)। { *স.* √ঋ(উর্)+মি}

ঊর্মিলা, উর্মিলা [উর্‌মিলা] *বি* রামায়ণোক্ত লক্ষ্মণের পত্নী। { *স.* ঊর্মি+√লা+অ(ক)+আ(টাপ্)}

ঊলূক ⟹ উলূক

উলূপ [উলুপ্] *বি* চন্দ্র; শশধর (উলূপ উগএ দূর জলধর মো হম ভঙ্গবর—*দৌবা*)। { *আঞ্চ.*}

উলূপী ⟹ উলূপী

ঊষর [উশর্] *বি* ১ লোনা বা ক্ষারময় অনুর্বর ভূমি। ❑ *বিণ* ১ অনুর্বর। ২ মরুময় (ঊষর মনে বারিপাতের চেষ্টা বৃথা—*আই*)। { ঊষ+র}

ঊষা ⟹ উষা

ঊষসী ⟹ উষসী

ঊহিনী [উহিনি] *বি* সমষ্টি; সমবায় (অক্ষৌহিণী)। { *স.* √ঊহ্+ইন্+ঈ}

ঊহ্য, উহ্য [উজ্‌ঝো] *বিণ* অপ্রকটিত; অনুল্লিখিত; অব্যক্ত; অনুচ্চারিত; অনুক্ত; প্রকাশ না থাকলেও আছে বলে কল্পিত বা অনুমেয়। { *স.* √ঊহ্+য}

ঋ

ঋ [রি] বাংলা ভাষার সপ্তম স্বরবর্ণ। এর উচ্চারণ স্থান মূর্ধা। ধ্বনিবিজ্ঞান অনুসারে বাংলা ঋ–এর উচ্চারণ (১) শব্দের প্রথমে কোনো বর্ণের সঙ্গে যুক্ত না হয়ে স্বাধীনভাবে ব্যবহৃত হলে 'রি' (ঋণ, ঋষি); (২) অন্য বর্ণের সঙ্গে যুক্ত হলে ঋ–এর উচ্চারণ হয় র–ফলা (হৃদয় = হ্রিদয়, আদৃত = আদ্রিত)।

ঋকার [রিকার] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঋ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত ' ৃ ' এই চিহ্ন। ২ 'ঋ' বর্ণ। { *স.* ঋ+কার}

ঋক্ [রিক্] *বি* ১ বেদের শ্লোক বা ছন্দোবদ্ধ মন্ত্র বিশেষ (যাহার অক্ষর চরণ ও অবসান নিয়মবদ্ধ তাহাই ঋক্—*রাত্রি*)। ২ ঋগ্বেদ (ঋক্ সাম তোমার কুণ্ডল কানে—*সদ*)। ৩ গায়ত্রী। { *স.* √ঋচ্+ক্বিপ্}

ঋক্থ [রিক্থ] *বি* ১ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধন–সম্পত্তি। ২ মৃত ব্যক্তির স্থাবর–অস্থাবর সম্পত্তি। ৩ স্বর্ণ। **ঋক্থী**(–থিন্) *বিণ* ধনী। **~ভাগী**(–গিন্) *বিণ* উত্তরাধিকারী। { *স.* √ঋচ্+থ(থক্)}

ঋগ্বেদ, ঋক্–বেদ [রিগ্‌বেদ্, ‑ক্‑] *বি* হিন্দুদের ধর্মগ্রন্থ চতুর্বেদের মধ্যে প্রাচীনতম বেদ। { *স.* ঋক্+বেদ}

ঋক্ষ [রিক্‌খো] *বি* ১ ভল্লুক; ভালুক (এখানে ঋক্ষ শার্দূলও ভুলি হিংসাদ্বেষ—*নই*)। ২ নক্ষত্র। **~মণ্ডল** *বি* সপ্তর্ষি মণ্ডল; the Great Bear। **~গন্ধ, ~গন্ধিকা** *বি* ভূমিকুষ্মাণ্ড; ভুঁইকুমড়া। { *স.* √ঋক্ষ্+অ; √ঋষ্+ষ}

ঋজু [রিজু] *বিণ* ১ অবক্র; সোজা (তাহার আন্দোলনহীন ঋজু গতিতে—*রঠা*)। ২ সরল; অকুটিল; অকপট (দৃশ্যত ঋজু হলেও রূপত অত্যন্ত উগ্র ও গর্বিতা—*বর*)। ৩ সুবোধ্য (ঋজু পাঠ)। **ঋজুতা, আর্জব** *বি*। **~প্রকৃতি, ~স্বভাব** *বিণ* সরলমতি (তুমি নিতান্ত ঋজুস্বভাব, কাহার কি ভাব, কিছুই বুঝিতে চেষ্টা কর না—*ঈবি*)। **~রেখা** *বি* সরলরেখা; straight line। { *স.* √ঋজ্+উ; √অর্জ্+উ(কু)}

ঋণ [রিন্] *বি* ১ কর্জ; ধার; দেনা। ২ *(গণিত.)* বিয়োগচিহ্ন; minus। **~গ্রস্ত, ঋণী**(–ণিন্) *বিণ* ১ দেনাদার; অধমর্ণ; খাতক; কর্জদার। ২ উপকারীর নিকট কৃতজ্ঞ; উপকারের জন্য বাধিত। **~গ্রহণ** *বি* ধার নেওয়া; কর্জ করা। **~গ্রহীতা**(–তৃ), **~গ্রাহক, ~গ্রাহী**(–হিন্) *বি, বিণ* ঋণগ্রহণ করে বা করেছে এরূপ; অধমর্ণ; খাতক। **~গ্রহীত্রী, ~গ্রাহিকা, ~গ্রাহিণী** *স্ত্রী*। **~চিহ্ন** *বি (গণিত.)* বিয়োগচিহ্ন, ' – ' এই চিহ্ন, minus। **~জাল** *বি* ঋণের বন্ধন; দেনার দায়। **~দাতা**(–তৃ), **ঋণিয়া** *(মবা.)* *বিণ* ঋণ প্রদানকারী; উত্তমর্ণ (ঋণিয়া ধরিলে পুনি কি দিব দেব *সেঅ*)। **~দাস** *বি* ঋণমোচনের জন্য উত্তমর্ণের নিকট খাতকের দাসত্ব স্বীকার। **~পত্র** *বি* ঋণের দলিল; তমসুক; খত; debenture। **~মুক্ত** *বিণ* দেনার দায় থেকে রেহাই পেয়েছে এমন; ঋণ পরিশোধ করেছে এমন। **~মুক্তি** *বি*। **~পরিশোধ, ~শোধ** *বি* কর্জ শোধ; ধার চুকানো। **ঋণিতা** *বি* ঋণগ্রস্ত অবস্থা। { *স.* √ঋ+ত}

ঋণাত্মক [রিনাত্‌তোঁক্] *বিণ* ১ নেতিবাচক; নঞর্থক; না–সূচক (ঋণাত্মক দৃষ্টিভঙ্গি)। ২ বিপরীতধর্মী (ঋণাত্মক ইলেক্ট্রন)। { *স.* ঋণ+আত্মক}

ঋত [রিতো] *বি* ১ সত্য। ২ বিশ্বব্যাপারের সুনির্দিষ্ট কর্মধারা (আসা যাওয়া তাঁদের ঋতের নিমিত্তে—*অঠা*)। ☐ *বিণ* ১ পূজিত। ২ পীড়িত। ৩ দীপ্ত। **অনৃত** *বিপ.*। **~পরায়ণ** *বিণ* সত্যনিষ্ঠ; সত্যাচারপরায়ণ (ঋতপরায়ণ ঋতুদেবতাগণ রীত পালন করেন—*অঠা*)। **~ম্ভর** *বিণ বি* সত্যপালক (ধৃতব্রত তুমি ঋতম্ভর—*সদ*)। ☐ *বি* পরমেশ্বর। **~ম্ভরা** *বি স্ত্রী.* সত্যজ্ঞান উৎপাদিকা চিত্তবৃত্তিবিশেষ। { *স.* √ঋ+ত(ক্ত)}

ঋতানৃত [রিতানৃতো] *বি* সত্যমিথ্যা। { *স.* ঋত (সত্য)+অনৃত (মিথ্যা); দ্বন্দ্ব.}

ঋতি [রিতি] *বি* ১ গমন; গতি। ২ সৌভাগ্য। { *স.* √ঋ+তি(ক্তি)}

ঋতু [রিতু] *বি* ১ বৎসরের প্রাকৃতিক বিভাগ; গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত বসন্ত—ছয়টি কাল বিভাগ; মৌসুম; seasons। ২ স্ত্রীরজঃ; মাসিক রক্তস্রাব। **আর্তব** *বিণ*। **~কামিনী** *বি* পৃথিবী (একি রীত তব, হে ঋতুকামিনী—*মদ*)। **~কাল** *বি* রজস্বলা অবস্থা; যে কয়দিন স্ত্রীলোকের ঋতু থাকে। **~নাথ** ⟹ **~পতি**। **~পতি, ~নাথ, ~রাজ** *বি* বসন্তকাল (ভুলে যথা ঋতুপতি হেরি মধুকালে বনস্থলী—*মদ*)। **~মতী** *বি বিণ* রজস্বলা; ঋতুস্নান করেছে এমন। **~রাজ** ⟹ **~নাথ**। **~স্নান** *বি* ঋতুমতী নারীর চতুর্থ দিবসে স্নানরূপ সংস্কার। **ঋতুস্নাত** *বিণ*। { *স.* √ঋ+তু(তুক্)}

ঋত্বিক [রিত্‌তিক্] *বি* যজ্ঞের পুরোহিত; যাজক (শোকে শুচি সেই তরুণ তাপস ঋত্বিক দৃঢ়মনা—*সদ*, নব ঋত্বিক নবযুগের—*নই*)। { *স.* ঋতু+√যজ্+ক্বিন্}

ঋদ্ধ [রিদ্‌ধো] *বিণ* সমৃদ্ধ; উন্নত (কত ঋদ্ধ জনপদ—*সদ*)। **ঋদ্ধি** *বি* ১ সমৃদ্ধি; উন্নতি; শ্রীবৃদ্ধি। ২ সর্বাঙ্গীণ উন্নতি (অনঙ্গ আত্মার ঋদ্ধি—*সুদ*)। ৩ সম্পত্তি। ৪ সৌভাগ্য। **ঋদ্ধিমান** *বিণ* ১ সমৃদ্ধশালী; ধনবান। ২ সৌভাগ্যশালী। **ঋদ্ধিমতী** *স্ত্রী.*। { *স.* √ঋধ্+ত(ক্ত)}

ঋভু [রিভু] *বি* ১ হিন্দু দেবতাবিশেষ। ২ দেবত্বপ্রাপ্ত মনুষ্যবিশেষ (হে ঋভুগণ ! তোমরা কুশলহস্ত—*অঠা*)। ☐ *বিণ* মেধাবী। { *স.* ঋ+√ভূ+উ(ডু)}

ঋষভ [রিশভ্] *বি* ১ বৃষ। ২ শ্রেষ্ঠজন (বীরকুলর্ষভ রাবণ কহিলা—*মদ*)। ৩ *(সং)* স্বরগ্রামের দ্বিতীয় স্বর 'রে' ধ্বনি (যার সুরের দৌড় শুধু ঋষভ পর্যন্ত—*প্রচৌ*)। ৪ পর্বতবিশেষ। { *স.* √ঋষ্+অভ(অভচ্)}

ঋষি[১] [রিশি] *বি* ১ শাস্ত্রজ্ঞ তপস্বী; মুনি; যোগী; দরবেশ; সুফি। ২ শাস্ত্রপ্রণেতা; বেদমন্ত্রদ্রষ্টা। **ঋষী** *স্ত্রী.*। **আর্ষ** *বিণ*। **আর্ষ প্রয়োগ** *বি* ব্যাকরণের নিয়মে ভুল হলেও ঋষি কর্তৃক ব্যবহৃত বলে স্বীকৃত শুদ্ধ প্রয়োগ। **~কল্প, ~তুল্য, ~সদৃশ্য** *বিণ* ঋষির ন্যায় জ্ঞানী ও শ্রদ্ধার্হ। **~প্রোক্ত** *বিণ* ১ ঋষি কর্তৃক উক্ত বা নির্দেশিত। ২ আর্ষ; আর্ষপ্রয়োগ। { *স.* √ঋষ্+ই(ইন্)}

ঋষি[২] [রিষি] *বি* বাঙালি চর্মকার জাতি; মুচি। {*স.* রুইদাস > *হি.* রৈসি >}

ঋষ্ট [রিশ্‌টো] *বিণ* ১ অশুভজনক; অকল্যাণকর। ২ সর্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু দ্বারা চিত্রিত হরিণ; spotted deer। {*স.* √ঋষ্+ত(ক্ত)}

ঋষ্টি [রিশ্‌টি] *বি* ১ অশুভ, গ্রহদোষ। ২ যে খড়্গের দুইদিকে ধার আছে; শাঁখের করাত। {*স.* √ঋষ্+তি(ক্তি)}

ঋষ্য [রিশ্‌শো] *বি* সর্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু–চিহ্নিত হরিণ। ~**মূক** *বি* রামায়ণোক্ত দাক্ষিণাত্যের পর্বতবিশেষ। ~**শৃঙ্গ** *বি* রামায়ণোক্ত ঋষিবিশেষ। {*স.* √ঋষ্+য(ক্যপ্)}

এ

এ[১] [এ ; কোথাও 'অ্যা' (æ)] বাংলা বর্ণমালার অষ্টম স্বরবর্ণ। কেননা, দীর্ঘ 'ৠ' 'ঌ' ও 'ৡ' স্বরের ব্যবহার বাংলায় নেই। বহু পূর্বেই এগুলো বাংলা বর্ণমালা থেকে পরিত্যক্ত। 'এ'র উচ্চারণ–স্থান তালু (মুগ্ধবোধ)। 'অ্যা' বাংলা ভাষায় পৃথক বর্ণরূপে পরিগণিত হওয়া উচিত। 'অ–কার+য–কার+আ–কার' দিয়ে বোঝানো হলেও প্রকৃতপক্ষে সেটি æ ধ্বনির অনুরূপ (এক=অ্যাক, দেখ=দ্যাখ)। সংস্কৃতে 'এ'–র উচ্চারণ সর্বদাই এ। সংস্কৃতের অনুকরণে অ্যা–রূপে উচ্চারিত ধ্বনিগুলোকেও বাংলায় 'এ' দিয়ে লেখা হয়। সাধারণত এজন্য বলা হয়ে থাকে 'এ'–র সহজ উচ্চারণ 'এ' এবং বিকৃত উচ্চারণ 'অ্যা'। এবং, এলাকা, এলে—এসব শব্দে 'এ'–র উচ্চারণ এ। কিন্তু একা, (অ্যাকা), এসিড (অ্যাসিড) প্রভৃতি শব্দে, এ–র উচ্চারণ অ্যা। এ–র হ্রস্ব উচ্চারণ এর, বেঁকে প্রভৃতি শব্দে দেখা যায়। একুশ প্রভৃতি শব্দে এ–র উচ্চারণ দীর্ঘ। ধমক দিয়ে উচ্চারিত 'কেরে' প্রভৃতি শব্দে এ–র উচ্চারণ প্লুত। ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে এটি 'ে' রূপ ধারণ করে।

এ[২] [য়ে] স্বরবর্ণটির পদরূপে ব্যবহার :

(১) সর্বনামরূপে—'ইহা' অর্থে ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়ের পরিবর্তে 'এ' সর্বনামরূপে ব্যবহৃত হয় : এ (ইহা) ভালো নয়। এ কে? এ আর যাই হোক, সন্দেশ নয়। এ ছাগল, না ভেড়া?

(২) বিশেষণরূপে—'এই', 'আলোচ্য' ইত্যাদি অর্থে 'এ' বিশেষণরূপে ব্যবহৃত হয়; যেমন এ কাজ করতে নেই। এ–পথে যেও না।

(৩) অব্যয় পদরূপে—'হে', 'ওহে', 'ওলো' ইত্যাদি অর্থে 'এ' অব্যয়রূপে প্রযুক্ত হয়; যেমন—এ সখি, হামারি দুঃখের নাহি ওর'—*বিপ*। {*স.* এতদ্>এত>এঅ>এ}

–এ[১] ⟹ –ইয়া

–এ[২] [এ] (ক) প্রত্যেক কারকে '–এ' বিভক্তির চিহ্নরূপে ব্যবহৃত হয় :

(১) কর্তৃকারকে—পাগলে কি না বলে। (২) কর্ম–কারকে—'কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে।' (৩) করণকারকে—হাতে না মেরে ভাতে মারো। (৪) সম্প্রদানকারকে—'খোদার এ জীবে আহার দিবে কে?' (৫) অপাদানকারকে—মেঘে বৃষ্টি হয়। (৬) অধিকরণ–কারকে—তিলে আছে তেল আর কুসুমে সৌরভ।

(খ) ক্রিয়া বিশেষণে '–এ' ব্যবহৃত হয় : ধীরে ধীরে কথা বলো। আস্তে আস্তে চলো। একে একে ক্রমান্বয়ে কাজ সারো।

(গ) মাসের তারিখ বোঝাতে ১৯ থেকে ৩২ পর্যন্ত সংখ্যায় পূরণবাচক '–এ' বিভক্তি যুক্ত হয় : উনিশে (১৯শে) মাঘ, বাইশে (=২২শে) চৈত্র ইত্যাদি।

এই [এই] (ক) সর্বনাম পদরূপে এর অর্থ 'ইহা' : আমি এই চাই। এই বুঝি তোমার কাজ? (খ) বিশেষণ পদরূপে—কাছের, নিকটবর্তী : এই গাছটি ; এই মানুষ সেই মানুষ নয়। (গ) ক্রিয়া–বিশেষণরূপে—অবিলম্বে, এক্ষুনি : এই এলাম বলে। তাকে এই দেখে এলাম। (ঘ) অব্যয়–পদরূপে—বিস্ময় সূচনার্থে : এই সেরেছে রে! এই মেরেছে ইত্যাদি। {*স.* এতদ্>এত>এঅ>এ+ *বা.* ই (নিশ্চিতার্থে)}

এইডস [এইড্‌স্] *বি* Acquired Immune Deficiency Syndrome নামক রোগ, এই রোগে HIV (Human Immune Deficiency) ভাইরাস মানবদেহে প্রবেশ করার পর ধীরে ধীরে রোগ প্রতিরোধ ক্ষমতা নষ্ট করে এবং রোগীকে নিশ্চিত মৃত্যুর দিকে নিয়ে যায়। {*ই.* AIDS}

এইসা, এইসন [এইসা, এইসন্] *বিণ* এইরূপ; এমন। {*হি.* অ্যায়সা}

এও[১] [এয়ো] *সর্ব* ১ যা বলা হলো তা (এও কি সম্ভব?)। ২ যার কথা বলা হলো সেই ব্যক্তি (এও তোমার সঙ্গে যাবে)। ৩ দুই পক্ষই (এও হয়, ওও হয়)। ৪ নানাবিধ বস্তু (এ–ও–তা সঙ্গে নিতে হবে)। {এ+ও}

এও[২] ⟹ এয়ো

এওজ, এওয়াজ, এয়োজ [এয়োজ্, এওয়াজ্, এয়োজ্] *বি* ১ বদল; বিনিময়; পরিবর্ত। ২ প্রতিনিধি। **এওজে** *ক্রিবিণ*। –**তরাজ** ⟹ ~**বদন**। ~**বদল**, ~**তরাজ** *বি* পরস্পর বিনিময়। **এওজি, এওয়াজি** *বিণ* বিনিময়ে বা পরিবর্তে প্রাপ্ত (এওজি জমি)। {*আ.* ইৱদ্ عوض}

এওড়া–কেওড়া [অ্যাওড়াক্যাওড়া] *বিণ* এলোপাতাড়ি, এলোমেলো; বিশৃঙ্খল (দুইটি গোলবালিশ এওড়া–কেওড়া হইয়া পড়িয়া আছে—*আমআ*)। {*তুল. ই.* abracadabra}

এঃ [এঃ] *অব্য* বিস্ময় ঘৃণা বিরক্তি দুঃখাদিসূচক ধ্বনি। {*ধ্বন্যা.*}

এঁ[১] [এঁ] *সর্ব* (*সম্মা.*) ইনি (এঁকে যেন কোথায় দেখেছি; এঁদের)। {*ধ্বন্যা.*}

এঁ[২] [অ্যাঁ] *অব্য* প্রশ্নে; কথিত বাক্য বোধগম্য না হলে জিজ্ঞাসাবাচক। {*ধ্বন্যা.*}

এঁকেবেঁকে ⇒ আঁকাবাঁকা

এঁচে [এঁচে] *ক্রিবিণ* আঁচ করে; অনুমান করে (ছোলা ভাজা দেবো কাঁচাকলা দেবো নিশ্চয়ই মনে এঁচে রাখ—*নই*)। {*স.* অর্চিঃ>অচ্চি>আচ, আঁচ; *স.* √অঞ্চ>অনচ>আঁচ}

এঁটুলি, এঁটল, এঁটিলি [এঁটুলি, এঁটল্, এঁটিলি] *বি* গরু কুকুর প্রভৃতি পশুর গায়ে এঁটে থাকা রক্ত শোষণ করে এমন ক্ষুদ্র চর্মকীটবিশেষ (চুলের এঁটিলি মেরে—*জীদা*)। {*স.* আনদ্ধ>*বা.*, *হি.* আঁট+উলি = আঁটুলি >এঁটুলি}

এঁটে[১], এটিয়া, এটে[১] [এঁটে, এটিয়া, এটে] *বি* কন্দ; গেঁড়; কলা, কচু ইত্যাদি গাছের মূল (কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়—*ভারা*)। {*স.* অষ্টি>অট্‌ঠি>আইট্টা>এটে, এঁটে}

এঁটে[২], এটে[২] [এঁটে, এটে] *ক্রিবিণ* শক্ত করে; কষে (এঁটে গিঁট দাও)। **এঁটে ওঠা** *ক্রি* পেরে ওঠা; সামলে ওঠা। **এঁটে খাওয়া** *ক্রি* সংকুলান হওয়া; ধরা। {*বা.* √আঁট+ইয়া= আঁটিয়া >}

এঁটে[৩] [এঁটে] *ক্রি* লাগিয়ে দেওয়া (খামটি এঁটে দাও)। {আঁট+ইয়া=আঁটিয়া >}

এঁটেল, এটেল [এঁটেল্, এটেল্] *বি (ভূবি)* শুষ্কাবস্থায় শক্ত ও সিক্তাবস্থায় আঠালো মাটি বিশেষ। □*বিণ* আঠালো; পিচ্ছিল ও চটচটে (এঁটেল মৃত্তিকা তায় তুলে দিল তালি—*ঘচ*)। {আঁ=আঁট+আল=আঁটাল>এঁটেল, এটেল}

এঁটো, এঁঠো [এঁটো, -ঠো] *বিণ* উচ্ছিষ্ট; ভুক্তাবশিষ্ট; উচ্ছিষ্টের সংস্পর্শে দূষিত (এঁটো হাতেই কাপড় গোছায়—*সদ*)।□*বি* ঝুটা খাদ্য; ভুক্তাবশিষ্ট দ্রব্যাদি।~ **উঠানো** ⇒ ~ **পড়া**। ~**কাঁটা** *বি* ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট খাদ্য দ্রব্যাদি (কোনরূপে পিত্তি রক্ষা এঁটোকাঁটা খেয়ে—*ঈগু*)। ~**খেকো** *বিণ* ১ উচ্ছিষ্ট ভোগী (এঁটোখেকো কাকের দল—*অচিসে*)। ২ পরমুখাপেক্ষী; অন্যের কৃপাপাত্র; অত্যন্ত হীন। ~ **পাড়া**, ~ **উঠানো** *ক্রি* উচ্ছিষ্ট পরিষ্কার করা; আহারের স্থান লেপা ও ধোওয়া (হাঁড়ি তুলে এসেছি, এঁটো পেড়ে এসেছি —*দীমি*)। ~**পাত** *বি* উচ্ছিষ্ট ভোজনপাত্র (তোমার এঁটোপাতের অর্ধেক দিয়া আমাকে কুকুর ভুলাইতে আসিয়াছ—*রঠা*)। {*স.* উচ্ছিষ্ট>আঁইঠা>এঠো>এঁটো}

এঁড়, এঁড়বিচি [এঁড়, এঁড়বিচি] *বি* অণ্ডকোষ; মুষ্ক। {*স.* অণ্ড >আঁড় >এঁড়}

এঁড়ি ⇒ এণ্ডি

এঁড়ে [এঁড়ে] *বি* ষাঁড়; বলদ (কেন এঁড়ে গরু কিনতে যাবি ?—*অচিসে*)।□*বিণ* ১ মদা; পুরুষজাতীয় (এঁড়ে বাছুর)। ২ একরোখা; একগুঁয়ে (এঁড়ে লোক)। ~ **গলা**, ~ **ডাক** *বি* কর্কশ কণ্ঠস্বর; কর্ণবিদারী আওয়াজ (আমি জানি এমন বিস্তর এঁড়ে ডাক—*ভারা*)। ~ **তর্ক** *বি* ন্যায়যুক্তিহীন তর্ক। ~ **তেল দেওয়া** *ক্রি* চাটুবাক্যে তোষামোদ করা। ~ **লাগা** *ক্রি* শিশুদের অজীর্ণ রোগে আক্রান্ত হওয়া। পিঠাপিঠি দুটো সন্তানের জন্মের ফলে কণ্ণণ প্রথমটিকে এঁড়ে লাগা বলা হয়। {*স.* অণ্ড=*বা.* এঁড়+ইয়া >এঁড়িয়া >এঁইড়্যা >এঁড়ে}

এঁদের [এঁদের্] *সর্ব (সম্মা.)* এই ব্যক্তিগণের। {*স.* ইদম্>*বা.* ইহাদের >}

এঁদো, এঁধো [এঁদো, -ধো-] *বিণ* ১ অন্ধকারাচ্ছন্ন; বনজঙ্গলপূর্ণ; অব্যবহার্য (এঁদো বাড়ি)। ২ পঙ্কিল; পানাবিশিষ্ট; পরিত্যক্ত (সে যে লয়ে এঁদো ঘাটে, ফেলে দিল পাটে ভাবিয়া ধোবির বোঝা—*নই*)। ৩ নোংরা; স্যাঁতসেঁতে; সংকীর্ণ ও আলোকবিহীন (এঁদো গলি)। {*স.* অন্ধ+*বা.* উয়া= অন্ধুয়>আউন্দ্য>এঁদো}

এঁশে, এঁষে, এষে–ঘা [এঁশে, -, -ঘা] *বি* গরু ছাগল ইত্যাদির খুর বা মুখের ঘা বিশেষ। ~**রোগা** *বিণ* খুরে বা মুখে ঘা রোগযুক্ত (চাষীরা এঁশে-রোগা গরু বেচে—*অচিসে*)। {*স.* আমিষ (মাছ, মাংস ইত্যাদি)>আঁইষ + ইয়া = আঁইষ্যা>এঁষে, এঁশে (মাংসপচা গন্ধযুক্ত ঘা)}

এঁষানি, এঁসানি [এঁশানি] *বি* আমিষ গন্ধ; আঁষ্টে গন্ধ। ~ **মারা** *ক্রি* মাছ মাংস সাঁতলিয়ে আমিষ গন্ধ দূর করা; মাছ কষানো (মাংসের এঁষানি মারে ঘৃতে কলকল—*ঘচ*)। {*স.* আমিষ = আঁইসা, আঁইষ>এঁসানি>}

এক [অ্যাক্] *বি* ১ '১' সংখ্যা (একে একে দুই)। ২ একজন; একব্যক্তি (এটা কি একের কাজ ?) □*বিণ* ১ এক সংখ্যাবিশিষ্ট; একটি মাত্র (এক টাকার চাল)। ২ অনির্দিষ্ট; কোনো (এক দেশে এক রাজা ছিলেন)। ৩ ভরা; পূর্ণ (এক হাঁড়ি চাল)। ৪ সমবেত; মিলিত; একতাবদ্ধ (বাঙালির ঘরে যত ভাই-বোন এক হউক—*রঠা*)। ৫ অভিন্ন; একই (এক মায়ের সন্তান)। ৬ মিশ্রিত; মিলিত (ডালে চালে এক হওয়া)। ৭ অদ্বিতীয় (এক আল্লাহর সৃষ্টি)। ৮ সম্মিলিত (এক জোটে কাজ করো)। ৯ অন্যতম (তিনি এক মহাপুরুষ)। ১০ অবিচ্ছিন্ন; অবিরাম (একটানা সুর)। ~ **আঁচড়ে বোঝা** *ক্রি* সামান্য পরীক্ষায় বা পরিচয়ে কারো চরিত্র বা কোনো কিছুর প্রকৃতি চেনা। ~ **আঁটি**, ~ **গোছা**, ~ **তাড়া**, ~ **খোলো** *বিণ* কতক বা অনেকগুলি একত্রে বাঁধা। ~ **আধ** *বিণ* অতি অল্পসংখ্যক; এক বছরের বেশি নয় এমন সময় (এক আধ বছর)। ~ **আধটা**, ~ **আধটু** *বিণ* অল্প স্বল্প; সামান্য কিছু; অতি সামান্য পরিমাণ (এক আধটু ভুলত্রুটি)। ~ **আধবার** *ক্রিবিণ* কদাচিৎ (পাড়া-পড়সীর বাড়ী এক আধবার বেড়াইতে গেলে দোষ কি ?—*অমৃব*)। ~**ই** *বিণ* ১ অভিন্ন (একই মায়ের সন্তান)। ২ সমান (একই বয়সী)। ৩ এক প্রকার (একই কথা)। **এক–এক** *বিণ* ১ কোনো কোনো (এমন এক একজন লোক আছে)। ২ বিভিন্ন; ভিন্ন ভিন্ন (এক এক দেশে এক এক নিয়ম)। ৩ একটি একটি; একজন একজন; পর পর একজন (এক এক করে)। **একে একে** *ক্রি বিণ*। ~**ক** *বিণ* ১ একাকী; সঙ্গীহীন; একলা (একক প্রচেষ্টা)। ২ কেবল; একমাত্র (সাধারণ তবুও একক—*রখা*)। □*বি (গণিত.)* সংখ্যার ডানের প্রথম অঙ্ক; সংখ্যা বা পরিমাণ নির্ধারণের জন্য গৃহীত লঘিষ্ঠ পূর্ণরাশি; unit। ~ **কড়ার কাজ** *বি* তুচ্ছ কাজ; সামান্য কাজ। ~ **কথা** *বি* অপরিবর্তনীয় বাক্য; স্থির কথা; যে কথায় নড়চড় হয় না। ~ **কথায় দু কথায়** *ক্রিবিণ* আলাপ আলোচনায় (এক কথায় দু কথায় অনেক রাত হয়ে গেল)। ~ **কথার মানুষ** *বি* যে বেশি কথা বলে না কিন্তু যা বলে তা রাখে; যার কথার নড়চড় বা বরখেলাপ

হয় না। ~**কলমি** *বি বিণ* সংবাদপত্রে এক কলম লেখে এমন লোক; columnist। ~ **কলসি দুধে এক ফোঁটা চোনা**—অনেক ভালো জিনিস নষ্ট করে এমন অল্প অথচ উৎকট মন্দ বস্তু। ~**কাড়ি**, ~**গাদা**, ~**রাশি** *বিণ* স্তূপীকৃত; রাশীকৃত; বহুল পরিমিত; প্রচুর। ~ **কাজের কাজি** *বিণ* সমব্যবসায়ী; সমান কার্যকারী। ~**কাট্টা**⇒ একাট্টা। ~ **কাঠি সরেস** *বিণ (ব্য.)* অন্য কোনো লোকে বা বস্তুর চেয়ে বেশি দোষবিশিষ্ট। ~ **কানে শোনা আর ~ কানে বের করা** *ক্রি* অবহেলা বা অগ্রাহ্য করা; অমনোযোগী হওয়া। ~ **কাপড়ে বেরিয়ে পড়া** *ক্রি* পরিধেয় বস্ত্র ছাড়া আর সব জিনিস রেখে যাত্রা করা; প্রস্তুতি ছাড়া হঠাৎ যাত্রা করা। ~**কালীন** *বিণ* ১ একবারের মতো দেয় বা করণীয় (এককালীন চাঁদা)। ২ এক সময়ের; সমসাময়িক। ☐ *ক্রি বিণ* একযোগে; একই সময়ে; যুগপৎ (এককালীন হামলা চালানো)। ~**কালীনতা** *বি*। ~ **কুড়ি** *বি* ২০ সংখ্যা। ☐ *বিণ* ২০ সংখ্যক। ~**কুলা**, ~**কুলো** *বিণ* লম্বা ও প্রচুর (এককুলো দাড়ি)। ~**কে একুশ করা** *ক্রি* সামান্য জিনিসকে অযথা বাড়ানো; তিলকে তাল করা। ~ **ক্ষুরে মাথা মুড়ানো** *ক্রি* এক স্বভাবের মানুষ হওয়া বা সমান অপরাধে অপরাধী হওয়া। ~**খান**, ~**খানা** *বি* একটা; একখণ্ড। ~**গঙ্গা** *বিণ (ব্য.)* প্রচুর; বহুপরিমাণ। ~**গম্য** *বিণ* একলভ্য; একমাত্র প্রাপ্তব্য। **একগম্যা** *স্ত্রী*. (সে থাকবে একগম্যা—*অচিসে*)। ~**গলা** *বিণ* গলা সমান উঁচু (এই একগলা বনের মধ্যে ঢুকে তোমার কি হচ্ছে—*বিব*)। ~**গা** *বিণ* সমস্ত দেহব্যাপী; সর্বাঙ্গময় (একগা গয়না)। ~**গাদা** ⇒ ~**কাড়ি**। ~**গাল** *বিণ* গালভরা; মুখপূর্ণ (একগাল হাসি)। ~**গুঁইয়া** ⇒ ~**গুঁয়ে**। ~**গুঁয়ে**, ~**গুঁইয়া** *বিণ* একরোখা; জেদি; অবাধ্য (এঁড়ে গরু অপেক্ষাও একগুঁইয়া হইয়া উঠিতেছে—*ঈবি*)। ~ **গুরুর শিষ্য** *বি* একই স্বভাববিশিষ্ট লোক; সমান দুষ্ট প্রকৃতির লোক। ~ **গেলাসের ইয়ার**, ~ **সানকির ইয়ার** *বি* ১ অন্তরঙ্গ বা ঘনিষ্ঠ বন্ধু। ২ সমান আচরণ বিশিষ্ট লোক; একদলের লোক। ~**গোছা** ⇒ ~**আঁটি**। ~**গোয়ালের গরু** *বি* একই দলের লোক। ~**ঘরিয়া** ⇒ ~**ঘরে**। ~**ঘরে**, ~**ঘরিয়া** *বিণ* স্বীয় সমাজ কর্তৃক বর্জিত; জাতিভ্রষ্ট (সমগ্র সমাজকে একঘরে করতে চান; তারা দেশের শত্রু—*প্রচৌ*; একঘরিয়া হইয়া থাকিতে হইত—*ঈবি*)। ~**ঘাট** *বিণ* একদল বা প্রচুর লোক (একঘাট লোকের সামনে লজ্জা পায়—*বিব*)। ~**ঘেয়ে** *বিণ* বৈচিত্র্যহীন; নতুনত্বহীন; বিরক্তিকর (আর ভাল লাগে নাক প্রত্যহই একঘেয়ে—*দ্বিরা*)। ~**ঘেয়েমি** *বি* (সোনার মতো চরিত্রগুলোও একঘেয়েমিতে ম্লান হয়ে গেছে—*আখো*)। ~**চক্র** *বিণ* একটিমাত্র চাকাযুক্ত (ধর্মচক্র সে একচক্র সূর্যের আকারে দীপ্তি পাচ্ছে স্তম্ভের উপরে—*মধা*)। ~**চক্ষু** *বিণ* একচোখবিশিষ্ট; কানা। ☐ *বি* কাক। ~**চক্ষু হরিণ** *বিণ* ১ একরোখা; একগুঁয়ে। ২ পক্ষপাতী। ~**চত্বারিংশ**, ~**চত্বারিংশৎ**, ~**চল্লিশ** *বি* ৪১ সংখ্যা। ☐ *বিণ* ৪১ সংখ্যক। ~**চাপ** *বিণ* সমবেত; একত্র (সকল পাষণ্ডী তারা একচাপ হৈয়া—*বৃদা*)। ~**চাপে** *ক্রি বিণ*। ~**চারী** *বিণ* একাকী বিচরণ করে বা বাস করে এমন (না শুনিলে এই কথা, যে ঘরে লহনা সতা একচারী ভুখিল বাঘিনী—*কমু*)। ~**চারিণী** *স্ত্রী*। ~**চালা**, ~**চাল** *বিণ* একচালবিশিষ্ট। ☐ *বি* একচালবিশিষ্ট ঘর। ~**চুল** *বিণ* ১ লেশমাত্র; সামান্যতম। ২ একগাছি চুল পরিমাণ। ~**চেটে**, ~**চেটিয়া** *বিণ* একায়ত্ত; এক ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধীন; প্রতিদ্বন্দ্বীহীন (ধর্ম এবং দর্শন এই দুইটি জিনিস আমাদের একচেটে—*প্রচৌ*; তাঁহারাই নরক একচেটিয়া করিয়া ফেলিবেন—*ঈবি*)। ~ **চোখ দেখানো** *ক্রি* ঝগড়া হবার সম্ভাবনা সৃষ্টি করা। ~**চোখা**, ~**চোখো** *বিণ* ১ একদিকে দৃষ্টি এমন; পক্ষপাত দোষদুষ্ট (এই সব একচোখা অত্যাচারের সংকীর্ণতার খেসারতে একবিন্দু স্বাধীনতা—*নই*)। ২ একচোখবিশিষ্ট; কানা। ~**চোখোমি**, ~**চোখাপনা** *বি* পক্ষপাতিত্ব। ~**চোট** *ক্রি বিণ* ১ এক দফায় প্রচুর; যথেষ্ট (একচোট খেয়ে নিলুম)। ২ বেশ কিছুক্ষণ। ~**চ্ছত্র**, ~**ছত্র** *বিণ* ১ এক রাজা বা শাসকের শাসনাধীন; এক সাম্রাজ্যভুক্ত (একছত্র করিবে ধরণী—*নসে*)। ২ সার্বভৌম (একচ্ছত্র অধিপতি)। ~**ছাঁচে ঢালা** *বিণ* সম্পূর্ণ একরকম। ~**ছুট**[1] *বিণ* একপ্রস্থ; ধুতি শাড়ি ইত্যাদির একখানি মাত্র; উত্তরীয়হীন। ~**ছুট**[2] *বিণ* একদৌড়; বাধা বিরতিহীন দৌড়। ~**ছুটে** *ক্রি বিণ*। ~**জন-না-~জন** *বি* অন্তত একজনও (একজন-না-একজন যাবেই)। ~**জা**, ~**জাই**, ~**জায়** *বিণ* ১ একত্র; জড়; সম্মিলিত (পর পুরুষে ও পূর্ব পুরুষে হয়ে গেছে একজাই—*সদ*)। ২ সমতালিকাবদ্ধ। ☐ *ক্রিবিণ* বারবার; একাদিক্রমে; পরপর; অবিরাম (তবু ঢালে আর পান করে একজাই—*মোম*)। ☐ *বিণ* ১ এক স্থানে (বেনে বৈসে একজায়—*কমু*)। ২ মোট হিসাব; একুন (বাৎসরিক আয় ব্যয়ের একজাই)। ~**জাই চালান** *বি* বৎসরান্তে একুন চালান; একসঙ্গে চালান। ~**জাতি** *বি* একরাষ্ট্র একদেশ একধর্ম বা এক আদি বংশসম্ভূত মানবসমষ্টি। **একজাতীয়** *বিণ*। ~**জায়** ⇒ ~**জা**। ~**জোট**, ~**জুটি** *বিণ* ১ দলবদ্ধ; একত্র; মিলিত। ২ একমতাবলম্বী। ~**জোটে** *ক্রিবিণ*। ~**জ্বর** *বি* উপশম হয় না এমন জ্বর; অবিরাম জ্বর। ~**জ্বরী** *বিণ* অবিরাম জ্বরে ভোগে এমন (একজ্বরী অবস্থা)। ~ **ঝাড়ের বাঁশ** *বি* একদলের লোক বা একজাতের লোক। ~**ঝোঁকা** *বিণ* একদিকে ঝুঁকে পড়ার স্বভাববিশিষ্ট; একদিকে বেগবান (আপনার স্বভাবকে যেন ঠেলিয়া একঝোঁকা হইয়া পড়ে—*রঠা*)। ~**টানা** *ক্রিবিণ* ১ বিরামহীন; ক্রমাগত; অবিশ্রান্ত (অতি জোর একটানা কি করিবে গুন টানা—*ঈগু*)। ২ একঘেয়ে (একটানা সুর)। ☐ *বিণ* একদিকে প্রবাহিত (একটানা স্রোত)। ~**টিপ** *বিণ* সামান্য পরিমাণ; দুই আঙ্গুলের মাথায় যতটুকু ধরা যায় (কতজনের পা ধরিয়াছি একটিপ নস্যের জন্য—*কাদী*)। ~**টেরে** *বি* একপাশে; একদিকে (এরই একটেরে চাঁদ-সড়ক—*নই*)। ☐ *বিণ* দূরে; অন্যত্র; পৃথকভাবে (কোথায় মা আছে একটেরে পড়িয়া—*বিব*)। ~**ঠাঁই** *বিণ* সম্মিলিত। ~**ঠামা** *(মবা.) বিণ* একটুও; অল্পমাত্রও; এক বিন্দুও (নাহি উপকার একঠামা—*বিপ*)। ~ **ডাকে চেনা** *বিণ* খ্যাতিমান; সর্বজনবিদিত। ~ **ডাকের পথ** *বি* অল্প দূরের পথ। ~ **ঢিলে দুই পাখি মারা** *ক্রি* এক উপায়ে বা

এক কৌশলে দুই কাজ সিদ্ধ করা। ~ত অব্য ১ একদিকে; একপক্ষে। ২ একদিক হতে; এক পক্ষ হতে। ~তৎপর *বিণ* একাগ্রচিত্ত; অনন্য বিষয়ে নিরত। ~**তন্ত্রী** *বি* একতারা; মাত্র একটি তারবিশিষ্ট বাদ্যযন্ত্র বিশেষ। ❑ *বিণ* ১ এক মতাবলম্বী; এক সম্প্রদায়ভুক্ত। ২ এক শাসকের অধীন (একতন্ত্রী রাষ্ট্র)। ~**তম** *বিণ* বহুর মধ্যে এক; অন্যতম (শুধু সপ্ত আশ্চর্যের একতম হয়ে রইল — *মব*)। ~তাড়া ⇒ ~**আঁটি**। ~**খোলো** ⇒ ~**আঁটি**। ~**রাশি** ⇒ ~**কাঁড়ি**। ~তর *বিণ* ১ দুইয়ের মধ্যে এক (ইহা একতর পক্ষ—*ঈবি*)। ২ পৃথক; স্বতন্ত্র (ওরূপে থুইল মনা একতর করিয়া— *মাব*)। ~**তরফ** *বি* এক পক্ষ, এক দিক; এক পার্শ্ব। ~**তরফা** *বিণ* ১ কেবল এক পক্ষ বিবেচনা করে কৃত বা মীমাংসিত; এক পক্ষের অনুকূলে বা প্রতিকূলে (ও রকম একতরফা ডিগ্রি দেওয়ার নাম বিচার নয়—*প্রচৌ*)। ২ কোনো একজনের দ্বারা কথিত (একতরফা গল্প জমে উঠল ভালোই—*সৈমু*)। ~**তলা**, ~**তালা** *বিণ* এক তলবিশিষ্ট; ভূপৃষ্ঠ থেকে এক ছাদবিশিষ্ট (একতলা দালান)। ❑ *বি* বাড়ির নিচুতলা; ground floor। ~**তা** *বি* ১ ঐক্য; মিলন; একভাব। ২ অভিন্নতা; একত্ব; অভেদ। ~**তান** *বি* সম্মিলিত সুর; বহু বাদ্যযন্ত্রের এক সুরে এক তালে লয়; concert। ❑ *বিণ* একাগ্র; এক বিষয়ে নিবিষ্ট (একতান তান মনে সঙ্গীত শ্রবণ করিতে লাগিলেন—*ঈবি*)। ~**তানে** *ক্রিবিণ* ১ সমকণ্ঠে; সমস্বরে। ২ একাগ্রচিত্তে। ~**তাপন্ন** *বিণ* অভিন্ন; ভেদাভেদহীন। ~**তারা** *বি* একটিমাত্র তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ। ~**তাল** *বি* ১ সমান তাল; সমন্বিত লয়। ২ ধারাবাহিক নৃত্যগীত ইত্যাদি। ৩ সঙ্গীতের তালবিশেষ। ~**তালা** *বি* সঙ্গীতের তালবিশেষ; দ্বাদশ মাত্রাযুক্ত তাল। ~**তালে** *ক্রিবিণ* একভাবে; সমানভাবে। ~**তিল** ⇒ তিলমাত্র। ~**তীর্থ** *বি* ১ সহপাঠী; সতীর্থ। ২ এক গুরুর শিষ্য। ~**ত্র**, ~**ত্রিত** (*অপ্র*) *অব্য*, *বিণ* সমবেত; মিলিত; সম্মিলিত। ❑ *ক্রিবিণ* এক স্থানে। ~**ত্র করা** *ক্রি* ১ এক স্থানে জমা করা; জড় করা। দলবদ্ধ করা। ~**ত্র হওয়া** *ক্রি* সঙ্ঘবদ্ধ হওয়া; একসঙ্গে মিলিত হওয়া। ~**ত্রিশ**, ~**ত্রিংশ** *বি* ত্রিশের পরবর্তী সংখ্যা; ৩১ সংখ্যা। ❑ *বিণ* ৩১ সংখ্যক। ~**ত্ব** *বি* ১ একের ভাব; একাকিত্ব। ২ একতা; মিলন। ৩ অভেদ; অভিন্নতা; মিল। ~ **থোকে** *ক্রিবিণ* একেবারে; একসঙ্গে; সমষ্টিগতভাবে। ~**দন্ত**, ~**দংষ্ট্র** *বিণ* একটি মাত্র দাঁত আছে এমন। ❑ *বি* গণেশ। ~**দম** *বিণ* পুরোপুরি; সম্পূর্ণ; অত্যন্ত (সুর একদম করুণ— *কেম*)। ❑ *ক্রিবিণ* মোটেই; একেবারেই; আদৌ (একদম জানে না)। ❑ *বি* এক নিঃশ্বাস। ~ **দমক** *বি* এক ঝটকা; এক দৌড় (এক দমকে পার হয়ে যাই— *অচিসে*)। ~**দমা** *বিণ* একবার আওয়াজ করেই নিঃশেষিত হয়ে যায় এমন (একদমা পটকা)। ~**দা** *ক্রিবিণ* ১ কোনো এককালে; কোনো এক সময়ে (একদা তুমি প্রিয়ে আমারি এ তরুমূলে—*রঠা*)। ২ একইকালে; যুগপৎ। ~ **দাপটে** *ক্রিবিণ* এক দমে; এক নিঃশ্বাসে; এক দৌড়ে। ~**দারনিষ্ঠ** *বিণ* এক স্ত্রীতে সন্তুষ্ট (বাদশা আমানুল্লা একদারনিষ্ঠ বলে তুমি অবিবাহিতা—*সৈমু*)। ~**দিন** *ক্রিবিণ* যে কোনো এক দিবস (একদিন এসো)। ❑ *বি* অশুভ দিন বা সময় (আজ তোর একদিন কি আমারই একদিন)। ~**দিন-না-**~**দিন** *ক্রিবিণ* কখনো না কখনো (একদিন না একদিন সে আসবেই)। ~**দিল** *বিণ* সমান মনোভাববিশিষ্ট; অভেদাত্মা। ~**দৃষ্টি**, ~**দিঠি**, ~**দিঠ** *বিণ* স্থিরনেত্র; একলক্ষ্য; অনন্যদৃষ্টি। ❑ *বি* ১ এক নজর; একবার দৃষ্টিপাত। ২ একদিকে দৃষ্টিপাত; এক বিষয়ে দর্শন। ~**দৃষ্টে** *ক্রিবিণ* অনিমেষ নয়নে; অপলক চোখে (এক দৃষ্টে চাহে বামা দূর লঙ্কা পানে—*মদ*)। ~**দেশ** *বি* ১ এক অংশ; কোনো অংশ। ২ কোনো একটি দেশ। ~**দেশদর্শী** *বিণ* ১ এক পক্ষ বা অংশ বা দিক বিবেচনা করে এমন। ২ সংকীর্ণ; অনুদার। ৩ একচোখো; পক্ষপাতী। ৪ অপরিণামদর্শী। **একদেশদর্শিতা** *বি*। ~**দেশি**, ~**দেশীয়** *বিণ* ১ একদেশে জাত। ২ একই দেশের অধিবাসী; স্বদেশবাসী। ৩ একদেশ সম্বন্ধীয়। ~**দেহ** *বি* ১ অভিন্ন শরীর; একাত্মা। ২ সগোত্র। ~**দেহ**~**প্রাণ** *বিণ* সবদিক দিয়ে মিল আছে এরূপ; সব বিষয়ে একতাবদ্ধ। ~**ধর্মা** *বিণ* এক প্রকৃতি বিশিষ্ট; এক ধর্ম বিশিষ্ট; সমগুণ সম্পন্ন। ~**ধর্মী** *বিণ* অভিন্ন ধর্মসম্প্রদায়ভুক্ত। ~**ধর্মিণী** *স্ত্রী*। ~**ধা** *অব্য* ১ এক প্রকারে। ২ এক দিকে; এক বিষয়ে। ~**নবতি** *বি* ৯১ সংখ্যা; একানব্বই। ❑ *বিণ* ৯১ সংখ্যক। ~**নলা** *বিণ* একটি মাত্র নল বিশিষ্ট (একনলা বন্দুক)। ~**নাগাড়ে** *ক্রিবিণ* অবিরামভাবে; ক্রমাগত; অবিচ্ছেদে (এক নাগাড়ে দুই দিন সে আর কখনো উপবাস করে নাই—*মুম*)। ~**নায়ক** *বি* ১ একমাত্র শাসনকর্তা বা প্রভু। ২ স্বৈরাচারী শাসক। ❑ *বিণ* একমাত্র শাসক বা রাজার অধীন; এক ব্যক্তির শাসনাধীন। ~**নায়কত্ব** *বি* একমাত্র শাসনকর্তা বা রাজার কর্তৃত্ব। ~**নায়কতন্ত্র**, ~**নায়করাজ্যতন্ত্র** *বি* একজন মাত্র শাসক বা রাজার নির্দেশানুসারে প্রবর্তিত শাসনব্যবস্থা; autocracy। ~**নিঃশ্বাসে** *ক্রিবিণ* দ্রুত; খুব সংক্ষেপে। ~**নিষ্ঠ** *বিণ* ১ একাগ্র; এক বিষয় বস্তু বা ব্যক্তিতে নিষ্ঠাবান। ২ সৎ; অব্যভিচারী। ~**নিষ্ঠা** *স্ত্রী*। ~**নিষ্ঠতা**, ~**নিষ্ঠা** *বি*। ~**পক্ষ** *বিণ* একডানা বিশিষ্ট। ~**পঙ্‌ক্তিক** *বিণ* এক শ্রেণিভুক্ত। ~**পঞ্চাশ** *বি* ৫১ সংখ্যা; একান্ন। ❑ *বিণ* ৫১ সংখ্যক। ~**পত্নীক** *বিণ* একমাত্র পত্নীবিশিষ্ট; দ্বিতীয় বার বিয়ে করেনি এমন। ~**পদ**, ~**পা** *বি* অল্প দূরত্ব; এক কদম পরিমাণ জায়গা (আঁধারে একপাও অগ্রসর হওয়া যায় না)। ❑ *বিণ* এক পা বিশিষ্ট; খোঁড়া। ~**পদী** *বি* সংকীর্ণ পথ; মাত্র একজনের গমনযোগ্য পথ। ~**পদীকরণ** *বি* (*ব্যা.*) একাধিক পদকে সমাসবদ্ধ-করণ বা একপদে পরিণতকরণ। ~ **পয়সা মা-বাপ** *বিণ* অতিশয় কৃপণ। ~ **পা কবরে**—যার মৃত্যুর আর দেরি নেই। ~ **পা জলে**, ~ **পা স্থলে**—অনিশ্চিত অবস্থা। ~**পাঠী** *বিণ* সহপাঠী; সতীর্থ। ~**পাঠিনী** *স্ত্রী*। ~**পাব** *বিণ* এক গ্রন্থি গাঁট বা পর্ব বিশিষ্ট (হাতে একগাছি একপাব বেত—*দীমি*)। ~ **পাল** *বিণ* ১ একদল; একই পশু বা জন্তুর সমষ্টি (এক পাল ভেড়া)। ২ অনেক; বহু; প্রচুর। ~**পার্শ্ব**, ~**পাশ** *বি* ১ একদিক; একধার। ২ দেহের অর্ধাংশ। ❑ *বিণ* পৃথক; আলাদা (সতীনকে একপাশ করিয়া দেয়—*দমি*)। ~**পার্শ্বে**, ~**পাশে** *ক্রিবিণ*। ~**পিতৃক** *বিণ* এক পিতার ঔরসজাত; এক পিতা এমন। ~**মাতৃক**

বিণ। ~**পুরুষ** *বি* ১ বংশানুক্রম হিসাবে এক ব্যক্তির জীবন কাল (তারা তো মোটে এক পুরুষে ধনী)। ২ পরম পুরুষ; আল্লাহ; ঈশ্বর। ~**পেট** *ক্রিবিণ* পেট ভরে (একপেট খেয়ে নাও)। ☐*বিণ* ভরপেট (একপেট খাবার)। ~**পেশে,** ~**পেশো** *বিণ* ১ একপাশে ঝোঁকা; একদিকে ভারী (প্রাচীন সভ্যতার ধারণাটা আমাদের মনে নিতান্ত একপেশো হয়ে উঠেছে—*প্রচৌ*)। ২ পক্ষপাতদুষ্ট। ~**প্রস্ত** *বিণ* একদফা; একবারের মতো (এক প্রস্ত চা ও খাবার না খাইয়া সকালে কেহ কোথাও বাহির হয় না—*বিব*)। ~**ফালি,** ~**ফালা** *বি* এক খণ্ড; লম্বাভাবে কাটা এক টুকরা (আছিল ইসর মূল তাহে একফালি—*কমু*)। ~**বংশীয়** *বিণ* একই বংশজাত; স্বগোত্রীয়। ~**বচন** *বি* (*ব্যা.*) একটি মাত্র ব্যক্তি বস্তু বা বিষয় নির্দেশক পদ; singular number। ~**বগাঁ,** ~**বগগা** *বিণ* একগুঁয়ে। ~**বস্ত্র** *বি* একমাত্র বস্ত্র। ☐*বিণ* একটি মাত্র পরিধেয় বস্ত্র সম্বল এমন; এক কাপুড়ে। ~**বস্ত্রা** *স্ত্রী*। ~**বাক্যে** *ক্রিবিণ* এক কথায়; সমস্বরে; কোনোরূপ মতভেদ না রেখে। ~**বার** *ক্রিবিণ* ১ এক সময়ে (একবার যখন তার জ্বর হয়েছিল)। ২ একের অনধিকবার; একদফা (একবার তোরা মা বলিয়া ডাক—*রঠা*)। ~**বারে** *ক্রিবিণ* একদফায়; এক চেষ্টায় সম্পূর্ণরূপে (কাজটা একবারে করে ফেল)। ~**বাস** *বি* একমাত্র বস্ত্র। ☐*বিণ* একমাত্র বস্ত্র পরিহিত। ~**বিংশ,** ~**বিংশতি** *বি* ২১ সংখ্যা; একুশ। ☐*বিণ* ২১ সংখ্যক। ~**ভাব** *বিণ* একমন; এক চিত্ত (ভবানীর নামে দিলা একভাব হয়ে—*ভারা*)। ☐ *বি* এক বা অনন্য বিষয়ে আসক্তি; কোনো বিষয়ে একনিষ্ঠতা। ~**ভিতে** *ক্রিবিণ* একদিকে; একপাশে; একান্তে। ~**মত** *বিণ* সমমতাবলম্বী; মতে বা ভাবনায় অভিন্ন। ~**মতাবলম্বী** *বিণ* একমতে বিশ্বাসী; অভিন্ন মত পোষণকারী। ~**মতি,** ~**মতী**(-তিন) (*প্রাবা.*) *বিণ* একনিষ্ঠ (অহোনিশিএকমতী তোহ্মা ছাড়ী নাহি গতী—*বচদা*)। ~**মনা,** ~**মনাঃ** *বিণ* একাগ্রচিত্ত; এক বিষয়ে নিবিষ্টমনা। ~**মনে** *ক্রিবিণ* একাগ্র চিত্তে; একনিষ্ঠা সহকারে; বিষয়ান্তরে মনোনিবেশ না করে। ~**মাতৃক** *বিণ* একই মাতার গর্ভে জাত; সহোদর। ~**মাত্র** *বিণ* ১ কেবল একটি; একের অনধিক। ২ অদ্বিতীয় (আমি যে অসাধারণ, যে অতুলনীয়, যে একমাত্র—*বুব*)। ~**মাত্রা** *বি* ১ (*ছন্দ.*) একবারে উচ্চার্য শব্দাংশ; one syllable। ২ (*সন্.*) ছন্দ পরিমাপক কাল বিভাগের এক বিভাগ। ☐*বিণ* (*চিকি.*) একদাগ; একবার সেবনের মতো; one dose। ~**মাত্রিক** *বিণ* (*ছন্দ.*) এক শব্দাংশযুক্ত; monosyllabic। ~**মুখী** *বিণ* একমুখ বা ছিদ্র বিশিষ্ট (কাহার নিকট দক্ষিণাবর্ত শঙ্খ বা একমুখী রুদ্রাক্ষ আছে—*রাব*)। ~**মুখে** *ক্রিবিণ* একদিকে (তারা সবাই একমুখে চলেছে)। ~ **মুখে দুই কথা** *বি* কথার ঠিক না থাকা; কথার বরখেলাফ। ~ **মুরগি দুবার জবাই** ১ একই অপরাধের জন্য দুবার শাস্তি প্রদান। ২ একই জিনিসকে দুই কাজে লাগানো। ~**মুষ্টি,** ~**মুঠো,** ~**মুঠ** *বিণ* একমুষ্টি; পরিমিত; অতি অল্প পরিমিত (একমুষ্টি চাল)। ~ **মুষ্টি ভাত,** ~ **মুঠো ভাত** *বি* অতি সাধারণ ও সামান্য পরিমাণ আহার্য (একমুঠো ভাতের জোগাড়ও নেই)। ~**মেটে** *বিণ* ১ অসম্পূর্ণ; আংশিকভাবে কৃত (একটা একমেটে প্রোগ্রাম তৈরি করবার চেষ্টা করা যাক—*প্রচৌ*)। ২ একবার মাত্র মাটির প্রলেপ দেওয়া হয়েছে এরূপ; আরব্ধ মাত্র (ঠিক যেন কুমারটুলির একমেটে ঠাকুর—*দীমি*)। ৩ একহারা (এক মেটে গড়ন—*হেব*)। ~**মেটে করা** *ক্রি* কোনো কাজ আংশিক ভাবে করা; কোনো কিছুর প্রাথমিক কাজ করে রাখা। ~**রকম,** ~**রূপ** *বিণ* একই ধরনের; এক জাতীয় (দেখতে সব গুলোই একরকম)। ☐*ক্রিবিণ* কোনো প্রকারে; যেমন তেমন করে; অনির্দিষ্ট ধরনে (দিন একরকম কাটছে)। ~**রঙা** *বিণ* এক রঙে রঞ্জিত (একরঙা কাপড়)। ~**রত্তি,** ~**রতি** *বিণ* ১ সামান্য পরিমাণ; একটুখানি; অত্যল্প (ভালবাসতে পারব না একরত্তি—*অচিসে*)। ২ খুব ছোট; অতিক্ষুদ্র; কচি (একরত্তি মেয়ে)। ~ **রা** *বি* একযুক্তি; এক ধরনের মত (সব শেয়ালের এক রা—প্রবাদ)। ~**রোখা,** ~**রোকা** *বিণ* ১ একগুঁয়ে; বদরাগী; জেদি। ২ এক দিকে রোখ বা গতি এমন (বাইরে আমার ভাঙা দরজায় উতল হাওয়ার শুধু একরোখা বুক চাপড়ানি আর কারবালা-মাতম রণিয়ে উঠল —*নই*)। ৩ একদিকে নকশা বা ছাপ আছে এমন। ~**রোখামি** *বি* একগুঁয়েমি (ভাষাতে যাকে বলে একরোখামি ও বাড়াবাড়ি তাই হচ্ছে সংস্কৃত কাব্যের প্রধান দোষ—*প্রচৌ*)। ~ **লাঠিতে সাপ মারা** *ক্রি* এক উপায়ে অনেক কাজ হাসিল করা। ~**লেডা** *বিণ* (*মুদ্রণ.*) (লেটার প্রেসের মুদ্রণ সম্পর্কে) কেবলমাত্র একখানি লেড (lead) দিয়ে পঙ্‌ক্তিসমূহ পৃথক করে ছাপানো (একলেডা করে ছাপানো হয়েছে)। ~**শত,** ~**শ,** ~**শো** *বি* ১০০ সংখ্যা। ☐*বিণ* ১ ১০০ সংখ্যক। ২ অগণিত; অনেক (একশ মানিক জ্বালা—*রঠা*)। ~**শরণ** *বি* একমাত্র আশ্রয় স্থল; একমাত্র গৃহ। ☐*বিণ* একমাত্র আশ্রয়বিশিষ্ট; একগৃহসম্পন্ন; একের উপর নির্ভরশীল এমন। ~**শা** *বিণ* সম্পূর্ণ; একেবারে (ভিজে একশা)। ~**শিলা** *বিণ* অখণ্ড শিল বা পাথরে গড়া (আর একটি পাহাড় দেখিলাম, সেটি একশিলা—*সচ*)। ~**শৃঙ্গ** *বিণ* একশিংবিশিষ্ট। ☐*বি* গণ্ডার। ~**শেষ** *বি* ১ চূড়ান্ত; চরম অবস্থা; আতিশয্য (কষ্টের একশেষ)। ২ (*ব্যা.*) দ্বন্দ্ব সমাসবিশেষ, পূর্ব ও উত্তরপদ অভিন্ন বৃত্তিধারী হওয়ায় সমস্তপদে বহুবচনের বিভক্তি যুক্ত হয়ে থাকে, যথা—শিক্ষক ও শিক্ষিকারা = শিক্ষকবৃন্দ। ~**ষষ্টি,** ~**ষষ্ঠি** *বি* ৬১ সংখ্যা। ☐*বিণ* ৬১ সংখ্যক। ~**ষষ্টিতম,** ~**ষষ্ঠিতম** *বিণ* ৬১ সংখ্যক। ~**সপ্ততি** *বি* ৭১ সংখ্যা; একাত্তর। ☐*বিণ* ৭১ সংখ্যক। ~**সপ্ততিতম** *বিণ* ৭১ সংখ্যক। ~ **সানকির ইয়ার** ⇒ ~ **এক গেলাসের ইয়ার**। ~**সূত্র,** ~**সুত** *বিণ* একসুতা পরিমাণ চওড়া; এক ইঞ্চির অষ্টমাংশ। ~**হাত** *বিণ* ১ ১৮ ইঞ্চি পরিমিত; একহস্ত পরিমিত (এক হাত কাপড়)। ২ একবাজি (এক হাত খেলা)। ☐*ক্রিবিণ* একচোট; এক দফায় প্রচুর পরিমাণে ক্রোধ প্রকাশ (তাকে একহাত দেখে নেবো)। ~**হাত দেখা** *ক্রি* প্রতিশোধ নেওয়ার চেষ্টা (তাকে একহাত দেখে নেবো)। ~**হাত নেওয়া বা লওয়া** *ক্রি* স্পষ্ট দুই কথা শুনানো; তিরস্কার করা (তাকে একহাত না নিলে চলবে না)। ~ **হাতে** *ক্রিবিণ* একাকী; অন্যের

সাহায্য ছড়া (সব এক হাতে করেছি; এক হাতে তালি বাজে না)। ~হালি *বিবিণ* চারটে; চারটে বস্তু (এক হালি আম)। ~হৃদয় *বিণ* একাত্মা; অভিন্নহৃদয়। { *স.* √হৃ+ক(কন্)}

একইতি ⇒ একুইতি

একছার, একছের [অ্যাকছার, অ্যাকছের] *ক্রিবিণ* সরাসরি; সোজাসুজি (কাহাকেও না দেখিয়া একছার বাড়ীর মধ্যে প্রবেশ করিলেন—*নর*)। { *ফা.* য়কসর یکسر }

একজামিন, একজ্যামিন, একজামিনেশন ⇒ এগজামিন

একজিবিশন [একজিবিশন্] *বি* প্রদর্শনী; মেলা। { *ই* Exhibition }

একটা, একটি [অ্যাকটা, একটি] *বিণ* ১ ১-সংখ্যক (একটা টাকা)। ২ নির্দিষ্ট কোনো এক (একটা কথা বলি)। ৩ অনির্দিষ্ট কোনো এক; যে কোনো (একটা হলেই হলো; একটি ছেলে বললো)। – **কথা** *বি* সংক্ষিপ্ত আলাপ (আপনার সাথে আমার একটি কথা আছে)। –-না-– *বিণ* অন্তত একটি (একটা-না-একটা অসুখ লেগেই আছে)। { *স.* এক+*বা.* টা, টি; *তুল. হি* একঠো}

একটু [একটু] *বিণ* সামান্য; অতি অল্প (একটু চা দাও)। □ *ক্রিবিণ* ১ সামান্যক্ষণ; খানিক (একটু দাঁড়াও)। ২ একবার (একটু যাওনা)। ~কু, ~ক *বিণ* অত্যল্প; কিঞ্চিন্মাত্র; কিছু। ~কুতে, ~তে *ক্রিবিণ*। ~খানি *বিণ* ১ সামান্য অল্প (একটুখানি দুধ)। □ *ক্রিবিণ* অল্প কিছুক্ষণ (একটুখানি সবুর করো)। ২ অল্পবয়স্ক; কচি (একটুখানি মেয়ে)। { *স.* এক + *বা.* টু}

একতর, একতরহ [একতর, -রহ্] *ক্রিবিণ* এক প্রকার; এক রকম; এক ধরনের। { *ফা.* য়ক یک + *আ.* তরাহ্ طرح }

একতেদা [একতেদা] *বি* ইমামের অনুসরণ; পশ্চাদগমন। { *আ.* ইক্তিদা اقتدا }

একর [একর্] *বিণ* ৪৮৪০ বর্গগজ পরিমিত (এক একর জমি)। □ *বি* ৪৮৪০ গজ পরিমিত জমি।

একরাট [একরাট্] *বিণ* ১ সার্বভৌম; একচ্ছত্র (জার্মানী সমগ্র ইউরোপের সম্রাট হবার দুরাশা হৃদয়ে পোষণ করত বলে স্বদেশেও একরাট হতে পারেনি—*প্রচৌ*)। ২ প্রধান; প্রভাবশীল (কিছুদিনের ফরাসি ভাষা ইউরোপে একরাট ভাষা হয়ে উঠেছিল—*প্রচৌ*)। { *স.* এক+রাট্< √রাজ+ক্বিপ্}

একরাম, ইকরাম [একরাম্, ই-] *বি* শ্রদ্ধা; ভক্তি; ভদ্রতা; সম্মান প্রদর্শন (এনাম একরাম তুমি কি দিবে আমায়—*সৈহ*; তাহাকে ইনাম একরাম দিয়া—*রাম*)। { *আ.* ইকরাম اکرام }

একরার, ইকরার [একরার্, ই-] *বি* ১ স্বীকার; কবুল (সকল ডাকাইত একরার করিলেন—*বচ*)। ২ প্রতিজ্ঞা; শপথ। ৩ চুক্তি। –**নামা** *বি* ১ চুক্তিপত্র; অঙ্গীকারপত্র (সমাজের ইকরারনামায় কস্মিন কালে বাঁধা হয় নাকো—*বিদে*)। ২ প্রতিজ্ঞাপত্র; শপথনামা। { *আ.* ইকরার اقرار }

একরোখা [অ্যাকরোখা] *বিণ* দৃষ্টি একদিকে নিবদ্ধ এমন; একগুঁয়ে; গোঁয়ার। { *ফা.* য়করুখ یکرخ }

একল (বিরল) [একল্] *বিণ* একলা; একাকী; একক। **একলী, একেলী** *বি স্ত্রী.* একাকিনী (একেলী বুলসি কেহে বৃন্দাবন মাঝে—*বচদা*)। { *স.* এক+√লা+ ক> একল}

একলপ্ত [একলপ্তো] *বিণ* লাগালাগি; সংলগ্ন; সংযুক্ত; অখণ্ড (মাটি কিন্তু একলপ্ত ভাবে নেই, খণ্ড খণ্ড ভাবে আছে—*প্রচৌ*)। { *ফা.* একুলখত یکلخت >একলপ্ত}

একলসেঁড়ে, একলষেঁড়ে [একলশেঁড়ে] *বিণ* ১ অসামাজিক; অমিশুক; একা থাকতে পছন্দ করে এমন। ২ স্বার্থপর; নিজের সুখ ভোগের দিকেই লক্ষ্য যার। { *স.* একল+*স.* ষণ্ড>*বা.* ষাড়+ইয়া–ষাঁড়িয়া>ষাইড়্যা>ষেঁড়ে}

একলা, একেলা [অ্যাকলা, অ্যাকেলা] *বিণ* ১ একাকী; নিঃসঙ্গ (অনেকে ব্যাপার কি দেখিবার জন্য একলা অথবা দল বাঁধিয়া দেখিতে আসিতেছিল—*কাআও*; যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলরে—*রঠা*; আমি একেলা, চারিদিকে বাঁকা জল করিছে খেলা—*রঠা*)। ২ অসহায় (বড় একলা বোধ করছি)। { *স.* একল<এক+ √লা+অ(ক)+ *বা.* আ ; *তুল. হি* অকেলা}

একলাই [অ্যাকলাই] *বি* এক ফর্দ বা এক পাট্টা মিহি চাদর; সাদা ফুল কাটা উড়ানি (সিপাই পেড়ে ঢাকাই ধুতি পরা—বুটোদার একলাই ও গাজের মেরজাই গায়—*প্যামি*)। { *স.* এক+*বা.* লাই ; *হি* লাঈ}

একলা-একলি [অ্যাকলা-অ্যাকলি] *ক্রিবিণ* একাকী; নির্জনে; তৃতীয় জনের অনুপস্থিতিতে (বাদ-বাকিটা পরে আপনাকে একলা-একলি বলব—*সৈমু*)। {একলা+ *অনু.* একলি}

একলা-দুকলা, একলা-দোকলা [অ্যাকলা-দুকলা, -দো-] *বি* ১ কখনও একাকী কখনও দুইজন। ২ অত্যল্প লোক (এটা একলা-দোকলার কর্ম নয়)। □ *বিণ* নিঃসঙ্গ। { *তুল. হি* ইকেলা-দুকেলা} ক.ফি

একলি [একোলি] *বিণ* একাকী বা একাকিনী (একলি খাওব হাম—*রঠা*)। { *স.* একল+ *বা.* ই; *তুল. হি* ইকেলী}

একলিম ⇒ ইকলিম

একলে (*মবা.*) [একোলে] *বিণ* একাকী; নিঃসঙ্গ (বসিয়া বিরলে থাকয়ে একলে—*বচদা*)। { *স.* একল>}

একলেপচা, একল্যাপচো [অ্যাকলেপ্চা,-ল্যাপ্চো] *বি* একলাগাও (এ যেন একল্যাপচো দেখাচ্ছে—*কেম*)। { *স.* এক+লেপ+ *বা.* চা, চে, চো< *হি.* সা (মত অর্থে)=একলেপের মতো}

একশা, একসা [অ্যাকশা] *বিণ* ১ একসঙ্গে মিলিত; একত্র (ঠাকুর-কুকুর একসা করে নাড়িয়ে দিলে সে ভিত্তি—*সদ*)। ২ মিশ্রিত; একাকার। { *ফা.* য়াকসাঁ یکسان ; *তুল. স.* একশঃ; *হি* এক্সা}

একশিরা [অ্যাক্শিরা] *বি* অণ্ডকোষের যে রোগে একটি অণ্ড ও শিরা স্ফীত হয়; Orchitis। { *স.* এক+শিরা}

একসর, একসরী ⇒ একেশ্বর

একসা ⇒ একশা

একসারসাইজ [একসারসাইজ] *বি* ব্যায়াম; শারীরিক কসরত। { *ই* exercise }

একহারা [অ্যাক্‌হারা] *বিণ* ছিপছিপে গড়নের; মোটাও নয় রোগাও নয়; কৃশাঙ্গ (বয়স সত্তরের কাছাকাছি হইবে একহারা পাতলা চেহারা—*বিব*)। { *স.* একেশ্বর>একসর> একহর+*বা.* আ=একহরা>একহারা; *হি.* একহরা, *তুল.* দোহরা}

একা [অ্যাকা] *বিণ* ১ একলা; নিঃসঙ্গ; একক (একা যব বর্ধমান করিয়া যতন—*ভারা*)। ২ কেবলমাত্র (একা রামে রক্ষা নেই, সুগ্রীব দোসর—*প্রবাদ*)। ☐ *ক্রিবিণ* নির্জনে (একা একা চিন্তা করে নিজ মনে—*রঠা*)। **–ই একশ** একাই প্রতিপক্ষের সাহিত লড়তে সমর্থ; অত্যন্ত ক্ষমতাশালী। { *স.* একাকিন্<এক + আকিন্ = একাকী>*বা.* একা}

একাকার [অ্যাকাকার] *বিণ* ১ একশা; একত্র; মিশ্রিত। ২ ভেদরহিত; পার্থক্যহীন। ৩ সমান আকৃতি বিশিষ্ট; একই রকম চেহারার অধিকারী। **একাকারা** *স্ত্রী.* (রাধা ও ম্যাডোনা একাকারা—*মোম*)। { *স.* এক+আকার= একাকার}

একাকী [একাকি, অ্যাকাকি] *বিণ* ১ একলা; নিঃসঙ্গ। ২ অসহায়। ☐ *ক্রিবিণ* নির্জনে। **একাকিনী** *স্ত্রী.*। { *স.* একাকিন্<এক+আকিন্}

একাকৃতি [একাক্‌কৃতি/অ্যা–] *বিণ* তুল্যাকৃতি; একই রকমের চেহারা বিশিষ্ট (যে রূপ সর্বাংশে একাকৃতি হইয়াছিলেন—*ঈবি*)। { *স.* এক+আকৃতি}

একাগ্র [একাগ্‌গ্রো] *বিণ* একনিষ্ঠ; অনন্যমনা; এক বিষয়ে আসক্ত। **~তা** *বি.*। **~চিত্ত** *বিণ* কেবল এক বিষয়ে নিবিষ্টচিত্ত; অনন্যমনা। { *স.* এক+অগ্র}

একাঘ্নী [একাঘ্‌নি] *বি* অব্যর্থ মহাস্ত্র বিশেষ; যা শুধু একবার লক্ষিত ব্যক্তিকেই বধ করতে সমর্থ (একাঘ্নী বাণ—*মদ*)। { *স.* একঘ্নী=এক+√হন্+অ(টক্)+ঈ(ঙীপ্)}

একাঙ্ক, একাঙ্কিকা [একাঙ্‌কো, একাঙ্‌কিকা) এক অঙ্কবিশিষ্ট নাটক; one act drama। {এক+অঙ্ক, ইকন্+আ}

একাট্টা, এককাট্টা [অ্যাকাট্‌টা/এ–, অ্যাক্‌কাট্‌টা] *বিণ* ১ একজোট; দলবদ্ধ; সংহত (সেই জমিদার মহাজনরাই যখন একাট্টা হইয়া পাকিস্তান দাবির বিরুদ্ধতা করেন—*আমআ*)। ২ একস্থানে জড়; সমবেত। { *স.* একত্র> একত্ত>একট্ট+আ= একট্টা, একাট্টা, এককাট্টা; *তুল. হি* ইকট্‌ঠা}

একাডেমী, অ্যাকাডেমি [অ্যাকাডেমি] *বি* ১ সাহিত্য শিল্প বিজ্ঞান প্রভৃতির চর্চা ও গবেষণা কেন্দ্র (বাংলা একাডেমী, শিল্পকলা একাডেমী প্রভৃতি)। ২ এথেন্সের নিকটবর্তী উদ্যান যেখানে প্লেটো শিক্ষা দান করতেন। { *ই.* academy; *গ্রি.* akademeia}। ⇒ অ্যাকাডেমি

একাত্তর [একাত্‌তোর্, অ্যা–] *বি* ৭১ সংখ্যা। ☐ *বিণ* ৭১ সংখ্যক। { *স.* একসপ্ততি>}

একাত্ম [একাত্‌তোঁ, অ্যা–] *বিণ* অভিন্ন; পার্থক্যহীন; ভেদশূন্য (তারা দুই বন্ধু একাত্ম হরিহরাত্মা)। {এক+ আত্মা; *বহু.*}

একাত্মবাদ [একাত্‌তোঁবাদ, অ্যা–] *বি* অদ্বৈতবাদ; ব্রহ্ম ও জগৎ এক ও অভিন্ন এই মতবাদ। **একাত্মবাদী**(–দিন্) *বিণ* এক ব্রহ্ম ছাড়া আর কিছুই নাই—বেদান্তের এই মত পোষণকারী। { *স.* একাত্ম+বাদ}

একাত্মা [একাত্‌তাঁ] *বিণ* অভিন্নহৃদয়; একপ্রাণ। **একাত্মতা** *বি.*। { *স.* এক+আত্মা; *কর্মধা.*}

একাদশ [একাদশ্, অ্যা–] *বি* ১ ১১ সংখ্যা; এগারো। ☐ *বিণ* ১১ সংখ্যক। { *স.* এক+দশন্>*স.* একাদশ}

একাদশী [একাদোশি, অ্যা–] *বি স্ত্রী.* ১ তিথিবিশেষ। ২ এই তিথিতে পালনীয় উপবাস (একাদশী করা)। ☐ *বিণ* এগার বৎসর বয়স্কা; একাদশবর্ষীয়া। { *স.* একাদশ+ ঈ(ঙীপ্)}

একাদিক্রমে[একাদিক্‌ক্রোমে] *ক্রিবিণ* ১ আনুক্রমিকভাবে; প্রথম থেকে শুরু করে পর পর; নিরবচ্ছিন্ন ভাবে। ২ এক নাগাড়ে; ক্রমাগত; নিরন্তর। { *স.* এক+আদি+ক্রমে}

একা-দোকা, এক্কা-দোক্কা [অ্যাকাদোকা, –ক্‌কা-দোক্‌কা] *বিণ* একজন দুইজন (মাঠে একা–দোকা চলতে আছে?—*মোহ*)। { *স.* একাকী (কিন্)>একাঙ্গি> একা; *অনু.* দোকা}

একাধার [একাধার/অ্যা–] *বি* একই পাত্র। **একাধারে** *ক্রিবিণ* একই সঙ্গে; যুগপৎ (তিনি একাধারে কবি ও গায়ক)। { *স.* এক+আধার; *কর্মধা.*}

একাধিক [একাধিক্, অ্যা–] *বিণ* একের বেশি। { *স.* এক+অধিক; তৎ}

একাধিকার [একাধিকার] *বি* একচেটিয়া অধিকার; monopoly। { *স.* এক+অধিকার; ৬তৎ}

একাধিপ ⇒ একাধিপতি

একাধিপতি, একাধিপ [একাধিপোতি, –ধিপ্] *বি* ১ একমাত্র অধীশ্বর বা প্রভু; সার্বভৌম রাজা; সর্বোচ্চ শাসক। ২ সর্বেসর্বা। **একাধিপত্য** *বি* সার্বভৌমত্ব; প্রতিদ্বন্দ্বীহীন প্রভুত্ব; একজনের কর্তৃত্ব (সাহিত্যের উপর একাধিপত্য করিতেন—*বচ*)। { *স.* এক+অধিপতি, অধিপ}

একানব্বই[একানব্‌বোই, অ্যা–] *বি* ১ ৯১ সংখ্যা। ২ *বিণ* ৯১ সংখ্যক। { *স.* একনবতি>*প্রা.* একান্নবই>; *মধ্যপ.*}

একান্ত[একান্‌তো] *বিণ* ১ নিতান্ত; অত্যন্ত। ২ অবধারিত; নিশ্চিত। ৩ নির্জন। ৪ নিজস্ব; খাস (এই দিনের সীমানায় তুমি আর আমি একান্ত হবো—*আগ*)। **~পক্ষে** *অব্য* নিতান্তই যদি। ২ *অব্য* কমপক্ষে। **একান্তে** *ক্রিবিণ* নির্জনে; গোপনে (কহিলেন শচীকান্ত মধুর বচনে, একান্তে—*মদ*)। **~সচিব** *বি* দবির-খাস; private-secretary। { *স.* এক+অন্ত; *বহু.*}

একান্তর [একান্‌তর্] *বিণ* একটির পর একটি করে বাদ দিয়ে; একের ব্যবধানে অবস্থিত; alternate। **– কোণ** *বি* (*জ্যা.*) দুইটি সরলরেখা পরস্পরকে ছেদ করলে যে চারটি কোণ উৎপন্ন হয় তার প্রত্যেকটির বিপরীত দিকের কোণ পরস্পরের একান্তর কোণ; alternate angle। { *স.* এক+অন্তর; *নিত্য.*}

একান্ন[১] [একান্‌নো, অ্যা–] *বি* ৫১ সংখ্যা। ☐ *বিণ* ৫১ সংখ্যক। { *স.* একপঞ্চাশৎ>একান্ন, *মধ্য.*}

একান্ন[২], **একান্নবর্তী, একান্নভুক্ত, একান্নভোজী**(–জিন্) [একান্‌নো, –বোর্‌তি, –ভুক্‌তো, –ভোজী] *বিণ* যৌথ

পরিবারভুক্ত; এক গৃহস্থলীর অন্তর্ভুক্ত (আলী বকস ও ইজ্জত বকস বহুদিন পর্যন্ত একান্নভুক্ত ছিলেন *আজাশা*)। ❑ *বি* একত্রে আহারকারী। **~বর্তী পরিবার** *বি* যৌথ পরিবার; খাওয়া পরা ও বসবাস এক সঙ্গে হয় এমন পরিবার; joint family (পূর্বে একান্নবর্তী পরিবারের মধ্যে ছিলাম —*রঠা*)। { *স.* এক+অন্ন; *বহু.* }

একাবলি, একাবলী [একাবোলি] *বি* ১ একনরি হার; কণ্ঠাভরণ বিশেষ। ২ (*ছন্দ.*) এগারো অক্ষরের বাংলা ছন্দবিশেষ (অবশ্য শুধু পয়ার ভেঙ্গে একাবলী লেখা চলত না— *সুদ*)। { *স.* এক+আবলী, আবলি; বহু }

একাব্বরী ⇒ আকবরী

একামত, ইকামত, আকামত [একামত্‌, ই–, আ] *বি* ফরজ নামাজের প্রারম্ভে উচ্চারিত আজানের অনুরূপ শব্দাবলি (তাড়াতাড়ি আকামত করে নমাজ শুরু করে দিলাম— *কাই*)। **একামতি** *বি* একামত বলার কার্য বা পদ। { *আ.* ইকামত اقامت }

একার[১] [একার্‌] *বি* ১ ব্যঞ্জন বর্ণের সহিত 'এ' স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ে' চিহ্ন। ২ 'এ' বর্ণ। **একারাদি** *বিণ* আদিতে 'এ' বর্ণবিশিষ্ট (একারাদি শব্দ)। **একারান্ত** *বিণ* অন্তে 'এ' বর্ণ বিশিষ্ট (একারান্ত শব্দ)। { *স.* এ+কার }

একার[২] [অ্যাকার্‌] *বি* কেবল একজনের। { একা+সম্বন্ধের 'র' বিভক্তি }

একার্থ, একার্থক [একারথো, –থোক্‌] *বিণ* ১ সমার্থবোধক; তুল্যার্থ; যাদের অর্থ একরূপ। ২ একই অভিপ্রায়বিশিষ্ট। **একার্থতা** *বি*। **একার্থচর্যা** *বি* একই উদ্দেশ্য সিদ্ধির জন্য সম্মিলিত প্রচেষ্টা। **একার্থ–প্রতিপাদক, একার্থবোধক** *বিণ* এক অর্থজ্ঞাপক; একই অর্থবিশিষ্ট। **একার্থপ্রতিপাদকতা, একার্থবোধকতা** *বি*। { *স.* এক+অর্থ, অর্থক; *কর্মধা.*; *বহু.* }

একাল [একাল্‌] *বি* ১ বর্তমানকাল। ২ ইহকাল। **~ –ওকাল** *বি* ১ ইহকাল ও পরকাল। ২ বর্তমানকাল ও অতীত বা প্রাচীনকাল। **~–সেকাল** *বি* বর্তমানকাল ও অতীতকাল। {এই + কাল> এইকাল> একাল; অনুরূপভাবে সেই+কাল=সেকাল; *কর্মধা.* }

একাশি, একাশী [একাশি, অ্যা–] *বি* ৮১ সংখ্যা। ❑ *বিণ* ৮১ সংখ্যক। { *স.* একাশীতি>একাশি; *মধ্য.* }

একাশ্রয়, একাশ্রিত [একাস্‌সয়্‌, একাস্‌স্রিতো] *বিণ* কেবল একজনের উপর নির্ভরশীল; অন্য আশ্রয় নাই এমন; অনন্যগতি। { *স.* এক+আশ্রয়, আশ্রিত }

একাসন [একাশোন্‌, অ্যা–] *বি* ১ অভিন্ন আসন; একমাত্র উপবেশন স্থান। ২ অন্য আসন নাই বা আসন বদল করে না এমন। { *স.* এক+আসন; *কর্মধা.* }

একাহার [একাহার্‌, অ্যা–] *বি* সারা দিনে রাত্রে একবার মাত্র খাদ্য গ্রহণ। **একাহারী** *বিণ*। { *স.* এক+আহার; *কর্মধা.* }

একি [একি] *অব্য* বিস্ময়সূচক—এ কেমন; এ কিরূপ (একি কথা শুনি আজি মন্থরার মুখে—*মদ*)। { *স.* √ই+ক(কন্‌)=এক> *বা.* এ+ *স.* কিম্‌>কি }

একিদা ⇒ আকিদা

একিন, একীন [একিন্‌] *বি* স্থির বিশ্বাস; দৃঢ় প্রত্যয় (আমার উপর তোমার একিন নাই—*আরও*)। { *আ.* য়কীন يقين }

একিনী, একীনী [একিনি] *বিণ* নিশ্চিত; দৃঢ়। { *আ.* য়কীনী يقينى }

একীকরণ [একিকরোন্‌] *বি* ১ সমানকরণ; এক আকারে পরিণতকরণ। ২ একত্রীভবন; মিলন (সে রাত্রে দাম্পত্য একীকরণ এত ঘনীভূত হইয়া উঠিয়াছিল —*রঠা*)। **একীকৃত** *বিণ*। { *স.* এক+ঈ(চ্বি)+√কৃ+অন(ল্যুট্‌) }

একীভবন [একিভবোন্‌] *বি* ১ একাকার হওয়া; সমান অবস্থাপ্রাপ্তি। ২ একত্রে মিশ্রণ। { *স.* এক+ঈ(চ্বি)+ভবন }

একীভাব [একিভাব্‌] *বি* ঐক্য; এক হওয়া। **একীভূত** *বিণ* ১ এক অবস্থা প্রাপ্ত; সমতা প্রাপ্ত। ২ স্তূপীকৃত; একত্র মিলিত। { *স.* এক+ঈ(চ্বি)+ভাব }

একুইতি, একইতি (*প্রাবা.*) [একুইতি, –ক–] *বিণ স্ত্রী.* এক পুত্রসন্তান বিশিষ্ট (একইতি মাএর ছাওয়াল— *বচদা*)। { *স.* একপুত্রবতী }

একুন [একুন্‌] *বি* মোট; সর্বশুদ্ধ; সমষ্টি। **একুনে** *ক্রিবিণ* সর্বশুদ্ধ; সাকুল্যে; মোট। { *স.* এক+ঊন; তৎ. }

একুল ওকুল [একুল্‌ ওকুল্‌] *বি* ১ পিতৃকুল ও শ্বশুরকুল। ২ উভয় অবলম্বন। **~ দুকূল যাওয়া**—উভয় অবলম্বন থেকে ভ্রষ্ট বা বিচ্যুত হওয়া; সম্পূর্ণ নিরাশ্রয় হওয়া। {এ+কুল+ও+কুল; *কর্মধা.* }

একুশ [একুশ্‌] *বি* ২১ সংখ্যা। ❑ *বিণ* ২১ সংখ্যক। **একুশে** *বিণ* মাসের ২১ দিনের দিন; ২১শে (একুশে আশ্বিন)। { *স.* একবিংশতি> *পা.* একবীসতি> একুশ; *হি.* একইস }

একূল–ওকূল [একূল্‌–ওকূল্‌] *বি* ১ নদীর উভয় তীর (নদীর একূল–ওকূল দুকূল বয়ে যায়—গান)। ২ দুই দিক। ৩ (*আল.*) ইহকাল ও পরকাল। { *স.* কূল; এ+কূল+ও+কূল }

একে[১] [একে] *সর্ব* তাকে; এ্কে; এই ব্যক্তিকে (একে তো চিনি না)। { *স.* ইদম্‌> *বা.* এ+কে (কর্মকারকের বিভক্তি) }

একে[২] [অ্যাকে] *সর্ব* ১ এক বস্তুকে বা কোনো এক বিষয়ে (একে পায়, আরে চায়)। ২ একটিতে (একেই হবে)। ❑ *ক্রিবিণ* একদিকে; একপক্ষে (একেত চুরি, তার উপর সিনাজুরি—*প্রবাদ*)। **~ ~** *ক্রিবিণ* পরপর; একের পর এক করে (একে একে নিভিছে দেউটি—*মদ*)। **~বারে** *বিণ–বিণ* নিতান্ত (একেবারে বোকা)। ❑ *ক্রিবিণ* সম্পূর্ণভাবে (একেবারে গেছি)। { *স.* এক+ *বা.* এ }

একেলা ⇒ একলা

একেলিয়ানা [একেলিয়ানা] *বি* স্বাতন্ত্র্য; একাকিত্ব (কিছু সেকেলে নাম, কিন্তু সে খুঁত পুষিয়েছে তার নির্জলা একেলিয়ানায়—*বুব*)। {একেলা+ই+আনা *বা.* 'বাঙালিয়ানা' শব্দের সাদৃশ্যে 'একেলিয়ানা' গঠিত }

একেশ্বর, একসর (*মবা.*) [অ্যাকেশ্‌শর, একশর্‌] *বিণ* ১ একাকী; নিঃসঙ্গ; একা এমন (বহু সংখ্যক সৈন্য . . . একেশ্বর আবদুল ওহাবের প্রতি অস্ত্র বর্ষণ করিতে লাগিল— *মীম*; মহারণ্যে চলি যায় একসর রথী—*দৌকা*)। ২ একাধিপতি; সর্বময় প্রভু। ❑ *বি* এক ও অদ্বিতীয় আল্লাহ; বিশ্বজগতের একমাত্র অধিপতি খোদাতালা; ঈশ্বর; God। **একেশ্বরবাদ** *বি* আল্লাহ এক এবং

অদ্বিতীয় এই দার্শনিক মত। **একেশ্বরবাদী** *বিণ* আল্লাহ এক ও অদ্বিতীয় এই মতে বিশ্বাসী; সৃষ্টিকর্তা ঈশ্বর বা God এক ও অদ্বিতীয়—এই মতবাদে বিশ্বাসী। **একেশ্বরী, একসরী** (*মবা*) *বিণ স্ত্রী* একাকিনী; একেলা (ফুলে ভরা মধু কন্যা ফির একেশ্বরী—*মৈগী*; একসরী বঞ্চে পূর্বজন্ম পাপ ফলে—*দৌকা*)। { *স* এক+সর (√সৃ)=একসর। মধ্য বাংলায় শব্দটিকে অযথা সংস্কৃতায়িত করতে গিয়ে লেখা হয়েছে 'একেশ্বর'; *কর্মধা* }

এঁকৈক [একোইক্] *বি* এক একটি (সকল মুদ্রাই সর্বাঙ্গসুন্দর, কোটি মুদ্রাও এঁকৈকের প্রকৃত মূল্য নহে—*ঈবি*)। ☐ *বিণ* একাকী; একক। ☐ *ক্রিবিণ* একের পর এক। { *স* এক+এক (বীপ্সার্থে) }

একোদর [একোদর্ / অ্যা-] *বিণ* সহোদর। ☐ *বি* সহোদর ভাই। **একোদরা** *স্ত্রী*। { *স* এক+উদর; *বহু* }

একোদ্দিষ্ট [একোদ্‌দিশ্‌টো] *বি* মৃত ব্যক্তিবিশেষের উদ্দেশ্যে অনুষ্ঠিত বাৎসরিক শ্রাদ্ধ। { *স* এক+উদ্দিষ্ট; *বহু* }

একোন [একোন্] *বিণ* এক কম এমন (একোন অশীতি বৎসরের বৃত্তান্ত বর্ণিত হইয়াছে—*ঈবি*)। { *স* এক+উন; *বহু* }

এক্কা, এক্‌কা [এক্‌কা] *বি* দুই চাকা বিশিষ্ট এক ঘোড়ার গাড়ি (যেই স্থানে দলে দলে মোসলেম নিচয় শোভিত মসজিদে পথে এক্কার উপরে—*কায়*)। **~ওয়ালা** *বি* এক্কা-চালক। { *ফা* যক্‌কাহ্ یکه *তুল হি* এক্‌কা }

এক্তিয়ার, এক্তেয়ার ⟹ এখতিয়ার

এক্ষণ [এক্‌খোন্] *বি* ১ এ সময়; এ মুহূর্তে; এখন। ২ বর্তমানকাল। **~কার** *বিণ* ১ এখনকার; এই সময়ের। ২ বর্তমান সময়ের; ইদানীন্তন। **এক্ষণে** *ক্রিবিণ* এ মুহূর্তে; এখন; এ সময়ে (এক্ষণে কোথায় চলেছ?)। ২ বর্তমানে (এক্ষণে দেশের অবস্থা ভালো নয়)। { *স* ইদম্>এই>এ + ক্ষণ = এক্ষণ; *কর্মধা* }

এক্সচেঞ্জ [একস্‌চেন্‌জ্] *বি* ১ আন্তঃপ্রাদেশিক বা আন্তর্জাতিক বাণিজ্যসংক্রান্ত বিনিময়। ২ মুদ্রা বিনিময়। ৩ ব্যবসায় বাণিজ্য বিলি-বিনিময়ের স্থান। { *ই* exchange }

এক্সপেরিমেন্ট [একস্‌পেরিমেন্‌ট্] *বি* অনুসন্ধান কার্য; পরীক্ষা; অজ্ঞাত কোনো কিছু জানবার জন্য একাগ্রচিত্তে বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা (আমাদের পূর্ববর্তী মহাজনেরা এই ভাষা লইয়া এক্সপেরিমেন্ট করিয়াছেন—*প্রচৌ*)। { *ই* experiment }

এক্সপ্রেস [একস্‌প্রেস্] *বিণ* দ্রুতগামী গাড়ি (হাওড়ায় জনতা এক্সপ্রেসে চাপলে দুদিন দুরাতের জার্নি—*খাআআ*)। { *ই* express }

এখতিয়ার, ইখতিয়ার, এক্তিয়ার, এক্তেয়ার [এখ্‌তিআর্, ই-, এক্-, এক্‌তে-] *বি* ১ অধিকার; ক্ষমতা (বাদশা বর্তমান থাকতে নিজের হাতে বিচার ভার লওয়ার কোন এক্তেয়ার কারও নাই—*মীম*)। ২ সাধ্য; অধিকার (আর এগোবার এখতিয়ার নেই—*মব*)। ৩ ইচ্ছা; আওতা (আমার কর্তব্য আমি কল্লেম, শুনা না শুনা, তোমাদের এক্তেয়ার—*মীম*)। **~ করা** *ক্রি* গ্রহণ করা; ধারণ করা (আমাদের শুভ বুদ্ধি এক্তেয়ার করেছেন—*সৈমু*)। { *আ* ইখতিয়ার اختيار }

এখতেলাফ, ইখতিলাফ [এখ্‌তেলাফ্, ইখ্‌তি-] *বি* পার্থক্য; অনৈক্য; মতভেদ। { *আ* ইখতিলাফ اختلاف }

এখন [অ্যাখোন্] *বি* এই সময়; বর্তমান কাল (এখন শীতকাল)। ☐ *ক্রিবিণ* ১ এই সময়ে (এখন যাও, পরে এসো)। ২ অধুনা; ইদানীং; সম্প্রতি (এখন সে দালালি করছে)। ৩ বর্তমানকালে; এযুগে (এখন সে দিন নাহি··· আর—*হেব*)। ৪ এতক্ষণ পরে; এত দেরিতে (এখন বুঝি তোর জ্ঞান হয়েছে?)। ৫ এক্ষেত্রে; এ অবস্থায় (এখন কী করা যায়?)। ৬ অবসরমতো; সুযোগমতো; পরে কোনো এক সময়ে (কাজটা করবো এখন)। ৭ অসময়ে; যখন প্রয়োজন নেই তখন (এখন গিয়ে আর কী লাভ?) ৮ এবার (সেবার যে বড় লম্ফঝম্প করেছিলে, এখন?)। ৯ অবশেষে (এখন আমারে লহ করুণা করে—*রঠা*)। ☐ *অব্য* আসলে; প্রকৃতপক্ষে (এখন, সেই ফকির ছিল ছদ্মবেশী খলিফা)। **~ই, এখনি** *ক্রিবিণ* এই মুহূর্তে; অবিলম্বে (যা করিতে হয় করহ এখনি—*রঠা*)। **এখনও, এখনো** *ক্রিবিণ* ১ আজও; বর্তমান সময় পর্যন্ত (এখনও তারে চোখে দেখিনি)। ২ এর পরেও; এ সত্ত্বেও; প্রমাণ পাওয়ার পরেও (এখনও কি বলতে চাও যে তুমি সাধু পুরুষ?)। ৩ এ অবস্থাতেও; প্রতিকূল অবস্থার মধ্যেও; তথাপি (এখনও ধর্ম আছে)। **–কার** *বিণ* আজকালকার; বর্তমানের; ইদানীন্তন (এখনকার খবর ভালো নয়)। **~কার মতো** *ক্রিবিণ* আপাতত; সম্প্রতি (এখনকার মতো এ দিয়েই চালাও)। **~-তখন** *বিণ* মুমূর্ষু; মরমর (রোগীর এখন-তখন, অবস্থা—*প্রবাদ*)। { *বা* *স* ইদম্>এই + *স* ক্ষণ = এইক্ষণ>এখন; *কর্মধা* }

এখান [এখান্] *বি* ১ এইস্থান। ২ এই পৃথিবী; ইহলোক (এখান থেকে চলে যাওয়ার সময় কিছুই সঙ্গে যায় না)। **–কার** *বিণ* এ স্থানের; এখানের। **এখানে** *ক্রিবিণ* এ স্থানে; এ জায়গায়; অত্র। {এই+খান (<*স* স্থান) –এইখান>; *কর্মধা* }

এখো[1] [এখো] *বিণ* ইক্ষুজাত; আখের তৈরি (এখো গুড়)। { *স* ইক্ষু = *বা* আখ+উয়া = আখুয়া>আউখ্যা>এখো }

এখো[2] (*প্রাবা*) [এখো] *বিণ* ১ একটিও (কাহাকো না বোলে কাহারি এখো খর বাণী—*বচদা*)। ২ একজনও। { *স* এক + *বা* ও = একও>একো>এখো }

এগজামিন, এগজামিনেশন, একজামিন [এগ্‌জামিন্, এগ্‌জামিনেশন্, এক্‌জামিন্] *বি* পরীক্ষা (এগজামিনেশনে দেয় তাড়া—*রঠা*; নবীন ছাত্র ঝুঁকে আছে একজামিনের পড়ায়—*রঠা*)। **~ দেওয়া** *ক্রি* পরীক্ষা দেওয়া; পরীক্ষিত হওয়া। **~ করা** *ক্রি* পরীক্ষা করা; পরীক্ষা গ্রহণ করা। { *ই* examination }

এগজিকিউটার [এগ্‌জিকিউটার্] *বি* ১ নির্বাহক। ২ নাবালকের বিষয়সম্পত্তি তত্ত্বাবধানের জন্য ভারপ্রাপ্ত পুরুষ বা স্ত্রী; অছি। { *ই* executor }

এগজেকিউটিভ ইঞ্জিনিয়ার [এগ্‌জেকিউটিভ্ ইন্‌জিনিয়ার্] *বি* নির্বাহী প্রকৌশলী। { *ই* executive engineer }

এগনো, এগোনো, এগুনো [এগোনো, -, -গু-] *ক্রি* অগ্রসর হওয়া; এগিয়ে যাওয়া (এগোতে পারছিনে—*রঠা*; এক পা এগোনো দুই পা পিছানো—*রঠা*)। ☐*বি* অগ্রসর; আগুয়ান। **এগিয়ে দেওয়া** *ক্রি* ১ পথে কিছু দূর পর্যন্ত সঙ্গে যাওয়া। ২ উন্নতির পথে অগ্রসর হতে সাহায্য করা। **এগিয়ে যাওয়া** *ক্রি* ১ সম্মুখের দিকে অগ্রসর হওয়া। ২ উন্নতি করা। {√এগা (*স.* √অগ্‌)+আনো, ওনো, উনো}

এগানা [এগানা] *বি* আত্মীয়; স্বজন; আপন (গরীবকে এরা বড়ই হেকারত করেন—তা সে এগানাই হোক আর বেগানাই হোক—*কাই*)। **এগানা-বেগানা** *বি* ১ আত্মীয়-অনাত্মীয়। ২ আপনপর। {*ফা.* <য়গানহ্ یگانہ }

এগারো, এগার [অ্যাগারো] *বি* ১১ সংখ্যা। ☐*বিণ* ১১ সংখ্যক। ~ **ইঞ্চি** *বিণ* এগারো ইঞ্চি পরিমাণ লম্বা। ☐*বি* এগারো ইঞ্চি মাপের বড়ো ইট (এমন এক এগার ইঞ্চি ঝাড়িব—*প্যারী*)। {*স.* একাদশ>এগারহ>এগারো}

এগুনো, এগোনো ⇒ এগনো

এছবাত [এছ্‌বাত্] *বি* স্বীকৃতি জ্ঞাপন (সে নফি হইতে এছবাতে পৌঁছিতে পারিবে—*আহা*)। {*আ.* ইছবাত اثبات }

এছমে আজম ⇒ ইসমে আযম

এছলাম ⇒ ইসলাম

এজন, এজনা *(পদ্য.)* [এজন, এজনা] *সর্ব* এইলোক; এইব্যক্তি। {এ+জন, জনা}

এজন্য, এজন্যে [এজোন্‌নো, -নে] *অব্য* এ কারণে; এই হেতু। {এ+জন্য, জন্যে; *স.* জন>জন্য}

এজমা, ইজমা [এজ্‌মা, ই-] *বি* ১ ইসলামি পরিভাষায় 'সর্বসম্মত মত'। ২ মতৈক্য। {*আ.* ইজমা اجماع }

এজমালি, ইজমালি [এজ্‌মালি, ইজ্-] *বিণ* যৌথ; সাধারণ; একাধিক জনের অধিকারভুক্ত (সাজরে তামুক নামুক দেয়া, দুষ্কৃত ইজমালি—*নই*)। {*আ.* ইজ্‌মালি اجمالی }

এজলা [এজ্‌লা] *বিবিণ* নীচ; ইতর; দুষ্ট। {*আ.* রজিল্ رذیل }

এজলাস, ইজলাস [এজ্‌লাশ্, ই-] *বি* বিচারাসন; বিচারালয় (হাকিমের এজলাস পর্যন্ত যায় নাই—*মীম*)। {*আ.* ইজ্‌লাস্ اجلاس }

এজহার ⇒ এজাহার

এজাজত, ইজাজত [এজাজত্, ই-] *বি* অনুমতি; সম্মতি। ~**নামা** *বি* অনুমতিপত্র; ছাড়পত্র; permit; licence। {*আ.* 'ইজাজত اجازت }

এজাহার, ইজাহার [এজাহার্, ই-] *বি* কোনো ফৌজদারি ঘটনা সম্পর্কে থানায় প্রদত্ত বিবৃতি (বলুন আপনার এজাহার কি?—*মীম*)। {*আ.* ইজ্‌হার اظهار }

এজিন ⇒ এজেন

এজেন, এজিন [এজেন্, এজিন্] *বি* মুসলমানের বিবাহে পাত্রীর প্রদত্ত সম্মতি বা অনুমতি (বিয়ে পড়ানোর কালে দুলহীনের এজেন নেওয়া ছিল এক মস্ত কঠিন ব্যাপার—*ইখাঁ*)। {*আ.* ইয্‌ন্ اذن }

এজেন্ট [এজেন্‌ট্] *বি* ১ প্রতিনিধি (স্থানীয় ব্যবসায়ী ইস্পাহানি লিমিটিডের এজেন্ট)। ২ প্রতিনিধি; আমমোক্তার। ৩ প্রধান কর্মচারী; গোমস্তা (জাহাজের এজেন্ট)। {*ই.* agent}

এজেন্সি [এজেন্‌সি] *বি* ১ কোনো ব্যবসায়ীর প্রতিনিধি রূপে মাল বিক্রয়ের ব্যবস্থা (ব্যবসা বাণিজ্য দালালি, দেওয়ানি এজেন্সি করে—*আচৌ*)। ২ প্রতিনিধিত্ব। ৩ প্রধান কর্মচারী বা গোমস্তারূপে কর্তৃত্ব। ৪ এজেন্টের অফিস। {*ই.* agency}

এজেহার ⇒ এজাহার

এঞ্জিন ⇒ ইঞ্জিন

এঞ্জিনিয়ার ⇒ ইঞ্জিন

এটর্নি, এটর্নী [এটর্‌নি] *বি* ১ হাইকোর্টের আইন ব্যবসায়ী বিশেষ; আদালতে মোকদ্দমার তদ্বিরকারক ব্যবহারাজীব (মন্মথ এটর্নির ব্যবসায়ে বেশ উপার্জন করে—*বিব*)। ২ আমমোক্তার; বিশেষ ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি বা কর্মচারী। {*ই.* attorney}

এটম [অ্যাটোম্] *বি* অণু বা পরমাণু। ☐*বিণ* আণবিক (এ যুগের এটম বোমার মত মারাত্মক—*মুআহা*)। {*ই.* atom}

এটা, এটি [এটা, এটি] *সর্ব* এই ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়। **এটা-ওটা-সেটা** *সর্ব* ১ নানা জিনিস; অবান্তর বা বাজে জিনিসপত্র। ২ অনির্দিষ্ট বা অবান্তর ব্যাপার। **এটা-সেটা** *সর্ব* ১ নানাবিধ জিনিস; অকেজো বা বাজে বস্তু। ২ নানা বিষয়; বাজে বা অবান্তর বিষয়। {*স.* ইদম্>এ+টা, টি}

এডভান্স ⇒ অ্যাডভান্স

এডভোকেট [অ্যাড্‌ভোকেট্] *বি* উচ্চ আদালতের উকিল বা ব্যবহারাজীব। {*ই.* advocate}

এডমিট কার্ড [অ্যাড্‌মিট্ কার্‌ড্] *বি* প্রবেশপত্র (স্কুল থেকে এডমিট কার্ড নিয়ে এসে দেখে—*আআআ*)। {*ই.* admit card}

এডিট করা [এডিট্ করা] *ক্রি* ১ সম্পাদনা করা; এক বা একাধিক লেখকের রচনা বিন্যস্ত ও শুদ্ধ করে ছাপানোর উপযোগী করা। ২ সংগৃহীত পাণ্ডুলিপি বা রচনার সুবিন্যাস করা; পাঠশুদ্ধি টীকা টিপ্পনী ইত্যাদি লেখা। {*ই.* edit + *বা.* করা}

এডিটর, এডিটার [এডিটর্, এডিটার্] *বি* ১ সাময়িক পত্র-পত্রিকার সম্পাদক। ২ পুস্তকাদির সম্পাদক। **এডিটরি, এডিটারি** *বি* সম্পাদনা; সম্পাদকতা; সম্পাদকের কাজ। {*ই.* editor}

এডিটোরিয়েল [এডিটোরিয়েল্] *বি* পত্র পত্রিকায় সম্পাদকের মন্তব্য বা বক্তব্য; সম্পাদকীয় প্রবন্ধ। {*ই.* editorial}

এডিশন [এডিশন্] *বি* ১ সংস্করণ; কোনো গ্রন্থের একবার মুদ্রণ (নব এডিশনে নূতন করিয়া তুলে—*রঠা*)। ২ কোনো গ্রন্থের একবারের মুদ্রিত কপিসমূহ (বইটার ফার্স্ট এডিশন শেষ হয়ে গেছে)। {*ই.* edition}

এড় [এড়্] *বি* পরিহার; ত্যাগ। {*স.* √হেড়্>*প্রা.* অরহেড>}

এড়া[১] *(মবা.)* [অ্যাড়া] *বিণ* ১ বাসি; পচা (এড়া ভাত)। ২ উচ্ছিষ্ট; এঁটো (এড়া রুটি খাওয়াইয়া করিব জাতি মারা—*বিগু*)। {*বা.* √এড়্+আ}

এড়া[1] [এড়া] *ক্রি* ১ নিক্ষেপ করা; ছাড়া (এড়িলা একঘ্নী বাণ —*মদ*)। ২ ত্যাগ করা (এড়ই আমারে কাহে না কর কাঙাল—*বচদা*)। **এড়াই-বেড়াই** (*মবা.*) *ক্রিবিণ* জড়িয়ে; এড়িবেড়ি করে (এড়াই-বেড়াই মিরদ্দিরে ঠ্যাসাইয়া ধরিল—*পূগী*)। **এড়িয়ে যাওয়া** *ক্রি* পাশ কাটিয়ে যাওয়া; উপেক্ষা করা; এলোমেলো হওয়া (ভয়ে তার কথা এড়িয়ে যাচ্ছে)। **এড়িতেও পারে না, বেড়িতেও পারে না**— উভয় সঙ্কট। {*বা.* √এড় (*স.* √ইল্>ইড়)+*বা.* আ = এড়া}

এড়াটে [এড়াটে] *বিণ* ১ আলসে; অলস। ২ এড়িয়ে যায় এমন। {*বা.* এড়া+টিয়া = এড়াটিয়া> এড়াটে}

এড়ানো [অ্যাড়ানো] *ক্রি* ১ অতিক্রম করা; পাশ কাটানো (সবার আঁখি এড়ানো –*রঠা*)। ২ বর্জন করা; পরিহার করা। ৩ অমান্য করা; উপেক্ষা করা (আমার কথা এড়াতে পারবে না)। ৪ অব্যাহতি লাভ করা; মুক্তি পাওয়া (তার হাত এড়ানো সোজা নয়)। ৫ এলোমেলো হওয়া (ভয়ে তার কথা এড়িয়ে যাচ্ছে)। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। {এড়া+ আনো}

এড়ি[1] (*পদ্য.*) [এড়ি] *অক্রি* ১ ত্যাগ করে; ফেলে দিয়ে (শুনি কর্ণ সেইক্ষণে এড়ি ধনুঃশর—*কাদা*)। ২ অতিক্রম করে (যায় সবে এড়ি নানা বন—*কমু*)। {√এড়া>}

এড়ি[2] [এড়ি] ⇒ এণ্ডি {*স.* এরণ্ডিকা>এ-রণ্ডিআ>এরণ্ডি>এণ্ডি>এঁড়ি}

এড়ো, এড়ুয়া [এড়ো, এড়ুয়া] *বিণ* ১ বক্র; কাত; একপেশে (এড়ভাবে নাম সহি করে—*মীম*; সে সবই এড়ো, সবই তেরচা চীনাদের চোখের মত—*প্রচৌ*)। ২ চওড়ার দিকে। ৩ শঠতাপূর্ণ; কুটিল (এড়ো চাল)। {*বা.* আড়+ উয়া = আড়ুয়া >আউড়্যা >এড়ো}

এড়োপাতালি ⇒ এলোপাতাড়ি

এণ (*মবা.*) [এনো] *বি* হরিণ; মৃগ (এণারিপু বাহিনী ও একান্তরে চাও –*ভারা*)। ~ভৃৎ *বি* চন্দ্র। **এণী** *স্ত্রী.*। **এণাক্ষী** *বিণ* মৃগনয়না। {*স.* √ই+ন}

এণ্ডা[1] [এনডা]⇒আণ্ডা {*স.* অণ্ড >এণ্ড+আ}

এণ্ডা[2] [এনডা] *বি* ভেরেণ্ডা গাছ; রেড়ি গাছ। {*স.* এরণ্ড>এণ্ড+আ}

এণ্ডায় গণ্ডায় [এনডায় গনডায়] *ক্রিবিণ* গোঁজামিল দিয়ে; ফাঁকি দিয়ে। {*স.* গণ্ডক>গণ্ডা+এ, *অনু.* এণ্ডায়}

এণ্ডি, এড়ি, এঁড়ি [এনড়ি, এড়ি, এঁড়ি] *বি* ১ মোটা রেশমি কাপড়; তসরবিশেষ (এণ্ডির চাদর)। ২ জুতার গোড়ালি (এঁড়ি তোলা জুতা)। {*স.* এরণ্ড> এণ্ড + ই = এণ্ডি; অথবা এরণ্ডিকা>এণ্ডিআ>এণ্ডি>এঁড়ি}

এত [অ্যাতো] *বিণ* ১ এই পরিমাণ (এত দুধ)। ২ এই সংখ্যক (এত আম) ৩ প্রচুর; অনেক (এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে কড়ি আসে দুটো?—*রঠা*)। ~**টুকু হয়ে যাওয়া** *ক্রি* অপ্রতিভ হওয়া; সঙ্কুচিত হওয়া (এত বড় পালোয়ান দেখেই সে এতটুকু হয়ে গেল)। {*স.* এতাবৎ> *প্রা.* এত্তঅ, এত্তিঅ, ইত্তিঅ>এত্ত>এত; অথবা এতৎ>এত}

এতক [এতক্] *বিণ* এ পর্যন্ত (..তার কোন সঠিক ইতিহাস এতক লেখা হয়নি—*মুম*)। {*স.* ইয়ৎ> *প্রা.* এত্তক> এতক}

এতৎ, এতদ্ [এতত্, –দ্] *সর্ব* ১ এটা; এই; ইনি। ২ সম্মুখস্থ (ব্যক্তি, বস্তু বা বিষয়)। **এতদতিরিক্ত** *বিণ* এ (বা এটা) ছাড়া; এর বেশি। **এতদনুযায়ী** *বিণ* এর অনুরূপ; এই অনুসারে (ঈদৃশ স্থানে মাদৃশ জনের এতদনুযায়ী ফল লাভের সম্ভাবনা কোথায়?—*ঈবি*)। **এতদবস্থা** *বি* এই অবস্থা; এইরূপ (বা এরূপ) ক্ষেত্র (বিপদে পড়িয়া চিত্তের কিঞ্চিৎ অস্থিরতা হওয়া পরিণামে ভাল, এতদবস্থায় উত্তর জ্ঞানের উদয় হয়—*প্যামি*)। **এতদর্থ** *বি* এই মর্ম; এই বক্তব্য (এতদর্থে এই কাবিননামা লিখিয়া দিলাম)। **এতদীয়** *বিণ* এই ব্যক্তি বস্তু বা বিষয় সংক্রান্ত। **এতদুদ্দেশ্য** *বি* এই অভিপ্রায়; এই মতলব। **এতদ্দেশ** *বি* এ দেশ; এ স্থান। **এতদ্দেশীয়** *বিণ* এ দেশের। **এতদ্ব্যতীত** *অব্য* এ ছাড়া; এ ব্যতীত। **এতদ্রূপ** *বিণ* এরূপ অবস্থা। {*স.* √এতদ্}

এততাহাম (বিরল) [এত্‌তাহাম্] *বি* অমূলক সন্দেহ; ভিত্তিহীন দোষারোপ; মিথ্যা অভিযোগ (ঠকচাচা এততাহামে গেরেপ্তার হইয়াছে—*প্যামি*)। {*আ.* ইত্তিহাম্ اتهام }

এতদ ⇒ এতৎ

এতদিন, এদ্দিন, অ্যাদ্দিন (বিরল) [অ্যাতোদিন্, অ্যাদ্‌দিন্, –] *ক্রিবিণ* এত অধিককাল; এত দীর্ঘ সময়। {*স.* এতাবৎ+দিন>এত+দিন = এদ্দিন> অ্যাদ্দিন (*আঞ্চ.*)}

এতদূর, এদ্দূর [অ্যাতোদূর্, অ্যাদ্‌দুর্] *ক্রিবিণ* দূরত্বের পরিমাণ বোঝাতে; যা সীমা অতিক্রম করে (তোমার এদ্দূর আস্পর্ধা!)। {*স.* এতদ্+দূর>}

এতদ্দ্বারা, এতদ্বারা (*অশু.*) [এতদ্‌দাবা] *সর্ব* এর দ্বারা। {*স.* এতদ্+দ্বারা}

এতবার[1], **এৎবার** ⇒ এতেবার

এতবার[2], **এতোয়ার** [এতবার, এতোয়ার্] *বি* রবিবার। {*স.* আদিত্যবার> আইত্তবার> এতওয়ার> *হি বা.* এতোয়ার}

এতলা ⇒ এত্তেলা

এতহি (*মবা.*) [এতোহি] *ক্রিবিণ* ১ এদিকে (অনতহি গমনে এতহি নিহার—*বিপ*)। ২ এখানে। {*স.* এতস্মিন অথবা *স.* অত্র>এত্র>এত্থ>এথা>এথ>এত+হি}

এতহুঁ (*মবা.*) [এতোহুঁ] *বিণ* এতখানি; এ পর্যন্ত (এতহুঁ সম্বাদ—*গোদা*)। {*স.* এতাবৎ>}

এতাদৃশ [এতাদৃশো] *বিণ* এই প্রকার; এরূপ; ঈদৃশ (রাজকুমারের এতাদৃশ বদান্যতা ও উদারচিত্ততা দর্শনে—*ঈবি*)। **এতাদৃশী** *স্ত্রী.* (নৃপনন্দনের এতাদৃশী অবস্থা নিরীক্ষণ করিয়া—*ঈবি*)। {*স.* এতৎ+√দৃশ্+অ(ক্বিপ্)}

এতাবৎ [এতাবত্] *অব্য* এই পর্যন্ত। **এতাবতী** *স্ত্রী.* (তোমার এতাবতী মমতা উদিত হয় না—*ঈবি*)। ❑ *বিণ* এ পরিমিত; এতটুকুন; এ সমস্ত। ~**কাল** *ক্রিবিণ* এতদিন ধরে; আজ পর্যন্ত। ❑ *বি* এ পরিমাণ সময়; এতদিন। {*স.* এতৎ+বৎ(বতুপ্)}

এতালা ⇒ এত্তেলা

এতিম, এতীম [এতিম্] *বি* মাতাপিতাহীন বালক বালিকা (নিঃস্ব ও এতিম হইলে—*মোব*)। ☐ *বিণ* অনাথ; অসহায়। ~**খানা** *বি* অনাথাশ্রম; orphanage। { *আ.* য়তীম يتيم }

এতেক [এতেক্] *বিণ* এ পরিমাণ; এতটা; অত। ☐ *ক্রিবিণ* এ পর্যন্ত; এত দূর (এতেক কহিয়া রাজা দূত পানে চাহি, আদেশিলা —*মদ*)। { *স.* ইয়ৎ>এত+ *স.* এক> *প্রা.* এত্তেক}

এতেকাদ, ইতিকাদ [এতেকাদ্, ইতি–] *বি* বিশ্বাস; প্রত্যয়; ভক্তি। { *আ.* ই'তিকাদ্ اعتقاد }

এতেকাফ, ইতিকাফ [এতেকাফ্, ইতি–] *বি* ইবাদতের উদ্দেশ্যে রমজান মাসের শেষভাগে নির্দিষ্টকালের জন্য মসজিদে অবস্থিতি (সমস্ত মুসলমানের কল্যাণ সাধনের জন্য এহ্‌তেকাফ বসিয়াছেন—*আমআ*)। { *আ.* ই'তিকাফ্ اعتكاف }

এতেবার, এৎবার[১], **এদবর** [এতেওয়ার্, এতয়ার্, এদ্‌ওয়ার্] *বি* ১ বিশ্বাস; প্রত্যয় (এই লোকটাই যে অত বড় নামজাদা সর্দার এৎবার হয় না—*আমআ*)। ২ নির্ভর; ভরসা; আস্থা (হাতেম কহেন আমি না করি এতবার—*সৈহা*)। ৩ বিবেচনা; সমাদর। { *আ.* ই'তিবার اعتبار }

এতেরাজ, ইতিরাজ [এতেরাজ্, ইতি–] *বি* ১ আপত্তি। ২ বিরোধিতা। ৩ সমালোচনা। { *আ.* ই'তিরাদ্ اعتراض }

এতেলা ⇒ এত্তেলা

এত্তেফাক ⇒ ইত্তেফাক

এত্তেলা, এতেলা, ইত্তিলা [এত্‌তেলা; এতেলা, ইত্‌তিলা] *বি* সংবাদ; খবর; নোটিস (এই সময়ে সাহেবের এত্তেলা পেয়ে বলাই মনে মনে একটু বিরক্তই হয়—*আজাশা*; হজুরতক এ বিষয় এত্তলা করে না—*রাম*; হাসিয়া তাহার এজাহার নিয়ে প্রথম এতালা কাটি—*রজসে*)। ~**নামা** *বি* সমন; বিজ্ঞাপন; লিপিবদ্ধ বর্ণনা। { *আ.* ইত্তিলা اطلاع }

এত্তেহাদ ⇒ ইত্তেহাদ

এথা [এথা] *অব্য ক্রিবিণ* অত্র; এইখানে; এদিকে। { *স.* অত্র> *প্রা.* এত্থ> এত্থ+আ=এথা}

এথাসি (*প্রাব্য.*) [এথাসি] *অব্য* এখানেই (এথাসি সুন্দরি রাধা কর কাঠদাপ—*বচদা*)। { *স.* অত্র> *প্রা.* এত্র>এত্থ> এত্থ+আ = এথা+অসি 'সি'}

এদানিক, ইদানিক (বিরল) [এদানিক্] *ক্রিবিণ* আজকাল; অধুনা; সম্প্রতি; ইদানীং (এ দেশের লোকের মনে এদানিক এই ভুল বিশ্বাস জন্মলাভ করেছে—*প্রচৌ*)। { *স.* ইদানীম্+ক = ইদানিক>এদানিক}

এদিক [এদিক্] *বি* ১ এই দিক। ২ এই স্থান অঞ্চল বা দেশ। ৩ এই পক্ষ (এদিকের কথাওতো ভাবতে হবে)। ~**ওদিক**, ~**সেদিক** *বি* চারিদিক। ☐ *ক্রিবিণ* ইতস্তত। ~**ওদিক করা** *ক্রি* ইতস্তত করা; দ্বিধায় পড়া। ~**সেদিক করা** *ক্রি* হেরফের করা; ফাঁকি দেওয়া; কম দেওয়া। **এদিকে** *ক্রিবিণ* ১ এ স্থানে; এ অঞ্চলে; এই দেশে; এখানে। ২ এ পক্ষে। ৩ এ অবস্থায়; ইতোমধ্যে (বাপ ঘরে নেই, এদিকে ভাইয়ে ভাইয়ে ঝগড়া লেগেছে)। { *স.* এতৎ, *বা.* এ+ *স.* দিক}

এদ্দাৎ ⇒ ইদ্দত

এদ্দিন, অ্যাদ্দিন ⇒ এতদিন

এধার [এধার্] *বি* ১ এইদিক। ২ এই অঞ্চল। **এধারে** *ক্রিবিণ*। ~**ওধার** *বি* এদিক-ওদিক; চতুর্দিক; সর্বত্র। ☐ *ক্রিবিণ* ইতস্তত। { *বা.* এ+ধার (দিক)+ঐ+ধার=এধার-ওধার; তুল. *হি* 'ইধর্-উধর্'}

এনকার ⇒ ইংকার

এনকেলাব ⇒ ইনকিলাব

এনকোর [এন্‌কোর্] *বি* ১ অভিনয় নৃত্যগীত পুনরায় দেখার বা শোনার জন্য অনুরোধ। ২ বাহবা (বক্তৃতা শুনে এনকোর দেওয়া)। { *ফ.* encore}

এনট্রান্স, এনট্রেন্স [এন্‌ট্রান্‌স্, –ট্রে–] *বি* প্রবেশিকা পরীক্ষা; মাধ্যমিক শিক্ষাবোর্ডের প্রথম পরীক্ষা। ~**পাস** *বিণ* প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ। { *ই.* entrance}

এনভেলাপ, ইনভেলাপ [এন্‌ভেলাপ্, ইন্‌ভেলাপ্] *বি* ১ খাম; লেফাফা। ২ ডাকটিকিটযুক্ত চিঠির খাম। { *ই.* envelope}

এনলাইটেন ⇒ ইনলাইটেন

এনশাআল্লাহ ⇒ ইনশাআল্লাহ

এনসান, এনসানিয়াত ⇒ ইনসান

এনসাফ ⇒ ইনসাফ

এনাম, এনাম-বকশিশ ⇒ ইনাম

এনামেল, ইনামেল [এনামেল্, ই–] *বি* ১ প্রলেপ; কলাই; মিনা। ২ *বিণ* কলাই করা; মিনা করা (সর্বজয়া একটা এনামেলের বাটি...আনিয়া—*বিব*)। { *ই.* enamel}

এনায়েত, ইনায়েত [এনায়েত্, ই–] *বি* অনুগ্রহ। { *আ.* 'ইনায়ত عنايت }

এনার্জি [এনারজি] *বি* শক্তি; ক্ষমতা (প্রচণ্ড এনার্জি উৎপন্ন হয় তা মান?—*রাব*)। { *ই.* energy}

এন্ট্রান্স ⇒ এনট্রান্স

এন্তাকাল ⇒ এন্তেকাল

এন্তাজার, এন্তাজারি ⇒ এন্তেজার

এন্তার [এন্‌তার্] *বিণ* অজস্র; দেদার (মন কহে আজ ফুটিল যখন এন্তার ঐ গোলাপ গুল—*নই*)। ☐ *ক্রিবিণ* ক্রমাগত; বিরামহীন (এন্তার গান তার ভাসে ভোর বাতাসে —*নই*)। { *পো.* entaro}

এন্তেকাল, ইনতিকাল, ইন্তেকাল [এন্‌তেকাল্, ইন্‌তি–, ইন্‌তে–] *বি* মৃত্যু। { *আ.* ইন্‌তিকাল انتقال }

এন্তেখাব, ইন্তেখাব [এন্‌তেখাব্, ইন্‌তে–] *বি* নির্বাচন। { *আ.* ইন্‌তিখাব্ انتخاب }

এন্তেজাম, ইন্তেজাম, ইন্তিজাম [এন্‌তেজাম্, ইন্‌তেজাম্, ইন্‌তিজাম্] *বি* বন্দোবস্ত; ব্যবস্থা (ভালভাবেই খানাপিনার এন্তেজামে লেগে গেছে—*আরও*)। { *আ.* ইন্‌তিজাম্ انتظام }

এন্তেজার, এন্তেজারি, ইন্তেজার, ইন্তেজারি [এন্‌তেজার্, –রি, ইন্‌তেজার্, –রি] *বি* প্রতীক্ষা; আগ্রহের সঙ্গে অপেক্ষা (এন্তেজারি ভাল লাগে না—*মুচৌ*; কিছুক্ষণ ইন্তেজার করিয়া বিবি সাহেব চেয়ারের পিছনে আসিলেন—*মুম*)। { *আ.* ইন্‌তিজার انتظار }

এন্তেহা, ইন্তিহা, ইন্তেহা [এন্‌তেহা, ইন্‌তিহা, ইন্‌তেহা] *বি* অন্ত; সীমা; শেষ। {*আ.* ইন্‌তিহা انتها}
এন্‌শা আল্লাহ ⇒ ইনশাআল্লাহ
এপার [এপার] *বি* একূল; এদিক। ~**-ওপার** *বি* ১ নদীর এপার থেকে ওপার; পারাপার। ২ কোনো কিছুর এপিঠ থেকে ওপিঠ পর্যন্ত; সম্মুখ থেকে পশ্চাৎ পর্যন্ত। {এই> এ+পার=এপার+ওই>ও+পার=এপার-ওপার}
এপাশ-ওপাশ [এপাশ্‌ওপাশ্] *বি* উভয় দিক; সর্বদিক। ~ **করা** *ক্রি* ১ বিছানার এক পার্শ্ব থেকে অন্য পার্শ্ব পর্যন্ত গড়াগড়ি করা। ২ যন্ত্রণায় ছটফট করা। {এই >এ+পাশ <*স.* পার্শ্ব}
এপিঠ-ওপিঠ [এপিঠ্ ওপিঠ্] *বি* দুদিক; উভয়দিক; উপর-নিচ। {এই>এ+পিঠ<পৃষ্ঠ=এপিঠ+ওই>ও+পিঠ <*স.* পৃষ্ঠ}
এপ্রিল [এপ্রিল্] *বি* ইংরেজি চতুর্থ মাস—চৈত্রের ১৮ তারিখ থেকে বৈশাখের ১৭ তারিখ পর্যন্ত। {*ই* April}
এপ্রেন্টিস [অ্যাপ্‌প্রেন্‌টিস্] *বিণ* শিক্ষানবিস; শিক্ষাধীন (মাস দুইয়ের মধ্যেই একটি এপ্রেন্টিস সাবরেজিস্টারের পদ খালি হতেছে—*কাই*)। {*ই* apprentice}
এফতার, এফতারি ⇒ ইফতার
এফিডেভিট, এপিডেবিট [এফিডেবিট্, এপিডেপিট্] *বি* হলফনামা; শপথপূর্বক লিখিত উক্তি (কে যথার্থ দায়গ্রস্ত, এপিডেপিট কললেও তার সিদ্ধান্ত হয় না—*কাসি*)। {*ই* affidavit}
এফোঁড়-ওফোঁড় [এফোঁড়্ওফোঁড়্] *ক্রিবিণ* ১ একদিক থেকে অপরদিক পর্যন্ত (এফোঁড়-ওফোঁড় বেঁধা)। ২ সম্পূর্ণভাবে বিদ্ধ (এফোঁড়-ওফোঁড় করা)। {*বা.* √ফুঁড় <*স.* √স্ফুট্ (ছেঁদা করা)}
এবং [এবোঙ্] *অব্য* ১ আর; ও; and। ২ এমন; এইপ্রকার (এবংবিধ, এবম্প্রকার)। ~**বিধ, এবম্প্রকার** *বিণ* এ রকম; এরূপ; ঈদৃশ। {*স.* এবম্ >}
এবড়ো-খেবড়ো, এবড়ো-থেবড়ো, আবড়া-খাবড়া, [এব্‌ড়োখেব্‌ড়ো, -থে-, আব্‌ড়াখাব্‌ড়া] *বিণ* ১ অসমতল; উঁচুনিচু; বন্ধুর (কোথাও এবড়ো-খেবড়ো পাহাড়-পর্বত নেই—*অঠা*)। ২ অমসৃণ। {*আ.* ইব্‌রা ابرا >, *অনু.* খেবরো ইত্যাদি, তুল. *হি* উবড়-খাবড়}
এবনরমাল [অ্যাব্‌নর্‌মাল্] *বি* অস্বাভাবিক (তোমার এবনরমাল অবস্থাটা দেখবার বাসনা আমার মাঝে মাঝে হয়—*সৈমু*)। {*ই* abnormal}
এবনে ⇒ ইবন
এবমস্তু [এবমোস্‌তু] *অব্য* এ-ই বা এটাই হোক; এরূপই বা এমনি হোক; ('এবমস্তু' বলি অগ্নি এই বর দিল—*কাদা*)। {*স.* এবম্+অস্তু=এবমস্তু}
এবম্প্রকার ⇒ এবং
এবরা [এব্‌রা] *বি* ১ অব্যাহতি; রেহাই; মুক্তি; দেনা থেকে রেহাই। ২ অগ্রাহ্য; নামঞ্জুর; বাতিল (আদালত তার সাক্ষীকে এবরা করেছেন)। {*আ.* ইব্‌রা ابرا}
এবলিশ, অ্যাবোলিশ [অ্যাবোলিশ্] *বি* লোপ; রহিত (তারপর পদটা এবলিশ হইল—*বচ*)। {*ই* abolish}
এবাদত, ইবাদত [এবাদত্, ই-] *বি* উপাসনা; প্রার্থনা (যদি বা আলিমে করে অল্প এবাদত—*সৈআ*; তোর জনম যাবে বিফল যে ভাই, এই এবাদত বিনারে—*নই*)। ~**খানা** *বি* ১ (ফতেপুর সিক্রিতে) আকবরের বিখ্যাত ধর্মচর্চার আসর। ২ উপাসনালয়। ~**গাহ** *বি* উপাসনার স্থান; মসজিদ। ~**-বন্দেগি** *বি* উপাসনা; আরাধনা; প্রার্থনা (খোদাতাল্লার এবাদত-বন্দেগি করে আইউব পরম শান্তিতে বাস কচ্ছিলেন—*শেক*)। {*আ.* 'ইবাদত عبادت}
এবার [এবার্] *ক্রিবিণ* ১ এইবার; এখন; এ সময়ে। ২ এ যাত্রা; এ দফা (এবারের মত বসন্ত-গত জীবনে—*রঠা*)। ৩ এ বৎসর (এবার দুর্ভিক্ষ দেখা দিবে)। ৪ এ অবস্থায়; এ ক্ষেত্রে (এবার ফিরাও মোরে—*রঠা*)। ৫ এ জীবন বা জীবনে। ~**কার** *বিণ* ১ এবারের (এবারকার মতো স্থগিত রাখো)। ২ এ বৎসরের (দেশের এবারকার অবস্থা ভালো নয়)। {এ+বার}
এবারত, ইবারত [এবারত্, ইবারত্] *বি* ১ রচনারীতি; বাগ্‌ধারা (তুমি লিখা দেখে অর্থাৎ এবারত দেখে লিখার ভাবভঙ্গী চিন্তে পার কার লেখা—*মীম*)। ২ মুসাবিদা; খসড়া (কুড়রামের এবারত ভারি দোরস্থ—*দীমি*)। ৩ রচনা; বিবরণ (এবারত লেইখ্যা যত কুচ্ছা যে করিল—*মৈগী*)। {*আ.* 'ইবারত عبارت}
এবে (*পদ্য.*) [এবে] *ক্রিবিণ* ১ এ সময়; এখন (তেঁই সে রাবণ এবে দুর্বার সমরে—*মদ*)। ২ অতঃপর (রাজা বলে এবে কাব্য-কূজন আরম্ভ কর কবি—*রঠা*)। ৩ অধুনা; আজকাল (এবে মোর তনু ক্ষীণ—*কায়*)। {তুল. *স.* ইদানীং, *প্রা.* এম্বহিং, *হি* অব, *মবা.* এঁবে}
এবেলা [এব্যালা] *ক্রিবিণ* ১ এই সময়। ২ দিবসের যে কোনো এক ভাগে (এ বেলা রাঁধবে কি?)। {এ+বেলা}
এভেন্যু [এভেন্যু] *বি* তরুশ্রেণির মধ্যবর্তী প্রশস্ত পথ (এভেন্যুর মধ্য রাত্রির স্তব্ধতা—*আজ্ঞা*)। {*ই* avenue}
এম. এ. [এম্ য়ে] *বি* ১ বিশ্ববিদ্যালয়ের কলাবিভাগের উচ্চতর ডিগ্রি বা উপাধি বিশেষ; মানবিক বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি। ২ ঐ উপাধিধারী ব্যক্তি (তিনি একজন এম. এ.)। {*ই* Master of Arts; M.A.}
এম. এসসি [এম্ এস্‌সি] *বি* ১ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান-বিভাগের উচ্চতর ডিগ্রি বা উপাধি বিশেষ; বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি। ২ ঐ উপাধিধারী ব্যক্তি। {*ই* Master of Science; M.Sc.}
এম-ডি [এম্ ডি] *বি* ১ চিকিৎসা শাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধি বিশেষ; মেডিসিনে ডক্টরেট ডিগ্রি। ২ ঐ উপাধিধারী ব্যক্তি। {*ই* Doctor of Medicine; M.D.}
এমত, এমতি (*পদ্য.*) [এমতো, এমোতি] *বিণ* এরূপ; এমন; ঈদৃশ (এমতি লাগয়ে বুকের শোভা—*বচদা*)। {*প্রা.* এম(এরম); এ+মত, +ই}
এমতানাই, এমতেনাই [এম্‌তানাই, -তে-] *বি* নিষেধ; injunction। {*আ.* ইম্‌তিনা امتناع}
এমতি ⇒ এমত
এমতেহান, ইমতেহান, ইমতিহান [এম্‌তেহান্, -তে-, -তি-] *বি* পরীক্ষা (এমতেহান লওয়ার সুযোগ

কারো হয় নাই—*মুম*)। { *আ.* ইম্‌তিহান্ امتحان }

এমন [অ্যামোন্] *সর্ব, বিণ, ক্রিবিণ* এরূপ; এ প্রকার; ঈদৃশ; এহেন (আজিকে এমন দিনে শুধু পড়ে মনে—*রঠা*)। **~ই, এমনি** *সর্ব* এরূপই; এরকম (সেদিনও এমনি বায়ু রহিয়া রহিয়া—*রঠা*)। □ *বিণ* এতই (এমনি মধুর শ্লোক বাখানিব—*রঠা*)। **~কি** *অব্য* অধিকন্তু; আরও (এমন কি আমার টাকাও চুরি করেছে)। **~ কিছু** *বিণ* বিশেষ কিছু; উল্লেখযোগ্য; প্রয়োজনীয় (এমন কিছু কাজ নেই)। **~টি** *সর্ব* এমন দ্বিতীয়টি; ঠিক এই ধরনের আরেকটি (এমনটি আর পড়িল না চোখে—*রঠা*)। **~তর, এমনিতর** *বিণ* এই প্রকার; ঠিক এই রকম (সে দিনও এমনিতর অন্ধকার ছিল—*রঠা*)। **~-তেমন** *বি* ১ সাধারণ; অগ্রাহ্য করার মতো সাধারণ লোক (সে এমন তেমন নয়)। ২ বেগতিক; বিপদের সম্ভাবনা (এমন-তেমন দেখলে সরে পড়বে)। **~ধারা** *বিণ* এ ধরনের। { *বা.* এই >এ+মন—এমন}

এম. বি. [এম্ বি] *বি* বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাবিজ্ঞান বিষয়ের উপাধি; চিকিৎসায় স্নাতক উপাধি। { *ই.* Bachelor of Medicine; M.B. }

এমাম, এমামতি, এমামত্ব ⇒ ইমাম

এমারত ⇒ ইমারত

এমুড়া-ওমুড়া, এমুড়ো-ওমুড়ো [এমুড়াওমুড়া, -ড়ো-ড়ো-] *ক্রিবিণ* ১ এ মাথা থেকে ও মাথা পর্যন্ত; এ প্রান্ত থেকে ও প্রান্ত পর্যন্ত। ২ আপাদমস্তক। ৩ সম্পূর্ণ; সমগ্র। { *বা.* এই >এ+ *স.* মুণ্ড> *প্রা.* মুণ্ড> *বা.* মুড়+আ}

এমুখো [এমুখো] *ক্রিবিণ* এদিকবর্তী; এদিক-গামী (এখন যে আর এমুখো হও না)। {এ+মুখ+ও}

এযাত্রা [এযাত্‌রা] *বি, ক্রিবিণ* এবার (এযাত্রা বেঁচে গেলাম)। {এ+যাত্রা}

এযাবৎ [এজাবোত্] *অব্য, ক্রিবিণ* এ পর্যন্ত; এখন পর্যন্ত; একাল পর্যন্ত। {এ+যাবৎ}

এয়াকুত ⇒ ইয়াকুত

এয়াজুজ ⇒ ইয়াজুজ মাজুজ

এয়ার, এয়ারবক্সি, এয়ারবন্ধু ⇒ ইয়ার

এয়ার-কন্ডিশন [এয়ার্ কন্‌ডিশন] *বি.* নাতিশীতোষ্ণ রাখার যান্ত্রিক ব্যবস্থা। { *ই.* air condition}

এয়ার হোস্টেস [এয়ার্ হোস্‌টেস্] *বি* বিমানবালা (এয়ার হোস্টেস প্রতি দুই ঘণ্টা অন্তর খাওয়াচ্ছেন—*মুআহা*)। { *ই* air-hostess}

এয়ো, আইও, এঁয়া, আয়ো [এয়ো, আইয়ো, এঁয়া, আয়ো] *বি* সধবা নারী (এয়ো তুমি, তোমার কি সাজে এ বেশ?—*মদ*; বাড়ির এঁয়ারা সকলে ভালো আছেন—*রঠা*; জোকার দেও আয়োগণ জন্মিল মনসা—*বিগু*)। □ *বিণ* সধবা; স্বামী জীবিত আছে এমন নারী। **~জাত** *বি* মাঙ্গলিক কার্যোপলক্ষে হিন্দু সধবাদের উৎসব বিশেষ; এয়োদের একত্র ভোজন (চন্দ্রমুখী পাইলেন এয়োজাত ভার—*ভারা*)। **~ত, ~তি, ~তঃ** *বি* অবৈধব্য; সধবার চিহ্ন। **~তি, ~তী** *বিণ* সধবা (দোয়া করি তুই চির এয়োতি হ—*নই*)। □ *বি* সধবা নারী। **~সুয়া** *বি* সধবা ও স্বামী সোহাগিনী (এয়ো সুয়া এক ঠাই দেখ রে আসিয়া—*ভারা*)। **~স্ত্রী** *বি* সধবা নারী। { *স.* অবিধবা>অবিহবা>অবিহ>আইঅ>আয়ো>এয়ো}

এরকা [এরকা] *বি* ১ এক প্রকার গাঁটশূন্য (গ্রন্থিহীন) তৃণ; নলখাগড়া (একমুষ্টি এরকা—*কাসি*)। ২ হোগলা। { *স.* এরকা>}

এরণ্ড, এরণ্ডক [এরন্‌ডো, এরন্‌ডক্] *বি* ১ ভেরেণ্ডা গাছ; রেড়ি গাছ (এণ্ডার ঠান লইয়া আসা করিয়া—*মাগান*)। ২ আগাছা; বাজে গাছ (উনবিংশ শতাব্দীতে সাহিত্যের কোনো কোনো এরণ্ড এমন মহাবোধিবৃক্ষত্ব লাভ করেছিলেন—*প্রচৌ*)। **~পত্রিকা, -পত্রী** *বি* দন্তীবৃক্ষ। { *স.* √ঈর্ + অণ্ডচ}

এরণ্ডা [এরন্‌ডা] *বি* পিপ্পলী গাছ। { *স.* এরণ্ড+আ}

এরশাদ, ইরশাদ [এর্‌শাদ্, ই-] *বি* আদেশ; নির্দেশ (এরশাদ ফরমাইলেন—*মুম*; তোমার এরশাদ আমি বয়ে নিয়ে চলেছি—*তাহো*)। { *আ.* ইরশাদ ارشاد }

এরাদা, ইরাদা, এরাদ্দা [এরাদা, ই-, এরাদ্‌দা] *বি* সংকল্প; অভিপ্রায়; ইচ্ছা (তা কি করবেন, এরাদা করেছেন—*কাই*)। { *আ.* ইরাদাহ ارادة }

এরারুট, অ্যারারুট [অ্যারারুট্] *বি* গুল্মমূল থেকে প্রস্তুত পালো বিশেষ। { *ই* arrowroot}

এরূপ [এরুপ্] *সর্ব, ক্রিবিণ, বিণ-বিণ* এ প্রকার (এরূপ ব্যবহার; এরূপ করে; এরূপ সুন্দর)। { *বা.* এ+ *স.* রূপ}

এরে [এরে] *অব্য* ওহে; ওরে (এরে মর্কট পাতাল কোনদিকে জানিস কিছু?—*অঠা*)। { *বা.* এ+ *স.* রে}

এরেম [এরেম্] *বি* ১ স্বর্গোদ্যান (এরেম উদ্যানে যথা আনন্দে মাতিয়া—*ইহো*)। ২ শাদ্দাত নির্মিত কৃত্রিম ভূস্বর্গ। { *আ.* ইরম ارم }

এরোড্রোম, এয়ারোড্রোম (বিরল) [অ্যারোডড্রোম্, এয়া-] *বি* বিমানবন্দর, বিমানঘাঁটি। { *ই* aerodrome}

এরোপ্লেন, অ্যারোপ্লেন [অ্যারোপ্‌প্লেন্/এ-, অ্যা-] *বি* বিমানপোত, উড়োজাহাজ। { *ই* aeroplane}

এল.এম.এস. [এলএমএস] *বি* চিকিৎসাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উপাধি বিশেষ। { *ই.* L M.S.= Licentiate in Medicine and Surgery }

এলজাম, এলযাম, ইলজান, ইলযাম [এল্‌জাম্, -, ইল্‌জান্, ইল্‌যাম্] *বি* অপবাদ; অভিযোগ; দোষারোপ (তাকে স্বার্থপরতার এলজাম দিল—*মুম*)। { *আ.* ইলজাম الزام }

এলতলা [এল্‌তলা] *বি* ছাঁচতলা; ঘরের ছাইচের নিচে। **~-বেলতলা** *ক্রিবিণ* এখানে সেখানে; নানাস্থানে। **~ দিয়ে বেলতলা দিয়ে**—অজানা নানা জায়গা ঘুরে। { *স.* আকুল> *বা.* আউল>এল; *স.* তল + *বা.* আ = তলা}

এলবাম, অ্যালবাম [অ্যাল্‌বাম্] *বি* ফটো ইত্যাদি রাখার খাতা; আলেখ্য পুস্তক (তাঁর মনের এলবামে কোনো হাফটোন ছবি ঢুকতে পারতো না—*সৈমু*)। { *ই* album}

এলবার্ট, আলবার্ট [অ্যাল্‌বার্ট্, আ-] *বি* প্রিন্স এলবার্ট প্রবর্তিত টেরি চুলকাটা, জুতা ঘড়ির চেন প্রভৃতির ঢং বিশেষ (আলবার্ট ফেশানে চুল ফেরানো—*কাসি*)। □ *বিণ* এলবার্ট নমুনা বা ফ্যাশানের (বেশ্যাবাজীটি আজকাল এ শহরে বাহাদুরীর কাজ ও বড় মানুষের এলবাত পোষাকের মধ্যে গণ্য—*কাসি*)। { *ই* albert}

এলম ⇒ এলেম

এলযাম ⇒ এলজাম

এলহান, ইলহান [এল্‌হান্, ই-] *বি* কণ্ঠস্বর; সুর (গাহে বুলবুল খোশ এলহান—*নই*)। { *আ.* ইল্‌হান الحان }

এলহাম, ইলহাম [এল্‌হাম্, ইল্-] *বি* ঐশী প্রেরণা; প্রত্যাদেশ (খোদার দরবার হইতে এলহামের অনুপ্রেরণা পাইয়াছেন—*মুম*)। { *আ.* ইলহাম الهام }

এলা১ [এলা] *বি* ১ এলাচি। ২ এলাচিগাছ। { *স.* √ইল্+অ }

এলা২ [এলা] *বিণ* আলগা; ঝুরঝুরে (এলামাটি, খড়িমাটি...এমনি নানা রঙের বড়ি দিয়ে ভর্তি থাকে রঙের বাক্স—*অঠা*)। { *স.* আকুল >*বা.* আউল + *বা.* আ = আউলা>এলা; অথবা, *স.* আলুলায়িত> আলুলা>*বা.* আউলা>এলা}

এলাইচ ⇒ এলাচ

এলাউন্স [অ্যালাউন্‌স্] *বি* ১ বৃত্তি; ভাতা। ২ অনুমতি; অনুমোদন (পূজোর দালানে জুতো নিয়ে ওঠবার এলাওয়েন্স—*কাসি*)। { *ই.* allowance }

এলাকাঁড়ি ⇒ এলাকাড়ি

এলাকা, এলেকা, ইলাকা [এলাকা, এলেকা, ইলাকা] *বি* ১ অঞ্চল; প্রদেশ (যে সকল জেলে ভিন্ন এলেকার তাহাদের আর দেখা পাওয়া যায় না—*রঠা*)। ২ সম্পর্ক; সংস্রব; সম্বন্ধ। ৩ সীমা (পানের ছোপ তেমনি চলে এসেছে গালের এলেকায়—*অচিসে*)। ৪ অধিকার; দখল। { *আ.* 'ইলাকাহ্ علاقة }

এলাকাড়ি, এলাকাঁড়ি, আলাকাড়ি [এলাকাড়ি, -কাঁ-, আলাকাড়ি] *বি* ১ শৈথিল্য; ঢিলামি; অমনোযোগ; (এলাকাড়ি এতদূর ভাল নয় বাপু—*মব*)। ~ **দেওয়া** *ক্রি* শৈথিল্য দেখানো; মনোযোগী না হওয়া। { *স.* অলগ্ন>এলা। *স.* কণ্ডন>কাঁড়া}

এলাচ, এলাচি [এলাচ্, এলাচি, অ্যা-, অ্যা-] *বি* সুগন্ধি মশলা বিশেষ; বীজযুক্ত ফল বিশেষ। ~**দানা** *বি* ১ ভিতরে এলাচের বীজ দিয়ে প্রস্তুত চিনির তৈরি গোলাকার মিষ্টান্ন বিশেষ। ২ এলাচের বীজ। { *স.* এলা+ *বা.* চি, চ; *হি.* ইলায়চী, ইলাচী}

এলাজ [এলাজ্] *বি* ১ চিকিৎসা; আরোগ্য (আমার রোগের এলাজ কর পিইয়ে দাওয়াই লাল সুরা—*নই*)। ২ প্রতিষেধক ঔষধ (এলাজ বান্ধিল তার ঘায়ের উপরে—*সৈহা*)। ৩ শাসন (লেড়কা ভাল হবে—নরম হবে, বেতমিজ ও বজ্জাত হলো, এলাজ দেওয়া মোনাসেব—*প্যামি*)। { *আ.* 'ইলাজ্ علاج }

এলান [এলান্] *বি* বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি; ঘোষণা। { *আ.* ইলান اعلان }

এলানো [এলানো] *ক্রি* ১ আলুলায়িত করা; শিথিল করা; আলগা করা (বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী—*রঠা*; এলাইয়া বেণী ফুলের গাঁথুনি দেখয়ে খসায়ে চুলি—*চদা*)। ২ অবসন্ন হওয়া (গা এলিয়ে পড়া)। ৩ ধান ভানা; তুষ ছাড়ানো (এখন দলুইদের ঢেঁকিশালে ধান এলাতে যাচ্ছি—*মাচসে*)। ▢ *বিণ* ১ আলুলায়িত, শিথিল; এলো (এলানো খোপা এলিয়ে ভেঙে দিলো হাত দিয়ে—*হক*)। ২ ক্লান্ত; অবসন্ন। **এলে দেওয়া** *ক্রি* ১ আলগা করে দেওয়া; ছাড়িয়ে দেওয়া। ২ ভানার সময়ে ধান নেড়ে দেওয়া। ৩ শাসন শাসিত করা। { *স.* আকুল>আউল+ *বা.* আ=আউলা >এলা+ আনো এলানো; অথবা, *স.* আলুলায়িত> আলুলা+ *বা.* এলা+ আনো}

এলাহি, এলাহী, ইলাহি [এলাহি, -হী, ই-] *বি* আল্লাহ্; খোদা; ঈশ্বর; God (এলাহিরে অস্তুতি কহিলা বহুতর—*সৈসু*)। ▢ *বিণ* বিরাট; বৃহৎ (এলাহি কাণ্ড কারখানা)। ~ **কাণ্ড,** ~ **কারখানা,** ~ **ব্যাপার** *বি* বিরাট ব্যাপার; মহা ধুমধাম (এই তো এলাহি ব্যাপার—*মব*)। ~ **গজ** *বি* সম্রাট আকবর কর্তৃক প্রবর্তিত ৪১ অঙ্গুলি বা ৩৩ ইঞ্চি পরিমিত গজ। ~ **জায়গা** *বি* সুবিস্তৃত স্থান; বিস্তীর্ণ জায়গা (নিষিদ্ধ শহরের বিশরে এক এলাহি জায়গা—*মব*)। ~**ব্যাপার** ⇒ ~**কাণ্ড**। ~ **সন** *বি* সম্রাট আকবর কর্তৃক প্রবর্তিত সাল। **দীন-ই-~** *বি* আকবরের প্রবর্তিত একেশ্বরবাদ। { *আ.* ইলাহী (আমাদের প্রভু) الهى }

এলুমিনিয়ম, অ্যালুমিনিয়ম [অ্যালুমিনিয়ম্] *বি* শ্বেতবর্ণের হালকা ধাতু বিশেষ। { *ই.* aluminium }

এলুয়া, এলুয়ে [এলুয়া, এলুয়ে] *বিণ* ১ এলোমেলো; খোলা (এক গোঁজা এলুয়ে খড়—*মাগান*)। ২ শিথিল; আলগা; সংলগ্ন। { *স.* আকুল > আউল + উয়া= আউলুয়া>এলুয়া; অথবা, *স.* আলুলায়িত>আলুলা> আউলা> এলা+ *বা.* উয়া> }

এলেকা ⇒ এলাকা

এলেঙ্গা, এলেংগা [এলেঙ্‌গা] *বি* এক প্রকার মাছ। { *স.* এলঙ্গ+ *বা.* আ}

এলেম, এলম, ইলম, ইলিম (বিরল), **ইলেম** (বিরল) [এলেম্, এলম্, ইলম্, ইলিম্, ইলেম্] *বি* বিদ্যা; জ্ঞান; বিজ্ঞান (আপনি এত কম ইলেম নিয়ে—*ওআ*)। ~**দার** *বি, বিণ* ১ বিদ্বান; জ্ঞানী; সুধী (পরে এ সেও, দেখা যাচ্ছে, অধিক এলেমদার—*মব*)। ২ অভিজ্ঞ; সুদক্ষ। ~**বাজ** *বিণ* ১ বিদ্বান; জ্ঞানী। ২ বুদ্ধিমান; সুচতুর। ৩ বিশেষজ্ঞ; কার্যকুশল। ~**ভরা** *বিণ* (*ব্য.*) বিদ্যাদিগগজ; বিদ্যাবাগীশ; বিদ্যায় পূর্ণ (বগলে যার এলেম ভরা 'ডি এল' মারা পছন্দ আমার—*হেব*)। **এলমে দীন** *বি* ধর্মীয় জ্ঞান; ধর্ম শিক্ষা (এলমে দীনের পরিবর্তে এলমে দুনিয়ার উপর ঝুঁকিয়া পড়িল—*কাই*)। **এলমে দুনিয়া** *বি* ব্যবহারিক জ্ঞান; সাংসারিক শিক্ষা। **এলমে লাদুন্নি** *বি* ঐশীজ্ঞান (এলমে লাদুন্নির ফয়েয হাসেল করিয়াছে—*মুম*)। **তালিব-ই-ইলম** *বি* ছাত্র; বিদ্যার্থী। { *আ.* 'ইল্‌ম্ علم }

এলো, এল [এলো] *ক্রি* উপস্থিত হলো; আগমন করলো। { *স.* আয়াত+*প্রা.* ইল্ল>আয়াতিল্ল>*আআইল্ল> *আইল্ল>আইল>এল, এলো}

এলেমান, আলমানি [এলেমান্, আল্‌মানি] *বি* জার্মান; জার্মানির অধিবাসী (দিনেমার এলেমান করে গোলন্দাজী—*ভারা*; হিস্পানী আলমানী . . . আর পর্তুগীস—*সৈআ*)। { *ফা.* অলেমাঁ allemande }

এলো [এলো] *বিণ* ১ আলুলায়িত; মুক্ত; এলানো (একদা এলোচুলে...আসিল সে আমার ভাঙ্গা দ্বার খুলিয়া—*রঠা*)। ২ শিথিল; আলগা (এলো খোঁপা)। ৩ অসম্বদ্ধ; অসংযত (এলো কথা)। ৪ গোলমেলে; বিশৃঙ্খল (এলো বাতাস)। ৫ অবাধ। ~**কেশ,** ~**চুল** *বি* আলুলায়িত বা অসংযত কেশ; খোলাচুল (এলোচুল বুকে পড়ে খসি—*রঠা*)। ~**কেশী,** ~**চুলী** *বি, বিণ* আলুলায়িত চুল যার; মুক্তকেশী। ~**থেলো** *বিণ* ১ আলুথালু; শিথিল; অবিন্যস্ত; আলগা (এলোথেলো কবরীবন্ধন কেশপাল—*কৃও*)। ২ বিশৃঙ্খল; গোলমেলে। { *স.* আকুল>আউল> আঅল> এলো>আএল> অথবা, *স.* আলুলায়িত>আলু> *বা.* আউল> এলো (বর্ণবিপর্যয়)}

এলোপাতাড়ি, এলোপাথাড়ি, এলোধাবাড়ি, এলোপাতালি [এলোপাতাড়ি, –থা–, –ধাবাড়ি, –পাতালি] *বিণ* ১ বিশৃঙ্খল; এলোমেলো (এলোপাথাড়ি কঞ্চির বেড়ার মাঝখান দিয়ে সেখানে একটা ছাগল ঢুকেছে—*সেমু*) । ২ বেধড়ক; মাত্রাজ্ঞানশূন্য । ৩ দিগ্বিদিক জ্ঞানশূন্য (এলোপাতাড়ি দৌড়) । ৪ ক্রমাগত । ☐ *ক্রিবিণ* বিশৃঙ্খলভাবে; এলোমেলোভাবে; যেমন তেমন করে (এলোপাতাড়ি কাজ করছে) । { *বা.* এলো+পাথ+ ওয়াড়ি= এলোপাথোয়াড়ি>এলোপাথাড়ি ? }

এলোপ্যাথি, অ্যালোপেথি [অ্যালোপ্যাথি] *বি* ইউরোপীয় চিকিৎসাপ্রণালী বিশেষ । { *ই* alopathy }

এলোমেলো [এলোমেলো] *বিণ* ১ বিশৃঙ্খল; অগোছালো; বিক্ষিপ্তভাবে ছড়ানো (এলোমেলো সংসার) । ২ অসংলগ্ন; পূর্বাপর সম্বন্ধহীন; অসম্বন্ধ (এলোমেলো কথা) । **–মি** *বি* বিশৃঙ্খল; উচ্ছৃঙ্খলতা; অনিয়ম (নিষ্প্রাণ এলোমেলোমি—*অচিসে*) । { *বা.* এলো< *স.* আকুল+ *অনু.* মেলো=এলোমেলো }

এশতেহার ⇒ ইশতাহার

এশা, ইশা [এশা, ই–] *বি* ১ রাত্রিকালীন ফরজ নামাজের সময় । ২ রাত্রিকালীন ফরজ নামাজ (এশার ওক্তে মসজিদে ও যে দেয় আজান—*মোম*) । ৩ রাত্রির প্রথম যাম । { *আ.* ইশা عشاء }

এশারা ⇒ ইশারা

এশিয়া [এশিয়া] *বি* পৃথিবীর সর্ববৃহৎ মহাদেশের নাম । **এশিয়ান, এশীয়** *বিণ* ১ এশিয়া মহাদেশীয় । ২ এশিয়া মহাদেশ সম্বন্ধীয় । **–বাসী** *বি* এশিয়া মহাদেশে যার জন্ম ও বাস । { *ই* Asia }

এশ্‌ক, এস্ক, আশক [এশ্‌ক, এস্‌ক, আশক্] *বি* ১ প্রেম; প্রণয় (এশ্‌ক হাসেল করিয়া ফেলিলি নাকি ?—*মুম*; আশকে আকুল হৈয়া করে হায় হায়—*সৈহা*; পিরীতি আসকে সদাই থাকিব—*চদা*) । ২ আসক্তি; অনুরাগ । **এস্কে দেওয়ানা** *বি* প্রেমের পাগল (তিনি এস্কে দেওয়ানা বা প্রেমের পাগল নামক মারফতী গীতের পুথি লেখেন—*সৈমুআ*) । { *আ.* 'ইশ্‌ক্ عشق }

এষণা, এষা[1] [এশনা, এশা] *বি* ১ অন্বেষণ; অনুসন্ধান (তার আবিষ্কার যেমন একাগ্র এষণার পুরস্কারে—*সুদ*) । ২ বাসনা; কামনা; ইচ্ছা (সাঁতার কাটে আমার এষণা—*আর*) । { *স.* √ইষ্+অন(ল্যুট্), √ইষ্+অ(ঘঞ্)+ আ(টাপ্) }

এষা[2] [এশা] *বিণ স্ত্রী.* ১ বাঞ্ছিতা; ঈপ্সিতা । ২ অন্বেষণযোগ্য । ৩ স্মরণীয়া (অক্ষয় বড়ালের 'এষা' কাব্য স্মর্তব্য) । { *স.* √ইষ্+অ(ঘঞ্)+আ(টাপ্) }

এষে-ঘা ⇒ ঐশে

এসকর্ট [এস্‌কর্‌ট্] *বি* প্রহরীস্বরূপ সঙ্গে গমন (কয়েকটি চীনা বিমান পিআইএ বিমানকে দূর থেকে এসকর্ট করে নিয়ে যায়—*আকা*) । { *ই* escort }

এসটিমেট ⇒ এস্টিমেট

এসতেখারা ⇒ এস্তেখারা

এসোসিয়েশন, অ্যাসোসিয়েশন [অ্যাসোসিয়েশন্] *বি* সমিতি; সঙ্ঘ (ইন্ডিয়ান এসোসিয়েশনের সম্মেলন ঠিক একই সময়ে অনুষ্ঠিত হয়েছিল—*আচৌ*) । { *ই.* association }

এসপার-ওসপার, এসপার কি ওসপার, ইসপার কি উসপার [এস্‌পারওস্‌পার্, –কি–, ই– কি–উ–] *বি* ১ চূড়ান্ত নিষ্পত্তি; শেষ মীমাংসা (তবে গোড়াতেই একটা এসপার ওসপার হইত—*রঠা*; স্বয়ং হীরার বাটী গিয়া এসপার কি ওসপার যা হয় একটা করিয়া আসিবেন—*বচ*) । ২ সফলতা কিংবা বিফলতা । ৩ ভালো কিংবা মন্দ । { *হি* ইসপর+উর+উসপর }

এসমে আজম ⇒ ইসমে আযম

এসরাজ, এস্রাজ, এসরার [এস্‌রাজ্, –, এস্‌রার্] *বি* সেতার ও সারঙ্গীর মিশ্রণে তৈরি আধুনিক বাদ্যযন্ত্র বিশেষ (আওয়াজ তবু সে মিঠা যেন এস্রাজ—*মোম*) । { *আ.* ইস্‌রার্ اسرار }

এসলাম ⇒ ইসলাম

এসিড, অ্যাসিড [অ্যাসিড্] *বি* ১ দ্রাবক । ২ রাসায়নিক অম্ল; তেজাব । { *ই* acid }

এসে [এসে] *বি* প্রবন্ধ; রচনা (আমার স্পীস শুন, আমার এসে পড়, আমায় বাহবা দাও—*বচ*) । { *ই* essay }

এসেন্স [এসেন্‌স্] *বি* পুষ্পাদির সুগন্ধ নির্যাস; গন্ধসার (একদল ছেলে এইমাত্র এসেন্স ও ফুলের তোড়া লইয়া কেবিনে ঢুকিল—*বিব*) । { *ই* essence }

এসেসার, আসেসর [অ্যাসেসর্] *বি* ১ বিচারপতির পরামর্শদাতা, যিনি দায়রার মোকদ্দমায় জজকে বিচারে সাহায্য করেন (জজ সাহেব এসেসারগণকে বিশেষভাবে মোকদ্দমা বুঝাইয়া দিলেন—*নর*) । ২ কর নির্ধারক কর্মচারী (জেলায় জেলায় আসেসার নিযুক্ত হইতেছিল—*বচ*) । **এসেসরি, আসেসরি** *বি* কর নির্ধারক কর্মচারীর পদ (একটি আসেসরিতে নিযুক্ত করাইলেন—*বচ*) । { *ই* assessor, +*বা.* ই }

এস্টিমেট, এসটিমেট [এস্‌টিমেট্] *বি* প্রাক্কলন ; মূল্যানুমান; আন্দাজি হিসাব । (কিছু গড়তে হলে আগে হতেই একটা প্ল্যান এবং এসটিমেট করতে হয়—*প্রচৌ*) । { *ই* estimate }

এস্টেট [এস্‌টেট্] *বি* জমিদারি (বাংলাদেশের তিনটি বৃহত্তম জমিদারি বর্ধমান, রাজশাহী ও দিনাজপুর এস্টেটের বিপর্যয় তার উল্লেখযোগ্য দৃষ্টান্ত—*আচৌ*) । { *ই* estate }

এস্টেসন ⇒ স্টেশন

এস্তফা ⇒ ইস্তফা

এস্তাদা [এস্‌তাদা] *বি* আয়োজন; বন্দোবস্ত (খাওয়াছে ভেজিয়া দেয় এস্তাদা করিতে—*সৈহা*) । { *আ.* ইস্‌তি'দাদ استعداد }

এস্তেকবাল ⇒ ইস্তেকবাল

এস্তেখারা, এসতেখারা, ইস্তিখারা [এস্‌তেখারা, –, ইসতি–] *বি* স্বপ্নের মাধ্যমে শুভাশুভ বিবেচনার পদ্ধতি বিশেষ (অল্পদিন পূর্বে 'এস্‌তেখারা' করিয়া তিনি দেখিয়া–

ছিলেন—*মুম*)। { *আ.* ইস্‌তিখারাহ استخارة }

এস্তেঞ্জা, ইস্তিনজা [এস্‌তেনজা, ইস্‌তি-] *বি* মলমূত্র ত্যাগান্তে পবিত্রতা লাভ। { *আ.* ইস্‌তিন্‌জা استنجاء }

এস্তেফা ⇒ ইস্তফা

এস্তেমাল, এস্তমাল, ইস্তিমাল [এস্‌তেমাল্‌, এস্‌ত-, ইস্‌তি-] *বি* ১ ব্যবহার; প্রয়োগ (হাদিস-কোরআনের বাহিরের এক আলফাযও এস্তেমাল করিতেন না—*মুম*)। ২ অনুশীলন; অভ্যাস। { *আ.* ইস্‌তি'মাল استعمال }

এস্তেলাহ ⇒ ইস্তিলাহ

এস্তেহার ⇒ ইশতাহার

এস্রাজ ⇒ এসরাজ

এহ *(প্রাবা.)* [এহো] *সর্ব* এ; এ ব্যক্তি বস্তু বা বিষয় (এহ বাহ্য)। { *স.* ইদম্‌+হি>(*হি* এহি) }

এহতেকাফ ⇒ এতেকাফ

এহতেলাম, ইহতিলাম [এহ্‌তেলাম্‌, ইহ্‌তি-] *বি* স্বপ্নদোষ। { *আ.* ইহ্‌তিলাম احتلام }

এহরাম, এহেরাম, ইহরাম [এহ্‌রাম্‌, -হে-, ইহ্‌-] *বি* হজের প্রারম্ভিক অনুষ্ঠান (যতসব হাজিগণে তথা গিয়া বান্দে এহেরাম—*সৈসু*)। { *আ.* ইহ্‌রাম احرام }

এহসান, ইহসান [এহ্‌সান্‌, ই-] *বি* উপকার; অনুগ্রহ (মানিব জেন্দেগী ভর তোমার এহসান—*সৈহা*)। { *আ.* ইহ্‌সান احسان }

এহা *(প্রাবা.)* [এহা] *বিণ* এই (এহা তীরে; এহা বুঝি—*বচদা*)। ❑ *সর্ব* ইহা। { *স.* ইদম >এহ+*বা.* আ }

এহি *(মবা.)* [এহি] *সর্ব* ১ এ (সোহি এহি হৈ কুমার কাঞ্চিরাজ রায়কে—*ভারা*)। ২ ইহা। { *স.* ইদম্‌+হি >এহি (*হি* এহি) }

এহেন, এহন *(প্রাবা.)* [এহেনো, এহনো] *ক্রিবিণ* এমন; এই প্রকার; এরূপ (এহন জগৎ নহি আনে—*বিপ*)। **এহনি** *স্ত্রী.* (এহনি সুন্দরী গুণক আসরি—*বিপ*)। { *বা.* এই+হেন>এহেন }

এহেরাম ⇒ এহরাম

এহো [এহো] *সর্ব* এও; এটাও (প্রভু কহে এহো বাহ্য আগু কহ আর—*কৃক*)। { *স.* ইহ>বা. এহ+ও }

ঐ

ঐ[১] [উচ্চারণস্থান কণ্ঠ ও তালু; বাংলা উচ্চারণ 'অই', 'ওই'] বাংলা বর্ণমালার নবম স্বরবর্ণ। ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে এর আকার 'ৈ' হয়। ধ্বনিবিজ্ঞানে একে 'দ্বিস্বর' বা Diphthong বলা হয়। { অ+ই, ও+ই=ঐ }

ঐ[২], **ওই, অই** [ওই, -, -] *অব্য* ১ অদূরে বা সম্মুখবর্তী কোনো কিছু নির্দেশে (ঐ আসে ঐ অতি ভৈরব হরষে—*রঠা*; পাখী ডেকে ওঠে ওই গো ওই—*সদ*)। ২ স্মরণ সম্বোধন ও আক্ষেপাদি সূচক। ❑ *বিণ* নির্দিষ্ট; উল্লিখিত; সেই। { *স.* অদস্‌ >অমী >অঈ >ঐ }

ঐক [ওইকো] *বিণ* ১ একার্থ-প্রতিপাদক; একার্থবোধক। ২ এক সম্বন্ধীয়; এক বিষয়ক। { *স.* এক+অ }

ঐকতান [ওইকোতান্‌] *বি* সম্মিলিত সুর; বহু সুন্দরের সমন্বয়ে এক সুর ঝঙ্কার; একাধিক কণ্ঠ বা বাদ্য থেকে উত্থিত গীতধ্বনির পরস্পর সংঘাতজনিত সুরতরঙ্গ; concert। { *স.* একতান+অ(ঘঞ্‌) }

ঐকপত্য [ওইকোপোত্‌তো] *বি* সার্বভৌমত্ব; একাধিপত্য; একনায়কত্ব; একাধিকারিত্ব; অপ্রতিহত ক্ষমতা। { *স.* একপতি+য(যৎ) }

ঐকপদিক [ওইকোপোদিক্‌] *বিণ* ১ (*ব্য.*) এক বিভক্ত্যন্ত পদ থেকে জাত। ২ একপদ থেকে উদ্ভূত (ঐকপদিক অসম্পূর্ণতা, সেখানে জাতীয় আত্মগ্লানিতে উন্নীত হয়েছে—*সুদ*)। { *স.* একপদ+ইক }

ঐকপদ্য [ওইকোপোদ্‌দো] *বি* একপদতা; একাধিক পদের এক অর্থ প্রকাশ ক্ষমতা (সূর্য, রবি, আদিত্য, মার্তণ্ড, দিবাকর ইত্যাদি পদগুলির ঐকপদ্য আছে)। { *স.* একপদ+য }

ঐকবাক্য, ঐক্যবাক্য [ওইকোবাক্‌কো, ওইক্‌কো-] *বি* একাভিপ্রায়; একবাক্যতা; বাক্যের অভিন্নতা (মহারাজার দিকের সকলের ঐক্যবাক্য হইয়াছে—*রামু*)। **ঐকবাক্যে, ঐক্যবাক্যে** *ক্রিবিণ* একবাক্যে; একমত হয়ে। { *স.* একবাক্য+অ(ঘঞ্‌) }

ঐকবাদন [ওইকোবাদোন্‌] *বি* একাধিক বাদ্যযন্ত্রের সমস্বর বাদ্য। { *স.* একবাদন+অ(ঘঞ্‌) }

ঐকমত্য, ঐক্যমত্য [ওইকোমোত্‌তো, ওইক্‌কো-] *বি* একমত; মতের অভিন্নতা; মতের মিল বা ঐক্য; unanimity (এক্ষণে তোমরা ঐক্যমত্য অবলম্বনপূর্বক অনুমতি কর—*ঈবি*)। { *স.* একমতি+য(ষ্যঞ্‌) }

ঐকরাজ্য [ওইকোরাজ্‌জো] *বি* একাধিপত্য; সার্বভৌমত্ব; সর্বময় ক্ষমতা। { *স.* একরাজ+য(ষ্যঞ্‌) }

ঐকল্য [ওইকোল্‌লো] *বি* ১ এককত্ব। ২ একাকিত্ব। { *স.* একল+য(ষ্যঞ্‌) }

ঐকাগ্র্য [ওইকাগ্‌গ্রো] *বি* একাগ্রতা; এক বিষয়ে আসক্তি; একনিষ্ঠা; একান্ত মনঃসংযোগ; concentration। { *স.* একাগ্র+য(ষ্যঞ্‌) }

ঐকাত্ম্য [ওইকাত্‌তোঁ] *বি* ১ একাত্মতা; আত্মার ঐক্য। ২ ঐক্য; অভেদ। { *স.* একাত্ম+য(ষ্যঞ্‌) }

ঐকান্তিক [ওইকান্‌তিক্‌] *বিণ* নিবিড়; প্রগাঢ়; আত্যন্তিক; একনিষ্ঠ; দৃঢ় (ঐকান্তিক বাসনা)। ❑ *বিণ* একাগ্রভাবে; অনন্যমনে; একনিষ্ঠার সাথে; অভিনিবিষ্ট হয়ে। (গুরুপদ-ছবি, ঐকান্তিক ভাবি—*ঘচ*)। -**তা** *বি*। { *স.* একান্ত+ইক(ঠঞ্‌) }

ঐকার [ওইকার্] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঐ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ৈ' চিহ্ন। ২ ঐ বর্ণ। { *স.* ঐ-*স.* কার }

ঐকার্থ, ঐকার্থ্য [ওইকারথো] *বি* ১ প্রয়োজনের ঐক্য; একার্থীভাব। { *স.* একার্থ+অ(ষঞ্), য(ষ্যঞ্) }

ঐকাহিক [ওইকাহিক্] *বিণ* ১ একদিন আয়ুবিশিষ্ট; একদিন ব্যাপী। ২ একদিন অন্তর একদিন ঘটে এরূপ। **~জ্বর** *বি* যে জ্বর একদিন স্থায়ী হয় বা একদিন অন্তর হয়। { *স.* একাহ+ইক }

ঐক্য [ওইককো] *বি* ১ একত্ব; একতা। ২ সাদৃশ্য; সাযুজ্য; সাধর্ম্য; সমতা; মিল। ৩ অভেদ। { *স.* এক+য }

ঐক্যবাক্য ⇒ ঐকবাক্য

ঐক্যমত্য ⇒ ঐকমত্য

ঐক্ষব [ওইকখবো] *বিণ* ১ ইক্ষুজাত। ২ ইক্ষুসম্বন্ধীয়। { *স.* ইক্ষু+অ(অণ্) }

ঐচ্ছিক [ওইচ্ছিক্] *বিণ* ১ ইচ্ছাধীন; ইচ্ছাসাপেক্ষ; optional। ২ ইচ্ছানুরূপ; ইচ্ছানুযায়ী (বাংলা বাধ্যতামূলক ও ইংরেজি ঐচ্ছিক বিষয়)। { *স.* ইচ্ছা+ইক(ঠঞ্) }

ঐছন, ঐসন, অইছন (*মবা.*) [ওইছন্, -স-, ওইছন্] *বিণ* ঐরূপ (শুনইতে ঐছন রাইক বাণী— *বিপ*)। **ঐছনে** *ক্রিবিণ* (ঐছনে সোপলু তৈছে নিজ দেহ—*গোদা*)। { *ব্র. স.* ক্ষণ>*প্রা.* ছণ>*বা. হি.* ছন; ঐ+ছন }

ঐছে, ঐসে, অইছে (*মবা.*) [ওইছে, -সে, -ছে] *ক্রিবিণ* ঐরূপে। { *স.* ঈদৃশ>*প্রা.* অইস>ঐস>*হি.* ঈসে, *বা.* ঐছে, ঐসে }

ঐটি, ঐটী, ঐটা, ঐটে [ওইটি, , ওইটা, ওইটে] *সর্ব* নিকটস্থ বা আলোচ্য বস্তু বিষয় বা পদার্থের মধ্যে উদ্দিষ্ট একটি—সম্ভ্রমার্থে **টি** টী, তুচ্ছার্থে টা টে। { *স.* অদস্> অসৌ>অঈ>ঐ+টি, টী, টা, টে }

ঐতরেয় [ওইতরেয়ো] *বি* (ইতর নামক ঋষি বা ইতরা নামক ঋষি পত্নীর পুত্র) ঐতরেয় মুনি প্রণীত ঋগ্বেদের অংশ বিশেষ (ঐতরেয় ব্রাহ্মণ)। { *স.* ইতর/ ইতরা+এয়(ঢক্) }

ঐতিহাসিক [ওইতিহাসিক] *বি,বিণ* ১ ইতিহাসজ্ঞ; ইতিহাসবেত্তা। ২ ইতিহাসকার; ইতিহাস লেখক। ৩ ইতিহাস সম্বন্ধীয়; ইতিহাসভি[illegible] (ঐতিহাসিক উপন্যাস)। ৪ ইতিহাসে স্থান লাভের যোগ্য; ইতিহাসরূপে গণ্য হওয়ার উপযুক্ত (ঐতিহাসিক ঘটনা)। **ঐতিহাসিকতা** *বি*। { *স.* ইতিহাস + ইক(ঠক্) }

ঐতিহ্য [ওইতিজ্ঝো] *বি* ১ পরম্পরাগত কথা; পুরুষানুক্রমিক ধারা (শতাব্দীর প্রাণরাঙা ঐতিহ্য অব্যয়—*আর*)। ২ ঐতিহাসিক কথা। ৩ কিংবদন্তী; বিশ্রুতি; লোকপ্রসিদ্ধি। { *স.* ইতিহ+য(ষ্যঞ্) }

ঐন্দ্র [ওইনদ্রো] *বিণ* ইন্দ্র সম্বন্ধীয়। ▢*বি* ইন্দ্রপুত্র। { *স.* ইন্দ্র+অ(অণ্) }

ঐন্দ্রজালিক ⇒ ইন্দ্রজাল

ঐন্দ্রিয় [ওইনদ্রিয়ো] *বিণ* ইন্দ্রিয় সম্বন্ধীয়; প্রত্যক্ষ।

ঐন্দ্রিয়ক *বিণ* ইন্দ্রিয় সম্বন্ধীয়; প্রত্যক্ষ। **ঐন্দ্রিয়িক** *বি* ইন্দ্রিয়সম্বন্ধী; ইন্দ্রিয়পরায়ণ। { *স.* ইন্দ্রিয় + অ(অণ্), ইক(ঠক্) }

ঐরাবত [ওইরাবত্] *বি* ১ হাতি (ঐরাবতেরে চালায় মাহুত শুধু বুদ্ধির বলে—*নই*)। ২ পুরাণ-প্রসিদ্ধ সমুদ্র মন্থনে উত্থিত হস্তী; হিন্দুপুরাণে ইন্দ্রের বাহনের নাম 'ঐরাবত'। { *স.* ইরা+বৎ+অ(অণ্) }

ঐরূপ [ওইরুপ্] *বিণ* ঐপ্রকার; ঐরকম; ঐমত; অমন। { *বা.* ঐ+*স.* রূপ }

ঐরেয় [ওইরেয়ো] *বি* অন্নজাত মদ্য; পচানি। { *স.* ইরা (-অন্ন)+এয় (ঢক্) }

ঐশ, ঐশিক, ঐশ্বর [ওইশো, ওইশিক্, ওইশর্] *বিণ* ঈশ্বর সম্বন্ধীয়; ঈশ্বরের; ঈশ্বরকৃত। ▢*বিণ স্ত্রী.* ঐশী (ঐশী মায়া)। { *স.* ঈশ+অ(অণ্), ইক(ঠক্), বর(বরচ্)+অ(অণ্) }

ঐশ্বরিক [ওইশ্শোরিক্] *বিণ* ঈশ্বর বিষয়ক; ঈশ্বর সম্বন্ধীয়। { *স.* ঈশ্বর+ইক(ঠক্) }

ঐশ্বর্য [ওইশ্শোর্জো] *বি* ১ ধন; সম্পত্তি; বিভব। ২ বিপুল ধনসম্পত্তির সহিত প্রভাব প্রতিপত্তি। ৩ অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব কামাবসায়িতা এই আট প্রকারের যোগলব্ধ অলৌকিক শক্তি বা গুণ। ৪ ঈশ্বরত্ব; প্রভুত্ব; প্রভুর ভাব। **~গর্ব, ~মদ** *বি* ধনগর্ব; ধনের অহঙ্কার। **~গর্বিত, ~মত্ত** *বিণ* ধনগর্বিত। **~বান, ~শালী, ~সম্পন্ন** *বিণ* ঐশ্বর্যের অধিকারী। **~বতী, ~শালিনী, ~সম্পন্না** *স্ত্রী.*। **~মত্ততা** *বি* ধনসম্পত্তি ও তজ্জনিত প্রভাব-প্রতিপত্তির হেতু অত্যধিক অহংকার বা গর্বান্ধতা। { *স.* ঈশ্বর+য(ষ্যঞ্) }

ঐষীক [ওইশিক্] *বিণ* ঈষিকা সম্বন্ধীয়। ▢*বি* মহাভারতের সৌপ্তিক পর্বের অন্তর্গত পর্ববিশেষ। { *স.* ঈষিকা+অ(অণ্) }

ঐষ্টিক [ওইশটিক্] *বিণ* ১ ইষ্টসম্বন্ধীয়। ২ যজ্ঞসম্বন্ধীয়; যজ্ঞীয়। { *স.* √যজ+ত(ক্ত)=ইষ্ট+ইক(ঠক্) }

ঐসন ⇒ ঐছন

ঐসে ⇒ ঐছে

ঐস্লামিক [ওইস্লামিক্] *বিণ* ইসলাম সম্বন্ধীয় (ইহা কখনও ঐস্লামিক বিধিসঙ্গত নহে—*ইহো*)। { *আ.* ইসলাম اسلام + *স.* ইক(ঠক্) = ঐস্লামিক; *তুল. ই.* Islamic }

ঐহলৌকিক [ওইহোলোউকিক্] *বিণ* ইহলোক সম্বন্ধীয়; ঐহিক। **পারলৌকিক** *বিপ*। { *স.* ইহলোক+ইক (ঠক্) }

ঐহিক [ওইহিক্] *বিণ* ১ ইহলোকের; এই জন্মের। ২ ইহলোক বিষয়ক; ইহলোক সংক্রান্ত। **পারত্রিক** *বিপ.*। **~দর্শী** *বিণ* ইহকালের সুখদুঃখ দর্শনকারী; সাংসারিক; ভোগান্বেষী; ইহকালসর্বস্ব; worldly minded। **~দর্শিনী** *স্ত্রী.*। **~দর্শিতা** *বি*। **~বাদী** *বিণ* ভোগবাদী; জাগতিক সুখ সমর্থক; ইহলৌকিক সুখের পক্ষাবলম্বী। { *স.* ইহ+ইক(ঠক্) }

ও

ও[১] উচ্চারণ স্থান ওষ্ঠ ও কণ্ঠ। বাংলা বর্ণমালার দশম স্বরবর্ণ। ব্যঞ্জনবর্ণের সঙ্গে সংযুক্ত হলে এটি 'ো' রূপ ধারণ করে।

ও[২] [ও] *অব্য* ১ সংযোজক অব্যয় (চাঁদ ও চকোরে অধরে অধরে পিয়ে সুধা—*ক্ষীবি*)। ২ পর্যন্ত (এখনও গেল না আঁধার—*রঠা*)। ৩ মাত্র (পাঠশালায় যাইবার নামও করিত না—*প্যামি*)। ৪ মাত্রাধিক্য বোঝাতে (আরও আঘাত সইবে আমার—*রঠা*)। ৫ সম্ভাবনা বোঝাতে (দিলেও দিতে পারে)। ৬ অধিকন্তু বোঝাতে (আমরা ত যাবই, তোমাকেও যেতে হবে)। {*ফা.* ব و , আধুনিক *ফা.* উ. পহ্লবি এবং *আ.* ব و }

ও[৩] [ও] *সর্ব* ১ নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয় (ও কে? ও কেগো?—*রঠা*)। ❑ *বিণ* ১ অপর; অন্য (এপার হইতে ওপারে তাহার কথা বলাবলি নাহি চলে আর—*রঠা*)। ২ ঐ; ওই (ওকথা; ও লোক)। {*স.* অসৌ>*প্রা.* ও}

ও[৪] [ও] *অব্য* ১ বিস্ময় প্রকাশে (বলিস্ কিরে! ও কি কথা—*ক্ষীবি*)। ২ সম্বোধনে (আরে ও রঙিলা নায়ের মাঝি—জউ)। ৩ স্মরণ বা অনুধাবন (ও তাই বলো)। {*ধ্বন্যা.*}

ও[৫] [ও] *অব্য* বাংলা পদান্তিক 'অ'-স্বরের অর্ধস্ফুট উচ্চারণ জাত 'ও'; যথা 'ভালো', 'মতো', 'করানো', 'মন-মাতানো' ইত্যাদি। {অ>ও}

ওআদা ⇒ ওয়াদা

ওই [ওই] *অব্য* ১ নির্দেশে (ওই যে পাখীটি সখি দেখিছ পিঞ্জরে রে, সতত চঞ্চল—*মদ*)। ২ ভয় বা আতঙ্কসূচক (ওই ধরলে রে!)। ❑ *বিণ* সেই; একই (অবিকল ওই কথা)। {*স.* অদস্>}

ওঃ [ওহ্] *অব্য* মনস্তাপ দুঃখ ক্রোধ বিরক্তি বিস্ময় স্মরণ অবজ্ঞা ইত্যাদি সূচক। {*ধ্বন্যা.*}

ওআকিনবিশ [ওয়াকিনবিশ্] *বি* • ঘটনার বর্ণনা লিপিবদ্ধকারী ব্যক্তি; ঐতিহাসিক {*আ.* ৱাকিয়াহ واقعة + *ফা.* নবীস نويس }

ওঁ, ওম, ওঙ্কার [ওঁ, ওম্, ওঙ্কার্] *অব্য* ১ ওঁ = ওম এটি 'অ' (=বিষ্ণু)+'উ' (=শিব)+ম্ (=ব্রহ্মা) এই তিন সাঙ্কেতিক অক্ষরের সমাহার, এটি সকল মন্ত্রের আদি বীজ বা 'প্রণব'। এর অপর নাম 'ওঙ্কার' (হেথা পদ্মার কোনাকের গাথা মন্দ্রিত রাগে-ছন্দে বাজে—*শাহে*)। ২ আদি বা আদ্যক্ষর, সর্বপ্রকার অক্ষরের বা ধ্বনির আদ্য বীজ। এটি হিন্দু-সমাজের বিশ্বাসের একটা তাৎপর্যপূর্ণ অঙ্গ। {*স.* অ+উ+ম}

ওঁচলা [ওঁচলা] *বি* আবর্জনা; জঞ্জাল; তরকারি ইত্যাদির খোসা (সন্ধ্যাবেলা হতে রাশি রাশি জঞ্জাল ওঁচলা... দলিত কাদের উচিলো—*বচ*)। ❑ *বিণ* আবর্জনাময়; জঞ্জালপূর্ণ (সানা দানা দুধের বাটি। দুও মেঘের ওঁচলা মাটী—*দীমি*)। {*স.* উঞ্ছ (তুচ্ছ, অকিঞ্চিৎকর অর্থে)> উচ> ওঁচ+*বা.* লা=ওঁচলা}

ওঁচলানো ⇒ উচলানো

ওঁচা, ওঁছা [ওঁচা, -ছা-] *বিণ* ১ বাজে; নিকৃষ্ট; খেলো (উপমাটা নেহাৎ ওঁচা হয়ে পড়লো—*নই*)। ২ পরিত্যক্ত। ৩ ঘৃণ্য; হেয়; নীচ। {*স.* উঞ্ছ ('তুচ্ছ' অর্থে) > উছ+আ=ওঁচা, ওঁছা}

ওঁচান, ওঁচানো ⇒ উচা

ওঁছা ⇒ ওঁচা

ওঁত, ওঁৎ, ওঁতপাতা ⇒ ওত

ওঁয়াওঁয়া [ওঁয়াওঁয়া] *অব্য* নবজাত শিশুর ক্রন্দন ধ্বনি। {*ধ্বন্যা.*}

ওকড়া [ওকড়া] *বি* ক্ষুদ্রাকার গুল্মবিশেষ বা এর কণ্টকময় ফল (ওকড়ার ফল দেয় কেশের ভিতরে—*বৃদা*)। {*স.* উৎখনন>উৎখোড়ন >}

ওকার [ওকার্] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ও' স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ো' চিহ্ন। ২ 'ও' বর্ণ। **ওকারাদি** *বিণ* আদিতে 'ও' ধ্বনি বিশিষ্ট (ওকারাদি শব্দ)। **ওকারান্ত** *বিণ* অন্তে 'ও' ধ্বনি বিশিষ্ট (ওকারান্ত শব্দ)। {ও+কার}

ওকালত, উকালত [ওকালত্, উকালত্] *বি* ১ উকিলের কাজ বা চাকরি। ২ ভারার্পণ; মনোনয়ন। **~নামা, উকিলনামা** *বি* উকিলের প্রতি ক্ষমতা অর্পণের পত্র; আমমোক্তারনামা; power of attorney। **ওকালতি, ওকালতী** *বি* ১ উকিলের কর্ম বা পেশা (সে আদালতে ওকালতি করে)। ২ (*ব্য.*) বিশেষ পক্ষ সমর্থন (তোমার আর ওর জন্যে ওকালতি করতে হবে না, যাও)। ❑ *বিণ* উকিল সম্বন্ধীয়। {*আ.* ৱকালত وكالت }

ওকি [ওকি] *অব্য* প্রশ্ন বিস্ময় বা ভয়সূচক (ওকি আজ দিল ধরা—*রঠা*; ওকি কথা রে—*ক্ষীবি*)। {ও+কি<*স.* কিম্}

ওকুফ, ওয়াকুফ [ওকুফ্, ওয়াকুফ্] *বি* ১ জ্ঞান; বুদ্ধি (আক্কেল ওকুফ গেল হইল অজ্ঞান—*ফগ*)। ২ বিবেচনা। **বে~, বেকুব** *বিণ* বুদ্ধিবিবেচনাহীন ব্যক্তি (তোমার মত বে-ওকুফ খুব কমই দেখা যায়; তোমার মত বেকুব আর নাই)। {*আ.* ৱকুফ وقوف }

ও. কে. [ওকে] *বি* সব ঠিক আছে। {*ই.* O.K.=all correct}

ওক্ত, ওকৃত, অক্ত, ওয়াক্ত [ওক্তো, ওকৃত, অক্তো, ওয়াকৃত] *বি* ১ সময়কাল (এই তরে ভাই ওক্ত খুশীর—*নই*)। ২ সুযোগ; উপযুক্ত সময় (কমদকতি ওকত গেল তক্ত যাবে ফাঁক—*হেব*)। ৩ নির্দিষ্ট সময়—বিশেষত নামাজের সময় (পঞ্চ ওক্ত তুমি সবে নমাজ গুজারি—*সৈসু*)। **ওক্তিয়া, ওয়াক্তি, ওয়াক্তিয়া** *বিণ* নির্ধারিত; সময়ের নির্দিষ্ট ওক্তের (ওক্তিয়া নমাজ; মোরা যে পাঁচ ওয়াক্তি নমাজ করি—*বচ*)। {*আ.* ৱক্ত وقت }

ওখড়ানো [ওখড়ানো] *বি* উৎপাটন; উন্মূলন। {*স.* উৎখনন>উৎখোড়ন>উক্‌খোড়ন>উখড়ন+ণিচ্=উখড়ান}

ওখদ ⇒ ঔষধ
ওখান [ওখান্] *বি* ঐ স্থান; নির্দিষ্ট স্থান। ❑ *ক্রিবিণ* ওখানে। ~**কার** ঐ স্থানের। {ও+খান (<*স.* স্থান)}
ওগএরহ, ওগয়রহ ⇒ ওগায়রা
ওগর [ওগর্] *বি* চাল ডাল একত্র সিদ্ধ করা খিচুড়ি। {*স.* উদ্গিরণ>}
ওগরন, ওগরনো, ওগরান, ওগরানো, ওগলান, ওগলানো ⇒ উগলানো
ওগায়রা, ওগয়রহ, ওগএরহ [ওগায়রা, ওগয়রহ্, –] *অব্য* ইত্যাদি; প্রভৃতি; আর; অন্যান্য (বঙ্গদেশের যশহর ওগএরহের জমিদার—*রাম*)। **ওগায়রা-ওগায়রা** *অব্য* ইত্যাদি ইত্যাদি (ওগায়রা-ওগায়রা বয়ান করিলেন—*মুম*)। {*আ.* ৱগয়রহ্ وغيره }
ওগো [ওগো] *অব্য* সম্বোধনসূচক (ওগো আমার শ্রাবণ মেঘের খেয়াতরীর মাঝি—*রঠা*)। {*স.* অসৌ>ও+*বা.* গো; অথবা *স.* অঘো}
ওঘ [ওঘ্] *বি* **১** সমূহ; রাশি (ওড় পুষ্প ওঘ জিনি ওষ্ঠের ওজস—*ভারা*)। **২** তরঙ্গ; জলপ্রবাহ। {*স.* √উচ্>উক(ক>ঘ)+অ(অঞ্)}
ওঙ্কার = ওঁ
ওচান, ওচানো ⇒ উঁচা
ওছি, ওছী ⇒ অছি
ওছিয়ত ⇒ অসিয়ত
ওছিলা ⇒ অসিলা
ওজ[১] (*ব্র.*) [ওজো] *ক্রিবিণ* প্রবল অনুরাগের সঙ্গে; আগ্রহ সহকারে (প্রিয় মুখে সুমুখি চুম্বয়ে ওজ—*বিপ*)। {*স.* √ওজ্+অ(অচ্)}
ওজ[২] (*প্রাবা.*) [ওজো] *বি* পদ্ম; কমল। {*স.* অবজ >অবজ >অওজ >ওজ}
ওজঃ [ওজো] *বি* **১** তেজ; বল। **২** সাহিত্যের গুণ বিশেষ; রচনায় যে ধর্ম বা স্টাইল থাকলে চিত্ত উদ্দীপ্ত হয়। {*স.* √ওজ্+অস্ (অসুন্)}
ওজন [ওজোন্] *বি* **১** মাপ; তৌল। **২** গুরুত্ব। **৩** মর্যাদা (সেও সাত আনার ওজনে উত্তর দিয়া থাকে—*বচ*)। **৪** ক্ষমতা; শক্তি; সঙ্গতি। ~ **করা** *বিণ* পরিমিত; সংযত; উচ্ছ্বাসবিহীন; ভাবলেশহীন (ওজন-করা আলাপ; ওজন-করা ভালোবাসা)। ~**দর** *বি* দাঁড়িপাল্লায় তৌল হিসাবে নির্ধারিত মূল্য—সংখ্যা হিসাবে অথবা দৈর্ঘ্য প্রস্থ হিসাবে নয়। ❑ *ক্রিবিণ* পরিমিতভাবে; হিসাব মাফিক (মিষ্ট মুখে ভুবন ভরা হাসি ওষ্ঠে শেষে ওজনদরে মিলে—*রঠা*)। ~**দার** *বিণ* **১** ভারী ও পুরু (রীতিমতো ওজনদার পর্দায় ঘেরা—*মব*)। **২** গুরুত্বপূর্ণ; মর্যাদাশীল। ~ **-সরকারি/ সরকারী** *বিণ* কয়ালগিরি; ওজনকারী (এক সহৃদয় মুচ্ছুদ্দী আপনার হাউসে ওজন-সরকারী কর্ম্ম দিলেন—*কাসি*)। {*আ.* ৱজ্‌ন্ وزن }
ওজর [ওজোর্] *বি* **১** আপত্তি (তোমার কোনো ওজর শুনা যাইবে না—*প্যামি*)। **২** মিথ্যা; অজুহাত; ছল (কোনও ওজর না করিয়া সকল কর্ম্মই সুন্দররূপে সম্পন্ন করিতেন—*ঈবি*)। **৩** কৈফিয়ত (কি থাকতে পারে তোর ওজর—*নই*)। {*আ.* 'উয্‌র عذر }
ওজস্ [ওজশ্] *বি* দীপ্তি; শোভা (ওড় পুষ্প ওঘ জিনি ওষ্ঠের ওজস—*ভারা*)। {*স.* √উজ/ওজ্+অস}
ওজস্বল [ওজোশ্‌শল্] *বিণ* বীর্যবান; তেজস্বী; বলিষ্ঠ। {*স.* ওজস্+বল(বলচ্)}
ওজস্বী(-স্বিন্) [ওজোশ্‌শি] *বিণ* ওজোগুণবিশিষ্ট; উদ্দীপনাপূর্ণ; তেজোদীপ্ত (এক ওজস্বী প্রবন্ধ রচনা করিয়াছিলাম—*রঠা*)। **ওজস্বিনী** *স্ত্রী*। **ওজস্বিতা** *বি* বলিষ্ঠতা; ওজোগুণ। {*স.* ওজস্+বিন্}
ওজারত [ওজারত্] *বি* উজিরের পদ; মন্ত্রিত্ব। **ওজারতি** *বিণ* উজিরের পদ সংক্রান্ত; মন্ত্রিত্ব সম্পর্কিত (ওজারতির দুই বছর)। {*আ.* ৱজারাহ وزارة }
ওজিফা, অজীফা [ওজিফা] *বি* **১** দৈনিক নির্দিষ্ট সময়ে তসবিহ পড়া বা তদ্রূপ ধর্মকার্য। **২** দৈনিক নির্দিষ্ট ভাতা। {*আ.* ৱজীফাহ وظيفة }
ওজির, উজিরজাদা ⇒ উজির
ওজীফা ⇒ ওজিফা
ওজু ⇒ অজু
ওজুদ [ওজুদ্] *বি* **১** দেহ (ভয়েতে ওজুদ কাঁপে—*সৈহা*)। **২** অস্তিত্ব। {*আ.* ৱজুদ وجود }
ওজুনামা, ওজুহনামা [ওজুনামা, –হ্–] *বি* কার্যের অথবা মোকদ্দমার কারণ সংক্রান্ত কাগজপত্র। {*আ.* ৱজুহ্ وجوه + *ফা.* নামহ্ نامه }
ওজুহাত ⇒ অজুহাত
ওজুহনামা ⇒ ওজুনামা
ওজেবাদ [ওজেবাদ্] *বি* কিছু অংশ বিয়োগকরণ। {*আ.* ৱদ্য় بعض وضع + ই + বাদ }
ওজোগুণ [ওজোগুন্] *বি* সাহিত্যের গাম্ভীর্য সম্পাদনকারী গুণ বিশেষ; রচনায় যে ধর্ম বা প্রকাশভঙ্গি থাকলে চিত্ত উদ্দীপ্ত হয়। {*স.* ওজস্+গুণ}
ওঝা [ওঝা] *বি* **১** সর্প-বিষ-চিকিৎসক; যারা সাপের বিষ ঝাড়ে (সাপ হইয়া দংশে ওঝা হইয়া ঝাড়েন—*অঠা*)। **২** মন্ত্র উচ্চারণপূর্বক যারা ভূত ছাড়ায়; ভূতগ্রস্তের চিকিৎসক (কেহ কহে নাই, ওঝা দে ঝাড়াই বাইয়েরে পেয়েছে ভূতে—*চদা*)। **৩** উপাধি বিশেষ (কৃত্তিবাস ওঝা)। **৪** বাজিকর; কুহকী; মায়াবী (রেতে করে মানুষ দিবসে করে অজা। বাণী বলে দূর হেন ছার ওঝা—*ঘচ*)। {*স.* উপাধ্যায়>*প্রা.* উজ্‌ঝায়>ওজ্‌ঝাঅ>ওঝা}
ওটকিস্তি, উঠকিস্তি [ওট্‌কিস্‌তি, উঠ্–] *বি* দাবা খেলায় একপক্ষের বল উঠে যাওয়ায় যে কিস্তি পড়ে। {*বা.* উঠা+*ফা.* কিস্তি = উঠাকিস্তি>উঠকিস্তি>ওটকিস্তি}
ওটা [ওটা] *সর্ব* নির্দিষ্ট কোনো কিছু বোঝাতে; বিশেষ বস্তু বা বিষয় উল্লেখে ব্যবহৃত সর্বনাম। {ও+টা}
ওঠ ⇒ ওষ্ঠ
ওঠবন্দী ⇒ উঠবন্দী
ওঠবোস ⇒ উঠবোস
ওঠসার ⇒ উঠসার
ওঠা, ওঠানামা, ওঠাপড়া ⇒ উঠা
ওডিকলোন ⇒ অডিকলন
ওড্র, ওদ্র (*মবা.*) [ওড়্‌ড্রো, ওড্‌দ্রো] *বি* **১** ওড়িষ্যা; উৎকল দেশ (তবে ওদ্রদেশ সীমা প্রভু চলি আইলা—*বৃদা*)। **২**

জবাফুল। { স. আ+ √উন্দ্+র, স. ওড্র>প্রা. ওড়}

ওড়১, ওড়ফুল [ওড়্, ওড়ফুল্] *বি* জবাফুল (ওড়ের কালিকা মিনি নয়ন রাতুল—*সৈআ*)। { স. ওড্র >প্রা. ওড্ড >ওড়}

ওড়২ ⇒ ওয়াড়

ওড় আড় (*মবা.*) [ওড়্আড়্] *বি* অলিগলি; আটঘাট; আঁকসন্ধি (ওড়আড় বুঝিয়া সন্ধানে পাতে জাল —ঘচ)। { *তুল. হি.* ওতআত>}

ওড়ং, ওড়ন [ওড়ঙ্, –ন] *বি* নারকেল মালার তৈরি হাতা বিশেষ। { *স.* উদঙ্ক >উডঙ্ক >ওড়ং; *তুল. পা.* 'উলঙ্ক'}

ওড়না, ওঢ়ন, ওঢ়নি (*মবা.*), **ওড়নী** (*মবা.*) [ওড়্না, ওঢ়ন্, ওঢ়্নি,] *বি* ১ চাদর জাতীয় গাত্রাবরণ বিশেষ (কোন মোহিনীর ওড়না সে আজ উঠিয়ে এনেছে—*সদ*; গায়ের ওঢ়ন দিয়া—*সদ*; শীতের ওড়নি পিয়া গিরীষের বা—*বিপ*)। ২ অবগুণ্ঠন; অবরেষ্টন (কার কাছে লাজ ?—ওড়না-পরিনি তাই—*মোম*)।{ *স.* অবরেষ্টনিকা> ওবেডনিআ >ওড়নিঅ >উড়নি; অথবা, *স.* অবগুণ্ঠন> *প্রা.* ওঢ়ণ, ওড়না; *হি.* ওঢ়না}

ওড়ফুল ⇒ ওড়১

ওড়ব, ঔড়ব [ওড়োব্, ঔইড়ব্] *বি* পঞ্চস্বরাত্মক রাগের নাম; সঙ্গীতের রাগরাগিণীর জাতি বিশেষ। { *স.* ওড়বী+অ(অচ্), ওড়ব+অ(অণ্)}

ওড়ম্বা, উরম্বা [ওড়মবা, উরমবা] *বিণ* অমিতব্যয়ী; নিষ্কর্মা; লম্পট প্রকৃতির (কোনো কোনো অঞ্চলে 'ওলাম্বরে' প্রচলিত)। { *আ.* 'মুলম্মা' >*বা.* 'মলম্বা' শব্দের প্রভাবে *বা.* 'উড়ম্বা' >'ওড়ম্বা' শব্দ গঠিত হতে পারে, *স.* উদ্+ √বা>*প্রা.* উরুম্মা; *বা.* উড়ন+বাজ> ওড়ম্বা, উরম্বা, *হি.* উড়ঙ্কা}

ওড়া১ ⇒ উড়া

ওড়া২ (*মবা.*) [ওড়া] *বি* ঝাঁকা; মোট বহনের কাজে ব্যবহৃত ধামা বিশেষ (ওড়া ভরি মৎস লব কৈ আর উৎপল—*কৃও*; ওড়া কোদাল লইয়া মগ চলে লাখে লাখে—*পূগী*)। { *হি.* ওংড়া (*স.* কুণ্ড ?); মুগুরি ওড়া = গুহ। *তুল. চট্ট.* 'ওড়া-ওড়া' খাওয়া = অধিক পরিমাণ খাওয়া অর্থাৎ ধামা-ধামা খাওয়া}

ওড়ামুড়ি [ওড়ামুড়ি] *বি* অস্থিরতাব্যঞ্জক পার্শ্বপরিবর্তন; কাতরতাজনিত ছটফটানি (ঝিঝির কান্দনে রাত্রি ওড়ামুড়ি করে—*জউ*)। {মোড়া, মোড়ামুড়ি √মুড় (মোচড় দেওয়া, বাঁকানো) + আ = মোড়ামুড়ি (দ্বিরুক্তিতে)}

ওড়িয়া, উড়িয়া, উড়ে [ওড়িয়া, উ–, উড়ে] *বি* ১ উড়িষ্যার লোক (উড়ে চাকরটাকে...বর্ণমালা পর্যন্ত শিখিয়েছে—*সৈমু*)। ২ উড়িষ্যার ভাষা। ❑ *বিণ* ১ ওড়িষ্যা সম্বন্ধীয়। ২ উড়িষ্যাদেশে জাত; উড়িষ্যা দেশীয়। { *স.* ওড়, উৎকল>উড়িষ্যা, ওড়িষ্যা>}

ওড়িশা ⇒ ওড়িষ্যা

ওড্রী ⇒ ওড়

ওঢ় ⇒ ওড়

ওঢ়ন, ওঢ়না, ওঢ়নি, ওঢ়নী ⇒ ওড়না

ওত, ওৎ, ওঁত, ওঁৎ [ওত্, ওৎ, ওঁত্, ওঁৎ] *বি* আক্রমণের জন্য সতর্ক হয়ে সাবধানে প্রতীক্ষা। **ওতপাতা, ওঁতপাতা** *ক্রি*। { *স.* √অব(রক্ষণে)>ওত্>ওঁত, ইঁদুরের উপদ্রব থেকে রক্ষা}

ওতন ⇒ ওয়াতন

ওতপ্রোত [ওতোপ্‌প্রোতো] *বিণ* বিশেষভাবে জড়িত; অন্তর্ব্যাপ্ত; পরিব্যাপ্ত (মানুষের জীবনে কল্পনা ও বাস্তব ওতপ্রোতভাবে মিশে আছে—*মোচৌ*)। { *স.* ওত (ব্যাপ্ত)+প্রোত (গ্রথিত)=ওতপ্রোত; দ্বন্দ্ব}

ওতরান, ওতরানো ⇒ উতরানো

ওথলান, ওথলানো ⇒ উথলানো

ওদন [ওদোন্] *বি* অন্ন; ভাত (শিশু কান্দে ওদনের তরে—*কমু*)। ~**প্রাশন** *বি* হিন্দুসমাজের অন্নপ্রাশন; মুখে ভাত দেওয়ার অনুষ্ঠান (করাইল সবাকার ওদনপ্রাশন—*কৃও*)। { *স.* √উন্দ্+অন(যুচ্)}

ওদা [ওদা] *বিণ* ভিজা; নরম; খাস্তা নয় এমন (ওদা মুড়ি)। { *স.* আর্দ্র>*প্রা.* ওদ্দ+আ=ওদ্দা >ওদা; অথবা, *স.* উদ (জল) +আ>উদা>ওদা}

ওদিক [ওদিক্] *বি* ১ ঐদিক; অপর দিক। ২ ঐদেশ। ৩ অপর পক্ষ। { *বা.* ও+ *স.* দিক্}

ওধার [ওধার্] *বি* ওদিক; অপর দিক; দূরবর্তী নির্দিষ্ট স্থল। **এধার** *বিপ.*। { *বা.* ও+ *হি.* উধার}

ওপচান, ওপচানো ⇒ উপচানো

ওপড়ান, ওপড়ানো ⇒ উপড়ানো

ওফা [ওফা] *বি* অঙ্গীকার পূরণ; বিশ্বস্ততা; আনুগত্য। (*বিপ.*) **বেওফা** *বিণ* অবিশ্বস্ত; অঙ্গীকার পালন করে না এমন। { *আ.* ৱফা وفا }

ওফাত, ওফাৎ [ওফাত্] *বি* মৃত্যু; পরলোকগমন (হজরতের ওফাতের কিছু দিন আগে—*হবা*)। { *আ.* ৱফাত্ وفاة }

ওফাদার [ওফাদার্] *বিণ* অনুগত; বাধ্য; বশ; বিশ্বস্ত (বড় ওফাদার তেরা মকবেল সরদার—*সৈহা*)। **ওফাদারি, ওফাদারী** *বি* আনুগত্য; বশ্যতা; বাধ্যতা; অঙ্গীকার-পূরণ; বিশ্বস্ততা (আপনে বুঝি ওফাদারির ওয়াদাটা কৈরাই আসছেন ?—*মুম*)। { *আ.* ৱফা وفا + *ফা.* দার دار }

ওবা১ [ওবা] *বি* ১ মহামারী; মড়ক। ২ কলেরা বসন্ত প্লেগ ইত্যাদি সংক্রামক রোগ। { *আ.* ৱবা وباء }

ওবা২ ⇒ উবা

ওম১ ⇒ ওঁ

ওম২ ⇒ উম

ওমদা ⇒ উমদা

ওমর, উমর [ওমর্, উ–] *বি* বয়স (মোর ওমর বহু হল—*প্যামি*)। { *আ.* উমর عمر }

ওমরা, ওমরাহ্, উমরা, উমরাহ [ওম্‌রা, –রাহ্, উ–, –] *বি* ১ আমিরগণ; বাদশাহের অধীন বিশেষ ক্ষমতা সম্পন্ন ব্যক্তিবর্গ। ২ অভিজাতবর্গ; ক্ষমতাশালী ধনী সম্প্রদায়। { *আ.* বহুব উমারা امراء ; একব আমীর امیر }

ওমলেট ⇒ অমলেট

ওমেদ ⇒ উমেদ

ওমেদার, ওমেদারি ⇒ উমেদার

ওম্বুরি ⇒ অম্বরি
ওজ্জা, ওযযা (বিরল) [ওজ্জা] *বি* পৌত্তলিক যুগের আরবের প্রসিদ্ধ আরাধ্যদেবী (রোয়ে 'ওজ্জা' যোরল ইবলিস খারেজিন—*নই*) { *আ.* উজ্জা عزى }
ওযু ⇒ অজু
ওয়াক [ওয়াক] *অব্য* ১ বমনের শব্দ। ২ ছিঃ। ☐ *বি* বমি; উদ্গার (সর্বদা ওয়াক ছর্দি মুখে উঠে জল—*ভারা*)। { ধ্বন্যা. }
ওয়াকিফ, ওয়াকেফ, ওয়াকিব, ওয়াকেব [ওয়াকিফ্, -কেফ্, ওআকিব্, -কেব] *বিণ* জ্ঞাত; বিদিত; অভিজ্ঞ; কোনো বিষয়ে সংবাদ বা জ্ঞানপ্রাপ্ত (যাইয়া বাদশার আগে হইনু ওয়াকিফ—*সৈহ*; মেস্লো সাহেব ওয়াকেফ ছিলেন না যে নিকটাত্মীয়েরই উকিল হওয়া বিধি—*ক/আও*)। ☐ *বি* জ্ঞাপন; ব্যক্ত (হাতেম তাহার তরে, প্রশংক ওয়াকেফ করে, একে একে তামাম খবর—*সৈহ*)। ~**হাল** *বিণ* বিশেষ অবস্থা সম্পর্কে জ্ঞাত বা অভিজ্ঞ (তেনারা শীতের তকলিফ বাবতে ওয়াকিবহাল—*সৈমু*)। { *আ.* ৱাকিফ্ واقف }
ওয়াকেফ, ওয়াকেব ⇒ ওয়াকিফ
ওয়াক্ত, ওয়াক্তি, ওয়াক্তিয়া ⇒ ওক্ত
ওয়াকফ, অকফ [ওয়াকফ্, অকফ্] *বি* ধর্ম বা পুণ্যের উদ্দেশ্যে প্রদত্ত দান; একপ্রকার উইল (ওয়াকফ করিয়া ইসলামের সেবায় বিলাইয়া দিয়াছিলেন—*হও*)। ~**নামা** *বি* ধর্ম বা খোদার নামে প্রদত্ত দানপত্র বা দেবত্রের (দেবোত্তর) দলিল। { *আ.* ৱাকফ وقف }
ওয়াচগার্ড [ওয়াচগার্ড] *বি* ঘড়ির চেন (সোনার ওয়াচগার্ড পরিয়া ও হীরার আঙ্গুটি হাতে দিয়া—*প্যামি*)। { *ই.* watch guard }
ওয়াজ, ওয়ায়েজ [ওয়াজ, ওয়ায়েজ] *বি* উপদেশ বা বক্তৃতা; ধর্মব্যাখ্যা; ধর্মপ্রচার (মেয়েদের জন্য ওয়ায হইত—*আমআ*)। ~**নসিহত** *বি* ধর্মসম্বন্ধীয় বক্তৃতা ও উপদেশ (মৌলবীর ওয়াজ নসিহত জানি—*মীম*)। { *আ.* ৱাজ্ وعظ }
ওয়ায়েয [ওয়ায়েজ] *বিণ* ধর্মীয় উপদেশদাতা; ধর্ম সম্বন্ধীয় বক্তা (ওয়ায়েয মৌলবী সুধারামী সাহেব—*আমআ*)। { *আ.* ৱাইজ্ واعظ }
ওয়াজিব, ওয়াজিবি ⇒ ওয়াজেব
ওয়াট [ওয়াট] *বি* তাড়িৎশক্তির মান (বিদ্যুৎ শক্তির মাপের একককে ওয়াট বলা হয়—*অমু*)। { *ই.* watt }
ওয়াটার [ওয়াটার] *বি* জল; পানি। ~ **প্রুফ** *বি* পানি নিবারক। ~ **লিলি** *বি* শাপলা ফুল বা তার গাছ; কুমুদ। { *ই.* water }
ওয়াড়, ওসার, উয়ার, ওহাড়, ওড় [ওয়াড়, ওসার, উয়ার, ওহাড়, ওড়] *বি* গেলাফ; বালিশ; লেপ ইত্যাদির আবরণ বা খোল (মানুষ না সব বালিশ যেন জামার ওয়াড় আঁটা—নই)। { *স.* প্রসার>*হি.* পৈসার, *বা.* ওসার> ওআর> য-শ্রুতির ফলে ওয়ার, ওয়াড়। অথবা, *স.* অবসর> অওসর> ওসার> ওআর> ওয়াড় }
ওয়াতন, ওতন [ওয়াতন্, ওতন্] *বি* স্বদেশ; মাতৃভূমি; জন্মস্থান (ছেড়ে যেতে চাও তুমি কি কারণে নিজের ওয়াতন—*ফআ*)। { *আ.* ৱতন্ وطن }
ওয়াদা, ওআদা [ওয়াদা] *বি* ১ শপথ; প্রতিজ্ঞা; প্রতিশ্রুতি (ফেরত দেবে বলে আজকের মত ওয়াদাও করেছিল—*শাহ*)। ২ মেয়াদ; নির্দিষ্ট সময়। ~**দার** *বিণ* অঙ্গীকারবদ্ধ; প্রতিশ্রুতি পালনকারী। { *আ.* ৱদাহ وعده }
ওয়াপদা [ওয়াপদা] *বি* পানি ও বিদ্যুৎ উন্নয়ন কর্তৃপক্ষ। { *ই.* WAPDA=Water and Power Development Authority }
ওয়াপস [ওয়াপোশ্] *বি* ফেরত; প্রত্যাবর্তন। { *ফা.* ৱাপিস واپس }
ওয়ায, ওয়ায়েয ⇒ ওয়াজ
ওয়ার[১] [ওয়ার] *বি* তরবারির আঘাত (পহেলা ওয়ার কর আমার উপরে—*ফগ*)। ~**পার** *ক্রিবিণ* এফোঁড় ওফোঁড় (ওয়ারপার করা)। { *উ.* ৱার وار }
ওয়ার[২] [ওয়ার] *বি* যুদ্ধ। { *ই.* war }
ওয়াজেব, ওয়াজিব, ওয়াজিবি [ওয়াজেব্, -জিব্, -জিবি] *বিণ* ১ ন্যায্য; যুক্তিসঙ্গত; ন্যায়সঙ্গত (তুমি আজ বাবুরামকে খুব ওয়াজিব কথা বলিয়াছ—*প্যামি*; ওয়াজিবী কিস্মত দিয়া কিনে লিয়া যাই—*সৈহ*)। ২ অবশ্য পালনীয় (ওয়াজিব নমাজ)। ৩ প্রয়োজনীয়; দরকারি। { *আ.* ৱাজিব واجب }
ওয়ারক ⇒ ওরক
ওয়ারিন ⇒ ওয়ারেন্ট
ওয়ারিশ, ওয়ারিস, ওয়ারেশ, ওয়ারেস [ওয়ারিশ্, -, ওয়ারেশ্, -] *বি* বংশধর; উত্তরাধিকারী (নইলে আমার ওয়ারিশ পাবে—*রই*)। **ওয়ারিশান, ওয়ারিসান, ওয়ারেশিন, ওয়ারেশীন** *বি* ১ বংশধরগণ; উত্তরাধিকারীগণ। ২ পূজারী বা অনুসারীগণ (ভয়ে ভূমিচুমে লাব-মানাত-এর ওয়ারেশীন—*নই*)। { *আ.* ৱরিছ وارث }
ওয়ারেন্ট, ওয়ারিন (বিরল) [ওয়ারেন্ট্, ওয়ারিন্] *বি* গেপ্তারি পরোয়ানা (দাদাদরীর নামে ওয়ারেন্ট বাহির করে তাকে পুলিশ দিয়ে গ্রেপ্তার করেছে—*মীম*; অবশেষে অমন ওয়ারিন বাহির হইলে—*প্যামি*)। { *ই.* warrant }
ওয়ারেশ, ওয়ারেশিন, ওয়ারেশীন ⇒ ওয়ারিশ
ওয়ালা, ওলা, আলা [ওয়ালা, ওলা, আলা] *অব্য* তদ্ধিত প্রত্যয় বিশেষ (ব্যবসায়ী অর্থে কাপড়ওয়ালা; অধিকারী অর্থে—পয়সাওয়ালা; যুক্ত অর্থে—পাড়ওয়ালা; নিবাসী অর্থে—দিল্লীওয়ালা ইত্যাদি)। **ওয়ালি/ওয়ালী, উলি/উলী** *স্ত্রী*। { *হি.* ৱালা }
ওয়ালি, ওয়ালী [ওয়ালি] *বি* শাসক; প্রাদেশিক শাসনকর্তা। { *আ.* ৱলী والى }
ওয়ালিমা ⇒ অলিমা
ওয়ালেদ [ওয়ালেদ] *বি* পিতা (আমার ওয়ালেদ সাহেবই আমার মুর্শেদ—*আমআ*)। **ওয়ালেদা** *বি স্ত্রী* মাতা। { *আ.* ৱালিদ والد }
ওয়াশিল, ওয়াশীল, ওয়াসিল [ওয়াশিল্] *বি* প্রাপ্য আদায়; উসুল (তাঁহার মোক্তারনামা দ্বারা সকল আদায় ওয়াশিল করিতেন—*প্যামি*)। **ওয়াশিলাত, ওয়াশীলাত**

বি প্রাপ্য সম্পত্তি অন্যের অধিকারে থাকাকালের ক্ষতিপূরণ (অতএব সমেৎ ওয়াশিলাত তাবৎ বিষয়ে দখল পাওয়ারও উইল রদের দাবী—*বচ*)। { *আ.* ৱাসিল واصل }

ওয়াসওয়াসা ⇒ অসওয়াসা

ওয়াসকোট, ওয়াসকিট ⇒ ওয়েস্টকোট

ওয়াসা [ওয়াশা] *বি* পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ। { *ই.* WASA=Water Supply and Sewarage Authority }

ওয়াসিল ⇒ ওয়াশিল

ওয়াস্তা [ওয়াস্‌তা] *বি* ১ পরোয়া; তোয়াক্কা। ২ অপেক্ষা (একটি মাত্র নাম সইর ওয়াস্তা—*মব*)। ৩ উপায়; মাধ্যম; কারণ। **ওয়াস্তে** *অব্য* নিমিত্তে; উদ্দেশ্যে (আল্লার ওয়াস্তে)। { *আ.* ৱাসিত্বাহ্ واسطة }

ওয়াহাবি, ওয়াহাবী ⇒ ওহাবি

ওয়াহিদ, ওয়াহেদ [ওয়াহিদ্, -হে-] *বিণ* এক; একক। { *আ.* ৱাহ়িদ واحد }

ওয়াহেদ ⇒ ওয়াহিদ

ওয়েটিং রুম [ওয়েটিঙ্ রুম্] *বি* যাত্রীদের বিশ্রামাগার। { *ই.* waiting room }

ওয়েদার [ওয়েদার্] *বি* আবহাওয়া (সারা ইস্টারের ছুটিটার ওয়েদার অবিশ্বাস্যভাবে ভালো লেগে গেলো—*আহা*)। { *ই.* weather }

ওয়েসিস [ওয়েসিস্] *বি* মরুদ্যান (দূর ওয়েসিস পারে মদীনার দরদী আকাশ বাড়ালো হাত—*ফআ*)। { *ই.* oasis }

ওয়েস্টকোট, ওয়াসকোট, ওয়াসকিট (বিরল) [ওয়েস্‌ট্‌কোট্, ওয়াস্‌কোট্, -কিট্] *বি* ফতুয়া বিশেষ; বিলাতি কাটছাঁটে তৈরি এক প্রকার জামা (পরনে শিলওয়ার, কুর্তা আর ওয়াসকিট—*সৈমু*)। { *ই.* waistcoat }

ওর১ [ওর্] *বি* ১ সীমা; অবধি; শেষ (দুঃখের নাহি ওর *মোম*)। ২ দিক; পক্ষ; তরফ। ৩ প্রান্তদেশ; outskirt (যোগী জাতি থাকে সেই সহরের ওরে—*হেমা*)। { *স.* অপার > *পা.* ওর > *বা.* ওর }

ওর২ [ওর্] *সর্ব* ঐ ব্যক্তির। { *স.* অদস্ > }

ওরক (বিরল), **ওয়ারক** [ওরক্, ওয়রক্] *বি* পাতা; পত্র (তবে কোরানের এক ওরক উড়িয়া—*সৈসু*)। { *আ.* ৱরাক় ورق }

ওরফে, ওর্ফে [ওরফে] *অব্য* বনাম; নামান্তর; alias (যখনই পিঠে রমণী পাদপদ্ম ওরফে মেয়ের লাথি পড়ে তখনই তোমরা ধান ভান—*বচ*)। { *আ.* 'উর্‌ফ عرف }

ওরসা [ওর্‌সা] *বি* ওয়ারিসি সূত্র। { *আ.* ৱরাছাহ্ ورثة }

ওরে [ওরে] *অব্য* সম্বোধনসূচক শব্দ (ওরে কী শুনেছিস ঘুমের ঘোরে—*রঠা*)। { *স.* অরে>(অ-কে ও-রূপে উচ্চারণের ফলে) ওরে }

ওরোপ [ওরোপ্] *বি* গুরুত্ব। { *আ.* রু'ব رعب }

ওর্ফে ⇒ ওরফে

ওল [ওল্] *বি* প্রসিদ্ধ কন্দ জাতীয় সবজি। **বুনো ~** *বি* চাষবাদ ছাড়াই বনে জন্মে এমন এক ধরনের ওল, যা খেলে গলা কুটকুট করে এবং অনেক সময়ে গলা ফুলে ওঠে। **যেমন বুনো ~ তেমন বাঘা তেঁতুল**—অপরাধের মাত্রা অনুযায়ী অপরাধীর শাস্তি। { *স.* ওল্ল>ওল }

ওলকপি [ওল্‌কোপি] *বি* শালগম জাতীয় কন্দ বিশেষ। { *স.* ওল্ল> *বা.* ওল+ *পো.* couve }

ওলট ⇒ উলট

ওলটপালট ⇒ উলটপালট

ওলদ, অলদ [ওলদ্, অ-] *বি* সন্তান; পুত্র বা কন্যা। { *আ.* ৱলাদ ولد }

ওলন১ [ওলন্] *বি* নামা; অবরোহণ। { *স.* অবতরণ> ওঅলন>ওলন }

ওলন২, **ওলনদড়ি** [ওলন্, ওলন্‌দোড়ি] *বি* গাঁথনির মাপ ও খাড়াই পরীক্ষার জন্য ব্যবহৃত নীচে ভার বাঁধা লম্বা দড়ি বা সুতা বিশেষ। { *স.* অবলম্ব> *প্রা.* ওলং> }

ওলন্দাজ [ওলোন্‌দাজ্] *বি* হল্যান্ড দেশের অধিবাসী; ডাচ (ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গি ফরাস—*ভারা*)। { *ফ.* অল্যান্ডেইস, Hollandaise }

ওলফৎ ⇒ উলফত

ওলমা ⇒ উলামা

ওলা১ ⇒ ওলাইচণ্ডী

ওলা২ [ওলা] *বি* ১ সাদা চিনি বা মিছরির নাড়ু বিশেষ। (*তুল.* চট্টগ্রামের 'মোলা' শব্দ। যার অর্থ 'মুড়ির ল্যাড়ু')। ২ বৃষ্টির সঙ্গে পতিত শিলা। { সুকুমার সেনের মতে—উল্লক >ওলা (চিনির লাড়ু; *প্রা.* ঔলা ;অথবা, গোল>) }

-ওলা ⇒ ওয়ালা

ওলাইচণ্ডী, ওলাবিবি, ওলা [ওলাইচোন্‌ডি, ওলাবিবি, ওলা] *বি* হিন্দু সমাজে পূজ্য বিসূচিকা রোগের দেবী (হৈমবতী উমার অর্ঘ্য কাড়বে ওলাই-চণ্ডী কি হায়?—*সদ*; ওলাবিবির পোলারা সহজে রাজি হবে না ইনজেকশানে—*অচিসে*)। { ওলা+ই+চণ্ডী; *বা.* ওলা+ *তু* বীবী }

ওলাউঠা, ওলাওঠা [ওলাউঠা, -ওঠা] *বি* ভেদবমি; বিসূচিকা রোগ; কলেরা। { *স.* উদ্+√গৃ> *বা.* ওলা; *স.* উৎ+√স্থা>উঠা }

ওলান [ওলান্] *বি* গাভীর স্তন; পালান। { *স.* উল্বন>ওলান }

ওলানো [ওলানো] *ক্রি* নামানো। { √ওলা+আনো }

ওলাবিবি ⇒ ওলাইচণ্ডী

ওলামা ⇒ উলামা

ওলামেলা (*মবা.*) [ওলামেলা] *বি* আনাগোনা; মেলামেশা (চতুর দিগের সখিগণে করে ওলামেলা—*পূগী*)। { মেলা, *অনু.* ওলা }

ওলাহন (*মবা.*) [ওলাহন্] *বি* ১ অভিযোগ; দোষারোপ; গঞ্জনা (তুমি যে আমার ঠাঞি কর আগমন। তাহাতেই প্রভু মোরে দেন ওলাহন—*কৃক*)। ২ খোঁটা (যশোদার ঠাই কর দিয়া ওলাহন—*পূগী*)। { *স.* উপালম্ভন> *প্রা.*

উবালহণ>ওলাহন; *তুল. হি.* উলাহ্না}

ওলি, ওলি-ওছি ⇒ অলি[২]

ওলিমা, ওলীমা ⇒ অলিমা

ওলো [ওলো] সম্বোধন সূচক *অব্য* (ওলো সই ওলো সই, আমার ইচ্ছা করে তোদের মত মনের কথা কই—*রঠা*)। {*প্রা.* হলা>অলা>*বা.* ওলো}

ওল্টানো ⇒ উলটানো

ওশোর [ওশোর্] *বি* দশমাংশ; শস্যের কর বা ট্যাক্স তোলা (ওশোর তোলা তার রাজ্যে নিষিদ্ধ—*আজা*)। {*আ.* 'উশুর عشر }

ওষধি, ওষধী [ওশোধি] *বি* যে গাছ একবার ফল দিয়েই মরে যায়। {*স.* ওষ+ √ধা+ই}

ওষুধ, ওষুধ করা, ওষুধ ধরা ⇒ ঔষধ

ওষ্ঠ, ঔষ্ঠ্য, ওঠ [ওশ্‌ঠো, ওউ-, ওঠ্] *বি* ১ উপরের ঠোঁট। ২ বাংলায় নিচের বা উপরের যে কোনো ঠোঁট (বুড়ীর দাঁত নড়ে থরথর, ওঠ বেয়ে পড়ে তাম্বুলের রস—*দমি*)। {*স.* √উষ+থ(থন্), +য>*প্রা.* ওট্‌ঠ, হোঁট>*বা.* ঠোঁট; *হি.* ওঠ}

ওষ্ঠপুট [ওশ্‌ঠোপুট্] *বি* মিলিত ওষ্ঠদ্বয় (তৃপ্তির কি স্নিগ্ধ স্পর্শ এখনো লেগে রয়েছে এর শুষ্ক শীতল ওষ্ঠপুটে—*নই*)। {*স.* ওষ্ঠ+পুট}

ওষ্ঠব্রণ [ওশ্‌ঠোব্রোন্] *বি* ওষ্ঠের উপর উদ্গত বিষফোঁড়া। {*স.* ওষ্ঠ+ব্রণ}

ওষ্ঠাগত [ওশ্‌ঠাগতো] *বিণ* ওষ্ঠের নিকট আগত; প্রায় বহির্গত হওয়ার মতো। ~ **প্রাণ** *বিণ* ১ মুমূর্ষু; মরমর। ২ অতিষ্ঠ, জর্জরিত। {*স.* ওষ্ঠ+আগত}

ওষ্ঠাধর [ওশ্‌ঠাধর্] *বি* ওষ্ঠ এবং অধর; উপরের ও নিচের ঠোঁট। {*স.* ওষ্ঠ+অধর}

ওষ্ঠ্য, ঔষ্ঠ্য [ওশ্‌ঠো, ওউশ্-] *বিণ* ওষ্ঠজাত; ওষ্ঠের সাহায্যে উচ্চার্য। ❑ *বি* ওষ্ঠের সাহায্যে উচ্চার্য বর্ণ (প, ফ, ব, ভ, ইত্যাদি ওষ্ঠ্য)। {*স.* ওষ্ঠ+য(যৎ),+অ(অণ্)}

ওস, ওসা [ওশ/ওশ, ওশা] *বি* শিশির। {*স.* অবশ্যায়>*প্রা.* ওস্যঅ>*বা.* ওসা; *হি.* ওস}

ওসৎ ⇒ আওসত

ওসা ⇒ ওস

ওসার [ওশার্] *বি* বিস্তার; চওড়াই; প্রস্থ; পরিসর (বান্ধিব পাতম বস্ত্র দেখিয়া ওসার—*সৈআ*)। ❑ *বিণ* বিস্তৃত; চওড়া। {*স.* প্রসার>ওসার}

ওসারা [ওশারা] *বি* বারান্দা। {*স.* উপশালা>*প্রা.* ওসারিঅ>*বা.* ওসারা; *তুল. হি.* উসারা}

ওসিয়ত, ওসিয়তনামা, ওসিয়তি ⇒ অসিয়ত

ওস্তওয়ার, উস্তোয়ার [ওসতওয়ার, ওস্‌তোয়ার্] *বিণ* ১ দৃঢ়, মজবুত (আমার নবীর দীন বড় ওস্তওয়ার—*সৈহা*)। ২ সত্য। {*ফা.* উস্‌তুভার استوار }

ওস্তরা [ওস্‌তোরা] *বি* কাঁচি। {*ফা.* উস্‌তুরার استوار }

ওস্তাগর, ওস্তাগার, উস্তাগর [ওস্‌তাগর্, -গার্, উসতাগর্] *বি* ১ নিপুণ কারিগর; রাজমিস্ত্রি। ২ প্রধান দরজি (তৈরী কাম্ছি আছে, ওস্তাগর?—*খমি*)। {*ফা.* উস্‌তাগার استاکر }

ওস্তাদ, উস্তাদ [ওস্‌তাদ্, উ-] *বি* ১ গুরু; শিক্ষক। (আজি ওস্তাদে সাগরেদ যেন শক্তির পরিচয়—*নই*)। ২ বিশেষজ্ঞ। ৩ উচ্চাঙ্গ সঙ্গীতজ্ঞ; দক্ষ সঙ্গীতশিল্পী; সঙ্গীত বিশেষজ্ঞ (তানসেন ছিলেন মহাওস্তাদ—এলেন তাঁহার সভায়—*দ্বিরা*)। ❑ *বিণ* ১ দক্ষ; কুশলী; পারদর্শী (সকলকেই যে গানে ওস্তাদ হইতে হইবে এমন কোন অবশ্যবাধ্যতা নাই—*রঠা*)। ২ (*বা.*) অতি চালাক; ফাজিল (ওস্তাদ ছেলে)। ৩ কুকর্মে দক্ষ (পরের সর্বনাশ করা গুণী ওস্তাদলোকের কর্ম - *রঠা*)। **ওস্তাদি, ওস্তাদী, উস্তাদী** *বি* ১ নৈপুণ্য; কুশলতা; দক্ষতা (এলেন তানসেন রাজার কাছে দেখাতে ওস্তাদি—*দ্বিরা*)। ২ বাহাদুরি; চালাকি; মাতব্বরি (আর ওস্তাদি খেলিয়ে কাজ নেই)। ৩ শিক্ষকতা। ❑ *বিণ* ১ ওস্তাদের উপযুক্ত; পারদর্শী (ওস্তাদী গলায় তান-কর্তবে পল্লীর নিদ্রাতন্দ্রা তিরোহিত—*রঠা*)। {*ফা.* উস্‌তাদ استاد , *আ.* استاد }

ওহাবি, ওহাবী, ওয়াহাবি, ওয়াহাবী [ওহাবি, -, ওয়াহাবি, -] *বি* ধর্ম-সংস্কারক নজদবাসী মুহম্মদ ইব্‌ন আবদুল ওহাবের (জন্ম: ১৭২০ খ্রি.) অনুসারী বা শিষ্য। ❑ *বিণ* ওহাবি মতবাদ জাত (ওহাবি আন্দোলন)। {*আ.* ৱহ্‌হাবী وهابی }

ওহি, ওহী, অহি, অহী [ওহি] *বি* ১ ঐশী বাণী; আল্লাহর প্রেরিত বাণী (অহি নাজেল হওয়ার সময়—*আখাঁ*)। ২ প্রত্যাদেশ (রসুলের নিকট যখন—কোনও ওহি নাযেল হইত—*মোব*)। {*আ.* ৱহী وحی }

ওহে [ওহে] *অব্য* সম্বোধনসূচক শব্দ। {*স.* অহে>}

ওহো [ওহো] *অব্য* স্মরণ আক্ষেপ বিস্ময় বা আকস্মিক আনন্দসূচক ধ্বনি। {*স.* অহো>}

ওহোদ [ওহোদ্] *বি* মদিনার নিকটবর্তী পর্বত—এখানে কুরাইশগণের সঙ্গে মুসলমানদের যুদ্ধ হয় এবং হজরত মুহম্মদ (সা.) আহত হন। {*আ.* ৱহুদ وحد }

ঔ

ঔ [ওউ] উচ্চারণ স্থান কণ্ঠ ও ওষ্ঠ। বাংলা বর্ণমালার একাদশ স্বরবর্ণ। ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে এটি 'ৌ' রূপ লাভ করে।

ঔকার [ওউকার্] *বি* ১ ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঔ স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত 'ৌ' চিহ্ন। ২ 'ঔ' বর্ণ। **ঔকারাদি** *বিণ* আদিতে ঔ-কার আছে এমন। **ঔকারান্ত** *বিণ* অন্তে বা শেষে 'ঔ'-কার আছে এমন। {ঔ+কার}

ঔখদ [ওউখদ] *বি* ঔষধ (রোগী কালে করলে জনু ঔখদ পান —*বিপ*)। {(ব্রজবুলিতে 'ঔষধ>ঔখদ', ষ = খ, তুল. ব্রজ ভাষা = ব্রজভাষা)}

ঔগ্র্য [ওউগ্গো] *বি* ১ উগ্রভাব; উগ্রতা। ২ ভয় ধরায় এমন ভাব; ভয়ঙ্কর বা ভীষণ ভাব। ৩ ঔদ্ধত্য; বেয়াদবি। { *স.* উগ্র+য}

ঔচিত্য [ওউচিত্তো] *বি* ১ উপযোগিতা; যথাযোগ্যতা; ন্যায্যতা (বিবাহের ঔচিত্য সম্বন্ধে এর চাইতে বড় প্রমাণ আর কিছুই নেই —*রঠা*)। ২ সত্য। ৩ অভ্যস্ত; পরিচিত ভাব। { *স.* উচিত+য}

ঔজসিক [ওউজোশিক্] *বিণ* তেজস্বী; বলশালী। **ঔজস্য** *বি* তেজস্বিতা; ওজস্বিতা; বলিষ্ঠতা। { *স.* ওজস্+ইক (ঠক)}

ঔজ্জ্বল্য [ওউজ্জোল্লো] *বি* ১ উজ্জ্বলতা; দীপ্তি; প্রখরতা। ২ চাকচিক্য; চেকনাই। **উজ্জ্বল** *বিণ*। { *স.* উজ্জ্বল+য(য্যঞ)}

ঔড়ুম্বর, উদুম্বর [উড়ুমবর্, উদুমবর্] *বি* ১ যজ্ঞডুমুর। ২ তাম্রপাত্র। { *স.* উড়ু (দু)ম্বর+অ(অণ)}

ঔড্র [ওউড্ড্রো] *বিণ* উড়িষ্যার অধিবাসী। ☐ *বিণ* উড়িষ্যাদেশ সংক্রান্ত। { *স.* ওড্র+অ(অণ)}

ঔড়ব [ওউড়ব্] *বি* পঞ্চস্বরাত্মক রাগবিশেষ। { *স.* ওড়ব+অ}

ঔড়ুপিক [ওউড়ুপিক্] *বিণ* উড়ুপ বা ভেলা সম্বন্ধীয়। ☐ *বিণ* ক্ষুদ্র নদী; যে নদী ভেলায় পার হওয়া যায়। { *স.* উড়ুপ+ইক(ঠক)}

ঔৎকট্য [ওউত্কোট্টো] *বি* ১ আতিশয্য; অতিরেক; আধিক্য। ২ উগ্রতা; প্রচণ্ডতা; রূঢ়তা; কর্কশতা। { *স.* উৎকট+য(য্যঞ)}

ঔৎকণ্ঠ্য [ওউত্কনঠো] *বি* উদ্বেগ; চিত্তচাঞ্চল্য; মানসিক কষ্ট; ব্যাকুলতা। { *স.* উৎকণ্ঠা+য(য্যঞ)}

ঔৎকর্ষ [ওউত্করশো] *বি* ১ উন্নতি; বৃদ্ধি। ২ উৎকৃষ্টতা; শ্রেষ্ঠত্ব। ৩ শোধন; পরিমার্জন। { *স.* উৎকর্ষ+অ(অণ)}

ঔৎকোচিক [ওউত্কোচিক্] *বিণ* উৎকোচ সংক্রান্ত। { *স.* উৎকোচ+ইক(ঠক)}

ঔৎপাতিক [ওউত্পাতিক্] *বিণ* ১ উৎপাতবিশিষ্ট। ২ অশুভসূচক। { *স.* উৎপাত+ইক(ঠক)}

ঔৎসর্গিক [ওউত্শোরগিক্] *বিণ* ১ উৎসর্গ সম্বন্ধীয়। ২ সহজ; স্বাভাবিক। { *স.* উৎসর্গ+ইক(ঠক)}

ঔৎসুক্য [ওউত্শুক্কো] *বি* ১ আগ্রহ; উৎসুক ভাব। ২ উৎকণ্ঠা; উদ্বেগ (পাঠকের ঔৎসুক্য)। { *স.* উৎসুক+য(য্যঞ)}

ঔদ, ঔদ্র [ওউদ, ওউদ্দ্রো] *বি* রৌদ্র (চৈত্র বৈশাখের ঔদে ঐ ক্যাথা শুকায়—*গোগী*)। { *স.* রৌদ্র}

ঔদক [ওউদক্] *বিণ* জলীয়। { *স.* উদক+অ(অণ)}

ঔদনিক [ওউদোনিক্] *বি* পাচক; সূপকার। { *স.* ওদন+ইক(ঠক)}

ঔদরিক [ওউদোরিক্] *বিণ* ১ পেটুক; উদরসর্বস্ব; উদরপরায়ণ (পান আহার ভোজে মত্ত কি যত ঔদরিক—*নই*)। ২ উদর সম্বন্ধীয়। ~তা *বি* পেটুকতা; উদরসর্বস্বতা; উদরপরায়ণতা (এক রোমান সম্রাটের অমানুষিক ঔদরিকতার কাহিনী সবিস্তারে বলিতেছেন—*বিব*)। { *স.* উদর+ইক(ঠক)}

ঔদার্য [ওউদারজো] *বি* ১ উদারতা; প্রশস্ততা; মহানুভবতা; সংস্কারশূন্যতা। ২ বদান্যতা; অকৃপণতা। ৩ বাক্যের অর্থগাম্ভীর্য। ৪ নায়ক বা নায়িকার সত্ত্বজ গুণবিশেষ। ৫ বিনয়। { *স.* উদার+য(য্যঞ)}

ঔদাসীন্য, ঔদাস্য [ওউদাশিন্নো, ওউদাশ্শো] *বি* ১ উদাসীনতা; নির্লিপ্ততা। ২ অনাসক্তি; বৈরাগ্য। ৩ উপেক্ষা; অবহেলা (অলস ঔদাস্যভরে, মধ্যাহ্নের শুষ্ক বায়ু মিছে খেলা করে—*রঠা*)। ৪ নিরপেক্ষতা। **উদাসীন** *বিণ*। { *স.* উদাসীন, উদাস+য(য্যঞ)}

ঔদ্ধত্য [ওউদ্ধত্তো] *বি* ১ ধৃষ্টতা; স্পর্ধা (আনোয়ার সাহেবের ঔদ্ধত্য আমার অসহ্য—*বর*)। ২ অশিষ্টতা; অবিনয় (এতেক ঔদ্ধত্য প্রভু করেন কৌতুকে—*বৃদা*)। ৩ উগ্রতা; চণ্ডভাব। ৪ দর্প; গর্ব; অহঙ্কার (বিদ্যৌদ্ধত্যে কাহাকেহো না করে গণন—*কৃক*)। **উদ্ধত** *বিণ*। { *স.* উদ্ধত+য(য্যঞ)}

ঔদ্বাহিক, ঔদ্‌বাহিক [ওউদবাহিক্] *বিণ* ১ বিবাহলব্ধ; বিবাহে প্রাপ্ত। ২ বিবাহ সম্বন্ধীয়। ☐ *বি* বিবাহের পণ বা যৌতুকাদি। { *স.* উদ্বাহ+ইক(ঠক)}

ঔদ্ভিজ্জ, ঔদ্ভিদ [ওউদ্‌ভিজ্জো, ওউদ্‌ভিদ্] *বিণ* ১ উদ্ভিদ থেকে জাত। ২ উদ্ভিদ সংক্রান্ত। ☐ *বি* সৈন্ধব লবণ। { *স.* উদ্ভিদ্+√জন্+অ(ড), উদ্ভিদ+অ(অণ)}

ঔধস, ঔধস্য [ওউধোশ্, -শ্শো] *বিণ* স্তন্য। *বি* স্তনদুগ্ধ। { উধস+অ(অণ), +য(য্যঞ)}

ঔপকূলিক [ওউপোকুলিক্] *বিণ* ১ উপকূল সম্পর্কিত। ২ উপকূলে উৎপন্ন। { *স.* উপকূল+ইক(ঠক)}

ঔপদেশিক [ওউপোদেশিক্] *বিণ* ১ উপদেশ সংক্রান্ত। ২ উপদেশ দ্বারা প্রাপ্ত। ☐ *বি বিণ* উপদেশ-ব্যবসায়ী; উপদেশজীবী। { *স.* উপদেশ+ইক(ঠক)}

ঔপধার্মিকতা [ওউপোধারমিকতা] *বি* অপকৃষ্ট ধর্মপরায়ণতা; নিম্নশ্রেণির ধার্মিকতা (পুরাণ ইতিহাস কেবল মূর্খতা এবং ঔপধার্মিকতা—*বচ*)। { *স.* উপধর্ম+ইক(ঠক)+তা}

ঔপনয়নিক, ঔপনায়নিক [ওউপোনয়োনিক্, -না-] *বিণ* উপনয়ন সংক্রান্ত। { *স.* উপনয়ন+ইক(ঠক)}

ঔপনিধিক [ওউপোনিধিক্] *বি* বিশ্বাসহেতু নিহিত দ্রব্য। { *স.* উপনিধি+ইক(ঠক)}

ঔপনিবেশিক [ওউপোনিবেশিক্] *বিণ* ১ উপনিবেশ সংক্রান্ত। ২ উপনিবেশে উৎপন্ন। ৩ উপনিবেশ স্থাপনকারী। { *স.* উপনিবেশ+ইক(ঠক)}

ঔপনিষদ [ওউপোনিশদ্] *বিণ* উপনিষদ সম্বন্ধীয়। { *স.* উপনিষদ+অ(অণ)}

ঔপনিষদিক [ওউপোনিশোদিক্] *বিণ বি* উপনিষদজ্ঞ। { *স.* উপনিষদ+ইক(ঠক)}

ঔপন্যাসিক [ওউপোন্নাশিক্] *বি* উপন্যাস রচয়িতা। ☐ *বিণ* ১ উপন্যাস সম্বন্ধীয়। ২ উপন্যাসে আলোচিত বা

বর্ণিত। { স. উপন্যাস+ইক(ঠক্)}

ঔপপত্তিক [ওউপোপোত্‌তিক্] *বিণ* ১ যুক্তি তর্ক দ্বারা প্রতিপন্ন; গ্রন্থাদির সাহায্যে প্রামাণ্য (তখনকার দিনে ঔপপত্তিক দর্শনকে তিনভাগে ভাগ করা হ'ত—*আকউ*)। ২ উপপত্তি সম্বন্ধীয়। ৩ সিদ্ধান্ত প্রতিপাদক। { স. উপপত্তি+ইক(ঠক্)}

ঔপমিক [ওউপোমিক্] *বিণ* ১ উপমা দ্বারা কল্পিত বা বর্ণিত। ২ উপমা সম্বন্ধীয়। { স. উপমা+ইক(ঠক্)}

ঔপম্য [ওউপোম্‌মো] *বি* ১ তুল্যতা; সমানতা; similitude। ২ সাদৃশ্য; আনুরূপ্য; analogy। ৩ সামঞ্জস্য; সঙ্গতি; balance। { স. উপমা+য(ষ্যঞ্)}

ঔপয়িক [ওউপোয়িক্] *বিণ* ১ উপায় সংক্রান্ত। ২ উপায়লব্ধ; উপায় সাধ্য। { স. উপায়+ইক(ঠক্)}

ঔপল [ওউপল্] *বিণ* ১ প্রস্তরময়; উপলনির্মিত। ২ উপল সম্বন্ধীয়। { স. উপল+অ(অণ্)}

ঔপসর্গ [ওউপোশরগো] *বি* উৎপাতসূচক; বিঘ্নসূচক (উৎপাতিকে ঔপসর্গে—*ভাব্য*)। { স. উপসর্গ+অ(অণ্)}

ঔপসর্গিক [ওউপোশরগিক্] *বিণ* ১ উৎপাত বা উপদ্রব সম্বন্ধীয়। ২ উপসর্গ সম্বন্ধীয়। { স. উপসর্গ+ইক(ঠক্)}

ঔপাধিক [ওউপাধিক] *বিণ* উপাধি সম্বন্ধীয় বা উপাধিজাত। ☐ *বি* (বাংলায়) ন্যায্য মূল্যের অধিক অর্থ (দ্রব্য লয়্যা দিবে মূল্য উচিত্ যে হৈবে। বিক্রীর কারণে 'ঔপাধিক' না লইবে—*কাদা*)। { স. উপাধি+ইক(ঠক্)}

ঔর [ওউর্] *বি* অন্য; অপর; আর (ঔর এক বাত শুনো)। { স. অপর>অরর>ঔর (*হি*)>আর (বাংলা)}

ঔরৎ ⟹ আওরত

ঔরস, ঔরস্য[১] [ওউরশ, ওউরশ্‌শো] *বিণ* আপন বীর্যে স্বীয় স্ত্রীর গর্ভে জাত। ☐ *বি* ১ বীর্য (তেমনি সন্তান হয় যেরূপ ঔরস—*কৃও*)। ২ ধর্মপত্নীজাত পুত্র (কামিনীর কথাতে কি ত্যজিবে ঔরস—*কৃও*)। **ঔরসী** *স্ত্রী*। { স. উরস্+অ(অণ্), য(ষ্যঞ্)}

ঔরস্য[২] [ওউরশ্‌শো] *বিণ* বক্ষোজাত; বক্ষঃস্থিত। { স. উরস+য(যৎ); উরস্য+অ(অণ্)}

ঔর্ণ [ওউরনো] *বিণ* উর্ণাময়; মেষলোমজাত; woollen। { স. ঊর্ণা+অ(অণ)}

ঔর্ণনাভ [ওউরনোনাভো] *বিণ* মাকড়সা সম্বন্ধীয়। { স. ঊর্ণনাভ+অ(অণ্)}

ঔর্ধ্বদেহ [ওউরধোদেহো] *বিণ* পারলৌকিক দেহ সম্বন্ধীয়। { স. ঊর্ধ্বদেহ+অ(অণ্)}

ঔর্ধ্বদেহিক [ওউরধোদেহিক] *বি* মৃত্যুর পরে হিন্দুদের করণীয় অগ্নিসংস্কার; শ্রাদ্ধ তর্পণাদি, অন্ত্যেষ্টি; প্রেতকৃত্য (ঔর্ধ্বদেহিক ব্যবস্থাবিষয়ক গবেষণামূলক প্রয়োজনীয় প্রবন্ধ—*কেম*)। ☐ *বিণ* অন্ত্যেষ্টি সম্বন্ধীয়। { স. ঊর্ধ্বদেহ+ইক(ঠঞ্)}

ঔর্ধ্বদেহী (-হিন্) [ওউরধোদেহি] *বি* বাংলায় মৃত ব্যক্তি (ঔর্ধ্বদেহীর কর্ম করাইল মুনি—*গঙ্গা*)। { স. ঊর্ধ্বদেহ+অ(অণ্)+ইন্}

ঔর্ব [ওউর্‌বো] *বি* ১ সমুদ্রতল থেকে উদ্‌গত অনল; বাড়বানল; বাড়বাগ্নি। ২ উর্বীজাত লবণ বিশেষ; পাংশু-লবণ। ☐ *বিণ* পৃথিবীজাত। { স. উর্বী-অ(অণ্)}

ঔর্বর [ওউরবর্] *বিণ* ভূমি সম্বন্ধীয়; পার্থিব। { স. উর্বরা+অ(অণ্)}

ঔর্বশেয় [ওউরবোশেয়ো] *বি* *বিণ* উর্বশীর পুত্র বা গর্ভজাত; অগস্ত্য। { স. উর্বশী+এয়(ঢক্)}

ঔলুক [ওউলুক্] *বি* পেঁচার ঝাঁক। { স. উলুক+য(ষ্যঞ্)}

ঔশীর, ঔষীর [ওউশির্] *বি* ১ চামরদণ্ড ২ উশীর বা বেণার মূল দ্বারা প্রস্তুত শয্যা ৩ চৌকি; আসন। ☐ *বিণ* উশীর সংক্রান্ত। { স. উশীর+অ(অণ্)}

ঔষধ, ওষুধ [ওউশধ্, ওষুধ্] *বি* ১ যার দ্বারা রোগ নাশ হয় বা প্রতিকার হয় এমন দ্রব্য; পীড়া ও ক্লেশ নিবারণকারী পদার্থ; ভেষজ দাওয়াই। ২ (*আল.*) প্রতিকার। ৩ তুকতাক; বশীকরণ। **ঔষধালয়** *বি* ঔষধের দোকান। **ঔষধি** *বি* ১ যে সকল গাছ গাছড়া থেকে ঔষধ প্রস্তুত হয়। ২ ঔষধ। **ঔষধীয়** *বিণ* ঔষধ সম্বন্ধীয়। ~ **করা** *ক্রি* ১ চিকিৎসা করা। ২ প্রতিকার করা। ৩ তুকতাক বশীকরণ মন্ত্র ইত্যাদি দ্বারা বশ করা; গুণ করা (সৎমা ছেলেটাকে ওষুধ করেছে)। ~ **ধরা** *ক্রি* ১ কারো উপর তুকতাক, বশীকরণাদি কাজ করা। ২ কেউ বশীভূত হওয়া। ৩ কারো পরামর্শ বা চক্রান্ত অপর কারো উপর সফল হওয়া। ~ **সেবন** *বি* ঔষধ খাওয়া; ঔষধ গ্রহণ; ঔষধ পান (ঔষধ সেবনেই রোগ নির্মূল হয়)। { স. ওষধি+অ(অণ্)>}

ঔষধাজীব [ওউশোধাজিব্] *বি* ঔষধকেই যিনি জীবিকারূপে গ্রহণ করেছেন; ঔষধ–ব্যবসায়ী বা ঔষধ বিক্রেতা; chemist & druggist। { স. ঔষধ+আজীব}

ঔষধীয় [ওউশোধিয়ো] *বিণ* ঔষধ সম্বন্ধীয়; ঔষধযোগ্য। { স. ঔষধ+ঈয়(ছ)}

ঔষর [ওউশর্] *বিণ* ক্ষারভূমিজাত; উষর ভূমিজাত; লবণ-মৃত্তিকাজাত; অনুর্বর ভূমিজ। ☐ *বি* পাঙ্গা লবণ; পাংশু ক্ষার। { স. উষর+অ(অণ্)}

ঔষস [ওউশশ্] *বি* সান্ধ্য অবসর। ☐ *বিণ* সম্বন্ধীয় বা সংক্রান্ত। {উষস্+অ(অণ্)}

ঔষীর ⟹ ঔশীর

ঔষ্ণ [ওউশ্‌নো] *বি* উষ্ণত্ব। { স. উষ্ণ+অ(অণ্)}

ঔষ্ণীক [ওউশ্‌নিক] *বিণ* উষ্ণীষধারী; কিরীটধারী; মুকুটধারী। ☐ *বি* রাজা। { স. উষ্ণীষ+অ(অণ্)}

ঔষ্ণ্য [ওউশ্‌নো] *বি* উষ্ণত্ব; গর্মি। { স. উষ্ণ+য(ষ্যঞ্)}

ঔষ্ট্র [ওউশ্‌ট্রো] *বিণ* ১ উষ্ট্র বিষয়ক। ২ উষ্ট্রজাত। { স. উষ্ট্র+অ(অণ্)}

ঔষ্ট্রক [ওউশ্‌ট্রক্] *বি* উষ্ট্রসমূহ; উটের পাল। { স. উষ্টক+অক(বুঞ্)}

ঔষ্ট্ররথ [ওউশ্‌ট্রোরথ্] *বিণ* উষ্ট্রদ্বারা বাহিত যান সম্বন্ধীয়। ☐ *বি* উটের গাড়ি। { স. উষ্ট্র+অ(অণ্)+রথ}

ঔষ্ঠ্য [ওউশ্‌ঠো] *বিণ* ওষ্ঠ দ্বারা উচ্চার্য; ওষ্ঠজাত। (উদাহরণ—ঔষ্ঠবর্ণ='উ'–বর্ণ এবং 'প' বর্গীয় বর্ণ) { স. ওষ্ঠ+য(যৎ)}

ঔষ্ম্য [ওউশ্‌মো] *বি* উষ্ণতা; উষ্ণত্ব; গর্মি। [(উদাহরণ: ঔষ্ম্য বর্ণ শ্, ষ্, স্, হ্)=উষ্মবর্ণ]। { স. উষ্ম+য(ষ্যঞ্)}

ং, ঃ এবং ঁ

ং, ঃ, ঁ —বর্ণ হিসেবে এগুলোর স্বতন্ত্র অস্তিত্ব ও অবস্থান রয়েছে। অন্য ধ্বনির সঙ্গে মিলিত হয়ে ছাড়া উচ্চারিত হতে পারে না বলে এগুলোর নাম 'পরাশ্রয়ী বর্ণ'। ধ্বনি হিসেবে ং এবং ঁ অনুনাসিক বা নাসিক্য (nasal)। বাংলা ভাষার কোনো শব্দই এই বর্ণগুলির কোনোটিকে আদিবর্ণরূপে গ্রহণ করে সৃষ্ট নয়। না-স্বর না-ব্যঞ্জন এই বর্ণগুলোকে বাংলা বর্ণানুক্রমের বিচারে স্বরবর্ণের পরে স্থান দেওয়া হলো।

ং—ং (অনুস্বার বা অনুস্বর) অনেকটা 'ঙ্' বা 'ম্'-এর মতো উচ্চারিত বলে ঘোষ (voiced) ধ্বনি।

১. অধিকাংশ ক্ষেত্রে নাসিক্য 'ঙ'-এর সংক্ষিপ্ত রূপ মাত্র। আবু ইসহাকের মতে, সংক্ষিপ্তকরণের কোনো অজ্ঞাত প্রবণতা থেকে ঙ বিবর্তিত হয়ে ং-বর্ণের সৃষ্টি করেছে (ব্যাঙ=ব্যাং, রঙ=রং, সঙ=সং, বাঙলা=বাংলা [কিন্তু বাঙালি])।

২. ং কখনো কখনো নাসিক্য ম্ এর পরিবর্তে ব্যবহৃত হয় (সম্+বাদ=সংবাদ)।

ঃ— 'হ্' অঘোষরূপে উচ্চারিত হলে ঃ (বিসর্গ) ধ্বনি পাওয়া যায়। তাই ঃ অঘোষ (voiceless) ধ্বনি।

১. ঃ কখনো কখনো উচ্চারণে 'হ' ধ্বনির নিকটবর্তী (বাঃ=বাহ্, উঃ=উহ্)।

২. ঃ কখনো কখনো র্-জাত। তাই ঃ-এর উচ্চারণ র্-এ পর্যবসিত হয়। (দুঃ+মূল্য=দুর্মূল্য; দুঃ+ঘটনা=দুর্ঘটনা)।

৩. ঃ কখনো কখনো স্ জাত। এই অবস্থায় ঃ-এর উচ্চারণ স্ বা শ্-এ পরিণত হয়। (দুঃ+তর=দুস্তর, দুঃ+কর=দুষ্কর)।

(ক) বিস্ময়, শোক, দুঃখ প্রভৃতি প্রকাশক অব্যয়ে (আঃ, উঃ, বাঃ) বিসর্গ ধ্বনি শোনা যায়।

(খ) তৎসম শব্দের শেষে অবস্থিত বিসর্গ (বস্তুতঃ, ইতস্ততঃ) বাংলায় উচ্চারিত হয় না।

ঁ—১. ঁ কখনো কখনো ঞ, ন, ণ থেকে উৎপন্ন (চন্দ্>চাঁদ, পঞ্চ>পাঁচ, কণ্টক>কাঁটা)।

২. ঁ কখনো কখনো ম্ থেকে উৎপন্ন (ওম্>ওঁ)। হিন্দু সম্প্রদায়ে প্রচলিত কোনো কোনো শব্দের আদিতে ঁ (চন্দ্রবিন্দু) দেখা যায়, কিন্তু ধ্বনি হিসেবে তা উচ্চারিত হয় না।

(ক) ওঁ শব্দের সংক্ষিপ্ত বা সংকেতবাচক রূপ হিসেবে (ঁশ্রীশ্রী হরিশরণম্);

(খ) স্বর্গত (মৃত) বা স্বর্গতা (মৃতা) (ঁকুমুদিনী দেবী, ঁঅরুণকুমার দত্ত) বোঝাতে শব্দের পূর্বে চন্দ্রবিন্দু বসে। তবে দেবদেবীবাচক শব্দের পূর্বে ব্যবহৃত ঁ 'ওঁ' [ওম্] রূপে উচ্চারিত হয়। যেমন—ঁগঙ্গা [ওম্ গঙ্গা]।

অ্যা, এ্যা

অ্যা, এ্যা—বাংলা ভাষায় এটি একটি মূল স্বরধ্বনি। উচ্চারণের দিক দিয়ে অর্ধবিবৃত সম্মুখ (front half open)। বাংলা ভাষায় এই স্বরধ্বনির জন্য স্বতন্ত্র কোনো বর্ণ বা কারচিহ্ন নেই। যাবতীয় তৎসম এবং কিছু তদ্ভব শব্দের ক্ষেত্রে এটি বিকৃত এ-কার রূপে গণ্য হয়ে থাকে। অতৎসম ও বিদেশি শব্দের বেলায় স্বরবর্ণের ক্ষেত্রে অ-কারের (কখনো কখনো এ-কারের) সঙ্গে য-ফলা এবং আ-কার যোগ করে এই স্বরধ্বনিকে নির্দেশ করা হয়। যেমন—অ্যাডভোকেট, অ্যাসিড। ব্যঞ্জনবর্ণের ক্ষেত্রে এর রূপ হয়—য-ফলা এবং আ-কার (্যা), যা সংশ্লিষ্ট ব্যঞ্জন বর্ণের সঙ্গে যুক্ত হয়। যেমন—ঘ্যানর ঘ্যানর, প্যাঁচ, স্যাঁতসেঁতে, ব্যাটসম্যান। বাংলা ভাষায় এ-কার দিয়ে লেখা এবং 'অ্যা' ধ্বনি দিয়ে উচ্চারিত কয়েকটি শব্দ নিম্নরূপ : (১) শব্দের শুরুতে এ-বর্ণ দিয়ে লিখিত—এক (উচ্চারণ: অ্যাক্) যে ছিল রাজা; একদা (উচ্চারণ: অ্যাকোদা); এখন (উচ্চারণ: অ্যাখোন্)। (২) শব্দের মধ্যে এ-কার (ে) দিয়ে লিখিত—কেন, কেমন, খেপা, দেখা, খেংড়া, ঢেপসা, দেওর (উচ্চারণ: ক্যানো, ক্যামোন্, খ্যাপা, দ্যাখা, খ্যাঙ্ড়া, ঢ্যাপ্‌শা, দ্যায়োর্)। অ-কারের সঙ্গে য-ফলা যুক্ত বিবেচনায় বর্তমান অভিধানে বর্ণটি অ-বর্ণের মধ্যে স্থান পেয়েছে।

ক

ক[১] [ক] বাংলা ব্যঞ্জন-বর্ণের 'ক'-বর্গের প্রথম বর্ণ। এর উচ্চারণস্থান কণ্ঠ। এজন্য "ক" বর্ণকে কণ্ঠ্যবর্ণ বলে। এটি অঘোষ বর্ণ।

ক[২] [ক] *ক্রি* (সকর্মক) বলা, কহা। {*স.* √কথ্>*প্রা.* √কহ্>*বা.* √কহ্>কঅ>ক}

ক[৩] [ক] বিশেষণরূপে ব্যবহৃত সর্বনাম—কয়েক, কতিপয়, কয় (যে ক-দিন বেঁচে আছি, কাজ করে যাও। গরুর ক-পাটি দাঁত, বলো তো?)। {*স.* কতি>*প্রা.* কই> *বা.* ক}

ক[৪] [ক] *বি* ১ বর্ণমালা (ছেলেটার 'ক', 'খ' শিখতেই ছ মাস চলে গেল)। ২ বর্ণ-জ্ঞান; জ্ঞানশূন্য ('ক' অক্ষর গোমাংস=বর্ণজ্ঞানহীন; জ্ঞানশূন্য)। ৩ প্রারম্ভিক জ্ঞানগর্ভ পুস্তক (মার্শাল প্রণীত অর্থনীতির ক, খ)।

-ক[১] [অধিকাংশ ক্ষেত্রে—ক্, তবে কোথাও কোথাও—ক] বাংলা বিভক্তি, প্রত্যয় প্রভৃতি রূপে ব্যবহৃত 'ক'। ব্যবহার—

১. তদ্ধিত প্রত্যয় ঢোল+ক=ঢোলক (ক্ষুদ্রার্থে); মড়+ক=মড়ক (বিশিষ্টার্থে); বৈঠ+ক=বৈঠক(বিশিষ্টার্থে); টন+ক=টনক (বিশিষ্টার্থে)।

২. ঊনবিংশ শতাব্দীতে ব্যবহৃত ক্রিয়ান্তিক 'ক'-পাঁচজন বসিবেক; খাইবেক; লইবেক (ক্রিয়াপদের এই রূপগুলি সম্ভ্রমাত্মক অনুজ্ঞার রূপ)।

৩. কর্ম বা সম্প্রদান কারকের বিভক্তির চিহ্নরূপে মধ্যযুগীয় বাংলায় ব্যবহৃত -'ক' :— তোম্মাক, আম্মাক, 'ময়নাক বিবা করিল'।

-ক[২], **-কো** [কো] উপেক্ষা প্রবণতাজ্ঞাপক প্রত্যয়রূপে নাস্তিবোধক 'না'-এর সঙ্গে ব্যবহৃত 'ক', যথা—(থাকব নাক বদ্ধ ঘরে দেখব এবার জগৎটাকে—*নজু*; এখন যেয়ো নাকো)।

কআ [কয়া] *ক্রি* অল্প ভাজা; রস মারা (তরকারিটা তেলে কআও)। {*স.* √কষ্> *বা.* √ক; ক+আন, আনো= কআনো <কষানো}

কই[১], **কৈ**[১] [কোই] *বি* স্বনামখ্যাত মৎস্য বিশেষ (কই ভাজা খেতে মজা)। {*স.* কবয়ী>*প্রা.* কঅঈ>কঈ> কই>কৈ}

কই[২], **কৈ**[২] [কোই] *অব্য* ১ কোথায় (কই, বইটা তো দেখতে পাচ্ছি না)। ২ প্রশ্নবাচক 'কোথায়' (কই গো কই মেঘ উদয় হও—*সদ*)। ৩ হতাশাব্যঞ্জক 'কোথায়' (বাঁশরী বাজাতে চাহি বাঁশরী বাজিল কই—*রঠা*)। {*স.* কস্মিন্> *প্রা.* কহিং>কহিঁ>কহি>কই}

কইতর, কউতর [কোইতর, কোউ-] *বি* কবুতর; কপোত; পায়রা (আমার কইতর পঙ্খী আইজকা কি কতা হুনাইব—*জউ*)। {*ফা.* কবুতর کبوتر}

কইয়ে [কোইয়ে] *বিণ* যে কিছু কহে বা বলে। {*বা.* কহইয়া>কইয়ে}

কইলা, কইলে, কৈলে [কোইলা, -লে, -] *বি* কপিলা; কোমলা; নবজাত স্ত্রী-বাছুর (গোলে বাঁধা কৈল বাছুর—*গিঘো*)। {*স.* কপিলা>কইলা>কৈলে}

কইসন, কৈছন (*প্রাবা.*) [কোইসন, -ছ-] *বিণ* কিরূপ; কেমন। **কইসনে, কৈছনে** *ক্রিবিণ* কেমনে (কৈছনে যায়ব যমুনা তীর—*বিপ*)। {*স.* কীদৃশ(ন)>কইসন>কৈছ(ন)}

কইসে, কইসেঁ (*ব্র., মবা.*)[কইসে, -সেঁ] *ক্রিবিণ* কিসে। {*হি*}

কউতর ⇒ কইতর

কওম, কৌম [কওম্, কোউম্] *বি* জাতি; সম্প্রদায় (গাইত কবিতা দিয়া কওমের গান—*রই*। **কওমি** *বিণ* জাতীয় (কওমি ঝাণ্ডা; কওমি নিশান)। {*আ.* কাউম قوم}

কওলা ⇒ কবালা

কওসর [কওসর্] *বি* ১ অমৃত; সুধা (প্রেম-নহরের কওসর বলে আমারে জহর দিলি?—*নই*)। ২ উৎস; বেহেশতের প্রধান নহরের নাম—যার পানি অফুরন্ত, অতি সুস্বাদু ও সুগন্ধময় এবং যা একবার পান করলে কখনও পিপাসা হয় না (প্রলুব্ধ মন খুঁজে ফেরে প্রেরণার নতুন কওসর—*আলীআ*)। {*আ.* কাব্‌ছার كوثر}

কংগ্রেস [কঙ্‌গ্রেস্] *বি* ১ রাজনৈতিক মহাসভা; যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপক পরিষদ; ভারতীয় রাজনৈতিক দলবিশেষ। ২ সভা; সমিতি (তার প্রমাণ আমাদের কনফারেন্স কংগ্রেসে নিত্যই পাওয়া যায়—*প্রচৌ*)। **কংগ্রেসি, -ওয়ালা** *বি* কংগ্রেস দলীয় কর্মী; কংগ্রেসের মতানুসারী। {*ই* congress}

কংস[১], **কংশ**[১] [কঙ্‌শো] *বি* কৃষ্ণের মাতুল ও পরম শত্রু মথুরাপতি। **-জিৎ** *বি* কংসজয়ী; কৃষ্ণ। **-হা** *বি* কংসকে যিনি বধ করেছেন; কৃষ্ণ। **কংসারি** *বি* কংসের অরি; কৃষ্ণ। {*স.* √কন্‌স্/ √কন্‌শ্+অ(অচ্)}

কংস[২], **কংশ**[২] [কঙ্‌শো] *বি* ১ কাঁসা; ধাতু বিশেষ। ২ কাঁসার তৈরি পাত্র। **-কার** *বি* কাঁসার পাত্রাদি নির্মাতা; কাঁসারি। {*স.* √কংস্+অ}

কংসক [কঙ্‌শোক] *বি* হীরাকস। {*স.* কংস+ক}

কংসবণিক [কঙ্‌শোবোণিক্] *বি* ১ কাঁসা ব্যবসায়ী; কাঁসারি। ২ হিন্দুদের পদবি বিশেষ। {*স.* কংস+বণিক}

ককখটী [ককখোটি] *বি* খাটাশ; বনবিড়ালবিশেষ (বানরী রব দেই ককখটী নাদ—*গোদা*)। {*স.* ককখট}

ককানো [ককানো] *ক্রি* ১ কাতর রব করা। ২ দমবন্ধ হয়ে এলেও কাঁদতে থাকা; কাঁদতে কষ্ট হচ্ছে এ অবস্থায় কাতর ধ্বনি করা (এ মাসটা থাক দিদি কেঁদে ককিয়ে। ও মাসেতে নিয়ে যাবো পালকি সাজিয়ে—*লোক সাহিত্য*)। **ককানি** *বি* কাতর ক্রন্দন ধ্বনি। {*স.* √কক্>√ককা+আন, আনো, আনি=ককানো, ককান, ককানি; *ধ্বন্যা.*}

ককুঞ্জল [ককুনজল] *বি* চাতক পাখি। লোকবিশ্বাস অনুসারে এই পাখি মেঘের জল ভিন্ন অন্য জল পান করে

না এবং 'পিউ' 'পিউ' শব্দ করে মেঘের কাছে জল ভিক্ষা করে। {ককুন *(ধ্বন্যা.)* + *স.* জল}

ককুদ, ককুৎ [কোকুদ্, -ত্] *বি* ১ ষাঁড়ের কাঁধের ঝুঁটি; অংসকূট। ২ পর্বত শিখর। ৩ রাজচিহ্ন। ☐ *বিণ* শ্রেষ্ঠ; প্রধান। {*স.* ককুদ}

ককুন্দর [কোকুনদর] *বি* ১ নিতম্বের ডান ও বাম ভাগের গোলাকার গর্তদ্বয়। ২ কটু-তিক্ত রসাত্মক বৃক্ষ বিশেষ। {*স.* ক+কু+√দৃ+অ}

কক্ষ [কক্খো] *বি* ১ কাঁকাল; কোমর (ঝরিল কামিনী কক্ষ কলসী অমনি—*নসে*)। ২ বগল; কাঁখ; বাহুমূল (রাজাও তৎক্ষণাৎ বৃক্ষে আরোহণ ও রজ্জুচ্ছেদন পুরঃসর শবকে কক্ষে নিক্ষিপ্ত করিয়া অবতীর্ণ হইলেন—*ঈবি*)। ৩ প্রকোষ্ঠ; কামরা; ঘর (শ্রেণিকক্ষ)। ৪ গ্রহের পরিভ্রমণ পথ। ~**চ্যুত** *বিণ* নির্দিষ্ট ভ্রমণ পথ থেকে ভ্রষ্ট (কক্ষচ্যুত উপগ্রহ—*নই*)। ~**ভ্রষ্ট** *বিণ* পরিক্রমণ পথ থেকে বিচ্যুত। ~**স্থ** *বিণ* নিকটবর্তী; ক্রোড়ের সন্নিকটস্থ; ক্রোড়স্থ। **কক্ষান্তর** *বি* ভিন্ন প্রকোষ্ঠ, অন্য কামরা। {*স.* √কষ্+স}

কক্ষনো, কক্খনো [কক্খোনো] *অব্য* কখনো; কোনোদিনও। {স. কস্মিন; *স.* কিম্+*স.* ক্ষণ}

কক্ষভ্রষ্ট, কক্ষস্থ, কক্ষান্তর ⇒ কক্ষ

কখন [কখোন্] *অব্য* ১ কোন সময়—এই প্রশ্নবাচক। ২ বহুক্ষণ; অনেকক্ষণ (কখন থেকে বসে আছি)। {*বা.* তখন (তৎক্ষণ) শব্দের অনুকরণে 'কখন'; কিম্-ক্ষণ>কিক্ষণ>কখন; *স.* কস্মিন>কখন}

কখনই [কখোনোই] *অব্য ক্রিবিণ* কোনো অবস্থাতে (কখনই যাবো না)। {কখন+ই}

কখনো, কখনও [কখোনো] *অব্য ক্রিবিণ* কোনো সময়ে বা উপায়ে বা কারণে কোনো অবস্থাতেই। ~ ~ *অব্য* কোনো কোনো সময়ে। ~ **সখনো** *অব্য* ১ কালে ভদ্রে; কদাচিৎ। ২ মাঝে মাঝে। **কখনো সখনো** *অব্য ক্রিবিণ* কৃচিৎ; মাঝে মাঝে (কখনো সখনো যাই)। {কখন+ও}

কঙ্ক [কঙ্কো] *বি* ১ কাঁক নামক পাখি; হাড়গিলা (তোর মাংস গৃধ্র কঙ্কে ভক্ষিব কাননে—*কাদৌ*)। ২ বিরাটনগরে যুধিষ্ঠিরের অজ্ঞাতবাসকালীন ছদ্মনাম। {*স.* √কঙ্ক্+অ(অচ্)}

কঙ্কট, কঙ্কটক [কঙ্কট্, কঙ্কোটক] *বি* যুদ্ধ সজ্জা; বর্ম; সাঁজোয়া (গলদেশে প্রতিমুক্ত, উরু কঙ্কটযুক্ত—*রঙ্গসে*)। {*স.* √কঙ্ক্ + অট(অটন্) + ক(কন্)}

কঙ্কণ [কঙ্কন্, কঙ্কোন্] *বি* ১ কাঁকন; বলয়; খাড়ু, কংকং শব্দকারী অলঙ্কার বিশেষ। ২ শ্রেষ্ঠত্ববাচক। ('কবিকঙ্কণ মুকুন্দরাম')। {*স.* কম্+√কণ্+অ(অচ্)}

কঙ্কণী [কঙ্কোনি] *বি* নূপুর; ছোট ঘুঙুর; কিঙ্কিণী। {*স.* কঙ্কণ+ঈ}

কঙ্কমুখ [কঙ্কোমুখ] *বি* চিমটা; সাঁড়াশি। {*স.* কঙ্ক+মুখ; *বহু.*}

কঙ্কর [কঙ্কর্] *বি* ১ কাঁকর; অতি ক্ষুদ্র প্রস্তর খণ্ড। ২ তক্র, ঘোল। ৩ কর্কশ। {*স.* কর্কর>*প্রা.* কক্কর>*বা.* কংকর>কাঁকর}

কঙ্করোল [কঙ্কোরোল্] *বি* আনাজ বিশেষ; কাঁকরোল গাছ ও ফল। {*স.* কর্কোটক; *তুল. হি* কংকরোল; শব্দকল্পদ্রুম—কঙ্ক+লোল}

কঙ্কাল [কঙ্কাল্] *বি* ১ দেহের কাঠামো; অস্থিপঞ্জর। ২ কটি; কাঁকাল। ~**মালী**(-লিন্) *বি* কঙ্কালের মালা পরিহিত শিব। ~**মালিনী** *বি স্ত্রী.* কঙ্কালমালাধারিণী কালী। ~**সার** *বিণ* অস্থিপঞ্জর মাত্র অবশিষ্ট আছে এমন; অস্থিসার; অত্যন্ত শীর্ণ। **কঙ্কালায়িত** *বিণ* কঙ্কালসার; অস্থিসার অবস্থাগ্রস্ত (পাখির বাচ্চার মতো কঙ্কালায়িত শিশু—*অচিসে*)। {*স.* কঙ্কাল (√কঙ্ক্+আল(আলচ্)}

কঙ্গু, কঙ্গুকা, কঙ্গুনী [কোঙ্গু, কোঙ্গুকা, কোঙ্গুনি] *বি* চীনক; চীনা ধান; কাউন ধান। {*স.* √কন্ক্+উ}

কঙ্গুরা [কোঙ্গুরা] *বি* চূড়া; শিখর; বুরুজ। {*তুল. হি* কঁগূরা; *ফা.* কনগূরহ کنگوره}

কচ[১] [কচ্] *বি* পুরাণোক্ত বৃহস্পতি-পুত্র; শুক্রাচার্যের শিষ্য। {*স.* √কচ্+অ(অচ্)}

কচ[২] [কচ্] *বি* ১ কলমাদির সূক্ষ্মাগ্রভাগ; কৎ। ২ জমি ইমারত ইত্যাদির যে অংশ তেরচাভাবে বের হয়ে থাকে। {*ফা.* কচ্ کچ}

কচ[৩] [কচ্] *বি* চুল; কেশ (কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ বিথারী—*বিপ*)। {*স.* √কচ্+অ(অচ্)}

কচ[৪], **কচকচ** [কচ্] *অব্য* নরম বা সরস কোনো জিনিস কাটার বা দাঁত দিয়ে কামড়াবার শব্দ। **কচকচানি, কচকচি** *বি* ১ একটানা কচকচ শব্দ। ২ বিরক্তিকর দীর্ঘ বা একঘেয়ে বক্তৃতা বা উপদেশ। ৩ কলহ; বচসা (কচকচিতে কাজ কি মোরা দেশে ফিরে যাই—*কৃও*)। ৪ তর্কবিতর্ক; বাকবিতণ্ডা। ৫ বিরক্তিকর একঘেয়েমি (বক্তৃতার কচ্‌কচানি—*মব*)। **কচকচে** *বিণ* চিবানোর সময় কচকচ আওয়াজ হয় এমন (কচকচে কাঁচা আম)। {*ধ্বন্যা.*}

কচকচি [কচ্‌কোচি] *বি* ঝগড়াঝাঁটি; বাদবিসংবাদ; বিরক্তিকর আলোচনা (পাণ্ডিত্যের কচকচি)। {*স.* কচাকচি; *হি* কচকচ; *ধ্বন্যা.*}

কচঙ্গন [কচঙ্গন্] *বি* বিক্রয় স্থান (সংসারে কচঙ্গনে বিকিকিনি বাকি থাকে, কেটে যায় বেলা—*বিদে*)। {*স.* কচ+অঙ্গন}

কচটানো [কচ্‌টানো] *ক্রি* ১ কচলানো; রগড়ানো। ২ চটকানো; মাখা। ☐ *বি বিণ* উভয় অর্থে। {√কচটা + আনো; *তুল. হি* কুচলাই ⇒ কচলানো}

কচড়া[১] [কচ্‌ড়া] *বি* মোটা দড়ি; কাছি; দীর্ঘ দড়া (উলুর কচড়া, দরকচড়া দিয়া বান্ধে হাতে গলে—*বাইশ কবি মনসা*)। {*স.* কচ(=চুল)+*বা.* ড়া = কচড়া অর্থাৎ চুলের বেণীর মতো মোটা 'দড়া'}

কচড়া[২] [কচ্‌ড়া] *বি* মহুয়া ফল। ☐ *বিণ* দরকাঁচা; আঘাত লেগে শক্ত হয়েছে এমন। ৩ কৃত্রিম উপায়ে পক্ব (কচড়া আম)। {*হি* কচ্চা>কাঁচা>কচ + ড়া কাঁচার ভাব}

কচমচ ⇒ কচর-কচর

কচমা [কচ্‌মা] *বিণ* নেহাত শিশু; অল্পবয়স্ক (ভাল ফললো ফল বল্লালীতে, মিলল বর এক কচমা ছেলে—

রাব)। {'কচ' – কচি + (ভাবার্থে) মা = কচমা—কচির ভাবযুক্ত}

কচর–কচর, কচমচ, কচর–মচর [কচর্কচর্, কচ্মচ্, কচর্মচর্] *অব্য* বিশেষ ধরনের খাদ্য চর্বণের শব্দ। {*ধ্বন্যা.*; *হি.* কচর}

কচলা–কচলি [কচ্‌লাকোচ্‌লি] *বি* ১ দর কষাকষি। ২ কোনো বিষয় নিয়ে অপর পক্ষের সঙ্গে বিস্তর বাক্যব্যয় দ্বারা সুবিধা আদায়ের চেষ্টা। {*স.* √কচ্> *বা.* √কচ্‌লা+আ=**কচলা**, *অনু.* কচলি}

কচলানো [কচ্‌লানো] *ক্রি* ১ হাত দিয়ে বারে বারে ঘষা; রগড়ানো (চোখ কচলে উঠে বসল—*হারে*); ২ চটকানো; উত্তমরূপে মাখা (চম্পক আঙ্গুলে আম মাখে কচালিয়া—*দেসে*)। ৩ বিশেষভাবে রগড়িয়ে ধোয়া; **প্রক্ষালন** করা। {*বা.* √কচ্‌লা (মর্দিত করা) + আনো = কচলানো; *হি.* কুচলাই⇒কচটানো}

কচা [কচা] *বি* ১ ডাঁটা (বার্তাকু কুমড়া কচা; তাহে দিয়া কলা-মোচা—*কমু*)। ২ গাছ থেকে কাটা সরু ডাল (সবাই আছে বিষয় সম্পত্তির তালে, দুহাত এগিয়ে ভেরেণ্ডার কচা পুঁতে পরের জমি ফাঁকি দিয়ে নেবার তালে—*বিব*)। ৩ লাঠি; দণ্ড। ৪ কলহ; বিবাদ; কচকচি। ৫ পাটকেল; ইটের টুকরা। {কচ (<কচি)+আ}

কচাকচি [কচাকোচি] *বি* দর কষাকষি; ক্যাচকেচি; খ্যাচাখেচি; তুচ্ছ বাগ্‌-বিতণ্ডা। {*স.* কচ+*বা.* আ= কচা, *অনু.* কচি; *ধ্বন্যা.*}

কচাৎ [কচাত্] *অব্য* নরম বা সরস বস্তু এক কোপে কাটবার শব্দ। {*ধ্বন্যা.*}

কচানো [কচানো] *ক্রি* কচলানো। (কচাইয়া আঁখি—*চদা*)। {*বা.* √কচ্+আনো = কচানো}

কচায়ন [কচায়োন্] *বি* কিচিমিচি; কিচির-মিচির শব্দে ডাকাডাকি (পাখিরা এসে গোদাবরী তীরে সেই শিমুল গাছে জড়ো হত কেন? কিছুক্ষণ কচায়ন করে তারপর আরামে নিদ্রা দেবার জন্য—*প্রচৌ*)। {√কচ্+*স.* অয়ন = কচায়ন (কিচিরমিচির করা অর্থে)}

কচাল [কচাল্] *বি* ১ অযথা বাকবিতণ্ডা; নীচ কলহ (কয়ে কথা কচাল যে কর পুনঃ পুনঃ—*রাভ*)। ২ কুৎসা; ইতরের ভাষা; নিন্দাবাদ। ৩ বড় জাল; মাছ ধরার ফাঁদ বিশেষ। **কচালে, কুচুলে** *বিণ* ঝগড়াটে। {*বা.* √কচ+আল, *তুল. হি.* 'কুচাল' = দুষ্ট আচরণ}

কচি [কোচি] *বিণ* ১ কোমল; পেলব (কচি ঘাস)। ২ নবীন; নবজাত (কচি পাতা, কচি ছেলে)। **~কাঁচা** *বি* ছোট ছোট ছেলে মেয়ে; অল্পবয়স্ক বালকবালিকা (কচিকাঁচাগুলো ডাটো করে তুলি)। **~ খোকা** *বি* ১ অবোধ শিশু। ২ (*আল.*) অপরিণতবুদ্ধিসম্পন্ন লোক। **~ খুকি** *স্ত্রী.*। {*তুল. হি.* কচ্চী}

কচু [কোচু] *বি* ১ স্বনামখ্যাত কন্দবিশেষ। ২ কিছুই না (কচু হওয়া *অচিসে*)। **~কাটা** *বিণ* খণ্ডবিখণ্ড; অবলীলাক্রমে খণ্ডিত। **~ঘেঁচু** *বি* ১ ঘেঁচু এক প্রকার কন্দ, যা খেলে মুখ চুলকায়; শূকরের খাদ্য; অতি তুচ্ছ আনাজ। ২ বাজে সবজি; অখাদ্য তরিতরকারি। ৩ তুচ্ছ জিনিস; বাজে জিনিস। **~পোড়া** *বি* ১ অখাদ্য। ২ কিছুই না। (বরাতে আছে কচুপোড়া)। {*স.* √কচ্ + উ(উন্)}

কচুয়া [কোচুয়া] *বি* বাদ্যযন্ত্র বিশেষ; 'কচুয়া সেতার' নামক সেতার যন্ত্র। {*স.* কচু+*বা.* উয়া = কচুয়া অর্থাৎ কচুর মতো}

কচুরি [কোচুরি] *বি* ময়দায় তৈরি ঘিয়ে ভাজা নিমকিজাতীয় খাবার বিশেষ। {*স.* কর্চরিকা>কচ্চরিআ>কচুরি; *তুল. হি.* কচৌরি}

কচুরিপানা [কোচুরিপানা] *বি* জলজ উদ্ভিদ বিশেষ। {*স.* কর্চরিকা>*বা.* কচুরি+(সাদৃশ্যার্থে) পানা = কচুরিপানা}

কচেবারো [কচেবারো] *বি* ১ পাশা খেলার দানে জোড়াতাড়ার বারো; কাঁচা বারো। ২ সুবিধার দান; সহজলভ্য সুযোগ (আজকাল তোমাদের কচেবারো আর যুগ ভঙ্গিতে হবে না বিধবাগণের বিবাহ হইবেক—*দীমি*)। {কচে(<কাঁচা)+বারো}

কচ্ছ [কচ্‌ছো] *বি* ১ কাছা; পরিধেয় বস্ত্রের পিছনের আঁচল। ২ নদীর প্রান্তভাগ। ৩ নৌকার পশ্চাদ্ভাগ। ৪ পর্বতের নিকটস্থ সমতল অঞ্চল (কাছাড়)। ৫ গুজরাটের উত্তরে সমুদ্রতীরবর্তী দেশবিশেষ। ৬ জলময় অঞ্চল। **~টিকা** *বি* ১ কাছা; কাছুটি। ২ কৌপীন; লেঙ্গোট। {*স.* ক+ √ছো+অ(ড)}

কচ্ছপ [কচ্‌ছোপ্] *বি* কাছিম। **কচ্ছপী** *স্ত্রী.*। {*স.* কচ্ছ+√পা+অ(ক)}

কচ্ছু [কোচ্‌ছু] *বি* চুলকানি রোগ; খোস পাঁচড়া দাদ ইত্যাদি। {*স.* √কষ্+উ}

কছবি, কসবি [কছবি, –স–] *বি* বেশ্যা; দেহব্যবসায়িনী; দেহোপজীবিনী। {*আ.* কসবী كسبى }

কছম[1] ⇒ কসম

কছম[2], **কিছম** [কছম্, কিছম্] *বি* রকম; জাতি; অংশ। {*আ.* কিস্‌ম قسم }

কছর ⇒ কসর

কছরত ⇒ কসরত

কছিফ (বিরল) [কোছিফ্] *বিণ* স্থূল; মোটা (তন ফানাবকা আর সে তন লতিফ। চারিজন তন কহে লয়া এ তিন কছিফ—*হেমা*)। {*আ.* কশীফ كثيف }

কছু (*ব্র.*) [কোছু] *অব্য* কিছু (কছু নাহি মানয়ে বাধা—*বিপ*)। {*হি.*}

কছুর ⇒ কসুর

কছেল্লা [কছেল্‌লা] *বি* দুঃখ; কষ্ট; ক্লান্তি (হইবে ইহার জানে বহুত কছেল্লা—*সৈহ্য*)। {*আ.* কসালাহ كسالة }

কজলবাস, কাজলবাস, কিজিলবাশ [কজল্‌বাশ, কা–, কিজিল্–] *বি* বীরত্বের জন্য খ্যাত লালমাথা, লাল টুপি পরা পারস্য দেশীয় তুর্কি সৈন্য, যারা খোরাসান থেকে এসে পারস্যে বসতি করে (উজবক কাজলবাস হাবসী জল্লাদ। আশাতল, মল্ল, ঢালী, ঢেলা খানেজাদ—*ভারা*)।

{ তু কিজিলবাশ قزل باش }

কজলা [কজ্‌লা] *বিণ* কাজলবর্ণ; শ্যামল (তখনো নৃপতি ছিল প্রতাপে প্রচণ্ড। কাজলা অচলা আলাউদ্দিনের উচ্চ দণ্ড—*সৈত্র*)। { *স.* কজ্জল > }

কজা, কাজা [কজা, কাজা] *বি* অদৃষ্ট; ভাগ্য। { *আ.* কদা قضا }

কজিয়া ⇒ কাজিয়া

কজ্জল [কজ্‌জল] *বি* ১ কাজল; অঞ্জন (অধরের কজ্জল, কপোলের সিন্দুর, বক্ষঃস্থ যাবক রঞ্জিত পদচিহ্ন—*প্রচৌ*)। ২ কালি; মসী; ভুসা। ৩ মেঘ। **কজ্জলা** *বি* কাজলা মাছ। { *স.* কু>কৎ + জল}

কজ্জলী [কজ্‌জোলি] *বি* সমপরিমাণ শোধিত পারদ ও গন্ধক নিয়ে খলে মাড়লে যে কৃষ্ণবর্ণ চূর্ণ হয় তা; রসকজ্জলী; পর্পটিকা। { *স.* কজ্জল+ঈ}

কজ্জ্বল, কজ্জল [কজ্‌জল্] *বি* ১ কাজল; অঞ্জন (বর্ষাজল হাওয়ায় মেঘ কজ্জ্বল আকাশের নীচে—*বিব*; নয়নে তুমি মেঘ দাও হে কজ্জল পাড়াও ঘুম—*সদ*)। ২ কাজলবর্ণ; কৃষ্ণ। ☐ *বিণ* মলিন; অন্ধকার (মেঘ কজ্জ্বল দিবসে—*রঠা*)। { *স.* কু+জ্বল, জল}

কঞ্চি, কঞ্চী, কঞ্চিকা [কোন্‌চি, -, -কা] *বি* বাঁশের সরু শাখা; বাঁশের গ্রন্থিমূল থেকে নির্গত সরু ডাল (মাছরাঙা পাখী একমনে চেয়ে কঞ্চিতে আছে বসি—*বআমি*)। { তু কম্‌চী قمچی ; *স.* কঞ্চিকা>কঞ্চিআ> কঞ্চি}

কঞ্চু, কঞ্চুক [কোন্‌চু, -ক] *বি* ১ সাঁজোয়া; কবচ; বর্ম (কাঞ্চন-কঞ্চুক-বিভা উজলিল পুরী—*মদ*)। ২ গাত্রাবরণ; বস্ত্র; জামা বা আবরণ। ৩ কাঁচুলি; বক্ষাবরণ (স্ত্রীলোকেরা উত্তরীয় আর অন্তর্বাসক ছাড়াও ছাট কঞ্চুক ব্যবহার করে—*রাসা*)। ৪ সাপের খোলস; নির্মোক (কিম্বা বিষধর, যবে বিচিত্র কঞ্চুক ভূষিত—*মদ*)। { *স.* √কন্‌চ+উ, উক}

কঞ্চুকী [কোন্‌চুকি] *বি* ১ অন্তঃপুরের নপুংসক বা খোজা প্রহরী; অন্তঃপুরের রক্ষী। ২ বর্মধারী। ৩ রাজান্তঃপুর প্রবেশাধিকারী বৃদ্ধ বিচক্ষণ ব্রাহ্মণ। ৪ সর্প। ৫ নারীর বক্ষাবরণ (অন্তর্বাসক [শাড়ি] আর কঞ্চুকীতে [বক্ষাবরণ] সে সজ্জিত ছিল—*রাসা*)। { *স.* কঞ্চুক+ইন্}

কঞ্চুল, কঞ্চূল [কোন্‌চুল্] *বি* কাঁচুলি; স্ত্রীলোকের স্তনাবরণ বিশেষ। { *স.* কঞ্চ্+উল(উলচ্)}

কঞ্চুলিকা, কঞ্চুলী [কোন্‌চুলিকা, -লি] *বি* কাঁচুলি; স্ত্রীলোকের স্তনাবরণ (কঞ্চুলিকার স্বর্ণলিখায় মিলায় কথা—*রঠা*)। { *স.* √কঞ্চ্ + উন+(উনচ্)+ক(কন্)+ আ(টাপ্), √কঞ্চ্+উল(উলচ্)+ঈ(ঙীপ্)}

কঞ্চূল ⇒ কঞ্চুল

কঞ্জ [কন্‌জো] *বি* ১ কমল (কঞ্জনয়নী খঞ্জন গতিহারী—*জগদানন্দ*)। ২ চুল; চিকুর; কেশ। ৩ অমৃত। ☐ *বিণ* জলে জন্মে এমন; জলজ। **~মুখী** *বিণ* কমলাননা; পদ্মমুখী (কালরাত্রি কঞ্জমুখী কত জ্ঞান কলা—*কমু*)। { *স.* কম্+ √জন্+অ(ড)}

কঞ্জক, কঞ্জন, কঞ্জল [কন্‌জক, কন্‌জন, কন্‌জল্] *বি* পক্ষীবিশেষ; ময়না পাখি। { *স.* কম্+ √জন্+অক (ণ্বুল্), অন(ল্যুট্), ল(লচ্)}

কঞ্জুষ ⇒ কঞ্জুস

কঞ্জুস, কঞ্জুষ [কোন্‌জুশ্] *বিণ* কৃপণ; কিপটে। **~পনা** *বি* কৃপণতা (নিজেদের উপর দিয়েই যত কঞ্জুষপনা—*মব*)। **কঞ্জুসি, কঞ্জুসী** *বি* কৃপণতা (স্বপ্নেই যদি পোলাও খাবেন তবে ঘি ঢালতে কঞ্জুসি করছেন কেন?—*সৈমু*; মোরা খুনজোশী বীর, কঞ্জুসী লেখা আমাদের খুনে নাই—*নই*)। { *স.* কণ্ (=কণা)+√চুষ্ (=চুষে খাওয়া)-কঞ্জুষ; *প্রা.* কঞ্চুষ=যে একটি কণাও ছাড়ে না অর্থাৎ হদ্দ কৃপণ। তুল. *হি.* কংজূস্ = কৃপণ}

কট[১] [কট্] *বি* ১ তৃণ; খড়; মাদুর; তৃণাসন; দরমা। ২ কাছি; ঘাস দ্বারা প্রস্তুত মোটা দড়ি। ৩ তক্তা। ৪ ঘাসের দড়িতে প্রস্তুত খাটিয়া; শববাহী খাটিয়া। ৫ মদবর্ষণকারী হস্তিগণ্ড। ৬ আচার; বিধান; নিয়ম (আগে বড় পিছে ছোট বিধির এ কট। তুই কি করিবি তাহে উলট-পালট—*ভারা*)। { *স.* √কট্+অ(অচ)}

কট[২] [কট্] *বি* ১ নির্দিষ্ট শর্তের দলিল; খত; তমসুক (এই কটের উপর অনুমতি দিলেক, যে গমের ক্ষেত যাহা তোমার সম্মুখে আছে—*তামি*)। **~কবলা, ~কবালা** 'বন্ধকি দলিল' যার ফলে সময় উত্তীর্ণ হলে 'বন্ধক রাখা' জমি মহাজনের হাতে চলে যায়। { *স.* কট্ + *আ.* কবালাহ قبالة }

কটক[১] [কটক্] *বি* ১ সৈন্য; সেনাবাহিনী (কটক ছাপ্পান্ন কোটি বহু সেনাপতি। সপ্তদল সহস্র তুরঙ্গ বায়ুগতি—*সৈত্র*)। ২ বলয়; ভূষণ বিশেষ। ৩ চক্র। ৪ পর্বতের সানুদেশ। ৫ শিবির; ছাউনি; সেনানিবেশ। { *স.* √কট্+অক(বুন্)}

কটক[২] [কটক্] *বি* উড়িষ্যা প্রদেশের নগর বিশেষ। **কটকি, কটকী** *বিণ* কটকে তৈরি; কটকের; কটক দেশীয় (বালকের পরনে হাঁটুর উপরে পরা একখানি কটকি ধুতি—*কাআও*)। { *স.* √কট্+অক}

কটকট [কট্‌কট্] *বি* শক্তবস্তু কাটতে থাকার শব্দ। ☐ *অব্য* তীব্রবেদনাবোধসূচক (খোঁড়া হাঁসের পায়ের বাত কটকট করে উঠল—*অঠা*)। **কটকটা** *বি* কড়মড়ানির শব্দ; দাঁতে দাঁতে ঘষার শব্দ (দন্ত কটকটা—*কাদা*)। **কটকটি** *বি* ১ কটকট শব্দে দাঁতে কেটে খাবার মিঠাই বিশেষ। ২ খেতে কটকট শব্দ হয় এরূপ বস্তু। **কটকটে** *বিণ* কড়া; তীব্র (কটকটে রোদ; কটকটে কথা)। ☐ *বি* কটকট ধ্বনি করে এরূপ ব্যাঙ। { *ধ্বন্যা.* }

কটকবালা ⇒ কট[২]

কটকিনা, কটকেনা, কট্‌কেনা [কটকিনা, -কেনা, -কেনা] *বি* ১ নিয়মের কড়াকড়ি (ছোঁয়াছুয়ি নাওয়া খাওয়া নিয়ে কটকেনা মেয়েদেরই কেন এত পেয়ে বসে?—*রঠা*)। ২ কঠিন প্রতিজ্ঞা (রাধার এটি কট্‌কেনা—*কবিগান*)। ৩ জমির মেয়াদি ইজারা। { *স.* কট+*বা.* কেনা=কটকেনা}

কটকী ⇒ কটক[২]

কটকেনা ⇒ কটকিনা

কটমট [কট্‌মট্‌] *বিণ* কড়া (কটমট দৃষ্টি)। ☐*অব্য* দন্তঘর্ষণজাত ধ্বনি; দন্তে কঠিন বস্তু ভাঙার শব্দ। ☐*বিণ* নীরস। **কটমটে** *বিণ* কাঠখোট্টা; রসহীন; শুষ্ক। **কটর মটর**—কঠিন বস্তু বারবার চিবিয়ে ভাঙার শব্দ। {*ধ্বন্যা.*; কট+মট}

কটলেট, কাটলেট [কট্‌লেট্‌, কা-] *বি* ইংরেজি প্রণালীতে প্রস্তুত আমিষ-জাতীয় খাদ্য বিশেষ (দু'জনা ঢুকল গিয়ে এক রেঁস্তোরায় আর অর্ডার দিলে দু'খানা কটলেটের—*সৈমু*)। {*ই.* cutlet}

কটা[১] [কটা] *বি* ১ বর্ণবিশেষের নাম; পিঙ্গল বর্ণ (কটাচুল নীল চক্ষু কপিল কপোল—*রঠা*)। ২ রুক্ষতা। ~**সে** *বিণ* কটাবর্ণ ঘেঁষা; প্রায় কটা; পিঙ্গল। {*স.* কড়ার >*প্রা.* কটার}

কটা[২] [কটা] *বি* চাহনি (দ্বাদশ রবির বহ্নিজ্বালা ভয়াল তাহার নয়ন কটায়—*নই*)। {*স.* কটাক্ষ >কটাকখ >কটাহ >কটা}

কটা[৩] [কটা] *বি* কাঠবিড়াল; বেজি জাতীয় প্রাণী (কটার বাসায় ছাও হইয়াছে কুসুম ফুলের খেতে—*জউ*)। {'কাঠবিড়াল' শব্দের প্রাদেশিক বা আঞ্চলিক রূপ 'কটা'; *স.* কাষ্ঠ+বিড়াল = সংক্ষেপে কাষ্ঠ >কট্‌ঠ >কাঠ (বর্ণ বিপর্যয়ে) >কঠা >কটা (বিশিষ্টার্থে)}

কটাক্ষ [কটাক্‌খো] *বি* ১ বাঁকা চাউনি; বক্রদৃষ্টি; আড়চোখের চাওয়া; অপাঙ্গ দৃষ্টি। ২ বক্র আলোচনা; প্রতিকূল সমালোচনা; বিদ্রূপপূর্ণ সমালোচনা। {*স.* কট+অক্ষি; *বহু.*}

কটাক্ষপাত [কটাক্‌খোপাত্‌] *বি* ১ নেত্রপাত; দৃষ্টিপাত। ২ মনোযোগ; লক্ষ্য। ৩ ব্যঙ্গসূচক দৃষ্টি বা উল্লেখ। **কটাক্ষে** *ক্রিবিণ* নিমেষে; মুহূর্তে। {*স.* কটাক্ষ + পাত}

কটাখ (*ব্র.*) [কটাখ] *বি* কটাক্ষ (যাঁহা যাঁহা জটিল কটাখ—*বিপ*)। {*স.* কটাক্ষ}

কটাৎ [কটাত্‌] *বি* দন্তে বা অস্ত্রে এক প্রয়াসে কঠিন বস্তু ছেদনের শব্দ। {*ধ্বন্যা.*}

কটার, কটারি [কটার্‌, কটারি] *বি* অস্ত্রবিশেষ; ছোরা; কাটারি; দা (হান্‌ হান্‌ হাঁকটা শত শত বাঁকা বাঁকা কটার বিরাজে—*ভারা*)। {*স.* কর্তরী>কত্তরি>কাতরি> কাটারি, কটারি> কটার; *স.* কট্টার> *হি.* কটার}

কটাল, কোটাল [কটাল্‌, কোটাল্‌] *বি* অমাবস্যা ও পূর্ণিমার জলস্ফীতি; জোয়ার। **ভরা** ~ *বি* ভরা জোয়ার। **মরা** ~*বি* ভাটা। {*তুল. তা.* 'কড়েল' (সমুদ্র অর্থে) >কটেল >কটাল, কোটাল; *হি.* কটাল; *স.* করাল}

কটাস [কটাশ্‌] *অব্য* পিঁপড়ার কামড় বা চিমটি কাটার কাল্পনিক শব্দ। **কুটুস** *অব্য* দংশনের মৃদুতা বোঝাতে। {*ধ্বন্যা.*}

কটাহ [কটাহো] *বি* কড়াই; লৌহনির্মিত রন্ধন পাত্র বিশেষ (চক্ষু দুটো উষ্ণ কটাহের মত গরম করে—*নই*)। {*স.* কট+আ+√হন্‌+অ(ড); *হি.* কড়াহ}

কটি [কোটি] *বি* কোমর; কাঁকাল; মাজা। ~**তট**, ~**দেশ** *বি* কোমর। ~**ত্র**, ~**বন্ধ** *বি* কোমরবন্ধ; বেল্ট; ঘুনসি (আপনার হাতে যতন করিয়া পরাইল কটিবন্ধ—*রঠা*)। ~**বসন**, ~**বাস** *বি* কটিদেশে লগ্ন বস্ত্র; কটিদেশের পরিধেয়। ~**ভূষণ** *বি* অলঙ্কার বিশেষ; মেখলা। ~**শূল** *বি* কোমরের বাত। ~**সূত্র** *বি* ঘুনসি; কোমরবন্ধ। {*স.* √কট্‌+ইন্‌>ই; অথবা √কট্‌+ই = কটি}

কটু [কোটু] *বিণ* ১ তিক্ত। ২ ঝালযুক্ত বা ঝাঁঝাল (কটু তৈল)। ৩ বিস্বাদ। ৪ উগ্র; কঠোর; তীব্র। ৫ পীড়াদায়ক। ☐*বি* দুর্বাক্য; কুকথা (মর্ম না বুঝিয়া ব্যাস কটু কন কত—*ভারা*)। ~**কাটব্য** *বি* কড়া কথা; গালি গালাজ; রূঢ় বাক্য (জোয়ারের প্রতি কটুকাটব্য প্রয়োগ করেন—*প্রচৌ*)। ~**তা** *বি* কঠোরতা; উগ্রতা (কটুতায় কোটি কোটি কালকূট সম—*ভারা*)। ~**ভাষী** *বিণ* রূঢ় বাক্যপ্রয়োগকারী; অপ্রিয়বাদী; দুর্মুখ। **কটূক্তি** *বি* দুর্বাক্য; গালিগালাজ। {*স.* √কট্‌+উ}

কটুআ (*মবা.*), **কটুয়া** [কোটুয়া] *বি* কৌটা (সোনার কটুআ দু'টি মানিকে পূরাআঁ—*বচদা*; অধমার চরণধূলি রাখ কটুয়া ভরি—*বৃদা*)। {*বা.* কৌটা; *স.* কাষ্ঠুক > কাট্‌ঠুঅ > কাঠুঅ >কাঠুআ, কটুয়া}

কটুকাটব্য, কটুতা, কটুভাষী, কটূক্তি ⇒ কটু

কটোরা [কটোরা] *বি* খুরি; বাটি; পানি পান করার ধাতব পাত্র (কবিরা....সুমেরু শিখর তাও এনে বুকের উপর সহজে বসিয়ে দিলেন, কিন্তু মূর্তিকার...সে কনক কটোরা পর্যন্ত এগোল—*অঠা*)। {*তুল. হি.* কটোরা (পানপাত্র); *স.* √কট্‌+ওল(ওলচ); (ল=র)+*বা.* আ}

কট্ট [কট্‌টো] *বি* কটিপ্রদেশের মধ্যবর্তী ক্ষীণ অংশ; কাঁখ; কাঁকাল (কটিকট্ট—*ভারা*)। ☐*বিণ* ছিন্ন; কর্তিত। {*স.* কৃত্ত >*প্রা.* কট্ট}

কট্টর [কট্‌টর্‌] *বিণ* কড়া; নিয়মের কড়াকড়ি আছে এরূপ; গোঁড়া (খোদ সৃষ্টিকর্তার বিরুদ্ধে, ইসলামের মত কট্টর ধর্মাবলম্বীদের দেশে তিনি তাঁর বিদ্রোহ জাহির করিলেন কোন সাহসে?—*সৈমু*)। {*স.* 'কঠোর'>বাংলায় (আতিশয্যে) কট্টর; অথবা, *স.* কৃত্ত>*প্রা.* কট্ট+র; *হি.* কট্টর}

কঠিন [কোঠিন্‌] *বিণ* ১ শক্ত; দৃঢ়; অনমনীয়। ২ গাঢ়; নিবিড়; নিশ্ছিদ্র (কঠিন ঘুমে ছিল অচেতন—*রঠা*)। ৩ দুর্বোধ্য; দুরূহ; দুরধিগম্য। ৪ নির্দয়; স্নেহবিহীন; হৃদয়হীন। ৫ ভয়ানক (কঠিন লোক)। ৬ দুরারোগ্য; জটিল (কঠিন রোগ)। ~**ত্ব**, ~**তা**, **কাঠিন্য** *বি* (মোর দৃপ্ত কঠিনতা—*রঠা*)। {*স.* √কঠ্‌+ইন(ইনচ)}

কঠিনা, কঠিনিকা, কঠিনী [কোঠিনা, কোঠিনিকা; কোঠিনি] *বি* কাঠখড়ি; খড়িমাটি। {*স.* কঠিন+আ, ইক+আ, ঈ}

কঠিনীকৃত [কোঠিনিক্রিতো] *বিণ* শক্ত করা হয়েছে এমন। {*স.* কঠিন+ঈ(চ্বি)+কৃত(√কৃ+ত(ক্ত))}

কঠিনীভূত [কোঠিনিভুতো] *বিণ* শক্ত হয়ে গেছে এমন। {*স.* কঠিন+(চ্বি)ঈ+ভূত(√ভূ+ত(ক্ত))}

কঠিয়া [কোঠিয়া] *বি* ১ কণ্ঠী; কণ্ঠমালা। ২ কণ্ঠীধারী বৈষ্ণব (কঠিয়া তেলির ধাড়িক লাগিয়া গেল চলিয়া—*মাগান*)। {*স.* কণ্ঠ>কণ্‌ঠি>কঠি+*বা.* আ}

কঠোপনিষদ, কঠোপনিষৎ [কঠোপোনিশদ্‌, -ত্‌] *বি* স্রষ্টা সম্বন্ধে আলোচনাসমৃদ্ধ উপনিষদ বিশেষ। {*স.* কঠ+উপনিষৎ}

কঠোর [কঠোর] *বিণ* ১ কঠিন; দৃঢ়; শক্ত (কঠোর বন্ধন)। ২ নিষ্ঠুর; নির্মম; পরুষ; কর্কশ। ৩ অবিচল; অনমনীয়; দৃঢ় (কঠোর পণ)। ৪ স্নেহহীন; নীরস; শুষ্ক (কঠোর চিত্ত)। ৫ দুঃসাধ্য; দুরূহ (কঠোর ব্রত)। ৬ কষ্টকর; দুঃসহ (কঠোর শ্রম)। ~তা *বি*। { *স.* √কঠ্+ওর(ওরন্) }

কড়¹ [কড়] *বি* ১ লৌহনির্মিত বলয়ভূষণ বিশেষ; এয়োতির চিহ্নস্বরূপ ব্যবহৃত হিন্দু স্ত্রীর ভূষণ (হাতে কেবল গাছ কয়েক কড় ও কাঁচের চুড়ি ছাড়া অন্য কোন গহনা নাই—*বিব*)। ২ মাছ ধরার বড়শিবাঁধা সুতা; মৎস্য ধরার ফাঁদ বিশেষ। (ঝপ করি ঝাঁপ দিয়া অজয়ে পাতে কড়—*ঘচ*)। { *স.* কটক>*প্রা.* কডঅ>*বা.* কড়া, কড়; *হি.* কড়া }

কড়², **কড়া¹** [কড়, কড়া] *বি* ১ নবোদ্গত ফল বা পাতা। ২ ফলের গুটি বা প্রথম অবস্থা। { *স.* কুট্মল, কুড্মল> কড্ড>কড্+আ=কড়া; অথবা, *স.* কলি>কড়ি>কড়; *আঞ্চ.* কড়ালি }

কড়ই, কড়য়ি [কড়োই] *বি* বৃক্ষ বিশেষ; শ্বেত শিরীষ গাছ; কড়ই গাছ। { কড় (<*স.* কোর)+ই }

কড়ক¹ [কড়ক] *বি* পুষ্প বিশেষ (আট চালার চারি দিকে বাগান রঙ্গবিরঙ্গ ফুলের গাছ, ..ক্রোটান; গোলসর্ব; বিজলী; কড়কের জীবন্ত ফুটন্ত অনন্ত বাহার—*মীম*)। { *স.* √কৃ+অক(বুন্)=করক }

কড়ক² [কড়ক] *বি* সামুদ্রিক লবণ; করকচ লবণ। { *স.* কটক>*প্রা.* কড়ক> }

কড়কড়, কড়কড়া [কড়কড়, কড়কড়া] *বিণ* পর্যুষিত (অন্ন); বাসি (ভাত); শুষ্ক শক্ত ও বাসি (ভাত)। { *স.* কর্কর (=কাঁকর)>করকর (র=ড়), কড়কড়+*বা.* আ=কড়কড়া; *হি.* কড়া (বরিশাল ও চট্টগ্রামের উচ্চারণে 'করকরা ভাত' অর্থাৎ বাসি হয়ে শুকিয়ে কাঁকরের মতো শক্ত হয়েছে যে ভাত }

কড়কা [কড়কা] *বি* শিলাবৃষ্টি; বজ্রপাত (যখন সঘন গগন গরজে বরিষে কড়কা ধারা—*দ্বিরা*)। { *স.* করক>*বা.* কড়ক+আ }

কড়কচ, করকচ [কড়কচ, -র্-] *বি* পাথুরে লবণ; সামুদ্রিক লবণ। { *স.* কড়ক >*প্রাবা.* কড়কচ >*বা.* করকচ; *তুল. হি* করকস }

কড়কট্যে [কড়কোটটে] *বি* একজাতীয় ভেক; কটকটে ব্যাঙ (ঘটের উপর থেকে জবাফুল বর্ষাকালের কড়কট্যে ব্যাঙের মত থপসে করে লাফিয়ে উঠলো—*কাসি*)। { *বা.* কটকটিয়া >কড়কইট্যা >কড়কট্যে }

কড়কড় [কড়কড়] *বি.* মেঘগর্জন ধ্বনি; বজ্রপাতের শব্দ (কড়কড় কড়ে বজ্র পড়িল ভূ-তলে—*মদ*)। ☐ *অব্য* খড়খড়ে বা কড়া বস্তুর স্পর্শ বোঝাতে (মাঞ্জাটা কিন্তু ভারি অদ্ভুত—কই, তেমন কড়কড় করছে না তো—*সুরা*)। { *ধ্বন্যা.* }

কড়কড়া², কড়কড়ি, কড়কড়িয়া, কড়কড়ে [কড়কড়া, কড়কোড়ি, কড়কোরিয়া, কড়কোড়ে] *বিণ* ১ যে ভক্ষ্য চর্বণে কড়কড় শব্দ উৎপন্ন হয়। ২ বাসি শুষ্ক অন্ন (শীতবসন্তের পাত আলুণ আতেল কড়কড়া ভাত—*দমি*)। { *ধ্বন্যা.* }

কড়কড়া³ ⇒ কর্করা

কড়কড়ে¹ ⇒ কড়কড়া²

কড়কড়ে² [কড়কোড়ে] *বিণ* খরস্রোত (আমরা একটি কড়কড়ে পানিতে পড়িলাম; ষ্টীমার কোনমতে আর অগ্রসর হয় না—*রাজ*)। { *ধ্বন্যা.* }

কড়কানো, কড়খানো [কড়কানো, -খা-] *ক্রি* তর্জন; সগর্জনে ভর্ৎসনা; প্রবল ধমক দেওয়া। { *স.* কটাক্ষ>*প্রা.* √কডকখ>*বা.* √কড়কা + আনো; *তুল. হি* কড়কানা }

কড়ঙ্ক, কড়ঙ্গ [কড়ঙ্কো, -গো] *বি* ১ কুঁড়া; ভুসি; তুষ। ২ এক প্রকার ভিক্ষাপাত্র; নারিকেল মালায় প্রস্তুত পাত্রবিশেষ। { *স.* করঙ্ক > }

কড়ঙ্কস্য [কড়ঙ্কোশ্‌শো] *বি* কড়ির বা অর্থের কৃচ্ছ্রতা (কড়ঙ্কস্য করে সংসার চালানো)। { *স.* কপর্দকস্য }

কড়চা [কড়চা] *বি* ১ পদ্যে লিখিত বিবরণী (কড়চা করিয়া কিছু লাগিলা লিখিতে—*বৃদা*)। ২ খাজনা সম্পর্কিত হিসাব খাতা। ৩ খণ্ড খণ্ড পদ্য রচনা। ৪ সংক্ষিপ্ত দিনপঞ্জি (গোবিন্দদাসের কড়চা)। { *স.* কারিকচ>; *তুল. হি* 'কড়খা' }

কড়ছ, কড়ছি [কড়োছ, কোড়ছি] *বি* কোঁচড়; কোমরের কাপড় (বসন খসয়ে অঙ্গুলি চাপয়ে কর সে কড়ছে থুইয়া—*কমু*; কড়চে পয়সা গুঁজে বলেন তিনি বাবু সেজে—*গান*)। { *স.* কক্ষতট>*প্রা.* কচ্ছতড়>কচ্ছড়> কছড়>(বর্ণ বিপর্যয়ে) কড়ছ,+*বা.* ই }

কড়তা [কড়তা] *বি* ক্রয়বিক্রয় কালে থলে ইত্যাদি আধারের ওজনের জন্য বাদ; tare (কলসির কড়তা বাদ দিয়ে গুড় ওজন করো)। { *বা.* ধরতা >? }

কড়মড় [কড়মড়] *বি* ১ কঠিন দ্রব্য চিবানোর শব্দ। ২ আক্রোশ বা ক্রোধসূচক দন্তঘর্ষণজাত শব্দ। **কড়মড়ে** *বিণ* কড়মড় শব্দে চিবানোর উপযুক্ত শুষ্ক ও শক্ত। **কড়র মড়র** *বি* কঠিন দ্রব্য চিবোতে থাকার শব্দ। **কুড়মুড়** অপেক্ষাকৃত সহজে চিবিয়ে খাওয়ার শব্দ। **কুড়ুর মুড়ুর** *বি* সহজে চিবিয়ে খাওয়ার শব্দ। { *ধ্বন্যা.* }

কড়মড়ানো [কড়মড়ানো] *ক্রি* রাগে কড়মড় শব্দ করা; ক্রোধ বা আক্রোশ ভাবব্যঞ্জক দন্তঘর্ষণ (দাঁত কড়মড়ানো)। { *বা.* কড়মড়+আনো }

কড়মড়ি¹ [কড়মড়ি] *অসক্রি* কড়মড় করে; দন্তঘর্ষণ শব্দ করে (কড়মড়ি ভীম দন্ত, পড়ে লম্ফ দিয়া—*মদ*)। { *বা.* কড়মড়+ই }

কড়মড়ি² [কড়মড়ি] *বি* মেঘগর্জন ধ্বনি (ঝড়ের ঝনঝনি, মেঘের কড়মড়ি—*অঠা*)। { কড়মড়+ই (নামধাতুজ) }

কড়মা [কড়মা] *বি* দধির সঙ্গে মিশ্রিত ময়দা বা ছাতু কিংবা চিড়া ও মুড়কি; হিন্দুদের মঙ্গলাচারে ব্যবহার্য ভক্ষ্যবিশেষ। { *স.* করম্ভ, করম্ব (=মিশ্রিত) >করম্ব>কড়মা> }

কড়ম্ব [কড়ম্‌বো] *বি* শাকবিশেষ; কলমি শাক। **কড়ম্বী** *স্ত্রী. বি* কলমিশাক। { *স.* √কড় + অম্বচ্>অম্ব>কড়ম্ব) }

কড়সি [কড়োশি] *বি* ঘুনসি; কটিসূত্র; কটিবন্ধন। {*স.* কটিরশ্মি (কটির দড়ি বা রসি)>কড়রশি(?)>কড়সি; অথবা, *স.* কট>*প্রা.* কড়> *বা.* কড় +*স.* রশ্মি> রসসী>কড়াসি}

কড়া[১] ↑ কড়[১]

কড়া[২] [কড়া] *বি* কলঙ্ক চিহ্ন; ঘাটা; নিত্য ঘর্ষণজাত চিহ্ন (কড়া পড়িয়াছে হাতে অন্নবস্ত্র দিয়া —*ভার৷*)। {*স.* কটুক >*প্রা.* কড়ুঅ >*বা.* কড়ুআ >কড়া}

কড়া[৩] [কড়া] *বিণ* ১ তীব্র; অকোমল। (প অক্ষরটি মোলায়েম, ব অক্ষরটি কড়া—*ঈবি*)। ২ কঠিন; কর্কশ; কঠোর; নিষ্ঠুর; পরুষ (কড়া কথা)। ৩ প্রখর (কড়া রোদ্দুর)। ৪ নিয়মনিষ্ঠ; প্রচণ্ড ব্যক্তিত্বশালী (কড়া হাকিম—*দীমি*)। ৫ সতর্ক; দুর্ভেদ্য; নিশ্ছিদ্র (কড়া পাহারা)। ৬ চড়া; উচ্চ (কড়া সুদ)। ৭ অবিচল; কঠোর; অলঙ্ঘ্য (কড়া নির্দেশ)। ৮ কষা; দৃঢ় (কড়া বাঁধন)। ৯ উগ্র; রুক্ষ (কড়া মেজাজ)। ১০ সহিষ্ণু (কড়া প্রাণ)। ১১ উগ্র; তীব্র (একটা কড়া রকমের তেতো ওষুধ হরিপদকে খাইয়ে দিলেন—*সুবা*)। {*স.* কটুক>*প্রা.* কড়ুঅ> কড়ুআ>*বা.* কড়া; *তুল.* কড়ুয়া তেল}

কড়া[৪] [কড়া] *বি* ধাতুবলয়; বালার ন্যায় হাতল; আংটা (দরজার কড়া নাড়া)। {*স.* কটক (=বলয়)>*প্রা.* কড়অ>কড়া; *হি.* কড়া}

কড়া[৫] [কড়া] *বিণ* অপরিণত; নবোদ্গত; নিতান্ত কচি (কচিপাতার তলায়-তলায় কড়া পেয়ারা—*অচিসে*)। {*আঞ্চ.; স.* কুট্মল >*প্রা.* কড্ড>কড়+আ=কড়া}

কড়া[৬] [কড়া] *বি* কড়ি; কপর্দক (এক কড়ার মুরোদ নেই)। **–কিয়া** *বি* কড়ার নামতা; একশত পর্যন্ত কড়ার হিসাব। **–ক্রান্তি** *বি* ১ সামান্য কোনো কিছু; বিন্দুবিসর্গ (কড়াক্রান্তি গোপন করো না—*মীম*)। ২ মুদ্রার অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যা। ৩ সূক্ষ্ম হিসাব। **–ক্রান্তি হিসাব** *বি* পাই পয়সা পর্যন্ত হিসাব; নিঃশেষে সম্পূর্ণ হিসাব; নিখুঁত। **কড়ায় গণ্ডায়** *ক্রিবিণ* নিঃশেষে; হিসাবের শেষ কপর্দক পর্যন্ত (প্রভুভক্তির দেনা তিনি কড়ায় গণ্ডায় শোধ করিতেন—*রঠা*)। {*স.* কপর্দক >*প্রা.* কড্ড >কঅড্ডঅ>কড়া}

কড়া[৭] [কড়া] *বি* লৌহবলয়; বলয় আকৃতির আংটা (দরজার কড়া)। {*স.* কটক (=বলয়) >কড়অ >কড়া}

কড়া[৮] [কড়া] *বি* কড়াই; কটাহ; রন্ধন পাত্র বিশেষ। {*স.* কটাহ >*প্রা.* কডাহ >কড়াঅ >কড়া, কড়াই}

কড়াই[১] [কড়াই] *বি* কলাই; শস্য বিশেষ (মটরকড়াই মিশায়ে কাঁকরে চিবাইল যেন দাঁতে—*রঠা*)। **–শুঁটি** *বি* মটর শুঁটি। {*স.* কলায়>কড়াইঅ>কড়াই, করাই}

কড়াই[২] [কড়াই] *বি* রন্ধন পাত্র বিশেষ; কটাহ; ছোট (লোহার) রন্ধনপাত্র। {দ্রষ্টব্য কড়া[৮]}

কড়াক্কড় [কড়াককড়্] *বিণ* শক্ত; কঠিন; দৃঢ় (গুপ্তচর বলিয়া প্রকাশ পাওয়ায় পাহারা আরও কড়াক্কড় হইল—*হুতো*)। {*ধ্বন্যা.*}

কড়াৎ [কড়াত্] *বি* ১ বজ্রপাত ধ্বনি। ২ শক্ত জিনিস ভাঙার শব্দ। {*ধ্বন্যা.*}

কড়ার ↑ করার

কড়ি[১], **কৌড়ি** [কোড়ি, কোউড়ি] *বি* ১ শামুক জাতীয় সামুদ্রিক জীবের খোল (দিবা বধূ পরিয়াছে বাকলের শাড়ি, কড়িহার—*মোম*)। ২ কপর্দক; অর্থ; ধন; টাকা-পয়সা (আসিনিক কামাতে ভাই কড়ি—*নই*)। ৩ বিক্রয়লব্ধ অর্থ (কৌড়ি আনিআঁ দেএ শাসুড়ীর থানে—*বচণ্ডী*)। ৪ পারানির মাশুল; পার হওয়ার উপযুক্ত অর্থ; পারের সম্বল (তোর ঘরের রশি ছিঁইড়া রে গেল ঘাটের কড়ি নাই—*নই*)। **~খেলা** *বি* ক্রীড়া বিশেষ; ভূমিতে কড়ি চেলে যে খেলা। **~পিশাচ** *বিণ* অর্থপিশাচ; ধনলোভী। **কানা~** *বি* ১ খুঁতযুক্ত কড়ি; ভাঙ্গা বা ফুটা কড়ি (ইতিহাসের হিসাবে ঐ বাইবেলগুলির কানাকড়িরও মূল্য নাই—*আখা*)। □ *বিণ* ১ (*আল.*) অতি তুচ্ছ; মূল্যহীন। **টাকা~, পয়সা~** *বি* ধনদৌলত; অর্থসঙ্গতি; টাকা পয়সা। **~য়াল, ~ওয়ালা** *বিণ* বিত্তশালী; ধনী; অর্থসঙ্গতিসম্পন্ন। {*স.* কপর্দিকা>*প্রা.* কবড্ডিআ>কউড্ডিআ> কৌড়ি> কড়ি; *হি.* (কড়ি)}

কড়ি[২] [কোড়ি] *বিণ* কড়া; তীব্র; অকোমল (পাথরের কড়ি সুর মেঘের কোমল থেকে কোমলতর সুরে মিলে আর একটা রূপ ফোটাচ্ছে—*অঠা*)। **~ মধ্যম** *বি* তীব্র মধ্যম স্বর (জীবনতন্ত্রী ক্রমশঃ সকরুণ কড়ি মধ্যমের দিকে নামিয়া আসিতে লাগিল—*রঠা*)। {*স.* কটুক>*প্রা.* কড়ুঅ>কড়া>কড়া+ই>কড়ি; *তুল.* কড়ুয়া>করুয়া (তেল)=সরষের ঝাঁঝালো তেল}

কড়ি[৩] [কোড়ি] *বি* ১ ঘরের ছাদের অবলম্বন আড়কাঠ; লৌহ বা কাষ্ঠময় আড়া; beam। ২ লৌহদণ্ড; rod (পাঁচ হাজার টন লোহার কড়ি কিনে ফেললে—*রাব*)। **~গোনা, ~কাঠ গোনা** *ক্রি* বেকার অবস্থা যাপন; কর্মহীন অলস অবসর যাপন; নিষ্কর্মা বসে থাকা (আমি বসে কড়ি গুনব বুঝি—*অঠা*)। {*স.* কাণ্ড >; *তুল.* *হি.* কাঁড়}

কড়িয়াল [কোড়িয়াল] *বি* ঘোড়ার লাগামের কড়াওয়ালা অংশ; অশ্ববল্গার ধাতুময় অংশ বিশেষ। {*তা.* কড়ুবাল> কড়িয়াল>কড়ি+আল}

কড়ুই-রাঁড়ি [কোড়ুই-রাঁড়ি] *বি* বাল্যবিধবা। {*স.* কনিষ্ঠা/কন্যা>*বা.* কড়া (অপরিণত অর্থে)+আই=কড়াই >কড়ুই (স্বরসাম্যে)+*স.* রণ্ডা>রংড়া>রাঁড়া, রাঁড়, রাঁড়ি}

কড়ুয়া [কোড়ুয়া] *বিণ* ১ তীব্র; কটু (হক কথা কড়ুয়া লাগে—*মীম*)। ২ কড়া। {*স.* কটুক>*প্রা.* কড়ুঅ> কড়ুআ> কড়ুয়া}

কড়ে, কড়িয়া [কোড়ে, কোড়িয়া] *বিণ* কনিষ্ঠ; ক্ষুদ্র (কড়ে আঙুল)। **~রাঁড়ি** *বি* বাল্যবিধবা। {*স.* কনিষ্ঠ; *বা.* কড়িয়া>কড়ে; *তুল.* *হি.* কন্ঠে}

কণ [কন/কনো] *বি* ১ অণুপরিমাণ অংশ; কণা; অতি ক্ষুদ্র অংশ। ২ গুঁড়া; রেণু। ৩ শস্যাদির ক্ষুদ্র অংশ; কুঁড়া; খুদ। {লক্ষণীয় *স.* √কণ্ (সংক্ষেপ করা, ক্ষুদ্র করা)+ অ(অচ)—এই ধাতুর অর্থ বাংলায় ব্যবহৃত; যেমন 'সে সন্দেশের কণ খুঁটিয়া খাইল'}

কণা [কনা] *বি* ১ অণু; তিল পরিমাণ; সামান্যতম (তোর জন্য আমার কণামাত্র দুঃখ হয় না)। ২ রেণু; বিন্দু

(জলকণা)। ৩ চালের খুদকুঁড়া। ৪ খণ্ড; অংশ; টুকরা (চাঁদের কণা)। ~**বাদী** *বি* অণুবিজ্ঞানীদের একদল বা শাখা (অবশ্য আলোকের স্বরূপ সম্বন্ধে কণাবাদীদের সঙ্গে তরঙ্গ ধর্মীদের বাদ—*সুদ*)। {*স.* √কণ্+অ(অচ্)+আ(টাপ্)}

কণাদ [কনাদ্] *বি* বৈশেষিক দর্শনকার মুনি বিশেষ। ❑*বিণ* পণ্ডিত; নৈয়ায়িক শ্রেষ্ঠ (নব্য ন্যায়ের কণাদরা যদিচ এমন বিশ্লেষণে সিদ্ধহস্ত যার পরে বিস্তারিত সিদ্ধান্তের প্রত্যেক খণ্ড প্রমাণসাধ্য—*সুদ*)। {কণ্+√অদ্+অ (অণ্); অথবা কণ্+আ+ √দা+অ (অক্)}

কণি, কুণি [কোনি, কুনি] *বি* নখের কোণ; নখপ্রান্তিক ছুঁচালো অংশ। {*স.* কোণ+*বা.* 'ই'=কোণি >কুণি (স্বরসাম্যে)}

কণিক [কোনিক্] *বিণ* কণা পরিমাণ; অত্যল্পমাত্র; অল্পখানিক (লয়ে আমার তুচ্ছ কণিক ক্ষণিকতা গো—*রঠা*)। {*স.* কণ+ইক(ঠন্), কণা+ক(কন্)}

কণিকা [কোনিকা] *বি* কণা; ক্ষুদ্র; অংশ (যবের কণিকা তুলিয়া সে ধীরে দিতেছে চঞ্চুপুটে—*রঠা*)। {*স.* কণ+ইক(ঠন্)+আ(টাপ্)}

কণিত [কোনিতো] *বিণ* ধ্বনিত; কনকন শব্দে মুখরিত। {√কণ্+ত (ক্ত)}

কণ্টক [কন্টোক্, –ট–] *বি* ১ কাঁটা; লতা–গুল্ম বৃক্ষাদির ছুঁচালো অংশ বিশেষ। ২ মাছের কাঁটা; মাছের হাড়–পাঁজরা। ৩ (*আল.*) বিঘ্ন; অন্তরায়; বাধা (আহারাদির ব্যবস্থায় পদে পদে কণ্টক পড়িতে লাগিল—*রঠা*)। ৪ (*আল.*) কলঙ্ক; অপবাদ; লজ্জা; নিন্দাজনিত দুঃখের হেতু বলিয়া অবাঞ্ছিত (কুলের কণ্টক)। ৫ রোমাঞ্চ। ৬ (*আল.*) শত্রু। ~**ফল, কণ্টকিফল, কণ্টকীফল, কণ্টফল, কণ্টাফল, কণ্টাল** *বি* ১ কাঁঠাল। ২ কাঁঠাল গাছ। ~**ময়** *বিণ* ১ কাঁটায় আচ্ছন্ন; কাঁটায় আকীর্ণ। ২ (*আল.*) দুর্গম। ~**শয্যা** *বি* ১ কণ্টক বিছানো শয্যা; কণ্টকে প্রস্তুত শয্যা। ২ যন্ত্রণার অবস্থা; দুঃসহ অবস্থা। {*স.* √কণ্ট্+অক(ণ্বুল্)}

কণ্টকাকীর্ণ [কন্টোকাকির্নো] *বিণ* ১ কাঁটায় ছাওয়া। ২ দুর্গম। **কণ্টকিত** *বিণ* ১ কাঁটায় পূর্ণ (কণ্টকিত পথ)। ২ দুর্গম; বিঘ্ন পরিপূর্ণ। ৩ রোমাঞ্চিত; পুলকিত (কণ্টকিত কলেবর)। **কণ্টকোদ্ধার** *বিণ* ১ কাঁটা তুলে ফেলা। ২ অসুবিধার কারণ বা বিঘ্ন দূরীকরণ। ৩ শত্রু দমন। {*স.* কণ্টক+আকীর্ণ, ৩তৎ}

কণ্টকী [কন্টোকি] *বিণ* কাঁটাওয়ালা। ❑*বি* ১ একজাতীয় কাঁটাযুক্ত বাঁশ; বেউড় বাঁশ। ২ খেজুর জাতীয় কাঁটাযুক্ত গাছ। ৩ অতিরিক্ত কাঁটাওয়ালা মাছ। {*স.* কণ্টক>}

কণ্টফল, কণ্টাল ⇒ কণ্টক

কণ্টিকা (*মধ্য.*) [কোনটিকা] *বি* কাঁটা (নিকটেতে দূর যেন পুষ্পেতে কণ্টিকা—*সৈআ*)। {*স.* কণ্টক+আ(টাপ্)>}

কণ্টিকারি [কোনটিকারি] *বি* অতিশয় কাঁটাযুক্ত গুল্মবিশেষ, যার পাতা বেগুনের পাতার ন্যায় নীল, ফল গোল, পাকলে হলুদ হয় (সেই সকালের টুকরো একটুখানি মাটির কাছে কণ্টিকারির নীল সোনালীর বাণী—*রঠা*)। {*স.* কণ্টকারি}

কণ্টী [কোন্‌টি] *বি* (*উদ্ভিদ.*) গোক্ষুর; *Zygophyllae tribulus terestries*। {*স.* কণ্টিন্(কণ্ট+ইন্)>}

কণ্ঠ [কন্‌ঠো] *বি* ১ স্বরযন্ত্র। ২ গলার স্বর (আমার কণ্ঠ হতে গান কে নিল ভুলায়ে—*রঠা*)। ৩ গলদেশ (কণ্ঠ মালার বকুল যদি যায় গো ঝরে—*গান*)। ৪ টুঁটি (কণ্ঠরোধ)। ~**কণ্ডুয়ন** *বি* বক্তব্য প্রকাশের জন্য কণ্ঠদেশে অস্থিরতার অনুভূতি; বক্তব্য প্রকাশের জন্য চাঞ্চল্য। ~**নালি,** ~**নালী** *বি* গলনালি; windpipe। ~**বদ্ধ,** ~**লগ্ন,** ~**লীন** *বিণ* কণ্ঠ জড়িয়ে আছে এমন; কণ্ঠের সঙ্গে যুক্ত। ~**ভূষণ,** ~**ভূষা, কণ্ঠাভরণ** *বি* ১ কণ্ঠে ধারণ করার অলঙ্কার; হার। ২ প্রিয়; আদরণীয় বিষয়। ~**রোধ** *বি* ১ শ্বাসরোধ; কণ্ঠনালি চেপে ধরা। ২ বাচন ক্ষমতা বন্ধ করা; প্রতিবাদের ক্ষমতা কেড়ে নেওয়া। ৩ বাক্–রোধ। ~**সূত্র** *বি* মালা; হার। ~**স্বর** *বি* গলার আওয়াজ। ~**স্থ** *বিণ* মুখস্থ; বিশেষরূপে আয়ত্ত। **কণ্ঠাগত** *বিণ* কণ্ঠ পর্যন্ত আগত; বহির্গমনোন্মুখ (কণ্ঠাগত প্রাণ)। **কণ্ঠাগ্র** *বি* বিশেষরূপে অভ্যাস ও উত্তমরূপে মুখস্থ করার দরুন সম্পূর্ণ কণ্ঠস্থ অবস্থা (যাত্রাভিনয়ের সুদীর্ঘ খণ্ডসকল তাহার কণ্ঠাগ্রে ছিল—*রঠা*)। {*স.* √কণ্+ঠ}

কণ্ঠা [কন্‌ঠা] *বি* কণ্ঠের অস্থি; কণ্ঠদেশের নিম্নবর্তী ও বক্ষ–পঞ্জরের উপরস্থ দীর্ঘ অস্থিদ্বয়; clavicle। ~**গত,** ~**গ্র,** ~**ভরণ** ⇒ কণ্ঠ। ~**ল** *বি* ১ দীর্ঘ কণ্ঠযুক্ত পশু বিশেষ; উট। ২ নৌকার হাল বা দাঁড়; কাঁড়ার। ৩ শূরণ; ওল। {*স.* কণ্ঠ+আ}

কণ্ঠি, কণ্ঠী, কণ্ঠিকা [কোন্‌ঠি, –, –কা] *বি* ১ একনরা কণ্ঠমালা; কণ্ঠের ভূষণ বিশেষ (নীলার কণ্ঠী কণ্ঠে পরেছে তারা—*সদ*)। ২ তুলসীকাঠের একনরী মালা; বৈষ্ণবের কণ্ঠভূষণ বিশেষ। ❑*বিণ* পরম আদরণীয়; অমূল্য সম্পদের ন্যায় আদরণীয় (মেয়ে পিতামাতার সোনার কণ্ঠী—*শেক*)। ~**ছেঁড়া** *বি* বৈষ্ণব সম্প্রদায় পরিত্যাগ; বৈষ্ণব সম্প্রদায় থেকে বিচ্যুত হওয়া। ~**ধারণ** *বি* ১ আনুষ্ঠানিকভাবে বৈষ্ণবমতে দীক্ষা গ্রহণ। ২ বৈষ্ণবের ন্যায় ফোঁটা তিলকাদি গ্রহণ। ~**ধারী** *বি* বৈষ্ণব; বৈরাগী। ~**বদল** *বি* বৈষ্ণব–সম্প্রদায়ের মধ্যে প্রচলিত কণ্ঠের মালা বদল করে বিবাহ। {*স.* কণ্ঠ+ইন্= কণ্ঠিন্>কণ্ঠী>*বা.* কণ্ঠী/কণ্ঠি; *স.* কণ্ঠী+ক(কন্)+আ(টাপ্)}

কণ্ঠিত, কণ্ঠীত [কোন্‌ঠিতো] *বিণ* কণ্ঠে ধারণকৃত (কত বেসরের নীলা আর চুণী, কণ্ঠীত মুগা, কানের মতি—*সদ*)। {*স.* কণ্ঠ+ইত (ইতচ্)}

কণ্ঠীধারণ, কণ্ঠীধারী, কণ্ঠীবদল ⇒ কণ্ঠি

কণ্ঠীরব [কোন্‌ঠিরব্] *বি* ১ কপোত; পারাবত। ২ মত্তহস্তী। ৩ সিংহ। {*স.* কণ্ঠী+রব}

কণ্ঠ্য [কন্‌ঠো] *বিণ* ১ কণ্ঠজাত; কণ্ঠ থেকে উৎপন্ন বা উচ্চারিত (কণ্ঠ্যবর্ণ—অ, আ, ক–বর্গ, হ)। ২ কণ্ঠবিষয়ক।

কণ্ঠৌষ্ঠ্য *বিণ* কণ্ঠ ও ওষ্ঠ থেকে উচ্চারিত (কণ্ঠৌষ্ঠ্য বর্ণ—ও, ঔ)। { *স.* কণ্ঠ+য(যৎ)}

কণ্ডন [কন্‌ডন্] *বি* কাঁড়া; কুঁড়া বের করা; তুষ ঝাড়া। **কণ্ডনী** *বি* চাল কাঁড়ার কাষ্ঠপাত্র ও দণ্ড, উখলি, উদুখল ও মুষল। { *স.* √কণ্ড্‌+অন(ল্যুট)}

কণ্ডু, কণ্ডূ [কোন্‌ডু] *বি* খোস; পাঁচড়া; চুলকানি; নানা জাতীয় চর্মরোগ। ~তি *বি* চুলকানি; সুড়সুড়ানি। ~য়ন *ক্রি* চুলকানো (মস্তক কণ্ডুয়ন করা)। □*বি* ১ চুলকানি। ২ পাঁচড়া। ~ল *বিণ* কণ্ডুরোগে আক্রান্ত; খোসো (কণ্ডুল শরীরের সংস্পর্শ দূষণীয়)। **কণ্ডুয়মান** *বিণ* চুলকাচ্ছে এরূপ। { *স.* √কণ্ড্‌+উ(কু)}

কণ্ডোল [কন্‌ডোল্] *বি* বাঁশ বা নল দ্বারা নির্মিত শস্যাধার; ডোল; গোলা। { *স.* √কণ্ড্‌+ওল}

কহ্নার (*মবা.*) [কন্‌নার্] *বি* জলজ পুষ্পবিশেষ; শাপলা; শ্বেতপদ্ম (কমল কহ্নার ইন্দীবর—*কমু*)। { *স.* কহ্লার>}

কণ্যান [কোননান্] *বিণ* কনিষ্ঠ; সর্বাপেক্ষা ছোট (পাণ্ডু নৃমণি কণ্যান রমণী মদ্র মহীপতিসূতা—*কমু*)। { *স.* কনীয়ান্‌}

কণ্ব [কন্‌নো] *বি* হিন্দু পুরাণখ্যাত মুনি বিশেষ; শকুন্তলার পালক পিতা। ~সুতা *বি* শকুন্তলা। { *স.* √কণ্‌+ব(বন্‌)}

কত[১]**, কৎ** [কত্] *বি* তেরছাভাবে কাটা কলমের সূক্ষ্ম অগ্রভাগ; কলমের নিব। **কৎকাটা** *ক্রি* কলমের মুখ কেটে লেখার উপযোগী করা। { *আ.* কুত্ত قط }

কতবেল, কয়েতবেল, কদবেল [কত্‌বেল্, কয়েত্‌–, কদ্‌–] *বি* অম্লস্বাদ বেলসদৃশ ফল বিশেষ। { *স.* কপিত্থ>কইত্থ>কৈত্থ>কত্ত>কৎ+বেল<*স.* বিল্ব}

কতো, কত[২] [কতো] *বিণ* ১ কী পরিমাণ; কী সংখ্যক ইত্যাদি প্রশ্নবাচক (কত নিশি হবে ভোর বল চাঁদের লাগি কত ঝুরিবে চকোর—*নই*)। ২ বহু; অনেক (জগতের মাঝে কত বিচিত্র তুমি হে—*রঠা*)। □*ক্রিবিণ* ১ একাধিকবার; বেশি পরিমাণে (কত সাধাসাধি করে তবে খাওয়ানো গেল)। ২ কী দর; কী মূল্য (মাছটা কতো হলে দেবে?)। □*বি* অনেক কিছু; বহু জিনিস (কর্তাদের আমলে কতো দেওয়া খোওয়া হতো)। ~ই *বিণ, ক্রিবিণ* কতো না; কতো যে; অনেক। □*বিণ* (*ব্যা.*) অল্প; সামান্য; খুব কম। **কতক** *সর্ব* কিছু অংশ; খানিকটা; কিছুটা। □*বিণ* কিছু পরিমাণ; কিছু কিছু (কতক লোক গোলমাল করতেই আসে)। □*ক্রিবিণ* কিছু ভাগ; কিছু দূর পর্যন্ত (খাতাগুলো কতক দেখা হয়েছে)। ~ করে *ক্রিবিণ* বহু অনুনয় বিনয় পূর্বক; বহু প্রকারে; নানাভাবে (কতো করে বলি তবু বদখেয়াল ছাড়ে না)। ~ ~ *বিণ* বহু; ঢের ঢের; অনেক রকমের (কতো কতো মানুষ দেখলাম অমনটি আর চোখে পড়ল না)। ~কি *অব্য* বহু কিছু; নানা কিছু (রোজ কত কি ঘটে যাহা তাহা—*রঠা*)। ~ক্ষণ *বি* ১ কিছু সময়। ২ বহু সময়। ৩ কোন সময়ে বা কখন এলে এই প্রশ্নবোধক। ~খান *বি* নানাস্থান; বহুস্থান (কতখান থেকে লোক এসেছে)। □*বিণ* ১ নানারকম; ক্ষতবিক্ষত (ননদ এসে ভাইকে কতোখান করে লাগালে)। ২ কয়খানা; কতোগুলি; কী পরিমাণ (কতোখান কাপড় বিলি হবে?)। ~টা *বিণ* কী পরিমাণ; কয়খানা। ~টুকু *বিণ* ১ কি আন্দাজ বা পরিমাণ এই প্রশ্নবাচক। ২ কিছুটা; খানিক। ৩ পরিমাণে লঘু; সামান্য (এ আর কতোটুকু)। ~না, ~যে *বিণ, ক্রিবিণ* অনেক; সংখ্যা বা পরিমাণ নাই এরূপ (কত যে গিরি কত যে নদী তীরে—*রঠা*; কত যে তুমি মনোহর—*রঠা*)। ~মতো *বিণ, ক্রিবিণ* বহু প্রকার; নানারকম; অনেক (পাইলাম কত মত সুখ—*কৃও*)। ~শত *বিণ* অগণ্য; বহু; অসংখ্য (স্মৃতিপটে উজ্জ্বল রেখায় আঁকা রহিয়াছে এমনি কতশত ছবি—*শামা*)। **কতহুঁ** (*ব্রজ.*) *বিণ* কতই; অনেক; বহু। { *স.* কতি>*প্রা.* কত্তো>*বা.* কত}

কতক [কতোক্] *বি* ১ কিয়দংশ; কিছু। □*বিণ* কয়েক। ~টা *বিণ* খানিকটা; কিছুটা; কিছু পরিমাণ। {কত[২]+ক}

কতল [কতল্] *বি* শিরশ্ছেদ; তরবারির আঘাতে মানুষ খুন; হত্যা; বধ (দানব দৈত্যে কতল করিতে আসে তলোয়ার লয়ে—*নই*)। ~গাহ, ~গাহ্ *বি* বধ্যভূমি (কেন হতেছিস দলে দলে তোরা কতল্‌-গাহেতে জবেহ?—*নই*)। { *আ.* কত্‌ল قتل }

কতহুঁ (*ব্র.*) [কতহুঁ] *সর্ব* কত ((চুম্বন করল কতহুঁ—*বিপ*)। { *স.* কতি>*বা.* কত}

কতি[১] [কোতি] *অব্য* কোথায় (ভাঁড়ুদত্ত জীতে ভায়া পলাইবে কতি—*কমু*)। □*বিণ* ১ কতো; কতো পরিমাণ (কতিক্ষণে আওব—*বিপ*)। ২ কিছু সংখ্যক; কয়জন; কতিপয়। { *স.* কুত্র>*প্রা.* কত্থ> (সপ্তম্যর্থে)>কথি> কতি, *স.* কিম্‌ + ডতি(অতি)>কতি}

কতিপয় [কোতিপয়্] *বিণ* কয়েকটি; কিছু সংখ্যক; অল্প পরিমাণ। { *স.* কতি+অয়চ্‌>অয় স্বার্থে, তৎপূর্বে 'প' আগম=কতিপয়; অথবা, *স.* কতি+*স.* পদ>পঅ>পয় (য়-শ্রুতির ফলে)}

কতেক [কতেক্] *বিণ* ১ কতো পরিমাণ; কতোখানি; কী পর্যন্ত; কতোই (না জানি কতেক মধু শ্যামনামে আছে গো—*চদা*)। ২ কতক; কিছু অংশ। { *বা.* কত + এক = কতেক}

কথক [কথক্] *বি* হিন্দু পুরাণ কথা বর্ণনা করেন যিনি; ব্যাখ্যাসহ পুরাণ পাঠ করে শুনান যিনি। □*বি, বিণ* ১ কথা বলে যে; বক্তা। ২ প্রয়োজনের অতিরিক্ত কথা বলে যে। ~ঠাকুর *বি* ব্রাহ্মণ পুরাণ পাঠক। ~তা *বি* ১ পুরাণ পাঠ ও ব্যাখ্যা। ২ কথকবৃত্তি। { *স.* √কথ্‌+অক(ণ্বুল)}

কথঞ্চিৎ [কথোন্‌চিত্] *অব্য* ১ কোনো মতে; কোনো প্রকারে। ২ সামান্য কিছু; কিঞ্চিৎ (লম্বা একটা টুলে থাকবে আমার কথঞ্চিৎ গ্রন্থাবলী—*বুব*)। { *স.* কথম্‌+চিৎ}

কথন [কথোন্] *বি* ১ বাচন; ভাষণ; কথা; উক্তি; বিবৃতি। ২ কথা (তোমার সাথে আছে আমার অনেক কথন—*অতুসে*)। **কথনীয়** *বিণ* । **কথনিকা** *বি* বিবরণ; লেখা; ভাষা; বাকবিন্যাস; wording। **কথনেচ্ছা** *বি* বলার ইচ্ছা; বাচনের স্পৃহা (আশঙ্কা-প্রযুক্ত কথনেচ্ছা দমন করিয়া—*বচ*)। { *স.* √কথ্‌+অন(ল্যুট)}

কথা [কথা] *বি* ১ বচন; ভাষা; উক্তি (আমার মুখের কথা তোমার নাম দিয়ে দাও ধুয়ে – *রঠা*)। ২ উচ্চারণ (জড়ানো কথা)। ৩ প্রসঙ্গ; বিষয় (সে কথা কি পড়ে মনে?—*নই*)। ৪ বিবরণ; বৃত্তান্ত (তোমার কথা কেহ বলে না—*রঠা*)। ৫ প্রতিশ্রুতি (কথা দেওয়া)। ৬ অনুনয়; প্রার্থনা; মিনতি; (কথা রাখ—*রঠা*)। ৭ চুক্তি (কথা ছিল এক তরীতে কেবল তুমি আমি—*রঠা*)। ৮ সাধ; আকাঙ্ক্ষা; অভিলাষ (তুমি শুনিতে চেয়ো না আমার মনের কথা—*নই*)। ৯ রহস্য; গোপন বাণী (কেন নিশার নীরবতা শুনিয়েছিল তারার কথা *রঠা*)। ১০ বক্তব্য (আরও যদি কিছু কথা থাকে, তাই বলো—*রঠা*)। ১১ খবর; তথ্য; সংবাদ (গোপন কথাটি রবে না গোপনে—*রঠা*; এ কি কথা শুনি আজি মন্থরার মুখে, রঘুরাজ—*মদ*)। ১২ বাক্যালাপ (দুজনের মধ্যে কথা বন্ধ)। ১৩ কাহিনী; উপাখ্যান (কথাসাহিত্য)। ১৪ কথকতা। ১৫ প্রবচন (ডাকের কথা)। ১৬ বাচালতা (কথায় দড়)। ১৭ প্ররোচনা; পরামর্শ (তোমার কথায় এ কাজে হাত দিয়েছি)। ১৮ তুলনা (কিসে আর কিসে, সুয়োরানীর সঙ্গে ঘুঁটেকুড়ানির কথা!)। ১৯ ঘটনা; ব্যাপার (এ বড় হাসির কথা; হাসবে লোকে—*ঈগু*)। ২০ কড়ার; বাঁধাবাঁধি; কড়াকড়ি; অবশ্যবাধ্যতা (সব সময়ে তোমার আবদার রাখতে হবে এমন কি কথা)। ২১ কৈফিয়ত; ওজর (কোনো কথা শুনতে চাই না)। ২২ মত (এ কথায় আমার সায় আছে)। ২৩ বিতর্ক; বিতণ্ডা (এত কথার পর আর এখানে থাকতে চাইনে)। ২৪ আলোচনা (নিজের লেখার কথায় সে পঞ্চমুখ হয়ে ওঠে)। ২৫ সহজে; পারিশ্রমিক বিনা (শুধু কথায় তাকে দিয়ে কাজ করাতে পারবে না)। ২৬ নিন্দাবাদ; কানভাঙানি (কার কথায় করেছ এত মন ভারী—*পৃগী*)। ২৭ আদেশ; নির্দেশ; হুকুম (আমার কথামতো চলবে কিনা তাই বলো)। ২৮ তিরস্কার; কটুকাটব্য (তোমার কথায় তার কিছু আসবে যাবে না)। ২৯ বাণী (হাদিসের কথা)। ৩০ স্থির সিদ্ধান্ত; দৃঢ় মত; প্রতিজ্ঞা (বিয়ে সে করবে না এই তার কথা)। ৩১ ফ্যাকড়া; গোলমাল (এর মধ্যে কিছু কথা আছে)। ৩২ কলঙ্ক; নিন্দা; সমালোচনা; আপত্তি (এই নিয়ে চারদিকে কথা উঠেছে)। ৩৩ ভাষা (কথার বাঁধুনি)। ৩৪ প্রস্তাব (মেয়ের একটা বিয়ের কথা এসেছে)। ~ **আসা** *ক্রি* ১ আলোচনা চলা; প্রস্তাব উত্থাপিত হওয়া (বিয়ের কথা আসছে)। ২ মুখে কথা জোগানো (মুখে কথা আসছে না কেন?)। ~ **কাটা** *ক্রি* যুক্তি দ্বারা কোনো মত খণ্ডন করা; বিতর্ক উত্থাপন করা; এড়ানোর চেষ্টায় প্রত্যুত্তর করা। ~ **কাটাকাটি** *বি* তর্কবিতর্ক; বাকবিতণ্ডা; বাদানুবাদ; বাকযুদ্ধ। ~ **চালা** *ক্রি* এক কান থেকে অন্য কানে সংবাদ রটনা করা; গোপনে খবর ছড়ানো। ~ **চালাচালি** *ক্রি* গোপন সংবাদের লেনদেন বা লেনদেনের মারফতে গোপন সংবাদ বিস্তার। ~ **থাকা** *ক্রি* আলোচনায় অংশগ্রহণ; আলোচনায় অনুপ্রবেশ; কোনো প্রসঙ্গে লিপ্ত হওয়া। ~ **দিয়ে ~ নেওয়া** *ক্রি* গোপন সংবাদের আভাসে উত্তেজিত করে অপরের গোপনতর সংবাদ বের করা; কৌশলে কথা বলে অপরের মনোভাব জেনে নেওয়া। ~ **দেওয়া** *ক্রি* অঙ্গীকার করা; প্রতিশ্রুতি দেওয়া। ~ **না থাকা** *ক্রি* কোনো বিষয়ে জড়িত হওয়ার অনিচ্ছা; কোনো প্রসঙ্গ থেকে দূরে থাকা বা মত প্রকাশে বিরত থাকা। ~**ন্তর** বাকবিতণ্ডা; বাদপ্রতিবাদ; বচসা; মতান্তর (তাঁহাদের সহিত কথান্তর উপস্থিত হইয়া, ক্রমে বিলক্ষণ মতান্তর ঘটিয়া উঠিল—*ঈবি*)। ~ **পাড়া** *ক্রি* ১ প্রসঙ্গ উত্থাপন করা। ২ প্রস্তাব দেওয়া; বিবাহ বিষয়ক আলাপ করা। ~ **ফেলা** *ক্রি* ১ অগ্রাহ্য করা; অবহেলা করা। ২ সিদ্ধান্ত প্রকাশ করা; কোনো বিষয়ে মত স্থির করে বলা। ~ **ফোটা** *ক্রি* ১ বাক স্ফুরণ; বাচন ক্ষমতার উন্মেষ হওয়া (ও বাড়ির খোকার কেমন আধো আধো কথা ফুটেছে)। ২ কলহপটুত্ব জন্মানো (আজই মেয়ের কথা ফুটেছে দেখো)। ~ **বাড়ানো** *ক্রি* তর্কবিতর্ক প্রলম্বিত করা; সামান্য বিষয়কে অযথা ফেনানো; বাদপ্রতিবাদ দীর্ঘ করা। ~ **বেচে খাওয়া** *ক্রি* কথাকুশলতায় জীবিকার্জন; বাকচাতুর্য দ্বারা অর্থসংস্থান করা। ~**মাত্র সার** *বিণ* বাকসর্বস্ব; বাগাড়ম্বর যার একমাত্র আশ্রয়; অন্তঃসারশূন্য; বাকপটু। ~**য় ~ বাড়া** *ক্রি* উত্তর প্রত্যুত্তরে বাদানুবাদ দীর্ঘ হওয়া। ~**য় ~য়** *অব্য* ১ প্রসঙ্গক্রমে; কথা বলতে বলতে (কথায় কথায় সে কথা উঠলো)। ২ কথা বলতে ব্যস্ত থাকাকালীন; কথা বলতে বলতে অন্যমনস্ক হওয়ার দরুন (কথায় কথায় বহুদূর চলে যাওয়া)। ৩ প্রতি ব্যাপারে; প্রতি পদক্ষেপে; সর্বদা (কথায় কথায় মান অভিমান)। ~**য় চিড়ে ভেজা**—সহজে উদ্দেশ্য সিদ্ধি; সহজে অপরকে বশ করার দরুন কার্যসিদ্ধি। ~**র আঁটুনি** *বি* ১ কথার সৌকর্য; বক্তব্যের পারিপাট্য; কথার শ্রী ও ছাঁদ। ২ বাকসংযম। ~**র ~** *বি* অগভীর উক্তি; মূল্যহীন কথা; নিতান্ত লঘু কথা। ~**র খেলাফ/খিলাফ** *বি* প্রতিশ্রুতি ভঙ্গ; অঙ্গীকারের অন্যথা; চুক্তির ব্যতিক্রম। ~**র গরম** *বি* কথায় উগ্র আত্মসচেতনতা; উক্তিতে প্রবল আত্মবোধের প্রকাশ। ~**র জাহাজ** *বি* যার অনর্গল বলে যাওয়ার মতো অফুরন্ত কথা আছে; অফুরন্ত কথা বলার ক্ষমতাবিশিষ্ট ব্যক্তি। ~**র তুবড়ি** *বি* কথার দ্রুত ও দুর্বার গতি; সরব দ্রুত কথন। ~**র ধরন**, ~**র ধারা** *বি* ১ কথা বলার ছিরি/ছাঁদ/গঠন (কথার ধরনটা দেখো একবার)। ২ উদ্দেশ্যের আভাসযুক্ত বাকপ্রণালী; কথার যে বিশেষ ভঙ্গিতে বক্তার মনোভাবের আঁচ পাওয়া যায়। ~**র ধার না ধারা** *ক্রি* গণ্য না করা; অগ্রাহ্য করা (কারও কথার ধার ধারিনে সব বেটাকেই চিনি—*সুরা*)। ~**র নড়চড়** *বি* প্রতিশ্রুতির ব্যতিক্রম; কথার খেলাফ। ~**র পিঠে কথা** *বি* প্রসঙ্গক্রমে আগত কথা; কথোপকথন ধারায় উত্থিত প্রসঙ্গ। ~**র ফের** *বি* মূল্যবান কথা; যথার্থ কথা। ~**র বাঁধুনি** *বি* ১ কথার পারিপাট্য; বাক্যবিন্যাসের চারুতা। ২ (*ব্য*) কথার কুশ্রীতা; কথার চারুতার অভাব। ~**র মাথা মুণ্ডু** *বি* কথার পূর্বাপর সঙ্গতি; বক্তব্যের আনুপূর্বিক শৃঙ্খলা। ~**র মারপ্যাঁচ** *বি* কথার কৌশল; কূটকৌশলপূর্ণ বাক্যজাল।

~রম্ভ *বি* ভূমিকা; প্রসঙ্গের অবতারণা; প্রসঙ্গের আনুষ্ঠানিক সূচনা। **~র শ্রী, ~র ছিরি** *বি* ১ বাচনভঙ্গির শোভনতা; কথার সৌকর্য। ২ বক্র অর্থে—বাচনভঙ্গির কর্কশতা; কথায় শোভা সৌন্দর্যের বা লালিত্যের অভাব। **~ শোনা** *ক্রি* মান্য করা; আদেশ পালন করা; উপদেশ শিরোধার্য করা। **~ শোনানো** *ক্রি* অপ্রিয় বাক্য বর্ষণ করা; তিরস্কার বর্ষণ; অপবাদমূলক উক্তি শুনিয়ে দেওয়া। **~ সরা** *ক্রি* বাকস্ফূর্তি হওয়া (শুনে আমার মুখে আর কথা সরল না)। **~র হাতপা বের হওয়া** *ক্রি* এক কথার (অন্যায়ভাবে) নানা অর্থ হওয়া; একই কথার বিভিন্ন ব্যাখ্যা। **উচিত ~** *বি* ন্যায্য কথা; খাঁটি কথা; যথোপযুক্ত কথা; যথার্থ কথা; কঠোর সত্যকথা (উচিত কথা বলবো, ভয় কিসের)। **উলটা ~, উল্টোপাল্টা ~** *বি* এলোমেলো কথা; অস্বাভাবিক উক্তি; প্রতিকূল অবস্থা উদ্ভাবক অর্বাচীন মন্তব্য। **এক ~** *বি* ১ যে কথার ব্যতিক্রম নেই; যে কথার পরিবর্তন হয় না; যে কথার অন্যথা হতে পারে না (যে যাই বলো, আমার এক কথা)। ২ যে কথার দ্বিতীয় অর্থ নেই, অভিন্ন মত (মনে মুখে এক কথা)। ৩ দ্বিধাহীন চিত্ত; নির্দ্বন্দ্বভাব (এক কথায় রাজি)। **কাজের ~** *বি* প্রয়োজনীয় কথা; মূল্যবান কথা; যুক্তিযুক্ত কথা। **কান ~** *বি* গোপনে অপর লোকের কাছ থেকে কারো দুর্নাম শুনে তদনুসারে সেই লোকটিকে খারাপ মনে করা। **ছোট মুখে বড় ~** *বি* অর্বাচীন উক্তি; অযোগ্যের মুখে বেমানান উদ্ধত উক্তি; বেয়াদবের মতো কথা। **দশ ~** *বি* ১ নিন্দাসূচক নানা কথা; অপবাদপূর্ণ কথা। ২ অনেক কথা; বহু রকম কথা। **দু~** *বি* ১ কিছু পরিমাণ কড়া কথা; কিছু তিরস্কারপূর্ণ উক্তি (তাকে বেশ দুকথা শুনিয়ে দিয়েছি)। ২ কিছু কথা; অল্প কথা; স্বল্প কথাবার্তা; কথোপকথন (দুকথায় তাকে কিছু সান্ত্বনা দিয়ে যাও)। **পাঁচ ~** *বি* নানা কথা; নিন্দার কথা; তিরস্কার বাক্য। **নাকে মুখে ~ বলা** *ক্রি* অতি দ্রুত কথা বলা; অতি মাত্রায় কথা বলা; চঞ্চলতা প্রকাশ পূর্বক কথা বলা; বাচালতা করা। **পাকা ~** *বি* ১ সঠিক কথা বা প্রতিশ্রুতি; অনড় বাক্য। ২ অপরিণত বয়স্কের মুখে পরিণত বয়সোচিত কথা। **ফল~** *বি* আসল কথা; সার কথা; মোট কথা। **বেফাঁস ~** *বি* অচিন্তিত কথা; অস্থানে অসাবধানে বলে ফেলা কথা; অসঙ্গত উক্তি। **মোট ~** *বি* আসল কথা; সার সংক্ষেপ; সংক্ষেপে; in short। **যে ~ সেই কাজ**—কথায় ও কর্মে সঙ্গতি; বাক্য ও কর্মের অভিন্নতা। **লাখ ~র এক ~** মূল্যবান কথা; যুক্তিসঙ্গত কথা; এমন এক অমূল্য উক্তি যার পার্শ্বে লক্ষ কথা তুচ্ছ। **শেষ ~** *বি* যে কথার পর সেই প্রসঙ্গ সমাপ্ত হয়; যার পরে কথা নেই; চরম বাক্য। **শোনা ~** *বি* পরম্পরায় জ্ঞাত কথা; প্রত্যক্ষভাবে জানা নয় অথচ অপরের নিকট থেকে প্রাপ্ত কথা। **সোজা ~** *বি* ১ যে কথার ভিন্ন অর্থ নেই; সহজ কথা। ২ বলিষ্ঠ উক্তি; দ্বিধাহীন সরল কথা। **হক ~** *বি* ন্যায্য কথা; খাঁটি কথা; উচিত কথা; সত্য কথা (হক কথায় আল্লাহ রাজি)। **~প্রসঙ্গে** *অব্য* কথাসূত্রে; কথার ধারায়; আলোচনাসূত্রে। **~বার্তা** *বি* কথোপকথন; বাক্যালাপ। **~শিল্পী** *বি* গল্পলেখক; উপন্যাস রচয়িতা; কাহিনীকার; উপাখ্যানমূলক সাহিত্য রচয়িতা। **~সরিৎসাগর** *বি* সংস্কৃত সাহিত্যের একটি বিখ্যাত গল্পগ্রন্থ। **~সাহিত্য** *বি* গল্প উপন্যাস ইত্যাদি কাহিনী জাতীয় সাহিত্য। {*স.* √কথ্+অ(অঙ)+আ(টাপ)}

কথাকলি [কথাকোলি] *বি* পৌরাণিক যুদ্ধকাহিনী অবলম্বনে কল্পিত ভারতীয় নৃত্য। {*স.* কলি(=যুদ্ধ)+কথা (=কাহিনী) = কলিকথা > কথাকলি (*শব্দ বিপর্যয়ে*)}

কথি (*মব্য., প্র.*) [কোথি] *অব্য* ১ কোথায়; কোথা থেকে; কোনস্থানে (নটবর বেশ পাইল কথি—*চন্দ*)। ২ কি; কিসের (হাম জীয়ব কথি লাগি—*বিপ*)। {*স.* কুত্র > *প্রা.* কথ > কাথ > কথ-ই}

কথিকা [কোথিকা] *বি* ক্ষুদ্রায়তনের লঘুরচনা; নির্দিষ্ট পরিসরে বর্ণনাত্মক রচনা; short talk। {*স.* কথা+ইকা=কথিকা}

কথিত [কোথিতো] *বিণ* বর্ণিত; বিবৃত; উক্ত; উল্লিখিত। {*স.* √কথ্+ত (ক্ত)}

কথিহুঁ (*ব্র.*) [কোথিহুঁ] *অব্য* কোথাও (কথিহুঁ না হেরিয়ে—*জ্ঞাদা*)। {*স.* কুত্রাপি}

কথুকী [কোথুকি] *বিবিণ* বেশি কথা বলে যে; প্রয়োজনের অতিরিক্ত কথা বলে যে। {*স.* কথা+ *বা.* উক+ঈ (*স্ত্রী.*)}

কথো (*মব্য.*) [কথো] *বিণ* কত (কথো জন লৈয়া—*বৃদা*)। {*স.* কতি}

কথোপকথন [কথোপোকথোন্] *বি* ১ বাক্যালাপ; কথাবার্তা। ২ আলোচনা। {*স.* কথা+উপকথন = কথোপকথন}

কথ্য [কোত্‌থো] *বিণ* ১ কথনীয়; কথনযোগ্য; কইবার মতো। ২ কথায় ব্যবহৃত; কথিত; colloquial। {*স.* √কথ্+য (যৎ)}

কদ[১] [কদ্] *বি* বিশেষ একপ্রকার বাঁশের বাঁশি (কদ বাঁশী লয়ে রাখাল বাজায় গাছের ছায়ায় শুয়ে—*বআমি*)। {< *আ.* কত্ত قط}

কদ[২] [কদ্] *বি* দেহ; শরীর (আকাশেতে লাগে শির এছা উচা কদ—*সৈহা*)। {*ফা.* কদ قد}

কদক্ষর [কদোকখর্] *বি* ১ কুৎসিত হস্তলিপি; কুশ্রী লেখা। ২ কুবাক্য; কুকথা। ❑ *বিণ* কুৎসিত হস্তলিপির অধিকারী; হস্তাক্ষর মন্দ এমন। {*স.* কু (কৎ)+অক্ষর = কদক্ষর; *নতৎ*}

কদন্ন [কদন্‌নো] *বি* কুখাদ্য; অখাদ্য; ভোজনের অনুপযুক্ত অন্ন (খেয়ো না এ কদন্ন হালালী অন্ন খাও—*নই*)। {*স.* কু (কৎ)+অন্ন=কদন্ন; *নতৎ*}

কদবেল ⇒ কতবেল

কদভ্যাস [কদোবভ্যাশ্] *বি* মন্দ অভ্যাস; বদ অভ্যাস; কু-অভ্যাস। {*স.* কু (কদ্)+অভ্যাস=কদভ্যাস; *নতৎ*}

কদম[১] [কদোম্] *বি* বৃক্ষবিশেষ ও উক্ত বৃক্ষের ফুল (কদম কেশর ঢেকেছে আজ বনতলের ধূলি—*রঠা*)। **কদমা** *বি* কদম ফুলের আকৃতিবিশিষ্ট মিঠাই; চিনির তৈরি একপ্রকার বাতাসা। **~ ছাঁট** *বি* যে ছাঁটে বা কেশ সংস্কারে

মাথার চুল কদম ফুলের কেশরের মতো খাড়া হয়ে থাকে; খুব ছোট করে ছাঁটা বিশেষ এক ধরনের কেশ সংস্কার। –তলা *বি* কদম্ব বৃক্ষতল। { *স.* কদম্ব >}

কদম[2] [কদোম্] *বি* ১ পা; চরণ (কদমের ধূলি চক্ষে করিয়া অঞ্জন—*মোখা*)। ২ পদক্ষেপ (জোর কদম চলরে চল—*নই*)। ৩ অশ্বের গতিভঙ্গি বিশেষ। ৪ পদচিহ্ন। **–বুসি, –বুছি** *বি* পদচুম্বন; পায়ে হাত দিয়ে সালাম করা (সে আবদুল্লাহর 'কদমবুসি' করিবার জন্য নত মস্তকে হাত বাড়াইয়াছিল—*কাহ্*; দৃশ্যে স্নিগ্ধতা দিলে মায়ের কদমবুছি প্রাণ-প্রিয়া—*মহী*)। { *আ.* কদম قدم }

কদমা, কদ্মা [কদ্‌মা] *বি* ১ এক প্রকার চালের নাম। ২ কদম ফুলের মতো দেখতে চিনির নাড়ু। { *স.* কদম্বক > কদম্মঅ >কদমা}

কদমি, কদমী [কদোমি] *বি* অনুচর; অনুবর্তী; ভৃত্য (নদী বলে যদি বট কদমী আমার—*ঘচ*)। { *আ.* কদম قدم }

কদম্ব [কদম্‌বো] *বি* ১ কদম ফুল বা ঐ ফুলের গাছ। ২ শ্রেণী; সমূহ; সমষ্টি। **কেলি–** *বি* কদম জাতীয় গাছবিশেষ। { *স.* √কদি+অম্ব}

কদর [কদোর্] *বি* ১ সম্মান; মূল্য; মর্যাদা (লেখকের কদর তখনই হবে, যখন তাঁর লেখা পড়ে পাঠক হবেন আপনা আপনি খুশী—*আমআ*)। ২ সমাদর; যত্ন; খাতির। ৩ শবেকদর বা পুণ্যময়ী রজনী; রমজান মাসের শেষ দশদিনের যে-কোনো দিনগত রাত্রে, বিশেষ করে ২৭শে রমজানের রাত্রে 'শবেকদর' ঘটে বলে মুসলমানদের ধারণা (রমজানশেষে দশ রাত্রি জাগ যবে। ভক্তিভাবে বসিলে কদর পাইবে তবে—*সৈআ*)। **~দান** *বিণ* গুণগ্রাহী; সমঝদার; পৃষ্ঠপোষক। **–দানি** *বি* সমাদর; সম্মাননা; পৃষ্ঠপোষকতা (হিন্দুদের কদরদানিতে এইবার তিনি কংগ্রেসেরও অন্যতম প্রধান নেতা—*আমআ*)। { *আ.* ক্বদর قدر }

কদর্থ [কদর্‌থো] *বি* কু-অর্থ; বিকৃত অর্থ; কুৎসিত ব্যাখ্যা। **~ন, ~না, কদার্থন** *বি* ১ বিকৃত অর্থ আবিষ্কার করণ; কুৎসিত অর্থ বাহির করণ। ২ যাতনাদান; পীড়ন; নিন্দা (গোর্খেরে ধরিয়া শিরে করে কদার্থন—*শেফ*)। **কদর্থিত, কদর্থীকৃত** *বিণ* ১ খারাপ অর্থ করা হয়েছে এরূপ; কুৎসিতরূপে ব্যাখ্যাকৃত। ২ বিড়ম্বিত; পীড়িত; নিন্দিত। { *স.* কু+অর্থ; *নতৎ* }

কদর্য [কদোর্‌জো] *বিণ* ১ অতি কুৎসিত; কদাকার; অত্যন্ত বিশ্রী (কদর্য চেহারা)। ২ ঘৃণ্য; নীচ; হেয়; ইতর (কদর্য ব্যবহার)। ৩ অরুচিকর; জঘন্য (খাদ্যদ্রব্য কদর্য—*রঠা*)। ৪ কৃপণ; লোভী। **কদর্যতা** *বি*। { *স.* কু+অর্য; *নতৎ* }

কদল, কদলক ⇒ কদলী

কদলী, কদলিকা, কদল, কদলক [কদোলি, কদোলিকা, কদল্, কদলক্] *বি* ১ কলাগাছ (আখের খেতের পারে কদলী সুপারী—*রঠা*)। ২ কলা (কাঁচা বা পাকা)। **~ প্রদর্শন করা** *ক্রি* কলা দেখানো অর্থাৎ ফাঁকি দেওয়া (তোকে কদলী প্রদর্শন করিয়া চলিলাম রে—*শচ*)। { *স.* ক+√দল্+ঈ, ক; *স.* কদি+অল(অলচ্)= কদল, + ঈ(ঙীষ্), কদল+ক(কন্)= কদলক+আ(টাপ্)= কদলিকা}

কদাকার [কদাকার্] *বিণ* ১ কুশ্রী; কুরূপ; দেখতে খারাপ; কুৎসিত আকৃতিবিশিষ্ট। ২ ঘৃণ্য; জঘন্য; ন্যক্কারজনক। { *স.* কু +আকার; *নতৎ* }

কদাচ, কদাচন, কদাচিৎ [কদাচো, কদাচন্, কদাচিত্] *অব্য* কদাচিৎ; ক্বচিৎ; rare (বরকন্যার এমন মিল ঘটে কদাচন—*মৈগী*)। ২ কদাপি; কখনো; কোনো সময়ে (যার সংসারে দেখবেন টানাটানি; কদাচ তেমন লোককে আমল দেবেন না—*শচ*)। { *স.* কিম্ (=ক)+দা (কালার্থে)=কদা; *স.* কদা+চন, চিৎ=, কদাচিৎ; 'কদাচন' বাংলা অর্ধতৎসম; *স.* 'কদাচন' >*বা.* 'কদাচ'}

কদাচার, কদাচরণ [কদাচার্, কদাচরোন্] *বি* কুৎসিত আচার; জঘন্য আচরণ; নোংরা ব্যবহার বা চালচলন। ❑ *বিণ* কুৎসিত আচরণবিশিষ্ট; চালচলন জঘন্য এমন। **কদাচারী** *বিণ* জীবনযাত্রা জঘন্য এরূপ আচরণ যার; জঘন্য আচরণবিশিষ্ট; ঘৃণ্য এমন (কদাচারী স্বামী বিনা দোষে তার স্ত্রীকে তাড়িয়ে দিলে—*শচ*)। { *স.* কু (কদ্)+ আচার=কদাচার; *কুতৎ* }

কদাচিৎ [কদাচিত্] *অব্য* ক্বচিৎ; কখনও; কখনো কখনো; সংখ্যায় কয়েকবার মাত্র। {⇒কদাচ}

কদাপি [কদাপি] *অব্য* কখনো; কক্ষনো; কখনোই; কোনোকালে; কদাচ। { *স.* কদা+অপি}

কদাহার [কদাহার্] *বি* কুখাদ্য গ্রহণ; অখাদ্য ভোজন। **কদাহারী** *বিণ* । { *স.* কু (কৎ)+আহার; *কুতৎ* }

কদিন, কদ্দিন [কদিন্, কদ্‌দিন্] *ক্রিবিণ* ১ কয়দিন ও কতোদিন-এর সংক্ষিপ্তরূপ। ২ কয়েকদিন; সংখ্যায় অল্পদিন (কদিন অপেক্ষা করো)। ৩ বেশি দিন নয়; অল্পদিন (বয়স হয়েছে আমার আর কদিন)। { কত+দিন> কত্+দিন>কদিন,কদ্দিন (সন্ধিতে)>}

কদিম, কদীম [কদিম্] *বিণ* প্রাচীন। ❑ *বি* প্রাচীনকাল; পুরাতনকাল; পুরাকাল। **কদিমী, কদীমী** *বিণ* প্রাচীন; পুরাতন; বনেদি; পুরাকালীন; পৈতৃক (কোহে আলকা বিচে মেরা কদিমি মোকাম—*সৈহা*)। { *আ.* ক্বদীম قديم }

কদু [কোদু] *বি* লাউ; অলাবু (ওরে ঐ কদুর ডগাটা মাচার উপর তুলে দে—*প্যামি*)। { *ফা.* কদূ, কদ্দূ كدو }

কদুক্তি [কদুক্‌তি] *বি* কটুবাক্য; গালিগালাজ; দুর্বাক্য; অশোভন উক্তি; অশালীন উক্তি। { *স.* কু (কদ্)+উক্তি; তৎ}

কদুত্তর [কদুত্‌তর্] *বি* অন্যায় উত্তর; মন্দ উত্তর; কটু উক্তি; রূঢ় ভাষায় উত্তর; দুর্বচন। { *স.* কু (=কদ্)+ উত্তর; তৎ}

কদুৎসাহী [কদুত্‌শাহি] *বিণ* মন্দ বা অন্যায় কাজে উৎসাহী (এক সময়ে কোনো এক কদুৎশাহী শাসনকর্তা চুনকাম করে সমস্তটা ঢেকে দিয়েছিলেন—*রঠা*)। { *স.* কু (কদ্)+উৎসাহী = কদুৎসাহী; তৎ}

কদুষ্ণ [কদুশ্‌নো] *বিণ* ঈষদুষ্ণ; কবোষ্ণ; কুসুম গরম। { *স.* কু (কৎ)+উষ্ণ=কদুষ্ণ; তৎ }

কদ্দিন ⇒ কদিন

কনকন[১], **কণ্‌কণ**[১] [কন্‌কন্] *বি* ক্ষীণ তীক্ষ্ণ আওয়াজ; অলঙ্কার; নিক্বণ (কেন বাজাও কাঁকন কনকন কত ছলভরে—*রঠা*)। **কনকনি** *বি*। { *ধ্বন্যা.* }

কনকন[২] [কন্‌কন্] *বি* তীক্ষ্ণ অনুভূতিসূচক শব্দ (দাঁত কনকন করা)। **কনকনানি** *বি*। **কনকনে** *বিণ* তীব্র; তীক্ষ্ণ অনুভূতি সৃষ্টি করে এরূপ (কনকনে শীত)। { *ধ্বন্যা.* }

কনক [কনোক্] *বি* ১ স্বর্ণ; সোনা। ২ গম (ক্ষেতের সোনালী কনক কাটিবার সময় হলে—*রাসা*)। ☐*বিণ* স্বর্ণবর্ণ; স্বর্ণের ন্যায় উজ্জ্বল; প্রভাময়; দ্যুতিমান (চুম্বন মধু কনকহাস্য বিতরিল তারা কত—*মোম*)। ~**ক্ষার** *বি* সোহাগা, যা দিয়ে সোনা গলানো হয়।~**চাঁপা** *বি* স্বর্ণচাঁপা; কনকবর্ণ পুষ্পবিশেষ। ~**চূড়** *বি* ১ এক প্রকার ধান। ২ স্বর্ণনির্মিত শিরোভূষণ। ৩ স্বর্ণ আভাযুক্ত চূড়া যার। ~**দণ্ড** *বি* সোনার দণ্ড; স্বর্ণময় যষ্টি (অমনি রমণী কনকদণ্ড আঘাত করিল ভূমে—*রঠা*)।~**ধুতুরা** *বি* হলুদ বর্ণের ধুতুরা ফুল ও গাছ। ~**প্রভ** *বিণ* স্বর্ণের ন্যায় প্রভাময়; স্বর্ণের ন্যায় দ্যুতিমান; স্বর্ণের উজ্জ্বল বর্ণের ন্যায় প্রভাবিশিষ্ট। ~**ময়** *বিণ* সুবর্ণময়; স্বর্ণমণ্ডিত; স্বর্ণনির্মিত। ~**মুকুট** *বি* ১ সোনার মুকুট। ২ স্বর্ণময় বা কনকবর্ণ মুকুট যার। ~**রঞ্জিত** *বিণ* সোনার গিল্টি করা; সোনার জলে পালিশ করা।~**রস** *বি* সুবর্ণদ্রব; হরিতাল। ~**রেণু** *বি* চূর্ণাকার স্বর্ণ। ~**লতা** *বি* স্বর্ণলতা; সোনালি লতাবিশেষ; আলোকলতা। ~**সূত্র** *বি* স্বর্ণতন্তু; সোনার তার; স্বর্ণসূত্র। **কনকাচল** *বি* ১ সুমেরু পর্বত। ২ স্বর্ণময় পর্বত। **কনকাঞ্চল** *বি* স্বর্ণবর্ণের অঞ্চল; স্বর্ণাভাযুক্ত শাড়ির আঁচল; সোনার মতো ঝলমলে শাড়ির আঁচল। **কনকাঞ্জলি** *বি* সুবর্ণ নিবেদন; স্বর্ণ অর্ঘ্য; হিন্দুমতে শুভ কর্মে আনুষ্ঠানিক দানবিশেষ। { *স.* √কন্+অক(বুন্) }

কনকলতা [কনোক্‌লতা] *বি* স্বর্ণলতা; আলোকলতা। { *স.* কনক+লতা }

কনকাম্ভোজ [কনোকাম্‌ভোজ্] *বি* ১ স্বর্ণ শতদল; স্বর্ণপদ্ম। ২ (*আল.*) গৌরবময় পূর্ণ বিকাশ; গৌরবমণ্ডিত মহৎ প্রকাশ। { *স.* কনক+অম্ভোজ }

কনফারেন্স [কন্‌ফারেন্‌স্] *বি* সভা; সম্মেলন; আলোচনা-সভা (তার প্রমাণ আমাদের কনফারেন্স-কন্‌গ্রেসে নিত্যই পাওয়া যায়—*প্রচৌ*)। { *ই* conference }

কনভোকেশন [কন্‌ভোকেশন্] *বি* সমাবর্তন অনুষ্ঠান; বিশ্ববিদ্যালয়ের উপাধি বিতরণ সভা। { *ই* convo-cation }

কনফিডেনসিয়াল [কন্‌ফিডেন্‌শিয়াল্] *বিণ* গোপনীয়। { *ই* confidential }

কনয়া (*ব্র.*) [কনয়া] *বি* সোনা (কনয়া শম্ভুপরি চারত—*বিপ*)। { *স.* কনক }

কনিষ্ঠ [কোনিশ্‌ঠো] *বিণ* ১ সকলের ছোট (কনিষ্ঠ পুত্র)। ২ বয়সে ছোট (বয়ঃকনিষ্ঠ)। ৩ অনুজ (কনিষ্ঠ ভ্রাতা)। **কনিষ্ঠা** *বিণ স্ত্রী.* ১ সকলের ছোট। ২ বয়সে ছোট। ৩ অনুজা। ☐*বি* কড়ে আঙুল। { *স.* যুবন্+ইষ্ঠ(ইষ্ঠন্) }

কনসার্ট, কনসাট [কন্‌সারট্, কন্‌সাট্] *বি* ঐকতান; বিভিন্ন কণ্ঠ বা যন্ত্র থেকে উত্থিত বিভিন্ন সুরের যোগে সৃষ্ট একতান (কনসার্ট আরম্ভ হইল- *বিব*)। { *ই* concert }

কনসাল্ট [কন্‌সাল্‌ট্] *বি* ১ দেখা (অভিধান কনসাল্ট করিয়া লিখিতে হয়—*কাদী*)। ২ আলোচনা (কনসাল্ট করা)। { *ই* consult }

কনস্টবল, কনস্টেবল [কন্‌সটবল্, -টেবল্] *বি* পাহারাদার; পুলিশ প্রহরী; সরকারের শান্তিরক্ষী; থানার সিপাহি। { *ই* constable }

কনীনিকা [কোনিনিকা] *বি* ১ চোখের তারা; চক্ষুর মণি; pupil (যেন অন্ধ আঁখির আভাস, নেত্র আছে, নাই কনীনিকা—*মোম*)। ২ কনিষ্ঠাঙ্গুলি; কড়ে আঙুল। ৩ ছোট বোন; কনিষ্ঠা ভগিনী। { *স.* √কন্+ঈয়স্+কন্+আ }

কনীয়সী [কোনিয়োশি] *বিণ স্ত্রী.* কনিষ্ঠা। ☐*বি* অল্পবয়স্কা স্ত্রীলোক (লোকের গতিবিধি অধিক না থাকায় কনীয়সী কথোপকথন আরম্ভ করিলেন--*বচ*)। { *স.* কন্+ঈয়স্+ঈ }

কনীয়ান [কোনিয়ান্] *বিণ* দুইয়ের মধ্যে ছোট বা অল্পবয়স্ক; অতিক্ষুদ্র। { *স.* কন্ (অল্প)+ঈয়স্ }

কনুই [কোনুই] *বি* বাহু ও হস্তের মিলনস্থল। { *স.* কফোণি>কহোণি>কনুই }

কনে [কোনে] *বি* ১ বিবাহের পাত্রী; বিবাহ অনুষ্ঠানের বধূ। ২ বিবাহযোগ্য কন্যা; বিবাহের কথাবার্তা চলতে পারে এমন কুমারী। ৩ নববধূ; নব বিবাহিতা কন্যা। ~ **বউ** *বি* ১ নব বিবাহিতা বধূ। ২ বালিকাবধূ; কচি বউ। ৩ লজ্জাশীলা বধূ। ৪ নববধূর ন্যায় লজ্জাশীলা বা ব্রীড়াময়ী। { *স.* কন্যা>কইন্যা>কনে }

কনেঠ (*ব্র.*) [কনেঠ] *বিণ* কনিষ্ঠ (লখইন পারয়ে জেঠ কনেঠ—*বিপ*)। { *স.* কনিষ্ঠ }

কন্টিনেন্ট [কন্‌টিনেন্‌ট্] *বি* ১ মহাদেশ। ২ ব্রিটিশ দ্বীপপুঞ্জ ব্যতীত সমগ্র ইউরোপ (সমস্ত কন্টিনেন্টে ছিল মাত্র দু'টি ভারতীয় প্রতিষ্ঠান—*সৈমু*)। { *ই* continent }

কন্ট্রাক্ট [কন্‌ট্রাক্‌ট্] *বি* চুক্তি; বন্দোবস্ত। **কন্ট্রাক্টর** *বি* ঠিকাদার; যিনি চুক্তিপত্রে প্রাপ্য স্থির করে নির্দিষ্ট কর্ম সমাপনের ভার গ্রহণ করেন। **কন্ট্রাক্টরি** *বি* ঠিকাদারি। { *ই* contractor }

কন্ট্রাকদারি [কন্‌টাক্‌দারি] *বি* কন্ট্রাক্টের কাজ; ঠিকাদারি; কন্ট্রাক্টরি (কারবার কন্টাকদারি---*আমআ*)। { *ই* contract+*ফা.* দার دار +*বা.* ই }

কন্ট্রোল [কন্‌ট্রোল্] *বি* নিয়ন্ত্রিত মূল্যে মাথাপিছু নির্দিষ্ট পরিমাণ বরাদ্দ চাল ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য সরবরাহের সরকারি ব্যবস্থা (আর অষ্টপ্রহর এই কন্ট্রোল আর লঙ্গরখানার ভিড়—*অচিসে*)। ☐*ক্রি* নিয়ন্ত্রণ করা। { *ই* control }

কন্থা [কনথা] *বি* কাঁথা; জীর্ণ বস্ত্রনির্মিত শীত নিবারক আবরণ (জীর্ণ কন্থা দিয়ে ঢাকি কম্পমান প্রাণ-পক্ষীটারে—*মোম*)। { *স.* √কম্+থ(থন্)+আ}

কন্দ[১] [কনদো] *বি* উদ্ভিদমূল জাতীয় আনাজ; আলু কচু ওল ইত্যাদি। { *স.* √কন্দ্+অ(ঘঞ্)}

কন্দ[২] [কনদ] *বি* চিনির তাল-মিছরি; খণ্ড গুড়বিশেষ। { *আ.* কন্দ قند }

কন্দ[৩] [কনদো] *বি* স্কন্ধ; কাঁধ। ~**কাটা** *বিণ* কবন্ধ; মস্তকবিহীন (কন্দকাটা দক্ষের দুর্গতি দেখে ভূতেরা সব হাসতে লাগল —*অঠা*)। ☐ *বি* গলাকাটা ভূতপ্রেত ইত্যাদি ভয়ানক মূর্তি। { *স.* স্কন্ধ>কন্ধ>কন্দ}

কন্দক [কনদক] *বি* ফাঁদ (ভুরু যুগ কন্দক মৃণাল শোভন—*সাখা*)। { *ফা.* কমন্দ كمند }

কন্দর [কনদর] *বি* ১ গুহা; পর্বত–গহ্বর (চেতনার গহন কন্দরে উদ্যমের নতুন বীজ রোপিত হয়—*আরু*)। ২ অঙ্কুশ; হস্তী শাসনের দণ্ড। ৩ আদা গাজর ওল প্রভৃতি ফলাকার উদ্ভিদ মূল। { *স.* কম্+ √দৃ+অ(অপ্)}

কন্দর্প [কনদরপো] *বি* হিন্দু শাস্ত্রমতে মদন; কামদেব। ☐ *বিণ* কন্দর্প বা মদনের মতো রূপবান; কামদেব তুল্য সুপুরুষ। ~**কান্তি** *বিণ* কন্দর্পের ন্যায় চেহারাবিশিষ্ট; কন্দর্পের ন্যায় সুদেহী। { *স.* কম্+দর্প}

কন্দল [কনদল] *বি* ১ বচসা; কলহ। ২ অঙ্কুর; পত্রোদ্গম। ৩ কলাগাছ। ৪ লড়াই; হাতাহাতি; মারামারি। **কন্দলিত** *বিণ* অঙ্কুরিত; উদ্গত। **কন্দলিয়া** *বিণ* কুঁদুলে; ঝগড়াটে; কলহপটু। { *স.* √কন্দি+অল(অলচ্)}

কন্দলী[১] [কনদোলি] *বি* কলহপটু নারী; কলহপ্রিয়া স্ত্রীলোক। { *স.* কন্দল+ঈ}

কন্দলী[২] [কনদোলি] *বি* ১ পুষ্পবিশেষ (সুবর্ণ কন্দলী ফুলকুল–বধূ সতী সদা লজ্জাবতী—*মদ*)। ২ পতাকা। ৩ কলার মোচা। ৪ মৃগীবিশেষ। ৫ ব্যাঙের ছাতা। { *স.* √কন্দ্+অল(অলচ্)+ঈ(ঙীপ্)}

কন্দাল [কনদাল] *বি* মিষ্ট আলু; খাম আলু; চুমড়ি আলু। { *আ.* কন্দ قند + *ফা.* আলু آلو }

কন্দিল [কোনদিল] *বি* দোদুল্যমান আলোকাধার; ঝাড়লণ্ঠন (বহুল কন্দিল অলেখা —*সৈআ*)। { *আ.* কিন্দীল قنديل }

কন্দু [কোনদু] *বি* কড়াই; তাওয়া; তন্দুর; কড়া আঁচে সেঁকা বা ভাজার কাজে ব্যবহার্য পাত্র। { *স.* √স্কন্দ্+উ; কম্+ √দা+উ}

কন্দুক, কন্দক [কোনদুক, কনদক] *বি* বল; গেণ্ডুয়া; গেডুয়া; ভাঁটা; খেলার গোলক (শশী সূর্য তোমার কন্দুক?—*মোম*)। ~**ভূমি** *বি* বল খেলার মাঠ (মাঝে মাঝে সবুজ কন্দুক ভূমি—*রাসা*)। { *স.* √স্কন্দ্+উ+ক; কম্+ √দা+উ+ক(কন্)}

কন্ধ [কনধো] *বি* স্কন্ধ; কাঁধ। ~**কাটা** *বিণ* স্কন্ধ থেকে কাটা; মস্তকবিহীন। ☐ *বি* ১ মস্তকবিহীন ধড়; কবন্ধ। ২ হিন্দুমতে মুণ্ডবিহীন ভূতবিশেষ (যেন তেল চিক চিক্ কন্ধকাটা দেও —*অঠা*)। ⇒ কন্দ। { *স.* স্কন্ধ>কন্ধ}

কন্ধর [কনধর] *বি* স্কন্ধদেশ; কাঁধ; গ্রীবা। { *স.* কম্+ধর}

কন্না, কর্না, করনা [কননা, করনা, –] *বি* করণীয়; ক্রিয়া; কর্তব্য। **ঘরকন্না** *বি* ঘরের কাজ; গৃহকর্ম; গৃহস্থালী। { *বা.* √কর্+অনা–করনা>কর্না, কন্না}

কন্নাল [কননাল] *বি* বাদ্যযন্ত্র বিশেষ (শানাই বিগুল বাজে বিউর কন্নাল। অনেক মধুর বাদ্য বাজএ বিশাল—*দৌবা*)। { *ফা.* করনায় كرناى }

কন্নিক, কর্ণিক [কোননিক, কোরনিক] *বি* দালানে পলস্তারা করার ও তার সমান করার লৌহনির্মিত কাঠের হাতলবিশিষ্ট যন্ত্রবিশেষ (সে যখন 'ফুট-গজ', 'কন্নিক' আর 'সুত' নিয়ে ছিক্রেট টানতে টানতে কাজে যায়—*নই*); trowel। { *স.* কর্ণিক>কন্নিক}

কন্যকা [কোননোকা] *বি* কন্যা; দশমবর্ষীয়া কন্যা; অল্পবয়স্কা মেয়ে। { *স.* কন্যা+ক(কন্)+আ(টাপ্)}

কন্যা [কোননা] *বি* ১ দুহিতা; আত্মজা; তনয়া; সুতা; নন্দিনী; মেয়ে। ২ কুমারী মেয়ে; অবিবাহিত নারী; বিবাহযোগ্য নারী। ৩ পাত্রী; ভাবী বধূ; বিবাহ অনুষ্ঠানের নায়িকা (কন্যাপক্ষ)। ৪ রাশি বিশেষের নাম। ~**কর্তা** *বি* ভাবী বধূর অভিভাবক (কন্যাকর্তা কন্যা সম্প্রদান করিলেন —*বচ*)। ~**কাল** *বি* নারীর অবিবাহিতা অবস্থা; বিবাহ পূর্বের কুমারী অবস্থা। ~**দান** *বি* ১ দুহিতা বা রক্ষণাধীন বিবাহ দান। ২ বিবাহ আসরে আনুষ্ঠানিক সম্প্রদান; বরের হস্তে কন্যা সমর্পণ অনুষ্ঠান। ~**দায়** *বি* কন্যার পাত্রস্থ করার দায়িত্ব; কন্যার বিবাহদানের কর্তব্য ভার। ~**দায়গ্রস্ত**, ~**দায়িক** *বিণ* কন্যা পাত্রস্থ করণের দায়িত্বে পীড়িত; বিবাহযোগ্যা কন্যার জন্য চিন্তাগ্রস্ত। ☐ *বি* বিবাহযোগ্যা কন্যার জন্য চিন্তাগ্রস্ত পিতা কিংবা অভিভাবক (ডেপুটির এম. এ. পাশ করা ছেলে কন্যাদায়িকের পক্ষে খুব প্রাংশুলভ্য ফল—*রঠা*)। ~**পক্ষ** *বি* কনে পক্ষ; পাত্রী পক্ষ; বধূর আত্মীয় স্বজনাদি। ~**যাত্র**, ~**যাত্রী** *বি* কন্যা পক্ষীয় নিমন্ত্রিত অতিথি; কন্যাপক্ষীয় অভ্যাগত। ~**রত্ন** *বি* ১ রত্নসম প্রিয় কন্যা; আদরিণী কন্যা। ২ শ্রেষ্ঠ নারী; গুণময়ী নারীশ্রেষ্ঠা। { *স.* √কন্+য(যৎ)+আ(টাপ্)}

কন্সার্ট, কন্সাট ⇒ কনসার্ট

কপ [কপ্] *অব্য* চক্ষের নিমেষে মুখে পোরার কল্পিত শব্দ; একবারে মুখে পুরে ফেলার শব্দ। **কপকপ** *অব্য* একাধিকবার বা বারংবার দ্রুত মুখে পোরার শব্দ (কপকপ করে খাওয়া)। **কপাকপ** *অব্য* দ্রুত মুখে পুরে খাওয়ার শব্দ (কপাকপ গিলে ফেলা)। { *ধ্বন্যা.*}

কপচানো [কপ্চানো] *ক্রি* ১ অর্থ না বুঝে আওড়ানো বা শেখা কথা বলে যাওয়া; মুখস্থ বা বাঁধা বুলি বলে যাওয়া। ২ বলে যাওয়া; বকবক করা; অনর্থক আওড়ানো (আবহাওয়া থেকে আরম্ভ করে আপনাকে রিলেটিভিটি পর্যন্ত কপচাতে হবে—*সৈমু*)। ৩ মুখস্থ করা; মুখস্থ করার জন্য আওড়াতে থাকা। **কপচানি** *বি*। { *স.* √কৃষ্ব> √কপপ> √কপ্চা+আনো, আনি}

কপট [কপোট] *বিণ* ১ প্রতারক; শঠ; প্রবঞ্চক; মিথ্যাচারী;

ভণ্ড (কপট সাধু)। ২ ছদ্ম; পরিচয় গোপনকারী; কৃত্রিম (কপট বেশ)। ❑ *বি* ছল; প্রতারণা; চাতুরী; শাঠ্য (শবরূপা হইলা কপটে—*ভারা*)। **-তা, কাপট্য** *বি* ছল; প্রবঞ্চনা; শঠতা। **~প্রণয়** *বি* ভালবাসার অভিনয়; কৃত্রিম প্রণয়। **~প্রবন্ধ** *বি* ছলনা; কৌশল; শাঠ্যজাল। **কপটাচরণ, কপটাচার** *বি* চাতুরীপূর্ণ ব্যবহার; ছলনা; প্রতারণা। **কপটাচারী, কাপটিক** *বিণ* ধূর্ত; মিথ্যাচারী; চতুর; শঠ; ঠক; ছদ্মবেশী। {*স.* √কপ্+আট(অটন্)}

কপনি, কপ্নি [কোপ্‌নি] *বি* কৌপীন; নেংটি। {*স.* কৌপীন এবং *আ.* কফনী كفنى : উভয় শব্দ প্রায় সমার্থক; এদের অর্থ—সন্ন্যাসী বা ফকিরের পরিচ্ছদ। *তুল.* মারাঠি-কফনী; *হি.* কফনী; কিন্তু *মৈ.* কপ্‌পা; *স.* কূপ + ঈন>কৌপীন>কোপনি>কপ্‌নি}

কপর্দ [কপোরদো] *বি* শিবের জটা; কড়ি। {*স.* ক।√পৃ+দ}

কপর্দক [কপোরদক্] *বি* ১ ঐ নামে প্রাচীন মুদ্রার ন্যূনতম ভাগ; কড়ি; সামুদ্রিক প্রাণী বিশেষের খোল। ২ অর্থরূপে ব্যবহৃত কড়ি; দ্রব্য ক্রয়কালে যা মূল্য হিসাবে প্রদান করা হয়। ৩ কড়া; সামান্য পরিমাণ ধন (তোমায় এক কপর্দকও দিব না—*ঈবি*)। ৪ অর্থের সর্বাপেক্ষা তুচ্ছ পরিমাণ; কড়া পরিমাণ ধন (আমার এক কপর্দকও নাই—*রাব*)। {*স.* কপর্দ+ক(কন্)}

কপর্দী [কপোরদি] *বি* হিন্দুদের দেবতা শিব; মহাদেব (দেখিলা সম্মুখে দেবী কপর্দী তাপসী—*মদ*)। {*স.* কপর্দ+ইন্}

কপাকপ ⟹ কপ

কপাট, কবাট [কপাট্, -বা-] *বি* ১ দরজার পাল্লা; দরজার দুই পাট (ফাতেমাএ দ্বারেতে গেলা, কপাট মেলিয়া দিলা—*সৈসু*; কুবের-পুরীর সোনার কবাট হাসির হাওয়ায় যাই খুলে—*সদ*)। ২ আবরণ (মনের কপাট)। {*স.* ক+√পাটি+অ(অণ্)=কপাট>কবাট (প>ব)}

কপাটক [কপাটক্] *বি* হৃৎপিণ্ড মধ্যবর্তী রক্ত চলাচল নিয়ন্ত্রক-দুয়ার; valve। {*স.* ক + √পট্ + ণিচ্+ অ(অণ্)-ক}

কপাটি, কবাড়ি, কবাটি [কপাটি, -বাড়ি, -বাটি] *বি* ১ হা-ডু-ডু খেলা। ২ বন্ধ কপাটির ন্যায় আবদ্ধ অবস্থা (দাঁত কপাটি)। {*স.* কপাট>; *তুল. হি.* কবড্‌ডী}

কপাৎ [কপাত্] *অব্য* কপ করে মুখে পোরার সঙ্গে সঙ্গে গিলে ফেলার শব্দ। {*ধ্বন্যা.*}

কপাল [কপাল্] *বি* ১ ললাটদেশ। ২ করোটি; মাথার খুলি (নর-কপাল)। ৩ ভাগ্য; অদৃষ্ট; বিধিলিপি; ললাটলিখন (কপাল যদি আমার ফিরে যায়—*রঠা*)। ৪ দুরদৃষ্ট; দুর্ভাগ্য (হা-অদৃষ্ট, হায়রে আমার কপাল—*যসে*)। ৫ কলসের খাপরা; খোলা; কর্পর। ৬ ভিক্ষাপাত্র; টুকনি। **~ক্রমে** *ক্রিবি* ভাগ্যক্রমে; ভাগ্যবশত; অদৃষ্টের আনুকূল্যবশত; সৌভাগ্যগুণে। **~গুণে** *ক্রিবিণ* ১ সৌভাগ্যবশত; ভাগ্যের জোরে। ২ দুর্ভাগ্যবশত; ভাগ্যের দোষে। **~ চাপড়ানো** *ক্রি* ১ শোকবশত শিরে করাঘাত করা; ভাগ্যকে দোষারোপ করে দুঃখ প্রকাশ করা। ২ হায় হায় করা; আফসোস করা। **-জোর** *বি* অদৃষ্ট বল; প্রবল সৌভাগ্য (কপাল জোরে এ যাত্রা রক্ষে পেলে)। **~ ঠোকা** *ক্রি* ১ হিন্দু প্রথায় প্রণাম করা। ২ মাথা খোঁড়া। ৩ কপাল ঠুকে কাজ আরম্ভ করা; ভাগ্য সম্বন্ধে বৃথা চিন্তা না করে মরিয়া হয়ে কাজে নামা। **-পোড়া** *বিণ* হতভাগ্য; দুর্ভাগ্য। ❑ *ক্রি* সৌভাগ্য নষ্ট হওয়া; দুর্ভাগ্যজনক ঘটনা ঘটা। **~ ফেরা** *ক্রি* ভাগ্যের পরিবর্তন হওয়া; সৌভাগ্যের উদয় হওয়া; অবস্থার উন্নতি হওয়া। **~ ভাঙা** *ক্রি* সৌভাগ্য নষ্ট হওয়া; অবস্থার অবনতি হওয়া; দুর্গতি হওয়া। ❑ *বিণ* মন্দ অদৃষ্ট; ভাগ্যহত। **~মালা** *বি* মুণ্ডমালা; নরমুণ্ডের মালা। **কপালের খোঁচা, কপালের গেরো, কপালের ফের** *বি* দুরদৃষ্ট; মন্দভাগ্য; ভাগ্যদোষ। **কপালের লেখা** *বি* বিধিলিপি; ভাগ্যলিপি; ভবিতব্য; অদৃষ্টের লিখন। **উঁচু ~** *বিণ* সৌভাগ্যবান; উন্নত ভাগ্য। **ছাই ~, ছাই কপালে** *বিণ* মন্দ অদৃষ্ট; মন্দভাগ্য; ছাই-চাপা কপাল; পাথর-চাপা কপাল। ❑ *বি* যার ভাগ্য বরাবর অপ্রসন্ন; যার ভাগ্যে কখনও সুদিন উদয় হয় না; অদৃষ্ট যার প্রতি চিরদিন বিমুখ। **পোড়া ~** *বি* ১ মন্দ ভাগ্য; দুর্ভাগ্য। ২ আক্ষেপসূচক উক্তি (ও আমার পোড়া কপাল!)। **ফাটা ~, ভাঙা ~** *বি* নষ্ট ভাগ্য; খণ্ডিত অদৃষ্ট। **ফাটা বা ভাঙা ~ জোড়া লাগা** *ক্রি* সৌভাগ্যের পুনরাবির্ভাব হওয়া; নষ্ট ভাগ্য সৌভাগ্যরূপে পরিবর্তিত হওয়া; ভাগ্যচক্রের আবর্তনে সুদিনের পুনরাগমন হওয়া। {*স.* ক+ √পা+ণিচ্+অ(অণ্); *প্রা.* কপ্পাল}

কপালি [কপালি] *বি* ১ চৌকাঠের মাথার কাঠ; দ্বারের শীর্ষভাগের কাষ্ঠময় অংশ বিশেষ (গেটের কপালিতে নীলরঙা বিলাতী মাটিতে চাঁদ-তারা-আঁকা—*আমআ*)। ২ খেজুর গাছের শীর্ষে যে অংশ থেকে রস সংগৃহীত হয়। {*স.* কপাল+*বা.* ই}

কপালী[1] [কপালি] *বি* শিব; মহাদেব। **কপালিনী** *স্ত্রী.* কালীদেবী; বাংলায় এর অর্থ—ভাগ্যবতী। {*স.* কপাল+ ইন্}

কপালী[2] [কপালি] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। {*স.* কপাল+ইন্}

কপালী[3] [কপালি] *বিণ* ভাগ্যবান; শুভ অদৃষ্টসম্পন্ন। **কপালিনী** *স্ত্রী.*। **আঁট-, উঁচু-, খণ্ডকপালিনী** *বিণ স্ত্রী.* মন্দভাগ্য নারী; দুরদৃষ্টসম্পন্ন হতভাগিনী নারী। {*স.* কপাল+ইন্}

কপালে, কপালিয়া [কপালে, কপালিয়া] *বি* ভাগ্যবান; ভাগ্যবন্ত; সৌভাগ্যসম্পন্ন (কপালে পুরুষ)। **আঁটকপালে** *বিণ* মন্দভাগ্য; ভাগ্যে নানা প্রকার দুঃখ আছে এরূপ। {*স.* কপাল + *বা.* ইয়া = কপালিয়া>কপাল্যা>কপালে}

কপি[1] [কোপি] *বি* বানর; মর্কট। **-ধ্বজ** *বি* যার ধ্বজায় কপি চিহ্নিত আছে; অর্জুন। {*স.* √কম্প্+ই; *গ্রি.* kebos}

কপি[2], **কোপি** [কোপি] *বি* সবজিবিশেষ; ফুলকপি; বাঁধাকপি; ওলকপি প্রভৃতি। {*পো.* couve}

কপি[3], **কোপি** [কোপি] *বি* ১ প্রতিলিপি; হুবহু অনুলিপি;

নকল। ২ মুদ্রণের জন্য প্রস্তুত রচনা সামগ্রী। **–বুক** *বি* হস্তলিপি শিক্ষার আদর্শ বই; খাতা। {*ই* copy}

কপিকল [কপিকল্] *বি* ১ ভারী ওজনের বস্তু উত্তোলনের যন্ত্রবিশেষ। ২ যন্ত্রচক্র; pulley। {*হি* কপি+কল(<*স.* কলা)}

কপিঞ্জল [কোপিন্‌জল্] *বি* পক্ষীবিশেষ; তিতির পাখি; চাতক পাখি। {*স.* ক+√পিন্‌জ্+অল(অলচ্)}

কপিত্থ [কোপিত্‌থো] *বি* ১ কৎবেল; অম্লস্বাদ যুক্ত একপ্রকার ফল। ২ কৎবেল গাছ। {*স.* কপি+√স্থা+অ}

কপিনাশ, কপিলাস [কোপিনাশ, –লা–] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; কপির নাসার আকৃতিবিশিষ্ট বাদ্যযন্ত্র (বীণা বাঁশী তম্বুরা রবাব কপিনাশ। বাজাইয়া সপ্তস্বরা স্বরের প্রকাশ—*ভারা*; তখন কপিগণ দল বেঁধে চল্লেন সমুদ্র তীরে কপিনাস বাদ্য বাজিয়ে—*অঠা*)। {*স.* কপিনাস=কপিনাসাকৃতি (?) বাদ্যযন্ত্র, কপিলাস শব্দে ন=ল বহু}

কপিল, কবিল [কোপিল্, –বি–] *বি* ১ পিঙ্গলবর্ণ (প্রতিবেশীর কপিলবর্ণের বাছুরটা—*রঠা*)। ২ মুনিবিশেষ; সাংখ্যদর্শনপ্রণেতা মুনি। ☐ *বিণ* পিঙ্গল বর্ণযুক্ত। **কপিলা, কবিলা** *বি (স্ত্রী.)* ১ পিঙ্গল বর্ণের গাভী (গোষ্ঠে যাহার দুধের বন্যা কামধেনু কপিলার—*শাহো*)। ২ বকনা গরু; বাছুর; কইলা। ৩ কামধেনু। {*স.* √কপি+ ল(লচ্)}

কপিশ [কোপিশ্] *বি* রং বিশেষ; পাঁশুটে রং; মেটে রং। ☐ *বিণ* মেটে রংযুক্ত; পাঁশুটে, পাংশু (যুগ–নিষাদের কপিশ নয়ান হানবে সেখানে দৃষ্টি-বাণ—*আহা*)। {*স.* কপি+শ}

কপোত [কপোত্] *বি* কবুতর; পায়রা। **কপোতী, কপোতিনী** *স্ত্রী.* (কপোত কপোতী যথা উচ্চ বৃক্ষচুড়ে—*মদ*; আর কাঁদবে এ বুক সঙ্গীহারা কপোতিনী সম—*নই*)। **–পালিকা** *বি* পায়রার খোপ। **–বৃত্তি** *বি* সংগ্রহ ফুরাবার মতো আয় যে বৃত্তিতে; দিন আনে দিন খাওয়ার জীবিকা। ☐ *বিণ* কপোতের ন্যায় সামান্য আয়জীবী; কপোতের ন্যায় সঞ্চয়হীন তুচ্ছ জীবিকাধারী। **––মিথুন** *বি* কপোত দম্পতি; কপোত-কপোতী; একজোড়া পায়রা (একটি পাষাণখণ্ডের উপর কপোত-মিথুন কোথা হইতে উড়িয়া আসিয়া উপবেশন করিল—*ইহো*)। **কপোতারি** *বি* সাঁচান; বাজপাখি; শ্যেনপক্ষী; কপোত বা পক্ষী জাতির শত্রু; শিকারি পাখি। **কপোতেশ্বর** *বি* মহাদেব। {*স.* ক+পোত; *স.* √কব+ত(ক্ত); *বহু*}

কপোতাক্ষ [কপোতাক্‌খো] *বি* যশোর জেলার নদ বিশেষ—এই নদের তীরবর্তী সাগরদাঁড়ি গ্রাম মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জন্মভূমি। {*কোল.* কব+দাক; সংস্কৃতায়িত রূপ—কপোতাক্ষ অথবা, *স.* কপোত+অক্ষি (<√অক্ষ্); *বহু*}

কপোল [কপোল্] *বি* গণ্ড; গাল (আর তারই একরত্তি স্মৃতি তার পাণ্ডুর কপোলে পূত ম্লানিমার ঈষৎ আঁচড় কেটে রেখেছে—*নই*)। **––কল্পনা** *বি* উদ্ভট অবাস্তব কল্পনা; কাল্পনিক রচনা বা কাহিনী; বানানো গল্প; গালগল্প। **–কল্পিত** *বিণ* মনগড়া; অবাস্তব; ভিত্তিহীন। {*স.* √কনপ্ +ওল(ওলচ্)>(ন্ লোপে)কপোল}

কপ্নি ⇒ কপনি

কফ[১] [কফ্] *বি* শ্লেষ্মা; গয়ের; আয়ুর্বেদ চিকিৎসাশাস্ত্র মতে শরীরের বায়ু পিত্ত কফ এই তিন ধাতুর অন্যতম। **– ওঠা** *ক্রি* বুকে জমে থাকা কফ বের হওয়া। **–ঘ্ন** *বি* শ্লেষ্মানাশক। **~ তোলা** *ক্রি* কেশে কফ বের করা; গলা খাঁকার দিয়ে গয়ের বের করা। **~ বর্ধক** *বিণ* যাতে শ্লেষ্মা বৃদ্ধি ঘটে এমন। **~ বসা** *ক্রি* বুকে কফ জমে যাওয়া। **~ সরা** *ক্রি* বুকের জমা কফ নিঃসৃত হওয়া। {*স.* ক+√ফণ্+অ(ড)}

কফ[২]**, কাফ** [কফ্, কাফ্] *বি* ১ জামার হাতার প্রান্তভাগ; আস্তিনের মুখের পটি দেওয়া অংশ (তার নিদর্শন স্বরূপ আমরা কামিজের প্লেট ও কাফ এবং বুটজুতা ধারণ করি—*প্রচৌ*)। ২ হাতের তালু; পাঞ্জা; কব্জি পর্যন্ত হাত। {*আ.* কফ্ كف ; *ই* cuff}

কফণি, কফোনি, কফোণী [কফোনি] *বি* কনুই; elbow। {*স.* ক+ √ফণ্+ই(ইন্)}

কফি, কাফি [কফি, কাফি] *বি* ১ একজাতীয় গাছ ও বীজ। ২ কফি বীজের চূর্ণ। ৩ কফিবীজের চূর্ণ দ্বারা প্রস্তুত পানীয়বিশেষ। {*ই* coffee}

কফিন [কোফিন্] *বি* শবাধার (কোনখানি কফিনের মত নিঃশব্দ—কোনখানিতে কান্নার শব্দ–কোথাও নেসার গোঁ গোঁ ধ্বনি—*কাসি*)। **– চোর** *বি* শবাচ্ছাদন বস্ত্র হরণকারী (কফিনচোর মরা লোকের কাপড় চুরি কত্তো মাত্র—*কাসি*)। {*আ.* কফন كفن ; *ই* coffin}

কফোণি, কফোণী ⇒ কফণি

কবচ[১] [কবোচ্] *বি* ১ আবরণ; বর্ম; আরক্ষক (আমার ত তেমনি একটি বিধিদত্ত সহজ কবচ ছিল—*রঠা*)। ২ মাদুলি; তাবিজ (বাবা রোয়াকে বসিয়া কবচ লিখিতেছে—*বিব*)। **–পত্র** *বি* ১ যে পত্রে বা কাগজে মাদুলি ইত্যাদির মন্ত্র লেখা হয়। ২ অধিকারপত্র; খত। {*স.* √কু+অচ}

কবচ[২] [কবোচ্] *বি* খাজনার রশিদ; দাখিলা। {*আ.* কবদ্ كبض }

কবজ[১]**, কব্জ** [কবোজ্, কব্‌জো] *বি* গ্রহণ; অধিকার; কবলিত করণ (বেছে বেছে ঐ 'সঙ্গদিল'-দের কবজ করেনি জান—*নই*)। ☐ *বিণ* অধিকৃত; হস্তগত; আয়ত্ত (কত কেল্লা কবজ করিল কত ঠাই—*সৈহ*; রামচন্দ্র বাকলাওয়ালা ভুঁইয়া তাহার রাজ্য কবজ করিল—*দৌবা*)। {*আ.* কবদ্ قبض }

কবজ[২] [কবোজ্] *বি* ১ কবচ; বর্ম (না মারুক জার অঙ্গ কবজ বর্জিত—*সৈআ*)। ২ কবচ; তাবিজ; মাদুলি; (কবজ করিয়া পত্র গলেতে বাঁধিল—*দৌবা*)। {*স.* কবচ (=বর্ম)>কবজ}

কবন্ধ [কবন্‌ধো] *বি* ১ মুণ্ডহীন ধড়; মস্তকহীন দেহ; খণ্ডিত-মস্তক দেহ (মুণ্ডহীন কবন্ধের সারি—*বেআ*)। ২ প্রেতবিশেষ; স্কন্ধকাটা (আইল কবন্ধ, ভূত, পিশাচ, দানব—*মদ*)। ৩ রাহু। ৪ ধূমকেতু। ☐ *বিণ* ১

আকৃতিবিহীন; নিরবয়ব (পঙ্গু মুখ কবন্ধ বধির আঁধা—*রঠা*)। { *স.* ক+√বন্ধ+অ}

কবয়ী [কবোয়ি] *বি* কই মাছ। { *স.* ক+√বয়+ইন্>ঈ}

কবর [কবোর্] *বি* সমাধি; গোর (মোর কবরে ফুটবে যে ফুল—কে জানে হায় কার তরে—*নই*; বৎসরের হ্রস্বতম দিনের কবরে জন্মে আবার দ্বিতীয় দিন—*বুব*)। ~**খানা** *বি* সমাধিভূমি; কবরস্থান। ~**গাহ** *বি* কবরস্থান; সমাধিস্থান (সারা বাংলা যেন এক বিরাট কবরগাহ্—*আইশা*)। ~**দেওয়া** *ক্রি* ১ দাফন করা; মাটি দেওয়া; গোর দেওয়া; কবরস্থ করা। ২ বিসর্জন করা; সম্পূর্ণ পরিত্যাগ করা। ~**পোষ** *বি* সমাধির আচ্ছাদন; কবরের গেলাফ; কবরের আবরণ বা ঢাকনা (আজিকে দুয়ারে নাই চাঁদির কবাট মোতির কবরপোষ—*সদ*)। ~ **বিছাতি** *বি* কবরের উপরের বিছুটি গাছ। ~**স্থান** *বি* গোরস্থান; সমাধিক্ষেত্র। { *আ.* ক্বর قبر }

কবরী [কবোরি] *বি* ১ খোঁপা; কেশবিন্যাসবিশেষ (রেশমী রুমালে কবরী বাঁধি নাচিছে আরবী নটিনী বাঁদী—*নই*)। ২ বেণী। ~**বন্ধ** *বি* বেণীবন্ধ বা খোঁপার সুবিন্যাস; খোঁপার সুপারিপাট্য (কবরীবন্ধ খসে—*সদ*)। ~**বন্ধন** *বি* বেণীবন্ধ; খোঁপার সযত্ন বিন্যাস; খোঁপার পারিপাট্য (আলুথালু, হায় এবে কবরীবন্ধন—*মদ*)। { *স.* ক+ √বৃ+অ+ঈ; √কৃ+অর(অরন্)+ঈ(ঙীষ্)}

ক–বর্গ[কবরগো] *বি* ক খ গ ঘ ঙ এই পাঁচটি বর্ণের সমষ্টি। { *স.* ক+বর্গ}

কবল [কবোল] *বি* ১ গ্রাস। ২ জবরদখল; বলে বা কৌশলে অধিকার। ৩ মুষ্টি; মুঠা (জোর করে ওর কবল হতে নিজেকে ছাড়িয়ে নিয়ে ছুট পালালে—*আরও*)। ৪ কুলকুচা। **কবলিত, কবলীকৃত** *বিণ* জোরপূর্বক অধিকৃত; বলপ্রয়োগে হস্তগত; ভক্ষিত। { *স.* ক+√বল+অ(অচ্)}

কবলানো[১], **কবুলানো**[১] [কব্‌লানো, কবু–] *ক্রি* বলানো; কহানো; বিশেষ পরিচয় দানের জন্য বলানোর চেষ্টা (ওঃ মিস্তিরী! অমন সবাই নিজেকে মিস্তিরী কবলায় মশাই—*শচ*)। { *আ.* ক্বাওল قول }

কবলানো[২], **কবুলানো**[২] [কব্‌লানো, কবু–] *ক্রি* ১ স্বীকার করা; প্রতিশ্রুত হওয়া। ২ গোপনে মুঠায় ভরে দেওয়া; ঘুষরূপে দেওয়া (বহু টাকা কবলে তবে সে যাত্রা পুলিশের হাত থেকে রক্ষা পাওয়া গেল)। ◻ *বিণ* অঙ্গীকৃত; স্বীকৃত। { *আ.* ক্বুবুল্ قبول }

কবলিত, কবলীকৃত ⇒ কবল

কবহুঁ, কবহু (*মবা., ব্র.*) [কবহুঁ, –হু] *অব্য* কভু; কখনো (ভানু বিনে কমল কবহুঁ না জিয়ে—*বৈষ্ণব পদ*)। { *স.* কদা>*প্রা.* কব+হু=কবহু>কবহুঁ}

কবাট ⇒ কপাট

কবাটি, কবাডি ⇒ কপাটি

কবাব ⇒ কাবাব

কবাবচিনি [কবাব্‌চিনি] *বি* গোলমরিচসদৃশ ফলবিশেষ; cubeb। { *ফা.* কবাবচিনী کبابچینی }

কবালা, কবলা, কওলা [কবালা, কব্‌লা, কওলা] *বি* বিক্রির চুক্তি–দলিল (একটা বিলাতী টিনের ছোট বাক্সতে উইল, কবালা, খত ইত্যাদি রাখিয়া থাকে—*বচ*; আগেই ও পাড়ার হরেন বোসের নামে ভিটা সে কওলা ক'রে দিয়ে টাকা নিয়ে রেখেছিল—*নমি*; যতদিন.....কাবালা করে আমার দখল কাবেজে না দেও, ততদিন এই অবস্থায় কয়েদ থাকতে হবে—*মীম*)। **কট–** ~ *বি* শর্তবিশিষ্ট বিক্রির দলিল; যে চুক্তিতে নির্দিষ্ট মেয়াদের মধ্যে অর্থ পরিশোধে ব্যর্থ হলে চুক্তিপত্র বিক্রয় দলিলে রূপান্তরিত হয়। { *আ.* ক্বাবালাহ قبالة }

কবি [কোবি] *বি* ১ কাব্যরচয়িতা; কবিতা–লেখক; কাব্যশক্তির অধিকারী। ২ তত্ত্ববিদ; পণ্ডিত (ভারতবর্ষে পূর্বে জ্ঞানী মাত্রকেই কবি বলিত, শাস্ত্রবেত্তারা সকলেই কবি—*বচ*)। ৩ কবিগান; অষ্টাদশ শতাব্দীর শেষভাগে কলকাতায় উদ্ভূত উত্তর–প্রত্যুত্তর মূলক এক ধরনের গান, যা বাংলাদেশের গ্রামাঞ্চলে বিশেষ জনপ্রিয় (দুইদল গায়ক জুটিয়া ছন্দোবন্ধে পরস্পরের কথার উত্তর–প্রত্যুত্তর দিতেন। সেই রচনার নাম 'কবি'—*বচ*)। ~**ওয়ালা,** ~**য়াল** *বি* কবিগান গায়ক বা রচয়িতা; কবিগানের দলনেতা। ~**কঙ্কণ** *বি* উপাধিবিশেষ; কাব্য রচনা শক্তির স্বীকৃতিসূচক উপাধি (কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী)। ~**কল্পনা** *বি* ১ অবাস্তব কল্পনা; মনগড়া কথা। ২ কবিসুলভ কল্পনা; কাব্য রচনার যোগ্য কল্পনা। ৩ কবির মানসলোক; কবির মনোজগৎ। ~**গান** *বি* আঠারো শতকে কলকাতায় উদ্ভূত এবং তৎকালে বিশেষ জনপ্রিয় এক ধরনের উত্তর–প্রত্যুত্তরমূলক গান, যা উনিশ–বিশ শতকের গ্রামবাংলায় প্রভূত জনপ্রিয়তা অর্জন করে। ~**গুরু** *বি* ১ রবীন্দ্রনাথ ঠাকুরকে (১৮৬১–১৯৪১) প্রদত্ত উপাধিবিশেষ, বাংলা ভাষার শ্রেষ্ঠ কবি হিসেবে সমকালে তিনি এই উপাধিতে বিশেষভাবে ভূষিত হন। ২ সংস্কৃত ভাষার আদি কবি; বাল্মীকি। ৩ গুরুস্থানীয় কবি। ~**পনা** *বি* কবিরূপে নিজেকে জাহির করা ভড়ং; কবিসুলভ হাবভাব। ~**প্রসিদ্ধি** *বি* যুগে যুগে কবিগণ কর্তৃক গৃহীত সুপ্রচলিত কল্পনাদি। ~**বর,** ~ *শ্রেষ্ঠ* *বিণ* প্রধান কবি; কবিগোষ্ঠীর মধ্যে উৎকৃষ্ট বা উত্তম। ~**ভাষা** *বি* কবিগণ কর্তৃক ব্যবহৃত বিশেষ ভাষা; কবিতা রচনারবিশেষ ভাষা। ~**রত্ন** *বি* ১ কবিশ্রেষ্ঠ; কাব্যরচনায় কুশলতাব্যঞ্জক উপাধিবিশেষ। ২ সংস্কৃত কাব্যে পাণ্ডিত্যমূলক উপাধি। ~**র লড়াই** *বি* কবিয়ালদের দুইপক্ষের বাদানুবাদ; কবিগান; পরস্পর দোষারোপ এবং অপবাদ খণ্ডনমূলক উত্তর–প্রত্যুত্তরপূর্ণ গান বিশেষ। ~**রাজ** *বি* ১ কবিশ্রেষ্ঠ; কাব্য রচনার ক্ষমতা স্বীকারোক্তিমূলক উপাধি। ২ আয়ুর্বেদশাস্ত্রে পণ্ডিত; চিকিৎসক; বৈদ্য। **আদি–** *বি* সংস্কৃত ভাষার প্রথম কবি বলে কথিত বাল্মীকি। **গীতি–** *বি* গীতিকবিতা রচয়িতা। **দাঁড়া–** *বি* দণ্ডায়মান অবস্থায় গীত অথবা তাৎক্ষণিকভাবে রচিত নয় এমন কবিগান। **মহা–** *বি* ১ মহাকাব্য লেখক। ২ মহৎ কবিতা রচয়িতা; উচ্চশ্রেণীর কবিত্বশক্তির অধিকারী। { *স.* √কব্+ই(ইন্)

অথবা, √কু+ই}

কবিতা [কোবিতা] *বি* কাব্য; পদ্য; শ্লোক; কল্পনামিশ্রিত ছন্দোময় রচনা। {*স.* কবি+তা (তল্)}

কবিতিকা [কোবিতিকা] *বি* ক্ষুদ্রাকার কবিতা (আমার অন্যান্য কবিতিকার সঙ্গে এ কয়টিও আমার লেখননামধারী গ্রন্থে প্রকাশিত হয়ে গেল—*রঠা*)। {*স.* কবিতা+ইক+আ}

কবিত্ব [কোবিত্‌তো] *বি* ১ কবিতা রচনার শক্তি; কবিতা রচনার অনুকূল ভাব বা কল্পনা। ২ কাব্যময়তা; কল্পনার সৌন্দর্য (কবিত্বময় বা কবিত্বপূর্ণভাব)। ৩ কল্পনাবিলাস; অসার কল্পনা (কেবল কাবিত্ব করেই কি দিন চলবে?)। ~**পূর্ণ**, ~**ময়** *বিণ* কাব্যভাববিশিষ্ট; কাব্যগুণযুক্ত। ~**শক্তি** *বি* কবিপ্রতিভা; কবিতা রচনার ক্ষমতা। {*স.* কবি+ত্ব}

কবিপনা, কবিপ্রসিদ্ধি, কবিবর, কবিভাষা ⇒ কবি

কবির [কোবির্] *বি* ষোড়শ শতাব্দীর ভারতবিখ্যাত সাধক; তিনি খ্যাতনামা কবিও ছিলেন। ~**পন্থি/পন্থী** *বি* কবির প্রবর্তিত ভক্তিমার্গের অনুসারী গোষ্ঠীবিশেষ। {*আ.* কবীর کبیر }

কবিরত্ন ⇒ কবি

কবিরা [কোবিরা] *বিণ* ১ মারাত্মক। *বি* ২ অতিশয় গর্হিত পাপ (কবিরা গুনাহ্)। {*আ.* কবীরা كبيرة }

কবিরাজ[১] ⇒ কবি

কবিরাজ[২] [কোবিরাজ] *বি* কবিশ্রেষ্ঠ; আয়ুর্বেদীয় চিকিৎসক; বৈদ্য। **কবিরাজি** *বি* আয়ুর্বেদ শাস্ত্র মতে চিকিৎসা; কবিরাজের জীবিকা। ◻*বিণ* আয়ুর্বেদীয় (কবিরাজি চিকিৎসা)। {*স.* কবি+রাজা+সমাসান্ত, অচ্(টচ্), +*বা.* ই; ৬তৎ; কবি রাজতুল্য, উপমিত সমাস}

কবিলা [কোবিলা] *বি* স্ত্রী; পত্নী; ঘরণী (তোমার এক কবিলা, মোর চেট্টে –*প্যামি*)। ◻*বি* গোত্র। {*আ.* কবীলাহ্ قبيلة }

কবিশ্রেষ্ঠ ⇒ কবি

কবুতর [কোবুতর্] *বি* পায়রা; কপোত; পারাবত। {*ফা.* কবুতর کبوتر }

কবুল [কোবুল্] *বি* ১ বিয়ের সম্মতি; বিয়ের চুক্তিতে স্বীকৃতি; বিয়ের অঙ্গীকার (শীঘ্র শীঘ্র 'কবুল' লইয়া গেলে মেয়ের নামে লজ্জাহীনতার বদনাম রটিয়া যায়—*কাআও*)। ২ সম্মতি; স্বীকৃতি (নবদ্বীপের প্রধান স্মার্ত আপন মুখে কবুল দিলেন—*ঈবি*)। ৩ স্বীকার; অনুমোদন; পালন (আইবানি ভাই যাইবানি দাওয়াত কবুল করবানি নাতিন খাওয়াইব সাধের মেজবানি—*গান*)। ৪ দায় স্বীকার (গোলাম কবুলে পায়—*ভারা*)। ◻*বিণ* অনুমোদিত; স্বীকৃত (কবুল প্রার্থনা)। ~ **করা** *ক্রি* ১ পাত্ররূপে গ্রহণ করা; বরণযোগ্য বলে স্বীকার করা (আমার নাম শুনিলে জয়নাব কখনই হাসানকে 'কবুল' করিত না—*মীম*)। ২ স্বীকার করা; মেনে নেওয়া (খুড় ভুল কবুল করিলে সকল গোল মিটিয়া যাইত—*ঈবি*)। ~ **জবাব** *বি* ১ সম্মতি; স্বীকৃতি; সম্মতিমূলক বাক্য (চীনের কবুল জবাব সবই তো মোটামুটি আছে আমাদের—আমরা কিনব না—*মব*)। ২ স্পষ্ট স্বীকৃতি; দোষ স্বীকারমূলক উত্তর (এ অভিযোগে আমি কবুল জবাব দিতে বাধ্য—*প্রচৌ*)। {*আ.* কবুল قبول }

কবুলতি, কবুলিয়ত [কোবুলোতি, কোবুলিয়ত্] *বি* অঙ্গীকারপত্র; খাজনা দেওয়ার চুক্তিপত্র; একরারনামা। {*আ.* কবুলীয়ত قبوليت }

কবুলান ⇒ কবলান[১] ও কবলান[২]

কবুলিয়ত ⇒ কবুলতি

কবে[১] [কবে] *ক্রি* কইবে; বলবে। {*বা.* √ক+বে; *হি* কহবে}

কবে[২] [কবে] *ক্রিবিণ* কোন সময়ে, কখন—এই প্রশ্নবাচক। ◻*অব্য* সে অনেকদিন হলো; বহুকাল হয় (সে চিঠি কবে পোস্ট করেছি অথচ তার জবাব নেই)। ~**কার** ১ কখনকার; কোন সময়ের (কে জানে কবেকার কথা—*রঠা*)। ২ অনেক পূর্বের; বহুকালের। {*স.* কদা>; *তুল.* *হি* কব্}

কবোষ্ণ [কবোশ্‌নো] *বিণ* অল্প গরম; ঈষদুষ্ণ; কুসুম-কুসুম গরম (তোমার কবোষ্ণ বুকে মাথা রেখে নিদ্রা যেতে চায়—*আগ*)। {*স.* কু (ঈষদর্থে) উষ্ণ = কবোষ্ণ, কু>কব; তৎ}

কব্জা, কব্জি [কব্‌জা, কোব্‌জি] *বি* ১ মণিবন্ধ। ২ হাতের মুঠা; মুষ্টি (কব্জা তাহার সজ্জা হয়েছে তলওয়ার মুঠ ডলে—*নই*)। ৩ কপাটসন্ধি; চৌকাঠের সঙ্গে পাল্লা অথবা দুটো কাঠকে যুক্ত করার ধাতুবিশেষ। ৪ আয়ত্ত; অধিকার; করতল; দখল (দুশমনের কব্জা থেকে নেব আমি ইজ্জত ছিনিয়ে—*ফআ*)। {*আ.* কবদাহ্ قبضة }

কব্য [কোব্‌বো] *বি* হিন্দুদের স্বর্গগত পিতৃলোকের প্রতি উৎসর্গীকৃত ভোগ; পিণ্ড (যজ্ঞগৃহ ভাঙ্গি কেহ হব্য কব্য খাইছে—*ভারা*)। {*স.* √কব্+য(যৎ)}

কভু [কোভু] *অব্য* কখন; কখনো। {*স.* কদা>*প্রা.* কব+ও<অপি = কবু। কাব্যে–কভু; কব+হু–কভু}

কভার [কভার্] *বি* মলাট। {*ই.* cover}

কম[১] [কম্] *বিণ* কমনীয়; মনোহর। {*স.* √কম্+অ; *স.* কমনীয়>}

কম[২] [কম্] *বিণ* ১ সংখ্যায় বা পরিমাণে অল্প (এ কাজ কম দিনে বা কম সময়ে হতে পারে না)। ২ তুচ্ছ; সামান্য; অবহেলার যোগ্য; ছোটখাট; লঘু (একি কম কথা!)। ৩ খাটো; অযোগ্য; অসমর্থ; দুর্বল; হীন; অনগ্রসর; পশ্চাৎপদ (ঝগড়ায় কেউ কারো চেয়ে কম নয়)। ৪ ঘাটতি; অকুলান (কম কিছু মোর আছে হেথা পুরিয়ে নেব প্রাণ দিয়ে তা—*রঠা*)। ৫ ন্যূন; অনধিক (কমপক্ষে হাজার বার তোমাকে একথা বলেছি)। ◻*ক্রিবিণ* কুচিৎ; কখনো; অল্প বার; কদাচিৎ (অমন সমাদর কমই জুটে থাকে)। ~**আক্কেল** *বিণ* নির্বোধ; বুদ্ধিহীন; বিবেচনাহীন; কাণ্ডজ্ঞানশূন্য। ~ ~ *বিণ* কিছু কম; অপূর্ণ; পুরোপুরি নয়। {*ফা.* কম كم }

কমজাত [কম্‌জাত্] *বিণ* ১ হীনকুলজাত; নীচকুলোদ্ভব;

নীচশ্রেণীজাত (কমজাৎ বাঁদীর বাচ্চা কি ভাবিয়াছে—*মীম*)। ২ হীনমনা; নীচমনা; ইতর। {*ফা.* কম্ کم + *আ.* যাত্ ذات }

কমজোর [কম্‌জোর্] *বিণ* দুর্বল; ক্ষীণ; হীনবল (শমসের হাতে কমজোর নয়, শিটন জানে, জান তুমি —*নই*)। **কমজোরি** *বি* দুর্বলতা; শক্তিহীনতা। □ *বিণ* কমজোর নিঃশক্ত; অল্পশক্তি; দুর্বল (যিনি খানিক কমজোরী। তাঁর পাল্লাতে পড়িলে হয়েছেন —*এহী*)। {*ফা.* কমজোরী کمزوری }

কমঠ [কমঠ্] *বি* ১ কচ্ছপ; কূর্ম। ২ সন্ন্যাসীদের জলপাত্র বিশেষ। ৩ সজারু। {*স.* √কম্+অঠ}

কমণ্ডলু [কমোন্‌ডোলু] *বি* সাধু-সন্ন্যাসীদের জলপাত্র বিশেষ (কমণ্ডলুতে ভরিয়া লইব তীর্থনদীর পানি জউ)। {*স.* ক+√মণ্ড্+অলু}

কমতি [কম্‌তি] *বি* ১ অল্পতা; স্বল্পতা; ঘাটতি (জীবনেরও কমতি ছিল না —*এহী*)। ২ প্রয়োজনাপেক্ষা কম অংশ; কমের ভাগ (বাকি কমতির সিকি ফেরত দিব—*বচ*)। {*ফা.* কম+ *বা.* তি}

কমনজর [কম্‌নজর্] *বিণ* ১ স্বল্পদৃষ্টি; চোখের জ্যোতি কম এমন; কম দেখে এমন। ২ হীনচেতা। {*ফা.* কম্ + *আ.* নজর نظر : নজর্}

কমনরুম [কমন্‌রুম্] *বি* ছাত্র বা শিক্ষকদের মেলামেশা করার ঘর; মিলন কক্ষ (এই কমনরুমই ছিল আমার একমাত্র আশ্রয়স্থল —*হুমা*)। {*ই.* common-room}

কমনীয় [কমোনিয়ো] *বিণ* ১ বরণীয়; মনোরম (কমনীয় কভু কি লো শোভে তার আভা?—*মদ*)। ২ বাঞ্ছনীয়; কাম্য। ৩ শোভন; সুন্দর। **~তা** *বি*। {*স.* √কম্+অনীয়}

কমনে [কমনে] *ক্রিবিণ* কেমনে; কিরূপে; কি প্রকারে (খাঁচার মাঝে অচিন পাখি কমনে আইসে যায়—*লাশা*)। {*স.* কিম্+*বা.* মনে প্রত্যয়>}

কমপিটিশন, কম্পিটিশন [কম্‌পিটিশন্] *বি* প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা; যোগ্যতার লড়াই (আবার যোগ্য লোকদের মধ্যেও কম্পিটিশন আছে—*কাইহ*)। {*ই.* competition}

কমপোক্ত [কম্‌পোক্‌তো] *বিণ* কমজোর; পাকা বা শক্ত নয় এমন। {*ফা.* কমপুখ্‌তাহ کم پخته }

কমবক্ত, কমবখ্‌ত [কমবখ্‌ত্] *বিণ* হতভাগ্য; দুর্ভাগা; দুর্দৈব; অল্পভাগ্য (মার্জনা করো গোনা পাপী কমবখতেরে —*নই*)। □ *বি* অল্পবুদ্ধি; বুদ্ধিহীন (তখতে তখতে দুনিয়ায় আজি কমবখতেরি মেলা—*নই*)। **~বক্তা, ~বখ্‌তি** *বি* ভাগ্যহীনতা। □ *বিণ* *স্ত্রী.* ভাগ্যহীনা; অভাগিনী (দু বেটি কমবক্তি—*দীমি*)। {*ফা.* কমবখ্‌ত کم بخت }

কমবেশ, কমবেশি [কম্‌বেশ্, কম্‌বেশি] *বিণ* মোটামুটি অল্পবিস্তর; ন্যূনাধিক। **~ মজবুত** *বিণ* টেকসই নয় এমন; অমজবুত; অশক্ত; অদৃঢ়। {*ফা.* কম... + বেশি; দ্বন্দ্ব}

কমর [কোমর্] *বি* মাজা। {*ফা.* কমর کمر }

কমরবন্দি, কোমর [কোমোর্‌বোন্‌দি, কোমোর্] *বি* প্রতিদ্বন্দ্বিতা (আমি পতঙ্গ কমরবন্দি করি সিংহের সাতে—*রাম*)। {*ফা.* কমরবন্দী کمر بندی }

কমরবন্ধ [কোমর্‌বন্‌ধ্] *বি* কটিসূত্র; বেল্ট। {*ফা.* কমরবন্দ کمر بند }

কমল [কমোল্] *বি* ১ পদ্ম। ২ জল (কুলকুল করিয়ে কমল ঘচ)। **~জ** *বি* ১ জলজ; পদ্ম (কমলজ বয়ান নয়ান মনোহর—*দৌবা*)। ২ বিষ্ণুর নাভিকমল জাত ব্রহ্মা। **~যোনি** *বি* কমল যাঁর উৎপত্তিস্থান অর্থাৎ ব্রহ্মা। **কমলালয়া, কমলাসনা** *বি* লক্ষ্মী। **কমলাসন** *বি* ব্রহ্মা। {*স.* √কম্+অল(অলচ্)}

কমলা[১] [কম্‌লা] *বি* কমলালেবু (নারঙ্গ, কমলা শ্যামতারা কাউবঙ্গ—*সৈআ*)। {*স.* কম্+ √অল+আ(টাপ্)}

কমলা[২] [কমলা] *বি* হিন্দুদেবী লক্ষ্মী; বিষ্ণুর পত্নী; ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবী। **কমলাপতি** *বি* হিন্দু দেবতা বিষ্ণু। {*স.* কমল+অ(অচ্)+আ(টাপ্)}

কমলালয়া, কমলাসন, কমলাসনা ⇒ কমল

কমলিওয়ালা, কমলিওয়ালে [কোম্‌লিওয়ালা, -ওয়ালে] *বিণ* কম্বল পরিহিত। □ *বি* কম্বলাবৃত সাধু (তারপর এই যে হিন্দুস্তানের অলিতে গলিতে 'কমলি-ওয়ালে' সেজে ফিরে এলুম, সে তো শুধু এই এক ব্যথার সান্ত্বনাটা বুকে চেপেই—*নই*)। {*হি.* কমলি+ *বা.* ওয়ালা}

কমলিনী [কমোলিনি] *বি* *স্ত্রী.* ১ পদ্ম। ২ পদ্মের ঝাড়; পদ্মসমূহ। {*স.* কমল+ইন+ঈ}

কমলে কামিনী [কমোলে কামিনি] *বি* হিন্দুদের উপাস্য চণ্ডীদেবীর এই রূপ 'চণ্ডীমঙ্গল' কাব্যে পাওয়া যায়। {*স.* কমল+এ+কামিনী}

কমসে কম [কম্‌সেকম্] *ক্রিবিণ* খুব কম করে ধরেও; সবচেয়ে কমপক্ষে; অন্ততপক্ষে। {*ফা.* কম্ کم }

কমহার [কম্‌হার্] *বি* কণ্ঠাভরণবিশেষ (ওগুলো আমাদের মায়ের দেওয়া ভাবী বিজয়ের আশিসমালা, বোনের দেওয়া স্নেহবিজড়িত অশ্রুর গৌরবোজ্জ্বল কমহার—*নই*)। {*স.* কণ্ঠহার>}

কমা[১] [কমা] *বি* বিরতি-চিহ্ন বিশেষ। {*ই.* comma}

কমা[২] [কমা] *ক্রি* হ্রাস পাওয়া; কমে যাওয়া। **কমানো** *ক্রি* ১ হ্রাস বা কম করা। ২ খাটো করা। {*ফা.* কম্ کم + *বা.* আ}

কমি [কোমি] *বি* ১ অল্পতা; কমতি; ন্যূনতা (সোনা রূপার আসবাব, তারও কমি নাই—*মীম*)। ২ খর্বতা; হ্রাস (দূরবীন কষে বিজ্ঞেরা ঘোষে; সূর্যের বুকে পিঠে আছে মসীরেখা, আলোর তাহে কি কমি হয় এক ছিটে?—*সদ*)। {*ফা.* কমী کمی }

কমিটি [কোমিটি] *বি* ১ কার্যনির্বাহকসভা; সংস্থা; কার্যভার প্রাপ্ত সঙ্ঘ (আবু হানিফা একটা কমিটি গঠন করেন, মুসলিম ব্যবহার শাস্ত্র প্রণয়নের জন্য—*আম*)। ২ মন্ত্রণাসভা; জটলা। {*ই.* committee}

কমিন [কোমিন্] *বিণ* ১ অসৎ; বদ (হাকিম বাবু বেঁটেখাট হৃষ্টপুষ্ট দিব্বি দুষ্ট চেহারা বেওফা কমিন—*মীম*)। ২ নীচ

বংশজাত; ছোটলোক; ইতর। **কমিনা** *বিণ স্ত্রী* ১ দুশ্চরিত্রা; নষ্টা (ও ছেনাল কমিনার ঝি—*পাকা*)। □ *বিণ* নীচ-কুলজাত নিম্নশ্রেণীর (সর্প কহে এক বেঙ যদি পাই নিতি, পাছে বা বিরল হয় কমিনা পদাতি —*হেম্য*)। {*ফা.* কমীন کمین }

কমিশন [কোমিশন্] *বি* ১ দালালি; ক্রয়-বিক্রয়ে সহায়তার দস্তুরি। ২ তদন্ত কমিটি (সরকার নীল কমিশন বসালেন—*আচৌ*)। {*ই* commission}

কমিশনার, কমিসনার [কোমিশনার্] *বি* ১ বিভাগের প্রধান শাসনকর্তা (কমিশনারের কাছে প্রতিকার চাইতে গেলেন—*আচৌ*)। ২ পৌরসভার সদস্য। ৩ তদন্ত কমিটির সদস্য। {*ই* commissioner}

কমিসেরিয়েট [কোমিসেরিয়েট্] *বি* সৈনিকদের রসদ সরবরাহ দপ্তর (নীলমণি রায় কমিসেরিয়েটে চাকরী করিতেন—*বিব*)। {*ই* commissariate}

কম্প, কম্পন [কম্‌পো, কম্‌পোন্] *বি* কাঁপন; শিহরণ; স্পন্দন (জাগাও কি জীবনের কম্প তব দেহে?—*রঠা*)। **কম্পমান** *বিণ* ১ অস্থির; কম্পনযুক্ত; স্পন্দিত (ব্যাকুলা আশঙ্কাভরে চির কম্পমান—বৃদ্ধ হরিনাথ শিশুর মতো কাঁদিতে লাগিল—*রঠা*)। ২ মৃদু সঞ্চারিত; ঈষৎ আন্দোলনশীল (অশথ গাছের কম্পমান শাখান্তরাল হইতে একখানি বৃহৎ চাঁদ উঠিতেছে—*রঠা*)। {*স.* √কম্প্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

কম্পাউন্ড [কম্‌পাউন্‌ড্] *বি* যে ঘেরা স্থানের মধ্যে বাড়ি থাকে; উঠান; অঙ্গন (আজ স্কুল ঘরের বারান্দা ও কম্পাউণ্ড এত সাফ করিয়া রাখা হইয়াছে—*বিব*)। {*ই* compound}

কম্পাউন্ডার [কম্‌পাউন্‌ডার্] *বি* ডাক্তারের নির্দেশ অনুসারে ঔষধমিশ্রণকারী (এখানে কম্পাউন্ডারই ডাক্তার)। {*ই* compounder}

কম্পাউন্ডারি [কম্‌পাউন্‌ডারি] *বি* কম্পাউন্ডারের কাজ বা পদ (কম্পাউন্ডার ডাক্তারি ও কম্পাউন্ডারি করতেন)। {*ই* compounder+*বা.* ই}

কম্পানি ⇒ কোম্পানি

কম্পান্বিত [কম্‌পান্‌নিতো] *বিণ* কম্পনযুক্ত; দোদুল্যমান (পুলকিত কম্পান্বিত হৃদয়ে জিজ্ঞাসা করিলাম—*রঠা*)। {*স.* কম্প+অন্বিত}

কম্পাস [কম্‌পাশ্] *বি* ১ দিগ্‌দর্শন যন্ত্র (জাহাজ চালানোর জন্য কম্পাসের প্রয়োজন)। ২ বৃত্ত আঁকার যন্ত্র। {*ই* compass}

কম্পিউটার [কম্‌পিউটার্] *বি* বিভিন্ন পদ্ধতিতে নানা ধরনের তথ্য দ্রুত বিশ্লেষণ করতে ও ফলাফল প্রদান করতে সক্ষম এমন এক ধরনের বৈদ্যুতিক যন্ত্র, যা সূক্ষ্ম হিসাবনিকাশ, ব্যাংকিং ব্যবস্থা, প্রকাশনার কাজ, চিত্রসম্পাদনা, রোগনির্ণয়, যোগাযোগ প্রভৃতি কাজে ব্যবহৃত হয়ে থাকে। {*ই* computer}

কম্পিটিশন ⇒ কমপিটিশন

কম্পিত [কোম্‌পিতো] *বিণ* কম্পযুক্ত; শিহরিত; চঞ্চল। {*স.* √কম্প্+ত(ক্ত)}

কম্পোজিটর [কম্‌পোজিটর্] *বি* ছাপানোর জন্য হরফ সজ্জিতকারী; অক্ষর-সংযোজক। {*ই* compositor}

কম্পোস্ট [কম্‌পোস্‌ট্] *বি* এক প্রকার সার; মিশ্রসার (জৈব আবর্জনা পচাইয়া যে সার প্রস্তুত করা হয় তাহাকে কম্পোস্ট বলে—*আআ*)। {*ই* compost}

কম্প্র [কম্‌প্রো] *বিণ* ১ কম্পিত; কম্পমান (ঘুমন্ত দিঘিরে দাও কম্প্রজ্যোতি তার—*সাহ*)। ২ স্পন্দিত (কম্প্রবক্ষে নম্র নেত্রপাতে—*রঠা*)। ৩ ভয়কম্পিত; কম্পান্বিত (কার কাছে তুই নোয়াস মাথা, ত্রস্ত চোখে কম্প্রদেহে—*সদ*)। {*স.* √কম্প্+র}

কম্ফর্টার [কম্‌ফরটার্] *বি* পশমি গলাবন্ধ (সে তার হাতের বোনা কয়েকটা কম্ফর্টার আর ফুল-তোলা রুমাল পাঠিয়েছে—*নই*)। {*ই* comforter}

কম্র [কম্‌ম্রো] *বিণ* ১ মনোহর; কমনীয়; প্রিয়দর্শন; সুন্দর; lovely (চিরন্তন যৌবনের কম্র মালবিকা—*শাহো*)। ২ কামনাযুক্ত (মৃদুল সময়ে বরতনুখানি ঘিরে কম্র কামোদে কামনা জানালো ধীরে—*সদ*)। ৩ কামুক; অভিলাষী। {*স.* √কম্+র}

কম্বল [কম্‌বোল্] *বি* শীত নিবারক মোটা পশমি বস্ত্রবিশেষ; শীত নিবারক শয্যা উপকরণ। {*স.* √কম্+অল(কলচ্)}

কম্বু [কোমবু] *বি* শাঁখ; শঙ্খ (মনোহর কণ্ঠ দেখি কম্বু হৈল মনোদুঃখী জলমধ্যে করিল প্রবেশ—*দৌবা*)। **~কণ্ঠ** *বি* ১ যে কণ্ঠ শঙ্খের ন্যায় রেখাযুক্ত। ২ যে কণ্ঠধ্বনি শঙ্খধ্বনির ন্যায় প্রবল ও গম্ভীর। □ *বিণ* ১ শঙ্খের ন্যায় রেখাযুক্ত কণ্ঠধারী। ২ শঙ্খের ন্যায় উচ্চ ও গভীর কণ্ঠ ধ্বনিবিশিষ্ট। **~কণ্ঠী** *বিণ স্ত্রী* শঙ্খের ন্যায় রেখাবিশিষ্ট কণ্ঠধারিণী। **~গ্রীব** *বিণ* শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাধারী। **~গ্রীবা** *বি* যে গ্রীবা শঙ্খের মতো রেখাবিশিষ্ট। **~নিনাদ** *বি* শঙ্খের সুগম্ভীর ধ্বনি; শঙ্খের নির্ঘোষ। **~বর** *বিণ* শঙ্খশ্রেষ্ঠ; উত্তম শঙ্খ (কম্বুবর নিন্দিয়া কণ্ঠের পরিপাটি—*সৈআ*)। **~রেখা** *বি* শঙ্খদেহের রেখা (তাঁর জটিলতার আড়ালে হেগেলী উৎক্রান্তির কম্বুরেখা ধরা পড়ত না—*সুদ*)। {*স.* √কম্ব্+উ}

কয়[১] [কয়্] *বিণ* ১ কতো (কয় দিন?)। ২ কিছু বা কতক (সে বার কয় বলেছিল)। ৩ অল্পতাবাচক (কয়দিন যেতে না যেতে এই অবস্থা)। **~টি** *বিণ* সংখ্যা জিজ্ঞাসায় অচেতন পদার্থ বা ইতর শ্রেণির প্রাণী বোঝাতে ব্যবহৃত (কয়েকটি বই/পাখি/শিশু)। **~জন** *বিণ* উচ্চশ্রেণির ব্যক্তির সংখ্যা জিজ্ঞাসায় প্রযুক্ত (কয়জন এসেছে?)। {*স.* কতি>; *স.* কিয়ৎ>}

কয়[২] [কয়্] *ক্রি* কহে, বলে (সেকথা কি কানে কানে বারে বারে কয়—'আর নয়'—*রঠা*)। {*স.* কথয়তি>; *প্রা.* কহই>*বা.* কহে>কয়ে>কয়}

কয়[৩] [কয়্] *বি* বমি। {*আ.* কয় قى }

কয়ড়া[১] [কয়্ড়া] *বি* কড়া; লোহার বেড়ি (হাতে পায়ে কয়ড়া দিয়ে গোরে করবে খাড়া—*পাকা*)। {*স.* কটক>}

কয়ড়া[২] [কয়্ড়া] *বি* আমের গুটি; কাঁচা ছোট আম। {*তুল.* *হি* কঈরী (অর্থ: ছোট কাঁচা আম)}

কয়লা [কয়্লা] *বি* জ্বালানিবিশেষ; অঙ্গার। {*প্রা. ই* coal}

কয়াধু, কয়াধ্ [কয়াধু] *বি* পৌরাণিক চরিত্রবিশেষ; হিরণ্যকশিপুর স্ত্রী ও প্রহ্লাদের মাতা (কয়াধু তোর জনম সাধু মোছরে চোখের জল—*মদ*)। { *স.* }

কয়াল [কয়াল্] *বি* ১ শস্যাদি ওজনকারী। ২ শস্য সংগ্রাহক ও মজুতদার। **কয়ালি** *বি* কয়ালবৃত্তি বা কয়ালের মজুরি। { *আ.* কয়াল کیال }

কয়েক [কয়েক্] *বিণ* ১ কিছু সংখ্যক; কতিপয়। ২ অল্প কিছু। { ক (>*স.* কতি)+এক }

কয়েতবেল, কয়েৎবেল ⇒ কৎবেল

কয়েদ, কএদ [কয়েদ্] *বি* জেল; কারাদণ্ড। ☐ *বিণ* ১ আটক; আবদ্ধ; বন্দী (বিদয়কে তালাবদ্ধ করে কয়েদ রেখে যেত—*অঠা*; আর আর স্ত্রীলোকেরদিগকে পিঞ্জরায় কএদ করিয়া—*রাম*)। ২ কারারুদ্ধ। **~খানা** *বি* জেলখানা; ফাটক। **কয়েদি, কয়েদী** *বি* কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তি (মৃত্যুর শরণাগারে আমরা কয়েদী—*আহা*)। { *আ.* কয়ীদ قید ; *ফা.* ই, ঈ }

কর১ [কর্] *বি* ১ হস্ত; হাত (ব্যাকুল কর হানি—*রঠা*)। ২ হাতির শুঁড়। **~কবলিত** *বিণ* আয়ত্ত; হস্তগত। **~কমল, ~পদ্ম** *বি* পদ্মতুল্য; পদ্মের ন্যায় সুন্দর বা কোমল হস্ত। **~কোষ্ঠী** *বি* ১ কোষ্ঠী বিচারে সহায়ক হস্তরেখা। ২ হস্তরেখা অনুসারে প্রস্তুত কোষ্ঠী। **~গ্রহ, ~গ্রহণ** *বি* ১ বিয়ে; পাণিগ্রহণ। ২ হস্তধারণ। **~জোড়ে** *ক্রিবিণ* যুক্ত করে; করজোড় হয়ে। **~তল** *বি* হাতের তালু। **~তলগত** *বিণ* হস্তগত; আয়ত্ত। **~তাড়ন** *বি* চাপড়; হস্তদ্বারা আঘাত (পিঠের উপর বিস্তর উৎসাহজনক করতাড়নের পর—*রঠা*)। **~তালি** *বি* হাততালি। **~ত্রাণ** *বি* দস্তানা। **~পল্লব** *বি* পল্লবের ন্যায় কোমল হস্ত। **~পুট** *বি* অঞ্জলি; জোড়হাত। **~পৃষ্ঠ** *বি* হাতের তালুর অপর পিঠ। **~মর্দন** *বি* পরস্পরের হস্তমর্দন; হাতে প্রীতিমূলক বিশেষ স্পর্শ; হস্তমর্দন; handshake। **~রেখা** *বি* শুভ-অশুভ প্রকাশক হস্তরেখা। **~সূত্র** *বি* হিন্দুদের গায়ে হলুদের সময়ে হাতে বেঁধে রাখার সুতা। { *স.* √কৃ+অ(অপ্) }

কর২ [কর্] *বি* কিরণ; রশ্মি। { *স.* √কৃ+অ(অপ্) }

কর৩ [কর্] *বি* টেক্স; খাজনা; রাজস্ব; শুল্ক। **~গ্রাহী, ~গ্রাহক** *বি, বিণ* খাজনা আদায়কারী। **~দাতা(-তৃ)** *বি, বিণ* খাজনা প্রদানকারী। **~পীড়িত, ~প্রপীড়িত** *বিণ* করভারে পীড়িত; রাজস্বের চাপে দুর্দশাগ্রস্ত। **~মুক্ত** *বিণ* ১ খাজনা প্রদানে অব্যাহতি প্রাপ্ত। ২ নিষ্কর। { *স.* √কৃ+অ(অপ্) }

কর৪ [কর্] *ক্রি* করার অনুজ্ঞা। **~ই** (*বৃ.*) *ক্রি* করে। **~লু, ~লুঁ** [-লু] *ক্রি* করলো; করলাম (ডাকর জ্ঞানে করলু—*বিদ্যা*)। **~হ** (*কাব্য.*) *ক্রি* করো। { *স.* √কৃ> *প্রা.*, *বা.* √কর্ + }

কর৫ [কর্] *বি* হিন্দুদের উপাধিবিশেষ। { *স.* √কৃ+অ(অপ্) }

-কর৬ [কর্] *বিণ* উৎপাদক; সৃজন; জনক; প্রভৃতি অর্থ প্রকাশক প্রত্যয় বিশেষ (বিরক্তিকর, চিত্রকর)। **-করী** *স্ত্রী*। { *স.* √কৃ+অ(অপ্) }

করই ⇒ কর৪

করঙ্ক, করঙ্গ [করোঙকো, -গো] *বি* ১ পানের বাটা; পানের ডিবা (করঙ্কের কথা শুনলেই তাম্বুলের কথা মনে হয়—*প্রচৌ*)। ২ কমণ্ডলু। ৩ নারকেলের মালা। ৪ ভিক্ষাপাত্র। ৫ কৌটা; পাত্র (তুমি খুলে ধর মধু করঙ্ক আপন গন্ধে ভোর—*মোম*)। ৬ মাথার খুলি; করোটি। ৭ জলপাত্র (কমণ্ডলু করঙ্গ পুরিত গঙ্গাজলে—*ভারা*)। { *স.* করঙ্ক }

করক [করক্] *বি* ডালিম গাছ। { *স.* √কৃ+অক(বুন্) }

করকচ ⇒ কড়কচ

করকচি [করকোচি] *বিণ* কোমল; কচি (নারিকেলের শস্য, স্ত্রীলোকের বুদ্ধি। করকচি বেলায় বড় থাকে না—*বচ*)। ☐ *বি* কচি নারিকেল। { *স.* করক+*বা.* কচি> }

করকবলিত, করকমল ⇒ কর

করকর [কর্কর্] *অব্য* ১ জ্বালাযন্ত্রণার অনুভূতি (চোখ করকর করা)। ২ কঙ্কর ঘর্ষণের শব্দ; কর্কশ শব্দ। ৩ অস্থিরতা; অস্বস্তিবোধ। **করকরানো** *ক্রি* কর্কশ শব্দ করা; শ্রুতিকটু কথা বলে যাওয়া। **করকরে** *বিণ* ১ করকর ধ্বনি বা কর্কশতা উৎপন্ন করে এরূপ। ২ নতুন বা তরতাজা; আনকোরা। ৩ কড়া; কর্কশ (কি করকরে নাম বৈদূর্যলতা—*অঠা*)। { *স.* কর্কর(কর্ক+√রা+অ(ক))> }

করকা [করোকা] *বি* মেঘ থেকে পতিত শিলা; শিল (অভিমানে মোর আঁখিজল জমে করকা বৃষ্টি সম—*নই*)। { *স.* করক+আ }

করকাপাত [করোকাপাত্] *বি* শিলাবৃষ্টি। { *স.* করকা+পাত }

করকোষ্ঠী, করগ্রহ, করগ্রহণ ⇒ কর১

করগেট ⇒ করোগেট

করগ্রাহক, করগ্রাহী ⇒ কর৩

করচা ⇒ কড়চা ও করঞ্চা

করছ ⇒ কড়ছ

করজোড়ে ⇒ কর১

করমচা, করঞ্চা, করঞ্জ, করঞ্জা, করঞ্জক [করোম্চা, করোন্চা, করোন্জো, -জা, -জক্] *বি* ১ করমচা গাছ ও তার ফল (করঞ্চা, টেপারি, তেলাকুচো, বৈচি, ডুমুর, জাম, এমনি সব নানা ফল—*অঠা*; অতিচিরি, উরিআম, করঞ্চা, তেতই—*সৈআ*; দুপাশে করচা-করবীর বন বাতাসে ছিটায় ঘ্রাণ—*মই*; দেওদার, করঞ্জ আর ছোট ছোট কাঁটা গাছের বন—*গুমা*)। ২ করমচার মতো লাল; করমচার ন্যায়। { *আ.* করম کرم + *ফা.* চহ چه }

করণ [করোন্] *বি* ১ কার্য; সম্পাদন। ২ কারণ; কার্যের প্রধান সাধন। ৩ (*ব্যা.*) ক্রিয়া সম্পাদনের প্রধান সহায়ককে করণ কারক বলে। ৪ (ভারতে) অফিস। ৫ (জ্যোতিষশাস্ত্রে) তিথির অংশবিশেষ। ৬ (দর্শনশাস্ত্রে) ইন্দ্রিয় (অন্তঃকরণ)। **~কারণ** *বি* ১ করণোপযোগী কারণ। ২ বিবাহে আদান-প্রদান সংক্রান্ত অনুষ্ঠান। **করণিক** *বি, বিণ* (ভারতে) কেরানি; অফিস সহকারী। **করণীয়** *বিণ* করার যোগ্য; কর্তব্য। { *স.* √কৃ+অন(ল্যুট্) }

করণী [করোনি] *বি* ১ বর্গমূল জ্ঞাপক (√) চিহ্ন। ২ সূক্ষ্মভাবে মূল বের করা যায় না এরূপ রাশি। { *স.* করণ+ঈ(ঙীপ্) }

করণ্ড [করোন্ডো] *বি* ১ ফুলের সাজি। ২ মৌচাক। ৩ ঝাঁপি; ঝুড়ি। { *স.* √কৃ+অণ্ড(অণ্ডন্) }

করণ্ডক [করোনডক্] *বি* ১ জলচর পক্ষীবিশেষ (সংকট শালিক শারী জলকাক। করণ্ডক বক শ্বেতশুক ঝাঁকে ঝাঁক—*সৈআ*)। ২ খুঙ্গি; ঝাঁপি (পাঠ সমাপ্তির পর, সেই সকল পুস্তক করণ্ডক মধ্যগত করিয়া প্রতিপ্রেরিত হইত—*ঈবি*)। {স. করণ্ড+ক(কন্)}

করত, করতঃ [করোতো, করতহ্] *ক্রিবিণ* করে; করার পর। {স. √কৃ>বা. √কর্+অত, অতঃ}

করতব, কর্তব [করতব্] *বি* ১ গানের মধ্যে সুরের নানা প্রকার কলাকৌশল প্রদর্শন; সুর ভাঁজা (ও যেন রে করতব্ মধুর গানের—*সদ*; তাল মানের কর্তব দিয়ে চমক দেয় কথাকথিত কালোয়াত সমস্ত শ্রোতার কান—*অঠা*)। {স. কর্তব্য>, তুল. হি. করতব}

করতল, করতলগত ⇒ কর১

করতা ⇒ কড়তা

করতাড়ন ⇒ কর১

করতার [করোতার্] *বি* প্রভু; স্রষ্টা; আল্লাহ (প্রথমে প্রণাম করি এক করতার—*সৈআ*)। {স. কর্তৃ>(স্বরাগমে) কর্তার>করতার; প্রা. কত্তার}

করতাল [করতাল্] *বি* ১ কাঁসার দ্বারা তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। ২ বড় মন্দিরা। {স. কর+তাল}

করতালি, করত্রাণ ⇒ কর১

করদ [করোদ্] *বিণ* কর দেয় এমন; কর দিয়ে বশ্যতা স্বীকারকারী। ☐ *বি* দেশ (করদ-রাজ্য)। {স. কর+√দা+অ(ক)}

করদাতা ⇒ কর৩

করনা ⇒ কন্না

করনাল, কর্নাল [করনাল্] *বি* বাদ্য যন্ত্রবিশেষ। (রাজ সাজ সঙ্গে আছে সহস্র কর্নাল। শতশত ঘোর শব্দ দুমদুমি বিশাল—*সৈআ*)। {ই. cornel; ফা. করনালি کرنلی}

করপত্র [করোপত্‌ত্রো] *বি* করাত। {স. কর+পত্র}

করপদ্ম, করপল্লব ⇒ কর১

করপীড়ন [করোপিড়ন্] *বি* করমর্দন; পাণিগ্রহণ। {স. কর+পীড়ন; ৬তৎ}

করপুট, করপৃষ্ঠ ⇒ কর

করপ্রপীড়িত ⇒ কর৩

করবাল [করোবাল্] *বি* তরবারি; খড়্গ; তলোয়ার (সেই বাহু এই লোহার সমান ওই সেই করবাল! তুর্কি-শোণিত মেহেদির রঙে নখ যে এখনো লাল!—*মোম*)। {স. কর+বাল(<√বল্+ণিচ্)}

করবী [করোবি] *বি* পুষ্পবিশেষ (কত ঝাটমল, পীরু, বনোয়ারী পরাল শিলার করবী যূথী—*সদ*) : রক্ত–, শ্বেত–। {স. কর+বীর=করবীর>}

করভ [করোভো] *বি* ১ হস্তিশাবক; হাতির বাচ্চা (করভ-করভী হইত অতিথি—মদ) ২ উষ্ট্র; উষ্ট্রশাবক (চাঁদের করে গড়া করভ সুকুমার, ভবন-মরুভূমে মূরতি চারুতার—*সদ*)। ৩ খচ্চর; অশ্বতর। **করভী** *স্ত্রী*। {স. কর+√ভা+অ(ক); √কৃ+অভ(অভচ্),+ঈ}

করম১ [করম্] *বি* ১ 'কর্ম' শব্দের কবিতায় ব্যবহৃত রূপ; কার্য। *বি* ২ ভাগ্য; অদৃষ্ট। {স. কর্ম>করম(স্বরভক্তিতে)}

করম২ [করম্] *বি* অনুগ্রহ; দয়া; কৃপা। (হাসিল করিয়া কীম আল্লার করমে—*সৈহা*)। {আ. করম্ کرم}

করমচা, করঞ্জা [করমচা, করনজা] *বি* টক স্বাদযুক্ত ফলবিশেষ। ☐ *বিণ* করমচার ন্যায় লালবর্ণ (মুখখানি চীনে করমচা—*রাব*)। {স. করঞ্জক>করঞ্জা, করঞ্চা, করমচা}

করমর্দন ⇒ কর১

করমি, কর্মী [কোরমি] *বি* ঘটক; যে বিবাহে মধ্যস্থতা করে (মাঘ মাসে করমি আইল হীরাধরের বাড়ি—*মৈগী*)। {কর্ম+ইন্>ঈ>কর্মী>(স্বরভক্তিতে)করমী>}

করমুক্ত ⇒ কর৩

কররুহ [করোরুহো] *বি* ১ হাতের আঙুল; অঙ্গুলি (সুবলিত কররুহে, রতন আঙ্গুরী শোহে, মেহেদি রঞ্জিত নখ সব—*দৌবা*)। ২ নখ; নখর। ৩ তরবারি; কৃপাণ। {স. কর+রুহ; ৬তৎ}

করল, করলু, করহুঁ ⇒ কর৪

করলা, করেলা [করোলা,-রে-] *বি* উচ্ছে; তিক্ত আস্বাদযুক্ত আনাজবিশেষ। {স. কারবেল্ল>কারএল>করেলা, করলা}

করসূত্র ⇒ কর১

করহ ⇒ কর৪

করা [করা] *ক্রি* ১ সম্পাদন করা; সাধন করা; অনুষ্ঠান করা (কাজ করা, পাঠ করা, বিবাহ করা)। ২ উৎপাদন করা; সৃষ্টি করা; জন্মানো (বাতাস করা, আলো করা, ফসল করা)। ৩ নির্মাণ করা; গড়া; তৈরি করা (বাড়ি করা, বাগান করা)। ৪ নিয়োগ করা; প্রয়োগ করা; খাটানো (জোর করা)। ৫ উদ্ভাবন করা (উপায় করা, বুদ্ধি করা)। ৬ হওয়া; ঘটা (অসুখ করা, পাস করা)। ৭ ভাড়া করা; নিযুক্ত করা; ব্যবহারের জন্য নেওয়া (গাড়ি করা, বাসা করা)। ৮ নিয়মিত হাজির হওয়া; নিত্য যাওয়া-আসা করা (অফিস করা)। ৯ তদন্বিত হওয়া; যুক্ত হওয়া (লজ্জা করা, ইচ্ছা করা, রাগ করা)। ১০ তথায় যাওয়া ও তৎসংক্রান্ত কাজ করা (তীর্থ করা, বাজার করা)। ১১ ছোড়া; নিক্ষেপ করা; চালানো (গুলি করা)। ১২ সঞ্চালন করা (বাতাস করা, পাখা করা)। ১৩ লওয়া (কাঁধে করা, হাতে করা)। ১৪ ভোগ করা; অনুভব করা; ভোগা (অসুখ করা, কষ্ট করা)। ১৫ পরিচালনা করা; চালানো (দোকান করা, সংসার করা)। ১৬ উল্লেখ করা (নাম করা)। ১৭ স্থাপন করা (হাসপাতাল করা, কলেজ করা)। ১৮ সঞ্চয় করা; উপার্জন করা; জমানো (টাকা করা)। ১৯ রাঁধা; পাক করা (রুটি করা, পায়েস করা)। ২০ পরিণত করা; রূপান্তরিত করা (গদ্য করা)। ২১ অনুবাদ করা (ইংরেজি করা)। ২২ রচনা করা; লেখা (সাহিত্য করা, ব্যাখ্যা করা)। ২৩ পেশা বা বৃত্তি হিসাবে চালানো (ডাক্তারি করা, ওকালতি করা)। ২৪ কষা (অঙ্ক করা, দাগ করা)। ২৫ বিছানা পাতা (বিছানা করা)। ২৬ অর্জন করা (সে খুব নাম করেছে)। ☐ *বি* ক্রিয়ার সকল অর্থে; করণ সম্পাদন ইত্যাদি অর্থে। ☐ *বিণ* ১ সম্পাদিত; কৃত; করেছে এমন (শ্বেত পাথরেতে গড়া, পথখানি ছায়া করা—*রঠা*)। {স. √কৃ> বা. √কর্+আ=করা}

করাঘাত [করাঘাত্] *বি* চাপড়; হস্ত দ্বারা আঘাত; করতাড়ন। শিরে ~ **করা** *ক্রি* ১ অত্যন্ত আক্ষেপ করা। ২ হতাশাব্যঞ্জক ভঙ্গি করা। { *স.* কর+আঘাত; ৬তৎ }

করাত [করাত্] *বি* কাঠ ইত্যাদি চেরার অস্ত্রবিশেষ। **করাতি** *বি* করাতের কাজ করে যে জীবিকা অর্জন করে। **শাঁখের ~** *বি* ১ শঙ্খ কাটার জন্য উভয়প্রান্তে ধারবিশিষ্ট করাত। ২ (*আল.*) যা আসতেও কাটে যেতেও কাটে বলে সর্বপ্রকারে কষ্টদায়ক; যা থেকে কোনোরূপেই নিস্তার নেই। { *স.* করপত্র>*প্রা.* করবত্ত> করাত }

করানো [করানো] *ক্রি* ১ (অপরকে দিয়ে) করিয়ে নেওয়া (আনাড়ি লোককে দিয়ে কাজ করানো যায় না)। { *বা.* কর+আনো }

করামত, করামৎ ⇒ কেরামত

করায়ত্ত [করায়োত্তো] *বিণ* হস্তগত; সম্পূর্ণ আয়ত্ত; হাতের মুঠোয় প্রাপ্ত। { *স.* কর+আয়ত্ত }

করার, কড়াল, কড়ার [করার্, -ড়াল্, -র্] *বি* ১ চুক্তি; শর্ত (আদ্যের গুরু অর্ধেক ধরার ! মৃত্যুর ডেরায় মুক্তির করার !—*সদ*)। ২ অঙ্গীকার; স্বীকৃতি; ওয়াদা (আমি এই রাতে তারে দিয়াছি করার—*সৈহ*)। { *আ.* করার قرار }

করারদাদ [করার্দাদ্] *বি* মীমাংসিত বাক্য; সবসম্মত সংকল্প। { *আ.* করার্ قرار }

করাল [করাল্] *বিণ* ১ ভীষণ দর্শন; ভয়ঙ্কর মূর্তি। ২ বৃহৎ দন্তবিশিষ্ট; দাঁতাল। ৩ ভয়াল; ভয়ঙ্কর; ভীষণ। ৪ উচ্চ; [illegible]। **করালী**(-লিন্), **করালিনী** *বি স্ত্রী.* ১ হিন্দুদের চণ্ডী দেবী, চামুণ্ডা। ২ ভয়ঙ্করী; ভীষণা। { *স.* করাল, করাল+ঈ(ঙীপ) }

করি ⇒ করী

করিঅরি [কোরিয়োরি] *বি* সিংহ (করি অরি জিনি মধ্য [illegible] কম্বু)। { *স.* করী+অরি }

করিকর [কোরিকর্] *বি* হস্তির শুঁড়। { *স.* করি+কর }

করিডর [কোরিডোর্] *বি* বারান্দা; দরদালান (করিডরে [illegible] পেতে শোবার ব্যবস্থা—*সৈমু*)। { *ই* corridor }

করিণী ⇒ করী

করিতকর্মা, কৰিৎকর্মা ⇒ কৃত[২]

করিম, করীম [কোরিম্] *বিণ* করুণাময়; দয়াময়; দয়ালু [illegible] জমিনে ঠুকিয়া। করিম দিয়াছে মাথা [illegible]। □ *বি* ১ দয়ালু ঈশ্বর; করুণাময় [illegible] ক্ষমাকারী (মুমীন সবের গুণা করিমে [illegible])। { *আ.* করীম كريم }

করিমা, করীমা [কোরিমা] পারস্য কবি শেখ সা'দী [illegible] কাব্যগ্রন্থ 'পন্দেনামা'; এর প্রথম [illegible] শব্দ 'করীমা' (করীম শব্দের সম্বোধনে) [illegible] 'করীমা' নামে প্রসিদ্ধ (বাবুদিগের পাঠ [illegible] দুই বৎসরের মধ্যেই [illegible] করীমা সমাপ্ত করিলেন [illegible])। { *আ.* কারীমা كريما }

করিহ ⇒ কর[২]

করী[১], **করি** [কোরি] *বি* হস্তী; হাতি; গজ (করি পুচ্ছে ধরিলে সমুদ্র হয় পার। ধরিলে অজার পুচ্ছে ডুবে মধ্য ধার—*সৈআ*)। **করিণী** *স্ত্রী.*। { *স.* কর+ইন(ইনি) }

করী[২] ⇒ কর

করীষ [কোরিশ্] *বি* শুকনো গোবর; ঘুঁটে; ঘসি। **করীষাগ্নি** *বি* ঘুঁটের আগুন। { *স.* √কৃ+ঈষ(ঈষন্) }

করু (*ব্র.*, *মবা.*) [কোরু] *ক্রি* করে; করুক (উদয় করু চন্দা—*বিপ*)। { *স.* √কৃ>*বা.* √কর+উ }

করু-চৌহান [কোরুচৌউহান্] *বি* জাতিবিশেষ (করু চৌহান মারাঠা পাঠান, . . . মোঘল শিখের লোহ—*সদ*)। { চৌহান>চৌহান }

করুণ [কোরুন্] *বিণ* ১ কাতর; বেদনাপূর্ণ (আঁচলের ফুলগুলি করুণ নয়নে, নিরাশায় চেয়ে আছে মোর মুখপানে—*নই*)। ২ স্নেহ বা সহানুভূতিময়; দরদি (করুণ হৃদয়)। ৩ বিষণ্ণ; বেদনামলিন (অরুণ তুমি, তরুণ তুমি, করুণ তারও চেয়ে—*নই*)। ৪ বেদনা উদ্দীপক; দুঃখাবেগজনক (বুকে তার লাল-পেড়ে ভিজে শাড়ি করুণ শঙ্খের মত ছবি ফুটাইতেছে—*জীদা*)। □ *বি* সাহিত্যের নবরসের অন্যতম রস। **~লোচনা** *বিণ স্ত্রী.* সহানুভূতিপূর্ণ দৃষ্টিসম্পন্না; স্নেহদৃষ্টিবিশিষ্টা (নিঃসঙ্গ এ অন্তরের চির-আকিঞ্চন: করুণ-লোচনা !—*সদ*)। **করুণিমা** *বি* বিষণ্ণতা; ম্লানিমা; করুণভাব (বিদায়-রবির করুণিমায় অবিশ্বাসীর ভয়—*নই*)। { *স.* √কৃ+উন(উনন্) }

করুণা [কোরুনা] *বি* ১ কৃপা; দয়া। ২ অনুকম্পা; অনুগ্রহ। ৩ বিলাপ; কাতরতা প্রকাশ; দুঃখ (ঘর হতে বাহিরায় কান্দিতে কান্দিতে। নবীর মোকামে যায় করুণা করিতে—*হেমা*)। **কারুণ্য** *বি*। **~নিদান, ~নিধান, ~নিধি, ~নিলয়, ~ময়** *বিণ* দয়ার সাগর; কৃপাময়; রহমান; রহিম। □ *বি* আল্লাহ, ঈশ্বর, God। **~ময়ী** *বি স্ত্রী.* দয়াবতী; দয়াশীলা। { *স.* করুণ+আ(টাপ্) }

করেলা ⇒ করলা

করোগেট, করগেট [করোগেট্, কর্-] *বি* দস্তার কলাই-করা লোহার ঢেউ টিন; গৃহস্থাদের উপকরণবিশেষ (কলের চিমনি কুশ্রী করেছে ধরা, করোগেটগুলো দেখে দেখে আঁখি জরা—*সদ*; করগেটের পাঁচ ছটা ঘর—*আহা*)। **করোগেটেড** *বিণ* ঢেউ তোলা; তরঙ্গায়িত (বয়স যাটের কাছাকাছি, লম্বা করোগেটেড দাড়ি—*সৈমু*)। { *ই* corrugate }

করোট ⇒ করোটি

করোটি, করোটী, করোট [করোটি,-,-ট্] *বি* মাথার খুলি; নরকপাল (যত রক্ত ঝরেছে মাটিতে, চিহ্ন তার রয়ে গেছে ক্লান্ত করোটিতে—*আহা*)। **~কঙ্কাল** *বি* অস্থিপঞ্জর, মুণ্ড ও দেহাস্থি (অন্ততঃপক্ষে তাদের পুরাকালীন ভাস্কর্য তথা করোটি কঙ্কালের—*সুদ*)। { *স.* ক+√রুট্+অ(অচ্)+*বা.* ই,ঈ }

কর্ক, কাক[১] [করক্, কাক্] *বি* শিশিবোতলের মুখ আটকাবার ছিপি; কাক। { *ই* cork }

কর্কট, কর্কটক [কর্কট্, কর্কটক্] *বি* ১ কাঁকড়া। ২ টিউমার জাতীয় প্রসারণশীল সাংঘাতিক রোগবিশেষ; ক্যানসার। ৩ জ্যোতিষ শাস্ত্রে উল্লিখিত রাশিবিশেষ। **~ক্রান্তি** *বি* বিষুব রেখার উপরিস্থ নিরক্ষীয় অঞ্চলের সীমা নির্দেশক অক্ষরেখা; Tropic of Cancer। { *স.*

√কর্ক+ অট(অটন্)}

কর্করা, করকরা, কড়কড়া [করকরা,–,–ড়্–ড়া] *বিণ* শুষ্ক বাসি (ভাত); পর্যুষিত (সালন দিয়ে কর্করা ভাত খাওয়ার প্রস্তাব)। {*ধ্বন্যা.; স.* কর্ক+√রা+অ(ক)}

কর্কশ [করকশ] *বিণ* ১ শ্রীহীন; দৃষ্টিকটু; অসুন্দর (মাণিক্য প্রবাল নীরস কর্কশ—*সৈআ*)। ২ অমসৃণ; খশখশে (কর্কশ গাত্র)। ৩ পরুষ (কর্কশ বাক্য)। ৪ শ্রুতিকটু (কর্কশ স্বর)। ৫ শুষ্ক; নীরস; কঠিন (কর্কশ প্রকৃতি)। –তা *বি*। {*স.* √কর্ক+শ}

কর্জ [করজো] *বি* ঋণ; ধার; হাওলাত (ধনকুবেরকে টাকা কর্জ দেওয়া নিষেধ কর্তে পারেন—*মীম*)। –পাতি, –পত্র *বি* ধার ও তদুনরূপ দেনা (কর্জপাতি করে গরু কিনে চাষ খাড়া করতে পারব—*কাআও*)। {*আ.* করদ্ قرض}

কর্ণ[১] [করনো] *বি* যে রেখা চতুর্ভুজের বিপরীত দুই কোণকে যুক্ত করে। {*স.* √কৃ+ন}

কর্ণ[২] [করনো] *বি* মহাভারতোক্ত চরিত্রবিশেষ; সূর্যের ঔরসজাত কুন্তীর কুমারী অবস্থায় জাত পুত্র। {*স.* √কর্ণি+অ(অচ)}

কর্ণ[৩] [করনো] *বি* হাল; বৈঠা। –**ধার** *বি* নৌকার প্রধান মাঝি; কাণ্ডারী। {*স.* √কৃ+ন(নন্)}

কর্ণ[৪] [করনো] *বি* কান; শ্রবণেন্দ্রিয়। –**কুহর**, –**পথ**, –**বিবর** *বি* কানের গর্ত বা ছিদ্র। –**গত** *বিণ* শ্রুতিগত বা শ্রুত। –**গোচর** *বিণ* শ্রুত; শ্রবণগত। –**পট**, –**পটহ** *বি* কানের পর্দা—যার স্পন্দনের ফলে ধ্বনি শ্রুত হয়। –**পাত** *বি* কান দেওয়া; শ্রবণ (তাঁহাদের কথায় কর্ণপাত না করায়—*শেআ*)। –**পুট** *বি* কর্ণের পাত্র বা আধার; কর্ণরূপ আধার (দুটি কর্ণপুট দিয়া অনন্তরহস্য লীলাময় স্বরের ধারা অহরহ পান করিয়া যে ফুরাইল না—*রঠা*)। –**ফুল** *বি* কানফুল; অলঙ্কারবিশেষ (সুবর্ণের কর্ণফুল কর্ণে আনি দিল—*বিগু*)। –**বেধ** *বি* কান বিধানো অনুষ্ঠান। –**ভূষণ** *বি* কানের অলঙ্কার। –**মূল** *বি* কানের গোড়া। –**রন্ধ্র** *বি* কানের গর্ত বা গহ্বর। –**শূল** *বি* রোগবিশেষ; কানের বেদনা। **কর্ণান্তর** *বি* এক কান থেকে অন্য কান। {*স.* √কৃ+ন(নন্), অথবা, √কর্ণ+অ (অচ)}

কর্ণধার ⇒ কর্ণ[৩]

কর্ণাট [করনাট] *বি* দাক্ষিণাত্যের দেশবিশেষ। **কর্ণাটী, কর্ণাটিকা** *বি স্ত্রী.* কর্ণাট দেশীয়া রমণী (ঝিলাম রেবা নদী তীরে, মেঘদূত গতি খুঁজে ফিরে, তোমারি হে তন্বী শ্যামা কর্ণাটিকা—*নই*)। {*স.* কর্ণ+ √অট+অ(অণ্)}

কর্ণিক, কর্ণিকা [কোরনিক, –কা] *বি* রাজমিস্ত্রিদের পলস্তারা লাগানোর কাজে ব্যবহৃত যন্ত্রবিশেষ (রাজমিস্ত্রির বেশ পরিগ্রহ করেও কর্ণিক ধারণ-পূর্বক—*ঈবি*)। {*স.* কর্ণ+ইক(ঠন্), +আ(টাপ্)}

কর্ণিকা[১] [কোরনিকা] *বি* কর্ণভূষণ; কর্ণাভরণ (কর্ণিকা কানে যূথী হেলে পড়ে ঢলঢল। ডগমগ মদভরে রসভরে টলমল—*শাহো*)। {*স.* কর্ণ+ইক(ঠন্)+আ(টাপ্)}

কর্ণিকা[২] [কোরনিকা] *বি* ১ লেখনী। ২ পদ্মের বীজকোষ। ৩ বৃন্ত। {*স.* কর্ণ+ইক(ঠন্)+আ(টাপ্)}

কর্ণিকার [কোরনিকার] *বি* সোঁদাল গাছ অথবা সোঁদাল (সোনালু) ফুল; সোনালু পুষ্প বা বৃক্ষ (অনাবিল শুভ্রতার কোলে ফুটে উঠল সোনার ফুলে সাজানো একটিমাত্র কর্ণিকার—*অঠা*)। {*স.* কর্ণিকা+ √ঋ+অ(অণ্)}

কর্তন [করতোন/–তন] *বি* ১ কাটা; ছেদন। ২ অতিবাহন; কাটানো (কাল কর্তন)। **কর্তনী** *বি* কাঁচি; কাতান; ছেদনাস্ত্র। {*স.* √কৃৎ+অন(ল্যুট্)}

কর্তব ⇒ করতব

কর্তব্য [করতোবেবো] *বিণ* ১ করণীয়। ২ উচিত; বিধেয়। ❑ *বি* ১ করণীয় কর্ম। ২ উচিত কর্ম। –**কর্ম** *বি* করণীয় কাজ। –**নিষ্ঠ**, –**পর**, –**পরায়ণ** *বিণ* কর্তব্যপালনকারী। –**তা** *বি* ঔচিত্য; করণীয়তা। –**নিষ্ঠা**, –**পরতা**, –**পরায়ণতা** *বি* কার্যে আসক্তি; কর্তব্যানুরক্তি। –**পরাঙ্মুখ**, –**বিমুখ** *বিণ* কর্তব্য কার্য অবহেলাকারী, কর্তব্যে যত্নবান নয় এমন। –**পালন**, –**সম্পাদন**, –**সাধন** *বি* কর্তব্যকার্য করণ। –**বিমূঢ়**, **কিংকর্তব্যবিমূঢ়** *বিণ* কর্তব্য স্থির করতে অক্ষম। {*স.* √কৃ+তব্য}

কর্তরিকা, কর্তরী [করতোরিকা, করতোরি] *বি* কাটারি। {*স.* √কৃৎ+অর(অরন্)+ঈ(ঙীষ্)+ক(কন্)+আ(টাপ্)}

কর্তা [করতা] *বি, বিণ* ১ করে যে। ২ করানোর ক্ষমতা যার হাতে; মনিব; মালিক। ৩ প্রধান; অধ্যক্ষ। ৪ গৃহস্বামী। ৫ স্বামী; পতি। ৬ নির্মাতা; স্রষ্টা; প্রণেতা। ❑ *বি* ১ বিধাতা। ২ কারকবিশেষ। **কর্তৃত্ব** *বি* ১ প্রভুত্ব; নেতৃত্ব; নায়কত্ব। ২ কর্তার ভাব। ৩ অধিকার। –**ত্তি**, –**ত্তি**, –**লি** *বি* ওস্তাদি; মাতব্বরি। **কর্তার ইচ্ছায় কর্ম** *বি* কর্তার খেয়াল মোতাবেক যে কাজ করা হয়—যাতে অন্যের কিছু বলার বা করার নাই। ২ স্বেচ্ছাচারিতা। {*স.* √কৃ+তৃ(তৃচ্)}

কর্তাভজা [কর্তাভজা] *বি* ধর্মসম্প্রদায়বিশেষ; আউলচাঁদের মতাবলম্বী ধর্মীয় দল। ❑ *বিণ* প্রভুভক্ত, স্তাবক; তোষামোদকারী (হালিম একদিকে যেমন কোম্পানির বিশ্বস্ত ও প্রিয়পাত্র অন্যদিকে ব্যাপারী ও কেরাণীদের কাছে নিতান্ত কর্তাভজা ও ধামাধরা—*আমআ*)। {কর্তা+ভজা; ২তৎ}

কর্তাল ⇒ করতাল

কর্তালি ⇒ কর্তা

কর্তিত [কোরতিতো] *বিণ* ১ ছিন্ন; খণ্ডিত (কর্তিত শির)। ২ কাটা হয়েছে এমন (কর্তিত ফসল)। {*স.* √কৃৎ+(ণিচ্)+ত(ক্ত)}

কর্তৃক [কোরতৃক] *অব্য* দ্বারা; থেকে; সহায়তায়; আনুকূল্যে। {*স.* কর্তৃ+ক(কপ্)}

কর্তৃকারক [কোরতৃকারোক] *বি* (*ব্যা.*) ক্রিয়ার সঙ্গে অন্বিত ক্রিয়ার সম্পাদক; কর্তৃপদ; nominative case। {*স.* কর্তৃ+কারক; *কর্মধা.*}

কর্তৃত্ব ⇒ কর্তা

কর্তৃপক্ষ, কর্তৃবর্গ [কোরতৃপকখো, –বরগো] *বি* কর্তাস্থানীয়গণ; প্রধানগণ; কর্মকর্তাগণ। {*স.* কর্তৃ+পক্ষ, বর্গ}

কর্তৃবাচ্য [কোরতৃবাচ্চো] *বি* যে–বাচ্যে কর্তৃপদ প্রধান; active voice। {*স.* কর্তৃ+বাচ্য}

কর্ত্রী [কোরত্রি] *বি, বিণ স্ত্রী* ১ ক্ষমতার অধিকারী। ২ গৃহিণী। ৩ গৃহস্বামী; প্রভুপত্নী। ৪ প্রণেত্রী। ৫ প্রধানা;

অধ্যক্ষা। {স. কর্তৃ+ঈ(ঙীপ্)}

কর্দম [কর্দম্] *বি* ১ কাদা; পাঁক। ২ পাপ; কলুষ। **–পিচ্ছিল** *বিণ* অত্যন্ত কর্দমাক্ত; কাদায় পিছল (বাংলা দেশ: অগণন কর্দমপিচ্ছিল ঘনসিক্ত রুদ্ধ জঙ্গলের মধ্যে —*রঠা*)। **–ময়, কর্দমাক্ত** *বিণ* পঙ্কিল; পাঁকভরা; কাদামাখা। {স. √কর্দ্‌+অম}

কর্নি, কর্নি, কুর্নি [কোরনি, কোরানি, কুরনি] *বি* চুনবালির প্রলেপ দেওয়ার জন্য রাজমিস্ত্রি কর্তৃক ব্যবহৃত লৌহযন্ত্রবিশেষ। {স. কর্ণিকা>কন্নিআ>কন্নি; কর্ণিকা>কর্নি}

কর্পর ⇒ খর্পর

কর্পূর [কোরপুর] *বি* বৃক্ষরস থেকে প্রস্তুত গন্ধদ্রব্যবিশেষ যা বাতাসের সংস্পর্শে অল্পক্ষণের মধ্যে ক্ষয়প্রাপ্ত হয় (আমাদেরও পেটের অসুখ আমানউল্লার সৈন্য বাহিনীর মত কর্পূর হয়ে উবে যাবে—*সৈমু*)। {স. √কৃপ্‌+উর>*প্রা.* কপ্পুর>}

কর্পোরেশন [করপোরেশন] *বি* পৌরসভা; পরিষদ; সমিতি। {ই corporation}

কর্বূর, কর্বুর [কোরবুর] *বি* রাক্ষস (সাজিল কর্বূরবৃন্দ—*মদ*)। {স. √কর্‌+উর, উর(উরচ্‌)}

কর্ম [করমো] *বি* ১ কাজ; যা করা হয়। ২ ক্রিয়া; অনুষ্ঠান। ৩ সুকৃতি দুষ্কৃতি নির্বিশেষে সকল কাজের অনিবার্য ফল। ৪ অদৃষ্ট; ভাগ্য (কর্মদোষ)। ৫ সার্থকতা; উপযোগিতা (কোনো কর্মের নয়)। ৬ জীবিকা; ব্যবসায় (কর্মক্ষেত্র, কর্মস্থল)। ৭ অন্ত্যেষ্টিক্রিয়া (ক্রিয়াকর্ম)। ৮ কারকবিশেষ (objective case)। **–কর** *বি* কর্মচারী; আজ্ঞাবাহী (কর্মকর ভালো কাজের জন্যে ভালো মাইনে, খারাপ কাজের জন্যে কম মাইনে পায়—*রাসা*)। **–কর্তা** *বি* ১ যিনি কর্মনির্বাহ করান; অফিসার (officer)। ২ প্রধান। **–কারী**(–রিন্‌) *বিণ, বি* যে কার্য করে; কর্মী; কর্মচারী (সহস্র সহস্র যত কর্মকারিগণ। সছন্দে সে ডিঙ্গা করিলা সুশোভন।—*সৈআ*)। **–কুশল, –পটু** *বিণ* কাজ করতে নিপুণ বা দক্ষ। **–ক্ষম** *বিণ* কাজ করতে সক্ষম; কাজ করার ক্ষমতা রাখে এরূপ। **–ক্ষেত্র** *বি* কাজের জায়গা বা চাকরিস্থল। **–চারী**(–রিন্‌) *বি* বেতনভোগী কর্মী; আমলা। **–ঠ** *বিণ* কর্মপটু; কর্মের অন্ধিসন্ধি বিষয়ে জ্ঞানী। **–ত্যাগ** *বি* ১ চাকরি ত্যাগ; resignation। ২ কর্মবর্জন; কাজ বন্ধ রাখা। **–ত্যাগী** (–গিন্‌) *বিণ* কাজকর্ম ছেড়ে দিয়েছে এমন। **–দক্ষ** *বিণ* কাজে পটু; কর্মনিপুণ। **–দোষ** *বি* ১ কুকর্মের ফল; পাপ। ২ দুর্ভাগ্য। **–নাশা** *বিণ* কর্ম পণ্ড করে এমন; কর্মে বিঘ্ন সৃষ্টিকারী (অনাবশ্যক নির্বোধ কর্মনাশা বাবা—*রঠা*)। **–নিষ্ঠ, –পরায়ণ** *বিণ* কর্মে নিষ্ঠা আছে এমন; কর্মে মনোযোগী। **–পটুতা** *বি* কর্মে দক্ষতা; কর্মের ক্ষমতা; কর্মনিপুণতা (নিজের কর্মপটুতার প্রতি স্ত্রীর এইরূপ বিশ্বাসের অভাবে—*রঠা*)। **–ফল** *বি* কৃতকর্মের পাপ বা পুণ্য; জীবনের সকল কর্মের পরিণাম। **–বশত, –নিবন্ধন** *ক্রিবিণ* কার্যানুরোধে; কাজের প্রয়োজনে। **–বীর** *বি* যিনি মহদুদ্দেশ্যে জীবনকে কর্মে নিয়োগ করেছেন; যিনি মহৎ কার্য করে সার্থকতা বা সফলতা অর্জন করেছেন; সদুদ্দেশ্য সাধনে সার্থক কর্মী। **–ভূমি** *বি* কার্যক্ষেত্র; সংসার সমরাঙ্গণ। **–ভোগ** *বি* ১ দুষ্কর্মের পরিণাম। ২ দুর্ভোগ; অযথা হয়রানি। **–যোগ** *বি* কার্যসাধনে একান্ত নিষ্ঠা। **–যোগী**(–গিন্‌) *বিণ* যিনি কর্মসাধনে যোগীর ন্যায় নিষ্ঠাবান। **–লিপ্ত** *বিণ* কর্মে নিযুক্ত (তাকালে তার দুই কর্মলিপ্ত বলিষ্ঠ বাহুর দিকে—*অচিসে*)। **–শালা** *বি* কর্মস্থল; কার্যালয়; কারখানা। **–শীল** *বিণ* কাজে নিষ্ঠা আছে এমন; কর্মসাধনে তৎপর। **–সচিব** *বি* কর্মসম্পাদক; কার্যনির্বাহক। **–সিদ্ধি** *বি* কার্যোদ্ধার; উদ্দেশ্য সাধন। **–সূত্র** *বি* কাজের ক্রম নিয়ম বা গতিক; কার্যক্রম। **–স্থল, –স্থান** *বি* চাকরিস্থল; কার্যক্ষেত্র; অফিস। **কর্মাক্ষম** *বিণ* কাজ করতে অক্ষম; কাজের অনুপযুক্ত। {স. √কৃ+মন্‌(মনিন্‌)}

কর্মকার [করমোকার] *বি* কামার; লোহের কারিগর। {স. কর্ম–কার(√কৃ+অ(অণ্‌)); *উপপদ তৎ*}

কর্মধারয় [করমোধারয়] *বি* সমাস বিশেষের নাম। (*ব্যা.*) বিশেষণ ও বিশেষ্য পদের মিলনে যে পদ গঠিত হয় এবং তাতে বিশেষ্যের অর্থ প্রাধান্য লাভ করে যথা নীলাম্বর; চঞ্চল–অঞ্চল ইত্যাদি {স. কর্ম+√ধৃ+ণিচ্‌+অ(শ); *কর্মধা.*}

কর্মপ্রবচনীয় [করমোপ্রোবোচোনিয়ো] *বিণ* (*ব্যা., পরি.*) বিশেষ্য অথবা সর্বনাম পদের পর বসে যে অব্যয় শব্দ কারক–বিভক্তির কাজ করে। যথা—লাঠি 'দিয়ে' মারো; গাছ 'থেকে' লাফ দাও; আমার 'প্রতি' তোমার ভক্তি নাই। {স. কর্ম+প্রবচনীয়}

কর্মাকর্ম [করমাকরমো] *বি* কর্তব্য ও অকর্তব্য; কাজ ও অকাজ। {স. কর্ম+অকর্ম; দ্বন্দ্ব}

কর্মাধ্যক্ষ [করমাদধোকখো] *বি* প্রধান সম্পাদক; চূড়ান্ত কার্য-নির্বাহক; secretary। {স. কর্ম+অধ্যক্ষ; ৬তৎ}

কর্মানুবন্ধ [করমানুবনধো] *বি* কার্যগতিক; কার্যব্যপদেশ; কাজের তাগিদ বা তাড়া। {স. কর্ম+অনুবন্ধ; ৬তৎ}

কর্মান্তর [করমানতর] *বি* অন্যকর্ম; অপর কাজ; কার্যান্তর। {স. কর্ম+অন্তর; *নিত্য.*}

কর্মার [করমার] *বি* কর্মকার; কামার; লৌহকার। {স. কর্ম+√ঋ+অ(অণ্‌)}

কর্মিক [কোরমিক] *বি* কর্মশীল; কর্মক্ষম; কর্মিষ্ঠ (এক মেয়ে কর্মিক আবিষ্কার করেছে—*মব*)। {স. কর্ম+ই(ইন্‌)+ক}

কর্মিষ্ঠ [কোরমিশঠো] *বিণ* একান্ত কর্ম; কর্মপরায়ণ; সক্রিয় (কর্মিষ্ঠ যন্ত্রণা না হলে বলবো—*বিদে*)। {স. কর্ম+ইষ্ঠ}

কর্মী [কোরমি] *বি, বিণ* ১ যে কাজ করে; শ্রমিক বা কর্মচারী। ২ কর্মকুশল; কর্মপটু। {স. কর্ম+ইন্‌(ইনি)}

কর্মোদ্যম [করমোদদম] *বি* কর্মের উৎসাহ; কর্মপ্রচেষ্টা (কিন্তু অসীম কর্মোদ্যম—*মব*)। {স. কর্ম+উদ্যম; ৬তৎ}

কর্য ⇒ কর্জ

কর্ষ[১] [করশো] *বি* স্বর্ণ–রৌপ্যাদি ওজনের পরিমাণবিশেষ। কবিরাজি মতে দুই তোলায় এক 'কর্ষ' {স. √কৃষ্‌+অ(ঘঞ্‌)}

কর্ষ[২], **কর্ষণ** [করশো, করশন] *বি* ১ চাষ। ২ আকর্ষণ। ৩ ঘর্ষণে যাচাই। **কর্ষিত, কৃষ্ট** *বিণ*। **কর্ষক, কৃষক** *বি* ১ কৃষক; চাষি; কর্ষণজীবী। ২ আকর্ষক। **কর্ষিত** *বিণ* ১ ঘর্ষণে যাচাই কৃত (অগ্নিপরীক্ষায় গৌরবের সহিত উত্তীর্ণ হয়ে কর্ষিত কাঞ্চনের মত তুমি আরো উজ্জ্বল—*ফক*)।

২ চষা। { স. √কৃষ্+ অ(ঘঞ্), অন (ল্যুট্)}

কর্ষণ, কর্ষিত[১] ⇒ কর্ষ[১]

কল[১] [কল] *বি* ১ যন্ত্র; মেশিন। ২ ফাঁদ; ভ্রমোৎপাদনের জন্য গুপ্ত কৌশলপূর্ণ যন্ত্র। ৩ কারখানা। ৪ কৌশল; কায়দা; প্যাঁচ। ৫ যন্ত্রের বোতাম, সুইচ, হাতল বা চাবি যা টিপলে বা ঘোরালে বা টানলে যন্ত্র চালু করা বা বন্ধ করা যায়। ৬ পানির কল; নলকূপবিশেষ। ~**কব্জা** *বি* যন্ত্রপাতি; যন্ত্রের বিভিন্ন অংশ। ~**কাঠি** *বি* চাবিকাঠি। ~**কারখানা** *বি* মিল; যান্ত্রিক উৎপাদনের কেন্দ্র; বিভিন্ন ধরনের কারখানাস্থল। ~**কৌশল** *বি* নানা কায়দা; বিবিধ রকম চাতুর্য। ~**ঘর** *বি* ১ কারখানা ঘর বা মেশিন ঘর। ২ গোসলখানা; স্নানাগার। ~ **টেপা** *ক্রি* ১ বন্দুকের ঘোড়াকল (ট্রিগার) টিপে গুলি নিক্ষেপ করা। ২ (*আল.*) গোপন মন্ত্রণা দ্বারা পরিচালনা করা। ~**বল** *বি* কায়দা-কৌশল; যান্ত্রিক কৌশল (পাখির ডানার মধ্যে নানা কলবল কিভাবে কাজ করছে তার খোঁজই নেই—*অঠা*)। **কলে পড়া** *বিণ* ছকবাঁধা; গতানুগতিক; নিয়মবদ্ধ (এই কলে পড়া জীবন-যাত্রার মধ্যে একটুখানি রস একটুখানি শিল্প সৌন্দর্য না ঢোকাতে পারলেও তো বাঁচিনে *অঠা*)। **কলের গান** *বি* গ্রামোফোন। **কলের পুতুল** *বি* যন্ত্রচালিত পুতুল। ❑ *বিণ* স্বকীয়তাশূন্য পরমতচারী; স্বকীয় সত্তাবিহীন আদেশ পালনকারী। { স. কল; তুল. হি কল}

কল[২] *বি* সুললিত ধ্বনি; কাকলি। ❑ *বিণ* সুললিত; মধুর। ~**কণ্ঠ** *বি,বিণ* ১ মধুর স্বর; ললিত কণ্ঠধ্বনি। ২ মধুর কাব্য রচয়িতা। ৩ কপোত। ৪ কোকিল। ৫ হংস। ~**কণ্ঠী** *বিণ*। ~**কথা** *বি* শ্রুতিমধুর ভাষা; সুললিত ভাষা (সমুজ্জ্বল কলকথা—*রঠা*)। ~~ *বি* ১ জল প্রবাহজনিত মৃদু মধুর ধ্বনি। ২ নারী বা শিশু কণ্ঠের কোলাহল। ৩ পাখির কাকলি (প্রভাত সময়ে কাক কলকলি আহার বাঁটিয়া খায় - *চদা*)। ~**কলানো** *ক্রি* কলকল ধ্বনি করা; মধুর কলরব করা (খাবি দাবি কলকলাবি—*গান*)। ~**কাকলি** *বি* সুমধুর কণ্ঠধ্বনি; মধুর গুঞ্জনধ্বনি। ~**কূজন**, ~**গুঞ্জন** *বি* অস্ফুট মধুর ধ্বনি। ~**তান** *বি* মধুর রব। ~**ধ্বনি** *বি* কাকলি। ~**নাদ** *বি* কলশব্দ। ~**নাদী** *বিণ*। ~**বাহিনী** *বিণ* কলকল মধুর স্বর উৎপন্ন হয় যার প্রবাহে; মধুর শব্দে প্রবাহিত (এই কলবাহিনী ভাগীরথীর তীরে - *বচ*)। ~**মুখর**, ~**মুখরিত** *বিণ* কাকলিমুখর; মধুর গুঞ্জনে ধ্বনিত। ~**রব**, ~**রোল** *বি* বহুকণ্ঠের সম্মিলিত গুঞ্জন; কোলাহল; গণ্ডগোল। ~**স্বন**, ~**স্বর** *বি* সুমধুর ধ্বনি; কলকাকলি (পাপিয়ার কলস্বনে তোমারি মাধুরী—*সদ*)। ~**হংস** *বি* কলশব্দকারী হংস; রাজহাঁস বা বালিহাঁস। **কলহংসী** *স্ত্রী*। ~**হাস্য** *বি* মধুর উচ্চহাস্য; উচ্ছ্বসিত মধুর হাসি; হাস্যময় মধুর ধ্বনি (এস তৃষ্ণার দেশে এস কলহাস্যে—*সদ*)। ~**হাসিনী** *বিণ স্ত্রী*. মধুর উচ্চহাস্যকারিণী। { স. √কল্+ অ(অচ্); *ধ্বন্যা*.}

কল[৩] [কল] অঙ্কুর। **কলই, কলাই** *বি* শস্যবিশেষ; মাস কলাই (কাইন্দনা কাইন্দনা বাছা কলই ভাজা দিমু—*গান*)। { স. √কল্+ অল(অলচ্)=কলল>কল}

কলকা, কল্কা [কল্‌কা] *বি* কাপড়ের পাড় প্রভৃতিতে মোরগ-ফুলের মতো অথবা পাতার আকৃতি নকশা; ছোট ছোট পাতার বা পদ্মকুঁড়ির আকৃতির নকশা (কাঙ্ক্ষীদের পদ্ম-সরোবর আপনাকে ধরা দিলে একটুখানি কলকার কাজের মধ্যে—*অঠা*)। ~**দার** *বিণ* কলকার দ্বারা চিত্রিত। ~**পেড়ে** *বিণ* কলকার দ্বারা বুটিদার পাড়যুক্ত। { তু. কলগী کلغی ; হি 'কলগা'}

কলকাতা, কলকেতা [কোলকাতা, কল্‌কেতা] *বি* 'কলিকাতা' শব্দের পশ্চিম বঙ্গীয় কথ্য প্রয়োগ (এর জন্যেই বোধহয় কলকেতায় যেতে হবে—*বঙ্গবাণী*)। (ই. Calcutta; কালীঘাট>)

কলকে, কলকি, কলিকা [কোল্‌কে, -কি, কোলিকা] *বি* তামাকের ছিলিম; হুঁকার শীর্ষদেশে ন্যস্ত মৃন্ময় বা ধাতব তামাকাধার; যাতে অগ্নি সংযোগ করে ধূমপান করা হয় (বসে আছি নৈচে ধরে শূন্য কলকে শূন্যে তুলে—*নই*)। ~ **পাওয়া** *ক্রি* ১ আসরে মর্যাদা পাওয়া; খাতির যত্ন পাওয়া; সম্মান পাওয়া (অবশিষ্ট প্রায় কেহই কলকে পান নাই—*বঙ্গবাসী*; স্বভাবকবি কল্কে পেলে না সে সভায়—*অঠা*)। ২ পাত্তা পাওয়া (আর তাহারা আমার কাছে কলিকা পাইবে না—*ঈবি*)। { স. কলিকা(কলি+ ক(কন্)+ আ অথবা কল+ ইক(ঠন্)+ আ}

কলক্কল [কলককল্] *বি* ১ উচ্চ কলরব (শব্দমধ্যস্থ যুক্ত বর্ণটি ওজঃ-প্রকাশক)। ২ পক্ষীদের উচ্চস্বর কলরব। ৩ সবেগে জলনির্গমনের শব্দ। { *ধ্বন্যা*.; কলকল}

কলগী [কোলগি] *বি* শিরোভূষণ; তাজ; রাজমুকুটের বিচিত্রিত পক্ষময় চূড়া; tiara (মানিক কলগী তোরা চকমকে হীরা—*ভারা*)। { তু কলগী کلغی }

কলঘোষ [কলোঘোশ্] *বি* মধুর কণ্ঠ; কলকণ্ঠ; মিষ্ট স্বর; কোকিল। { স. কল+ ঘোষ}

কলঙ (*অপ্র.*) [কলোঙ্] *বি* 'কলঙ্ক' শব্দের অপভ্রংশ (সোআমীর পদে মরণ হউক কলঙ ঝ্যানুনা (যেন না) ওঠে—*গোদা*)। { স. কলঙ্ক>}

কলঙ্ক [কলোঙ্‌কো] *বি* অপবাদ; দাগ; মরিচা; মালিন্য। ~**কালিমা** *বি* কলঙ্কজড়িত মালিন্য বা দাগ; বিরাট অখ্যাতি; নিন্দা বা অপযশ। ~ **ধরা**, ~ **পড়া** *ক্রি* দাগ পড়া; কলঙ্কিত হওয়া। ~**ভঞ্জন** *বি* কলঙ্ক বা অপযশ স্খালন; দোষ বা অপরাধ মোচন। ~ **মোচন** *বি* কলঙ্কভঞ্জন; অপযশ স্খালন। ~ **রটানো** *ক্রি* দুর্নাম বা নিন্দা ছড়ানো; (কারও) অসচ্চরিত্রতা সম্বন্ধে প্রচার করা। ~**লাঞ্ছিত** *বিণ* কলঙ্কের মসীতে লিপ্ত; অপযশের মসীতে চিহ্নিত; কৃত দুষ্কর্ম বা কলঙ্কের দ্বারা অপদস্থ; বিশেষভাবে অসম্মানিত বা দুর্নামগ্রস্ত; মসী-চিহ্নিত। **কুলের** ~ *বি* কুলাঙ্গার; কুলের পক্ষে অযোগ্য বা অসম্মানাস্পদ (ব্যক্তি)। { স. কলা+ অঙ্ক, অথবা, ক+√রঙ্কি+ অ(অন)}

কলঙ্কষ [কলোঙ্‌কশ্] *বি* সিংহ; পশুরাজ। **কলঙ্কষা** *স্ত্রী*। { স. কল+ ং(খচ্)+ √কষ্। অ}

কলঙ্কিত [কলোঙ্‌কিতো] *বিণ* কলঙ্কযুক্ত; কলঙ্কী; অপবাদগ্রস্ত। **কলঙ্কিতা** *স্ত্রী*। { স. কলঙ্ক+ ইত(ইতচ্)}

কলঙ্কী(-ঙ্কিন্) [কলোঙ্‌কি] *বিণ* অপযশ-লাঞ্ছিত; কলঙ্কযুক্ত; দুর্নামগ্রস্ত; দাগী; অঙ্কিত; যার অপযশ ঘটেছে

(কাঁদে রে কলঙ্কী চাঁদ মৃগ লয়ে কোলে—ভার)। **কলঙ্কিনী** *স্ত্রী*। {কলঙ্ক+ইন, +ঈ(ঙীয়)}

কলটেপা ⇒ কল[২]

কলতান ⇒ কল[২]

কলত্র [কলোত্‌ত্রো] *বি* পত্নী; স্ত্রী (অবশিষ্ট যৎকিঞ্চিৎ স্বয়ং পুত্র, কলত্র ও দুহিতার সহিত আহার করিল—*ঈবি*)। {স. কল+ √ত্রৈ+অ; √গড়+অত্র(অত্রন্)}

কলধৌত [কলোধোউতো] *বি* ১ সোনা; সুবর্ণ (কলেবর কান্তি কিবা কলধৌত দাম—*ঘচ*)। ২ রৌপ্য; রজত। ~**বাহিনী** *বিণ* রুপালি স্রোতোবতী; রজতধারা (সেই ক্ষুদ্র পল্লীগ্রাম বেড়িয়া অদ্যাপি সেই কলধৌত-বাহিনী গঙ্গা তর তর রব করিতেছেন—*বচ*)। {স. কল+ধৌত; ৩.৩৩}

কলধ্বনি ⇒ কল[২]

কলন [কলোন্] *বি* ১ গণনা। ২ আহরণ; গ্রহণ। **কলিত** *বিণ* ১ গণিত। ২ ধৃত; গৃহীত; আহৃত। **উৎ**~ *বি* উদ্ধরণ। **উৎকলিত** *বিণ* উদ্ধৃত; আহৃত। {স. √কল্+অন(ল্যুট্)}

কলনাদ, কলনাদী ⇒ কল[২]

কলন্তর [কলন্‌তর্] *বি* সুদ; কুসীদ (কেহ কলন্তর লয়, বৃথা কেহ ধন্য বয়—*কমু*)। {স. কলান্তর>কলন্তর}

কলন্দর, কালন্দর [কলন্‌দর্, কা–] *বি* ইতস্তত পরিভ্রমণকারী মুসলমান ফকিরবিশেষ (ঋণ কড়ি নাহি দাও নহ কলন্দর—*কমু*; কালন্দর হয়্যা কেহ ফিরে দিবারাতি—*কমু*)। {আ. কলন্দার قلندر}

কলপ [কলোপ্] *বি* ১ খেজাব; পাকা চুল কালো করার রং। ২ (কাপড় কাচার পর কাপড়ে প্রদত্ত) ভাতের মাড়, অ্যারারুট প্রভৃতি। {আ. কলফ্ كلف}

কলপিত [কলোপিতো] *বিণ* কলপ দ্বারা কালো-করা; কলপ-চর্চিত (প্রলেপে লোলচর্ম কলপিত কেশ বৃদ্ধের দশা প্রাপ্ত—*রাব*)। {আ. কলফ+বা. ইত}

কলব [কলব্] *বি* হৃদয়; মন। {আ. কল্‌ব্ قلب}

কলবল[১] ⇒ কল[২]

কলবল[২] [কল্‌বল্] *বি* জলে আলোড়ন ঘটিয়ে নড়াচড়া করার দশা (সেই জলে আজি নানান রোগের বীজাণু আসিয়া করিতেছে কলবল—*জউ*)। {'কিলবিল' শব্দের আঞ্চ. রূপ; ধ্বন্যা.}

কলবলি [কলবোলি] *বি* কোলাহল; বহুলোকের অস্পষ্ট কণ্ঠধ্বনি (কলবলি শুনিয়া সবার কানে লাগে তালি—*ফগ*)। {ধ্বন্যা.}

কলবাহিনী ⇒ কল[২]

কলবিঙ্ক [কলোবিঙ্‌কো] *বি* চটক পক্ষী; চড়াই পাখি (ময়ূরই সুন্দর, কলবিঙ্ক নয়, কাক নয় এই কথা যারা বলেছে এমন মানুষই পৃথিবীতে ছেয়ে রয়েছে দেখতে পাই—*অঠা*; কুরর কুক্কুট কঙ্ক, কামী কোক কলবিঙ্ক, কলরব কুলিঙ্গ কর্কট—*কমু*)। {স. কল+বিঙ্ক}

কলভ [কলভো] *বি* উষ্ট্র-শাবক; ধুতুরা গাছ। {স. √কল্+অভ(অভচ্)}

কলম[১] [কলম্] *বি* ১ লেখনী; নল; পালক; খাগড়া ইত্যাদি থেকে প্রস্তুতকৃত একপ্রকার লেখনী। ২ কলমের আকৃতিবিশিষ্ট কাঁচ কাটবার যন্ত্রবিশেষ। ~**কেসুর** *বি* লেখনীর ভুলভ্রান্তি। ~**চি** *বি* শ্রুত-লেখক; লিপিকর। ~**দান**, ~**দানি** *বি* লেখনী রাখার পাত্র। **কলমি, কলুমে, কলমিয়া** *বিণ*। ~**পেশা** *বি* ১ লিপিজীবী; মসীজীবী; লেখক (কলমপেশার কিবা কাজ নিয়েছি কেন?—*মব*)। ২ কেরানিগিরি; লিপিকর বৃত্তি। ~ **পেষা** *ক্রি* কেরানিগিরি করা; অবিশ্রম লেখনী চালনা। ~**বাজ** *বিণ* শক্তিধর লিখিয়ে; রচনা-শক্তিসম্পন্ন (কেমনতরো কলমবাজ হে?—*মব*)। ~**বাজি** *বি* ১ লেখনী চালনা; লেখনীযুদ্ধ (কলমবাজিতে উদর পূর্তি করে—*মব*)। ২ লেখকের বৃত্তি বা চাতুর্য। **কলমি** *বিণ* ১ হস্তলিখিত (কলমি পুঁথি)। ২ কলমের আকৃতিবিশিষ্ট (কলমি বা কলমকাটা নাক)। **কলমি পুঁথি** *বি* পাণ্ডুলিপি। {আ. কলম قلم, স. কলম্ব}

কলম[২] [কলম্] *বি* ছোটো শাখার একপ্রান্ত কলমের মুখের মতো কেটে গাছের ডালে বেঁধে উৎপন্ন করা চারা (আমের কলম, জামের কলম, লেবুর কলম ইত্যাদি)। **কলমি** *বিণ* কলমজাত বা কলমের গাছে উৎপন্ন (কলমি চারা) {আ. কলম قلم, হি. কলম}

কলম[৩] [কলম্] *বি* হুকুম; লেখা; লিখিত বিধান; নির্দেশ (খোদার কলম যেখানে যাকে মারা সেখানেই তো তার মৃত্যু—রদ না হইবে কভু কলম আল্লার—*ফগ*)। {আ. কলম قلم}

কলম[৪] [কলম্] *বি* পলওয়ালা লম্বা স্ফটিক বা কাঁচ খণ্ড (এক হাজার চার শ চল্লিশটা করে কাঁচের কলম, চব্বিশ রঙের রামধনুকের মত আভা দিচ্ছে—*অঠা*)। {ই. column}

কলম[৫] [কলম্] *বি* স্তম্ভ; পত্রিকার কলম (চতুর্থ কলমে দ্রষ্টব্য)। {ই. column}

কলম[৬] [কলম] *বি* শালিধান; কলমাধান। {স. √কল্+অম, আ. কলম قلم}

কলমা, কলেমা [কল্‌মা, কলেমা] *বি* ১ ইসলামের মূলমন্ত্র—কলেমা "লা-ইলাহা ইল্লাল্লাহু মুহম্মদুর রসূলুল্লাহ" অর্থাৎ আল্লাহ ব্যতীত উপাস্য নাই, মুহম্মদ (সা.) আল্লাহর রসুল—ইসলামের এই বিশ্বাসমূলক স্বীকারোক্তি (কলেমা শাহাদতের বাণী ঠোঁটে কে এল ওই—*নই*)। ২ বাণী; sermon (সে যেন ফাঁসীর আগে পাদরী সাহেবের কলমা শুনছে—*কেম*)। ~ **পড়া** *ক্রি* ১ ইসলামের মূলমন্ত্র আবৃত্তি করা। ২ যথারীতি বিবাহ করা। ~ **পড়ানো** *ক্রি* যথারীতি বিবাহ দান (মোল্লা তখন কলমা পড়ায় সাক্ষী উকিল ডাকি—*জউ*)। ~ **শাহাদৎ** *বি* সাক্ষ্যবাণী—"আমি সাক্ষ্য দেই যে আল্লাহ ব্যতীত উপাস্য নেই, তিনি একক ও শরিকহীন এবং সাক্ষ্য দেই যে মুহম্মদ (স.) তাঁর রসূল।" {আ. কালিমাহ كلمة}

কলমি [কোলমি] *বি* শাকবিশেষ। {স. কলম্বী>কলম্বি>কলম্মী>কলমি}

কলম্ব [কলম্‌বো] *বি* ১ বাণ; তীর; শর (অযুত কলম্বকুল উড়িল আকাশে শনশনি—*কায়*)। ২ শাকের ডাঁটা। ৩ কদম গাছ। {স. √কল্+অম্ব}

কলম্বী, কলম্বিকা [কলোম্‌বি, কলোম্‌বিকা] *বি* কলমি শাক। {স. কলম্ব+ঈ, +ক(কন্)+আ(টাপ্)}

কলরব, কলরোল ⇒ কল[২]

কলশি, কলশী ⇒ কলস

কলস, কলসি, কলশি [কলোশ্‌, কোলশি, -কো, -] *বি* ১ ঘড়া; গাগরি; জলপাত্রবিশেষ। ২ কলসাকৃতি গৃহচূড়া। {*স.* কল+√শু+অ(ড)+ঈ>ই}

কলস্বন, কলস্বর ⇒ কল১

কলহ [কলোহো] *বি* ঝগড়া; বিবাদ; বচসা; বাক-বিতণ্ডা। {*স.* কল-√হন্‌+অ (ড)}

কলহান্তরিতা [কলোহান্‌তোরিতা] *বি* যে নায়িকা নায়কের সঙ্গে কলহ বা ঝগড়া করে দূরে থেকে অনুতাপ করে, তাকে 'কলহান্তরিতা' বলে। {*স.* কলহ+অন্তরিতা; ৩তৎ; অথবা সুপসুপা; কলহ+অন্তর+ইত(ইতচ)}

কলহাস্য ⇒ কল১

কলা১ [কলা] *বি* ১ চাঁদের ষোলো ভাগের একভাগ (দ্বিতীয়ার চন্দ্র যেন নিত্য বাড়ে কলা—*সৈআ*)। ২ কালের পরিমাণবিশেষ; অল্প সময়। ৩ গীতবাদ্যনৃত্যাদি চৌষট্টি বিদ্যা। ৪ শিল্প; চারুশিল্প। ৫ কৌশল; কারিগরি; নির্মাণকুশলতা; কারুশিল্প। ৬ ছল-চাতুরী (পতি ভুলাবার কলা—*ভারা*)। ~**ধর** *বি* চন্দ্র (আকাশে করেন কেলি লয়ে কলাধরে রোহিণী—*মদ*)। ~**বৎ**, ~**বত** *বিণ বি* ওস্তাদ গায়ক; কালোয়াত; সঙ্গীতশিল্পে পারদর্শী (কাবুলে যে দেড়জন কলাবত আছেন তাঁরা গান শিখেছেন যুক্তপ্রদেশে—*সৈমু*)। ~**বতী** *স্ত্রী.* সুকুমার শিল্পে নিপুণা; শিল্পকুশলা স্ত্রী। ~**বিদ** *বিণ* শিল্পজ্ঞানী; শিল্পরসজ্ঞ; শিল্পরসিক। ~**বিদ্যা** *বি* শিল্পবিজ্ঞান। ~**ভবন** *বি* নানাবিধ শিল্পবিদ্যার আগার বা শিক্ষাকেন্দ্র। {*স.* √কলি+অ(অচ)}

কলা২ [কলা] *বি* ১ স্বনামপ্রসিদ্ধ ফল; কদলী; রম্ভা। ২ কলাগাছ; কদলীতরু। ৩ বৃদ্ধাঙ্গুষ্ঠ; অবজ্ঞাসূচক শব্দ। ৪ অকিঞ্চিৎকর কিছু (কলা করবে, আমার ক্ষতি না, কলা হবে)। ~ **খাওয়া** *ক্রি* নিরাশ হয়ে ফাঁকিতে পড়া; অবজ্ঞাপ্রকাশক উক্তি। ~ **দেখানো** *ক্রি* ফাঁকি দেওয়া; বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন; ঠকানো (তোমায় ভেংচুতে ভেংচুতে ও কলা দেখাতে দেখাতে তবে যাব—*কাসি*)। ~**পোড়া খাও** *ক্রি* ফাঁকিতে পড়ো; উৎসন্নে যাও। {*স.* কদলক>*প্রা.* কঅলঅ>কলা}

কলাই১ [কলাই] *বি* শস্যবিশেষ; মাষকলাই; মটর কলাই ইত্যাদি জাতীয় শস্য। {*স.* কলায়>কলাই}

কলাই২ [কলাই] *বি* ধাতুপাত্রের পালিশ; ধাতুর ঔজ্জ্বল্য সাধক প্রলেপ। ~**কর**, ~**গর** *বি* কলাইকারী বা কলাই ব্যবসায়ী। ~ **করা** *ক্রি* উক্ত প্রলেপ দেওয়া। {*আ.* কলঈ قلعی }

কলাধর, কলাধার ⇒ কলা১

কলানাথ, কলানিধি *বি* চন্দ্র

কলানুনাদী [কলানুনাদি] *বি* ১ চড়ুই পাখি। ২ চাতক পাখি। ৩ ভ্রমর। {*স.* কল+অনুনাদী; ৬তৎ}

কলাপ [কলাপ্‌] *বি* ১ ময়ূরের পুচ্ছ (কলাপ মেলি করে সে কেলি রৌদ্রে স্নেহ সঞ্চারি—*সদ*)। ২ অলঙ্কার। ৩ গুচ্ছ; সমূহ (অমনি সে বাণবিদ্ধ কেশরীর মত আন্দোলিয়া কেশর কলাপ ছুটে গেল বনান্তরে ঊর্ধ্বশ্বাসে—*মেম*)। ৪ বিখ্যাত সংস্কৃত ব্যাকরণ। {*স.* কলা+√আপ্‌+অ, অথবা কলা+√পা+অ(অণ)}

কলাপী [কলাপি] *বি* ময়ূর। {*স.* কলাপ+ইন্‌(ইনি)}

কলাবউ, কলাবৌ, কলাবধূ [কলাবোউ, -, কলাবোধু] *বি* ১ দীর্ঘ অবগুণ্ঠনবতী বধূ; অতি লজ্জাশীলা বধূ (কলা বউয়ের মত আধহাত ঘোমটা দেওয়া ক্ষুদে ক্ষুদে কনে বউ—*কাসি*)। ২ হিন্দুমতে কদলীপত্ররচিত নব পত্রিকারূপিণী নব দুর্গা। এই মূর্তিকে বস্ত্রালঙ্কার, অবগুণ্ঠন, সিন্দুর প্রভৃতিতে নববধূ সাজে সজ্জিত করা হয়। {*স.* কলাবধূ>কলাবহু>কলাবউ>কলাবৌ; কলাবউ}

কলাবত, কলাবৎ, কলাবতী ⇒ কলা১

কলাবধূ ⇒ কলাবউ

কলাবিদ, কলাবিদ্যা ⇒ কলা১

কলাভবন ⇒ কলা১

কলার [কলার্‌] *বি* জামার গলা। {*ই.* collar}

কলি১ [কোলি] *বি* ১ ফুলের কুঁড়ি; কলিকা; কোরক; ফুলের কলি। ২ বৈষ্ণবদের তিলকবিশেষ। ৩ কবিতা বা গানের পদ। ৪ কলির আকারে কাটা পোশাকে লাগানোর বস্ত্রখণ্ড (কলিদার জামা)। ৫ কলির ন্যায় হুঁকার খোল (কলি হুঁকা)। {*স.* √কল্‌+ই(ইন)}

কলি২ [কোলি] *বি* চুনকাম (কলি ফেরানো)। ~**চুন** *বি* চুনকামের কাজে ব্যবহৃত ঔজ্জ্বল্যসাধক বিশেষ চুন। ~**ফিরানো** *ক্রি* চুনকাম করা; গৃহের দেয়ালে চুনের প্রলেপ দেওয়া। {*আ.* কলঈ قلعی }

কলি৩ [কোলি] *বি* হিন্দুদের পুরাণবর্ণিত চতুর্থ বা শেষ যুগ; ধর্মভাবের অভাবের ফলে অঘটন সংঘটনের যুগ। {*স.* √কল্‌+ই(ইন)}

কলিকা১, কলিকা পাওয়া ⇒ কল্কে

কলিকা২ [কোলিকা] *বি* ১ কুঁড়ি; কলি (ক্ষণে ক্ষণে ... পিঙ্গল বরণ। ... কলিকা জিনি রাতুল নয়ন—*সৈআ*)। ২ পুষ্পবিশেষ; কল্কে ফুল। {*স.* কলি+ক(কন্‌)+আ}

কলিকাবয়সী [কোলিকাবয়োশি] *বিণ* অস্ফুটযৌবনা (প্রথম যৌবন বালা কলিকা বয়সী *দৌবা*)। {*স.* কলিকা+বয়সী; *বহু*}

কলিঙ্গ [কোলিঙগো] *বি* উড়িষ্যা বা উৎকলদেশ ও তৎপার্শ্ববর্তী কিয়দংশের পুরাতন নাম। {*স.* কলি+√গম্‌+অ(খচ)}

কলিজা, কলজে [কোলিজা, কোল্‌জে] *বি* ১ যকৃৎ; liver; মেটুলি। ২ সাহস; বুকের পাটা। ৩ মর্ম; প্রাণ; অন্তর (ছেলেদের মুখে বনি-আমীনের খবর শুনে বৃদ্ধ পয়গম্বরের কলেজা ছিঁড়ে গেল *শেক*)। {*স.* কালেয়>'কালেজা' তুল. *হি.* কলেজা}

কলিঞ্জ [কোলিনজো] *বি* দরমা; মাদুর; চাচ। {*স.* কলিঞ্জ}

কলিদার ⇒ কল্লিদার

কলু [কোলু] *বি* তৈল ব্যবসায়ী জাতিবিশেষ (যত উমেদার মোসায়েব সকলে কলু সাজিয়া তেলের ভাঁড় লইয়া সারি সারি বসিয়া গিয়াছে—*বচ*)। **কলুর বলদ** *বিণ* বিনা প্রতিবাদে পরের নির্দেশে অন্ধের ন্যায় পরিশ্রম করে এমন। {*স.* কল+ *বা.* উ; তুল. *হি.* 'কোলহু'}

কলুই [কোলুই] *বি* কলাই; কড়াই। {*স.* কলায়>}

কলুষ [কোলুশ্‌] *বি* ১ পাপ; দোষ। ২ মলিনতা; আবিলতা।

☐ *বিণ* পাপ-মলিন; আবিল। **কলুষিত** *বিণ* মলিন; দূষিত। { স. √কল্+উষ}

কলেজ, কালেজ [কলেজ্, কালেজ্] *বি* হাইস্কুলের পরবর্তী উচ্চশিক্ষা-কেন্দ্র; *(পরি.)* মহাবিদ্যালয়। **কলেজীয়** *বিণ* কলেজ সম্পর্কিত (অকস্মাৎ করি আবিষ্কার কলেজীয় বন্ধু এক—*রবি*)। { ই. college}

কলেজা, কলেজি ⇒ কলিজা

কলেবর [কলেবর্] *বি* দেহ; শরীর। { স. কলে+বর; অলুক্, ৭তৎ }

কলেমা ⇒ কলমা

কলেরা [কলেরা] *বি* বিসূচিকা রোগ; ওলাউঠা; ভেদবমি। { ই. cholera}

কলোচ্ছ্বলিত [কলোচ্ছোলিতো] *বিণ* মধুর শব্দে উচ্ছ্বসিত (কলোচ্ছ্বলিত ঝরণা—*মদ*)। { স. কল+উচ্ছ্বলিত; ৩তৎ }

কলোনি [কলোনি] *বি* উপনিবেশ; মহল্লা; পাড়া (কলোনির জীবনমথিত ঐকতান—*আজো*)। { ই. colony}

কল্ক [কল্‌কো] *বি* ১ পাপ। ২ ময়লা। { স. √কল্+ক; কল্ক+অ(অচ্)}

কল্কা ⇒ কলকা

কল্কি, কল্কী [কোল্‌কি] *বি* কলি যুগের শেষ অবতার। পুরাণ মতে ইনি কলি যুগের শেষে অধর্মনাশের জন্য আগমন করবেন। **–পুরাণ** *বি* হিন্দু কল্কি অবতার বিষয়ক পুরাণবিশেষ, এর অন্য নাম 'অনুভাগবত'। { স. কল্ক+ইন্(ইনি); কল্কিন্>কল্কী}

কল্প [কল্‌পো] *বি* ১ আটশ চৌষট্টি কোটি বৎসর। ২ হিন্দুদের পূজা। বিধি সংক্রান্ত বেদাঙ্গ গ্রন্থবিশেষ। ৩ ঈষৎ ন্যূনার্থে অর্থাৎ মূলের চেয়ে কিঞ্চিৎ কম—এই অর্থে ব্যবহৃত তদ্ধিতপ্রত্যয় (পিতৃকল্প ব্যক্তি, দেবকল্প মানুষ, মৃতকল্প)। ৪ সিদ্ধান্ত; সংকল্প; অভিপ্রায় (সংবাদ না দিয়া নিশ্চিন্ত থাকা কোনও মতে উচিত কল্প হইতেছে না—*ঈশ্বর*)। ৫ প্রলয়। ৬ পক্ষ। ৭ পূজাবিধি। ☐ *বিণ* ১ কল্পনা করে এমন। ২ রচনা করে এমন। **–তরু, –দ্রুম** *বি* ১ যে স্বর্গীয় বৃক্ষের নিকট থেকে আকাঙ্ক্ষিত ফল লাভ করা যায়। ২ আকাঙ্ক্ষিত বস্তু বিতরণে মুক্ত হস্ত। **–বৃক্ষ** *বি* যে বৃক্ষ প্রার্থীকে আকাঙ্ক্ষিত ফল দিতে পারে (কল্পবৃক্ষ পবিত্র 'জৈতুন' গাছ যথা থাকে—*নই*)। **–লতা** *বি* অভীষ্ট প্রদানের ক্ষমতাবিশিষ্ট লতা (সেই খানেতেই কল্পলতা যেখানে মোর দাবীদাওয়া—*রঠা*)। **–লোক** *বি* কল্পনার জগৎ; মানসভূমি। { স. √কৢপ্+অ(অচ্)}

কল্পতরু, কল্পদ্রুম ⇒ কল্প

কল্পন [কল্‌পোন্] *বি* ১ পরিকল্পনা; উদ্ভাবন। ২ সিদ্ধান্ত করা; স্থিরীকরণ। ৩ অনুমান। { স. √কল্পি+অন(ল্যুট্)}

কল্পনা [কল্‌পোনা] *বি* ১ মানস রচনা; জাগ্রত স্বপ্ন; কবির সৃষ্টি। ২ রচনা; উদ্ভাবনা। ৩ অলীক; মনগড়া বিষয়। ৪ ধারণা; আন্দাজ; অনুমান। ৫ রচনাশক্তি; সৌন্দর্য সৃষ্টি ক্ষমতা। { স. √কল্পি+অন(ল্যুট্)+আ}

কল্পবৃক্ষ, কল্পলতা, কল্পলোক ⇒ কল্প

কল্পান্ত [কল্‌পান্‌তো] *বি* ১ আটশ চৌষট্টি কোটি বৎসর শেষ। ২ কিয়ামত; মহাপ্রলয়। { স. কল্প+অন্ত; ৬তৎ }

কল্পারম্ভ [কল্‌পারম্‌ভো] *বি* হিন্দুমতে পূজাবিধির আরম্ভ। { স. কল্প+আরম্ভ; ৬তৎ }

কল্পিত [কোল্‌পিতো] *বিণ* ১ কল্পনা করা হয়েছে এমন। ২ রচিত; সম্পাদিত। ৩ অনুমিত; অবাস্তব। ৪ মনগড়া; উদ্ভাবিত (তুচ্ছ এবং কল্পিত কারণে—*রঠা*)। ৫ আরোপিত। ৬ *বিণ* *(গণিত)* imaginary। { স. √কল্পি+ত(ক্ত)}

কল্পী [কোল্‌পি] *বিণ* কল্পক; কল্পনাকারী। { স. √কল্প্+ইন্(ইনি)}

কল্প্য [কোল্‌পো] *বিণ* কল্পনার যোগ্য। { স. √কল্পি+য(যৎ)}

কল্মষ [কল্‌মশ্] *বি* ১ কলুষ; পাপ; ময়লা। ২ নরকবিশেষ। ☐ *বিণ* মলাবিষ্ট; আবিল; পাপিষ্ঠ; পাপাত্মা। { স. কল্মন্+√সো+অ(ক)}

কল্মাষ [কল্‌মাশ্] *বি* ১ রাক্ষস। ২ কৃষ্ণবর্ণ; মিশ্রবর্ণ; বিচিত্রবর্ণ। **–পাদ** *বি* রাজা সৌদাস। ☐ *বিণ* নর-রাক্ষস (কলুষ ক্লিন্ন কল্মাষপাদ রাক্ষস নরবেশে; হরিণ বরাহ নির্মূল করি মানুষ মৃগয়া শেষে—*সদ*)। { স. √কল্+√মস্+অ(অণ্)}

কল্য [কোল্‌লো] *বি* ১ আগামীকাল (আগামীকল্য); পরবর্তী দিবস। ২ গত দিবস; গতকাল/গতকল্য)। { স. কল+য(যৎ)}

কল্যকার [কোল্‌লোকার্] *বিণ* পূর্ব বা পর দিবসের। { স. কল্য+কার<স. কর}

কল্যবর্ত [কোল্‌লোবর্‌তো] *বি* প্রাতরাশ; প্রাতর্ভোজন (breakfast)। { স. কল্য+বর্ত}

কল্যাণ [কোল্‌ল্যান্/–লান্] *বি* ১ মঙ্গল; শুভ। ২ কুশল। ৩ সমৃদ্ধি। ৪ সহায়তা; আনুকূল্য; দাক্ষিণ্য (তোমার কল্যাণে সুখের মুখ দেখেছি)। ৫ সঙ্গীতের রাগবিশেষ। **কল্যাণী** *বি, বিণ স্ত্রী* ১ মঙ্গলময়। ২ মঙ্গলজনক; শুভদ। **–কর** *বিণ* মঙ্গলজনক। **–ময়** *বিণ* মঙ্গলময়। **–ময়ী** *বিণ স্ত্রী* মঙ্গলময়ী; কল্যাণী। **কল্যাণাস্পদ** *বিণ* কল্যাণ ভাজন বয়ঃকনিষ্ঠের প্রতি সম্বোধন বা তার উল্লেখ। **কল্যাণীয়** *বিণ* কল্যাণাস্পদ; শুভাশীর্বাদের পাত্র; বয়ঃকনিষ্ঠের প্রতি পত্রে সম্বোধনের পাঠ। **কল্যাণীয়া** *বিণ স্ত্রী*। { স. কল্য+√অন্+অ (অন)}

কল্যাণবর, কল্যাণবরেষু [কোল্‌ল্যান্‌বর্, –বরেশু] (বয়ঃকনিষ্ঠ পুরুষের কল্যাণ কামনায় তার নিকট লেখা চিঠিতে বয়োজ্যেষ্ঠের সম্বোধনের পাঠ। (ব্যাকরণগত অধিকতর শুদ্ধ পাঠ—**কল্যাণীয়বর, কল্যাণীয়বরেষু**)। { স. কল্যাণীয়+বর, বরেষু}

কল্যাণীয়েষু [কোল্‌ল্যানিয়েশু] *বি* বয়ঃকনিষ্ঠের নিকট লিখিত সম্বোধনের পাঠ। **কল্যাণীয়াসু** *স্ত্রী*। { স. কল্যাণ+ঈয়=কল্যাণীয়+৭মী বহুব}

কল্লা[1], কল্যা [কল্‌লা, কোল্‌লা] *বি* মাথা; মুণ্ড (ওদের কল্লা দেখে আল্লা ডরায়, হল্লা শুধু হল্লা—*নই*)। { ফা. কল্লাহ্ کله }

কল্লা[2] [কল্‌লা] *বিণ* ১ কলহপটু; কুঁদুলে; ঝগড়াটে। ২ চতুরা; দুষ্টা। ☐ *বি* ঠাট; ঢং, চতুরালি। { স. কলহ> কল্লহ>কল্ল+আ=কল্লা; ফা. কল্লহ্-কণ্ঠ; চোয়াল}

কল্লিদার, কলিদার [কোল্‌লিদার্, কোলিদার্] *বিণ* কলির আকারের ছোট বস্ত্রখণ্ড দ্বারা সজ্জিত বা কারুখচিত

(খন্দরের কল্লিদার কোর্তা—আমজা)। { বা. কলি(কল্লি)+ ফা. দার=কলিদার>কল্লিদার}

কল্লোল [কল্‌লোল্] বি ১ জলস্রোতের কলকল শব্দ; মহাতরঙ্গ (পঙ্কিল যত পল্বলে, আজ শোনো কল্লোল বন্যাজলে—সদ)। ২ পরম আনন্দ। ৩ শব্দ; ধ্বনি; কোলাহল (জনকল্লোল)। **কল্লোলিত** বিণ কলধ্বনিতে মুখরিত; কোলাহলমুখর (নানা পাখীনাদে যেন বন কল্লোলিত—কাদো)। **কল্লোলিনী** বিণ স্ত্রী. ১ কলধ্বনিতে মুখরিতা। ☐ বি নদী। { স. √কল্ল+ ওল(ওলচ্) অথবা, কলরোল>কল্লোল}

কশ[১] ⇒ কস[১]

কশ[২], **কস** [কশ্] বি ১ ওষ্ঠাধরের দুই কোণ (ফেনা লেগে থাকে কশের কাছটাতে—অচিসে)। ২ কোণ; কোণা। { ফা. কাশ্ کش }

কশফ [কশফ্] বি প্রকাশ; স্বর্গীয় প্রেরণা; প্রকাশিত সত্য { আ. কাশফ্ کشف }

কশব, কশবি ⇒ কসব

কশা[১], **কসা** (বিরল), **কষা** (বিরল) [কশা] বি চাবুক; কোড়া **~ঘাত** বি চাবুকের আঘাত। { স. √কশ্+ অ(অচ্)+আ(টাপ্) (ছান্দস—অশ্বতাড়নী)}

কশা[২], **কশানো** [কশা, কশানো] ক্রি ১ চাবুকের দ্বারা আঘাত করা। ২ মারা; আঘাত করা (চড় কশানো)। ☐ বি আঘাত; চাবুকের আঘাত। ☐ বিণ কশে এঁটে ধরে এমন; আঁটা (কশা জামা)। { স. ছান্দস 'কশ', 'কশা' (অশ্বতাড়নী)+বা. আ, আনো=কশা, কশানো}

কশাকশি [কশাকোশি] বি টানাটানি (⇒ **কষাকষি**), আঁটাআঁটি (লয়ে রশারশি, করি কশাকশি (কষাকষি), পোঁটলা পুঁটলি বাঁধি—রঠা)। { ফা. কশাকিশ کشاکش ; ব্যতিহার বহু}

কশাড়, কসাড় [কশাড়্] বি তৃণবিশেষ; খড় জাতীয় কাশতৃণ। { স. কশেরু>}

কশি, কষি [কোশি] বি ১ সরল রেখা (একটা সোজা কসির মধ্যে প্রাণ কি অনিমেষভাবে জ্বলছে—অঠা)। ২ দাঁড়ি। ৩ ফলের আঁটি (পাকা ফলের বুকের মাঝে যেমন শক্ত কষি—অঠা)। ৪ কোমরের বাঁধন; কোমর সংলগ্ন বস্ত্রের গ্রন্থি। **দাগকষি** বি সরলরেখা টানার ruler বা মাপনী। { ফা. কাশীদন্ کشیدن কাশিশ্ کشش }

কশিদা [কোশিদা] বি কাপড়ের উপরে তোলা ফুল বা নকশা; embroidery। { ফা. কাশীদাহ্ کشیده }

কশুর ⇒ কসুর

কশেরু, কসেরু [কশেরু] বি ১ মেরুদণ্ড। ২ কেশুর। **~ক** বিণ ১ মেরুদণ্ডী। ☐ বি ১ মেরুদণ্ড। ২ কেশুর। **~কা** বি ১ মেরুদণ্ড। ২ মেরুদণ্ডের এক একটি অংশ। { স. ক+ √শৃ+উ}

কশ্যপ [কশ্‌শোপ্] বি ১ মুনিবিশেষ। ২ সপ্তর্ষি মণ্ডলের অন্যতম তারকা। **~নন্দন** বি ১ কশ্যপের পুত্র। ২ গরুড়। { স. কশ্য+ √পা+অ(ক)}

কষ[১] [কশ্] বি ১ কষায় রস; ফল বা গাছের কটু রসবিশেষ। ২ কষায় রসের ছোপ। ৩ ক্বাথবিশেষ; উদ্ভিজ্জসার; পশুর চামড়া পাকিয়ে কার্যোপযোগী করার কষায় রস; tannin। { স. কষায়>; √কষ্+অ(ঘ)}

কষ[২] [কশ্] বি কৃষ্ণবর্ণ প্রস্তরবিশেষ; কষ্টিপাথর। { স. কষ্টি>কষটি>কষই>কষ ? ; √কষ্+অ(ঘ)}

কষ[৩] ⇒ কস[২]

কষন[১] [কশোন্] বি কষ্টিপাথরে ঘষে পরীক্ষা করা; স্বর্ণাদি যাচাই করা। { স. √কষ্+অন}

কষন, কষণ[২] [কশোন্] বি ১ বন্ধন; বাঁধাবাঁধি (নিয়মের চাপের কষণের ইতরবিশেষ হওয়ার দরুন—অঠা) ২ আঁটা; বাঁধন; দৃঢ় বন্ধন (কবরী ভূষণ কাঁচুলী কষণ কটির বসন খসে অমনি—ভারা)। ☐ ক্রি কষানো; মাছমাংস জ্বাল দিয়ে সাঁতলানো। { স. √কষ্+অন}

কষন[৩] [কশোন্] বি চামড়ায় কষ দেওয়া; tanning { স. √কষ্+অন}

কষা[১] [কশা] বিণ ১ কষায় রসবিশিষ্ট। { স. কষায়>}

কষা[২] [কশা] ক্রিবি ১ কষ্টিপাথরে ঘষে সোনা যাচাই করা ২ অঙ্ক করা; গণনা করা (আঁক কষা)। ৩ নির্ণয় করা; স্থির করা (হিসাব কষা, দর কষা)। { ফা. কাশীদান کشیدن }

কষা[৩] [কশা] ক্রি রস মারা; সাঁতলানো। ☐ ক্রিবিণ ১ আঁট করে বাঁধা ☐ বিণ ১ কৃপণ। ২ বদ্ধকোষ্ঠ। ৩ রুক্ষ; কড়া (শরীর কষে যাওয়া)। ৪ আক্রা। **কষণ** বি। { স. √কষ্+বা. আ}

কষা[৪], **কষানো** [কশা, কশানো] ক্রিবিণ চামড়ায় কষ দেওয়া। { কষ+আনো}

কষাকষি, কশাকশি [কশাকোশি] বি ১ কোনো বিষয়ে দুই পক্ষের বাদানুবাদ; টানাটানি; তর্কবিতর্ক (দর কষাকষি)। ২ দুই পক্ষে অসন্তোষজনিত বিরূপভাব (মন কষাকষি)। { ফা. কশাকশী کشاکشی }

কষানি [কশানি] বি ১ কষ ধোয়া পানি। ২ পুঁজ; ঘায়ের কষ। { কষ+পানি>আনি}

কষায় [কশায়্] বি ১ কটু বা তিক্ত রস। ২ কষ। ৩ লালচে রং। ৪ ক্বাথ। ☐ বিণ ১ কটুস্বাদ; তিক্ত (যে অল্প প্রমাণ জল থাকে তাহাও বৃক্ষের গলিত পত্র সকল অনবরত পতিত হওয়াতে অত্যন্ত কটু ও কষায় হইয়া উঠে—ঈবি)। ২ লোহিত; আরক্ত (ফাটিলে ফাটিলে কষায় নয়ন ভ্রূকুটি করেছে ত্রুটিরে মম—সুদ)। **কষায়িত** বিণ রক্তিম; লাল হওয়া; রঞ্জিত (রোষ-কষায়িত লোচন)। { স. √কষায়+অ(অক)}

কষি ⇒ কশি

কষিত [কোশিতো] বিণ ১ কষ্টিপাথরে পরীক্ষিত। ২ খাঁটি; নিখাদ (কষিত কনক কান্তি—বিপ)। { স. √কষ্+ত(ক্ত)}

কষ্ট [কশ্‌টো] বি ১ দুঃখ; ক্লেশ; বেদনা। ২ শ্রম; বিশেষ যত্ন; মেহনত; দুঃসাধ্য চেষ্টা (কষ্টসাধ্য)। ☐ বিণ ক্লিষ্ট; স্বতঃস্ফূর্ত নয় এমন (কষ্টকল্পনা)। **~ক্লিষ্ট** বিণ যন্ত্রণা–পীড়িত; দুঃখ–তাপিত (কষ্টক্লিষ্ট প্রাণ—রঠা)। **কষ্টেসৃষ্টে** ক্রিবিণ দুঃখের মধ্য দিয়ে কোনো মতে; কঠিন চেষ্টায় (কষ্টেসৃষ্টে দিন চলে যায়—সুরা)। { স. √কষ্+ত(ক্ত)}

কষ্টি [কোশ্‌টি] স্বর্ণাদি যাচাই করার প্রস্তরবিশেষ; নিকষপাথর। **~ পাথর** বি নিকষপাথর (সে রসের

কষ্টিপাথর হচ্ছে পাঠকের মন—মুম)। {স. √কথ্+ তি(ক্তি)}

কস[1] ⇒ কশ

কস[2], **কশ, কষ** [কশ্] *বি* ফল ও গাছ থেকে নির্গত রসবিশেষ; কষায় রস; কটু বা তিক্ত রস (যে সাহিত্যে দম নেই তাতে অন্ততঃ কস থাকা আবশ্যক—*প্রচৌ*)। {স. কষায়>}

কসব, কশব (*অপ্র.*) [কসব্] *বি* ১ বেশ্যাবৃত্তি (কুমারীর ধর্ম নষ্ট করে শেষে তাড়িয়ে দেওয়া হবে—তখন বাজারে কশব করাই তার অনন্যগতি হয়ে পড়ে—*কাসি*)। ২ ব্যবসায়। {*আ.* কাসব্ كسب }

কসবা [কস্‌বা] *বি* ১ সমৃদ্ধ বসতি; ভদ্র পল্লি; উন্নত গ্রাম (বড় বড় সহর বড় বড় নামজাদা নগরে; কসবা জায়গায় এত নেসার ভিড় নাই—*মীম*)। ২ ক্ষুদ্র শহর; তুর্কি আমলের ছোট প্রশাসনকেন্দ্র। {*আ.* কস্‌বাহ قصبة }

কসবি, কশবী [কস্‌বি] *বি স্ত্রী.* বেশ্যা; বারাঙ্গনা (কসবী ঘরে আইছ বান্দর—*অমৃব*)। **–পনা** *বি* বেশ্যার ব্যবহার; বারাঙ্গনার আচরণ। {*আ.* কস্‌বী كسبى }

কসম, কছম[1] [কসোম্, –ছো–] *বি* শপথ; কিরা; দিব্যি (মাশুকের বাহু ছাড়ায়ে আশিক কসম করিছে হবে শহীদ—*নই*)। **– খাওয়া** *ক্রি* শপথ করা; দিব্যি করা (গা ছুঁয়ে কসম খেয়ে আর—*আভ*)। **– দিব্যি** *বি* শপথ; কিরা (হরবকৎ কথার পিঠে কথা চলবে এমন কোনো কসম দিব্যি নেই—*সৈমু*)। **কসমাকসমি** *বি* উভয় পক্ষের শপথকরণ। {*আ.* কসম قسم }

কসমস [কস্‌মস্] *বি* ফুলবিশেষ। {*ই.* cosmos}

কসর, কছর [কসোর্, –ছো–] *বি* ১ প্রাসাদ (কেল্লা কসর পাহাড় সোসর বরুজ–মীনার সমুদ্যত—*সদ*)। ২ সংক্ষেপ করা; সফরের সময়ে চারি রাকাত স্থলে দুই রাকাত নামাজ পাঠ (সফরকালে নামাজ কসর পড়তে হয়)। ৩ কমি। {*আ.* কস্‌র্ قصر }

কসরত, কসলত [কস্‌রত্, কস্‌লত্] *বি* ১ ব্যায়াম; অঙ্গ চালনার কৌশল (রামলাল কসলত করিত তাহাতে আমি পরিহাস করিতাম—*প্যামি*)। ২ কায়দা; কৌশল (পীর সাহেবের ভাত ভাঙিবার কসরত দেখার সুযোগ ইতিপূর্বে এমদাদের হয় নাই—*আমআ*)। ৩ অভ্যাস; চর্চা; অনুশীলন (বই পড়ার দরুন বুদ্ধিরই কসরৎ হয়; আত্মার অনুশীলন হয় না—*কামো*)। ৪ প্রয়াস; প্রতিকূল অবস্থার সহিত যুদ্ধ (এদিকে অনেক কসলতের পর কেরামতি গুড়ি গুড়ি চলতে লাগলেন—*কাসি*)। {*আ.* কস্‌রাহ قسرة }

কসা[1] ⇒ কশা[1]

কসা[2], **কশা** [কশা] *বিণ* ১ খচিত; পরিশোভিত (সোনা মুক্তা হীরা কসা বই নাই আর—*বৃদ্দা*)। ২ দুর্মূল্য; মহার্ঘ (বাজার কসা কি রকম—*রজসে*)। ৩ *বিণ* আঁটসাঁট (কসা জুতোর একটু চাপ পেলেই—*অঠা*)। **–মাজা** *বি* দরদস্তুর; দরকষাকষি; দাম দস্তুর (অনেক কসা–মাজার পর একজনকে ভাড়া যেতে সম্মত কল্লেন—*কাসি*)। {*ফা.* কশা كشا }

কসাই, কশাই [কশাই] *বি* ১ যারা গবাদি পশু হত্যা করে মাংস বিক্রয় করে; পশুবধকারী (আমি আজ হত্যাকারী কশাই—*নই*)। ২ অতিশয় নির্মম ব্যক্তি (কসাই সম জবাই করে যে জাতির স্বর্থ—*জহা*)। ৩ (*আল.*) অত্যন্ত স্বার্থপর ব্যক্তি; অন্যের দুঃখদুর্দশার প্রতি ভ্রুক্ষেপশূন্য লোক। **–খানা** *বি* ১ যেখানে মাংস বিক্রয় হয়; কসাইয়ের দোকান। ২ যে স্থানে পশু জবাই হয়। ৩ (*আল.*) অতি নির্মম স্থান। **–গিরি** *বি* ১ কসাইয়ের ব্যবসা। ২ (*আল.*) কসাইয়ের মতো ব্যবহার; নির্মমতা; হৃদয়হীন আচরণ (ছেলেমানুষির কসাইগিরি করতে যাবই বা কেন—*রঠা*)। **–য়ের হাতে পড়া**—নিষ্ঠুর ব্যক্তির সংস্পর্শে আসা বা তার অধীন হওয়া; নির্দয় ব্যক্তির পাল্লায় পড়া। {*আ.* কস্‌সাব قصاب }

কসাড় ⇒ কশাড়

কসা–মাজা ⇒ কসা[2]

কসাল (*মরা.*) [কশাল্] *বিণ* অনুজ্জ্বল রক্তবর্ণ (কসাল পিঅল ডগরে (ডগরে)—*বচদা*)। {স. কষ>+*বা.* আল}

কসি ⇒ কশি

কসীদা [কোসিদা] *বি* কবিতা; উদ্দেশ্যমূলক প্রশংসা-সূচক দীর্ঘ কবিতা। {*আ.* কসীদাহ قصيدة }

কসুর, কছুর [কোসুর্, –ছু–] *বি* ১ ত্রুটি; অপরাধ; অন্যায় (ঠিক বটে, তার বহুৎ কসুর মাফ কিছুতেই নয়—*মোম*; কোন কসুর হয়ে থাকলে মাপ চাই—*হার*)। ২ ভুল (কসুর করেছিলাম মাগো শ্বশুরের কন্যে এনে—*নই*)। ৩ অবহেলা (দাম বেশি হলেও তা কিনতে তিনি কসুর করবেন না—*নাআ*)। ৪ ন্যূনতা; কমতি; অপূর্ণতা (আপনাকে দিতে থুতে আমি কসুর করি নাই—*প্যামি*)। **– নাই, কামাইও নাই**—এক নাগাড়ে চলেছে এমন; বিরতিহীন। {*আ.* কসুর قصور }

কসেরু ⇒ কশেরু

কসেল্লা [কশেল্‌লা, –সে–] *বি* কষ্ট; দুঃখ (এদেশে আসিতে তুমি পাইলে কসেল্লা—*সৈহা*)। {*আ.* কসালাহ كسالة }

কস্ত [কস্‌ত্] *বি* ১ কষ্টকর ও কৌশলময় অভ্যাস (কানুন কায়দা কস্ত করতে নাস্তানাবুদ খানেখারাপ হতে হয়—*প্রচৌ*)। ২ ব্যায়াম। ৩ শিক্ষা। {*আ.* কাস্‌রাহ كسرة }

কস্তা [কস্‌তা] *বিণ* টকটকে লাল; লোহিত বর্ণ। **–পাড়** *বি* চওড়া লাল পাড়। **–পেড়ে** *বিণ* চওড়া লালপাড়যুক্ত (কস্তাপেড়ে ধুতি পরা—*প্যামি*)। {স. √কষ>কস+তা}

কস্তাকস্তি [কস্‌তাকোস্‌তি] *বি* ১ ধস্তাধস্তি; পাল্লাপাল্লি। ২ কুস্তি। {*ফা.* কুশ্‌তী كشتى ; কুস্‌তী كستى ; বহু}

কস্তুর, কস্তূর [কোস্‌তুর্] ১ *বি* কস্তূরী মৃগ। ২ মৃগনাভি। {স. √কস্+(ত আগম)+উর}

কস্তুরিকা ⇒ কস্তূরী

কস্তূরী, কস্তূরিকা [কোস্‌তুরি, –কা] *বি* মিশ্‌ক; মৃগনাভি (কস্তূরিকাগন্ধি বেণী—*মুশ*)। {স. কস্তূর+ঈ,+ক(কন্)+আ(টাপ্)}

কস্মিনকালে [কোশ্‌মিন্‌কালে] *ক্রিবিণ* কোনো কালে; কখনো (তাদের মিলন কস্মিনকালেও হবে না—*প্রচৌ*)। {স. 'কিম্' শব্দের সপ্তমীতে 'কস্মিন্' +কালে}

কস্য [কোশ্‌শো] *অব্য* ১ কার; কোন জনের। ২ যার। ৩ অমুকের। '**কা কস্য পরিদেবনা**'—সংস্কৃত বাক্য বাংলায়

ব্যবহৃত; অর্থ—কার কি বিবেচনা বা চিন্তা। { স. 'কিম্' (পুং)। ষষ্ঠী একব}

কহ [কহো] *ক্রি* ১ বলো; কও (মনের আজ কহ যে—*রঠা*)। ২ (*ব্র.*) বলে; কয় (বিদ্যাপতি কহ তুঁহু আগেয়ানী—*বিপ*)। { *স.* √কথ>*প্রা.* কহ>}

কহই (*মবা. ব্র.*) [কহই] *ক্রি* কহে (হাম কহই না পার—*বিপ*)। ~**ত** *ক্রি* কহে; বলতে বলতে (কহইত হার টুটি গেল—*বিপ*)। ~**তে** *অক্রি* বলতে (কহইতে লাজ—*বিপ*)। { *স.* কথ>*প্রা.* কহ>*বা.* √কহ্}

কহতব্য [কহোতোববো] *বিণ* ১ বলার যোগ্য; বলার উপযুক্ত। ২ কথন-সাধ্য। ~ **নয়** *বিণ* অকথ্য; যা মুখে আনা যায় না। { *বা.* √কহ্+ *স.* তব্য=কহতব্য}

কহন[১] [কহোনো] *বি* বলা; কহা; কথন। ❑ *বিণ* কহতব্য; বলার যোগ্য (কহন না যায় রে)। **কহনে না যায়**—বলতে পারা যায় না। { *স.* কথন>*প্রা.* কহণ>*বা.* কহন}

কহন[২] (*মবা.*) [কহোন] *ক্রি* বলেন (যা কিছু কহন—*বিপ*)। { *বা.* √কহ্+ *বা.* অন}

কহন্তি (*মবা.*) [কহন্তি] *ক্রি* বলেন। { *বা.* √কহ্}

কহব (*মবা.*, *ব্র.*) [কহব] *ক্রি* বলব (কি কহব তোয়—*বিপ*)। **কহবি** (*ব্র.*) *ক্রি* বলবি (কহবি মোয়—*বিপ*)। **কহয়ে** (*ব্র.*) *ক্রি* বলে (কহয়ে গদগদ ভায—*বিপ*)। { *বা.* √কহ্}

কহর[১] [কহোর] *বি* ১ অভিশাপ (খোদার কহরে পড়ি হইবা নিধন—*হেমা*)। ২ বিপদ; প্রাকৃতিক দুর্যোগ (এয়ছাই কহর হইল গিরিল আকার—*ফগ*)। ৩ অত্যাচার; উপদ্রব; জুলুম (শহরে কহর এত আপনি করিলা—*ভারা*)। { *আ.* কহ্‌র্ قهر }

কহলম (*ব্র.*), **কহলহি** (*ব্র.*), **কহলু** (*ব্র.*), **কহলুঁ** (*ব্র.*) [কহলম্, কহলহি, কহলু, কহলুঁ] *ক্রি* বললাম (কহলম তোয়; কহলু তোহে সুন্দরী—*বিপ*)। { *বা.* √কহ্}

কহসি (*ব্র.*) [কহসি] *ক্রি* বলে (বচন কহসি হসি—*বিপ*)। { *বা.* √কহ্}

কহহি (*ব্র.*) [কহহি] *অক্রি* বলতে (কহই ন পারিঅ দেখনি জহিনী—*বিপ*)। { *বা.* √কহ্}

কহা [কহা] (*প্রাপ্র.*) *ক্রি* বলা। ~**কহি** *বি* বলাবলি (কহাকহির প্রয়োজন নেই)। ~**নো** *ক্রি* বলানো (সাক্ষীকে দিয়ে কহাতে হবে)। ~**য়সি** *ক্রি* বলাও (অনাদিনাথ কহায়সি—*বিপ*)। { *বা.* √কহ ; *বা.* √কহ্+√ণিচ}

কহি, কহিঁ, কহী (*মবা.*) [কোহি, কোহি, কোহি] *অব্য* কোথায়। { *স.* কস্মিন্>*প্রা.* কহি>*বা.* কহি; *স.* কুত্র>}

কহিতুর [কোহিতুর] *বি* কুহিতুর-এর বিকৃত রূপ; তুর পাহাড় (কহিতুর চূর্ণ চূর্ণ হয়ে ছড়িয়েছিল প্রাণপ্রার্থী প্রান্তরে প্রান্তরে—*হাহা*)। { *ফা.* কোহেতূর كوه طور }

কহিনী (*ব্র.*) [কোহিনি] *বি* কাহিনী (কি কহব সজনি ওাহেরি কহিনী—*বিপ*)। ⇒ কাহিনী

কহিয়ে, কইয়ে, বলিয়ে, কইয়ে-বলিয়ে [কোহিয়ে, কোইয়ে, বোলিয়ে, কোইয়ে বোলিয়ে] *বিণ* বাকপটু; বাগ্মী; যে বেশ বলতে কইতে পারে। { *বা.* √ক+ইয়ে, *বা.* √বল্+ইয়ে}

কহির (*মবা.*) [কোহির] *অব্য* কোথাকার; কোন জায়গার (কহির কহির তাম্বুল বড়ায়ি—*বচদা*)। { *স.* কস্মিন্> কস্সি>কহি>কাহি}

কহু (*মবা. ব্র.*) [কোহু] *ক্রি* কহে; বলে (কো কহু—*বিপ*)। { *বা.* √কহ্}

কহুয়া [কোহুয়া] *বিণ* অনর্গল কথা বলতে পারে এমন; বাকপটু। { *বা.* √কহ্+উয়া=কহুয়া}

কহে [কহে] *ক্রি* বলে। { √কহ্}

কহোঁ (*ব্র.*) [কহোঁ] *ক্রি* বলতাম (সব দুঃখ কহোঁ—*বিপ*)। { *বা.* কহ্}

কহ্লার [কল্‌হার] *বি* ১ শ্বেতপদ্ম; শ্বেতোৎপল; (সুগভীর কাল জলে কুমুদ কহ্লার শোভিত—*কায়*)। ২ *বি* শালুক; সুঁদি (তোলে কহ্লার কেবল কালা—*কমু*)। { *স.* ক+√হ্লাদি+অ(অণ)}

কা [কা] *সর্ব* ১ কে; কোন জন। ২ কী; কোনো বস্তু বা বিষয় (কা হতে জনমিল জগতের যাতনা—*হেব*)। { *স.* কঃ>*প্রা.* কো>*বা.* ক+আ=কা (*স.* 'কা' শব্দের প্রভাবে)}

কাআ (*প্রাবা.*) [কায়া] *বি* কায়; দেহ (কাআ তরুবর পঞ্চবি ডাল—*চর্যা*)। { *স.* কায়}

কাই [কাই] *বি* ১ আঠা; লেই; ঘন মাড় (দোকানের কপাটে কাই দিয়ে নানা রকম রঙিন কাগজ মারা হয়েছে—*কাসি*)। ২ ক্বাথ (প্রাণের দায়ে খেতে হবে চেঁছে হুঁকোর কাই—*নই*)। { *স.* ক্বাথ>কাহ>কাঅ, কাই}

কাইকুতু [কাইকুতু] *বি* কাতুকুতু; সুড়সুড়ি (উঃ কাইকুতু দাও কেন—*অঠা*)। { *স.* কাতুকুতু>কাউকুতু>কাইকুতু}

কাইচা ⇒ কাঁচি

কাইজা ⇒ কাজিয়া

কাইট, কাট [কাইট, কাট] *বি* তৈলাদির গাদ। { *স.* কিট্ট>কাইট(অর্ধতৎসম)}

কাইনী [কাইনি] *বি* ঘটনা; ইতিহাস; কিচ্ছা; গল্প (সেই অতি পুরানো কাইনী তুলে ঘায়েল করে দেবে—*জউ*)। { *স.* কাহিনী>কাইনী}

কাইয়াঁ ⇒ কাঁইয়া

কাউ, কাউয়া [কাউ, কাউয়া] *বি* কাক (শুকানো ডালেতে বসি কু বোলয় কাউ—*কমু*)। { *স.* কাক+*বা.* উয়া-কাকুয়া> কাউয়া, কাউ}

কাউন, কাউনি [কাউন্, কাউনি] *বি* সর্ষের আকারের এক প্রকার খাদ্যশস্য; কাকুন (ধান কাউনের লিখন লিখি করছে নিতুই পাঠ—*জউ*)। { *স.* কঙ্গুনী>কগ্‌গুনী> কাগুনি>কাউনি, কাউন}

কাউন্সিল [কাউন্‌সিল] *বি* আইনসভা; পরিষদ, (চরকা কাউন্সিল ভাঙ' কিছুর দরকার হত না—*রাব*)। { *ই.* council}

কাউয়া ⇒ কাউ

কাউয়াঠুঁটি [কাউয়াঠুঁটি] *বি* শিশুদের অতি প্রিয় লাল রঙের বনফুলবিশেষ (সাদা দাঁড়কাক ঘুরিতেছে বনে কাউয়াঠুঁটির আশে—*জউ*)। { কাউয়া(<কাক)+(ঠোঁট>) ঠুঁটি}

কাউর [কাউর] *বি* চর্মরোগবিশেষ। { *আ.* কূরহ্ قره }

কাএদা ⇒ কায়দা

কাওড়া [কাওড়া] *বি* বাদ্য: ফ্যাকড়া (কাওড়া লাগায় মদন চাঁদ গোঁসাই—*পাকা*)। {*স.* কপাট>কাউড়>কাওড়া}

কাওয়া [কাওয়া] *বি* কাফি। {*আ.* কাহ্ওয়াহ্ قهوة }

কাওয়াজ [কাওয়াজ] *বি* সৈন্যদের যুদ্ধকৌশল শিক্ষা; parade। **কুচ-** *বি* যুদ্ধের ব্যায়াম ও রণকৌশল শিক্ষা। {*ফা.* কোচ کوچ + *আ.* কবাইদ= قواعد =কুচকাওয়াজ, 'আওয়াজ' শব্দের প্রভাবে}

কাওয়াল [কাওয়াল] *বি* যারা কাওয়ালি গান গায়; হামদ ও নাত শ্রেণির স্তুতিমূলক সংগীত গায়ক। {*আ.* কাব্বাল قوال }

কাওয়ালি, কাওয়ালী [কাওয়ালি] *বি* মুসলমান সমাজে প্রচলিত হামদ ও নাত শ্রেণির স্তুতিমূলক সংগীত; ঐ সঙ্গীতের তাল ও সুর। {*আ.* কাব্বালী قوالى }

কাওরা [কাওরা] *বি* অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ; কাহার (এদিকে দুলে বেয়ারা, হাড়ি কাওরারা. . . নেচে বেড়াচ্ছে—*কাসি*)। {*স.* কিরাত>}

কাওলি [কায়োলি] *বি* গায়ক (নয়শত কাওলি চলে তেরশত নর—*বিও*)। {*আ.* কব্বাল্ قول }

কাওস [কায়োস্] *বি* ১ দিকচক্রবাল; দিগ্বলয় (দূরে বহুদূরে বন্দর গেছে মিশে দিগ কাওসের কোলে—*ফআ*)। *বি* ২ ধনুক। {*আ.* কওস قوس }

কাংস, কাংসক ⇒ কাংস্য

কাংস, কাংস্য, কাংসক, কাংস্যক [কাঙ্শো, -, কাঙ্শক, -] *বি* ১ কাঁসা; তামা ও রাং-এর মিশ্রণে জাত ধাতু। ২ কাঁসার বাসন বা পেয়ালা। ৩ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ; কাঁসি (কাংস্যও রজতের ন্যায় মধুরনাদী—*বচ*)। ☐ *বিণ* কাঁসার তৈরি (কাংস্য ঘটে গঙ্গাজল—*মোম*)। **কাংস্য-কর্কশ** *বিণ* কাঁসার আওয়াজের মতো শ্রুতিকটু (কাংস্য-কর্কশ কণ্ঠস্বর অনেকক্ষণ শোনা গেল না —*অচিসে*)। **কাংস্যকার** *বি* কাঁসারি। **কাংস্যনিন্দিত** *বিণ* কাঁসার কর্কশ ধ্বনি অপেক্ষাও শ্রুতিকটু (কাংস্যনিন্দিত কণ্ঠস্বর)। {*স.* কংস+ঈয়(ছ)=কাংস্য+ক(কন্)}

কাঁইবিচি, কাঁইবীচি [কাঁইবিচি] *বি* তেঁতুলের বীজ। {*স.* ক্বাথ>কাঁই+বিচি; ৬তৎ}

কাঁইমাই [কাঁইমাই] *বিণ* অস্পষ্ট; দুর্বোধ্য কথা (শুনিয়াছি সে দেশের কাঁই মাই কথা। হায় বিধি সে কি দেশ গঙ্গা নাই যথা—*ভারা*)। {*ধ্বন্যা.*}

কাঁক¹ [কাঁক্] *বি* বকজাতীয় পাখিবিশেষ। {*স.* কঙ্ক>কাঁক}

কাঁক², **কাঁখ** [কাঁক,-খ] *বি* ১ কটিদেশ; কোমর; কাঁকাল (ছেলেটাকে কোলে কাঁখে করে মানুষ করেছি)। ২ বগল; কক্ষ (হাতে নড়ি কাঁখে ঝুড়ি বলে বৃদ্ধময়ী —*ঘচ*)। {*স.* কক্ষ>*প্রা.* কক্খ>কাখ, কংখ>কাঁখ}

কাঁকই, কাঁকুই, কাকই [কাঁকোই, -কুই, -কোই] *বি* বড় ও মোটা দাঁড়ার চিরুনি (রাণীর কেশে কাঁকুই টানি—*মুশ*; ঘরে আছে গন্ধ তৈল আছের কাকই দিয়া—*মৈগী*)। {*স.* কঙ্কতিকা>কঁকইআ>কাঁকই, কাকই}

কাঁকড়া, কাঁকড় [কাঁকড়া, কাঁকোড়] *বি* কর্কট; এক প্রকার জলজ প্রাণী। **কাঁকড়া বিছা** *বি* বিস্কু; বৃশ্চিকবিশেষ। {*স.* কর্কট>*প্রা.* কক্কড়, কংকড, কাঁকড়, কাঁকড়+আ=কাঁকড়া}

কাঁকড়ি [কাঁকড়ি] *বি* ১ কাঁকুড় জাতীয় ফলবিশেষ। ২ ফুটি (কহিতে কাঁকড়ি যেন বুক মোর ফাটে—*কমু*)। {*স.* কর্কটি/টী>*প্রা.* কক্কড়ি/ ডী>কক্কড়ি>কাকড়ি, কাঁকড়ি}

কাঁকতলি ⇒ কাঁখতলি

কাঁকন [কাঁকোন্] *বি* কঙ্কণ; হাতের অলঙ্কারবিশেষ (কোন আগুনে কাঁকন বাজে গো—*নই*; কেন বাজাও কাঁকন *রঠা*)। {*স.* কঙ্কণ>*প্রা.* কংকণ, কাঁকন}

কাঁকবিড়ালি, কাঁখবিড়ালি [কাঁক্‌বিড়ালি, -খ্-] *বি* বগলের ফোঁড়া। {*স.* কক্ষ>কাঁখ, কাঁক; *স.* বিড়াল+*বা.* ই; তুল. কাঠবিড়ালি; ৬তৎ}

কাঁকর [কাঁকোর্] *বি* ছোট প্রস্তরখণ্ড; পাথরের ছোট কুচি। {*স.* কঙ্কর>*পা.* ও *প্রা.* কক্কর> কাঁকর}

কাঁকরোল [কাঁক্‌রোল্] *বি* তরকারিরূপে ব্যবহৃত কাঁটাযুক্ত ফলবিশেষ। {*স.* কর্কোটক>*বা.* কাঁকরোল}

কাঁকলাস [কাঁক্‌লাশ্] *বি* ১ গিরগিটি; সরীসৃপ জাতীয় প্রাণীবিশেষ। ২ অত্যন্ত কৃশ লোক; {*স.* কৃকলাস>*প্রা.* কংকলাস>কাক(কাঁক)লাস; *বহু*}

কাঁকাল, কাঁকালি [কাঁকাল,-লি] *বি* মাজা; কোমর; কটি; কাঁক (ক্ষীণ কাঁকালে জড়িয়ে আঁচল—*নই*; হেলায়ে কাঁকালি কাঁপায়ে অঙ্গুলি—*ঘচ*)। {*স.* কঙ্কালিকা> কক্ষতল>কাঁকাল; *স.* কক্ষ>*প্রা.* কক্খ>কাঁক+ আল, আলি>}

কাঁকুই ⇒ কাঁকই

কাঁকুড় [কাঁকুড়্] *বি* অপক্ব ফুটি; শশা জাতীয় ফলবিশেষ (বারো হাত কাঁকুড়ের তের হাত বিচি)। {*স.* কর্কটি> কক্কড়ি>কাক(কাঁক)ড়=কাঁকুড়}

কাঁকুরে, কাঁকরিয়া [কাঁকুরে, কাঁকোরিয়া] *বিণ* কাঁকরে ভরা; কাঁকর মিশ্রিত। {*বা.* কাঁকর+ইয়া, উয়া=কাঁকরিয়া, কাঁকুরুয়া>কাঁকুরে}

কাঁখ ⇒ কাঁক²

কাঁখতলি, কাঁকতলি [কাঁখ্‌তোলি, -ক্-] *বি* বগল; কক্ষতল (হেঁঠ মাথামতি তোলে কাঁখতলির মালা—*কমু*)। {*স.* কক্ষতল>*প্রা.* কক্খ(+তল)>*বা.* কাঁকতল/ কাঁখতল+ই}

কাঁখবিড়ালি ⇒ কাঁকবিড়ালি

কাঁচ¹ ⇒ কাচ¹

কাঁচকড়া [কাঁচ্‌কড়া] *বি* ১ কাছিমের খোলা। ২ তিমি মাছের দাঁত সংলগ্ন কোমল অস্থিবিশেষ। ৩ রবার থেকে প্রস্তুত কাছিমের খোলার ন্যায় পদার্থবিশেষ। {*স.* কচ্ছপ>কাছআ>কাঁচ+ *স.* কটাহ>কড়া=কাঁচকড়া; ৬তৎ}

কাঁচকলা [কাঁচ্‌কলা] *বি* ১ আনাজি কলা; তরকারিরূপে ব্যবহৃত এক প্রকার কলা। ২ (*অল.*) কোনো ক্ষতি বা শাস্তি বিধান করতে অক্ষমতা; ক্ষমতাকে তুচ্ছ করে বিদ্রূপ বর্ষণ (তুমি আমার কাঁচকলা করবে)। {*বা.* কাঁচা+কলা (<*স.* কদলী)=কাঁচকলা}

কাঁচড়া [কাঁচড়া] *বি* এক প্রকার শাক (কাঁচড়া ক্ষুদের জাউ রান্ধিহ যতনে—*কমু*)। {*স.* কঞ্চট, কঞ্চড়>}

কাঁচ-পোকা, কাচপোকা [কাঁচ্‌পোকা, কাচ-] *বি* বোলতা জাতীয় উজ্জ্বল নীলবর্ণের পতঙ্গবিশেষ—এর লেজের আবরণ থেকে মেয়েদের কপালে পরার টিপ হয় (কণ্ঠেতে নীল পদ্মমালা, টিপটি নীলা কাঁচপোকার—*সদ*)। {*স.* কাচ+পুলক}

কাঁচল, কাঁচুলি, কাঁচলি [কাঁচোল্‌, -চুলি,-চোলি] *বি* স্ত্রীলোকদের স্তন-আবরক বস্ত্র; বুকের আবরণ (আঁচলখানি পড়েছে খসি পাশে, কাঁচলখানি পড়িবে বুঝি টুটি—*রঠা*; মুক্তাভূষিত কাঁচলি—*বচ*)। {*স.* কঞ্চুলী, কঞ্চুলিকা> *প্রা.* কংচুলি>কাঁচুলি}

কাঁচা [কাঁচা] *বিণ* ১ অপক্ব (কাঁচা আম)। ২ অসিদ্ধ; আরাঁধা (কাঁচা মাংস)। ৩ অদগ্ধ (কাঁচা ইঁট)। ৪ অপরিণত (সে একেবারে কাঁচা নূতন পাশ করা—*রঠা*)। ৫ মাটির তৈরি; মেটে (কাঁচা ঘর)। ৬ অনিপুণ; আনাড়ি; অদক্ষ (কাঁচা মাঝির হাতে তুফানে নৌকা পড়িলে—*প্যামি*)। ৭ অপটুভাবে কৃত; অসাবধানে কৃত (কাঁচা কাজ)। ৮ কোমল; কচি (কাঁচা ঘাস)। ৯ তরুণ (কাঁচা বয়স)। ১০ অস্থায়ী; যা উঠে যায় (কাঁচা রং)। ১১ পরিবর্তনশীল; প্রাথমিক; খসড়া (কাঁচা খাতা)। ১২ বিশুদ্ধ; ভেজালহীন (কাঁচা সোনা)। ১৩ অশুষ্ক (কাঁচাপাতা)। ১৪ ওজনে কম (কাঁচা সের)। ১৫ হালকা; স্থূল (ঢিলে গল্প, কাঁচা রসিকতা—*সৈমু*)। ১৬ উজ্জ্বল (তার মুখে একটা কাঁচা আভা—*বুব*; ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণি—*গোদা*)। ☐*বি* কিশোর ও কিশোরী (আয় প্রমত্ত, আয়রে আমার কাঁচা—*রঠা*)। ☐*ক্রি* ১ কাঁচার ভাব প্রাপ্ত হওয়া। ২ পণ্ড হওয়া (সব আয়োজন এক মুহূর্তে কেঁচে গেল)। ~ **কথা** *বি* ১ যে কথা স্থায়ী হয় না বা থাকে না; পরিবর্তনশীল কথা; অনির্ভরযোগ্য কথা। ২ যুক্তিহীন বা মূল্যহীন কথা। ~ **কাজ** *বি* ১ অপটু হাতের কাজ। ২ বোকামি। ~**কাল** *বি* কাঁচা বা অপক্ব অবস্থা (তাঁহার নিয়ম ছিল যে কাঁচাকালে ঝড়ের সময়ে গাঁয়ের সকল লোকই আম কুড়াইতে পাইবে—*কাআও*)। ~**গোল্লা** *বি* নরম পাকের সন্দেশবিশেষ (পাত্রের দল . . . নাটোরের কাঁচা গোল্লা খাইয়া গেল—*রঠা*)। ~ **ঘুম** *বি* ঘুমের ঘোর কাটেনি এমন অবস্থা; অপূর্ণ ঘুম। ~ **চুল** *বি* কালোচুল; অপক্ব চুল। ~ **টাকা**, ~ **পয়সা** *বি* ১ ধাতুনির্মিত টাকা পয়সা। ২ অল্পশ্রমে বা অনায়াসে লব্ধ অর্থ; easy money। ~**নো**, ~**ন** *ক্রি* ১ কাঁচা করা। ২ কাজে বেশ কিছু দূর অগ্রসর হয়ে সমস্ত পণ্ড করা; পুনরায় পূর্বাবস্থা পাওয়ানো। ☐*বি,বিণ* উক্ত উভয় অর্থে। ~**পাকা** *বিণ* ১ অর্ধেক পাকা এবং অর্ধেক কাঁচা (কাঁচাপাকা আম)। ২ অর্ধেক সাদা অর্ধেক কালো (কাঁচাপাকা চুল)। ৩ যে জিনিসের শেষ নিষ্পত্তি হয়নি অথচ নিষ্পত্তির দিকে এগিয়েছে (নিলামের কাঁচা-পাকা দর)। ~**বয়স** *বি* তরুণ; অল্পবয়স। ~ **বাঁশে ঘুণ ধরা**—অল্প বয়সে নষ্ট হয়ে যাওয়া; অল্পবয়সেই রোগে শোকে জীর্ণ হওয়া। ~ **বুদ্ধি** *বি* অপরিণত বুদ্ধি। ~ **মাথা** *বি* ১ (*আল.*) অপরিণত বুদ্ধি। ২ অল্পবয়স্ক ছেলেমেয়েদের মস্তিষ্ক। ~ **মাল** *বি* যে সকল কৃষিজাত বনজ ইত্যাদি দ্রব্য থেকে শিল্প দ্রব্য প্রস্তুত হয়। ~**মিঠা, কাঁচামিঠে, কাঁচামিটে** *বিণ* অপক্ব বা কাঁচা অবস্থাতেই মিষ্ট লাগে এমন (কতকগুলি আম কাঁচামিটে আছে—*বচ*)। ~ **রসিদ** *বি* সাময়িক প্রাপ্তিস্বীকার। ~ **লেখা** *বি* অপরিণত হাতের লেখা; নিম্নস্তরের রচনা। ২ *বি* খারাপ হস্তাক্ষর। ~ **লোক** *বিণ* ১ অনভিজ্ঞ লোক; আনাড়ি ব্যক্তি। ~**হাট** *বি* মাছ তরকারি ও শাকসবজির হাট। ~ **হাত** *বি* অশিক্ষিত অনিপুণ বা শিক্ষানবিসের হাত। {*স.* কন্যা>*প্রা.* কংচা>}

কেঁচে, কাঁচিয়া [কেঁচে, কাঁচিয়া] *অক্রি* ১ আয়োজন পণ্ড হয়ে (কাঁচিয় যাওয়া)। ২ নতুন করে (আমি আবার কেঁচে পৌত্তলিক হতে যাচ্ছি—*প্রচৌ*)। **কেঁচে গণ্ডূষ করা**—প্রায় সম্পাদিত কাজ গোড়া থেকে আবার শুরু করা। {কাঁচ+ইয়া>কাঁচিয়া>কেঁচে}

কাঁচি[১], **কাচি, 'কাইচা'** [কাঁচি, কাচি,'কাইচা] *বি* ১ দুই ফলাবিশিষ্ট কাটার অস্ত্রবিশেষ; ছেদনী। ২ বকের গলার ন্যায় লম্বা ও সরু অস্ত্রবিশেষ; ফসল কাটার অস্ত্র (মোদের ক্ষেতে ধান কেটেছে, কালকে যারা কাঁচির খোঁচায়—*জউ*)। {*স.* কর্তরী>; *উ.* কয়নচি کینچی }

কাঁচি[২] [কাঁচি] *বি* ১ কুঁচ; গুঞ্জা (কাঁচি দিয়া কৈল মান যোল রতি দুই ধান—*কমু*)। ২ চন্দ্রহার। {*স.* কাঞ্চী>*প্রা.* কংচি>; *হি.* কাংচী}

কাঁচি[৩] [কাঁচি] *বিণ* নতুন; কাঁচা; সদ্য জেগে ওঠা (এবারে নদীর কাঁচি চরে চাষ দিয়া এ গ্রামের লোকেরা কিছু বোরো ধান পাইয়াছিল—*রঠা*)। {কাঁচা+ই}

কাঁচি[৪], **কাঁচী** [কাঁচি] *বিণ* ১ কম ওজনবিশিষ্ট; অপূর্ণ (কাঁচি সের)। ২ ঠাসবুনানি সম্পন্ন; ঘন বুনানির (কাঁচি ধুতি)। {কাঁচা+ই, ঈ}

কাঁচুমাচু, কাছুমাছু [কাঁচুমাচু, কাছুমাছু] *বিণ* লজ্জা ভয় ইত্যাদির জন্য সংকুচিত; জড়-সড় (মুখ কাছুমাছু করে এবার আসল কথাটাই জানাল কামাল—*আফ*)। {*স.* কুঞ্চন>কাঁচু, *অনু.* √মাচু/ সঙ্কোচন}

কাঁচুলি ⇒ কাঁচল

কাঁচ্চা [কাঁচ্‌চা] *বি* সিকি ছটাক; ছটাকের এক চতুর্থাংশ। {*স.* কর্ষ>}

কাঁজি [কাঁজি] *বি* ১ আমানি; গাঁজানো পান্তা ভাতের পানি (পাঁচ মাসে কাঁজি করঞ্জায় যায় মন—*কমু*)। ২ গাঁজানো পান্তা ভাত থেকে প্রস্তুত সিরকা। {*স.* কাঞ্জিক> কাঁজিঅ>কাঁজি}

কাঁটা [কাঁটা] *বি* ১ বৃক্ষের গায়ে উদ্‌গত সূচি; কণ্টক (কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে—*রজসে*)। ২ মাছের অস্থি (মাছের কাঁটা)। ৩ ঘড়ির ধাতবসূচি (ঘড়িটা যে তৈরী করেছে সে জানে কাঁটার কোনখানে কি কাজ—*নই*)। ৪ ছোট পেরেক; তারকাঁটা; লৌহকীলক (জুতায় কাঁটা মারা)। ৫ তুলাদণ্ড; তৌল (ওজনের কাঁটা)। ৬ খোঁপা গোঁজবার কাঁটা; গুজি (চলিতে মাথার কাঁটা পড়ে যেত—*নই*)। ৭ মুখে খাদ্যবস্তু তোলার জন্য শলাকাবিশেষ; fork। ৮ অন্তরায়; বিঘ্ন; প্রতিবন্ধক (আমিই হয়েছি তাঁদের সুখের কাঁটা—*মীম*)। ~ **করা** *ক্রি* ওজন করা। ~ **খোঁচা** *বি* ১ পথ চলার সময়ে পায়ে কাঁটা ও খোঁচা লাগে (উভ মুখে সাধু যায় কাঁটা খোঁচা ফুটে পায়—*কমু*)। ২ প্রতিবন্ধক; বাধা; অন্তরায়। ~**চামচ**, ~ **চামচে**, ~ **ছুরি**

বি ইউরোপীয় প্রণালিতে ভোজনকালে ব্যবহার্য বেঁধনাস্ত্র ও চামচ বা বেঁধনাস্ত্র ও ছুরি (খাইতে দিয়া ভান হাতে কাঁটা চামচ ধরিবার অপরাধে — *বিব*)। ~**চামচ ধরা** *ক্রি* সাহেবি রীতিতে খাওয়া অভ্যাস করা। ~ **তোলা** *ক্রি* শত্রু দমন করা। ~ **দিয়ে ~ তোলা**—এক শত্রুর সাহায্যে অন্য শত্রু বিনাশ করা। ~ **দেওয়া** *ক্রি* রোমাঞ্চ হওয়া; শীতে বা ভয়ে গায়ের লোম কাঁটার মতো দাঁড়িয়ে ওঠা। ~**নটে** *বি* এক প্রকার কন্টকময় শাক। ~ **বন** *বি* কাঁটা ইত্যাদি আগাছাপূর্ণ জঙ্গল (সেই সুন্দর তপোবন কাঁটাবনে ভরে গেল—*অঠা*)। ~**য় ~ য়** [ঘড়ির] *ক্রিবিণ* ১ যথাসময়ে; ঠিক নির্দিষ্ট সময়ে (কাঁটায় কাঁটায় আসা)। ২ ঠিকঠিক; মিল দিয়ে (কাঁটায় কাঁটায় মিল দিয়ে বসাবে)। **উলের** ~ *বি* উল দিয়ে সোয়েটার প্রভৃতি বোনার জন্যে বিশেষ ধরনের তৈরি কাঁটা বা দণ্ড। **কুলের** ~ *বি* দুষ্ট চরিত্রের জন্য বংশের কলঙ্ক (দুশ্চরিত্রা স্ত্রীকুলের কাঁটা)। **গলায়** ~ *বি* গলায় বেঁধা মাছের কাঁটার মতোই যন্ত্রণাদায়ক শত্রু। **পথের** ~ *বি* পথে স্থিত কাঁটা যেরূপ চলার পথে পায়ে বিঁধে নিদারুণ যন্ত্রণা ও বাধা সৃষ্টি করে সেরূপ কষ্টদায়ক শত্রু। **সতিন** ~ *বি* কন্টকের মতো যন্ত্রণাদায়ক এবং শত্রুরূপে পরিগণিত সতিন অর্থাৎ স্বামীর অন্য স্ত্রী। {*স.* কন্টক>*প্রা.* কণ্টয়>কাঁটা}

কাঁটাচুয়া [কাঁটাচুয়া] *বি* শজারু। {কাঁটা+চুলা ?>}

কাঁটাল[1], **কাঁটালো** [কাঁটাল্, কাঁটালো] *বিণ* কাঁটাযুক্ত {*বা.* কাঁটা+আল, আলো}

কাঁটাল[2] ⇒ কাঁঠাল

কাঁঠাল, কাঁটাল[2] [কাঁঠাল্, –টা–] *বি* সর্বাঙ্গে কাঁটাযুক্ত ফল; পনস। ~**চাঁপা** *বি* পাকা কাঁঠালের ন্যায় গন্ধযুক্ত ফুলবিশেষ। **কাঁঠালের আঠা, কাঁটালের আঠা** *বি* যা সহজে ছাড়ে না। **কাঁঠালের আমসত্ত্ব** *বি* ১ অসম্ভব বস্তু। ২ ভুল বা মিথ্যা নামকরণ; অপপ্রয়োগ। **কাঁঠালি, কাঁঠালিকলা** *বি* একপ্রকার কলা (চারিপাশে মর্তমান, চাঁপা, কাঁঠালি প্রভৃতি নানা জাতীয় সুপক্ক এবং অপক্ক রম্ভা—*বচ*)। **গাছে ~ গোঁফে তেল**—অপ্রাপ্ত বস্তুকে প্রাপ্ত কল্পনা করে পরিকল্পনা। {*স.* কন্টক–ফল>*প্রা.* কণ্টঅহল>*বা.* কাঁটাল, কাঁঠাল}

কাঁঠি, কাঁটি, কাঠি [কাঁঠি, কাঁটি, কাঠি] *বি* ১ মাছধরা জালে ব্যবহৃত লোহার তৈরি বর্তুলাকার দ্রব্যবিশেষ। ২ কণ্ঠমালার বিচি বা দানা (উবু ঝুঁটি গলায় কাঁটি দুই কানে সোনার মাকড়ি একদল মালি মালিনী—*অঠা*)। ৩ শুকপাখির গলদেশস্থিত রেখা। ৪ ছোট পেরেক {*স.* কণ্ঠী>*প্রা.* কংঠী>কাঁঠি}

কাঁড়[1], **কাঁড়া, কাঁড়ি** [কাঁড়, কাঁড়া, কাঁড়ি] *বি* স্তূপ; রাশি; অঢেল (একটা নর্দমার এক কাঁড়ি মাটি—*ইখা*); আসতে লাগল কাঁড়া কাঁড়া টাকা—*সৈমু*)। {*স.* কাণ্ড>*প্রা.* কংড>কাঁড়}

কাঁড়[2] [কাঁড়] *বি* বাণ; তীর; বাঁশের ধনুক (ভাঁড়াই করিছে চাঁড় চোয়ারে লুফিছে কাঁড়—*ভারা*)। ~**বাঁশ** *বি* ধনুক। {*স.* কাণ্ড, *প্রা.* কংড>কাঁড়}

কাঁড়[3], **কাঁর** [কাঁড়, কাঁর] *বি* বাঁশের বা তক্তার উঁচু মাচাবিশেষ যার উপর বাড়ির জিনিসপত্র রাখা হয় (ঘরের 'কাঁর' থেকে পেড়ে আনল তার লাঠি—*বোখা*)। {*স.* কাণ্ড>*প্রা.* কংড>কাঁড়}

কাঁড়া[1] ⇒ কাঁড়ি

কাঁড়া[2] [কাঁড়া] *ক্রি* ছাঁটন; পরিষ্কার করা, কুঁড়া বা তুষের কণা শূন্য করা (চাল কাঁড়া)। □ *বিণ* পরিষ্কৃত; ছাঁটা হয়েছে এমন। **কাঁড়ানো** *ক্রি* ১ ছাঁটানো; পরিষ্কার করানো। □ *বি* ছাঁটন; পরিষ্কার করা। □ *বিণ* পরিষ্কৃত; ছাঁটা হয়েছে এমন। **ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া** (প্রবচন)—ভিক্ষা (প্রার্থনা) দ্বারা লব্ধ দ্রব্যের মান বিচার নিরর্থক; দয়ার দান উৎকৃষ্ট মানের হয় না। {*স.* √কণ্ড>*প্রা.* কংড>*বা.* √কাড়্+আ–কাঁড়া}

কাঁড়ান, কাঁড়ানো ⇒ কাঁড়া[2]

কাঁড়ারি, কাঁড়ারী, কাঁড়ার [কাঁড়ারি, –, কাঁড়ার্] *বি* কর্ণধার; মাঝি (কখন খেটেল কখন কাঁড়ারী—*ভারা*)। {*স.* কাণ্ডারী>কংডারি>কাঁড়ারি}

কাঁড়ি, কাঁড়, কাঁড়া ⇒ কাঁড়[1]

কাঁঢ়ার (*মবা.*), **কাণ্ঢার** (*মবা.*) [কাঁঢ়ার, কানঢার্] *বি* নৌকার হাল (পঞ্চ পাটে না খনী আক্ষার আপনেই ধরিল কাঁঢ়ার—*বচদা*)। {*স.* কাণ্ডার>কংড(ঢ)ার>কাঁঢ়ার}

কাঁতি, কাঁত (*প্রাবা.*) [কাঁতি, কাঁত্] *বি* ১ কান্তি; লাবণ্য; শোভা (কাঞ্চন কাঁতিবরণ—*জ্ঞাদা*; কনয়া নিকষ তোর দেহের কাঁতী—*বচদা*)। {*স.* কান্তি>কাঁতি}

কাঁথ [কাঁথ্] *বি* ১ মাটির তৈরি ভিত; মৃন্ময়ভিত্তি (ঘরের কাঁথে লেপছে কাদা—*সদ*)। ২ দেয়াল, প্রাচীর (কাঁথ ভাঙ্গি যাই যদি দেহ অনুমতি—*কমু*)। {*স.* "কন্থা মৃন্ময়ভিত্তৌ" (মেদিনীকোষ) : কন্থা>*প্রা.* কংথা>কাঁথা> কাঁথ}

কাঁথা [কাঁথা] *বি* কতকগুলো জীর্ণ বস্ত্রে প্রস্তুত মোটা শীতবস্ত্রবিশেষ (ঝুলি কাঁথা বাঘছাল সাপ সিদ্ধি লাড়ু—*ভারা*)। {*স.* কন্থা>*প্রা.* কংথা>*বা.* কাঁথা}

কাঁদ-কাঁদ ⇒ কাঁদো-কাঁদো

কাঁদা [কাঁদা] *ক্রি* ১ রোদন করা; ক্রন্দন করা। □ *বি* রোদন; ক্রন্দন (আমি জনমে মরণে কত কাঁদা কেঁদেছি—*বিচ*)। ~**-কাটি, ~-কাটা** *বি* ১ কান্নাকাটি; বিলাপ; খেদোক্তি সহ কান্না। ২ অনুনয়-বিনয়। ~**নো, ~ন** *ক্রি* অপরকে কাঁদতে প্রবৃত্ত করা; ক্রন্দন করানো। **কেঁদে হাট করা/ বসানো** *ক্রি* উচ্চৈঃস্বরে কেঁদে লোকজন জড় করা। {*বা.* কাঁদ+ণিচ্ = √কাঁদা+আনো}

কাঁদি [কাঁদি] *বি* ফলের বড় গুচ্ছ বা স্তবক (কেশ যেন খেজুর কাঁদি—*নই*)। {*স.* স্কন্ধ>কন্দ>কাঁদ+ই=কাঁদি}

কাঁদানে গ্যাস = কাঁদুনে গ্যাস ⇒ কাঁদুনে

কাঁদুনি, কাঁদনি [কাঁদুনি, কাঁদোনি] *বি* ১ কান্না; রোদন (দৈন্যের কাঁদুনি গাহিয়া পরের সহানুভূতি আকর্ষণ করিবার চেষ্টা অসম্ভব—*বিব*)। ২ কাতরতা। ৩ বিলাপ। ~ **গাওয়া** *ক্রি* সকাতরে অনুযোগ করা; অভাব অভিযোগ বা দুঃখ প্রকাশ করা। {*স.* ক্রন্দন+*বা.* উনি; কাঁদন+ই}

কাঁদুনে [কাঁদুনে] *বিণ* ১ কথায় কথায় কাঁদে এমন (কেবল কাঁদুনে মেয়ের মত দিবারাত্রি ঘ্যান ঘ্যান—*বচ*)। ২ যা কাঁদায় (কাঁদুনে গ্যাস)। □ *বি* যে বেশি কাঁদে; বেশি কাঁদা যার অভ্যাস (কাঁদুনে ওই শিখলে কোথায় হাসি—*সদ*)।

~ গ্যাস, **কাঁদানে গ্যাস** *বি* যে গ্যাস ছড়িয়ে দিলে বায়ু সংযোগে চোখে লেগে চোখ জ্বালা ও অশ্রু বর্ষণ প্রভৃতি অস্বস্তিকর অবস্থার সৃষ্টি করে; tear-gas। { *বা.* √কাঁদ+ উনিয়া= কাঁদুনিয়া>কাঁদুনে}

কাঁদো-কাঁদো, কাঁদ-কাঁদ [কাঁদো-কাঁদো] *বিণ* ক্রন্দনোন্মুখ; অশ্রুপূর্ণ; রোদনপ্রয়াসী। **কাঁদন** *বি* রোদন; ক্রন্দন; কান্না। { *স.* √ক্রন্দ্>*পা.* √কন্দ, *প্রা.* √কংদ= *বা.* √কাঁদ; *স.* ক্রন্দন>কান্দন>কাঁদন>}

কাঁধ, কাঁদ [কাঁধ, কাঁদ] *বি* ঘাড়; স্কন্ধ। **কাঁধকাটি, কাঁধকাটা** *বি* শববাহক; যে বা যারা মৃতদেহ শ্মশানে বয়ে নিয়ে যায়। **কাঁধ দেওয়া** *ক্রি* ১ কোনো কাজের দায়িত্ব গ্রহণ করা। ২ ভার বইবার জন্য প্রস্তুত হওয়া। ৩ শ্মশানে নেওয়ার জন্য মৃতদেহ সহ মাচা বহন করা। **কাঁধ বদলানো** *ক্রি* পালাক্রমে ডান কাঁধে বা বাম কাঁধে নেওয়া; ক্লান্তির জন্য একাধিক ব্যক্তির কাঁধ বদল করে কোনো দায়িত্ব বহন করা। **কাঁধাকাঁধি** *বি* পরস্পরের স্কন্ধে বহন; একাধিক ব্যক্তির ভার বহনে কাঁধ বদলানো (লাশ কাঁধাকাঁধি করিয়া লওয়া)। ☐ *ক্রিবিণ* ১ একবার একজনের কাঁধে এবং আরেকবার অন্যের কাঁধে এইরূপে (কাঁধাকাঁধি বহন করা)। ২ একজনের কাঁধের পাশে আর একজন এবং দ্বিতীয় জনের কাঁধের পাশে আরেকজন এরূপে (কাঁধাকাঁধি দাঁড়ানো)। { *স.* স্কন্ধ>কন্ধ, কন্দ>কাঁধ, কাঁদ}

কাঁধা, কাঁধার, কান্ধার [কাঁধা, কাঁধার, কানধার] *বি* কূল; তীর; কিনারা; ধার (লালু ভাই ডোবার কাঁধায় বসে মাছ ধরছিল—*কাজাও*)। { *স.* স্কন্ধ>কাঁধ+ আ=কাঁধা}

কাঁধাকাঁধি ⇒ কাঁধ

কাঁপ, কাঁপন, কাঁপুনি [কাঁপ, কাঁপোন, কাঁপুনি] *বি* কম্পন; স্পন্দন (উলিদের দর্প শুনি উপজিল কাঁপ—*হেমা*; আমার বুকের ভেতর কাঁপুনি জাগল না—*আআআ*)। { *স.* কম্প>*প্রা.* কংপ> *বা.* √কাঁপ,+ অন, উনি}

কাঁপন ⇒ কাঁপ

কাঁপানে, কাঁপানো [কাঁপানে, -নো] *বিণ* যা কাঁপায় বা কম্পিত করে। { √কম্প>*প্রা.* কংপ>*বা.* √কাঁপ+ ই(ণিচ)+ আন+ইয়া(কাঁপানিয়া)>এ (কাঁপানে আনো (কাঁপানো)}

কাঁপুনি ⇒ কাঁপ

কাঁপুনে [কাঁপুনে] *বিণ* কম্পমান; কাঁপছে এমন (এই বাঁশ পাতার মতো কাঁপুনে অথচ টলমলে দেহটিকে—*অচিসে*)। { *বা.* কাঁপ+উনিয়া=কাঁপুনিয়া>কাঁপুনে}

কাঁসর [কাঁশোর] *বি* কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। { *স.* কাংস্য>*প্রা.* কংস>*বা.* কাঁসা, কাঁসর}

কাঁসা *বি* রাং ও তামা মিশ্রিত ধাতু। { *স.* কাংস্য>*প্রা.* কংস/কাঁস+আ=কাঁসা}

কাঁসার, কাঁসারি, কাঁসারী [কাঁশার, কাঁশারি, -] *বি* ১ কাঁসার জিনিস নির্মাতা বা এর ব্যবসায়ী। ২ জাতিবিশেষ। { *স.* কাংস্যকার>কাঁসআর>কাঁসার+ই, ঈ—কাঁসারি, কাঁসারী}

কাঁসারি, কাঁসারী ⇒ কাঁসার

কাঁসি [কাঁশি] *বি* ১ কাঁসার তৈরি কিনারা উঁচু থালাবিশেষ (এক কাঁসি ভাত আনিয়া উঠানে বসিয়া খাইতে আরম্ভ করিল—*বচ*)। ২ কাঁসর; কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। { *বা.* কাঁসা+ই=কাঁসি}

কাঁহা, কাহাঁ [কাঁহা, কাহাঁ] *অব্য, ক্রিবিণ* কোথা (কঁহো গোপবেশ কাঁহা নির্জন বৃন্দাবন—*বৃন্দা*)। **কাঁহা কাঁহা** *ক্রিবিণ* কোন কোন; কোথা কোথা (সকলেই কাঁহা কাঁহা মুলুক চলে যাচ্ছে—*মব*)। **–তক** *ক্রিবিণ* ১ কতদূর পর্যন্ত; কোন সীমা পর্যন্ত (কাঁহাতক যাওয়া যায়)। ২ কতক্ষণ পর্যন্ত; কতকাল (কাঁহাতক ঠায় বসে থাকা যায় চুপ করে—*অচিসে*)। { *স.* কস্মিন, কুত্র>*প্রা.* কহিং>*বা.* কাহাঁ (চন্দ্রবিন্দুর পূর্ব নিপাতে) কাঁহা}

কাক[১] ⇒ কর্ক

কাক[২], **কাগ** [কাক, -গ] *বি* ১ বায়স; পক্ষীবিশেষ (শ-দুই কাগ ঝামেলা করছে—*রাব*)। ২ *বি* কড়ার চতুর্থাংশ; এক কড়ার সিকি ভাগ। **কাক-কোকিলে ভেদ**—ভালোমন্দ ভেদজ্ঞান। **কাকচক্ষু** *বিণ* কাকের চোখের তুল্য স্বচ্ছ ও নির্মল (সে যেন গো কাকচক্ষু স্বচ্ছ দিঘিজল—*রঠা*)। **কাক-জ্যোৎস্না** *বি* রাত্রি শেষের ম্লান জ্যোৎস্না; যে জ্যোৎস্নায় কাক দিনের আলো ভেবে জেগে ওঠে (প্রভাত ভাবিয়া কাক-জ্যোৎস্নায় জাগিয়া যেমন পাখী গান গায়—*নই*)। **কাকতন্দ্রা, কাকনিদ্রা** *বি* ১ অগভীর সতর্ক ঘুম। ২ কপট ঘুম। **কাকতাড়ুয়া** *বি* কাক ও অন্যান্য পাখিকে ভয় দেখানোর জন্য রক্ষিত মানুষের প্রতিমূর্তি; scarecrow। **কাকতালীয়** *বিণ* ১ কার্যকারণহীন দুটো ঘটনা; তালগাছে কাক বসামাত্র তালপতনের ন্যায় ঘটনা। ২ হঠাৎ সংঘটিত বা আকস্মিক যোগাযোগজাত কোনো ঘটনা। **কাকপক্ষ** *বি* ১ কাকের পক্ষের ন্যায় উভয় কানের পাশে ঝুলানো চুলের গোছা; কানপাটা (শুধু কারও মাথায় কাকপক্ষ অবশিষ্ট কারও মাথায় বা শুধু টিকি—*প্রচৌ*)। ২ জুলফি। **কাকপদ** *বি* ১ উদ্ধার চিহ্ন, " " এই চিহ্ন। ২ লেখার মধ্যে পরিত্যক্ত বা শূন্যস্থান বুঝানোর চিহ্ন, ××× এই চিহ্ন। ৩ ভুলক্রমে পরিত্যক্ত অক্ষরাদির স্থানসূচক চিহ্ন, ∧ এই চিহ্ন। **কাকপুচ্ছ** *বি* কোকিল; কাকের ন্যায় পুচ্ছবিশিষ্ট পক্ষী। **কাকপুষ্ট** *বি* কাক কর্তৃক প্রতিপালিত; কোকিল। **কাকফল** *বি* ১ নিমফল। ২ নিমগাছ। **কাকবন্ধ্যা** *বি* একগর্ভা; যে নারী একবার মাত্র গর্ভ ধারণ করে; এক সন্তানের মা। **কাকবলি**—কাককে দেয় অন্নাদি; কাকের আহারের উদ্দেশ্যে উৎসৃষ্ট ভাত (অগ্রে দিয়া কাকবলি, সবান্ধবে কুতূহলী, নূতন তণ্ডুল দেয় মুখে—*ভারা*)। **কাকভীরু** *বি* পেঁচা। **কাক-ভোর** *বি* খুব প্রাতঃকাল (সেই কাকভোরে বিছানায় শুয়ে অনেকক্ষণ ঘুমোতে পারিনি আনন্দে—*বুব*)। **কাকশীর্ষ**—বকফুলের গাছ। **কাকস্নান** *বি* কাকের ন্যায় স্বল্প পানি গায়ে ছিটিয়ে গোসল (যাহাকে কাকস্নান বলে সে ঠিক তাহাই—*শেহ*)। **কাকের ছা বকের ছা, কাকের ঠ্যাং বকের ঠ্যাং**—অতি কুৎসিত হস্তাক্ষর। **তীর্থের কাক** ⇒ তীর্থ। { *স.* √কৈ+ক, = কাক; বিকৃত উচ্চারণে 'কাগ'}

কাকই ⇒ কাঁকই

কাকল [কাকোল্] *বি* ১ দাঁড়কাক। ২ কণ্ঠমণি। ৩ টুটি।

কাকলি, কাকলী [কাকোলি] *বি* ১ কলধ্বনি; মধুর অস্ফুট ধ্বনি।{ *স.* কু+কলি>কাকলি+ঈ(ঙীপ); *নিত্য.*}

কাকলী[2] [কাকোলি] *বিণ* কৃশ (শুকাইয়া হইয়াছে কন্যা চিকণ কাকলী—*পূগী*)। { *স.* কৃকলাস}

কা-কা [কাকা] *বি* কাকের ডাক। { *ধ্বন্যা.*}

কাকা, কাকু[1] (আদরে) [কাকা, কাকু] *বি* চাচা; পিতার ছোট ভাই। **কাকী** *স্ত্রী.*। { *ফা.* কাকা کاکا }

কাকাতুয়া [কাকাতুয়া] *বি* শুক জাতীয় পাখিবিশেষ। { *মা.* কাকাতু+আ>}

কাকু[2] [কাকু] *বি* ১ রাগ; ভয়; শোক ইত্যাদির জন্য বিকৃত-কণ্ঠস্বর; স্বরবিকৃতি। ২ বক্রোক্তি; বিপরীত অর্থজ্ঞাপক নঞর্থক বাক্য। ৩ কাকুতি মিনতি। ~**বাদ** *বি* কাতর বাক্য; মিনতি। **কাকূক্তি** *বি* ১ কাতরোক্তি। ২ বক্রোক্তি। { *স.* √কক্+উ(উণ্)}

কাকুতি [কাকুতি] *বি* ১ কাতর অনুনয়; মিনতি (সুগ্রীবেরে জানাইও আমার কাকুতি—*কৃও*)। ২ খেদোক্তি। ~**মিনতি** *বি* অনুনয় বিনয়। { *স.* কাকূক্তি>কাকুতি}

কাকুধ্বনি [কাকুদ্‌ধোনি] *অব্য* কাতর ধ্বনি; আকুতি (তোর কাকু ধ্বনিতে মধ্যাহ্ন সকরুণ—*রঠা*)। { *স.* কাকু+ধ্বনি}

কাকুবাদ, কাকূক্তি ⇒ কাকু

কাকোদর [কাকোদর্] *বি* সর্প (পশে যদি কাকোদর গরুড়ের নীড়ে—*মদ*)। { *স.* কাক+উদর; *বহু.*}

কাগ ⇒ কাক[1]

কাগজ [কাগোজ্] *বি* ১ কাপড় তুলা খড় কাঠ পাতা ইত্যাদির আঁশ বা কাঠের মণ্ড থেকে প্রস্তুত পাতলা পত্র বা লিখনের উপকরণ; paper। ২ দলিলপত্র; document (কালে কালে কতেক কাগজ চায় রাজা—*ধচ*)। ৩ সংবাদপত্র; newspaper (আজকের কাগজে খবরটা বেরিয়েছে)। **কাগজাত, কাগজাদ** *বি* ১ দলিলপত্র (সুবাজাতের কাগজাতও কিছু পাইলেন না—*রাম*; মতিলাল টাকার মুখ দেখিয়া তৎক্ষণাৎ কাগজাদ সহি করিয়া দিল—*প্যামি*)। ২ মোকদ্দমা সংক্রান্ত কাগজপত্র (কাগজ শব্দের *বহুব*)। **কাগজি, কাগজী** *বিণ* ১ কাগজের তৈরি (কাগজি ফুল)। ২ কাগজ সম্বন্ধীয়। ৩ কাগজের ন্যায় পাতলা আবরণ-বিশিষ্ট (কাগজি লেবু)। ☐*বি* কাগজ প্রস্তুতকারক বা ব্যবসায়ী। **কাগজে-কলমে** *ক্রিবিণ* লিখিতভাবে। { *ফা.* কাগয কاغذ }

কাগতি (*মবা.*) [কাগোতি] *বি* কাগজ প্রস্তুতকারী ও ব্যবসায়ী মুসলমান সম্প্রদায়বিশেষ (কাগজ কাটিয়া নাম ধরিল কাগতি—*কমু*)। { *ফা.* কাগজ کاغذ >কাগ+*বা.* তি}

কাগমলা, কাগমালা [কাগ্‌মলা,-মালা] *বি* রান্নাঘরে বাসন রাখার জন্য বাঁশের খুঁটির উপরিস্থিত আধার (টানাইয়া রাখে লীলা কাগমলা উপরে—*মৈগী*)। { *স.* কাক>কাগ। *স.* মাল>মালা, মলা}

কাগা-বগা [কাগাবগা] *অব্য* ১ এলোমেলো ভাব; উচ্ছৃঙ্খলতা (কাগাবগা করে খাওয়া)। সামঞ্জস্যহীনভাব; এবড়ো-খেবড়ো ভাব (কাগাবগা করে চুল ছাঁটা)। {কাক>+বক>}

কাঙাল, কাঙালি, কাঙ্গাল, কাঙ্গালি [কাঙাল্, কাঙালি, কাঙ্‌গাল্, কাঙ্‌গালি] *বিণ* ১ নিঃস্ব; দরিদ্র; গরিব (লুটি বাঙালার লোকে করিল কাঙাল—*ভারা*)। ২ লোভী; লোলুপ (এসেছি কি হেথা যশের কাঙালি—*রঠা*)। ৩ দুঃখী। ৪ অক্ষম; নিঃশক্তি (যৌবনে অন্যায় ব্যয়ে বয়সে কাঙালী—*মদ*)। ☐*বি* ভিখারি; ভিক্ষুক (তাই আমি কাঙালের মতো—*রঠা*)। **কাঙালিনী, কাঙ্গালিনী** *স্ত্রী.*। **কাঙ্গালখানা** *বি* অনাথাশ্রম। **কাঙ্গালপনা** *বি* ১ দীনতা; দরিদ্রের মতো আচরণ। ২ অতিশয় লোভ বা লোলুপতা। ৩ দীনযাচ্ঞা (ধরো, কাঙালপনা করে এই জিনিসটা চাইছি তোমার কাছে—*রাখা*)। { *স.* কঙ্কাল ('অস্থিচর্মসার' অর্থে)>কাঙাল+ই, ঈ}

কাঙ্ক্ষ [কাঙ্‌খো] *বি* কাঁখ; কোমর; কটিদেশ (ভরা কলস কাঙ্ক্ষে নিয়ে ঘরের পানে ফিরে—*জউ*)। { *স.* কক্ষ>কক্‌খ>কাঁখ, কাংখ, কাঙ্ক্ষ}

কাঙ্ক্ষা [কাঙ্‌খা] *বি* অভিলাষ; বাঞ্ছা; ইচ্ছা। **কাঙ্ক্ষণীয়** *বিণ* অভিলষণীয়; বাঞ্ছনীয়; আকাঙ্ক্ষা করার যোগ্য। **কাঙ্ক্ষিত** *বিণ* বাঞ্ছিত; অভিলষিত; ঈপ্সিত। { *স.* √কাঙ্ক্ষ্+অ+আ}

কাঙ্গন [কাঙ্‌গোন্] *বি* হাতের 'কাঁকন' নামক গহনা (হাতেতে কাঁচের চুড়ি বাওটি কামের বেড়ি, কাঙ্গনে কনক তার শোভে—*ফগ*)। { *স.* কঙ্কণ>কাঁকন>কাংগন, কাঙ্গন}

কাঙ্গল, কাঙল [কাঙ্‌গোল্, কাঙোল্] *বি* পাণ্ডুরোগ; কামলা রোগ। { *স.* কামল>কাঙল, কাঙ্গল}

কাঙ্গা [কাঙ্‌গা] *বি* ১ হাড়গিলে পাখি (ভুজ ধরিয়া খায় ধোকড়িয়া কাঙ্গা—*কমু*)। ২ কাঁকই; বড় চিরুনি। { *স.* কঙ্ক (=হাড়গিলা)>কাঙ্গা; *স.* কঙ্কতিকা> কঙ্কইআ> কাঁকই> কাংগই; কাংগা}

কাঙ্গি, কাঙ্গী [কাঙ্‌গি] *বি* চিরুনি; কাঁকই (কাঙ্গই করিল তারা মাথার জুলুফে—*ফগ*)। { *স.* কঙ্কতিকা> কঙ্কইআ> কাঁকই> কাঙ্গই, কাঙ্গী; *তুল.* *হি.* কাঙ্গী}

কাঙ্গুরা, কঙ্গুরা [কাঙ্‌গুরা, কোঙ্‌গুরা] *বি* ১ প্রাসাদ শিখর; সৌধচূড়া (কোঠায় কাঙ্গুরা ঘড়ি নিশান নহবৎ—*ভারা*)। ২ বুরুজ; দুর্গ প্রাকারে অবস্থিত যে উন্নত স্থান থেকে সৈনিকগণ যুদ্ধ করে (পাথরের জড় পাথরের গড় কঙ্গুরা পুরট শোভা—*কমু*)। ৩ কার্নিশ; cornice (সুবর্ণ গড়ের জত কাঙ্গুরা অদ্ভুত—*সৈআ*)। { *ফা.* কুন্‌গুরহ্ کنگره }

কাচ[1] [কাচ্] *বি* ১ বালি ও এক প্রকার ক্ষার থেকে প্রস্তুত স্বচ্ছ ও ভঙ্গুর বস্তুবিশেষ; পরকলা; glass। ২ এক প্রকার মণি; স্ফটিকবিশেষ (মাণিক তেজি কাচে অভিলাষ—*বিপ*)। { *স.* √কচ্+অ(ঘঞ্)}

কাচ[2] [কাচ] *বি* ১ সাজ; বেশভূষা; অভিনয়ের জন্য নট-নটীর পরিচ্ছদ (ভুবনমোহন কাচে, রত্নমালা তথি নাচে—*কমু*)। { *স.* কাট>*প্রা.* কজ্জ, কচ্চ> *বা.* কাচ অথবা, *স.* কক্ষ>*প্রা.* কচ্ছ, কচ্চ>কাচ}

কাচ[১] (মধ্য.) [কাচ্] *বি* ১ ছল; লীলাখেলা। ২ অভিনয়; ক্রীড়া-কৌতুক; নাচ–তামাসা। ৩ বাতিক; বাই (বুড়া বয়সে বেড়ে কাচ—*প্রবাদ*)। { *স.* কর্ষ>*প্রা.* কজ্জ>*প্রা.* কচ্চ>*বা.* কাচ }

কাচপোকা ⇒ কাঁচপোকা

কাচা[১] [কাচা] *বি* ১ হিন্দু সমাজে মাতা পিতা বা গুরুজনের মৃত্যুতে অশৌচকালে পরিধেয় ধুতির প্রান্ত। ২ ক্ষুদ্র বস্ত্র বা বস্ত্রখণ্ড (পরি দুজনের কাচা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ—*কমু*)। ৩ নতুন বস্ত্রখণ্ড (তখন সাজাবে মাচা, কলসী কাচা, বিদায় দেবে চণ্ডীর বেশে—*রাম*)। { *স.* কক্ষ>*প্রা.* কচ্ছ>*প্রা.* কাচ+আ=কাচা }

কাচা[২] [কাচা] *ক্রি* কাপড় ধোয়া; আছড়িয়ে ধৌত করা। ❑ *বি* ধৌতকরণ। ❑ *বিণ* ধৌত; প্রক্ষালিত (কাচা কাপড়)। { *স.* √কষ্‌চ>*বা.* √কাঞ্চ্+আ=কাচা, *স.* কাচ(ক্ষার)>*বা.* √কাচ্+আ }

কাচানো, কাচান [কাচানো] *ক্রি* ধোয়ানো; অপরের দ্বারা ধৌত করানো। ❑ *বি* অপরের দ্বারা ধৌতকরণ। ❑ *বিণ* অন্যের দ্বারা ধৌত। { *বা.* √কাচ্+আন, আনো }

কাচারি ⇒ কাছারি

কাচ্চা বাচ্চা [কাচ্‌চা বাচ্‌চা] *বি* কচি ছেলেমেয়ে; অল্প-বয়স্ক ছেলেমেয়ে। { *স.* বৎস>*বা.* বাচ্চা, *অনু.* কাচ্চা }

কাচ্চি, কাচ্চি বিরিয়ানি *বি*

কাছ [কাছ্] *বি* ১ নিকট; সমীপ (তার কাছ থেকে)। ২ নদীর তীর; তট; কূল। ৩ পরিধেয় বস্ত্রের দ্বিতীয়াঞ্চল; কচ্ছ (বীর কাছ পরিধান, কোপে বীর কম্পমান—*কমু*)। ৪ অঙ্গাবরণ; দেহের আবরণ; পরিচ্ছদ। ৫ কোমর; কটিদেশ (কাছের কলসী—*বচদা*)। **কাছে** *ক্রিবিণ* ১ নিকটে, সন্নিধানে (কাছে এসো)। ২ পাশে (সে যে কাছে এসে বসেছিল—*রঠা*)। ৩ সহিত; সঙ্গে (তার কাছে বাহাদুরি চলবে না)। ৪ তুলনায় (ওর কাছে তুমি কিছুই নও)। ৫ বিবেচনায় (আমার কাছে আপন পর সব সমান)। ৬ নাগালে (হাতের কাছে)। **কাছে-কাছে** *ক্রিবিণ* ১ সঙ্গে সঙ্গে (কাছে কাছে থাকা)। ২ সর্বদা নিকটে। ৩ খুব নিকটে; অতিশয় কাছে। **কাছে পিঠে** *ক্রিবিণ* সন্নিকটে। { *স.* কক্ষ>*প্রা.* কচ্ছ>*বা.* কাছ }

কাছট, কাছটি [কাছোট্, কাছোটি] *বি* মালকোঁচা; কৌপীন (পাতালতা খাস বেটা পরিস কাছটি—*কৃও*)। { *স.* কচ্ছটিকা>*প্রা.* কচ্ছটী>কাছটি, কাছট }

কাছলা [কাছ্‌লা] *বি* মৃন্ময় পাত্রবিশেষ (কাছলা ভরা সাচ্চা দই পাতিল ভরা সর—*মৈগী*)। { *স.* কক্ষতল>? }

কাছা [কাছা] *বি* পরিধেয় বস্ত্রের যে অংশ পায়ের ফাঁক দিয়ে কটিদেশের পিছনে গোঁজা হয় (. . . ঘন ঘন শ্বাস নিতে লাগলো আর টেনে কাছা দিতে থাকলে—*সজ*)। ~ **আলগা** *বিণ* অসাবধান; শিথিল; ঢিলে স্বভাব (তিনি বেহোঁস কাছা আলগা লোক নহেন—*ঈবি*)। ~**ঢিলা,** ~**ঢিলে,** ~**খোলা** *বিণ* ১ অসতর্ক; অসাবধান। ২ বিশৃঙ্খল। ৩ নিস্তেজ; কমজোর (নীলে সকল জমি নিলে জমিদার সব কাছা ঢিলে—*ঈগু*)। ~**ধরা** *বিণ* ১ তোষামোদকারী। ২ অপরের উপরে নির্ভরশীল। { *স.* কচ্ছ>কাছা }

কাছাকাছি [কাছাকাছি] *বিণ, ক্রিবিণ* নিকটবর্তী; সন্নিকটে (কাছাকাছি গাঁ, বাড়ির কাছাকাছি)। ❑ *বিণ* প্রায় সমান (পাঁচ মাইলের কাছাকাছি)। { *বা.* কাছ+আ+কাছ+ই }

কাছাড় [কাছাড়্] *বি* সমুদ্র বা নদীর তটভূমি (ঢেউএ কাছাড় ভাইঙ্গা পড়ে—*মৈগী*)। { *স.* কচ্ছ>কাছ+আড়=কাছাড়; *তুল.* *হি.* কছার }

কাছানো, কাছান [কাছানো] *ক্রি* নিকটবর্তী হওয়া; ঘনানো (লালুর ফিরিবার সময় অনেকটা কাছাইয়া আসে—*কাআও*)। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। { *বা.* √কাছ্+আন, আনো=কাছান, কাছানো }

কাছারি, কাচারি [কাছারি, -চারি] *বি* ১ জমিদারের বা নায়েবের দপ্তর বা কার্যালয়; জমিদারের খাজনা আদায় বিচার নির্বাহ ইত্যাদির স্থান (ছোট জামাইটি চাকুরির আশায় তারই কাছারিতে লেখাপড়া করে—*মীম*)। ২ আদালত; বিচারালয়। ৩ অফিস; কাজকর্মের স্থান। ~**ঘর** *বি* বৈঠকখানা। ~**ঘর করা** *ক্রি* মামলা মোকদ্দমা চালানোর কষ্ট স্বীকার করা। { *স.* কৃত্যগৃহ> কচ্চহঘর> কাছহর+ই=কাছারি; *হি.* কচহরী>কাছারি }

কাছি [কাছি] *বি* ১ মোটা দড়ি; মোটা রশি (লঙ্কা সায়রী রাবণ মোদেরে ধরিয়া গলায় দেয় কাছি—*পই*)। ২ জাহাজ বা নৌকা বাঁধার মোটা রশি (গুড়ুকে মারিয়া টান কাছি ধরে ছাড়ে গান—*ঈগু*)। { *স.* কক্ষা (হস্তীর গলবন্ধন রজ্জু)>কচ্ছা>কাছা>কাছি }

কাছিম [কাছিম্] *বি* বড়ো কচ্ছপ; কূর্ম (বড় কিছু সিদ্ধ কিছু কাছিমের ডিম—*ভারা*)। { *স.* কচ্ছপ>*প্রা.* কচ্ছিম্ভ (কচ্ছভ)>কাছভ }

কাছুটি ⇒ কাছট

কাছে, কাছে কাছে, কাছে-পিঠে ⇒ কাছ

কাজ [কাজ্] *বি* ১ কর্ম; কার্য (কাজ করা) ২ আবশ্যক; দরকার (এটা কোনো কাজে লাগবে না)। ৩ কৃত বিষয় (এ কাজটি কি ভালো হলো?)। ৪ কর্তব্য (তোমার কাজ তুমি করো)। ৫ জীবিকা; চাকরি (কাজের চেষ্টায় ঘুরছি) ৬ বৃত্তি; পেশা (চুরি করাই তার কাজ)। ৭ স্বভাব; অভ্যাস (ঝগড়া করাই তার কাজ)। ৮ সুফল; উদ্দেশ্য সাধন (ঔষধে কাজ হয়েছে)। ৯ কারুকার্য; কলাকৌশল (দেয়ালে রঙের কাজ হচ্ছে)। ১০ ঔচিত্য (ওখানে গিয়ে কাজ নেই)। ~ **আদায় করা** *ক্রি* কর্মে নিযুক্ত ব্যক্তিকে খাটিয়ে কাজ নেওয়া। ~ **আনা** *ক্রি* কাজ সংগ্রহ করা। ~**ও নাই, কামাইও নাই**—১ কোনো নির্ধারিত কাজ নাই অথচ কাজে সদা ব্যস্ত। ২ অকাজে ব্যস্ত। ~**কর্ম** *বি* ১ জীবিকা; চাকরি; পেশা। ২ দৈনন্দিন বিবিধ কার্য। ~ **কেনা** *ক্রি* উদ্দেশ্য সিদ্ধ করা; কাজ হাসিল করা। ~ **দেওয়া** *ক্রি* ১ কর্মে নিযুক্ত করা; চাকরি দেওয়া। ২ কাজের ভার দেওয়া। ৩ প্রয়োজন মেটা; প্রয়োজন সিদ্ধির পক্ষে সাহায্য করা (জিনিসটা পুরানো হলেও কাজ দিচ্ছে)। ~ **দেখা** *ক্রি* ১ কাজ পরীক্ষা করা। ২ কাজের দেখাশুনা করা; কাজ পরিচালনা করা। ৩ চাকরি অন্বেষণ করা। ৪ সুফলপ্রসূ হওয়া (এতেই কাজ দেবে)। ~ **দেখানো** *ক্রি* ১ কাজ করে নিজের যোগ্যতা প্রকাশ করা। ২ কার্যনির্বাহ

হোক বা না হোক সর্বদা কর্মব্যস্ততার ভান করা। ~**পাগলা** *বিণ* যে কাজ করতে খুব ভালোবাসে। ~**বাঁচানো** *ক্রি* চাকরি বজায় রাখা। ~ **বাগানো** *ক্রি* ১ কাজ জোগাড় করে নেওয়া। ২ উদ্দেশ্য সিদ্ধ করা। ~ **বাজানো** *ক্রি* কাজ হাসিল করা; উদ্দেশ্য সিদ্ধ করা। ~**হওয়া** *ক্রি* উদ্দেশ্য সিদ্ধ হওয়া (ওষুধটাতে কাজ হয়েছে; কথায় কাজ হয়েছে)। **কাজে ডাঁটো** *বিণ* কর্মক্ষম; কাজে পটু। **কাজের কাজি** *বি* যোগ্যতাসম্পন্ন কর্মী; কাজ করার উপযুক্ত ব্যক্তি। **কাজের থৈ নেই**—কাজের সীমা বা শেষ নেই। **কাজের বাইরে** *বিণ* অকর্মণ্য; অকেজো। {*স.* কার্য>*প্রা.* কজ্জ>*বা.* কাজ}

কাজর ⟹ কাজল

কাজরি, কাজরী [কাজোরি] *বি* ১ বর্ষাকালে গেয় এক প্রকার গান (ঝড়ের সুরে কাজরী গান গাইতে গাইতে—*নই*)। ২ উক্ত গানের সুর (কাজরী সুরে গুজরী বাজে—*সদ*)। ৩ উক্ত গানের সুরে সুরে যে নৃত্য হয় (কাজরী নাচিয়া চল পুরনারী হরষে—*নই*)। ৪ বর্ষা (কাজরীর কাজল মেঘ পেল পথ খুঁজিয়া—*নই*)। {*স.* কজ্জল>কাজল>কাজর+ঈ, ই}

কাজল, কাজর [কাজোল্, কাজোর্] *বি* অঞ্জন (কাজরে সাজল মদন ধনু—*বিপ*)। ☐ *বিণ* কাজলের ন্যায় বর্ণবিশিষ্ট (কাজল মেঘের নীল অঞ্জন—*রঠা*)। **কাজল কেশর** *বি* কাজলের মতো ঘনকৃষ্ণ কেশ (রূপের অতল কাজল কেশর—*মুচৌ*)। **কাজলদাম** *বি* কাজল সদৃশ ঘন কৃষ্ণবর্ণ কেশরাশি (স্ফুরিত কাজলদামে পদ্মনীল আঁখি—*সাহ*)। **কাজলপাতা** *বি* কাজল রাখার পাত্র (শিয়রে রাখিবার কাটারী আর রূপার কাজলপাতা দেন—*দমি*)। **কাজললতা** *বি* কাজল তৈরি করার ও রাখার আধারবিশেষ। {*স.* কজ্জল> কাজল>কাজর (ল=র)}

কাজলা১ [কাজ্‌লা] *বি স্ত্রী* কাজলবর্ণা; উজ্জ্বল শ্যামবর্ণা (কাজলা মেয়ে—*নই*)। {*বা.* কাজল+ আ (আদরে বা স্ত্রীলিঙ্গে- কাজলা)}

কাজলা২ [কাজ্‌লা] *বি* করাতিদের ব্যবহৃত কাষ্ঠকীলক; গোঁজ; খিল; wedge। {*স.* কাষ্ঠ>কাঠ+*বা.* লা>}

কাজলা৩ [কাজ্‌লা] *বি* টিয়া জাতীয় পাখিবিশেষ; slaty headed paraquet (*লোহার পিঁজরায় পড়া কাজলা পা'ড়ে চলেছে—অঠা*); শুক জাতীয় পক্ষীবিশেষ। {*স.* কজ্জলাভ> কাজলাহ্> কাজলা; *স.* কজ্জল> কাজল+আ}

কাজলা৪ [কাজ্‌লা] *বি* ইক্ষুবিশেষ; কাজলা আখ। {*স.* কজ্জলাভ>কাজলা; *স.* কজ্জল>*বা.* কাজল+*বা.* আ}

কাজা ⟹ কজা

কাজা করা [কাজা করা] *ক্রি* ধর্মীয় অনুষ্ঠান যথাসময়ে সম্পাদন না করা (জীবনে নামাজ কাজা করিয়াছেন কিনা সন্দেহ—*মীম*)। {*আ.* কদা قضا }

কাজি,১ **কাজী** [কাজি] *বি* ১ বিচারক; মুসলমান বিচারপতি (কাযী মুফতি হৈব কিবা উপরে বসিব—*সৈআ*)। ২ মুসলমানদের ধর্মীয় আচার ব্যবহার ইত্যাদির ব্যাখ্যাপক। ৩ যিনি মুসলমানদের বিবাহাদি রেজিস্ট্রি করেন। **কাজিয়ানি, কাজিয়ালি** *বি* কাজিগিরি; কাজির চাকরি (কাজিয়ানি করে তারা জানে বিপরীত—*বিগু*)। ~**উল কোজাত** *বি* প্রধান বিচারক। {*আ.* কাদী قاضى }

কাজি২ [কাজি] *বি* কর্মী; কাজের লোক (দেশের কাজের কাজী সকলেই আমরা—*মব*)। {*বা.* কাজ (<*স.* কার্য)+ ই (যে করে অর্থে)}

কাজিয়া, কাইজা [কাজিয়া, কাইজা] *বি* ১ ঝগড়া; বিবাদ (ঘরে ঘরে তার লেগেছে কাজিয়া—*নই*)। ২ দাঙ্গা; মারামারি (ঝগড়া লড়াই কাজিয়া উপস্থিত—*রাম*; কাইজা, ফ্যাসাদ করেছে যা জানেই জনে জনে—*জউ*)। ~ **ঝগড়া** *বিবাদ* বিসম্বাদ (চেঁচামেচি কাজিয়া ঝগড়া করে—*সৈমু*)। {*আ.* কদীয়হ্ قضية }

কাজী ⟹ কাজি

কাজেই, কাজে কাজেই [কাজেই, কাজে কাজেই] *অব্য* অতএব; সুতরাং (কাজে কাজেই এখন সরে পড়ো)। {কাজ+এই, কাজ+এ,-}

কাঞ্চন [কান্‌চোন্] *বি* ১ স্বর্ণ; সোনা। ২ পুষ্পবিশেষ বা তার গাছ (রঞ্জন কাঞ্চন আর মাধবী বকুল—*সৈআ*)। ৩ ধন (কামিনী কাঞ্চন)। ৪ এক প্রকার ধান। ☐ *বিণ* ১ স্বর্ণ বর্ণ; সোনার রং বিশিষ্ট (কাঞ্চন কান্তি)। ২ স্বর্ণময় (কাঞ্চন মুদ্রা)। ~ **গোলক** *বি* স্বর্ণ মুদ্রা (তখন মহাদেব পার্বতীকে স্বীকৃত কাঞ্চন গোলক প্রদান করিলেন—*রচ*)। {*স.* √কাঞ্চ্+অন(ল্যুট্)}

কাঞ্চা [কান্‌চা] *বিণ* কচি; তরুণ; কাঁচা (কাঞ্চা বয়সে কে দিলরে তোরে আঙিয়ার শ্বেত বাস—*জউ*)। {*প্রা.* কংচা>*বা.* কাঞ্চা>}

কাঞ্চি, কাঞ্চী [কান্‌চি] *বি* ১ কটিভূষণবিশেষ; মেখলা; গোট (নয়নরঞ্জন কাঞ্চী কৃশ কটিদেশ—*মদ*)। {*স.* √কঞ্চ্+ই(ইন্),ঈ}

কাঞ্জি, কাঞ্জিক, কাঞ্জী, কাঞ্জিকা [কান্‌জি, কান্‌জিক্, কান্‌জি,-কা] *বি* আমানি; কাঁজি; গাঁজানো পান্তা ভাতের পানি (ছয় মাসে কাঞ্জি করঞ্জায় মন—*কমু*; হরিদ্রা রঞ্জিত কাঞ্জী উদর পুরিয়া ভুঞ্জি—*কমু*)। {*স.* কাঞ্জী, কাঞ্জিক> কাঞ্জিঅ>কাঞ্জি}

কাট১ [কাট্] *বি* ১ কাটার ভঙ্গি; কর্তিত রূপ (জামার কাট)। ২ গড়ন (মুখের কাট)। {*ই.* cut}

কাট২ ⟹ কাইট

কাট৩ ⟹ কাঠ

কাটকাট১**, কাঠকাঠ** ⟹ কাঠ

কাটকাট২ [কাট্‌কাট্] *বিণ* ১ কর্কশ; কটু; কড়া। ☐ *বি* কটূক্তি; কড়া কথা (ধনবৃত্তি লহ আর বল কাট কাট—*কমু*)। {*স.* কাষ্ঠ>কট্ঠ>কাট, কাঠ—কাঠের মতো নীরস ও শক্ত অর্থে কটু কথা; কড়া কথা}

কাট–কাটরা ⟹ কাঠ

কাটকুট ⟹ কাটা

কাটখোট্টা, কাঠখোট্টা [কাট্‌খোট্‌টা, -ঠ্-] *বিণ* ১ গোঁয়ার; একগুঁয়ে। ২ রসবোধহীন; শুষ্ক বা নীরস (আরবীয় বৈজ্ঞানিক আলোচনা বিজ্ঞানের মতই কাঠখোট্টা—*আকআ*)। ৩ নির্দয়; দয়ামায়াহীন; পাষাণ (লড়াইটা ঠিক

আমার মত পাথর-বুকো কাঠকোট্টা লোকেরই মনের মতন জিনিস —*নই*)। { *স.* কাষ্ঠখট্ট>কট্‌ঠখোট্ট> কাটখোট্ট+আ–কাটখোট্টা অর্থাৎ কাঠের খাটের মতো শক্ত ও অস্থিতিস্থাপক}

কাটগোঁয়ার [কাটগোঁয়ার্] *বিণ* অত্যন্ত গোঁয়ার। { *স.* কাষ্ঠ> কট্‌ঠ> কাট+*প্রা.* গম্মার>গঙার>গোঁয়ার; *বহু* }

কাটছাঁট, কাটতি, কাটন ⇒ কাটা {√কাট্‌+*বা.* ছাঁট=কাটছাঁট}

কাটনা [কাট্‌না] *বি* ১ তুলা থেকে সুতা তৈরি করা। ২ চরকা; তকলি। { *বা.* √কাট্‌+অনা>কাটনা}

কাটব্য [কাটোব্‌বো] *বি* রূঢ়তা; কটুকথা; কর্কশতা; কটুতা (কটুকাটব্য)। { *স.* কটু+য}

কাটমোল্লা, কাঠমোল্লা [কাট্‌মোল্‌লা, –ঠ্‌–] *বি* প্রকৃত ধর্মজ্ঞানহীন ধর্মব্যবসায়ী মুসলমান (তখন বাঙ্গালা দেশে অদূরদর্শী কাঠমোল্লার আবির্ভাব ছিল না—*ইহো*)। {কাঠ+*আ.* মুল্লা ملا =কাটমোল্লা; *বহু* }

কাটরা, কাটারা, কাঠরা [কাট্‌রা, –টা–, কাঠ্‌রা] *বি* ১ কাঠের ঘর। ২ কাঠগড়া (কাটরার মধ্যে শুনানি হওয়া ফৌজদারী মামলার আসামীর মত—*বিব*; কাঠরায় যেন আসামী এসে দাঁড়িয়েছে—*অচিসে*; কমলাকান্তকে সাক্ষীর কাটারায় পূরিয়া দিল—*বচ*)। ৩ কাঠের ঘের বা রেলিং (জাহাজের কাটরা ধরে সমুদ্রের দিকে চেয়ে—*রঠা*)। ৪ কাঠের জিনিস। { *স.* কাষ্ঠগৃহ>কাঠঘর+আ = কাঠঘরা> কাঠগড়া>কাঠঅরা>কাঠরা, কাটরা, কাটগড়া}

কাটলেট [কাট্‌লেট্] *বি* ইউরোপীয় প্রণালীতে ভাজা মাছ, মাংসের পিঠা বা বড়া। { *ই* cutlet}

কাটা [কাটা] *ক্রি* ১ ছেদন বা কর্তন করা (গাছ কাটা)। ২ খনন করা; খোঁড়া (পুকুর কাটা)। ৩ খণ্ডন করা (যুক্তি কাটা)। ৪ প্রতিবাদ করা (কথা কাটা) ৫ অতিবাহিত হওয়া; যাপিত হওয়া (সময় কাটা)। ৬ রেখা এঁকে কোনো লেখা বাতিল করা (ভুল কাটা)। ৭ দাগ দেওয়া; অঙ্কন করা; আঁকা (লাইন কাটা)। ৮ দূর হওয়া (বিপদ কাটা)। ৯ বিক্রয় হওয়া; চালু হওয়া (মালকাটা)। ১০ রচনা করা (ছড়া কাটা)। ১১ লিখে দেওয়া (চেক কাটা)। ১২ অতিবাহিত হওয়া; দূর হওয়া (মেঘ কাটা)। ১৩ সামঞ্জস্যচ্যুত হওয়া; নির্দিষ্ট ক্রম থেকে বিচ্যুত হওয়া (তাল কাটা)। ১৪ নিঃসৃত হওয়া; নির্গত হওয়া (জল কাটা)। ১৫ তৈরি করা (খাল কাটা, সুতা কাটা)। ১৬ বিন্যাস করা (টেড়ি কাটা)। ১৭ ছিন্ন হওয়া (ঘুড়ি কাটা)। ১৮ খোদাই করা; তক্ষণ করা; কোঁদা (পাথর কাটা)। ১৯ কাটার ভঙ্গি করা (চিমটি কাটা)। ২০ দেওয়া (সাঁতার কাটা)। ২১ পৃথক করা (ছানা কাটা)। ❑ *বিণ* ১ কর্তিত; ছিন্ন। ২ খণ্ডিত। ৩ বাতিল। ❑ *বি* উক্ত সকল অর্থে। **কাটকুট** *বি* ১ ভুল কাটাকাটি; ভুল সংশোধন। ২ সংক্ষেপকরণ। **কাটছাঁট** *বি* ১ পোশাক ইত্যাদি কাটার ভঙ্গি (কাটছাঁট অবিকল তাই—*মব*)। ২ বাদসাদ; কেটে ছেঁটে যা বাদ দেওয়া হয়। **কাটতি** *বি* ১ বিক্রয়াধিক্য; অতিরিক্ত চাহিদার জন্য বেশি পরিমাণে বিক্রি। ২ বিক্রির পরিমাণ। **কাটন** *বি* কাটা। ~ ~ **কথা** *বি* মর্মভেদী তীক্ষ্ণ কথা। ~**কাটি** *বি* ১ হানাহানি; খুনাখুনি; পরস্পর অস্ত্রাঘাত। ২ পরস্পর খণ্ডন বা অপনয়ন (কথা কাটাকাটি)। ~ **কান চুল দিয়ে ঢাকা**—বিপন্ন সম্মান কোনোপ্রকারে রক্ষা করা; নিজের প্রতি অবমাননা গোপন করা। ~**কুটি** *বি* লেখা প্রভৃতি সংশোধন; কাটকুট (আমি তাহাতে কাটাকুটি বড় কিছু করি নাই—*বচ*)। ~ **ঘায়ে নুনের ছিটা/ছিটে**—১ এক কষ্টের উপর অন্য কষ্ট। ২ লজ্জা ও কষ্টের উপর অতিরিক্ত আঘাত। { *স.* √কৃৎ=*বা.* √কাট (তুল. *ই* to cut)+আ=কাটা}

কাটাই, কাটানি [কাটাই, কাটানি] *বি* কাটার জন্য খরচ। ❑ *বিণ* কাটার জন্য (কাটাই খরচ)। {√কাট্‌+আই=কাটাই; √কাট্‌+আনি=কাটানি}

কাটাইল [কাটাইল্] *বি* কাটারি (বাঙ্গালা গুয়া কাটাইল দিয়া করে দুইখানা—*মাগান*)। { *স.* কর্তরী>কট্টরি> কাটারি>কাটাইর>কাটাইল(র=ল)}

কাটানো, কাটান [কাটানো] *ক্রি* ১ অন্যের দ্বারা কাটিয়ে নেওয়া। ২ অতিবাহিত করা; যাপন করা (সময় কাটানো)। ৩ অতিক্রম করা; মুক্ত হওয়া (বিপদ কাটানো)। ৪ বিক্রি করা (মাল কাটানো)। ৫ নির্গত করানো (জল কাটানো)। ৬ খনন করানো। (খাল কাটানো)। **কাটিয়ে/কাটাইয়া ওঠা** *ক্রি* কোনো বিপদ থেকে উত্তীর্ণ হওয়া; বেঁচে থাকা (কাশীনাথ এই আঘাত কাটাইয়া উঠিতে পারিবে না—*শচ*)। { *বা.* √কাট্‌+আন,+আনো=কাটান, কাটানো}

কাটার [কাটার্] *বি* ১ পাথর কাটে যারা (কোন ভাগে পাথর কাটারদের দোকান—*রাম*)। ২ দরজির দোকানে যে কাপড় কাটে। ৩ অসিবিশেষ (মজুদ্দার রাজাই পাইলা ফরমান খেলাত কাটার খড়ি বাগারা নিশান—*ভারা*)। { *ই* cutter}

কাটারা ⇒ কাটরা

কাটারি, কাটারী [কাটারি] *বি* কাটবার অস্ত্রবিশেষ; একপ্রকার সরু ও লম্বা দা; ছুরি (পেটে হানি মারিবারে লইল কাটারি—*সৈআ*; শিয়রে রাখিবার কাটারি আর রূপার কাজল পাতা দেন—*দমি*)। { *স.* কর্তরিকা, কর্তরীকা>*প্রা.* কট্টরিআ>*বা.* কাটারি, কাটারী, কট্টরী}

কাটি, কাঠী ⇒ কাঠি

কাটুর কুটুর [কাটুরকুটুর্] *অব্য* কাটবার শব্দবিশেষ; প্রাণীদের দন্ত দ্বারা কাটার শব্দ (ইন্দুরে করে কাটুর কুটুর—*ভারা*)। { *ধ্বন্যা.* }

কাটুরিয়া ⇒ কাঠুরিয়া

কাট্টা [কাট্‌টা] *বিণ* উগ্র; অত্যধিক পরিমাণ গোঁড়া (য়ুনুস ছেলেটা যদি এখন কাট্টা মুসলিম লীগার হয়ে পড়ে তাহলে কি তাকে দোষ দেওয়া যায়—*আফ*)। { *স.* কাষ্ঠ>কট্‌ঠ> কাট্টা—কাঠের মতো কঠিন অর্থে}

কাট্য [কাট্‌টো] *বিণ* কর্তনযোগ্য; খণ্ডনীয়। **অকাট্য** *বিপ.*। {√কাট্‌+য(যৎ)}

কাঠ, কাট [কাঠ্, কাট্] *বি* ১ কাষ্ঠ; গাছের কাণ্ড ও শাখার শক্ত অংশ। ২ (*আল.*) কঙ্কাল; হাড় (দেহে কাঠ ছাড়া আর আছে কি!)। ❑ *বিণ* ১ কাঠের মতো অনড় ও স্পন্দনশূন্য (আমরা ভয়ে কাঠ হইয়া রহিলাম—*সুরা*)। ২ রসশূন্য (শুকিয়ে কাঠ হওয়া)। ৩ শক্ত; অসাড় (মরে কাঠ হওয়া)। ৪ নিস্তব্ধ; অবাক (নারায়ণী কাঠ হইয়া

দাঁড়াইয়া রহিলেন—শচ)। ~ ~, **কাট কাট** *বি* কাঠের ন্যায় শক্ত; শুষ্ক ও লাবণ্যহীন (গড়নটা বড় কাটকাট—বচ)। ~~**রা, কাটকাটরা** *বি* কাঠের তৈরি আসবাবপত্র। ~**কুড়ানি, ~কুড়ানিয়া/~কুড়ানে** *বি,বিণ* কাঠ কুড়িয়ে জীবিকানির্বাহকারী (সাত আট বৎসরের সৌভাগ্যবান কাঠকুড়ানে ব্রাহ্মণের ছেলে—রঠা)। ~খড় *বি* মাল মসলা। ~**খড় পোড়ানো** *ক্রি* অভীষ্ট সিদ্ধির জন্য বহুবিধ চেষ্টা ও উদ্যোগ আয়োজন করা; ব্যয় ও পরিশ্রম করা (কাইরো যাওয়ার জন্য আলাদা করে কাঠখড় পোড়াবার প্রয়োজন হয় না—সৈমু)। ~**খড়ি** *বি* ১ শক্ত খড়িমাটি বিশেষ। ২ জ্বালানি কাঠ। ~ **খড়ি হওয়া, কাঠে খড়ে হওয়া** *ক্রি* মরা; মরে কাঠ ও কঠিন রোগে পোড়ার মতো হওয়া। **কাটখোট্টা** ⇒ **কাটখোট্টা**। ~**খোলা** *বি* বালি না দিয়ে যে খোলায় ভাজা হয়। ~**গড়** *বি* উদূখল। **কাঠগড়া** *বি* ১ কাঠের বেড়া দেওয়া মঞ্চ বা ঘর; কাঠরা (কাঠগড়াতে যারা দাঁড়ায় অশুচি তো নয়কো তারা মূলে—সদ)। ২ কাঠের তৈরি বেড়া (চারিদিকে কাঠগড়া মত্ত হাতী মাঝে—ঘচ)। ~**গোলা** *বি* কাঠের আড়ত ও কারখানা; কাঠের গুদাম। ~**গোলাপ** *বি* বনগোলাপ; গন্ধহীন গোলাপবিশেষ (আবাদ করিতে জানিলে কাঠগোলাপ বসরাগোলাপে পরিণত হয়—প্রচৌ)। ~**চোটা** *বিণ* কর্কশ; নীরস; রুক্ষ (বজ্রনির্ঘোষের মত এই কাঠচোটা স্বরই করুণা আর স্নেহক্ষীর হয়ে ঝরে—নই)। ~**ঠোকরা** *বি* এক রকম পাখি; woodpecker। ~**পিঁপড়া, কাটপিঁপড়া** *বি* কালো রঙের বড়ো পিঁপড়াবিশেষ যা কাঠে থাকে। ~**ফাড়ং** *বি* কাঠির মতো সরু ফড়িংবিশেষ। ~**ফাটা** *বিণ* কাঠও ফেটে যায় এমন তীব্র (দুপুরের এই কাঠফাটা রোদ—এআ)। ~**বমি** *বি* শুষ্ক বমনের বেগ যাতে কিছুই ওঠে না। ~**বিড়াল, ~বেরাল** *বি* ইঁদুর জাতীয় বৃক্ষচর প্রাণীবিশেষ। ~**বিড়ালি, ~বেরালি** *স্ত্রী*। ~**মল্লিকা** *বি* বনমল্লিকা ফুল। ~**মূরতি** *(মবা.) বি* কাঠের ন্যায় প্রাণহীন মূর্তি; জড়মূর্তি (কাঠমূরতি ঐছন আছয়ে কবি বিদ্যাপতি ভনে—বিপ)। **কাঠে কাঠে** *ক্রিবিণ* ১ ঠিক ঠিক; মুখে মুখে পরস্পরের জোড়ের সঙ্গে (কাঠে কাঠে মেলা)। ২ সমানে সমানে; সেয়ানে সেয়ানে (কাঠে কাঠে লড়াই)। **কাঠে খড়ে করা** *ক্রি* চরম ব্যবস্থা করা। **কাঠের পুতুল** *বি* ব্যক্তিত্বহীন মানুষ; figurehead। {*স.* কাষ্ঠ>কট্ঠ>কাঠ, কাট}

কাঠখোট্টা ⇒ কাটখোট্টা

কাঠরা [কাঠ্‌রা] ⇒ কাটরা।

কাঠা [কাঠা] *বি* ১ এক বিঘার বিশভাগের এক ভাগ; ৩২০ বর্গহাত পরিমাণ; অঞ্চলভেদে ৫০০ বর্গহাত, ৭২০ বর্গহাত ও ২০০০ বর্গহাতেও এক কাঠা পরিমাপ করা হয় (পাঁচ কাঠা জমি)। ২ ধান ইত্যাদি মাপার পাত্রবিশেষ (তাহার মা চিড়ার কাঠা কাঁখে করিয়া—কাআও)। ~**কালি** *বি* কাঠা হিসাবে জমির মাপ। ~**কিয়া** *বি* এক থেকে একশো কাঠা পর্যন্ত গণনা। {*স.* কাষ্ঠিকা>*প্রা.* কট্ঠিআ>}

কাঠামো, কাঠাম [কাঠামো, -ম্] *বি* ১ ফ্রেম; ঠাট (ইউরোপীয় দর্শন ও ধর্মতত্ত্ব; মুসলিম দর্শন ও ধর্মতত্ত্বের কাঠামোর উপরেই প্রতিষ্ঠিত ও বিকশিত হয়েছে—আম)। ২ কাঠ কিংবা বাঁশের তৈরি আধার; মোটামুটি গড়ন; নির্মাণ কাজের মূল গঠন; frame (ঘরের কাঠামো)। {*স.* কাষ্ঠকর্ম>কাঠকাম>কাঠআম>*বা.* কাঠামো; *স.* কাষ্ঠময়>কাহমঅ>*বা.* কাঠামো}

কাঠি১ ⇒ কাঁটি

কাঠি২, কাটি [কাঠি, কাটি] *বি* ১ কাঠ, বাঁশ, ধাতু ইত্যাদির লম্বা সরু টুকরা (দেশলাইয়ের কাঠি)। ২ শলাকা (ঝাঁটার কাঠি)। ~ ~ *বিণ* কাঠির মতো সরু বা কৃশ। {*স.* কাষ্ঠিক>*প্রা.* কট্ঠিঅ>*বা.* কাঠি, কাটি}

কাঠিন্য [কাঠিন্‌নো] *বি* ১ কঠিনতা; দৃঢ়তা; শক্তভাব। ২ কঠোরতা; নির্দয়তা। {*স.* কঠিন+য(ষ্যঞ্)}

কাঠিম [কাঠিম্] *বি* সুতা জড়িয়ে রাখার উপযোগী নাটাই বা রিল; reel। □ *বিণ* নাটাইয়ে বা রিলে থাকে এমন (কাঠিম সুতা)। {কাঠি+ম}

কাঠুরে, কাঠুরিয়া [কাঠুরে, কাঠুরিয়া] *বি* কুঠার দিয়ে গাছ বা কাঠ কাটা যার পেশা; কাষ্ঠছেদক (একে একে কাটুরিয়া কাটি অবশেষে—মদ)। {*স.* কুঠারিক> কাঠুরিঅ>কাঠুরিয়া (ইয়া> এ, কাঠুরে}

কাড়ন [কাড়োন্] *বি* কেড়ে নেওয়ার কাজ; বলপূর্বক গ্রহণ; লুঠ। {√কাড়্+অন}

কাড়া১ [কাড়া] *বি* ঢাক জাতীয় বাদ্যযন্ত্র। ~ **নাকাড়া, ~~নাগড়া** *বি* ঢাক জাতীয় বিবিধ বাদ্যযন্ত্র (কতকগুলি বন্যলোক কাড়া নাগড়া বাজাইয়া গান করিতে লাগিল—প্যামি; সুরের ভিতর দিয়ে যুদ্ধের পদক্ষেপ, আর কারা নাকাড়ার ধ্বনি—কামো)। {*স.* কটাহ>*প্রা.* কডাহ>*বা.* কাড়া+*ফা.* নাকাড়া (*আ.* নককারাহ نقاره }

কাড়া২ [কাড়া] *ক্রি* ১ কেড়ে নেওয়া; বলপূর্বক ছিনিয়ে নেওয়া; ছিনতাই বা জোর করে আদায় করা। ২ মুগ্ধ করা (কি যে অনুরাগে কেড়ে নেয় প্রাণখানি—রখাঁ)। ৩ টানা; আকর্ষণ করা (কাড়িয়া চালের খড় জ্বালিল আউড়ি—কমু)। ৪ উচ্চারণ করা; বলা (আর যদি কাড় রা বসন্তের মাথা খা—কমু)। ৫ ব্যবহারে আনা; কাজে লাগানো (নতুন হাঁড়ি কাড়া)। ৬ রচনা করা (কিতাবেত কাড়ি দিলুম হিন্দুয়ানি করি—সৈসু)। ৭ পরিষ্কার করা; আবর্জনা ইত্যাদি সাফ করা (দুখু চোখের জল মুছিয়া গাইয়ের গোয়াল কাড়িল, খড়জল দিল—দমি)। ৮ চাওয়া (আদর কাড়া)। □ *বি* আকর্ষণ। □ *বিণ* লুণ্ঠিত; বলপূর্বক গৃহীত। ~**কাড়ি** *বি* ১ পরস্পরের কাছ থেকে ছিনিয়ে নেওয়া বা নেওয়ার চেষ্টা। ২ টানাটানি (যমে মানুষে কাড়াকাড়ি)। ~**নো** *ক্রি* ১ অন্যের দ্বারা কাড়া; কাড়াতে বাধ্য করা। ২ আদায় করা (আদর কাড়ানো)। ৩ স্বীকার করানো (কথা কাড়ানো)। □ *বিবিণ* উক্ত সকল অর্থে। {√কাড়্+আ= কাড়া}

কাড়াইল [কাড়াইল্] *বি* যে দণ্ড দ্বারা ধান প্রভৃতি শস্য নেড়ে-চেড়ে দেওয়া হয় (কাড়াইল দিয়া খোঁচাইয়া খোঁচাইয়া মা নোটের ধান নাড়িয়া দেয়—জউ)। {√কাড়্+আইল}

কাড়ানো১ [কাড়ানো] *ক্রি* ১ ধান প্রভৃতি গাছের গোড়া কোপানো। ২ ধান প্রভৃতি শস্যকে উপযোগী করার জন্য কাজ করা। □ *বি* আবাদের উপযোগিতা। {*বা.* কাড়্+আন, আনো}

কাণ্ড [কান্‌ডো] *বি* ১গাছের গুঁড়ি। ২ ব্যাপার; ঘটনা (এ কি কাণ্ড চমৎকার—*রঠা*)। ৩ পর্ব; পাব; দুই গাঁটের মাঝের অংশ (ইক্ষুকাণ্ড)। ৪ অধ্যায়; গ্রন্থের ভাগ (সপ্তকাণ্ড রামায়ণ)। ৫ বিষম ব্যাপার (দেখো কী কাণ্ড করে বসে আছে)। ৬ গ্রন্থের বিষয় বিভাগ; পরিচ্ছেদ। ৭ অবসর; ফুরসত; সময়। **~কারখানা** *বি* ১ ব্যাপার বা ঘটনাসমূহ। ২ কার্যাবলি; কার্যপ্রণালি (তার কাণ্ড কারখানা দেখলে রাগ হয়)। **~জ** *বিণ* কাণ্ড বা গুঁড়ি থেকে উৎপন্ন। **~জ্ঞান** *বি* সাধারণ বুদ্ধি বিবেচনা; সময় বা অবস্থানুযায়ী বিচার বিবেচনার শক্তি। **কাণ্ডা–** *বি* ভালোমন্দ; ন্যায়–অন্যায়। **কাণ্ডা– বোধ** *বি* ১ ন্যায় অন্যায় বোধ; হিতাহিত বোধ। ২ কর্তব্য অকর্তব্য জ্ঞান। {*স.* √কন্‌+ড}

কাণ্ডার১ [কান্‌ডার্] *বি* ১ তাঁবু; বস্ত্রগৃহ; খিমা। ২ পর্দা (কাপড় কাণ্ডার আড়ে কানড়া রূপসী—*ঘচ*)। {*স.* কাণ্ডপট্ট>*প্রা.* *কংডঅড>কণ্ডাড়, কণ্ডার (ড–ড়–র)>}

কাণ্ডার২ [কান্‌ডার্] *বি* ১ নৌকার হাল (কাণ্ডার হরিলা দেবী সরযূর জলে—*বিগু*)। ২ মাঝি (কাণ্ডারের বচন করিয়া অবগতি ত্রিবেণীতে স্নান করে সাধু ধনপতি—*কমু*)। {*স.* কর্ণধার>*প্রা.* *কণ্ণধার>কাণ্ডার, কাণ্ডার}

কাণ্ডারি [কান্‌ডারি] *বি* মাঝি; কর্ণধার; নাবিক (যাহারে কাণ্ডারী করি সাজাইয়া দিনু তরী—*বচ*)। {*স.* কর্ণধারী>কাণধারী>কাণ্ডারি}

কাণ্ঢার [কান্‌ঢার্] *বি* কাণ্ডার; নৌকার হাল (আপনেই ধরিল কাণ্ঢার—*বচদা*)। **কাণ্ঢারি** *বি* মাঝি; কর্ণধার। {*স.* কাণ্ড+*বা.* আরি>কাণ্ডার>কাণ্ঢার; *স.* কর্ণধার>*প্রা.* *কণ্ণধার>কান্ঢার}

কাত১ [কাত্] *বি* পাশ; দিক (ডান কাতে শোও)। ☐*বিণ* ১ একপেশে; আড়; বক্র (কাত হয়ে শোয়া)। ২ ভূলুণ্ঠিত; পর্যুদস্ত (একচড়ে কাত)। {*তুল.* *হি.* কইত}

কাত২ [কাত্] *বি* কায়স্থ (মুহুরী যে আছে এক গোবর্ধন নাম. . .লেখাতে পড়াতে সেই অতি বড় কাত—*পূগী*)। {*স.* কায়স্থ>কায়থ>কায়েত, কাত}

কাত৩ [কাত্] *ক্রিবিণ* কোথায়; কোন স্থানে (না কর কপট প্রভু সংসারের নাথ। বিদিত হইলা আর লুকাইবা কাত—*বৃদা*)। {*স.* কুত্র>*প্রা.* কত্থ>}

কাত৪ [কাত্] *বি* জমিনের টুকরা; অংশ। {*আ.* কিত্‌আহ قطعه }

কাতর [কাতোর্] *বিণ* ১ বিপন্ন। ২ দুঃখে পীড়িত। ৩ অধীর; ব্যাকুল। ৪ কুণ্ঠিত। ৫ অভাবগ্রস্ত; কাঙাল (সাধু নহে ধনেতে কাতর—*বচ*)। **–তা, কাতর্য** *বি*। **কাতরা** *স্ত্রী*। **~কণ্ঠ, ~স্বর** *বি* যন্ত্রণা প্রকাশক ধ্বনি; আর্তরব। {*স.* কু>কা+ √তৃ+অ>; *স.* সুপ্‌সুপা}

কাতরা [কাত্‌রা] *বি* ফোঁটা; এক অঞ্জলি (মিশে যায় কেন সেই কাত্‌রা জীবনের অতলান্ত দরিয়ায়—*ফআ*)। {*আ.* কত্‌রাহ قطره }

কাতরানো, কাতরান [কাত্‌রানো] *ক্রি* ১ যন্ত্রণায় কাতর হয়ে শব্দ করা; আর্তনাদ করা। ২ ছটফট করা। ☐*বি* উক্ত সকল অর্থে। **কাতরানি** *বি* ১ যন্ত্রণাসূচক কাতর শব্দ; আর্তনাদ; গোঙানি (বুড়া মানুষের কাতরানি শুনিতে পাইল—*বচ*)। ২ ছটফটানি (এই ভাতের জন্যে কাতরানি—*অচিসে*)। {*স.* কাতর+*বা.* আ>√কাতরা+আনো, আন}

কাতরোক্তি [কাতোরোক্‌তি] *বি* শোকদুঃখ বেদনাপূর্ণ উক্তি; করুণ কথা (কাতরোক্তি যত গভীর, যতই হৃদয়বিদারক হউক না কেন—*বচ*)। {*স.* কাতর+উক্তি; *কর্মধা.*}

কাতর্য ⇒ কাতর

কাতলা, কাতল [কাত্‌লা, কাতোল্] *বি* ১ বড় প্রকারের মাছবিশেষ। ২ (*আল.*) বড়লোক। ৩ (*আল.*) মস্ত দাও। {*স.* কাতল>?}

কাতা [কাতা] *বি* ১ নারকেল ছোবড়ার রশি বা দড়ি। ২ নাপিতের কাঁচি ক্ষুর চিরুনি ইত্যাদির রাখার থলি (নাপিত নিবসে তথা কক্ষতলে করি কাতা—*কমু*)। {*স.* √কৃৎ+ অন(ল্যুট্) = কর্তন>*হি.* কাতনা>কাতা}

কাতান [কাতান্] *বি* দা; কাটারি; কাটবার অস্ত্র। {*পো.* catana; *তুল.* *স.* কর্তনী}

কাতার [কাতার্] *বি* ১ সারি; শ্রেণি; পঙ্‌ক্তি (অযুত মানব চলেছে কাতারে—*সুকা*)। ২ বড় দল; সঙ্ঘবদ্ধ দল (সিপাই সকল চলে কাতারে কাতার—*ভারা*)। **~বন্দি** *বিণ* শ্রেণীবদ্ধ (এক কাতারবন্দী হয়ে মোটেই দাঁড়াতে পারি না—*মুর*)। {*আ.* কত্বার قطار }

কাতি১ [কাতি] *বি* ১ শাঁখের করাত। ২ ক্ষুর (ত্যজিব আপন প্রাণ গলে দিয়া কাতি—*হেমা*)। ৩ কাঁচি। ৪ খড়্গ; খাঁড়া (শত শত সেনাপতি হাতে করি ঢাল কাতি—*কমু*)। {*স.* কর্তরী>*প্রা.* কত্তরী>*বা.* কাতি}

কাতি২ [কাতি] *বি* কার্তিক মাস {*স.* কার্ত্তিক>*প্রা.* কত্তিঅ>কাতি}

কাতিল ⇒ কাতেল

কাতুকুতু, কুতুকুতু [কাতুকুতু, কু–] *বি* অঙ্গস্পর্শ দ্বারা সুড়সুড়ি; শরীরের স্থান বিশেষে স্পর্শ দ্বারা হাসানো। {*স.* কুতু>}

কাতুরি, কাতুরী, কাতারি [কাতুরি, –, কাতারি] *বি* ধাতুর পাত কাটার যন্ত্র বা কাঁচি। {*স.* কর্তরী>*প্রা.* কত্তরী>কাতরি>কাতুরি (স্বরসাম্যে)}

কাতেব, কাতিব [কাতেব্, তিব] *বি* কেরানি; লেখক কর্মচারীবিশেষ (৭০০ কাতেব এক সপ্তাহ পরিশ্রম করিয়া কপি প্রস্তুত করিল. . .—*ইহো*)। {*আ.* কাত্তিব كاتب }

কাতেল, কাতিল [কাতেল্,-তিল্] *বি* হন্তা; ঘাতক; হত্যাকারী (তোমার বক্ষ দেখিলেই জানিতে পারিব যে তুমি আমার কাতেল কিনা—*মীম*)। {*আ.* কাত্তিল قاتل }

কাত্যায়ন [কাত্‌তায়োন্] *বি* শাস্ত্রোপদেষ্টা মুনিবিশেষ। ২ ব্যাকরণের বিখ্যাত টীকাকার বররুচি। {*স.* কত+য(যঞ)>কাত্য+আয়ন(. . . . . .)}

কাত্যায়নী [কাত্‌তায়োনি] *বি* হিন্দুদেবী দুর্গা। {*স.* কাত্যায়ন+ঈ(ঙীপ্)}

কাদম্ব [কাদোম্‌বো] *বি* ১ রাজহংস; কলহংস; বালিহাঁস (ডাকে কাদম্ব পাখী—*মদ*)। ২ বাণ (উড়িল কাদম্বকুল—*মদ*)। ৩ কদম গাছ বা ফুল। ☐*বিণ* কদম্ব সম্বন্ধীয়।

কাদম্বা *বি স্ত্রী.* রাজহংসী; কলহংসী (উত্তরিলা প্রিয়ম্বদা কাদম্বা যেমতি মধুস্বরা—*মদ*)। {*স.* √কদ্‌-ণিচ্‌+অম্ব(অম্বচ্‌)>কদম্ব+অ(অণ্‌)-কাদম্ব}
কাদম্বর [কাদম্‌বর্‌] *বি* ১ দধির সর। ২ একপ্রকার মদ। {*স.* কাদম্ব+√রা+অ(ক)}
কাদম্বরী [কা'দোমবোরি] *বি স্ত্রী.* ১ হিন্দুদের দেবী সরস্বতী। ২ কোকিলা। ৩ শারিকা। ❑ *বি* ১ একপ্রকার সুরা বা মদ; গৌড়ী মদিরা। ২ বাণভট্ট ও তৎপুত্র কর্তৃক প্রণীত সংস্কৃত গদ্যকাব্যবিশেষ। {*স.* কাদম্বর+ঈ(ঙীপ্‌)}
কাদম্বিনী [কাদোম্‌বিনি] *বি* মেঘমালা; মেঘশ্রেণি; সারি সারি মেঘ (গম্ভীরে অম্বরে যথা নাদে কাদম্বিনী—*মদ*)। {*স.* কাদম্ব+ইন(ইনি)+ঈ(ঙীপ্‌)}
কাদলী [কাদোলি] *বি* এক জাতীয় হরিণ (বাহ্লিক দেশের ব্যবসায়ীদের কাছে কাদলী হরিণের নরম আর চকচকে চামড়া দেখেছি—*রাসা*)। {*স.* কদালী+অ(অণ্‌)}
কাদা [কাদা] *বি* পানিতে ভিজা নরম মাটি; জলসিক্ত পঙ্কিল মৃত্তিকা; পাঁক; কর্দম। ❑ *বিণ* কর্দমাক্ত; পঙ্কিল (গা ধুলোয় ঘামে কাদা হয়ে গেছে—*অঠা*)। ~**খোঁচা** *বি* খঞ্জন জাতীয় পাখিবিশেষ; snipe। ~**টে** *বিণ* ১ কাদাযুক্ত; কাদামাখা (কাদাটে রাস্তা)। ২ কাদার মতো। ~**লেপটা** *বিণ* কাদার ন্যায় লেগে থাকা (আমার এ দুর্নাম তো সারাজীবন কাদালেপটা হয়ে লেগেই থাকবে—*নহী*)। {*স.* কর্দ>প্রা. কদ্দ>কাদা}
কাদাহ, কাদ্দা *(অপ্র.)* [কাদাহ্‌, কাদ্‌দা] *বি* বড় ধরনের মাটির পাত্র। {*আ.* কদহ্‌ قدح}
কাদিম, কদীম [কাদিম্‌, কোদিম্‌] *বি* প্রাচীন; পুরাতন (এ পীর আউলিয়া যত হয়েছে কাদিম কেহই ফকির নাহি হয় বেএলিম—*হেমা*)। {*আ.* কদীম قديم}
কাদের, কাদির [কাদের্‌, কাদির্‌] *বিণ* শক্তিমান; সক্ষম। সর্বশক্তিমান। {*আ.* কাদির قادر}
কান[১] ⇒ কানাই {*স.* কৃষ্ণ>*প্রা.* কণ্হ>*বা.* কান}
কান[২], **কাণ** *(অপ্র.)* [কান্‌] *বি* ১ কর্ণ; শ্রবণেন্দ্রিয়। ২ কানের গহনাবিশেষ। ৩ তানপুরা সেতার বেহালা ইত্যাদি বাদ্যযন্ত্রের তার কষবার হাতল বা চাবি। ~**কথা** *বি* গোপন মন্ত্রণা; কানে কানে বলা কথা; বদনাম (বন্ধু-বান্ধবের মজলিসে কানকথা আমি শুনতে চাই না—*মীম*)। ~ **কাটা** *ক্রি* সম্পূর্ণরূপে পরাভূত করা। ~**কাটা** *বিণ* নির্লজ্জ; বেহায়া। ~ **কামড়ানো** *ক্রি* অনুতাপ করা; নিজের জিদে কাজ করে ক্ষতি হলে সেজন্য দুঃখ করা। ~**কোটারি** *বি* কর্ণকীটবিশেষ; কানে প্রবেশ করে কষ্ট দেয় এমন কীট; কেন্নো (কুটি কুটি কান-কোটারির কিলিবিলি—*ভারা*)। ~**খড়কে** *বিণ* শ্রবণশক্তি প্রখর এমন। ~ **খাড়া করা** *ক্রি* উৎকর্ণ হওয়া; শোনার জন্য উদ্‌গ্রীব হওয়া। ~**খুস্কি** *বি* কানের মল বের করার জন্য ধাতুর তৈরি দণ্ডবিশেষ; কর্ণশোধনী। ~**জোখা** *বি* কাঁধ পরিমাণ (কারো হাতে কানজোখা পেতলে বাঁধানো লাঠি—*সৈমু*)। ~**ঝাপটা** *বি* ১ কানের অলঙ্কারবিশেষ। ২ জুলফি। ~ **দেওয়া** *ক্রি* ১ কর্ণপাত করা; শোনা। ২ গ্রাহ্য করা। ~ **ধরা** *ক্রি* ১ তিরস্কার বা অপমানের উদ্দেশ্যে অন্যের কান স্পর্শ করা। ২ ভবিষ্যতে সাবধান হওয়ার বা কোনো কিছু না করার জন্য প্রতিজ্ঞা করে নিজের কান স্পর্শ করা। ~ **পাকা** *ক্রি* কানের ভিতরে পানি গিয়ে পুঁজ হওয়া। ❑ *বি* কানের রোগবিশেষ—কানের ভিতর পানি গিয়ে পুঁজ জমে যে রোগ হয়। ❑ *বিণ* কানের রোগ আছে এমন। ~**পাতলা** *বিণ* নির্বিচারে অন্যের লাগানো কথায় বিশ্বাস করে এমন। ~ **পাতা** *ক্রি* ১ শোনার জন্য মনোযোগী হওয়া। ২ গোপনে শোনা। ~**ফাটা**, ~**ফাটানো** *বিণ* কানের পর্দা ফাটিয়ে ফেলার মতো উচ্চ শব্দযুক্ত (কান-ফাটা আওয়াজ)। ~**ফুল** *বি* কানের গয়না; কর্ণালঙ্কারবিশেষ (আনমনা তার খুলে গেল খোঁপা; কানফুল গেল খুলি—*নই*)। ~**বালা** *বি* কানের অলঙ্কার বিশেষ; মাকড়ি জাতীয় গহনাবিশেষ। ~ **ভাঙানো** *ক্রি* কুমন্ত্রণা দেওয়া; গোপনে একজনের কাছে অন্যের বিরুদ্ধে বলে উভয়ের মধ্যে মনোমালিন্য সৃষ্টি করা। ~ **ভাঙানি দেওয়া**, ~ **ভারী করা** *ক্রি* কারো মনে অপরের সম্পর্কে খারাপ ধারণার সৃষ্টি করা। ~ **মলা** *ক্রি* ১ কর্ণ মর্দন করা। ২ *(আল.)* অপমানিত করা; অপদস্থ করা। ৩ *(আল.)* শোচনীয়ভাবে পরাজিত করা। ❑ *বি* কর্ণমর্দন। ~**মলা খাওয়া** *ক্রি* ১ অপমানিত বা অপদস্থ হওয়া। ২ ঠেকে শিক্ষালাভ করা। **কানাকানি** *বি* ১ পরস্পর চুপে চুপে বলাবলি (দুটি সোহাগের বাণী যদি হত কানাকানি—*রঠা*)। ২ গোপনে রটনা; গোপনে পরামর্শ। **কানাঘুষা, কানাঘুষো** *বি* গোপনে এক কান থেকে অন্যের কানে খবর চালানো; গোপনে রটনা (বন্ধুজন করে কানঘুষা—*কমু*)। **কানে আঙুল দেওয়া** *ক্রি* অশ্রাব্য বা অবাঞ্ছিত কোনো কিছু শুনতে না চাওয়া। **কানে আসা** *ক্রি* শুনতে পাওয়া; শ্রবণগোচর হওয়া (একথা যেন আমার কানে আর না আসে)। **কানে ওঠা/উঠা** *ক্রি* কর্ণগোচর হওয়া; শোনা। **কানে করা** *ক্রি* মনোযোগ দেওয়া; কানে দেওয়া (কিন্তু সে যাহা বলিল তাহাও মতি তেমন কানে করিতে পারিল না—*কাআও*)। **কানে**~ *বিণ* কানায় কানায় পূর্ণ (জেগে ওঠে কলগীতি মনপ্রাণ কানেকান—*সদ*)। **কানে কানে** *ক্রিবিণ* কানের খুব নিকটে; চুপি চুপি; মৃদু স্বরে। **কানে-খাটো** *বিণ* কানে কম শোনে এমন; জোরে না বললে শোনে না এমন। **কানে তালা ধরা বা লাগা** *ক্রি* উচ্চ শোরগোল বা দুর্বলতা হেতু কানে কিছু শুনতে না পাওয়া; ভয়ানক শব্দে কান অসাড় হয়ে যাওয়া। **কানে তুলা দেওয়া** *ক্রি* না শোনা; কর্ণপাত না করা। **কানে তোলা** *ক্রি* ১ শোনানো। ২ শ্রবণযোগ্য বা বিচারযোগ্য জ্ঞানে গ্রাহ্য করা বা বিবেচনা করা। **কানে ধরে বলা** *ক্রি* বিশেষভাবে বলা; তিরস্কারের সাহায্যে মনোযোগী করানো। **কানে বাজা** *ক্রি* শ্রুতিকটু হওয়া। **কানের পোকা বের করা** *ক্রি* ক্রমাগত ঘ্যানঘ্যান করে বিরক্ত করা। **কানে লাগা** *ক্রি* ১ শ্রুতিমধুর বোধ হওয়া। ২ বিশ্বাস বা সম্মতির যোগ্য হওয়া। {*স.* কর্ণ>কন্ন>কান}
কানকো [কান্‌কো] *বি* মাছের ফুলকার উপরের শক্ত আবরণ; gill। {*স.* কর্ণকূপ>কন্ন-কুঅ>}
কানকোটারি, কান খুস্কি, কান খড়কে ⇒ কান[২]
কানছা [কান্‌ছা] *বি* কিনারা (উঠানের কানছায় দেখে মেন্দি গাছের চারা রে—*পূগী*)। {*স.* কচ্ছ>}

কানজোখা, কানঝাপটা ⇒ কান[২]
কানটি ⇒ কানুটি
কানড়[১] [কানোড়্] *বি* একপ্রকার বিষধর সর্প। {*স.* কর্ণাটি>}
কানড়[২], কানড়া[১] ⇒ কানাড়া
কানড়[৩], কানড়া[২] [কানোড়্, কানোড়া] *বি* নীলপদ্ম (কানড়া কুসুম জিনি শ্যামচাঁদের বদনখানি—*চদা*)। {*স.* কন্দোট, কণ্ডোট(=নীল পদ্ম)>অপভ্র. কন্নোড>কানোড়, কানড়}
কানড়ি *(প্রাবা.)*, **কানড়ী** *(প্রাবা.)* [কানোড়ি] *বি* কর্ণাটদেশীয় স্ত্রীলোকের খোঁপা (কানড়ি খোঁপা বড়ায়ি মোর দুঈ তন—*বচদা*)। {*স.* কর্ণাটী>কনাড়ী>কানড়ী, কানড়ি}
কানন [কানোন্] *বি* ১ বাগান; উপবন। ২ অরণ্য; বন। ~**কুন্তলা** *বিণ* প্রান্তস্থ কাননশোভিতা (কানন-কুন্তলা পর্বত)। ~ **কুসুম** *বি* বনের বা বাগানের ফুল। ~**বাসী** *বিণ* বনবাসী। ~**বাসিনী** *স্ত্রী*। **কাননিকা** *বি* ছোট বন; ছোট উপবন বা উদ্যান (গুণ্ঠন খুলি রাণী কাননিকা কারে চায়—*শাহো*)। {*স.* √কানি+অন}
কানন্দ [কানোন্‌দো] *বি* রজ্জু-সোপান; দড়ির মই (তজ্জন্য তিনি কানন্দ সাহায্যে অদৃশ্যভাবে প্রাসাদের উপরে আরোহণ করিলেন—*মোহ*)।
কান-পাকা, কান-পাতলা, কান-ফাটা, কান-ফাটানো, কানফুল, কানবালা, কানভাঙানি, কানমলা ⇒ কান[২]
কানয়াত ⇒ কানাত
কানা[১], কাণা(অশু.) [কানা] *বিণ* ১ একচক্ষুহীন। ২ চক্ষুহীন; অন্ধ। ৩ ফুটা; ছেঁদা (কানাহাঁড়ি)। **কানি, কাণী**(অশু.) *স্ত্রী*। ~ **কড়ির উপকার** *বি* অতি সামান্য পরিমাণ উপকার। ~ **করে দেওয়া** *ক্রি* একেবারে হারিয়ে দেওয়া; নষ্ট করে ফেলা; দূষিত করে দেওয়া। ~ **কলসির জল** *বি* ক্ষণস্থায়ী বস্তু। ~ **খোঁড়ার একগুণ বাড়া**—নির্গুণ লোকেরই অহঙ্কার বা দোষত্রুটি বেশি থাকে। ~ **গরুর ভিন্ন গোয়াল/পথ**—অজ্ঞান লোক কানা গরুর মতো গোয়ালের পথ অর্থাৎ নিরাপদ পথ ত্যাগ করে বিপথে যায়। ~ **ছেলের নাম পদ্মলোচন**—চক্ষুহীনের পদ্মলোচন নাম রাখা যেমন নিরর্থক এবং হাস্যকর তদ্রূপ অসংগতিপূর্ণ ও হাস্যকর। ~**মাছি** *বি* ছোট ছেলেমেয়েদের চোখ বেঁধে অন্ধ সেজে খেলাবিশেষ। {স. কাণ (অর্থ একচক্ষুহীন)+ *বা.* আ=কানা}
কানা[২] [কানা] *বি* ১ প্রান্তভাগ; কিনারা (পুকুরের কানা)। ২ পাত্রাদির মুখের বেড়; হাঁড়ি কলসির গলা। ~**য় ~য়** *ক্রিবিণ* গলা পর্যন্ত; কানা পর্যন্ত; পরিপূর্ণভাবে (কানায় কানায় পূর্ণ আমার পরাণ ভরা ভাদরে—*রঠা*)। {*স.* স্কন্ধ>কণ্ণ>কান,+আ=কানা}
কানাই, কানু, কান [কানাই, কানু, কানো] *বি* শ্রীকৃষ্ণ (তার মুখে ছাই দিয়া সে কানাই আসিবে তোমা নিকটে—*কমু*; জলদবরণ কান দলিত অঞ্জন জনু—*কমু*; তো বিনে উনমত কান—*বিপ*)। {*স.* কৃষ্ণ>*প্রা.* কণহ>*বা.* কাহ্ন>কান+আই, উ(আদরে) = কানাই, কানু}

কানাকড়ি ⇒ কড়ি[১]
কানাকানি ⇒ কান[২]
কানাকুয়া, কানাকুয়ো [কানাকুয়া,-য়ো] *বি* এক প্রকার পাখি (কানাকুয়া ডাকবে শুধু পহরের পর পহর গনে—*জউ*; বাঁশঝাড়ের ভিতর থেকে একটা কানাকুয়ো ডেকে উঠল—*সজ*)। {*স.* কর্ণকূপ>?}
কানাঘুষা [কানাঘুশা] *বি* কানে কানে বলাবলি; গোপনে বলাবলি (ছেলেরা এই নিয়ে কানাঘুষাও কম করে না—*আফ*)। {*স.* কর্ণঘোষ(?)>কানাঘোষ+আ= কানাঘোষা> কানাঘুষা ('ঘোষ' শব্দের এক অর্থ 'জনশ্রুতি')}
কানাচ [কানাচ্] *বি* ১ দেয়ালের বাইরে স্থিত চালাঘরের ছাঁচ। ২ ছাঁচতলা; ঘরের পশ্চাদ্‌ভাগ। **কানাচি পাতা** *ক্রি* আড়ালে লুকিয়ে অন্যের কথা শোনা। **আনাচে কানাচে** *ক্রিবিণ* ঘরের পাশে বা নিকটবর্তী গোপন স্থানসমূহে (আনাচে কানাচে লুকিয়ে থাকে)। {*আ.* কুনাসাহ্ كناسه ; *ফা.* কুনজ্ كنج > 'কানাচ', *অনু.* 'আনাচ'}
কানাড়া, কানড়া, কানড় [কানাড়া, -নোড়া, -নোড়্] *বি* ১ সংগীতের রাগবিশেষ; কর্ণাট রাগিণী (কানাড়া রাগিণীর কোমল গান্ধারে—*নই*)। ২ স্ত্রীলোকের কেশবিন্যাসের ধারাবিশেষ; কর্ণাটদেশ প্রসিদ্ধ কুণ্ডলাকৃতি খোঁপা (কানাড়া ছন্দে বাঁধিব কি বেণী—*জউ*; কানড়া ছাঁদে খোঁপা বাঁধে—*সদ*; কানড় খোঁপায়, কনকচাঁপা পাটের খোপা দোলে—*কমু*)। ৩ কর্ণাট দেশীয় (কাপড় কাণ্ডার আড়ে কানড়া রূপসী—*ঘচ*)। **কানাড়ি** *বিণ* কর্ণাট দেশীয়; কর্ণাট দেশে জাত। {*স.* কর্ণাট>*প্রা.* কন্নাড>কনাড়, কানাড়+আ = কন্নাড়া, কানাড়া, কানড়া}
কানাত, কানাৎ [কানাত্] *বি* ১ তাঁবুর পর্দা বা দেয়াল (তাম্বু কানাত সাজে উট পৃষ্ঠে দিয়া—*হেমা*; তবে তাম্বু কানাৎ তৈনাত চলে ডেরা—*ঘচ*; কিস্তখাপ দ্বারা চতুর্দিকের কানাৎ রচিত হইল—*ইহো*)। ২ তাঁবু; বস্ত্রগৃহ (মখমল ঝলমল পড়ে না কানাৎ—*সদ*)। {*আ.* কনাত্ قنات (তাঁবুর দেয়াল)}
কানামাছি ⇒ কানা[১]
কানায় কানায় ⇒ কানা[২]
কানি[১], কাণি(অশু.) [কানি] *বি* ১ ন্যাকড়া; ছেঁড়া বস্ত্রখণ্ড (পাট কাপড়ের কানি দিয়া গা গলা মুছাইয়া—*দমি*)। ২ বস্ত্রের প্রান্ত; ছিন্নপ্রান্ত। {*আঞ্চ.*; *স.* নক্তক>*বা.* ন্যাকরা>কানি}
কানি[২] [কানি] *বি* কানের সাহায্যে চলন (উজানের কই যেমন কানি বেয়ে যায়—*কমু*)। {*স.* কর্ণ>কণ্ণ>কান+ *বা.* ই}
কানি[৩] [কানি] *বি* কানা; কিনারা (উঠানের কানিতে জায়নামাজ পেতে বাবা নামাজ পড়ছেন—*ইখাঁ*)। {*স.* স্কন্ধ>কন্ধ>কাঁধ>কান+ই}
কানি ⇒ কানা[১]
কানীন [কানিন্] *বি* অনূঢ়ার পুত্র; অবিবাহিতার সন্তান; কুমারী কন্যার গর্ভজাত সন্তান। **কানীনী** *স্ত্রী*। {*স.* কন্যা+অ(অণ্)=কানীন(অপত্যার্থে নিপাতনে সিদ্ধ)}
কানু ⇒ কানাই
কানুন[১] [কানুন্] *বি* ১ আইন; রাজ্যশাসনের ব্যবস্থা

(চিরস্থায়ী বন্দোবস্তের কানুনে সরকার প্রজাকে যে কথা দিয়েছিলেন—*প্রচৌ*)। ২ নিয়ম; বিধিব্যবস্থা (বাহিরে যা পাই সমাজে নেব তারি আইন কানুন—*রঠা*)। { *আ.* কানূন قانون }

কানুনগো, কানুনগোই [কানুন্‌গো, -গোই] *বি* ১ জমি জরিপকারী বা জমির হিসাবরক্ষক সরকারি কর্মচারী। ২ রাজস্ববিভাগীয় হিসাব পরীক্ষক। { *আ.* কানূন قانون + *ফা.* গো گو }

কানেস্তারা, ক্যানেস্তারা [কানেস্‌তারা, ক্যা-] *বি* তেল ঘি ইত্যাদি রাখার টিনের বড় পাত্রবিশেষ (ফায়ারপ্লেসের উপরে কানেস্তারাকে বলে mantel piece—*মুআহা*)। { *ই* ক্যানিস্তার = canister }

কান্ত [কান্‌তো] *বি* ১ স্বামী; পতি (সুখে নিদ্রা যাও তুমি নিজ কান্ত সঙ্গে—*দৌবা*)। ২ প্রণয়ী; বল্লভ (কান্ত ও কামিনী কৌতুকে যামিনী যাপন করিলেন—*ঈবি*)। ৩ মণি; পাথর (সূর্যকান্ত)। ☐ *বিণ* ১ সুন্দর; মনোরম; কমনীয়। ২ প্রিয়। { *স.* √কম্‌+ত(ক্ত) }

কান্তলৌহ, কান্তায়স্‌, কান্তিক, কান্তিলৌহ [কান্‌তোলোউহো, কান্‌তায়শ্‌, কান্‌তিক্‌, কান্‌তিলোউহো] *বি* ১ অয়স্কান্ত মণি। ২ চুম্বক; magnet। ৩ বিশুদ্ধ লোহা; পেটা লোহা বা ইস্পাত। { *স.* কান্ত+লৌহ, অয়স, ইক,+ঈ(ক্ত)+লৌহ }

কান্তা [কান্‌তা] *বি স্ত্রী.* ১ পত্নী; ভার্যা; স্ত্রী (শ্মশানশায়ী কান্ত হেরি কান্তা যাবে ভুলে—*হেব*)। ২ প্রিয়া; প্রণয়িনী। { *স.* কান্ত+আ(টাপ্‌) }

কান্তায়স্‌ ⇒ কান্তলোহ

কান্তার [কান্‌তার্‌] *বিণ* ১ নিবিড় বন; গহীন জঙ্গল (দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার—*নই*)। { *স.* কান্ত+√ঋ+অ(অণ্‌) }

কান্তি [কান্‌তি] *বি* ১ লাবণ্য; সৌন্দর্য; ঔজ্জ্বল্য (বিশুদ্ধ কাঞ্চনকান্তি কত মনোহর—*মদ*)। ২ দীপ্তি; শোভা (জ্যোতির কান্তি মেলে দেয়—*মুচৌ*)। **~বিদ্যা** *বি* সৌন্দর্য বিদ্যা; aesthetics। **~মতী** *বিণ স্ত্রী.* লাবণ্যময়ী; সুন্দরী; কান্তিযুক্তা (ভৈরবী তুই সুন্দরী তুই কান্তিমতী রাজরাণী—*সদ*)। **~মান** *বিণ* কান্তিবিশিষ্ট; লাবণ্যময়; সুন্দর। { *স.* √কম্‌+তি(ক্তিন্‌) }

কান্দ [কান্‌দো] *বিণ* ১ কন্দজাত। ২ কন্দসম্বন্ধীয়। { *স.* কন্দ+অ(অণ্‌) }

কান্দ ⇒ কান্দা

কান্দর্প [কান্‌দোর্‌পো] *বি* কন্দর্পের পুত্র। ☐ *বিণ* কন্দর্প সম্বন্ধীয়। { *স.* কন্দর্প+অ(অণ্‌) }

কান্দা [কান্‌দা] *ক্রি* ক্রন্দন করা; কাঁদা; রোদন করা। ☐ *বি* ক্রন্দন; রোদন; কান্না। **কান্দন** *বি*। **~নো** *ক্রি* কাঁদানো; ক্রন্দন করানো। ☐ *বি* ক্রন্দনে প্রবৃত্তকরণ। { *স.* √ক্রন্দ্‌ = *বা.* √কাঁদ্‌, √কান্দ্‌+আ=কাঁদা, কান্দা }

কান্দি [কান্‌দি] *বি* প্রান্ত (গাজীবাড়ির পশ্চিম কান্দিতে যে হালট বাহির হইয়াছে—*কাআউ*)। { *স.* স্কন্ধ>*প্রা.* কংধ>কন্ধ>কাঁধ, কান্দ+ই=কান্দি }

কান্ধার ⇒ কাঁধা

কান্না [কান্‌না] *বি* রোদন; ক্রন্দন। **~কাটি** *বি* ১ অবিরাম ক্রন্দন; খেদের সঙ্গে কান্না বা বিলাপ। ২ ঐকান্তিক আবদার। ৩ অনুনয়-বিনয়। ৪ একদিকে অধিক ভার (ঘুড়ির কান্না)। **~চুনি** *বি* কান্নারূপ চুনি পাথর বা উজ্জ্বল পদ্মরাগ মণি; (*আল.*) যার কান্নাও অত্যন্ত সৌন্দর্যময় (মুক্তাহাসি, কান্নাচুনি ঝরে—*মুচৌ*)। **~পাওয়া** *ক্রি* ক্রন্দনের বেগ আসা; রোদনে প্রবৃত্ত হওয়া। **~হাটি** *বি* উচ্চৈঃস্বরে রোদন; হাহাকার (হল রান্নাঘরে কান্নাহাটি—*ঈবি*)। { *স.* √ক্রন্দ্‌ √কাঁদ্‌+অনা=কাঁদনা>কান্না }

কান্নাখেকো, কান্নেখেকো [কান্‌নাখেকো, -ন্‌নে-] *বিণ* ঘুড়ির একদিকে ভার বেশি হওয়ার মতো অবস্থা (বড় মানুষের ছেলে অল্পবয়সে বিষয় পেয়ে কান্নেখেকো ঘুড়ীর মত ঘুরছেন—*প্যামি*)। { কান্না+খাকুয়া>খেকো }

কাপ[১] [কাপ্‌] *বি* একশ্রেণির ব্রাহ্মণ; ভঙ্গকুলীন (ব্রাহ্মণদের 'মেল'-বন্ধনের ন্যায় 'কাপ'-বন্ধনও ছিল।) { *স.* কপট> }

কাপ[২] [কাপ্‌] *বি* ভান; কপটতা; ছলনা (লোকে বলে পাপ কাপ কদিন লুকায়—*ভারা*)। ☐ *বিণ* কৌতুককারী (কেহ বলে ঐ এল বিশ-বুড়া কাপ। কেহ বলে বুড়াটি খেলাও দেখি সাপ॥—*ভারা*)। { *স.* কাপট্য/কাপটি>কাপ }

কাপ[৩] [কাপ্‌] *বি* বাটি, পেয়ালা। { *ই* cup }

কাপটিক, কাপট্য ⇒ কপট

কাপড় [কাপোড়্‌] *বি* ১ বস্ত্র; বসন। ২ ধুতি শাড়ি বা লুঙ্গি। **~ কাচা** *ক্রি* বস্ত্র ধৌত করা। **~ খসা** *ক্রি* কাপড় ঢিলা হয়ে যাওয়া। **~ খারাপ/নষ্ট করা** *ক্রি* ভয়ে বা বাহ্যের বেগ ধারণে অক্ষমতার ফলে কাপড় নষ্ট বা অপরিষ্কার হওয়া। **~-চোপড়** *বি* পোশাক-পরিচ্ছদ; বস্ত্রাদি। **~ ছাড়া** *ক্রি* একবস্ত্র ত্যাগ করে অন্যবস্ত্র পরিধান করা; পোশাক পরিবর্তন করা; বাইরের পোশাক ত্যাগ করে ঘরোয়া পোশাক পরা। **~ পাট করা** *ক্রি* বস্ত্রাদি ভাঁজ করা। **কাপড়ের জমিন** *বি* বুনন; টানাপড়েন। **আটপৌরে ~** *বি* নিত্য বা সর্বদা ব্যবহারের কাপড়। **তোলা ~** *বি* অপেক্ষাকৃত উত্তম দামি কাপড়—যা মাঝে মাঝে আবশ্যকমতো পরা হয়। **থান~** *বি* সাদা পাড়হীন কাপড়—যা পুরুষ অথবা বিধবারা পরে। **পাছাপেড়ে ~** *বি* তিন পাড়যুক্ত শাড়ি, যে শাড়ির দুই কিনারায় ও মধ্যভাগে পাড় থাকে। **বাসি ~** *বি* যে কাপড় পরে রাত্রিবাস করা হয়েছে। { *স.* কর্পট>*প্রা.* কপ্পড>*বা.* কাপড়; তুল. *হি* কপড়া; কপ্পর }

কাপড়ি, কাপড়ী [কাপোড়ি] *বি* কাপালিক বা বৌদ্ধ সন্ন্যাসী (আজানুলম্বিত জটা কাপড়ী সন্ন্যাসী ঘটা অন্ন মাঙ্গে ফিরিয়া বাজার—*কমু*)। ☐ *বিণ* কপট। { *স.* কার্পটিক>*প্রা.* কপ্পডিঅ>*বা.* কাপড়ি, কাপড়ী }

কাপড়িয়া ⇒ কাপুড়িয়া

কাপালিক [কাপালিক্‌] *বি* ১ নরকপালধারী বামাচারী তান্ত্রিকবিশেষ। ২ কাপালি জাতিবিশেষ। ☐ *বিণ* কপাল সম্বন্ধীয়। { *স.* কপাল+ইক(ঠক) }

কাপাস ⇒ কার্পাস

কাপি ⇒ কপি

কাপুড়ে, কাপুড়িয়া, কাপড়িয়া [কাপুড়ে, কাপুড়িয়া, কাপোড়িয়া] *বি* কাপড় ব্যবসায়ী; বস্ত্র বিক্রেতা। ☐ *বিণ* কাপড় সম্বন্ধীয়। { *স.* কর্পট>কাপড়+ইয়া = কাপড়িয়া>

কাপইড়া>কাপুড়ে}

কাপুরুষ [কাপুরুশ] *বি* পুরুষোচিত সাহসহীন বা পৌরুষশূন্য ব্যক্তি; ভয়ে কর্তব্যচ্যুত হয় বা আত্মসম্মান বিসর্জন দেয় এরূপ ভীরুলোক। ☐ *বিণ* ১ সাহসহীন ভীরু। ২ অপদার্থ। ~**তা**, ~**ত্ব** *বি*। ~**জনোচিত** *বিণ* কাপুরুষের মতো আচরণবিশিষ্ট (যে ভাবনা আমার মনে উদয় হল সেটা অত্যন্ত কাপুরুষজনোচিত—*সৈমু*)। { *স.* কু+পুরুষ; *কর্মধা.* }

কাপ্তেন, কাপ্তান [কাপতেন্, কাপ্তান্] *বি* ১ জাহাজের অধ্যক্ষ বা পরিচালক। ২ সেনাধ্যক্ষ। ৩ খেলোয়াড়দের সর্দার। ৪ ইয়ারদল সহ স্ফূর্তিবাজ অপব্যয়ী ধনী ব্যক্তি। **কাপ্তানি** *বি* সর্দারি; নেতৃত্ব (তাহার ন্যায় যতসব চাঁদপানা ছেলের উপর কাপ্তানী শুরু করিয়া দিব—*মাউ*)। ~ **বাবু** *বি* (*আল.*) অন্তঃসারশূন্য বা নির্জীব মানুষ; যে প্রাণবন্ত নয় (প্রাচীন দেবমূর্তিগুলি আমাদের বাঙলার কার্তিকের মতো সম্পূর্ণ কাপ্তেনবাবু বা কল্কে কাটাছাঁটা মরা জিনিস হয়ে পড়েনি—*অঠা*)। { *ই.* captain }

কাফ ⇒ কফ^{1}

কাফগির [কাফগির্] *বি* হাতলবিশিষ্ট বড় চামচ (ডেগচি কাফগীরের ঘন সংঘাতে গোলদার বাড়ি মুখরিত হইতে লাগিল—*কাহ*) { *আ.* কফ كف + *ফা.* গীর گی }

কাফন, কাফানি, কফন [কাফোন্, কাফানি, কফোন্] *বি* মুসলমানদের মৃতদেহ আচ্ছাদনের কাপড়—স্ত্রী মৃতদেহের জন্য পাঁচখণ্ড এবং পুরুষ মৃতদেহের জন্য তিন খণ্ড কাপড় ব্যবহৃত হয়। (এজিদ পিতার মৃতদেহ ...কাফন দ্বারা আবৃত করিয়া সাধারণের সম্মুখে আনয়ন করিলেন—*মীম*)। { *আ.* কাফন كفن }

কাফফারা [কাফ্ফারা] *বি* পাপ মোচনার্থে দেয় জরিমানা; অপরাধের প্রায়শ্চিত্ত করার ব্যবস্থাদি (যত দিন আল্লা তাকে মাফ না দেন ততদিন কাফফারা দিবেন—*আমআ*; ভুল ত অইছেই আর হেই ভুলের কাফফারাও দেওন অই গেছে—*আরও*)। { *আ.* কাফফারাহ كفاره }

কাফি^{1} ⇒ কফি

কাফি^{2} [কাফি] *বি* সংগীতের রাগিণীবিশেষ (বাদলদিনে কত মেঘের গান হোলির দিনে কত কাফি—*রঠা*)। { *আ.* কাফী كافى }

কাফির, কাফিরী ⇒ কাফের

কাফিলা ⇒ কাফেলা

কাফুর [কাফুর্] *বি* কর্পূর (কস্তুরি চন্দন চুয়া কাফুর মিশ্রিত—*সৈআ*)। { *স.* কর্পূর>*প্রা.* কপ্পুর>কাপুর>কাফুর}

কাফে [কাফে] *বি* ১ কফিখানা; চা-ঘর (এই শহরতলীতেই কত না রেস্তোরাঁ কত না কাফে খোলা—*সৈমু*)। ২ রেস্তোরাঁ। { *ফ.* cafe }

কাফের, কাফির [কাফের্, কাফির্] *বি* ১ সত্য প্রত্যাখ্যানকারী; ইসলামধর্ম অস্বীকারকারী। ২ পৌত্তলিক, বহু-ঈশ্বরবাদী বা ইসলাম-বিরোধী লোক (তিনি কাফেরের ছোঁয়া কিছুতেই খাইবেন না—*মাউ*)। **কাফেরি, কাফেরী, কাফিরী** *বি* ইসলাম বিরোধিতা; অবিশ্বাস; সত্য প্রত্যাখ্যান (রেফারীকে দেয় কাফেরী ফতোয়া যদি সে ফাউল ধরে—*নই*)। { *আ.* কাফির كافر }

কাফেলা, কাফিলা [কাফেলা, কাফিলা] *বি* ১ তীর্থযাত্রীর দল। ২ ভ্রমণকারীর দল; পথিকের দল; উষ্ট্রারোহী যাত্রীদল (কাফেলার বাঁশী বয়ে এনেছিল জহরের মত ব্যথা—*ফআ*; বন্ধ্যা মরুভূমি পার হয়ে কাফেলার গতি—*আলীআ*)। { *আ.* কাফিলাহ قافله }

কাফেলা-সালার [কাফেলাসালার্] *বি* কাফেলার অধিনায়ক (কাফেলা সালার ! তোমার দেখানো রাহে করি করাঘাত—*ফআ*)। { *আ.* কাফিলাহ قافله + *ফা.* সালার سالار : ৬তৎ }

কাফ্রি, কাফরি [কাফ্রি] *বি* আফ্রিকার অধিবাসী; নিগ্রো জাতি { *পো.* cafre }

কাবলি, কাবলিওয়ালা ⇒ কাবুলি

কাবা^{1}, **কা'বা** [কাবা] *বি* মক্কায় অবস্থিত বিখ্যাত আল্লার ঘর (এরাই কা'বার হজের যাত্রী, এদেরই দস্ত চুমি—*নই*)। { *আ.* কা'বাহ كعبة }

কাবা^{2}, **কাবাই** [কাবা, কাবাই] *বি* ঢোলা অঙ্গাবরণ; আলখাল্লা জাতীয় লম্বা জামাবিশেষ (রত্নের কাবাই গায়—*সৈআ*; আমাকে আনিয়া দেহ রঙ্গিন কাবাই—*হেমা*)। { *আ.* কবা' قبا }

কাবাডি, কাবাড্ডি [কাবাডি, কাবাড্ডি] *বি* হাডুডু খেলা (ছেলেবেলায় মারামারি করিয়াছি, কাবাড্ডি খেলিয়াছি—*ওয়া*)। { *স.* কপাট> }

কাবাড়ি^{1}, **কাবারি, কাবারী** [কাবাড়ি, -রি, -] *বি* ১ যারা সস্তায় মালপত্র কিনে বিক্রি করে; নিলামে জিনিসপত্র কিনে সস্তা দরে বিক্রেতা ২ একশ্রেণির ধীবর; নিকারি (মৎস্য বেচিয়া নাম ধরাল্য কাবারী—*কমু*)। { *স.* কর্বটী> কাবাড়ী, কাবারি; *স.* কৈবর্ত>কেবট্ট> }

কাবাব, কবাব [কাবাব্, কবাব্] *বি* শলাকা বিদ্ধ করে সেঁকা মাংস (কলিজা কাবাব-সম ভুনে মরু-রোদ্দুর—*নই*)। ~ **করা** *ক্রি* (*আল.*) যন্ত্রণা দেওয়া; বিদীর্ণ করা (যেন কাবাব করিতে বেঁধে কলিজাতে শিক—*নই*)। { *আ.* কাবাব كباب }

কাবাব চিনি [কাবাব্ চিনি] গোলমরিচের মতো একপ্রকার মশলা। { *আ.* কাবাব كباب + *ফা.* চিনি چينى }

কাবার [কাবার্] *বি* ১ খতম; শেষ; সমাপ্তি (বসে বসে হুইস্কি তিন বোতল কাবার করেছেন—*মীম*)। ২ শেষ দিন (মাস কাবার, মাস কাবারিতে এসো)। ৩ শেষ; অতিবাহন; যাপন (যাত্রীদের মালপত্র নামাতেই প্রায় এক ঘণ্টার বেশী কাবার হয়ে গেল—*আকাশা*)। { *পো.* আকাবর acabar; *আ.* কুবরহ كبره }

কাবারি^{1}, **কাবাড়ি**^{2} [কাবারি, -ড়ি] *বি* বাঁশের বাখারি বা শলাকা। { বাখারি>কাবারি(বর্ণবিপর্যয়ে) }

কাবারি^{2}, **কাবারী**^{2} [কাবারি] *বিণ* শেষের (মাস কাবারি হিসাব)। { *পো.* আকাবর=acabar }

কাবালা ⇒ কবালা

কাবিন, কাবীন [কাবিন্] *বি* মুসলমানদের বিয়েতে কন্যাকে দেয় মোহরানা (...শাদী করতে পেরেছিলেন, এক লাখ টাকার কাবিন—*আআআ*)। ~**নামা** *বি* বিয়ের

চুক্তিপত্র। { ফা. কাবীন کابین + নামাহ نامه }

কাবিয ⇒ কাবেজ

কাবিল, কাবেল [কাবিল্, -বেল্] *বিণ* উপযুক্ত; যোগ্য; লায়েক (নিজেকে ভরসা করিয়া উহার কাবেল ভাবিতে পারিতাম না—*মাউ*)। **কাবিলতি, কাবেলতি, কাবিলিয়ত, কাবিলীয়ত** *বি* ১ যোগ্যতা; উপযুক্ততা। ২ পারদর্শিতা; পাণ্ডিত্য (আজ এই আটে কাবেলতিও আমার করায়ত্তপ্রায়—*মাউ*; হাদিস কোরআনে কাবিলিয়তের জন্য তিনি মশহুর—*আমআ*)। { আ. কাবিল قابل }

কাবীন, কাবীননামা ⇒ কাবিন

কাবু [কাবু] *বিণ* ১ নিস্তেজ; দুর্বল। ২ জব্দ; পরাজিত হওয়ার ফলে বশীভূত। ~ **করা** *ক্রি* বশীভূত করা। { তু. কাবু قابو }

কাবুলি, কাবলি [কাবুলি, -বলি] *বিণ* কাবুল সম্পর্কিত; আফগানিস্তানে জাত। ☐ *বি* আফগানিস্তানের অধিবাসী; কাবুলের লোক। { ফা. কাবুলী کابلی }

কাবুলিওয়ালা, কাবলিওয়ালা [কাবুলিওয়ালা, কাব্-] *বি* কাবুল বা আফগানিস্তানের লোক। { (কাবুল+ ই = কাবুলি শব্দের পরে 'ওয়াল' প্রত্যয় অনাবশ্যক, কারণ 'কাবুলি' শব্দ দ্বারা 'কাবুলিওয়ালা' শব্দের অর্থই বোঝায়, অতিরিক্ত প্রত্যয় যোগ করার কারণে ব্যাকরণগতভাবে এটি অশুদ্ধ। তবে রবীন্দ্রনাথ প্রমুখের হাতে ব্যাপকভাবে ব্যবহৃত হয়েছে বলে বানানটি স্বীকৃত) ফা. কাবুল کابل + *হি.* ৱালে}

কাবেজ, কাবেয, কাবিয [কাবেজ্, , বিজ্] *বিণ* ১ আয়ত্ত; করতলগত; অধীন (যতদিন...কাবালা করে আমার দখল কাবেজে না দেও—*মীম*)। ২ নিস্তেজ; কাবু; দুর্বল (আমির আলীর ব্যাপারটাই তাঁকে এমন কাবেজ করিয়া ফেলিয়াছে—*আমআ*)। { আ. কাবিদ় قابض আ. কব্দ় قبض }

কাবেল, কাবেলতি ⇒ কাবিল

কাব্য [কাব্বো] *বি* ১ ছন্দোময় রসাত্মক ও ভাবমধুর বাক্য বা রচনা; কবিতা। ২ কবিতাগ্রন্থ। ৩ পদ্য সাহিত্য (বাংলা কাব্য)। ৪ পদ্যরচনা (এত কাব্য করে কী হবে?)। ~**কলা** *বি* কাব্যরচনার কৌশল। ~**কার** *বি* কবি; কাব্যের রচয়িতা। ~**কোবিদ** ⇒ কাব্যবিশারদ। ~**গ্রন্থ** *বি* কবিতার বই। ~**চর্চা, কাব্যানুশীলন, কাব্যালোচনা** *বি* কাব্য সম্পর্কে আলোচনা বা চর্চা। ~**জগৎ** *বি* ১ ভাবজগৎ; কবিকল্পিত জগৎ (কাব্যজগতে বিচরণ)। ২ কবি সম্প্রদায়। ~**বিশারদ**, ~**কোবিদ** *বি* কাব্যে মহাপণ্ডিত; কাব্যসাহিত্যে পারদর্শী; কাব্যবিদ (স্বাগত কাব্যকোবিদ—*সদ*)। ~**রস** *বি* কবিতার রস বা মাধুর্য; কাব্যপাঠের আনন্দ; কাব্য পড়া বা শোনার ফলে হৃদয়ে সঞ্চারিত অনুভূতি। ~**রসিক** *বি, বিণ* কাব্যের সমঝদার; কাব্যরস উপলব্ধি করতে সমর্থ। **কাব্যাংশ** *বি* কাব্যের অংশ। **কাব্যানুশীলন, কাব্যালোচনা** ⇒ কাব্যচর্চা। **কাব্যি** *(ব্য.)* *বি* কবিত্ব (কাব্য রোগাক্রান্ত যাবতীয় ছোকরাদের মধ্যে একটা বিরাট রকমের আলোচনা চলছে—*নই*)। **কাব্যোপজীবিকা** *বি* কাব্যচর্চা; কাব্য সাধনা (এ কবির কাব্যোপজীবিকা একেবারে সংস্কারমুক্ত—*সুদ*)। { স. কবি+য(য্যঞ্)}

কাম[১] [কাম্] *বি* মদন; কন্দর্প; অনঙ্গ। { স. √কম্+অ(অণ্); স. √কামি+অ(অচ্)}

কাম[২] [কাম্] *বি* ১ কাজ; কর্ম (না বুঝিয়া করে কাম শেষে হয় বদনাম—*মীম*)। ২ প্রয়োজন; দরকার (গুণ না থাকিলে, তার রূপে কিবা কাম—*দৌবা*)। ~**কাজ** *বি* কাজ; যে কাজে সংসার চালানোর জন্যে অর্থ পাওয়া যায় (কাম-কাজ অথবা কাজ-কাম কিছুই নেই)। ~**চোর** *বিণ* অলস; ফাঁকিবাজ (কামচোরের শাস্তিই হলো মেদবৃদ্ধি—*রাসা*)। ~ **সেরেছে** *ক্রি* বিপদের আশঙ্কা করা (স্যার এ দিকেই আসছেন, কাম সেরেছে)। { স. কর্ম>প্রা. কম্ম>কাম}

কাম[৩] [কাম্] *বি* ১ সম্ভোগেচ্ছা (কামাতুর)। ২ কামনা; ইচ্ছা; অভিলাষ (সিদ্ধকাম)। ৩ অনুরাগ। ~**কলা** *বি* রতিশাস্ত্র; রতিবিদ্যা। ~**কেলি** *বি* যৌন সম্ভোগ; রতিক্রীড়া। ~**গ**, ~**গম**, ~**গামী** *বিণ* আপন ইচ্ছামতো যেখানে সেখানে অতি দ্রুত যেতে সমর্থ এমন (কামগম বিহঙ্গম-রাজ....সহসা অতি প্রকাণ্ড কলেবর ধারণ করিলেন—*ঈবি*)। ~**গন্ধ** *বি* কামের আভাস বা লেশ। ~**চর** *বিণ* ১ স্বেচ্ছাবিহারী; যে ইচ্ছাপূর্বক সকল স্থানে যেতে পারে; সর্বত্রগামী। ২ স্বেচ্ছাচারী। ~**চার** *বি* স্বেচ্ছাচার; আপন ইচ্ছানুরূপ চলা; যথেচ্ছাগমন। ☐ *বিণ* স্বেচ্ছাচারী; যথেচ্ছাগামী। ~**চারী** *বিণ* ১ স্বচ্ছন্দ গমনশীল; স্বেচ্ছাবিহারী (অমিত্রাক্ষর কবিতা কামচারী—*প্রচৌ*)। ২ স্বেচ্ছাচারী। ৩ ব্যভিচারী; লম্পটপ্রকৃতির; কামের বশীভূত। ~**চারিণী** *স্ত্রী*। ~**জ** *বিণ* ১ যৌনসম্ভোগের ইচ্ছা থেকে জাত (সে তাহার পিতামাতার কামজ সন্তান—*নই*)। ২ বাসনাজাত। ~**জ্বর** *বি* কামাগ্নি; প্রবল কামপ্রবৃত্তি। ~**তন্ত্র** *বি* ১ কাম বা রতি পরতন্ত্র (কুলবধূ কামতন্ত্র, বেজক মুরল যন্ত্র বালুকা সহিত জল পূরে—*কমু*)। ২ রতিশাস্ত্র। ~**দ**, ~**প্রদ** *বিণ* অভীষ্টপূরক; প্রার্থিত বস্তু দান করে এমন। ~**দা** *বিণ স্ত্রী* অভীষ্টদাত্রী; কামনাদায়িনী (শুনেছি কামদা নাকি দেবেন্দ্রের পুরী—*মদ*)। ☐ *বি* কামধেনু। ~**দেব** *বি* হিন্দুদের মন্মথ বা মদনদেব; প্রেমের দেবতা। ~**ধেনু**, ~**দুঘা** *বি* হিন্দু পুরাণে বর্ণিত অভীষ্টদায়িকা গাভী—সুরভি, নন্দিনী ইত্যাদি (দাও ত্বরা করি কামদুঘা সুরভির দুগ্ধধারা—*মোম*; কামদুঘা বঙ্গভূমি—*আইশা*)। ~**পত্নী** *বি* হিন্দুদের রতিদেবী। ~**প্রদ** ⇒ ~**দ**। ~**বাই** *বি* কামাসক্তি; প্রবল সঙ্গমেচ্ছা; কামোন্মত্ততা। ~**বাণ**, ~**শর** *বি* *(আল.)* মদনের সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, স্তম্ভন নামক পঞ্চবাণ; কামোদ্দীপক শর। ~**রূপ**, ~**রূপী** *বিণ* ১ ইচ্ছারূপী; ইচ্ছামতো রূপ ধারণে সমর্থ (কামরূপী তব্যাগ্রজ—*মদ*)। ২ সুন্দর মনোহর কান্তি; মদনের মতো রূপধারী (কামরূপী মোর গৃহে বাড়ে কোন জন—*কমু*)। ~**রূপা** *বিণ স্ত্রী* স্বেচ্ছাক্রমে রূপধারিণী (অনিমেষে রূপ ধরি কামরূপা আমি নাথ সেবিব তোমারে—*মদ*)। ~**লতা** *বি* কামিনী (যা কিছু যে চাহে অমনি পায় সে তারে; কামধুকে যথা কামলতা—*মদ*)। ~**শর** ⇒ ~**বাণ**। ~**শাস্ত্র**, ~**সূত্র** *বি* রতিশাস্ত্র; কামকলা সম্বন্ধীয় শাস্ত্র। ~**সখ** *বি*

বসন্ত ঋতু। ~স্তুতি *বি* কামদেবের উদ্দেশ্যে স্তব। { *স.* √কম্‌+অ(ঘঞ্) }

কামচোর ⇒ কাম[২]

কামজ, কামজ্বর ⇒ কাম[৩]

কামট [কামোট্] *বি* হাঙ্গর (ওদিকে কুমীর কামটের ভয়—*শেহ*)। { *স.* কামট }

কামটঙ্গি, কামটুঙ্গি [কামটোঙ্গি, কামটুঙ্গি] *বি* পুকুরের মধ্যে বা উচ্চস্থানে নির্মিত ধনীদের গ্রীষ্মাবাসের জন্য একরূপ বিলাসগৃহ; জলটুঙ্গি (বইয়া আছে ডিঙ্গাধর কামটঙ্গি ঘরে—*পূগী*)। { *স.* কাম+তুঙ্গ+ই > কামটঙ্গি, কামটুঙ্গি }

কামঠ [কামোঠ্] *বি* কচ্ছপের মাংস। □ *বিণ* কচ্ছপ সম্বন্ধীয়। { *স.* কমট (কচ্ছপ)+ষ্ণ=কামট }

কামড় [কামোড়] *বি* ১ দংশন; দাঁতের চাপ বা আঘাত (সাপের কামড়)। ২ নির্দয় দাবি বা চাপ; অন্যায় লোভ (মহাজনের সুদের কামড়)। ৩ যন্ত্রণা; বেদনা (পেটের কামড়)। ~ **কাটা,** ~ **দেওয়া,** ~ **বসানো,** ~ **মারা** *ক্রি* ১ দাঁত দিয়ে দংশন করা; দন্তাঘাত করা। ২ অধিক অর্থাদি দেওয়ার জন্য চাপ দেওয়া। **কামড়াকামড়ি** *বি* ১ পরস্পর দংশন। ২ মারামারি। **কামড়ানো, কামড়ান** *ক্রি* ১ দংশন করা; দাঁত দ্বারা আঘাত করা। ২ দাবি করা; দাবি আদায়ের জন্য চাপ দেওয়া। ৩ বেদনা বা যন্ত্রণাবোধ করা; শূলানো। ৪ সজোরে চেপে ধরা (মেশিনে হাত কামড়ে ধরেছে)। ৫ দৃঢ়সঙ্কল্প হয়ে থাকা (ভিটে-মাটি কামড়ে থাকা)। **কামড়ানি, কামড়ি** *বি* ব্যথা; যন্ত্রণাবোধ; শূল। **কামড়ে ধরা, কামড়াইয়া ধরা** *ক্রি* ১ দাঁত দিয়ে ধরা; দাঁতে কামড় দিয়ে ধরা। ২ আঠার মতো চেপে ধরা। **তেলকামড়া** *বিণ* কাপড়ে তেলের মতো লেগে থাকে এমন, সহজে ছাড়তে চায় না এমন। **তেল কামড়ি** *বি*। **পেট কামড়ানি** *বি* ১ পেটের যন্ত্রণা; পেটের অসুখ। ২ গোপন কথা বলার জন্য অস্থিরতা। **বিষপিঁপড়ার** ~ *বি* গা জ্বালাকর যন্ত্রণাদায়ক আক্রমণ (কথা তো নয় বিষপিঁপড়ার কামড়)। **মরণ** ~ *বি* যে কামড়ের ফল মৃত্যু। (*আল.*) চরম সর্বনাশকর আক্রমণ। **হাত কামড়ানি** *বি* ক্ষোভ; মনস্তাপ; আফসোস। { *প্রা.* কম্মণ>কম্মড়> }

কামদানি, কামদানী [কাম্‌দানি] *বি* ১ কাপড়ে ফুল তোলার কাজ; এমব্রয়ডারি। ২ সলমা চুমকির কাজ-করা কাপড়। ৩ তুলার কাপড়ের উপর জরি বসানোর কাজ। { *বা.* কাম+*ফা.* দানি دانی }

কামদার [কাম্‌দার্] *বিণ* ১ কারুকার্যবিশিষ্ট (জরির কামদার মখমলের বালিশ—*বচ*)। ২ কারচুপি (নকশার) কাজ করা জিনিস; নকশার কাজ-করা কাপড় (কামদার টুপি)। { *স.* কর্ম> *বা.* কাম+ *ফা.* দার دار }

কামধুক [কাম্‌ধুক্] *বি* কামধেনু (যা কিছু যে চাহে; অমনি সে পায় তারে; কামধুকে যথা কামলতা—*মদ*)। { *স.* কাম+ √দুহ্+ক্বিপ্ }

কামধেনু ⇒ কাম[৩]

কামনা [কামোনা] *বি* বাসনা; ইচ্ছা; মনোরথ; অভিলাষ। ~**পরাগ** *বি* বাসনারূপ পুষ্পের রেণু (রইল যে তবু কামনা-পরাগ গন্ধটুকু ভেসে—*জাঅ*)। { *স.* √কামি+অন(যুচ্)+আ(টাপ্) }

কামবর্ত্ম [কাম্‌বরতো] *বি* কামপথ (কামবর্ত্মে করে রঙ্গ কামিনীসঙ্কুল—*সাখা*)। { *স.* কাম+বর্ত্ম }

কামরা [কামরা] *বি* কক্ষ; কুঠরি; ঘর। { *পো.* camara }

কামরাঙা, কামরাঙ্গা [কাম্‌রাঙা, কাম্‌রাঙ্‌গা] *বি* পাঁচটি শিরাযুক্ত অম্লমধুর ফলবিশেষ। ~ **শাঁখা** *বি* হাতের অলঙ্কারবিশেষ (সোনাতে বান্ধাইয়া দিবাম কামরাঙ্গা শাখা—*মৈগী*)। { *স.* কর্মরঙ্গ>কামরাঙ্গ+আ=কামরাঙ্গা, কামরাঙা }

কামরূপ, কামরূপা ⇒ কাম[৩]

কামরূপী[১] [কাম্‌রুপি] *বিণ* ১ কামরূপ দেশজাত। ২ কামরূপ দেশ সম্বন্ধীয়। { *স.* কামরূপ+ঈ; *বহ্* }

কামরূপী[২], **কামলতা** ⇒ কাম[৩]

কামলা[১], **কামিলা** [কাম্‌লা, কামিলা] *বি* দিনমজুর; যারা দিন-মজুরি করে খায় (কামলারা খেতি করিতে করিতে যায়; কামলার কাম বিনোদ তাও ভালা জানে—*মৈগী*)। { *স.* কাম+ওয়ালা (= *আলা*) = কামলা, উচ্চারণ-বিভ্রাটে 'কামিলা' }

কামলা[২] [কাম্‌লা] *বি* চক্ষু হরিদ্রাবর্ণ হয় এমন রোগ। ন্যাবা; কাঁওল। { *স.* কামল>কামলা }

কামাই[১] [কামাই] *বি* ১ রোজগার; আয়; উপার্জন। ২ উপার্জিত অর্থ বা ধন। { *স.* কর্ম>কাম+আই=কামাই }

কামাই[২] [কামাই] *বি* ১ অনুপস্থিতি; গরহাজিরি (দুর্বলবশতঃ অনেকদিন আপিস কামাই করিতে হইল—*রঠা*)। ২ বিরাম (সে জন্যে সেকালে কাজেরও কামাই হয়নি—*অঠা*)। □ *ক্রি* কামাই করা। **কাজও নাই-ও নাই**—কাজ না থাকলেও বিরাম নাই এরূপ অবস্থা; কর্ম নেই তবু কাজে গরহাজিরিও নেই। { *ফা.* কম كم + আই = কমাই>কামাই; *স.* কর্ম>*প্রা.* কম্ম> কাম+ আই=কামাই }

কামাক্ষী, কামাখ্যা [কামাক্‌খি, কামাক্‌খা] *বি স্ত্রী.* হিন্দুদের কামাখ্যা নামক দেবী; মহাদেবী। { *স.* কাম+অক্ষি+ঈ; *বহ্* }

কামাগ্নি, কামানল [কামাগ্‌নি, কামানল্] *বি* প্রবল সম্ভোগেচ্ছা; অতিশয় কাম-লালসা। { *স.* কাম+অগ্নি, অনল; *রূপক কর্মধা.* }

কামাচার [কামাচার্] *বি* ব্যভিচার; কামপ্রবৃত্তি চরিতার্থ করার উদ্দেশ্যে তৈরি আচার-আচরণ। { *স.* কাম+আচার }

কামাতুর [কামাতুর্] *বিণ* কামার্ত; কামে জর্জরিত; কাম-বিহ্বল। **কামাতুরা** *স্ত্রী.* (কামী মনঃ মজাতে বিভ্রমে কামাতুরা—*মদ*)। { *স.* কাম+আতুর; ৩তৎ }

কামাত্মা [কামাত্‌তাঁ] *বিণ* ১ কাম পরবশ; কামের একান্ত বশীভূত। ২ ফল কামনাকারী; ফলকামী। { *স.* কাম+আত্মা; *বহ্* }

কামান[১] [কামান্] *বি* তোপ; বৃহৎ আগ্নেয়াস্ত্র বিশেষ; cannon (কামানের ধোঁয়ায় হিন্দুস্থান অন্ধকার হইয়া গেল—*রঠা*)। { *ই* cannon }

কামান[২] [কামান্] ধনুক (কামের কামান জিনি ভুরুর ভঙ্গিমাখানি– *কমু*)। { *ফা.* কমান کمان }

কামান[৩] ⇒ কামানো

কামানল ⇒ কামাগ্নি

কামানি, কামানী [কামানি] *বি* ১ ক্ষৌর কর্মের মজুরি। ২ বেতন। { *স.* কর্ম>*বা.* কাম>+আনি}

কামানিয়া [কামানিয়া] *বি* গোলন্দাজ (কামানিয়া কামান পাতিল থরে থর—*কমু*)। { *ই.* কামান (cannon) + আনিয়া}

কামানী ⇒ কামানি

কামানো, কামান[৩] [কামানো] *ক্রি* ১ উপার্জন করা; রোজগার করা। ২ ক্ষৌরকর্ম করা। ☐*বি* ১ রোজগার; উপার্জন। ২ ক্ষৌর কর্ম। ☐*বিণ* ১ উপার্জিত (বাপের কামানো টাকা—*হেব*)। ২ মুণ্ডিত। { *স.* কর্ম> *বা.* কাম+ আনো, আন}

কামান্দ [কামানদ্] *বি* রজ্জু-ফাঁস (কৌশলী রোস্তম দ্রুতগতিতে পশ্চাদ্ধাবন করিয়া গলদেশে কামান্দ নিক্ষেপপূর্বক তাহাকে ধৃত ও বন্দী করিলেন—*মোহ*)। { *ফা.* কামন্দ کمند }

কামান্ধ [কামান্‌ধো] *বিণ* কামপ্রবৃত্তির বশীভূত হয়ে ভালোমন্দ বিচারশূন্য; কামাসক্ত হয়ে হিতাহিত জ্ঞানশূন্য; কামাতুর। { *স.* কাম+অন্ধ; সুপ্‌সুপা; ৩তৎ }

কামাবশায়িতা, কামাবসায়িতা [কামাবোশায়িতা] *বি* ১ নিজের সর্ব কামনা পূর্ণ করার ক্ষমতা; যেটা ইচ্ছা সেটাই করার যোগলব্ধ শক্তি। ২ ইন্দ্রিয়দমন শক্তি। { *স.* √কম্+অ(অণ্)+√শী+ণিচ্+ত(ক্ত)+আ, √সো+ণিচ্+ত(ক্ত)+আ(টাপ্)}

কামার [কামার্] *বি* কর্মকার; যে কারিগর লোহার জিনিস গড়ে। **কামারনী** *স্ত্রী.*। ~**শাল** *বি* কর্মকারের ঘর; যে ঘরে কর্মকাররা লোহার জিনিস তৈরি করে (কামারশালের গনগনে রাঙা আগুনে তোমার চোখ জ্বলে—*সদ*)। { *স.* কর্মকার>*প্রা.* কম্মআর>কম্মার>কামার}

কামার্ত [কামারতো] *বিণ* কামাতুর; কামের একান্ত বশীভূত; কামপীড়িত। { *স.* কাম+আর্ত; ৩তৎ }

কামাল [কামাল্] *বি* ১ নৈপুণ্য; চরমোৎকর্ষ; পরাকাষ্ঠা (অন্নপূর্ণা নামে দেবী, তাঁহার চরণ সেবি, কেরামত কামাল ইহার—*ভারা*)। ২ বিস্ময়কর বা অভাবনীয় কার্য বা কার্য সম্পাদন (কামাল তু নে কামাল কিয়া ভাই—*নই*)। ৩ হদ্দ। { *আ.* কামাল کمال }

কামালাত [কামালাত্] *বি* চরম কৃতিত্ব; পরিপূর্ণতা (দেখেছি সেখানে আমি তোমার কামালাত—*ফআ*)। { *আ.* কামালাত كمالات }

কামাল্য [কামাললো] *বিণ* পূর্ণ; চরম (মানুষের হাতে সকল পাথেয় দিয়ে কামাল্য সম্ভাবনা সব কাজ শেষে মরু আফতাব হলে কি এবার অন্যমনা?—*ইহো*)। { *আ.* কামাল+ *স.* য=কামাল্য, অথবা *আ.* কামাল+বা. ইয়া=কামালিয়া>কামাল্য}

কামাসক্ত [কামাশক্‌তো] *বিণ* ১ কামপ্রবৃত্তিতে আসক্ত; যৌনসম্ভোগপ্রিয়। ২ লম্পট; যৌনসম্ভোগে অত্যধিক লিপ্ত। { *স.* কাম+আসক্ত; ৩তৎ }

কামিজ, কামেজ [কামিজ্, কামেজ্] *বি* একরকম জামা; ঢিলা শার্ট (তার নিদর্শনস্বরূপ আমরা কামিজের প্লেট ও কাফ এবং বুটজুতা ধারণ করি—*প্রচৌ*; ছেঁড়া পচা কামেজ তাহার নাই হাতা—*ঈবি*)। { *আ.* কমীস قميص }

কামিন [কামিন্] *বি* স্ত্রীমজুর; মজুরনি (একটি কামিন একখানে দেখা দিতে এলে তার কামিনীর কাছে—*জীদা*)। { *স.* কর্মিণী>কামিনী>কামিন}

কামিনী [কামিনি] *বি* ১ রমণী; স্ত্রীলোক (তিনি বিবাহিতা কামিনী—*ঈবি*)। ২ স্ত্রী; পত্নী। ৩ অতিশয় কামার্ত নারী। ৪ একপ্রকার সুগন্ধ ফুল। ~**সুলভ** *বিণ* স্ত্রীজাতির পক্ষে স্বাভাবিক বা সাধারণ এমন (কামিনীসুলভ কোমলতা)। { *স.* কাম+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

কামিয়াব [কামিয়াব্] *বিণ* কৃতকার্য; সফল (খুদা তোমাকে কামিয়াব করুক—*জহা*)। **কামিয়াবি** *বি* কৃতকার্যতা; সফলতা। { *ফা.* কামিয়াব کامیاب }

কামিল ⇒ কামেল

কামিলা ⇒ কামলা

কামী (-ইন্) (ইনি) [কামি] *বিণ* ১ কামুক; কামবিশিষ্ট (কামী মনঃ মজাতে বিভ্রমে কামাতুরা—*মদ*)। ২ ইচ্ছুক; অভিলাষী (শান্তিকামী)। **কামিনী** *স্ত্রী.*। { *স.* √কম্, *বা.* √কাম+ইন্(ইনি)}

কামুক [কামুক্] *বিণ* ১ যৌন সম্ভোগেচ্ছা অত্যন্ত প্রবল এমন; কামাতুর। ২ অভিলাষী। **কামুকা, কামুকী** *স্ত্রী.*। { *স.* √কম্+উক(উকঞ্)}

কামেজ ⇒ কামিজ

কামেল, কামিল [কামেল্, কামিল্] *বিণ* সিদ্ধ; পূর্ণাঙ্গ; নিষ্কলঙ্ক (বেটি বলে বটে যদি কামেল ফকির—*সৈহা*)। ☐*বি* সিদ্ধপুরুষ; সাধুব্যক্তি (মিলন শাহ নামক কামিল ফকিরের মুরীদ হন—*সৈমুআ*)। { *আ.* কামিল كامل }

কামেলকার, কামিলকার [কামেল্‌কার্, কামিল্‌কার্] *বিণ* সুদক্ষ; সুনিপুণভাবে করে এমন (আমাগো গিরামে এমন কামিলকার আছে আগে জানতাম না—*জউ*)। { *বা.* কাম+ইল(অথবা *আ.* কামিল)+*ফা.* কার}

কামেশ্বর [কামেশশর্] *বি* অভীষ্টদাতা; কাম্যবস্তু দান করার ক্ষমতাসম্পন্ন। { *স.* কাম+ঈশ্বর; ৬তৎ }

কামোদ [কামোদ্] *বি* সঙ্গীতের রাগবিশেষ। **কামোদা** *বি স্ত্রী.* সঙ্গীতের রাগিণীবিশেষ। { *স.* কাম+দ>}

কাম্বোজ [কাম্‌বোজ্] *বিবিণ* কম্বোজ নামক দেশের অধিবাসী। { কম্বোজ+অ (অণ্)}

কাম্য [কাম্‌মো] *বিণ* ১ বাঞ্ছনীয়; অভিলষণীয়; অভীষ্ট। ২ ভোগ্য। ৩ ফল লাভের জন্য অনুষ্ঠেয়। ~**ফল** *বি* কামনার ফল বা পরিণতি। { *স.* √কাম+ণিচ্+য(যৎ)}

কায়[১] [কায়্] *বি* দেহ; শরীর (তুহিন তুষারে অঙ্গ মাজিতে দুগ্ধ ধবলকায়—*জউ*)। ~**কল্প** *বি* দীর্ঘায়ু ও দীর্ঘ যৌবন বা পূর্ণ যৌবন লাভের জন্য আয়ুর্বেদীয় চিকিৎসাবিশেষ।

–ক্লেশ *বি* শারীরিক পরিশ্রম। –ক্লেশে *ক্রিবিণ* কষ্টেসৃষ্টে; অভাব অনটনে; শারীরিক কষ্টভোগ করে। –**চিকিৎসা** *বি* জ্বর ইত্যাদি শারীরিক রোগের চিকিৎসা। –**মনোবাক্যে** *ক্রিবিণ* দেহ মন ও কথার দ্বারা; সর্বতোভাবে; সর্বান্তঃকরণে –**সাধনা** *বি* দেহকে অমর করার জন্য যৌগিক সাধনা। –**সিদ্ধি** *বি* যৌগিক সাধনাযোগে দেহের অমরত্ব লাভ। { *স.* ক+অ(অণ্)}

কায়কারবার [কায়্কার্‌বার্] *বি* দৈনন্দিন কাজকর্ম (সেরেস্তার কায়কারবার এক অনেক সময় অচল থাকতো—*সঞ্জ*)। { *স.* কায়+কারবার *ফা.* کاروبار }

কায়দা, কাএদা [কায়্দা] *বি* ১ কৌশল; পটুতা; দক্ষতা (দায়ে পড়লে কায়দা বেরোয় মস্তিষ্ক ফুঁড়ে—*মব*)। ২ উপায় (পানি ভরা গড়খাই, যবার কায়দা নাই —*সৈহা*)। ৩ আচার ব্যবহারের রীতি বা পদ্ধতি (কায়দা মতো সেলাম ঠোকা)। ৪ আয়ত্তি; অসুবিধাজনক অবস্থা; অধীনতা (অত বড় কঠিন বিষয়টিকে এমন কায়দার মধ্যে এনে—*কেম*)। ৫ আরবি বর্ণমালা ও বানান শিক্ষার প্রাথমিক পুস্তক। ~ **পাওয়া** *ক্রি* আপনার অধিকারের মধ্যে পাওয়া; বাগে পাওয়া; কাউকে জব্দ করার সুযোগ লাভ করা; হাতের মুঠোয় পাওয়া। { *আ.* কায়দাহ قاعده }

কায়দাদুরস্ত [কায়্দাদুরস্ত্] *বি* নির্ভুল চালচলনযুক্ত; মার্জিত আচার-ব্যবহারসম্পন্ন (যেমন চেহারা তেমনি কথাবার্তা; তেমন কায়দা-দুরস্ত—*সুরা*)। { *আ.* কায়দাহ قاعده + *ফা.* দরসত درست ; তৎ}

কায়বার [কায়্বার্] *বি* গুণকীর্তন; স্তুতিপাঠ; নান্দীপাঠ (ব্রাহ্মণেতে বেদ পঠে ভাটে কায়বার—*কৃক*)। { *স.* কার্যবারতা>; অথবা, রায়বার <রাজ+বারতা। রাজ> রাঅ>রায়>কায় (ক আগম, *তুল.* রায়বার)}

কায়স্থ, কায়স্ত [কায়োস্‌থো, তো] *বি* ১ বর্ণাশ্রম অনুযায়ী শূদ্র বর্ণের বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ; কায়েত। ২ কেরানি; মুহুরি; সরকারি কর্মচারী বিশেষ (লিখিতে লিখিতে কায়স্তকুল হৈল ভোর—*সৈআ*)। **কায়স্থা, কায়স্থিনী** (বিরল) *স্ত্রী.*। { *স.* কায়+√স্থা+অ(ক)}

কায়া [কায়া] *বি* দেহ; শরীর (কাআ তরুবর পঞ্চবি ডাল—*চর্যাপদ*)। { *স.* কায়>*প্রা.* কাআ>}

কায়িক [কায়িক্] *বিণ* ১ শারীরিক; দৈহিক। ২ শ্রমসাধ্য। { *স.* কায়+ইক(ঠক্)}

কায়েত, কায়েৎ [কায়েত্] *বি* কায়স্থ; বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ (বামুন নহে গো, কায়েৎও নহে—*সদ*)। **কায়েতনী** *স্ত্রী.*। { *স.* কায়স্থ> *প্রা.* কায়ত্থ>}

কায়েম, কায়েমি [কায়েম্, –মি] *বিণ* ১ সুদৃঢ়; স্থায়ী; মজবুত; পাকাপাকিভাবে প্রতিষ্ঠিত (তখতে কায়েম কর পাক কুরআন—*তাহো*)। ২ চিরস্থায়ী (নিজেদের কায়েমী স্বার্থে ইহাকে ব্যবহার করিত—*ওয়ালি*)। { *আ.* কায়িমী قائمی }

কায়েম-মকাম, কায়িম-মকাম [কায়েম্ মোকাম্, কায়িম্–] *বি* প্রতিনিধি। { *আ.* কায়িমমাকাম قائم مقام }

কার[১] [কার্] *সর্ব* কোন লোকের/ব্যক্তির। { *স.* কিম্>ক, কা+র; *বা.* কাহার>}

কার[২] [কার্] *বি* পাকানো সুতা; পকেট বা টেকঘড়ি বাঁধার সুতাবিশেষ। { *ই.* cord}

কার[৩] [কার্] *বি* গাড়ি; মোটরগাড়ি বা ট্যাক্সি (এলোমেলো বাঁকা পথে, ট্রামে বাসে হয়তো বা কারএ—*বিদে*)। { *ই.* car}

কার[৪] [কার্] *বি* কারাগার; কারাবাস (চোরে দিয়া মিয়া সাউদেরে দেয় কার—*মৈগী*)। { *স.* কারা>}

–কার[৫] [কার্] *বি* ১ শিল্পী; নির্মাতা; রচয়িতা (স্বর্ণকার, কুম্ভকার)। ২ উক্তি; শব্দকরণ; উচ্চারণ (জয় জয়কার, ধিক্কার)। ৩ কর্ম; কার্য; ক্রিয়া (বহিষ্কার, বেকার)। ৪ অক্ষর বা অক্ষরের চিহ্ন (অ-কার, ই-কার)। { *স.* √কৃ অ(অণ্)=কার; *তুল.* *ফা.* কার کار }

–কার[৬] [কার্] *বি* সম্বন্ধার্থক বাংলা প্রত্যয়বিশেষ (এখানকার, আজিকার)

কারক [কারোক্] *বি* (*ব্যা.*) বাক্যে ক্রিয়ার সঙ্গে সম্বন্ধযুক্ত শব্দ। ☐ *বিণ* কর্ম সম্পাদক। *বিণ স্ত্রী.* **কারিকা**। { *স.* √কৃ+অক(ণ্বুল)}

কারকিত, কারকুত [কার্‌কিত্, কার্‌কুত্] *বি* কার্যনৈপুণ্য; কারিগরি (ধানের জমিতে যে কারকিত করিতে হয়, তার চারগুণ কারকিত নীলের জমিতে দরকার—*দীমি*)। { *স.* কৃ>*বা.* কার+কিত (< √কৃ+ক্বিপ্=কৃৎ)}

কারকুন [কার্‌কুন্] *বি* ১ জমিদারির তত্ত্বাবধায়ক; বিষয়-সম্পত্তির তদারককারী বা হিসাবরক্ষক (শৃগালের কেহ দেওয়ান কেহ কারকুন—*বচ*)। ২ মুসলমান আমলের রাজস্ব বিভাগীয় কর্মচারী (নিদান নামেতে তার আছয়ে কারকুন—*মৈগী*)। { *ফা.* কারকুন کارکن = যে কাজ করে}

কারখানা [কার্‌খানা] ১ *বি* কর্মশালা; যে স্থানে শিল্পদ্রব্য প্রস্তুত হয়; factory। ২ কাণ্ড; বিরাট ব্যাপার (দেখে জাতি ছত্রিশ ছত্রিশ কারখানা—*ভারা*)। { *ফা.* কারখানাহ کارخانه }

কারগো [কার্‌গো] *বি* জাহাজের মাল (তিনি বিশ বৎসরে যে কারগো বোঝাই নিয়েছেন বিশ বৎসর যাবে হজম কত্তে—*দীমি*)। { *ই.* cargo}

কারচুপি, কারচোপ, কারচুবি, কারচোব [কার্‌চুপি, –চোপ্, –চুবি, –চোব্] *বি* ১ কাপড় বা অন্য কিছুর উপর নকশার কাজ (তাতে কতই না কারচুপি—*সৈমু*; বুকে জরীর কারচোপের কর্মকরা কাবা—*প্যামি*; হাতেতে কারচুবি চুড়ি পায়েতে পাশলি—*ফগ*)। ২ চালাকি; কৌশল (সব টাকার কারচুপি—*অচিসে*)। { *ফা.* কারচোব = کارچوب }

কারণ[১] [কারোন্] *বি* ১ হেতু; নিমিত্ত। ২ উদ্দেশ্য; প্রয়োজন। ৩ যা থেকে বা যার যোগে কার্য সম্পন্ন হয়। ৪ যা থেকে কোনো বিষয় সংঘটিত হয়। ৫ মূল; বীজ। ৬

তান্ত্রিক পদ্ধতিতে ব্যবহৃত মদ (কারণ--অমৃত পরিপূর্ণ অতুলিত— ভারা)। ☐ *অব্য* কেননা; যেহেতু (সে ভাত খায় নাই কারণ সে অসুস্থ)। **~জল, ~বারি** *বি* ১ শাস্ত্রোক্ত আদিম পানি যা থেকে জীবের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। ২ (*ব্য.*) মদ। **~মালা** *বি* কাব্যালঙ্কার বিশেষ। **~শরীর** *বি* বেদান্তোক্ত সূক্ষ্ম দেহবিশেষ। **কারণিক** *বিণ* ১ কারণ সম্বন্ধীয়। ☐ *বিণ, বি* পরীক্ষক; বিচারক; কারণ অনুসন্ধান করে যে। **কারণীভূত** *বিণ* ১ কারণস্বরূপ। ২ কারণরূপে কল্পিত বা উপস্থাপিত। {*স.* √কৃ+ণিচ্+অন(লুট্)}

কারণ[2] [কারোন্] *বি* ১ যদ্দ্বারা কাজ করা হয়। ২ ইন্দ্রিয়। ৩ দেহ। {*স.* √কৃ+ণিচ্+অন(লুট্)}

কারণ্ডব [কারোন্‌ডব্] *বি* একপ্রকার হাঁস; বালিহাঁস (কারণ্ডব খঞ্জন করকট---কমু)। {*স.* কারণ্ড+√বা+অ(ক) অথবা কারণ্ড+অ(অণ্)}

কারদানি, কারদানী ⇒ কেরদানি

কারপরদাজ, কারপরদাজি [কার্‌পর্‌দাজ্, -জি] *বি* কর্মচারী; প্রতিনিধি স্থানীয় ভৃত্য; তত্ত্বাবধায়ক (রায় মহাশয়ের কারপরদাজেরা নায়েব মহাশয়ের মৃতদেহ... লুক্কায়িত করিল—*দীমি*)। {*ফা.* কারপরদাজ کارپرداز *ফা.* কারপরদাজি کارپردازی = যে কাজ তদারক করে; কাজ তদারকির কাজ}

কারপেট ⇒ কার্পেট

কারফরমা [কারফরমা] *বি* ১ আদেশ দান করে যে; সেনাপতি। ২ বাদশাহি আমলের কর্মচারীর উপাধিবিশেষ। {*ফা.* কারফরমান = کارفرمان = কায়ফরমা> কারফরমা; কারফর্মা}

কারফা [কারফা] *বি* সঙ্গীতের তালবিশেষ (পাকা তবলচির মত রেলগাড়িটা কি সুন্দর কারফা বাজিয়ে যাচ্ছে—*নই*)। {*হি* কাহারবা>*বা.* কারফা}

কারফিউ [কারফিউ] *বি* নির্ধারিত সময়ে বাড়ির বাইরে বা রাস্তায় না যাওয়ার নির্দেশ (জেলখানার চতুর্দিকে কারফিউ জারী করিতে দেখা যায় নাই—*সৈও*)। {*হি* curfew}

কারবন, কারবনিক, কারবলিক ⇒ কার্বন

কারবা [কার্‌বা] *বি* নৃত্যবিশেষ (দুনিয়ার আদরের ফুরতির আতরের মনোহারী বেলোয়ারী কারবা—*সদ*)। {*হি* কাহারবা>}

কারবার [কারবার] *বি* ১ ব্যবসা (পাটের কারবার)। ২ পেশা; বৃত্তি। ৩ ব্যবহার; আদানপ্রদানজনিত সম্পর্ক (তাদের সঙ্গে কারবার ভালো যাচ্ছে না)। ৪ কাজকর্ম। **কারবারি** *বি* ব্যবসায়ী। {*ফা.* কারওবার کاروبار }

কারবালা [কার্‌বালা] *বি* ইরাক দেশস্থ এক প্রসিদ্ধ ময়দান—হযরত ইমাম হোসেন দামেস্কাধিপতি এজিদের ষড়যন্ত্রমূলক যুদ্ধে এখানে শহীদ হন। ☐ *বিণ* (*আল.*) যে স্থানে পানি দুর্লভ। {*আ.* কারবালাহ کاربلاه }

কারবেল্লা [কার্‌বেল্‌লা] *বি* করলা গাছ। **কারবেল্লী** *বি স্ত্রী.* উচ্ছে। {*স.* কার+√বেল্ল+আ}

কারয়িতা(-তৃ) [কারোয়িতা] *বিণ* যে অপরের দ্বারা কোনো কাজ করায় বা অপরকে কোনো কাজ করতে বাধ্য করে। **কারয়িত্রী** *স্ত্রী.*। (মুখ্যত ভাবয়িত্রী হলেও কারয়িত্রী পরিকল্পনাতেও তিনি অদ্বিতীয়—*সুদ*)। {*স.* √কৃ+ণিচ্+তৃ(তৃচ্)}

কাররবাই [কার্‌রোবাই] *বি* ১ কর্মকৌশল; ব্যবহার; পেশা। ২ আপত্তিকর কার্যাবলি বা আচরণ; কেরদানি। {*ফা.* কাররাওয়াঈ کارروائی + *বা.* ই}

কারসাজ [কার্‌সাজ্] *বিণ* ১ ভাঙাগড়ার নিয়ামক; সৃষ্টিকর্তা। ২ ঠগ; চালবাজ। **কারসাজি, কারসাজী** *বি* ১ চালাকি; কূটকৌশল (ভেবে দেখ সুন্নত বিষম কারসাজী— *ভারা*)। ২ ছলচাতুরী; প্রবঞ্চনা (প্রকাশকের কারসাজিতে বিভিন্ন কবির নামে প্রচারিত একই কাব্য—*আচৌ*)। {*ফা.* কারসাজ کارساز }

কারা [কারা] *বি* কয়েদ; আটক। **~গার, ~গৃহ** *বি* জেলখানা; কয়েদখানা; বন্দীশালা। **~ধ্যক্ষ, ~পাল** *বি* জেলখানার অধ্যক্ষ; জেলের ভারপ্রাপ্ত কর্মচারী; jailor। **~বাস** *বি* ১ বন্দীভাবে কারাগারে অবস্থিতি; বন্দিত্ব। ২ কারাগার। {*স.* √কৃ+অ(অঙ)+আ}

কারাবা, কার্বা [কারাবা, কার্‌বা] *বি* কাচের তৈরি শিশি বোতল প্রভৃতি পাত্র (গোলাপজলের মুখ আঁটা ছিল, কে কার্বা ভাঙ্গিয়া ফেলিল—*বচ*)। {*ফা.* কারাবা کاروا }

কারাভান, কারোয়াঁ, কারোয়ান [কারাভান্, কারোয়াঁ, কারোয়ান্] *বি* ১ অভিযাত্রীদল (ইসলামের কারাভান চলিবারে পারে—*গোমো*; এই কারোয়াঁর সিপাহসালার আমার পিয়ারা নবী করিম—*গোমো*; কোন্‌দিগেতে কারোয়ানেরা ঘোড়া হাতি উট.... লইয়া বসিয়া আছে—*রাম*)। ২ মরুযাত্রীদল। {*ফা.* কারওয়াঁ کاروان : *ই.* caravan}

কারার ⇒ করার

কারি[1] [কারি] *বিণ* মলিন; কৃষ্ণবর্ণ বিশিষ্ট; কালো (কাঞ্চন কাঁতি বরণ ভেল কারি—*জ্ঞাদা*)। {*স.* কালী>কারি---(ল>র)}

কারি[2], **কারী**[2] [কারি] *বি* কালিয়া; মাছ মাংস ইত্যাদির ঝোল। {*তা.* কারি>*ই.* curry}

কারি[3], **কারী**[3] [কারি] *বি* কোরান পাঠক; যিনি বিশুদ্ধভাবে কোরান পাঠ করেন (কাজী ছাড়ে কলমা কোরান ছাড়ে কারী- *ভারা*)। {*আ.* কারী قاری }

কারি[4] [কারি] *বি* শিল্পকার্য। **~গর, ~কর** *বি* কারুশিল্পী; মিস্ত্রি (এ বড় কারিকরে, কুঁদিলে তাহারে---*চদা*; কে এমন কারিগর বানাইলে ঘর—*চদা*)। **~গরি, ~করি** *বি* ১ সূক্ষ্ম শিল্পকার্য; শিল্পনৈপুণ্য। ২ কারিগরের কাজ বা পেশা। ৩ কৌশল; চালাকি; ফন্দি (আমি আজ মনে মনে যে

কারিকুরি ঐচেছি—মীম)। ৪ গতি; উপায়। ❑ *বিণ* ১ শিল্প বা শিল্পনৈপুণ্য সম্বন্ধীয়; technical; কারিগর সংক্রান্ত। ২ শিল্পনৈপুণ্যবিশিষ্ট। { *ফা.* কার کار }

কারিকা [কারিকা] *বি* ১ শ্লোকপূর্ণ ব্যাখ্যা পুস্তক; অল্পাক্ষর বৃত্তিদ্বারা বহু অর্থজ্ঞাপক কবিতা। ২ শিল্পকার্য। ❑ *বি স্ত্রী.* কর্মকর্ত্রী; কারয়িত্রী। { *স.* √কৃ+ অক(ণ্বুল)+আ(টাপ্)- কারক> }

কারিগর, কারিগরি ⇒ কারি⁶

কারিত [কারিতো] *বিণ* অপরের দ্বারা কৃত; করানো হয়েছে এমন। { *স.* √কৃ+ই(ণিচ্) = কারি (করানো) + ত(ক্ত) = কারিত}

কারিন্দা [কারিন্‌দা] *বি* কর্মচারী, গোমস্তা; ম্যানেজার (কেরাণী–কারিন্দা, ক্লার্ক মুছুদ্দি দেওয়ান—*হেব*)। { *ফা.* কারিন্দাহ کارنده }

কারিব, করিব [কারিব্, কোরিব্] *বিণ* নিকটবর্তী; প্রায় আসন্ন (নির্দিষ্ট সময় কারিব হয়ে গেছে—*আরও*)। { *আ.* ক়রীব قريب }

কারী⁹, কারি⁹ [কারি] *বিণ* কার্যকরী; ফলদায়ক (কোন মন্ত্রই কারী হচ্ছে না—*মীম*)। { *স.* √কৃ+ইন্(ণিনি)= কারিন্, ১মা একব— কারী)}

কারু [কারু] *বি* শিল্পী; শিল্পকার; artisan। ❑ *বিণ* নির্মাতা; কর্তা। **–কর্ম, –কলা, –কার্য, –শিল্প** *বি* ১ শিল্পকর্ম; কাঠ ধাতু ইত্যাদির কারিগরি শিল্প; crafts। ২ নকশা। ৩ শিল্পবিদ্যা। **–ছত্র** *বি* কারুকর্ম বিদ্যার সত্র বা বিতরণের স্থান (শিল্পের পাঠশালা শিল্পের হাট কারুছত্র কলাভবন—*অঠা*)। **–শিল্পী, –কর্মী** *বি* কারিগর; শিল্পী; artisan; craftsman। **–সমবায়** *বি* ১ শিল্পোৎপাদন ও শিল্প বিক্রয়ের উদ্দেশ্যে গঠিত সমবায় প্রতিষ্ঠান। যেখানে শিল্পীরা একত্রে মিলিত হয়ে শিল্প সম্বন্ধীয় বিষয় আলোচনা করেন; guild; organization। { *স.* √কৃ+উ(উণ্)}

কারুণিক [কারুনিক্] *বিণ* দয়ালু; করুণাময়। { *স.* করুণা+ইক(ঠক্)}

কারুণ্য [কারুন্‌নো] *বি* করুণা বা করুণার ভাব; দয়াশীলতা। { *স.* করুণ+য(ষ্যঞ)}

কারুশিল্প, কারুশিল্পী, কারুসমবায় ⇒ কারু

কারেক্ট [কারেক্‌ট্] *বিণ* নির্ভুল। { *ই.* correct}

কারেন্সি নোট [কারেন্‌সি নোট্] *বি* নগদ মুদ্রার পরিবর্তে দেয় সরকারি ছাপমারা কাগজ বা নোট। { *ই.* currency notes}

কারোয়া [কারোয়া] *বি* কেওড়া। { *ফা.* করারিয়াহ كراويه *ই.* caraway}

কারোয়াঁ, কারোয়ান ⇒ কারাভান

কার্কশ্য [কার্‌কোশ্‌শো] *বি* কর্কশতা; রূঢ়তা। (স্বামী কার্কশ্য প্রদর্শন করিলেও রোষবশা ও প্রতিকূলচারিণী হইবে না—*ঈবি*)। { *স.* কর্কশ+য(ষ্যঞ)}

কার্টিজ ⇒ কার্তুজ

কার্ড [কারড্] *বি* ১ মোটা কাগজের টুকরা; পুরু কাগজখণ্ড। ২ পোস্টকার্ড; চিঠি লেখার পুরু কাগজখণ্ড। { *ই.* card, post card}

কার্তিক, কার্ত্তিক [কারতিক] *বি* ১ বৎসরের সপ্তম মাস। ২ দেব-সেনাপতি কার্তিকেয়। ❑ *বিণ* সুন্দর চেহারাবিশিষ্ট; রূপবান (দেখতে একেবারে কার্তিক)। **কার্তিকে** *বিণ* কার্তিক মাসে হয় এমন। **লোহার কার্তিক**(*ব্য.*, *অল.*)—বহিঃসৌন্দর্যযুক্ত অপদার্থ ব্যক্তি; মাকাল ফল; Iron October। { *স.* কৃত্তিকা+অ(অণ্)}

কার্তুজ, কার্টিজ [কারতুজ, কারটিজ] *বি* বন্দুকের টোটা; cartridge (শিকার কি করে করবো বন্দুকের যে কার্তুজ নেই—*ওহ*)। { *ফ.* cartouche; *ই.* cartridge}

কার্দিয়াল [কারদিয়াল্] *বি* আন্তরিকতা; cordial (এ আঁতাত কার্দিয়াল-এর ভিতর যথেষ্ট অর্থ আছে–*প্রচৌ*)। { *ফ.* cordiale}

কার্নিভ্যাল [কারনিভ্যাল্] *বি* আনন্দমেলা; আনন্দোৎসব (কার্নিভ্যাল বা জুয়াখেলা হলে তার আপত্তি হতে পারতো—*অচিসে*)। { *ই.* carnival}

কার্নিশ, কার্ণিশ(*অশু.*) [কারনিশ্] *বি* ১ দেয়াল বা ছাদের বাইরের দিকে বেড়ে থাকা প্রান্তভাগ। { *ই.* cornice}

কার্পণ্য ⇒ কৃপণ

কার্পাস, কাপাস [কারপাশ্] *বি* তুলাবিশেষ। ❑ *বিণ* কার্পাস দ্বারা প্রস্তুত। **কাপাস হাসি** *বি* কার্পাসের ন্যায় শুষ্ক হাসি (লজ্জার খাতিরে তিনি কিছুই হয়নি বলে কাপাস হাসি হাসতে চেষ্টা করেছিলেন—*নহী*)। { *স.* কর্পাসী+অ(অণ্) = কার্পাস>*প্রা.* কপ্পাস>*বা.* কাপাস}

কার্পেট, কারপেট [কারপেট্] *বি* গালিচা; carpet। { *ই.* carpet}

কার্বন, কারবন [কারবোন্] *বি* ১ অঙ্গার; carbon। ২ অঙ্গার হীরক ও কৃষ্ণ সীসকাদিরূপে পরিণত অমিশ্র পদার্থ। **কার্বনিক, কারবনিক** *বিণ*। **– ডাইঅক্সাইড** *বি* কার্বন ও অক্সিজেনে সৃষ্ট বায়বীয় পদার্থবিশেষ। **– পেপার** *বি* একপিঠে কালি মাখানো কাগজবিশেষ যার উপরে ও নিচে কাগজ রেখে উপরের কাগজে লিখলে নিচের কাগজে লেখা ওঠে। **কার্বনিক অ্যাসিড** *বি* অঙ্গারাম্ল। { *ই.* carbon}

কার্বলিক, কারবলিক [কারবোলিক্] *বি* অঙ্গার বা আলকাতরাজাত; অম্ল সম্বন্ধীয়। **– সোপ** *বি* কার্বলিক (জীবাণু ধ্বংসকারী) সাবান। { *ই.* carbolic}

কার্বা, কারাবা [কারবা, কারাবা] *বি* গোলাপ পাশ; রৌপ্যাদি নির্মিত সুগন্ধি জলের পাত্র (নয়নের কার্বা যে মোর ছাপিয়ে ঢেউ খেলে যায়—*সদ*)। { *ফা.* ক়রাবাহ قرابه }

কার্মার [কর্‌মার্] *বি* কামার; লোহার। { *স.* কর্মন্+ অ(অণ্)}

কার্মিক [কারমিক্] *বিণ* ১ কারুকর্ম বা সূচিকার্য করা হয়েছে এমন; সূচিকর্ম দ্বারা চিত্রিত (কার্মিক বস্ত্রে মণ্ডিত করিয়া সিংহাসন প্রস্তুত করা হইল—*ঈবি*)। ২ কার্যসংক্রান্ত। { *স.* কর্মন্+ইক(ঠক্)}

কার্মুক [কারমুক্] *বি* ১ ধনু (কার্মুক টংকারি—*মদ*)। ২ তুলা ধোনার যন্ত্র। ~**ধারী** *বিণ* ধনুর্ধর। ~**ধারিণী** *স্ত্রী*। {*সং* কর্মন্+উক(উকঞ্)}

কার্য [কারজো] *বি* ১ কাজকর্ম। ২ প্রয়োজন; নিমিত্ত (কোন কার্যে এসেছ?)। ৩ উপকার; ফল (ঔষধে কার্য সাধন হওয়া)। ৪ শাস্ত্রবিহিত কর্ম; শ্রাদ্ধ ইত্যাদি ক্রিয়া। □*বিণ* কর্তব্য; করণীয়; কৃত্য (অবশ্যকার্য)। ~**কর**, ~**কারী**(–রিন্) *বিণ* ফলদায়ক; উপযোগী; ক্রিয়াসাধক। ~**করী**, ~**কারিণী** *স্ত্রী*। *বি* ~**করতা**, ~**কারিতা** *বি*। ~**করী** *বিণ* ১ কাজে পরিণত (কার্যকরী হওয়া)। ২ কার্য পরিচালনা করে এমন (কার্যকরী সংসদ)। ~**কলাপ** *বি* কাজকর্ম; কর্মপ্রবাহ; কর্মসমূহ। ~**কারক** *বি* চাকর; নফর; আমলা (তাঁহার কার্যকারকগণ মধ্যে কয়েকজন এক বেঞ্চে পা ঝুলাইয়া বসিয়া আছেন—*মীম*)। ~**কারণ সম্বন্ধ**—কাজের সঙ্গে কারণের ও কারণের সঙ্গে কাজের সম্বন্ধ; কার্য ও কারণের পরস্পর আপেক্ষিক সম্বন্ধ। ~**কাল** *বি* ১ কর্মকাল; চাকরি ইত্যাদির ব্যাপ্তিকাল। ২ প্রয়োজনের সময় (কার্যকালে কারো দেখা নেই)। ~**কুশল**, ~**দক্ষ**, ~**পটু** *বিণ* কর্মনিপুণ। ~**ক্রম** *বি* কার্যতালিকা; programme। ~**ক্ষম** *বিণ* কাজ করতে সমর্থ; কর্মক্ষম। ~**গতিকে** *ক্রিবিণ* কাজের প্রয়োজনে; কাজের তাগিদে। ~**ত** *ক্রিবিণ* ১ প্রকৃত প্রস্তাবে; ফলত। ২ কার্যকালে; প্রয়োজনের সময়ে। ~**তৎপর** *বিণ* ১ কাজে উদ্যমী বা সচেষ্ট। ২ কর্মপটু; কার্যদক্ষ। ~**নির্বাহ** *বি* কার্যসমাধা; কার্যসাধন। ~**দক্ষ** ⟹ ~**কুশল**। ~**নির্বাহক** *বিণ* কার্য সমাধানকারী কর্মসম্পাদক (কার্যনির্বাহক সংসদ)। ~**নিষ্পত্তি** *বি* কাজের মীমাংসা বা সমাধান। ~ **পটু** ⟹ ~ **কুশল**। ~**পদ্ধতি** *বি* কর্মপ্রণালি; কাজের রীতি। ~**পরম্পরা** *বি* ক্রমানুযায়ী কর্মসমূহ। ~**পরিষদ** *বি* সরকারি প্রধান দপ্তরখানা; secretariat। ~**ফল** *বি* কর্মফল; কাজের পরিণাম। ~**বশত** *অব্য ক্রিবিণ* কাজের অনুরোধে; কর্ম নিবন্ধন। ~**বাহ** *বি* কর্মপ্রবাহ; সভাদিতে আলোচিত বা নির্বাচিত বিষয় সকল; proceedings। ~**ব্যপদেশে** *ক্রিবিণ* কাজের উদ্দেশ্যে। ~**রত** *বিণ* কাজে নিযুক্ত বা ব্যস্ত। ~**সমাধা**, ~**সম্পাদন**, ~**সাধন** *বি* কর্মনির্বাহ; কাজের শেষ। ~**সিদ্ধি**, **কার্যোদ্ধার** *বি* ১ অভীষ্টলাভ; বাঞ্ছিত কাজের ফললাভ। ২ সাফল্য; কৃতকার্যতা। **কার্যা**~ *বি* ১ ভালো কাজ ও খারাপ কাজ; কর্ম ও কুকর্ম। ২ বিধেয় ও অবিধেয় কাজ। **কার্যার্থী** *বিণ* কর্মপ্রার্থী; চাকরির উমেদার। **কার্যার্থিনী** *স্ত্রী*। **কার্যাধ্যক্ষ** *বি* কর্মনিয়ন্তা; কর্মাধ্যক্ষ; কাজের তত্ত্বাবধায়ক। **কার্যানুরোধে** *ক্রিবিণ* কার্যবশে; কাজের প্রয়োজনে। **কার্যান্তর** *বি* অন্য কাজ; ভিন্ন কর্ম। {*সং* √কৃ+য(ণ্যৎ)}

কার্যোদ্ধার ⟹ কার্যসিদ্ধি

কার্শ্য ⟹ কৃশ

কার্ষাপণ [কারশাপোন্] *বি* ১৬ পণ; ১ কাহন। {*সং* কর্ষ+আপণ = **কর্ষাপণ**+অ(অণ্); কর্ষ(আশি রতি পরিমাণ) আপণ যার=*বহু*}

কার্ষ্ণ [কারশ্নো] *বিণ* কৃষ্ণ সংক্রান্ত; কৃষ্ণ সম্বন্ধীয়। {*সং* কৃষ্ণ+অ(অণ্)}

কার্ষ্ণ্য [কারশ্নো] *বি* কালো রং; কৃষ্ণতা। {*সং* কৃষ্ণ+য(ষ্যঞ্)}

কাল[১] [কাল্] *বি* ১ সময়; ঋতু (প্রাতঃকাল, বর্ষাকাল)। ২ যুগ (একালে আর সেকালে অনেক তফাত)। ৩ মানব-জীবনের বিভিন্ন স্তর বা সময় বিভাগ; শৈশব যৌবন প্রৌঢ়ত্ব বার্ধক্য ইত্যাদি (তিনকাল গিয়ে এককালে ঠেকেছে)। ৪ জীবন; আয়ুষ্কাল (কাল পূর্ণ হওয়া)। ৫ অবসর (কালাভাব)। ৬ সর্বনাশের হেতু; ধ্বংসের কারণ (জগতে ত জনম হইল মোর কাল—*দৌবা*)। ৭ মৃত্যু (তার **কাল** হয়েছে)। ৮ (*ব্যা*) ক্রিয়ার কার্যের সময়; অতীত বর্তমান ভবিষ্যৎ ইত্যাদি। □*বিণ* মারাত্মক; ভীষণ (হত রথিপতি ইন্দ্রজিৎ কাল রণে—*মদ*)। ~**কাটানো** *ক্রি* ১ সময় অতিবাহিত করা; কাল ক্ষেপণ করা (এভাবে কাল কাটানোর মানে হয় না)। ২ জীবনযাপন করা (কোনোমতে কাল কাটাচ্ছি)। ~**ক্রমে** *ক্রিবিণ* ১ কালে কালে; কালের গতিতে পরিবর্তনে (কালক্রমে সে সুস্থ হয়ে উঠল)। ২ কিছুকাল পরে; পরবর্তী এক সময়ে (বিদেশী জমিদারের নৌকা কালক্রমে যে দিন ঘাটে আসিয়া লাগে—*রঠা*)। ৩ কালবশে। ~**ক্ষয়** *বি* ১ বিলম্ব; দেরি (অনর্থক কালক্ষয় করে লাভ কি !) ২ কালাতিপাত; কাল কাটানো। ~**ক্ষেপ**, ~**ক্ষেপণ**, ~**যাপন** *বি* সময় কাটানো; কালাতিপাত। ~**গ্রাস** *বি* মৃত্যু; মৃত্যুর কবল। ~**গ্রাসে পতিত হওয়া** *ক্রি* মরা। ~**ঘাম** *বি* ১ অতিশয় পরিশ্রমের ফলে নির্গত ঘাম (দাঁড় টানতে ঝিঁকি মারতে মাঝিদের কালঘাম ছুটছে—*প্যামি*)। ২ মৃত্যুকালীন ঘাম। ~**ঘুম** *বি* ১ যে ঘুম সহজে ভাঙে না। ২ মৃত্যু; চিরনিদ্রা। ~**চক্র** *বি* চাকার মতো অবিরাম ঘুরছে যে কাল; সময়ের অনন্ত আবর্তন। ~**চিহ্ন** *বি* মরণের চিহ্ন; মৃত্যুর লক্ষণ। ~**জ্ঞ** *বিণ* কালবিৎ, সময়ের মূল্য বুঝে কাজ করে এমন; কখন কী কর্তব্য তা বুঝে কাজ করে এমন। □*বি* দৈবজ্ঞ। ~**জ্ঞান** *বি* ১ যথাযোগ্য সময়ের বোধ। ২ জ্যোতিষ শাস্ত্র। ~**তুল্য** *বিণ* মারাত্মক; মৃত্যুবৎ। ~**ত্রয়**, **ত্রি**~ *বি* তিন কাল; অতীত, বর্তমান ও ভবিষ্যৎকাল। ~**নাগ** ⟹ ~**সর্প**। ~**ধর্ম** *বি* ১ **কাল** পরিবর্তনের ফলে পরিবর্তিত রীতিনীতি ও চেতনা; যুগধর্ম। ২ মৃত্যু। ~**প্রবাহ** *বি* কালের একটানা গতি; সময়ের অবিরাম স্রোত। ~ **প্রভাব** *বি* সময়ের শক্তি বা মাহাত্ম্য। ~**প্রাপ্তি** *বি* মৃত্যু। **মহা**~ *বি* ১ শিব। ২ মৃত্যু। ৩ সৃষ্টিকর্তা, যিনি সর্বশক্তিমান। ~**শুদ্ধি** *বি* ক্রিয়াকর্মের পক্ষে শুদ্ধ বা পবিত্র সময়; শাস্ত্রবিহিত কাল। ~**সমুদ্র** *বি* সমুদ্রের ন্যায় বিস্তৃত কাল; অনাদি অনন্ত কাল। ~**সর্প**, ~**সাপ**, ~**নাগ** *বি* ১ কালো রঙের বিষাক্ত সাপ; কেউটে সাপ (ডমরু ধ্বনি শুনি কালফণী কভু কি নিবসে বিবরে?—*মদ*)। ২ মৃত্যুরূপী সাপ। ~**নাগিনী**, ~ **সাপিনী** *স্ত্রী*। ~**সহকারে** *ক্রিবিণ* কালক্রমে; সময়ের পরিবর্তনের ফলে (কাল সহকারে সকলেরই শোক শিথিল হইয়া যায়—*ঈবি*)। ~**হরণ** *বি* ১ সময় নষ্ট; অযথা কালক্ষয় (সবিস্তার বর্ণনে কালহরণ করিয়া পাঠকদিগকে আর কষ্ট দিবার প্রয়োজন নাই—*বচ*)। ২ কালাতিপাত; দিন গুজরানো (অবিচ্ছিন্ন ক্লেশভোগে কালহরণ করিবার নিমিত্তই তুমি জন্মগ্রহণ

করিয়াছিলে–*ঈবি*)। **কালে** *ক্রিবিণ* ১ ভবিষ্যতে; উত্তর কালে। ২ যুগে (কলিকালে)। **কালে কালে** *ক্রিবিণ* ১ কালক্রমে, সময়ের পরিবর্তনের ফলে। ২ যুগে যুগে; মাঝে মাঝে। **কালে ভদ্রে** *ক্রিবিণ* কদাচিৎ; অনেকদিন অন্তর; কখন–সখন (ঘনিষ্ঠ আত্মীয় স্বজনের বাড়িও সে নেহাৎ কালেভদ্রেই যেয়ে থাকে—*আফ*)। **কালের হাতে পড়া, কালে ধরা** *ক্রি* মৃত্যুর কবলে পড়া। **ইহ~** *বি* জগৎ সংসার। **এ~** *বি* বর্তমান কাল। **এ~ সে~** *বি* বর্তমান ও অতীত কাল। **পর~** *ক্রি* মৃত্যুর পরবর্তী সময়। **মহা~** *ক্রি* ১ শিব। ২ মৃত্যু। ৩ সৃষ্টিকর্তা—যিনি সর্বশক্তিমান। **~সহ** *বিণ* দীর্ঘকাল স্থায়ী; durable। **সে~** *বি* অতীত কাল। {*স.* √কল্+অ(ঘঞ্)}

কাল², **কালকে, কালি** *(পদ্য.)*, **কালিকে** *(পদ্য.)* [কাল্, কাল্‌কে, কালি, কালিকে] *বি, ক্রিবিণ* ১ আগামী দিন; পরদিন। ২ আগের দিন; পূর্বদিন। **কালকের/ কালকের, কালিকার** *বিণ* ১ আগামীদিনের, পরদিনের। ২ পূর্বদিনের আগের দিনের। **আজকাল/আজিকালি করা** *ক্রি* ১ গড়িমসি করা। ২ বৃথা সময় কাটানো। ৩ ইচ্ছাপূর্বক বিলম্ব করা। {*স.* কল্য>কল্ল>কাল}

কাল³ [কালো] *বি* ১ কৃষ্ণবর্ণ। ২ শ্যামবর্ণ। □ *বিণ* কৃষ্ণ বা শ্যামবর্ণবিশিষ্ট। **~/কালো আঁচড়** *বি* লেখা পড়ার চিহ্ন (পেটেতে কড়িটি ভোর কাল আঁচড় নাই—*হেব*)। **~/কালো কিষ্টি** *বিণ* অতিশয় কালো ও ময়লা। **~চিটে** ⇒ **~শিটা**। **~/কালো ঝুল** *বিণ* ধোঁয়া থেকে জাত কৃষ্ণবর্ণ ঝুলের মতো কালো। **কালশিটা, কালচিটে, কালশিরা** [কাল] *বি* আঘাতের ফলে রক্ত জমে দেহে যে কালো দাগ উৎপন্ন হয়। **~হাঁড়ি** *বি* ১ পোড়া অশুচি হাঁড়ি; ছুঁতো হাঁড়ি (কালহাঁড়ি ফেলে মারে কুলের বহুড়ি- –*কমু*)। ২ ঘোর কালো বর্ণ। {*স.* √কল্+অ(ঘঞ্)}

কাল⁴ [কাল] *বি* কলন্দর জাতীয় ভিক্ষাজীবী ফকির; মুসলমান ভিক্ষুক সম্প্রদায়বিশেষ (নিশাকালে ভিক্ষা মাগে নাম ধরে কাল—*কমু*)। {*আ.* কলন্দার قلندر }

কাল⁵ [কাল] *বিণ* ১ অতিশয় ঠাণ্ডা; হিম। □ *বি* শৈত্য। {*স.* কাল>}

কালকূট [কাল্‌কুট্] *বি* তীব্র বিষ; গরল (এ পাপ জগতে মরিতে কি কালকূট পেলে না খুঁজিয়া—*কায়*)। {*স.* কাল+কূট}

কালক্রমে, কালক্ষয়, কালক্ষেপ, কালক্ষেপণ ⇒ কাল¹

কালগঙ্গা [কাল্‌গঙ্‌গা] *বি* যমুনা নদী; কালিন্দী। {*স.* কাল+গঙ্গা}

কালচার [কাল্‌চার্] *বি* ১ সংস্কৃতি; তাহজীব। ২ শিক্ষা (ভরে ভারতের পল্লী নগরী কবীরের কালচারে—*সদ*)। ৩ মার্জিত রুচি। ৪ উন্নতি। ৫ অনুশীলন। ৬ কর্ষণ। {*ই.* culture}

কালচিটা, কালচিটে [কাল্‌চিটা, –টে] *বি* কালো চটচটে দাগ। {কালো>+চিটা, চিটে}

কালচিহ্ন ⇒ কাল¹

কালচে [কাল্‌চে] *বিণ* ঈষৎ কালো আভাযুক্ত (কালচে রঙের দাগ); কৃষ্ণাভ। {কালো>কাল+চিয়া প্রত্যয়= কালচিয়া>কালচে}

কাল–নটেশ [কাল্‌নটেশ্] *বি* কালরূপ নটরাজ (পাষাণে তোমার গড়িয়াছ তাজ/ নহে তাহা অক্ষয়, কাল–নটেশের চরণের ঘায়ে কোনোদিন পাবে ক্ষয়।—জউ)। {*স.* কাল+নটেশ}

কালনাগ, কালনাগিনী ⇒ কাল³

কালনেমি [কাল্‌নেমি] *বি* রাবণের মাতুল। **~র লঙ্কাভাগ**—*(আল.)* রাবণের মাতুল কালনেমি হনুমানকে মারার পূর্বে যেরূপ লঙ্কা ভাগ করে নেওয়ার কল্পনা করেছিল, সেইরূপ কোনো দুর্লভ বস্তু লাভের আগে তা উপভোগ করার অলীক কল্পনা। {*স.* কাল+নেমি}

কালন্দর ⇒ কলন্দর

কালপুরুষ [কাল্‌পুরুষ্] *বি* ১ নক্ষত্রপুঞ্জ বিশেষ; আদমসুরত; Orion। {*স.* কাল+পুরুষ}

কালপৃষ্ঠ [কাল্‌প্রিশ্‌ঠো] *বি* কর্ণের ধনু (যবে কর্ণ কালপৃষ্ঠধারী এড়িলা একাগ্নী বাণ রক্ষিতে কৌরবে—*মদ*)। {*স.* কাল+পৃষ্ঠ; *কর্মধা.*}

কালপেঁচা [কাল্‌প্যাঁচা] *বি* ধূসরবর্ণ মস্তকবিশিষ্ট কটা রঙের পেঁচা—যার চিৎকার অশুভসূচক বলে সাধারণ লোকের ধারণা। {কাল(=যম)+পেঁচা<পেচক *স.*; *কর্মধা.*}

কালবুদ [কাল্‌বুদ্] *বি* ১ ছাঁচ; দেহ; আধার (পড়িয়া রহিল বাসা খাকের কালবুদ—*সৈহা*)। ২ জুতা তৈরির কাঠের ফর্মা। ৩ খিলান গাঁথিবার ফর্মা। ৪ খিলান করা সাঁকো; culvert। {*ফা.* কালবুদ كالبد }

কালবেলা [কাল্‌ব্যালা] *বি (জ্যোশা)* অশুভ সময়। {*স.* কাল+বেলা; *কর্মধা.*}

কালবৈশাখী, কালবোশেখি [কাল্‌বোইশাখি, কাল্‌বোশেখি] *বি* চৈত্র–বৈশাখ মাসের বৈকালের ঝড়বৃষ্টি। {*স.* কাল+বৈশাখী; *কর্মধা.*}

কালবোস, কালবাউশ [কাল্‌বোশ্, কাল্‌বাউশ্] *বি* রুইমাছের তুল্য এক জাতীয় মাছ, এর রং কালো হয়। {*স.* কালবাস>?}

কালম [কালোম্] *বি* পঙ্গপাল (কালমে খাইল ধান—*পূগী*)। {*স.* কাল+ম; *আঞ্চ.*}

কালমেঘ [কালোমেঘ্] *বি* যকৃতের রোগে উপকারী একপ্রকার তিক্ত গাছ। {*স.* কাল+মেঘ; *কর্মধা.*}

কালরাত্রি [কাল্‌রাত্‌ত্রি] *বি* ১ মৃত্যু বা বিপদের ভয় আছে এমন রাত্রি; ভয়ঙ্কর রাত্রি। ২ *(জ্যোশা)* রাত্রির অশুভ সময়। {*স.* কাল+রাত্রি; *কর্মধা.*}

কালশশী [কালোশোশি] *বি* ১ কৃষ্ণচন্দ্র; কৃষ্ণপক্ষের চাঁদ। ২ অমাবস্যার চাঁদ। {*স.* কাল+শশী; *কর্মধা.*}

কালশিটা ⇒ কাল³

কালা¹ [কালা] *বিণ* বধির; কানে শোনে না বা কম শোনে এমন (নহেত থাকিব কালা বোবা সমসর—*সৈআ*)। {*বা.* কাল+*বা.* আ}

কালা² [কালা] *বিণ* অতিশয় ঠাণ্ডা; শীতল। **কালানো, কালিয়ে যাওয়া** *ক্রি* অতিশয় শীতল হওয়া; শীতে অসাড় হয়ে যাওয়া। {*স.* কাল+*বা.* আ}

কালা³ [কালা] *বিণ* ১ কালো; কৃষ্ণবর্ণ। ২ কলঙ্কিত (কালামুখ)। □ *বি* কৃষ্ণ (বড়ু চণ্ডীদাসে কয় না হইল

পরিচয়, রসের নাগর বড় কালা—*চদা*)। চিকন ~ আদরার্থে শ্রীকৃষ্ণের নামান্তর; সুন্দর কৃষ্ণ। ~ **আদমি, ~ আদমী** *বি* যাদের গায়ের রং ময়লা; প্রাচ্য দেশের লোক (তুমি আর গরীব কালা আদমীদের দুঃখের নিমিত্ত হয়ো না—*রাব*)। ~ **কানুন** *বি* অন্যায় আইন; প্রজার স্বার্থবিরোধী আইন; black act। ~**চাঁদ** *বি* কৃষ্ণ। { *স.* কাল+*বা.* আ=কালা}

কালাইগর [কালাইগর] *বি* যে তামা বা পিতলের হাঁড়ি পাতিল ইত্যাদি কালাই করে (সে কি কথা? ছুতোর কামার কালাইগর, মুচী—*সৈমু*)। { *আ* কুলঈ = قلعى + *ফা.* গর= گر }

কালাংড়া, কালেংড়া [কালাঙড়া, কালেঙড়া] *বি* প্রাতঃকালীন গানের মিশ্র রাগবিশেষ (পরতা কালেংড়া বহু মধুর রাগিণী—*কায়*)।

কালাকানুন ⇒ কালা[৩]

কালাকাল [কালাকাল] *বি* সময় অসময়; শুভ ও অশুভ সময় (কালাকাল মানা নাই, কলির বিচার—*রঠা*)। { *স.* কাল+অকাল; দ্বন্দ্ব.}

কালাগুরু [কালাগুরু] *বি* কালো রঙের সুগন্ধযুক্ত চন্দন; কৃষ্ণবর্ণ অগুরু কাঠ। { *স.* কাল+অগুরু; *কর্মধা.*}

কালাগ্নি, কালানল [কালাগ্‌নি, কালানল] *বি* প্রলয়াগ্নি; সৃষ্টি ধ্বংসকারী আগুন (আমি বসুধা বক্ষে আগ্নেয়াদ্রি, বাড়ব-বহ্নি কালানল—*নই*)। { *স.* কাল+অগ্নি, অনল; *কর্মধা.*}

কালাচাঁদ ⇒ কালা[৩]

কালাজাম, কালো জাম [কালাজাম, কালো-] *বি* ১ কালো রঙের জাম (সম্প্রতি কালোজাম খাইতে আমি অত্যন্ত ব্যস্ত আছি—*রঠা*)। ২ জাম। ৩ কালো রঙের মিষ্টান্নবিশেষ। { কাল+আ = কালা+জাম<জামু< জম্মু< *স.* জম্বু; *কর্মধা.*}

কালাজ্বর [কালাজর] *বি* প্লীহা রক্তাল্পতা ইত্যাদি লক্ষণযুক্ত একপ্রকার জ্বর। { *স.* কাল+*ফা.* আজ্বার (آزار) = কালাজ্বার; জ্বরের সঙ্গে এক মনে করে 'জ্বর=জ্বার; *কর্মধা.*}

কালাতিক্রম, কালাতিপাত, কালাত্যয় [কালাতিক্‌ক্রোম, কালাতিপাত, কালাত্‌তয়] *বি* ১ সময় কাটানো; কালক্ষেপ। ২ সময় বয়ে যাওয়া। { *স.* কাল+অতিক্রম, অতিপাত, অত্যয়; ৬তৎ}

কালানুবর্তী [কালানুবোরতি] *বিণ* সময় বা যুগের অনুযায়ী। { *স.* কাল+অনুবর্তী; ৬তৎ}

কালানুসারী [কালানুশারি] *বিণ* সময়ানুযায়ী; কালক্রমিক। { *স.* কাল+অনুসারী; ৬তৎ}

কালান্তক [কালান্‌তক] *বি* যম। □ *বিণ* প্রলয়ঙ্কর; কালের বা যুগের লোপ বা ধ্বংসকারী। { *স.* কাল+অন্তক; ৬তৎ}

কালান্তর [কালান্‌তর] *বি* ১ অন্য কাল; সময়ান্তর। ২ সময়ের বা যুগের পরিবর্তন; যুগশেষ; ভিন্নযুগ (১৮৭০ খ্রীস্টাব্দকে কালান্তর ধরার আরো একটি যুক্তি আছে—*আচৌ*)। { *স.* কাল+অন্তর; অন্য কাল; *নিত্য.*}

কালাপানি [কালাপানি] *বি* ১ দ্বীপান্তর দণ্ড; তদানীন্তন ভারতবর্ষ থেকে আন্দামানে নির্বাসন দণ্ড। ২ সমুদ্র (তোমাদের দেশ ও আমাদের দেশের মধ্যে কালাপানির ব্যবধান *প্রচৌ*)। ৩ সমুদ্রের পানি; মহাসাগরের কালো পানি (নিবিড় কালো কালাপানির কালো জলেই মুক্তা ফলে—*সদ*)। { *স.* কাল+ *বা.* আ=কালা+পানি<*স.* পানীয়; *কর্মধা.*}

কালাপাহাড় [কালাপাহাড়] *বি* ১ বিরাটাকায় ও ভয়ঙ্কর প্রকৃতির লোক। ২ *(আল.)* চলিত সংস্কার বা রীতি নীতির ধ্বংসকারী বিদ্রোহী; iconoclast। ৩ তুর্কি আমলের একজন সেনাপতি যিনি প্রথমে হিন্দু ব্রাহ্মণ ছিলেন এবং পরে ইসলাম ধর্ম গ্রহণ করে হিন্দুদের বহু দেবমন্দির ও দেবমূর্তি ধ্বংস করেন। **কালাপাহাড়ি** *বিণ* কালাপাহাড়ের মতো; কালা পাহাড় সংক্রান্ত (কালাপাহাড়ি কাণ্ড)। □ *বি* ধ্বংসলীলা (পিতামহের কীর্তির প্রতি কালাপাহাড়ী করা—*রঠা*)। { *স.* কাল+ *বা.* আ+*স.* পাষাণ> *প্রা.* পাহাণ>পাহাড়(ণ>ড়); *কর্মধা.*}

কালাবাজার, কালোবাজার [কালাবাজার, -লো-] *বি* গোপনে অধিক মূল্যে ক্রয়-বিক্রয়; black market-এর পরিভাষা। **কালোবাজারি, কালবাজারি** *বি* গোপনে বেশি দামে কেনা-বেচা; black marketing। **কালবাজারে, কালোবাজারে** *বি* কালোবাজারি করে যে; black marketeer। { *বা.* কালা, কালো + *ফা.* বাজার بازار ; +ই; ইয়া>এ}

কালাম [কালাম] *বি* ১ বাণী; উক্তি; বাক্য (কহি ঐ একই কালাম—*জুআ*)। ২ হুকুম; আদেশ (খোদার কালাম কি কখনো রদ হয়—*মীম*)। **কালামুল্লাহ** *বি* আল্লাহর বাণী; কোরান (মা তাঁহার ক্ষুদে নাতনীটিকে এক মনে কালামুল্লাহ্ পড়াইতেছেন—*মাউ*)। { *আ.* কলাম كلام }

কালাশুদ্ধি [কালাশুদ্‌ধি] *বি (জ্যোশা)* অকাল; অশুদ্ধ যোগ; যে কালে অনুষ্ঠান করলে কর্ম শুদ্ধ হয় না। { *স.* কাল+অশুদ্ধি; ৬তৎ}

কালাশৌচ [কালাশোউচ] *বি* হিন্দুদের পিতামাতা ইত্যাদি গুরুজনের মৃত্যুর পর বর্ষব্যাপী পালনীয় অশৌচ। { *স.* কাল+অশৌচ; ৬তৎ}

কালি[১] [কালি] ⇒ কাল[২]। { *স.* কল্য>কল্ল>কাল+ ই=কালি, কাইল}

কালি[২] [কালি] *বি* তরল বা সজল রং; মসী (কালো কালি, লাল কালি, মনের কালি)। ~**ঝুলি** *বি* মসী ও ঝুল। **চুন-** *বি* কলঙ্ক। **মুখে চুন- পড়া** *ক্রি* কলঙ্কে ভরে যাওয়া। **হাড়** ~ **হওয়া** *ক্রি* অত্যন্ত কষ্ট ভোগ করা। **হাত ~ করা** *ক্রি* কলঙ্কিত করা (তোমার মতো ক্ষুদ্র জীবকে মেরে আমি হাত কালি করতে চাইনে)। { *স.* কাল+ই}

কালি[৩] [কালি] *বি* ১ ক্ষেত্রের বা ঘন পদার্থের মাপ; বর্গফল; ঘনফল (বিঘা কালি, কাঠা কালি)। ২ একত্রীকরণ; সংকলন। ~ **করা**, ~ **কষা** *ক্রি* ক্ষেত্রফল বের করা। { *স.* √কল্+ই}

কালিক [কালিক] *বিণ* ১ কাল সংক্রান্ত; সাময়িক (কোন আচরণই স্থানিক কালিক ও ব্যক্তিগত প্রভাব নিরপেক্ষ নয়—*আশ*)। ২ সময়োচিত। { *স.* কাল+ইক(ঠঞ্)}

কালিকা [কালিকা] *বি স্ত্রী.* কালী বা চণ্ডী দেবীর

রূপবিশেষ (গড় বেল্লার কঙ্কাল জালে সাজিয়াছ আজ তুমি কালিকা— *সদ*)। – **পুরাণ** *বি* হিন্দুদের কালিকা দেবীর মাহাত্ম্য বর্ণিত গ্রন্থবিশেষ। ~**শ্রম** *বি* বিপাশা নদীর কূলে অবস্থিত হিন্দুদের কালিকা দেবীর মন্দির ও তীর্থ। { *স.* কালিক+আ(টাপ্)}

কালিজিরা [কালিজিরা] *বি* কৃষ্ণবর্ণের 'জিরা' নামক মসলা (মটরের ডাল, মসুরের ডাল, কালিজিরা আর ধনে। লঙ্কা–মরিচ রোদে শুকাইছে উঠানেতে সযতনে—*জউ*)। { *বা.* কাল>কালি+জিরা<*প্রা.*জীরঅ<*স.* জীরক}

কালিদহ [কালিদহো] *বি* যমুনা গর্ভস্থ কালিয় নাগের বাসস্থান। { *স.* কালিয়হ্রদ, *বা.* কালি+দহ (বর্ণবিপর্যয়ে); ৬তৎ}

কালিদাস [কালিদাশ্] *বি* প্রাচীন ভারতবর্ষের শ্রেষ্ঠ কবি এবং রাজা বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন; রঘুবংশ শকুন্তলা ইত্যাদি কাব্য–নাটকাদির রচয়িতা। { *স.* কালী+দাস ৬তৎ; (কালিদাস শব্দে সংস্কৃত ব্যাকরণ অনুসারে কালী শব্দটি কালি রূপ গ্রহণ করে)}

কালিনী [কালিনি] *বিণ* ১ দুঃখিনী; শোকাকুলা (কালিনী মায়েরপ্রাণে ইহা বাহে কি—*ঘচ*)। ২ কন্যকা (দশবর্ষীয়া)। ~**জাত** *বিণ* বে–জন্মা। ৩ কৃষ্ণ; কালো। ৪ কালিন্দী; যমুনা নদী (কালিনী নই কূলে—*বচদা*)। { *স.* কাল+ইন্ (ইনি)+ ঈ(ঙীপ্)}

কালিন্দী [কালিনদি] *বি* ১ যমুনা নদী। ২ রাগিণীবিশেষ। { *স.* কলিন্দ+অ(অণ্)+ঈ}

কালিমা [কালিমা] *বি* ১ মলিনতা; কালির দাগ। ২ কলঙ্ক। { *স.* কাল+ইমন্}

কালিয়, কালীয় [কালিয়ো] *বি* হিন্দু পুরাণ মতে ভয়ঙ্কর সর্প যাকে কৃষ্ণ দমন করেছিলেন; ভাগবতে বর্ণিত যমুনা গর্ভস্থ নাগবিশেষ। – **দমন** *বি* ১ কালিয় নামক ভয়ঙ্কর নাগের দমন বা শাসন। ২ কৃষ্ণ; কালিয় নাগের দমনকারী। { *স.* কালিক>*প্রা.* কালিঅ}

কালিয়া [কালিয়া] *বি* মাছ, মাংস ইত্যাদির তৈরি ব্যঞ্জনবিশেষ। { *আ.* কালিয়হ্ = قاليه }

কালিয়া[২] [কালিয়া] *বি* কালা (অখিলের নাম তুমি হে! কালিঅ/য় যোগীর আরাধ্য ধন—*চদা*)। { *স.* কালিক>*প্রা.* কালিঅ+আ}

কালী[১] [কালি] *বি* ১ হিন্দু দেবতা শিবের পত্নী। ২ কৃষ্ণবর্ণা নারী। ~**তলা** *বি* হিন্দুদের কালিকা দেবীর পূজার জন্য নির্দিষ্ট স্থান। { *স.* √কল্+অ(ঘঞ্)>কাল+ঈ>}

কালী[২] [কালি] *বি* কালিয় সর্প (একশত ফণাশালী দারুময় দেখি কালী—*কমু*)। { *স.* কাল+ঈ(ঙীপ্)}

কালীন, কালীয়[১] [কালিন্, কালিয়ো] *বিণ* সাময়িক (তৎকালীন, প্রাতঃকালীন)। **এক–** *বিণ* একবারে (এককালীন দান)। { *স.* কাল+ঈন(খ), ঈয়(ছ)}

কালে কালে ⇒ কাল[১]

কালক্রমে [কালক্রোমে] কালের পরিবর্তনে। { *স.* কাল+ক্রম+*বা.* এ}

কালেংড়া ⇒ কালাংড়া

কালেক্টর, কালেক্টার [কালেকটর্, –টার্] *বি* ১ জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী (চিরস্থায়ী বন্দোবস্তের ফলে ইংরেজ কালেক্টরদের নিয়োগ—*আচৌ*)। ২ সংগ্রহকারী। **কালেক্টরি, কালেক্টারি** *বি* ১ কালেক্টরের দফতর; জিলার রাজস্ব আদায়ের প্রধান অফিস (আকবর আলী কালেক্টারীর একজন প্রধান আমলা ছিলেন—*কাই*)। ২ কালেক্টরের বৃত্তি বা পদ। □ *বিণ* কালেক্টর বা তাঁর দফতর সংক্রান্ত। { *ই.* collector}

কালেভদ্রে [কালেভদ্রে] কদাচিৎ। {কালে+ভদ্রে}

কালেব [কালেব্] *বি* কাঠামো। { *আ.* কালিব قالب }

কালো, কাল[৩] [কালো] *বি* ১ কৃষ্ণবর্ণ (কালো যদি মন্দ তবে কেশ পাকিলে কান্দ কেন?)। ২ শ্যামবর্ণ। □ *বিণ* কৃষ্ণ বা শ্যামবর্ণবিশিষ্ট। ~ **আঁচড়** *বি* লেখা পড়ার চিহ্ন (পেটেতে কড়িটি ভোর কাল আঁচড় নাই—*হেব*)। ~ **কিষ্টি** *বিণ* অতিশয় কালো ও ময়লা। ~**চোখি, –চোখী** *বিণ* কালো বা কাজল রঙের চোখবিশিষ্ট (চারুদেহী কালোচোখী চাঁদবদনী যার রে—*মুশ*)। ~**ঝুল** *বিণ* ধোঁয়া থেকে জাত কৃষ্ণবর্ণ ঝুলের মতো কালো। ~**বাজার, কালাবাজার** *বি* গোপনে নির্দিষ্ট বা প্রচলিত বা নির্ধারিত মূল্য অপেক্ষা বেশি দামে জিনিস বিক্রি; black market। **কালোবাজারি** *বি* গোপনে নির্দিষ্ট বা নির্ধারিত দামের চেয়ে বেশি মূল্যে জিনিস বিক্রয়ের কাজ; ব্ল্যাক মার্কেটি। ~**মতো** *বিণ* কালচে; কৃষ্ণাভ; ঈষৎ কালো রঙের (একজন ঝাঁকড়া-চুল কালোমত লোক—*বিব*)। ~**হাঁড়ি** *বি* ১ পোড়া অশুচি হাঁড়ি; ছুঁতো হাঁড়ি (কালহাঁড়ি ফেলে মারে কুলের বহুড়ি—*কমু*)। ২ ঘোর কালো বর্ণ। **মনের ~** *বি* বিদ্বেষ; হিংসা (সাজরে বাসরে ভালো নইলে মনের কালো ঘুচবে নারে—*অতুসে*)। **মুখ ~ করা** *ক্রি* দুঃখিত হওয়া; অভিমান করা (মুখ কালো করে থেকো না)। { *স.* √কল্+অ(ঘঞ্)+*বা.* ও}

কালোবাজার, কালাবাজার ⇒ কালো

কালোয়াত [কালোয়াত্] *বি* ধ্রুপদ খেয়াল—ইত্যাদি সঙ্গীতে পারদর্শী শিল্পী; উচ্চাঙ্গ সঙ্গীত ও বাদ্যাদিতে ওস্তাদ (বাদশার হুকুমে সঙ্গীতবিদ্যা গভীর রকমে কবরস্থ করলে কালোয়াতরা—*অঠা*)। **কালোয়াতি, কালোয়াতী** *বি* ১ উচ্চাঙ্গ সংগীতে নৈপুণ্য; রাগ সংগীতে পারদর্শিতা (দ্রুত তেতালেই তাঁদের কালোয়াতি দেখানোর শখ—*সৈমু*)। ২ কালোয়াতের পেশা। □ *বিণ* উচ্চাঙ্গ সংগীত সম্বন্ধীয়; কালোয়াত সংক্রান্ত। { *স.* কলাবৎ>কলাওয়াত>কালোয়াত}

কাল্পনিক [কাল্পোনিক্] *বিণ* ১ কল্পনাপ্রসূত; মনগড়া। ২ মিথ্যা; অলীক। ৩ অবাস্তব। { *স.* কল্পনা+ইক(ঠঞ্)}

কাশ[১] [কাশ্] *বি* এক প্রকার লম্বা ঘাস বা এর ফুল। { *স.* √কাশ্+অ(ঘঞ্)}

কাশ[২]**, কাশি** [কাশ্, কাশি] *বি* ১ এক প্রকার রোগ; কাশরোগ। ২ কাশার শব্দ। ৩ গয়ার; কণ্ঠনিঃসৃত সর্দির শ্লেষ্মা। { *স.* √কাস্+অ(ঘঞ্)>}

কাশন্দি ⇒ কাসুন্দি

কাশা [কাশা] *ক্রি* কণ্ঠ থেকে শ্লেষ্মা তুলবার জন্য খক খক শব্দ করে বেগ দেওয়া; কাশ বের করার জন্য গলায় শব্দ করা। □ *বি* উক্ত অর্থে। {কাশ+আ=কাশা}

কাশী [কাশি] *বি* বেনারস; বারাণসী; হিন্দুদের তীর্থস্থান।

~**ধাম** *বি* বারাণসী তীর্থ; কাশীনগরী। ~**নাথ,** ~**শ,** ~**শ্বর** *বি* ১ হিন্দুদের দেবতা শিব; কাশীর অধিদেবতা। ২ কাশীর অধিপতি; কাশীরাজ। ~**প্রাপ্তি,** ~**লাভ** *বি* ১ কাশীতে মৃত্যু বরণ। ২ *(আল.)* মৃত্যু হওয়া। ~**শ,** ~**শ্বর** ⇒ **কাশীনাথ**। { *স.* √কাশ্+ঈ}

কাশ্মীর[১] [কাশ্‌মির্] *বি* জাফরান; কুঙ্কুম। { *স.* কাশ্মীর+অ(অণ্)}

কাশ্মীর[২] [কাশ্‌মির্] *বি* হিমালয়ের পশ্চিমে ভারত ও পাকিস্তানের দ্বারা দ্বিধাবিভক্ত একটি প্রাচীন রাজ্য। **কাশ্মীরি, কাশ্মীরী** *বিণ* কাশ্মীরে জাত বা উৎপন্ন। □ *বি* ১ কাশ্মীরের অধিবাসী। ২ কাশ্মীরে প্রস্তুত (শাল)। { *স.* √কাশ্+মীর}

কাশ্যপ [কাশ্‌শোপ্] *বিণ* কশ্যপ মুনি সম্বন্ধীয়। □ *বি* ১ কশ্যপ মুনির সন্তান বা বংশধর। ২ গোত্রবিশেষ। ৩ একজন প্রাচীন ঋষির নাম। **কাশ্যপেয়** *বি* ১ কাশ্যপ মুনির পুত্র। ২ হিন্দু পুরাণে উল্লিখিত পক্ষিরাজ গরুড়। ৩ সূর্য। ~ **গোত্র** *বি* ১ গোত্রবিশেষ; কশ্যপ মুনির বংশ। ২ *(আল.)* যার জাতি ও বংশ পরিচয় অজ্ঞাত (জাত খুইয়ে কাশ্যপ গোত্র)। { *স.* কশ্যপ+অ(অণ্)}

কাষায় [কাশায়্] *বিণ* কষায় বর্ণের দ্বারা রঞ্জিত; গৈরিক; খয়ের বর্ণবিশিষ্ট (ভিক্ষুদের কাষায় চীবর—*মোম*)। { *স.* কষায়+অ(অণ্)}

কাষ্ঠ [কাশ্‌ঠো] *বি* কাঠ; দারু। □ *বিণ* নীরস। ~**কুট্ট** *বি* কাঠ-ঠোকরা পাখি। ~**পদ** *বি* কাঠের তৈরি কৃত্রিম পা (যাহার চরণ আছে, তাহাকে আর কাষ্ঠপদ অবলম্বন করিতে হয় না—*বচ*)। ~**পাদুকা** *বি* খড়ম। ~**পুত্তল,** ~**পুত্তলিকা** *বি* কাঠের তৈরি পুতুল (হেথা কেন দাঁড়ায়েছে কবি, যেন কাষ্ঠপুত্তল ছবি—*রঠা*)। ~**ফলক** *বি* ১ তক্তা; কাঠের ফলক। ২ কাঠের তৈরি বোর্ড। ~**বৎ** *বিণ* ১ কাঠের মতো নীরস ও কঠিন। ২ নির্দয়; নির্মম। ৩ অচল। ~**ভার** *বি* কাঠের বোঝা। ~**মঞ্চ** *বি* ১ কাঠের তৈরি মাচা। ২ হিন্দুদের পূজার জন্য কাঠের বেদি। ৩ কাঠের আসন। ~**ময়** *বিণ* ১ কাঠের তৈরি। ২ নির্মম; নির্দয়। ~**হাসি** *বি* কৃত্রিম হাসি; আন্তরিকতাশূন্য লোক-দেখানো হাসি। **কাষ্ঠাসন** *বি* কাঠের তৈরি আসন; চেয়ার পিঁড়ি টুল ইত্যাদি আসন। { *স.* √কাশ্+থ(ক্থন্)}

কাষ্ঠা [কাশ্‌ঠা] *বি* ১ সীমা (পরাকাষ্ঠা)। ২ সময়ের অতি সূক্ষ্ম পরিমাণবিশেষ; অষ্টাদশ নিমেষ। ৩ কাঠা। { *স.* কাষ্ঠ+আ(টাপ্)}

কাসা [কাশা] *বি* পেয়ালা। { *ফা.* কাসাহ کاسه }

কাসার [কাশার্] *বি* জলাশয়; পুকুর; তড়াগ। { *স.* ক+আসার}

কাসিদ ⇒ কাসেদ

কাসীস ⇒ হিরাকশ

কাসুন্দি, কাসন্দি [কাশুন্‌দি, কাশোন্‌দি] *বি* সরিষার তৈরি আচারবিশেষ। **পুরনো কাসুন্দি** *বি* শুনতে অনিচ্ছুক জানা পুরনো কাহিনী (আমি বললুম, ও তো পুরনো কাসুন্দি—*সৈমু*; কাসন্দি আচার—*কৃক*)। { *স.* কাসমর্দ> *প্রা.* কাসুংদ> *বা.* কাসুন্দি}

কাসেদ, কাসিদ [কাশেদ্, -শিদ্] *বি* পত্রবাহক; দূত; বার্তাবহ (আবদুল জব্বারের নিকট কাসেদ প্রেরণ করিলেন—*মীম*)। { *আ.* কাসিদ قاصد }

কাস্কেট [কাস্‌কেট্] *বি* মণি, রত্ন প্রভৃতি রাখার ছোটো বাক্স। { *ই* casket}

কাস্টিলান [কাশ্‌টিলান্] *বি* স্পেনের কাস্টিলার অধিবাসী (আরমনি অলন্দাজ, দিনেমার ইংরেজ কাষ্টিলান আর ফ্রান্‌সিস্—*সৈআ*)। { *স্পে.*}

কাস্তকার, কাস্তগার [কাস্‌তোকার্, -গার্] *বি* কৃষক; চাষি। { *ফা.* কাশ্‌তকার کاشتکار }

কাস্তে [কাস্‌তে] *বি* শস্যাদি কাটার বাঁকা দাঁতালো অস্ত্রবিশেষ; শস্য কর্তরী। { *স.* কর্ত্রিকা অথবা কর্তরিকা>}

কাহন [কাহোন্] *বি, বিণ* ১ ১৬পণ; ১২৮০টি। ২ বহু অসংখ্য (সে এক কাহন কথা)। { *স.* কার্যাপণ> *পা.* কহাপণ, *প্রা.* কাহায়ণ>কাহন}

কাহাত [কাহাত্] *বি* আকাল; দুর্ভিক্ষ; (প্রাণপণ করেছে খিদমত কাহাতের দিনে—*ফআ*)। { *আ.* কহ্‌ত قحط }

কাহার[১] [কাহার্] *বি* শিবিকা-বাহক; বেহারা; হিন্দু সম্প্রদায়বিশেষ (কাহার প্রভৃতি যারা ছুটিয়া পলায়। তাহা দেখে দাসু বাসু কাঁদে উভরায়—*ভারা*)। { *স.* কাহারক> কাহারঅ>কাহার}

কাহারবা [কাহারবা] *বি* সংগীতের তালবিশেষ; কাহার সম্প্রদায়ের নৃত্যগীত হইতে উৎপন্ন এক প্রকার তাল (যেন কাহারবায় গজল কে গায়—*নই*)। { *হি.* কাহার+বা}

কাহাল [কাহাল্] *বি* এক প্রকার বাদ্য (জয়ঢাক বীরঢাক মৃদঙ্গ কাহাল—*বৃদা*)। { *স.* কলাহক>কহলক (বর্ণ-বিপর্যয়ে)>কহালঅ >কহাল>}

কাহিনী [কাহিনি] *বি* ১ গল্প; উপন্যাস। ২ বৃত্তান্ত। { *স.* কথনিকা> *প্রা.* কহাণিঅ> *বা.* কহানি>(স্বরসাম্যে) কাহিনী}

কাহিল [কাহিল্] *বিণ* ১ দুর্বল; অবসন্ন; নিস্তেজ; ক্লান্ত (শরীরটা কাহিল হয়েছে—*রাব*)। ২ ক্ষীণ; কৃশ (মা আমার না খেয়ে কাহিল হলেন—*অঠা*)। ৩ রোগা। □ *বি* ক্লান্তি। { *আ.* কাহিল کاهل ; *তুল. স.* কাতর> *প্রা.* কাহল (শুষ্ক, কৃশ)>কাহিল; *তুল. হি.* কাহিল (অর্থ : অলস)}

কাহে [কাহে] *অব্য* কেন। □ *সর্ব (ব্র.)* কাকে (কাহে না লাগে—*বিপ*)। { *স.* কস্মাৎ অথবা কথং, *প্রা.* কহং> *হি* কাহে; *স.* কথ্> *প্রা.* কথ্> *হি* কাহে}

কাহেরি, কাহেরে, কাহৈরি, কাহো *(প্রাবা.)* [কাহেরি, কাহেরে, কাহৈরি, কাহো] *সর্ব* কার। { *স.* কঃ>চর্যাপদে কাহেরি, কাহেরে, কাহৈরি, কাহো}

কাহ্ন, কাহ্নাই, কাহ্নাঞি, কাহ্নাঞিঁ, কাহ্নাঞী, কাহ্নায়ি, কাহ্নু, কাহ্নে *(মবা.)* ⇒ কানাই

কি, কী [কি] *সর্ব, বিণ* ও *ক্রিবিণ* রূপে স্বতন্ত্র পদ হিসেবে ব্যবহৃত হলে ঈ-কার, যেমন—'**কী** রূপ' কিন্তু 'কিরূপে') *সর্ব* কোন বস্তু; কোন বিষয় (তুমি কী খাবে?)। □ *অব্য* ১ সংশয়সূচক; প্রশ্নবোধক শব্দ (তুমি কি যাবে?)। ২ অথবা; কিংবা (কি শীত কি গ্রীষ্ম)। □ *বিণ, ক্রিবিণ* ১ কোন রকমের (কী জিনিস?)। ২ কেমন (কী করে এ কথা বললে?)। ৩ কতো (কী আনন্দ!)। { *স.* কিম্> *প্রা.* কিং, কি>}

কিউ [কিউ] *বি* নিজের পালা আসার জন্য সারিতে বা লাইনে অন্য লোকজনের সঙ্গে দাঁড়িয়ে প্রতীক্ষা (ইউরোপে এমন কিউ আর কোথাও দেখিনি—*মুআহা*)। {*ই.* queue>}

কিংকর্তব্য [কিঙকরতোববো] *বি* কী করা উচিত বা দরকার তা। ~**বিমূঢ়** *বিণ* ১ ভয়, লজ্জা, বিস্ময় বা আকস্মিকতার জন্য কী করা উচিত তা স্থির করতে অসমর্থ; কর্তব্য নিরূপণে অক্ষম। ২ হতবুদ্ধি; হতভম্ব। **কিংকর্তব্যবিমূঢ়তা** *বি*। {*স.* কিম্+কর্তব্য}

কিংখাপ, কিংখাব [কিঙখাপ, –ব] *বি* জরির নকশা-করা; মূল্যবান রেশমি কাপড়বিশেষ; brocade (সোনা রূপার জরি দিয়ে সে কিংখাবে এমনই কারুকার্য করা হয়েছে—*সৈমু*)। {*ফা.* কম্খাব کمخاب }

কিংবদন্তি, কিংবদন্তী, কিম্বদন্তী *(অশু.)* [কিঙবদোন্‌তি] *বি* ১ জনশ্রুতি; লোকপরম্পরায় শ্রুত ও কথিত কথা (চট্টগ্রামের জোবরা গ্রামে আলাউলের বাসস্থান সম্বন্ধে কিংবদন্তী অতি আধুনিক—*সৈমুআ*)। ২ গুজব; জনরব। {*স.* কিম্+ √বদ্+অন্তি, +ঈ(ঙীপ্)}

কিংবা [কিঙবা] *অব্য* অথবা; পক্ষান্তরে; বিকল্পে। {*স.* কিম্+বা; কিম্বা *অশু.*}

কিংশুক [কিঙশুক] *বি* ১ পলাশ ফুল বা এর গাছ (রাগরক্ত কিংশুকে গোলাপে—*রঠা*)। ২ নির্গন্ধ পলাশের মতো নির্গুণ ব্যক্তি (রতি রসহীন মাত্র কিংশুক কেবল—*কাদৌ*)। ~**ভাল** *বি* কিংশুকসম কপালবিশিষ্ট (কিংশুকভালের ভাগ্যে তাই সুরঞ্জনী—*সাহ*)। {*স.* কিম্+শুক}

কিকে *(প্রাবা.)* [কিকে] *অব্য* কেন; কি হেতু; কি কারণে (কিকে পরিহর রাধা—*বচদা*)। {*স.* কিম্>; *হি.* কিঁউ}

কিঙ্কর, কিংকর [কিঙ্‌কর্] *বি* ১ চাকর; ভৃত্য; সেবক; পরিচারক (নৃপতি কিঙ্কর সেবি নিরন্তর—*সৈআ*)। ২ অনুচর। **কিঙ্করী, কিংকরী** *স্ত্রী.* (যাহারা চপলা মেঘ কন্যারে করিয়াছে কিঙ্করী—*নই*)। {*স.* কিম্+ √কৃ+অ(অচ)}

কিঙ্কিণী, কিংকিণী [কিঙ্‌কিনি] *বি* ১ ঘুঙুর; ঘন্টিকা; ছোট ঘন্টা (ঠেকল কখন তোমার কাঁকন-কিঙ্কিণীতে—*রঠা*)। ২ ক্ষুদ্র ঘন্টিকাবিশিষ্ট কটিভূষণবিশেষ (কটিতে কিঙ্কিণী চরণে নূপুর ধ্বনি—*শেফ*)। {*স.* কিম্+ √কণ্+ই(ইন্)+ঈ(ঙীপ্)}

কিচকিচ, কিচকিচানি, কিচমিচ, কিচিকিচি, কিচিরমিচির [কিচ্‌কিচ্, –চানি, –মিচ্, কিচিকিচি, কিচির্‌মিচির্] *বি* ১ পাখি, বানর, ইঁদুর ইত্যাদির কলরব; ক্ষুদ্র পশু-পাখির একত্র কোলাহল ধ্বনি। ২ কোলাহল; গোলমাল। ৩ ঝগড়া; বচসা; গালাগালি (কিচিমিচি রাখো—*রঠা*)। {*ধ্বন্যা.*}

কিচকিচা [কিচ্‌কিচা] *অব্য* উজ্জ্বল কালো রঙের ভাব প্রকাশক (লোকটির মুখে কলপ দেওয়া কাল কিচকিচা চাপ দাড়ি—*আমআ*)। {কুচকুচে>}

কিছু [কিছু] *বিণ* অল্প পরিমাণ; সামান্য কয়েক (কিছু দুধ, কিছু টাকা)। □ *সর্ব* কোনো বস্তু বা বিষয় (আমি কিছুর মধ্যে নেই)। □ *ক্রিবিণ* নিশ্চয়তা বিধান অর্থে; অবশ্য (সে কিছু এখনি করে ফেলছে না)। **একটা ~** *সর্ব* যে কোনো বস্তু বিষয় বা কাজ (একটা কিছু কর—*দ্বিরা*)।

কিছু কিছু *বিণ* অল্প স্বল্প; কিঞ্চিৎ কিঞ্চিৎ (কিছু কিছু মাল)। □ *বি, সর্ব* কিয়দংশ (ওর খবর কিছু কিছু রাখি)। □ *ক্রিবিণ* সামান্য পরিমাণে (কিছু কিছু দেখেছি)। ~**তেই** *ক্রিবিণ* কোনো উপায়ে; কোনো মতে (কিছুতেই রাজি করানো গেল না)। □ *সর্ব* কোনো বিষয় বা বস্তুতে (মন নাহি মোর কিছুতেই—*রঠা*)। {*স.* কিঞ্চিৎ, *প্রা.* কিছু}

কিঞ্চিৎ [কিনচিত্] *অব্য* কিছু; সামান্য; অল্প; একটু (সকলে বাঁটিয়া লও কিঞ্চিৎ কিঞ্চিৎ—*ভারা*)। ~**কর** *অব্য* কিছু কাজের মতো বা উপযোগী। **অকিঞ্চিৎকর** *বিপ*। **কিঞ্চিদধিক** *অব্য* সামান্য বেশি; কিছু বেশি। **কিঞ্চিদুষ্ণ** *বিণ* সামান্য গরম। **কিঞ্চিদূন** *বিণ* ঈষৎ কম; কিছু ন্যূন। **কিঞ্চিন্মাত্র** *বিণ বি* অল্প পরিমাণ; কিছুমাত্র; একটুও (কিঞ্চিন্মাত্র জ্ঞান)। □ *ক্রিবিণ* সামান্য পরিমাণেও; একটুও (কিঞ্চিন্মাত্র শুনিতে চাহি না)। {*স.* কিম্+চিৎ}

কিঞ্জল, কিঞ্জল্ক [কিন্‌জল, কিন্‌জল্‌কো] *বি* ১ পরাগ; পুষ্পরেণু। ২ কেশর। {*স.* কিম্+ √জল্+অ(অচ)}

কিটকিটা, কিটকিটে [কিট্‌কিটা, কিট্‌কিটে] *বিণ* মলিন; অতিশয় ময়লা (কালো কিটকিটে নিশ্চয়ই—*অচিসে*)। {*স.* কিট্ট>কিট; দ্বিরুক্তিতে কিট্ট কিট্ট>কিটকিট+ইয়া=কিট্‌কিটিয়া>; *স.* √কিটকিটা (কিটকিটায়তে)}

কিটিমিটি, খিটিমিটি [কিটিমিটি, খিটি–] *বি* মনকষাকষি; কথাকাটি; ঠোকাঠুকি (ইকবাল সাহেবের সঙ্গে কিটিমিটির ফলেই সে মাদ্রাসা স্কুল ছেড়ে জেলা স্কুলে গিয়ে ভর্তি হলো—*আফ*)। {*স.* কিট্ট>?}

কিড়মিড়, কিড়মিড়ি, কিড়িমিড়ি [কিড়্‌মিড়্, –মিড়ি, কিড়িমিড়ি] *অব্য* দাঁতে দাঁত ঘষার শব্দ। {*ধ্বন্যা.*; তুল. কিটকিটায়তে ('দন্তান্ কিটকিটায়তে'—সুশ্রুত)}

কিড়া, কীড়া, কীড়ে [কিড়া, –, কিড়ে] *বি* পোকা; কীট (কোটি জন্ম ঐছে তোরে কীড়ায় খাওয়াইমু—*কৃক*; পালক কটা কাটছে কীড়ে—*অঠা*)। {*স.* কীট>*প্রা.* কীড (ট=ড)+আ=কিড়া, কীড়া}

কিড়িমিড়ি ⟹ কিড়মিড়

কিণ [কিন্] *বি* ১ ঘষার চিহ্ন; কড়া; জামড়া। ২ আঁচিল; শুষ্ক ব্রণ। **কিণাঙ্ক** *বি* ১ ঘষার দাগ; কড়া। ২ শক্ত মাংস (পুরুষের দুই বাহু কিণাঙ্ক কঠিন—*রঠা*)। **কিণাঙ্কিত** *বিণ* ঘষার দাগযুক্ত; কড়া-পড়া। {*স.* √কণ্+অ(অচ)}

কিণ্ব [কিন্‌নো] *বি* ১ খামির। ২ পাপ। {*স.* √কণ্+ব(ক্বন্)}

কিতব [কিতব্] *বিণ* ১ প্রবঞ্চক; প্রতারক। ২ জুয়াড়ি। **কৈতব** *বি*। {*স.* কিত+ √বঞ্চ্+অ(ড)}

কিতাব, কেতাব [কিতাব্, কেতাব্] *বি* ১ বই; পুস্তক; গ্রন্থ (কেতাব পড়ে পায়নি খেতাব—*জউ*)। ২ কোরান; কুরআন (আল্লায় কহিছে যবে কিতাবের বাণী—*সৈসু*)। ৩ পুঁথি (কেতাব পড়ার উঠল তুফান—*জউ*)। ~**কুরআন**, ~**কোরান** *বি* ১ ধর্মগ্রন্থ; হাদিস ও কোরান। ২ প্রামাণিক গ্রন্থ (এ কথা তো কোনো কেতাবে কোরানে লেখে না—*প্রচৌ*)। ~**কীট** *বি* ১ *(আল.)* গ্রন্থকীট; যে সর্বদা বই পড়ায় মগ্ন থাকে। ২ বইতে যে পোকা থাকে। ~**ত** *বি* লেখা; পত্র; চিঠি। **কিতাবি**[1], **কেতাবি**, **কিতাবতি** *বিণ* ১ পুঁথিগত; bookish (কেতাবি বিদ্যা, কেতাবি ভাষা)। ২ পুস্তক সম্বন্ধীয়। ৩ যার পুঁথিগত বিদ্যা আছে কিন্তু

অভিজ্ঞতা নেই; যে হাতে কলমে করেনি, unpractical (মোকদ্দমা করা কেতাবী লোকের কাম নয়—*প্যামি*)।

কিতাবি[১] *বি* আসমানি কিতাবের অনুসারী অমুসলিম; যথা ইহুদি, খ্রিস্টান। **কিতাবিয়া** *স্ত্রী*। { *আ.* কিতাব كتاب }

কিত্তা, কিতা [কিত্তা, কিতা] *বি* খণ্ড; অংশ। { *আ.* কিত্আহ قطعه }

কিনডার গার্টেন, কিণ্ডার গার্টেন [কিন্ডার গার্টেন] *বি* শিশু বিদ্যালয়; যে বিদ্যালয়ে ক্রীড়াচ্ছলে বা জিনিসপত্রের সাহায্যে শিশুদের শিক্ষা দেওয়া হয় (কিনডার গার্টেন ও মন্টেসরী প্রথায় এদের শিশুরা লেখাপড়া শেখে—*মুআহা*)। { *জ.* kindergarten (= *ই.* children's garden) }

কিনা[১] ⇒ কেনা[১]

কিনা[২] [কিনা] *অব্য* ১ সন্দেহ বা বিতর্কসূচক শব্দ (টাকা দেবে কিনা জানি না; পড়বে কিনা বলো)। ২ এই কারণে; যেহেতু (জ্বর হয়েছে কিনা তাই আসেনি)। ৩ অর্থাৎ (স্ত্রী কিনা লজ্জা)। ৪ প্রশ্নবোধক শব্দ (আমার কথাটা ঠিক কিনা?)। { *স.* কিংনু > }

কিনারা, কিনার [কিনারা, কিনার] *বি* ১ কূল; পাড়; তীর (সম্মুখে নীল জলের রাশি, নেই কিনারা কূল—*সদ*)। ২ প্রান্ত; পার্শ্ব; সীমা (কথা কয় মনের কিনারে—*রখা*)। ৩ উপায়; প্রতিকার (বিধবা বৌটার একটা কিনারা করো)। ৪ উদ্ধার; সন্ধান; খোঁজ (হারানো ছেলেটার কিনারা করা দরকার)। ৫ মীমাংসা; নিষ্পত্তি (মামলাটার কোনো কিনারাই হলো না)। ৬ তদন্ত দ্বারা সত্য প্রকাশ (চুরির কিনারা)। **কিনারা করা** *ক্রি*। { *ফা.* কিনারাহ্ كناره }

কিন্তু [কিন্তু] *অব্য* ১ অথচ; তবু; পরন্তু (গরিব কিন্তু সৎ)। ২ তবে; পক্ষান্তরে (আজই যাবো, কিন্তু টাকা না পেলে যাবো না)। ❑ *বিণ* সংকুচিত; জড়সড়; দ্বিধাগ্রস্ত (তুমি কিন্তু হলে আমার মনে দুঃখ হয়—*গিঘো*)। ❑ *বি* দ্বিধা; সঙ্কোচ (কিন্তু করলে চলবে কেন?)। – **কিন্তু** *বি* আমতা আমতা ভাব; দ্বিধার ভাব প্রকাশ (কিন্তু কিন্তু করছ কেন)। { *স.* কিম্+তু }

কিন্নর [কিন্নর] *বি* কিম্পুরুষ; দেবলোকের সুকণ্ঠ গায়ক; ঘোড়ার মতো মুখ ও মানুষের মতো দেহবিশিষ্ট স্বর্গীয় গায়ক (গগনে কিন্নর করেছিল পুষ্পবৃষ্টি—*কায়*)। **কিন্নরী** *বি স্ত্রী*. দেবলোকের গায়িকা; কিন্নর-জাতীয়া নারী। ❑ *বি* বীণা বা তানপুরাবিশেষ (করেতে, কিন্নরী বাজে অতি সুললিত—*সৈআ*)। { *স.* কিম্+নর; *কর্মধা.* }

কিপটে, কিপ্পন [কিপ্টে, কিপ্পন্] *বিণ* কৃপণ; কঞ্জুষ; বখিল (কিপটে ভাতার; কেয়া কাঁটা কুমড়ো বলিদান—*হেব*)। { *স.* কর্পট(অর্থাৎ জীর্ণ বস্ত্র)>কপ্পট+*বা.* ইয়া (জীর্ণ বস্ত্র পরে যে) কপ্পেটিয়া>কপ্পটে>*বা.* কিপটে, অথবা, *স.* কপট (অর্থ : বঞ্চক)+বা ইয়া= কপটিয়া> কপ্টে>কিপ্টে; *স.* কৃপণ>*প্রা.* কিরিণ>কির্পন> কিপপন }

কিফায়ত, কিফাইত, কেফায়েত [কিফায়ত, –ইত, কেফায়েত্] *বি* পর্যাপ্ত; যথেষ্ট; স্বল্প খরচ। { *আ.* কিফায়াত كفايت }

কিবতি [কিব্তি] *বি* মিশরের প্রাচীন জাতিবিশেষ (ফেরাউন সকলকে গোলাম বাঁদী করিয়া কিব্তীদিগের মধ্যে বিলাইয়া দিলেন—*কাহ*)। { *আ.* ক্বিব্তী قبطى }

কিবলা ⇒ কেবলা

কিবা [কিবা] *অব্য* ১ অথবা; কিংবা (এথাত্রি মরিবোঁ কিবা খাইব গরলে—*বচদা*)। ২ (প্রশংসায় বা ব্যঙ্গে) কেমন; কী মনোহর (কিবা সুরে পাখি গাইছে—*অঠা*)। ৩ অধিক কী; কী আর (কিবা বলার আছে)। ৪ না জানি কী (কিবা তোমার লীলা; কিবা রাত কিবা দিন)। { *স.* কিম্>কি+ *স.* বা }

কিমৎ, কিমত ⇒ কিম্মৎ

কিমা, কীমা [কিমা] *বি* কুচি কুচি করে কাটা মাংস; minced meat। { *ফা.* কীমাহ্ قيمه }

কিমাকার [কিমাকার] *বি* কিরূপ আকারের; কী রূপের (caricature বা কিমাকার সে এক আকৃতির বৈরূপ্য করা ছাড়া আর কোন কিছু করছে না—*অঠা*)। { *স.* কিম্ (অর্থ : কি)+আকার (অর্থ : আকৃতি)=কিমাকার }

কিমিয়া, কীমিয়া [কিমিয়া] *বি* প্রাচীন রসায়ন বিদ্যা। { *আ.* কিময়া كيميا }

কিম্পুরুষ [কিম্পুরুশ্] *বি* ১ কিন্নর; পুরাণোক্ত দেবলোকের সুকণ্ঠ গায়কবিশেষ। আকারে এদের কেউ কেউ মনুষ্যদেহে অশ্বমুখ এবং কেউ কেউ অশ্বদেহে মনুষ্যমুখ। ২ হিমালয় ও হেমকূটের অন্তর্বর্তী অঞ্চলবিশেষ; জম্বুদ্বীপের অংশবিশেষ। { *স.* কিম্+পুরুষ; *কর্মধা.* }

কিম্বদন্তী *(অশু.)* ⇒ কিংবদন্তী

কিম্বা *(অশু.)* ⇒ কিংবা

কিম্ভূত, কিম্ভুত [কিম্ভুত্] *বিণ* ১ কিরূপে; কী রকম। ২ অদ্ভুত (ওরে কিম্ভুত! নব্যবর্বরতা—*সদ*)। –**কিমাকার** *বিণ* কদাকার; বিকট; কুৎসিত আকৃতিবিশিষ্ট (সেই কিম্ভূত কিমাকার নাকহীন বিকৃত চোখ মুখ—*আফ*)। { *স.* কিম (কি) ভূত (যা হয়েছে)=কিম্ভূত }

কিম্মত, কিমত [কিম্মত, কিমত্] *বি* মূল্য; দাম (কিম্মত লাগিবে যাহা আমি তাই সে দিব—*মৈগী*)। { *আ.* কীমত قيمت }

কিয় ⇒ কিয়ে

কিয়ৎ [কিয়ত্] *বিণ* ১ কিঞ্চিৎ; কিছু; একটু। ২ কী পরিমাণ; কতো। **কিয়দংশ** *বি* কিছু অংশ (তাঁর পুস্তকের কিয়দংশ পড়িলাম—*ঈবি*)। **কিয়দ্দিন** *বি* কিছুদিন; অল্প কয়েকদিন। **কিয়দ্দূর** *বি* কিছুদূর; অল্প পরিমাণ দূর; খানিক দূর। { *স.* কিম্+ইয়ৎ>কিয়ৎ }

কিয়া [কিয়া] *বি* যোগ্য শাস্তি; কর্মফল; প্রতিফল; কৃতকর্মের ফল (মাতালে কোটালি দিয়া পাইনু আপন কিয়া—*ভারা*)। { *স.* ক্রিয়া>কিয়া }

কিয়াম ⇒ কেয়াম

কিয়ামত ⇒ কেয়ামত

কিয়াস [কিয়াশ্] *বি* অনুমান; সাদৃশ্যমূলক সিদ্ধান্ত। { *আ.* কিয়াস قياس }

কিয়ে, কিয়, কিঅ, কিএ *(ব্র.)* [কিএ, কিঅ, কিঅ, কিএ] *অব্য* কি (কিএ মানুষ পশু পাখি ভয়ে

জনময়ে—*বিপ*)। {*স.* কিম্>কি+*স.* ইদস্>এ}

কিরণ [কিরন্/–রোন্] *বি* আলো; রশ্মি; অংশু। ~**পাত**, ~**সম্পাত** *বি* আলো বর্ষণ; রশ্মি পতন। ~**ময়** *বিণ* আলোকবিশিষ্ট। –**ময়ী** *স্ত্রী.*। –**মালী** *বি* সূর্য। {*স.* √কৃ+অন(কুন)}

কিরপিন [কিরপিন্] *বিণ* কৃপণ। {*স.* 'কৃপণ', স্বরভক্তিতে কিরপন>কিরপিন}

কিরা, কিরে [কিরা, কিরে] *বি* শপথ; দিব্যি (কিরা করাইবে লড়ায়ের নামে হবে না সে আর মাত—*জউ*; যেয়ো না গো তাঁর কাছে মোর কিরে প্রাণেশ্বর—*মদ*)। ~**কাটা** *ক্রি* শপথ করা (মোরে ছুঁয়ে তুই কিরা কাট দেখি—*জউ*)। {*স.* ক্রিয়া>*প্রা.* কিরিয়া>কিরা}

কিরাত[১] [কিরাত্] *বি* ১ ব্যাধ। ২ প্রাচীন জাতিবিশেষ। ৩ পূর্ব হিমালয়স্থ প্রাচীন কালের দেশবিশেষ। **কিরাতী** *(স.)*, **কিরাতিনী** *(বা.) বি স্ত্রী.* ১ ব্যাধ রমণী (চিত্র বাঘিনীরে যথা রোধে কিরাতিনী—*মদ*)। ২ জটামাংসী; কিরাত দেশে জাত সুগন্ধ দ্রব্যবিশেষ। {*স.* কির+√অত্+অ(অণ্)}

কিরাত[২] ⇒ কেরাত

কিরিচ, কিরীচ [কিরিচ্] *বি* এক প্রকার বাঁকা ছোরা বা তরবারি (পরব খাকী; ধরব কিরীচ—*সদ*)। {*মা.* 'ক্রীস'>*পো.* cris}

কিরীট [কিরিট্] *বি* মুকুট; শিরোভূষণ (কিরীট তোমার বিরাট হীরা হিমালয়ের জিম্মাতে—*সদ*)। **কিরীটী** (–টিন্) *বিণ* মুকুটধারী। □ *বি* অর্জুন। **কিরীটিনী** *বিণ স্ত্রী.* ১ মুকুটধারিণী। ২ উর্ধ্বদেশভূষিতা (কাঞ্চন সৌধকিরীটিনী লঙ্কা—*মদ*)। {*স.* √কৄ+ঈট}

কিরূপ [কিরুপ্] *বিণ* কী প্রকার; কী রকম; কেমন। {কি+রূপ}

কিরে[১] [কিরে] ⇒ কিরা

কিরে[২] [কিরে] *অব্য* প্রশ্ন বা সম্বোধনসূচক শব্দ (কিরে, ভাত খাবিনে?)। {*স.* কিম্+*স.* অরে>*বা.* রে=কিরে}

কিল[১] [কিল্] *বি* ১ মুষ্টির দ্বারা আঘাত; ঘুষি। ২ বদ্ধমুষ্টি। ~**কলাপ** *বি* কিল মারার বিদ্যা (মহাশয়ের কিলকলাপ কি পর্যন্ত জ্ঞানপ্রদ, তা যারা অধ্যয়ন করেছে, তারা বলতে পারে—*দীমি*)। ~ **খেয়ে** ~ **চুরি করা** *ক্রি* মুষ্ট্যাঘাত লাভ করে প্রতিশোধ না নিয়ে সহ্য করা; অপমান সহ্য করা। **কিলাকিলি** *বি* ১ পরস্পর মুষ্ট্যাঘাত করা। ২ ঘুষাঘুষি। ৩ মারামারি। **কিলানো** *ক্রি* মুষ্টির দ্বারা প্রহার করা; ঘুষি মারা (কিলিয়ে দাঁত ভেঙে ভূতেরা লম্ফ ঝম্প করতে লাগলো—*অঠা*)। □ *বি* মুষ্ট্যাঘাত; ঘুষি। ~**কিঞ্চিৎ** *বি* প্রিয়তমের নিকট একসঙ্গে হাস্য, ক্রোধ প্রভৃতি বিবিধ ভাব প্রদর্শন। {*স.* √কিল্+অ, *স.* কীল (কনুইয়ের আঘাত বা গুতো)}

কিল[২], **কীল** [কিল্] *বি* খিল; গোঁজ; খুঁটা। **কিলিয়ে কাঁঠাল পাকানো** *ক্রি* ১ অপুষ্ট কাঁঠালে খিল মেরে পাকানোর কৃত্রিম উপায়। ২ *(আল.)* অস্বাভাবিক উপায়ে কাউকে শাসন বা দমন করা। {*স.* কীল, কীলক}

কিলবিল [কিল্‌বিল্] *অব্য* বহুসংখ্যক সাপ, কেঁচো বা কৃমি প্রভৃতির একসঙ্গে বিচরণসূচক দৃশ্য (কেঁচোগুলো কিলবিল করছে)। {*ধ্বন্যা.*}

কিলাকিলি, কিলানো ⇒ কিল[১]

কিল্লা, কেল্লা [কিল্‌লা, কেল্‌লা] *বি* দুর্গ; fort। ~**ফতে** *বিণ* উদ্দেশ্য সিদ্ধ হয়েছে এমন (কিল্লা ফতে কইর‍্যা দীনের নাম বাঁচাও—*রহ*)। {*আ.* কিলআহ قلعه + ফাতহ্ فتح }

কিশতি, কিশতী ⇒ কিস্তি

কিশমিশ, কিসমিস [কিশ্‌মিশ্, কিস্‌মিস্] *বি* বীজশূন্য ছোট আকারের শুকনা আঙুর। {*ফা.* কিশ্‌মিশ كشمش }

কিশলয়, কিসলয় [কিশলয়্] *বি* গাছের নতুন পাতা; কচি পাতা (গাছে গাছে কিশলয়—*সদ*)। {*স.* কিম্+√শল্/√সল্+অ(অচ্)+অয়/(কয়ন্)}

কিশোর [কিশোর্] *বিণ* ১ বাল্য ও যৌবনের মাঝামাঝি বয়সী; অপ্রাপ্তবয়স্ক; ১১ থেকে ১৫ বৎসর বয়স্ক। ২ কচি; নবীন (কিশোর কিশলয়ের আশা—*সদ*)। □ *বি* অপ্রাপ্তবয়স্ক বালক, শিশু ও যুবকের মধ্যবর্তী স্তরের পুরুষ। **কিশোরী** *স্ত্রী.*। {*স.* কিম্+√শ+ওর(ওরন্)}

কিষান, কিষাণ [কিশান্] *বি* ১ কৃষক; চাষি। ২ ভূমিহীন চাষি; হালচাষের মজুর (মৃত্তিকার ধমনীতে টলমল যৌবনের ঢেউ তবুও নিষ্ফল হয় কিষাণের স্বর্ণস্বপ্ন দেখা—*আগ*)। {*স.* কৃষাণ>*প্রা.* কিসাণ>}

কিষ্কিন্ধা, কিষ্কিন্ধ্যা [কিস্‌কিন্‌ধা] *বি* রামায়ণোক্ত বানরদের দেশ বা দেশের রাজধানী। {*স.* কিম্+√ধা+অ(ক)}

কিষ্টি [কিশ্‌টি] *বিণ* কৃশতাপ্রাপ্ত; কৃশ; শীর্ণ (কারো বা সোয়ামী রোগে ভুগে ভুগে কিষ্টি করেছে দেহ—*বআমি*)। {*স.* ক্লিষ্ট>কিষ্ট+ই=কিষ্টি}

কিসম, কিসিম [কিসম্, কিসিম্] *বি* রকম; মতো; প্রকার (আমার তিনটি মামানী তিন কিসিমের—*নই*)। {*আ.* কিসম্ قسم }

কিসমত, কেসমত [কিস্‌মত্, কে–] *বি* ভাগ্য; বরাত; অদৃষ্ট (আমার কেসমত আমি জানিতে চাহি না—*বচ*)। {*আ.* কিসমত قسمت }

কিসমিস ⇒ কিশমিশ

কিসলয় ⇒ কিশলয়

কিসিম ⇒ কিসম

কিসে [কিশে] *অব্য* ১ কী থেকে; কী জন্য; কোন (কিসে কী হলো)। ২ কোন উপায়ে; কেমন করে (কিসে কড়ি আসে দুটো—*রঠা*)। ৩ কোনো বিষয়ে বা বস্তুতে (কিসে পণ্ডিত)। ৪ কার মধ্যে; কোন বস্তুর মধ্যে (সুখ কিসে)। {*স.* কস্মাৎ>*প্রা.* কীস, কিস্‌স>কিস+*বা.* এ=কিসে}

কিস্তি[১], **কিশতি** [কিস্‌তি, –] *বি* নৌকা বা জাহাজ; মালবাহী বড় নৌকা (আন গো বন্ধু নূহের কিশ্‌তি—*নই*)। – **টুপি**, ~**নামা টুপি** *বি* কিস্তি বা নৌকার আকারের টুপি; সূক্ষ্ম কাপড়ের তৈরি টুপিবিশেষ (বরং সাদা নয়ানসুকের কিস্‌তিনামা টুপি পর, খাসা মানাবে—*নই*)। {*ফা.* কাশ্‌তী كشتى }

কিস্তি[২] [কিস্‌তি] *বি* ১ ঋণ পরিশোধযোগ্য দেয় টাকা ইত্যাদির অংশ (রদ হবে না কিস্তি, জমি উঠবে না আর

লাটে—*নই*)। ২ আংশিকভাবে ঋণ পরিশোধের সময়; খাজনা আদায় করার বা দেওয়ার নির্দিষ্ট সময়। ৩ দফা; বার; ক্ষেপ; instalment। { *আ.* কিস্‌ত্ قسط }

কিস্তি[৩] [কিস্‌তি] *বি* দাবা খেলায় বিপক্ষের রাজাকে আক্রমণের জন্য বিশেষ চাল; বল দ্বারা বিপক্ষের রাজাকে আক্রমণ (তোমার সকল বল আগিয়ে কিস্তির পর কিস্তি দাও—*নই*)। { *ফা.* কাশত کشت }

কিস্তিখেলাফ [কিস্‌তিখেলাফ্] *বি* নির্ধারিত সময়ে ঋণ পরিশোধের অক্ষমতা; কিস্তিবন্দি অবস্থায় কিস্তির শর্তমতো টাকা দিতে না পারা (কিস্তি খেলাফ করবে যে এর ডুববে তাহার কিস্তিখানা—*জউ*)। { *ফা.* কিস্‌তী খেলাফ قسطی خلاف }

কিস্তিবন্দি [কিস্‌তিবোন্‌দি] *বি* ১ কয়েক দফায় ঋণ পরিশোধের ব্যবস্থা; ক্রমে ক্রমে টাকা দেবার প্রতিশ্রুতি। ২ অবধারিত সময় নিরূপক চুক্তি বা পত্র (*ঠাকুর দেবতাদের তো আর কিস্তিবন্দি করে মৌসুম মাফিক ডাকা যায় না—সৈমু*)। { *ফা.* কিসতিবন্দী قسطی بندی }

কিস্তিমাত, কিস্তিমাৎ [কিস্‌তিমাত্] *বি* ১ দাবা খেলার শেষ চাল যাতে বিপক্ষের রাজার সমস্ত পথ রুদ্ধ হয়ে যায় (চালে কিস্তিমাৎ করার বিদ্যাটা সে যত্ন সহকারে আয়ত্ত করেছে—*মউ*)। ২ সম্পূর্ণরূপে জয়লাভ; পূর্ণ সফলতা লাভ (জিতে তবু হারালে শত্রু, করলে তুমি কিস্তিমাৎ—*সদ*)। { *ফা.* কিশতি کشتی + *আ.* মাত مات }

কিস্‌সা ⇒ *কেচ্ছা*

কী ⇒ কি

কীচক [কিচক্] *বি* ১ বায়ু সংযোগে শব্দকারী ছিদ্রবিশিষ্ট বাঁশবিশেষ (কীচক রন্ধ্র যেমন বায়ুতে—*মোম*)। ২ মহাভারতোক্ত বিরাট রাজার শ্যালক। { *স.* √চীক্+ অক(বুন্) চীকক>বর্ণবিপর্যয়ে কীচক}

কীট [কিট্] *বি* ১ পোকা। ২ কৃমি। ~**ঘ্ন** *বিণ* কীটনাশক; পোকা নাশ করে এমন। ~**জ** *বিণ* কীট থেকে জাত; পোকা থেকে জন্মে এমন। ~**দষ্ট** *বিণ* পোকা-ধরা (বসন্তের কীটদষ্ট নধর লতিকার ন্যায়—*ইহো*)। ~**পতঙ্গ** *বি* পোকামাকড়। **কীটাণু** *বি* খুব ছোট পোকা যা খালি চোখে দেখা যায় না; চক্ষুর অগোচরে স্থিত অতি ক্ষুদ্র কীট। **কীটাণু~** *বি* ১ কীটাণু অপেক্ষাও অতি ক্ষুদ্র কীট। ২ *(আল.)* অতি নগণ্য ব্যক্তি; নিতান্ত তুচ্ছ ব্যক্তি। { *স.* √কীট্+অ(অচ)}

কীড়া, কীড়ে ⇒ কিড়া

কীদৃক, কীদৃশ [কিদৃক্, -শো-] *বিণ* কীপ্রকার; কিরূপ; কেমন (করেছে কীদৃশ অনিষ্ট সাধন—*ইহো*)। **কীদৃশী** *স্ত্রী*। { *স.* কিম্+√দৃশ্+ক্বিন্}

কীমত ⇒ কিম্মৎ

কীর [কির] *বি* শুক জাতীয় পাখি (ডিম্ব হস্তে বিকশিল কীরের শাবক—*দৌবা*)। { *স.* কী+ √ঈরি+অ(অণ্)}

কীরা, কীরা কাটা ⇒ কিরা

কীর্ণ [কির্‌নো] *বিণ* ১ বিক্ষিপ্ত; বিস্তীর্ণ; ইতস্তত ছড়ানো। ২ ব্যাপ্ত (রহস্যের ঘটাটোপ কীর্ণ করে প্রসন্ন জগতে—*সুদ*)। { *স.* √কৄ+ত(ক্ত)}

কীর্তক [কির্‌তক্] *বিণ* কীর্তনকারী; গুণ বা মহিমা প্রচারক। { *স.* √কৃত্+অক}

কীর্তন [কির্‌তন্] *বি* ১ গুণ বর্ণনা; যশ বা মহিমা প্রচার। ২ রাধাকৃষ্ণ লীলা বিষয়ক সংগীত; সংকীর্তন। ৩ গানের পদ্ধতিবিশেষ। **কীর্তনাঙ্গ** *বি* কীর্তন গানের সুর। **কীর্তনিয়া, কীর্তনে** *বি,বিণ* যারা কীর্তন করে; কীর্তন গায়ক (কীর্তনিয়ারা নানা প্রকার সুরে কীর্তন করিতেছে—*প্যামি*; কীর্তনে বাবুদিগকে খুব যত্ন করে বসতে আসন দিন—*মীম*)। **কীর্তনীয়** *বিণ* ১ কীর্তনযোগ্য; বর্ণনীয়। ২ প্রচারযোগ্য। **কীর্তিত** *বিণ* ১ প্রশংসার সঙ্গে বর্ণিত; সগৌরবে প্রচারিত। ২ খ্যাত। { *স.* √কীর্তি+ অন(ল্যুট্)}

কীর্তি [কির্‌তি] *বি* ১ যশ; খ্যাতি; সুনাম। ২ কৃতিত্বের পরিচায়ক কাজ বা প্রতিষ্ঠান (তাজমহল শাজাহানের অমর কীর্তি)। ৩ *(ব্য.)* অকাণ্ড; কাণ্ড; কুকাজ; খারাপ কাজ (তোমার ছেলের কীর্তি দেখো)। –**কর, –জনক** *বিণ* প্রশংসনীয়; খ্যাতিজনক। ~**কলাপ** *বি* ১ যশোরাশি। ২ কৃতিত্বের পরিচায়ক ভালো ভালো কাজ বা প্রতিষ্ঠান। ~**ধ্বজা** *বি* যশোনিশান; গৌরব প্রকাশক পতাকা। ~**নাশা** *বি* পদ্মানদীর অপর নাম; রাজা রাজবল্লভের কীর্তি ধ্বংসকারিণী নদী। ~**বাস, ~মান, ~শালী**(–লিন্) *বিণ* যশস্বী; অতিশয় খ্যাতিসম্পন্ন (কৃত্তিবাস, কীর্তিবাস তুমি—*মদ*)। ~**স্তম্ভ** *বি* মহৎ ব্যক্তি কাজ বা ঘটনার স্মরণার্থে প্রতিষ্ঠিত স্তম্ভ; স্মারকস্তম্ভ; monument। { *স.* √কৃৎ+ই(ণিচ্)> √কীর্তি+ তি(ক্তিন্)}

কীল, কীলক [কিল্, কিলক্] *বি* ১ হুড়কা; খিল। ২ খোঁটা; গোঁজ। ৩ শলাকা; শল্য। ৪ গজাল; পেরেক (লুকানো দেরাজে চাবি নেই, একটা করে কীল আছে—*অঠা*)। { *স.* √কীল্+অ(অচ),+ক}

কীলকলিপি [কিলকলিপি] *বি* তীরের ফলার ন্যায় দাগ কেটে লেখার পদ্ধতি; তীরাক্ষর; cuneiform লিপি (স্থানীয় প্রাচীনদের 'ক্যুনিফর্ম' বা কীলকলিপির প্রথম নিদর্শন তাঁরাই সংগ্রহ করেন—*সুদ*)। { *স.* কীলক+ লিপি}

কু [কু] *বিণ* কুৎসা দোষ খারাপ নিন্দা ইত্যাদি অর্থে অন্য শব্দের আগে যুক্ত হয় (কুকথা, কুশিক্ষা, কুকাজ, কুগ্রহ, কুপ্রবৃত্তি, কুসঙ্গ, কুপথ ইত্যাদি)। { *স.* √কু+উ}

কুইনাইন, কুইনিন [কুইনাইন্, কুইনিন্] *বি* ম্যালেরিয়া জ্বরের ঔষধবিশেষ; সিনকোনা গাছের ছালের তৈরি এক প্রকার বটিকা। ~ **গেলা** *(আল.)* অনিচ্ছায় কোনো কাজ করা। { *ই* quinine}

কুওত, কুয়ত [কুওত্, –য়ত] *বি* শক্তি; বল; সামর্থ্য (নাহি আর বাজুতে কুওত—*নই*; ইসলামী হেম্মৎ ও কুওৎ একেবারে হারাইয়া বসিয়াছেন—*ইহো*)। { *আ.* কুব্বত قوت }

কুঁঅড়া, কোঁঅরা [কুঁয়ড়া, কোঁয়ড়া] *বি* কুমড়া (মিষ্ট কুমড়া, চাল কুমড়া, ছাঁচি কুমড়া)। { *স.* কুষ্মাণ্ড>কুমণ্ড> কুমড়+আ>}

কুঁইকুঁই [কুঁইকুঁই] *অব্য* ১ কুকুর ছানার ডাক। ২ কুকুরের ক্ষুধা শীত কষ্ট প্রভৃতি সূচক চাপা আর্তনাদ। { *ধ্বন্যা.*}

কুঁকড়ন, কুঁকড়নো ⇒ কুঁকড়ানো

কুঁকড়া, কুঁকড়ো [কুঁকড়া, কুঁকড়ো] *বি* মোরগ; কুক্কুট

(করে ধরি খর ছুরী কুঁকড়া জবাই করি—*কমু*; নচেৎ কুঁকড়ো বাবাজি 'কুক্কুকুক্কু' বলিয়া—*বচ*)। **কুঁকড়ি** *স্ত্রী*। {*সং* কুক্কুট>*প্রা.* কুক্কুড>কুঁকু্ড+আ = কুঁকুড়া>কুঁকড়া, কুঁকড়ো}

কুঁকড়ানো, কোঁকড়ানো [কুঁক্‌ড়ানো, কোঁক্‌ড়ানো] *ক্রি* ১ কুঞ্চিত হওয়া বা করা; জড় সড় হওয়া বা করা। ২ কোঁচকানো। □ *বিণ* কুঞ্চিত; কোঁকড়া (নতুন অঙ্কুরগুলো তাদের কোঁকড়ানো মাথাটুকু নিয়ে—*রঠা*)। □ *বি* উক্ত সকল অর্থে। {*বা.* √কুঁকড়া+আনো}

কুঁকড়িসুকড়ি [কুঁক্‌ড়িশুক্‌ড়ি] *বি* জড়সড়; কুঞ্চিত; কুণ্ডলীকৃত। {*বা.* কুঁকড়া+ই = কুঁকড়ি, *অনু.* সুকড়ি}

কুঁকড়ী, কুঁকড়ো ⇒ কুঁকড়া

কুঁচ [কুঁচ্] *বি* ১ গুঞ্জাফল; লালবর্ণ বীজবিশেষ। ২ রতি পরিমাণ ওজন। □ *বিণ* লাল (কুঁচবরণ কন্যা)। {*সং* কুঞ্চিকা>কুঁচিআ>কুঁচি>কুঁচ; গুঞ্জা>কুংচা (গ=ক, জ=চ)>কুঁচা>কুঁচ}

কুঁচকানো, কুঁচকনো, কোঁচকানো [কুঁচ্‌কনো, কুঁচ্‌কানো, কোঁচ্‌কানো] *ক্রি* কুঞ্চিত করা বা হওয়া; কোঁকড়ানো। □ *বি* কুঞ্চন। □ *বিণ* কুঞ্চিত (কুঁচকানো চীনে সিল্কের পাঞ্জাবি—*অচিসে*)। {*সং* √কুঞ্চ=*বা.* √কুঁচকা+আনো = কুঁচকানো ইত্যাদি}

কুঁচকি [কুঁচ্‌কি] *বি* উরু ও কোমরের সংযোগস্থল। {*সং* কুঞ্চ>কুঞ্চক>কুঁচক+ই>}

কুঁচকিকণ্ঠা [কুঁচ্‌কিকন্‌ঠা] *বিণ* অতি ভোজনকারী; কুঁচকি থেকে কণ্ঠ পর্যন্ত পূর্ণ উদর)। {*সং* কুঞ্চক> কুঁচক+ই=কুঁচকি+ *সং* কণ্ঠ+আ; বহু}

কুঁচনো, কুঁচানো, কোঁচানো [কুঁচ্‌নো, কুঁচানো, কোঁচানো] *ক্রি* কুঞ্চিত করা। □ *বি* কুঞ্চিতকরণ; কোঁকড়ানো। □ *বিণ* কুঞ্চিত; কোঁকড়া (কোঁচান চাদর বাঁধা কালো কুর্তি গায়ে—*দ্বিরা*)। {*সং* √কুঞ্চ+ণিচ্=*বা.* কুঁচ/কুঁচা/ কোঁচা+আনো, আনো}

কুঁচা ⇒ কুঁচি

কুঁচি[১], **কুঁচা** [কুঁচি, কুঁচা] *বি* ১ শূকর ইত্যাদি পশুর মোটা লোম। ২ মুড়া ঝাঁটা; চাল মুড়ি ইত্যাদি ভাজার ছোটো ঝাঁটা। ৩ বুরুশ। ৪ অতি ক্ষুদ্র খণ্ড; কুটি বা কুটা। {*সং* কূর্চ>*প্রা.* কুচ্চ>*বা.* কুঁচি, কুঁচা}

কুঁচি[২] ⇒ কুচা

কুঁচিয়া, কুঁচে [কুঁচিয়া, কুঁচে] *বি* সর্পাকৃতি মাছবিশেষ। {*সং* কুঞ্চিকা>*প্রা.* কুংচিআ কুঁচিয়া>কুঁচে}

কুঁচিলা ⇒ কুচিলা

কুঁচী ⇒ কুঁচি

কুঁচে ⇒ কুঁচিয়া

কুঁচো, কুচো [কুঁচো, কুচো] *বিণ* ১ কুঁচে মাছের মতো হ্যাংলা বা লিকলিকে। ২ ছোটো; বাচ্চা (সে তাড়াতাড়ি বাড়ির ভিতর ছুটে গেল; ফিরে এলো দশ বারোজন কুঁচো ছেলেপিলে সঙ্গে—*শও*)। {*সং* কুঞ্চিকা>*প্রা.* কুংচিআ> কুঁচে>কুঁচো; *ফা.* কূচক کوچك}

কুঁজ [কুঁজ্] *বি* পিঠের অস্বাভাবিক বক্রতা বা স্ফীতি। **কুঁজা, কুঁজো** *বিণ, বি* যার পিঠ বাঁকা বা ফোলা (পিঠ একটু কুঁজা—*রঠা*)। □ *বি* সুরাহি; পানিপাত্রবিশেষ। **কুঁজী** *স্ত্রী*। {*সং* কুব্জ>*পা.*, *প্রা.* কুজ্জ>কুঁজ; *ফা.* কুজা কোজ کوز}

কুঁজড়া, কুঁজড়ো, কুজড়া, কুজড়ো [কুঁজ্‌ড়া, –ড়ো; কুজ্‌ড়া, –ড়ো] *বি* ফলমূল বিক্রেতা (কুজড়ানী কোলে করি ভাসিল কুজড়া—*ভারা*)। □ *বিণ* ঝগড়াটে; কুপ্রকৃতি; কুটিল হৃদয়। **কুঁজড়াপনা, কুজড়ামি** *বি*। {*তুল.* *ফা.* কুঁজ কনজ کنج + *বা.* ড়া; *তুল. হি* কুঁজড়া}

কুঁজা[১] ⇒ কুঁজ

কুঁজি [কুঁজি] *বি* চাবি (নগর ভ্রমণে যায় গারে কুঁজি দিয়া—*ভারা*)। **~কাঠি** চাবিকাঠি। {*সং* কুঞ্চিকা>*প্রা.* কুংচিআ>কুঁজিআ (চ=জ)>কুঁজি}

কুঁড় [কুঁড়] *বি* ১ গর্ত; জলাশয়; কুণ্ড। ২ পেষণের ভাণ্ড (নূতন ঘোটনা কুঁড় দিয়াছে বিশাই—*ভারা*)। ৩ তুষের কণা। {*সং* কুণ্ড>*প্রা.* কুংড>*বা.* কুঁড়}

কুঁড়া[১], **কুঁড়ো** [কুঁড়া, –ড়ো] *বি* তুষের কণা; তুষের নিচে চালের গায়ে যে পাতলা আবরণ থাকে (ধুইয়া গঙ্গার জলে পূর্ণ কৈল কুঁড়া—*ভারা*)। {*সং* কণ্ডন>কুঁড়+আ, ও}

কুঁড়া[২] [কুঁড়া] *ক্রি* খনন করা; খোঁড়া (কুন্দ কুড়ি জ্বালহ অনল—*কমু*)। □ *বি* খনন; মাটি কাটা। {*সং* √তুড়=*বা.* √খুড়=√কুঁড়+আ=কুঁড়া; *সং* √খন্}

কুঁড়াজালি, কুঁড়োজালি [কুঁড়াজালি, কুঁড়োজালি] *বি* ১ মাছ ধরার ছোটো জাল (প্রজাপতিকে যেমন ছেলেরা কুঁড়োজালিতে ধরে—*অঠা*)। ২ (*ব্য.*) বৈষ্ণবের জপ করার থলি (বানাইব কুঁড়াজালি দিয়া ছাগছানা—*ঈগু*; রসের বৈরাগী ঠাকুর, ঐ যে কুঁড়োজালি হাতে আছে—*মদ*)। {কুঁড়াজাল+ই; *সং* কুড়মল> *বা.* কুঁড়+আ+ *সং* জাল+ *বা.* ই (হ্রস্ব অর্থে)}

কুঁড়ি[১] [কুঁড়ি] *বি* আফোটা ফুল; মুকুল; কলিকা। {*সং* কুট্মল>কুড়মল>কুঁড়ি; *সং* কোরক>কোরঅ>কুঁড় (ও=উ, র=ড়)+ই = কুঁড়ি}

কুঁড়ি[২] [কুঁড়ি] *বি* মাটি কাঠ বা পাথরের তৈরি গামলা জাতীয় কাটরা (হাঁড়ি কুঁড়ি গাড়ু—*কমু*)। {*সং* কুণ্ডী>*প্রা.* কুংডী>কুঁড়ি}

কুঁড়ে[১], **কুঁড়িয়া** (*প্রাবা.*), **কুঁড়া** (*মবা.*) [কুঁড়ে, কুঁড়িয়া, কুঁড়া] *বি* কুটির; পাতা বা ঘাসে ছাওয়া ছোট ঘর (লঘু বৃষ্টি হইলে কুঁড়ায় আইসে বান—*কমু*)। {*সং* কুটীকা>কুঁড়িআ> কুঁড়িয়া, কুঁড়ে; *সং* কুটির>কুটি>কুঁড়ি+আ>}

কুঁতা, কুঁথা, কোঁতা, কোঁথা [কুঁতা, কুঁথা, কোঁতা, কোঁথা] *ক্রি* ১ কাতরতা বা ক্লেশ প্রকাশক ধ্বনি। ২ মলাদি ত্যাগের জন্য দম বন্ধ করে বেগে বা জোরে চাপ দেওয়া; কুন্থন। □ *বি* উক্ত সকল অর্থে। **কুঁতানো, কোঁতানো, কোঁথানো** *ক্রি* ১ শারীরিক বল নিয়োগে কষ্ট করা; অতিরিক্ত শক্তি প্রকাশক শব্দ করা (চারিজন মাঝিতে কুঁতিয়া ধরাধরি করিয়া উপরে তুলিয়া দিল—*প্যামি*)। ২ কুঁততে বাধ্য করা। ৩ (*আল.*) কষ্ট দেওয়া। □ *বি* উক্ত সকল অর্থে। {*সং* কুন্থ>*বা.* √কুঁথ, কুঁত, √কুঁথ,+আ; *ধ্বন্যা.*}

কুঁদ১ [কুঁদ্] *বি* ছুতারের যন্ত্রবিশেষ; কোঁদার বা খরাদ করার যন্ত্র। ২ সাদা ফুলবিশেষ। ~**বাটালি** *বি* খরাদ করার জন্য ব্যবহৃত হয় এমন বাটালি। { *স.* কুন্দ>*প্রা.* কুংদ>*বা.* কুঁদ}

কুঁদ২ [কুঁদ্] *ক্রি* লাফানো; লম্ফ দেওয়া (নাচা-কোঁদা; পড়ল কুঁদে মাটির পরে—*জউ*)। { *স.* √কুর্দ; *প্রা.* √কুদ্দ+ *বা.* √কুঁদ=কুঁদা}

কুঁদরু [কুঁদরু] *বি* তরকারি রূপে ব্যবহার্য পটোল সদৃশ ফল। { *স.* কুন্দুরুকী>কুঁদরু}

কুঁদা১, **কুঁদো** [কুঁদা, কুঁদো] *বি* ১ কাঠের গুঁড়ি; মোটা কাষ্ঠখণ্ড (একটা বড় কুঁদো জ্বলিতেছিল—*বচ*)।২ বন্দুক ইত্যাদির কাঠের হাতল। ৩ চাঙড়; স্থূল ও বড় খণ্ড (মিছরির কুঁদা)। { *ফা.* কন্দাহ্ کندہ }

কুঁদা২ [কুঁদা] *ক্রি* খোদা; (পাথর কুঁদা)। { *স.* √খন্>*বা.* খুদা>কুঁদা}

কুঁদুলি, কুঁদুলে [কুঁদুলি, কুঁদুলে] *বিণ স্ত্রী.* কোঁদল করে এমন; ঝগড়াটে (ও দেশের মেয়েরা ঐ রকম কুঁদুলে হয়—*নই*)। **কুঁদুলে** *পু.*। { *স.* কন্দল+ইয়া=কন্দলিয়া> কুঁদুলে}

কুক১ [কুক্] *অব্য* উচ্চ সংকেত ধ্বনি; ডাকাতদের হুঙ্কার বা সংকেত ধ্বনি (এমনি করে আচমকা কুক দিয়ে দিয়ে আমার মর্মর মন্দিরের পাষাণ অর্গল খুলে ফেলিস—*নই*)। { *ধ্বন্যা.*}

কুক২ [কুক্] *বি* রন্ধনকারী; বাবুর্চি। { *ই* cook}

কুকথা [কুকথা] *বি* ১ অশ্লীল বা কুৎসিত কথা। ২ দুর্বাক্য; কঠিন কথা (স্বামী হয়াতে মারে বাড়ি; তার আগে কুকথা কয় শাশুড়ী—*চদা*)। ৩ পৃথিবী সম্বন্ধীয় কথা বা তন্ত্রের ব্যাখ্যা (কুকথায় পঞ্চমুখ কণ্ঠ ভরা বিষ—*ভারা*)। { *স.* কু+কথা; *কর্মধা.*}

কুকবি [কুকোবি] *বি* অসার্থক কবি; খারাপ কবি (বাণভট্ট তাঁর সমসাময়িক কুকবিদের কোকিল বলে ভর্ৎসনা করেছেন—*প্রচৌ*)। { *স.* কু+কবি; *কর্মধা.*}

কুকর্ম, কুকার্য [কুকরমো, কুকারজো] *বি* অসৎ বা খারাপ কাজ; নিন্দনীয় কাজ; পাপকর্ম। **কুকর্মা, কুকর্মী** *বি* মন্দ, অসৎ বা পাপ কাজ করে যে। { *স.* কু+কর্ম, কার্য; *কর্মধা.*}

কুকুর [কুকুর্] *বি* গৃহপালিত পশুবিশেষ; সারমেয়; কুত্তা। **কুকুরী** *স্ত্রী.*। ~**কুণ্ডলী** *বি* কুকুরের ন্যায় কুণ্ডলী পাকিয়ে শোয়ার প্রণালি; শায়িত কুকুরের ন্যায় কুণ্ডলীকার (তুমি ত শুধু নিজের দিকটা দিয়েই ঐ কুকুরকুণ্ডলী কাণ্ডটা নিয়ে বিচার করছ—*নই*)। ~**মাছি** *বি* তীব্র দংশনকারী এক প্রকার রক্ত শোষক বড় মাছি। **কুকুরে দাঁত** *বি* কুকুর জাতীয় প্রাণীর উপর ও নিচের মাড়ির সূক্ষ্মমুখ চারটি দাঁত; শ্বদন্ত। **খেঁকি**~ *বি* ১ যে কুকুর সহজেই রেগে গিয়ে খ্যাঁক খ্যাঁক শব্দে কামড়াতে আসে। ২ ক্রুদ্ধ ও অসহিষ্ণু ব্যক্তি। **যেমন ~ তেমন মুগুর**—যেমন দুষ্ট প্রজা তেমন নিষ্ঠুর শাসক; অপরাধের তীব্রতা অনুযায়ী কঠোরতর শাস্তি। { *স.* অথর্ববেদ কুর্কুর>স., *প্রা.* কুক্কুর>*বা.* কুকুর}

কুক্কুট [কুককুট্] *বি* মোরগ। **কুক্কুটী** *স্ত্রী.*। { *স.* কু+ √কুট্+অ(ক)}

কুক্কুর [কুককুর্] *বি* কুকুর। **কুক্কুরী** *স্ত্রী.*। { *স.* √কুক্+ উর(উরচ)}

কুক্রিয় [কুকক্রিয়ো] *বিণ* দুষ্কর্মকারী; কুকর্মা। **কুক্রিয়া** *বি* মন্দকার্য। { *স.* কু+ক্রিয়া; *বহু*}

কুক্ষণ [কুকখন্] *বি* অশুভ মুহূর্ত; মন্দ সময়। { *স.* কু+ক্ষণ; *কর্মধা.*}

কুক্ষি [কুকখি] *বি* ১ জঠর; কোঁক; উদর-গহ্বর। ২ গর্ভ। ৩ গুহা। ৪ অভ্যন্তর স্থান। ~**গত** *বিণ* ১ উদরে প্রবিষ্ট; উদরসাৎ। ২ গর্ভাশয়স্থিত (মাতৃকুক্ষিগত শিশু—*সৈআআ*)। ৩ (*আল.*) আত্মসাৎকৃত; সম্পূর্ণ দখলীকৃত। ~**জ** *বিণ* গর্ভজাত (কুক্ষিজ সন্তান)। ~**জা** *স্ত্রী.*। ~**ম্ভরি** *বিণ* ১ পেটুক; ভোজনরসিক; উদর পূরণকারী। ২ স্বার্থপর। ~**শূল** *বি* পেটের বেদনা। { *স.* √কুষ্+ সি(ক্সি)}

কুখ্যাত [কুকখ্যাতো] *বিণ* বহু নিন্দিত; দুর্নামযুক্ত; গর্হিত কর্মের জন্য খ্যাত। **কুখ্যাতি** *বি* নিন্দা; অপযশ; দুর্নাম। { *স.* কু+খ্যাত; *কর্মধা.*}

কুগ্রহ [কুগ্গোহো] *বি* ১ হিন্দুমতে অশুভ গ্রহ; দুর্ভাগ্যজনক গ্রহ। ২ অমঙ্গল। ৩ (*আল.*) উৎপাত; অবাঞ্ছিত ব্যক্তি বা বস্তু। { *স.* কু+গ্রহ; *কর্মধা.*}

কুঙ্কুম [কুঙকুম্] *বি* ১ জাফরান; কাশ্মীরে জাত সুগন্ধ পুষ্প বিশেষের কেশর। ২ কুসুম ফুল। ৩ ফুল (ভরেছে যে হর্ষে আকাশ গো তারারি কুঙ্কুম দিয়ে—*সদ*)। { *স.* √কুনক্+ উম}

কুচ১ [কুচ্] *বি* যুবতীর স্তন; পয়োধর (তিতিল সকল দেহ কুচে ধারা বহে—*কাদৌ*)। ~**কুম্ভ** *বি* কলসাকৃতি উচ্চ স্তন। ~**শম্ভু** *বি* কুচ রূপ শম্ভু বা শিবলিঙ্গ (নাভিকূপে যাইতে কাম কুচশম্ভু বলে। { *স.* √কুচ্+অ(ক)}

কুচ২ [কুচ্] *বি* সৈন্যদের যুদ্ধযাত্রা বা শৃঙ্খলাবদ্ধ হয়ে একস্থান থেকে অন্যত্র যাত্রা (কুচের নাকারা বাজে লস্কর ভিতর—*সৈহা*)। { *ফা.* কোচ کوچ }

কুচকাওয়াজ [কুচ্‌কাওয়াজ্] *বি* সৈনিকদের রণশিক্ষা; লড়াইয়ের প্রস্তুতিমূলক ব্যায়াম ও কৌশলাদি শিক্ষা; military parade। { *ফা.* কোচ + *আ.* রুস্বাইদ کوچ قواعد }

কুচকি ⇒ কুঁচকি

কুচকুচ [কুচ্‌কুচ্] *অব্য* উজ্জ্বল ও গাঢ় কৃষ্ণ বর্ণের আভা। **কুচকুচে** *বিণ* গাঢ় ও চকচকে; তৈলচিক্কণ (কুচকুচে কালো)। { *স.* √কুচ (চিক্কণতার ভাব)>}

কুচক্র [কুচক্ক্রো] *বি* ষড়যন্ত্র; চক্রান্ত; কুমন্ত্রণা। **কুচক্রী** (-ক্রিন্) *বিণ* ১ চক্রান্তকারী; ষড়যন্ত্রকারী। ২ কুমন্ত্রণা দেয় এমন। { *স.* কু+চক্র; *কর্মধা.*}

কুচন, কুচনো ⇒ কুচানো

কুচনি, কোচনি [কুচ্‌নি, কোচ্‌নি] *বি* ১ বেশ্যা (কুচনীর বাড়ী তবে কেমনে যাইবে—*ভারা*)। ২ কোচ নারী; কোচবিহার রাজ্যের রমণী। {কোচ+নী}

কুচফল [কুচ্‌ফল্] *বি* দাড়িম্ব ফল; ডালিম। { *স.* কুচ+ফল}

কুচরিত্র [কুচোরিত্‌ত্রো] *বি* খারাপ স্বভাব; অসদাচরণ; মন্দ প্রকৃতি। □ *বিণ* দুশ্চরিত্র; অসচ্চরিত্র; মন্দ স্বভাব। **কুচরিত্রা** *স্ত্রী.*। { *স.* কু+চরিত্র; *কর্মধা.*, *বহু*}

কুচর্যা [কুচর্‌জা] *বি* ১ গর্হিত আচরণ; অন্যায় ব্যবহার। ২ কুপ্রথা; কদাচার। { *স.* কু+চর্যা; *কর্মধা.*}

কুচা, কুচি, কুচো, কুঁচি [কুচা, –চি, –চো, কুঁচি] *বি* ১ ছোট টুকরা (প্রাণের থলে পুরলি পাথর কুচি দিয়ে—*রজসে*; তার ডানার কুচিগুলো এখানে-ওখানে সমুদ্রের মাঝে টাপুর মত ভাসতে লাগল—*অঠা*)। ২ গলি; সংকীর্ণ পথ বা রাস্তা। □ *বিণ* সংকীর্ণ। ~ **করা** *ক্রি* টুকরা টুকরা করিয়া কাটা। ~ ~ **করা** *ক্রি* ক্রমাগত কেটে খণ্ড খণ্ড করা। {*স.* √কুচ্>}

কুচাগ্র [কুচাগ্গ্রো] *বি* স্তনের অগ্রভাগ বা বোঁটা। {*স.* কুচ+অগ্র; ৬তৎ}

কুচানো, কুচনো [কুচানো, কুচনো] *ক্রি* ছোট ছোট করে কাটা; কুচি কুচি করা। □ *বিণ* ছোট ছোট আকারে কর্তিত। □ *বি* ছেদন; ছোট ছোট রূপে কর্তন। {*স.* √কুচ্> *বা.* কুচা+আনো}

কুচি[৩], **কুচি করা** ⇒ কুচা

কুচিকিৎসক [কুচিকিত্শক] *বি* আনাড়ি চিকিৎসক; হাতুড়ে ডাক্তার; অদক্ষ বা অনভিজ্ঞ বৈদ্য। **কুচিকিৎসা** *বি* ফলহীন বা মন্দ ফলদায়ক চিকিৎসা; হাতুড়ে চিকিৎসা। {*স.* কু+চিকিৎসক; *কর্মধা.*}

কুচিন্তা [কুচিন্‌তা] *বি* ১ দুর্ভাবনা। ২ অসৎ বিষয়ের চিন্তা; কুৎসিত বিষয়ের কল্পনা। {*স.* কু+চিন্তা; *কর্মধা.*}

কুচিলা, কুচলে, কুঁচিলা [কুচিলা, কুচ্‌লে, কুঁচিলা] *বি* বিষময় ফল বা বীজ অথবা এর বৃক্ষবিশেষ, যা ঔষধে ব্যবহৃত হয়। {*স.* কুচেলক, কুচিল>}

কুচুটে, কুচুটিয়া, কুচুণ্ডে [কুচুটে, কুচুটিয়া, কুচুন্‌ডে] *বিণ* কুচিন্তাকারী; কুটিল প্রকৃতি; হিংসুক কুচক্রী (আমিও মধুগঞ্জের বক্সওয়ালাদের মতো কুচুটে—*সৈমু*; ত্রেতাযুগের লোকগুলো ছিল কুচুণ্ডে রাসকেল—*রাব*)। {*স.* কুৎসা> *পা., প্রা.* কুচ্ছ> *বা.* কুচা+উটিয়া>কুচুটে, চণ্ডিয়া>চণ্ডে}

কুচেল [কুচেল্] *বি* জীর্ণবস্ত্র পরিহিত ব্যক্তি; মলিন বা নোংরা কাপড়। {কু(কুৎসিত)+চেল (বস্ত্র) যার= *স.* কুচেল; *বহু*}

কুচেষ্টা [কুচেশ্‌টা] *বি* অপচেষ্টা; মন্দ অভিসন্ধি। {*স.* কু+চেষ্টা; *কর্মধা.*}

কুচ্ছা ⇒ কুৎসা

কুচ্ছিত, কুচ্‌ছিত ⇒ কুৎসিত

কুজ [কুজ্] *বি* মঙ্গলবার; মঙ্গল গ্রহ (শনি কুজ বারেতে করিহ মোর জাত। গুঞ্জরাট নাগরেতে হইবে তুমি নাথ—*কমু*)। {*স.* কু+ √জন্+অ(ড)}

কুজড়া, কুজড়ো ⇒ কুঁজড়া

কুজন[১] [কুজন্] *বি* খারাপ লোক; দুষ্ট ব্যক্তি। **কুজনী** *বি স্ত্রী.* মন্দ নারী (কুটিল কুজনী নারী পরের অঞ্চল ধরি স্বর্গে যাইবারে মনে ভায়—*কাদৌ*)। {*স.* কু+জন; *কর্মধা.*}

কুজন[২] [কুজন্] *বি* কলরব; চেঁচামেচি; চিৎকার। {*স.* √কুজ্+অন}

কুজা[১], **কুজো, কুঁজা, কুঁজো** [কুজা, –জো, কুঁজা, –জো] *বি* সুরাহি; মৃন্ময় বা মাটির জলপাত্রবিশেষ; জগ। {*ফা.* কুজাহ্ کوزه }

কুজ্‌ঝটিকা, কুজ্‌ঝটি [কুজ্‌ঝোটিকা, কুজ্‌ঝোটি] কুহেলিকা; কুয়াশা (কুজ্‌ঝটিকা কুটিল নভে বুলায় তুলি রঙ্গিলা—*সদ*)। {*স.* কু+ √ঝট্+ই(ইন্)+ক(কন্)+ আ(টাপ্)}

কুঞ্চন [কুন্‌চন্] *বি* ১ সংকোচন; কোঁকড়ানো; কোঁচকানো। ২ বক্রীকরণ। {*স.* √কুঞ্চ্+অন(ল্যুট্)}

কুঞ্চি, কুঞ্চী [কুন্‌চি] *বি* ১ পরিমাণবিশেষ; আট মুষ্টিতে এক কুঞ্চি। ২ মাপিবার পাত্রবিশেষ; খুঁচি। {*স.* √কুঞ্চ্+ই}

কুঞ্চিকা [কুন্‌চিকা] *বি* ১ গুঞ্জা ফল; কুঁচ। ২ চাবি। ৩ নির্ঘণ্ট; সূচি। ৪ কঞ্চি। ৫ কুঁচে মাছ। {*স.* √কুঞ্চ্+অক(ণ্বুল)+আ(টাপ্)}

কুঞ্চিত [কুন্‌চিতো] *বিণ* ১ কোঁকড়া; বক্রীকৃত; কোঁচকানো। ২ সংকুচিত। ৩ ভ্রূর লোমের সংকোচনের জন্য চক্ষু তারকার অল্প মগ্ন অবস্থা (তাঁহার কুঞ্চিত ভ্রূ ক্ষীণ দৃষ্টি—*রঠা*)। {*স.* √কুঞ্চ্+ত(ক্ত)}

কুঞ্চী ⇒ কুঞ্চি

কুঞ্জ[১] [কুন্‌জো] *বি* ১ লতাপাতায় আচ্ছাদিত গৃহাকার স্থান; উপবন (কুঞ্জ–কানন)। ২ বৈষ্ণবদের তপোবন বা আশ্রম। –**কানন,** –**বন** *বি* কুঞ্জময় কানন বা বন; যে কাননে লতা–পাতায় আচ্ছাদিত গৃহাকার স্থান বিদ্যমান (নানা রকম ফুলপাতায় সুসজ্জিত অপরূপ কুঞ্জকানন ছিল—*সৈমুআ*)। ~**বাটিকা,** ~**বাটী** *বি* ১ বাগানবাড়ি। ২ বৈষ্ণবদের সাধনাশ্রম; রাধাকৃষ্ণের বিগ্রহ প্রতিষ্ঠিত ভজনালয়। ~**ভঙ্গ** *বি* ১ কুঞ্জে নিদ্রিত রাধাকৃষ্ণের নিদ্রাভঙ্গের সঙ্গীত। ২ কীর্তন গানের একটি পালা। –**লতা** *বি* কুঞ্জ নির্মাণকারী পুষ্পলতা। {*স.* √গুঞ্জ্+অ(ঘঞ্)}

কুঞ্জ[২] [কুন্‌জো] *বি* বস্ত্রাদির কোণে বা আঁচলায় ফুল ও লতাপাতার নকশা; কলকা। ~**দার** *বিণ* কলকাযুক্ত; নকশা–করা; আঁচলে ফুল তোলা হয়েছে এমন (কুঞ্জদার শাড়ি)। {*ফা.* কুঞ্জ کنج }

কুঞ্জর [কুন্‌জর্] *বি* ১ হাতি; হস্তী; করী (উভয়ে ভীষণ বেগে যুঝিতে লাগিলা উন্মত্ত কুঞ্জর প্রায়—*কায়*)। ২ (অন্য শব্দের পরে বসলে) শ্রেষ্ঠ (নর–কুঞ্জর, বীর–কুঞ্জর)। **কুঞ্জরা, কুঞ্জরী** *স্ত্রী.*। {*স.* কুঞ্জ+র}

কুঞ্জল [কুন্‌জল্] *বি* আমানি; কাঁজি; গাঁজানো পান্তা ভাতের টক পানি। {*স.* কু+জল}

কুঞ্জি, কুঁজি [কুন্‌জি. কুঁজি] *বি* চাবি (হিরার কুলুপ দিল মাণিক্যের কুঞ্জি—*সৈআ*)। ~**কাটি,** ~**কাঠি** *বি* চাবি (নারী সব দিতে পারে, কিন্তু তার মনের গোপন মঞ্জুষার কুঞ্জিকাটি যেন কিছুতেই দিতে চায় না—*নই*)। {*স.* কুঞ্চিকা>কুংজিআ>কুঁজি, কুঞ্জি; *হি* কুংজী}

কুট[১] [কুট্] *বি* ১ কেল্লা; দুর্গ; গড়। ২ পর্বত; পর্বতশৃঙ্গ। ৩ বৃক্ষ। ~**জ, কুটজ** *বি* ১ কুড়চি বৃক্ষ; গিরিমল্লিকা ফুলের গাছ। ২ অগস্ত্য। ৩ দ্রোণাচার্য। {*স.* √কুট্+অ(ক)}

কুট[২] [কুট্] *বি* কীট পতঙ্গাদির দংশনের শব্দ (ভন করে সেইখানে গিয়ে কুট করে কামড়ায়—*দীমি*)। –**কুট** *বি* ঈষৎ দংশনের মতো অস্বস্তিকর বোধ; কর্কশ স্পর্শবোধ; চুলকানির ভাব বোধ (কচুতে গলা কুটকুট করছে)। **কুটকুটানি, কুটকুটুনি** *বি* কামড়ানি; চুলকানি; কণ্ডূয়ন প্রবৃত্তি। ~**কুটে** *বিণ* ১ চুলকানি বা কামড়ানির ভাব জন্মায় এমন (কুটকুটে ওল)। ২ কেবল দংশন ছাড়া আর কিছুই জানে না এমন (ক্ষুদ্রবুদ্ধি সমালোচক কুটকুটে মাছি—*দীমি*)। {*ধ্বন্যা.*; কুটুস (ছেদনে, তা থেকে

দংশনে)>কুট—দংশনের প্রকারভেদ: সরু দাঁতের কামড়ে 'কুট্' ; মোটা দাঁতের শক্ত কামড়ে 'কট্'; কামড় তীব্রতর হলে 'কটাস' বা কটাৎ; তার চেয়ে ছোট ও কম তীব্র হলে 'কুটুস', 'কুটুং' শব্দ হয়}

কুট[৩], **কুঠ**, **কুড়** [কুট্, –ঠ্, –ড়্] *বি* কুষ্ঠরোগ। {*স.* কুষ্ঠ>*পা. প্রা.* কুট্‌ঠ>}

কুটনা, কুটনো, কোটনা [কুট্‌না, –নো, কোট্‌না] *বি* ১ রান্নার উপযোগী করে কাটা তরকারি। ২ কাটার তরকারি। ~ **কোটা** *ক্রি* রান্নার জন্য খণ্ড খণ্ড করে তরকারি কাটা। (রানু রান্নাঘরে রাঁধে, কুটনো কোটে—*বিব*)। {*স.* √কুট্+অন}

কুটনি, কুটিনী, কোটনী [কুট্‌নি, কুটিনি, কোট্‌নি] *বি স্ত্রী.* ১ নারীপুরুষের অবৈধ মিলনে সাহায্যকারিণী; নায়ক ও নায়িকার অবৈধ মিলনকারিণী দূতী (কুটনী গস্তানী বড় যে মস্তানী উভে উভে দিব শূলে—*ভারা*)। ২ যে স্ত্রীলোক কান ভাঙানি দিয়ে বিবাদ লাগায়; যে স্ত্রীলোক একের কথা অন্যকে বলে বা চালান করে। ~**গিরি**, ~**পনা** *বি* নারী পুরুষের অবৈধ মিলনে সাহায্যকারিণী দূতীর দৌত্যকার্য; কুটনির আচরণ বা ব্যবসায়। {*স.* কুট্টনী}

কুটা, কুটো, কুটি [কুটা, কুটো, কুটি] *বি* ১ খড়; তৃণ ইত্যাদির ক্ষুদ্রাংশ; কুচি (তৃণ–কুটোর পরেও ওগো পড়ে রবির প্রভাতী কর—*নই*)। ২ কণা (চোখে কুটি পড়া)। **কুটাকাটা, কুটোকাটা** *বি* খড় তৃণলতা পাতা ইত্যাদির টুকরা (রিদয় দু'বোঝা শুকনো কুটোকাটা হাঁসের পিঠে দিয়ে চেপে বসল—*অঠা*)। **দাঁতে কুটা নেওয়া** *ক্রি* অত্যধিক বিনয় প্রকাশ করা; একান্ত হীনতা ও বশ্যতা স্বীকার করা (শিবের কিঙ্কর বলি কুটা নিল দাঁতে—*কম্ম*)। {*স.* √কুট্>, *হি* কুটী}

কুটান, কুটানো ⇒ কোটা[১]

কুটি [কুটি] ⇒ কুটা। ~ ~ *বি* ১ ক্ষুদ্র টুকরা বা কুচি (চোখে একটা কুটি পড়ে কষ্ট দিচ্ছে; এক কুটি জিনিসও আমি পেলাম না)। ২ ক্ষুদ্র ক্ষুদ্র টুকরা বা কুচি (সে করিছে কুটি কুটি নখেতে ধরি—*রঠা*)। ~ ~ **করা** *ক্রি* কেটে ক্ষুদ্র ক্ষুদ্র টুকরা করা। {*স.* √কুট্+ই}

কুটি (*অপ.*) [কুটি] *বি* কোটি (মুদ্রা আছে লক্ষকুটি—*মীনচেতন*)। □ *বিণ* কোটি সংখ্যক (কুটীশ্বর—*দ্বিব*)। {*স.* কোটি>}

কুটিকুটি[২] [কুটিকুটি] *বি* টুকরা–টুকরা; আহ্লাদে আটখানা (উঠানের কোণে বুনো ফুলগুলি হেসে হয় কুটিকুটি—*জউ*)। {কুটি+কুটি}

কুটিনী ⇒ কুটনী

কুটির, কুটীর [কুটির্] *বি* কুঁড়েঘর; দরিদ্রের অতি ক্ষুদ্রগৃহ। ~**শিল্প** *বি* গৃহে উৎপন্ন (কারখানায় জাত নয় এ ধরনের) শিল্পদ্রব্য। {*স.* √কুট্+ইর(ইরন্)}

কুটিল [কুটিল্] *বিণ* ১ অসরল; বক্র; ঋজু বা সোজা নয় এমন (কুজ্‌ঝটিকা কুটিল নভে বুলায় তুলি রঙ্গিলা—*সদ*)। ২ ক্রূর; শঠ; কপট। ৩ কূট; জটিল (কুটিলপ্রশ্ন)। **কুটিলতা, কৌটিল্য** *বি*। ~**আবর্ত** *বি* ঘূর্ণিপাক। ~**চিত্ত** *বিণ* মন সরল নয় এমন; ক্রূরচিত্ত; অসরল। ~**চিত্তা** *স্ত্রী.*। **কুটিলা** *বিণ স্ত্রী.* ১ অসরলা; বক্রা। ২ ক্রূরা; ধূর্তা। ৩ রাধিকার ননদ ও আয়ানের ভগিনী। {*স.* √কুট্+ইল (ইলচ্)}

কুটুজ[১] ⇒ কুট

কুটুজ[২] ⇒ কূটজ[২]

কুটুম[১] ⇒ কুটুম্ব

কুটুম[২] [কুটুম্] *বি* একপ্রকার ছোট পাখি যে কুটুম কুটুম ডাকে। {*ধ্বন্যা.*}

কুটুম্ব, কুটুম [কুটুম্‌বো, কুটুম্] *বি* ১ আত্মীয়; জ্ঞাতি; স্বগোত্রজ ব্যক্তি (সারা বাড়ি আত্মীয় কুটুম্বে ভরা—*রাখা*)। ২ পরিবার পরিজন; পোষ্যবর্গ। ৩ যার সঙ্গে বৈবাহিক সম্বন্ধ ঘটেছে (বিয়ের কুটুম এসেছে আজ সাজুর মায়ের বাড়ি—*জউ*)। **কুটুম্বিতা** *বি* ১ আত্মীয়তা। ২ বৈবাহিক সম্বন্ধ ও তন্নিমিত্ত প্রীতিপূর্ণ আদানপ্রদান; কুটুম্বসুলভ আদর আপ্যায়ন বা লৌকিকতা (সে সকল কুটুম্বিতার সংকোচ আমাকে আর শোভা পায় না—*রঠা*)। **কুটুম্বিনী** *বিণ স্ত্রী.* কুটুম্ববিশিষ্ট। □ *বি* গৃহকর্ত্রী; কুলনারী; পতিপুত্রাদি বিশিষ্টা। □ *বি স্ত্রী.* স্ত্রীকুটুম; কুটুম্ব পক্ষের স্ত্রীলোক (কুটুম্ব কামিনী যত কুটুম্বিনী। করিতে লাগিল উমা দেহ প্রসাধনী—*রঙ্গসে*)। **কুটুম্বী** (–ম্বিন্) *বি* গৃহস্থ। □ *বিণ* কুটুম্ববিশিষ্ট; পোষ্যপরিবৃত। **ঘরকুটুম** *বি* (বিদ্রূপাত্মক) শালা বা সম্বন্ধী। {*স.* কুটুম্ব>*বা.* কুটুম}

কুটুর [কুটুর্] *অব্য* ইঁদুর প্রভৃতির দন্ত দ্বারা কাষ্ঠাদি কাটার শব্দ; 'কুট'–এর চেয়ে হালকা শব্দ। **কুটুরে** *বিণ* দন্তাদি দ্বারা কাষ্ঠাদি কাটার স্বভাববিশিষ্ট (ঝাউ গাছে কুটুরে প্যাঁচা কাঁচি চালায় কচর কচর—*অঠা*)। {*ধ্বন্যা.*}

কুটো ⇒ কুটা

কুট্টন [কুট্‌টন্] *বি* ১ খনন। ২ ছেদন। ৩ পিষ্টকরণ; ছেচন। ৪ দূষণ; নিন্দাকরণ; গালি দেওয়া। **কুট্টিত** *বিণ*। **কুট্টনী** *বি স্ত্রী.* দূতী; নারী পুরুষের অবৈধ মিলনে সাহায্যকারিণী; কুটনি। {*স.* √কুট্ট+অন(ল্যুট্)}

কুট্টমিত [কুট্‌টোমিতো] *বি* নায়িকার বিলাসবিশেষ; নায়কের আচরণে আনন্দিত হলেও নায়িকার কপট বিরূপতা। {*স.* √কুট্ট+অম+ইত}

কুট্টিম [কুট্‌টিম্] *বি* ১ পাকা মেঝে; চাতাল (গৃহ–কুট্টিম)। ২ রত্ন–খনি। {*স.* √কুট্ট+ইম(ইমচ্)}

কুট্মল, কুড্মল [কুট্‌মল্, –ড্] *বি* মুকুল; কলিকা; ফুলের কুঁড়ি। **কুট্মলিত** *বিণ* মুকুলিত; কলিকাবিশিষ্ট। {*স.* √কুট্, √কুড্+মল}

কুঠ [কুঠ্] *বি* কুষ্ঠ রোগ; leprosy (যদি মারি তো আমার হাতে যেন কুঠ হয়; পোকা হয় –*নই*)। **কুঠিয়া, কুঠে** *বিণ* কুষ্ঠরোগী। {*স.* কুষ্ঠ>*পা., প্র.* কুট্‌ঠ>কুঠ,+ইয়া>এ}

কুঠরি, কুঠারি, কুঠুরি, কোঠরি [কুঠ্‌রি, –ঠা–, –ঠু–, কোঠ্‌রি] *বি* ১ কামরা; খোপ; প্রকোষ্ঠ; কক্ষ (এই কারণেই মানুষের ঘর....নানা কুঠরিতে ভাগ করা থাকে—*অঠা*)। ২ ছোট ঘর। {*স.* কোষ্ঠ>*প্রা.* কোট্‌ঠ>কুঠ+*বা.* উরি; আরি, *স.* কোষ্ঠ>কোঠ+রি}

কুঠার, কুঠারী [কুঠার্, রি] *বি* ১ কুড়াল; কাষ্ঠছেদক অস্ত্র। ২ টাঙ্গি; পরশু। ৩ বাইস। {*স.* কুঠ+√ঋ+অ(অণ্),+ঈ}

কুঠারি ⇒ কুঠরি

কুঠারিকা [কুঠারিকা] *বি* ক্ষুদ্র অস্ত্রোপচারের যন্ত্র। { *স.* কুঠার৷ ক(কন্)+আ}

কুঠি, কোঠা [কুঠি, কোঠা] *বি* ১ ইষ্টকনির্মিত গৃহ; অট্টালিকা। ২ বাংলো; বাড়ি; গৃহ; আবাস (সাহেবের কুঠি)। ৩ বাণিজ্যালয়; ব্যবসায়ীর কার্যালয়; পণ্যশালা (নীলকুঠি)। ~য়াল, **কুঠেল** *বি* ১ কুঠির কর্তা মালিক বা অধ্যক্ষ। ২ কুঠিতে কার্যরত লোক (এ-দিকে বাজে দর্শকের মধ্যে দুএকজন কুটেল চোরা-গোপ্তা মাচ্চেন—*কাসি*)। ৩ বণিক; সওদাগর (তাঁর টাকা তাঁর কড়ি তাঁরি লোকজন। মাঝে থেকে লুটে খায় কুঠেল.... —*হেব*)। { *স.* কোষ্ঠিকা>কোট্‌ঠিআ>কোঠি, কুঠি}

কুড়[1] [কুড়] *বি*১ কুষ্ঠরোগ (নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড়— *ভারা*)। ২ ঔষধ বা বৃক্ষবিশেষ। { *স.* কুষ্ঠ> *পা.*/ *প্রা.* কুট্‌ঠ>কুঠ>কুড়}

কুড়[2] [কুড়] *বি* ১ স্তূপরাশি; গাদা (পাঁশকুড়)। ২ আবর্জনা ফেলার স্থান; কুণ্ড (আঁস্তাকুড়)। **আস্তা~** *বি* যে স্থানে জঞ্জাল ফেলা হয়। { *স.* কুণ্ড>কুঁড়> কুড়}

কুড়কুড়, কুড়মুড়[1] [কুড়কুড়, -মুড়] *অব্য* ভাজা কড়াই মুড়ি ইত্যাদি কঠিন দ্রব্য চিবানোর শব্দ। { *ধ্বন্যা.* }

কুড়চি [কুড়চি] *বি* কুটজ নামক বৃক্ষ। { *স.* কুটজ>কুড়চ (ট=ড়, জ=চ)+ই}

কুড়বা [কুড়োবা] *বি* বিঘা; বিশ কাঠায় এক কুড়বা (কুড়বা কুড়বা কুড়বা লিজ্জে, কাঠায় কুড়বা, কাঠায় লিজ্জে—*খব*)। { *স.* কুড়ব+আ=কুড়বা (অর্ধতৎসম)}

কুড়মুড়[2] ⇒ কড়মড়

কুড়ল [কুড়ল্] *বি* মৎস্যভোজী পাখিবিশেষ। { *স.* কুরর>কুড়ল (র=ড়, র=ল)}

কুড়া[1], কুড়[3], কুড়ো [কুড়, কুড়া, কুড়ো] *বি* বিঘা; বিশ কাঠা জমির পরিমাণ (মাপে কোণে দিয়া দড়া পনর কাঠায় কুড়া, নাহি শুনে প্রজার গোহারি—*কমু*; সাঁপোল তলার পাঁচ কুড়ো ভুঁই যদি নীল গ্যালে তবে মাগ ছ্যালেরে খাওয়াব কি—*দীমি*)। { *বা.* কুড়বা(বিঘা)>}

কুড়া[2] [কুড়া] *বি* কুটির (লঘু বৃষ্টি হইলে কুড়ায় আইসে বসে—*কমু*)। { *স.* কুটির>}

কুড়ানি, কুড়ুনি ⇒ কুড়ানো

কুড়ানো, কুড়নো [কুড়ানো, কুড়োনো] *ক্রি* ১ বিক্ষিপ্ত বস্তু তুলে নেওয়া; ছড়ানো বা পতিত বস্তু তুলে জড় করা; সংগ্রহ করা। ২ ফেলে দেওয়ার উদ্দেশ্যে তুলে নেওয়া (এঁটো কুড়ানো)। □ *বিণ* ১ সংগৃহীত; একত্রীকৃত (কুড়ানো আম)। ২ পরিত্যক্ত অবস্থায় প্রাপ্ত; পতিত অবস্থায় যা তুলে নেওয়া হয়েছে (কুড়ানো মানিক)। ৩ ঝাঁটপ্রাপ্ত; সম্মার্জিত (কুড়ানো উঠান)। □ *বি* ১ ঝাঁট দেওয়া (ঘর কুড়ানো)। ২ রাশীকরণ; একত্রীকরণ। ৩ সম্মার্জন; ঝাঁটা। **কুড়ানি, কুড়ুনি** *বি, বিণ স্ত্রী.* আহরণকারিণী; যে কুড়ায় (ঘুঁটেকুড়ানি) □ *বি (স্ত্রী.)* অত্যন্ত দরিদ্র স্ত্রীলোক { *বা.* কুড়া+অন, আনো=কুড়ানো}

কুড়াল, কুড়ালি, কুড়ুল [কুড়াল্, কুড়ালি, কুড়ুল্] *বি* কুঠার; পরশু; কাষ্ঠছেদক অস্ত্রবিশেষ (প্রজ্ঞা হইল ব্যাকুলি বেচে ঘরের কুড়ালি টাকার দ্রব্য বেচে দশ আনা—*কমু*)। { *স.* কুঠার>কুড়াল (ঠ=ড়, র=ল)}

কুড়ি[1] [কুড়ি] *বি* বিশ; ২০ সংখ্যা। □ *বিণ* বিশ সংখ্যক। {*স.* কোটি>}

কুড়ি[2], কুড়ী [কুড়ি] *বি* ১ কুষ্ঠরোগ (পেটে তোমার পিলে হবে, কুড়ি কুষ্টি মুখে—*নই*)। ২ কুষ্ঠরোগগ্রস্ত (কার বহু বেটি কারে দিনু ভেটি যে বলে সে হবে কুড়ী—*ভারা*)। { *স.* কুষ্ঠ>কুড়+ই, ঈ=কুড়ি, কুড়ী}

কুড়ুতা [কুড়ুতা] *বি* রাংতা (হলুদ বদলে গোরোচনা দিতে কুড়ুতা বদলে সোনা—*কমু*)। { *স.* কুড়ব>}

কুড়ুমতাল [কুড়ুম্‌তাল্] *বিণ* তুমুল; ভীষণ (এই কুড়ুম-তাল ঝগড়ার মধ্যেও কয়েকটা বৌ-ঝি হেসে ফেললে—*নই*)। { হুড়ুমতাল (হুড়ুম=মুড়ি)>}

কুড়ে[1] ⇒ কুঁড়ে১

কুড়ে[2], কুঁড়ে [কুড়ে, কুঁড়ে] *বিণ* অলস; কাজে অনিচ্ছুক। কুড়েমি, কুঁড়েমি *বি*। { *স.* কুষ্ঠ>কুঁড়+এ}

কুড়ো[1] ⇒ কুড়[3]

কুড়ো[2] [কুড়ো] বিণ কুড়িয়ে পাওয়া যায় এমন। □ *বি* বেওয়ারিশ শিশু। { *বা.* √কুড়া+ও = কুড়ো}

কুণপ [কুনোপ্] বেধনাস্ত্রবিশেষ। { *স.* √কুণ্+অপ(কপন্)}

কুণাল [কুনাল্] *বি* সম্রাট অশোকের জ্যেষ্ঠপুত্র (কুণাল কি পড়ল ধরা ঐ চাঁদমুখে—*নই*)। { *স.* √কুণ্+আল}

কুণি *(মবা.)*, **কুনি** [কুনি] *বি* হাতের কনুই (কীল কুনি কুঞ্জরে কুপিয়া মারে যেন—*ঘচ*)। ~ **মারা** *ক্রি* কনুই দ্বারা প্রহার করা। { *স.* কফোণি>কহোণি>কোহণি>কোণ্নি> কুণি (স্বরসাম্যে)}

কুণো ⇒ কুনো

কুণ্ঠ [কুন্‌ঠো] *বিণ* ১ অনিচ্ছুক; অনুদার; কাতর (ব্যয়কুণ্ঠ)। ২ সংকুচিত। ৩ অকর্মণ্য; অলস (কর্মকুণ্ঠ)। ৪ ব্যাহত; প্রতিরুদ্ধ। **কুণ্ঠা** *বি* ১ সংকোচ। ২ লজ্জা। ৩ জড়তা। ৪ ভয়। **কুণ্ঠিত** *বিণ* ১ সংকুচিত; সংকোচগ্রস্ত; দ্বিধান্বিত। ২ লজ্জিত; অপ্রতিভ। { *স.* √কুণ্ঠ্+অ(অচ্)}

কুণ্ঠক [কুন্‌ঠক্] *বিণ* অপদার্থ; কুকর্মে তৎপর। { *স.* √কুণ্ঠ্+অক(ণ্বুল্)}

কুণ্ঠা, কুণ্ঠিত ⇒ কুণ্ঠ

কুণ্ড[1] [কুন্‌ডো] *বি* জারজ সন্তান; সধবা স্ত্রীর উপপতিজাত সন্তান। { *স.* √কুন্‌ঠ্+অ}

কুণ্ড[2] [কুন্‌ডো] *বি* ১ গর্ত, গহ্বর (নাভিকুণ্ড)। ২ তীর্থ; জলাশয় (সূর্যকুণ্ড নামে একটি অতি পবিত্র কুণ্ড ছিল··· *অঠা*)। ৩ আগুন, পানি প্রভৃতি রাখার গর্ত (কুণ্ড কাটিয়াছি মাসী তোমার মন্দিরে—*ভারা*)। ৪ পাত্র; ভাণ্ড; আধার (ঘৃতকুণ্ড)। ৫ চৌবাচ্চা; জলাধার। { *স.* √কুণ্ড্+ অ(ঘঞ)}

কুণ্ডল [কুন্‌ডল্] *বি*১ কর্ণভূষণ; কানের অলঙ্কার (ঝকসাম তোমার কুণ্ডল কানে—*সদ*)। ২ বলয়। ৩ বলয়াকৃতি অলঙ্কার বা বস্তু; পায়ের মল; বেড়ি। ৪ সমূহ। **কুণ্ডলিত** *বিণ* ১ বলয়াকার; গোলাকার। ২ কুণ্ডলাকারে অবস্থিত বা আবর্তিত। ৩ কুণ্ডলীকৃত। **কুণ্ডলায়িত** *বিণ* কুণ্ডলের আকারে পাকানো; কুণ্ডলীকৃত (বহু কুণ্ডলায়িত বৃহৎ আলবোলা লইয়া—*রঠা*)। { *স.* √কুন্ড্+অল (কলচ্),+ইত}

কুণ্ডলিনী [কুন্‌ডোলিনি] *বি* তন্ত্রশাস্ত্রানুসারে অর্থাৎ তান্ত্রিক পরিভাষায় জীবের মূল প্রেরণা-শক্তির নাম। পতঞ্জলি

প্রমুখ ঋষি কর্তৃক প্রদত্ত জীবের 'মূলাশক্তি'র বা 'আদ্যাশক্তি'র সংজ্ঞা। **কুল~** মূলাধারস্থ সর্পীতুল্য শক্তি-বিশেষ। তন্ত্রমতে মূলাধারস্থ পদ্মমৃণাল মধ্যবর্তী সূক্ষ্ম তন্তুবৎ প্রকাশমানা ও মূলাধারে শঙ্খাবর্তবৎ বিদ্যুৎপ্রভ মধুর অস্ফুট কূজনকারিণী নিঃশ্বাস-প্রশ্বাসরূপে বিরাজিত জীবগণের জীবনদায়িনী শক্তি। {*স.* কুণ্ডল+ ইন+ঈ}

কুণ্ডলী [কুনডোলি] *বি,বিণ* ১ যার কুণ্ডল আছে; কুণ্ডলধারী। ২ কুণ্ডলাকারে পাকানো বা গুটানো বস্তু। **~কৃত** *বিণ* গুটানো হয়েছে এমন। **~পাকানো** *ক্রি* অঙ্গকে পেঁচিয়ে কুণ্ডলে পরিণত করা। {*স.* কুণ্ডল+ইন}

কুণ্ডা [কুনডা] *বি* লোহার কড়া; সিন্দুক বা দরজা বন্ধ করার জন্য ব্যবহৃত কড়ার নাম। {*স.* কুণ্ডল>*বা.* কুণ্ড+*বা.* আ}

কুণ্ডু[কুনডু] *বি* হিন্দু সম্প্রদায় বিশেষের উপাধি (হরিচরণ কুণ্ডু)। {কুণ্ড+উ}

কুত[১] [কুত] *বি* আনুমানিক পরিমাণ; আন্দাজি হিসাব। **কুতকাত** *বি* 'কুত' (ঠাউকা গণনা) শব্দের দ্বিরুক্তি; আনুমানিক পরিমাণ নির্ণয়। {*স.* আকূত (অভিপ্রায়, আগ্রহ) >কূত (প্রথম 'আ'-বর্ণের লোপে>}

কুত[২] [কুত] *বি* নৌকাদিতে বাহিত মালপত্রের উপর শুল্ক। **~ঘাট** *বি* নদীর যে স্থানে নৌকাস্থিত মালপত্রের পরিমাণ স্থির করে শুল্ক আদায় করা হয় (ষোলশত কুতঘাট মোর মহাদান—*বচদা*)। {*স.* আকূত>কুত (ঠাউকা গণনা)}

কুতঘাট ⇒ কুত[২]

কুতর্ক [কুতরকো] *বি* যুক্তিহীন তর্ক; বাজে তর্ক; কুতার্কিক। {*স.* কু+তর্ক; তৎ; কর্মধা.}

কুতুক [কুতুক] *বি* ১ আনন্দ; কৌতুক। ◻ *বিণ* ১ যুক্তিশূন্য তর্ক করে এমন। ২ ঔৎসুক্য; কৌতূহল। **কুতুকী** *বিণ* আনন্দিত; প্রফুল্ল। ২ কৌতূহলী। {*স.* কুতু+√কৈ+অ}

কুতুকুতু ⇒ কাতুকুতু

কুতুপ, কুতূপ [কুতুপ] *বি* ১ চামড়ায় তৈরি ক্ষুদ্র তেলপাত্র; তেলের কুপি। ২ তরল পদার্থ রাখার পাত্রবিশেষ (প্রচুর কাপিশেয়ী সুরার কুতুপ আনা হয়—*রাসা*)। {*স.* কুতু+ডুপ}

কুতুব[১] [কুতুব্] *বি* মুসলিম দরবেশদের উপাধিবিশেষ। {*আ.* কুতুব قطب }

কুতুব[২] [কুতুব্] *বি* পুস্তকসমূহ; কিতাব শব্দের বহুবচন। **~খানা** *বি* গ্রন্থাগার; লাইব্রেরি (তাঁর বিখ্যাত কিতাবটি...ভারতীয় এক নওয়াবের কুতুবখানা থেকে আবিষ্কৃত হয়েছে—*আম*)। {*আ.* 'কিতাব' كتاب শব্দের বহুবচন রূপ كتب পুস্তকসমূহ}

কুতূপ ⇒ কুতুপ

কুতূহল [কুতুহল] *বি* ১ কৌতূহল; ঔৎসুক্য; অজ্ঞাত বিষয় বা বস্তু সম্পর্কে জানার আগ্রহ (কবির রমণী কুতূহলে ভাসে-*রঠা*)। ২ আমোদ; আনন্দ। ৩ সুখ (কন্যা পাবে কুতূহল, তুমি পাবে দানফল—*কমু*)। ◻ *বিণ* অদ্ভুত। **কুতূহলী** (-লিন্) *বিণ* ১ ব্যগ্র; উৎসুক; কুতূহলযুক্ত (সারি সারি বসিয়াছে স্তব্ধ কুতূহলী—*রঠা*)। ২ আনন্দিত; আমোদে প্রবৃত্ত। **কুতূহলে** *ক্রিবিণ* ১ আনন্দে। ২ কুতূহল চরিতার্থ করার আনন্দহেতু (রচিয়া ত্রিপদী ছন্দ, গান করি শ্রীমুকুন্দ, ব্রাহ্মণ রাজার কুতূহলে—*কমু*)। {*স.* কু+তুলি+অ(অচ্)}

কুত্তা [কুত্‌তা] *বি* কুকুর। **কুত্তী** *স্ত্রী*। **কুত্তার বাচ্চা** *বি* কুকুর-শাবক। ২ গালাগালি। **খেঁকি~, নেড়ি~** *বি* ইতর শ্রেণির এক প্রকার কুকুর। **ডাল~** *বি* লম্বামুখ কৃশোদর দীর্ঘপদ শিকারি কুকুর। {*স.* কুক্কুর; *হি.* কুত্তা>}

কুত্রাপি [কুত্‌ত্রাপি] *অব্য,ক্রিবিণ* কোথাও; কোনো জায়গায়। {*স.* কিম্+ত্র(ত্রল্)+অপি}

কুৎসা, কুচ্ছা [কুত্‌শা, কুচ্‌ছা] *বি* নিন্দা; দোষ কীর্তন; কলঙ্ক রটনা (তবে ভয় হয় এই বয়সে আমারই বা কি কুচ্ছা রটায়—*মীম*)। **কুৎসন** *বি* নিন্দাকরণ; নিন্দন। **কুৎসাকারী**(-রিন্) *বি* নিন্দক; নিন্দাকারী; দোষ কীর্তনকারী। **কুৎস্য** *বিণ* নিন্দা বা অপবাদের যোগ্য; নিন্দার্হ (নহ চির-অপরাধী করুণা-ভিখারী অভাগী অধম কুৎস্য—*গোমো*)। {*স.* কুৎস্+অ+আ(টাপ্)= কুৎসা>কুচ্ছা (যেমন 'মহোৎসব'>মোচ্ছব)}

কুৎসিত, কুচ্ছিত [কুত্‌সিত্, কুচ্‌ছিত্] *বিণ* ১ বিশ্রী; কদাকার; কুরূপ (গণিয়া পড়িয়া নাম রাখিল এজিদ। দেখিতে সুন্দর হৈল করণী কুচ্ছিত—*হেমা*)। ২ কদর্য; জঘন্য (ভবতোষ গলার আওয়াজকে কুৎসিত করে তুললো—*অচিসে*)। ৩ অশ্লীল। {*স.* কুৎসা+ইত}

কুৎস্য ⇒ কুৎসা

কুথলী (*মবা.*) [কুথলি] *বি* বৈষ্ণবদের ভিক্ষার ঝুলি। {*স.* কুণ্ডস্থালী>কুথালী>কুথলী}

কুদন ⇒ কোঁদা[৩]

কুদরত, কুদরৎ [কুদ্‌রত্] *বি* ১ মহিমা; বিশেষ ক্ষমতা; অলৌকিক শক্তি (এত কুদরৎ তার! আল্লাহ্‌তা'লা আকবর—*মোম*)। ২ ক্ষমতা; শক্তি; দক্ষতা (নৌকা-ডুবির সময় তোমার কুদরৎ দেখা গিয়াছে—*প্যামি*)। **কুদরতি** *বি* মহিমা; অলৌকিক ক্ষমতা (পীর বদরের কুদরতিতে নৌকা বাঁধা হিজল গাছে—*সদ*)। ◻ *বিণ* মহিমাযুক্ত; বিশেষ ক্ষমতাশালী প্রকৃতির। **কুদরতে ইজদানি** *বি* খোদার মহিমা (কুদরতে ইযদানী—*আমআ*)। {কুদরত قدرت }

কুদর্শন [কুদরশোন] *বিণ* কদাকার; কুৎসিত; কদর্য। **কুদর্শনা** *স্ত্রী*। {*স.* কু+দর্শন; *কর্মধা.*}

কুদাকুদি, কুদোকুদি ⇒ কোঁদা[৩]

কুদিন [কুদিন্] *বি* ১ দুঃসময়; দুর্দিন; বিপৎকাল। ২ জ্যোতিষশাস্ত্র মতে অশুভদিন; তিথি নক্ষত্রাদির দোষযুক্ত দিন। ৩ বাদলা দিন; বর্ষাকাল। {*স.* কু+দিন; *কর্মধা.*}

কুদৃষ্টি [কুদ্রিশ্‌টি] *বি* ১ অশুভ দৃষ্টি; অমঙ্গলজনক দৃষ্টি। ২ দুরভিসন্ধিপূর্ণ দৃষ্টি; কুনজর। ৩ ভ্রান্ত দৃষ্টি। {*স.* কু+দৃষ্টি; *কর্মধা.*}

কুধারা [কুধারা] *বি* কুৎসিত রীতি; কুপ্রথা {*স.* কু+ধারা; *কর্মধা.*}

কুনকি ⇒ কুনকী

কুনকি, কুনকী, কুনকে [কুন্‌কি, –, কুন্‌কে] *বি* ১ যে পোষা ও শিক্ষিত হস্তিনীর সাহায্যে বন্যহস্তী ধরা হয়। ২

ধুরন্ধর; কুচক্রী বা ধূর্ত রমণী (কত কুনকী বণ কল্লেম—*মীম*)। { *ফা.* খানাহগী خانگی }

কুনকুন [কুন্‌কুন্] *বি* সূচি বিদ্ধ হওয়ার মতো সামান্য বেদনা। **কুনকুনানো** *ক্রি* (পেট) কনকন করা; কেবল নিজে শুনিতে পায় এমন করে গান করা। **কুনকুনানি** *বি* উক্ত অর্থে। { *ধ্বন্যা.* }

কুনকে ⇒ কুনকি

কুনখ [কুনখ্/কুনোখ্] *বি* রোগাক্রান্তনখ। □ *বিণ* কুৎসিত নখবিশিষ্ট। { *স.* কু+নখ; *কর্মধা.* }

কুনজর [কুনজোর্] *বি* অশুভ দৃষ্টি; কুদৃষ্টি; বদনজর (দূর কুনজর! তুমি আজন যাদু খেলায় এলে—*মুশ*)। { *স.* কু+ *আ.* নজর نظر ; *কর্মধা.* }

কুনাম [কুনা্ম্] *বি* দুর্নাম; বদনাম; অপযশ। { *স.* কু+নাম; *কর্মধা.* }

কুনাল [কুনাল্] *বি* হিমালয়জাত পক্ষীবিশেষ (কুনাল পাখির আঁখির নীলায়—*সদ*)। { *স.* কু+ √নল+অ(অণ্) }

কুনি [কুনি] *বি* ১ নখপ্রান্তের এক প্রকার রোগ (কুনি ওঠা)। ২ নখের কোণে প্রদাহ বা যন্ত্রণা। { *স.* কোণ+ *বা.* ই=কোনি>কুনি }

কুনিকা, কুনকে, কুণকে *(অশু.)* [কুনিকা, কুন্‌কে, কুন্‌কে] *বি* ১ শস্যাদি মাপার এক প্রকার পাত্র; বেতের পাত্র বা রেক (সংসারের ছোট কুনকের মাপের বাঁধা বরাদ্দে অধিকাংশ লোকের বেশ চলিয়া যায়—*রঠা*)। ২ মাপ বা পরিমাণবিশেষ (সেই পোনার চারা বিক্রী হবে কুণকে হিসাবে প্যোনাঘাটে—*প্রেমি*)। { *স.* কুঞ্চিকা> কুন্নিকা>কুনিকা>কুনকে }

কুনীতি [কুনিতি] *বি* ১ দুর্নীতি; খারাপ নিয়ম; কুৎসিত আচরণ। ২ ভ্রান্তনীতি; অনুচিত নীতি। { *স.* কু+নীতি; *কর্মধা.* }

কুনো, কুণো *(অশু.)* [কুনো] *বিণ* ১ কোণ সংক্রান্ত; ঘরের কোণে থাকতে ভালোবাসে এরূপ; ঘর থেকে বের হতে চায় না এমন। (এরা কোনদিন কোথাও যেতেও চায় না, নড়তেও চায় না—ভারি কুনো—*অঠা*)। ২ অমিশুক; অন্যের সঙ্গে আলাপে অনিচ্ছুক। ৩ সদা সঙ্কুচিত; লাজুক। ৪ কোণ সম্বন্ধীয়। ~ **ব্যাঙ**, ~ **বেঙ** *বি* ১ যে ব্যাঙ ঘরের কোণের গর্তে বাস করে এবং কোণের গণ্ডীর বাইরে কদাচিৎ যায়; কূপমণ্ডূক। ২ *(আল.)* ঘরকুনো লোক; কূপমণ্ডূক ব্যক্তি; বহুদর্শী নয় এমন লোক। ~**মাতাল** অমিশুক মাতাল (নিতান্তই তুমি কুনোমাতাল—*আউ*)। { *স.* কোণ+ *বা.* উয়া=কোনুয়া>কোনো>কুনো> }

কুনকে ⇒ কুনিকা

কুন্ত [কুন্‌তো] *বি* ১ বর্শাকৃতি অস্ত্রবিশেষ (দুরন্ত কৌন্তিককুল কুন্তে আস্ফালিল—*মদ*)। ২ পক্ষযুক্ত বাণ। { *স.* কু+ অন্ত }

কুন্তল [কুন্‌তল্] *বি* কেশপাশ; চুল (তারি মাঝখানে কুন্তল লোল খসি পড়ে পায় কুহেলি-নিচোল—*মোম*)। ~**পেটিকা**, ~**পেড়ি**— *বি* চুল বাঁধার জিনিস-পত্র রাখার ছোট বাক্স (সারিকা কুন্তলপেড়ী পাছে লয়ে যায় চেড়ী, কেহ লয় বিয়নী দর্পণ—*কমু*)। ~**বৃষ্য** *বি* কেশের শোভা ও শক্তিবর্ধক তৈল (স্ত্রীলোকের সঙ্গে ভালবাসায় পড়লে লোকে মাথায় মধ্যম নারায়ণ মাখে না, মাখে কুন্তলবৃষ্য—*প্রচৌ*)। **কুন্তলা** *বিণ স্ত্রী.* কেশযুক্তা (মধুকালে বনস্থলী কুসুম-কুন্তলা—*মদ*)। { *স.* কুন্ত+ √লা+অ(ক) }

কুন্তি, কুন্তী [কুন্‌তি] *বি* পাণ্ডব-মাতা; পাণ্ডুরাজার মহিষী; শূরসেনের কন্যা। { *স.* কুন্তি+অ(অণ্)+ই/ঈ }

কুন্থন [কুন্‌থন্] *বি* ১ কোঁথানো; কোঁথ দেওয়া। ২ কাতরানি; মলত্যাগের জন্য দম বন্ধ করে বেগ বা জোরে চাপ প্রদান। { *স.* √কুন্থ+অন(ল্যুট্) }

কুন্দ[১] [কুন্‌দো] *বি* ১ সাদা ফুলবিশেষ; কুন্দ ফুল (কুন্দ বরণ সুন্দর হাসি—*রঠা*)। ২ খরাদ করার বা কুঁদার যন্ত্র; ছুতারের ভ্রমিযন্ত্র (নাক, মুখ, চক্ষু, কান কুন্দে যেন নিরমাণ—*কমু*)। ~**কলি** *বি* কুন্দফুলের কুঁড়ি বা মুকুল (দন্ত অলি কুন্দকলি—*ভারা*)। ~**দন্ত** *বি* কুঁদ ফুলের মতো দন্ত। { *স.* কু+ √উনদ্+অ; √কু+ন(নুম্)+দ }

কুন্দ[২] [কুন্‌দ্] *বি* ছুতারের কুঁদযন্ত্র; ভ্রমিযন্ত্র। { *ফা.* কন্‌দাহ کنده }

কুন্দ[৩] [কুন্‌দ্] *ক্রি* আনন্দে লাফ-ঝাঁপ দেওয়া (নাচে কুন্দে ব্যাঘ্রগণ মৃগীগণ সঙ্গে—*কৃক*)। { *স.* √কুর্দ অথবা, √কুন্দ> }

কুন্দ[৪] [কুন্‌দ্] *ক্রি* অস্ত্র চেঁছে সুন্দর করা; কোঁদা (বদন চান্দ কোন্ কুন্দারে কুন্দিল গো, কেবা কুন্দিল দুই আঁখি—*পদরত্নাবলী*)। { *ফা.* কন্‌দাহ্ کنده }

কুন্দা [কুন্‌দা] *বি* ১ মোটা কাষ্ঠখণ্ড; কাঠের গুঁড়ি (এক কাঠের কুন্দা তাহাদিগে ফেলিয়া দিলেন—*রাম*)। ২ কুঁদ যন্ত্র। { *ফা.* কন্‌দাহ্ کنده *বা.* কন্দহ > কুন্দা }

কুন্দার, কুন্দকার [কুন্‌দার্, কুন্‌দোকার্] *বি* যে কুঁদ যন্ত্রের কাজ করে; কারিগর। { *স.* কন্দকার > কুন্দার?; *ফা.* কন্‌দহ্+কার= کندهکار }

কুন্দাল, কুদাল, কোদাল [কুন্‌দাল্, কুদাল্, কো–] *বি* কোদাল, মাটি কাটার এক প্রকার লৌহ নির্মিত যন্ত্র। { *স.* কুদ্দাল>, *স.* কু+ √দল+আ(অণ্) }

কুপথ [কুপথ্] *বি* ১ পাপের পথ; অসৎ পথ; নিন্দিত পথ। ২ উঁচু নিচু পথ; দুর্গম পথ। ~**গামী** *বিণ* অসৎ পথে গমন করেএমন; উন্মার্গগামী; অসচ্চরিত্র। { *স.* কু+পথ; *কর্মধা.* }

কুপথ্য [কুপোত্‌থো] *বি* অপকারী বা অহিতকর পথ্য; যে খাদ্য রোগীর জন্য ক্ষতিকর। { *স.* কু+পথ্য; *কর্মধা.* }

কুপন [কুপন্] *বি* ১ মনিঅর্ডার ফরমের যে ছেদ্য অংশে প্রেরক টাকা গ্রহণকারীর নিকট তার বক্তব্য লেখে এবং টাকা গ্রহণকারী তা কেটে রাখে। ২ এক ধরনের টিকিট যা দেখালে কোনো কিছু দাবি করতে পারা যায়। ৩ রসিদ। { *ফ.* couper, *ই.* coupon }

কুপরামর্শ [কুপরামর্‌শো] *বি* মন্দ বা অহিতকর কার্য করার জন্য শলা বা যুক্তি; অনিষ্টকর উপদেশ। { *স.* কু+পরামর্শ; *কর্মধা.* }

কুপা, কুপো [কুপা, কুপো] *বি* ১ মাটি বা চামড়ার তৈরি পেটমোটা ও সরুগলা তৈলপাত্রবিশেষ; মশক। ২ *(ব্য.)* স্থূলাকৃতি বা নাদাপেটা লোক। **কুপোকাত, কুপোকাৎ** *বি* পতন; ভূমিসাৎ (বুদ্ধিমান জাম্বুবান চিৎপাৎ কুপোকাৎ—*অঠা*)। □ *বিণ* পরাজিত; পর্যুদস্ত। { *স.* কূপক; কূপঅ>কূপ, কুপ }

কুপাত্র [কুপাত্‌ত্রো] *বি* ১ অযোগ্য বা অসৎ ব্যক্তি। ২ অযোগ্য বর; রূপহীন বা গুণহীন পাত্র। ❑ *বিণ* অপাত্র; মন্দ আধার। { *স.* কু+পাত্র; *কর্মধা.* }

কুপান, কুপানো ⇒ কোপানো

কুপি, কুপী (*মবা.*), **কুপ্পী** [কুপি, —, কুপ্‌পি] *বি* ১ ছোট কুপা; মশক; চর্মনির্মিত থলিবিশেষ। ২ টিনের তৈরি কেরোসিনের প্রদীপবিশেষ; টিনের ডিবার মতো বাতি; ঢেমি (কেরোসিনের কুপিটা জ্বলতেই থাকে—*শাহ*; রাত্রে কম্পিত কুপির শিখা—*আসি*)। ৩ তৈলাদি ঢালার চোঙ্গা বা ডিবাবিশেষ (কুপি ভরি তৈল দেয় তেলি; তেলি ঘরে তৈল কুপী ভরি—*কমু*)। { *স.* কূপ+ইন=*স.* কুপী> }

কুপিত [কুপিতো] *বিণ* ১ রাগান্বিত; ক্রুদ্ধ; বিরক্ত; অসন্তুষ্ট (কুপিত হইয়া চুলেরে সরাতে টিড়িছে হাতের সুতো—*জউ*)। ২ প্রবল বৃদ্ধিপ্রাপ্ত; দূষিত (পিত্ত কুপিত হওয়া)। **কুপিতা** *স্ত্রী.*। { *স.* √কুপ্‌+ত(ক্ত) }

কুপী ⇒ কুপি

কুপুত্র [কুপুত্‌ত্রো] *বি* দুশ্চরিত্র বা অবাধ্য পুত্র; গুণহীন বা অযোগ্য ছেলে। { *স.* কু+পুত্র; *কর্মধা.* }

কুপুরুষ [কুপুরুষ] *বি* ১ পুরুষোচিত গুণহীন ব্যক্তি। ২ কুশ্রী বা কুচরিত্র ব্যক্তি। ৩ কাপুরুষ ব্যক্তি। ❑ *বিণ* ১ পুরুষের লক্ষণশূন্য; পৌরুষহীন। ২ অসচ্চরিত্র বা কুশ্রী। ৩ কাপুরুষ। { *স.* কু+পুরুষ; *কর্মধা.* }

কুপো, কুপোকাৎ, কুপোকতা ⇒ কুপা

কুপোষ্য [কুপোশ্‌শো] *বি, বিণ* ১ অকর্মণ্য বা অকৃতজ্ঞ পোষ্য; যেপ্রতিপালিত হয়ে শেষে প্রতিপালকের প্রতিদান দেয় না। ২ অবাঞ্ছিত পোষ্য; গলগ্রহ। { *স.* কু+পোষ্য; *কর্মধা.* }

কুপ্পী ⇒ কুপি

কুপ্য [কুপ্‌পো] *বি* সোনা ও রুপা ছাড়া অন্য যে কোনো ধাতু, base-metal। ~**শালা** *বি* তামা কাঁসা ইত্যাদি ধাতুর পাত্র-নির্মাণের স্থান। { *স.* √গুপ্‌+য(ক্যপ্‌) }

কুফর, কোফর [কুফর, কো–] *বি* ১ আল্লাহর প্রত্যাদিষ্ট সত্য প্রত্যাখ্যান; অবাধ্যতা। ২ বহু ঈশ্বরবাদ; আল্লাহর একত্বের প্রতি অবিশ্বাস; আল্লাহতে অবিশ্বাস (তাঁর দীন প্রচারে কুফর হৈল নাশ—*সৈআ*)। ৩ মিথ্যা শাস্ত্র (কাফের করিল লোকে কোফর পড়িয়া—*ভারা*)। ৪ অকৃতজ্ঞতা। **কুফরি, কুফরী** *বিণ* (স্বজাতির কুফরী ঐতিহ্যের গর্ব ছাড়েনি—*আশ*)। **কুফরি ফতোয়া** *বি* কাফের সাব্যস্ত করে ফতোয়া দেওয়া (শেষ অস্ত্র কুফরী ফতোয়া আরোপ করা হইল—*মামু*)। { *আ.* কুফর كفر ; *আ.* কুফরী كفرى }

কুফল [কুফল] *বি* অশুভ পরিণাম; মন্দ বা খারাপ ফল। { *স.* কু+ফল; *কর্মধা.* }

কুফেইয়া [কুফেইয়া] *বি* তুরস্ক দেশের এক প্রকার শিরস্ত্রাণ (.... সুটের উপরে অনেকেই মাথায় তাদের জাতীয় মস্তকাবরণ কুফেইয়া পরিধান করে—*শামা*)। { *তু.* কুফেইয়া }

কুবক্তা [কুবক্‌তা] *বি* যে ব্যক্তি ভালো বক্তৃতা করতে পারেন না। { *স.* কু+বক্তা; *কর্মধা.* }

কুবচন, কুবাক্য, কুবাণী [কুবচোন্‌, কুবাক্‌কো, কুবানি] *বি* ১ কুৎসিত কথা; অশ্লীল বাক্য; কটুকথা (পদাঘাত করি তারে কহিল কুবাণী—*মদ*)। ২ কুৎসা; নিন্দা (দুহিতার কুবচন শুনিয়া জননী—*দৌবা*)। { *স.* কু+বচন, বাক্য, বাণী; *কর্মধা.* }

কুবলয় [কুবলয়] *বি* ১ নীলপদ্ম; নীলোৎপল। ২ পদ্ম; নলিনী; উৎপল; কমল; কোকনদ; তামরস; পঙ্কজ; পুণ্ডরীক; পুষ্কর; রাজীব; শতদল; অরবিন্দ; ইন্দীবর (মৃণাল যথা জলে যবে কুবলয় ধন লয় কেহ কাড়ি—*মদ*)। { *স.* কু+বলয়; *কর্মধা.* }

কুবা, কোবা [কুবা, কোবা] *বি* ছাদ ও মেঝে পিটানোর অস্ত্র; পিটনে। { *ফা.* কূবাহ্‌ كوبه }

কুবাক্য, কুবাণী ⇒ কুবচন

কুবাদ [কুবাদ] *বি* ১ কটুকথা; কুৎসিত বা অশ্লীল কথা। ২ মনোমালিন্য; অসদ্ভাব। ❑ *বিণ* কটুভাষী। { *স.* কু+√বদ্‌+অ(অণ্‌); *কর্মধা.* }

কুবাস [কুবাশ্‌] *বি* দুর্গন্ধ। **সুবাস** *বিপ.*। { *স.* কু+বাস; *কর্মধা.* }

কুবাসনা [কুবাশোনা] *বি* অসদভিপ্রায়; মন্দ বাসনা। { *স.* কু+বাসনা; *কর্মধা.* }

কুবিচার [কুবিচার্‌] *বি* ১ অবিচার; অন্যায় বিচার; পক্ষপাতমূলক বিচার। ২ অন্যায়। **সুবিচার** *বিপ.*। { *স.* কু+বিচার; *কর্মধা.* }

কুবিধা [কুবিধা] *বি* অসুবিধা; বাধাবিঘ্ন। **সুবিধা** *বিপ.*। { *স.* কু+বিধা; *কর্মধা.* }

কুবিন্দ [কুবিন্‌দ] *বি* তন্তুবায়; তাঁতি। { *স.* কু+√বিদ্‌+অ(শ) }

কুবিন্দু [কুবিন্‌দু] (*ভূগো.*) পাদ নিম্নস্থ নভোমণ্ডলের কাল্পনিক সর্বনিম্ন বিন্দু; সর্বোচ্চ বিন্দুর সম্পূর্ণ বিপরীত বিন্দু; nadir। { *স.* কু+বিন্দু }

কুবুজা ⇒ কুব্জ

কুবুদ্ধি [কুবুদ্‌ধি] *বি* ১ নির্বুদ্ধিতা; মূর্খতা; মন্দবুদ্ধি। ২ দুর্বুদ্ধি; অসৎবুদ্ধি। ❑ *বিণ* মন্দবুদ্ধিবিশিষ্ট; দুর্বুদ্ধিযুক্ত। **সুবুদ্ধি** *বিপ.*। { *স.* কু+বুদ্ধি; *কর্মধা.* }

কুবৃত্তি [কুবৃত্‌তি] *বি* ১ মন্দ আচরণ; খারাপ ব্যবহার। ২ নিন্দিত জীবিকা। ❑ *বিণ* অসৎবৃত্তিপরায়ণ। { *স.* কু+বৃত্তি; *কর্মধা.* }

কুবেণী [কুবেনি] *বি* মাছের খালুই বা চুবড়ি। ❑ *বিণ* কুৎসিত বেণীবিশিষ্টা। { *স.* কু+বেণী; *কর্মধা.* }

কুবের [কুবের্‌] *বি* ১ যক্ষরাজ; ধনাধিপ। ২ মহাধনী (ধনকুবের)। { *স.* কু+বের (শরীর); *বহু* }

কুব্জ [কুব্‌জো] *বিণ* কুঁজা; কুঁজো। ❑ *বি* বাঁকাপিঠ; ন্যুব্জপৃষ্ঠ; বক্রপৃষ্ঠ; কুঁজবিশিষ্ট। **কুব্জা, কুব্জী** *বিণ স্ত্রী.*। ১ কুঁজবিশিষ্টা। ২ কংসের এক দাসীর নাম; শ্রীকৃষ্ণের এক প্রণয়িনী (কুব্জাও বাঁকা শ্যামও বাঁকা—*অঠা*)। ৩

রামায়ণোক্ত মন্থরা দাসী। { *স.* কু- √উব্‌জ্ (সরণ) + অ(অচ্), *গ্রি.* kuphós; *লা.* gibbus; বহু }

কুব্বা, কুব্যা, কুর্বা [কুব্‌বা, –ব্যা, কুর্‌বা] *বি* খিলান করা ছাদ; গম্বুজ; গোলাকার তাঁবু বা ঘর (অগ্নির দীপ্তি যেন কুব্যা বলি তারে—*হেমা;* সুবর্ণের কুর্বা এক দেখে তথা কায়া —*হেমা*)। { *আ.* কুবাহ قبة }

কুভোজন [কুভোজোন্] *বি* ১ অখাদ্য বস্তু ভক্ষণ। ২ মন্দ আহার; খারাপ খাওয়া (নিরবধি হবে কুভোজন—*কমু*)। { *স.* কু+ভোজন; *কর্মধা.* }

কুমকুম [কুমকুম] *বি* আবীর ও সুগন্ধি পানিতে পূর্ণ গোলকবিশেষ। { *আ.* কুমকুম قمقم }

কুমড়া, কুমড়ো [কুমড়া, কুমড়ো] *বি* কুষ্মাণ্ড; তরকারি রূপে রেঁধে খাওয়ার এক প্রকার ফল (দায়ে কাটে কুমড়া যেমন—*ভারা;* প্রস্তি ঘর চালে দেখে সোনার কোমড়া—*শেফ;* কুমুড়া বার্তাকী কচু দিবেক প্রচুর—*কমু*)। ~ **গড়াগড়ি** *বি* খেতের লুণ্ঠিত কুমড়ার ন্যায় গড়াগড়ি। **গুড়~, মিঠা~, বিলাতি~** *বি* মিষ্ট স্বাদযুক্ত এক প্রকার কুমড়া। **চাল কুমড়া, চুন~, ছাঁচি~, দেশি ~** *বি* মাচা বা চালের উপর যে কুমড়া গাছ বাড়ে। **চাল কুমড়া করা** *ক্রি* গড়ানো চালের উপর বৃক্ষকে গড়িয়ে দিয়ে মেরে ফেলা। { *স.* কুষ্মাণ্ড>*প্রা.* কুমহণ্ড>কুমহড়> কুমড়+আ }

কু-মতলব [কুমতলব] *বি* দুরভিসন্ধি; খারাপ বা অনিষ্টকর মতলব (অসুখের চেয়ে কু-মতলবই অধিক ছিল—*মব*)। { *স.* কু+*আ.* মতলব مطلب ; *কর্মধা.* }

কুমতি [কুমোতি] *বি* দুর্বুদ্ধি; কুবুদ্ধি; অসৎ অভিপ্রায়। □ *বিণ* মন্দ বুদ্ধিসম্পন্ন; অসৎ অভিপ্রায় বিশিষ্ট। { *স.* কু+মতি; *কর্মধা.* }

কুমন্ত্রণা [কুমন্‌ত্রোনা] *বি* কুযুক্তি; অসৎ পরামর্শ; দুষ্ট মন্ত্রণা। { *স.* কু+মন্ত্রণা; *কর্মধা.* }

কুমন্ত্রী [কুমোন্‌ত্রি] *বি* ১ অসৎ পরামর্শদাতা। ২ দুষ্টবুদ্ধিসম্পন্ন বা অনুপযুক্ত মন্ত্রী। { *স.* কু+মন্ত্রী; *কর্মধা.* }

কুমরে পোকা [কুমরে পোকা] *বি* যে পোকা মাটিতে বাসা বাঁধে। { *দেশি.* }

কুমাতা [কুমাতা] *বি* ১ অযোগ্য মাতা; সন্তানের প্রতি দায়িত্ব পালনে অক্ষম বা অনিচ্ছুক জননী (কুপুত্র যদি বা হয় কুমাতা কদাপি নয়—*প্রব.*)। ২ স্নেহহীনা মাতা; সন্তান বাৎসল্যহীনা জননী। { *স.* কু+মাতা; *কর্মধা.* }

কুমার[১] [কুমার] *বি* ১ পাঁচ থেকে দশ বৎসর বয়স্ক বালক। ২ যুবরাজ; রাজপুত্র; শাহজাদা। ৩ পুত্র (রাজকুমার)। ৪ অবিবাহিত পুরুষ (চিরকুমার)। ৫ সতেরো থেকে ত্রিশ বৎসর বয়স্ক পুরুষ। ৬ হিন্দুদেবতা কার্তিকেয়; দেব-সেনাপতি। ~**চার** *বি* ব্রতীবালক; যে বালক চরিত্র গঠন এবং শারীরিক ও মানসিক শিক্ষা প্রতিষ্ঠানের সভ্য; বয়স্কাউট; boyscout। □ *বিণ* কোমল দেহধারী (সুকুমার)। ~**তন্ত্র** *বি* ধাত্রী বিদ্যা ও শিশু-চিকিৎসা বিদ্যা। { *স.* √কুমার+ণিচ্+অ(অচ্); *স.* কু+মার }

কুমার[২], **কুমোর** [কুমার্, কুমোর্] *বি* ১ কুম্ভকার; যে মাটির পাত্র পুতুল ইত্যাদি নির্মাণ করে। ২ হিন্দু জাতিবিশেষ। ~**শাল** *বি* মাটির পাত্র ইত্যাদি তৈরি করার স্থান কুম্ভশালা; কুমারের কর্মশালা। **কুমারের চাক** *বি* হাঁড়ি কলসি প্রভৃতি স্থূলোদর পাত্রাদি নির্মাণ কার্যে ব্যবহৃত এক প্রকার গোলাকার চাকা (ঘুরে যেন কুমারের চাক—*সৈহা*)। { *স.* কুম্ভকার>*প্রা.* কুম্ভার>কুমার }

কুমারিকা [কুমারিকা] *বি* ১ দশ থেকে বারো বৎসর বয়স্কা কন্যা; কুমারী। ২ অনূঢ়া কন্যা। ৩ ভারতে অবস্থিত একটি অন্তরীপ। { *স.* কুমারী-ক(কন্)+আ(টাপ্) }

কুমারী [কুমারি] *বি* ১ অবিবাহিতা নারী বা বালিকা। ২ দশ থেকে বারো কিংবা ষোলো বৎসর বয়স্কা অবিবাহিতা কন্যা। ৩ কন্যা (রাজকুমারী)। ৪ রাজকন্যা। □ *বিণ* ১ অবিবাহিতা; অনূঢ়া। ২ নবীন; নূতন (নূতন প্রীতি আনিবে নিতি কুমারী উষা অরুণা—*রঠা*)। ~ **ব্রত** *বি* হিন্দু কুমারী মেয়েরা যে ব্রত পালন করে থাকে; অবিবাহিতা হিন্দু বালিকাদের ব্রতবিশেষ। { *স.* কুমার+ঈ(ঙীপ্) }

কুমির, কুমীর [কুমির্] *বি* বিরাটকায় হিংস্র জন্তুবিশেষ; নক্র; জলচর সরীসৃপবিশেষ। **জলে ~ ডাঙায় বাঘ**—উভয় সঙ্কট। **জলে বাস করে কুমিরের সাথে বিবাদ**—প্রভাব-প্রতিপত্তিশালী লোকের আওতায় থেকে তার সঙ্গে বিবাদ। **মেছো ~** *বি* মাছ খেকো কুমির—যা আকারে ছোটো হয়। { *স.* কুম্ভীর>কুম্মীর>কুমীর, কুমির }

কুমুদ, কুমুদী (*পদ্য.*) [কুমুদ, কুমুদি] *বি* শালুক ফুল; লাল বা শ্বেত শাপলা ফুল (একটি কুমুদ তুলে তোমার পরিয়ে দেবো চুলে—*রঠা;* খুলিয়া ফেলেছে অঙ্গ হইতে জলকুমুদীর সাজ—*জউ*)। ~**নাথ** *বি* চন্দ্র। ~**বতী** *বি* ১ কুমুদিনী; কুমুদের ঝাড়। ২ শাপলা-শোভিত পুকুর; কুমুদপূর্ণ সরসী। □ *বিণ* কুমুদপূর্ণা (কুমুদবতী সরসী)। **কুমুদিনী** *বি* ১ কুমুদ বা সুঁদির ঝাড়; শালুকের দল। ২ কুমুদ শোভিত পুকুর বা সরসী। { *স.* কু+√মুদ্+অ(অচ্) }

কুমেরু [কুমেরু] *বি* দক্ষিণমেরু; পৃথিবীর দক্ষিণ দিকের শেষ প্রান্ত। **সুমেরু** *বিপ.*। ~ **বৃত্ত** *বি* দক্ষিণ মেরুর ২৩½° অক্ষাংশ উত্তরে যে অক্ষরেখা কল্পনা করা হয়, antarctic circle। { *স.* কু+মেরু }

কুমোর ⇒ **কুমার**[২]

কুম্ভ [কুম্‌ভো] *বি* ১ ঘট; কলস (তোমার কুম্ভভরা রূপের একটি রেণু—*নই*)। ২ (*জ্যোশা.*) দ্বাদশ রাশির একাদশ রাশি। ৩ হাতির মাথার দুই পাশের মাংসপিণ্ড। ~**কার** *বি* কুমোর; মাটির হাঁড়ি পাতিল ইত্যাদির নির্মাতা। ~**মেলা** *বি* দ্বাদশ বৎসর পর পর মাঘ ফাল্গুন মাসে তিথি বিশেষে হরিদ্বার, প্রয়াগ, দ্বারকায় মেলা ও সাধু সন্ন্যাসীদের মহাসম্মেলন। ~**শালা,** ~**শাল** *বি* কুমোরের পোয়ানঘর; কুমোরশাল। { *স.* কু+√উন্‌ভ্+অ(অচ্) }

কুম্ভকর্ণ [কুমভোকরনো] *বি* ১ রামায়ণোক্ত রাবণের ছোটো ভাইয়ের নাম—সে ছয় মাস ঘুমাতো। ২ (*আল.*)

যে খুব ঘুমাতে পারে; সহজে যাকে জাগানো যায় না।

কুম্ভকর্ণের ঘুম বা নিদ্রা *বি* যে নিদ্রা অতি দীর্ঘস্থায়ী এবং যে নিদ্রা থেকে কাউকে জাগানো সুকঠিন। {*স.* কুম্ভ+কর্ণ; *বহু.*}

কুম্ভকার, কুম্ভমেলা ⇒ কুম্ভ

কুম্ভশাল, কুম্ভশালা ⇒ কুম্ভ

কুম্ভিকা *বি* ছোট কলসি। {*স.* কুম্ভ+ক(কন্)+আ}

কুম্ভিল, কুম্ভিলক [কুম্‌ভিল্, -লক্] *বি* ১ যে লেখক অন্যের গ্রন্থের ভাব ভাষা প্রভৃতি চুরি করে নিজের নামে চালায়; plagiarist। ২ চোর। ৩ শাল মাছ। ৪ শ্যালক। {*স.* কুম্ভিল+অক; কুম্ভীর>কুম্ভীলক>*প্রা.* কুম্ভিলক}

কুম্ভীপাক [কুম্‌ভিপাক্] *বি* হিন্দু শাস্ত্রোক্ত একটি নরকের নাম। {*স.* কুম্ভী+পাক}

কুম্ভীর [কুম্‌ভির্] *বি* কুমির। **কুম্ভীরাশ্রু** *বি* ১ মায়া কান্না। ইংরেজি crocodile's tears-এর শাব্দিক অনুবাদ। {*স.* কুম্ভিন্+√ঈর+অ(অন্)}

কুযশ [কুজশ্] *বি* কুখ্যাতি; বদনাম (বসলে কাছে রটিবে কুযশ—*নই*)। {*স.* কু+যশ; *কর্মধা.*}

কুযাত্রা [কুজাত্‌ত্রা] *বি* অশুভ যাত্রা। {*স.* কু+যাত্রা; *কর্মধা.*}

কুযুক্তি [কুজুক্‌তি] *বি* ১ অসঙ্গত যুক্তি। ২ কুমন্ত্রণা; ক্ষতিকর পরামর্শ। {*স.* কু+যুক্তি; *কর্মধা.*}

কুয়ত, কুয়ৎ ⇒ কুওত

কুয়া, কুয়ো [কুয়া, -কুয়ো] *বি* কূপ; ক্ষুদ্র গভীর জলাশয়বিশেষ; ইঁদারা। **কুয়ার ব্যাঙ/বেঙ** *বি* ১ কূপমণ্ডূক; যে ব্যাঙ ঘরের কোণে বাস করে এবং কদাচিৎ বাইরে যায়। ২ (*আল.*) সঙ্কীর্ণচিত্ত লোক; কুনো লোক; যে বাহির্বিশ্বের কোনো খবরাখবর রাখে না। {*স.* কূপ>*প্রা.* কুয়+আ=কুয়া, কুয়ো}

কুয়াশা, কুয়াসা [কুয়াশা] *বি* কুজ্ঝটিকা, কুহেলিকা। {*স.* কুহা+আসার= কুহাসার>কুআসা (অন্ত্য 'র' বর্জনে)>কুয়াসা ('য়' শ্রুতি)}

কুয়াশিয়া [কুয়াশিয়া] *বিণ* কুয়াশাচ্ছন্ন (ওমা ওকি, ওই কুয়াশিয়া দেশে এত ছিল দেখিবার!—*জউ*)। {*স.* কুজ্ঝটিকা, কুহেলিকা>কুহা+আসার=কুয়াসা, কুয়াশা+ইয়া=কুয়াশিয়া}

কুরআন ⇒ কোরান

কুরঙ্গ, কুরঙ্গক, কুরঙ্গম [কুরঙ্‌গো, কুরঙ্‌গক, কুরঙ্‌গম্] *বি* হরিণ; মৃগ (কাননে কুরঙ্গ, জলে সফরী লুকিত *সৈআ*; অরণ্যপথে তব আনন্দ কুরঙ্গে হয়ে নাচে—*নই*)। **কুরঙ্গী, কুরঙ্গিণী** *স্ত্রী.* (সচকিত কুরঙ্গীর কস্তুরী সুবাস—*মোম*; কুরঙ্গিনী সঙ্গে সঙ্গে নাচিতাম বনে *মদ*)। **-গঞ্জন** *বিণ* কুরঙ্গকে গঞ্জনা দেয় এমন; হরিণ থেকে উৎকৃষ্ট (অধর বন্ধুক বন্ধু বদন শারদ ইন্দু কুরঙ্গ গঞ্জন বিলোচন—*কমু*)। **-নয়ন** *বিণ* ১ মৃগনয়নবিশিষ্ট। ২ সুন্দর নেত্রবিশিষ্ট। **-নয়না** *স্ত্রী.*। {*স.* √কৃ+অঙ্গ(অঙ্গচ্) অথবা, কু+অঙ্গ, কুরঙ্গ+ক(কন্), কু+রঙ্গ+ √মা+অ (ড)=কুরঙ্গম}

কুরছিনামা, কুরচিনামা [কুরছিনামা, চি-] *বি* ১ বংশতালিকা। ২ নসবনামা; কুলজি। {*আ.* কুরসী= كرسي + নামহ نامه = كرسي نامه}

কুরণ্ড, কোরণ্ড [কুরনডো, কোরন্‌ডো] *বি* অণ্ডকোষ বৃদ্ধি রোগ; hydrocele রোগ। {*স.* √কুর+অণ্ড(অণ্ডক্)}

কুরনি ⇒ কুরানি

কুরনিশ ⇒ কুর্নিশ

কুরব [কুরব্] *বি* ১ কুৎসিত শব্দ; কর্কশ স্বর (যদি এ দাসীর রব, কুরব ভেবে মাধব না শোনেন—*মদ*)। ২ কলঙ্ক; অপবাদ; দুর্নাম। ৩ অশ্লীল কথা; কুবাক্য। ☐ *বিণ* কুৎসিত শব্দবিশিষ্ট; কর্কশ স্বরবিশিষ্ট; কুকথা বলে এমন। {*স.* কু+√রু+অ(অপ্); *কর্মধা.*}

কুরবক ⇒ কুরুবক

কুরবান, কুরবানি ⇒ কোরবান

কুরর, কুররয় (*মবা.*) [কুরর্, কুররয়্] *বি* ১ চিল জাতীয় পাখি; উৎক্রোশ; কুরল পাখি; ঈগল পক্ষী (কুরর কুক্কুট কঙ্ক—*কমু*; কুররয় সারস করয় নানা রঙ্গ—*সৈআ*)। **কুররী** *স্ত্রী.* (ছাড়িলে অমর লোক মাতা তোর করে শোক মৃত সুতা যেমন কুররী—*কমু*; যূথ বিরহিত কুররীর ন্যায় উচ্চৈস্বরে ক্রন্দন করিতে আরম্ভ করিলেন—*ঈবি*)। {*স.* √কুর+অর(ক্রন্)}

কুরল [কুরল্] *বি* ১ ঈগল জাতীয় পাখি; চিল জাতীয় বড়ো পাখি; উৎক্রোশ; কুরর; কুড়ল। ২ চূর্ণকুন্তল; অলক। {*স.* √কুর+অর(ক্রন্)>}

কুরসি, কুরসী, কুরছি [কুরসি, –, –ছি] *বি* বসার উচ্চ আসনবিশেষ; চেয়ার; কেদারা (বসাইল উপরে কুরছির—*সৈহ*; রাজ সদনে কুর্সী সোনার মিলত কবির এইখানে —*সদ*)। {*আ.* কুরসী كرسى}

কুরাইশ ⇒ কোরেশ

কুরানি, কুরুনি, কুড়ানি, কুড়ুনি [কুরানি, কুরুনি, কুড়ানি, কুড়ুনি] *বি* নারকেল ইত্যাদি কোরানোর দাঁতাল ও বঁটির আকৃতিবিশিষ্ট অস্ত্রবিশেষ; কুড়ে তোলার অস্ত্র (কুরুনীতে কুরিয়া আনিবে নারিকেল—*কমু*)। **নারকেল ~** নারকেলের শাঁস চিকন আকারে কুড়ে তোলার অস্ত্র। {*স.* খন>*প্রা.* খণ>*বা.* খন>খুঁড়>কুড়, কুর; *বা.* √কুর+আনি; উনি}

কুরি, কুরী [কুরি] *বি* ১ হিন্দুদের জাতিবিশেষ (কুরিদের বাড়িতে ঢুকিয়া তাহার গা ছমছম করিয়া উঠিল—*রঠা*)। ২ নারকেলাদির কোরানো শাঁস। {তুল. *হি.* কোরী}

কুরীতি [কুরিতি] *বি* মন্দ প্রথা বা ধারা; অন্যায় আচারব্যবহার। {*স.* কু+রীতি}

কুরুক্ষেত্র [কুরুকখেত্‌ত্রো] *বি* ১ মহাভারতোক্ত কুরু-পাণ্ডবের যুদ্ধক্ষেত্র। ২ (*আল.*) ভীষণ ঝগড়া; তুমুল কাণ্ড বা যুদ্ধ (সেখানে কুরুক্ষেত্র বেধেছে)। {*স.* কুরু+ক্ষেত্র}

কুরুচি [কুরুচি] *বি* অশ্লীল বা কুৎসিত বিষয়ে স্পৃহা; নীচ

প্রবৃত্তি। ~**পূর্ণ**, ~**সম্পন্ন** *বিণ* অশ্লীল বা কুৎসিত রুচি সম্পন্ন; নীচ প্রবৃত্তিযুক্ত। {*স.* কু+রুচি; *কর্মধা.*}

কুরুণ্ডে, কুরুণ্ডিয়া [কুরুনডে, কুরুনতিয়া] *বিণ* কোঁড়লওয়ালা; কোরণ্ডযুক্ত; বৃদ্ধিশীল অণ্ডকোষযুক্ত। □ *বি* কোরণ্ডযুক্ত লোক (গোদা কুঁজো কুরুণ্ডে প্রভৃতি আর যত, সকলের রমণী সকলে নিন্দে কত—*ভারা*)। {*স.* কুরণ্ড + ইয়া (*বা.*) = কুরণ্ডিয়া > কুরুণ্ডিয়া (স্বরসাম্যে)> কুরুণ্ডে}

কুরুনি[1] ⇒ কুরানি

কুরুনি[2] [কুরুনি] *বি* মাথায় পরার চিরুনির মতো অলঙ্কার (আমার মাথার কুরুনি পোকার মত—*অঠা*)। {*স.* √কুর্}

কুরুবক, কুরবক [কুরুবক্, কুরবক] *বি* ১ ঝাঁটিফুল; রক্তবর্ণ ঝিণ্টি ফুল (কালাফুল আবগুক গন্ধ কুরুবক—*সৈআ*)। ২ ঝিণ্টি বা ঝাঁটি ফুলের গাছ। {*স.* কুরব+ক(কন্)}

কুরুবিন্দ [কুরুবিন্‌দো] *বি* ১ মণিবিশেষ; পদ্মরাগ মণি। ২ কুরুন্দ; রত্নাদি পালিশ করার কঠিন প্রস্তরবিশেষ; corundum। {*স.* কুরু√বিন্দ্+অ}

কুরুল ⇒ কোঁড়

কুরুশ-কাঁটা ⇒ ক্রুশকাঠি

কুরূপ [কুরুপ্] *বি* কুৎসিত রূপ; খারাপ চেহারা। {*স.* কু+রূপ; *কর্মধা.*}

কুর্ণিশ, কুর্ণিস ⇒ কুর্নিশ

কুর্তা, কোর্তা, কোরতা [কুর্‌তা, কো–, –] *বি* পুরুষের জামা বা পিরহান; shirt (এর সঙ্গে সে যুগে লম্বা কুর্তা পরা হত—*সৈমু*; গায় একটা ছেঁড়া কোরতা ছিল—*মীম*)। {*ফা.* কুর্‌তাহ্ کرتہ }

কুর্তি [কুর্‌তি] *বি* ছোট কুর্তা বা জামা (গায়ে কাল মোটা মোটা ছাঁটা ছোঁটা কুর্তি—*রঠা*; দূর কর আফসোস জামিয়ার কুর্তির—*মোম*)। {*ফা.* কুর্‌তাহ্ کرتہ }

কুর্দন [কুর্‌দন] *বি* লম্ফন; আস্ফালন; কোঁদন (অসুর বিক্রমে কুর্দন করিতেছিল—*মোব*)। {*স.* √কুর্দ্+অন(ল্যুট্)}

কুর্নিশ, কুর্নিস, কুরনিশ [কুর্‌নিশ্] *বি* মুসলমানি কায়দায় অভিবাদন; সম্ভ্রমপূর্ণ সালাম; বাদশাহ ও আমির ওমরাহকে সম্মান দেখানোর জন্য পিছনে হটে অবনত মস্তকে সালাম (আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ—*নই*)। {*তু.* কুরনিশ্ کرنش }

কুর্পর, কূর্পর [কুর্‌পর্] *বি* কনুই। ২ জানু। □ *বিণ* অধীন; বশীভূত; বাধ্য (স্বতন্ত্র না হও তুমি নারীর কুর্পর—*কাদা*)। {*স.* √কুর্+অর(অরন্)}

কুর্বান, কুর্বানি ⇒ কোরবান

কুর্ম ⇒ কূর্ম

কুর্মী [কুর্‌মি] *বি* হিন্দু জাতিবিশেষ। {*স.* কূর্ম>?}

কুর্শী, কুর্সি ⇒ কুরসি

কুর্সিকাঁটা ⇒ ক্রুশকাঠি

কুল[1] [কুল্] *বি* ১ বংশ; গোষ্ঠী; গোত্র (তার তিন কুলে কেউ নেই)। ২ সদ্বংশ। ৩ আভিজাত্য; বংশমর্যাদা; কৌলীন্য। ৪ সন্তান। ৫ গৃহ; সমাজ (কুলত্যাগ)। ৬ ভবন; আবাস (গুরুকুল)। ৭ বর্ণ; জাতি (ক্ষত্রকুলে জন্ম মম—*মদ*)। ৮ পুঞ্জ; সমূহ; গণ (বরষিল পুষ্পাসার দেবকুল মিলি—*মদ*)। ৯ যূথ; পাল (শিবাকুল, গৃধিনী, শকুনি..... ফেরে কোলাহলে—*মদ*)। ১০ দেশ; জনপদ। ~**কণ্টক** *বি* বংশের কলঙ্কস্বরূপ ব্যক্তি; যে লোক বংশের আপদ ডেকে আনে। ~**কন্যা**, ~**কামিনী**, ~**নারী**, ~**বতী**, ~**বধূ**, ~**বালা**, ~**স্ত্রী** *বি* ১ সৎকুলের কন্যা বা বধূ, অভিজাত বংশের মেয়ে (সমাজ পিঞ্জরে একটি কুলনারীও অবশিষ্ট থাকবে না—*রঠা*; প্রজা যদি কোন কুলকামিনী হয়—*আইশা*)। ২ সতী নারী। ~ **করা** *ক্রি* কুলীনের ঘরে বৈবাহিক সম্বন্ধ স্থাপন করা। ~**কর্ম**, ~**ক্রিয়া** *বি* ১ কুলের উপযুক্ত ক্রিয়াকলাপ। ২ কুলীনের বা উপযুক্ত ঘরে পুত্র কন্যার বিবাহ দান। ~**কলঙ্ক** *বি* বংশের গ্লানি বা অগৌরব। □ *বিণ* চরিত্রদোষে কুলের কলঙ্ক জন্মায় এমন। ~**কলঙ্কিনী** *বি স্ত্রী.* যে নারীর চরিত্রদোষে কুলের কলঙ্ক জন্মে; কুলত্যাগিনী; পতিতা নারী। ~**কলঙ্কী** *পু.*। ~**কামিনী** *বি* কুলকন্যা। ~**ক্রম** *বি* বংশের রীতি বা ধারা। ~**ক্রিয়া** *বি* কুলকর্ম। ~**ক্ষয়**, ~**নাশ** *বি* বংশ নাশ; বংশ লোপ। ~**গর্ব** *বি* সদ্বংশে জন্মের জন্য অহঙ্কার, আভিজাত্যের অভিমান। ~**গুরু** *বি* ১ বংশের গুরু; পরিবারের ধর্মোপদেষ্টা। ২ শিষ্য কুলের বংশপরম্পরাগত গুরু। ~**গৌরব** বি ১ বংশের মর্যাদা বা সম্মান। ২ যে ব্যক্তি বংশের গৌরবস্বরূপ। ~**ঘ্ন** *বিণ* বংশ লোপকারী; কুলনাশক। ~**চ্যুত** *বিণ* ১ স্বীয় বংশ হতে ভ্রষ্ট; কুলভ্রষ্ট। ২ জাতিচ্যুত; স্বীয় জাতি থেকে বহিষ্কৃত। ~**জ** *বি* সদ্বংশজাত; কুলীন। ~**জা** *স্ত্রী.*। ~**জি**, ~**জী**, **কুলুজী** *বি* বংশের ইতিহাস; নসবনামা; বংশ-পরিচয়; বংশ-তালিকা; কুলপঞ্জি (প্রিয় অশ্বগুলির কুলজী প্রস্তুত করিয়া যত্নের সহিত উহা রক্ষিত—*মোব*)। ~**জ্ঞ** *বি* বংশের পরিচর্যাদি জানে এরূপ ব্যক্তি। ~**টা** *বি, বিণ স্ত্রী.* ভ্রষ্টা; অসতী স্ত্রী; কুল বা স্বামীগৃহ ত্যাগ করে যে রমণী (গোঁড়া ব্রাহ্মণ বাবা কুলটা কন্যাকে বাড়ীতে ঢুকতে দিলেন না—*হেহো*। ~**ট** *পু.*। ~**তিলক**, ~**প্রদীপ**, ~**ভূষণ** *বি, বিণ* ১ যার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি পায়। ২ বংশের শিরোমণি। ~**ত্যাগ** *বি* ১ স্বীয় বংশ বা স্বামীগৃহ ত্যাগ। ২ কুলধর্ম বিসর্জন; কুপথগামী বা কুলটা হওয়া। ~ **ত্যাগ করা** *ক্রি* ১ নিজের বংশ বা স্বামীগৃহ ত্যাগ করা। ২ কুপথগামী হওয়া; কুলধর্ম বিসর্জন দেওয়া; কুলটা হওয়া। ~**ত্যাগিনী** *বিণ স্ত্রী.* ১ যে কুল বা স্বামীগৃহ ত্যাগ করে। ২ কুলটা বা কুলধর্ম বিসর্জনকারিণী। ~**ত্যাগী** *পু.*। ~**দূষক**, ~**দূষণ** *বি, বিণ* কুলাঙ্গার; কুলে কলঙ্ক লেপন করে যে। ~**দেবতা** *বি* হিন্দুদের বংশানুক্রমে পূজ্য দেবতা। ~**ধর্ম** *বি* বংশগত আচার অনুষ্ঠান; স্বজাতীয় ধর্ম; কুলাচার। ~**নারী** *বি* কুলকন্যা। ~**নাশ** *বি* কুলক্ষয়। ~**নাশক** *বি, বিণ* কুলনাশকারী; বংশ লোপকারী। ~**নাশন** *বি* কুলক্ষয় করণ; বংশ লোপকরণ। ~**পঞ্জি** *বি*

বংশতালিকা; নসবনামা; বংশ পরিচয়। ~**পতি** *বি* বংশের প্রধান ব্যক্তি; গোষ্ঠীর প্রধান; কুলশ্রেষ্ঠ। ~**পাংশুল** *বি, বিণ* বংশের কলঙ্ক; কুলাঙ্গার (মোসলেম–কুল–পাংশুল নীচ নরাধমগণ—*ইমো*)। ~**পুত্র** *বি* ১ সদ্বংশজাত পুত্র বা ব্যক্তি। ২ বংশের মর্যাদারক্ষক পুত্র। ~**পুরোহিত** *বি* বংশানুক্রমে পৌরোহিত্যকারী যাজক ব্রাহ্মণ। ~**প্রদীপ** *বি* কুলতিলক। ~**বতী** *বিণ* বংশগৌরব রক্ষার উপযুক্ত গুণসম্পন্না। ~**বধূ** *বি* লজ্জা প্রভৃতি গুণসম্পন্না বৌ। ~**বালা** *বি* কুলকন্যা। ~**ব্রত** *বি* বংশানুক্রমে আচরিত অনুষ্ঠান। ~ **ভঙ্গ** *বি* বংশমর্যাদাহানি; কৌলীন্য নাশ। ~**ভঙ্গ করা** *ক্রি* নিজ কুল থেকে নিম্ন কূলে পুত্র–কন্যাদির বিবাহ দিয়ে কুলমর্যাদায় হীন হওয়া। ~**ভূষণ** *বি* কুলতিলক। ~**ভ্রষ্ট** *বিণ* পতিত; স্বীয় কুল বা বংশ থেকে পতিত বা বিচ্যুত। ~**ভ্রষ্টা** *স্ত্রী*। ~**মজানে** *বিণ* বংশের মর্যাদা নষ্টকারী। ~ **মজানো** *ক্রি* খারাপ কর্মাদি দ্বারা বংশমর্যাদা নষ্ট করা। ~**মর্যাদা, ~মান** *বি* ১ বংশের সম্মান; কুলের গৌরব; আভিজাত্য। ২ হিন্দু সমাজে কুলীনের প্রাপ্য দক্ষিণা। ~ **রাখা** *ক্রি* ১ কুলাচার রক্ষা করা। ২ কৌলীন্য বজায় রাখা। □ *বি* চরিত্র বিশুদ্ধ রাখা। ~ **রাখা কি শ্যাম রাখা** *ক্রি* ১ একদিকে শ্যামের সঙ্গে অবৈধ প্রণয়, অন্যদিকে সতীধর্ম ও বংশের সম্মান রক্ষা—রাধিকার মতো এই বিপরীত আকর্ষণের মধ্যে পড়া। ২ *(আল.)* উভয় সংকটে পড়া। ~**র্ষভ** *বি* ১ কুলশ্রেষ্ঠ; বংশের প্রধান। ২ জাতির গৌরব (তোমরা বীরের পুত্র বীর কুলর্ষভ—*কায়*)। ~**লক্ষণ** *বি* সৎকুলের নয়টি গুণ—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপস্যা, দান—এই নয়টি। ~**লক্ষ্মী** *বি* ১ গৃহস্থিত সাধ্বী নারী। ২ বংশের কল্যাণস্বরূপা বধূ। ৩ হিন্দুসমাজে বংশের অধিষ্ঠাত্রী ও কুলের হিতকারিণী দেবী (স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে—*মধু*)। ~**শীল** *বি* বংশ ও চরিত্র (অজ্ঞাত কুলশীল)। □ *বিণ* সদ্বংশে জন্ম ও সাধু স্বভাব (কুলশীল রূপবান নিজ বংশ সমান—*কমু*)। ~**স্ত্রী** *বি* সতী সাধ্বী কুলবধূ। **কুলে কাঁটা দেওয়া** *ক্রি* বংশের গৌরব বৃদ্ধির পথে বিঘ্ন উৎপাদন করা। **কুলে কালি দেওয়া** *ক্রি* কুকর্ম করে বংশকে কলঙ্কিত করা। **কুলের বাতি** *বি* ১ কুলগৌরব। ২ বংশের একমাত্র সন্তান। **কুলের বাহির হওয়া** *ক্রি* কুলত্যাগ করা। **একুল ওকুল দুকুল যাওয়া**—*(আল.)* সব দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হওয়া, উভয় দিক থেকে বঞ্চিত হওয়া। {*স.* √কুল্+অ(ক)}

কুল[২] [কুল্] *বি* বদরী ফল; বরই; এক প্রকার অম্লস্বাদ ফল। ~**কাসুন্দি** *বি* কুলের আচার (কুলকাসুন্দীতে দিবে জম্বীরের রস—*কমু*)। {*স.* কোলি, কোল>কুল}

কুল[৩] [কুল্] *বি* তান্ত্রিক সাধনপন্থা; তান্ত্রিক ধর্ম–সম্প্রদায়বিশেষ। **কৌল** *বিণ*। {*স.* কু+√লা+অ(ক)}

কুল[৪] [কুল্] *বিণ* সমগ্র; সমস্ত (কুল মখলুকে জাকে রোমাঞ্চ—*শাহো*)। **বিল~** *বি* সমুদয়; বেবাক; সমস্ত (ভুল হয়ে গেছে বিলকুল—*নুব*)। {*আ.* কুল্ল كل}

কুলকুচা, কুলকুচো [কুল্‌কুচা, –চো] *বি* কুলি; মুখের ভিতর পানি দিয়ে পরিষ্করণ; পরিষ্কার করার জন্য মুখভর্তি পানি নিয়ে ইতস্তত সঞ্চালন; gurgling। {*তুল. হি.* 'কুলকুলানা'}

কুলকুণ্ডলিনী [কুলোকুন্‌ডোলিনি] *বি* ১ হিন্দু তন্ত্র ও যোগশাস্ত্রানুসারে জীবের মূলাধারস্থ কুণ্ডলাকৃতি শিবশক্তিবিশেষ। ২ *(আল.)* জীবনীশক্তি; প্রাণ–সঞ্জীবনী শক্তি (আমাদের জাতীয় কুলকুণ্ডলিনী যদি জাগ্রত করতে হয়—*প্রচৌ*)। {*স.* কুল+কুণ্ডলিনী}

কুলকুল [কুল্‌কুল্] *অব্য* বারিধারার মৃদু কলকল ধ্বনি। {*ধ্বন্যা.*}

কুলক্ষণ [কুলক্‌খোন্] *বি* ১ অশুভ চিহ্ন; খারাপ লক্ষণ। □ *বিণ* অশুভ লক্ষণযুক্ত; দুর্ভাগা। **কুলক্ষণা, কুলক্ষুণে** *স্ত্রী*। {*স.* কু+লক্ষণ; *কর্মধা.*}

কুলগ্ন [কুলগ্‌নো] *বি* অশুভক্ষণ; অশুভ রাশি সংক্রান্ত মুহূর্ত। {*স.* কু+লগ্ন; *কর্মধা.*}

কুলঙ্গি, কুলুঙ্গি [কুলঙ্‌গি, কুলুঙ্‌গি] *বি* জিনিসপত্র রাখার জন্য দেয়ালের মধ্যস্থিত ছোট খোপ (কর্তৃজনের ভয়ে কাব্য কুলুঙ্গিতে তোলা—*রঠা*)। {*স.* কুড্য+অঙ্কক>}

কুলজি ⇒ কুল[১]

কুলটা ⇒ কুল[১]

কুলত্থ [কুলত্‌থো] *বি* এক প্রকার কলাই। {*স.* কুল+√স্থা+অ(ক)}

কুলপি, কুলফি [কুল্‌পি, –ফি] *বি* বরফ জমানোর জন্য ব্যবহৃত টিনের চোঙ বা নলবিশেষ; বরফ জমাট করার ছাঁচ। ~**বরফ** *বি* কুলপি বা টিনের ছাঁচে জমানো বরফ। ~ **মালাই** *বি* মালাই বরফ; দুধ–চিনি মিশ্রিত কুলপিতে জমানো বরফ। {*আ.* কুলফ قفل +ই}

কুলা, কুলো [কুলা, কুলো] *বি* শূর্প; ধান্যাদি শস্য ঝাড়ার অর্ধবৃত্তাকার ডালাবিশেষ। **ছাই ফেলতে ভাঙা ~**— তুচ্ছ কাজের জন্য নিযুক্ত নগণ্য লোক। {*স.* কুল্য>কুল্ল>+আ, ও=কুলা, কুলো}

কুলাঙ্গার [কুলাঙ্‌গার্] *বি* কুলকলঙ্ক; কুলের কালি; যার চরিত্রদোষে কুলের কলঙ্ক হয়। {*স.* কুল+অঙ্গার; ৬তৎ}

কুলাচল, কুলাদ্রি [কুলাচল্, কুলাদ্‌দ্রি] *বি* হিমালয়, মহেন্দ্র, মলয়, সহ্য, শক্তিমান, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র (বা পারিপাত্র)—পুরাণে উল্লিখিত এই আটটি পর্বত। {*স.* কুল+অচল, অদ্রি; *কর্মধা.*}

কুলাচার [কুলাচার্] *বি* ১ কুলে প্রচলিত আচরণ; কুলধর্ম; বংশগত আচার। ২ তান্ত্রিক আচারবিশেষ। {*স.* কুল+আচার; ৬তৎ}

কুলাচার্য [কুলাচারজো] *বি* ১ হিন্দুদের কুল–পুরোহিত বা ধর্মগুরু। ২ বংশ পরম্পরাগত পারিবারিক ধর্মোপদেষ্টা। ৩ তান্ত্রিক ধর্মসম্প্রদায় বিশেষের গুরু। ৪ কুলের পরিচয় প্রদান করা যার ব্যবসা; ঘটক। {*স.* কুল+আচার্য; ৬তৎ}

কুলাদ্রি ⇒ কুলাচল

কুলানো [কুলানো] *ক্রি* ১ যথেষ্ট হওয়া; প্রয়োজন মেটা; অভাব দূর হওয়ার মতো হওয়া (এই বেতনে আর কত কুলাবে)। ২ জায়গা পাওয়া; স্থান সংকুলান হওয়া (এখানে এত লোকের কুলানো অসম্ভব)। ৩ সংস্থান বা উপায় করা; বন্দোবস্ত করা (এত অল্প টাকায় কুলাবে কিরূপে?) ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√কুলা+ আনো–কুলানো}

কুলাভিমান [কুলাভিমান] *বি* আভিজাত্যের অহঙ্কার। উচ্চবংশে জন্মের জন্য গর্ব (বর্তমানেও কুলাভিমান লইয়া ইহা অপেক্ষা বৃহত্তর—*রঠা*)। **কুলাভিমানী** (–নিন্) *বিণ*। {*স.* কুল+অভিমান; তৎ}

কুলায় [কুলায়] *বি* ১ নীড়; পাখির বাসা। ~**স্থ** *বিণ* বাসাস্থিত; নীড়স্থ। {*স.* কুল+আয়; বহু}

কুলায়িকা [কুলায়িকা] *বি* ১ চিড়িয়াখানা। {*স.* কুলায়+√ক(ঠন্)+আ(টাপ্)}

কুলাল [কুলাল] *বি* কুমোর; কুম্ভকার। ~**চক্র** *বি* কুমারের চাক; কুম্ভকার–চক্র (সংসারে ভাবের ও জ্ঞানের যে সকল বড়ো বড়ো কুলালচক্র ঘুরছে—*রঠা*)। {*স.* √ কুল্+ আল(কালন্)}

কুলাহক [কুলাহক] *বি* ১ কৃকলাস। ২ শাকবিশেষ; কুলিকা। {*স.* কুল+আ+ √হন্+অ+ক}

কুলি১, **কুল্লি** [কুলি, কুল্লি] *বি* কুলকুচা (কুলি করা)। {*ধ্বন্যা.*}

কুলি২, **কুলী** *বি* ১ মুটে; ভারবাহী (আমরা চাকরকে ডাকি 'বেয়ারা' আর মুটেদের ডাকি 'কুলি'—*দ্বিরা*)। ২ শ্রমিক; মজুর। ~**কামিন** *বি* কুলি ও কুলি রমণী; নারী ও পুরুষ শ্রমিক। ~ **ধাওড়া** *বি* কুলিদের বস্তি। {*তু.* কুলী (দাস অর্থে)}

কুলিঙ্গ, কুলিঙ্গক (*মবা.*) [কুলিঙগো, –গক] *বি* ১ ফিঙা পাখি। ২ চড়ুই পাখি। {*স.* কু+ √লিন্গ্+অ,+ক; √কুল্+ই(ইন্)(>কুলি)+গম্+অ(খচ্)}

কুলিতা (*মবা.*) [কুলিতা] *বি* কলাই জাতীয় শাকবিশেষ (কুলিতা, চালিতা, কাটিল মারাটী—*কমু*)। {*স.* কুলত্থ>কুলত্ত>কুলিতা}

কুলির, কুলীর, কুলিরক [কুলির, –, –রক] *বি* কাঁকড়া। {*স.* কুল+ইর(ইরক), ঈর(ঈরক), +ক(কন্)}

কুলিশ, কুলীশ [কুলিশ] *বি* বাজ; বজ্র; অশনি (গুরুজন বচন কুলিশ হেন জান—*দৌবা*)। ~**কঠোর** *বিণ* বজ্রকঠোর (বেদনাতুরের মুখে এই যে কুলিশ–কঠোর হিম হাসি—*নই*)। ~**পাত** *বি* বজ্রপাত। **কুলিশী** *বিণ* ১ বজ্র সদৃশ; বজ্রী (হুঙ্কারি' কুশিলী রোষে ধরিলা কুলিশে—*মদ*)। ২ ইন্দ্র। {*স.* কুলি+√শী+অ(ড) অথবা, কুলিন্+ √শো+অ}

কুলী ⇒ কুলি

কুলীন [কুলিন্] *বিণ* ১ অভিজাত বংশে জাত; সদ্বংশোদ্ভব। ২ বল্লাল সেন কর্তৃক প্রদত্ত কুলমর্যাদার অধিকারী। ৩ আচার বিনয় বিদ্যা প্রভৃতি নবগুণযুক্ত। **কৌলীন্য** *বি*। {*স.* কুল+ঈন(খ)}

কুলুখ [কুলুখ] *বি* মাটির ঢেলা; মলমূত্র ত্যাগের পর পানির অভাবে শুদ্ধির জন্য ব্যবহৃত মাটির ঢেলা (একদা মাবিয়া মূত্র ত্যাগ করিয়া কুলুখ লইয়াছেন—*মীম*)। {*ফা.* কুলূখ كلوخ }

কুলুপ, কুলুফ, কুলূপ [কুলুপ, –ফ, –প] *বি* ১ তালা (হিয়ার কুলুপ দিল মাণিক্যের কুঞ্জি—*সৈআ*; কুলুফ কাটিয়া প্রবেশিল অভ্যন্তরে *সৈআ*; ঘরের বহির্দিকে শৃঙ্খলবদ্ধ করিয়া কুলূপ দিলেন—*বচ*)। ২ মোহর; seal (রাজা কহে লিখ পাতি করিয়া কুলুপ—*ঘচ*; এত বলি মহামায়া ঘুচাল কুলুপ—*পূগী*)। ৩ বন্ধন; আটক; আবদ্ধ করণ (তারিখ লিখিয়া তায় করিল কুলুপ—*ধ১*) {*আ.* কুফ্‌ল্ كفل (বর্ণবিপর্যয়ে)}

কুলো ⇒ কুল

কুলোৎপন্ন, কুলোদ্ভব [কুলোত্পন্নো, কুলোদ্ভবো] *বিণ* সদ্বংশজাত; সম্ভ্রান্ত পরিবারে জন্ম এমন (দত্ত কুলোদ্ভব—*মদ*)। {*স.* কুল+উৎপন্ন, উদ্ভব; ৭তৎ}

কুল্যা [কুল্ল্যা] *বি* ১ কাটানো ছোটো খাল; canal। ২ ক্ষুদ্র খাত; গড়খাই; পরিখা। {*স.* কুল+য(যৎ)+আ}

কুল্লে [কুল্লে] *ক্রিবিণ* ১ সর্বশুদ্ধ; সমুদয়ে; সাকল্যে (হাতে অবশিষ্ট রয়েছে কুল্লে দেড়খানা রেখা—*সৈমু*)। ২ মাত্র (কুল্লে পাঁচ টাকা)। ❑ *বিণ* সমুদয়; যাবতীয় (দুনিয়ার কুল্লে জ্বর ঝেড়ে ফেলে উঠতে পারবে—*সৈমু*)। {*আ.* কুল্লু كل }

কুশ [কুশ] *বি* ১ এক প্রকার তৃণ (কুশ ও কাশ তারাও নির্ভূষণ সরল—*অঠা*)। ২ রামের জ্যেষ্ঠ পুত্র; লবের ভাই। ~**দ্বীপ** *বি* দ্বীপবিশেষ; পুরাণোক্ত পৃথিবীর সপ্তদ্বীপের একটি। {*স.* কু+ √শী+অ(ড)}

কুশণ্ডিকা [কুশোনডিকা] *বি* হিন্দু বিবাহাদি উৎসবে শাস্ত্রীয় অনুষ্ঠানবিশেষ; যজ্ঞের জন্য অনুষ্ঠিত অগ্নি সংস্কার ক্রিয়া (কুশণ্ডিকার নয় এ শিখা, এ যে ভীষণ ভয়ঙ্কর—*সদ*)। {*স.* কুশ+অণ্ড+ক+আ, কুশকণ্ডিকা>}

কুশপুত্তলি, কুশপুত্তলী, কুশপুত্তলিকা [কুশোপুত্তোলি, —, –কা] *বি* ১ কুশ বা অন্যকিছু দ্বারা নির্মিত মানবাকৃতি পুতুল; কুশে তৈরি মানুষের প্রতীক মূর্তি। ২ নকল মূর্তি। {*স.* কুশ+পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা; *মধ্য.*}

কুশর, কুশার, কুশারি, কুশাল, কুশুর, কুসির [কুশোর্, কুশার্, –রি, –শাল্, –শুর্, কুশির্] *বি* ইক্ষু; আখ (মূলার ভুঁই তুলা কুশরের ভুঁই ধূলা—*খব*; কুসির কাটার ধুম পড়ে গেছে—*বআমি*)। **কুসিরা** *বিণ* ইক্ষুজাত (কুসিরা গুড়ের ভাঁড়—*বআমি*)। {*স.* কোশকার> কোশআর>কোশার>কুশর= ইক্ষু; *তুল. হি.* কুশিয়ার}

কুশল১ [কুশল] *বি* মঙ্গল; শুভ; কল্যাণ (কুশল জিজ্ঞাসা করে না কেউ ভুলে—*ফআ*)। ❑ *বিণ* ১ মঙ্গলময়; কল্যাণযুক্ত। ২ নির্বিঘ্ন; নিরাপদ (মাগিমু আল্লার ঠাঁই

কুশল জানাইবার—সৈসু)। ~ **সংবাদ**, ~ **সমাচার** *বি* সুসংবাদ; মঙ্গলবার্তা; ভালো থাকার খবর। **কুশলী** *বিণ* কল্যাণ বা মঙ্গল দ্বারা যুক্ত। {*স.* কুশ+ল(লচ্)}

কুশল² [কুশল্] *বিণ* নিপুণ; দক্ষ। ~**তা** *বি*। **কুশলা** *স্ত্রী.* **কুশলী** (*অপ্র*) *বিণ* কৌশলী; দক্ষ। {*স.* কুশ+ল(লচ্)}

কুশাগ্র [কুশাগ্‌গ্রো] *বি* কুশতৃণের অগ্রভাগ (কুশাগ্র দ্বারা আমার পদতল ক্ষত হইয়াছে—*ঈবি*)। □*বিণ* কুশের ডগার মতো অতি সূক্ষ্ম; তীক্ষ্ণ। ~**ধী**, ~**বুদ্ধি** *বি* কুশাগ্রতুল্য সূক্ষ্মবুদ্ধি □*বিণ* অতি সূক্ষ্মবুদ্ধিসম্পন্ন (কোন কোন বিষয়ী লোককে যে কিরূপ কুশাগ্রবুদ্ধি ও দূরদর্শী করিয়া তুলে—*শচ*)। **কুশাগ্রীয়** *বিণ* কুশাগ্রের ন্যায় সূক্ষ্ম; অতি তীক্ষ্ণ। {*স.* কুশ+অগ্র}

কুশাঙ্কুর [কুশাঙ্‌কুর্] *বি* ১ কুশতৃণের নবজাত তীক্ষ্ণাগ পত্র বা ফলা। ২ তীক্ষ্ণমুখ নবজাত কুশ। □*বিণ* অতি তীক্ষ্ণ; কুশাগ্রবৎ সূক্ষ্ম (লয়ে কুশাঙ্কুর বুদ্ধি শাণিত প্রখর—*রঠা*)। {*স.* কুশ+অঙ্কুর; ৬তৎ}

কুশাঙ্গুরী, কুশাঙ্গুরীয় [কুশাঙ্‌গুরি, -রিয়ো] *বি* হিন্দুদের পূজা তর্পণ শ্রাদ্ধাদিতে ব্যবহৃত কুশের তৈরি আংটি। {*স.* কুশ+অঙ্গুরী, অঙ্গুরীয়}

কুশাদা, কুশাদা করা ⇒ কোশাদা

কুশাসন¹ [কুশাশোন্] *বি* কুশতৃণের তৈরি আসন (সবুজ ঘাসে, কুশাসনে তাঁদের বসতে দিলে—*অঠা*)। {*স.* কুশ+আসন}

কুশাসন² [কুশাশোন্] *বি* অন্যায় বা অত্যাচারমূলক শাসন; প্রজাদের পক্ষে অবিচারমূলক শাসন। {*স.* কু+শাসন; তৎ}

কুশি¹, কুশী [কুশি] *বি* ১ হিন্দুদের পূজাদি কার্যে ব্যবহৃত তামার তৈরি জল সিঞ্চন করার পাত্রবিশেষ। ২ কোষা থেকে জল তোলার কোষা অপেক্ষা ক্ষুদ্রাকার পাত্রবিশেষ। {*স.* কোশ+আ, ই, ঈ=কোশা, কুশি, কুশী}

কুশি² [কুশি] *বি* আম ইত্যাদির খুব কচি ফল। □*বিণ* কচি (কুশি আম)। {*স.* কোশ+(ক্ষুদ্রার্থে)ই; *কর্মধা*}

কুশিয়ারি ⇒ কুশর

কুশিশ ⇒ কোশেশ

কুশী [কুশি] *বি* লাঙ্গলের ফাল। {*স.* কোশ+ঈ}

কুশীলব [কুশিলব্] *বি* ১ নাটকের পাত্রপাত্রীগণ; নট; অভিনেতা। ২ গান করে যে বা যারা; গায়ক; চারণ। ৩ রামচন্দ্রের কুশ ও লব নামক পুত্রদ্বয়। {*স.* কুশী+লব; দ্বন্দ্ব}

কুশুই [কুশুই] *বি* এক রকমের শক্ত সরু আখ; ইকড়ি আখ; উকু। {*স.* কোশকার>কুশর>}

কুশূল, কুসূল [কুশুল্] *বি* শস্যাদি রাখার ঘর; ধানের গোলা। {*স.* কুশ+উল(কূলচ্)}

কুশেশয় [কুশেশয়্] *বি* ১ পদ্ম। ২ সারসপাখি। {*স.* কুশ+এ(সপ্তমী বিভক্তি)+√শী+অ(অচ্); *অলুক* ৭তৎ}

কুশ্রী [কুস্‌স্রি] *বিণ* ১ শ্রীহীন; কুৎসিত; কদর্য। ২ জঘন্য; লজ্জাকর। **কুশ্রীতা** *বি* (সেথায় কুশ্রীতা—*রঠা*)। {*স.* কু+শ্রী; *কর্মধা*}

কুষুম ⇒ কুসুম²

কুষ্ঠ [কুশ্‌ঠো] *বি* মহারোগবিশেষ; কুঠ। ~**ঘ্ন** *বিণ* কুষ্ঠরোগ ধ্বংসকারী; কুষ্ঠ বিনাশী। **কুষ্ঠাশ্রম** *বি* কুষ্ঠরোগীদের চিকিৎসালয়। **কুষ্ঠী**(-ষ্ঠিন্) *বিণ* কুষ্ঠ রোগ সম্পন্ন। □*বি* যার কুষ্ঠরোগ হয়েছে; কুঠে (কুষ্ঠীর চরণে পড়ি হইলাম ধন্য—*রজসে*)। {*স.* √কুষ্+থ(কথন্) অথবা, কু+√স্থা+অ(ক)}

কুষ্ঠি, কুষ্ঠী [কুশ্‌ঠি] *বি* (*জ্যোশা*) জন্মপত্রিকা; horoscope। {*স.* কোষ্ঠ+ঈ(ঙীপ্) = কোষ্ঠী> (সংস্কৃতে 'কোষ্ঠীপ্রদীপ' নামক জ্যোতিষ গ্রন্থ আছে। কিন্তু মনে করা হয় 'কোষ্ঠী' সংস্কৃত শব্দ নয়)}

কুষ্মাণ্ড, কুষ্মাণ্ড [কুশ্‌মান্‌ডো] *বি* ১ কুমড়া। ২ ছাঁচি কুমড়া। ৩ জরায়ু; গর্ভাশয়। ~**খণ্ড** *বি* কুমড়াজাত এক প্রকার কবিরাজি ঔষধ। ~**লতা** *বি* কুমড়ার লতা (মাচার উপর কুষ্মাণ্ডলতা উঠিয়াছে—*রঠা*)। **অকাল~** *বি* ১ অসময়ে জাত কুমড়া। ২ (*আল.*) ইঁচড়ে পাকা। {*স.* কু+উষ্মা+অণ্ড; *বহু*}

কুসংসর্গ [কুশঙ্‌শর্‌গো] *বি* অসৎসঙ্গ; দুষ্টলোকের সংস্রব। **কুসংসর্গী** *বিণ* অসৎসঙ্গে বাসকারী; দুষ্টলোকের সঙ্গে সংস্রব রক্ষাকারী। {*স.* কু+সংসর্গ; *কর্মধা*}

কুসংস্কার [কুশঙ্‌শ্‌কার্] *বি* চিরাচরিত ভ্রান্ত ধারণা বা বিশ্বাস; সামাজিক প্রথা বা ধর্মাদি বিষয়ে যুক্তিহীন বিশ্বাস; superstition। ~**মূলক** *বিণ* ভ্রান্ত বা যুক্তিহীন ধারণা বা বিশ্বাস থেকে উদ্ভূত। **কুসংস্কারাচ্ছন্ন, কুসংস্কারাপন্ন, কুসংস্কারাবিষ্ট** *বিণ* কুসংস্কার দ্বারা আচ্ছন্ন; চিরাচরিত ভ্রান্ত বা যুক্তিহীন ধারণার বশীভূত। {*স.* কু+সংস্কার; *কর্মধা*}

কুসঙ্গ [কুশঙ্‌গো] *বি* অসৎ সংসর্গ। দুষ্টের সংস্রব। **কুসঙ্গী** *বিণ* দুষ্ট সঙ্গী; অসৎ বন্ধু। {*স.* কু+সঙ্গ; *কর্মধা*}

কুসিম্বী [কুশিম্‌বি] *বি* শিমের গাছ বা লতা। {*স.* কু+√সিম্ব+অ+ঈ}

কুসী [কুশি] *বি* ১ কচি আম। ২ আম বা অন্য যে কোনো গাছের কচিপাতা (আমের কুসী জাবাবো—*বিব*)। {*স.* কোশ+ঈ(ঙীপ্)>}

কুসীদ, কুশীদ, কুষীদ [কুশিদ্] *বি* ১ সুদ (পাপ-ভীরু কৃপণের লক্ষ্য শুধু পুণ্যের কুসীদ—*মোম*)। ২ সুদে ঋণদান ব্যবসা; তেজারতি। ~**জীবী** *বি* সুদখোর; যে সুদে টাকা ধার দিয়া জীবিকা অর্জন করে। ~**ব্যবহার** *বি* ১ সুদে টাকা খাটানো; তেজারতি। ২ সুদকষা। {*স.* কুস্+ঈদ}

কুসুম¹ [কুশুম্] *বি* ফুলবিশেষ; বস্ত্রাদি রঞ্জনে ব্যবহৃত কুসুম্ভ ফুল (ফুটিছে কুসুম ফুল মঞ্জু কুঞ্জবনে—*মদ*)। {*স.* √কুস্+উম}

কুসুম², কুসম, কুষম [কুশুম্, কুশম্, -] *বিণ* ঈষৎ উষ্ণ; কবোষ্ণ; সামান্য গরম। **কুসুম কুসুম** *বিণ* অল্প অল্প; অল্প উষ্ণ। {*স.* √কুস্+উম}

কুসুম[১] [কুশুম] *বি* ১ পুষ্প; ফুল। ২ স্ত্রীলোকের ঋতুস্রাব। ৩ নেত্ররোগবিশেষ। ৪ ডিমের হলদে অংশ। ~**কলি**, ~**কলিকা** *বি* ফুলের কুঁড়ি; পুষ্পকোরক। ~**কানন** *বি* ফুলবাগান (যে কালে ফুটে লো ফুল, কোকিল কুহরে, সেই কুসুম কাননে—*মদ*)। ~**কুন্তলা** *বিণ স্ত্রী.* ১ পুষ্পকেশী। ২ পুষ্পে শোভিতা (মধুকালে বনস্থলী কুসুম-কুন্তলা—*মদ*)। ~**কোমল**, ~**পেলব** *বিণ* ফুলের ন্যায় নরম পুষ্পবৎ কোমল। ~**কোরক** *বি* ফুলের কুঁড়ি; পুষ্পকলিকা। ~**দাম** *বি* ১ ফুলের মালা। ২ পুষ্পরাশি (কুসমদাম সজ্জিত—*মদ*)। ~**মালিকা** *বি* ১ ফুলের ক্ষুদ্র মালা। ২ সংস্কৃত ছন্দবিশেষ। ~**শয্যা**, ~**শয়ন** *বি* ১ ফুলশয্যা; নরম বিছানা। ২ *(আল.)* আরাম। ~**স্তবক** *বি* পুষ্পগুচ্ছ; ফুলের তোড়া। **কুসুমাকর, কুসুমাগম** *বি* বসন্তকাল; যে ঋতুতে যথেষ্ট ফুল ফোটে। **কুসুমাঞ্জলি** *বি* অঞ্জলিপূর্ণ পুষ্পরাশি; পুষ্পাঞ্জলি। **কুসুমাদপি** *বিণ* ফুলের চেয়েও; পুষ্প অপেক্ষাও (ন্যায়ের প্রতি কুসুমাদপি কোমল হইবেন—*ইহ্যে*)। **কুসুমাসব** *বি* ফুলের মধু; পুষ্পরস। **কুসুমাস্তীর্ণ** *বিণ* পুষ্পাবৃত; ফুলে ঢাকা। **কুসুমিত** *বিণ* পুষ্পিত; কুসুমযুক্ত। **কুসুমিতা** *বিণ স্ত্রী.* ১ পুষ্পিতা। ২ রজস্বলা। {*স.* √কুস্+উম}

কুসুম্ভ, কুসুম্ব [কুশুমভো, -বো] *বি* ১ কুসুম নামক ফুল (চন্দন কুসুম্ভ চুয়া কুস্তুরী কর্পূর—*সৈআ*)। ২ কুসুম ফুলের গাছ বা রং (সুগন্ধি কুসুম্ব রঙ্গে মার্জন করাইল অঙ্গে—*দৌবা*)। ~**রাগ** *বি* অস্থায়ী রং (এমন ভালবাসার নাম দিলেন কবিরা কুসুম্ভরাগ—*অঠা*)। **কুসুম্ভা** *বি* ১ কুসুম ফুলের রং। ২ সিদ্ধি মিশানো পানীয় বা খাদ্যবিশেষ (দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা—*ভারা*)। **কুসুম্ভী** *বিণ* কুসুম ফুলের রঙে রঞ্জিত; কুসুম ফুলের মতো রং মিশ্রিত (তনুত কুসুম্ভী চীর মুখেতে তাম্বুল—*সৈআ*)। {*স.* √কুস্+উম্ভ, *স.* কুসুম্ভ>*বা.* কুসুম্ব}

কুস্তি, কুস্তী [কুস্‌তি] *বি* ১ মল্লযুদ্ধ। ২ ব্যায়াম। ~**গির**, ~**বাজ** *বি* মল্ল; পালোয়ান; কুস্তিতে পারদর্শী ব্যক্তি। {*ফা.* কাশতী کشتی }

কুস্বপ্ন [কুশপনো] *বি* ১ দুঃস্বপ্ন; অমঙ্গলসূচক স্বপ্ন। ২ দুরাশা। {*স.* কু+স্বপ্ন; *কর্মধা.*}

কুস্বভাব [কুশভাব] *বি* মন্দ চরিত্র; অসৎ প্রকৃতি। □ *বিণ* মন্দ চরিত্রবিশিষ্ট। **কুস্বভাবা** *স্ত্রী.*। {*স.* কু+স্বভাব; *কর্মধা.*}

কুহক [কুহক] *বি* ১ মায়া; ভেলকি; ইন্দ্রজাল; magic। ২ ছলনা; প্রতারণা (পাপের কুহক ভাঙ্গিয়াছেন—*এঅ*)। ৩ সর্পবিশেষ (তমাল পরে নৃত্য করে কুহক কেকা উচ্চারি—*সদ*)। ৪ অন্ধকার; আচ্ছাদন (বাণের কুহকে নাহি জানি রাত্রিদিন—*কৃও*)। ~**জাল** *বি* ইন্দ্রজাল; ফাঁদ; মোহিনীশক্তি (শয়তানের কুহক-জাল ছিঁড়বেই ছিঁড়বে—*আফ*)। **কুহকী** (-কিন্) *বিণ* মায়াবী; যাদুকর; ঐন্দ্রজালিক; magician (কুহকী নিদ্রার বশে সংজ্ঞাহীন আমি—*সদ* ; এই কুহকী পূর্ণিমার অপূর্ব সৌন্দর্যের ডাকে—*প্রচৌ*)। {*স.* √কুহি+অক(ণ্বুল্)}

কুহতুর ⇒ কোহিতুর

কুহর [কুহর] *বি* ১ গর্ত; ছিদ্র; গহ্বর (গহন প্রাণ কুহর মাঝে—*সদ*)। ২ কণ্ঠধ্বনি; কণ্ঠস্বর। {*স.* √কুহ্+√রা+অ(ক)}

কুহরণ [কুহরন] *বি* ১ কুহুধ্বনি; কোকিল ইত্যাদির ডাক বা কূজন। ২ কুহুধ্বনি করণ। {*স.* কুহ+√রা+অ(ক)}

কুহরা[১] [কুহরা] *বি* গুহা; গহ্বর (মাঝা দেখি সিংহ গেল। পর্বত কুহরা—*বচদা*)। {*স.* কুহর+আ}

কুহরা[২] [কুহরা] *ক্রি* কুহুধ্বনি করা। **কুহরই, কুহরয়** *(প্রাবা. পদ্য.) ক্রি* কুহুধ্বনি করে (কুহু কুহু করি কোকিল কুহরই—*বিপ*)। **কুহরিত** *বিণ* ১ কূজিত; ধ্বনিত। ২ কূজনে রত; মুখরিত (সেই কুহরিত পিক শিরীষের ডালে—*রঠা*)। **কুহরিল** *(পদ্য.) ক্রি* কুহুধ্বনি করল। {*স.* কুহর+*বা.* আ=কুহরা}

কুহা ⇒ কুহেলিকা

কুহ-ই-কাফ ⇒ কোকাফ

কুহিনূর ⇒ কোহিনুর

কুহু, কুহূ [কুহু] *বি* ১ কোকিলের কূজন (একে কুলকামিনী তাহে কুহু যামিনী—*গোদা*)। ২ অমাবস্যা (কিরণে পূর্ণিমা ভ্রম কুহূর তামসী—*ঘচ*)। ~**কণ্ঠ** *বি* কোকিল। ~**তান** *বি* কোকিলের গান। ~**রব** *বি* ১ কোকিলের ডাক। ২ কোকিল। {*স.* √কুহি+উ, ঊ}

কুহেলি, কুহেলী, কুহেলিকা, কুহা, কূহা [কুহেলি, -, -কা, কুহা, -] *বি* কুয়াশা, কুজ্ঝটিকা (সহসা কুহেলি পড়িল টুটিয়া—*সদ*)। {*স.* কু+√হেড়্+ই(ইন্) = কুহেড়ি, কুহেলি; +ঈ(ঙীপ্); কুহেলি+ক(কন্)+আ(টাপ্) কুহেলিকা}

কুহোর *(মবা.)* [কুহোর] *বি* অন্ধকার (কুহোর তামসী—ধন)। {*স.* কুহূ>}

কুহ্‌কাফ ⇒ কোকাফ

কূচিকা [কুচিকা] *বি* তুলিকা; ক্ষুদ্র তুলি। {*স.* √কূচ্+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

কূজন [কুজন] *বি* ১ পাখির ডাক; কাকলি। ২ অব্যক্ত ধ্বনি। **কূজিত** *বিণ* ধ্বনিত; পাখির ডাকে মুখরিত। {*স.* √কূজ্+অন(ল্যুট্)}

কূট [কুট্] *বিণ* ১ কুটিল; অসরল; বক্র (কূটবুদ্ধি)। ২ জটিল; দুর্বোধ (কূট প্রশ্ন)। ৩ জাল; মিথ্যা; কপট (কূটসাক্ষী)। ৪ শঠ; অসরল (কূট চরিত্র)। ৫ তীব্র; মারাত্মক (সে হাতে কূট বিষ দিতে হবে—*নই*)। ৬ রাষ্ট্রীয় ব্যাপারে চাকরি যা গোপনতাপূর্ণ। □ *বি* ১ দুর্বোধ্য উক্তি বা বাক্য; জটিল কথা; অস্পষ্ট বিষয় (ব্যাসকূট)। ২ পর্বতশৃঙ্গ (চিত্রকূট)। ৩ চূড়া (দিল্লী প্রাসাদ-কূট—*রঠা*)। ৪ মৃগাদি ধৃত করার ফাঁদ; জাল (কূট যন্ত্র)। ৫ স্তূপ (অন্নকূট)। ৬ ছলনা। ৭ বিরোধাভাস; আপাতবিরোধী উক্তি; paradox। ~**কচাল** *বিণ* ১ অন্তরায়; বাধা-বিঘ্ন। ২ জটিলতা; ঘোরপ্যাঁচ। ৩ বাজে তর্ক; ঘোর তর্কবিতর্ক।

~**কচালে**, ~**কচালিয়ে** *বিণ* ১ দুর্বোধ; জটিল। ২ কুটিল; অসরল। ৩ বাধাসঙ্কুল; বিঘ্নময়। ৪ কলহপ্রিয়; কূটতর্ককারী। ~**কর্ম** *বি* ১ জালিয়াতি; প্রতারণা। ২ জুয়াচুরি। ~**কৌশল** *বিণ* চতুর কৌশল (এদেশবাসীর বিরুদ্ধে এদেশবাসীকে দাঁড় করাবার কূটকৌশল—*আচৌ*)। ~**তার্কিক** *বি* যে ন্যায়বিরুদ্ধ তর্ক করে (যাকে বলে কূটতার্কিক তাই আমি—*শচ*)। ~**নীতি** *বি* ১ কপটতা; কুটিলতাপূর্ণ নীতি। ২ জটিল রাজনীতি; রাষ্ট্র চালানোর উপযোগী কৌশলপূর্ণ নীতি; diplomacy। ~**নৈতিক**, ~**নীতি** *বিণ* ১ কৌশল বা কুটিলতাপূর্ণ রাজনীতি সম্বন্ধীয়। ২ রাজনীতিজ্ঞ; diplomacy। ~**প্রশ্ন** *বি* ছলনা বা জব্দ করার জন্য যে প্রশ্ন করা হয়। ~**বন্ধ** *বি* জাল; ফাঁদ। ~**যোদ্ধা** *বি* ছলনার আশ্রয়ে যুদ্ধকারী; প্রতিদ্বন্দ্বীর অজ্ঞাতে কৌশলে যে যুদ্ধ করে। ~**সাক্ষী** *বি* জাল বা মিথ্যা সাক্ষী। {*স.* √কূট্+অ(অচ্)}

কূটজ, **কুটজ** [কুটজো] *বি* কুড়চি বৃক্ষ; তিক্ত স্বাদ এক প্রকার বৃক্ষ। **কূটজ কুসুম** *বি* কুড়চি ফুল। {*স.* কূট+√জন্+অ(ড)}

কূটস্থ [কুটোস্‌থো] *বিণ* ১ (*দর্শন.*) অপরিবর্তনীয় নিত্য; চিরস্থায়ী—যেমন আত্মা। ২ (*দর্শন.*) গূঢ়; অন্তর্ব্যাপ্ত (কূটস্থ চৈতন্য)। ৩ (*দর্শন.*) নির্বিকার। {*স.* কূট+√স্থা+অ(ক)}

কূটাগার [কুটাগার] *বি* ১ চিলে কোঠা; দালানের উপরিস্থিত গৃহ। ২ প্রহরীর জন্য দুর্গ প্রাকারের উপরে নির্মিত গৃহ (watch-tower)। {*স.* কূট+আগার}

কূটাভাস [কুটাভাশ্] *বি* অসম্ভব বা বিরুদ্ধ মনে হলেও প্রকৃতপক্ষে সত্য এমন বাক্যালঙ্কার; paradox। {*স.* কূট+আভাস}

কূটার্থ [কুটারথো] *বি* ১ জটিল অর্থ। ২ গূঢ় বা গুপ্ত অর্থ। ৩ বিপরীত অর্থ। [*স.* কূট+অর্থ]

কূপ [কুপ্] *বি* ১ কুয়া; ইঁদারা; পাতকুয়া। ২ গর্ত; ছিদ্র (লোমকূপ)। ~**মণ্ডূক** *বি* ১ কুয়ার ব্যাঙ। ২ (*আল.*) সীমাবদ্ধ জ্ঞানবিশিষ্ট; অল্পজ্ঞ; কুয়ার ব্যাঙের ন্যায় সংকীর্ণ স্থানে আবদ্ধ। ৩ (*আল.*) সংকীর্ণচেতা লোক। {*স.* √কু+উপ অথবা √কু+অপ্}

কূপোদক [কুপোদক] *বি* কুয়োর পানি; কুয়োর জল। {*স.* কূপ+উদক; ৬তৎ}

কূর্চ [কুরচো] *বি* ১ ভ্রূদ্বয়ের মধ্যস্থল। ২ "হুং" এই বীজমন্ত্র। ৩ পশুলোমের তুলি। ৪ তৃণগুচ্ছ। {*স.* √কূচ্+উর্(ভুর্চ)}

কূর্চিকা [কুরচিকা] *বি* ১ তুলি। ২ ছোট কুচি। ৩ তক্র অর্থাৎ ঘোল। {*স.* কূর্চ+ইক (ঠন্)+আ}

কূর্ম [কুরমো] *বি* কচ্ছপ (তিন জনকে নৌকার ডহরে রজ্জুবদ্ধ কূর্মের ন্যায় ফেলিয়া রাখা হইল—*ইহো*)। **কূর্মী** *স্ত্রী*। ~**পুরাণ** *বি* হিন্দুদের অষ্টাদশ পুরাণের অন্যতম 'কূর্ম' নামক পুরাণ। ~**পিঠ**, ~**পৃষ্ঠ** *বি* ১ কচ্ছপের পিঠ (কূর্মপৃষ্ঠে তিষ্ঠাইলা দাসীরে প্রলয়ে কূর্মরূপে—*মদ*)। ২ অসমতল ভূপৃষ্ঠ (তোমারি তপে হেরি এই কঠোর কূর্মপিঠ শস্যময়—*সদ*)। {*স.* কে (জলে) + ঊর্মি (বেগ); বহু}

কূল [কুল্] *বি* ১ তীর; কিনারা (নদীর কূল)। ২ আশ্রয় (অকূলে কূল পাওয়া)। ৩ সীমা; অন্ত; অবধি (দুঃখের কূল নাই)। ~ **করা** *ক্রি* গতি করা। ~**কিনারা** *বি* ১ প্রতিকার; গতি; মুক্তির উপায় (বোনের কোন কূল-কিনারা করিতে পারিলেন না—*সৈও*)। ২ নিষ্কৃতি। ~**ছাড়া** *বিণ* উপায়হীন; দিশাহারা (কূল-ছাড়া মোর নেয়ে—*রঠা*)। ~**ঙ্কষ**, ~**ঙ্কষা** *বি* যে নদ বা নদী তীরভূমিকে বিধ্বস্ত ও প্লাবিত করে। ~**প্লাবী**(~বিন্) *বিণ* তীরভূমিকে ডুবিয়ে দেয় এমন। ~**বতী** *বি* নদী। {*স.* √কূল্+অ(ক)}

কূহা ⟹ কুহেলিকা

কৃকলাস, **কৃকলাশ** (বিরল) [ক্রিকোলাশ্] *বি* ১ কাঁকলাস। ২ গিরগিটি; বহুরূপী (মুখ্য লেখকেরা অধুনালুপ্ত কৃকলাসজাতির সমগোত্রীয় নন—*সুদ*)। {*স.* কৃক+√লস্+ণিচ্+অ(অন্)}

কৃচ্ছ্র [ক্রিচ্‌ছ্রো] *বি* ১ কষ্টসাধ্য ধর্মকার্য (আমি কৃচ্ছ্র সাধনার প্রতীক—*আহা*)। ২ শারীরিক ক্লেশ; শরীর পীড়ন, কষ্ট। ☐ *বিণ* কষ্টসাধ্য (কৃচ্ছ্রব্রত)। ~**সাধনা**, ~**তাপ** *বি* অতীব কষ্টসাধ্য ব্রত বা সাধনা (কৃচ্ছ্র-তাপের পারে পেয়েছে যে পরম নিধি, শান্তি-সুধা বারি—*সদ*)। {*স.* √কৃৎ+র(রক্)+অ(অচ্)}

কৃৎ [ক্রিত্] *বি* (*ব্যা.*) ধাতুর উত্তর বিহিত প্রত্যয়কে 'কৃৎপ্রত্যয়' বলে। {*স.* √কৃ+ক্বিপ্}

~**কৃৎ** [কৃত্] যে করে বা করেছে; কর্তা; সম্পাদক প্রভৃতি অর্থসূচক (পথিকৃৎ, গ্রন্থকৃৎ)। {*স.* কৃ+ক্বিপ্}

কৃত[১] [ক্রিতো] *বি* সত্যযুগ (কৃতযুগ)। {*স.* √কৃ+ত(ক্ত)}

কৃত[২] [ক্রিতো] *বিণ* ১ রচিত; সম্পাদিত; সাধিত; করা হয়েছে এমন; আচরিত। ২ শিক্ষাপ্রাপ্ত; লব্ধ; আহৃত (কৃতবিদ্য)। ৩ রচিত (আলাওলকৃত পদ্মাবতী)। ৪ নির্মিত; গঠিত (মুঘলকৃত হর্ম্য)। ৫ গৃহীত (কৃতদার)। ৬ নির্ধারিত; নিযুক্ত (কৃত-বেতন, কৃতদাস)। ৭ পূর্ণ; সফল (কৃতকার্য)। ~**ঋণ** *বিণ* অন্য ভাষা থেকে ধার করা হয়েছে এমন (কৃতঋণ শব্দ)। ~**কর্ম** *বি* করা হয়েছে এমন কাজ (কৃত কর্মের ফল ভোগ)। ~**কর্মা**, **করিতকর্মা** *বিণ* ১ কৃতী; কর্মপটু; কার্যদক্ষ। ২ অভিজ্ঞ। ৩ নিজ হাতে কাজ করেছে এরূপ (কৃতকর্মা ব্যক্তি)। ~**কাম** *বিণ* সিদ্ধকাম; পূর্ণমনোরথ; কৃতার্থ। ~**কার্য** *বিণ* কার্য সম্পন্ন হয়েছে এমন; সফলকাম। **কৃতকার্যতা** *বি*। ~**কৃত্য** *বিণ* ১ কৃতকার্য; সফলকাম; চরিতার্থ। ২ কৃতবিদ্য। ~**তীর্থ** *বিণ* তীর্থ দর্শন এবং তার আনুষঙ্গিক সৎকার্যাদি করে ফিরেছে এমন। ~**দার** *বিণ* বিবাহিত; পত্নী গ্রহণ করেছে এমন। ~**দাস** *বি* বিশেষ নিয়মে বা নির্দিষ্ট সময়ের জন্য আবদ্ধ ভৃত্য। ~**দাসী** *স্ত্রী*। ~**ধী** *বিণ* ১ স্থিরচিত্ত; বিজ্ঞ। ২ মার্জিতবুদ্ধি। ~**নিশ্চয়** *বিণ* ১ দৃঢ়প্রতিজ্ঞ; স্থির সঙ্কল্প; কর্তব্য নিরূপণ করেছে এমন। ২ সাফল্য সম্পর্কে নিঃসংশয়। ~**নিশ্চয়তা** *বি*। ~**পূর্ব** *বিণ* পূর্বানুষ্ঠিত; পূর্বে কৃত। ~**ফলা** *বি* আলকুশি। ~**বর্মা** *বিণ* বর্ম ধারণকারী।

~বিদ্য *বিণ* সুশিক্ষিত; বিদ্বান (হাল নিয়মের কৃতবিদ্য দারোগা—*রঠা*)। ~বিদ্যতা *বি*। ~বীর্য *বিণ* বীরত্ব লোকমুখে কীর্তিত এমন। ~সংকল্প, ~সঙ্কল্প *বিণ* দৃঢ়প্রতিজ্ঞ; স্থির নিশ্চয়। { *স.* √কৃ+ত(ক্ত)}

কৃতক [কৃতক] *বিণ* প্রকৃত নয় কিন্তু করা হয়েছে এমন; কল্পিত; দত্তক; কৃত্রিম (কৃতক পুত্র)। ~**পুত্র** *বি* পোষ্যপুত্র; দত্তক। { *স.* কৃত+ক(কন্)}

কৃতঘ্ন [কৃতঘ্নো] *বিণ* উপকারীর উপকার স্বীকার করে না এমন; উপকারীর অপকার করে এমন; নিমকহারাম; অকৃতজ্ঞ (কৃতঘ্ন ব্যক্তি নিরতিশয় নিন্দনীয় হইয়া থাকে—*ঈবি*)। **কৃতঘ্না** *স্ত্রী.*। ~**তা** *বি* { *স.* কৃত+√হন্+অ(ক)}

কৃতজ্ঞ [কৃতগ্গোঁ] *বি* যে উপকারীর উপকার স্বীকার করে; যে উপকারীর নিকট ঋণী মনে করে; যে উপকারীর প্রত্যুপকারের চেষ্টা করে (এই বেলা, ওরে মন, বল অশ্রুধারে কৃতজ্ঞ বচন—*রঠা*)। ~**তা** *বি*। ~**চিত্ত**, ~**হৃদয়** *বি* কৃতজ্ঞতাপূর্ণ মন; যার চিত্ত কৃতজ্ঞতায় ভরা। { *স.* কৃত+√জ্ঞা+অ(ক)}

কৃতযুগ [কৃতোজুগ্] *বি* সত্যযুগ। { *স.* কৃত+যুগ}

কৃতাঞ্জলি [কৃতান্জোলি] *বিণ* বদ্ধাঞ্জলি; হাত জোড় করেছে এমন। ❑ *বি* জোড়হাত; যুক্তকর। ~**পুটে** *ক্রিবিণ* হাতজোড় করে (কৃতাঞ্জলিপুটে সম্মুখে দণ্ডায়মান হইলেন—*ঈবি*)। { *স.* কৃত+অঞ্জলি}

কৃতান্ত [কৃতান্তো] *বি* যম; শমন; আজরাইল; মৃত্যুদূত (কৃতান্তের প্রায় অগণিত ভীমবাহু সেনা—*কায়*)। { *স.* কৃত+অন্ত; বহু}

কৃতাপরাধ [কৃতাপোরাধ্] *বিণ* অপরাধ করেছে এমন; অপরাধী; দোষী। { *স.* কৃত+অপরাধ; বহু}

কৃতাভিষেক [কৃতাভিশেক্] *বিণ* অভিষেক ক্রিয়া সম্পন্ন হয়েছে এমন; অভিষিক্ত। { *স.* কৃত+অভিষেক; বহু}

কৃতার্থ, কেতাত্থ [কৃতারথো, কেতাত্থো] *বিণ* ১ সফল; সিদ্ধকাম; চরিতার্থ (আজি পূর্ণ কৃতার্থ জীবন—*রঠা*)। ২ ধন্য (মরণে কৃতার্থ করি প্রাণ—*রঠা*; তিনি এসে আমায় কৃতার্থ করে দিলেন—*নই*)। { *স.* কৃত+অর্থ; বহু}

কৃতার্থম্মন্য [কৃতারথোমমন্নো] *বিণ* নিজেকে কৃতার্থ বলে মনে করে এমন (পিতা-মাতার সেবা করে পুত্রকন্যা নিজেদের কৃতার্থম্মন্য বলে গৌরববোধ করে)। { *স.* কৃতার্থ+√মন্+য (ম্ আগম); বহু}

কৃতাহ্নিক [কৃতান্হিক্] *বিণ* সন্ধ্যা বন্দনাদি নিত্য কর্ম সম্পাদন করেছে এরূপ। { *স.* কৃত+আহ্নিক; বহু}

কৃতি [কৃতি] *বি* ১ কার্য; সম্পাদিত কর্ম। ২ নির্মাণ; রচনা (কৃতির পুরস্কার)। ৩ নির্মিত বস্তু। ৪ যত্ন; চেষ্টা; সাধনা (কৃতিসাধ্য)। ~**স্বত্ব** *বি* আবিষ্কারক ভিন্ন অন্যে পণ্যদ্রব্য প্রস্তুত করে বিক্রি করতে না পারে তার আইনগত ব্যবস্থা; patent। { *স.* √কৃ+তি(ক্তি)}

কৃতিত্ব [কৃতিত্তো] *বি* কার্যদক্ষতা; নিপুণতা; উপযুক্ততা। { *স.* কৃতিন্(>কৃত+ইন্)+ত্ব}

কৃতী [কৃতি] *বিণ* ১ নিপুণ; কর্মকুশল; কার্যক্ষম। ২ মহৎ কাজে সফলতা লাভ করে খ্যাত হয়েছে এমন। কৃতকার্য (কৃতী ছাত্র)। ৩ পণ্ডিত। { *স.* কৃত+ইন(ইনি)}

কৃতোদ্বাহ [কৃতোদ্‌বাহো] *বিণ* বিবাহিত; পরিণীত। { *স.* কৃত+উদ্বাহ}

কৃতোপকার [কৃতোপোকার] *বিণ* ১ উপকারী; অপরের উপকার করেছে এমন। ২ উপকৃত; উপকার করা হয়েছে এমন। { *স.* কৃত+উপকার}

কৃত্ত [কৃত্‌তো] *বিণ* খণ্ডিত; কর্তিত; ছিন্ন। { *স.* √কৃৎ+ত(ক্ত)}

কৃত্তি [কৃত্‌তি] *বি* ১ পশুচর্ম (কৃত্তিবাস)। ২ ত্বক। { *স.* √কৃৎ+তি(ক্তি)}

কৃত্তিক [কৃত্‌তিক্] *বি* উপরিস্থ চর্ম; ছাল; বাইরের চামড়া; cuticle। { *স.* √কৃৎ+তিক(তিকন্)}

কৃত্তিকা [কৃত্‌তিকা] *বি* ১ একটি নক্ষত্রের নাম (চাঁদ চলে গেছে, কৃত্তিকা গেল, মধ্যরাত্রি—*বিদে*)। ২ হিন্দু পুরাণোক্ত কার্তিকের ছয় ধাত্রীর অন্যতম। { *স.* √কৃৎ+তিক (তিকন্)+আ(টাপ্)}

কৃত্তিবাস [কৃত্‌তিবাশ্] *বি* ১ হিন্দুদের দেবতা মহাদেব; শিব; যিনি বাঘের ছাল পরিধান করেন। ২ বাংলা ভাষায় রামায়ণ রচনাকারী কবি (কৃত্তিবাস নাম তব! কীর্তির বসতি সতত তোমার নামে—*মদ*)। **কৃত্তিবাসী** *বিণ* কৃত্তিবাস রচিত (কৃত্তিবাসী রামায়ণ)। { *স.* কৃত্তি+বাস; বহু}

কৃত্য [কৃত্‌তো] *বিণ* ১ করতে হবে বা করা উচিত এমন; করণীয়; কর্তব্য। ২ কর্ম; কর্তব্যকার্য (প্রাতঃকৃত্য)। ❑ *বি* (*ব্যা.*) তব্য, অনীয়, য প্রভৃতি প্রত্যয়। ~**ক** *বি* সরকারি চাকরি; service। **কৃত্যা** *বি স্ত্রী.* ১ ছলনা; কারসাজি; তুকতাক; অভিচার (কৃত্যা রূপে চারি শয্যা রচিল কুমারী—*দৌবা*)। ২ ক্রিয়া; কার্য। { *স.* √কৃ+য(ক্যপ্) (ত আগম)}

কৃত্রিম [কৃত্‌ত্রিম্] *বিণ* ১ ক্রিয়াসিদ্ধ, স্বভাবজ বা প্রকৃতি সৃষ্ট নয় এমন। ২ কৌশলে প্রস্তুত; নকল (কৃত্রিম রেশম)। ৩ জাল; মেকি। ৪ কপট; মিথ্যা; অপ্রকৃত (কৃত্রিম ভালোবাসা)। ~**তা** *বি*। ~**রাশি** *বি* অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন রাশি; যে রাশি মৌলিক নয়। { *স.* √কৃ+ত্রি(ক্তি)+ম (মপ্) অথবা, √কৃ+ত্রিম(ত্রিমক্)}

কৃদন্ত [কৃদন্‌তো] *বিণ* (*ব্যা.*) কৃৎপ্রত্যয়ান্ত (কৃদন্ত শব্দ) ❑ *বি* যে সকল শব্দ কৃৎ-প্রত্যয় দ্বারা সাধিত হয়েছে; কৃৎ-প্রত্যয়ান্ত শব্দ। { *স.* কৃৎ+অন্ত; বহু}

কৃন্তক [কৃন্‌তক্] *বিণ* কর্তনকারী; ছেদনকারী। ❑ *বি* কর্তনকারী দন্ত; ছেদনকারী দাঁত। { *স.* √কৃৎ+অক(ণ্বুল্)}

কৃন্তন [কৃন্‌তন্] *বি* কর্তন; ছেদন। { *স.* √কৃৎ+অন(ল্যুট্)}

কৃপণ, কিরপিন [কৃপোন্, কিরপিন্] বিণ ১ অত্যন্ত ব্যয়কুণ্ঠ; কিপটে; কঞ্জুস; খরচ না করে কেবল সঞ্চয়

করতে চায় এমন (লোকে বলত আমি নাকি বড্ড কিরপিন —*নই*)। ২ অনুদার; নীচপ্রবৃত্তি। **কৃপণা** *স্ত্রী*। **কৃপণতা, কার্পণ্য** *বি*। **কৃপণের কড়ি কৃপণের ধন** *বি* খরচ না করে অত্যন্ত যত্নের সঙ্গে যে অর্থ সঞ্চয় করা হয়। {*স.* √কৃপ্+অন(ক্যুন্)=কৃপণ> কিরপিন (স্বরভক্তিতে)+ ত(পন), য(ষ্যঞ্)}

কৃপা [কৃপা] *বি* ১ করুণা; দয়া; অনুগ্রহ (কৃপাসিন্ধু)। ২ অনুকম্পা (কৃপার পাত্র)। ৩ প্রসন্নতা (কৃপাদৃষ্টি)। **~কটাক্ষ, ~দৃষ্টি, ~নেত্র, ~বলোকন** *বি* সদয় দৃষ্টি; করুণাপূর্ণ দৃষ্টি (কর মোরে কৃপাবলোকন—*কমু*)। **~নিধি** *বিণ* অসীম দয়াবান। **~পাত্র** *বি,বিণ* করুণা-ভাজন; অনুগ্রহ লাভের উপযুক্ত ব্যক্তি। **~বর্ষণ** *বি* করুণা প্রদর্শন। **~বান, ~ময়, ~লু** *বিণ* অত্যন্ত দয়ালু; করুণাময় (প্রশস্ত হাতের অনুদার কৃপালু দয়ায়—*রশ্মি*)। **~লেশ, ~বিন্দু** *বি* সামান্য করুণা। **~সিন্ধু** *বিণ* দয়ার সাগর; অসীম দয়াবান। {*স.* √কৃপ্+অ(অঙ্)+আ(টাপ্)}

কৃপাণ [কৃপান্] *বি* ১ তরবারি; অসি; খড়্গ (বাজিল তুমুলযুদ্ধ, কৃপাণে কৃপাণে—*কায়*)। ২ ছোরা। **~পাণি** *বিণ* খড়্গহস্ত; অসিধারী (মহাতেজা তাই মুরের অশ্বারোহ কৃপাণ-পাণি-মূর্তি—*ইহো*)। {*স.* √কৃপ্+আন(আনক্)}

কৃপীট, কৃপিট (*মবা.*) [কৃপিট্] *বি* অগ্নি; অনল; বহ্নি (আসর চন্দন যত মলয়া সমীর। কৃপীট সমান দহে আবরণ চীর—*সৈআ*; কান্ত অভাগিনী কৃপিট ভক্ষিণু পুনি—*দৌবা*)। **~যোনি** *বি* অগ্নি; আগুন। {*স.* √কৃপ্+ ণিচ্+অট}

কৃমি, ক্রিমি [কৃমি] *বি* ১ প্রাণীদেহের অন্ত্রে বসবাস-কারী অমেরুদণ্ডী ক্ষুদ্রাকৃতি প্রাণীবিশেষ। ২ কীট; পোকা। ৩ শুয়ো পোকার মতো ক্ষুদ্র ও সরু কীটবিশেষ; worm। **~ঘ্ন** *বিণ* কৃমিনাশক। ☐ *বি* যে ঔষধে পেটের কৃমি বিনষ্ট বা দূর হয়। **~জ** *বিণ* কৃমি থেকে উৎপন্ন; কৃমিজাত; কীটজ। ☐ *বি* লাক্ষা। **~ল** *বিণ* কৃমিপূর্ণ। {*স.* √ক্রম্+ই(ইন্)}

কৃশ [কৃশো] *বিণ* ১ রোগা; শীর্ণ, ক্ষীণ। ২ দুর্বল; কাহিল। **কৃশতা, কার্শ্য** *বি*। {*স.* √কৃশ্+ত(ক্ত), নিপাতনে; √কৃশ্+অ}

কৃশর, কৃশরান্ন [কৃশর্, কৃশোরানো] *বি* ১ খিচুড়ি। ২ এক প্রকার তিলমিশ্রিত অন্ন। {*স.* কৃশ+ √রা+ অ(ক),+অন্ন}

কৃশাঙ্গ [কৃশাঙ্গো] *বিণ* ১ ক্ষীণকায়; কৃশকায়। ২ দুর্বলদেহবিশিষ্ট; কাহিল শরীরধারী। **কৃশাঙ্গী** *স্ত্রী*। {*স.* কৃশ+অঙ্গ}

কৃশানু, কৃষাণু (বিরল) [কৃশানু] *বি* অগ্নি; আগুন; অনল (জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ—*কমু*)। {*স.* √কৃশ্+আনু(আনুক্)}

কৃশোদর [কৃশোদর্] *বিণ* ১ ক্ষীণোদর; উদর কৃশ এমন। ২ ক্ষীণকটি। **কৃশোদরী** *স্ত্রী*। {*স.* কৃশ+উদর}

কৃষক [কৃশক্] *বি,বিণ* কৃষিজীবী; চাষি; ভূমিকর্ষক; জমি চাষ করে যে; জমিতে কাজ করে যে। {*স.* √কৃষ্+অক}

কৃষাণ, কিষাণ [কৃশান্, কিশান্] *বি* ১ কৃষক; চাষি (পল্লীর কৃষাণের সুখদুঃখ—*কমু*)। ২ চাষের মজুর। ৩ যে জমিতে লাঙ্গল দেয়। **কৃষাণী, কিষাণী** *স্ত্রী*। {*স.* √কৃষ্+আন(আনক্); *তুল. হি.* কিসান}

কৃষাণি, কিষাণি, কিষাণী [কৃশানি, কিশানি, –] *বি* ১ কৃষকের কর্ম; চাষাবাদ; কৃষিকর্ম (ভাগে যত জমি, কিরষাণিতে কমি—*ফগ*)। ২ চাষের মজুরি। ☐ *বিণ* ১ কৃষাণ সংক্রান্ত। ২ কৃষাণের উপযোগী। {*স.* কৃষাণ+ই,>}

কৃষাণু ⇒ কৃশানু

কৃষি [কৃশি] *বি* ১ চাষ; কর্ষণকার্য। ২ কৃষকের কর্ম। **~ঋণ** *বি* কৃষিকর্মের সাহায্যের জন্য সরকারি ঋণ (কৃষিঋণ দিয়ে কৃষি কর্মের উন্নতি বিধান করতে হবে)। **~কর্ম, ~কাজ** *বি* চাষের কাজ; চাষাবাদ। **~কা** *বি* লাঙ্গলের ফাল। **~জাত** *বিণ* কৃষি থেকে উৎপন্ন; জমি চাষের ফলে লব্ধ (কৃষিজাত পণ্যের সুষ্ঠু বিপণন ব্যবস্থা প্রয়োজন)। {*স.* √কৃষ্+ই(ইক্)}

কৃষিজীবী(-বিন্) [কৃশিজিবি] *বিণ* চাষি; কৃষক; কৃষিকর্ম দ্বারা জীবিকা নির্বাহকারী। {*স.* কৃষি+জীবিন্ (জীব্+ইন(ণিনি))}

কৃষীবল [কৃশিবল্] *বি* চাষি; কৃষিজীবী (এই বলিতে বলিতে কৃষিবল বেশধারী শিবজী—*ভূমু*)। {*স.* কৃষি+ বল(বলচ্)}

কৃষ্ট [কৃশ্‌টো] *বিণ* ১ চষা; চষা হয়েছে এমন; কৃষিত। ২ আকৃষ্ট। {*স.* √কৃষ্+ত(ক্ত)}

কৃষ্টি [কৃশ্‌টি] *বি* ১ হালচাষ; কর্ষণ; কৃষিকার্য। ২ সংস্কৃতি। ৩ চর্চা; অনুশীলন। {*স.* √কৃষ্+তি(ক্তি)}

কৃষ্ণ [কৃশ্‌নো] *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণুর অবতারবিশেষ। ২ শ্যাম; কানাই। ☐ *বিণ* ১ কালো; কৃষ্ণবর্ণ; অসিত। ২ নীলবর্ণ। ৩ অন্ধকারময় (কৃষ্ণ রাত্রি)। **~কণ্ঠ** *বি* হিন্দুদেবতা নীলকণ্ঠ শিব (আমি কৃষ্ণকণ্ঠ, মন্থন বিষ পিয়া ব্যথা-বারিধির—*নই*)। **~কলি, ~কেলি** *বি* ছোট ফুল বা তার গাছবিশেষ। **~কায়** *বিণ* কৃষ্ণবর্ণ দেহবিশিষ্ট; কালো চেহারা। **~কীর্তন** *বি* ১ শ্রীকৃষ্ণের নাম কীর্তন; কৃষ্ণবিষয়ক গীত। ২ বড়ুচণ্ডীদাস রচিত কৃষ্ণের লীলা বিষয়ক কাব্য। **~চন্দন** *বি* হরিচন্দন; পীতচন্দন। **~চূড়া** *বি* লাল ও হলদে রঙের ফুল গাছবিশেষ বা তার ফুল; গুল-মোর। **~চ্ছদ** *বি* কালো পোশাক; কৃষ্ণবসন (আমাদের নূতন সভ্যতা শুভ্রবসন ত্যাগ করে কৃষ্ণচ্ছদ অবলম্বন করেছে—*প্রচৌ*)। **~জলদজাল** *বি* কালো মেঘসমূহ; কৃষ্ণবর্ণ মেঘমালা (তাতে আবার নিবিড় কৃষ্ণজলদজালে সমস্ত আকাশটি আচ্ছন্ন—*আফ*)। **~তিথি** *বি* কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে অমাবস্যা পর্যন্ত যে কোনো তিথি। **~দ্বৈপায়ন** *বি* ব্যাস; পরাশর ও সত্যবতীর পুত্র। **~পক্ষ** *বি* চান্দ্রমাসের যে পক্ষে চন্দ্রের ক্ষয় হয়। **~প্রাপ্তি** *বি* মৃত্যুতে হিন্দুদেবতা শ্রীকৃষ্ণকে লাভ; হিন্দুমতে মৃত্যু। **~বর্ণ** *বি* কালো রং। **~বর্ত্মা** *বি* ১ অগ্নি। ২ রাহু। **~যাত্রা** *বি* শ্রীকৃষ্ণের জীবনী

অবলম্বনে রচিত যাত্রা। **~সর্প** *বি* কালোসাপ; কেউটে; কাল কেউটে। **~সার, ~শার** *বি* এক প্রকার হরিণ। **~সারথি** *বি* অর্জুন; যার রথের সারথি স্বয়ং কৃষ্ণ। **~সীস** *বি (রসা.)* কৃষ্ণবর্ণ ধাতুবিশেষ; গ্রাফাইট; graphite। **কৃষ্ণা** *বিণ স্ত্রী.* ১ কৃষ্ণবর্ণা। ২ দ্রৌপদী। ৩ দাক্ষিণাত্যের প্রসিদ্ধ নদীবিশেষ। **কৃষ্ণাগুরু** *বি* কৃষ্ণচন্দন; কালো অগুরু। **কৃষ্ণাজিন** *বি* কৃষ্ণসার মৃগের চামড়া। **কৃষ্ণাভ** *বিণ* কালো আভাযুক্ত; ঈষৎ কৃষ্ণবর্ণ। **কৃষ্ণাষ্টমী** *বি* ১ ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি; শ্রীকৃষ্ণের জন্মতিথি; জন্মাষ্টমী। ২ কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথি। {*স.* √কৃষ্+ ন(নক্)}

কৃষ্য [কৃশশো] *বিণ* চাষের উপযোগী; কৃষির যোগ্য। {*স.* √কৃষ্+য(যৎ)}

কে [কে] *সর্ব* ১ কোনো লোক (কে এসেছে?)। ২ অনির্দিষ্ট কোনো লোক (কে ভালো কে মন্দ, তাতে তোমার কি?)। ৩ দিকে; উদ্দেশ্যে; প্রতি (বেলা যে পড়ে এল জলকে চল—*রঠা*; গুরুকে দক্ষিণা দিয়া ঘরকে গমন—*কৃও*)। ৪ কী সম্বন্ধ অর্থে (তিনি তোমার কে?)। ৫ প্রতি; প্রত্যেক (সেরকে এক ছটাক কম)। **কে কে** *অব্য* কোন কোন ব্যক্তি; কারা। **কেবা** *সর্ব* বোধ হয় কেউই না (কে বা জানে কি তার রূপ?)। {*স.* কিম্>কে (*পু.* ১মা *বহুব*)>*বা.* কে; *মাগধী*—কে}

কেঅট ⇒ কেওট

কেউ, কেউ কেউ, কেউ না কেউ ⇒ কেহ

কেউ কেটা ⇒ কেও কেটা

কেওকেটা, কেউকেটা [কেওকেটা, কেউ-] *বিণ* তুচ্ছ; নগণ্য; যেমন-তেমন; যে-সে। {*বা.* কে+ও+কে+টা}

কেউটিয়া ⇒ কেউটে

কেউটে, কেউটিয়া [কেউটে, কেউটিয়া] *বি* তীব্র বিষধর সাপ বিশেষ; কালসাপ; cobra। {*স.* কৃষ্ণটিকা (যার মস্তকে কালো টিকা আছে এই অর্থে> 'কেউটিয়া'>কেউটে; *স.* কৃষ্ণতিলক>কালটিকা> কেউটিয়া> কেউটে}

কেউর [কেউর] *বি* করভূষণ; হাতের অলঙ্কারবিশেষ। {*স.* কেয়ূর>*প্রা.* কেউর>}

কেওট, কেবট, কেয়ট, কেঅট*(মবা.)* [ক্যাওট্, -বট্, ক্যায়ট্, -] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ; কৈবর্ত বা ধীবর জাতি (চলিলা কেওটকূল নৌকা সব ঠেলি—*সৈআ*)। **কেওটানি** *স্ত্রী.*। {*স.* কৈবর্ত>কেবট্ট> কেবট>কেওট}

কেওড়া [ক্যাওড়া] *বি* ১ কারোয়া; এক প্রকার সুগন্ধি ফুল বা তার গাছ। ২ কেওড়া ফুলের নির্যাস। ৩ কেওড়া ফুলজাত সুগন্ধ পানি (কেওড়ার পানি হাত ধুইবারে এনে দিলো কিঙ্কর—*আহা*)। {*ফা.* করাবিয়া کراویا ; *স.* কেতক>*প্রা.* কেঅঅ+আ; *হি* কেব্‌ড়া}

কেওয়ার, কেওয়াড় [ক্যাওয়ার, -ড়] *বি* কপাট; কবাট; দরজার পাল্লা (আসমানে যাইয়া দিল দুয়ারে কেওয়ার—*সৈহা*)। {*স.* কপাট>*প্রা.* কবাড়>কেওয়াড়}

কেঁউ, কেঁউ কেঁউ [কেঁউ, -, -] *অব্য* কুকুরের আর্ত চিৎকার। {*ধ্বন্যা.*}

কেঁচে ⇒ কাঁচিয়া

কেঁচে গণ্ডূষ [কেঁচে গোন্‌ডুশ্] *বি* অর্ধসমাপ্ত কাজ পুনরায় নতুন করে আরম্ভকরণ (বিদেশী চালচলন সম্বন্ধে আমাদের অনেকেরই একটা বয়সে কেঁচে গণ্ডূষ করতে হয়—*প্রচৌ*)। {কাঁচা>+গণ্ডূষ< √গণ্ড্+উষ(উষণ্)}

কেঁচো, কেচুয়া [কেঁচো, কেচুয়া] *বি* ১ ভূমি মধ্যস্থ কৃমি জাতীয় কীটবিশেষ; মহীলতা; কৃমি সদৃশ পোকা। ২ কেঁচোর মতো হীন বা কৃশকায় ব্যক্তি। **কেঁচো খুঁড়তে সাপ বের হওয়া**—সামান্য বা তুচ্ছ বিষয় থেকে অপ্রত্যাশিতভাবে ভীষণ বিপদের সম্মুখীন হওয়া; সামান্য নিরাপদ কাজ গুরুতর আকার ধারণ করা। {*স.* কিঞ্চুলুক>কেঁচুয়া>কেঁচো; *তুল. হি.* কেঁচুআ}

কেঁড়ে [কেঁড়ে] *বি* ১ দুধ রাখার পাত্রবিশেষ (দুধ দুইবার সময় দুধের কেঁড়ে উল্টে দিয়ে—*অঠা*)। ২ তৈলাদি রাখার জন্য বাঁশের চোঙা বা পাত্র (দুধের কেঁড়ে, তেলের কেঁড়ে)। ৩ ভাঁড়; মৃৎপাত্রবিশেষ। {*স.* কাণ্ড>*প্রা.* কংড> কাঁড়। ইয়া=কাঁড়িয়া>কাঁইড়া>কেঁড়ে}

কেঁড়েলি [কেঁড়েলি] *বি* জ্যাঠামি; অকালপক্বতা (ছেলেটার কেঁড়েলি অসহ্য)। {কাঁড়ানো>}

কেঁদো [কেঁদো] *বি* অতিকায়; খুব মোটা; অত্যন্ত স্থূল (পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘছাল—*কমু*)। {*স.* স্কন্ধ>কাঁধ+উয়া=কাঁদুয়া>কেঁদো}

কেঁয়ে ⇒ কাঁইয়া

কেক [কেক্] *বি* ইউরোপীয় প্রণালিতে ময়দা ডিম প্রভৃতির তৈরি এক প্রকার পিষ্টক। {*ই.* cake}

কেকা, কেকাধ্বনি, কেকারব [কেকা, কেকাদ্‌ধোনি, কেকারব্] *বি* ময়ূরের ডাক (না শুনি শিখির কেকা শিখিনী কাঁদিছে একা—*গোদা*; গৃহময়ূর কণ্ঠে অর্ধ ব্যক্ত কেকার অপরাধ আর ফুটিল না—*রচ*)। **কেকী**(-কিন্) *বি* ময়ূরী; কেকারবকারী। {*স.* কে+ √কে+অ(ড)}

কেঙ্গারু ⇒ ক্যাঙ্গারু

কেচ্ছা, কিচ্ছা, কিসসা [কেচ্‌ছা, কি-, কিস্‌সা] *বি* ১ কাহিনী; গল্প; উপাখ্যান (সে কেচ্ছা কোন কবি গাহিবে না—*জউ*)। ২ কুৎসা; কলঙ্ক কথা। {*আ.* কিস্‌সাহ قصة }

কেজি [কেজি] *বি* কিলোগ্রাম; ম্যাট্রিক পদ্ধতির ওজনের পরিমাপ বিশেষ। {*ই.* KG = kilogram}

কেজু, কাজু [কেজু, কাজু] *বি* এক প্রকারের বাদাম। {*পো.* caju}

কেজো, কেজুয়া [কেজো, কেজুয়া] *বিণ* ১ কাজের উপযুক্ত বা সহায়ক; কার্যোপযোগী (লোকমতই হচ্ছে একমাত্র কেজো মত—*প্রচৌ*)। ২ কার্যকুশল (কাজের হাটে অনেক আছে কেজো—*রঠা*)। ৩ দরকারি; প্রয়োজনীয় (এ হল নিছক কেজো কথা—*অঠা*)। {*স.* কার্য>*পা./প্রা.* কজ্জ>*বা.* কাজ+উয়া=কাজুয়া>কেজো}

কেটলি, কেতলি, কেৎলি [কেট্‌লি, কেতলি, -] *বি* চা

ইত্যাদির পানি গরম করার নলযুক্ত একপ্রকার পাত্র। {*ই.* kettle}

কেটা [কেটা] *সর্ব* কে; কোন জন (নিমকহারাম বেটা, আজি বাঁচাইবে কেটা —*ভারা*)। {*স.* কে 'কিম্' শব্দের ১মা. *বহুব* + (নির্দিষ্টতায়) (*ফা.* তহ্ >) টা=কেটা}

কেটে [কেটে] *বি* মোটা তসরের কাপড়। {*বা.* (রেশমের) কাট+ইয়া>কাটিয়া>কাইটা>}

কেটো ⇒ কেঠো[১]

কেঠো[১], কেটো [কেঠো, কেটো] *বি* কচ্ছপ জাতীয় প্রাণীবিশেষ। {*স.* কমঠ>কেটো>কেঠো}

কেঠো[২] [কেঠো] *বি* ১ কাঠের তৈরি জলসেচনী বা পাত্রবিশেষ। □*বিণ* ১ কাঠের তৈরি; কাষ্ঠজাত। ৩ (*আল.*) রুক্ষ; শ্রীহীন (কেঠো চেহারা)। {*স.* কাষ্ঠ>*বা.* কাঠ+উয়া>ও}

কেঠোকাটি [কেঠোকাটি] *বি* ১ কাঠের শলাকা (ইটখোলা আর চালের আড়ৎ, কেঠোকাটি আর পাঁজা-করা টালি ও ইট আর সুরকি বালির গোলা -*প্রেমি*)। ২ কচ্ছপের মতো শক্ত কাঠি। {*স.* কমঠ>কেটো>কেঠো, *স.* কাষ্ঠিকা>*প্রা.* কট্ঠিআ>কাঠি, কেঠোকাঠি>}

কেড়া পোকা [ক্যাড়াপোকা] *বি* বহুপদী লোহিত বর্ণ কীটবিশেষ; শতপদী। {*স.* কীট>*প্রা.* কীড>কেড়া+ *স.* পুলক>পোকা}

কেড়ি [কেড়ি] *বি* সঞ্চিত চাল গম ইত্যাদির ক্ষতিকারক কীটবিশেষ। {*স.* কীট>*প্রা.* কীড+আ=কীড়া>কেড়ি (বিকৃতিতে)}

কেতকী, কেতক [কেতোকি, কেতক্] *বি* কেয়াফুল বা তার গাছ (যাচে ঘন ঘন বরিষণ কোন কেতকী—*নই*; কেতকী কেশর নানা জাতি বেলী ফুল—*সৈআ*)। {*স.* √কিৎ+অক(ণ্বুল্), -ঈ(ঙীপ্)}

কেতন [কেতোন] *বি* ১ পতাকা; নিশান (আধো চাঁদ আঁকা তারার কেতন—*শাহো*)। ২ কুঞ্জ (নিভৃত কেতন হরল চেতন—*বিপ*)। {*স.* √কিৎ+অন(ল্যুট্)}

কেতলি, কেৎলি ⇒ কেটলি

কেতা[১], কিতা[১] [কেতা, কিতা] *বি* খণ্ড; টুকরা; ভাগ (এই দরখাস্তের এক কেতা অবিকল নকল—*দীমি*; এক কিতা জমি)। {*আ.* কিত্আহ قطعة}

কেতা[২], কিতা[২] [কেতা, কিতা] *বি* ১ ধরন; কায়দা; পদ্ধতি; কাট (আঁখিঠার, অঙ্গভঙ্গী, হাসির কেতা বিস্তর শিখিয়া—*মীম*)। ২ ফ্যাশন; সামাজিক রীতি (আধুনিক রুচিসম্মত কেতায় সাজানো—*মউ*)। ৩ তকমা (ইংরেজী অক্ষরে বাদামী কেতায় নাম খোদা—*মীম*)। ৪ গোছা; সারি; পঙ্ক্তি (কিতা করিয়া বান্ধা, উপরে টাঙ্গায় চাঙ্গা-*কমু*)। {*আ.* কিত্আহ قطعة}

কেতাদুরস্ত, কিতাদুরস্ত [কেতাদুরোসতো, কি-] *বিণ* বাহ্যিক চাল-চলনে নিখুঁত, সুশৃঙ্খল, পরিপাটি, রুচিসম্মত (ভাই দুটি দেখিতে বড়ই সুন্দর, কেতাদুরোস্ত সুচেহারা—*মীম*)। {*আ.* কিত্আহ قطعة + *ফা.* দোরস্ত درست}

কেতাব ⇒ কিতাব

কেতু [কেতু] *বি* ১ পতাকা; নিশান; কেতন (রতনে খচিত কেতু—*মদ*)। ২ (*জ্যো.*) নবম গ্রহ। {*স.* √চায়্+তু (তুন্)—√চায়্>কি}

কেদার [কেদার] *বি* ১ জমি; শস্যক্ষেত্র; চাষের ক্ষেত (কৃষিকুল মহাহর্ষে গীত গায় কেদারে কেদারে—*রঙ্গসে*)। ২ ক্ষেতের আলি। ৩ আলবাল; গাছের গোড়ায় পানি দেওয়ার জন্য মাটির ঘের। ৪ হিমালয়স্থ প্রসিদ্ধ হিন্দু তীর্থবিশেষ। **-খণ্ড** *বি* ১ ভূমিখণ্ড; ক্ষেত্রের এক প্রান্ত (তিনি সেই কেদারখণ্ডে শয়ন করিলেন—*ঈবি*)। ২ ক্ষেত্রের আলি। **-বাহিনী** *বি,বিণ* সমতল ভূমি বা শস্যক্ষেত্রের ভিতর দিয়ে প্রবাহিণী নদী। {*স.* কে+দার}

কেদারা [কেদারা] *বি* ১ চেয়ার; উচ্চ কাষ্ঠাসনবিশেষ (হিস্ট্রি কেতাব লইয়া করেতে কেদারা হেলান দিয়ে—*রঠা*)। {*পো.* cadeira}

কেদারা[২] [কেদারা] *বি* একটি রাগিণীর নাম। {*স.* কেদার+আ}

কেদারিকা [কেদারিকা] *বি* ১ ভূমিখণ্ড; চাষের ছোট ক্ষেত। ২ ক্ষেতের আলি। {*স.* কেদার+ক(কন্)+আ(টাপ্)}

কেন, কেনে, কেনি (*মবা.*) [ক্যানো, কেনে, কেনি] *অব্য* ১ কিজন্য; কিহেতু; কী কারণে (উতরিয়া স্নান কর কূলে বসি কেনে?—*অঠা*; কতেক আছে বর ভুবন মনোহর, ইচ্ছিলে বুড়া বর কেনি—*কমু*)। ২ আহ্বান বা ডাকের উত্তরে প্রশ্ন; আহ্বানের কারণ জিজ্ঞাসা (কটা কেনর জবাব দিবে—*রঙ্গসে*)। **কেননা** *অব্য* যেহেতু; কারণ। {*স.* কিমিতি>*প্রা.* কিণো>কেন; অথবা, *স.* কিম্+তৃয়া বিভক্তি *একব* = কেন}

কেনা, কিনা [কেনা, কিনা] *ক্রি* ক্রয় করা; মূল্য দিয়ে কোনো কিছু গ্রহণ করা; মূল্যের বিনিময়ে কোনো জিনিসের অধিকার লাভ করা। □*বিণ* ক্রীত; মূল্যের বিনিময়ে অধিকৃত; মূল্য দিয়ে নেওয়া হয়েছে এরূপ। □*বি* ক্রয়। **কেনা দর** *বি* ক্রয়মূল্য; যে দরে কেনা হয়েছে (লাভ হবে না, কেনা দরে বিক্রি করছি)। **কেনানো** *ক্রি* ১ অপরকে দিয়ে ক্রয় করানো। □*বিণ* অপরকে দিয়ে ক্রীত। □*বি* অপরকে দিয়ে ক্রয় করানো। **কেনাবেচা, বেচাকেনা** *বি* ১ ক্রয় বিক্রয়। ২ পণ্য বিনিময়। {*স.* √ক্রী=*বা.* √কিন্+আ =কিনা>কেনা}

কেনি [কেনি] *বি* নখের গোড়ায় সৃষ্ট এক ধরনের ঘা। {*স.* কোণ-*বা.* ই>}

কেন্দুয়া [কেনদুয়া] *বি* নেকড়ে (কেন্দুয়া তাহার এ কথায় মন দিলেক—*তামি*)। {*স.* স্কন্ধ>*প্রা.* কংধ>*বা.* কাঁদ, কান্দ+উয়া = কেন্দুয়া=কাঁধ মোটা (বাঘ)}

কেন্দ্র [কেনদ্রো] *বি* ১ মধ্যবিন্দু; গোলাকার বস্তুর ঠিক

মধ্যবর্তী স্থান। ২ *(জ্যা.)* বৃত্তের মধ্যবিন্দু। ৩ মূল বা প্রধান স্থান (শিক্ষাকেন্দ্র)। ৪ *(জ্যোবি)* রাশিচক্রের লগ্ন; লগ্ন থেকে চতুর্থ, সপ্তম ও দশম স্থান। ৫ সূর্য থেকে গ্রহ-উপগ্রহাদির দূরত্ব। ৬ *(ভূগো.)* মেরু; পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত। **~গত** *বিণ* মধ্যস্থ; কেন্দ্রে অবস্থিত। **~বিমুখ, কেন্দ্রাতিগ** *বিণ* কেন্দ্র থেকে দূরে গমনশীল; অপকেন্দ্র; centrifugal। **~স্থল** *বি* মধ্যবর্তী স্থান; মধ্যবিন্দু। **কেন্দ্রাভিগ, কেন্দ্রাভিগামী**(–মিন্), **কেন্দ্রাভিমুখ** *বি* অভিকেন্দ্র; কেন্দ্রের অভিমুখে গমনশীল বা আকর্ষণকারী, centripetal। **কেন্দ্রিত** *বিণ* কেন্দ্রগত; কেন্দ্রে স্থিত। **কেন্দ্রী**(–ন্দ্রিন্) *বিণ* কেন্দ্রস্থলে অবস্থিত; কেন্দ্রযুক্ত। □*বি* *(জ্যোবি)* কেন্দ্রস্থলে অধিষ্ঠিত গ্রহ। **কেন্দ্রীণ** *(অশুপ্র)বি* কেন্দ্রস্থ বস্তু; নিউক্লিয়াস। **কেন্দ্রীভূত** *বিণ* ১ কেন্দ্রে পরিণত। ২ একস্থানে সমবেত; অবস্থান থেকে কেন্দ্রে উপস্থিত বা আনীত। **কেন্দ্রীয়, কৈন্দ্রিক** *বিণ* কেন্দ্র সংক্রান্ত। { *গ্রি.* kentron; *স.* কেন্দ্র}

কেন্নো, কেন্নুই, কেন্নাই[কেনেনো, কেন্নুই, কেননাই] *বি* এক প্রকার বহুপদ কীট; কানকোটারি (বহুপদ বিশিষ্ট একটি অলস কেন্নো—*নই*)। { *স.* কর্ণ(কীট)>কন্ন> কেনন>কেন্নো}

কেফায়েত ⇒ কিফায়ত

কেবট ⇒ কেওট

কেবল [কেবোল] *বিণ* ১ একমাত্র; শুধু (কেবল আপনিই আমার সহায়)। ২ অবিরাম; নিরন্তর; সর্বদা (কেবল কথা আর কথা)। ৩ অমিশ্র; নিরবচ্ছিন্ন (কেবল সুখ)। ৪ অনন্য (কেবল একই কথা)। ৫ অদ্বিতীয়; অসঙ্গ (সাংখ্যের কেবল পুরুষ)। ৬ অবিকারী; শুদ্ধ (কেবলাত্মা)। □*ক্রিবিণ* ১ এইমাত্র; সবে (কেবল এসেছি)। ২ অবিরত (কেবল কাঁদছে)। **কৈবল্য** *বি*। { *স.* √কেব্+অল(কলচ্)}

কেবলা[১], **ক্যাবলা** [কেব্‌লা, ক্যাব্‌লা] *বিণ* স্থূলবুদ্ধি; বোকা (কেবলার মত আমি তখন একটুখানি হে হে করেছিলুম—*সৈমু*)। **কেবলরাম** *বি* মূর্খলোক; যে লোকের বুদ্ধি স্থূল বা মোটা। { *আ.* কাবিল– قابل উপযুক্ত; (ব্যঙ্গার্থে) অনুপযুক্ত}

কেবলা[২], **কিবলা** [কেব্‌লা, কিব্‌লা] *বি* ১ মক্কার কাবা গৃহ; যার দিকে মুখ করে নামাজ পড়া হয়। ২ পিতামাতা বা শিক্ষকের স্থলাভিষিক্ত হতে পারেন এমন শ্রদ্ধেয় ব্যক্তি; পিতা (আপনার কেবলা সাহেব তাঁর এই গোলামের উপর বড়ই মেহেরবান ছিলেন—*কাই*)। { *আ.* কিবলাহ قبلة }

কেবার [কেবাড়] *বি* দরজা; পাল্লা; কেওয়াড় (কোটার কেবারে খুলি গেলারে চলিয়া—*পূগী*)। { *স.* কপাট>*প্রা.* কবাড়>কেবাড়}

কেবিন, ক্যাবিন [কেবিন্, ক্যা–] *বি* হাসপাতাল, জাহাজ ইত্যাদির কুঠরি; কক্ষ; কামরা (একদল ছেলে এইমাত্র এসেন্স ও ফুলের তোড়া লইয়া কেবিনে ঢুকিল—*বিব*)। { *ই.* cabin}

কেবিনেট, ক্যাবিনেট[কেবিনেট্, ক্যা–] *বি* ১ মন্ত্রিসভা; মন্ত্রিপরিষদ। ২ মন্ত্রণাগৃহ। { *ই.* cabinet}

কেমত [কেমতো] *বি* কী রকম; কী প্রকার, কিদৃশ। { *স.* কিম্>কে+মত=কেমত}

কেমন [ক্যামোন্] *ক্রিবিণ* ১ কী প্রকার; কী ধরনের (না জান কেমন করে আম্মার গা—*বচদা*)। ২ কী প্রকারে (কেমন করে যাবি?—বাসে না ট্রেনে?)। □*বিণ* ১ এক রকম; এক প্রকার (কেমন বোকার মতো)। ২ ব্যাকুল; উচাটন; উদ্বিগ্ন; মনের উডু উডু ভাব (মন কেমন করা)। ৩ বেশ; কী সুন্দর; আচ্ছা (কেমন সুন্দর দৃশ্য; কেমন মজা)। **কেমন–কেমন** *বিণ* সন্দেহজনক; ভালো কি মন্দ ঠিক বোঝার মতো নয় এমন (তার ভাবগতিক কেমন–কেমন মনে হচ্ছে)। **~তর** *বিণ* ১ কী রকমের; কী প্রকারের (কেমনতর লোক তুমি হে?)। ২ অদ্ভুত; অপরূপ (ব্যাপারটা কেমনতর মনে হচ্ছে)। **~ যেন** *বিণ* ১ ভালো নয় বলে সন্দেহজনক (অবস্থাটা কেমন যেন)। ২ কিছু পরিমাণে বোধ হয় যেন (কেমন যেন অসুস্থ)। **কেমনে** *ক্রিবিণ* কিরূপে; কী প্রকারে; কেমন করে (তোমাকে কেমনে বুঝাই)। { *স.* কিম্>কে+(ভাব বা প্রকার অর্থে) মন(প্রত্যয়)=কেমন;*প্রা.* কমণ}

কেমিকেল, কেমিক্যাল [কেমিক্যাল্] *বিণ* ১ রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত (কেমিকেল বস্তু)। ২ কৃত্রিম; নকল (কেমিকেল সোনা)। □*বি* নকল সোনা (কেমিকেলের গয়না)। { *ই.* chemical}

কেম্বিস ⇒ ক্যাম্বিস

কেয়া[১] [কেয়া] *বি* কেতকী ফুল বা তার গাছ। { *স.* কেতক>*প্রা.* কেঅঅ>কেআ>কেয়া}

কেয়া[২], **ক্যা** [কেয়া, ক্যা] *অব্য* কী চমৎকার (কেয়া মজা)। **~বাত, ~বাৎ** *অব্য* ১ বাহবা; বেশ; শাবাশ (সবাই সোনামিয়াকে ঘিরে 'আহা কী সুন্দর, ক্যাবাৎ', এমনি সব নানা কথা বলতে লাগল—*অঠা*)। ২ কী চমৎকার কথা; কী মজার ব্যাপার (কোনো সাহেব হয়তো বাংলা পড়ানোর জন্যে মাষ্টার চায়, কেয়াবাৎ—*অচিসে*; মাছ-কাতুরে ভেকো হ'ল কেয়াবাৎ কেয়াবাৎ—*হেম*)। { *স.* কিম্ স্ত্রী. ওয়া একব কয়া; *হি* 'ক্যা'}

কেয়াকাঁদি [কেয়াকাঁদি] *বি* কেতকী ফুলের গুচ্ছ; কেয়া ফুলের ছড়া—ইহাতে প্রচুর রেণু থাকে এবং হাতে স্পর্শ করলে এই রেণু ধুলার ন্যায় ওড়ে (হাত দিলে ধূলা উড়ে যেন কেয়াকাঁদি—*ভারা*)। { *স.* কেতকস্কন্ধ; কেতক>কেয়া+স্কন্ধ>কাঁধ – কেয়াকাঁধ+ই = কেয়াকাঁধি, কেয়াকাঁদি}

কেয়াপাতা [কেয়াপাতা] *বি* ১ কেয়াফুল গাছের পাতা (কেয়া পাতায় নৌকা গড়ে সাজিয়ে দেব ফুলে —*রঠা*)। ২ প্রাচীন বঙ্গে স্ত্রীলোকদের কণ্ঠভূষণবিশেষ (কেয়াপাতা গলায় গরব করে অতি—*ঘচ*)। { *স.* কেতকপত্র; কেতক> কেয়া+পত্র>পাতা = কেয়াপাতা}

কেয়াম, কিয়াম [কেয়াম্, কি-] *বি* ১ নামাজে দণ্ডায়মান অবস্থা (কেয়ামে আহকামে সে উদ্দেশ্য নষ্ট হইয়া যায়—*নজ*)। ২ মিলাদ পাঠের সময়ে হযরত মুহম্মদ (সা.)-এর স্মৃতির সম্মানে দাঁড়ানো। {*আ.* কিয়াম قيام}

কেয়ামত, কিয়ামত, রোজকেয়ামত [কেয়ামত্, কি-, রোজ্কে-] *বি* ১ প্রলয়ের দিন; ধ্বংসের দিন; ইসলাম ধর্মমতে এই দিন আল্লাহ্ স্বয়ং মানুষের পাপ-পুণ্যের বিচার করবেন (কিয়ামতে তারা ফল পাবে কি?—*নই*)। ২ মহাপ্রলয়ের দিন; অন্তিম বিচারের জন্য মৃতদের পুনরুত্থানের দিন। {*আ.* কিয়ামত قيامت}

কেয়ার [কেয়ার্] *বি* ১ লক্ষ্য; যত্ন; মনোযোগ; অবধান (স্বাস্থ্যের প্রতি তার কোনো কেয়ার নাই)। ২ গ্রাহ্য; সমীহ; ভয় (আমি কেয়ার করি কিনা—*অচিসে*; তাহারা মানুষকে বড় একটা কেয়ার করে না—*আহা*)। ৩ তত্ত্বাবধান (বিধবাটি কার কেয়ারে আছে?)। ৪ ঠিকানা (চিঠিখানা তার কেয়ারে পাঠাও)। {*ই.* care}

কেয়ারি, কেয়ারী [কেয়ারি] *বি* ১ আল দিয়ে ঘেরা ক্ষেত; ক্ষেত্রখণ্ড বা উদ্যান (কেয়ারি দেখিয়া বলে, নাহি দেখি কোনকালে, এমন ফুলের কারবার—*সৈহা*; উঠল রেঙে কানন-ভূমি লাল ফুলের কেয়ারী তুল—*নই*)। ২ সযত্ন-বিন্যাস (কেয়ারি-করা চুল)। {*স.* কেদারিকা>*প্রা.* কেআরিআ> কেআরি>কেয়ারি}

কেয়ূর [কেয়ুর্] *বি* বাজু; অঙ্গদ, বাহুর অলঙ্কারবিশেষ (চারুকর কঙ্কণ কেয়ূর সুশোভন—*সাখা*)। {*স.* কে+√যা+উর, *স.* কিম্+ পু. ১মা বহুব = কে, *দ্রা.* kei-uru}

কেরদানি, কারদানি [কেরদানি, কা-] *বি* ১ কর্মকৌশল; অভিজ্ঞতা (যদি এনাদের কেরদানিতে সব আফদ দফা হ'ল—*প্যামি*)। ২ বাহাদুরি (ও কারদানি করা তার পক্ষে যেমন কষ্ট-সাধ্য, তেমন অপকারী—*প্রচৌ*; এক মুঠা প্রাণীর এতবড় কেরদানী দেখে—*নই*)। ৩ কৃতিত্ব (ও তালগুলার কেরদানী দুর্ভোর—*নই*)। {*ফা.* কারদানী كاردانى}

কেরল, কেরয়াল [কেরল্, কেরোয়াল্] *বি* ভারতের দক্ষিণ-পশ্চিম প্রান্তস্থিত দেশবিশেষ; মালাবার দেশ। ☐*বিণ* ১ মালাবার দেশবাসী। ২ মালাবার দেশে জাত; মালাবার দেশীয় (কেরল কাঠের নৌকাখানি, জানে নাক' তুফান পানি—*সদ*)। **কেরলী** *বিণ স্ত্রী.* মালাবার দেশের রমণী (সজল জলদরুচি কেরলী চুল—*দীমি*)। {*স.* কেরল}

কেরাঞ্চি [কেরান্চি] *বি* ১ দুই বা চার চাকাবিশিষ্ট গরুর গাড়িবিশেষ (কেরাঞ্চিতে ঠেকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন—*প্যামি*)। ২ ছক্কর ঘোড়ার গাড়ি। {*হি.* কিরংচী}

কেরাত, কিরাত [কেরাত্, কি-] *বি* ১ কোরানের বিশুদ্ধ পাঠ (একটি সুরা এমন মধুর কেরাতের সহিত আবৃত্তি করিয়া গেলেন—*সৈআ*)। ২ কোরান পাঠের বিশেষ নিয়ম পদ্ধতি। {*আ.* কিরা'আত قراءت}

কেরানি, কেরানী (*অশু.*) [কেরানি] *বি* এক প্রকার লেখক কর্মচারী; মুনশি; দপ্তরের নিম্নপদস্থ কর্মচারী। **-গিরি** *বি* কেরানির কাজ; মুনশিগিরি। **মাছিমারা ~** *বি* যে অর্থ না বুঝে বা অর্থের সঙ্গে সামঞ্জস্য না রেখে হুবহু নকল করে। {*স.* করণিক>করনি>কেরানি}

কেরামত, কারামত, কেরামতি [কেরামত্, কারা-, কেরামাতি] *বি* ১ ক্ষমতা; শক্তি; প্রতাপ। ২ অলৌকিক ক্ষমতা; ঐশীশক্তি; বুজুর্গি (নবীকুল কেরামত ক্ষিতিতে প্রচণ্ড—*সৈআ*; কিন্তু কেরামতি চাই শুধু ভক্তিতত্ত্বে চলবে না—*রাব*)। ৩ বাহাদুরি; নৈপুণ্য। ৪ ফের; বিপর্যয় (নসীবের কেরামত! এতদিনে বুঝি শেষ হয়ে এল জাহান্নামের পথ—*মেম*)। **কেরামতকারী** *বি, বিণ* ক্ষমতার অধিকারী; প্রতাপশালী (মহন্ত পণ্ডিতগুরু কেরামতকারী—*সৈআ*)। **কেরামতি** *বিণ* জাদুময়; অলৌকিক ক্ষমতাসম্পন্ন (কেরামতী মাথার টুপি দরিয়ায় ভাসাইয়া—*পূগী*)। {*আ.* কারামত كرامت}

কেরামন কাতেবিন [কেরামোন কাতেবিন্] *বি* ১ যে ফেরেশতারা মানুষের দৈনন্দিন কার্যের বিশদ বিবরণ লিপিবদ্ধ করার কাজে নিযুক্ত (পাপপুণ্য কর্ম তরে দিবারাতি। কেরামন কাতেবিন লেখে দিনপ্রতি।—*হেমা*)। ২ সম্মানিত লেখকগণ। {*আ.* কিরামান কাতিবীন كراما كاتبين}

কেরায়া, কেরেয়া [কেরায়া, -রে-] *বি* বাড়ি গাড়ি নৌকা ইত্যাদির ভাড়া। ☐*বিণ* ভাড়া করার উপযোগী; ভাড়ায় যায় এমন (তাদের দু-ধারে অন্য কেরায়া নৌকা এসেছে—*সৈও*)। **-দার** *বি* ভাড়াটে; প্রজা। {*আ.* কিরায়াহ كرايه}

কেরাসিন ⇒ কেরোসিন

কেরাহাত, কেরাহিয়াত [কেরাহাত্, কেরাহিয়াত্] *বি* ঘৃণা। {*আ.* করাহত كراهت করাহিয়্যাত كراهية}

কেরুয়াল, কেরোয়াল, কেরয়াল [কেরুয়াল্, কেরোয়াল্, -] *বি* নৌকার হাল বা দাঁড় (ভাঙ্গা কেরুয়ালখান না ধরে জলের টান—*মৈগী*; হাতে কেরোয়াল বৈসে নায়ের গাবর—*কমু*)। {*স.* করবাল (তরবারি)>কেরুয়াল (তরবারির সাদৃশ্যে কল্পিত)}

কেরুল [কেরুল্] *বি* অঙ্কুর (বাঁশের কেরুল—*মৈগী*)। {*তুল.* চট্টগ্রাম প(ফ)রুল (বাঁশের পরুল); *স.* করবাল>}

কেরোসিন, কেরাসিন [কেরোসিন্, -রা-] *বি* খনিজাত এক প্রকার জ্বালানি তেল। {*ই.* kerosene}

কেলানো [ক্যালানো] *ক্রি* ১ (*অশি.*) ভাব বা উক্তি প্রকাশ করা; আবরণ মুক্ত করা; অশ্লীলভাবে হাস্য করা। ২ খোসা ছাড়ানো; ছালতোলা। {*স.* √ক্রীড়্>*প্রা.* কিল>*বা.* কেল; অথবা, *স.* √কেল(কেলি করা)-আনো}

কেলাস [কেলাশ্] *বি* স্ফটিক; রাসায়নিক বস্তুর স্ফটিকতুল্য দানা; crystal। **কেলাসন** *বি* crystallization। **কেলাসিত** *বিণ (রসা.)* দানাবাঁধা অবস্থা; স্ফটিকীভূত; crystallized; crystalline। {*ই.* crystal}

কেলি, কেলী [কেলি] *বি* ১ প্রমোদ; বিহার (কেলিকুঞ্জ)। ২ ক্রীড়া; কৌতুক; হাসি–তামাশা (কলাপ মেলি করে সে কেলি রৌদ্রে স্নেহ সঞ্চারি—*সদ*)। **–কদম্ব** *বি* নীপ; কেলিবৃক্ষ; একশ্রেণির কদম গাছ বা তার ফুল। **–কুঞ্চিকা** *বি, স্ত্রী.* শ্যালিকা; স্ত্রীর কনিষ্ঠা ভগিনী (কনিষ্ঠ পুত্রের কেলিকুঞ্চিকা–কন্যার সহিত উদ্বাহ সম্পন্ন হইল—*দীমি*)। **–গৃহ** *বি* প্রমোদভবন; বিহারালয়। {*তুল.* √কেল্+ই(ইন্); ক্রীড়>}

কেলু [কেলু] *বি* দেবদারু বা পাইন জাতীয় পার্বত্য গাছবিশেষ (কেলুবনের শিখরে শিখরে পর্ব সন্ধ্যার একটু ধূসর জ্যোতি—*অঠা*)। {*আঞ্চ.*}

কেলে [কেলে] *বিণ* কালো (কেলেমাটির কুঁজোর মত তে-পায়া সিংহাসনে *অঠা*)। **–ভূত** *বি* খুব কালো ও কদাকার ব্যক্তি; ভূতের মতো কালো ব্যক্তি। **কেলে মানিক, –সোনা** *বি* ১ কালো ছেলে। ২ কালাচাঁদ; কালো হলেও দেখতে সুন্দর ব্যক্তি। **– হাঁড়ি** *বি* দীর্ঘ দিন রান্নার ফলে যে হাঁড়িতে কালি জমেছে। {*স.* কাল+ইয়া = কালিয়া>কেলে}

কেলেঙ্কার [কেলেঙ্কার্] *বিণ* কলঙ্কজনক; নিন্দাজনক (কেলেঙ্কার কাণ্ড)। **কেলেঙ্কারি** *বি* ১ কলঙ্ক; অপযশ; নিন্দা। ২ *বি* কুৎসিত বা নিন্দাজনক কাজ; কলঙ্ককর ব্যাপার (কেলেঙ্কারি বাধাবেন না বলছি—*অচিসে*)। {*স.* কলঙ্ককার>}

কেলেণ্ডার ⇒ ক্যালেন্ডার

কেল্লা, কিল্লা [কেল্লা, কি–] *বি* দুর্গ; সেনানিবাস; গড় (বড় উচা এক কেল্লা দেখিবারে পায়—*সৈহা*)। **–দার** দুর্গরক্ষক; কেল্লার ভারপ্রাপ্ত সেনানায়ক। ২ দুর্গশাসক। **~ ফতে** *বি* ১ দুর্গজয়। ২ *(আল.)* সিদ্ধিলাভ; বাজিমাত। **~ ফতে করা, ~ মাত করা, ~ মারা** *ক্রি* ১ দুর্গ জয় করা। ২ *(আল.)* কঠিন কাজে সফলকাম হওয়া; উদ্দেশ্য সিদ্ধ হওয়া; কাজ হাসিল করা। {*আ.* কিল'আ قلعة }

কেশ [কেশ্, *আঞ্চ.* ক্যাশ্] *বি* চুল। **–কলাপ, ~গুচ্ছ, ~দাম, ~পাশ** *বি* কেশরাশি; চুলের গোছা (যাহার সুন্দর কেশপাশ আছে, সে আর পরচুলা ব্যবহার করে না—*বচ*)। **–কীট** *বি* উকুন (কেশকীট ভরা তার মাথা—*সুদ*)। **–তৈল** *বি* কেশবর্ধক সুগন্ধি তেল; মাথায় মাখার উপযুক্ত তেল। **– প্রসাধন** *বি* কেশকে নানাভাবে সজ্জিত ও সুগন্ধীকরণ, চুলের পারিপাট্য সাধন। **~বিন্যাস, ~রচনা, ~সংস্কার** *বি* চুল আঁচড়ানো; চুল বাঁধা; খোঁপা বাঁধা; কবরী বন্ধন; টেরিকাটা। **~মুণ্ডন** *বি* ক্ষুরের সাহায্যে সব চুল ফেলে দেওয়া; নেড়া হওয়া; মাথা মুড়ে ফেলা। **~–সংস্কার** *বি* সাবান সোডা বেশম ইত্যাদি দ্বারা চুল পরিষ্কার করা বা চুলের পরিচর্যা। **~স্পর্শ, কেশাগ্র স্পর্শ** *বি (আল.)* সামান্যতম ক্ষতি; কিছুমাত্র অনিষ্ট। **~ স্পর্শ করা** *ক্রি*। {*স.* কে+ √শী-অ(অড্)}

কেশব [কেশব] *বি* কৃষ্ণ; বিষ্ণু। {*স.* কেশ+ব; অথবা, কেশ+ √বা+অ (ক)}

কেশর, কেসর [কেশর্, কেশোর] *বি* ১ ফুলের পাপড়ির মধ্যস্থ কেশের মতো সূক্ষ্ম অঙ্গ (পরাগকেশর, গর্ভকেশর)। ২ সিংহ অশ্ব প্রভৃতির ঘাড়ের দীর্ঘলোম। ৩ জাফরান। ৪ বকুল ফুল বা তার গাছ (কেতকী কেশর নানা জাতি বেল ফুল—*সৈআ*)। {*স.* কে+শর, সরূ; অলুক.}

কেশরী, কেসরী [কেশোরি] *বি* ১ সিংহ। ২ কেশরযুক্ত প্রাণী। ৩ শ্রেষ্ঠ; প্রধান (বীর–কেশরী)। **কেশরিণী** *বি স্ত্রী.* সিংহী (গহন বিপিনে যথা নাদে কেশরিণী—*মদ*)। {*স.* কেশর+ইন}

কেশাকর্ষণ [কেশাকর্শোন্] *বি* চুল ধরে টানা। {*স.* কেশ+আকর্ষণ; ৬তৎ}

কেশাকেশি [কেশাকেশি] *বি* চুলাচুলি; পরস্পর কেশ ধরে যুদ্ধ। {*স.* কেশ+কেশ+ই; *ব্যতিহার বহু*}

কেশাগ্র [কেশাগ্‌গ্রো] *বি* চুলের ডগা। **~ স্পর্শ** ⇒ কেশস্পর্শ। **–স্পর্শ করতে না পারা** *ক্রি (আল.)* বিন্দুমাত্রও ক্ষতি বা অপমান করতে না পারা। {*স.* কেশ+অগ্র; ৬তৎ}

কেশিয়ার [কেশিয়ার্] *বি* খাজাঞ্চি; কোষাধ্যক্ষ। {*ই* cashier}

কেশী(–শিন্) [কেশি] *বিণ* ১ দীর্ঘ ঘন ও সুন্দর কেশ-বিশিষ্ট। ২ কেশ আছে এমন। ◻ *বি* কৃষ্ণ কর্তৃক নিহত কংসের একজন মল্লের নাম। **কেশিনী** *স্ত্রী.*। {*স.* কেশ+ইন্(ইনি)}

কেশুর, কেসুর [কেশুর] *বি* মোথা জাতীয় একপ্রকার কন্দ (কঁঠালের বিচি কেটে করেছে কেসুর—*দীমি*)। {*স.* কশেরু>কেশুর, কেসুর (স্বর–বিপর্যয়ে)}

কেশেল [কেশেল্] *বি* ১ কাশীর অধিবাসী। ২ কাশীবাসী দুশ্চরিত্র ব্যক্তি, যার চরিত্র বা বংশ সম্পর্কে সন্দেহ আছে। {কাশীওয়ালা>কাশীয়াল>কেশেল}

কেষ্ট [কেশ্‌টো] *বি* কৃষ্ণ। **~বিষ্টু** *বি* (বিদ্রূপে) সম্মানিত লোক; হোমরা–চোমরা। {*স.* কৃষ্ণ>কেষ্ট (অর্ধতৎসম)}

কেস [কেস্] *বি* ১ মোকদ্দমা (ফৌজদারি কেস)। ২ ঘটনা; ব্যাপার (মজার কেস)। ৩ রোগসংক্রান্ত ও মোকদ্দমা সংক্রান্ত ব্যক্তি বা ঘটনা; রোগী বা মক্কেল (ডাক্তারের এই কেসটা বড় জটিল; এটা অমুক উকিলের কেস)। ৪ এক ধরনের আলমারি বাক্স বা খাপ (শো–কেস; বুক–কেস; চশমার কেস)। {*ই.* case}

কেসম [কেস্‌ম্] *বি* বিভাগ; শ্রেণি; রকম। {*আ.* কিস্‌ম قسم }

কেসমত[1] ⇒ কিসমত

কেসমত[2] [কেস্‌মত্] *বি* ভাগ; অংশ; ভাগ্য; মৌজার অংশ; গ্রাম। {*আ.* কিস্‌মত قسمت }

কেহ, কেউ, কেহু *(মবা.)* [কেহো, কেউ, –হু] *সর্ব* ১ কোনো ব্যক্তি বা জন্তু (এখানে কেহই আসে নাই; লখিতে নারিবে কেহু)। ২ কোনো আত্মীয়; আপনজন; কোনো সম্বন্ধ সূত্রে আত্মীয় ব্যক্তি (লোকটা আমাদের কেউ নয়)। ~ ~ *সর্ব* কোনো কোনো ব্যক্তি; কিছু সংখ্যক লোক। ~ **না** ~ *সর্ব* একজন না একজন; কোনো না কোনো ব্যক্তি। { *স.* কঃ অপি=কোঽপি> *মাগধী প্রা.* কেৰি> কেহ> কেউ; *স.* কিম্+১মা বহুব(পুং)কে+অপি> কেহ}

কেহন, কেহনি*(ব্র.)* [কেহন, কেহনি] *অব্য.* কেমন; কী প্রকার (কেহন মন ভোলা—*বিপ*)। ⇒ কেমন

কেহ্মে*(মবা.)* [কেম্‌হে] *অব্য* কেমনে। {কিম্+হি>কেহ্মে (বর্ণ বিপর্যয়ে)}

কৈ ⇒ কই[১] ও কই[২]

কৈকেয়ী [কোইকেয়ি] *বি* ভরতের মাতা; রাজা দশরথের মধ্যমা স্ত্রী। { *স.* কেকয়+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

কৈছন*(ব্র.)*, **কৈসন***(ব্র.)*, **কৈসে***(ব্র.)* [কইছন্, –, কইছে, –] *বিণ* কেমন; কিরূপ। **কৈছনে** *(ব্র.)* কিরূপে (কৈছনে যায়ব—*বিপ;* কৈছে গোঙায়ব হরি বিনু দিন রাতিয়া—*বিপ*)। { *স.* কীদৃশ> *অপভ্র.* কইস>}

কৈছালি [কোইছালি] *বি* ধড়ফড় করা; কৈ মাছ ছাইতে দিলে যে অবস্থা হয়, সেই অবস্থা (আত্মীয় স্বজন পরিচিত কেউ নেই, সেখানে সেই সুদূর শহরে আমি থাকবো কি করে? সেই ভাবনায় মনটা সবসময় কৈছালি হয়ে তড়পাচ্ছিল—*সজ*)। { *স.* কবয়ী>কই+ *স.* ক্ষার> ছার+ই=ছারি>ছালি, (র=ল) = কইছালি}

কৈটভ [কোইটভ্] *বি* একটি দৈত্যের নাম। { *স.* কীট+ √ভা+অ(অণ্)}

কৈতব[কোইতব্] *বি* ১ কপটতা; প্রতারণা; ছল (কলাবতি কৈতব ন করহ আজ—*বিপ*)। ২ জুয়াখেলা। ~**বাদ** *বি* ১ মিথ্যা কথা। ২ চাটুবাদ (কৈতববাদের এমনি মহিমা—*শচ*)। ~**বাদী** *বিণ* মিথ্যাভাষী; কপট। { *স.* কিতব+অ(অণ্)}

কৈন্দ্রিক ⇒ কেন্দ্র

কৈফি [কোইফি] *বিণ* মত্ত; দশাপ্রাপ্ত (সুরাপানে কৈফি হয়া হারিল চেতন—*হেমা*)। { *আ.* কায়ফী كيفى }

কৈফিয়ত, কৈফত [কোইফিয়ত্, কৈফত্] *বি* ১ নিজ দোষাদির কারণ প্রদর্শন; জবাবদিহি (একরাশ মিথ্যা কৈফিয়ত সৃজন করিত—*রঠা*)। ২ জমাখরচের বাকি হিসাব–নিকাশ। ~ **কাটা,** ~ **মিলানো** *ক্রি* ১ জমা খরচের পর উদ্বৃত্ত দেখানো তহবিল মিলানোর জন্য বাকি কাটা। ২ দোষ কাটানোর জন্য জবাব দেওয়া; জবাবদিহি করা। ~ **তলব করা** *ক্রি* দোষাদির কারণ দেখাতে বলা; জবাব চাওয়া। **কৈফিয়তি** *বিণ* ১ কৈফিয়ত সম্বন্ধীয়; জবাবি। ২ যাতে কৈফিয়ত লিপিবদ্ধ আছে (কৈফিয়তী পাঁজিখানা নিল সাবধানে—*কমু*)। { *আ.* কায়ফিয়্যত كيفيت }

কৈবর্ত [কোইবরতো] *বি* ১ ধীবর; জেলে। ২ হিন্দুজাতি বিশেষ। { *স.* কেবর্ত+অ(অণ্)}

কৈবল্য[১] ⇒ কেবল

কৈবল্য[২] [কোইবোল্‌লো] *বি* ১ *(দর্শন.)* পরমাত্মভাব; পরমাত্মায় আত্মার বিলীন হয়ে যাওয়া। ২ *(দর্শন.)* মোক্ষ; সংসার মুক্তি (কবিকঙ্কণে গায় শুনিলে কৈবল্য পায়—*কমু;* একটা মতবাদের কাছে মাথা নত করে কৈবল্য কামনা করাই আমাদের জীবনের লক্ষ্য—*মোচৌ*)। ৩ *(দর্শন.)* প্রকৃতির প্রভাব থেকে মুক্তিলাভ। ~**দায়িনী** *বি স্ত্রী.* হিন্দুমতে মুক্তিদায়িনী আদ্যাশক্তি; পরমাশক্তি। { *স.* কেবল+য(ষ্যঞ)}

কৈরব [কোইরব] *বি* কুমুদ; শ্বেতপদ্ম (ক্ষণেক কৈরবে বসে ক্ষণে মত্ত মধুরসে বিরহী জনার চিত্তশূল—*কমু*)। { *স.* কে+রব+অ(অণ্)}

কৈলাস [কোইলাশ্] *বি* হিমালয়ের উত্তরস্থ পর্বত। হিন্দুমতে শিবলোক; শিবের বাসস্থান। { *স.* কেলি+ অ(অণ্)=কৈল+আস}

কৈলু [কোইলু] *বি* বৃক্ষবিশেষ (কৈলু গাছের রক্তবর্ণ পুষ্পমঞ্জরী হইতে ফুল ঝরিয়া পড়িতেছিল—*রঠা*)। { *অমূ.*}

কৈশিক [কোইশিক্] *বিণ* ১ কেশতুল্য; কেশসদৃশ। ২ কেশ সংক্রান্ত। ৩ *(পদার্থ.)* সূক্ষ্ম নলাকার; capillary। **কৈশিকা নাড়ি** *বি* চুলের মতো সূক্ষ্ম রক্তবাহী নাড়ি। { *স.* কেশ+ইক (ঠক)}

কৈশোর [কোইশোর] *বি* যৌবনের পূর্ব অবস্থা; কিশোর কাল; দশ বৎসর থেকে পনের বৎসর পর্যন্ত কাল। { *স.* কিশোর+অ(অঞ)}

কৈসে ⇒ কৈছে

কোআ ⇒ কোয়া

কোং ⇒ কোম্পানি

কোঁ, কোঁক, কোঁ কোঁ [কোঁ, কোঁক, কোঁকোঁ] *অব্য* অনুকার শব্দবিশেষ; বেদনাবোধক অস্পষ্ট শব্দ। {*ধ্বন্যা.*}

কোঁক, কোঁখ [কোঁক, –খ] *বি* ১ উদর; পেট। ২ গর্ভ (দশ মাস দশদিন ধরেছিনু কোঁখে)। ৩ উদরের পার্শ্বদেশ; কুক্ষি। { *স.* কুক্ষি>কোঁখ>কোঁক}

কোঁকড়া, কঁকড়া[কোঁকড়া, ক–] *বিণ* কুঞ্চিত; বক্র (চুল কোঁকড়া কোঁকড়া.... মুখচোরা—*বিব*)। { *স.* কর্কট> *প্রা.* কক্‌কড়>কংকড়>কঁকড়+আ = কঁকড়া, কোঁকড়া}

কোঁকানো, কোঁকান [কোঁকানো] *ক্রি* ১ কোঁথানো। ২ অনুচ্চস্বরে কাঁদা। ৩ কোঁ কোঁ করা; যন্ত্রণায় কোঁকানো (আমরা কিন্তু দেখি না কাঁদিলে কোঁকালে—*নই*)। ☐*বি* উক্ত সকল অর্থে। { *স.* √ক্রন্দ> √কোঁক+আনো}

কোঁচ[১], **কেঁচা, ক্যাঁচা** [কোঁচ, ক্যাঁচা, –] *বি* মাছ কচ্ছপ ইত্যাদি মারার তীক্ষ্ণাগ্র বহু লৌহশলাকাযুক্ত বর্শা বিশেষ। { *স.* কুন্ত> *প্রা.* কুংত>কুংচ>}

কোঁচ[২] [কোঁচ] *বি* কুঞ্চনের ভাব। { *স.* কুঞ্চন>কুঁচন>কোঁচ}

কোঁচ[৩] [কোঁচ] *বি* এক ধরনের জলচর পাখি। { *স.* ক্রৌঞ্চ> *প্রা.* কোংচ>কোঁচ}

কোঁচকা [কোঁচকা] *বিণ* ১ কুঞ্চিত; কোঁকড়া। ২ বলি রেখাম্বিত (কোঁচকা চামড়া)। ☐*ক্রি* কুঞ্চিত করা। { *স.* কুঞ্চ> *বা.* কোঁচ+কা}

কোঁচকানো কোঁচকান ⇒ কুচকানো

কোঁচড় [কোঁচড়] *বি* ১ কোঁচর বা ক্রোড়ের বস্ত্রাংশের আধার বা থলিবিশেষ (কোঁচড় ভরিয়া আনিয়াছি তাই নয়া ফসলের বীজ—*জ/আ*)। { *স.* কুঞ্চ>*বা.* √কোঁচ+ অড়= কোঁচড়; অথবা, *স.* ক্রোড়াঞ্চল>}

কোঁচা, কোঞ্চা [কোঁচা, কোনচা] *বি* পরিধেয় বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ; ধুতি শাড়ি বা লুঙ্গির সম্মুখের কোঁচানো ঝোলা অংশ (আর তার শাড়ীর সুমুখে ঝুলছিল কোঁচা—*প্রচৌ*; সুবিচিত্র পাটাম্বর কোঞ্চা পরিধান—*কাদৌ*)। ~ **দুলিয়ে(ঝুলিয়ে) বেড়ানো** *ক্রি* দায়িত্বশূন্যভাবে আলস্যে ঘুরে বেড়ানো; বাবুগিরি করা। **বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন**—অভাবহেতু ঘরে দারুণ দুরবস্থা কিন্তু বাইরে বড়মানুষি দেখানো। { *স.* √কুঞ্চ= *বা.* √কোঁচ+ আ=কোঁচা, কোঞ্চা}

কোঁচানো, কোঁচান ⇒ কুঁচন

কোঁড়, কোঁড়া, কুরুল [কোঁড়, –ড়া, কুরুল] *বি* ১ বাঁশ ইত্যাদির অঙ্কুর (গলাটি যেন সে তালের কোঁড়া—*মোম*)। ২ কুঁড়ি। { *স.* কোরক>কোর>}

কোঁড়ল, কোড়ল[১] [কোঁড়ল, কো–] *বি* ১ কুড়ল পাখি; পাখিবিশেষ (উহার শাখায় কোড়ল পাখীরা বৈশাখে বাঁধে বাসা—*বজামি*)। ২ বাঁশ বেত ইত্যাদির নতুন অঙ্কুর; কোড়া। { *স.* কুরর>; *স.* কোরক অথবা করীর। সম্ভবত মুণ্ডারি ভাষার 'কারিল' অথবা কোঙ্কণ দেশীয় 'কোংড়া' (অর্থ : ছোট বাঁশ) শব্দ থেকে উৎপন্ন}

কোঁড়ল[২] [কোঁড়োল] কোষবৃদ্ধি রোগ। { *স.* কুরণ্ড>কুরণ্ড> কুরল>কোড়ল, কোঁড়ল}

কোঁড়া[১] ⇒ কোঁড়

কোঁড়া[২] [কোড়া] *ক্রি* খনন করা; গর্ত করা; খোঁড়া (কালকেতু বড় বাড় নিত্য কোঁড়ে ডোবা গাড়; পড়িলে উঠিতে না পারি—*কমু*)। { *স.* √ক্ষুদ্‌= *বা.* √খুড়= √কুড়+আ = কোড়া>কোঁড়া; *স.* √খিন্‌>খোঁড়া>}

কোঁত, কোঁথ [কোত, –থ] *বি* ১ মল ইত্যাদি ত্যাগের বেগ; মল প্রভৃতি ত্যাগের উদ্দেশ্যে দম বন্ধ করে জোর বা চাপ দেওয়া। ২ কাতরতা প্রকাশক ধ্বনি; কাতরানি। ৩ খাদ্য গলাধঃকরণের ধ্বনি। **কোঁত করা** *ক্রি* কোঁত করে গেলা। ~ **দেওয়া**, ~ **পাড়া** *ক্রি*। { *স.* কুন্থ>কোঁথ>কোঁত}

কোঁতকা, কোতকা [কোঁত্‌কা, কো–] *বি* ১ মোটা লাঠি; লগুড়; মুষল (একটা কোঁৎকা ছাড়া হাইকিণ্ডে বেরোতে নেই—*সৈমু*)। ২ লাঠির আঘাত (নড়বিনে এখান থেকে। খাবি কোৎকা—*অচিসে*)। { তুল. কোৎকা, কুত্‌কা = کتکه তুর্কী; *ফা.* কূতাহ্‌ کوتاه , *ফা.* কুতক کتك }

কোঁতা ⇒ কুঁতা

কোঁতান, কোঁতানো ⇒ কুঁতানো

কোঁথ ⇒ কোঁত

কোঁথলি [কোথ্‌লি] *বি* ছোট পাতলা কাঁথা (আর সব বস্ত ভরে বস্ত্রের কোঁথলী—*কৃদা*)। { *স.* কন্থা>কঁথা>কোঁথ+ লী}

কোঁথা ⇒ কুঁতা

কোঁথান, কোঁথানো ⇒ কুঁতানো

কোঁদন ⇒ কোঁদা[৩]

কোঁদল ⇒ কোন্দল

কোঁদা[১] ⇒ কেঁদো

কোঁদা[২], **কুঁদা**[১] [কোঁদা, কুঁদা] *ক্রি* ১ খোদাই করা; কুঁদ নামক যন্ত্রে ঘুরিয়ে কাটা। ২ কেটে প্রয়োজনীয় রূপ দেওয়া (ইন্দ্রের তুমি বজ্র গড়েছ দধীচির দৃঢ় হাড় কোঁদে—*সদ*)। ৩ খোদাই করা। ◻ *বিণ* কুঁদে গঠন করা হয়েছে এমন (পুঁথির লেখা মাপজোখে ঠিকঠাক করে কোঁদা ঠাকুরে—*অঠা*)। **কুঁদন, কোঁদন** *বি*। { *স.* √ক্ষুদ্‌= *বা.* √খুদ, কুঁদ+ আ; *স.* √খিন্‌>খোঁদা>}

কোঁদা[৩], **কুঁদা**[২], **কোদা, কুদা** [কোঁদা, কুঁ–, কো–, কু–] *ক্রি* ১ আস্ফালন করা; কুর্দন করা; মারার জন্য রুখে যাওয়া। ২ লাফানো। ◻ *বি* ১ আস্ফালন; কুর্দন। ২ লম্ফন। **কুঁদন, কুদন, কোঁদন, কোদন** *বি* ১ আস্ফালন; কুর্দন। ২ লম্ফন। **কুঁদাকুঁদি, কুদাকুদি** *বি* লাফালাফি (পেটে ক্ষিধের চোঁচা দৌড় বেশ কুদোকুদি শুরু করেছে—*শও*)। { *স.* √কুর্দ্‌ *বা.* √কুঁদ্‌+আ=কুঁদা>}

কোঁয়র ⇒ কোঙর

কোঁয়াজ্বর, কোয়াজ্বর [কোঁয়াজর, কো–] *বি* বাতশিরা জ্বর; অণ্ডকোষস্ফীতিজনিত জ্বর (কোয়াজ্বরের ঔষধ সদাই পাব কতি—*কমু*)। { *স.* কোষ>কোয়া+জ্বর}

কোক[১] [কোক্‌] *বি* ১ চখা; চক্রবাক। ২ নেকড়ে বাঘ (দূর কর নিজ শোক, শার্দূল ভল্লুক কোক—*কমু*)। **কোকী** *স্ত্রী*। { *স.* (চক্র)বাক>; √কুক্‌+অ(অচ্‌)}

কোক[২] [কোক্‌] *বি* সামান্য পোড়ানো পাথুরে কয়লা; রান্নার উপযোগী পোড়ানো খনিজ কয়লা (বর্ণচ্ছটায় কোককে হারায়—*অঠা*)। { *ই* coke}

কোকনদ [কোকনদ্‌] *বি* ১ রক্তপদ্ম (ধরার পঙ্কে ফুটিল গো আজ কোটি–দল কোকনদ—*নই*)। ২ লাল শালুক; রাঙা সুঁদি। ৩ (*আল.*) রত্ন (অমৃত সাগরে অবগাহি তুলে আনি সেই কোকনদ—*কায়*)। { *স.* কোক[১]+√নদ্‌+অ(অচ্‌)}

কোকাফ, কোহ্‌-ই-কাফ, কোহ্‌কাফ [কোকাফ্‌, কোহ্‌ইকাফ্‌, কোহ্‌কাফ্‌] *বি* কবি–প্রবাদমতে পৃথিবী বেষ্টনকারী পাহাড়বিশেষ; যা জিনপরীর আবাস; ককেসাস পর্বত (কিশোর চোখে ভেসে উঠে কোকাফ মুলুক পরীর পুর—*নই*; কোকাফ মুলুক পেরিয়ে হবে যেতে—*ফআ*)। { *ফা.* কোহেক়াফ کوه قاف }

কোকিল [কোকিল্‌] *বি* একপ্রকার কৃষ্ণবর্ণ সুকণ্ঠ পাখি; পিক; পরভৃত। **কোকিলা** *বিণ* কোকিলের ন্যায় সুমধুর স্বরবিশিষ্ট। **–কণ্ঠী** *স্ত্রী*। **কোকিলাসন** *বি* এক প্রকার তান্ত্রিক যোগাসন। **কোকিলেক্ষু** *বি* কাজল; ইক্ষু বা আখ। { *স.* √কুক্‌+ইল(ইলচ্‌)}

কোকেন [কোকেন্‌] *বি* আমেরিকার কোকাগাছের পাতা থেকে প্রস্তুত এক প্রকার মাদক দ্রব্য ও ঔষধবিশেষ (গিরিশ বলেচে আমি নাকি কোকেন খাবো—*বিব*)। { *ই* cocaine}

কোঙর, কোঁয়র [কোঙোর, কোঁয়র] *বি* ১ পুত্র; সন্তান; তনয় (কে আছে মারিবে আর আলীর কোঙর—*হেমা*)। ২ কুমার; রাজপুত্র। { *স.* কুমার>কোঙর, কোঁয়র}

কোঙা, কোঙ্গা [কোঙা, কোঙ্‌গা] *বিণ* কুঁজো; বক্রপৃষ্ঠ। { *স.* কুব্জ>; তুল. *হি* কোঙা}

কোঙ্কণ [কোঙ্‌কোন্/-কন্] *বি* ১ মহারাষ্ট্রের একটি প্রদেশ বা জনপদ। ২ এক প্রকার অস্ত্র। **কোঙ্কণা** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত পরশুরামের মাতা রেণুকা। {*স.* কোম্+ √কন্+অ(অচ্)}

কোঙ্গা ⇒ কোঙা

কোচ১, **কোঁচ**১ [কোচ্, কোঁচ্] *বি* ১ ভারতের কোচবিহারের আদিম বাসিন্দা। ২ ধীবর সম্প্রদায়বিশেষ (মৎস্য মারে কোচগণ বৈসে নানা রঙ্গে—*কমু*)। {*স.* √কুচ্+অ(ঘঞ্)>}

কোচ২, **কোঁচ**২ [কোচ্, কোঁচ্] *বি* গ্রাম্য মাছ মারার অস্ত্র বা যন্ত্রবিশেষ। প্রাচীন কোচ জাতির নাম থেকে তাদের মাছ মারার যন্ত্রের নাম। {কোচ১>}

কোচওয়ান ⇒ কোচম্যান

কোচবাক্স [কোচ্‌বাক্‌শো] *বি* গাড়োয়ান যেখানে বসে গাড়ি চালায়; গাড়িতে কোচম্যানের বসার আসন। {*ই.* coach-box}

কোচম্যান, কউচম্যান, কোচোয়ান, কোচওয়ান [কোচ্‌ম্যান্, কোউ-, কোচোয়ান্, কোচ্‌ওয়ান্] *বি* গাড়োয়ান; ঘোড়ার গাড়ির চালক (এক্কাও তিনি নিজেই চালান কোচম্যান লাগে না—*আমআ*; সাজিয়া কউচম্যান উপরে উঠিয়া—*ঈবি*)। {*ই.* coachman}

কোজাগর [কোজাগর্] *বি* আশ্বিন মাসের পূর্ণিমা (হেসে উঠে সেই পূর্ণিমা-কোজাগর—*মোম*)। **কোজাগরী** *বিণ* ১ কোজাগরসংক্রান্ত। ২ কোজাগর কালে। {*স.* কঃ (কে)+জাগর (<√জাগৃ+অ)}

কোঞ্চা ⇒ কোঁচা

কোট১ [কোট্] *বি* ১ দুর্গ (রাজকোট)। ২ নগর (পাঠানকোট)। ৩ অধিকার; দখল (কৌশল করে অবোধ শত্রুকে আপন কোটে নিয়ে এলেন—*দীমি*)। ৪ জিদ; গোঁ; পণ (নিজের কোট বজায় রাখবার জন্য—*প্রচৌ*)। ৫ সীমানা; চতুঃসীমা; চৌহদ্দি (ভীমকে আজি পাঠিয়েছি রাক্ষসের কোটে—*সদ*)। {*স.* কোট্ট>}

কোট২ [কোট্] *বি* অন্যান্য জামার উপরে পরিধান করার ইউরোপে উদ্ভাবিত একপ্রকার মোটা জামা। {*ই.* coat}

কোটন, কুটন [কোটন্, কুটন্] *বি* খণ্ড খণ্ড করা; গুঁড়া বা চূর্ণ করা (কুটনা কুটন, বাটনা বাটন)। {*স.* √কুট্ট্=*বা.* √কুট্+অন-কুটন, কোটন}

কোটনা১, **কোটনা কোটা** ⇒ কুটনা

কোটনা-কুটনি [কোটনাকুটনি] *বি* তরকারি যে কোটে (স্বামী হবে এঞ্জিনিয়ার আর স্ত্রী হবে কোটনা-কুটনি-*রঠা*)। {*স.* √কুট্+অন>}

কোটনা২ [কোটনা] *বি* ১ স্ত্রী-পুরুষের অবৈধ মিলনদূত; গুপ্ত প্রণয় ইত্যাদি কার্যের মধ্যস্থ ব্যক্তি। ২ যে কারো বিরুদ্ধে মিথ্যা কথা লাগায়। **~গিরি, ~পনা** *বি* কোটনার কাজ। **~মি** *বি* ১ স্ত্রী-পুরুষের অবৈধ মিলন সাধন ব্যবস্থা। ২ কানভাঙানি। **কুটনি, কোটনী** *স্ত্রী.*। {*স.* কুট্টনী>কোটনা}

কোট-পকেট [কোট্‌পকেট্] *বি* কোটের জেব (কোটপকেট হইতে ঘাড় বাহির হইয়া—*বচ*)। {*ই.* coatpocket}

কোটর [কোটর্] *বি* ১ গাছের গুঁড়ির মধ্যস্থ গর্ত বা খোড়ল (গাছের কোটরে পাখির বাসা)। ২ গহ্বর (চক্ষু-কোটর)। ৩ কুঠরি; ক্ষুদ্র কক্ষ; ছোটঘর; খোপ (কোটরবাসী)। **~গত** *বিণ* কোটরে বা গহ্বরে প্রবিষ্ট (কোটরগত চক্ষু)। {*স.* √কুট্+অর(অরণ); অথবা *স.* কোষ্ঠ>}

কোটরা, কটোরা [কোটরা, কটোরা] *বি* কৌটা; পাত্র; ভাণ্ড (মধুর কোটরা আন মোহর কারণ—*দৌবা*; সুবর্ণের কটোরা রাখিছে জলপুর—*শেফ*)। {*স.* কটোর+ আ(টাপ্)= কটোরা, (বর্ণবিপর্যয়ে) কোটরা}

কোটা, কুটা [কোটা, কুটা] *ক্রি* ১ কেটে খণ্ড খণ্ড করা; ছোট ছোট করে কাটা (মাছ বা তরকারি কোটা)। ২ চূর্ণ করা। ৩ ছেঁচা; ঠোকা; ক্রমাগত আঘাত করা (মসলা কোটা, মাথা কোটা)। ৪ ছেনি দিয়ে ঠুকে খাঁজ কাটা (শিল কোটা)। □ *বিণ* খণ্ড খণ্ড করে কর্তিত; চূর্ণিত; পিষ্ট। □ *বি* কর্তন; চূর্ণন; পেষণ। **কোটানো, কুটানো** *ক্রি* ১ অন্যের দ্বারা কাটানো বা খণ্ড খণ্ড করানো। ২ চূর্ণ করানো; ছেঁচানো। ৩ ছেনি ঠোকানো। □ *বিণ* অপরের দ্বারা কর্তিত, খণ্ডিত, চূর্ণিত বা পিষ্ট। {*স.* √কুট্ট্>*বা.* √কুট্+আ=কুটা, কোটা}

কোটা২ ⇒ কোঠা

কোটাল১ ⇒ কটাল

কোটাল২ [কোটাল্] *বি* ১ নগর-রক্ষক; কোতোয়াল (লোহাটা বজ্জর তার সহর কোটাল—ঘচ; মন্ত্রী এবং কোটাল জব্দ হয়েছে—*কাআমা*)। ২ প্রহরী; পাহারাওয়ালা (ধন নিল চুরি করি কোটাল আনিল ধরি—*ভারা*)। {*স.* কোষ্ঠপাল> কোট্টবাল> কোট্টআল>কোটাল। *তুল. ফা.* کوتوال কুতবাল}

কোটালগি [কোটাল্‌গি] *বি* নগর রক্ষার কাজ বা পদ (রাজত্ব কিসে থাকে কোটালগি কে রাখে—*দীমি*)। {*ফা.* কুতবালগি کوتوالگی}

কোটালি [কোটালি] *বি* কোটালগিরি; কোটালের পদ (মাতালে কোটালি দিয়া পাইনু আপন কিয়া দূরে গেল সরম ভরম—*ভারা*)। {কোটাল+ই = কোটালি}

কোটি, কোটী [কোটি] *বি* ১ ক্রোর; শত লক্ষ; ১,০০,০০,০০০ সংখ্যা। ২ ধনু খড়্গ ইত্যাদির অগ্র বা প্রান্তভাগ। ৩ ধার; প্রান্ত। ৪ অগ্র। ৫ উৎকর্ষ; পরাকাষ্ঠা। ৬ তর্কবিতর্কে এক পক্ষ। ৭ শ্রেণি; কোঠা। □ *বিণ* ১ শত লক্ষ সংখ্যক, ১,০০,০০,০০০ সংখ্যা পরিমিত। ২ অসংখ্য (কোটিকে গুটিক মিলে)। **–কল্প** *বি* ১ হিন্দুমতে ব্রহ্মার এক কোটি দিন অর্থাৎ মানুষের ৮৬৪,০০,০০,০০০,০০,০০,০০০ বৎসর। ২ অনন্তকাল; চিরদিন। **–পতি, কোটীশ্বর** *বি* ধনকুবের; মহাধনবান। {*স.* কুট্+ই(ইন্)}

কোটেশন [কোটেশন্] *বি* ১ উদ্ধৃতি (কি সুন্দর তাঁর উর্দু আর ফারসি কোটেশন—*ইখা*)। ২ উদ্ধার-চিহ্ন; "—" এ চিহ্ন। ৩ দর; মূল্য বা পারিশ্রমিক; ব্যবসায়ী যে দরে মাল সরবরাহ করতে পারে সেই দর (কোটেশন ডাকা)। {*ই.* quotation}

কোট্ট, কোঠ [কোট্‌টো, কোঠ্] *বি* দুর্গ; গড়; সুরক্ষিত গৃহ বা প্রাসাদ (পলাইয়া কোঠে গিয়া নবাব রহিল—*ভারা*)। {*স.* √কুট্ট্+অ (ঘঞ্)>}

কোট্টপাল [কোট্‌টোপাল্] *বি* ১ দুর্গাধ্যক্ষ; দুর্গরক্ষক। ২ দুর্গাধিপতি; কিল্লাদার। { *স.* কোষ্ঠ>কোট্ট; কোষ্ঠপালক> কোট্টপালঅ>কোট্টপাল}

কোঠরি ⇒ কুঠরি

কোঠা, কোটা [কোঠা, কোটা] *বি* ১ প্রকোষ্ঠ; কামরা। ২ পাকা ঘর; অট্টালিকা। ৩ স্তর; শ্রেণি; অবস্থা (বয়স তিরিশের কোঠায়, জীবনের শেষ কোঠা)। ☐ *বিণ* পাকা (বাড়িখানি কোঠা—*ঋমি*)। { *স.* কোষ্ঠ>*প্রা.* কোট্‌ঠা> কোঠ, কোট+আ}

কোঠি ⇒ কুঠি

কোড [কোড্] *বি* ১ আইনের সারগ্রন্থ। ২ নিয়মাবলি; প্রচলিত রীতি (হামবড়াই-এর সংহিতা কোড্ বেবাক কাটো বেবাক কাটো—*সদ*)। ৩ সংকেত-পদ্ধতি। { *ই* code}

কোডিসিল [কোডিসিল্] *বি* ক্রোড়পত্র; উইলের পরিশিষ্ট (বর্ম্মা-প্রবাসীর জাতি যাইবার আইনটা বোধ করি কোন গতিকে শাস্ত্রকারের কোডিসিলটা এড়াইয়া গেছে—*শচ*)। { *ই.* codicil}

কোড়য়, কড়ুই [কোড়য়্, কড়ুই] *বি* এক প্রকারের গাছ; যাকে গ্রামে সাধারণত 'কড়ৈ', 'করৈ' গাছ বলে (রাখালের সাথে বসি কোড়য়ের তলে কহিয়াছি কথা—*বআমি*)। { *স.* কটাহ>??}

কোড়া[1] [কোড়া] *বি* কশা; চাবুক; এক ধরনের বেত (সাত ডাকাত ঘোড়ায় কোড়া মারিয়া বাড়ীতে আসে—*দীমি*)। { *হি.* কোড়া}

কোড়া[2] [কোড়া] *বি* একপ্রকার গ্রাম্য পাখি (কোড়াপাখি ধরা সাজনের সখ—*বআমি*)। { *স.* কুরর}

কোণ [কোন্] *বি* ১ *(জ্যা.)* পরস্পর মিলিত দুই সরল রেখার মধ্যবর্তী স্থান (ত্রিভুজের কোণ)। ২ দুই পার্শ্বের মিলনস্থান (ঘরের কোণ)। ৩ সূক্ষ্ম প্রান্ত (আঁখিকোণ)। ৪ অস্ত্রাদির অগ্রভাগ (ছুরির কোণ)। ৫ খুঁট (কাপড়ের কোণ)। ৬ গৃহাভ্যন্তর; অন্তঃপুর (বাবুটি সন্ধ্যা না হতেই কোণে ঢোকেন—*অমৃব*)। ৭ চালের কণা; চাল থেকে বিক্ষিপ্ত কোণাংশ (ভিক্ষা মাগি খুদকোণ যে পান ঠাকুর—*ভারা*)। ~**ঘেঁষা** *বিণ* অমিশুক; লাজুক; নির্জনবাসী। ~**ঠাসা** *বিণ* ১ সঙ্কীর্ণ গণ্ডীর মধ্যে আবদ্ধ; অপর সকলের চাপে জড়সড়; একঘরে (খেলোয়াড়দের একজন দেখলুম ক্রমেই কোণঠাসা হয়ে আসছেন—*সৈমু*)। ২ উপেক্ষিত; অবজ্ঞাত। **সন্নিহিত** ~ *বি (জ্যা.)* এক সরল রেখার উপর অপর সরলরেখা স্থাপিত হলে পাশাপাশি যে দুইটি কোণের সৃষ্টি হয় তাদের যে কোনো একটি; adjacent angle। **সম**~ *বি (জ্যা.)* এক সরল রেখার উপর অপর সরল রেখা স্থাপিত হলে পরস্পর সমান যে দুইটি সন্নিহিত কোণের সৃষ্টি হয় তাদের প্রত্যেকটি; right angle; ৯০°। **সূক্ষ্ম**~ *বি (জ্যা.)* সমকোণ অর্থাৎ ৯০° অপেক্ষা ক্ষুদ্রতর কোণ; acute angle। **স্থূল**~ *বি (জ্যা.)* সমকোণ অর্থাৎ ৯০° অপেক্ষা বৃহত্তর কোণ; obtuse angle। { *স.* √কুণ্+অ (ঘঞ্)>কোণ}

কোতকা ⇒ কোঁতকা

কোতরা [কোত্‌রা] *বি* ঝোলাগুড়; মাতগুড়; আল-কাতরার মতো কালো পাতলা গুড়। { *আ.* আলকাত্‌রাহ القطرة ; *তুল. পো.* alcatrao; *তুল. ও.* কোতরা}

কোতোয়াল, কোতওয়াল [কোতোয়াল্, কোত্‌ওয়াল্] *বি* নগর-রক্ষক; প্রহরী; থানাদার; কোটাল (কোতয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে—*ভারা*)। **কোতোয়ালি, কোতোয়ালী** *বি* ১ কোতোয়ালের কর্ম বা পদ। ২ কোতোয়ালের স্থান; থানা। { *স.* কোট্টপাল>কোট্টবাল> কোতওয়াল; *তুল. ফা.* کوتوال কুতবাল}

কোথা [কোথা] *অব্য, সর্ব* কোনো স্থান (কোথা থেকে)। ☐ *অব্য, ক্রিবিণ* কোনোস্থানে; কোথায় (কোথা যাবে)। ~**কার** *বিণ* ১ কোন স্থানের (কোথাকার লোক) ২ কুস্থানের; অস্থানের (কোথাকার কোন পাজি)। ৩ তিরস্কারে; কোনো বিরক্তিকর বা অপ্রীতিকর ঘটনার বা বিষয়ের (দুষ্ট কোথাকার)। { *স.* কুত্র>কুথ>কুথ+আ = কোথা}

কোদণ্ড [কোদনডো] *বি* ১ ধনু; শরাসন; চাপ। ২ ভ্রূলতা; ভ্রূভঙ্গি (কামের কোদণ্ড ভুরু অলঙ্ঘ্য সন্ধান—*সৈআ*)। ~**টঙ্কার** *বি* ধনুকের ছিলা আন্দোলনের শব্দ (কোদণ্ড-টঙ্কার সহ অসির ঝনঝনি—*মদ*)। { *স.* √কুণ্+অণ্ড; *স.* √কু+দণ্ড; *বহু*}

কোদন, কোদা ⇒ কোঁদা[3]

কোদাল, কোদালি, কুদাল [কোদাল্, কোদালি, কুদাল্] *বি* মাটি কাটার এক প্রকার অস্ত্র বা যন্ত্র (দৃঢ় হাতে চালাও কোদালি—*আর*)। **কোদলানো**, ~ **পাড়া** *ক্রি* কোপানো; কোদাল দিয়ে মাটি কাটা। **কোদালে, কোদালিয়া** *বিণ* ১ যে কোদাল দিয়ে মাটি কোপায় বা কাটে। ২ কোদাল দিয়ে কোপানো মাটির মতো আকৃতিবিশিষ্ট (আকাশের কোদালে মেঘ—*প্রেমি*)। { *স.* কুদ্দাল>কোদাল, *তুল. হি.* কুদাল}

কোন [কোন্] *সর্ব* ১ কী; কে (কোনটি চাই, কোনজন এ কাজ করেছে?)। ২ অনির্ধারিত বা অনির্দিষ্ট কোনোটি (কোন দিন হয়তো বলবে)। ☐ *ক্রিবিণ* ১ কী প্রকারে; কিভাবে; কিসে (তুমিই বা কোন ভালোটা করো?)। ২ কেন; কী হেতু; কী কারণে (সবাই বলে, আমিই কোন না বলি)। ৩ কেননা; কই; কোথায় (তুমি কোন আমায় বললে)। { *স.* কিম্>; *স.* কোস্ম>*প্রা.* কোন; *প্রা.* কউণ>কোন, *তুল. হি.* কেনি}

কোনা[1] [কোনা] *বি* ১ কোণ। ২ প্রান্ত; ধার (নয়ন কোণায় করিছে বিশ্রাম—*নসে*)। ☐ *বিণ* কোণযুক্ত; কোণবিশিষ্ট (তিন-কোণা ঘর)। ~**কুনি**, **কোনাকুণি** *(অশু.)* *ক্রিবিণ* এক কোণ থেকে বিপরীত কোণ অবধি। ☐ *বিণ* এক কোণ থেকে তার বিপরীত কোণ পর্যন্ত বিস্তৃত। { *স.* √কুণ্+অ (ঘঞ্)>কোণ+আ=কোনা}

কোনা[2] [কোনা] *বি* ১ পানের হিসাব; ৩০০ পানে এক কোনা। ২ পোয়া; এক কুনিকা (আঁচলে বান্ধিয়া দিল চালু আদ কোণা—*কমু*)। ৩ ধানের কণা (পুরাণ খুদের জাউ তাহে আছে কোণা—*কমু*)। { *স.* কোণ>}

কোনাচ [কোনাচ্] *বি* কোণের দিকের অংশ বা স্থান। **কোনাচে** *বিণ* ১ কোনাকুনি (কোনাচে রাস্তা)। ২ কোণাভিমুখী। ৩ টেড়া; তেড়া। { *স.* কোণ+*বা.*

আচ=কোনাচ}

কোনো [কোনো] *সর্ব বিণ* ১ অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা একটি বস্তু; কে বা কী (কোনো জন, কোনো বিষয়)। ২ বহুর মধ্যে একটি বা একজন (কোনো লোকই সাড়া দেয়নি)। **~ একটা, ~ একটি** *সর্ব* অনির্ধারিত বা অনির্দিষ্ট বস্তু (কোনো একটা কাজ)। **~ ~** *সর্ব, বিণ* ১ অনির্দিষ্ট বা অনির্ধারিত একাধিক (কোনো কোনো লোকে)। ২ মধ্যে মধ্যে এক-এক (কোনো-কোনো দিন)। **~ না ~** *সর্ব* অনির্দিষ্ট কোনো (কাজটা কোনো না কোনোভাবে করা সম্ভব)। **~ মতে** *ক্রিবিণ* কোনো প্রকারে; কষ্টেসৃষ্টে। { *স.* কিম্>*প্রা.* করণ>কোনও, কোনো; *স.* কঃ+অপি=কোঽপি>}

কোন্দল, কোঁদল [কোন্দোল, কোঁদোল] *বি* ঝগড়া (সতীনে সতীনে বিষম কোন্দল বেধে যায়—*শেহু*; একটা কোঁদল ফুলফেঁপে আরম্ভ হয়ে গেছে—*নই*)। **কুন্দলে, কুঁদুলে, কোন্দলিয়া, কুন্দলিয়া** *বিণ* ঝগড়াটে; কুঁদুলে; কলহপ্রিয় (মনে ভাবি সেই বামুন বড় কোন্দলিয়া—*ভারা*; ভাবে বুঝি সে বামন বড় কুন্দলিয়া—*ভারা*; কথায় কুন্দল বড় ডাল ভাঙ্গি পড়ে—*ফগা*)। { *স.* কন্দল>কোন্দল> কোঁদল>+ইয়া=কোন্দলিয়া>}

কোপ[১] [কোপ্] *বি* ১ ক্রোধ; রাগ। ২ বিরক্তি; অসন্তোষ; বিরাগ। **~ কটাক্ষ** *বি* ক্রুদ্ধ দৃষ্টি; রোষকষায়িত দৃষ্টি। **~ন** *বিণ* ১ ক্রোধী; রাগী; সহজে ক্রুদ্ধ হয় এমন। ২ ক্রুদ্ধ; রাগান্বিত। **কোপনা** *স্ত্রী.*। **~ প্রকৃতি, ~ স্বভাব** *বিণ* সামান্য কারণেই ক্রুদ্ধ হয় এমন স্বভাববিশিষ্ট; সহজেই রেগে যায় এমন (তখন অতি কোপনস্বভাব খল্লাটি ঋষি—*রাব*)। **কোপানল** *বি* ক্রোধাগ্নি; ক্রোধরূপ বহ্নি (কোপানলে দহে মনঃ —মদ)। **কোপান্বিত, কোপাবিষ্ট** *বিণ* ক্রুদ্ধ; রুষ্ট; ক্রোধে অভিভূত (তখন চিরঞ্জীব কোপান্বিত না হইয়া বলিলেন—*ঈবি*)। **কোপী**(-পিন্) *বিণ* রাগ করে এমন। { *স.* √কুপ্+অ(ঘঞ্)>কোপ+ ইন্(ণিনি)=কোপী}

কোপ[২] [কোপ্] *বি* ১ তীক্ষ্ণ ও ভারী অস্ত্র দ্বারা আঘাত (এক কোপে সাবাড় কর—*বচ*)। ২ *(আল.)* কথা বা ব্যবহারের আঘাত; ব্যথা; চোট (তুমি কোপ দিলে গরীবের সম্মানে—*সদ*)। { *ফা.* কূব্ کوب }

কোপানো [কোপানো] *ক্রি* ১ তীক্ষ্ণধার অস্ত্র দ্বারা পুনঃপুন আঘাত করা (দা দিয়ে কোপানো)। ২ তীক্ষ্ণ অস্ত্রের কোপ দেওয়া। ৩ কোদাল ইত্যাদি দ্বারা কাটা; কোপ মেরে কাটা (মাটি কোপানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *ফা.* কোব کوب + *বা.* আনো =কোবানো>}

কোপি ⇒ কপি[২]

কোপিত [কোপিতো] *বিণ* যাকে রাগানো বা চটানো হয়েছে; ক্রোধিত; রোষিত। { *স.* √কুপ্+ণিচ্+ত(ক্ত)}

কোপ্তা, কোফতা [কোপ্‌তা, -ফ্-] *বি* মসলা সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের ভাজা বড়া বিশেষ (নানা প্রকারের মিঠাই মণ্ডা ......কাবাব, কাফ্‌তা লাড্‌ডু দোকানে বসিয়া বিনামূল্যে খাইতে পারিবে—*ইহো*)। { *ফা.* কুফ্‌তাহ্ کوفته }

কোফর ⇒ কুফর

কোফরান [কোফ্‌রান্] *বি* অকৃতজ্ঞতা; বিশ্বাসহীনতা। { *আ.* কুফ্‌রান كفران }

কোবিদ [কোবিদ্] *বিণ* ১ জ্ঞানী; পণ্ডিত; পারদর্শী (কেপালদোষে আমি কবি বা কোবিদ নই—*সুদ*)। ২ দক্ষ; নিপুণ। { *স.* কো+ √বিদ্+অ(অচ্)}

কোবিদার [কোবিদার্] *বি* মন্দার ও পারিজাত বৃক্ষ; রক্তকাঞ্চন গাছ। { *স.* কু-বি+ √দৃ+অ(অণ্)}

কোমর [কোমোর্] *বি* কটিদেশ; মাজা। **~ পাটা** *বি* মেখলা; নারী ও শিশুদের কটিভূষণবিশেষ। **~ বন্দ (-বন্ধ)** *বি* কটিবন্ধ; পেটি; belt। **~ বাঁধা, ~ কষা, ~ কসা** *ক্রি* ১ দৃঢ়সংকল্প হওয়া। ২ কোনো কার্যসাধনে উঠেপড়ে লাগা (কি কাজে কোথাকে কও কসেছ কোমর—*ঘচ*)। { *ফা.* কমর= كمر ; *ফা.* কমর+বন্দ= كمربند }

কোমল [কোমোল্] *বিণ* ১ নরম; কাঠিন্যশূন্য (কোমল শয্যা, কোমল হৃদয়)। ২ ললিত; মধুর; সুকুমার (কোমল কণ্ঠ, কোমল গন্ধ)। ৩ মৃদু (কোমল আলো)। □ *বি* নরম সুর (কড়ি ও কোমল)। **~তা, ~ত্ব** *বি*। **কোমলা** *বিণ স্ত্রী.*। **কোমলায়ন** *বি (রসা.)* প্রথমে তাপ প্রয়োগ দ্বারা উত্তপ্ত করে পরে ধীরে ধীরে ঠাণ্ডা করে শক্ত করার প্রণালি; তাপ এবং শৈত্য দ্বারা কাচ বা ধাতুর মিশ্রণ প্রক্রিয়া; annealing। { *স.* √কম্+অল(অলচ্)}

কোম্পানি, কম্পানি, কোং [কোম্‌পানি, কম্‌পানি, কোঙ্] *বি* ১ যৌথ ব্যবসায় বা ব্যবসায় প্রতিষ্ঠান। ২ বণিক সমিতি। ৩ ইস্ট ইন্ডিয়া নামে খ্যাত বণিক সম্প্রদায় যারা ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপন করে। ৪ ইংরেজ সরকার। **~র আমল** *বি* ভারতবর্ষে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকাল। **~র কাগজ** *বি* সরকার কর্তৃক গৃহীত ঋণের স্বীকারপত্রবিশেষ। { *ই.* company}

কোয়া, কোআ [কোআ] *বি* কাঁঠাল ইত্যাদি ফলের কোষ (গোটাকতক লেবুর কোয়া—*বিব*)। **~ওলা** *বিণ* কোষবিশিষ্ট (বিধবা পিসীর জন্য একটি খাজা কোয়াওলা কাঁঠাল—*প্যামি*)। { *স.* কোষ>কোহ+আ = কোহা> কোআ>কোয়া}

কোয়াক [কোয়াক্] *বি* পাখিবিশেষের ডাক (সাবধানে চলে হেথায় হোথায় কোয়াক ডাকে—*বআমি*)। { *ধ্বন্যা.*}

কোয়ার্টার গার্ড [কোয়ারটার্ গারড্] *বি* সৈন্য শিবিরস্থ হাজত (আমায় ঠেলে ঢোকানো হল কোয়ার্টার গার্ডে বা সামরিক হাজতে—*নই*)। { *ই.* quarter guard}

কোয়েল, কোয়েলা *(পদ্য.)* [কোয়েল্, কোয়েলা] *বি* ১ কোকিল; পিক; পরভৃৎ (কোয়েল তোষে সঙ্গীতে—*সদ*)। **কোয়েলা** *স্ত্রী.*। { *স.* কোকিল>*প্রা.* কোইল+আ; *ই.* cuckoo}

কোর[১] *(বৃ.)* [কোর্] *বি* কোল (সে দশা দেখিয়া ব্যথিত হইয়া তুলিয়া লইল কোরে—*চদা*)। { *স.* ক্রোড়>কোড়> কোর}

কোর[২] *(বৃ.)* [কোর্] *বি* বক্রতা; ন্যুব্জতা; বাঁক। { *স.* ক্রৌর্য>}

কোরক [কোরোক্] *বি* মুকুল; কলিকা; কুঁড়ি; অফোটা ফুল (কদম কোরক দুলিছে বাদল-বাতাস লেগে—*সদ*)। { *স.* √কুর্+ক (কন্); *স.* √কোর+ক(কন্); *স.*

√কুর্+অক(ণক)}

কোরণ্ড ⇒ কুরণ্ড

কোরতা ⇒ কুর্তা

কোরফা, কোর্ফা [কোরফা] *বিণ* ১ অন্য প্রজার নিকট থেকে জমি নিয়ে চাষ করে এমন; প্রজার অধীন। □ *বি* রায়তের অধীন রায়ত, যার জমিতে স্বত্ব থাকে না। ~ **পত্তন** *বি* জোতদারদের নিকট থেকে জমির যে পত্তন নেওয়া হয় এবং যা জমিদারের নিকট থেকে সাক্ষাৎভাবে নেওয়া হয় না (পাঁচ কাঠা জমি কোর্ফা পত্তনে বার্ষিক মবলেগ দুইটাকা খাযনায় সে ভোগ-দখল করিয়া আসিতেছে—*আমআ*)। ~ **প্রজা** *বি* এক প্রজার অধীন আরেক প্রজা (তাঁহার কোরফা প্রজা দুখির অনেক টাকা খাজানা বাকি—*রঠা*)। { *আ.* কুরফাহ قرفه }

কোরবান, কুরবান [কোর্‌বান, কু-] *বি* আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে ত্যাগ; উৎসর্গ; বিশেষ উদ্দেশ্যে জীবন বা আত্মদান (আপনার প্রাণ করি কোরবান—*জঈ*; হেথা কুরবান....তোমারি—*মুশ*)। { *আ.* কুরবান قربان }

কোরবানি, কুরবানি [কোর্‌বানি, কু-] *বি* আল্লাহর উদ্দেশে জিলহজ্জ মাসের দশ তারিখে ইসলামি শরিয়ত অনুযায়ী পশু জবাই। { *আ.* কুরবানী قربانى }

কোরমা ⇒ কোর্মা

কোরা[১] [কোরা] *বিণ* ১ মাড়যুক্ত; আধোয়া; ধোলাই হয়নি এমন (কোরা কাপড়)। ২ সম্পূর্ণ নতুন; আনকোরা; অব্যবহৃত। { *হি* 'কোরা'–একেবারে নতুন। তুল. 'আনকোরা'}

কোরা[২], **কুরা** [কোরা, কু-] *ক্রি* ১ কোরানি দিয়ে চাঁছা; চেঁছে বের করা; কোরানো (নারকেল কোরা)। □ *বিণ* চেঁছে বের করা হয়েছে এমন; কুরিয়ে প্রস্তুত (কোরা নারকেল)। { *বা.* √কুর্+আ; *বা.* খোঁড়া>}

কোরাইশ ⇒ কোরেশ

কোরান, কুরআন, কোরআন [কোরান্‌ কুর্‌আন্‌, কোর্‌আন্‌] *বি* হজরত মুহম্মদ (সা.) কর্তৃক আল্লাহর নিকট থেকে প্রাপ্ত ওহিসমষ্টি, ইসলাম ধর্মের মূল গ্রন্থ (বসিয়া বিচার করে অনুদিন কোরাণ—*কমু*; তার বিচারক এক সে আল্লা—লিখিল আল-কোরানে—*নই*)। ~ **মজিদ** *বি* মহান কোরান। (খোদাতায়ালা কুরআন মজীদে ফরমায়েছেন—*আহ*)। ~ **হাকিম** *বি* জ্ঞানময় কোরান। { *আ.* কুরআন্‌ قرآن }

কোরানো [কোরানো] *ক্রি* ১ কোরানি দ্বারা চাঁছা; আঁচড় দিয়ে বের করা (নারকেল কোরানো)। ২ ক্রমে ক্রমে ক্ষয় করা বা কাটা (উইয়ে ঘরের থাম কুরিয়ে খেয়েছে)। □ *বি*, *বিণ* উক্ত সকল অর্থে। {√কুর্+আনো}

কোরাল [কোরাল্‌] *বি* ভেটকি মাছ (নদীর উজ্জ্বল জল কোরালের মতো কলরবে ভেসে নারকোল বনে কেড়ে নেয় কোরালীর ভ্রূণ—*জীদা*)। **কোরালী** *স্ত্রী*। { *স.* করাল>? অথবা, √কুর্+*বা.* আল = কুরাল}

কোরেশ, কোরাইশ, কুরাইশ [কোরেশ্‌, -রাইশ্‌, কুরাইশ্‌] *বি* মক্কার বিখ্যাত কুরাইশ বংশ; যে বংশে হজরত মুহম্মদ (সা.) জন্মগ্রহণ করেন। **কোরেশী** *বি*, *বিণ* কুরাইশ বংশীয়। { *আ.* কুরাইশ قريش }

কোর্ট [কোর্‌ট্‌] *বি* আদালত; ধর্মাধিকরণ। { *ই* court}

কোর্টশিপ [কোর্‌ট্‌শিপ্‌] *বি* ইউরোপীয় প্রথায় বিবাহের পূর্বে পাত্রপাত্রীদের মধ্যে ভাবের আদান-প্রদান বা মন দেওয়া-নেওয়া; পূর্বরাগ। { *ই* courtship}

কোর্তা ⇒ কুর্তা

কোর্ফা, কোর্ফাপত্তন, কোর্ফাপ্রজা ⇒ কোরফা

কোর্মা, কোরমা [কোর্‌মা] *বি* তুর্কি পদ্ধতিতে প্রস্তুত ঝালহীন রান্না করা গোশত। { *তু.* কুরমাহ قورمه }

কোল[১] [কোল্‌] *বি* ১ ভারতের আদিম অনার্য জাতিবিশেষ। ২ উক্ত জাতীয় লোক। { *স.* √কুল্‌+অ(অচ্‌)}

কোল[২] [কোল্‌] *বি* নদীর চড়া পড়ে স্রোত বন্ধ হলে যে খাল বা ডোবার সৃষ্টি হয়; নদীর চর ও তীরের মধ্যবর্তী অপরিসর ও অগভীর ডোবা। { *ফা.* কোল کول ; *স.* কূল}

কোল[৩] [কোল্‌] *বি* অঙ্ক; ক্রোড় (শিশুকে কোলে নেওয়া)। ২ আলিঙ্গন। ৩ পেট বা মধ্যভাগ; পেটি (ভাজে চিতলের কোল—*কমু*)। ৪ কিনারা; তীর (চোখের কোলের কালিমার মায়া—*বিদে*)। ৫ মধ্যদেশ; বক্ষ (সাগর কোলে ঢেউ উঠেছে)। ৬ সান্নিধ্য; সন্নিকট (গাছের কোল)। ~ **আঁধার** *বি* নিজের ছায়ার জন্য অন্ধকার সম্মুখভাগ। ~**কুঁজা**, ~**কুঁজো** *বিণ* দেহ কোমরের দিকে বেঁকে সম্মুখের দিকে একটু কুঁজো হয়েছে এমন। ~ **জোড়া**, ~ **জুড়ানো** *বিণ* কোলে বসে মায়ের মনে আনন্দ ও শান্তি দেয় এমন; মায়ের অতি আদরের। ~**জোড়া হয়ে থাকা** *ক্রি* ১ মায়ের কোল অধিকার করে থাকা। ২ (*আল.*) বেঁচে থাকা। ~ **দেওয়া** *ক্রি* আলিঙ্গন করা (আচণ্ডালে ধরি দেয় কোল—*বৃদা*)। ~ **পাওয়া** *ক্রি* মায়ের আদর পাওয়া। ~ **পাতলা** *বিণ* পরস্পর খানিক দূরবর্তী; ঘেঁযাঘেঁষি নয় এমন (কোল পাতলা ডাগর গুছি—*খব*)। ~**পোঁচা**, ~**পুঁছা**, ~**মোছা**, ~**ঝাড়া** *বিণ* সর্বশেষ গর্ভজাত কনিষ্ঠ (আমার কোলপুঁছা ছোট মেয়েটিরও—*নই*; তার সর্বকনিষ্ঠ কোলপোঁছা সন্তান—*নই*)। ~**বালিশ** *বি* পাশবালিশ; যে বালিশ ক্রোড়দেশে রেখে শয়ন করা হয়। **কোলে কাঁখে করা** *ক্রি* বিশেষ যত্নের সঙ্গে লালন পালন করা। **কোলে পিঠে করে মানুষ করা** *ক্রি* শিশুকাল থেকে সযত্নে লালন পালন করা। **কোলের ছেলে** *বি* ১ দুগ্ধপোষ্য বা মাইখেকো ছেলে। ২ সর্বকনিষ্ঠ ছেলে। { *স.* ক্রোড়>কোড়> কোর>*প্রা.* কোল}

কোলন [কোলোন্‌] *বি* যতিচিহ্ন বিশেষ; ':' এই চিহ্ন। { *ই* colon}

কোল পাওয়া, কোলপাতলা, কোলপুঁছা, কোলপোছা, কোলবালিশ, কোলমোছা ⇒ কোল[৩]

কোলম্বক [কোলম্‌বক্‌] *বি* তার বাদে বীণার অবশিষ্ট অংশ (কেহ ধরে দ্বিরদ-রদ নির্মিত, মুকুতা খচিত কোলম্বক—*মদ*)। { *স.* √কুল্‌+অম্ব(অম্বচ্‌)+ক (কন্‌)}

কোলসরা, কোলশরা [কোল্‌শরা] *বি* হিন্দুদের মঙ্গলাচারে ব্যবহৃত লাল সুতা দিয়ে পরস্পর মুখোমুখি করে বাঁধা দুখানা সরা (সর্বস্ব পুটলী ভরা বান্ধি নিল কোলসরা সূতা নিল নাটাই সহিত—*কমু*)। { কোল+সরা}

কোলা [কোলা] *বিণ* মোটা; স্ফীতোদর। □ *বি* পেটমোটা

বড় জালাবিশেষ। { *স.* √গোলক> *পৈশাচী প্রা.* কোলঅ>: *স.* গোলা> }

কোলাকুলি, কোলাকোলি [কোলাকুলি, –কো-] *বি* পরস্পর আলিঙ্গন। { *স.* ক্রোড়>কোল+আ+কোল+ই; *ব্যতিহার বহু.* }

কোলানি, কোলানী [কোলানি] *বি* ১ অভ্যর্থনা। ২ আশ্বাস; প্রশ্রয় (শেষে ফাঁকি আগে দিয়া কথার কোলানী—*ভারা*)। { *স.* ক্রোড়>*বা.* কোল+আনি }

কোলাপোষ [কোলাপোশ] *বিণ* কুলাপোষ; ইউরোপীয় টুপি (পাগড়ি নয়) পরে এমন (প্রথম গড়েতে কোলাপোষের নিবাস ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গি ফরাস—*ভারা*)। { *ফা.* কুলাহ + পোশ کلاه + پوش }

কোলা ব্যাঙ, কোলা ব্যাং [কোলাব্যাঙ] *বি* পেটমোটা বড়ো ব্যাং বিশেষ যা অগভীর জলাশয়ে বাস করে। { *স.* গোলক>গোলঅ>কোলা+ব্যাঙ }

কোলাহল [কোলাহল্] *বি* অনেক লোকের মিলিত কণ্ঠস্বর; গোলমাল; শোরগোল। **~ময়, ~ময়ী** *বিণ* মুখর; কোলাহলপূর্ণ (এই কলিকাতা কোলাহলময়ী—*সদ*)। { *স.* গোলক>*বা.* কোল+আ+ *স.* √হল্+অ (অচ্) }

কোশল, কোসল [কোশল্] *বি* কাশীর উত্তরস্থ অযোধ্যা প্রদেশ এবং নিকটবর্তী জনপদ। { *স.* √কুশ্+অল(কল) }

কোশা ⇒ কোষা

কোশাদা, কুশাদা [কোশাদা, কু–] *বিণ* ১ প্রশস্ত; বিস্তৃত, চওড়া (দেখে মর্দ কোশাদা ময়দান—*সৈহা*)। ২ খোলা; অনাবৃত; মুক্ত (দরওয়াজা কোশাদা দেখে—*সৈহা*)। ৩ সুপ্রশস্ত (খোদা আপনার নসীব কোশাদা করুন—*কাই*)। **~ করা** *ক্রি* প্রশস্ত করা (কলব কুশাদা–করিবার আগেই—*আমআ*)। { *ফা.* কোশাদাহ্ کشاده }

কোশী ⇒ কোষী

কোশেশ, কুশিশ, কুশেশ [কোশেশ্, কুশি–, কুশে–] *বি* বিশেষ চেষ্টা; প্রয়াস; প্রযত্ন (কম কোশেশ করেননি—*মুব*)। **~ করা** *ক্রি* বিশেষ চেষ্টা করা (কাহে পেরেশান রহ, দেলের মতলব কহ, কোশেশ করিব তাহে আমি—*সৈহা*)। { *ফা.* কোশিশ کوشش }

কোষ, কোশ [কোশ্] *বি* ১ ভাঁড়ার; ভাণ্ডার (রাজকোষ)। ২ ধনরাশি; ধনরত্ন (তাহারা কখনও 'কোষ' রাখিতেও চায় না উহার হিসাবেরও দাবী করে না—*মভ*)। ৩ আধার; থলি (অণ্ডকোষ)। ৪ খাপ (কোষবদ্ধ অসি)। ৫ কোয়া (পীরিতি তুল্য কাঁঠাল কোষ—*দীমি*)। ৬ অভিধানগ্রন্থ (শব্দকোষ, সাহিত্যকোষ)। ৭ রেশমের গুটি। ৮ মুকুল; কুঁড়ি (পদ্মকোষ)। ৯ (*প্রাণী.*) প্রাণীদেহের সূক্ষ্ম অংশবিশেষ; cell। ১০ জৈবসত্তার বিভিন্ন স্তর (অন্নময় কোষ)। ১১ মুষ্ক; প্রাণীদেহের অণ্ড (কোষবৃদ্ধি)। ১২ মঞ্জুষা; পেটিকা। ১৩ কোষা। **~কাব্য** *বি* বিভিন্ন কবিতার সংকলন গ্রন্থ। **~কার** *বি* ১ অভিধান-প্রণেতা। ২ গুটিপোকা। **~বৃদ্ধি** *বি* কুরণ্ডরোগ; অণ্ডকোষের স্ফীতিজনিত রোগবিশেষ। **~মুক্ত** *বিণ* নিষ্কোষিত; খাপ থেকে বের করা হয়েছে এমন (কোষমুক্ত অসি)। { *স.* √কুষ্+অ (ঘঞ্) }

কোষা, কোশা [কোশা] *বি* ১ হিন্দুদের পুজার কাজে ব্যবহৃত নৌকাকৃতি ও তামার তৈরি জলপাত্রবিশেষ। ২ ডোঙ্গা; এক ধরনের ক্ষুদ্র নৌকা বা ডিঙ্গি (শ্রীপুর নদীতে 'কোষা' ভাসাইয়া চলেছেন ঈসা খান—*গোমো*; কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি—*ভারা*)। { *স.* কোষ+*বা.* আ–কোষা, কোশা }

কোষাগার [কোশাগার্] *বি* ধনভাণ্ডার; ধনাগার; treasury। { *স.* কোষ+আগার }

কোষাধ্যক্ষ [কোশাদ্‌ধোক্‌খো] *বি* ১ ধনভাণ্ডারের রক্ষক; treasurer; ধনাগারের কর্তা। ২ খাজাঞ্চি; cashier। { *স.* কোষ+অধ্যক্ষ }

কোষী(-ষিন্), **কোশী**(-শিন্) [কোশি] *বি* কুশি; ছোট কোষা; যা দিয়ে কোষা থেকে পানি তোলা যায়। { *স.* কোষ+ইন্>কোষিন্>কোষী }

কোষ্টা, কোষ্টা পাট [কোশ্‌টা, কোশ্‌টা পাট্] *বি* পাটখড়িবিহীন শুষ্কপাট; বিক্রির জন্য তৈরি পাট; পাটের গুচ্ছ (কালকে যাইব দূরের সফরে কোষ্টাপাটের লাগি—*জউ*)। { *স.* কোষ্ঠ? *স.* কোষ>; *তুল.* কষটা (কষায় বা তিক্ত স্বাদযুক্ত) }

কুষ্ঠি, কুষ্ঠি কাটা ⇒ কোষ্ঠী

কোষ্ঠ [কোশ্‌ঠো] *বি* ১ কক্ষ; ঘর; গৃহ। ২ গোলা; শস্যভাণ্ডার। ৩ জলাশয়; উদরের মধ্যস্থিত মলভাণ্ড। ৪ মল। **~কাঠিন্য, ~বদ্ধতা, ~বদ্ধতা**—মলাশয়ের মল সহজে নির্গম না হওয়া; পেটের মল পরিষ্কার না হওয়ার রোগ; constipation। **~শুদ্ধি** *বি* উত্তমরূপে মল নির্গম; পেটের মল পরিষ্কার হওয়া; মলশুদ্ধি। **~ পরিষ্কার হওয়া, ~ সাফ হওয়া** *ক্রি* উত্তমরূপে নিয়মিত মল নিঃসরণ হওয়া। { *স.* √কুষ্+থ(থন্) }

কোষ্ঠী, কুষ্ঠি [কোশ্‌ঠি, কু–] *বি* জন্মপত্রিকা, যার ভিতর জীবনের শুভাশুভ লিখিত থাকে। **~ কাটা** *ক্রি* (*আল.*) নিন্দা করা; গালি দেওয়া (আমার এমন কোনো বিদ্যে নেই, যার জোরে আমি পরের কুষ্ঠি কাটতে পারি—*প্রচৌ*)। **~ বিচার** *বি* কোষ্ঠীর ফলাফল নির্ণয়। { *স.* কোষ্ঠ+ঈ }

কোষ্ণ [কোশ্‌নো] *বিণ* ঈষদুষ্ণ; অল্প গরম; কবোষ্ণ। { *স.* কু+উষ্ণ; *কর্মধা.* }

কোসল ⇒ কোশল

কোস্তাকুস্তি [কোস্‌তাকুস্‌তি] *বি* ধ্বস্তাধ্বস্তি (তোর মত ভুতো মারহাট্টা ছেলেদেরই এসব কোস্তাকুস্তি সাজে—*নই*)। { *ফা.* কুশতম-কুশতা کشتم کشتا ; *ব্যতিহার বহু.* }

কোহতুর ⇒ কোহিতুর

কোহল [কোহোল্] *বি* ১ একপ্রকার প্রাচীন মদ। ২ সুরাসার; alcohol। ৩ বাদ্যযন্ত্রবিশেষ। { *আ.* কুহুল كحل }

কোহিতুর, কোহতুর, কুহতুর [কোহিতুর্, কোহো–, কুহো–] *বি* তুর বা সিনাই পর্বত (আবার শুনিতে চায় কোহিতূর, সাফার আহ্বান—*ফআ*; বিরচিল জবল–আরফা গিরি পূর। সর্ব পুণ্যস্থল লিখিলেক কোহতুর—*সৈআ*)। { *ফা.* কোহেতুর کوه طور }

কোহিনুর, কোহিনূর [কোহিনুর্] *বি* ১ ঐ নামের সুপ্রসিদ্ধ হীরক; মহামূল্য মণি। ২ (*আল.*) সর্বাপেক্ষা মূল্যবান পদার্থ (তোর কোহিনুর কাড়বে কে বল?—*সদ*)। আলোর পাহাড়। ৪ গৌরবজনক ব্যক্তি। { *ফা.*

কোহেনূর کوہ نور }

কৌসুলি, কৌঁসুলি [কৌঁউশুলি, কৌ–] *বি* আদালতের উকিল *বা* ব্যারিস্টার। { *ই.* counsellor}

কৌ [কোউ] *বি* কাউগাছ; বৃক্ষবিশেষ (ফাল্গুন মাসের কৌ-গাছের মৌ লুট করে মৌমাছিটা গুন গুন করে কেবলই বাজে বকে যাচ্ছিল—*অঠা*)। { *স.* 'মৌ' শব্দের সাদৃশ্যে গঠিত}

কৌচ [কোউচ্] *বি* গদি-আঁটা বড়ো আরাম কেদারা বা বসবার আসনবিশেষ (যেন স্প্রীংওয়ালা কৌচ— *ক্যাসি*)। { *ই.* couch}

কৌটা, কৌটো [কোউটা, কোউটো] *বি* ঢাকনিযুক্ত ছোট পাত্র বা আধারবিশেষ; পুট (কৌটা খুলি রক্ষোবধূ যত্নে দিলা ফোঁটা ললাটে —*মদ*)। { *স.* কোষ্ঠ>*প্রা.* কোট্‌ঠ>}

কৌটিল্য [কোউটিল্‌লো] *বি* কুটিলতা। ২ ক্রূরতা; নিষ্ঠুরতা; নির্দয়তা। ৩ বক্রতা। ৪ চাণক্য; মৌর্যবংশীয় সম্রাট চন্দ্রগুপ্তের কূটনীতিবিশারদ ও অর্থশাস্ত্র রচয়িতা মন্ত্রীর নাম। { *স.* কুটিল+য(ষ্যঞ)}

কৌটো ⇒ কৌটা

কৌড়ি, কৌড়ী ⇒ কড়ি[১]

কৌণিক [কোউনিক্] *বি* কোণ সংক্রান্ত (কৌণিক বিন্দু)। ☐*বিণ* কোনাচে; কোনাকুনি। { *স.* √কুণ্+অ(ঘঞ); কোণ+ইক (ঠঞ)}

কৌণী [কোউনি] *বি* এক বর্গ হস্ত পরিমাণ; জরিপে ব্যবহৃত জমির পরিমাণবিশেষ। { *স.* কোণ+ঈ}

কৌতুক [কোউতুক্] *বি* ১ আমোদ; আনন্দ; মজা (এ বড় কৌতুক—*ভারা*)। ২ পরিহাস; ঠাট্টা; তামাশা; রহস্য। ৩ কৌতূহল; ঔৎসুক্য। { *স.* কুতুক+অ(অণ)}

কৌতুকাবহ [কোউতুকাবহো] *বিণ* আমোদজনক; কৌতূহলজনক; মজার (অত্যন্ত কৌতুকাবহ পুরাতন হাস্যালাপের—*রঠা*)। **কৌতুকী**(-কিন্) *বিণ* ১ কৌতুকপূর্ণ। ২ কৌতুককারী (কি কৌতুক এ তব, কৌতুকি!—*মদ*)। ৩ আমুদে; রহস্যপ্রিয়; পরিহাসপ্রিয়। ৪ কৌতূহলী। { *স.* কৌতুক+আবহ; ৬তৎ}

কৌতূহল [কোউতুহল্] *বি* ঔৎসুক্য; নতুন বা অজ্ঞাত বিষয় জানবার আগ্রহ; কুতূহল। **-পরবশ** *বিণ* কৌতূহলপূর্ণ; নতুন বা অজ্ঞাত বিষয় জানতে আগ্রহী। **কৌতূহলী**(-লিন্) *বিণ* ১ উৎসুক; নতুন কিছু জানার জন্য আগ্রহী বা ইচ্ছুক। ২ কৌতূহল উদ্রেককর (কৌতূহলী পুষ্পগন্ধ—*রঠা*)। **কৌতূহলোদ্দীপক** *বিণ* ঔৎসুক্যবর্ধক; কুতূহল উদ্রেককর; যাতে কোনো অজানা বিষয় জানার আগ্রহ বাড়ে। { *স.* কুতূহল+অ(অণ); *বহু*; ৬তৎ}

কৌন্তিক [কোউনতিক্] *বি, বিণ* ১ কুন্তধারী; কুন্তনামক ক্ষেপণাস্ত্রধারী; বর্শার তুল্য অস্ত্রধারী। ২ যোদ্ধা (দুরন্ত কৌন্তিককুল কুন্তে আস্ফালিল—*মদ*)। { *স.* কুন্ত+ইক(ঠঞ)}

কৌন্তেয় [কোউন্‌তেয়ো] *বি* মহাভারতোক্ত কুন্তীর পুত্র যুধিষ্ঠির, ভীম ও অর্জুন। { *স.* কুন্তী+এয়(ঢক)}

কৌন্সিল [কোউনসিল্] *বি* মন্ত্রণাসভা; পরিষদ; দেশের আইন-পরিষদ (আমাকে বড় চাকরি দাও, রাজা কর, রায় বাহাদুর কর, কৌন্সিলের মেম্বর কর—*বচ*)। { *ই.* council}

কৌপীন [কোউপিন্] *বি* ল্যাঙ্গট; চীরবসন, কপনি, (পট্টাম্বর ত্যজি রাজা পরিল কৌপীন—*ঘচ*)। { *স.* কূপ+ঈন(খঞ)}

কৌমার *বি* ১ কুমারকাল বা অবস্থা; অবিবাহিতকাল বা অবস্থা (জিনিয়া লইলে মোর কৌমার অতুল অ-স্বর্গীয়—*মোম*)। ২ বাল্যকাল; পঞ্চম থেকে দশম বর্ষ পর্যন্ত অবস্থা। ৩ অবিবাহিত পুত্র। ☐*বিণ* কুমার সম্বন্ধীয় (তিনি কৌমার ব্রহ্মচারী—*ঈবি*)। **-ভৃত্য, -ভৃত্যতন্ত্র** *বি* (*আয়ু.*) শিশুব্যাধি ও প্রসূতিরোগের চিকিৎসা শাস্ত্র। **কৌমারী** *বি স্ত্রী.* ১ অবিবাহিতা মেয়ে। ২ প্রথমা পত্নী। { *স.* কুমার+অ(অণ)}

কৌমার্য [কোউমারজো] *বি* অনূঢ় অবস্থা; অবিবাহিত অবস্থা; কৌমার (আমি কৌমার্যের লাস্ট বেঞ্চিতে বসে—*রঠা*)। { *স.* কৌমার+*বা.* য}

কৌমুদী [কোউমুদি] *বি* ১ জ্যোৎস্না; চাঁদের আলো (খেলিছে কৌমুদী, হাসাইয়া কুমুদেরে—*মদ*)। ২ কার্তিক মাসের পূর্ণিমা। **কৌমুদিনী ধন** *বি* জ্যোৎস্না; চাঁদের আলো। **-পতি** *বি* চন্দ্র। { *স.* কুমুদ+অ(অণ)+ঈ(ঙীপ্)}

কৌরব [কোউরব্] *বি* ১ মহাভারতোক্ত কুরুবংশধর। ২ ধৃতরাষ্ট্রের পুত্রগণ; দুর্যোধনাদি শত ভ্রাতা। **কৌরব্য, কৌরবেয়** *বিণ* কুরুরাজ-বংশীয়; কুরুবংশে যাদের জন্ম। { *স.* কুরু+অ(অণ)}

কৌর্ম [কোউর্‌মো] *বি* ১ কূর্ম পুরাণ। ২ কূর্ম সম্বন্ধীয়। { *স.* কূর্ম+অ(অণ)}

কৌল[১] [কোউলো] *বিণ* ১ কুলীন; সদ্বংশজাত। ২ তান্ত্রিক বামাচার। ৩ বামাচারী তান্ত্রিক। ৪ কৌলিক। { *স.* কুল+অ(অণ)}

কৌল[২], **কউল** [কোউল্, কউল্] *বি* কথা; বাণী। { *আ.* ক্বল قول }

কৌলাচারী(-রিন্) [কোউলাচারি] *বি* তান্ত্রিক সাধক। { *স.* কৌল+আচার+ইন(ইনি)}

কৌলিক [কোউলিক্] *বিণ* ১ কুল বা বংশসম্বন্ধীয় (তাহার সমস্ত কৌলিক সংবাদ সন্ধান করিবার জন্য—*রঠা*)। ২ বংশপরম্পরাগত (সেটা তাদের কৌলিক প্রথা—*রঠা*)। ৩ কুলধর্ম প্রবর্তক। ৪ বামাচারী; তান্ত্রিক; বামাচার মতানুসারে শক্তির উপাসক। ☐*বি* ১ কুলপ্রথা; কুলধর্ম বা কুলাচার অনুযায়ী। ২ তন্তুবায়; তাঁতি। { *স.* কুল+ইক(ঠক)}

কৌলীন্য [কোউলিন্‌নো] *বি* কুলীনত্ব; বংশমর্যাদা (শুধু যেন কৌলীন্য না ঘোষি—*সদ*)। **~ প্রথা** *বি* (বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত) কতকগুলি বংশকে সৎকুল বলে নির্দেশ করার প্রথা। { *স.* কুলীন+য(ষ্যঞ)}

কৌশল [কোউশল্] *বি* ১ কুশলতা; দক্ষতা; নিপুণতা (কর্মকৌশল)। ২ ফন্দি; চাতুর্য; ছল (কৌশলে কার্যসিদ্ধি)। ৩ কারিগরি; সাধনচাতুর্য (শিল্পকৌশল)। **কৌশলী** (-লিন্) *বিণ* ১ কৌশলযুক্ত; নিপুণ; কর্মকুশল। ২ ছলচাতুরীতে ওস্তাদ; ফন্দিবাজ; ধূর্ত। { *স.* কুশল+অ(অণ)}

কৌশল্যা, কৌসল্যা [কোউশল্‌লা] *বি* রামচন্দ্রের মাতা। { *স.* কোশল+য(ষ্যঞ)+আ(টাপ্)}

কৌশাম্বী [কোউশাম্‌বি] *বি* প্রয়াগের নিকটবর্তী প্রাচীন নগরী। { *স.* কুশাম্ব+অ(অণ্)+ঈ(ঙীপ্) }

কৌশিক[১] [কোউশিক] *বি* বিশ্বামিত্র; কুশিক মুনির পুত্র। { *স.* কুশিক+অ(অণ্) }

কৌশিক[২]**, কৌষিক, কৌশেয়, কৌষেয়** [কোউশিক, –, –শেয়ো, –] *বিণ* রেশমি (নৈবেদ্য, কৌষিক বস্ত্র আদি বলি যত— *মদ*; কৌষেয় বসনে— *মদ*)। { *স.* কোশ, কোষ+ইক(ঠক্), এয়(ঢক্) }

কৌসল্যা ⇒ কৌশল্যা

কৌসুম্ভ [কোউশুমভো] *বিণ* কুসুম্ভ ফুলের বর্ণে রঞ্জিত। { *স.* কুসুম্ভ+অ(অণ্) }

কৌস্তুভ [কোউস্‌তুভ্] *বি* পুরাণোক্ত মণিবিশেষ (কৌস্তুভ আর বনফুল-হার— *সদ*)। { *স.* কুস্তুভ+অ(অণ্) }

ক্যাংগারু ⇒ ক্যাঙ্গারু

ক্যাঁক [ক্যাঁক] *অব্য* (অনুকার শব্দ) হঠাৎ আঘাত ইত্যাদির ফলে বেদনাব্যঞ্জক ধ্বনি (লাঠির আঘাতে ক্যাঁক করা)। ~ ~ **করা** *ক্রি* ক্যাঁক ধ্বনি উচ্চারণ করে বিরক্তি বা ক্রোধ প্রকাশ করা; ক্রোধে জ্বলে যাওয়ার ভাব প্রকাশ করা। ~ **করে** *অক্রি* আকস্মিকভাবে (ক্যাঁক করে গাল টিপে ধরলো)। { *ধ্বন্যা.* }

ক্যাঁচ [ক্যাঁচ] *বি* এক আঘাতে কাটার ধ্বনি (ক্যাঁচ করে কলাগাছটি কেটে ফেলেছে)। **ক্যাঁচ ক্যাঁচ, ক্যাঁচর-ক্যাঁচর** *অব্য, বি* ক্রমাগত কর্তন বা ঘর্ষণের বা দংশনের শব্দ। **ক্যাঁচর ম্যাচর** *অব্য* বিরক্তিকর কলরব (চাকার ক্যাঁচর ম্যাচর শব্দ তুলে এগিয়ে যাচ্ছে— *রখাঁ*)। **ক্যাচক্যাঁচানি** *বি* ক্রমাগত ক্যাঁচ ক্যাঁচ শব্দ (শিশুদের ক্যাঁচ-ক্যাঁচানি আর সয় না)। { *ধ্বন্যা.* }

ক্যাঁচা ⇒ কোঁচ[১]

ক্যাঁট-ক্যাঁট, ক্যাট-ক্যাট [ক্যাঁটক্যাঁট্, ক্যাটক্যাট্] *অব্য* পুনঃপুন বিঁধবার ধ্বনি। □ *বি* কটু ও বিরক্তিকর কথা (বেশি ক্যাট ক্যাট করো না)। **ক্যাঁটকেঁটে** *বিণ* ১ কর্কশ ও তীব্র (ক্যাঁটকেঁটে কথা)। ২ মর্মবিদারক। { *ধ্বন্যা.* }

ক্যাঁত [ক্যাঁত্] *অব্য* পদপ্রহারের ধ্বনি; লাথি মারার শব্দ। { *ধ্বন্যা.* }

ক্যাঙ্গারু, কেঙ্গারু, ক্যাংগারু [ক্যাঙ্‌গারু] *বি* অস্ট্রেলিয়ার উদ্ভিদভোজী প্রাণীবিশেষ—যার সম্মুখের দুই পা পশ্চাতের দুই পায়ের তুলনায় অতিশয় ছোট এবং যার পেটে বাচ্চা রাখার থলি থাকে। { *ই.* kangaroo }

ক্যাটালগ [ক্যাটালগ্] *বি* বিবরণপত্রিকা; ক্রমানুযায়ী বা বর্ণানুক্রমিক নির্ঘণ্ট বা তালিকা (তার তত্ত্ব ও তথ্যপূর্ণ ক্যাটালগ বা ফিরিস্তিও আছে— *মুএ*)। { *ই.* catalogue }

ক্যাডেট [ক্যাডেট্] *বি* শিক্ষানবিস সৈনিক (ক্যাডেটের ইউনিফর্ম-পরা তার একটা ফটোও আছে— *আআআ*)। { *ই.* cadet }

ক্যাদ্দানি [ক্যাদ্‌দানি] ⇒ কারদানি

ক্যানভাস [ক্যানভাস্] *বি* ভোট প্রার্থনা; নির্বাচনে জয়লাভ করার জন্য ভোটারদের সমর্থনলাভের চেষ্টা। □ *ক্রি* ক্যানভাস করা; প্রচারণা চালানো (সরকার সাহেবের পক্ষে বাড়ি-বাড়ি ক্যানভাস করিতেও গিয়াছিল— *আমআ*)। { *ই.* canvass }

ক্যানসার, ক্যান্সার [ক্যান্‌সার] *বি* দুরারোগ্য ক্ষতরোগবিশেষ; কর্কটরোগ (এই এশিয়ার ক্যান্সার ইউরোপের দেহ হতে সমূলে উৎপাটিত করতে হলে— *প্রচৌ*)। { *ই.* cancer }

ক্যানেস্তারা ⇒ কানেস্তারা

ক্যান্টিন [ক্যান্‌টিন্] *বি* ১ স্কুল-কলেজ অফিসাদি সংলগ্ন চা নাস্তা খাদ্য প্রভৃতির দোকান। ২ সেনানিবাসের মধ্যে খাদ্য মদ প্রভৃতির দোকান (চায়ের অসংখ্য ক্যান্টিন— *জীদা*)। { *ই.* canteen }

ক্যাবলা ⇒ কেবলা[১]

ক্যাবিন ⇒ কেবিন

ক্যাবিনেট ⇒ কেবিনেট

ক্যামফার [ক্যাম্‌ফার] *বি* কর্পূর (ট্রাঙ্ক হইতে রুবিনার ক্যামফার বাহির করিয়া— *নর*)। { *ই.* camphor }

ক্যামবিস ⇒ ক্যাম্বিস

ক্যামেরা [ক্যামেরা] *বি* ফটো বা আলোকচিত্র গ্রহণের যন্ত্র (স্থানকাল পাত্রভেদে ক্যামেরার চাহনিও যখন মানুষের দৃষ্টির মতোই বদলাতে থাকে— *সুদ*)। { *ই.* camera }

ক্যামেলিয়া [ক্যামেলিয়া] *বি* ফুলবিশেষ। { *ই.* camellia }

ক্যাম্পখাট, ক্যাম্পকট [ক্যাম্‌প্‌খাট্, –কট্] *বি* ক্যাম্পের উপযোগী হালকা খাট; পায়ার উপর ক্যানভাস কাপড়ের তৈরি খাট; যে খাট একস্থান থেকে অন্যস্থানে সহজে বহন করে নিয়ে যাওয়া যায় (ক্যাম্প খাট খুলিয়া উঠানেই শুইয়া পড়িলেন— *নই*; করিডরে পর্যন্ত ক্যাম্পকট পেতে শোবার ব্যবস্থা— *সৈমুআ*)। { *ই.* camp-cot }

ক্যাম্পাস, ক্যামপাস [ক্যাম্‌পাস্] *বি* শিক্ষাপ্রতিষ্ঠানের এলাকা (স্কুল ক্যাম্পাসের নকশাখানা— *আআআ*)। { *ই* campus }

ক্যাম্বিস, কেম্বিস, ক্যামবিস [ক্যাম্‌বিশ্] *বি* মোটা ও মজবুত কাপড়বিশেষ; চটজাতীয় কাপড় (জিনিসভর্তি ক্যাম্বিসের থলেটা— *আআআ*)। { *ই* canvas }

ক্যারক্যার [ক্যারক্যার্] *বি* ক্যার ক্যার শব্দ; ঘুণ পোকার কাঠ কাটার শব্দ। **ক্যারকেরে** *বিণ* যা ক্যারক্যার শব্দ করে (ক্যারকেরে পোকা কাটে কাঠ)। { *ধ্বন্যা.* }

ক্যারক্যারি [ক্যারক্যারি] *বি, বিণ* বিরক্তিকর আওয়াজবিশেষ (তোর কি ঢেঁকির ক্যারক্যারি আজ শেষ হবে না?— *সজ*)। { *ধ্বন্যা.* }

ক্যারা, ক্যারা বাঙালি [ক্যারা, –বাঙালি] *বি* ওড়িয়া ভাবাপন্ন বাঙালি (উড়িষ্যার পরগাছা 'ক্যারা' অগণন— *দীমি*)। {খ্যাড়া (?) অথবা কীড়া (?)>}

ক্যারাম, ক্যারোম [ক্যারাম, –রো–] *বি* একপ্রকার খেলা; কাঠের তৈরি চৌকোনা বোর্ডে গুটি দিয়ে খেলা (নাম নাকি ক্যারোম খেলা— *বিব*)। { *ই.* carom }

ক্যারিকেচার [ক্যারিকেচার্] *বি* ব্যঙ্গাত্মক বর্ণনা; ব্যঙ্গচিত্র; হাস্য উদ্রেকের জন্য বিদ্রূপাত্মক অনুকরণ বা সাদৃশ্য বর্ণনা (তিনি হিন্দুধর্ম ও হিন্দুদর্শনের যে বর্ণনা করেছেন তা ক্যারিকেচর পর্যন্ত নয়— *প্রচৌ*)। { *ই.* caricature }

ক্যালেন্ডার, কেলেন্ডার [ক্যালেন্‌ডার্] *বি* দেয়ালপঞ্জি। { *ই* calendar }

ক্যাশ [ক্যাশ্] *বি* নগদ; নগদ টাকা। { *ই* cash}

ক্যাশবাক্স [ক্যাশ্‌বাক্‌শো] *বি* যে বাক্সে টাকা পয়সা রাখা হয়; ছোট সিন্দুক (দোকানের ক্যাশবাক্স সীল করে রেখেছে—*বিব*)। { *ই* cash-box}

ক্যাস্টর অয়েল [ক্যাস্টর্ অয়েল্] *বি* ১ রেড়ির তেল। ২ জোলাপ; বিরেচক ঔষধরূপে ব্যবহৃত রেড়ির তেল। { *ই* castor oil}

ক্রকচ [ক্রোকচ্] *বি* করাত। { *স.* ক্র+√কচ্+অ(অচ্)}

ক্রন্দন [ক্রোন্‌দন্] *বি* কান্না। –রোল, ~**ধ্বনি** *বি* কান্নার আওয়াজ; রোদন-রব (যবে উৎপীড়িতের ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না—*নজ*)। **ক্রন্দিত** *বিণ* ১ রোদন করছে এমন; ক্রন্দনরত। ২ গর্জনকারী (চির ক্রন্দিত ঊর্মিনিনাদ—*রঠা*)। ☐*বি* ১ ক্রন্দন; রোদন। ২ আহ্বান। { *স.* √ক্রন্দ্+অন(ল্যুট্)}

ক্রন্দসী [ক্রোন্‌দোশি] *বি* ১ পৃথিবী ও আকাশ; স্বর্গ ও মর্ত্য (ওই শোন দিশে দিশে তোমা লাগি কাঁদিছে ক্রন্দসী—*রঠা*)। ২ আকাশ। ☐*বিণ স্ত্রী.* রোরুদ্যমানা; কাঁদছে এমন (কাঁদে কোন ক্রন্দসী কারবালা ফোরাতে—*নজ*)। { *স.* √ক্রন্দস্+প্রথমা দ্বিবচন}

ক্রব্য [ক্রোব্‌বো] *বি* মাংস; গোশত। **ক্রব্যাদ** *বি* সিংহ ব্যাঘ্র প্রভৃতি মাংসাশী প্রাণী। ২ রাক্ষস। { *স.* √ক্রূপ্+য(ণ্যৎ)}

ক্রম [ক্রোম্] *বি* ১ অনুক্রম; পরম্পরা; পর্যায়; grade (ক্রমে ক্রমে)। ২ পদ্ধতি (নির্মাণক্রম)। ৩ অনুসরণ; অনুযায়ী (আদেশক্রমে)। ৪ অতিক্রম (কালক্রমে)। ৫ পদক্ষেপ। ৬ বিধান; নিয়ম; নির্দেশ। ৭ শক্তি; বিক্রম; বল (ক্রমেতে ক্রমের হ্রাস; পশ্চিমেতে গতি—*ঈগু*)। **ক্রমণ** *বি* ১ পাদচারণ; পায়চারি। ২ গমন। –**নিম্ন** *বিণ* ক্রমশ নিচু; ঢালু; গড়ানে। –**বর্ধমান** *বিণ* ক্রমশ বৃদ্ধিশীল; যা একটু একটু করে বাড়ছে। –**বিকাশ** *বিণ* ক্রমশ বিকাশ; ক্রমোন্নতি; একটু একটু করে উন্নতি। ☐*বি* অভিব্যক্তি; বিবর্তন; evolution। ~**ভঙ্গ** *বি* ১ পর্যায়ের ব্যতিক্রম; প্রচলিত পদ্ধতির লঙ্ঘন; পরম্পরায় বিচ্ছেদ। ২ বিশৃঙ্খলা। ~**মাণ** *বি* ইতস্তত গমনশীল; চলমান। **ক্রমশ, ক্রমে ক্রমে** *ক্রিবিণ* ১ পরপর; পর্যায়ক্রমে; ক্রমাগত। ২ ধীরে ধীরে; অল্প অল্প করে; শনৈঃ শনৈঃ। { *স.* √ক্রম্+অ(ঘঞ্)}

ক্রমাগত [ক্রোমাগতো] *বিণ* ১ ধারাবাহিক; অবাধ; অবিরাম (ক্রমাগত কাজ)। ২ পরম্পরাগত (কুলক্রমাগত প্রথা)। ☐*ক্রিবিণ* অনবরত; নিরন্তর; কেবলই (ক্রমাগত বলছে)। { *স.* ক্রম+আগত}

ক্রমানুসারে [ক্রোমানুশারে] *ক্রিবিণ* পর্যায়ক্রমে; ঠিক পরপর। { *স.* ক্রম+অনুসারে; ৬তৎ}

ক্রমান্বয় [ক্রোমান্‌নয়্] *বি* ১ ধারাবাহিকতা। ২ ক্রমের অনুসরণ; যার পর যা এই নিয়মে সংঘটন। **ক্রমান্বয়ে** *ক্রিবিণ* পর পর; পর্যায়ক্রমে; একের পর এক এইভাবে। { *স.* ক্রম+অন্বয়; ৬তৎ}

ক্রমায়াত [ক্রোমায়াতো] *বিণ* ক্রমানুসারে আগত; পরপর এসেছে এমন; successive। { *স.* ক্রম+আয়াত}

ক্রমিক [ক্রোমিক্] *বিণ* ১ ধারাবাহিক; ক্রমশ আগত; পর পর আগত। ২ ক্রমশ ঘটিত। – **সংখ্যা** *বিণ* পর্যায়ক্রমে বা পরপর আগত সংখ্যা। { *স.* ক্রম+ইক(ঠন্)}

ক্রমে ক্রমে ⇒ ক্রম

ক্রমেল, ক্রমেলক [ক্রোমেল্,–লক্] *বি* উট; উষ্ট্র। { *স.* √ক্রম্+এল,+ক(কন্)}

ক্রমোৎকর্ষ [ক্রোমোত্‌করশো] *বি* ১ ক্রমোন্নতি। ২ ক্রমশ বিকাশ; বিবর্তন; evolution। { *স.* ক্রম+উৎকর্ষ; ৬তৎ}

ক্রমোন্নত [ক্রোমোন্‌নতো] *বিণ* ১ ক্রমশ উচ্চ। ২ ক্রমে ক্রমে উচ্চ হওয়ার ভাব। ☐*বি* ১ একটু একটু করে উন্নতি; ক্রমোৎকর্ষ। ২ চড়াই; ঊর্ধ্বপথে আরোহণ। **ক্রমোন্নতি** *বি* ক্রমোৎকর্ষ; ক্রমবিকাশ। { *স.* ক্রম+উন্নত; *বহু*}

ক্রয় [ক্রয়্] *বি* খরিদ; কেনা; মূল্য বিনিময়ে গ্রহণ। –**বি–** ১ *বি* কেনা-বেচা; বিকিকিনি। ২ ব্যবসা-বাণিজ্য। **ক্রয়িক** *বি* যে দ্রব্যাদি ক্রয় করে; খরিদ্দার; ক্রয়কারী। **ক্রয়ী(–য়িন্)** *বিণ* ক্রেতা; ক্রয়কারী। **ক্রয়িণী** *স্ত্রী.*। **ক্রয্য** *বিণ* ক্রয়ের যোগ্য। { *স.* √ক্রী+অ(অন্)}

ক্রান্ত [ক্রান্‌তো] *বি* ব্যাপ্ত। ☐*বিণ* আক্রান্ত। { *স.* √ক্রম্+ত(ক্ত)}

ক্রান্তদর্শী(–র্শিন্) [ক্রান্‌তোদোর্‌শি] *বিণ* সমস্ত দর্শন করে এমন; সর্বদর্শী; সর্বজ্ঞ; সর্বদ্রষ্টা। { *স.* ক্রান্ত+দর্শিন্, *বহু*}

ক্রান্তি [ক্রান্‌তি] *বি* ১ সংক্রমণ; সঞ্চরণ। ২ আক্রমণ। ৩ গতি; গমন। ৪ দশান্তর প্রাপ্তি; অবস্থার পরিবর্তন। ৫ *(জ্যোতি)* অয়নবৃত্ত; অয়ন মণ্ডল; বিষুবরেখা থেকে উত্তরে কর্কটক্রান্তি ও দক্ষিণে মকরক্রান্তি পর্যন্ত গ্রহের ভ্রমণকক্ষ। ৬ এক কড়ার এক তৃতীয়াংশ। ~**কাল** *বি* অবস্থা পরিবর্তনের সময়। –**পাত** *বি* বিষুববৃত্ত ও ক্রান্তিবৃত্ত যে বিন্দুতে ছেদ করেছে; equinoctial point। ~**বৃত্ত** *বি* পৃথিবীর বার্ষিক ভ্রমণকক্ষ; সূর্যের আপাত গতিপথ; ecliptic; উপবৃত্ত ভ্রমণকক্ষ। **কড়া-ক্রান্তি হিসাব** *বি* অত্যন্ত সূক্ষ্ম হিসাব। { *স.* √ক্রম্+তি(ক্তি)}

ক্রিকেট [ক্রিকেট্] *বি* ইংরেজি ধরনের বিখ্যাত খেলা; ব্যাটবল খেলা। { *ই* cricket}

ক্রিটিক [ক্রিটিক্] *বি* সমালোচক (দেঁতো ক্রিটিকের মতো ছোবলে তোকে আমি জখম করে দিচ্ছি—*নজ*)। { *ই* critic}

ক্রিমি ⇒ কৃমি

ক্রিয়মাণ [ক্রিয়োমান্] *বিণ* করা হচ্ছে এমন; সম্পাদ্যমান। { *স.* √কৃ+আন(শানচ্)}

ক্রিয়া [ক্রিয়া] *বিণ* কাজ; কর্ম (ভোজন ক্রিয়া)। ☐*বি* ১ হিন্দু শাস্ত্রীয় অনুষ্ঠান; সংস্কার (অন্ত্যেষ্টিক্রিয়া)। ২ আচার। ৩ *(ব্যা.)* ধাতুর অর্থপ্রকাশক পদ; করা হওয়া যাওয়া ইত্যাদি সূচকপদ। –**কর্ম** *বি* শাস্ত্রীয় বা সামাজিক কার্যের অনুষ্ঠান (এ দিকে তাঁহার ক্রিয়াকর্ম দানধ্যান যথেষ্ট ছিল—*রঠা*)। –**কলাপ, ~কাণ্ড** *বি* ১ অনুষ্ঠানসমূহ; শাস্ত্রীয় ও সামাজিক অনুষ্ঠানাদি। ২ কার্যাবলি। ~–**বিশেষণ** *বি*। *(ব্যা.)* ক্রিয়াপদের বিশেষণ। ~**শীল** *বিণ* ১ কর্মপরায়ণ। ২ কর্মরত। –**সক্ত** *বিণ* ১ কর্মে অনুরক্ত; কর্মপ্রিয়। ২ শাস্ত্রীয় অনুষ্ঠান প্রভৃতিতে রত। ~**সিদ্ধ** *বিণ* কাজে নিপুণ; কাজ করতে করতে দক্ষতা অর্জন করেছে এমন। { *স.* √কৃ+অ(শ)+আ(টাপ্)}

ক্রিয়েটিভিটি [ক্রিয়েটিভিটি] *বি* সৃষ্টিশীলতা (ক্রিয়েটিভিটির হাতে কেবল আত্মপ্রকাশের ক্ষমতা—*মেচৌ*)। {*ই.* creativity}

ক্রীড়ক [ক্রিড়ক] *বিণ* খেলোয়াড়; ক্রীড়াপ্রদর্শক; যে খেলা করে বা খেলা দেখায়। {*স.* √ক্রীড়্+অক(ণ্বুল)}

ক্রীড়ন [ক্রিড়ন] *বি* খেলার কাজ। **ক্রীড়নীয়** *বিণ* ১ খেলার উপকরণ; ক্রীড়াসামগ্রী। ২ খেলার যোগ্য বা উপযুক্ত। **~ক** *বি* খেলার পুতুল; খেলনা। **ক্রীড়মান** *বিণ* খেলছে এমন; খেলায় রত; ক্রীড়ারত। {*স.* √ক্রীড়্+অন(লুট্)}

ক্রীড়া [ক্রিড়া] *বি* ১ খেলা। ২ তামাশা; পরিহাস। ৩ কৌতুকপ্রদ অনুষ্ঠান (মল্লক্রীড়া)। **~কন্দুক** *বি* খেলার বল। **~কৌতুক** *বি* ১ খেলাধুলা ও আমোদপ্রমোদ। ২ রঙ্গতামাশা। **~চ্ছলে** *ক্রিবিণ* খেলার ছলে; আমোদ করে। **~ভূমি** *বি* ১ খেলার মাঠ; ক্রীড়াঙ্গন; মল্লভূমি। ২ রঙ্গভূমি। {*স.* √ক্রীড়্+অ+আ}

ক্রীত [ক্রিতো] *বিণ* ক্রয় করা হয়েছে এমন; কেনা হয়েছে এমন। {*স.* √ক্রী+ত(ক্ত)}

ক্রীতক [ক্রিতক] *বি* ক্রীত পুত্র; মূল্য দিয়ে পিতামাতার নিকট থেকে গৃহীত সন্তান। {*স.* ক্রীত+ক(কন্)}

ক্রীতদাস [ক্রিতোদাশ] *বিণ* কেনা গোলাম; মূল্য দিয়ে যে ভৃত্যকে যাবজ্জীবনের জন্য কেনা হয়েছে। **ক্রীতদাসী** *স্ত্রী*। {*স.* ক্রীত+দাস; *কর্মধা.*}

ক্রুদ্ধ [ক্রুদধো] *বিণ* রাগান্বিত; রুষ্ট; ক্রোধবিশিষ্ট। {*স.* √ক্রুধ্+ত(ক্ত)}

ক্রুর ⇒ ক্রূর

ক্রুশ, ক্রুস [ক্রুশ] *বি* ১ খ্রিস্টানদের মতে যিশুখ্রিস্টকে যে কাষ্ঠদণ্ডে বিদ্ধ করা হয়েছিল। ২ খ্রিস্টানদের মতে যে আকারের কাষ্ঠদণ্ডে বিদ্ধ করে যিশুকে হত্যা করা হয়েছিল তার প্রতীক '†' এই চিহ্ন। ৩ খ্রিস্টধর্মের প্রতীক (রোমসম্রাট-কর হ'তে ক্রুস খসিয়া পড়িল হোথা—*নই*)। {*ই.* cross}

ক্রুশকাঠি, কুসি-কাঁটা, কুরুশ-কাঁটা [ক্রুশ্‌কাঠি, কুশিকাঁটা, কুরুশ্‌কাঁটা] *বি* সুতা বা পশম দিয়ে জামা বোনার বক্রমুখ শলাকাবিশেষ (তাই কুরুশকাঁটায় রাখিব খোঁপার সাথে বিঁধিয়া লো তায়—*নই*)। {*ই.* crochet}

ক্রূর [ক্রুর] *বিণ* ১ নির্দয়; নিষ্ঠুর (মুখে চোখে তাহার একটা ক্রূর হাসি ফুটিয়া উঠিল—*আজা*)। ২ হিংস্র। ৩ খল; কপট। ৪ অহিতকর; অশুভকর। **~তা** *বি*। **~কর্মা** *বিণ* ১ নিষ্ঠুর কর্ম করে এমন। ২ নির্দয়। **~মতি** *বিণ* নিষ্ঠুরহৃদয়; পাষাণপ্রাণ। {*স.* √কৃৎ+র(রক্)}

ক্রেতব্য [ক্রেতব্‌বো] *বিণ* ক্রয়যোগ্য; মূল্য দিয়ে কেনা যায় বা কেনা উচিত; ক্রেয়। {*স.* √ক্রী+তব্য}

ক্রেতা [ক্রেতা] *বিণ,বি* খরিদ্দার; যে ক্রয় করে। **ক্রেত্রী** *স্ত্রী*। {*স.* √ক্রী+তৃ(তৃচ্)}

ক্রেন [ক্রেন] *বি* লৌহ নির্মিত যে যন্ত্রের সাহায্যে ভারী জিনিস তোলা হয়। {*ই.* crane}

ক্রেপ [ক্রেপ্] *বি* পাতলা রেশমি কাপড়বিশেষ (মাথায় ক্রেপের চাদর জড়ান—*কাসি*)। {*ই.* crape}

ক্রেয় [ক্রেয়ো] *বিণ* ১ ক্রয়যোগ্য; কেনার উপযুক্ত। ২ কিনতে হবে এমন; যা ক্রয় করা উচিত; ক্রেতব্য। {*স.* √ক্রী+য(যৎ)}

ক্রোক, কোরক *(অশু.)* [ক্রোক, কোরোক] *বি* দেনার দায়ে সম্পত্তি আটক; আইনের সাহায্যে সম্পত্তি আটক (পরাণ মণ্ডলের নিকট খাজনা বাকী; আমরা তাহার ধান্য ক্রোক করিব—*বচ*; এখন বাড়িখানাও কোরক দে' আজ আসে বাঁশ গাড়ি করতিছেন—*কাই*)। **ক্রোকি** *বিণ* ১ ক্রোক করা হয়েছে এমন (ক্রোকি সম্পত্তি)। ২ ক্রোক সংক্রান্ত (ক্রোকি পরোয়ানা)। **মাল~** *বি* অস্থাবর সম্পত্তি আটক। {*আ.* করক قرق}

ক্রোটন, ক্রোটান [ক্রোটন, -টা-] *বি* পাতাবাহারের গাছ (রঙ্গ-বেরঙ্গ ফুলের গাছ.....ক্রোটান গোলসর্ব, বিজলী, কড়কের জীবন্ত ফুটন্ত অনন্ত বাহার—*মীম*)। {*ই.* croton}

ক্রোড়[১] [ক্রোড়্] *বি* উৎসঙ্গ; কোল; অঙ্ক। **~অঙ্ক, ক্রোড়াঙ্ক** *বি* নাটকের শেষে যুক্ত করা হয় যে অংশ। **~চ্যুত** *বিণ* কোলছাড়া। **~পত্র** *বি* গ্রন্থে প্রদত্ত পৃথকভাবে মুদ্রিত পত্র পুস্তক দলিল প্রভৃতির বাড়তি অংশ; supplement। ২ উইলের বাড়তি অংশ। {*স.* √ক্রুড়্+অ(অচ্)}

ক্রোড়[২] ⇒ ক্রোর

ক্রোধ [ক্রোধ্] *বি* রাগ; রোষ; গোসা। **~ন** *বিণ* সহজে রাগান্বিত হয় এমন; ক্রোধপ্রবণ। **ক্রোধাগার** *বি* ক্রুদ্ধ ভার্যার আশ্রয়গৃহ; গোসাঘর। **~বহ্নি, ক্রোধাগ্নি, ক্রোধানল** *বি* ১ প্রচণ্ড ক্রোধ; দারুণ রাগ (তাঁহার ক্রোধানল রোগের তাপ অপেক্ষা রোগীকে অধিক উত্তপ্ত করিয়া তুলিত—*রঠা*)। ২ ক্রোধের দাহ বা তেজ। **~মতি** *বিণ* ক্রুদ্ধ; রাগান্বিত (আর একদিকে স্বার্থান্বেষী হিংসুক ক্রোধমতি—*নই*)। **ক্রোধান্ধ** *বিণ* অত্যধিক ক্রোধের ফলে হিতাহিত জ্ঞানশূন্য; অতিশয় ক্রুদ্ধ। **ক্রোধান্বিত** *বিণ* ক্রুদ্ধ; রুষ্ট; কোপিত। **ক্রোধান্বিতা** *স্ত্রী*। **ক্রোধাবিষ্ট** *বিণ* রাগে অভিভূত। **ক্রোধী** (-ধিন্) *বিণ* রাগী; সামান্য কারণে রেগে যায় এমন। **ক্রোধোদ্দীপক** *বিণ* ক্রোধবর্ধক; অত্যন্ত রাগ হয় এমন। {√ক্রুধ্+অ(ঘঞ্)}

ক্রোর, ক্রোড়[২] [ক্রোর, -ড়্] *বি* ১ কোটি; শতলক্ষ; ১,০০,০০,০০০ সংখ্যা (দু'এক ক্রোর রুষবাসীর অকাল মৃত্যু—*সুদ*)। **~ী** *বিণ* কোটি বা শত লক্ষ সংখ্যক। ১,০০,০০,০০০ সংখ্যক। **~পতি** *বি* ১ কোটি টাকা আছে যার; কোটি টাকার মালিক। ২ অতিশয় ধনবান; মহাধনী। {*স.* কোটি>ক্রোর, ক্রোড়; *তুল. প্রা.* কোডি, *তুল. হি.* 'করোড়'}

ক্রোশ, কোশ [ক্রোশ্, কো-] *বি* কোনো স্থানের দূরত্বের পরিমাণবাচক শব্দ; দুই মাইলের কিছু বেশি পথ; ৮০০০ হাত পরিমাণ। ২ আক্রোশ; বিদ্বেষ। {√ক্রুশ্+অ(ঘঞ্)}

ক্রৌঞ্চ [ক্রোউন্‌চো] *বি* বকবিশেষ; কোঁচবক (দামের উপরে একটি সুশুভ্র ক্রৌঞ্চ রয়েছে বসিয়া—*কায়*)। **ক্রৌঞ্চী** *স্ত্রী*। (ক্রৌঞ্চী কাঁদে করুণ কুহু—*সদ*)। **~দ্বীপ** *বি* দ্বীপবিশেষ; হিন্দুপুরাণে উল্লিখিত ও আলাওল-বর্ণিত সপ্তদ্বীপের এক দ্বীপ। **~মিথুন** *বি* ক্রৌঞ্চদম্পতি; ক্রৌঞ্চ-

ক্রৌঞ্চী। {স. √ক্রুঞ্চ্+অ(অণ্)}

ক্রৌর্য [ক্রোউরজো] *বি* ক্রূরতা; নিষ্ঠুরতা; খলতা। {স. ক্রূর+য(ষ্যঞ্)}

ক্লম [ক্লম্] *বি* ক্লান্তি; অবসাদ; অবসন্নতা (বিগত ক্লম)। {স. √ক্লম্+অ(ঘঞ্)}

ক্লাউন [ক্লাউন্] *বি* ১ ভাঁড় (সার্কাসের আহত ক্লাউন আর প্রাচীরের অতন্দ্র বিড়াল—*জুআ*)। ২ অশিক্ষিত লোক; অসভ্য লোক। {ই clown}

ক্লান্ত [ক্লান্তো] *বিণ* ১ অতিশয় শ্রান্ত; পরিশ্রান্ত (কত ক্লান্ত সন্ধ্যা করুণ নয়নে বিদায় মেগেছে—*জুআ*)। ২ অবসন্ন; অবসাদগ্রস্ত (কিন্তু ক্লান্ত যদি তুমি এ দুরন্ত রণে—*মদ*)। **ক্লান্তা** *স্ত্রী.* (উঁহাকে পল্বল হইতে জল আনাইয়া অধিক ক্লান্তা করা উচিত হয় না—*ঈবি*)। **ক্লান্তি** *বি* ১ শ্রান্তি; পরিশ্রান্তি। ২ অবসাদ; অবসন্নতা। {স. √ক্লম্+ত(ক্ত)}

ক্লাব [ক্লাব্] আমোদপ্রমোদ খেলাধুলা বা কোনো বিশেষ উদ্দেশ্যে স্থাপিত স্থায়ী গোষ্ঠী; সভা বা সমিতি। {ই club}

ক্লাস [ক্লাস্/-শ্] *বি* ১ বিভাগ; শ্রেণি (রেলগাড়ির ইন্টার ক্লাস)। ২ বিদ্যালয়াদির পাঠশ্রেণি (চল বড়ু রসতত্ত্ব শিখিব পোস্ট গ্র্যাজুয়েট ক্লাসে—*সদ*)। ৩ স্তর; পর্যায়; জাতি (এরা সব এক ক্লাসের লোক; থার্ড ক্লাস লোক)। **~ফ্রেন্ড** *বি* সহপাঠী; সতীর্থ; একই ক্লাসের ছাত্র বা ছাত্রী (নিবারণের ক্লাসফ্রেন্ড—*রাব*)। {ই class}

ক্লাসিক [ক্লাসিক্] *বি* ১ উঁচুদরের শিল্প ও সাহিত্য। ২ সকল দেশ ও সকল যুগোপযোগী শিল্প ও সাহিত্য। ❑*বিণ* উচ্চস্তরের; উঁচু দরের; উঁচু মানের; উচ্চাঙ্গের। {ই classic}

ক্লাসিকাল, ক্লাসিক্যাল [ক্ল্যাসিকাল্, -ক্যা-] *বিণ,বি* উচ্চস্তরের; উঁচু দরের; উঁচু মানের; উচ্চাঙ্গের; ধ্রুপদী (ক্লাসিক্যাল সংগীত)। {ই classical}

ক্লিন্ন [ক্লিন্‌নো] *বিণ* ১ ক্লেদযুক্ত; ময়লাযুক্ত (ক্লিন্ন দেহ দীর্ণ আত্মা তলিয়ে হঠাৎ মিলায় অন্ধকারে—*সদ*)। ২ আর্দ্র; ভিজা। **~তা** *বি*। {স. √ক্লিদ্+ত(ক্ত)}

ক্লিয়ার [ক্লিয়ার্] *বিণ* ১ স্পষ্ট; অবাধ; মুক্ত; খোলা (তাড়া করলে 'খেচে হাওয়া' দেবার মত লাইন ক্লিয়ার আছে কিনা—*নই*)। ২ পরিষ্কার; স্বচ্ছ। {ই clear}

ক্লিশিত ⇒ ক্লিষ্ট

ক্লিশ্যমান [ক্লিশ্‌শোমান্] *বিণ* ক্লেশ পাচ্ছে এমন; কষ্ট পাচ্ছে এরূপ। {স. √ক্লিশ্+আন(শানচ্)}

ক্লিষ্ট, ক্লিশিত [ক্লিশ্‌টো, ক্লিশিতো] *বিণ* ১ ক্লেশপ্রাপ্ত; জর্জরিত; কষ্ট পেয়েছে এমন (অলসদেহ ক্লিষ্ট গতি—*রঠা*; জর্জরিত দু'টি ক্লিষ্ট হৃদয়ের প্রতিকৃতি—*আহা*)। ২ ক্লান্ত। **ক্লিষ্টতা, ক্লেশ** *বি*। {স. √ক্লিশ্+ত(ক্ত)}

ক্লীব [ক্লিব্] *বি* ১ নপুংসক; হিজড়া। ২ পুরুষত্বহীন ব্যক্তি; বীর্য বা বিক্রমহীন। ❑*বিণ* ১ কাপুরুষ; ভীরু। ২ অক্ষম। **~তা, ~ত্ব, ক্লৈব্য** *বি*। **~লিঙ্গ** *বি,বিণ (ব্যা.)* পুরুষ বা স্ত্রীবাচক নয় এমন শব্দ। {স. √ক্লীব্+অ(অচ্)}

ক্লেদ [ক্লেদ্] *বি* ১ তরল ময়লা; ময়লাযুক্ত পানি বা কাদাপানি। ২ ময়লা; কলুষ (মনের সব গ্লানি, সব ক্লেদ ধুয়ে মুছে সাফ হয়ে গিয়েছে—*নই*)। ৩ পুঁজ লালা ঘাম ইত্যাদি ময়লাযুক্ত তরল বস্তু। ৪ আর্দ্রতা। **ক্লেদাক্ত, ক্লেদিত** *বিণ* ক্লেদবিশিষ্ট; ক্লেদযুক্ত; ক্লিন্ন। {স. √ক্লিদ্+অ(ঘঞ্)}

ক্লেশ [ক্লেশ্] *বি* ১ দুঃখ; কষ্ট (মানসিক ক্লেশ)। ২ যন্ত্রণা (শারীরিক ক্লেশ)। **ক্লেশিত** *বিণ* দুঃখ, যন্ত্রণা বা ক্লেশ দেওয়া হয়েছে এমন। {স. √ক্লিশ্+অ(ঘঞ্)}

ক্লৈব্য [ক্লোইবো] *বি* ১ ক্লীবতা; ক্লীবের ভাব। ২ কাপুরুষতা (তোমরা জাগিলে মুছে যাবে সব ক্লৈব্য ও অবসাদ—*নই*)। ৩ পুরুষকারের অভাব; পৌরুষহীনতা। ৪ কাতরতা। {স. √ক্লীব+য(ষ্যঞ্)}

ক্লোজ আপ, ক্লোস আপ [ক্লোজ্‌আপ্] *বি* ১ পদার্থের অতি নিকটে স্থাপিত ক্যামেরার সাহায্যে গৃহীত চলচ্চিত্র। ২ কোনো কিছুর নিকট-দৃশ্য। ৩ বদ্ধ; নিবিড় (ক্লোস আপ আলিঙ্গন—*বিদে*)। {ই close up}

ক্লোন, ক্লোনিং [ক্লোন্, -নিঙ্] *বি* বৈজ্ঞানিক পদ্ধতিতে কোনো প্রাণীর দেহকোষ থেকে একটিমাত্র কোষ গ্রহণ করে অন্য প্রাণীর জরায়ুতে সংযোজনের মাধ্যমে প্রথম প্রাণীর সম্পূর্ণ অনুরূপ প্রাণী সৃজন এবং এই পদ্ধতির নাম। {ই clone}

ক্লোম [ক্লোম্] *বি* ১ ফুসফুস। ২ পিত্তকোষ। ৩ মূত্রাধার; মূত্রাশয়। **~নালিকা** *বি* শ্বাসনালি; wind pipe। **~শাখা** *বি* শ্বাসযন্ত্র; শ্বাসনালির প্রধান শাখা দুইটির একটি; bronchus। {স. √ক্লু+মন(মনিন্)}

ক্লোরেট [ক্লোরেট্] *বি* উগ্র মদবিশেষ (এখনকার মতো ব্রান্ডি, শ্যাম্পেন, শেরি, ক্লোরেটপ্রভৃতি বোতলবাহিনীদের অস্তিত্ব ছিল না—*ইহো*)। {ই chlorate}

ক্বচিৎ [কোচিত্] *অব্য, ক্রিবিণ* ১ কোথাও; কুত্রাপি; কোনো স্থানে। ২ কখনো। ৩ অত্যন্ত কম। {স. ক্ব+চিৎ}

ক্বণ [কন্] *বি* বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রের ধ্বনি। {স. √ক্বণ্+অ(অপ্)}

ক্বণন [কনন্] *বি* ১ ধ্বনিত বা ঝঙ্কৃত করণ; বীণাদি থেকে সুর তোলা। ২ বীণাদির ধ্বনি। **ক্বণিত** *বিণ* ধ্বনিত; আওয়াজ করছে এমন; শব্দায়মান। {স. √ক্বণ্+অন(ল্যুট্)}

ক্বাথ, কথ, কাথ [কাথ্, কত্‌থো, কাথ্] *বি* ১ গাছগাছড়া পানিতে সিদ্ধ করে তৈরি নির্যাস। ২ মাড়। {স. √ক্বথ্+অ(ঘঞ্)>}

ক্ষওয়া, ক্ষয়িত, ক্ষওয়ান, ক্ষওয়ানো ⇒ খওয়া

ক্ষণ [খন্] *বি* ১ সময়ের পরিমাণবাচক শব্দ; ৪ মিনিট; এক মুহূর্তের অর্ধেক। ২ সময় (এতক্ষণ কী করছো)। ৩ মুহূর্ত (কি কুক্ষণে দেখেছিলি তুই রে অভাগী—*মদ*)। ৪ অতি অল্পকাল (ক্ষণস্থায়ী জীবন)। **~কাল** *বি* অতি অল্প সময়; মুহূর্তকাল। **~চর** *বিণ* ১ অল্পসময় বিচরণকারী। ২ অল্পকাল স্থায়ী। **~জন্মা** *বি* ১ শুভক্ষণে জন্মেছেএমন। ২ মহাপুরুষ; মহামানব। ❑*বিণ* ভাগ্যবান। **~দা** *বি*

রাত্রি; নিশা। ~প্রভা *বি* বিদ্যুৎ; বিজলি (মেঘে যেন ক্ষণপ্রভা খেলে—*সদ*)। ~**বিধ্বংসী** *বিণ* অল্পস্থায়ী; স্থায়িত্ব ক্ষণকালীন এমন। ~**ভঙ্গুর** *বিণ* অল্পকাল পরেই ভেঙ্গে যায় বা নষ্ট হয়ে যায় এমন (বুদবুদের মতোই ক্ষণভঙ্গুর ক্ষণস্থায়ী হইবে —*রঠা*)। ~**স্থায়ী** *বিণ* অল্পকাল মাত্র স্থিতিশীল; ক্ষণিক। **অল্প**~ *বি* সামান্য সময়। **বেশি**~ *বি* অনেক সময়। **সন্ধি** ~ *বি* কর্ম সম্পাদনের উপযুক্ত সময়। { *স.* √ক্ষণ্+অ(অচ্)}

ক্ষণিক [খোনিক্] *বিণ* ক্ষণস্থায়ী; অল্পকালমাত্র স্থায়ী। ⎕ *বি* ক্ষণকাল (ক্ষণিকের অতিথি—*রঠা*)। ~**তা** *বি*। { *স.* ক্ষণ+ইক(ঠন্)}

ক্ষণে [খনে] *ক্রিবিণ* মুহূর্তে; অল্প সময়ে; ক্ষণমাত্রে। ~ ~ *ক্রিবিণ* থেকে থেকে; মধ্যে মধ্যে; ঘন ঘন; বার বার। { *স.* ক্ষণ+এ (বিভক্তি)}

ক্ষণেক [খনেক্] *বি* ক্ষণমাত্র; অতি অল্প সময় (ক্ষণেকের জন্য)। ⎕ *বি*, *বিণ* অল্পক্ষণের জন্য; এক মুহূর্তের জন্য (ক্ষণেক দাঁড়াও)। { *স.* ক্ষণ+এক=ক্ষণেক (বাংলা সন্ধি)}

ক্ষত [খতো] *বি* ১ ঘা। ২ শরীরের কাটা স্থান; আঘাতপ্রাপ্ত স্থান। ৩ ব্রণ। ⎕ *বিণ* আঘাতপ্রাপ্ত; প্রহারের ফলে ছিন্ন বা বিদীর্ণ; বিদারিত; কর্তিত। ~**চিহ্ন** *বি* আরোগ্যলাভের পর ঘা বা আঘাতের যে দাগ থাকে। ~**বিক্ষত** *বিণ* আঘাতের ফলে দেহের বহু স্থানে ক্ষতযুক্ত; দেহের বহু স্থানে কর্তিত। **ক্ষতাশৌচ** *বি* দেহের ক্ষতের জন্য অথবা দেহ থেকে রক্তস্রাবের জন্য অপবিত্রতা। { *স.* √ক্ষণ+ত(ক্ত)}

ক্ষতি [খোতি] *বি* ১ অনিষ্ট। ২ লোকশান; হানি; অর্থনাশ; অপচয়। ৩ ক্ষয়। ~**কর**, ~**জনক** *বিণ* ক্ষতি হয় এমন; অনিষ্টকর। ~**গ্রস্ত** *বিণ* ১ অনিষ্ট বা লোকশান হয়েছে এমন; অপচয়ভাগী। ২ ক্ষতি ভোগ করছে এমন। ~**পূরণ** *বি* খেসারত; লোকশানের জন্য মূল্যদান; compensation। ~**বৃদ্ধি** *বি* লাভলোকশান। { *স.* √ক্ষণ্+তি(ক্তিন্)}

ক্ষত্তা [খত্তা] *বি* ১ দাসীপুত্র। ২ সারথি। ৩ দ্বারপাল। { *স.* √ক্ষদ্+তৃ(তৃচ্)}

ক্ষত্র [খত্রো] *বি* ক্ষত্রিয় জাতি। ~**কর্ম** *বি* ক্ষত্রিয়ের কার্য; ক্ষত্রোচিত কর্ম। ~**ধর্ম** *বি* ক্ষত্রিয়ের প্রতিপাল্য ধর্ম; রাজ্যরক্ষা বা যুদ্ধার্থে প্রদর্শিত সাহস বীরত্ব পুরুষকার ইত্যাদি। ~**বন্ধু** *বি* নিকৃষ্ট ক্ষত্রিয়। ~**বিদ্যা** *বি* যুদ্ধবিদ্যা; ধনুর্বেদ। { *স.* √ক্ষদ্+ত্র অথবা √ক্ষৎ+ √ত্রৈ+অ(ক)}

ক্ষত্রপ [খত্ত্রপ্/-প] প্রতিনিধি; শাসনকর্তা (আজ যদি তক্ষশীলা একা হতো তাহলে এখানেও দরায়ুর ক্ষত্রপের শাসন কায়েম হতো—*রাসা*)। { *স.* ক্ষত্র+প}

ক্ষত্রিয় [খোত্‌ত্রিয়ো] *বি* ১ হিন্দু বর্ণাশ্রম প্রথা অনুযায়ী চতুর্বর্ণের দ্বিতীয় বর্ণ। ২ জাতিবিশেষ; ক্ষেত্রী বা ছত্রী সম্প্রদায়। **ক্ষত্রিয়া**, **ক্ষত্রিয়াণী** *স্ত্রী*। **ক্ষত্রিয়ী** *বি স্ত্রী*. ক্ষত্রিয়পত্নী; ক্ষত্রিয়ের স্ত্রী। { *স.* ক্ষত্র+ইয়(ঘ)}

ক্ষত্রী (-ত্রিন্) [খোত্‌ত্রি] *বি* ক্ষত্রিয় জাতি; ক্ষেত্রী বা ছত্রী সম্প্রদায়। { *স.* ক্ষত্র+ইন্(ইনি)}

ক্ষত্রোচিত [ক্ষত্‌ত্রোচিত] *বিণ* ক্ষত্রিয়ের উপযুক্ত। { *স.* ক্ষত্র+উচিত}

ক্ষন্তব্য [খন্‌তোব্‌বো] *বিণ* ক্ষমার্হ; ক্ষমার যোগ্য; মার্জনীয়। { *স.* √ক্ষম্+তব্য}

ক্ষপণক [খপোনক্] *বি* প্রাচীন বৌদ্ধ সন্ন্যাসী (নগ্ন ক্ষপণকের মেলায় ভব্য ছবি যার—*সদ*)। { *স.* √ক্ষপ্+অন(ল্যুট্)+ক(কন্)}

ক্ষপা [খপা] *বি* রাত্রি। ~**ট**, ~**চর** *বি* নিশাচর; রাক্ষস। { *স.* √ক্ষপ্+অ(অচ্)+আ(টাপ্)}

ক্ষম [খমো] *বিণ* ১ ক্ষমতাশীল; শক্তিমান; দক্ষ; সমর্থ (কার্যক্ষম)। ২ উপযুক্ত; যোগ্য (মার্জনাক্ষম অপরাধ)। { *স.* √ক্ষম্+অ(অচ্)}

ক্ষমতা [খমোতা] *বি* ১ শক্তি; সামর্থ্য; পটুতা; দক্ষতা; যোগ্যতা। ২ প্রভাব। ~**বান**, ~**শালী**(-লিন্) *বিণ* ১ শক্তিশালী; সামর্থ্যসম্পন্ন। ২ পটু; নিপুণ। ৩ প্রভাবশালী। ~**বতী**, ~**শালিনী** *স্ত্রী*। { *স.* ক্ষম+তা(তল্)}

ক্ষমা [খমা] *বি* ১ দোষ বা অপরাধ মার্জনা। ২ সহিষ্ণুতা; সহনক্ষমতা; তিতিক্ষা। ৩ নিবৃত্তি; শান্তি (ক্ষমা দেওয়া)। ৪ অপকার সহন। ⎕ *ক্রি* মার্জনা করা (অপরাধ ক্ষমি তারে দিল কৃষ্ণ প্রেমে —*কৃক*)। ~ **করা** *ক্রি*। ~**গুণ**, ~**ধর্ম** *বি* ক্ষমারূপ গুণ বা ধর্ম; অন্যের অপরাধ সহনরূপ সদ্‌বৃত্তি। ~**দেওয়া** *ক্রি* ক্ষান্ত বা বিরত হওয়া। ~**বান** *বিণ* ক্ষমাশীল; যিনি সহজেই অন্যের অন্যায় অপরাধ ক্ষমা করেন। ~**বতী** *স্ত্রী*। ~**র্হ** *বিণ* ক্ষমার যোগ্য; ক্ষমার উপযুক্ত। { *স.* √ক্ষম্+অ(অঙ্)+আ(টাপ্)}

ক্ষমানো [খমানো] *ক্রি* মার্জনা করানো (গোপাল বিপ্রের ক্ষমাইল শ্রীবাস অপরাধ—*কৃক*)। { *স.* ক্ষমা+*বা.* আনো}

ক্ষমাবতী, **ক্ষমাবান**, **ক্ষমার্হ** ⇒ ক্ষমা

ক্ষমী(-মিন্) [খোমি] *বিণ* ১ ক্ষমাবান; ক্ষমাশীল। ২ সহিষ্ণু; সহনশীল। ৩ সমর্থ; সক্ষম। { *স.* √ক্ষম্+ইন্(ঘিনুণ্)}

ক্ষম্য [খোম্‌মো] *বিণ* ক্ষমার যোগ্য; মার্জনীয়; ক্ষন্তব্য। { *স.* √ক্ষম্+য(যৎ)}

ক্ষয় [খয়্] *বি* ১ হ্রাস; ক্রমে ক্রমে ক্ষীণ হওয়া; ক্রমে ক্রমে কমে যাওয়া (ক্ষয় হৈল বিরহিণী ক্ষমিতে না পাই পুনি—*দৌবা*)। ২ অতিরিক্ত ব্যবহার, ঘর্ষণ ইত্যাদির জন্য জীর্ণ হওয়া (পাথরের ক্ষয়)। ৩ ধ্বংস; বিনাশ (শত্রুক্ষয়)। ৪ ক্ষতি; অপচয় (অর্থক্ষয়)। ৫ পরাজয় (ধর্মের জয় অধর্মের ক্ষয়—*প্রবাদ*)। ৬ অবসান; অন্ত (ক্ষয় করা, ক্ষয় পাওয়া)। ৭ যক্ষ্মা; ক্ষয়কাশ রোগ। ৮ (*ভূবি*) প্রাকৃতিক কারণে ভূপৃষ্ঠস্থ শিলার ক্রমধ্বংস। ~ **করা** *ক্রি* ১ নষ্ট করা; ধ্বংস করা। ২ হ্রাস করা; কমানো। ৩ হারিয়ে ফেলা। ~**কাশ**, ~ **রোগ** *বি* যক্ষ্মারোগ; টি. বি.। ~**ঙ্কর** *বিণ* ক্ষয় করে দেয় এমন; corroding। ~ **পাওয়া** *ক্রি* ক্রমে ক্রমে ক্ষীণ হয়ে লোপ পাওয়া; কমে যাওয়া। ~**শীল**, **ক্ষয়িষ্ণু** *বিণ* ক্রমশ ক্ষয়প্রাপ্ত হয় এমন। ~**শীলতা**, **ক্ষয়িষ্ণুতা** *বি*। **ক্ষয়িত** *বিণ* ক্ষীণ হয়েছে এমন; ক্ষয়প্রাপ্ত। **ক্ষয়ী** (-য়িন্) *বিণ* ১ ক্ষয়শীল। ২ নশ্বর; ভঙ্গুর; ক্ষণস্থায়ী। { *স.* √ক্ষি+অ(অচ্)}

ক্ষয়া, ক্ষয়ান, ক্ষয়ানো ⇒ খয়া

ক্ষয়া-ক্ষয়া, খয়া-খয়া [খয়াখয়া] *বিণ* রোগা; পাতলা; ক্রমশ ক্ষীণ হচ্ছে এমন (ক্ষয়া-ক্ষয়া চেহারা)। {*স.* ক্ষয়+ *বা.* আ}

ক্ষর [খর্] *বি* ১ ক্ষরণ; নিঃসরণ; চুয়ানো। ২ নাশ। ▢ *বিণ* ১ ক্ষরিত হয় এমন। ২ নশ্বর; ভঙ্গুর; ক্ষণস্থায়ী। ~**ণ** *বি* ১ নিঃসরণ; secretion (প্রয়োজনীয় পদার্থ নিঃসৃত হওয়াকেই ক্ষরণ বলে—*আঅ*)। ২ ফোঁটা ফোঁটা করে বের হওয়া; চুইয়ে পড়া। ৩ নাশ; ধ্বংস। ৪ *(রসা.)* স্যন্দন; exudation। **ক্ষরিত** *বিণ* নিঃসৃত; স্রুত; ক্ষরে পড়ছে এমন। **ক্ষরী** (–রিন্) *বিণ* ক্ষরণশীল; ক্ষরে পড়ছে এমন। {*স.* √ক্ষর+অ(অচ)}

ক্ষাত্র [খাত্ত্রো] *বিণ* ১ ক্ষত্রিয় সম্পর্কিত; ক্ষত্রিয়ের যোগ্য (ক্ষাত্রধর্ম)। ২ ক্ষত্রিয়োচিত (ক্ষাত্রকর্ম)। ▢ *বি* ক্ষত্রিয়ত্ব; ক্ষত্রিয়ের ধর্ম কর্ম বা শক্তি। {*স.* ক্ষত্র+অ(অণ্)}

ক্ষান্ত [খান্তো] *বিণ* ১ বিরত; নিবৃত্ত; নিরস্ত (ক্ষান্ত করা বা হওয়া)। ২ সহিষ্ণু। ৩ ক্ষমাশীল। ৪ নিবৃত্তি (ক্ষান্ত দেওয়া)। ~ **দেওয়া** *ক্রি* নিবৃত্ত বা নিরস্ত হওয়া। **ক্ষান্তি** *বি* ১ নিবৃত্তি; বিরতি। ২ সহনশীলতা; সহিষ্ণুতা। ৩ ক্ষমা (শ্রান্তি ক্লান্তি ক্ষান্তি তুমি ভ্রান্তি সর্বভূতে—ঘচ)। {*স.* √ক্ষম+ত(ক্ত)}

ক্ষার [খার্] *বি* সাজিমাটি; সোডা; চুন; ক্ষারী লবণ; যবক্ষার সোরা ইত্যাদি; alkali (যে সমস্ত ক্ষারক পানিতে গলিয়া যায় উহাদিগকে...... ক্ষার বলে—*আজা*)। ~**ক** *বি* (অ্যাসিডের বিপরীতধর্মী পদার্থগুলি বেস বা ক্ষারক নামে পরিচিত—*আআ*)। ~**জল** *বি* ক্ষার মিশ্রিত পানি। ~**ধাতু** *বি* যার অম্লজান-জারিত অবস্থা ক্ষার; alkali metal। ~**পানি** *বি* নোনা বা ক্ষারমিশ্রিত জল। ~**ভূমি** *বি* লোনা জায়গা বা জমি যেখানে ক্ষার থাকে। ~**মিতি** *বি* যে বিদ্যা দ্বারা ক্ষারের পরিমাণ নির্ণয় করা যায়; alkalimetry। ~**মৃত্তিকা** *বি* সাজিমাটি, লোনা মাটি; alkaline earth। {*স.* √ক্ষর+অ(ণ)}

ক্ষারিত [খারিতো] *বিণ* ১ স্রাবিত; গলানো। ২ অপবাদগ্রস্ত; কলঙ্কগ্রস্ত। ৩ দোষযুক্ত; দূষিত। {*স.* √ক্ষর+ণিচ্+ত(ক্ত)}

ক্ষারী ⇒ ক্ষারীয়

ক্ষারীয়, ক্ষারী (–রিন্) [খারিয়ো, খারি] *বিণ* ১ ক্ষারযুক্ত; ক্ষারমিশ্রিত। ২ ক্ষারজাতীয়; ক্ষারধর্মী। **ক্ষারীয় সন্ধান** *বি* ক্ষার যোগে গাঁজন; alkaline fermentation। {*স.* ক্ষার+ঈয়(ছ), ইন্(ইনি)}

ক্ষালন [খালোন্] *বি* ১ প্রক্ষালন; ধোয়া। ২ মোচন; শোধন; অপসারণ (অপরাধ ক্ষালন)। **ক্ষালিত** *বিণ* ১ ধৌত; পরিষ্কৃত। ২ শোধিত; বিশুদ্ধীকৃত। ৩ পরিমার্জিত। ৪ দূরীকৃত। {*স.* √ক্ষল+ণিচ্+অন(ল্যুট্)}

ক্ষিতি [খিতি] *বি* ১ পৃথিবী; ধরণী (ধেয়ানের অতিথি এল সেইপ্রভাতে এই ক্ষিতিতে—*নই*)। ২ মাটি (ক্ষিতিতল)। ~**জ** *বিণ* ভূমিজাত; মাটি থেকে উৎপন্ন; পৃথিবীজাত (তা নিতান্তই ক্ষিতিজ—*সদ*)। ▢ *বি* ১ দিগন্ত; চক্রবাল; horizon। ২ মঙ্গলগ্রহ। ~**ধর**, ~**ভৃৎ** *বি* পর্বত। ~**নাথ**, ~**প**, ~**পতি**, ~**পাল**, **ক্ষিতীশ**, **ক্ষিতীশ্বর** *বি* রাজা; ভূপতি। {*স.* √ক্ষি+তি(ক্তি)}

ক্ষিদ্যমান, খিদ্যমান [খিদ্দোমান্] *বিণ* খেদযুক্ত; খেদ করছে এমন। {*স.* √খিদ্+মান(শানচ)>খিদ্যমান>*বা.* ক্ষিদ্যমান}

ক্ষিপ্ত [খিপ্তো] *বিণ* ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত; বিকীর্ণ; ছড়ানো। ৩ উন্মত্ত; ক্ষেপা; বাতুল। ~**তা** *বি*। **ক্ষিপ্তা** *স্ত্রী.*। {*স.* √ক্ষিপ্+ত(ক্ত)}

ক্ষিপ্যমাণ [খিপ্পোমান] *বিণ* নিক্ষিপ্ত হচ্ছে এরূপ। {*স.* √ক্ষিপ্+মান(শানচ)}

ক্ষিপ্র [খিপ্প্রো] *ক্রিবিণ, বিণ* দ্রুত; শীঘ্র; সত্বর। ~**তা** *বি*। ~**কারী**(–রিন্) *বিণ* দ্রুত কার্য সম্পন্ন করে এমন; চটপটে; লঘুহস্ত। ~**কারিতা** *বি*। ~**গতি**, ~**গামী**(–মিন্) *বিণ* দ্রুতগামী; বেগবান; দ্রুতগতিসম্পন্ন। ~**গামিনী** *স্ত্রী.*। {*স.* √ক্ষিপ্+র(রক্)}

ক্ষিরশেপাতি ⇒ ক্ষীরশেপাতি

ক্ষীণ [খিন্] *বিণ* ১ কৃশ; রোগা; শীর্ণ (ক্ষীণ দেহ)। ২ ক্ষয়িত; ক্ষয়প্রাপ্ত (ক্ষীণচন্দ্র)। ৩ সরু; চিকন (ক্ষীণ কটি)। ৪ অত্যল্প; সামান্য (ক্ষীণ আশা)। ৫ মৃদু; অস্পষ্ট (ক্ষীণালোক)। ৬ দুর্বল (ক্ষীণদৃষ্টি)। **ক্ষীণা** *স্ত্রী.*। ~**তা** *বি*। ~**কটি** *বিণ* ক্ষীণ কটি এমন (কাঁকর কঙ্কণা ক্ষীণকটি পাহাড়ী নদী—*আআআ*)। ~**চন্দ্র** *বি* সরু চাঁদ; ক্ষয়প্রাপ্ত কৃষ্ণপক্ষের শেষের বা শুক্লপক্ষের প্রথম দিকের চাঁদ। ~**জীবী**(–বিন্) *বিণ* অল্পপ্রাণ; অতিদুর্বল; অল্প জীবনীশক্তিবিশিষ্ট; জীবন সহজেই বিনষ্ট হতে পারে এমন। ~**তোয়া** *বি* ক্ষীণ জলধারাবিশিষ্ট নদী (তবু বয়ে যাও ওগো ক্ষীণতোয়া—*নই*)। ~**শক্তি** *বিণ* দুর্বল; শক্তিহীন; অল্পশক্তিবিশিষ্ট। {*স.* √ক্ষি+ত(ক্ত)}

ক্ষীয়মাণ [খিয়োমান্] *বিণ* ক্ষয় হচ্ছে এমন। {*স.* √ক্ষি+মান(শানচ)}

ক্ষীর [খির্] *বি* ১ দুধ। ২ জ্বাল-দেওয়া ঘন দুধ; এক ধরনের মিষ্টান্ন। ৩ রস; নির্যাস; বৃক্ষাদির দুগ্ধবৎ আঠা। ~**মোহন** *বি* মিঠাইবিশেষ; ক্ষীরের পুর দেওয়া একপ্রকার রসগোল্লা। ~**সমুদ্র**, ~**সাগর** *বি* হিন্দু পুরাণোক্ত সপ্তসমুদ্রের অন্যতম। {*স.* √ঘস্+ঈর(ঈরন্); অথবা √ক্ষর্+অ(অণ)}

ক্ষীরশাপাত, খেরসাপাত [খিরশাপাত্, খেরশা–] *বি* উত্তরবঙ্গের সরু চালবিশেষ। {*স.* ক্ষীর+*ফা.* পাদশাহ্ پادشاہ >পাতশাহ>(বর্ণবিপর্যয়ে)শাপাত}

ক্ষীরশাপাতি, ক্ষিরশেপাতি [খিরশাপাতি, –শে–] *বি* ১ ক্ষীরঘটিত মিষ্টান্ন। ২ সুমিষ্ট আমবিশেষ (গোপালভোগ, ক্ষিরশেপাতির মজা দাঁড়কাকে লোটে—*মীম*)। {*স.* ক্ষীরশাপাত+ই}

ক্ষীরা, ক্ষীরই, ক্ষীরাই [খিরা, –রই, –রাই] *বি* শশাজাতীয় ফল। {*স.* ক্ষীরিকা>খীরিআ>খীরা=ক্ষীরা; অথবা ক্ষীর+ *বা.* আই=ক্ষীরাই}

ক্ষীরাব্ধি [খিরাবধি] *বি* ক্ষীর-সমুদ্র। ~**জ** *বি* চন্দ্র। {*স.* ক্ষীর+অব্ধি,+ √জন্+অ(ড)}

ক্ষীরিকা [খিরিকা] *বি* ফলবিশেষ; ক্ষীরা; শসা; খিরা। {স. ক্ষীর+ইক(ঠন্)+আ(টাপ্)}

ক্ষীরোদ [খিরোদ] *বি* ক্ষীরসমুদ্র। **–নন্দন** *বি* চন্দ্র; চাঁদ; শশধর। {স. ক্ষীর+উদ; বহু}

ক্ষেস্‌সাপাত ⇒ ক্ষীরশাপাত

ক্ষুঁয়া ⇒ ক্ষুমা

ক্ষুণ্ণ [খুন্‌নো] *বিণ* ১ ক্ষুব্ধ; ব্যথিত; অন্যের অপ্রত্যাশিত ব্যবহারের জন্য কিংবা আশাভঙ্গের জন্য দুঃখিত (ক্ষুণ্ণমন)। ২ খর্ব; ব্যাহত (গৌরব ক্ষুণ্ণ হওয়া)। ৩ অপূর্ণ; ত্রুটিযুক্ত। ৪ চূর্ণীকৃত; গুঁড়া করা হয়েছে এমন। **–মনা** *বিণ* মনে মনে দুঃখিত; ব্যথিত বা ক্ষুব্ধ। {স. √ক্ষুদ্+ত(ক্ত)}

ক্ষুৎ[১], **ক্ষুত** [খুত্] *বি* হাঁচি। {স. √ক্ষু+ক্বিপ্}

ক্ষুৎ[২] [খুত্] *বি* ক্ষুধা (ক্ষুৎপিপাসা)। **–কাতর** *বিণ* ক্ষুধায় কাতর; ক্ষুধার্ত। **–পিপাসা** *বি* ক্ষুধা ও তৃষ্ণা (এই ক্ষুৎপিপাসার মধ্যে আমরা তাহার নানাদেশের নানা গল্পে বিভোর হইয়া রহিলাম—*শেষ*)। **–পীড়িত** *বিণ* ক্ষুধার্ত; ক্ষুধায় কাতর। {স. √ক্ষুধ্+ক্বিপ্}

ক্ষুদ ⇒ খুদ[১]

ক্ষুদি, ক্ষুদে ⇒ খুদি

ক্ষুদ্র [খুদ্‌দ্রো] *বিণ* ১ ছোট (ক্ষুদ্রকায়)। ২ হ্রস্ব। ৩ নীচ; হীন; অনুদার (ক্ষুদ্র মন)। ৪ অপ্রশস্ত; সংকীর্ণ (ক্ষুদ্র স্থান)। ৫ কৃপণ। ৬ সামান্য; ধনক্ষমতাশূন্য বা আধিপত্যহীন (ক্ষুদ্র লোক)। ☐*বি* অল্প (ক্ষুদ্রপ্রাণ)। **ক্ষুদ্রতা, ক্ষুদ্রত্ব** *বি*। **–চেতা, ক্ষুদ্রাশয়** *বি* নীচমনা; সংকীর্ণচিত্ত (পুরাকালে আমাদের যাঁরা শিল্পী ও শিল্পরসিক ছিলেন তাঁরা ক্ষুদ্রচেতা ছিলেন না—*অঠা*)। **ক্ষুদ্রা** *বিণ স্ত্রী*. ১ ক্ষুদ্র শব্দের সকল অর্থে। ২ মাছি। ৩ মৌমাছি। ৪ বেশ্যা। ৫ নটী। **ক্ষুদ্রাদপি ক্ষুদ্র** *বিণ* ক্ষুদ্রের চেয়েও ক্ষুদ্র; অতি ছোট (মাথার ওপর একটি ক্ষুদ্রাদপিক্ষুদ্র বাড়ীর মত করে বাঁধা—*নই*)। {স. √ক্ষুদ্+র(রক্)}

ক্ষুদ্রক [খুদ্‌দ্রোক্] *বিণ* সামান্য পরিমাণ; তোলা পরিমাণ। ☐*বি* প্রাচীন ভারতের দেশবিশেষ। {স. ক্ষুদ্র+ক}

ক্ষুধা, খিদে [খুধা, খিদে] *বি* ১ খিদে; ভোজনেচ্ছা; খাওয়ার প্রবৃত্তি; বুভুক্ষা। ২ ইচ্ছা; লালসা; প্রবৃত্তি; বাসনা। **–তৃষ্ণা** *বি* ক্ষুধা এবং পিপাসা; ক্ষুৎপিপাসা। **–নিবৃত্তি, –শান্তি** *বি* ক্ষুধার উপশম; আহার দ্বারা ক্ষুধা দূরীকরণ। **–ন্বিত** *বিণ* ক্ষুধিত। **–মান্দ্য** *বি* ক্ষুধার অল্পতা; ক্ষুধার অভাবহেতু আহারে অনিচ্ছা। **–র্ত, –তুর** *বিণ* ক্ষুধায় কাতর। **–তুরা** *স্ত্রী*. **–সঞ্চার** *বি* ক্ষুধার উদ্রেক। **ক্ষুধিত** *বিণ* ক্ষুধা পেয়েছে এমন; বুভুক্ষিত; ক্ষুধাতুর। **ক্ষুধিতা** *স্ত্রী*. **দুষ্ট–** *বি* মিথ্যা ক্ষুধা; রোগজনিত বা রোগের নিদান স্বরূপ ক্ষুধা। {স. √ক্ষুধ্+ ক্বিপ্+আ(টাপ্)}

ক্ষুন্নিবৃত্ত [খুন্‌নিব্রিত্‌তো] *বিণ* যার ক্ষুধার উপশম হয়েছে। **ক্ষুন্নিবৃত্তি, ক্ষুন্নিবারণ** *বি* ১ ক্ষুধার উপশম; আহারের ফলে ক্ষুধার তৃপ্তি। ২ ভোজন; আহার। {স. ক্ষুৎ+নিবৃত্ত}

ক্ষুপ [খুপ্] *বি* ছোট ছোট শাখাযুক্ত বৃক্ষ; গুল্মবিশেষ (জাত দু–তিন রকমের আছে, যেমন, ক্ষুপজাত—*অঠা*)। {স. √ক্ষুপ্+অ(ক)}

ক্ষুব্ধ [খুব্‌ধো] *বিণ* ১ বিচলিত; ব্যাকুল; চঞ্চল। ২ আলোড়িত; ক্ষুভিত; মথিত (বন্দীর মন্দিরে হায় ক্ষুব্ধ ঝঞ্ঝা আছাড়িছে বেগে—*সদ*)। ৩ দুঃখিত; ক্ষুণ্ণ; ব্যথিত। **ক্ষুব্ধা** *স্ত্রী*. {স. √ক্ষুভ্+ত(ক্ত)}

ক্ষুভিত [খুভিতো] *বিণ* ১ আলোড়িত; মথিত। ২ বিচলিত; দুঃখিত; ক্ষোভপ্রাপ্ত। ৩ ব্যাকুল। {স. √ক্ষুভ্+ত(ক্ত)}

ক্ষুমা, ক্ষুয়া [খুমা, খুয়া] *বি* ১ তিসি মসিনা ইত্যাদির তন্তু। ২ শণ। ৩ পাট। {স. √ক্ষু+ম(মক্)+আ(টাপ্)>}

ক্ষুর, খুর [খুর] *বি* ১ চুল কামানোর তীক্ষ্ণ ধারালো অস্ত্রবিশেষ; কেশমুণ্ডনের অস্ত্র। ২ গবাদি পশুর অস্থিময় পদতল (এবার আওয়াজ শুনি রাতের ওপার হতে দূরাগত খুরে নিশ্চয় দিনের ঘোড়া এবার পেয়েই গেছে ছাড়া—*আগ*)। ৩ খাট পালঙ্ক ইত্যাদির পায়া। **–ক্ষুণ্ণ** *বিণ* ক্ষুরের সাহায্যে বিক্ষত। **–ধার** *বিণ* ১ ক্ষুরের মতো তীক্ষ্ণ ধারবিশিষ্ট। ২ অতি তীক্ষ্ণ (ক্ষুরধার বুদ্ধি)। **ক্ষুরা, খুরা** *বি* ১ কাঠের তৈরি আসবাবপত্রাদির পায়া। ২ গবাদি পশুর পায়ের এক প্রকার ক্ষত রোগ। **ক্ষুরী**(–রিন্) *বি* ১ ক্ষৌরকার; নাপিত। ২ ক্ষুরযুক্ত পশু। {স. √ক্ষুর্+অ(ক)>}

ক্ষুল্লতাত ⇒ খুল্ল

ক্ষেউরি ⇒ খেউরি

ক্ষেত, ক্ষেতি ⇒ খেত

ক্ষেত্র [খেত্‌ত্রো] *বি* ১ খেত; জমি; শস্য জন্মানোর মাঠ। ২ ভূমি। ৩ স্থান; জায়গা (যুদ্ধক্ষেত্র)। ৪ (*গণিত.*) রেখা দ্বারা সীমাবদ্ধ স্থান। ৫ (*গণিত.*) তল; surface। ৬ (*দর্শন.*) দেহ–মন ইন্দ্রিয়। ৭ অবস্থা; স্থল (এ ক্ষেত্রে কী করা যায়?)। **–কর্ম** *বি* ১ চাষাবাদ; কৃষিকার্য। ২ অবস্থা অনুযায়ী কাজ; বিশেষ বিশেষ ক্ষেত্রের ভিন্ন ভিন্ন কাজ। **–জ** *বিণ* ১ কৃষিজাত; যা জমিতে উৎপন্ন। ২ নিজ পত্নীর গর্ভে অপরের ঔরসজাত। **–জ্ঞ** *বিণ* ১ স্থান বা অবস্থা অনুযায়ী কাজ করতে সমর্থ; অবস্থা সম্পর্কে অভিজ্ঞ। ২ নিপুণ বা পণ্ডিত। ৩ কৃষিকাজে দক্ষ; কৃষক। **–তত্ত্ব** *বি* জ্যামিতি। **–পতি** *বি* জমির মালিক। **–পাল** *বি* জমির রক্ষক; কৃষক; ভূ–দেবতা। **–ফল** *বি* (*গণিত.*) জমির কালি বা পরিমাণফল। **–মিতি** *বি* জ্যামিতি; geometry। **ক্ষেত্রাজীব** *বি* কৃষিজীবী। **ক্ষেত্রাধিকারী**(–রিন্) *বি* ভূস্বামী; জমির মালিক। **ক্ষেত্রিক** *বি* ক্ষেত্রস্বামী; ভূস্বামী। {স. √ক্ষি+ত্র(ষ্ট্রন্)}

ক্ষেত্রী[১] (–ত্রিন্) [খেত্‌ত্রী] *বিণ* ক্ষেত্রস্বামী; ক্ষেত আছে এমন। {স. ক্ষেত্র+ইন্}

ক্ষেত্রী[২] ⇒ খেত্রী

ক্ষেদ [খেদ] *বি* সন্তাপ; দুঃখ (যথেষ্ট খেদ হইল—*রামু*)। **ক্ষেদিত** *বিণ* সন্তপ্ত; দুঃখিত। {স. খেদ}

ক্ষেপ[১] ⇒ খেপ

ক্ষেপ[২] [খেপ্] *বি* ১ নিক্ষেপ; ক্ষেপণ; ত্যাগ (শরক্ষেপ)। ২ চালন; পাত; প্রেরণ (হস্তক্ষেপ, দৃষ্টিক্ষেপ)। ৩ বিন্যাস

(পদক্ষেপ)। ৪ অতিবাহন; যাপন (কালক্ষেপ)। ৫ লঙ্ঘন। ~**ক** *বিণ* নিক্ষেপকারী। ❑ *বি* গ্রন্থের প্রক্ষিপ্ত পাঠ। { *স.* √ক্ষিপ্+অ(ঘঞ) }

ক্ষেপণ [খেপোন্] *বি* ১ নিক্ষেপ। ২ ফেলা; পাতিতকরণ (পটক্ষেপণ)। ৩ অতিবাহন; যাপন (কালক্ষেপণ)। **ক্ষেপণাস্ত্র** *বি* যে অস্ত্র নিক্ষেপ করা হয় (দূরপাল্লার ক্ষেপণাস্ত্র, missile)। **ক্ষেপণিক** *বি* যে ব্যক্তি দাঁড় চালনা করে; দাঁড়ি। **ক্ষেপণী, ক্ষেপণি** *বি* ১ নৌকার দাঁড় (নৌকাগুলি একে একে জয়ধ্বনির সহিত তালে তালে ক্ষেপণী নিক্ষেপ করিয়া ...... চলিয়া গেল—*শেহা*)। ২ খেপলা জাল। **ক্ষেপণীয়** *বিণ* নিক্ষেপযোগ্য। ❑ *বি* যে সকল অস্ত্র ক্ষেপণ করা যায়। ~-**রকেট** *বি* যে রকেট নিজের ভিতরের শক্তিবলে উপরের দিকে ছুটিয়া চলে (স্পুটনিকের ক্ষেপণ-রকেট তিন ধাপবিশিষ্ট—*শাফ*)। { *স.* √ক্ষিপ্+অন(ল্যুট্) }

ক্ষেপলা ⟹ খেপলা

ক্ষেপা[১] ⟹ খেপা

ক্ষেপা[২], **ক্ষেপান, ক্ষেপানো, ক্ষেপামি, ক্ষেপী** ⟹ খেপা[২]

ক্ষেপ্তা (-প্তৃ)[খেপ্‌তা] *বিণ* নিক্ষেপকারী; ক্ষেপণকারী। { *স.* √ক্ষিপ্+তৃ(তৃচ্) }

ক্ষেম [খেম] *বিণ* ১ কল্যাণ; শুভ; কুশল; মঙ্গল (কানে তোর দিব হেম চিন্তহ আমার ক্ষেম—*কমু*)। ২ লব্ধ বস্তু সংরক্ষণ (যোগক্ষেম)। ~**ঙ্কর** *বিণ* মঙ্গলদায়ক; শুভদ। ~**ঙ্করী** *স্ত্রী.*। ~**বান,** ~**বৎ** *বিণ* মঙ্গলবিশিষ্ট; কুশলী। { *স.* √ক্ষি+ম }

ক্ষেমা [খেমা/খ্যামা] *বি* ক্ষমা। ~ **দেওয়া** *ক্রি* ক্ষান্ত বা নিবৃত্ত হওয়া (এইবার 'ক্ষেমা' দিই, হাতে খাড় ধ'রে গেল—*নই*)। { *স.* ক্ষমা> }

ক্ষৈরেয় [খইরেয়ো] *বিণ* ১ দুগ্ধজাত। ২ দুগ্ধপক্ব। ৩ দুগ্ধ সম্বন্ধীয়; ক্ষীর সংক্রান্ত। { *স.* ক্ষীর+এয় (ঢক্) }

ক্ষোণি, ক্ষোণী ⟹ ক্ষৌণী

ক্ষোদ [খোদ] *ক্রি* খোদা; উৎকীর্ণ করা; চূর্ণ করা। { √ক্ষুদ্+অ(ঘঞ) }

ক্ষোদন [খোদন/-দো-] *বি* ১ খোদাইকরণ; উৎকীর্ণ করণ; প্রস্তরাদিতে অক্ষর বা চিত্র অঙ্কন; engraving। ২ চূর্ণন; গুঁড়া করণ। **ক্ষোদিত** *বিণ* ১ উৎকীর্ণ; খোদাইকৃত। ২ চূর্ণিত; পিষ্ট। { *স.* √ক্ষুদ্+অন(ল্যুট্) }

ক্ষোভ [খোভ্] *বি* ১ মানসিক বেদনা বা চাঞ্চল্য; মনস্তাপ; উদ্বেগ। ২ আন্দোলন; বিক্ষোভ। { *স.* √ক্ষুভ্+অ(ঘঞ) }

ক্ষোভিত [খোভিতো] *বি* ক্ষুব্ধ; দুঃখপ্রাপ্ত। ❑ *বিণ* ১ আন্দোলিত; আলোড়িত। ২ চঞ্চলীকৃত; উদ্বিগ্ন। { *স.* √ক্ষুভ্+ণিচ্+ত(ক্ত) }

ক্ষৌণী, ক্ষৌণি [খোউনি] *বি* পৃথিবী; ধরণী (ক্ষৌণীর হরিলে ভার দৈত্য কৈলে ক্ষীণ—*কমু*)। { *স.* √ক্ষু+নি+ঈ, ই> }

ক্ষৌণীশ [খোউনিশ্] *বি* রাজা; পৃথিবীপতি। { *স.* ক্ষৌণী+ঈশ; ৬তৎ }

ক্ষৌদ্র [খোউদ্‌দ্রো] *বিণ* ১ মধু মক্ষিকাজাত। ২ ক্ষুদ্র সম্বন্ধীয়। ❑ *বি* মধু। ~**জ** *বি* মোম। { *স.* ক্ষুদ্র+অ(অঞ্); + √জন্+অ(ড) }

ক্ষৌম [খোউমো] *বি* ১ মসিনার তেল। ২ রেশমের কাপড়; পট্টবস্ত্র; শণ থেকে প্রস্তুত কাপড়। ৩ চিলাকোঠা। ❑ *বিণ* রেশমি; শণনির্মিত। { *স.* ক্ষুমা+অ(অণ্) }

ক্ষৌর [খোউরো] *বি* খেউরি; চুলদাড়ি প্রভৃতি মুণ্ডন; কামানো; ক্ষুরকর্ম। ❑ *বিণ* ক্ষুর সম্বন্ধীয়। ~**মসৃণ** *বিণ* দাড়ি কামানোর পর মুখের যে সুশ্রী অবস্থা হয় (ক্ষৌরমসৃণ মুখের—*রঠা*)। **ক্ষৌরিক** *বি* নাপিত; ক্ষুরকার। { *স.* ক্ষুর+অ(অণ্) }

ক্ষৌরী [খোউরি] *বি* ক্ষুর; ক্ষুরকর্ম; চুলদাড়ি কামানো। { *স.* ক্ষুর+অ(অণ্)+ঈ }

খ

খ[১]— বাংলা ভাষার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ এবং ক-বর্গের দ্বিতীয় বর্ণ। এটি জিহ্বামূলীয়; পশ্চাত্তালুজাত বা কোমলতালুজাত (velar), অঘোষ (unvoiced), মহাপ্রাণ (aspirated), স্পর্শ (plosive) ধ্বনি।

খ[২] [খ] *বি* আকাশ; আসমান; নভঃ; শূন্য (একতা-নিশান উড়ায়ে খ-তলে—*ইহো*)। { *স.* √খন্+অ(ড) }

খই, খৈ [খোই] *বি* ধান থেকে প্রস্তুত সুপরিচিত খাদ্যবিশেষ; লাজ। ~ **চড়া,** ~ **ছড়া** *বি* ভাজার সময়ে যে খই ভালো ফোটে না। ~ **চাল** *বি* খই থেকে অফোটা খই তুষ প্রভৃতি পৃথক করার চালনি। ~**চুর** *বি* চিনিতে পাক-করা খইয়ের মোয়াবিশেষ। ~**ঢেকুর,** ~**য়া ঢেকুর** *বি* অজীর্ণ জনিত খইয়ের গন্ধযুক্ত ঢেকুর; চোঁয়া ঢেকুর। ~ **ফুটা** *ক্রি* ১ ধান ভাজার সময়ে খোলায় খই ফুটতে থাকা। ২ ফোটা খইয়ের মতো সাদা হয়ে থাকা (জ্যোৎস্নার খই ফুটেছে)। ৩ অনর্গলভাবে কথা বলা; তড় তড় করে কথা বলা (সুতরাং জিজ্ঞাসাবাদের খই ফুটতে লাগল—*শও*)। **খইয়া, খইয়ে** *বিণ* খই সম্বন্ধীয় (খইয়া খোলা)। ❑ *বি* দেখতে খইয়ের মতো (খইয়া গোখুর)। **খইয়া খোলা** *বি* যে খোলায় খই ভাজা হয়। **খইয়া ধান** *বি* যে ধানে ভালো খই হয়। **খইয়া বাঁধনে পড়া, খয়ের বন্ধনে পড়া** *ক্রি* দুই বাহুর মধ্যবর্তী স্থানে ঘরের খাম রেখে যুক্তহাতে খই গ্রহণকারী তাঁতির ন্যায় উভয় সংকটে পড়ে কিংকর্তব্যবিমূঢ় হওয়া; কঠিন পরিস্থিতিতে পড়ে হতবুদ্ধি হওয়া। **খই-রঙা** *বিণ* খইয়ের ন্যায় রং বিশিষ্ট; সাদা (খইরঙা হাঁসটিরে নিয়ে যাবে যেন কোন কাহিনীর দেশে—*জীদা*)। { *স.* খদিকা>*প্রা.* খইআ>খই }

খইনি, খৈনি [খোইনি] *বি* চুন মাখানো শুকনা তামাক পাতা। { *হি* খৈনি}

খইল, খৈল, খোল [খোইল্, –, খো–] *বি* ১ তিল সরষে প্রভৃতি থেকে তেল বের করার পর যা অবশিষ্ট থাকে; তেলের কাইট (পাথরের ধাপে ক্ষার খৈল রাখিয়া রাণী ডাক দিলেন—*দমি*)। ২ কানের ভিতরের ময়লাবিশেষ (গরু–মোষের কানের খইল বের করে সে খায়—*নই*)। { *স.* খলি>*হি.* খলী, *বা.* খইল}

খওফ [খওফ্] *বি* ভয়; ডর; ভীতি; আতঙ্ক (মোস্কেল পড়িল এবে দেলে হৈল খওফ—*ফগ*)। { *আ.* খাওফ خوف }

খওয়া, ক্ষওয়া [খওয়া] *ক্রি* ক্ষয় হওয়া বা পাওয়া; ঘষা মাজা বা ব্যবহারে কমে যাওয়া (লোহা খওয়া)। ❑ *বিণ* ক্ষয়প্রাপ্ত। ❑ *বি* ক্ষয় প্রাপ্তি। **খয়িত, ক্ষয়িতা** *বিণ*। **খওয়ানো, ক্ষওয়ানো** *ক্রি* ক্ষয় করা। { *স.* ক্ষয়>}

খং [খঙ্] *অব্য* কোনো কিছুতে আঘাতের শব্দ (খোট্টা কাঠের উপরও চোট পড়লে সেটা এমন আর্তনাদপূর্ণ খং শব্দ করে ওঠে—*নই*)। { *ধ্বন্যা.*}

খংগ, খঙ্গ *(প্রাবা.)* [খঙ্গো] *বি* ১ মৃগ বিশেষ। ২ কালো রঙের গাধা। { *আঞ্চ.*}

খক [খক্] *অব্য* কাশির শব্দ। **খকর ~** *অব্য* উপর্যুপরি কাশির শব্দ। **~ ~** *অব্য* ১ ক্রমাগত কাশির শব্দ। ২ শুষ্ক হাসির আওয়াজ। **~-খকানি** *বি* কাশির বা শুষ্ক হাসির আওয়াজ। **~খকে** *বিণ* খকখক শব্দযুক্ত। { *ধ্বন্যা.*}

খগ [খগো] *বিণ* আকাশে গমনকারী; শূন্যে বিচরণকারী। ❑ *বি* ১ পাখি (ময়ূর ময়ূরী সারী শুক আদি খগ—*ভারা*)। ২ বায়ু। ৩ সূর্য; গ্রহ। **~গতি** *বি* পাখির আকাশে ওড়ার প্রকারভেদ। **~পতি, ~বর, ~মণি, ~রাজ, খগেন্দ্র, খগেশ্বর** *বি* পক্ষীর রাজা; গরুড় (খগপতি–চঞ্চু জিনি নাসা সুললিত—*সৈআ*)। **~স্থান** *বি* বৃক্ষ–কোটর; নীড়। { *স.* খ+√গম্+অ (ড)}

খগান্তক (খগানতক্) *বি* ১ বাজপাখি। ২ ব্যাধ; পাখি-শিকারি (খগান্তক মৃগান্তক দুই ভাই কালান্তক—*কমু*)। { *স.* খগ+অন্তক }

খগাবগা (খগাবগা) *বিণ* বিশৃঙ্খল; বিশ্রী। ❑ *বি* ১ নোংরা। ২ ফেলাছড়া; বিক্ষিপ্ত (খগাবগা করে খাওয়া)। { *স.* খগ+*বা.* আ+*স.* বক+*বা.* আ}

খগী [খোগি] *বি* পক্ষিণী (অতি ভয়ঙ্কর খগী গয়াল বহুল—*দৌবা*)। **খগ** *পু.*। { *স.* খগ+ঈ(ঙীপ্)}

খগুণ [খগুন] *বি (গণিত.)* বীজগণিতের শূন্য; যে রাশির গুণক। { *স.* খ+গুণ; ৬তৎ }

খগোল [খগোল্] *বি* ১ আকাশমণ্ডল। ২ গ্রহ–নক্ষত্রাদির প্রতিরূপক কৃত্রিম গোলক; the celestial sphere। **~বিদ্যা** *বি* যে বিদ্যা শিক্ষা করলে আকাশস্থ গ্রহনক্ষত্রাদি সম্বন্ধে জ্ঞান জন্মে; জ্যোতির্বিজ্ঞান; astronomy। { *স.* খ+গোল; ৬তৎ }

খঙ্গ[২] [খঙ্গো] *(প্রাবা.)* *বি* ক্রোধ; রোষ (নাগর কাহ্নাঞি পথে বিরোধে কি করিব তোর খঙ্গে—*বচদা*)। **খঙ্গাইবে** *(প্রাবা.)* তিরস্কার করবে। { খঙ্>}

খঙ্গ[১] ⟹ খংগ

খচ, খচ্ [খচ্] *অব্য* খট শব্দের কোমল রূপ; এক চোটে কাটার বা অনুভূতিবাচক শব্দ। **খচখচ** *অব্য* ১ অনবরত কাটার বা বেঁধার কল্পিত শব্দ। ২ কোমল স্থানে বিদ্ধ কণ্টকের স্পর্শ থেকে অনুভূতিব্যঞ্জক শব্দ। ৩ আক্ষেপজনিত ক্লেশের অনুভূতিব্যঞ্জক শব্দ (টাকাগুলো খরচ করে মনটা খচখচ করছে)। ❑ *বি* ১ গণ্ডগোল; গোলমাল। ২ কচাল; বাদবিতণ্ডা (গাড়োয়ানের সঙ্গে ভাড়া নিয়ে খচখচ)। **~খচানো** *ক্রি*। **খচখচি** *বি* ১ কচকচি; বাদানুবাদ; তর্কবিতর্ক; কলহ। ২ মনের অশান্তি বা দ্বিধার ভাব। **খচখচে** *বিণ* বড়ো দানাযুক্ত (খচখচে বালি)। { *ধ্বন্যা.* }

খচর ⟹ খেচর

খচাখচ [খচাখচ্] *ক্রিবিণ* খচ খচ করে অতি দ্রুতভাবে (খচাখচ কাটা)। **খচাখচি** *বি* তর্কাতর্কি; মতবিরোধজনিত বাদানুবাদ; বিবাদ। { *ধ্বন্যা.* }

খচারী(–রিন্) [খচারি] *বিণ* আকাশে বিচরণকারী পক্ষী প্রভৃতি। **খচারিণী** *স্ত্রী.* রাক্ষসী। { *স.* খ+√চর্+ইন্(ণিনি)}

খচিত [খোচিতো] *বিণ* ১ জড়িত (রতনে খচিত চামর—*মদ*)। ২ বিন্যস্ত; মধ্যে মধ্যে স্থাপিত। ৩ অলঙ্কৃত; ভূষিত; পরিশোভিত। ৪ গ্রথিত। ৫ পরিব্যাপ্ত। { *স.* √খচ্+ত(ক্ত)}

খচ্চর [খচ্চোর্] *বি* ১ ঘোড়া ও গর্দভের সম্মিলনে উৎপন্ন পশু; অশ্বতর। ২ জারজ পুত্র। ৩ গালিবিশেষ। ❑ *বিণ* দুষ্ট; বদমায়েশ। **তিলে–** *বি* ১ তিলের ন্যায় দাগযুক্ত খচ্চর। ২ দাগি বদমাশ লোক; খুব পাজি লোক। { *স.* খচর>}

খজ, খজা, খজাক [খজ, –জা, –ক্] *বি* হাতা; তাড়ু। ❑ *ক্রি* মন্থন করা। { *স.* √খজ্>}

খজল[১] [খজল্] *বি* ১ শিশির। ২ বৃষ্টির পানি। { *স.* খ+জল; ৬তৎ }

খজ্যোতি [খজোতি] *বি* জোনাকি পোকা। { *স.* খ+জ্যোতিঃ; ৬তৎ }

খঞ্চা, খাঞ্চা, খঞ্চে, খুঞ্চা [খন্চো, খান্চা, খন্চে, খুন্চা] *বি* ১ বড়ো থালা বা tray (যাবতীয় বস্তু একখানা বিরাট খুঞ্চাতে সাজিয়ে—*সৈমু*)। ২ বারকোষ। **খঞ্চাপোষ, খঞ্চিপোষ, খুঞ্চেপোষ** *বি* খঞ্চা ঢাকার কাপড় বা আবরণ (ঢাকলো মেঘের খুঞ্চেপোষে, তাল পাটালির থাল—*সদ*)। { *ফা.* খাঞ্চাহ خوانچه }

খঞ্চিল *(প্রাবা.)* (খোন্চিল্) *বিণ* খচিত (মানিকে খঞ্চিল তথি সোণার পাতা—*বচদা*)। { *স.* খচিত>}

খঞ্জ [খন্জো] *বিণ* খোঁড়া; বিকলপদ। **খঞ্জা, খঞ্জতা, খঞ্জত্ব** *বি* পদের বিকলতা। { *স.* √খঞ্জ্+অ(অচ্)}

খঞ্জন [খন্জোন্] *বি* একজাতীয় ক্ষুদ্র পাখি; যে পাখি সাধারণত চঞ্চল ও সর্বদা পুচ্ছ নাচায়; wagtail (খঞ্জনে বায়সে কোথা একত্রে বসতি—*কাদো*)। **খঞ্জনা** *স্ত্রী.*। **~আঁখি, ~ নয়ন** *বি, বিণ* খঞ্জন পাখির ন্যায় চঞ্চল চক্ষু; চটুল নয়ন। **~গঞ্জন** *বিণ* যা চঞ্চল তায় খঞ্জনকে লজ্জা দেয় (খঞ্জনগঞ্জন আঁখি অকলঙ্ক শশীমুখী—*কমু*)। **খঞ্জনা, খঞ্জনিকা** *বি* খঞ্জনের ন্যায় একজাতীয় পক্ষী; কাদাখোঁচা।

{ স. √খঞ্জ্+অন(ল্যুট)}

খঞ্জনি, খঞ্জনী, খঞ্জরি, খঞ্জরী [খন্‌জোনি, –, –রি, –] *বি* এক দিকে চর্মাবৃত ক্ষুদ্র গোলাকার বাদ্যযন্ত্র বিশেষ; বৈষ্ণবগণ যা বাজিয়ে গান গেয়ে ভিক্ষা করে। {স. খঞ্জন+বা. ই, ঈ}

খঞ্জনিকা ⇒ খঞ্জন

খঞ্জনী ⇒ খঞ্জনি

খঞ্জর [খন্‌জোর] *বি* এক প্রকার ছোরা যার দুই দিকেই ধার (সীমার শর সন্ধানে বিশেষ পারদর্শী ছিল না বলিয়াই খঞ্জর হস্তে করিয়া যাইতেছে—*মীস*)। { *আ.* খঞ্জর خنجر }

খঞ্জরি, খঞ্জরী ⇒ খঞ্জনি

খট¹ [খট্] *অব্য* কাষ্ঠ বা প্রস্তরাদি জাতীয় কঠিন জিনিসের পরস্পর আঘাতজনিত অনুচ্চ শব্দ। ~ ~ *অব্য* বার বার খট্ শব্দ। ~খটে *বিণ* অত্যন্ত শুষ্ক; কঠিন, নীরস। ~ **করা** *ক্রি* ১ দরজায় কোনো কঠিন বস্তুর আঘাতে শব্দ করা; knock। ২ খট খট শব্দ করা। **খটখটানি** *বি*। **খটা~** *অব্য* কঠিন দ্রব্যের পরস্পর অনবরত আঘাতের শব্দ। ☐ *ক্রিবিণ* ১ ক্রমাগত খট খট শব্দে। ২ চটপট; দ্রুত {*ধ্বন্যা.*}

খট² [খট্] *বি* রাগবিশেষ। ~**টৌড়ি**, ~**তোড়ি** *বি* খট ও টোড়ি রাগিণীর মিশ্রণে উৎপন্ন রাগ বিশেষ। ~**যোগিয়া** *বি* খট ও যোগিয়া রাগের মিশ্রণে উৎপন্ন রাগ বিশেষ। { *স.* ষট্>*হি* খট্}

খট³ [খট্] *বি* খাদ (খটের ধারে ছুটেছিলাম হায়—*সদ*)। { *স.* খাত}

খট⁴ [খট্] *বি* তৃণ; খড়। { *স.* √খট্+অ(ক)}

খট⁵ [খট্] *বি* ১ লাঙ্গল। ২ কুঠার। { *স.* খট্বা}

খটকা [খট্‌কা] *বি* ১ সংশয়; সন্দেহ (ঐ ইঙ্গিতটুকুতে কেমন যেন একটু খটকা লাগিতে শুরু করিল—*শাকা*)। ২ দ্বিধা। ৩ অবিশ্বাস। { *স.* √খট্+*বা.* কা}

খটমট¹ [খট্‌মট্] *অব্য* ১ জুতার গোড়ালির শব্দ। ২ কঠিন গোড়ালিযুক্ত জুতা পায়ে দিয়ে গর্বিতভাবে চলার শব্দ। {*ধ্বন্যা.*}

খটমট², **খটমটে, খটোমটো** [খটোমটো/খটমট্, খট্‌মোটে, খটোমটো] *বিণ* ১ কর্কশ। কঠিন; নীরস (গদ্য অনেক সময়ে কানে খটোমটো ঠেকে—*অঠা*)। ২ দুর্বোধ্য; জটিল। {*ধ্বন্যা.*}

খটরমটর [খটর্‌মটর্] *বি, বিণ* জটিল; আজেবাজে; আজেবাজে কথা; অর্থহীন কথা (এ সব খটরমটর শুনে লাভ নেই—*শও*)। {*ধ্বন্যা.*}

খটাখট ⇒ খট

খটাৎ [খটাত্] *অব্য* খট অপেক্ষা উচ্চ শব্দ। {*ধ্বন্যা.*}

খটাপদ [খটাপদ্] *বিণ* খড়ম-পেয়ে। { *স.* খট্টাপদ/খট্বাপদ}

খটাশ¹, **খাটাশ, খট্টাশ** [খটাশ্, খা–, খট্‌টাশ্] *বি* একজাতীয় জন্তু, ভাম। { *স.* খট্টাশ }

খটাশ², **খটাস** [খটাশ্] *অব্য* শক্ত জিনিসে ঠোকাঠুকির শব্দ। {*ধ্বন্যা.*}

খটি¹ [খাটি] *বি* শিশুর আবদার; জিদ; আখুটি। { *স.* কোটি>*বা.* কোট্>খট+ই>}

খটি², **খটী** [খোটি] *বি* ১ আড়ত। ২ স্তূপ। ৩ গঞ্জ; বাণিজ্যস্থান। { *ফা.* খানুস خنوس }

খটিক [খোটিক] *বি* ধাতুবিশেষ; চুনের মূল উপাদান; calcium। { *স.* √খট্+অক}

খটিকা, খটিনী, খটী [খোটিকা, –নি, –খোটি] *বি* খড়ি; খড়িমাটি। { *স.* খট্+অক+আ}

খটী ⇒ খটি ও খটিকা

খটেল [খটেল্] *বিণ* ১ খুঁত বা দোষ-ধরা স্বভাব; ত্রুটি বের করতে ওস্তাদ। ২ লম্পট। { *স.* খণ্ড (অসম্পূর্ণ অর্থে)>}

খট্টা ⇒ খট্বা

খট্টাশ, খট্টাস [খট্‌টাশ্] *বি* খাটাশ; ভাম; গায়ের গন্ধের জন্য পরিচিত জন্তু বিশেষ; গন্ধ-গোকুল; pole-cat; civet-cat। { *স.* খট্টাশ=খট্ট+অশ}

খট্বি, খট্টী, খট্বিকা [খোট্‌টি, –, খোট্‌টিকা] *বি* লাশ বহন করবার খাট। { *স.* খট্বা>}

খট্বা, খট্টা *(বিরল)* [খট্‌টা] *বি* শয়ন করার খাট; পালঙ্ক; পর্যঙ্ক। **খট্বাঙ্গ** *বি* ১ খাটের পায়া। ২ খাটের পায়ার ন্যায় মুগুর। **খট্বারূঢ়, খট্টারূঢ়** *বিণ* ১ খাটে শায়িত। ২ উচ্ছৃঙ্খল। ৩ অলস। ৪ অবিনীত। ৫ মূর্খ। **খট্বারূঢ়া, খট্টারূঢ়া** *স্ত্রী.* (খট্টারূঢ়া সুন্দরী তৎক্ষণাৎ ত্রস্তে গাত্রোত্থান করিলেন—*বচ*)। { *স.* খট্ব= √খট্+ব(ক্বন্)+আ(টাপ্)}

খট্বিকা ⇒ খট্বি

খড় ⇒ খদ

খড় [খড়্] *বি* ১ শুষ্ক শস্যশূন্য ধান গাছ; বিচালি। ২ শুষ্ক তৃণ; শুকনা ঘাস। ~-**কুটা**, ~**কুটো** *বি* খড় ও সেই জাতীয় শুষ্ক তৃণ (পদ্মার ঢেউয়ে খড়-কুটোটির মত ভেসে যাবে—*নই*)। ~**কুটি** *বি* পোড়াবার শুকনা লতাপাতা, খড় ও শুষ্ক তৃণাদি। **খড়ুয়া, খড়ো** *বিণ* খড় দ্বারা ছাওয়া বা তৈরি; তৃণনির্মিত; তৃণাচ্ছাদিত (কয়েকখানি খড়ো ঘর ছাড়া মুসলমানদের আর কোন বাড়ী ছিল না—*কাই*)। **খড়ের আগুন** *বি* ১ যা সহজেই দাউ দাউ করে জ্বলে ওঠে এবং সহজে নিভে যায়। ২ উগ্র প্রকৃতি; কোপন স্বভাব। { *স.* খড}

খড়কি, খড়কী [খোড়্‌কি] *বি* খিড়কি দরজা; পাছ দুয়ার (ধায় বেনে খড়কীর পথে—*কমু*)। { *স.* খড়ক্কী>}

খড়কে, খড়কিয়া [খোড়্‌কে, খোড়্‌কিয়া] *বি* ১ উলুখড়ের শক্ত মূল বা কঠিন অংশ। ২ দাঁত পরিষ্কার করার ক্ষুদ্র সরু শলাকা বা কাঠি; toothpick। ~ **করা**, ~ **লওয়া** *ক্রি* আহারের পর খড়কে দিয়ে দাঁতের ফাঁক থেকে খাদ্যকণা বের করে ফেলা। ~ **বাটা** *বি* এক প্রকার ছোট বাটা মাছ। ~ **ডুরে** *বিণ* সরু আঁজির ডুরে কাপড় (পরনে হানিফের কিনে-দেয়া খড়কে ডুরে শাড়ি—*অচিসে*)। { *স.* খড়+*বা.* কিয়া>কে>}

খড়ক্কী [খড়োক্‌কি] *বি* খিড়কি; পাছ-দুয়ার (অন্তঃপুরের খড়ক্কীতে উপস্থিত হইলেন—*ঈবি*)। { *স.* খড়ক্কী}

খড়খড়, খড়মড় [খড়্‌খড়্, –ম–] *অব্য* শুষ্ক পত্র বা কাগজের নাড়াচাড়ায় উত্থিত শব্দ। **খড়খড়ে, খড়মড়ে** *বিণ* কোনো কিছুর শুষ্কতাবোধক শব্দ। {*ধ্বন্যা.*}

খড়খড়ি *বি* দরজা জানালার ফাঁকযুক্ত কপাটবিশেষ,

ঝিলমিল; venetian blind। { স. খড়ক্কী> }
খড়ম [খড়োম্] *বি* কাঠের তৈরি পাদুকা। ~**পেটা** *বিণ* খড়মের দ্বারা প্রহৃত। তুল. জুতা-পেটা। ~**পেয়ে** *বিণ* ১ খড়ম পায়ে পরেছে এমন। ২ পদতলের মধ্যভাগ ভূমি স্পর্শ করে না এমন। { স. খট্টাপদ> }
খড়রা [খড়্রা] *বি* ঘোড়ার গা মাজবার লোহার চিরুনি বিশেষ। { ধ্বন্যা.> }
খড়ি, খড়ী [খোড়ি] *বি* ১ সাদা মাটিবিশেষ; chalk (খড়ির বাঁধা শাদা তার সঙ্গে মিশলো —*অঠা*)। ২ তিলকমাটি। ৩ অঙ্ক; গণনা। ৪ জ্বালানি কাঠ; শুষ্ক কাঠ; কুটা (খড়ি কুড়াও সোনার মেয়ে—জউ)। ৫ খুসকি; শরীরের সাদা মরা মাস; তেল পানি না দেওয়ার ফলে শরীরের চামড়া শুষ্ক হয় এবং তাতে আঁচড় লাগলে খড়ি বা সাদা ধুলার মতো যে চামড়া ঝরে পড়ে তা (চক্ষেতে হইলে কানা গায়ে ওড়ে খড়ি—*ফগ*)। ৬ চিহ্ন; দাগ; খড়ির আঁক। ৭ নৈপুণ্য; শিল্পচাতুর্য। ৮ উপদেশ; পরামর্শ। ৯ কার্য; কর্ম। ~ **ওঠা,** ~ **ওড়া** *ক্রি* খড়ির ন্যায় সাদা শুষ্ক চামড়া ওঠা; সাদা মরা মাস ওঠা; খুসকি ওঠা। ~ **করা** *ক্রি* অঙ্ক কষা। ~ **পাতা** *ক্রি* মাটিতে খড়ির আঁক কেটে অদৃশ্য ও অজ্ঞাত ঘটনা বলা (মন্ত্র পড়ি খড়ি পাতি গনিয়া গণনে—মদ)। ~**মাটি** *বি* ফুল খড়ি বা চক খড়ি; chalk। **খড়ে, খড়িয়া** *বিণ* ১ খড়ির মতো। ২ সাদা; ফ্যাকাশে। **হাতে**~ *বি* শিশুদের বিদ্যা শুরু করার অনুষ্ঠান। { স. খটিকা>; তুল. হি. খড়ী }
খড়িকা [খোড়িকা] *বি* ১ চিকন কাঠি (সাত সরোবরে সাঁতার কাটে, স্বর্ণ খড়িকার বাসায় ঘুম যায়—*দমি*)। ২ দাঁত পরিষ্কার করার সরু কাঠি; toothpick। ৩ উলুখড়ের কঠিন অংশ। { স. খটিকা, খড়ি+ক(কন্)+আ(টাপ্) }
খড়ী ⇒ খড়ি
খড়ো, খড়ুয়া ⇒ খড়
খড়্গ [খড়্গো] *বি* ১ মরণাস্ত্রবিশেষ; খাঁড়া। ২ অসি; তরবারি। ৩ গণ্ডারের শৃঙ্গ। ৪ লৌহ। ~-**চর্ম** *বি* ঢাল-তলোয়ার (মনে হয় খড়্গ-চর্মে দক্ষতা জন্মাতে আরো দিন পনেরো লাগবে—*রাসা*)। ~**ধেনু** *বি* ছোরা; ছোট খড়্গ। ~**নাসা** *বিণ* নাকের অগ্রভাগ খড়্গের অগ্রভাগের ন্যায় সূক্ষ্ম ও বাঁকা এমন। ~**পত্র** *বি* ১ খড়্গের পাতা; sword-blade। ২ খড়্গের ন্যায় তীক্ষ্ণ পাতা যার; আখ। ৩ ঢাল। ~**পাণি** *বিণ* ১ খড়্গধারী। ২ অন্যায়ের প্রতিকারের জন্য প্রস্তুত। ~**ফল,** ~**ফলক** *বি* তরবারির সূক্ষ্মাগ্র মুখ। ~**বিধান** *বি* তলোয়ারের খাপ। ~**মৃগ** *বি* গণ্ডার। ~**হস্ত** *বিণ* ১ খড়্গধারী। ২ অস্ত্রের দ্বারা আঘাত করতে উদ্যত; প্রহারোদ্যত (তাই ছোট ফুপু যতই পিছপা হলেন আমাদের খড়্গহস্তও ততই অগ্রসর হলো—*রখা*)। ৩ অত্যন্ত চটা; কুপিত। { স. √খড়্+গ }
খড়্গী (-গিন্) [খোড়্গি] *বি* ১ গণ্ডার। ২ মহাদেব। ☐ *বিণ* খড়্গধারী। { স. খড়্গ-ইন্(ইনি) }
খণ্ড[১] [খন্ডো] *বি* ১ টুকরা; হিস্সা; অংশ (মাংস-খণ্ড)। ২ পরিচ্ছেদ; ভাগ (বিলাস খণ্ড)। ৩ অঞ্চল; দেশ (শাখণ্ড)। ৪ টি; টা; খানি; খানা। ☐ *বিণ* ১ ভগ্ন (খণ্ড কপাল)। ২ আংশিক। ~ **কথা** *বি* ছোট গল্প; ক্ষুদ্র আখ্যায়িকা। ~**কপাল,** ~**কপালে / কপালিয়া** *বিণ* ভাঙা কপাল; মন্দ ভাগ্য। ~**কাব্য** *বি* বৈচিত্র্যে ও দৈর্ঘ্যে মহাকাব্যের মতো নয় এমন এক বিষয়াত্মক ছোট কাব্য। ~ ~ *বিণ* টুকরা টুকরা; ছিন্ন-বিচ্ছিন্ন। ☐ *বি* ক্ষুদ্র ক্ষুদ্র অংশ। ~**গিরি** *বি* উড়িষ্যার পাহাড়বিশেষ। ~**চাষ** *বি* টুকরা জমির চাষ (জমি নানা খণ্ডে বিভক্ত করে পৃথক খণ্ডে বিভিন্ন ফসল পাশাপাশি জন্মানোর পদ্ধতিকে খণ্ডচাষ বলে—*আআ*)। ~**তাল** *বি* সংগীতের তালবিশেষ। ~**প্রলয়** *বি* ১ ক্ষুদ্র প্রলয়; উলট-পালট। ২ তুমুল কলহ; তুলকালাম। ৩ দাঙ্গা-হাঙ্গামা। ~**বাক্য** *বি (ব্যা.)* জটিল বাক্যের অন্তর্গত ক্ষুদ্রবাক্য; clause। ~-**বিখণ্ড** *বিণ* ছিন্নভিন্ন। ~**ব্রত** *বি* অপূর্ণাঙ্গ ব্রত। ☐ *বিণ* খণ্ড; খণ্ডিত। { স. √খণ্ড্+অ(ঘঞ্) }
খণ্ড[২] [খন্ডো] *বি* ১ খঁড়া। ২ চোর; ছ্যাঁচড়। ৩ দস্যু; ডাকাত (চোর খণ্ড লম্পট পাইল কিবা লাগ—*কমু*)। { স. খণ্ড় }
খণ্ড[৩] *বি* গুড়; খাঁড়। { স. খণ্ড> }
খণ্ডন [খন্ডোন্] *বি* ১ অংশ বা ভাগ করণ; খণ্ড করণ। ২ ছেদন; কর্তন; ছিন্নকরণ। ৩ অপনোদন; নিরাকরণ; মোচন; স্খালন। ৪ যুক্তি দ্বারা মিথ্যা বা ভ্রান্ত বলে প্রমাণকরণ (দোষ খণ্ডন)। ৫ নিবারণ; ভঞ্জন; প্রতিবিধান (আমারে মারিবেই খুড়া, না হয় খণ্ডন—*অঠা*)। ৬ বর্জন; ত্যাগ; পরিহার। ~ **করা** *ক্রি* ১ যুক্তি দ্বারা অপ্রকৃত বলে প্রমাণ করা। ২ নিবারণ বা প্রতিবিধান করা (অদৃষ্টের লিখন খণ্ডন করবে কে)। ৩ ছেদন করা। ৪ ভাগ করা। **খণ্ডনীয়, খণ্ড্য** *বিণ* ২ খণ্ডনযোগ্য। ২ খণ্ডন করার উপযুক্ত। { স. √খণ্ড্+অন(ল্যুট্) }
খণ্ডশ [খন্ডোশো] *ক্রিবিণ* খণ্ড খণ্ড ভাবে। { স. খণ্ড+শস্> }
খণ্ডা[১] [খন্ডা] *অক্রি* ত্যাগ করা; বর্জন করা; খণ্ডন করা; পরিহার করা (লজ্জা খণ্ডি কহি আমি আপন মরম—*কমু*)। { স. খণ্ড+বা. আ }
খণ্ডা[২] [খন্ডা] *বি* খাঁড়া; খড়্গ (প্রচণ্ড খর্পর খণ্ডা হাতে—*মদ*)। { স. খণ্ড+বা. আ }
খণ্ডানো [খন্ডানো] *ক্রি* খণ্ডন করা বা করানো। { স. খণ্ড+বা আনো }
খণ্ডিত [খোন্ডিতো] *বিণ* ১ যা খণ্ড বা খণ্ডন করা হয়েছে। ২ অঙ্গহীন; অসম্পূর্ণ। ~ **ক্ষুর** *বিণ* ১ চেরা বা বিভক্ত ক্ষুরযুক্ত। ☐ *বি* গবাদি পশু। **খণ্ডিতা** *বি স্ত্রী.* দ্বিধাকৃত; ছিন্না। ২ নিরাকৃতা। ৩ নায়কের অঙ্গে পরনারীসম্ভোগচিহ্ন দর্শনে কুপিতা অপমানিতা ও ঈর্ষান্বিতা নায়িকা। { স. √খণ্ড+ত(ক্ত) }
খণ্ডী [খোনডি] *বিণ* খণ্ডনকারিণী (চণ্ডী-দুঃখখণ্ডী—*কমু*)। { স. খণ্ড+ঈ(ঙীপ্); খণ্ড+ইন(ইনি) }
খণ্ড্য ⇒ খণ্ডন
খত, খৎ [খত্] *বি* ১ চিঠিপত্র; লিপি। ২ কর্জের প্রতিজ্ঞাপত্র বা দলিল; তমসুক; ঋণপত্র (আমি খতের টাকা আদায় করেছি—*প্যামি*)। ৩ শপথনামা; স্বীকৃতিপত্র (দস্তখত)। ৪ চিঠি। ৫ ঘর্ষণ (নাকে খত)। ৬ চিহ্ন; রেখা; আঁচড়।

নাকে ~ *বি* অপরাধের শাস্তি হিসাবে মাটিতে নাক ঘর্ষণ। **ফার** ~ *বি* ছাড়পত্র; ফিরিয়ে দেবার প্রতিজ্ঞাপত্র। {*আ.* খত্ خط }

খতকিতাবত [খত্ কিতাবত্] *বি* পত্রের আদানপ্রদান; পত্র লেখালেখি। {*আ.* কিতাবাত كتابت }

খতখতেন, খতখতিয়ান [খত্খোতেন্, -তিয়ান্] *বি* দলিল ও হিসাবের খাতা (লাভ-লোকসান খতখতেনের ভক্ত কী জানে—*অচিসে*)। {*আ.* খত্-খীত়ান خط خيطان }

খতনা, খৎনা [খত্না] *বি* সুন্নত; মুসলমানি; লিঙ্গমুখের ত্বকছেদ; circumcision (আমাকে মুসলমান সন্দেহে গ্রেফতার করতঃ বিবস্ত্র করিয়া খৎনা দেখিতে পায়—*ইখো*)। {*আ.* খতনাহ ختنة }

খতবা, খৎবা ⇒ খোতবা

খতম [খতম্] *বি* ১ শেষ; সমাপ্তি। ২ মৃত্যু; অবসান। □ *বিণ* ১ সমাপ্ত; সাঙ্গ। ২ বিনষ্ট (জালেম খতম হয়েছে)। ~ **করা** *ক্রি* ১ শেষ করা; সমাপ্ত করা (কাম খতম করে চলে গেছে—*মোহ*)। ২ মেরে ফেলা; সাবাড় করা (দুশমন খতম করা)। ~ **পড়া** *ক্রি* সমগ্র কোরআন পাঠ করা। ~ **পড়ানো** *ক্রি* মৃতের আত্মার সদ্‌গতির জন্য সমগ্র কুরআন তেলাওয়াতের অনুষ্ঠান করা (প্রায়ই নানা খতম পড়াতেন—*শাআ*)। {*আ.* খত্‌ম ختم }

খতর [খতর্] *বি* ১ বিপদ। ২ ভয়। {*আ.* খত়র خطر }

খতরা [খত্‌রা] *বি* ১ বিপদ। ২ অনিষ্টাশঙ্কা; বিপদের ভয়। ৩ বিপদজনক অবস্থা; প্রতিকূল অবস্থা; বেকায়দা বা বেগতিক অবস্থা। {*আ.* খত়রাহ خطرة }

খতানো [খতানো] *ক্রি* ১ হিসাবনিকাশ করে দেখা; লাভ-লোকসান বিচার করা; বুঝে দেখা। ২ গণনা করা। □ *বি* ১ হিসাবনিকাশ করণ। ২ খতেন; খতিয়ান। {*আ.* খত+ *বা.* আনো}

খতি [খোতি] *বি* ১ ঘুষ; উৎকোচ (বিনা উপকারে খায় খতি—*কমু*)। ২ কাপড়ের বা চটের থলে। {*আ.* খত় خط + *বা.* ই}

খতিব, খতীব [খোতিব্] *বি* খুতবা পাঠকারী (কাকে খতিব, কাকে করেন্ত ইমাম—*সৈআ*)। **খতিবি, খতিবী** *বি* খতিবের কাজ। {*আ.* খত়ীব خطيب }

খতিয়ান, খতেন, খোতেন (বিরল) [খোতিয়ান, খোতেন, -] *বি* ১ খাজনার পরিমাণ ও আদায়-উসুলের হিসাবপত্র এবং প্রজার জমিজমা সংক্রান্ত তথ্য নিরূপক বই; ledger-book (জমি থাকলে খতেন নম্বর—*অচিসে*)। ২ বিষয়ানুক্রমে বা নামওয়ারি হিসাব (সংসারের হিসেবনিকেশ....খোতেন আর পাকা খাতা তিন খানা নিয়ে —*অঠা*)। ৩ যে হিসাবের খাতায় ক্রয়বিক্রয় আমদানি রফতানি প্রভৃতির স্বতন্ত্র হিসাব থাকে। ~ **করা** *ক্রি* ১ জমা খরচের বিস্তারিত বিবরণ তৈরি করা। ২ প্রজার জমির দাগ নম্বর, পরিমাণ, প্রকৃতি ইত্যাদির স্বতন্ত্র ফর্দ লেখা। {*আ.* খীত়ান خيطان }

খতীব ⇒ খতিব

খতুয়া ⇒ খতো

খতেন ⇒ খতিয়ান

খতেমা, খাতিমা [খতেমা, খাতিমা] *বি* ১ সমাপ্তি। ২ পরিণাম; মৃত্যু। {*আ.* খাতিমাহ خاتمة }

খতো, খতুয়া [খোতো, খোতুয়া] *বিণ* ১ ভাঙ্গা; ভগ্ন। ২ জীর্ণ; ক্ষয়প্রাপ্ত (খতো কাঠ)। □ *বি* চোখের কোণের ও পাতার ঘা। ~ **ধরা**, ~ **মারা** *ক্রি* ১ ক্ষত প্রাপ্ত হওয়া। ২ ছাতা ধরে যাওয়া। ৩ ক্ষতদুষ্ট। {*স.* ক্ষত>*বা.* খত+ উয়া>ও}

খত্তাল[১] [খত্‌তাল্] *বি* কাঁসার নির্মিত এক প্রকার বাদ্যযন্ত্র; করতাল; সংকীর্তনাদির সঙ্গে বাজানোর সুপরিচিত যন্ত্র (খোল ও খত্তাল দিয়ে চীৎকার না করলে আমি হয়ত আনন্দ পাই না—*সুদ*)। {*স.* করতাল>}

খত্তাল[২] ⇒ খাতাল

খদ [খদ্] *বি* দুই পাহাড়ের মধ্যবর্তী সুগভীর নিম্নভূমি; গভীর খাদযুক্ত পর্বত-উপত্যকা। {*স.* খাত< √খন্+ ত(ক্ত), *হি.* খড}

খদি, খদিকা [খোদি, -কা] *বি* খই; লাজ। {*স.* খদিকা}

খদির [খোদির্] *বি* ১ খয়ের; খয়ের গাছের নির্যাস। ২ খয়ের গাছ। ~ **কষায়**, ~ **ক্বাথ** *বি* খদিরের নির্যাস। {*স.* √খদ্+ইর(কিরচ্)}

খদিরিকা [খোদিরিকা] *বি* ১ লাক্ষা; গালা। ২ লজ্জাবতী লতা। {*স.* খদির+ক(কন্)+আ(টাপ্)}

খদ্দর, খদ্দি, খাদি [খদ্দর, খোদ্দি, খাদি] *বি* চরকায় কাটা কাপাস সুতায় প্রস্তুত মোটা কাপড়। {গুজ. খদ্দর}

খদ্যোত [খদ্দোত্] *বি* দেহে আলোক-সন্নিবিষ্ট এক প্রকার পতঙ্গ; জোনাকি পোকা (দুটো নেত্র সদা যেন নিশার খদ্যোত হেন—*রঠা*)। **খদ্যোতিকা** (খদ্যোতিকা দ্যুতি যথা—*মদ*)। ~ **মালা** *বি* জোনাকির ঝাঁক বা দল। {*স.* খ+ √ দ্যোতি+অ(অণ্)}

খন[১] (*ব্র.*) [খন্] *বি* ১ ক্ষণ শব্দের কোমল রূপ। ২ ক্ষণ; মুহূর্ত। **খনে** *ক্রিবিণ* ১ ক্ষণে; এক মুহূর্তে। ২ এক সময়ে; একবার। **খনেক** *বি* এক মুহূর্ত; একটুকাল। □ *ক্রিবিণ* ক্ষণকালের জন্য; অল্পক্ষণ। **খনে** ~, **খনে খনে** *ক্রিবিণ* ১ মুহূর্তে মুহূর্তে; ঘন ঘন (নতুন করে পাব বলে হারাই খনে খন—*রঠা*)। ২ থেকে থেকে; রয়ে রয়ে (খনে খনে মনে শুনি অতল জলের আহ্বান—*রঠা*)। {*স.* ক্ষণ>}

খন[২], **খন** [খন্] *বি* ভবিষ্যৎ অর্থবোধক (হবে'খন, দেখব'খন)। {'এখন' শব্দের 'এ' লোপে; *স.* ক্ষণ>}

খনক, খনৎকার [খনক, খনত্‌কার্] *বি* ১ যে খনন করে; খননকারী। ২ খনি থেকে ধাতু উত্তোলনকারী; miner। ৩ সিঁধেল চোর। ৪ ইঁদুর। {*স.* √খন্+অক(বুন্)}

খনখন [খন্‌খন্] *অব্য* ধাতুপাত্রে আঘাতজনিত তীক্ষ্ণ শব্দ। **খনখনে** *বিণ* খন খন শব্দ বিশিষ্ট; তীক্ষ্ণ ধ্বনি জ্ঞাপক (খনখনে আওয়াজ)। {*ধ্বন্যা.* }

খনৎকার ⇒ খনক

খনন [খনন্] *বি* খাত সৃষ্টিকরণ; গর্ত করণ; খোঁড়া। ~**কারী** *বি* যে খনন করে। **খননীয়, খন্য** *বিণ* ১ খনন করা যায় এমন; খননযোগ্য। ২ খনন করতে হবে এরূপ। **খনিত, খাত** *বিণ* খোঁড়া হয়েছে এমন। {*স.* √খন্+অন(ল্যুট্)}

খনয়িত্রী [খনোয়িত্‌ত্রি] *স্ত্রী. বি* ১ যে খনন করায়। ২ খন্তা। {*স.* √খন্‌+ণিচ্‌+তৃ(তৃচ্‌)+ঈ(ঙীপ্‌)}

খনা[১] [খনা] *বি* বিখ্যাত বাঙালি মহিলা জ্যোতিষী; মিহিরের স্ত্রী। ~**র বচন** *বি* জ্যোতিষ শাস্ত্র অনুযায়ী চাষবাদ, বৃক্ষরোপণ, গৃহনির্মাণ প্রভৃতি শুভাশুভ বিষয়ক সুপ্রচলিত প্রবচন যা খনার রচিত বলে প্রসিদ্ধ। {*স.* √খন্‌+*বা.* আ}

খনা[২], **খোনা** [খোনা] *বিণ* নাকি সুরে কথা বলে এমন। {*অনু.*}

খনি[১], **খনী** [খোনি] *বি* ধাতু, কয়লা প্রভৃতির উৎপত্তিস্থান বা আকর। ~**জ** *বিণ* যা খনিতে উৎপন্ন হয় বা খনি থেকে পাওয়া যায় এমন; খনিজাত; আকরিক। {*স.* √খন্‌+ই, ঈ(ঙীষ্‌)}

খনি[২] [খোনি] *বি* বস্ত্র বিশেষ; টেকসই পাটের পাছড়া। {*স.* খনি>}

খনিত ⇒ খনন

খনিত্র [খোনিত্‌ত্রো] *বি* ১ খন্তা; শাবল; মাটি খোঁড়ার যন্ত্রবিশেষ। ২ খনন করার যন্ত্র (পরবর্তীদের খনিত্র আজও সেই অনুমানের প্রেরণা যোগাচ্ছে—*সুদ*)। {*স.* √খন্‌+ইত্র}

খনেজাত ⇒ খানেজাদ

খন্তা, খোন্তা, খন্তিক [খোন্‌তা, –, খোন্‌তিক্‌] *বি* ১ খনন করার যন্ত্র। ২ শাবল; খনিত্র। {*স.* খনিত্র> খনিত্ত>খন্‌তা; *হি* খন্তো}

খন্তি ⇒ খুন্তি

খন্তিক ⇒ খন্তা

খন্দ[১] [খন্‌দো] *বি* ১ নালা; গর্ত। ২ নিম্নভূমি (অনেক কাদা ডোবা খানা খন্দ পেরিয়ে—*সৈশা*)। {*ফা.* কন্‌দাহ کنده <*আ.* খন্দক خندق }

খন্দ[২] [খন্‌দো] *বি* ফসল; শস্য (এবার ফসল হইল না বলিয়া কি সামনের অন্যান্য খন্দও কিছু পাওয়া যাইবে না—*কাআও*)। ~**খেরাজ** *বি* শস্যাদি ও খাজনা (জমির চাষ আবাদ খন্দ-খেরাজের ভার তার চাকরের হাতে থাকে—*কাআও*)। ~**মাল** *বি* রবিশস্য; বসন্তকালীন শস্য : মুগ, মটর, কলাই প্রভৃতি (হাটখোলার গদী, দশ বারটা খন্দমালের আড়ত—*প্যামি*)। {*স.* খন্দ>}

খন্দক [খন্‌দক্‌] *বি* গর্ত; নালা; খানা (খন্দক খুদিয়া তায় গাড়িল জমিনে—*সৈহা*)। {*আ.* খন্‌দক خندق }

খন্দকার[২], **খোন্দকার** ⇒ খোন্দকার[১] ও খোন্দকার[২]

খন্নাস, খান্নাস [খন্‌নাস্‌, খা–] *বি* ১ শয়তান। ২ কুপ্ররোচনা-দানকারী। □ *বি, বিণ* ধূর্ত; দুষ্ট। {*আ.* খন্‌নাস خناس }

খপ, খপ্‌ [খপ্‌, খপ্‌] *অব্য, ক্রিবিণ* হঠাৎ; দ্রুত; অতর্কিত-ভাবে; আচম্বিতে। ~**খপানি** *বি* ১ মনের ভিতরকার অস্বস্তি; বুক ঢিপ ঢিপ করা ভাব। ২ অসন্তোষ; অতৃপ্তি; উদ্বেগ। {*ধ্বন্যা.*}

খপছুরত ⇒ খুবসুরৎ

খপরা ⇒ খাপরা

খপাৎ [খপাত্‌] *অব্য* নরম জিনিস দ্রুত ধরে ফেলার শব্দ। □ *ক্রিবিণ* হঠাৎ। {*ধ্বন্যা.*}

খপুর [খপুর্‌] (*মবা.*) *বি* ১ খপ্পর। ২ মাটির কলসি। ৩ পানসুপারি রাখবার ডাবর (খপুরে পুন রাখয়ে—*জ্ঞাদা*)। ৪ সুপারিগাছ। ৫ শূন্যে কল্পিত প্রাসাদ; castle in the air। {*স.* খর্পর}

খপুষ্প [খপুশ্‌পো] *বি* ১ আকাশ-কুসুম। ২ অস্তিত্বহীন পদার্থ। ৩ অলীক বস্তু। ৪ বাস্তব নয় যা। {*স.* খ+পুষ্প}

খপোত [খপোত্‌] *বি* বিমান; আকাশযান; উড়োজাহাজ। {*স.* খ+পোত}

খপ্পর [খপ্‌পর্‌] *বি* ১ ফাঁদ; কবল; চক্রান্ত; ছলনা-জাল। ২ খোলা; খাপরা; খোলার চাল। {*স.* খর্পর}

খপ্পা, খাপ্পা, খফা [খপ্‌পা, খা–, খফা] *বিণ* কুপিত; অসন্তুষ্ট; ক্ষিপ্ত; ক্রুদ্ধ। {*ফা.* খফা خفا >খপা>খপ্‌প+*বা.* আ=খপ্পা}

খফি, খাফি [খোফি, খাফি] *বিণ* নিঃশব্দ; নীরব। □ *বি* গোপন; গুপ্ত। {*আ.* খফী خفى }

খবর [খবোর্‌] *বি* ১ বার্তা; সংবাদ। ২ তথ্য; বৃত্তান্ত। ৩ তত্ত্ব। ৪ যত্ন; তত্ত্বাবধান। ৫ সন্ধান; উদ্দেশ্য। ~**গির, ~গীর** *বি* ১ সংবাদবাহক; সংবাদদাতা। ২ গোয়েন্দা; চর। □ *বিণ* তত্ত্বাবধানকারী। ~**গিরি** *বি* ১ খোঁজ-খবর নেওয়ার কাজ; সংবাদবাহকের কাজ। ২ গোয়েন্দার কাজ। ৩ তত্ত্বাবধান; খবরদারি (করিবে খবরগিরি রাখিবে হুরমতে—*সৈহা*)। ~**দার**[১], **খবর্দার** *অব্য* সাবধান; হুশিয়ার (কিন্তু খবরদার গোড়াতেই প্রেম এসে না জোটে—*রাব*)। ~**দার**[২] *বিণ* তত্ত্ববিদ বা তত্ত্বজ্ঞ (আদালতে গমন করিয়া আদালতের রীতিজ্ঞ অর্থাৎ আইন খবরদার হয়েন—*ভবা*)। ~**দারি, ~দারী** *বি* তত্ত্বাবধান (বৃদ্ধ স্বামীর উপর খবরদারী করা আজ আর সাজে না—*গৌচ*)। ২ সাবধানতা; সতর্কতা; হুশিয়ারি। ~ **পাওয়া** *ক্রি* ১ সংবাদ পাওয়া। ২ খোঁজ পাওয়া; সন্ধান পাওয়া; উদ্দেশ পাওয়া। ~ **রাখা** *ক্রি* খোঁজ রাখা; ওয়াকিফহাল থাকা। ~ **লওয়া** *ক্রি* ১ তত্ত্বাবধান করা। ২ সংবাদ জানা; খোঁজ লওয়া। ~ **হওয়া** *ক্রি* ১ সংবাদ পৌঁছা; খবর প্রকাশিত হওয়া। ২ সাড়া পড়ে যাওয়া। **খবরা-** *বি* ১ পরস্পর সংবাদ বিনিময়। ২ খোঁজ-খবর। ৩ তত্ত্বাবধান। **খবরের কাগজ** *বি* সংবাদপত্র; newspaper। **খোশ-** *বি* ভালো খবর; সুসংবাদ। {*আ.* খবর خبر }

খ-বারি [খবারি] *বি* ১ (আকাশের) বৃষ্টি। ২ শিশির। {*স.* খ+বারি}

খ-বাষ্প [খবাশ্‌পো] *বি* হিম; তুষার। {*স.* খ+বাষ্প}

খবিস, খবিশ [খোবিশ্‌, –] *বি* ১ নোংরা; অপরিষ্কার। ২ কদাচারী; নষ্ট (এ ছাড়া দেখেছো? খবীছের দল—*মুহ*)। ৩ অপবিত্র হৃদয়; অশুদ্ধ চিত্ত। ৪ অপবিত্র ভূত; অপদেবতা। ৫ শয়তান। □ *বিণ* কুটিল। (খবিশ পাইল বলি ডাকি আনি ওঝা—*ভারা*)। {*আ.* খবীছ خبيث }

খমক (*মবা.*) [খমোক্‌] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (বন্দে দিগম্বরে খমক ডমরু করে—*কমু*)। {*ফা.* খুমক خمك }

খমণি [খমোনি] *বি* সূর্য। {*স.* খ+মণি}

খমধ্য [খমোদ্‌ধো] *বি* আকাশ-বিন্দু; মাথার ঠিক উপরে ঊর্ধ্ব আকাশে কল্পিত বিন্দুবিশেষ; zenith। {*স.* খ+মধ্য}

খমীর, খমির ⇒ খামীর

খম্বা ⇒ খাম্বা

খয়না [খয়না] *বি* অফোটা খই; খই ভাজার পর যে ধানগুলো খই না হয়ে থাকে। { *স.* খই<খদিকা+ *বা.* না}

খয়র[1] [খয়র্] *বি* মঙ্গল; কুশল; ভালাই; শুভ। □ *অব্য* আচ্ছা; বেশ; তা-ই। { *আ.* খায়ির خير }

খয়রা[1] [খয়রা] *বি* ১ এক প্রকারের ছোট মাছ। ২ পক্ষীবিশেষ। { *স.* খদির>*প্রা.* খয়র>; *স.* ক্ষুদ্র>}

খয়রা[2] ⇒ খয়ের

খয়রাত, খায়রাত [খয়রাত্, খা-] *বি* ১ ভিক্ষা (বাঙ্গালি লোককে মাস মাস খয়রাত দেয়নের উপযুক্ত অধ্যক্ষ নিযুক্ত করিলেন—*রাম*)। ২ পুণ্যার্থে দান (করে না শ্রদ্ধ দিনে কেহ খয়রাৎ—*সদ*); আমার ধর্মের মূলমন্ত্র হচ্ছে তিনটি—সালাত, খায়রাত, জিহাদ—*এআ*)। ৩ বিতরণ (খয়রাতে বীর দিল বাড়ি—*কমু*)। **খয়রাতি, খয়রাতী** *বিণ* ১ দাতব্য (তিনি একদিন খয়রাতি হাসপাতালে শুয়ে শুয়ে—*সৈমু*)। □ *বি* ১ দানের জিনিস। ২ ভিক্ষা। { *আ.* খয়রাত خيرات }

খয়া, ক্ষয়া [খয়া] *বিণ* ক্ষয়প্রাপ্ত। { *স.* ক্ষয়+আ}

খয়ানো, ক্ষয়ানো [খয়ানো] *বিণ* ক্ষয় করা হয়েছে এমন। { *স.* ক্ষয়+ *বা.* আনো}

খয়ের, খয়র [খয়ের্, খয়র্] *বি* খদির বৃক্ষের নির্যাস হইতে প্রস্তুত পানের মসলাবিশেষ। **খয়েরি, খয়েরী, খয়রা** *বিণ* খয়েরের রংবিশিষ্ট; খয়ের বর্ণের (চিলের সোনালী ডানা হয়েছে খয়েরি—*জীদা*; নীল শাড়ী খুলি, পোরোনা খয়েরীখানি—*মোম*)। { *স.* খদির>}

খয়ের-খাঁ, খয়ের খাঁ [খয়েরখাঁ] *বিণ* ১ স্তাবক; খোশামুদে; মোসাহেব (তথাকথিত খয়র-খাঁদের হাতে...নির্মমভাবে নিহত হইলেন—*মামু*)। ২ হিতাকাঙ্ক্ষী; কুশল-আকাঙ্ক্ষী। **খয়েরখাহি, খয়েরখাহী** *বি* ১ মঙ্গল কামনা; হিতাকাঙ্ক্ষা। ২ খোশামুদি; মোসাহেবি। { *আ.* খায়ির خير + *ফা.* খাহ خواه }

খয়ের বন্ধনে পড়া ⇒ খই

খর[1] [খর্] *বিণ* ১ ধারাল; তীক্ষ্ণ (খর অসি)। ২ প্রবল (ধু ধু চৈত্রের খর দাহনের দিনে—*রখা*)। ৩ অতি দ্রুতগতি; তীব্রগতি (খরস্রোতা)। ৪ কর্কশ; কঠোর; রূঢ় (খর বচন)। ৫ উগ্র; কড়া (খর ঝাল)। ৬ প্রখর; প্রচণ্ড (খর রৌদ্র)। ৭ ধাতব পদার্থ মিশ্রিত (খর পানি)। ~**কর** *বি* তীব্র কিরণ; প্রখর তেজ। ২ সূর্য। ~**খরে** *বিণ* ১ কর্কশ; তীক্ষ্ণস্পর্শ; অমসৃণ (পোগুলো গেঁটেগেঁটে কাদামাখা খরখরে—*অঠা*)। ২ চালাক; চতুর; চটপটে। ৩ অতিরিক্ত ভাজা। ~**খরে বুদ্ধি** *বি* তীক্ষ্ণ বুদ্ধি; প্রখর বুদ্ধি; সজাগ বুদ্ধি। ~ **জল**, ~ **পানি** *বি* লবণ; ক্ষার প্রভৃতি ধাতব পদার্থযুক্ত পানি; hard water। ~**জালি** *বি* রৌদ্রতাপে পানি শুষ্ক করে প্রস্তুত লবণ। ~**তর** *বিণ* তীক্ষ্ণতর; অত্যন্ত প্রখর (খরতর বজ্রহানি শূন্যে বরষিয়া—*রঠা*)। ~**ধার**, ~**শান** *বিণ* খুব ধারালো; তীক্ষ্ণ ধারবিশিষ্ট। ~**পোড়া** *বিণ* বেশি পোড়া (খরপোড়া পাতিল)। ~**শাণ**, ~**শান**, ~**সান**[1] *বিণ* তীক্ষ্ণ শানযুক্ত; খুব ধারালো (শোভে খরসান অসি—*মদ*)। ~ **স্রোত**, ~ **স্রোতঃ** *বি* প্রবল স্রোত; অত্যন্ত বেগবান প্রবাহ। **খরস্রোত** *বিণ*। { *স.* খ+ √রা+অ (ক)}

খর[2] [খর্] *বি* ১ গর্দভ; খচ্চর; অশ্বতর। ২ রাক্ষসবিশেষ; লঙ্কার রাজা রাবণের বৈমাত্রেয় ভ্রাতা। ~ **দরজাল** *বি* ১ দরজাল নামক অত্যাচারী ব্যক্তি যে গাধায় আরোহণ করে হঠাৎ উপস্থিত হবে। কথিত আছে যে, সে দুনিয়ার সাধুসজ্জন ব্যক্তিদের নিশ্চিহ্ন করে ফেলবে। ২ অতি অত্যাচারী লোক (খর-দরজাল আসছে বুঝে শিঙায় দিয়ে হাঁক—*জউ*)। ⇒ **খরেদজ্জাল**। { *ফা.* খর خر }

খরগোশ, খরগোস [খরগোশ্] *বি* শশক; hare। { *ফা.* খরগোশ خرگوش }

খরচ, খরচা, খর্চা [খরোচ্, খরচা, -] *বি* ১ ব্যয় (বিদ্যা খরচ না করেন—*ঈবি*)। ২ ব্যয় করার অর্থ (এই মামলার খরচ দেবে কে?)। **খরচ, খরচা, খরচপত্র, খরচপাতি** *বি* নানা প্রকার ব্যয়। **খরচান্ত** *বি* ১ অত্যধিক ব্যয়; বেশি খরচ। ২ খরচের ফলে ফতুর বা রিক্তহস্ত। **খরচি** *বিণ* অতিরিক্ত খরচ করে এমন। **খরচে, খরচিয়া** *বিণ* ১ মুক্তহস্তে ব্যয় করে এমন; উদারহস্ত। ২ অমিতব্যয়ী। **খরচের খাতায় লেখা** *ক্রি* লাভের আশা ত্যাগ করা; ক্ষতি বলে ধরে রাখা। □ *বি* উদ্ধারের আশা নেই এমন। { *আ.* খরজ خرج > *ফা.* খরচ خرچ }

খরজ [খরোজ্] *বি* সংগীতের সপ্তসুরের প্রথম সুর, 'সা' এই সুর। { *স.* ষড়্জ}

খরজালি, খরতর, খরধার ⇒ খর[1]

খরমুজ, খরমুজা, খরবুজ, খরবুজা [খরমুজ্, -জা, -বুজ্, -জা] *বি* তরমুজের মতো ফুটি জাতীয় ফল (চাহি না বরফ, শরবৎ মিঠা, খরমুজা কাশ্মীরী—*মোম*)। { *ফা.* খর বুজাহ خربوزه }

খরযান [খরজান্] *বি* গাধায় টানা গাড়ি। { *ফা.* খর خر + *স.* যান}

খরশান ⇒ খর

খরশাল [খরশাল্] *বি* গাধার বাসস্থান। { *ফা.* খর خر + *স.* শালা}

খরশুলা, খরসুলা, খোরশোলা, খোরসোলা [খরশুলা, -, খোরশোলা, -] *বি* ১ ছোট মাছবিশেষ (কূলে কূলে চলে খরসুলা মাছ—*বআমি*)। ২ বাটা মাছ। { *স.* খর+শফর>?}

খরসান[1] ⇒ খর[1]

খরসান[2], **খর্সান** [খরশান্] *বি* শুকনা তামাক পাতা; দোক্তা। □ *বিণ* ঝাঁঝালো; কড়া (খর্সান তামাক সেজে খায়—*দীমি*)। **খরসানি** *বি* ঘোড়ার খুরের ঘর্ষণ ও হ্রেষাধ্বনি। { *স.* খর+স্বান>?}

খরস্নায়ু [খরস্নায়ু] *বিণ* তীব্র সংবেদনশীল; তীব্র অনুভূতিপূর্ণ (খরস্নায়ু স্তব্ধতার পাখা মেলে চকিত শহরে—*বিদে*)। { *স.* খর+স্নায়ু}

খরা[1] [খরা] *বি* ১ রোদ; রৌদ্র (চৈত্র গেল ভীষণ খরায়—*জউ*)। ২ অনবৃষ্টি। ৩ গ্রীষ্ম। □ *বিণ* কড়া ভাজা। { *স.* খর+ *বা.* আ}

খরা[2] [খরা] *বি* ১ খরগোশ। ২ গর্দভ। { *স.* খর+আ}

খরাংশু [খরাঙ্শু] *বি* সূর্য। { *স.* খর+অংশু}

খরাজ ⇒ খেরাজ

খরাদ [খরাদ্] *বি* কুঁদযন্ত্র; lathe; কাঠ প্রভৃতি কুঁদযন্ত্রে

চেঁছে মসৃণ বা গোল করা। { *আ.* খরাদ خراد }

খরাদি [খরাদি] *বি* খরাদ (কুঁদযন্ত্রে কাজ) করার লোক; turner { *আ.* খরাদী خرادی }

খরান [খরান্] *বি* ১ অনাবৃষ্টি। ২ একটানা প্রখর রৌদ্র (এবার খরানে ধান-পাট দুইটা ফসলই মারা গেছে—*আমআ*)। {খরা+আন}

খরানি [খরানি] *বি* ১ একটানা রোদের কাল; dry season। ২ চুইয়ে পড়া অবস্থা। { *স.* খর+আনি}

খরানো [খরানো] *ক্রি* কড়া করে ভাজা। □*ক্রিবিণ* অতিরিক্ত শুষ্ক করে নেওয়া (ধান খরানো)। { *স.* খর+ *বা.* আনো}

খরিতা [খোরিতা] *বি* চামড়ার তৈরি থলি; টাকা রাখার থলি। { *আ.* খরীতাহ خريطة }

খরিদ [খোরিদ্] *বি* কেনা; ক্রয় (বহুমতে খরিদ ক্রোক্ত হইতেছে—*রাম*)। ~ **খাতা** *বি* যে খাতায় জিনিস ক্রয়ের হিসাব থাকে। ~ **দর** *বি* ক্রয়-মূল্যের হার। ~**দার, খরিদ্দার, খদ্দের** *বি* যে খরিদ করে; ক্রেতা (যে সকল খরিদ্দার ধারে জিনিস কিনতেন—*ঈবি*)। ~ **মূল্য** *বি* যে মূল্যে খরিদ করা হয়েছে; কেনা দাম। **খরিদা** *বিণ* ক্রীত; কেনা (সঙ্গে এল খরিদা গোলাম—*ফআ*)। **খরিদানি** *বি* খরিদ দর; ক্রয়কালীন মূল্য। { *ফা.* খরীদ خريد }

খরিফ, খরীফ [খোরিফ্] *বি* হৈমন্তিক ফসল। { *আ.* খরীফ خريف }

খরে দজ্জাল, খারে-দজ্জাল, খারে দয্যাল [খরেদজ্‌জাল, খা–, –] *বি* দজ্জালের গাধা; দজ্জাল যে গাধায় চড়ে আসবে (খারে দয্যাল আসবার আর......বাকি নাই—*আমআ*)। { *ফা.* খরে خر *আ.* + দজ্জাল دجال }

খরোষ্ঠী, খারস্থি [খরোশ্‌ঠি, খারোসথি] *বি* ভারতের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রাচীন ভাষা ও লিপিবিশেষ। { *স.* খরোষ্ঠী}

খর্জন [খরজোন্] *বি* গাত্র চুলকানো; খাউজানো। { *স.* √খর্জ্+অন(ল্যুট)}

খর্জুর [খরজুর্] *বি* ১ খেজুর ফল। ২ খেজুর গাছ। **খর্জুরিকা** *বি* মিঠা গজা; মিষ্টান্নবিশেষ। **খর্জুরী** *বি* খেজুর গাছ। { *স.* √খর্জ+উর}

খর্পর [খরপর্] *বি* ১ খোলা; খাপরা; মেটে হাঁড়ির ভগ্ন অংশ (অন্ন খুঁটে খেতে হবে প্যারিসের পঙ্কিল খর্পরে—*বুব*)। ২ মাথার খুলি (খর্পরে পান করিয়াছ তুমি দুঃশাসনের দর্পমোহে-*সদ*)। ৩ ভিক্ষাপাত্র। ৪ ধূর্ত; চোর। { *স.* কর্পর>*প্রা.* খর্পর}

খর্ব [খরবো] *বিণ* ১ বেঁটে; বামন। ২ হীন; খাটো; ছোট (খর্ব তুমি স্থূল রকমের—*সদ*)। ৩ হ্রস্ব; অল্প; কম (আশ্রয়দাতার আয় বিলক্ষণ খর্ব হইয়া গেল—*ঈবি*)। □*বি* সহস্রকোটি সংখ্যা। ~**কায়** *বি* ক্ষুদ্র দেহ। □*বিণ* বেঁটে; বামন। ~**কেতু** *বি* হ্রস্ব নিশান; ছোট পতাকা (খর্ব-কেতু বার্তা রাণী কহে আচম্বিতে—*কাদৌ*)। ~**ট** *বি* ১ পর্বতপ্রান্তে অবস্থিত গ্রাম। ২ গ্রামের মধ্যভাগে অবস্থিত গ্রাম। ~**শাখ** *বি* ১ খাটো শাখাবিশিষ্ট গাছবিশেষ। ২ বামন। **খর্বাকার, খর্বাকৃতি** *বিণ* বামন; বেঁটে। **খর্বিত** *বিণ* খর্ব করা হয়েছে এমন। { *সা.* √খর্ব+অ (অচ)}

খর্সুলা ⇒ খরসুলা

খল[১] [খল্] *বিণ* ১ কপট; ক্রূর (নিন্দক পাপিষ্ঠ খল শত্রু সম হয়—*সৈআ*)। ২ দুর্জন। ৩ হিংসক; হিংসুক। ৪ নীচ। **খলতা** *বি*। ~**কপট** *বিণ* খলতা ও কপটতাযুক্ত লোক। { *স.* √খল+অ (অচ)}

খল[২] [খল্] *বি* ঔষধ পেষণের পাথরের পাত্র; ওষুধ মর্দনের পাত্রবিশেষ। ~**নুড়ি** *বি* ঔষধ মাড়বার ক্ষুদ্র প্রস্তরপাত্র ও দণ্ড। { *স.* খল্ল>}

খল[৩] [খল্] *বি* ১ খামার; ধান মাড়াই করার জায়গা। ২ তেলের শিটা বা কাইট। ৩ কানের ময়লা। { *স.* √খল্+অ (অল্); *স.* খলি>}

খলই (*বৃ.*) [খলয়ি] স্খলিত হয় (চলইতে খলই—*বিপ*)। { *স.* স্খলতি}

খলই, খালই ⇒ খালুই

খলক [খলক্] *বি* সৃষ্টি; সৃষ্টজগৎ; জন সাধারণ; জনতা। { *আ.* খলক খلق }

খল খল [খল্‌খল্] *অব্য* উচ্চ হাসির শব্দ। ~ **করা** *ক্রি* অল্প পানিতে মাছ দ্রুত চললে যে শব্দ হয় সেরূপ শব্দ করা। { *ধ্বন্যা.* }

খলট [খলোট্] *বি* ১ উঠান। ২ ধান মাড়াই করার স্থান। { *স.* স্থল>+ *বা.* ট}

খলতি [খলোতি] *বি* মাথার টাক। □*বিণ* টাক বিশিষ্ট; টেকো। { *স.* √খল্+অতি(অতিচ্); *স.* স্খল্>*বা.* খল+*বা.* তি}

খলধান [খল্‌ধান্] *বি* ১ ধান মাড়াই করার স্থান; খামার। ২ খলে যে ধান পড়ে থাকে। { *স.* √স্খল>+ধা+অন; খলে পতিত ধান; খল+আধান; *মধ্য.* }

খলপা, খলফা [খল্‌পা,-ফা] *বি* ১ শস্যের গোলাবিশেষ। ২ দরমা; বাঁশের তৈরি চাটাই; mat। ৩ সহজেই ভেঙে যায় এমন বৃক্ষশাখা; পলকা ডাল। { *স.* খল+পদ}

খলপু [খল্‌পু] *বি* ১ ঝাড়ুদার। ২ মেথর। { *স.* খল+√পূ+ক্বিপ্}

খলবল [খল্‌বল্] *অব্য* অল্প জলে মাছ লাফানোর শব্দ। □*বিণ* চঞ্চল; অস্থির (গোম ফল খাইবারে খলবল অতি—*হেমা*)। **খলবলানি** *বি* খলবল শব্দে নড়ন চড়ন; প্রবল চাঞ্চল্য (মৌরলা মাছ খলবলানিতে লাফাইয়া পড়ে গায়—*বআমি*)। { *ধ্বন্যা.*}

খলল [খলল্] *বি* ১ ব্যাঘাত; হানি (ইমানের খলল হওয়া)। ২ গোলযোগ। { *আ.* খলল خلل }

খলশে, খলিশা [খোলশে, খোলিশা] *বি* কই জাতীয় ছোট মাছবিশেষ। { *স.* খলিশ, খলেশয়}

খলা, খোলা [খোলা] *বি* ১ ক্ষেত্র; উন্মুক্ত স্থান। ২ ধান মাড়ানোর ও শুকানোর জন্য বিস্তৃত স্থান (এক কাঠা ভুঁই নাই খলা পাতিবারে—*মৈগী*)। **ইট–** *বি* ইট তৈরি করা ও পোড়ানোর স্থান। { *স.* খল/খল্ল>; *স.* স্থল>+ *বা.* আ}

খলাস ⇒ খালাস

খলি [খোলি] *বি* খইল; তেলের শিটা; কাইট (মাটিতে পোঁতা নাদায় কুলপত্নীর হস্তমিশ্রিত খলি-মিশান ললিত বিচালী-চূর্ণ—*বচ*)। { *স.* √খল+ই(ইন)}

খলিত[খোলিতো] *বিণ* টাকবিশিষ্ট; টেকো। { *স.* স্খলিত; আদিবর্ণ লোপে খলিত}

খলিন, খলীন [খোলিন্] *বি* ১ লাগাম। ২ ঘোড়ার লাগামের কড়িয়ালের লোহা। { *স.* খ+লীন}

খলিফা, খলীফা[খলিফা] *বি* ১ প্রতিনিধি (উপযুক্ত হবে পৃথিবীতে খলীফা পদ লাভ করবার জন্য—*আহ*)। ২ হজরত মুহম্মদের (সা.) পর মুসলিম রাষ্ট্রের নির্বাচিত প্রধান শাসনকর্তা—তিনি একাধারে শাসনকর্তা ও ধর্মনেতা (এ যে খলিফার ফরমান—*হবা*)। ৩ দরজি। ৪ ওস্তাদ কারিগর। ৫ সর্দার; প্রধান; দলপতি। (এয়ার খলিপা ত হক কথা কহিয়াছে—ভব)। { *আ.* খলীফাহ্ خليفه }

খলিল [খোলিল্] *বি* বন্ধু; মিত্র। খলিলুল্লাহ *বি* আল্লাহর বন্ধু; হযরত ইবরাহিমের উপাধি। { *আ.* খলীল خليل }

খলিশ খলিশা ⟹ খলেশ

খলীন ⟹ খলিন

খলীফা ⟹ খলিফা

খলেন, খলিহান, খইলান[খোলেন, খোলিহান, খোইলান্] *বি* শস্য মাড়ানোর নির্দিষ্ট জায়গা (সেগুলিকে আঁটি বেঁধে কর্মান্ত ঘরের কাছে খলিহান-এ নিয়ে যেতাম—*রাসা*)। { *স.* খলস্থান>}

খলেশ[খোলেশ্] *বি* খলিশা মাছ। { *স.* খলিশ/খলেশয়>}

খলখল [খল্খল্] *অব্য* জোরে হাসির শব্দ; উচ্চহাস্য ধ্বনি। { *ধ্বন্যা.*}

খল্ল[খল্লো] *বি* ১ ওষুধ মাড়ার খল। ২ চামড়া। ৩ গর্ত; খাত। { *স.* √খল্+ক্বিপ্>}

খল্লিকা [খোল্লিকা] *বি* পিঠে ভাজার খোলা। { *স.* খল্ল+ক(কন্)+আ(টাপ্)}

খল্লিট, খল্লীট[খোল্লিট্] *বিণ* মাথায় টাক পড়েছে এমন। { *স.* √স্খল্+ণিচ্+ত(ক্ত)>; *স.* খল্বাট>খল্লাট>}

খল্বাট[খল্বাট্] *বিণ* ১ টেকো। ২ টাকযুক্ত। ৩ কেশশূন্য। { *স.* খল্বাট}

খশ, খশখশ ⟹ খস১ এবং খসখস১

খস১, খস২ [খশ্] *অব্য* ১ শুষ্ক বস্ত্র বা পত্রাদির শব্দ। ২ পাখের কলম দ্বারা দ্রুত লেখার শব্দ। ৩ খসে পড়ার শব্দ। **খসখস১** *অব্য* ১ শুষ্ক কাপড়, গাছের পাতা প্রভৃতির ঘর্ষণের শব্দ। ২ পাখের কলম দ্বারা দ্রুত লিখবার শব্দ। **খসখসানি** *বি* শুষ্ক বস্ত্র বা পত্রাদির ঘর্ষণজনিত শব্দ। **খসখসে** *বিণ* ১ অমসৃণ; কর্কশ। ২ শুষ্ক। { *ধ্বন্যা.*}

খস২, খশ২ [খোশ্] *বি* ১ খোস; পাঁচড়া; চুলকানি। { *স.* খ+√সো+অ(অচ্)}

খসই *(ব্র.)* [খশোই] *অক্রি* খসে; স্খলিত হয়ে (খসই পড়ু পায়—*রঠা*)। { *স.* স্খলতি>(বর্ণাগমে, বর্ণবিপর্যয়ে ও বর্ণলোপে) খসতি>খসই}

খসখস১ ⟹ খস১

খসখস২ [খশ্খশ্] *বি* গন্ধতৃণবিশেষ; বেণার মূল; উশীর। { *ফা.* খস خس }

খসড়া [খশ্ড়া] *বি* ১ মুসাবিদা; নকশা; draft। ২ পাণ্ডুলিপি। ৩ দৈনিক সাধারণ হিসাব কিতাব। { *আ.* খুস্রাহ خصرة }

খসত *(ব্র.)* [খসত] *ক্রি* খুলে ও খসে যায়। ❑ *বিণ* স্খলিত। { *স.* স্খলতি/স্খলিত>}

খসম [খসম্] *বি* স্বামী; পতি (মা-বাপের পুছ্ না কইরে নিজে খসম লয়—*পুগী*)। { *আ.* খস্ম خصم }

খসয়ে [খশয়ে] *(ব্র.)* *ক্রি* খসে পড়ে; স্খলিত হয়ে পড়ে। { *স.* √স্খল্, *তুল.* *হি.* খস্না}

খসরু[খস্রু] *বি* বাদশাহ; রাজা। { *ফা.* খুস্রু خسرو }

খসল[খশল] *(ব্র.)* *ক্রি* স্খলিত হলো। { *স.* √স্খলতি>}

খসলত [খস্লত্] *বি* অভ্যাস; স্বভাব; বৈশিষ্ট্য (অন্য দেশকে তোমরা বুঝতে চাও না এই তোমাদের এক খসলত)। { *আ.* খস্লাত خصلت }

খসা [খশা] *ক্রি* ১ স্খলিত হওয়া; খুলে পড়ে যাওয়া। ২ বাঁধন শিথিল হয়ে পড়া; খুলে যাওয়া (কাপড় খসা)। ৩ ধসে যাওয়া (ইট খসা)। ৪ বের হওয়া; নির্গত হওয়া (মুখ থেকে কথা খসা)। ৫ খরচ হওয়া (এ ব্যাপারে গাঁট থেকে অনেক খসেছে)। ৬ দল ছেড়ে যাওয়া; সরে পড়া (খসে পড়া)। ৭ ঝরা (একটি ফুল খসে পড়ল)। ৮ মারা যাওয়া। ৯ উক্ত সকল অর্থে। ❑ *বিণ* বিচ্যুত; স্খলিত। **খসে পড়া** *ক্রি* পালিয়ে যাওয়া; সম্পর্ক না রাখা। { *স.* √স্খল্+*বা.* আ; আদিবর্ণলোপে}

খসাওল *(ব্র.)* [খশাওল্] *ক্রি* খুলে ফেলল। { *স.* √স্খল্>*বা.* √খসা>}

খসানো [খশানো] *ক্রি* ১ খুলে ফেলা; খসিয়ে ফেলা। ২ স্খলিত করা; বিচ্যুত করা। ৩ পৃথক করা; সরানো। ৪ খরচ করানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। { খসা+আনো}

খ-স্বস্তিক [খশোস্তিক্] *বি* আকাশস্থ মস্তকোপরি কল্পিত বিন্দু; খ-মধ্য; zenith। { *স.*}

খাই১ [খাই] *ক্রি* ১ ভক্ষণ করি; আহার করি। ❑ *বি* ভোজন (খাই-খরচ)। ~**কুঁড়** *বিণ* পেটুক; ঔদরিক। ~**কুড়ি** *স্ত্রী*। ~**খরচ, ~খরচা** *বি* খাওয়ার খরচ; খোরাকি (খাইখরচাও মকুব হয়ে যায়—*মব*)। ~**খাই** *বি* সর্বদা খাওয়ার জন্য আগ্রহ; খাওয়ার লালসা (যত আনি তত নাই না ঘুচিল খাই খাই—*ভারা*)। ২ খাকতি; চাহিদা। **খাইয়ে** *বিণ* ১ বেশি খেতে পারে এমন; পেটুক। ২ ভোজনরসিক। ৩ খাওয়াতে জানে এমন। { *স.* √খাদ্>*প্রা.* খা>*বা.* খা; *তুল.* *ফা.* খাঈদান خائيدن চর্বণ করা, দাঁত দিয়ে কামড়ানো}

খাই২ [খাই] *বি* ১ গর্ত। ২ পরিখা (গড়খাই)। ৩ গভীরতা (দশ হাত খাই)। { *স.* খাত>}

খাই৩ ⟹ খেই

খাই-খরচ ⟹ খাই

খাই-খালাসি[খাইখালাশি] *বিণ* জমির ফসল বা উপস্বত্ব থেকে ধারশোধের শর্তযুক্ত (খাইখালাসি দলিল)। ❑ *বি* জমির উপস্বত্ব খেয়ে ঋণমুক্তি; বিষয়ের আয়ে ঋণশোধ। {ফা. খাহি + খালাস্>? خواهی خلاص }

খাইদ ⟹ খাদ১

খাইয়ে ⟹ খাই১

খাইল ⟹ খালি১

খাইস ⟹ খায়েস

খাউকি, খাউকী [খাউকি] *বিণ* *স্ত্রী.* খেতে ওস্তাদ এমন;

ভোজন-পটু। তুল. বিপ. **নিখাউকি, নিখাকি।**
খাউকা, খাউকো পু.। {স. √খা>প্রা. খা>বা. খা}
খাউজ [খাউজ্] বি চুলকানি; খোস। {স. খর্জু}
খাউজানো, খাজুয়ানো [খাউজানো, খাজুয়ানো] ক্রি (অশি.) চুলকানো; কণ্ডূয়ন করা (নিয়ত করিলা সবে নিয়মে রহিলা তবে নক্ষে নক্ষে না খাজুয়া এ অঙ্গে -সৈসু)। **খাউজানি, খাজুয়ানি** বি। {স. খর্জন>খজ্জন> খাজন>খাজুয়ান> (অপিনিহিতির ফলে ধ্বনিসাম্যে)}
খাউনি, খাউনী [খাউনি] বিণ স্ত্রী. খেতে পটু। {খা+উনি}
খাওন [খায়োন্] বি ১ আহার; ভোজন। ২ খাদ্য; ভোজ্য (খাওন দাও)। {স. √খাদ্>প্রা. খা>বা. √খা+বা. ওন}
খাওন্দ [খাওন্দ্] বি মালিক; প্রভু; স্বামী। {ফা. খাৱিন্দ خاوند }
খাওয়া [খাওয়া] ক্রি ১ আহার করা; ভোজন করা। ২ পান করা; পানীয় গ্রহণ করা (চা খাওয়া)। ৩ দংশন করা (সাপে খায়)। ৪ সেবন করা (হাওয়া খাওয়া/নেওয়া)। ৫ ভোগ করা (মার খাওয়া)। ৬ অন্যায়ভাবে গ্রহণ করা (ঘুষ খাওয়া)। ৭ নষ্ট করা; বরখাস্ত করা (চাকরি খাওয়া)। ৮ খারাপ করা (মাথা খাওয়া)। ৯ দেওয়া (চুমু খাওয়া)। ☐ বি ভোজন। ☐ বিণ ১ ভক্ষিত। ২ উচ্ছিষ্ট। **–দাওয়া** বি আহারাদি ক্রিয়া; পানভোজন। ☐ ক্রি খাওয়া ও খাদ্য দান করা; খাওয়া ও খাওয়ানো। টাকা ~ ক্রি ঘুষ নেওয়া; অন্যায়ভাবে টাকা গ্রহণ করা। **নুন –, নিমক ~** ক্রি উপকার পাওয়া; উপকৃত হওয়া। **মিশ ~** ক্রি একীভূত হওয়া; মিলে যাওয়া। {স. √খা+বা. ওয়া}
খাওয়াছ, খাওয়াস [খাওয়াছ্, –স্] বি ১ বিশিষ্ট ব্যক্তিগণ (খাওয়াছ ভেজিয়া দেয় এস্তাদা করিতে— সৈহা)। ২ খাস খিদমতগারগণ; বিশেষ কর্মচারীবৃন্দ। ৩ ঘনিষ্ঠ বন্ধুগণ। {আ. খাৱাস্ خواص }
খাওয়ানো [খাওয়ানো] ক্রি ১ ভোজন বা পান করানো। ২ মজা দেখানো বা শাস্তি দেওয়া (মার খাওয়ানো)। {স. √খা+ণিচ্>বা. আনো}
খাঁ[১], খান[১] [খাঁ, খান্] বি পাঠানদের উপাধি; মুসলিমদের সম্মানসূচক উপাধিবিশেষ; সুলতান বা বাদশাহ কর্তৃক (হিন্দুকে) প্রদত্ত উপাধিবিশেষ (যশোরাজ খান, গুণরাজ খাঁ)। **~সাহেব, ~বাহাদুর** বি ইংরেজ আমলে সরকার কর্তৃক মুসলমানদের প্রদত্ত সম্মানসূচক উপাধি। {ফা. খাকান خاقان ; তু. কাকান}
খাঁ[২], খান[২] [খাঁ, খান্] বি অভিজ্ঞ; জ্ঞানী; পাঠক; –বিদ (মওলদ-খাঁ; ইংরেজি খাঁ=রাজ)। {ফা. খাঁ خوان }
খাঁই [খাঁই] বি ১ লোভ; আকাঙ্ক্ষা। বি ২ দাবি; চাহিদা; demand (আপোষে নারাজ নহে তবে খাঁই অনেক— মীম)। **~ করা** ক্রি দাবি করা বা আকাঙ্ক্ষা করা। **– – করা** ক্রি বেশি পাওয়ার আকাঙ্ক্ষা করা; পাওয়ার জন্য লালায়িত হওয়া। **~ মেটা** ক্রি লালসা পূর্ণ হওয়া; আকাঙ্ক্ষা পূরণ হওয়া। **খাঁও** (প্রাবা.) ক্রি খাঁই (তোর বাপর খাঁও না তোর রাজার বাপর খাঁও—মাগী)। {ফ. খাহিশ خواهش }
খাঁকতি, খাঁক্তি [খাঁকতি] বি ১ কমি; ঘাটতি; অভাব; অপ্রতুলতা; অনটন (অন্যান্য প্রকরণেরও কোনো খাঁকতি হল না—সৈমু)। ২ লোভ; খাঁই (দল ভাঙ্গা ও টাকার খাঁক্তিতে মনমরা হয়ে পড়বে—প্যামি)। {খাঁক (অভাব)+তি}
খাঁকার, খাঁকারি, খাঁখার, খাকার [খাঁকার, –রি, –খার, খা–] বি ১ গলা ঝাড়ার শব্দ; কৃত্রিম কাশি; নিজের আগমন বা অস্তিত্ব জানানোর জন্য শব্দ করা (সাধুর বেটী পাড়া পড়শী জাগাইল তিন খাঁকার গলা শানাইয়া; মায়ের দুয়ারে গিয়া ধাক্কা দিল—দমি)। ২ কলঙ্ক; দুর্নাম; অখ্যাতি (রাজবংশে রাখিলেক কুলের খাঁকার- দৌবা)। {স. ঝঙ্কার>; হি. খাঁখার>}
খাঁক্তি ⇒ খাঁকতি
খাঁখাঁ, খাখা, খাঁখা [খাঁখাঁ, খাখা, খাঁখা] অব্য ১ শূন্যতা প্রকাশ (তাহার জমি শ্মশানের ন্যায় খাঁখা করিতেছে— এআ)। ২ ব্যাকুল ভাব (মন খাঁ খাঁ করা)। {ধ্বন্যা.}
খাঁখার ⇒ খাঁকার
খাঁচ ⇒ খাঁজ
খাঁচা [খাঁচা] বি ১ পিঞ্জর (পাখির খাঁচা)। ২ পিঞ্জরের ন্যায় ঘর বা খোপ (মুরগির খাঁচা)। ৩ অস্থিপঞ্জর (বুকের খাঁচা)। ৪ খাদ্যদ্রব্য ঢেকে রাখার শলাকা-নির্মিত আবরণ বা ঢাকনি। ৫ কাঠামো। **~ছাড়া** বিণ পিঞ্জর-ত্যাগী (আমার প্রাণ যে খাঁচাছাড়া—অচিসে)। {স. কঞ্চিকা> খনচিআ>খাঁচা; ফা. খাঞ্চ خانچہ }
খাঁচি [খাঁচি] বি দেখতে খাঁচার ন্যায় এরূপ টুকরি; তরকারি ধোয়ার জন্য এক প্রকার টুকরি। {খাঁচা+হ্রস্বার্থে ই=খাঁচি}
খাঁজ, খাঁচ [খাঁজ্, –চ্] বি ১ রেখা। ২ ভাঁজ। ৩ ইষ্টকাদির জোড়ের মুখের ফাঁক। ৪ বের হয়ে থাকা অংশ। {স. খাদ>}
খাঁট [খাঁট্] বিণ শঠ; প্রতারক; দুষ্টপ্রকৃতি। {স. খণ্ড>খনট্>খাঁট}
খাঁটি[১], খাঁটী [খাঁটি] বিণ ১ নির্ভেজাল; বিশুদ্ধ (খাঁটি দুধ)। ২ অকৃত্রিম; অকপট (খাঁটি ভালোবাসা)। ৩ আসল; প্রকৃত (তোমার মনের খাঁটি ভাবটা কী?)। ৪ সত্যপরায়ণ; ন্যায়বান (খাঁটি লোক)। ৫ মূল্যবান; সারগর্ভ; সত্য (খাঁটি কথা)। {স. অখণ্ড>; হি. খড়া}
খাঁটি[২] [খাঁটি] বি চোয়ানো বা দেশি মদ (বেটা খাঁটির খদ্দের, শ্যাম্পেনের গুণাগুণ তুই কি জানিস—প্রচৌ)। {ই. country}
খাঁড় [খাঁড়্] বি শক্ত দানাদার গুড়; খণ্ড। {স. খণ্ড>খনড্>খাঁড়}
খাঁড়া [খাঁড়া] বি খড়্গ; খাণ্ডা (মরার পরে মারবে খাঁড়া—সদ)। **মরার উপর খাঁড়ার ঘা**—দুঃখের উপর আরো দুঃখ প্রদান। {স. খড়্গ>খনড্>খাঁড়া; প্রা. খণ্ড>}
খাঁড়াতি [খাঁড়াতি] বি যে খাঁড়া দিয়ে পশু বলি দেয়। {খাঁড়া+তি}
খাঁড়ি[১], খাড়ি [খাঁড়ি, খাড়ি] বি নদী সাগর বা খালের সংকীর্ণ অংশ বা শাখা; নদীর মোহনা; সাগর-সঙ্গম; যে সংকীর্ণ জলধারা স্থলভাগে প্রবেশ করেছে তা

(বিকেল বেলা নিভে যায় নদীর খাঁড়িতে—*জীদা*)। {খাল>খাইল> খালি>}

খাঁড়ি[২] [খাঁড়ি] *বিণ* গোটা; আস্ত; আভাঙা (খাঁড়ি মুসুরী — *বিব*)। { *স.* অখণ্ডিত>অখনড়ি>খনড়ি>খাঁড়ি, তুল. *হি.* খরি}

খাঁদা, খেঁদা [খাঁদা, খ্যাঁ-] *বিণ* ১ বোঁচা; থ্যাবড়া; চ্যাপটা (এ জন্যই চীনদেশে খাঁদা নাকের আদর—*বচ*)। ২ বোঁচা; থ্যাবড়া বা চ্যাপটা নাকবিশিষ্ট। *বিণ* **খাঁদি, খেঁদি** *স্ত্রী.*। **খাঁদা-বোচা** *বিণ* ১ নাক-মুখের রেখা সুস্পষ্ট বা তীক্ষ্ণ নয় এরূপ (খাঁদি বুঁচিরা রূপের রাজ্যে অপাঙক্তেয়)। ২ (*আল.*) নির্লজ্জ; নাক-কান-কাটা। { *স.* ক্ষুদ্র>}

খাক[১] [খাক] *বি* ১ মাটি; মৃত্তিকা (ভেঙে ফেলো, আজ খাকের মমতা—*ফআ*)। ২ ছাই; ভস্ম (সে জ্বলিয়া পুড়িয়া খাক হইতেছে—*মীম*)। ৩ ধুলা; বালি; ধুলামাটি (তাহাদেরি সেই খাকেতে খালেদ করিয়া তয়ম্মুম বাহিরিয়া এস—*নই*)। ৪ ধ্বংস; ভস্মাবশেষ (নীলকর বেটাদের জুলুমে মুলুক খাক হইয়া গেল—*প্যামি*)। ~ **হওয়া** *ক্রি* মাটি হওয়া; ভস্ম হওয়া; পুড়ে যাওয়া; ধ্বংস হওয়া (খাকী রঙে খাক হল দুই আঁখি—*সদ*)। { *ফা.* খাক خاک }

খাক[২] ⇒ খাগ

খাকছার, খাকসার [খাক্‌ছার, -সা-] *বি* ১ ধুলামাটি তুল্য দীন সেবক (এরাই মানবজাতির খাদেম, ইহারাই খাকসার—*নই*)। ২ আল্লামা মাশরেকি কর্তৃক প্রবর্তিত মুসলিম রাজনৈতিক দলবিশেষ। ☐ *বি,বিণ* অকিঞ্চন; অধম; বিনয়াবনত। { *ফা.* খাকসার خاکسار }

খাকড়ানো, খাঁকড়ানো [খাক্‌ড়ানো, খাঁ-] *ক্রি* ১ ঝিনুক দিয়ে কড়কড় বা খড় খড় করে দুধের বা তরকারির হাঁড়ি চাঁছা। ২ ইঙ্গিতপূর্ণ কণ্ঠধ্বনি করা। {খাঁকার+আনো}

খাকড়ি, খাঁকড়ি [খাক্‌ড়ি, খাঁ-] *বি* হাঁড়িতে লেগে থাকা দুধ ইত্যাদির প্রায় পুড়ে যাওয়া অংশ; দুধের চাঁচি। { *ফা.* খাক خاک + *বা.* ড়ি}

খাকতি, খাক্তি [খাক্‌তি] *বি* ন্যূনতা; অভাব; ঘাটতি (ঘরে কি আমাদের টাকার খাকতি পড়েছে?—*কাআউ*)। {খাঁকতি>}

খাকদর-খাক [খাক্‌দর্‌খাক] ১ *বিণ* অতি বিনীত; তুচ্ছাতিতুচ্ছ। { *ফা.* খাকদর-খাক خاک در خاک }

খাকসার ⇒ খাকছার

খাকান [খাকান] *বি* সম্রাট। { *তু.* খাকান خاقان }

খাকার ⇒ খাঁকার

খাকি[১], **খাকী** [খাকি] *বিণ* ঘোর বাদামি রঙের; মেটে রঙের; পাংশু বর্ণ; কপিশ বর্ণ। ☐ *বি* ১ খাকি রঙের জামা; সামরিক পোশাক বিশেষ (বুকের খাকী কখনও ভীত- সংকোচে আন্দোলিত হতে থাকে—*নই*)। ২ মাটি থেকে প্রস্তুত অর্থাৎ মানুষ (নূরীই হউক, খাকীই হউক সবারি ভাই এক স্বভাব—*গোমো*)। { *ফা.* খাকী خاکی }

খাকি[২], **খাগি** [খাকি, গি] *বিণ স্ত্রী.* (মেয়েলি ভাষায় অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে গালিরূপে ব্যবহৃত) খাদিকা; ভক্ষণকারিণী (চোখখাকি)। **গতর-** *বি* ১ অত্যন্ত অলস নারী। ২ দেহের অসুস্থতায় নড়াচড়া করতে অক্ষম স্ত্রীলোক। ৩ গালিবিশেষ। **চোখ-** *বিণ বি স্ত্রী.* চোখ খেয়েছে এমন; দৃষ্টিহীনা। **নি-** *বিণ স্ত্রী.* কিছু খায় না এমন। **ভাতার-** *বিণ* পতিহন্ত্রী; স্বামীর মৃত্যুর জন্য দায়ী; ভর্ৎসনাবিশেষ। **খেকো, খেগো** *পু.*। { *স.* খাদিকা> খাইকা>খাকি}

খাকিনী [খাকিনি] *বিণ স্ত্রী.* ১ ভক্ষণকারিণী। ২ (*আল.*) যে সমস্ত বস্তুকে ধুলায় পরিণত করে অর্থাৎ মাটি করে এমন; সর্বগ্রাসিনী (পাপিনী খাকিনী কাকে দয়া নাহি করে—*কাদো*)। { *ফা.* خاک খাক+*বা. স্ত্রী.* ইনী}

খাকী ⇒ খাকি

খাক্তি ⇒ খাকতি

খাগ, খাক[২] [খাগ্‌, -ক্‌] *বি* ১ নল; খাগ; শর (খাগের কলম বাগিয়ে হাতে—*সদ*; তাহাদের খাকের কলম—*বিব*)। ২ খাগের কলম; নল খাগড়ার কলম। { *স.* খড়্গ> খগ্‌গ>খাগ (খড়্গাকৃতি অর্থে)}

খাগড়া [খাগ্‌ড়া] *বি* ১ নলজাতীয় দীর্ঘ ঘাস বা শর (খাগড়ার কলম)। ২ মুর্শিদাবাদ জেলায় অবস্থিত কাঁসার জিনিসের জন্য প্রসিদ্ধ স্থানবিশেষ। ৩ চিনির সিরায় খই মিশিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। **~ই** *বিণ* খাগড়া নামক স্থানে প্রস্তুত (খাগড়াই বাসন)। { *স.* খড়্গ>খগড়>(বর্ণ বিপর্যয়ে) খাগড়া}

খাগি ⇒ খাকি

খাঙ্গরা ⇒ খ্যাংরা

খাচরা, খাচড়া, খ্যাচড়া [খাচ্‌রা,-ড়া, খ্যা-] *বিণ (অশি.)* খারাপ স্বভাবের লোক; দুষ্ট। { *স.* খচর>খচ্চর>খাচর+ আ}

খাচ্চোর [খাচ্‌চোর] *(অশি.)* ১ গালাগালি বিশেষ; তিরস্কারসূচক শব্দ। ২ চোর; শঠ; প্রতারক। ৩ দুষ্ট। { *স.* খাদ্য(?) অথবা ক্ষুদ্র(?)>+চোর}

খাজনা, খাজানা, খাযনা [খাজ্‌না, -জা-, -জ্‌-] *বি* ১ রাজস্ব; সরকার বা ভূম্যধিকারীকে দেয় কর বা শুল্ক; রাজস্ব; ভূমিকর (তাই সে যখন তলব করে খাজানা—*রঠা*)। ২ ধনাগার; খাজাঞ্চিখানা। **~-খানা** *বি* কোষাগার; খাজাঞ্চিখানা; খাজানা জমা রাখার স্থান (দক্ষিণমুখে বাহির হইবার মাত্রেই যে দ্বার পাইবা তাহার মধ্যে খাজানা-খানা—*রাম*)। { *আ.* খাজ্জানাহ خزانه }

খাজা[১], **খাজা** [খাজা] *বি* ১ প্রভু (খাজা! তোমার দরবারে মোর একটি শুধু আর্জী এই—*নই*)। ২ মুসলমানদের উপাধিবিশেষ (খাজা নাজিমুদ্দীন)। { *ফা.* খাজাহ خواجه }

খাজা[২] [খাজা] *বি* ময়দার তৈরি মিষ্টান্নবিশেষ। ☐ *বিণ* ১ কচকচে; খাস্তা (তাঁর বিধবা পিসীর জন্যে একটি খাজা কোয়াওলা কাঁটাল—*প্যামি*)। ২ (*আল.*) নিরেট মূর্খ; অপদার্থ; অত্যন্ত কাঁচা; নিতান্ত অনভিজ্ঞ (খাজা লোক)। { *স.* খাদ্য>*প্রা.* খজ্জ>খাজা}

খাজা খিজির ⇒ খিজির

খাজাঞ্চি, খাজাঞ্চী [খাজান্‌চি] *বি* ১ কোষাধ্যক্ষ; খাজনার বা রাজকরের অধ্যক্ষ; treasurer (খাজাঞ্চী

নিযুক্ত হৈলা বিবেচনা করি—*ভারা*)। ২ যে কর্মচারী মফস্বলের খাজনার চালান প্রভৃতি বুঝে নেয় এবং জমা-খরচের হিসাব রাখে। ~**খানা** *বি* ১ খাজাঞ্চির অফিস। ২ ধনাগার; কোষাগার; treasury। {*তু.* খজানচী خزانچی}

খাজানা ⇒ খাজনা

খাজারি [খাজারি] *বি* ইটের এক প্রকার গাঁথুনি; ইট খাড়াভাবে দাঁড় করিয়ে গাঁথুনি। {⇒ খাদরি}

খাজিক *বি* খই। {*আঞ্চ.*}

খাজুর ⇒ খেজুর

খাঞ্চা[১], **খান্‌চা** [খানচা] *বি* কাঠের বড়ো থালা; খঞ্চা; বারকোশ; tray (একটি বাঁদী নাশতার খাঞ্চা লইয়া আসিল—*কাই*)। {*ফা.* খ্বান্‌চহ্ خوانچه}

খাঞ্চা [খান্‌চা] *বি* খাঁচা; পিঞ্জর। {*তুল.* *ফা.* খাঞ্চা خوانچه *স.* কঞ্চিকা}

খাঞ্চাপোশ [খান্‌চাপোশ্] *বি* খাঞ্চা ঢাকার গিলাফ (খাঞ্চাপোশের প্রান্তে লালগোলাব—*ফঅা*)। {*ফা.* খাঞ্চা خوانچه + *ফা.* পোশ پوش}

খাঞ্জা খাঁ, খান্‌জা খাঁ [খান্‌জা খাঁ] *বি* ১ খান জাহান আলী খাঁ নামক দক্ষিণবঙ্গের নবাব (খানজা খাঁ শেষে ঘরে ফিরে গেলেন সোজাসুজি—*সদ*)। ২ (*ব্য.*) খান জাহান খানের মত দিল-দরিয়া ও নবাবি চালচলন বিশিষ্ট লোক (যেন নবাব খাঞ্জা খাঁ)।

খাট[১] ⇒ খাটো

খাট[২] [খাট্] *বি* পালঙ্ক; পর্যঙ্ক; খাটিয়া {*স.* খট্টা>}

খাটনি, খাটুনি, খাটুনী [খাট্‌নি, খাটুনি, -] *বি* ১ শ্রম; পরিশ্রম; মেহনত (হেই হেই পাটনি। রাত জাগা খাটুনী—*দমি*)। ২ প্রয়াস; চেষ্টা। **খাটুনে, খাটুন্তে, খাটুনিয়া** *বি* শ্রমিক; মজুর। ❑ *বিণ* পরিশ্রমী; খাটিয়ে। {√খাট্+উনি}

খাটলি, খাটুলি [খাট্‌লি, খাটুলি] *বি* ১ ক্ষুদ্র খাট। ২ মড়ার খাট। ~**তে চাপা** *ক্রি* মৃতদেহরূপে শেষকৃত্যের জন্য বাহিত হওয়া। {*স.* খট্টা+*বা.* অলি, উলি}

খাটা[১] [খাটা] *ক্রি* ১ শ্রম করা; পরিশ্রম করা; মেহনত করা (বাগানের কাজে খাটা)। ২ মানানো; উপযুক্ত বা সঙ্গত হওয়া (এ জামাটা ওর গায়ে খাটে না; কথাটা এখানে খাটে না)। ৩ কাজ করা (কামলা খাটছে)। ৪ স্থাপন করা (তাঁবু খাটানো)। ৫ নির্দিষ্ট কাজে নিয়োগ করা (ভাড়া খাটা)। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* খাটে এরূপ; খাটবার উপযুক্ত (খাটা দেহে খাটো ধুতি—লজ্জা কিবা তায়—*সদ*)। ~**খাটি** *বি* অনেক পরিশ্রম; বেশ পরিশ্রম। ~**নো** *ক্রি* ১ মেহনত বা পরিশ্রম করানো। ২ কাজ করানো (মজুর খাটানো)। ৩ নিয়োগ করা (লোক খাটানো)। ৪ প্রয়োগ, বিনিয়োগ বা ব্যবহার করা (বুদ্ধি খাটানো, টাকা খাটানো)। ৫ টাঙানো (মশারি খাটানো)। ৬ স্থাপন করা (তাঁবু খাটানো)। ❑ *বি*, *বিণ* উক্ত সকল অর্থে। ~**পায়খানা** *বি* যে পায়খানার মল পরিষ্কার করার জন্য মেথর খাটানো হয়; service latrine। **খাটুনে, খাটুন্তে** *বিণ* শ্রমশীল। **খেটে খুটে** *অক্রি* পরিশ্রম করে; কষ্ট করে। {*স.* কষ্ট>*প্রা.* কট্‌ঠ>খট্‌ঠ>*বা.* খাট্+আ}

খাটা[২] ⇒ খাট্টা

খাটাশ, খাটাস [খাটাশ্] *বি* ১ জন্তুবিশেষ, যা গায়ের গন্ধের জন্য বিখ্যাত; pole cat ২ নোংরা স্বভাব ব্যক্তির প্রতি প্রযুক্ত গালিবিশেষ। {*স.* খট্টাশ>}

খাটিয়া [খাটিয়া] *বি* ক্ষুদ্র খাট, সাধারণত যা দড়ি দিয়ে ছাওয়া হয় (বিছানা তাহার শূন্য পড়িয়া ভাঙা খাটিয়ার পরে—*জউ*) {*স.* খট্টিকা>খট্‌টিআ>খাটিয়া}

খাটিয়ে [খাটিয়ে] *বিণ* পরিশ্রম করে এমন; পরিশ্রমী। {*বা.* √খাট্+ইয়ে}

খাটো, খাট[১] [খাটো] *বিণ* ১ খর্ব; বেঁটে (খাটো লোক)। ২ হীন; তুচ্ছ (সে কিসে খাটো?)। ৩ মৃদু; অনুচ্চ; চাপা (খাটো সুর)। ৪ দুর্বল; ক্ষীণ (কানে খাটো)। ৫ ছোট (খাটো কাপড়)। ~ **কথা** *বি* তুচ্ছ কথা; সামান্য কথা; অনুচ্চ স্বরের কথা। ~ **করা** *ক্রি* ১ কমানো; ছোট করা। ২ হেয় করা; অপমানিত করা। ~ **দৃষ্টি**, ~ **নজর** *বি* ১ দূরে দেখার অক্ষমতা; short sight। ২ ছোট নজর। ৩ কৃপণতা; বখিলি। ~ **হওয়া** *ক্রি* হীন হওয়া। {*স.* খর্ব; *স.* √খট্ট>}

খাট্টা, খাটা [খাট্‌টা, খাটা] *বি*, *বিণ* অম্ল; অম্বল; টক। ~**মিঠা** *বিণ* অম্লমধুর (খাটা মিঠা আচার)। **মন ~ করে দেওয়া** *ক্রি* **মন** বিরূপ করে দেওয়া; মেজাজ খারাপ করে দেওয়া (গফুরের মেজাজটা খাট্টা হয়ে গেল—*শাহ*)। {*হি* খট্টা}

খাড়ব [খাড়োব্] *বি* যে সমস্ত রাগরাগিণীতে ছয়টি সুরের ব্যবহার হয়; ছয়টি সুর ব্যবহার করে গাইবার রাগ (পাঁচ সুরে ঔড়ব, ছয় সুরে খাড়ব)। {*স.* খাড়ব}

খাড়া[১] [খাড়া] *বিণ* ১ সোজা; সিধা; স্থির (খাড়া দাঁড়িয়ে রইলো—*অঠা*)। ২ সতর্ক (তখন আপনি কান খাড়া করেন—*ওহ*)। ৩ দণ্ডায়মান। ৪ পুরোপুরি বা একটানা (খাড়া এক ঘণ্টা)। ৫ লম্বরূপে অবস্থিত; সটান উঠে যাওয়া; খাঁজ না থাকায় আরোহণ সুকঠিন; steep (খাড়া পাহাড়)। ৬ অবশ্য প্রতিপাল্য (খাড়া হুকুম)। ❑ *ক্রি* সাজানো (মকদ্দমা খাড়া করা)। ~**ই** *বি* লম্বা অবস্থায় মাপ; উচ্চতা। ~-**খাড়া**, ~**ক্‌খাড়া** *ক্রিবিণ* ১ দাঁড়িয়ে দাঁড়িয়ে। ২ শীঘ্র; তাড়াতাড়ি; দেখতে না দেখতে। ~ **পাহারা** *বি* কড়া পাহারা; সতর্ক প্রহরা (রাজা সারারাত খাড়া পাহারা হুকুম দিলেন—*দমি*)। ~**ফসল** *বি* জমির পাকা ফসল যা এখনও কাটা হয়নি; standing crop। ~ **হুন্ডি** *বি* যে হুন্ডি উপস্থিত করলেই টাকা দিতে হয়, দর্শনমাত্র বা তৎক্ষণাৎ পরিশোধ্য ঋণশোধের প্রতিশ্রুতি-পত্র। {*স.* খড়ক>}

খাড়া[২] [খাড়া] *বি* সজিনা ইত্যাদির ডাঁটা। ~ **বড়ি থোড়, থোড় বড়ি ~** *বি* ১ দৈনন্দিন খাদ্য তালিকার একঘেয়েমি। ২ (*আল.*) বৈচিত্র্যশূন্যতা। ❑ *বিণ* একঘেয়ে; পূর্বাপর এক প্রকার। {*স.* খণ্ড>খাড়+আ}

খাড়া[৩] [খাড়া] *বি* বাজ; ঠাটা (সন্ন্যাসীর কথা শুনে শিরে

পড়ে খাড়া—*মৈগী*)।–জিলিক, –ঝিলিক *বি* বিদ্যুতের তীব্র ঝলক; চক্ষু-ঝলসানো বিদ্যুচ্চমক। ~**দজ্জাল, খরদজ্জাল, খরদর্জাল** *বি* ১ প্রবল অত্যাচারী। ২ ভয়ানক ধরনের উৎপীড়ক। ▯*বি* দজ্জালের বাহন গর্দভ। {*আ.* খর خر + দজ্জাল دجال }

খাড়ি ⇒ খাঁড়ি²

খাড়ু, খাড়ুয়া¹, খারুয়া¹ [খাড়ু, -য়া, খারুয়া] *বি* ১ হাত বা পায়ের অলঙ্কারবিশেষ; বাঁক মল (দুই পায়েতে কাঁসার খাড়ু বাজছে ঘুরি ঘুরি—*জউ*; নাকের নথ দিবাম তবে পায়ের গোল খারুয়া—*পূগী*)। ২ হাতের অলঙ্কারবিশেষ (সবে মাত্র দুই গাছা খাড়ু ছিল হাতে—*ঈগু*)। {*হি.* খড়ুআ}

খাণ্ডব [খান্‌ডব্/-ডেব্] *বিণ* খণ্ড থেকে জাত। ▯*বি* মহাভারতে বর্ণিত যমুনা-তীরে বর্তমান দিল্লির নিকটস্থ বনবিশেষ। ~**দাহ, ~দাহন** *বি* ১ অগ্নিকে সন্তুষ্ট করার জন্য কৃষ্ণ ও অর্জুন কর্তৃক জীবজন্তুসহ খাণ্ডব বন দাহন ঘটনা (তাণ্ডব আজ পাণ্ডব সম খাণ্ডব দাহ চাই—*নই*)। ২ ভীষণ অগ্নিকাণ্ড। ~**প্রস্থ** *বি* ইন্দ্রপ্রস্থ; উক্ত স্থানের আধুনিক নাম দিল্লি। **খাণ্ডবানল** *বি* ১ যে আগুনে খাণ্ডব বন দগ্ধ হয়েছিল। ২ ভীষণ অগ্নিকাণ্ড। {*স.* খণ্ড+ অ(অণ্)}

খাণ্ডা (*মব্য.*) [খান্‌ডা] *বি* ১ খড়্গ; খাঁড়া (জুলফেকার খান্ডা নিল কোমরে বান্দিয়া—*হেমা*)। ২ টুকরা (মাছের খাণ্ডা)। {*স.* খণ্ড+ *বা.* আ; *স.* খড়্গ>*প্রা.* খগ্গ>}

খাণ্ডার [খান্‌ডার্] *বিণ* ১ কলহে ভীষণ; ভয়ঙ্কর কুঁদুলে। ২ প্রচণ্ড; উগ্রস্বভাবা (সুড় সুড় করে ছোকরা চলে গেল সেই খাণ্ডার বউয়ের পিছনে—*সৈমু*)। **খাণ্ডারনি, খাণ্ডারী** *বিণ স্ত্রী.*। {*স.* খণ্ড+ *বা.* আর}

খাণ্ডিক [খান্‌ডিক্] *বি* ময়রা। {*স.* খণ্ড+ইক(ঠঞ্)}

খাত [খাত্] *বি* ১ গর্ত; খাই; খনিত স্থান। ২ খাঁড়ি। ৩ খনি। ৪ পুকুর; খানা। ৫ পরিখা; গড়খাই। ▯*বিণ* খনন করা হয়েছে এমন; খনিত। {*স.* √খন্+ত(ক্ত)}

খাতক¹ [খাতোক্] *বি, বিণ* ১ ঋণী; অধমর্ণ; দেনাদার। ২ যে মহাজনের নিকট থেকে টাকা কর্জ করেছে। **খাতাক, খাতকি** *বিণ* ঋণদান সম্বন্ধীয়; তেজারতি। **খাতকি কারবার** *বি* লগ্নি কারবার; মহাজনি ব্যবসা; সুদের ব্যবসা। {*স.* খাত> √খাতি+অক(ণ্বুল্)>}

খাতক² [খাতোক্] ১ *বি* গর্ত; পরিখা; খাত। {*স.* খাত+ক}

খাতা¹ [খাতা] *বি* ১ একত্র বাঁধা পত্রাদি। ২ হিসাবের বহি। ৩ দল; ঝাঁক (খাতায় খাতায় পাখি পড়ছে)। ~**খোলা** *ক্রি* লেনদেন আরম্ভ করা। ~**পত্র** *বি* বিভিন্ন বিষয়ের খাতা; হিসাবপত্র। ~**বন্দী** *বি* ১ খাতা অনুসারে কর নির্ধারণ প্রণালি। ২ খাতায় লিখিত; খাতায় নির্দিষ্ট। ~ **লেখা** *ক্রি* দৈনিক আয়-ব্যয় বা কেনা-বেচার বিবরণ খাতায় লিপিবদ্ধ করা। **হাল-** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানসমূহে হিসাব ইত্যাদি শুরু করার জন্য (বাংলা বৎসরের প্রথম দিনে) নতুন খাতা খোলার অনুষ্ঠান। {*আ.* খত্ خط *ফা.* খাতা خاتا }

খাতা² [খাতা] *বি* দোষ; ত্রুটি; অপরাধ; ভুল (গুনা খাতা; কোন বাতে খাতা নাহি পায়—*সৈহা*)। {*আ.* খত়া' خطاء }

খাতাঞ্জি, খাতাঞ্চী [খাতান্‌জি] *বি* ১ খাজাঞ্চি; কোষাধ্যক্ষ, ধনরক্ষক; treasurer; cashier (বুড়া খাতাঞ্জি একটা লোহার শিক বসানো খাঁচার মত ঘরে অন্ধকারের মধ্যে বসিয়া থাকে—*বিব*; বাবু উকিল সাহেবদের আফিসে খাতাঞ্চী—*প্যামি*)। ২ খাজনার জিম্মাদার। {*আ.* খাজান خاجان + *ফা.* চী چی }

খাতাল [খাতাল্] *বিণ* ঝগড়াটে; দুষ্ট; বহুভাষী (এটি বড় খাতাল মেয়ে)। {*আ.* খত্তাল خطال }

খাতিমা বিল খয়র [খাতিমাবিল্‌খয়র্] *বি* শুভসমাপ্তি; শুভ পরিণাম। {*আ.* খাতিমাহ خاتمه *আ.* বিল-খায়ির بالخير }

খাতির, খাতের [খাতির্,-তের্] *বি* ১ কারণ; নিমিত্ত; জন্য (দুধ নাহি খায় লাড়কা কিসের খাতির—*সৈহা*; সত্যের খাতিরে একথাও স্বীকার করতে হয়—*প্রেমি*)। ২ সমাদর; যত্ন; কদর (নজাদিকে বসায় তারে করিয়া খাতির—*সৈহা*)। ৩ সৌহার্দ্য বা প্রীতিপূর্ণ সম্পর্ক (আমার সঙ্গে খাতির জমেছে কলকাতা থেকেই—*মব*)। ৪ অন্তঃকরণ; মন। ৫ প্রতি; নিকট; কাছে (পুছিতে লাগিল বাত দোহার খাতের—*সৈহা*)। ৬ প্রভাব; দৌলত (টাকার খাতিরেই অনেক ফেরফোর হয়—*প্যামি*)। **খাতিরে** *ক্রিবিণ* সম্মানার্থ; সম্মানহেতু (আপনার খাতিরে তাকে মাফ করলাম)। ~**জমা** *ক্রিবিণ* নিশ্চিন্তে; নিরুদ্বেগে (যান, খাতিরজমা থাকুন গিয়া কিছুই হইব না—*আমআ*; চলিল খাতেরজমা ডর নাহি আর—*সৈহা*)। ~ **তোয়াজ, ~ তোয়ায** *বি* সম্প্রীতি ও শিষ্টতা। ~**দারি** *বি* সমাদর; আপ্যায়ন (খেলাত দিয়া খাতিরদারিতে সে দিবস বাসায় বিদায় করিল—*রাম*)। করিল খাতেরদারি তাহা সবাকার—*সৈহা*)। ~ **নদারত, ~ নাদারদ** *বিণ* ১ কাউকে খাতির করে চলে না এমন (বিবিজানের সঙ্গে একত্রে বসেই চলেছেন খাতির নদারৎ—*প্যামি*)। ২ স্পষ্টবক্তা; নিরপেক্ষ সমালোচক। {*আ.* خاطر খাত়ির}

খাতুন [খাতুন্] *বি* ১ মহিলা (কোন্ খাতুনের মুখসরোজ তোর হিয়ার সরসীতে—*নই*)। ২ গৃহিণী। ৩ মুসলিম মহিলাদের নামের শেষে ব্যবহৃত উপাধি। **খাতুনে-জান্নাত** *বি* বেহেশতের রানী; হজরত ফাতিমা। {*তু.* খাতুন خاتون }

খাদ¹, খাইদ [খাদ্, খাইদ্] *বি* ১ সোনারুপার সহিত মিশ্রিত নিকৃষ্ট ধাতু; পান; alloy। ২ ভেজাল (মরণে পুড়েছে খাদ আছে শুধু হেম—*সদ*)। {*স.* ক্ষয়দ>খয়দ> খঅদ>খাদ, খাইদ; *স.* খাদক>}

খাদ² [খাদ্] *বি* ১ গর্ত; খাই; গহ্বর। ২ খাত; গভীর উপত্যকাভূমি (ওরা যেন মস্ত একটা খাড়া পাহাড়ের খাদ বেয়ে চলেছে—*নই*)। ৩ খানা; ডোবা; খাদের পারে জলাভূমি—*কাআউ*)। ৪ পরিখা; গড়খাই। ৫ খনিত স্থান। ৬ খনি। ৭ গভীরতা। ৮ (*সন্*) উদারার সুর;

নিম্নসুর। { স. খাত> }

খাদক [খাদোক্] *বি* ১ খাদ্য খায় এমন; ভক্ষক (নরখাদক বাঘ)। ২ পণ্য প্রভৃতির ব্যবহারকারী বা ক্রেতা; consumer। ৩ অধমর্ণ; ঋণী। □*বিণ স্ত্রী.* খাদিকা। { স. √খাদ্+অক(ণ্বুল্) }

খাদন [খাদোন্] *বি* ১ আহার; ভোজন। ২ পণ্যাদির ভোগ; কাটতি। { স. √খাদ্+অন(ল্যুট্) }

খাদরি [খাদ্রি] *বি* ইটের গাঁথুনি বা সাজানোর রীতিবিশেষ। ইট শায়িতভাবে না পেতে প্রস্থের দিকে খাড়া রেখে কোনাকুনিভাবে পরপর সাজানো গাঁথুনি; খাজারি গাঁথুনি (একটা ফটকের মাঝ দিয়ে ইটের খাদরি করা চওড়া একটা রাস্তা—*অঠা*)। { খাদ+রি }

খাদা[১], **খান্দা** [খাদা, খান্দা] *বি* ১ জমির পরিমাণবিশেষ; ষোলো বিঘা (তালুকদার সাহেবের খামারের তিন খাদা জমি—*নর*; দশ খান্দা জমি রূপার—*জউ*)। ২ গর্ত; খাদ। { আ. খদ্দ خد }

খাদা[২] [খাদা] *বি* ১ পাথর বা কাষ্ঠনির্মিত গামলা জাতীয় পাত্র। { কদহ্ قدح }

খাদাড়ি [খাদাড়ি] *বি* লবণ প্রস্তুত করার কারখানা; খালাড়ি; খালারি। { ফা. খাল্‌রী خالری }

খাদাবাড়ি [খাদাবাড়ি] *বি* বসতবাড়ি; খানাবাড়ি (এটা কলুর বাড়ি কি গয়লাবাড়ি কিম্বা পুলিশের খাদাবাড়ি তা বোঝা যাচ্ছে না—*অঠা*)। { খাদা+বাড়ি }

খাদি[১] ⇒ খদ্দর

খাদি[২] [খাদি] *বিণ* ভক্ষক; খাদক (নরখাদি)। { স. √খাদ্+*বা.* ই }

খাদিত [খাদিতো] *বিণ* খাওয়া হয়েছে এমন; ভক্ষিত। **খাদিতা** *স্ত্রী.*। { স. √খাদ্+ত(ক্ত) }

খাদিম ⇒ খাদেম

খাদির [খাদির্] *বিণ* ১ খদির সংক্রান্ত। ২ খদির কাষ্ঠনির্মিত। □*বি* খয়ের। { স. খদির + অ(অণ্) }

খাদুন [খাদুন্] *বি* মাছ ধরার যন্ত্রবিশেষ (মাছ ধরিবার লাগি, সাঁঝের বেলায় খাদুন দোহার গেছে তারা পেতে রাখি—*বআমি*)। { স. √খাদ্+*বা.* উন }

খাদেম, খাদিম [খাদেম, –দি–] *বি* ১ যে খেদমত করে; সেবক; ভৃত্য (খাদেম গোরদায় ঠেস দিয়া দোকানে বসিল—*নর*)। ২ সেবাইত (দরগার খাদেম)। ৩ চিঠিপত্রের শেষে অনেক সময়ে বিনয় প্রকাশার্থ নামের পূর্বে খাদেম লেখা হয়। **–দার** *বি* খাদ্য পরিবেশক। **–দারি** *বি* খাদ্য পরিবেশন। **খাদেমা, খাদিমা** *বি* ১ সেবিকা; পরিচারিকা। ২ উপপত্নী। { আ. খাদিম خادم }

খাদ্য [খাদ্‌দো] *বি* ১ আহার্য বস্তু; ভোজ্য দ্রব্য; খাবার। □*বিণ* খাওয়ার যোগ্য; ভক্ষ্য। **–খাদক সম্বন্ধ**—একে অপরের ক্ষতিমূলক অপকার করতে চায় এরূপ সম্পর্ক; প্রবল বৈরীভাব। **–নালি** *বি* যে অন্ত্রপথে খাদ্যদ্রব্য পরিপাকের জন্য পরিবাহিত হয়; food canal। **–প্রাণ** *বি* খাদ্যবস্তুতে বিদ্যমান পদার্থ যা জীবনীশক্তি বর্ধন করে; vitamin। **–শস্য** *বি* খাওয়ার ফসল প্রভৃতি; কৃষিজাত আহার্য দ্রব্যাদি; অন্নজ; food grain। **খাদ্যাখাদ্য** *বি* খাওয়ার যোগ্য বা অযোগ্য বস্তু। { স. √খাদ্+য(ণ্যৎ); খাদ্য+অখাদ্য; দ্বন্দ্ব. }

খাদ্যাভাব [খাদ্‌দাভাব্] *বি* দুর্ভিক্ষ। { স. খাদ্য+অভাব; ৬তৎ }

খান[১] [খান্] *বি* স্থান (এখানে সেখানে)। **খানে খানে** *ক্রিবিণ* স্থানে স্থানে; বিভিন্ন স্থানে। { স. স্থান>থান (আদ্যবর্ণলোপে)>খান (থ>খ) }

খান[২], **খানা** [খান্, খানা] *বিণ* ১ টুকরা; খণ্ড (একখানা কাপড়; একখানা দিলে—*রঠা*)। ২ সংখ্যা (তিনখান কাপড়)। **খানখান** *অব্য* টুকরা টুকরা; খণ্ড খণ্ড (পেয়ালাটো ভাঙিয়া খান খান হইল)। { স. খণ্ড> }

খান[৩] ⇒ খাঁ

খানকা, খানকাহ [খান্‌কা, খান্‌কাহ্] *বি* ১ বৈঠকখানা (পুরানো সেই খানকা এখন মলিন মুখে কাটায় দিন—*গোমো*)। ২ পীরের আস্তানা (পরিবাগের খানকা শরিফ)। { ফা. খানগাহ্ خانگاه ; ফা. খানকাহ خانقاه }

খানকাহ ⇒ খানকা[১]

খানকি, খানকী [খান্‌কি] *বি (অশি.)* বারাঙ্গনা; বেশ্যা। **–খোর** *বিণ* বেশ্যায় আসক্ত। ২ বেশ্যার হাবভাব বা আচরণ। **–পনা** *বি* বেশ্যার হাবভাব; বেশ্যার ন্যায় আচরণ। **–বাজ** *বিণ* বেশ্যাসক্ত; লম্পট। **খানকিবাজি** *বি*। { ফা. খানগী خانگی }

খানখানান [খান্‌খানান্] *বি* ১ উচ্চ উপাধিবিশেষ। ২ মহাসম্মানিত; সম্মানিতদের ভিতরে শ্রেষ্ঠ (সিপাহ্‌সালার খানখানান মহব্বৎ জং—*রাব*)। { ফ. খান খানান خان خانان }

খানচা ⇒ খাঞ্চা

খানদান, খান্দান [খান্‌দান্] *বি* ১ বংশ (তাইমুর খান্দানের এ অবমাননা একেবারেই অসহ্য—*ইহো*; আমাদের খানদানে ধরগে তোমার কেউ কোনকালে চাকরী কল্লে না—*কাই*)। ২ উচ্চবংশ। ৩ বংশধর (হাতেম তাইয়ের হে খান্দান—*সদ*)। ৪ তরিকা; সাধনপথ (হানাফী মোযহাব ধরে চিস্তি খান্দান—*দৌবা*)। { ফা. খানদান خاندان }

খানদানি, খানদানী, খান্দানি [খান্‌দানি] *বিণ* ১ বংশমর্যাদাযুক্ত; বংশগৌরববিশিষ্ট (আরবের যত খান্দানী ঘরে—*নই*)। ২ অভিজাত; উচ্চবংশীয় (তিনি খানদানী মনিষ্যি—*রাব*)। □*বিণ, বি* বংশ; বংশধর (বাবর শাহের খান্দানীরা আজকে শুনি রেঙ্গুনে দপ্তরী—*সদ*)। { ফা. খানদান+*বা.* ই }

খান বাহাদুর ⇒ খাঁ

খানম, খানুম [খানোম্, –নু–] *বি স্ত্রী.* ১ খানের স্ত্রী; খানপত্নী। ২ মহিলা। ৩ উচ্চ পদমর্যাদাসম্পন্ন মহিলা (বিবি খানমের মূর্তিটী বিশ্বপ্রহ্লাদিনী উষার ন্যায় মনোহারিণী—*ইহো*)। □*বি* মুসলিম মহিলাদের নামের শেষে ব্যবহারের পদবি। { তু. খানুম, খানম خانم }

খানসামা [খান্‌শামা] *বি* আহার পরিবেশনকারী ভৃত্য; পরিচারকবিশেষ (তার পূর্বে আমার খানসামা একবাটি ঘন দুধের চা নিয়ে এলে ভাল হয়—*অঠা*; হাকিম সাহেবের প্রিয় খানসামা রামহরি ... হাজির হইল ... —*মীম*)। **–গিরি** *বি* খানসামার পদ বা কার্য। { ফা. খানসামান خانسامان }

খান সাহেব ⇒ খাঁ

খানা[1] [খানা] *বি* গর্ত; গহ্বর; খাই; খাত (ঘোড়ার পা খানায় পড়ে)। {*পো.* cana}

খানা[2] [খানা] *বি* গৃহ; স্থান; কক্ষ (গরিবখানা)। **–তল্লাশ, –তল্লাশি** *বি* গৃহে অনুসন্ধান; বাসস্থানে বিশেষ অনুসন্ধান, search। **–পুরী** *বি* ১ ঘরকাটা কাগজের বিভিন্ন ঘরে প্রজার জমি ইত্যাদি সম্বন্ধে বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করণ। ২ ফর্মের ঘর পূরণ। **–বাড়ি** *বি* ১ বসতবাড়ি। ২ জমিদার বাড়ির ভৃত্যাদির বাড়ি ও জমি। **–শুমারি** *বি* ১ বাড়ি-গণনা। ২ আদমশুমারি; census। {*ফা.* খানাহ্ خانه }

খানা[3] [খানা] *বি* খাদ্য; আহার (আজ কিরূপ খানা প্রস্তুত করিতে হইবে?—*রঠা*)। ২ মুসলমানি বা বিলাতি ধরনের খাদ্য (সাহেবের মেজের সজ্জা এবং খানা ও টিফিন খাওয়া দেখিয়া …—ভব)। ৩ বৃহৎ ভোজ (হাজার লোকের খানা করা হইয়াছিল)। **–ঘর** *বি* খাওয়ার ঘর; ভোজন কক্ষ; dining-hall বা room (খানাঘরে গিয়ে ফরমায়েস করি ভাত খাওয়াতে হবে কিন্তু—*মব*)। **–দানা, –পিনা** *বি* পান ভোজন, খাওয়া-দাওয়া (খানাদানা না হলে বাড়ী সরগরম হয় না—*ওয়ালি*; সাত রোজ মোর ঘরে খানাপিনা নাই—*ভারা*)। {*হি.* খানা}

খানা, খানি [খানা, খানি] *অব্য* ১ খান; খণ্ড; টুকরা। ২ বস্তু বা বিষয় নির্দেশক (কাপড়খানা, গাড়িখানা)। ৩ সংখ্যা পরিমাণ; সংখ্যা মাত্র (দুইখানা বই)। {*স.* খণ্ড>}

খানাখন্দ [খানাখন্‌দো] *বি* গর্ত; খাদ; ডোবা (খানাখন্দ ভরাট করছে—*মব*)। **–ল** *বি* গর্তাদি। {পো cana+*আ.* খন্‌দক خندق }

খানাজাদ ⇒ খানেজাদ

খানাপুরী ⇒ খানা[2]

খানি [খানি] অব্য [খানা+আদরার্থে ই=খানি]। ⇒ খানা।

খানিক [খানিক্] *ক্রিবিণ* ১ ক্ষণেক; অল্প সময়; কিছুক্ষণ। □ *বিণ* অল্প; কিছু; একটু; কতক। **–টা** *ক্রিবিণ* কিছু; কিঞ্চিৎ। {*স.* ক্ষণেক>}

খানিকক্ষণ [খানিক্‌খন্] *বি* কিছু সময় (খানিকক্ষণ দিগন্তে তাকিয়ে…—*রথী*)। {*স.* খণ্ড>*বা.* খানিক+*স.* ক্ষণ}

খানুম ⇒ খানম

খানেক [খানেক্] *বিণ* প্রায় এক; একের সামান্য কম বেশি (মাইল খানেক)। {*স.* খণ্ড>*বা.* খান+*স.* এক}

খানে কাবা [খানেকাবা] *বি* কাবাগৃহ (মুক্তি এনেছি খানে কাবার—*গোমো*)। {*ফা.* খানা-ই- خانه -*আ.* কা'বাহ্ كعبه }

খানে খারাব, খানে খারাপ [খানেখারাব্, -প্] *বিণ* ১ ধ্বংস; নিপাত; উৎসন্ন। ২ একশেষ; নাকাল; হয়রান (খানার পোশাকের কায়দা-কানুন রপ্ত করতে নাস্তানাবুদ খানে খারাপ হতে হয়—*প্রচৌ*)। **খানে খারাবি, খানে খারাপি** *বি*। **খানে খারাবে, খানে খারাপে** *বিণ* সর্বনেশে। {*ফা.* খান ই خانه +*আ.* খরাব خراب }

খানেজাদ, খানাজাদ [খানেজাদ, -না-] *বিণ* ১ গৃহে জাত; বাড়িতে জন্মগ্রহণ করেছে এরূপ (আমি আপনার খানেজাদ গোলাম—*মীম*)। ২ ঘরোয়া। □ *বি* বান্দা; ভৃত্য; চাকর-নফর; বাঁদির বাচ্চা (আলাওল মল্ল ঢালী চেলা খানেজাদ—*ভারা*)। {*ফা.* খানহ্‌জাদ خانه زاد }

খান্দা ⇒ খন্দা[1]

খান্দান ⇒ খানদান

খান্দানি ⇒ খানদানি

খান্নাস, খন্নাস [খান্‌নাশ্, খ-] *বি* শয়তান (খান্নাসের অশুভ মন্ত্র দিয়ে বনি আদমেরে ফেলে মৃত্যুর ফাঁদে—*তাহো*)। {*আ.* খন্নাস خناس }

খাপ [খাপ্] *বি* ১ অসিকোষ; অস্ত্রাধার (তলোয়ার রেখে খাপে এরা রণজয়ী হবে দন্তবিহীন বৈদান্তিকী হলে—*নই*)। ২ আবরণ; কোষ (চশমার খাপ)। ৩ বস্ত্রাদির ঠাস বা ঘন বুনন। ৪ মিল; সামঞ্জস্য; সঙ্গতি (খাপ খাওয়া)। ৫ ওত; গোপনে প্রতীক্ষা (খাপ পাতিয়া থাকা)। ৬ খাঁজ। **–খাওয়া** *ক্রি* ১ মিল হওয়া; সামঞ্জস্য হওয়া। ২ যোগ্য বা উপযোগী হওয়া; match। **–খাওয়ানো** *ক্রি* মিল খাওয়ানো; সামঞ্জস্য বিধান করা। **–খোলা** *বিণ* খাপ থেকে মুক্ত (খাপ-খোলা তলোয়ার)। **–খোলা তলোয়ার** *বি (আল.)* সদা প্রস্তুত সাহসী বীরপুরুষ। **–ছাড়া** *বিণ* ১ বেমানান। ২ সামঞ্জস্যবিহীন; অসংলগ্ন; অসম্বদ্ধ; অপ্রাসঙ্গিক। ৩ অদ্ভুত; উদ্ভট। **–পাতা** *ক্রি* শিকার ধরার জন্য ওত পেতে বসা (রইলো শেষে খাপ পাতিয়া সুযোগ নাকি পাই—*রই*)। **খাপা** *ক্রি* ১ খাপ খাওয়া; মিলে যাওয়া; মানানসই হওয়া। ২ খেপে যাওয়া; ছোট হয়ে যাওয়া। **খাপানো** *ক্রি* ১ খাপ খাওয়ানো; মানানো। ২ খাপি করা। **খাপি, খাপী** *বিণ* ১ ঠাস বুননের; ঘন জমিন বিশিষ্ট (কাজের টানাপোড়েনে জীবন যত খাপি করেই বোনা হোক না কেন—*প্রেমি*)। ২ মোটা; পুরু। **খাপে খাপে বসা** *ক্রি* খাঁজে খাঁজে বসা। {*ফা.* খাম خم }

খাপচি [খাপ্‌চি] *বি* ১ খামচি। ২ চিমটি। ৩ অল্প পরিমাণ; খাবলা (এক খাপচি তেল মাথায় দিল)। {খাপ+চি}

খাপর [খাপোর্] *বি* ভিক্ষাপাত্র (হাতেতে খাপর, মাগি এই বর, আর কিছু নাহি দিক—*সৈআ*)। {*স.* খর্পর>*প্রা.* খপ্‌পর>(ক্ষতিপূরণে)খাপর}

খাপরা, খাবরা, খপরা [খাপ্‌রা, -ব্-, খপ্‌রা] *বি* ১ কলসি হাঁড়ি প্রভৃতির ভাঙা অংশ বা টুকরা। ২ খোলা; ঘর ছাওয়ার টালি (সামনের ওই খাপরা-ছাওয়া বস্তিখানার চালে—*সুদ*)। ৩ মাটি বা পাথরের পাত্রবিশেষ (চিরটা কাল আগুনের খাপরা বুকে নিয়ে কাল কাটাতে হবে—*নই*)। {*স.* খর্পর+*বা.* আ}

খাপরেল [খাপ্‌রেল্] *বি* ১ খোলার ছাউনি দেওয়া ঘর। ২ ঘর ছাওয়ার জন্য ব্যবহৃত খোলা। {*স.* খর্পর; *হি.* খপরৈল}

খাপসুরৎ ⇒ খুবসুরত

খাপা[1] ⇒ খাপ

খাপা[2], **খাপ্পা** [খাপা, খাপ্‌পা] *বিণ* ক্রুদ্ধ; ক্ষিপ্ত (ক্রুদ্ধ মূর্তি দেখিয়া শৈলেন অত্যন্ত খাপা হইয়া উঠিল—*রঠা*; তিনি বিনা কারণে যখন তখন খাপ্পা হইয়া উঠিতেন—*সুরা*; বাকিটুকু না শুনলে খাপ্পা হবে ধরমরাজ—*অঠা*)। {*ফা.* খফাহ্ خفه ; *ফা.*, খপাহ্ خپه }

খাপি, খাপী ⇒ খাপ

খাপ্পা ⇒ খাপা[১]

খাব ⇒ খোয়াব

খাবরা ⇒ খাপরা

খাবরি [খাব্‌রি] *বি* পাত্রবিশেষ; খাপরা জাতীয় কাঁসা বা পিতলে নির্মিত পাত্র (খাবরি ভরিয়া দিমু পানি—*শেফ*)। { *স.* খর্পর>*প্রা.* খপ্পর>খাবর+*বা.* ই}

খাবল, খাবোল, খাবলা [খাবোল্, –, খাব্‌লা] *বি* ১ পাঞ্জা পরিমাণ হাতের কোষ বা কোষ পরিমাণ; থাবা পরিমাণ; মুষ্টি; মুঠা (এক খাবোলে একটা গহ্বর কাটে—*অঠা*)। ২ গ্রাস। ৩ দংশন। ~ **মারা** *ক্রি* হঠাৎ দংশন করা; অতর্কিত থাবা মারা। **খাবলা খাবলা** *বি* থাবা থাবা; বারবার থাবা পরিমাণ। **খাবলানো** *ক্রি* ১ খাবলা দেওয়া; থাবায় থাবায় নেওয়া; হাত দিয়ে তুলে নেওয়া। ২ কামড়ানো; ছোবলানো (কুকুর খাবলিয়ে মাংস তুলে নিল)। { *স.* কবল}

খাবসুরত ⇒ খুবসুরত

খাবার [খাবার্] *বি* ১ খাদ্যদ্রব্য। ২ মিষ্টান্নাদি অল্পপরিমিত খাবার দ্রব্য; নাশতা। ❑ *বিণ* ১ খাদ্য; আহার্য; ভোজ্য (খাবার জিনিস)। ২ পানীয়; পানযোগ্য (খাবার পানি)। ৩ ভোজন সম্পর্কিত (খাবার ঘর)। **~ওয়ালা** *বি* নাশতাওয়ালা; নাশতাবিক্রেতা; ভোজ্য দ্রব্য বিক্রেতা। **~দাবার** *বি* নানান খাদ্য দ্রব্য; খাদ্যদ্রব্যাদি (পুটলিতে খাবার বেঁধে রওনা হওয়া গেল)। **জল~** *বি* নাশতা; টিফিন; অল্প খাদ্য। { *স.* √খাদ্‌+অন=খাদন>খাঅন>খাওন>খাওয়ার>খাবার}

খাবি [খাবি] *বি* ১ শ্বাসকষ্ট হেতু নিঃশ্বাস গ্রহণের জন্য মুখব্যাদান। ২ হাঁসফাঁস; ধড়ফড়ি; ছটফটি। ~ **খাওয়া** *ক্রি* ১ বাধাপ্রাপ্ত নিঃশ্বাস টানার জন্য প্রাণপণ চেষ্টায় ধড়ফড় করা (প্রাণটা খাবি খায় বোয়াল মাছের মতন—*অঠা*)। ২ (*আল.*) মুক্তির জন্য প্রাণান্তকর চেষ্টায় ছটফট করা (বিক্রয়ের জন্য খাবি খাইতেছে—*বচ*)। ৩ হাঁসফাঁস করা (সেই সব সামলাতে গিয়েই প্রাণটা খাবি খায়…—*সৈমু*)। { *ফা.* খাপ>খাব+ই : শ্বাস গ্রহণের জন্য খাপের মতো বিস্তৃত মুখব্যাদান অর্থে)}

খাবিন্দ, খামেন্দ [খাবিন্‌দ্, খামেন্‌দ্] *বি* ১ মালিক; প্রভু (দীনের খাবিন্দ সেরা হজরত রসুল—*সৈহা*)। ২ স্বামী (বেগম খামেন্দ নারী নেক যদি থাকে; আল্লার আলম তবু বদ কহে তাকে—*সৈহা*)। { *ফা.* খাবীন্দ خاوند }

খাবোল ⇒ খাবল

খাম[১] [খাম্] *বি* ঘরের বাঁশের বা কাঠের খুঁটি; স্তম্ভ; থাম (গোয়ালঘরের খাম থুয়ে তার চাল সে নিল টানি—*জউ*)। ~**আলু** *বি* খামের আকার বিশিষ্ট এক প্রকার মেটে আলু; চুপড়ি আলু। { *স.* স্তম্ভ>*প্রা.* থম্ভ>খম্ব>খাম}

খাম[২] [খাম্] *বি* চিঠিপত্রাদির আবরণ; আচ্ছাদন; লেফাফা। { *ফা.* খাম خام }

খাম[৩] [খাম্] *বিণ* ১ কাঁচা; অপক্ব। ২ অপরিণত; অপূর্ণ (খামখেয়াল)। ৩ বৃথা। ৪ বেকার। ❑ *বি* নষ্ট; বিফল (খাম করা)। { *ফা.* খাম خام }

খামখেয়াল [খাম্‌খেয়াল্] *বি* ১ চঞ্চলচিত্ততা; অস্থিরমতি; অপরিণত খেয়াল। ২ অদ্ভুত বা উদ্ভট বা অস্বাভাবিক খেয়াল বা ইচ্ছা; আজগুবি খেয়াল। ৩ মর্জি; খেয়ালখুশি। ৪ অকারণ বা অযৌক্তিক ইচ্ছা বা কল্পনা; কল্পনাবিলাস। ❑ *বিণ* অস্থিরচিত্ত; কল্পনাবিলাসী। **~খেয়ালি, ~খেয়ালী** *বি* অস্থিরমতিত্ব (তোমার এ সব খামখেয়ালি ছাড়ো)। ❑ *বিণ* অকারণ বা অযৌক্তিক খেয়াল-খুশিমতো চলার স্বভাববিশিষ্ট (কাব্য সাহিত্যে আর একজন খামখেয়ালী মানুষ আছেন, তিনি হচ্ছেন মধুসূদন—*মুম*)। **~খেয়ালিপনা** *বি*। { *ফা.* খাম خام *আ.* খায়াল خیال }

খামচ, খামচা [খামোচ্, খাম্‌চা] *বি* ১ সবগুলো নখ দ্বারা আঘাত বা আকর্ষণ। ২ থাবা; খাবল। **খামচাখামচি** *বি* ১ পরস্পর নখাঘাত; আঁচড়াআঁচড়ি। ২ কাড়াকাড়ি। **খামচানো** *ক্রি* সবগুলি নখ দ্বারা আঘাত করা বা খাবলানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **খামচি** *বি* ১ নখ দ্বারা আঘাত; নখ দ্বারা আঁচড় (এখুনি এসে মুখের উপর খামচি বসিয়ে দেবে—*অচিসে*)। ২ ছোট থাবা বা খাবল পরিমাণ। { *আ.* খম্‌সাহ্ خمسة }

খামছ, খামস [খামোছ্, –স্] *বিণ* পাঁচ; পঞ্চ (খামছ পাঁচেরে বলে আরবের লোকে—*সৈআ*)। { *আ.* খমসাহ خمسة }

খামটি, খামাটি, খামুটি [খাম্‌টি, –মা–, –মু–] *বি* ১ উপরের দাঁত দ্বারা নীচের ঠোঁট চেপে ধরা; দাঁতে দাঁতে সংযোগ। ২ ভেংচি (দাঁত খামাটি চিমটি দিতে সবারে হারায়—*অঠা*)। ৩ মালকোঁচা; মালসাট (যেন অসুর খামাটি এঁটে রয়েছে—*দীমি*)। ৪ দৃঢ় সংকল্প (খামটি এঁটে ধরা)। { *হি.* খাম+আটি}

খামা, খামাখামা [খামা, খামাখামা] *বিণ* জমাট; চাকা চাকা (পুরু পুরু সর; খামা খামা দৈ—*অঠা*)। { *হি.* খাম (সন্ধি)>}

খামাখা, খামোখা, খামখা [খামাখা, খামোখা, খাম্‌খা] *ক্রিবিণ* ১ হঠাৎ; অকস্মাৎ (খামকা আজ একটা বিপদ ঘটত—*রঠা*)। ২ অযথা; অনর্থক; অকারণে (এ কথা অস্বীকার করে খামোখা মিথ্যেবাদী হতে যাব কেন?—*সৈমু*; খামখা তুমি মরছ কাজী, শুষ্ক তোমার শাস্ত্র ঘেঁটে—*নই*; সবাইকে খামকা বেকায়দা তঙ্গ করলে?—*সৈমু*; খামখা নাচবে কেন গো?—*বচ*)। { *ফা.* খাহ্‌মখাহ্ خواه مخواه }

খামাটি ⇒ খামটি

খামার [খামার্] *বি* ১ মাঠ থেকে শস্য এনে রাখার ও ঝাড়াই মাড়াই করার স্থান; গোলাবাড়ি; শস্য মাড়াইয়ের স্থান; শস্যাঙ্গন (এক কুক্কুট স্বীয় শাবকদিগের নিমিত্ত খামারে আহারের অন্বেষণ করিতেছিল—*ঈবি*)। ২ উপযোগী জমি (চায় তারা ফসলের ক্ষেত দীঘি ও খামার—*ঈবি*)। ~ **জমি** *বি* ভূস্বামীর নিজ আবাদি জমি। ~ **পতিত** *বিণ* খাস খামারের অনাবাদি জমি। ~ **বাড়ি** *বি* শস্যাগার; গোলাবাড়ি; farm; grain-store। **খামারিয়া, খামারের** *বিণ* খামার সম্পর্কিত। **খাস ~** জমিদারের খাস দখলীভূত জমি; প্রজাদের মধ্যে যে জমি বিলি করা হয়নি। { *ফা.* খিরমন خرمن }

খামি[১] [খামি] *বি* অলঙ্কার বা হারের মধ্যমণি; লকেট (মোহনমালার মধ্যিখানের পান্না হীরার খামি—*সদ*)। { *ফা.* খাম خام }

খামি[২] ⇒ খামির[১]

খামির[১], খামিরা, খাম্বিরা [খামির্, খামিরা; খাম্‌বিরা] *বি* ১ জিলাপি, অমৃতি প্রভৃতি মিঠাই প্রস্তুত করার উপকরণ; গাঁজ। ২ গাঁজলা (নিরুদ্দিষ্ট ভয় খামিরের মত

এসে আমাদের সবের হৃদয় অধিকার করে রাখে—*জীদা*)। ৩ মসলাযুক্ত সুগন্ধি তামাকবিশেষ (বুড়ি বউ সাজা খামিরা তামাক টেনেছেন খুব কষে—*বঅামি*)। { *আ.* খমীর خمير }

খামির² [খামির্] *বিণ* সিদ্ধ, পক্ব (রুগীর জন্যে আটা খামির করে রুটি বানাতে হবে)। **খামিরি** *বিণ* ভাপানো; সিদ্ধ পাক দেওয়া হয়েছে এরূপ। { *আ.* খমীর خمير }

খামিরা ⇒ খামির²

খামুটি ⇒ খামটি

খামুশ ⇒ খামোশ

খামেন্দ ⇒ খাবিন্দ

খামোখা ⇒ খামাখা

খামোশ, খামুশ [খামোশ্, –মু–] *অব্য* চুপ করে থাকার নির্দেশ; স্তব্ধ হও; চুপ থাকো ⬚ *বিণ* নীরব; নিঃশব্দ (খামোশ রোদন—*নই*)। **খামোশি** *বি*। { *ফা.* খামুশ خاموش }

খাম্বা [খামবা] *বি* থাম; মোটা খুঁটি; স্তম্ভ (গগনমন্দির শূন্যে কৈল স্থির বিনা রুয়া তীর খাম্বা—*হেমা*)। { *স.* স্তম্ভ>*প্রা.* খম্ব>খাম্বা}

খাম্বাজ [খামবাজ্] *বি* একটি রাগিণীর নাম (খাম্বাজ ঝিঁঝিট কত মধুর রাগিণী—*কায়*)। { *স.* স্তম্ভ>}

খাযনা ⇒ খাজনা

খায়রাত ⇒ খয়রাত

খায়েশ, খায়েস, খাইশ, খাহেশ, খাহিশ [খায়েশ্, –, খাইশ্, –হেশ্, –হিশ্] *বি* ১ ইচ্ছা; আকাঙ্ক্ষা (তখ্ত তাউস কোহিনূর কারো নাই খায়েশ—*নই*; মুসাফির হয়ে খায়েশ জানাই রাত্রি যাপন লাগি—*আহা*)। ২ বাসনা; কামনা; অভিলাষ (বহুত খায়েত রাখি ফের দেখিবার—*সৈহা*)। ৩ শখ; সাধ। { *ফা.* খাহিশ্ خواهش }

খার, ক্ষার [খার্] *বি* সাজিমাটি সোডা ইত্যাদি ময়লা কাটানোর রাসায়নিক পদার্থ (খারে কাচা ফর্সা পোশাক পরেন ...—*আজা*)। { *স.* ক্ষার>*প্রা.* খার}

খারাপ, খারাব [খারাপ্, –ব্] *বিণ* ১ মন্দ; নষ্ট; দুষ্ট; বদ (মুই তোমাকে খারাব করলাম—*প্যামি*)। ২ অশুভ; মন্দ (বদনসিবের বরাত খারাপ—*নই*)। ৩ অশ্লীল; অভদ্র; গর্হিত (খারাপ কথা)। ৪ অকেজো; অব্যবহার্য (খারাপ ঘড়ি)। ৫ পয়মাল; বরবাদ; অপচিত (অনেক শরাব খাবার হল অনেক সাকীর ভাঙলো বুক—*নই*)। ৬ বিকৃত; বিনষ্ট (তরকারিটা খারাপ হয়ে গেছে)। ৭ রুক্ষ; উগ্র (খারাপ মেজাজ)। ৮ দুশ্চিকিৎস্য ও সংক্রামক; কঠিন (খারাপ রোগ)। ৯ বিমর্ষ; নিরুৎসাহ; দুঃখিত (মন খারাপ)। ১০ অনুদার; সংকীর্ণ (খারাপ মন)। ১১ দূষিত; ক্লেদাক্ত; কলুষিত (এই পুকুরের পানি খারাপ, খারাপ চরিত্র)। ১২ শ্রীহীন; লাবণ্যশূন্য; সৌন্দর্যহীন (খারাপ চেহারা)। ১৩ অননুকূল; প্রতিকূল (সময় খারাপ)। ১৪ দুর্দশাগ্রস্ত; দুঃস্থ (খারাপ অবস্থা)। ১৫ খেলো; সস্তা; অপকৃষ্ট (কাপড়ের জমিনটা খারাপ)। ১৬ অপরিষ্কার; নোংরা। ১৭ অসুস্থ। ১৮ বিকারযুক্ত; অপ্রকৃতিস্থ (মাথা খারাপ)। ১৯ ভেজালমিশ্রিত; অবিশুদ্ধ (খারাপ ঘি)। ২০ অসৎ; সমাজের অননুমোদিত বা নিষিদ্ধ (খারাপ পথ)। ⬚ *বি* কু; অসারল্য; কুটিলতা (মনের মধ্যেই খারাপ)। ~ **নজর** *বি* ১ ভূতপ্রেত জিনপরীর দৃষ্টি, জিনপরীর প্রভাব বা ভূতপ্রেতের ভর বা অধিষ্ঠান (ছেলেটার উপর খারাপ নজর পড়েছে)। ২ লোভী; বিদ্বেষী বা দুষ্ট লোকের কুদৃষ্টি (দুষ্ট লোকের খারাপ নজর লেগে তার অমন সুন্দর স্বাস্থ্যবান শরীর দিন দিন শুকিয়ে যাচ্ছে)। **পেট ~ করা** *ক্রি* উদরাময় হওয়া; অজীর্ণ হওয়া। **মুখ ~ করা** *ক্রি* অশ্লীল কথা বলা; কটুবাক্য ব্যবহার করা। { *আ.* খরাব خراب }

খারাবি, খারাবী, খারাপি [খারাবি, –, –পি] *বি* ১ ক্ষতি; অনিষ্ট; অহিত (হত লাখো খারাবী তার শারাব নিয়ে নিরবধি—*নই*)। ২ অপচয় (জিনিসের খারাবি)। ৩ সর্বনাশ; চরম দুর্দশা বা দুরবস্থা। ৪ বদমায়েশি। **খুন–** *বি* ১ হত্যাকাণ্ড সংঘটিত হওয়ার মতো মারামারি; দাঙ্গা–হাঙ্গামা। ২ গাঢ় লাল রং। { *আ.* খরাবী خرابی }

খারি, খারী [খারি] *বি* ১ শস্য মাপার পাত্রবিশেষ। ২ শস্য; হৈমন্তিক শস্য; শারদীয় শস্য। { *আ.* খরীফ خريف = শরৎকাল, শারদীয় শস্য}

খারিজ [খারিজ্] *বিণ* ১ বাতিল করা হয়েছে এমন; অগ্রাহ্য। ২ পরিত্যক্ত (আমরা খারিজ হয়ে দোটানার অন্ধকারে—*জীদা*)। ৩ পরিবর্তিত। ৪ বর্জিত; বাদ (অন্ততঃ পর্দার ভিতরেও একটু নড়ে চড়ে বেড়াবার দখল হতে খারিজ হয়ে যাই নি—*নই*)। ⬚ *বি* ১ বর্জন (নাবালক পক্ষে যে অছি আছেন, সে অছিঅতি হইতেও খারিজের দরখাস্ত করিবে—*মীম*)। ২ অগ্রাহ্যকরণ। ৩ পরিবর্তন। ~ **করা** *ক্রি* ১ এক জনের নাম থেকে অন্য জনের নামে জমিজমার মালিকানা পরিবর্তন করে নেওয়া (নিজের নামে খারিজ করিয়া লইয়াছে—*রঠা*)। ২ বাতিল করা (তখনি ঘটিরাম ফরিয়াদীর মোকদ্দমা খারিজ করে দিলুম—*দীমি*)। ~ **দাখিল** *বি* ক্রয়–বিক্রয় মঞ্জুর করে ক্রেতাকে প্রজা স্বীকার করা (কেহ বলে আমার জমির খারিজ দাখিল হয় নাই আমি তার সেলামি দিতে পারিব না—*প্যামি*)। **খারিজা** *বিণ* খারিজ করা হয়েছে এমন। **খারিজা তালুক** *বি* যে তালুকের রাজস্ব সোজাসুজি কালেক্টরিতে দাখিল করতে হয়। { *আ.* খারিজ خارج }

খারিজি, খারিজী [খারিজি] *বি* হজরত আলী (রাঃ)–র বিরোধী সম্প্রদায়বিশেষ (মারিব তোমার বৈরী রণের মাঝার, খারিজি সহিতে আজি কর মহামার—*হেমা*)। { *আ.* খারিজী خارجی }

খরিফ, খারিফ [খারিফ, খা–] *বি* হৈমন্তিক ফসল। { *আ.* খরীফ خريف }

খারুয়া¹ ⇒ খাড়ু

খারুয়া² ⇒ খেরুয়া

খারেজি, খারেজী [খারেজি] *বিণ* সরকারি শিক্ষা ব্যবস্থা বহির্ভূত; দেওবন্দের নেসাব বা পাঠ্য তালিকা অনুসারে পরিচালিত (একটি খারেজী মাদ্রাসা চলিয়া আসিতেছিল—*আমআ*)। { *আ.* খারিজী خارجی }

খারেজিন, খারিজীন [খারেজিন্, খারি–] *বি* সমাজ বা ধর্ম থেকে বহিষ্কৃত ব্যক্তিবৃন্দ (রোয়েওয়া হোবল্ ইবলিস খারেজিন—*নই*)। { *আ.* একব খারিজী, বহুব খারিজীন خارجين }

খারেদজ্জাল [খারেদজ্‌জাল্] *বি* প্রবল উৎপীড়ক যার বাহন গর্দভ। □ *বিণ* প্রবল অত্যাচারী। { *আ.* খর خر + দজ্জাল دجال }

খাল[১] [খাল্] *বি* ১ গর্ত; খানা; খাত; গহ্বর; নিম্নভূমি। ২ ডোবা। ৩ পরিখা; নালা; প্রণালি; canal। ~ **কেটে কুমির আনা** *ক্রি* বাইরের বিপদ ঘরে আনা; বিপদ বা সর্বনাশ ডেকে আনা। { *স.* খাত> }

খাল[২], **খাইল** [খাল্, খাইল্] *বি* ১ চামড়া; ছাল (দাঁতে টুটি কেটে খালখানা তার ফেলাই ফেড়ে—*মোম*)। ২ খিল; শরীরের আড়ষ্টভাব (কোমরে খাল ধরা); cramp। { *স.* স্খল>খালি>খাইল }

খালই, খালৈই ⇒ খালুই

খালকাত [খাল্‌কাত্] *বি* সৃষ্টি; জনতা। { *আ.* খিলকত خلقت }

খালসা[১] [খাল্‌শা] *বি* গুরুগোবিন্দের অনুসারী শিখ সম্প্রদায়। □ *বিণ* অকৃত্রিম; বিশুদ্ধ; খাঁটি; পবিত্র। { *আ.* খালিস্ خالص }

খালসা[২], **খালিসা** [খাল্‌শা, খালিশা] *বি* ১ সরকারি রাজস্ব বিভাগের দপ্তর (হুকুম হইলে কর্জদান করিয়া গোলাম এ টাকা খালিসা দাখিল করে—*রাম*)। ২ খাসমহল। ৩ প্রধান রাজস্ব আদালত (উহা পাৎশাহী সরকারের খালসাহ—*গোহা*)। { *আ.* খালিসাহ خالصة }

খালা [খালা] *বি স্ত্রী.* মাতার ভগিনী; মাসি। ~**তো** *বিণ*। ~**তো ভাই** *বি* খালার পুত্র; মাসতুতো ভাই। **খালু** *পু.*। { *আ.* খালাহ خالة }

খালাড়ি, খালাড়ী [খালাড়ি] *বি* যে স্থানে ক্ষারী লবণ প্রস্তুত হয়। { *স.* ক্ষার>খাল(র>ল)+*বা.* আড়ি, আড়ী }

খালাস, খলাস [খালাশ্, খ–] *বি* ১ ছাড়; মুক্তি (কাল সন্ধ্যা বেলা জেল হইতে খালাস পাইয়াছি—*রঠা*)। ২ রেহাই; নিষ্কৃতি; অব্যাহতি (শ্যামলাল একটু ধমক খাইয়াই খালাস পাইল—*সুবা*)। ৩ প্রসব। ৪ ছাড়ানো (ভি.পি. খালাস)। ৫ বিযুক্ত; বিরত (ধন হস্তে মন যদি করিল খালাস—*সৈআ*)। ৬ খালি; শূন্য (গুদাম খালাস করা)। ৭ শেষ; খতম। ৮ মুক্ত; উদ্ধার (আপনাকে কয়েদ হতে খালাস করব—*মীম*)। ৯ কারামুক্তি; বন্ধন মোচন (খালাসের চেষ্টা করিতে প্রবর্ত হইল—*রাব*)। □ *বিণ* ১ দায়মুক্ত (মা তো বলে খালাস—*রাব;* তুমি তো আমার ঘাড়ে চাপিয়েই খালাস হলে—*মীম*)। ২ ভারমুক্ত (আমি সরল ভাষায়, সকল কথা বলিয়া খালাস—*ঈবি*)। ~**পত্র** *বি* ছাড়পত্র; মুক্তি পত্র; মুক্তি নির্দেশক পত্র। { *আ.* খালাস্ خلاص }

খালাসি, খালাসী [খালাশি] *বি* জাহাজাদিতে মাল খালাসের জন্য নিযুক্ত শ্রমিক (ঠেলা জাহাজের খালাসী বলিয়া আমরা তাহাদিগকে আমলে আনি নাই—*মাউ*)। □ *বিণ* মুক্তিসূচক (খালাসি পরওয়ানা)। { *আ.* খলাসী خلاصى }

খালি[১], **খালী**[১] [খালি] *বিণ* ১ শূন্য; শুধু (খালি পেট)। ২ অনাবৃত; আবরণহীন (খালি মাথা)। ৩ ফাঁকা (খালি ঘর, মাঠ)। □ *ক্রিবিণ* ১ শুধু; কেবল (খালি পানি খাবো)। ২ ক্রমাগত; অনবরত (খালি বক বক)। ৩ সর্বদা; সদাই (খালি কান্না)। ~ **খালি** *ক্রিবিণ* অনর্থক; অকারণ; শুধু শুধু (খালি খালি কথা শুনলাম)। □ *বিণ* শূন্যপ্রায়; প্রায় ফাঁকা; যেন ফাঁকা এরূপ (বাড়িটা খালি খালি মনে হচ্ছে)। ~ **ঠেকা**, ~ ~ **ঠেকা** *ক্রি* শূন্য বোধ হওয়া। { *আ.* খালী خالى }

খালি[২] [খালি] *বি* ভাড়ায় প্রাপ্য শূন্য রিকশা (এই খালি, মীরপুর যাবে?)। { *স.* স্খলিত>খালিত>খালি }

খালি[৩], **খালী**[২] [খালি] *বি* ছোট খাল (মধুখালী)। ~ **জুলি** *বি* ক্ষুদ্র জলস্রোত। { *স.* খল্ল>*বা.* খাল+*বা.* (ক্ষুদ্রার্থে)ই }

খালিত্য [খালিত্‌তো] *বি* টাক; মাথায় কেশশূন্যতা। { *স.* }

খালিস ⇒ খালেস

খালিসা ⇒ খালসা

খালী ⇒ খালি

খালু [খালু] *বি* খালার স্বামী; মেসো। { *আ.* খাল خال }

খালুই, খালই, খলই [খালুই, –লো–, খলোই] *বি* বাঁশ দ্বারা নির্মিত মাছ বা তরিতরকারি প্রভৃতি বহন করবার খাড়া ঝুড়িবিশেষ (কুকুরটাকে. . . মাছের খালুই মুখে করে আনতে . . . শিখিয়ে. . .—*অঠা*)। { *আঞ্চ.* }

খালেস, খালিস [খালেশ, খালি–] *বিণ* বিশুদ্ধ; খাঁটি (খালেস দিলের তওবা আইজো আল্লাহ্ কবুল করে—*আমআ*)। { *আ.* খালিস্ خالص }

খাস [খাশ্] *বিণ* ১ আসল; বিশুদ্ধ; খাঁটি (যদি, আমি খাস হিন্দীতে বাৎ চালাইতে পারিতাম—*রঠা*)। ২ বিশেষ (বসরার খাস কোন্ জিনিষ কিনিতে পাওয়া যায়—*শামা*)। স্বকীয়; নিজস্ব (খাস কামরা)। ৪ সরকারের অধিকারভুক্ত (খাসমহল)। ~ **আপিল** *বি* বিশেষ আপিল; আপিলের উপর আপিল। ~ **করা** *ক্রি* অন্যের অধিকার থেকে ভূসম্পত্তি নিজের অধিকারে আনা। ~ **কামরা** *বি* ১ নিজস্ব ঘর। ২ আদালতের বিচারকদের বিশেষ বিশ্রামাগার। ~ **খামার** *বি* জমির মালিকের নিজ চাষাবাদের জমি। ~ **তালুক** *বি* জমিদারের নিজ তত্ত্বাবধানের ভূসম্পত্তি। ~ **দখল** *বি* ১ ভূস্বামীর নিজস্ব অধিকার। ২ প্রজার দখল উপেক্ষা করে জমিদারের নিজস্ব অধিকারে স্থাপন। ~ **মহল**, ~ **মহাল** *বি* ১ যে মহাল বা মৌজা প্রজার নিকট বিলি না করে জমিদার বা রাজসরকার সরাসরি নিজ তত্ত্বাবধানে রাখে। ২ নিজ আবাস (চল আমার খাস মহলে মহল-আলো অপ্সরী—*সদ*)। { *আ.* খাস্ خاص }

খাস গেলাস [খাশ্‌গেলাশ্] *বি* বিবাহের শোভাযাত্রায় ব্যবহৃত অভ্রনির্মিত বাতিদানবিশেষ (রায়বাবুদের বিয়ের শোভাযাত্রার ... ময়ূরপঙ্খি, কদমঝাড়, খাস গেলাস—*অঠা*)। { *আ.* খাস্ خاص + *ই.* glass }

খাসদান [খাস্‌দান্] *বি* পানের খিলি রাখার সুদৃশ্য পাত্রবিশেষ (পানের খাসদান ছিল—*মীম*)। { *আ.* খাস্ خاص + *ফা.* দান دان }

খাসনবিস, খাসনবীশ, খাসনবীস [খাশ্‌নোবিশ্] *বি* শাসনকর্তা বা তার সমপর্যায়ের কর্মচারীর ব্যক্তিগত কার্য পরিচালক; private secretary। { *আ.* খাস خاص

+ *ফা.* নবীস نویس }

খাসবরদার [খাশ্‌বর্‌দার্] *বিণ, বি* যে বিশিষ্ট সৈন্য বন্দুক বহন করে অগ্রে চলে; আসাসোঁটাধারী (আগে চলে লাল পোষ খাসবরদার— *ভারা*)। { *আ.* খাস্‌ خاص + *ফা.* বুরদার بردار }

খাসলত [খাস্‌লত্] *বি* স্বভাব; আচরণ; অভ্যাসাদি; habit। { *আ.* খস্‌লাহ خصلة }

খাসা [খাশা] *বিণ* ১ অতি উৎকৃষ্ট; প্রথম শ্রেণির (খাসা মখমলী পাদুকাপাত্র . . . –*মাব*)। ২ চমৎকার; উত্তম (খাসা মেয়ে—*কেম*)। ৩ উপাদেয়। ☐ *ক্রিবিণ* বেশ; দিব্যি। { *আ.* খাস্‌সাহ খাصة }

খাসি১, খাসী১ [খাশি] *বি* অণ্ডহীন ছাগ; ছিন্নমুষ্ক ছাগল (খাসির মাংসেতে বিষ আনিয়া মাখিল – *সেসু*)। ☐ *বিণ* অণ্ডহীন; ছিন্নমুষ্ক (খাসি ভেড়া, খাসি মোরগ)। **– করা** *ক্রি* অণ্ডকোষ বের করে ফেলা। { *আ.* খস্‌সী خصى }

খাসি২, খাসী২ [খাশি] *বিণ* অতি উত্তম; চমৎকার (পাঠান মাথা নেড়ে বলে উঠলো, 'বাহাবা ! খাসী !'— *রঠা*)। { *আ.* খাস্‌সী خاصى }

খাসিয়ত [খাশিয়ত্] *বি* ১ গুণ। ২ স্বভাব; প্রবণতা। ৩ বিশেষত্ব। **খো-খাসিয়ত** *বি* স্বভাবচরিত্র। { *আ.* খাস্‌সিয়াহ خاصية }

খাসিয়া [খাশিয়া] *বি* ১ আসামের পার্বত্য জাতিবিশেষ। ২ আসামের একটি পাহাড়। { *অমূ.* }

খাসী ⇒ খাসি

খাস্ত, খাস্তা১ [খাস্‌তো, খাস্‌তা] *বিণ* ১ নষ্ট; পীড়িত; বিকৃত। ২ লুপ্ত। **সাত (বা পাঁচ) নকলে আসল –** *বি* একের পর এক অনুকরণের ফলে বিকৃত হতে হতে আসলই নষ্ট হয়ে যাওয়া। { *ফা.* খাস্তাহ خسته }

খাস্তগির [খাস্‌তোগির্] *বি* ১ প্রার্থী; আবেদক। ২ উপাধিবিশেষ। { *ফা.* খাস্তগর خواستگر }

খাস্তা২ [খাস্‌তা] *বিণ* ১ উৎকৃষ্ট; উত্তম। ২ প্রচুর ঘিয়ের ময়ান দেওয়ার ফলে মচমচে; ময়দার খাবার অল্প চাপে ভাঙ্গে (খাস্তা লুচি)। { *ফা.* খাস্তাহ্ خاسته }

খাহেশ, খাহিস, খাহিশ ⇒ খায়েশ

খি, খী, খে [খি, –, খে] *বি* ১ সুতার মুখ; খেই। ২ আলোচনার সূত্র (কথার খি ধরে নেওয়া)। ৩ সুতার তার বা গাছা (রাজার মেয়ে এক খী রেশমে সাত খী সুতো কেটে . . . —*অঠা*)। **খে-হারানো** *ক্রি* খেই হারানো; কথার সূত্র ভুলে যাওয়া। { *স.* ক্ষেপ> *প্রা.* খেঅ>খে, খি }

খিআতি, খিয়াতি [খিয়াতি] (*প্রাবা.*) *বি* সুনাম; খ্যাতি। { *স.* খ্যাতি>খিয়াতি, য>য়, **স্মরণীয় য এর সংস্কৃত** উচ্চারণ ইয় অনুসরণে [illegible] }

খিঁচ, খেঁচ [খিঁচ্, খেঁচ্] *বি* ১ টান; আকর্ষণ। ২ কাঁকর। ৩ [illegible] গোলযোগ। ৪ মনান্তর; কলহ; বিবাদ। ৫ তর্কাতর্কি। **খিঁচা, খেঁচা** *ক্রি* আকর্ষণ করা; টানা। { *হি* [illegible] }

খিঁচানো [খিঁচানো] [illegible] *বি* ভেংচানো; ভেংচি কাটি [illegible] খিঁচিয়ে বলল [illegible] মুখ [illegible] বিকারবশত বিশেষভাবে হাত-পা ছোঁড়া (হাত-পা খিচানো)। **খিঁচুনি, খিঁচনি, খিঁচুনি** *বি* ১ ভেংচানি; বিকৃত অঙ্গভঙ্গি। ২ বিকারজনিত দৈহিক আক্ষেপ। { *হি.* খিঁচ্‌+ *বা.* আন, উনি ইত্যাদি }

খিচক [খিচক্] *ক্রিবিণ* দূরে; তফাত (খিচক যা ! খিচক যা ! সময় থাকতে থাকতে কাইটা পড় হালায়— *মুচৌ*)। { *অমূ.* }

খিচখিচ, খিচখিচি, খিচিমিচি [খিচ্‌খিচ্, খিচ্‌খিচি, খিচিমিচি] *অব্য* একটানা বিতণ্ডা; কলহ বা তর্কাতর্কি; অনবরত বকাবকি। { *ধ্বন্যা.* }

খিচড় [খিচড়্] *বিণ* দুষ্ট; বদ; পাজি। **খিচড়ামি** *বি* পেজোমি; দুষ্টামি। { *হি* খচ্চর }

খিচুরি, খিচুড়ি [খিচুরি, –চুড়ি] *বি* ১ চাল ও ডাল মিশিয়ে তৈরি করা অন্নবিশেষ। ২ (*আল.*) নানা বস্তু বা বিষয়ের বিসদৃশ সংমিশ্রণ। ৩ দুই বিপরীত ভাষা বা বর্ণের মিশ্রণ (খিচুড়ি ভাষা)। **~ পাকানো** *ক্রি* নানারকম বিসদৃশ বস্তুর একত্র সমাবেশ করা। ☐ *বি* তালগোল পাকানো; গুলিয়ে ফেলা। { *স.* কৃসর> *প্রা.* কিসর>খিছর> খিচুরি, খিচুড়ি, *তুল. হি* খিচৌড়ী }

খিজমত ⇒ খেদমত

খিজলানো [খিজ্‌লানো] *ক্রি* বিরক্ত করা; অপ্রিয় কথা বার বার বলে উত্ত্যক্ত করা। { *আ.* খিজালত خجالة }

খিজালত [খিজালত্] *বি* উৎপাত; জ্বালাতন। { *আ.* খিজালাহ خجالة }

খিজি [খিজি] *বি* উৎপাত। ☐ *ক্রি* খিজালত করা। { *আ.* খিজালাহ خجالة }

খিজির, খিযির, খেজের [খিজির্, –, খেজের্] *বি* জনৈক ওলি বা নবীর নাম। **খাজা ~, খোয়াজ ~** *বি* হজরত খিজির (আঃ) (ঊর্ধ্বে জাগিয়া রহিলেন 'ঈসা' অমর মর্ত্যে 'খাজাখিজির'—*নই*)। { *আ.* খিদ্‌র্ خضر }

খিঞ্চিল (*প্রাবা.*) [খিন্‌চিল্] *বিণ* খচিত (খিঞ্চিল মানিকে হিরামনী . . . —*বচদা*)। { *স.* খচিত> }

খিঞ্জির, খিঞ্জীর [খিন্‌জির্] *বি* ১ শূকর। ২ (*আল.*) নিকৃষ্ট শ্রেণির জীব (জিঞ্জির পরা মোরা খিঞ্জীর— *নই*)। { *আ.* খিন্‌জীর خنزير }

খিটকাল, খিটকেল [খিট্‌কাল্, –কে–] *বি* ১ নিন্দা; অপবাদ। ২ বিঘ্ন; ঝঞ্ঝাট; গোলযোগ। { *স.* বিটকাল> }

খিটখিট, খিটমিট [খিট্‌খিট্, খিট্‌মিট্] *বি* ১ সর্বদা ভর্ৎসনা বা তিরস্কার। ২ ছোট খাটো বিষয় নিয়ে সর্বদা অসন্তোষ, বিরক্তি বা ক্রোধ প্রকাশ। **খিটখিটানি, খিটমিটানি** *বি* **খিটখিটা, খিটখিটে** *বিণ* ১ যে সর্বদা খিটখিট করে; নিয়ত অসন্তোষপ্রকাশকারী; বদমেজাজি। ২ অসহিষ্ণু; সহজেই উত্ত্যক্ত হয় এরূপ (খিটখিটে মেজাজ)। { *ধ্বন্যা.* }

খিটিমিটি, খিটিরমিটির [খিটিমিটি, খিটির্‌মিটির্] তুচ্ছ কলহ; সামান্য বিষয় নিয়ে সর্বদা মতবিরোধ ও কলহ; মতানৈক্য-[illegible] অবনিবনা ও বিরো[illegible] তবু কেন [illegible] **~ করা** *ক্রি* ১ বিরোধ [illegible] বাদানুবাদ করা [illegible] [illegible]মেন্টের সহিত খিটিমিটি করিবার [illegible] { [illegible] }

খিড়কি, খিড়কী [খিড়্‌কি] *বি* ১ জানালা; বাতায়ন; ঝরোকা। ২ বাড়ির পশ্চাদ্দিক (ধায় বেনে খিড়কির পথে—*কমু*)। ~ **দুয়ার** *বি* ১ অন্তঃপুর দ্বার; বাড়ির পশ্চাদ্দিকের ছোট দরজা। ২ গুপ্ত দরজা। ~ **পুকুর** *বি* বাড়ির পশ্চাদ্দিকে অবস্থিত অন্তঃপুরের মেয়েদের ব্যবহারের পুকুর। {*স.* খড়ক্কিকা>খিড়কী}

খিণ, খিণি, খীণ, খীন *(মবা.)* [খিন, খিনি, খিন, –] *বিণ* ১ ক্ষীণ। ২ সরু। {*স.* ক্ষীণ}

খিতাব ⇒ খেতাব

খিতি *(প্রাবা.)* [খিতি] *বি* মাটি; মৃত্তিকা। {*স.* ক্ষিতি>}

খিদমত, খিদমতগার ⇒ খেদমত

খিদা, খিদে, খিধা, খিধে [খিদা, –দে, –ধা, –ধে] *বি* ১ ভোজনস্পৃহা; আহারের ইচ্ছা; ক্ষুধা। ২ বাসনা; লালসা (ওসব হচ্ছে যৌবনের দুষ্ট খিধে…—*প্রচৌ*)। ~ **মরে যাওয়া** *ক্রি* ক্ষুধামন্দা হওয়া; ক্ষুধা নষ্ট হওয়া। ~**র মাথায়** *ক্রিবিণ* অত্যন্ত ক্ষুধার সময়ে (খিদের মাথায় সবই ভাল লাগে)। **দুষ্টু** ~ *বি* সত্যিকার ক্ষুধা নয় এমন; পুষ্টির অভাবে রোগলক্ষণরূপ ক্ষুধা। {*স.* ক্ষুধা>}

খিদ্যমান [খিদ্‌দোমান] *বিণ* খেদ বা দুঃখ প্রকাশ করছে এরূপ। **খিদ্যমানা** *স্ত্রী.*। (বিপদ সাগরে মগ্না, খিদ্যমানা, রোদনপরা শোকাকুলা . . . —*রামু*)। {*স.* √খিদ্‌+ মান(শানচ)}

খিধা, খিধে ⇒ খিদা, খিদে

খিন্ন [খিন্‌নো] *বিণ* ১ দুঃখিত; খেদযুক্ত। ২ ক্লিষ্ট; অবসন্ন; ক্লান্ত; পরিশ্রান্ত, পীড়িত (খিন্ন মলিন তনুলতা—*নই*; খিন্ন জীবনখানি একটু সুস্থ—*কাআও*)। ৩ কাতর (ফুকারিছে চাতক বিহ্বল খিন্ন পিপাসায়—*সদ*)। ৪ শুষ্ক; ম্লান (জাগিবে কি ফিরে উৎসব খিন্ন এই পুষ্পপুঞ্জে —*সদ*)। {*স.* √খিদ্‌+ত(ক্ত)}

খিমখিম দানা [খিম্‌খিম্ দানা] *বি* এক প্রকার কাঁটাযুক্ত গাছের বীজ বা ফল (জোয়ানেরা জেগে খিমখিম দানা খাওয়ায় উটে—*মোম*)। {*স.* ক্ষাম (অর্থ ক্ষীণ)>খাম> খিম}

খিমচি, খামচি [খিম্‌চি, খাম্‌চি] *বি* সামান্য বা লঘু ধরনের খামচি; চিমটি; নখাঘাত। **খিমচানো, খামচিটা** *ক্রি* খামচি দেওয়া; লঘু খামচি দেওয়া; খিমচি কাটা। □*বি, বিণ* উক্ত অর্থসমূহে। {*আ.* খামসা خمسة }

খিমা, খীমা [খিমা] *বি* তাবু। (কেহ লুকাইল খিমাতুল —*সৈহা*)। {*আ.* খীমাহ خيمة }

খিযর ⇒ খেজের

খিযির ⇒ খিজির

খিয়াতি ⇒ খিআতি

খিয়ানত ⇒ খেয়ানত

খিয়াল ⇒ খয়াল

খির *(মবা.)* [খির] *বি* ক্ষীর। {*স.* ক্ষীর}

খিরকা, খির্কা ⇒ খেরকা

খির্বাকিচ [খির্বাকিচ্] *বি* ১ পাঁচ রকম জিনিসের সংমিশ্রণ; জগা খিচুড়ি। ২ গড়াবিবাদ; গোলমাল। ৩ [illegible] ঝঞ্ঝাট। **নিখির্বাকিচ** *বিণ* (এমন নির্ভেজাল [illegible] নিখির্বাকিচ ধর্ম . . . ক্ষীর [illegible]) {*ফা.* খারখাশ? خرخس }

খিরনি, খিরিনি [খিরনি, –রি–] *বি* এক জাতীয় গাছ ও তার ফল (কবরে যাহার খিরনির ফুল শোভা পায় উটপাখীর মোতি—*সদ*; বড়হর খিরিনি খাজুর আর তাল —*সৈআ*)। {*স.* ক্ষীর+ *বা.* নি=খিরনি; ক্ষীরতুল্য অর্থে}

খিরা, খিরে [খিরা, খিরে] *বি* শসাজাতীয় ফল–বিশেষ। {*হি* খীরা}

খিরাজ ⇒ খেরাজ

খিরিনী ⇒ খিরনি

খিল[১] [খিল] *বি* ১ কপাটের অর্গল; হুড়কা; কীলক (খুলিব কঠিন খিল তোমাদের সব দাবী মানি—*আজই*)। ২ মাংসপেশির আড়ষ্টতা বা টেনে ধরার ভাব (ডানা নেড়ে নেড়ে লাগে ঘাড়ে খিল—*অঠা*)। ~ **লাগা,** ~ **ধরা** *ক্রি* ১ অঙ্গ–প্রত্যঙ্গে টান বা খিচুনি ধরা। ২ দাঁতে দাঁতে লাগা। {*স.* কীল, *প্রা.* খীল>খিল}

খিল[২] [খিল] *বিণ* ১ পতিত; অনাবাদি; চাষের অনুপযুক্ত; অনুর্বর (খিল ভুমি লিখে লাল—*কমু*)। ২ আচষা; অকর্ষিত (কাব্যে সরস খিলজমি ছিল মিলও কবির এখানে—*সদ*)। ৩ পরিশিষ্ট; অবশিষ্ট। ~ **ভাঙা,** ~**ভাঙ্গা** *ক্রি* পতিত জমি চাষ–আবাদ করা। {*স.* খ+ √লা+অ}

খিলকা ⇒ খেলকা

খিলখিল [খিল্‌খিল্] *অব্য* ১ ক্রমাগত হাসির শব্দ। ২ শিশু বালক বালিকা নরনারী নির্বিশেষে সকলের আনন্দময় হাস্যধ্বনি। □*অব্য* বিদ্রূপাত্মক হাসির শব্দ। {*ধ্বন্যা.*}

খিলা [খিলা] *বিণ* ১ অনাবাদি, পতিত; চাষের অনুপযুক্ত। ২ নিষ্ফল; বিফল (কত্ত নিধি পাবকে পোড়ায়ে করে খিলা—*ঘচ*)। {*স.* খিল+ *বা.* আ}

খিলাত, খেলাত, খেলওয়াত [খিলাত্, খেলাত্, খেলোয়াত্] *বি* রাজাদিদত্ত সম্মানসূচক পরিচ্ছদ (তাঁহার আমিরী খেলাত কাড়িয়া লন—*গিসে*; সেখান হইতে খেলওয়াত আসিবে—*বচ*)। {*আ.* খিল+আহ্ خلعة }

খিলান, খিলেন [খিলান্, খিলেন্] *বি* ইঁট বা পাথরের অর্ধ গোলাকার গাঁথনি; arch (আকাশের খিলানের নীচে—*আর*)। {খিল[১] +আন}

খিলাফ ⇒ খেলাপ

খিলাল, খেলাল [খিলাল্, খে—] *বি* ১ যে কাঠি দ্বারা দাঁতের ফাঁক পরিষ্কার করা হয়; দাঁতকাঠি, খড়কে; tooth-pick (উচিত্ত সে রক্ষিবারে ধুইয়া খিলাল—*সৈআ*)। ২ কাঠি দ্বারা দন্ত পরিষ্কারকরণ (ভক্ষাৎ শেষে খিলাল করিতে যুক্ত আছে—*সৈআ*)। ৩ হাতের আঙুল দ্বারা দাড়িগোঁফ বিলিখন করা বা আঁচড়ানো; পানি দ্বারা পরিষ্কার করা (ওযু সঙ্গে গোঁফ দাড়ি করিবা খিলাল—*সৈআ*)। {*আ.* খিলাল خلال }

খিলি, খিলী [খিলি] *বি* তৈরি করা পান; সাজা পান; পানের বিড়া। ~**দানি** *বি* পানদান; পানের ডিবা; খাসদান। {*হি.* ঠিলি}

খিলিজি, খিলিজী, খলযি [খিলিজি, – –, খলজি] *বি* দিল্লির মুসলিম রাজবংশ বিশেষ **খিলজাই** *বিণ* ১ খিলিজি সুলভ। ২ খিলিজিগণ কর্তৃক প্রবর্তিত বা প্রণীত (খিলজাই সাজ এসেছে ছাড়িয়া—*সদ*)। {*আ.* *ফা.* খিলজী خلجی }

খিসারত ⇒ খেসারত

খিস্তি, খিস্তী [খিস্‌তি] *বি* ঝগড়া; খেউর; অমার্জিত বা কুৎসিত ভাষায় গালাগালি (বশর মনীর রীতিমত খিস্তি জুড়ে দিলে—*শও*)। { *অমূ.*}

খী ⇒ খি

খীণ, খীন ⇒ খিণ

খীমা ⇒ খিমা

খীর *(মবা.)* [খির্] *বি* ক্ষীর; ঘন দুধ। ~**কম্বা** *বি* একপ্রকার ধান্য। { *স.* ক্ষীর}

খীল ⇒ খিল

খুংগি, খুঙ্গি, খুঙ্গী, খুঙি [খুঙ্‌গি, –, –, খুঙি] *বি* বেত বা বাঁশ দিয়া তৈরি বিশেষত বই কাগজপত্র রাখার ঝাঁপি বিশেষ; ক্ষুদ্র পেটিকা (একটি খুঙ্গীর মধ্যে কয়েক খণ্ড অতি জীর্ণ তালপত্র ছিল—*বচ*)। ~**পুঁথি** *বি* ঝাঁপি ও তন্মধ্যকার পুঁথি; পুঁথিসমেত ঝাঁপি (খুঙ্গি পুঁথি লইয়া ধীরে ধীরে ঘরের মধ্যে প্রবেশ করিল—*রঠা*)। { *স.* করঙ্ক>করঙ্গ>খুঙ্গ>}

খুঁজা, খোঁজা [খুঁজা, খোঁজা] *ক্রি* ১ অনুসন্ধান করা; তালাশ করা (নয়ন তারে খুঁজে বেড়ায় পায় না ঠিকানা —*রঠা*)। ২ যাচ্‌ঞা করা; চাওয়া (খুঁজে পাওয়া)। □ *বি* অন্বেষণ (এ খোঁজার শেষ নেই)। **খুঁজে পেতে** *অক্রি* খুব তল্লাশি করে। **খোঁজতল্লাশি** *বি* অন্বেষণ। { *স.* √খুজ>√খুঁজ+আ, *হি* খোঁজ; *আ.* খরজ خوز }

খুঁট[১], **খোঁট, খোট** [খুঁট্, খোঁট্, খোট্] *বি* ১ ধুতি বা শাড়ির প্রান্তভাগ বা কোণ (আঁচলের খুঁটে কি কতকগুলো যত্ন করিয়া বাঁধা. . . —*বিব*)। ২ সুতার প্রান্ত ভাগ। { *স.* কোটি> খুট}

খুঁট[২] [খুঁট্] *বি* খাজনা। { *অমূ.*}

খুঁট[৩] [খুঁট্] *বি* ১ ত্রুটি; দোষ; খুঁত। ২ অসম্পূর্ণ; খণ্ড। **খুঁট আখুঁরে,** ~ **আখরিয়া** *বিণ* ১ যে কষ্টে নাম সই করতে পারে; ধরে ধরে লেখে বা পড়ে যে; অল্প শিক্ষিত। ২ যে খুঁটে খুঁটে বিশেষ মনোযোগ দেয়। ৩ তুচ্ছ বিষয় নিয়ে কলহ করে এমন। **খুঁট আখুরি** *স্ত্রী.*। { *স.* খণ্ড>খুট্ট>খুঁট}

খুঁটন, খোঁটন [খুঁটোন্, খোঁটোন্] *বি* ১ নখ বা চঞ্চুর সাহায্যে খোঁচানো বা চিমটানো। ২ কুড়িয়ে নেওয়া। { *স.* √তুড়>*বা.* খুট অথবা, *স.* √খণ্ড>; √খুঁট/খোঁট+অন}

খুঁটরানো [খুঁটরানো] *ক্রি* খুঁটে বের করা। { খুঁট+রা+আনো}

খুঁটা[১], **খুঁটি, খোঁটা**[১], **খুঁটো** [খুঁটা, খুঁটি, খোঁটা, খুঁটো] *বি* খুঁটি; ক্ষুদ্র কাষ্ঠদণ্ড; গোঁজ। ~ **গেড়ে বসা** *ক্রি* অনেক ক্ষণের জন্য আড্ডা গেড়ে বসা; নড়বার লক্ষণ নেই এরূপভাবে বসা; অটল হয়ে বসা। ~ **পেতে দাঁড়ানো** *বি* ১ পা শক্ত করে দাঁড়ানো। ২ দৃঢ় সংকল্পের সঙ্গে কাজে লাগা। { *স.* ক্ষোড়>*প্রা.* খোঁটা>}

খুঁটা[২], **খোঁটা**[২] [খুঁটা, খোঁটা] *ক্রি* ১ ক্ষুদ্রাকৃতি বস্তু একটি একটি করে কুড়িয়ে তোলা। ২ বেছে নেওয়া; নির্বাচন করা। ৩ পাখির ঠোঁট দিয়ে শস্যকণা তুলে খাওয়া। ৪ নখাঘাত করা (ফলটি খুঁটো না)। **খুঁটনি** *বি* যা দ্বারা খোঁটা হয়। **খুঁটিয়ে দেখা** *ক্রি* যত্নপূর্বক সব দিক পরীক্ষা করে দেখা। **খুঁটে খাওয়া** *ক্রি* ১ কুড়িয়ে খাওয়া। ২ স্বচেষ্টায় অন্ন সংস্থান করা। **খুঁটে খেতে শেখা** *ক্রি* উপার্জনে সক্ষম হওয়া। **দাঁত খোঁটা** *ক্রি* খিলাল দিয়ে দাঁতের ফাঁক থেকে ভুক্তাবশিষ্ট খাদ্যকণা বের করা। { খুঁট+ আ}

খুঁটা[৩], **খোঁটা**[৩] [খুঁটা, খোঁটা] *বি* ১ কলঙ্ক; নিন্দা; দোষ (আমার লাগিয়া দেশ বিদেশে তোমার থাকা খুঁটা—*পূগী*)। ২ গঞ্জনা। **খোঁটা দেওয়া** *ক্রি* গঞ্জনা দেওয়া; দোষ দেওয়া। { *স.* ত্রুটি>}

খুঁটি, খুঁটী [খুঁটি] *বি* ১ বাঁশ বা কাঠের থাম। ২ অবলম্বন; নির্ভর। ৩ সেতার; এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের তার বাঁধার কাষ্ঠদণ্ড। ~ **গাড়া** *ক্রি* ১ নৌকা বাঁধা। ২ শক্ত বা স্থায়ী হয়ে বসা। **খুঁটির জোর** *বি* মুরুব্বির পৃষ্ঠপোষণ; যোগ্য মুরুব্বির অবলম্বন বা নির্ভর। { *স.* ক্ষোড>*প্রাবা.* খোটেয়> খুন্টি>*বা.* খুঁটি}

খুঁটিনাটি [খুঁটিনাটি] *বি* ১ কোনো বিষয়ের ছোট বড়ো সব কিছু; সূক্ষ্মাতিসূক্ষ্ম সকল বিষয়। ২ তুচ্ছ বা নিতান্ত সামান্য দোষত্রুটি। { *স.* ত্রুটি > + *অনু.* নাটি}

খুঁড়া ⇒ খোঁড়া[১]

খুঁড়ান, খুঁড়ানো ⇒ খোঁড়ানো

খুঁত, খুঁৎ [খুঁত্] *বি* ১ দোষ; ত্রুটি; অসম্পূর্ণতা। ২ কলঙ্ক। ৩ ক্ষতচিহ্ন। □ *বিণ* ক্ষতচিহ্নযুক্ত; দোষযুক্ত (খুঁত ফল দেখি রাজা নখে নিবারিল—*কাশী*)। ~ **কাড়া** *ক্রি* খুঁত বের করা; দোষ দেখানো। ~ ~ **করা** *ক্রি* ১ অব্যক্ত শব্দে অসন্তোষ বা বিরক্তি প্রকাশ করা। ২ সাধারণ ত্রুটিতে অসন্তোষ প্রকাশ করা বা অসন্তুষ্ট হওয়া। ৩ সম্পূর্ণ সন্তুষ্ট হতে না পারা। ~**খুঁতে** *বিণ* যে খুঁত ধরে বা অসন্তোষ প্রকাশ করে; সন্দেহ-প্রবণ; প্রায় কিছুই যার পছন্দ হয় না। ~ **ধরা** *ক্রি* ১ দোষ ধরা। ২ ছল ধরা। **খুঁতো** *বিণ* ত্রুটিপূর্ণ; দোষযুক্ত। { *স.* ক্ষত>}

খুঁতি, খুতি [খুঁতি, খু–] *বি* ছোট থলে বিশেষ (টাকার খুঁতি)। { *আঞ্চ.*}

খুঁতো ⇒ খুঁত

খুঁয়া, খুঁঞা, খুঞা [খুঁয়া, –, খুয়াঁ] *বি* ১ রেশম। ২ শণ; পাট। ৩ রেশমি বা শণের সুতায় প্রস্তুত কাপড় (ছ'মাসের খুঞা খানি হৈল মোর গুঁড়া—*কমু*)। ৪ মোটা কাপড় বিশেষ (শিরে দিতে নাহি আঁটে খুঁয়ার বসন—*কমু*)। **খুঁয়ে তাঁতি, খুঁঞে তাঁতি** *বি* তিসি গাছের ছালের সুতা থেকে কাপড় তৈরি করে যারা; মোটা কাপড় বোনে যারা (খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত—*ভারা*)। { *স.* ক্ষুমা>খুমা>খুআঁ>খুঁয়া}

খুক [খুক্] *অব্য* অল্প কাশির শব্দ। ~ ~ *অব্য* অনবরত অনুচ্চ কাশির শব্দ। ~**খুকানি** *বি* ক্রমাগত অনুচ্চ কাশি। { *ধ্বন্যা.*}

খুকরি, খুকরী, কুকরি [খুক্‌রি, –, কু–] *বি* ভোজালি; নেপালদেশীয় ছোরা বিশেষ (এদের 'খুকরী' দেখলে এখনও জার্মানরা রাইফেল ছেড়ে পালায়—*নই*)। { *নে.* কুকরি>}

খুকি, খুকী [খুকি] *বি* ১ ছোট মেয়ে; শিশুকন্যা। ২ মেয়ের আদরের ডাকনাম (বড় খুকি, ছোট খুকি)। ~**পনা** *(ব্য.)* *বি* খুকির ন্যায় আবদারপূর্ণ আচরণ। **খুকু** *বি* খুকি

(আদরে)। {ওরাওঁ ভাষা কোকা-কোকি>খোকা + ই, ঈ>খোকী>খুকি}

খুচখুচ, খুচুর খুচুর [খুচখুচ্, খুচুর্ খুচুর্] *ক্রি* সাবধানতার সঙ্গে আস্তে আস্তে চলা বা নড়াচড়া করা। □ *অব্য* ছোট জিনিস নাড়ানোর শব্দ। {*ধ্বন্যা.*}

খুচরা, খুচরো [খুচ্‌রা, খুচ্‌রো] *বি* ছোট; ক্ষুদ্র; ছোট ছোট; ছোটখাট (খুচরা কাজ, খুচরা খরচ); টাকার ভাঙ্গানি; রেজকি। ~ **কথা** *বি* ১ বাজে কথা; অবান্তর কথা। ২ ছোটখাট কথা; অল্প জরুরি কথা। ~ **কাজ** *বি* ছোটখাট কাজ; সাধারণ কাজ। ~ **খরচ** *বি* ১ ছোট খাট খরচ। ২ বাজে খরচ। ~ **বিক্রি** *বি* ভেঙে ভেঙে যে বিক্রি; অল্প করে যে বিক্রি; retail। {*ফা.* খুরদাহ্ خورده }

খুজলি [খুজ্‌লি] *বি* চুলকানি; খোস-পাঁচড়া। {*হি.* খুজলি}

খুঞা ⇒ খুঁয়া

খুঞ্চা, খুঞ্চি ⇒ খঞ্চা

খুট [খুট্] *অব্য* কাষ্ঠাদিতে কঠিন বস্তুর মৃদু আঘাতের শব্দ। ~~ *অব্য* ক্রমাগত খুট শব্দ। {*ধ্বন্যা.*}

খুটারি, খুটুরি [খুটারি, -টু-] *বি* ছোট কৌটা বা খোরা; কুঠুরি (ট্যাঁকে একটি চুনের খুটারি—*অঠা*)। {*স.* কট>কুট *বা.* আরি, উরি}

খুটুর মুটুর [খুটুর্‌মুটুর্] *অব্য* ইঁদুর ইত্যাদি জন্তুর ন্যায় চলাফেরার বা জিনিসপত্রের ঠোকাঠুকিজনিত শব্দ। □ *বি* ছোটখাট বিবাদ বিসংবাদ (তোমাদের দেখি সারাক্ষণ খুটুর মুটুর লেগেই আছে!)। {*ধ্বন্যা.*}

খুড়তুতো, খুড়তুত, খুড়াতো [খুড়্‌তুতো, -, খুড়াতো] *বিণ* খুড়ার ঔরসে জাত, খুড়ার সম্পর্কে সম্পর্কিত (খুড়তুতো ভাই)। {*স.* খুল্লতাত>খুড়তুত। *তুল.* মাসতুতো}

খুড়া[১], **খুড়ো** [খুড়া, খুড়ো] *বি* চাচা; কাকা; পিতৃব্য; পিতার ছোট ভাই। খুড়ি *স্ত্রী.*। {*স.* খুল্ল}

খুড়া[২] ⇒ খোঁড়া

খুড়াশ্বশুর, খুড়শ্বশুর [খুড়াশোশুর্, -ড়ো-] *বি* স্বামী বা স্ত্রীর খুড়া; শ্বশুরের ছোট ভাই। **খুড়শাশুড়ি, খুড়িশাশুড়ি** *স্ত্রী.*। {*স.* খুল্ল/ক্ষুদ্র+শ্বশুর}

খুতবা, খুৎবা ⇒ খেতবা

খুতি ⇒ খুঁতি

খুদ[১], **ক্ষুদ** [খুদ্] *বি* ১ চালের ক্ষুদ্র অংশ বা কণা (ভিক্ষা মাগি খুদকণা যা পান ঠাকুর—*ভারা*)। ২ যে কোনো শস্যের ক্ষুদ্রাংশ বা কণা। ~**কুঁড়া**, ~**কুঁড়ো** *বি* ১ খুদের সঙ্গে মেশানো কুঁড়ো। ২ অতি সামান্য আহার্য (. . . . না মিলিল খুদকুঁড়া—*ভারা*)। ~ **মাগা** *বি* হিন্দুদের বিবাহে স্ত্রী-আচারবিশেষ। □ *ক্রি* ভিক্ষা করা। {*স.* ক্ষুদ্র> *প্রা.* খুদ্দ>*বা.* খুদ}

খুদ[২] ⇒ খোদ

খুদা ⇒ খোদা[২]

খুদি[১] ⇒ খুদে

খুদি, খুদী [খুদি] *বি* সত্তা; স্বকীয়তা (তওহীদের তেজোদৃপ্ত খুদীর দাওয়াত—*তাহো*)। {*ফা.* খুদী . . . .}

খুদে [খুদি] *বিণ* ক্ষুদ্র; অতি ছোট। ~ **পিঁপড়া/পিঁপড়ে** *বি* ছোট পিপীলিকা। ~ **রাক্ষস** *বি* ১ পেটুক; ভোজনপটু; যে রাক্ষসের মতো বেশি খায়। ২ ছোটখাট রাক্ষসের ন্যায় বৃহৎকায় মানুষ। ~ **শয়তান** *বি* ১ শয়তানের ক্ষুদ্র সংস্করণ। ২ ক্ষুদ্রকায় অথচ অতিশয় দুষ্ট। ৩ অতিমাত্রায় দুষ্ট বালক। {*স.* ক্ষুদ্র}

খুদ্দ (*প্রাবা.*) [খুদ্‌দো] *বিণ* ক্ষুদ্র। {*স.* ক্ষুদ্র>}

খুধা (*প্রাবা.*) [খুধা] *বি* ক্ষুধা (খুধায় তৃসায় পঞ্জর দহেন্ত কলেবর—*রাপ*)। {*স.* ক্ষুধা>}

খুন [খুন্] *বি* ১ রক্ত; লহু (ছেঁড়া কলিজার খুন-মাখা সেই ঠোঁটের গোলাব-কুঁড়ি—*মোম*)। ২ হত্যা; বধ (খসরুকে খুন সেই করায়েছে—তারি কাজ নিশ্চয়—*মোম*)। □ *বিণ* ১ আকুল; ব্যতিব্যস্ত; নাজেহাল (শুনিয়া গোবু ভাবিয়া হল খুন—*রঠা*)। ২ নিহত। ৩ মৃতপ্রায়; আধমরা (মেরে খুন করা)। ৪ হয়রান; অতিশয় ক্লান্ত; অত্যন্ত পরিশ্রান্ত (পেটের ধান্দায় সারাদিন ঘুরে বাছা আমার খুন হয়ে এসেছে)। ~**খুবি**, ~**খুবী** *বি* ১ রক্তোন্মত্ততা (রণদুন্দুভি শুনি খুন-খুবী...—*নই*)। ২ উদ্দীপনার সৌন্দর্য। ~ **চড়া** *বি* ১ ক্রোধে রক্ত গরম হওয়ার ফলে প্রায় জ্ঞানশূন্য বা উন্মত্ত হওয়া। ২ হত্যা করার প্রবৃত্তি হওয়া। ~ **চাপা** *বি* ১ ক্রোধে উত্তেজিত হওয়ার ফলে মাথায় রক্ত ওঠা। ২ ক্রোধোন্মত্ত হয়ে হত্যা করার জন্য প্রবৃত্ত হওয়া। ~**জোশি**, ~**জোশী** *বি* রক্ত-উত্তেজনা; রক্তোন্মাদনা (পশ্চিমে নীলা লোহিতের খুনজোশীতেরে লাগে আগ—*নই*)। ~**রেজ** *বিণ* রক্তপিপাসু (তিনি তাঁহার খুনরেজ নামক তরবারি কোমর হইতে মুক্ত করিয়া হস্তে ধারণ করিলেন...—*ইহো*)। ~**শাল** *বি* যে ঘরে হত্যা বা খুন করা হয় (মানিকে বান্ধিয়া তবে রাখে খুনশালে—*মৈগী*)। ~ **হওয়া** *ক্রি* ১ নিহত হওয়া। ২ হত্যা সংঘটিত হওয়া। **খুনাখুনি, খুনোখুনি** *বি* ১ পরস্পর মারামারি কাটাকাটি; রক্তারক্তি; রক্তপাত। ২ বিষম ঝগড়া-বিবাদ ও দাঙ্গা (দুই দলে খুনাখুনি পড়ে—*কমু*)। **খুনের খুঁটি** *বি* যূপকাষ্ঠ (ঐ খুনের খুঁটিতে কল্যাণ-কেতু, লক্ষ্য ঐ তোরণ—*নই*)। **মাথায় ~ চাপা, মাথায় ~ চড়া** *ক্রি* হত্যা করাও সম্ভব এমন উত্তেজিত হওয়া। {*ফা.* খূন্ خون }

খুনআলুদা [খুন্‌আলুদা] *বিণ* রক্ত রাঙা; রক্ত-রঞ্জিত; রক্তাপ্লুত; রক্তাক্ত (শিমুল গাছটার দিকে চেয়ে মনে হল যেন তার ডালে ডালে নিরাশ প্রেমিকের 'খুনআলুদা' হৃৎপিণ্ডগুলো টাঙানো রয়েছে—*নই*)। {*ফা.* খুন আলুদাহ্ خون آلوده }

খুন-খারাব [খুন্‌খারাব্] *বি* খুনাখুনি; রক্তারক্তি; হত্যাকাণ্ড (রক্ত সৌদাল খুন-খারাব—*নই*)। {*ফা.* খুন-খারাব خون خراب }

খুন-খারাবি, খুন-খারাবী [খুন্‌খারাবি] *বি* হত্যাকাণ্ড; রক্তারক্তি; রক্তপাত (ভরতা নেই আজ খুন-খারাবীতে রক্তলুব্ধ মন—*নই*)। ২ দাঙ্গা-হাঙ্গামা। ৩ অত্যুজ্জ্বল লাল রং বিশেষ। {*ফা.* খুন-খরাবী خون خراب }

খুনখুনে [খুন্‌খুনে] *বিণ* অত্যন্ত বৃদ্ধ। {*আঞ্চ.*}

খুনশি, খুনশী [খুন্‌শি] *বিণ* ক্রুদ্ধ; মারমুখো (বখশী আমার পতি সদাই খুনশী—*ভারা*)। □ *বি* কলহের ছল; কৃত্রিম কলহ; খুনসুড়ি (মোরে পরিচয় দেহ ছাড়হ খুনশী—*ভারা*)। {*হি.* খুনসী}

খুনসুড়ি, খুনসুটি [খুনশুড়ি, খুনশুটি] *বি* ১ কলহের ছল; কৃত্রিম বিবাদ-বিসংবাদ; প্রণয়-কলহ (দিলে দিলে আজ খুনসুড়ি করে দিল্‌লগী....—*নই*)। ২ তুচ্ছ দোষারোপ ও লঘু কলহ। { *অমূ* }

খুনি, খুনিয়া, খুনিয়ারা[১] [খুনি, খুনিয়া, খুনিয়ারা] *বিণ* ১ ঘাতক; হত্যাকারী (আম্মা, লাল তেরি খুন কিয়া খুনিয়া—*নই*)। ২ দাঙ্গাবাজ; বিবাদপ্রিয়। ৩ অতিশয় নিষ্ঠুর; ঘাতকের ন্যায় নিষ্ঠুর (স্বার্থে ভরা হায় দুনিয়া, মানুষ এমন হয় খুনিয়া?—*গোমো*; আলীবর্দীর পার্শ্বে দাঁড়ায়ে খুনিয়ারা বেশ নিয়া—*আজই*)। ৪ রক্তবর্ণ (খুনি রং)। **খুনি আসামি** *বি* হত্যার দায়ে ধৃত ব্যক্তি। { *ফা.* খুন خون *বা.* ই, ইয়া, ইয়ারা}

খুনেরা, খুনিয়ারা[২] [খুনেরা, খুনিয়ারা] *বিণ* রক্তাক্ত; রক্তমাখা; রক্তরাঙা (জয়নালে পরালো এ খুনিয়ারা বেশ কে?—*নই*; এল খুনমাখা তূণ নিয়ে খুনেরা ফাগুন—*নই*)। {খুনী+আরা>খুনিয়ারা>খুনেরা (স্বরসাম্যে)}

খুন্তি, খন্তি [খুন্‌তি, খোন্‌তি] *বি* ১ রন্ধনকার্যে ব্যবহৃত হাতা বিশেষ। ২ ছোট খন্তা। { *স.* খনিত্র>খনিত্ত> খন্তি>খুন্তি}

খুপরি, খুবরি [খুপ্‌রি, খুব্‌রি] *বি* ১ খোপের মতো ঘর (মাথায় ভাবনা নিয়ে খুপরিতে আছি শুয়ে—*শারা*)। ২ খোপ; ছোট তাক; কুলুঙ্গি। { *স.* ক্ষুপ> খোপ বা কূপ>খুপ,খুব+*বা.* রি}

খুপসুরৎ ⇒ খুবসুরত

খুপি, খুপী [খুপি] *বিণ* ১ খোপের মতো ঘরযুক্ত। ২ খোপের তুল্য। ৩ খোপের মতো নকশা করা হয়েছে এমন। □ *বি* অত্যন্ত ছোট ঘর বা খোপ। { *স.* ক্ষুপ> খোপ> খুপ+ই, ঈ}

খুব [খুব্] *বিণ, ক্রিবিণ* ১ অত্যন্ত; অতিশয় (খুব সুন্দর)। ২ যথোচিত; যথোপযুক্ত (খুব সময়ে এসে পড়েছে যা হোক; মেরেছে—খুব করেছে)। □ *ক্রিবিণ* ১ বেশ; ভালো; উত্তম; চমৎকার, যথেষ্ট (খুব হয়েছে)। ২ নিশ্চয়; অবশ্য; নিঃসন্দেহে (খুব পারবে)। ৩ অত্যন্ত বেশি (খুব খায়)। ৪ আচ্ছা রকম; বেশ ভালোমতো (কাগজ-ওয়ালারা খুব ঠুকেছে)। □ *অব্য* প্রশংসাসূচক ধ্বনি; অতি উত্তম (খুব—বহুত খুব)। ~ **করা** *ক্রি* বেশ করা; যথাযোগ্য কর্ম করা। ~ **করে ধরা** *ক্রি* অনুনয় বিনয় করে বলা; নাছোড় হয়ে মিনতি করা। ~ **করে বলা** *ক্রি* ১ বিশেষ অনুরোধ করা। □ *বিণ* মনের ক্ষোভ মিটিয়ে কথা শুনিয়ে দেওয়া। ~**সে** *ক্রিবিণ* ভালোরূপে; আচ্ছামতো; বেশ করে (সুর বেঁধে বীণ সারেঙ্গীতে খুবসে শিরীন শরাব পিয়ো—*নই*)। { *ফা.* খুব خوب }

খুবরি, খুবরী ⇒ খুপরি

খুবলানো, খোবলানো [খুব্‌লানো, খোব্-] *ক্রি* খাবলিয়ে নেওয়া (আয় দিই চোখ দুটো খুবলে—*অঠা*)। { *স.* কবল>+*বা.* আনো}

খুবসুরত, খাবসুরত [খুব্‌সুরত্, খাব্‌সুরত্] *বিণ* ১ অত্যন্ত সুন্দর বা সুন্দরী; সুরূপ বা সুরূপা; সুদর্শন বা সুদর্শনা (অমন খুবসুরৎ মেয়ে দুনিয়ায় কম জন্মায়—*শও*)। ২ সুশ্রী (কিন্তু এ কর্মে একটুখানি খাবসুরত হতে হয়—*সৈমু*)। **খুবসুরতি** *বি* রূপশ্রী; সৌন্দর্য (খোপসুরতি দেখে বেটার ধর্মজ্ঞান লোপ পেয়েছে...—*প্রচৌ*)। { *ফা.* *আ.* সুরত صورت }

খুবানি, খোবানি [খুবানি, খো-] *বি* এক জাতীয় ফল; apricot (বাদাম খুবানি বনে কেটেছে তোমার দিন—*ফআ*)। { *ফা.* খুবানী خوبانی }

খুবি[১], **খুবী** [খুবি] *বি* ১ মঙ্গল; কল্যাণ; ভালাই (হানিফা কহেন যদি মেরা খুবী চাও—*সৈহা*)। ২ সৌন্দর্য; শোভা (কাজের খুবি)। { *ফা.* খুবী خوبی }

খুবি[২] [খুবি] *বি* বীজ বপন করার জন্য ছোট ছোট গর্ত। { *স.* ক্ষুপ+*বা.* ই}

খুবী ⇒ খুবি[১]

খুমার, খোমার, খুমারি [খুমার, খো-, খুমারি] *বি* ১ আবেশ; ঘোর; আচ্ছন্নতা (বেহুশে থাকিবে তারা নিন্দের খোমারে...—*সৈহা*)। ২ নেশার পরবর্তী অবসাদ; খোঁয়ারি। ৩ ভর্ৎসনা (সেবি স্বামী অন্ধ সদা করে দ্বন্দ্ব ভোজনকালে খুমারি—*ঘচ*)। { *আ.* খুমার خمار }

খুম্ভী (*মবা.*) [খুমভি] *বি* কানের অলঙ্কার বিশেষ (ক্ষেণে ঢাকি কর্ণমূল শোভে দুই খুম্ভী—*সৈআ*)। { *হি.* খুম্বী}

খুয়া ⇒ খোয়া

খুয়ার ⇒ খোয়ার

খুর, খুরা [খুর, খুরা] *বি* ⇒ ক্ষুর। **খুর-তোলা** *বি* উঁচু গোড়ালিবিশিষ্ট হিলওয়ালা; highheel (পায়ে খুর-তোলা জুতো—*অচিসে*)। **খুরে দণ্ডবৎ, খুরে নমস্কার** *বি* (*ব্য.*) নমস্যরূপে গ্রহণ করে পরাজয় স্বীকার করণ। { *স.* ক্ষুর>*প্রা.* খুর>}

খুরপি, খুরপা [খুরপি, -পা] *বি* ১ ছোট খন্তা; মাটি খোঁড়ার জন্য ব্যবহৃত এক প্রকার ছোট খন্তা। ২ ঘাস চেঁচে তোলার যন্ত্র বিশেষ (একটা খুরপি দিয়ে সে আগাছাগুলো নিড়িয়ে দিতে বসল—*শাহ*)। ৩ চর্মকারের অস্ত্র-বিশেষ। { *স.* ক্ষুরপ্র>*প্রা.* খুরপ্প>*বা.* খুরপা}

খুরপ্র ⇒ ক্ষুরপ্র

খুরমা ⇒ খোরমা

খুরলি, খুরলী [খুর্‌লি] *বি* ১ ব্যায়াম। ২ যুদ্ধকৌশল বা বংশীবাদনের কৌশল শিক্ষা (বিম্ব অধরে মুরলী খুরলী—*গোদা*)। ৩ কোনো বিদ্যা অভ্যাস। ৪ রঙ্গ; কৌতুক (পঙ্কে কতই কর খুরলি—*গোদা*)। { *স.* খুর+√লা+অ(ক)+ই}

খুরশি, খুরসি [খুরশি] *বি* কাঠনির্মিত বসার ছোট আসন বিশেষ; টুল; কুরশি; চেয়ার। { *আ.* কুরসী کرسی }

খুরসানি (*প্রাবা.*) [খুরশানি] *বি* খুরাঘাত; ক্ষুর নামক অস্ত্রের আঘাত (সরগ মরত পাতালে ত লেগেছে খুরসানি ...—*রাপ*)। { *স.* খুরস্থান+*বা.* ই}

খুরা, খুরো, ক্ষুরা [খুরা, খুরো, খুরা] *বি* ১ আসবাবপত্রের পায়া (খাটের খুরা)। ২ যে বেড় পরানো হয়। ৩ কলসি, বদনা প্রভৃতির নিচের ধাতুর তৈরি বেড়। { *স.* খুর+*বা.* আ}

খুরাক ⇒ খোরাক

খুরি[১], **খুরী**[১] [খুরি] *বি* ১ মাটি বা ধাতব পদার্থের ছোট্ট বাটি; ছোট খোরা (হাঁড়ি, কলসী, খুরি, গেলাস, প্রদীপ, কলকে—*অচিসে*)। ২ গবাদি পশুর ক্ষুর (পুনরপি বলে

লহ ছাগলের খুরি—*হেমা*)। { *ফা.* খোরাহ্ خوره }

খুরি[২], **খুরী**[২] [খুরি] *বি* খুরবিশিষ্ট জীবজন্তু। { *স.* ক্ষুর> *প্রা.* খুর+*বা.* ই, ঈ}

খুরো ⇒ খুড়া

খুর্মা ⇒ খোরমা

খুলা ⇒ খোলা

খুলাসা ⇒ খোলসা

খুলি[১], **খুলী**[১] [খুলি] *বি* ১ মাথার উপরিভাগ; করোটি; খর্পর। ২ মাটির পাত্র বিশেষ। { *স.* কর্পর>*প্রা.* খপর>}

খুলি[২], **খুলী**[২] [খুলি] *বি* যে খোল বাজায়; খোলবাদক; মৃদঙ্গবাদক। { *স.* খল্ল>খোল+ই}

খুল্ল, ক্ষুল্ল [খুল্‌লো] *বিণ* ১ ক্ষুদ্র। ২ অল্প। ৩ কনিষ্ঠ। { *স.* √ক্ষুদ্+√লা+অ(ক) = ক্ষুল্ল>}

খুল্লতাত, ক্ষুল্লতাত [খুল্‌লোতাতো] *বি* পিতার কনিষ্ঠ ভাই; চাচা; কাকা। { *স.* ক্ষুল্ল+তাত<*স.* √তন্+ত(ক্ত)}

খুশ ⇒ খোশ

খুশক, খুশ্‌ক, খুস্ক [খুশ্‌কো] *বিণ* ১ শুষ্ক; রসহীন। ২ রুক্ষ। { *ফা.* খুশক خشك }

খুশকা, খুশ্‌কা পোলাও [খুশ্‌কা, -পোলাও] *বি* ১ অল্প ঘি দিয়ে রান্না করা পোলাও। ২ ঘৃতহীন ভাত; সাদা ভাত। { *ফা.* খুশকাহ্ خشكه }

খুশকি, খুস্কি [খুশ্‌কি] *বি* ১ মরা মাস। ২ মাথার শুষ্ক চামড়া; dandruff। ৩ শুষ্ক স্থান; শুকনা জায়গা। { *ফা.* খুশকী خشكى }

খুশি, খুশী [খুশি] *বি* ১ আনন্দ; সন্তোষ (তুমি আছ আমি আছি এই তো খুশী মোর—*নই*)। ২ আহ্লাদ; আমোদ। ৩ ইচ্ছা; মর্জি; খেয়াল (যাকে খুশি দাও)। □ *বিণ* আনন্দিত; সন্তুষ্ট; প্রীত, তৃপ্ত (শুনে খুশি হবে)। ~**তে বাগ বাগ** *বিণ* আনন্দে উৎফুল্ল (.... বুদ্ধির কথায় খুশীতে বাগ বাগ হয়ে খুব খানিকটা মিষ্টি হাসি হাসলো—*সজ*)। **খুশির মউজ** *বি* আনন্দের ঢেউ (রণের জোশে সাগর মাঝে উঠলো খুশীর মউজ—*রই*)। { *ফা.* খুশী خوشى }

খুস ⇒ খোশ

খৃস্ট, খৃষ্ট ⇒ খ্রিস্ট

খে[১] ⇒ খি

খে[২] ⇒ খেই

খেই, খাই, খে[২] [খেই, খাই, খে] *বি* ১ সুতার মুখ বা প্রান্ত (ঝিউড়ির খেই আর বউড়ির পাঁজে গো—*সদ*)। ২ প্রসঙ্গ, ধারা; সূত্র (কোন জিনিসের খেই ধরলে তিনি জট না ছাড়িয়ে সন্তুষ্ট হতেন না—*সৈমু*)। ৩ সন্ধান। ৪ সুতার তারের সংখ্যা; strand। { *স.* ক্ষেপ>খেপ>*বা.* খেই}

খেউর, খেঁউড় [খেউর্, খেঁউড়্] *বি* ১ বাদ-প্রতিবাদমূলক অশ্লীল গ্রাম্য গান বা কবিতা বিশেষ। ২ অকথ্য ভাষায় গালাগালি; খিস্তি। ৩ বাদপ্রতিবাদ; কচাল (আর খেউড় বাড়াসনে—*অচিসে*)। { *স.* ক্ষেপ>}

খেউরি, খৌরি [খেউরি, খোউরি] *বি* ক্ষৌরকার্য; নাপিতের দ্বারা চুল দাড়ি প্রভৃতি কাটানো বা কামানো (জুম্মা বার কিনা, সকলেই খেউরি হৈব—*গোমো*; চুলদাড়ি সে খেউরি করে এমন চমৎকার—*সৈমুআ*; খেউর করিয়া অঙ্গ করিলা নির্মল—*দৌব*; ল্যান্ডলেডি যাতে ঘর গোছাবার সময় খেউরির জিনিষপত্র না দেখে ভাবে আমি নিতান্ত চ্যাংড়া—*সৈমু*)। ~ **বন্ধ করা** *ক্রি* সামাজিক শাস্তি হিসেবে ধোপা নাপিত বন্ধ করা; একঘরে করা। { *স.* ক্ষৌর>*প্রা.* খউর>খেউর+*বা.* ই}

খেওয়া ⇒ খেয়া

খেংরা ⇒ খ্যাংরা

খেঁক, খ্যাঁক [খ্যাঁক্] *অব্য* ১ কুকুর শৃগাল প্রভৃতির বিরক্তি বা ক্রোধ প্রকাশকারী ধ্বনি। ২ রূঢ়ভাবব্যঞ্জক বাক্য; কর্কশ শব্দময় বাক্য। ~ ~ *অব্য* কর্কশভাবে ক্রোধ বা বিরক্তি প্রকাশক শব্দ। **খেঁকানো** *ক্রি* খেঁক খেঁক শব্দ বা ধ্বনি করা; খ্যাঁক খ্যাঁক শব্দ করে ক্রোধ বা বিরক্তি প্রকাশ করা। **খেঁকানি**, ~**খেঁকানি** *বি* ১ শৃগাল-কুকুরের কলহ শব্দ। ২ খেঁক খেঁক শব্দ বা ধ্বনি। { *ধ্বন্যা.*}

খেঁকশিয়াল [খ্যাঁক্‌শিয়াল্ (খেঁক-] *বি* এক জাতীয় শৃগাল; fox। **খেঁকশিয়ালি** *স্ত্রী*। { *বা.* ধ্বন্যাত্মক শব্দ খেঁক+*স.* শৃগাল>*প্রা.* শিয়াল}

খেঁকারি ⇒ খাঁকার

খেঁকি, খেঁকী [খেঁকি] *বিণ* ১ খ্যাঁক খ্যাঁক শব্দকারী। ২ রাগী; ক্রোধী; কোপন স্বভাববিশিষ্ট। □ *বি* যে রোগা শীর্ণ কুকুর সহজেই খ্যাঁক করে ওঠে। ~ **কুত্তা** *বি* যে সকল বিরক্তিকর কুকুর অকারণে খ্যাঁক-খ্যাঁক করে তাড়া করতে অভ্যস্ত। {খেঁক+ই}

খেঁচ ⇒ খিঁচ

খেঁচড়া [খ্যাঁচ্‌ড়া] *বিণ* অশিষ্ট; দুষ্ট; পাজি; বজ্জাত। ~**মি** *বি* দুষ্টামি; বজ্জাতি। **আধ/আধা** ~ *বিণ* সম্পূর্ণ হয়নি এমন; অসম্পূর্ণ; অর্ধপক্ব। { *স.* খচর>খঞ্চর>খেচড়া}

খেঁচা, খিঁচা [খেঁচা, খিঁচা] *ক্রি* ১ হঠাৎ টান; আকস্মিকভাবে আকর্ষণ করা। ২ অঙ্গের আক্ষেপ বা খিঁচুনি হওয়া (হয়তো হাত-পা খিঁচবে—*সুরা*)। □ *বি* উক্ত উভয় অর্থে। **খেঁচুনি, খিঁচুনি** *বি* অঙ্গের আক্ষেপ; রোগে হাত-পা প্রভৃতি খিল ধরা বা খেঁচা। { *হি.* √খিঁচ}

খেঁচাখেঁচি [খ্যাঁচাখেঁচি] *বি* ১ টানাটানি। ২ মনোমালিন্য; মন কষাকষি। ৩ বাদ প্রতিবাদ; কলহ। { *হি.* খিঁচ>, *অনু.* √খিঁচ, খেঁচি}

খেঁচে হাওয়া [খেঁচে হাওয়া] *বি* টানা দৌড়; ভোঁ দৌড়। { *হি.* খিঁচনা>+*আ.* হাওয়া هوا }

খেঁট ⇒ খ্যাঁট

খেঁটে, খেটে [খেঁটে, খেটে] *বি* মোটা ছোট লাঠি। { *স.* খেটি>}

খেঁড়, খেড় [খ্যাঁড়, খ্যা—] *বি* ১ বিচালি (এক পাঁজা এলুয়ে খেড়—*গোগা*)। ২ শুষ্ক তৃণ। { *স.* খড়>}

খেঁড়ু [খেঁড়ু] *বি* খেউড় গান; অধুনালুপ্ত অশ্লীল গানবিশেষ। □ *বিণ* যারা খেউড় গান করে; খেউড় গায়ক (নদে শান্তিপুর হৈতে খেঁড়ু আনাইব নূতন নূতন ঠাটে খেড়ু শুনাইব—*ভারা*)। { *স.* ক্ষেড়>}

খেঁড়ো [খেঁড়ো] *বি* ১ কাঁকুড় জাতীয় ফলবিশেষ। ২ যে গাভী অনেকদিন বাচ্চা দিয়েছে অথচ এখনও বাচ্চা দুধ খায় (খেঁড়ো গাইয়ের দুধ ঘন)। { *স.* কর্কটী>*বা.* কাঁকুড়> খেঁড়ো}

খেঁতখেঁত, খ্যাঁৎখ্যাঁত[খ্যাত্‌খ্যাত্] *বি* শিশুর অসুস্থতার প্রারম্ভের অল্প ক্রন্দন শব্দ। **খেঁতখেঁতানো** *ক্রি*। খেঁতখেঁতানি *বি*। {*ধ্বন্যা.*}
খেঁদা ⇒ খাঁদা
খেঁসারি ⇒ খেসারি
খেকো, খেগো [খেকো, খেগো] *বিণ* ১ ভোজনকারী; ভক্ষক; খাদক (মানুষ-খেকো বাঘ)। ২ ভক্ষিত; আংশিক-খাওয়া (ইঁদুর খেকো রুটি)। **খাকি** *স্ত্রী*। {*স.* খাদ্> *বা.* খা+ *বা.* উকা>উকো}
খেঙরা, খেঙ্গরা ⇒ খ্যাংরা
খেচকা [খ্যাচ্‌কা] *বিণ* হঠাৎ প্রযুক্ত; হেঁচকা {(খেচ+ হেচকা)>খেচকা}
খেচর, খচর [খেচর, খচর] *বিণ* আকাশে বিচরণকারী; আকাশচারী। □*বি* পাখি। **খেচরী, খচরী** *স্ত্রী*। {*স.* খ+ √চর্+অ(ট); *অলুক.*}
খেচরান্ন, খেচারি [খেচোরান্‌নো, খেচারি] *বি* খিচুড়ি। {*স.* কৃসর+> *প্রা.* কিসর>কিছর>খিচর>; খেচর+ *স.* অন্ন}
খেচাখেচি, খেচামেচি [খ্যাচাখেচি, —মে-] *বি* বাগবিতণ্ডা; ঝগড়াঝাঁটি; কলহ। {*স.* কচাকচি> *হি.* খিচ}
খেজমত, খিজমত ⇒ খেদমত
খেজমতগার, খেদমতগার[খেজ্‌মত্‌গার, --দ্-] *বি, বিণ* সেবক; পরিচর্যাকারী (তৎপরে ভৃত্যগণের নিরূপণ, খানসামা খেজমতগার ফরাস...--*ভব*)। {*ফা.* খিদমতগার خدمتگر }
খেজাব, খিযাব [খেজাব, খি-] *বি* কলপ; রং বিশেষ; সাদা চুল কালো করার রং (বাবু দেন মেখে দাড়িতে 'খেজাব'—*নই*; চুল–দাড়িতে খেযাব লাগানোর জন্য—*আমআ*)। {*আ.* খিদাব خضاب }
খেজালত, খেজালৎ [খেজালত] *বি* জ্বালাযন্ত্রণা; ঝঞ্ঝাট; দিগদারি (অত খেজালত আর না টানায় প্রাণে—*মৈগী*)। {*আ.* খিজালত خجالت }
খেজুর, খাজুর [খেজুর, খা-] *বি* এক জাতীয় ফল; খেজুর গাছ। ~ **গুড়** *বি* খেজুর গাছের রস থেকে প্রস্তুত গুড়। ~ **ছড়ি**, ~ **ছড়া** *বি* ১ খেজুরের ছড়ি বা কাঁদি। ২ খেজুর পাতার নকশাযুক্ত পাড়ের শাড়ি কাপড়। ৩ এক জাতীয় ধান। ~ **মাথি** *বি* খেজুর গাছের মাথার কোমল শাঁস—যা খাদ্যরূপে ব্যবহৃত হয়। ~ **রস** *বি* খেজুর গাছের রস—যা জ্বাল দিয়ে গুড় প্রস্তুত করা হয়। **খেজুরে, খাজুরে, খেজুরিয়া** *বিণ* ১ খেজুর সম্বন্ধীয়। ২ খেজুরের রস থেকে প্রস্তুত (খেজুরের গুড়)। ৩ খেজুরের ন্যায় মিষ্ট। **খেজুরে বা খাজুরে আলাপ** *বি* সময় অপচয়কারী বিরক্তিকর মিষ্ট আলাপ। {*স.* খর্জুর> খজ্জুর>খাজুর, খেজুর (স্বরসাম্যে)}
খেজের১ ⇒ খিজির
খেজের২, **খিযর** [খেজের, খিজ্‌র] *বি* ১ সবুজ। ২ নবীন; তরুণ (হে খেজের বলো—*আলীআ*)। ৩ সবুজ গাছপালা বা লতাপাতা। **খিজির** {*আ.* খিদ্‌র خضر }
খেট ⇒ খ্যাট

খেটক [খেটক্] *বি* ঢাল; ফলক (পাশাঙ্কুশ ঘণ্টা খেটক শরাসন....—*কমু*)। {*স.* √খেট্+ক(কন্)}
খেটে১ [খেটে] *বি* ১ খাটো মুগুর। ২ খাটো মোটা লাঠি। ৩ ঢেঁকির মোনা; মুষল। {*স.* খেট>}
খেটে২ [খেটে] *অক্রি* মেহনত করে (খেটে খায়)। {খাটচ>}
খেটে জাল[খেটেজাল] *বি* ইলিশ মাছ ধরার জালবিশেষ। {*স.* খর্ব>খেটে+জাল}
খেটেল *(মবা.)* [খেটেল্] *বি* ১ শ্রমিক; মজুর; যে খাটে। ২ সামান্য ভৃত্য (কখন খেটেল কখন ভাড়াড়ী—*ভারা*)। {খেটে+ল}
খেড় ⇒ খেড়
খেড়ি, খেড়ী [খেড়ি] *বি* ১ খেলা (. . .খেড়ি খেলিবাম তুমি সনে.....—*সৈসু*)। ২ খেলোয়াড়; খেলার সাথি। {*স.* ক্রীড়া> *প্রা.* খেড্ড>}
খেড়ুয়া [খেড়ুয়া] *বি* খেলোয়াড় (পরহস্তগত যদি হইল গারুয়া। পুনি ফিরাইতে পারে সেই যে খেড়ুয়া—*সৈআ*)। {খেড়+উয়া}
খেত, ক্ষেত[খেত] *বি* মাঠ; চাষের জমি; শস্যোৎপাদনের মাঠ (চায় তারা ফসলের খেত, দীঘি ও খামার--*বিদে*)। ~-**খোলা**, ~-**খামার** *বি* আবাদি জমি; চাষির কর্মক্ষেত্র (এক গেলাস চাউল–পানি খাইয়া খেত–খোলা দেখিতে বাহির হইয়া ওসমান সরকারের অনেক দিনের অভ্যাস—*আমআ*)। **খেতালি, খেতি, ক্ষেতি** *বি* ১ চাষ–আবাদ (... বিবিধ ক্ষেত ক্ষেতি শোভয়—*দৌবা*)। ২ ক্ষেত কর্ষণের বা চাষ–আবাদের কাজ। {*স.* ক্ষেত্র> *প্রা.* খেত্ত>খেত}
খেতাব, খিতাব [খেতাব, খি-] *বি* সম্মানজনক উপাধি (সামান্য একটা পদক বা খেতাব দিয়ে নয়, দস্তুর মতো মোটা মাশুলে—*অচিসে*)। ~**ধারী** *বিণ* খেতাব লাভ করেছে এমন। **খেতাবি, খিতাবী** *বিণ* সম্মানসূচক উপাধিধারী (যদিচ খেতাবী প্রতাপী তথাপি বেশকই পোশাকী—*সদ*)। {*আ.* খিতাব خطاب }
খেতি১ ⇒ খেত
খেতি২ [খেতি] *বি* ক্ষতি; লোকসান। {*স.* ক্ষতি> খতি>খেতি}
খেত্রী, ক্ষেত্রী, খেত্তিক [খেত্‌ত্রি, -, খেত্‌তিক্] *বি* হিন্দুস্থানী ক্ষত্রিয় জাতিবিশেষ; ছত্রী। {*স.* ক্ষত্রিয়>ক্ষত্রী> খেত্রী; *তুল. হি.* ক্ষত্রী}
খেদ [খেদ্] *বি* ১ দুঃখ; আফসোস; অনুতাপ। ২ বিলাপ; আক্ষেপ। ৩ ক্লান্তি; অবসন্নতা। **খিদ্যমান, খিন্ন, খেদিত** *বিণ*। {*স.* √খিদ্+অ(ঘঞ্)}
খেদঙ্গ[খেদঙ্‌গো] *বিণ* তীক্ষ্ণ; ধারালো (মারিনু খেদঙ্গ তীর খেঁচিয়া কামান—*সৈহা*)। {*স.* খেদ(√খিদ্+অ)+ অঙ্গ>}
খেদমত, খিদমত [খেদ্‌মত, খি-] *বি* ১ সেবাযত্ন; পরিচর্যা (স্বয়ং কর্ত্রী মন দিয়া মান্যের সহিত খেদমত করিবেন ...—*মীম*; গণেশ মামা খিদমত করছেন ...—*রাব*)। ২ চাকরি (... ধন্য রে কোটালি খেদমত---*ভারা*)। ৩ দাসত্ব। ~**গার** *বি* সেবক; ভৃত্য; পরিচারক (তাহার খেদমতগার আমরা তামাম...—*সৈহা*)। ~**গারি** *বি* সেবকত্ব; দাসত্ব; গোলামি (... ইউরোপীয় সভ্যতার

খিদমতগারির পুরস্কার স্বরূপ হ্যাট-শমক... শিরোপা লাভ করেছি—*প্রচৌ*)। { *আ.* খিদমত خدمة }

খেদা[১] [খেদা/খ্যা-] *বি* হাতি ধরার এক প্রকার ফাঁদ। { *স.* √খেদ্+আ}

খেদা[২] [খ্যাদা] *ক্রি* তাড়ানো; দূর করা। **~নো** *ক্রি* তাড়িয়ে দেওয়া; বিতাড়িত করা; দূর করে দেওয়া (তিনিও যে এদেরই মতো তাকে খেদিয়ে দেবেন না, তারই বা ঠিক কি !—*অঠা*)। □*বি* বিতাড়ন। □*বিণ* বিতাড়িত। **~নে, ~নিয়া** *বি* তাড়নকারী। **খেদিত** *বিণ* ১ তাড়িয়ে দেওয়া হয়েছে এমন। ২ ব্যথিত; দুঃখিত; অবসাদগ্রস্ত; খিন্ন। { *স.* খিদ্+ *বা.* আ}

খেদিত ⇒ খেদ

খেদিব [খেদিব্] *বি* মিশরের সাবেক শাসনকর্তার উপাধি। { *ফা.* খিদীব خديو }

খেন *(মবা.)* [খ্যান্] *বি* মুহূর্ত (খেনে খেনে ধূলায় লুটায় ... —*কমু*)। { *স.* ক্ষণ>খন, খেন}

খেপ, ক্ষেপ [খ্যাপ্] *বি* ১ দফা (তাদের প্রতিদ্বন্দ্বিতার প্রত্যেক ক্ষেপেই চালমাৎ অনিবার্য—*সুদ*)। ২ নৌকা ও গাড়ির মাল নিয়ে যাত্রা (খেপ দেওয়া)। ৩ একবারে বহনযোগ্য মাল (ঐ মালে তিন খেপ হবে)। ৪ মাছ ধরার জন্য জাল নিক্ষেপণ। **~ দেওয়া** *ক্রি* নৌকা বা গাড়িতে মাল আনা-নেওয়া করা। **খেপের নৌকা** *বি* মাল বহনকারী নৌকা। { *স.* ক্ষেপ>}

খেপলা, খ্যাপলা, ক্ষেপলা [খ্যাপ্‌লা] *বি,বিণ* মাছ ধরার জন্য যে জাল উপর দিয়ে দুই হাতে ঘুরিয়ে ছড়িয়ে ফেলতে হয়; গোলাকার ক্ষেপণযোগ্য জাল বিশেষ; ঝাঁকিজাল; ক্ষেপণের বিশেষ কায়দার দরুন এই নাম (দুই এক বড় মানুষ ক্ষ্যাপলা জাল ফেললেন—*কাসি*)। { *স.* ক্ষেপ>+*বা.* লা}

খেপা[১], **ক্ষেপা** [খ্যাপা] *ক্রি* নিক্ষেপ করা; ক্ষেপণ করা। □*বি,বিণ* উক্ত অর্থে। { *স.* √ক্ষিপ্+*বা.* আ}

খেপা[২], **খ্যাপা, ক্ষেপা** [খ্যাপা] *ক্রি* ১ পাগল হওয়া। ২ ক্ষিপ্ত হওয়া। ৩ ক্রুদ্ধ হওয়া। ৪ প্রমত্ত হওয়া। ৫ উত্তেজিত বা অবাধ্য হওয়া। ৬ উদ্দাম বা উদ্বেল হওয়া। □*বিণ* ১ পাগল; উন্মাদ। ২ বাতিকগ্রস্ত। ৩ ভাবোন্মত্ত; ভাবে ভোলা। □*বি* ১ ক্ষিপ্ত ব্যক্তি; উন্মত্ত ব্যক্তি। ২ ভাবোন্মত্ত ব্যক্তি। ৩ স্নেহসূচক সম্বোধন বিশেষ; অবোধ; অবুঝ। **খেপি, ক্ষেপী** *স্ত্রী.* । **খেপানো, ক্ষেপানো** *ক্রি* ১ ক্ষিপ্ত করা; খেপিয়ে তোলা। ২ মাতিয়ে তোলা। ৩ জ্বালাতন করা; উত্ত্যক্ত করা। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। খেপামি, **খ্যাপামি, ক্ষ্যাপামি** *বি* পাগলামি; পাগলাটে ভাব। { *স.* ক্ষিপ্ত>খিপ্‌প>খেপা>খ্যাপা}

খেম *(মবা.)* [খেমো] *ক্রি* মার্জনা করো; ক্ষমা করো (...অপরাধ ক্ষেম মহাশয়—*কমু*)। { *স.* ক্ষমা}

খেমচা, খামচা [খেম্‌চা, -] *বি* ১ এক প্রকার বাদ্যযন্ত্র। ২ একমুষ্টি পরিমাণ; এক খামচা; এক খাবলা। { *আ.* খম্‌সাহ্ خمسه >}

খেমটা, খ্যামটা [খ্যাম্‌টা] *বি* ১ সংগীতের এক প্রকার তাল। ২ ঐ তালের নৃত্য। **~ওয়ালি, ~উলি** *বি* নর্তকী; খেমটা গান সহযোগে নৃত্যকারিণী রমণী; খেমটা নর্তকী (খেমটাওয়ালীদের মত নেচে দিস্‌নে যেন রাগের মাথায়—*নই*)। { *হি.* খেমটা}

খেমি *(মবা.)* [খেমি] *বি* ক্ষৌমবস্ত্র; পট্টবস্ত্র; রেশমি কাপড় (বিচিত্র ননদ খেমি দিয়েছিল তায়—*ক্ষেদা*)। { *স.* ক্ষৌম>খোম>খেমি}

খেযাব ⇒ খেজাব

খেয়া [খেয়া] ১ নৌকাদি দ্বারা নদী পারাপার। ২ নদী পারাপারের নৌকা; গুদারা। **~কড়ি** *বি* নদী পার হওয়ার জন্য দেয় মাশুল বা অর্থাদি। **~ঘাট** *বি* যে স্থান থেকে নৌকাযোগে নদী পারাপার হওয়া যায়; পারঘাট (প্রভু নি দেখিছ খেয়া ঘাটে—*বিগু*)। **~ দেওয়া** *ক্রি* খেয়া নৌকায় পারাপার করা। **~ নৌকা, ~ তরী** *বি* নদী পারাপার করার নৌকা; ferryboat। **~পার** *বি* নৌকাযোগে নদীর এক পার থেকে অন্য পারে গমন। **~মাঝি** *বি* যে মাঝি খেয়ানৌকা চালায়। **~রি, ~রী** *বি* যে মাঝি নদী পারাপার করে; ferryman। { *স.* ক্ষেপ>, *প্রা.* খেঅ>}

খেয়াতি *(মবা.)* [খেয়াতি] *বি* খ্যাতি; সুনাম; যশ (ভুবন ভরিয়া অতি খেয়াতি রাখবি—*হেমা*)। { *স.* খ্যাতি> খিয়াতি (অপিনিহিত)>খেয়াতি}

খেয়ানত, খিয়ানত [খেয়ানত্, খি-] *বি* ১ ক্ষতি; বিশ্বাসঘাতকতা; নাশ (করেনি সে খেয়ানত—*ফআ*)। ২ গচ্ছিতদ্রব্য আত্মসাৎ। ৩ তহবিল তসরূপ। ৪ বিশ্বাসভঙ্গ। ৫ অসাধুতা { *আ.* খিয়ানত خيانت }

খেয়াল, খিয়াল [খেয়াল, খি-] *বি* ১ স্বপ্ন; কল্পনা (মিছা, সব কল্পনা, খেয়াল—*অঠা*)। ২ জ্ঞান; চেতনা (তাহার খেয়ালই থাকে না—*বিব*)। ৩ লীলা; খেলা (হঠাৎ হেসে দৌড়ে এসে খেয়ালের ঝোঁকে—*সদ*)। ৪ শখ; সাধ; বাসনা। ৫ মর্জি ইচ্ছা (আমরা তাঁরই খেয়াল...—*রঠা*)। ৬ খুশি (খেয়ালমাফিক)। ৭ নিয়মছাড়া ব্যাপার; অনিয়ম (প্রকৃতির খেয়াল)। ৮ স্মরণ (সে কথা খেয়াল আছে ?)। ৯ বিশেষ লক্ষ্য; মনোযোগ। ১০ অনুমান; আন্দাজ (অতদূর খেয়াল করতে পারিনি)। ১১ চিন্তা। ১২ ঝোঁক; প্রবৃত্তি। ১৩ মতলব। ১৪ উচ্চাঙ্গের সংগীতবিশেষ। **~খাতা** *বি* ১ খুশিমতো রচনার খাতা। ২ আত্মগত রচনা বা ব্যক্তিগত নিবন্ধের বিভাগ (শ্রীমতী ভারতী সম্পাদিকা নূতন বৎসরের প্রথম দিন হতে ভারতীর জন্য একটি খেয়াল-খাতা খুলবেন—*প্রচৌ*)। **~মাফিক** *বিণ,ক্রি* খুশিমতো; মর্জিমাফিক (খেয়ালমাফিক সওদা করতে—*মব*)। **খেয়ালি, খেয়ালী** *বিণ* ১ কল্পনাবিলাসী; আত্মভোলা। ২ মর্জির ঠিক নেই এমন; স্বেচ্ছাচারী; অব্যবস্থিতচিত্ত (আমি খেয়ালি বিধির বক্ষ করিব ভিন্ন—*নই*)। □*বি* খেয়াল গায়ক (খেয়ালী যতই কার্দানি করুন না কেন, তালচ্যুত কিংবা রাগভ্রষ্ট হবার অধিকার তাঁর নেই ...—*প্রচৌ*)। **খেয়ালি পোলাও** *বি* অবাস্তব কল্পনা। { *আ.* খেয়াল্ خيال }

খেয়োখেয়ি [খেয়োখেয়ি] *বি* ১ পরস্পর তর্জনগর্জনসহ তুমুল ঝগড়া বা মারামারি; পরস্পরকে ছিঁড়ে খাওয়ার ন্যায় আক্রোশপূর্ণ বিবাদ। □*অব্য* কুকুর-বিড়ালাদির খাউ খাউ শব্দে পরস্পর কামড়া-কামড়ি। { খাওয়া খাওয়ি; *স.* খাদ্>*বা.* খা+ওয়া; খা+ওয়া+ই}

খেরাজ, খিরাজ, খরাজ [খেরাজ্, খি–, খ–] *বি* খাজনা; ভূমিকর; রাজস্ব (এমরানের ঠাঁই আর না পাবে খেরাজ—*সৈহা*)। **খেরাজি, খেরাজী** *বিণ*। **খেরাজি জমি** *বি,বিণ* যে জমির জন্য নির্দিষ্ট খাজনা দিতে হয়। **লাখেরাজ** *বিপ*। { *আ.* খিরাজ خراج }

খেরুয়া, খারুয়া, খাড়ুয়া, খেড়ুয়া, খেরো [খেরুয়া, খা–, খাড়ুয়া, খে–, খেরো] *বি* ১ লালবর্ণের মোটা সুতার এক প্রকার কাপড়। সাধারণত তোশক তৈরি করা এবং বই-খাতা বাঁধার কাজে ব্যবহৃত হয় (এই পর্দাটা বড় পাতলা; এটা খুলে খেরুয়ার পর্দাটা বেন্দে দাও—*মীম*; তিনখান খেরুয়া-মোড়া খাতা—*দীমি*)। ২ শিশুদের হাত ও পায়ের অলঙ্কার। { *হি.* খারুআঁ, খারুআ }

খেরেস্তান [খেরেস্‌তান্] *বি* ১ খ্রিস্টান। ২ *(আল.)* কদাচারী খ্রিস্টান। { *ই.* christian }

খেরো ⇒ খেরুয়া

খেল [খেল্] *বি* ১ খেলা; ক্রীড়া; লীলা (হালকা হওয়ার খেল খেলে !—*সন্ধ*)। ২ ভেলকিবাজি (ভানুমতির খেল)। ৩ কৌতুক; তামাশা। ~ **খেলা,** ~ **দেখানো** *ক্রি* বুদ্ধির কৌশল দেখানো; চালাকি করা। { *স.* √খেল্+অ(অচ্) }

খেলওয়াত ⇒ খিলাত

খেলকা, খিলকা, খিরকা [খেল্‌কা, খি–, খির্–] *বি* ফকির দরবেশদের দীর্ঘ অঙ্গাবরণ বিশেষ (গায়ে গেরুয়া বস্ত্রের খেলকা স্কন্ধ হইতে পা পর্যন্ত ঢাকা—*মীম*; শারাব মাখা খির্কাখানি—*মুশ*)। ~ **নেওয়া** *ক্রি* ফকির দরবেশের পন্থা ও পোশাক গ্রহণ করা। { *আ.* খিরকাহ خرقة }

খেলন [খেলোন্] *বি* ১ খেলা; ক্রীড়া। ২ পরিহাস; কৌতুক করণ। { *স.* √খেল্+অন (ল্যুট্) }

খেলনা, খেলানা, খেলেনা [খ্যাল্‌না, খ্যালানা, খ্যালেনা] *বি* খেলার জিনিস; পুতুল; ক্রীড়নক (একটি ভাল খেলানা দিই—*ঈবি*; দু'হাতে ও আশেপাশে ছড়ানো খেলেনা—*বিদে*)। ~**পাতি** *বি* খেলার সাজ-সরঞ্জাম; খেলার জিনিস-পত্র। { *স.* খেলনক>*প্রা.* খেলনঅ; *তুল. হি.* খেলৌনা }

খেলা[১] [খ্যালা] *বি* ১ ক্রীড়া; লীলা (ছেলেখেলা)। ২ প্রমোদ; বিলাস; কেলি। ৩ কৌশল বা পারদর্শিতা প্রদর্শন (লাঠিখেলা)। ~**ঘর** *বি* শিশুদের খেলার স্থান; ছেলেখেলার ঘরকন্না; কৃত্রিম সংসার। ~**ধুলা** *বি* ১ নানাপ্রকার ক্রীড়া; sports; ক্রীড়া-কৌতুক। ২ শিশুর সাধারণ জিনিস নিয়ে খেলা; শিশুর খেলা। **খেলানো**[১] *ক্রি* লীলা বা প্রমোদ করা। { *স.* √খেল্+অ+আ }

খেলা[২] [খ্যালা] *ক্রি* ১ খেলা করা। ২ চমকানো (বিদ্যুৎ খেলে যায়)। ৩ স্ফুরিত হওয়া (বুদ্ধি খেলে না)। ৪ ভালোবাসার ভান করা (তোমার খেলা বুঝতে বাকি নেই)। **খেলানো**[২] *ক্রি* ১ অন্যকে খেল দেওয়া বা খেলা করানো (ছিপে মাছ খেলানো; নানারূপ কৌশল ও বাহাদুরি প্রদর্শন)। ২ খেলা দেখানো। ৩ কৌতুক প্রদর্শন; তামাশা দেখানো (বাঁদর খেলানো)। ৪ নিজের বা নিজেদের ইচ্ছামতো পরিচালিত করা (সে-ই তার বন্ধুদের সারাক্ষণ খেলাচ্ছে)। **খেলানে, খেলানিয়া** *বিণ* ১ খেলা করায় বা খেলায় এমন। ২ খেলায় অংশগ্রহণকারী; খেলুড়ে। ৩ ক্রীড়াপ্রিয়। **খেলানি** *স্ত্রী.*। { *স.* √খেল্+অ+আ }

খেলাত ⇒ খিলাত

খেলাপ, খেলাফ, খিলাফ [খেলাপ্, –ফ্, খিলাফ] *বি* ১ অন্যরূপ আচরণ; বৈপরীত্য (শরিয়তের আজ্ঞ খেলাফ করে...—*নই*)। ২ নড়চড়; ব্যতিক্রম; ব্যত্যয়; অন্যথা (সেসব ওয়াদা খেলাপ করিবি জানিলেরে পয়মাল—*আছি*)। ◻ *বিণ* ১ বিপরীত; প্রতিকূল (আপনের খেলাফে আমার সাক্ষী দেওয়া লাগবে—*আমআ*)। ২ মিথ্যা; false (খেলাফ এজাহার)। { *আ.* খিলাফ خلاف }

খেলাফত, খিলাফত [খেলাফত, খি–] *বি* ১ প্রতিনিধিত্ব; খলিফার পদ বা মর্যাদা। ২ রাজত্ব বা খিলাফতের আমল (ক্রূর জুলমতে সে খোঁজে খোতায় উমরের খিলাফত—*ফআ*)। ~ **আন্দোলন** *বি* প্রথম মহাযুদ্ধের পরে তুরস্ক সাম্রাজ্য বিলুপ্ত করে খলিফাকে রাজ্যচ্যুত করার ষড়যন্ত্রের বিরুদ্ধে এই উপমহাদেশীয় মুসলমানদের আন্দোলন। { *আ.* খিলাফাত خلافت }

খেলুড়ে, খেলুনে [খেলুড়ে, –নে] *বি* ১ খেলোয়াড়; খেলাপ্রিয় (খেলুড়েদের পোষাকগুলো ময়লা—*অচিসে*)। ২ খেলার সাথি; খেলার সহচর (একবার সে এক খেলুড়ে বন্ধুকে চুপি-চুপি বলিল. . .—*বিব*)। **খেলুড়ি** *স্ত্রী.* (কেন সাধ জাগে খেলুড়ীদের কাছে ডাকি—*নই*)। { *হি.* খেলাড়ী; *স.* √খেল্+*বা.* উড়িয়া>উড়ে, উনিয়া>উনে }

খেলুয়া [খেলুয়া] *বি,বিণ* খেলোয়াড়। { খেলা+*বা.* উয়া }

খেলেনা ⇒ খেলনা

খেলো [খেলো] *বিণ* ১ মন্দ; নিকৃষ্ট; অপকৃষ্ট; অত্যন্ত খারাপ (খেলো কাপড়)। ২ মূল্যহীন; অসার; অন্তঃসারশূন্য; মিথ্যা (খেলো কথা)। ৩ *বিণ* হীন; নীচ; অপদস্থ (খেলো করা)। { খেলা+*বা.* উয়া> }

খেলোয়াড় [খেলোয়াড়] *বি,বিণ* ১ যে খেলা করে; যে খেলায় অংশগ্রহণ করে। ২ ক্রীড়াপটু; যে ভালো খেলতে পারে। ৩ চালাক; কৌশলী; ফন্দিবাজ। ৪ ধূর্ত; কূটকৌশলী; প্রবঞ্চক; চক্রান্তকারী। **খেলোয়াড়ি** *বিণ* ১ খেলোয়াড়সুলভ; খেলোয়াড়ের উপযুক্ত। ২ খেলোয়াড় সম্পর্কীয়। { *স.* √খেল্+*বা.* ওয়াড়; *তুল. হি.* খেলাড়ী }

খেলোয়াৎ ⇒ খিলাত

খেশ[১] [খেশ্] *বি* গায়ে দেওয়ার সুতার চাদর বিশেষ। { *ফা.* খাহিশ্ خواهش }

খেশ[২], **খেস** [খেশ্] *বিণ* আপন (আর তার ভাই বন্ধু যত ছিল খেস—*সৈহা*)। ~ **কুটুম** *বি* আত্মীয়স্বজন। **খেশি** *বি* ১ কুটুম্বিতা; আত্মীয়তা। ২ আত্মীয়; কুটুম্ব (খেশী কুটুম্বদের খাওয়ান হবে—*মোহ*)। { *ফা.* খেশ خویش }

খেসট [খেসট্] *বি* একপ্রকার বাদ্যযন্ত্র।

খেসারত, খিসারত [খেসারত্, খি–] *বি* ক্ষতিপূরণ; damage (ঘাড়ে ধরে খেসারত আদায় করে আমাকে পাইয়ে দেবেন—*শচ*)। **খেসারতি** *বি* ১ ক্ষতিপূরণের অর্থাদি (কিন্তু চলাফেরা করলে আমাকে খেসারতি দিতে হবে অনেক অনেক বেশি—*সৈমু*)। ২ ক্ষতিপূরণের মোকদ্দমা। { *আ.* খসারাহ خسارة }

খেসারি, খেঁসারি [খ্যাশারি, খ্যাঁ] *বি* ১ রবি মৌসুমের ডালবিশেষ; *Lathyrus sativus*। ২ খেসারির ডাল। { *স.* খঞ্জকারি>; *তুল. হি.* খিসারি }

খেসালা [খেশালা] *বি* আত্মীয়তা; কুটুম্বিতা (খেসালা করিতে তার মনে অইল টান—*মৈগী*)। { *ফা.* খেশ خویش }

খৈ ⇒ খই

খৈনি, খৈনী [খইনি] *বি* দোক্তা; তামাকপাতা ও চুনের একপ্রকার মিশাল (দেউড়ীতে দারোয়ানেরা বসিয়া খৈনী খাইতেছে—*বিব*)। { *হি* খৈনী}

খৈরি, খৈরী [খোইরি] *বি* কাদাখোঁচা জাতীয় পাখি; খয়েরি বক। { *স.* √খদ্+ইর(কিরচ্)>খইর+ *বা.* ই,ঈ; *স.* খদির}

খৈল ⇒ খইল

খো[১] [খো] *বি* ১ খোয়া; ইটের ক্ষুদ্র খণ্ড। ২ দুগ্ধ থেকে প্রস্তুত মিষ্টান্ন বিশেষ; মাওয়া। ৩ রস নিংড়ে নেওয়া ইক্ষুর ছিবড়া। { *স.* ক্ষয়>; *স.* ক্ষোদ>খোঅ>}

খো[২] *(মবা.)* [খো] *বি* মেচেতা (দর্পণে নিহালি দেখ পড়িয়াছে খো—*কমু*)। { *স.* খল্ল>খাল>}

খো[৩] [খো] *বি* স্বভাব; অভ্যাস; প্রকৃতি। { *ফা.* খু خو }

খোঁখর [খোঁখোর্/–খ–] *বিণ* কঠিন; কঠোর (রাঙ্গা দুই আঁখি তার খোঁখর হৃদয়—*কৃও*)। { *স.* কঠোর> *হি* খোঁখলা>}

খোঁচ [খোঁচ] *বি* ১ কণ্টক; কাঁটা। ২ সুচের মতো তীক্ষ্ণাগ্র। ৩ কোঁচ। ৪ সামান্য ঝামেলা বা ঝঞ্ঝাট। ৫ কুঞ্চন (কপালের খোঁচ)। □ *বিণ* কোণাকৃতি ফাঁকা (খোঁচ জায়গা)। { *স.* কুন্ত>*প্রা.* কুংত>কোঁচ>; অথবা *স.* সূচি>ছুঁচ>ছোঁচ>}

খোঁচা[১] [খোঁচা] *বিণ* ১ খোঁচবিশিষ্ট; তীক্ষ্ণমুখ (খোঁচা খোঁচা দাড়িতে ভরে উঠেছে---*রাখা*)। ২ তীক্ষ্ণ; ধারালো (খোঁচা খোঁচা কথা)। {খোঁচ+আ}

খোঁচা[২], **খুঁচা** [খোঁচা, খুঁ–] *বি* ১ বস্তুর আঘাত (কাঁটার খোঁচা)। ২ কোনো কিছুর আগা দিয়ে আঘাত (লাঠির খোঁচা)। ৩ তীক্ষ্ণ আঘাত (কথার খোঁচা)। ৪ আঁচড় (কলমের খোঁচা)। **~খোঁচি, ~খুঁচি** *বি* ১ পরস্পর আঘাতকরণ। ২ বার বার আঘাত দেওয়া। ৩ কোনো অপ্রিয় বিষয় নিয়ে কটাক্ষপূর্ণ আলোচনা; লেখায় পরস্পরের প্রতি তীক্ষ্ণ মন্তব্য প্রকাশ (সমালোচনা করতে হবে, খোঁচাখোঁচি দিতে হবে—*রঠা*)। {খোঁচ + আ}

খোঁচানো, খুঁচানো [খোঁচানো, খুঁ–] *ক্রি* ১ খোঁচা দেওয়া। ২ উত্তেজিত করা। ৩ উত্যক্ত করা। ৪ বার বার তাগাদা দেওয়া। {খোঁচা/খুঁচ+আনো}

খোঁজ [খোঁজ] *বি* ১ অন্বেষণ; তালাশ (খোঁজ করা)। ২ সন্ধান; খবর (খোঁজ লওয়া)। ৩ দিশা; ঠিকানা; হদিস; পাত্তা। **–খবর** *বি* সন্ধান; পাত্তা; তত্ত্ব। **খোঁজা, খুঁজা** *ক্রি* ১ খোঁজ করা; তালাশ করা; সন্ধান করা; অন্বেষণ করা। □ *বি* অন্বেষণ। **খোজাখুঁজি** *বি* চতুর্দিকে অনুসন্ধান; আঁতিপাঁতি করে সন্ধান। **খোঁজানো, খুঁজানো** *ক্রি* অন্যের দ্বারা অনুসন্ধান করানো। □ *বি* অন্যকে দিয়ে সন্ধানের কাজ সম্পাদন। **খোঁজারু** *বিণ* অনুসন্ধানের জন্য নিযুক্ত করা হয়েছে এমন; সন্ধানী। **খোঁজেলা** *বিণ* সন্ধানকারী; সন্ধান রাখে এমন (সে নাকি সব চোরের খোঁজেলা—*মহী*)। { *তুল. হি* খোঁজ}

খোঁট, খোট ⇒ খুঁট

খোঁটন ⇒ খুটন

খুটা[১], **খোঁটা**[১], **খুটো** [খুঁটা, খোঁ–, খুটো] *বি* ১ খুঁটি; দণ্ড। ২ গোঁজ; কীলক। ৩ স্তম্ভ। ৪ অবলম্বন (আদর্শের খোঁটাগুলো আর্টের ধাক্কায় এদিক ওদিক দোলে—*অঠা*)। { *স.* ক্ষোড>খোঁট+আ}

খোঁটা[২], **খুঁটা**[২] [খোঁটা, খুঁটা] *ক্রি* ১ দন্ত চঞ্চু নখ দ্বারা ছিন্ন করা বা খোঁচানো। ২ ক্ষুদ্র বস্তু একটি একটি করে সংগ্রহ করা বা তুলে নেওয়া। ৩ শলাকা দ্বারা খোঁচানো (দাঁত খোঁটা)। □ *বি,বিণ* পূর্বোক্ত সকল অর্থে। **খোঁটানো** *ক্রি* অন্যকে দিয়ে খুটিয়ে নেওয়া। □ *বি,বিণ* উক্ত অর্থে। { *স.* √খন; খোঁট+আনো}

খোঁটা[৩], **খোটা** [খোঁটা, খো–] *বি* ১ গঞ্জনা; দোষ উল্লেখ; নিন্দা; দোষের প্রতি ইঙ্গিত (সব সময় এই বাবার খোঁটা কাজলের মনে বড় বাজিত—*বিব*)। ২ অপবাদ; কলঙ্ক (লোকে মোর দিবে খোঁটা—*বিগু*; সকলে খোঁটা দিবে তোরে—*শেফ*)। ৩ ত্রুটি; খুঁত; দোষ (বদল যদি পারত হতে থাকত নাকো কোনো খোঁটা…—*রঠা*)। □ *বিণ* খুঁতযুক্ত; মেকি; দোষযুক্ত (যটি টাকা দিয়াছিলা। সবগুলি খোঁটা—*ভারা*)। **– দেওয়া** *ক্রি* ১ দোষারোপ করা; গঞ্জনা দেওয়া। ২ ত্রুটির প্রতি ইঙ্গিত করা; ত্রুটির জন্য ধিক্কার দেওয়া (আবার অঙ্কের গোল্লার জন্য আমাকে খোঁটা দিতে এসেছিল—*সুরা*)। **কুলের ~** *ক্রি* বংশের দোষত্রুটি উল্লেখ করে গঞ্জনা দেওয়া। { *স.* ক্ষত>; *তুল. হি* খোঁটা}

খোঁড়ল, খোড়ল, খোঁদল, খোন্দল [খোঁড়োল্, খো–, খোঁদোল্, খোন্–] *বি* গর্ত; কোটর; গহ্বর; বিবর (একটা বৃক্ষের গোড়ায় সামান্য একটু খোঁড়ল দেখিলেন —*ইহো*)। { *স.* ক্ষোড>}

খোঁড়া[১], **খুঁড়া**[১] (বিরল) [খোঁড়া, খুঁ–] *ক্রি* ১ খনন করা (মাটি খোঁড়া)। ২ ঠোকা; কোটা (মাথা খোঁড়া)। ৩ কুনজর দেওয়া (বাছাকে খুঁড়েছে)। ৪ প্রশংসাচ্ছলে কারো নিন্দা করা; মুখ লাগানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √খন্; *স.* √খুড়্>খোড্ড>খোঁড়া}

খোঁড়া[২], **খুঁড়া**[২] [খোঁড়া, খুঁ–] *বিণ* খঞ্জ; পঙ্গু; যার পা ভাঙা বা বিকল (পদ বিনে রহে খোঁড়া পড়ি যথা তথা—*সৈআ*)। **খুঁড়ি** *স্ত্রী.*। **খোঁড়ার পা খানায় পড়ে—১** বিপন্নের উপরই আরো বিপদ এসে পড়ে। ২ বিপন্নের অধিকতর বিড়ম্বনা সম্বন্ধে সহানুভূতিসূচক উক্তি। **~ হওয়া** *বি* ১ চলার বা হাঁটার ক্ষমতা না থাকা। ২ যানবাহনের অভাবে অচল হওয়া। **ঘোড়া দেখে ~ হওয়া** *বি* ১ যানবাহন দেখে হাঁটতে অনিচ্ছা প্রকাশ। ২ অন্যকে দেখে কাজ করতে অনিচ্ছা। { *স.* খঞ্জ>; খোঁড়া; খুঁড়+আ}

খোঁড়ানো[১], **খুঁড়ানো**[১] [খোঁড়ানো, খুঁ–] *ক্রি* ১ অন্যের দ্বারা খনন করানো। □ *বি* অপরের দ্বারা খনন কার্য সম্পাদন। □ *বিণ* খনন করা হয়েছে এমন। { *স.* √খন>; *স.* খোড>*প্রা.* খোডউ; খোঁড়া[১]+আনো}

খোঁড়ানো[২], **খুঁড়ানো**[২] [খোঁড়ানো, খুঁ–] *ক্রি* খোঁড়ার মতো হাঁটা; খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা। □ *বি* খোঁড়ার মতো গমন। **খুঁড়িয়ে বড়ো** *ক্রি* ১ পায়ের আঙুলের উপর ভর দিয়ে উঁচু হওয়া; ডিঙি মেরে উঁচু হওয়া। ২ প্রকৃতপক্ষে বড়ো নয়

কিন্তু ছলে বলে কৌশলে নিজেকে বড়ো বলে প্রতিপন্ন করা; কষ্টেসৃষ্টে কোনোমতে নিজেকে বড়ো হিসেবে চালানো। {খোঁড়া^২+আনো; খুঁড়+আনো}

খোঁদল ⇒ খোঁড়ল

খোঁদা [খোঁদা] *বি* গর্ত। □ *ক্রি* গর্ত করা। □ *বিণ* ১ খোঁড়া; খনিত। ২ গর্তবিশিষ্ট। {*স.* √ক্ষুদ্ (অর্থ—পেষণ করা, চূর্ণ করা)>; *স.* √খন্>}

খোঁপা, খোপা [খোঁপা, খো-] *বি* কবরী; নারীদের কেশবন্ধন পদ্ধতিবিশেষ। {*স.* ক্ষুপ>*মবা.* খোম্পা; *হি.* খোংপা}

খোঁয়াড় [খোঁয়াড়] *বি* ১ গরু ছাগল প্রভৃতি পশু রাখার স্থান। ২ ছেড়ে দেওয়া গবাদি পশু বন্দী করে রাখার স্থান। {মারাঠি. খোঁংড>}

খোঁয়ারি, খোয়ারি^১, খোঁয়াড়ি [খোঁয়ারি, খো-, খোঁয়াড়ি] *বি* ১ মদের নেশা কাটিবার পর অবসাদ। ২ অবসাদপ্রযুক্ত ঘোর বা আচ্ছন্নতা বা আবেশ (আপনাকে এই বিশ্বজোড়া বিলুপ্তির মধ্যে নামাইয়া দিবার জন্য দুর্দমনীয় খোঁয়ারি আসিয়াছে—*অঠা*)। **খোঁয়ার ভাঙা, খোঁয়াড়ি ভাঙা** *ক্রি* মদের নেশা কাটলে অবসাদ দূর করার জন্য পুনরায় অল্পমাত্রায় মদ খাওয়া (সে মদ খেয়েছে একবারই—তারপর থেকে এ অবধি সে শুধু তার খোঁয়ারিই ভাঙছে—*সৈমু*)। {*ফা.* খারী, خواری}

খোকন [খোকোন] *বি* খোকা। 'খোকা' শব্দ আদরে 'খোকন' (আয়রে খোকন ঘরে আয়, দুধমাখা ভাত কাকে খায়—*ছড়া*)। {*স.* কুক্ষিধন>; *স.* তোক; *তু.* কোকা; *ও.* টোকা> খোকা+(আদরে) অন}

খোকসা [খোক্‌শা] *বিণ* শুষ্ক; তৈলহীন (খোকসা মাথা)। □ *বি* ডুমুর জাতীয় ফল বিশেষ। {*আঞ্চ.*}

খোকা [খোকা] *বি* ১ শিশু; শিশুপুত্র। ২ অল্পবয়সী বালক। ৩ *(ব্য.)* বয়স্ক অথচ আচরণে বালকের ন্যায় বিবেচনাহীন। **খুকি, খুকী** *স্ত্রী.*। **খোকাপনা, খোকামি** *বি (ব্য.)* বয়স্ক লোকের শিশু বা বালকের মতো ব্যবহার; ছেলেমানুষি। **খোকামো** *বি* ১ শিশুর ন্যায় আচরণ। ২ দায়িত্বহীন আচরণ; ছেলেমানুষি। ৩ *(ব্য.)* আদুরে ভাব। {*স.* কুক্ষিধন>; ঋগ্বেদ. তোক; *তু.* কোকা; *ও.* টোকা}

খোক্কশ, খোক্কস [খোক্‌কোশ্] *বি* রাক্ষস জাতীয় কাল্পনিক জীববিশেষ। {*স.* রাক্ষস>রাক্কোস>*অনু.* খোক্কস}

খোঙ্গ, খোংগ *(মবা.)* [খোংগ] *বি* কোটর; খোড়ল; গর্ত (সে পর্বতে এক গাছ অতি উচ্চতর। গৃধিনী তাহার খোঙ্গে থাকে নিরান্তর—*হেমা*)। {*স.* কক্ষ>ককখ>}

খোজা [খোজা] *বি* নপুংসক; ক্লীব (কই সে খোজা, হাজার হাতী করলে যে বশ অঙ্কুশে—*সদ*)। — **প্রহরী** *বি* ভারতের মুসলমান সম্রাটদের হেরেম বা অন্তঃপুরে নিযুক্ত নপুংসক প্রহরী। {*ফা.* খোজাহ্ خوجه}

খোজুয়া [খোজুয়া] *বি* চুলকানি; পাঁচড়া; খোস (রস পড়ে খোজুয়া হৈতে—*গোদা*)। {*স.* খর্জু>খজ্জু>খাউজ (অপিনিহিতির ফলে), খোজুয়া (বর্ণ বিপর্যয়ে)।

খোট [খোট্] *বি* ১ ইলিশ মাছ ধরার জাল বিশেষ। ২ জেদ; শিশুর আবদার বা বায়না। {*স.* কূট>}

খোটা ⇒ খোঁটা^১

খোটেল [খোটেল্] *বিণ* ১ আবদারে; বাহানাবাজ। ২ দুষ্ট; দুরন্ত। ৩ খল; ধূর্ত; ফাঁকিবাজ; {খোট (অঞ্চল)+এল}

খোট্টা [খোট্‌টা] *বি, বিণ* হিন্দুস্থানি পশ্চিমা লোক (খোট্টারা একাজে ভারী ওস্তাদ—*আই*)। □ *বিণ* নীরস; শুষ্ক; রুক্ষ; রসবর্জিত (কাঠখোট্টা)। **খোট্টানি** *স্ত্রী.*। {*স.* ক্ষুদ্র>*হি.* খোট্টা}

খোট্টাই [খোট্‌টাই] *বিণ* দেশীয়; হিন্দুস্থানি; পশ্চিমা (রামলীলা এদেশের পরব নয়—এটি প্রবল খোট্টাই—*প্যামি*)। {খোট্টা+ই}

খোড়ল ⇒ খোঁড়ল

খোতবা, খুতবা, খোতোবা (বিরল) [খোত্‌বা, খু-, খোতোবা] *বি* জুমার নামাজের আগে বা ঈদের নামাজের পরে ইমাম-প্রদত্ত অভিভাষণ—এতে ধর্মের বিধিনিষেধ আলোচনা ও মুসলমান খলিফার প্রতি আনুগত্য জ্ঞাপনের রেওয়াজ আছে (জত নরগন মিলি খোতোবা সুনিল—*সৈসু*; কোথায় ঈমান? কোন্ সে খোত্‌বা পড়িবে আজিকে ঈদে?—*নই*)। {*আ.* খুত্‌বাহ্ خطبه}

খোদ^১, খুদ [খোদ্, খুদ্] *বিণ* ১ নিজে; স্বয়ং (খোদ সে খোদার প্রেরিত—*নই*)। ২ আসল (খোদ মালিক)। ৩ নিজ; স্ব; আত্ম (খোদপরস্ত খোদমতলবি)। — **কর্তা** *বি* ১ আসল মালিক বা কর্তা। ২ প্রভু স্বয়ং। ~**কস্তা**, ~**কস্ত**, ~**কস্তা** *বি* স্থানীয় প্রজা; যে নিজে জমি চাষ করে (এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা প্রজা এত ও পাইকস্তা এত—*প্যামি*; প্রজা দুই শ্রেণীতে বিভক্ত ছিল-খোদকস্ত আর পাইকস্ত—*প্রচৌ*)। ~**কুশি/কুশী** *বি* আত্মহত্যা (করে সে খোদকুশী নিজের খঞ্জরে—*ফআ*)। ~**গরজ** *বিণ* স্বার্থপর। ~**জমি** *বি* বাস্তুভূমি। ~**পছন্দ** *বিণ* ১ যে নিজের ইচ্ছামতো বা খুশিমতো কাজকর্ম করে। ২ আয়সর্বস্ব; দাম্ভিক। ~**পরস্ত** *বি* ১ আত্মপূজক; আত্মাভিমানী। ২ স্বার্থপর। ~**পরস্তি** *বি* আত্মপূজা (খোদপরস্তীর খেলা খেলে কুনী স্বার্থের সংগ্রামে...—*ফআ*)। ~ **মতলবি** *বি* যে নিজের সুবিধানুযায়ী কাজ করে; স্বার্থপর। ~**মোক্তার** *বি* যে নিজেই নিজের প্রতিনিধি; স্বাধীন; স্বনির্ভর। ~ **মোক্তারি/মুখতারি** *বি* স্বাধীনতা; সার্বভৌমত্ব (আওধ রাজ্যের খোদমুখতারী শুরু হয়েছিল নওয়াব সা'দত আলী খাঁর যমানা থেকে—*জহা*)। ~**হাকিমি** *বি* স্বায়ত্তসরকার; self-government। {*ফা.* খুদ خود}

খোদকার, খোদগার [খোদকার্, -গার্] *বি* ১ খোদাই কাজ করে যে; engraver। □ *বিণ* স্বয়ংক্রিয়; automatic। **খোদকারি, খোদকারী** *বি*। **খোদার উপর খোদকারি** *বি* ১ অসঙ্গত ও অন্যায় হস্তক্ষেপ। ২ অপরের সম্পাদিত কোনো কাজকে নিজ বুদ্ধিতে অধিকতর সুন্দর ও বৈচিত্র্যপূর্ণভাবে সম্পাদন। {*স.* ক্ষুদ্>খোদ+কার}

খোদা^১ [খোদা] *বি* আল্লাহ (কোরান খোদার কালাম—*হবা*)। ~**ই খিদমতগার** *বি* ১ খোদার পথে সেবক। ২ নিঃস্বার্থ সেবক। ~**ই ষাঁড়** *বি* ১ খোদার নামে ছেড়ে

দেওয়া ষাঁড়। *তুল.* ধর্মের ষাঁড়। ২ স্বেচ্ছাচারী; স্বাধীন। **~ওন্দ, ~বন্দ** *বি* ১ প্রভু; দীন-দুনিয়ার মালিক; কর্তা। ২ হুজুর; রাজা; মনিব বা মান্য ব্যক্তিগণের প্রতি সম্বোধনে ব্যবহৃত হয়। **~তায়ালা, ~তা'আলা, ~ওন্দতাআলা** *বি* মহান আল্লাহ। **~ না খাস্তা** *ক্রি* আল্লাহ্ না করুন। **~র কসম** *বি* খোদার নামে শপথ। **~র খাসি, ~র খাসী** *বি* ১ খোদার নামে ছেড়ে দেওয়া খাসি—স্বাধীনভাবে চলাফেরা করার জন্য হৃষ্টপুষ্ট। ২ *(ব্য.)* চিন্তাভাবনাহীন অলস অকর্মণ্য হৃষ্টপুষ্ট ব্যক্তি। **~র জীব** *বি* খোদার সৃষ্ট জীব। **~র নূর** *বি* আল্লাহর জ্যোতি (মাথায় ঝুলিয়ে দেব টিকি; দাঁড়িতে খোদার নুর *অচিসে*)। **~ হাফেজ, খুদা হাফিয** *ক্রি* আল্লাহ রক্ষা করুন। { *ফা.* খুদা خدا }

খোদা[২], খুদা [খোদা, খু-] *ক্রি* ১ খনন করা। ২ উৎকীর্ণ করা; ক্ষোদিত করা। □ *বি* উৎকৃতি; খনন। □ *বিণ* ক্ষোদিত; উৎকীর্ণ; খাত। **~ই** *বি* উৎকীর্ণ; খোদাইয়ের কাজ। **খোদানো** *ক্রি* অন্যের দ্বারা খোদাই কাজ করানো। { *স.* √ক্ষুদ্> }

খোনা, খোঁনা [খোনা, খোঁ-] *বিণ* ১ নাকি সুর; অনুনাসিক (ভূতে ও পেত্নীতে খোঁনা কা কয়—*প্যামি*)। ২ নাকি সুরে কথা কয় এমন। { *আ.* খান্‌না خن *স.* ঘোণা}

খোন্তা ⇒ খন্তা

খোন্দকার[১], খন্দকার[১], খোনকার [খোন্‌দোকার্, খ-, খোন্-] *বি* ১ সম্ভ্রান্ত মুসলমানদের উপাধিবিশেষ (কাজী, খোনকার, শেখ, সৈয়দ সব তার কাছে ঋণী—*কুম*)। ২ শিক্ষক। **খোন্দকারি** *বি* খোন্দকারের কর্ম (তিনি পৈতৃক খোন্দকারী ব্যবসায়ে রত; উত্তরাধিকার পাইয়াছিলেন—*কাই*)। { *ফা.* খোন্দকার خوندکار }

খোন্দকার[২], খন্দকার[২] [খোন্‌দোকার্] *বি* কৃষক; চাষাবাদকারী। { *ফা.* কুন্‌দাহ্ کنده + কার کار }

খোন্দল ⇒ খোঁড়ল

খোপ, খোপর [খোপ্, খোপোর্] *বি* ১ ক্ষুদ্র ঘর বা কোটর; খুপরি (উহারা চাহুক সঙ্কীর্ণতা, পায়রার খোপ—*নই*)। ২ হাঁস-মুরগি বা পায়রার বাসা (. . . ঘরের খোপেতে মোরগ উঠিল ডাকি—*জউ*)। ৩ গর্ত; কোটর; খাঁজ বা তাক (ভাড়াটা দিয়ে যান জানলার খোপে—*মব*)। ৪ দেয়ালের ভিতরে গর্ত বা ফাঁকফোকর (সালিখ লাখে লাখে খোপের মধ্যে থাকে—*রঠা*)। **খোপে খাপে** *বি* ১ ফাঁকে ফোকরে। ২ অজানিত স্থানে। { *স.* ক্ষুপ>; *হি.* খোপ}

খোপা ⇒ খোঁপা

খোবর [খোবোর্] *বি* গহ্বর; খানা; গর্ত। **খোবরানো** *বিণ* গর্তযুক্ত। { *স.* গহ্বর> }

খোবানি, খোবানী ⇒ খুবানি

খোমার ⇒ খুমার

খোয়নু, খোয়লুঁ *(প্র.)* [খোয়নু, -লুঁ] *ক্রি* ১ হারালাম। ২ ত্যাগ করিলাম (খোয়নু এ তনুক আশা—*বিপ*)। { *স.* ক্ষয়> }

খোয়া[১], খুয়া [খোয়া, খু-] *বি* ১ ক্ষয়; ব্যয়; নাশ। ২ হারানো। **খোয়ানো, খুয়ানো** *ক্রি* হারিয়ে নষ্ট করা (জাত খোয়ানো)। **খোয়ানে** *বিণ* হারিয়ে ফেলেছে বা নষ্ট করে ফেলেছে এমন। **খোয়ানি** *স্ত্রী.*। **~ যাওয়া** *ক্রি* ১ হারিয়ে নিখোঁজ হওয়া; অদৃশ্য হওয়া। ২ হানি হওয়া; নাশ হওয়া; ক্ষয় হওয়া। { *স.* ক্ষয়> }

খোয়া[২] [খোয়া] *বি* ইটের ভাঙা টুকরা (রাঙা রাঙা খোয়ার রাশি—*বিব*)। { *স.* ক্ষয়}

খোয়া[৩] [খোয়া] গাঢ় শক্ত ক্ষীর (খোয়া ক্ষীর)। ৩ আখের ছিবড়া। **~ ক্ষীর** *বি* গাঢ় শক্ত শুষ্ক ক্ষীর। { *স.* ক্ষীর}

খোয়া[৪] [খোয়া] *বি* কুয়াশা (আকাশে স্থাপন কৈল শরতের খোয়া—*শেফ*)। { *স.* কুয়াশা>কুয়া>খোয়া}

খোয়াই [খোয়াই] *বি* পশ্চিম বঙ্গের নদীবিশেষ (মুড়ো তালগাছ খোয়াইয়ের পারে—*অঠা*)। {খোয়া+ই}

খোয়াজ খিজির ⇒ খিজির

খোয়াব, খোওয়াব, খ্বাব [খোয়াব্, খোওয়াব্, খাব্] *বি* স্বপ্ন; অলীক স্বপ্নবৎ বস্তু (গত নিশি খোওয়াবের খামখেয়ালীতে . . .—*নই*; তুমিই জানিয়েছিলে প্রথমে ঝরোকা খুলে হৃদয়ের খ্বাব—*আসি*)। { *ফা.* খ্বাব خواب }

খোয়ার, খুয়ার [খোয়ার, খু-] *বি* ১ অপমান; লাঞ্ছনা। ২ দুর্গতি; দুর্দশা। ৩ ক্ষতি; অনিষ্ট। ৪ কলঙ্ক; কুৎসা; নিন্দা। **খোয়ারি** *বিণ স্ত্রী.* খোয়ার-প্রাপ্ত; লাঞ্ছনা-প্রাপ্ত (শতেক খোয়ারি)। **শতেকখোয়ারি** *বিণ স্ত্রী.* ১ ভীষণভাবে লাঞ্ছিতা বা অপমানিতা। ২ সর্বনাশকারিণী; সর্বনাশী। { *ফা.* খ্বার خوار }

খোয়ারি[১] [খোয়ারি] *বি* ১ বিপদ। ২ অনিষ্ট; ক্ষতি (...না জানি নিদানে মোর কি হয় খোয়ারি—*হেমা*)। { *আ.* খুমার خومر }

খোয়ারি[২] ⇒ খোঁয়ারি

খোর [খোর্] *বিণ* ১ খাদক; ভক্ষণকারী। ২ আসক্ত; একান্ত অনুরক্ত (মদখোর)। **~পোশ, ~পোষ** *বি* ১ খাদ্য ও বস্ত্র; খোরাক-পোশাক; গ্রাসাচ্ছাদন (তাঁহাদের খোর-পোশ যোগাইয়া থাকেন—*আমআ*)। ২ ভরণপোষণের ব্যয় (মানুষের আটপৌরে জীবন তথা খোরপোশের সুবন্দোবস্ত হয় না—*মোচৌ*)। { *ফা.* খোর خور }

খোরমা, খুরমা [খোরমা, খু-] *বি* বড় খেজুরবিশেষ (খোর্মা খেজুর মরু-কানন ফলবতী—*নই*; খুরমাবীথির পাশ ঘেঁষে নামে হেলালের বাঁকা ছবি—*জাআ*)। { *ফা.* খুরমা خرما }

খোরশোলা, খরশুলা [খোরশোলা] *বি* এক জাতীয় ছোট মাছ। { *স.* খরস্বান> }

খোরা [খোরা] *বি* মাটি বা পাথরের বাটি বা পাত্র বিশেষ (এক খোরা মিষ্টজল দেহ মোকে আনি—*হেমা*)। { *ফা.* আবখোরাহ ابخوره }

খোরাক [খোরাক্] *বি* ১ খাদ্য; আহার্য। ২ *(আল.)* ভোগ (সবার খোরাক জোগায়ে নেহারি উপবাসী মোরই মন—*নই*; দেহের খোরাক আর মনের খোরাক এক নয়)। ৩ নির্দিষ্ট আহার্য; diet (পুরুষের খোরাকে আমিষ পর্যন্ত ভালই চলে—*রঠা*)। ৪ খাওয়ার পরিমাণ (খোরাক না বাড়ালে চলবে কী করে?)। **খোরাকি, খোরাকী** *বি* ১ আহার্য বা ভরণপোষণের ব্যয় (এক বছরের খোরাকীর জন্য বিশ মন ধান—*মীম*)। ২ খাইখরচ; খোরাকের জন্য

প্রয়োজনীয় অর্থ (মায় খোরাকি তিন তঙ্কা পাইবা—*ভব*)। {*ফা.* খুরাক خوراك }

খোরাসান [খোরাশান্] *বি* পারস্যের অন্তর্গত স্থান বিশেষ। **খোরাসানি, খোরাসানী** *বি* খোরাসান দেশের লোক (আরবে না বুঝে খোরাসানির বচন—*সৈসু*)। ☐*বিণ* খোরাসান দেশীয়। {*ফা.* খুরাসা خوراسا }

খোর্মা ⇒ খোরমা

খোল১ [খোল্] *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ; মৃদঙ্গ (খোল খত্তাল নিয়ে চীৎকার না করলে, আমি হয়তো আনন্দ পাই না—*সুদ*)। ২ শূন্যগর্ভ গহ্বর বা কোটর (ক্ষুদার জ্বালায় পেটের খোল বাজায়—*অঠা*)। ৩ যে কাপড়ের মধ্যে তুলা ভর্তি করে বালিশ তোশক লেপ ইত্যাদি তৈরি হয় (বালিশের খোল)। ৪ আবরণ (কচ্ছপের খোল)। ৫ গর্ত; গহ্বর; কোটর (চোখের খোল, নৌকার খোল)। ৬ গাছের বাকল বিশেষ (কলার খোল, সুপারির খোল)। ৭ তুম্ব (হুঁকার খোল)। ৮ খোলস; নির্মোক। **খোল নলচে বদলানো** *ক্রি* রূপের আমূল পরিবর্তন; সম্পূর্ণ ভিন্ন রূপ দান। **খোল-ভাড়া** *বি* মাঝি মাল্লার মজুরি বাদে কেবল নৌকাভাড়া। {*স.* খল্ল>}

খোল২ ⇒ খইল

খোলক [খোলোক্] *বি* ১ আবরণ; shell; খোলা। ২ সর্বাঙ্গের আবরক বস্ত্র। ৩ সুপারির খোল। ৪ রান্নার হাঁড়ি বিশেষ। ৫ খোল; মৃদঙ্গ। ৬ টোপর। ৭ বল্মীক। {*স.* খোল+ক(কন্)}

খোলতা [খোল্‌তা] *বিণ* দীপ্তিমান; উজ্জ্বল; সুস্পষ্ট; শোভমান; সুবিকশিত। **–ই** *বি* ঔজ্জ্বল্য; দীপ্তি। ☐*বিণ* উজ্জ্বল; সুবিকশিত (বিয়ের পর মেয়েটার রূপ আরো খোলতাই হল—*শও*)। {*স.* স্ফুল>খোল+তা; *হি* খোলতা}

খোলস, খোলশ [খোলোশ্] *বি* ১ সাপের গাত্রচর্ম; নির্মোক; কঞ্চুক (আর সাপ ঝরিয়ে দেয় তার খোলশ—*বুব*)। ২ বহিরাবরণ; খোল; আচ্ছাদন। ৩ ছদ্ম আবরণ। **~ ছাড়া** *ক্রি* ১ সাপের নির্মোক মোচন ক্রিয়া। ২ ছদ্ম আবরণ ত্যাগ করে স্বমূর্তি ধারণ করা। ☐*বি* উক্ত সকল অর্থে। {*স.* খোলক>}

খোলসা, খোলাসা, খুলাসা [খোলোসা, –লা–, খুলা–] *বিণ* ১ স্পষ্ট; বিশদ; পরিস্ফুট (কথাটাকে খোলসা করা যাক—*খাহা*)। ২ পষ্টাপষ্টি; খোলাখুলি (আবশ্য লোকে জানিবারে চাহিত খুলাসা—*মৈগী*)। ৩ অবারিত; উন্মুক্ত; খোলা (নিজের কলঙ্কের দিকটা দেখাবার খোলসা দরজা ফেলে—*রঠা*)। ৪ অকপট; অমায়িক; সরল; সাদা (খোলসা দিল)। ৫ খালি; শূন্য; উজাড়। ৬ ভারমুক্ত (মনকে বুঝিয়ে খোলসা হতে চায়—কেমা)। ৭ পরিষ্কার। ৮ সমুদয়; আগাগোড়া; আনুপূর্বিক (খোলসা পড়ে দেখি)। ☐*বি* ১ অব্যাহতি; রেহাই; মুক্তি [illegible] ২ সারাংশ [illegible] **দিল** [illegible] }

খোলা [illegible] ১ [illegible] ২ ভাজিবার পাত্র (পিঠার খোলা)। ৩ খোসা; ছিলকা; চোকলা (কলার খোলা)। ৪ শক্ত আবরণ বা আধার (ডিমের খোলা)। ৫ কলাগাছ বা ঐ জাতীয় অন্য গাছের বাকল (সুপারির খোলা)। ৬ ক্ষেত; কর্ষণভূমি (ওপারেতে ধানের খোলা এপারেতে হাট—*রঠা*)। ৭ আখের রস জ্বাল দিবার পাত্র বিশেষ (আখের ক্ষেতের ধারেই . . . খোলা বসারে—*খমি*)। ৮ স্থান (রথখোলা, ধোপাখোলা)। ৯ ভিক্ষাপাত্র; খর্পর। {*স.* খোলক>*প্রা.* খোলস>}

খোলা২, খুলা [খোলা, খু–] *ক্রি* ১ মুক্ত বা উন্মুক্ত করা (দরজা খোলা)। ২ প্রতিষ্ঠা করা (ছত্র খোলা)। ৩ বাঁধন ছাড়ানো; যাত্রার জন্য বন্ধন মোচন করা (নৌকা খোলা)। ৪ পুনরায় কাজ আরম্ভ করা (আপিস খোলা)। ৫ গজানো; বিকশিত করা; উন্মীলন করা (ফুল ফোটে পাতা খোলে—*অঠা*)। ৬ ছাড়া; মোচন করা (ভিজা কাপড় খোলা)। ৭ অবিন্যস্ত করা; শিথিল করা বা মুক্ত করা (চুল খোলা)। ৮ অবারিত করা; উদ্ঘাটন করা (মন খোলা)। ☐*বি* উক্ত সকল অর্থে। ☐*বিণ* ১ সরল; অকপট (খোলা মন)। ২ অবাধ; অবারিত (খোলা হাওয়া)। **~খুলি** *বিণ* অকপট; স্পষ্ট। ☐*ক্রিবিণ* অকপটে; প্রকাশ্যভাবে (খোলাখুলি বলা)। **~খুলি কথা** *বি* স্পষ্ট কথা; সরল কথা। **~ চুল** *বি* মুক্তকেশ। **~ তালাক** *বি* যে তালাক স্ত্রীর ইচ্ছায় সাধারণত অর্থের বিনিময়ে দেওয়া হয়। **~ দলিল** *বি* ১ প্রত্যক্ষ বা স্পষ্ট প্রমাণ (তার খোলা দলিল তো আজকের দিনে সকলের চোখের সুমুখেই পড়ে রয়েছে—*প্রচৌ*)। ২ রেজিস্ট্রি হয়নি এমন দলিল। **~ ভাঁটি** *বি* অবাধ মদ চোয়ানোর কারখানা। **~ হাতে খরচ করা** *বি* অমিতব্যয়ীর ন্যায় বা উদারভাবে খরচ করা। **মন~ প্রাণ~** *বিণ, ক্রি* অকপট; অকপটভাবে মনের ভাব প্রকাশ করা। **মুখ~** *ক্রি* বলতে শুরু করা; গোপন কথা প্রকাশ করা। {*আ.* তালাক খুলআ طلاق خلع }

খোলামকুচি [খোলামকুচি] *বি* ১ মাটির হাঁড়িকলসি প্রভৃতির ভাঙ্গা টুকরা। ২ (*আল.*) সাধারণ বা তুচ্ছ মূল্যহীন জিনিস; অকিঞ্চিৎকর বস্তু (টাকা তো নয় খোলামকুচি)। {খোলাম +কুচি; *স.* খোলক>*প্রা.* খোলঅ>*বা.* খোলা>*বা.* খোলাম; *স.* কূর্চ, কূর্চিকা>*প্রা.* কুচ্চ, কুচ্চিঅ>+কুচিঅ>*বা.* কুচি}

খোলাসা ⇒ খোলসা

খোশ, খুশ [খোশ, খু–] *বিণ* ১ আনন্দিত; সন্তুষ্ট। ২ মজাদার; আমোদপূর্ণ (খোশগল্প; মেতেছে মাতাল খোশগানে—*মোম*)। ৩ প্রীতিকর; আনন্দজনক। ৪ ভালো; শুভ। ৫ সু; সুন্দর। ৬ স্বেচ্ছাকৃত বা স্বেচ্ছাপ্রণোদিত; আপন ইচ্ছা বা বাসনা মতো। ৭ সৎ; উত্তম। ☐*বি* সন্তোষ; প্রীতি (তোমার সহিত বাতচিত করিতে বহুত খোস—*প্যামি*)। **~ আখলাক** *বি* ১ সুস্বভাব; উত্তমচরিত্র (বিশেষ আপনার খোশ আখলাকেই মুগ্ধ—*কাই*)। ☐*বিণ* শিষ্টাচারী; সৎস্বভাব। **~ আমদেদ** *বি* সাদর অভ্যর্থনা; স্বাগতম (সমাগত মেহমানদের খোশ আমদেদ জানাই)। **~ এলহান, ~ই এলাহান ~ই ইলহান** *বি* সুকণ্ঠ; সুস্বর; সুমধুর সুর (তাব খোশ এলাহান মাতাইত প্রাণ—*নই*)। **~ কবালা** *বি* স্বেচ্ছাকৃত সম্পূর্ণ

স্বত্বের বিক্রয়পত্র; স্বেচ্ছা প্রণোদিত বিক্রয়পত্র। ~**কেতা** *বি* সুদর্শন; সুঠাম। ~**খত** *বি* ১ সুন্দর হস্তাক্ষর। ২ আনন্দের চিঠি (তুমি আমার এই খুশখতের পিওন—*অচিসে*)। □ *বিণ* ১ প্রখর (খুড়র মত খুশখৎ বুদ্ধি প্রায় দেখিতে পাওয়া যায় না—*ঈবি*)। ২ যার হস্তাক্ষর সুন্দর। ~ **খবর** *বি* সুসংবাদ; শুভ সংবাদ (খোশখবর দিয়ে বেড়ায় চপল বায়...—*নই*)। ~ **খেয়াল** *বি* খামখেয়াল; যেরূপ ইচ্ছা; মর্জি (প্রভুদিগের খোশ খেয়ালের সমর্থন বা রাজনৈতিক স্বার্থোদ্ধারের নিমিত্ত...—*আখাঁ*)। ~-**খেয়ালি** *বিণ* খামখেয়ালি (পড়ে আছে আকাশটা খোশ-খেয়ালি—*রঠা*)। ~**খোরাক** *বি* শৌখিন আহার; উত্তম খাবার। ~-**খোরাকি**, ~-**খোরাকী** *বিণ* ১ শৌখিন আহারে অভ্যস্ত। ২ ভোজনবিলাসী। ~**গল্প** *বি* ১ আমোদজনক গল্প-গুজব। ২ মজার কাহিনী। ~ **চেহারা** *বি* সুদর্শন; সুরূপ; সুশ্রী। ~**নবিস**, ~**নবিশ**, ~**নবীস** *বি* ১ যার হাতের লেখা সুন্দর; সুন্দর হস্তাক্ষরবিশিষ্ট ব্যক্তি। ২ উপাধি বিশেষ। ~**নসিব**, ~**নসীব** *বিণ* সৌভাগ্যবান (আয় খেয়ালী খোশ-নসীব—*নই*)। □ *বি* সৌভাগ্য (এ কি খোশনসীব—*নই*)। ~-**নসিবি** *বি*। ~**নাম** *বি* সুনাম; সুখ্যাতি (অপরিমিত দানের জন্য তাঁর দেশযোড়া খোশনাম ছিল—*শেক*)। ~**নামি**, ~**নামী** *বি* সুখ্যাতি; প্রশংসা (আপন লোক বলে খোসনামির ধুয়া ধরেছে...—*মীম*)। ~**নিয়ত** *বি* শুভাকাঙ্ক্ষী; সদভিপ্রায়-বিশিষ্ট। ~**নিয়তি** *বি*। ~**পোশাক** *বি* উত্তম বেশভূষা; শৌখিন পোশাক। ~**পোশাকি** *বিণ* ১ পোশাকবিলাসী; বেশবিন্যাসে শৌখিন (গোলাপনাথ বাবু শৌখিন ও খোশ-পোষাকীর হদ্দ—*কাসি*)। ২ সুবেশ। ~**বাস** *বিণ* স্থায়ী বসিন্দা নয়; খুশিমতো চলিয়া যাইতে পারে এমন। ~**বু**, ~**বো** *বি* সুগন্ধ (তীব্র মিঠে খোশবো তাহার উঠবে আমার ছাপিয়ে গোর—*নই*; রাতের শিউলি যখন খোশবু ছড়ায়—*জাজা*)। ~**বুদার** *বিণ* সুগন্ধযুক্ত; সৌরভময়। ~**মেজাজ**, ~**মিযাজ** *বিণ* প্রফুল্ল বা প্রসন্নচিত্ত। □ *বি* প্রফুল্লতা; হাসিখুশি ভাব (আমরা সকলেই ছহি ছালামতে, খোশ মেজাজে ... বাঁচিয়া আছি—*শেহ*)। ~**রং** *বি* শোভন বা সুন্দর রং। ~**রোজ**, ~**রোয** *বি* ১ খুশির দিন; আনন্দের দিন। ২ নওরোজ; New Year's Day; নববর্ষারম্ভের উৎসব (হেন খুশরোজে দিল আফরোজ দেখেনি কখনও কেহ—*জহা*)। ~**হাল** *বি* উত্তম অবস্থা বা বহাল তবিয়ত (দিব্যি আছিস খোশহালে—*নই*) □ *বিণ* সচ্ছল। { *ফা.* খুশ خوش }

খোশামোদ, খোসামোদ, খুশামোদ [খোশামোদ, খু-] *বি* ১ চাটুকারিতা; তোষামোদ; স্তুতি (বড় মানুষের খোসামোদ করাও বড় দায়—*প্যামি*)। **খোশামুদি খোশামোদি, খোসামোদি, খোসামুদি, খুশামুদী** *বি* [illegible] তোষামোদ, স্তবকতা (অন্য লোকের খোসামোদ করিতে হয়—*ঈবি*)। **খোশামুদে, খোসামুদে** *বিণ* ১ [illegible] খোসামুদে স্তাবক। ~ **করা** *ক্রি* ১ তোষামোদ [illegible] ২ [illegible] করা। { *ফা.* খুশামদ خوشامد }

খোশাল [illegible]

খোস¹ ⇒ খোশ

খোস² [খোশ্] *বি* এক প্রকার চর্মরোগ; খুজলি; পাঁচড়া। { *স.* খস }

খোসলা, খোসালা [খোশ্‌লা, -শা-] *বি* কম্বল ইত্যাদির ন্যায় গরিবদের ব্যবহার্য শীতবস্ত্র (হরিণ বদলে পাইনু পুরাণ খোসলা—*কমু*)। { *হি.* খেসড়া>; *হি.* খেস+ *বা.* লা }

খোসা [খোশা] *বি* ১ ফল বা সবজির আবরণ (কলার খোসা)। ২ ত্বক; ছাল; চামড়া। □ *বিণ* দাড়ি গোঁফ নেই এমন। ~**পুরু** *বিণ* মোটা চামড়া; পুরু ত্বকবিশিষ্ট। লজ্জাশরমহীন; লজ্জাশূন্য (ইংরেজ বিশেষ খোসাপুরু জাত—*প্রচৌ*) □ *বি* (*আল.*) গণ্ডারচর্ম। { *স.* কোশ>*প্রা.* কোস> *হি.* খোসা }

খোসাল, খোশাল, খোশহাল, খুশহাল [খোশাল, -, খোশ্‌হাল্, খু-] *বিণ* ১ আনন্দিত; হৃষ্ট (মদ দেখে বীর কালু পরম খোসাল...—*ঘচ*)। ২ বহাল তবিয়ত (দিব্যি আছিস খোশহালে—*নই*)। { *ফা.* খুশ্ خوش + *আ.* হাল حال }

খোসালো ⇒ খোসলা

খৌরি ⇒ খেউরি

খ্যাংরা, খেংরা, খাঙ্গরা [খ্যাঙ্‌রা, -, খাঙ্‌গ্‌রা] *বি* ঝাঁটা; সম্মার্জনী। **খ্যাংরামুখী** *বিণ স্ত্রী.* মুখ দ্বারা ঝাঁটা মারার কার্য সম্পাদিত হয় এমন; দুর্মুখ (আছে গাঁয়ের মোক্ষদা সে খ্যাংরামুখী বুড়ী—*জউ*)। ~**মুখো** *পু.*। **মুড়ো** ~ *বি* ভগ্ন শলাকা যুক্ত তীক্ষ্ণধার সম্মার্জনী বা ঝাঁটা। { *আঞ্চ.* }

খ্যাঁক ⇒ খেঁক

খ্যাঁচখেঁচি, খ্যাঁচাখেঁচি [খ্যাঁচ্‌খেঁচি, -চা-] *বি* সর্বদা কলহ; নিরন্তর অবনিবনা; ঝগড়া-বিবাদ। { *ধ্বন্যা.* }

খ্যাঁচম্যাচ [খ্যাঁচ্‌ম্যাচ্] *বি* ১ কলহ; ঝগড়াবিবাদ। ২ বিরক্তি প্রকাশ। { *ধ্বন্যা.* }

খ্যাঁট, খেঁট, খেট [খ্যাঁট্, -, খ্যা-] *বি* ১ ভোজ। ২ ভোজন; আহার; ৩ খাদ্য। { *স.* খেট> }

খ্যাঁতখ্যাঁত ⇒ খেঁতখেঁত

খ্যাত [খ্যাতো] *বিণ* ১ বিখ্যাত; বিশ্রুত; প্রসিদ্ধ। ২ কথিত; উক্ত। ৩ পরিচিত। ~**নামা** *বিণ* যাকে দশজনে চেনে; স্বনামধন্য; সুপ্রসিদ্ধ; বিখ্যাত। **খ্যাতি** *বি* ১ আখ্যা (সেই অবধি খ্যাতি হইল ভবানন্দ রায় মজুমদার—*রামু*)। ২ প্রসিদ্ধি; যশ; সুনাম। ৩ প্রচার। **খ্যাতি-প্রতিপত্তি** *বি* সুনাম ও প্রভাব; নামডাক। **খ্যাতিমান** *বিণ* খ্যাতিযুক্ত; যশস্বী { *স.* √খ্যা+ত(ক্ত) }

খ্যাপক [খ্যাপোক্] *বিণ* প্রকাশক; প্রচারক; ঘোষক; ঘোষণাকারী। **খ্যাপন** *বিণ* ঘোষণা; প্রচার; জ্ঞাপন। ২ কীর্তন। **খ্যাপিত** *বিণ* ১ কথিত ২ ঘোষিত; জ্ঞাপিত। ৩ কীর্তিত। { *স.* √খ্যা+ণিচ্+ক্ত(কর্মণি) }

খ্যাপা [খ্যাপা] *বিণ* ১ [illegible] ২ পাগল ৩ খেয়ালি; উদাসীন; বাউল। ~**মি** [illegible] ১ পাগলামি। ২ [illegible]

খ্যামটা, খ্যামটাওয়ালী [illegible]

খ্রিস্ট, খ্রিষ্ট, খৃষ্ট [illegible]

ধর্ম। ~পূর্ব *বিণ* যিশুখ্রিস্টের জন্মের পূর্ববর্তী; B.C.। **খ্রিস্টান, খ্রিষ্টান, খৃষ্টান** *বি* ১ খ্রিস্টধর্মাবলম্বী; Christian। □*বিণ* খ্রিস্ট ধর্মসম্বন্ধীয়। **খ্রিস্টানি, খ্রিষ্টানী, খৃষ্টানী** *বি* ১ খ্রিস্টানসুলভ আচরণ। ২ সাহেবিআনা। □*বিণ* ১ খিস্টানসুলভ। ২ খ্রিস্টধর্ম সম্বন্ধীয়। □*বি স্ত্রী.* খ্রিস্টান ধর্মাবলম্বী নারী। **খ্রিস্টাব্দ, খ্রিষ্টাব্দ, খৃষ্টাব্দ** *বি* যিশুখ্রিস্টের জন্ম থেকে গণনা-করা বৎসর; A.D.। **খ্রিস্টীয়, খ্রিষ্টীয়, খৃষ্টীয়** *বিণ* ১ খিস্ট সংক্রান্ত। ২ খ্রিস্টের জন্ম থেকে গণনাকৃত। {*ই.* Christ}

গ

গ[১]—বাংলা ভাষার তৃতীয় ব্যঞ্জনবর্ণ এবং ক-বর্গের তৃতীয় বর্ণ। এর উচ্চারণস্থান জিহ্বামূল। এটি জিহ্বা-মূলীয়, পশ্চাত্তালুজাত বা কোমলতালুজাত (velar), অল্পপ্রাণ ঘোষ (unaspirated voiced), স্পর্শ (plosive) ধ্বনি।

গ[২] [গো] *(মবা.)* *অব্য.* গো; ওগো; সম্বোধনসূচক ধ্বনিবিশেষ (এহা দুখ বড়ায়ি গ সহিতে না পারি—*বচদা*)। {অগ>}

-গ [গো] *বি* গামী; গমনকারী; ধাবমান; অভিমুখী (ঊর্ধ্বগ)। -গা (নিম্নগা) *স্ত্রী.*। {*স.* √গম্+অ (ড)}

গইচ [গোইচ] *(মবা.)* *বি* গর্ত; খানাখন্দ (পন্থ থুইয়া কেন ভাইরে গইচে দেও পারা—*পূগী.*)। {*স.* গর্ত>}

গইন *(মবা.)* [গোইন্] *বিণ* গহীন; গভীর; অতল (গইন গম্ভীরা নদী—*মৈগী*)। {*স.* গহন}

গইবি, গইবী ⇒ গায়েবি

গওর [গওর্] *বি* গভীর চিন্তা; বিবেচনা; ধ্যান। {*আ.* গ্বর غور }

গওস, গাউস [গওস্, গাউ-] *বি* দরবেশদের স্তরবিশেষ। (কত নবী পয়গম্বর গওস কুতুব...—*সৈমু*; কেস্‌সা বলতেন গাউস কুতুব আউলিয়া-আম্বিয়ার—*শাআ*)। {*আ.* গ্বছ غوث }

গওহর [গওহর্] *বি* মূল্যবান মতিবিশেষ; gem (নীল দরিয়ার ঢেউয়ের দোলায় গওহরে দেয় জন্মদান—*সৈমু*)। {*ফা.* গওহার گوهر }

গং [গঙ্] গয়রহ-র সংক্ষিপ্তরূপ; অন্যান্য; সহযোগীরা। {*আ.* খায়রাহ غیره }

গঁদ [গঁদ্] *বি* ১ আঠা; gum (গঁদ দিয়ে জুড়ে দিয়ে—*সৈমু*)। ২ বাবলা জিওল ইত্যাদি জাতীয় বৃক্ষের নির্যাস। **গঁদের** ~ *বি* খুব দূর সম্পর্কিত ব্যক্তি; দূর কুটুম্বের কুটুম্ব। {*হি.* গোঁদ}

গগন [গগোন্] *বি* আকাশ; খ; নভ। ~**চারী** *বি* খেচর। □*বিণ* আকাশে বিচরণ করে এমন; অবাস্তব কল্পনাকারী। ~**চুম্বী** *বিণ* ১ আকাশকে স্পর্শ করে এমন। ২ অতি উচ্চ। ~**তল** *বি* ১ আকাশের পৃষ্ঠ; আকাশের গা। ২ আকাশের পট। ~**পট** *বি* পটরূপে কল্পিত; আকাশ; নভোতল; আকাশ রূপ পট; আকাশ। ~**পথ** *বি* শূন্যমার্গ; আকাশপথ। ~**প্রান্ত** *বি* ১ দিকচক্রবাল; দিগন্ত। ২ আকাশের এক কোণ বা প্রান্ত। ~**বিহারী** *বিণ* ১ গগনে বিহার করে এমন; খেচর। ২ *(আল.)* আকাশবিহারী; ঊর্ধ্বচারী। ~**মণ্ডল** *বি* নভোমণ্ডল; সম্পূর্ণ নভঃস্থল; সমস্ত আকাশ। ~**মার্গ** *বি* আকাশপথ। ~**মূল** *বি* আকাশপ্রান্ত (ঊষা না ফুটিতে হাসি ফুটে তার গগনমূলে—*রঠা*)। ~**স্পর্শী** *বিণ* আকাশস্পর্শকারী; আকাশচুম্বী; অত্যুচ্চ। **গগনাঙ্গন** *বি* আকাশরূপ আঙিনা; নভস্তল; আকাশপট। **গগনাম্বু** *বি* বৃষ্টির পানি। {*স.* √গম্+অন(যুচ)}

গগলস [গগলস্] *বি* সূর্যের কিরণ থেকে দৃষ্টিশক্তি রক্ষা করার জন্য ব্যবহৃত ছায়ানিবিড় রঙিন চশমা (তোর গগলস্ হাত-ঘড়ি কাপড়-চোপড়—*আআআ*)। {*ই.* goggles}

গঙ্গা [গঙ্‌গা] *বি* ১ হিন্দুদের দেবীবিশেষ (গঙ্গা নামে মোর সতা তরঙ্গ এমনি—*ভারা*)। ২ নদীবিশেষ; গঙ্গা নদী—হিন্দু বিশ্বাস অনুযায়ী এই নদী বিশেষ পবিত্র। ৩ ভাগীরথী। ~**জ** *বিণ* গঙ্গাজাত। □*বি* ১ মহাভারতে উক্ত ভীষ্ম। ২ হিন্দু দেবতা কার্তিক। ~**জল** *বি* ১ গঙ্গা নদীর পানি। ২ (সেকেলে) হিন্দু রমণীদের সখ্যসূচক সম্পর্কের নাম (দুপুরুষ গঙ্গাজল ছিল—*বচ*)। ৩ স্নিগ্ধ; নম্র; বিগলিত। ~**জলি**[১] *বি* ১ অন্তর্জলি। ২ হিন্দু বিশ্বাস অনুযায়ী মুমূর্ষু ব্যক্তিকে গঙ্গার জল পান করানো। ৩ হাতে গঙ্গার জল নিয়ে শপথ। ~**জলি**[২], ~**জলী** *বিণ* গঙ্গার পানির ন্যায় গেরুয়া রংবিশিষ্ট (গঙ্গাজলি কাপড় —*অঠা*)। ~**ধর** *বি* হিন্দু দেবতা শিব। ~**পুত্র** *বি* ১ মহাভারতোক্ত ভীষ্ম। ২ মৃতদেহ দাহকারী। ~**প্রাপ্তি**, ~**লাভ** *বি* ১ মৃত্যু। ২ গঙ্গা নদীর তীরে মৃত্যু। ~**ফড়িং** *বি* সবুজ রংবিশিষ্ট একপ্রকার পতঙ্গ (গঙ্গাফড়িং লাফিয়ে চলে—*সদ*)। ~**বাসী** *বি,বিণ* গঙ্গা নদীর সন্নিকটে বা তীরে বসবাসকারী। ~ **যমুনা** *বি* গঙ্গা ও যমুনা নদী। □*বিণ* ১ সাদা ও কালো বা দুই রঙের মিলনজাত মিশ্র রং (আপনার কেশগুলি শাদা কালোয় গঙ্গা-যমুনা হইয়া গিয়াছে—*বচ*)। ২ সোনা ও রুপার মিশ্রণ। ~ **যমুনা গাঁথনি** *বি* কাদা ও সুরকি দ্বারা ইট গাঁথার কাজ। ~ **যমুনা চুড়ি** *বি* সোনা ও রুপার মিশ্রণে তৈরি চুড়িবিশেষ। {*স.* √গম্+গ(গন্)+আ(টাপ্)}

গঙ্গোত্তরী, গঙ্গোত্রী [গঙ্‌গোত্‌তোরি, গঙ্‌গোত্‌ত্রি] *বি* ১ নিম্নাভিমুখে অবতরণকালীন গঙ্গা (আমি ব্যোমকেশ, ধরি বন্ধনহারা ধারা গঙ্গোত্রীর—*নই*)। ২ হিমালয়ের প্রান্তবর্তী যে স্থানে গঙ্গা নদী অবতরণ করছে। {*স.* গঙ্গা+উত্তরী, উত্রী(<উত্তরী)}

গঙ্গোদক [গঙ্‌গোদক্] *বি* গঙ্গা নদীর পানি। {*স.* গঙ্গা+উদক}

গঙ্গোপাধ্যায় [গঙ্‌গোপাদ্‌ধায়্] *বি* বাঙালি ব্রাহ্মণদের উপাধিবিশেষ; গাঙ্গুলি। { *স.* গঙ্গা+উপাধ্যায়}

গচ্চা, গচ্ছা [গচ্‌চা, –ছা] *বি* ১ অনর্থক অর্থদণ্ড (গচ্চা দেওয়া, গচ্চা যাওয়া)। ২ ক্ষতিপূরণ। ৩ অসাবধানতা-বশত লোকসান (কয়েক লাখ টাকা গচ্চা যাবে; তখন জীবিকা নিয়ে টানাটানি পড়বে—*শও*)। { *স.* √গম্> *প্রা.* গচ্ছ>+*বা.* আ}

গচ্ছিত [গোচ্‌ছিতো] *বিণ* রক্ষণাবেক্ষণের জন্য জমা রাখা হয়েছে এমন; রক্ষিত; ন্যস্ত; আমানত। { *স.* √গম্> *প্রা.* গচ্ছ+*বা.* ইত}

গছা, গছানো [গছা, গছানো] *ক্রি* কৌশলে সম্মত করে চাপানো; ঘাড়ে চাপানো; অর্পণ করা; নেওয়ানো। ▢ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √গম্>*প্রা.* √গচ্ছ্>গছ্+আ, আনো}

গজ[1] [গজ্] *বি* ১ হাতি, হস্তী (হয় গজ যদি দান করত্ত বিস্তর—*কাদৌ*)। ২ দাবা খেলার ঘুঁটিবিশেষ (জিতলে চতুরঙ্গ খেলায় নৌকা-গজে জোর ধরে—*সদ*)। ৩ কীটবিশেষ। **~কচ্ছপ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত প্রবল বিদ্বেষভাবাপন্ন দুই সহোদর মুনিকুমার। ২ *(আল.)* দুই প্রবল প্রতিদ্বন্দ্বী। **~কচ্ছপের লড়াই** *বি* ১ তুমুল প্রতিদ্বন্দ্বিতা। ২ দুই স্থূলকায় ব্যক্তির বা দুই প্রবল পক্ষের লড়াই। **~কপালে, ~কপালিয়া** *বিণ* হস্তীর ন্যায় প্রশস্ত ললাটবিশিষ্ট; ভাগ্যবান (লোকটা গজকপালিয়া—*আমআ*)। **~কুম্ভ** *বি* হস্তীর মস্তকোপরি কলস সদৃশ মাংসপিণ্ড যাকে 'করিকুম্ভ' বলা হয়। **~গতি** *বিণ* হস্তীর ন্যায় ধীর ও গুরুগম্ভীর চালবিশিষ্ট। ▢ *বি* হস্তীর গমন বা গমনভঙ্গি। ৩ সংস্কৃত ছন্দবিশেষ। **~গামিনী** *বি, বিণ স্ত্রী.* ১ হাতিতে আরোহণকারিণী নারী; গজারোহিণী। ২ হস্তীর ন্যায় সুন্দর ও মন্থর গমনভঙ্গিবিশিষ্টা। **~গামী** *বিণ* ১ হস্তীর পৃষ্ঠে আরোহণপূর্বক গমনকারী। ২ হস্তীর ন্যায় সুন্দর ও মন্থর গতিবিশিষ্ট। **~গিরি, ~গীর** *বি* ১ *(আল.)* প্রকাণ্ড; সুবিশাল (তোমার ঐ গজগিরি দেহ গুরুভার—*অঠা*)। ২ কুয়া ইত্যাদির পাড়ে শান-বাঁধানো চত্বর। ৩ ঘরের মেঝে বা দেয়ালে চুনের কারুকার্য; পঙ্খের কাজ; limepunning (তোমার হুকুমে খোদা হ'ল … পদানত যত গজগিরি—*সদ*)। **~ঘণ্টা** *বি* হস্তীর গলায় বাঁধিবার ঘণ্টা। **~চক্ষু** *বি* ঈষৎ বক্র ও দেহের তুলনায় অতি ক্ষুদ্র ও বেমানান চক্ষু। **~দন্ত** *বি* ১ হাতির দাঁত; ivory। ২ দাঁতের উপর উৎপন্ন দাঁত। **~পতি** *বি* ১ শ্রেষ্ঠ হস্তী। ২ গজপ্রধান। ৩ উড়িষ্যার প্রাচীন রাজাদের উপাধি। **~বীথি** *বি* ১ হস্তীদের সুশৃঙ্খল ও সুবিন্যস্ত শ্রেণি। ২ ঐরাবত অবস্থানের দ্বিতীয় স্থান। **~ভুক্ত কপিত্থবৎ** *অব্য, ক্রিবিণ* গজ নামক ক্ষুদ্র কীট কর্তৃক ভক্ষিত কৎবেলের মতো; গজ নামক কীট কৎবেলের ভিতরে প্রবেশ করে সমস্ত শাঁস খেয়ে ফেলার পরও যার বাইরের রূপ পূর্বের মতোই থাকে। ▢ *বিণ (আল.)* অন্তঃসারশূন্য। **~মোতি, ~মুক্তা, ~মতি** *বি* যে মুক্তা হাতির মাথায় জন্মে বলে জনপ্রবাদ। **~রাজ** *বি* গজশ্রেষ্ঠ; ঐরাবত। { *স.* √গজ্+অ(অচ)}

গজ[2] [গজ্] *বি* ১ দুই হাত বা তিন ফুট বা ৩৬ ইঞ্চি পরিমিত দৈর্ঘ্য পরিমাপের একক। ২ কাপড় মাপবার জন্য ব্যবহৃত ঐ পরিমাপবিশিষ্ট ফিতা ইত্যাদি; এক মিটারের কিছু কম (১ মিটার = ৩৯.৩৭ ইঞ্চি) (শীঘ্র দর্জি ডাক, গজ এনে মেপে দেখ—*অঠা*)। ▢ *বিণ* ঐ মাপের (তিন গজ কাপড়)। **~কাঠি** *বি* একগজ মাপের কাঠি। **গজি** *বিণ* গজবিশিষ্ট বা পরিমিত; গজ পরিমাণ (পাঁচ গজি শাড়ি)। { *ফা.* গজ گز }

গজ গজ, গজর গজর [গজ্‌গজ্, গজোর্‌গজোর্] *অব্য* ১ বিরক্তিপ্রকাশক অস্পষ্ট উক্তি; অসন্তোষ প্রকাশক (রাগে গজ গজ করছে)। ২ প্রকাশ করবার জন্য উন্মুখ (কথা গজ গজ করা)। ৩ অতিরিক্ত বোঝাই (পেটে খাদ্য গজ গজ করা)। **গজগজানো, গজগজান** *ক্রি* বিরক্তি প্রকাশ করা; গজ গজ করা। **গজগজানি** *বি* বিরক্তিব্যঞ্জক অস্পষ্ট উক্তি। { *ধ্বন্যা.*; *স.* √গর্জ্> (স্বরাগমে) গজর> গজ, দ্বিরুক্তি}

গজব, গযব [গজোব্] *বি* ১ আল্লাহ প্রদত্ত শাস্তি (গজব পড়ল বলে—*অঠা*)। ২ জুলুম; অত্যাচার। ৩ প্রচণ্ড ক্রোধ (গজব করিলা তুমি আজব কথায়—*ভারা*; আমি একা বেঁচে আছি গজব খোদার—*আহা*)। { *আ.* গদ্বব غضب }

গজর গজর ⇒ গজগজ

গজরানো [গজ্‌রানো] *ক্রি* ১ আক্রোশ বা ভয়ে চাপা গর্জন করা। ২ নিষ্ফল আক্রোশে গজ গজ করা। ▢ *বি* গর্জন। **গজরানি** *বি* চাপা গর্জন। { *স.* গর্জন>গজর+আনো}

গজল, গযল [গজল্/–জো–] *বি* ১ সঙ্গীতের সুর-বিশেষ। ২ কবিতাবিশেষ; প্রণয়গীতি (শোনায়ো না নীতিকথা, শোনাও খুশীর গজল—*নই*; সূফীদের গযল কবিতাকে প্রভাবিত করে—*মুশ*)। ৩ ধর্মসঙ্গীত। { *আ.* গজল غزل }

গজস্কন্ধ [গজোস্‌কন্‌ধো] *বি* হাতির কাঁধের মতো মোটা কাঁধ যার; স্থূলস্কন্ধযুক্ত ব্যক্তি। { *স.* গজ+স্কন্ধ; *বহু*}

গজা[1] [গজা] *বি* এক ধরনের মিঠাই, সাধারণ মিঠাই অপেক্ষা দীর্ঘতর বলে এই নাম। { *স.* গজ+*বা.* আ}

গজা[2], **গজানো** [গজা, গজানো] *ক্রি* ১ জন্মানো; অঙ্কুরিত হওয়া (দেখতে দেখতে পাথরের গায়ে সব ফুল গজাল, ফল ফলল—*অঠা*)। ২ বাড়া; বৃদ্ধি পাওয়া। ▢ *বি, বিণ* উক্ত অর্থে। { *তুল. ফা.* গজ্বক غزوك }

গজানন [গজানন/–নোন্] *বি* হাতির ন্যায় মুখ যার; হিন্দু দেবতা গণেশ। { *স.* গজ+আনন; *বহু*}

গজানীক [গজানিক্] *বি* হাতিতে চড়ে যুদ্ধ করে এমন সৈন্যদল; গজারোহী সৈন্যদল। { *স.* গজ+অনীক; *মধ্য.*}

গজার [গজার্] *বি* শোলজাতীয় মৎস্যবিশেষ। {গজাল> গজার, (ল>র); *স.* গর্জক>}

গজারি[1] [গজারি] *বি* একজাতীয় বৃক্ষ ও তার কাঠ (গজারি গাছের কঠিন কাঁকরময় মাটিতে লাঠি ঠুকতে ঠুকতে পথ চলছিলেন—*অজো*)। { *স.* গজ+অরি; *৬তৎ*}

গজারি[2] [গজারি] *বি* ১ হাতির শত্রু; সিংহ। ২ হিন্দুমতে গজাসুরহন্তা শিব নামক দেবতা। { *স.* গজ+অরি; *৬তৎ*}

গজারোহী [গজারোহি] *বি, বিণ* গজে বা হাতিতে সওয়ার; হাতিতে আরোহণকারী। { *স.* গজ+আরোহী; *বহু*}

গজাল [গজাল] *বি* ১ বড় আকারের পেরেক (আয়নাটাকে গজাল আঁটিয়া বসাইল—*বিব*)। ২ গজার মাছ। { *ফা.* গজ্ گز + *বা.* আল}

গজী ⇒ গজ২

গজুয়া [গজোয়া] *বি* ১ ছোট আকারের মিষ্টান্নবিশেষ; গজা। {গজ+(হ্রস্বার্থে) উয়া}

গজেন্দ্র [গজেনদ্রো] *বি* ১ শ্রেষ্ঠ বা উত্তম হাতি। ২ গজরাজ; গজশ্রেষ্ঠ। ৩ ঐরাবত। ~**গমন** *বি* ১ হাতির ন্যায় মন্থরগতি (গজেন্দ্রগমনে এগুতে হচ্ছে—*মব*)। ২ বৃহৎ হস্তীর ন্যায় মহিমাব্যঞ্জক গতি। ~**গামিনী** *বিণ স্ত্রী.* গজেন্দ্রের ন্যায় গতিবিশিষ্টা; মন্থর মনোহর চলনবিশিষ্টা। { *স.* গজ+ইন্দ্র; ৬তৎ}

গঞ্জ১ [গনজ] *বি* ১ ব্যবসা-বাণিজ্যের স্থান; হাট; গোলা। ২ শস্যাদি কেনাবেচার স্থান। ৩ ধনভাণ্ডার (কারুণের গঞ্জ আনি নিলক্ষে লুটায়—*সৈআ*)। { *ফা.* গন্জ گنج }

গঞ্জ২ [গনজো] *ক্রি* তিরস্কার করা (বৃথা গঞ্জ দশাননে—*মদ*)। { *স.* √গঞ্জ্}

গঞ্জন [গনজন] *বি* ১ তিরস্কার করা; গালিবর্ষণ। ২ লাঞ্ছিতকরণ। □ *বিণ* তুচ্ছকর; লাঞ্ছনাকর (খঞ্জন-গঞ্জন)। **গঞ্জনা** *বি* ১ তিরস্কার; কটূক্তি। ২ খোঁটা। ৩ লাঞ্ছনা। **গঞ্জিত** *বিণ* লাঞ্ছনাকারী; তুচ্ছকারী; লাঞ্ছিত; তিরস্কৃত (বীণাগঞ্জিত মঞ্জুভাষিণী—*রঠা*)। **গঞ্জিনী** *বিণ স্ত্রী.* তুচ্ছকারিণী (রোহিণী-গঞ্জিনী বধূ—*মদ*)। { *স.* √গঞ্জি+অন(ল্যুট)}

গঞ্জায়িশ, গুনজায়িশ [গন্জায়িশ, গু-] *বি* স্থান-সংকুলান; জায়গা ধারণ ক্ষমতা। { *ফা.* গুনজায়িশ گنجائش }

গঞ্জিকা [গোন্‌জিকা] *বি* গাঁজা; সিদ্ধি গাছের জটা; এক প্রকার মাদক দ্রব্য। ~**সেবী** *বি,বিণ* গাঁজা খায় যে; গাঁজাখোর। {'গাঁজা' শব্দের সংস্কৃতায়ন 'গঞ্জিকা'}

গঞ্জিত, গঞ্জিনী ⇒ গঞ্জন

গঞ্জিফা, গঞ্জীফা [গোন্‌জিফা] *বি* ক্রীড়াবিশেষ; তাস খেলা (তারা খেলত হয় সতরঞ্জ নয় গঞ্জিফা—*প্রচৌ*)। { *ফা.* গন্‌জ্‌ফাহ گنجفه }

গট, গট ⇒ গ্যাট

গটগট, গটমট [গটগট, -ম-] *অব্য* দৃঢ়ভাবে পদক্ষেপের শব্দ। { *ধ্বন্যা.*}

গটরা [গট্‌রা] *বি* ১ উচ্চ তুমুল শব্দ (তার মধ্যে ঢাকের গটরার শব্দে গাজন বেরিয়েছে—*কাসি*)। □ *বিণ* বড়; বৃহৎ (গটরা চোখ)। { *আ.* গরগরহ غرغره }

গঠ [গঠন] *বি* গঠন; গড়ন (অধিক সুন্দর গঠ কামনা সুন্দর —*সৈআ*)। { *স.* √ঘট্>}

গঠন [গঠো] *বি* ১ গড়া; রচনা; নির্মাণ (দল গঠন)। ২ গ্রন্থন; বিন্যাস; বাঁধুনি (দেহের গঠন)। ৩ আকৃতি; অবয়ব; চেহারা (সুন্দর গঠন)। **গঠিত** *বিণ* নির্মিত; রচিত; বিন্যস্ত। { *স.* √গঠ্+অন; √ঘট্+অন(ল্যুট)>}

গড্ডল, গড্ডর [গড্‌ডল, -র] *বি* ১ ভেড়া। ২ গাড়ল। { *প্রা.* ড্ডল> *স.* গড্ডল, গড্ডর (র=ল) (অর্বাচীন সংস্কৃত শব্দ)}

গড্ডলিকা, গড্ডালিকা, গড্ডরিকা, গড্ডারিকা [গড্‌ডোলিকা, -ডা-, -ডোরি-, -ডা-] *বি* ১ এক মেষের অনুবর্তী মেষদল; অগ্রবর্তী মেষের অনুসরণকারী ভেড়ার পাল; মেষপালের সর্বাগ্রবর্তিনী ভেড়ি(ভেড়ী)। ~ **প্রবাহ** *বি* ১ ভেড়ার পালের মতো একের অন্যকে অনুসরণ; ভালোমন্দ না বুঝে অন্ধের ন্যায় অনুসরণ। ২ *(আল.)* গতানুগতিকতা; প্রচলিত ধারার অনুগামিতা। { *স.* গড্ডল+ইক(ঠন)+ আ(টাপ্); গড্ডর+ইক+আ}

গড়১ [গড়] *বি* ১ কেল্লা; দুর্গ (মদিনার গড় নিল হানিফ কাড়িয়া—*হেমা*)। পরিখা; খাত। ৩ ঢেঁকি দ্বারা শস্যাদি কোটার গহ্বর। ~**খাই** *বি* ১ কেল্লার চতুর্দিকের খাত বা পরিখা (পানি ভরা গড়খাই যাবার কায়দা নাই—*সৈহা*)। ২ দুর্গের দুর্ভেদ্যতা বিধানের জন্য গভীর খাত (তাঁহার এক দৃঢ় গড়খাই করা ছিল; নবাবের সৈন্যসকল পলাইয়া তথায় আশ্রয় লইল—*ঈবি*)। ~**খানা** *বি* গভীর গহ্বর বা পরিখা (নদী জিনি গড়খানা—*ভারা*)। **গড়ের বাদ্যি** *বি* ১ কেল্লার সেনাদলের বাজনা। ২ বিলাতি ব্যান্ড পার্টির বাজনা। **গড়ের মাঠ** *বি* ১ বৃহৎ শহর বা নগরমধ্যস্থ দুর্গ বা অট্টালিকাসমূহের মধ্যবর্তী মাঠ বা সমতল জমি; esplanade। ২ কলকাতার ফোর্ট উইলিয়মের পার্শ্ববর্তী মাঠ। { *প্রা.* গঢ়ো; মুণ্ডারি}

গড়২ [গড়] *বি* প্রণতি; প্রণাম; প্রণিপাত; দণ্ডবৎকরণ। –**করা** *ক্রি* প্রণাম করা। – **হওয়া** *ক্রি* প্রণত বা দণ্ডবৎ হওয়া। { *স.* √গল্>; *স.* গুলফ; *হি* গোড়}

গড়৩ [গড়] *বি* গড়পড়তা বা মোটামুটি হিসাব; স্থূল বা মাঝামাঝি ধরনের গণনা; average (গড়ে চার টাকা করে পড়ে)। –**পড়তা** *ক্রিবিণ* মোটামুটিভাবে; গড়ে; স্থূল গণনায় (গড়পড়তা মানুষের গড়পড়তা ইচ্ছার সমষ্টি—এইতো সমাজ—*বুব*)। { *স.* √গণ্>}

গড়৪ [গড়] *বি* চেহারা; গঠন; কদ (সুন্দর গড়)। { *স.* ঘট(ন)>গঠ>গড়}

গড়ই [গড়ই] *বি* মৎস্যবিশেষ।

গড়খাই, গড়খান ⇒ গড়১

গড় গড় [গড়গড়] *অব্য* গাড়ি ইত্যাদি চলার, মেঘগর্জনের, কোনো কিছু আবর্তিত হওয়ার বা গড়িয়ে যাওয়ার শব্দ। ~ **করে** *ক্রিবিণ* অতি সহজে; আবলীলাক্রমে; কোথাও না আটকে (গড়গড় করে মুখস্থ বলা)। { *ধ্বন্যা.*}

গড়গড়া [গড়গড়া] *বি* ১ তামাক খাওয়ার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত বৃহৎ হুঁকা (গদি পাওয়াবধি খুব কড়া, নিছি নিজ হাতে গড়গড়া—হম রাজা ভড়ং—*সদ*)। ২ ক্ষুদ্র আলবোলা। ৩ কুলকুচা; gargle। { *ধ্বন্যা.*}

গড়ন [গড়োন] *বি* ১ গঠন; নির্মাণ (গড়ন ভঙ্গিতে সই আছে কত খল—*চদা*)। ২ চেহারা; সৌষ্ঠব; গঠনপারিপাট্য। ~**দার** *বি* ধাতু গলিয়ে ও পিটিয়ে যে জিনিস গড়ে। ~-**পিটন**, ~-**পেটন** *বি* গঠন; দেহসৌষ্ঠব (কেমন গড়ন-পিটন, কেমনই বা হেলন দোলন—*অচিসে*)। { *স.* গ্রন্থন, *স.* ঘটন}

গড়পড়তা ⇒ গড়৩

গড়া১ [গড়া] *বি* এক প্রকার মোটা থান ধুতি ('গড়া' যে পরে গো, ফেরে খালি পায়ে শোয় কম্বল পাড়ি—*সদ*)। { মুণ্ডারি গড়ো>}

গড়া² [গড়া] *ক্রি* ১ প্রস্তুত করা; তৈরি করা; নির্মাণ করা; (গহনা গড়া; ভাঙিয়া গড়িতে পারে সে বড় বিরাট—*চন্দা*)। ২ সৃষ্টি করা (আল্লাহ মানুষ গড়েছেন)। ৩ লেখাপড়া শেখানো; পালন করা (মা-ই সন্তানদের গড়েন)। ৪ উৎসাহিত বা উন্নত করা (দেশ বা জাতি গড়া)। ৫ সংগঠন করা (দল গড়া)। ৬ প্রতিষ্ঠা করা (বিদ্যালয় গড়া)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ নির্মিত; গঠিত (হাতে গড়া রুটি)। ২ বানানো বা সাজানো (গড়া কথা, গড়া সাক্ষী)। **–পেটা** *বি* পছন্দমতো আকৃতিদান বা সৃজন; আপন রুচি অনুযায়ী গঠন বা সৌষ্ঠবদান (বিশ্বামিত্রকে গড়া-পেটা করতে দিতে বিশ্বকর্মা আপত্তি করলেন না—*অঠা*)। **মন~** *বিণ* কাল্পনিক; অসত্য; অলীক; অবাস্তব। **শিব গড়তে বাঁদর ~** *ক্রি* খুব উৎকৃষ্ট কিছু সৃষ্টি করতে গিয়ে নিকৃষ্ট কিছু করা। {*স.* ঘটা>}

গড়াগড়ি [গড়াগড়ি] *বি* ১ মাটিতে লুণ্ঠিত অবস্থা; লুটোপুটি। ২ ছড়াছড়ি; প্রাচুর্যজনিত হেলা-ছড়ার অবস্থা (সোনা রূপাএ গড়াগড়ি না ছিল কাঙ্গাল—*মগা*)। **~দেওয়া** *ক্রি* একটু শুয়ে বিশ্রাম করা। {*স.* গড়+আ, গড়+ই}

গড়ানো¹ [গড়ানো] *ক্রি* অপরের দ্বারা গঠন বা নির্মাণ করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। {*স.* √ঘট্>+ণিচ্+*বা.* আনো}

গড়ানো² [গড়ানো] *ক্রি* ১ গড়িয়ে যাওয়া; গড়িয়ে নামা। ২ ঢালা (জল গড়ানো)। ৩ শুয়ে বিশ্রাম করা (একটু গড়িয়ে নেওয়া)। ৪ লুণ্ঠিত হওয়া (ধুলায় গড়ানো)। ৫ ভূলুণ্ঠিত হওয়া (গড়িয়ে পড়া)। ৬ অতিশয় আহ্লাদ বা ভাবাবেগ দেখানো (আনন্দে গড়িয়ে পড়া)। ৭ বয়ে যাওয়া; প্রবাহিত হওয়া (পানি গড়িয়ে যাওয়া)। ৮ পৌঁছানো; অনেক অগ্রসর হওয়া বা পরিচিত হওয়া (ব্যাপারটা অনেক দূর গড়িয়েছে)। ৯ চুঁইয়ে পড়া বা ক্ষরিত হওয়া (মাথা থেকে তেল গড়ানো; কষ গড়ানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **গড়ানে** *বিণ* ১ ঢালু; ক্রমাবনত (গড়ানে জায়গা)। ২ গড়ায় এমন। **গড়ায় গড়ায়, গড়া গড়া** *ক্রিবিণ* পাশাপাশি; সারি সারি (গড়ায় গড়ায় পড়ে থাকে)। {*স.* √ঘট+আনো>}

গড়িমসি [গোড়িমোশি] *বি* ১ ঢিলামি; দীর্ঘসূত্রতা; হচ্ছে হবে ভাব। ২ অনিচ্ছাজনিত এড়িয়ে যাওয়ার ভাব; টালবাহানার ভাব (কি জানি কেন গড়িমসি শুরু করেন —*ইখাঁ*)। {*স.* গড়+ই+মসি, অথবা, *স.* গো>গর+ই+*স.* মহিষ>মসি}

গড্ডু [গোড্ডু] *বি* কুব্জ বা গলগণ্ডাদির মতো দেহের স্থানবিশেষের মাংসস্ফীতি। □ *বিণ* কুব্জ; কুঁজা। {*স.* গণ্ড>}

গড্ডুলী-মন্ত্র [গোড্ডুলি মনত্রো] *বি* গরুড় মন্ত্র (গড়ুলী ও মন্ত্র কেবা নাগের মাথায় যায় যে ঝাড়ি—*জউ*)। {*স.* গরুড় মন্ত্র>}

গড়ে [গোড়ে] *বিণ* ১ অলস; গেঁতো; দীর্ঘসূত্রী। ২ সারাদিন শুয়ে গড়িয়ে থাকতে চায় এমন। **– গোরু** *বি* যে গোরু লাঙ্গল টানতে টানতে শুয়ে পড়ে ও সহজে উঠতে চায় না। {*স.* √গড়>}

গড়ের বাদ্যি, গড়ের মাঠ ⇒ গড়¹

গণ [গন, সমাসবদ্ধ পদে পূর্বপদ হলে উচ্চারণ 'গনো'] *বিণ* ১ সমূহ; সমষ্টি। ২ বহুবচনবাচক শব্দ (কৃষকগণ, লোকগণ)। ৩ বর্গ; শ্রেণি। ৪ দল। ৫ জনসাধারণ (গণ-আন্দোলন)। ৬ গোষ্ঠী; বর্গ। ৭ *(জ্যোশা)* নক্ষত্র অনুসারে জাতকের প্রকৃতিভেদ (দেবগণ, রাক্ষসগণ, নরগণ)। ৮ *(ব্যা.)* ধাতুসমূহ (হ-আদি গণ, খা-আদি গণ)। **~গণক** *বি* গোষ্ঠীর গণনাকারী (আমি আয়ুষ্মান গণ-গণকের কাছে জানতে চাই, আজকের অধিবেশনে কতজন সদস্য উপস্থিত আছেন—*রাসা*)। **~টোকাটুকি** *বি* পরীক্ষাকক্ষে পরীক্ষার্থীগণ কর্তৃক ব্যাপক হারে অসদুপায় অবলম্বন করা বা নকল করা। **~তন্ত্র** *বি* ১ জনসাধারণ কর্তৃক রাজ্য বা দেশ পরিচালনার আদর্শ; democracy। ২ অনুরূপ উপায়ে শাসিত রাষ্ট্র; সাধারণতন্ত্র; republic। **~তন্ত্রী, ~তান্ত্রিক** *বিণ* গণতন্ত্রের নীতি অনুসরণকারী; গণতন্ত্রমূলক। **~দেব** *বি* ১ হিন্দু দেবতা গণেশ। ২ হিন্দুমতে গণশক্তির দেবতা। ৩ জনগণ; জনশক্তি। **~নায়ক** *বি* জনগণের নেতা। **~পতি, ~নাথ** *বি* ১ হিন্দু দেবতা গণেশ। ২ হিন্দু দেবতা শিব। ৩ দলপতি। **~পিটুনি** *বি* পাইকারি প্রহার; সকলের এলোপাতাড়ি প্রহার (চোর পকেট মারতে গিয়ে গণপিটুনিতে প্রাণ হারালো)। **~বাহিনী** *বি* জনগণ বা জনতা কর্তৃক গঠিত বাহিনী; people's army। **~শক্তি** *বি* সম্মিলিত প্রজাপুঞ্জ বা জনসাধারণ অথবা তাদের সম্মিলিত শক্তি। **~সন্নিপাত** *বি* সাধারণ সভা; সাধারণের অধিবেশন (একদিন সংস্থাগারে গণ-সন্নিপাত হলো—*রাসা*)। **~সমজ্যা** *বি* মহোৎসব; সাধারণ উৎসব (অল্পদিন আগে গণ সমজ্যা উপলক্ষে বৈশালীতে গিয়েছিলাম—*রাসা*)। {*স.* √গণ্+অ(অচ)}

গণইতে *(ব্র.)* [গনোইতে] *অক্রি* গণনা বা হিসাব করতে (গণইতে দোষ গুণ লেশ ন পাওবি—*বিপ*)। {*স.* √গণ্>}

গণক [গণোক্] *বি* ১ ভাগ্য ইত্যাদি গণনাকারী; দৈবজ্ঞ; গণৎকার; astrologer। {*স.* √গণ্+অক(ণ্বুল)}

গণতন্ত্র, গণতন্ত্রী, গণতান্ত্রিক ⇒ গণ

গণতি ⇒ গুনতি

গণৎকার ⇒ গনৎকার

গণন, গণনা [গনোন্, গনোনা] *বি* ১ সংখ্যা গণনার কাজ; অঙ্ক করা বা কষা। ২ অবধারণ; নিরূপণ; নির্ধারণ (বিচারে দোষী বলে গণনা)। ৩ হিসাব (বৎসর গণনা)। ৪ গ্রাহ্য বা স্বীকারকরণ (শ্রদ্ধেয় বলে গণনা)। ৫ উল্লেখ; বর্ণনা; নির্দেশ (শয়তান হিসাবে গণনা)। ৬ *(জ্যোশা)* রাশিক্ষেত্রের সাহায্যে ভবিষ্যৎ শুভাশুভ স্থিরীকরণ। {*স.* √গণ্+অন(ল্যুট্),+আ(টাপ্)}

গণনাথ, গণনায়ক ⇒ গণ

গণনীয় [গনোনিয়ো] *বিণ* গণনার উপযুক্ত; মাননীয়; মান্য; গণনা করতে হবে এরূপ। {*স.* √গণ্+অনীয়(অনীয়র্)}

গণপতি ⇒ গণ

গণলু, গণলুঁ *(ব্র.)* [গনলু, -লুঁ] *ক্রি* গণ্য করলাম (নাহি গণলুঁ—*বিপ*)। {*স.* √গণ্}

গণবি *(মবা.)* [গনবি] *ক্রি* গণনা বা গণ্য করবে (নাহি গণবি আনে—*বিপ*)। { *স.* √গণ}

গণশক্তি, গণসন্নিপাত, গণসমষ্টা ⇒ গণ

গণা ⇒ গনা

গণিকা [গোনিকা] *বি* নারী যৌনকর্মী; বারাঙ্গনা; বারনারী; বেশ্যা; কসবি। **~লয়** *বি* পতিতালয়; বেশ্যালয়; বেশ্যাবাড়ি। { *স.* √গণ্+ইক (ঠন্)+আ(টাপ্)}

গণিত [গোণিত্, বিশেষণে উচ্চারণ 'গোনিতো'] *বি* অঙ্কশাস্ত্র; গণনা-বিজ্ঞান; mathematics। □*বিণ* ১ গণনার দ্বারা নির্দিষ্ট, স্থিরীকৃত বা ধার্য। ২ গণনা করা হয়েছে এমন; সংখ্যাত। **~ক** *বি* হিসাব। **~জ্ঞ** *বি* গণিতশাস্ত্রে অভিজ্ঞ বা শিক্ষিত; গণিতশাস্ত্রবেত্তা। **~বিজ্ঞান, ~বিদ্যা** *বি* অঙ্কশাস্ত্র; গণনাবিজ্ঞান; mathematics। { *স.* √গণ্+ত (ক্ত)}

গণীভূত [গোণিভুতো] *বিণ* ১ জাতিগত; জাতীয়। ২ দলগত; গণের অন্তর্ভুক্ত; দলভুক্ত। ৩ সংস্থান্তর্গত; সঙ্ঘভুক্ত; সম্প্রদায় বা গোষ্ঠীগত। { *স.* √গণ্+ঈ(চ্বি)। √ভূ+ত(ক্ত)}

গণেশ [গনেশ্] *বি* হিন্দু দেবতাবিশেষ; শিব ও দুর্গার জ্যেষ্ঠপুত্র; হিন্দুমতে সিদ্ধিদাতা; লম্বোদর; গজানন। { *স.* গণ+ঈশ}

গণ্ড [গনডো] *বি* ১ গাল; কপোল (গণ্ডদেশ)। ২ বৃহৎ স্ফোটক; ফোঁড়া; আব; মাংসস্ফীতি (ফোলা) রোগ; tumour (গলগণ্ড)। ৩ গ্রন্থি। ৪ চিহ্ন। ৫ যোগবিশেষ। □*বিণ* প্রধান; বৃহৎ (গণ্ডগ্রাম)। **~কূপ** *বি* ১ গালের টোল। ২ অধিত্যকা। **~গাত্র** *বি* আতা, নোনা বা ডেউয়া জাতীয় ফল। **~গ্রাম** *বি* ১ ক্ষুদ্র গ্রাম; পল্লিগ্রাম অর্থেও ব্যবহৃত (এই গণ্ডগ্রামের মধ্যে আসিয়া—*রঠা*)। **~দেশ** *বি* গাল; কপোল; cheek। **~মালা** *বি* গলার গ্রন্থিস্ফীতি রোগ। **~মূর্খ** *বিণ* আকাট মূর্খ; অত্যন্ত নির্বোধ (কোথাকার গণ্ডমূর্খ পাষণ্ড নাস্তিক—*রঠা*)। **~যোগ** *বি (জ্যোশা)* যোগবিশেষ; যে যোগে জন্ম হলে সন্তানের মাতাপিতার মৃত্যু হয়। **~শৈল** *বি* ১ পর্বত থেকে উৎক্ষিপ্ত বড়ো প্রস্তরখণ্ড। ২ গণ্ডসদৃশ ছোট পাহাড়। **~স্থল** *বি* গণ্ডদেশ; গাল। **গণ্ডেপিণ্ডে** ⇒ গাণ্ডেপিণ্ডে। { *স.* √গম্+ড}

গণ্ডক [গনডক] *বি* ১ গণ্ডার। ২ বিঘ্ন; অন্তরায়; প্রতিবন্ধক। ৩ সংখ্যাবিশেষ; গণ্ডা। { *স.* √গণ্ড+ক (কন্)}

গণ্ডকারী [গন্‌ডোকারি] *বি* ১ বৃক্ষবিশেষ। ২ লজ্জাবতী লতা। ৩ খয়ের গাছ। ৪ বনচালতে (চালিতা)। ৫ কাউয়াঠুটি। { *স.* গণ্ড+কার+ঈ}

গণ্ডকী [গন্‌ডোকি] *বি* বিহার প্রদেশস্থ নদীবিশেষ। **~শিলা** *বি* গণ্ডকী নদীতীরে উৎপন্ন শালগ্রাম শিলা। { *স.* গণ্ডক+ঈ}

গণ্ডগোল [গন্‌ডোগোল্] *বি* ১ গোলমাল; অতিশয় কোলাহল; শোরগোল; বহুলোকের কলরব। ২ ওলটপালট; বিশৃঙ্খলা। {গণ্ড+গোল}

গণ্ডা [গনডা] *বি* ১ চারটি। ২ চার কড়া। ৩ প্রাপ্য (আপন গণ্ডা)। ৪ প্রাপ্য টাকা (পাওনা গণ্ডা)। **~কিয়া** *বি* গণ্ডা হিসাব করার পদ্ধতি। **~ ~** *বিণ* ১ বহুসংখ্যক; প্রচুর; অনেক। ২ যথেষ্ট পরিমাণ। **গণ্ডায় এণ্ডা দেওয়া** গোলমালের মধ্যে আপন কর্তব্যে ফাঁকি দিয়ে চলে যাওয়া। { *মুণ্ডারি.* গণ্ডা}

গণ্ডার [গনডার] *বি* অত্যন্ত স্থূল চর্ম ও খড়্গবিশিষ্ট বৃহদাকার জন্তুবিশেষ; rhinoceros। **গণ্ডারের চামড়া** *বি (আল.)* গালাগাল বা অপমানসূচক কথা যার গায়ে লাগে না বা তাতে যার চৈতন্য হয় না এরূপ লোক। { *স.* √গণ্ড+ক+*বা.* আল(ল>র)}

গণ্ডারী [গন্‌ডারি] *বি* পক্ষীবিশেষ। {গণ্ডার+ঈ}

গণ্ডি, গণ্ডী [গোন্‌ডি] *বি* ১ পরিধি; চৌহদ্দি; বেষ্টনরেখা। ২ সীমা; নির্দিষ্ট পরিসর। ৩ মন্ত্রের সাহায্যে যে স্থান নিরাপদ করা হয়েছে। { *স.* গণ্ড+ই, ঈ; *প্রা.* গংডী}

গণ্ডু, গণ্ডূ [গোনড়ু] *বি* ১ উপাধান; বালিশ। ২ গ্রন্থি; গিঁট। **~পদ** *বি* কেঁচো। **~পদী** *বি স্ত্রী.* ছোট কেঁচো। { *স.* গ্রন্থি>*প্রা.* গংঠি}

গণ্ডূষ [গোনডুশ্] *বি* ১ মুখে বা হাতের কোষে যে পরিমাণ ধরে; একমুখ বা এক কোষ পানি। ২ হাতের কোষ। ৩ অত্যল্প। **~ করা** (হিন্দুমতে) মন্ত্রপাঠপূর্বক হাতের কোষে পানি নিয়ে পান করা (অন্ন ত্যাগ করিয়া, গণ্ডূষ করিয়া উঠিয়া দ্বার খুলিয়া দিল—*বচ*)। { *স.* √গণ্ড+উষ (উষন্)}

গণ্ডেপিণ্ডে ⇒ গাণ্ডেপিণ্ডে

গণ্য [গোন্‌নো] *বিণ* ১ গণনা করা চলে এমন; গণনার যোগ্য; গণনীয়। ২ গ্রাহ্য; স্বীকৃত (বড়ো লোক হিসাবে গণ্য)। ৩ বিবেচনার যোগ্য; বিবেচ্য। ৪ সংখ্যেয়। **~মান্য** *বিণ* ১ সম্ভ্রান্ত। ২ বিশেষ মান্য; সম্মানবিশিষ্ট; বিশেষ সম্মানযোগ্য। { *স.* √ গণ্+য(যৎ)}

গৎ [গত্] *বি* ১ গানের নির্ধারিত বা বাঁধা সুর; নির্দিষ্ট সুরবিন্যাস (শিরীন স্বর ঐ বেণু বীণার মধুর গৎ—*নই*)। ২ নিয়ম (বাঁধা গৎ; সব গৎবাঁধা জীবনের রুটিন-বাঁধা কাজ—*ওহ*)। { *স.* গতি>}

গত [গতো] *বিণ* ১ চলে গেছে এমন; শেষ। ২ বিগত; পূর্বে সংঘটিত; অতীত। ৩ বর্তমানকালের পূর্ববর্তী; অব্যবহিত পূর্ববর্তী (গত বৎসর)। ৪ মৃত (তিনি গত হয়েছেন)। ৫ অধিগত; লব্ধ; প্রাপ্ত (পুঁথিগত বিদ্যা)। ৬ নিহিত; নিবেশিত; স্থাপিত (বংশগত, রক্তগত)। ৭ অনুযায়ী; অনুমত; সম্মত (প্রথাগত)। **~কল্য** *বি* আজকের অব্যবহিত পূর্বদিন। **~ক্লম** *বিণ* ক্লান্তি দূর হয়েছে এরূপ; উপশমিত শ্রান্তি; অপগত ক্লান্তি (বিগতক্লম ব্যক্তি)। **~চেতন** *বিণ* চেতনাহীন; চেতন নাই এমন; সংজ্ঞাহীন; হতচৈতন্য। **~চেতনা** *বিণ স্ত্রী.* (সীতাও শ্রবণমাত্র গতচেতনা হইয়া... ভূতলশায়িনী হইলেন—*ঈবি*)। **~জীব, ~জীবন, ~প্রাণ** *বিণ* প্রাণহীন; মৃত; বিগতপ্রাণ (হেরি গতজীব শিশু, বিবশা বিষাদে—*মদ*)। **~নিদ্র** *বিণ* ১ ঘুমহীন; নিদ্রাহীন। ২ ঘুম ভেঙে উঠেছে এমন। **~প্রায়** *বিণ* প্রায় চলে গেছে বা শীঘ্রই চলে যাবে এরূপ। **~বল** *বিণ* বলহীন; হৃতশক্তি (এতদিনে গতবল দেবি—*মদ*)। **~বুদ্ধি** *বিণ* হতজ্ঞান; বুদ্ধি শুদ্ধি লোপ পেয়েছে এমন। **~ব্যথ** *বিণ* ১ ব্যথা দূর হয়েছে এমন (বিগতব্যথ ব্যক্তি)। ২ ব্যথাশূন্য; বেদনাশূন্য। **~ভাষ** *বিণ* বাক্যহারা বা বাকশক্তিরহিত (অকস্মাৎ হেরিলাম মূর্তি তার ক্লান্ত

গতভয়—*বিদে*)। ~**ভূষণা** *বিণ স্ত্রী.* আভরণহীনা; ভূষণহীনা; ত্যক্তালংকারা (গতভূষণা ইন্দ্রাণী—*রঠা*)। ~**যৌবন** *বিণ* ১ যৌবনোত্তীর্ণ; বিগত যৌবন। ২ প্রৌঢ় বা বৃদ্ধ। ৩ লুপ্ত যৌবন। ~**যৌবনা** *বিণ স্ত্রী.* (গতযৌবনা ক্ষীরোদা—*রঠা*)। ~**শোক** *বিণ* শোকশূন্য; শোকোত্তীর্ণ। ~**শোচনা** *বি* অতীত বিষয়ের জন্য অনুতাপ; কৃতকর্মের জন্য খেদ। ~**সঙ্গ** *বিণ* আসক্তিহীন; নিরাসক্ত। ~**স্পৃহ** *বিণ* বীতরাগ; কামনাশূন্য; নিষ্কাম। {স. √গম্+ত(ক্ত)}

গতর [গতোর্] *বি* ১ শরীর; দেহ; কায়া (যার না নড়ে পাশ কাটালে চলে না, এমনকি গতর খারাপ হলেও না—*সজ*; গতরে ছিল অসুর শক্তি—*শাহ*)। ২ স্থূলকায়; শরীরের স্থূলতা। ৩ স্বাস্থ্য। ৪ সামর্থ্য; দেহের শক্তি। **গতরখাকি**, ~**খাগি** *বিণ স্ত্রী.* সামর্থ্য থাকা সত্ত্বেও পরিশ্রমবিমুখ স্ত্রীলোক; কুঁড়ে মেয়েলোক। □*বি* গালিবিশেষ (শাশুড়ি গতরখাগি—*নই*)। ~ **খাটানো** *ক্রি* শারীরিক পরিশ্রম করা। ~**খেকো** *বি পু.* সামর্থ্য থাকলেও যে খাটতে চায় না। {স. গাত্র>}

গতশোক, ~শোচনা, ~সঙ্গ, ~স্পৃহ ⇒ গত

গতাগত ⇒ গতায়াত

গতাগতি, গতায়তি [গতাগোতি, -য়োতি] *বি* ১ যাতায়াত; গমনাগমন; যাওয়া আসা (এই যে রূপের রথের চালান গতাগতি—*অঠা*)। ২ জন্ম ও মৃত্যু। {স. গত+ আগতি, আয়তি}

গতানুগতিক [গতানুগোতিক] *বিণ* ১ নতুনত্ব বর্জিত। ২ নির্বিচারে পূর্বপ্রথানুসারী; পূর্ব দৃষ্টান্তের অনুবর্তী; মামুলি বা প্রচলিত ধারার অনুগামী। ৩ একঘেয়ে। {স. গত+ অনুগতিক}

গতানুশোচনা, গতানুশোচন [গতানুশোচোনা, -চোন্] *বি* পশ্চাত্তাপ; গত বিষয়ের জন্য অনুতাপ; অতীত বিষয় বা কৃতকার্যের জন্য শোক বা খেদ। {স. গত+অনুশোচনা}

গতানো [গতানো] *ক্রি* গছানো; চাপিয়ে দেওয়া। □*বি, বিণ* উক্ত অর্থে। {গছানো>}

গতায়তি ⇒ গতাগতি

গতায়াত, গতাগত [গতায়াত্, -গত্] *বি* গমনাগমন; যাতায়াত (ইহাই ছিল আমার গতায়াতের স্থান—*আমআ*)। {স. গত + আয়াত, আগত}

গতায়ু [গতায়ু] *বিণ* ১ আয়ু শেষ হয়েছে এমন। ২ আসন্নমৃত্যু; মুমূর্ষু। ৩ মৃত। {স. গত+আয়ু}

গতার্তবা [গতার্‌তোবা] *বি* যে স্ত্রীলোকের আর্তব শেষ হয়েছে অর্থাৎ ঋতু বন্ধ হয়েছে; বৃদ্ধা নারী। □*বিণ* বন্ধ্যা। {স. গত+আর্তব (>ঋতু)+আ(টাপ্)}

গতাসু [গতাশু] *বিণ* মৃত; যার জীবন শেষ হয়েছে। {স. গত+অসু}

গতি [গোতি] *বি* ১ গমন। ২ বেগ; চলন (দ্রুতগতি)। ৩ উপায় (অন্যগতি নাই)। ৪ সহায়; আশ্রয় (আল্লাহর রহমই আমার গতি)। ৫ পরিণাম; শেষ অবস্থা; মৃত্যুর পরবর্তী অবস্থা (স্বর্গ-গতি)। ৬ উদ্ধারের উপায়; ত্রাণের পথ (বিপন্নের কোনো গতি করতেই হবে)। ৭ অন্ত্যেষ্টিক্রিয়া; সৎকার; শবসৎকার (মড়ার গতি করা)। ৮ গন্তব্যস্থল (জীবনের গতির সমাপ্তি মৃত্যু)। ৯ অবস্থা; দশা (সুগতি, দুর্গতি)। ১০ ধরন-ধারন; হাবভাব; চালচলন; গতিক (আকাশের গতি ভালো নয়)। ~**দায়িনী** *বিণ স্ত্রী.* মোক্ষদাত্রী; মুক্তিদানকারিণী। ~**দীর্ণ** *বিণ* লোকের যাতায়াতের ফলে ভাঙা ও ফাটা (রেশমি রুমাল উড়ে গতিদীর্ণ পথে—*সাহ*)। ~**পরিপন্থী** *বি* গতির পরিপন্থী; অন্তরায়; বাধা (উভয় সঙ্কট স্বভাবতই গতিপরিপন্থী—*সুদ*)। ~**বিজ্ঞান**, ~**বিদ্যা** *বি* গতি বা বেগবিষয়ক বিজ্ঞান বা শাস্ত্র; kinetics; dynamics। ~**ভঙ্গ** *বি* ১ চলতে চলতে বাধাপ্রাপ্ত হয়ে থেমে যাওয়া বা থেমে দাঁড়ানো; গতিকার্যে প্রতিবন্ধক; গতির বিঘ্ন। ২ অর্ধপথে বিরতি বা বিরাম। ~**রোধ** *বি* ১ পথরোধ। ২ গমনে প্রতিবন্ধক; যাত্রায় বিঘ্ন। ~**শক্তি** *বি* ১ চলনশক্তি। ২ চলনজনিত শক্তি (কোন বস্তুর গতির ফলে যে শক্তি সৃষ্টি হয় তাহাকে গতিশক্তি বলে—*আঞা*)। {স. √গম্+তি(ক্তি)}

গতিক [গোতিক] *বি* ১ অবস্থা; হাল; দশা (মনের এ ভাব-গতিকের রীতিমত কারণও খুঁজে পাচ্ছিনে—*নই*)। ২ কৌশল (কোন গতিকে এখান থেকে বেরুতে পারলে হয়)। ৩ লক্ষণ (পাহাড় দেশের মেঘ ভালো হওয়ার গতিক বুঝে...—*অঠা*)। ৪ ধরন; ভঙ্গি; রকম (মায়ের ভাবগতিক দেখে নির্মলা হেসে ফেলে বললে—*প্রেমি*)। **কার্যগতিকে** *ক্রিবিণ* কাজের তাগিদে; প্রয়োজনে; দরকারে। {স. গতি+ *বা.* ক}

গতিক্রিয়া [গোতিক্‌ক্রিয়া] *বি* অত্যন্ত বিলম্বে কার্যকরণ; দীর্ঘসূত্রতা। {স. গতি+ ক্রিয়া}

গতিদায়িনী, গতিদীর্ণ, গতিপরিপন্থী, গতিবিজ্ঞান, গতিবিদ্যা ⇒ গতি

গতিবিধি [গোতিবিধি] *বি* ১ চালচলন; কার্যকলাপ (শত্রুর গতিবিধি)। ২ যাতায়াত; যাওয়া আসা। ৩ মুক্তির উপায় বা পথ (রহমান, তুমি করো গতিবিধি)। {গতি+বিধি; *দ্বন্দ্ব*}

গতিভঙ্গ, গতিরোধ, গতিশক্তি ⇒ গতি

গতীয় [গোতিয়ো] *বিণ* গতিতত্ত্ব বা গতিবিজ্ঞান সংক্রান্ত; kinetic; dynamic। {স. গতি+ঈয়(ছ)}

গতুয়া [গোতুয়া] *বিণ* গেঁতো; দীর্ঘসূত্রী। {স. গত+*বা.* উয়া}

গত্যন্তর [গোত্‌তোন্‌তর্] *বি* অন্য উপায়; উপায়ান্তর। {স. গতি+অন্তর; *নিত্য*}

গদ [গদ্] *বি* ১ রোগ; ব্যাধি। ২ বিষ; গরল। ৩ গুরুভোজনজনিত ভার (পেটে গদ থাকা)। ৪ সর্পবিষপ্রতিষেধক মন্ত্র বা ঔষধ। {স. √গদ্+অ(অচ্)}

গদগদ, গদ্গদ [গদোগদো, গদ্‌গদো] *অব্য* অব্যক্ত কণ্ঠধ্বনিবাচক। □*বি* ভাবের প্রাবল্যজনিত অব্যক্ত কণ্ঠস্বর। □*বিণ* ১ আবেগে বিভোর বা বিহ্বল (গদগদ চিত্ত)। ২ আবেগের আতিশয্যে রুদ্ধ বা জড়িত (গদগদ কণ্ঠবচন বা ভাষা)। ~**কণ্ঠ** *বিণ* ভাবের বা আবেগের প্রাবল্যে জড়িত কণ্ঠ। ~ **বচন** *বিণ* শোক অভিমান ক্রোধ ইত্যাদি হেতু অস্ফুট বাক। {*ধ্বন্যা.*}

গদা [গদা] *বি* ১ মুদগরজাতীয় যুদ্ধাস্ত্র। ২ মুদ্গর; মুগুর। ৩ শক্ত ও মোটা লাঠি। ~**ঘাত** *বি* গদার দ্বারা আঘাত; গদা দ্বারা প্রহার। ~**ধর**, ~**পাণি** *বি* যিনি গদা ধারণ করেন বা

গদা যাঁর অস্ত্র; হিন্দু দেবতা বিষ্ণু। ~**যুদ্ধ** *বি* যে যুদ্ধে গদা অস্ত্রস্বরূপ ব্যবহৃত হয়; গদা দ্বারা সংগ্রাম। {*স.* √গদি+অ(অচ্)+আ(টাপ্)}

গদাই [গদাই] *বি* গদাধর—আদরে অথবা অতি পরিচয়ে। {*স.* গদা+*বা.* আই}

গদাই লশকরি, গদাই লস্করি [গদাই লশ্‌কোরি] *বিণ* গাধাবোটের ন্যায় অতি মন্থর গতি; কুঁড়ে; অলস; ঢিমে (কলকাতা থেকেও এই গদাই লস্করী চাল সম্পূর্ণ লোপ পায়নি—*সৈমু*; বাংলা সাহিত্যে সাধারণ লেখকের গদ্য গদাই লস্করিভাবে চলে—*প্রচৌ*)। {গদাই+লশকর+ই}

গদি [গোদি] *বি* ১ তুলা, নারকেলের ছোবড়া প্রভৃতি দ্বারা প্রস্তুত নরম আসন বা বিছানা। ২ ব্যবসায়ীর অফিস বা দফতর (তেজারতি গদি)। ৩ রাজাসন; সিংহাসন (গদিতে আরোহণ করা)। ৪ রাজা বাদশাহ পীর প্রভৃতি প্রভাবশালী লোকদের আসন বা পদ (গদি পাওয়া)। {*হি.* গদ্দী}

গদ্‌গদ ⇒ গদগদ

গদ্য [গোদ্‌দো] *বি* যে রচনা ছন্দোবদ্ধ নয়। □ *বিণ* ছন্দোবদ্ধ নয় এমন (গদ্য-ভাষা)। ~ **ছন্দ** *বি* যে গদ্য রচনার মধ্যে ছন্দ আছে; ছন্দবিশেষ। {*স.* √গদ্+য(যৎ)}

গনগন [গন্‌গন্] *অব্য* অগ্নি শিখার প্রজ্বলনের আওয়াজ বা এর প্রাখর্যের ভাবসূচক (গনগন করে জ্বলা)। **গনগনে, গনগনা** *বি* তেজালো; লেলিহান; পূর্ণপ্রজ্বলিত (চন্দন কাঠের গণ্‌গণা আগুনে... গর্জিয়া উঠিল—*দমি*)। {*ধ্বন্যা.*}

গনতি ⇒ গুনতি

গনৎকার, গণৎকার [গনোত্‌কার্] *বি* যে ব্যক্তি রাশিচক্র বিচার করে ভাগ্য নিরূপণ করতে পারে বলে দাবি করে; দৈবজ্ঞ; জ্যোতিষী; গণক। (তারপরে এল গণৎকার—*রঠা*)। {*স.* গণনাকার>; গণক>}

গনা, গোনা, গণা [গোনা, –, গনা] *ক্রি* ১ সংখ্যা স্থির করা; গণনা করা। ২ গণ্য করা; গ্রাহ্য করা; মানুষ বলে গণ্য করা (বেতের কাঁটাবন কঠিন নরম কেই বা তা গণে--*জউ*)। ৩ অনুমান করা; আঁচ করা; ধারণা করা (বিপদ গনা)। □ *বি* ১ গণন। ২ গণ্যকরণ। ৩ অনুমান; বোধকরণ। □ *বিণ* ১ গণিত (গনা ফল)। ২ ঠিক ঠিক; পূর্ণ; সম্পূর্ণ; পুরাপুরি (গনা দশ বছর)। ~**গনতি**, ~**গুনতি**, ~**গাঁথা** *বিণ* একদম ঠিক; একেবারে ঠিক বা বেশি নয় এমন। {*স.* √গণ্+*বা.* আ>}

গনাগোষ্ঠী [গোনাগোশ্‌ঠি/গনা–] *বি* গোষ্ঠীবর্গ; সমস্ত আত্মীয়স্বজন। {*স.* √গণ্+আ (গণনা করা যায় যাদের তাদের সকলকেই) + *স.* গোষ্ঠী}

গনানো, গণানো [গনানো] *ক্রি* ১ অন্যের দ্বারা গণনা করানো। ২ গনৎকার দ্বারা শুভাশুভ স্থির করানো। □ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। {*স.* √গণ্+*বা.* আনো}

গনি, গনী [গোনি] *বিণ* ধনী; ধনবান; অর্থশালী। {*আ.* গনী غنی}

গনিমত, গণিমত [গোনিমত্] *বি* ১ যুদ্ধক্ষেত্রে শত্রু থেকে লুণ্ঠিত বা প্রাপ্ত দ্রব্য; লুটের মাল (জঙ্গের ময়দান থেকে ফিরে চলে যেমন দিলীর গণিমত নিয়ে হের—*ফআ*)। ২ অনায়াসলব্ধ। ৩ যথেষ্ট (তুমি যে আদৌ পাশ করেছ এই—ই গণিমত)। ৪ সৌভাগ্য। {*আ.* গনিমাত غنیمت}

গন্তব্য [গন্‌তোব্‌বো] *বিণ* ১ গমনের লক্ষ্য। ২ অধিগম্য; জ্ঞাতব্য। ৩ লক্ষ্যস্থল। ৪ উদ্দেশ্য। ~ **পথ** *বি* কোনো স্থানে যাওয়ার জন্য যে পথে চলতে হয়; লক্ষ্যস্থলে পৌঁছাবার রাস্তা। {*স.* √গম্+তব্য}

গন্তা(–ন্তৃ) [গন্‌তা] *বি, বিণ* গমন করে এমন; গমনকারী। **গন্ত্রী** *স্ত্রী*। {*স.* √গম্+তৃচ্>; √গম্+ত্র(ষ্ট্রন্)}

গন্তু [গোন্‌তু] *বিণ* ১ গমনশীল; গমনকারী। ২ পথিক। ~**কাম** *বিণ* গমনোৎসুক। ~**কামা** *বিণ স্ত্রী*। {*স.* √গম্+তুন্}

গন্দম [গন্‌দোম্] *বি* ১ গম; গোধূম (গন্দম বড় চমৎকার চিজ—*শেক*)। ২ বেহেশতের নিষিদ্ধ ফল। {*ফা.* গন্দুম گندم}

গন্ধ [গন্‌ধো] *বি* ১ বাস; সুবাস বা দুর্গন্ধ; নাসিকা দ্বারা অনুভূত পদার্থের গুণ (ফুলের গন্ধ)। ২ ঘ্রাণ (গন্ধ নেওয়া)। ৩ সুগন্ধ দ্রব্য (গন্ধ মাখা)। ৪ সামান্যতম; অতি সামান্য; লেশমাত্র (নাম গন্ধও নাই)। ৫ সম্পর্ক; সম্বন্ধ (এই কাজে টাকার কোনো গন্ধ নেই)। ৬ আঁচ (বিপদের গন্ধ)। ~**কাষ্ঠ** *বিণ* সুগন্ধ কাঠ; চন্দনকাঠ। ২ কালাগুরু; কৃষ্ণচন্দন। ~**গোকুল**, ~**গোকুলা** *বি* বেজি বা নকুল জাতীয় জন্তুবিশেষ; একজাতীয় খাটাশ। ~**তৈল** *বি* সুবাসিত তেল। ~**দ্রব্য** *বি* ১ সুগন্ধযুক্ত দ্রব্য। ২ নাগকেশর। ~**পুষ্প** *বি* ১ সুগন্ধ ফুল। ২ সচন্দন ফুল। ~**বণিক** *বি* ১ গন্ধদ্রব্যের ব্যবসা করে যারা; গন্ধদ্রব্য ব্যবসায়ী। ২ মসলা-ব্যবসায়ী; গন্ধবেনে। ৩ হিন্দু জাতিবিশেষ। ~**বহ**, ~**বাহ** *বি* বায়ু; বাতাস (সুগন্ধ গন্ধবাহের মন্দ মন্দ সঞ্চার দ্বারা পরম রমণীয় হইয়া আছে—*ঈবি*)। ~**ভাদাল**, ~**ভাদুলি** *বি* এক জাতীয় লতা; গাঁধাল। ~**মাদন** *বি* রামায়ণোক্ত পর্বতবিশেষ। ~**মূষিক** *বি* ছুঁচা; ছুছুন্দর। ~**মৃগ** *বি* কস্তুরী-মৃগ; মৃগবিশেষ। ~**রাজ** *বি* সুগন্ধ সাদা ফুলবিশেষ। ~**শালী** *বি* এক প্রকার ধান (ক্ষেত্রে গন্ধশালী জন্মায়—*রাসা*)। **গন্ধে গন্ধে** *ক্রিবিণ* সূত্র অনুসরণ করে; সূত্র দ্বারা অবস্থান নির্ণয় করে। {*স.* √গন্ধ্+অ(অচ্)}

গন্ধক [গন্‌ধোক্] *বি* হলদে রঙের মৌলিক পদার্থ বিশেষ; sulphur। ~**চূর্ণ** *বি* বারুদ। ~**দ্রাবক, গন্ধকাম্ল** *বি* দ্রাবক বিশেষ; sulphuric acid। {*স.* গন্ধ+ক(কন্)}

গন্ধকাষ্ঠ, গন্ধগোকুল, গন্ধতৈল, গন্ধদ্রব্য, গন্ধবণিক, গন্ধবহ, গন্ধবাহ, গন্ধভাদাল, গন্ধভাদুলি, গন্ধমাদন, গন্ধমূষিক, গন্ধমৃগ, গন্ধরাজ ⇒ গন্ধ

গন্ধর্ব [গন্‌ধরবো] *বি* ১ হিন্দুমতে এক প্রকার দেবযোনি; স্বর্গের গায়কগোষ্ঠী। ২ স্বভাব গায়ক বা সঙ্গীতকারী। ~**ছুটানো** *ক্রি* প্রহারের চোটে বেসুরে চিৎকার করানো। ~**পূজা** *বি* প্রথমে আদর করে পরে প্রহারে বিদায় দান। ~**বিদ্যা** *বি* সঙ্গীত বা গীতবিদ্যা। ~ **বিবাহ** *বি* শুধু পাত্রপাত্রীর সম্মতিতে সংঘটিত এবং প্রাচীন হিন্দুসমাজে সিদ্ধ বিবাহরীতি। ~**বেদ** *বি* সংগীত শাস্ত্র। ~**লোক** *বি* গন্ধর্বদের বাসস্থান। {*স.* গন্ধ+√অর্ব+অ}

গন্ধশালী ⇒ গন্ধ

গন্ধাজীব ⟹ গন্ধোপজীবী

গন্ধাধিবাস, গন্ধাধিবাসন [গন্ধাধিবাশ্, –বাশোন্] *বি* হিন্দুদের দেবপূজা বা বিবাহাদি শুভ কর্মের পূর্বে চন্দন তৈল হরিদ্রাদি দ্বারা অনুষ্ঠেয় কৃত্যবিশেষ (সকল্প সমাচারি গন্ধাধিবাস কার—*ভারা*)। {*স.* গন্ধ+অধিবাস, অধিবাসন; ৬তৎ}

গন্ধি, গন্ধী (–ন্ধিন্) [গোন্ধি] *বিণ* গন্ধসংযুক্ত (কস্তুরিকা গন্ধি বেণী—*মুশ*)। ☐*বি* ১ গন্ধবণিক সম্প্রদায়। ২ গাঁধি পোকা। {*স.* গন্ধ+*বা.* ই, *স.* ইন্}

গন্ধে গন্ধে ⟹ গন্ধ

গন্ধেশ্বরী [গন্ধেশ্শোরি] *বি* গন্ধবণিক জাতি কর্তৃক পূজিত কুলদেবতা। {*স.* গন্ধ+ঈশ্বরী; ৬তৎ}

গন্ধোপজীবী (–বিন্), **গন্ধাজীব** [গন্‌ধোপজিবি, গন্ধাজিব্] *বি* ১ গন্ধবণিক। ২ গন্ধদ্রব্য ও মসলার ব্যবসায় দ্বারা জীবিকা নির্বাহ করে যে। {*স.* গন্ধ+উপজীবী, আজীব, *বহু*}

গন্নাকাটা [গন্‌নাকাটা] *বিণ* উপরের ঠোঁট কর্তিত এমন। {*ও.* গ্রহণখণ্ডিয়া>}

গপ [গপ্] *বি* ১ গল্প। ২ কল্পকথা (নতুন নতুন গপ না এলে আসরে সময় কাটান কষ্টকর—*শও*)। {*স.* গল্প>}

গপগপ, গবগব [গপ্‌গপ্, গব্‌গব্] *অব্য* বড় বড় গ্রাসে তাড়াতাড়ি গিলে খাওয়ার শব্দ। **গপাগপ, গবাগব** *ক্রিবিণ* তাড়াতাড়ি গপগপ শব্দ করে (গপাগপ গেলা)। {*ধ্বন্যা.*}

গফফার [গফ্‌ফার্] *বিণ* ক্ষমাশীল। {*আ.* গফফার غفار}

গবগব ⟹ গপগপ

গবচন্দ্র ⟹ গবুচন্দ্র

গবয় [গবয়্] *বি* ১ নীল গাই; গলকম্বলহীন গো–সদৃশ পশুবিশেষ; গয়াল নামক জন্তু (কখনো আমরা গবয় শিকার করতাম কখনো হরিণ—*রাসা*)। ২ এক জাতীয় বানর। {*স.* গো+ √ই+অ}

গবরাট [গবরাট্] *বি* দরজা জানালার চৌকাঠের নীচের দিকের কাঠ (দরজার গবরাটের উপর দাঁড়াইয়া—*ইহ*)। {*স.* গো+অ>গব+*স.* রাট্}

গবর্নর ⟹ গভর্নর

গবর্মেন্ট ⟹ গভর্নমেন্ট

গবা, গবেট [গবা, গবেট্] *বিণ* ১ নির্বোধ; বোকা; হাঁদা; স্থূলবুদ্ধি। (আমাকে বুঝি একেবারে একটা গবেট মনে করেছে—*আফ*)। ২ নিরেট মূর্খ। ৩ হাবা; অল্পবুদ্ধি। {*স.* গো+*বা.* আ, +ট; *আবেস্তা.* গব(অর্থ ষাঁড়)}

গবাক্ষ [গবাক্‌খো] *বি* ১ ঘুলঘুলি; বায়ু চলাচলের ক্ষুদ্র পথ। ২ জানালা (কোনও মুদ্রা যন্ত্রালয়ের গবাক্ষের নিকট দিয়া… –*ঈবি*)। {*স.* গো+অক্ষি; ৬তৎ}

গবাদি [গবাদি] *বিণ* গরু এবং গরুর মতো গৃহপালিত পশু। {*স.* গো+আদি; *বহু*}

গবী [গোবি] *বি* গরু; গাভী (গবীদের হাম্বারব—*মোম*)। {*স.* গো+ঈ}

গবুচন্দ্র, গোবুচন্দ্র, গবচন্দ্র [গোবুচন্‌দ্রো, গোবু–, গব–] *বি* ১ গল্পবর্ণিত হবুচন্দ্র রাজার মূর্খ মন্ত্রী (হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী)। ☐*বিণ* ১ আকাট মূর্খ। ২ গরুর ন্যায় বুদ্ধিহীন বা বোধশক্তিতে ক্ষীণ; ষাঁড়ের মতো বিচারবুদ্ধিহীন। {*স.* গো+চন্দ্র>; আবেস্ত ভাষায় 'গব' শব্দের অর্থ ষাঁড়}

গবেট ⟹ গবা

গবেষণ ⟹ গবেষণা

গবেষণা, গবেষণ [গবেশোনা, –শন্] *বি* তত্ত্বাদির বিশেষ অনুসন্ধান; তত্ত্বান্বেষণ; research (বিজ্ঞানীরা যে উপায়ে তাঁহাদের অনুসন্ধান পরিচালনা করেন তাহাকে গবেষণা বলা হয়—*অআ*)। **গবেষক** *বি,বিণ* যিনি গবেষণা করেন; গবেষণাকারী। **গবেষিত** *বিণ* তত্ত্বানুসন্ধান বা গবেষণা করা হয়েছে এমন। {*স.* গো+এষণা; √গবেষ্+অন (ল্যুট/যুচ্)}

গব্য [গোব্‌বো] *বিণ* ১ গরু সংক্রান্ত। ২ গাভী থেকে উৎপন্ন(গব্য ঘৃত)। ☐*বি* গাভী থেকে উৎপন্ন বস্তু (পঞ্চগব্য)। {*স.* গো+য(যৎ)}

গভর্নমেন্ট, গবর্নমেন্ট [গভরন্‌মেন্‌ট, –ব–] *বি* ১ রাষ্ট্রচালক গোষ্ঠী; সরকার (গবর্নমেন্ট পরে… বিরাট বিপুল—*রঠা*)। ২ রাষ্ট্র শাসন ব্যবস্থা। {*ই.* government}

গভর্নর, গবর্নর [গভরনর্, –ব–] *বি* ১ প্রদেশের শাসনকর্তা। ২ রাজ্যপাল; লাটসাহেব। ~**-জেনারেল** *বি* ১ দেশের সর্বপ্রধান শাসনকর্তা। ২ বড়লাট। {*ই.* governor}

গভীর [গোভির্] *বিণ* ১ যার তলায় বহুদূর বিস্তৃত গর্ত আছে (গভীর সমুদ্র)। ২ অত্যন্ত নিচু (গভীর খাদ)। ৩ অত্যন্ত নিচু তলবিশিষ্ট (গভীর পাত্র)। ৪ দুর্গম; জটিল; দুর্বোধ্য; দুর্জ্ঞেয় (গভীর তত্ত্ব)। ৫ গম্ভীর; ভারী (গভীর শব্দ বা কণ্ঠ)। ৬ নিবিড় (গভীর অরণ্য)। ৭ প্রগাঢ়; সুপ্রচুর; অত্যন্ত (গভীর প্রণয়)। ৮ অনেক; বিস্তর; অধিক (গভীর রাত্রি)। ৯ জমাট (গভীর আঁধার)। ☐*বি* দুর্গম গোপন স্থান (কবির গভীর প্রাণে—*রঠা*)। ~ **পানির মাছ** *বি (আল.)* অগাধ পানিতে বাসকারী মৎস্যের ন্যায় বুদ্ধিমান ও চাপা; যার ক্রিয়াকলাপের উদ্দেশ্য বোঝা দুষ্কর। {*স.* √গম্+ঈর(ঈরন্)}

গম১ [গম্] *বি* একপ্রকার শস্য; গোধূম। {*স.* গোধূম/গোধূম> *প্রা.* গোহূম>}

গম২ [গম্] *বি* ১ দুঃখ; শোক। ২ ক্ষোভ (হেথায় হয়রান বিবি ইউছফের গমে—*ফগ*; কোন বাতে না করিবে গম —*সৈহা*; মোদের কোন চিন্তা–গম আর নাই—*রই*)। {*আ.* গম غم}

গমক [গমক্] *বি* সংগীতের স্বর; কম্পন (মেঘনা নদীর হাসির গমকে—*রখা*)। {*স.* √গমি + অক(ণ্বুল্)}

গমখার [গম্‌খার্] *বিণ* ১ দুঃখিত; শোকসন্তপ্ত। ২ সহানুভূতিশীল ব্যক্তি। {*আ.* গম্‌খার غم *ফা.* خوار}

গমগম [গম্‌গম্] *অব্য* ১ ধ্বনিতে পূর্ণ হওয়ার ভাব। ২ সরগরম (মজলিশ একেবারে গম্ গম্—*শেক*)। {*ধ্বন্যা.*}

গমগিন, গমগীণ [গম্‌গিন্] *বিণ* ১ চিন্তান্বিত; চিন্তিত (হুজুরকে আজ বড়ো গমগীণ দেখা যাচ্ছে—*মুহ*)। ২ শোককাতর; দুঃখপীড়িত (সকলেই নিতান্ত গমগীন হইয়া

পড়িল—আমঅ); সবার দুঃখেই সমান যে গমগীন—আমো)। {আ. গম غم +ফা. গীণ گین }

গমজাদা, গমযাদাহ্ [গম্‌জাদা, -হ্] *বি, বিণ* দুঃখিত; বিষণ্ণ। **গমজাদি, গমযাদী** *বিণ স্ত্রী.* দুঃখিত (গমজাদী হয়ে থাকে জেলেখা আওরত—*ফগ*)। {আ. গম غم +ফা. জাদা/ আ. জাদাহ্ زادی-زاده }

গমজারি [গম্‌জারি] *বি* শোক প্রকাশ; দুঃখ প্রকাশ (গমজারি ছেড়ে থাকো কিছু দিন—*ফআ*)। {আ. গম غم +ফা. জারী زاری }

গমন [গমোন্] *বি* ১ প্রস্থান; যাত্রা; যাওয়া। ২ চলন; পাদক্ষেপণ (হংস-গমনে চলিল *নই*)। ৩ গতি। ৪ সম্ভোগ; সঙ্গম (পরদারগমন)। **গমনাগমন** *বি* যাতায়াত; যাওয়া-আসা। **গমনার্হ, গমনীয়** *বিণ* গমনের উপযুক্ত; যাওয়া উচিত; গন্তব্য। **গমনোদ্যত, গমনোন্মুখ** *বিণ* প্রস্থানের উপক্রম; যেতে প্রস্তুত। **গমিত** *বিণ* ১ প্রাপিত। ২ জানানো; জ্ঞাপিত হয়েছে এমন। ৩ অতিবাহিত; যাপিত। {স. √গম্+অন(লুট্)}

গমমাতম [গম্‌মাতম্] *বি* শোক প্রকাশ; বিলাপ (বরষে বরষে গেয়ে যাও শুধু বিফল গমমাতম—*তাহো*)। {ফা. গমমাতম غم ماتم }

গমরাহ ⇒ গুমরাহ

গমস্তা ⇒ গোমস্তা

গমি, গমী [গোমি] *বি* ১ দুঃখ; নিরানন্দ বা বিষণ্ণ অবস্থা (নিতান্ত গমিতে থেকেও গুরুদাসকে স্নানযাত্রায় যাবার আয়োজন করতে হয়—*কাসি*)। ২ শোক; ক্ষোভ (মোর বড় গমি হচ্ছে—*প্যামি*)। {আ. গম غم + বা. ই, ঈ}

গমিষ্ট [গোমিশ্‌টো] *বি* ঘৃণিত; নোংরা (গমিষ্ট খারিজি তাকে পুরিল সন্ধান—*হেমা*)। {আ. গম+স. ইষ্ট}

গমী ⇒ গমি

গম্বুজ ⇒ গুম্বজ

গম্ভীর [গোম্‌ভির্] *বিণ* ১ গভীর (অপার গম্ভীর সিন্ধু—*সৈআ*)। ২ নিচু ও ভারী শব্দবিশিষ্ট খাদ। ৩ ভারিক্কি; গুরু (গম্ভীর চাল)। ৪ গুরুতর; ভয়ানক (গম্ভীর বিষয়)। ৫ মনমরা; নিরানন্দ। ~**প্রকৃতি** *বিণ* ভারিক্কি স্বভাব; অলঘুচিত্ত (ফকির চাঁদ বাল্যকাল হইতেই গম্ভীর প্রকৃতি—*রঠা*)। ~**বেদী** *বি* মত্তহস্তী। {স. √গম্+ঈর(ঈরন্)}

গম্ভীরা [গোম্‌ভিরা] *বি* ১ হিন্দুদের গাজন উৎসবের অনুষ্ঠানবিশেষ। ২ শিবের গাজনের গান (গম্ভীরাতে মুরজ নাহি ফুটে—*সুদ*)। ৩ মালদহ ও রাজশাহী অঞ্চলে প্রচলিত সামাজিক সমস্যা নিয়ে তৈরি এবং আসরে গীত গান। *তুল.* আলকাপ গান। ৪ হিন্দু মন্দিরের অভ্যন্তর। {স. গম্ভীর+বা. আ}

গম্য [গোম্‌মো] *বিণ* ১ গমনযোগ্য; গন্তব্য; গমনীয় (সে গাড়ি চড়ে গম্য কোথাও পৌঁছালো—*অঠা*)। ২ প্রাপ্য; পাওয়ার যোগ্য। ৩ বোধ্য; জ্ঞেয়। ৪ ভোগ্য; সম্ভোগযোগ্য। ৫ উপভোগের যোগ্য। ~**মান** *বিণ* ১ অনুমান করা যাচ্ছে এমন। ২ জ্ঞানযোগ্য; জ্ঞায়মান। ৩ অনুমানযোগ্য। ~**হীন** *বিণ* গন্তব্যশূন্য বা লক্ষ্যহীন (গম্য-হীন পথে—*রঠা*)। **গম্যা** *বিণ স্ত্রী.* ভোগযোগ্য; ভোগ্যা; সম্ভোগের উপযুক্তা। {স. √গম্+য(যৎ)}

গযব ⇒ গজব

গযল ⇒ গজল

গয়ংগচ্ছ [গয়োঙ্‌গচ্‌ছো] *বি* ১ যাচ্ছি যাবো ভাব; যাত্রায় বিলম্ব (গয়ংগচ্ছ করচি কেন কইছি তা—*অঠা*)। ২ দীর্ঘসূত্রতা; ঢিলেমি। ৩ কুঁড়েমি। {স. 'পিণ্ড গয়াং গচ্ছ'>}

গয়না[1] ⇒ গহনা[1]

গয়না[2], **গয়নার নৌকা** ⇒ গহনা[2]

গয়বি, গয়বী ⇒ গায়েবি

গয়র [গয়র্] *বিণ* ভিন্ন; ব্যতীত। ~-**ইসলামি** *বিণ* ইসলাম-বহির্ভূত; ইসলাম বিরোধী (গয়র-ইসলামী ভাবধারা *মামু*)। -**হাজির** *বিণ* অনুপস্থিত। {আ. গায়ির غير }

গয়রত [গয়্‌রত্] *বি* ১ আত্মসম্মানবোধ। ২ মর্যাদাবোধ। ৩ ঈর্ষা। {আ. গায়রত غيرت }

গয়রহ [গয়্‌রহো] *অব্য* ইত্যাদি; প্রভৃতি; অন্যান্য; অপরাপর; সংক্ষিপ্তরূপ : গং। {আ. ৱগায়রাহ্ وغيره }

গয়লা, গয়লানি ⇒ গোয়াল

গয়া [গয়া] *বি* বিহার প্রদেশের একটি স্থানের নাম; হিন্দুদের তীর্থক্ষেত্রবিশেষ। **গয়ালি, গয়ালী** *বি* গয়ার পাণ্ডা। {হি গয়+আ}

গয়ানদার [গয়ান্‌দার্] *বি* গায়ক (প্রত্যেক নৌকায় গয়ানদার—*আমআ*)। {স. গায়ন>+ফা. দার}

গয়ার, গয়ের [গয়ার্, গয়ের্] *বি* শ্লেষ্মা; কফ (অনবরত কাস্‌ছেন ও গয়ের ফেলচেন—*কাসি*)। {স. √গল্> গল+বা. আর>}

গয়াল [গয়াল্] *বি* বন্য মহিষ বা বন্য বৃষ (বাঘ ভাল্লুক হাতী গয়াল করে চলাফেরা—*পূগী*)। {ই. গয়াল gayal, স. গবল}

গয়ের ⇒ গয়ার

গর[1] [গর্] *বি* ১ বিষ; গরল। ২ রোগ; ব্যাধি। ৩ গ্রাসকারী (অজগর)। {স. √গৃ+অ(অচ্)}

গর[2] ⇒ গার

গর[3] [গর্] *অব্য* অভাব, বৈপরীত্য, না—প্রভৃতি বোধক (গরমিল)। {আ. গায়ির غير }

গর-কবুল [গর্‌কোবুল্] *বি* অস্বীকার। □ *বিণ* অস্বীকৃত। {আ. গায়র কবুল غيرقبول }

গরকায়েম [গর্‌কায়েম্] *বিণ* অস্থায়ী। {আ. গায়র কায়িম غيرقائم }

গর-হাজির [গর্‌হাজির্] *বিণ* উপস্থিতির অভাব; অনুপস্থিত (কোন্ ছাত্র কয়দিন হাজির গরহাজির হল—*ইখাঁ*)। {আ. গায়র হাদির غيرحاضر }

গরগর[1] [গর্‌গর্] *অব্য* ১ ক্রোধাদির লক্ষণ প্রকাশ। ২ বর্ণের প্রাখর্য বা ঔজ্জ্বল্য প্রকাশক। □ *বিণ* টকটকে লাল বর্ণযুক্ত (তরকারি ঝালে গর গর)। □ *বি* আরামসূচক ধ্বনি (আদর পেয়ে বিড়ালটা গরগর করছে)। ~ **করা** *ক্রি* ১ ক্রোধের ভাব প্রকাশ করা; চাপা গর্জন করা (রাগে গরগর করা)। ২ টকটকে লাল করা (চক্ষু গরগর করা)।

গরগরানি *বি* ক্রোধ প্রকাশ (নানীর গরগরানি তাতেও থামল না—*আক্ত*)। **গরগরে** *বিণ* ১ গরগর শব্দ বা ভাবযুক্ত। ২ টকটকে বর্ণযুক্ত। { *ধ্বন্যা.* }

গরগর[2] [গরোগরো] *বিণ* ১ গদগদ; বিবশ; অভিভূত (প্রেমে প্রভু গরগর—*কৃক*)। ২ ব্যাকুলিত; উল্লাসযুক্ত; উল্লসিত; আহ্লাদিত (রাইরূপ হেরি অন্তর গরগর—*বিপ*)। { *স.* গদগদ>প্রা. গগ্গর}

গরগরা, গড়গড়া [গরগরা, গড়গড়া] *বি* কুলকুচা; কুল্লি; মুখের মধ্যে পানি লইয়া গরগর শব্দ করে মুখ পরিষ্কার করা (রোযা ভঙ্গে গরগরা করিতে অনুচিত—*সৈআ*)। { *ধ্বন্যা.* }

গরচা [গরচা] *বি* গচ্চা; অযথা খেসারত (ঐ কেরোসিনটা খামোকা গরচা দিন—*অচিসে*)। { *স.* গচ্ছ>; *স.* গর+ *বা.* চা}

গরজ, গরয [গরোজ্] *বি* ১ দরকার; প্রয়োজন; আবশ্যক; দায় (নহিলে কহিতে মোর কি ছিল গরজ—*ভারা*)। ২ আগ্রহ (একাজে তার গরজ নাই; তোমার গরজ থাকে তুমি যাইয়া জানিয়া আইস—*শ্যাকা*)। ৩ যত্ন (লেখাপড়ায় গরজ নেই)। ৪ স্বার্থ (আপন গরজ আপনাকে দেখতে হবে)। **আত্মগরজি, আপ্তগরজি** *বিণ* নিজের জন্য আগ্রহযুক্ত; স্বার্থপর। ~ **বড়ো বালাই**—প্রয়োজনের দাবি না মিটিয়ে উপায় নেই। **গরজি, গরজী, গরযী** *বিণ* গরজবিশিষ্ট; স্বার্থযুক্ত; আগ্রহযুক্ত (আপ্তগরজি)। **খোদগরজ, খুদগরয** *বিণ* স্বার্থপর। { *আ.* গরদ় غرض }

গরজন [গরজোন্] *বি* গর্জন। { *স.* গর্জন>(স্বরাগমে) *বা.* গরজন}

গরজানো, গরজানি ⇒ গর্জানো

গরজারি [গরজারি] *বিণ* রহিত; স্থগিত; মুলতবি (গরজারি করে দি সমন দুটো—*অচিসে*)। { *আ.* গায়র জারী غیر جاری }

গরঠিকানা [গরঠিকানা] *বি* ভুল ঠিকানা (গর-ঠিকানায় হাজির করে রোজ—*সদ*)। ☐ *বিণ* লাপাত্তা; নিখোঁজ। **গরঠিকানি, গর-ঠিকানিয়া** *বিণ* ঠিকানা জানা নেই এমন; ঠিকানাহীন। { *আ.* গায়র غیر *ফা.* ঠিকানা ٹھکانا }

গরদ [গরোদ্] *বি* এক প্রকার রেশমি কাপড় (টিকিওয়ালা ব্রাহ্মণ তসর গরদ পরিয়া—*বচ*)। **গরদের জোড়** *বি* রেশমি ধুতি ও চাদর। { *অমূ.* }

গরদা, গর্দা, গর্দ [গরদা, –, গরদো] *বি* ১ ধুলা মাটি; ময়লা (আসমানে লাগিল গর্দ হইল আন্ধার—*সৈহা*)। ☐ *বিণ* অপরিষ্কার; অস্পষ্ট; অবচ্ছা (যেন মিশকালো রাতের গর্দা কুহেলী—*শাহো*)। { *ফা.* গরদ گرد }

গরদান ⇒ গর্দান

গরদিশ, গর্দিশ [গোরদিশ্] *বি* ১ অবস্থা-বৈগুণ্য; বিপর্যয়। ২ কালচক্রের আবর্তন (ফাঁড়া গর্দিশ কাটিয়ে এগুতে হল—*সৈমু*; আহা কি নসিবের গরদিশ রে—*কাআও*)। **জামানার** ~ *বি* কালচক্রের পরিবর্তন; ঘূর্ণন। { *ফা.* গরদিশ گردش }

গরপছন্দ ⇒ গরপসন্দ

গরপসন্দ, গরপছন্দ [গরপসন্দ্, -ছ-] *বিণ* অপছন্দ; অমনোনীত। { *আ.* গায়র غیر + পসন্দ پسند }

গরব ⇒ গর্ব

গর-বনেদি [গরবনেদি] *বিণ* অনভিজাত; বংশ-গৌরব নেই এমন (বনেদী কে আর গরবনেদী—*সদ*)। { *আ.* গায়র غیر + *ফা.* বুনিয়াদী بنیادی }

গরবা[1] [গরবা] *বি* গুজরাটের এক প্রকার নৃত্যগীত (গায়করা আজ রাতে গুজরাতী গরবা—*সদ*)। { *গুজ.* গরবা}

গরবা[2] [গরবা] *বি* অভাবগ্রস্ত ব্যক্তিগণ; দরিদ্র লোকেরা (গরিব গরবা)। { *আ.* গরীব; বহুব গুরাবা غرباء }

গরবা[3] *বি* মেহমান; অতিথি। { *আ.* গুরাবা غرباء }

গরবিত ⇒ গর্ব

গরবিনী [গরোবিনি] *বিণ স্ত্রী.* ১ গৌরববতী; মহিমান্বিতা। ২ গর্বিতা; গর্বযুক্তা (তোমার গরবে গরবিনী হাম—*জ্ঞাদা*)। **গরবী**(-বিন্) *পু.*। { *স.* গর্ব+ইন্+ঈ> গর্বিণী *পু.* গর্বী}

গরবী [গরোবি] *বিণ* ১ গর্বিত। ২ গৌরবযুক্ত (জুড়াল না হে গরবী বালা—*সুকা*)। { *স.* গর্ব+√ইন্>গর্বী>(-বিন্)> (স্বরাগমে) গরবী}

গরম [গরোম্] *বি* ১ তাপ; উত্তাপ (আজ খুব গরম)। ২ গ্রীষ্মকাল। ৩ দর্প; অহংকার; গর্ব; ঔদ্ধত্য; উগ্রতা (টাকার গরম)। ৪ রোগ; অসুস্থতা; পীড়া (পেট গরম)। ☐ *বিণ* ১ তপ্ত (গরম পানি)। ২ ক্রুদ্ধ; রুষ্ট (মনে মনে গরম হচ্ছি—*মব*)। ৩ শীতনিবারক (গরম কাপড়)। ৪ উদ্ধত; উগ্র; চড়া (গরম মেজাজ)। ৫ কড়া; তীব্র; ভর্ৎসনাপূর্ণ (গরম সমালোচনা—*লুব*)। ৬ গ্রীষ্ম (গরম কাল)। ৭ উত্তেজক (গরম মসলা)। ৮ মহার্ঘ; চড়া (গরম বাজার)। ৯ উত্তেজনাপূর্ণ; শান্তিভঙ্গের জন্য উন্মুখ (গরম পরিস্থিতি)। টাটকা; সদ্যপ্রাপ্ত (গরম খবর)। **~গরম, গরমাগরম** *বিণ* খোলা থেকে সদ্য নামানো; সদ্য ভাজা; টাটকা ভাজা (গরমাগরম নিয়ে আসে—*মব*)। ~ **মসলা** *বি* এলাচ লবঙ্গ দারুচিনি প্রভৃতি উত্তেজক মসলা (কবিতা লেখার মসলা পেলেই হ'ল, তা নাই বা হ'ল গরম মসলা—*নই*)। ~ **মোজা** *বি* পশমি মোজা। **কুসুম কুসুম** ~ *বিণ* ঈষদুষ্ণ; সামান্য গরম; কবোষ্ণ। **গা** ~ *বি* সামান্য জ্বর। **নরম**— *বি* মৃদু ও কড়া ভর্ৎসনা। **মাথা** ~ **হওয়া** *ক্রি* (*আল.*) ক্রুদ্ধ বা রাগান্বিত হওয়া। **গরমানো** *ক্রি* উষ্ণ হওয়া; অহংকৃত বা রাগান্বিত হওয়া। ☐ *বি* উক্ত সকল অর্থে। { *ফা.* গরম گرم ; *স.* ঘর্ম}

গরমি, গর্মি, গর্মি [গরমি, –, গর্মি] *বি* ১ গরম; উত্তাপ (আজ বড় গরমি)। ২ গ্রীষ্মকাল; নিদাঘ (গর্মির রোদে শ্রান্ত বেহারা—*বআমি*)। ৩ উপদংশ রোগ। ৪ দেমাক; গরিমা বা ঔদ্ধত্য (মনে গর্মি না জন্মিয়া এত নম্রতা—*প্যামি*)। ৫ ক্রোধ; রোষ; উষ্মা (মনে বিলক্ষণ গরমি

হইতেছে—ঈবি)। ☐বিণ উষ্ণ; উত্তপ্ত। সর্দি~ বি এক প্রকার রোগ। {ফা. গর্মী گرمی }

গরমিল [গর্‌মিল্] বি ১ অনৈক্য; অমিল। ২ জমা ও খরচের বৈষম্য; হিসাবের গোলযোগ। ৩ মনান্তর; মন কষাকষি। {আ. গায়ির غیر + হি. মিল}

গরয ⇒ গরজ

গররা, গর্‌রা [গর্‌রা] বি হল্লা; উচ্চ হাস্যধ্বনি সহ কলরব (হাসির একটা গররা উঠিল—বেরো)। {আ. গারার گرار }

গররাজি, গররাজী [গর্‌রাজি] বিণ অরাজি; নারাজ; অসম্মত বা অনিচ্ছুক (আশ্রয় দিতে কি গররাজী হইবে—বিব)। {আ. গায়ির রাদ্বী غیر راضی }

গরল [গরল্] বি ১ বিষ। ২ এক প্রকার ক্ষত; ঘা। {স. গর+ল(লচ্); স. √গৃ+অল(অলচ্)}

গরলায়েক[গর্‌লায়েক্] বিণ ১ অনুপযুক্ত। ২ নালায়েক; নাবালক। ৩ অনাবাদি; শস্যোৎপাদনের অযোগ্য; চাষের অনুপযুক্ত (হাজা-শুখা, গরলায়েক পতিত জমির চেহারা—অচিসে)। {আ. গায়ির লায়েক غیر لائق }

গরস [গরোশ্] বি খাদ্যাদির ছোট পিণ্ড যা একবারে মুখে তোলা হয়; গ্রাস; লোকমা (ছোট গরস পাকিয়ে মুখে তোলে—অচিসে)। {স. গ্রাস>}

গরহজম, গরহযম [গর্‌হজোম্] বি বদহজম; অজীর্ণ (মুড়া খাইয়া তার গরহজম হইয়াছে—প্যামি)। {আ. গায়ির হদ্‌ম غیر هضم }

গরহাজির, গরহাজীর [গর্‌হাজির্] বি উপস্থিতির অভাব; অনুপস্থিত (কোন ছাত্র কয়দিন হাজির গরহাজির হল—ইখাঁ)। **গরহাজিরা, গরহাজীরা** বি অনুপস্থিতি (...ঘরে গরহাজীরা যে না পায় দেখিতে—ভারা)। {আ. গায়ির হাদ্বির غیر حاضر }

গরাণ ⇒ গরান

গরাদে[গরাদে] বি জানালার শিক (লোহার গরাদেগুলোর প্রতি—রঠা)। {পো. গ্রাদে grade}

গরান, গরাণ [গরান্] বি বন্য বৃক্ষবিশেষ ও তাহার মজবুত কাঠ (অতি লম্বা পদ দুটি যেন গরাণের খুঁটি—দীমি)। {অমৃ.}

গরাস *(ব্র.)* [গরাশ্] বি ১ কবল; গ্রাস (করয়ে গরাস—বিপ; চাঁদের তরাস রাহুর গরাস—সদ)। ২ আহার; ভক্ষণ; খাদ্য (মৃত্তিকায় ভোগ পুনি মৃত্তিকা গরাস—কাদো)। ☐বিণ আহারের উপযোগী; ভক্ষ্য; আহার্য (অজগরের গরাস হ'য়ে পাংশু মুখে ইষ্ট জপা—সদ)। **–ন** *(ব্র.)*, **গরাসিন** *(ব্র.)* গ্রাস করনো (তিমিরের গরাসন—জ্ঞাদা)। {স. গ্রাস>}

গরিব, গরীব [গোরিব্] বিণ ১ দরিদ্র (গরীব দেশের দশজন লোকের একজন—কেম)। ২ বিনীত; দীন (বাবুর মেজাজ গরিব—কাসি)। ৩ বেচারা (মন গরীবের কি দোষ আছে—রাম)। **গরিবানা, গরিবি** বিণ দরিদ্রোচিত; দরিদ্রের উপযুক্ত। ☐বি দরিদ্রের ভাব; দারিদ্র্য; দরিদ্র অবস্থা (গোর্জেন গরিবানা জানিয়ে যদি দরখাস্ত করে—মব)। **গরিবের ঘোড়ারোগ** বি দরিদ্রের বড়মানুষি চাল—চলনের ঝোঁক। **খাজা ~–নওয়াজ** আজমীঢ়ে সমাহিত প্রসিদ্ধ সুফি খাজা মুইনুদ্দিন চিশতির উপাধি বিশেষ। {আ. গরীব غریب }

গরিবখানা [গোরিব্‌খানা] বি ১ দরিদ্রের কুটির। ২ আপন গৃহ সম্পর্কে বিনয় ও সৌজন্যসূচক উল্লেখ। {আ. গরীব غریب + خانه খানাহ ফা.}

গরিব-গুরবা, গরিব-গুরবো[গোরিব্‌গুরবা, -বো] বি ১ কাঙ্গাল; ফকির; দীন-দরিদ্র। ২ বিত্তহীন সম্প্রদায়। {আ. একব গরীব غریب , বহুব গুরবা غرباء }

গরিব-নেওয়াজ, গরিব-নেবাজ [গোরিব্ নেওয়াজ্] বি গরিবের সহায়; দরিদ্রের আশ্রয় (প্রাণ রাখ গরীব নেবাজ—ভারা)। {আ. গরীব غریب + ফা. নাৱাজ্ نواز }

গরিব-পরোয়ার [গোরিব্ পর্‌ওয়ার্] বিণ দরিদ্রের প্রতিপালক। {ফা. গরীব غریب + আ. پرور পরৱার}

গরিমা [গোরিমা] বি ১ গৌরব; মহিমা; মাহাত্ম্য। ২ গর্ব; দর্প; অহংকার। ৩ গুরুত্ব। ৪ শ্রেষ্ঠত্ব; উৎসর্গ। ৫ হিন্দুদের যোগের অষ্টসিদ্ধির অন্যতম। {স. গুরু+ইমন্}

গরিলা [গোরিলা] বি আফ্রিকা দেশীয় বৃহদাকার ও বলবান বানরজাতীয় প্রাণী। **~ যুদ্ধ, গেরিলা যুদ্ধ** বি অনিয়মিত খণ্ডযুদ্ধ। {স্পে. গেরিলা guerilla; ই. gorilla}

গরিষ্ঠ [গোরিশ্‌ঠো] বিণ ১ সর্বাপেক্ষা বেশি গুরু। ২ সর্বাপেক্ষা বৃহৎ। ৩ সর্বাধিক শ্রদ্ধেয়। **–সাধারণ গুণনীয়ক, গ.সা.গু.** *(গণিত.)* যে গরিষ্ঠ সংখ্যা দ্বারা কয়েকটি রাশিকে ভাগ করলে মিলে যায় তা; উক্ত রাশিগুলির গ.সা.গু.। যে প্রণালিতে উক্ত সংখ্যা বের করা হয়। {স. গুরু+ইষ্ঠ}

গরীব ⇒ গরিব

গরীয়ান [গোরিয়ান্] বিণ ১ গুরুতর; অধিকতর সম্মানযোগ্য; বৃহত্তর। ২ গৌরবসম্পন্ন; মর্যাদাপূর্ণ; মহার্ঘ। ৩ অধিকতর পূজনীয়। **গরীয়সী** স্ত্রী.। {স. গুরু+ঈয়স্}

গরু ⇒ গোরু

গরুঅ, গরুয়া *(মবা.)* [গোরুঅ, -য়া] বিণ ১ গুরু; বিষম; দুরূহ (গিরিসম গরুঅ মান—বিপ)। ২ স্থূল; ভারী (গরুঅ জগন—বচদা)। ৩ অতিশয়; অধিক (গরুয়া লাগে শীত—দ্বিমা)। {স. গুরুক>প্রা. গরুঅ}

গরুড় [গোরুড়্] বি ১ পুরাণোক্ত পক্ষিশ্রেষ্ঠ; হিন্দুমতে বিষ্ণুর বাহন এবং কশ্যপ ও বিনতার পুত্র। ২ ঈগল পাখি। **~ধ্বজ** বি হিন্দুদেবতা বিষ্ণু; কৃষ্ণ। ☐বিণ গরুড় মূর্তি অঙ্কিত ধ্বজবিশিষ্ট। **~বাহন** বি বিষ্ণু। **~–শয়ন** হিন্দু পুরাণমতে জন্মের পূর্বে গরুড় যেমন দীর্ঘদিন ডিম্ব মধ্যে সুপ্ত ছিলেন সেইরূপ দীর্ঘ নিদ্রা। **গরুড়াসন** বি যোগাসন-বিশেষ। {স. √গৃ+উড়(উড়চ্); গুরু+√ডী+ অ(ড)}

গরুৎ [গোরুত্] বি পক্ষ; পাখা; পালক। {স. √গৃ+উৎ(উতি)}

গরুত্মন্ত [গোরুত্‌মনতো] বি পক্ষী (কিম্বা নাগারি গরুড় গরুত্মন্ত-কুলপতি—মদ)। **গরুত্মান, গরুত্মান**

বি ১ গরুড়। ২ পক্ষী। □ *বিণ* পাখাযুক্ত; পক্ষবিশিষ্ট। **গরুত্মতী, গরুৎমতী** *বি স্ত্রী.* ১ পক্ষিণী। ২ পক্ষযুক্তা। ৩ পালক-সমন্বিতা (গরুৎমতী তরী—*মদ*)। { *স.* গরুৎ+ মৎ(মতুপ্)}
গরুমুখী ⇒ গুরমুখী
গরুয়া ⇒ গরুআ
গর্গর [গরগর] *বি* ১ কলস; ঘট। ২ ঘূর্ণাবর্ত; জলাবর্ত। ৩ চাপা ধ্বনিবিশেষ; 'গর্গর' ধ্বনি (উল্লোল-কলগর্জিত পারাবার ফেন গর্গরে ধ্বনিছে অট্টহাসি—*রঠা*)। **গর্গরী** *বি* গাগরি; কলসি। { *স.* গর্গ+ √রা+অ(ক)}
গর্জক [গরজক, -জো-] *বিণ* গর্জন করে যে; গর্জনকারী। { *স.* √গর্জ্+ অক(ণ্বুল)}
গর্জন¹ [গরজোন্] *বি* ১ উচ্চ ও গম্ভীর শব্দ বা ধ্বনি; নাদ (মেঘের গর্জন, সিংহের গর্জন)। ২ ক্রোধ; স্পর্ধা বা প্রচণ্ড তিরস্কারব্যঞ্জক ধ্বনি। **গর্জিত** *বিণ* নিনাদিত; গম্ভীর শব্দে শব্দিত। { *স.* √গর্জ্+অন(ল্যুট্)}
গর্জন², **গরজন** [গরজন্] *বি* বৃক্ষবিশেষ ও এর কাষ্ঠ। ~**তৈল** *বি* রঙে ঔজ্জ্বল্য সৃষ্টির জন্য ব্যবহার্য বৃক্ষনির্যাস বিশেষ; ঘাস তেল; বাতনাশক কবিরাজি তৈল বিশেষ। { *স.* গর্জ+অন(ল্যুট্), অত্যন্ত শক্ত কাঠ বলে কুড়ালের আঘাতে গম্ভীর শব্দ সৃষ্টি হয়, তাই গর্জন}
গর্জমান [গরজোমান্] *বিণ* গর্জন করছে এমন; গর্জনরত (গর্জমান স্টোভে মাংস চড়লো—*বুব*)। **গর্জমানা** *স্ত্রী.* (গর্জমানা ভৈরবী নদী—*অচিসে*)। { *স.* √গর্জ্+মান, +আ}
গর্জা, গর্জানো, গরজানো [গরজা, -নো, -] *ক্রি* গর্জন করা। □ *বি* গর্জন। **গর্জানি, গরজানি** *বি* ১ গর্জন। ২ গর্জনের শব্দ। { *স.* √গর্জ্ + *বা.* আ, আনো}
গর্জিত [গোরজিতো] *বিণ* গর্জন করেছে এমন; শব্দিত। { √গর্জ্+ত(ক্ত)}
গর্ত [গরতো] *বি* ১ খাদ; গহ্বর। ২ রন্ধ্র; ছিদ্র। ৩ বিবর; কোটর; খোঁড়ল। ৪ ছেঁদা; ফুটা। { *স.* √গৃ+ত(তন)}
গর্দ ⇒ গরদা
গর্দভ [গরধোব্] *বি* ১ গাধা; লম্বাকর্ণ চতুষ্পদ পশুবিশেষ; রাসভ। ২ (*ব্য.*) নিরেট মূর্খ ব্যক্তি বা অত্যন্ত নির্বোধ (তুমি একটা গর্দভ—একটুও বুদ্ধি নেই)। **গর্দভী** *স্ত্রী.*। { *স.* √গর্দ্+অভ}
গর্দা, গর্দ্দা ⇒ গরদা
গর্দান, গরদান [গর্‌দান্] *বি* ১ স্কন্ধ; ঘাড়; গলা (সীমারের তীর লাগলো গর্দানে—*মুম*)। ২ ঘাড়সহ মাথা (হাতে পায়ে গর্দানে তাঁর লোহার শিকল—*হবা*)। ~ **যাওয়া** *ক্রি* শিরশ্ছেদ হওয়া; মাথা কাটা যাওয়া। ~ **লওয়া** *ক্রি* শিরশ্ছেদ করা; মাথা কাটা। **গর্দানি** *বি* ঘাড় ধাক্কা; গলা ধাক্কা। { *ফা.* গরদান گردن }
গর্দিশ ⇒ গরদিশ
গর্ব, গরব [গরবো, গরোব্] *বি* ১ অহংকার; তকব্বরি; আত্মশ্লাঘা; দর্প। ২ বড়াই; জাঁক। ৩ গৌরব; গর্বের বস্তু; মহিমা (তোমারি গরবে গরবিনী হাম—*জ্ঞাদা*)। **গর্বান্ধ** *বিণ* অতি গর্বে শোভনতাবোধশূন্য। **গর্বিত, গরবিত, গর্বী** (-বিন্) *বিণ* অহংকারী; দর্পযুক্ত। **গর্বিতা, গর্বিণী, গরবিনী** *স্ত্রী.*। **গর্বোজ্জ্বল** *বিণ* গৌরবে উদ্ভাসিত; মহিমায় দীপ্ত। **গর্বোদ্ধত** *বিণ* দাম্ভিক; অহংকারমত্ত। { *স.* √গর্ব্+অ(ঘঞ্), গর্ব>(মধ্য স্বরাগমে) গরব}
গর্ভ [গরভো] *বি* ১ ভিতর; মধ্য (শূন্যগর্ভ)। ২ তলদেশ (নদীগর্ভ)। ৩ উদর; জঠর; গর্ভাশয় (মাতৃগর্ভ)। ৪ ভ্রূণ; জঠরস্থ সন্তান (গর্ভপাত)। ৫ অন্তঃসত্ত্বা অবস্থা (গর্ভ-লক্ষণ)। ~**কেশর** *বি* (*উদ্ভিদ.*) পুষ্পের ভিতরের কেশর; এর নিচে বীজকোষ অবস্থিত। ~**কোষ** *বি* (*উদ্ভিদ.*) গর্ভাশয়; জরায়ু। ~**গৃহ** *বি* ১ ভিতরে অবস্থিত ঘর। ২ আঁতুড়ঘর; সূতিকাগৃহ। ~**চ্যুত** *বিণ* গর্ভ থেকে নিঃসৃত। ~**জ** *বিণ* গর্ভে উৎপন্ন; গর্ভে প্রসূত। ~**তন্তু** *বি* (*উদ্ভিদ.*) গর্ভকেশরের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ। ~**দাস** *বি* ক্রীতদাসীর গর্ভে উৎপন্ন পুত্র; খানাযাদ (তারা... ক্রীতদাস না হলেও যে গর্ভদাস—*প্রচৌ*)। ~**দাসী** *বি স্ত্রী.*। ~**দোহদ** *বি* সাধ; গর্ভকালে গর্ভিণীর যে সকল বস্তু খেতে ইচ্ছা হয়। ~**ধারণ** *বি* জঠরে সন্তান আসা; অন্তঃসত্ত্বা হওয়া। ~**ধারিণী** *বি* জননী; মাতা; মা। ~ **নাড়ি** *বি* গর্ভস্থ শিশুর নাভি থেকে যে নাড়ি ফুলের সঙ্গে যুক্ত থাকে; umbilical cord। ~**নিঃসৃত** *বিণ* গর্ভচ্যুত; গর্ভ থেকে নির্গত। ~**পাত** *বি* ১ অসময়ে বা অস্বাভাবিকভাবে ভ্রূণের গর্ভ থেকে নিঃসরণ; গর্ভস্রাব। ২ ভ্রূণ হত্যা। ~**পাতক** *বিণ* ঔষধাদি দ্বারা গর্ভ নষ্টকারী; ভ্রূণ হত্যাকারী। ~**পাতন** *বি* কৃত্রিম উপায়ে গর্ভনাশ। ~**বতী** *বি* অন্তঃসত্ত্বা; যে নারীর গর্ভে সন্তান আছে; গর্ভিণী। ~**বাস** *বি* মাতৃজঠরে অবস্থান। ~**মাস** *বি* সন্তান ধারণের প্রথম মাস। ~**মোচন** *বি* সন্তানপ্রসব। ~**যন্ত্রণা** *বি* ১ গর্ভধারণের কষ্ট। ২ (*আল.*) নিদারুণ যন্ত্রণা (সব চেয়ে গর্ভযন্ত্রণা যাওয়ার দিকে আপনি সম্পূর্ণ মনোযোগ দিতে পারবেন না—*সৈমু*)। ~**যুতা** *বিণ স্ত্রী.* গর্ভযুক্তা; গর্ভবতী (পুরুষ 'দিবা'র ঔরসে গো 'রাত্রি' নাকি গর্ভযুতা—*নই*)। ~**লক্ষণ** *বি* গর্ভবতী হওয়ার চিহ্ন; গর্ভে সন্তান ধারণের চিহ্ন। ~**সঞ্চার,** ~**সংক্রমণ** *বি* গর্ভে সন্তানের জন্ম বা উৎপত্তি; গর্ভাধান; গর্ভোৎপত্তি। ~**সময়,** ~**কাল** *বি* ঋতুস্নানের পর পুরুষসঙ্গমকাল; গর্ভধারণকাল। ~**স্রাব** *বি* ১ গর্ভপাত (কাহারও কন্যা হইয়াছে, এবং কাহার গর্ভস্রাব হইয়া গিয়াছে—*বচ*)। ২ ভ্রূণহত্যা। □ *বিণ* (*আল.*) অকালকুষ্মাণ্ড; অপদার্থ। **গর্ভাগার** *বি* ১ আঁতুড়ঘর। ২ ভিতরের ঘর বা অন্তঃকক্ষ। **গর্ভাঙ্ক** *বি* নাটকের অঙ্কের মধ্যস্থ অংশ বা দৃশ্য। **গর্ভাধান** *বি* ১ সন্তানোৎপাদন। ২ গর্ভবতী হওয়ায় যে সংস্কার করা হয়। **গর্ভাশয়** *বি* গর্ভস্থ সন্তানের থাকবার স্থান; জরায়ু; uterus। **গর্ভিণী** *বি* গর্ভবতী; অন্তঃসত্ত্বা; পোয়াতি। **গর্ভিত** *বিণ* ১ গর্ভবতী হয়েছে যে নারী; গর্ভযুক্ত। ২ পূর্ণ করা হয়েছে এমন। { *স.* √গৃ+ভ(ঘন্)}
গর্মি ⇒ গরমি
গর্হণ, গর্হণা, গর্হা [গরহোন্, -হোনা, গরহা] *বি* ১ দোষারোপ; নিন্দা; অপবাদ; বদনাম। ২ তিরস্কার; ভর্ৎসনা। **গর্হিত** *বিণ* ১ অতীব দূষণীয় বা নিন্দনীয়; অবৈধ। ২ কুৎসিত; মন্দ; জঘন্য। **গর্হ্য** *বিণ* নিন্দার যোগ্য; নিন্দনীয়। { *স.* √গর্হ্+অন(ল্যুট্); +আ; √গর্হ্+অ+

আ(টোপ) = গর্হা}

গল [গল্] *বি* ১ গলা; কণ্ঠদেশ। ২ গলদেশ। **~কম্বল** *বি* গো মহিষাদির কণ্ঠনিম্নস্থ লম্বমান মাংসপিণ্ড। **~গণ্ড** *বি* গলদেশের মাংসস্ফীতি রোগ। **~গ্রহ** *বি* ১ অনভিপ্রেত বোঝা; অনীপ্সিত ভার বা দায়িত্ব। ২ *(আল.)* পরের উপর ভারস্বরূপ। ৩ যে দায়িত্ব অনিচ্ছা সত্ত্বেও প্রতিপালনীয়; অনিচ্ছাপূর্বক যার ভার নিতে হয়। **~দেশ** *বি* গলা; কণ্ঠদেশ। **~নালি** *বি* কণ্ঠনালি; অন্ননালির উপরে মুখের ঠিক পিছনে নলাকৃতি দেহাংশ। **~বস্ত্র** *বিণ* গলায় বস্ত্র দিয়ে বিনয়; গললগ্নীকৃত বস্ত্র। **~রজ্জু** *বি* গলায় স্থাপিত দড়ি; ফাঁস। **~লগ্ন** *বিণ* ১ কণ্ঠে জড়ানো; গললগ্নীকৃত (গললগ্ন বসনে তদীয় চরণে প্রণাম করিলেন —*ঈবি*)। ২ *(বা.)* কণ্ঠসংলগ্ন; কণ্ঠলীন বা গলায় ঝুলে থাকা অবস্থা (যেন-তেন প্রকারেণ পুরুষের গললগ্ন হওয়া—*প্রচৌ*)। **~লগ্নীকৃত** *বিণ* গলায় লাগানো; কণ্ঠে সংলগ্ন করা হয়েছে এমন। **~লগ্নীকৃত বাস** *বিণ* ১ হিন্দু সমাজে প্রার্থনাকালে বিনয় প্রকাশার্থে বা দীনতা প্রকাশে যে নিজ কণ্ঠে বস্ত্র জড়িয়েছে। ২ অতি বিনীত বা নিতান্ত নত। **~স্তনী, গলেস্তনী** *বি* ছাগী। **~হস্ত** *বি* অর্ধচন্দ্র; গলায় হাত দিয়ে বের করে দেওয়া; গলাধাক্কা। { *স.* √গল্+অ(ঘ)}

গলই ⟹ গলুই

গলকম্বল ⟹ গল

গলখেসিয়া, গলখেস্যে [গল্‌খেশিয়া; গল্‌খেশ্‌শে] *বি* ১ এক প্রকার সাদা রঙের মেঠো ফুল। ২ দ্রোণপুষ্প। { *আঞ্চ.*}

গলগল [গলগল্] *অব্য* তরল পদার্থ অবিরল ধারায় পড়ার ভাবপ্রকাশক। { *ধ্বন্যা.*}

গলৎ[1] [গলত্] *বিণ* গলছে এমন; স্রবমাণ। **গলদশ্রু** *বিণ* ক্রমাগত অশ্রু ঝরছে বা বিগলিত হচ্ছে এমন। { *স.* √গল্+অৎ(শতৃ)}

গলৎ[2] ⟹ গলদ

গলত ⟹ গলদ

গলতি, গলতী [গোল্‌তি] *বি* ভুল; দোষ; ত্রুটি। ❑ *বিণ* ফাঁক আছে এমন; ত্রুটিপূর্ণ; গলদভরা (এমন সব গলতী মামলায় আমি হাত দি না—*প্যামি*)। { *আ.* গলত্ غلط }

গলদ, গলত, গলৎ [গলোদ্, গলত্, –] *বি* ভুল; দোষ; ত্রুটি; অপরাধ (ধর্মের ছদ্মবেশে যে সব গলদ শিকড় গাড়িয়া বসিয়াছিল জাতির জীবনে —*শ্যমা*; কাহারও পক্ষে এই গলৎগুলি ধরিতে পারা সম্ভবপর নহে—*আখাঁ*; এমন একটা গলৎ—*বচ*)। { *আ.* গলত্ غلط }

গলদা [গল্‌দা] *বি* বৃহদাকার চিংড়ি মাছবিশেষ। ❑ *বিণ* মোটা; স্থূল (গলদা চেহারা)। { *আঞ্চ.*}

গলদেশ ⟹ গল

গলদ্‌ঘর্ম [গলোদ্‌ঘরমো] *বি* দেহ থেকে ঘাম ঝরছে বা বিগলিত হচ্ছে এমন। { *স.* গলৎ+ঘর্ম}

গলন [গলোন্] *বি* ১ গলে যাওয়া; দ্রব হয়ে যাওয়া। ২ নিষ্ক্রান্ত বা নির্গত হওয়া। **গলনীয়** *বিণ* গলনযোগ্য। { *স.* √গল্+অন(ল্যুট)}

গলনালি, গলবস্ত্র, গলরজ্জু, গললগ্ন, ইত্যাদি ⟹ গল

গলা[1] [গলা] *বি* ১ কণ্ঠ; ঘাড়ের উল্টা দিক; গ্রীবার বিপরীত দিকে অবস্থিত অংশ। ২ ঘাড়; গ্রীবা। ৩ টুঁটি। ৪ কণ্ঠস্বর (মোটা গলা)। ৫ কণ্ঠের সুর (গানের গলা)। ৬ কণ্ঠস্বরের সামর্থ্য বা যোগ্যতা (গলা আছে বটে)। **~ কাটা** *বি, ক্রি* ১ দেহ থেকে মুণ্ড বিচ্ছিন্ন করা। ২ ভীষণ প্রবঞ্চনা করা; বড় ধরনের ঠকানো। ❑ *বিণ* গলা কাটে এমন। **~কাটা দর** *বি* অত্যধিক মূল্য। **~ খাঁকারি দেওয়া** *ক্রি* নিজের উপস্থিতি বা বক্তব্য জানাবার জন্য গলার ভিতর থেকে 'খকর' 'খকখক' এ ধরনের শব্দ করা। **~খাসকি** *বি* গলাখাঁকারি (সরকার সাহেব গলা খাসকি দিতে দিতে ... চলিতে লাগিলেন···*আমআ*)। **~ খুসখুস** *বি* গলার মধ্যে এমন অনুভূতি যাতে কাশির উদ্রেক হয়। **~গলি** *বিণ, ক্রিবিণ* অত্যন্ত ঘনিষ্ঠ বা আন্তরিকভাবে। **~ ঘড়ঘড়** *বি* গলায় শ্লেষ্মা জমার ফলে ঘড় ঘড় শব্দ। **~ চাপা** *ক্রি* ১ কণ্ঠস্বর নিচু করা। ২ শ্বাসরোধ করা। **~ চিপা** *ক্রি* গলা চেপে ধরা। ❑ *বিণ* সরু গলাবিশিষ্ট। **~ ছাড়া** *ক্রি* কণ্ঠস্বর উঁচু করা। **~জল** *বি* গলা পর্যন্ত ডোবে এরূপ পানি। (ছেলে বেলায় যে রকম গলাজল ঠেলে ঠেলে খাল পেরুতুম—*সৈমু*)। **~ টিপলে দুধ বেরোয়**—নিতান্ত শিশু বা অল্পবয়স্ক; অজ্ঞ; জ্ঞানহীন। **~ঠাণ্ডা কার্য** *বি* মদ্যপান (স্বহস্তে ঢালিয়া, গলাঠাণ্ডা কার্য মনোমত সমাধান করিয়া গদগদ সুরে বলিলেন—*মীম*)। **~ধাক্কা** *বি* ১ গলহস্ত; অর্ধচন্দ্র; গলদেশে হাত দিয়ে ধাক্কা; ঘাড় ধাক্কা। ২ *(আল.)* অপমান করে দূরীকরণ; বিতাড়ন। **~বন্ধ** *বি* গলায় ঠাণ্ডা না লাগার জন্য ব্যবহৃত দীর্ঘ ও অল্প প্রস্থবিশিষ্ট মোটা বস্ত্রখণ্ড; কম্ফর্টার। **~ বসা** *ক্রি* গলার স্বর অস্ফুট বা অস্পষ্ট হয়ে যাওয়া। **~ বাঁচানো** *ক্রি* প্রাণ বাঁচানো। **~বাজি** *বি* ১ হাঁকডাক; চিৎকার। ২ *(বা.)* বক্তৃতা বা বাগ্মিতা। **~ ভাঙা** *বি, ক্রি* স্বরভঙ্গ বা স্বরবিকৃতি হওয়া। **~যোগ** *বি* যোগদান বা বক্তব্য সংযোগ (আপনারা দেশি-বিলেতি সংগীত নিয়ে যে বাদানুবাদের সৃষ্টি করেছেন সে গোলযোগে আমি গলাযোগ করতে চাই—*প্রচৌ*)। **~য় আঁকশি দেওয়া** *ক্রি* জোর করে টেনে আনা অর্থাৎ কোনো কাজ করতে বা পাওনা মিটাতে বাধ্য করা। **~য় আঙুল দেওয়া** *ক্রি* জোর করে পাওনা আদায় করা। **~য় ~য়** *বিণ, ক্রিবিণ* অত্যন্ত ঘনিষ্ঠ বা নিবিড় (গলায় গলায় ভাব)। **~য় ~য় পিরিত**—বেশি মাত্রায় প্রণয় বা প্রীতি। **~য় গাঁথা/পড়া** *ক্রি* গলগ্রহ বা অনভিপ্রেত বোঝা হওয়া। **~য় গামছা দেওয়া** *ক্রি* প্রচণ্ড অপমান এবং জবরদস্তি করে বাধ্য করা। **~য় ছুরি দেওয়া** *ক্রি* বড় রকমের ঠকানো বা প্রবঞ্চনা করা। **~য় দড়ি** *বি* অত্যন্ত অন্যায় বা পাপ কার্যের জন্য মৃত্যুই প্রাপ্য শাস্তি এরূপ ধিক্কার ও তীব্র ভর্ৎসনাসূচক উক্তি। **~য় পড়া** *ক্রি* অপরকে দায়বদ্ধ করা (সেখানে আহারের ব্যবস্থা উত্তম, সেখানে গলায় পড়িতে নারাজ নহে—*বচ*)। **~ পা দেওয়া** *ক্রি* অত্যাচার বা জবরদস্তি করা। **~য় লাগা** *ক্রি* ১ গলায় প্রবিষ্ট না হওয়া; গলাধঃকরণ না হওয়া। ২ ভুক্ত বস্তু গলায় আটকে শ্বাস রোধের উপক্রম। ৩ ওল, কচু ইত্যাদি

খাওয়ার ফলে গলা কুটকুট করা। ~ **ভারী** *বি* গভীর কণ্ঠস্বর বা সুর। { *স.* গল+ *বা.* আ; *তুল. হি.* গলা}

গলা² [গলা] *ক্রি* ১ গলে যাওয়া; তরল বা দ্রবীভূত হওয়া (বরফ গলা)। ২ সংকীর্ণ ফাঁকের মধ্য দিয়ে কোনো প্রকারে বের হওয়া (হাত দিয়ে পানি গলা)। ৩ অভিভূত বা বিহ্বল হওয়া (আনন্দে গলে যাওয়া)। ৪ কোনো কিছু ফেটে নিঃসৃত হওয়া (ফোঁড়া গলা)। ৫ কোনো রকমে ঢোকা (দরজায় মাথা গলানো)। ৬ সিদ্ধ হওয়া; নরম হওয়া (ভাত বা ডাল গলা)। ৭ আর্দ্র হওয়া; ভেজা (মন গলা)। ☐*বি* উক্ত সকল অর্থে। ☐*বিণ* ১ গলিত; তরলায়িত; দ্রবীভূত। ২ জীর্ণ; পরিপক্ব। ৩ অতিশয় নরম হয়ে যাওয়া; ফেটে যাওয়া। ৪ পচা। **~নো** *ক্রি* ১ তরল করা; গালানো। ২ সংকীর্ণ পরিসরের মধ্য দিয়ে চালনা বা প্রেরণ করা (জানালা দিয়ে শরীর গলানো)। ৩ আর্দ্র বা তুষ্ট করানো; ভুলানো (কথায় গলানো)। ৪ ঢোকানো; প্রবেশ করানো; পরানো (সুচে সুতা গলানো)। ৫ পরা; পরিধান করা (গায়ে জামা গলানো)। ☐*বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √গল্+ *বা.* আ}

গলাধঃকরণ [গলাধোককরোন্] *বি* ১ গিলে ফেলা; গেলা। ২ ভক্ষণ; গ্রাস (প্রত্যেক কদর্থ এবং প্রত্যেক কালকূটকে গলাধঃকরণ করিয়া ফেলিল—*আখ্‌তা*)। ৩ পান। ৪ পরিপাক; হজম। { *স.* গল+অধঃ+ √কৃ+ অন(ল্যুট)}

গলাসি [গলাশি] গলবন্ধন রজ্জু; গলারশি (একটি গলাসি দেওয়া কাচের দোয়াত—*দীমি*)। { *স.* গলরশ্মি> গলসি>গলাসি}

গলি [গোলি] *বি* সংকীর্ণ চলাচলের পথ। **~ঘুঁজি, ~ঘুচি, ~কুচ, ~কুচা** *বি* ১ অতি অপ্রশস্ত পথ ও তার নানা বাঁক বা শাখা-প্রশাখা (প্রেমের কুঞ্জে অনেক বাঁকা গলিঘুঁজি—*রঠা*)। ২ দুর্গম ও অপ্রশস্ত স্থানসমূহ। ৩ আলিগলি (বিধবা ভগিনীকে মহানগরী কলিকাতা দেখাইয়া গলিকুচ, বড় রাস্তা, যাদুঘর দেখাইয়া—*মীম*)। { *স.* গল>; *তুল. হি.* গলী}

গলিজ, গলীয [গোলিজ্] *বিণ* ১ নোংরা। ২ দুর্গন্ধময়। ৩ পচা; মড়া; বিকৃত (গলিজ আবর্জনায় ত্যক্ত ফিরে পায় মানবতা—*ফরআ*)। { *আ.* গলীজ় غليظ }

গলিত [গোলিতো] *বিণ* ১ গলে গিয়েছে এমন; দ্রবীভূত; তরলিত। ২ তরল; গলা; নরম। ৩ জীর্ণ; বার্ধক্যপীড়িত; ক্ষয়প্রাপ্ত (গলিত পর্যুদস্ত)। ৪ শিথিল; ঢিলা; আলগা; শ্লথ; ঢোল (গলিত দেহ)। ৫ স্খলিত; নিঃসৃত; গলছে এমন (গলিত কুষ্ঠ)। **~ কুষ্ঠ** *বি* যে ভয়ানক কুষ্ঠ রোগে অঙ্গ-প্রত্যঙ্গ পচে গলে পড়ে। **~ দন্ত** *বিণ* ১ বয়ঃপ্রভাবে দন্তসমূহ ক্ষয়প্রাপ্ত হয়েছে এমন। ২ অতিবৃদ্ধ (অবশেষে গলিতদন্ত খালিত মুনি—*রাব*)। { *স.* √গল্+ত(ক্ত)}

গলীয ⇒ গলিজ

গলুই, গলই, গোলুই [গোলুই, গলোই, গোলুই] *বি* নৌকার উভয় প্রান্তের সরু অংশ। নৌকার যে প্রান্ত অপেক্ষাকৃত নিচু তাকে পাছা-গলুই এবং যে প্রান্ত অপেক্ষাকৃত উঁচু তাকে আগা গলুই বলে (সোনার দাঁড় পবনের বৈঠা পঙ্খী নাওখানা; চন্দ্র সূরুয গোলই ভারি ফুল ছড়াইত জোছনা—*জউ*)। { *স.* গল>}

গলেস্তনী ⇒ গল

গল্প, গপ্‌পো [গল্‌পো, গপ্‌পো] *বি* ১ কাহিনী; উপকথা; ক্ষুদ্র উপন্যাস। ২ কথাবার্তা; আলাপ। ৩ গালগল্প (সৃষ্টি-ছাড়া গপ্‌পো করি—*নই*)। **~গুজব** *বি* আলাপ-সালাপ বা গালগল্প; নানাবিধ কথাবার্তা। **~সল্প, গপসপ** *বি* গালগল্প; আলাপ-আলোচনা (মানুষের সাথে গপসপ করতে ভালবাসেন—*ইখাঁ*)। **গল্পে, গপ্‌পে** *বিণ* ১ গল্পকারী; গল্পবাজ। ২ মজলিসি। { *স.* জল্প>}

গল্লা [গল্‌লা] শস্য। { *আ.* গিল্লাহ্ غلّة }

গশগশ ⇒ গসগস

গশ্‌ত [গশ্‌তো] *বি* রোদ; টহল; ভ্রমণ। { *ফা.* গাশ্‌ত گشت }

গসগস, গশগশ [গশ্‌গশ্] *অব্য* চাপা রাগের ভাব-প্রকাশক; অপ্রকাশিত ক্রোধের উত্তেজিত ভাব প্রকাশিত শব্দ (রাগে তখন আমার শরীর গশগশ করত—*নই*)। { *ধ্বন্যা.* }

গ. সা. গু. ⇒ গরিষ্ঠ

গস্ত [গস্‌তো] *বি* ১ বেড়ানো; ভ্রমণ। ২ (হাটে বাজারে) ভ্রমণ করে নানা জিনিস ক্রয়। **~বেনে** *বি* ১ হাট বাজারে ঘুরে দ্রব্যাদি ক্রয় করে যে ব্যবসায়ী বা বণিক (বেণের মতো বেণে পাইল না... গস্তবেণে মস্তবেণে সকল বেণের দুয়ারেই দেখিল—*দমি*)। ২ ফেরিওয়ালা। { *ফা.* গাশ্‌ত্ گشت }

গস্তানি [গস্‌তানি] *বি* কুলটা নারী; বেশ্যা; গণিকা (কুটিনী গস্তানী বড় যে মাস্তানী—*ভারা*; গস্তানি বিটী বলে কি—*দীমি*)। { *ফা.* গাশ্‌তন্ گشتن }

গস্তিদার [গোস্‌তিদার] *বি* সস্তা দরে মাল খরিদের জন্য যে বিভিন্ন জায়গায় অনুসন্ধান করে। { *ফা.* গাশ্‌ত্‌দার گشتدار }

গহন [গহোন্] *বিণ* ১ গভীর; ঘন (গহন বিপিন মাঝে তাকাই একান্ত—*দৌবা*)। ২ দুর্গম; যে স্থানে গমন কষ্টসাধ্য। ৩ দুর্বোধ; দুর্ভেদ্য; দুরধিগম্য; দুরূহ। ৪ গহীন; অতলস্পর্শ। ☐*বি* ১ বনানী; অরণ্য (পুত্রক খুঁজিতে গেলা নজদ গহনে—*দৌবা*)। ২ দুর্গম গভীর বা অতি সংগোপন স্থান (মনের গহনে তোমার মুরতিখানি—*গান*)। { *স.* √গাহ্+ অন(ল্যুট)}

গহনা¹, গয়না¹ [গহোনা, গয়্‌না] *বি* অলংকার; ভূষণ। **~গাঁটি, ~পত্র** *বি* নানাবিধ অলংকার ও অনুরূপ দামি জিনিস। { *স.* গ্রহণ>; *তুল. হি.* গহ্‌না}

গহনা², গয়না², গহনার নৌকা, গয়নার নৌকা [গহোনা, গয়্‌না, ...] নির্দিষ্ট সময় অনুযায়ী চলাচলকারী যাত্রীবাহী বড়ো নৌকা। { *স.* √গহ্+অন(ল্যুট)+*বা.* আ}

গহিন, গহীন [গোহিন্] *বিণ* ১ গভীর; অতল; গহন (গহীন গাঙের নাইয়া—*গান*)। এসব অনেক গহীনের কথা তুই

বুঝবি না—সজ)। ২ দুর্গম। { স. গহন+গভীর>}

গহ্বর [গওভর] বি ১ খাদ; গর্ত। ২ সংকীর্ণ গভীর জায়গা। ৩ পর্বতগুহা। ৪ (আল.) অপূর্ণতা; ফাঁক (পুরিল না যাহা কে রবে যুঝিতে তারি গহ্বর পুরাতে—রঠা)। { স. √গাহ্+বর অথবা, গো+√হ্বৃ+অ}

গা[১] [গা] বি ১ শরীর; দেহ; গাত্র; অঙ্গ (গা ধোওয়া)। ২ বস্তুর উপরিভাগ বা বহিরঙ্গ বা পৃষ্ঠ (বেড়ার গা বেয়ে)। ৩ চামড়া; বহিরাবরণ (গায়ে ছাতলা পড়া)। ৪ অনুভূতি (অপমান গায়ে লাগা)। ৫ মন; ইচ্ছা; গরজ (কাজে গা লাগানো)। ৬ নিকট (ঘরের গায়েই নিম গাছটি)। ~ **করকর করা** ক্রি সহ্য না হওয়া; ঈর্ষা হওয়া। ~ **করা** ক্রি গরজ করা; মনোযোগ দেওয়া; মন লাগানো। ~ **কশ কশ করা** ক্রি ক্রোধে বা প্রতিশোধ নেওয়ার জন্য উৎসুক হওয়া; আক্রোশ হওয়া। ~ **কাঁপা** ক্রি শঙ্কাযুক্ত হওয়া; ভয় বোধ করা। ~ **কেমন করা**, ~ **কেমন-কেমন করা** ক্রি ১ ভয়, ঘৃণা বা অসুস্থতাজনিত অস্বস্তি বোধ করা। ২ বমি বমি ভাব হওয়া। ~-**গতর** বি সর্বাঙ্গ; সমস্ত দেহ। ~-**গতর হওয়া** ক্রি মোটা-সোটা হওয়া। ~-**গরম** বি অল্প জ্বর। ~ **গুলানো**, ~ **গুলন** ক্রি বমনোদ্রেক হওয়া। ~ **ঘেঁষা** ক্রি ১ অত্যন্ত নিকটে বসা। ২ অন্তরঙ্গ হওয়ার চেষ্টা করা। □ বিণ গায়ে পড়ে ভাব জমায় এমন (লোকটা বড়ো গা-ঘেঁষা)। ~ **চাটাচাটি** পারস্পরিক প্রশংসা; স্বার্থোদ্ধারের জন্য পারস্পরিক সদ্ভাব। ~ **জুড়ানো** ক্রি ১ শান্তি পাওয়া; তৃপ্তি দান করা। ২ শ্রান্তি বা ক্লান্তি অপনোদন বা জ্বালা-যন্ত্রণা দূর হওয়া। □ বিণ ১ শান্তিদায়ক বা তৃপ্তিকর। ২ শ্রান্তি ক্লান্তি বা জ্বালা-যন্ত্রণা ঘুচায় এমন। ~-**জোরি**, ~-**জুরি** বি জবরদস্তি; শক্তিপ্রয়োগ। □ বিণ জবরদস্তিমূলক বা জবরদস্ত; নাছোড়। □ ক্রিবিণ জবরদস্তিভাবে; না-ছোড় হয়ে। ~ **জ্বালা করা** ক্রি ক্রোধ, ঈর্ষা বা বিরক্তি সৃষ্টি হওয়া। ~ **ঝাড়া দিয়ে ওঠা** ক্রি জড়তা বিসর্জন দিয়ে কর্মে প্রবৃত্ত হওয়া; আলস্য ত্যাগ করে উৎসাহের সঙ্গে কর্মে প্রবৃত্ত হওয়া। ~ **ঝিম ঝিম করা** ক্রি অবসন্নতা অনুভব করা; অসুস্থতা বোধ করা। ~ **ঢাকা দেওয়া** ক্রি আত্মগোপন করা। ~ **ঢেলে দেওয়া** ক্রি ১ শোওয়া। ২ নিশ্চেষ্ট হওয়া। ৩ সর্বৈব চেষ্টায় প্রবৃত্ত হওয়া। ~ **তোলা** ক্রি গাত্রোত্থান করা; ওঠা। ~ **দেওয়া** ক্রি মনোযোগ দেওয়া; যত্ন করা। ~ **পেতে নেওয়া** ক্রি বিনা প্রতিবাদে মেনে নেওয়া; নিঃশব্দে স্বেচ্ছায় সহ্য করা। ~ **ফোলানো** ক্রি বিক্রম বা শক্তি প্রকাশ করা। ~ **বমি বমি করা** ক্রি ১ বমনের ভাব বোধ হওয়া। ২ ঘৃণা বোধ করা। ~ **ভারী হওয়া** ক্রি অসুস্থতা বোধ করা। □ বি গর্ভবতী হওয়া। ~ **ম্যাজ ম্যাজ করা**, ~ **মাটি মাটি করা** ক্রি আলস্য বোধ হওয়া; ঠাণ্ডা বোধজনিত এক প্রকার অসুস্থ হওয়া। ~ **মোড়া** বি শরীরে মোচড় দেওয়া; আড়মোড়া (সুষুপ্ত বিশ্ব গা মোড়া দিয়ে তারই জাগরণের সাড়া দিলে—নই)। ~ **কাঁটা দেওয়া** ক্রি রোমাঞ্চ হওয়া। ~**য়ে-**~**য়ে শোধ**—নগদ টাকা না দিয়ে গায়ে খেটে শোধ দেওয়া। ~**য়ে গু মাখলে যমে ছাড়ে না**—শরীর অপবিত্র বস্তুতে ঢাকলেও মৃত্যু বা আজরাইলের হাত এড়ানো যায় না; অপরাধ করলে কোনো অছিলাতেই শাস্তি থেকে অব্যাহতি পাওয়া যায় না। ~**য়ে জ্বর আসা** ক্রি কাজ বা অবস্থা দেখে ভয় পাওয়া। ~**য়ে থুথু দেওয়া** ক্রি অতিশয় ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। ~**য়ে দেওয়া** ক্রি পরা; পরিধান করা। ~**য়ে নেওয়া** ক্রি গুরুত্ব সহকারে বিবেচনা করা। ~**য়ে পড়া** বিণ ১ উপর পড়া। ২ অযাচিত। ৩ অমায়িকতার আতিশয্য প্রদর্শনকারী। ~**য় পড়ে** অক্রি অযাচিতভাবে; উপর-পড়া হয়ে; অনভিপ্রেত আতিশয্য প্রদর্শন করে। ~**য়ে ফুঁ দিয়ে বেড়ানো** ক্রি দায়িত্ব এড়িয়ে শ্রমবিমুখ হয়ে চলা। ~**য়ে ফোসকা পড়া** বি (আল.) অসহনীয় যন্ত্রণাবোধ করা; তীব্র অসহিষ্ণু হওয়া। ~**য়ে মাখা** ক্রি গায়ে নেওয়া; ধর্তব্যের মধ্যে মনে করা। ~**য়ে মাস লাগা**, ~**য়ে মাংস লাগা** ক্রি ১ মোটা হওয়া। ২ শরীর সারা; কৃশতা দূর হওয়া। ~**য়ের চামড়া তোলা** ক্রি কঠিন প্রহার দেওয়া। ~**য়ের জ্বালা** বি ১ গাত্রদাহ; ঈর্ষা; হিংসা। ২ ক্রোধ; রাগ। ~**য়ের ঝাল ঝাড়া**, ~**য়ের ঝাল মেটানো** ক্রি হৃদয়ে সঞ্চিত ক্রোধ পূর্ণ ও প্রবলভাবে প্রকাশ করা। ~ **সওয়া**, ~-**সহা** বি যা অভ্যস্ত; সহ্য হয় এমন (উপদ্রব গা-সহা হওয়া)। ~**য়ে হলুদ** বি বিবাহকালে পাত্র-পাত্রীকে হলুদযুক্ত পানিতে স্নান করানোর অনুষ্ঠান (বিয়ের ফুলটি ফোটার আগেই গায়ে হলুদ যার—মোম)। ~**য়ে হাত তোলা** ক্রি প্রহার করা; মার দেওয়া। { স. গাত্র>}

গা[২] [গা] অব্য সম্বোধনসূচক শব্দ (কে গা)। { স. অঘো>}

গা[৩] [গা] বি (সন্) স্বরগ্রামের গান্ধারের সংকেত বা সংক্ষিপ্ত রূপ। { স. গান্ধার}

গা[৪], **গে** [গা, গে] ক্রি গিয়া (নারদ, দেবমাতা অদিতির অনুমতিটা আনো গা—অঠা)। { স. √গম্>গত্বা>গিয়া> গিআ>}

গাই বি গরু, গাভী। ~**গরু** বি গাভী। { স. গবী> গঈ>গাই}

গাইকোয়াড়, গাইকোয়ার ⇒ গায়কোয়ার

গাইডবুক [গাইড্‌বুক] বি পথ-পরিচয় ও বিভিন্ন নির্দেশাদি সম্বলিত পুস্তক-পুস্তিকা বিশেষ (যাত্রীদের জন্য একটা গাইডবুক পর্যন্ত রচনা করার অভিসন্ধি আমার নেই—অঠা)। { ই. guide-book}

গাইয়ে [গাইয়ে] বিণ গান করে এমন; গায়ক; গীতকারী। { স. √গৈ+বা. ইয়ে}

গাউন [গাউন] বি ১ ইউরোপীয় স্ত্রীলোকের সেমিজ জাতীয় পরিচ্ছদ। ২ আপাদবিলম্বী আলখাল্লা জাতীয় পরিচ্ছদবিশেষ (উকিলের গাউনের মতো এসব বস্ত্র যত পুরনো হয় ততই যে খানদানী—সৈমু)। { ই. gown}

গাউস ⇒ গওস

গাওড়া, গাওরা [গাওড়া, -রা] বি বনবিড়াল (শিয়াল গাওরা দেখে ডরাবে—ইখাঁ)। { অজ্ঞ.}

গাওনা [গাওনা] বি গান; পেশাদার গায়কের গান; গানের

মুজরো (পাওনা-দেনার গদিতে আজ গাওনা চলে দিল-খোলা—সদ)। { স. √গৈ+বা. অনা}

গাওয়া[১] [গাওয়া] *বি* ১ সাক্ষী; প্রত্যক্ষদর্শী। ২ সাক্ষ্য (অন্ততঃ তিনজন গাওয়া না দিলে... বিশ্বাস করতে নাই—মুম)। { ফা. গাওয়াহ্ ﮔﻮاه }

গাওয়া[২] [গাওয়া] *বিণ* গোদুগ্ধে জাত; গব্য (গাওয়া ঘি)। { স. গব্য>; স. গো+বা. ওয়া)}

গাওয়া[৩], **গাহা** [গাওয়া, গাহা] *ক্রি* ১ গান করা। ২ মহিমা কীর্তন করা বা প্রশংসা করা। ৩ প্রচার করা (নিন্দা গাওয়া)। ৪ ছন্দোবন্ধে বর্ণনা করা (গাইব মা বীর-রসে ভাসি—মদ)। □ *বিণ* গীত (গাওয়া গান)। □ *বি* গান; সংগীত (গাওয়া শেষ হয়ে গেছে)। {বা. √গাহ্+আ}

গাওয়ানো [গাওয়ানো] *ক্রি* ১ অন্যের দ্বারা গান করানো। {বা. √গাহ্+আনো}

গাওয়াল [গাওয়াল] *বি* ফেরি; হেঁটে হেঁটে জিনিসপত্র বিক্রয় করানো (সারা দিন গাওয়াল করি সন্ধ্যা হৈলে পরে—জউ)। {বা. √গাহ্+আল; স. গ্রাম>গাঁও>গাও+আল}

গাওরা ⇒ গাওড়া

গাং, গাঙ, গাঙ্গ[১], **গাঙিনী** [গাঙ, –, গাঙ্গ্, গাঙিনি] *বি* নদী; তটিনী (জীবনের মরা গাঙে আনো আজি নবীন জোয়ার—*আজহই*; শূন্য যখন গাঙিনীর তীর—*সদ*)। **গাংচিল** *বি* নদী পুকুর ইত্যাদির উপরে বিচরণকারী চিলবিশেষ। **গাংদাড়া** *বি* বকঠুঁটো মাছ; কাখিলা মাছ; লম্বা ঠোঁটবিশিষ্ট মৎস্যবিশেষ। **গাংশালিক** *বি* নদী-তীরবাসী শালিক পাখি। {স. গঙ্গা>}

গাঁ [গাঁ] *বি* গ্রাম; পল্লি। **–য়ে মানে না আপনি মোড়ল** —অন্যে স্বীকার না করলেও নিজকে প্রধান বলে মনে করে কর্তৃত্ব ফলানোর হাস্যকর চেষ্টা করে যে; নির্বোধ অনুপযুক্ত লোকের নেতা হওয়ার বা আত্মপ্রশংসা করার হাস্যকর প্রয়াস। { স. গ্রাম>}

গাঁই [গাঁই] *বি* আদি বাসস্থান অনুসারে ব্রাহ্মণদের শ্রেণি বিভাগ (আপনারা কোন্ গাঁই—*বচ*)। **–-গোত্তর/ গোত্র** *বি* গাঁই ও গোত্র; শ্রেণি বিভাগ (ওই বুড়ো আংলাটির গাঁইগোত্তর পদবী-উপাধি বল—*অঠা*)। { স. গ্রাম>বা. গাঁ+ই}

গাঁইগুঁই [গাঁইগুঁই] *অব্য* অনিচ্ছার ভাবপ্রকাশক (পিসী এই প্রস্তাব শুনে প্রথমে গাঁই গুঁই কর্তে লাগলেন—*কাসি*)। {*ধ্বন্যা.*}

গাঁইট ⇒ গাঁট

গাঁইতি, গাঁতি [গাঁইতি, গাঁতি] *বি* শক্ত মাটি, কয়লা ইত্যাদি কাটার হাতিয়ারবিশেষ (চলে পশুদল গাঁইতি শাবল নিয়ে—*ফআ*)। { হি. গৈঁতী}

গাঁইয়া, গেঁয়ে, গেঁয়ো [গাঁইয়া, গেঁয়ে, গেঁয়ো] *বিণ* ১ গ্রাম্য; অমার্জিত রুচি; অভব্য (আমি নিতান্তই গাঁইয়া —*সৈমু*)। ২ গ্রামবাসী; পাড়াগেঁয়ে। ৩ গ্রামসম্বন্ধীয়; গ্রামে প্রচলিত। { স. গ্রাম>বা. গাঁ+ইয়া}

গাঁওবুড়া [গাঁওবুড়া] *বি* গ্রামবৃদ্ধ; গ্রামের বৃদ্ধ মাতব্বর শ্রেণীর ব্যক্তি (দেড়শ'জন গাঁও বুড়াকে লাঞ্ছিত করে—*সৈমু*)। { স. গ্রাম>+স. বৃদ্ধ}

গাঁক গাঁক, গাঁ-গাঁ [গাঁক্‌গাঁক্, গাঁগাঁ] *অব্য* ১ পশুর ক্রুদ্ধ আওয়াজ বা ঐরূপ শব্দ (গাঁক গাঁক করে ইংরেজী বলা —*সৈমু*)। ২ উৎকট চিৎকার। {*ধ্বন্যা.*}

গাঁজ, গাঁজলা, গেজলা [গাঁজ, –লা, গ্যাজ্‌লা] *বি* ১ ফেনা; পরিবারের অধঃপতনের ফলে উদ্ভূত (বাদশাহী মদের শেষ গাঁজলা—*অঠা*)। ২ খামিরা। **গাঁজন, গাঁজনি** *বি* পচন বা মাতন; গেঁজে ওঠা (ঝেড়ে-পড়া তাতে পচে আমলকী গাঁজনি অহর্নিশ—*সদ*)। { তুল. হি. গাজ}

গাঁজা[১] [গাঁজা] *বি* ১ নেশা করার দ্রব্যবিশেষ; গঞ্জিকা; সিদ্ধিগাছের জটা বা মঞ্জরি থেকে প্রস্তুত মাদক ও ধূমপানের দ্রব্য। ২ মিথ্যা; ভুয়া; অবাস্তব; অলীক (সে সব গল্পের কতকটা গাঁজা কতকটা নীট—*সৈমু*)। **~খাওয়া** *ক্রি* গাঁজার ধূম পানে নেশা করা। **~খোর** *বিণ, বি* গেঁজেল; গাঁজার নেশায় অভ্যস্ত। **~খুরি, ~খুরী** *বিণ* গাঁজাখোরের নেশার ঝোঁকে রচিত ও ব্যক্ত উদ্ভট গল্পের ন্যায় অবিশ্বাস্য গল্প। { স. গঞ্জিকা>}

গাঁজা[২] [গাঁজা] *ক্রি* ফেনাযুক্ত হওয়া; মেতে ওঠা; পচে ওঠা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **গাঁজানো** *ক্রি* পচানো; মাতানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {বা. √গাঁজ্+আ}

গাঁট, গাঁইট, গাঁঠ [গাঁট, গাঁইট্, গাঁঠ্] *বি* ১ গেরো; knot; বাঁধন (খোল কপালের গাঁঠ—*মুশ*)। ২ সন্ধি; জোড় (শরীরের গাঁট, বাঁশের গাঁট)। ৩ বস্তা (আঁটসাঁট একটা গাঁট—*অঠা*)। ৪ ট্যাঁক; পকেট (গাঁটের কড়ি; গাঁটকাটা)। **~কাটা** *বি* পকেটমার; যে অন্যের ট্যাঁক কেটে টাকা চুরি করে (দু ভরি রূপো গাঁটকাটায় কেটে নিয়েছে—*কাসি*)। **~ছড়া** *বি* হিন্দু বিবাহে বরের উত্তরীয়ের সঙ্গে কনের বস্ত্রাঞ্চলের গ্রন্থিবন্ধনরূপ সংস্কারবিশেষ (পুরোহিত মহাশয়... গাঁট-ছড়া বাঁধিয়া দিবেন—*বচ*)। **গাঁটের-পয়সা** *বি* ১ নিজের টাকা পয়সা; আপন তহবিলের অর্থ। ২ জমানো অর্থ। { স. গ্রন্থি>প্রা. গণ্ঠি>গাঁট, তুল. হি. গাঁঠ}

গাঁটরি, গাঁঠরি, গাঠরি [গাঁটরি, –ঠ–, গাঠ্‌রি] কাপড়ের টুকরা দিয়ে বাঁধা ছোটো বস্তা বা পুঁটুলি; বোঁচকা (এখন... বাঁধ গাঠুরি—*মীম*; বাঁধব গাঁঠরি সুলায়মানের মুলুক খুঁজিতে চলিব—*মুশ*)। { স. গ্রন্থি>বা. গাঁট+বা. রি}

গাঁটুরী ⇒ গাঁটরি

গাঁট্টা, গাট্টা [গাঁট্টা, গা–] *বি* মুঠি করা আঙুলের গাঁট বা তার দ্বারা আঘাত। **গাট্টা মারা** *ক্রি* বদ্ধ মুষ্টির গাঁট দ্বারা প্রহার করা; ঘুষি মারা (মাথার ওপর গাট্টা মারে—*আই*)। { স. গ্রন্থি>গাঁটা+টা, তুল. হি. গট্টা}

গাঁট্টাগোট্টা, গোঁট্টাগাট্টা [গাঁট্‌টাগোট্‌টা, গোঁট্‌টাগাট্‌টা] *বিণ* ১ খর্ব ও স্থূল অথচ বলিষ্ঠ দৃঢ় অস্থি গ্রন্থিযুক্ত। {গাঁট্টা (দ্বিরুক্তি)>}

গাঁঠ ⇒ গাঁট

গাঁঠরি, গাঁঠুরি ⇒ গাঁটরি

গাঁঠিয়া ⇒ গাঁটিয়া

গাঁড়[১] *(অশি.)* [গাঁড়] *বি* ১ যোনি। ২ পায়ু। { স. গর্ত>প্রা. গড্ড>; হি. গাড়}

গাঁড়[২] [গাঁড়] *বি* ফোঁড়া। **রাজ–** *বি* পেটের ভিতরকার ফোঁড়া। { স. গণ্ড>প্রা. গংড}

গাঁত১ [গাঁত্] *বি* গাত্র (শুনিতে তাহারি বাত, পুলকে ফুরায়ে গাঁত—*চন্দ*)। { *স.* গাত্র> }

গাঁত২ [গাঁত্] *বি* গাঁট; ট্যাক। **গাঁতের মাল** *বি* চোরাই মাল (গাঁতের মাল লইয়া হজম করিত—*প্যামি*)। { *স.* গ্রন্থি}

গাঁতা১, **গাঁদা** [গাঁতা, গাঁদা] *বি* মাছের ঘাড় এবং কোল বা পেটির মাঝের অংশ; মাছের পৃষ্ঠ। { *স.* গাত্র}

গাঁতা২ [গাঁতা] *বি* ১ কৃষকদের পরস্পর শ্রম বিনিময়ে চাষাবাদের ব্যবস্থা (মোরা গাঁতা দিতি তো নারাজ নই—*দীমি*)। { *স.* গ্রন্থন}

গাঁতি১ [গাঁতি] *বি* ১ অল্প জোত-জমা (গাঁতিও যায় যায় হয়েছে—*দীমি*)। ২ এক কর্ম সম্পাদনে বহুলোকের সম্মেলন; guild। ৩ শ্রেণি; দল। ~**দার** *বি* জোতদার; জোত-জমার মালিক (বরের পিতা ও অঞ্চলের নাকি বড় গাঁতিদার—*বিব*)। { *স.* গ্রন্থি; তুল. *হি.* গাঁয়ৎ, গৌতি}

গাঁতি২ ⟹ গাঁইতি

গাঁথন [গাঁথোন্] *বি* ১ গাঁথা; বিন্যাস; রচা (বেণী গাঁথন)। ২ গঠন; প্রস্তুতকরণ; নির্মাণ। ৩ মালা; হার (আসবি তোরা গন্ধরাজের গাঁথন নিয়ে হাতে—*বঠা*)। ৪ ইষ্টকাদির উপর্যুপরি স্থাপন; (গৃহ) গ্রন্থন। { *স.* গ্রন্থন}

গাঁথনি, গাঁথুনি [গাঁথনি, গাঁথুনি] *বি* ১ ইষ্টকাদি দ্বারা গৃহনির্মাণ; গ্রন্থন (কী পাথরের গাঁথনিই গাঁথলে—*অঠা*)। ২ ইষ্টকাদি ও কাদা সিমেন্ট ইত্যাদি মসলা বিন্যাসের পদ্ধতি (সুদৃঢ় গাঁথনি)। ৩ রচনা; বিশেষ প্রণালিতে স্থাপন; বিন্যাস। { *স.* গ্রন্থন+ *বা.* ই}

গাঁথা [গাঁথা] *ক্রি* ১ নিয়মমতো পর পর সন্নিবেশপূর্বক রচনা বা নির্মাণ করা। ২ রচনা, প্রস্তুত বা নির্মাণ করা। ৩ চিরকাল স্থায়ী হওয়া (মনে গাঁথা)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √গ্রন্থ্> *বা.* √গাঁথ্+ আ}

গাঁথুনি ⟹ গাঁথনি

গাঁদা, গেঁদা, গেন্দা [গাঁদা, গ্যাঁদা, গ্যান্দা] *বি* একপ্রকার ফুল। { *স.* গেন্দুক> }

গাঁদাল, গাঁধাল [গাঁদাল্, গাঁধাল্] *বি* ঔষধ তৈরির কাজে ব্যবহৃত এক প্রকার দুর্গন্ধি লতা; গন্ধভাদাল। { *স.* গন্ধালী}

গাঁদি, গাদি [গাঁদি, গাদি] *বি* ১ রাশি; গাদি; স্তূপ। ২ বহু বস্তুর একত্র অবস্থিতি (দোকান-পসারের গাঁদি—*হমি*)। ৩ ভিড়। { *বা.* গাদা+ই}

গাঁধাল ⟹ গাঁদাল

গাঁধি ⟹ গান্ধি

গাঁভার [গাঁভার্] *বিণ* গোঁয়ার (গাঁভারের হাতে পাছে হও পেরেশানি—*সৈহা*)। { *প্রা.* গমার> *হি.* গাঁওয়ার> }

গাগরি, গাগরী, গাগরা [গাগোরি, -, -গ্রা] *বি* ঘড়া; কলস; কলসি (জরিদার নাগরা পায়ে গাগরা কাঁখে—*নই*; গাগরি ভরিয়া এনেছি গো অমৃত বারি—*নই*)। { *স.* গর্গরী> *প্রা.* গগ্গরী}

গাঙ, গাঙিনী, গাঙ্গ১ ⟹ গাং

গাঙ্গ২ [গাঙ্গো] *বিণ* গঙ্গাসম্বন্ধীয়। ২ গঙ্গাজাত। { *স.* গঙ্গা+অ(অণ্)}

গাঙ্গেয় [গাঙ্গেয়ো] *বি* মহাভারতোক্ত গঙ্গার পুত্র ভীষ্ম। ☐ *বিণ* ১ গঙ্গা-বিধৌত বা গঙ্গাতীরবর্তী (গাঙ্গেয় অববাহিকায় অবস্থিত)। ২ গঙ্গাসম্বন্ধীয়। ৩ গঙ্গাজাত। { *স.* গঙ্গা+এয় (ঢক্)}

গাছ১ [গাছ্] *বি* ১ বৃক্ষ; তরু। ২ লতা গুল্ম প্রভৃতি (কুমড়াগাছ)। ৩ বৃক্ষসদৃশ বস্তু (ঘানিগাছ)। ☐ *বিণ* বৃক্ষের মত লম্বা; বেজায় লম্বা; ঢেঙা (মেয়েটা দিনে দিনে গাছ হয়ে উঠছে)। ~-**কোমর বাঁধা** *ক্রি* গাছে চড়া বা কোনো ভারী কাজ কিংবা ঝগড়া করার পূর্বে শাড়ির আঁচল বিশেষ ভঙ্গিতে বা শক্ত করে কোমরে জড়ানো। ~-**গাছড়া**, ~-**গাছালি** *বি* ১ নানা জাতীয় বৃক্ষলতা। ২ ঔষধ হিসাবে ব্যবহৃত উদ্ভিজ্জ বস্তু। ~ **থেকে পড়া** *ক্রি* অত্যন্ত আশ্চর্যান্বিত হওয়া। ~-**পাথর** *বি* তুলনা, পরিমাণ বা হিসাবের জন্য সমবয়সের বৃক্ষ বা প্রস্তর (বয়সের গাছ-পাথর নেই)। ~**পালা** *বি* ১ বৃক্ষ পল্লব লতা পাতা ইত্যাদি। **গাছে কাঁঠাল গোঁফে তেল, গাছে না উঠতেই এক কাঁদি**—(*বা.*) কার্যারম্ভের পূর্বেই ফলভোগের উচ্চাশা এবং প্রস্তুতি। **গাছে চড়ানো** *ক্রি* (*আল.*) প্রশংসা বা চাটুকারিতা দ্বারা কাউকে অযথা সামাজিক মর্যাদা দান করা। **গাছে তুলে মই কেড়ে নেওয়া** *ক্রি* ১ (*বা.*) প্ররোচনা দিয়ে কঠিন কাজে নামিয়ে সরে পড়া। ২ বড়ো আশা দিয়ে শেষে নিরাশ করা। **গাছেরও খাওয়া তলারও কুড়ানো** *ক্রি* ১ সব দিক দিয়ে লাভের চেষ্টা। ২ অত্যন্ত স্বার্থপরের মতো কাজ করা। { *স.* গচ্ছ> }

গাছ২, **গাছা**১, **গাছি**১ [গাছ্, গাছা, গাছি] দীর্ঘ ও সরু পদার্থ নির্দেশক প্রত্যয়বিশেষ; টা, টি, খানা, খানি (লাঠি গাছ, এক গাছা দড়ি, মালাগাছি)। { *বা.* গাছ}

গাছড়া [গাছ্ড়া] *বি* ১ ছোটো ছোটো বুনো গাছ; তুচ্ছ লতাগুল্ম। ২ ঔষধে ব্যবহার করা হয় এমন উদ্ভিজ্জ। { গাছ+ড়া}

গাছা১ ⟹ গাছ২

গাছা২ [গাছা] *বি* পিলসুজ; দীপাধার; দীপরক্ষক। { গাছ+আ}

গাছালি, গাছালী [গাছালি] *বি* গাছ-গাছড়া; বুনো লতাগুল্ম (গাছ-গাছালি; এখনও যখন ও ফতুল্লাহর গাছালীর মাথায় খানিক এসে থেমে যায় চাঁদ—*আগা*)। { গাছ+ আলি}

গাছি১ ⟹ গাছ২

গাছি২, **গাছী** [গাছি] *বি* খেজুর ও তালগাছে চড়ে গাছের উপযুক্ত স্থানে কেটে রস সংগ্রহ করে যারা; খেজুর ও তাল রস সংগ্রাহক ও উক্ত পেশাজীবী; সিউলি। { *বা.* গাছ+ই}

গাজন [গাজোন্] *বি* ১ চৈত্র মাসের শেষে হিন্দুদেবতা শিবের উৎসব; গম্ভীরা। ২ শিব সম্পর্কিত গান (চড়ক পূজায় গাজন গাহি নাচে নযুর দল—জউ)। **অনেক সন্ন্যাসীতে ~ নষ্ট**—অনাবশ্যকভাবে বহু ব্যক্তির কর্ম সম্পাদনের প্রয়াসে মতভেদজনিত কারণে সমস্ত কাজকর্ম পণ্ড হওয়া। { *স.* গর্জন> *পা.* গজ্জন> *প্রা.* গজ্জণ> *বা.* গাজন}

গাজর [গাজোর্] *বি* ভক্ষ্য মূলবিশেষ; একজাতীয় সবজি; carrot। { *স.* গর্জর> }

গাজি, গাজী [গাজি] *বি* ১ আল্লাহর নির্দেশ অনুযায়ী ইসলামের জন্য যে যুদ্ধ করে (কই সে গাজী কোথায় আজি—*সদ*)। ২ সুপ্রসিদ্ধ ইসলামি যোদ্ধা ও পীর; পুঁথি সাহিত্যের অন্যতম নায়ক। **গাজির গান** *বি* মুসলিম গায়কগণ কর্তৃক গীত গাজি সংক্রান্ত গীতবিশেষ। **গাজির পট** *বি* ২ গাজির বীরত্বের নিদর্শনস্বরূপ দীর্ঘ গ্রাম্য চিত্রপট—যা দেখিয়ে গাজির গান গাওয়া হয়। ২ দীর্ঘ ফর্দ বা চিঠি। { *আ.* গাজ্জী غازى }

গাট্টা ⇒ গাঁট্টা

গাঠরি ⇒ গাঁটরি

গাড়ওয়ান ⇒ গাড়োয়ান

গাড়ল, গারল [গাড়োল্, -রো-] *বি* ১ গালিবিশেষ। ২ মেষ; ভেড়া; গড্ডল। ৩ যে ব্যক্তি অন্যের বা পত্নীর বুদ্ধিতে পরিচালিত হয়। □ *বিণ* মূর্খ বা নির্বোধ (লোকটি এদেশে-আসা সাধারণ ইংরেজদের মত গাড়ল নয়—*সৈমু*)। { *স.* গড্ডল> }

গাড়া [গাড়া] *বি* ১ গর্ত; খোঁদল (দুই গিধরের গাড়া ছিল সেইখানে—*সৈহা*)। ২ খানা; ডোবা। □ *ক্রি* ১ প্রোথিত করা; ভিতরে প্রবেশ করানো। ২ বাঁধা; স্থাপন করা (আড্ডা গাড়া)। ৩ মুড়ে বসা (হাঁটু গাড়া)। **গেড়ে বসা** *ক্রি* চেপে বসা; দীর্ঘকালের জন্য অনড় হয়ে বসা। { √গাড়্+আ }

গাড়ি, গাড়ী [গাড়ি] *বি* যান; শকট; রথ। **– করা** *ক্রি* ১ স্বীয় ব্যবহারের জন্য শকট ক্রয়; গাড়ির অধিকারী হওয়া। **– ডাকা** *ক্রি* ভাড়া করার জন্য গাড়ি ডেকে আনা। **–বারান্দা** *বি* গৃহের সম্মুখস্থ বারান্দা যার নিচে গাড়ি থাকে। { *স.* গন্ত্রী, *প্রা.* গংতী }

গাড়ু[১] [গাড়ু] *বি* লম্বা নলযুক্ত পানীয় পাত্রবিশেষ (সোনার গাড়ুর জল আপন ঠাঁইয়ে ঝরে গেল—*দমি*)। **~র দামে খাড়ু যাওয়া** *ক্রি* অল্পের জন্য মূল্যবান দ্রব্য নষ্ট হওয়া। { *স.* গড্ডুক> }

গাড়ু[২] [গাড়ু] *বি* কুঁজ বা পৃষ্ঠ গ্রন্থী (বুড়া গরু লড়া দাঁত ভাংগাগাছ গাড়ু—*ভারা*)। { *স.* গড্ডু }

গাড়োয়ান, গাড়ওয়ান [গাড়োয়ান্] *বি* শকটচালক; যানবাহক। **গাড়োয়ানি, গাড়োয়ানী** *বি* শকট চালানোর কাজ (রঘুকুলের ক্ষত্রিয়েরা এক্কা গাড়ির করছে গাড়োয়ানী—*সদ*)। { *বা.* গাড়ি+আন, ওয়ান }

গাড়োয়াল [গাড়োয়াল্] *বি* ১ ভারতের উত্তরের অঞ্চলবিশেষ। ২ গাড়োয়াল প্রদেশের অধিবাসী (এই গুর্খা আর তাদের ভায়রা ভাই গাড়োয়ান এই দুটো জাতেই...ভীষণ হয়ে উঠে—*নই*)। { *বা.* গাড়ি+আল> }

গাঢ় [গাঢ়ো] *বিণ* ১ জমাট বাঁধা; ঘন (গাঢ় দুধ)। ২ তীব্র (গাঢ় শোক)। ৩ রাশীকৃত অথচ ঘনীভূত (গাঢ় মেঘ)। ৪ গভীর (গাঢ় নিদ্রা)। ৫ নিবিড় (গাঢ় অন্ধকার)। ৬ অবরুদ্ধ; আবদ্ধ (গাঢ় স্বর)। ৭ নিমগ্ন; নিবিষ্ট; আবিষ্ট। ৮ চড়া; টকটকে (গাঢ় রং)। ৯ দৃঢ়; অবিচল (গাঢ় ভালোবাসা)। **গাঢ়তা, গাঢ়ত্ব** *বি*। { *স.* √গাহ্+ত(ক্ত) }

গাঢ়া [গাঢ়া] *বিণ* খানা; খন্দ; গর্ত; নিচু জায়গা (নামছে গাঢ়ায়—*সদ*)। { *স.* গর্ত }

গাণনিক [গানোনিক্] *বি* গণনাকারী; হিসাবরক্ষক। { *স.* গণনা+ইক }

গাণপত্য [গানোপোত্‌তো] *বিণ* হিন্দুদেবতা গণপতি বা গণেশ সম্বন্ধীয়। □ *বি* ১ গণেশপূজক সম্প্রদায়বিশেষ। ২ গণনায়কত্ব; গণাধিপত্য। { *স.* গণপতি+য(যক্) }

গাণিতিক [গানিতিক্] *বিণ* ১ গণিতজ্ঞ; গণিতশাস্ত্রবিশেষ। ২ গণিতঘটিত (মেন্ডেল তত্ত্বই বলো, আর গাণিতিক যুক্তিশাস্ত্রই বল—*রঠা*)। ৩ গণিতসম্বন্ধীয়; গণিত বিষয়ক। { *স.* গণিত+ইক }

গাণ্ডিব, গাণ্ডীব [গানডিব্] *বি* ১ ধনু (অযতনে গাণ্ডীব টেনেও কেউ লড়াই জেতেনি—*অঠা*)। ২ মহাভারতোক্ত অর্জুনের ধনুক; পৌরাণিক ধনুবিশেষ (গাণ্ডীব ধনু রাঙিয়া উঠিল লক্ষ লাক্ষারসে—*নই*)। **গাণ্ডীবী, গাণ্ডীবধন্বা** *বি* গাণ্ডীবধারী অর্থাৎ তৃতীয় পাণ্ডব অর্জুন (হে গাণ্ডীবী, বিস্ফারি বিশাল বক্ষ করিলে যোজনা—*মোম*)। { *স.* গাণ্ডি+ব }

গাণ্ডে পিণ্ডে, গণ্ডে পিণ্ডে [গানডেপিনডে, গনডেপিনডে] *ক্রিবিণ* গলা পর্যন্ত; আকণ্ঠ; অতিরিক্ত ঠেসে। { *স.* গণ্ডপিণ্ড=(গণ্ডস্থান)> }

গাত (*ব্র.*) [গাত্] *বি* গাত্র; শরীর; গতর; দেহ (ধরণী হইলে মঝু গাত—*গোদা*)। { *স.* গাত্র }

গাতব্য [গাতব্‌বো] *বিণ* গীতযোগ্য; গানের উপযুক্ত। { *স.* √গৈ+তব্য }

গাতা(-তৃ) [গাতা] *বিণ* গান করে এমন; গায়ক। { *স.* √গৈ+তৃ(তৃচ) }

গাত্র [গাত্‌ত্রো] *বি* ১ শরীর; গা; দেহ; অঙ্গ। ২ পার্শ্বদেশ; উপরিভাগ বা বহির্ভাগ (পর্বতগাত্র)। **~ কণ্ডূয়ন** *বি* গা চুলকানো। **~ জ্বালা, ~দাহ** *বি* ১ গায়ের জ্বালা বা দাহ। ২ (*আল.*) ঈর্ষা ক্রোধ ইত্যাদি মানসিক ভাব; হিংসা বিরক্তি ইত্যাদি মনোভাব। **–-মার্জনী** *বি* যা দ্বারা গাত্র মার্জনা করা হয়; গাত্র মার্জনা কার্যে ব্যবহৃত গামছা তোয়ালে ইত্যাদি। **–-হরিদ্রা** *বি* গায়ে হলুদ; বিবাহের পূর্বে বর ও কন্যাকে নিজ নিজ বাড়িতে হলুদ মাখিয়ে স্নান করানো রূপ জনপ্রিয় আচারবিশেষ। **গাত্রানুলেপনী** *বি* গায়ে অঙ্গরাগ বা ঔষধ প্রয়োগ করার তুলি। **গাত্রাবরণ, গাত্রাবরণী** *বি* ১ গায়ের চাদর; উড়নি; উত্তরীয়। ২ জামা; কাপড়চোপড়; আংরাখা। ৩ বর্ম; সাঁজোয়া। **গাত্রোত্থান** *বি* দেহ উত্তোলন; গা তোলা। ২ শোয়া থেকে উঠে বসা বা দাঁড়ানো; শয্যা ত্যাগ। { *স.* √গম্+ত্র(ত্রন্) }

গাথক [গাথোক্] *বি,বিণ* ১ গীতিকার; সংগীতরচয়িতা; পদকর্তা; গাঁথনদার। ২ গায়ক; সংগীতকারী। **গাথিকা** *স্ত্রী*। { √গৈ+থক(থকন্) }

গাথা [গাথা] *বি* ১ কবিতা; শ্লোক; গান। ২ এক প্রকার গীতিকবিতা; ballad; পালা গান। ৩ বর্ণনা; গুণকথন (যশোগাথা)। { *স.* √গৈ+থ(থন্)+আ(টাপ্) }

গাদ [গাদ্] *বি* ১ তরল পদার্থের ময়লা; তলানি; কাইট; শিটা (নইলে যে তাদের গাদে পড়ে থাকতে হয়—*প্রচৌ*)। ২ তরল পদার্থের উপরে ভেসে ওঠা ময়লা; সরের ন্যায় ভেসে ওঠা ময়লা। **– কাটা** *ক্রি* ময়লা কাটা; ময়লা বের বা দূর করা। { *স.* কর্দ>গর্দ> ; *তুল.* *হি* গাদ }

গাদন [গাদোন্] *বি* ১ গাদাগাদি করে ঠেসে দেওয়া; ঠাসা।

২ ঠেসে খাওয়া; পেট পুরে খাওয়া। ৩ প্রহার। {*বা.* √গাদ্+অন}

গাদা[১] [গাদা] *ক্রি* ঠাসা; চাপাচাপি করে ভরা। □ *বি* গাদন। □ *বিণ* ঠেসে ভরা হয়েছে বা হয় এমন। ~ **বন্দুক** *বি* এক ধরনের বন্দুক যাতে গুলিবারুদ ঠেসে ভরতে হয়। {*বা.* √গাদ্+আ}

গাদা[২] [গাদা] *বি* বড় মাছের পিঠের দিকের অংশ। {*স.* গাত্র}

গাদা[৩], **গ্যাদি** [গাদা, গাদি] *বি* ১ রাশি; স্তূপ। ২ ভিড়। ৩ ভার; বোঝা। **গাদা গাদা** *বিণ* ১ রাশি রাশি; সুপ্রচুর। □ *ক্রিবিণ* ভারে ভারে। **গাদাগাদি** *বি* ঠাসাঠাসি; ঘেঁষাঘেষি; চাপাচাপি; ভিড়। {*বা.* গাদ+আ}

গাদি ⇒ গাদা

গাধ [গাধ্] *বি* তল। □ *বিণ* ১ অগভীর; তল স্পর্শ করা যায় এমন। ২ অগাধ। {*স.* √গাধ্+অ(ঘঞ্)}

গাধা [গাধা] *বি* ১ প্রাণীবিশেষ; গর্দভ; রাসভ। ২ *(আল.)* অতি নির্বোধ লোক। ৩ গালিবিশেষ। **গাধী** *স্ত্রী.* । ~**বোট** *বি* ১ গাধার মতো প্রচুর মালবাহী ও ধীরগতি নৌকা বা ক্ষুদ্র জাহাজ। □ *বি, বিণ (আল.)* দীর্ঘসূত্রী বা ঢিলা প্রকৃতিবিশিষ্ট ব্যক্তি (ও একটা গাধা-বোট ছিল, তুমি এসে তাতে পাল লাগিয়ে দিলে—*অচিসে*)। ~**খাটনি**, ~**র খাটুনি** *বি* অত্যন্ত অধিক পরিমাণ কিন্তু বুদ্ধি খাটিয়ে করতে হয় না এমন পরিশ্রম। ~**পিটুনি** *বি* অপরিমিত ও নির্দয় প্রহার। ~**মি** *বি* মূর্খতা; নির্বুদ্ধিতা; বোকামি। {*স.* গর্দভ; *তুল. হি* গদহা, গধা}

গাধেয় [গাধেয়ো] *বি* গাধির পুত্র; বিশ্বামিত্র। {*স.* গাধি+এয়(ঢক্)}

গান [গান্] *বি* ১ গীত; সংগীত; কণ্ঠসংগীত। ২ গীতিকবিতা; কবিতা। ৩ গীতাভিনয়; গীতিনাট্য। ৪ সুমধুর ধ্বনি বা রব (পাখির গান)। ৫ কীর্তন; বর্ণন (গুণগান)। ~**বাজনা**, **গানা বাজানা** *বি* গান ও বাজনা; গীতবাদ্য (গানা বাজনায় রাজবাড়ি সরগরম—*সৈমু*)। **গানের দল** *বি* ১ গায়কসম্প্রদায় বা গোষ্ঠী। ২ পেশাদারি গায়ক সঙ্ঘ বা গীতাভিনয়কারীগণ। **ওস্তাদি গান** *বি* উচ্চাঙ্গ সংগীত; ধ্রুপদ; খেয়াল প্রভৃতি। **চুটকি গান** *বি* টপ্পা; খেমটা ইত্যাদি লঘু ও চপল প্রকৃতির এবং নৃত্যের তালযুক্ত সংগীত। {*স.* √গৈ+অন(ল্যুট্)}

গানমেটাল [গানমেটাল্] *বি* তামা ও টিন বা দস্তামিশ্রিত ধাতুবিশেষ (গানমেটাল রঙের কৃষ্ণনীল চুলের খোঁপাটি —*সৈমু*)। {*ই* gunmetal}

গান্দা [গান্দা] *বিণ* ১ দুর্গন্ধযুক্ত; পচা; ময়লা। ২ অপবিত্র। {*ফা.* গান্দাহ্ گنده}

গান্ধর্ব, গান্ধর্ব্ব [গান্ধোর্বো] *বিণ* ১ গন্ধর্ব-সম্পর্কিত; গন্ধর্ববিষয়ক। ২ গন্ধর্ব প্রথায় অর্থাৎ পরস্পর প্রেমাসক্ত পাত্র-পাত্রীর ইচ্ছানুযায়ী হিন্দুমতে সম্পাদিত বিবাহবিশেষ। ~**বিদ্যা** *বি* সংগীতবিদ্যা। ~**বিধান** *বি* গন্ধর্ব প্রথা; পরস্পর অনুরক্ত পাত্র-পাত্রীর ইচ্ছানুসারে হিন্দু বিবাহ সংঘটনের রীতি বা নিয়ম (রাজকুমার ও রাজকুমারী . . . গান্ধর্ববিধানে দাম্পত্যবন্ধনে আবদ্ধ হইলেন—*ঈবি*)। {*স.* গন্ধর্ব+অ(অণ্)}

গান্ধার [গান্ধার্] *বি* ১ *(সং)* স্বরগ্রামের তৃতীয় স্বর; 'গা' স্বর (কানাড়া রাগিণীর কোমল গান্ধারে আর নিখাদে যেন তার সমস্ত আবিষ্ট বেদনা—*নই*)। ২ প্রাচীন দেশবিশেষ; কান্দাহার। ৩ রাগবিশেষ। ৪ গান্ধার দেশজাত (গান্ধার শিল্প)। □ *বিণ* গান্ধারের অধিবাসী। **গান্ধারী** *স্ত্রী.* গান্ধার রাজকন্যা; মহাভারতোক্ত দুর্যোধনাদি শত পুত্রের জননী। **গান্ধারেয়** *বি* ১ দুর্যোধনাদি শত সহোদর; গান্ধারীর শত পুত্র। ২ গান্ধার রাজপুত্রগণ। {*স.* গন্ধ+ঋ+অ(অণ্)}

গান্ধি, গান্ধিপোকা, গাঁধি [গান্ধি, -পোকা, গাঁধি] *বি* শস্য ধ্বংসকারী দুর্গন্ধযুক্ত একজাতীয় কীট। {*স.* গন্ধ+অ(অণ্)+*বা.* ই>}

গান্ধী [গান্ধি] *বি* ১ গুজরাটের বণিকসম্প্রদায়। ২ বিখ্যাত মোহনদাস করমচাঁদ গান্ধী; মহাত্মা গান্ধী। {*স.* গন্ধ(গন্ধবণিক)+অ(অণ্)+ঈ}

গাপ [গাপ্] *বি* গোপনে আত্মসাৎ (অন্ততঃ চিঠিটি গাপ করবার সময় একথাটি মনে হয়নি—*নই*)। □ *বিণ* ১ গায়েব; অদৃশ্য। ২ গুপ্ত; লুক্কায়িত। ~**টি (ঘাপটি) মেরে** *ক্রিবিণ* গুপ্তভাবে (গাপটি-মেরে যে লোকটা সন্তর্পণে এগিয়ে আসছিল—*মুচৌ*)। {*আ.* গায়িব غائب}

গাফিলি, গাফিলতি, গাফেলি, গাফলত, গাফলতি [গাফিলি, গাফিলতি, গাফেলি, গাফলত, গাফলতি] *বি* ১ অবহেলা; উপেক্ষা; ঔদাসীন্য (কর্তব্যের গাফেলি এতই ভাল লাগছে—*রঠা*; এটা লিখতে যাঁরা উপযুক্ত তাঁরা গাফলতী করে লিখছেন না—*মুম*; গাফিলতী করা ভীরুতার পরিচায়ক—*খাহা*)। ২ অমনোযোগ; অনবধানতা (পল্টনে এসে গাফেলীই ত এক মহাঅন্যায়—*নই*)। ৩ অযত্ন; ত্রুটি; বিচ্যুতি (শারীরিক তদ্বিরে বিলক্ষণ গাফিলি হয়—*কাসি*)। ৪ কুঁড়েমি; ঢিলেমি; ফাঁকিবাজি (পাবেনা মজুরী গাফিলতি করে ফের কাজে—*ফআ*)। ৫ ভুলচুক {*আ.* গাফলত غفلت}

গাফেল, গাফিল [গাফেল্, -ফি-] *বিণ* ১ অন্যমনস্ক; অমনোযোগী (গাফেল আছিনু সবে করিয়া আরাম—*সৈহা*)। ২ উদাসীন; বেখেয়াল (শোন রে গাফিল কি বলে তকবীর ঈদগাহে—*নই*)। ৩ অবহেলাপরায়ণ; অলস। {*আ.* গাফিল غافل}

গাব [গাব্] *বি* ১ কষায় রস ও আঠাযুক্ত এক ধরনের ফল ও তার গাছ; তিন্দুক। ২ ধাতবপদার্থের কলঙ্ক। ৩ তবলা বা পাখোয়াজজাতীয় বাদ্যযন্ত্রের যে স্থানে করতলের আঘাত বা চাঁটি পড়ে সেই স্থানে খদির বর্ণ যে আঠা জমানো থাকে। ~**গুবাগুব** *বি* বাউলদের ব্যবহৃত এক তন্ত্রবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ; গোপীযন্ত্র। ~**চটা** *বিণ* মৃদঙ্গাদি বাদ্যযন্ত্রের চামড়ার উপরের গোলাকার জমাটবদ্ধ আঠা চটে গিয়েছে এরূপ (গাব-চটা বঁয়ার বুক-চাপা গ্যাঙরানি —*প্রচৌ*)। ~**দেওয়া, গাবানো**[১] *ক্রি* নৌকা, জাল, ঘুড়ির সুতা প্রভৃতিতে কাঁচা গাবের কষ লাগানো। **গাবো** *ক্রি* কলঙ্কিত হওয়া। **গাবাইয়া** ⇒ **গাবান**[১]। {*স.* গালব>*হি, বা,* গাব}

গাবদা, গাব্দা [গাব্‌দা] *বিণ* ১ ভারী; ওজনযুক্ত (পায়ে পরে গাবদা বুট আর পট্টি—*নই*)। ২ স্থূল; বেমানান

রকম মোটা। ~-গোবদা, ~-গোব্দা *বিণ* মোটাসোটা (সেই নরম তুলতুলে . . . ভালো কার্পেট পেতে গাব্দা-গোব্দা তাকিয়ায় হেলান দিয়ে বসবেন—*সৈমু*)। { *হি* গাবদী}

গাবা, গাবানো[১] ⇒ গাব

গাবানো[২] [গাবানো] *ক্রি* ১ গর্বসহকারে ঘোষণা করা। ২ কর্মশূন্যভাবে ঘুরে বেড়ানো। □ *বি* উক্ত অর্থে। **গাবাইয়া, গাবিয়ে** *বিণ* ১ গুণ বা যশোগায়ক কীর্তক বা ভজনকারী (আমি একে ব্রাহ্মণ তার উপর 'গাবাইয়া' তাই দু'দিনেই রাজাবাহাদুরের প্রিয় পাত্র হয়ে উঠলুম—*প্রচৌ*)। ২ গল্পবাজ। { *স.* গর্ব>*বা.* গাব+আনো}

গাবানো[৩] [গাবানো] *ক্রি* জলাশয়াদির পানি আলোড়ন করা। □ *বি,বিণ* উক্ত অর্থে। { *হি* গবানো}

গাবুর ⇒ গাভুর

গাব্দা, গাব্দাগোব্দা ⇒ গাবদা

গাভিন, গাভীন [গাভিন্] *বিণ* গর্ভবতী; গর্ভিণী; গর্ভধারণ করেছে এমন (গাভিন গরু) (সাধারণত গরু সম্পর্কে ব্যবহৃত)। { *স.* গর্ভিণী>*প্রা.* গব্‌ভিণ>}

গাভী [গাভি] *বি* গরু; গাই; ধেনু। { *স.* গবী>গভী>গাভী}

গাভীন ⇒ গাভিন

গাভূর, গাবুর (*মবা.*) [গাভুর্, -বু-] *বিণ* ১ যুবক, জোয়ান (তবে মনে চিন্তিলেক গাভুর সিধাই—*শেফ*)। ২ বলবান; বলশালী। ৩ গোঁয়ার। ৪ দুর্বিনীত। □ *বি* যৌবন। **গাভুরালি, গাবুরালি** *বি* যুবাসুলভ স্পর্ধা; দুঃসাহস; ঔদ্ধত্য; গোঁয়াতুমি; একগুঁয়েমি (কতোয়াল নিব ধরি ভাঙ্গিবেক গাভুরালি—*শেফ*)। { *অহ* গভরু; *তুল. হি* গবরূ}

গামছা, গামোছা (বিরল) [গাম্‌ছা, -মো-] *বি* গা মোছবার জন্য ব্যবহৃত এক প্রকার কাপড়ের টুকরা। ~-**ডলা** *ক্রি* গামছা দ্বারা মর্দন (আচ্ছা ক'সে চুবিয়ে দিল গামছা-ডলা করে—*নই*)। ~-**বাঁধা** *বিণ* গামছায় বাঁধা যায় এমন ঘন বা শক্ত (গামছা-বাঁধা দই)। **গলায় ~ দেওয়া**—গলায় গামছা দিয়ে লাঞ্ছনা করা; ভীষণ অপমান ও জবরদস্তি করে বাধ্য করা। { *বা.* গা+√মুছ্+আ}

গামলা [গাম্‌লা] *বি* মাটি বা ধাতুনির্মিত বাটির ন্যায় দেখতে বৃহৎ পাত্র। { *পো.* gumella}।

গামা [গামা] *বি* এই নামের বিখ্যাত কুস্তিগির। □ *বিণ* পালোয়ান; মল্লবীর (তুমি দেখছি কুস্তিগির গামা)। { *গ্রি.* গামা (γ)> ?}

গামা রশ্মি [গামা রোশ্‌শি] *বি* ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যবিশিষ্ট আলোকরশ্মি যা কঠিন পদার্থ ভেদ করতে পারে (পারমাণবিক বোমার ফলে যে গামা রশ্মি বের হয়, তার যে রকম মারাত্মক ক্রিয়া দেখা যায়—*শাফ*)। { *গ্রি.* গামা (γ) + *স.* রশ্মি}

-গামী [গামি] *বিণ* ১ গমন করে এমন; গমনশীল। ২ গমনরত। { *স.* √গম্+ইন্(ণিনি)}

গামোছা ⇒ গামছা

গাম্ভারি [গাম্‌ভারি] *বি* বৃক্ষবিশেষ ও তার কাষ্ঠ (বসিল গাম্ভারি পীঠে—*কমু*)। { *স.* গম্ভারিকা, গম্ভারী>}

গাম্ভীর্য [গাম্‌ভির্‌জো] *বি* ১ গম্ভীর ভাব; গম্ভীরতা। ২ অচাপল্য; অবিকারিত্ব; অচাঞ্চল্য। ৩ গুরুত্ব; প্রগাঢ়তা। ৪ মহিমা (গাম্ভীর্যপূর্ণ পরিবেশ)। { *স.* গম্ভীর+য(ষ্যঞ্)}

গাযী ⇒ গাজি

গায়ক [গায়োক্] *বি,বিণ* ১ গীতকারী; যে গান করে; গাইয়ে; সঙ্গীতজ্ঞ। ২ কীর্তক; কীর্তনকারী; ঘোষক (গুণগায়ক)। **গায়িকা, গায়কী** (অপ্রচলিত) *স্ত্রী.* (গাইছে গায়কী—*মদ*)। { *স.* √গৈ+অক(ণ্বুল)}

গায়কোয়ার, গাইকোয়ার, গাইকোয়াড় [গায়্‌কোয়ার্, -ই-, -ড়্] *বি* বরোদার রাজার উপাধি।

গায়ত্রী [গায়োত্‌ত্রি] *বি* ১ হিন্দুদের সূর্য বন্দনামূলক সুপ্রসিদ্ধ বৈদিক মন্ত্রবিশেষ। ২ বৈদিক ছন্দ। { *স.* গায়ৎ+√ত্রৈ+অ(ড)+ঈ(ঙীষ্)}

গায়ন [গায়োন্] *বিণ* গান করে এমন; গায়ক; গীতকারী; উদ্‌গাতা (গানের গায়ন কয় যে আইন সেই আইনই ফলবে শেষে—*সদ*)। □ *বি* গীতকরণ; গান গাওয়া (সুরের কাঠিন্য মিলল গিয়ে মীড়ের তারল্যে এই হল গায়নের ছন্দ—*অঠা*)। ~-**পদ্ধতি** *বি* গীত-প্রণালি; গানের রীতি। **গায়ন বাদন** *বি* গীতবাদ্য। { *স.* √গৈ+অন(ল্যুট্)}

গায়ব (*ব্র.*), **গায়বি** (*ব্র.*) [গায়বো, গায়োবি] *ক্রি* গাইবে (গুণ গায়বি—*বিপ*)। { *স.* √গৈ}

গায়র মহরম, গায়র মহরুম [গায়োর মহরম্, -রু-] *বি,বিণ* যার সঙ্গে বিবাহ চলে। { *আ.* গায়ির মহরম غیر محرم }

গায়বী ⇒ গায়েবি

গায়েন [গায়েন্] *বি,বিণ* গান করে যে; গায়ক; গীতকারী। **মূল**-~ *বি* গানের দলের প্রধান গায়ক। { *স.* গায়ন>}

গায়েব [গায়েব্] *বিণ* ১ অদৃশ্য; গুপ্ত (যাদুর দরিয়া গেল গায়েব হইয়া—*সৈহা*)। ২ আত্মসাৎ; গাপ। { *আ.* গায়ীব্ غیب }

গায়েবি, গায়েবী [গায়েবি] *বিণ* ১ অদৃশ্য (গায়বী নূরে বাড়ছে আরও চেহারার রোশনাই—*রই*; সেই বাতাসে গৈবি আওয়াজ হল তখনি—*মুম*)। ২ আজগুবি। ৩ গুপ্ত (লোকে রটিল পেয়েছে গৈবী ধন—*অঠা*)। ৪ রহস্যময় (গায়েবি খুন)। ~ **খেলা** *বি* ১ দাবা খেলায় না দেখে দূর থেকে চাল চালা। ২ (*আল.*) অবস্থা না জেনে ব্যবস্থা দান। { *আ.* গায়বী غیبی }

গায়ের মুকাল্লিদ, গায়ের মোকাল্লেদ [গায়ের মুকাল্‌লিদ্, -মোকাল্‌লেদ্] *বিণ* চার ইমামের কারও অনুসারী নয় এমন; গোঁড়া অনুসারী নয় এমন। { *আ.* গায়িরে মুকাল্লিদ غیر مقلد }

গায়ের হাজির, গায়র হাযির ⇒ গরহাজির

-গার, -গর [গার্, গর্] 'কর্তা' বাচকপ্রত্যয় (খিদমতগার, কারিগর)। **-গারি** *বি* কার্য; করণ (খিদমতগারি)। { *ফা.* গার گار , গর گر }

গারত, গারৎ [গারোত্] *বিণ* বিনষ্ট; নিপাত; বিধ্বস্ত (চিরতরে তারা গারৎ হয়েছে—*গোমো*)। □ *বি* লুণ্ঠন। { *আ.* গারত্ غارة }

গারদ [গারোদ্] *বি* ১ জেল; কয়েদ; কারাদণ্ড (গারদ হয়েছে)। ২ জেলখানা; কারাগার; ফাটক (তবুও সর্বদা মনে হয় আছি এক আশ্চর্য গারদে—*আগ*)। { *ই* guard, *তুল. হি* গারদ}

গারি[১] *(ব্র.)*, **গারী**[১] [গারি] *বি* গালি। { *স.* গালি; *হি* গারী}

-গারি[২], **-গারী**[২] ⇒ -গার

গারী[৩] [গারি] *বি* ১ আগার; সংসার; গৃহস্থালী। ২ ঘরনি; গৃহিণী (অপুত্র যাহার গারী—*কমু*)। { *স.* অগার>*প্রা.* গার+*বা.* ঈ}

গারুড় [গারুড়] *বিণ* গরুড় সম্পর্কিত। ❑ *বি* ১ এক-প্রকার মহামূল্য রত্ন; মরকত মণি। ২ ব্যূহ রচনার একটি প্রণালি। ৩ সাপের বিষ নামানোর মন্ত্রবিশেষ। **গারুড়িক, গারুড়ী** *বি* বিষবৈদ্য; বিষ-চিকিৎসক (ঔঝা বৈদ্য গারুড়ী আইল বহুগুণী—*সৈআ*)। ২ সাপের ওঝা। { *স.* গরুড়+অ(অণ্)}

গারুয়া [গারুয়া] *বি* খেলার বল; গেণ্ডুয়া; ball (পর-হস্তগত যদি হইল গারুয়া পুনি ফিরাইতে পারে সেই সে খেড়ুয়া—*সৈআ*)। { *স.* কন্দুক>*প্রা.* গেন্দুঅ>}

গারো [গ্যারো] *বি* আসামের গারো পর্বত অঞ্চলের অধিবাসী।

গার্গী [গারগি] *বি স্ত্রী.* ১ প্রাচীন ভারতের স্বনামধন্য বিদুষী। ২ গর্গ মুনির কন্যা। { *স.* গার্গ্য+ঈ(ঙীপ্)}

গার্জিয়ান ⇒ গার্জেন

গার্জেন, গার্জিয়ান [গারজেন্, গারজিয়ান্] *বি* অভিভাবক; তত্ত্বাবধায়ক (এমনি করিয়া যাহাতে গার্জিয়ানরা টাকা না পাঠান—*কামু*)। { *ই.* guardian}

গার্টার [গারটার] *বি* মোজা বাঁধবার জন্য ব্যবহৃত ফিতা। { *ই.* garter}

গার্ডচেন [গারড্চেন্] *বি* ১ সরু শৃঙ্খলযুক্ত কেশবিন্যাসের উপকরণবিশেষ (ঐ সঙ্গে বেলোয়ারি চুড়ী. . . ও চুলের গার্ডচেনের অসঙ্গত খদ্দের—*কাসি*)। ২ গলা থেকে ঝুলানো ঘড়ির চেন। { *ই.* guard+chain}

গার্হপত্য [গারহোপোত্তো] *বি* ১ বেদের বিধানমতো গৃহস্থ যে অগ্নি আজীবন প্রজ্বলিত রাখে (স্তিমিত গার্হপত্য অগ্নি নিশুতি-নিথর গেহ—*সদ*)। ২ গৃহপতি সম্পর্কিত। { *স.* গৃহপতি+য(ষ্যঞ্)}

গার্হস্থ ⇒ গার্হস্থ্য

গার্হস্থ্য, গার্হস্থ [গারহোসথো] *বি* ১ গৃহস্থ-ধর্ম; গৃহস্থ-আশ্রম; গৃহস্থের জীবন। ২ গৃহস্থ সম্পর্কিত। { *স.* গৃহস্থ+য(ষ্যঞ্), অ}

গাল[১] [গাল্] *বি* ১ গণ্ড; কপোল। ২ মুখবিবর; মুখ (ধান খুঁটে গালে দিচ্ছিল—*অঠা*)। ~ **গল্প** *বি* অলীক বা রচিত কাহিনীর বর্ণনা; কল্পনা; কল্পিত কাহিনী বা গল্প (গালগল্প রচনার বাদশাকে কেউ আমরা দুষেছি—*অঠা*)। ~ **টিপলে দুধ বেরোয়**—নিতান্তই অবোধ বা অল্পবয়স্ক। **-পাট্টা** *বি* চাপদাড়ি; দুই গালজোড়া ঘন শ্মশ্রু। ~ **ফোলানো** *ক্রি* রাগ বা অভিমান করা। ~ **বাড়িয়ে চড় খাওয়া** *ক্রি* যেচে অপমানিত হওয়া। ~**বাদ্য** *বি* মুখ ফুলিয়ে গালে আঘাত করে শব্দকরণ। ❑ *বিণ* *(আল.)* ধ্বনিসর্বস্ব (এমন গালবাদ্য কবিতা এইভাবে মনের সঙ্গে বিযুক্ত—*অঠা*)। **গালে গালে চড়ানো** *ক্রি* সঙ্গে সঙ্গে প্রহার বা শাস্তি দেওয়া। **গালে চড়ানো** *ক্রি* ক্রোধ; আক্ষেপ বা ক্ষোভ উদ্রেকে গালে চড় মারা; শাস্তি দেওয়া। **গালে চুনকালি দেওয়া** *ক্রি* অপরাধের শাস্তিস্বরূপ লাঞ্ছনা; বংশের বা আত্মীয়স্বজনের কলঙ্কের কারণ হওয়া। **গালে লাগা** *ক্রি* ওল কচু প্রভৃতি খাওয়ার ফলে মুখের ভিতর কুটকুট করা। **গালে হাত দেওয়া** *ক্রি* অবাক হওয়া। { *স.* গল্ল>}

গাল[২] [গাল্] *বি* কটুবাক্য কথন; গালাগালি; তিরস্কার। ~ **দেওয়া, ~মন্দ করা** *ক্রি* তিরস্কার করা; বকুনি দেওয়া; কটুবাক্য বলা। { *স.* √গালি>*প্রা.* √গাল}

গালচে ⇒ গালিচা

গাল টিপলে দুধ বেরোয় ⇒ গাল

গালন [গালোন্] *বি* ১ গেলে ফেলা। ২ ছাঁকা। ৩ চুয়ানো। { *স.* √গল+ণিচ+অন(ল্যুট)}

গাল পারা, গাল ফোলানো, গাল বাড়িয়ে চড় খাওয়া, গাল বাদ্য ⇒ গাল

গালা[১] [গালা] *বি* লাক্ষা। { *স.* গল>}

গালা[২] [গালা] *ক্রি* ১ গলিয়ে ফেলা। ২ ফাটিয়ে ভিতরের পদার্থ বের করা (ফোঁড়া গালা)। ৩ তরল পদার্থ নিষ্কাশিত করা (ফেন গালা)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √গল+ণিচ+আ}

গালাগাল, গালাগালি ⇒ গালি

গালানো [গালানো] *ক্রি* গলিয়ে ফেলা; দ্রবকরণ। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* গালা+*বা.* আনো}

গালি [গালি] *বি* ১ কটুবাক্য। ২ ভর্ৎসনাপূর্ণ বাক্য; ভর্ৎসনা। ৩ অশ্লীল শব্দ প্রয়োগ; অশিষ্ট বাক্য। **গালা-, গালাগাল** *বি* ভর্ৎসনা; কটুবাক্যপ্রয়োগ; গালি (গালাগালি দেওয়া বা করা)। **-গালাজ** *বি* কটু বা তৎসদৃশ বাক্য ব্যবহার। { *স.* √গালি+ই(ইন্)}

গালিচা, গালচে [গালিচা; গাল্চে] *বি* কার্পেট; মেঝেয় পশুলোম পাট ইত্যাদি দ্বারা প্রস্তুত পুরু আবরণবিশেষ। { *ফা.* গালীচা }

গালিত [গালিতো] *বিণ* ১ গলানো হয়েছে এমন; গলানো। ২ নিংড়ানো। ৩ ছাঁকা। { *স.* √গল+ণিচ+ত(ক্ত)}

গালিব ⇒ গালেব

গালিম [গালিম্] *বি* ১ শত্রু; বৈরী; অরি (গোলাম গোলামী কৈল গালিম কয়েদ হৈল—*ভারা*)। ❑ *বি, বিণ* ১ বিজয়ী। ২ প্রবল। **গালিমি, গালিমী** *বি* ১ শত্রুতা; প্রতিকূলতা (গালিমী করিল তাহে পাঠানু তোমায়—ভারা)। ২ জবরদস্তি। { *আ.* গালিব غالب }

গালে গালে চড়ানো, গালে চুনকালি দেওয়া ⇒ গাল

গালেব, গালিব [গালেব্, গালিব্] *বি* বিজয়ী। ❑ *বিণ* ১ প্রবল শক্তিশালী (শাহ্ওয়াৎ গালেব হয়—*সৈআ*)। ২ পরাক্রমশালী; দুর্ধর্ষ (গালেব দুষমন সঙ্গে—*ফগা*)। { *আ.* গালিব্ غالب }

গাহ[১], **গাহ্**[১] [গাহ্] *বি* স্থান (বালুর উপর স্তূপ রয়েছে সেখানে কবরগাহ—*নই*) { *ফা.* গাহ্ گاه }

গাহ[২] ⇒ গাহন

গাহক ⇒ গ্রাহক

গাহন, গাহ [গাহোন্, গাহো] *বি* সমগ্র দেহ ডুবিয়ে স্নান; অবগাহন (গাহন করিতে চাহে গঙ্গানীরে—*মোম*; আলোয় গাহন করে—*কামো*)। { *স.* √গাহ্+অন(ল্যুট), অ(ঘঞ্)}

গাহা ⇒ গাওয়া[৩]

গিঠ, গিঁট, গিঁঠা, গিট্‌ঠু [গিঁঠ্‌, –ট্‌, –ঠা, –ট্‌ঠু] *বি* গাঁট; গ্রন্থি (সেটা... গিঁটে ভর্তি—*সৈমু*)। ২ অঙ্গের অস্থিসমূহের সংযোগ বা মিলন স্থান। ৩ বন্ধন; বাঁধন। {*স.* গ্রন্থি}

গিজগিজ [গিজ্‌গিজ্‌] *অব্য* ঠাসাঠাসি করে একত্র অবস্থানের ভাব প্রকাশক শব্দ (সভায় লোক গিজগিজ করছে)। {*স.* √ঘৃষ>}

গিঞ্জি ⇒ ঘিঞ্জি

গিটকারি, গিটকারী ⇒ গিটকিরি

গিটকিরি, গিটকারি [গিট্‌কিরি, –কারি] *বি* ১ গানে একাধিক সুরের পরপর দ্রুত উচ্চারণ (তান, গিটকিরি ইত্যাদি নিয়েই খেয়ালের আসল কারবার—*প্রচৌ*)। ২ সুরের কম্পনমাধুর্য (লাখ পাখীর গিট্‌কিরি—*কব*)। {*হি.* গিটকিরী, গিটকারী}

গিট্‌ঠু ⇒ গিঠ

গিধড়, গিদ্ধড়, গির্ধড় [গিধড়্‌, গিদ্‌ধড়্‌, গির্‌ধড়্‌] *বি* ১ শৃগাল (দুই গিধড়ের গাড়া ছিল সেইখানে—*সৈহা*)। □*বিণ* (ভর্ৎসনায়) নোংরা; বুদ্ধু। {*হি.* গীধড়, গিদ্ধড়}

গিনি [গিনি] *বি* ইংলন্ডীয় মুদ্রায় একুশ শিলিং। **গিনি সোনা** *বি* ২২ ভাগ স্বর্ণ ও ২ ভাগ তাম্রমিশ্রিত ধাতু। {*ই.* guinea}

গিন্নি, গিন্নী [গিন্‌নি] *বি* ১ গৃহকর্ত্রী। ২ পত্নী; স্ত্রী। ~**পনা** *বি* ১ গৃহিণীর দায়িত্ব পালনে দক্ষতা। ২ গৃহিণীর আচরণ। ৩ *(ব্য.)* অল্পবয়স্কা বালিকার পাকামি অথবা গৃহিণীসুলভ ব্যবহার; অল্পবয়সীর প্রবীণার ন্যায় আচরণ। ~**বান্নি**, ~**বান্নী** *বি* ১ বয়স্কা ও অভিজ্ঞতাসম্পন্না গৃহকর্ত্রী বা তদ্রূপ আচরণ। ২ চালচলনে সুগৃহিণীর ন্যায় ধীর গম্ভীর নারী বা বালিকা। {*স.* গৃহিণী>*প্রা.* গিহিণী> গিন্‌হী>}

গিবত, গীবত [গিবত্‌] *বি* কুৎসা (সে মানুষের নামে যেখানে সেখানে গিবত করে)। {*আ.* গীবত غيبت }

গিম, গীম *(মব্য)* [গিমো] *বি* গ্রীবা; গলা (বক্ষঃস্থল গিম কণ্ঠ—*সৈআ*)। –**হার** *বি* গলার হার (সম্বরয় গিমহার কটির বসন—*সৈআ*)। {*স.* গ্রীবা>}

গিমা [গিমা] *বি* তিক্ত আস্বাদযুক্ত এক প্রকার শাক। {*স.* গ্রীষ্মসুন্দরক; *স.* গ্রীষ্ম>গিম>+*বা.* আ}

গিয়া, গিয়ে, গে [গিয়া, গিয়ে, গে] *ক্রি* গিয়ে; গমন করে। □*বি* কথার মাত্রা; মুদ্রাদোষ (সেসব তো গিয়ে ...)। **হলো গিয়ে** *ক্রি* সাধারণভাবে অতীতকাল বোঝাতে (সে হলো গিয়ে কত কালের কথা)। {*স.* √গম্‌>+ *বা.* ইয়া/ইয়ে}

গিয়া'ত, গিয়াঁত [গিয়াত্‌, গিয়াঁত্‌] *বি* জ্ঞাতি; সগোত্র (ওরা কি আমার সাত পুরুষের কুটুম না গিয়া'ত—*নই*)। {*স.* জ্ঞাতি}

গিয়ে ⇒ গিয়া

গিরগিটি, গিরগিটী, গিরিগিটি [গির্‌গিটি, –, রি–] *বি* বহুরূপী; টিকটিকি জাতীয় এক প্রকার সরীসৃপ; chameleon। {*হি.* গির্‌গিট্‌}

গিরদা, গির্দা, গেরদা, গের্দা [গির্‌দা, –, গে–, –] *বি* তাকিয়া; বড় বালিশ (মস্ত একটা তক্তপোষে গের্দা হেলান দিয়ে—*অঠা*)। {*ফা.* গিরদাহ্‌ گرده }

গিরবাজ ⇒ গেরবাজ

গিরবি, গিরবী [গির্‌বি] *বি* বন্ধক; রেহান; mortgage। {*ফা.* গিরবী گروی }

গিরস্থালি ⇒ গৃহ

গিরা[১], **গেরো** [গিরা, গেরো] *বি* ১ গিঁট; গ্রন্থি; বাঁধন (আঁচলে গিরা দেওয়া)। ২ অস্থিসন্ধি (পায়ের গিরা)। ৩ বাধা (মধ্যে আছে জলীর বিল কিইবা তাহে গেরো—*জউ*)। {*ফা.* গিরোহ্‌ گره }

গিরা[২], **গিরে** [গিরা, গিরে] *বি* মাপবিশেষ; বস্ত্রাদি মাপার এক প্রকার পরিমাণ; এক গজের ষোলো ভাগের এক ভাগ; সোয়া দুই ইঞ্চি পরিমাণ। {*ফা.* গিরাহ্‌ گره }

গিরি [গিরি] *বি* ১ পর্বত; পাহাড়। ২ হিন্দুদের দশনামী–সম্প্রদায়ের সন্ন্যাসী বা তান্ত্রিকবিশেষ। ~**কন্দর**, ~**গহ্বর**, ~**গুহা** *বি* পর্বত-গুহা। ~**কুমারী**, ~**জা**, ~**নন্দিনী** *বি* (হিন্দু পুরাণোক্ত) দুর্গা; উমা; পার্বতী; গৌরী। –**জায়া**, ~**রানী** *বি* হিন্দু পুরাণমতে হিমালয়পত্নী ও উমার মাতা মেনকা। ~**তল** *বি* ১ পর্বতের নিম্নদেশ; পাহাড়ের নিচু অংশ। ২ পর্বতপৃষ্ঠ; শৈলপৃষ্ঠ। ~**তরঙ্গিণী**, –**নদী** *বি* পার্বত্য নদী। ~**দরী** *বি* পর্বতগুহা। ~**দুর্গ** *বি* ১ পাহাড়ের উপরে নির্মিত দুর্গ। ২ পর্বতরূপ দুর্গ। –**পথ** *বি* পর্বতের মধ্যবর্তী পথ। ~**বর** *বি* ১ শ্রেষ্ঠ পর্বত। ২ হিমালয়। ৩ পুরাণোক্ত গৌরীর পিতা হিমালয়। ~**বর্ত্ম** *বি* পর্বতমধ্যস্থ পথ; pass। –**মল্লিকা** *বি* কুড়চি গাছ; কুড়চি ফুল। ~**মাটি**, –**মাটী** *(অপ্র.)* *বি* ১ গৈরিক (গিরি মাটির রং)। ২ গৈরিক রঙের মাটি; ক্ষারযুক্ত মাটিবিশেষ (গিরিমাটী ঘসিয়া চুলগুলির তৈলাক্ত ভাব দূর করিয়া ...—*ইহো*)। –**রাজ** *বি* হিমালয়। ~**শৃঙ্গ** *বি* পর্বতশিখর; শৈলচূড়া। ~**সংকট**, ~**সঙ্কট** *বি* পর্বতশ্রেণির মধ্যবর্তী পথরূপে ব্যবহৃত অল্পপরিসর নিম্নভূমি। {*স.* √গৄ+ই (কি)}

–**গিরি** [গিরি] *বি* পেশা, আচরণপ্রভৃতি অর্থবোধক প্রত্যয় (গোমস্তাগিরি, মোল্লাগিরি)। {*ফা.* গিরি گری }

গিরিকা [গিরিকা] *বি* বালুমূষিক; নেংটি ইঁদুর। {*স.* গিরি+ক+আ}

গিরিগিটি ⇒ গিরগিটি

গিরিফতার ⇒ গ্রেপ্তার

গিরিম্বাড়ি [গিরিম্‌বাড়ি] *বি* লম্ফঝম্প; হামবড়াই; আস্ফালন (না হয় দুটো ঘুড়িই কেটে দিস বাপু; তার জন্যে এত কি গিরিম্বাড়ি—*সুরা*)। {*অমূ*}

গিরিশ [গিরিশ্‌] *বি* গিরিতে শয়নকারী; হিন্দু দেবতা শিব। {*স.* গিরি+√শী+অ}

গিরীন্দ্র [গিরিন্‌দ্রো] *বি* সর্বশ্রেষ্ঠ পর্বত; পর্বতরাজ; হিমালয় পর্বত। {*স.* গিরি+ইন্দ্র>; ৬তৎ}

গিরীশ [গিরিশ্‌] *বি* ১ পর্বতশ্রেষ্ঠ; পর্বতরাজ; হিমালয় পর্বত। ২ হিন্দু দেবতা শিব। {*স.* গিরি+ঈশ; ৬তৎ}

গিরীষি [গিরিশি] *বি* গ্রীষ্মকাল। {*স.* গ্রীষ্ম>}

গিরুবাজ ⇒ গেরবাজ

গিরে ⇒ গিরা[২]

গির্জা [গির্‌জা] *বি* খ্রিস্টান সম্প্রদায়ের উপাসনালয়। {*পো.* igreja}

গির্দ ⇒ গেরদ

গির্দা ⟹ গিরদা
গির্ধড় ⟹ গিধড়
গিলটি[1], **গিল্টি**[1] [গিলটি] *বি* ধাতুর প্রলেপ; সোনা বা রুপার মিহি লেপ। □ *বিণ* নকল; কৃত্রিম (গিলটি-করা গহনা; কি করেন, একটু গিলটি হাসি হাসিয়া—*মীম*)। ~-**করা** *বিণ* অলংকৃত; পাত-মোড়া (সোনালী গিল্টি করা মার্বেল-মোড়া বৈদ্যুতিক আলোতে ঝকমক হোটেলের. . .—*অঠা*)। ~ **সোনা** *বি* কৃত্রিম সোনা (চার দিকে মা প্রবঞ্চনা ভালোবাসার গিল্টি সোনা—*নই*)। {ই. gilt}
গিলটি[2], **গিল্টি**[2] [গিলটি] *বি* ১ গ্রন্থি-স্ফীতি। ২ ফোড়ায় পুঁজ বসিয়া কঠিনতাপ্রাপ্ত স্থান। {স. গ্রন্থি>}
গিলটি[3], **গিল্টি**[3] [গিলটি] *বি* অপরাধী; দোষী (ঠকচাচা ও বাহুল্য গিল্টি কি নাটগিল্টি—*প্যামি*)। {ই. guilty}
গিলন [গিলোন্] *বি* গ্রাসকরণ; গলাধঃকরণ। {স. √গিল্+অন(ল্যুট্)}
গিলমান ⟹ গেলমান
গিলা[1], **গিলে** [গিলোন্] *বি* এক প্রকার চ্যাপটা অথচ মসৃণ লতা-ফল। ~-**করা** *বিণ* গিলার প্রয়োগে কুঞ্চিত (গিলা করা ধুতি)। {ও. গিল (লতা)>}
গিলা[2], **গিলান** ⟹ গেলা
গিলাফ ⟹ গেলাপ
গিলিত [গিলিতো] *বিণ* ১ গলাধঃকরণ করা হয়েছে এমন; গলাধঃকৃত; গেলা হয়েছে এমন। ২ ভক্ষিত। ~-**চর্বণ** *বি* ১ রোমন্থন; জাবর কাটা; ভক্ষিত বস্তু উগরে পুনরায় চর্বণ। ২ পুরাতন বিষয়ের পুনরাবৃত্তি। {স. √গিল্+ত(ক্ত)}
গিলে ⟹ গিলা[1]
গিলোটিন, গিলোটীন [গিলোটিন্] *বি* মস্তক ছেদনের জন্য ব্যবহৃত সংবদ্ধ খড়্‌গবিশেষ (তুড়ুঙে যার শানলো না কো আনতে হল গিলোটীনে—*সদ*)। {ফ. guillotine}
গিল্টি ⟹ গিলটি[1], গিলটি[2] ও গিলটি[3]
গিল্লা [গিল্‌লা] *বি* অভিযোগ; বদনাম; কুৎসা। {*ফা.* গিল্লাহ্ گله}
গিসগিস, গিস্‌গিস্ [গিশ্‌গিশ্] *অব্য* ১ অসহ্য ক্রোধের অবস্থাব্যঞ্জক (রাগে গিসগিস করা)। ২ অত্যধিক জনসমাগমের ভাবপ্রকাশ (লোক গিসগিস করছে)। {*ধ্বন্যা.*}
গী ⟹ গীঃ
গীঃ, গী [গিহ্, গি] *বি* বাণী; ভাষা; বাক্য। {স. √গৄ+ক্বিপ্}
গীঃপতি ⟹ গীষ্পতি
গীত[1] [গিত্] *বি* গান; সঙ্গীত। ~**বাদ্য** *বি* গান ও বাজনা; সঙ্গীত ও বাদ্যযন্ত্রের বাদ্যধ্বনি। {স. গৈ+ত(ক্ত)}
গীত[2] [গিত্] *বিণ* ১ গান করা হয়েছে এমন। ২ বর্ণিত; কীর্তিত। ৩ উক্ত; কথিত। ৪ *(আল.)* একই অনীপ্সিত কথার পুনরুক্তি; ঘ্যান ঘ্যান (দুঃখের বা অভাবের গীত)। {স. √গৈ+ত(ক্ত)}
গীতল [গিতল্] *বিণ* গীতসাধ্য; সুরধর্মী; lyrical। {স. গীত+ল(লচ্)
গীতা [গিতা] *বি* ১ হিন্দুদের ধর্মগ্রন্থ শ্রীমদ্‌ভগবদ্‌গীতা। ২ (হিন্দুমতে) ধর্মগ্রন্থের ন্যায় শ্রদ্ধেয় গ্রন্থ। {স. √গৈ+ত(ক্ত)}
গীতি [গিতি] *বি* গান; সংগীত। ~**কবিতা** *বি* গীতধর্মী মন্ময় বা আত্মনিষ্ঠ কবিতা; lyric। ~**কা** *বি* ক্ষুদ্র গীতিকবিতা; গাথা; গান। ~**কাব্য** *বি* গীতধর্মী আত্মনিষ্ঠ কাব্য। ~**নাট্য** *বি* ১ সংগীতপ্রধান নাটিকা; যে নাটকে গান প্রধান হয়ে সংলাপের স্থান গ্রহণ করে। ~**ময়ী** *বিণ* সংগীতময়; গীতপ্রধান (গীতিময়ী ভাষা—*রঠা*)। {স. √গৈ+তি(ক্তি)}
গীবত ⟹ গিবত
গীম ⟹ গিম
গীর্ণ [গির্‌নো] *বিণ* ১ বর্ণিত; বিবৃত। ২ গিলিত; ভক্ষিত। ৩ কীর্তিত; স্তুত। {স. √গৄ+ত(ক্ত)}
গীর্দেবী [গির্‌দেবি] *বি* বিদ্যাদেবী সরস্বতী। {স. গীঃ+দেবী}
গীর্বাণ [গির্‌বান্] *বি* ১ বাক্যই যার বাণ বা অস্ত্র। ২ দেব; দেবতা। {স. গীঃ+বাণ; বহু}
গীর্বাণী [গির্‌বানি] *বি স্ত্রী.* ১ দেবী। ২ দৈববাণী। {স. গীঃ+বাণী}
গীষ্পতি, গীঃপতি [গিশ্‌পোতি, গিপ্‌পোতি] *বি* ১ হিন্দু পুরাণে কথিত দেবগুরু বৃহস্পতি। ২ মহাপণ্ডিত। {স. গীঃ+পতি; ৬তৎ}
গু [গু] *বি* মল; বিষ্ঠা; পুরীষ। ~-**খোর-বেটা** *বি* ১ বিষ্ঠাভক্ষকের পুত্র; গু-খাদক যে লোক। ২ একটি গালি। ~**খোরবেটী** *বি স্ত্রী.*। ~**খোরি,** ~**খুরী** *বি* বিষ্ঠাভক্ষণের ন্যায় জঘন্য কার্য। □ *বি, বিণ* বড় ধরনের ভুল; আহাম্মকি (বিয়ে করার মতন গুখুরী কাজ আর নাই—*নই*)। ~**য়ে** *বিণ* ১ বিষ্ঠাসম্পর্কিত। ২ বিষ্ঠা থেকে জাত। ৩ বিষ্ঠাযুক্ত। ~**য়ে-গোবরে** *ক্রিবিণ* অত্যন্ত অপরিষ্কার অবস্থায়। ~**য়ে ঢেলা মারা** *ক্রি* মলে ঢিল মারলে যেমন তা গায়ে ছিটে আসার সম্ভাবনা থাকে তেমনি; নোংরা প্রসঙ্গ বা বিষয়ে প্রবিষ্ট হয়ে নিজেকে কলুষিত করা। ~**য়ে-বাবলা** *বি* বিটখদির; এক জাতীয় বৃক্ষ। ~**য়ে শালিক** *বি* সারিকা পাখির জাতিবিশেষ। {স. √গূ>*প্রা.* গূহ>; *ফা.* গুহ্ گوه}
গুওটা, গুয়োটা [গুয়োটা] *বি* গালিবিশেষ; গুখোর বেটা। (গুয়োটা তুই। তুই ওর ভিতর!—*শচ*)। {*ফা.* গুহ্ گوه}
গুঁজড়ানো, গুঁজড়নো [গুঁজ্‌ড়ানো, -ড়-] *ক্রি* ১ গোঁজা; ঢুকানো; গুঁজে দেওয়া (গতটার মধ্যে মুখ গুঁজড়ে—*অঠা*)। ২ লুকানো (মায়ের কাছে মুখ গুঁজড়ে—*দীমি*)। {*ফা.* গুজরান্ گوزرن}
গুঁজা, গুঁজামিল ⟹ গোঁজা
গুঁজি [গুঁজি] *বিণ* ছোটো গোঁজ বা খিল। □ *বি* খোঁপায় ব্যবহৃত কাঁটা (গুঁজি দিয়ে খোঁপা আটকাও)। ~**কাঠি** *বি* খোঁপার কাঁটা। {গোঁজ+ই(হ্রস্বার্থে)}
গুঁড় ⟹ গুঁড়া
গুড়ন ⟹ গুঁড়ান
গুঁড়া, গুঁড় [গুঁড়া, গুঁড়] *বি* ১ চূর্ণ; রেণু (অভ্রভেদী চূড়া যদি যায় গুঁড়া হয়ে—*মদ*)। ২ কণা; অবশেষ। □ *বিণ* ১ চূর্ণ করা হয়েছে এমন; চূর্ণীকৃত; গুঁড়ানো। ২ অতি ক্ষুদ্র (গুঁড়া মাছ)। {স. গুণ্ডক>; স. √গুণ্ডি}

গুঁড়ানো, গুঁড়নো [গুঁড়ানো, -ড়-] *ক্রি* চূর্ণ করা; রেণু রেণু করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √গুণ্ড্>*বা.* গুঁড়া+আনো}

গুঁড়ি[১] [গুঁড়ি] *বি* ১ গুঁড়া; চূর্ণ (চালের গুঁড়ি)। ২ ক্ষুদ্র; বিন্দু (গুঁড়ি গুঁড়ি বৃষ্টি; গুঁড়ি মাছ)। ৩ রেণু (সজনে পাতার গুঁড়ি চুলে বেঁধে—*জীদা*)। **ইলশা ~, ইলশে –** *বি* কণার মতো আকারে অল্প বৃষ্টি; বিন্দু বিন্দু বৃষ্টিপাত; drizzle। বর্ষাকালে এ ধরনের বৃষ্টি পড়ার সময়ে জালে অধিক পরিমাণ ইলিশ ধরা পড়ার জন্য এই নাম। { *স.* গুণ্ডিক>; √গুণ্ডি>}

গুঁড়ি[২] [গুঁড়ি] *বি* গাছের কাণ্ড (বৃক্ষের প্রকাণ্ড গুঁড়ি)। { *স.* গণ্ডি>}

গুঁতন, গুঁতনো ⇒ গুঁতানো

গুঁতা, গুঁতো [গুঁতা, -তো] *বি* ১ কনুই, লাঠি বা শিং ইত্যাদি দ্বারা ধাক্কা বা আঘাত। ২ গুঁতা মারার জন্য ব্যবহৃত ক্ষুদ্রকায় লাঠি। ৩ ঠেলা; ধাক্কা; তাড়না (উপরওয়ালার গুঁতা; ওপরওয়ালার গুঁতো)। **~গাঁতা, গুঁত্তাগাঁত্তা** *বি* ১ ধাক্কা বা প্রহার; অল্পবিস্তর মারধোর (দু-চারটা গুঁত্তাগাঁত্তা খাওয়ার পরই হিম্মৎ ... হয়ে গেল—*সৈমু*)। ২ ঠোকর। **গুঁতাগুঁতি, গুঁতোগুঁতি** *ক্রি* ১ ঠেলাঠেলি। ২ ঝগড়া-বিবাদ। ৩ ঠাসাঠাসি। **গুঁতানো, গুঁতনো** *ক্রি* ১ প্রহার করা। ২ ধাক্কা বা ঢু মারা। □ *বি* উক্ত সকল অর্থে। **গুঁতুনে** *বিণ* গুঁতা মারবার প্রকৃতিযুক্ত। { *আ.* গোতা کوتا }

গুঁতো ⇒ গুঁতা

গুঁতোগুঁতি ⇒ গুঁতা

গুঁত্তাগাঁত্তা ⇒ গুঁতা

গুঁফো, গুঁপো [গুঁফো, -পো] *বিণ* গোঁফ আছে এমন; গোঁফযুক্ত। { *স.* গুম্ফ> *বা.* গোঁফ+উয়া>}

গুগগুল, গুগ্‌গুল, গুগ্গুলু [গুগ্‌গুল্, -, গুগ্‌গুলু] *বি* এক প্রকার বৃক্ষ ও তার সুগন্ধ নির্যাস (ধোঁয়া করে গুগগুল—*সদ*)। { *স.* গুগ্‌গুল}

গুগলি [গুগ্‌লি] *বি* ছোট শামুক (শেষ পর্যন্ত ভেসে উঠি গুগলি-পাওয়া হংসের মত—*অ/আ/আ*)। { *আঞ্চ.* }

গুচ্চের ⇒ গুচ্ছের

গুচ্ছ [গুচ্‌ছো] *বি* স্তবক; গোছা; থোকা; আঁটি (কেশের গুচ্ছ—*রঠা*)। { *স.* √গু+ছ অথবা অস্পৃ। তবে সংস্কৃতে মহাকবি মাঘ ও জয়দেব তাঁদের কাব্যে শব্দটি ব্যবহার করেছেন—'অযুকচ্ছদগুচ্ছ—সুগন্ধয়ঃ সততগাঃ'}}

গুচ্ছের, গুচ্চের [গুচ্‌ছের, -চের] *বিণ* ১ গুচ্ছগুচ্ছ; অসংখ্য; একগাদা। ২ প্রয়োজনাতিরিক্ত; প্রচুর। (বিরক্তিপ্রকাশক শব্দ)। { *স.* গুচ্ছ>}

গুছনো, গুছানো ⇒ গোছানো

গুছি [গুছি] *বি* ১ চূর্ণকুন্তলের গুচ্ছ (দুলছে যে ঐ অলক গুছি—*নই*)। ২ বিনুনি বাঁধার জন্য ব্যবহৃত পরচুলা ইত্যাদি উপকরণ বা ট্যাসেল। { *স.* গুচ্ছ>}

গুজগুজ, গুজুর-গুজুর [গুজ্‌গুজ্, গুজুর্‌গুজুর্] *অব্য* ১ গোপন পরামর্শ; চাপা গলার গুপ্ত আলাপ। ২ চাপা উত্তেজনাপূর্ণ চুপিচুপি আলাপ (অসন্তোষের গুজগাজ পড়ে গেল—*কাসি*)। ৩ নিম্নস্বরে আলাপ (আমাদের পরীটি কাল রাত দুটো অবধি মারাঠার সঙ্গে গুজুর-গুজুর করেছেন—*সৈমু*)। **গুজগুজানি** *বি* ১ গোপন পরামর্শ। ২ গুজগুজ করে কথাবার্তা। **গুজগুজে** *বিণ* মনের কথা অস্ফুট রাখে বা খুলে বলে না এমন। { *ধ্বন্যা.* }

গুজব [গুজব্] *বি* ১ রটনা; জনশ্রুতি; জনরব (গুজব ছড়ানো; গুজব ওঠা; গুজব রটা)। ২ রচা কথা (বাজে গুজব)। { *ফা.* গুজাফ گزاف }

গুজর-গুজর ⇒ গুজগুজ

গুজরত, গুজরৎ [গুজ্‌রত] *অব্য* মারফত; হাত দিয়ে। **~খোদ** *বিণ* নিজের মারফত; স্বহস্ত প্রদত্ত। { *ফা.* 'গুজার' দাহ گزارده }

গুজরতি, গুজরতী [গুজ্‌রোতি] *বি* ছোট এলাচ (গুজরাটেই বেশি উৎপন্ন হয় বলে এমন নাম)। { *স.* গুর্জর>গুজরাট >}

গুজরা, গুজরি [গুজ্‌রা, গুজ্‌রি] *বিণ* ছোট; ক্ষুদ্রকায় (গুজরা হাতি)। { *স.* গুর্জর। গুজরাটের হাতি। আকারে ছোট বলে গুজরা শব্দের অর্থ 'ছোট' এবং হাতি সম্পর্কেই শব্দটি সাধারণত ব্যবহৃত হয়}

গুজরাট, গুজরাত [গুজ্‌রাট, -ত] *বি* ১ প্রাচীন ভারতবর্ষের গুর্জর রাষ্ট্র। ২ আধুনিক ভারত প্রজাতন্ত্রের প্রদেশবিশেষ। **গুজরাটি, গুজরাতি** *বি* গুজরাটপ্রদেশের ভাষা বা অধিবাসী। □ *বিণ* গুজরাটে জাত; গুজরাটদেশীয়। { *স.* গুর্জর>}

গুজরান[১] [গুজ্‌রান] *বি* ১ জীবিকা (চাষবাস করিয়া গুজরান করা ভাল—*প্যামি*)। ৩ যাপন; অতিবাহন; নির্বাহ। { *ফা.* গুজরান گذران }

গুজরানো [গুজ্‌রানো] *ক্রি* যাপন করা; অতিবাহন করা; নির্বাহ করা (আমরা বিজাপুরের সুলতানের অধীনে বেশ আরাম ও স্বচ্ছন্দে দিন গুজরান করিতেছি—*ইহো*)। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *ফা.* গুজরান گذران }

গুজরি[২], **গুজরী** [গুজ্‌রি] *বি* ১ তাল, নারকেল ইত্যাদি গাছের ক্ষতিকারক এক প্রকার কীট। ২ চরণের অলঙ্কারবিশেষ (কাজরী সুরে গুজরী বাজে এর দুটি পায় গুঞ্জরি -*সদ*)। ৩ রাগিণীবিশেষ। **গুজরিপঞ্চম, গুজরীপঞ্চম** *বি* প্রাচীনকালে প্রচলিত পায়ের অলঙ্কার (আলতাপরা ছোট পায়ের গুজরীপঞ্চম—*বচ*)। { *স.* গুঞ্জরণ>}

গুজশতা, গুজস্তা, গুযাশতা [গুজস্‌তা, -জা-] *বিণ* ১ সাবেক; পূর্বেকার; বকেয়া। ২ বিগত। { *ফা.* গুজাশতাহ گذشته }

গুজার [গুজার্] *বি* ১ অতিপাত; অতিবাহন; যাপন (হত তোমার দিন-গুজার—*সদ*)। ২ নির্বাহ; সমাধা; সম্পাদন (অবিলম্বে হজ্জ গুজারি...—*সৈসু*)। { *ফা.* গুজারাহ گزاره }

গুজারা ⇒ গুদারা।

গুজারেশ [গুজারেশ্] *বি* নিবেদন; বক্তব্য। { *ফা.* গুজারিশ گزارش }

গুজিয়া [গুজিয়া] *বি* একপ্রকার মিঠাই। { *আঞ্চ.* }

গুজ্‌গুজ্ ⇒ গুজগুজ

গুঞ্জ [গুন্‌জো] *বি* ১ গুচ্ছ; স্তবক; গোছা; পুষ্পগুচ্ছ। ২ গুঞ্জন। ৩ কুঁচ। { *স* √গুঞ্জ্+অ(ঘঞ্)}

গুঞ্জন [গুনজন্] *বি* ১ গুনগুন ধ্বনি; ঝঙ্কার। ২ অপরিস্ফুট মৃদু মধুর ধ্বনি (আজ শুধু কূজন গুঞ্জন—*রঠা*)। { *স.* √গুঞ্জ্+অন}
গুঞ্জরন [গুনজোরোন] *বি* গুনগুন রব; ঝঙ্কার; মৃদু ধ্বনি উচ্চারণ (আজ কত স্মৃতি যে মনের বনে গুঞ্জরন তুলেছে—*জুআ*)। **গুঞ্জরিত** *বিণ*। { *স.* গুঞ্জন> }
গুঞ্জরা [গুনজরা] *ক্রি (পদ্য.)* গুন গুন রব করা। { *স* গুঞ্জর+ *বা.* আ}
গুঞ্জা, গুঞ্জিকা [গুনজা, -জিকা] *বি* কুঁচ ফল। { *স.* √গুঞ্জ্+অ+আ; গুঞ্জা+ক(কন্)+আ}
গুঞ্জিত [গুনজিতো] *বিণ* ১ গুঞ্জনপূর্ণ। ২ ঝঙ্কৃত; ধ্বনিত। □*বি* গুঞ্জন। { *স.* √গুঞ্জ্+ত(ক্ত)}
গুটনো ⇒ গুটানো
গুটলি, গুটলে [গুটলি, গুটলে] *বি* গুটির ন্যায় ছোটো ঢেলা। { *স.* গুটি+ *বা.* লি, লে}
গুটানো, গোটানো, গুটনো [গুটানো, গো-, গুট-] *বি* জড়িয়ে নেওয়া (মাদুর গুটানো, বিছানা গুটানো)। □ *ক্রি* ১ টেনে এনে জড় করা (সুতা গুটানো)। ২ টেনে তোলা (জাল গুটানো)। ৩ বন্ধ করা; তুলে দেওয়া (কারবার গুটানো)। ৪ সংকুচিত করা; নিষ্ক্রিয় করা (পা গুটানো)। □*ক্রিবি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √গোষ্ঠ>+*বা.* আনো, অনো}
গুটি[1]**, গুটিকা** [গুটি, গুটিকা] *বি* ১ বড়ি; pill (ঔষধের গুটিকা)। ২ ছোটো ঢেলা। ৩ খুঁটি। ৪ ছোটো ছোটো দানা বা গোলাকার বস্তুর আকৃতি (ফলের মতো গুটি উঠিয়াছে—*রঠা*)। ৫ ফলের কুশি (গোটা কতক আমের গুটি বাহির করিয়া—*বিব*)। ৬ বসন্ত প্রভৃতি রোগের গুটি বা ব্রণ। ৭ রেশমের কোষ। ৮ রেশমের কীট; কোষরূপী পতঙ্গ। { *স.* গুটি+ক(কন্)+আ(টাপ্)}
গুটিপোকা [গুটিপোকা] *বি* রেশম কীট।
গুটি[2] [গুটি] *অব্য* ১ সংখ্যাবাচক পদাশ্রিত নির্দেশক; article (গুটিচারেক পরিচিত লোক—*রঠা*)। ২ *(প্রাবা.)* টি; টা; খানি (বাঁশী গুটি—*বচদা*)। ~**কতো**, ~**কতক**, ~**কয়েক, গুটিক, গুটেক** *বি* কয়েকটি; অল্পসংখ্যক; অল্পপরিমাণ। { *স.* গুটি, *বা.* গোটা+ই}
গুটিকা ⇒ গুটি
গুটিগুটি, গুড়িগুড়ি [গুটিগুটি, গুড়িগুড়ি] *ক্রিবিণ* ধীরে ধীরে; অত্যন্ত আস্তে; ধীর পদক্ষেপে (সে আলোর দিক থেকে অন্ধকারের দিকে চলে যাচ্ছে—গুটি-গুটি, একা—*অঠা*)। { *স.* গুটিকা}
গুটিসুটি [গুটিশুটি] *ক্রিবিণ* জড়সড় (গুটিসুটি মেরে বসা)। { *স.* গুটি/গুটিকা}
গুড [গুড] *বি* ভালো। ~ **আফটারনুন** *বি* বিকেলে সাক্ষাতের পর বিদায়ি অভিবাদন। ~ **নাইট** *বি* রাতের বেলায় বিদায়ি অভিবাদন। ~ **বাই** *বি* বিদায়কালীন অভিবাদন। ~ **মর্নিং** *বি* সুপ্রভাত; প্রাতঃকালীন স্বাগত সম্ভাষণ। { *ই* good}
গুডবাই [গুড্‌বাই] *বি* বিদায়সম্ভাষণ বিশেষ; আল্লাহ তোমার সহায় হন; খোদা হাফেজ (গুডবাই বলিয়া এরোপ্লেনে চড়িলেন—*আমআ*)। { *ই* good-bye}
গুড়[1] [গুড়] *বি* ইক্ষু, তাল, খেজুর প্রভৃতির রস যা জ্বাল দিয়ে ঘন বা দানাদার করা হয় (খেজুরে গুড়)। ~**পিঠা** *বি* গুড় দিয়ে তৈরি মালপোয়া জাতীয় পিঠা। **গুড়েবালি** *(অল.)* প্রত্যাশা নাশ; আশায় নৈরাশ্য। **পাটালি** ~ *বি* পাটায় জমানো গুড়ের তক্তি বিশেষ। { *স.* √গুড়্+অ(ক)}
গুড়[2] ⇒ গোড়
গুড়গুড় [গুড়্গুড়্] *অব্য* মৃদু গড়গড় শব্দ; উক্তরূপ চাপা ধ্বনি। { *ধ্বন্যা.*}
গুড়গুড়ি [গুড়্গুড়ি] *বি* আলবোলা; নলযুক্ত হুঁকা; ফরসি (গুড়গুড়ীর নলে টান দিয়া সুখবোধ হইল না—*মীম*)। □*অব্য* ধূমপানের সময় গুড়গুড় শব্দ। { *ধ্বন্যা.*}
গুড়গুড়ে [গুড়্গুড়ে] *বিণ* ১ গুড়গুড় শব্দ করে এমন। ২ বেঁটে; খর্বাকৃতি (গুড়গুড়ে প্যাঁচা বসে আঁচে রাত হয়েছে কয়প্রহর—*অঠা*)। { *ধ্বন্যা.; স.* গুটিকা>*প্রা.* গুড়িআ> *বা.* গুড়ি>গুড়}
গুড়া, গুঢ়া, গুরা [গুড়া, -ঢ়া, -রা] *বি* নৌকার পার্শ্বস্থিত উপবেশনের তক্তা; নৌকার আড়কাঠ। { *স.* গণ্ডি}
গুড়াকা [গুড়াকা] *বি* ১ নিদ্রা। ২ ধনুর্বিদ্যা। **গুড়াকেশ** *বিণ* নিদ্রাজিৎ; নিদ্রাকে বশ করা করেছে এমন; কর্মবীর। □*বি* ১ হিন্দুদেবতা শিব। ২ মহাভারতোক্ত অর্জুন। { *স.* গুড়াকা}
গুড়ান ⇒ গোড়ানো
গুড়ি [গুড়ি] *বি* সংকুচিত দেহে নিঃশব্দে চলা বা অবস্থান। ~ **মারা** *ক্রি* ১ সংকুচিত দেহে অবস্থান করা; গুটিসুটি হয়ে থাকা। ২ আক্রমণের উদ্দেশ্যে অবস্থান করা; ওত পাতা। { *স.* গুটি>}
গুড়িগুড়ি ⇒ গুটিগুটি
গুড়িয়া [গুড়িয়া] *বিণ* ১ ছোট; ক্ষুদ্র (বালখিল্য মুনিকুল, একশতটি যেন গুড়িয়া পুতুল—*অঠা*)। □*বি* খুদে পুতুল; ছোট্ট পুতুল। { *স.* গুণ্ডিক+আরচ>গুড়িয়া, *হি* গুড়িয়া}
গুড়িসুড়ি [গুড়িশুড়ি] *ক্রিবিণ* গুটিসুটি; জড়সড় (শিয়রের সাপ গুড়িসুড়ি - *দমি*)। { *স.* গুটি>}
গুড়ুক [গুড়ুক্] *বি* ১ তামাক (গুড়ুক টানিতে পারিবে না বসে সোনার সিংহাসনে—*নই*)। ২ গুড়মিশ্রিত তামাক; মিঠা তামাক। { *স.* গুড+তামাকু, *হি* গুড়াকু}
গুড়ুচি, গুড়ুচী [গুড়ুচি] *বি* গুলঞ্চ লতা। { *স.* গুলঞ্চ}
গুড়ুম [গুড়ুম্] *অব্য* ১ তোপধ্বনি। ২ আগ্নেয়াস্ত্র থেকে অগ্নিবর্ষণের শব্দ। { *ধ্বন্যা.*}
গুড় গুড় ⇒ গুড়গুড়
গুঢ়া ⇒ গুড়া
গুণ [গুন] *বি* ১ ধর্ম; স্বভাব; প্রকৃতি (দ্রব্যগুণ)। ২ চরিত্রের যে উৎকর্ষের জন্য আদরণীয় বলে গণ্য হওয়া যায়; ভালো গুণ; সদ্গুণ (গুণবান)। ৩ উপকার; হিত; কল্যাণ; সুফল; ভালো ফল (মন্ত্রের গুণ)। ৪ ফলদায়ক ক্ষমতা; সুফলপ্রদ শক্তি (লতা-পাতার গুণ)। ৫ দক্ষতা; নৈপুণ্য; যোগ্যতা (কথা বলে লোকের মন জয় করার গুণ)। ৬ *(ব্য.)* দোষ (অমন গুণের বালাই নিয়ে মরি)। ৭ কু-প্রভাব (ঘুষের গুণ)। ৮ পদার্থের স্বাভাবিক ধর্ম (তরল পদার্থের গুণ নিম্নবাসিতা)। ৯ *(দর্শন.)* সত্ত্ব রজঃ তমঃ—প্রকৃতির এই তিন গুণ। ১০ যাদু; তুক (ছেলেকে আমার গুণ করেছে)। ১১ *(অল.)* রচনার উৎকর্ষসাধক তিনটি লক্ষণ—প্রসাদ, মাধুর্য ও ওজঃ। ১২ *(গণিত.)* পূরণ; গুণন। ১৩ বার; দফা (শত গুণ)। ১৪ ধনুকের জ্যা বা ছিলা (ধনুর্গুণ)। ১৫ দড়ি; সুতা। ১৬ মাস্তুলে বেঁধে

নৌকা টানার মজবুত দড়ি বা তার জাতীয় সূত্রবিশেষ। **~ করা** *ক্রি* ১ বশীভূত করা; জাদু দ্বারা বশীভূত করা। ২ *ক্রি (গণিত.)* পূরণ করা। **~কীর্তন** *বি* যশোগান; মহিমা প্রচার; শ্রেষ্ঠতা বা উৎকর্ষের আলোচনা। **~গরিমা, ~গৌরব** *বি* চরিত্রোৎকর্ষের মহিমা; সদ্‌গুণাবলির মাহাত্ম্য। **~গান** *বি* গুণানুবাদ; গুণকীর্তন। **~গ্রহণ** *বি* অপরের গুণের অকুণ্ঠ স্বীকৃতি দান। **~গ্রাম** *বি* গুণাবলি; গুণের সমষ্টি (তেমন গুণগ্রাম নবলোকে দুর্লভ—*আফ*)। **~গ্রাহকতা** *বি* গুণ গ্রহণের ক্ষমতা (তাঁহার বদান্যতা ও গুণগ্রাহকতা কীর্তি শ্রবণ করিয়া—*ঈবি*)। **~গ্রাহী** (–হিন্) *বিণ* গুণ গ্রহণ করতে জানে এমন (গুণবান গুণগ্রাহী হন)। **~গ্রাহিণী**। **~গ্রাহিতা** *বি*। **~জ্ঞ** *বিণ* গুণগ্রাহী; গুণের সমঝদার (সাহিত্য চর্চা করে দেশশুদ্ধ লোক গুণজ্ঞ হয়ে উঠুক—*প্রচৌ*)। **~ টানা** *ক্রি* নৌকার মাস্তুলে দড়ি তার ইত্যাদি বেঁধে টেনে নিয়ে যাওয়া। **~ধর** *বিণ* ১ গুণবান; গুণশালী। ২ *(ব্য.)* কুক্রিয়াসক্ত; দোষের আকর; দুঃশীল; নীচ চরিত্র (গুণধর ভাই আমার)। **~ধাম, ~নিধি** *বি, বিণ* গুণী ব্যক্তি; বহু গুণের আকর বা আধার। **~পনা, গুণীপনা** *বি* নৈপুণ্য; দক্ষতা; গুণবত্তা। **~ফল** *বি (গণিত.)* গুণনের বা পূরণের দ্বারা উৎপন্ন রাশি। **~বত্তা** *বি* গুণশালিতা; গুণপনা; সদ্‌গুণের উপস্থিতি। **~বন্ত, ~মন্ত** (বিরল) *বিণ* ১ গুণবান; গুণী (গুণবন্ত জ্ঞানবন্ত তুমি ধর্মমতি—*দৌবা*)। ২ *(ব্য.)* গুণহীন। **~বাচক** *বিণ* গুণ প্রকাশ করে এমন; গুণপ্রকাশক। **~বাদ** *বি* গুণবর্ণন বা কীর্তন; প্রশংসাবাদ। **~বান** *বিণ* গুণশালী; গুণী। **~বতী** *স্ত্রী.*। **~বৃক্ষ** *বি* নৌকার মাস্তুল যার সঙ্গে গুণ বাঁধা হয়। **~বৈষম্য** *বি* ১ গুণের অসমতা। ২ বিরুদ্ধ গুণের সমাবেশ; পরস্পর বিপরীত গুণের একত্র সমাবেশ। **~মণি** *বি* বিশিষ্ট গুণী ব্যক্তি; গুণবিধি। **~ময়** *বিণ* গুণযুক্ত; গুণবান। **~ময়ী** *স্ত্রী.*। **~মুগ্ধ** *বিণ* গুণের দ্বারা আকৃষ্ট বা মোহিত (তুমি গুণময় গুণবিধি, গুণমুগ্ধ আনি)। **~মুগ্ধা** *স্ত্রী.*। **~শালী** *বিণ* গুণসম্পন্ন; গুণবান। **~শালিনী** *স্ত্রী.*। **~শালিতা** *বি*। **~শূন্য** *বিণ* গুণহীন; নির্গুণ। **~সম্পন্ন** *বিণ* গুণযুক্ত; গুণবান। **গুণে ঘাট নাই** ১ কোনো বিষয়ে হীন নয়; সর্বগুণের আধার। ২ *(ব্য.)* সকল প্রকার দোষযুক্ত। **গুণের সাগর** *বিণ* ১ অত্যন্ত গুণবান। ২ *(ব্য.)* অত্যন্ত দোষযুক্ত। { *স.* √গুণ্+অ(অচ্)}

গুণক [গুনক্] *বি* যে রাশি বা সংখ্যা দ্বারা গুণ করা হয়; multiplier। **গুণকারক** *বিণ*। { *স.* √গুণ্+অক}

গুণজায়িশ ⇒ গুঞ্জায়িশ

গুণতি ⇒ গুনতি

গুণন [গুনন্] *(গণিত.)* পূরণ; multiplication। **গুণনীয়, গুণ্য** *বি, বিণ* গুণ করতে হবে এমন; যে সংখ্যা বা রাশি দ্বারা গুণ করতে হবে; multiplicand। **গুণনীয়ক** *বি* যে রাশি দ্বারা বিশেষ কোনো রাশিকে ভাগ করলে অবশিষ্ট থাকে না; factor। **গুণফল** *বি* গুণনের দ্বারা প্রাপ্ত রাশি বা সংখ্যা; product। { *স.* √গুণ্+অন(ল্যুট্)}

গুণবি *(ব্র.)*, **গণবি** *(ব্র.)* [গুনবি, গনোবি] *ক্রি* গণবে; গণনা করবে (নাহি গুণবি আনে—*বিপ*)। { *স.* √গণ্+*বা.* বি বিভক্তি}

গুণা[১] ⇒ গুনা[১]

গুণা[২] [গুনা] *বি* গৌণ; অপ্রধান। **~ করা** *ক্রি* গৌণ করা; অবহেলা করা; অপ্রধান বা লক্ষ্য করার অযোগ্য বলে গণ্য করা; অবমাননা করা (লোকের খাতির ও সেলামাঙ্কির গুণা কত্তেন না—*কাসি*)। { *স.* গৌণ >}

গুণাকর [গুনাকর্] *বি* ১ গুণের খনি; গুণের আধার। ২ সর্বপ্রকার গুণসম্পন্ন ব্যক্তি। { *স.* গুণ+আকর; ৬তৎ }

গুণাগুণ [গুনাগুন্] *বি* গুণ ও দোষ; দোষগুণ; ভালোমন্দ। { *স.* গুণ+অগুণ; দ্বন্দ্ব }

গুণাঢ্য [গুনাঢ্‌ঢো] *বিণ* গুণসম্পন্ন বা সমৃদ্ধ; গুণশালী। { *স.* গুণ+আঢ্য; ৭তৎ }

গুণাতীত [গুনাতিত্] *বিণ* সর্বগুণের অতীত; নির্গুণ। □ *বি* আল্লাহ; পরম ব্রহ্ম। { *স.* গুণ+অতীত; ৬তৎ }

গুণাধার [গুনাধার্] *বি* সর্ব গুণসম্পন্ন ব্যক্তি; গুণবান ব্যক্তি। { *স.* গুণ+আধার; ৬তৎ }

গুণানুবাদ [গুনানুবাদ্] *বি* গুণের প্রশংসা; গুণকীর্তন (তাঁহার গুণানুবাদ আমাদের সর্বতোভাবে কর্তব্য—*মীম*)। { *স.* গুণ+অনুবাদ; ৬তৎ }

গুণানুরাগ [গুনানুরাগ্] *বি* গুণের প্রতি আকর্ষণ; গুণগ্রাহিতা। { *স.* গুণ+অনুরাগ; ৭তৎ }

গুণান্বিত [গুনান্‌নিতো] *বিণ* গুণযুক্ত; গুণসম্পন্ন। { *স.* গুণ+অন্বিত; ৩তৎ }

গুণাবলি, গুণাবলী [গুনাবলি] *বি* গুণসকল; গুণসমূহ। { *স.* গুণ+আবলি, আবলী; ৬তৎ }

গুণাভাস [গুনাভাশ্] *বি* ১ গুণের তুল্য; গুণের সাদৃশ্য। ২ গুণ আছে এরূপ ভুল। { *স.* গুণ+আভাস; ৬তৎ }

গুণারি, গুণারী [গুনারি] *বি* যে গুণ টানে (যেমন নৌকা তেমন মাঝি তেমনি নাওয়ের গুণারী—*পাকা*)। { *স.* গুণ+*বা.* আরি/আরী}

গুণার্ণব [গুনারনব্] *বি* বহুপ্রকার গুণের অধিকারী ব্যক্তি; গুণের সাগর। { *স.* গুণ+অর্ণব; ৬তৎ }

গুণালঙ্কার [গুণালঙ্‌কার্] *বি* ১ নানাগুণের মূল্যবান আভরণ; গুণসমূহে সমৃদ্ধ। ২ গুণ ও অলঙ্কার। **গুণালঙ্কৃত** *বিণ*। { *স.* গুণ+অলঙ্কার; ৬তৎ }

গুণিত [গুণিতো] *বিণ* গুণন করা হয়েছে এমন; পূরিত। { *স.* √গুণ্+ত(ক্ত)}

গুণিতক [গুনিতক্] *বি* যে রাশিকে অন্য নির্দিষ্ট রাশি দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে না; multiple। { *স.* গুণিত+ক}

গুণিন্ ⇒ গুনিন

গুণী (–ণিন্) [গুনি] *বিণ* ১ গুণ আছে এমন; গুণসম্পন্ন; গুণশালী। ২ কলাবিদ। ৩ ধার্মিক। ৪ সত্ত্ব প্রভৃতি গুণযুক্ত। ৫ মন্ত্রতন্ত্রজ্ঞ; গুনিন; ওঝা। { *স.* গুণ+ইন্(ইনি)}

গুণীপনা ⇒ গুণ

গুণীভূত [গুনিভুতো] *বিণ* গৌণ। **~–ব্যঙ্গ** *বি (অল.)* যে রচনায় ব্যঙ্গার্থ অপেক্ষা বাচ্যার্থের চমৎকারিত্ব অধিক। { গুণ+চ্বি+ভূত(√ভূ+ক্ত)}

গুণের ঘাট ⇒ গুণ
গুণোৎকর্ষ [গুনোত্‌করশো] *বি* ১ গুণের জন্য শ্রেষ্ঠতা। {*স.* গুণ+উৎকর্ষ; ৬তৎ}
গুণোপেত [গুনোপেতো] *বিণ* গুণসম্পন্ন; গুণবান; গুণী; গুণযুক্ত। {*স.* গুণ+উপেত; ৩তৎ}
গুণ্ঠন [গুন্‌ঠোন্] *বি* ১ ঘোমটা; অবগুণ্ঠন (মুখর মুখ আর বাচাল নয় লাজ-মুখে আজ যাচে গুণ্ঠন—*নই*)। ২ বেষ্টন; আবরণ; আচ্ছাদন। **গুণ্ঠিত** *বিণ* ১ বেষ্টিত; আবৃত; আচ্ছাদিত। ২ গুটানো; সংকুচিত। **গুণ্ঠিতা** *বিণ স্ত্রী.* অবগুণ্ঠিতা; গুণ্ঠনাবৃতা (সেই কুণ্ঠিতা গুণ্ঠিতা তব চিরসঙ্গিনী—*নই*)। {*স.* √গুণ্ঠ+অন(ল্যুট্), ত(ক্ত)}
গুণ্ডা [গুন্‌ডা] *বি* ১ বদমাশ; দুর্জন; দুর্বৃত্ত। ২ জবরদস্তিকারী। **~মি, ~মো** *বি* গুণ্ডার বৃত্তি বা গুণ্ডার ন্যায় আচার ব্যবহার। {*স.* √গুণ্ড+অ(ঘঞ্)+*বা.* আ}
গুণ্ডিত [গুন্‌ডিতো] *বিণ* ১ চূর্ণিত; চূর্ণীকৃত। ২ গুঁড়িমিশ্রিত; চূর্ণযুক্ত। {*স.* √গুণ্ড+ত(ক্ত)}
গুণ্য, গুণনীয় ⇒ গুণন
গুদ [গুদ্] *বি* (অশিষ্ট) ১ গুহ্যদেশ; মলদ্বার; পায়ু। ২ স্ত্রী-চিহ্ন; যোনি। {*স.* √গু+দ; *স.* √গুদ্+অ(ক); *স.* √গুহ্>}
গুদাম [গুদাম্] *বি* ১ মালখানা; godown (মহাজন গুদাম খালি করে পাট বিক্রি করল)। ২ ভাঁড়ার। ৩ বদ্ধ আলোবাতাসহীন কামরা (ঘরটাকে গুদাম বানিয়েছে)। {*ই.* godown; *পো.* gudao}
গুদার, গুদারা১ [গুদার্, গুদারা] *বি* খেয়াঘাট। {*ফা.* গুদার্ گذار}
গুদারা২, গুজারা [গুদারা, গু-] *বি* বড়ো খেয়া নৌকা; খেয়া নৌকা। {*ফা.* গুদারাহ গুজারাহ گذاره—گزاره}
গুন১ [গুন্] *বি* ১ দড়ি; পাকানো মোটা সূত্র; রজ্জু; কাছি। ২ সুতা। ৩ নৌকা টানার সূত্র বিশেষ (সে তরীর দাঁড় বাহি, গুন টানি যাই—*নই*)। {*স.* গুণ>}
গুন২ [গুন্] *বি* চট বা সেলাই করা চটের থলি। **~চট** *বি* শণের সুতা দ্বারা প্রস্তুত মোটা চট বা চটের থলি (সোনা মুগের ডাল মোটা মোটা গুনচটের থলিতে—*অচৌ*)। **~সুচ, ~ছুঁচ** *বি* চট সেলাই করার বড় সুচ। {*স.* গোণী; *ই.* gunny}
গুনকার, গুনগার ⇒ গুনা১
গুনগুন, গুণগুণ [গুন্‌গুন্] *অব্য* মৃদু মধুর ধ্বনি; গুঞ্জন। {*ধ্বন্যা.*}
গুনতি, গুণতি, গনতি, গণতি [গুন্‌তি, -, গো-, -] *বি* গণনা; সংখ্যা নিরূপণ। {*বা.* √গুন্ (*স.* √গণ্)+তি}
গুনা১, গুনাহ, গোনাহ [গুনা, -, গো-] *বি* ১ পাপ; অন্যায়। ২ অপরাধ; দোষ (মুমীন সবের গুনা করিমে ক্ষেমিব—*সৈআ*)। **~খাতা** *বি* দোষ (গুনাখাতা মোর ভুলে যেয়ো তুমি হে পরওয়ারদিগার—*আজহ*)। **~গার** *বিণ* ১ পাপী। ২ অপরাধী (নিদানে নৃপতি আগে হব গুণাগার—*ঘচ*)। □*বি* ১ জরিমানা; অর্থ দণ্ড (টিকিট না কাটার দরুন কত গুণাগার দিতে হয়—*অচিসে*; বাবুদের কাছে তোকে গুনকার না লাগিয়ে ছাড়বো না—*অচিসে*)। ২ আক্কেল-সেলামি। **~গারি, ~গারী** *বি* ১ জরিমানা; অর্থদণ্ড (গুনাগারী দেয় বণিকেরা নাকি—*নই*)। ২ আক্কেল-সেলামি। {*ফা.* গুনাহ্ گناه}
গুনা২, গুনো [গুনা, গুনো] *বি* তার; ধাতুনির্মিত সুতা; ধাতুসূত্র। {*স.* গুণ>}
গুনাহ্ ⇒ গুনা১
গুনিন, গুণিন [গুনিন্] *বি* ওঝা; মন্ত্রতন্ত্রে বা তুকতাকে দক্ষ ব্যক্তি (প্রায়ই দেখা যায় গুণিনগণ ব্যাঘ্রের হাতেই মারা যায়—*শেহ*)। {*স.* গুণিন্>}
গুনো ⇒ গুনা২
গুপত (*মবা.*) [গুপত্] *বিণ* গুপ্ত (গুপত বেদ করিলেও প্রভু করতার—*রাপ*)। **গুপতে** *বি* গোপনে (গুপতে গুমরি মরি মরি—*চদা*)। {*স.* গুপ্ত>(স্বরাগমে কবিতায়) গুপত}
গুপীযন্ত্র ⇒ গোপীযন্ত্র
গুপ্ত [গুপ্‌তো] *বিণ* ১ গূঢ়; লুক্কায়িত। ২ লুকিয়ে বা গোপন রাখা হয়েছে এমন (গুপ্ত বৃত্তান্ত)। ৩ অপরিজ্ঞাত; অদৃশ্য। ৪ সংবৃত; আচ্ছাদিত। ৫ সংরক্ষিত; সম্যকভাবে রক্ষিত বা পালিত। □*বি* উপাধি বিশেষ। **গুপ্তা** *স্ত্রী. বিণ, বি*। **~কথা** *বি* ১ গোপনীয়, অপ্রকাশ্য বা অব্যক্ত কথা। ২ অপ্রকাশিত কাহিনী; অজ্ঞাত বৃত্তান্ত। **~গতি** *বি* গোপনে গমন; গুপ্তচর। **~চর** *বি* ১ গোয়েন্দা। ২ গোপনে সংবাদ সংগ্রহকারী। **~তোয়া** *বিণ* অন্তঃসলিলা (উলসি ওঠে গুপ্ততোয়া সুপ্ত নদী সুড়ঙ্গে—*সদ*)। **~ধন** *বি* লুকানো ধন; যে ধনের সন্ধান কেউ জানে না। **~বেশ** *বি* ছদ্মবেশ। **~ভোট, ~মত** *বি* ব্যালটে ভোট। **~মন্ত্র** *বিণ* যে মন্ত্রণা কেউ জানিতে পারে না। **~রহস্য** *বি* গোপনীয় বিষয়ে গূঢ় তত্ত্ব। {*স.* √গুপ্+ত(ক্ত)}
গুপ্তি [গুপ্‌তি] *বি* ১ ফাঁপা যষ্টির অভ্যন্তরে লুক্কায়িত সরু তরবারি; অস্ত্রবিশেষ (এক গুপ্তির আঘাতে করিয়াছে হত্যা এক মোস্লেম সৈনিকে—*কায়*)। ২ গুপ্তভাবে রক্ষণ (মন্ত্রগুপ্তি)। {*স.* √গুপ্+তি(ক্তি)}
গুফা, গুম্ফা [গুফা, গুম্‌ফা] *বি* পর্বতগুহা; পর্বত-কন্দর। {*স.* গুহা>}
গুবগুব [গুব্‌গুব্] *অব্য* পানিতে ডুব দেওয়ার বা (কলসি) ডোবানোর শব্দ। □*বি* গোপীযন্ত্র। **গুবগুবাগুব, গাবগুবাগুব** *অব্য* গোপীযন্ত্র বাজানোর ফলে উত্থিত ধ্বনি। {*ধ্বন্যা.*}
গুবরে পোকা [গুবরে পোকা] *বি* এক প্রকার পতঙ্গ (মাকড়সার জালে যেমন গুবরে পোকা—*বচ*)। {*স.* গোবিট+*বা.* এ>গুবরে; *স.* পুত্তিকা>পোকা}
গুবলেট [গুব্‌লেট্] *বি* উদ্ভট মিশ্রণ; hodgepodge; জগাখিচুড়ি (দুটো মাংসের ককটেলকে আমার গুবলেট বলে মনে হয়—*সৈমু*)। {*ই.* goblet (এক ধরনের পানপাত্র)>}
গুবাক, গূবাক [গুবাক্] *বি* ১ সুপারি (বিশ্বাসে গুবাক পান খান তার হাতে—*ঘচ*)। ২ সুপারি গাছ। {*স.* √গু+আক}
গুম১ [গুম্] *অব্য* ১ গম্ভীর শব্দবোধক। ২ অপ্রকাশিত বা বদ্ধ অবস্থাবোধক। □*বিণ* ১ গম্ভীর (গুম হইয়া কাঁদে বিবি ভাবিয়া রব্বানী—*ফগ*)। ২ নির্বাক বা নিশ্চুপ ও গম্ভীর; স্তম্ভিত; স্তব্ধ (আমাকে গুম হয়ে শুয়ে থাকাতে

দেখে—*সৈমু*)। ~গুম, গুমা~ *অব্য* উপর্যুপরি বা একাধিকবার গুম শব্দ। **গুমে গুমে, গোমে গোমে** *ক্রিবিণ* ভিতরে ভিতরে; গুপ্তভাবে; চক্ষুর অগোচরে (পাপের আগুন পাঁজার আগুনের মতো গোমে গোমে জ্বলে—*দীমি*)। { *ধ্বন্যা.* }

গুম[২] [গুম্] *বিণ* গুপ্ত; লুক্কায়িত (গুম খুন)। □ *বি, বিণ* ১ নিখোঁজ; লাপাত্তা। ২ গায়েব; অদৃশ্য (গুম করে ফেলা, গুম হয়ে যাওয়া)। – **খুনি, গোম খুনি** *বি* গুপ্তহত্যা (আপনার নামে গোম খুনির নালিশ হয়েছে—*প্যামি*)। **গুমি, গুমী** *বিণ* ১ গোপন; লুক্কায়িত (চুরি করে আনিয়াছে এবং গুমি করে রাখিবে—*দীমি*)। ২ অপরাধজনকভাবে লুক্কায়িতকরণ সম্বন্ধীয়। **গুমোট, গুমট** *বি* ১ বায়ু স্তম্ভিত থাকার ফলে যে গরম; বায়ু চলাচলের অভাবজনিত ভাপসা গরম (প্রথম রাত্রে গুমট গেছে—*রঠা*)। ২ স্তব্ধ ভাব; ভাবের আদানপ্রদানের অভাবে অবরুদ্ধ ভাব (মনের গুমট)। □ *বিণ* স্তব্ধ (তাই গুমোট পরিবেশটাকে সহজ করা প্রয়োজন)। { *ফা.* গুম্ گم }

গুমটি, গুমটী, গুমটিঘর [গুম্‌টি, –, –ঘর্] *বি* প্রহরীদের থাকার অপ্রশস্ত কুঠুরিবিশেষ। { *হি* গুমটি> }

গুমর, গুমোর, গুমার [গুমোর্, –, –মা–] *বি* ১ অহঙ্কার; দেমাক (যে স্ত্রীলোক স্বয়ং উপার্জন করে তাহার একটু একটু গুমর হয়—*প্যামি*; নতুন পৈঁচি বাজুবন্দ পরে চাষা–বৌ কথা কয় না গুমোরে—*নই*)। ২ গোপন কথা; রহস্য; গোপন অভিসন্ধি (মনের গুমর কন্যা মনে লুকাইয়া গোয়ালিনীর কাছে কয় হাসিয়া হাসিয়া—*মৈগী*)। ৩ মূল্য। ৪ চাহিদা (জমির এমত গুমর হইয়াছিল যে—*প্যামি*)। { *প্রা.* গুম্মড; *ফা.* গুমান گمان }

গুমরন, গুমরনো ⇒ গুমরানো

গুমরানো, গুমরনো [গুম্‌রানো, –রনো] *ক্রি* চাপা শোক দুঃখ বা ক্রোধ প্রভৃতিতে ক্লেশ পাওয়া। □ *বি* উক্ত অর্থে (পাট–কাটী তিন ছেলে নিয়া সুয়োরাণী গুমরে গুমরে আগুনে পুড়িয়া ঘর করে—*দমি*; বোঝে আর গুমরে মরে—*রাখা*)। **গুমরানি** *বি* ১ অসন্তোষসূচক চাপা গর্জন (শুধু ক্রুদ্ধ শহরের ঘুমহীন গুমরানি—*বুব*)। ২ চাপা শোক দুঃখ বা বেদনার কাতরানি। { *ফা.* গুমার گمر + *বা.* আনো }

গুমরাহ, গোমরাহ [গুম্‌রাহ্, গো–] *বিণ* বিপথগামী; পথভ্রষ্ট; পথভ্রান্ত (গুম হয়ে রয় গুমরাহ যত চোরে—*নই*; গোমরাহ লোককেই বেশী হেদায়েত করিবার প্রয়োজনীয়তা—*আমআ*)। { *ফা.* গুমরাহ্ گمراه }

গুমসা, গুমসো [গুম্‌শা, –শো] *বিণ* ১ ভাপসা; গুমোট ভাবযুক্ত। ২ গরমের আধিক্য হেতু দুর্গন্ধযুক্ত। **গুমসানো, গুমসনো** *ক্রি* ১ গুমসা হওয়া; গুমট হওয়া। ২ গেঁজে ওঠা। □ *বি* উক্ত সকল অর্থে। **গুমসানি, গুমসনি** *বি* ১ গুমট হওয়া। ২ গুমটের বা গুমসার ভাব। { *স.* গ্রীষ্মতা>; *ফা.* গুম্ گم + *বা.* সা }

গুমাগুম ⇒ গুম[১]

গুমান, গুমাণ [গুমান্] *বি* ১ গর্ব; অহঙ্কার; দেমাক (ইহা জানি মনে হেন না করে গুমাণ। দেখাদার সৃজন দুই একহি সমান—*হেমা*)। ২ অনুমান। { *ফা.* গুমান্ گمان }

গুমার ⇒ গুমর

গুমি, গুমী ⇒ গুম[২]

গুমোর ⇒ গুমর

গুম্ফ [গুম্‌ফো] *বি* ১ গোঁফ; moustache। ২ গুচ্ছ; গোছা; স্তবক। { *স.* √গুম্‌ফ্+অ(ঘঞ্) }

গুম্ফন [গুম্‌ফন্] *বি* ১ গ্রন্থিতকরণ; গ্রন্থন। ২ রচনা; বিন্যাস। **গুম্ফিত** *বিণ* ১ গ্রথিত; গাঁথা। ২ রচিত; প্রস্তুত। { *স.* √গুম্‌ফ্+অন(ল্যুট্) }

গুম্ফা ⇒ গুফা

গুম্বজ, গম্বুজ [গুম্‌বজ্, গম্‌বুজ্] *বি* মসজিদ, মন্দির, মিনার, মাজার প্রভৃতির গোলাকার শীর্ষদেশ; গম্বুজ; dome (মর্মর গুম্বজ ভরি ধ্বনি ধায়—*সদ*)। { *ফা.* গুমবদ گنبد }

গুয়া, গুআ (*মবা.*) [গুয়া] *বি* সুপারি; গুবাক (গুয়া নারিকেল তাল ডালিম্ব ছোলঙ্গ—*সৈআ*; একখান গুআ দুই খান করি খাএ—*শেফ*)। ~**থুবড়ি** *বিণ* সুপারির থোপার মতো (এমন কি ঘরের ভিতর ঢোকার পথেও তরুণীর গুয়াথুবড়ি চুলের মতো ঝুমকো লতারা গুচ্ছে গুচ্ছে ঝুলছে—*আজাশা*)। { *স.* গুবাক> }

গুয়ে ⇒ গু

গুরগুটে, গুরগুট্টে [গুর্‌গুটে, –গুট্‌টে] *বিণ* বেঁটে খাটো গোলগাল ও শক্তপোক্ত। { *স.* গুটিকা> }

গুরবত ⇒ গোরবৎ

গুরমুখী, গুরুমুখী [গুরমুখি, –রু–] *বি* ১ শিখদের ভাষা ও বর্ণমালা। ২ পাঞ্জাবি ভাষার বর্ণমালাবিশেষ। { *পাঞ্জাবি* গুরুমুখী> }

গুরিয়া [গুরিয়া] *বিণ* ছোটো (তাঁর স্ত্রী একটি চিত্তির–করা হাঁড়ী খুন্সি ও গুরিয়া পুতুল আনতে বলেছিল—*কাসি*)। □ *বি* ছোটো পুতুল। { *স.* গুণ্ডিকা>; *হি* গুড়িয়া }

গুরু [গুরু] *বি* ১ ধর্মজীবনের উপদেষ্টা; সাধনপন্থানির্দেশক। ২ উপদেশক; শিক্ষক; ওস্তাদ। ৩ সম্মানে বা বয়সে জ্যেষ্ঠ; মাননীয় ব্যক্তি। □ *বিণ* ১ ভারী; ওজনসম্পন্ন; লঘু বা হালকা নয় এমন। ২ দুর্বহ (চিন্তার গুরুভার)। ৩ দায়িত্বপূর্ণ। ৪ কঠিন; মহান (গুরু দায়িত্ব)। ৫ দুরূহ (গুরু বিষয়)। ৬ শ্রদ্ধেয়; মাননীয় (গুরু লঘু ভেদ)। ৭ অতিশয়; অধিক (গুরু ভোজন)। ৮ (*ব্যা.*) দীর্ঘ মাত্রাযুক্ত (গুরু স্বর)। ~**কন্যা** *বি* ওস্তাদের কন্যা। ~**করা, ~ করণ** *ক্রি* পীর ধরা; গুরুরূপে গ্রহণ করে মুরিদ বা শিষ্য হওয়া। ~**কুল** *বি* গুরুর বংশ। ~**ক্রম** *বি* গুরুপরম্পরাগত। □ *বিণ* গুরুক্রমিক। ~**গত** *বিণ* ১ গুরুর অনুগত; গুরুর বাধ্য। ২ গুরুঘটিত। ~**গম্ভীর** *বিণ* ১ ওজোগুণসম্পন্ন ও মহত্ত্বপূর্ণ। ২ গভীর অর্থযুক্ত ও গম্ভীর শব্দবিশিষ্ট। ৩ উচ্চ ও গম্ভীর। ~**গিরি** *বি* ১ গুরুর বৃত্তি; শিক্ষকতা। ২ (*ব্য.*) গুরুর ন্যায় ভাবভঙ্গি (গুরুগিরি ফলানো)। ~**গৃহ** *বি* শিক্ষকের বাড়ি। ~**ঘাতক, ~ঘাতী, ~ঘ্ন** *বি* গুরুহন্তা। ~**চণ্ডালী, ~চাণ্ডালী** *বি* সাধু ভাষার সহিত কথ্য ভাষার ব্যবহাররূপ দোষ; সংস্কৃত শব্দের সঙ্গে দেশজ শব্দের মিশ্রণের অসঙ্গতি (তাঁর সাবেকী ভাষা বঙ্কিমের মতো গুরু–চণ্ডালী দোষে দুষ্ট নয়—*সুদ*)।

–জন *বি* সম্মানিত ব্যক্তি; গুরুর ন্যায় মান্য ব্যক্তি; বয়সে বা জ্ঞানে জ্যেষ্ঠ ব্যক্তি; মুরুব্বি। –জল *বি* ধাতুমিশ্রিত জল; hard water; যে জলে সাবানের ফেনা হয় না। –ঠাকুর *বি* ১ হিন্দুদের পারিবারিক বা বংশানুক্রমিক ধর্মোপদেষ্টা। ২ *(ব্য.)* অশ্রদ্ধেয় ব্যক্তি (বাজে লোক অর্থে) (ওরে আমার গুরুঠাকুর এসেছেন)। –তনয় *বি* গুরুর পুত্র; ওস্তাদের পুত্র। –তর *বিণ* দুইয়ের মধ্যে বেশি গুরু। □ *বি* সাংঘাতিক; ভয়ানক; অত্যন্ত; মহা (গুরুতর বিপদ)। –তা, –ত্ব *বি* ১ গুরুগিরি। ২ মহত্ত্ব। ৩ ভার; ওজন। ৪ আধিক্য। ৫ গাম্ভীর্য। ৬ কাঠিন্য। ৭ স্তূপ; mass; পিণ্ড। –দক্ষিণা *বি* ১ শিক্ষা বা দীক্ষা দানের জন্য গুরুর প্রাপ্য অর্থ প্রভৃতি। ২ *(ব্য.)* প্রহার বা অন্য উপায়ে অপদস্থকরণ; উত্তমমধ্যম। –দশা *বি* ১ (হিন্দুদের) পিতা বা মাতার মৃত্যুজনিত অশৌচ অবস্থা। ২ *(জ্যোতি.)* বৃহস্পতির দশা; সৌভাগ্য দশা। –দেব *বি* গুরু; শ্রদ্ধেয় গুরু। –নিতম্ব *বিণ* যার নিতম্বদেশ স্থূল। –নিতম্বা, –নিতম্বিনী *স্ত্রী.*। –নিন্দা *বি* গুরুর নিন্দা। –পত্নী *বি* গুরুর স্ত্রী। –পরিচর্যা *বি* গুরুর সেবা; ওস্তাদের খেদমত। –পাক *বিণ* সহজে পরিপাক হয় না এমন; দুষ্পাচ্য। –পাট, –র পাট *বি* গুরুর স্থান। –পুত্র *বি* গুরুর ছেলে। –পুরুত, –পুরোহিত *বি* হিন্দুদের মন্ত্রগুরু বা পুরোহিত। –বধ *বি* গুরুহত্যা। –বরণ *বি* দীক্ষাগুরুকে বস্ত্রালঙ্কার দ্বারা সম্মান। –বর্ণ *বি* উচ্চবর্ণ। –বল *বি* ১ গুরুর আশীর্বাদ; গুরুর কৃপাবল। ২ গুরুর করুণা–রূপ শক্তি। –বার *বি* বৃহস্পতিবার। –ভক্ত *বি* গুরুর প্রতি ভক্তিভাবসম্পন্ন। –ভক্তি *বি* গুরুর প্রতি ভক্তি। –ভাই *বি* একই গুরুর শিষ্য। –ভার *বি* ১ অধিক ভার। ২ দায়িত্বের আধিক্য। □ *বিণ* ১ অধিক ভারযুক্ত; খুব ভারী। ২ অত্যধিক দায়িত্বযুক্ত। –মহাশয়, –মশাই *বি* ১ শিক্ষক বা পাঠশালার পণ্ডিত। ২ *(ব্য.)* অকালপক্ব বালক; নেতৃত্ব ফলানো। –মা *বি* ১ ধর্মোপদেশদাত্রী। ২ গুরুপত্নী। ৩ শিক্ষাদাত্রী; শিক্ষিকা; ওস্তাদ–আম্মা। –মারা *বিণ* গুরুকে বিদ্যায় হারানোর মতো (করি কতমতো গুরু–মারাটিকে লেখনীর ঘুচে খেদ—*রঠা*)। –মারা বিদ্যা *বি* ১ গুরুর নিকট থেকে লব্ধ যে বিদ্যা দ্বারা গুরুকেই পরাস্ত করা হয়; গুরুর শিষ্য হয়েও সেই গুরুকে হারাবার মতো বিদ্যা; গুরুর নিকট থেকে প্রাপ্ত বিদ্যা দ্বারা গুরুকে শিক্ষাদান। ২ গুরুর নিকট থেকে লব্ধ অপপ্রযুক্ত বিদ্যা। –মুখী বিদ্যা *বি* যে বিদ্যা কেবল গুরুর মুখ হইতে শুনিয়া অধিগত করিতে হয়। –রত্ন *বি* পুষ্পরাগ মণি। –শিষ্য *বি* শিক্ষক ও ছাত্র। –শুশ্রূষা *বি* গুরুর পরিচর্যা। –স্থানীয় *বিণ* গুরুতুল্য; গুরুপদবাচ্য। –হত্যা *বি* গুরুকে হত্যা করা রূপ মহাপাতক। –হন্তা, –হা *বিণ* গুরু হত্যাকারী। { *স.* √গৃ+উ}

গুরুগুরু [গুরুগুরু] *অব্য* ১ মৃদুগম্ভীর মেঘগর্জন ধ্বনি। ২ ভয়ের অনুভূতিজনিত দ্রুত হৃৎকম্পবোধক। { *ধ্বন্যা.* }

গুরুচণ্ডালী ⇒ গুরু

গুরুমুখী ⇒ গুরমুখী

গুরুয়া *(মবা.)* [গুরুয়া] *বিণ* গুরু; ভারী; স্থূল (শরীর গুরুয়া তার অতি ভয়ঙ্কর—*দৌবা*)। { *স.* গুরু> }

গুর্খা [গুরখা] *বি* পার্বত্য যোদ্ধা জাতিবিশেষ; নেপালি (এই গুর্খা আর তাদের ভায়রা ভাই 'গাড়োয়াল' এই দুটো জাতই...যুদ্ধের সময় কি রকম ভীষণ হয়ে উঠে—*নই*)।

গুর্জ ⇒ গোর্জ

গুর্জর [গুরজর্] *বি* গুজরাট নামক দেশ বা উহার অধিবাসী। **গুর্জরী** *বি* ১ গুজরাটের স্ত্রীলোক বা অধিবাসিনী। ২ একটি রাগিণী। { *স.* গুর্জর}

গুর্দা ⇒ গোর্দা

গুর্বিণী *(মবা.)* [গুরবিনি] *বিণ* গর্ভিণী; গর্ভবতী। { *স.* গুরু+ইন+ঈ}

গুর্বী [গুরবি] *বি* গুরুর স্ত্রী; গুরুপত্নী। □ *বিণ* ১ মহিমময়ী; গৌরবময়ী। ২ মহতী; বিশাল। ৩ গর্ভিণী। { *স.* গুরু+ঈ}

গুল[১] [গুল্] *বি* ১ পোড়া তামাক (গুল থাকলেও হত উপায়, দাঁত মেজেছে তাই দিয়ে হায়—*নই*)। ২ কয়লার গুঁড়ার সহিত গোবর ও মাটি মিশাইয়া প্রস্তুত গুলি (গুলের আগুনের মন্দ মন্দ ধোঁয়ায় ভাল দেখা যায় না—*বিব*)। ৩ তামাকের কলিকার টিকা। { *ফা.* গুল گل ; *স.* গুলিকা}

গুল[২] [গুল্] *বি* ১ গোলাপ ফুল (বসোরা গুলের লালী—*নই*)। ২ ফুল (নার্গিস আর গুল বনোসার দেখবে যেথায় সুনীল দল—*নই*)। ৩ ফুলের নকশা বা চিত্র (গুলদার)। –কারী *বি* ফুল আঁকা; ফুলের নকশা। { *ফা.* গুল گل }

গুল[৩] [গুল্] *বি* ১ বানানো গল্প; মিথ্যা গল্প (একটি সরেস গুল ছাড়ুন তো, চাচা—*সৈমু*)। ২ ধাপ্পা; ফাঁকি; পট্টি। □ *ক্রি* গুল মারা (গুল মারার আর জায়গা পেলে না)। { *ফা.* গুলতাজ گلتاج }

গুলজার, গুলযার, গোলজার [গুল্‌জার্, –, গো–] *বিণ* ১ জাঁকজমকপূর্ণ (তুর্ক তোরণে নহবৎ বাজে গুলজার গুলশান—*শাহো*)। ২ জনাকীর্ণ; ঘনবসতিপূর্ণ; জমজমা (কলিকাতা ক্রমে ক্রমে শহর হইয়া গুলজার হইতে লাগিল—*প্যামি*)। ৩ জমজমাট (আসর গুলজার)। □ *বি* (মূল অর্থ) ফুলের বাগান। { *ফা.* গুলজার گلزار }

গুলঞ্চ [গুলোন্‌চো] *বি* ১ ফুলবিশেষ (ব্যথায় বিবশ গুলঞ্চ ফুল—*নই*)। ২ এক জাতীয় লতা; গুড়ুচি। { *স.* গুড়চী, গুড়ূচী> }

গুলতরাশ, গুলতরাস [গুল্‌তরাশ্] *বি* ১ যারা কাগজ কেটে ফুল তৈরি করে। ২ বাতির পোড়া শিষ কাটার কাঁচি। { *ফা.* গুলতরাশ گلتراش }

গুলতাই [গুল্‌তাই] *বি* গুলতি (হাতে হেম গুলতাই বাঁটুল—*ঘচ*)। { *ফা.* গুলেল্ گليل }

গুলতান, গুলতানি [গুল্‌তান্, গুল্‌তানি] *বি* ১ গল্প গুজব; গালগল্প (বন্ধুরা মিলে গুলতানি মারছে—*আত্মজা*)। ২ গোলযোগ। ৩ জটলা; ঘোঁট। –পাকানো *ক্রি* কয়েকজন একত্রিত হয়ে জটলা করা; ঘোঁট পাকানো। {ফা. গুল্‌তান্ گلطان }

গুলতি [গুল্‌তি] *বি* বাঁটুল; মাটির গুলি বা ঢিল ছুড়বার ধনুর্কবিশেষ (গুলতির গুলি এদের প্রাণ—*নই*)। { *ফা.* গুলেল্ گليل }

গুলদস্তা [গুলদস্‌তা] *বি* ১ ফুলের তোড়া। ২ ফুলদানি। {*ফা.* গুল্‌দস্তাহ্ گلدسته }

গুলদান, গুলদানি [গুল্‌দান্‌, –নি] *বি* পুষ্পপাত্র; ফুলদান (উড়ে গিয়ে সে রইল বসে তোমার গালের গুলদানীতে—*নই*)। {*ফা.* গুলদান্ گلدان }

গুলদার [গুলদার্] *বিণ* ফুলের নকশা-কাটা; বুটিদার (গুলদার ঢাকাই উড়ুনী—*কাসি*)। {*ফা.* গুলদার گلدار }

গুলনকসা, গুলনকশা [গুল্‌নক্‌শা, –শো] *বি* ১ ফুল পাতা তোলা রেশমি কাপড়। ২ চিকনের ফুল-তোলা কাজ। {*ফা.* গুল্ گل + *আ.* নকশ نقش }

গুলনার, গুলেনার [গুল্‌নার, –লে–] *বি* ১ ডালিমের ফুল (প্রশান্ত বাতাসে শুধু জাগিতেছে গুলেনার বন—*ফঅা*; গুলন্যার বাগে ফুল বিলকুল—*মোম*)। ২ ডালিম ফুলের নকশা-করা শাড়ি। {*ফা.* গুল+আনার گل انار }

গুলনো ⇒ গুলানো

গুলপট্টি [গুল্‌পোট্‌টি] *বি* ১ ধাপ্পাবাজি; ফাঁকিবাজি; ধোঁকাবাজি। ২ ধাপ্পা; ফাঁকি। ~ **মারা** *ক্রি* ধাপ্পা দেওয়া। {*ফা.* গুলতাজ>গুল+পট্টি}

গুলফাম [গুল্‌ফাম্] *বিণ* ১ কুসুমদেহী। ২ রঙিন বা গোলাপি। ৩ গোলাপ বর্ণ। {*ফা.* গুল+ফাম گلفام }

গুলবদন[১] [গুলবদোন্] *বিণ* কোমলাঙ্গ; নরম দেহবিশিষ্ট; গোলাপের ন্যায় কোমলদেহী। □ *বি* রেশমি শাড়িবিশেষ। **গুলবদনী** *বিণ স্ত্রী.* কোমলাঙ্গী; নরম দেহবিশিষ্ট। {*ফা.* গুল্+বদন گلبدن }

গুলবদন[২] [গুল্‌বদোন্] *বিণ* ফুলের ন্যায় মুখ যার। **গুলবদনী** *বিণ স্ত্রী.* পুষ্পমুখী (গুলবদনীর চিবুক গালের টোল—*নই*)। {*ফা.* গুল্ گل + *স.* বদন}

গুলবনফ্‌শা [গুল্‌বনোফ্‌শা] *বি* ফুলবিশেষ; violet flower। {*ফা.* গুল+বনফশা گل + بنفسه }

গুলবন্ধী [গুল্‌বোন্‌ধি] *(প্রাবা.)* *বি* জামিন; প্রতিভূ। {*ফা.* গুল گل + *ফা.* বন্দী بندی }

গুলবাগ, গুলবাগিচা[গুল্‌বাগ্, –বাগিচা] *বি* ফুলবাগান; কুসুম কানন (আগমনী গায় গুলবাগে বুলবুল—*নই*)। {*ফা.* গুল্+বাগ্ گلباغ }

গুলবাহার [গুল্‌বাহার্] *বি* ১ বুটিদার শাড়িবিশেষ; রঙিন ফুল তোলা শাড়িবিশেষ (গুলে গুলে শাড়ী গুলবাহার পরি সেদিন ধরণী মা—*নই*)। ২ কেয়ারি-করা ফুল বাগান; সুশোভিত কানন (ভূতেরা চাহুক গোর ও স্মশান আমরা চাহিব গুলবাহার—*নই*)। {*ফা.* গুলবাহার گلبهار }

গুলমোহর ⇒ গোলমোহর

গুলযার ⇒ গুলজার

গুলরুখ [গুল্‌রুখ্] *বিণ* ১ যার গণ্ডদেশ গোলাপের ন্যায় রঙিন। ২ রক্তরঙিন (সুর্মা পাহাড়ে লুপ্ত অগ্নিবর্ণ গুলরুখ শিখা—*ফঅা*)। {*ফা.* গুলরোখ্ گلرخ }

গুলশান[গুল্‌শান্] *বি* পুষ্পোদ্যান; কুসুম-কানন; ফুলবাগান (ফিরদৌসের কোন গুলশানে—*ইহো*; এ ধরা হউক আল্লার গুলশান—*নই*)। {*ফা.* গুলশান گلشن }

গুলশিরাজি[গুল্‌শিরাজি] *বি* সিরাজের গোলাপ (গোলাপ কাঁটার শুকনো বেড়ায় গুলশিরাজী ফুটল না—*সদ*)। {*ফা.* গুল্ گل + *ফা.* শিরাজি شیرازی }

গুলা, গুলি[২]**, গুলো, গুলিন, গুলোন** [গুলা, –লি, –লো, –লিন, –লোন্] *অব্য* ১ বহুত্ব নির্দেশক প্রত্যয় (পাতাগুলিন ছেঁড়া খোঁড়া—*রঠা*)। ২ বিশেষ সমষ্টিবোধক প্রত্যয় (সবগুলো ছেলে গাছে উঠেছে)। {*স.* কুল}

গুলানো, গুলনো [গুলানো, -লনো] *ক্রি* ১ গুলিয়ে ফেলা বা গোলমাল করে ফেলা; এলোমেলো করা; বিভিন্ন প্রকার দ্রব্যের মিশ্রণ করা (সব গুলিয়ে ফেলেছে)। ২ আলোড়িত বা মথিত হওয়া; ঘুলিয়ে ওঠা; বমনোদ্রেক হওয়া (পেট গুলাচ্ছে)। ৩ বিশৃঙ্খল হওয়া (গুলিয়ে গেছে)। □ *বি* উক্ত অর্থসমূহে। {*স.* গোল>+*বা.* আনো}

গুলাব, গুলাবি, গুলাবী ⇒ গোলাপ

গুলাল [গুলাল্] *বি* ১ আবীর; ফাগ (গণ্ডে গ্রীষ্মের গুলাল —*সুদ*)। ২ সুগন্ধি তুলসি গাছ; বাবুই তুলসী। ৩ সুগন্ধি পুষ্পবিশেষ। ৪ গুলতি। {*ফা.* গুল্লালাহ گلاله }

গুলি[১]**, গুলী, গোলী** [গুলি, –, গো–] *বি* ১ গুটিকার ন্যায় বস্তু; বাঁটুলের ন্যায় ছোট গোলা (ঋষি আফিঙের গুলির ধ্যান করছেন, না আলোর গোলার ধ্যান করছেন —*অঠা*)। ২ বড়ি; pill। ৩ বাঁটুল; নুড়ি; গুটি (গুলতির গুলি এদের প্রাণ—*নই*)। ৪ বন্দুকের ছররা বা বুলেট (গুলি তাঁকে স্পর্শ করতে পারে না—*রাব*; কথা নয় যেন শীসের গুলি—*আআআ*)। ৫ হাতে পায়ের পিণ্ডাকার মাংসপেশি; muscle। ৬ চণ্ডু; আফিম থেকে প্রস্তুত মাদক দ্রব্যবিশেষ (গুলিখোর)। –**খোর** *বি, বিণ* চণ্ডুসেবী; আফিংখোর (উড়েও বেহারা রেয়ো গুলিখোরেরা কাঙ্গালীর দলে মিশতে লাগলো—*কাসি*)। –**ডাণ্ডা**, –**দাণ্ডা** *বি* একপ্রকার খেলা; ঐ খেলার উপকরণ; ডাংগুলি (গুলি দাণ্ডা, কপাটী কপাটী, চোর চোর, তেলি হাত পিছলে গেলি প্রভৃতি খেলায় পদ্মলোচন প্রসিদ্ধ হয়ে পড়লেন—*কাসি*)। {*তুল. হি.* গুলী }

গুলি[২] ⇒ গুলা

গুলিকা [গুলিকা] *বি* ১ গুটি; গুটিকা। ২ বটিকা; pill। বড়ি। ৩ বন্দুক ইত্যাদি দ্বারা ছোড়ার গুলি। {*স.* গুটিকা>}

গুলিখোর ⇒ গুলি[১]

গুলি-ডাণ্ডা, গুলি-দাণ্ডা ⇒ গুলি

গুলিন ⇒ গুলা

গুলিস্তান, গুলিস্তাঁ [গুলিস্‌তান্, –তাঁ] *বি* ১ পুষ্পবন; ফুলের বাগান (শরাব সাকীর গুলিস্তাঁয়—*নই*; আনিব হেতা পুণ্য গুলিস্তান—*জুআ*)। ২ শেখ সা'দীর বিখ্যাত কাব্যগ্রন্থ। ৩ ঢাকার গুলিস্তান নামক স্থান। {*ফা.* গুলিস্তাঁ گلستان }

গুলী, গুলিখোর ⇒ গুলি[১]

গুলেনার ⇒ গুলনার

গুলো, গুলোন ⇒ গুলা

গুলফ [গুল্‌ফো] *বি* পায়ের গোড়ালি; পাদগ্রন্থি, গ্রন্থি (গুলফ চুমি কাঁদবে গো কেশ চিরুন চুমার আফসোসে —*নই*)। {*স.* √গুর(>ল)+ফ(ফক্)}

গুল্ম [গুল্‌মো] *বি* ১ ছোটো গাছের ঝাড়। ২ কাণ্ডহীন গাছ। ৩ সৈন্যদের ঘাঁটি। ৪ হিন্দু পুরাণোক্ত সৈন্য সংখ্যাবিশেষ। ৫ প্লীহা বৃদ্ধির ফলে রোগবিশেষ। {*স.* √গুড়্+ম(মক্)}

গুষ্টি, গুষ্ঠি [গুশ্‌টি, -ঠি] *বি* ১ গোষ্ঠী; বংশ; গোত্র। ২ অবাঞ্ছিত ও বিরক্তিকর বহু ব্যক্তি (গুষ্টিশুদ্ধ এসেছে)। **~র পিণ্ডি, ~র মাথা** *বি* একান্ত অবাঞ্ছিত বিরক্তিকর বস্তু অর্থে গালিবিশেষ (তোমার গুষ্টির মাথা, এসব বাজে কথা শুনতে চাইনে)। **~সুখ** *বি* আত্মীয় পরিজনের সঙ্গসুখ (শহরে এসে গুষ্টিসুখ অনুভব করার সুবিধে হল—*সৈমু*)। {*স.* গোষ্ঠী>}

গুহ [গুহো] *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু। ২ হিন্দু দেবতা কার্তিক। ৩ কায়স্থ শ্রেণির বাঙালি হিন্দুর উপাধিবিশেষ। ৪ রামায়ণে বর্ণিত গুহক চণ্ডাল। **~ষষ্ঠী** *বি* তিথিবিশেষ; অগ্রহায়ণের শুক্লা ষষ্ঠী। {√গুহ্+অ(ক)}

গুহক [গুহক্] *বি* রামায়ণে উল্লিখিত নিষাদরাজ, রামের মিতা (তার চেয়ে ভালো গুহক চাঁড়াল—*সদ*)। {*স.* √গুহ্+ক}

গুহা [গুহা] *বি* ১ গহ্বর; গর্ত। ২ পর্বত কন্দর; শৈল-গহ্বর। ৩ নিভৃত স্থান; গূঢ় বা গুপ্তস্থান; অন্তরতম স্থান; গভীর গোপন প্রদেশ। **~চর** *বিণ* গুহায় বিচরণ করে এমন; গুহায় বিচরণকারী। **~লীন** *বিণ* ১ গুহাগত; গুহাস্থিত। □*বি* সিংহ বাঘ ইত্যাদি বন্য পশু। {*স.* √গুহ্+অ+আ}

গুহাহিত [গুহাহিতো] *বিণ* ১ গুহাতে আবদ্ধ। ২ গুহ্য; নিভৃত; গুহায়িত। {*স.* গুহা+আহিত, ৭তৎ}

গুহ্য [গুজ্‌ঝো] *বিণ* ১ অপ্রকাশ্য। গোপনীয়। ২ নিগূঢ়; রহস্যময়। ৩ নিভৃত; গুপ্ত; একান্ত। ৪ দুর্বোধ্য; দুর্জ্ঞেয়। □*বি* মলদ্বার (গুহ্যদেশ)। {*স.* √গুহ্+য(ক্যপ্)}

গুহ্যক [গুজ্‌ঝক্] *বি* হিন্দু পুরাণোক্ত কুবেরের অনুচর; যক্ষ। {*স.* গুহ্য+ক(কপ্)}

গূঢ় [গুঢ়ো] *বিণ* ১ গুপ্ত; লুক্কায়িত; অপ্রকাশিত (গূঢ় অভিসন্ধি)। ২ দুর্জ্ঞেয়; দুর্বোধ্য; জটিল (গূঢ় তত্ত্ব)। ৩ দুষ্প্রবেশ্য; দুর্গম; গহন। ৪ প্রচ্ছন্ন; আচ্ছাদিত; সংবৃত (গূঢ় উপহাস জ্ঞান করিয়া—*রঠা*)। ৫ মর্মগত; আন্তরিক; নিবিড় (তরুলতা গুল্ম কী গূঢ় পুলকে—*রঠা*)। ৬ নির্জন; নিভৃত। **~চারী** *বিণ* গোপনচারী, অলক্ষ্য বা প্রচ্ছন্ন গতি এমন (দুর্নমিত, অসংযত, গূঢ়চারী, গহন-গম্ভীর—*সদ*)। **~পথ** *বি* গোপন পথ। **~পাদ** *বি* ১ কচ্ছপ। ২ সর্প। **~পুরুষ** *বি* গুপ্তচর। **~ফণা** *বি* সংবৃত সংগুপ্ত বা সঙ্কুচিত চক্র (পথে পথে গুপ্ত সর্প গূঢ়ফণা—*রঠা*)। **~বৃক্ষ** *বি* করবী বৃক্ষ। **~মায়া** *বিণ* বোধাতীত মায়াসম্পন্ন। **~মার্গ** *বি* গুপ্তপথ; সুড়ঙ্গ। {*স.* √গুহ্+ত(ক্ত)}

গৃঞ্জন [গ্রিন্‌জন্] *বি* ১ রসুন। ২ গাজর। ৩ শালগম। {*স.* √গৃঞ্জ্+অন(ল্যুট্)}

গৃধিনী [গ্রিধিনি] *বি স্ত্রী.* শকুনি। {*স.* গৃধ্র+*বা.* ইনী}

গৃধ্নু [গ্রিধ্‌নু] *বিণ* লোভী; লোলুপ; লোভযুক্ত (অর্থগৃধ্নু)। {*স.* √গৃধ্+নু (ক্নু)}

গৃধ্র [গ্রিধ্‌রো] *বি* শকুনি; গৃধিনী। **গৃধ্রী** *স্ত্রী.*। **~রাজ** *বি* ১ জটায়ু। ২ সম্পাতি। ৩ গরুড়। {*স.* √গৃধ্+র(ক্রন্)}

গৃহ [গ্রিহো] *বি* ১ বাড়ি; বাটী; ভবন। ২ বাসস্থান; আবাস। ৩ ঘর; কক্ষ; কামরা। ৪ গৃহাশ্রম; সংসার (গৃহধর্ম)। **~কপোত** *বি* পারাবত; পায়রা। **~কর্তা** *বি* গৃহস্বামী; পরিবারের প্রধান বা পালক। **~কর্ত্রী** *স্ত্রী.*। **~কর্ম, ~কার্য** *বি* ১ গৃহস্থালির কাজ; ঘরকন্নার কাজ; সাংসারিক কাজ। **~কোণ** *বি* ১ ঘরের কোণ বা অভ্যন্তর বা প্রান্ত (একেলা গৃহকোণে—*রঠা*)। ২ অন্তঃপুর। ৩ সংসার। **~গোধিকা, ~গোধা** *বি* টিকটিকি। **~ছিদ্র** *বি* পরিবারিক কলঙ্ক বা ঘরের দোষ; গৃহাপবাদ (শাস্ত্রে গৃহছিদ্র প্রকাশ করিতে নিষেধ আছে—*ঈবি*)। **~চ্যুত** *বি* রোয়াক; রক; ঘরের দাওয়া। **~তল** *বি* ঘরের মেঝে। **~ত্যাগ** *বি* ১ আবাস পরিত্যাগ; আশ্রয় ত্যাগ। ২ সংসার ত্যাগ। ৩ সন্ন্যাস গ্রহণ; বৈরাগ্য অবলম্বন। **~ত্যাগী** *বিণ*। **~দাহ** *বি* ১ অগ্নি সংযোগে গৃহের আংশিক বা সম্পূর্ণ ভস্মীভূত হওয়া। ২ (*আল.*) সাংসারিক বিপর্যয়। **~দেবতা** *বি* হিন্দুদের মধ্যে পুরুষানুক্রমে পূজিত দেবতা; কুলদেবতা; বাস্তুদেবতা; গৃহে প্রতিষ্ঠিত দেবতা। **~দেবী** *বি* ১ হিন্দুদের ষষ্ঠী দেবী। ২ গৃহিণী। **~দ্বার** *বি* ১ ঘরের দরজা। ২ সন্নিধি; নিকট। **~ধর্ম** *বি* ১ গৃহস্থের ধর্ম; গার্হস্থ্য ধর্ম; সংসার ধর্ম। ২ গৃহস্থের পালনীয় কর্তব্য। **~পতি** *বি* ১ গৃহস্বামী। ২ বৈশ্য; বণিক (ব্রাহ্মণ, গৃহপতি প্রভৃতি অনেক ধনাঢ্য জাতিও আছে—*রাসা*)। **~পাল** *বি* গৃহস্বামী। **~পালিত, ~পোষ্য** *বিণ* ঘরে পালন করা হয় বা হয়েছে এমন; পোষা। **~প্রতিষ্ঠা** *বি* গৃহের ভিত্তি স্থাপন। **~প্রবেশ** *বি* নবনির্মিত গৃহাদিতে বাসের উদ্দেশ্যে প্রথম প্রবেশ ও সেই উপলক্ষে অনুষ্ঠান। **~বলিভুক** *বি* ১ কাক। ২ চড়াই পাখি। ৩ কপোত। **~বাটিকা** *বি* ১ বাসগৃহসংলগ্ন উদ্যান। ২ বাগান বাড়ি। **~বাসী** (-সিন্) *বিণ, বি* ১ গৃহে বাস করে যে; গৃহস্থ (ওরে গৃহবাসী, খোল দ্বার খোল—*রঠা*)। ২ সংসারী। **~বিচ্ছেদ** *বি* ১ পরিজনের মধ্যে কলহ; পারিবারিক ঝগড়া-বিবাদ। ২ আত্মকলহ। **~বিবাদ** *বি* ১ পারিবারিক কলহ। ২ একই রাষ্ট্রের প্রজাগণের মধ্যে পরস্পর যুদ্ধ-বিগ্রহ, রাষ্ট্রের অন্তর্বিপ্লব। **~ভেদী** (-দিন্) *বিণ* যে পরিবারের মধ্যে বিরোধ ঘটায়; ঘর ভাঙানে। **~ভেদিনী** *স্ত্রী.*। **~মণি** *বি* দীপ; প্রদীপ। **~মার্জার** *বি* পোষা বিড়াল। **~মৃগ** *বি* গৃহপালিত কুকুর। **~মেধী** (-ধিন্) *বি* ১ গৃহস্থ। □*বিণ* গৃহজাত (গৃহমেধী শিল্পে জীয়াইয়া—*সদ*)। **~মেধিনী** *স্ত্রী.*। **~যাচিকা** *বি* চামচিকা। **~যুদ্ধ** *বি* ১ ঘরোয়া ঝগড়া-বিবাদ। ২ রাজ্যের অন্তর্বিপ্লব; civil war। **~লক্ষ্মী** *বি* ১ কুলবধূ। ২ গৃহের লক্ষ্মীস্বরূপা গৃহিণী (বন্দী হয়ে আছ তুমি সুমধুর স্নেহে, অয়ি গৃহলক্ষ্মী—*রঠা*)। **~শত্রু** *বি* যে ব্যক্তি গোপনে স্বগৃহ বা স্বদেশের ক্ষতিজনক কার্য করে। **~শূন্য** *বিণ* ১ আশ্রয়হীন; নিরাশ্রয়। ২ মৃতপত্নীক; বিপত্নীক। **~সজ্জা** *বি* ঘরের আসবাবপত্র। **~স্থ, গেরস্থ, গেরস্ত** *বি* ১ সংসারী মানুষ। ২ মধ্যবিত্ত এমন লোক। □*বিণ* গৃহে আছে এমন; গৃহস্থিত। **~স্থালি, গিরস্থালি, গেরস্থালী** *বি* ঘরকন্না বা সংসারের কাজ (স্বাস্থ্য এবং গিরস্থালি দুইটাই সংশোধনের বাইরে—*আমআ*)। **~স্বামী** (-মিন্) *বি* বাড়ির বা পরিবারের কর্তাব্যক্তি। **~স্বামিনী** *স্ত্রী.*। **গৃহাগত** *বিণ, বি* ১ বাড়িতে আগত। ২ নিজ গৃহে প্রত্যাবর্তন করেছে যে।

৩ অতিথি। **গৃহান্তর** *বি* অন্য গৃহ; ভিন্ন কক্ষ। **গৃহাশ্রম** *বি* ১ গার্হস্থ্য আশ্রম। ২ গার্হস্থ্য বা সংসারধর্ম। **গৃহাসক্ত** *বিণ* ১ সংসারে অত্যন্ত অনুরক্ত। ২ ঘরকুনো। {*স.* √গ্রহ্+অ(ক)}

গৃহিণী [গ্রিহিনি] *বি* ১ গৃহকর্ত্রী। ২ পত্নী; স্ত্রী। *পু.* গৃহী। **~পনা** *বি* ১ গৃহিণীর দায়িত্ব পালনে দক্ষতা। ২ গৃহিণীর আচরণ। ৩ *(ব্য.)* অল্পবয়স্কা বালিকার পাকামি অথবা গৃহিণীসুলভ ব্যবহার; অল্পবয়সীর প্রবীণার ন্যায় আচরণ। {*স.* গৃহ+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

গৃহী [গ্রিহি] *বি* ১ গৃহস্থ; সংসারী। ২ বিবাহিত ব্যক্তি। *পু.* গৃহিণী। {*স.* গৃহ+ইন্(ইনি)}

গৃহীত [গ্রিহিতো] *বিণ* ১ গ্রহণ করা বা মানা হয়েছে এমন। ২ ধারণ করা হয়েছে এমন; ধৃত। ৩ প্রাপ্ত; লব্ধ। ৪ স্বীকার করা হয়েছে এমন; স্বীকৃত। ৫ আশ্রয়প্রাপ্ত; আশ্রিত। *পু.* গৃহীতা। {*স.* √গ্রহ্+ত(ক্ত)}

গৃহ্য[১] [গ্রিজ্‌ঝো] *বিণ* ১ গ্রহণের উপযুক্ত; গ্রহণযোগ্য। ২ বশীভূত; আয়ত্ত। {*স.* √গ্রহ্+য(ক্যপ্)}

গৃহ্য[২] [গ্রিজ্‌ঝো] *বিণ* ১ গৃহসংক্রান্ত। ২ গৃহে পালিত। ৩ গৃহে জাত। □ *বি* গৃহ্যসূত্র। **~সূত্র** *বি* হিন্দুদের সাংসারিক অনুষ্ঠানবিধিসংবলিত পুস্তক বা ধর্মগ্রন্থ। {*স.* গৃহ+য(যৎ)}

গে ⇒ গিয়া

গেও [গেয়ো] *ক্রি (ব্র.)* গেলো বা গিয়েছে (হরি গেও মধুপুর—*বিপ*)। {*স.* √গম্>}

গেংগানো ⇒ গোঙানো

গেঁজ, গ্যাঁজ [গ্যাঁজ্] *বি* ১ অঙ্কুর। ২ আব। {*স.* √জন্ (?); *ফা.* গন্জ گنج}

গেঁজলা ⇒ গাঁজ

গেঁজে, গেঁজিয়া [গেঁজে, –জিয়া] *বি* টাকা ইত্যাদি রাখিবার সরু লম্বা থলি (ভব্যতা সে ভিমি গেছে ভেপসে ওটা টাকার গেঁজেয় থেকে—*সদ*; পটু কড়ির গেঁজে বাহির করিয়া দেখাইল—*বিব*)। {*স.* গঞ্জ+*বা.* ইয়া>এ}

গেঁজেল [গেঁজেল্] *বিণ* ১ গাঁজাখোর। ২ *(আল.)* অসম্ভব কথা বলে এমন, যে গাঁজাখুরি গল্প করে এমন; অত্যন্ত মিথ্যাবাদী। {*স.* গঞ্জিকা>*বা.* গাঁজা+ইয়াল>এল}

গেঁট, গ্যাঁট [গ্যাঁট] *বিণ* আঁটসাঁট; স্থির; অনড় (সেই যে বসলেন গেঁট হয়ে—*সৈমুআ*)। {*স.* গ্রন্থি> ?}

গেঁটা, গ্যাঁটা [গ্যাঁটা] *বিণ* বেঁটে অথচ মোটা ও শক্তিশালী। **গেঁটাগোটা, গেঁটাগোঁট্টা, গাঁট্টাগোঁট্টা** *বিণ* বেঁটেখাটো মোটাসোটা ও শক্তপোক্ত। {*স.* গ্রন্থি>}

গেঁটে [গেঁটে] *বিণ* ১ গাঁটযুক্ত; গ্রন্থিবিশিষ্ট; গ্রন্থিল (গেঁটে বাঁশ, গেঁটে লাঠি)। ২ গ্রন্থি থেকে বা গ্রন্থিতে উৎপন্ন (গেঁটে বাত)। ৩ গ্রন্থিসংক্রান্ত। **গেঁটে-গেঁটে** *বিণ* গ্রন্থি বা কাঁটাবহুল (পাগলো গেঁটে গেঁটে কাদা মাখা খরখরে—*অঠা*)। {*স.* গ্রন্থি>গাঁটা+ *বা.* ইয়া>এ}

গেঁট্টাগোঁট্টা ⇒ গেঁটা

গেঁড় [গেঁড়্] *বি* ১ কন্দ। ২ গাঁটযুক্ত মূল (কচুর গেঁড়)। {*স.* গেণ্ডুক>গেণ্ডুঅ>}

গেঁড়া, গ্যাঁড়া [গ্যাঁড়া] *বি* চুরি; মরণ; অপহরণ; আত্মসাৎকরণ (গেঁড়া দেওয়া বা মারা)। □ *বিণ* বেঁটে। **–কল** *বি* কঠিন বা জটিল বন্ধন; যে বিপদ থেকে অব্যাহতি পাওয়া কঠিন। {*স.* গেণ্ডুক>}

গেঁড়ি [গেঁড়ি] *বি* একপ্রকার ছোট শামুক। {*স.* গ্রন্থি}

গেঁড়ু, গেঁড়ুয়া [গেঁড়ু, গেঁড়ুয়া] *বি* ১ গোলক; ভাঁটা; বল। ২ স্তবক; তোড়া; মালা (ফুলের গেঁড়ুয়া লুফিয়া ধরয়ে—*চদা*)। {*স.* গেণ্ডুক}

গেঁড়ো [গেঁড়ো] *বি* ১ কলার এঁটে বা থোড়ের নিম্নাংশ। ২ বৃহদাকার কচু। {*স.* গ্রন্থি>}

গেঁতো [গেঁতো] *বিণ* ১ বিলম্বে কার্যকরণে অভ্যস্ত; দীর্ঘসূত্রী। ২ কুঁড়ে; অলস। {*হি* গাওদী}

গেঁথে [গেঁথে] *অক্রি* গ্রন্থন বা রচনা করে (মালা গেঁথে)। {*স.* √গ্রন্থ্}

গেঁদা ⇒ গাদা

গেঁদে বসা [গেঁদে বসা] *ক্রি* চেপে বসা; জুড়ে বসা; অধিকার করে বসা (এখন 'বাঁকুড়ার চুলবুলে' সাহসী ছুঁড়ি এসে আমার মনের আসনে জোর গেঁদে বসেছেন—*নই*)। {*স.* √গাধ্>}

গেঁয়ে ⇒ গাঁইয়া

গেঁয়ো ⇒ গাঁইয়া

গেঁহু, গেহুঁ [গেঁহু, গেহুঁ] *বি* গম (গেহুঁর রুটি, গরম কোর্মা কালিয়া—*নই*)। {*স.* গোধূম; *ফা.* গন্দম گندم ; *হি* গেহুঁ}

গেঙানো, গেংগানো ⇒ গোঙানো

গেছো [গেছো] *বিণ* ১ গাছ সংক্রান্ত। ২ বৃক্ষসমূহে সঞ্চরণশীল বা ভ্রমণশীল; গাছে গাছে থাকে এমন। ৩ গাছে চড়তে ভালবাসে এমন (গেছো মেয়ে)। ৪ পুরুষভাবাপন্ন; দুর্দান্ত; ডানপিটে। {*বা.* গাছ+উয়া>}

গেজ [গেজ্] *বি* অঙ্কুর; গেঁজ (তরু-গেজ তুল্য গাছ হৈব ভূমি হোতে—*সৈআ*)। {*ফা.* গজ}

গেজা [গ্যাজা] *বি* সুস্বাদু বা ভালো খাবার (শুকরের হাতে তুমি সপিআছ গেজা—*শেফ*)। {*আ.* গিযা غذا }

গেজেট [গেজেট্] *বি* ১ সংবাদপত্র; newspaper (গেজেট করেছি পাঠ—*রঠা*)। ২ সরকারি ইস্তাহার; সরকারি ফরমানের বিবরণ। ৩ *(ব্য.)* যার কাছে সর্বপ্রকার সংবাদ থাকে, যে যাবতীয় খবর সংগ্রহ করে এবং বলে বেড়ায়। {*ই* gazette}

গেঞ্জি, গঞ্জি [গেন্‌জি, গো–] *বি* মেশিনে বোনা ছোট জামাবিশেষ; পুরুষের অন্তর্বাস। {*ই* guernsey}

গেট [গেট্] *বি* ফটক; সদর দরজা; প্রবেশদ্বার। {*ই* gate}

গেড়ে বসা [গেড়ে বশা] *ক্রি* কায়েমি হয়ে বা অটল হয়ে বসা। {*তুল. হি* গাড়্না}

গেণ্ডু, গেণ্ডুক [গেন্‌ডু,–ক্] *বি* ভাঁটা; কন্দুক; বল; গোলক। {*স.* কন্দুক>*পা.* গেন্দুঅ>*বা.* গেণ্ডুক}

গেণ্ডুয়া, গেন্দুক [গেন্‌ডুয়া, গেন্‌দুক্] *বি* কন্দুক; বল; গোলক। {*স.* গেণ্ডুক}

গেদা [গ্যাদা] *বি* শিশু (কার জানি গেদা ছাড়িয়াছে দুধ দুদিন সে উপবাস—*বআমি*)। □ *বিণ* অল্পবয়স্ক। {*স.* গর্ভিত>গব্দিঅ>}

গেনু [গেনু] *ক্রি (পদ্য.)* গমন করলাম; গেলাম। {গেলাম>}

গেন্দা১ [গ্যান্দা] *বি* শিশুসন্তান; শিশুপুত্র। গেন্দী *স্ত্রী.* (গেন্দীটারে আধমরা কৈরা ফালাইছ—*মুম*)। {*স.* গর্বিত>গেদা>}

গেন্দা২ ⇒ গাঁদা

গেন্দুক ⇒ গেণ্ডুয়া

গেয় [গেয়ো] *বিণ* ১ গান করার উপযুক্ত; গীতযোগ্য। ২ গাওয়া হয় এরূপ। {*স.* √গৈ+য(যৎ)}

গেয়ান [গেয়ান] *বি* জ্ঞান; বোধ; চৈতন্য। **~বোধ** *বি* জ্ঞান-বোধ; বোধশোধ; জ্ঞানবুদ্ধি। {*স.* জ্ঞান>}

গেরদ, গের্দ, গির্দ [গের্‌দো, -, গি-] *বি* ১ বেষ্টন; আটক। ২ এলাকা; অঞ্চল (পাঁচ লক্ষ সামন্ত দিল্লী গের্দ্দে ছিল—*রাম*)। {*ফা.* গির্‌দ گرد }

গেরদা ⇒ গিরদা

গেরন [গেরোন্] *বি* গ্রহণ। {*স.* গ্রহণ}

গেরবাজ, গেরোবাজ, গিরুবাজ [গের্‌বাজ্, গেরো-, গিরু-] *বি* গৃহবাজ; ভালো জাতের পায়রাবিশেষ; লোটন পায়রা (খুব ডিগবাজি খেতে শিখেছিস। তুই আর জন্মে ছিলি গেরবাজ—*প্রবি*)। {*স.* গৃহ+*ফা.* বাজ}

গেরস্ত, গেরস্থ, গেরস্থালী ⇒ গৃহ

গেরানি১ [গেরানি] *বি* গোরবিশেষ; গ্রহণী রোগ (আইল লোনা পানি, হইল গেরানী, অকালেতে লোক মরে—*ফগ*)। {*স.* গৃহ+*বা.* আনি}

গেরানি২ [গেরানি] *বি* মহার্ঘতা; মূল্যাধিক্য; খাদ্যাভাব। {*ফা.* গেরানী گرانی }

গেরি [গেরি] *বিণ* গৈরিক; গেরুয়া রঙের (গেরি মাটি)। {*স.* গৈরিক}

গেরিলা, গেরিল্লা [গেরিলা, -ল্‌লা] *বি* হানাদার সৈন্য; আক্রমণকারী; স্থলচর সৈন্য (আচমকা বাড়ির গেট খুলে কয়েকজন গেরিল্লা বাগানে ঢুকলো—*সৈমুআ*)। {*ই.* guerilla}

গেরুবাজ ⇒ গেরবাজ

গেরুয়া [গেরুয়া] *বিণ* ১ গৈরিক বর্ণযুক্ত; গৈরিক বর্ণে রঞ্জিত (মাঝে মাঝে আবার গেরুয়া বসন পরত—*নই*)। ☐*বি* গৈরিক বস্ত্র (গেরুয়া পরিহিত)। {*স.* গৈরিক>}

গেরেপতার, গেরেপ্তার, গেরেফ্‌তার ⇒ গ্রেপ্তার

গেরো১ [গেরো] *বি* ১ বিপদ; ফের; আপদ। ২ কুগ্রহ; দুর্ভাগ্য। {*স.* গ্রহ>}

গেরো২ ⇒ গিরা

গেরোবাজ ⇒ গেরবাজ

গের্দ ⇒ গেরদ

গের্দা ⇒ গিরদা

গেল১ [গ্যালো] *ক্রি* ১ গমন করল। ২ প্রবেশ করল (ঘরে গেল)। ৩ শেষ বা সমাপ্ত হলো; মৃত্যু হলো (স্বর্গে গেল)। ৪ অতিবাহিত হলো; কাটল (দুঃখে জীবন গেল; দিন গেল)। ৫ বহির্গত বা উত্তীর্ণ হলো (সুচে সুতা গেল না)। ৬ বিনষ্ট হলো (রাজার রাজ্য গেল)। ৭ ব্যয় হলো (উৎসবে অনেক টাকা গেল)। ৮ মুগ্ধ প্রলুব্ধ বা আকৃষ্ট হলো (মন গেল)। {*স.* গত>+*বা.* ইল্ল>}

গেল২ [গ্যালো] *বিণ* যা চলে গেছে; বিগত; অব্যবহিত পূর্বের (গেল বছর, গেল হাটে)। {*স.* গত+*বা.* ইল্ল}

গেল৩ [গ্যালো] *অব্য* ১ বিস্ময়প্রকাশক শব্দ (গেল যাঃ)। ২ ভীতি, হতাশা, দুশ্চিন্তা ইত্যাদি বোধক শব্দ (গেল গেল, ধর ধর)। {*স.* গত>+*বা.* ইল্ল>}

গেলমান ⇒ গিলমান

গেলা *(মবা.)* [গেলা] *ক্রি* গেল (গোয়ালিনী গেলা দধি বিকে—*বচদা*)। **গেলান্ত, গেলান্তি, গেলি, গেলী** *(মবা.)* *ক্রি* গেল; গমন করল (গেলান্তি সাগরে—*বচদা*; গেলি কামিনী—*বিপ*)। {*স.* √গম; *বা.* গেল>}

গেলা, গিলা [গেলা, গি-] *ক্রি* ১ গলাধঃকরণ করা। ২ পান করা (ঔষধ গেলা)। ৩ ভোজন করা; আহার করা (এবার বসে বসে গেল)। ৪ আত্মসাৎ করা; গ্রাস করা (অপরের বিষয় গেলা)। ☐*বি,বিণ* উক্ত সকল অর্থে। **গিলানো** *ক্রি* ১ গলাধঃকরণ করানো। ২ ভোজন করানো। ৩ পান করানো। {*স.* নিগরণ>}

গেলাপ, গেলাফ, গিলাফ [গেলাপ্, -ফ্, গি-] *বি* ১ ওয়াড়; খোল (পুরাতন তম্বুরাটিতে গেলাপ পরাইয়া—*রঠা*)। ২ আচ্ছাদন; আবরণ (কাবার গেলাফের এক টুকরা বাহির করিয়া দিলেন—*কাই*)। {*আ.* গিলাফ্ غلاف }

গেলাস ⇒ গ্লাস

গেলেমান, গিলমান [গেলেমান্, গিল্‌মান্] *বি* বেহেশতের সেবকবৃন্দ (বেহেশ্‌তে হুর গেলেমান বা স্বর্গে অপ্সরা কিন্নরী বলে কোন প্রাণী থাকলে—*নই*; স্বর্গের হুর গেলেমানগণ .... ও অমরাত্মাগণের মুখে শুনিতে লাগিল হায় হোসেন! হায় হোসেন—*মীম*)। {*আ.* গিলমান غلمان }

গেহ [গেহো] *বি* গৃহ; আবাস; বাসস্থান (আনিনু এ হৈম গেহে—*মদ*)। {*স.* গৃহ>; *স.* গ+√ঈহ্+অ; √গ্রহ+অ(অন্)}

গেহুঁ ⇒ গোঁহু

গৈবি, গৈবী ⇒ গায়েবি

গৈরিক [গোইরিক্] *বি* ১ গিরিমাটি। ২ রংবিশেষ; গেরুয়া রং (ঝাণ্ডায় তোমার গৈরিক ফোটে—*সদ*)। ৩ সোনা। ৪ গেরুয়া কাপড়। ☐*বিণ* ১ পর্বতে উৎপন্ন। ২ গেরুয়া। {*স.* গিরি+ইক(ঠঞ্)}

গৈরেয় [গোইরেয়ো] *বি* ১ গিরিমাটি। ২ পর্বতে উৎপন্ন বস্তু। {*স.* গিরি+এয়(ঢক্)}

গো১ [গো] *বি* ১ গরু; ধেনু; গাভী। ২ গো-জাতি। ৩ বৃষ; ষাঁড়। ৪ চক্ষু প্রভৃতি ইন্দ্রিয় (গোচর)। ৫ ধরণী; পৃথিবী (গোস্বামী)। **~ক্ষীর** *বি* গরুর দুধ; গোদুগ্ধ। **~-খাদক** *বিণ* গোমাংসভোজী। **~-গর্দভ** *বিণ,বি* অজমূর্খ; নিরেট মূর্খ (অনেক গো-গর্দভ যে পরীক্ষায় পাস করিতেছে—*রঠা*)। **~গর্ভ** *বি* গাভীর উদর (গোগর্ভে সমুৎপন্ন—*ঈবি*)। **~-গ্রাস** *বি* ১ প্রায়শ্চিত্তের পর গরুর মুখে ঘাস দানের হিন্দু প্রথা। ২ গরুর মতো বড় গ্রাসে দ্রুত গলাধঃকরণ (গো-গ্রাসে গেলা)। **~গ্রাসী** *বিণ* সর্বগ্রাসী (আজো খোলা আছে গোগ্রাসী তার হাঁ-যে—*বুব*)। **~ঘ্ন** *বিণ* ১ গো হত্যাকারী; গো-ঘাতক। ☐*বি* অতিথি। **~চন্দন** *বি* গোরোচনা।

~চারণ *বি* গরু চরানো; গরুকে মাঠে নিয়ে গিয়ে তৃণাদি খাওয়ানো। **~দান** *বি* হিন্দুদের মধ্যে ধেনুদানরূপ ধর্মকার্য। **~দোহনী, ~দোহিনী** *বি* দুগ্ধ দোহনের পাত্র; দুধের কেঁড়ে। **~ধন** *বি* গরুরূপ সম্পদ। **~বৎস** *বি* বাছুর। **~বেড়েন** *বি* গরুকে প্রহার করার ন্যায় নির্দয় প্রহার। **~বৈদ্য** *বি* ১ গাভীর রোগের চিকিৎসক। ২ হাতুড়ে চিকিৎসক; quack। **~ব্রজ** *বি* ১ গোষ্ঠ। ২ গোচারণ ক্ষেত্র। **~ভাগাড়** *বি* গরুর মৃতদেহ ফেলার স্থান। **~মূত্র** *বি* চোনা। **~মেধ** *বি* প্রাচীন কালে হিন্দুদের গরুকে বলিদান দ্বারা অনুষ্ঠিত একপ্রকার যজ্ঞ; গোবধে নিষ্পন্ন যজ্ঞবিশেষ। **~যান** *বি* গরুর গাড়ি। **~রক্ত** *বি* গরুর রক্ত—হিন্দুবিশ্বাস অনুযায়ী গোহত্যা ব্রাহ্মণ হত্যার মতো গুরুতর অপরাধ (গোরক্ত-ব্রহ্মরক্তপাত)। **~রক্ষক** *বি* রাখাল। **~রস** *বি* ১ গরুর দুধ (গোরস সহিতে যেন না মিলএ তেল—*দৌবা*)। ২ গরুর দুধ থেকে প্রস্তুত ঘৃত ইত্যাদি। **~শালা** *বি* ১ গোয়াল। ২ গরু রাখার স্থান। **~স্তন** *বি* ১ ওলান; গরুর স্তন (চলিতে দুলিছে শত গোস্তন পূর্ণ শীতল রসে—*সদ*)। ২ চার-নরী হার। **~স্তনী** *বি* গোস্তনের ন্যায় যে ফল; দ্রাক্ষাফল; আঙুর। {*স.* √গম্+ও(ডো)}

গো[২] [গো] *অব্য* সম্বোধনসূচক শব্দবিশেষ (সখী গো, হ্যাঁ গো)। {অগো, ওগো>}

গোই *(ব্র.)* [গোই] *অক্রি* গোপন করে (বসনে অঙ্গ সব গোই—*বিপ*)। {*স.* √গুপ্>*বা.* √গোপ্+ই, গোপি>}

গোইন্দাগিরি ⇒ গোয়েন্দা

গোঁ [গোঁ] *বি* জিদ (সমাজ তার নিজের গোঁ ছাড়ে না—*প্রচৌ*)। **গোঁ গোঁ** *অব্য* যন্ত্রণা; ক্রোধ প্রভৃতিজনিত কাতরানি বা অস্ফুট গর্জন। {*ফা.* গুন্গ্ گنگ, *তুল.হি.* গুংগা; অথবা, *ধ্বন্যা.*}

গোঁজ [গোঁজ] *বি* খোঁটা; কীলক। ☐*বিণ* বিরক্তি হেতু নির্বাক নিশ্চল ও গম্ভীর (তুফানি গোঁজ হয়ে রইল—*অচিসে*)। {*তুল.হি.* গোজা}

গোঁজা, গুঁজা [গোঁজা, গুঁ-] *ক্রি* ১ প্রবেশ করানো; পোঁতা। ২ নত করা (ঘাড় গোঁজা)। ৩ কোনো প্রকারে সামান্য আশ্রয় লাভ করা (মাথা গোঁজা)। ☐*বি* ১ উক্ত সকল অর্থে। ২ অন্য কিছুর ভিতর যা গুঁজে দেওয়া হয়। ৩ মেরামত কার্যের জন্য যা গুঁজে দেওয়া হয় (চালে খড় গোঁজা); গুঁজি। ৪ কোনো প্রকারে দেওয়া মিল; গোঁজামিল। ☐*বিণ* গুঁজে দেওয়া হয়েছে এমন। **~মিল, ~মিলন** *বি* ১ বাজে বুঝ দেওয়া মিল; যেন তেন প্রকারে মিল (দায়ে পড়িয়া মিলন গোঁজামিলন মাত্র—*রঠা*)। ২ ফাঁক। {*বা.* গোঁজ+আ}

গোঁট ⇒ ঘোঁট

গোঁড় [গোঁড়] *বি* নাভিতে বৃদ্ধিপ্রাপ্ত মাংসপিণ্ড বা শিশ্নাকার উচ্চনাভি। {*স.* গাণ্ড>}

গোঁড়া[১] [গোঁড়া] *বিণ* উচ্চ নাভিযুক্ত। **গোঁড়ালেবু, গোঁড়ানেবু** *বি* গোঁড়যুক্ত অতিশয় অম্লস্বাদ ও বৃহদাকার একজাতীয় লেবু; জামির। {*স.* গোণ্ড+*বা.* আ}

গোঁড়া[২] [গোঁড়া] *বিণ* ১ ধর্মমতে অন্ধবিশ্বাসী ও একগুঁয়ে, orthodox (ধর্মবিশ্বাসে গোঁড়া হলেও জাফর ছিলেন সর্ববিদ্যাবিশারদ—*আম*)। ২ অতিশয় সংরক্ষণশীল মনোভাবাপন্ন; প্রাচীনপন্থি; প্রচলিত মতবিশ্বাসে অতিশয় নিষ্ঠাবান। ৩ অন্ধভক্ত; প্রবল অনুরাগী। ৪ অত্যধিক পক্ষপাতী। **গোঁড়ামি, গোঁড়ামো** *বি* ১ ধর্মমত অন্ধবিশ্বাসের সঙ্গে ও একগুঁয়েভাবে অনুসরণ (গোঁড়া সমর্থক); ধর্মান্ধতা। ২ একান্ত রক্ষণশীলতা। ৩ অন্ধ ভক্তি। ৪ অত্যন্ত পক্ষপাত বা পক্ষপাতের আতিশয্য। {*বা.* গোঁড়+আ}

গোঁৎ, গোঁতা, গোঁত্তা [গোঁত্, গোঁতা, গোঁত্তা] *বি* ১ মাথা নিচু করে জলের মধ্যে বেগে প্রবেশের ভাব। ২ আকাশে বায়ুস্রোতে গুঁতা মারার ভঙ্গিতে কাত হয়ে হঠাৎ টাল খেয়ে নিচে নামার ভাব। ৩ মাথা নিচু করে মস্তকের দ্বারা ধাক্কা দেওয়া বা ঢুঁ দেওয়া (যুদ্ধের জন্যে এগিয়ে এসে হায়দরিকে এক গোঁত্তা বসিয়ে—*অঠা*)। **~খাওয়া** *ক্রি* হঠাৎ টাল খাওয়া বা ঘুরে পড়া (সাধের ঘুড়িটা গোঁৎ খেয়ে —*সুধা*)। **~মারা** *ক্রি* মাথা কিছু নিচু করে বেগে বা টাল খেতে খেতে নিচে নামা। {*আ.* গুত্বাহ غوطه (=ডুব)}

গোঁপ ⇒ গোঁফ

গোঁফ, গোঁপ [গোঁফ্, -প্] *বি* ওষ্ঠদেশের লোমসমূহ; মোচ; গুম্ফ; moustache। **~খেজুরে** *বিণ* অতিশয় অলস; অত্যন্ত কুড়ে (গোঁফের উপরে খেজুর পড়িয়া আছে অথচ সেটি মুখের মধ্যে টানিয়া লইবার কষ্ট স্বীকার করে না এমন অলস)। **গোঁফে তা দেওয়া** ১ ভবিষ্যৎ লাভের আশায় উৎফুল্ল হওয়া। ২ বিনা কাজে কেবল শৌখিনতা করিয়া কাটানো (বিবাহের পর হইতে গোঁফে তা দিয়া সে বেশ আরামে থাকিবে—*রঠা*)। {*স.* গুম্ফ}

গোঁয়ানো, গোঙানো, গোঙ্গানো *(মবা.)* [গোঁয়ানো, গোঙানো, গোঙ্গানো] *ক্রি* ১ কাটানো। ২ অতিবাহিত হওয়া (মিছে খেলায় দিন গোঁয়ান—*রাম*)। ৩ পশ্চাতে যাওয়া; অনুগমন করা (সকল লোক পশ্চাতে গোঁয়ায়—*কৃও*)। ৪ মিলে মিশে থাকা; বনিবনা হওয়া। ☐*বি* ১ অতিবাহন; যাপন; কাটানো। ২ অতিবাহিত; যাপিত। {*স.* গমন>}

গোঁয়ার [গোঁয়ার্] *বিণ* ১ অতিশয় জেদবিশিষ্ট; জেদি; একগুঁয়ে। ২ কাণ্ডজ্ঞানহীন; হোঁৎকা; rash; হঠকারী; উদ্ধত। ৪ দুঃসাহসী। ৫ অশিক্ষিত; অমার্জিত; অসভ্য। **গোঁয়ার-গোবিন্দ** *বিণ, বি* কাণ্ডজ্ঞানহীন হঠকারী একগুঁয়ে ও দুঃসাহসী; জেদি ও অত্যন্ত ক্রোধী (আমি পল্টনের গোঁয়ার-গোবিন্দ সেপাই)। **~তুমি, ~তমি, গোঁয়ার্তুমি, গোঁয়ার্তমি** *বি* গোঁয়ারের কাজ; হঠকারিতা ও

দুঃসাহসিকতার ভাব (গোঁয়ারতুমি করতে গেলেই মুশকিল বাধে-- *রঠা;* এমনি একটি গোয়ার্তমি যেন তাঁকে পেয়ে না বসে—*মোচৌ*)। {*উ.* গঁয়ার گنوار, *হি.* গাঁওয়ার}

গোঁয়ারা, গোমরা [গোঁয়ারা, গোম্‌রা] *বি* ১ মুহররমের তাজিয়া; হজরত ইমাম হাসান ও হুজরত ইমাম হোসেনের কৃত্রিম শবাধার। ২ মুহররম উৎসব। {*ফা.* গোর گور (=কবর) বহু گوران }

গোঁসাই, গোসাই, গোসাঞি [গোঁশাই, গোশাই, গোশায়ি] *বি* ১ প্রভু (কুমারের প্রাণ মাত্র রাখক গোসাই—*সৈআ*)। ২ জগদীশ্বর। ৩ বৈষ্ণব সম্প্রদায়ের গুরুবংশীয় ব্যক্তিদের উপাধি। ৪ বৈষ্ণব। ৫ হিন্দুদের মধ্যে স্বামী বা পূজনীয় ব্যক্তিদের বলা হয়। {*স.* গোস্বামী; গো=পৃথিবী, স্বামী=প্রভু}

গোকর্ণ [গোকর্‌নো] *বি* ১ অনামিকা ও অঙ্গুষ্ঠ বিস্তৃত করলে তাদের মধ্যে যে ফাঁক হয় তা। ২ গণ্ডূষ। ৩ অশ্বতর। ৪ সাপ। {*স.* গো+কর্ণ}

গোকুল [গোকুল্‌] *বি* ১ গরুর পাল। ২ গোষ্ঠ। ৩ যমুনা তীরের একটি গ্রাম; হিন্দু পুরাণোক্ত কৃষ্ণের বাল্য লীলাভূমি। **গোকুলে বাড়া** *ক্রি* কোনো অজ্ঞাত স্থানে লুকিয়ে শক্তি বৃদ্ধি করা। **গোকুলের ষাঁড়** *বিণ,বি* স্বেচ্ছাচারী, যথেচ্ছাচারী, ও অনিষ্টকারী। {*স.* গো+কুল}

গোক্ষীর ⇒ গো

গোক্ষুর [গোক্‌খুর, গোখুর] *বি* ১ একজাতীয় কাঁটাগাছ। ২ গরুর খুর। ৩ গোখরো সাপ। **গোক্ষুরা, গোখুর, গোখরা, গোখরো** *বি* বিষধর সর্পবিশেষ যার ফণায় গরুর ক্ষুরের চিহ্ন আছে। **গোখুরা বাঁধন** *বি* সাপের গায়ের ছাপের অনুকরণে বেত্রবন্ধন (ফুস্যির সাথে রাঙতা জড়ায়ে গোখুরা বাঁধনে আঁটি—*জউ*)। {*স.* গো+ক্ষুর}

গো-গর্দভ, গোগর্ভ ⇒ গো

গোগাল [গোগাল্‌] *বি* কালি (তাদের অনেকেরই চোখে 'গোগাল' পড়ে গেছে—*নই*)। {*আঞ্চ.*}

গোগালচি [গোগাল্‌চি] *বি* ঝুঁটি (গোড়ার গোগালচির মত আমার সামনের লম্বা চুলগুলো ধরে দমাদম প্রহার—*নই*)।

গোগ্রাস, গোগ্রাসী ⇒ গো

গোঙরানি, গোংরানি [গোঙ্‌রানি] *বি* গোঁ গোঁ শব্দ; ক্রুদ্ধ চাপা গর্জন (ঝড়ের গোঙরানিতে—*অঠা*)। {*ধ্বন্যা.*}

গোঙানো, গোঙ্গানো [গোঙানো, গোঙ্‌গানো] *ক্রি* ১ গোঁ গোঁ ধ্বনি করা। ২ গোঁ গোঁ শব্দে গোঙাতে গোঙাতে কাঁদা। **গোঙানি, গোঙ্গানি** *বি*। {*ধ্বন্যা.*}

গোচ ⇒ গোছ

গোচর [গোচর্‌] *বি* ১ ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়। ২ *(জ্যোশা)* দৃষ্টি বা প্রভাবের ক্ষেত্র (শনির গোচর শুদ্ধি)। ৩ অবগতি; জ্ঞান (গোচরে আনয়ন)। ৪ জ্ঞাতসার (অগোচর)। ৫ গোচারণক্ষেত্র। □*বিণ* প্রত্যক্ষ; সাক্ষাৎ বিষয়ীভূত (কর্ণগোচর)। {*স.* গো+চর}

গোচারণ, গো-চন্দন ⇒ গো

গোছ, গোচ [গোছ্‌, –চ্‌] *বি* ১ গুচ্ছ; স্তবক; আঁটি; (পানের গোছ)। ২ রকম; ধরন (দারাজ গোছের একটা কিছু—*নই*)। ৩ সুব্যবস্থা; শৃঙ্খলা (কাজের গোছ)। ৪ হাঁটুর নিচের ও গোড়ালির উপরের অংশ। **গোছগাছ** *বি* বিন্যাস; সাজানো; শৃঙ্খলার সঙ্গে স্থাপন। {*স.* গুচ্ছ}

গোছল ⇒ গোসল

গোছা [গোছা] *বি* ১ গুচ্ছ; থোকা (নোটের গোছা)। ২ হাঁটুর নিচের ও গোড়ালির উপরের অংশ। ~**গোছা** *বি* পুঞ্জ পুঞ্জ; রাশীকৃত; থোকা থোকা; গুচ্ছ গুচ্ছ (কেবল গোছা-গোছা অশথপাতায়—*অঠা*)। {*স.* গুচ্ছ}

গোছানো, গুছানো, গুছনো [গোছানো, গু-, গুছ্‌নো] *ক্রি* ১ সাজানো; শৃঙ্খলার সঙ্গে স্থাপন করা; সুবিন্যস্ত করা (ঘর গোছানো)। ২ সংস্থান বা ব্যবস্থা করা। ৩ হাসিল বা সম্পন্ন করা (কাজ গোছানো)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। {*স.* গুচ্ছ>*বা.* গোছ+আনো}

গোছালো [গোছালো] *বিণ* ১ সুবিন্যস্ত; সাজানো; শৃঙ্খলার সঙ্গে স্থাপিত (গোছালো ঘর)। ২ সুশৃঙ্খলভাবে কাজ করে এমন। □*বি* হিসাব করে কাজ করে যে; সুশৃঙ্খল হিসাবি (গোছালো ব্যক্তি)। {*স.* গুচ্ছ>*বা.* গোছ+আলো}

গোজা [গোজা] *বি* কুব্জ; কুঁজা; বক্রপৃষ্ঠ; গোঁজা; নত (মওলানা সাহেব রুকু যাওয়ার মত গোজা হইয়া—*আমআ*)। {*স.* কুব্জ> কুঁজা>গোজা}

গোট[১], **গোঠ** [গোট্‌, –ঠ্‌] *বি* স্ত্রীলোকের কোমরের অলঙ্কারবিশেষ; মেখলা; কটিভূষণ; কিঙ্কিণী; girdle (গোট পড়েছে অপরাজিতা—*মোম*)। {*স.* কটিত্র>কটি> অথবা, *স.* গুটিক>গুটি>}

গোট[২] [গোট্‌] *বি* ১ আস্ত। ২ এক; গুটি। ~**গাট** *ক্রিবিণ* ১ আস্ত আস্ত; গোটা গোটা। ২ একে একে; গুটি গুটি। **গোটে গোটে** *ক্রিবিণ* একে একে; ক্রমে ক্রমে; এক এক করে (রাজপুত্র হাসিয়া উড়ান, গোটে গোটে ধনুকের বাণ ফুরান—*দমি*)। {*স.* গোষ্ঠী>গোটা/ অথবা, *স.* এক>*প্রা.* এক্ক+টা>গোটা}

গোটা [গোটা] *বিণ* ১ অখণ্ড; আস্ত (ইরানে ও বাহরায়েনের মাঝখানে যে রহিয়াছে গোটা পারস্য উপসাগর—*শামা*)। ২ সংখ্যা নির্দেশক টি, টা, কেবল (এক গোটা)। ~**কতক, –কত, ~ কয়েক** *বিণ* সামান্য কয়েকটি (গোটা কতক কথা জিজ্ঞাস্য আছে—*বচ*)। ~ **গোটা** *বিণ* আস্ত আস্ত। **–সিদ্ধ** *বি* অভঙ্গ মাষকলাই ইত্যাদি সিদ্ধ। {*স.* গোষ্ঠক>গোটা/ অথবা, *স.* এক>*প্রা.* এক্কক+টা> গোটা}

গোটা[২] [গোটা] *বি* গুঁড়া; বিশেষত বিবিধ মশলার চূর্ণ। **গোটার মশলা** *বি* বিবিধ মশলার মিশ্রণ যা ভেজে গুঁড়া করে ব্যঞ্জনাদিতে ব্যবহার করা হয়। {*স.* গুণ্ডি>গোটা/ অথবা, *স.* কুট্টিত>কোটা>গোটা}

গোটা[২] [গোটা] *বি* ১ ছোটো ছোটো ফল। ২ বিষফল (সাধ করিয়া খাই পিরীত গাছের গোটা—*পুঁথী*)। ~ **নাল** *বি* ১ গাঁজলা; লালাস্রাব (বালিসটে ময়লা তাতে আবার তোমার গোটানালে রাতদিন রসবতী—*দীপ্তি*)। ২ ফেনা; বিষফল ওল লঙ্কা ইত্যাদি মুখে দিলে মুখে যে গাঁজলা ওঠে (জিভ ঢাব আঙুল বেরিয়ে পড়ে মুখে গোটানাল ভাঙ্গছে অঠা)। {স. গোষ্ঠ>}

গোটা[৩] [গোটা] *বি* সোনা বা রুপার জরি। {*হি* গোটা}

গোটানো ⇒ গুটানো

গোটিক [গোটিক] *বিণ* একটিমাত্র; গুটি; এক (কোটিতে গোটিক হয়—*চদা*)। {*বা.* গুটি+এক}

গোঠ[১] [গোঠ] *বি* ১ গবাদি পশুর চারণভূমি বা ঘাস খাওয়ার স্থান; গোষ্ঠ; বাথান; গোচারণভূমি। ২ গোয়াল (গাই বাছুর সব ফিরে আসছে মাঠের ধার দিয়ে নদীর পার দিয়ে নিজের গোঠে—*অঠা*)। {*স.* গোষ্ঠ>}

গোডিম [গোডিম] *বি* ১ ডিম থেকে বের হওয়ার পর যে অবস্থা। ২ শিশুর জন্মের পর থেকে ছয় মাস বয়স পর্যন্ত কাল। {গুডিম; *স.* গুদ (মল নির্গমনের পথ)+ডিম্ব>}

গোড়, ঘোড় [গোড়, ঘোড়] *বি* ১ মূলদেশ; গোড়া। ২ চরণ; পা। ৩ গোড়ালি (গুড়-ঘুড়ো-তোলা খড়ম—*অঠা*)। ~ **তোলা** *বিণ* উঁচু গোড়ালিযুক্ত; উঁচু হিলওয়ালা (গোড়-তোলা জুতা)। **গোড়ে গোড় দেওয়া**—১ পায়ের সঙ্গে পা মিলানো। ২ পদাঙ্ক অনুসরণ করা। ৩ মতে সম্মতি দেওয়া; পোঁ ধরা; মোসাহেবি করা; চামচে হওয়া। {*স.* ঘুট, ঘুটিকা>}

গোড়া [গোড়া] *বি* ১ মূলদেশ; মূল (গাছের গোড়া, কাজের গোড়া)। ২ নৈকট্য; সন্নিধান (দোর-গোড়া)। ৩ ভিত্তি; ভিত্তিমূল (গোড়া পত্তন করা)। ৪ আদি; সূত্রপাত (গোড়া থেকে শুরু করা)। ৫ মূল কারণ; জড় (নষ্টের গোড়া)। **~ কেটে আগায় পানি/জল ঢালা**—কারো সর্বনাশ করে পরে কপট সহৃদয়তা দেখিয়ে তার যৎসামান্য উপকারের নিষ্ফল চেষ্টা করা। ~ **গুড়ি** *ক্রিবিণ* ১ সর্বারম্ভে; সর্বপ্রথমে (গোড়াগুড়ি আর কয়জন জানে)। ২ প্রথম বা আরম্ভ থেকে (বিষয়টার গোড়াগুড়ি জানা আছে)। □ *বি* সূচনা; আরম্ভ; আদি; প্রথম (গোড়াগুড়ি থেকে বলো)। ~ **য় গলদ**—মূলেই দোষ বা ভুল; সূচনাতেই ত্রুটি। {*স.* ঘুটিকা>*বা.* গোড়+আ}

গোড়াইল *(মবা.)* [গোড়ায়িল] *ক্রি* গমন করল; পিছু পিছু গেল (সেইক্ষণ হৈতে তক্ষক গোড়াইল—*কাদা*)। {*স.* ঘুট, ঘুটিকা>গোড়+আ}

গোড়ানো, গুড়ানো [গোড়ানো, গু–] *বি* গুটানো (তারক বানর তাদের পাছেতে লাঙ্গুল গোড়ায়—*অঠা*)। {*স.* √গুণ্ঠ>+আনো}

গোড়ালেবু, গোড়ানেবু [গোড়ালেবু, –নেবু] *বি* এক প্রকার টক অম্লস্বাদযুক্ত লেবু। {গোড়া+লেবু, নেবু}

গোড়ালি [গোড়ালি] *বি* গুলফ, পাদমূল; পাদমূলের পশ্চাৎ অংশ (মনসার গায়ে লাগে গোড়ালির পানি—*ক্ষেদা*)। {গোড়+আলি}

গোড়ে [গোড়ে] *বি* সুন্দর করে গাঁথা ফুলের মোটা মালা। {গড়িয়া>(কলকাতার এ স্থানে এ ধরনের মালা পাওয়া যেত)}

গোণা ⇒ গনা

গোণী [গোনি] *বি* থলে; বস্তা (গলদেশে বালুকাপূর্ণ গোণী বদ্ধ করিয়া, নদীতে নিক্ষিপ্ত করাইলেন—*ঈবি*)। {*স.* গুণ>}

গোতম ⇒ গৌতম

গোতা, গোত্তা, গোপ্তা [গোতা, গোত্‌তা, গোপ্‌তা] *বি* মাথা নিচের দিকে এই অবস্থায় (ঘুড়ির মতো পাক খেয়ে) সবেগে পতন (বেয়াড়া ঘুড়ির মতো গোত্তা খেয়ে সেদিকে ঢুঁ দিলুম—*সৈমুআ*)। {*আ.* গূত়া غوطة}

গোত্র[১] [গোত্‌ত্রো] *বি* ১ বংশ; কুল। ২ (হিন্দুদের) বংশপ্রবর্তক ঋষির সন্তান-পরম্পরা বা ঋষিপ্রবর্তিত বংশ (ভরদ্বাজ গোত্র)। ৩ সম্প্রদায়। ~ **জ** *বিণ* একই গোত্রভুক্ত; জ্ঞাতি; সগোত্র (পিকিং থেকে প্যারিস পর্যন্ত মানুষ মাত্রই এক গোত্রজ—*প্রচৌ*)। {*স.* √গু+ত্র}

গোত্র[২] [গোত্‌ত্রো] *বি* পর্বত। **–প্রধান** *বি* পর্বতশ্রেষ্ঠ হিমালয়। ~ **ভিৎ,** ~ **ভিদ** *বি* বজ্রদ্বারা পর্বত বিদীর্ণকারী হিন্দুদেবতা ইন্দ্র। {*স.* গো+ √ত্রৈ+অ(ক)}

গোদ [গোদ] *বি* রোগবিশেষ যাতে পা ফুলে যায়; শ্লীপদ। **গোদের উপর বিষফোড়া**—বিপদের উপর বিপদ (কাহারো কাহারো গোদের উপর বিষফোড়া অবস্থা—*মাউ*)। {*স.* গোদ (মস্তিষ্ক, সম্ভবত তা থেকেই মাথার মতো মোটা অর্থে অর্থান্তর}

গোদা [গোদা] *বিণ* ১ গোদযুক্ত (আকাশে সরষে ফোটে, গোদা ঠ্যাং লাফিয়ে ওঠে—*নই*)। ২ স্থূল; মোটা (গোদা জাম)। □ *বি* ১ বানর-দলপতি; বানর-প্রধান। ২ (মন্দ অর্থে) প্রধান লোক; দলপতি; নায়ক (পালের গোদা শ্রীমান্ বজ্রনাথ বিদ্যারত্ন খুড়—*ঈবি*)। ~ **পায়ের লাথি**—বাইরে দেখতে ভয়ঙ্কর হলেও কার্যত তেমন নয়। {*বা.* গোদ+আ}

গো-দান, গো-দোহনী, গো-দোহিনী ⇒ গো

গোদাবরী [গোদাবোরি] *বি* দক্ষিণ ভারতের একটি নদী। {*স.* গো+ √দা+বর+ঈ(ঙীপ্)}

গো-ধন ⇒ গো

গোধা, গোধিকা [গোধা, গোধিকা] *বি* গোসাপ; গুই সাপ। {*স.* √গুধ্+অ(ঘঞ্)+আ, +ই(ইন্)+ ক(কন্)+আ}

গোধুম, গোধূম [গোধুম্] *বি* গম (গোধূম ক্ষেতের ভিড়ে—*জীদা*)। ~ **চূর্ণ** *বি* আদা; ময়দা। {*ফা.* গনদুম্ گندم, *স.* √গুধ্+উম}

গোধূলি [গোধুলি] *বি* সন্ধ্যাবেলা; সায়ংকাল; সূর্যাস্ত কাল; যখন গরুর পাল ধূলি উড়াইয়া গৃহে ফেরে (গোধূলির লাল রং তখন আকাশে)। {*স.* গো+ধূলি}

গোনা[১] [গোনা] *ক্রি* গণনা করা; হিসাব করা। ☐*বি,বিণ* উক্ত অর্থে। ~**গাঁথা** *বিণ* কাঁটায় কাঁটায় মাপা বা হিসাব করা; গোনা-গুনতি। ~ **গুনতি** *বিণ* ১ নির্দিষ্টসংখ্যক বা নিতান্ত মাপা অর্থাৎ অল্পসংখ্যক (এই প্রকার কমবখত নিতান্ত গোনা-গুনতি – *মধ*)। ২ কমও নয় বেশিও নয়; ঠিক ঠিক। {*স.* গণনা>}

গোনা[২], **গোনাহ, গোনাহ্** ⇒ গুনা[১]

গোপ [গোপ্] *বি* ১ গোরক্ষক; গোয়ালা; ঘোষ। ২ গোয়ালা জাতি। ৩ রাজা; ভূপ। ৪ ভূম্যধিকারী। ৫ হিন্দুদের ঘোষ সম্প্রদায়ের ব্যক্তিদের উপাধিবিশেষ। ~**কন্যা**, ~**বালা** *বি* গোপজাতীয় কন্যা। ~**বধূ** *বি* গোপ-পত্নী; গোপনারী। ~**বল্লভ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। ☐*বিণ* গোপীদের প্রিয়। {*স.* গো+√পা+অ(ক)}

গোপত (*মব্য.*) [গোপতো] *বিণ* গুপ্ত; লুক্কায়িত; অগোচর (দেখিতে গোপত রূপ ভাবিতে বিষম—*সৈআ*)। {*স.* গুপ্ত >}

গোপথ [গোপথ্] *বি* যে পথে গরু চলে; গরুর চলাচলের দ্বারা তৈরি পথ। {*স.* গো+পথ}

গোপন [গোপোন্] *বি* কাউকে না জানানো; লুকানো। ☐*বিণ* গুপ্ত; গোপনীয়; অপ্রকাশিত (গোপন কথা)। **গোপনীয়** *বিণ* ১ গোপন রাখার যোগ্য এমন। ২ অপ্রকাশ্য। {*স.* √গুপ্+অন}

গোপা [গোপা] *বি* ১ গোপকন্যা। ২ শাক্যসিংহের পত্নী। {*স.* গোপ+আ}

গোপাঙ্গনা [গোপাঙ্গনা] *বি* গোপ কুলবধূ; গোয়ালিনী; গোপনারী। {*স.* গোপ+অঙ্গনা}

গোপাল[১] [গোপাল্] *বি* ১ গোরক্ষক; রাখাল; গোয়ালা। ২ হিন্দু পুরাণোক্ত শ্রীকৃষ্ণের বালক বয়সের নাম। ৩ রাজা। ৪ পাল বংশের প্রথম রাজা। ৫ আদুরে সন্তান। **গোপালক** *বি* গোয়ালা। ~-**কাছা** *বিণ* গোপালের ন্যায় কাছাবিহীন বা মুক্ত কচ্ছ (উল ঝলুল পায় গোপাল-কাছা হইয়া—*নই*)। **গোপালন** *বি* গরুর প্রতিপালন; গরুর সেবা বা পরিচর্যা। {*স.* গো+পাল}

গোপাল[২] [গোপাল্] *বি* গরুর পাল। {*স.* গো+পাল}

গোপালভোগ [গোপাল্ভোগ্] *বি* এক প্রকার উৎকৃষ্ট জাতের আম। {গোপাল+ভোগ}

গোপাষ্টমী [গোপাশ্টোমি] *বি* কার্তিক মাসে শুক্লাষ্টমী তিথি; উক্ত তিথিতে হিন্দুদের পালনীয় ব্রত ও পূজা। {*স.* গোপ+অষ্টমী}

গোপিকা, গোপিনী, গোপী [গোপিকা, গোপিনি, গোপি] *বি* গোয়ালিনী; গোপনারী; গোপবধূ। **গোপিনীবল্লভ, গোপীজনবল্লভ** *বি* হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। **গোপীচন্দন** *বি* কৃষ্ণের লীলাস্থল বৃন্দাবনের ঈষৎ পীত মৃত্তিকা; বৈষ্ণবদের অঙ্কনযোগ্য তিলক মাটি। {*স.* গোপ+ঈ(ঙীপ্)>গোপী, +ক(কন্)+ আ(টাপ্), ইন(ইনি) + ঈ(ঙীপ্)}

গোপিত [গোপিতো] *বিণ* ১ গুপ্ত; লুক্কায়িত। ২ রক্ষিত। {*বা.* √গোপি+ত(ক্ত)}

গোপিনী, গোপী, গোপীজনবল্লভ, গোপীচন্দন ⇒ গোপিকা

গোপীযন্ত্র, গুপীযন্ত্র [গোপিজন্ত্রো, গু-] *বি* এক তারযুক্ত এক প্রকার বাদ্যযন্ত্র। {গোপী+যন্ত্র}

গোপুর [গোপুর্] *বি* ১ মন্দিরদ্বার (মন্দিরের গোপুর ও প্রাচীর সেখানেও শক্তিমান শিল্পীরা কাজ করছে—*অঠা*)। ২ নগর-তোরণ; নগর দ্বার। {*স.* √গুপ্+উর(উরচ্)}

গোপ্তব্য, গোপ্য [গোপ্তোব্বো, গোপ্পো] *বিণ* ১ গোপনীয়; অপ্রকাশ্য; গোপন করার যোগ্য। ২ রক্ষণীয়; রক্ষণযোগ্য। {*স.* √গুপ্+তব্য, য(ণ্যৎ)}

গোপ্তা[১] (-প্তৃ) [গোপ্‌তা] *বিণ* রক্ষক; রক্ষাকর্তা। গোপ্ত্রী *স্ত্রী*। {*স.* √গুপ্+তৃ(তৃচ্)}

গোপ্তা[২] ⇒ গোতা

গোপ্য ⇒ গোপ্তব্য

গোফা [গোফা] *বি* ১ গুহা। ২ সাধনার নির্জন স্থান; নির্জন সাধন-স্থান। {*স.* গুহা>}

গোবৎস ⇒ গো

গোবদা, গোব্দা [গোব্দা] *বিণ* ১ অশোভন ধরনের স্থূল; বেমানান মোটা; মাংসল। ২ ফোলা। {*তুল. হি* গবদা}

গোবর [গোবোর্] *বি* গো-বিষ্ঠা; গোময়। ~-**গণেশ** *বি,বিণ* হাঁদা; অকর্মণ্য ও স্থূলবুদ্ধি। ~-**গাদা** *বি* ১ গোবরের স্তূপ। ☐*বিণ* অন্তঃসারশূন্য (গভীর গবেষণা করেও তার গোবর-গাদা মগজে এর কারণটা আর সেঁদোয় না— *নই*)। ~ **ছড়া** *বি* পানিতে গোলা গোবরের ছিটা। ~-**ভরা** *বিণ* ১ অসার; অন্তঃসারশূন্য। ২ সম্পূর্ণ বুদ্ধিহীন। **গোবরে পদ্মফুল**—হীন-অবস্থাজাত মহৎ ব্যক্তি; নীচকুলজাত গুণবান ব্যক্তি। {*স.* গোমল>; *স.* গোবিট্>}

গোবরাট, গোবরাঠ [গোব্রাট, -ঠ্] *বি* দরজার বা জানালার চৌকাঠের নিচের কাঠ। {*স.* গর্ভকাঠ>}

গোবর্ধন, গোবর্দ্ধন [গোবোর্ধন্] *বি* ১ বৃন্দাবনের একটি পাহাড়ের নাম। ২ বৃহৎ স্তূপ (মিঠে কড়া ভ্যালসা অম্বরি ও ইরানি তামাকের গোবর্দ্ধন হয়েছে—*কাসি*)। ~**ধারী** *বি* হিন্দু পুরাণোক্ত কৃষ্ণ। {*স.* গো+ √বৃধ্+অন}

গোবাঘ, গোবাঘা [গোবাঘ্, -ঘা] *বি* ১ যে বাঘ গরু শিকার করে। ২ নেকড়ে বাঘ। ৩ চিতা বাঘ। ৪ হায়েনা। {গো+বাঘ}

গোবিন্দ [গোবিন্দো] *বি* (হিন্দু পুরাণোক্ত) কৃষ্ণ; বিষ্ণু। {*স.* গো+ √বিদ্+অ(শ)}

গোবুচন্দ্র ⇒ গবুচন্দ্র

গোবেচারা, গো-বেচারি, গো-বেচারী [গোবেচারা, -রি, -] *বিণ* নিরীহ; শান্তশিষ্ট; নির্বিরোধ ভালো মানুষ। {*স.* গো+ *ফা.* বেচারাহ بیچاره }

গো বেড়েন ⇒ গো

গোবৈদ্য ⇒ গো[১]

গোব্দা ⇒ গোবদা

গো-ব্রজ ⇒ গো

গো-ভাগাড় [গোভাগাড়] *বি* গরু মারা গেলে যে স্থানে ফেলে দেওয়া হয়। {*স.* গো + *বা.* ভাগাড়}

গো-মক্ষিকা [গোমোক্‌খিকা] *বি* যে মাছি গরুকে দংশন করে; কুকুরে মাছি; ডাঁশ। {*স.* গো+মক্ষিকা}

গোমড়া [গোমড়া] *বিণ* ১ বিষণ্ণ; মলিন; অপ্রসন্ন। ২ গুমট; মেঘাচ্ছন্ন (ওপরের আকাশটুকুর মুখ গোমড়া—*অচিসে*)। {*ফা.* গুমরাহ্‌ گمراه }

গোমতল্লাশ, গোমতল্লাস [গোম্‌তল্‌লাশ্‌] *বি* নিখোঁজ জিনিসের খোঁজকরণ; গুপ্ত জিনিসের সন্ধান (আমরা এখানে গোমতল্লাস করিব—*প্যামি*)। {*ফা.* গুম্‌+তলাশ گم+تلاش }

গোমতী [গোমোতি] *বি* নদীবিশেষ। {*স.* গো+মৎ(মতুপ্‌)+ ঈ(ঙীপ্‌)}

গোময় [গোময়্‌] *বি* ১ গো-বিষ্ঠা; গোবর। ২ অসার পদার্থ; সারহীন বস্তু (মাথায় যে মস্তিষ্কের পরিবর্তে এতটা গোময় থাকিতে পারে—*রঠা*)। ~**লিপ্ত** *বিণ* গোবর দ্বারা নিকানো (গোময়লিপ্ত পরিচ্ছন্ন অঙ্গনের এক পার্শ্বে—*রাব*)। {*স.* গো+ময়(ময়ট্‌)}

গোমরা ⇒ গোঁয়ারা

গোমরাহ ⇒ গুমরাহ

গোমরাহি [গোম্‌রাহি] *বি* বিপথগমন। {*ফা.* গুম্‌রাহী گمراهی }

গোমসা [গোম্‌শা] *বিণ* ১ গম্ভীর; নির্বাক; অপ্রফুল্ল; বিষণ্ণ; গম্ভীর (মুখটা কেমন গোমসা দেখাচ্ছে না—*অঠা*)। ২ গুমট; মেঘাচ্ছন্ন। {গুম্‌+সা}

গোমস্তা, গমস্তা [গোমোস্‌তা] *বি* ১ তহশিলদার; যে কর্মচারী খাজনা আদায় করে; খাজনা আদায়কারী নায়েব। ২ জমিদার বা মহাজনের পাওনার তাগিদদার বা আদায়কারী। ৩ প্রতিনিধি। {*ফা.* গুমাশতাহ گماشته }

গোমায়ু [গোমায়ু] *বি* শৃগাল; শিয়াল। {*স.* গো+√মি+উ(ডুণ্‌)}

গোমুখ [গোমুখ্‌] *বি* ১ গরুর মুখ। ২ গরুর মুখের আকারের বাদ্যযন্ত্র। ৩ হিন্দুদের জপমালার ঝুলি। ৪ হিন্দুদের শিবের অনুচরবিশেষ; প্রমথ বিশেষ। □ *বিণ* গরুর মুখাকৃতিযুক্ত। {*স.* গো+মুখ; *বহু*}

গোমুখী [গোমুখি] *বি* ১ হিমালয়স্থ গোমুখাকৃতি গহ্বর যার মধ্য দিয়ে গঙ্গানদী প্রবহমান। ২ হিন্দুদের জপমালার ঝুলি। {*স.* গো+মুখ+ঈ; *বহু*}

গোমূত্র ⇒ গো

গোমূর্খ, গোমুখ্খু [গোমুর্‌খো, -মুক্‌খু] *বিণ* গণ্ডমূর্খ; নিরেট মূর্খ; বর্ণজ্ঞানহীন। {*স.* গো+মূর্খ}

গোমে গোমে ⇒ গুম[১]

গোমেদ [গোমেদ্‌] *বি* ১ কমলা রঙের মণিবিশেষ (রবির কিরণ ছড়ায় তরল গোমেদ মাণিক মনঃশিলায়—*সদ*)। ২ বৈদূর্য মণি। {*স.* গো+ √মিদ্‌+অ; ৬তৎ}

গোমেধ [গোমেধ্‌] *বি* হিন্দুদের বৈদিক যজ্ঞবিশেষ; গো-বলি দ্বারা নিষ্পন্ন যজ্ঞ। {*স.* গো+মেধ; *বহু*}

গোযান [গোজান্‌] *বি* গরুর গাড়ি; গো-শকট। {*স.* গো+যান; ৬তৎ}

গোয় [গোয়ো] *(ব্র.) ক্রি* কাটায়; অতিবাহিত করে। ২ গোপন করে। {*স.* √গম্‌}

গোয়াল[১], গোহাল [গোয়াল্‌, -হা-] *বি* গরুর ঘর; গোশালা; গো-গৃহ। {*স.* গোশালা>গোআল, গোহাল (আ স্থানে য়-শ্রুতি)}

গোয়াল[২], গোয়ালা, গয়লা [গোয়াল্‌, -লা, গয়্‌লা] *বি* ১ দুগ্ধ ব্যবসায়ী। ২ গোপালক; গোপ। **গোয়ালিনী, গয়লানি** *স্ত্রী*। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—১ গোয়ালা হয়েও দুধের পরিবর্তে আমানি খায়। ২ নামসর্বস্ব অসার; কাজের লোক নয় যে। {*স.* (য়-শ্রুতির ফলে); গোপালক>}

গোয়েন্দা [গোয়েন্‌দা] *বি* গুপ্তচর। ~**গিরি** *বি* ১ গোয়েন্দা পেশা। ২ গুপ্তচরবৃত্তি; গোয়েন্দার কাজ। {*ফা.* গোয়িন্দাহ گوینده }

গোর[১] [গোর্‌] *বি* কবর; সমাধি; মৃতদেহ মৃত্তিকা নিম্নে প্রোথিতকরণ (মস্ত ভারী গোলা হয়তো ট্রেঞ্চের সামনে-টায় পড়ে আমাদের দু'জনাকেই গোর দিয়ে দেবে—*নই*)। ~**-আজাব** *বি* ১ মৃতদেহ সমাহিত হওয়ার পর ফেরেশতাদের দ্বারা পাপের কঠিন শাস্তি; কবরের যন্ত্রণা। ২ ভীষণ যন্ত্রণা; প্রচণ্ড কষ্ট (যেন এ গোর-আজাব—*ফআ*)। ~ **দেওয়া** *ক্রি* দাফন করা; মৃতদেহ কবরস্থ করা। ~**স্তান**, ~**স্থান** *বি* কবরস্থান; সমাধিক্ষেত্র। **গোরে যাওয়া** *ক্রি* মারা যাওয়া; মরা; ইন্তেকাল করা। {*ফা.* গোর گور }

গোর[২] [গোর্‌] *বি* বন্য গর্দভ (এ স্থলে একটি গোর দেখিয়া প্রিয় অশ্ব রাখ্‌সকে তৎ-পশ্চাতে চালাইয়া দিলেন—*মোহ*)। {*ফা.* গোর گور }

গোর[৩] [গোর্‌] *বিণ* গৌরবর্ণ; সুন্দর; ফরসা। **গোরি** *(ব্র.) বিণ* ১ গৌরাঙ্গী। ২ সুন্দরী। ৩ রাধা। {*স.* গৌর}

গো-রক্ত, গোরক্ষক ⇒ গো

গোরখ [গোরখ্‌] *বি* সন্ন্যাসীবিশেষ; নাথপন্থি (কেহ গোরখের বেশ কেহ মহেশ্বর—*সৈআ*)। ~**নাথ, গোরক্ষনাথ** *বি* নাথসম্প্রদায়ের প্রসিদ্ধ গুরু। {*স.* গোরক্ষ>}

গোরবত, গুরবত [গোর্‌বত্‌, গু-] *বি* দারিদ্র্য (আমি

গরিব কথায় দুনিয়াবী গোরবৎ বুঝাই নাই—আমআ)। {আ. গুরবাহ غربة }

গোরস ⇒ গো১

গোরস্তান, গোরস্থান ⇒ গোর

গোরা [গোরা] *বিণ* ১ গৌরবর্ণ; ফরসা; সুন্দর (কালা গোরা সাওলা বরণ—*সৈহ*)। ২ শ্বেতাঙ্গ (গোরা সৈন্য)। ৩ শ্রীচৈতন্য; গৌরাঙ্গ। ৪ পাশ্চাত্যদেশবাসী; শ্বেতকায় ইউরোপীয় (জাহাজ জাহাজ গোরা আসতে লাগল—*কাসি*)। ৫ ইউরোপীয় সৈন্য (কার মৃদুবাণী ছাপাইয়া ওঠে গর্বী গোরার ভেরী—*সদ*)। **গোরার বাদ্য** *বি* ইউরোপীয় বাজনা; বিলাতি ব্যান্ডপার্টির বাজনা। {স. গৌর>}

গোরাচাঁদ [গোরাচাঁদ] *বি* গৌরাঙ্গ; শ্রীচৈতন্য। {স. গৌরচন্দ্র>}

গোরাপ *(মব.)* [গোরাপ্] *বি* এক জাতীয় নৌকা (সলুপা নানান ভাঁতি মাছুয়া গোরাপ পাঁতি জালিয়া ভাঁউরি নানা রঙ্গ—*সৈআ*)। {অমৃ.}

গোরু, গরু *(অপ্র.)* [গোরু] *বি* ১ গোজাতি। ২ বৃষ; ষণ্ড (গোরুর গাড়ি—*রঠা*)। ৩ গাভী; গাই। ৪ *(ব্য.)* নির্বোধ ব্যক্তি; মূর্খ লোক। **~খোঁজা করা**—গরু হারিয়ে গেলে যেমন মাঠ-জঙ্গল সর্বত্রই খুঁজতে হয় সেইরূপ সন্ধান করা; সম্ভব অসম্ভব সকল স্থানে সন্ধান করা; সর্বত্র সন্ধান করে বের করার চেষ্টা। **~চোর** *বি* ১ গরুহরণকারী। ২ নীচ কার্য করার জন্য যে সমস্ত জ্বালাযন্ত্রণা মুখ বুঝে সহ্য করে। ৩ নিপীড়ন বা লাঞ্ছনার ভয়ে ত্রস্ত থাকে এরূপ লোক; ভীরু স্বভাবের। □ *বি, বিণ* (গালি) অত্যন্ত ইতর লোক। **~ মেরে জুতো দান** ১ গুরুতর পাপের প্রায়শ্চিত্তস্বরূপ সামান্য পুণ্য করা; বড় অপরাধের পর যৎসামান্য ক্ষতি স্বীকার করা। ২ ভীষণভাবে অপমান করে যৎসামান্য দানের প্রস্তাব। {স. গোরূপ>}

গোরোচনা [গোরোচোনা] *বি* উজ্জ্বল পীতবর্ণ দ্রব্য যা গরুর মাথায় থাকে; গোচন্দন; পিউড়ি। **গোরোচনা-গোরী** *বিণ* গোচন্দনের ন্যায় শ্বেত; উজ্জ্বল পীত আভাযুক্ত শুভ্র বর্ণ (গোরোচনা গোরী পাণ্ডুর হ'ল যৌবন নিস্ফল—*যেম*)। {স. গো+ √রুচ্+ণিচ্+অন(ল্যুট্)+আ(টাপ্)}

গোর্খনাথ [গোরখোনাথ্] *বি* গোরখনাথ; নাথসম্প্রদায়ের বিশিষ্ট গুরু। {স. গোরক্ষনাথ>}

গোর্জ, গুর্জ [গোরজো, গু-] *বি* মুগুর (তলওয়ার তীর গোর্জ নেজায় পিঠ যেত তার ছেয়ে—*নই*; আজি ধ্বংস ভয়াল গুর্জ লই—*বেআ*)। {ফা. গোর্জ گرز }

গোর্দা, গুর্দা [গোরদা, গু-] *বি* ১ হিম্মত; সাহস (নাহি নাচে কিরে মরদের ওরে দিলীরের গোর্দায়—*নই*)। ২ বৃক্ক; মূত্রাশয়। {ফা. গুর্দাহ گرده }

গোল১, গোলাকার, গোলাকৃতি [গোল, গোলাকার, -কক্‌তি] *বিণ* ১ বৃত্তাকার; বর্তুলাকার; চক্রাকার; round। ২ বৃত্ত। ৩ বৃত্তাকার বস্তু। ৪ বল; গোলক। **~গাল** *বিণ* ১ প্রায় গোলাকার। ২ অতিশয় হৃষ্টপুষ্ট; মোটাসোটা। {স. √গুড়্+অ(অচ্)}

গোল২ [গোল] *বি* ১ উচ্চ শব্দ; হল্লা; অট্টরোল (গোল করো না)। ২ জটিলতা; প্যাঁচ (তার মনে গোল আছে)। ৩ সন্দেহ; দ্বিধা; দ্বন্দ্ব (মনের গোল মেটানো)। ৪ ফ্যাসাদ; ঝামেলা; সমস্যা (ভুল কবুল করিলে সকল গোল মিটিয়া যাইত—*ঈবি*)। ৫ ভুল; ভ্রান্তি (গোল করে ফেলা)। ৬ বিবাদ; কলহ। **গোলে হরিবোল দেওয়া** ১ অনেকে থাকার সুযোগে কাজে ফাঁকি দেওয়া; কোনো রকমে দায় উদ্ধার। ২ কোনো রকমে ভাগ মিলানো। ৩ গোলমালের মধ্যে কোনো প্রকারে হিসাব মিলিয়ে দেওয়া। {ফা. গূল غل }

গোল৩ [গোল] *বি* ১ ফুটবল প্রভৃতি খেলায় যে স্থানে বল প্রবেশ করলে পয়েন্ট পাওয়া যায়; পয়েন্ট লাভ করার জন্য বল প্রবিষ্ট করানোর নির্দিষ্ট স্থান (গোলের ভেতরে বলরে ছুঁড়িয়া দাও—জড)। **~ খাওয়া** *ক্রি* পরাজিত হওয়া; হেরে যাওয়া। **~ দেওয়া** *ক্রি* (খেলায়) পরাজিত করা; হারানো। ২ *(আল.)* বোকা বানানো; কোনো বিষয়ে হারিয়ে লাভবান হওয়া। {ই goal}

গোলই ⇒ গলুই

গোলক [গোলোক্] *বি* ১ বর্তুলাকার বস্তু; মণ্ডল (ভূগোলক)। ২ ভাঁটা; কন্দুক; ball। ৩ যে বর্তুলের উপরে পৃথিবীর প্রতিরূপ অঙ্কিত থাকে; globe। {স. গোল+ক(কন্)}

গোলক-ধাঁধা [গোলোক্‌ধাঁধা] *বি* ১ যে স্থানে প্রবেশ করলে বহির্গমনপথ খুঁজে পাওয়া দুষ্কর হয়। ২ দুর্বোধ্য সমস্যা; জটিল বিষয় যার সমাধান পাওয়া কঠিন। {হি গোরখধংধা; স. গোলক+স. দ্বন্দ্ব>}

গোলকুণ্ডা [গোল্‌কুন্‌ডা] *বি* হীরক খনির জন্য প্রসিদ্ধ দক্ষিণ ভারতের স্থানবিশেষ। {স. গোলক+কুণ্ড}

গোলজার ⇒ গুলজার

গোলগাল [গোল্‌গাল্] *বিণ* ১ প্রায় বর্তুলাকার। ২ মোটাসোটা; প্রচুর পুষ্ট। {স. গোল+ অনু. বা. গাল}

গোলদার [গোল্‌দার্] *বি, বিণ* আড়তদার; গোলার মালিক। **গোলদারি, গোলদারী** *বি* ১ গোলদারের পেশা; আড়তদারি। □ *বিণ* আড়ত বা আড়তদার সম্বন্ধীয়। {ফা. গোলাহ, گوله + হি +দার}

গোলন্দাজ [গোলোন্‌দাজ্] *বি* যে সৈনিক কামান দেগে গোলা নিক্ষেপ করে। **গোলন্দাজি, গোলন্দাজী** *বি* ১ গোলন্দাজের পেশা। □ *বিণ* গোলন্দাজ-সংক্রান্ত। {ফা. গোল گول + হি আন্দাজ}

গোলপাতা [গোল্‌পাতা] *বি* এক জাতীয় ছোট গাছের পাতা। {স. গোল+স. পত্র}

গোলমরিচ [গোল্‌মোরিচ্] *বি* গোলাকার ঝাল মসলা-বিশেষ; পেঁপের বিচির মতো এক প্রকার ঝালমরিচ। {স. গোল+স. মরিচ<মৃ+ইচ; মরিশাস নামক দ্বীপ

থেকেও মরিচ নাম হতে পারে}

গোলমাল [গোল্‌মাল্] *বি* ১ অনেক লোকের মিলিত চিৎকার শব্দ; গণ্ডগোল; গোলযোগ; কোলাহল। ২ বিশৃঙ্খলা। ৩ বিঘ্ন; ব্যাঘাত। ৪ সমস্যা; জটিলতা। ৫ ফ্যাসাদ; ঝামেলা। ৬ কলহ; বিবাদ। **গোলমেলে** *বিণ* ১ জটিল। ২ বিশৃঙ্খল। ৩ পরস্পরবিরোধী; অসঙ্গতিপূর্ণ; অসংলগ্ন (বড় গোলমেলে জবাব দিচ্ছে—*রাব*)। ৪ ঝঞ্ঝাটপূর্ণ। {*হি.* গোল্‌মাল্ گول مال }

গোলমোর = গোলমোহর

গোলমোহর, গুলমোহর [গোল্‌মোহোর্, গু–] *বি* এক জাতীয় গাছ ও এর ফুল (ফুটেছে কি ঈশক আগুনের দাহে রঙিন গুল-মোহর—*ফঅ*)। {*ফা.* গুল گل + *ফা.* মুহর مهر }

গোলযোগ [গোলোজোগ্] *বি* ১ গোলমাল; গণ্ডগোল; হট্টগোল। ২ শৃঙ্খলাশূন্য অবস্থা; বিশৃঙ্খলা; এলোমেলো অবস্থা। ৩ বিঘ্ন; বিপত্তি। ৪ জটিল পরিস্থিতি; সমস্যা। ৫ ফ্যাসাদ; ঝঞ্ঝাট; ঝামেলা। {*ফা.* গোল گل + *স.* যোগ}

গোলসর্ব [গোল্‌শর্‌বো] *বি* এক জাতীয় ফুলগাছ ও তার ফুল (নানাবিধ রঙ্গ বিরঙ্গ ফুলের গাছ ক্রোটান, গোলসর্ব, বিজলী—*মীম*)। {*ফা.* গোল گل + *স.* সর্ব}

গোলা¹ [গোলা] *বি* ১ ধান্যাদি রাখিবার স্থান; ধানের মরাই। ২ আড়ত; ডিপো। ৩ বাজার; গঞ্জ; হাট; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান। **–ঘর** *বি* শস্য মজুদ করে রাখার স্থান। **~জাত** *বিণ* মরাইয়ে রক্ষিত বা গুদামজাত। **~ বাড়ি** *বি* শস্যাদি মজুদ করে রাখার গৃহ; শস্যাগার; খামার; farm-house। {*আ.* গিল্লাহ غلة }

গোলা² [গোলা] *বি* ১ গোল আকৃতিবিশিষ্ট পদার্থ। ২ গোলক; বল; কন্দুক। ৩ কামানের গোলা। **গোলা-গুলি** *বি* ১ বন্দুক ও কামান নিক্ষিপ্ত অগ্নিগোলকের ন্যায় লৌহ পিণ্ডসমূহ। ২ কামান বন্দুক থেকে অগ্নিময় পিণ্ড নিক্ষেপ; সক্রিয় কামান বন্দুক। {*স.* গোলক>}

গোলা³ [গোলা] *বিণ* সাধারণ; বাজে; অশিক্ষিত (গোলা পায়রা; রোজা-নামাজ না করিয়া কেহ হইল গোলা—*কমু*)। {*ফা.* গোল্ گول }

গোলা⁴ [গোলা] *ক্রি* ১ তরল পদার্থের সঙ্গে মিশিয়ে তরল করা। ☐ *বি* তরলীকরণ। ২ তরল পদার্থের সঙ্গে মিশ্রিত বস্তু (আঙ্গিনায় আবার আলিপনার গোলা ছড়াইয়া পাড়ল—*অঠা*)। ☐ *বিণ* তরলিত বা মিশ্রিত (চিত্র করার কৌশলই হচ্ছে এই ভাবরূপে গোলা রঙ সমস্তকে আয়ত্ত করা—*অঠা*)। **~-হাঁড়ি, গোলার হাঁড়ি** *বি* যে হাঁড়িতে ঘর নিকানোর জন্য গোবর-গোলা রাখা হয়। {*বা.* √গুল্+আ}

গোলাকার, গোলাকৃতি [গোলাকার্, গোলাক্‌কৃতি] *বিণ* বৃত্তাকার; বর্তুলাকার; round। {*স.* গোল+ আকার, আকৃতি}

গোলাদ [গোলাদ্] *বি* গোবিষ্ঠা; গোবর (না লেপিত্র ঘর বেড়া গোলাদ মিশ্রিত—*সৈআ*)। {গো+লাদ}

গোলান্দায ⇒ গোলন্দাজ

গোলাপ, গোলাব, গুলাব [গোলাপ্, –ব্, গুলাব্] *বি* ১ সুগন্ধ ফুলের গাছ ও এর ফুল (লবঙ্গ গোলাপ চাম্পা সতর্কা যুথী—*সৈআ*; ইস্পাহানের গুলাব বাগান—*মোম*)। ২ উক্ত পুষ্পের নির্যাস (অবশেষে মাতাবর গোলাপের জলে কন্যাকে গোছল দিল বিরল সুস্থানে—*দৌবা*)। **~ জল/পানি** *বি* গোলাপ ফুল দ্বারা উৎপন্ন সুবাসিত পানি। **~জাম** *বি* গোলাপের ন্যায় মিষ্ট সুগন্ধ ফলবিশেষ; ঐ ফলের গন্ধ। **~-ঝোরা** *বি* গোলাপ ফুলের পাপড়ি ঝরে পড়া (অনেক লালা নার্গিস গুল্ বুলবুলিস্তান্ গোলাব-ঝোরা ব্যর্থ হ'ল; মিটল না গো সিরাজ কবির বুকের তৃষা—*নই*)। **~-দান** *বি* গোলাপের পুষ্পপাত্র; গোলাপ ফুলে সজ্জিত ফুলদানি। **~-পাশ** *বি* গোলাপ পানি ছিটানোর ঝাঁঝর পাত্রবিশেষ (গোলাপ-পাশ হইতে গোলাব লইয়া তিলোত্তমার মুখে কপালে সিঞ্চন করিলেন—*বচ*)। **গোলাপি, গুলাবি** *বিণ* ১ গোলাপের ন্যায় বর্ণ বা গন্ধবিশিষ্ট (ওষ্ঠাধার দুইখানি গোলাপী—*বচ*)। ২ রঙিন (যেই স্থানে সাজাহান আনন্দিত প্রাণে মাতিয়া উঠিত ঈদ গুলাবী উৎসবে—*কায়*)। ৩ অল্প অল্প; ঈষৎ; মৃদু। **গোলাপি নেশা, গুলাবি নেশা** *বি* হালকা নেশা; সামান্য নেশা। **গোলাবি খিলি** *বি* গোলাপ পানিতে সুবাসিত বা সুগন্ধিযুক্ত পান (বাঁয়া নাই, গোলাবি খিলি নাই, এমন কি একটা খেলো হুঁকোরও অপ্রতুল—*কাসি*)। {*ফা.* গুলাব্ گلاب }

গোলাম [গোলাম্] *বি* ১ ভৃত্য; চাকর; নফর; দাস (উষ্ট্রের পিঠে আরাম করিয়া গোলাম রহিবে বসি আর হেঁটে যাবে খলিফা উমর ধরি সে উটের রশি—*নই*)। ২ ক্রীতদাস। ৩ একান্ত অনুগত। ৪ ছবিওয়ালা তাসবিশেষ, যাতে গোলামের ছবি থাকে। ৫ আজ্ঞাবহ; অধীন (গোলাম দখল দিবে না—*ঈবি*)। **~খানা** *বি* ১ ভৃত্য বা ক্রীতদাসদের বাসস্থান। ২ (*আল.*) দাসমনোবৃত্তিসম্পন্ন মানুষ তৈরির কারখানা। **~-গর্দিশ, ~-গর্দিস, ~-গর্দ্দিস** *বি* ভৃত্যদের বসার ঘেরা বারান্দা; আদেশ পালনের অপেক্ষায় থাকার জন্য প্রভুর গৃহ-সম্মুখস্থ দালানের ঘেরা স্থান (গোলাম-গর্দিসে খাড়া গোলাম সকল—*ভারা*)। **~চোর** *বি* ১ তাসের খেলাবিশেষ। ☐ *বিণ* (*ব্য.*) নিকৃষ্টের সমঝদার (আর্ট সম্বন্ধে ইউরোপের গোলামচোর হওয়ায় লজ্জা পাওয়া দূরে যাক, আমাদের আত্মমর্যাদা বৃদ্ধি পায়—*প্রচৌ*)। **~-নফর** *বি* ১ চাকরবাকর। ২ দাসানুদাস; আজ্ঞাবহ দাস; অত্যন্ত বিনীত; আজ্ঞাবহ (জনতার গোলাম নফর আমি—*মব*)। **–সমঝ** *বি* দাসমনোবৃত্তি (বুঝ সমঝের বইছে হাওয়া, গোলাম সমঝ

যাচ্ছে টুটে—*সদ*)। **গোলামি, গোলামী** *বি* ১ গোলামের কর্ম; দাসত্ব (চেয়েছি গোলামী, জাবর কেটেছি গোলাম-খানায় বসি—*নই*)। ২ *(ব্য.)* চাকরি। { *আ.* গুলাম্ غلام }

গোলার্ধ [গোলারধো] *বি* পৃথিবীর উত্তর বা দক্ষিণ অর্ধাংশ। ২ যে কোনো গোলকের অর্ধভাগ। { *স.* গোল+অর্ধ}

গোলালো [গোলালো] *বিণ* ১ বর্তুলাকার; গোলগাল। ২ নিটোল; ভরাট (এই গোলালো বিশ্রামে—*অচিসে*)। { *স.* গোল+ *বা.* আলো}

গোলী ⇒ গুলি[1]

গোলোক [গোলোক্] *বি* ১ (হিন্দুধর্মশাস্ত্রোক্ত) বৈকুণ্ঠ; বিষ্ণুলোক; স্বর্গে নারায়ণের বাসস্থান। ২ স্বর্গপুরী; অমরাবতী; স্বর্গ (একদিন ছিলে প্রেমের গোলোকে ঘোর প্রেম গরবিনী—*নই*)। **~ধাম** *বি* ১ (হিন্দুশাস্ত্রোক্ত) বৈকুণ্ঠপুরী। ২ এক প্রকার খেলা। **~নাথ, ~পতি, ~বিহারী** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। { *স.* গো+লোক; তৎ }

গোল্লা [গোল্‌লা] *বি* ১ গোলাকৃতি মিষ্টান্নবিশেষ। ২ রসগোল্লা (নানা প্রকারের মিঠাই মণ্ডা রসকরা, গোল্লা—*ইহো*)। ৩ শূন্য; কিছুই না (পরীক্ষায় গোল্লা পাওয়া)। ৪ অধঃপতন; অধঃপাত (গোল্লায় যাওয়া)। **গোল্লায়** *ক্রিবিণ* অধঃপাতে; উৎসন্নে (গোল্লায় দিতে বসে—*অচিসে*)। **গোল্লায় যাওয়া** *ক্রি* অধঃপাতে যাওয়া; অধোগতি লাভ করা; উৎসন্নে যাওয়া; ধ্বংস হওয়া। { *স.* গোল+ *বা.* লা; *ফা.* গুল্লা كلل }

গোশশা ⇒ গোসা

গোশা ⇒ গোসা

গোশালা ⇒ গো

গোশ্‌ত, গোস্ত [গোশ্‌তো, গোস্‌তো] *বি* মাংস। **~খোর** *বিণ* মাংসপ্রিয়; মাংসভোজন বিলাসী। { *ফা.* গোশ্‌ত گوشت }

গোষ্ঠ [গোশ্‌ঠো] *বি* ১ গোয়াল; গোশালা। ২ গোচারণভূমি (গোষ্ঠে যবে সন্ধ্যা নামে—*রঠা*)। ৩ মিলনস্থান; সভা; সমিতি (গোষ্ঠাগার, গোষ্ঠাধ্যক্ষ)। ৪ জোট; মিলন; সঙ্গ। **~গৃহ** *বি* গরু প্রভৃতি থাকার স্থান; গোয়াল; গোশালা (যথা ক্ষুধাতুর ব্যাঘ্র পশে গোষ্ঠগৃহে—*মদ*)। **~বিহার** *বি* (হিন্দুপুরাণোক্ত) কৃষ্ণ। **~বৃতি** *বি* গোয়ালের বেড়া; গোশালার বেষ্টনী (যথা ভাঙে ভীমাঘাতে বালিবন্ধ। কিম্বা যথা ব্যাঘ্র নিশাকালে গোষ্ঠবৃতি!—*মদ*)। **~লীলা** *বি* (হিন্দুপুরাণোক্ত) বৃন্দাবনে কৃষ্ণের গোচারণ লীলা বা গোচারণরূপ লীলা। { *স.* গো+ √স্থা+ অ(ঘঞর্থে ক)}

গোষ্ঠী [গোশ্‌ঠি] *বি* ১ পরিবার। ২ জ্ঞাতি; আত্মীয়গণ। ৩ বংশ; গোত্র; কুল। ৪ দল; সম্প্রদায় (শিল্পীগোষ্ঠী)। ৫ সভা; ক্লাব। **~পতি** *বি* ১ বংশ পরিবার বা আত্মীয় সমাজের প্রধান ব্যক্তি; কুলপতি। ২ দলপতি; সর্দার। ৩ সভাপতি। **~বর্গ** *বি* ১ পরিজন ও জ্ঞাতিবর্গ। ২ বংশাবলি। **~সুখ** আত্মীয় পরিজনের সঙ্গ-সুখ; আড্ডার আনন্দ। { *স.* √গোষ্ঠ+ই(ইন্)+ঈ(ঙীপ্)}

গোষ্পদ [গোশ্‌পদ্] *বি* ১ গরুর খুরের দ্বারা চিহ্নিত স্থান। ২ গরুর খুরের চাপে তৈরি গর্ত। ৩ গরুর খুরের চাপে তৈরি গর্ত ও উহার অভ্যন্তরস্থ পানি (সমুদ্রের সঙ্গে গোষ্পদের তুলনা)। ৪ গরুর খুরের চাপে তৈরি গর্তে যে পরিমাণ পানি ধরে। ৫ অতি ক্ষুদ্র আধার। { *স.* গো+পদ; *স.* গো+ √পদ্+অ(ঘঞর্থে), স্ (সুট্) আগম}

গোস, গোস্‌ত [গোস্, গোস্‌তো] *বি* গোস্ত; মাংস। { *ফা.* গোশ্‌ত گوشت }

গোসল, গোছল [গোসল্, -ছল্] *বি* স্নান; অবগাহন (কন্যাকে গোছল দিল বিরল সুস্থলে—*দৌবা*)। **~খানা** *বি* স্নানের ঘর; স্নানাগার; হাম্মাম; বাথরুম। { *আ.* গুস্‌ল غسل }

গোসা, গোশা, গোসসা, গোশশা, গোস্বা [গোশা, -, গোশ্‌শা, -, -] *বি* ১ রাগ; ক্রোধ (সেখজীর গোসা দূর হইল—ব১)। ২ অভিমান (একী সই, গোসা কেন—*রঠা*; সামান্য দোষত্রুটি হলেই জামাই বাবাজীরা গোশা করতেন—*ইখাঁ*)। **~ঘর** *বি* ক্রোধাগার; মান করে থাকার ঘর। { *আ.* গুস্‌সাহ غصة }

গোসাই, গোসাঁই, গোসাঞি ⇒ গোঁসাই

গোসাপ [গোসাপ্] *বি* কুমিরের মতো দেখতে এক ধরনের প্রাণী; গোধা; গুই সাপ। { *স.* গোসর্প> }

গোসোয়ারা, গোসারা [গোশোয়ারা, গোশারা] *বি* ১ হিসাবের চুম্বক (বাবু জমিদারি কাগজ যখন দৃষ্টি করেন নাই, কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসোয়ারা, কাহাকে বলে জমাওয়াসিল বাকি কিছুই বোধ নাই—*প্যামি*)। ২ সারাংশ; সারকথা (সর্বলোকে রঙ্গ ভাষে কহিছে ইশারা। কেহ না কহিছে তার ভাঙ্গিয়া গোসারা—*মুও*)। { *ফা.* গোশ্‌ওয়ারাহ گوشواره }

গোস্ত ⇒ গোসত

গোস্তন, গোস্তনী ⇒ গো[1]

গোস্তাকি, গোস্তাখি, গোস্তাখী [গোস্‌তাকি, -খি, -] *বি* ১ বেয়াদবি; অবিনয়; অশিষ্টতা (গোস্তাকি মাফ কর একবার, না জেনে দিয়েছি ব্যথা—*মোম*)। ২ ঔদ্ধত্য; স্পর্ধা; ধৃষ্টতা। { *ফা.* গুস্‌তাখী گستاخی }

গোস্বা ⇒ গোসা

গোস্বামী (-মিন্) [গোশ্‌শামি] *বি* ১ পৃথিবীর মালিক (গো=পৃথিবী)। ২ গরুর রক্ষক। ৩ প্রভু; ভগবান। ৪ বৈষ্ণব ও ব্রাহ্মণদের উপাধিবিশেষ। ৫ হিন্দুদের গুরু বা ধর্মোপদেষ্টা। { *স.* গো+স্বামী; ৬তৎ }

গোস্‌সা ⇒ গোসা

গোহাড় [গোহাড়] *বি* ১ গরুর অস্থি। ২ *(আল.)* নিতান্তই

অস্থি; নীরস অস্থি; শুকনা হাড়; শুষ্ক কাষ্ঠ (দিদিমা তোমাতে আর আছে কি কখান গোহাড় বইত নয়—*দীমি*)। { *স.* গো+ *স.* হড্ড>*বা.* হাড়}

গোহারি, গোহারী, গোহরি *(মবা.)* [গোহারি, –, –হোরি] *বি* দুঃখ জানিয়ে তার প্রতিকার প্রার্থনা; আবেদন–নিবেদন (বিনয় মধুর ভাষে করেন্ত গোহারি—*দৌবা*; গোহারি করিল সবে সাহা আগে আসি --*সৈআ*)। { *হি.* গোহার}

গোহাল ⇒ গোয়াল

গোহালট *বি* গোপথ। { গো+ হালট}

গৌখানা [গোউখানা] *বি* গোশালা (আলিপুরের গৌখানায় আমাকে এনে বললেন . . .এটি আগে অজস্র দুধ দিচ্ছিল --*অঠা*)। { *স.* গৌ+ *ফা.* খানাহ خانه }

গৌড় [গোউড়] *বি* প্রাচীন বাংলাদেশের নাম; বাংলাদেশের অংশবিশেষ। **~জন** *বি* গৌড়ের অধিবাসী (গৌড়জন যাহে আনন্দে করিবে পান সুধা নিরবধি—*মদ*)। **~সারঙ্গ, ~সারং** *বি* রাগিণীবিশেষ (ওস্তাদরা বলে থাকেন যে গৌড় সারঙ্গ রাগিণী ছোট কিন্তু গাওয়া মুশকিল—*প্রচৌ*)। **গৌড়ী** *বিণ* ১ প্রাকৃতবিশেষ। ২ রাগিণীবিশেষ। ৩ এক প্রকার কাব্যরীতি। ৪ গুড়জাত মদ্য। **গৌড়ীয়** *বিণ* ১ গৌড়সম্বন্ধীয়। ২ গৌড়ের অধিবাসী। ৩ গৌড় দেশজ; গৌড়দেশে উৎপন্ন বা প্রচলিত। { *স.* গুড়+অ(অণ্)}

গৌণ [গোউনো] *বিণ* ১ প্রধান নয় এমন; অপ্রধান। ২ বিলম্ব (কিঞ্চিৎকাল গৌণে ভবানন্দ বিদ্যা অভ্যাস করিতে প্রবর্ত --*রামু*)। **~কর্ম** *বি (ব্যা.)* অপ্রধান কর্ম। **গৌণার্থ** *বি* ১ *(অল.)* শব্দের অপ্রধান অর্থ; যা মুখ্যার্থ নয়; বাচ্যার্থ নয় এমন অর্থ। ২ লক্ষ্যার্থ। { *স.* গুণ+ অ(অণ্)}

গৌতম, গোতম [গোউতম্, গোতোম্] *বি* ১ বুদ্ধ (বরদার নাম দিয়েছিলেন গোতম মুনি—*রঠা*)। ২ মুনিবিশেষ; ন্যায়দর্শন প্রণেতা জনৈক ঋষি। { *স.* গোতম(<গো+ তম(তমপ্)+অ(অণ্)}

গৌর [গোউর] *বিণ* ১ ফরসা; উজ্জ্বলবর্ণযুক্ত; সুন্দর। ২ শ্রীচৈতন্য; গৌরাঙ্গ। **~চন্দ্র** *বি* শ্রীচৈতন্য। **~চন্দ্রিকা** *বি* ১ গীতিকাহিনী আরম্ভের পূর্বে শ্রীচৈতন্য বন্দনা বা শ্রীচৈতন্যের বর্ণনা। ২ ভূমিকা; পূর্বাভাস (জুন মাসের গরম পশ্চিমে গৌরচন্দ্রিকা করে নামে না—*সৈমু*)। { *স.* √গু+র(রন্); গৌর+ অ(অচ্)}

গৌরব [গোউরব্] *বি* ১ গুরুত্ব। ২ মহিমা। ৩ মর্যাদা। ৪ আদর (কিন্তু বর্বর বালকের চক্ষে সে সৌন্দর্যের কোন গৌরব ছিল না—*রঠা*)। ৫ উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব। ৬ করুণা; কৃপা; স্নেহ (ক্ষম মোর অপরাধ মজনু সুজন গৌরব করিয়া মোর রাখহ জীবন—*রাম*)। **গৌরবান্বিত, গৌরবিত** *বিণ* গৌরবযুক্ত; মহিমান্বিত। **গৌরবিণী** *বিণ স্ত্রী.* ১ গৌরবান্বিতা। ❑ *বিণ* অহঙ্কৃতা; গরবিনী। { *স.* গুরু+ অ(অণ্)}

গৌরাঙ্গ [গোউরাঙ্‌গো] *বিণ* ১ গৌরবর্ণ দেহবিশিষ্ট। ❑ *বি* শ্রীচৈতন্য। **গৌরাঙ্গা, গৌরাঙ্গী** *বিণ স্ত্রী.*। { *স.* গৌর+অঙ্গ}

গৌরাঙ্গাবতার [গোউরাঙ্‌গাবোতার] *বি* শ্রীচৈতন্য (তুমি কলিকালে গৌরাঙ্গাবতার, তাহার সন্দেহ নাই--*বচ*)। { *স.* গৌরাঙ্গ+ অবতার}

গৌরি ⇒ গৌরী

গৌরী, গৌরি *(মবা.)* [গোউরি] *বি* ১ গৌরবর্ণা নারী। ২ হিন্দু পুরাণোক্ত দুর্গা দেবী; পার্বতী দেবী। ৩ অষ্টমবর্ষীয়া কুমারী। ❑ *বিণ* গৌরবর্ণা। **~দান** *বি* (হিন্দু সমাজের দেবী গৌরীর মতো) অষ্টমবর্ষীয়া কন্যার বিবাহ দান। **~শঙ্কর** *বি* ১ হিন্দুপুরাণোক্ত দুর্গা ও শিব। ২ হিমালয়ের একটি চূড়া। **~শৃঙ্গ** *বি* হিমালয়ের সর্বোচ্চ চূড়া এভারেস্ট। **~সেন** *বি* ১ প্রবাদোক্ত মহাধনী ব্যক্তি যাঁর নিকট অপরিমিত অর্থ চাওয়ামাত্র পাওয়া যেত। ২ *(ব্য.)* চাইলেই যে প্রচুর টাকা দেয় এবং আপত্তি করে না বা হিসাব নেয় না; সরকার; government (লাগবে টাকা দেবে গৌরীসেন)। **~সেনী** *বিণ* গৌরীসেন নামক প্রবাদোক্ত ব্যক্তি প্রদত্ত অঢেল পরিমাণ; অপরিমিত খরচের জন্য রহস্যজনক উপায়ে প্রাপ্ত (আলীখান নিশ্চয়ই ৪৫–এর আগেকার লুকানো মাল গৌরীসেনী পয়সা দিয়ে কিনেছেন—*সৈমু*)। { *স.* গৌর+ঈ}

গ্যাঙরানি, গ্যাংরনি *বি* গোঙানি; চাপা আর্তনাদ। { *ধ্বন্যা.*}

গ্যাঙরানি ⇒ গ্যাংরনি

গ্যাঁজা ⇒ গেঁজ

গ্যাঁট, গঁট [গ্যাঁট্, গঁট্] *বিণ* স্থির; নিশ্চল; অটল (সে গঁট হয়ে বসে মস্ত আফিসের ফাইল আর হিসাবের ভাবনা ভাবছে --*অঠা*)। { *স.* গ্রন্থি>}

গ্যালারি, গ্যালারী [গ্যালারি] *বি* ১ নিচু উঁচু এই পর্যায়ক্রমে সজ্জিত বসার মঞ্চ; বসার বিশেষ পঙ্‌ক্তি; সজ্জাযুক্ত আসন শ্রেণি (গ্যালারির তক্তা—*অচিসে*)। ২ ললিতকলা বা চারুশিল্পের প্রদর্শনী গৃহ (জাতীয় শিল্পের গ্যালারী পর্যন্ত নয়—*অঠা*)। { *স.* gallery}

গ্যালি [গ্যালি] *বি* যে কাষ্ঠফলকে ছাপার অক্ষর সাজিয়ে রাখা হয়। **~প্রুফ** *বি* গ্যালি থেকে ছাপ তোলা মুদ্রণপত্র। { *ই* galley}

গ্যাস [গ্যাশ্] *বি* বায়বীয় পদার্থ; কয়লা ইত্যাদি থেকে উৎপন্ন দাহ্য বস্তু; বাষ্পীয় পদার্থবিশেষ (তেজস্ক্রিয় গ্যাস ছড়িয়ে যাবে—*শাফ*)। **~দেওয়া** *ক্রি (আল.)* মিথ্যা প্রশংসা করে কাউকে খুশি করা। **~পোস্ট, ~পোষ্ট** *বি* ১ রাস্তার ধারে যে স্তম্ভে গ্যাসের আলোক জ্বলে। ২ ল্যাম্প পোস্ট (ছেঁড়া কাপড় গলায় বেঁধে ঝুলে পড়েছে কোন গ্যাস–পোষ্টে—*অচিসে*)। **~মাস্ক** *বি* বিষাক্ত গ্যাসে থেকে আত্মরক্ষার জন্য ব্যবহার্য মুখোশ; বিষাক্ত গ্যাস প্রতিরোধক মুখোশ (প্রতিবেশীদের কেউ কেউ লঙ্কা–ফোঁড়ন চড়লে গ্যাস মাস্ক পরত—*সৈমু*)। **গ্যাসীয়** *বি* ১ গ্যাস–সম্পর্কিত। ❑ *বিণ* ১ গ্যাস থেকে উৎপন্ন; গ্যাসজাত। ২ গ্যাসের ধর্ম বা গুণ আছে এমন; গ্যাসধর্মী। ৪ গ্যাস উৎপন্ন করে এমন; গ্যাসোৎপাদক। { *ই* gas}

গ্রথন, গ্রন্থন [গ্রোথোন্, গ্রোন্‌থোন্] *বি* ১ গাঁথন; গাঁথা। ২ গাঁথনি; রচনা। ৩ বাঁধাই। **গ্রথিত, গ্রন্থিত** *বিণ* ১ গাঁথা হয়েছে এমন। ২ প্রস্তুত; রচিত। ৩ ভূষিত; খচিত। ৪ বিদ্ধ। { *স.* √গ্রন্থ্+অন>,–}

গ্রন্থ [গ্রোন্‌থো] *বি* ১ বই; পুঁথি; পুস্তক। ২ শাস্ত্র। ~**কার,** ~**কর্তা** *বি* ১ গ্রন্থরচয়িতা। ২ লেখক। ~**কীট** *বি* ১ বইকাটা পোকা। ২ *(আল.)* অন্য বিষয়ে খেয়ালশূন্য গ্রন্থপাঠে একান্তভাবে আসক্ত ব্যক্তি। { *স.* √গ্রন্থ্+অ(ঘঞ্)}

গ্রন্থন ⇒ গ্রথন

গ্রন্থাগার[গ্রোন্‌থাগার] *বি* পুস্তকাগার; পাঠাগার; লাইব্রেরি; library; যে গৃহে অনেক বই থাকে। **গ্রন্থাগারিক** *বি* গ্রন্থাগারের রক্ষক; গ্রন্থাগারাধ্যক্ষ; লাইব্রেরিয়ান; librarian। { *স.* গ্রন্থ+আগার}

গ্রন্থি [গ্রোন্‌থি] *বি* ১ গেরো; গিরা; গাঁট। ২ অস্থির সন্ধিস্থান। ৩ বাঁশ প্রভৃতির গ্রন্থি বা গিট বা গাঁট। ৪ দেহ মধ্যস্থ রসনিঃসরণকারী কোষ; gland। ৫ জটিলতা। ~**ছেদক** *বি, বিণ* চোর; গাঁট-কাটা। ~**বন্ধন** *বি* গাঁট-ছড়া বাঁধা; বরকন্যাকে বস্ত্রপ্রান্তে গিঁট দিয়ে বাঁধা। **গ্রন্থিল** *বিণ* অনেক গ্রন্থিবিশিষ্ট; গ্রন্থিময় (গ্রন্থিল বাঁকা হিন্তাল শাখা ধরিতে আমরা ডরি—*সদ*)। { *স.* √গ্রন্থ্+ই(*ইন্*)}

গ্রন্থিক [গ্রোন্‌থিক্] *বি* ১ গণক। ২ (মহাভারতের) কনিষ্ঠ পাণ্ডব সহদেবের অজ্ঞাতবাসকালে গৃহীত নাম। { *স.* √গ্রন্থ্+ইক(*ঠন্*)}

গ্রসন [গ্রশোন্] *বি* ভক্ষণ; আহার; গ্রাসকার্য। **গ্রসমান** *বিণ* গ্রাস করছে এরূপ। **গ্রস্ত** *বিণ* ১ গ্রাসে পতিত হয়েছে এমন; গিলে ফেলা হয়েছে এমন; কবলিত। ২ আক্রান্ত। ৩ অভিভূত (হয় ভূত নয় ভবিষ্যৎ এমনি একটা কিছুতে গ্রস্ত হয়ে থাকে— *অঠা*)। { *স.* √গ্রস্+অন(ল্যুট)}

গ্রহ [গ্রোহো] *বি* ১ *(জ্যোবি)* যে জ্যোতিষ্ক সূর্যকে প্রদক্ষিণ করে; planet। ২ ধারণ; গ্রহণ; আদান; স্বীকার (ভাবগ্রহ)। ৩ উপলব্ধি; বোধ (এমন স্থানে কথাটার অর্থগ্রহ হইলেও--*রঠা*)। ৪ কুগ্রহ (গ্রহের ফের)। ৫ দুরদৃষ্ট (দেবে যদি কুশল না হয় বারংবার। তাহাতে পুরুষে গ্রহণ না করৌক আর--*কাদৌ*)। ~**দেবতা** *বি* গ্রহের অধিপতি। ~-**দোষ,** ~-**বৈগুণ্য** *বি* গ্রহের অশুভ প্রভাব; দুর্ভাগ্য (তাঁহাকে গ্রহদোষে যেন লেখক হইতে না হয়—*রঠা*)। ~**পতি** *বি* সূর্য। ~**বশত** *ক্রিবিণ* দুরদৃষ্টবশত (কিন্তু গ্রহবশত তিনি কাজের লোক হইয়া জন্মগ্রহণ করিয়াছেন—*রঠা*)। ~**বিপাক** *বি* অশুভ গ্রহের প্রভাব হেতু বিপদ। ~**বৈগুণ্য** ⇒ গ্রহদোষ। ~**মণ্ডল** *বি* জ্যোতির্মণ্ডল; গ্রহসমূহ; গ্রহগুলো নিয়ে যে সৌরজগৎ। ~**শান্তি** *বি* হিন্দুদের মধ্যে অশুভ গ্রহের প্রভাব নষ্ট করার জন্য পূজা বা স্বস্ত্যয়ন। ~**স্ফুট** *বি (জ্যোশা.)* গ্রহের স্থিতিসূচক রাশি। **গ্রহের ফের** *বি* গ্রহের অশুভ প্রভাবের ফলে দুরদৃষ্ট। { *স.* √গ্রহ্+অ(অচ)}

গ্রহণ [গ্রোহোন্] *বি* ১ প্রাপ্তি (শান্তি গ্রহণ)। ২ ধারণ; পরিগ্রহ (নাম গ্রহণ)। ৩ স্বীকার (নিয়ন্ত্রণ গ্রহণ)। ৪ অবলম্বন (বৃত্তি গ্রহণ)। ৫ বরণ (কবিকে সাদরে গ্রহণ)। ৬ মেনে নেওয়া; পালন (দৃষ্টান্ত গ্রহণ)। ৭ উপলব্ধি (হৃদয়ে গ্রহণ); সমাদর (গুণগ্রহণ)। ৮ পান; ভোজন (খাদ্য গ্রহণ)। ৯ সূর্য ও গ্রহদের গ্রাস; eclipse (দিবসের নাহি চিন তিন রাত্রি তিন দিন গ্রহণ রহিল লাগে চান্দে—*হেমা*)। **গ্রহণীয়,** ~**যোগ্য** *বিণ* গ্রহণ করা চলে বা উচিত এমন; গ্রাহ্য। { *স.*√গ্রহ্+অন(ল্যুট)}

গ্রহণি ⇒ গ্রহণী

গ্রহণী, গ্রহণি [গ্রোহোনি] *বি* ১ একজাতীয় কঠিন উদরাময় রোগ। ২ শরীরের ক্ষুদ্র অন্ত্রের অগ্রভাগ বা উপরের মুখ; duodenum। { *স.* √গ্রহ্+অনি,+ঈ(ঙীষ্)}

গ্রহ-দেবতা, গ্রহ-দোষ, গ্রহ-পতি, গ্রহবশত, গ্রহবিপাকে, গ্রহবৈগুণ্য, গ্রহমণ্ডল, গ্রহশান্তি, গ্রহের ফের ⇒ গ্রহ

গ্রহাচার্য [গ্রোহাচারজো] *বি* গ্রহ সম্বন্ধে বিশেষজ্ঞ; জ্যোতিষশাস্ত্রজ্ঞ; দৈবজ্ঞ; নজুম। { *স.* গ্রহ+আচার্য}

গ্রহীতা (–তৃ) [গ্রোহিতা] *বিণ* গ্রহণ করে এমন; গ্রাহক। **গ্রহীত্রী** *স্ত্রী*। { *স.* √গ্রহ্+তৃ(তৃচ)}

গ্রাঞ্জুরি [গ্রান্‌জুরি] *বি* আসামির বিচারের জন্য যথেষ্ট প্রমাণ আছে কিনা তা ঠিক করার জন্য নিয়োজিত ব্যক্তিবর্গ; জুরি হিসাবে নিযুক্ত ব্যক্তিগণ (তিনি গ্রাঞ্জুরি মকরর হইলে তাঁহাদিগকে চার্জ অর্থাৎ সেশনীয় মকদ্দমার হালাৎ সকল বুঝাইয়া দেন—*প্যামি*)। { *ই.* grand jury}

গ্রাবু [গ্রাবু] *বি* তাস খেলাবিশেষ। { *অমৃ.* }

গ্রাম [গ্রাম্] *বি* ১ পাড়াগাঁ; পল্লি। ২ *(সং)* প্রবাহ; স্বরগ্রামের ওঠানামা। ৩ রাশিসমূহ (অসংখ্য রাক্ষসগ্রাম বধিনু—*মদ*)। ~**কেন্দ্রিক** *বিণ* গ্রামকে কেন্দ্র করে উদ্ভূত (গ্রামকেন্দ্রিক স্বয়ংসম্পূর্ণ সমাজে ভাঙন ধরে—*আনিস*)। **গ্রামণী** *বি* গ্রামের নেতা; গ্রামের মণ্ডল বা মোড়ল। ~ **ধর্ম** *বি* স্ত্রীসংসর্গ; যৌন সম্ভোগ। ~**ভাটি** *বি* বিবাহাদি উৎসব উপলক্ষে গ্রামের বারোয়ারিতে দেয় চাঁদা (গ্রামভাটি ও নানা প্রকার পরের কথা উপস্থিত হইতে লাগিল—*প্যামি*)। ~ **মৃগ** *বি* কুকুর। ~ **সম্পর্ক** *বি* গ্রামের বাসিন্দা হওয়ার সূত্রে সম্পর্ক। **গ্রামান্ত** *বি* গ্রামের শেষসীমা বা প্রান্তভাগ। **গ্রামান্তর** *বি* অন্য গ্রাম। **গ্রামিক** *বিণ* ১ গ্রামের মালিক বা অধিকারী। ২ গ্রামবাসী (গ্রামিক নগরি ছলে খায় যে উদরপালি তোর সে ঔষধি ব্যাধি কোথা—*কাদৌ*)। ৩ গ্রামরক্ষক। **গ্রামী** (–মিন) *বিণ* ১ গ্রামের মণ্ডল; মোড়ল। ২ গ্রামবাসী। ৩ গ্রাম্য। ৪ গ্রামীণ। **গ্রামীণ** *বিণ* ১ গ্রামজাত; গ্রাম্য। ২ গ্রামস্থ; গ্রামবাসী। { *স.* √গ্রস্+ম(মন্)}

গ্রামোফোন [গ্রামোফোন্] *বি* রেকর্ডের সাহায্যে ধ্বনি গান প্রভৃতি ধ্বনিত করার যন্ত্র; কলের গান। { *ই* gramophone}

গ্রাম্ভারি [গ্রাম্‌ভারি] *বিণ* ভারিক্কি; গুরু গম্ভীর (এক রকম গ্রাম্ভারি চালে ভবিষ্যতের একটা খসড়া চিন্তা করতে দেখে—*নই*)। { *স.* গম্ভীর> }

গ্রাম্য [গ্রাম্‌মো] *বিণ* ১ গ্রাম সংক্রান্ত। ২ গ্রামে উৎপন্ন। ৩ গ্রামস্থ। ৪ ইতর; অশিক্ষিত; অভদ্র। **গ্রাম্যতা** *বি* ১ অমার্জিত ভাব; গেঁয়ো ভাব (আপনার গ্রাম্যতা ঘুচাইবার জন্য—*রঠা*)। ২ অলঙ্কারশাস্ত্রোক্ত দোষবিশেষ; ভাষার শব্দগত অর্থগত ইতরতা বা অশোভনতা। **~ধর্ম** *বি* স্ত্রীসংসর্গ; যৌন সম্ভোগ। **~মৃগ** *বি* কুকুর। { *স.* গ্রাম+য(যৎ) }

গ্রাস [গ্রাশ্‌] *বি* ১ একবারে যে পরিমাণ খাদ্য মুখে পোরা হয়; লোকমা। ২ কবল; খাবলা। ৩ খাওয়া; খাদ্য গ্রহণ; গলাধঃকরণ। ৪ খোরাক; খাদ্য (গ্রাসাচ্ছাদন)। ৫ গ্রহণকালে চন্দ্রসূর্যের আবৃত বা অদৃশ্য হওয়া (পূর্ণ গ্রাস)। **গ্রাসকারী** *বি, বিণ* খায় বা ভক্ষণ করে এমন; ভক্ষণকারী; খাদক। **গ্রাসনালি** *বি* যে নালি দিয়ে ভুক্তদ্রব্য মুখ থেকে পাকস্থলীতে যায়; অন্ননালি; gullet। **গ্রাসাচ্ছাদন** *বি* অন্ন ও বস্ত্র; খাদ্য ও কাপড়; খোরপোশ। { *স.* √গ্রস্‌+অ(ঘঞ্‌) }

গ্রাহ [গ্রাহো] *বি* ১ আদান; গ্রহণ; নেওয়া। ২ *বি* বোধ; জ্ঞান। ৩ নির্বন্ধ; পীড়াপীড়ি; আগ্রহ। ৪ স্বীকার। ৫ হাঙ্গর কুমির প্রভৃতি হিংস্র জলচর প্রাণী। **গ্রাহক, গাহক** *বিণ* ১ যে গ্রহণ করে; গ্রহণকারী। ২ ক্রেতা; খরিদদার; customer; ব্যবহর্তা (প্যারিসের ট্যাক্সিওয়ালারা ফুটপাথে মেয়েদের দাঁড়ানোর ভঙ্গি থেকে গ্রাহক কিনা ঠিক ঠিক বুঝতে পারে—*সৈমু*)। **গ্রাহিকা** *স্ত্রী*। **গ্রাহিত** *বিণ* গ্রহণ করানো হয়েছে এমন। **গ্রাহী** (–হিন্‌) *বি, বিণ* গ্রহণকারী; গ্রহণে সক্ষম (দোষগ্রাহী)। ২ আকর্ষণকারী; আকর্ষক; চমৎকার (হৃদয়গ্রাহী)। ৩ যা মলবদ্ধ করে (মলগ্রাহী অন্ত্র); ধারক; ধারণকারী। { *স.* √গ্রহ্‌+অ (অণ্‌) }

গ্রাহ্য [গ্রাজ্‌ঝো] *বিণ* ১ গ্রহণযোগ্য। ২ জ্ঞেয়; বোধ্য; বোধগম্য (ইন্দ্রিয়গ্রাহ্য)। ৩ স্বীকার্য। ৪ বিবেচ্য। ৫ গণনীয় বা গণ্য; মান্য। **~ করা** *ক্রি* ১ মান্য; পালন করা (হুকুম গ্রাহ্য করা)। **~ হওয়া** *ক্রি* গ্রহণীয় বলে বিবেচিত হওয়া (আবেদন গ্রাহ্য হওয়া)। { *স.* √গ্রহ্‌+য(ণ্যৎ) }

গ্রিক [গ্রিক] *বি* ১ গ্রিস দেশের অধিবাসী বা ভাষা। □ *বিণ* গ্রিক দেশীয়। { *ই* Greek }

গ্রিনরুম [গ্রিন্‌রুম্‌] *বি* সার্কাস বা থিয়েটারের পাত্র–পাত্রীদের সাজঘর বা বিশ্রামকক্ষ (সার্কাসের গ্রীনরুমটা একটা নির্বাক রুদ্ধশ্বাস জায়গা—*অচিসে*)। { *ই* green room }

গ্রিনেড ⇒ গ্রেনেড

গ্রীবা [গ্রিবা] *বি* ১ গলদেশ। ২ ঘাড় (হেলায়ে গ্রীবা গৌরবে —*সদ*)। **~দেশ** *বি* ঘাড়। **~ভঙ্গি** *বি* ১ ঘাড় বাঁকানোর কায়দা। ২ গলদেশের বক্রভাব। { *স.* √গৃ+ব+আ(টাপ্‌) }

গ্রীষ্ম [গ্রিশ্‌শোঁ] *বি* ১ ঋতুবিশেষ; গ্রীষ্মকাল; গরম কাল; নিদাঘ। □ *বিণ* গরম। **~কাল** *বি* গ্রীষ্ম ঋতু; গরম কাল; বৈশাখ ও জ্যৈষ্ঠমাস। **~নিবাস** *বি* অপেক্ষাকৃত শৈত্যপ্রধান স্থানে গ্রীষ্মকাল কাটানোর বসতি বা বাসভবন। **–পীড়িত** *বিণ* তাপক্লান্ত; উত্তাপক্লিষ্ট। **–মণ্ডল** *বি* কর্কট ও মকরক্রান্তির মধ্যবর্তী উষ্ণমণ্ডলে অবস্থিত ভূ–ভাগ; বিষুব রেখার নিকটবর্তী উষ্ণ অঞ্চল। **গ্রীষ্মাতিশয্য** *বি* উত্তাপের অতিবৃদ্ধি। **গ্রীষ্মাবকাশ** *বি* গ্রীষ্মকালীন অবকাশ বা ছুটি; summer vacation। **গ্রৈষ্ম, গ্রৈষ্মিক** *বিণ* গ্রীষ্ম–সংক্রান্ত। { *স.* √গ্রস্‌+ম(মক্‌)+অ(অচ্‌) }

গ্রেড [গ্রেড্‌] *বি* ১ অনুক্রম; স্তর; শ্রেণি (চার লোচনের চাউনিরও গ্রেড ভাগ করা রহিয়াছে—*মীম*)। ২ পদমর্যাদা। { *ই* grade }

গ্রেন [গ্রেন্‌] *বি* এক যবোদর পরিমাণ; এক তোলা বা ভরির এক শত আশি ভাগের এক ভাগ। { *ই* grain }

গ্রেনেড, গ্রিনেড [গ্রেনেড্‌, গ্রিনেড্‌] *বি* ছোট বোমা; যুদ্ধে ব্যবহৃত ধ্বংসকারী অস্ত্রবিশেষ (সেনাপতি হ'লেও সাধারণ সৈনিকের মতো তার হাতে গ্রিনেডের আর বোমার থলি—*নই*)। { *ই* Grenade/hand grenade }

গ্রেফতার, গ্রেপ্তার [গ্রেফ্‌তার, -প্‌-] *বি* ১ পাকড়াও; নির্বন্ধের সহিত আটক; ধরপাকড় (গ্রেপ্তার চলছে)। □ *বিণ* ১ পাকড়াও করা হয়েছে এমন; ধৃত; আটক। ২ বন্দী; arrested (বাহিরে আসিয়াই গ্রেপ্তার হইলেন—*কাআউ*; মখনলোস দেও যদি হৈল গেরেপ্তার। হাজের করিল পরী হুজুরে বাদশার—*সৈহা*)। **গ্রেপ্তারি, গ্রেপ্তারী** *বিণ* ১ গ্রেফতারের জন্য আদেশযুক্ত (সরকার ফকির নেতাদের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারি করেন—*আনিস*)। { *ফা.* গিরিফতার گرفتا }

গ্রৈষ্মিক ⇒ গ্রীষ্ম

গ্লান ⇒ গ্লানি

গ্লানি [গ্লানি] *বি* ১ ক্লান্তি; ক্লম। ২ অবসাদ; অবসন্নতা; অতিশয় শ্রান্তি। ৩ অসুস্থতা; অস্বাস্থ্য (তোমার শরীরের যেরূপ গ্লানি, তাতে কোন মতেই শয্যা পরিত্যাগ করা কর্তব্য নহে—*ঈবি*)। ৪ মল; ময়লা (মনের গ্লানি)। ৫ যে বা যা কলঙ্কস্বরূপ বা কলঙ্কজনক (বংশের গ্লানি)। ৬ নিন্দা (গ্লানিকর)। ৭ অবমাননা (ধর্মের গ্লানি)। ৮ অনুশোচনা; অনুতাপ; ক্ষোভ (গ্লানি বোধ করা)। **গ্লান** *বিণ* ১ ক্লান্ত। ২ অবসন্ন। ৩ অস্বাস্থ্যপূর্ণ। ৪ ময়লা; ময়লাপূর্ণ। ৫ নিন্দিত। ৬ কলঙ্কস্বরূপ। **গ্লেয়** *বিণ* গ্লানিকর; গ্লানির উপযুক্ত। { *স.* √গ্লৈ+তি(ক্তি) }

গ্লাস, গেলাস [গ্লাশ্‌, গেলাশ্‌] *বি* পান করার জন্য ব্যবহৃত পাত্রবিশেষ। { *ই* glass }

গ্লুকোজ [গ্লুকোজ্‌] *বি* ফল থেকে উৎপাদিত চিনিবিশেষ। { *ই* glucose }

গ্লুকোমা [গ্লুকোমা] *বি* চক্ষুরোগবিশেষ, যা রোগীকে ক্রমশ অন্ধত্বের দিকে নিয়ে যায়। { *ই* glucoma }

গ্লোব [গ্লোব্‌] *বি* ভূ–গোলক; উপরিভাগে পৃথিবীর মানচিত্র অঙ্কিত গোলক (গ্লোবের প্রতি একবার দৃষ্টিপাত করলেই দেখতে পাবে যে গোটা ইউরোপ ও গোটা এশিয়ার ভিতর কোথাও জলের ব্যবধান নেই—*প্রচৌ*)। { *ই* globe }

ঘ

ঘ [ঘ] বাংলা বর্ণমালার চতুর্থ ব্যঞ্জন বর্ণ এবং ক-বর্গের চতুর্থ বর্ণ। এর উচ্চারণস্থান জিহ্বামূল বা পশ্চাত্তালু। এটাকে জিহ্বামূলীয় বা পশ্চাত্তালুজাত (velar) ঘোষ (voiced) মহাপ্রাণ (aspirated) স্পর্শ (plosive) ধ্বনি বলে।

ঘকার [ঘকার্] *বি* ঘ বর্ণ। { *স.* ঘ+কার}

ঘচ ঘচ [ঘচ্‌ঘচ্] *অব্য* অপেক্ষাকৃত নরম জিনিস সহজে ও ক্রমাগত কাটার শব্দ। { *ধ্বন্যা.* }

ঘচাঘচ [ঘচাঘচ] *অব্য* অপেক্ষাকৃত নরম জিনিস একনাগাড়ে কাটার শব্দ। □ *ক্রিবিণ* ঘচ ঘচ করে (ঘচাঘচ কাটা)। { *ধ্বন্যা.* }

ঘট [ঘট্] *বি* ১ ঘড়া; কলস; কুম্ভ। ২ পাত্র; আধার (আল্লাহ বিরাজেন সর্ব ঘটে)। ৩ *(ব্য.)* মগজ; মাথা; মস্তক; মস্তিষ্ক (ঘটে বুদ্ধি থাকলে তো?)। ৪ দেহ; মূর্তি (এ পাপ সিন্ধুর ঢেউ ভয়ে কম্পে মোর জিউ নিজ ঘটে—*দৌবা*)। **~কর্পর** *বি* ১ ভাঙ্গা ঘটের বা কলসির টুকরা। ২ রাজা বিক্রমাদিত্যের সভার নবরত্নের একজন। **~কার, ~কারক** *বি* যে ঘট নির্মাণ করে; কুম্ভকার; কুমার। **~পট** *বি* হিন্দুদের বিগ্রহ পূজার পূর্ণ কলস ও চিত্রাদি। { *স.* √ঘট্+অ(অচ্)}

ঘটক [ঘটোক্] *বি,বিণ* ১ যে ঘটায়; ঘটয়িতা; ঘটনার সম্পাদক। □ *বি* যে ব্যক্তি মধ্যবর্তী হয়ে বিবাহ সম্বন্ধ ঘটিয়ে দেয়; match-maker। **ঘটকী** *স্ত্রী.*। ২ হিন্দুদের পদবিবিশেষ। ৩ ডুমুর গাছ বা তার কাঠ। { *স.* √ঘট্+অক(ণ্বুল্)}

ঘটকালি, ঘটকালী [ঘটক্‌কালি] *বি* ১ ঘটকের কাজ; সংঘটন কৌশল। ২ বিবাহ সম্বন্ধ স্থাপন কৌশল; বিবাহ স্থিরীকরণের কাজ (আমি বেশ ঘটকালী জানি; তোমাদের মনের মতো সামগ্রী মিলাইয়া দিব—*বচ*)। ৩ ঘটকের কাজের পারিশ্রমিক বা তাতে প্রাপ্য অর্থাদি। { *স.* ঘটক+*বা.* আলি, আলী}

ঘটকী [ঘটোকি] *বি স্ত্রী.* বিবাহ সম্বন্ধ সংঘটনকারিণী নারী। { *স.* ঘটক + *বা.* ঈ; *স.* 'ঘটিকা' বাংলায় অপ্রচলিত}

ঘট ঘট [ঘট্‌ঘট্] *অব্য* কাষ্ঠনির্মিত বস্তুর সঙ্গে অন্য বস্তুর সংঘর্ষের বা হাঁড়িকুড়ি নাড়াচাড়ার অথবা যন্ত্রাদি চলার শব্দ। □ *বি* উক্ত অর্থে। **ঘটঘটানো** *ক্রি*। **ঘটঘটানি** *বি*। { *ধ্বন্যা.* }

ঘটতি ⇒ ঘাটতি

ঘটদাসী [ঘটদাশি] *বি* দূতী; কুটনি। { *স.* ঘট+দাসী}

ঘটন [ঘটোন্] *বি* ১ হওয়া; সংঘটন। ২ নির্বন্ধ; বিধান। ৩ যোজন; নিয়োজন। **ঘটিত** *বিণ*। { *স.* √ঘট্+অন(ল্যুট্)}

ঘটনা [ঘটোনা] *বি* ১ কাণ্ড; ব্যাপার (সেদিনের ঘটনা)। ২ যোজনা; সংঘটন। ৩ রচনা; নির্মাণ। ৪ আকস্মিক ব্যাপার। **~ক্রমে, ~চক্রে, ~সূত্রে** *ক্রিবিণ* হঠাৎ ব্যাপারবশত; দৈবাৎ। **~চক্র** *বি* পর পর ঘটনা; ঘটনা পরম্পরা; ঘটনাবলি; ব্যাপারসমূহ। **~ধীন** *বিণ* আকস্মিক ব্যাপারাধীন। **~পূর্ণ, ~বহুল** *বিণ* বহু ঘটনা সমাকীর্ণ; ঘটনার আধিক্য আছে এমন; বহু ঘটনাময়। **~বলি, ~বলী** *বি* ব্যাপারসমূহ; ঘটনাসকল। **~বহ** *বিণ* সংঘটক; ঘটনা বহনকারী। **~স্থল** *বি* যে স্থানে কোনো ব্যাপার ঘটে; অকুস্থল। **~স্রোত** *বি* ১ ঘটনার ক্রমধারা; ধারাবাহিক ঘটনা; ঘটনার প্রবাহ। ২ ঘটনার তোড় বা বেগ বা ধাক্কা। **ঘটনীয়** *বিণ* ঘটবার মতো; সম্ভাব্য; সংঘটনযোগ্য; ঘটিতব্য। **ঘটমান** *বিণ* ১ ঘটছে এমন; চলমান। ২ চলন্ত; চলছে এমন (ঘটমান বর্তমান)। **ঘটয়িতব্য** *বিণ* যা ঘটানো উচিত; ঘটনীয় (যা ঘটয়িতব্য তা এড়িয়ে যাওয়া চলে না)। { *স.* √ঘট্+অন(ল্যুট্)+আ(টাপ্)}

ঘটপট ⇒ ঘট

ঘটরমটর [ঘটোরমটোর্] *অব্য* ১ অবিরাম ঘট ঘট শব্দ। ২ মন্থর গতিতে ক্রমাগত ঘট ঘট শব্দে চলার ভাবপ্রকাশক। { *ধ্বন্যা.* }

ঘটা[১] [ঘটা] *বি* ১ আড়ম্বর; সমারোহ; জাঁকজমক (সিদ্ধি ঘোঁটার সদাই ঘটা—*অঠা*)। ২ আয়োজন; উদ্যোগ; সজ্জা (মেঘের ঘটা)। ৩ বহর; বাহার (সাজের ঘটা; রূপের ঘটা)। ৪ রাশি; সমূহ। ৫ ঘটন। { *স.* √ঘট্+অ(অঙ্)+আ(টাপ্)}

ঘটা[২] [ঘটা] *ক্রি* ১ সংঘটিত হওয়া; হওয়া। ২ পরিণত হওয়া বা রূপ পাওয়া। ৩ সম্পন্ন হওয়া (ঘটে ওঠা)। ৪ সংঘটন। **~নো, ~ন** *ক্রি* ১ সংঘটিত; পরিণত বা সম্পন্ন করানো। □ *বি* সংঘটন। □ *বিণ* অন্যের দ্বারা সংঘটিত। { *স.* √ঘট্+*বা.* আ}

ঘটাকাশ [ঘটাকাশ্] *বি* ১ ঘটে প্রতিবিম্বিত আকাশ। ২ খণ্ড জগৎ; ক্ষুদ্র পরিধি (রচয়িতার নিজের অস্থিপঞ্জর এবং ঘটাকাশের ঘটনা সমস্ত থেকে অনেক দূরে রচয়িতার সেই মনোজগৎ বা পটাকাশ—*অঠা*)। { *স.* ঘট+আকাশ}

ঘটাটোপ [ঘটাটোপ্] *বি* ১ আবরণ; ঘেরাটোপ; আচ্ছাদন। ২ *(আল.)* পর্দা; যবনিকা (নিদ্রাতুর নীরবতা আচম্বিতে চমকি অমনই রহস্যের ঘটাটোপ কীর্ণ করে প্রপন্ন জগতে—*সুদ*)। ৩ সগর্ব সমারোহ। { *স.* ঘট+আটোপ}

ঘটি, ঘটী [ঘোটি] *বি* ১ ঘটের আকৃতি ক্ষুদ্র ধাতুময় জলপাত্রবিশেষ। ২ মুহূর্ত; কাল পরিমাণবিশেষ (চব্বিশ মিনিট সময়ের সমান) (দিন ক্ষেণ লগ্ন ঘটি নামাজ সমায় —*সৈআ*)। ৩ ঘড়ি। **~চোর** *বি* পাতিচোর; ছিচকে চোর; যে ছোটখাটো জিনিস চুরি করে। { *স.* √ঘট্+ঈ>ঘটী; *বা.* ই>ঘটি–]

ঘটিকা [ঘোটিকা] *বি* ১ ঘণ্টা। ২ ঘড়ি। ৩ সময় নিরূপণের প্রাচীন যন্ত্রবিশেষ (এটি যতক্ষণে জল পূর্ণ হত ততক্ষণ

সময়কে বলা হত এক ঘটিকা—বর্তমান হিসাবে তা চব্বিশ মিনিট)।৪ ঘটি; ছোট কলস। { *স.* ঘটী+ক(কন্)+আ(টাপ্)}

ঘটিত [ঘোটিতো] *বিণ* ১ সম্পাদিত; সংঘটিত; ঘটেছে এমন।২ সম্পর্কিত; সংক্রান্ত; জনিত (আদালতঘটিত)। ৩ গঠিত; যুক্ত; খোজিত বা নির্মিত (পারদঘটিত)। **ঘটিতা** *স্ত্রী.*। **–ব্য** *বিণ* ঘটবে এমন। { *স.* √ঘট্+ত(ক্ত)}

ঘটিযন্ত্র, ঘটিকাযন্ত্র [ঘোটিজন্ত্রো, –কা–] *বি* ১ সময় নিরূপক যন্ত্র; কাল নিরূপণের প্রাচীন যন্ত্রবিশেষ (ঘটিযন্ত্র চাললে; কামান দাগলে নিয়ম মতো—*অঠা*)। ২ কূপ থেকে জলপূর্ণ ঘট তোলার যন্ত্রবিশেষ। { *স.* ঘটী, ঘটিকা+যন্ত্র}

ঘটিরাম [ঘটিরাম] নির্বোধ, অনভিজ্ঞ ও অযোগ্য কর্মচারী (সরকারি কর্মচারীদের মধ্যে অনেকেই বঙ্কিমচন্দ্র চিত্রিত ঘটিরাম ডেপুটির মত অনভিজ্ঞ, তবে ঘুষ খেতে ওস্তাদ)। {ঘটি+রাম}

ঘটী ⇒ ঘটি

ঘটোধ্নী [ঘটোধ্‌নি] *বিণ* ঘটের ন্যায় প্রশস্ত স্তন এমন (উভয়েই স্থূলাঙ্গী, লাবণ্যময়ী এবং ঘটোধ্নী—*বচ*)। { *স.* ঘট+উধস্+অন্(অনঙ্)+ঈ(ঙীষ্); বহু., +নী}

ঘট্ট [ঘটটো] *বি* ১ নদী পুকুর প্রভৃতির ঘাট। ২ ঘাঁটি। **–জীবী** *বি* ঘাট-মাঝি; পাটনি। **–পাল** *বি* ঘাঁটিতে থেকে মাশুল আদায়কারী (বড়ই কপট ঘট্টপাল—*চৈতন্য-চন্দ্রোদয়*)। { *স.* √ঘট্ট+অ(ঘঞ্)}

ঘট্টন [ঘট্‌টোন] *বি* ১ মন্থন; ঘোটন; আলোড়ন। ২ গঠন; নির্মাণ; সংঘটন। ৩ ঘর্ষণ; বাটা। **ঘট্টনী** *বি* ঘুটনি বা ঘোঁটনা। **ঘট্টিত** *বিণ* ১ ঘোঁটা হয়েছে এমন (রূপ প্রকাশের পূর্বে তিন অবস্থার মধ্যে দিয়ে চললো ঘট্টিত অবস্থা; লাঞ্ছিত অবস্থা; রঞ্জিত অবস্থা—*অঠা*)।২ গঠিত; নির্মিত। **ঘট্টিতা** *স্ত্রী.*। { *স.* √ঘট্ট+অন(ল্যুট্)}

ঘড় ঘড় [ঘড়্ঘড়্] *অব্য* ১ শ্লেষ্মার শব্দ; কফ হেতু কণ্ঠনালির ধ্বনিবিশেষ। ২ গাড়ি চলার শব্দ। ৩ নাক ডাকার আওয়াজ; নাসিকা গর্জন (নাকের ভিতর হইতে অতি সুন্দর ঘড় ঘড় শব্দ শুনিয়া বুঝিলাম নিদ্রা বেশ গভীর হইয়াছে—*সুরা*)। { *ধ্বন্যা.*}

ঘড়া [ঘড়া] *বি* ১ বড় কলসি। ২ পিতলের কলস (ধনের ঘড়া কক্ষে তোমার—*সদ*)। { *স.* ঘট>+*বা.* আ}

ঘড়াঞ্চি, ঘড়াঞ্চে [ঘড়ান্চি, –ন্চে] *বি* ১ সিঁড়িওয়ালা উঁচু টুল বা মঞ্চবিশেষ। ২ পাত্র বসিয়ে রাখার কাঠের মঞ্চ; কলসি রাখার কাঠের মঞ্চ। { *স.* ঘট>ঘড়+*বা.* আ+*স.* মঞ্চ = ঘড়াঞ্চ+*বা.* ই, ইয়া>}

ঘড়ি, ঘড়ী [ঘোড়ি] *বি* ১ ঘটিকা; সময় নিরূপক যন্ত্র। ২ অত্যল্প সময়; সামান্য ক্ষণ (রণে যায় কাসিম ঐ দু'ঘড়ির নওশা—*নই*)। ৩ ঘণ্টা (ঘড়িপেটা)।৪ আড়াই দণ্ড। ৫ সিকি প্রহর। **~ ~** *ক্রিবিণ* ১ ক্ষণে ক্ষণে; প্রতিমুহূর্তে; থেকে থেকে (কাঁটা তার প্রেস কাঁটা বেঁধে ঘড়ীঘড়ী –*দীমি*)। ২ ঘণ্টায় ঘণ্টায়; বারংবার; ঘন ঘন (এই ঔষধ দুই প্রহর রাত্রি পর্যন্ত ঘড়ী ঘড়ী খাওয়াইবেন—*বচ*)। **ঘুম ভাঙানো ~** *বি* যে ঘড়িতে নির্দিষ্ট সময়ে ক্রমাগত শব্দ হওয়ার ফলে ঘুম ভাঙে। **জল~** *বি* সময় নিরূপক যন্ত্রবিশেষ। এই যন্ত্র থেকে বিন্দু বিন্দু জল পড়ে নির্দিষ্ট সময়ে তা নিঃশেষ হয়। **টেক~, ট্যাঁক~** *বি* ছোট ঘড়ি; watch। **সূর্য~** *বি* এতে সূর্য কিরণে যে ছায়া পড়ে, তা দেখে সময় নিরূপিত হয়; sundial। **হাত~** *বি* মণিবন্ধে পরার বা বেঁধে রাখার ঘড়ি; wrist-watch। **দেয়াল ~** *বি* দেয়ালে লম্বিত বড় ঘড়ি; wall-clock। { *স.* ঘটী>}

ঘড়িয়াল[1] *(মবা.)* [ঘোড়িয়াল্] *বি* ঘণ্টাবাদক; যে ঘণ্টা বাজিয়ে সময় জানায় (দিন ক্ষণ লগ্ন ঘটি নামাজ সমায় ঘড়িয়াল দণ্ড লক্ষে সকল জাগায়—*সৈআ*)। { *স.* ঘটী, ঘটিকা>*প্রা.* ঘড়িআ, ঘড়ী>*বা.* ঘড়ি+আল}

ঘড়িয়াল[2]**, ঘড়েল**[1] [ঘোড়িয়াল্; ঘোড়েল্] *বি* দীর্ঘমুখবিশিষ্ট কুমির জাতীয় প্রাণী; মকর। { *স.* ঘটী>ঘড়ি+ওয়াল>ঘড়িয়াল>ঘড়েল; *তুল. হি.* ঘড়িয়াল}

ঘড়িয়াল[3]**, ঘড়েল**[2] [ঘোড়িয়াল্, ঘোড়েল্] *বিণ* ফন্দিবাজ; সুচতুর; সেয়ান; ধড়িবাজ (টৌঙ্গীওয়ালা ঘড়েল—*সৈমু*)। { *হি.* ঘড়িয়াল}

ঘণ্ট [ঘন্‌টো] *বি* এক প্রকার ব্যঞ্জন; পাঁচমিশালি ব্যঞ্জন। **~ পাকানো** *ক্রি* তালগোল পাকানো; গুলিয়ে যাওয়া (মাথার মধ্যে কেমন বিচ্ছিরি রকম ঘণ্ট পাকিয়ে গেল—*সুরা*)। { *স.* √ঘট্ট>*প্রা.* ঘট্ট>ঘণ্ট>ঘাঁট}

ঘণ্টা [ঘন্‌টা] *বি* ১ কাঁসার তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র। ২ ষাট মিনিট সময়। ৩ পেটাঘড়ি। ৪ *(ব্য.)* কিছুই না; কাঁচ কলা; কচু; ঘোড়ার ডিম (আমার ঘণ্টা করবে)। **~ পড়া** *বি* ঘণ্টা পিটিয়ে সময় জানানো। **–য় ~য়** *ক্রিবিণ* অল্পক্ষণ পর পর; বার বার; প্রতি ঘণ্টায়। **হাতির গলায় ~** অসমঞ্জস ব্যাপার; বেমানান কাজ। { *স.* √ঘণ্ট্+অ(অচ্)+আ(টাপ্)}

ঘণ্টাকর্ণ [ঘনটাকর্‌নো] *বি* ১ ঘেঁটু ফুল। ২ হিন্দু দেবতা শিবের অন্যতম অনুচর; ঘেঁটু। ৩ হিন্দুর দেবতাবিশেষ। { *স.* ঘণ্টা+কর্ণ}

ঘণ্টি, ঘণ্টী, ঘণ্টিকা [ঘোন্‌টি, –, ঘোন্‌টিকা] *বি* ১ ক্ষুদ্র ঘণ্টা। ২ আলজিভ। { *স.* ঘণ্টা >}

ঘণ্টেশ্বর [ঘনটেশ্‌শর] *বি* হিন্দুমতে মঙ্গলপুত্র ঘেঁটু। { *স.* ঘণ্টা+ঈশ্বর; ৬তৎ}

ঘন [ঘনো] *বি* ১ মেঘ (ঘনঘটা, ঘন গর্জন)। ২ *(গণিত.)* সমান তিন রাশির গুণফল; cube (২×২×২=৮=২^{৩}, ২-এর ঘন ৮)। ৩ *(জ্যা.)* দৈর্ঘ্য প্রস্থ ও বেধবিশিষ্ট বস্তু। □ *বিণ* ১ গাঢ় (ঘন দুধ)। ২ নিবিড়; গহন; দুর্গম (ঘন বন)। ৩ সন্নিবিষ্ট (ঘন বুনুনি)। ৪ দুর্ভেদ্য (ঘন বন)। ৫ অবিচ্ছিন্ন; অবিরাম; অনবরত (ঘন ঘন ডাক)। ৬ পুরু; জমাট (ঘন কাপড়)। ৭ প্রবল; ঘোর (ঘন বরষা—*রঠা*)। ৮ দৈর্ঘ্য; প্রস্থ ও বেধবিশিষ্ট (ঘন ক্ষেত্র; ঘন বস্তু)। ৯

করতাল কাঁসি ইত্যাদির ন্যায় দুই অংশের ঠোকাঠুকিতে বাজে এমন (ঘন যন্ত্র)। ❑*বি* বাদ্যের শ্রেণিবিশেষ (নাকারা দুন্দুভি আদি বাদ্য যত চর্ম্ম; ঘন হেন নাম ধরে বুঝ তার মর্ম্ম—*সৈআ*)। ~ **কফ** *বি* গাঢ় বা জমাট শ্লেষ্মা। ~**কাল** *বি* মেঘের সময়। ~**কৃষ্ণ** *বিণ* ১ মেঘের মতো কালো। ২ ঘোর কৃষ্ণ। ~**ঘটা** *বি* মেঘাড়ম্বর (কী না জানি ঘনঘটা; বিদ্যুৎ-উৎসব—*রঠা*)। **ঘন ~** *ক্রিবিণ* ১ বার বার; পুনঃপুন; বহুবার। ২ কাছাকাছি বা ঘেঁষাঘেঁষি; গায়ে গায়ে (গাছ ঘন ঘন না লাগিয়ে একটু দূরে দূরে লাগালে ভালো হয়)। ❑*বিণ* অবিচ্ছিন্ন; অবিরাম; অনবরত (ঘন ঘন ডাক)। ~**ঘোর** *বিণ* ভীষণ মেঘাচ্ছন্ন; মেঘে অন্ধকার। ~**ঘোরা** *স্ত্রী*। **ঘনত্ব, ঘনতা** *বি* ১ নিবিড়তা; গাঢ়তা; density। ২ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের মিলিত ফল; solidity; volume। ~ **পল্লব** *বিণ* ১ ঘন পাতাবিশিষ্ট। ❑*বি* সজিনা শাক। ~**ফল** *বি* ১ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল। ২ সমান তিন রাশির গুণফল। ~**বর্ত্ম** *বি* আকাশপথ; আকাশ। ~**বসতি** *বি* বহু লোকের অল্প জায়গায় ঘেঁষাঘেঁষিভাবে বসবাস। ~**বস্তু** *বি* দৈর্ঘ্য প্রস্থ ও বেধ এই তিনটিই আছে এরূপ দ্রব্য। ~**বিন্যস্ত** *বিণ* নিবিড়ভাবে বা অত্যন্ত ঘেঁষাঘেঁষিভাবে স্থাপিত। ~**বিন্যাস** *বি* ফাঁক না রেখে কাছাকাছি স্থাপন। ~**বীথি** *বি* মেঘমালা বা আকাশপথ। ~**মালা** *বি* মেঘসমূহ; জলরাশি (ঘনমালা যার শিরে ধরে নব দণ্ড—*সৈআ*)। ~**মূল** *বি* ঘনফলের মূলরাশি; cube-root (৮-এর ঘনমূল ২)। ~**শ্যাম** *বিণ* ১ নিবিড় মেঘের ন্যায় বর্ণ; গাঢ় নীল বর্ণবিশিষ্ট। ২ শ্রীকৃষ্ণ। ~**সন্নিবিষ্ট** *বিণ* ঘনবিন্যস্ত; মধ্যে প্রায় ফাঁকশূন্য। ~**সিক্ত** *বি* ঘন দ্বারা সিক্ত; মেঘে ভেজা বস্তু; মেঘার্ত জিনিস (বাংলাদেশ আপনার কর্দম পিচ্ছিল ঘনসিক্ত রুদ্ধ জঙ্গলের মধ্যে—*রঠা*)। **ঘনাগম** *বি* ১ মেঘের আগমন (ঘনাগমে কিম্বা নিশাশেষে পূর্ণচন্দ্র হঠাৎ মলিন ভাব ধারণ করিলে—*মীম*)। ২ বর্ষাকাল। { *স.* √হন্+অ(অপ্)}

ঘনাঙ্ক [ঘনাঙ্‌কো] *বি* ঘনত্বের পরিমাণ; density। { *স.* ঘন+অঙ্ক; ৬তৎ }

ঘনাত্যয়, ঘনান্ত [ঘনাত্‌তয়; ঘনান্‌তো] *বি* মেঘের অপসারণ কাল; বৃষ্টির অবসান সময়; বর্ষার শেষ; শরৎকাল। { *স.* ঘন+অত্যয়; অন্ত; ৬তৎ }

ঘনানো [ঘনানো] *ক্রি* ১ কাছে আসা; নিকটবর্তী হওয়া (মৃত্যু ঘনিয়ে আসছে; বনের পাখী ঘনিয়ে বসে—*সদ*)। ২ গাঢ় বা জমাট করা বা হওয়া। ৩ কাছাকাছি হওয়া; নিকটবর্তী হওয়া বা ঘনকরণ। ৪ ঘনীকৃত বা ঘনীভূত। { *স.* ঘন+*বা.* আনো}

ঘনান্ধকার [ঘনান্‌ধোকার] *বি* ১ জমাট বা গাঢ় অন্ধকার; ঘোর অন্ধকার। ২ মেঘাচ্ছন্নতার দরুন অন্ধকার। { *স.* ঘন+অন্ধকার; *কর্মধা.* }

ঘনাবৃত [ঘনাব্‌বৃতো] *বিণ* মেঘে-ঢাকা; মেঘাচ্ছন্ন। { *স.* ঘন+আবৃত; ৩তৎ }

ঘনায়মান [ঘনায়োমান্] *বিণ* গাঢ় হয়ে উঠছে এমন; ঘনিয়ে আসছে এমন; আসন্ন (ঘনায়মান সায়াহ্নে··· *রঠা*)। { *স.* √ঘনায়+মান(শানচ্)}

ঘনিমা [ঘোনিমা] *বি* ঘনত্ব। { *স.* ঘন+ইমন্}

ঘনিষ্ঠ [ঘোনিশ্‌ঠো] *বিণ* ১ অতিশয় ঘন। ২ অত্যন্ত নিকট (ঘনিষ্ঠ আত্মীয়)। ৩ অন্তরঙ্গ (আকাশ ঘনিষ্ঠ হেথা—সূর্য শূন্যে অন্তরিত রয়—*বিদে*)। **ঘনিষ্ঠা** *স্ত্রী*। ~**তা** *বি*। { *স.* ঘন+ইষ্ঠ}

ঘনীকৃত [ঘোনিক্‌কৃতো] *বিণ* ঘন করা হয়েছে এমন। { *স.* ঘন+চ্বি+ √কৃ+ত(ক্ত)}

ঘনীভূত [ঘোনিভুতো] *বিণ* জমাট; ঘন হয়েছে এরূপ (বিপদ ঘনীভূত হলো)। **ঘনীভবন** *বি* ঘন হওয়া। { *স.* ঘন+চ্বি+√ভূ+ত(ক্ত)}

ঘনোপল [ঘনোপল্] *বি* মেঘজাত শিলা; করকা। { *স.* ঘন+উপল; *মধ্য.* }

ঘর [ঘর্] *বি* ১ গৃহ; বাড়ি। ২ প্রকোষ্ঠ; কুঠরি; কামরা; কক্ষ (পড়ার ঘর)। ৩ আবাস; বাসস্থান। ৪ হিন্দু মন্দির (ঠাকুর ঘর)। ৫ আশ্রয়; ঠাঁই (দেশে দেশে মোর ঘর আছে—*রঠা*)। ৬ সংসার (ঘর করা)। ৭ পরিবার (এক ঘর গোয়ালা)। ৮ কুল; বংশ (উচ্চ ঘর)। ৯ স্থান; নির্দিষ্ট কোঠা (জমার ঘর)। ১০ অফিস (ডাকঘর)। ১১ ছিদ্র; রন্ধ্র বা খোপ (বোতাম ঘর)। ১২ গ্রন্থি বা বুননের স্থান (একঘর উল্টা একঘর সোজা)। ১৩ গদি (মহাজনের ঘর)। ১৪ অভ্যন্তর; অন্দর (ঘরে বাইরে)। ১৫ কেন্দ্র; আড্ডা (খেলা ঘর)। ~ **আলো করা** *ক্রি* গৃহের শোভা বর্ধন করা। ~**করনা, ~কন্না** *বি* ১ গৃহস্থালি; সাংসারিক কাজকর্ম; সংসার; সংসারধর্ম। ~**করণ** *বি* ১ সংসার; গৃহস্থালি (ঘরকরণের কাজ—*রঠা*)। ২ গৃহিণীপনা। ~ **করা** *ক্রি* ১ সংসারধর্ম পালন করা। ২ পত্নীরূপে বাস করা। ~ **কাটা** *ক্রি* ছক কাটা। ~**কুনো** *বিণ* ১ বহির্জগতের সঙ্গে সম্পর্কহীন; ঘরের কোণে আবদ্ধ (এমন ঘরকুনো হয়ে আপনি এর আগে তো আর কোন দিন থাকেননি—*সজ*)। ২ অমিশুক; অসামাজিক। ~**খরচ** *বি* সংসারের নিত্যনৈমিত্তিক ব্যয় (ঘর হতে খাই তাড়া ঘরখরচ নাই—*বচ*)। ~ **খোঁজা** *ক্রি* বৈবাহিক সম্বন্ধ স্থাপনের জন্য উপযুক্ত পরিবার সন্ধান করা। ~ **গড়া** *বিণ* ১ গৃহে নির্মিত; ঘরে প্রস্তুত। ২ স্বগৃহে কল্পিত ঘর সাজিয়ে তোলা (ঠিক যেন ঘর গড়া গল্পের মত—*রঠা*)। ❑*ক্রি* ১ ঘর তৈরি করা। ২ সংসার করা; বিবাহ করা। ~**গুষ্টি, ~গুষ্ঠি** *বি* পরিবারবর্গ; ঘরের সকল লোক; আত্মপরিজন (ঘরগুষ্টির এত কাঁদন উপেক্ষা করে চলে গেল—*নই*)। ~ **ঘর** *ক্রিবিণ* প্রত্যেক ঘরে; প্রতি পরিবারে (ইজ্জৎ ঘর ঘর—*সদ*)। ~**ঘেঁষা, ~ঘ্যাসা** *বিণ* গৃহানুরক্ত (উকিল জজদের শ্যামপীন খাইয়ে ও ঘরঘ্যাসা করে কেউ বা খাজনা বাড়িয়ে খেউড়ে জিতে কথঞ্চিৎ গায়ের জ্বালা নিবারণ কল্লেন—*কাসি*)। ~-**ছাড়া** *বিণ* ১ সন্ন্যাসী; বিবাগী; বৈরাগী। ২

প্রবাসী। ৩ গৃহহীন বা গৃহত্যাগী (ঘরছাড়া আজ ঘর পেল যে—*রঠা*)। ~ **ছাড়ানো** *ক্রি* ঘর ছাড়া করা; উদ্বাস্তু করা। ~**জাত করা** *ক্রি* ঘরে মৌজুদ করা। ~**জামাই** *বি* শ্বশুরালয় নিবাসী ও শ্বশুর পালিত জামাতা; যে জামাই শ্বশুর বাড়িতেই বাস করে। ~**জোড়া** *বিণ* ১ সমস্ত ঘরে ছড়িয়ে থাকে এরূপ (ঘরজোড়া গালিচা)। ২ যা দ্বারা ঘর পূর্ণ ও শোভিত হয়। ~**জ্বালানো** *ক্রি* ১ ঘরে আগুন লাগানো। ২ *(আল.)* সংসারের সুখ-শান্তি নষ্ট করা এবং পরিবারবর্গের সর্ববিধ অনিষ্ট সাধন করা। ৩ পরিবারের অশান্তির কারণ হওয়া। ~**জ্বালানি/জ্বালানী** *বিণ, স্ত্রী*। ~**জ্বালানে** *বিণ* যে পরিবারের লোকের অশান্তির কারণ। ~ **তোলা** *ক্রি* ১ ঘর তৈরি করা। ২ সুতা বা পশমে গ্রন্থি দিয়ে বোনা। ~ **নষ্ট করা** *ক্রি* ১ সংসারের সুখ-শান্তির হানি করা। ২ পরিবারের মর্যাদাহানিকর কাজ করা। ৩ নীচকুলে বিয়ে দেওয়া বা করা। ~**পর** *বি* আত্মপর; আপন-পর। ~ **পাওয়া** *ক্রি* ১ বাসাবাড়ি খুঁজে পাওয়া। ২ বিবাহের জন্য উপযুক্ত ঘরের পাত্রপাত্রী পাওয়া। ~**পোড়া** *বি* ১ লঙ্কাদাহকারী হনুমান। ❑ *বিণ* ১ ঘর পুড়ে গেছে এমন। ২ গোশালা পুড়ে যাওয়ায় তাতে অভিজ্ঞ (ঘর-পোড়া গরু)। ৩ আত্মহানিকর (ঘরপোড়া বুদ্ধি)। ~**পোড়া গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়** ১ যে গরু একবার ঘর পোড়ার অভিজ্ঞতা লাভ করেছে সে রক্তবর্ণের মেঘ দেখলেই আগুন লেগেছে মনে করে ভয় পায়। ২ *(আল.)* একবার কষ্টদায়ক অভিজ্ঞতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত অভিজ্ঞতার সামান্য সাদৃশ্য দেখেই শঙ্কিত হয়ে ওঠে। ~**পোষা** *বিণ* গৃহপালিত। ~**বর** *বি* বরের বংশের মর্যাদা ও তার নিজের যোগ্যতা। ~ **বসানো** *ক্রি* প্রজা বসানো; প্রজা বাস করানো। ~ **বাঁধা** *ক্রি* ১ গৃহ নির্মাণ করা বা বসতি স্থাপন করা। **ঘরে বাইরে করা** *ক্রি* আকুল বা অধীরভাবে প্রতীক্ষা করা; কারও প্রতীক্ষায় ব্যাকুল হয়ে বারবার ঘরের বাইরে এসে দেখা। ~**ভাঙা**, ~ **ভাঙানো** *ক্রি* গৃহবিচ্ছেদ ঘটানো। ~**ভাঙানি** *বিণ স্ত্রী*। ~**ভাঙানে** *বিণ* গৃহবিচ্ছেদকারী। ~**ভেদী** *বিণ* যে ঘরে বিবাদ বাধায়; ঘরের শত্রু; বিচ্ছেদ সৃষ্টিকারী; গৃহের অনিষ্টসাধক (ব্যাটা ঘরভেদী বিভীষণ—*রাব*)। ~ **মজানো** *ক্রি* কুলে কলঙ্ক দেওয়া; বংশের দুর্নাম বা কলঙ্ক সৃষ্টি করা। ~**মুখো** *বিণ* ১ গৃহাভিমুখী। ২ গৃহ গমনে উৎসুক; গৃহাসক্ত (ঘরমুখো বাঙালি, রণমুখো সেপাই)। ~**শত্রু** *বি* ১ আত্মীয়জনের ভয়ঙ্কর অনিষ্টকারী। ২ *(আল.)* বিভীষণ বা রাক্ষস বিভীষণের মতো আত্মীয়শত্রু (ঘরশত্রু বিভীষণ)। ~**সংসার** *বি* গৃহস্থালি। ~**সন্ধানী** *বিণ* ১ যে ঘরের সকল খবর জানে। ২ যে ঘরের গুপ্ত তথ্য জানে এবং ফাঁস করে দেয় (ঘরসন্ধানী বিভীষণ)। **ঘরে আগুন দেওয়া, ঘরে আগুন লাগানো** *ক্রি* ১ *(আল.)* সংসারে অশান্তি ঘটানো; গৃহে বিবাদ সৃষ্টি করা। ২ *(আল.)* আপন পরিবারের ধ্বংস সাধন করা। **ঘরে পরে** *বি* ১ সর্বত্র (ঘরে পরে অশান্তি)। ২ আত্মজন ও অপর; আপন পর নির্বিশেষে (ঘরে পরে সকলে দুষছে)। ৩ বন্ধু ও শত্রু নির্বিশেষে। **ঘরের কথা** *বি* পারিবারিক বা স্বদলীয় গোপন কথা। **ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো** ১ নিজ অর্থব্যয়ে অনাবশ্যক বিষয়ে উদ্যোগ। ২ অকারণে বিপদের ঝুঁকি মাথায় নেওয়া। **ঘরের লক্ষ্মী** *বি* পরিবারের সৌভাগ্য; স্ত্রী; পুত্রবধূ। **ঘরে লক্ষ্মী আনা** *ক্রি* গৃহে পুত্রবধূ আনা; ঘরে বউ আনা। {*স.* গৃহ>}

ঘরট্ট [ঘরট্‌ট] *বি* জাঁতা; পেষণযন্ত্র; যা ঘর ঘর শব্দে ঘোরে (ঘরট্ট প্রভৃতি যন্ত্রের প্রতিরূপ নির্মাণ করিতেন—*ঈবি*)। {ঘর্+অট্ট; *ধ্বন্যা.*}

ঘরনা ⇒ ঘরানা

ঘরনি, ঘরণী [ঘরোনি] *বি* ১ গৃহিণী; গৃহকর্ত্রী (আমি বড় ঘরের ঘরণী—*বর*)। ২ স্ত্রী; পত্নী; সহধর্মিণী (ঘরণীর কাছে কয় বিস্তারিয়া—*পৃগী*)। ৩ গৃহিণীপনায় সুনিপুণা রমণী। ❑ *বিণ* সংসারের দায়িত্বসচেতন বা গৃহিণীসুলভ (ঘরণী মন—*বিদে*)। **ঘরন্তী** *বিণ* স্ত্রী. গৃহকর্মে নিপুণা; সুগৃহিণী (অতি ঘরন্তী না পায় ঘর—*প্রবাদ*)। {*স.* গৃহিণী>}

ঘরব্যাভারি [ঘর্‌ব্যাভারি] *বি* ১ ঘরে প্রচলিত বা ঘরোয়া নিয়মকানুন। ❑ *বিণ* ঘরে প্রচলিত বা ঘরে চলিত (এইসব ঘরব্যাভারি জোলো কাহিনী—*মব*)। ❑ *বি* সামাজিক সৌজন্যবশত দানীয় দ্রব্য। {ঘর+*স.* ব্যবহারী>}

ঘরহি [ঘরোহি] *বি* ঘরে; গৃহে (ঘরহি পাঠাও—*গোদা*)। {*স.* গৃহ+*বা.* হি (<স্মিন্) (৭মী বিভক্তি)}

ঘরাও ⇒ ঘরোয়া

ঘরানা, ঘরওয়ানা [ঘরানা, ঘর্‌ওয়ানা] *বি,বিণ* ১ সম্ভ্রান্তবংশীয়; উচ্চবংশসম্ভূত বা বংশমর্যাদাসম্পন্ন (ঘরানা হলেই চরিত্র চালচলন ভাল হবে—*কাই*; ঘরনা বিধবা—*মীম*)। ❑ *বিণ* ১ দীর্ঘকাল থেকে প্রতিষ্ঠিত; বনেদি (বঙ্গে ঘরানা কৈবর্ত্তেরা—*সদ*)। ২ কুলীন; সম্ভ্রান্ত; অভিজাত (শীতলকাটির চক্রবর্ত্তিরা খুব ঘরানা—*বিব*)। ৩ পারিবারিক বা ঘরোয়া (ঘরানা ব্যাপার)। ❑ *বি* ১ কুলীন ঘর; অভিজাত গৃহ; সম্ভ্রান্ত ঘর (ঘরোওয়ানার আসল জমিওয়ার—*সুদ*)। ২ কুল-প্রথা; কুল ব্যবহার (রাজার ঘরাণা রাজা টুটায়; সওদাগরের কি?—*দমি*)। ৩ গোষ্ঠীধারা বা গোষ্ঠী; ধারানুমত; সম্প্রদায়গত পদ্ধতি বা চলন; school (তানসেন ঘরানা)। {ঘর+ওয়ানা>*হি.* ঘরানা}

ঘরামি, ঘরামী [ঘরামি] *বি* খড়ের ঘর নির্মাতা; যে বাঁশ খড় ইত্যাদি দ্বারা ঘর তৈরি করে (ঘরামি বা ছইয়ালরা—তারাই সবচেয়ে বেশী দুঃস্থ—*অচিসে*)। ~**গিরি**—ঘরামির কাজ। {*বা.* ঘর(<গৃহ)+আমি, আমী}

ঘরোয়া, ঘরাও [ঘরোয়া, ঘরাও] *বিণ* ১ পারিবারিক; গৃহ সংসার বা গৃহস্থালি-সম্পর্কিত (ঘরোয়া ব্যাপার)। ২ আপন; অতি পরিচিত; ঘনিষ্ঠ (ঘরোয়া লোক)। ৩ আত্মজন বা অতিপরিচিতের মধ্যে সীমিত (ঘরোয়া অনুষ্ঠান বা আসর)। ৪ কায়দা কানুনে আবদ্ধ, রীতি নিয়মের কড়াকড়িশূন্য; informal (ঘরোয়া পরিবেশ)।

{ঘর+উয়া>ঘরুয়া>ঘরোয়া, ঘরাও}

ঘরোয়ানা ⇒ ঘরানা

ঘর্ঘর [ঘর্‌ঘর্] *বি* ১ চলন্ত চাকা প্রভৃতির শব্দ। ২ ভয়ঙ্কর ধ্বনি; প্রচণ্ড শব্দ (এহেন ঘোর ঘর্ঘর কোদণ্ড টঙ্কারে—*মদ*)। **ঘর্ঘরিত** *বিণ* ঘর্ঘর ধ্বনিতে নিনাদিত মুখরিত বা পূর্ণ। {*স.* ঘর্ঘ+ √রা+অ(ক)}

ঘর্ঘরা [ঘর্‌ঘরা] *বি* নদীবিশেষ; সরযূ নদী। {*স.* ঘর্ঘর+আ}

ঘর্ঘরী [ঘর্‌ঘোরি] *বি* ১ ঘুঙুর। ২ নদীবিশেষ। {*স.* ঘর্ঘর+ঈ(ঙীপ্)}

ঘর্ম [ঘর্‌মো] *বি* ঘাম; স্বেদ। **~কর** *বিণ* কষ্টকর। **~চর্চিকা** *বি* ঘামাচি। **ঘর্মাক্ত, ঘর্মাপ্লুত** *বিণ* ঘর্মের দ্বারা সিক্ত বা স্নাত; ঘামে ভেজা। **ঘর্মার্ত** *বিণ* গ্রীষ্মপীড়িত। **ঘর্মান্ত** *বি* বর্ষাকাল। **ঘর্মিত** *বিণ* ঘর্মযুক্ত। {√ঘৃ+ম(মক্)}

ঘর্ম্য [ঘর্‌মো] *বিণ* ঘামসম্বন্ধীয়। {*স.* √ঘৃ+ম+য}

ঘর্ষক [ঘর্‌শোক্] *বিণ* ঘর্ষণ করে এমন। **~পদী** *বি* যে সকল পাখি মাটি আঁচড়ে খাদ্য সংগ্রহ করে (মুরগি)। {*স.* √ঘৃষ্+অক}

ঘর্ষণ, ঘর্ষ [ঘর্‌শোন্, ঘর্‌শো] *বি* ১ ঘষা। ২ মার্জন; রগড়ানো; ঘষটানো। ৩ সংঘর্ষ; পরস্পর আঘাত। **ঘর্ষিত, ঘৃষ্ট** *বিণ* ঘষা বা মার্জনা করা হয়েছে এমন। **ঘর্ষিতা, ঘৃষ্টা** *স্ত্রী*। {*স.* √ঘৃষ্+অন(ল্যুট্), অ(ঘঞ্)}

ঘষা [ঘশা] *ক্রি* ঘর্ষণ করা। □ *বি* ১ ঘর্ষণ। ২ ঘষবার দ্রব্য বা উপকরণ (মাথা ঘষা)। □ *বিণ* ১ ঘষটানো; ঘর্ষিত (ঘষা পয়সা)। ২ ক্ষয়ে যাওয়া; ক্ষয়প্রাপ্ত। **~ ঘষা** *বিণ* ঈষৎ ঘষা; সামান্য ঘষটানো। **~ঘষি** *বি* ১ পারস্পরিক ঘর্ষণ। ২ অবিরাম ঘর্ষণ বা ঘষতে থাকা। ৩ *(আল.)* অতিরিক্ত মেশামিশি; অধিক ঘনিষ্ঠতা; মাখামাখি। **~নো, ~ন** *ক্রি* ১ ঘর্ষণ করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। **~ পয়সা** *বিণ* ১ টাকশালের ছাপ মুছে যাওয়ার দরুন অচল মুদ্রা। ২ *(আল.)* রূপগুণ না থাকার জন্য বিবাহের বাজারে অচল পাত্র বা পাত্রী; অনাদৃত নির্গুণ ব্যক্তি। **~মাজা** *বিণ* ১ ঝকঝকে; তকতকে; পরিষ্কার পরিচ্ছন্ন। ২ বহু চেষ্টায় শিখিয়ে পড়িয়ে দাঁড় করানো বা বানিয়ে তোলা হয়েছে এমন; ঘষটানোর ফলে চালাক চতুর বা চলনসই। {*স.* √ঘৃষ্ + অ(ঘঞ্)> ঘর্ষ+*বা.* আ}

ঘষ্টানো, ঘষড়ানো, ঘসটানো [ঘশ্‌টানো, –ড়ানো, ঘশ্‌টানো] *ক্রি* ১ ঘষতে থাকা; ক্রমাগত ঘষা। ২ হেঁচড়ানো; ছেঁচড়ে টানা। ৩ রগড়ানো; মর্দন করা। ৪ *(আল.)* ক্ষমতার অভাবের দরুন কোনো বিষয়ে ক্রমাগত চেষ্টা করে চলা; পুনঃপুন আবৃত্তি বা অভ্যাস করে কোনো বিষয় আয়ত্ত করার দুঃসাধ্য চেষ্টা করা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘষ্টানি, ঘসটানি, ঘষড়ানি, ঘসড়ানি** *বি* ১ ক্রমাগত ঘর্ষণ। ২ হেঁচড়ে বা ছেঁচড়ে টানা। ৩ মর্দন। ৪ ক্রমাগত চেষ্টা। ৫ ঘর্ষণজাত শব্দ। {*স.* √ঘৃষ্>*বা.* √ঘষ্+টা,>ঘষ্টা+*বা.* আনো}

ঘসি, ঘষি, ঘুষি *(মবা.)* [ঘোষি, –, ঘু–] *বি* ঘুঁটে (ঘুষির আনলে দহে—*দৌবা*; .... ছিলিমের মাথায় একখণ্ড ঘসি চাপিয়ে দিল—*শাহ*)। **ঘসির আগুন** *বি* ঘুটে পোড়ানো মৃদু উত্তাপযুক্ত আগুন। **ঘসির আগুনের মতো ধিকি ধিকি জ্বলা** *ক্রি* দুঃখ-শোক চিরকাল জাগরূক থেকে হৃদয়কে ধীরে ধীরে পোড়ানো। {*স.* করীষ}

ঘা [ঘা] *বি* ১ চোট; আঘাত; প্রহার (বেতের ঘা)। ২ ক্ষত (অগ্নিদাহ ঘায়ে যেন লাগিল লবণ—*সৈআ*)। ৩ শোক; দুঃখ (ঘা খাওয়া)। ৪ ক্ষতি; লোকসান (কারবারে ঘা খাওয়া)। ৫ ধাক্কা (সাবধান; দরজায় ঘা খাবে)। **ঘা কতক** *বি* কয়েক ঘা; কয়েকবার প্রহার; বেশ কিছু পিটুনি। **ঘা কতক খাওয়া** *ক্রি* কমবেশি প্রহৃত হওয়া। **ঘা কতক বসিয়ে দেওয়া** *ক্রি* কিছু মারা; কয়েক ঘা প্রহার করা। **ঘা করা** *ক্রি* ক্ষত সৃষ্টি করা। **ঘা খাওয়া** *ক্রি* ১ আঘাত পাওয়া। ২ দুঃখ পাওয়া; শোকগ্রস্ত হওয়া। ৩ ধাক্কা খাওয়া। ৪ ক্ষতিগ্রস্ত হওয়া; লোকশান হওয়া। **ঘাতে অঘাতে** *ক্রিবিণ* ১ যখন তখন; আচমকা (ঘাতে অঘাতে মারা)। ২ দেহের নানা স্থানে। **ঘা দেওয়া** *ক্রি* ১ মনে কষ্ট দেওয়া; মর্মে আঘাত করা। ২ আঘাত দেওয়া; বাড়ি দেওয়া; প্রহার করা। **ঘা মারা** *ক্রি* আঘাত করা। **ঘায়-অঘায়** *বি* জায়গার পরিবর্তে অজায়গায়; মর্মস্থলে (ঘায়-অঘায় যদি লেগে যায়)। **ঘা শুকানো** *ক্রি* ১ ক্ষতস্থান শুকিয়ে সুস্থ হওয়া। ২ বেদনার প্রশমন হওয়া। ৩ শোক নিবৃত্তি হওয়া। **ঘা সওয়া** *ক্রি* ১ আঘাত বা ক্ষতি ধৈর্যের সঙ্গে বহন করা বা নীরবে মেনে নেওয়া। □ *বিণ* আঘাত মেনে নিয়েছে বা সহ্য করতে সক্ষম বা অভ্যস্ত; ঘাতসহ। **ঘা হওয়া** *ক্রি* ক্ষত হওয়া। **নালি ঘা** *বি* গভীর ও দূষিত ক্ষত; যে ঘা অনেক ভিতরে গিয়েছে; sinus। **মড়ার উপর খাঁড়ার ঘা**—দুর্বল বা অসহায়ের উপর অত্যাচার। **সর্বাঙ্গে ঘা ওষুধ দিই কোথা**—দুঃসাধ্য ব্যাপারে নিরুপায় অবস্থা; সমাধানের উপায়শূন্য অবস্থা। {*স.* ঘাত>*প্রা.* ঘায়>ঘাও>ঘা}

ঘাই[১] [ঘাই] *বি* ১ আঘাত। ২ পানির মধ্যে বৃহৎ মৎস্যের পুচ্ছাঘাত (ঘাই মারা)। {*স.* ঘাত্তি>}

ঘাই[২] [ঘাই] *বি* (আসামে প্রচলিত অর্থ) পাখি-শিকারি কর্তৃক ব্যবহৃত পুরুষ পাখি, যা একই প্রজাতির অন্য পুরুষ পাখিকে লড়াই করতে আহ্বান করে, শিকারি সেই সুযোগে আগন্তুক পাখিকে খাঁচাবন্দী করে থাকে; decoy। □ *বিণ* শিকারের কাজে ব্যবহৃত (প্রাণী) (আকাশের চাঁদের আলোয় এক ঘাই হরিণীর ডাক শুনি—*জীদা*)। {*অ.* ঘাই; *স.* ঘাত>}

ঘাইট (বিরল, *মবা.*), **ঘাটি** [ঘাইট্, ঘাটি] *বি* অনটন; কমতি; ঘাটতি; ত্রুটি (আমা হন্তে কিছু আগে ঘাইট নহে ভাল, সে সবের ঘাইট না রহিবে চিরকাল—*সৈআ*)। {*স.* ঘট্ট>}

ঘাউড়া [ঘাউড়া] *বিণ* ঘাড়-বাঁকা প্রকৃতির; অত্যন্ত পাজি বা অহেতুক জেদি। **ঘাউড়ামি** *বি* জেদের ভাব। {ঘা+উড়া; *আঞ্চ.*}

ঘাউয়া [ঘাউয়া] *বি* ক্ষতযুক্ত; ঘেয়ো (ঘাউয়া কুকুর)। {ঘা+উয়া>ঘেয়ো; *আঞ্চ.*}

ঘাও *(মবা.)* [ঘাও্] *বি* ১ আঘাত (পুত্রশোকে কান্দে বুড়ী বুকে মারে ঘাও—*হেম*)। ২ ঘা; ক্ষত। {*স.* ঘাত>}

ঘাঁট, ঘ্যাঁট [ঘাঁট্, ঘ্যাঁট্] *বি* ১ মিশ্রিত ব্যঞ্জন; ঘন্ট। ২ বহু দ্রব্যের বিশৃঙ্খল মিশ্রণ; জগাখিচুড়ি। {*স.* ঘন্ট অথবা ঘট্ট}

ঘাঁটন [ঘাঁটোন্] *বি* ঘোঁটন; আলোড়িতকরণ; মন্থন। ২ মিশ্রিতকরণ। ৩ বেশি নাড়াচাড়াকরণ বা হাটকানো। ৪ চটকানো বা মর্দন। ৫ আন্দোলন বা আলোচনা বা চর্চা। {*স.* √ঘট্ট অথবা *স.* ঘন্ট>*বা.* ঘাঁট+অন}

ঘাঁটা[১] [ঘাঁটা] *ক্রি* ১ ঘোঁটা; আলোড়ন করা; মন্থন করা। ২ পর্যালোচনা করা; অনুশীলন করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **~ঘাঁটি** *বি* ১ অনবরত বা ক্রমাগত ঘাঁটা। ২ অধিক আন্দোলন বা আলোচনা। **~নো, ~ন** *ক্রি* ১ নাড়াচাড়া করানো। ২ আন্দোলন বা আলোচনা করে উত্ত্যক্ত বা উত্তেজিত করা; আন্দোলন করে খেপিয়ে তোলা বা চটানো (ফরিদকে আম্মা সাধারণতঃ ঘাঁটান না—*আরু*)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* √ঘট্ট অথবা *স.* ঘন্ট>ঘাঁট+আ}

ঘাঁটা[২], **ঘাটা** [ঘাঁটা, ঘা–] *বি* ১ ক্রমাগত ঘর্ষণের ফলে চামড়ায় যে চিহ্ন সৃষ্টি হয়; কিণাঙ্ক (চরকা বয়ে বয়ে যার কাঁধে ঘাঁটা পড়ে গেছে—*নই*)। **~ পড়া** *ক্রি* ১ ক্রমাগত ঘর্ষণের ফলে দাগ পড়া; কড়া পড়া; জামড়া ধরা। ২ দাগ বা ঘা লাগতে লাগতে কঠিন হওয়ার লক্ষণ; কাঠিন্যের গভীর ছাপ যাতে নতুন আঘাত চাঞ্চল্য সৃষ্টি করতে পারে না (এত দিনেও মনে ঘাটা পড়ে যায়নি—*প্রচৌ*)। {*স.* ঘন্টা>}

ঘাঁটি, ঘাটি [ঘাঁটি, ঘা–] *বি* ১ ফাঁড়ি; চৌকি; থানা; প্রহরীর থাকার স্থান। ২ পথ-সন্ধি বা প্রবেশ পথ। ৩ সৈনিকদের আড্ডা বা আস্তানা (ইস্তাম্বুলের তীরে তীরে বিদেশী শত্রুর ঘাটি বসিয়াছে—*শামা*)। **ঘাঁটিয়াল, ঘাটিয়াল** *বি* ঘাঁটিরক্ষক বা ঘাঁটির প্রধান। {*স.* ঘট্ট>}

ঘাঁত, ঘাত [ঘাঁত, ঘা–] *বি* মতলব হাসিল করবার অনুকূল মুহূর্ত বা সুযোগ। ২ উদ্দেশ্য সাধনের বা দাঁও মারবার সুযোগ সন্ধান (বারো মাস ঘাঁতে ঘাঁতে ফেরেন—*কাসি*)। **~ঘোত** *বি* ১ অন্ধিসন্ধি। ২ কাজের অনুকূল ফাঁক বা সুযোগ। **ঘাতের ভাই** *বি* যে উদ্দেশ্য হাসিল করার জন্য ভাই সম্বন্ধ পাতায়; ফন্দিবাজ; মতলববাজ। {*স.* ঘাত>}

ঘাগরা, ঘাগরি, ঘাঘরি [ঘাগ্‌রা, –গ্‌রি, –ঘ্‌রি] *বি* নারীদের নিম্নাঙ্গের ঢিলা পরিধেয়বিশেষ (ছাড়িলে ঘাঘরি—*সদ*; পায়ে পায়ে ঘাগরা উঠে দুলে—*রঠা*)। {*স.* ঘর্ঘরা>; *হি.* ঘাগরা}

ঘাগি, ঘাগী, ঘাগু [ঘাগি, –, –গু] *বিণ* ১ ঘা খাওয়া এবং ধূর্ততায় পোক্ত বা অভিজ্ঞ। ২ সেয়ানা; সুচতুর; ঝানু; পাকা (ঘরে পোষে চোর আরো কহে জোর এ বড় কুটিনী ঘাগী—*ভারা*)। ৩ দাগি বা পূর্বে দণ্ডপ্রাপ্ত (ঘাগি চোর)। ☐ *বিণ* ভুক্তভোগী। **পুরনো ~** *বি* বহু অভিজ্ঞতাসম্পন্ন ও অত্যন্ত ধূর্ত। {*হি.* ঘাঘ}

ঘাঘর, ঘাগর [ঘাঘোর্, –গোর্] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; ঝাঁঝ (কাড়ানাকাড়া সানাই ছকড়া ভান মৃদঙ্গ ঘাগরের বাদ্য—*দাম*)। {*স.* ঘর্ঘর>}

ঘাঘরি ⇒ ঘাগরা

ঘাট[১] [ঘাট্] *বি* ১ জলাশয়াদিতে অবতরণের জায়গা। ২ নৌকা বা জাহাজ ভিড়বার স্থান (জাহাজঘাট)। ৩ বাদ্যযন্ত্রের সুরের পর্দা; reed। ৪ প্রবেশপথ; ঘাঁটি। ৫ পর্বত (পশ্চিম ঘাট)। **~ কামানো** *ক্রি* হিন্দু সমাজে পিতামাতা প্রভৃতি আত্মীয়ের মৃতাশৌচ শেষ হওয়ার পর নখ দাড়ি চুল প্রভৃতি কামানো। **~ মারা** *ক্রি* শুল্ক ফাঁকি দিয়ে গোপনে আমদানি রপ্তানি করা; smuggling। **ঘাটে এসে নাও ডুবানো**—কোনো বিষয়ে সাফল্যের প্রান্তে বা দ্বারদেশে এসে সমস্ত পণ্ড করা। **ঘাটে ঘাটে** *ক্রিবিণ* ১ প্রতিঘাটে বা ঘাঁটিতে ঘাঁটিতে। ২ সকল প্রান্তে; সর্বত্র (আমারে যে নামতে হবে ঘাটে ঘাটে—*রঠা*)। **ঘাটের কড়ি** *বি* ১ পারের কড়ি বা মাশুল; নদী পার হওয়ার ভাড়া; পারানি। ২ স্বর্গ বা বেহশত অর্থে পরপারে যাওয়ার পুণ্যরূপ কড়ি। {*স.* ঘট্ট>}

ঘাট[২] [ঘাট্] *বি* ১ অপরাধ; অন্যায়; দোষ; ত্রুটি (ঘাট হওয়া)। ২ কমতি; অল্পতা; ন্যূনতা। **ঘাট মানা** *ক্রি* দোষ বা ত্রুটি স্বীকার করা। **ঘাট মানানো** *ক্রি* দোষ বা ত্রুটি স্বীকার করতে বাধ্য করা। **ঘাট হওয়া** *ক্রি* যথেষ্ট বা যথোপযুক্ত সাজা হওয়া (না বাছা তোমরা যাও আমার ঘাট হয়েছে—*মদ*)। {*স.* ঘট্>তুল. *হি.* ঘাটি, *বা.* ঘাট}

ঘাটতি [ঘাট্‌তি] *বি* কমতি; অভাব; শূন্যতা (ঘাটতি বাড়তি)। **~ বাজেট** *বি* যে বাজেটে আয়-ব্যয়ের হিসাবে আয়ের তুলনায় ব্যয়ের পরিমাণ বেশি; deficit budget। **ঘাটন** *বি* কম পড়া। {ঘাট+তি, *তুল. হি.* ঘট্‌তি}

ঘাটলা [ঘাট্‌লা] *বি* ১ বাঁধানো ঘাট; সিঁড়ি (পুরান তালাবের ভাঙ্গা ঘাটলার উপর আসন পেতে—*ইখাঁ*)। ২ ঘাট; ঘাটের মতো; ছোট ঘাট। {ঘাট[১]+লা}

ঘাটা [ঘাটা] *বি* ১ ঘাট; নৌকাদি ভিড়বার জায়গা (নৌকা ঘাটা)। ২ পথ; রাস্তা। {*বা.* ঘাট+আ}

ঘাটাল [ঘাটাল্] *বিণ* বন্ধুর; এবড়ো-খেবড়ো; অসমতল। {*বা.* ঘাট+আল}

ঘাটি[১] ⇒ ঘাঁটি

ঘাটি[২] [ঘাটি] অভাব বা কমতি; ন্যূনতা; অল্পতা (সংসারের নাথ হইয়া পদে পদে ঘাটি—*বিগু*)। **~ মানা** *ক্রি* ঘাট মানা; হীনতা বা নতি স্বীকার করা; ত্রুটি বা অপরাধ স্বীকার করা (ঘাটি মান তার ঠাঁই—*কৃও*)। {ঘাট+ই}

ঘাটি[৩] = ঘাট[২]

ঘাটিয়াল ⇒ ঘাঁটি

ঘাটোয়াল [ঘাটোয়াল্] *বি* ১ ঘাটরক্ষক; পার ঘাটের তত্ত্বাবধায়ক বা ঠিকাদার; পাটনি। ২ ঘাটিরক্ষক। ৩ তীর্থযাত্রীদের কর-সংগ্রাহক; তীর্থস্থানের মাশুল আদায়কারী। **ঘাটোয়ালী** *স্ত্রী*। **ঘাটোয়ালি** *বি* ঘাটোয়ালের কর্ম বা পদ বা অধিকার। ☐ *বিণ* ঘাটোয়ালকে প্রদত্ত (ঘাটোয়ালি জমি)। {*স.* ঘট্ট>*বা.* ঘাট+*হি.* ওয়াল}

ঘাড় [ঘাড়্] *বি* ১ গ্রীবা; গর্দান; গলার পশ্চাদ্‌ভাগ। ২ কাঁধ; স্কন্ধ। **~ ধরা** *ক্রি* ঘাড়ে হাত দিয়ে বল প্রয়োগ করা অর্থাৎ জোরজবরদস্তি করা (যে গুরু ঘাড় ধরে শিষ্যকে বললেন—*অঠা*)। **~ ধাক্কা** *বি* গলা ধাক্কা। **~ নাড়া** *ক্রি* সম্মতি বা অসম্মতি নির্দেশ করা। **~ পাতা** *ক্রি* দায়িত্ব গ্রহণ করা

বা গ্রহণে সম্মত হওয়া। ~ **ফুলানো** *ক্রি* স্পর্ধা জ্ঞাপন করা। ~ **ভাঙা**, ~**ভাঙ্গা** *ক্রি* জবরদস্তিতে আদায় করা; জোর করে খরচ করতে বাধ্য করা; পরের উপর জোর খাটিয়ে নিজের কার্য সাধন করা; পরের অর্থব্যয় ঘটিয়ে আপন স্বার্থ সাধন করা। **ঘাড়ে করা**, **ঘাড়ে নেওয়া** *ক্রি* ১ স্কন্ধে ধারণ করা। ২ দায়িত্ব গ্রহণ করা; দায় স্বীকার করা। **ঘাড়ে-গর্দানে** *বিণ* ১ স্কন্ধ থেকে মস্তক পৃথক বলে বোধ হয় না এরূপ স্থূল; অত্যন্ত স্থূল। □*বি* গজস্কন্ধ। **ঘাড়ে চাপা** *ক্রি* ১ ভরণ-পোষণের জন্য অন্যের গলগ্রহ হওয়া; পরের উপর নির্ভরশীল হওয়া। ২ কার্যোদ্ধারের জন্য অন্যের উপর চাপ দেওয়া। □*ক্রি* ভর করা বা হওয়া। **ঘাড়ে জোয়াল** *বি* কাঁধে অতিরিক্ত চাপ বা ভার। **ঘাড়ে দুটো মাথা থাকা** *বি* অসম সাহসী হওয়া; অত্যন্ত দুঃসাহসী হওয়া। **ঘাড়ে ভূত চাপা** *ক্রি* দুষ্টবুদ্ধি বা কু-মতলব মাথায় আসা। **ঘাড়ে হাগা** *ক্রি* দুষ্ট বুদ্ধিতে অপরকে ডিঙিয়ে যাওয়া বা জব্দ করা; অন্যের উপর যা খুশি তা করা। {*স.* ঘাট>; *প্রা.* ঘাড}

ঘাড়ি [ঘাড়ি] *বি* আসনের সঙ্গে সংযুক্ত ঘাড় হেলাবার স্থান বা অবলম্বন (ঘাড়ি ভাঙা চেয়ার)। ২ ঘেটি। {*বা.* ঘাড়+ই}

ঘাত [ঘাত্] *বি* ১ চোট; আঘাত। ২ প্রহার। ৩ কোপ। ৪ ঘা; ক্ষত। ৫ হিংসা; হত্যা। ৬ বিনাশ; সমূহ ক্ষতি। ৭ সুযোগ; দাঁও। ৮ এক রাশিকে সেই রাশি দিয়ে পুনঃপুন গুণনে প্রাপ্ত ফল; power। – **চিহ্ন** *বি* বর্গ ঘন প্রভৃতি সূচক অঙ্ক। ~-**প্রতি**~ *বি* ১ আঘাত ও প্রত্যাঘাত; প্রহার ও প্রতি-প্রহার। ২ ক্রিয়া ও প্রতিক্রিয়া; action and reaction। **ঘাতসহ** *বিণ* আঘাত সহ্য করতে পারে এরূপ। □*বি* ঘা দিলে না ভেঙে বিস্তৃত হয় এরূপ; malleable। {*স.* √হন্+অ(ঘঞ্)}

ঘাতক [ঘাতোক্] *বি* খুনি জল্লাদ; মৃত্যুদণ্ডে দণ্ডিতদের মুণ্ডচ্ছেদকারী ব্যক্তি। □*বিণ* ১ হত্যাকারী; হননকারী (নরঘাতক)। ২ আঘাতকারী; প্রহারক। ৩ বিনাশকারী; ভঙ্গকারী (বিশ্বাসঘাতক)। **ঘাতিকা** *স্ত্রী.*। {*স.* √হন্+অক(ণ্বুল্)}

ঘাতন[1] [ঘাতোন্] *বি* বধ; হত্যা; কোতল। ২ যজ্ঞের জন্য বধ। ৩ আঘাত। **ঘাতনী** *স্ত্রী.*। {*স.* √হন্+অন(ল্যুট্)}

ঘাতন[2] [ঘ্যাতোন্] *বি* ১ বধ করানো। ২ প্রহারের অস্ত্র। ৩ আঘাতকারী বা ঘাতক। {*স.* √ঘাতি+অন(ল্যুট্)}

ঘাতবি (*ব্র.*) [ঘাতবি] *ক্রি* ১ বধ করবি বা বিনাশ করবি। {*স.* √হন্+অ(ঘঞ্)}

ঘাতী (-তিন) [ঘাতি] *বিণ* হননকারী; হত্যাকারী; ঘাতক। **ঘাতিনী** *স্ত্রী.*। {*স.* ঘাত+ইন(ণিনি)}

ঘাতুক [ঘাতুক্] *বিণ* ১ বধকারী; ঘাতক। ২ নাশক। ৩ হিংস্র। ৪ নিষ্ঠুর। ৫ ক্রূর। {*স.* √হন্+উক(উকঞ্)}

ঘাত্য [ঘাত্‌তো] *বিণ* ১ বধযোগ্য; হননীয়। ২ ঘাতযোগ্য। ৩ গুণনীয়। {*স.* √হন্+য(যৎ)}

ঘানি, **ঘানী** [ঘানি] *বি* তৈলবীজ থেকে তেল বের করার যন্ত্র। ~**গাছ** *বি* তৈল নিষ্কাশন যন্ত্রের মোটা খুঁটি। ~ **টানা** *ক্রি* ১ বলদের পরিবর্তে কয়েদিদের দ্বারা ঘানি ঘুরানো। ২ গতানুগতিক জীবন অতি কষ্টে বহন করা; দুর্বহ জীবন টেনে চলা। ৩ জেল খাটা; কারাদণ্ড ভোগ করা। **ঘানিতে জোড়া** *ক্রি* ১ ঘানি ঘুরানোর জন্য নিয়োগ করা। ২ দীর্ঘকাল পরিশ্রম করতে হবে এমন কাজে নিয়োগ করা। ~ **পেষা** *ক্রি* ১ তেল নিষ্কাশন যন্ত্র দ্বারা তৈল বের করা। ২ শ্রমসাধ্য কাজ করা; শ্রমসাধ্য কাজ করে দীর্ঘদিন চলা। (ঘানি পিষছি, কিন্তু স্নেহরস যা বার করছি এক ফোঁটাও তো আমার কাছে আসছে না—*অঠা*)। {*স.* ঘন>}

ঘানিক [ঘানিক্] *বিণ* ঘনবিষয়ক; cubic; solid (ঘানিক জ্যামিতি)। {*স.* ঘন+ইক}

ঘাপটি, **ঘুপটি** [ঘাপ্‌টি, –, ঘু–] *বি* ওত; উদ্দেশ্যমূলক গোপন অপেক্ষা; বিশেষ উদ্দেশ্যে গুপ্ত প্রতীক্ষার ভাব (অন্ধকারের মধ্যে আজরাইল কোথাও ঘাপটি মেরে বসে নাই তো?—*সৈও*)। ~ **মারা** *ক্রি* প্রচ্ছন্নভাবে অপেক্ষা করা; ওত পেতে থাকা; লুকিয়ে বসে থাকা (প্রভু তব পিছে চাপকান ঢাকা আফগান মারে ঘাপটি—*নই*; উকিলদিগের দালাল ঘাপটি মেরে জাল ফেলিতেছে—*প্যামি*)। {*স.* গুপ্তি>}

ঘাবড়ানো [ঘাবড়ানো] *ক্রি* হতবুদ্ধি হওয়া; ভয় পাওয়া; বিষম বিচলিত হওয়া; থতমত খাওয়া। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘাবড়ানি** *বি* ঘাবড়ানোর ভাব। {*হি.* √ঘবড়া+*বা.* আনো, আনি}

ঘাবলা ⇒ ঘাপলা

ঘাপলা, **ঘাবলা** [ঘাপ্‌লা, –ব–] *বি* বিপদ; প্যাঁচ (সুপারের সঙ্গে একটু বাজাবাজি হয়ে যাওয়ায় নাকি তাঁকে একটা ঘাবলায় ফেলার ফিকির করছেন—*আআআ*)। **ঘাপলায় ফেলা** *ক্রি* বিপদে ফেলা। {*হি.* √ঘবড়া>}

ঘাম [ঘাম্] *বি* ঘর্ম; স্বেদ; পরিশ্রমে দেহনির্গত পানি। ~-**ছোটা** *ক্রি* ১ অধিক পরিমাণে ঘাম হওয়া। ২ অত্যধিক পরিশ্রম হওয়া। ~ **দিয়ে জ্বর ছাড়া** *ক্রি* ১ ঘাম বের হয়ে জ্বর সম্পূর্ণ বিরাম হওয়া। ২ (*আল.*) ভয় বা উদ্বেগ কেটে যাওয়া; বিপদের কারণ দূর হওয়া। ৩ (*আল.*) হাঁফ ছেড়ে বাঁচা; আশ্বস্ত হওয়া। **কাল**~ *বি* মৃত্যু-যন্ত্রণায় নির্গত ঘাম; মৃত্যু। **মাথার ~ পায়ে ফেলা** *ক্রি* কঠোর পরিশ্রম করা। {*স.* ঘর্ম}

ঘামা [ঘামা] *ক্রি* স্বেদযুক্ত হওয়া; ঘর্মাক্ত হওয়া; ঘামে ভিজে যাওয়া। □*বি* উক্ত অর্থে। **ঘামানো** *ক্রি* ১ ঘর্মযুক্ত করা; ঘর্মে আপ্লুত করা; ঘামিয়ে তোলা। ২ খাটানো; শ্রান্ত করা; শ্রম করানো (কেউ মাথাও ঘামায় না—*রাখা*)। □*বি* ঘর্মাপ্লুত বা পরিশ্রান্ত করানো। **মাথা ঘামানো** *ক্রি* চিন্তা করা; উপায় বের করার চেষ্টা করা। {*স.* ঘর্ম>*বা.* ঘাম+*বা.* আনো, ঘাম+আ}

ঘামাচি [ঘামাচি] *বি* ঘাম থেকে জাত ক্ষুদ্র ক্ষুদ্র ফুস্কুরি বা ব্রণ; ঘামবিচি। {*স.* ঘর্মচর্চিকা}

ঘায়েল, **ঘাইল**, **ঘাল** [ঘায়েল্, –ই–, ঘাল্] *বিণ* ১ আহত; আঘাতপ্রাপ্ত। ২ নিহত। ৩ পর্যুদস্ত; পরাস্ত। ৪ কাহিল; নিতান্ত কাতর; দুর্দশাগ্রস্ত (হাতী যখন ভাবে তার চেয়ে বড় জানোয়ার আর নেই, তখন ছোট একটি মশা তার মগজে কামড়ে কি রকম 'ঘায়েল' করে দেয় তাকে —*নই*)। {*স.* ঘাত>*বা.* ঘা+এল; ইল,>}

ঘাস [ঘাশ্] *বি* দূর্বা; তৃণ। ~ **কাটা** *ক্রি* ১ ঘাস কর্তন করা।

২ (*আল.*) বৃথা কাজে সময় নষ্ট করা বা কিছুই না করা। ~ **খাওয়া** *ক্রি* (*আল.*) তৃণভোজী পশুর মতো নির্বুদ্ধি হওয়া। ~-**জল**, ~-**পানি** *বি* গরু ঘোড়া প্রভৃতি পশুর আহার ও পানীয়। **ঘেসেড়া, ঘাসুড়িয়া** *বি* যে গরু-ঘোড়ার জন্য ঘাস কাটে বা জোগায়; ঘাসি (সে দিন ঘাসিয়ারা ঘাস কাটিতে আসে—*রঠা*; একজন ঘেসেড়া নগ্ন লম্বা লম্বা ঘাস কাটিতেছে—*বিব*)। **ঘেসেড়ানি** *স্ত্রী*। (ঘেসেড়ানী চলে গেছে জল খেতে নদে—*সদ*)। {*স.* √অদ/গ্রাস+অ(ঘঞ)}

ঘাসি, ঘাসী [ঘাশি] *বি* ঘাস কেটে বিক্রয় করে যে; ঘাস ব্যবসায়ী; ঘেসেড়া। □*বিণ* ১ ঘাস সংক্রান্ত। ২ ভালো ঘাস খায় এমন। ~-**নৌকা** *বি* ঘাস আনা-নেওয়ার উপযুক্ত লম্বা ছোট নৌকা। {*স.* √ঘাস্+ই, ঈ (ইন্)}

ঘাসুড়িয়া ⇒ ঘাস

ঘি [ঘি] *বি* ১ ঘৃত। ২ দুগ্ধজাত স্নেহ পদার্থ। ৩ ঘিলু; মগজ (মাথার ঘি)। {*স.* ঘৃত>}

ঘিচিঘিচি [ঘিচিঘিচি] *বিণ* ১ গায়ে গায়ে লাগানো; অত্যন্ত ঘেঁষা-ঘেঁষি; ঘন সন্নিবিষ্ট। ২ অপরিচ্ছন্ন (ঘিচিঘিচি লেখা)। **ঘিচিমিচি** *বিণ* অপরিচ্ছন্ন; গায়ে গায়ে লাগানো; বিশৃঙ্খল; পরস্পর গায়ে গায়ে লাগানো বলে দুষ্পাঠ্য (ঘিচিমিচি লেখা)। {*হি.* ঘিচপিচ}

ঘিঞ্জি, ঘিঞ্চি [ঘিন্‌জি, -চি] *বিণ* ১ ঘন; নিবিড় (ঘিঞ্জি বসতি—*বিব*)। ২ সংকীর্ণ ও ঘেঁষাঘেঁষি; ঘুপচি (ঘিঞ্জি বস্তির গলি—*আর*)। ৩ জনবহুল বা ঘন বসতিপূর্ণ। {*ফা.* গুনজা کنجا }

ঘিন [ঘিন্] *বি* ঘৃণা (ও নাতি! ঘিন করো না—*মুশ*)। ~-~*অব্য* ঘৃণার ভাব; ঘৃণা হেতু অস্বস্তির ভাব। {*স.* ঘৃণা>*প্রা.* ঘিণা>*হি.* ঘিন}

ঘিরা, ঘিরান ⇒ ঘেরা

ঘিলু [ঘিলু] *বি* ১ মগজ; মাথার ঘি; মস্তিষ্ক। ২ বুদ্ধি। {*স.* ঘৃত>*বা.* ঘি+লু}

ঘিসকাপ, ঘিসক্যাপ [ঘিশ্‌কাপ্,—ক্যাপ্] *বি* র‍্যাঁদা; সূত্রধর যে অস্ত্রের দ্বারা কাঠ মসৃণ ও সমতল করে। (গুরুদাস গুই গুলদার উড়ুনী পরিহার করে পুনরায় চির-পরিচিত র‍্যাঁদ্যা ঘিস্‌কাপ ধল্লেন—*কাসি*)। {*স.* ঘর্ষণ}

ঘুংগুর = ঘুঙুর

ঘুংড়ি কাশি [ঘুঙ্‌ড়ি কাশি] *বি* ১ এক জাতীয় কাশি রোগ। ২ হুপিং কাশি; hooping cough। {*স.* ঘুর্ঘুরিকা>ঘর্ঘরা>; তুল. *হি.* ঘুঙ্গরু; + কাশি; *ই.* cough>}

ঘুংনি ⇒ ঘুগনি

ঘুঁজি, ঘুঞ্জি [ঘুঁজি, ঘুন্‌জি] *বি* ১ অপরিসর স্থান বা গলি; চিপা জায়গা বা গলি। ২ এঁদো জায়গা; অন্ধকার সংকীর্ণ ও নোংরা জায়গা। **গলিঘুঁজি** *বি* ঘন বসতিপূর্ণ স্থানের সংকীর্ণ আঁকাবাঁকা পথ। {*ফা.* কুচহ্ کوچه }

ঘুঁটনি, ঘুটনি, ঘুটুনি [ঘুঁটনি, ঘুটনি, ঘুটুনি] *বি* মন্থন করার বা ঘোঁটার দণ্ডবিশেষ (ডাল-ঘুঁটনি)। {*স.* ঘট্ট+ঘুট্+নি}

ঘুঁটা ১ ঘোঁটা

ঘুঁটি, গুঁটি, ঘুটি, গুটি [ঘুঁটি, গুঁটি, ঘু-, গু-] *বি* ১ শতরঞ্জ, দাবা-পাশা ইত্যাদি খেলবার গুটি (আমরা দাবা খেলার ঘুঁটি, নাইরে এতে সন্দ নাই—*নই*)। ২ ইষ্টকাদির ক্ষুদ্র খণ্ড ঢিল বা গুটি। ~ **চালা** *ক্রি* ১ শতরঞ্জাদি খেলায় চাল ফেলা বা দেওয়া। ২ কোনো কার্যোদ্ধারের জন্য সুচিন্তিতভাবে পদক্ষেপ করা বা কৌশল খাটানো। {*স.* ঘুন্টি, ঘুন্টিকা>}

ঘুঁটে, ঘুটিয়া (বিরল) [ঘুঁটে, ঘুটিয়া] *বি* শুষ্ক গোবরের চাপড়ি; গোবরের জ্বালানিবিশেষ। **ঘুঁটে কুড়ানি, ঘুঁটে কুড়ুনি** *বিণ স্ত্রী.* ১ যে দরিদ্র নারী ঘুঁটে কুড়িয়ে ও তা বিক্রি করে জীবিকা নির্বাহ করে। ২ সহায়সম্বলহীনা। {*স.* গুথ/গোবিষ্ঠা>}

ঘুগনি, ঘুংনি, ঘুগনিদানা, ঘুংনিদানা [ঘুগ্‌নি, ঘুঙ্‌নি, ঘুগ্‌নিদানা, ঘুঙ্‌নিদানা] *বি* টক ঝাল ও নানা মসলা মাখানো সিদ্ধ মটর আলু প্রভৃতি মিশ্রিত মুখরোচক খাদ্যবিশেষ। {*হি.* ঘুঁঘনী}

ঘুগরা, ঘুগরে [ঘুগ্‌রা, -রে] *বি* এক প্রকার ক্ষুদ্র কীটবিশেষ; ঘুরঘুরে পোকা (কোঁচ্‌চা ঘুগরাও ধরে ধরে খায় যখন উপোষ করে—*বআমি*)। {*স.* ঘুর্ঘুর>}

ঘুঘু [ঘুঘু] *বি* স্বনামখ্যাত পক্ষীবিশেষ; পায়রা জাতীয় পাখি; ঢুলি। □*বিণ* ১ অতি কৌশলী; ধূর্ত ও ফন্দিবাজ (পারমিট-বাগানো ঘুঘু—*মব*)। ২ দক্ষ বা বিশেষ অভিজ্ঞ (ব্যক্তিবিশেষের বুদ্ধির প্রশংসা করতে হলে আমরা তাকে ঘুঘু উপাধি দানে সম্মানিত করি—*প্রচৌ*)। ~ **চরানো** *ক্রি* সর্বনাশ করা; সমূহ সর্বনাশ করা; ধ্বংস করা (ভিটেয় ঘুঘু চরানো)। ~ **দেখেছ, ফাঁদ দেখোনি** বিপন্ন করার ভয় দেখানো। {*স.* ঘুঘুকৃৎ *ধ্বন্যা.*}

ঘুঙট ⇒ ঘোঙ্গট

ঘুঙুর, ঘুঙ্গুর, ঘুঁঘর (*অবা.*) [ঘুঙুর্, ঘুঙ্‌গুর্, ঘুঁঘর্] *বি* নূপুর; মলজাতীয় চরণালঙ্কারবিশেষ; কিঙ্কিণী; শিঞ্জিনী (কিঙ্কনী ঘুঁঘর বাজায় ঝাঁজর, নেপূর মধুর বাজে—*সৈআ*)। {*স.* ঘর্ঘরা>}

ঘুঙ্গট, ঘুঙ্ঘট ⇒ ঘোঙ্গট

ঘুচা, ঘোচা [ঘুচা, ঘো-] *ক্রি* ১ দূর হওয়া; বিগত হওয়া; মোচন বা খণ্ডিত হওয়া (ঘুচিল দুঃখ)। ২ অতিক্রান্ত বা অতিবাহিত হওয়া। ৩ অপনীত অপগত বা অপসৃত হওয়া। ৪ লোপ পাওয়া; বিনষ্ট হওয়া (অভাব ঘুচেছে)। **ঘুচানো, ঘোচানো** *ক্রি* ১ দূর করা (কষ্ট ঘুচানো)। ২ নষ্ট বা বন্ধ করা। ৩ মুক্ত করা। ৪ পরিষ্কার করা। ৫ লাঘব করা (তাহা অপেক্ষা পাঁচ লক্ষ তঙ্কা ঘুচাইয়া ছয় লক্ষ তঙ্কা রাজকরের নিয়ম করিয়া দিলেন—*রামু*)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। {*তুল. স.* ঘুট্; *অ.* √গুচ}

ঘুটঘুট [ঘুট্‌ঘুট্] *অব্য* অন্ধকারের গাঢ়তা বা ঘনত্বের ভাব প্রকাশক (অন্ধকার ঘুটঘুট করছে)। **ঘুটঘুটে** *বিণ* ঘোর; নিবিড়; মিশমিশে; গাঢ় (চারিদিকে ঘুটঘুটে অন্ধকার—*মুচৌ*)। {*স.* √ঘুট্+অ(অচ)}

ঘুটি ⇒ ঘুঁটি

ঘুটিং [ঘুটিঙ্] *বি* ১ ঘুটি। ২ কাঁকর প্রভৃতি দ্রব্য। {*স.* গুটিকা; *স.* ঘুটি}

ঘুড়ি১, ঘুড্ডি [ঘুড়ি, ঘুড্‌ডি] *বি* সুতার সাহায্যে আকাশে উড়াবার কাগজের খেলনাবিশেষ। { *স.* ঘূর্ণ; *হি* গুড্ডী}

ঘুড়ি২, ঘুড়ী [ঘুড়ি] *স্ত্রী* ঘোটকী। ঘোড়া পুং। { *স.* ঘোটী>*প্রা.* ঘোডী>}

ঘুণ [ঘুন্] *বি* ১ অতিক্ষুদ্র কীটবিশেষ; এক জাতীয় কাঠ ধ্বংসকারী পোকা। ২ *(আল.)* জীর্ণতা সাধক কীট (চরিত্রবান জাতিতে কখনও অধঃপতনের ঘুণ ধরে না—*ইহো*)। ☐ *বিণ* অতি নিপুণ; সুদক্ষ; পরিপক্ব (তাস খেলায় ইহারা সব ঘুণ *বিব*)। ~ **পরিমাণ** *বিণ* সামান্য পরিমাণ; স্বল্প পরিমাণ (আমার নিকট যদি বলিতে পারেন; ঘুণ পরিমাণ কথাও গোপন না করেন তবে আমি ঔষধ দিতে পারি---*মীম*)। **ঘুণাক্ষর** *বি* ঘুণদষ্ট কাঠের উপরে অক্ষরের মতো চিহ্ন। ২ সামান্যতম ইঙ্গিত বা আভাস (ঘুণাক্ষরে টের পাওয়া)। **ঘুণিত** *বিণ* ঘুণে জর্জরিত। { *স.* √ঘুণ্+অ(ক)}

ঘুন্টি [ঘুন্‌টি] *বি* ১ কাপড়ের বা সুতার তৈরি বোতামবিশেষ (সলমা চুমকি বসানো ঘুন্টি-কাটা প্রজাপতি হয়ে তোমার সবজি ক্ষেতে চরতে গেছে—*অঠা*)। ২ অত্যন্ত ছোট ঘণ্টা। ৩ পাল খাটাবার অতি ক্ষুদ্র ঘণ্টাবিশেষ; বাদামের দড়ি পরাবার ছিদ্রযুক্ত ক্ষুদ্র ঘণ্টা (চোদ্দের তিনগুণ চোদ্দপালের ঘুন্টি টানিয়া সাধু নদনদী সমুদ্র উজায় *দমি*)। ~**ঘর** *বি* বোতামঘর। ~**দার** *বিণ* ঘুন্টি লাগানো বা বসানো; ঘুন্টিওয়ালা; ঘুন্টিযুক্ত। { *স.* ঘুণ্টিকা}

ঘুৎকার *বি* ১ পেচকের রব। ২ কর্কশ স্বর বা আওয়াজ। ৩ ঘেঁৎ ঘোঁৎ ধ্বনি। { *ধ্বন্যা.* ঘুৎ (পেঁচার ডাক)+*স.* কার}

ঘুনসি, ঘুন্সি [ঘুন্‌শি] *বি* কটিসূত্র; কোমরে যে সুতা বাঁধা হয় (তাঁর স্ত্রী একটি চিঠির করা হাঁড়ী ঘুন্সি ও গুরিয়া পুতুল আনতে বলেছিল—*কাসি*)। { *হি.* ঘুন+*বা.* রশি}

ঘুনি, ঘুনী [ঘুনি] *বি* বাঁশের শলার তৈরি খাঁচার মতো এক প্রকার মাছ ধরার ফাঁদ (শত শত লোক নৌকা, ডোঙ্গা, জাল, পলো, দুঁড়ে ঘুনি লইয়া মাছ ধরিতেছে—*দীমি*)। { *স.* ঘন+*বা.* ই(?)}

ঘুপচি ⇒ ঘুপসি

ঘুপটি [ঘুপ্‌টি] *বি* লুক্কায়িত ভাব; অন্যের অজানিতভাবে গুটিসুটি মেরে ওত পেতে থাকার ভাব (বাসিন্দারা সব পালিয়েছে, না ঘুপটি মেরে দেয়ালের সঙ্গে মিশে গিয়েছে, বোঝবার উপায় নেই—*সৈমু*)। { *স.* √গুপ্>ঘোপ+টি}

ঘুপসি, ঘুপচি [ঘুপ্‌শি, -চি] *বিণ* অন্ধকারাচ্ছন্ন ও সংকীর্ণ; ঘোপের মতো বদ্ধ ও অপরিসর (ঘুপসি এবং অতিরিক্ত রকম কম চওড়া—*অঠা*; একটা ঘুপসী ঘরে গিয়ে দেখলে---*অঠা*)। ☐ *বি* ১ অন্ধকারময় সংকীর্ণ স্থান; ঘোপের মতো অপরিসর স্থান। ২ গুটিসুটি; জড়সড় (ঘুপসি মেরে বসা)। { *স.* √গুপ্>ঘুপ্+সি}

ঘুম [ঘুম্] *বি* ১ নিদ্রা; সুপ্তি। ২ আচ্ছন্নতা। ~**কাতুরে** *বিণ* ঘুমের অভাবে কাতর হয় এরূপ অর্থাৎ ঘুমাতে ভালোবাসে এরূপ; নিদ্রাপ্রিয়। ~ ~ *বিণ* ১ নিদ্রালু; তন্দ্রালু। ২ নিদ্রার ভাব। ~**ঘোর** *বি* গভীর নিদ্রা; তন্দ্রা; নিদ্রার আবেশ বা আচ্ছন্নতা। ~ **চটে যাওয়া** *ক্রি* নিদ্রার আবেশ ঘুচে যাওয়া; তন্দ্রা ছুটে যাওয়া; তন্দ্রালু ভাব দূর হওয়া। ~ **দেওয়া, ~ যাওয়া, ~ লাগানো** *ক্রি* ঘুমানো (রাত হল তুই ঘুম যা---*অঠা*)। ~ **ধরা, ~ পাওয়া** *ক্রি* নিদ্রাবেশ বা নিদ্রাকর্ষণ হওয়া। ~**ন্ত** *বিণ* ১ নিদ্রিত; ঘুমে মগ্ন। ২ নিস্তব্ধ; স্তব্ধতায় আচ্ছন্ন (আজিএ ঘুমন্ত রাতে কে যায় গো ওই গেয়ে—*সদ*)। ৩ অচেতন; নির্জীব (ঘুমন্ত জাতি)। ~ **পাড়ানো** *ক্রি* নিদ্রাকর্ষণে সাহায্য করা; নিদ্রিত করতে চেষ্টা করা। ~**পাড়ানি** *বিণ* নিদ্রা আনতে সাহায্য করে এরূপ; নিদ্রিত করায় এরূপ। **কাঁচা ~** *বি* অপূর্ণ নিদ্রা; ঘুমের প্রথম অবস্থা; যখন পর্যন্ত ঘুমে তৃপ্তি লাভ হয়নি। { *স.* ঘূর্ণ+*প্রা.* ঘুম্ম>}

ঘুমলি, ঘুমলী [ঘুম্‌লি] *বিণ* ঘুমে ঢুলু ঢুলু; তন্দ্রালু; নিদ্রাকাতর; নিদ্রাবিষ্ট (ঘুমলী মেয়েরে চাদরে ঢেকেছে যেন আদরিণী মাতা—*জউ*; ঘুমলী রাতের প্রহর গণিয়া জাগে না বিরহী প্রাণ—*জউ*)। { ঘুম+অলি, অলী}

ঘুমল *(ব্র.)* [ঘুমল] *ক্রি* ঘুমাল (ঘুমল দুহুঁজন—*বচদা*)। { *বা.* ঘুম+ল}

ঘুমায়ব *(ব্র.)* [ঘুমায়ব] *ক্রি* ঘুমাব (সবহুঁ ঘুমায়ব--*জ্ঞাদা*)। { ঘুম+অব}

ঘুমুনে, ঘুমানে, ঘুমনিয়া, [ঘুমুনে, ঘুমানে, ঘুমনিয়া] *বিণ* নিদ্রা ভাবাপন্ন; নিদ্রালু; নিদ্রাপ্রবণ (ঘুমুনে চাকর)। { *বা.* ঘুম-উনিয়া>উনে}

ঘুর [ঘুর্] *বি* ১ পাক; চক্কর (ঘুর দেওয়া)। ২ ঘূর্ণি বা নাচের ঘোর; ঘূর্ণিবেগ; চক্রাবর্তনের ঝোঁক (দুঃখের নেশায় ঘুর লেগেছে—*মোম*)। ৩ ঘূর্ণি রোগ। ৪ ঘুরতি বা ঘুরনি (এ পথে অনেক ঘুর হবে)। ☐ *বিণ* ঘোরানো; আবর্তিত; অসরল বা পেঁচানো (ঘুর পথ)। ২ ঘোর; গাঢ়। ~ ~ *অব্য* ঘোরাফেরা বা ঘোরাঘুরি করার ভাবপ্রকাশক। ~**ঘুরে, ~ঘুরিয়া** *বি* এক জাতীয় পোকা। ~**পথ** *বি* বাঁকা পথ; ঘোরানো পথ বা কুটিল পথ। ~**পাক** *বি* ১ চক্রাকারে ঘূর্ণন। ২ চক্রাবর্ত (সে শিক্ষা সার্কাসের ঘুরপাক ধরে চললো—*অঠা*)। **ঘুরপাক খাওয়া** *ক্রি* ১ চক্রাকারে অনবরত আবর্তন। ২ ঘুরে যাওয়া; ঘূর্ণিত হওয়া। { *স.* √ঘূর্ণ, ঘর্ঘুর}

ঘুরঘুট্টি [ঘুরঘুট্‌টি] *বিণ* ১ গাঢ়; ঘন; নিবিড়; ঘোর; ঘুটঘুটে (একটু পরেই ঘুরঘুট্টি অন্ধকারে ঢেকে গেল দিকবিদিক *শাহ*)। ২ নিবিড় অন্ধকার; ঘন অন্ধকার; ঘোর আঁধার (রাতের ঘুরঘুট্টিতে কিছু না দেখি চোখে)। { ঘোরঘটা>}

ঘুরঘুরে, ঘুরঘুরিয়া [ঘুরঘুরে, ঘুরঘুরিয়া] *বি* পোকাবিশেষ। { *স.* ঘুর্ঘুর>}

ঘুরনি১, ঘূর্ণি [ঘুরনি] *বি* ঘূর্ণাবর্ত (দমকা হাওয়া . . . টুকরা কাগজের ঘূর্ণি ঘুরিয়ে খেলে—*অঠা*)। { *স.* ঘূর্ণি>}

ঘুরা, ঘোরা [ঘুরা, ঘোরা] *ক্রি* ১ পাক খাওয়া; আবর্তন করা; ঘূর্ণিত হওয়া। ২ ভ্রমণ করা; বেড়ানো। ৩ হাঁটাহাঁটি করা; বার বার আসা যাওয়া করা। ৪ বৃথা পরিক্রমণ;

কোনো কিছুর সন্ধানে ক্রমাগত আবর্তন। ৫ চলতে থাকা বা ব্যাপৃত থাকা (এ কথা মাথায় ঘুরছে)। ❑ *বি* সকল অর্থে। ❑ *বিণ* ঘুর; অসরল; কুটিল (ঘোরা পথ)। **ঘুরানো, ঘোরানো** *ক্রি* ১ ঘূর্ণিত করা; পাক দেওয়া। ২ ভ্রমণ করানো; ঘুরিয়ে আনা। ৩ না-হক হাঁটাহাটি করানো (মা আমায় ঘুরাবি কত — *রাপ্রসে*)। ৪ মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে বারবার ফিরিয়ে দেওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* ঘূর্ণিত; আবর্তিত। **ঘুরানি, ঘুরনি** *বি* ১ ঘূর্ণিতকরণ বা ঘূর্ণিত হওয়া; পাক খাওয়া বা পাক দেওয়া। ২ ভ্রমণ। ৩ ঘূর্ণিপাক; ক্রমাগত আবর্তন (এই ঘুরনির চোটে অনেকে চোখে ঝাপসা দেখেন—*প্রচৌ*)। ৪ একই পথে অনর্থক ঘুরে ফিরে ভ্রমণ। ৫ ঘূর্ণি রোগ। **ঘুরে পড়া** *ক্রি* শারীরিক দুর্বলতা বা অসুস্থতার জন্য হঠাৎ টাল খেয়ে বা পাক খেয়ে পড়া (রোগে কাতর। সে দাঁড়াতে পারছে না, ঘুরে পড়ছে—*অঠা*)। **ঘোরাঘুরি** *বি* ১ হাঁটাহাঁটি; বারংবার চলাফেরা; বার বার আনাগোনা। ২ কোনো কার্য উদ্ধারের জন্য ক্রমাগত যাতায়াত। { *বা.* √ঘোর(<*স.* ঘূর্ণ)}

ঘুরুনি, ঘুরনি[১] [ঘুরুনি, ঘুর়নি] *বি* মাথা ঘোরা রোগ। {*স.* ঘূর্ণি>}

ঘুরুলী [ঘুরুলি] *বি* ১ ঘূর্ণাবর্ত; ঘূর্ণিপাক (ঘোর ঘুরলী ঘুরিছে ঘনে ঘন—*ঘচ*)। ২ ঘূর্ণি রোগ; মাথা ঘোরা রোগ। {*স.* ঘূর্ণি>}

ঘুরে পড়া ⇒ ঘুরা

ঘুরুলে [ঘুরুলে] *বি* ঘূর্ণি; পানির বা বায়ুর ঘূর্ণাবর্ত (ঘুরুলে বাতাস লয়ে জলের ঘুরুলে—*ভারা*)। {*স.* ঘূর্ণী>}

ঘুর্ঘুর [ঘুরঘুর] *বি* ঘুগরা পোকা; ঘুরঘুরে পোকা। {*স.* √ঘুর্ণ>; *স.* ঘুর্ঘুরিকা}

ঘুলঘুলি [ঘুলঘুলি] *বি* ১ ছিদ্র (টুলটুলে তাজা ফলের নিটোলে টাটকা ফুটিয়ে ঘুলঘুলি—*সদ*)। ২ ক্ষুদ্র গবাক্ষ; বায়ু চলাচলের জন্য দেয়ালের গায়ের ছিদ্র (ঘুলঘুলি দিয়ে সেটা হৃদয় স্পষ্ট দেখলে—*অঠা*)। {*মারাঠি.* ঘোল (ছিদ্র)>; *স.* √ঘূর্ণ>*প্রা.* √ঘুল>*বা.* ঘুল}

ঘুলানো, ঘুলনো, ঘোলানো [ঘুলানো, ঘুলনো, ঘোলানো] *ক্রি* ১ আলোড়ন করে পঙ্কিল বা ঘোলা করা। ২ মিশ্রিত করা; গুলানো। ৩ গুলিয়ে ফেলা; বিভ্রান্ত করা; তালগোল পাকানো (গোল বাধিয়ে দিলি তাই তো সব গুলিয়ে গেল —*সুরা*)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* ঘোল+আনো}

ঘুষ, ঘুস [ঘুশ] *বি* উৎকোচ; অবৈধ সহায়তার জন্য প্রদত্ত গোপন পারিতোষিক; bribe। ~**খোর** *বি, বিণ* উৎকোচ গ্রহণকারী। {*স.* ঘুষ>; *হি.* ঘুস, ঘুংস+*ফা.* খোর خور}

ঘুষঘুষে, ঘুসঘুসে [ঘুশঘুশে] *বিণ* ১ প্রচ্ছন্ন; চাপা; গোপন। ২ মৃদু; সামান্য; ধিকিধিকি। ৩ ভিতরে ভিতরে চলছে এরূপ (ঘুষঘুষে **জ্বর**)। {*স.* √ঘুষ্ (অর্থ—শব্দ করা, কিন্তু এখানে অর্থবিপর্যয় ঘটেছে}

ঘুষা[১], **ঘুষি, ঘুষো** [ঘুশা, –শি, –শো] *বি* মুষ্টি প্রহার; মুষ্ট্যাঘাত। **ঘুষাঘুষি, ঘুষোঘুষি** *বি*১ পারস্পরিক মুষ্টিযুদ্ধ। ২ মারামারি; মুষ্টি প্রহরাদি যোগে হাতাহাতি লড়াই। **ঘুষোঘুষি খেলা** *বি* মুষ্টিযুদ্ধ; boxing। ~ **ঘুষাঘুষি লড়া** *ক্রি* মুষ্টিযুদ্ধ করা। {*স.* √ঘুষ>*হি.* ঘুসা, ঘুংসা}

ঘুষা[২] ⇒ ঘুসা

ঘুষা[৩] ⇒ ঘোষ

ঘুষি ⇒ ঘুষা[১]

ঘুষো, ঘুষোঘুষি ⇒ ঘুষা[১]

ঘুস ⇒ ঘুষ

ঘুসা, ঘুসো, ঘুষা [ঘুশা, –শো, –শা] *বি* কুচা চিংড়িবিশেষ। ~ **চিংড়ি** *বি* কুচা চিংড়িবিশেষ (বেগুন ও ঘুষা চিংড়ির ঘন্ট—কাই; ঘুসো চিংড়ি দিয়ে কাঁচা আমড়ার টক - *অচিসে*)। {*তুল.* *মারাঠি.* ঘুস}

ঘুসানো, ঘুষানো [ঘুশানো] *ক্রি* ১ প্রবেশ করানো। ২ ঢুকিয়ে দেওয়া বা মিশিয়ে দেওয়া; মিশানো। **ঘুসিয়ে দেওয়া, ঘুষিয়ে দেওয়া** *ক্রি* নানা প্রকার দ্রব্যের মধ্যে ঢুকিয়ে মিশিয়ে দেওয়া। {*হি.* ঘুসসা, ঘুসানা}

ঘুঁঘর (*মব.*) ⇒ ঘুংগুর

ঘূৎকার, ঘুৎকার [ঘুত্‌কার] *বি* ১ পেচকের রব (ঘুৎকার করে উলুক অমনি—*সদ*)। ২ কর্কশ স্বর বা আওয়াজ (অগ্নিগিরির বুক ফেটে উঠে ঘুৎকার—*নই*)। ৩ ঘোঁৎ ঘোঁৎ ধ্বনি। {*স.* ঘূৎ+ √কৃ+অ(ঘঞ্); *কর্মধা.*}

ঘূর্ণ [ঘুরনো] *বি* ঘূর্ণি; ভ্রমি; আবর্তন। ❑ *বিণ* আবর্তিত; ঘূর্ণিত। **ঘূর্ণা** *স্ত্রী.*। **ঘূর্ণন** *বি* ঘুর; আবর্তন; অনবরত ঘুরন। **ঘূর্ণিত** *বিণ*। **ঘূর্ণাবাত, ~বায়ু** *বি* ঘূর্ণিঝড়; cyclone। ~**মান, ঘূর্ণায়মান, ঘূর্ণ্যমান** *বিণ*১ ঘুরছে এমন; ঘূর্ণনরত; যা আবর্তিত হচ্ছে (কুমারের ঘূর্ণায়মান চাক—*শাফ*)। ২ ভ্রমণশীল; ভ্রমণরত; ভ্রাম্যমাণ। {*স.* √ঘূর্ণ+অ(অচ্)}

ঘূর্ণা [ঘুরনা] *বি* ঘূর্ণি; পাক; আবর্ত। {*স.* ঘূর্ণ>}

ঘূর্ণাবর্ত [ঘুরনবরতো] *বি* ১ ঘূর্ণি; প্রচণ্ড পাক। ২ ঘূর্ণ্যমান পানি; whirlpool; ঘূর্ণ্যমান বায়ু। {*স.* ঘূর্ণ+আবর্ত; *কর্মধা.*}

ঘূর্ণায়মান ⇒ ঘূর্ণ

ঘূর্ণি [ঘুরনি] *বি* ১আবর্ত; পাক; ভ্রমি। ২ ঘূর্ণন। ৩ বায়ু বা জলের প্রচণ্ড আবর্ত। ~**জল** *বি* নদী প্রভৃতিতে জলের পাক; ভ্রমি; whirlpool। **ঘূর্ণিত** *বিণ* আবর্তিত; পাক খাচ্ছে এরূপ। **ঘূর্ণিত নয়ন, ঘূর্ণিত-নেত্র** *বি* ১ যে চোখের তারা ঘুরছে। ২ প্রচণ্ড ক্রোধের লক্ষণস্বরূপ চক্ষু-তারকা বিস্ফোরিত ও চঞ্চল হয়ে পাক খাচ্ছে এরূপ। **ঘূর্ণিপাক** *বি* বায়ু বা পানির প্রচণ্ড আবর্ত। **ঘূর্ণিবাত, ঘূর্ণিবায়ু** *বি* প্রচণ্ড ঝড়বিশেষ; প্রচণ্ড বেগে ঘুরপাক খেতে খেতে ধাবিত বায়ু প্রবাহ; ঘূর্ণিঝড়; cyclone। {*স.* √ঘূর্ণ+ই(ইন্)}

ঘূর্ণ্যমান ⇒ ঘূর্ণ

ঘৃণা [ঘৃনা] *বি* ১ কদর্যতার কারণে উপজিত প্রবল বিরাগের অনুভূতি; তীব্র বিতৃষ্ণা; repulsion। ২ অবজ্ঞা, অশ্রদ্ধা। ৩ লজ্জা বা অপমান বোধ। ৪ কৃপা; অনুকম্পা; করুণা; দয়া। **ঘৃণিত, ঘৃণ্য** *বিণ*। ~**কর** *বিণ* দেখলে ঘৃণার ভাব জাগে এমন। ~**র্হ** *বিণ* ঘৃণার যোগ্য বা ঘৃণার পাত্র; ঘৃণ্য। ~**স্পদ** *বিণ* ঘৃণার পাত্র; ঘৃণাভাজন (যাবজ্জীবন ঘৃণাস্পদ হওয়া অপেক্ষা প্রাণত্যাগ করা ভাল—*ঈবি*)। **ঘৃণী** (–ণিন্) *বিণ* ১ ঘৃণাকারী। ২ কৃপালু; দয়ালু। **ঘৃণ্য** *বিণ* ঘৃণার যোগ্য বা ঘৃণাকর; ঘৃণার্হ। **ঘৃণিনী** *স্ত্রী.*। {*স.* √ঘৃ-ন(নক্)+আ}

ঘৃণিত [ঘৃনিতো] *বিণ* ১ ঘৃণাপ্রাপ্ত। ২ ঘৃণা উদ্রেককারী; ঘৃণাজনক; ঘৃণাকর। ৩ ঘৃণার পাত্র; ঘৃণার যোগ্য; ঘৃণার বিষয়ীভূত। ৪ গর্হিত; নিন্দিত (ঘৃণিত আচরণ)। ৫

কদর্য; জঘন্য; অতি কুৎসিত। ৬ অবজ্ঞাত; অবহেলিত। ৭ হেয়। { স. √ঘৃণ্‌+ত(ক্ত)}

ঘৃত [ঘৃতো] *বি* স্নেহ পদার্থবিশেষ; ঘি; হবিঃ। ~**পক্ব** *বিণ* ঘিয়ে ভাজা; ঘিসহযোগে রান্না করা হয়েছে এমন। { স. √ঘৃ+ত}

ঘৃতকুমারী [ঘৃতোকুমারি] *বি* ঔষধরূপে ব্যবহৃত ছোট গাছবিশেষ। {ঘৃত+কুমারী}

ঘৃতাক্ত [ঘৃতাক্‌তো] *বিণ* ঘি-মাখা; ঘৃতসিক্ত; ঘিয়ে ভিজা। { স. ঘৃত+অক্ত; ৩তৎ }

ঘৃতাচী [ঘৃতাচি] *বি* একজন অপ্সরা। { স. ঘৃতাচী}

ঘৃতান্ন [ঘৃতান্‌নো] *বি* ১ ঘি-ভাত বা ঘি-সহযোগে রাঁধা অন্ন; পোলাও। ২ অগ্নি। { স. ঘৃত+অন্ন; মধ্য. }

ঘৃতার্চি, ঘৃতার্চিঃ [ঘৃতারচি, -চিহ্‌] *বি* অগ্নি। { স. ঘৃত+ অর্চিঃ; বহু. }

ঘৃতাহুতি[ঘৃতাহুতি] *বি* (হিন্দুদের) যজ্ঞাগ্নিতে ঘৃত নিক্ষেপ। { স. ঘৃত+আহুতি; ৬তৎ }

ঘৃষ্ট [ঘৃশটো] *বিণ* ১ ঘর্ষিত। ২ মর্দিত (ঘৃষ্ট চন্দন)। ৩ মার্জিত। ৪ ঘর্ষণজাত (ঘৃষ্ট ধ্বনি)। { স. √ঘৃষ্‌+ত(ক্ত)}

ঘেউ [ঘেউ] *অব্য, বি* কুকুরের ডাক বা চিৎকার। { *ধ্বন্যা.* }

ঘেউ ঘেউ [ঘেউঘেউ] *অব্য, বি* কুকুরের ডাক। □ *বি* ১ অনবরত নিষ্ফল বকবক (কানের কাছে ঘেউ ঘেউ করাই সার)। ২ বিরুদ্ধ পক্ষের বকাবকি বা বক্তব্যের অবজ্ঞাসূচক নামকরণ। { *ধ্বন্যা.* }

ঘেংরাল [ঘেঙ্‌রাল] *বি* হাঁসের শ্রেণিবিশেষ (হাঁসের মধ্যে ঘেংরাল আর সরাল দু-জোড়ের হাঁস—*অঠা*)। { *ধ্বন্যা.* }

ঘেঁচড়া, ঘেচড়া, ঘ্যাঁচড়া, ঘ্যাচড়া [ঘেঁচ্‌ড়া, ঘ্যা-, ঘ্যাঁ-, ঘ্যা-] *বি* জামড়া; কড়া। □ *বিণ* ১ কড়া পড়া; জামড়া ধরা। ২ অবাধ্য ও একগুঁয়ে; ঠেঁটা। ৩ বোধশূন্য; নির্লজ্জ; বেহায়া। { স. ঘৃষ্ট> }

ঘেঁচি ⇒ ঘেচি

ঘেঁচু, ঘেচু [ঘেঁচু, ঘে-] *বি* ১ ছোট কচুবিশেষ। ২ কিছুই না; নিষ্ফল প্রযত্ন (ঘেঁচু হবে) ৩ বাজে জিনিস। **ঘেঁচু করা** *ক্রি* কিছুই করতে না পারা (ঘেঁচু করবে)। **কচু ঘেচু** *বি* বাজে জিনিস; অসার বস্তু (শালা হাড়কেপ্পন; খায় কচুঘেচু —*সঞ্জ*)। { স. ঘেণ্টুলিকা> }

ঘেঁটু *বি* ১ বন্য গাছড়া ও পুষ্পবিশেষ; ভাঁটফুল। ২ হিন্দুদের দেবতাবিশেষ। { স. ঘণ্টাকর্ণ> }

ঘেঁষ [ঘেঁশ্‌] *বি* ঘষা; ঘর্ষণ বা নিত্যস্পর্শ (চেনা শোনার ঘেঁষ লেগে পালিশ নষ্ট হয়ে যায়—*রঠা*)। ২ স্পর্শ; ছোঁয়া। ৩ সংস্রব; সঙ্গ বা ঘনিষ্ঠতা। ৪ প্রশ্রয় (ঘেঁষ দেওয়া)। ৫ ঘনিষ্ঠ; কাছাকাছি; নিকট। { স. √ঘৃষ্‌> হি. ঘিস্‌}

ঘেঁষড়ানো, ঘেঁসড়ানো, ঘেসড়ানো [ঘেঁশ্‌ড়ানো] *ক্রি* ১ ক্রমাগত ঘষা; ঘৃষ্ট করা; হিঁচড়িয়ে টানা বা চলা (ঝুলতে ঝুলতে চলল উলু ঘাসের মধ্যে দিয়ে গা ঘেঁষড়ে—*অঠা*)। ২ প্রতিভার অভাব হেতু পুনঃপুন বিফল চেষ্টা করা বা বার বার চেষ্টার পরে সামান্য সফলতা অর্জন করা। **ঘেঁষড়ানি, ঘেঁসড়ানি, ঘেষড়ানি, ঘেসড়ানি** *বি* ১ ক্রমাগত ঘর্ষণ। ২ হেঁচড়ে বা হেঁচড়ে টানা। ৩ ক্রমাগত চেষ্টা। ৪ ঘর্ষণজাত শব্দ (তক্তা টানার ঘেসড়ানিতে সচকিত হইয়া —*নই*)। { স. √ঘৃষ্‌>+ বা. আনো}

ঘেঁষা [ঘেঁশা] *ক্রি* ১ নিকটবর্তী হওয়া; কাছাকাছি হওয়া। ২ গায়ে গায়ে লেগে বা অতি নিকটবর্তী হয়ে থাকা। ৩ ঘনিষ্ঠ বা নিবিড় হওয়া। ৪ সংস্রবে যাওয়া বা সম্পর্ক রাখা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**ঘেঁষি** *ক্রিবিণ* গায়ে গায়ে লেগে; চাপাচাপি করে; ঘনভাবে। □ *বি* গায়ে গায়ে লেগে অবস্থান (খুসী ছিল ঘেঁষাঘেঁষির ঘরে— *সদ*)। { স. √ঘৃষ্‌>+ বা. আ}

ঘেঁস, ঘ্যাঁস [ঘ্যাঁশ] *বি* পাথুরে কয়লার ছাই। { স. ঘর্ষ>; হি. ঘিস্‌সা}

ঘেঙানো, ঘেঙ্গানো [ঘ্যাঙানো, ঘ্যাঙ্‌গানো] *ক্রি* ১ঘ্যান ঘ্যান করা; কাতরোক্তির সঙ্গে পুনঃপুন প্রার্থনা করা। □ *বি* ঘেঙানি; প্রার্থনামূলক একঘেয়ে কাতরোক্তি। **ঘেঙানি, ঘেঙ্গানি** *বি*। { *ধ্বন্যা.* }

ঘেচড়া ⇒ ঘেঁচড়া

ঘেচি, ঘেঁচি [ঘেচি, ঘেঁ-] *বিণ* গেঁটে; কুঞ্চিত (শতকের কাহন নিল বাছা ঘেচি কড়ি—*কমু*)। { স. ঘৃষ্ট> }

ঘেচু ⇒ ঘেঁচু

ঘেটি [ঘেটি] *বি* ঘাড়; গর্দান (ঘেটি ধরে বাহির করে দেওয়া)। { স. ঘাট>*প্রা.* ঘাড}

ঘেটেল [ঘেটেল্‌] *বি* ১ ঘাটের কর আদায়কারী; ঘাটোয়াল (কখন ঘেটেল কখন কাণ্ডারী—*ভারা*)। ২ ঘাট মাঝি; পাটনি। **ঘেটেলি** *বি* ঘাটোয়ালের কাজ বা পারিশ্রমিক। { স. ঘট্ট>ঘাটি+আল> }

ঘেন ঘেন ⇒ ঘ্যান ঘ্যান

ঘেন্না [ঘেন্‌না] *বি* ১ প্রবল বিতৃষ্ণা বা বিরাগ; ঘৃণা (এই সোজা লোকগুলোর ওপর বিরক্তি আসে বটে তবে ঘেন্না ধরেনি—*নই*)। ২ লজ্জা। ~ **করা** *ক্রি* ১ ঘৃণা করা। ৩ গা ঘিন ঘিন করা। ~**পিত্তি** *বি* লজ্জার কথা; মাথা কাটা যাওয়া কথা। { স. ঘৃণা>*প্রা.*, ঘিণা> }

ঘেয়ো [ঘেয়ো] *বিণ* ঘাওয়ালা; ঘাউয়া; ক্ষতযুক্ত (মড়া খেকো একটা ঘেয়ো কুত্তা· *অচিসে*)। ~ **কুত্তা** *বি* অপরিচ্ছন্ন নির্লজ্জ ঘৃণাজনক অর্থে তিরস্কারে ব্যবহৃত। { স. ঘাত>; বা. ঘা+উয়া> }

ঘের [ঘের্‌] *বি* ১ পরিধি; বেড় (ইতর জীব তারা বর্তমানটুকুর ঘেরে বাঁধাই রয়েছে—*অঠা*)। ২ বেড়া; বেষ্টনী। ৩ আচ্ছাদন; আবরণ (রূপের ঘেরে বন্দী আমরা —*অঠা*)। ৪ বেষ্টিত স্থান। { স. √বেষ্ট>বেড়>ঘের; বা. √ঘির; হি. ঘের}

ঘেরা, ঘিরা [ঘেরা, ঘি-] *ক্রি* ১ বেষ্টন করা (প্রাচীর দিয়ে ঘেরা)। ২ বেষ্টনী দেওয়া; বেড়া দেওয়া। ৩ আচ্ছাদিত বা আবৃত করা; ছাওয়া (কাপড় ঘিরিয়া ছই তৈয়ারী করিয়াছে —*বিব*)। ৪ ব্যাপ্ত করা বা হওয়া; ছেয়ে ফেলা (অসৎ লোকে দেশ ঘিরেছে)। □ *বি* ১ বেড়া; বেষ্টনী (কাঞ্চির ঘেরা বাঁধিয়া—*বিব*)। ২ বেষ্টিত বা আবৃতকরণ। ৩ বেষ্টিত স্থান। ৪ ঘের। □ *বিণ* বেষ্টিত। **ঘেরানো, ঘেরান, ঘিরানো, ঘিরান** *ক্রি* ১ বেষ্টিত বা অবরুদ্ধ করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। { স. √বেষ্ট>√বেড়>ঘের> বা. আ}

ঘেরাও [ঘেরাও] *বি* ১ বেষ্টিত স্থান। ২ বেষ্টন; অবরোধ। □ *বিণ* অবরুদ্ধ; পরিবেষ্টিত। □ *ক্রি* বেষ্টন করা;

অবরোধ করা (কর্মচারীরা বিভিন্ন দাবি দাওয়া আদায়ের জন্য অফিস ঘেরাও করলো)। **ঘেরাটোপ** *বি* ১ কাপড়ের ঢাকনা বা গিলাফ; ওয়াড় (বাকস পেটরাতে নিজের হাতে বোনা ঘেরাটোপ—*বিব*)। ২ বোরখা; বুরকা। ৩ আবরণ; আচ্ছাদন (তার মুখটা নিজেকে যেন লুকিয়ে রাখে ভদ্রভাবের ঘেরাটোপে—*বুব*)। {*স.* √বেষ্ট>বেড়> ঘের+আও}

ঘেসড়ানি ⇒ ঘেঁষড়ানো

ঘেসড়ানো, ঘেসড়ান ⇒ ঘেঁষড়ানো

ঘেসেড়া ⇒ ঘাস

ঘেসো [ঘেশো] *বিণ* ১ ঘাসে ভরা; ঘাসপূর্ণ; তৃণময় (ঘেসো মাঠ)। ২ ঘাসের গন্ধময়; ঘাসের ন্যায় গন্ধযুক্ত। ৩ অসার (ঘেসো জিনিস)। ৪ অনুপাদেয়; অস্বাদু। ৫ ঘাসজাত বা ঘাসের তুল্য। {*স.* ঘাস+*বা.* উয়া}

ঘোঁঘট *(মবা.)* [ঘোঁগট] *বি* ঘোমটা (ঘোঁঘট অন্তরে থাকি বিশিখ করম—*সৈআ*)। {*স.* √গুণ>*হি* ধূংঘট, *বা.* ঘোঁঘট}

ঘোঁচ ⇒ ঘোঁজ

ঘোঁজ, ঘোঁচ [ঘোঁজ্, –চ] *বি* ১ বক্রভাব; কুঞ্চন; সংকোচ (ঠোঁট দুটোকে ঘোঁচ কর—*নই*)। ২ বক্রস্থান; বাঁক; পথ বা ক্ষেতের মোড়। ৩ কোণ। □*বি,বিণ* ঘুঁজি। □*বিণ* ধাঁকা। **ঘোঁজ-ঘাঁজ, ঘোঁচঘাঁচ** *বি* ১ অপরিসর জায়গা; সংকীর্ণ স্থান। ২ আড়াল-আবডাল; আনাচ-কানাচ। {*স.* গঞ্জ>(?)}

ঘোঁট, ঘোট, গোঁট [ঘোঁট্, ঘো–, গোঁ] *বি* ১ তরল পদার্থ মন্থন বা আলোড়ন। ২ জটলা; বিক্ষোভ; আন্দোলন (রামমোহন রায়ের স্ত্রীর শ্রাদ্ধে দলাদলির ঘোঁট—*কাসি*)। ৩ দলাদলি; বিরোধ (মর্ত্যে আসি নাই মোরা করতে জেতের ঘোঁট—*অঠা*)। **ঘোঁটন, ঘোঁটনা** ⇒ ঘোটন। **ঘোঁট পাকানো** *ক্রি* ১ জটলা পাকানো; আন্দোলন সৃষ্টি করা। ২ দলাদলি সৃষ্টি করা। ৩ জট পাকানো; পেঁচ পড়ানো; জটিলতা সৃষ্টি করা। {*স.* ঘট্ট> ঘোঁট}

ঘোঁটমণ্ডল [ঘোঁট্মন্ডোল্] *বি* ১ কলঙ্কজনক কোনো কাহিনী নিয়ে গ্রামের লোকদের মধ্যে কথাবার্তা ও আলাপ আলোচনা। ২ গোলমাল বা চেঁচামেচি সহ বিশৃঙ্খলা; হট্টগোল; এলোমেলো প্রবাহ (সেথা দিয়ে গায় কুয়াসার ভোট-কম্বল সত্ত উদাসীন বাতাসের ঘোঁটমণ্ডল—*সদ*)। {ঘোঁট+মণ্ডল}

ঘোঁটা, ঘুঁটা [ঘোঁটা, ঘুঁ–] *ক্রি* ১ আলোড়ন করা; মন্থন করা। ২ মিশ্রিত করা; মাড়া। ৩ বিশেষ আন্দোলন করা; তোলপাড় করা। ৪ আতিপাতি সন্ধান করে বেড়ানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **ঘোঁটানো** *ক্রি* অন্যের দ্বারা আলোড়ন করানো। □*বি,বিণ* উক্ত অর্থে। {*স.* ঘট্ট>*বা.* √ঘোঁট+আনো}

ঘোঁৎ ঘোঁৎ [ঘোঁত্ঘোঁত্] *অব্য* ১ শূকরের ডাক। ২ অসন্তোষ বা ক্রোধজনিত চাপা শব্দ। {*ধ্বন্যা.*}

ঘোগ [ঘোগ্] *বি* ১ কুকুরের আকৃতিবিশিষ্ট বন্য জন্তুবিশেষ। ২ বন্য কুকুর। ৩ রূপকথায় বাঘের শত্রু। **বাঘের ঘরে ঘোগের বাসা** ⇒ বাঘ। {*স.* কোক>}

ঘোঙ্গট, ঘুঙ্গট, ঘুঙ্গুট [ঘোঙ্গোট্, ঘুঙ্গট্, ঘুঙ্গুট্] *বি* ঘোমটা (ঘুঙ্গট খোলো পাঞ্জেরী—*আআআ*)। {*স.* গুণ্ঠন}

ঘোচা, ঘোচানো ⇒ ঘুচা

ঘোট ⇒ ঘোঁট

ঘোটক [ঘোটোক্] *বি* ঘোড়া; অশ্ব। **ঘোটকী** *স্ত্রী*। **ঘোটকারূঢ়** *বিণ* অশ্বপৃষ্ঠে আসীন; অশ্বারোহী; অশ্বে আরূঢ়। **ঘোটকিনী** (বিরল) *বি স্ত্রী.* ঘোটকী; ঘুড়ি, ঘুড়ী (জিরাফের গলা তার ঘোটকিনী মুখ—*নই*)। {*স.* ঘট্ট> √ঘুট্+অক(র্তৃ)}

ঘোটন, ঘোঁটন [ঘোটোন্, ঘোঁ–] *বি* ১ আলোড়ন বা মন্থন। ২ মিশ্রিতকরণ। ৩ মাড়ন বা পেষণ। ৪ তরল দ্রব্যের সাথে মেশাতে হবে এরূপ বস্তু। ৫ তরল পদার্থের সাথে মিশ্রিত করে নেওয়ার শুষ্ক বড়ি (কালিদাসের ঘোঁটন কালির এক টুকরো—*অঠা*)। ৬ সন্ধান; অন্বেষণ। **ঘোটনা, ঘোঁটনা** *বি* তরল দ্রব্য নাড়ার কাঠি; যা দিয়ে ঘোঁটা হয়; মন্থনদণ্ড (নূতন ঘোট্না কুঁড়া দিয়াছে বিশাই—*ভারা*)। {*স.* √ঘট্ট, √ঘুট্, *বা.* √ঘোঁট}

ঘোড়গাড়ি [ঘোড়্গাড়ি] *বি* অশ্ববাহিত গাড়ি; ঘোড়ায় টানা গাড়ি; ঘোড়ার গাড়ি। {ঘোড়া+গাড়ি; *মধ্য.*}

ঘোড়তোলা ⇒ গোড়

ঘোড়দৌড় [ঘোড়্দোউড়্] *বি* ঘোড়ার বাজিবিশেষ; ঘোড়ার দৌড় প্রতিযোগিতা; horse-race। **ঘোড়দৌড় করানো** *ক্রি* বেদম দৌড়াদৌড়ি করিয়ে নাজেহাল করা। {ঘোড়া+দৌড়; *বহু*}

ঘোড়সওয়ার [ঘোড়্শওয়ার্] *বি,বিণ* অশ্বারোহী। {ঘোড়া+*ফা.* সওয়ার سوار ; ৬তৎ}

ঘোড়া [ঘোড়া] *বি* ১ অশ্ব; তুরগ; তুরঙ্গ; বাজী। ২ সতরঞ্জ বা দাবা খেলার গুটিবিশেষ। ৩ বন্দুকের চাবি বা trigger। – – **খেলা** *বি* একজনের ঘোড়ার ন্যায় উবু হওয়া ও অপরের সেই ঘোড়ার পিঠে চড়ার খেলা। – **ডিঙিয়ে ঘাস খাওয়া** *ক্রি* উপরওয়ালা বা মুরুব্বিকে অতিক্রম বা অগ্রাহ্য করে কার্যোদ্ধারের চেষ্টা। – **দেখে খোঁড়া হওয়া** *ক্রি* কাজ করার লোক দেখলে সেই সুযোগ গ্রহণ করে আলস্য করা; কাজের লোক দেখে বসে থাকা। – –**মুখো** *বিণ* ঘোড়ার ন্যায় লম্বা মুখযুক্ত। –**মুখী** *স্ত্রী.*। – **মুগ** *বি* অপকৃষ্ট জাতের মুগডাল। –**য় জিন দিয়ে আসা** *ক্রি* অত্যন্ত ব্যতিব্যস্ত ভাব; তিলেক বিলম্বে অস্থিরতার ভাব। –**র কামড়** *বি* ১ কঠিন আক্রমণ। ২ খুব জেদ। –**র ঘাস কাটা** *ক্রি* কিছু না করা; কোনো কাজ না করা; অলসভাবে সময় কাটানো। –**র ডিম** *বি* ১ কিছুই না। ২ অসম্ভব বস্তু। ৩ অসার বস্তু। –**রোগ** *বি* প্রবলাকাঙ্ক্ষা; সাধ্যাতিরিক্ত শৌখিনতা; সাধ্যাতীত বড়মানুষি করার ইচ্ছা (গরিবের ঘোড়ারোগ; কাঙালের ঘোড়া রোগ হলে এমনি হয়—*অচিসে*)। ২ উৎকট বাতিক।

~শাল *বি* আস্তাবল। { *স.* ঘোটক> }

ঘোড়ারু[ঘোড়ারু] *বি* ঘোড়ার আকৃতিবিশিষ্ট হরিণবিশেষ। { *বা.* ঘোড়া+রু }

ঘোড়েল[ঘোড়েল্] *বি* ১ জন্তুবিশেষ; অমঙ্গল সংকেতকারী জন্তু (সম্মুখ দিয়া শুয়োর পালাল; ঘোড়েল ছুটিল দূরে—*জউ*)। ২ কুম্ভীরাকৃতি ছোট উভচর প্রাণীবিশেষ। {ঘড়িয়াল>, *তুল. হি.* ঘড়িআল}

ঘোণা [ঘোনা] *বি* ১ অশ্ব-নাসিকা; ঘোড়ার নাক। ২ নাসিকা। { *স.* √ঘুণ্+অ(ঘঞ্)+আ(টাপ্) }

ঘোনা[ঘোনা] *বি* ১ নির্জন স্থান; খোপ (ঘোনাগুলি মস্ত বড় বড় মাঠ—*মাউ*)। ২ বোনা; কাপড়ের বেড়; বুনন। { *স.* ঘূর্ণ> }

ঘোপ [ঘোপ্] *বি* ১ খোপ; কোটর। ২ গোপন স্থান; অপ্রকাশ্য স্থান। ~**ঘাপ** *বি* আনাচ কানাচ; লুকানোর উপযুক্ত সংকীর্ণ স্থান। { *স.* ক্ষুপ> }

ঘোমটা [ঘোম্‌টা] *বি* ১ গুণ্ঠন; অবগুণ্ঠন; মুখাবরণ; মাথায় তুলে দেওয়া শাড়ির প্রান্ত; মাথার কাপড়। ৩ আবরণ; ঘের (কঙ্কাল ঢেকে যেটুকু স্মৃতির ঘোমটা তারি কথা মনে রাখলে সবই—*অঠা*)। ~**র ভিতরে খেমটা নাচা** *বি* ১ কুলবধূর সাজে বা ছদ্মবেশের নীচে অসতীত্ব। ২ (*আল.*) বাহিরের ভদ্র আবরণের অন্তরালে নষ্টামি। **নাচতে এসে ~** *বি* কপট লজ্জা প্রকাশ; নিষ্ফল লজ্জা প্রদর্শন; বৃথা লজ্জা দেখানোয় বিদ্রূপাত্মক উক্তি। { *স.* গুণ্ঠন> }

ঘোর [ঘোর্] *বি* অন্ধকার। ২ আচ্ছন্নতা; আবেশ; জড়তা। ৩ মোহ; নেশা; ভ্রান্তি। ▢ *বিণ* ১ ভয়ঙ্কর; দারুণ; বিষম। ২ অত্যন্ত; উৎকট; বেহদ্দ (ঘোর মাতাল)। ৩ নিবিড়; ঘন। ৪ গভীর; গাঢ়। ৫ দুর্গম; দুর্ভেদ্য। **ঘোরা** *স্ত্রী.*, *বিণ* (ঘোরা যামিনী)। ~ ~ *বি* ১ আধো অন্ধকার ভাব; অল্প অল্প অন্ধকার। ২ আচ্ছন্নতার ভাব; জড়তার ভাব। ৩ নেশার ভাব; মোহের ভাব (উহার চোখে তো অমন ঘোর ঘোর ভাব দেখি নাই—*রঠা*)। ~**তর** *বিণ* ১ প্রচণ্ড; অতি নিদারুণ। ২ অতি ভয়ঙ্কর। ৩ দুইয়ের মধ্যে অধিক ঘোর। ~**তরা** *স্ত্রী.*। ~**দর্শন** *বিণ* ভয়ানক মূর্তি; বিকটাকার। ~**দর্শনা**। ~**পেঁচ**, ~**প্যাঁচ** *বি* ১ গোলমাল; জটিলতা। ২ কুটিলতা। ~**লাগা** *বিণ* ধাঁধাপূর্ণ; ধাঁধা লাগানো; বিভ্রান্তকারী (ঘোর লাগা রাস্তা এই পৃথিবীর—*বুব*)। { *স.* √ঘুর্+অ(অচ্) }

ঘোরা[১] ⇒ ঘুরা

ঘোরা[২] ⇒ ঘোর

ঘোরাঘুরি ⇒ ঘুরা

ঘোরালো [ঘোরালো] *বিণ* ১ গাঢ় তমসাচ্ছন্ন; নিবিড় অন্ধকারাবৃত। ২ নিবিড়; ঘন; গাঢ় (তিমির ক্রমশ হতেছে ঘোরালো—*রঠা*)। ৩ অতি জটিল (ঘোরাল বিসয়)। ৪ ভয়াবহ। ৫ অতি গম্ভীর। { *স.* √ঘুর্+ *বা.* আলো }

ঘোল [ঘোল্] *বি* মন্থন করে ও পানি মিশিয়ে তরল করা বা মাখন তোলা দই; তক্র। ~ **খাওয়া** *ক্রি* ১ (*আল.*) বেকায়দায় পড়া; বিপন্ন অবস্থায় বিব্রত হওয়া। ২ (*আল.*) সম্পূর্ণ পরাজিত হওয়া; নাকাল হওয়া। ~**খাওয়ানো** *ক্রি* ১ (*আল.*) নাকাল করা; নাজেহাল করা। ২ (*আল.*) অপদস্থ করা; শায়েস্তা করা। ~ **মউনি** *বি* ঘোল করার মন্থনদণ্ড; ঘোল মন্থনী (ঘোল মউনির তাড়নে ঘোল আর বাত্যাতাড়িত সমুদ্র এক নিয়মে বিলোড়িত হয়—*বচ*)। **দুধের সাধ ঘোলে মেটানো**—অভীষ্ট উৎকৃষ্ট বস্তুর অভাব নিকৃষ্ট বস্তু দিয়ে পূর্ণ করা। **মাথায় ~ ঢালা**—অপদস্থ করা; অপমানিত করা। { *স.* ঘূর্ণ> *প্রা.* ঘোল }

ঘোলা [ঘোলা] *বিণ* ১ আবিল। ২ কর্দমময়; কাদা গোলা (ঘোলা পানি)। ৩ অস্বচ্ছ। ৪ নিষ্প্রভ; জ্যোতিহীন; ছানি পড়া (সুন্দরের সামনে . . . বসে আছে মূক, অন্ধ, বধির, নিশ্চল মানুষের দল ঘোলা চোখ মেলে—*অঠা*)। ৫ পচা বা গেঁজে ওঠা (ঘোলা ডিম)। ~**টে** *বিণ* অল্প ঘোলা (কেমন মড়ার মত ঘোলাটে চোখ বুড়ীর—*সৈশা*; বস্তুবাদী জড়ত্বের ঘোলাটে স্বপন—*রখা*)। ~**নো** ⇒ ঘুলানো। { *স.* ঘূর্ণি> *প্রা.* ঘুল্লি>ঘোলা }

ঘোষ [ঘোশ্] *বি* ১ নিনাদ; ধ্বনি; রব। ২ ঘোষণা। ৩ গোয়ালপাড়া; গোপ পল্লি। ৫ কায়স্থ এবং সদগোপ শ্রেণির বাঙালি হিন্দুর পদবি। ৬ ধ্বনির গুণবিশেষ। { *স.* √ঘুষ্+অ(ঘঞ্) }

ঘোষক [ঘোশক্] *বিণ* ঘোষণাকারী। ▢ *বি* ১ নিনাদক। ৩ প্রচার। **ঘোষযাত্রা** *বি* গোপ-পল্লিতে গমন বা তা পরিদর্শন { *স.* √ঘুষ্+অক(ণ্বুল্) }

ঘোষণ ⇒ ঘোষণা

ঘোষণা, ঘোষণ [ঘোশোনা, ঘোশোন্] *বি* ১ উচ্চ রবে প্রচার। ২ বিজ্ঞাপন; বিজ্ঞপ্তি; ইস্তেহার। ৩ প্রকাশ্যে বা দস্তুরমাফিক জ্ঞাপন (যুদ্ধ ঘোষণা)। ৪ উচ্চ শব্দকরণ। ~**পত্র, ঘোষপত্র** *বি* বিজ্ঞাপন; নোটিস; ইস্তেহার; প্রচারপত্র। { *স.* √ঘুষ্-অন(ল্যুট্)+আ }

ঘোষা, ঘুষা [ঘোশা, ঘুশা] *ক্রি* ১ ঘোষণা করা। ২ চিৎকার করে আবৃত্তি করা। ▢ *বি* উক্ত সকল অর্থে। **ঘোষানো** *ক্রি* ১ ঘোষণা করানো। ২ আবৃত্তি করানো; পুনঃপুন উচ্চারণ করানো (নামতা ঘোষণা)। **ঘোষাল** *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ। { *স.* √ঘুষ্+অ(ঘঞ্)+ *বা.* আ }

ঘোষিত [ঘোশিতো] *বিণ* ১ ঘোষণা বা প্রচার করা হয়েছে এমন; প্রচারিত। ২ নিনাদিত; শব্দিত; ধ্বনিত। { *স.* √ঘুষ্+ণিচ্+ত(ক্ত) }

ঘ্যাঁচড়া ⇒ ঘেঁচড়া

ঘ্যাঁট [ঘ্যাট্] *বি* ১ ঘণ্ট; ঘাঁটি; বিভিন্ন আনাজের মিশ্র ব্যঞ্জন; পাঁচমিশালি তরকারি। ২ (*আল.*) বিচিত্র বস্তুর একত্র সমাবেশ। ⇒ **ঘাঁট**। { *স.* ঘণ্ট> }

ঘ্যাঁস ⇒ ঘেঁষ

ঘ্যাগ [ঘ্যাগ্] *বি* গলগণ্ড। { *তুল. ই.* goitre }

ঘ্যাচড়া ⇒ ঘেঁচড়া

ঘ্যান ঘ্যান, ঘেন ঘেন [ঘ্যান্ ঘ্যান্] *অব্য* ১ বিরক্তিজনক নাকি কান্না বা একঘেয়ে অনুযোগের শব্দ। ২ একঘেয়ে

কাতর প্রার্থনা। ৩ টানা সুরে বক বক (বার বার ঘ্যান ঘ্যান করে বোকার মত কথা বলছিল—*সুধা*)। **ঘ্যানঘেনে, ঘেনঘেনে** *বিণ*। **ঘ্যান ঘ্যান প্যান প্যান** *বি* অনবরত নাকি কান্না ও অনুযোগ; দীর্ঘকালব্যাপী সরোদন অনুযোগ–অভিযোগ। **ঘ্যান–ঘ্যানানি** *বি* একঘেয়ে বিরক্তিকর উক্তি বা অভিযোগ অথবা কাতর প্রার্থনা (কোন বাঙ্গালির ঘ্যানঘ্যানানি ছাড়া অন্য ব্যবসা আছে—*বচ*)। **ঘ্যানর ঘ্যানর** *বি* ১ ক্রমাগত ঘ্যান ঘ্যান; অবিরাম অনুযোগ বা অনুনয়ের নাকি কান্না। ২ একটানা বিরক্তিকর শব্দ। {*ধ্বন্যা.*}

ঘ্রাণ [ঘ্রান্] *বি* ১ গন্ধ (রজনীগন্ধার ঘ্রাণ ভেসে আসে—*রখা*)। ২ গন্ধ বা বাস গ্রহণ (ঘ্রাণ ক্ষমতা)। ৩ নাক; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয়। **~জ** *বিণ* ঘ্রাণেন্দ্রিয় থেকে উৎপন্ন। **~শক্তি** *বি* গ্রহণ ক্ষমতা। **ঘ্রাণেন্দ্রিয়** *বি* নাসিকা; নাক। **ঘ্রাত** *বিণ* শোঁকা হয়েছে বা আঘ্রাণ নেওয়া হয়েছে এমন। **ঘ্রাতব্য, ঘ্রেয়** *বিণ* আঘ্রাণ নেওয়ার বা শোঁকার যোগ্য। **ঘ্রাতা (তৃ)** *বিণ* ঘ্রাণ গ্রহণকারী। {*স.* √ঘ্রা+অন(ল্যুট্)}

ঘ্রাত, ঘ্রাতব্য, ঘ্রাতা, ঘ্রেয় ⇒ ঘ্রাণ

ঙ

ঙ [উঁয়ো, উঁয়] পঞ্চম ব্যঞ্জনবর্ণ এবং ক–বর্গের পঞ্চম বর্ণ। 'উঁয়', 'উঁয়ো' বা 'উমা' রূপে উচ্চারিত হয়। এর উচ্চারণ স্থান নাসিকা। এটি ঘোষ (voiced) পশ্চাত্তালুজাত (velar) নাসিক্য (nasal) ব্যঞ্জন ধ্বনি (consonant sound)। এর উচ্চারণ হুবহু অনুস্বারের (ং) মতো। অনুস্বারের সঙ্গে আ–কার (া), ই–কার (ি), উ–কার (ু), এ–কার (ে) ইত্যাদি যুক্ত হলে ঙ বর্ণের আগমন ঘটে, যেমন—সাতরং+আ= সাতরঙা, ঢং + এর – ঢঙের, ইত্যাদি। এই যুক্তিতে হলন্তযুক্ত ঙ এবং অনুস্বারকে অভিন্ন মনে করা যেতে পারে। ত এবং খণ্ড ত–এর (ৎ) মধ্যে অনুরূপ সম্পর্ক লক্ষ করা যায়।

ঙাপ্পি, নাপ্পি [নাপ্‌পি] *বি* বাংলাদেশের পাহাড়িদের এবং মিয়ানমারের অধিবাসীদের ব্যবহার্য তীব্র গন্ধযুক্ত চাটনি জাতীয় খাদ্যবিশেষ—খোসা ছাড়ানো চিংড়ি মাছের সাথে নানা রকম মশলা মিশিয়ে এটি তৈরি করা হয় (ব্যাঙ খায় ফরাসিরা সেও নয় মন্দ/ বার্মার ঙাপ্পিতে বাপরে কি গন্ধ!—*সুরা*)। {*অস্পৃ.*}

চ

চ [চ] বাংলা বর্ণমালার ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ এবং চ–বর্গের প্রথম বর্ণ। এটি প্রশস্ত দন্তমূলীয় (dorso-alveolar, plato-alveolar) অঘোষ (voiceless) অল্পপ্রাণ (unaspirated) স্পর্শধ্বনি (plosive sound) রূপে উচ্চারিত হয়। ঢাকার কুট্টিদের উচ্চারণে এটি ঘৃষ্ট (affricate) এবং বাংলাদেশের কোনো কোনো অঞ্চলের উচ্চারণে এটি শিস ধ্বনি (fricative)।

চই, চৈ [চোই] *বি* ১ পিপুলজাতীয় লতা এবং তার ডাল ও মূল। ২ গজপিপ্পলী; piper chaba। {*স.* চবি>}

চই–চই, চৈচৈ [চোইচোই] *অব্য* হাঁসকে ডাকার শব্দ। {*ধ্বন্যা.*}

চইড় [চোইড়্] *বি* নৌকার লগি; নৌকা চালানোর কাজে ব্যবহৃত সরু ও দীর্ঘ বংশদণ্ড। {*স.* √চর>}

চইত [চোইত্] *বি* চৈত্রমাস। {*স.* চৈত্র>}

চউতোর (*প্রাবা.*) [চোউতোর্] চত্বর; চাতাল; চবুতরা। ২ হিন্দুদের চণ্ডীমণ্ডপ বা চৌচালা; বসার ঘর। {*স.* চত্বর>; তুল. *হি.* চবুতরা}

চওক ⇒ চৌক[১]

চওগান [চওগান্] *বি* ১ পোলো খেলা। ২ পোলো খেলার দণ্ড। {*ফা.* চওগান چوگان}

চওড়া, চৌড়া [চওড়া, চোউড়া] *বিণ* ১ প্রশস্ত; প্রসারযুক্ত (চওড়া রাস্তা)। ২ প্রান্তবিশিষ্ট; আড় বা পার্শ্ব; ওসার (চওড়া–পাড় শাড়ি)। ৩ বিস্তার; প্রস্থ (চওড়ায় পাঁচ হাত)। **চওড়াই, চৌড়াই** *বি* প্রস্থের মাপ বা পরিমাণ; বহর। **লম্বা–চওড়া** *বি, বিণ* দীর্ঘ ও হৃষ্টপুষ্ট; সবল। {*হি* চৌড়া}

চং [চঙ্] *বি* ঘুড়ি (চং গুড্ডির ধ্যান তৈরি করতাম)। {*আঞ্চ.*}

চংক্রমণ ⇒ চঙ্ক্রমণ

চংগল, চংগাল ⇒ চঙ্গা

চঁওকি ⇒ চৌকি

চক[১] [চক্] *বি* ১ প্রশস্ত ও চতুষ্কোণ ময়দান বা চৌকা ভূমি বা ক্ষেত্র। ২ নগর বা গ্রামের প্রধান স্থান বা বৃহৎ বাজার (চকবাজার, চাঁদনি–চক)। ৩ চতুষ্কোণ প্রাঙ্গণ ও তার চতুর্দিকের দালান। ৪ তালুক বা তহসিল। **~বন্দি, ~বন্দী, ~বন্দ** *বি* ১ জমি বা গ্রামের চারিদিকের সীমানা নির্ধারণ। ২ জমির ভাগ; লাট, তৌজিবন্দ। ☐ *বিণ* ১ জমির সীমানা নির্ধারণ হয়েছে এরূপ। ২ চকমিলান (অন্দরমহলে চকবন্দী আঙ্গিনায়—*আমআ*)। **~মিলান** *বিণ* ১ শ্রেণিবদ্ধ অট্টালিকা যেগুলো একসঙ্গে মিলিয়ে নির্মিত। ২ চতুষ্কোণ উঠান ঘিরে যে শ্রেণিবদ্ধ বাড়িগুলো বা অট্টালিকাসমূহ নির্মিত। {*স.* চতুষ্ক>}

চক[২] [চক্] *বি* ফুলখড়ি; খড়িমাটি। {*ই.* chalk}

চকচক[১] [চক্‌চক্] *অব্য* জিহ্বার সাহায্যে তরল পদার্থ পান করার শব্দ। {*ধ্বন্যা.*}

চকচক[১] [চক্‌চক্] *অব্য* ঔজ্জ্বল্য বা দীপ্তি প্রকাশক। ২ তেলতেলে ভাব। ~ **করা** *ক্রি* দীপ্তি বা ঔজ্জ্বল্য প্রকাশ পাওয়া। **চকচকানো** *ক্রি* চকচক করা। **চকচকানি** *বি* অতিশয় ঔজ্জ্বল্য। **চকচকে** *বিণ* উজ্জ্বল; দীপ্তিপূর্ণ; দ্যুতিময়। { *স.* √চকাস্; *স.* চাকচক্য> }

চকবন্দ, চকবন্দি, চকবন্দী ⇒ চক[১]

চকমক [চকমক] *অব্য* তীব্র ঔজ্জ্বল্য প্রকাশ; ঝকমক। **চকমকানো** *ক্রি* ১ চকমক করা। ২ বিদ্যুৎ চমকানো। ৩ ঝলকানো। **চকমকানি** *বি* তীব্র ঔজ্জ্বল্য; ঝকমকানি। **চকমকে** *বিণ* তীব্র উজ্জ্বলতাবিশিষ্ট; ঝকমকে; চোখ ধাঁধানো। { *তু.* চকমক چقمق }

চকমকি [চক্‌মোকি] *বি* পরস্পর ঘর্ষণ করে আগুন জ্বালানোর পাথর বা কাষ্ঠবিশেষ (অগ্নি তুমি জন্ম দিয়েছ কাঠে কাঠে ঠুকে চকমকি—*সদ*)। **চকমকি ঠোকা** *ক্রি* ১ চকমকি দ্বারা আগুন জ্বালানো। ২ *(আল.)* ঝগড়া বাধানোর চেষ্টা করা। { *স.* √চকাস্ }

চকমিলান ⇒ চক

চকসা [চক্‌শা] *বি* মেঘ সরে যাওয়ায় সূর্যালোকের প্রকাশ। { *স.* √চকাস্ }

চকা ⇒ চখা

চকা-চকি ⇒ চখা-চখি

চকার-বকার ⇒ শকার বকার

চকি *(মবা.)* [চোকি] *বি* চৌকি; প্রহরার ঘাঁটি (চকি ঘাটি দড় কৈল—*ফজ*)। { *স.* চতুষ্কী }

চকিত [চোকিতো] *বিণ* ১ ত্রস্ত; কম্পিত; ভয়চঞ্চল; চমকিত (একাকিনী রাধিকার চকিতচরণ—*রঠা*)। ২ আকস্মিক; চমক বা বিস্ময় সৃষ্টিকারী (আর চকিত হাস্য ধ্বনি—*মব*)। ▢ *বি* নিমেষ; ক্ষণমাত্রকাল; মুহূর্ত। **চকিতা** *বিণ স্ত্রী.*। **চকিতে** *ক্রিবিণ*। { *স.* √চক্+ত(ক্ত) }

চকিনী *(মবা.)* [চোকিনি] *বি* চক্রবাকী; চকী (চকোয়া বিচ্ছেদে যেনো তাপিত চকিনী—*দৌবা*)। { *স.* চক্রবাকী> }

চকোয়া *(মবা.)* [চকোয়া] *বি* চক্রবাক; চকা (চকোয়া বিচ্ছেদে যেনো তাপিত চকিনী—*দৌবা*)। { *স.* চক্রবাক }

চকোর [চকোর] *বি* ১ কবিপ্রসিদ্ধিযুক্ত পাখিবিশেষ। ২ চাঁদের কিরণ পানে তৃপ্তি লাভ করে বলে কথিত পাখিবিশেষ। ▢ *বিণ (আল.)* সুধাপায়ী বা সুধা অভিলাষী (চিত চকোর)। **চকোরী, চকোরিনী** *বি* স্ত্রীজাতীয় চকোর (চাঁদেরে হেরিয়া কাঁদে চকোরিনী—*নই*)। **চিত্ত~** *বি* চকোরের ন্যায় প্রতীক্ষারত হৃদয়। **নয়ন~** *বি* রূপমুগ্ধ চোখ। { *স.* √চক্+ওর(ওরন্) }

চক্কর, চক্কোর [চক্‌কোর] *বি* চাকা (কালের যেমন চক্কর—*মুশ*)। ২ আবর্ত; ঘূর্ণি। ৩ চক্রাকৃতি বস্তু স্থান বা পথ। ৪ চক্রাকার চিহ্ন। ৫ পাক; ঘুরিয়া ঘুরিয়া পরিভ্রমণ (দুনিয়ার চক্করের পর আমরা এক আজিব যায়গায় ঠেকে গিয়েছিলাম—*শও*)। ৬ ঘূর্ণন (মাথা চক্কর দিয়ে ওঠা)। ৭ ফণা। ৮ চাকলা; অঞ্চল; বিশেষ অধিকারের সীমা। ৯ ধাঁধা বা ভ্রম। ~ **মারা** *ক্রি* পাক দেওয়া বা এক পাক ঘোরা; ঘুরে যাওয়া (কাইরোর কাফেতে চক্কর মেরে যায়—*সৈমু*)। { *স.* চক্র> }

চক্র [চক্‌ক্রো] *বি* ১ চাকা। ২ চাকার আকৃতিযুক্ত স্থান, বস্তু বা পথ (দৌড়ের চক্র)। ৩ নিয়ত আবর্তনশীল বিষয় বা বস্তু (কালচক্র)। ৪ কুমারের চাক। ৫ ভ্রমণ বা ঘুরপাক। ৬ প্রাচীন অস্ত্রবিশেষ; discus। ৭ হিন্দু পুরাণে উল্লিখিত ব্যূহ স্থাপন প্রণালিবিশেষ (চক্রব্যূহ)। ৮ চাকার সদৃশ আকার বা বিস্তারযুক্ত রশ্মিচ্ছটা; জ্যোতির্মণ্ডল; গ্রহমণ্ডল। ৯ হাতের তালু, আঙ্গুল এবং পদতলের মণ্ডলাকার রেখা। ১০ গ্রামসমূহের সমষ্টি; চাকলা বা বিশেষ অধিকারের সীমাভুক্ত অঞ্চল। ১১ বহু বিস্তৃত রাজ্য বা দেশসমূহ। ১২ সাপের ফণা। ১৩ চক্রান্ত; কূট অভিসন্ধি (দশচক্রে ভগবান ভূত)। ১৪ গুচ্ছ; সমষ্টি; বর্গ; cycle। ১৫ পতাকা চক্র ইত্যাদির চিত্র; জ্যোতিষিক যন্ত্র। ১৬ হিন্দুদের তান্ত্রিক সাধনার মণ্ডলাকার উপবেশন পদ্ধতি বা আসনবিশেষ। ১৭ হিন্দুদের যোগশাস্ত্রমতে দেহমধ্যস্থ নানা বিভাগ (ষট্‌চক্র) ১৮ *(জ্যোবি.)* রাশি বা গ্রহমণ্ডলের অবস্থান সূচনাকারী ছক। ~**গতি** *বি* চক্রের ন্যায় আবর্তন বা ঘূর্ণন। ~**ধর** *বি* ১ রাজা; নৃপতি। ২ সাপ। ৩ হিন্দুদেবতা বিষ্ণু। ~**নাভি** *বি* চক্রের কেন্দ্রবিন্দু বা কেন্দ্রীয় অংশ। ~**নেমি** *বি* চাকার বেড় বা বেষ্টনী (ধাম রথ ঘুরয়ে ঘর্ঘরে চক্রনেমি—*মদ*)। ~**পাণি** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। ~**বর্তী** *বি* ১ বিস্তৃত রাজ্যের অধিপতি; সম্রাট, সার্বভৌম নৃপতি। ২ ব্রাহ্মণদের উপাধিবিশেষ। ~**বাক** *বি* চকা; হাঁসজাতীয় পাখি। ~**বাকী** *বি স্ত্রী.*। ~বাল, ~বাড় (বিরল) *বি* দিঙ্‌মণ্ডল; দিগন্তবৃত্ত; আকাশ ও পৃথিবীর মিলনরেখা বলে মনে হয় যে স্থান; horizon। ~**ব্যূহ** *বি* প্রাচীন গ্রন্থে উক্ত সৈন্য সমাবেশ প্রণালিবিশেষ। ~**বৃদ্ধি** *বি* সুদের সুদ। **দশচক্রে ভগবান ভূত**—*(আল.)* বহুলোকের ষড়যন্ত্রে মিথ্যাকে সত্য বা সত্যকে মিথ্যা রূপে প্রতিপন্ন করা সম্ভব—এমন অর্থে প্রযুক্ত। **পাকচক্রে, পাকেচক্রে** *ক্রি, বিণ* কর্মবিপাকে, ঘটনার ফেরে; ফন্দি ফিকিরের ফলে। { *স.* √কৃ+অ(ঘঞর্থে ক) }

চক্রাকার [চক্‌ক্রাকার] *বিণ* চাকার ন্যায় আকারযুক্ত; গোলাকার। { *স.* চক্র+আকার; ৬তৎ }

চক্রান্ত [চক্‌ক্রান্‌তো] *বি* ষড়যন্ত্র; কূটমন্ত্রণা; কারো অনিষ্ট বিধানের জন্য গুপ্ত পরামর্শ। ~**কারী** *বিণ* ষড়যন্ত্রকারী; গোপন মন্ত্রণাকারী। { *স.* চক্র+অন্ত; ৬তৎ }

চক্রান্তিক [চক্‌ক্রান্‌তিক্] *বিণ* বৃত্তাকার (আর নয়—চক্রান্তিক গতি: এবারে জীবন শুরু হোক; সূর্য হতে সূর্যান্তরে এবার চলুক অভিযান—*আগ*)। { *স.* চক্র+অন্তিক; ৬তৎ }

চক্রাবর্ত [চক্‌ক্রাবরতো] *বি* ১ চক্রের ন্যায় ভ্রমণ বা মণ্ডলাকারে ঘূর্ণন। ২ ঘূর্ণি। { *স.* চক্র+আবর্ত; ৬তৎ }

চক্রিকা [চোকক্রিকা] *বি* ১ হাঁটুর অস্থিময় চাকতি; মালাইচাকি। ২ হাঁটু। { *স.* চক্র+ইক(ঠন্)+আ(টাপ্) }

চক্রী (-ক্রিন্) [চোক্‌ক্রি] *বিণ* ১ চক্রান্তকারী; কুটিল; খল (চক্রী মানুষ চক্র ধরে ছিন্ন করে আমার দেহ—*সদ*)। ২ চক্রধারী। ▢ *বি* ১ বিষ্ণু। ২ সাপ। { *স.* চক্র+ইন(ইনি) }

চক্ষ [চোক্‌খো] *বি* চক্ষু; চোখ (চক্ষে আমার তৃষ্ণা—*রঠা*)। { *স.* চক্ষুঃ> }

চক্ষু, চক্ষুঃ [চোক্‌খু, চোক্‌খুহ্] *বি* ১ চোখ; নয়ন; লোচন;

অক্ষি; আঁখি; দর্শনেন্দ্রিয়। ২ দৃষ্টি; নয়ন। ৩ অন্তর্দৃষ্টি (জ্ঞানচক্ষু)। ৪ বিবেচনা। **~ কর্ণের বিবাদ ভঞ্জন করা** *ক্রি* স্বচক্ষে দর্শন করে শ্রুত বিষয়ের সকল সন্দেহ নিরসন করা। **~ক্ষত** *বি* চোখের ঘা; eyesore। **~ খাওয়া** *ক্রি* চক্ষু থাকতেও তার যথাযথ ব্যবহার না করা (হেন বর কেমনে আনিলে চক্ষু খেয়ে—*ভারা*)। **~খাদিকা** *বি* চোখখাগি; গালিবিশেষ (চক্ষুখাদিকা ভর্তার পরমায়ু ইন্দ্রী অষ্টকুষ্ঠির পুত্রী—*রঠা*)। **~ খুলিয়া যাওয়া** *ক্রি* অজ্ঞানতা দূর হওয়া; নানা বিষয়ে বোধোদয় হওয়া; সজাগ হওয়া; ঘুম ভাঙা। **~গোচর, ~র্গোচর** (বিরল) *বিণ* দেখা যায় এমন; দৃষ্টির বিষয়ীভূত; দৃষ্টিসীমার অন্তর্ভুক্ত। **~ চড়ক গাছ হওয়া**—বিস্ময়াভিভূত হওয়া; বিস্ময়ে বা আতঙ্কে হতবুদ্ধি হয়ে চেয়ে থাকা। **~ ছানাবড়া হওয়া**—অত্যন্ত বিস্ময়াপন্ন হওয়া; বিস্ময়ের আধিক্যে দৃষ্টি বিস্ফারিত হওয়া। **~দান, ~র্দান** (বিরল) *বি* ১ দৃষ্টি শক্তি দান বা ফিরে আনা। ২ মৃত্যুর পর অপরের উপকারের জন্যে চক্ষু দেওয়ার ওসিয়ত বা উইল। ৩ জ্ঞানহীনকে জ্ঞান দান বা অবোধের বোধসম্পাদন। ৪ সতর্কীকরণ। ৫ *(ব্য.)* চুরি; অপহরণ। **~রঞ্জন** *বিণ* নয়ন তৃপ্তিকারী; নয়নাভিরাম (বীরবেশ বীর পুরুষেরই চক্ষুরঞ্জন—*মীম*)। **~রুন্মীলন** *বি* চোখ খোলা বা চাওয়া। ২ জাগরণ। ৩ অন্তর্দৃষ্টির উন্মেষ (হ'লে গুরু চক্ষুরুন্মীলনে—*সদ*)। **~রোগ, চক্ষূরোগ** *বি* চোখের পীড়া। **~লজ্জা, ~র্লজ্জা** (বিরল) *বি* চোখে লজ্জাজনক ঠেকে এমন কিছু করতে বা বলতে সংকোচ বা কুণ্ঠা। **~শূল, চক্ষুঃশূল** (বিরল) *বিণ,বি* দেখলে বিরক্তি জন্মে বা দেখতে ইচ্ছা হয় না এমন কিছু। **~ষ্মান** *বিণ* ১ চক্ষু আছে এরূপ; দর্শনেন্দ্রিয়বিশিষ্ট। ২ দৃষ্টিশক্তিবিশিষ্ট। ৩ *(আল.)* সত্য উপলব্ধিক্ষম; সত্যদ্রষ্টা। **~ষ্মতী** *বিণ,স্ত্রী*। **~সত্তা** *বি* ১ দর্শনশক্তি বা প্রখর দৃষ্টিশক্তি। ২ অন্তর্দৃষ্টি বা সূক্ষ্ম দৃষ্টি। **~ স্থির** *বি* অত্যধিক বিস্ময়জনিত হতবুদ্ধিতা। **চক্ষের পুতলি** *বি* ১ চোখের তারা। ২ *(আল.)* অত্যন্ত আদরের বা স্নেহের পাত্র। { *স.* √চক্ষ্‌+উস্‌}

চখা, চকা [চখা, –কা] *বি* চক্রবাক; নদীতীরবাসী হংসজাতীয় পাখি (চখা হরিণীর মতো ভীত—*নই*)। **চখী, চখি, চকী, চকি** *স্ত্রী*। { *স.* চক্রবাক}

চখা-চখি, চকা-চকি [চখাচোখি, চকাচোকি] *বি* চক্রবাক ও চক্রবাকী (নিভৃত জলের ধারে চখা চখি কাকলি কল্লোলে—*রঠা*)। { *স.* চক্রবাক+চক্রবাকী; দ্বন্দ্ব }

চঙ্ক্রমণ, চংক্রমণ [চঙক্রোমোন্‌] *বি* পুনঃপুন বা ফিরে ফিরে ভ্রমণ; ঘুরপাক। { *স.* √ ক্রম্‌+য(যঙ্‌)>√চঙ্ক্রম+ অন(ল্যুট্‌)}

চঙ্গল, চঙ্গল, চংগাল [চঙগোল, –, গাল্‌] *বি* নখর; থাবা। { *ফা.* চঙ্গল چنگال-چنگل }

চচ্চড় ⇒ চড়চড়

চচ্চড়ি, চড়চড়ি [চচ্‌চোড়ি, –চড়্‌] *বি* অতিশয় শুষ্ক ব্যঞ্জনবিশেষ। { *ধ্বন্যা;* তুল. *স.* √চট্‌(ভেদ করা)}

চচ্চর [চচ্‌চর] *ক্রিবিণ* তর তর (তার পর চচ্চর একপাতা ইংরেজি লিখে সে কৈফিয়ত দাবি করেছিল—*শও*) {তরতর>}

চঞ্চর [চন্‌চর] *বি* ভ্রমর (তুলিয়াছে চঞ্চরের মধু গুঞ্জরণ —*শাহো*) { *স.* √চঞ্চর্‌+অ}

চঞ্চরিকা ⇒ চঞ্চরী

চঞ্চরী, চঞ্চরিকা [চন্‌চোরি, চন্‌চোরিকা] *বিস্ত্রী.* ভ্রমরী (হোলি খেলে আসি পাশে পাশে ফিরে চঞ্চরী—*শাহো*)। { *স.* √চঞ্চর্‌+ঈ, ইক+আ}

চঞ্চরীক [চন্‌চোরিক্‌] *বি* ভ্রমর। **চঞ্চরীকা** *স্ত্রী.*। { *স.* √চঞ্চর্‌+ঈক}

চঞ্চল [চন্‌চল্‌] *বিণ* ১ অস্থির; চলনশীল; চলমান। ২ ছটফটে, চপল; অশান্ত। ৩ ব্যাকুল; উৎকণ্ঠিত; ব্যগ্র। ৪ নড়ছে এমন; কম্পমান। ৫ বিচলিত। **চঞ্চলতা** *বি*। **চঞ্চলা** *বিণ,স্ত্রী* চঞ্চল অর্থে। □ *বি* বিদ্যুৎ; চপলা (মনের গতি আকাশের চঞ্চলা হতে বেশি চঞ্চল—*মীম*)। ৩ হিন্দু দেবতা লক্ষ্মী (চঞ্চলা তোমার কৃপা চঞ্চলা সমান—*ভারা*)। **চঞ্চলিত** *বিণ* ১ চাপল্যযুক্ত; চাঞ্চল্যবিশিষ্ট। ২ বিচলিত; আন্দোলিত; আলোড়িত (নিদ্রা পারাবার যেন স্বপ্ন চঞ্চলিত—*রঠা*)। **চঞ্চলিয়া** *বিণ* চঞ্চলতাবিশিষ্ট। □ *বি* চঞ্চল প্রাণী বা বস্তু। □ *অক্রি* ১ চঞ্চল হয়ে। ২ চঞ্চল করে। { *স.*√চল্‌+য(যঙ্‌)>√চঞ্চল্‌+অ(অন্‌) অথবা, √চঞ্চ+অল(অলচ্‌)}

চঞ্চু, চঞ্চু (বিরল) [চোন্‌চু] *বি* পাখির ঠোঁট। **চঞ্চুপুট** *বি* পাখির দুই ঠোঁটের মধ্যবর্তী স্থান বা দুই ঠোঁটের সমন্বয়ে গঠিত আধার (দেখি, সে চঞ্চুপুটে ভূমি খনন করিল—*গিঘো*)। { *স.* √চঞ্চ্‌+উ,+উ(উঙ্‌)}

চঞ্চুরী [চন্‌চুরি] *বি* চড়ুই পাখি। { *স.* √চর্‌+যঙ্‌> √চঞ্চর্‌+ঈ}

চট[১] [চট্‌] *অব্য* হঠাৎ ফেটে যাওয়া বা চপেটাঘাতের শব্দ। **~~** *অব্য* ক্রমাগত চট ধ্বনি (চট চট করে বেত মারা) { *স.* চট্‌>; *ধ্বন্যা.* }

চট[২] [চট্‌] *অব্য* ঝট; শীঘ্র; জলদি; সত্বর। { *স.* ঝটিতি>ঝট>চট}

চট[৩] [চট্‌] *বি* পাটের সুতায় প্রস্তুত মোটা বস্ত্র যা থেকে থলি বস্তা ইত্যাদি তৈরি হয়। **~কল** *বি* চট বোনার কারখানা। { *স.* কট>}

চটক[১] [চটোক্‌] *বি* চড়াই পাখি; চড়ুই। { *স.* √চট্‌+অক}

চটক[২] [চটোক্‌] *বি* ১ বাহার; জমক; জেল্লা; চাকচিক্য; তীব্র ঔজ্জ্বল্য (চোখে চটক লাগাবার চেষ্টা—*সৈমু*)। ২ ভড়ং; বাহ্য আড়ম্বর। ৩ হাবভাবযুক্ত চাল। ৪ ক্ষণেক; মুহূর্তমাত্র (কাঁচা সুতা জৈসো লোরের পিরীতি তৈসা চটকে লাগিয়া টুটি যায়—*দৌবা*)। ৫ চমৎকার; চমকপ্রদ; বিস্ময়জনক (সামরিক বিভাগের কি সুন্দর চটক কাজ—*নই*)। **~দার** *বিণ* চটকযুক্ত। **চটকী**[৩] *বি স্ত্রী.* চকটযুক্তা; হাবভাব যুক্তা। { *স.* √চট্‌+অক(বুন্‌)}

চটকা[১] ⇒ চটক[১]

চটকা[২] [চট্‌কা] *বি* নিদ্রার আবেশ; তন্দ্রা। ২ ঘোর; আচ্ছন্নতা। ৩ অন্যমনস্কতা; মগ্নভাব। **~ ভাঙা** *ক্রি* ১ নিদ্রালু ভাব ছুটে যাওয়া; তন্দ্রার ভাব দূর হওয়া। ২ ঘোর কেটে যাওয়া; আচ্ছন্ন ভাব দূর হওয়া। ৩ মগ্নভাব কেটে সজাগ বা সতর্ক হওয়া। { *স.* √চট্‌(?)}

চটকানো [চট্‌কানো] *ক্রি* ১ নরম দ্রব্য মর্দন বা পেষণ করা। □ *বিণ* মর্দন বা পেষণ করা হয়েছে এমন; মর্দিত; পিষ্ট।

❑ *বি* মর্দন বা দলন; কচলানো। **চটকাচটকি** *বি* ক্রমাগত চটকানো; বার বার চটকানো; দলন; পেষণ। **চটকানি** *বি* হস্ত দ্বারা মর্দন বা পেষণ। { *স.* চট্>+ *বা.* ক-আনো}
চটকী১ ⇒ চটক১
চটকী২ ⇒ চটক২
চট-চট১ ⇒ চট১
চট-চট২ [চট্‌চট্] *অব্য* আঠালো ভাব প্রকাশক। **চটচটে** *বিণ* আঠালো। { *ধ্বন্যা.* }
চটপট [চট্‌পট্] *ক্রিবিণ* খুব তাড়াতাড়ি; অতি দ্রুত; ঝটিতি; সত্বর। **চটপটে** *বিণ* ১ তাড়াতাড়ি কাজ করতে পারে এমন। ২ চালাক চতুর; smart। ৩ তৎপর; দক্ষ। {চট (<*স.* ঝট)+ *অনু.* পট; *ধ্বন্যা.* }
চটপটি [চট্‌পোটি] *বি* খাদ্যবিশেষ; মটরকলাই, মসলা, তেঁতুল প্রভৃতি দ্বারা প্রস্তুত রসনারোচক খাদ্য। { *ধ্বন্যা.* }
চটা১ [চটা] *ক্রি* রাগ করা; ক্রুদ্ধ বা রুষ্ট হওয়া। ❑ *বি* উক্ত অর্থে। ❑ *বিণ* ১ রুষ্ট; রাগান্বিত। ২ বিরূপ; বিরাগযুক্ত; নারাজ (বাবা অন্য সমস্ত ব্রতের উপর চটা ছিলেন—*রঠা*)। **চটাচটি** *বি* ১ রাগারাগি; ক্রোধ প্রকাশ। ২ বাদানুবাদ; পরস্পর ক্রোধপূর্ণ বাক্য বিনিময়। **চটানো** *ক্রি* ১ রাগানো। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। **রগচটা** *বিণ* ১ সহজেই রেগে যায় এমন। ২ উগ্র; রাগী; ক্রোধী; কোপন-স্বভাব। **চটিতং** *বিণ* অত্যন্ত ক্রুদ্ধ; খুব রাগ হয়েছে এমন। { *স.* √চণ্ড> *বা.* চট+আ}
চটা২ [চটা] *ক্রি* ১ চিড় খাওয়া বা ফাট ধরা। ২ চাকলা ওঠা; উপরের পাতলা অংশ বা ত্বক উঠে যাওয়া। ৩ লোপ পাওয়া; হ্রাস পাওয়া; নষ্ট হওয়া (রং চটা, ভক্তি চটা)। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √চট্>}
চটা৩ [চটা] *বি* ১ বাখারি; চাঁচারি; বাঁশের বা কোনো বস্তুর পাতলা ফালি। ২ চাটাই বা দরমা। { *স.* √কট্>+ *বা.* আ}
চটাচট [চটাচট্] *অব্য, ক্রিবিণ* ১ একের পর এক; ক্রমাগত (কিল ঘুষিগুলো চটাচট পিঠে পড়তে লাগল)। ২ অতি শীঘ্র (কাজগুলো চটাচট সেরে চলে এস)। { *স.* ঝটিতি>ঝটচট্‌>}
চটাল, চটালো ⇒ চাটাল
চটাস [চটাশ্] *অব্য* চপেটাঘাতের শব্দ। { *ধ্বন্যা.* }
চটি১, **চটিকা** [চোটি,-টিকা] *বি* চামড়ার তৈরি হালকা জুতাবিশেষ (দ্যাখো চটিকা ছাড়িয়া সেলিমী নাগরা ধরেছি—*নই*)। { *স.* চর্ম> *বা.* চাম+টি>; চটি+ *বা.* ইকা}
চটি২, **চটী** [চোটি] *বিণ* ১ পাতলা (চটি বই)। ২ পাতলা বই; ক্ষুদ্র পুস্তিকা। { *ধ্বন্যা.* }
চটি৩ [চোটি] *বি* পথিকদের বিশ্রাম স্থান; পান্থশালা; সরাই। { *ফা.* চতর چتر (অর্থ—তাঁবু)}
চটি৪ [চোটি] *বি* বাঁশের চটি; পাতলা বাখারি। { *আঞ্চ.* }
চটিকা ⇒ চটি
চটু [চোটু] *বি* তোশামোদ; চাটুবাদ; স্তুতিবাক্য। { *স.* √চট্+উ(উন্)}
চটুল [চোটুল্] *বিণ* ১ চঞ্চল (ক্রীড়ারত চটুল সফরী—*নই*)। ২ চপল; অস্থির (চটুল স্বভাব)। ৩ মুগ্ধকর; সুন্দর (চটুল চোখে তারার মত চায়—*সদ*)। ৪ লঘু; হালকা (চটুল রচনা)। **চটুলা** *বিণস্ত্রী*। ~তা *বি*। { *স.* চটু+ল(লচ্)}
চট্টল, চট্টলা [চট্‌টল্, -টলা] বি চট্টগ্রামের প্রাচীন তথা পৌরাণিক নাম। { *স.* চট্টল+আ}
চট্টি [চোট্‌টি] *বি* পান্থশালা; সরাইখানা (হিমালয়ের চট্টিতে মনুষ্য যে রকম মাছি সম্বন্ধে নির্বিকার—*সৈমু*)। {→ চটি৩}
চট্টোপাধ্যায় [চট্‌টোপাদ্‌ধ্যায়্] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ; চাটুয্যে; চাটুজ্যে; চ্যাটার্জি। {চট্ট+ উপাধ্যায়; *হি* চট্টা (অর্থ: ছাত্র)+উপাধ্যায় (অর্থ: আচার্য, শিক্ষক)}
চড় ⇒ চড়া২
চড় [চড়্] *বি* চাপড়; থাপ্পড়; চপেটাঘাত। ~ **মেরে ঘর** *ক্রি* অপমান বা নির্যাতন করার পর সম্মান বা আদর করা; আগে অপমান করে পরে সম্মান করা; *তুল.* 'জুতা মেরে গরু দান' { *স.* চপট> *প্রা.* চঅড>}
চড়ই ⇒ চড়াই
চড়ক [চড়োক্] *বি* চৈত্র সংক্রান্তির হিন্দু পর্ববিশেষ; গাজন উৎসব। ~**গাছ** *বি* চড়ক উৎসবে গাজনের সন্ন্যাসীদের ঘুরপাক খাওয়ার খুঁটিবিশেষ। ~ **সংক্রান্তি** *বি* চৈত্রমাসের সংক্রান্তি বা শেষ দিন। **চড়কে কাঠি পড়া** *ক্রি* কলহের সূত্রপাত হওয়া। **চড়কের পিঠ** যে সবই সহ্য করতে পারে। **চড়কের বাদ্যি** *বি* ১ বাদ্যযন্ত্রের বিরামহীন জোরালো শব্দ। ২ প্রচারের চেষ্টায় শোরগোল তোলা। **চড়ুকে** *বিণ* চড়ক সংক্রান্ত। **চড়ুকে হাসি** *বি*১ ভিতরের যন্ত্রণা চাপা দিয়ে লোক দেখানো হাসি; কৃত্রিম বা কাষ্ঠ হাসি (কুড় রামের পেটের ভাত চাল হইয়া গেল . . . একটু চড়ুকে হাসি হাসিয়া বলিলেন—*দীমি*)। ২ উচ্চহাস্য; অট্টহাস্য। { *স.* চক্র>(স্বরাগমে)চকর>(বর্ণ বিপর্যয়ে) চরক}
চড়চড়, চচ্চড় [চড়্‌চড়্, চচ্‌চড়্] *অব্য* শব্দবিশেষ; অনুকার শব্দ (চড়চড় শব্দে কাঠ পোড়ে)। ~ **করা** *ক্রি* শুষ্ক হওয়া; খড়ি ওঠা (শীতকালে গা চচ্চর করে)। { *ধ্বন্যা.* }
চড়চড়ি ⇒ চচ্চড়ি
চড়তি [চোড়্‌তি] *বি* ১ আরোহণ; উঠতি। ২ বৃদ্ধি; বাড়তি। ❑ *বিণ* বৃদ্ধিশীল; মূল্য বর্ধনশীল (চড়তি দর)। **পড়তি** *বিপ.*। { *স.* চট্> *প্রা.* চড়> *বা.* √চড়্+তি}
চড়ন১ [চড়োন্] *বি* ১ আরোহণ বা সওয়ার হওয়া। ২ বৃদ্ধি। ~**দার, চড়ন্দার** *বিণ* সওয়ারি; আরোহী; শকটারোহণের যাত্রী (খানিক পরে চড়ন্দার এসে জুটবে—*মব*)। { *বা.* চড়্+অন=চড়ন+ *ফা.* দার دار }
চড়ন২ [চড়োন্] *বি* ১ গহনায় রং ধরানো। ২ খচিতকরণ বা অলঙ্করণ; mounting। { *স.* √চট্> *প্রা.* √চড্> *বা.* √চড়্+অন}
চড়বড় [চড়্‌বড়্] *অব্য* ১ খই বা মুড়ি ভাজার শব্দ। ২ খই ফোটার শব্দের ন্যায় দ্রুত কথা বলার শব্দ। ৩ বড় বড় ফোঁটায় বৃষ্টি পড়ার শব্দ। **চড়বড়ে**১ *বিণ*। { *ধ্বন্যা.* }
চড়বড়ে [চড়্‌বোড়ে] *বি* চামড়ার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। { *ধ্বন্যা.* }
চড়া১ [চড়া] *বি*১ চর; নদীবক্ষে উৎপন্ন পলি গঠিত ভূভাগ; নদীমধ্যে দ্বীপের মতো ভূমি। ২ *(আল.)* শুষ্ক বা তৃষিত অবস্থা (জনসমুদ্রে নেমেছে জোয়ার হৃদয়ে আমার চড়া—*বিদে*)। **চড়া পড়া** *ক্রি* ১ নদীতে চর সৃষ্টি হওয়া। ২ *(আল.)* বৈচিত্র্যহীনতার দরুণ অরুচি হওয়া (পেটে

চড়া পড়া)। ~য় ঠেকা *ক্রি* ১ নদীপথে নবজাগ্রত চরে নৌকাদি আটকে যাওয়া। ২ সাংসারিক টানাটানিতে পড়া বা প্রতিকূল অবস্থায় পড়ে অচলাবস্থা হওয়া; সংসার যাত্রায় কোনো বাধার সম্মুখীন হওয়া। { *বা.* √চড় (<*স.* √চর্) + অ }

চড়া[১] [চড়া] *ক্রি* কোনো কিছুর উপরে ওঠা; আরোহণ করা; (গাড়িতে চড়া, গাছে চড়া)। ২ বৃদ্ধি পাওয়া; বাড়া (দাম চড়া)। ৩ উপরে পড়া; আক্রমণ করা; চড়াও হওয়া; বিরুদ্ধভাবে আপতিত হওয়া। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √চট্>*বা.* √চড়+আ }

চড়া[২] [চড়া] *বিণ* ১ উদ্ধত; উগ্র (চড়া মেজাজ)। ২ প্রখর; তীব্র; তীক্ষ্ণ; তেজালো; কড়া (চড়া আঁচ)। ৩ বর্ধিত; অত্যধিক; অতিমাত্রার (চড়া সুদ)। ৪ কর্কশ; রুক্ষ; কঠোর; রূঢ়; পরুষ (চড়া কথা)। ৫ উচ্চ; জোরালো (চড়া গলা)। { *স.* চণ্ড> }

চড়া[৩] [চড়া] *বি* চড়াই পাখি (খঞ্জনা হইয়া কেন বন্ধু চড়ার নাচন—*পুঁথী*)। { *স.* চটক+ *বা.* আ> }

চড়াই [চড়াই] *বি* ১ পাহাড়ি অঞ্চলে ক্রমোর্ধ্ব বা ক্রমশ উন্নত পথ। ২ আরোহণ; ঊর্ধ্বগমন। ৩ ঊর্ধ্বগতি। ৪ উচ্চতা; উন্নতি। { *বা.* √চড়+আই; *তুল. হি.* চঢ়াই }

চড়াই[২], **চড়ুই** [চড়াই, -ড়ুই] *বি* ক্ষুদ্র পাখিবিশেষ। { *স.* চটক }

চড়াই[৩] ⇒ চড়াও

চড়াইভাতি, চড়ুইভাতি, চড়িভাতি [চড়াইভাতি, -ড়ু-, চোড়িভাতি] *বি* বনভোজন; picnic। { *স.* চটকবৃত্তি }

চড়াও, চড়াউ, চড়াই[৩] [চড়াও, -উ, -ই] *বি* আক্রমণ; হামলা। □ *বিণ* ১ আক্রমণকারী; হামলাকারী। ২ আক্রমণের উদ্দেশ্যে পড়া। { *বা.* √চড়+আও, -উ,-ই }

চড়াৎ [চড়াত্] *অব্য* ১ কোনো কিছু ফেটে যাওয়ার ধ্বন্যাত্মক শব্দ। ২ হঠাৎ তীব্র বেদনাবোধ হেতু উৎপন্ন ধ্বনি। { *ধ্বন্যা.* }

চড়ানো[১] [চড়ানো] *ক্রি* ১ আরোহণ করানো; কোনো কিছুর উপরে উঠানো (হাতিতে চড়ানো)। ২ বাড়ানো; উচ্চতর বা তীব্রতর করা (সুর চড়ানো)। ৩ পরানো; সংযোজন করা (ধনুকে ছিলে চড়ানো, গায়ে চাদর চড়ানো)। ৪ চাপানো বা স্থাপন করা (উনুনে রান্না চড়ানো)। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { *বা.* √চড়+আনো }

চড়ানো[২] [চড়ানো] *ক্রি* চড় মারা; চপেটাঘাত করা। □ *বি,বিণ* উক্ত অর্থে। { *স.* চপেট> }

চড়িভাতি ⇒ চড়াইভাতি

চড়ুই ⇒ চড়াই[২]

চড়ুইভাতি ⇒ চড়াইভাতি

চড়ুকে ⇒ চড়ক

চণক [চনোক্] *বি* ১ চণা; চানা; বুট; ছোলা। ২ হিন্দু পুরাণোক্ত বাৎস্যায়ন মুনির পিতা। { *স.* √চণ্+অ(অচ্)+ক(কন্) }

চণা [চনা] *বি* চানা; ছোলা; বুট। { *স.* √চণ্+অ(অচ্)+ *যা.* আ }

চণ্ড [চনডো] *বিণ* ১ ভয়ানক; প্রচণ্ড (রণে চণ্ড)। ২ অতিশয় কোপন বা ক্রুদ্ধ (চণ্ড স্বভাব)। ৩ উগ্র; তীব্র; তীক্ষ্ণ। □ *বি* দানববিশেষ; প্রেতবিশেষ (চণ্ডমুণ্ড বিনাশিনী) **চণ্ডা, চণ্ডী** *বিণ,স্ত্রী* (উগ্রচণ্ডা, উগ্রচণ্ডী)। { *স.* √চণ্ড+অ(অচ্) }

চণ্ডাল [চন্ডাল্] *বি* চাঁড়াল; হিন্দু পুরাণে উল্লিখিত নিম্নশ্রেণির হিন্দু সম্প্রদায়। □ *বিণ* ১ নিষ্ঠুর প্রকৃতির; হৃদয়হীন। **চণ্ডালী, চণ্ডালিনী** *বি,বিণ স্ত্রী* (ছুঁয়ো না ছুঁয়ো না ছি/ ও যে চণ্ডালিনীর ঝি/ নষ্ট হবে যে দই—*রঠা*)। { *স.* √চণ্ড+আল(আলঞ্)+অ }

চণ্ডাশোক [চনডাশোক্] *বি* অহিংসা মন্ত্রে দীক্ষা গ্রহণের পূর্ববর্তী অত্যাচারী নিষ্ঠুর সম্রাট অশোক। □ *বিণ* নিষ্ঠুর; নির্দয় (দেবতা হয় চণ্ডাশোক—*নই*)। { *স.* চণ্ড+অশোক; *কর্মধা.* }

চণ্ডিকা [চোনডিকা] *বি* ১ হিন্দু দেবীবিশেষ; চণ্ডী দেবী; দুর্গা। ২ অতি কোপনস্বভাবা স্ত্রী। { *স.* চণ্ডী+ক(কন্)+আ(টাপ্) }

চণ্ডিদাস ⇒ চণ্ডীদাস

চণ্ডী [চোনডি] *বি* ১ অতি কোপনস্বভাবা স্ত্রী। ২ হিন্দু দেবীবিশেষ। ~**পাঠ থেকে জুতা সেলাই পর্যন্ত, জুতা সেলাই থেকে ~পাঠ**—উচ্চনীচ নির্বিশেষে সর্বপ্রকার কাজ। ~**মঙ্গল** *বি* চণ্ডীর মাহাত্ম্য কীর্তনের জন্যে রচিত কাব্য। ~**মণ্ডপ** *বি* ১ যে মণ্ডপে চণ্ডীপাঠ ও দেবীর পূজা হয়। ২ ঠাকুর-দালান; পূজামণ্ডপ। ৩ গ্রামাঞ্চলের হিন্দু বাড়ির বৈঠকখানা। **রণ-** *বি* ১ সংগ্রামকারিণী চণ্ডী। ২ (*আল.*) অতিশয় কোপনস্বভাবা বা কলহপ্রিয়া নারী। □ *বিণ* রণোন্মত্তা; উগ্রা। { *স.* চণ্ড+ঈ(ঙীষ্) }

চণ্ডীদাস, চণ্ডিদাস [চোনডিদাশ্] *বি* পদাবলি-রচয়িতা সুপ্রসিদ্ধ বৈষ্ণব কবি। { *স.* চণ্ডী+দাস; ৬তৎ }

চণ্ডু [চোনডু] *বি* নেশার দ্রব্যবিশেষ; অহিফেন থেকে প্রস্তুত নেশার দ্রব্য। ~**খানা** *বি* চণ্ডু বিক্রয় বা সেবনের জায়গা (এক চণ্ডুখানায় যখন এতক্ষণ এক সঙ্গে আফিং খেয়েছি —*সৈমু*)। ~**খোর** *বিণ* চণ্ডু সেবন করে বা চণ্ডুতে আসক্ত এমন। { *স.* √চণ্ড+উ, *তুল. হি.* চণ্ডু }

চতুঃ [চোতুহ্] *বি,বিণ* চার; এই অঙ্ক বা পরিমাণ। ~**পঞ্চাশৎ** *বি,বিণ* চুয়ান্ন। ~**পঞ্চাশত্তম** *বিণ* ৫৪ সংখ্যক। ~**পঞ্চাশত্তমী** *বিণ স্ত্রী*। ~**শাখ** *বিণ* চার শাখাবিশিষ্ট। □ *বি* বেদ। ~**শাল, ~শালা** *বি* চকমিলান বাড়ি; চকবন্দি গৃহ ইত্যাদি। ~**ষষ্টি** *বি,বিণ* চৌষট্টি। ~**ষষ্টিতম** *বিণ* ৬৪ সংখ্যক। ~**সপ্ততিতম** *বিণ* ৭৪ সংখ্যক। ~**সপ্ততিতমী** *বিণ স্ত্রী*। ~**সীমা** *বি* চতুর্দিকস্থ সীমানা; চৌহদ্দি। { *স.* চতুর্ }

চতুর [চোতুর্] *বিণ* ১ ধূর্ত; চালাক। ২ নিপুণ; দক্ষ। ৩ ঠক; শঠ। **চতুরা** *বিণ স্ত্রী*। **চতুরতা, চাতুরী, চাতুর্য** *বি*। { *স.* √চত্+উর (উরচ্) }

চতুরংশ [চোতুরঙশো] *বি* চার খণ্ড। □ *বিণ* চার খণ্ডে বিভক্ত। **চতুরংশিত** *বিণ* ১ চারটি অংশে বিভক্ত। ২

চারপেজি; চার পত্র বা আট পৃষ্ঠায় করা হয়েছে এমন; quarto। { *স.* চতুঃ+অংশ; *কর্মধা.* }

চতুরঙ্গ [চোতুরঙগো] *বিণ* ১ হাতি ঘোড়া রথ ও পদাতি —এই চার শাখাবিশিষ্ট (চতুরঙ্গ সেনা)। ২ চার অঙ্গযুক্ত। ৩ সমস্ত অঙ্গযুক্ত। □*বি* ১ হাতি ঘোড়া রথ ও পদাতি —এই চার অঙ্গযুক্ত সৈন্যদল (দামেস্কে চলিল চতুরঙ্গ দল ধরিয়া—*হেমা*)। ২ সঙ্গীতের প্রকারভেদ। ৩ সতরঞ্জ বা দাবা খেলা। ৪ দাবা খেলার ন্যায় বাজি; প্রতিযোগিতা বা বুদ্ধির প্যাঁচ (জিৎলে চতুরঙ্গ খেলায় নৌকা গজে জোরে ধরে—*সদ*)। **চতুরঙ্গিণী** *বিণ স্ত্রী.* হস্তী অশ্ব রথ ও পদাতি এই চারিশাখাবিশিষ্ট (এক প্রবল প্রতিপক্ষ রাজা চতুরঙ্গিণী সেনা লইয়া—*বিপ*)। { *স.* চতুঃ+অঙ্গ; *বহু* }

চতুরশীতি [চোতুরশিতি] *বি, বিণ* ৮৪ সংখ্যা বা সংখ্যক; ৮৪; চুরাশি। **~তমী** *বিণ স্ত্রী.*। { *স.* চতুঃ+অশীতি; *মধ্য.* }

চতুরশ্ব [চোতুরশশো] *বি* চার ঘোড়া। □*বিণ* চার ঘোড়াযুক্ত; চার ঘোড়াওয়ালা; চার ঘোড়ায় টানা। { *স.* চতুঃ+অশ্ব; *কর্মধা.* }

চতুরস্র [চোতুরসস্রো] *বিণ* ১ চারি কোণবিশিষ্ট; চতুষ্কোণ। ২ চৌরস; সমতল; উঁচু নয় এমন (চতুরস্র ভূমি)। ৩ নিখুঁত; নির্দোষ (চতুরস্র সিদ্ধান্ত)। ৪ সর্ববিষয়ে পটু; চৌকস; all-round। { *স.* চতুঃ+অস্র; *বহু* }

চতুরানন [চোতুরানন] *বি* চারমুখবিশিষ্ট হিন্দু দেবতা-বিশেষ; চতুর্মুখ; ব্রহ্মা (কত চতুরানন—*বিপ*)। { *স.* চতুঃ+আনন; *বহু* }

চতুরালি, চতুরালী [চোতুরালি] *বি* ১ ছল; চাতুরী। ২ চালাকি; ধূর্তামি। ৩ ছলচাতুরী; রঙ্গকৌতুক; মস্করা (শ্যালীর সাথে হাস্য মুখে করিয়ো চতুরালি—*রঠা*)। { *স.* চতুঃ+*বা.* আলি, আলী}

চতুরাশ্রম [চোতুরাসস্রম] *বি* চতুর্বিধ আশ্রম-জীবন; চার প্রকার অবস্থা বা আশ্রম, হিন্দুমতে মানব জীবনের চার অবস্থা বা আশ্রম: ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস। { *স.* চতুঃ+আশ্রম}

চতুর্গুণ [চোতুরগুন] *বিণ* ১ চারগুণ (চতুর্গুণ বৈরাগ্য জন্মিয়া গেল—*রঠা*)। ২ বহুগুণ। ৩ অত্যধিক; অত্যন্ত বেশি। **চতুর্গুণিত** *বিণ* ১ চার গুণ করা হয়েছে এমন। ২ বাড়িয়ে তোলা। { *স.* চতুঃ+গুণ}

চতুর্থ [চোতুরথো] *বিণ* চার সংখ্যক; ৪ সংখ্যার পূরক। **চতুর্থী** *বিণ স্ত্রী.* ১ চতুর্থ অর্থে। ২ একটি তিথির নাম। □*বি* ১ বিভক্তিবিশেষ। ২ হিন্দু বিয়ের চতুর্থ দিনে করণীয় হোম। ৩ হিন্দুমতে মাতা বা পিতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যা কর্তৃক অনুষ্ঠেয় শ্রাদ্ধ। **চতুর্থী বিভক্তি** *বি* সম্প্রদান বা নিমিত্ত কারক বিভক্তি। { *স.* চতুঃ+থ (থুক)}

চতুর্দশ[1] [চোতুরদশ] *বি, বিণ* চৌদ্দ; ১৪ সংখ্যা বা সংখ্যক। **~ পুরুষ** *বি* পিতৃপিতামহাদি; উর্ধ্বতন চোদ্দ পুরুষ বা বহু পুরুষ। **~ বিদ্যা** *বি* হিন্দুমতে চারবেদ, ছয় বেদাঙ্গ, মীমাংসা, ন্যায়, ইতিহাস, ও পুরাণ—এই চৌদ্দ শাস্ত্র। **~ ভুবন** *বি* হিন্দুমতে সপ্তস্বর্গ ও সপ্ত পাতাল। **চতুর্দশাক্ষর** *বিণ* চোদ্দ অক্ষরযুক্ত (চতুর্দশাক্ষর পয়ার—*সুদ*)। { *স.* চতুঃ+দশ; *মধ্য.* }

চতুর্দশ[2] [চোতুরদশ] *বিণ* ১৪ সংখ্যার পূরক। **চতুর্দশী** *বি স্ত্রী.* ১ একটি তিথি। ২ চোদ্দ বৎসর বয়স্কা বালিকা। { *স.* চতুঃ+দশ; *মধ্য.* }

চতুর্দিক [চোতুরদিক] *বি* ১ উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম—এই চারটি দিক। ২ সর্বদিক; সকল দিক। ৩ সকল ব্যাপার; সব বিষয় ও সব কিছু। { *স.* চতুঃ+দিক; *দ্বিগু.* }

চতুর্দোল, চতুর্দোলা [চোতুরদোল, -লা] *বি* চারজনের স্কন্ধে বাহিত শিবিকা বা পালকি; চৌদোলা (গজেন্দ্র তুরঙ্গ চতুর্দোলে আরোহণে—*সৈআ*)। { *স.* চতুঃ+দোল, দোলা}

চতুর্ধা [চোতুরধা] *ক্রিবিণ, অব্য* ১ চার প্রকারে; চার রকমে। ২ চারি ভিতে; চারিদিকে। ৩ চার খণ্ডে। □*বিণ* চারখণ্ড অথবা চতুর্বিধ। { *স.* চতুঃ+ধা (ধাচ)}

চতুর্নবতি [চোতুরনবোতি] *বি, বিণ* ৯৪ সংখ্যা বা সংখ্যক। **~তম** *বিণ* চুরানব্বইয়ের পূরক। { *স.* চতুঃ+নবতি; *মধ্য.* }

চতুর্বর্গ [চোতুরবরগো] *বি* ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—এই চার পুরুষার্থ; জীবনের চার লক্ষ্য। { *স.* চতুঃ+বর্গ; *কর্মধা.* }

চতুর্বর্ণ [চোতুরবরনো] *বি* ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—হিন্দু সম্প্রদায়ের এই চার শ্রেণি। { *স.* চতুঃ+বর্ণ; *কর্মধা.* }

চতুর্বিংশ [চোতুরবিঙশো] *বিণ* চব্বিশ সংখ্যক; চব্বিশের পূরক। **চতুর্বিংশতি** *বি, বিণ* চব্বিশ। **চতুর্বিংশতিতম** *বিণ* চতুর্বিংশ; চব্বিশ সংখ্যক। { *স.* চতুঃ+বিংশ}

চতুর্বিধ [চোতুরবিধো] *বিণ* চার প্রকার; চার রকম। **চতুর্বিধা** *বিণ স্ত্রী.*। { *স.* চতুঃ+বিধ; *বহু* }

চতুর্বেদ [চোতুরবেদ] *বি* ঋক, সাম, যজুঃ, অথর্ব—এই চার বেদ। **চতুর্বেদী** (-দিন্) *বিণ* চার বেদে পণ্ডিত বা অভিজ্ঞ। □*বি* ব্রাহ্মণদের উপাধিবিশেষ; চৌবে; চোবে।

চতুর্ভুজ [চোতুরভুজ] *বিণ* ১ চারহাত যুক্ত। ২ চৌকস; সর্বতোমুখী; সর্বগুণে গুণান্বিত; all-round। □*বি* ১ চার বাহু বা সরলরেখা বেষ্টিত ভূমি বা ক্ষেত্র। ২ হিন্দু দেবতা বিষ্ণু। { *স.* চতুঃ+ভুজ; *বহু* }

চতুর্মুখ [চোতুরমুখ] *বিণ* চার মুখবিশিষ্ট হিন্দু দেবতা ব্রহ্মা। □*বি, বিণ* অনর্গল বক্তা; বাচাল ব্যক্তি (চতুর্মুখের মুখ ব্যথা হয় ঢেঁকির সঙ্গে তর্কে—*সদ*)। { *স.* চতুঃ+মুখ; *বহু* }

চতুর্যুগ [চোতুরজুগ] *বি* হিন্দুমতে সত্য, ত্রেতা, দ্বাপর, কলি—এই চার যুগ। { *স.* চতুঃ+যুগ; *বহু* }

চতুশ্চত্বারিংশ, চতুশ্চত্বারিংশৎ [চোতুশচত্‌তারিঙ্‌শ, -শত্] *বি* চুয়াল্লিশ; চুয়াল্লিশ সংখ্যক। **চতুশ্চত্বারিংশত্তম** *বিণ* ৪৪ সংখ্যার পূরক। { *স.* চতুঃ+চত্বারিংশ, -ৎ; *মধ্য.* }

চতুষ্ক [চোতুশকো] *বি* ১ চৌকোনা প্রাঙ্গণ বা ক্ষেত্র। ২ চত্বর। ৩ চার কোণে চার স্তম্ভযুক্ত মণ্ডপ। ৪ চৌকোনা পুকুর। ৫ চারটির সমষ্টি। ৬ চার অবয়বযুক্ত। **~ভবন, ~প্রাসাদ** *বি* চকমিলান বাড়ি; চত্বর ঘিরে যে দালানের

সারি। **চতুষ্কী** (–কিন্) *বি* ১ মশারি। ২ পুকুর। ৩ চৌকি। { *স.* চতুঃ+ক}

চতুস্কন্ধ [চোতুশ্‌কন্‌ধো] *বি* চতুরঙ্গ সৈন্য। { *স.* চতুঃ+কন্ধ; *বহু* }

চতুষ্কোণ [চোতুশ্‌কোন] *বিণ* চার কোণযুক্ত; চৌকা; quadrangular। { *স.* চতুঃ+কোণ; *দ্বিগু.*}

চতুষ্টয় [চোতুশ্‌টয়] *বিণ* চার অবয়ব এমন; চার অবয়বযুক্ত। ☐ *বি* ১ চতুর্বিধ; চারপ্রকার। ২ চার সংখ্যার সমষ্টি। ৩ চার সংখ্যা। { *স.* চতুঃ+তয়}

চতুষ্পথ [চোতুশ্‌পথ্] *বি* চৌরাস্তা; যেখানে চার রাস্তা মিলিত হয়েছে; চৌমাথা। { *স.* চতুঃ+পথ; *বহু* }

চতুষ্পদ [চোতুশ্‌পদ্] ১ চারিপদবিশিষ্ট প্রাণী (উক্ত নিষিদ্ধ চতুষ্পদ তাহার প্রিয় খাদ্য শ্রেণীর মধ্যে ভুক্ত হইত—*রঠা*)। ২ জন্তু; পশু। ☐ *বিণ* ১ চারপদযুক্ত; চারপেয়ে। ২ (*আল.*) পশুর ন্যায় নির্বোধ। **চতুষ্পদী** *বি স্ত্রী.* ১ চারচরণবিশিষ্টা। ২ চৌপদী কবিতা। { *স.* চতুঃ+পদ; *বহু* }

চতুষ্পাঠী [চোতুশ্‌পাঠি] *বি* যেখানে সংস্কৃত শাস্ত্রাদি পড়ানো হয়; টোল; চার বেদ বা ব্যাকরণ, কাব্য, স্মৃতি ও দর্শন—এই চার শাস্ত্র বা নানা শাস্ত্র পড়ানো হয় যে বিদ্যালয়ে (প্রথম পাঠ দেওয়া হত চতুষ্পাঠীতে—*আনিস*)। { *স.* চতুঃ+পাঠী; *বহু* }

চতুষ্পাদ [চোতুশ্‌পাদ] *বিণ* ১ চার চরণযুক্ত (চতুষ্পাদ শ্লোক)। ২ পূর্ণাঙ্গ; চারপেয়ে; পূর্ণাবয়ব। ৩ চারপেয়ে জন্তু। { *স.* চতুঃ+পাদ; *বহু* }

চতুষ্পায়া [চোতুশ্‌পায়া] *বি* চারিপদযুক্ত বসার চৌকি; চৌপায়া; চারপেয়ে (দুই তিনটি চতুষ্পায়া জুড়িয়া বসিয়া—*নই*)। { *স.* চতুঃ+পায়া; *বহু* }

চতুষ্পার্শ্ব [চোতুশ্‌পারশো] *বি* চারদিক; চারপাশ; চারধার। { *স.* চতুঃ+পার্শ্ব; *কর্মধা.* }

চতুস্তল [চোতুস্‌তল্] *বিণ* চারতলাযুক্ত; চৌতলা; চারতলা। { *স.* চতুঃ+তল; *দ্বিগু.* }

চতুস্ত্রিংশ [চোতুস্‌ত্রিঙশো] *বিণ* চৌত্রিশের পূরক; চৌত্রিশ সংখ্যক। **চতুস্ত্রিংশৎ** *বি, বিণ* চৌত্রিশ সংখ্যা বা সংখ্যক। **~তম** *বিণ* চৌত্রিশের পূরক। **~তমী** *বিণ স্ত্রী.*। { *স.* চতুঃ+ত্রিংশ; *মধ্য.* }

চত্বর, চত্বাল [চত্‌তর, চত্‌তাল] *বি* ১ চাতাল; চবুতর। ২ প্রাঙ্গণ; উঠান; আঙিনা। ৩ রঙ্গভূমি। ৪ যজ্ঞভূমি। { *স.* √চত্+বর, আল}

চত্বারিংশ [চত্‌তারিঙশো] *বিণ* চল্লিশ; চল্লিশের পূরক। **চত্বারিংশৎ** *বি, বিণ* চল্লিশ; চল্লিশ সংখ্যক। **~তম** *বিণ* চল্লিশের পূরক; চল্লিশ। **~তমী** *বিণ স্ত্রী.*। { *স.* চতুঃ+দশ; *কর্মধা.* }

চনচন [চন্‌চন্] *অব্য* বেদনা প্রবাহের বেগ, প্রখরতা বা পরিপূর্ণতাবোধক অনুকার ধ্বনি। **চনচনে** *বিণ* চনচন করে এমন। { *ধ্বন্যা.* }

চনমন [চন্‌মন্] *অব্য* চঞ্চলতা বা স্ফূর্তির ভাব প্রকাশক শব্দ। **চনমনে** *বিণ* ১ চঞ্চল ও ছটফটে। ২ স্ফূর্তিযুক্ত। { *স.* চঞ্চল> }

চন্দ, চন্দা [চন্‌দো, চন্‌দা] *বি* ১ চাঁদ; চন্দ্র (শরদচন্দ; পেখনু পিয়া মুখচন্দা—*বিপ*)। ২ উপাধিবিশেষ। { *স.* চন্দ্র> চন্দর>চন্দ, +আ}

চন্দক [চন্‌দোক] *বি* চাঁদা মাছ। { *স.* √চন্দ্+অ(অচ্)+ক(কন্)}

চন্দন [চন্‌দোন] *বি* ১ স্বনামখ্যাত সুগন্ধি কাঠবিশেষ ও তার গাছ। ২ বাটা চন্দন। **~চর্চিত** *বিণ* বাটা চন্দন দ্বারা লিপ্ত বা সজ্জিত। **~ধেনু** *বি* হিন্দু সমাজে পতিপুত্রবতী নারীর শ্রাদ্ধোপলক্ষে বৃষোৎসর্গের পরিবর্তে দানের জন্য চন্দনচর্চিত সবৎসা গাভী। **~পঙ্ক** *বি* চন্দন বাটা। **~পিঁড়ি** *বি* যে পাথর বা পীঠিকার উপরে চন্দন কাঠ ঘষা হয়। **~পুষ্প** *বি* লবঙ্গ। **কুচন্দন** *বি* যে চন্দনের গন্ধ নেই; রক্তচন্দন। **হরি~** *বি* সুগন্ধি শ্বেতচন্দন। { *স.* √চন্দি+অন(ল্যুট্)}

চন্দনা [চন্‌দোনা] *বি* ১ শুকপাখিবিশেষ; গলায় লাল রেখাবিশিষ্ট টিয়া পাখি। ২ নদীবিশেষ। ৩ মৎস্যবিশেষ। **চন্দনি, চন্দনী** *বি* ১ চন্দনের নির্যাসবিশেষ; আতর। ২ নদীবিশেষ। ৩ গোরোচনা। { *স.* চন্দন+আ }

চন্দমা [চন্‌দোমা] *বি* চন্দ্র; চন্দ্রমা (চন্দমা যেমনভাবে স্থির নতমুখে চেয়ে দেখে সমুদ্রের বুকে—*রঠা*)। { *স.* চন্দ্রমা}

চন্দমুখী [চন্‌দোমুখি] *বিণ* চন্দ্রমুখী (ধনুর পৃষ্ঠেতে জুড়ে চন্দমুখী শর—*হেমা*)। { *স.* চন্দ্রমুখী> }

চন্দ্র [চন্‌দ্রো] *বি* ১ পৃথিবীর উপগ্রহ—যা পৃথিবীকে মাসে একবার প্রদক্ষিণ করে। ২ চাঁদ; চন্দ্রমা; নিশাকর; নিশাকান্ত; শশধর; হিমাংশু; সুধাংশু; সুধাকর; ইন্দু; বিধু; শশী; সোম; মৃগাঙ্ক। ৩ শ্রেষ্ঠ (কুলচন্দ্র)। ৪ বাঙালি হিন্দুর উপাধিবিশেষ। ☐ *বিণ* আনন্দদায়ক; আহ্লাদজনক; চিত্তরঞ্জক। **~কর** *বি* জ্যোৎস্না; চাঁদের আলো। **~কলা** *বি* চন্দ্রমণ্ডলের ষোলো ভাগের এক ভাগ। **~কান্ত** *বি* ১ মূল্যবান পাথর বা মণিবিশেষ। ২ কুমুদ। ☐ *বিণ* চাঁদের মতো সুন্দর। **~কান্তা** *বি* ১ চন্দ্রপত্নী; তারা; তারকা। ২ রাত্রি। ৩ চন্দ্রকিরণ; জ্যোৎস্না। **~কান্তি** *বি* ১ চাঁদের দীপ্তি। ২ রুপা। ☐ *বিণ* চন্দ্রের ন্যায় লাবণ্য বা সৌন্দর্যবিশিষ্ট। **~গ্রহণ** *বি* পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের অন্ধকারাচ্ছন্ন হওয়া; হিন্দু মতে চন্দ্রের রাহুগ্রাস। **~চূড়** *বি* হিন্দু দেবতা শিব। **~পুলি** *বি* নারকেলের পুর দিয়ে তৈরি অর্ধ–চন্দ্রাকৃতি পিঠা। **~প্রভ** *বিণ* ১ চন্দ্রের ন্যায় দীপ্তিময় বা কান্তিযুক্ত। ২ সৌম্য। **~প্রভা** *বি স্ত্রী.* জ্যোৎস্না; চন্দ্রকর। ☐ *বিণ* চাঁদের ন্যায় কান্তি বা দীপ্তিময়ী। **~বংশ** *বি* পৌরাণিক রাজবংশবিশেষ। **~বংশীয়** *বিণ* চন্দ্রবংশজাত; চন্দ্রবংশোদ্ভূত। **~বদন** *বি* চাঁদের ন্যায় সুন্দর বা প্রিয় মুখ; চাঁদবদন। ☐ *বিণ* চন্দ্রের ন্যায় কান্তমুখবিশিষ্ট। **~বদনা** *বিণ স্ত্রী.*। **~বাণ, ~বান** *বি* এক প্রকার আতসবাজি; প্রাচীন তীরবিশেষ (গাড়ীতে কামান চলে বাণ চন্দ্রবান—*ভারা*)। **চন্দ্রবিন্দু** *বি* ১ চন্দ্রাকৃতি স্বরধ্বনিবিশেষ; অনুনাসিক বর্ণ। ২ গলাধাক্কা। **~বোড়া** *বি* ঐ নামের বিষধর সাপ। **~ভাগা** *বি* পাঞ্জাবের একটি নদী; চেনাব। **~মল্লিকা** *বি* একজাতীয় ফুল ও তার গাছ; ক্রিসানথিমাম। **চন্দ্রমা** *বি* চন্দ্র; চাঁদ (বাহিরে তখন চন্দ্রমার ঈষৎ হাসি—*শেহ*)। **~মুখ** *বি, বিণ* চন্দ্রের ন্যায় সুন্দর মুখ বা মুখবিশিষ্ট; চাঁদমুখ। **~রেণু** *বি* অপরের রচনা বা ভাবচোর; কাব্যচোর; কুম্ভিলক; plagiarist। **~লোক** *বি*

১ হিন্দুপুরাণোক্ত চন্দ্রাধিষ্ঠিত আনন্দময় দিব্য স্থান। ২ উপগ্রহ চন্দ্র; চন্দ্রের উপরিস্থ ভূমি বা চন্দ্রের অন্তর্গত জগৎ। **~শালা, ~শালিকা** *বি* চিলেকোঠা। **~সুধা** *বি* চন্দ্রকিরণ; জ্যোৎস্না। **~হার** *বি* ১ কোমরের অলঙ্কার বা মেখলাবিশেষ। ২ গলার এক প্রকার হার। **~হাস** *বি* ১ এক প্রকার খড়্গ বা তরবারি। ২ একজন পৌরাণিক রাজা। { *স.* √চন্দ্+র (রক্)}

চন্দ্রক [চন্‌দ্রক্] *বি* ১ চাঁদ (চৌরস ললাট চন্দ্রক আঁকা—*সদ*)। ২ ময়ূরপুচ্ছের চন্দ্রাকার চিহ্ন। ৩ মণ্ডল। ৪ চাঁদামাছ। { *স.* চন্দ্র+ক(কন্)}

চন্দ্রকলাপ [চন্‌দ্রোকলাপ্] *বি* অর্ধচন্দ্রাকার চিহ্নযুক্ত আভরণ বা সজ্জা। { *স.* চন্দ্র+কলাপ; ৬তৎ}

চন্দ্রকোনা [চন্‌দ্রোকোনা] *বি* তাঁত বস্ত্রবিশেষ (তাঁতিরা সাজায় চন্দ্রকোনায়—*সদ*)। { *স.* চন্দ্র+কোণ+ *বা.* আ }

চন্দ্রাতপ [চন্‌দ্রাতপ্] *বি* ১ চাঁদোয়া; শামিয়ানা। ২ মণ্ডপ। ৩ জ্যোৎস্না। { *স.* চন্দ্র+আতপ; ৬তৎ }

চন্দ্রানন [চন্‌দ্রানোন্] *বি,বিণ* চাঁদের ন্যায় সুন্দর মুখ বা মুখবিশিষ্ট; চাঁদবদন; চাঁদমুখ। **চন্দ্রাননা, চন্দ্রাননী** *বিণ স্ত্রী.*। { *স.* চন্দ্র+আনন; *বহু* }

চন্দ্রাবলী [চন্‌দ্রাবোলি] *বি* ১ বৈষ্ণব সাহিত্যে উল্লিখিত গোপীবিশেষ; রাধিকার সখী এবং প্রতিনায়িকাবিশেষ। ২ রাধা (বিনয় করিআঁ বোলে চন্দ্রাবলী রাহী—*বচন্দ*)। ৩ জ্যোৎস্না। { *স.* চন্দ্র+আবলী; ৬তৎ }

চন্দ্রালোক [চন্‌দ্রালোক্] *বি* জ্যোৎস্না; চন্দ্রকিরণ; চাঁদের আলো। { *স.* চন্দ্র+আলোক; ৬তৎ }

চন্দ্রিকা [চোন্‌দ্রিকা] *বি* ১ জ্যোৎস্না; চন্দ্রকিরণ (চন্দ্রিকাশালিনী নিশি—*কায়*)। ২ চোখের মণি। ৩ চাঁদা মাছ। ৪ একটি সংস্কৃত ছন্দের নাম। ৫ ওষুধের গাছবিশেষ। ৬ কাব্যের বা তত্ত্বের টীকা–ভাষ্য–ব্যাখ্যা–বিশ্লেষণ গ্রন্থ। { *স.* চন্দ্র+ইক (ঠন্)+আ(টাপ্)}

চন্দ্রিমা [চোন্‌দ্রিমা] *বি* ১ চন্দ্র (চন্দ্রিমা বেড়িয়া যেন তারকামণ্ডল—*সৈআ*)। ২ জ্যোৎস্না। **মধুচন্দ্রিমা** *বি* বিবাহের পর নবদম্পতির আনন্দ–বিহার ও অবকাশ যাপন, ইংরেজি honeymoon শব্দের অনূদিত পরিভাষা { *স.* চন্দ্রমা ও চন্দ্রিকার মিশ্রণজাত}

চন্দ্রোদয় [চন্‌দ্রোদয়্] *বি* চাঁদের উদয়; চন্দ্রের আবির্ভাব। { *স.* চন্দ্র+উদয়; ৬তৎ }

চন্নন [চন্নন্] *বি* চন্দন (শিয়রে চন্ননের বাটী—*মগান*)। { *স.* চন্দন}

চন্নামেত্ত ⇒ চরণ

চপ [চপ্] *বি* ১ মাংস ইত্যাদির পুর দেওয়া পিঠাবিশেষ। ২ ইউরোপীয় প্রণালিতে তৈরি মাছ, মাংস, সবজি ইত্যাদির বড়া। { *ই.* chop}

চপচপ, চবচব [চপ্‌চপ্, চব্‌চব্] *অব্য* ১ ভেজা ও লেগে থাকার লক্ষণ প্রকাশক। ২ খাওয়ার শব্দ। **চপচপে, চবচবে** *বিণ* ১ অত্যন্ত ভেজা; জবজবে। ২ তেলজাতীয় পদার্থ দ্বারা লিপ্ত। { *ধ্বন্যা.* }

চপল [চপোল্] *বিণ* ১ চঞ্চল। ২ অস্থির। ৩ তরল; লঘু (চপল দৃষ্টির বিনিময়—*মোমা*)। ৪ প্রগল্‌ভ। ৫ ক্ষণস্থায়ী; অচিরস্থায়ী। ❑ *ক্রিবিণ* ত্বরিত; দ্রুত। **চপলতা, চাপল্য** *বি*। **চপলা** *বি স্ত্রী.* ১ বিদ্যুৎ। ২ লক্ষ্মী। ৩ ছন্দবিশেষ। ৪ বেশ্যা। ❑ *বিণ স্ত্রী.* ১ চঞ্চলা (চপলা লক্ষ্মী মোরে অচপল—*রঠা*)। ২ লঘুস্বভাবা তরল প্রকৃতি। ৩ ধৃষ্টা; প্রগল্‌ভা। { *স.* √চপ্+অল (কল্‌চ)}

চপশা [চপ্‌শা] *ক্রি* ১ এঁটে যাওয়া; লেগে যাওয়া। ২ জড়িয়ে যাওয়া। { *ফা.* চপ্‌সীদন্ چسپیدن }

চপেট, চপেটা, চপেটী, চপেটিকা [চপেট্, -টা, চপেটি, -কা] *বি* চড়; থাপ্পড়; চাপড়; করতলের আঘাত। **চপেটাঘাত** *বি* চড়; করতল দ্বারা আঘাত; করতল প্রহার। { *স.* চপেটা, চপেটিকা}

চপেটী [চপেটি] *বি* ভাদ্রমাসের শুক্লা ষষ্ঠী; চাপড়া ষষ্ঠী। { *স.* চপেটী}

চপ্পল [চপ্‌পোল্] *বি* এক প্রকার চটি জুতা; কাবুলি স্যান্ডেল। { *হি.* চপ্পল}

চ বর্গ [চবরগো] *বি* চ ছ জ ঝ ঞ—এই পাঁচটি বর্ণ দিয়ে গঠিত বর্গের নাম। { *স.* চ+বর্গ}

চবুতর, চবুতরা, চবুতারা [চোবুতর্, -রা, -তারা] *বি* ১ চাতাল; চত্বর। ২ দাওয়া; প্রাঙ্গণ; উঠান। ৩ খানা বা আস্তানা (চকের মাঝে কোতোয়ালী চবুতরা—*ভারা*)। { *স.* চত্বর; *ফা.* চবতরহ چبتره }

চব্বিশ [চোব্‌বিশ্] *বি,বিণ* ২৪ সংখ্যা বা সংখ্যক। **– ঘণ্টা** *বি* দিবাভাগ ও রাত্রিকাল মিলে যে সময়; এক দিনের পরিমাণ সময়। ❑ *ক্রিবিণ* দিনরাত; সর্বক্ষণ; সমস্ত সময়; অবিরাম; অনবরত (চব্বিশ ঘণ্টা নালিশ শোনা)। **চব্বিশে** *বি,বিণ* চব্বিশ তারিখে বা তারিখ। { *স.* চতুর্বিংশতি}

চমক [চমোক্] *বি* ১ প্রভা; ঝলকানি; দীপ্তি (বিদ্যুতের চমক)। ২ আকস্মিক আতঙ্ক; ভয়। ৩ চমৎকার; বিস্ময় (চমক লাগা)। ৪ চৈতন্য; জ্ঞান (চমক হওয়া)। ৫ আচ্ছন্নতা; মগ্নতা। ৬ তন্দ্রা; নিদ্রা। **চমকই, চমকয়ে** *ক্রি* চমকিত হয় (শুনইতে চমকই গৃহিপতি রাব—*গোদা*)। **~খাওয়া** *বি* মুহূর্তের জন্য স্তম্ভিত হওয়া। **~দার** *বিণ* ১ উজ্জ্বল। ২ চমৎকারী; বিস্ময়কর। ৩ ছটাপূর্ণ; প্রভাময়। **~ ভাঙা** *বি* অন্যমনস্ক ভাব সহসা দূর হওয়া। ❑ *ক্রি* হঠাৎ হুঁশ হওয়া। **চমকানো** *ক্রি* ১ ঝিলিক দেওয়া; ঝলকে ওঠা। ২ চমকিত করা; হঠাৎ ভীত বা বিস্মিত করা। ৩ হঠাৎ ভয়ে বা বিস্ময়ে আঁতকে ওঠা। ❑ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **চমকানি** *বি* ঝিলিক; হঠাৎ ঝলকানি। **চমকিত** *বিণ* চমকপ্রাপ্ত; আতঙ্কগ্রস্ত; চৈতন্যপ্রাপ্ত। **চমকিতা** *বিণ স্ত্রী.*। { *স.* চমৎকার> *প্রা.* চমক্ক> *বা.* চমক}

চমকা [চম্‌কা] *বি* চটকা; তন্দ্রা; ঘোর। **~ ভাঙা** *বি* ১ চটকা ভাঙা; ঘোর কাটা। ২ হঠাৎ আচ্ছন্নতা কেটে চৈতন্যোদয় হওয়া; হুঁশ হওয়া (ইণ্ডিগো-কমিশন বসলো, ভারতবর্ষীয় খুড়ীর চমকা ভেঙ্গে গেল—*কাসি*)। ৩ অন্যমনস্ক ভাব সহসা দূর হওয়া। { *স.* চমৎকার> *প্রা.* চমক্> *বা.* চমক +আ}

চমচম [চমচম] *বি* ছানার মিষ্টান্নবিশেষ। {চমক>}

চমৎকরণ [চমোত্‌করোন্] *বি* তাজ্জবকরণ; বিস্মিতকরণ; চমকিতকরণ। { *স.* চমৎ+√কৃ+অন (ল্যুট্)}

চমৎকার [চমোত্‌কার্] *বিণ* বিস্ময়জনক সুন্দর বা ভালো; চমকপ্রদ; তাক লাগায় এমন। ❑ *ক্রিবিণ* সুন্দরভাবে বা সুষ্ঠুভাবে (তিনি চমৎকার পড়ান)। ❑ *বি* বিস্ময়; আশ্চর্য; অবাক। **চমৎকারক, চমৎকারী** *বিণ* বিস্ময়কর; তাক লাগানো; আশ্চর্যজনক; মনোহর; চমকপ্রদ। **চমৎকারিণী** *বিণ স্ত্রী.*।

চমৎকারিতা, চমৎকারিত্ব [চমোত্‌কারিতা, –ত্‌তো] *বি* ১ বিস্ময় সৃষ্টির ক্ষমতা বা শক্তি। ২ পরম উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব। **চমৎকৃত** *বিণ* ১ বিস্মিত; তাজ্জব; আশ্চর্যান্বিত; অবাক। ২ বিস্ময়; বিমুগ্ধ; বিস্ময়াবিষ্ট; বিস্ময়বিমূঢ়। { *স.* চমৎ+ √কৃ+অ(অণ্‌)+ইন(ণিনি)+তা, ত্ব}

চমন, চমনবাগ [চমোন্‌, –বাগ] *বি* বাগান; কানন (চমন বাগে জাগ ও আবার শহীদ হবার মত্ততা—*গোমো*)। { *ফা.* চমন+বাগ چمن + باغ }

চমর [চমোর] *বি* ১ এক প্রকার তিব্বতীয় গরু। ২ মৃগবিশেষ। ৩ উক্ত গরু ও মৃগের পুচ্ছলোমে তৈরি এক প্রকার চামর বা ব্যজন। **চমরী** *বি স্ত্রী*। { *স.* √চম্‌+অর (অরচ)}

চমস [চমোশ্‌] *বি* হাতা বা চামচ। { *স.* √চম্‌+অস (অসচ্‌) }

চমূ [চোমু] *বি* বিরাট সেনাদল; বল (রাঘবীয় চমূ বেড়িছে তাহারে—*মদ*)। { *স.* √চম্‌+উ}

চমকা ⟹ চমকা

চম্পক [চম্‌পক] *বি* ১ চাঁপা নামক ফুল ও তার গাছ। ২ চাঁপা কলা; ছোট ও অতি মিষ্ট কদলীবিশেষ। **~দাম** *বি* চাঁপাফুলের হার বা মালা। **~মালা** *বি* ১ চাঁপাফুলের মালা। ২ ছন্দবিশেষ। { *স.* √চম্প্‌+অক (ণ্বুল্‌)}

চম্পট [চম্‌পট্‌] *বি* প্রস্থান; পলায়ন; পিঠটান; পৃষ্ঠপ্রদর্শন (বিপ্লবীরা এই সুযোগে তাহার রিভলবারটি খুলিয়া লইয়া চম্পট দেয়—*ওয়ালি*)। **চম্পটি** *বিণ* পলায়ন করার স্বভাব সম্পন্ন; পলায়নপর; পলায়নপটু। { *স.* √চম্প্‌; *তুল. হি* চংপৎ}

চম্পা[১] [চম্‌পা] *বি* চাঁপা ফুল ও তার গাছ। { *স.* চম্পক>}

চম্পা[২] [চম্‌পা] *বি* ১ প্রাচীন অঙ্গ রাজ্যের রাজধানী (বর্তমান ভাগলপুর বা উহার নিকটস্থ স্থান)। ২ মহাভারতোক্ত কর্ণের পত্নী। { *স.* চম্পক}

চম্পূ [চোম্‌পু] *বি* গদ্যপদ্যময় কাব্য। { *স.* √চম্প্‌+উ(কু)}

চয় [চয়্‌] *বি* ১ নিচয়; সমূহ; বর্গ; কুল; রাশি; পুঞ্জ (শত্রুচয়)। ২ চয়ন; আহরণ; সঞ্চয়; সংগ্রহ। { *স.* √চি+অ (অচ)}

চয়ন [চয়োন্‌] *বি* ১ সংকলন; সংগ্রহ (সঙ্গীত চয়ন)। ২ আহরণ; তোলা (পুষ্প চয়ন)। ৩ নির্বাচন। **চয়নিকা** *বি স্ত্রী.* ১ ক্ষুদ্র সংগ্রহ। ২ সংকলিত কবিতাবলি। ৩ রবীন্দ্রনাথের কাব্য ও কবিতা সংগ্রহ-গ্রন্থের নাম। **চয়নীয়, চেয়** *বিণ* ১ চয়নের যোগ্য বা চয়ন করা উচিত এমন; চয়নযোগ্য। ২ চয়ন করা হবে এমন। **চয়িত** *(অপ্র.)*, **চিত** *বিণ* আহরণ বা সংগ্রহ করা হয়েছে এমন; আহৃত; সংগৃহীত; সংকলিত। **চয়িনী** *বি স্ত্রী.* চয়নকারিণী; আহরণকারিণী (হে পুষ্পচয়িনী ছেড়ে আসিয়াছ তুমি কবে উজ্জয়িনী—*রঠা*)। { *স.* √চি+অন(ল্যুট্‌)}

চয়েন, চৈন, চায়েন [চয়েন্‌, চোইন্‌, চায়েন্‌] *বি* স্বস্তি; আরাম; বিশ্রাম। { *ফা.* চাইন چین ; *তুল. স.* শয়ন}

চর[১] [চর্‌] *বি* ১ গুপ্তচর; গোয়েন্দা। ২ রাজা বা রাজপুরুষ কর্তৃক নিযুক্ত বা প্রেরিত গোপনে সংবাদ সংগ্রহকারী। ৩ *(জ্যোশা)* মঙ্গলগ্রহ। { *স.* √চর্‌+অ (অচ)}

চর[২] [চর্‌] *বি* চড়া; নদীতে পলি জমে গঠিত ভূভাগ (চরে এসে বসলাম রে ভাই ভাসালে সে চর—*নই*)। { *তুল. হি* চর}

–চর[৩] [চর্‌] *বিণ* ১ বিচরণকারী; চারী (বনচর, অনুচর)। ২ জঙ্গম; অস্থাবর; গতিশীল; চলনশীল (চরাচর)। { *স.* √চর্‌+অ (অচ)}

চরক [চরোক্‌] *বি* ১ আয়ুর্বেদ শাস্ত্রকার; প্রাচীন ঋষিবিশেষ। ২ চরক ঋষি প্রণীত আয়ুর্বেদ গ্রন্থ। **~ সংহিতা** *বি* চরক মুনি রচিত আয়ুর্বেদ গ্রন্থ। { *স.* চরক}

চরকা [চরকা] *বি* সুতা কাটার হস্তচালিত যন্ত্রবিশেষ। { *স.* চক্র; *তুল. ফা.* চরখাহ্‌ چرخه }

চরকি, চরখি (বিরল) [চোরকি, –খি] *বি* ১ চক্রাকারে ঘুরপাক খেয়ে আমোদ-প্রমোদ করার ক্রীড়া যন্ত্রবিশেষ। ২ চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়াবার আতসবাজিবিশেষ। ৩ সুতা জড়ানোর যন্ত্র; নাটাই। ৪ মন্থন দণ্ড। **~ ঘোরা** *ক্রি* অবিরাম কাজ করা বা ঘুরে বেড়ানো। **~ ঘোরানো** *ক্রি* কাউকে অনর্থক ঘুরিয়ে হয়রান করা। **~বাজি** *বি* ১ চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়াবার আতসবাজিবিশেষ (শহরে চর্কিবাজীর মত ঘুরতে হয়েছে—*সৈমু*)। ২ ক্রমাগত ঘুরপাক; অত্যন্ত বেশি ঘোরাঘুরি। { *স.* চক্র>}

চরণ [চরোন্‌] *বি* ১ পা; পদ। ২ কবিতার পদ বা পঙ্‌ক্তি; শ্লোকের এক-চতুর্থাংশ। ৩ বিচরণ; ভ্রমণ; চলন। ৪ আচরণ; অনুষ্ঠান বা ক্রিয়াকর্ম। **~কমল, ~পদ্ম** *বি* ১ পাদপদ্ম; পদ্মের মতো শোভাময় যে চরণ। ২ সম্মানিত জনের পদ। **~চারণ** *বি* ১ পাদচারণ; পায়চারি। ২ চরণ চারণ করেন যিনি; চরণ সেবাপরায়ণ (পদ্মাবতী-চরণ-চারণ—*জয়*)। **~চারী** *বিণ* পদব্রজে ভ্রমণকারী; পায়ে হাঁটা পথিক; পান্থ। **~দাসী** *বি* ১ পতি সেবাপরায়ণা স্ত্রী। ২ *(ব্য.)* সেবাদাসী। ৩ চরণদাসের অনুবর্তী বৈষ্ণব সম্প্রদায়। **~ধুলা/ধূলি, ~রেণু** *বি* পদধূলি। **~ বাবুর জুড়ি**—পদব্রজে গমন বা হেঁটে যাওয়ার ব্যবস্থা। **~সেবা** *বি* ১ ভক্তিপূর্ণ পরিচর্যা। ২ পা টেপা। ৩ *(ব্য.)* তোষামোদ। **চরণামৃত, চরণামৃত** *বি* হিন্দু সমাজে প্রচলিত পাদোদক—কোনো দেবমূর্তি বা সম্মানিত ব্যক্তির পা ধোয়া বা পদাঙ্গুলি ধোয়া জল। **চরণাম্বুজ, চরণারবিন্দ** *বি* পাদপদ্ম; চরণরূপ পদ্ম; পদ্মের মতো মনোহর (তাঁর চরণারবিন্দে কোটি কোটি নমস্কার—*নই*)। { *স.* √চর্‌+অন(ল্যুট্‌)}

চরন্তী [চরোন্‌তি] *বিণ* চরে বেড়াচ্ছে বা বিচরণ করছে এমন (চরন্তী শোয়ারগুলো . . . পালিয়ে গেল—*কাসি*)। { *স.* √চর্‌+অৎ (শতৃ)+ঈ}

চরব [চরোব্‌] *বি* চর্বি। **~দার** *বিণ* চর্বিদার; চর্বিযুক্ত। { *ফা.* চর্ব چرب }

চরম [চরোম্‌] *বি* ১ সর্বোচ্চ বা সর্বশেষ অবস্থা; সংকটময় অবস্থা; শেষ সীমা (দুঃখ তখন চরমে পৌঁছিল)। ২ শেষ; অন্ত; সমাপ্তি; পর্যন্ত (এ বিষয়ের চরম দেখে ছাড়বো)। □ *বিণ* ১ চূড়ান্ত (চরম সিদ্ধান্ত)। ২ অন্তিম; শেষ (চরম সময়)। ৩ মৃত্যুকালীন (চরম দশা)। ৪ সর্বশেষ (চরম

নির্দেশ)। ৫ পরম; অতীব; যারপরনাই (চরম দুঃখ)। ৬ তীব্র; প্রবল; প্রচণ্ড (চরম অসন্তোষ)। ৭ উগ্র; চণ্ড। ~**পত্র** *বি* ১ মরণের পূর্বসময়ে লিখিত উপদেশাদি; সম্পত্তির ব্যবস্থাপক পত্র; ইচ্ছাপত্র; উইল। ২ শেষবারের মতো সতর্ক করে দেওয়ার জন্য প্রেরিত পত্র। ~**পন্থি** *বিণ* উগ্রপন্থি (ইয়ং বেঙ্গলের মধ্যে যে চরম পন্থী মতামত স্থান লাভ করেছিল—*আনিস*)। {*স.* √চর্+অম (অমচ)}

চরমোৎকর্ষ [চরোমোত্‌করশো] *বি* পরম উন্নতি; শ্রীবৃদ্ধি বা উন্নতির পরাকাষ্ঠা; সর্বৈব বিকাশ। {*স.* চরম+উৎকর্ষ; *কর্মধা.*}

চরস [চরোশ্‌] *বি* গাঁজা থেকে তৈরি এক প্রকার মাদকদ্রব্য; hashish। {*স.* চ্যুতরস; *তুল. হি* চরস}

চরা [চরা] *ক্রি* ১ বেড়ানো; বিচরণ করা। ২ ঘাস পাতা খেয়ে বেড়ানো বা বিচরণপূর্বক ঘাস পাতা আহার করা। ৩ যথেচ্ছ ঘুরে বেড়ানো (সারাদিন কোথায় কোথায় চরে বেড়াচ্ছ)। ৪ চার বা টোপ খাওয়া। ◻ *বি* উক্ত সকল অর্থে। **চরানো** *ক্রি* ১ পশুদের মাঠে নিয়ে গিয়ে ঘাস খাওয়ানো; পশু চারণ করা। ২ পরিচালনা করা; নেতৃত্ব দান করা; বহু কষ্টে পড়ানো; মূর্খ ও নির্বোধকে পড়ানো (ছেলে চরানো)। ◻ *বি* উক্ত সকল অর্থে। {*স.* √চর্+অ (অচ্)+*বা.* আ}

চরাচর [চরাচর্] *বি, বিণ* চল ও অচল। ◻ *বি* ১ স্থাবর ও জঙ্গম। ২ সমস্ত পৃথিবী; সারা বিশ্ব সংসার বা সমগ্র সৃষ্টি। {*স.* চর+অচর; *দ্বন্দ্ব*}

চরাট, চেরয়াট [চটার, চের্‌আট্‌] *বি* ১ কোণাকার সংকীর্ণ স্থান। ২ নৌকার সম্মুখ বা পশ্চাতে গলুইয়ের নিকটে বাঁশ বা কাঠের তৈরি পাটাতন (বাখারি দিয়া তৈরি একসারি চরাট সালু নৌকার উপরে উঠাইয়া—*কাআও*)। {*স.* চর+*বা.* কাঠ>}

চরিত [চোরিত্‌] *বি* ১ চরিত্র; স্বভাব। ২ আচরণ; ব্যবহার; চালচলন। ৩ কার্যকলাপ; কর্মসমূহ। ৪ জীবন-বৃত্তান্ত; জীবনী; জীবন-কাহিনী। ◻ *বিণ* ১ আচরিত; অনুষ্ঠিত। ২ সম্পন্ন; নিষ্পন্ন। ~ **ইতিহাস** *বি* জীবনেতিহাস (মীজানুল এঁতেদাল প্রভৃতি বিরাট চরিত ইতিহাসগুলি —*আখাঁ*)। ~**কার** *বি* জীবনী রচয়িতা; জীবন বৃত্তান্তের লেখক। **চরিতাখ্যান** *বি* জীবন-কাহিনী; biography। **চরিতাবলি, চরিতাবলী** *বি* ১ জীবন-বৃত্তান্তসমূহ; জীবন বিবরণীর সমষ্টি। ২ বিভিন্ন ব্যক্তির জীবন-কাহিনী সংকলিত গ্রন্থ; জীবনীমূলক রচনা সংকলন। **চরিতাভিধান** *বি* বিভিন্ন খ্যাতনামা ব্যক্তির জীবনী সংবলিত অভিধান জাতীয় গ্রন্থ। {*স.* √চর্+ত(ক্ত)}

চরিতার্থ [চোরিতারথো] *বিণ* ১ সফল; সিদ্ধকাম; কৃতকার্য। ২ পরিতুষ্ট; সফলতার জন্য তুষ্ট। ৩ ধন্য; কৃতার্থ। **চারিতার্থতা** *বি* কৃতার্থতা (আপনার সন্দর্শন ও সম্ভাষণানুগ্রহ দ্বারা চরিতার্থতা প্রাপ্ত হইলাম—*ঈবি*)। {*স.* চরিত+অর্থ+তা; চরিত (সম্পন্ন)+অর্থ; *মধ্য.*}

চরিত্র [চোরিত্‌ত্রো] *বি* ১ প্রকৃতি; স্বভাব। ২ আচরণ; চালচলন। ৩ রীতিনীতি; ব্যবহারবিধি; কায়দা-কানুন। ৪ সদ্‌গুণ; উন্নত আদর্শ; সুনীতি; সদাচার (চরিত্রবান)। ৫ প্রকৃতি বা আদর্শের জোর; দৃঢ়তা; বলিষ্ঠতা (তার চরিত্র নেই)। ৬ কাব্যনাট্য উপন্যাসাদির পাত্রপাত্রী। ৭ উপায় (চেষ্টাচরিত্র করিয়া)। ~ **খোয়ানো**, ~ **হারানো** *ক্রি* নষ্ট-চরিত্র বা অসচ্চরিত্র হওয়া; চরিত্র নাশ করা; লম্পট হওয়া। ~ **দোষ** *বি* ১ অসচ্চরিত্রতা; চরিত্রের ত্রুটি। ২ লাম্পট্য; ব্যভিচার। ~**বান** *বিণ* সচ্চরিত্র; সদাচারনিষ্ঠ। ~**হীন** *বিণ* ভ্রষ্ট; লম্পট; মন্দচরিত্র; ব্যভিচারী; বিপথগামী। {*স.* √চর্+ইত্র}

চরিষ্ণু [চোরিশ্‌নু] *বিণ* গতিশীল; বিচরণশীল; চলনশীল; জঙ্গম। {*স.* √চর্+ইষ্ণু (ইষ্ণুচ)}

চরু [চোরু] *বি* যজ্ঞের পায়েস। {*স.* √চর্+উ(উণ্)}

চরৈবেতি [চরোইবেতি] *বি* ১ ঐতরেয় ব্রাহ্মণের বিখ্যাত শ্লোকাংশ। ২ অনবরত চলা। {*স.* চর+এব+এতি}

চর্কি, চর্কিবাজী ⇒ চরকি

চর্চরিকা, চর্চরীকা [চর্‌চোরিকা] *বি* ১ একপ্রকার প্রাচীন সঙ্গীত। ২ করতালি। ৩ উৎসব ক্রীড়া। ৪ চড়বড় ধ্বনি (বর্ষণে ধ্বনিয়া উঠে চর্চরিকা গাথা —*সদ*)। {*স.* √চর্চ্+অর (অরন্)+ক (কন্)+আ(টাপ্)}

চর্চরী [চর্‌চোরি] *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ; চামড়ায় ছাওয়া যন্ত্রবিশেষ। ২ একপ্রকার প্রাচীন সঙ্গীত। ৩ উৎসববিশেষ; চাঁচর উৎসব। ৪ প্রাকৃত ছন্দবিশেষ। {*স.* √চর্চ্+অর (অরন্)+ঈ(ঙীষ্)}

চর্চা [চর্‌চা] *বি* ১ অভ্যাস; অনুশীলন; শিক্ষা সাধনা (ব্যায়ামচর্চা)। ২ আলোচনা; আলাপ (কাব্যচর্চা)। ৩ দোষ বা নিন্দা আলোচনা; ব্যাখ্যান (পরচর্চা)। ৪ বিচার; যাচাই; পরীক্ষা। ৫ পরিশীলন; পরিমার্জন বা পরিচর্চা (রূপচর্চা)। ৬ অনুধ্যান; চিন্তা; জপ। ৭ গুণালোচনা; স্তবন; appreciation। ৮ লেপন (তিলক চর্চা)। **চর্চিত** *বিণ* ১ চর্চা করা হয়েছে এমন; প্রলিপ্ত (চন্দনে চর্চিত ভাল—*রঠা*)। ২ অনুশীলিত। ৩ আলোচিত। ৪ চিন্তিত; অনুধ্যাত। ৫ পরিশীলিত। {*স.* √চর্চ্+অ (অঙ্)+আ(টাপ্)}

চর্পট [চর্‌পট্‌] *বি* চাপড়; চপেট; চড়। {*স.* √চৃপ্+অট(অটন্); *ফা.* চপ্পাত چپات }

চর্পটী [চর্‌পোটি] *বি* চাপাটি; চাপাতি; পাতলা রুটি; হাতে চাপড়িয়ে তৈরি করা রুটি। {*ফা.* চপাতী چپاتی }

চর্বণ [চর্‌বোন্‌] *বি* দন্ত দ্বারা চূর্ণ করা বা পেষণ; চিবানো। **চর্বণীয়, চর্ব্য** *বিণ* চিবিয়ে খেতে হয় এমন; চর্বণ করা চলে এমন; চর্বণযোগ্য। **চর্বিত** *বিণ* ১ চিবানো হয়েছে এমন; চিবিয়ে রস শোষণ করা হয়েছে এমন। ২ ভক্ষিত। **চর্বিত~, গিলিত~** *বি* ১ ভক্ষণ করা বস্তু উগরে দিয়ে পুনরায় চর্বণ; রোমন্থন; জাবর কাটা। ২ একই বিষয়ের পুনঃপুন আলোচনা; পূর্বে আলোচিত বিষয়ের পুনরালোচনা; প্রতিভা ও মৌলিকতার অভাবহেতু অপরের রচনা পুনরুদ্‌গিরণ বা অনুকরণ। {*স.* √চর্ব্+অন (ল্যুট্)}

চর্বি, চর্বী [চোর্‌বি] *বি* প্রাণীদেহস্থ জমাট স্নেহ পদার্থ; মেদ; fat। ~**দার** *বিণ* মেদবহুল (অধিকাংশ অবসরভোগী

চর্বিদার শ্রেণীর মধ্যেই . . —*শও*)। { *ফা.* চর্বী چرب }

চর্বিত ⇒ চর্বণ

চর্ব্য ⇒ চর্বণ

চর্ব্যচূষ্য, চর্বচোষ্য [চর্‌বোচুশ্‌শো, –বো–] *বিণ* চিবিয়ে ও চুষে খাওয়ার যোগ্য। □ *বি* নানা প্রকার উত্তম ও রসনা-তৃপ্তিকর খাদ্যবস্তু। { *স.* √চর্ব্‌+য (যৎ)>চর্ব্য+ *স.* √চূষ্‌+য (যৎ)>চূষ্য, চোষ্য}

চর্ভট [চর্‌ভোট] *বি* ফলবিশেষ; কাঁকুড়। { *স.* চারু+ভট}

চর্ম, চর্ম্ম [চর্‌মো] *বি* ১ চামড়া; ত্বক; ছাল। ২ গাছের ছাল; বল্কল; বাকল। ৩ ঢাল। **~কার** *বি* চামার; মুচি; জুতা প্রভৃতি প্রস্তুত মেরামত ও সেলাই করা যার বৃত্তি। **~কীল** *বি* আঁচিল। **~চক্ষু** *বি* স্থূল চক্ষু বা দৃষ্টি; যা দিব্য চক্ষু নয়। **~চটক, ~চটকা** *বি* প্রাণীবিশেষ; বাদুড়। **~চটিকা, ~চটী** *বি* ১ চামচিকা। ২ বাদুড়। **~ধারী** *বিণ* ঢালী; যে ঢাল হাতে যুদ্ধ করে। □ *বি* ঢাল ধারণ করেছে এরূপ ব্যক্তি; ঢালধারী। **~পেটিকা, ~পেটী** *বি* ১ চামড়ার বাক্স, থলি বা সুটকেস। ২ চামড়ার তৈরি কোমরবন্ধ। **~প্রসেবক** *বি* চর্মনির্মিত যন্ত্রবিশেষ; হাপরের জাঁতা। { *স.* √চর্‌+মন্‌}

চর্মণ্বতী [চর্‌মোন্‌নতি] *বি* ভারতের একটি নদীর প্রাচীন নাম। { *স.* চর্মন্‌+বৎ(বতুপ্‌)+ঈ(ঙীপ্‌)}

চর্মাবরণ [চর্‌মাবরোন] *বি* চামড়ার আচ্ছাদন বা ঢাকনি। { *স.* চর্ম+আবরণ; ৬তৎ}

চর্মার [চর্‌মার] *বি* চামার; মুচি। { *স.* চর্ম+√ঋ+অ(অণ্‌)}

চর্মী, চর্মিন্‌ [চোর্‌মি] *বি* ঢালী; ঢালধারী যোদ্ধা। { *স.* চর্ম+ইন্‌(ইনি)}

চর্য [চর্‌জো] *বিণ* আচরণীয়; পালনীয়; অনুষ্ঠেয়। **চর্যা** *বি* *স্ত্রী.* ১ নিয়ম পালন; পালনীয় নিয়ম বা আচার। ২ আচরণ; অনুষ্ঠান। ৩ পরিচর্যা; যত্ন; রক্ষণাবেক্ষণ (এই বাগানের চর্যা করা—*রঠা*)। **চর্যাচর্য** *বি* আচরণীয় ও অনাচরণীয়; পালনীয় ও বর্জনীয়। **চর্যাচর্যবিনিশ্চয়** *বি* কী করা উচিত এবং কী করা অনুচিত এটি যে গ্রন্থে বা যে সমস্ত গীতিকবিতায় স্থিরীকৃত হয়েছে। **চর্যাপদ** *বি* প্রাচীন বাংলা ভাষায় রচিত বৌদ্ধ সহজিয়াদের ধর্ম ও সাধনা সম্পর্কিত গীতিকবিতা। { *স.* √চর্‌+য (যৎ)}

চল [চল] *বিণ* অস্থির; চঞ্চল স্বভাবযুক্ত; চপল; চঞ্চল (চলোর্মি)। □ *বি* প্রচলন; রেওয়াজ; দস্তুর (চল হওয়া)। **~চঞ্চল** *বিণ* অতিশয় চঞ্চল; অতি চপল; চপল হতে চপলতর (চল চঞ্চল চমকি ঠমকি—*নই*)। **~চিত্ত** *বিণ* ১ চঞ্চল প্রকৃতি; চপল স্বভাব। ২ অস্থিরমতি; মনের স্থিরতা নেই এমন (চলচিত্ত ও সদসৎ পরিদেবনাবিহীন—*ঈবি*)। ৩ উদ্বিগ্ন; ব্যাকুল; বিচলিত (তিনি তাহাতে ক্ষুব্ধ বা চলচিত্ত হন না)। **~বিচল** *বি* এদিক ওদিক; মাত্রা অতিক্রম (একটু চলবিচল হলে নিস্তার নেই)। { *স.* √চল্‌+অ (অচ)}

চলগুজা [চল্‌গুজা] *বি* সরু বাদামবিশেষ; দেবদারু জাতীয় বৃক্ষের মোচাকৃতি ফল। { *ফা.* চিল্‌গুজাহ্‌ چلغوزه }

চলচ্চিত্ত, চলচিত্ত [চলোচ্‌চিত্‌তো, –লোচি–] *বি* চঞ্চল হৃদয়; অস্থির মন। { *স.* চলৎ+চিত্ত; *কর্মধা.*}

চলচ্চিত্র [চলোচ্‌চিত্‌ত্রো] *বি* ছায়াছবি; চলমান চিত্র বা ছবি; সিনেমা, বায়োস্কোপ। { *স.* চলৎ+চিত্র; *কর্মধা.*}

চলৎ [চলোত্‌] *বিণ* ১ চলে এমন; চলনশীল; গতিশীল। ২ প্রচলিত; চলিত আছে এমন। { *স.* √চল্‌+অৎ (শতৃ)}

চলৎশক্তি, চলচ্ছক্তি [চলোত্‌শোক্‌তি, চলোচ্‌ছোক্‌তি] *বি* চলনশক্তি; চলার ক্ষমতা বা শক্তি (অর্ধপথেই অনেকের চলৎশক্তি রহিত হয়ে যেতে পারে—*আকাশা*)। { *স.* চলৎ+শক্তি; *কর্মধা.*}

চলত (*ব্র.*) [চলত] *ক্রি* চলে (চলত কত কত ভাঁতিয়া—*গোদা*)। { *স.* √চল্‌}

চলতি [চোল্‌তি] *বিণ* ১ চলন্ত; গতিশীল (চলতি রিকশা)। ২ প্রচলিত (চলতি প্রথা)। ৩ সক্রিয়; ক্রিয়াশীল; সচল; চালু (চলতি কারবার)। ৪ বর্তমানে চলছে এমন (চলতি বৎসরের খতিয়ান)। ৫ সামাজিক সম্পর্ক স্থাপন বা আদান-প্রদান অর্থাৎ ব্যবহার চলে এমন (চলতি ঘর)। **~বলতি** *বি* উন্নতি; শ্রীবৃদ্ধি। { *স.* √চল্‌+ *বা.* তি; অথবা, *স.* চলৎ+ *বা.* ই}

চলদল [চল্‌দল্‌] *বি* ১ যার পাতা সর্বদা চঞ্চল থাকে। ২ অশ্বত্থ বৃক্ষ (যার গুণে চলদল, অপুষ্পেও অবিরল, অগ্নিময় পুষ্পের আকর—*রঙ্গসে*)। {চল+দল; *বহু*}

চলন[1] [চলোন্‌] *বি* ১ গমন; যাওয়া; ভ্রমণ (চলনশীল)। ২ সঞ্চালন বা ভঙ্গিমা (চক্ষুর চলন দেখি শিখিতে চলনি—*ভারা*)। ৩ হিন্দু বিবাহের সংস্কারবিশেষ (ফের আসবে চলন করে—*অচিসে*)। **~বলন** *বি* চলন ও বলন; চালচলন ও কথাবার্তা। **~শক্তি, চলচ্ছক্তি** *বি* ১ চলার ক্ষমতা। ২ গতি; শক্তি। { *স.* √চল্‌+অন; *তুল.* *ফা.* চলীদন্‌ چلیدن }

চলন[2] [চলোন্‌] *বি* ১ প্রচলন; রেওয়াজ; দস্তুর (চলন থাকা)। ২ আচার ব্যবহার (চালচলন)। ৩ প্রথা; রীতি; ধারা; পদ্ধতি (সাবেকি চলন)। **~সই** *বিণ* কাজ চলে এমন; ভালোও নয় মন্দও নয় এমন; মাঝামাঝি রকমের। **চলমান** *বিণ* চলনশীল; চলন্ত; চলৎ। { *স.* √চল্‌+অন}

চলন্ত [চলোন্‌তো] *বিণ* চলছে এমন; সচল; গতিশীল। { *স.* √চল্‌+ *বা.* অন্ত}

চলমান [চলোমান্‌] *বিণ* ১ চলছে এমন; চলন্ত। ২ বহমান; প্রবাহিত। { *স.* √চল্‌+মান (শানচ্‌)}

চলা [চলা] *ক্রি* ১ যাওয়া; গমন করা। ২ যাত্রা করা বা অগ্রসর হওয়া (চল, চল, চল/ ঊর্ধ্ব গগনে বাজে মাদল—*নই*)। ৩ হাঁটা (চলতে গেলেই দলতে হয়রে দূর্বাকোমল—*সদ*)। ৪ প্রস্থান করা; ছেড়ে যাওয়া (কেহ গেল দলে, কেহ চলে—*নই*)। ৫ অতিবাহিত হওয়া; কেটে যাওয়া (দিন চলে যায়—*রঠা*)। ৬ নির্বাহ হওয়া; নিষ্পন্ন হওয়া (সংসার চলা)। ৭ কুলানো; পোষানো (এই বেতনে কী করে চলবে)। ৮ সক্রিয় হওয়া (কারখানা চলা)। ৯ সঞ্চালিত বা প্রবাহিত হওয়া (নিশ্বাস চলা)। ১০ প্রচলিত বা চালু হওয়া বা থাকা (গহনার ডিজাইন চলা)। ১১

আচরণ বা ওঠা-বসা করা। ১২ যুক্তিযুক্ত বা সঙ্গত অনুমোদনযোগ্য হওয়া (তা বলে ভাবনা করা চলবে না —*রঠা*)। ১৩ কার্য সাধন হওয়া (তাঁর মুখের এক কথাতেই চলবে)। ১৪ আরম্ভ হওয়া (এবার আড্ডা চলবে)। ১৫ অব্যাহত থাকা; অবিচ্ছেদে চলতে বা ঘটতে থাকা (রস পেতে চললো—নতুন নতুন উপায়ে নয়, সেই সব পুরানো উপায়েই—*অঠা*)। ১৬ মহাযাত্রা বা মৃত্যু-যাত্রা করা। ১৭ দৃষ্টি প্রসারিত বা অগ্রসর হওয়া (অন্ধকারে চোখ চলে না)। ১৮ স্বীকৃত বা অগ্রাহ্য হওয়া (সমাজে চলা)। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* চলতে হয় এরূপ; চলার (পায়ে চলা পথ)। ~**ফেরা** *বি* ১ ইতস্তত ভ্রমণ; পায়চারি। ২ হাঁটার ভঙ্গি। ৩ চালচলন। ৪ হাঁটা চলা; হাঁটাহাঁটি (বুড়ো মানুষ অত চলাফেরা করতে পারেন না)। ৫ আনাগোনা বা যাওয়া আসা (এই পথেই চলাফেরা)। **চলে আসা** *ক্রি* ১ প্রস্থান করা বা স্থান ত্যাগ করে আসা। ২ দ্রুত আসা; পা চালিয়ে আসা। **চলে ~** *ক্রি* দ্রুত অগ্রসর হওয়া; সত্বর পা চালানো। **কথা মতো ~** *ক্রি* আদেশ বা উপদেশ পালন করা; কথা শোনা; বাধ্য হওয়া। **পেট ~** *ক্রি* জীবিকা নির্বাহ করা; আহার্য সংগৃহীত হওয়া। **মুখ ~** *ক্রি* ১ তিরস্কার করা; গালি দেওয়া। ২ ক্রমাগত খাওয়া। **হাত ~, হাত-পা ~** *ক্রি* প্রহার করা। { *স.* √চল্+*বা.* আ}

চলাচল [চলাচল্] *বি* গমনাগমন; যাতায়াত (এত রাত্রে রাস্তায় চলাচল বন্ধ)। ❑ *ক্রি* সঞ্চরণ বা সঞ্চলন (বায়ু চলাচল)। ❑ *বিণ* জঙ্গম ও স্থাবর। { *বা.* চলা+চল}

চলানো [চলানো] *ক্রি* ১ গতিশীল করানো; হাঁটানো। ২ প্রচলিত বা চলিত করা; চালু করা; চালানো। ৩ পরিচালিত করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। { *স.* √চল্+*বা.* আনো}

চলি [চোলি] *ক্রি* যাই; চলা ক্রিয়ার বর্তমান কালের উত্তম পুরুষের রূপ। { *স.* √চল্+*বা.* ই}

চলিত [চোলিতো] *বিণ* চালু; প্রচলিত; চলতি (প্রচলিত প্রথাবিশেষ)। ~ **ভাষা** *বি* ভাষার প্রচলিত আদর্শ রূপ; প্রমিত ভাষা; প্রচলিত আদর্শ কথ্য ভাষা। { *স.* √চল্+ ইত(ক্ত)}

চলিষ্ণু [চোলিশ্নু] *বিণ* ১ গতিশীল; সচল। ২ চঞ্চল; অস্থির। ৩ প্রস্থান করতে উদ্যত (চলিষ্ণু হাঁসের মত— *মযই*)। { *বা.* √চল্+ইষ্ণু (ইষ্ণুচ্)}

চলোর্মি [চলোরমি] *বি* চঞ্চল তরঙ্গ; লীলাচঞ্চল লহরী (চলোর্মি আঘাতে—*মদ*)। ~**চঞ্চল** *বিণ* অস্থির; তরঙ্গক্ষুব্ধ (ইছামতীর চলোর্মি--চঞ্চল স্বচ্ছ জলধারা—*বিব*)। { *স.* √চল্+উর্মি}

চল্লিশ [চোল্লিশ্] *বি, বিণ* ৪০ এই সংখ্যা বা সংখ্যক; চত্বারিংশৎ। **চল্লিশা** *বি* ১ চল্লিশ বৎসর বয়স হেতু চোখের দৃষ্টিক্ষীণতা। ২ মৃত কোনো মুসলমানের আত্মার সদ্‌গতির জন্য মৃত্যুর চল্লিশতম দিনে করণীয় অনুষ্ঠান; চেহলাম। { *স.* চত্বারিংশৎ}

চশম[১], **চসম** (*মবা.*) [চশোম্] *বি* চক্ষু; চোখ; আঁখি (বুড়া বিবি আসিয়াছে না দেখে চসমে—*বিগু*)। ~**খোর** *বিণ* নির্লজ্জ; চক্ষুলজ্জাহীন; বেহায়া; চোখের চামড়া নেই এমন (কুচক্রী চসমখোর—*ঘচ*)। { *ফা.* চশ্‌ম্ چشم }

চশম[২] [চশোম্] *বি* রেশমি মোটা সুতাবিশেষ—এই সুতায় ঘুনসি ইত্যাদি হয়। { *ফা.* চশ্‌ম্ چشم (?)}

চশমা[১] [চশ্‌মা] *বি* ১ উপনেত্র। ২ দৃষ্টিশক্তির সাহায্যকারী কাচ। { *ফা.* চশ্‌মাহ্ چشمه }

চশমা[২], **চশ্‌মা** [চশ্‌মা] *বি* উৎস; ঝরনা; প্রস্রবণ (শেখ ফরীদের চশমা)। { *ফা.* চশ্‌মাহ্ چشمه }

চষক [চশোক্] *বি* ১ মদ খাওয়ার পাত্র; পানপাত্র; সুরাপানপাত্র (এ কোন আসব? আঁখির চষকে এক চুমুকেই ভোর—*মোম*)। ২ মধু। ৩ সুরা। ❑ *বিণ* চাষকারী। { *স.* √চষ্+অক (ক্বুন্)}

চষা [চশা] *বি* ১ চাষ করা; কর্ষণ করা; লাঙল দেওয়া। ২ তন্ন তন্ন করে খোঁজা; পাতি পাতি করে অনুসন্ধান করা (ফতোয়া খুঁজেছি ফেকা ও হাদিস চষে—*নই*)। ❑ *বি* কর্ষণ। ❑ *বিণ* কর্ষিত। **চষানো** *ক্রি* অপরের দ্বারা চাষ করানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **চষে বেড়ানো, চষে বেড়ান** *ক্রি* ১ তন্ন তন্ন করে খুঁজে বেড়ানো। ২ নানা স্থানে ঘুরে বেড়ানো; প্রচুর ভ্রমণ করা; টো টো করে ফেরা। { *স.* √কৃষ্>*বা.* চষ্+আ}

চহট [চহোট্] *বি* দাপট; প্রতাপ; চোটপাট (তার চহট দেখলে তাক লেগে যাবে—*অচিসে*)। { *স.* √চুট্>*বা.* চোট>চহট}

চা[১] [চা] *বি* ১ একপ্রকার গাছ ও তার পাতা। ২ উক্ত গাছের পাতা থেকে প্রস্তুত পানীয়। ~**কর** *বি, বিণ* ১ চা উৎপাদক। ২ চা বাগানের মালিক। **চা-খানা** *বি* চায়ের দোকান (কিন্তু চা-খানা জমে উঠেছিল—*শও*)। ~**দান, ~দানি, ~দানী** *বি* ১ চা প্রস্তুত করার পাত্র। ২ চায়ের পেয়ালা; tea-pot (চা-দানী . . . পরিষ্কার পরিচ্ছন্ন করাইয়া যথাস্থানে সাজান হইয়াছে—*মীম*)। { *চী.* চা}

চা[২] [চা] ক্ষুদ্রার্থক প্রত্যয়বিশেষ (বাগবাগিচা)। { *ফা.* চা چای }

চাইতে [চাইতে] *অব্য* অপেক্ষা; হতে, চেয়ে, তুলনায় (কিন্তু সবার চাইতে ভাল পাঁউরুটি আর ঝোলাগুড়— *সুরা*)। { *স.* √বাঞ্ছ্>চাহ্+ইত>চাহিত>}

চাউনি ⇒ চাহনি

চাইল ⇒ চাল

চাওয়া[১] [চাওয়া] *ক্রি* ১ কামনা করা; ইচ্ছা করা; অভিলাষ করা। ২ প্রার্থনা, যাচ্ঞা বা ভিক্ষা করা; চাহিদা জানানো। ৩ রাজি হওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **চাওয়ানো**[১] *ক্রি* ১ কামনা প্রার্থনা বা যাচ্ঞা করানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √বাঞ্ছ্, যাচ্>*প্রা.* চাহ>*বা.* √চা+ওয়া}

চাওয়া[২] [চাওয়া] *ক্রি* ১ দৃষ্টিপাত করা; তাকানো। ২ চক্ষু উন্মীলন করা; চোখ চাওয়া। ❑ *বি* উক্ত সকল অর্থে। ~**চাওয়ি** *বি* পরস্পরের প্রতি অর্থবোধক দৃষ্টিপাত (সকলে বিস্ময়ে মুখ চাওয়া-চাওয়ি করিতে লাগিল—*আমআ*)। **চাওয়ানো**[২] *ক্রি* ১ চোখ খোলানো বা মেলানো। ২ দৃষ্টিপাত করানো। ❑ *বি* উক্ত অর্থে। **মুখ তুলে ~** *ক্রি* দৃষ্টিপাত করা। ২ অনুগ্রহ করা। { *স.*

√চক্ষ> *বা.* √চা> চাওয়া}

চাং, চাঙ, চাঙ্গ [চাঙ্, –, চাঙ্গ্] *বি* মাচান; কাঁড়; বাঁশের তৈরি তাকবিশেষ (লম্ফে রূপা আনলে পেড়ে চাং হতে তার সর্ড়কিখানা—জউ)। { *স.* তুঙ্গ>টঙ্গ>টাঙ্গ>চাঙ্গ}

চাংগা, চাঙ্গা, চাঙা [চাঙ্গা, –, চাঙা] *বিণ* ১ সবল; সতেজ; সজীব। ২ রোগমুক্ত; সুস্থ। ৩ উদ্যমপূর্ণ; উৎসাহপূর্ণ; স্ফূর্তিযুক্ত। { *স.* তুঙ্গ>চাঙ্গ+আ}

চাংগাড়ি, চাঙ্গাড়ি, চাংগারি, চাঙারি [চাঙ্গাড়ি, –, চাঙ্গারি, চাঙারি] *বি* চওড়ামুখ ঝুড়িবিশেষ; বাঁশ বা বেতের তৈরি ছোট ধামা বা ঝুড়িবিশেষ (খাবারের চাঙ্গারিটা রেখে গিয়েছে—*সৈমু*)। { *পা.* চঙ্গোটক>}

চাংড়া, চাঙড় [চাঙ্ড়া, চাঙোড়্] *বি* মৃত্তিকাদির বড় ঢেলা বা তাল; চাপ (দেয়াল থেকে খসে পড়া এক চাংড়া বালি—*অঠা*)। { *ফা.* চাঙ্গ چنگ }

চাঁই[১] [চাঁই] *বি, বিণ* প্রধান নেতা; সর্দার; মণ্ডল (ধর্মঘটের মস্ত চাঁই—*সদ*)। □ *বিণ* ঝানু (বিচক্ষণ চাঁই মহোদয়েরা তাঁহাকে খৃষ্টান পর্যন্ত বলিয়া থাকেন—*ঈবি*)। **~ চোর** *বি* চৌর্যবৃত্তিতে যে অত্যন্ত ঝানু বা পাকা; প্রধান তস্কর। { *স.* চঙ্গ>}

চাঁই[২] [চাঁই] *বি* ১ চাঙড়; চাপ; ঢেলা। ২ বাঁশের শলার তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ। { *ফা.* চাঙ্গ چنگ }

চাঁচ[১] [চাঁচ] পাত গালা; পাতের মতো পাতলা গালা। { *স.* চাঁদ>(চাঁদের আকার অর্থে)>}

চাঁচ[২] [চাঁচ] *বি* চাটাই; দরমা। { *স.* চঞ্চা>}

চাঁচ-দা [চাঁচ্দা] *বি* যে দা বা কাটারি দিয়ে খেজুর ইত্যাদি গাছ চেঁছে রস বের করা হয়। { *স.* √তক্ষ> *পা.* √তচ্ছ> *প্রা.* √চচ্ছ>}

চাঁচনি, চাঁচনী, চাঁছনি [চাঁচ্নি, –, –ছ্–] *বি* ১ চেঁছে তোলা অংশ বা খাদ্যবস্তু (ব্রহ্মার খড়ম জোড়া থেকে নখে আঁচড়ে চাঁচনি নিতে নিতে প্রায় ক্ষইয়ে ফেলল তারা—*অঠা*)। ২ যা দিয়ে চাঁছা হয়; চাঁছবার যন্ত্র। ৩ চেঁছে ফেলা পাতলা অবশেষ বা চেঁছে তোলা অংশের ন্যায় সূক্ষ্ম চেহারা (চাঁদ একটুখানি চাঁচনী থেকে আরম্ভ করে পূর্ণ সুন্দর হয়ে ওঠবার দিকে গেলেও—*অঠা*)। { *স.* √তক্ষ> *পা.* √তচ্ছ> *প্রা.* √চচ্ছ> *বা.* চাঁচ, চাঁছ+নি}

চাঁচর[১] [চাঁচোর্] *বিণ* কোঁকড়া; কুঞ্চিত; কোঁচকানো (চাঁচর কেশে পরিয়ে দেব ঝুমকো জবার ফুল—*নই*)। { *স.* চর্চরী> *বা.* চাঁচর}

চাঁচর[২] [চাঁচোর্] *বি* হিন্দুদের উৎসববিশেষ; দোলের পূর্বদিনে অনুষ্ঠেয় উৎসব। { *স.* চর্চরী>}

চাঁচা, চাঁছা [চাঁচা, –ছা] *ক্রি* ১ অস্ত্রের সাহায্যে উপরের আবরণ অথবা স্তর বা ছাল উঠিয়ে ফেলা। ২ কামানো (তুই করেছিস শুরু তলোয়ার দিয়ে দাড়ি চাঁছা—*নই*)। **~ছোলা** *বিণ* ১ উপরের আবরণ উঠিয়ে ফেলা হয়েছে এমন; সুপরিষ্কৃত; মার্জিত বা মসৃণ। ২ শ্মশ্রুগুম্ফহীন; পরিষ্কার করে কামানো (চাঁচা-ছোলা মুখটি ছিল ঘড়ির চাকার মত—*প্রচৌ*)। ৩ রূঢ়; স্পষ্ট; খোলাখুলি; পরিষ্কার (চাঁচাছোলা কথা)। { *স.* √তক্ষ> *পা.* √তচ্ছ> *প্রা.* √চচ্ছ> *বা.* চাঁচ/চাঁছ+আ }

চাঁচি, চাঁছি [চাঁচি, –ছি] *বি* দুধ ইত্যাদির যে শুষ্ক অংশ পাত্র হতে চেঁছে তুলতে হয় (দুধের চাঁচি শুষছে মাছি—*সদ*)। ২ যা কিছু চেঁছে তোলা হয়। { *স.* √তক্ষ> *প্রা.* চচ্ছিঅ> *বা.* চাঁচি/চাঁছি}

চাঁটি, চাঁটা, চাটি [চাঁটি, –টা, চাটি] *বি* ১ করাঘাত; চপেটাঘাত; চড় (তবলায় চাঁটি মারা)। ২ লঘু চপেটাঘাত; অবজ্ঞা বা পরিহাসের ছলে করতল দিয়ে মৃদু আঘাত (চাঁটি মেরে বলো চম্পট কোথা দেবে—*বিদে*)। { *স.* চপেট>}

চাঁড়া [চাঁড়া] *বি* খোলা; ভাঙা টুকরা; খণ্ড; খোলামকুচি; খোলার টুকরা। { *আঞ্চ.*}

চাঁড়াল [চাঁড়াল্] *বি* পুরাণোক্ত হিন্দু জাতিবিশেষ। { *স.* চণ্ডাল> *প্রা.* চংডাল>}

চাঁদ [চাঁদ] *বি* ১ ⟹ চন্দ্র। ২ আদরের বা প্রীতি উৎপাদনের বস্তু (দেখে যা আমিনা মায়ের কোলে/মধু পূর্ণিমার চাঁদ দোলে—*নই*)। ৩ বয়স্যের প্রতি সম্বোধন (বলি, চাঁদের দেখা পাওয়া গেল তবে)। ৪ (*ব্য.*) অসুন্দর বা অবাঞ্ছিত ব্যক্তি। **~কপালি, ~কপালে** *বি, বিণ* কপাল যার অর্ধচন্দ্রের মতো বা কপালে অর্ধচন্দ্রের মতো চিহ্ন যার (চাঁদকপালে বাছুর); ভাগ্যবান। **~পাল্লা** *বি* চাঁদের ফালির আকৃতিবিশিষ্ট পাঁচকল্লি টুপিবিশেষ (মাথায় চিকনিয়া চাঁদ পাল্লা টুপি—*কাই*)। **~বদন** *বি, বিণ* চাঁদের তুল্য সুন্দর বা প্রীতিপ্রদ মুখ বা মুখবিশিষ্ট। **~বদনী** *স্ত্রী*। **~মুখ** *বি* চন্দ্রের ন্যায় সুন্দর বা প্রীতিপ্রদ মুখ (চাঁদমুখেতে রোদ লেগে রক্ত ফুটে পড়ে—*ছড়া*)। **~ হাতে পাওয়া** *ক্রি* আশাতীত বস্তু লাভ করা বা দুর্লভ জিনিস পাওয়া। **চাঁদে কলঙ্ক** *বি* সর্বাঙ্গসুন্দর বস্তুর মধ্যে সামান্য কিছু দোষ। **চাঁদের কণা** *বি* ১ চাঁদের টুকরা বা খণ্ড। ২ শিশু চাঁদ। ৩ অতি সুন্দর বা মনোহর ব্যক্তি। **চাঁদের হাট** *বি* ১ শিশুদের বা সুন্দরীদের একত্র সমাবেশ। ২ সুখসম্পদপূর্ণ সংসার। { *স.* চন্দ্র> *পা.* চন্দ; *প্রা.* চংদ>}

চাঁদকুড়া, চাঁদাকুড়া, চাঁদকুড়ো [চাঁদ্কুড়া, –দা–, চাঁদকুড়ো] *বি* ক্ষুদ্র মৎস্যবিশেষ; চাঁদা মাছ। {চাঁদ+কুড়া}

চাঁদনি[১] [চাঁদ্নি] *বি* শামিয়ানা; চাঁদোয়া; চন্দ্রাতপ। ২ মণ্ডপ; ছাদযুক্ত চত্বর। { *স.* চন্দ্রাতপ}

চাঁদনি[২], **চাঁদনী** ⟹ চাঁদিনী

চাঁদমারি [চাঁদ্মারি] *বি* ১ বন্দুকের গুলি ইত্যাদি ছোড়া অভ্যাসের জন্য স্থাপিত চন্দ্রাকৃতি লক্ষ্যস্থল; নিশানার নিদর্শন; target। ২ বিদ্রূপ বা আক্রমণের লক্ষ্য বা পাত্র। {চাঁদ (চন্দ্রাকৃতি অর্থে)+মারী}

চাঁদা[১] [চাঁদা] *বি* ১ চাঁদ; চন্দ্র (গগনেতে উঠিলেন চাঁদা—*রঠা*)। ২ অর্ধচন্দ্রাকার পরিমাপক যন্ত্রবিশেষ। ৩ শামিয়ানা। {চাঁদ+আ}

চাঁদা[২] [চাঁদা] *বি* ক্ষুদ্রকায় রুপালি মৎস্যবিশেষ। { *স.* চন্দ্র>}

চাঁদা[৩], **চান্দা** [চাঁদা, চান্দা] *বি* ১ কোনো বিশেষ কাজ সম্পাদনের জন্য অনেক লোকের নিকট থেকে সংগৃহীত

অর্থ; কিছু অর্থসাহায্য (বন্যার্তদের সাহায্যার্থ চাঁদা)। ২ নির্দিষ্ট সময়ের ব্যবধানে দেয় মূল্য বা অর্থসাহায্য (সমিতির চাঁদা)। {*ফা.* চান্দাহ্ چنده }

চাঁদি[১] [চাঁদি] *বি* ১ রুপা (সফেদ চাঁদির তাজ—*ফজ্রা*)। ২ চাঁদসদৃশ উজ্জ্বল খাঁটি রুপা; খাদশূন্য রুপা। {*বা.* চাঁদ+ই}

চাঁদি[২], **চাঁদা** [চাঁদি, চাঁদা] *বি* ব্রহ্মতালু; মাথার উপর মাঝামাঝি জায়গা; মাথার উপরিভাগ (মুসলমান ফকীরদের মাথার চাঁদি কামানো—*আনিস*)। ~**ফাটা** *বিণ* ব্রহ্মতালু ফেটে যায় এমন; অত্যন্ত প্রখর; তীব্র (খর চাঁদি-ফাটা রোদ্দুরের তাপে—*নই*)। {*বা.* চাঁদ+ই}

চাঁদিনী, **চাঁদনি** [চাঁদিনি, চাঁদনি] *বিণ* জ্যোৎস্নাময়ী; চন্দ্রালোকিত (চাঁদিনী রাত)। □ *বি* ১ জ্যোৎস্না; চন্দ্রালোক (রূপের অমর স্বপ্ন বিলম্বিত উজল চাঁদিনী—*সুমো*)। ২ জ্যোৎস্নাময়ী রাত। **চাঁদিমা** *বি* চন্দ্রকিরণ; জ্যোৎস্না। **চাঁদোয়া** *বি* ১ চন্দ্রাতপ; ছাউনি; আচ্ছাদন; শামিয়ানা (পাট বস্ত্রের চাঁদোয়া—*দমি*)। ২ পাল। {*স.* চন্দ্রিমা, চন্দ্রিকা>*প্রা.* চংদিআ> চাঁদি+নী}

চাঁপা [চাঁপা] *বি* ১ চাঁপা ফুল ও তার গাছ; চম্পা; চম্পক। ২ কদলীবিশেষ। {*স.* চম্পক>}

চাক[১] [চাক্] *বি* ১ চক্র; চাকা। ২ চক্রাকার বস্তু। ৩ চাকার ন্যায় চ্যাপটা ও গোল খণ্ড। ৪ যে চক্রে মাটির পাত্র গড়া হয় (কুমারেরা চাক ঘুরাইয়া কলসী গড়িতেছে—*বিব*)। ৫ মৌচাক; মধুচক্র (এক একখানি চাকে অপর্যাপ্ত মধু ও মোম হয়—*শেহ*)। ~ ~ *বি* চ্যাপটা ও গোল ফালি ফালি বা খণ্ড খণ্ড (শশা চাক চাক করিয়া কাটা)। {*স.* চক্র>*প্রা.* চক্ক>}

চাক[২] [চাক্] *বি* কর্তন; ছিদ্র; ফাটল; ছেঁড়া (হযরতের সীনা চাক)। {*ফা.* চাক چاك }

চাকচিক্য, **চাকচক্য** [চাকচিক্‌কো, –চোক্‌কো] *বি* ১ ঔজ্জ্বল্য; দীপ্তি; পালিশ। ২ বাইরের ছটা। {*স.* চাকচক্য>}

চাকতি, **চাক্তি** [চাক্‌তি] *বি* ১ ক্ষুদ্র চাকা। ২ চক্রাকৃতি বস্তু; চাকার মতো গোলাকার ও চ্যাপটা বস্তু; টাকা (হায়রে রৌপ্য চাক্তি—*নর*)। ৩ যাতে রুটি বেলা হয়। □ *বিণ* গোলাকার বা গোল গোল করে খণ্ডিত (চাক্তি চাক্তি মাংস খেতে দিল—*সৈমু*)। {*স.* চক্র>*বা.* চাক+তি}

চাকন-চিকন, **চিকন-চাকন** [চাকোন্‌চিকোন্, চিকোন্‌চাকোন্] *বিণ* সুচিক্কণ; মসৃণ; উজ্জ্বল। {*স.* চিক্কণ; *ফা.* চিক্‌ন্ چيقن , *অনু.* চাকন}

চাকনাচুর, **চাখনাচুর** [চাক্‌নাচুর, –খ–] *বিণ* চূর্ণবিচূর্ণ; সম্পূর্ণরূপে বিধ্বস্ত; চুরমার (যশোখ্যাতির ঠুনকো এ কাচ করব ভেঙে চাখনাচুর—*নই*)। {*হি.* চখ্‌না (স্বাদগ্রহণ) ?+ চুর (চূর্ণ)}

চাকভাউরি, **চাকভাঁউরি**, **চাকভাউর** (*মবা.*) [চাক্‌ভাউরি, –ভাঁ–, –ভাউর] *বি* ঘুরপাক; চক্কর; চক্রভ্রমি (চুলে ধরি সীতারে দিল চাকভাউরী—*কৃও*)। {*স.* চক্র>*প্রা.* চক্ক>*বা.* চাক+*স.* ভ্রমি>ভাউরি}

চাকভাঙা, **চাকভাঙ্গা** [চাক্‌ভাঙা, –ভাঙ্‌গা] *বিণ* খাঁটি ও টাটকা; সদ্য আহৃত ও নির্মল বা নির্ভেজাল (চাকভাঙা মধু)। {*স.* চক্র+*স.* ভগ্ন}

চাকর [চাকোর্] *বি* ১ ভৃত্য; পরিচর্যাকারী; সেবক; পরিচারক। ২ কর্মচারী; নির্দিষ্ট কর্ম সম্পাদনের জন্য নিযুক্ত বেতনভোগী ব্যক্তি। ৩ আজ্ঞাবহ; তাঁবেদার (আমি কি তোমার হুকুমের চাকর?)। **চাকরানী** *স্ত্রী*। ~-**বাকর**, ~-**নফর**, ~-**চাকরানি** *বি* ১ ভৃত্যগণ; দাস-দাসী সকল। ২ ভৃত্য; গৃহকর্মের বেতনভোগী সহায়ক; কাজের লোক। **চাকরে**, **চাকুরে**, **চাকুরিয়া** *বিণ* অফিসে চাকরি করেন এমন ভদ্রলোক; চাকরিজীবী বা চাকরিধারী ভদ্রলোক। {*ফা.* চাকর چاکر }

চাকরান [চাক্‌রান্] *বি* ভৃত্যের ভরণ-পোষণের জন্য প্রদত্ত নিষ্কর ভূমি; বেতনের পরিবর্তে ভৃত্য যে নিষ্কর জমি ভোগ করে। ~ **জমি** *বি* চাকর অথবা কর্মচারীকে প্রদত্ত নিষ্কর জমি। {*ফা.* চাক্‌রান্ জমীন্ چاکران زمین }

চাকরি, **চাকরী**, **চাকুরী** [চাক্‌রি, –, চাকুরি] *বি* ১ নির্দিষ্ট বেতনের বিনিময়ে অপরের কাজ করা বা কারো অধীনে ক্রিয়া সম্পাদন। ২ দাসত্ব। ৩ অপরের সেবা বা পরিচর্যা (যত অবলা কুমারী অনুক্ষণ এ সকলে করএ চাকরি—*সৈসু*)। ~-**বাকরি** *বি* চাকরি বা ঐ ধরনের জীবিকা; কাজকর্ম; জীবিকার সংস্থান। {*ফা.* চাকরী چاکری }

চাকলা[১] [চাক্‌লা] *বি* কয়েকটি পরগনার একত্রীকরণ; জেলা। ~**দার** *বি* ১ চাকলার শাসক বা অধিকারী বা প্রধান সহকারী কর্মচারী। ২ উপাধিবিশেষ। {*ফা.* চক্‌লাহ্ چکله }

চাকলা[২] [চাক্‌লা] *বি* খণ্ড; টুকরা (আমের চাকলাগুলি খাইতে লাগিল—*বিব*)। {*স.* চক্র>*বা.* চাক+লা}

চাকা [চাকা] *বি* ১ গোলাকার বস্তু; চক্র (গাড়ির চাকা)। ২ চাকার আকারবিশিষ্ট খণ্ড (মাছের চাকা)। □ *বিণ* গোলাকার (চাকা মুখ)। ~ ~ *বিণ* ১ গোলাকার খণ্ডে বিভক্ত (চাকা চাকা মাছ)। ২ গোলাকার (চাকা চাকা দাগ)। {*স.* চক্র>*বা.* চাক+আ}

চাকি [চাকি] *বি* ১ চ্যাপটা ও গোলাকার বস্তু; চাকতি। ২ রুটি বেলার পিঁড়ি বা তক্তা। ৩ গোলাকার ধাতব খণ্ড বা মুদ্রা (তামার চাকি সংগ্রহের চেষ্টায়—*বচ*)। ৪ জাঁতা; শস্যাদি ভাঙাবার বা পিষবার গোলাকার পাথরবিশেষ। {*স.* চক্র>*বা.* চাক+ই}

চাকী [চাকি] *বি* বাঙালি হিন্দু সম্প্রদায়ের পদবি-বিশেষ। {*স.* চক্র>}

চাকু [চাকু] *বি* ভাঁজ করে রাখা যায় এমন ফলাযুক্ত ছুরি। {*তু.* চাকু چاقو }

চাকুন্দা, **চাকন্দা** [চাকুন্‌দা, –ক–] *বি* ক্ষুদ্র গুল্মজ শাকবিশেষ। {*স.* চক্রমর্দ>}

চাকুম চাকুম [চাকুম্‌চাকুম্] *অব্য* চর্বণের শব্দ (ছেঁচা বাদাম চাকুম-চাকুম খায়—*গিসে*)। {*ধ্বন্যা.*}

চাকুরিয়া, **চাকুরে** ⇒ চাকর

চাক্কা [চাক্‌কা] *বি* চাকা। {*স.* চক্র>}

চাক্কি, **চাক্কী** [চাক্‌কি] *বি* ১ ক্ষুদ্র চক্র; ছোট চাকা। ২

জাঁতা। { স. চক্র>; তুল. হি. চক্কি}

চাক্ষুষ [চাকখুশ] *বিণ* ১ স্বচক্ষে দৃষ্ট; প্রত্যক্ষ; চোখে দেখা (চাক্ষুষ প্রমাণ)। ২ চক্ষু দ্বারা প্রাপ্ত (চাক্ষুষ জ্ঞান)। **চাক্ষুষী** *স্ত্রী.*। { স. চক্ষুস্+অ(অণ্)}

চা-খড়ি [চাখোড়ি] *বি* শ্বেতবর্ণ মৃত্তিকাবিশেষ; খড়িমাটি; লেখার মাটি; ফুল খড়ি; chalk। { ই. chalk>চা+খড়ি}

চাখন [চাখোন্] *বি* স্বাদ গ্রহণ। ~**দার** *বি, বিণ* চাখে যে; স্বাদ পরীক্ষক। { স. √জক্ষ্> বা. √চাখ্+অন}

চাখনাচুর ⇒ চাকনাচুর

চাখা, চাকা [চাখা, –কা] *ক্রি* ১ স্বাদ গ্রহণ করা; আস্বাদন করা। ২ ভোগ করা। ৩ অনুভব করা। □ *বিণ* উক্ত সকল অর্থে। **চাখানো** *ক্রি* স্বাদ গ্রহণ করানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { হি. চখ্না}

চা-খোর [চাখোর্] *বিণ* অতিরিক্ত ঘন ঘন চা পান করে এমন; চায়ে আসক্ত (এককালে প্রায় তোমার মত চা-খোর ছিলাম—*নই*)। { চী. চা+ ফা. খোর خور }

চাগা [চাগা] *ক্রি* ১ প্রবল হয়ে ওঠা; মাথা চাড়া দেওয়া; সতেজ হওয়া (আত্মসম্মানবোধ এই বয়সেই ভয়ানক রকম চাগিয়া উঠেছে—*নই*)। ২ জেগে ওঠা। ৩ উদিত হওয়া। **চাগানো** *ক্রি* ১ চাগা; চাড়া দেওয়া (স্বস্তিতে আমার রসিকতা চাগা দিয়ে উঠল—*শও*)। ২ উসকানো; উদ্দীপ্ত করা (প্রদীপের শিখা চাগানো)। ৩ উত্তেজিত করা। ৪ জাগানো; উদ্রিক্ত করা। ৫ বাড়ানো। ৬ উঠানো বা গুটানো (আমিও চাগিয়ে কাপড়- –*নই*)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { স. তুঙ্গ> চাঙ্গ> চাগ+ আ>চাগা}

চাগাড় [চাগাড়] *বি* ১ উত্তেজনা। ২ প্রবল ভাবাবেগ বা চাড়। ~ **দেওয়া** *ক্রি* ১ উত্তেজিত হয়ে ওঠা। ২ প্রবল ভাব ধারণ করা; মাথা চাড়া দেওয়া; বেড়ে ওঠা। { স. চাগা+ড়}

চাঙ্গা, চাংগা [চাঙ্গা] *বিণ* ১ সবল; সতেজ; সজীব। ২ রোগমুক্ত; সুস্থ। ৩ উদ্যমপূর্ণ; উৎসাহপূর্ণ; স্ফূর্তিযুক্ত। { স. তুঙ্গ>বা. চাঙ্গ+আ}

চাঙ্গাড়ি, চাংগাড়ি [চাঙ্গাড়ি] *বি* চওড়ামুখ ঝুড়িবিশেষ; বাঁশ বা বেতের তৈরি ছোট ধামা বা ঝুড়িবিশেষ (খাবারের চাঙ্গারিটা রেখে গিয়েছে—*সৈমু*)। { পা. চঙ্গোটক>}

চাচা [চাচা] *বি* বাপের ভাই; কাকা; খুড়া; পিতৃব্য; খুল্লতাত। **চাচী** *স্ত্রী.*। { স. তাত> ?; হি. চচ্চা}

চাঞা [চায়াঁ] *(মবা.) অক্রি* চেয়ে (গোপী রৈল চাঁদমুখ চাঞা—*গোদা*)। { স. চাহ্>}

চাঞ্চল্য [চানচোল্লো] *বি* ১ চঞ্চলতা; চপলতা; স্থৈর্যহীনতা; অস্থিরতা। ২ অধীরতা; ব্যাকুলতা। ৩ ব্যস্ততা; উদ্বেগের ভাব। { স. চঞ্চল+য (ষ্যঞ্)}

চাট[১]**, চাঁট** [চাট্, চাঁ–] *বি* গরু ঘোড়া প্রভৃতি পশুর লাথি (পাগলা ঘোড়ার চাট খেয়ে—*সৈমু*)। { স. চট>}

চাট[২] [চাট্] *বি* ১ চেটে খাওয়ার মতো মজাদার খাবার। ২ মদের আনুষঙ্গিক মুখরোচক খাদ্য; অবদংশ। { হি. চাট}

চাটনি [চাটনি] *বি* চেখে ও চেটে খাওয়ার মুখরোচক খাদ্যবিশেষ; আচার; অম্লমধুর স্বাদযুক্ত লেহ্য ব্যঞ্জনবিশেষ। { তুল. হি. চাটনী}

চাটা [চাটা] *ক্রি* (জিহ্বা দ্বারা) লেহন করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। ~**চাটি** *বি* ১ একে অপরকে লেহন। ২ বারংবার চাটা। ৩ অন্তরঙ্গতা; অতিরিক্ত ঘনিষ্ঠতা বা মাখামাখি, দহরম-মহরম। ৪ পরস্পর পরস্পরের প্রশংসা; একে অপরের পিঠ চুলকানো। **চাটানো** *ক্রি* লেহন করানো। □ *বিণ* উক্ত অর্থে। { হি. চাটনা; বা. √চাট্}

চাটাই [চাটাই] *বি* ১ দরমা। ২ খেজুর পাতা জাতীয় গাছের পাতায় তৈরি বস্তু। { স. কট>বা. চট; চটা+আই}

চাটাচাটি ⇒ চাটা

চাটান [চাটান্] *বি* চত্বর; প্রাঙ্গণ (গিজ্ গিজ করতে থাকে সমস্ত চাটানটা—*গুমা*)। { স. চত্বর>প্রা. চত্তর>}

চাটালো, চটালো [চটালো, চ–] *বিণ* প্রশস্ত; চওড়া (তারপর চাটালো জমি—যার উপর দিয়ে সহস্রধারা নদীসব বয়ে চলেছে—*অঠা*)। { স. চাট+আলো}

চাটি[১] [চাটি] *বিণ* উৎসন্ন; উৎসাদিত; ধ্বংস; বিনষ্ট (ভিটেমাটি চাটি হয়ে যাবে তোর—*আচিসে*)। ~ **বাটি তোলা** *ক্রি* ১ ভিটামাটি উৎসন্ন করা। ২ স্থান ত্যাগ করে যাওয়া বা বাস উঠিয়ে নেওয়া। { স. চপেটিচ(?)}

চাটি[২] ⇒ চাঁটি

চাটিম [চাটিম্] *বি* এক প্রকার কলা; মর্তমান কলা (ন্যাজ ঝোলা পাখি উড়ে বসে চাটিম কলা খাচ্ছে—*অঠা*)। { স. চাটিম>}

চাটিম চাটিম [চাটিম্‌চাটিম্] *অব্য* তবলায় চাঁটি মারার শব্দ (পিছনে ঘাপটি মেরে চাটিম চাটিম বোল তোলে—*সৈমু*)। { ধ্বন্যা.}

চাটু[১] [চাটু] *বি* তাওয়া; saucepan জাতীয় ভাজবার পাত্রবিশেষ; প্রশস্ত লোহার পাত্র (লোহার চাটুতে তপ্ত তেলে—*বচ*)। { হি. চটু>}

চাটু[২] [চাটু] তোষামোদ; স্তুতিবাক্য; খোশামোদ (চাটুগান শুনি সারা নিশিদিন—*রঠা*)। ~**কার**, ~**বাদী**, ~**ভাষী** *বিণ* তোষামোদ করে এমন; তোষামোদকারী। ~**বচন**, ~**বাণী** *বি* তোষামোদপূর্ণ বাক্য। ~**পাঠ** *বি* তোষামোদপূর্ণ কথা বা রচনা। ~**বাদ** *বি* তোষামোদ; খোশামোদ। ~**বাদিনী**, ~**ভাষিণী** *স্ত্রী.*। { স. √চট্+উ (ঞুণ্)}

চাটু[৩] [চাটু] *বি* তেলো; চেটো। { হি. চটু>}

চাটুজ্জে, চাটুয্যে, চাটুজ্যে [চাটুজ্‌জে] *বি* বাঙালি ব্রাহ্মণের উপাধিবিশেষ; চট্টোপাধ্যায়। { স. চট্টোপাধ্যায়>}

চাটুতি [চাটুতি] *বি* চাটুজ্যে (চাটুতি গ্রাম নিবাসী এই অর্থে); চট্টোপাধ্যায়। { ⇒চট্ট}

চাটূক্তি [চাটুক্‌তি] *বি* ১ তোষামোদপূর্ণ বাক্য; খোশামুদে কথা। ২ কপট স্তুতি; কৃত্রিম প্রশংসা। { স. চাটু+উক্তি}

চাট্টি, চাট্টে [চাট্‌টি, –ট্টে] *বিণ* ১ চারটি পরিমাণ; ৪ সংখ্যক। ২ অল্প কিছু; সামান্য (চাট্টি ভাত দাও)। ~**খানি**, ~**খানিক** *বিণ* ১ সামান্য। ২ ছোটখাট বা অল্পস্বল্প। { স. চতুর্>বা. চার+টি>চাট্টি}

চাড়, চাঁড়, চাড়া[১] [চাড়্, চাঁ–, চাড়া] *বি* ১ ভারী বস্তু উত্তোলনের জন্য বা বলপূর্বক কোনো কিছু খোলার জন্য দেওয়া বিশেষ চাপ বা জোর (চাড় দেওয়া)। ২ তাগাদা;

পুনঃপুন অনুরোধ (মাজানের চাড়ে আমার সাদির জন্য ---*নই*)। ৩ উৎসাহ; উদ্যম; যত্ন; চেষ্টা বা আগ্রহ; গরজ (লেখা পড়ার চাড়)। ৪ চাপ; ভার; বোঝা (কাজের চাড়)। {*স.* চাপ>}

চাড়া[২] [চাড়া] *বি* ১ উচানো; উত্তোলন; উচ্চ বা ঊর্ধ্বকরণ (মাথা চাড়া দেওয়া)। ২ ঠেকনা; ঠেস; অবলম্বন (চাড়া দিয়া খাড়া রাখা)। ❑ *ক্রি* উঁচু করা; উত্তোলন করা। **মাথা ~ দিয়ে ওঠা** *ক্রি* বেশি বেড়ে ওঠা; সমস্ত বাধা-বিঘ্ন কেটে বৃদ্ধি পাওয়া; অন্যের অনিচ্ছা বা বাধা সত্ত্বেও গর্বভরে উন্নতি করা। {*স.* চাপ>}

চাড়ি [চাড়ি] *বি* মাটির বড় গামলা; নাদ (গরুর চাড়িতে পানি দিতে—*কাজাও*)। {*পা.* চাটি>}

চাতক [চাতোক] *বি* এক প্রকার পাখি; কবি কল্পনায় চাতক বৃষ্টির পানি ভিন্ন অন্য পানি পান করে না। **চাতকী, চাতকিনী** *স্ত্রী.* (মেঘ হেরি ঝুরে চাতকিনী—*নই*)। {*স.* √চত্+অক(ণ্বুল্)}

চাতর[১] [চাতোর] *বি* ১ চত্বর; ময়দান (চতুষ্পার্শ্বে গোলাগঞ্জ শহর বাজার নগর চাতর ও বাগ বাগিচা--*রাম*)। ২ হাট; বাজার (গাহন্ত মঙ্গল সবে চাতরে চাতর —*কাদৌ*)। {*স.* চত্বর>}

চাতর[২] [চাতোর] *বি* চক্র; চাতুরী জাল; ফাঁদ (কোটালের পড়িলে চাতরে—*ভারা*)। {*স.* চতুর+অ(অণ্); *হি.* চাতর}

চাতাল [চাতাল] *বি* ১ চত্বর; চবুতর (বিস্তীর্ণ চাতাল ভাঙা—*মনিরুজ্জামান*)। ২ শান বাঁধানো বসবার জায়গা; বাঁধানো ও অনাচ্ছাদিত বেদি। ৩ রোয়াক; বাঁধানো বারান্দা বা উঠান। {*স.* চত্বর>*প্রা.* চত্তর>চাতার>চাতাল}

চাতুর[১] [চাতুর] *বি* চার চাকাবিশিষ্ট গাড়ি। {*স.* চতুঃ>}

চাতুর[২] [চাতুর] *বিণ* চতুর; নিপুণ {*স.* চাতুর্য>}

চাতুরী, চাতুর্য [চাতুরি, –তুরজো] *বি* ১ চতুরতা। ২ নৈপুণ্য; দক্ষতা; কুশলতা (শিল্প চাতুর্য)। ৩ কৌশল; কায়দা; চালাকি (স্বার্থ সাধনের একটা চাতুরী বলিয়াই জানে—*রঠা*)। ৪ শঠতা; ধূর্ততা। {*স.* চতুর+অ (অণ্) চাতুর+বা ঈ; চতুর+য (ষ্যঞ্)=চাতুর্য}

চাতুর্বর্ণ্য [চাতুর্‌বরনো] *বি* ১ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—হিন্দু শাস্ত্রানুসারে এই চার বর্ণ। ২ চতুর্বর্ণের পালনীয় ধর্মকর্মাদি। ❑ *বিণ* চতুর্বর্ণ সম্বন্ধীয়। **চাতুর্মাস্যা** *বি* চাতুর্মাস্য ব্রত। {*স.* চতুর্বর্ণ+য(ষ্যঞ্)}

চাতুর্মাস্য [চাতুর্‌মাশশো] *বি* চারি মাসে নিষ্পন্ন করার বা চার মাসব্যাপী পালনীয় এক প্রকার ব্রত। **চাতুর্মাস্যা** *বি* চাতুর্মাস্য ব্রত। {চতুর্মাস+অ(অণ্)+য}

চাদর [চাদোর্] *বি* ১ দেহের ঊর্ধ্বাংশে ব্যবহার্য এক প্রকার বস্ত্র; উড়ানি; উত্তরীয় (গলার বা গায়ের চাদর)। ২ আবরণ; আস্তরণ (বিছানার চাদর)। ৩ ধাতু ইত্যাদির পাত (একটা পিতলের চাদরের ঘটী—*বিব*)। {*ফা.* চাদর্ چادر}

চান[১] [চান্] *বি* স্নান; অবগাহন (চানের জল তুলে আনছে —*অঠা*)। {*স.* স্নান>}

চান[২] [চান্] *বি* চাঁদ। {*স.* চন্দ্র>}

চানক [চানোক্] (*প্রাবা.*) *বি* চন্দ্রক; চন্দ্রাতপ; চাঁদোয়া (চানক দিল মানিক ভাণ্ডার পুকুর আড়ার উপর—*রাপ*)। {*স.* চন্দ্রক}

চানকা [চান্‌কা] *বি* ১ দ্বারসংলগ্ন ছাদবিশিষ্ট অল্পায়তন চত্বর; গাড়ি বারান্দা। ২ উদ্যান বা গৃহ প্রাঙ্গণের ক্ষুদ্র ক্ষুদ্র মণ্ডলাকৃতি চত্বর বা ভূখণ্ড (খানিকটা জমিতে নানা আকারের চানকায় সূর্যমুখী রজনীগন্ধা, গাঁদা দোপাটি—*রঠা*)। ৩ বাঁশের চাঁচ বা চেঁচাড়ি নির্মিত খিলান-আকৃতি মঞ্চ—যা অবলম্বন করে লতাবল্লরি উপরে ওঠে। {*স.* চন্দ্রক>}

চানকানো [চান্‌কানো] *ক্রি* ১ জড়তা বা আলস্যের ভাব দূর করা; সতেজ বা ঝরঝরে করে তোলা (চানকে তোলে মন—*সদ*)। ২ উজ্জ্বল করা বা চমকানো। ৩ প্রস্ফুট করা। ৪ অল্প গরম করা বা সামান্য ভাজা। ৫ ভাজার সময়ে খোলা হতে মুড়ি উঠানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। {*হি.* চানকানা}

চানা [চানা] *বি* ছোলা; বুট। **~চুর** *বি* বুটের ডাল বাদাম ইত্যাদি ভেজে প্রস্তুত খাদ্যবিশেষ। {*স.* চণক>}

চান্দ, চান্দা[১] [চানদ্, চান্‌দা] (*ব্র.*) *বি* চাঁদ। {*স.* চন্দ্র>}

চান্দশ [চান্‌দেশ্] *বি* ঘরের প্রস্থের দিকের সীমা (ঘরের আলাদা দরজা ছিল না; একদিকে চান্দশ সবটাই খোলা ছিল—*ইখাঁ*)। {*স.* চন্দ্র>}

চান্দোয়া [চান্‌দোয়া] (*মবা.*) *বি* চাঁদোয়া; শামিয়ানা; চন্দ্রাতপ (চারি খাট পরে চারি চান্দোয়া অদ্ভুত—*দৌবাখা*)। {*স.* চন্দ্রাতপ>}

চান্দ্র [চানদ্রো] *বিণ* চন্দ্র সম্পর্কিত। ❑ *বি* চন্দ্রের গতি দ্বারা নিরূপিত (চান্দ্র মাস)। {*স.* চন্দ্র+অ(অণ্)}

চান্দ্রবৎসর [চানদ্রোবত্‌শোর্] *বি* চাঁদের হিসাবে গণনা করা হয় এমন বৎসর; যেমন হিজরি চান্দ্রবৎসর। মুহররম, সফর, রবিউল আউয়াল, রবিউসসানি, জুমাদিউল আউয়াল, জুমাদিউস সানি, রজব, শাবান, রমজান, শাওয়াল, জুলকাদ ও জুলহাজ্জ—এই দ্বাদশ চান্দ্র মাসে (সাধারণত ৩৫৫ দিনে) এক হিজরি চান্দ্রবৎসর হয়। প্রতি বছর চন্দ্রবৎসর গণনার সঙ্গে সৌরবৎসর গণনার এগারো দিনের পার্থক্য ঘটে। {*স.* চান্দ্র+বৎসর; *কর্মধা.*}

চান্দ্রমাস [চানদ্রোমাশ্] *বি* চন্দ্রের গতি দ্বারা নিরূপিত মাস (এক নব চন্দ্রোদয় থেকে আরম্ভ করে অন্য নব চন্দ্রোদয় পর্যন্ত ঊনত্রিশ বা ত্রিশদিনে চান্দ্রমাস হয়। হিন্দুমতে শুক্লা প্রতিপদ থেকে অমাবস্যা পর্যন্ত এক চান্দ্রমাস হয়)। {*স.* চান্দ্র+মাস; *কর্মধা.*}

চান্দ্রায়ণ [চানদ্রায়োন্] *বি* ১ হিন্দুদের এক প্রকার ব্রত বা প্রায়শ্চিত্ত (তোর মুখ দেখিলে চান্দ্রায়ণ করিতে হয়—*প্যামি*)। ২ চান্দ্রমাসব্যাপী চন্দ্রের হ্রাস-বৃদ্ধি দ্বারা নিয়ন্ত্রিত ব্রতবিশেষ। **চান্দ্রায়ণিক** *বিণ* চান্দ্রায়ণব্রতে দীক্ষিত বা উক্ত ব্রতধারী। {*স.* চন্দ্র+আয়ন; *বহু*}

চাপ[১] [চাপ্] *বি* ১ ধনুক; ধনু। ২ (*জ্যা.*) বৃত্তের পরিধির যে কোনো অংশ; arc। {*স.* √চপ্+অ (অণ্)}

চাপ[২] [চাপ্] *বি* ১ ভার; বোঝা। ২ পেষণ; পীড়ন (পদ

চাপ)। ৩ প্রেসার; pressure; প্রেষ (রক্ত চাপ)। ৪ পীড়াপীড়ি; নির্বন্ধাতিশয্য; পরোক্ষ পীড়ন (চাপ দিয়ে রাজি করানো)। ৫ জমাট বস্তু; চাঙড় (রক্তের চাপ, মাটির চাপ)। □ *বিণ* ঘন; জমাট (চাপ দাড়ি, চাপ বুনট)। **–দাড়ি, চাঁপদাড়ি** *বি* সমস্ত চিবুক ও চোয়ালজোড়া দাড়ি; ঘন শ্মশ্রু (চাঁপদাড়িতে সুসজ্জিত—*বিপ*)। {*ফা.* চাপীদন چپیدن }

চাপকান [চাপ্‌কান্] *বি* কাঁধ থেকে হাঁটু পর্যন্ত লম্বা জামাবিশেষ (চোগা চাপকান টুপীর আশ্রয় লন—*মীম*)। {*ফা.* চপ্‌কন چپکن }

চাপটি, চাপটী, চাপটালি [চাপ্‌টি, –, চাপ্‌টালি] *বি* উবু হয়ে পা মুড়ে আসনে উপবেশন (চাপটি খেয়ে বসে ঘাসের উপর গাছের ছায়া দেখে—*অচিসে*)। {চাপ[২]+টি}

চাপড়, চাপট [চাপোড়্, –ট্] *বি* চড়; থাপ্পড়; করতল দ্বারা আঘাত (বুকে পৃষ্ঠে মারে দেবী বজ্র চাপড় – *বিগু*)। {*স.* চপট>*প্রা.* চপ্পড়>}

চাপড়া, চাবড়া [চাপ্‌ড়া, –] *বি* চাপ বাঁধা খণ্ড বা দলা বা চাঙড় (মাটির চাপড়া)। {চাপ[২]+ড়া}

চাপড়ানো [চাপ্‌ড়ানো] *ক্রি* থাপ্পড় বা চাপড় মারা বা মারতে থাকা। □ *বি, বিণ* উক্ত অর্থে। **কপাল ~** *ক্রি* দুর্ভাগ্যের জন্য কপালে করাঘাত করা; মন্দভাগ্যের বা ক্ষতির জন্য আফসোস করা। **বুক ~** *ক্রি* শোক হেতু বুকে চাপড় মারা। {*স.* চপট>*বা.* চাপড়+আনো}

চাপড়ি [চাপ্‌ড়ি] *বি* চাপটা (আটার চাপড়ি—*ইখাঁ*)। {চাপ[২]+ড়ি}

চাপদাড়ি ⇒ চাপ[২]

চাপদার [চাপ্‌দার্] *বি* ধনুর্ধর; তীরন্দাজ (আসাবরদার ও চাপদার—শিপাহিরা সমস্ত ডাণ্ডাইল—*রাম*)। {*স.* চাপ+*ফা.* দার دار }

চাপন [চাপোন্] *বি* ১ পীড়ন; চাপ প্রদান, ভারার্পণ (নানা মতের চাপনে – *অঠা*)। ২ টিপন। ৩ আরোহণ। ৪ আক্রমণ (গজবর চাপনে পড়িলে মশানে, পদাতিক লাখে লাখ—*কমু*)। {চাপ[১] অন; *ফা.* চাপীদন্ چاپیدن }

চাপড়া *(মবা.)* [চাপ্‌ড়া] *বি* ছাপরা ঘর; খোলায় ছাওয়া ঘর (চাপরা এড়িয়া পাইলা এ খাটি বিছান—*শেফ*)। {*স.* খর্পর}

চাপরাস, চাপরাশ [চাপ্‌রাশ্] *বি* ১ পদজ্ঞাপক চিহ্ন; তকমা। ২ ভৃত্যদের দ্বারা ধারণীয় পরিচয় অঙ্কিত ধাতুফলক; badge (একটা ভাল বয় রাখিবেন তার চাপরাস চাই—*মাউ*)। **চাপরাসি, চাপরাশি** *বি* পেয়াদা; আরদালি; পিয়ন; বেয়ারার {তৎক্ষণাৎ চাপরাশিকে আদেশ করিলেন—*রঠা*)। {*ফা.* চপরাস چپراس }

চাপল্য, চাপল [চাপোল্‌লো, চাপোল্] *বি* ১ চাঞ্চল্য; চপলতা। ২ প্রগল্‌ভতা; বাকচাতুরী। ৩ অস্থিরতা; ছটফটানি। ৪ ঔদ্ধত্য; ধৃষ্টতা। ৫ অবিমৃষ্যকারিতা; হঠকারিতা। {*স.* চপল+য (ষ্যঞ্)= চাপল্য; *স.* চপল+অ (অণ্)}

চাপা [চাপা] *ক্রি* ১ চাপ দেওয়া; ভার রাখা; ভর দেওয়া (কাঁধে চাপা)। ২ ঠাসা; গাদা (চেপে ভরা)। ৩ টেপা বা পেষা (পায়ে চেপে মারা)। ৪ ঢাকা; লুকানো; গোপন করা (দুঃখ চাপা)। ৫ জোড়া; ব্যাপ্ত করা; বিস্তৃত হওয়া বা ছাওয়া (পঞ্চগৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা—*কৃও*)। ৬ আরোহণ করা (গাড়িতে চাপা)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ অনতিস্ফুট; অনুচ্চ ও অর্থময়; গোপন ব্যঞ্জনাপূর্ণ (আমায় দেখে চাপা হাসি হাসলেন—*অঠা*)। ২ অব্যক্ত; অস্পষ্ট (চাপা কান্না)। ৩ অবরুদ্ধ; বদ্ধ (চাপা গলা)। ৪ আচ্ছাদিত; আবৃত (ধামা চাপা)। ৫ সংকীর্ণ (চাপা গলা)। ৬ গুপ্তভাবে প্রবাহিত; অলক্ষ্যে সঞ্চরমাণ (চাপা অসন্তোষ, চাপা আক্রোশ) ৭ চ্যাপটা; বসা; টোল খাওয়া (পৃথিবী উত্তর দক্ষিণে কিঞ্চিৎ চাপা)। ৮ অব্যক্ত; রুদ্ধ; অপ্রকাশিত (চাপা বেদনা)। ৯ আপন অনুভূতি বা সংবাদ প্রকাশ করে না এমন (চাপা লোক)। **~চাপি** *বি* ১ পীড়াপীড়ি; বারংবার অনুরোধ। ২ ঢাকাঢাকি; গোপনতা; লুকোচুরি। ৩ ঠাসাঠাসি; ঘেঁষাঘেঁষি। **~চুপি** *বি* ১ ঢাকাঢুকি; আবরণ; গোপন করবার বিবিধ চেষ্টা (চাপাচুপি দিয়ে রাখা)। ২ পুরু আস্তরণে আচ্ছাদন বা উত্তমরূপে আবৃতকরণ। **~ দেওয়া** *ক্রি* ১ আচ্ছাদিত করা; আবৃত করা। ২ গোপন করা; লুকানো। **~ পড়া** *ক্রি* ১ ঢেকে যাওয়া; আবৃত হওয়া; দৃষ্টির আড়ালে পড়ে যাওয়া (নানান কাগজপত্রে চাপা পড়া)। ২ বিস্মৃত হওয়া; স্মরণাতীত হওয়া; অনুল্লেখ্য হওয়া (কথা চাপা পড়া)। ৩ পিষ্ট বা প্রোথিত হওয়া (গাড়ি চাপা পড়া, মাটি চাপা পড়া)। ৪ নিবৃত্ত হওয়া; ক্ষান্ত বা স্থগিত হওয়া (কৌতূহল চাপা পড়া)। **~বাজি** *বি* মিথ্যা উক্তি দ্বারা প্রবঞ্চনা। **চেপে/চাপিয়া বসা** *ক্রি* ১ ঠেসে বসা। ২ বহুক্ষণের জন্য বসা। ৩ জুড়ে বা এঁটে বসা; না উঠবার মতলবে বসা। ৪ পুরাদস্তুর অধিকার বা আয়ত্ত করা। **চেপে যাওয়া** *ক্রি* গোপন করে যাওয়া। **ঘাড়ে ~** *ক্রি* গলগ্রহ হওয়া। {√চাপ+*বা.* আ}

চাপাটি, চাপাতি [চাপাটি, –তি] *বি* ১ হাতে চাপড়িয়ে তৈরি রুটি (কাঠের কয়লায় চুলা জ্বালাইয়া শাশুড়ি বউ রোজ চা ও চাপাতি তৈরি করিতে বসিয়া যায়—*শামা*)। ২ এক প্রকার বড় দাও; কাটারি। {*স.* চপটি>; *ফা.* চপাতী چپاتی }

চাপান[১] [চাপান্] *বি* ১ প্রশ্ন সমাধানের ভার অর্পণ; কবিগান তরজা প্রভৃতির লড়াইয়ে এক পক্ষ অপর পক্ষকে সমাধানের জন্য যে সমস্যা প্রদান করে। ২ যা চাপিয়ে দেওয়া হয়েছে বা হয়। {√চাপা+অন}

চাপানো, চাপান[২] [চাপানো] *ক্রি* ১ বোঝাই বা পূর্ণ করা (গাধার পিঠে বা গাড়িতে চাপানো)। ২ স্থাপন করা (মাথায় চাপানো)। ৩ আরোপ করা; নিক্ষেপ করা; অর্পণ করা (কলঙ্ক চাপানো)। ৪ এক ধারে সরানো (গাড়ি চাপানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√চাপা+আনো}

চাপিল [চাপিল্] *বিণ* চাপা; সংকীর্ণ পরিসর (ঘরখানা প্রস্থে একেবারে চাপিল)। {চাপ+আল>}

চাবকান ⇒ চাবুক

চাবি, চাবিকাঠি [চাবি, চাবিকাঠি] *বি* ১ তালা বন্ধ করবার ও খুলবার যন্ত্রবিশেষ; কুঞ্চি; কুঞ্চিকা। ২ যন্ত্রাদি নিয়ন্ত্রণ বা চালু করবার কলবিশেষ (ঘড়ির চাবি)। ~**তালা** *বি* কুলুপ আঁটা স্থান; প্রকৃষ্টরূপে বন্ধ কোটর (ভারতবর্ষে সচরাচর জ্ঞান চাবি তালার ভিতর বন্ধ থাকে—*বচ*)। {*পো.* chave}

চাবুক [চাবুক্] *বি* ১ কশা, বেত, চামড়া প্রভৃতি দিয়ে তৈরি প্রহরণ; ঘোড়া চালাবার প্রহরণ; whip (দড় বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক *ভারা*)। ২ বেত্রাঘাত (চাবুক খাওয়া)। ৩ মর্মস্পর্শী তিরস্কার বা আঘাত (কথার চাবুক)। **চাবকানো, চাবকান** *ক্রি* চাবুক দিয়ে প্রহার করা। □*বি,বিণ* উক্ত অর্থে। **চাবকানি** *বি* চাবুক দিয়ে প্রহার। ~**সোয়ার** *বি* দক্ষ আরোহী; expert horseman or horse-breaker, jockey (সমুখে ফিরায়ে ঘোড়া চাবুক সোয়ার—*ভারা*)। {*ফা.* চাবুক+সাৱার چابکسوار }

চাম [চাম্] *বি* চর্ম; ত্বক (কাঁকনের ঘায়ে ছিড়িয়া বুকের চাম—*জউ*)। ~**দড়ি** *বি* ১ চামের দড়ি; তাঁতের দড়ি। ২ তাঁতের দড়ির মতো পাকানো ও চিকন; চামের দড়ির মতো কৃশ চেহারা (রোদে ঘুরে ঘুরে একেবারে চামদড়ি হয়ে গেছ যে)। **চামসা, চিমসা, চিমসে** *বিণ* ১ শুকনা চামড়ার মতো (চিমসে গন্ধ)। ২ রোগা; শুকনা (চিমসে চেহারা)। {*স.* চর্ম>; *ফা.* চর্ম چرم }

চামচ, চামচে[১] [চামোচ, চাম্চে] *বি* ক্ষুদ্র হাতা; চামিচ। {*স.* চমস>, *ফা.* চাম্চাহ্ چمچه }

চামচা, চামচে[২] [চাম্চা, চাম্চে] *বি* তোষামোদকারী; মোসাহেব; চেলা। {*স.* চমস>; *ফা.* চম্চহ্}

চামচিকা, চামচিকে [চাম্চিকা, -কে] *বি* বাদুড়জাতীয় ক্ষুদ্র জীব। {*স.* চর্মচটিকা>}

চামচিটে [চাম্চিটে] *বিণ* অত্যন্ত চিটচিটে বা আঠালো; ত্বকের সঙ্গে লেগে থাকে এমন। **চামচিটেল** *বিণ* চামচিটের মতো স্বভাববিশিষ্ট (তুমি যে দেখছি চিটে গুড়ের চেয়েও চামচিটেল—*নই*)। {*স.* চর্ম>*বা.* চাম+চিটা+ইয়া>এ}

চামটি [চাম্টি] *বি* ক্ষৌরকার্যের সরঞ্জাম রাখার থলি (গিরি নাপিত সুপারীর খোলের তৈরি ক্ষুরের চামটি হইতে নরুন বাহির করিয়া *আমআ*)। {*স.* চর্মপটী}

চামড়া [চাম্ড়া] *বি* ১ চর্ম; চাম; ত্বক। ২ ছাল (হরিণের চামড়া)। {*স.* চর্ম>}

চামর [চামোর্] *বি* চমরী গরুর পুচ্ছ দিয়ে তৈরি ব্যজনী বা পাখাবিশেষ। **চামরিণী** *বি,বিণ* চামর দিয়ে বাতাস করে যে নারী (ডুলাইছে কাঁদি চামরিণী সুচামর *মদ*)। **চামরী** (-রিন্) *বিণ* চামরযুক্ত। □*বি* ঘোড়া; অশ্ব। {*স.* চমরী+অ (অণ্)}

চামাটি, চামাতি *বি* ১ চামড়ার পট্টি; চর্মময় বন্ধনী। ২ ক্ষুর ঘষার জন্য ব্যবহৃত চর্মখণ্ড। {*স.* চর্মপত্র>}

চামার [চামার্] *বি* মুচি; চর্মকার। □*বি,বিণ* ১ (*আল.*) নিষ্ঠুর; অতিশয় নির্দয়; অত্যন্ত নীচ ব্যক্তি। ২ অতি কৃপণ। **চামারনি, চামারনী** *স্ত্রী*। {*স.* চর্মার; চর্মকার>}

চামুক্ষ [চামুক্খো] *বি* চাবুক; চামনির্মিত প্রহরণ (জখমে চামুক্ষ মারি আসিতে লাগীলা—*সৈসু*)। {*স.* চর্ম+√উক্ষ+অ (অচ্)=চর্মোক্ষ>}

চামুণ্ডা [চামুন্ডা] *বি* ১ হিন্দুদেবী দুর্গার রূপবিশেষ। ২ উগ্র রমণী। □*বিণ* উগ্রস্বভাবা (চামুণ্ডা রণরঙ্গিণী ভাবী সাহেবা—*নই*)। {*স.* চণ্ড+মুণ্ড+আ}

চামেলি [চামেলি] *বি* জুঁই বা মল্লিকাজাতীয় ক্ষুদ্র পুষ্প; জাতি ফুল। {*হি.* চমেলী}

চাম্পা (*মবা.*) [চাম্পা] *বি* চাঁপা ফুল; চম্পা (লবঙ্গ, গোলাপ চাম্পা সতবর্গ যূথী—*সৈআ*)। {*স.* চম্পক>}

চায় ⇒ চাওয়া (ক্রিয়ার বর্তমান কালের প্রথম পুরুষে)

চায়না [চায়্না] *বি* চীন দেশ। {*ই.* China}

চায়েন ⇒ চয়েন

চার,[১] **চারি** [চার্, চারি] *বি,বিণ* ৪ সংখ্যা বা সংখ্যক। ~**আনা** *বি* ১ সিকি ভাগ। ২ এক টাকার চার ভাগের এক ভাগ। ~**আনি** *বি* ১ চার আনা বা সিকি টাকা মূল্যের মুদ্রা। ২ চার ভাগের এক ভাগ। ~**ইয়ারি,** ~**ইয়ারী** *বিণ* চারজন বন্ধু-সম্পর্কিত (চার ইয়ারী কথা—*প্রচৌ*)। ~**কোনা/ণা** *বিণ* ১ চার কোণসম্বলিত; চতুষ্কোণ; চৌকা। ২ চতুর্দিক (চার কোনা ঘেরে ঝাড়ু দেওয়া)। ~**চালা** *বিণ* ১ চারদিকে চার চালবিশিষ্ট। □*বি* ঐরূপ ঘর। ~ **চোখে দেখা** *ক্রি* বিশেষ কৃপার দৃষ্টিতে দেখা (অন্যায় বাড়াবাড়ি করে কোন একজনকে চার চোখে দেখতেন না—*শেক*)। ~**চৌকা,** ~**চৌকো** *বিণ* সমচতুষ্কোণ। **চারটা, চারটে** *বি* চার ঘটিকা। □*বিণ* অল্প কিছু। **চারটি, চাট্টি** *বিণ* কিছু পরিমাণ; অল্প পরিমাণ; সামান্য কিছু (আর চাট্টি ভাত দাও)। ~**তরফ** *বি* চতুর্দিক; সব দিক; চার অংশ। ~ **দেওয়ারি** *বি* আঙ্গিনা; চার দেয়ালে ঘেরা স্থান। ~**পায়া,** ~**পাই** *বি* চারপায়াযুক্ত খাটিয়াবিশেষ (দড়ির চারপাই—*অঠা*)। **চারপো,** ~ **পোয়া** *বিণ* ১ এক সের। ২ সম্পূর্ণ; ভরা। ~**সন্ধ্যা** *বি* প্রভাত মধ্যাহ্ন সন্ধ্যা ও মধ্যরাত (হিন্দু ব্যবহারে)। ~ **হাত এক করা**—বিয়ে দেওয়া। ~**হাতে** *ক্রিবিণ* বিচার-বিবেচনা ত্যাগ করে বা নির্বিচারে এবং সাপটিয়ে। ~**ভিত** *বি* চতুর্দিক বা এদিক সেদিক; চারপাশ। {*স.* চতুর্>*প্রা.* চত্তার, চত্তারি>}

চার[২] [চার্] *বি* গুপ্তচর; গোয়েন্দা। {*স.* √চর্+অ(অণ্)}

চার[৩] [চার্] *বি* ১ মাছকে আকর্ষণ করবার উপযোগী গন্ধযুক্ত মসলা। ২ জলাশয়াদির যে স্থানে চার ফেলা হয়েছে (ইহাদেরই দোষে মাছ বসে নাক চারে—*নই*)। {*হি.* চারা}

চার[৪] ⇒ চারা[৩]

চারক [চারোক্] *বিণ* ১ পশু চরায় এমন (গো-চারক, পশু চারক)। □*বি* পিয়াল গাছ। {*স.* চার+ক (কন্)}

চারণ[১] [চারোন্] *বি* স্তুতি-পাঠক, দেশের জাতির বা বংশ বিশেষের কীর্তিগায়ক, গানে যারা ব্যক্তি বা দেশের মহিমা প্রচার করে। {*স.* √চর্+ণিচ্+অন(ল্যুট্)}

চারণ[২], **চারণা**[১] [চারোন্, -না] *বি* ১ পশু চরানোর কাজ (গোচারণ)। ২ পশু চরানোর মাঠ; চারণ ভূমি। {*স.* চারণ[১]; চারণ+*বা.* আ}

চারণ[৩], **চারণা**[২] [চারোন্, -না] *বি* চালনা বা সঞ্চালন (পদচারণ)। { *স.* চারণ[১]}

চার শত, চারশো [চারশতো,-শো] *বি, বিণ* ৪০০ সংখ্যা বা সংখ্যক। ~ **বিশ** *বি, বিণ* দণ্ডবিধির ৪২০ ধারার বর্ণনামতো অপরাধী; প্রতারক। { চার+শত>}

চারা[১] [চারা] *বি* ১ কচি গাছ; ছোট গাছ। ২ মাছের পোনা বা বাচ্চা। □ *বিণ* নবজাত বা ক্ষুদ্র (ধান পাটের চারাগুলো পুড়ে লাল হয়ে যাচ্ছে—*শাহ*)। { *টিপরা,* চেরা (যেমন— চেরাপুঞ্জি, চেরাই)}

চারা[২], **চার** [চারা, চার্] *বি* ১ উপায়; গতি (প্রত্যক্ষ প্রমাণে বিশ্বাস না ক'রে চারা কি ?—*শেক*)। ২ প্রতিকার; প্রতিবিধান (যাহা করিয়াছি তাহার আর চারা নাই— *ঈর্বি*)। **বেচারা** *বিণ* নিরুপায়। **লাচার, নাচার** *বিণ* নিরুপায়, শক্তিহীন। { *ফা.* চারাহ্ چاره }

চারা[৩], **চার** [চারা, চার্] *বি* পশুর বা মাছের খাদ্য; মাছের টোপ। { *হি.* চারা}

চারানো [চারানো] *ক্রি* ১ ব্যাপ্ত হওয়া; বিস্তৃত হওয়া; ছড়িয়ে পড়া। ২ সকলের উপরে বা সর্বত্র ছড়িয়ে পড়া। {চার+আনো}

চারি ⇒ চার[১]

চারিত [চারিতো] *বিণ* ১ ছড়ানো হয়েছে এমন। ২ সঞ্চারিত; সংক্রমিত। ৩ চালিত। ৪ বিস্তৃত; ব্যাপ্ত। { *স.* √চর্+ণিচ্+ত (ক্ত)}

চারিত্র, চারিত্র্য [চারিত্ত্রো] *বি* ১ চরিত্র। ২ পুণ্যময় স্বভাব; মহৎ গুণাবলি; সদাচার (উত্তরাধিকারসূত্রে আমরা পাই চারিত্র—*সুদ*)। **চারিত্রিক** *বিণ* চরিত্রগত; চরিত্র সম্পর্কিত। { *স.* চরিত্র+অ(অণ্), চরিত্র+য (ষ্যঞ্)}

চারী(-রিন্) [চারি] *বিণ* ১ ভ্রমণকারী; বিচরণকারী (পথচারী)। ২ পালনকারী বা আচরণকারী (ব্রহ্মচারী)। **চারিণী** *বিণ স্ত্রী.*। { *স.* √চর্+ইন্ (ণিনি)}

চারু [চারু] *বিণ* ১ মনোহর; সুন্দর; শোভন; সুদর্শন; কমনীয় (পুলকের বারিধারা এলো চারু চক্ষে—*সিক্তা*)। ২ ললিত; কোমল; ক্লান্ত; সুকুমার (চারুকলা)। ৩ সৎ; সু; উত্তম। **চারুকলা, চারুশিল্প** *বি* চিত্রাঙ্কনাদি সুকুমার শিল্প; ললিতকলা; fine arts। **চারুতা** *বি*। **চারুনেত্র** *বিণ* মনোহর বা সুন্দর চক্ষুযুক্ত; সুনয়ন। **চারুনেত্রা** *স্ত্রী.* (চারুনেত্রা দেবী—*মদ*)। **চারুশীলা** *বিণ স্ত্রী.* সৎস্বভাবা; কমনীয় বা সুকুমার স্বভাববিশিষ্ট। { *স.* √চর্+উ(ঞুণ্)}

চারো [চারো] *বি* মাছ ধরার কাজে ব্যবহৃত বাঁশের তৈরি নানা ধরনের ফাঁদ (ধান গাছ মাঝে চারো পেতে থুয়ে চাপা দেছে তারপরে—*বআমি*)। { *আঞ্চ.*; *তুল. হি.* চারা}

চার্চ [চারচ্] *বি* খ্রিস্টান সম্প্রদায়ের উপাসনাগৃহ; গির্জা। { *ই.* church}

চার্জ [চার্জ] *বি* ১ দায়িত্ব কর্তব্য বা কার্যভার। ২ অভিযোগ। ৩ মূল্য বা পারিশ্রমিক বা মাসুল। ৪ তত্ত্বাবধান। ৫ দোষারোপ। { *ই.* charge}

চার্বাক [চারবাক্] *বি* ১ একজন নাস্তিক মুনি; আত্মা পরলোক প্রভৃতিতে অবিশ্বাসী প্রসিদ্ধ মুনি। ২ জড়বাদী। **চার্বাকী** *বিণ* চার্বাকসুলভ (এই চার্বাকী মতবাদ প্রচার —*সেমু*)। { *স.* চারু+বাক; *বহু.*}

চার্ম[১] [চারমো] *বিণ* চামড়াসম্পর্কিত বা চর্মময়। { *স.* চর্ম+অ(অণ্)}

চার্ম[২] [চারম্] *বি* মোহিনী-শক্তি; আকর্ষণ। **চার্মিং** *বিণ* মুগ্ধকর। { *ই.* charm}

চাল[১], **চাউল, চাইল** [চাল্, চাউল্, চাইল্] *বি* একপ্রকার শস্য, যা রান্না করলে ভাত হয়; তণ্ডুল। ~ **পড়া** *বি* মন্ত্র বা দোয়া পড়ে ফু দেওয়া চাল। ~ **চিঁড়ে বেঁধে যাওয়া** *ক্রি* প্রয়োজনীয় সব কিছু সঙ্গে নিয়ে দূরবর্তী স্থানে যাওয়া। **আতপ** ~ *বি* ধান সিদ্ধ না করে রোদ্রে শুকিয়ে যে চাল তৈরি করা হয়। **সিদ্ধ** ~ *বি* ধান সিদ্ধ করে শুকিয়ে যে চাল প্রস্তুত হয়। ~**মুগরা** *বি* একপ্রকার ছোট গাছ—এর বীজ খোস-পাঁচড়া নিবারক ভেষজ হিসাবে খ্যাত। { *স.* তণ্ডুল>*প্রাবা.* তাঁড়ুল>তাউল>; *সাওতালি.* চেল}

চাল[২] [চাল] *বি* ১ গৃহাদির কাঁচা ছাদ; বাঁশ, খড়, শণ, কাশ ইত্যাদি দ্বারা আচ্ছাদিত ঘরের ছাদ। ২ হিন্দু প্রতিমার পিছনের দৃশ্যপট (চালচিত্র)। ~**কুমড়া** *বি* ছাঁচি বা দেশি কুমড়া। ~**কুমড়ি করা** *ক্রি* উপর থেকে নিচে গড়িয়ে দেওয়া, যেভাবে কুমড়া গড়িয়ে পড়ে। ~ **কেটে উঠানো** *ক্রি* ভিটেমাটি উচ্ছন্ন করা; উৎসন্ন বা উদ্বাস্তু করা। ~**চিত্র** *বি* ১ প্রতিমার পিছন দিকের পট বা চিত্র। ২ পশ্চাৎপট; background। ৩ হালচাল; বর্তমান পরিস্থিতির রূপরেখা। ~**চুলা,** ~**চুলো** *বি* আশ্রয় ও খাদ্য সংস্থান; আহার ও বাসের ব্যবস্থা। ~**চুলা নেই**—বৃত্তিহীন বেকার যার ঠিকানা ও বৃত্তি নেই। **চালের বাতা** *বি* কাঁচা ঘরের ছাদসংযুক্ত বাঁশ বা কাঠের লম্বা লম্বা ফালি। { *স.* √চল্+অ(ঘঞ্)}

চাল[৩] [চাল] *বি* ১ চলন; ধারা; রীতি; প্রথা; জীবনযাত্রা পদ্ধতি; আচার-ব্যবহার (সাবেক চাল)। ২ গতি; ভঙ্গি (দ্রুত চাল)। ৩ ধরন; ঢঙ; রকম (বলেন বটে কথা বার্তা অস্মৎ দেশীয় চালে—*রঠা*)। ৪ মিথ্যা বড়াই বা আড়ম্বর প্রকাশ (চাল মারা)। ৫ অভিজাত বা আড়ম্বরপূর্ণ বা শৌখিন জীবনযাত্রা পদ্ধতি (হাওয়া খেয়ে ঘুর ঘুর করাকেই এরা বলে চাল—*অঠা*)। ৬ দাবা বা পাশার দান। ৭ কৌশল; ফন্দি; কার্যোদ্ধার বা বাজিমাত করবার মতো ঘুঁটি চালা (উৎপীড়নে কোনই সুফল ফলিল না দেখিয়া এইবার তাহারা এক নতুন চাল চালিল—*আমো*)। ~ **কমানো** *ক্রি* ১ জীবনযাত্রার আড়ম্বর হ্রাস করা। ২ খরচ কমানো; ব্যয় সংকোচ করা। ~**চলন** *বি* ১ রীতি-নীতি; আচার ব্যবহার (সাবেক চাল-চলন—*রঠা*)। ২ মতিগতি □ *বিণ* প্রকৃতি; স্বভাব; চরিত্র। ~ **চালা** *ক্রি* ফন্দি খাটানো; কৌশল প্রয়োগ করা (কি মজার চালই চালা হয়েছে— *মীম*)। ~ **দেওয়া** *ক্রি* ১ মিথ্যা বড়াই বা বাহাদুরি করা। ২ চালাকি খাটানো। ৩ দাবা পাশা ইত্যাদি খেলায় দান দেওয়া। ~**বাজ, চালিয়াত** *বিণ* ১ মিথ্যা জাঁক করে এরূপ। ২ ফাঁকিবাজ; ঠক। ৩ ফন্দিবাজ। ~ **বাড়ানো** *ক্রি* জীবনযাত্রার মান উচ্চ করা; চলাফেরার আড়ম্বর বৃদ্ধি করা; বায়বাহুল্য দ্বারা আচার-ব্যবহারের পরিবর্তন ঘটানো। ~**মাৎ** *ক্রি* ১ কৌশলে কার্যোদ্ধার হওয়া। □ *বি* জয়; বিপক্ষের পরাজয়। □ *বিণ* দাবাখেলায় রাজার অচল অবস্থাবিশেষ। ~ **মারা** *ক্রি* ১ চালিয়াতি করা;

বড়াই করা। ২ ফাঁকি দেওয়া; চালাকি করা। {স. √চল্+অ(ঘঞ্)}

চালক [চালোক] *বি,বিণ* ১ নিয়ন্ত্রণকারী; নিয়ামক; পরিচালক (রাষ্ট্র চালক)। ২ চালনাকারী (শকট চালক)। {স. √চল্+ণিচ্+অক(ণ্বুল্)}

চালতা, চালতে ⟹ চালিতা

চালন, চালনা [চালোন, চালোনা] *বি* ১ সঞ্চালন; চালানো; নাড়ানো বা নাড়াচাড়া করা (পদ চালন)। ২ প্রয়োগ বা ব্যবহারকরণ (অসি চালন)। ৩ অনুশীলন; চর্চা; খাটানো (মস্তিষ্ক চালনা, দেহ চালনা)। ৪ পরিচালনা; নিয়ন্ত্রণ (রাজ্য চালনা)। ৫ প্রেরণ; অপসারণ বা স্থানান্তরিতকরণ (সৈন্য চালনা)। ৬ শস্যাদি ছাঁকবার বড় ছিদ্রযুক্ত ছাঁকনি; বাঁশ বা তারের বৃহদাকার ছাঁকনি। **চালনীয়** *বিণ* চালনা করার উপযুক্ত। {স. √চালি+অন(ল্যুট্)}

চালনি, চালুনি, চালনী [চাল্‌নি, চালুনি, -ল্‌নি] *বি* ১ খাদ্যবস্তুর অপ্রয়োজনীয় বা অখাদ্য অংশ ছেঁকে ফেলবার কাজে ব্যবহৃত ছিদ্রবহুল পাত্রবিশেষ। ~ **বলে ছুঁচ তোমার পিছনে (পোঁদে/মার্গে) কেন ছেঁদা** নিজে অধিকতর দোষে দোষী হয়েও পরের ছিদ্রান্বেষণ ও দোষকীর্তন করা। {চালন+ই; মুণ্ডারি চালা}

চালমুগরা, চাউল মুগরা ⟹ চাল

চালশে, চালিশা [চাল্‌শে, চালিশা] *বি* ১ চল্লিশ বৎসর বয়ঃক্রমকালে উৎপন্ন দৃষ্টির ক্ষীণতা। ২ অধিক বয়সের দৃষ্টিক্ষীণতা। ~ **ধরা** *ক্রি* ১ দৃষ্টিক্ষীণতা জন্মানো। ২ চল্লিশ বছর বয়সজনিত দৃষ্টির আচ্ছন্নতা ঘটা। ~**লাগা** *বিণ* বয়সের আধিক্যবশত ক্ষীণদৃষ্টিসম্পন্ন (চোখে চালসে লাগা হাবড়া —*নই*)। {স. চত্বারিংশৎ>চল্লিশ+বা. ইয়া>এ; তুল. হি. চালীস}

চালা[১] [চালা] *ক্রি* ১ চালনা করা; নাড়া; সঞ্চালন করা (চম্পক অঙ্গুলি চেলে শুষ্ক শীর্ণ চুলে—*মহী*)। ২ ছাঁকা; চেলে বা ছেঁকে খাদ্য বস্তু থেকে অপ্রয়োজনীয় কণা পৃথক করা। ৩ দাবা পাশার দান দেওয়া; এক ঘর থেকে অন্য ঘরে ঘুঁটি চালনা করা। ৪ প্রয়োগ করা; খাটানো (কি মজার চালই চালা হচ্ছে—*মীম*)। ৫ মন্ত্রশক্তি প্রয়োগে গতিশীল করা (কড়ি চালা)। ৬ ভর্ৎসনা করা; তিরস্কার করা (সভারেই ঠাকুর চালেন অনুক্ষণে—*বৃন্দা*)। ~**চালি** *বি* ১ নাড়ানাড়ি; চালনা; নাড়াচাড়া; ইতস্তত সঞ্চালন। ২ আদান-প্রদান বা আলোচনা (কথা চালাচালি)। ৩ বদলাবদলি; পরিবর্তন (রাজ্য নিয়ে যে হাত চালাচালি —*রঠা*)। {স. চালি>প্রা. চাল>}

চালা[২] [চালা] *বিণ* তৃণ ইত্যাদি দ্বারা নির্মিত চালযুক্ত বা ছাদবিশিষ্ট (চালা ঘর)। ☐ *বি* তৃণ বা খড়ের চালবিশিষ্ট ঘর বা ছাউনি (এক চালা, চৌচালা)। **এক~** *বি,বিণ* এক চালাবিশিষ্ট। **আট~** *বি,বিণ* আটটি চাল দ্বারা প্রস্তুত। {চাল[২]+আ}

চালা[৩] [চালা] *ক্রি* কাঠ চেরা; চেলা করা; চেরা (কর্পূর কাঠের তক্তা চেরা সিন্দুক গড়বে—*অঠা*)। {স. চীর>}

চালা[৪] [চালা] *বি* ছোটো চালুনি। {মুণ্ডারি চালা}

চালাক [চালাক] *বিণ* ১ বুদ্ধিমান। ২ চতুর; ধূর্ত; কুটিল বুদ্ধিসম্পন্ন। ~ **চতুর** *বিণ* চটপটে ও বুদ্ধিমান। ~**চোস্ত** *বিণ* ১ বুদ্ধিমান ও চটপটে (চালাক চোস্ত ছেলে—*অচিসে*)। **চালাকি, চালাকী** *বি* ১ চাতুরী; চালবাজি; ধূর্তামি; ধূর্ততা। ২ কৌশল; ফন্দি। **উপর-~** *বিণ* অগভীর বুদ্ধি বা জ্ঞানসম্পন্ন; চালাকরূপে প্রতীয়মান। {ফা. চালাকি چالاکی }

চালান [চালান] *বি* ১ পাঠানো; প্রেরণ। ২ রপ্তানি; বিক্রয়ার্থে মাল প্রেরণ। ৩ অপরাধীকে গ্রেপ্তার করে পুলিশে পাঠানো; বিচারার্থে প্রেরণ (চৌকীদারের হাওলা করে চালান দেবে—*মীম*)। ৪ প্রেরিত মালের মূল্যসহ তালিকা; বিস্তৃত বিবরণসহ প্রেরিত মালের ফর্দ; জায়; invoice। ৫ খাজনারূপে জমা দেওয়ার বা প্রেরণের মাশুল (দরখাস্তের চালান)। {ফা. চালান چالان }

চালানো [চালানো] *ক্রি* ১ ক্রিয়াশীল করা; চালু করা; গতিময় করা (মেশিন চালানো)। ২ পরিচালন করা; চালনা করা (আন্দোলন চালানো)। ৩ নির্বাহ সম্পাদন বা কার্য সাধন করা (ভরণ পোষণ চালানো)। ৪ ক্রমাগত করতে থাকা; চালিয়ে যাওয়া (গালগল্প চালানো)। ৫ ব্যবহার বা প্রয়োগ করা (ক্ষমতা চালানো)। ৬ প্রবর্তন করা; প্রচলিত করা (নিয়ম চালানো; রেওয়াজ চালানো)। ৭ নিয়ন্ত্রণ করা; নিয়মিত করা (চালাও সে পথে যে পথে তোমার প্রিয়জন গেছে চলি—*গোমো*)। ৮ গছানো; কৌশলে অপরকে গ্রহণ করানো (জাল নোট চালানো)। ৯ মন্ত্রবলে সচল করা (বাটি চালানো)। ☐ *বিণ* উল্লিখিত অর্থে। {স. √চালা+আনো}

চালানি, চালানী [চালানি] *বিণ* ১ চালানসংক্রান্ত। ২ রপ্তানিকৃত; রপ্তানি করা হয়েছে এমন। ☐ *বি* চালানোর উপযুক্ত বা রপ্তানির জন্য প্রস্তুত। {চালান+ই}

চালিত [চালিতো] *বিণ* চালনা করা হয়েছে এমন। {স. √চালি+ত (ক্ত)}

চালিতা, চালতা, চালতে [চালিতা, চাল্‌তা, -তে] *বি* অম্লস্বাদবিশিষ্ট গোলাকার ফলবিশেষ। {স. চরিত্র}

চালিয়াত, চালিয়াৎ [চালিয়াত্] *বিণ* চালবাজি; অতিশয় তৎপর ও মিথ্যা জাঁকে পূর্ণ। **চালিয়াতি** *বি* ১ চালবাজি; মিথ্যা জাঁক; চটপটে ভাব ও লোক দেখানো আড়ম্বর। ☐ *বিণ* চালিয়াতসুলভ (মন্মথর চালিয়াতি কথা বার্তায় —*বিব*)। {চাল[৩]+ইয়াত (<স. বৎ); 'জালিয়াত' ইত্যাদি শব্দের সাদৃশ্যে গঠিত।}

চালু [চালু] *বিণ* ১ চলিত; প্রচলিত; প্রবর্তিত (নিয়ম চালু করা)। ২ কাটতি বা চাহিদা বা চালু আছে এরূপ; চলতি (চালু ডিজাইন)। ৩ সচল; চলন্ত (কল চালু করা বা রাখা)। ৪ কর্মচঞ্চল; গতি বা বৃদ্ধিশীল (চালু কারবার)। ৫ চটপটে ও মিশুক; অপরের মন জয় করে কার্যোদ্ধারে পটু। ~ **মাল** *বি* ১ বাজারে কাটতি আছে এমন পণ্য। ২ (*অশি.*) চাল-চলনে অপরকে মুগ্ধ করে আপন কার্যোদ্ধারে দক্ষ ব্যক্তি। {√চল্+ণিচ্=চলা+উ; তুল. হি. চালু}

চালুনি ⇒ চালনি

চাশত [চাশ্‌ত্] *বি* দিনের প্রথম প্রহর (চাশতের নামাজের পর রান্না বান্নায় সাহায্য করতেন—*শাআ*)। { *ফা.* চাশ্‌ত্ چاشت }

চাশনাই [চাশ্‌নাই] *বি* ১ লবণ, মরিচ, তেল, পেঁয়াজ সহযোগে চটকানো সিদ্ধ মাছের সঙ্গে ডাল, আলু, বেগুন বা অন্যান্য সবজির ভর্তা। ২ চাটনি। { *ফা.* চাশ্‌নী چاشنی }

চাষ[১] [চাশ্] *বি* ১ কৃষি; ভূমি কর্ষণ; আবাদ। ২ উৎপাদন (ফলের চাষ)। ৩ চর্চা; অনুশীলন (মগজের চাষ)। ~-**আবাদ, চাষাবাদ** *বি* ভূমি চষে বীজ বা চারা রোপণ; কৃষিকার্য। -**বাস** *বি* কৃষিকাজ; কৃষিকর্ম দ্বারা জীবিকা নির্বাহ। { *স.* √চষ্‌+অ(ঘঞ্) }

চাষ[২] [চাশ্] *বি* পাখিবিশেষ; নীলকণ্ঠ বা সোনা চড়াই পাখি। { *স.* √চাষি+অ(অচ্); *ধ্বন্যা.* }

চাষা, চাষি [চাশা, চাশি] *বি* ১ কর্ষক; কৃষক; ভূমি কর্ষণকারী ব্যক্তি। ২ মূর্খ; অশিক্ষিত বা অমার্জিত লোক (রাজার তনয় বটে রাজবংশে চাষা—*ভারা*)। **চাষাড়ে** *বিণ* ১ চাষার মতো। ২ অশিক্ষিত; মূর্খ। ৩ অমার্জিত; অসভ্য; গ্রাম্য। ৪ গোঁয়ার। ৫ স্থূল রকম চড়া বা উগ্র (বিলিতী মাস্টার্ডের ঝাঁজ চাষাড়ে—*সৈমু*)। -**ভুষা**, ~**ভুষো** *বি* ১ চাষা ও ঐ শ্রেণির অমার্জিত লোক। ২ অশিক্ষিত সাধারণ জন; গ্রাম্য মূর্খ লোক। { *স.* √চষ্‌+অ=চাষ+ই }

চাহন[১], **চাওন** [চাহোন্, চায়োন্] *বি* ১ প্রার্থনা; যাচ্ঞা। ২ ইচ্ছা; আকাঙ্ক্ষা; অভিলাষ। **চাহা** *ক্রি* চাওয়া; ইচ্ছা করা; প্রার্থনা করা (মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে —*রঠা*)। { √চাহ্‌+অন }

চাহন[২] [চাহোন্] *বি* ১ অবলোকন; দর্শন; দৃষ্টিপাত। ২ চক্ষুরুন্মীলন; দৃষ্টি মেলা। **চাহনি, চাউনি** *বি* নজর; দৃষ্টিপাত; তাকাবার ভঙ্গি বা ধরন। { √চাহ্‌+অন }

চাহা [চাহা] *বি* কাদাখোঁচা পাখি; চ্যাগা পাখি; snipe। { *স.* চক্ষ> ? }

চাহারম, চহরম [চাহারম, চহোরম্] *বিণ* ১ চতুর্থী; মৃতের জন্য চতুর্থ দিনে কৃত্য (শুধালো হাতেমতায়ী চাহারম সওয়াল বানুর—*ফআ*)। ২ চতুর্থ শ্রেণিভুক্ত। ~**জমি** *বিণ* চতুর্থ শ্রেণির অর্থাৎ নিকৃষ্ট (জমি)। { *ফা.* চহারুম چهارم }

চাহিদা [চাহিদা] *বি* ১ আবশ্যক; প্রয়োজন। ২ টান; বাজারে প্রয়োজনীয় পরিমাণ দ্রব্যের অভাব বা অপ্রতুলতা বা ঘাটতি; demand। { *বা.* চাহ্ ধাতুর সঙ্গে হিন্দি 'চাহিতা'-র 'ইতা' (ইদা) যোগ করে হওয়া সম্ভব }

চিংড়ি, চিংড়ী, চিঙ্গট [চিঙড়ি, চিঙগ্‌ড়ি, চিঙ্‌গট্] *বি* ১ মাছরূপে পরিচিত এবং ভক্ষ্য এরূপ জলচর প্রাণীবিশেষ; ইঁচা মাছ। ২ ক্ষুদ্র ও চঞ্চল প্রাণী; ছোটখাট ও ছটফটে মানুষ (দুটি জর্মন চ্যাংড়া একটি চিংড়িকে নিয়ে রেস্তোরাঁয় ঢুকল —*সৈমু*)। **কুচা** ~, **কুচো** ~, **ঘুষা** ~ *বি* খুবই ছোট চিংড়ি। **গলদা** ~ *বি* মোটা মাথাবিশিষ্ট বড় চিংড়ি। **বাগদা** ~ *বি* বৃহদাকার চিংড়ি মাছ; গায়ে বাঘের গায়ের মতো লম্বা দাগবিশিষ্ট চিংড়ি। { *স.* চিঙ্গট> }

চিঁ, চিঁচিঁ [চিঁ, চিঁচিঁ] *অব্য* ক্ষীণ আর্তধ্বনি বা আর্তস্বর (রোগীর চিঁচিঁ করিয়া কথা বলা; পাখির চিঁচিঁ শব্দ)। { *ধ্বন্যা.* }

চিঁড়া, চিড়া, চিঁড়ে, চিড়ে [চিড়া, চি-, চিঁড়ে, চি-] *বি* চিপিটক; ভিজা ধান ঈষৎ ভেজে ঢেঁকিতে কুটে চ্যাপটা করা সুপরিচিত খাদ্যদ্রব্য। ~ **কোটা** *বি* ঢেঁকিতে ধান চ্যাপটা করে চিঁড়া প্রস্তুত করা। ~ **চ্যাপটা/ চেপটা** *বিণ* ১ চিঁড়ার মতো চ্যাপটা; অত্যন্ত চ্যাপটা। ২ সম্পূর্ণ নির্জীব বা নিঃশেষে দলিত বা পিষ্ট। **চিঁড়ের/চিড়ের বাইশ ফের**—সরল জিনিস কঠিন করা; বাইশ বার ফিরিয়ে দুই পাল্লায় ওজন করে বাড়ানো। **কথায় চিঁড়ে ভেজে না**—শুধু মুখের কথায় কাজ হয় না এই ভাবজ্ঞাপক। { *স.* চিপিটক> }

চিঁহি, চিঁহিঁহিঁ [চিঁহি, চিঁহিঁহিঁ] *বি, অব্য* হ্রেষাধ্বনি; ঘোড়ার ডাক। { *ধ্বন্যা.* }

চিক[১] [চিক্] *বি* কণ্ঠভূষণবিশেষ। { চিকটিক> ? }

চিক[২], **চীক** [চিক্] *বি* ১ বাঁশের শলাকার পর্দা (উভয়ে এক চিকের আড়ালে বসিয়া বাই নাচ দেখিবেন—*মীম*)। { *তু.* চিক چیق }

চিকচিক [চিক্‌চিক্] *অব্য* ১ পাখির ডাকের শব্দ। ২ দীপ্তিময়তা ও মসৃণভাবব্যঞ্জক। **চিকচিকে** *বিণ* ১ চিক্কণ; তেলের আধিক্যবশত লাবণ্য আভাযুক্ত। ২ পূর্ণ স্বাস্থ্য বা সজীবতাবশত গাত্র বর্ণের ঔজ্জ্বল্যযুক্ত (মোটা সোটা চিকচিকে হাঁস—*অঠা*)। { *ধ্বন্যা.* }

চিকণ ⇒ চিকন

চিকন[১] [চিকন্] *(অপ্র) বিণ* ১ চকচকে; উজ্জ্বল; দীপ্তিময়। ২ উজ্জ্বল ও মসৃণ; লাবণ্যপূর্ণ (দেহখানি তার চিকন কালা—*রঠা*)। ৩ সুন্দর; সুশ্রী; মনোহর (চিকন কালা)। ~**কালা** *বি* শ্যামসুন্দর; মনোহর; শ্রীকৃষ্ণ। ~ **চাকন** *বিণ* সুন্দর ও সুগঠন; সুশ্রী ও মসৃণ গঠন; শোভন ও সুঠাম (চিকন চাকন গঠনখানি—*জউ*)। { *স.* চিক্কণ> }

চিকন[২] [চিকন্] *বিণ* ১ মিহি; লঘু; পাতলা; ফুরফুরে; সরু (চিকন আলের পথে—*রখা*)। ২ কাপড়ের উপর সূক্ষ্ম সূচিকর্মবিশেষ; বস্ত্রাদির উপর সূচের সূক্ষ্ম কারুকার্য। **চিকিনিয়া, চিকনীয়া** *বিণ* ১ চিকন; মনোহর। ২ চিকনের কারুকার্যময়; চিকনের সূক্ষ্ম কারুখচিত (মাথায় চিকনিয়া চাঁদ পাল্লা টুপি —*কাই*)। { *ফা.* চিকিন, চিকীন چکین }

চিকনাই ⇒ চেকনা

চিকমিক, চিকিমিকি [চিক্‌মিক্, চিকিমিকি] *অব্য* ১ ক্ষণে ক্ষণে দ্যুতি প্রকাশ; ঝিকমিক (চিকমিক করে বালু—*রঠা*)। **চিকমিকে** *বিণ*। **চিকমিকিয়ে** *অক্রি* চিকমিক করে (চিক্‌মিকিয়ে চিক্‌মিকিয়ে রে! —*সদ*)। { *তু.* চক্‌মাক چقمق }

চিকরুনি [চিকরুনি] *বি* চিৎকার; চিক্কুর (দাদার চিকরুনি দেখে—*দীমি*)। { *স.* চীৎকার }

চিকা [চিকা] *বি* ১ ছুঁচা; ছুঁচো; গন্ধমূষিক। ২ গুণ চিহ্ন (×); ঢেরা চিহ্ন। { *ধ্বন্যা.*; তুল. *স.* চিক্কির }

চিকা মারা [চিকামারা] *ক্রি* ১ স্লোগান ইত্যাদি দেয়ালে

লেখা। ২ ছাপমারা। ৩ ঢেরা চিহ্ন (×) দেওয়া। {*স.* চক্র>*বা.* চিকা+মারা}

চিকারি [চিকারি] *বি* সেতারের সন্নিবিষ্ট প্রধান তারসমূহের অতিরিক্ত ক্ষুদ্র ক্ষুদ্র তার (যাঁরা রাগ আলাপ করেন; চিকারির ঝনঝনানি তাঁদের কানে অসহ্য—*প্রচৌ*)। {*হি* চিকারী}

চিকিচ্ছে [চিকিচ্ছে] *বি* চিকিৎসা। {*স.* চিকিৎসা>}

চিকিৎসা [চিকিত্শা] *বি* রোগ নিরাময়ের নিমিত্ত গৃহীত ব্যবস্থাদি; ঔষধ প্রয়োগ বা অস্ত্রোপচার ইত্যাদি দ্বারা রোগ দূরীকরণ চেষ্টা। **চিকিৎসক** *বি* চিকিৎসাকারী; ডাক্তার; বৈদ্য; ভিষক। **চিকিৎসনীয়, চিকিৎস্য** *বিণ* ১ চিকিৎসা করা চলে বা করা উচিত এমন; চিকিৎসার যোগ্য; চিকিৎসাসাধ্য। ২ চিকিৎসা করতে হবে বা করা হবে এমন। **~ধীন** *বিণ* চিকিৎসা চলছে এমন। **~লয়, ~গার** *বি* যে স্থানে চিকিৎসা করা হয়; ডাক্তারখানা; চিকিৎসার ব্যবস্থা আছে এরূপ ঔষধালয়। **~শাস্ত্র** *বি* রোগ বা তার ঔষধ বিষয়ক বিজ্ঞান; চিকিৎসা বিজ্ঞান। **চিকিৎসিত** *বিণ* চিকিৎসা করা হয়েছে এমন। {*স.* √কিৎ+সন+আ(টাপ্)}

চিকিমিকি ⇒ চিকমিক

চিকীর্ষা [চিকিরশা] *বি* করার ইচ্ছা (উপচিকীর্ষা)। **চিকীর্ষিত** *বিণ* করবার অভিপ্রায় রয়েছে এমন; অভিপ্রেত; অভিলষিত। **চিকীর্ষু** *বিণ* করতে ইচ্ছুক এমন। {*স.* √কৃ+সন্+অ+আ(টাপ্)}

চিকুর [চিকুর্] *বি* ১ চুল; কেশ; কুন্তল। ২ বিজলি; বিদ্যুৎ; তড়িৎ (চিকুর ঝিকেমিকে চকিয়া দিকে দিকে—*রঠা*)। **~জাল** *বি* কেশপাশ; কেশদাম; কেশগুচ্ছ। **~ঝালা** *বি* বিদ্যুদ্দীপ্ত; বিদ্যুৎ চমকানি। {*স.* চি+√কুর্+অ (ক)}

চিক্কণ [চিক্কন্] *বিণ* ১ চিকন; মসৃণ; চকচকে (চিক্কণ চারু শিলার ললাটে—*সদ*)। ২ স্নিগ্ধ; শোভন; মনোহর। ৩ লাবণ্যপূর্ণ। **চিক্কণতা** *বি* ঔজ্জ্বল্য ও পারিপাট্য (বেশভূষার চিক্কণতা—*রঠা*)। {*স.* চিৎ+কণ}

চিক্কার [চিক্কার্] *বি* চিৎকার (পদভরে ক্ষিতি লড়ে চিক্কার ছাড়িয়া চলে—*কাদা*)। {*স.* চিৎকার>চিচ্কার>}

চিক্কুর[১] [চিককুর্] *বি* তীব্র বিদ্যুৎ বা বজ্র (মন চিক্কুর হানে —*মোম*)। {*স.* চি+√কুর্+অ}

চিক্কুর[২] [চিককুর্] *বি* তীব্র চিৎকার; আর্তচিৎকার। **~দেওয়া বা মারা** *ক্রি* তীব্র চিৎকার দেওয়া; আর্তচিৎকার করা। {*স.* চিৎকার>*প্রা.* চিক্কার}

চিখ [চিখ্] *বি* চিৎকার (চিখ মেরে কাঁদে- *নই*)। {*স.* চীৎকার>}

চিঙ্গট, চিঙ্গড় [চিঙ্গট, চিঙ্গড়্] *বি* চিংড়ি। **চিঙ্গটি** *বি* ছোট চিংড়ি। {*স.* চিঙ্গট}

চিচিংগা, চিচিঙ্গা, চিচিংগে, চিচিঙ্গে [চিচিঙ্গা, -, -ঙ্গে, -] *বি* লম্বাকৃতি সবজিবিশেষ (চিচিঙ্গের মতন বেণী দুলছিল—*নই*)। {*স.* চিচিণ্ড>}

চিচিং ফাঁক, চিচিং-ফাঁক [চিচিঙ্ফাঁক] *বি* ১ প্রসিদ্ধ আলিবাবা নাটকে উল্লিখিত দরজা খোলার গুপ্তমন্ত্র। ২ (গুপ্ত বিষয়) প্রকাশিত বা উন্মোচিত (আমার সবকিছু যেন চিচিং-ফাঁক না হয়ে যায়—*নই*)। {আরব্যোপন্যাসের শব্দ *ই* open sesame শব্দের ভাবানুবাদ বলে ধারণা করা হয়}

চিচিঙ্গা, চিচিঙ্গে ⇒ চিচিংগা

চিচ্ছক্তি [চিচ্ছোকতি] *বি* চৈতন্যশক্তি; চিৎরূপা শক্তি। {*স.* চিৎ৲শক্তি; *কর্মধা.*}

চিজ[১], **চীজ**[১] [চিজ] *বি* ১ সামগ্রী; দ্রব্য; পদার্থ; উপকরণ (হায়রে পুঁজিব কিসে কোন চীজ নাই—*ভারা*; ভুঁইচাঁপা কি চিজ চিনি না—*ইখাঁ*)। ২ মূল্যবান বস্তু বা সামগ্রী। ৩ (*অাল.*) মন্দ বা অদ্ভুত লোক; ধূর্ত বা শঠ ব্যক্তি (বুঝলে একটি চিজ বটে—সহজ নয়—*রঠা*)। {*ফা.* চীজ্ چیز}

চিজ[২], **চীজ**[২] [চিজ্] *বি* পনির। {*ই* cheese}

চিট[১] [চিট্] *বি* ১ কাগজের ক্ষুদ্র টুকরা; চিরকুট। ২ ক্ষুদ্র পত্র। {*হি* চিট্; *ই* chit}

চিট[২], **চিটচিট** [চিট্, চিট্চিট্] *বি* আঠালো বা আঠা আঠা ভাব; চটচটে। **চিটচিটে** *বিণ* আঠালো; আঠার ভাব; সামান্য চটচটে। {জট্>চট্>; *ধ্বন্যা.*}

চিটা[১], **চিটে**[১] [চিটা, চিটে] *বিণ* ১ ঈষৎ চটচটে; আঠালো। ২ মলিন। □ *বি* ১ চিটাগুড়; তামাকে ব্যবহৃত গুড়বিশেষ; মাতগুড়; কাইট; ক্বাথ। **চিটাগুড়** *বি* তামাক পাতায় ব্যবহৃত ঘন কৃষ্ণবর্ণ ঝোলা গুড়বিশেষ। {*বা.* চিট[২]+আ}

চিটা[২], **চিটে**[২] [চিটা, -টে] *বিণ* শুষ্ক; অসার বা খোসা সার। □ *বি* শস্যশূন্য ধান; আগড়া; চালশূন্য ধান; যে ধানে চাল নেই। □ *ক্রি* ধানের রোগবিশেষ। {*স.* চিপিট>}

চিঠা [চিঠা] *বি* ১ হিসাব বই বা লেনদেনের হিসাব রক্ষার খাতা। ২ ক্ষুদ্র চিঠি। ৩ প্রমাণপত্র বা আদেশপত্র। ৪ ফর্দ; তালিকা; ফিরিস্তি। ৫ জমি জরিপের বিবরণপত্র; গাঁয়ের মানচিত্র। **হাত~, হাতচিঠি** *বি* টাকা লেনদেনের জন্য ব্যবহৃত লেখা ক্ষুদ্র পত্র। {*হি* চিট্ঠা}

চিঠি [চিঠি] *বি* পত্র, লিপি। **~ চাপাটি, ~ চৌপাটি** *বি* চিঠি ও তজ্জাতীয় লেখা; চিঠি পত্রাদি (এখন আর চিঠি চৌপাটির দরকার নাই—*মীম*)। **উকিলের~** *বি* নালিশের ভয় দেখিয়ে উকিল দ্বারা প্রেরিত পত্র। **উড়ো~** *বি* বেনামি চিঠি; খোলাচিঠি (বাঁশবন তারে উড়োচিঠি দেয়—*জউ*)। {*হি* চিট্ঠী}

চিড় [চিড়্] *বি* ১ ফাটল; বিদারণ। ২ ফাট বা বিদারণের সরু চিহ্ন। **~ খাওয়া** *ক্রি* ১ ফাটা; ফাট ধরা। ২ বিদীর্ণ হওয়ার মতো যন্ত্রণা করা (বুকের কোন এক কোমল পর্দায় যেন চিড় খেয়ে উঠল—*নই*)। {*স.* চীর>}

চিড়চিড়, চিড়্চিড় [চিড়্চিড়্, চিড়্চিড়্] *অব্য* ১ ফাটার শব্দ। ২ ফাটার অনুভূতিসূচক শব্দ। {*ধ্বন্যা.*}

চিড়বিড় [চিড়্বিড়্] *অব্য* অসহ্য জ্বালা যন্ত্রণা ও চুলকানির অনুভূতিসূচক শব্দ। {*ধ্বন্যা.*}

চিড়া ⇒ চিঁড়া

চিড়িক [চিড়িক্] *বি* হঠাৎ ছুঁচ ফোটানোর মতো তীব্র যন্ত্রণা। {*ধ্বন্যা.*}

চিড়িমার [চিড়িমার্] *বি* পাখি শিকারি। {*হি* চিড়িয়া+*স.* মার}

চিড়িয়া [চিড়িয়া] *বি* পাখি (চিড়িয়া সকল, পাই পাকা

ফল—*সেআ*)। ~**খানা** *বি* পশুপক্ষিশালা; zoo; পশু, পাখি, সরীসৃপ প্রভৃতির দর্শনীয়ভাবে সংরক্ষণের স্থান। {*হি* চিড়িয়া}

চিড়েতন, চিড়িতন [চিড়েতন্, -ড়িতোন্] *বি* তাসের রংবিশেষ; club। {*স.* চিপিটিক; *হি* চিড়ী}

চিৎ[১] [চিত্] *বি* ১ চৈতন্য; বোধ (জীবে চিৎ এবং জড় মিলিত হয়েছে—*প্রচৌ*)। ২ চিত্ত; মন। ৩ জ্ঞান। ~**প্রকর্ষ** *বি* সংস্কৃতি; কৃষ্টি; culture। ২ চিত্তের উন্নতি; চিত্তের পরিণতি (একটি ঘটনার সংঘাতেই জাতীয় চিৎপ্রকর্ষ বিস্ফুরিত হতে দেখা যায়—*মুএ*)। {*স.* √চিৎ+ক্বিপ্}

চিত[১], **চিৎ**[২] [চিত্] *বিণ* ১ ঊর্ধ্বমুখী হয়ে মাটিতে পিঠ রেখে শয়ন। ২ চিত অবস্থায় শায়িত (তন্দ্রাবশে তক্তপোসে প্রচণ্ড পণ্ডিত চিৎ—*সদ*)। ৩ পরাজিত; পর্যুদস্ত; কাত (তোমার শত্রুরা এবার রণক্ষেত্রে চিৎ—*বচ*)। **চিতিয়ে পড়া** *ক্রি* আকাশের দিকে মুখ করে পড়া (শিলাতলে চিতিয়ে পড়ে ডানা ঝটপট করছে—*অঠা*)। ~**পাত, ~পটাং** *বিণ* ১ ঊর্ধ্বমুখ হয়ে পতিত বা পাতিত (মোল্লা দোপেয়াজা এবার চিৎপটাং হবেন—*ওআ*)। ২ জব্দ বা পর্যুদস্ত (উৎপাত করলে চিৎপাত হতে হবে—*মীম*)। **উৎপাতের কড়ি ~পাতে যায়**—অন্যায় পথে অর্জিত অর্থ বাজে কাজে নষ্ট হয়ে যায়। {*হি* ও *মৈথিলী* চিত}

চিত[২] [চিতো] *বি* 'চিত্ত' শব্দের কোমল রূপ (এই চিতগামী হবে যার স্বামী, দাসী হয়ে আমি সেবিব তারে—*ভারা*)। ~**সঞ্চিত** *বিণ* হৃদয়ের ধনস্বরূপ পরম প্রিয় বস্তু বা রতন (আমার চিতসঞ্চিত এসো—*রঠা*)। {*স.* চিত্ত}

চিত[৩] [চিতো] *বিণ* ১ চয়ন করা হয়েছে এমন; চয়িত; সংকলিত। ২ সঞ্চিত। ৩ রচিত। {*স.* √চি+ত (ক্ত)}

চিত[৪] ⟹ চিৎ[২]

চিতই [চিতোই] *বি* পিঠাবিশেষ (পাকানো পিঠা চিতই ইত্যাদি তৈয়ার করিতে লাগিয়া গেল—*কাআও*)। {*স.* চিত্রিত}

চিতল, চিথল [চিতল্, -থল্] *বি* সুস্বাদু মাছবিশেষ; ফলই আকৃতির বৃহৎ মাছ। {*স.* চিত্রফল>}

চিতা[১] [চিতা] *বি* শবদাহের অগ্নিকুণ্ড; মৃতদেহ দগ্ধ করার জন্য নির্মিত চুল্লি। ~**ভস্ম** *বি* মৃতদেহ চিতায় ভস্মীভূত করার পর সংগৃহীত ছাই। ~**রোহণ** *ক্রি* ১ চিতায় আরোহণ। ২ চিতায় প্রাণ বিসর্জন। **রাবণের ~** *বি* ১ হিন্দু বিশ্বাস অনুযায়ী চিরজ্বলন্ত রাবণের চিতা। ২ (*আল.*) চিরস্থায়ী মর্মযাতনা; অনন্ত যন্ত্রণা; যে মানসিক কষ্ট বা যন্ত্রণা কখনো দূর হয় না (লোকটির বুকের ভিতর যে রাবণের চিতা জ্বলছে তা আমি জানি—*আই*)। {*স.* √চি+ত (ক্ত)+আ (টাপ্)}

চিতা[২], **চিতে** [চিতা, -তে] *বি* ১ এক প্রকার গুল্ম (রাং-চিতা)। ২ কাপড় ভেজা থাকার ফলে যে তিলের মতো ক্ষুদ্র ক্ষুদ্র কালচে দাগ পড়ে; গাছে বা তার পাতায় ছাতা ধরা দাগ। ৩ মুখমণ্ডলে মেচেতার দাগ। {*স.* চিত্রক>*প্রা.* চিত্তঅ>}

চিতা[৩] [চিতা] *বি* সর্বাঙ্গে গোল কালো ছাপযুক্ত এক প্রকার হিংস্র গতিসম্পন্ন বাঘ (চিতাবাঘ)। {*স.* চিত্রক>*প্রা.* চিত্তঅ>}

চিতান, চিতেন [চিতান্, চিতেন্] *বি* গানে মহড়ার পর যে অংশ গলা ছেড়ে গাইতে হয়; কবিগানে উচ্চকণ্ঠে গীত সূচনা অংশ। {*স.* চিৎ+*বা.* আন}

চিতানো [চিতানো] *ক্রি* ১ চিত হওয়া বা করা। ২ স্ফীত করা; ফুলানো (বুক চিতানো)। ৩ তাস প্রভৃতি ফেলে দেখানো। □*বি* উক্ত সকল অর্থে। {√চিতা+আনো}

চিতি [চিতি] *বি* ১ গায়ে গোল গোল কালো দাগযুক্ত সাপবিশেষ। ২ এক প্রকার সাপ। {*স.* চিৎ+*বা.* আনো}

চিৎকার, চীৎকার [চিত্কার্] *বি* ১ উচ্চস্বর; চেঁচানি; রব। ২ গোলমাল; গণ্ডগোল; চেঁচামেচি; কোলাহল। {*স.* চিৎ+কার; *কর্মধা.*}

চিত্ত [চিত্তো] *বি* হৃদয়; মন; অন্তঃকরণ; আত্মা; প্রাণ (তবু ভরিল না চিত্ত—*রঠা*)। ~**ক্ষোভ** *বি* মনের আক্ষেপ বা দুঃখ; মনস্তাপ। ~**গুরু** (বিরল) *বি* বিবেক; conscience। ~**গ্রাহী** *বিণ* মর্মস্পর্শী; হৃদয়গ্রাহী বা চিত্তাকর্ষক। ~**চকোর** *বি* পিপাসিত হৃদয় বা ব্যাকুল হৃদয় (তোমার বদন সুধাকর সন্দর্শনেই আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে—*ঈবি*)। ~**চমৎকারী** *বিণ* ১ মনোহর; মনোমুগ্ধকর। ২ চিত্তে বিস্ময় সঞ্চার করে এমন। ~**চাঞ্চল্য** *বি* মনের অস্থিরতা বা বিচলন। ~**চালন** *বি* মানসিক বৃত্তির পরিচালনা বা অনুশীলন। ~**দমন** *বি* ১ হৃদয় সংবরণ; আত্মশাসন; মনঃসংযম। ২ কুপ্রবৃত্তি নিরোধ; প্রবল বাসনা সংবরণ; ইন্দ্রিয় জয়। ~**দাহ** *বি* অন্তর্জ্বালা; মনস্তাপ; মর্মপীড়া; মনের জ্বালা বা যন্ত্রণা; মানসিক তীব্র অশান্তি। ~**দোষ** *বি* মনের কলুষ বা বিকার। ~**দ্রাবক** *বিণ* হৃদয় দ্রবীভূত বা বিগলিত করে এমন। ~**নিরোধ** *বি* মনকে জাগতিক বিষয় থেকে প্রত্যাহার বা বিমুখকরণ। ~**পুত্তলি, ~পুত্তলিকা** *বি* ১ মনের অত্যধিক আদরের পাত্র; পরম স্নেহের ধন। ২ মনের পুতুল। ~**প্রসাদ** *বি* মানসিক প্রসন্নতা বা সন্তোষ; মনস্তুষ্টি। ~**বিকার** *বি* ১ মানসিক ব্যাধি; মানসিক বিভ্রম; মানসিক বৈগুণ্য; হৃদয়ের চাঞ্চল্য বা অস্থিরতা। ~**বিক্ষেপ** *বি* ১ মানসিক বিভ্রম। ২ মানসিক বিচলন বা হৃদয়ের অব্যবস্থিত অবস্থা। ৩ কোনো বিষয়ে মানসিক একাগ্রতার অভাব বা মনোযোগের অখণ্ডতার হানি। ~**বিনোদন** *বি* মনোরঞ্জন; মনস্তুষ্টি সাধন; হৃদয়ের প্রফুল্লতা সম্পাদন। ~**বিপ্লব** *বি* ১ মানসিক আন্দোলন বা বিক্ষোভ। ২ মানসিক বিকৃতি বা বুদ্ধিভ্রংশ। ~**বিভ্রম** *বি* মনের বিকার; বুদ্ধিভ্রংশ। ~**বিমোহন** *বি* ১ মনোমুগ্ধকরণ; মনোহরণ। □*বিণ* মনোহারী; মনোমুগ্ধকারী। ~**বৃত্তি** *বি* মনের ধর্ম; মনোবৃত্তি; হৃদয়ের প্রবণতা। ~**বৈকল্য** *বি* চিত্তবিকার; চিত্তবিভ্রম। ~**ব্যাসঙ্গ** *বি* হৃদয়ের অত্যানুরাগ বা অতি আসক্তি; হৃদয়ের অনুরাগ প্রাবল্য (এই সার্বক্ষণিক চিত্ত ব্যাসঙ্গ দ্বারা আমার একেবারে নিদ্রার উচ্ছেদ হইয়াছে—*ঈবি*)। ~**ভ্রংশ** *বি* চিত্তবিভ্রম; চিত্তবৈকল্য; হৃদয়বিকার। ~**রঙ্গিলা**

বিণ স্ত্রী. মনে সর্বদা আনন্দ বা রঙ্গপ্রিয়তা বিরাজমান এমন। ~**রঞ্জন** *বি* হৃদয়ের আনন্দ বিধান। ☐ *বিণ* চিত্তে আনন্দ সঞ্চার করে বা আনন্দ দান করে এমন। ~**রঞ্জিনীবৃত্তি** *বি* মানুষ মনের যে প্রকৃতি মানুষকে সৌন্দর্য ও আনন্দরস উপভোগে প্রবৃত্তি দেয়; aesthetics। ~**শুদ্ধি** *বি* ১ মানসিক পবিত্রতা; মনের নির্মলতা। ২ হৃদয়ের মালিন্য অপনোদন; হৃদয়গত কলুষ শোধন। ~**সংযম** *বি* হৃদয়ের কুপ্রবৃত্তির দমন। ~**স্থৈর্য** *বি* ১ হৃদয়ের অবিচলতা বা স্থির ভাব। ২ মানসিক উদ্বেগহীনতা বা প্রশান্তি। ~**হারী** *বিণ* ১ মনকে হরণ করে এমন; মনোহারী; মনভুলানো। ২ মনোহর। ~**হারিণী** *বিণ স্ত্রী.* (চিত্তহারিণী জাপানী বালিকা— *সদ*)। **চিত্তাকর্ষক** *বিণ* ১ মনোজ্ঞ; মনোহর। ২ কৌতূহলোদ্দীপক বা আগ্রহোদ্দীপক। **চিত্তাকর্ষণ** *বি*। চিত্তোদ্বেগ *বি* দুর্ভাবনা; চিত্তের অস্থিরতা; মানসিক চাঞ্চল্য। **চিত্তোন্নতি** *বি* মানসিক উন্নতি; চিত্তের উন্নত অবস্থা; হৃদয়ের উন্নতি। { *স.* √চিৎ+ত (ক্ত)}

চিত্তির [চিত্‌তির] *বিণ* বিচিত্র; আশ্চর্যজনক; বিস্ময়কর। ☐ *বি* বিচিত্র ব্যাপার; আশ্চর্য কাণ্ড (দাশু একটিং করবে? তাহলেই চিত্তির— *সুরা*)। { *স.* চিত্র>}

চিত্র [চিত্‌ত্রো] *বি* ১ ছবি; অঙ্কিত প্রতিকৃতি। ২ নকশা। ৩ তিলক; পত্রলেখা; চন্দনের ছাপ বা সজ্জা। ☐ *বিণ* ১ বিস্ময়কর; আশ্চর্যজনক; চমৎকার। ২ নানা বর্ণে রঞ্জিত; বিচিত্র। ~**কম্বল** *বি* বিচিত্র বর্ণের গালিচা; কার্পেট। ~**কর**, ~**কার**, ~**কৃৎ**, **চিত্রী** *বি* ছবি অঙ্কনকারী; পটুয়া; অঙ্কনশিল্পী; রং ও তুলির সাহায্যে প্রতিকৃতিকারী। ~**কলা** *বি* চিত্রাঙ্কনবিদ্যা; ছবি আঁকার বিদ্যা; চিত্রশিল্প। ~**কাব্য** *বি* ১ ছবির আকারে সজ্জিত পদবিশিষ্ট কবিতা; যে কবিতার পদসমূহ ছবির আকারে বিন্যস্ত হয়। ২ ব্যঙ্গ্যার্থহীন এবং শব্দার্থের আড়ম্বর প্রধান কবিতা বা কাব্য। ~**গত** *বিণ* চিত্রার্পিত বা চিত্রপটে অঙ্কিত। ~**গন্ধ** *বি* ১ হরিতাল। ২ চমৎকার বা মনোহর গন্ধ; সুগন্ধ। ~**দীপ** *বি* হিন্দুদের পূজায় ব্যবহৃত পঞ্চপ্রদীপের অন্যতম দীপ। ~**নেত্রা** *বি* পাখিবিশেষ; শালিক পাখি। ☐ *বিণ* সুন্দর চক্ষুবিশিষ্টা স্ত্রীলোক। ~**নৈপুণ্য** *বি* অঙ্কনপটুত্ব; অঙ্কনবিদ্যায় পারদর্শিতা। ~**পট** *বি* ১ যে বস্ত্রের উপর চিত্র অঙ্কন করা হয়; canvas। ২ চিত্রাঙ্কিত বস্ত্র। ৩ দৃশ্যপট; থিয়েটারের সিন। ~**পুত্তলিকা** *বি* ১ অঙ্কিত পুতুল বা প্রতিমূর্তি। ২ পটে অঙ্কিত মূর্তি। ~**ফলক** *বি* চিত্রপট বা চিত্রাঙ্কিত ধাতু বা কাষ্ঠখণ্ড (রাজা চিত্তবিনোদনার্থে ঐ চিত্রফলকে স্বহস্তে শকুন্তলার প্রতিমূর্তি চিত্রিত করিয়াছিলেন— *ঈবি*)। ~**বৎ** *বিণ* অঙ্কিত চিত্রের মতো অর্থাৎ নিস্পন্দ। ~**বিচিত্র** *বিণ* নানা রঙের নকশাযুক্ত। ~**বিদ/বিৎ** *বি* চিত্রশিল্পজ্ঞ; চিত্রাঙ্কন বিদ্যায় পারদর্শী। ~**বিদ্যা** *বি* চিত্রকলা অঙ্কন শিল্প। ~**ময়** *বিণ* ১ ছবিযুক্ত; ছবিতে সজ্জিত বা পরিপূর্ণ। ২ চিত্রের তুল্য। ৩ চিত্র দ্বারা বর্ণিত বা বিবৃত। ~**ময়ী** *স্ত্রী.*। ~**রথ** *বি* ১ সূর্য। ২ গন্ধর্ববিশেষ। ~**লিপি** *বি* ভাবপ্রকাশক চিহ্ন বা চিত্রপ্রকটন; pictograph (মাঝে মাঝে যে সমস্ত আঁকজোক পড়িত তাহার সঙ্গে প্রাচীন ঈজিপ্টের চিত্রলিপি ছাড়া আর কোনো বর্ণমালার সাদৃশ্য ছিল না— *রঠা*)। ~**শালা** *বি* ১ চিত্রকর যে স্থানে বসে বসে চিত্রাঙ্কন করেন; হাতে আঁকা বহু চিত্রের সংগ্রহ করা হয়েছে যে কক্ষে; studio। ২ চিত্র প্রদর্শন করার কক্ষ বা স্থান। ~**শালিকা** *বি* যে কক্ষে চিত্র সংগ্রহ করে রাখা হয়; চিত্র সংগ্রহশালা (রাজমহিষীর যে চিত্রশালিকা ছিল— *ঈবি*)। ~**শিল্পী** *বি* চিত্রী; চিত্রকর; ছবি অঙ্কনকারী। **আলোক~** *বি* ফটোগ্রাফ। **ছায়া~** *বি* সিনেমার ছবি। **জল~** *বি* পানিতে গোলা রং দিয়ে আঁকা চিত্র; water colour painting। **তৈল~** *বি* তেলে গোলা রং দিয়ে আঁকা চিত্র; oil-painting। **রেখা~** *বি* রেখা দ্বারা আঁকা চিত্র; sketch। { *স.* √চিত্র+অ(অচ)}

চিত্রক[1] [চিত্‌ত্রক্] *বি* চিতাবাঘ; leopard। { *স.* চিত্র+ক(কন)}

চিত্রক[2] [চিত্‌ত্রক] *বি* ফোঁটা; তিলক। { *স.* চিত্র+ক(কন)}

চিত্রক[3] [চিত্‌ত্রক] *বিণ* চিত্র অঙ্কনকারী; চিত্রশিল্পী। { *স.* চিত্র+অক(ণ্বুল)}

চিত্রকূট [চিত্‌ত্রোকুট্] *বি* রামায়ণে বর্ণিত পর্বতবিশেষ; রামগিরি নামক পর্বত। { *স.* চিত্র+কূট; *কর্মধা.*}

চিত্রগুপ্ত [চিত্‌ত্রোগুপ্‌তো] *বি* যমরাজের কেরানির নাম। { *স.* চিত্র+√গুপ+ত(ক্ত)}

চিত্রণ [চিত্‌ত্রন্] *বি* ১ অঙ্কিতকরণ; আলেখ্য লিখন। ২ বর্ণন। ৩ অলঙ্করণ। { *স.* চিত্র+অন(ল্যুট্)}

চিত্রতারকা [চিত্‌ত্রোতারোকা] *বি* সিনেমার অভিনেতা; অভিনেত্রী; ইংরেজি ফিল্মস্টার-এর পরিভাষারূপে তৈরি শব্দ। { *স.* √চিত্র+তারকা}

চিত্রফল, চিত্রল [চিত্‌ত্রোফল্, চিত্‌ত্রল্] *বি* চিতল মাছ। { *স.* চিত্রফলক, চিত্রল}

চিত্রভানু [চিত্‌ত্রোভানু] *বি* ১ অগ্নি। ২ সূর্য। ৩ অর্কবৃক্ষ বা আকন্দ গাছ। ৪ মণিপুর রাজবিশেষ; অর্জুন পত্নী চিত্রাঙ্গদার পিতা। { *স.* চিত্র (=বিচিত্র)+ভানু (=কিরণ)}

চিত্রল[1] ⇒ চিত্রফল

চিত্রল[2] [চিত্‌ত্রল্] *বিণ* ১ বিবিধ বর্ণযুক্ত। ২ চিত্রবিচিত্র। { *স.* চিত্র+ল(লচ্)}

চিত্রা [চিত্রা] *বি* ১ একটি নক্ষত্রের নাম (আজি রজনীতে চাঁদের বিবাহ চিত্রা সাথে— *মোম*)। ২ একটি সংস্কৃত ছন্দ। { *স.* চিত্র+আ(টাপ্)}

চিত্রাঙ্গ [চিত্‌ত্রাঙ্‌গো] *বিণ* অঙ্গ চিত্রিত এমন। ☐ *বি* ১ সাপ। ২ রাংচিতার গাছ। { *স.* চিত্র+অঙ্গ; *কর্মধা.*}

চিত্রাঙ্গদা [চিত্‌ত্রাঙ্‌গোদা] *বি* অর্জুনের পত্নী। { *স.* চিত্র+অঙ্গ+√দা+অ(অণ্)+আ(টাপ্)}

চিত্রানুগ [চিত্‌ত্রানুগ্] *বিণ* ১ চিত্রের অনুসরণ; চিত্রের মতো। ২ সুস্পষ্ট; সমুজ্জ্বল। ৩ ছবির ন্যায় বর্ণিত। { *স.* √চিত্র+অনুগ; ৬তৎ}

চিত্রাভাস, চিত্রাভায [চিত্ত্রাভাশ] (বিরল) *বি* ১ অঙ্কন শিল্পের রীতিবিরুদ্ধতা দোষ; চিত্রকলা লঙ্ঘনজনিত দোষ। □ *বিণ* উক্ত দোষযুক্ত; উক্তমতে দুষ্ট (অজন্তার অতুলনীয় চিত্র সে হয়ে যাচ্ছে চিত্রাভায —*অটা*)। { *স.* চিত্র+আভাস, আভাষ; ৬তৎ }

চিত্রার্পিত [চিত্ত্রার্পিতো] *বিণ* চিত্রপটে অঙ্কিত বা সন্নিবিষ্ট; নিস্পন্দ; স্থির (বন্দিনীর প্রহসনে প্রাণহীনা চিত্রার্পিতা তুমি—*হাহা*)। ~**প্রায়** *বিণ* চিত্রপটে আঁকা ছবির ন্যায় অর্থাৎ অঙ্কিত মূর্তির মতো স্পন্দহীন বা স্থির। { *স.* চিত্র+অর্পিত; ৭তৎ }

চিত্রালঙ্কার [চিত্ত্রালঙ্‌কার] *বি* শব্দালঙ্কারবিশেষ; রচনা সৌষ্ঠবের জন্য ছবির আকারে শব্দ বিন্যাসের রীতি। { *স.* চিত্র+অলঙ্কার; *কর্মধা.* }

চিত্রিক [চিত্‌ত্রিক] *বি* চৈত্র মাস। { *স.* চিত্রা+ইক(ঠন্) }

চিত্রিকা [চিত্‌ত্রিকা] *বি* ক্ষুদ্রাকার; মিনিয়েচার; miniature। { *স.* চিত্র+ইক(ঠন্)+আ(টাপ্) }

চিত্রিণী [চিত্‌ত্রিনি] *বি* ১ কামশাস্ত্রবর্ণিত নারী। ২ দৈহিক গঠন ভেদে চার রকম নায়িকা বা নারীর এক প্রকার; পদ্মিনী চিত্রিণী শঙ্খিনী হস্তিনী এই চার প্রকার নারীর অন্যতমা। ৩ তন্ত্র শাস্ত্রানুসারে দেহের নাড়িবিশেষ। { *স.* চিত্র+ ইন(ইনি)+ঈ(ঙীপ্) }

চিত্রিত [চিত্‌ত্রিতো] *বিণ* ১ অঙ্কিত। ২ চিহ্নিত। ৩ নকশা কাটা। ৪ বহুবর্ণ মণ্ডিত; বিচিত্র; নানা বর্ণে রঞ্জিত। ৫ চিত্রার্পিত। **চিত্রিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √চিত্রি+ত(ক্ত) }

চিদাকাশ [চিদাকাশ্] *বি* ১ চিত্তরূপ আকাশ (চিদাকাশে চিরপথ চাওয়া মোর নতুন চাঁদ হাসে—*নই*)। ২ নির্লিপ্ত চৈতন্য। ৩ পরব্রহ্ম। { *স.* চিৎ+আকাশ; *কর্মধা.* }

চিদানন্দ [চিদানন্‌দো] *বি* ১ চিৎ ও আনন্দ; জ্ঞান ও আনন্দ; চৈতন্য ও আনন্দস্বরূপ। ২ পরমব্রহ্ম। { *স.* চিৎ+আনন্দ; *দ্বন্দ্ব.* }

চিদাভাস [চিদাভাশ্] *বি* ১ চৈতন্য বা জ্ঞানের বিকাশ। ২ জীবাত্মা। { *স.* চিৎ+আভাস; ৬তৎ }

চিদ্রূপ [চিদ্‌রুপ্] *বি* চৈতন্যময়; চৈতন্যস্বরূপে জ্ঞানময় আত্মা; পরমাত্মা; ব্রহ্ম। { *স.* চিৎ+রূপ; *বহু.* }

চিন[১], **চিন্** [চিন্] *বি* ১ দাগ; চিহ্ন; ছাপ; নিদর্শন (এ সব ছবির একখানিরও থাকবে না'ক চিন—*জউ*)। ২ অভিজ্ঞান; পরিচয়। { *স.* চিহ্ন> }

চিন[২] [চিন্] *বি* জানাশোনা (চিন-পরিচয়)। □ *বিণ* চেনাশোনা; চেনা; পরিচিত। **অচিন** *বিপ.*। { *স.* চিহ্ন> }

চিনচিন [চিন্‌চিন্] *অব্য* সূক্ষ্ম বা অল্প অল্প বেদনার অনুভূতিসূচক; অতীব্র জ্বালাবোধক; ঝিনঝিন। **চিনচিনে** *বিণ* অল্প অল্প (বুকের ভিতর অস্পষ্ট চিনচিনে বেদনার মতো—*আআআ*)। { *ধ্বন্যা.* }

চিনন, চিনা, চিনান, চিনানো ⇒ চেনা

চিনি [চিনি] *বি* শর্করা; মিষ্টদ্রব্যবিশেষ; ইক্ষু বিট প্রভৃতি থেকে তৈরি মিষ্টি খাদ্য। ~**পাতা দই** *বি* চিনিসহযোগে প্রস্তুত দধি। ~**র বলদ** *(আল.)* *বি* চিনি বহনকারী বলদ যেমন চিনির স্বাদ ভোগ করতে পারে না তেমনি যে ব্যক্তি পরের সুখের জন্য খাটে কিন্তু নিজের পরিশ্রমলব্ধ সম্পদ ভোগ করতে পারে না। { *গুজ.* চীনী (চীনদেশীয়); তুল. *স.* শর্করা, *ফা.* শকরীন, *হি.* শিরনী }

চিনে-বাজি [চিনেবাজি] *বি* এক প্রকার জাদুর খেলা (চিনে-বাজির মত এ যত চাচ্ছি খুলতে তত যাচ্ছি জড়িয়ে—*শচ*)।

চিন্তক [চিন্‌তক] *বিণ* চিন্তিত এমন; চিন্তাকারী। { *স.* √চিন্তি+অক(ণ্বুল্) }

চিন্তন [চিন্‌তন্] *বি* ১ ভাবা; মন চালনা। ২ মনন; বুদ্ধি প্রয়োগকরণ বা অনুশীলন। ৩ অনুধাবন; একাগ্রমনে পর্যালোচনা ও উপলব্ধি। ৪ স্মরণ; মনে মনে বিগত বিষয়ের পুনরালোচনা। ৫ ধ্যান অভিনিবেশের সাথে স্মরণ। { *স.* √চিন্তি+অন(ল্যুট্) }

চিন্তা [চিন্‌তা] *বি* ১ চিন্তাকরণ; মনন। ২ ধ্যান; একাগ্রচিত্তে স্মরণ। ৩ স্মরণ প্রভৃতি কার্য। ৪ উদ্বেগ; দুর্ভাবনা (চিন্তান্বিত)। ৫ আশঙ্কা; ভীতি (চিন্তা দূর হওয়া)। **চিন্তনীয়, চিন্ত্য** *বিণ* ভাবনার যোগ্য; চিন্তা করতে পারা যায় এমন। ~**কুল,** ~**কুলিত** *বিণ* ভাবনাগ্রস্ত; চিন্তায় বা উদ্বেগে কাতর। ~**কুলতা** *বি* চিন্তাগ্রস্ত বা উদ্বেগপীড়িত ভাব (দৃষ্টিক্ষেপে চিন্তাকুলতা প্রতীত হইত—*বচ*)। ~**জনক** *বিণ* দুর্ভাবনা বা উদ্বেগ সৃষ্টি করে এমন। ~**জ্বর** *বি* দুর্ভাবনা বা উদ্বেগজনিত ক্লেশ বা সন্তাপ (তুমি চিন্তাজ্বর করেছ মোচন—*সদ*)। ~**ন্বিত** *বিণ* চিন্তাকুল; ভাবনাগ্রস্ত; উদ্বেগপীড়িত; উদ্বিগ্ন; দুশ্চিন্তায় ব্যাকুল। ~**বিদ** *বি* চিন্তাশীল; মননশীল। ~**মগ্ন** *বিণ* ১ ভাবনায় বিভোর বা আত্মহারা। ২ গুরুতর চিন্তা বা ভাবনায় আচ্ছন্ন; গভীর চিন্তায় নিবিষ্ট। ~**মণি** *বি* ১ বাঞ্ছিত ফল প্রদানকারী মণি। ২ স্পর্শমণি। ৩ পরম আরাধ্য (বেরিয়ে গেছে ফকীর বেশে ছাই দিয়ে সংসারে চিন্তামণির অন্বেষণে—*সদ*)। ~**শীল** *বিণ* মননশীল; ভাবুক; চিন্তাপরায়ণ; ভাবনা দ্বারা ভালোমন্দ বিচার করতে সমর্থ; মনীষী; জ্ঞানী; পণ্ডিত। { *স.* √চিন্তি+অ(অঙ্)+আ(টাপ্) }

চিন্তিত [চিন্‌তিতো] *বিণ* ১ চিন্তান্বিত; চিন্তাযুক্ত; উদ্বিগ্ন; দুর্ভাবনাগ্রস্ত (বড়ই চিন্তিত আছি)। ২ বিবেচিত চিন্তার বিষয়ীভূত (চিন্তিত বিষয়)। { *স.* √চিন্ত্+ত(ক্ত) }

চিন্তে (বিরল), **চিনতে** [চিন্‌তে] *বি* ১ চিন্তা; ভাবনা। □ *অক্রি* চিনতে (দেখেই চিনতে পেরেছি)। { *স.* চিন্তা }

চিন্ত্যমান [চিন্‌তোমান্] *বিণ* চিন্তা করা হচ্ছে এমন। { *স.* √চিন্ত্+ণিচ্+মান (শানচ্) }

চিন্ময় [চিন্‌ময়্] *বিণ* চিৎস্বরূপ; জ্ঞানময়; চৈতন্যস্বরূপ (আমি মৃন্ময়, আমি চিন্ময়—*নই*; চিন্ময় অব্যয় অদ্বিতীয় আল্লাহ্—*এআ*)। **চিন্ময়ী** *বিণ স্ত্রী.*। { *স.* চিৎ+ময়(ময়ট্) }

চিপটা, চিপটে [চিপ্‌টা, চিপ্‌টে] *বিণ* কৃপণ; দানে অনিচ্ছুক। { *তুল.* কিপটে, কিপটা; *স.* চিপিটক শব্দে সাদৃশ্যে দান ও কর্মব্যয়ে চিড়ার মতো শুষ্ক ও নীরস }

চিপটানো [চিপ্‌টানো] *ক্রি* ১ চ্যাপটা বা পিষ্ট করা; চ্যাপটা

বা পিষ্ট হওয়া (চাকার নীচে চিপটে যাওয়া)। ২ চেপে যুক্ত করা। ৩ চ্যাপটাভাবে যুক্ত হওয়া। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। **চিপটানি** *বি* ১ চ্যাপটাকরণ; পিষ্টকরণ। ২ চেপে সংলগ্নকরণ। { *স.* চিপিটক>√চিপ্টা+আনো}

চিপটেন, চিপটান [চিপ্‌টেন্, -টান্] *বি* গূঢ় আঘাতপূর্ণ টিপ্পনী; টিপে টিপে বলা; জ্বালা ধরানো উক্তি; স্থিরভাবে অনুচ্চস্বরে মধ্যে মধ্যে উচ্চারিত পীড়াদায়ক উক্তি। **–কাটা, – ঝাড়া** *ক্রি* ঐ প্রকার বিদ্রূপসূচক মর্যাদাহানিকর উক্তি করা। { *তুল. হি.* চিপটনা, চিপটানা>}

চিপা, চেপা [চিপা, চে–] *ক্রি* ১ নিষ্পেষিত করা; দলিত মথিত করা; নিংড়ানো। ২ চেপা বা চাপ দেওয়া। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* ১ আঁট; tight (চিপা পায়জামা)। ২ সংকীর্ণ; সরু (চিপাগলি)। { *স.* √চপ্ (নিষ্পেষণে)>√চিপ্+আ}

চিপিটক [চিপিটক্] *বি* চিড়া। { *স.* √পিট্+অ(অচ)+ক(কন্)}

চিবানো, চিবনো, চিবুনো [চিবানো, –বোনো, –বুনো] *ক্রি* ১ চর্বণ করা; দন্ত দ্বারা নিষ্পেষণ করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **চিবিয়ে কথা বলা** *ক্রি* ১ মুখের ভিতর রেখে বা দাঁত অল্প ফাঁক করে কথা বলা। ২ রেখে ঢেকে কথা বলা; সব খুলে না বলা। **চিবুনি, চিবানি** *বি* চর্বণ। { *স.* চর্ব>+*বা.* আনো, অনো, উনো}

চিবি [চিবি] *বি* ১ চাপ (একটা চিবি দিয়ে তোর পেট গেলে দেবো—*আই*)। ১ অসতর্কতার ফলে কোনো কিছুর জোড়ের ফাঁক থেকে লাগা চাপ (দরজা বন্ধ করার সময়ে আঙুলে চিবি লেগেছে—*আই*)। ১ ফাটল; ফাঁক। ২ চর্বিত (পানের চিবি)। { *বা.* চাপ>চিবা>}

চিবুক [চিবুক্] *বি* থুতনি। **– স্পর্শ করা** *ক্রি* আদর করে থুতনি ছোঁয়া। { *স.* √চীব্+উ+ক(কন্)}

চিমটা, চিমটে [চিম্‌টা, –টে] *বি* জ্বলন্ত কাঠ কয়লা বা তপ্ত কোনো কিছু টিপে ধরবার যন্ত্র। {√চিমটা>; *তুল. হি.* চিমটা}

চিমটানো, চিমটনো [চিম্‌টানো, –টনো] *ক্রি* ১ চিমটি কাটা। ২ চিমটার মতো করে দেহের চামড়া টিপে ধরা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। **চিমটানি** *বি* ১ চিমটি কাটা। ২ চিমটার মতো করে দেহের চামড়া টিপে ধরার কাজ। {√চিমটা+আনো}

চিমটি [চিম্‌টি] *বি* ১ দুই আঙুলের অগ্রভাগ বা নখ দ্বারা শরীরের চামড়া টিপে বা চেপে ধরা। ২ টিপ; দুই আঙুলের অগ্রভাগে যতটা তোলা যায়; স্বল্প পরিমাণ (এক চিমটি লবণ)। **– কাটা** *ক্রি* ১ চিমটি দিয়ে চেপে ধরে যন্ত্রণা দেওয়া। ২ ইঙ্গিত করা। ৩ বিদ্রূপ করা; টিপ্পনী কাটা। ❑ *বিণ* জ্বালাপূর্ণ; যন্ত্রণাদায়ক (চিমটি কাটা কথা)। {√চিমটা+ই}

চিমটে ⇒ চিমটা

চিমড়া, চিমড়ে [চিম্‌ড়া, –ড়ে] *বিণ* ১ শুষ্ক চামড়ার ন্যায় শক্ত এবং টেনে ছিঁড়তে কষ্ট হয় এরূপ (চিমড়া লুচি)। ২ একগুঁয়ে; জেদি; নাছোড়; অনমনীয় (চিমড়া ধাতু বা স্বভাব)। ৩ লিকলিকে অথচ মজবুত; খুব কৃশ ও শক্ত, পাকানো (চিমড়ে গড়ন)। { *স.* চর্ম>; *তুল. হি.* চীমড়}

চিমনি, চিমনী [চিম্‌নি] *বি* ১ ধূম নির্গমের চোঙ্গা বা নলবিশেষ। ২ লণ্ঠন ইত্যাদি কাচের গোলাকার আবরণ বা কাচনির্মিত আলোক শিখাবেষ্টনী। { *ই.* chimney}

চিমসা, চিমসে ⇒ চাম

চির[1] [চিরো] *বিণ* ১ অনন্ত; নিরবধি; নিরন্তর; নিত্য (চির নবীন)। ২ সর্ব; সকল; সমস্ত (চিরজীবন বা চিরকাল)। ৩ দীর্ঘকালব্যাপী; আবহমানকাল; বহুদিনব্যাপী (চিরাচরিত=চির+আচরিত)। ৪ অক্ষয়; অবিচল; অটুট (চিরযৌবনা, চিরসত্য)। ৫ আজীবন বা আমরণ (চিরকুমার)। ৬ দীর্ঘকাল; দীর্ঘসময়; দীর্ঘবিরতি বা বিলম্ব। **–কর্মা, –কারী, –ক্রিয়** *বি* ১ কাজ করতে বিলম্ব করে এমন; দীর্ঘসূত্রী। ২ চিরকারিতা। **–কাল** *বি* ১ অনন্তকাল; সর্বযুগ (তুমি আমার চিরকালের—*রঠা*)। ❑ *বি, ক্রিবিণ* বরাবর; বহুদিন থেকে বা বহুকাল যাবৎ; আজীবন (এই নিয়মই চিরকাল দেখে আসছি)। **–কালিক, –কালীন, –কেলে** *বিণ* সর্বকালীন বা পুরাতন; সনাতন (সেই চিরকেলে নদীনালা—*বচ*)। **–কুমার** *বিণ* সারা জীবন অবিবাহিত ব্যক্তি। **–কুমারী** *স্ত্রী.*। **–কুট** *বি* কাগজের ছোট টুকরা; ছোট চিঠি; slip। **–ক্রীত** *বিণ* ১ চিরদিনের জন্য কেনা। ২ উপকারীর নিকট অপরিশোধ্য ঋণে আবদ্ধ; কোনো প্রতিদান সম্ভব নয় এমনভাবে উপকৃত ও তজ্জন্য কৃতজ্ঞ। **–জীবন** *বি* সারাজীবন; সমগ্র জীবনকাল। ❑ *ক্রি বিণ* সমস্ত জীবনকালব্যাপী; আজীবন। **–জীবী, –ঞ্জীব, –ঞ্জীবী** *বিণ* ১ দীর্ঘায়ু; দীর্ঘজীবী। ২ অমর; অবিনশ্বর। **–ঞ্জীবিনী** *স্ত্রী.*। **–দিন** *বি* দীর্ঘদিন; বহুকাল। **–দুঃখ** *বি* জীবনব্যাপী দুঃখ। **–নতুন** *বিণ* কখনো পুরনো হয় না এমন; সর্বদাই নবীন এমন। **–নিদ্রা** *বি* ১ মৃত্যু। ২ যে নিদ্রা কখনো ভাঙে না। **– নির্বাসন** *বি* সারাজীবনের জন্য দেশান্তরীকরণ বা স্বদেশ থেকে বহিষ্করণ; transportation for life। **–নির্ভর** *বিণ* ১ বরাবর ভরসা রাখা যায় এমন। ২ চিরকাল আশ্রয়দান করে এরূপ। **–নীহার, –তুষার** *বি* কখনো গলে না এমন বরফ। **–নীহার রেখা, –তুষার রেখা** *বি* হিমরেখা। **–ন্তন** *বিণ* ১ চিরকালীন; চিরকালব্যাপী; বহুকালগত; সনাতন (চিরন্তন প্রথা)। ২ অবিনশ্বর; অমর; চিরস্থায়ী (চিরন্তন হয়ে যাক—*রঠা*)। **–ন্তনী** *বিণ স্ত্রী.* চিরকালীন (পূর্ণ হবে সুন্দরের স্বপ্ন চিরন্তনী—*শাহো*)। **–পরিচিত** *বিণ* ১ আবহমানকাল ধরে জানা। ২ বহুদিন ধরে আলাপ আছে এমন; পুরনো আলাপী। ৩ অতি ঘনিষ্ঠ। **–প্রচলিত** *বিণ* বরাবর চলে আসছে এমন। **–প্রবাস** *বি* সারাজীবন স্বদেশের বাইরে বাস বা দীর্ঘকাল বিদেশে বাস। **–বিচ্ছেদ** *বি* দীর্ঘকালের জন্য বা জন্মের মতো ছাড়াছাড়ি। **–বৈর** *বি* নিরবচ্ছিন্ন শত্রুতা; যে শত্রুতার কখনো বিরাম বা অবসান হয় না।

~রহস্য *বি* যে বিষয়ের গুপ্ত কারণ বা মর্ম উদ্ধার হয়নি বা হয় না। **~রুগ্ণ, ~রোগী** *বিণ* দীর্ঘকাল বা সারাজীবন ধরে রুগ্ণ। **~শত্রু, ~বৈরী** *বি,বিণ* যার সঙ্গে আজীবন বা দীর্ঘকালীন শত্রুতা। **~শান্তি** *বি* ১ চিরকালের জন্য শান্তি। ২ চিরনিবৃত্তি; পরিসমাপ্তি বা নিঃশেষ সমাধান। ৩ মুক্তি; নির্বাণ; মোক্ষ। ৪ মৃত্যু। **~শ্যামল, ~হরিৎ** *বিণ* বরাবর সবুজ থাকে এমন; ever green। **~সুখী** *বিণ* ১ সারাজীবনব্যাপী সুখী। ২ জীবনে কখনো দুঃখে পড়তে হয়নি এমন। **~সুহৃদ** *বিণ* চিরকালের বা দীর্ঘকালের বন্ধু। **~স্থায়ী** *বি* আজীবনের বা দীর্ঘকাল ধরে থাকে এমন। □ *বিণ* কখনো ক্ষয় বা ক্ষয়প্রাপ্ত হয় না এমন; অবিনশ্বর; অক্ষয়। **~স্থায়ী বন্দোবস্ত** *বি* ১৭৯৩ খ্রিস্টাব্দে লর্ড কর্নওয়ালিস প্রবর্তিত জমিদারদের রাজস্ব প্রদান বিধিবিশেষ; ব্রিটিশ আমলে নির্দিষ্ট নিয়মিত খাজনা প্রদানের শর্তে বংশানুক্রমিকভাবে জমিদারি ভোগের বিধি; permanent settlement। **~স্বপ্রকাশ** *বি* আপন জ্যোতিতে নিত্য ভাস্বর; স্বীয় প্রভায় সর্বদা সমুজ্জ্বল; আপন আলোকে অনুক্ষণ প্রদীপ্ত (অপ্রকাশ চিরস্বপ্রকাশ —*রঠা*)। { *স.* √চি+র(রক্)}

চির[২] [চির্] *বি* ১ ফাটল; বিদারণ (দেয়ালে চির ধরা) ২ লম্বা ফালি বা টুকরা (চির করিয়া ফাড়া)। ৩ খণ্ড; টুকরা (চৌচির)। ৪ ওষ্ঠপ্রান্ত; কশ (মুখের দুই চির বহিয়া গণ্ড ভিজিয়া গড়াইয়া পড়িতেছে—*মীম*)। **~কুট** *বি* ১ কাগজের ছোট টুকরা। ২ অত্যন্ত ছোট চিঠি (এক টুকরা চিরকুট লাগানো—*সৈমু*)। ৩ ছেঁড়া অপরিষ্কার পুরাতন বস্ত্র। { *স.* চীর>}

চিরতা, চিরাতা, চিরেতা [চিরোতা, –রাতা, –রেতা] *বি* তিক্তস্বাদযুক্ত ওষুধবিশেষ (চিরতার পানি স্বাস্থ্যের পক্ষে উত্তম)। { *স.* চিরতিক্ত>}

চিরনদাঁতি, চিরুনদাঁতী [চিরোনদাঁতি, –রু–] *বিণ* চিরুনির ন্যায় ফাঁক ফাঁক দন্তযুক্ত (উঁচকপালী চিরুণদাঁতীর কথা প্রকাশ হয়ে পড়বে—*নহী*)। { *স.* চীর্ণ+দন্তী>}

চিরন্তন ⇒ চির[১]

চিরল, চিড়ল [চিরল্, –ড়–] *বিণ* ১ দীর্ণ; মাঝখানে চেরা; চিরযুক্ত (গাঙ্গের পারে হিজল গাছ লো চিড়ল চিড়ল পাতা—*মৈগী*)। ২ কোঁকড়া; চাঁচর (চিরল মাথার কেশ —*পূগী*)। ৩ চিকন; মিহি; সরু (বাসমতি ধানের চালগুলি বেশ চিরল চিরল)। { *স.* চীর্ণ>চির+ল}

চিরা[১] ⇒ চেরা

চিরা[২], **চীরা** [চিরা] *বি* ১ পাগড়িবিশেষ (ছেরেতে জরির চিরা—*ফগ*)। ২ চির বা ফালি কাপড়ের পাগড়ি। { *স.* চীর}

চীরা[৩] [চিরা] *বি* পুরস্কার; বখশিশ (পাবি খুব চিরা—*ঘচ*)। { *ফা.* চার, চারা چرا ، چر }

চিরাগ ⇒ চেরাগ

চিরাগত [চিরাগতো] *বিণ* বহুকাল ধরে চলে আসছে এরূপ; আবহমানকাল ধরে চলিত। { *স.* চির+আগত}

চিরাগদান, চিরাগদানী, চিরাগী, চিরাগী মহাল ⇒ চেরাগ।

চিরাচরিত [চিরাচোরিতো] *বিণ* অতি প্রাচীনকাল থেকে বা আবহমানকাল ধরে অনুষ্ঠিত হচ্ছে বা হয় এমন। { *স.* চির+আচরিত; *বহু* }

চিরানন্দ [চিরানন্‌দো] *বিণ* সর্বদা আনন্দিত। □ *বি* অক্ষয় আনন্দ; চিরকালীন আনন্দ। { *স.* চির+আনন্দ; ২তৎ }

চিরান্ধ [চিরান্‌ধো] *বিণ* ১ জন্মান্ধ। ২ কখনো সত্য দর্শন করে না এমন। { *স.* চির+অন্ধ; *বহু* }

চিরাভ্যস্ত [চিরাব্‌ভোস্‌তো] *বিণ* দীর্ঘকাল ধরে বা আজন্ম অভ্যস্ত। **চিরাভ্যাস** *বি*। { *স.* চির+অভ্যস্ত; ২তৎ }

চিরায়ত [চিরায়োতো] *বিণ* ১ চিরকাল ধরে পরিব্যাপ্ত। ২ শাশ্বত; চিরন্তন। { *স.* চির+আয়ত; ২তৎ }

চিরায়মানা [চিরায়োমানা] *বিণ স্ত্রী.* চিরকাল বিদ্যমানা; চিরকাল আয়ু সম্পন্না; চিরায়ুষ্মতী (রবীন্দ্রনাথের একটি বিখ্যাত কবিতার নাম 'চিরায়মানা')। { *স.* চির+আ+√যম্+মান(শানচ্)+আ(টাপ্)}

চিরায়ু, চিরায়ুষ্মান [চিরায়ু, চিরায়ুশ্‌মান্] *বিণ* ১ চিরজীবী; অমর; চিরঞ্জীব। ২ দীর্ঘপরমায়ুবিশিষ্ট; দীর্ঘজীবী। **চিরায়ুতা** *বি* বিলম্ব; দীর্ঘকাল ব্যয় (আদানে ক্ষিপ্রকারিতা, প্রদানে চিরায়ুতা—*অঠা*)। **চিরায়ুষ্মতী** *বিণ স্ত্রী.* ১ চিরজীবিনী; দীর্ঘকাল আয়ুসম্পন্না। ২ আজীবন বা আমরণ সাধনা। { *স.* চির+আয়ুঃ, আয়ুস্+মৎ(মতুপ্)}

চিরুনি, চিরনি [চিরুনি, চিরোনি] *বি* দন্তযুক্ত যে যন্ত্র দিয়ে চুল আঁচড়ানো হয়; কাঁকুই। { চির+অনি/ উনি}

চিল [চিল্] *বি* এক জাতীয় উচ্চ চিৎকারকারী নখরবিশিষ্ট মাংসাশী পাখি। **চিলের ছোঁ** *বি* ১ চিলের থাবা। ২ যে থাবল বা থাবা কখনো ফসকায় না। { *স.* √চিল্ল+অ(অচ্)}

চিলতা, চিলতে [চিল্‌তা, –তে] *বিণ* ১ লম্বা লম্বা চিকন ফালি করা (এক চিলতে কাগজ)। ২ লম্বা ফালি বা টুকরা (কাগজের কলাপাতার চিলতে)। { *তুল.* *আ.* জিলদ্ جلد }

চিলম, ছিলিম, ছিলুম [চিলোম্, ছিলিম্, ছিলুম্] *বি* কল্কে; নিচে ছিদ্রযুক্ত পোড়ামাটির তৈরি কোণাকৃতি পাত্রবিশেষ, যে পাত্রে তামাকপাতা বা গাঁজার উপরে আগুন রেখে হুঁকা সহযোগে অথবা হুঁকা ছাড়াই ধূমপান করা হয়। { *ফা.* চিলম چلم }

চিলমচি, চিলিমচি, চিলুমচি [চিলোম্‌চি, চিলি–, চিলু–] *বি* হাত-মুখ ধোয়ার গামলাজাতীয় পাত্র (চিলুমচি সোনার লিয়া হাতে, চাকর নফর খাড়া ওজু দেলাইতে—*সৈহা*)। { *তু.* চালবচী چلبچی }

চিলা, চিল্লা, চিল্লাকশী [চিলা, চিল্‌লা, চিল্‌লাকোশি] *বি* চল্লিশ দিন ধরে দরবেশদের ইবাদত ও ধ্যানমগ্নতা। **~খানা** *বি* যে ঘরে দরবেশগণ চল্লিশ দিন রোজা নামাজ ও ধ্যানে থাকেন। { *ফা.* চিল্লাহ্ چلہ +, *ফা.* কাশী کشی }

চিলাকোঠা ⇒ চিলেকোঠা

চিলিক [চিলিক্] *বি* চমক; ঝিলিক (পানিতে জোছনা রূপার চিলিক মারিতেছে—*আমআ*)। { *স.* জ্বলক> ঝিলিক>চিলিক; *তুল.* *হি.* ঝলক}

চিলিমচি, চিলিমচী ⇒ চিলমচি

চিলুনী [চিলুনি] *বি স্ত্রী.* স্ত্রী চিল (উইড়া যাওরে চিল চিলুনী—*পূগী*)। { *আঞ্চ.*; চিল +উনি}

চিলুমচি ⇒ চিলমচি

চিলেকোঠা, চিলাকোঠা [চিলেকোঠা, -লা-] *বি* গৃহের ছাদ সংলগ্ন ক্ষুদ্র ঘরবিশেষ; ছাদপ্রান্তের সিঁড়ি ঘর। {চিল+ইয়া>চিলে (অর্থাৎ চিল যেমন উঁচুতে থাকে, তেমন উঁচুতে অবস্থিত) +কোঠা}

চিলেঘুড়ি [চিলেঘুড়ি] *বি* চিলের আকৃতিবিশিষ্ট একজাতীয় ঘুড়ি; মাঝারি আকারের ঘুড়ি (ঠিক যেন একটা চিলে ঘুড়িকে খেলোয়াড় গোঁতা মারছে—*নই*)। {চিল+ইয়া> চিলে (অর্থাৎ চিল যেমন উঁচুতে থাকে, তেমন উঁচুতে ওড়া) + ঘুড়ি}

চিল্লা, চিল্লাকশী ⇒ চিলা

চিল্লাচিল্লি, চেল্লাচেল্লি [চিল্‌লাচিল্‌লি, চেল্‌লাচেল্‌লি] *বি* চিৎকার ও হাঁকডাক; চেঁচামেচি; হাঁকাহাঁকি। {*স.* চিল্ল>}

চিল্লানি, চিল্লানী [চিল্‌লানি] *বি* চিৎকার; চেঁচামেচি। {*স.* চিল্ল; *তুল. হি* চিল্লানা}

চিহ্ন [চিন্‌হো] *বি* ১ দাগ; রেখা (অশ্রুচিহ্ন)। ২ ছাপ; প্রতিচ্ছবি (ভয়ের চিহ্ন)। ৩ বৈশিষ্ট্য; লক্ষণ (অনুরাগের চিহ্ন)। ৪ নিদর্শন; অভিজ্ঞান (স্মৃতিচিহ্ন)। ৫ স্মারক; নিশানা। ৬ সংকেত; ইশারা; ইঙ্গিত। ৭ আভাস (চারদিকে কোনো গাছপালার চিহ্ন মাত্র নেই)। ৮ সাংকেতিক লেখা বা আঁক। {*স.* √চিহ্ন্+অ (অচ)}

চিহ্নিত [চিন্‌হিতো] *বিণ* চিহ্ন বা দাগ দেওয়া হয়েছে এমন। {*স.* √চিহ্ন্+ত (ক্ত)}

চীজ ⇒ চিজ[১] ও চিজ[২]

চীৎকার ⇒ চিৎকার

চীন[১] [চিন্] *বি* ভারতবর্ষের উত্তর-পূর্বে অবস্থিত দেশ। **চীনা**; **চৈনিক** *বিণ*। ~**বাস** *বি* চীনদেশীয় রেশম বস্ত্রবিশেষ। {*স.* চীন; *ফা.* চীন; *ই* China }

চীন[২] [চিন্] *বি* ১ চিহ্ন। ২ চমরু নামক মৃগ। {*স.* চিহ্ন>}

চীনা[১], **চীনে** [চিনা, -নে] *বি* চীনদেশবাসী। □ *বিণ* চীন দেশে উৎপন্ন; চীন দেশজ; চৈনিক; চীন দেশের। **চীনাংশুক** *বি* চীনদেশীয় বস্ত্রবিশেষ; রেশম বস্ত্রবিশেষ। ~**ঘাস** *বি* ১ চীনদেশীয় সুগন্ধি ঘাসবিশেষ। ২ মিষ্ট পানি বা দুধ জমাবার জন্য ঘাসের ন্যায় বস্তুবিশেষ। ~ **জোঁক, চিনে জোঁক** *বি* ১ সহজে ছাড়ে না এবং দৃঢ়ভাবে শরীরের সঙ্গে লেগে থাকে যে জোঁক। ২ *(আল.)* নাছোড়বান্দা; যে অভীষ্ট লাভ না করে ছাড়তে চায় না (তারে ধরবে চিনে-জোঁক—জউ)। ~**বাদাম** *বি* স্বনামখ্যাত বাদামবিশেষ। ~ **মাটি** *বি* পাত্র প্রস্তুতের উপযোগী এক প্রকার সাদা মাটি। ~ **মাটির বাসন** *বি* ঐ মাটি দ্বারা প্রস্তুত বাসন। {*স.* চীন+*বা.* আ}

চীনা[২] [চিনা] *বি* কাউনজাতীয় এক প্রকার শস্য (আরও ফুটিক ডলক দিলে চীনার ভাত খাই—জউ)। {*স.* চীন+*বা.* আ}

চীনা[৩] [চিনা] *বি* প্রসাধন দ্রব্যবিশেষ (যাবক, কর্পূর, ভীমসেনী আর চীনা—*সৈআ*)। {*স.* চীন}

চীনে ⇒ চীনা

চীবর [চিবর্] *বি* ১ বৌদ্ধ ভিক্ষুদের পরিধানযোগ্য বস্ত্রখণ্ড; কৌপীন (ভিক্ষুদের কাষায় চীবর—*মোম*)। ২ চীর; নেকড়া; ছিন্নবস্ত্র; জীর্ণবস্ত্র। {*স.* √চি(চয়ন)+বর(বরচ)}

চীর [চির্] *বি* ১ কাপড়ের ফালি; ছেঁড়া কাপড়; নেকড়া। ২ সন্ন্যাসীর পরিধেয় বসন। ৩ কাগজের টুকরা; চিরকুট। ৪ গাছের ছাল; বাকল। ৫ শিরস্ত্রাণ; পাগড়িবিশেষ (শিরেতে কুসুম্ভী চীর মুখেতে তাম্বুল—*সৈআ*)। ৬ বসন; কাপড় (না বাঁধে চিকুর না পরে চীর—বচদা; কুমারী অঙ্গের চীর—*কাদৌ*)। {*স.* √চি+র(ক্রন্)}

চীরা ⇒ চিরা[১]

চীর্ণ [চির্‌নো] *বিণ* ১ ছিন্ন; খণ্ডীকৃত; খণ্ডিত। ২ বিদীর্ণ; বিভক্ত। {*স.* √চর্+ন(নক্)}

চুওয়াল [চুয়োয়াল্] *বি* যারা মদ চুয়ায়; শুঁড়ি। {*হি* চুয়া+ওয়াল}

চুঁইচুঁই, চাঁইচুঁই, ছাঁইছুঁই [চুঁইচুঁই, চাঁ-, ছাঁইছুঁই] *অব্য* ১ অনুকার শব্দ। ২ আগুনের উত্তাপে পানি শুকানোর বা শোষিত হওয়ার শব্দ। ৩ পুড়ে যাবার শব্দ। ~ **করা** *ক্রি* পুড়ে যাওয়া; জ্বলে যাওয়া (ক্ষুধায় পেট চুঁইচুঁই করা)। {*আঞ্চ. ধ্বন্যা.*}

চুঁচড়া ⇒ চুঁচড়ো[১] ও চুঁচড়ো[২]

চুঁচড়া[১], **চুঁচড়ো**[১] [চুঁচ্‌ড়া, -ড়ো] *বি* ১ অতিক্ষুদ্র মাছ; চুনা মাছ। ২ চুঁচড়া নামের পশ্চিমবঙ্গের শহর। {*স.* চূর্ণ>}

চুঁচড়া[২], **চুঁচড়ো**[২] [চুচ্‌ড়া, -ড়ো] *বিণ* ছুঁচালো; সুচালো; সূচিমুখ (চুঁচড়া-মুখো)। {*স.* চঞ্চু>}

চুঁচি [চুঁচি] *বি* স্তন বা স্তনবৃন্ত। {*স.* চুচুক>}

চুঁচুঁ ⇒ চোঁ চোঁ

চুঁচেরা [চুঁচেরা] *বি* কিরূপে এবং কেন ইত্যাদি প্রশ্ন; আপত্তি (একটু চুঁ-চেরা করিলে তুমি ছুন্নৎ-জমাতের বাহিরে গিয়া পড়িবে—*আখাঁ*)। {*ফা.* চুঁ چون + চেরা چرا }

চুঁটি [চুঁটি] *বি* চূড়া; শিখরদেশ (পাহাড়ের চুঁটিতে একখানা বড় দেখে ঘর বাঁধুক—*অঠা*)। {*স.* চূড়া>চুট+ *বা.* ই}

চুঁয়া[১] [চুঁয়া] *ক্রি* ১ জ্বলে যাওয়া; দগ্ধ হওয়া (আধপেটা খেয়ে নাড়ী চুঁইয়ে যায়—*দীমি*)। {*ধ্বন্যা.*}

চুঁয়া[২] ⇒ চোঁয়া

চুঁশব্দ [চুঁশব্‌দো] *বি* সামান্য আপত্তি (আমার কথায় সে চুঁশব্দও করে না)। {*ফা.* চুঁ چون + শব্দ; *তুল.* উচ্চ টুঁ শব্দ}

চুক [চুক্] *বি* ১ ত্রুটি; বিচ্যুতি (দাদা, বড় চুক হইয়া গিয়াছে মাফ করো ভাই—*দমি*)। ২ ভ্রান্তি বা বিস্মৃতিজনিত ভুল। **ভুল**~ *বি* ভুলত্রুটি, ভ্রমপ্রমাদ; ভুলভ্রান্তি (ভুলচুক মানুষের হয়েই থাকে)। {*স.* ভ্রংশ>*প্রা.* চুক্ক>; *তুল. হি* চুক}

চুকলি ⇒ চুগল

চুকচুক [চুকচুক] *অব্য* জিভ দিয়ে ধীরে ধীরে তরল পদার্থ পান করার কোমল শব্দ। { *ধ্বন্যা.* }

চুকা১, **চুকো** [চুকা, -কো] *বিণ* অম্লস্বাদ; টক। { *স.* চুক্র> }

চুকা২, **চোকা** [চুকা, চোকা] *ক্রি* ১ শেষ বা অবসিত হওয়া; মিটানো; মিটে যাওয়া (অতিপুরাকালেও এইসব তর্ক উঠে চুকেছে— *অঠা*)। ২ সমাপ্ত করা (ঘরের শিল্প আজ ঘরেই ফিরেছে পবের কাজ চুকিয়ে— *অঠা*)। ৩ গ্রাহ্য বা মান্য বা ভয় করা (কাহাকেও চুকি না)। ❑ *বি* উক্ত সকল অর্থে। { √চুক্+আ; *তুল. হি* চুক }

চুকানো, চোকানো [চুকানো, চো-] *ক্রি* ১ শেষ করা বা মিটিয়ে দেওয়া। ২ শোধ বা প্রত্যর্পণ করা। ❑ *বি, বিণ* ঐ সমস্ত অর্থে। { √চুক্+আনো }

চুক্তি [চুক্‌তি] *বি* ১ শর্ত; agreement (চুক্তিতে কাজ করা)। ২ মিটমাট (বিবদমান দুই পক্ষ এই শর্তে চুক্তি করল যে ...)। ৩ সমাধা। ~**নামা**, ~**পত্র** *বি* শর্তযুক্ত দলিল। { √চুক্+তি; *তুল. হি* চুকতা }

চুগল, চোগল, চুকলি [চুগোল, চোগোল, চুকলি] *বি* অসাক্ষাতে বা আড়ালে নিন্দা বা অপবাদ দান; অন্যের নামে কারো নিকট লাগানো (কলিকাতায় লোকে গুণ দেখে না, কেবল বিষয় খোঁজে, না আমি চুকলি কচ্চিনে *দীমি*)। ~**খোর** *বি* যে ব্যক্তি আড়ালে নিন্দা করে বা একজনের কাছে গিয়ে অন্যের নামে অপবাদ করে (দুই পক্ষেই চোগলখোর গুপ্ত সন্ধানী আছে— *মীম*)। **চুগলখোরি, চোগলখোরি** *বিণ*। { *ফা.* চুগল چغل }

চুঙ্গি১, **চুঙ্গী**১, **চুঙি**১ [চুঙ্‌গি, -, চুঙি] *বি* ক্ষুদ্র চোঙ; ছোট নল। { চোঙ্গা+ই }

চুঙ্গি২, **চুঙ্গী**২, **চুঙি**২ [চুঙ্‌গি, -, চুঙি] *বি* মালের আমদানি ও রপ্তানির উপর ধার্য শুল্ক। { *হি* চুংগী }

চুচুক, চূচুক [চুচুক] *বি* ১ চূড়া; শীর্ষ। ২ স্তনবৃন্ত; স্তনের বোঁটা। { *স.* √চুষ্+ক; *ধ্বন্যা.*, স্তন্য পানকালে চু চু ধ্বনি থেকে উৎপন্ন }

চুচুকৃতি [চুচুক্‌কৃতি] *বি* ১ চোষণ; তরল পদার্থ পান করার চুকচুক ধ্বনি। ২ চুম্বনের শব্দ। ৩ স্তনবৃন্ত; স্তনের বোঁটা। { *স.* চুচু+কৃ+তি(ক্তি) }

চুঞ্চু [চুন্‌চু] *বিণ* বিখ্যাত; প্রসিদ্ধ (ন্যায়চুঞ্চু, বিদ্যাচুঞ্চু)। { *স.* তদ্ধিত প্রত্যয়বিশেষ, যা অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে 'খ্যাত বা প্রসিদ্ধ' অর্থ জ্ঞাপক বিশেষণ তৈরি করে }

চুটকি১, **চুটকী** [চুট্‌কি] *বি* ১ পায়ের আঙুলে পরবার ঝুমকাযুক্ত আংটি (তোমার চরণে চুটকি হয়ে পড়ে আছি— *দীমি*)। ২ আঙুল দ্বারা তুড়ি ধ্বনি। ❑ *বিণ* লঘু চটুল ছোট ও রসযুক্ত। ~ **লেখা বা সাহিত্য** *বি* লঘু চটুল ক্ষুদ্র ও রসালো রচনা। { *স.* ছোটিকা>; *তুল. হি* চুটকী }

চুটকি২ [চুট্‌কি] *বি* মস্তকের শিখা; টিকি, চৈতন। { *স.* চূড়া>চুট+কি; *তুল. হি* চোটী }

চুটানো, চুটনো [চুটানো, চুটনো] *ক্রি* চরম বা চূড়ান্ত করা; সর্বশক্তি ব্যবহার বা প্রয়োগ করা (চুটিয়ে প্রেম করা)। { *স.* চূড়া> চুট+আনো }

চুড়ি [চুড়ি] *বি* স্ত্রীলোকের হাতের অলঙ্কারবিশেষ; সরু বালার ন্যায় হাতের অলঙ্কারবিশেষ (হাতে হাতে চুড়ি— জউ)। ~**ওয়ালা** *বি* চুড়ি বিক্রেতা; ফেরি করে যারা চুড়ি বিক্রি করে (আসবে কখন চুড়িওয়ালা তোমার গৃহদ্বারে — *রঠা*)। ~**কার** *বি* চুড়ি তৈরি করে যে; চুড়িনির্মাতা। ~**দার** *বিণ* চুড়ির মতো কোঁচকানো বা সরু সম্মুখভাগবিশিষ্ট; চুনট করা। { *স.* চূড়া>চুড়+ই }

চুড়ো, চুড়া ⇒ চূড়া

চুত [চুত্] *বি (অশ্লীল)* যোনি। ~**মারানি** *বিণ স্ত্রী. (অশ্লীল)* যত্রতত্র যৌনসঙ্গম করে এমন। { *স.* চ্যুতি>; *তুল. হি* চুত(যোনি)> }

চুতরা, চোতরা [চুত্‌রা, চো-] *বি* লতাগাছ বা তার পাতাবিশেষ, যা গায়ে লাগলে অস্বাভাবিক চুলকানির সৃষ্টি হয়; বিছুটি (সাহেবযাদীর নামে যেন কে চুতরার বাড়ি মারে— *আমআ*)। { *স.* চ্যুতি>চুত+*বা.* রা }

চুতিয়া [চুতিয়া] *বি* ১ *(অশি.)* গালিবিশেষ; মূর্খ। ২ লোহা পিটানোর হাতুড়ি। { *হি* চূতীয়া }

চুদ [চুদ্] *বি (অশ্লীল)* যৌনসঙ্গম। { *স.* √চুদ্ }

চুন [চুন্] *বি* ১ পাথর ঝিনুক শামুক ইত্যাদি দগ্ধ করে লব্ধ ক্ষারদ্রব্য (পানে চুন খাওয়া, চুনকাম করা)। ২ বিবর্ণ; পাংশু; ফ্যাকাশে (সবারই মুখ শুকিয়ে চুন হয়ে গেলো —*হার*)। ~**কাম** *বি* চুনগোলা পানির প্রলেপ (এ রকম চুনকাম করা ঘরে— *বিব*)। ~**কালি** *বি* ১ এক গালে চুন এক গালে কালি। ২ অভিসম্পাত (তোমার মুখে চুনকালি পড়ুক)। ৩ কলঙ্ক; লজ্জায় বিকৃতি (ধরা পড়ায় তার মুখে চুনকালি পড়ল)। **পাথর**— *বি* পাথর ইত্যাদি দগ্ধ করে যে চুন প্রস্তুত হয়। **শঙ্খ**— *বি* শঙ্খ পুড়িয়ে তৈরি চুন। **শামুক**— *বি* শামুক পুড়িয়ে তৈরি চুন। { *স.* চূর্ণ> }

চুনট, চুনাট, চুনোট [চুনোট্, -না-, -নোট্] *বি* ১ কুঞ্চন। ২ বস্ত্রাদির কিনারা জামার হাতা চাদর প্রভৃতির ধার কুঞ্চন বা সঙ্কোচন। { *স.* চূর্ণপট> চুনট }

চুনা১, **চুনো**১ [চুনা, চুনো] *বিণ* চুনবিশিষ্ট; চুনযুক্ত; চুনের তৈরি (চুনা পাথর)। { *স.* চূর্ণ> চুন+*বা.* আ }

চুনা২, **চুনো**২ [চুনা, চুনো] *বি* ১ অতি ছোট মাছ (চুনা মাছ)। ২ অত্যন্ত সংকীর্ণ (চুনা গলি)। ❑ *বিণ* অতি চূর্ণ; ক্ষুদ্র। ~ **গলি** *বি* সংকীর্ণ গলি; অখ্যাত গলি। ~**পুঁটি** *বি* ১ এক প্রকার খুব ছোট মাছ। ২ সামান্য বা কম দরের লোক। { *স.* চূর্ণ> }

চুনা৩ [চুনা] *ক্রি* ১ বেছে নেওয়া; নির্বাচন করা। ২ চয়ন করা; সংগ্রহ করা। ❑ *বি* নির্বাচন; ইচ্ছামতো সংগ্রহ। { *স.* √চি(চয়ন)>; *তুল. হি* চুন্না }

চুনারি [চুনারি] *বি* চুন প্রস্তুতকারী জাতি; যে চুন তৈরি ও বিক্রি করে জীবিকা নির্বাহ করে। { চুন+ আরি }

চুনি [চুনি] *বি* এক প্রকার লাল রঙের মূল্যবান রত্ন; পদ্মরাগ মণি; ruby। { *স.* চূর্ণ>; *তুল. হি* চুন্নী }

চুনিন্দা, চুনেন্দা, চোনেন্দা [চুনিন্‌দা, -নে-, চোনেন্‌দা] *বিণ* নির্বাচিত; বাছাই করা (তেরা তাবে নয় লাখ চুনিন্দা জওয়ান— *সৈহা*; চল্লিশ হাজার খুব চুনেন্দা সওয়ার— *ফগ*)। { *স.* √চি(চয়ন)>; *ফা.* চনীদহ چنیده }

চুনুরি, চুনরি [চুনুরি, চুনোরি] *বিণ* রাঙা; রঙিন (তোমার যে চুনুরি শাড়ীতে বড় সাধ— *দীসে*)। ❑ *বি* ১ রঙিন

কাপড়; শাড়ি। ২ চুন প্রস্তুতকারক জাতি। {স. চূর্ণ > চুন+উরি, আরি}

চুনুরী ⇒ চুনুরি

চুনেন্দা ⇒ চুনিন্দা

চুনো, চুনা [চুনো, -না] *বি* কালি শুকানোর জন্য চুনের পুঁটলি যা চোষ কাগজ যা ব্লটিং-এর কাজ করে (নায়েব নাকে চশমা দিয়া দপ্তর খুলিয়া লিখিতেছে ও চুনো বুলাইতেছে—*প্যামি*)। {স. চূর্ণ>চুন+ও,আ}

চুনোট ⇒ চুনট

চুন্নি [চুন্‌নি] *বি স্ত্রী.* যে নারী চুরি করে। ~ **বিল্লি** *বি* ১ চুরি করে ধরা পড়া অসহায় বিড়াল। ২ অপরাধ ধরা পড়ার পর উক্ত বিড়ালীর ন্যায় অসহায় অপরাধী ব্যক্তি (চুন্নীবিল্লীর মত মুখ করে সকলে বেরিয়ে গেল—*নই*)। {স. চৌর>চোর+নি>}

চুপ[১] [চুপ্‌] *বিণ* নিস্তব্ধ; নীরব; নিঃশব্দ (চুপ থাকা বা হওয়া)। □ *অব্য* চুপ করার নির্দেশসূচক; চোপ। ~ **করা** *ক্রি* নীরব থাকা; কথা না বলা। ~**চাপ** *বিণ* নীরব; শব্দহীন; নিস্তব্ধ; নিশ্চেষ্ট; নিরুদ্যম (চুপচাপ পড়ে থাকা)। **চুপটি** *বিণ* একেবারে নীরব; একদম চুপ। **চুপটি করে, চুপটি মেরে** *ক্রি বিণ* সম্পূর্ণ নীরবে। ~ **মারা** *ক্রি* স্বেচ্ছায় সম্পূর্ণ নীরব হওয়া। {স. √চুপ্‌+অ(অচ)}

চুপ[২] ⇒ চোপ

চুপড়ি, চুবড়ি [চুপ্‌ড়ি, -ব্‌-] *বি* ছোট ঝুড়ি; ক্ষুদ্র ধামা (জেলে সে মাছ চুপড়ির মধ্যেই ভরে—*সৈও*)। {তুল. হি ছবড়া}

চুপসা, চুপসানো, চুপসান ⇒ চোপসা

চুপি [চুপি] *বি* নিস্তব্ধতা; নীরবতা; শব্দহীনতা। ~ **চাপি** *ক্রি বিণ* কোনোরূপ গোলযোগ না করে অন্যের অগোচরে বা অজান্তে (চুপিচাপি সরিয়া পড়া)। ~ ~, **চুপে চুপে** *ক্রি বিণ* ১ ফিস ফিস করে (চুপি চুপি কথা বলা)। ২ অপরের অজ্ঞাতসারে বা অগোচরে (চুপি চুপি উঁকি মারা)। ~**সারে** *ক্রিবিণ* ১ চুপিচুপি। ২ প্রায় নিঃশব্দে। ৩ অপরের অজ্ঞাতসারে। {স. √চুপ্‌>}

চুবড়ি ⇒ চুপড়ি

চুবনো, চুবানো, চোবানো [চুবোনো, -বা-, চোবা-] *ক্রি* পানি বা অন্য কোনো তরল পদার্থে নিমজ্জিত করা। **চুবনি, চুবানি, চোবানি** *বি* পানিতে চোবানো; ডুবিয়ে রাখন; নিমজ্জন; নিমজ্জিতকরণ। **নাকানি-চোবানি, নাকানি-চুবানি** *বি* প্রচুর নির্যাতন ভোগ; অশেষ লাঞ্ছনা। {√চুব্‌+অনো, আনো; তুল. হি চুবানা>}

চুবা, চোবা [চুবা, চোবা] *ক্রি* পানি বা অন্য কোনো তরলে নিমজ্জিত করা (নদীতে চুবায়—*কক*)। **চুবাচুবি** *বি* পরস্পরকে চুবানো। {স. √চুব্‌+আ}

চুম [চুম্‌] *বি* ওষ্ঠাধর দ্বারা স্পর্শ; চুমা; চুম্বন (হেরিনু স্বপনে কে যেন আসিয়া নয়নে আমার বুলায় চুম—*নই*)। {স. চুম্বন>}

চুমকি[১] [চুম্‌কি] *বি* সোনা রুপা ইত্যাদির উজ্জ্বল ছোট ছোট চাকতি প্যাত বা বুটি। □ *বিণ* ছোট ছোট বুটির মতো (তারার চুমকি)। {স. চমৎকার>*প্রা.* চমক্ক>চুমকি; তুল. হি চমকী}

চুমকি[২] [চুমকি[২]] *বিণ* ১ চুমুক দিয়ে পানের যোগ্য। ২ ক্ষুদ্র। ~ **ঘটি** *বি* ক্ষুদ্র ঘটি যা থেকে চুমুক দিয়ে পানি পান করা যায়। {স. √চুম্ব্‌>}

চুমকুড়ি, চুমকুড়ী [চুম্‌কুড়ি] *বি* ওষ্ঠদ্বয় সঙ্কুচিত করে চুম্বনের ন্যায় ধ্বনি (পিকবধূ সব টিটকিরি দেয় বুলবুলি চুমকুড়ি—*নই*)। {স. চুম্বকৃতি}

চুমরানো, চোমরানো [চুম্‌রানো, চো-] *ক্রি* মিথ্যা প্রশংসা দ্বারা গর্বস্ফীত করা। □ *বি* পাকানো (গোঁফ চুমরানো)। **চুমরে কাজ হাসিল করা** *ক্রি* কথায় ভুলিয়ে কাজ আদায় করা। {√চুমরা+আনো}

চুমরি, চুমুরি, চুমুরী [চুম্‌রি, -মু-, -] *বি* নারকেল খেজুর ইত্যাদি গাছের পুষ্পকোষ। {স. চামর>(চামরের মতো বের হয়, এজন্যে)}

চুমা, চুমু, চুমো [চুমা, চুমু, চুমো] *বি* চুম্বন (চুমা খাওয়া, চুমা দেওয়া)। **চুমাচুমি** *বি* একে অন্যকে চুম্বন। {স. চুম্ব>}

চুমুক [চুমুক্‌] *বি* পাত্রে ঠোঁট লাগিয়ে তরল পদার্থ পান (চুমুক দেওয়া, এক চুমুকে খাওয়া)। □ *বিণ* অল্প পরিমাণ; এক চুমুকে যতটা পান করা সম্ভব ততটা (এক এক চুমুকে রক্ত শুকিয়ে যায়—*নই*)। {স. √চুম্ব্‌> √চুম্‌+উক}

চুম্ব, চুম্বন [চুম্‌বো, চুম্‌বন্‌] *বি* অধরোষ্ঠ দিয়ে স্পর্শ; ঠোঁট দিয়ে ছোঁয়া; চুমু; চুমা। **চুম্বই** *(ব্র.)* *ক্রি* চুম্বন করে। **চুম্বিত** *বিণ* ১ কোনো বস্তু বা ব্যক্তিকে চুম্বন করা হয়েছে এমন। ২ সম্মিলিত; সংলিপ্ত; স্পষ্ট (আকাশ-চুম্বিত)। **চুম্বী**(-ম্বিন্‌) *বি* ১ চুম্বনকারী; স্পর্শকারী; স্পর্শী (আকাশচুম্বী)। ২ স্নেহ, প্রীতি, অনুরাগ, আদর, সম্মান, শ্রদ্ধা, প্রেম ও কাম-এর কায়িক অভিব্যক্তি হচ্ছে 'চুম্বন' ক্রিয়া। {স. √চুম্ব্‌+অ (ঘঞ্‌)>চুম্ব; √চুম্ব্‌+অন(ল্যুট্‌)}

চুম্বক [চুম্‌বক্‌] *বি* ১ লোহা আকর্ষণকারী পদার্থ; অয়স্কান্ত মণি; magnet। ২ যে চুম্বন করে; চুম্বনকারী। ৩ সংক্ষিপ্তসার; summary; gist। ~**শলাকা** *বি* লোহা আকর্ষণকারী অয়স্কান্ত মণির কাঁটা। {স. √চুম্ব্‌+অক (ণ্বুল্‌)}

চুম্বকন [চুম্‌বকন্‌] *বি* কৃত্রিম উপায়ে চুম্বকে পরিণত করার পদ্ধতি; magnetization (কৃত্রিম উপায়ে চুম্বকে পরিণত করার পদ্ধতিকে চুম্বকন বলা হয়—*আআ*)। {*পরি.;* স. চুম্বক+ *বা.* অন}

চুম্বন, চুম্বিত, চুম্বী ⇒ চুম্ব

চুয়া[১] [চুয়া] *বি* গন্ধদ্রব্য; ঘন সুগন্ধি নির্যাস বিশেষ (ফুলের গুলাল চুয়া চন্দন আগর—*সৈআ*)। {√চুয়্‌চ>; তুল. হি চুআ}

চুয়া[২] ⇒ চোয়া

চুয়া[৩], **চুয়ো** [চুয়া, চুয়ো] *বি* ইঁদুর জাতীয় প্রাণী; চুহা (গণেশের নেংটি ইঁদুরদের সঙ্গে পাহাড়ি চুয়োদের বেধে গেল—*অঠা*)। {হি চুহা>চুয়া>চুয়া}

চুয়াড় ⇒ চোয়াড়

চুয়াত্তর [চুয়াত্‌তোর্‌] *বি, বিণ* ৭৪ সংখ্যা বা সংখ্যক। {স. চতুঃসপ্ততি> *প্রা.* চউহত্তরি>}

চুয়ানো, চুয়নো, চোয়ানো [চুয়ানো, চুয়োনো, -য়া-] *ক্রি*

১ ফোঁটা ফোঁটা করে ঝরা বা চুইয়ে পড়া বা ক্ষরিত হওয়া; অতি সামান্য পরিমাণে ক্রমাগত ঝরানো বা ক্ষরানো (কলসি থেকে পানি চোয়ানো, গায়ের ঘাম চোয়ানো)। ২ পরিস্রুত করা (মদ চোয়ানো)। ❑ *বিণ* ১ পরিস্রুত; চোলাই (চোয়ানো মদ)। ২ চুইয়ে পড়েছে এমন (চোয়ানো পানি)। ❑ *বি* ১ পরিস্রবণ; চোলাইকরণ। ২ ঝরণ; ক্ষরণ। **চুয়ানি, চোয়ানি** *বি* ১ চুয়ানো; ঝরানো; ক্ষরানো। ২ পরিস্রুত তরল পদার্থ। {*স.* √চ্যু>চোয়া+আনো}

চুয়ান্ন [চুয়ানননো] *বি,বিণ* ৫৪ সংখ্যা বা সংখ্যক। {*স.* চতুঃপঞ্চাশৎ; *পা.* চতুপঞ্ঞাসা; *প্রা.* চউপন্ন}

চুয়াল্লিশ [চুয়াল্‌লিশ্] *বি,বিণ* ৪৪ সংখ্যা বা সংখ্যক। {*স.* চতুশ্চত্বারিংশৎ>*প্রা.* চউআলিস}

চুর, চূর [চুর্] *বি* গুঁড়া; চূর্ণ; খণ্ড খণ্ড। ❑ *বিণ* ১ বিহ্বল; নেশাগ্রস্ত; হতজ্ঞান (আজ লাল পানি পিয়ে দেখি সব কিছু চুর—*নজ*)। ২ চূর্ণ; বিনষ্ট; বিধ্বস্ত (সকলি করেছ চুর—*রসে*)। ~চুরে *বিণ* বিহ্বলকারী; বিবশকারী। ~মার *বিণ* সম্পূর্ণ চূর্ণ ও বিনষ্ট। **আম~** *বি* ফালি করা কাঁচা আম শুকিয়ে প্রস্তুত অম্লস্বাদ খাদ্যবিশেষ; আমসি। **খই~** *বি* চিনির রসে পাক করা খইয়ের মোয়া বা নাড়ু। **ভাং~ করা** *ক্রি* ভেঙে গুঁড়া গুঁড়া করে ফেলা। **মতি~** *বি* এক প্রকার মিঠাই। **রতন~** *বি* হাতের বালাবিশেষ। {*স.* চূর্ণ>}

চুরট, চুরুটিকা ⇒ চুরুট

চুরনি, চুরুনী⇒ চোরনি

চুরা [চুরা] *ক্রি* চূর্ণ করা; গুঁড়া করা। {*স.* √চূর্ণ>*বা.* √চুর্+আ}

চুরানো, চোরানো ⇒ চুরি।

চুরানব্বই [চুরানব্‌বোই] *বি,বিণ* ৯৪ সংখ্যা বা সংখ্যক। {*স.* চতুর্নবতি>*প্রা.* চউণউই}

চুরাশি, চুরাশী [চুরাশি] *বি,বিণ* ৮৪ সংখ্যা বা সংখ্যক। {*স.* চতুরশীতি>*প্রা.* চউরাসী>}

চুরি[1] [চুরি] *বি* ১ অপহরণ; চৌর্য; পরের দ্রব্য না বলে গ্রহণ। ২ গোপনে আত্মসাৎকরণ (ভাব চুরি)। **চুরানো, চোরানো** *বি* চুরি; চৌর্য; লুক্কায়িতভাবে; অন্যের অলক্ষ্যে; অপরের অগোচরে। **~চামারি** *বি* চুরি ও অন্য অপকর্মাদি; অপহরণ ও অন্যান্য দুষ্কার্য (কত চুরি-চামারি করে—*অচিসে*)। **লুকো~** *বি* ক্রীড়াবিশেষ, প্রধানত বালক-বালিকাদের মধ্যে প্রচলিত। **~ করে** *অক্রি* গোপনে; লুক্কায়িতভাবে; অন্যের অলক্ষ্যে; অপরের অগোচরে (চুরি করে শোনা)। {*স.* চৌর্য>*প্রা.* চোরিঅ>}

চুরি[2] [চুরি] *অক্রি* চূর্ণ করে। {*স.* চূর্ণ>}

চুরুট, চুরট [চুরুট্, চুরোট্] *বি* ধূমপানের জন্য ব্যবহৃত পণ্যবিশেষ, যা শুকনা তামাক পাতা পাকিয়ে মোটা শলাকার মতো করে বানানো হয়; cigar। **চুরুটিকা** *বি* ছোট চুরুট; সিগারেট; cigarette। {*তা.* ছুরুট্টু; *ই.* cheroot}

চুল [চুল্] *বি* কেশ। **চুলাচুলি, চুলোচুলি** *বি* ১ কেশাকেশি; পরস্পর চুল টানাটানি করে যে মারামারি। ২ ঝগড়া বা কলহ। **~চেরা** *বিণ* অতিশয় সূক্ষ্ম (হিসাবের চুলচেরা মীমাংসা—*রঠা*)। **~চেরা ভাগ করা, ~ চিরে ভাগ করা** *ক্রি* চুল চিরে দুই ভাগ করার মতো সূক্ষ্ম ভাগ বা বিচার করা। **~ দাড়ি পাকানো** *ক্রি* ১ বৃদ্ধ হওয়া। ২ কোনো বিষয়ে বহু অভিজ্ঞতা লাভ করা। **~ বাঁধা** *ক্রি* কেশ পরিচর্যা করা; খোঁপা বাঁধা। **এক~** *বিণ,ক্রিবিণ* সামান্য পরিমাণ; একটু; চুল পরিমাণ; অত্যল্প। {*স.* চূড়া>*প্রা.* চূল; *স.* চুল}

চুলকা [চুল্‌কা] *ক্রি* নখ দিয়ে আঁচড়ানো; কণ্ডূয়ন করা। {*স.* √কণ্ডূয়্>*বা.* √চুল্‌কা}

চুলকানি, চুলকনা [চুল্‌কানি, -কনা] *বি* এক প্রকার চর্মরোগ; কণ্ডূরোগ; খুজলি। **চুলকানো, চুলকান** *ক্রি* কণ্ডূয়ন করা; নখ ইত্যাদি দ্বারা আঁচড়ানো (দুই হাতে চুলকান চুল—*ভারা*)। ❑ *বি* কণ্ডূয়ন। ❑ *বিণ* নখ ইত্যাদি দ্বারা যা আঁচড়ানো হয়েছে এমন। {√চুল্‌কা+আনি, >}

চুলবুল [চুলবুল্] *অব্য* চঞ্চলতাজ্ঞাপক বা অস্থিরতা প্রকাশক (চুলবুল করা)। **চুলবুলানি, চুলবুলুনি** *বি* অস্থিরতা; চাঞ্চল্য। **চুলবুলে** *বিণ* অস্থির; চঞ্চল (উড়িয়ে ফুঁয়ে তুলোট পুথি ধুলোট খ্যালে চুলবুলে—*সদ*)। {*ধ্বন্যা.*; তুল. *হি.* চুলবুলা}

চুলা, চুলো, চুল্লি [চুলা, -লো, চুল্‌লি] *বি* ১ উনান; আখা। ২ হিন্দুদের শবদাহের জন্য ব্যবহৃত চিতা; শ্মশানচুল্লি। **~ জ্বালানো, ~ ধরানো** *ক্রি* উনানে বা চিতায় আগুন দিয়ে জ্বালানো। **~য় যাওয়া, ~র দোরে যাওয়া** *ক্রি* ১ মরা। ২ গোল্লায় বা উচ্ছন্নে যাওয়া (গালি বিশেষ)। **~য় যাক** *অব্য* ধ্বংস হোক; মরুক; উচ্ছন্নে বা গোল্লায় যাক। {*স.* চুল্লি>}

চুলি [চুলি] *(মব্য.)* *বি* চুল (দেখয়ে খসায়ে চুলি—*বচদা*)। {*স.* চূড়া>*প্রা.* চূল>চুল+ই; *স.* চুল+*বা.* ই}

চুল্লি, চুল্লী ⇒ চুলা

চুষা, চোষা [চুশা, চোশা] *ক্রি* মুখ দিয়ে রস শোষণ করা। ❑ *বি* শোষণ। ❑ *বিণ* শোষণকারী (চর্ম চোষা)। **চুষিতা** *বিণ*। {*স.* √চুষ্+*বা.* আ}

চুষি, চুষী [চুশি] *বি* চুষি কাঠি; রাবার দিয়ে তৈরি শিশুর চোষবার খেলনাবিশেষ; চুচুক আকৃতি রবারের তৈরি বস্তু (কোলের ছেলে চুষি চোষে)। ❑ *বিণ* চোষা যায় এমন। **~কাঠি** *বি* কাঠের তৈরি শিশুদের চুষবার খেলনাবিশেষ। **~ পিঠা** *বি* চুষে বা লেহন করে খাওয়ার উপযুক্ত এক প্রকার মিষ্টান্ন বা পিঠা। {*স.* √চুষ্+*বা.* ই}

চূড়া, চুড়ো [চূড়া, -ড়ো] *বি* ১ শীর্ষদেশ; মস্তক; শিখর; শৃঙ্গ (পর্বত চূড়া)। ২ মুকুট। ৩ ঝুঁটি; চূড়া আকারে বাঁধা চুল; টিকি। ৪ হিন্দু সমাজে আচরিত সংস্কার (চূড়াকরণ)। **~করণ, ~কর্ম** *বি* ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য—তিন বর্ণের প্রাচীন সংস্কারবিশেষ, যাতে মস্তক মুণ্ডন করে মধ্যস্থলে একগুচ্ছ চুল রেখে দেওয়া হয়। **~মণি** *বি* ১ মুকুটে বা মস্তকে ধারণ করার রত্ন। ২ সংস্কৃতে পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধিবিশেষ। ৩ সর্বশ্রেষ্ঠ বা সর্বপ্রধান ব্যক্তি (সমাজের চূড়ামণি)। {*স.* √চুল্+অ(অঙ্)+আ(টাপ্)}

চূড়ান্ত [চুড়ানতো] *বি* ১ চরম সীমা। ২ পরাকাষ্ঠা; চরম

উৎকর্ষ। ▢ *বিণ* চরম; সর্বশেষ; শেষ (মাস তিনেকের মধ্যে প্রবীণ ও নবীনদের সংঘর্ষ চূড়ান্ত পর্যায়ে পৌঁছে—*আহ্*)। {*স.* চূড়া+অন্ত; তৎ}

চূত [চুতো] *বি* ১ আম গাছ। ২ আম ফল। ~**লতা** *বি* ১ লতানো আমগাছ। ২ যে লতাগাছ আমগাছকে বেষ্টন করে ওঠে। {*স.* √চুৎ+অ(ক)}

চূবড়ি ⇒ চুপড়ি

চূর্ণ [চুরনো] *বি* ১ গুঁড়া; কণায় পরিণত পদার্থ। ২ চুন। ৩ সুগন্ধি গুঁড়া। ৪ আবির। ▢ *বিণ* গুঁড়া করা হয়েছে এমন; চূর্ণীকৃত; সম্পূর্ণ ভগ্ন বা গুঁড়ায় পরিণত (হাড় চূর্ণ হওয়া)। ~**কার** *বি* ১ চুন প্রস্তুত করে যে। ২ চুনারি। ~**কুন্তল** *বি* অগ্রভাগ ভগ্ন চুল; কুঞ্চিত কেশগুচ্ছ; কপালের উপর এসে পড়া কোঁকড়ানো চুলের স্তবক। **চূর্ণন** *বি* গুঁড়াকরণ; কণায় পরিণতকরণ। ~**নীয়** *বিণ* গুঁড়া করার উপযুক্ত; চূর্ণ করার যোগ্য। **চূর্ণিত, চূর্ণীকৃত** *বিণ* ১ গুঁড়া করা হয়েছে এমন। ২ বিধ্বস্ত; বিনষ্ট। **চূর্ণীভূত** *বিণ* গুঁড়া হয়েছে এমন; কণায় পরিণত। {*স.* √চূর্ণ্+অ(অচ্)}

চূর্ণক [চুরনক্] *বি* ১ বিশদ ব্যাখ্যা। ২ যে পুস্তকে টীকা-টিপ্পনী সহযোগে মূলের দুরূহ বিষয় বিশ্লেষণ করে ভালোভাবে ব্যাখ্যা করা হয়। {*স.* √চূর্ণ্+ক(কন্)}

চূর্ণিকা [চুরনিকা] *বি* ছাতু। {*স.* চূর্ণ+ক(কন্)+আ(টাপ্)}

চূল ⇒ চুল

চূষণীয়, চূষ্য [চুশোনিয়ো, চুশ্শো] *বিণ* চুষে খাওয়া যায় এমন; চুষবার যোগ্য। {*স.* √চূষ্+অনীয়, য(ণ্যৎ)}

চূষিত [চুশিতো] *বিণ* চোষা হয়েছে এমন। {*স.* √চুষ্+ত(ক্ত)}

চূষ্য ⇒ চূষণীয়

চেইন ⇒ চেন

চেংড়া ⇒ চ্যাংড়া

চেঁচাচেচি, চেঁচামেচি, চেঁচামিচি [চ্যাঁচাচেচি, –মেচি, –মিচি] *বি* ১ বহু জনের একসঙ্গে চিৎকার। ২ গণ্ডগোল। ৩ পরস্পর উচ্চৈঃস্বরে উত্তর প্রত্যুত্তর বা কথোপকথন। {চেঁচা + *অনু.* চেচি, মেচি, মিচি}

চেঁচাড়ি, চাঁচাড়ি [চ্যাঁচাড়ি, চাঁ–] *বি* বাঁশের পাতলা ও ধারালো ফালি বা চটা (কেহ তাহার কণ্ঠে অনেকগুলো বাঁশের চাঁচোরি পুরিয়া দিয়াছে—*নই*)। {*স.* চক্ষা> চাঁচা+ড়ি}

চেঁচানো [চ্যাঁচানো] *ক্রি* ১ চিৎকার করা। ২ চিৎকার করে কাঁদা বা ডাকাডাকি করা। ৩ গণ্ডগোল বা গোলমাল সৃষ্টি করা। ৪ চিৎকার; গণ্ডগোল; গোলমাল। **চেঁচানি** *বি* চিৎকার; গোলমাল। {চেঁচা+আনো}

চেঁচেপুঁছে, চেঁছেপুঁছে [চেঁচেপুঁছে, চেঁছে–] *ক্রিবিণ* ১ চেঁছেমুছে; পরিষ্কার করে; চেটে সম্পূর্ণ সাফ করে; চেটেপুটে। ২ একটুও অবশিষ্ট না রেখে। {*স.* √তক্ষ> *প্রা.* √চচ্ছ> *বা.* চাঁচা, *অনু.* পোঁছা; *তুল.* *সাধু বা.* চাঁচিয়া–পুঁছিয়া (অপিনিহিতি+অভিশ্রুতি)>চেঁচেপুঁছে}

চেক¹ [চেক] *বি* চার খোপ আঁকা; চৌখুপি; ছক (চেক কাটা চাদর)। ▢ *বিণ* চৌকা চৌকা নকশা করা; চেক কাটা বা আঁকা (চেক লুঙ্গি বা শাড়ি)। ~ **কাটা** *বিণ* ১ ছক কাটা। ২ চৌখুপি (চেক কাটা শাড়ি)। ~ **কাপড়** *বি* চৌকা নকশা বিশিষ্ট বস্ত্র। {*ই.* check}

চেক² [চেক্] *বি* ব্যাংক থেকে টাকা তোলার আদেশপত্র; এক প্রকার হুন্ডি; cheque। ~**ওয়ার**, ~**ওয়ারি** *বিণ* চেক অনুযায়ী। ~ **করা** *ক্রি* পরীক্ষা করা; যাচাই করা; check (টিকিট চেক করতে এসেছে—*সৈমু*)। ~ **দাখিলা** *বি* ১ খাজনার ছাপানো রশিদ। ২ প্রদত্ত খাজনার রশিদ। ~ **মুড়ি** *বি* প্রদত্ত খাজনার দাখিলার যে অংশ জমিদার রাখে; চেক দাখিলার বাম দিকের যে অংশ চেক বইতে থেকে যায়; counter foil। {*ই.* cheque}

চেকনা, চিকনা [চেক্না, চি–] *বি* চর্বি; মেদ (কেটেছে রঙিন মখমল দিন ওজুদে চিকনা সরে—*ফআ*)। ▢ *বিণ* উজ্জ্বল; চর্বিযুক্ত; হৃষ্টপুষ্ট। **চেকনাই, চিকনাই** *বিণ* মসৃণ; উজ্জ্বল; লাবণ্যময় (চেহারা বেশ চিকনাই হইয়া উঠিতে লাগিল—*আমআ*)। ▢ *বি* ঔজ্জ্বল্য; চকচকে আভা; মসৃণতা; লাবণ্য। {*স.* চিক্কণ}

চেগার, চ্যাগার [চ্যাগার্] *বি* বাড়িঘেরা বা জমিঘেরা বাঁশের বাখারির বেড়া। {*আঞ্চ.*}

চেঙ, চেঙ্গ ⇒ চ্যাং

চেঙারি, চেঙ্গারি ⇒ চাঙ্গারি

চেঙরা, চেংড়া ⇒ চ্যাংড়া

চেট, চেটক, চেড় [চেট্, –টক্, চেড়্] *বি* ১ ভাঁড়। ২ ভাঁড়ামি; ভাঁড়ামো (কখন নাটক কখন চেটক—*ভারা*)। ৩ দাস। **চেটী, চেটিকা, চেড়ী** *স্ত্রী.* দাসী; চাকরানি (চেড়ীর তনয়া হয়ে এত গর্ব তোর—*হেমা*)। ২ নারী প্রহরী বা পাহারাওয়ালা; প্রহরিণী (চেড়ী সতীরে ছাড়িয়া—*মদ*)। {*স.* √চেট্+অ(ঘঞ্), +ক(কন্), >}

চেটো, চেটুয়া [চেটো, চেটুয়া] *বি* ১ হাতের তালু; করতল (ও দেশের সমস্ত জমিন আমার হাতের চেটোর মত চেনা—*শও*)। ২ পায়ের তলা। ৩ তরুণী নারী; অল্পবয়স্কা যুবতী (সহজে অবলা জাতি তায় তুমি চেটো—*ঘচ*)। {√চাট্+উয়া=চাটুয়া (অভিশ্রুতি)>চেটো; *স.* চটু+ল(লচ্)=চটুল+আ>*বা.* চেটুয়া; অথবা *স.* চেটী>}

চেত, চেতঃ [চেতো, চেতহ্] *বি* ১ চিত্ত; মন; হৃদয়; অন্তঃকরণ। ২ চিত্তবৃত্তি। ৩ আত্মা। **চেতস্বান** *বিণ* সহৃদয়; চৈতন্যবান; হৃদয়বান। **চেতোমান** *বিণ* সচেতন; চৈতন্যযুক্ত। {*স.* চিৎ+অস্(অসুন্)>চেতঃ}

চেতক [চেতক্] *বিণ* চেতনা দান করে এমন; চেতনা সম্পাদক; উদ্বোধক। {*স.* √চিৎ+অক(ণ্বুল্)}

চেতকী [চেতোকি] *বি* ১ সুগন্ধযুক্ত ত্রিশিরা হরীতকী। ২ জাতি পুষ্পবিশেষ। {*স.* চেতক+ইন্(ইনি)}

চেতন [চেতোন্] *বিণ* ১ প্রাণবান; জীবন্ত; সজীব। ২ জ্ঞানযুক্ত; সংজ্ঞাবিশিষ্ট; জাগ্রত। ৩ চেতনা; জাগ্রত অবস্থা; সংজ্ঞা। ▢ *বি* আত্মা; জীব। ~**উষা/ঊষা** *বি* জাগ্রত উষা (সবি তো পড়েছে ধরা চেতন-উষার মতো প্রাণে—*সৈশা*)। ~ **পাওয়া** *ক্রি* জাগ্রত হওয়া; টের পাওয়া। {*স.* √চিৎ+অন (ল্যুট্)}

চেতনা [চেতোনা] *বি* ১ চৈতন্য; হুঁশ; জ্ঞান; সংজ্ঞা (চেতনা সম্পাদন, চেতনার সঞ্চার হওয়া)। ২ অনুভূতি (চেতনারহিত)। ৩ সচেতন বা জাগরিত অবস্থা। ৪ জীবিত অবস্থা; জীবন। ~**ত্মক** *বিণ* চৈতন্যময়। ~**ত্মিকা** *স্ত্রী*। ~ **বিধান** *বি* চৈতন্য দান; চৈতন্য জন্মানো। ~-**বিহীন**, ~**রহিত**, ~**শূন্য**, ~**হীন** *বিণ* ১ অচেতন; জ্ঞানশূন্য; অজ্ঞান; বেহুঁশ। ২ জড়। { *স.* চেতন+আ(টাপ্)}

চেতা [চেতা] *ক্রি* ১ সংজ্ঞা লাভ করা; চেতনা পাওয়া। ২ জাগরিত হওয়া (চেত রে চেত রে চেত—*ভারা*); উদ্বুদ্ধ হওয়া; প্রেরণা উৎসাহ বা উত্তেজনা লাভ করা। ৩ সতর্ক হওয়া। ৪ ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া (অত চেত কেন?)। **চেতানি** *বি* উদ্বোধন; জাগরণ; উত্তেজনা সঞ্চার। **চেতানো**, **চেতান** *ক্রি* ১ চেতনা সঞ্চার করা। ২ জাগানো; সতর্ক করা; উদ্বুদ্ধ করা; উত্তেজিত করা। ৩ ক্ষেপানো। ☐ *বি* জ্ঞান দেওয়া। **চেতিত** (বিরল) *বিণ* ১ জ্ঞাত; জানা গিয়েছে এমন। ২ জাগ্রত; উদ্বুদ্ধ। { *স.* √চিত্+*বা*, আ}

চেত্তা [চেত্‌তা] *বি* ১ চিত; চিতভাব। ২ পৃষ্ঠদেশের আড়ষ্টভাব। ~ **খাওয়া** *ক্রি* বুক টান করে দাঁড়ানো; বুক ফুলিয়ে মাথা পিছনের দিকে ঈষৎ হেলে দাঁড়ানো। ~-**ভাঙা** *ক্রি* চিত হয়ে শরীরের ও মেরুদণ্ডের আড়ষ্টভাব দূর করা। { *স.* চিৎ>}

চেদি [চেদি] *বি* প্রাচীন রাজ্যবিশেষ। { *স.* চেদি}

চেন, চেইন [চেন্, চেইন্] *বি* ১ শিকল (ঘড়ির চেন)। ২ কণ্ঠের অলঙ্কারবিশেষ; মালা (পায়ে বুট জোব্বা গায়ে গলায় সোনার চেন—*হেম*)। ৩ মাপের পরিমাণবিশেষ; ৬৬ ফুট পরিমিত শিকল। { *ই.* chain}

চেনা, চিনা [চেনা, চি-] *ক্রি* ১ পূর্বদৃষ্ট বলে জানা বা বুঝতে পারা; পূর্বে পরিচিত বলে মনে পড়া (তাকে চিনি)। ২ প্রকৃত স্বরূপ জানা (বিপদে পড়লে লোক চেনা যায়)। ৩ নির্ধারণ বা ঠাহর করতে পারা; শনাক্ত করা (ভিড়ের মধ্যে লোকটাকে চেনা গেল না)। ৪ নির্বাচন করা; বাছাই করা (ভালোমন্দ চেনা)। ৫ জানা; শেখা; পরিচয় করা (অক্ষর চেনা)। ☐ *বিণ* পরিচিত; পূর্বদৃষ্ট; জানাশুনা (চেনা লোক)। ~**চিনি** *বি* পরস্পরকে জানা বা চেনা। **চিনানো, চিনানো** *ক্রি* ১ চিনিয়ে দেওয়া; পরিচিত বা পরিচয় করানো। ২ জানানো; শিখানো। ☐ *বি* পরিচিতকরণ। ☐ *বিণ* পরিচিত এমন। ~**পরিচয়** *বি* জানাশুনা; আলাপ-পরিচয়। ~**শোনা**, ~**শুনা** *বি* জানাজানি; আলাপ-পরিচয় (দেখা হত দুইজনে আধ-চেনাশোনা—*রঠা*)। { *স.* চিহ্ন>*প্রা.* চিণ্হ>√চিন্+আ}

চেপটা ⇒ চ্যাপটা

চেপা ⇒ চিপা

চেব [চেব্] *বি* থুথু; ছেপ। { *স.* চর্বণ> চেব}

চেবেল্লা [চেবেল্‌লা] *বিণ* ১ ছেবলা; হ্যাবলা; ইতর। ২ বাচাল; প্রগল্‌ভ (তুমি আর মনু এত বেশী বেয়াদব আর চেবেল্লা হয়ে পড়েছ—*নই*)। { *আ.* সাফাহ سفاه }

চেয় [চেয়ো] *বিণ* সংগ্রহযোগ্য; চয়নের উপযুক্ত। { *স.* √চি+য (যৎ)}

চেয়াড়ি [চেয়াড়ি] *বি* ১ বাঁশের পাতলা ধারালো ছাল বা ফালি; চেঁচাড়ি; ছুরিরূপে ব্যবহৃত। ২ কাঠি; শলাকা (সোনার চেয়াড়িতে সিঁদুর নিয়ে ভুরুর মাঝে টিপ পরছেন)। ৩ চেঁচাড়ি। { *স.* চঞ্চু>}

চেয়ার [চেয়ার্] *বি* আসনবিশেষ; কেদারা; কুরসি। { *ই.* chair}

চেয়ারম্যান [চেয়ার্‌ম্যান্] *বি* সভাপতি; সমিতি সভা বা সঙ্ঘের পরিচালক। { *ই.* chairman}

চেয়ে, চাইতে [চেয়ে, চাইতে] *অব্য* অপেক্ষা; হতে (ওগো এর চেয়ে ভালো প্রখর দহন—*রঠা*)। ☐ *ক্রিবিণ* ১ চেয়ে; যাচ্ঞা করে (চেয়ে নাও)। ২ তাকিয়ে (চেয়ে দেখা)। { √চাহ্+ইয়া>চাহিয়া (অপিনিহিতি, অভিশ্রুতি) চেয়ে}

চেরয়াট ⇒ চরাট

চেরা, চিরা [চেরা, চিরা] *ক্রি* ১ ফাড়া; বিদারণ করা। ২ লম্বালম্বি কাটা; ফাটানো (কাঠ চেরা, কাপড় চেরা)। ৩ ছিন্ন করা; ফাঁক করা (বুক চেরা)। ☐ *বি* বিদারণ; ছিন্নকরণ। ☐ *বিণ* ১ বিদীর্ণ; বিদারিত। ২ ফাঁক। ৩ বের করা হয়েছে এমন। **চেরাই** *বি* ১ ফাড়ার কাজ; বিদারণ। ২ চিরবার মজুরি। **চেরানো, চিরানো** *ক্রি* ফাড়ানো; বিদারণ করানো; কাটানো। **পটোল**~ *বিণ* পটোল লম্বালম্বি সমান দুই ভাগে কাটলে দেখতে যেরূপ হয়। **পটোল**~ **চোখ** (*আল.*) চেরা পটোলের মতো দীর্ঘ আয়ত মনোহর চোখ। { *স.* ছিন্ন>ছেড়া>চিরা; *স.* চীর্ণ}

চেরাগ, চিরাগ [চ্যারাগ্, চিরাগ্] *বি* প্রদীপ; বাতি (চাঁদের চেরাগ ক্ষয় হয়ে এল ভোরের দর দালানে—*নই*)। **চেরাগচি, চেরাগচী** *বি* যে বাতি জ্বালায় ও নেভায় (নিবাইয়া দাও আপনার হাতে ডেকো না চেরাগচীরে—*মোম*)। ~**দান**, ~**দানি** *বি* পিলসুজ; প্রদীপের আধার। **চেরাগি, চেরাগিমহাল** *বি* পীরের দরগায় বাতি দেওয়ার জন্য খাদেমকে প্রদত্ত নিষ্কর ভূমি। **চোদ্দ/ চৌদ্দ পুরুষের** ~ *বি* কুলপ্রদীপ। (*ব্য.*) কুলের কলঙ্ক; কুলাঙ্গার। { *ফা.* চিরাগ چراغ }

চেল [চেল্] *বি* ধুতি বা শাড়ি; পরিধেয় বস্ত্র; পরিচ্ছদ। **চেলাঞ্চল** *বি* বস্ত্রাঞ্চল (বেণুছায়া তোমার চেলাঞ্চলে ... স্পন্দিয়া—*রঠা*)। { *স.* √চিল্+অ(ঘঞ্)}

চেলা[1] [চ্যালা] *বি* ১ শিষ্য (তুমি গুরু মহাজ্ঞানী; আমি চেলা তথা—*সৈআ*)। ২ শাগরেদ; অনুচর। ৩ ছাত্র। ৪ ক্রীতদাস। ~**গিরি** *বি* শিষ্যত্ব (নন্দী সাহেবের চেলাগিরি কোরো না—*রঠা*)। ~-**চামুণ্ডা** *বি* শিষ্য ও অনুচরগণ; চণ্ড ও দুষ্ট স্বভাবযুক্ত শিষ্য ও অনুগামীরা। **যেমন গুরু তেমনি** ~ গুরু ও শিষ্য উভয়েই সমান দুষ্ট বা সমান আহাম্মক। { *স.* চেট>*প্রা.* চেড>; *তুল.* *হি.* চেলা}

চেলা[2], **চ্যালা** [চ্যালা] *বি* ১ ফাড়া কাঠ; জ্বালানি কাঠ। ২ ক্ষুদ্র মাছবিশেষ (চেলা মাছ)। ৩ বিছা; শতপদী; centipede; বিষাক্ত কীটবিশেষ। ~**কাঠ** *বি* ছোট চেলি কাঠ। **চেলানো** *ক্রি* কুড়াল ইত্যাদি দিয়ে ফাড়া; চেলা প্রস্তুত করা (কাঠ চেলানো)। {⇒চেরা}

চেলি, চেলী, চেলিকা [চেলি, -, -কা] *বি* বিবাহাদিতে ব্যবহৃত রেশমি কাপড়; পট্ট বস্ত্র (বিবাহের লাল চেলি)। {*স.* চেলিকা>}

চেলুনি [চেলুনি] *বি* চাল ধোয়া পানি; চেলেনি পানি। {চালুনি>}

চেলো [চেলো] *বি* এক প্রকার বাদ্যযন্ত্র; বেহালা; cello। {*ই* cello}

চেল্লাচেল্লি ⇒ চিল্লাচিল্লি

চেল্লানো [চেল্‌লানো] *ক্রি* চিৎকার করা; চেঁচামেচি। {*তুল. হি* চিল্লানা}

চেষ্টক [চেশ্‌টোক] *বিণ* চেষ্টা করে এমন; চেষ্টাকারী; প্রয়াসশীল। {*স.* √চেষ্ট্ +অক(ণ্বুল)}

চেষ্টমান [চেশটোমান্] *বিণ* চেষ্টা করছে এমন; সচেষ্ট; উদ্যমশীল; উদ্যোগী। {*স.* √চেষ্ট্ + মান (শানচ)}

চেষ্টা [চেশ্‌টা] *বি* ১ কোনো কাজ সম্পাদনের জন্য বা কোনো কিছু লাভ করার জন্য শরীর ও মনের চালনা। ২ যত্ন; প্রয়াস। ৩ উদ্যোগ (উন্নতির চেষ্টা)। ৪ অধ্যবসায় (চেষ্টা নেই, কিভাবে উন্নতি হবে?)। ৫ উপায় (অন্য চেষ্টা করো)। ৬ প্রাপ্তির জন্য সন্ধান (চাকরির চেষ্টা)। **~চরিত্র** *বি* ১ উদ্যোগ আয়োজন। ২ তদবির। **~ন্তর** *বি* অন্য উপায়। **~ন্বিত** *বিণ* প্রয়াসশীল; সচেষ্ট; চেষ্টাযুক্ত। **~বিহীন, ~রহিত, ~শূন্য** *বিণ* নিশ্চেষ্ট; উদ্যমহীন। **~বেষ্টা** *বি* বিভিন্ন ধরনের চেষ্টা; চেষ্টা চরিত্র। **চেষ্টিত** *বি* সচেষ্ট; চেষ্টাযুক্ত; উদ্যোগী; অধ্যবসায়ী। □*বিণ* চেষ্টা করা হয়েছে বা হচ্ছে এমন। **চেষ্টিতব্য** *বিণ* ১ চেষ্টা করার উপযুক্ত। ২ চেষ্টা করতে হবে এমন। {*স.* √চেষ্ট্+ অ(অঙ্)+আ(টাপ্)}

চেষ্টানো [চেশ্‌টানো] *বি* চেষ্টাকরণ। □*বিণ* অন্যকে দিয়ে চেষ্টা করানো। {*স.* √চেষ্ট্+ *বা.* আনো}

চেহারা [চেহারা] *বি* আকৃতি; রূপ; মূর্তি; মুখচ্ছবি। **~বন্দি, চেরাবন্দি** *বি* প্রতিকৃতি। {*ফা.* চিহ্‌রাহ چهره + বন্দি بندی}

চেহেল সতুন [চেহেল্‌সোতুন্] *বিণ* চল্লিশ স্তম্ভবিশিষ্ট প্রাসাদ। {*ফা.* চিহিল+সাতূন چهل+ستون}

চৈচৈ ⇒ চই চই

চৈত [চোইত্] *বি* চৈত্র মাস। **চৈতালি** *বি* ১ চৈত্র মাসে উৎপন্ন শস্য; রবি শস্য; মুগ মসুর প্রভৃতি। ২ চৈত্র মাসে দেয় খাজনা (কিছু চৈতালি দিয়া তাহাদের বৎসর চালাইয়া লইত—*মৈগী*)। ৩ বসন্তকালীন বায়ু। ৪ চৈত্র মাসের ভাবাবেগ। **চৈতার বউ** *বি* বউ-কথা-কও পাখি (আসমানেতে চৈতার বউ ডাকে ঘন ঘন—*মৈগী*)। □*বিণ* ১ চৈত্রসম্বন্ধীয়। ২ চৈত্রমাসে উৎপন্ন বা গৃহীত। **চৈতি, চৈতী** *বিণ* ১ চৈত্র মাসের (চৈতি হাওয়া—*নই*)। ২ চৈত্র মাসে জাত বা উৎপন্ন; বাসন্তী; বসন্তকালীন। {*স.* চৈত্র>}

চৈতন [চোইতন্] *বি* টিকি; শিখা; মস্তকের মধ্যস্থিত কেশগুচ্ছ (বাবু দেন মেখে দাড়িতে খেজাব, মিয়া চৈতনে তৈল—*নই*)। **চৈতনক** *বি* টিকি; শিখা (মস্তকে সুদীর্ঘ কুঞ্চিত কেশ, মধ্যভাগে একটি চৈতনক—*দীমি*)। **~চুটকি** *বি* টিকি; শিখা (চৈতন চুটকিধারী বাবাজী—*অঠা*)। **~ ফক্কা** *বি* টিকি (গোস্বামীর শরীরটি প্রকাণ্ড, মাথা নেড়া মধ্যে তরমুজের বোঁটার মত চৈতন ফক্কা—*কাসি*)। {*স.* চৈতন্য>}

চৈতন্য [চোইতোন্‌নো] *বি* ১ জ্ঞান; চেতনা। ২ অনুভূতি; হুঁশ (জ্ঞান ও চৈতন্য তোমার মানবতার গরিমা—*এআ*)। ৩ প্রকৃত অবস্থা সম্বন্ধে জ্ঞান (লোকসান কতটা হইল, সেই চৈতন্য নাই)। ৪ শচীপুত্র নিমাই; গৌরাঙ্গ। ৫ সচেতন ভাব; সজাগ অবস্থা। **~দেব** *বি* বৈষ্ণব ধর্ম প্রচারক জগন্নাথ মিশ্র ও শচীদেবীর পুত্র নিমাই; গৌরাঙ্গ। **~ বাহিনী নাড়ি** *বি* যে নাড়ি চেতনা বহন করে; sensory nerves। **~ময়** *বিণ* ১ চেতনাযুক্ত; চিন্ময়। ২ জ্ঞানময়; চৈতন্যস্বরূপ। **~ময়ী, ~রূপী** *বিণ স্ত্রী.* চৈতন্যময় চিৎ স্বরূপ; চিন্ময়। **~রূপিণী** *স্ত্রী.*। **~ হওয়া** *ক্রি* হুঁশ হওয়া; সচেতন হওয়া; জ্ঞান জন্মানো। **চৈতন্যোদয়, চৈতন্যোদ্রেক** *বি* জ্ঞান সঞ্চার; জ্ঞানের আবির্ভাব। **মগ্ন~** *বি* নিজের সদা সক্রিয় চেতন মন সম্বন্ধে নিমগ্ন হওয়া। {*স.* চেতন+য (ষ্যঞ্)}

চৈতি, চৈতী ⇒ চৈত

চৈত্ত্য, চৈত্তিক [চোইত্‌তো, চোইত্‌তিক্] *বিণ* চিত্তসম্পর্কীয়। {*স.* চিত্ত+য (ষৎ)}

চৈত্য[১] [চোইত্‌তো] *বি* ১ যে স্থানে পূজা বা যজ্ঞ করা হয়। ২ বেদি। ৩ বৌদ্ধ মঠ; বুদ্ধমন্দির; বৌদ্ধ বিহার (মন্দির গোপুর চৈত্যের বীথি!—*সদ*)। **~পাল** *বি* চৈত্যের অধ্যক্ষ; বৌদ্ধ মঠের প্রধান। **~বৃক্ষ** *বি* মঠ বা মন্দিরে জাত বৌদ্ধদের পূজ্য বৃক্ষ। {*স.* √চি+যৎ(ক্যপ্)=চিত্য+ অ(অণ)}

চৈত্য[২] [চোইত্‌তো] *বিণ* চিতাসম্পর্কিত। □*বি* শ্মশানের নিকটস্থ বৌদ্ধদের পূজ্য বৃক্ষ। **চৈত্তী** *স্ত্রী.*। {*স.* চিতা+য(যৎ)}

চৈত্র, চৈত্রিক [চোইত্‌ত্রো, চোইত্‌ত্রিক্] *বি* বাংলা সনের দ্বাদশ বা শেষ মাস; চৈত্র। **~রথ** *বি* কুবেরের উদ্যান; যক্ষপুরীর প্রমোদকানন। **চৈত্রাবলি** *বি* চৈত্র পূর্ণিমা। {*স.* চিত্রা+অ(অণ্)>চৈত্র; চৈত্র+ইক (ঠক্)}

চৈত্রসংক্রান্তি [চোইত্‌ত্রোশঙ্‌ক্রান্‌তি] *বি* চৈত্র মাসের শেষ দিন—এই দিনে বাঙালি হিন্দুরা শিবের পূজা করে এবং এ উপলক্ষে বিভিন্ন ধরনের উৎসব-অনুষ্ঠান ও মেলা হয়। {*স.* চৈত্র+সংক্রান্তি}

চৈত্রী [চোইত্‌ত্রি] *বি* চিত্রা নামক নক্ষত্রযুক্ত পূর্ণিমা; চৈত্র মাসের পূর্ণিমা তিথি। {*স.* চৈত্র+ঈ(ঙীপ্)}

চৈন[১]**, চৈনিক, চৈনেয়** [চোইনো, চোইনিক্, চোইনেয়ো] *বিণ* ১ চীনদেশসম্পর্কিত। ২ চীন দেশবাসী; চীনা (ভারতবর্ষীয়েরা যে চৈনিকদিগের নিকট হইতে এ কথা পাইয়াছিলেন—*বচ*)। ৩ চীনদেশে জাত। ৪ চীনদেশীয়। **চৈনী, চৈনিকী, চৈনেয়ী** *স্ত্রী.*। **~ যূষ** *বি* চা দুধ ও চিনি মিশ্রিত চা-পাতার ক্বাথ বা নির্যাস (তোমার সুমিষ্ট চৈনিক যূষ পরিত্যাগ করিয়া এই তিক্ত বিষয়ের আলোচনা কি লভ্য—*সৈমু*)। {*স.* চীন+অ(অণ্), ইক(ঠক্), এয় (ঢক্)}

চৈন[২] ⇒ চয়েন

চোংগা ⇒ চোঙ্গা

চোঁ [চোঁ] *অব্য* বেগ বা শোষণসূচক শব্দ (চোঁ করে দুধ খাওয়া)।~ **করে/করিয়া** *অব্য, ক্রিবিণ* খুব দ্রুতগতিতে (চোঁ করে চলে গেল)। {*ধ্বন্যা.*}

চোঁচ [চোঁচ] *বি* ১ চঞ্চু (সরু পা লম্বা চোঁচ কিছুই বাদ যেত না বক রূপটির—*অঠা*)। ২ বাঁশের ধারালো ত্বক; ছাল (চোঁচ দিয়ে নাড়ি কাটা)। **চোঁচালো** *বিণ* ১ চোঁচযুক্ত। ২ চঞ্চুযুক্ত। {*স.* চঞ্চু>}

চোঁচা [চোঁচা] *অব্য, ক্রিবিণ* একটানা; রুদ্ধশ্বাসে; অন্য কোনো দিকে না চেয়ে (চোঁচা দৌড়)। □ *বি* খোসা; ছাল (আখের চোঁচা)। {*ধ্বন্যা.*}

চোঁ-চোঁ, চুঁ-চুঁ [চোঁচোঁ, চুঁচুঁ] *অব্য* ক্রমাগত শোষণ; শুষে পান করার শব্দ। ~ **করা** *অব্য* ক্ষুধার আধিক্যসূচক (সকলের নাড়ি-ভুঁড়ি চুঁ-চুঁ করিতে লাগিল—*আমআ*)। {*ধ্বন্যা.*}

চোঁতা ⇒ চোতা

চোঁয়া, চুঁয়া [চোঁয়া, চুঁ-] *বিণ* ১ দুধ তরকারি প্রভৃতি অল্প পোড়ার গন্ধবিশিষ্ট (চোঁয়া ব্যঞ্জন)। ২ অজীর্ণজনিত অল্প টক গন্ধযুক্ত (চোঁয়া ঢেঁকুর)।~ ~ *বিণ* কড়া কড়া; পোড়া পোড়া (চোঁয়া চোঁয়া করে ভাজা উচ্ছে—*অঠা*)। **চোঁয়ানো** *ক্রি* সামান্য পোড়ানো; সামান্য অম্লগন্ধ হওয়ানো। □ *বি, বিণ* ঐ সকল অর্থে। {*ধ্বন্যা.; স.* চ্যুত}

চোক[১] ⇒ চৌক[১]

চোক[২] ⇒ চোখ

চোক[৩] [চোক] *বি* চক্ষু; চোখ (তোর চোক দু'গা খাই কাচ্ছিন)। {*আঞ্চ.; স.* চক্ষু>}

চোকরি [চোক্‌রি] *বি* যে প্রজাপতি কোয়া ফেটে বের হয়। {*স.* চক্র>+রি}

চোকল[১], **চোকলা**[১], **ছোকলা** [চোকোল্, -ক্‌লা, ছো-] *বি* শস্যের ছাল; গমের ভুষি। {*স.* চোলক>; *তুল. হি.* চোকর}

চোকল[২] ⇒ চোখল

চোকলা[২] [চোক্‌লা] *বি* ১ খোসা; আবরণ (আমের চোকলা)। ২ পাতলা টুকরা; চাকলা। ~ ~ *বিণ* পাতলা টুকরা টুকরা (চোকলা চোকলা চামড়া ওঠা)। {*স.* চোলক>}

চোকা[১] ⇒ চুকা[২]

চোকা[২] ⇒ চোখা

চোকানো ⇒ চুকা[২]

চোখ [চোখ্] *বি* ১ চক্ষু; দর্শনেন্দ্রিয় (দুই জোড়া চোখ পারাবত—*সাহ*)। ২ দৃষ্টি; নজর। ৩ সুদৃষ্টি; অনুকূল নজর; খেয়াল (তাহার প্রতি আমার চোখ আছে)। ৪ লোলুপ দৃষ্টি (অন্যের জিনিসে চোখ দেওয়া ভালো না)। ৫ বাঁশ আখ প্রভৃতির মূলে অঙ্কুরোদ্‌গমের স্থান।~ **ওঠা,** ~ **উঠা** *বি* চোখের রোগবিশেষ; চক্ষুপ্রদাহ; ophthalmia। □ *ক্রি* চোখের রোগ হওয়া।~ **কপালে তোলা** *ক্রি* বিস্মিত বা আতঙ্কগ্রস্ত হওয়া।~ **কাটানো** *ক্রি* চিকিৎসক দ্বারা চোখের ছানি কাটানো।~-**কান খোলা** *বিণ* সতর্ক; সজাগ (চোখ কান খোলা থাকলেই তা আমাদের কাছে নিত্য প্রত্যক্ষ হয়ে ওঠে—*প্রচৌ*)। □ *বি* দৃষ্টি রাখা; দেখাশুনা।~ **কান বুজে থাকা** *ক্রি* ১ না দেখা; না শোনা। ২ সব রকম দুঃখকষ্ট নীরবে সহ্য করা। ~ **খাওয়া, চোখের মাথা খাওয়া** *ক্রি* ১ মনোযোগ না থাকা। ২ চোখ বন্ধ হওয়া।~**খাগি,** ~**খাকি** *বিণ, বি* বিচারবুদ্ধিহীনা নারী; অন্ধ নারী; কানি (চোখখাগি আবাগির বেটির—*নই*)। ~ **খোলা** *ক্রি* ১ জাগা; জেগে ওঠা। ২ সাবধান হওয়া। ৩ জ্ঞান লাভ করা। ~ **গালা** *ক্রি* চোখ নষ্ট করা; চোখের তারা তুলে ফেলা। ~ **গেলো** *বি* যে পাখির ডাককে 'চোখ গেলো' শব্দের মতো মনে হয়; যে বিশেষ প্রকার পাখি ঐভাবে ডাকে। ~ **ঘুরানো/ঘোরানো,** ~ **পাকানো** *ক্রি* ১ চোখের তারা ঘুরানো বা পাকানো। ২ চতুর্দিকে ক্রুদ্ধভাবে তাকানো। ~ **চড়ক গাছে ওঠা** *ক্রি* বিস্ময়ে চক্ষু বিস্ফারিত হওয়া। ~ **চাওয়া** *ক্রি* ১ চোখ মেলা (সাধারণত ঘুমের বা মূর্ছিত হওয়ার পর)। ২ প্রসন্ন হওয়া। ~ **ছল ছল করা** *ক্রি* চোখে পানি দেখা দেওয়া; অবরুদ্ধ অশ্রুতে চক্ষু পূর্ণ হওয়া। ~ **ছাড়ানো** *ক্রি* প্রদাহযুক্ত চোখের পাতা পিচুটিতে বন্ধ হলে সেই পাতা খোলা।~ **ছানাবড়া হওয়া** *ক্রি* বিস্ময়ে চোখ বড় হওয়া; অত্যন্ত বিস্মিত বা ভীত অবস্থা হওয়া। ~ **ঝলসানো** *ক্রি* ১ তীব্র আলোকে চোখ প্রায় অন্ধ হওয়া। ২ রূপে মুগ্ধ হওয়া। ~ **ঝাঁ ঝাঁ করা** *ক্রি* রৌদ্রকিরণে অথবা তীব্র আলোকে চোখ ঝলসে যাওয়া। ~ **টাটানো** *ক্রি* ১ চোখে ব্যথা অনুভব করা। ২ ঈর্ষাযুক্ত হওয়া; অপরের উন্নতি ও সমৃদ্ধি দেখে কাতর হওয়া।~ **টেপা** *ক্রি* অন্যে না দেখে সেভাবে চক্ষুভঙ্গি করে ইঙ্গিত করা; চোখের সাহায্যে ইশারা করা। ~ **ঠারা** *ক্রি* ১ ইঙ্গিতে প্রবোধ দেওয়া; মিথ্যা স্তোক দেওয়া (এর জন্য আমার চরম দুঃখ পেতে হয়েছে, তবু মনকে চোখ ঠারাতে পারিনি—*নই*)। ২ চোখ টেপা; বক্র দৃষ্টিতে ইশারা করা। ~ **দেওয়া** *ক্রি* কুদৃষ্টি বা বদ নজর দেওয়া; ঈর্ষাপূর্ণ বা লোলুপ দৃষ্টি নিক্ষেপ করা। ~ **নাচা** *ক্রি* চোখের পাতা স্পন্দিত হওয়া এবং সাধারণ বিশ্বাসে তা দিয়ে মঙ্গল ও অমঙ্গল সূচিত হওয়া (প্রমীলার বামেতর নয়ন নাচিল—*মদ*)। ~ **পড়া** *ক্রি* মনোযোগ আকৃষ্ট হওয়া; নজরে পড়ায় রীতিবিরুদ্ধ কিছু করার জন্য প্ররোচিত হওয়া। ~ **পাকানো** *ক্রি* ক্রোধে চোখের তারা ঘুরানো; রেগে চোখ ঘুরানো। ~ **ফুটানো** *ক্রি* ১ চোখ খুলে দেওয়া। ২ প্রকৃত বিষয় জানানো; সাবধান করে দেওয়া। ~ **ফোটা,** ~ **ফুটা** *ক্রি* ১ জন্মের পর প্রথম চোখের পাতা খোলা (বিড়াল ছানার চোখ ফোটা)। ২ বুদ্ধি হওয়া; জ্ঞান লাভ করা। ৩ প্রকৃত বিষয় জানতে পারা। ~ **বড়/বড়ো করা** *ক্রি* বিস্মিত হওয়া। ~ **বিঁধুলি** *বি, বিণ* কানা (কন্যা আছে চোখ বিঁধুলী, দিলাম তোমার দান—*দমি*)। ~ **বুজে থাকা** *ক্রি* ইচ্ছা করে না দেখা; ইচ্ছাপূর্বক উদাসীন থাকা। ~ **বুলানো,** ~ **বোলানো** *ক্রি* কোনো জিনিস ভালো করে না দেখে উপর উপর দেখা; ভাসা ভাসা ভাবে দেখা বা পড়া। ~ **বোজা** *ক্রি* ১ মরা। ২ আমলে না আনা; প্রশ্রয় দেওয়া। ~ **মটকানো** *ক্রি* ইঙ্গিত করা; ইশারা করা। ~

মারা *ক্রি* এক চোখ বন্ধ করে গোপন কিছু ইঙ্গিত করা। ~ **রাখা** *ক্রি* ১ সতর্ক থাকা ২ মনোযোগী হওয়া। ৩ তত্ত্বাবধান করা (কত দিকে আর চোখ রাখা যায়)। ~ **রাঙানো** *ক্রি* ১ ক্রোধে চোখ লাল করা। ২ ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করা। ৩ ক্রোধপ্রদর্শন করা; রাগ দেখানো। ৪ ভয় দেখানো। ~ **হওয়া** *ক্রি* ১ চোখ মেলা। ২ প্রসন্ন হওয়া। **চোখাচোখি** *বি* ১ সামনাসামনি উপস্থিতি। ২ চোখে চোখে পরস্পর দর্শন। **চোখে আঙুল দিয়ে দেখানো** *ক্রি* প্রমাণ দিয়ে বোঝানো। **চোখে চোখে কথা** *বি* ইঙ্গিতে কথাবার্তা। **চোখে চোখে রাখা** *ক্রি* ১ দৃষ্টি বহির্ভূত হতে না দেওয়া। ২ সজাগ দৃষ্টি রাখা; সতর্ক পাহারায় রাখা। **চোখে ঠুলি দেওয়া** *ক্রি* ১ চোখে ঠুলি দিয়ে দৃষ্টি প্রতিহত করা। ২ না দেখা। ৩ (*আল.*) উপেক্ষা করা; উদাসীন হওয়া। **চোখে ধরা** *ক্রি* পছন্দ হওয়া। **চোখে ধুলা দেওয়া, চোখে ধুলা দেওয়া** *ক্রি* ১ প্রকৃত তথ্য গোপন করে ফাঁকি দেওয়া। ২ ঠকানো; প্রতারণা করা। **চোখে মুখে কথা বলা** *ক্রি* ১ বাচালতা করা। ২ বাকপটুতা করা। ৩ মনোভাব গোপন করার জন্য তাড়াতাড়ি কথা বলা। ৪ চালাকি দেখানো। **চোখের চামড়া** *বি* চক্ষুলজ্জা। **চোখের দেখা** *বি* ১ শুধু দর্শন লাভ। ২ শুধু ক্ষণিকের জন্য দেখা; ক্ষণিক দর্শন। **চোখের নেশা** *বি* ১ দেখবার জন্য প্রবল আকাঙ্ক্ষা। ২ কেবল দর্শনেই আনন্দ। **চোখের পর্দা** *বি* ১ চোখের পাতা। ২ লজ্জা। **চোখের পর্দা নাই**—নির্লজ্জ; বেহায়া। **চোখের পলক** *বি* ১ চোখের পাতার পতন। ২ নিমেষ; ক্ষণমাত্র; মুহূর্তকাল। **চোখের পাতা** *বি* চোখের উপরের চামড়া; নেত্রপল্লব। **চোখের পানিতে নাকের পানিতে করা, চোখের জলে নাকের জলে করা** *ক্রি* ভোগানো; বিপর্যস্ত করা। **চোখের বালি** *বি* ১ চোখের পীড়াদায়ক জিনিস। ২ যাকে দেখলে ক্রোধ জন্মে; চক্ষুশূল। **চোখের ভুল** *বি* দৃষ্টিভ্রম; দেখার ভুল। **চোখের মাথা খাওয়া** *ক্রি* দৃষ্টিহানি ঘটা; কানা বা অন্ধ হওয়া। **চোখের সুখ** *বি* প্রিয়দর্শন; দেখে আরাম। **চোখে লঙ্কা বাটা দিয়ে কান্না** *ক্রি* ক্রন্দন; জোর করে কান্না। **চোখে লাগা** *ক্রি* ১ চোখে ধরা। ২ বিসদৃশ মনে হওয়া; খারাপ লাগা। ৩ আলো সহ্য করতে না পারা। **চোখে সরষে ফুল দেখা** *ক্রি* বিপদ আপদে পড়ে মাথা ঘুরে যাওয়া; দিশেহারা হওয়া; বুদ্ধি লোপ পাওয়া। **চোখে সাঁতার পানি** *বি* বেশি মায়াকান্না; মিথ্যা সহানুভূতি। **একচোখা, একচোখো** *বিণ* ১ এক পক্ষে দেখে এমন; পক্ষপাতী। ২ অবিচারক; পক্ষপাতদুষ্ট। **কটা~, বিড়াল~** *বি* পীতাভ রঙের চোখ। **কুঁচ~** *বি* ক্ষুদ্র গোল চোখ। **কুটুরে ~, কোটরে ~** *বি* যে চোখ খোলের ভিতর ঢুকে গিয়েছে। **ঘোলা ~** *বি* যে চোখ পরিষ্কার নয়; ঘোলাটে চোখ। **টানা ~, টানা টানা ~** *বি* আয়ত চক্ষু; দুই কানের দিকে প্রসারিত সৌন্দর্যময় চোখ। **টেরা ~** *বি* ১ যে চোখের দৃষ্টির গতি বক্র; যে চোখের দৃষ্টি সোজা নয় বাঁকা। ২ (*আল.*) সব কিছুই যে চোখ বাঁকা দেখে; দোষদর্শী চোখ। **টেরা চোখা, টেরা চোখো** *বিণ* ১ চোখ টেরা এমন; দৃষ্টি সোজা নয় এমন; বাঁকা। ২ (*আল.*) সবকিছু বাঁকাভাবে গ্রহণ করে এমন; দোষদর্শী; কটু সমালোচক। **পটোল চেরা ~** *বি* পটোল লম্বাভাবে দুই ভাগ করলে যে রূপ দেখায় সেইরূপ প্রসারিত চক্ষু; সৌন্দর্যময় চোখ। **পানসে ~** *বি* ভাসা ভাসা ঈষৎ নীল আভাযুক্ত চক্ষু। **ভালো ~** *বি* ১ ব্যাধিহীন বা নীরোগ চোখ। ২ প্রসন্ন বা অনুকূল দৃষ্টি। **ভালো চোখে চাওয়া, ভালো চোখে দেখা** *ক্রি* শুভ দৃষ্টি নিক্ষেপ করা; প্রীতিপূর্ণ দৃষ্টিপাত করা; সুনজরে রাখা। **মন্দ ~** *বি* ১ কুদৃষ্টি; বিরূপ দৃষ্টি। ২ ঈর্ষাপূর্ণ অথবা লালসাপূর্ণ দৃষ্টি। **রাঙা/ রাঙ্গা ~, লাল ~** *বি* ১ ক্রোধে বা নেশায় রক্তবর্ণ চক্ষু। ২ মোহাচ্ছন্ন দৃষ্টি। **সাদা ~** *বি* ১ স্বাভাবিক সহজ দৃষ্টি। ২ যে দৃষ্টি ক্রোধ বা নেশা দ্বারা প্রভাবান্বিত নয়। ৩ সংস্কারশূন্য দৃষ্টি বা মন। {*স.* চক্ষুঃ>}

চোখল, চোকল [চোখোল্, –কোল্] *বিণ* ১ চোখবিশিষ্ট। ২ সব দিকে দৃষ্টি আছে এমন; চৌকস। ৩ চটপটে; চালাক-চতুর। {চোখ+অল}

চোখা, চোকা [চোখা, –কা] *বিণ* ১ ধারালো; শাণিত; তীক্ষ্ণ (চোখা চোখা মারে শর—*কাদৌ*)। ২ তলিয়ে বুঝতে পারে এমন (চোখা বুদ্ধি)। ৩ বুদ্ধিমান ও চৌকস (চোখা লোক)। ৪ স্পষ্ট ও কড়া (কোন চোখা উত্তর যে দিইনি তার কারণ, ততখানি চোখা জমন আমি তখন জানতুম না—*সৈমু*)। ৫ বিশুদ্ধ; খাঁটি; উত্তম (চোখা মাল)। ৬ তীব্র; মর্মভেদী (চোখা চোখা কথা)। ~ **কথা, ~ ~ বুলি** *বি* তীব্র কটু বাক্য; মর্মভেদী কথা। **চোখানো, চোখান** *ক্রি* শান দেওয়া; ধার করা; মুখ ছুঁচালো করা। **চোখালো, চোখাল** *বিণ* ১ তীক্ষ্ণ স্বাদবিশিষ্ট (চোখালো খাবার)। ২ চালাক; তুখড়; প্রগল্‌ভ (চোখালো লোক)। ৩ ধারালো (চোখালো কথা বা তীর)। **মুখ চোখানো** *ক্রি* ১ শান দেওয়ার অনুকরণে জিহ্বা ওষ্ঠে বুলিয়ে কথা বলবার জন্য প্রস্তুত হওয়া। ২ খাবার জন্য লোভ করা। {*স.* চোক্ষ>চোখ+আ; *তুল. হি* চোখা}

চোগল, চোগলখোর ⇒ চুগল

চোগা [চোগা] *বি* লম্বা ঢিলা বুকখোলা জামাবিশেষ—যা চাপকানের উপর পরা হয় (সাহেব ... চোগা চাপকান টুপীর আশ্রয় লন—*মীম*)। {*ফা.* চোগা چوغا *তু.* চুখা چوخا}

চোঙা, চুঙা ⇒ চোঙ্গা

চোঙ্গা, চোংগা, চোঙা, চুঙা [চোঙ্‌গা, –, চোঙা, চু–] *বি* ১ ফাঁপা নল; বাঁশের নল (সুর যে চলেছে বাঁশের চোঙায় সুরাটুকু নিয়ে তার—*সদ*)। ২ একদিকে গাঁটযুক্ত অন্যদিকে ফাঁপা বাঁশের টুকরা যার সাহায্যে দুধ তেল ইত্যাদি মাপা হয় (এক চোঙ্গা দুধ)। ৩ তামাক রাখার বাঁশের তৈরি আধারবিশেষ। ৪ জাহাজের ধাতুনির্মিত চিমনি বা ধূমনল; funnel (দূরে একটি জাহাজের চোঙ দেখা গেল—*আআআ*)। {*তুল. হি* চোঙ্গা}

চোট [চোট্] *বি* ১ ব্যথা; আঘাত (এ বাত শুনে মোর দেলে বড় চোট লেগেছে—*প্যামি*)। ২ কোপ; ঘা (এক চোটে

রাজস্কন্ধ করিয়া ছেদন—*কমু*)। ৩ আঘাত বা পতনের জন্য ক্ষত; জখম; বন্দুকের গুলির আঘাত (রক্ত বিভূষিত ঘোড়া চোট সর্ব গায়—*হেমা*)। ৪ তেজ; জোর; শক্তি (কথার চোট)। ৫ বেগ; তোড়; স্রোত; ধমক (হাসির বা কান্নার চোট)। ৬ ক্রোধ; কোপ (চোটপাট করা)। ৭ বার; দফা (খুব একচোট খেলা হলো)। ~**পাট** *বি* ক্রোধ প্রকাশ; ধমকানো; তিরস্কার (কোন প্রয়োজনে মূর্খ কর চোটপাট—*ঘচ*)। ~ **বসানো**, ~ **মারা**, ~ **লাগানো** *ক্রি* ১ আঘাত করা। ২ অস্ত্রের কোপ মারা। **আচোট জমি** *বি* অনাবাদি খিল জমি যাতে লাঙল দেওয়া হয়নি। **এক~** *বি* ১ এক দৌড়। ২ একবার; একদফা। { *স.* √চুট্>; *তুল. হি.* চোট}

চোটা[১] [চোটা] *বি* অত্যন্ত বেশি সুদ; দিন হিসাবে মোটা সুদ (এ সওয়ার ও চোটায় বিলক্ষণ দশ টাকা আসতো—*কাসি*)। ~ **খাটানো** *বি* দৈনিক বা সাপ্তাহিক নিয়মে অতিরিক্ত সুদে টাকা খাটানো। ~-**খোর** *বিণ* চড়া সুদখোর (অনেক চোটা খোর বেনে ও ব্যাভার বেনে সহরে বাবু দালাল চাকর রেখে থাকেন—*কাসি*)। { *স.* চতুর্থ>; *তুল. হি.* চৌথা}

চোটা[২] [চোটা] *বি* চিটা গুড়; ঝোলা গুড়। { *হি.* চোটা}

চোটানো [চোটানো] *ক্রি* ১ আঘাত দেওয়া; চোট লাগানো। ২ কোপানো। ৩ মাটি কাটা; কোদলানো। {চোটা+আনো}

চোট্টা [চোট্টা] *বি* চোর; শঠ; প্রবঞ্চক (খোট্টা বেহারা চোট্টা চেহারা—*গোমো*)। **চোট্টামি** *বি* প্রবঞ্চনা; শঠতা; চৌর্য। { *স.* চোর+*বা.* টা>; *তুল. হি.* চোট্টা}

চোত [চোত্] *বি* চৈত্র মাস। { *স.* চৈত্র>}

চোতা, চোঁতা [চোতা, চোঁতা] *বি* ১ লেখাযুক্ত কাগজ খণ্ড; স্মারক; টোকা; note। ২ তাড়াতাড়ি লিখিত খসড়া; বাজে বা ওঁচা (চোঁতা কাগজ বলে তা ফেলে দিয়েছি)। □*বিণ* বাজে; অনাবশ্যক; বাতিল; রদ্দি; ফেলে দেওয়া হয়েছে এমন (চোতা কাগজ)। ~**দার** *বি* চোতা-বহনকারী (পেচোনে চোতাদারেরা চেঁচিয়ে হাত নেড়ে গান বলে দিচ্ছিল—*কাসি*)। { *স.* চ্যুত>}

চোত্তির [চোত্তির্] *বি* চৈত্র মাস (চোত্তির মাস শেষ হয়ে এল—*সজ্ঞ*)। { *স.* চৈত্র>}

চোদ্দ, চৌদ্দ [চোদ্‌দো, চোউদ্‌দো] *বি* ১৪ সংখ্যা। □*বিণ* ১ ১৪ সংখ্যক (চোদ্দ বছর)। ২ বহু; অনেক (চোদ্দ কথা শুনিয়ে দিলে)। **চোদ্দই, চৌদ্দই** *বি* মাসের চোদ্দ তারিখ। ~ **চাকার রথ দেখানো** *ক্রি* মুশকিলে ফেলা। ~ **ঠাঁই** *বি* অনেক ঠাঁই; বহুস্থান। ~ **পুরুষ** *বি* ১ পিতা পিতামহাদিক্রমে উর্ধ্বতর চোদ্দ পুরুষ। ২ পুত্র পৌত্রাদিক্রমে অধস্তন চোদ্দ পুরুষ। ৩ উর্ধ্বতন সাত বা অধস্তন সাত—এই চোদ্দ পুরুষ। ~ **পোয়া** *বি* সাড়ে তিন হাত পরিমিত বিস্তার; শয়ন (চোদ্দ পোয়া অর্থাৎ সাড়ে তিন হাত মানুষের সাধারণ দৈর্ঘ্য এই হিসেবে)। ~ **পোয়া দেওয়া** *ক্রি* দুই পায়ের পাতা সাড়ে তিন হাত দূরে রেখে দাঁড় করিয়ে শাস্তি দেওয়া। ~ **পোয়া হওয়া** *ক্রি* সর্বাঙ্গ বিস্তার করে শুয়ে পড়া; হাত-পা ছড়িয়ে সটান হয়ে শোয়া (বাসায় গিয়া চোদ্দ পোয়া হওয়া যাউক—*প্যামি*)। ~**বার** *বি* অনেকবার; পুনঃপুন (চোদ্দবার এক কথা)। ~**শাক** *বি* ১ চোদ্দ প্রকার শাকের মিশ্রণ। ২ চোদ্দ রকম শাক খাওয়ার উৎসববিশেষ। { *স.* চতুর্দশ>*প্রা.* চউদস>}

চোনা, চোণা [চোনা] *বি* গরুর প্রস্রাব; গো-মূত্র (গরু বাছুরের চোনা)। **চোনানো, চোনান** *বি* ১ গরু মহিষ প্রভৃতির মূত্র ত্যাগ করা। ২ গবাদিকে মূত্র ত্যাগ করানো। { *ধ্বন্যা.*; *স.* √চণ্/√চন্}

চোনেন্দা ⇒ চুনিন্দা

চোপ[১] [চোপ্] *বি* অস্ত্রাঘাত; কোপ; চোট (পেঁপের গোড়ায় কাটারির চোপ লেগেছে)। **চোপানো** *বি* ভারী অস্ত্রের আঘাত। □*বিণ, ক্রি* উক্ত অর্থে। { *ফা.* চুব چوب }

চোপ[২] [চোপ্] *অব্য* ১ নীরবতা বিধান; চুপ। ২ কথা বোলো না (চোপ! চোপ রও)। {চুপ>}

চোপ[৩]**, চোব** [চোপ্, -ব্] *বি* দণ্ড; লাঠি। { *ফা.* চুব چوب }

চোপড়া [চোপ্‌ড়া] *বি* ছোবড়া। { *তুল.* চোকলা}

চোপদার, চোবদার [চোপ্‌দার্, -ব্-] *বি* দণ্ডধর; দণ্ডবাহক; গদাধর; লাঠিয়াল; রাজরাজড়ার আসাসোঁটাবাহী সুসজ্জিত ভৃত্য (চোপদার সম্মুখে দাঁড়ায়ে লয়ে ছড়ী—*ভারা*)। **চোপদারি** *বিণ* চোপদার সম্বন্ধীয়। { *ফা.* চুবদার چوبدار }

চোপরা ⇒ চোপা

চোপরাও, চোপরও [চোপ্‌রাও, -রও] *অব্য* চুপ থাকো; চুপ করো; আর কথা নয়। { *হি.* চুপ্ রহ্}

চোপসা, চুপসা [চোপ্‌শা, চু-] *বিণ* ১ বসা বা তোবড়া (চোপসা গাল)। ২ ভিতরের জিনিস বের হওয়ার দরুন সঙ্কুচিত (চোপসা-কোর্তা)। **চোপসনো, চোপসানো, চুপসানো** *ক্রি* ১ চুষে নেওয়া; রস টেনে আর্দ্র হওয়া (এ কাগজে কালি চোপসায়)। ২ রস বা বায়ু বের হয়ে যাওয়ার ফলে সঙ্কুচিত হওয়া বা চুপসে যাওয়া (গাল চুপসে যাওয়া)। ৩ শুষ্ক হয়ে যাওয়া। ৪ নীরস ও শুষ্ক বা সঙ্কুচিত। **চোপসানি, চুপসানি** *বি*। {√চুপসা>}

চোপা, চোপরা [চোপা, চোপ্‌রা] *বি* ১ মুখ। ২ মুখের উপর জবাব; বাচালতা; মুখরতা; তর্ক-বিতর্ক (তার সাথে চোপায় কেউ পারে না)। ৩ তিরস্কার; ভর্ৎসনা; নিন্দা। **মাকুন্দ-~** *বিণ* মুখমণ্ডলে গোঁফ দাড়ি গজায়নি এমন (যদি দেখ মাকুন্দ চোপা। এক পাও না বাড়াও বাপা॥—*খনা*)। { *স.* চুব্র>}

চোপাইয়া [চোপাইয়া] *বি* চৌপদী (ঠেটা চোপাইয়া দোহা কহিলা সাধনে—*কাদৌ*)। { *স.* চতুষ্পদী> চৌপদী>; *তুল. হি.* চৌপাঈ}

চোপানো [চোপানো] *ক্রি* তর্জন গর্জন করা; পুনঃপুন আঘাত করা; কোপানো; কোপ মারা। □*বিণ* উক্ত অর্থে। { *স.* কোপ>; *বা.* চেপ+আনো}

চোব ⇒ চোপ[৩]

চোবচীনী [চোবচিনি] *বি* চীনের এক প্রকার ক্ষুদ্র বৃক্ষের কাঠ বা শিকড়। { *ফা.* চুবচিনি چوبچینی }

চোবদার ⇒ চোপদার

চোবল [চোবল্] *বি* ১ ছোবল; নখ দিয়ে বা দাঁত দিয়ে আকস্মিক আক্রমণ; খাবল (সে রূপ সেনার মুখে, চোবল মারিলি সখে—*হগ*)। ২ সর্পাঘাত; দংশন। { *স.* কবল> খাবল>চোবল>ছোবল}

চোবে, চৌবে [চোবে, চোউবে] *বি* ব্রাহ্মণের পদবি; চার বেদে যার অধিকার। { *স.* চতুর্বেদী> *হি* }

চোয়া, চুয়া [চোয়া, চু–] *ক্রি* বিন্দু বা ফোঁটা ফোঁটা করে পড়া; ক্ষরিত হওয়া; চোয়ানো (কলসী চুইয়ে পানি পড়ে)। **চোয়ানো/ চোয়ান** ⇒ চুয়ানো। { *স.* চ্যুত>চোয়া}

চোয়াড়, চোহাড়, চুয়াড় [চোয়াড়, –হা–, চুয়াড়] *বি* ১ *বিণ* ধাঙ্গর বা চামারের অনুরূপ সম্প্রদায়বিশেষ। ২ অভদ্র; ইতর; বর্বর; গোঁয়ার; অমার্জিত (না আছে ফলের বাগান, চরবার খাল, বিল–মাঠ, লোকগুলোও চোয়াড় —*অঠা*)। ৩ পাহাড়ি জাতিবিশেষ। ৪ ধোঁকা দিয়ে যারা শিকার করে; কিরাত; ব্যাধ (অতি নীচ কুলে জন্ম জাতিতে চোয়াড়)। **–পনা** *বি* ১ গোঁয়ারের মতো ব্যবহার। ২ ব্যাধবৃত্তি। **চোয়াড়ে** *বিণ* অমার্জিত; অসভ্য; চোয়াড়ের মতো (লোকটা কি রকম রুক্ষ চোয়াড়ে হয়ে গেছে)। { *স.* চণ্ডাল>}

চোয়াল, চুয়াল [চোয়াল্, চু–] *বি* মুখের যে অংশে দাঁত সংলগ্ন থাকে; চিবুকের অস্থি; মাড়ি; হনু; jaw। ~ **ধরা** *ক্রি* চোয়াল আটকে যাওয়া; চিবানোর জন্য মুখ নাড়তে না পারা। ~ **ভাঙা কথা** *বি* বড় বড় কথা; কঠিন কথা। { *স.* কবল> *হি.* চুয়াল}

চোর [চোর্] *বি* গোপনে পরদ্রব্য অপহরণকারী; যে না বলে পরের দ্রব্য আত্মসাৎ করে; তস্কর। **চোরনি, চোরনী, চুরনি, চুন্নি** *স্ত্রী.*। **–কাঁটা** *বি* ঘাস জাতীয় গুল্ম; এর কাঁটা কাপড়ে বিঁধে গেলে খোলা কঠিন; চোরপুষ্পী। ~ **কুঠরি, – কুঠুরি** *বি* ১ ঘরের ভিতরের ছোট গুপ্ত ঘর; টাকা পয়সা রাখবার গুপ্ত ঘর। ২ সিঁড়ির নীচের খোপ। **–খণ্ডা** *(মবা.)* *বি* চোর ও অন্যান্য প্রকার দুষ্ট লোক। ~ ~ **খেলা** *বি* বালক–বালিকাদের এক প্রকার খেলা, যাতে একজন চোর সেজে পালায় এবং অন্যরা তাকে ধরতে চেষ্টা করে। ~**–ছেঁচড়** *বি* চোর ও প্রতারক। ~ **পাহারা** *বি* শত্রুর আক্রমণ থেকে রক্ষার জন্য গুপ্তভাবে রক্ষিত পাহারা; গুপ্ত পাহারার কাজ। ~**–প্রপাত** *বি* প্রাচীনকালে যে স্থান থেকে দণ্ডিত চোরকে ফেলে দিয়ে বধ করা হতো। ~ **মরে সাত ঘর মজায়ে**—চোর ধরা পড়লে অনেককে মকদ্দমায় জড়ায়। **চোরে চোরে কুটুম্বিতা** —দুষ্ট লোকদের মধ্যে পারস্পরিক ঘনিষ্ঠতা ও সদ্ভাব। **চোরে চোরে মাসতুতো/ খালাতো ভাই**—(মন্দার্থে) খারাপ ব্যবসায় বা বৃত্তিতে নিযুক্ত ব্যক্তিগণ; সমব্যবসায়ী; এক কাজের কাজি; এক পথের (মতলব সিদ্ধির) পথিক। **চোরের উপর বাটপাড়ি**—চোরকে প্রতারণাপূর্বক তার দ্রব্য গ্রহণ; চোরকে ঠকিয়ে উপার্জন; চোরকেও প্রবঞ্চনা। **চোরের মায়ের কান্না** *বি* গোপন কান্না; চোর–ছেলের দণ্ডভয়ে তার মায়ের গোপন ক্রন্দন; ধিক্কৃত হবার ভয়ে জানাতে নিরুপায় ব্যক্তির গোপনে দুঃখ করা; গোপন করা অন্তর্দাহ। **চোরের মার বড় গলা**—১ অতিমাত্রায় অসৎ ব্যক্তির অতিরিক্ত সাধুতার ভান। ২ নিজে অসৎ তা ভালোভাবে জেনেও অন্যের উপর চোটপাট। **গোলাম** ~ *বি* ১ (তাসের খেলায়) যে খেলোয়াড়ের হাতে লুকানো তাসের জোড়া খেলবার সময় বের হয়ে পড়ে। **ছিঁচকে** ~ *বি* পাকা চোর বা সিঁধেল চোর নয়, তবে সুযোগ পেলেই কিছু নিয়ে পালিয়ে যায় এমন চোর। **মন**~ *বি* গাঢ় অনুরাগের পাত্র। **সিঁধেল** ~ *বি* যে লোক সিঁধ কেটে চুরি করে; যে চুরি বিদ্যায় পাকা এবং অভিজ্ঞ। { *স.* √চুর্+ অ(অচ)}

চোরনি, চুরনি, চুরুনী *(মবা.)* [চোর্‌নি, চুর্‌নি, চুরুনি] *বি স্ত্রী.* মেয়ে চোর; চোর নারী (কলঙ্ক চুরিল বাঁশী মোর বাঁশী চুরুনী—*বচদা*)। □ *বিণ* অপহরণকারিণী। { চোর + নি, >}

চোরা [চোরা] *বি* ১ চোর; তস্কর। ২ অসুরবিশেষ। ২ (আদরার্থে) অনুরাগের পাত্র (চোরা, দিন দুপুরে চুরি করে রাত্তিরে তো কথা নাই—*মীরা বর্মণ*)। ~ **না শোনে ধর্মের কাহিনী**—অসৎ পাপিষ্ঠকে সৎ পথে বা ধর্মের পথে আনার চেষ্টায় নিষ্ফলতা। □ *বিণ* ১ অপহৃত; চোরিত; চুরি করা (চোরা দ্রব্য বোঝা লয়ে চোরে করে চুরি—*রঠা*)। ২ গুপ্ত; অদৃশ্য (চোরা কটাক্ষ)। ৩ চুরি–সম্বন্ধীয়; চুরিঘটিত; বেআইনি (চোরা কারবারি)। ~ **গর্ত** *বি* ১ বাইরে থেকে দেখে টের পাওয়া যায় না এমন গর্ত; অদৃশ্য গর্ত; a pitfall। ২ *(আল.)* অজ্ঞাত বিপদ। ~ **গলি** *বি* গলির ভিতরের সরু গলি; সংকীর্ণ অন্ধকার গলি; গোপন পথ। ~**–গোপ্তা** *বিণ* ১ গোপনে সম্পাদিত (এদিকে বাজে দর্শকের মধ্যে দু'একজন কটেল চোরা–গোপ্তা মাচ্ছেন—*কাসি*)। ২ গুপ্ত থেকে আঘাত। ~ **জমি** *বি* জমিদারের অজানা কর্ষিত জমি। ~ **ধন, ~ মাল** *বি* অপহৃত ধন; চুরি করা দ্রব্য; চুরি করা সম্পদ (চোরা ধন দুর্বহ সে ভার—*রঠা*)। ~ **পকেট** *বি* জামার মধ্যে গুপ্ত পকেট। ~ **পথ** *বি* গুপ্ত পথ। ~**–পাহাড়** *বি* সমুদ্রের ভিতরকার অদৃশ্য পাহাড় যাতে ধাক্কা লেগে জাহাজাদি ভগ্ন হয়। ~**বালি** *বিণ* অনির্ভরযোগ্য ও বিপদসঙ্কুল। □ *বি* ১ পানির নীচে অদৃশ্য বালির চর যাতে নৌকা প্রভৃতি আটকে যায় বা ভগ্ন হয়। ২ যে বালির উপরটা দেখতে শক্ত ও নিরাপদ মনে হলেও পঙ্কের অবস্থান হেতু তার উপরে আগত সব কিছুই ক্রমে তলাতে থাকে। ২ *(আল.)* অজ্ঞাত গোপন বিপদ। { *স.* চোর+ *বা.* আ; *স.* চোরিত>}

চোরাই, চোরাও [চোরাই, –রাও] *বিণ* চুরি করা হয়েছে এমন; চোরিত; অপহৃত (চোরাই মাল, চোরাও দলিল)। { *স.* চোর+ *বা.* আই,আও}

চোরানো *(মবা.)* [চোরানো] *ক্রি* চুরি করা (কেহ বলে আমার চোরায় গীতা পুঁথি—*বৃদা*)। { *স.* চোর+ *বা.* আনো}

চোরায়ল *(ব্র.)* [চোরায়ল] *ক্রি* চুরি করলো; অপহরণ করলো (বাক্ গীতে জগত চিত চোরায়ল—*গোদা*)। { *স.* চোর+ *বা.* আয়ল}

চোরি [চোরি] *বি* অপহরণ। { *স.* চৌর্য> *প্রা.* চোরিঅ>}

চোরিত [চোরিতো] *বিণ* চুরি করা হয়েছে এমন; অপহৃত। { *স.* √চোরি+ত(ক্ত)}

চোল[১] [চোল্] *বি* ১ ভারতের তাঞ্জোরের প্রাচীন রাজবংশ বিশেষ। ২ চোল রাজার রাজ্য। { *স.* চোল}

চোল[২], **চোলিকা, চোলী** [চোল্, চোলিকা, চোলি] *বি* ১ কাঁচুলি (ইনি পরেছেন কাঞ্চুলিকা বা চোলী—*সৈমু*)। ২ ঘাঘরা। { *স.* চুল+অ(অচ্), চোল+ক+আ, ঈ}

চোলক [চোলোক্] *বি* ১ বল্কল; ছাল। ২ বর্ম; সাঁজোয়া। { *স.* চোল+ক}

চোলাই [চোলাই] *বি* ১ চুয়ানো; রাসায়নিক প্রক্রিয়াবিশেষ; পরিস্রুতকরণ; বাষ্পীভূত পানি বকযন্ত্রের দ্বারা অন্য শীতল পাত্রে গ্রহণ; distillation (মদ চোলাই-এর এই দোকান—*নই*)। ২ তির্যক পাতন; উর্ধ্বপাতন। { *স.* চ্যুত>*প্রা.* চুর>*বা.* চোল+*বা.* আই}

চোলিকা, চোলী ⇒ চোল[২]

চোষ, চোষণ [চোশ্, চোশোন্] *বি* শোষণ। **চোষক** *বিণ* শোষণকারী; চুষে নেয় এমন। ~ **কাগজ** *বি* যে কাগজ কালি পানি প্রভৃতি তরল পদার্থ সহজে শুষে নেয়; ব্লটিং পেপার; blotting paper। ~**ণীয়, চোষ্য** *বিণ* চুষে খেতে হয় এমন; চুষে খাবার যোগ্য। { *স.* √চুষ্+অ (ঘঞ্); +অন (ল্যুট্)}

চোষা, চুষা [চোশা, চুশা] *ক্রি* শোষণ করা; মুখ দিয়ে চুষে খাওয়া। □ *বি* শোষণ। □ *বিণ* ১ শোষিত; চোষা হয়েছে এমন (বাদুর চোষা সুপারি)। ২ শোষণকারী (রক্ত চোষা)। { *স.* √চুষ্+*বা.* আ}

চোস্ত, চুস্ত [চোস্‌ত্, চু–] *বিণ* ১ আঁটসাঁট; কষা; ঢিলা নয় এমন; tight (চোস্ত বা চুস্ত পায়জামা)। ২ প্রাঞ্জল; মসৃণ; চৌকস (তিনি চোস্ত ইংরেজি বলেন)। ৩ ঋজু; সোজা (বিচারে চোস্ত শাস্তি হয়েছে)। ৪ বিশুদ্ধ; খাঁটি; পরিপাটি (বগদানক সায়েব চোস্ত ফারসি ভাষায় বললেন—*সৈমু*)। ৫ সমতল; সমান। ৬ চালাক; চটপটে। ~**পুস্ত** *বিণ* আঁটসাঁট পোশাক পরিহিত। ~**চালাক** *বিণ* তীক্ষ্ণবুদ্ধি ও কর্মঠ। { *ফা.* চোশ্‌ত্ چست, চালাক چست چالاک }

চোহেল [চোহেল্] *বি* নীতি বহির্ভূত আমোদ; মাতামাতি; ঢলাঢলি (চোহেলে মত্ত হওয়া)। ২ কর্দম; পঙ্ক। { *হি.* চুহল}

চৌ [চোউ] *বিণ* চার; অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে চার সংখ্যা প্রকাশ করে এমন (চৌচালা)। ~**আরি,** ~**আড়ি** *বিণ* চার চালযুক্ত; চৌচালি। □ *বি* ১ বিদ্যালয়। ২ চৌদুয়ারি (চৌয়ারি ভরিল পুন শিশুগণ ঠাঁই—*দৌবা*)। ৩ চতুর্দ্বারী ঘর; চৌদুয়ারী ঘর (চৌআরি মন্দির অতি বিবিধ শোভন—*দৌবা*)। ~**কনিয়া** *বিণ* ১ চারি কোণ-বিশিষ্ট। ২ চৌকোণধারী (চৌকনিয়া পাইক চৌকন হাথে করে—*কমু*)। ~**কাঠ** *বি* দরজা-জানালার চারপাশের ফ্রেম যাতে পাল্লা বসানো হয়। ~**কাঠ না মাড়ানো** *ক্রি* গৃহে পদার্পণ বা প্রবেশ না করা; সম্পর্ক না রাখা; সম্পর্ক ছিন্ন করা (তোমার বাড়ির চৌকাঠ আর কোনো দিন মাড়াব না)। ~**কুনে** *বিণ* ১ চার কোণবিশিষ্ট। ২ চৌকোণযুক্ত। ~**কোণ** *বিণ* চার কোণ বিশিষ্ট। ~**কোনা** *বিণ* চার কোণযুক্ত; চতুষ্কোণ; চারটি কোণ এমন। ~**খণ্ডি,** ~**খণ্ডী** (*মবা.*) *বি* ১ চৌকি; চার পায়াযুক্ত খাটুলি; চৌপায়া। ২ চৌচালা ঘর। □ *বিণ* চারখণ্ডে বিভক্ত। ~**খুপি,** ~**খুপী** *বিণ* চার খোপবিশিষ্ট; চেক-কাটা; চতুষ্কোণ ঘর আঁকা (চৌখুপী চাদর ঢাকা—*খমি*)। ~**গুণ** *বিণ* চার গুণ; চার-ডবল। ~**ঘুড়ি,** ~**ঘুড়ী** *বি* চার ঘোড়া দ্বারা বাহিত গাড়ি; চার ঘোড়ার গাড়ি (নওয়াব সাহেব চৌঘুড়িতে আসেন)। ~**চাকা,** ~**চাক্কা** *বিণ* চার চাকাযুক্ত। ~**চালা** *বিণ* ১ চার চালবিশিষ্ট। □ *বি* চার চালের ঘর; চৌয়াড়ি ঘর। ~**চির** *বিণ* ১ চার খণ্ডে বা অংশে বিভক্ত। ২ খণ্ড বিখণ্ড; দীর্ণ-বিদীর্ণ (চৈত্রের খররৌদ্রে মাঠ ঘাট চৌচির)। ~**ছরা** *বিণ* চার ছরা (চম্পক চৌছরা মালা—*কাদৌ*)। **চৌঠা** *বি* মাসের চতুর্থ দিবস বা তারিখ। □ *বিণ* চতুর্থ। ~**তলা,** ~**তালা** *বিণ* চারতলাবিশিষ্ট; চারতলা (চৌতলা বাড়ি)। □ *বি* চতুর্থ তল (চৌতলায় থাকে)। ~**তারা** *বি* ১ চত্বর; অঙ্গন; উঠান (বাহির চৌতারায় দেওয়ানজি থাকেন)। ২ চার তারবিশিষ্ট তানপুরাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। ~**তাল** *বি* সঙ্গীতের একটি তালের নাম; বাদ্যযন্ত্রের এক প্রকার তাল ('কথা' কি 'কথক' নাচ নাচবে চৌতালে ধামারে—*নই*)। ~**তিশা** *বি* চৌত্রিশ অক্ষরের প্রতিটিকে আদ্যক্ষর করে রচিত কবিতা (বার মাস বিলাপ এ চৌতিশা সহিত—*দৌবা*)। ~**ত্রিশ** *বি* ৩৪ সংখ্যা। □ *বিণ* ৩৪ সংখ্যক। ~**দিক** *বি* চারদিক; সকল দিক। ~**দিশ** *বি* (*পদ্য.*) চারদিক। ~**দোল,** ~**দোলা** *বি* চতুর্দোলা; এক প্রকার শিবিকা বা পালকি (ঘূর্ণি লু-এর চৌদোলাতে—*বেআ*)। ~**পথ** *বি* চৌমাথা; চৌরাস্তা। ~**পদ** *বিণ* চতুষ্পদ। ~**পদী** *বি* চার চরণবিশিষ্ট ছন্দবিশেষ। □ *বিণ* চতুষ্পদ; চারপদবিশিষ্ট; quadruped। ~**পর,** ~**পহর** *বি* চার প্রহর সময়; বারো ঘণ্টা কাল। □ *ক্রিবিণ* সমস্ত দিন বা রাত; সর্বক্ষণ (চৌপর দিনভর দেয় দূর পাল্লা—*সদ*)। ~**পল** *বিণ* চার পলযুক্ত; চারকোনা। ~**পায়া** *বিণ* চার পায়াযুক্ত। □ *বি* চার পায়াবিশিষ্ট খাট বা চৌকি। ~**পালা** *বি* কপাটহীন চৌদোলাবিশেষ; চতুর্দোলা (চৌপালায় চড়িয়া দুর্গ মধ্যে উপস্থিত হইলে—*ঈবি*)। ~**বন্দি** *বিণ* চতুর্দিকে ঘেরাও করা; চারদিক আবদ্ধ (চৌবন্দি ক্ষেত খামার)। ~**মহলা** *বিণ* চারতলাবিশিষ্ট; চৌতলা। □ *বি* চার মহলাযুক্ত বাড়ি। ~**মাথা,** ~**মোহনা,** ~**মোহানা** *বি* ১ চার পথের মিলনস্থল। ২ চারটি নদীর সঙ্গমস্থল। ৩ চৌমাথা। ~**রাশি** *বি* ৮৪ সংখ্যা; চুরাশি। □ *বিণ* ৮৪ সংখ্যক। **চৌরি,** ~**য়ারী** *বিণ* চার চালযুক্ত (চৌরি ঘর)। □ *বি* চার চালার ঘর (খড়ের ঘরের বদলে উঠেছে বড় বড় টিনের চৌয়ারী—*শাহ*)। ~**ষট্টি** *বি* ৬৪ সংখ্যা। □ *বিণ* ৬৪ সংখ্যক। ~**ষট্টি কলা** *বি* ৬৪ প্রকার কলা বিদ্যা। { *স.* চতুঃ>}

চৌক[১], **চোক**[১], **চওক** [চোউক্, চো–, চও–] *বি* ১ চার পণ; সিকি কাহন। ২ চক; শহরের চতুষ্পথ; বহু গৃহবিশিষ্ট চতুষ্কোণাকৃতি বাজার (যে দিল্লীর মনোহর চাঁদনি চওকে, রাজপথে—*কায়*)। ৩ চারকোণবিশিষ্ট প্রাঙ্গণ। { *স.* চতুষ্ক> *প্রা.* চউক্ক>}

চৌক[২] ⇒ চোক[৩]

চৌকশ ⇒ চৌকস

চৌকস, চৌকশ [চৌউকশ্] *বিণ* ১ চারদিকে দৃষ্টি আছে এমন। ২ সকল বিষয়ে অভিজ্ঞ বা পারদর্শী; সকল বিষয়ে দক্ষ; all-round (সে বাক্‌পটু, সপ্রতিভ, চৌকস, এবং বহির্মুখী—*রখাঁ*)। ৩ চালাক; চতুর; সতর্ক। ৪ কাজের উপযুক্ত (তাকে তিনি চৌকশ করার প্রস্তাব করেছিলেন —*প্রচৌ*)। {*স.* চতুষ্ক; *হি* চৌকস (চৌ=চারি, চউ) + কস্ (=গুণ, শক্তি, দক্ষতা)}

চৌকা১, চোকা১ [চৌউকা, চোকা] *বি* ১ চারপণ; সিকি কাহন। ২ চক; শহরের চতুষ্পথ; বহু গৃহবিশিষ্ট চতুষ্কোণাকৃতি বাজার। ৩ চার কোণবিশিষ্ট প্রাঙ্গন। {*স.* চতুষ্ক>}

চৌকা২, চৌকো [চৌউকা, –কো] *বিণ* চার কোণযুক্ত; চতুষ্কোণ। □*বি* উনান (তাতাইলা পাতাইয়া চৌকা—*মাগান*)। **চার~** *বিণ* সমচতুষ্কোণ; বর্গক্ষেত্র; square। {*স.* চতুষ্কোণ>; *হি* চৌক}

চৌকি, চৌকী [চৌউকি] *বি* ১ চার পায়াযুক্ত কাঠের আসন বা খাট; তক্তপোশ (জলচৌকি)। ২ প্রহরী (রাত্রের চৌকি)। ৩ ঘাঁটি; পাহারার স্থান। ৪ খাজনা বা কর আদায়ের ঘাঁটি। ৫ পাহারা (তা' হোলে উত্তর মাঠের বেগুন ক্ষেতে চৌকি দেবে কে?—*বিব*)। **~দার** *বি* ১ যে গ্রামে পাহারা দেয়; প্রহরী। ২ কর আদায় করে যে; পেয়াদা। **~দারি** *বি* চৌকিদারের পেশা বা কাজ। □*বিণ* চৌকিদারসম্পর্কীয়। **~ দেওয়া** *ক্রি* পাহারা দেওয়া। **~ বসানো** *ক্রি* প্রহরীর দল নিযুক্ত করা। {*স.* চতুষ্কী>}

চৌকো ⇒ চৌকা

চৌখণ্ড, চৌখণ্ডী [চৌউখনডো, –খোন্‌ডি] *বি* ১ চার খণ্ডযুক্ত বাড়ি। ২ চার চালাযুক্ত ঘর। {*স.* চতুঃ>+ স্কন্ধ>, ঈ(ঙীপ্)}

চৌখণ্ডিয়া [চৌউখোন্‌ডিয়া] *বিণ* চার পায়াযুক্ত। □*বি* চার পায়াযুক্ত পিঁড়ি বা খাটলি (চৌখণ্ডিয়া পীড়ি—*কমু*)। {*স.* চৌখণ্ড+ *বা.* ইয়া}

চৌখুরি, চৌখুরী [চৌউখুরি] *বি* চার খুরা বা পায়াযুক্ত কাষ্ঠাসন; চৌকি। {*প্রাবা.*; চৌ+খুর+ইয়া>}

চৌগান [চৌউগান্] *বি* ১ পোলো বা অশ্বারোহণে হকি খেলা (চৌগান খেলিতে আজ্ঞা দিল নৃপবর—*সৈআ*)। ২ খেলায় ব্যবহৃত কাষ্ঠদণ্ডবিশেষ। {*ফা.* চউগান چوگان}

চৌগোঁপ্পা [চৌউগোঁপ্‌পা] *বিণ* দাড়ি দুভাগ করে পরিপাটি করে উপরদিকে গোঁফের সাথে তুলে দেওয়া বা যার দাড়ি এরূপভাবে সাজানো (বাবুরাম বাবু চৌগোঁপ্পা, নাকে তিলক—*প্যামি*)। {*স.* চতুঃ+ গুম্ফ; চৌ+=গোঁপ+আ}

চৌঘরি [চৌউঘোরি] *বি* ঘোড়া নিয়ে একরূপ খেলা; পোলো; চৌগান; চারঘোড়ার টানা শকট; গাড়ি (ঘোড়ায় চড়িয়া জামাল চৌঘরি খেলায়—*পূগী*)। {*স.* চতুঃ+ ঘোটক; চৌ+ঘোড়া+ই}

চৌঘুড়ি, চৌঘুড়ী ⇒ চৌ

চৌঙকি, চঁওকি (*মবা*) [চৌউঙ্‌কি, চঁওকি] *ক্রি* চমকে (চৌঙকি চলয়ে ক্ষণে ক্ষণে চলু মন্দ—*বিপ*)। {*স.* চমক>}

চৌচাপট, চৌচাপড় [চৌউচাপট্, –ড়্] *বি* ১ চারিদিকের স্থান; চতুর্দিকের প্রস্থ বা বিস্তার। ২ সমচতুর্ভুজ। **চৌচাপটে, চৌচাপড়ে** *ক্রিবিণ* চুটিয়ে; যথাযথভাবে; সর্বতোভাবে; পূর্ণ মাত্রায় (চৌচাপটে কাজ সেরে ফেলা)। {*স.* চতুঃ (>চৌ)+ *স.* √চর্প (বিস্তারে)+ ট; *তুল.* *হি* চৌচাপড়}

চৌথ [চৌউথ] *বি* ১ এক-চতুর্থাংশ; চারভাগের এক ভাগ। ২ আয়ের বা আদায়ী রাজস্বের চারভাগের একভাগ; প্রজার উপস্বত্বের চতুর্থাংশ। ৩ মারহাট্টারা প্রজা বা পরাজিত রাজাদের নিকট থেকে ফসলের এক চতুর্থাংশ বা তার মূল্য হিসাবে যে কর আদায় করত। {*স.* চতুর্থ> *হি* চৌথ}

চৌদল, চৌদোল, চৌদোলা ⇒ চৌ

চৌদশী [চৌউদোশি] *বিণ* ১ চতুর্দশী। ২ কৃষ্ণা চতুর্দশী (তনুক্ষীণ চৌদশী চাঁদ সমনে—*বিপ*)। {*স.* চতুর্দশী> *হি* চৌদস}

চৌদানি [চৌউদানি] *বি* চার দানা মোতিযুক্ত কানের অলঙ্কার। {*স.* চতুঃ + *ফা.* দানাহ دانه + *বা.* ই; *হি* চৌদানী}

চৌদিক, চৌদিশ ⇒ চৌ

চৌদুন [চৌউদুন্] *বি* বাদ্যের দ্রুত তালবিশেষ; চারগুণ (গানে লয় দুন থেকে চৌদুনে চড়ালে—*রঠা*)। {*স.* চতুঃ(চৌ)+ *স.* গুণ (>দুন); *স.* চতুর্গুণ}

চৌদ্দ ⇒ চৌদ্দ

চৌধুরী [চৌউধুরি] *বি* ১ উপাধিবিশেষ; পদবি। ২ সামন্ত রাজা। ৩ যিনি যুদ্ধের জন্য নৌ, হস্তী, অশ্ব ও পদাতি এই চার শক্তির অধিকারী। ৪ গ্রামের সর্দার; মোড়ল বা প্রধান (গ্রাম মুলুকের হল সে চৌধুরী—*কৃক*)। ৫ নগরের সর্বপ্রধান ব্যবসায়ী; বাজার সর্দার। **চৌধুরানী** *স্ত্রী.*। {*স.* চতুঃ(>চৌ)+ ধুর+ইন্(>ঈ); *হি* চৌধুরী}

চৌপট [চৌউপট্] *বিণ* সমান; সমতল; অবন্ধুর। {*স.* চতুঃ + *স.* পট> *হি* চৌপট}

চৌপদ [চৌউপদ্] *বি* চতুষ্পদ; চার পা যুক্ত প্রাণী; পশু (দ্বিপদ চৌপদ হয় কর্ম অনুসারে—*কাদা*)। {*স.* চতুষ্পদ>}

চৌপথ [চৌউপথ্] *বি* চারি পথের সঙ্গমস্থল; চৌমাথা। {*স.* চতুঃ (>চৌ)+পথ}

চৌপদী [চৌউপোদি] *বি* চারচরণযুক্ত ছন্দ। □*বিণ* চারপদবিশিষ্ট; চতুষ্পদ। {*স.* চতুঃ (>চৌ)+ *স.* পদ+ঈ (ইন্); *স.* চতুষ্পদী> *প্রা.* চউপ্পঈ, চউপ্পদী> *বা.* চৌপদী; *তুল.* *হি* চৌপাঈ}

চৌপাটি, চৌপাঠি [চৌউপাটি, –ঠি] *বি* পাঠশালা; টোল (গাছের তলায় চৌপাটি খুলে ছাত্র পড়ায়)। {*স.* চতুষ্পাঠী>}

চৌপাড়, চৌপাড়ি, চৌপাড়ী, চৌবাড়ি [চৌউপাড়্, –ড়ি, –, –বাড়ি] *বি* পাঠশালা; টোল; চতুষ্পাঠী (চৌপাড়ী ঘর—*ঈবি*)। {*স.* চতুষ্পাঠী>}

চৌপাশ [চৌউপাশ্] *বি* চারধার; চারদিক। {*স.* চতুঃ+পার্শ্ব>}

চৌবাচ্চা [চৌউবাচ্চা] *বি* পানি রাখার চারকোণা আধার; হৌজ; হাউজ। {*ফা.* চাহ چاه + বচ্চাহ্ بچه}

চৌবে [চৌউবে] *বি* চৌবেদী; ব্রাহ্মণের পদবিবিশেষ। {*স.* চতুর্বেদী>}

চৌম্বক [চৌউম্‌বক্] *বিণ* ১ চুম্বকসম্পর্কিত। ২ আকর্ষক, আকর্ষণ শক্তিবিশিষ্ট (চৌম্বক শক্তি)। **চৌম্বকী** *স্ত্রী.*। {*স.* √চুম্বক+অ (অন্)}

চৌযুগ [চোউজুগ] *বি* ১ হিন্দু পুরাণে উল্লিখিত চার যুগ—সত্য, ত্রেতা, দ্বাপর, ও কলি। ২ চিরকাল; সর্বকাল। {*স.* চতুঃ (>চৌ)+*স.* যুগ}

চৌয়ারি, চৌয়াড়ি [চোউয়ারি, -ড়ি] *বি* ১ চার চালবিশিষ্ট ঘর; চৌচালা। ২ চতুর্দ্বারী ঘর; বালাখানা (মন্দিরে মন্দিরে সব সুবর্ণ চৌয়ারী—*সৈয়া*)। ৩ চৌয়াড়ি; পাঠশালা। {*স.* চতুঃ+দ্বারী>*হি.* চৌআরী}

চৌর [চোউর] *বি* চোর; তস্কর। {*স.* চোর+অ(অণ্)}

চৌরঙ্গীবাত [চোউরোঙ্গিবাত] *বি* এক প্রকার বাত রোগ (জাতটাকে যখন চৌরঙ্গীবাতে ধরলো—*অঠা*)। {*স.* চতুরঙ্গ (চতুঃ+অঙ্গ)>+*স.* বাত (রোগ)}

চৌরস, চৌরশ [চোউরশ] *বিণ* ১ চওড়া; প্রশস্ত (চৌরস কপাল)। ২ সমান; মসৃণ (কিষান জমি চৌরস করে)। ৩ চারকোনা। {*স.* চতুরস্র>*প্রা.* চউরংস>}

চৌরাস্তা ⇒ চৌ

চৌরি (*মবা.*) [চোউরি] *বি* ১ চুরি; চৌর্য; তস্করতা। ☐ *বিণ* গুপ্ত; অপ্রকাশ্য (চৌরি পিরীতি হোয় লাখ গুণ রঙ্গ—*বিপ*)। {*স.* চৌর+*বা.* ই}

চৌরী ⇒ চৌ

চৌরোদ্ধরণিক [চোউরোদ্‌ধরোনিক] *বি* প্রাচীন যুগের নগর-কোতোয়াল; নগরের শান্তিরক্ষা ও চোরের উপদ্রব নিবারণকারী রাজকর্মচারীবিশেষ। {*স.* চৌর+উদ্ধরণিক; *বহু.*}

চৌর্য [চোউরজো] *বি* অপহরণ; চুরি। ~**বৃত্তি** *বি* চোরের ব্যবসায় বা পেশা; চুরিকর্ম; চোরের কাজ। {*স.* চোর+য(ষ্যঞ্)}

চৌশাল, চৌশালা [চোউশাল, -লা] *বি,বিণ* চকমিলান বাড়ি। {*স.* চতুঃ>+শাল}

চৌশিঙা, চৌশিঙ্গা [চোউশিঙা, -ঙ্‌গা] *বি,বিণ* ১ চারটি শিং আছে এমন। ২ চার শিংযুক্ত হরিণ। {*স.* চতুঃ (>চৌ)+*স.* শৃঙ্গ(>শিঙ্গ>শিঙ)+*বা.* আ}

চৌষট্টি ⇒ চৌ

চৌহদ্দি, চৌহুদ্দি [চোউহোদ্দি, -হু-] *বি* চারদিকের সীমানা; চতুঃসীমা (এঁরাই আবার বাড়ীর চৌহদ্দীর ভিতরে মেয়েদের অন্দরমহলে জোরে লাফ-ঝাঁপ জুড়ে দেন—*নই*)। {চৌ+*আ.* হুদ্দ ⌐ +*বা.* ই}

চৌহান [চোউহান] *বি* রাজপুত জাতির একটি শাখা। **চৌহানী** *স্ত্রী.*। {*স.* চতুঃ>±√হন+অ(টচ্)}

চ্যবন [চ্যাবোন] *বি* ১ ঋষিবিশেষ; ভৃগু মুনির ঔরসে পুলোমার গর্ভে জাত মুনি। ২ ক্ষরণ; পতন। {*স.* √চ্যু+অন (ল্যুট্)}

চ্যবনপ্রাশ [চ্যাবোন্‌প্রাশ] *বি* একপ্রকার কবিরাজি ওষুধ; কাশ রোগের ওষুধ। {*স.* চ্যবন+প্রাশ}

চ্যাং[১], চেঙ[১], চ্যাঙ [চ্যাঙ] *বি* টাকি মাছের ন্যায় মাথা মোটা ছোট মাছবিশেষ। ~**মুড়ি[১]/মুড়ী** *বিণ* চ্যাংমাছের মাথার ন্যায় বিসদৃশ মাথাবিশিষ্ট। ☐ *বি* (*বা.*) সর্পদেবী মনসা (চ্যাংমুড়ী কানী - *বিগু*)। {*স.* চলদঙ্গ}

চ্যাং[২], চেঙ[২] [চ্যাঙ, -] *বি* ১ সরু মাচা; চাঙ্গ। ২ শব বহনের ছোট ছোট খাট। ~**দোলা**, ~**ঝোলা** *বি* দুই হাত দুই পা ধরে দেহ ঝুলিয়ে দোলাতে দোলাতে শবের ন্যায় বহন (বাবার শ্রীবপু চ্যাংদোলা করিয়া সাধন কক্ষে লইয়া গেলেন—*রাব*)। ~**মুড়ি[২]** *বি* ১ বস্ত্র দ্বারা জড়িয়ে মৃতদেহকে খাটের সঙ্গে বাঁধা (চ্যাংমুড়ি করে মৃতদেহটি নিয়ে গেল)। ২ গালি অর্থে মৃতদেহ। {*স.* তুঙ্গ>টঙ্গ>চাঙ্গ>; *আঞ্চ.*}

চ্যাংড়া, চেংড়া, চেঙ্গরা [চ্যাঙড়া, -ড়া, চ্যাঙগ্‌রা] *বি* ১ চপলমতি বা ছ্যাবলা তরুণ (ইনি আবার কোনদেশী চেঙ্গরা—*দমি*)। ২ ছোটো ছেলে। ৩ কিশোর; বালক। ☐ *বিণ* ১ অর্বাচীন। ২ অপরিণত বুদ্ধি। **চেংড়ামি, চেংড়ামো**, ~**পনা** *বি* চেংড়ার ভাব; ছ্যাবলামি। {*স.* চঙ্গ>(অর্থ দক্ষ, বাংলা অর্থের পরিবর্তন ঘটেছে)+*বা.* ড়া}

চ্যাঙারী, চ্যাঙ্গারী ⇒ চাঙ্গারি

চ্যাঁ, চ্যাঁ চ্যাঁ [চ্যাঁ, - -] *অব্য* ১ অনুকার শব্দ। ২ অপেক্ষাকৃত উচ্চ ও ব্যাপক চিৎকার; ক্রন্দনধ্বনি। {*ধ্বন্যা.*}

চ্যাঁচারি ⇒ চেঁচাড়ি

চ্যাঁট [চ্যাঁট] (*অশ্লীল*) *বি* পুরুষাঙ্গ। {*অমূ.*}

চ্যাঁ ভ্যাঁ [চ্যাঁ ভ্যাঁ] *অব্য* বাচ্চাদের কান্নাকাটির বিরক্তিকর শব্দবিশেষ। {*ধ্বন্যা.*}

চ্যাটা [চ্যাটা] *বি* চাটাই; দরমা। **চ্যাটায় শুয়ে লাখ টাকার স্বপ্ন** *বিণ* গরিবের লক্ষপতি হবার স্বপ্ন বা কল্পনা। {চট>}

চ্যাটাং চ্যাটাং কথা [চ্যাটাং – কথা] *বি* তীক্ষ্ণ বা রূঢ় কথা। {*ধ্বন্যা.*}

চ্যান্সেলর [চ্যান্‌সেলর] *বি* বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রশাসক; আচার্য; মহাধ্যক্ষ। **ভাইস**~ *বি* বিশ্ববিদ্যালয়ের পরিচালক; উপাচার্য; উপাধ্যক্ষ। {*ই.* chancellor}

চ্যাপটা, চেপটা [চ্যাপ্‌টা] *বিণ* ১ পিষ্ট; চাপের ফলে বিস্তৃত বা প্রসারিত; থ্যাবড়া। ২ প্রশস্ত; flat। ~ **নাক** *বি* থ্যাবড়া নাক বা বসা নাক। **চেপটানো, চেপটান** *ক্রি* ১ চাপ দিয়ে প্রশস্ত করা। ২ পিষ্ট বা দলিত করা। ৩ পিটিয়ে চওড়া করা। **চিঁড়ে**~ *বিণ* ১ চিঁড়ার ন্যায় অত্যন্ত চ্যাপটা। ২ সম্পূর্ণ পিষ্ট। ৩ একেবারে নির্জীব; সম্পূর্ণ দুর্বল। **মসুরি** ~ *বিণ* ১ মসুর ডালের মতো চ্যাপটা। ২ পিষ্ট; দর্প চূর্ণ হয়েছে এমন। {*স.* চিপিট>চিপট}

চ্যালা, চ্যালাকাঠ ⇒ চেলা

চ্যালেঞ্জ [চ্যালেন্‌জ] *বি* প্রতিদ্বন্দ্বিতায় আহ্বান (এ চ্যালেঞ্জ গ্রহণ না করলে ইজ্জত থাকবে না—*ইখা*)। {*ই.* challenge}

চ্যুত [চুতো] *বিণ* ১ ভ্রষ্ট; পড়ে গেছে এমন; পতিত; অধঃপতিত। ২ বহিষ্কৃত; দূরীকৃত; বর্জিত; বিতাড়িত (অধিকারচ্যুত, পদচ্যুত)। ৩ ক্ষরিত; গলিত; চুয়ে পড়েছে এমন। ৪ বিচ্যুত; নষ্ট। **চ্যুতা** *স্ত্রী.*। **চ্যুতাধিকার** *বিণ* অধিকার থেকে বিচ্যুত; অধিকার থেকে বঞ্চিত। **চ্যুতাধিকারা** *স্ত্রী.*। **চ্যুতি** *বি* ১ পতন; ভ্রংশ (ধর্মচ্যুতি, পদচ্যুতি)। ২ ক্ষরণ; গলন। ৩ ধ্বংস; হানি; নাশ (ধৈর্যচ্যুতি)। ৪ বহিষ্কার; দূরীকরণ; বিতাড়ন। {*স.* √চ্যু+ত (ক্ত)}

ছ

ছ[১] —বাংলা ভাষায় সপ্তম ব্যঞ্জনবর্ণ এবং চ–বর্গের দ্বিতীয় বর্ণ। এটি প্রশস্ত দন্তমূলীয় (dorso বা palato-alveolar); অঘোষ (voiceless); মহাপ্রাণ (aspirated) স্পর্শ (plosive) ধ্বনি। বাংলাদেশের পূর্বদিকের অঞ্চলবিশেষে কখনো কখনো এই বর্ণটির উচ্চারণ শিস্‌জাত (fricative) ধ্বনিরূপেও শোনা যায়। ঢাকার কুট্টিদের মুখে এটি ঘৃষ্ট (affricate) ধ্বনিরূপে উচ্চারিত হয়।

ছ[২] ⇒ ছয়

ছই, ছৈ [ছোই] *বি* নৌকা ও গরুর গাড়ির অর্ধগোলাকার ছাদ বা চাল (আজও কেন যায় না দেখা নায়ের ছই—*নই*)। **~ওয়ালা** *বিণ* ছইযুক্ত; ছই দেওয়া আছে এমন (ছইওয়ালা গরুর গাড়ির জোগাড় করিতে লাগিলেন—*রঠা*)। **~য়াল** *বি* ঘরের আচ্ছাদন দেওয়া বা ঘর ছায় যে ব্যক্তি (জমিহীন . . . ঘরামি বা ছইয়াল—তারাই সবচেয়ে বেশি দুঃস্থ—*অচিসে*)। { *স.* ছদি>*প্রা.* ছই}

ছউই, ছয়ই [ছউই, ছয়্‌ই] *বি* মাসের ষষ্ঠ দিবস; মাসের ছয় তারিখ। { *স.* ষষ>*প্রা.* ছ>+*বা.* ই}

ছওগন্দ (বিরল), **ছউন** [ছওগান্‌দ্‌, ছউন্] *বি* শপথ; হলফ; প্রতিজ্ঞা; দিব্য (ছওগন্দ করিয়া বিবি কহে আর বার—*সৈহা*)। { *ফা.* সওগন্দ্ سوگند }

ছওম, ছিওম, সিওম [ছওম্‌, ছিওম, সিওম্] *বিণ* তৃতীয়। { *ফা.* সুওম سوم }

ছওয়াব ⇒ সোয়াব

ছক [ছক] *বি* ১ দাবা পাশা শতরঞ্জ ইত্যাদি খেলবার ঘর; ঐরূপ ঘরযুক্ত বোর্ড ইত্যাদি। ২ নকশা; পরিকল্পনা; পরিকল্পিত কাঠামো বা আদল। **~ কাটা** *ক্রি* ১ রেখা টেনে চতুষ্কোণে বিভক্ত ঘর অঙ্কন করা। ২ কিছু করার পূর্বে বিশদ পরিকল্পনা করা। **~-কাটা** *বিণ* ১ চতুষ্কোণে বিভক্ত। ২ প্রথানির্দিষ্ট; বিধিবিধান দ্বারা আবদ্ধ (এ সমাজ শতরঞ্চের ঘরের মত ছক-কাটা—*প্রচৌ*)। **ছকা** *ক্রি* ১ ছক তৈরি করা; নকশা আঁকা। ২ পরিকল্পনার মুসাবিদা বা খসড়া করা। ৩ পূর্ব-নির্দিষ্ট। **ছকে দেওয়া** *ক্রি* ১ করণীয় কাজের পদ্ধতি স্থির করে দেওয়া। ২ তৈরি করে দেওয়া। { *স.* ষট্‌ক>*প্রা.* ছক্ক>*বা.* ছক; *স.* চক্র>*প্রা.* চক্ক>চক>}

ছকড়া (বিরল) [ছকড়া/ছ্যাকড়া] *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ (কাড়া নাকাড়া শানাই ছকড়া ডান মৃদঙ্গ ঘাগরের বাদ্যে দশদিন আগে হইতেই পশুপক্ষী আর মাটিতে পড়ে না—*দমি*)। ২ অতি সাধারণ ঘোড়ার গাড়ি (ছকড়া গাড়ী—*প্যামি*)। ⇒ ছেকড়া। **~-নকড়া** *বি* ১ অবজ্ঞাসূচক ব্যবহার; তুচ্ছ-তাচ্ছিল্য (. . . উনি আমাকে ছকড়া-নকড়া করেন—*দীমি*)। ২ বিশৃঙ্খলা। ৩ নগণ্য। ৪ বিশৃঙ্খলা। { *স.* ষট্‌>ছ+ *স.* কপর্দক>কড়া>}

ছক্কড় [ছক্‌কড়্‌, -কোড়্‌] *বি* নড়বড়ে বা নিকৃষ্ট ঘোড়ার গাড়ি; ছ্যাকড়া গাড়ি (কুঠিওয়ালারা গহনার ছক্কড়ের ভিতর থেকে উঁকি মেরে দেখে চক্ষু সার্থক কচ্চেন—*কাসি*)। { *স.* শকট>*প্রা.* সগড়>ছক্কড়}

ছক্কা[১] [ছক্‌কা] *বি* এক প্রকার ব্যঞ্জন; ছোঁকা। { *স.* ষট্‌ক}

ছক্কা[২] [ছক্‌কা] *বি* তাসবিশেষ যাতে ছয় ফোঁটা চিহ্নিত আছে; লুডু খেলায় যা দিয়ে দান দেওয়া হয়। **~ ধরা** *ক্রি* তাস খেলায় জিতের চিহ্নবিশেষ। **~পাঞ্জা** *বি* ছয় পাঁচ ফোঁটা চিহ্নিত তাস (তাসের হারজিৎ ও ছক্কাপাঞ্জার পুনঃ পুনঃ আবর্তনের মধ্যে—*রঠা*)। **~পাঞ্জা করা, ছক্কাই-পাঞ্জাই করা** *ক্রি* বড়াই করা; বড় বড় কথা বলা; প্রতারণা করা। **~ মারা** *ক্রি* ক্রিকেট খেলায় একসঙ্গে ছয় রানের মার। { *স.* ষট্‌ক>*প্রা.* ছক্ক>ছক্কা}

ছঙ্গদিল [ছঙ্‌গোদিল্] *বি* পাষাণ হৃদয়। { *ফা.* সঙ্গদিল سنگ دل }

ছঙ্গ মরমর [ছঙ্‌গো মরমর্] *বি* মর্মর প্রস্তর। { *ফা.* সঙ্গমর্মর سنگ مرمر }

ছচি [ছোচি] *বিণ* অশুচি; উচ্ছিষ্ট (অন্ন ছচি করিলেক চঞ্চল বালকে—*জয়ানন্দ*)। { *স.* অশুচি>}

ছচিমচি [ছোচিমোচি] *বিণ* বিশৃঙ্খল; বিপর্যস্ত; এলোমেলো (ছচিমচি হয়ে যায় সারা মালঞ্চ—*রঠা*)। { *স.* সত্যমিথ্যা> ?}

ছজুদ (বিরল) [ছজুদ্] *বি* সেজদা (রাসুলের নাম শুনি, মোরাদ হাছেল জানি আল্লা নামে করিল ছজুদ—*সৈহা*)।

ছট [ছট্] *বি* হিন্দুস্তানিদের পর্ববিশেষ; ষষ্ঠী পর্ব (ছট পর্ব)। ☐ *অব্য* দ্রুত পথক হওয়ার শব্দ। { *স.* ষট্‌>}

ছটকানো, ছটকান ⇒ ছিটকান

ছটফট [ছট্‌ফট্] *বি* ১ অস্থিরতা, চঞ্চলতা, ব্যাকুলতা, প্রভৃতি প্রকাশক ভাব। ☐ *অব্য* আইঢাই; অস্থির; আকুল; ধড়ফড়। **ছটফটানো, ছটফটান** *ক্রি* ছটফট করা। ☐ *বি* উক্ত অর্থে। **ছটফটানি** *বি* চঞ্চলতা; ব্যাকুলতা; উদ্বেগ। **–** *বিণ* অস্থির; ব্যাকুল; উদ্বিগ্ন। { *ধ্বন্যা.*; তুল. *হি* ছটপটানা}

ছটরা, ছড়রা, ছররা [ছট্‌রা, ছড়্‌-, ছর্‌-] *বি* বন্দুকের ছোট গুলি; ছিটে গুলি। ☐ *বিণ* ছোটি ছোট মটর দানাবিশিষ্ট (দুই পায়ে দেছে খাড়ু আর বেঁকি নতুন ছড়রা মল—*বঞ্জামি*)। { *ই* shot+ *বা.* রা}

ছটা [ছটা] *বি* ১ দীপ্তি; আলোক; আভা; দ্যুতি (হাসির ছটা—*রঠা*)। ২ সৌন্দর্য; শোভা; কান্তি (মুখচ্ছটা)। ৩ সমূহ। ৪ পরম্পরা; ধারা (শ্লোকের ছটা)। { *স.* √ছো+অট (অটন্)+আ(টাপ্)}

ছটাক [ছটাক্] *বি* ১ ওজনের পরিমাণবোধক শব্দ; এক সেরের ষোলো ভাগের এক ভাগ; পাঁচ তোলা। ২ ভূমির পরিমাণবাচক শব্দ; এক কাঠার ষোলো ভাগের এক ভাগ। **ছটাকি, ছটাকে** *বিণ* ১ এক ছটাক ওজনবিশিষ্ট; ছটাক পরিমাণ (ছটায় অনুপ ছটাকী হীরক ধূলায় তোমার হয়েছে খাক—*সদ*)। ২ খর্বদেহ অথবা ক্ষুদ্রকায়াবিশিষ্ট। { *স.* ষট্‌ অঙ্ক> *হি* ছটাংক}

ছটি১ *(মবা.)* [ছোটি] *বি* ১ ছড়া; হার; অলঙ্কারবিশেষ (সুবর্ণের ত্রিকড়ি দেউক সুবর্ণের ছটি—*শেক*)। ২ ছটা; দীপ্তি। {*স.* √ছো+অট(অটন্)=ছট+*বা.* ই}

ছটি২ [ছোটি] *বি* ষষ্ঠ; প্রসবের ষষ্ঠ দিন। {*স.* ষষ্ঠী>}

ছড়১ *(মবা.)* [ছড়্] *বি* ১ বেহালা, এসরাজ ইত্যাদি বাদ্যযন্ত্র বাজাবার জন্য ব্যবহৃত সরু লম্বা তারযুক্ত দণ্ডবিশেষ। ২ লম্বা চিকন তারযুক্ত দণ্ডবিশেষ। {*স.* ছল্লি>ছড়ড়ি>ছড়ই>ছড়}

ছড়২ *(মবা.)* [ছড়্] *বি* ১ চর্ম; চামড়া; বাকল; ছাল (হরিণের ছড়—*কমু*)। ২ আঁচড়; দাগ; ছড়ে যাওয়া অবস্থা; ক্ষত (গায়ে ছড় কাঁটা ফুটে পায়—*কমু*)। {*স.* ছল্লি/শল্ক>}

ছড়া১ [ছড়া] *বি* ১ গ্রাম্য ক্ষুদ্র পদ্যবিশেষ; বিশেষ ধরনের ছন্দের ক্ষুদ্রাকার কবিতাবিশেষ। ২ শিশুভুলানো বা মেয়েলি কবিতা। ৩ ছড়ি বা মালার আকারবিশিষ্ট বস্তু (হার ছড়া)। ৪ গুচ্ছ (কলার ছড়া)। ৫ তরল পদার্থের ছিটা; তরল গোবর (সকল উঠান ঝাঁট দিলেন, সকল উঠানে ছড়া দিলেন—*দমি*)। – **কাটা** *ক্রি* ১ ছড়া রচনা করে বলা। ২ ছড়া তৈরি করে প্রতিপক্ষকে উত্তর বা প্রত্যুত্তর দেওয়া। {*স.* ছটা>}

ছড়া২ [ছড়া] *ক্রি* ১ আঁচড়যুক্ত হওয়া। ২ ছাল ওঠা। ❑*বি,বিণ* উক্ত অর্থে। {*স.* √ছিন্ন>}

ছড়া৩ [ছড়া] *বি* পাহাড়-পর্বতের অভ্যন্তর থেকে নির্গত পানির ধারা বা ঝরনা; ক্ষীণতোয়া পাহাড়ি নদী (মাগুরছড়া)। **ছড়ি** *বি* ছড়ার চেয়ে ছোট পাহাড়ি ঝরনা (খাগড়াছড়ি, নাইক্ষ্যংছড়ি)। {*স.* সরিৎ>}

ছড়াছড়ি [ছড়াছোড়ি] *বি* ১ দ্রব্যসমূহের বিশৃঙ্খলভাবে নিক্ষেপ। ২ প্রাচুর্য; আতিশয্য। ৩ অবহেলাজনিত অপচয়। {*স.* ছটা>ছড়া, *অনু.* ছড়ি}

ছড়াৎ [ছড়াত্] *অব্য* সড়াৎ; মসৃণ তলের জন্য দ্রুত নেমে যাওয়ার সময়ে উদ্ভূত শব্দবিশেষ (শূলের উপর দিলেই অমনি ছড়াৎ করে নেমে যাবে—*জউ*)। {*ধ্বন্যা.*}

ছড়ানো, ছড়ান [ছড়ানো, ছড়ান্] *ক্রি* ১ বিশৃঙ্খলভাবে নিক্ষেপ বা বিক্ষিপ্ত করা (আসবাবপত্র ছড়ানো)। ২ প্রসারিত করা (হাত পা ছড়ানো)। ৩ ছিটানো (বীজ ছড়ানো)। ৪ বিস্তৃত করা বা হওয়া (রোগ ছড়ানো)। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। {√ছড়া+আনো}

ছড়ি, ছড়ী [ছোড়ি] *বি* ১ চিকন লাঠি। ২ মঞ্জরি। –**দার** *বি* ১ সরু লাঠি ধারণ করে যে। ২ পাণ্ডার ভৃত্য বা অনুচর। –**ভঙ্গ** *বিণ* ছত্রভঙ্গ; বিশৃঙ্খল। **খেজুর**– *বি* খেজুরের মঞ্জরি। **ফুল**– *বি* ফুল দ্বারা তৈরি সরু যষ্টি। {*স.* যষ্টি>; *তুল. হি.* ছড়, ছড়ি}

ছতর [ছতোর] *বি* লজ্জাস্থান (দু'হাতে ছতর ঢাকিয়া মাটিতে পড়িয়া আর্তনাদ করিতেছে—*আমআ*)। {*আ.* সৎর ستر }

ছতরি [ছোতোরি] *বি* ১ গাড়ি ইত্যাদির ছাদ বা চাল। ২ দোকানের ছই। ৩ মশারি টাঙাবার কাঠামো বা ফ্রেম। ৪ ছাতা। {*স.* ছত্র>ছত্তর>ছতর+ই}

ছতচ্ছন্ন [ছোতোচ্ছন্নো] *বিণ* নিরাশ্রয়; ছন্নছাড়া। {*স.* [illegible]}

ছত্তর ⇒ ছত্র২

ছত্র১ [ছত্‌ত্রো] *বি* ছাতা; রোদবৃষ্টি নিবারক আবরকবিশেষ; আতপত্র (মস্তকোপরি রাজকীয় ছত্র স্থাপন করেন—*মুআরা*)। **ছত্রক, ছত্রাক** *বি* ১ ছাতা; fungus (অপরিসর সেতু ছত্রাকে ভরা—*অঠা*)। ২ কোঁড়ক; ব্যাঙের ছাতা; mashroom। –**খান** *বিণ* ছাতার মতো প্রসারিত; ইতস্তত বিক্ষিপ্ত। –**খান হওয়া** *ক্রি* খোলা ছাতার (শিকের) মতো দূরে দূরে ছড়িয়ে পড়া। –**দণ্ড** *বি* রাজার ছত্র ও দণ্ড; রাজছত্র ও রাজদণ্ড। –**ধর, –ধারী** *বি, বিণ* রাজার ছাতা ধারণ করে যে; ছাতা ধারণকারী। –**পতি** *বি* ১ মহারাজ; সম্রাট; রাজা। ২ মারাঠারাজ শিবাজির উপাধি। {*স.* √ছাদি+ত্র(ষ্ট্রন্)}

ছত্র২**, ছত্তর** [ছত্‌ত্রো, ছত্‌তোর্] *বি* সত্র; অন্ন খাদ্যদ্রব্য বা পানীয় বিতরণের স্থান (জলছত্র)। {*স.* সত্র>}

ছত্র৩ [ছত্‌ত্রো] *বি* ১ পদ্যে পঙ্‌ক্তি বা চরণ; লাইন (এক ছত্র লিখে পাঠাও)। ২ সারি। ৩ পদ (ছত্রে ছত্রে ভুল)। –**ভঙ্গ** *বি* ১ সারি ভাঙা; দলের বিশৃঙ্খলা। ২ বিপক্ষের আক্রমণে সৈন্যদলের বিশৃঙ্খলা। ৩ অরাজকতা; এলোমেলো; দলচ্যুত। {*আ.* সত্‌র سطر }

ছত্রশালা [ছত্‌ত্রোশালা] *বি* পাঠশালা (পঞ্চম বরিষ যদি হইল রাজবালা পড়িতে গুরুর স্থানে দিল ছত্রশালা—*সেআ*)। {*স.* ছত্র+শালা}

ছত্রাক ⇒ ছত্র১

ছত্রাকার [ছত্‌ত্রাকার্] *বিণ* চতুর্দিকে বিক্ষিপ্ত; বিশৃঙ্খলভাবে বিকীর্ণ; এলোমেলো; ছত্রখান; খোলা ছাতার শিকের মতো দূরে ছড়িয়ে পড়া অর্থে (কড়িগুলি চারিধারে ছত্রাকার হইয়া গেল—*বিব*)। {*স.* ছত্র+আকার; ৬তৎ}

ছত্রি১ [ছোত্‌ত্রি] *বি* নৌকা প্রভৃতির ছই বা চাল। –**দণ্ড** *বি* ১ ছত্রধারী দণ্ড; মশারি টাঙাতে ব্যবহৃত লম্বা দণ্ড (পর্দা ফুটিয়া বড় পালঙ্গের ছত্রিদণ্ডের ছায়া . . . দেখা যাইতেছে —*মীম*)। ২ ছইয়ের কাঠামো। {*স.* ছত্র+*বা.* ই}

ছত্রি২**, ছত্রী**১ [ছোত্‌ত্রি] *বি* ক্ষত্রিয় জাতিবিশেষ; ক্ষেত্রী; খেত্রী। {*স.* ক্ষত্রিয়>}

ছত্রিশ [ছোত্‌ত্রিশ্] *বি, বিণ* ৩৬ সংখ্যা বা ৩৬ সংখ্যক। ~ **জাত** *বি* ১ বাঙালি হিন্দুর বর্ণভেদ অনুযায়ী ছত্রিশ জাত, যেমন—ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য, কামার, কুমোর, মোদক, সদগোপ, নাপিত, তেলি, সুবর্ণবণিক, সাহা, যুগী, কৈবর্ত, নমঃশূদ্র, রাজবংশী, পৌণ্ড্রক্ষত্রিয় ইত্যাদি —তবে ছত্রিশ জাত বলা হলেও বাঙালি হিন্দুর জাতসংখ্যা অর্ধশতাধিক। ২ *(আল.)* উচ্চনীচ নানা জাতের সমাহার। {*স.* ষটত্রিংশৎ>*প্রা.* ছত্তীস>}

ছত্রী (-ত্রিন্) [ছোত্‌ত্রি] *বিণ* ছাতা মাথায় আছে এমন; ছত্রধারী। {*স.* ছত্র+ইন(হিনি)}

ছদ [ছদ্] *বি* ১ গাছের পাতা; বৃক্ষপত্র (সপ্তচ্ছদ)। ২ আচ্ছাদন; আবরণ; পোশাক (পোশাক-পরিচ্ছদ)। {*স.* √ছদ্+অ(ঘ)}

ছদমা [ছদ্‌মা] *বি* আঘাত। {*আ.* সদ্‌মাহ صدمة }

ছদি [ছোদি] *বি* ১ ছাদ; গৃহের চাল। ২ আচ্ছাদন। {*স.* √ছদ্+ই(কি)}

ছদ্ম [ছদ্‌দোঁ] *বিণ* ছল; কপট। –**বেশ** *বি* আত্মপরিচয় গোপনার্থ পরিধেয় বেশ। –**বেশী**(–শিন্) *বিণ* ছদ্মবেশ

ধারণ করেছে এমন; ছদ্মবেশধারী। ~বেশিনী *স্ত্রী।* { *স.* √ছদ্‌+ মন্‌ (মনিন) }

ছন, ছোন (বিরল) [ছন্‌, ছোন্‌] *বি* শণ; ঘরের ছাউনি দেওয়ার জন্য ব্যবহৃত খড়জাতীয় তৃণ (ঘরখানি যে দাঁড়িয়ে হাসে ছোনের ছানি নিয়ে — *জউ*)। { *স.* শণ> }

ছনছন [ছন্‌ছন্‌] *অব্য* সর্দি জ্বর জ্বর ভাব—ঈষৎ অসুস্থতা ইত্যাদি প্রকাশ। { *ধ্বন্যা.* }

ছনমন [ছন্‌মন্‌] *অব্য* চঞ্চল; ব্যাকুল; অস্বস্তিসূচক। **ছনমনা** *বিণ* চঞ্চল; ব্যাকুল (ছনমনা ভাব)। ~ **করা** *ক্রি* উক্ত সকল অর্থে (জাহান আবার এই কথাতে সেইরূপ ছনমন করিয়া উঠিল—*গোম*)। { *ধ্বন্যা.* }

ছন্দ[১], **ছন্দঃ** [ছন্দো, ছন্দহ্‌] *বি* ১ ছাঁদ; পদ্যবন্ধ; রচনানুবন্ধ; মাত্রা বা তাল। ২ পদ্যের রচনারীতি। ~**পতন,** ~**পাত** *বি* ছন্দের ত্রুটি; পদ্যে মাত্রা বা তালের অভাব বা আধিক্য। **ছান্দস** *বিণ।* { *স.* √ছন্দ্‌+অ (অচ্‌) }

ছন্দ[২] [ছন্দো] *বি* ১ ঝোঁক; ইচ্ছা (ছন্দানুগমন)। ২ বশ্যতা; অধীনতা; ইচ্ছানুবর্তিতা (স্বচ্ছন্দে)। ৩ রকম; প্রকার (বিভিন্ন ছন্দে)। ৪ ছলনা; প্রতারণা (বড়ই দানিসবন্দ কাহাকে না করে ছন্দ—*কমু*)। **ছন্দানুগমন, ছন্দানুসরণ** *বি* ইচ্ছা অনুযায়ী চলন বা কার্যকরণ। **ছন্দানুগামী, ছন্দানুসারী** *বিণ* ইচ্ছা অনুযায়ী চলে এমন। **ছন্দানুবর্তন, ছন্দানুবৃত্তি** *বি* পরের মন জুগিয়ে চলন। **ছন্দানুবর্তী** *বিণ* পরের মন জুগিয়ে চলে এমন। { *স.* √ছন্দ্‌+অ (অচ্‌) }

ছন্দবদ্ধ, ছন্দোবদ্ধ [ছন্‌দোবদ্‌ধো, –] *বিণ* ১ ছন্দে রচিত। ২ পদ্যবন্ধে রচিত। □ *বি* ধ্বনি ও মাত্রার সুষম বাঁধুনি; গঠন পারিপাট্য। { *স.* ছন্দঃ,> + বদ্ধ; তৎ }

ছন্দবন্ধ [ছন্‌দোবন্‌ধো] *বি* বাক-কৌশল; ফন্দি-ফিকির। **ছন্দেবন্ধে** *ক্রিবিণ* কথার-কৌশলে; ফন্দি-ফিকিরে। { *স.* ছন্দ+বন্ধ; ৬তৎ }

ছন্দানুগমন, ছন্দানুগামী, ছন্দানুবর্তন, ছন্দানুবর্তী, ছন্দানুবৃত্তি, ছন্দানুসরণ, ছন্দানুসারী ⇒ ছন্দ[২]

ছন্ন [ছন্‌নো] *বিণ* ১ আচ্ছন্ন; আচ্ছাদিত; আবৃত। ২ লুপ্ত; নষ্ট; বিধ্বস্ত; বিনষ্ট; অপসারিত; দূরীভূত (পাপ তাপ হবে ছন্ন নানারস সুসম্পন্ন— *ভারা*)। ~**ছাড়া** *বিণ* আশ্রয়হীন; নিরাশ্রয় (তাহলে হয়ত আজকের মত এমনি ছন্নছাড়া রিক্ত হতেন না তিনি—*হেমা*)। ~**তা** *বি* ১ আচ্ছন্নতা; মোহ (মহাভারতের ভাষায় সামাজিক নকশা বয়ন করা ছন্নতা মাত্র—*প্রচৌ*)। ২ পাগলামি; বুদ্ধিভ্রষ্টতা। ~**মতি** *বিণ* লুপ্তবুদ্ধি; বুদ্ধিশূন্য; নষ্টবুদ্ধি (জীবব্রজ ধাইছে চৌদিকে ছন্নমতি— *মদ*)। { *স.* √ছাদি+ত (ক্ত) }

ছপছপ [ছপ্‌ছপ্‌] *অব্য* জলে বা জলা জায়গায় কোনো প্রকার আঘাতজনিত শব্দ। { *ধ্বন্যা.* }

ছফ [ছফ্‌] *বি* কাতার; সারি; দীর্ঘ পাটি; দীর্ঘ চাটাই। { *আ.* সফ্‌ফ صف }

ছবর (বিরল) [ছবর্‌] *বি* কারণ (যে কাজে আইনু শুন তাহার ছবর—*সৈহা*)। { *আ.* সবব্‌ سبب }

ছবি[১] [ছোবি] *বি* ১ কিরণ; দ্যুতি; দীপ্তি; প্রভা (রবিচ্ছবি)। ২ শোভা; কান্তি; সৌন্দর্য (মুখচ্ছবি)। { *স.* √ছো+বি (ক্বিন্‌) }

ছবি[২] [ছোবি] *বি* ১ প্রতিমূর্তি; প্রতিকৃতি। ২ চিত্র; আলেখ্য। ৩ চলচ্চিত্র; সিনেমা। { *আ.* সবীহ্‌>তসবীর। কিংবা *স.* √ছো+ই }

ছমছম [ছম্‌ছম্‌] *অব্য* শঙ্কাজনিত দেহবিকৃতি; ভয়জনিত দেহের বিকার। { *স.* চমৎ>চমক>ছম; *ধ্বন্যা.* }

ছয়, ছ [ছয়, ছ] *বি, বিণ* ৬ সংখ্যা বা ৬ সংখ্যক। { *স.* ষট্‌> *প্রা.* ছঅ> }

ছয়লাপ, সয়লাব [ছয়্‌লাপ্‌, –ব্‌] *বিণ* ১ আকীর্ণ; পরিপূর্ণ (তামাম শহর নাইট-স্কুলে ছয়লাপ করে দিতে পারে— *সৈমু*)। ২ প্লাবিত (নুহের সময় দুনিয়াময় ছয়লাব হয়ে গেল—*ইখাঁ*)। ৩ সম্পূর্ণ বিনষ্ট বা বিধ্বস্ত (জিনিসপত্র ছয়লাপ করা)। { *ফা.* সয়লাব سیلاب }

ছরকট, ছরকোট [ছর্‌কট্‌, –কো–] *বি* ১ বিশৃঙ্খলাপূর্ণ; বিশৃঙ্খলা; বন্দোবস্তের অভাব (বিদ্যাসাগর বাবু এ ছরকট টের পান নাই—*ঈবি*)। ২ ছড়াছড়ি; ইতস্তত বিক্ষেপ। { *স.* ছত্র>+কুট> }

ছররা ⇒ ছটরা

ছর্দি, সর্দি [ছোর্‌দি, শোর্‌দি] *বি* ১ ঠাণ্ডা; শৈত্য; হিম। ২ উদ্‌গার; বমি। তুল. **সর্দিগরমি**। { *ফা.* সর্দি سردی }

ছল [ছল্‌] *বি* ১ ছলনা; প্রতারণা; প্রবঞ্চনা; শঠতা; কপটতা; কৌশল; ফাঁদ (ছলে বলে কলে কৌশলে)। ২ উপলক্ষ; প্রসঙ্গ (কথা কইব কী ছলে)। ৩ রূপ; আকার আকৃতি (নিজ ছায়া যেন ছল ধরে কার সাথে সাথে. . . ধায়—*জউ*)। ৪ ইঙ্গিত; ইশারা; সংকেত (কথা কয় ছলে— *ভারা*)। ৫ ছুতা; অছিলা; ভান (খেলার ছলে)। ৬ দোষ; অপরাধ; খুঁত (ছল ধরা)। □ *বিণ* কপট। ~**গ্রাহী** (–হিন্‌) *বিণ* ছিদ্রান্বেষী; দোষদর্শী; ত্রুটি সন্ধানকারী ~**চাতুরী** *বি* শঠতা; প্রতারণা; কপটতা (ছল চাতুরী তাহাদের একমাত্র অবলম্বন ছিল না— *ওয়ালি*)। ~**ছুতা** *বি* ১ অছিলা। ২ সামান্য ত্রুটি (নিজে আজে বাজে কাজের ছল ছুতায় সরে থাকতে চায়— *জউ*)। ~ **ধরা** *ক্রি* দোষ ত্রুটি বা খুঁত বের করা। ~ **পাতা** *ক্রি* ফাঁদ পাতা; কৌশল করা। **ছলে বলে** *ক্রিবিণ* গায়ের জোরে অথবা কৌশলে; যে কোনো প্রকারে; কলে কৌশলে। { *স.* √ছো+অল (কলচ্‌) }

ছলকানো, ছলকান [ছল্‌কানো] *ক্রি* উছলে পড়া; নাড়া খাওয়ার জন্য পাত্র থেকে তরল পদার্থের উপচে পড়া (বুকের কলস ছলকিয়া উঠে—*মোম*)। □ *বিণ* উক্ত সকল অর্থে। **ছলকানি** *বি* নাড়া পেয়ে উপচে পড়া। **ছলকে পড়া** *ক্রি* নাড়া পেয়ে উছলে বা উপচে পড়া। { √ছলকা+আনো; *স.* √চল্‌; তুল. *হি.* √ছলক্‌ }

ছলচ্ছল [ছলোচ্‌ছল্‌] *অব্য* ঢেউয়ের শব্দ। □ *বিণ* উচ্ছলিত { ছল+ছল }

ছলছল [ছলোছলো] *বি* জলস্রোতের শব্দ। □ *বিণ* ১ অশ্রুর লক্ষণ প্রকাশ (নয়ন কেন তোর ছলছল—*রঠা*)। ২ সজল; জলভরা; আর্দ্র (ছলছল আঁখি)। **ছলছলানি** *বি* ১ জলপ্রবাহের ধ্বনি। ২ অশ্রুপূর্ণতার ভাব। { *ধ্বন্যা.* }

ছলনা, ছলন [ছলোনা, ছলোন্‌] *বি* ১ কাপট্য; শঠতা। ২ প্রতারণা; প্রবঞ্চনা; ধোঁকা; ধাপ্পা। **ছলিত** *বিণ* প্রতারিত; প্রবঞ্চনা বা ধোঁকা দেওয়া হয়েছে এমন। { *স.* √ছলি+অন (ল্যুট্‌)+আ (টাপ্‌), +অ }

ছলবলানো [ছল্‌বলানো] *বিণ* উচ্ছল; স্ফীত; উচ্ছ্বসিত (খুশী ছলবলানো মুখে দুই বন্ধু আজ মনের কপাট খুলে দিয়েছে—*কম*)। {*ধ্বন্যা.*}

ছলা[১] [ছলা] *বি* ছলনা; ছল; কলা (জানে নানা মত ছলা—*ভারা*)। ~**কলা** *বি* মন ভোলানোর হাবভাব; শঠতাপূর্ণ হাবভাব। {*স.* ছল+*বা.* আ}

ছলা[২] [ছলা] *ক্রি* ছলনা বা প্রতারণা বা প্রবঞ্চনা করা; ধোঁকা দেওয়া (কোন ছলে ছলিয়া—*রঠা*)। {*স.* ছল+*বা.* আ}

ছলাৎ [ছলাত্] *অব্য* ১ তরল পদার্থের পতনজনিত শব্দ। ২ কঠিন পদার্থের সাথে তরল পদার্থের আঘাতের শব্দ। {*ধ্বন্যা.*}

ছলিত ⇒ ছলন

ছা, ছাও [ছা, -ও] *বি* ১ শাবক; ছানা; ইতর জীবের সন্তান (কানা বগের ছা—*জউ*)। ২ অল্পবয়স্ক সন্তান; শিশু; বাচ্চা। **ছা-পোষা** *বিণ* ১ সন্তানের ভরণপোষণ করতে হয় এমন। ২ নিরীহ; দরিদ্র (ছা-পোষা লোক কোনো ঝঞ্ঝাটে নাই)। {*স.* শাব>*প্রা.* ছাব>}

ছাই [ছাই] *বি* ১ ভস্ম; কাঠ ইত্যাদি দগ্ধ হওয়ার পর যা অবশিষ্ট থাকে; খাক (এক চমক দিয়েই রোশনা বেগম হয়ে গেলেন ছাই—*রখা*)। ২ অকিঞ্চিৎকর বিষয়; অসার বস্তু; আবর্জনা; জঞ্জাল। ৩ অর্থহীন বিষয়; কিছুই না (এ ভাঙা মনের কি ছাই—*মুশ*)। ~**কপালে** *বিণ* ভাগ্যহীন; দুর্ভাগা। ~ **করা** *ক্রি* ১ কার্য পণ্ড করা; কার্য নষ্ট করা। ২ কিছু না করা। ~**গাদা** *বি* ছাইয়ের স্তূপ; যেখানে ভস্মাদি স্তূপ করে রাখা হয় (মরুভূমি অথবা ছাইগাদা হইয়া যাইত—*রাব*)। ~-**চাপা আগুন** *বি* অন্তরে বিদ্যমান অথচ বাইরে প্রকাশের অসাধ্য এমন বিষয়। ~-**চাপা কপাল** *বি* আপাত উহ্য অদৃষ্ট; অপ্রকাশিত ভাগ্য; দুরদৃষ্ট; দুর্ভাগ্য। ~**জাবা** *বি* ছাই ও ছাইয়ের মতো বাজে জিনিস (মোড়লের মেয়ে মাজিছে বাসন ছাই জাবা হাতে নিয়া—*বআমি*)। ~**পাঁশ**, ~**ভস্ম** *বি* বাজে জিনিস; আবর্জনা বা জঞ্জালের মতো বস্তু; অসার বিষয় (এমনি ছাইপাঁশ মনে উঠছিল বুদ্বুদের মতো—*আআআ*)। ~ **ফেলতে ভাঙা কুলা**—তুচ্ছ বিষয়ের জন্য নিয়োজিত তুচ্ছ মাধ্যম; অপ্রয়োজনীয় অপদার্থ ব্যক্তি। **দূর হোক** ~ *অব্য* বিরক্তি বা উদাসীনতার প্রকাশ। **শত্রুর মুখে** ~ আশানষ্টকারী শত্রুর ইচ্ছা অপূর্ণ থাকবার প্রার্থনা। {*স.* ক্ষার>ছার>}

ছাউনি [ছাউনি] *বি* ১ সেনানিবাস; সৈন্যদের স্থায়ী আড্ডা। ২ শিবির; যুদ্ধোন্মুখ সৈন্যদের আড্ডা; cantonment। ৩ আচ্ছাদন। ৪ চাঁদোয়া। ৫ চালা। {*স.* ছাদন>*প্রা.* ছাঅণ>ছাউনি}

ছাও ⇒ ছা

ছাওয়া [ছাওয়া] *ক্রি* ১ আবৃত করা; আচ্ছাদন করা; ঢাকা। ২ পরিব্যাপ্ত করা (রেখা ছাইলো রূপকে রূপ ছাইলো রেখাকে এমনিভাবে যে . . . মিললো সহজ ছন্দে—*মুম*)। ৩ বিছানো; ছড়ানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ছাওয়ানো, ছাওয়ান** *ক্রি* আচ্ছাদিত করানো। □ *বি, বিণ* একই অর্থে। {*স.* √ছাদি+অ(অচ্)>*বা.* ছাদ>ছা+ওয়া}

ছাওয়াল, ছাবাল [ছাওয়াল্, -বাল্] *বি* সন্তান; ছেলে (তোর ছাওয়াল কেন খাওয়ার বেলা নুন লঙ্কা মাগে—*নই*)। □ *বিণ* ১ শিশু; অল্পবয়স্ক। ২ অর্বাচীন; অল্পবুদ্ধি। {*স.* শাব>*বা.* ছাও+আল}

ছাঁইচ, ছাঁচ, ছেঁচ [ছাঁইচ্, ছাঁচ্, ছেঁ-] *বি* চালের ঢালু প্রান্ত; চাল দ্বারা ঢাকা ঘরের চারপাশ (চালাটির ছেঁচ থেকে একখানি কালো রঙের সাইনবোর্ড ঝুলছে—*খমি*)। ~**তলা** *বি* চালের বা ছাদের প্রান্তভাগের নিম্নস্থ গৃহের চতুষ্পার্শ্ব (রান্নাঘরের ছেঁচতলায় দাঁড়াইয়া বলিতেছে—*বিব*)। {*হি* ছজ্জা}

ছাঁক-জালি [ছাঁক্-জালি] *বি* মাছ ধরার ক্ষুদ্র জালবিশেষ (ছাঁক-জালি দিয়ে দুটি মাছকাঁকড়া ধরতে পারো না—*অচিসে*)। {*স.* শাত>ছাঁক+*স.* জাল+*বা.* ই}

ছাঁকন [ছাঁকোন্] *বি* বস্ত্রাদি দ্বারা কোনো তরল পদার্থকে শোধন; ছাঁকা। {*স.* শাতন>}

ছাঁকনা, ছাঁকনি, ছাঁকনী [ছাঁক্‌না, -নি, -] *বি* ১ সছিদ্র পাত্রবিশেষ; ছাঁকবার পাত্র। ২ চালনি। {*স.* শাতন>*বা.* ছাঁকন+আ, ই, ঈ}

ছাঁকা [ছাঁকা] *ক্রি* ১ বস্ত্র ব্লটিং ইত্যাদির সাহায্যে তরল পদার্থ থেকে ময়লা বা কঠিন পদার্থ পৃথক বা দূর করা; পরিষ্কার বা শোধন করা (চা ছাঁকা)। ২ চালা (আটা ছাঁকা)। □ *বি* ছাঁকার বা চালার কাজ। □ *বিণ* ১ ছাঁকা হয়েছে এমন (ছাঁকা দুধ)। ২ খাঁটি; যথার্থ; সার (ছাঁকা কথা)। ৩ ভেজালশূন্য; বিশুদ্ধ (ছাঁকা জল)। ৪ সহজলভ্য। ৫ ছাঁকার জন্য ব্যবহৃত হয় এমন (আটা-ছাঁকা চালনি)। ~ **তেলে ভাজা** *ক্রি* বেশি তেলে ভাজা; ছাঁকনি বা ঝাঁঝরি দিয়ে ছেঁকে তোলা যায় এই পরিমাণ তেলে ভাজা। **ছেঁকে ধরা** *ক্রি* বেষ্টন করা; ঘিরে ধরা; চারদিক থেকে ব্যতিব্যস্ত বা উত্ত্যক্ত করা (পিঁপড়েয় ছেঁকে ধরেছে, পাওনাদারেরা ছেঁকে ধরেছে)। {*স.* শাতন>ছাঁকন>ছাঁকা}

ছাঁচ[১] ⇒ ছাঁইচ

ছাঁচ[২] [ছাঁচ্] *বি* ১ ফর্মা; কাঠামো; mould; অনেক বস্তুকে একটা নির্দিষ্ট আকার দেওয়ার জন্য কাষ্ঠাদি নির্মিত ফ্রেম (সত্যকার সংস্কৃতিকর্মীরা নিজেদের ছাঁচে ঢালাই করতে চায় না—*মোচৌ*)। ২ ধরন; একরূপতা; তুল্যতা; সাদৃশ্য; প্রতিকৃতি (রহিমার চরিত্রটি একজন আদর্শ রমণীর ছাঁচে গঠিত হয়ে উঠেছিল—*শেক*)। ৩ ছাঁচে তৈরি মিষ্টান্ন (ক্ষীরের ছাঁচ)। {*ফা.* সাঞ্জ سانج ; *স.* সঞ্চ>; *তুল. হি* সাঁচা}

ছাঁচি [ছাঁচি] *বিণ* দেশি; প্রকৃত; আসল। ~**কুমড়া** *বি* দেশি কুমড়া; চালকুমড়া। ~**পান** *বি* একপ্রকার সুগন্ধি পান (ছাঁচিপানে ঠোঁট রাঙায়—*জউ*)। ~**বেত** *বি* এক প্রকার সরু বেত। {*স.* সত্য>*প্রা.* সচ্চ>*হি* সাঁচ>}

ছাঁট, ছাট [ছাঁট্, ছাট্] *বি* ১ কর্তিত অংশ; টুকরা; বাড়তি অংশ (কাপড়ের ছাঁট)। ২ ছাঁটা বা কাটার পদ্ধতি (জামার ছাঁট)। ৩ গড়ন (এক রূপকে অন্য রূপে সমকক্ষ করার

কৌশল ছাঁটে সমানের কৌশলে নয়—*অঠা*)। ~**কাট** *বি* ১ ছাঁটাই; অতিরিক্ত অংশ। ২ দরজির কাজে পারিপাট্য (জামার ছাঁটকাট)। ~**কাপড়** *বি* কেটে বাদ দেওয়া হয়েছে এমন ছোট কাপড়; টুকরা কাপড়। { *স.* শাত্র>ছাঁট}

ছাঁটনি[১] ⇒ ছাটনি

ছাঁটা, ছাটা [ছাঁটা, ছাটা] *ক্রি* ১ বাড়তি অংশ কেটে ফেলা; কেটে আকারে ছোট করা (চুল ছাঁটা)। ২ চাল প্রভৃতি কাঁড়ানো (চাল ছাঁটা)। ৩ বর্জন করা; বাদ দেওয়া (দল থেকে ছাঁটা)। ৪ অগ্রাহ্য বা বাতিল করা (দুঃখকষ্ট ছেঁটে ফেলা)। □ *বি, বিণ* উক্ত সমস্ত অর্থে। **ছাঁটাই, ছাঁটানি** *বি* ১ কাটা; কর্তন। ২ বর্জন; বাদ দেওয়া। ৩ অমান্য বা অগ্রাহ্য; বাতিলকরণ। ৪ বরখাস্তকরণ; retrenchment; ছেঁটে ফেলা। ৫ ছেঁটে বাদ দেওয়া বস্তু। **ছাঁটানো** *ক্রি* অন্যের দ্বারা বর্জন বা ছাঁটাই বা বাতিল করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। {√ছাঁট}

ছাঁৎ [ছাঁত্] *অব্য* বুকের মধ্যে তীব্র শিহরণের অনুভূতিসূচক ধ্বনি। { *স.* স্পর্শ>ছোঁয়া>ছাঁৎ (?); *ধ্বন্যা.*}

ছাঁদ [ছাঁদ্] *বি* ১ ভঙ্গি; প্রকার (কী ছাঁদে কবরী বেঁধে লব আজ—*রঠা*)। ২ ধরন; গঠন; আকৃতি। ৩ আদল। { *স.* ছন্দ> *প্রা.* ছান্দ>}

ছাঁদন [ছাঁদোন্] *বি* ১ বাঁধা বা ঘেরার কাজ; বন্ধন; বেষ্টন; সুসমঞ্জস করা। ২ দোয়ানোর সময়ে গরুর পদ-বন্ধন (ছাঁদন দড়ি)। { ছাঁদ+অন}

ছাঁদনাতলা, ছাদনাতলা, ছানলাতলা [ছাঁদ্‌নাতলা, ছা-, ছান্‌লা-] *বি* হিন্দু বিয়ের নিমিত্ত ব্যবহৃত ছায়ামণ্ডপ বা চাঁদোয়া। { ছাঁদন>+ আ+ তলা}

ছাঁদা [ছাঁদা] *ক্রি* ১ ছাঁদন; গুছানো; জড় করা (বাঁধা ছাঁদা)। ২ বাঁধা; দুধ দোয়ানোর সময়ে দড়ি দিয়ে গাভীর পিছনের পা দুটি বাঁধা। ৩ ফাঁদা; পত্তন করা। ৪ নিমন্ত্রণে ভোজনশেষে যে খাদ্যবস্তু বেঁধে সঙ্গে নেওয়া হয় (ছাঁদার পরিমাণ লইয়া কর্মকর্তাদের সঙ্গে ব্রাহ্মণদের তুমুল বিবাদ—*বিব*)। { *স.* ছন্দ>*প্রা.* ছংদ>ছাঁদ+আ}

ছাগ, ছাগল [ছাগ্, ছাগোল্] *বি* অজ; পাঁঠা। **ছাগি, ছাগী, ছাগলি, ছাগলী** *স্ত্রী.*। ~-**দাড়ি, ছাগলা দাড়ি** *বি* চিবুকের সামান্য দাড়ি। **ছাগলাদ্যঘৃত** *বি* আয়ুর্বেদীয় ঔষধবিশেষ; নপুংসক ছাগল বা খাসির চর্বি থেকে তৈরি ঘি। **রাম-** *বি* খুব বড় ছাগল। □ *বিণ* নির্বোধ; মূর্খ। { *স.* √ছো+গ=ছাগ, +ল(লচ্)}

ছাট [ছাট্] *বি* ১ জলের ছিটা; যা বায়ু-বাহিত হয়ে আসে। ২ বেত; ছড়ি (ছাট হাতে পাট মাথে যেমন পাগল—*কমু*)। { *স.* ছটা>}

ছাটন, ছাঁটন ⇒ ছাটনি[২]

ছাটনি[১], **ছিটুনি** [ছাটোনি, ছিটুনি] *বি* ছিটে বেড়া (জোঁয়ের ছাটনি দিল জোয়ের বান্ধনি—*কমু*)। { *স.* ছটা>}

ছাটনি[২], **ছাঁটনি, ছাটন, ছাঁটন** [ছাটোনি, ছাঁ-, ছাটোন্, ছাঁ-] *বি* কর্তন; ছেঁটে ফেলা (পিরীতের আঁটন, পিরীতে ছাঁটন, পিরীতের দুখানা চাল—*জউ*)। { *স.* শাতন>ছাঁট}

ছাটা ⇒ ছাঁটা

ছাড় [ছাড়্] *বি* ১ বর্জন; পরিত্যাগ (ছাড় পড়া)। ২ অনুমতি (ছাড়পত্র)। ৩ মুক্তি। ৪ বিরাম; অবসর। ৫ খালাস মুক্তি বা গ্রহণ করার অনুমতিপত্র; ছাড়পত্র। ~**পত্র** *বি* শুল্কমুক্তি বা গমনাগমনের অনুমতিপত্র; passport; স্বীকৃতি (গদ্য কাব্য আজকাল ছাড়পত্র পেয়েছে সবার —*রখাঁ*)। { *স.* √ছর্দ>*প্রা.* ছড্ড>ছাড়}

ছাড়া [ছাড়া] *ক্রি* ১ বর্জন করা; ত্যাগ করা; পরিত্যাগ করা (বাড়ি ছাড়া)। ২ বদলানো; পরিবর্তন করা (পোশাক ছাড়া)। ৩ যাত্রা করা; রওনা হওয়া (স্টিমার ছাড়া)। ৪ মুক্তি দেওয়া (জেল থেকে ছাড়া)। ৫ দূর হওয়া (চিন্তা ছাড়া)। ৬ নিষ্কৃতি দেওয়া (না খেয়ে ছাড়বে না)। ৭ উপেক্ষা করা; বাদ দেওয়া (ওর কথা ছেড়ে দাও)। ৮ শিথিল হওয়া; খোলা (বাঁধন ছাড়া)। ৯ স্বর উচ্চে তোলা (গলা ছেড়ে ডাক দেওয়া)। ১০ ডাকে দেওয়া (চিঠি ছাড়া)। ১১ স্পন্দনহীন হওয়া (নাড়ি ছাড়া)। ১২ প্রসব করা (ডিম ছাড়া)। ১৩ নিক্ষেপ করা (বাণ ছাড়া)। □ *বিণ* ১ পরিত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত। ২ মুক্ত; বন্ধনহীন (ছাড়া বনের পাখি—*রঠা*)। ৩ বঞ্চিত (মা ছাড়া)। ৪ বর্জিত (লক্ষ্মীছাড়া)। ৫ বহির্ভূত (সৃষ্টিছাড়া)। □ *বি* ১ উপরোক্ত ক্রিয়ার সব অর্থে। ২ মুক্তি; খালাস; রেহাই। □ *অব্য* ব্যতীত (তাছাড়া, এছাড়া)। ~ ~ *বিণ* বিরল; মধ্যে মধ্যে; ফাঁক বা ব্যবধান রাখা; দূর দূর; ফাঁক ফাঁক। **ছাড়ানো** *ক্রি* ১ ত্যাগ বা বর্জন করানো (নেশা ছাড়ানো)। ২ তাড়ানো (ভূত ছাড়ানো)। ৩ পরিবর্তন করানো (কাপড় ছাড়ানো)। ৪ মুক্ত হওয়া (হাত ছাড়ানো)। ৫ মুক্ত করা; খালাস করা; উদ্ধার করা (হাজত থেকে ছাড়ানো)। ৬ শিথিল বা শ্লথ করা; খোলা (জট ছাড়ানো)। ৭ দূর করা; বাদ দেওয়া (খোসা ছাড়ানো)। □ *বি* মুক্তি; উদ্ধার লাভ; খালাস। □ *বিণ* মুক্ত; বর্জিত; বিদূরিত। উক্ত অর্থসমূহে। { ছাড়+আ}

ছাত [ছাত্] *বি* অট্টালিকার উপরিস্থ আচ্ছাদন; ছাদ। { *স.* ছাদ>}

ছাতলা, ছাৎলা, ছ্যাতলা [ছাত্‌লা, –, ছ্যা-] *বি* ১ ছাতা; শেওলার মতো ময়লা (ছাতলা পড়া)। ২ শেওলা (ছাতলা ধরা)। { *স.* ছত্রাক>ছাতা+লা)}

ছাতা[১], **ছাতি**[১] [ছাতা, ছাতি] *বি* রোদ-বৃষ্টি থেকে শরীর রক্ষা করার আবরণবিশেষ; ছত্র। { *স.* ছত্র>}

ছাতা[২], **ছেতো** [ছাতা, ছেতো] *বি* ১ কোঁড়ক; ছত্রাক। ২ ময়লা; ছাতলা। ~ **ধরা**, ~**পড়া** *বিণ* ছাতলাযুক্ত। { *স.* ছত্রাক>*প্রা.* ছত্তা>ছাতা}

ছাতার, ছাতারিয়া, ছাতারে [ছাতার্, -রিয়া, -রে] *বি* এক প্রকার পাখি। { *স.* মূল ছত্‌র্ (পাখির চিৎকার); সাত+আরিয়া>}

ছাতি[১] ⇒ ছাতা

ছাতি[২] [ছাতি] *বি* ১ বুকের পাটা বা বিস্তার; সিনা; বক্ষদেশ (এমামের ছাতির উপরে গিয়া বৈসে—*ফগ*)। ২ সাহস। ~**পেটা** *ক্রি* বুকে করাঘাত করে শোক প্রকাশ করা (যাহারা হাসান হোসেনের বেশী ভক্ত, তাহারা আজন্মকাল

ছাতি পিটিয়া 'হায় হাসান ! হায় হোসেন !' বলিয়া কাঁদিতে থাকিবে—*মীম*)। – **ফাটা** *ক্রি* ১ বুক ফাটা; হিংসা দুঃখ বা শোকে হৃদয় বিদীর্ণ হওয়া। ২ পিপাসায় বুক শুকিয়ে যাওয়া। ☐ *বিণ* উল্লিখিত উভয় অর্থে। – **ফুলানো** *ক্রি* ১ শক্তিমত্তা জাহির করা। ২ গর্ব প্রকাশ করা। {*স.* ছত্র>; *তুল. হি* ছতরী}

ছাতিম [ছাতিম্] *বি* এক জাতীয় বৃক্ষ; সপ্তপর্ণ বৃক্ষ (তোমার পথে বিছায় ছায়া ছাতিম ডালের ছাতা—*নই*)। {*স.* ছত্র>ছাতি+ম (সাদৃশ্যে)}

ছাতিয়া (*ব্র.*) [ছাতিয়া] *বি* বুক; ছাতি (ফাটি যাওত ছাতিয়া—*বিপ*)। {*স.* ছত্র>ছাতি+আ}

ছাতু [ছাতু] *বি* ১ ভাজা ছোলা; গম যব প্রভৃতির চূর্ণ বা গুঁড়া (ছাতু খাইয়া জঠরজ্বালা নিবারণ করিতেছেন—*ইহো*)। ২ কিছুই না। ৩ ধ্বংস; বিধ্বস্ত; নাশ (মতের পেষণে শিল্পকে ফেললে একদিনে শিল্প ছাতু হয়ে যেত—*অঠা*)। ~**খোর** *বি, বিণ* ১ ছাতুভোজী। ২ (*ব্য.*) হিন্দুস্তানি। {*স.* শক্তু>*প্রা.* সত্তু>}

ছাত্র [ছাত্‌ত্রো] *বি* ১ পড়ুয়া; পাঠার্থী; শিক্ষার্থী; student। ২ শিষ্য। **ছাত্রী** *স্ত্রী.*। ~**জীবন** *বি* শিক্ষার্থীকাল; পাঠ্যাবস্থা। –**নিবাস, ছাত্রাগার, ছাত্রাবাস** *বি* ছাত্রদের বাসস্থান; বোর্ডিং; hall। –**বৃত্তি** *বি* ১ মেধাবী ছাত্রের ব্যয় নির্বাহার্থ প্রদত্ত আর্থিক পুরস্কার; জলপানি; স্কলারশিপ। ২ স্কলারশিপ পরীক্ষা। –**শালা** *বি* পাঠশালা (পড়িতে গুরুর স্থানে দিল ছাত্রশালা—*সৈআ*)। {*স.* ছত্র+অ(ণ)}

ছাদ [ছাদ] *বি* ছাত; চাল; গৃহের উপরিস্থ আচ্ছাদন। **ছাদক** *বিণ* আচ্ছাদন দেয় বা করে এমন; আচ্ছাদনকারী। ☐ *বি* ছাদ নির্মাণ করে যে; ঘরামি। **ছাদন** *বি* ১ ঘর ছাওয়া; ছাদ নির্মাণ। ২ আবরণ; আচ্ছাদন। ৩ আচ্ছাদনের উপকরণ। **ছাদিত** *বিণ* আচ্ছাদন করা হয়েছে এমন; আচ্ছাদিত; ছাদযুক্ত। {*স.* √ছদ্+ ণিচ্+ অ(অচ্)}

ছানতা [ছান্‌তা] *বি* বহুছিদ্রবিশিষ্ট হাতা; ঝাঁঝারি। {*স.* ক্ষরণ>ছরণ>ছান+তা}

ছানলাতলা ⇒ ছাঁদনাতলা

ছানা[১] [ছানা] *বি* অম্লযোগে দুধ বিকৃত করে পানি থেকে পৃথককৃত পিণ্ড। ~ **কাটা** *ক্রি* দুধ থেকে ছানা প্রস্তুত করা। –**বড়া** *বি* ছানা থেকে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। ☐ *বিণ* ছানাবড়ার মতো বড় (চক্ষু ছানাবড়া)। {*স.* ছিন্ন>}

ছানা[২] [ছানা] *ক্রি* বার বার মর্দন করা; মাখা। ☐ *বিণ* চটকানো; মাখানো। {*স.* সম্+√ধা=√সন্ধা> √ছানা}

ছানা[৩] [ছানা] *বিণ* ছাঁকা; নিংড়ানো (তোমার চোখের কোণায় ছিল আকাশ-ছানা কাজল আঁকা—*নই*)। {*স.* ক্ষরণ>ছরন>ছান+আ}

ছানা[৪] [ছানা] *বি* শাবক; ছা; বাচ্চা। ~ **পানা** *বি* শিশু সন্তানগণ; বাচ্চা-কাচ্চা। {*স.* শাবক>}

ছানি[১] [ছানি] *বি* দৃষ্টিশক্তির ক্ষতিকারক চোখের রোগ বা আবরণবিশেষ (এয়াকুব হইল কানা চক্ষে পড়ে ছানি—*ফগা*)। ~ **কাটানো**, ~ **তোলানো** *ক্রি* অস্ত্রোপচারের সাহায্যে ছানি তুলে ফেলা। –**পড়া** *ক্রি* ছানি সৃষ্টি হওয়া; চক্ষুতারকায় আবরণ পড়া। {*স.* ছন্ন; *স.* ছাদনী>}

ছানি[২] [ছানি] *বি* মকদ্দমা পুনর্বিচারের প্রার্থনা বা আবেদন (ছানি করা)। {*আ.* ছানী ثانی = দ্বিতীয়}

ছানি[৩] [ছানি] *বি* ঈশারা; ইঙ্গিত (হাতছানি)। {*স.* শান>; *তুল. হি* সয়েন, *ই* sign}

ছানি[৪] [ছানি] *বি* গোখাদ্যবিশেষ; গরুর জাব। {*স.* চণক}

ছানি[৫] [ছানি] *বি* ছাউনি; ছাদ (ভেদিয়া শিলার ছানি বরশি রহিল—*কাদৌ*)। {*স.* ছাদনী>}

ছানিত [ছানিতো] *বিণ* ছেঁকে নেওয়া হয়েছে এমন; ছানা (দক্ষিণের লীলায়িত মধু স্নিগ্ধ ছানিত সৌরভে—*শাহো*)। {⇒ ছানা[২]}

ছান্দ[১] [ছান্‌দো] *বি* বন্ধন; বাঁধন; বেষ্টন (তব মায়া ছান্দে বিশ্ব পড়ি কান্দে—*ভারা*)। {*স.* ছন্দ>}

ছান্দ[২] [ছান্‌দো] *বি* ছাঁদ; ভঙ্গি; প্রকার; রকম (কানড় ছান্দে কবরী বান্দে—*চদা*)। {*স.* ছন্দঃ>}

ছান্দস [ছান্‌দোশ্] *বিণ* ১ ছন্দ সম্পর্কিত। ২ বেদ থেকে উৎপন্ন। ৩ বেদের অধ্যাপক; বেদাধ্যায়ী। {*স.* ছন্দস্+অ (অণ্)}

ছান্দোগ্য [ছান্‌দোগ্‌গো] *বি* উপনিষদবিশেষ। {*স.* ছন্দোগ+য(ঞ্য)}

ছাপ [ছাপ] *বি* ১ দাগ; চিহ্ন (পায়ের ছাপ)। ২ মুদ্রণ; মোহর (সিল-মোহরের ছাপ)। {*স.* √ছপ্; *তুল. পো.* chapa}

ছাপর, ছাপ্পর, ছাপ্পড়, ছপ্পর, ছপ্পড় [ছাপোর, ছাপ্‌-, -ড়, ছপ্‌পর, -ড়] *বি* ১ চাল; আচ্ছাদন (কোন বিয়েবাড়ীর ছাপ্পর তুলতে—*অচিসে*)। ২ কুঁড়েঘর; খেলার ঘর (ছাপ্পড় কি ? দেখছ না এটা নুড়িয়ার কেল্লা—*অঠা*)। –**খাট** *বি* মশারি টাঙানোর ব্যবস্থাবিশিষ্ট বা ফ্রেমযুক্ত খাট। ~ **বন্ধি** *বি* ঘরামির কাজ (কথায় কয় নিজের টুইএ ছাউনি নাই, পরের ঘরের ছাপরবন্ধি—*আমআ*)। {*স.* খর্পর>; *তুল. হি* ছপ্পর}

ছাপরা [ছাপ্‌রা] *বি* ১ ছাওয়া-ঘর (উপর হতে মনে হয় মাটিতে ছাওয়া ছাপরা—*ইখাঁ*)। ২ ঘর-ছাওয়ানোর খোলা। ৩ বিহারের জেলাবিশেষ। {*স.* খর্পর> খাপরা>ছাপরা}

ছাপল, ছাপায়ল ⇒ ছাপা[২]

ছাপা[১] [ছাপা] *ক্রি* মুদ্রিত করা; ছাপানো। ☐ *বি* ১ মুদ্রণ। ২ মুদ্রিত; ছাপানো। **ছাপাই** *বি* ১ মুদ্রণ। ২ মুদ্রণ-খরচা। ☐ *বিণ* মুদ্রণ-সম্পর্কীয়। ~**খানা** *বি* যেখানে পুস্তকাদি ছাপা হয়। **ছাপানো, ছাপান** *ক্রি* মুদ্রিত করানো। ☐ *বি, বিণ* মুদ্রণ। {ছাপ+আ; *তুল. পো.* chapa}

ছাপা[২] [ছাপা] *বিণ* ১ গুপ্ত; লুক্কায়িত; অপ্রকাশিত। ২ অজানা; অগোচর। ☐ *ক্রি* চাপা বা গোপন থাকা; আত্মগোপন করা; ঢাকা থাকা বা পড়া। –**ছাপি** *বি* ১ গোপনীয়তা। ২ গোপন; ঢাকাঢাকি। ৩ সীমা অতিক্রম। ☐ *বিণ* পাত্র পূর্ণ বা অতিক্রম করেছে এমন। **ছাপানো**[১], **ছাপান**[১] *ক্রি* লুকানো; গোপন করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। –**য়ল, ছাপল** (*ব্র.*) *ক্রি* ১ সীমা অতিক্রম করল। ২ গোপন রাখল। {*স.* √চুপ্>; *তুল. হি* ছুপা}

ছাপানো[২], **ছাপান**[২] [ছাপানো] *ক্রি* ১ উপচে পড়া (বুড়ীর

চক্ষু ছাপাইয়া কান্না আসিল—*শ্যকা*)। ২ কূল তট বা সীমা অতিক্রম করা। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* (উপ)চয়>উপচ>(আদি স্বর লোপ ও বর্ণবিপর্যয়ে) ছাপা}

ছাপ্পর ⇒ ছাপর

ছাপ্পান্ন [ছাপ্‌পান্‌নো] *বি, বিণ* ৫৬ সংখ্যা; ৫৬ সংখ্যক। { *স.* ষট্‌পঞ্চাশৎ> *পা.* ছপণ্ণাসা> *প্রা.* ছপ্পণ্ণ>}

ছাফা-মারওয়া [সাফা মারওয়া] *বি* মক্কায় কাবার কাছে দুটি ছোট টিলা—এগুলো হজের সময় দর্শন করতে হয় (ছাফা মারওয়া পর্বতদ্বয়ের মধ্যে প্রধান—*আর্খ্য*)। { *আ.* সাফা+মারবা صفا + مروا }

ছাবাল [ছাবাল্‌, -ওয়া-] ⇒ ছাওয়াল। ~**খেলা** *বি* ছেলেমানুষি; ছেলেখেলা (ক্রোধ করি আপনা পাসরি কি কর ছাবাল-খেলা—*ভারা*)। { *আঞ্চ.*; *স.* শাবক>+আল> সাওয়াল>ছাবাল}

ছাব্বিশ [ছাব্‌বিশ্‌] *বি, বিণ* ২৬ সংখ্যা; ২৬ সংখ্যক। **ছাব্বিশে** *বি* মাসের ছাব্বিশ তারিখ। { *স.* ষড়্‌বিংশতি> *পা.* ছব্বীসতি> *প্রা.* ছব্বীস>}

ছামুম [সামুম্‌] *বি* লু হাওয়া; প্রাণঘাতী বায়ু (সময় সময় স্থানবিশেষে ছামুম নামক প্রাণনাশক বায়ু প্রবাহিত হয় —*সৈআআ*)। { *আ.* সামূম سموم }

ছায়া [ছায়া] *বি* ১ আলোকরশ্মির গতিপথ রুদ্ধ হওয়ার ফলে উৎপন্ন প্রতিবিম্ব। ২ ব্যক্তি বা বস্তুর প্রতিবিম্ব; অশরীরী অবয়ব। ৩ রৌদ্রাভাব। ৪ প্রতিরূপ; একরূপতা; তুল্যতা; সাদৃশ্য। ৫ অন্ধকার। ৬ দীপ্তি; ঔজ্জ্বল্য। ৭ আশ্রয়। ৮ সূর্যপত্নী। ~**কর** *বিণ* ১ ছায়া করে এমন। ২ ছত্রধর; ছাতাধারী। ~**করী** *স্ত্রী*। ~**চিত্র** *বি* ১ সিনেমার ছবি। ২ ফটোগ্রাফ; আলোকচিত্র। ~**চ্ছন্ন** *বিণ* ১ ছায়া দ্বারা আচ্ছন্ন; ছায়ায় ঢাকা। ২ অন্ধকার। ~**তরু** *বি* ১ ছায়াপ্রধান তরু; যে বৃক্ষের ছায়া বহুদূর বিস্তৃত (পার হয়ে এসেছ মরু নাই যে সেথায় ছায়াতরু—*রঠা*)। ২ বটবৃক্ষ। ~**দেহ** *বি* অশরীরী বা কায়াহীন মূর্তি; ভূত। ~**নট** *বি* একটি রাগিণীর নাম (আমি হাম্বীর আমি ছায়ানট আমি হিন্দোল—*নই*)। ~**পথ** *বি* পুঞ্জীভূত নক্ষত্রসমূহ বা নীহারিকা দ্বারা প্রস্তুত শুভ্র জ্যোতির্ময় আকাশপথ; আকাশগঙ্গা; galaxy; Milky Way (চাঁদের কুমারী ফেরে একাকিয়া ছায়াপথ ছায়াবাটে—*জউ*)। ~**পুরুষ** *বি* শূন্যে দৃশ্যমান দেহীর অনুরূপ ছায়া বা প্রতিবিম্বাত্মক মূর্তি। ~**বাজি** *বি* ছায়ার বা ম্যাজিক লণ্ঠনের খেলা। ~**মণ্ডপ** *বি* ১ চাঁদোয়া দ্বারা আবৃত স্থান। ২ ছন্দনাতলা। ~**ময়** *বিণ* ছায়াবৃত। ~ **মাড়ানো** *ক্রি* কাছে যাওয়া; নিকটে যাওয়া। ~**মূর্তি** *বি* ছায়াকৃতি দেহ; বায়বীয় শরীর; অশরীরী কায়া। { *স.* √ছো+য+আ(টাপ্‌)}

ছায়েল ⇒ সায়েল

ছার [ছার্‌] *বি* ১ ছাই; ক্ষার; ভস্ম। ২ তুচ্ছ বা নগণ্য লোক (তুমি কোন ছার)। ৩ অসার বস্তু (ছার হস্তে নির্মিয়া করএ পুনি ছার—*সৈআ*)। ❑ *বিণ* ১ অধম; হেয়। ২ তুচ্ছ; নগণ্য। ৩ উৎসন্ন (ছারখার হয়েছে)। ৪ অসার (এ ছার সংসার)। ~**কপাল** *বি* মন্দভাগ্য; পোড়া কপাল। ~**কপালী** *স্ত্রী*। ~**কপালে** *বি, বিণ* হতভাগ্য; অভাগা। ~**খার, ছারেখারে** *বি* সর্বনাশ; ধ্বংস; অধঃপাত (নিমকহারামীর পাপে বাংলা ছারখার হইয়া গেল—*আইশা*)। ❑ *ক্রিবিণ* উৎসন্ন; বিধ্বস্ত (সংসার গেল ছারেখার—*রঠা*)। { *স.* ক্ষার> *প্রা.* ছার>}

ছারপোকা [ছারপোকা] *বি* কীটবিশেষ; শয্যাকীট; মৎকুণ। { ছার+পোকা(<*স.* পুত্তিকা)}

ছার্তক [ছার্‌তক] *বি* অশ্বের চলনের ভঙ্গিবিশেষ (কেউ যান ছার্তকে কেউ যান কদমে কেউ যান দুলকি চালে—*নই*)। { *তু.* ছারত্তক}

ছাল [ছাল্‌] *বি* ১ চামড়ার উপরিভাগের পাতলা স্তর; ত্বক। ২ চামড়া; চর্ম। ৩ বাকল; বল্কল; খোসা। **ছালট** *বি* গাছের ছাল; বল্কল; বাকল। **ছালটি** *বি* শণ তিসি প্রভৃতির বাকল থেকে তৈরি সুতায় বোনা কাপড়। ~ **তোলা** *ক্রি* ছাল ছাড়ানো; উপরের আবরণ অপসারণ করা। ~**পাতলা** *বিণ* অসহিষ্ণু বা স্পর্শকাতর (এরূপ লোকের সঙ্গে আমাদের মত ছাল-পাতলা লোকের মিশ খায় না—*নই*)। { *স.* ছদ্‌+√লা+ই(কি)=ছল্লী; *স.* শল্ক >ছল্ল> ছাল}

ছালওয়া [ছাল্‌ওয়া] *বি* ১ তিতির পাখির মতো শিকারের পাখিবিশেষ; quail। ২ মধু (আমাদের কাছে ওটা ছিল সান্না আর ছালওয়া—*জউ*)। { *আ.* সল্‌ওয়া سلوى }

ছালট, ছালটি ⇒ ছাল

ছালন, ছালুন, সালন [ছালন্‌, ছালুন্‌, সালন্‌] *বি* ব্যঞ্জন; তরকারি (ভাত ছালুন তুলে দিচ্ছেন—*ইখাঁ*)। { *হি.* সালন}

ছালা[1] [ছালা] *বি* ১ বস্তা; থলে (গাড়ী বোঝাই করে টাকার ছালা সকল মহাজন মহাশয়গণ পাঠাচ্ছেন—*মীম*)। ২ চট (কত দড়ী দিয়া ছালা জড়াইয়া খুব কসিয়া বাঁধিলেন—*মীম*)। { *স.* ছল্ল/শল্ক>(পাট গাছের) ছাল+আ}

ছালা[2] [ছালা] *ক্রি* ছাল বা চামড়া উঠানো। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। { ছাল+আ}

ছালামত ⇒ সালামত

ছালিক্য [ছালিক্‌কো] *বি* নৃত্যবিশেষ (চক্ষু খুলে ব্রহ্মা দেখেন দেবতারা ছালিক্য নৃত্য করছেন—*অঠা*)। { ছার> ছাল>}

ছালেক ⇒ সালেক

ছি, ছিঃ, ছ্যাঃ [ছি, ছিহ্‌, ছ্যাহ্‌] *অব্য* ঘৃণা, নিন্দা বা লজ্জাব্যঞ্জক শব্দ। ~~ *বি* ধিক্কার নিন্দা ঘৃণা বা লজ্জাপ্রকাশ। ~~ **করা** *ক্রি* নিন্দা করা; ধিক্কার দেওয়া; ঘৃণা করা; অপবাদ দেওয়া; লজ্জা দেওয়া। { *স.* ধিক্‌ ধিক্‌> *প্রা.* ছি ছি}

ছিঁচকা[1], **ছিঁচকে**[1], **ছিচকা, ছিচকে** [ছিচ্‌কা, -কে, ছিচ্‌কা, -কে] *বি* লোহার সরু শিক যা দিয়ে হুঁকার নল পরিষ্কার করা হয়। { *ফা.* সীখ্‌য়াহ্‌ سیخچه }

ছিঁচকা[2], **ছিঁচকে**[2] [ছিচ্‌কা, -কে] *বিণ* তুচ্ছ বস্তু চুরি করে এমন; সামান্য জিনিসও চুরি করে এমন (ছিচকা চোর)। { *স.* সূচক>ছুচকা>}

ছিঁচকাঁদুনে [ছিঁচ্‌কাঁদুনে] *বিণ* অল্পেই কেঁদে ফেলে এমন (ছেলেবেলায় আমি যা ছিচকাঁদুনে ছিলাম—*আজা*)। **ছিঁচকাঁদুনী** *স্ত্রী.*। {ছিছি+ *স.* ক্রন্দন>কাঁদন+ইয়া>}

ছিঁচে-পানি (বিরল) [ছিঁচেপানি] *বি* ছিটা পানি বা পানির ছিটা (ছিচে-পানি আর মিছে কথা মানুষের গায়ে বড্ড লাগে না—*নই*)। {ছিটা>+পানি}

ছিঁড়া ⟹ ছেঁড়া

ছিচকা, ছিচকে ⟹ ছিঁচকা[১]

ছিজ্জিন(বিরল) [ছিজ্‌জিন্] *বি* মরণান্তর পাপীদের আবাসস্থল; দোজখ; নরক (ছিজ্জিন মোকামে রহে নানা বিড়ম্বনে—*হেমা*)। {*আ.* সিজ্জীন سجين}

ছিট[১] [ছিট্] *বি* ১ ফোঁটা; বিন্দু; দাগ (কাদার ছিট)। ২ নকশার ছাপমারা কাপড় (ছিট কাপড়)। ৩ সামান্য পাগলামি; বাতিক (তার মাথায় কিছু ছিট আছে)। ৪ লক্ষণ; চিহ্ন; আভাস (পাগলামির ছিট)। {*স.* চিত্র>; *তুল. হি.* ছীট}

ছিট[২] [ছিট্] *বি* ১ টুকরা; খণ্ড। ২ অবশিষ্ট; শেষ (কাজের ছিট)। ৩ বিচ্ছিন্ন ফালি বা টুকরা (ছিট জমি)। {*স.* √ছিদ্>; *স.* শিষ্ট>*প্রা.* সিট্‌ঠ>}

ছিটকানো, ছিটকনো [ছিট্‌কানো, ছিট্‌কনো] *ক্রি* ১ ছিটানো; বিক্ষিপ্ত করা; ছড়ানো। ২ ঠিকরানো; সজোরে নিক্ষেপ করা বা নিক্ষিপ্ত হওয়া। ৩ বেগে ধাবন; ঠিকরিয়ে যাওয়া (ছিটকাইয়া গিয়া সাধুর বেটী শক্তিকে সাত ঘা খ্যাংরা মারিয়া গর্জিয়া উঠে—*দমি*)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। {√ছিট্‌কা+আনো}

ছিটকানি[১] [ছিট্‌কানি] *বি* ছিটকে পড়া জল-কাদা জাতীয় পদার্থ। {√ছিটকা+আনি}

ছিটকিনি, ছিটকানি[২] [ছিট্‌কিনি, ছিট্‌কানি] *বি* হুড়কাবিশেষ; দরজা জানালা প্রভৃতি বন্ধ করার খিল বা কীলক (দরজার ছিটকিনিটা খুলে ফেলল—*আআত্র*)। {*হি.* সিটকিনী}

ছিটন, ছিটনো ⟹ ছিটানো

ছিটা, ছিটে [ছিটা, ছিটে] *বি* ১ বিন্দু; ফোঁটা; কণা; সামান্য পরিমাণ (এক ছিটা নুন)। ২ নিক্ষিপ্ত কণা; ছাট (পানির ছিটা)। ৩ বন্দুকের ছররা বা ছিটে গুলি। ৪ আফিম-গুলিতে প্রস্তুত মাদক-দ্রব্য। ~**গুলি** *বি* বন্দুকে ব্যবহার্য ছোট ছোট গুলি (সিকি পয়সা দামেরও ছিটাগুলি অপব্যয় করিতে পারে না—*রঠা*)। ~**ছিটি** *বি* পরস্পরের প্রতি ছিটানো। ~**পাড়া** *ক্রি* মন্ত্র পড়ে গায়ে জলের ছিটা দেওয়া; মন্ত্রপূত জল শরীরে নিক্ষেপ করা। ~**ফোঁটা** *বি* ১ অতি সামান্য পরিমাণ। ২ অতি সামান্য বা কণিকা পরিমাণ বস্তু। ~**বেড়া** *বি* মাটির প্রলেপ দেওয়া বাঁশের বেড়া। ~ **বোনা** *ক্রি* চাষ না করে বীজ ছড়িয়ে দেওয়া। **কাটা ঘায়ে নুনের** ~ *বি* ১ ক্ষতে লবণ দিয়ে যন্ত্রণা বৃদ্ধি। ২ আর্ত হৃদয়ে অপমানাদি প্রয়োগে যন্ত্রণা বৃদ্ধিকরণ। {*স.* ছটা; √ছিট্‌+ আ; *তুল. হি.* ছীট}

ছিটানো, ছিটনো [ছিটানো, ছিটনো] *ক্রি* ১ ছড়িয়ে দেওয়া; ছিটিয়ে দেওয়া। ২ নিক্ষেপ করা; সেঁচা; ছড়ানো। □*বি* সিঞ্চন; সিক্তকরণ। □*বিণ* সিঞ্চিত। {√ছিট্‌+আনো}

ছিটুনি ⟹ ছাটনি[১]

ছিটে[১] [ছিটে] *বি* ফুটি ফুটি চিহ্ন। □*বিণ* ফুটি ফুটি চিহ্নবিশিষ্ট; চিত্র-বিচিত্র (গলায় ছিটে-কোকিলের গায়ের মত টাই—*খামি*)। {*স.* ছটা/চিত্র>}

ছিটে[২] ⟹ ছিটা

ছিণ্ড (*মবা.*) [ছিনডো] *ক্রি* ছিন্ন করা; ছেঁড়ে (মুণ্ড ছিণ্ডি আনিছে—*ভারা*)। **ছিণ্ডন** *বি*। {*স.* ছিন্ন; *স.* √ছিদ্>*প্রা.* √ছিন্দ>}

ছিতম (বিরল), **সিতম** [সিতম্] *বি* অত্যাচার; জুলুম (আগে কারো পরে নাহি পৌঁছাই ছিতম—*ফগ*)। {*ফা.* সিতম ستم}

ছিদর [ছিদর্] *বিণ* ধূর্ত; শঠ। {*স.* ছিত্বর>}

ছিদ্যমান [ছিদ্‌দোমান্] *বিণ* ছেদন বা কর্তন করা হচ্ছে এমন। {*স.* √ছিদ্+মান (শানচ)}

ছিদ্র [ছিদ্‌দ্রো] *বি* ১ ফুটো; ফুটা; বিবর; ছেঁদা; বিধ; রন্ধ্র। ২ দোষ; ত্রুটি। ৩ অবকাশ। ~**দর্শী** *বিণ* পরের দোষ অনুসন্ধান করে এমন; পরদোষদর্শী। **ছিদ্রানুসন্ধান, ছিদ্রান্বেষণ** *বি* পরের দোষত্রুটির খোঁজখবর। **ছিদ্রানুসন্ধানী, ~ন্বেষী** *বিণ* ১ পরের দোষ ত্রুটি খুঁজে বেড়ায় এমন। **ছিদ্রিত** *বিণ* ছিদ্র করা হয়েছে এমন। ২ ছিদ্র আছে এমন; ছিদ্রযুক্ত। {*স.* √ছিদ্+র (রক্)}

ছিনতাই [ছিন্‌তাই] *বি* ছিনিয়ে নেওয়ার কাজ; বলপূর্বক নিয়ে যাওয়া; হাইজ্যাক। {*হি.* ছিনতাই}

ছিনন, ছিননো ⟹ ছিনান

ছিনভিন[১] [ছিন্‌ভিন্] *বি* অবহেলা; অনাদর (ছিনভিন না করিবে ইছুফের তরে—*ফগ*)। {*স.* ছিন্ন>ছিন; *স.* ভিন্ন>ভিন}

ছিনভিন[২] [ছিন্‌ভিন্] *বিণ* ছেঁড়া; ভাঙা; ছিন্নভিন্ন। {*স.* ছিন্ন+ভিন্ন}

ছিনা[১], ছিনে[১] [ছিনা, ছিনে] *বি* রোগা; ক্ষীণকায় (ছিনা গড়ন)। ~**জোঁক, চিনাজোঁক** *বি* ১ সরু জোঁকবিশেষ। □*বি,বিণ* নাছোড়বান্দা। {*স.* ক্ষীণ/শীর্ণ>}

ছিনা[২], ছিনে[২] [সিনা, সিনে] *বি* সিনা; বুকের পাটা বা বক্ষের প্রসার; ছাতি; বক্ষঃস্থল। ~**ব-ছিনা** *ক্রিবিণ* বক্ষ হতে বক্ষান্তরে; মৌখিকভাবে; পুরুষানুক্রমে (এই শ্রেণীর 'বাণী'গুলি. . .ছিনা-ব-ছিনা ইস্রা পর্যন্ত পৌঁছিয়াছিল—*আখাঁ*)। {*ফা.* সীনাহ سینه}

ছিনানো, ছিনান, ছিননো, ছিনন [ছিনানো, –, –ন–, –] *ক্রি* কাড়া; জোরপূর্বক কেড়ে নেওয়া; জবর দখল করা। □*বি,বিণ* উক্ত অর্থে। {*স.* ছিন্ন>ছিন+আনো; *তুল. হি.* ছীন}

ছিনারি, ছিনারী (*মবা.*) [ছিনারি] *বিণ* ১ প্রগল্‌ভা। ২ কুলটা (নটকী নোআলী ছিনারী পামরী—*চন্দা*)। ৩ প্রগল্‌ভা বা কুলটা নারী। {*স.* ছিন্ন >ছিন+আলি>আরি}

ছিনাল, ছিনার [ছিনাল্, –র্] *বি* ১ পতিতা; ভ্রষ্টা; কুলটা; ব্যভিচারিণী। ২ মিথ্যা প্রণয় মান অভিমান ইত্যাদিতে কলাকুশলী নারী। **ছিনালি, ছিনালী** *বি* দুশ্চরিত্রা নারীর

চাতুর্য; পতিতা নারীর মান-অভিমান; হাব-ভাব-বিলাসে কপটতা। { *স.* ছিন্ন>ছিন+ আল, আর; *তুল. হি.* ছিনার}

ছিনিমিনি [ছিনিমিনি] *বি* ১ জলের উপর ঢিল বা খোলামকুচি চালিয়ে খেলাবিশেষ। ২ বেহিসেবিভাবে অর্থ ব্যয়; টাকা ওড়ানো। ~ **খেলা** *ক্রি* নষ্ট করা। { *স.* ছিন্নভিন্ন>}

ছিনে ⟹ ছিনা[১]। **ছিনে-পড়া** *বিণ* সরু; শীর্ণ (ঠোঁট ভোঁতা গলা ছিনেপড়া—*অঠা*)। { *স.* শীর্ণ/ক্ষীণ>}

ছিন্ন [ছিন্‌নো] *বিণ* ১ ছিঁড়েছে এমন; ছেঁড়া হয়েছে এমন (ছিন্ন করা)। ২ ছেদিত; কর্তিত (ছিন্ন মস্তক)। ৩ উৎপাটিত; উন্মূলিত; উপড়ানো (ছিন্নমূল)। ৪ সংযোগভ্রষ্ট; দূরীকৃত; দূরীভূত; নিরাকৃত (ছিন্ন বাধা)। ~**দ্বৈধ** *বিণ* সংশয়মুক্ত; দ্বিধামুক্ত। ~**পক্ষ** *বিণ* ডানা বা পাখা কাটা গিয়েছে এমন। ~**প্রায়** *বিণ* প্রায় ছিঁড়ে গেছে এমন; অর্ধছিন্ন (সেই ছিন্নপ্রায় চারুপাঠখানিও আর নাই —*রঠা*)। ~**বিচ্ছিন্ন** *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত। ~**ভিন্ন** *বিণ* ১ লণ্ডভণ্ড। ২ ইতস্তত বিক্ষিপ্ত। ~**মস্তক** *বিণ* মস্তকহীন; কর্তিতশির; স্কন্ধ-কাটা। □ *বি* কাটা মুণ্ড। ~ **মস্তা** *বি* হিন্দু দেবীবিশেষ; দশমহাবিদ্যার একটি মূর্তি। **ছিন্না** *বিণ স্ত্রী.* 'ছিন্ন' শব্দের সকল অর্থে। □ *বি* বেশ্যা; বারবনিতা; গণিকা। { *স.* √ছিদ্+ত (ক্ত)}

ছিপ[১], **সিপ** [ছিপ্, সিপ্] *বি* দ্রুতগামী লম্বা ও সরু নৌকাবিশেষ (সিপ সাজাইয়া অমনি ধাইয়া চলিল বীর —*গোমো*)। { *স.* ক্ষিপ্র>ছিপ্প>ছিপ}

ছিপ[২] [ছিপ্] *বি* বাঁশ বা কঞ্চি ইত্যাদি থেকে প্রস্তুত মাছ ধরার বড়শির জন্য ব্যবহৃত পাতলা ও দীর্ঘ দণ্ডবিশেষ। **ছিপছিপে** *বিণ* পাতলা ও লম্বা গড়নবিশিষ্ট (শ্যামচিক্কন ছিপছিপে বালক—*রঠা*)। { *স.* √ক্ষিপ্ (নিক্ষেপ করা অর্থে)>}

ছিপানো, ছিপান, ছিপনো, ছিপন [ছিপানো, -প-] *ক্রি* ১ লুকিয়ে রাখা; গোপন করা (যত্নে যে ধন ছিপায়ে রাখিলাম হইল প্রকাশ—*দমি*)। ২ লুকিয়ে থাকা; লুকানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √ছুপ্>ছিপা+ আনো}

ছিপি [ছিপি] *বি* শিশি-বোতলের মুখ বন্ধ করার কাঠ, কাচ বা শোলায় প্রস্তুত গোঁজ; কাক, cork। { *অমূ.*}

ছিপি, ছিপী [ছিপি] *বি* বস্ত্ররঞ্জক; যে কাপড় রং করে; যে কাপড়ে ছাপ দেয়। { *স.* শিল্পী>*প্রা.* ছিপ্পী>; *তুল. হি.* ছীপী}

ছিবড়া, ছিবড়ে [ছিবড়া, ছিবড়ে] *বি* দ্রব্যের সারহীন অংশ; শিটা (পান চিবান শেষ হইলে ছিবড়া ফেলে যুবক একবার নেত্র ফিরিয়া যুবতীর দিকে তাকাইয়া বলিলেন ... *ইহো*)। { *স.* √ষ্ঠীব্>ছিব্+ড়া}

ছিবলেমি, ছেবলামি [ছিব্‌লেমি, ছ্যাব্‌লামি] *বি* লঘু আচরণ বা স্বভাব; চাপল্য; ছেল্যেমি; বালসুলভ আচরণ। { *স.* শাব>ছাওয়াল>+মি}

ছিম ⟹ শিম

ছিমছাম [ছিম্‌ছাম্] *বিণ* ১ পরিপাটি (ছিমছাম আধুনিক —*মব*)। ২ সুপরিষ্কৃত; পরিচ্ছন্ন। { *স.* শ্রী>ছিরি> ছিম্>*স.* ছন্দ>ছাঁদ>ছাম (এখানে ছাম শব্দের প্রভাবে ছিম শব্দ গঠিত}

ছিয়াত্তর [ছিয়াত্‌তোর্] *বি, বিণ* ৭৬ সংখ্যা; ৭৬ সংখ্যক। { *স.* ষট্‌সপ্ততি>*প্রা.* ছাহত্তরি>}

ছিয়ানব্বই, ছিয়ানব্বুই [ছিয়ানব্‌বই, -বুই] *বি, বিণ* ৯৬ সংখ্যা; ৯৬ সংখ্যক। { *স.* ষাণ্ণবতি/ষণ্ণবতি>*প্রা.* ছনৱই}

ছিয়াল, ছীয়াল [ছিয়াল্] *বিণ* ১ বাড়ন্ত; দীঘল; বিশাল। □ *অব্য* নামের পূর্বে ব্যবহৃত শব্দবিশেষ। { *স.* শ্রী+বালা (ওয়ালা)}

ছিয়াশি [ছিয়াশি] *বি, বিণ* ৮৬ সংখ্যা; ৮৬ সংখ্যক। { *স.* ষড়শীতি>}

ছিয়ে (*ব্র.*) *অব্য* ছি; ধিক; ধিক্কার বা লজ্জাপ্রকাশক শব্দ (রাধা ছিয়ে ছিয়ে চঞ্চল চিত্ত তোহারি—*রঠা*)। { *প্রা.* ছিছি}

ছিরি [ছিরি] *বি* ১ শ্রী; কান্তি; লাবণ্য। ২ রূপ। ৩ ধরন; ভঙ্গি; প্রকার (পরিবারের ছিরি ফিরে আসবে—*শ্যআ*)। ৪ রঙিন পিঠালি দিয়ে প্রস্তুত মাঙ্গলিক দ্রব্যবিশেষ। ~**ছাঁদ** *বি* শ্রীসৌষ্ঠব; লাবণ্য ও রূপ। { *স.* শ্রী>*প্রা.* সিরী}

ছিল, ছিলো [ছিলো] *ক্রি* অতীত কালে প্রথম পুরুষের খিয়া এবং ধাতুবিভক্তি। ক্রিয়ারূপ—ছিলাম, ছিলেন, ছিলি ইত্যাদি। { *স.* স্থিত>*প্রা.* থিঅ>থিল>}

ছিলকা, ছিলকে [ছিল্‌কা, -কে] *বিণ* টুকরা; খণ্ড (এক সোরাহি সুরা দিও একটু রুটির ছিলকে আর—*নই*)। □ *বি* ১ গাছের ছাল; বল্কল। ২ ফলের পাতলা আবরণ বা খোসা। ৩ চামড়া; ত্বক। **ছিলা, ছিলে** *বি* ধনুকের ছিলা; ধনুকে সুতা দড়ি বা চামড়া দিয়ে যে গুণ প্রস্তুত করা হয় তা; ধনুকের গুণ। { *স.* ছল্লিকা>*হি.* ছিলকা}

ছিলিম, ছিলম [ছিলিম্, -লম্-] *বি* ১ তামাকের বা গাঁজার কলিকা। ২ এক কলিকা তামাক বা গাঁজা। { *তুল. হি* চিলম; চিলিম; *ফা.* চিলম্ چلم }

ছিলিমচি, ছিলমচি [ছিলিম্‌চি, ছিলম্‌চি] *বি* ১ হুঁকার দণ্ডের উপরিভাগ; কলকে বসানোর স্থান। ২ হাত ধোয়ার ঢাকনিদার পাত্র। { *ফা.* চিলমচী چلمچی }

ছিষ্টি ⟹ সৃষ্টি

ছুঁই ছুঁই [ছুঁই-] *অব্য* ছোঁয়া লাগে লাগে এরূপ ভাবপ্রকাশক; সন্নিকটে, অতি কাছে। { *স.* √ছুপ্>*প্রা.* ছুব>ছুঁ+ই}

ছুঁচ [ছুঁচ্] *বি* সুচ; সেলাই করার জন্য ব্যবহৃত ক্ষুদ্রাকার তীক্ষ্ণমুখ শলাকাবিশেষ। ~ **ফুটানো** *ক্রি* ১ সুচ দ্বারা বিদ্ধ করা। ২ (*আল.*) মর্মবিদ্ধ করা। { *স.* সূচি>}

ছুঁচল, ছুঁচলো ⟹ ছুঁচাল

ছুঁচা, ছুঁচো [ছুঁচা, ছুচো] *বি* ১ ইঁদুরজাতীয় প্রাণী; ছুছুন্দরী; গন্ধমূষিক। ২ অসৎ বা ঘৃণিত ব্যক্তি। □ *বিণ* খাই-খাই স্বভাববিশিষ্ট; লোভী। ~**বাজি**, ~**বাজী** *বি* ছুঁচার ন্যায় বেগে ধাবমান আতসবাজি। ~ **মেরে হাত গন্ধ করা** *ক্রি* তুচ্ছ ব্যক্তিকে শাস্তি দিয়ে অখ্যাতি লাভ করা। **ছুঁচোর কেত্তন** *বি* ১ ছুঁচার চিৎকারের মতো বিরক্তিজনক চেঁচামেচি। ২ অনবরত কলহ। ৩ ছুঁচার বিষ্ঠার মতো জুগুপ্সাজনক অবস্থা; অভাবজাত বিশৃঙ্খল অবস্থা। **ঘরে ছুঁচোর কেত্তন, বাইরে কোঁচার পত্তন**—বাড়িতে চরম দারিদ্র্য বাইরে বড়লোকি দেখানো; প্রকৃত অবস্থা

গোপন করে আড়ম্বর প্রদর্শন। **সাপের ~ গেলা** ১ দুর্গন্ধযুক্ত ছুঁচো গলাধঃকরণ কষ্টদায়ক অথচ সাপের পক্ষে তার মুখের গঠনের দরুন কিছুটা গেলা ছুঁচো উদ্‌গিরণ অসম্ভব। ২ উভয়-সঙ্কট দশা। { *স.* ছুছুন্দরী; *স.* তুচ্ছ>*প্রা.* ছুচ্ছ>}

ছুঁচালো, ছুঁচাল, ছুঁচলো, ছুঁচল [ছুঁচালো, –, –চো–, –] *বিণ* সুচালো; তীক্ষ্ণাগ্র। ❑ *বি* সরু ও গোলাকার অধরোষ্ঠের কুঞ্চিত ভঙ্গিবিশেষ (ডাবা হুঁকোয় ছুঁচলো করে ঠোঁট রাখা—*অচিসে*)। ~ **ধার** *বিণ* সুচের মতো তীক্ষ্ণ ও ধারবিশিষ্ট। { *স.* সূচি>ছুঁচ+আলো}

ছুঁচো ⇒ ছুঁচা

ছুড়া ⇒ ছোড়া

ছুঁড়ি, ছুড়ি [ছুঁড়ি, ছু–] *বি* ১ নবযুবতী; ছুকরি; কিশোরী; বালিকা (সত্য কি অসত্য কৈল বৃদ্ধ কৈল ছুড়ি—*হেমা*)। ২ বালিকা অর্থে তাচ্ছিল্যবাচক শব্দ; ছেমড়ি। **ছোঁড়া** *পু.*। **উঠ ~ তোর বিয়ে**—বিয়ের কথাবার্তা ও আয়োজন না করে হঠাৎ বিয়ে করার জন্য আহ্বান। ২ (*আল.*) সম্পূর্ণ অপ্রস্তুত অবস্থায় কাজ করার ডাক। { *স.* ছমণ্ডী>}

ছুঁত, ছুঁৎ ⇒ ছুত

ছুঁয়া ⇒ ছোঁয়া

ছুকরি [ছুক্‌রি] *বি* (তুচ্ছার্থে ব্যবহৃত) ছুঁড়ি; বালিকা; কিশোরী। **ছোকরা** *পু.*। { *স.* ছমণ্ডী; *হি.* ছোকরী}

ছুছুন্দর, ছুচন্দর [ছুছুন্‌দর, ছুচ–] *বি* ইঁদুরজাতীয় প্রাণী; গন্ধমূষিক; ছুঁচো। **ছুছুন্দরী** *স্ত্রী.*। { *স.* ছুছু+√দৃ+অ(অণ্)}

ছুট[1] [ছুট্] *বি* ১ ছাঁট; যা পরিত্যাগ করা হয়। ২ বাদ; ছাড়; বর্জন। ৩ দৌড় (বাদ দেওয়া)। ৪ বর্জিত; দলছুট (এ দুটি উক্তিই সমান কবিত্ব-ছুট—*প্রচৌ*)। { *স.* ছটা অথবা *স.* ক্ষিপ্ত>*প্রা.* ছুট্‌ঠ}

ছুট[2] [ছুট্] *বি* ১ চুল বাঁধার ফিতা বা দড়ি (এক পণ ছুট করেছি কিন্তু মুটার ভিতর থাকবে—*দীমি*)। ২ পরিধেয় বস্ত্র। { *স.* সূত্র>}

ছুট[3] [ছুট্] *বি* ফাঁক; অবসর; মুক্তি; ছাড়; ত্যাগ (ছুট পাওয়া)। { *স.* ছটা>}

ছুটকা, ছুটকো [ছুট্‌কা, –কো] *বিণ* ১ হঠাৎ ছিটকে আসা; হঠাৎ আগত। ২ অপ্রধান; টুকিটাকি (ছুটকা কাজ)। ৩ বিক্ষিপ্ত; দল-ছাড়া। ৪ পলাতক। **ছুটকী** *স্ত্রী.*। **ছুটকো-ছাটকা** *বিণ* ইতস্তত বিক্ষিপ্ত; গণনার মধ্যে আসে না এমন। { *স.* ক্ষুদ্রক>ছোটকা>ছুট+কা}

ছুটকি, ছুটকী [ছুট্‌কি] *বিণ স্ত্রী.* ১ কনিষ্ঠা। ২ ছোট (অবজ্ঞার্থে)। { *স.* ক্ষুদ্র>+*বা.* কি; *হি.* ছোটকী}

ছুটকো ⇒ ছুটকা

ছুটা[1] ⇒ ছোটা[1]

ছুটা[2] [ছুটা] *বি* দড়ি; ছোটা। ❑ *বিণ* অস্থায়ী। ❑ *ক্রিবিণ* পৃথক; আলাদা (রাখে ছুটা বিড়া বাঁধি খিলি সাজাইয়া—*ভারা*)। { *স.* সূত্র>}

ছুটি [ছুটি] *বি* ১ ফুরসত; অবসর; অবকাশ। ২ দৈনিক কর্মসূচির অবসান (অফিসের ছুটি)। ৩ পর্বাদি উপলক্ষে নির্দিষ্ট কাজের বিরাম (ঈদের ছুটি)। ৪ কর্ম থেকে কিছুকালের জন্য অবসর (কেরানি বাবু ছুটিতে আছেন)। ৫ কর্ম থেকে স্থায়ীভাবে অবসর; চির বিদায়। ৬ নিষ্কৃতি; খালাস (কয়েদির ছুটি)। { *স.* ক্ষিপ্ত>*প্রা.* ছুট্‌ঠ>; তুল. *হি.* ছুট্টী}

ছুড়া ⇒ ছোড়া

ছুড়ি ⇒ ছুঁড়ি

ছুত, ছুঁৎ, ছুঁত [ছুত্, ছুঁ–, –] *বি* ১ স্পর্শজনিত দোষ; স্পর্শদোষে খাদ্যাদির অশুচিতা (ছুত লাগা)। ২ স্পর্শ। ৩ খুঁত; ত্রুটি। ~**বাই** *বি* ১ ছোঁয়াছুঁয়ি বা অস্পৃশ্যতা বিচারের আতিশয্য বাই (ভাষাতে সেদিনকার ছুৎরোগ আমরা পেয়েছিলুম ভিক্টোরিয়া প্যুরিটানিজম থেকে—*সৈমু*)। ২ ছোঁয়াছুঁয়ির আতিশয্যজনিত রোগবিশেষ (ছুতবাই রোগ)। ~**মার্গ** *বি* অস্পৃশ্য জাতি স্পর্শ করলে দোষ হয় এই বিশ্বাস বা মত। ~**মার্গী** *বিণ* ছুঁৎমার্গে বিশ্বাসী (. . . শুধু দেহে নয় মনের ছুঁতমার্গী হওয়া আমাদের পক্ষে স্বাভাবিক—*প্রচৌ*)। ~**মার্গীয়** *বিণ* ছুতমার্গ সম্বন্ধীয়। { *স.* স্পর্শ>; *হি.* ছুত}

ছুতা, ছুতো [ছুতা, –তো] *বি* ১ ছল; অছিলা; ভান (চোখ ধুরাইয়া সূতোরে শাসায় করিয়া রাগের ছুতো—*জউ*)। ২ ছিদ্র; খুঁত; দোষ; ত্রুটি। ৩ সামান্য কারণ; তুচ্ছ উপলক্ষ। ~**নাতা, ছল~** *বি* ১ কোনো সামান্য কারণ বা অজুহাত। ২ সামান্য ত্রুটি। { *স.* সূত্র>সুতা>}

ছুতার, ছুতোর [ছুতার, –তো–] *বি* ১ সূতার; কাঠমিস্ত্রি; সূত্রধর। ২ হিন্দু পদবিবিশেষ। { *স.* সূত্রধার>*প্রা.* সুত্তহার>সুত্তার>সুতার>}

ছুতো ⇒ ছুতা

ছুপ [ছুপ্] *বি* রঙের ছোপ। **ছুপ ছুপ** *অব্য* ছপছপ থেকে মৃদু শব্দ। { *স.* √ছুপ; *ধ্বন্যা.*}

ছুপানো, ছুপান ⇒ ছোপ

ছুবানো, ছুবান, ছুবানি, ছুবনানো ⇒ ছোবানো

ছুমন্তর [ছুমন্‌তর্] *বি* মন্ত্রপূত ফুঁ; ঝাড়-ফুঁক। { *স.* ফুৎ>ছুঁ+মন্ত্র}

ছুয়ানি [ছুয়ানি] *বি* নৌকা-জাহাজের কর্ণধার; সুকানি; হালি (ছুয়ানী টেণ্ডল আর খালাসী যে কত—*পূগী*)। { *আ.* সাফফান سفّان = সফীনঃ বা নৌকা ও জাহাজের চালক}

ছুরত, ছুরৎ ⇒ সুরত

ছুরি, ছুরিকা, ছুরী [ছুরি, –কা, –রি] *বি* চাকু; ক্ষুদ্র ছোরা; লোহা বা ইস্পাত নির্মিত ক্ষুদ্র অস্ত্রবিশেষ। ~ **মারা** *ক্রি* ছুরি দিয়ে আঘাত করা; ছুরি বিদ্ধ করা। **গলায় ~ দেওয়া** *ক্রি* ১ কণ্ঠে ছুরি দিয়ে আঘাত করা; গলাকাটা। ২ (*আল.*) সমূহ সর্বনাশ করা; ভীষণ প্রবঞ্চনা করা। **মিছরির ~**—*বি* মুখে মধু অন্তরে বিষ; মিষ্টি কথায় ভুলিয়ে সাংঘাতিক প্রতারণা; মধুর বাক্যে মুগ্ধ করে যে অন্যের সর্বনাশ করে। { *স.* ছুরী; ছুরিকা>*প্রা.* ছুরিআ}

ছুরিত [ছুরিতো] *বিণ* ১ ব্যাপ্ত; বিস্তৃত। ২ লিপ্ত; নিযুক্ত; জড়িত। ৩ খচিত; অলঙ্কৃত; শোভিত। { *স.* √ছুর্+ত(ক্ত)}

ছুলা, ছুলান ⇒ ছোলানো

ছুলি, ছুলী [ছুলি] *বি* একপ্রকার চর্মরোগ। { *স.* ছল্লি>}

ছে, ছেও [ছে, ছ্যাও] *বি* ১ কর্তিত অংশ; খণ্ড (কাঠের ছে)। ২ বিরতি; বিরাম; বিশ্রাম; ছেদ। { *স.* ছেদ}

ছেই-ছেই, ছেইছেই [ছেই-] *অব্য* তুচ্ছতাচ্ছিল্য বা ঘৃণাপূর্ণ অবজ্ঞাবোধক (এ দুয়ারে যায়—দুর দুর ও দুয়ারে যায়—ছেই-ছেই—*দমি*)। {ছিছি>}

ছেঁক[1], **ছ্যাঁক** [ছ্যাঁক] *অব্য* গরম তেলে হঠাৎ কিছু পড়ার শব্দ। ~~~ *অব্য* ১ ক্রমাগত ছেঁক শব্দ। ২ শরীরের তাপ বা জ্বরভাব প্রকাশক (গা-টা ছ্যাঁক ছ্যাঁক করছে)। { *ধ্বন্যা.* }

ছেঁক[2] ⇒ সেক

ছেঁকা[1] [ছেঁকা] *বি* শরীরে তপ্ত বস্তুর জ্বালাকর স্পর্শ (ছেঁকা লাগা বা দেওয়া)। ~ **দেওয়া** *ক্রি* লৌহ শলাকাদি তপ্ত করে শরীরে স্পর্শ করানো। { *ধ্বন্যা.* }

ছেঁচ, ছেঁচতলা ⇒ ছোঁচ

ছেঁকা[2] [ছেঁকা] *ক্রি* ১ সেঁকা; সামান্য তেল বা ঘিয়ে ভাজা বা সাঁতলানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। { *ধ্বন্যা.* }

ছেঁচকি, ছেচকি [ছেঁচকি, ছে-] *বি* ব্যঞ্জনবিশেষ; তেলে কষিয়ে অল্প পানিতে সিদ্ধ করা ব্যঞ্জন। { *ধ্বন্যা; তুল. হি* ছিছোরা}

ছেঁচড়, ছেঁচড়া[1], **ছ্যাঁচড়া**[1] [ছ্যাঁচোড়, ছ্যাঁচড়া, –] *বি* ১ শঠ; প্রতারক; অসৎ; দুষ্ট। ২ ইতর প্রকৃতি; নিতান্ত নীচ (তুমি তো ভারি ছ্যাঁচড়া ছোট লোক—*সুরা*)। ☐ *বিণ* ঋণশোধ করতে অনিচ্ছুক এমন। **–পনা, ছেঁচড়ামি** *বি* নীচ বৃত্তি। { *স.* সূচক>ছিচকা+ *স.* চোর; *স.* ছিত্বর>}

ছেঁচড়া[2], **ছ্যাঁচড়া** [ছ্যাঁচড়া] *বি* ১ মাছের কাঁটা তেল ও শাক-সবজির ঘণ্ট। { *তুল. হি* ছিছোরা}

ছেঁচা[1] [ছ্যাঁচা] *ক্রি* পেষা; থেঁতলানো; পেষণ করা (পান ছেঁচা)। ☐ *বি* ১ পেষণ; থেঁতলানো বা পিষ্ট বস্তু। ২ পিষ্ট; থেঁতলানো। **ছেঁচানো, ছেঁচান** *ক্রি* অন্যের দ্বারা পেষণ করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। {ছেঁচ(<*স.* √ছিদ)+আ}

ছেঁচা[2] [ছ্যাঁচা] *ক্রি* পানি সেচন; সিঞ্চন। { *স.* √সিচ>}

ছেঁচোড় ⇒ ছেঁচড়

ছেঁড়া, ছিঁড়া [ছেঁড়া, ছি-] *ক্রি* ১ ফাঁড়া; বিদীর্ণ করা (জামা ছেঁড়া)। ২ তোলা; চয়ন করা (ফুল ছেঁড়া)। ৩ উৎপাটন করা (চুল ছেঁড়া)। ৪ দুধ নষ্ট হয়ে ছানা হওয়া (দুধ ছেঁড়া)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**খোঁড়া** *বিণ*। **–ছিঁড়ি** *বি* ১ আঁচড় কামড় দ্বারা পরস্পরকে ক্ষতবিক্ষতকরণ। ২ প্রচণ্ড বিবাদ। ৩ পুনঃপুন ছেঁড়া। **ছেঁড়ানো, ছেঁড়ান** *ক্রি* ১ অন্যের দ্বারা ছেদন বা উৎপাটন করানো। ☐ *বি, বিণ* উক্তপ্রকার অর্থে। { *স.* ছিন্ন(<√ছিদ) >*প্রা.* √ছিন্দ> *বা.* √ছিণ্ড>ছেঁড়া}

ছেঁড়াছিঁড়ি [ছেঁড়াছিঁড়ি] *বি* ১ আঁচড় কামড় দ্বারা পরস্পরকে ক্ষতবিক্ষত করণ। ২ প্রচণ্ড বিবাদ। ৩ পুনঃপুন ছেঁড়া। **ছেঁড়ানো, ছেঁড়ান** *ক্রি* অন্যের দ্বারা ছেদন বা উৎপাটন করানো। ☐ *বি, বিণ* উক্ত প্রকার অর্থে। {ছেঁড়া+ *অনু.* ছিঁড়ি}

ছেঁদা [ছ্যাঁদা] *বি* ফুটো; ছিদ্র। { *স.* ছিদ্র>*প্রা.* ছিন্দ> ছেন্দা>}

ছেঁদে [ছেঁদে] *অক্রি* ১ বেষ্টন করে; ঘিরে (আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে—*ভারা*)। ২ কৌশলে উত্থাপন করে। { *স.* ছন্দঃ> *বা.* ছাঁদ+এ>}

ছেঁদো [ছেঁদো] *বিণ* ১ সাজানো; কপট; কৌশলময় (কিন্তু ছেঁদো কথায় আমার মন ভুলবে না—*শেক*)। ২ তুচ্ছ; নগণ্য; মূল্যহীন (আমার মত ছেঁদো ছোট বেহায়া লোকের কাছে . . .—*নই*)। { *স.* ছন্দ>ছাঁদ+ *বা.* উয়া>ও=ছেঁদো}

ছেক[1] [ছেক] *বি* বিরাম। { *স.* ছেদ>; *আঞ্চ.* }

ছেক[2] [ছেক] *বি* অনুপ্রাসবিশেষ। { *স.* √ছো+এক(ডেকন্)}

ছেকড়া, ছ্যাকড়া, ছ্যাকরা [ছ্যাকড়া, –,] *বি* ছক্কড়; নিকৃষ্ট শ্রেণির যানবাহন বা ঘোড়াগাড়ি (সখের ছেকড়ায় এই খোঁড়া টাট্টুটি জুড়িয়া—*বচ*; চটপট করে ঢুকে পড়ত ছ্যাকড়া গাড়ীর ভিতরে—*রাখা*; ছ্যাকরা গাড়িতে করে মামা-বাড়ি যাই—*সৈমু*)। { *স.* শকট> *বা.* ছ্যাকড়া; *তুল. হি* ছক্কড়া}

ছেচকি ⇒ ছেঁচকি

ছেচল্লিশ, ছচল্লিশ [ছেচল্লিশ, ছ–] *বি, বিণ* ৪৬ সংখ্যা; ৪৬ সংখ্যক। { *স.* ষট্চত্বারিংশৎ>*প্রা.* ছঅচত্তালীস>}

ছেতো ⇒ ছাতা[2]

ছেত্তা [ছেত্‌তা] *বিণ* ছেদন করে এমন; ছেদক; ছেদনকারী। { *স.* √ছিদ্+তৃ (তৃচ্)=ছেত্তৃ}

ছেদ [ছেদ্] *বি* ১ কর্তন; বিচ্ছিন্নকরণ; ছেদন (মুণ্ডচ্ছেদ)। ২ বিরাম; বিরতি (মৃত্যুর মূরতি হেরি যুদ্ধে তুমি দাওনিক ছেদ—*আজহ*)। ৩ ভাগ; খণ্ড; অংশ। ৪ অধ্যায়। ৫ যতিচিহ্ন; দাঁড়ি কমা ইত্যাদি। **ছেদক** *বিণ* ছেদন করে এমন; ছেদনকারী। **ছেদন** *বি* কর্তন; বিচ্ছিন্নকরণ। **ছেদনী** *বি* ছেদন করার অস্ত্র। **–নীয়, ছেদ্য** *বিণ* ছেদনযোগ্য; ছেদন করা যায় এমন। **ছেদিত** *বিণ* ছেদন করা হয়েছে এমন; কর্তিত; খণ্ডিত; নিহত। { *স.* √ছিদ্+অ(ঘঞ্)}

ছেনি, ছেনী [ছেনি] *বি* ১ ধাতু বা প্রস্তর ছেদনের যন্ত্রবিশেষ; ছোট বাটালি। ২ ধান কাটবার অস্ত্র; কাস্তে (বছরে বছরে তারে কাটিয়াছে ছেনি দাও দিয়া—*বআমি*)। { *স.* ছেদনী>*প্রা.* ছেঅণী>ছেনী}

ছেপ, ছ্যাপ [ছ্যাপ্] *বি* থুথু; নিষ্ঠীবন (তবে এক মুখে দুই কথা ছেপ ফেলে ছেপ গেলা এই একটু দোষ—*দীসে*)। { *স.* √ক্ষেপ>ছেপ}

ছেপায়া, সেপায়া [ছেপায়া] *বি* তেপায়া; তিনপদবিশিষ্ট টেবিল। { *ফা.* সেহ্‌পায়াহ سهپایه }

ছেপারা ⇒ সিপারা

ছেফলা [ছেফলা] *বি* সফরী; পুঁটি মাছ। {ছেফল মৎস্য —*মাগান*)। { *স.* সফরী}

ছেব [ছেব/ সেব] *বি* ফলবিশেষ; সেব; আপেল (ছেব বিহি খোরমা সুরস নানা ছল—*সৈআ*)। { *ফা.* সেব سیب }

ছেবড় [ছ্যাবড়] *বিণ* ছ্যাবলা; ছেঁচড় (ঠক, ঠেটা, নাবড় ছেবড় লোকে রটে—*ঘচ*)। { *স.* শাব>*প্রা.* ছাব+ল>}

ছেবল ⇒ ছ্যাবল

ছেমড়া [ছ্যামড়া] *বি* ১ পিতৃমাতৃহীন বালক; মা-বাপ

খাওয়া ছেলে; অনাথ বালক। ২ বালক; ছোঁড়া (গালি বা তুচ্ছভাবের সম্বোধন)। **ছেমড়ি, ছেমরি** *বি স্ত্রী* ১ বালিকা; ছুঁড়ি; নবযুবতী (আলতাফের মনে ছেমড়ীটা . . . অর্ধাঙ্গ নিত্য ছড়াচ্ছে—*আরু*)। ২ অসহায় বা আত্মীয়বিহীন নারী। { *স* ছমণ্ড> }

ছেমহলা [সেমহোলা] *বিণ* তিন মহল-সমন্বিত (ছেমহলা বালাখানা—*রাব*)। { *ফা* সেহ سه + *আ* মহ্‌ল محل + *বা* আ }

ছেমোচাপা (*আঞ্চ.*) [ছেমোচাপা] *বিণ* ভূতে পাওয়া; ভয়ে অভিভূত; থমথমে (ঐ দেখ ছেমোচাপা ছমছমে আসে রাজা—*গিসে*)। { *বা* ছম+উয়া-ছেমো+চাপা }

ছেয়া [ছেয়া] *বি* ১ ছিন্নাংশ (বাঁশের ছেয়া)। ২ উদূখল (ভেরেণ্ডা ছেয়ায় উড়ি ধান্য ভানি—*ঘচ*)। { *স* ছিন্ন }

ছেয়ানি [ছেয়ানি] *বি* ১ ছেনি (বন্দীর ডাডুকা তারা ছেয়ানিতে কাটে—*কমু*)। ২ বিচ্ছেদ; বিরাম (বৃষ্টির ছেয়ানি)। { *স* ছেদনী>ছেঅনি>ছেয়ানি }

ছেয়াল [ছেয়াল] *বিণ* ছড়ানো; বাড়ন্ত; বিস্তৃত (ছেয়াল গড়ন)। { *স* শ্রী>+ *হি* ৱাল(=ওয়াল) }

ছেরি (অপ) [ছেরি] *বি* ছুঁড়ি; বালিকা; কিশোরী। { *স* ছমণ্ডী }

ছেলম, ছলম [ছেলম্, ছ-] *বি* সাপের পরিত্যক্ত গাত্রচর্ম; সাপের খোলস (কোথাও গাছের শাখায় তাদের ছেলম রয়েছে ছিঁড়ে —*জউ*)। { *স* শল্ক/ছল্লী> }

ছেলি, ছেলী [ছেলি] *বি* ছাগল (ছেলি চরাইতে রামা নাহি স্থল—*কমু*)। { *স* ছাগী>ছেলি }

ছেলিয়া [ছেলিয়া] *বি* ছেলে। { ছেলে+ইয়া>ছেলিয়া }

ছেলে [ছেলে] *বি* ১ বালক; বাচ্চা; শিশু। ২ পুত্র (রাজার ছেলে)। ৩ লোক; ব্যক্তি (বেটাছেলে, মেয়েছেলে)। □ *বিণ* শিশুসুলভ; বালকসুলভ (ছেলেখেলা)। **~খেলা** *বি* ১ শিশুর মতো খেলা। ২ অস্থায়ী ও অকিঞ্চিৎকর অনুষ্ঠান বা কাজ; সহজসাধ্য কাজ। **~ছোকড়া, ~ছোকরা** *বি* অপরিণতবুদ্ধি কিশোর বালক; কিশোর বা তদ্বৎ অল্পবয়স্ক ব্যক্তি। **~ধরা** *বি* অল্পবয়স্ক বালক-বালিকা অপহরণ করে যে লোক। **~পেলে, ~পুলে, ~পিলে** *বি* ১ ছোট ছোট ছেলেমেয়ে। ২ সন্তান-সন্ততি; পুত্র-কন্যা। **~বেলা** *বি* বাল্যকাল। **~মানুষ** *বি, বিণ* ১ অল্পবয়স্ক। ২ অনভিজ্ঞ; অপরিণত বুদ্ধি। **~মানুষি, ~-মানসি** *বি* বালকসুলভ আচরণ। □ *বিণ* বালকসুলভ; বালকোচিত। **ছেলেমি, ছেলেমো** *বি* বালকসুলভ আচরণ বা বুদ্ধি। **~মেয়ে** *বি* ১ বালক-বালিকা। ২ সন্তান-সন্ততি; পুত্র-কন্যা। **বেটা~** *বি* পুরুষ ছেলে। **মেয়ে~** *বি* নারী; স্ত্রীলোক। { *স* শাবক>ছাওয়াল>ছেলে }

ছেষট্টি, ছষট্টি [ছেশোট্‌টি, ছ-] *বি, বিণ* ৬৬ সংখ্যা বা সংখ্যক। { *স* ষট্‌ষষ্টি> *প্রা* ছসট্টি> }

ছেহের (বিরল) [ছেহের] *বি* যাদু; মন্ত্রশক্তি (তুমি নাকি জানো . . . ছেহের মেহের টোনা হেকমত তামাম—সেহা)। { *আ* সিহ্‌র سحر }

ছেহেরা ⇒ সেহেরা

ছৈ ⇒ ছই

ছৈল, ছৈলা (*মবা*) [ছইলো, -লা] *বি, বিণ* ১ শঠ; প্রতারক; ছলনাকারী। ২ নায়ক; নাগর (মালতী ভ্রমর যেন সমাগম চারু ছৈলা দেম আনি—*কাদো*)। { *স* ছল+ *বা* ইয়া>ছইল্যা>ছৈল> }

ছোঁ [ছোঁ] *বি* কামড়; ঠোকর; হঠাৎ আক্রমণ। (ছোঁ মারা, ছোঁ দেওয়া)। { *স* √ছুপ্>ছোপ> }

ছোঁক ছোঁক [ছোঁক-] *অব্য* লোলুপতাজনিত চাঞ্চল্য প্রকাশক। **মন-- করা** *ক্রি* কোনো বিষয়ে মন ব্যাকুল হওয়া। { *ধ্বন্যা* }

ছোঁকা [ছোঁকা] *বি* ছক্কা; ঘি-সহযোগে (ছয়টি) বিভিন্ন তরকারি যোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। { *তুল* *হি* ছোঁকনা }

ছোঁচা [ছোঁচা] *বি, বিণ* খাদ্য-লোভী; ভোজনের ব্যাপারে নির্লজ্জ ও স্বার্থপর (ছোঁচা তুমি তোমার সঙ্গে আড়ি আমার যাও—*নই*)। { *স* ছুছুন্দর>ছেঁচা>ছোঁচা }

ছোঁচানো, ছোঁচান [ছোঁচানো] *ক্রি* মলত্যাগের পর পরিষ্কার করানো; জল শৌচ করা বা করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স* শৌচ>ছোঁচ+আনো }

ছোঁড়া[১] [ছোঁড়া] *বি* (অবজ্ঞার্থে) ছোকরা; কিশোর; বালক। **ছুঁড়ি** *স্ত্রী*। { *স* ছমণ্ড> }

ছোঁড়া[২] ⇒ ছোড়া

ছোঁয়া, ছুঁয়া [ছোঁয়া, ছুঁয়া] *ক্রি* স্পর্শ করা। □ *বি* স্পর্শ (একটুকু ছোঁয়া লাগে—*রঠা*)। □ *বিণ* ১ স্পর্শ করা হয়েছে এমন; স্পৃষ্ট (ছোঁয়া খাবার)। ২ ছুঁয়েছে বা ছুঁইছুঁই করছে এমন (আকাশ-ছোঁয়া দালান)। **ছোঁয়াচ** *বি* ১ স্পর্শ বা স্পর্শের প্রভাব (এখনকার কালের ছোঁয়াচ আমাকে লাগিয়াছে—*রঠা*)। ২ হানিকর সংস্পর্শ। **ছোঁয়াচে** *বিণ* সংক্রামক; স্পর্শে সংক্রমিত হয় এমন (এ জিনিসটা ছোঁয়াচে—*রঠা*)। **~ছুঁয়ি** *বি* ১ বার বার স্পর্শ। ২ পরস্পর স্পর্শ। ৩ স্পর্শজনিত দোষ। **ছোঁয়ানো** *ক্রি* স্পর্শ করা; ঠেকানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। **~লেপা** *বি* ১ অস্পৃশ্য বস্তুর বা ব্যক্তির সংস্রব। ২ স্পর্শদোষ। { *স* √ছুপ্+আ }

ছোকরা [ছোকরা] *বি* ১ (অবজ্ঞার্থে) ছোঁড়া; নব যুবক; কিশোর; বালক। ২ অল্প বয়স্ক চাকর (তাহাতে একজন মুদি ও একটি ছোকরা মাত্র ছিল—*ইহো*)। □ *বিণ* অপরিণতবয়স্ক। **ছুকড়ি, ছুড়ি** *স্ত্রী*। { *আ* সুগ্‌রা صغرى *পু* সগীর }

ছোট, ছোটো [ছোটো] *বিণ* ১ কনিষ্ঠ (ছোট ভাই)। ২ অপেক্ষাকৃত অল্পবয়স্ক (সে আমার ছোট)। ৩ ক্ষুদ্র; খর্ব (ছোট আকার)। ৪ হীন; নীচ; হেয় (ছোট মন)। ৫ সমাজে অবনত (ছোট জাত)। ৬ ক্ষমতায় বা পদমর্যাদায় অপেক্ষাকৃত খাটো (ছোট বউ, ছোট জা, ছোট আদালত)। ৭ বিনীত; নম্র (বড় যদি হতে চাও ছোট হও তবে)। ৮ সংকুচিত (ছোট হওয়া)। ৯ মর্যাদায় হীন বা নীচ (ছোট

করা)।–**খাটো** *বিণ* ১ অল্পায়তন; খর্বাকৃতি (ছোটখাটো মানুষটি)। ২ নাতিদীর্ঘ (ছোটখাটো বক্তৃতা)। – **মুখে বড় কথা** *বি* ১ অবস্থার পক্ষে অশোভন উক্তি। ২ অযথা অহঙ্কার; বৃথা গর্ব। ~**লোক** *বি* ১ নীচ স্বভাবের বা ইতর প্রকৃতির লোক। ২ অভদ্র বা অসভ্য ব্যক্তি। ৩ অন্ত্যজ বা নীচ কুলের লোক। ~**লোকি**, ~**লোকামি** *বি* ছোটলোকের আচরণ। ❑ *বিণ* ছোটলোকসুলভ; ইতরজনোচিত (ছোটলোকি . . . চেহারা বিলেতে বড় একটা দেখা যায় না—*প্রচৌ*; ছোটলোকামির সাধনাই আমাদের কাছে জীবন-সাধনা হয়ে দাঁড়ায়—*মোম*)। ~-**হাজরি** *বি* প্রাতরাশ; নাশতা (ফজর তো হল এখন ছোটহাজরির জন্যে একটা গাঙ্গ ফড়িং পেলে হয় ভালো —*অঠা*)। { *স.* ক্ষুদ্র>*প্রা.* ছুট্ট>}

ছোটা[1], **ছুটা** [ছোটা, ছু–] *ক্রি* ১ অতি দ্রুত বেগে সামনের দিকে অগ্রসর হওয়া; ধাবিত হওয়া; দৌড়ানো; অতি দ্রুত চলা; প্রবাহিত হওয়া (ঘোড়া ছোটা, হাওয়া ছোটা)। ২ প্রবলভাবে বের হওয়া (রক্ত ছোটা)। ৩ লোপ পাওয়া (ঘুম ছোটা)। ৪ দূর হওয়া; ছাড়া; মুক্ত হওয়া (ভোর থেকে আজ বাদল ছুটেছে—*রঠা*)। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। ~**ছুটি**, **ছুটোছুটি** *বি* ১ দৌড়াদৌড়ি। ২ অতি ব্যস্ততা। **ছোটানো** *ক্রি* ১ ধাবিত করানো। ২ বেগে প্রবাহিত করানো। ৩ ভাঙা; ভেঙে ফেলা; বিচ্ছিন্ন করা; দূর করা। ৪ বন্ধ করা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। মন – *ক্রি* প্রচণ্ড আশঙ্কা বা ঝোঁক হওয়া। **মুখ** – *ক্রি* অনর্গল বিরতিহীন কথা বলা। { *স.* ক্ষিপ্ত>*প্রা.* ছুট্‌ঠ>}

ছোটা[2] [ছোটা] *বি.* শুকনা লতা কলার বাসনা ইত্যাদির সাহায্যে প্রস্তুত বোঝা বাঁধার দড়ি। { *স.* সূত্র>}

ছোটো ⇒ ছোট

ছোট্ট [ছোট্‌টো] *বিণ* ১ অত্যন্ত ছোট; অতি ক্ষুদ্র; হ্রস্ব; সামান্য। { *স.* ক্ষুদ্র>*প্রা.* ছুট্ট>}

ছোড়ই *(ব্র.)* [ছোড়োই] *ক্রি* ১ ত্যাগ করে; ছাড়ে। ❑ *অক্রি* ত্যাগ করে; ছেড়ে। **ছোড়ন** *বি* পরিত্যাগ; ছাড়াছাড়ি; বর্জন; বিচ্ছিন্নতা (আর ছোড়ন নেই)। **ছোড়ব** *(ব্র.) ক্রি* ছাড়বে; ত্যাগ করবে। **ছোড়বি** *(ব্র.) ক্রি* ছাড়বি; ত্যাগ করবি (তুহু নহি বিসরবি তুঁহু নহি ছোড়বি—*রঠা*)। { √ছোড়+ই; *তুল. হি* ছোড়না}

ছোড়ভঙ্গ [ছোড়্‌ভঙ্‌গো] *বিণ* বিচ্ছিন্ন; ছাড়াছাড়ি; বিশৃঙ্খল। { *স.* ছত্রভঙ্গ}

ছোড়া, ছোঁড়া, ছুড়া, ছুঁড়া [ছোড়া, ছোঁ–, ছু–, ছুঁ–] *ক্রি* ১ ছুড়ে ফেলা; নিক্ষেপ করা (ঢিল ছোড়া)। ২ দাগা (বন্দুক ছোড়া)। ৩ ইতস্তত নিক্ষেপ করা; বিক্ষেপ করা (হাত-পা ছোড়া)। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* নিক্ষিপ্ত। **ছোড়ানো** *ক্রি* ১ নিক্ষেপ করানো; ত্যাগ করানো; বিক্ষেপ করানো। ২ দাগানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √ক্ষিপ্>ছুড়্+আ}

ছোপ [ছোপ্] *বি* ১ ছাপ; দাগ; রং; কালির ছোপ (সাহেবি কাপড়ের সঙ্গে মনেও সাহেবিয়ানার ছোপ ধরে—*প্রচৌ*)। ২ প্রলেপ (বাহিরের ছোপ আঁচড়ে সে লোপ—*সদ*)। **ছোপানো, ছোপান, ছুপানো, ছুপান** *ক্রি* রঞ্জিত করা; রাঙানো ❑ *বি* রঞ্জিতকরণ। ❑ *বিণ* ১ রঙিন; ছাপা (ছোপানো . . . গামছা হাতে—*কাসি*)। ২ রঞ্জিত (তার মেহেদী-ছোবানো হাতের চেয়েও লাল হয়ে উঠেছিল তার মুখটা—*নই*)। { *স.* ছুপ্>*বা.* ছোপ}

ছোবড়া [ছোব্‌ড়া] *বি* ১ ছিবড়া; ফলের আঁশওয়ালা খোসা (ছোবড়া যেমন নারিকেলের বাহ্যিক অংশ; রূপও স্ত্রীলোকের বাহ্যিক অংশ—*বচ*)। ২ রসহীন; শুষ্ক নারিকেলের বহিরাবরণ (কচি ছেলেটা কাজের যন্ত্রগুলো দাঁতে চিবিয়ে ছোবড়া বানিয়ে ছেড়ে দিলে—*অঠা*)। { *স.* শল্ক>ছাল>ছোব, ছোপ+ড়া}

ছোবল [ছোবোল্] *বি* ১ সর্পাঘাত; দংশন; খাবল (ছোবলে মোরা নিজেরাই মরি—*আসি*)। ২ ছোঁ। **ছোবলানো, ছুবলানো** *ক্রি* দাঁত বা মুখ দ্বারা হঠাৎ আক্রমণ করা; ছোবল মারা। ২ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* কবল>; *স.* ছুপ্>}

ছোবা [ছোবা] *বি* ১ নারকেলের ছোবড়া। ২ মৃৎপাত্র বিশেষ (ছোবাতে তেলটুকু দিয়া বেগুন তাহাতে ফেলিয়া দিয়া ভাজে—*বিব*)। { *স.* শল্ক>ছাল>ছোল> ছোব+আ}

ছোরা [ছোরা] *বি* আকারে বড় ছুরিবিশেষ। { *স.* ছুরিকা>*প্রা.* ছুরিআ>}

ছোলঙ্গ [ছোলঙ্‌গো] *বি* ফলবিশেষ; বাতাবি লেবু (গুয়া নারিকেল বেল ডালিম্ব ছোলঙ্গ—*সৈআ*)। { *স.* সুরঙ্গ> ছোলঙ্গ}

ছোলতান ⇒ সুলতান

ছোলদারি [ছোল্‌দারি] *বি* সৈন্যদের ত্রিকোণ তাঁবু। { *ই* soldier>+*বা.* ই}

ছোলা[1], **ছুলা** [ছোলা, ছু–] *ক্রি* ১ ছাল ছাড়ানো। ২ চাঁছা; পরিষ্কার করা (জিভ ছোলা)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ছোলানো** *ক্রি* খোসা ছাড়িয়ে নেওয়া। ❑ *ক্রিবিণ* উক্ত অর্থে। { √ছোল্+আ; *স.* শল্ক>}

ছোলা[2] [ছোলা] *বি* ডাল জাতীয় শস্যবিশেষ; চানা; বুট; চণক। { *স.* চণক>}

ছোলে, ছোলেনামা ⇒ সোলে

ছোহারা [ছোহারা] *বি* শুকনা খেজুর; খোরমা (অকরোট ছোহারা লবঙ্গ জলপাই—*সৈআ*)। { *হি* ছুহারা}

ছ্যা ⇒ ছি

ছ্যাঁক ⇒ ছেঁক[1]

ছ্যাঁচড়, ছ্যাঁচড়া[1] ⇒ ছেঁচড়

ছ্যাঁচড়া[2] ⇒ ছেচড়া[2]

ছ্যাকড়া, ছ্যাকরা ⇒ ছেকড়া

ছ্যাতলা ⇒ ছাতলা

ছ্যাবলা, ছেবলা, ছাবলা [ছ্যাব্‌লা] *বিণ* ১ হালকা স্বভাব; লঘুপ্রকৃতি। ২ বাচাল; প্রগলভ (আমার মত ঠোঁটকাটা ছ্যাবলার পক্ষে তা নিতান্তই সমালোচনার বিষয় হয়ে ওঠে—*নই*)। **ছ্যাবলামি, ছ্যাবলামো** *বি*। { *আ.* সিফ্‌লাহ سفلة =নীচতা; হীন, ইতর}

ছ্যামড়া ⇒ ছেমড়া

জ

জ[১] [জ] অষ্টম ব্যঞ্জনবর্ণ এবং 'চ' বর্গের তৃতীয় বর্ণ। এটি প্রশস্ত দন্তমূলীয় (dorso or palato-alveolar) অল্পপ্রাণ (unaspirated) ঘোষ (voiced) স্পর্শ (plosive) ধ্বনি। বাংলাদেশের পূর্বাঞ্চলে কখনো কখনো শিস্‌জাত ধ্বনিরূপে উচ্চারিত হয়। ঢাকার কুট্টিদের মুখে ঘৃষ্ট (affricate) ধ্বনিরূপেও উচ্চারিত হয়।

জ[২] [জ] *বি, বিণ* ⅛ ইঞ্চি পরিমাণকে 'জ' বলে (দুই জ ঘন)। { *স.* যব> }

–জ [-জ] প্রত্যয়বিশেষ; জাত; উৎপন্ন (জলজ, পঙ্কজ, মনোজ)। { *স.* √জন্+অ (ড) }

জই[জোই] *বি* যবজাতীয় শস্য; এক প্রকার বার্লি (ঘোড়ায় খায় খই, মানুষে খায় জই—*অঠা*)। { *স.* যব> }

জইফ, জঈফ, জয়ীফ [জোয়িফ] *বিণ* ১ দুর্বল; অথর্ব; বৃদ্ধ; জরাজীর্ণ (শহরেতে করিয়া তালাশ দেখিয়া জইফ এক আন মেরা পাশ—*সৈহা*; ফকির এবং জঈফ যারা; তাদের সে আশ্রয়—*গোমো*)। ২ অত্যন্ত দুর্বল; হীনবল (আলোর বন্যা দেহ ছুঁয়ে গেল, জয়ীফ কণ্ঠে জাগিয়াছে উচ্ছ্বাস—*আহা*)। **জইফি হাল** *বি* দুর্বল অবস্থা। { *আ.* দ্‌ইফ ضعيف }

জইর [জোইর্] *বি* ১ অত্যাচার; জুলুম (বুকটা ভারী হয়ে ওঠে, এও ত একটা মস্ত জইর 'গজব'—*নই*)। ২ উগ্রতা; আক্রমণ। { *আ.* জব্‌র্ جور }

জঈফ ⇒ জইফ

জউ, জৌ [জোউ] *বি* লাক্ষা; গালা। **~ঘর, ~হর** *বি* জতুগৃহ; লাক্ষার তৈরি ঘর। { *স.* জতু>জউ }

জও [জও] *বি* যব। { *স.* যব; *ফা.* জব্ جو }

জওজ, যওজ [জওজ] *বি* স্বামী (নাম, বাপের নাম, মেয়ে হলে জওজের নাম—*অচিসে*)। **জওজিয়ত** *বি* স্বামিত্ব (জওজিয়তের দাবী—*মীম*)। { *আ.* জওজ زوج }

জওয়ান, জুয়ান [জওয়ান্, জুয়ান্] *বি* ১ যুবক (তার বিচে ছিল এক নবীন জওয়ান। ওম্মর বৎসর ষোল তালাব উপর—*সৈহা*)। ২ বলবান ব্যক্তি। ৩ সেনাবাহিনীর সেপাই। □ *বিণ* তরুণ (গাছের তলায় দেখে জওয়ান আওরত—*সৈহা*)। **জওয়ানি** *বি* ১ যৌবন (সুরাত জামাল জওয়ানির ঠোঁটে বেকার নওজোয়ান—*ফআ*)। ২ যুবা অবস্থা; যৌবনকাল। ৩ তারুণ্য; যৌবনসুলভ তেজস্বিতা। { *ফা.* জব়ান্ جوان }

জওয়াব ⇒ জবাব

জওশম ⇒ জওসম

জওসম, জওশম, জশম, জসম [জওশম্, –, জশম্, –] *বি* বাহুর অলঙ্কারবিশেষ (বাহুর বাঁকে জওসমের ঝুমকা দুলছে, সে কি আলিঙ্গনের ইঙ্গিত?—*মোম*)। { *ফা.* জব্‌শন্ جوشن =বাজু }

জওহর, জহর [জওহর্, জহর্] *বি* বহু মূল্যবান প্রস্তর বা মূল্যবান রত্ন (কে জওহরের খবর দিতে পারে?—*আমআ*)। **জহরত, জওহেরাত** *বি* মণিরত্নাদি; বহু মূল্যবান প্রস্তরসমূহ (অনেক মূল্যবান পাথর মতি জওহেরাত—*মীম*)। { *আ.* জব়্হর جوهر, *ফা.* গব়্হর گوهر }

জং, জঙ, জংগ[১]**, জঙ্গ**[১] [জঙ্, –, জঙ্গ্, –] *বি* মরিচা। **~ধরা** *বিণ* মরিচা-পড়া; মরিচা ধরেছে এমন (জং ধরা লোহা)। { *ফা.* জ়ঙ্গ زنگ }

জংগ ⇒ জঙ্গ

জংগল ⇒ জঙ্গল

জকাত ⇒ জাকাত

জকাতি ⇒ জগাতি

জ-কার [জকার্] *বি* ১ 'জ' এই বর্ণ। ২ জয়ধ্বনি; জোকার; হুলুধ্বনি; উলুধ্বনি (জকার উঠেছে—*মব*)। { *স.* জয়+কার> }

জখম [জখোম্] *বি* ১ ক্ষত; ঘা। ২ কঠিন আঘাত; চোট। ৩ ক্ষতি; লোকসান; হানি (দশ পনরো হাজার টাকা সরবরাহ করিতে হইবে তাতে কিছুমাত্র জখম নাই—*প্যামি*)। □ *বিণ* আহত; চোটপ্রাপ্ত (জখম মনের কি করি হায়?—*মুশ*)। **জখমি, জখমী** *বিণ* ১ আহত; আঘাতপ্রাপ্ত। ২ আঘাতসংক্রান্ত; আঘাত সম্পর্কিত। { *ফা.* জ়খ্‌ম্ زخم }

জগ[১] (*মবা.*) [জগো] *বি* জগৎ; বিশ্বভুবন (জগ উজিয়ালা —*দৌবাখা*)। **~জ্জন, ~জন** *বি* পৃথিবীর মানুষ; মানুষ; লোক। **~জীবন** *বি* ১ জগতের প্রাণস্বরূপ। ২ বায়ু। { *স.* জগৎ+জন, জীবন; *স.* জগৎ> }

জগ[২] [জগ্] *বি* পেটমোটা মুখসরু হাতলযুক্ত ধাতবপাত্র বিশেষ (জগে পানি রাখো)। { *ই* jug }

জগজগ [জগোজগো] *বিণ* প্রদীপ্ত; ঝলমল; ঝকঝক। **জগজগা** *বি* রাংতা প্রভৃতির উজ্জ্বল পাত। **জগজগানো, জগজগান** *ক্রি* ঝকঝক করা; দীপ্তি পাওয়া। **জগজগানি** *বি*। { *ধ্বন্যা.* }

জগজ্জন [জগোজ্‌জন্] *বি* পৃথিবীর মানুষ; জগৎবাসী; জগদ্বাসী। { *স.* জগৎ+জন; ৬তৎ }

জগজ্জননী [জগোজ্‌জনোনি] *বি* ১ বিশ্বমাতা; জগতের মাতা। ২ পরমেশ্বরী। ৩ হিন্দু দেবী দুর্গা। { *স.* জগৎ+জননী; ৬তৎ }

জগজ্জয়ী (–য়িন্) [জগজ্‌জোয়ি] *বিণ* বিশ্ববিজয়ী; দিগ্বিজয়ী। { *স.* জগৎ+জয়ী; বহু }

জগঝম্প [জগোঝম্‌পো] *বি* ১ জয়ঢাক। ২ প্রাচীন রণবাদ্যবিশেষ। { জগৎ+ঝম্প> }

জগৎ [জগোত্] *বি* ১ বিশ্ব; ত্রিভুবন; পৃথিবী; ভুবন। ২ সমাজ; লোক (সভ্যজগৎ)। ৩ সংসার (জগতের নিয়ম)। ৪ (*আল.*) রাজ্য; অধিকারভুক্ত প্রদেশ বা লোক (মনোজগৎ)। **~কর্তা** *বি* জগতের মালিক; আল্লাহ; ঈশ্বর। **~কারণ** *বি* সৃষ্টিকর্তা; বিশ্বস্রষ্টা; আল্লাহ। **~পতি, ~পিতা, জগদীশ, জগদীশ্বর** *বি* আল্লাহ; পরমেশ্বর; বিশ্বের পালনকর্তা; বিশ্বেশ্বর; বিশ্বপ্রভু। **~সংসার** *বি* ১ পৃথিবী; মর্ত্যলোক। ২ পৃথিবী ও গার্হস্থ্যজীবন; জগৎ ও

বৈষয়িক জীবন। ৩ বিশ্ব। ~স্রষ্টা *বি* জগতের সৃষ্টিকর্তা। {*স.* √গম্+ক্বিপ্}

জগতি (*মব্য.*) [জগোতি] *বি* ১ জগৎকর্তা। ২ সিংহাসন (নানা রত্নে নির্মাণ করিল জগতি—*কমু*)। {*স.* জগৎ+*বা.* ই}

জগতী [জগোতি] *বি স্ত্রী.* ১ পৃথিবী। ২ পৃথিবীস্থ যাবতীয় সৃষ্টি বা লোক। ৩ বৈদিক ছন্দবিশেষ। {*স.* জগৎ+ঈ(ঙীপ্)}

জগদম্বা [জগোদম্‌বা] *বি* ১ জগতের মাতা। ২ হিন্দু দেবী দুর্গা; কালী। ৩ পরমেশ্বরী। {*স.* জগৎ+অম্বা; ৬তৎ}

জগদীশ, জগদীশ্বর ⇒ জগৎ

জগদ্‌গুরু [জগোদ্‌গুরু] *বি* ১ বিশ্বের শিক্ষাদাতা; পৃথিবীর গুরু। ২ আল্লাহ্; পরমেশ্বর। {*স.* জগৎ+গুরু; ৬তৎ}

জগদ্দল, জগদ্দলন [জগোদ্‌দল্, -দলোন্] *বিণ* ১ অতিশয় ভারী; নড়ানো দুষ্কর এরূপ; অতি গুরুভার (রইবে বক্ষে চেপে জগদ্দলন শিলা—*রঠা*)। ২ জগৎ দলনকারী; বিশ্ব পীড়নকারী (সংস্কারের জগদ্দল পাষাণ তুলিয়া বিশ্বে আমরা করেছি ত্রাণ—*নই*)। □*বি* ১ যা সহজে নড়ানো যায় না; গুরুভার প্রস্তর। ২ স্থানবিশেষ। {*স.* জগৎ+দল, দলন; বহু}

জগদ্ধাত্রী [জগোদ্‌ধাত্‌ত্রি] *বি* ১ বিশ্বের ধাত্রী বা পালনকর্ত্রী। ২ হিন্দুদেবী দুর্গা। ৩ পরমেশ্বরী। {*স.* জগৎ+ধাত্রী; ৬তৎ}

জগদ্ধিতায় [জগোদ্‌ধিতায়ো] *বি* জগতের হিত বা মঙ্গলের জন্য (বিস্তর সাধুজন জগদ্ধিতায় দল পাকাচ্ছেন গা ঢাকা দিয়ে—*মব*)। {*স.* জগৎ+হিতায়; ৬তৎ}

জগদ্বন্ধু, জগবন্ধু [জগোদ্‌বোন্‌ধু, -বন্‌ধু] *বি* ১ জগতের কল্যাণকারী; জগতের মঙ্গলাকাঙ্ক্ষী; ঈশ্বর। ২ সূর্য। {*স.* জগৎ+বন্ধু; ৬তৎ}

জগদ্বরেণ্য [জগোদ্‌বরেন্‌নো] *বিণ* জগতের শ্রদ্ধার পাত্র। □*বি* আল্লাহ্। {*স.* জগৎ+বরেণ্য; ৬তৎ}

জগদ্বাসী [জগোদ্‌বাশি] *বিণ, বি* জগতের অধিবাসী বা পৃথিবীবাসী। **জগদ্বাসিনী** *স্ত্রী.*। {*স.* জগৎ+বাসী; ৬তৎ}

জগদ্বিখ্যাত [জগোদ্‌বিক্‌খ্যাতো] *বিণ* পৃথিবী-বিখ্যাত; বিশ্ব-বিশ্রুত; জগতের সর্বত্র প্রসিদ্ধ। {*স.* জগৎ+বিখ্যাত; ৭তৎ}

জগদ্বিধান [জগোদ্‌বিধান্] *বি* ১ সংসারের বা পৃথিবীর নিয়ম। □*বি, বিণ* জগতের পরিচালক; বিশ্ববিধাতা (এই অসীম জগদ্বিধান জগদীশ্বরের আজ্ঞা লঙ্ঘন হইবার নহে—*মীম*)। {*স.* জগৎ+বিধান; ৬তৎ}

জগদ্বিধাতা [জগোদ্‌বিধাতা] *বি* জগতের পরিচালক; বিশ্ববিধাতা। {*স.* জগৎ+বিধাতা; ৬তৎ}

জগদ্ব্যাপী [জগোদ্‌ব্যাপি] *বিণ* পৃথিবীর সর্বত্র পরিব্যাপ্ত; বিশ্বব্যাপী। **জগদ্ব্যাপিনী** *স্ত্রী.*। {*স.* জগৎ+ব্যাপী; বহু}

জগন্নাথ [জগোন্‌নাথ্] *বি* ১ জগতের প্রভু; বিশ্বের মালিক। ২ হিন্দুদেবতা বিষ্ণু বা তাঁর অংশাবতার। ৩ পুরীর প্রসিদ্ধ দারুময় বিষ্ণুমূর্তি—মূলত দারুব্রহ্ম ও বৌদ্ধ দেবতা। ~ক্ষেত্র *বি* পুরীধাম; শ্রীক্ষেত্র। {*স.* জগৎ+নাথ; ৬তৎ}

জগন্নিবাস [জগোন্‌নিবাশ্] *বি* ১ যিনি জগতের নিবাস আশ্রয় বা আধার। ২ পরমেশ্বর। ৩ হিন্দু দেবতা বিষ্ণু। {*স.* জগৎ+নিবাস; ৬তৎ}

জগন্মণ্ডল, জগমণ্ডল (*অশু.*) [জগোন্‌মন্‌ডোল্, -গোম্-] *বি* ১ পৃথিবী; ভূমণ্ডল। ২ বিশ্বজগৎ; নিখিল ভুবন। {*স.* জগৎ+মণ্ডল}

জগন্ময়ী [জগোন্‌মোয়ি] *বি স্ত্রী.* সর্বব্যাপিনী বা সর্বত্র বিরাজিতা শক্তি; কালী; আদ্যাশক্তি। {*স.* জগৎ+ময়ী}

জগন্মাতা [জগোন্‌মাতা] *বি স্ত্রী.* ১ বিশ্বজননী; পৃথিবীর মাতা। ২ হিন্দুমতে আদ্যাশক্তি। {*স.* জগৎ+মাতা; ৬তৎ}

জগন্মোহন, জগমোহন [জগোন্‌মোহোন্, জগ-] *বি, বিণ* জগৎমুগ্ধকারী; ভুবনমোহন। **জগন্মোহিনী** *বিণ স্ত্রী.* বিশ্ববিমোহনকারিণী; ভুবনমোহিনী। {*স.* জগৎ+মোহন; বহু}

জগবন্ধু ⇒ জগদ্বন্ধু

জগমণ্ডল ⇒ জগন্মণ্ডল

জগাই-মাধাই [জগাইমাধাই] *বি* চৈতন্যদেবের সমকালীন নবদ্বীপের কুখ্যাত অধর্মাচারী দুই ব্রাহ্মণ সন্তান যাঁরা চৈতন্যপ্রভাবে পরে পরম বৈষ্ণব হন। ২ (*আল.*) বিপথ থেকে প্রত্যাগত ব্যক্তি। {জগাই+মাধাই}

জগাখিচুড়ি, জগাখিচুড়ী [জগাখিচুড়ি] *বি* ১ বিভিন্ন তরিতরকারির সংমিশ্রণে রান্না করা খিচুড়ি। ২ বিভিন্ন বিসদৃশ বস্তুর সংমিশ্রণ বা একত্র সমাবেশ। {*স.* জগৎ>জগা+খিচুড়ি}

জগাতি, জকাতি [জগাতি, -কা-] *বি* শুল্ক উসুলকারী; বাধাদানকারী; বিঘ্নসৃষ্টিকারী। {*আ.* জাকাত زکاة }

জগ্ধ [জগ্‌ধো] *বিণ* ভক্ষিত; খাওয়া হয়েছে এমন। ~তৃণ *বিণ* যে স্থানের তৃণ ভক্ষিত হয়েছে (দাবদাহে জগ্ধ তৃণ দগ্ধ মরু—*বিদে*)। {*স.* √অদ্+ত (ক্ত)}

জঘন [জঘন্] *বি* ১ স্ত্রীলোকের নিতম্বের সম্মুখভাগ। ২ কোমর; কটিদেশ। {*স.* √হন্+অ(অচ)}

জঘন্য [জঘোন্‌নো] *বিণ* ১ কদর্য; কুৎসিত; নোংরা। ২ ঘৃণিত; গর্হিত। ৩ নীচ; হেয়। ~তা *বি*। {*স.* জঘন+য(যৎ)}

জঙ ⇒ জং

জঙ্গ[১], **জংগ**[১] [জঙ্‌গো] *বি* ১ যুদ্ধ; লড়াই। ২ তুমুল কলহ; প্রচণ্ড ঝগড়া। **জঙ্গি** *বিণ*। ~ডিঙ্গা *বি* যুদ্ধ জাহাজ; রণতরী। ~নামা *বি* যুদ্ধবিবরণ; যুদ্ধ বিষয়ক গ্রন্থ; যুদ্ধকাহিনীসংবলিত বাংলা কাব্যবিশেষ। ~বাজ *বি, বিণ* যোদ্ধা; বীর পুরুষ। ~বারি *বিণ* জঙ্গি; রণনিপুণ; রণদক্ষ (জীয়ন্ত মরার করে হিসাব হাজিরী। আর দুই লক্ষ সেনা আইল জঙ্গবারি—*হেমা*)। ~বাহাদুর *বিণ* রণকুশল; সমরকুশলী। ~বাহাদুরি *বি* রণকুশলতা; সমরকৌশল বা যুদ্ধপটুত্ব (মুসলমানের শুধু জঙ্গ বাহাদুরী পরিচয়ই যে আছে তা নয়—*কাআও*)। {*ফা.* জঙ্গ جنگ }

জঙ্গম [জঙ্‌গোম্] *বিণ* ১ গতিশীল; স্থাবরের বিপরীত; চলমান; সচল। ২ প্রাণবিশিষ্ট। ৩ প্রাণী। ~ভূত *বি* জৈব পদার্থ (মনুষ্য সমাজ কেবল জাড্যগুণে জঙ্গম—*সুদ*)। ২ প্রাণী। □*বিণ* প্রাণবিশিষ্ট। **জঙ্গমতা** *বি* ১ গতিশীলতা; চঞ্চলতা (জীবনের বিকাশে এই প্রাথমিক জঙ্গমতাও ধরা পড়েনি—*সুদ*)। ২ অস্থায়িত্ব; পরিবর্তনশীলতা (স্বেচ্ছাচারে উচ্চ চূড়ার জঙ্গমতা—*বুব*)। ~ভূত *বি* জৈব পদার্থ। {*স.* √গম্+যঙ্>√জঙ্গম্+অ(অচ)}

জঙ্গল, জংগল [জঙগোল] *বি* ১ বন; অরণ্য। ২ ঝোপঝাড়পূর্ণ স্থান। ৩ আগাছা; ঝোপঝাড়। ৪ নির্জন স্থান। ~বাড়ি, ~**বুরি তালুক**, ~বুড়ি *বি* যে জঙ্গলপূর্ণ তালুক অল্প খাজনায় বিলি করে প্রজার দ্বারা জঙ্গল কাটিয়ে আবাদ করা হয়। **জঙ্গুলে, জংগুলে, জংগলিয়া** *বিণ* জঙ্গলপূর্ণ; জঙ্গলময়; আরণ্য; বুনো; অভব্য। {*ফা.* জঙ্গল; *বা.* ইয়া>এ; *স.* √গল+যঙ্+অ(অচ্)}

জঙ্ঘ (*মব.*) [জঙঘো] *বি* হাঁটু (জঙ্ঘের উপরে শির নাহিক চেতনা—*দৌবা*)। {*স.* জঙ্ঘা>}

জঙ্ঘা[জঙঘা] হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত; জাং, ঠ্যাং। {*স.* √হন্‌+য(যঙ্)+অ(ড)+আ(টাপ্)}

জজ[জজ্] *বি* বিচারক; বিচারপতি; বিচারকর্তা। ~**পণ্ডিত**, ~**মৌলবি** *বি* ইংরেজ শাসনের প্রথম দিকে যে সকল পণ্ডিত ও মৌলবি হিন্দু ও মুসলমান আইন-সংক্রান্ত বিষয়ে ইংরেজদের সাহায্য করতেন। **জজিয়তি**, ~**গিরি** *বি* জজের কাজ; বিচারকার্য। ২ জজের পদ। {*ই.* judge}

জজবা, জযবা [জজ্‌বা] *বি* ১ ভাবোন্মত্ততা; ভাবাবেগ; ঐশী আবেগ বা অনুভূতি (পীর সাহেবের প্রায়ই জযবা আসিত—*আমআ*; জযবা ও সলুক খতম করিয়া 'ফানা' ও 'বাকা' লাভে সমর্থ হইয়াছেন—*আমআ*; তাহাদের সকলেরই জজবার ভাব উপস্থিত—*নর*)। ২ অনুভূতি। {*আ.* জজবাহ جذبة}

জজানো, জজান [জজানো] *বি* ১ সংক্রমিত করা; স্পর্শ দ্বারা চতুর্দিকে জিনিসপত্র অশুচি করা বা একাকার করা (হেঁসেলে নিয়ে সাত রাজ্যি জজানো হয়েছে—*বিব*)। ☐*ক্রি* হিন্দু পুরোহিতের যজমানের বাড়িতে পূজা করা। {√জজা(ণিচ্)+আনো}

জজিরা, জযিরা [জোজিরা] *বি* দ্বীপ; উপদ্বীপ। ~**তুল আরব** *বি* আরব উপদ্বীপ (মক্কা ছিল গো রাজধানী যেন জযিরাতুল আরবে—*নই*)। {*আ.* জযীর}

জঞ্জাল [জন্‌জাল] *বি* ১ আবর্জনা; রাবিশ (বিজ্ঞানের রত্নগুলোকে কেমন করে সাহিত্যের সরস জঞ্জালে আবৃত করে রাখা হয়েছে—*আকআ*)। ২ আগাছা। ৩ ঝঞ্ঝাট; উৎপাত; উপদ্রব (জীবন যৌবন মোর হইল জঞ্জাল—*রাব*)। {*স.* ঝঞ্ঝা>}

জট [জট্] *বি* ১ জটা; বিশৃঙ্খলভাবে জড়িয়ে গাঁট হওয়া কেশগুচ্ছ; চাপবাঁধা চুল। ২ গ্রন্থি; গিঁট (জট পাকানো, জট পড়া)। ৩ চুল; কেশ (জটে দড়ি দিয়া বীরে বান্ধিলেক চালে—*কমু*)। ৪ গাছের বা বটের ঝুরি। ৫ মনের জটিল অবস্থা বা তালগোল পাকানো অবস্থা। ~**পাকানো**, ~ **পড়া**, ~ **বাঁধা** *ক্রি*১ কেশগুচ্ছ জড়িয়ে গাঁট হওয়া। ২ তালগোল পাকিয়ে জটিলতার সৃষ্টি হওয়া। {*স.* জটা>}

জটলা, জটল্লা [জট্‌লা, জটোল্‌লা] *বি*১ অনেক লোকের একত্র পরামর্শ বা জল্পনা; জোট বেঁধে গল্পগুজব। ২ বহু লোকের সমাবেশ; ভিড়। {*স.* √জট+*বা.* লা}

জটা [জটা] *বি*১ গ্রন্থি বা জড়ানো অবস্থা (পাকালে জটা আটা মেখে চুলে—*কৃও*)। ২ সংহত কেশ; জট; যে চুল জড়িয়ে যাওয়ার ফলে চাপ খেয়ে শক্ত হয়ে গিয়েছে। ৩ কেশর। ৪ গাছের বা বটের ঝুরি। ~**চীর** *বি* সন্ন্যাসের সাজ; জটা ও ছিন্ন বস্ত্র (জটাচীরধারী)। ~**জাল**, ~**জুট** *বি* ১ জটাসমূহ; চুলের জটরাশি (লড়িল মস্তকে জটাজুট—*মদ*)। ২ চূড়াবাঁধা জটা। ~**ধর**, ~**ধারী** *বিণ* জট ধারণ করেছে এরূপ। ~**ধরা**, ~**ধারিণী** *স্ত্রী.*। ~**মাংসী** *বি* একপ্রকার সুগন্ধ দ্রব্য; spikenard। **জটাল** *বিণ* ১ জটাযুক্ত; জটাধারী। ২ বটবৃক্ষ। ৩ সিংহ। ৪ ব্রহ্মচারী। {*স.* √জট+অ(অচ্)+আ(টাপ্)}

জটায়ু [জটায়ু] *বি* রামায়ণে বর্ণিত পক্ষীবিশেষ। {*স.* জট+আয়ু; বহু}

জটিবুড়ি, জটিয়া ⇒ জটে

জটিল [জোটিল] *বিণ* ১ জটাযুক্ত; জটাবিশিষ্ট (জটিল তপস্বী বেটা ভারি কি এমন—*কৃও*)। ২ জড়ানো; পাকানো; পেঁচানো। ৩ দুর্বোধ্য। ৪ গোলমেলে (জটিল ব্যাপার)। ৫ কঠিন যা সমাধান করা দুরূহ; উত্তর দেওয়া কষ্টকর এরূপ (জটিল প্রশ্ন)। ৬ ব্রহ্মচারী। **জটিলা** *বিণ স্ত্রী.* ১ কূটবুদ্ধিসম্পন্না। ২ কুঁদুলী। ৩ বধূদের দোষ ধরতে নিপুণা। ☐*বি* রাধিকার শাশুড়ির নাম। {*স.* জটা+ইল(ইলচ্)}

জটী (-টিন্) *বিণ* জটাধারণকারী; জটাধারী; জটাবিশিষ্ট। ☐*বি*১ জটাধারী পুরুষ; ব্রহ্মচারী। ২ সিংহ। ৩ বটবৃক্ষ। {*স.* জটা+ইন্}

জটুল [জোটুল] *বি* জড়ুল; দেহের জন্মগত দাগবিশেষ যা তিলের চেয়ে বড় এবং ক্রমশ লোমশ হয়। {*স.* জট+উল}

জটে, জোটে, জটিয়া [জোটে, –, –টিয়া] *বিণ* জটা আছে এমন; জটযুক্ত; জটবিশিষ্ট। ~**বুড়ি, জটিবুড়ি** *বি* জটবিশিষ্টা বুড়ি; ছোট কল্পিত জটা-পরা বৃদ্ধা মূর্তি; জুজুবুড়ি। {*স.* জট+ইয়া>এ; *মধ্য.*}

জঠর [জঠোর] *বি*১ পেট; উদর। ২ পাকস্থলী। ৩ গর্ভাশয়; জরায়ু। ~**জ্বালা** *বি* তীব্র ক্ষুধাবোধ; ক্ষুধার প্রবল তাড়না। ~**বাস** *বি* গর্ভে অবস্থান। ~ **যন্ত্রণা** *বি* ১ গর্ভধারণ ক্লেশ বা প্রসব বেদনা। ২ গর্ভবাসের কষ্ট। **জঠরস্থ** *বিণ* গর্ভস্থ; উদরে অবস্থিত। **জঠরাগ্নি, জঠরানল** *বি*১ প্রবল ক্ষুধা; ক্ষুধার তাড়না। ২ উদর মধ্যস্থ এক প্রকার রস যদ্দ্বারা ভুক্ত দ্রব্য পরিপাক হয়; পাকস্থলী; পাচকরস; gastric juice। ৩ পরিপাক শক্তি। **জঠরাময়** *বি* ১ পেটের রোগ; পাকস্থলীর রোগ। ২ উদরী রোগ; জলোদর রোগ; dropsy। {*স.* √জন্‌+অর(অরচ্)}

জড়¹ [জড়ো] *বিণ* ১ অচেতন; চেতনাহীন; নির্জীব। ২ ইন্দ্রিয়গ্রাহ্য; ভৌতিক। ৩ নিষ্ক্রিয়; চেষ্টাশূন্য। ৪ অজ্ঞান; মূর্খ; নির্বোধ। ৫ মোহগ্রস্ত; মূঢ়। ☐*বি*১ বস্তুর উপাদান। ২ যে বোধশূন্য; নিষ্ক্রিয় ব্যক্তি। ৩ মূর্খ বা অজ্ঞান ব্যক্তি। ৪ অচেতন পদার্থ। ~**ক্রিয়** *বিণ* দীর্ঘসূত্রী; বিলম্বে কার্যকারী। ~**চেতনা** *বি* তুকতাক বা মন্ত্রতন্ত্র; fetish। ~**চৈতন্যবাদ** *বি* ভূতপ্রেত বা মন্ত্রতন্ত্রে বিশ্বাস। ~**জগৎ** *বি* ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ। **জড়তা, জড়ত্ব** *বি*১ জড়ের ভাব

(গতিকে না মানলে হয়তো চলে না জীবনের জড়ত্ব ঘুচাবার ক্ষমতা তারি হাতে—*মোচৌ*)। ২ আচ্ছন্নতা; বুদ্ধি বা চেতনার অভাব। ৩ আড়ষ্টতা বা অস্পষ্টতা। ৪ শিথিলতা। ৫ আলস্য বা অস্বাচ্ছন্দ্যের ভাব। ৬ স্ফূর্তিশূন্যতা বা নিষ্প্রাণ ভাব; শৈথিল্য। ৭ শৈত্য। **~ত্বজয়ী** *বিণ* জড়তাকে জয় করেছেন বা পরাভূত করেছেন এরূপ (জাগে জড়ত্বজয়ী—*রঠা*)। **~পদার্থ** *বি* যে সকল বস্তুর চেতনা নেই; matter; ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম—এই পঞ্চভূত। **~পিণ্ড** *বি* ১ স্থূল জড়পদার্থ। ২ জড়বৎ; নিশ্চেষ্ট ব্যক্তি। **–পুত্তলী** *বি* ১ নিষ্প্রাণ পুতুল। ২ *(আল.)* গতিহীন আড়ষ্ট বা অলস ব্যক্তি। **~প্রকৃতি** *বি* ১ জড় জগৎ; ভৌতিক জগৎ। ২ অচেতন পদার্থের স্বভাব; নিষ্ক্রিয়তা। □ *বিণ* জড়ের প্রকৃতির মতো প্রকৃতিবিশিষ্ট। **–প্রায়** *বিণ* জড়ের ন্যায় নিস্পন্দ বা অচেতন। **~বস্তু** *বি* জড়পদার্থ (অসংখ্য জড়বস্তু প্রকৃতির স্থানপ্রাপ্ত হইয়া এতাবৎকাল পর্যন্ত ভীত কম্পিতভাবে পূজিত হইতেছিল—*শেঅ*)। **~বাদ** *বি* আত্মার চৈতন্যময়ত্বে অবিশ্বাস; দেহাত্মবাদ; জড়প্রকৃতির ঊর্ধ্বে আত্মার কোনো স্বতন্ত্র অস্তিত্ব নেই এই মত; materialism। **~বাদী** *বি, বিণ* যাঁরা আত্মার চৈতন্যময়তা স্বীকার করেন না; নৈয়ায়িক; materialist। **–বিজ্ঞান** *বি* প্রাকৃতিক বিজ্ঞান। **~ভরত** *বি* পৌরাণিক রাজাবিশেষ। □ *বিণ* ১ কুঁড়ে; অকর্মণ্য; নিরুদ্যম; নিষ্ক্রিয়। ২ স্থূলবুদ্ধি ও জড়ভাবাপন্ন ব্যক্তি। ৩ আড়ষ্ট বা জবুথবু। **জড়সড়** *বিণ* ১ ভীত ও আড়ষ্ট। ২ সংকুচিত; গুটিসুটি। { *স.* √জট্ বা √জল্+অ(অচ)}

জড়², **জড়ো** [জড়ো] *বিণ* ১ একত্র সমবেত। ২ একত্রীকৃত; স্তূপীকৃত। { *স.* জটা>*প্রা.* জডা>}

জড়³ [জড়্] *বি* শিকড়; মূল (গাছের জড়)। ২ আদি কারণ; গোড়া (নষ্টের জড়)। ৩ বিষাক্ত বা বিশেষ প্রতিষেধক মূল বা শিকড় (সঙ্গে লইল জড়ের লাড়ু—*মৈগী*)। **– মারা** *ক্রি* ১ মূল বা শিকড় তুলে ফেলা। ২ আদি কারণ ধ্বংস করা; মূল নষ্ট করা। { *স.* জটা>}

জড়বফ্ত [জড়্বফত্] *বি* সোনা ও চাঁদির তার ও সুতায় বোনা; অতি সূক্ষ্ম বস্ত্রবিশেষ (অতি সূক্ষ্ম 'জড়বফ্ত' ও শবনম দ্বারা দ্বারসমূহের যবনিকা প্রস্তুত করা হইল—*ইহো*)। { *ফা.* জরবাফ্ত্ زربافت }

জড়া [জড়া] *বি* জট (জড়া বাঁধা)। □ *বিণ* জড়িয়ে গেছে এমন; গায়ে গায়ে লাগা (জড়া ভাত, জড়া সেমাই)। **জড়াজড়ি** *বি* ১ আলিঙ্গন; গলাগলি। ২ জাপটা–জাপটি। □ *বিণ* বিশেষ ঘনিষ্ঠ; পরস্পর সংহত (জড়াজড়ি হয়ে বসা)। {জড়²+আ}

জড়ানো, **জড়ান** [জড়ান, –নো] *ক্রি* ১ বেষ্টন বা আলিঙ্গন করে ধরা। ২ বেষ্টিত করা। ৩ মোড়া বা আবৃত করা। ৪ গুটানো। ৫ মাখানো বা মেশানো। ৬ লিপ্ত বা সংশ্লিষ্ট হওয়া বা করা। ৭ অস্পষ্ট বা আড়ষ্ট হওয়া (কথা জড়ানো)। ৮ অবশ হওয়া (হাত পা জড়ানো)। ৯ পিণ্ডীকৃত হওয়া (ভাত জড়ানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √জট্>জড়+আনো}

জড়াপটকি, **জড়াপুটলি** [জড়াপোট্‌কি, –পুট্‌লি] *বি* তালগোল; অদ্ভুত জট (নানা শাস্ত্রের নানা সূত্রের এহেন জড়াপটকি বাধানো যে সম্ভব—*প্রচৌ*)। { *স.* √জট্> জড়+আ +*স.* পেটক>পটকি, *স.* পেটিকা>পুটলি}

জড়ি [জোড়ি] *বি* ঔষধ বা তাবিজরূপে ব্যবহারের শিকড়। **~বুটি** *বি* ১ শিকড় বা জড় থেকে প্রস্তুত ঔষধের বটিকা। ২ টোটকা ঔষধ। { *স.* জটা>জড়+ই}

জড়িত [জোড়িতো] *বিণ* ১ সংক্রান্ত; সংশ্লিষ্ট; সংলগ্ন। ২ লিপ্ত; ব্যাপৃত। ৩ যুক্ত; মিশ্রিত (ভয়জড়িত)। ৪ জড়তা–পূর্ণ; অস্বচ্ছন্দ; কুণ্ঠাযুক্ত (দ্বিধায় জড়িত পদে—*রঠা*)। ৫ খচিত। ৬ বেষ্টিত বা আবদ্ধ (ঋণে জড়িত)। ৭ অস্পষ্ট; আড়ষ্ট (জড়িত স্বর)। { *স.* √জট্>জড়+ত(ক্ত)}

জড়িমা [জোড়িমা] *বি* ১ জাড্য; জড়তা। ২ অস্পষ্টতা। ৩ আচ্ছন্নতা; ঘোর; আবেশ (স্বপ্ন জড়িমা পলকে ভাঙিল —*রঠা*)। { *স.* জড়+ইমন্ (ইমনিচ)}

জড়ীকৃত [জোড়িককৃতো] *বিণ* নিস্পন্দ করা হয়েছে এমন; জড়ভাবে পরিণত এমন। { *স.* জড়+চ্বি+ √কৃ+ত(ক্ত)}

জড়ীভূত [জোড়িভুতো] *বিণ* ১ জড়তায় আচ্ছন্ন; জড়তাপ্রাপ্ত; জড়সদৃশ অবস্থাবিশিষ্ট (লালসা আবেশে জড়ীভূত—*রঠা*)। ২ নিতান্ত স্ফূর্তিরহিত; নিরুদ্যম; নিশ্চেষ্ট। ৩ বিজড়িত; সমাচ্ছন্ন (ঋণজালে জড়ীভূত)। { *স.* জড়+চ্বি+√ভূ+ত (ক্ত)}

জড়ুল, **জড়ুর** (বিরল), **জরুড়** (বিরল) [জোড়ুল্, –র্, –রুড়্] *বি* জন্মদাগ; দেহে তিল অপেক্ষা বৃহৎ চিহ্ন। { *স.* জট+ *বা.* উল=জটুল>}

জড়ো ⇒ জড়²

জড়োপাসক [জড়োপাশোক্] *বি, বিণ* জড়প্রকৃতি তথা অচেতন পদার্থের উপাসনাকারী; প্রকৃতির উপাসক। **জড়োপাসনা** *বি* জড়প্রকৃতির উপাসনা; প্রকৃতি পূজা। { *স.* জড়+উপাসক; ৬তৎ }

জড়োয়া [জড়োয়া] *বি* ১ মণিমুক্তা বা মূল্যবান প্রস্তরাদি খচিত অলঙ্কার। ২ মণিমুক্তাজড়িত বা খচিত (জড়োয়া গহনা)। {জড়+ওয়া>}

জণ্ডি ⇒ জন্ডি

জণ্ডিস ⇒ জন্ডিস

জতু [জোতু] *বি* ১ লাক্ষা; গালা; জউ (চতুর্থে জতুর ঘরে রাখিলা হামিদ খাঁরে আনলে দহিয়া পরীক্ষিলা—*রাব*)। ২ আলতা। **~গৃহ** *বি* লাক্ষা বা গালা দিয়ে প্রস্তুত ঘর। **~রস**, **~রাগ** *বি* ১ আলতা; লাক্ষাজাত লাল রং। ২ আলতা–রঙিন। { *স.* √জন্+উ}

জতুক [জোতুক্] *বি* ১ হিং; হিঙ্গু। ২ লাক্ষা; জতু। { *স.* জতু+ক(কন্)}

জত্রু [জোত্‌ত্রু] *বি* ১ কণ্ঠাস্থি। { *স.* √জন্+রু}

জদ্দজেহাদ [জদ্‌দোজেহাদ্] *বি* ১ প্রাণপণ চেষ্টা। ২ প্রচণ্ড মারামারি; তুমুল যুদ্ধ (তারপর তাদের দুজনের মধ্যে যে কী জদ্দজেহাদ—*ইগাঁ*)। { *আ.* জদ্দ্ ও জহদ্ جهد جد }

জন [জন্/ জনো] *বি* ১ লোক; ব্যক্তি; মানুষ (অন্ধজনে দেহ

আলো— *রঠা*)। ২ কামলা; মজুর; শ্রমিক। ৩ গণ; সমূহ (গোপীজন-বল্লভ)। ৪ গোষ্ঠী বা সম্প্রদায় (রাজা শুধু একটি মাত্র 'জন' এর উপর নিজের শাসন—*রাসা*)। ৫ ব্যক্তির সংখ্যা নির্দেশক। ৬ সাধারণ মানুষ বা সর্বসাধারণ; মানব সমাজ (জনকল্যাণ)। ~**কল্যাণকর** *বিণ* সর্বসাধারণের মঙ্গলজনক। ~**ক্ষয়** *বি* ১ লোক নাশ। ২ মড়ক; মহামারী। ~ **খাটানো** *ক্রি* শ্রমিক দ্বারা কাজ করানো। ~**চক্ষু** *বি* ১ লোকচক্ষু। ২ সূর্য। ~**জৌলুস** *বি* লোকজন বা অনুচরাদির সমারোহ বা জাঁকজমক বা ঘটা (আমার সঙ্গে বাদ্যভাণ্ড দিও না জনজৌলুষ দিও না—*দমি*)। ~**তন্ত্র** *বি* জনসাধারণ কর্তৃক নির্বাচিত জনপ্রতিনিধিদের দ্বারা শাসনব্যবস্থা; গণতন্ত্র; republic। ~**নেতা**, ~**নায়ক** *বি* জনসাধারণের পরিচালক। ~**পদ**, ~**পাদ** *বি* ১ লোকালয়; লোকের বসতিস্থান। ২ গ্রামদেশ; দেহাত; মফস্বল। ৩ দেশ; রাজ্য। **জানপদ** *বিণ*। ~**প্রবাদ** *বি* যে কথা বহুদিন ধরে লোকমুখে চলে আসছে; জনশ্রুতি; কিংবদন্তি। ~**প্রাণী**, ~**মানব** *বি* একজন লোকও; কোনো মানুষ বা প্রাণী; কোনো জীবজন্তু। ~**প্রিয়** *বি, বিণ* দশজনে যাকে ভালোবাসে; লোকপ্রিয়; popular। ~**বল্লভ** *বি, বিণ* জনসাধারণের ভালোবাসার পাত্র; লোকপ্রিয়; popular। ~**বহুল** *বিণ* বহুলোকে পূর্ণ; জনসমাকীর্ণ। ~**বাদ** *বি* লোক পরম্পরায় প্রচলিত; জনরব; জনশ্রুতি। **জনবিরল** *বিণ* খুব কম লোক আছে এমন। ~**ভূয়িষ্ঠ** *বিণ* লোকবহুল; জনবহুল। ~**মজুর** *বি* শ্রমিক; কামলা; শ্রমসাধ্য কাজ করবার লোক। ~**মত** *বি* জনসাধারণের অভিমত। ~**মন** *বি* জন সাধারণের মন (হিন্দু মুসলিম নির্বিশেষে জনমনের সঙ্গে একাত্ম হতে পেরেছিলেন—*কামো*)। ~**মর্দ** *বি* জনতার পেষণ। ~**মানবশূন্য** *বিণ* একজন লোকও না থাকা; সম্পূর্ণ নির্জন। ~**মানবিক** *বিণ* জনমানবের সম্বন্ধযুক্ত বা জনমানবপূর্ণ (তোমার হৃদয়ে গায়ে আমাদের জনমানবিক রাত্রি নেই—*জীদা*)। ~**যুদ্ধ** *বি* ১ জনসাধারণ যে যুদ্ধ সমর্থন করে ও তাতে অংশগ্রহণ করে। ২ জনসাধারণের কল্যাণার্থে যুদ্ধ। ~**রব** *বি* গুজব; লোকমুখে প্রচারিত কথা; যে কথা লোকপরম্পরায় রটে। ~**লোক** *বি* পুরাণে কথিত সপ্তলোকের একটি লোক। ~**শিক্ষা** *বি* জনসাধারণের জ্ঞানবৃদ্ধির জন্য প্রচারিত শিক্ষা। ~**শূন্য** *বিণ* লোক বাস করে না এমন; মনুষ্যরহিত; নির্জন। ~**শ্রুত** *বিণ* প্রসিদ্ধ; বিখ্যাত। ~**শ্রুতি** *বি* ১ লোকপ্রবাদ; কিংবদন্তি। ২ রটনা; জনরব (এমন সকল জনশ্রুতিও শোনা যাইতে লাগিল—*রঠা*)। ~**সঙ্ঘ**, ~**সংঘ** *বি* ১ সর্বসাধারণের মঙ্গলে জনসাধারণ কর্তৃক গঠিত ও পরিচালিত সমিতি বা সভা। ২ জনসমূহ; জনতা। ৩ ভিড়। ~**সংভরণ**, ~**সম্ভরণ** *বি* সরকার কর্তৃক জনগণের খাদ্য সরবরাহ ব্যবস্থা; civil supply। ~**সমাজ** *বি* মানবসমাজ; পরস্পর সম্মিলিত মনুষ্যগোষ্ঠী। ~**সমুদ্র** *বি* বিপুল জনতা; বিরাট জনসমাবেশ। ~**সাধারণ** *বি* ১ সাধারণভাবে সমস্ত লোক; দেশের ইতরভদ্র সকল শ্রেণির লোক; public। ২ সাধারণ ব্যক্তি। ~**সেবা** *বি* সর্বসাধারণের সেবাযত্ন। ~**স্থান** *বি* ১ লোকের বসতিস্থান; লোকালয়। ২ দণ্ডকারণ্যের একটি স্থান। ~**স্রোত** *বি* চলমান বহুলোকের প্রবাহ; জনপ্রবাহ (বহিছে জনস্রোতঃ কলরবে—*মদ*)। ~**হিত** *বি* সর্বসাধারণের কল্যাণকর। ~**হীন** *বিণ* লোকশূন্য; নির্জন; বিজন। {*স.* √জন্+অ(অচ্)}

জনক [জনোক্] *বি* ১ পিতা; জন্মদানকারী; জন্মদাতা (ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় আমার জনক—*ঈবি*)। ২ প্রতিষ্ঠাতা-পুরুষ (জাতির জনক)। ৩ কোনো বিষয়ের উদ্ভাবক বা সূচনাকারী (আধুনিক মনোবিজ্ঞানের জনক)। ৪ রামায়ণোক্ত সীতার পিতা; সুপ্রসিদ্ধ মিথিলাপতি (জনক রাজা)। ☐ *বিণ* ১ উৎপাদক; বিধায়ক; কারক (আনন্দজনক)। **জননী**, **জনিকা** *স্ত্রী*। ~-**জননী** *বি* বাপ-মা; জন্মদাতা ও জন্মদাত্রী। ~-**জননী-জননী** *বি* ১ ধরিত্রী। ২ জন্মভূমি; পিতৃমাতৃগণের জন্মদাত্রী (অয়ি নির্মল সূর্যকরোজ্জ্বল ধরণী জনক-জননী-জননী—*রঠা*)। ~ **ঝিয়ারী** *বি* সীতা। ~**তনয়া**, ~**দুহিতা**, ~**নন্দিনী**, ~**সুতা**, **জনকাত্মজা** *বি* মিথিলারাজ জনকের কন্যা সীতা; জানকী; বৈদেহী; মৈথিলী। **জনকতা** *বি* ১ উৎপাদনশক্তি। ~ **বংশ** *বি* জনক রাজার বংশ। **জাতির** ~ *বি* কোনো জাতি, রাষ্ট্র বা সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা-পুরুষ (জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)। **জনিকা** *বি স্ত্রী.* ১ জনয়িত্রী; জননী। ২ পুত্রবধূ। {*স.* √জনি+অক(ণ্বুল্)}

জনতা [জনোতা] *বি* ১ অনেক লোকের সমাবেশ। ২ জনসাধারণ (জনতার সংগ্রাম)। ~-**কাতর** *বিণ* ভিড় সহ্য করতে পারে না এমন। ~**কীর্ণ** *বিণ* জনবহুল; জনসমাচ্ছন্ন (একে জনতাকীর্ণ করে তোল তোমার রক্ত দিয়ে—*বুব*)। ~**ময়** *বিণ* জনতাপূর্ণ; মানুষের ভিড়ে পরিপূর্ণ (জনতাময় নির্জনতা—*বুব*)। {*স.* জন+তা(তল্)}

জনন [জনোন্] *বি* ১ উৎপাদন; জন্মানো। ২ উৎপত্তি; জন্ম। ~**কোষ** *বি* উদ্ভিদ দেহের যে সকল কোষমধ্যে অতিসূক্ষ্ম প্রাণপদার্থের উৎপত্তি হয় তা; germcell। ~**যন্ত্র** *বি* যার সাহায্যে সন্তান উৎপাদিত হয়; লিঙ্গ; যোনি। ~**রস** *বি* ১ শুক্র; বীর্য। ২ স্ত্রী মাছ ডিম পাড়ার পর পুরুষ মাছ এসে ডিমের উপর যে শুক্রাণু-রস ছাড়িয়ে দেয় তা। **জননাশৌচ** *বি* হিন্দু শাস্ত্রবিধানে সন্তান প্রভৃতি জন্মের ফলে প্রতিপালনীয় অশৌচ; সূতিকাশৌচ। {*স.* √জন্+ণিচ্+অন (ল্যুট্)}

জননী [জনোনি] *বি* ১ মাতা; গর্ভধারিণী; প্রসূতি; জন্মদাত্রী। ২ উৎপাদিকা; উৎপাদনকারিণী। {*স.* জনন+ঈ(ঙীপ্)}

জননীয় [জনোনিয়ো] *বিণ* জননযোগ্য; উৎপাদনের উপযুক্ত; উৎপাদনীয়। {*স.* √জন্+অনীয়(অনীয়র্)}

জননেন্দ্রিয় [জনোনেনদ্রিয়ো] *বি* যে ইন্দ্রিয়ের দ্বারা সন্তান জন্ম দেওয়া হয়; নারীপুরুষের জননযন্ত্র; উপস্থ; শিশ্ন; যোনি। {*স.* জনন+ইন্দ্রিয়; *কর্মধা.*}

জনম [জনোম্] *বি* জন্ম। {*স.* জন্ম>(স্বরাগমে)জনম}

জনমেজয় ⇒ জন্মেজয়

জনয়িতা (–তৃ) [জনোয়িতা] *বি* ১ উৎপাদক। ২ জনক; পিতা; জন্মদাতা; জন্মদানকারী। **জনয়িত্রী** *স্ত্রী.* (সংযম মানে পীড়ন আর পীড়ন নিষ্ঠুরতার জনয়িত্রী—*মোচৌ*)। { *স.* √জন্+ণিচ্+তৃ (তৃচ)}

জনা[১] [জনা] *বি* ১ জন; ব্যক্তি; লোক (যুদ্ধ দিবে কোন জনা—*কৃও*)। ২ প্রাণী; জীব (স্বর্গ মর্ত্ত্য পাতালে কাঁপিল সর্ব্বজনা—*কৃও*)। ৩ ব্যক্তি বা মাথা গুণতির হিসাব (জনাপিছু, জনাপাচেক)। **–কতক** *বিণ* কয়েকজন। ~– ~ *বি* প্রত্যেক লোক; প্রতিজন। ~**জাত**, ~**জুটি** *ক্রিবিণ* মাথাপিছু; জনপ্রতি। { *স.* জন+*বা.* আ}

জনা[২] [জনা] *বি* মহাভারতে উল্লিখিত নীলধ্বজ রাজার মহিষী; প্রবীরের মাতা। { *স.* জন+আ(টাপ্)}

জনাকীর্ণ [জনাকিরনো] *বিণ* জনবহুল; বহুলোক আছে এমন; জনসংকুল (গৌড় ছিলো বৃহৎ ও জনাকীর্ণ সহর —*মুআরা*)। { *স.* জন+আকীর্ণ; ৩তৎ}

জনাতিগ [জনাতিগো] *বিণ* লোকাতীত। { *স.* জন+অতিগ; ৬তৎ}

জনান্ত [জনানতো] *বি* দেশ; প্রদেশ; জিলা। { *স.* জন+অন্ত; ৬তৎ}

জনান্তিক [জনানতিক] *বি* ১ লোকের নিকট; জনের সমীপ। ২ লোকের সম্মুখে অথচ অন্যলোক শুনতে না পায় এরূপ সংলাপ। **জনান্তিকে** *ক্রিবিণ* একপার্শ্বে; নেপথ্যে বা স্বগত; aside। { *স.* জন+অন্তিক; ৬তৎ}

জনাপবাদ [জনাপবাদ] *বি* লোকনিন্দা; কলঙ্ক; অপযশ। { *স.* জন+অপবাদ; ৬তৎ}

জনাব [জনাব্] *বি* সম্মানসূচক 'মি.' ও 'শ্রী'-র পরিবর্তে সাধারণভাবে নারীপুরুষ নির্বিশেষে ব্যক্তিনামের পূর্বে ব্যবহৃত; সম্মানসূচক সম্বোধনবিশেষ; মহাত্মা; মহাশয়; মাননীয়; ভদ্রলোক; sir। (কি শুনলেন জনাব—*মুই*)। **জনাবে আলি**, ~ **আলী** *বি* (সম্বোধনসূচক) মান্যবর; মহামান্য; Your Excellency। {শব্দটি মূলত আরবি হলেও ফারসি ভাষাতেই এটি বহুল ব্যবহৃত, *আ.* জনাব جناب }

জনার [জনার্] *বি* ভুট্টাজাতীয় শস্যবিশেষ; মকাই। { *স.* যবনাল}

জনারণ্য [জনারোন্নো] *বি* বনে ঘন সন্নিবিষ্ট বহু বৃক্ষের মতো সুপ্রচুর জনতার একত্র অবস্থান; দণ্ডায়মান লোকের ভিড়; নিবিড় ও দুর্ভেদ্য জনতা (জনারণ্যে কেউ বা হারায় পথ—*রঠা*)। { *স.* জন+অরণ্য; ৬তৎ}

জনার্দন [জনারদোন্] *বি* বিষ্ণু যিনি হিন্দু পুরাণোক্ত জন নামের অসুরকে দমন করেছিলেন। □ *বিণ* লোককে পীড়নকারী; লোকপীড়ক। { *স.* জন+√অর্দ+অন(ল্যুট্); ৬তৎ}

জনাশ্রয় [জনাস্স্রয়] *বি* ১ সাময়িকভাবে যে ঘর প্রস্তুত করা হয়েছে; temporary shed। ২ মণ্ডপ; প্যান্ডেল; শামিয়ানা। ৩ লোকালয়। { *স.* জন+আশ্রয়; ৬তৎ}

জনি[১], **জনী** [জোনি] *বি* ১ জন্ম; উৎপত্তি। ২ মাতা; জননী। ৩ নারী। ৪ জায়া; পত্নী। ৫ পুত্রবধূ। { *স.* √জন্+ই (ইন্), ঈ(ঙীষ্)}

জনি[২], **জণি** (ব্র., *মবা.*) [জনি] *অব্য* ১ যেন (সরোবর সো হল মলিন নলিনীদল নীর বিনু জনি শুকি যায়—*কাদৌ*)। ২ যদি (না জানি কানুর প্রেম তিলে জনি ছুটে —*বিপ*)। □ *বি, অব্য* যেন না; না যেন (পাছে জনি লোক উপহাস—*বচদা*)। { *মবা./ব্র.*; *স.* যদ্+ওয়া *একব* যেন>জনি}

জনিকা ⇒ জনক

জনিত [জোনিতো] *বিণ* জাত; উৎপন্ন; হেতু; উদ্ভূত; উৎপাদিত (প্রেমজনিত দুর্বলতা)। **জনিতা** *স্ত্রী.*। { *স.* √জন্+ণিচ্+ত (ক্ত)}

জনিতা (–তৃ) [জোনিতা] *বি* জনক; পিতা; উৎপাদক। **জনিত্রী** *স্ত্রী.*। { *স.* √জন্+তৃ (তৃচ)}

জনিত্র [জোনিত্‌ত্রো] *বি* উৎপাদকযন্ত্র; plant; যে যন্ত্র বা যন্ত্রসমূহ দ্বারা কোনো জিনিস উৎপাদিত হয়। { *স.* √জন্+ইত্র(ষ্ট্রন)}

জনী ⇒ জনি[১]

জনীন [জোনিন্] *বিণ* ১ লোক বা জন সম্পর্কিত বা সংক্রান্ত (বিশ্বজনীন)। ২ লোকহিতকর। ৩ ব্যাপক; প্রসারী; সর্বজনীন; সার্বজনিক। { *স.* √জন+ঈন(খঞ)}

জনু[১] (ব্র., *মবা.*) [জোনু] *অব্য* ১ সদৃশ (লাল কুসুম রেণু লাল সিন্দুর জনু—*কাদৌ*)। ২ যেন (জনু হরড়াবহ—*বিপ*)। ৩ বুঝিবা। { *মবা./ব্র.*; *স.* যদ্+ওয়া *একব* =যেন>জনু}

জনু[২], **জনূ** [জোনু] *বি* উৎপত্তি; জন্ম। { *স.* √জন্+উ(উণ্), ঊ(ঊঙ্)}

জনৈক [জনোইকো] *বিণ* অনির্দিষ্ট; কোনো এক ব্যক্তি। **জনৈকা** *স্ত্রী.*। { *স.* জন+এক; *কর্মধা.*}

জন্ডিস, জণ্ডিস [জনডিস্] *বি* পাণ্ডুরোগ—যাতে চোখ ও চামড়া হলদে হয়ে যায়; ন্যাবা। { *ই* jaundice}

জন্তু [জোনতু] *বি* ১ প্রাণী; জীব। ২ মনুষ্যেতর জীব; জানোয়ার; পশু। **জান্তব** *বিণ*। { *স.* √জন্+তু(তুন্)}

জন্ম [জনমো] *বি* ১ মাতৃগর্ভ থেকে নির্গত হওয়া; ভূমিষ্ঠ হওয়া। ২ উৎপত্তি; উদ্ভব; সৃষ্টি। ৩ জীবনকাল (এ জন্মের মতো বিদায়)। ৪ দেহাশ্রিত অবস্থা (জন্ম লাভ)। ৫ হিন্দুমতে আবির্ভাব। ~ **এয়োতি**, ~**এয়ো** *বি* চিরসধবা; যে নারীর মৃত্যু পর্যন্ত স্বামী জীবিত থাকে। ~**কর্ম** *বি* জন্মের নিমিত্ত কর্ম; জাত কর্ম। ~**কুঁড়ে** *বিণ* চিরকেলে অলস; বরাবর অথবা সদা সর্বদা যে অলস। ~**কোষ্ঠী** *বি* জন্মপত্রিকা; জন্ম সময়ের গ্রহ লগ্ন রাশি ইত্যাদির বিবরণপূর্ণ পত্রিকা। ~**ক্ষেত্র** *বি* জন্মভূমি। ~**গত** *বিণ* জন্ম হতে প্রাপ্ত বা অর্জিত; সহজাত; স্বাভাবিক। ~**গ্রহণ**, ~**গ্রহ** (বিরল) *বি* ১ জন্মলাভ; ভূমিষ্ঠ হওয়া; মাতৃগর্ভ থেকে নিষ্ক্রমণ। ২ উৎপত্তি। ৩ হিন্দু মতে আবির্ভাব। ~**ঘটিত** *বিণ* জন্মসম্বন্ধীয়; জন্ম-সম্পর্কিত। ~ ~ *ক্রিবিণ* প্রত্যেক জন্মে; সকল জন্মে। ~**জন্মান্তর** *বি* এই জন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম; প্রতিজন্ম। ~**জন্মান্তরীণ** *বিণ*।

~জন্মান্তরে *ক্রিবিণ* হিন্দুমতে এই জন্ম এবং পরের জন্মে; প্রতি জন্মে; যতবার জন্ম হবে ততবার। ~**জরা মরণ** *বি* জন্ম বার্ধক্য ও মৃত্যু। ~**তপস্বিনী** *বি* আশৈশব তপস্বিনী; চিরসন্ন্যাসিনী। ~**তিথি** *বি* যে চান্দ্র দিনে জন্ম; ভূমিষ্ঠ হওয়ার চান্দ্র দিন; জন্মকালীন তিথি। **জন্মদ, ~দাতা** *বি* পিতা; জন্মদানকারী; জনক। **জন্মদা, ~দাত্রী** *বিস্ত্রী.* মাতা; জননী। ~**দান** *বি* জনন; উৎপাদন; জন্ম দেওয়া। ~**দিন, ~দিবস** *বি* জন্মের দিন বা তারিখ; যে দিন জন্ম হয়। ~**নক্ষত্র** *বি* ভূমিষ্ঠ হওয়ার সময়ের নক্ষত্র; যে নক্ষত্রের প্রভাবকালে জন্ম। ~**পত্র, ~পত্রিকা** *বি* কোষ্ঠী; ঠিকুজি; যে পত্রে ভূমিষ্ঠ হওয়ার সময়কার রাশি ও গ্রহাদির গণনা লিখিত হয়। ~**পরিগ্রহ** *বি* জন্মগ্রহণ। ~**বাসর** *বি* জন্মদিন। ~**বৃত্তান্ত** *বি* জন্ম কাহিনী; উৎপত্তির বিবরণ। ~**ভূমি** *বি* জন্মস্থান; মাতৃভূমি; স্বদেশ। ~**মাস** *বি* যে মাসে জন্ম হয় সেই মাস। ~**মৃত্যু** *বি* জন্ম ও মরণ; উৎপত্তি ও বিনাশ। ~**রহস্য** *বি* উৎপত্তি সম্পর্কে গূঢ় তত্ত্ব বা জন্মবিষয়ক গোপনীয় কথা। ~**রাশি** *বি* যে রাশিতে জন্ম হয়। ~**রোগী** *বি, বিণ* চিররোগী। ~**শোধ, জন্মের শোধ, জন্মের মতো** *ক্রিবিণ* চিরজীবনের মতো; সারা জীবনের জন্য (তোমার সঙ্গে আমার জন্মশোধ আড়ি হইবে—*রঠা*)। ~**স্থান** *বি* জন্মভূমি। ~**হেতু** *বি* ১ জন্মের কারণ। ২ জন্মদাতা। **জন্মে** *ক্রিবিণ* ১ জন্ম থেকে; জন্মাবধি। ২ সারা জীবনে; জীবনকাল মধ্যে। {*স.* √জন্+মন্}

জন্মা [জন্‌মা] *ক্রি* ১ জন্মগ্রহণ করা (সন্তান জন্মিল)। ২ উৎপন্ন হওয়া (পাট জন্মে)। □ *বিণ* ১ জাত; উৎপাদিত (সুজন্মা)। ২ উর্বর (জন্মা অঞ্চল)। {*স.* জন্ম+*বা.* আ}

জন্মাধিকার [জন্‌মাধিকার] *বি* জন্মলব্ধ যে অধিকার; সহজাত অধিকার। {*স.* জন্ম+অধিকার; *মধ্য.*}

জন্মানো, জন্মান [জন্‌মানো] *ক্রি* ১ উৎপাদন করা। ২ জন্মগ্রহণ করা। □ *বিণ* উৎপন্ন বা উৎপাদিত। {*স.* জন্ম+*বা.* আনো, আন}

জন্মান্তর [জন্‌মান্‌তর] *বি* অন্য জন্ম; পূর্বজন্ম; পরজন্ম; হিন্দু-জৈন বৌদ্ধ মতে প্রাণী মাত্রই বার বার জন্মগ্রহণ করে। ~**বাদ** *বি* মরণের পরে পুনরায় জন্ম হয় এরূপ মত; আত্মা নানাভাবে বার বার দেহ ধারণ করে এই মতবাদ; পুনর্জন্মবাদ। {*স.* জন্ম+অন্তর; *নিত্য.*}

জন্মান্তরীণ [জন্‌মান্‌তোরিন্] *বিণ* (হিন্দু-জৈন-বৌদ্ধ মতে) অন্যজন্ম সম্পর্কিত বা পূর্বজন্মঘটিত (জন্মান্তরীণ পুণ্য সঞ্চয় ব্যতিরেকে সাধু সমাগম লব্ধ হয় না—*ঈবি*)। {*স.* জন্ম+অন্তরীণ; *তৎ*}

জন্মান্ধ [জন্‌মান্‌ধো] *বিণ* জন্মাবধি দৃষ্টিশক্তিহীন; জন্ম থেকে অন্ধ; born blind। {*স.* জন্ম+অন্ধ; *৫তৎ*}

জন্মাবচ্ছিন্ন [জন্‌মাবোচ্‌ছিন্‌নো] *বিণ* জন্ম থেকে মরণ পর্যন্ত; আজীবন; সারাজীবন (আমরা জন্মাবচ্ছিন্নে কখনও এমন মধুর সঙ্গীত শুনি নাই—*ঈবি*)। {*স.* জন্ম+অবচ্ছিন্ন; *৫তৎ*}

জন্মাবচ্ছেদ [জন্‌মাবোচ্‌ছেদ্] *বিণ* আজীবন; সারাজীবন; আমৃত্যু (আর আমি জন্মাবচ্ছেদ সে পাপীয়সীর মুখাবলোকন করিব না—*ঈবি*)। {*স.* জন্ম+অবচ্ছেদ; *৬তৎ*}

জন্মাবধি [জন্‌মাবোধি] *ক্রিবিণ* জন্মকাল থেকে; আজন্ম। {*স.* জন্ম+অবধি}

জন্মাষ্টমী [জন্‌মাশ্‌টোমি] *বি* ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথি; শ্রীকৃষ্ণের জন্মদিবস। {*স.* জন্ম+অষ্টমী; *কর্মধা.*}

জন্মিত [জোন্‌মিতো] *বিণ* ১ জাত। ২ উৎপন্ন। {*স.* জন্ম+ইত (ইতচ্)}

জন্মেজয়, জনমেজয় [জনমেজয়্] *বি* সর্পযজ্ঞ অনুষ্ঠাতা পৌরাণিক রাজা; অর্জুনের প্রপৌত্র। {*স.* জন্মন্+√এজি+অ (খশ্)}

জন্মোৎসব [জন্‌মোত্‌শব্] *বি* জন্ম সম্পর্কিত আনন্দানুষ্ঠান। {*স.* জন্ম+উৎসব; *কর্মধা.*}

জন্য, জন্যে [জোন্‌নো, -নে] *অব্য* ১ নিমিত্ত; হেতু; কারণে। ২ নিবন্ধন; দরুন; ফলে (রোগ-ভোগের জন্য দুর্বল)। ৩ উদ্দেশ্য; প্রয়োজন। □ *বিণ* ১ জাত; জনিত; সম্ভূত; উৎপাদিত। ২ উৎপাদক। ~**জনক সম্বন্ধ** *বিণ* যা জন্মায় ও যা জন্মে তাদের মধ্যে যে সম্পর্ক বা সেরূপ সম্বন্ধ। {*স.* √জন্+য(যৎ)}

জপ [জপ্/জপো] *বি* ১ মনে মনে বা অনুচ্চস্বরে বারবার আবৃত্তি বা পাঠ (আল্লার নাম জপ কর—*মোম*)। ২ ইষ্টমন্ত্রাদির পুনঃপুন আবৃত্তি। ~**তপ** *বি* বার বার আবৃত্তি ও উপাসনা (অলঙ্কারই তাহাদিগের জপ, অলঙ্কারই তাহাদিগের তপ—*বচ*)। ~**তহি** (*ব্র.*) *ক্রি* জপ বা পুনঃপুন আবৃত্তি বা স্মরণ করে বা করছে। **জপন** *বি* জপকরণ। **জপনা** *বিণ* জপনরত বা জপনকারী (মধুমালা জপনা মদনকুমার সমুদ্রের জলে অচেতন হইলেন—*দমি*)। ~**নিরতা** *বিণ স্ত্রী.* জপ কাজে ব্যাপৃতা বা নিযুক্তা (জপনিরতা পিসিমার কানে—*রঠা*)। ~**মালা** *বি* ১ যে মালার গুটি গুণে জপ করা হয়। ২ নিত্য উচ্চার্য বা স্মরণীয় বস্তু। {*স.* √জপ্+অ (অপ্)}

জপা [জপা] *ক্রি* ১ জপ করা; মনে মনে আবৃত্তি করা। ২ নিত্য স্মরণ করা বা চিন্তা করা। **জপানো, জপান** *ক্রি* ১ জপ করানো। ২ মুখস্থ করানো। ৩ নিত্য স্মরণ করানো। ৪ ফুসলানো বা ভজানো। **জপিত** *বিণ* জপ করা হয়েছে এরূপ। **জপ্য** *বিণ* জপ করার যোগ্য; জপনীয়। {*স.* √জপ্+*বা.* আ}

জবজব [জবজব্] *অব্য* অতিশয় আর্দ্রতার বা ভেজার লক্ষণ প্রকাশক (তেলে জবজব)। **জবজবে** *বিণ* খুব ভেজা; জবজব করছে এরূপ। {*ধ্বন্যা.*}

জবড়জং, জবড়জঙ, জবড়জঙ্গ [জবোড়্‌জঙ্, -, -ঙগো] *বিণ* ১ রুচিহীনভাবে জমকালো বা আড়ম্বরপূর্ণ; বেমানানভাবে ভারগ্রস্ত (খয়েরি পাড়টা লতায় পাতায় জবড়জঙ্গ—*বুব*)। ২ শৃঙ্খলাশূন্য; বিশৃঙ্খল; এলোমেলো; অগোছালো। {*আ.* জবর جبر + *ফা.* জঙ্গ جنگ }

জবর [জবোর্] *বিণ* ১ বিষম; দারুণ; বেজায়; অত্যন্ত;

বৃহৎ; ভারী (সেটা তোমার জবর ভুল—*নই*)। ২ জমকালো; জাঁকালো। ৩ খাসা; উৎকৃষ্ট; উত্তর। ৪ জোরদার; বলিষ্ঠ; ক্ষমতাবান। ৫ জোরালো; প্রবল বা প্রচণ্ড (জবর ঘা)। ৬ চমকপ্রদ বা চিত্তাকর্ষক (জবর খবর)। ৭ কঠিন; শক্ত (জবর শাসন)। ৮ নাছোড় স্বভাব বা দুর্দান্ত (জবর লোক)। ৯ জোর জবরদস্তি বা জুলুম; বল প্রকাশ হয় এমন। ~**জুলুম** *বি* ভীষণ অত্যাচার; ভয়ানক পীড়ন; প্রবল উৎপীড়ন। ~**দখল** *বি* বলপূর্বক দখল; জোর করে অধিকার (তার চেয়ে ঢের বেশি জবর দখল করে বসে আছেন—*রঠা*)। ~**দস্ত, যবরদস্ত** *বিণ* শক্তিশালী; জোরালো; দুর্দমনীয় (এক জবরদস্ত ফওজ গঠন করিলেন—*কাই*)। ~**দস্তি, ~দস্তী, জবর্দস্তি** *বি* ১ বলপ্রয়োগ; জোর (কাহারও উপর জবরদস্তি করিতেছে না—*মোব*)। ২ অত্যাচার; পীড়ন (আমি মুখের উপরে জবরদস্তি করিনি—*রঠা*)। ~**দার** *বিণ* শক্তিশালী; বলবান। **জবরানো, জাবরান** *বি* জবরদস্তি, বলপ্রয়োগ বা পীড়ন (জাবরান কল্লেও তো কর্তে পারে—*মীম*; সহজে লিখে না দিলে জবরানে লিখে নেবে—*মীম*)। {*আ.* জবর্ جبر }

জবহ = জবাই

জবা [জবা] *বি* ফুলবিশেষ। ~**কুসুমসঙ্কাশ** *বি* জবা ফুলের ন্যায় রক্তবর্ণ। {*স.* জবা}

জবাই, জবেহ, জবে [জবাই, জবেহ্, জবে] *বি* ১ ইসলামি মতে আল্লাহর নাম নিয়ে গলনালি কেটে প্রাণী বধ (করতে হবে মুরগী জবাই—জউ; নিজ সন্তানেরে জবে করিবারে কাঁপে নাই এতটুকু—*মোম*)। ২ নাশ; ধ্বংস; হত্যা; লোপ (স্বদেশী আচার করিয়াছি জবাই —*দ্বিরা*)। ~ **ঘর** *বি* কসাইখানা। ~ **হওয়া** *ক্রি* সমূলে বিনষ্ট হওয়া। {*আ.* যবহ্ ذبح }

জবান, যবান [জবান্] *বি* ১ ভাষা; বুলি (সেই সমুদ্রই আরবী জবানে রূপান্তরিত হয়ে সুমাত্রা হয়েছে—*প্রচৌ*; মাওলানা উর্দু যবানও আয়ত্ত করিয়াছিলেন—*আমআ*)। ২ জিহ্বা; রসনা (জবান দেখি যে বড় বে-দুরস্ত—*মোম*)। ৩ কথা; প্রতিশ্রুতি (সঠিক জবান যার—*ফআ*)। ৪ উচ্চারণ; বাক্ (তোমারদিগের জবান দোরস্ত নহে—*ভব*)। ৫ বাণী; বাক্য (তাই বুঝি মহেশ আজ এমন জবান চালিয়ে গেল—*সজ*)। ~ **ছাড়া** *ক্রি,বিণ* মুখ খোলা বা স্পষ্ট কথা বলা (জবান যা কিছু ছাড়তে হয় স্বদেশের নিরাপদ সীমানার মধ্যে ফিরে এসে—*মব*)। ~**বন্দি, ~বন্দী, জোবানবন্দী** *বি* ১ সাক্ষ্য; আদালতে হাকিমের সামনে হলফ করার পর যা বলা হয় (নাজির দপ্তর লোকে ভরিয়া গেল—জবানবন্দিনবিস হনহন্ করিয়া জবানবন্দি লিখিতেছে—*প্যামি*; আমি ইহার জোবানবন্দী করাইতে পারিব না—*বচ*)। ২ যে উক্তি কাগজে লেখা হয়েছে; written deposition। ৩ কোনো তদন্তকারী কর্মচারীর নিকট প্রদত্ত বিবরণ। ~**বন্দিনবিশ** *বি* সাক্ষ্য লেখক (নাজির দপ্তর লোকে ভরিয়া গেল জবানবন্দিনবিস হনহন্ করিয়া জবানবন্দি লিখিতেছে—*প্যামি*)। **জবানি, জবানী** *বি* উক্তি; বচন; মুখের ভাষা (মীনার জবানি শুনে; মাহাপরী বুঝে মনে তকসির করিল মাফ তার—*সৈহা*)। ❑*বিণ* বাচনিক; মৌখিক। ❑*ক্রিবিণ* প্রমুখাৎ; মুখে (চাকরের জবানি জানা গেল)। {*ফা.* জ়বান زبان }

জবাব, জওয়াব [জবাব্, জওয়াব্] *বি* ১ উত্তর। ২ কৈফিয়ত (এই কাজের জন্য তোমাকে জবাব দিতে হবে)। ৩ চোপা; উদ্ধত প্রত্যুত্তর বা অবিনীত প্রতিবাদ (কথায় কথায় জবাব)। ৪ বরখাস্ত; বিদায়; ইস্তফা (কাজে জবাব হওয়া বা জবাব দেওয়া)। ৫ আরোগ্যের অতীত বলে ঘোষণা; নিরাময়ের আশা নেই বলে ঘোষণা (ডাক্তারের জবাব দিয়ে যাওয়া)। ~**দিহি** *বি* ১ কৈফিয়ত, কারণ প্রদর্শন (ফিরতে দেরী হ'লে জবাবদিহি করতে হতো—*রক*)। ২ দায়িত্ব (এসলামে তাহার জন্য কোন জওয়াবদিহি নাই—*আখাঁ*)। ৩ দায়ী। ~**দিহিতা** *বি* কোনো কাজের দায়-দায়িত্ব গ্রহণ ও তৎসংক্রান্ত প্রশ্নাদির জবাব দিতে প্রস্তুত থাকা। **জবাবি, জবাবী** *বি* উত্তরের জন্য নির্দিষ্ট প্রত্যুত্তরদায়ক (. . . সন্তর্পণে জবাবির চৌপলের শোলার ছিপিটি ফেল্লেন—*কাসি*)। **জবাবি তার** *বি* উত্তর পাওয়ার জন্য অতিরিক্ত মাশুল দেওয়া তার। **সওয়াল-~** *বি* ১ প্রশ্ন ও উত্তর। ২ বাদ-প্রতিবাদ। ৩ অভিযোগ খণ্ডনের জন্য প্রদত্ত যুক্তি ও যুক্তিমূলক বক্তৃতা। {*আ.* জওয়াব جواب }

জবুথবু, যবুথবু [জোবুথোবু] *বিণ* ১ জড়সড়; আড়ষ্ট; ক্রিয়াশক্তিশূন্য; নড়তে চড়তে অসমর্থ এমন; চলচ্ছক্তিশূন্য (বেদনায় জবুথবু—*বিদে*)। ২ পারিপাট্য-হীন (জামা চুবসে জবুথবু হয়—*সৈমু*)। {*স.* যুবস্থবির/জড়স্থবির> জবস্থব>জবুথবু}

জবুর, জবুরাদ [জোবুর্, -রুদ্] *বি* অহিসংবলিত বিলুপ্ত কিতাব যা দাউদ নবীর উদ্দেশ্যে অবতীর্ণ হয়েছিল (তউরেত ইঞ্জিল আদি জবুরাদ ফোরকান। এসব কিতাবে সাক্ষি দিছে নিরাঞ্জন—*সৈসু*)। {*আ.* জ়বুর زبور }

জবে, জবেহ ⇒ জবাই

জব্দ [জব্‌দো] *বিণ* ১ অপদস্থ; নাকাল; লাঞ্ছিত; নিগৃহীত। ২ শায়েস্তা; দমিত; ঢিট; পর্যুদস্ত। ৩ বাজেয়াপ্ত; confiscated; অধিকৃত। {*আ.* দ্বব্ত্ ضبط }

জব্বার [জব্‌বার্] *বি* সর্বশক্তিমান আল্লাহ। {*আ.* جبار জব্বার}

জমক [জমোক্] *বি* ১ আড়ম্বর; সমারোহপূর্ণ; শোভা বা বাহার; ঘটা; সমারোহ (জাঁকজমক)। ২ দীপ্তি; জেল্লা; চমক; ঔজ্জ্বল্য; সোনা রং করার এক প্রকার উপাদান। *তুল.* জাঁক-জমক। **জমকান, জমকানো** *ক্রি* ১ জাঁকালো। ২ সমারোহপূর্ণ হওয়া বা করা। ৩ জমজমাট হওয়া বা করা। ৪ শোভিত হওয়া বা করা। ❑*বিণ* উক্ত সকল অর্থে। {*স.* চমৎকার>*প্রা.* চমক্ক>; *তুল.* *হি.* জমক}

জমকালো, জমকাল [জমকালো] *বিণ* জাঁকালো; সমারোহ ও শোভাপূর্ণ; জাঁকজমকযুক্ত; আড়ম্বরপূর্ণ (এই জমকালো সতীত্ব গৌরব—*অচিসে*)। {√জমকা+ আলো}

জমজম[1] [জম্‌জম্] *অব্য* গমগম; সরগরম ভাব (সভা

জমজম করছে)। { ধ্বন্যা. }

জমজম[2] [জম্‌জম্] *বি* মক্কার সুপ্রসিদ্ধ পবিত্র কূপ (জমজমের পানি— *আখা*)। { *আ.* জম্‌জম্ زمزم }

জমজমা [জম্‌জমা] *বিণ* ১ জমকালো। ২ গমগম; প্রভূত লোক সমাগম ও ভিড়। ৩ জাঁকজমকপূর্ণ। { *আ.* জম্‌জম্ زمزم + *বা.* আ }

জমজমাট [জম্‌জমাট্] *বিণ* ১ সুসংহত ও চিত্তাকর্ষক (জমজমাট জলসা)। ২ সরগরম ও উপভোগ্য (জমজমাট আড্ডা)। { *আ.* জম্‌জম্ زمزم }

জমজমি [জম্‌জোমি] *বি* জমজমের পবিত্র পানিপূর্ণ বদ্ধমুখ টিনের কৌটাবিশেষ। { *আ.* জম্‌জম্ زمزم }

জমপেশ ⇒ জম্পেশ

জমদগ্নি [জমোদোগ্‌নি] *বি* ঋষিবিশেষ; পরশুরামের পিতা (আমি সাগ্নিক জমদগ্নি— *নই*)। { *স.* √জম্+ অৎ=জমৎ+অগ্নি; *কর্মধা.* }

জমরুদ, জমরদ, জমররুদ, জুমাররত [জমরুদ্‌, -রদ্‌, জমররুদ্‌, জুমার্‌রত্‌] *বি* মূল্যবান; সবুজ প্রস্তরবিশেষ; পান্না; emerald (য়্যাকুত জমরুদ মতি —*হেমা*; পাতা সবুজ জমরদের— *কাই*; জুমাররতের খাঞ্চা সাজায়ে রানীর পাঠালো ভেট— *খাঅা*)। **জমররুদি, জমরুদি** *বিণ* ১ জমরুদ পাথরসম্পর্কিত বা খচিত। ২ জমরুদ পাথরের রংবিশিষ্ট (জমরুদি জিব্রিলের— *ফঅা*)। { *আ.* জমরুদ زمرد }

জমহুরিয়াত [জম্‌হুরিয়াত্] *বি* গণতন্ত্র; গণতান্ত্রিক শাসন। { *আ.* জমহূরীয়ত جمهورية }

জমা[1] [জমা] *ক্রি* ১ সঞ্চিত বা পুঞ্জিত হওয়া (টাকা জমা, মেঘ জমা)। ২ রাশীকৃত বা স্তূপীকৃত হওয়া (জঞ্জাল জমা)। ৩ সংহত হওয়া; জমাট হওয়া; ঘনীভূত হওয়া (দই জমা)। ৪ একত্র বা সমবেত হওয়া (লোক জমা)। ৫ আটকে থাকা (পানি জমা)। ৬ আনন্দঘন বা উপভোগ্য হওয়া (নাটক জমা)। ৭ উপভোগ্য ও সরগরম বা জমজমাট হওয়া (আসর জমা)। ৮ রক্ত চলাচলের অভাবে বা শীতে অসাড় হওয়া (শীতে জমে যাওয়া)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *আ.* জমা جمع + *বা.* আ }

জমা[2] [জমা] *বি* ১ পুঁজি; capital। ২ আয়বৃদ্ধি (জমা খরচ)। ৩ সঞ্চয় (কারণ দেখ জমার নেশায় পরিণামে ম'লো দুঃখে— *মুশ*)। ৪ মোট; total; থোক; সমূহ। ৫ খাজনা; রাজস্ব; বার্ষিক কর (হাওলার বার্ষিক জমা দশ টাকা)। ৬ খাজনার আওতাভুক্ত জমি (লাখেরাজের সাথে কিছু জমাও রয়েছে)। ~ **ওয়াসিল**, ~ **ওয়াশিল** *বি* আয়-ব্যয়ের হিসাব। ~ **ওয়াসিল বাকি**, ~ **ওয়াশিল বাকি** *বি* দেয় খাজনার কত আদায় ও কত বাকি তার হিসাব; লভ্য খাজনার যা আদায় হয়েছে ও বাকি আছে তার হিসাব (কাহাকে বলে জমা ওয়াশিল বাকি কিছুই বোধ নাই— *প্যামি*)। ~**খরচ** *বি* ১ আয়ব্যয়ের হিসাব। ২ চলতি হিসাব। ~**খারিজ** *বি* এজমালি সম্পত্তির অংশীদারগণ কর্তৃক রাজা, জমিদার বা সরকারকে পৃথকভাবে খাজনা দেওয়ার ব্যবস্থা। ~ **গুজস্তা** *বি* প্রজার নিকট থেকে প্রাপ্ত গত বৎসরের বার্ষিক খাজনা। ~**নবিশ**, ~**নবিস** *বি* জমিদারি সেরেস্তায় জমি ও খাজনার হিসাব-রক্ষক কর্মচারী (নায়েব গোমস্তা জমানবিশ যে পারে সেই মোচড় দিয়ে দু পয়সা আদায় করে নেয়— *প্রচৌ*)। ~**বন্দি** *বি* ১ প্রজার জমিজমার হিসাবের কাগজ। ২ খাজনা আদায়ের খাতা। ৩ খাজনার হিসাব। { *আ.* জমা جمع }

জমাট [জমাট্] *বিণ* ১ ঘনীভূত বা প্রায় কঠিনতা প্রাপ্ত (জমাট দই)। ২ দৃঢ় বা ঘনসম্বদ্ধ (জমাট গাঁথনি; জমাট বুননি; জমাট জরির বোর্কা গায়— *সদ*)। ৩ নিবিড়; গাঢ়; অন্তরঙ্গ; ঘনিষ্ঠ বা অবিচ্ছেদ্য (জমাট বন্ধুত্ব)। ৪ সংহত বা চাপ বাঁধা (জমাট বিদ্যুতের মত সেটি জ্বলছে— *এও*)। ৫ উপভোগ্য ও সরগরম (জমাট আড্ডা)। ৬ সুসংহত ও আনন্দদায়ক (জমাট জলসা)। { *আ.* জমা جمع + *বা.* অট }

জমাত ⇒ জমায়েত

জমাদার [জমাদার্] *বি* ১ সর্দার। ২ হেড কনস্টেবল; দারোয়ানদের সর্দার। ৩ সেনাবাহিনীর কর্মচারীবিশেষ; সুবেদারের নিম্নস্থ কর্মচারী। ৪ ছাপাখানার প্রধান যন্ত্রচালক। ৫ ধাঙড়; মেথর; মেথরদের সর্দার। **জমাদারনি** *স্ত্রী*। { *আ.* জমা جمع + *ফা.* দার دار }

জমানো, জমান [জমানো] *ক্রি* ১ সঞ্চয়; সংগ্রহ বা পুঞ্জিত করা (টাকা জমানো)। ২ জড় করা; একত্র করা (লোক জমানো)। ৩ স্তূপ করা; গাদা করা। ৪ জমাট বা ঘনীভূত করা (বরফ জমানো)। ৫ গুলজার করা; জাঁকানো; সমবেত সকলকে আনন্দ দান করা (মজলিস জমানো)। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। { *আ.* জমা جمع + *বা.* আন, আনো }

জমানা, জামানা [জমানা, জামানা] *বি* কাল; সময়; যুগ। { *আ.* জমানাহ زمانة }

জমায়েত, জমাত, জামাত [জমায়েত্‌, জমাত্‌, জামাত্] *বি* ১ জনসমাবেশ; ভিড়; একত্র মিলন (মোর আল্লার আদেশে তাদের ডাক দিই জমায়েতে— *নই*; জমায়েত হয়ে তকবীর হাঁকে— *নই*; আজকে জামাতে নির্ভয়ে সে যে বসিবে আমার পাশে— *জউ*)। ২ সম্প্রদায়; গোষ্ঠী (সুন্নি জামাত)। ❑ *বিণ* ১ সম্মিলিত; একত্র সমবেত (বিশ্বের উত্তপ্ত দাহ আজ বুঝি জমায়েৎ ভিড়— *বিদে*)। ২ নামাজের জন্য যে সমাবেশ বা শ্রেণিবদ্ধ সারি (জামাতে সামিল হওরে সবে এখনও জামাতে আছে স্থান— *নই*)। ~**খানা** *বি* যে স্থানে লোক সমবেত হয় (খোজারা অন্যান্য মুসলমানদের মসজিদে যান না তাঁদের আপন মসজিদের নাম 'জমাতখানা' বা সম্মেলনালয়— *সৈমু*)। **জামাতে চাহারম, জমাতে চাহারুম** *বি* মাদ্রাসা শিক্ষার চতুর্থ শ্রেণি ('জমাতে চাহরম' পড়িয়াই যখন আবদুল্লাহ্ মাদ্রাসার ইংরেজী বিভাগে গিয়া ভর্তি হইল— *কাই*)। **তবলিগ** ~ *বি* ইসলামের শিক্ষা প্রচারের উদ্দেশ্যে গঠিত জমায়েত। ~ **বস্ত** *বি* জনসমাবেশে শরিক (বহুসংখ্যক লাঠিয়াল

সড়কিওয়ালা, গড় গোলায়া দেশোয়ালী জমায়েত বস্ত হইয়াছিল—*দীমি*)। { *আ.* জমা'আত جماعة }

জমি, জমিন [জোমি, -ন] *বি* ১ ভূমি; মাটি (রক্ত ধারা প্রবাহিত হইয়া জমিন সিক্ত হইয়া গেল—*ইহো*)। ২ চাষের উপযোগী ক্ষেত্র। ৩ ভূসম্পত্তি; ভূমি-সম্পদ। ৪ ভূপৃষ্ঠ; ভূতল (বন্দেগী করিবে বান্দা জমিনে ঝুঁকিয়া—*ভারা*)। ৫ বস্ত্রের বুনট (এই শাড়ির জমিনটা খুব ভালো)। **জমিজমা** *বি* ১ ভূসম্পত্তি। ২ নিজের ও জমা নেওয়া জমি। **জমি-জায়দাদ** *বি* যাবতীয় সম্পত্তি (নালিশ ফসাদ করে জমি-জায়দাদ সব খুইয়েছে—*অচিসে*)। **জমি-জিরাত, জমি-জেরাত** *বি* চাষের উপযুক্ত জমি; কৃষিক্ষেত্র; জোত (দলিলের কারসাজিতেও জমিজিরাত রক্ষে পায়নি—*অচিসে*)। **জমিদার** *বি* ১ ভূস্বামী; জমির মালিক। ২ জমির মালিক হিসেবে যিনি প্রজার নিকট থেকে খাজনা গ্রহণ করেন। **জমিদারি, জমিদারী** *বি* ১ জমিদারের পদ বা কাজ। ২ ভূসম্পত্তি; তালুক। ☐ *বিণ* জমিদার বা জমিদারি সংক্রান্ত। ~ **নেওয়া** *বি* জমিজমা ক্রয় করা। ☐ *ক্রি* ১ (*আল.*) কুস্তির সময়ে কুস্তিগিরের উপুড় হয়ে জমি আঁকড়ে ধরা। ২ পরাস্ত হওয়া। ৩ মারা যাওয়া। { *ফা.* জমীন زمین }

জম্পেশ [জমপেশ] *বিণ* দৃঢ়সংলগ্ন (চারিধারের চাপে দুইটা হাত জম্পেশ হইয়া . . . —*প্রেমি*)। { জম৮> + পিষা> }

জম্বির, জম্বীর [জোমবির] *বি* ১ একপ্রকার লেবু; জামির; গোঁড়া লেবু (বৃন্তে ছমছম স্তবু জম্বীর—*সদ*)। ২ জামির (বাতাবি লেবু) গাছ। { *স.* জম+ইর(কিরচ্)+ ঈর(ঈরন্) }

জম্বু, জম্বূ [জোমবু] *বি* ১ জামগাছ বা তার ফল (পরিণত ফল শ্যাম জম্বু বনচ্ছায়ে—*রঠা*)। ২ সুমেরু পর্বতের নদীবিশেষ (জম্বু নদ)। ৩ পুরাণ বর্ণিত সপ্ত দ্বীপের এক দ্বীপ। ~**দ্বীপ** *বি* সপ্ত দ্বীপের অন্যতম দ্বীপ; ভারতীয় উপমহাদেশ (জম্বু দ্বীপ হন্তে আসিবেক্ত যোগ্য—*সৈআ*)। { *স.* √জম্+উ, ঊ }

জম্বুক, জম্বূক, জ্বম্বুক (*মবা.*) [জোমবুক] *বি* শৃগাল; শিয়াল (জ্বম্বুক আহেরে যাইতে সিংহরাজ সাজ—*সৈআ*)। ☐ *বিণ* ১ শৃগালের মতো ধূর্ত ও নীচ। ২ নীচ ব্যক্তি। **জাম্বুকী** *স্ত্রী*। { *স.* জম্বু+ক (কন্), > }

জম্বুরা[1] [জোমবুরা] *বি* ১ সাঁড়াশি। ২ ভীমরুল; মৌমাছি; বোলতা। { *আ.* জম্বুর زنبور }

জম্বুরা[2], **জাম্বুরা** [জোমবুরা, জা-] *বি* বাতাবি লেবু; জামির। { *স.* জম্বীর+অ(অণ্)>জাম্বীর+ *বা.* আ> }

জয় [জয়] *বি* ১ বশে আনা; আয়ত্তকরণ (ইন্দ্রিয় জয়, শত্রু জয়)। ২ বিপক্ষের পরাভব বা পতন সাধন (যুদ্ধ জয়)। ৩ অধিকার বিস্তার বা হস্তগতকরণ (রাজ্য জয়)। ৪ সাফল্য; কৃতকার্যতা (বুদ্ধির জয়)। ৫ স্তুতি বা শুভেচ্ছা-সূচক উক্তি (গুরুজির জয়)। *বিপ.* পরাজয়। ~**কেতু** *বি* ১ জয়নিশান। ২ (*ব্য.*) দর্শনের শোভা (কলকেতা সহরে কতকগুলি বেকার জয়কেতু আছেন—*হুসি*)। ~**কার** *বি* ১ জয়ধ্বনি; সাধুবাদ; ব্যাপক বিজয়; অভিনন্দন। ২ সর্বত্র সকল বিষয়ে জয়। ~**জয়ন্তী** *বি* সঙ্গীতের একটি রাগিণী। ~**ডঙ্কা**, ~**ঢাক** *বি* জয়সূচক বাদ্যধ্বনি; প্রাচীন-কালে রণবাদ্যরূপে ব্যবহৃত একপ্রকার বৃহৎ ঢাক। **জয়তু** *ক্রি* জয় হোক। ~**ধ্বজা** *বি* বিজয় পতাকা। ~**ধ্বনি** *বি* ১ জয়সূচক শব্দ; জয়ের জন্য আনন্দ-কোলাহল। ২ জয়জয়কার। ~**পতাকা** *বি* বিজয়জ্ঞাপক পতাকা; জয়লাভের চিহ্ন স্বরূপ যে পতাকা উড্ডীন করা হয়। ~**পত্র** *বি* ১ জয়সূচক পত্র। ২ মোকদ্দমার বিচার শেষ করে বিচারপতি বিজয়ী পক্ষকে যে চূড়ান্ত আদেশপত্র প্রদান করেন; ডিক্রিপত্র। ~**পত্রী** *বি* বিপক্ষের পরাজয় স্বীকারপত্র। ~**পরা**~ *বি* হারজিত; কৃতকার্যতা ও অকৃতকার্যতা। ~**ভেরি** *বি* ১ জয়সূচক ঢাকের শব্দ। ২ জয়ঢাক। ~**মালা**, ~**মাল্য** *বি* বিজয়-গৌরব সূচক মালা; জয়ের নিদর্শনস্বরূপ প্রাপ্ত মালা। ~**লক্ষ্মী** *বি* হিন্দু মতে জয়ের অধিষ্ঠাত্রী দেবী। ~**লেখ** *বি* জয়চিহ্ন; জয়টিকা; জয়ের চিহ্নস্বরূপ তিলক বা লিখন। ~**শঙ্খ** *বি* যে শঙ্খ বাজিয়ে হিন্দুদের যুদ্ধজয় ঘোষণা করা হয়। ~**শব্দ** *বি* ১ জয় হোক এরূপ আশীর্বাণী। ২ জয়ধ্বনি। ~**শীল** *বি* যে সকল সময়ে সকল স্থানে জয়লাভ করে। ☐ *বিণ* জয়ী; জয়যুক্ত। ~**শীলা** *স্ত্রী*। ~**শৃঙ্গ** *বি* রণশিঙ্গা। **জয়শ্রী** *বি* ১ হিন্দুমতে বিজয়লক্ষ্মী; জয়ের অধিষ্ঠাত্রী দেবী। ২ সঙ্গীতের একটি রাগিণী। ~**স্তম্ভ** *বি* বিজয়লাভের চিহ্নস্বরূপ নির্মিত স্তম্ভ। { *স.* √জি+অ(অচ্) }

জয়তুন [জয়তুন] *বি* জলপাই। **জয়তুনি** *বিণ* জয়তুন সম্পর্কিত (কোন জয়তুনী স্মৃতিকণা বহি জাগো অশান্ত রজনী দিন—*ফআ*)। { *আ.* জায়তুন زیتون }

জয়ত্রী, জয়িত্রী, জৈত্রি, জৈত্রী [জয়োত্‌ত্রি, -য়ি-, জোইত্‌ত্রি, -] *বি* মসলারূপে ব্যবহৃত জায়ফলের শুষ্ক বহিরাবরণ; জাতিপত্র; মসলাবিশেষ; mace। { *স.* জাতীপত্রী }

জয়দেব [জয়দেব] *বি* গীতগোবিন্দ রচয়িতা বারো শতকের সুপ্রসিদ্ধ বাঙালি কবি। { *স.* জয়+দেব }

জয়ন্ত [জয়োন্‌তো] *বি* ১ পুরাণোক্ত ইন্দ্রের পুত্র। ২ শিব। **জয়ন্তী** *স্ত্রী*। { *স.* √জি+অন্ত(ঝচ্) }

জয়ন্তিকা [জয়োন্‌তিকা] *বি* হরিদ্রা। { *স.* জয়ন্ত+ইক+আ }

জয়ন্তী [জয়োন্‌তি] *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ ইন্দ্রের কন্যা। ৩ পতাকা। ৪ জন্মোৎসব; যে কোনো ব্যক্তির জন্মতিথি উপলক্ষে উৎসব (নজরুল-জয়ন্তী)। ২৫/৫০/৬০ বৎসর পূর্তি উৎসব— রৌপ্য/সুবর্ণ/হীরক জয়ন্তী। ৫ বৃক্ষবিশেষ। **রজত** ~, **রৌপ্য** ~ - পঁচিশ বৎসর পূর্ণ হওয়া উপলক্ষে উৎসব। **সুবর্ণ** ~ *বি* পঞ্চাশ বৎসর পূর্ণ হওয়া উপলক্ষে উৎসব। **হীরক** ~ *বি* ষাট বৎসর পূর্ণ হওয়া উপলক্ষে উৎসব। { *স.* জয়ন্ত+ঈ(ঙীপ্) }

জয়পাল, জৈপাল [জয়পাল, জোই-] *বি* বৃক্ষবিশেষ; এর বীজ একটি ঔষধি। { *স.* জয়+√পালি+অ (অণ্) }

জয়া [জয়া] *বি* ১ হিন্দুমতে পার্বতী। ২ পার্বতীর সহচরী। ৩ হরীতকী। ৪ ভাং; সিদ্ধি। ৫ জয়ন্তী বৃক্ষ। { *স.* √জি+অ(অচ্)+আ(টাপ্) }

জয়িত্রী ⇒ জয়ত্রী

জয়িষ্ণু [জোয়িশ্‌নু] *বিণ* জয়শীল। { *স.* √জি+ইষ্ণু(ইষ্ণুচ্) }

জয়ী (-য়িন্) *বিণ* ১ জয়লাভ করেছে এমন; জয়যুক্ত; সফল। ২ জয়লাভকারী। ৩ জয়শীল। { *স.* √জি+ইন(ইনি) }

জয়ীফ ⇒ জইফ

জয়েন [জয়েন্] *বি* কাজে যোগ দান (দিন পনেরোর মধ্যেই ওকে জয়েন করতে হবে—*নীহ*)। { *ই.* join }

জয়োঽস্তু, জয়োস্তু [জয়োস্‌তু] *ক্রি* জয় হোক—এই বলে আশীর্বাদ; জয়তু। { *স.* জয়ঃ+অস্তু(√অস্+ অনুজ্ঞায় প্রথম পুরুষ *একব*) }

জর, যর [জর্] *বি* ১ স্বর্ণ। ২ ধন; বিত্ত; মুদ্রা; money। ~**কশি**, ~**দোজি** *বি* ১ জরির কাজ। ২ জরির কাজ করা; জরিখচিত (জরকশী পাদুকা পায় রত্নের কাবাই গায়, ডগমগ অতি দীপ্তি করে—*সৈআ*)। ~**কশি-চাঁরা** *বি* সোনার তার দিয়ে কাজ করা বস্ত্র; কিংখাব (বিলাতী খেলাত পরে জরকশী চাঁরা—*ভারা*)। { *ফা.* জর زر }

জরজর ⇒ জর্জর

জরতারি [জর্‌তারি] *বি* স্বর্ণসূত্রমিশ্রিত সূক্ষ্ম বস্ত্রবিশেষ (জরতারি পটাম্বর সুচারু চামর—*সৈআ*)। { *ফা.* জরতারী زرتاری }

জরতী [জরোতি] *বিণ স্ত্রী.* ১ জরাগ্রস্তা; বৃদ্ধা; জীর্ণদেহা; ক্ষয়িতা। ২ বৃদ্ধা; স্থবিরা। ৩ পুরাতনী; প্রাচীনা (জরতী ধরণী)। **জরৎ** *পু.* (জরৎ শব্দের অর্থ ক্ষীণ; কারু শব্দের অর্থ দারু—*ঈবি*)। { *স.* √জৄ+অৎ(অতৃন্)+ঈ(ঙীপ্) }

জরৎকারু [জরোত্‌কারু] *বি* সুপ্রসিদ্ধ মুনি যিনি কঠোর তপস্যা দ্বারা স্বীয় শরীরকে ক্রমে ক্রমে ক্ষীণ করেছিলেন, হিন্দুদেবী মনসার স্বামী। { *স.* √জৄ+অৎ=জরৎ+কারু; *বহু* }

জরথুস্ত [জরোথুস্‌ত্‌] *বি* প্রাচীন পারস্য দেশীয় ধর্মপ্রবর্তক। তাঁর বাণীগ্রন্থের নাম 'জেন্দা আবেস্তা'। { জরথুস্ত্র> }

জরদ [জরোদ্] *বি* ১ হলুদবর্ণ; পীতবর্ণ। ২ জরির কাজ করা কাপড়। { *ফা.* জরদ زرد }

জরদা, জর্দা, যরদা [জরদা] *বি* ১ জাফরান বা জাফরানি রং ও কিশমিশমিশ্রিত পীতবর্ণের মিঠা পোলাও। ২ পানের সঙ্গে খাওয়ার সুগন্ধি মসলাযুক্ত তামাকপাতাচূর্ণ; পানের মসলা; সুরতি (প্রত্যহ পান ও যরদা এবং সময় সময় নাশতা খাইতেন—*আমআ*)। ☐ *বিণ* হলুদবর্ণ; পীতবর্ণ (জর্দা পরী—*সদ*)। { *ফা.* জর্‌দহ্ زرده }

জরদোজ [জরদোজ্] *বি* জরির কাজ করা কাপড়। জরদোজি *বি* কাপড়ে জরির কাজ। { *ফা.* জরদোজ زردوز }

জরদ্গব [জরোদ্‌গব্] *বি,বিণ* ১ অকর্মণ্য; স্থবির; শক্তিসামর্থ্যহীন; অথর্ব; জরাগ্রস্ত; ঢোসা (ধূলিম্লান এ উপত্যকায় এলি, এসেই হলি গুম, করল তোরে জরদ্গব এই সে যাওয়া আসার ধুম—*নই*)। ২ বৃদ্ধ ষাঁড়; জরাগ্রস্ত ষাঁড়। ৩ গৃধ্রবিশেষ। **জরদ্গবী** *বি স্ত্রী.* জরাগ্রস্তা গাভী। { *স.* জরৎ+গো; *কর্মধা.* }

জরে-নেগার [জরেনেগার্] *বি* স্বর্ণখচিত; স্বর্ণমণ্ডিত; সোনালি। { *ফা.* জর্ নিগার্ زرنگار }

জরা[১] [জরা] *বি* ১ বার্ধক্যজনিত দুর্বল অবস্থা; জীর্ণতা; স্থবিরতা। ২ জরা নাম্নী রাক্ষসী। ~**গ্রস্ত** *বিণ* বার্ধক্য দশাপ্রাপ্ত; অতিবৃদ্ধ। ~**গ্রস্তা** *স্ত্রী.*। ~**জীর্ণ** *বিণ* বার্ধক্যহেতু অতিক্ষীণ। { *স.* √জৄ+অ(অঙ্) }

জরা[২] [জরা] *ক্রি* ১ জীর্ণ করা; জীর্ণ হওয়া (এই মোর দেহ জরিবে না গুপ্তচর জরা সে তোমার?—*মোম*)। ২ হজম হওয়া; পরিপাক হওয়া। **জারিত, জীর্ণ** *বিণ*। **জরানো, জরান** *ক্রি* ১ জারিত করা (লবণ দিয়ে আম জরানো)। ২ জারিতকরণ। ☐ *বিণ* জারিত করা হয়েছে এমন। { *স.* √জৄ+অ(অঙ্)+আ(টাপ্) }

জরায়ু [জরায়ু] *বি* গর্ভাশয়; গর্ভকোষ; womb। { *স.* জরা+ √ই+উ (ঞুণ্) }

জরায়ুজ [জরায়ুজো] *বিণ* প্রাণীর জরায়ু থেকে জন্ম গ্রহণ করে এমন (অণ্ড থেকে নয়)। তুল. অণ্ডজ। { *স.* জরায়ু+√জন্+অ (ড) }

জরাসন্ধ [জরাশন্‌ধো] *বি* মগধের বিখ্যাত রাজা। { *স.* জরা (নামক রাক্ষসী দ্বারা)+সন্ধ (সংযোজিত); ৩তৎ }

জরাসা [জরাসা] *বিণ-বিণ* এতটুকু; একটুও (নাই জরাছা ডর—*রহ*)। { *আ.* যারা ذرا + *ফা.* সা سا }

জরি, জরী [জোরি] *বি* সোনালি বা রুপালি তার; ঐরূপ তারজড়িত সুতা (কি কাজ পরিয়া জুতা সে জরীতে বোনা—*মেমে*)। ~**দার** *বিণ* জরির কাজ করা; জরিযুক্ত; জরি লাগানো (জরিদার পাঞ্জাবি)। **জরিন, জরীন** *বিণ* সোনালি বা রুপালি তারযুক্ত সুতায় কাজ করা; জরিদার (কুঞ্জে জরীন্ ফারসী ফরাস বিছিয়েছে আজ ফুলবালারা —*নই*)। ~**নগুল** *বি* সোনালি ফুল (দিনে দিনে উঠলো ফুটে পরীস্থানের জরীনগুল!—*সদ*)। { *ফা.* জরীন زرین }

জরিপ, জরীপ [জোরিপ্] *বি* ১ জমির পরিমাণ; survey; ক্ষেত্রমাপ (আমি তখন অবস্থা জরীপ করার চেষ্টা পাই—*শও*)। ২ করদ জমির পরিমাপক দল; cadastral surveying party (গ্রামে জরীপ আসাতে উত্তর মাঠে তাঁবু পড়িয়াছে—*বিব*)। ~**আমিন** *বি* ক্ষেত্রমাপকারী; জমির পরিমাণ স্থির করার কাজে নিযুক্ত কর্মচারী। **জরিপি** *বিণ* জরিপ সম্পর্কিত। { *আ.* জরীব جريب }

জরিমানা [জোরিমানা] *বি* অর্থদণ্ড; fine। { *আ.* জুর্‌ম جرم + *ফা.* আনাহ انه }

জরিষ্ণু [জোরিশ্‌নু] *বিণ* ক্ষয়শীল (জরিষ্ণুপ্রহরে সন্তানের ফর্দ করি আজীবন বঞ্চনার পাইকারী আত্মত্যাগী অর্থগৃধ্নুতায়—*বিদে*)। { *স.* √জৄ+ইষ্ণু(ইষ্ণুচ্) }

জরু, জরা, জোরু [জোরু] *বি* পত্নী; স্ত্রী (দেশে এক কালে তাহার জরু গরু জমিজেরাত সবই ছিল—*রাব*)। ~**জাত**, ~**জাত** *বি* সন্তান; পুত্রকন্যা (জরুজাত যত আর ভাই বেরাদর॥ ঈমান আনিল তার তামাম লস্কর—*সৈহ*)। { *হি* জোরু (জোড়া) }

জরুর [জোরুর্] *ক্রিবিণ* অবশ্য; আলবত; নিশ্চিতরূপে। **জরুরত, জরুরিয়ত** *বি* প্রয়োজন; আবশ্যক; দরকার। **জরুরি, জরুরী** *বিণ* ১ অত্যন্ত দরকারি; বিশেষ প্রয়োজনীয় বা গুরুত্বপূর্ণ (জরুরি কথা)। ২ আশু প্রয়োজনীয়; urgent (জরুরি তলব, জরুরি তার)। ৩

সংকটময়; emergent (জরুরি অবস্থা)। {আ. দরার্ ضرور }

জর্জর, জরজর [জর্‌জর্] *বিণ* ১ জীর্ণ; ক্লিষ্ট (শোকে জর্জর)। ২ কাতর; পীড়িত (প্রেমে জর্জর)। ৩ ঝাঁজরাকৃত; অন্তঃসারশূন্য (ঘুণে খেয়ে জর্জর করা)। {স. √জর্জ্+অর}

জর্জরিত [জর্‌জোরিতো] *বিণ* ১ জর্জর করা হয়েছে এমন; জীর্ণ; শীর্ণ (শোকে জর্জরিত)। ২ নিপীড়িত; ক্ষত-বিক্ষত (শরাঘাতে জর্জরিত)। **জর্জরিতা** *স্ত্রী.*। **জর্জরীকৃত** *বিণ* জর্জর করা হয়েছে এমন। **জর্জরীভূত** *বিণ* যা জীর্ণ শীর্ণ ও পীড়িত হয়েছে। **জর্জরীভূতা** *স্ত্রী.*। {স. জর্জ+ই(ণিচ)+ত (ক্ত)}

জর্ডন [জর্‌ডন্] *বি* প্যালেস্টাইনের মধ্য দিয়া প্রবাহিত নদী; এর পানি খ্রিস্টানদের নিকট অত্যন্ত পবিত্র এবং এই নদীর পানি স্পর্শ করিয়ে খ্রিস্টান ধর্মে দীক্ষিত করা হয়। {ই Jordan; আ. উর্দন اردن }

জর্দা ⟹ জরদা

জর্ম, জরম (*মবা.*) [জর্‌মো, জরম্] *বি* জন্ম (বিধির কারণ কর্ম অন্ধ; কালা; খর্ব; জর্ম চেষ্টা বলে না হয় খণ্ডিত—*কাদৌ*; জরম লভিল কাহ্নাঞি—*বচদা*)। {স. জন্ম}

জল [জল্] *বি* ১ পানি; বারি; সলিল; উদক; অম্বু; নীর; পয়; তোয়; অপ্। ২ বর্ষণ; বৃষ্টিপাত (জল হওয়া)। ৩ হালকা খাবার বা নাশতা (জল খাওয়া)। ৪ ক্ষয় বা ব্যয় (রক্ত জল করা টাকা)। ৫ অশ্রু (চোখ দিয়ে জল ঝরা)। □*বিণ* ১ শীতল; স্নিগ্ধ (শরীর জল হওয়া)। ২ হিম; আড়ষ্ট (আত্মা জল হওয়া)। ৩ বিগলিত; তরল (হৃদয় জল হওয়া)। ৪ অপচিত; নষ্ট; ব্যর্থ (টাকা জলে ফেলা)। ৫ সহজবোধ্য বা সরল (দুর্বোধ যা কিছু ছিল হয়ে গেল জল—*রঠা*)। ~ **উঁচু** ~ **নিচু** *বি* স্তাবকতা; তোষামুদি; মন-রাখা কথা। ~ **ওঠা** *ক্রি* ১ জল বের হওয়া বা বমি হওয়া। ২ জল ভিতরে প্রবেশ করা (নৌকায় বা ঘরে জল ওঠা)। ~**কণ্টক** *বি* ১ পানিফল। ২ কুমির। ~**কবঞ্চ** *বি* ১ নারিকেল। ২ শঙ্খ। ৩ পদ্ম। ৪ মেঘ। ~**কর** *বি* ১ জল অথবা জলাশয় প্রভৃতির উপর দেয় বা ধার্য খাজনা। ~ **করা** *ক্রি* ১ পানির মতো তরল করা (বুঝিয়ে জল করে দিয়েছে)। ২ ক্রোধ প্রশমিত করা; ঠাণ্ডা করা। ৩ লোকশান দেওয়া। ৪ হিম বা আড়ষ্ট করা (শীতে শরীর জল করে দিয়েছে)। □*বিণ* ঐ সকল অর্থে। ~**কল্লোল** *বি* ১ জলস্রোতের কলকল ধ্বনি। ২ পানির ধ্বনিমুখর তরঙ্গ। ~**কষ্ট** *বি* পানির অভাবজনিত ক্লেশ বা পানিসংক্রান্ত অসুবিধা। ~**কাক**, ~**পারাবত**, ~**বায়স** *বি* পানকৌড়ি (সংকট শালিক শারী, শুক জলকাক—*সৈআ*)। ~**কাদা** *বি* ১ বৃষ্টির পানি ও তার ফলে পথের কাদা। ২ পথের পানি ও কাদা। ~**কুক্কুট** *বি* গাংচিল। ~**কুক্কুটী** *স্ত্রী.*। ~**কুন্তল** *বি* শেওলা; শৈবাল। ~**কূর্ম** *বি* শুশুক। **জলকে** *ক্রিবিণ* পানি আনতে বা পানি সংগ্রহ করতে (বেশ বেলা থাকতে মেয়েরা কলসী মাথায় 'জলকে' আসত—*সৈমু*)। ~**কেলি**, ~**ক্রীড়া**, ~**খেলা** *বি* পানিতে নেমে সন্তরণাদি খেলা; জলবিহার। ~ **খরচ করা** *ক্রি* শৌচ করা। ~ **খাওয়া** *ক্রি* ১ পানি ও সামান্য খাবার খাওয়া; টিফিন করা; নাশতা খাওয়া। ২ সামান্য কিছু মুখে দিয়ে পানি পান করা। ~**খাবার** *বি* ১ জলযোগের বস্তু; টিফিন; নাশতা। ২ মিষ্টান্ন। ~**গণ্ডূষ** *বি* এক হাতে যতটা পানি ধরে; এক আঁজলা পানি। ~**গর্ভ** *বিণ* ভিতরে পানিবিশিষ্ট; পানিপূর্ণ। ~**গর্ভা** *স্ত্রী.*। ~ **গালা** *ক্রি* নিংড়িয়ে ফেলা; নিংড়ানো। ~**গ্রহণ না করা** *ক্রি* কোনো সম্পর্ক না রাখা। ~**চর** *বি* যে প্রাণী পানিতে বাস করে; জলজন্তু (যেন দীর্ঘ জলচর রৌদ্র পোহাইছে শুয়ে—*রঠা*)। □*বিণ* জলাশয়াদিতে বাস করে এমন; জলবিহারী। ~**চরী** *স্ত্রী.*। ~**চল** *বি*, *বিণ* বর্ণাশ্রম অনুসারে যেসব জাতের স্পৃষ্ট জল ব্রাহ্মণের ব্যবহারযোগ্য; জলাচরণীয়। ~**চারী** *বিণ* পানিতে বিচরণকারী; জলচর। ~**চারিণী** *স্ত্রী.*। ~**চৌকি** *বি* ছোট চতুষ্কোণ কাষ্ঠাসনবিশেষ। ~**ছড়া** *বি* প্রচুর পানির ছিটা। ~**ছত্র**, ~**সত্র** *বি* তৃষ্ণার্ত পথিকদের পানি বিতরণের স্থান (স্থানে স্থানে অন্নশালা দিতে জলছত্র—*সৈআ*)। ~**ছবি** *বি* যে ছবি ভিজিয়ে অন্য কাগজে ছেপে ধরে ছাপ তোলা যায়। **জলজ** *বিণ* পানিতে জন্মে এমন; জলজাত। □*বি* ১ পদ্মফুল। ২ শঙ্খ। ~**জন্তু** *বি* যে সকল প্রাণী পানিতে জন্মে ও তাতে বাস করে; জলচর প্রাণী। ~**জান** *বি* উদজান; Hydrogen। ~**জিয়ন্ত**, ~**জীয়ন্ত**, ~**জ্যান্ত** *বিণ* ১ টাটকা; তাজা। ২ অত্যন্ত স্পষ্ট; একেবারে প্রত্যক্ষ (জাজ্বল্যমান জলজিয়ন্ত দৃষ্টান্ত—*ঈবি*)। ৩ সম্পূর্ণরূপে জীবন্ত ও প্রত্যক্ষ (আমার জলজ্যান্ত মামাকে শুদ্ধ তোমরা উড়িয়ে দিতে চাও—*সুরা*)। ৪ বিশুদ্ধ; খাঁটি; ডাহা (জলজ্যান্ত মিথ্যা)। ~-**ঝড়** *বি* বৃষ্টি ও ঝড়; ঝঞ্ঝা। ~**টল** *বি* জলখাবার। ~**টুঙি**, ~**টুংগি**, ~**টুঙ্গি**, ~**গৃহ** *বি* জলাশয়ের মধ্যস্থলে তৈরি ঘরবিশেষ (বাপের বাড়ীতে আছে গো জলটুঙ্গীর ঘর—*মৈগী*)। ~**তরঙ্গ** *বি* ১ জললহরি; পানির ঢেউ। ২ এক প্রকার বাদ্য। □*বিণ* ঢেউখেলানো; জলতরঙ্গের মতো গঠনযুক্ত। ~**ত্রাস** *বি* জলাতঙ্ক রোগ। **জলদ** *বি* মেঘ। ~**দস্যু** *বি* নদীপথে বা সমুদ্রে যারা ডাকাতি করে। ~**দান** *বি* বিশেষ তিথিতে হিন্দুদের পিতামাতার উদ্দেশ্যে জলদানের অনুষ্ঠান (কতকাল আগে মা তাকের উপর জলদানে পাওয়া মেটে কলসী তুলিয়া রাখিয়াছিলেন—*বিব*)। ~**দুর্গ** *বি* পানিবেষ্টিত দুর্গ; যে দুর্গের চারদিকে পানি; পরিখা দ্বারা ঘেরা দুর্গ। ~ **দেওয়া** *ক্রি* ১ হিন্দুদের চিতায় পানি ঢালা। ২ তর্পণ করা। ৩ মৃত্যু মুহূর্তে মুখে পানি দেওয়া। ৪ পানি সেচন করা (গাছে জল দেওয়া)। ~**দেবতা** *বি* হিন্দুমতে পানিতে বসবাসকারী দেবতা; বরুণ। ~**দোষ** *বি* ১ উদরী; dropsy। ২ কুরণ্ড; কোষ বৃদ্ধি; hydrocele। ~**দ্রোণী** *বি* সেঁউতি; পানি সেচনী। ~**ধনু** *বি* চন্দ্রের চারদিকে চক্রাকারে যে বাষ্পরেখা দেখা যায় (নিরভ্র অম্বর তলে শোভয়ে যেমতি জলধনু আবেষ্টিতে তারা-কুলপতি—*ইহো*)। ~**ধর** *বিণ* জলধারণকারী। □*বি* মেঘ। ২ সমুদ্র। ~**ধারা** *বি* ১ পানির প্রবাহ; পানির স্রোত। ২ বৃষ্টিধারা। **জলধি** *বি* সাগর; সমুদ্র; জলধারণকারী। ~**নকুল**, ~ **না**

গলা *ক্রি* অত্যন্ত কৃপণতা করা; বদ্ধমুষ্টি হওয়া (হাত দিয়ে জল গলে না)। ~**নালি**, ~**প্রণালি** *বি* জল নিষ্কাশনের পথ; নর্দমা; পয়ঃপ্রণালি। ~**নিধি** *বি* সাগর; সমুদ্র; বারিধি; জলধি। ~**নির্গমনী** *বি* জলনালি; নর্দমা। ~**নীলিকা** ⇒ পৃথক ভুক্তি। ~**পটি**, ~**পট্টি** *বি* পানি দ্বারা সিক্ত বস্ত্রখণ্ড; জলসেক (নিরখি এ দৃশ্য দ্রুত উঠে অমর দিলা বেঁধে জলপট্টি হিরণের মাথে—*কায়*)। ~**পড়া** *বি* মন্ত্রপূত পানি। □ *ক্রি* ১ পানি মন্ত্রপূত করা। ২ জল পড়ে যাওয়া। ৩ বৃষ্টিপাত হওয়া; বৃষ্টি পড়া। ~**পাই** ⇒ পৃথক ভুক্তি। ~**পতি** *বি* ১ হিন্দুদেবতা বরুণ। ২ সমুদ্র। ~**পথ** *বি* ১ নৌকা স্টিমার জাহাজ প্রভৃতির সাহায্যে যাবার পথ; নদী সমুদ্র প্রভৃতি। ২ জলনালি। ~**পাত্র** *বি* কলসি, ঘটি প্রভৃতি পানি রাখবার আধার। ~**পান** *বি* ১ পানি খাওয়া। ২ মুড়ি চিড়া খই ইত্যাদি সামান্য আহার। ৩ জলযোগ। ~**পানি** *বি* ১ ছাত্রবৃত্তি; scholarship (এবার পরীক্ষায় উত্তীর্ণ হইয়া জলপানি পাইতেছে—*রঠা*)। ২ জলযোগের পয়সা। ~**পিঁড়ি** *বি* পা ধোয়ার পানি ও বসবার স্থান। ~**পিপি** ⇒ পৃথক ভুক্তি। ~**প্রদান** *বি* মৃত ব্যক্তির উদ্দেশ্যে জলদান। ~**প্রপাত** *বি* উচ্চস্থান থেকে অবিরত বেগে জলস্রোতের নিম্নে পতন। ~**প্রবাহ** *বি* জলস্রোত। ~**প্লাবন** *বি* পানিতে দেশ ভেসে যাওয়ার অবস্থা; বন্যা; বান। ~**বহ** *বি* ১ পানি বহনকারী; ভিস্তি (সুবাসিত জল ঢালে জলবহ—*মদ*)। □ *বিণ* জলপূর্ণ (জলবহ মেঘ)। ~**বায়ু**, ~**হাওয়া** *বি* আবহাওয়া; কোনো দেশ বা স্থানের সারা বৎসরের শীত-গ্রীষ্ম বৃষ্টিপাত প্রভৃতির সাময়িকরূপ; আবহাওয়া। ~**বাহ** *বি* ১ মেঘ। ২ পানি বহনকারী; ভিস্তি। ~**বাহিত** *বিণ* পানির সাহায্যে সংক্রমিত (জলবাহিত রোগ)। ~**বিছুটি**, ~**বিছটি** *বি* পানিতে ভিজানো বিছুটি গাছ—যা গায়ে লাগলে অতিশয় জ্বালা করে ও চুলকায়। ~**বিজ্ঞান** *বি* পানিবিষয়ক বিদ্যা বা শাস্ত্র। ~**বিড়াল** *বি* ভোঁদড়; উদ্‌। ~**বিম্ব** *বি* ভুড়ভুড়ি; পানির বুদ্বুদ। ~**বিষুব** *বি* কার্তিক মাসের সংক্রান্তি। ~**বিহার** *বি* জলকেলি; জলক্রীড়া; পানিতে নেমে যে খেলা। ~**বুদ্বুদ** *বি* জলবিম্ব; ভুড়ভুড়ি। ~**ভাঙা**, ~**ভাঙ্গা** *বি* ভিতর থেকে পানি বের হয়ে আসা; সন্তান প্রসবের সময়ে রমণীদের গর্ভাশয় থেকে পানি বের হওয়া; স্রাব হওয়া; পানমুচি ভাঙা। □ *ক্রি* পানির ভিতর দিয়ে চলা। ~**ভ্রমি** *বি* নদী বা সমুদ্রের মধ্যে পানির পাক বা আবর্ত। ~**মগ্ন** *বিণ* পানিতে ডুবেছে এমন। ~**মগ্না** *স্ত্রী*। ~**মজ্জন** *বি* জলে ডোবা। ~**ময়** *বিণ* জলপূর্ণ; জলে ব্যাপ্ত; জলে প্লাবিত। ~**ময়ী** *স্ত্রী*। ~**মরা** *ক্রি* উত্তাপে পানি উবে গিয়ে শুকিয়ে যাওয়া। ~**মার্জার** *বি* ভোঁদড়; উদ্‌। ~**মুক** *বি* মেঘ; জলধর। ~**মুহরি** *বি* পানি বের হওয়ার মুখ বা পথ; নর্দমা। ~**যন্ত্র** *বি* ১ পানি তোলার কল (ইশারাতে পুচ্ছ উঠালে নামালে যে শুধু তাই নয়, জলযন্ত্র ঘোরালে—*অঠা*)। ২ পানি ঘড়ি। ৩ ফোয়ারা। ৪ পিচকারি; spray (আর যত গ্রামের সম্বন্ধে তারা ভাই, জলযন্ত্র লইয়া সবে আইল ধায়া ধাই—*কমু*)। ~**যান** *বি* জলপথে ভ্রমণ করার যান; নৌকা স্টিমার জাহাজ ইত্যাদি। ~**যুদ্ধ** *বি* নৌযুদ্ধ। ~**যোগ** *বি* জলপান; জলসহযোগে সামান্য কিছু খাবার খাওয়া; সামান্য আহার্য গ্রহণ ও পানি পান (আপনি বিলক্ষণ জলযোগ করিয়াছেন—*ঈবি*)। ~**রোধক** *বিণ* যাহা পানি আটকে রাখে; water-tight। ~**শূকর** *বি* কুমির। ~**শৌচ** *বি* মলমূত্র ত্যাগের পর অঙ্গাদি পানি দিয়ে ধুয়ে পবিত্রকরণ। ~**সই** —পানিতে নিমজ্জিত বা পানি বরাবর। ~**সত্র** ⇒ পৃথক ভুক্তি। ~**সম** *বি* পানির উপর অংশের ন্যায় সমতল; level। ~**সরা** *বিণ* যা থেকে পানি বের হয়েছে এমন (জল সরা দই)। ~**সহা**, ~**সওয়া** *ক্রি* হিন্দু সমাজে বিবাহাদি ব্যাপারে প্রতিবেশীর গৃহ থেকে জল সংগ্রহরূপ সংস্কার। ~**সা** ⇒ পৃথক ভুক্তি। ~**সাৎ** *বি* ১ পানিতে নিক্ষিপ্ত। ২ পানিতে পরিণত। ~**সেক** *বিণ* ১ জল সেচন; পানি সেচা; পানি ছিটানো। ২ গরম পানিতে সিক্ত বস্ত্রখণ্ড নিংড়ে তার দ্বারা সেক বা উত্তাপদান। ~**স্তম্ভ** *বি* নদী বা সমুদ্র থেকে পানির স্তম্ভাকারে উত্থান ও পতন; water spout (ভূমিকম্প জলস্তম্ভ দাবানল যাই ঘটুক না কেন—*মব*)। ~**স্ফীতি** *বি* পূর্ণিমা অমাবস্যায় নদী ও সমুদ্রের পানি বৃদ্ধি। ~ **হওয়া** *ক্রি* ১ বৃষ্টি হওয়া। ২ শান্ত হওয়া; ক্রোধ প্রশমিত হওয়া। ৩ তরল হওয়া বা গলে যাওয়া। ৪ সহজবোধ্য হওয়া। ~ **হয়ে যাওয়া** *ক্রি* ১ রাগ পড়ে যাওয়া। ২ একেবারে ঠাণ্ডা হয়ে যাওয়া। ~**হস্তী** *বি* হাতির ন্যায় জলজন্তু-বিশেষ। ~**হস্তিনী** *স্ত্রী*। ~ **হওয়া** *ক্রি* ১ বৃষ্টি হওয়া। ২ শান্ত হওয়া; ক্রোধ প্রশমিত হওয়া। ৩ তরল হওয়া বা গলে যাওয়া। ~**হাওয়া** *বি* জল ও হাওয়া; আবহাওয়া; জলবায়ু। ~**হারা** *বি* ১ পানিশূন্য; জলহীন; শুষ্ক। □ *বিণ* ১ জলবাহক। ২ লঘু; হালকা (জলহারা মেঘ—*রঠা*)। ~**হাস** *বি* ফেন। **জলে পড়া** *ক্রি* ১ অস্থানে উপস্থিত হওয়া; অকূলে পড়া। ২ অপাত্রে পড়া। **জলে ফেলা**, **জলে দেওয়া** *ক্রি* ১ বৃথা ব্যয় করা। ২ অপাত্রে দান করা। **জলে যাওয়া** *ক্রি* লোকসান হওয়া; বৃথা হওয়া; নষ্ট হওয়া; অপচয় হওয়া। **জলের আলপনা** *বি* ক্ষণস্থায়ী জিনিস। **জলের দাম** *বি* অত্যন্ত সস্তা। **জলের মতো** *বিণ* ১ সহজ। □ *ক্রিবিণ* সহজে; অবলীলাক্রমে; বিনা কষ্টে। **ডুবে ডুবে ~ খাওয়া**—গোপনে শাস্ত্রগর্হিত বা নিষিদ্ধ বা অন্যায় কাজ করা। **সাতঘাটের ~ খাওয়ানো**—ভীষণভাবে জব্দ বা নাকাল করা। {*স.* √জল্+অ(অচ্)

জলওয়া ⇒ জলোয়া

জলঙ্গা, **জলংগা** [জলোঙ্‌গা] *বিণ* জলের ন্যায় বর্ণ (আসমানী নীল রঙের সাথে জলঙ্গা নীল মেশে—*সদ*)। {*স.* জল+অঙ্গ>}

জলজলাট [জল্‌জলাট্] *বি* জাঁকজমকপূর্ণ অবস্থা; দবদবা; শানশওকত; খ্যাতি-প্রতিপত্তি (পূর্বের মিত্তির বাবুদের বড় জলজলাট ছিল- *কাসি*)। {*স.* জ্বল+জ্বলট্}

জলদ[1] [জলোদ্] *বি* ১ মেঘ; জলকর (ঝলমল করে জেন জলদ উঝলা—*শেফ*)। □ *বিণ* জলদাতা। **জলদা** *স্ত্রী*। ~**কাল**, **জলদাগম** *বি* বর্ষাকাল; বৃষ্টির সময়। ~**জাল** *বি* মেঘসমূহ (দুর্ভাগা ও অধঃপতনের জলদজাল বেশীদিন তিষ্ঠিতে পারে না!—*ইহো*)। ~**মন্দ্র** *বি* মেঘের গম্ভীর শব্দ। **জলদোদয়** *বি* ১ মেঘোদয়; মেঘসঞ্চার। ২

বর্ষাকাল। { স. জল+ √দা+অ (ক)}

জলদ² [জলোদ্] *বিণ* দ্রুত; তাড়াতাড়ি (জলদ লয়ের সংগীত)। { আ. জলদী جلدى }

জলদি, জলদী [জোলদি] *ক্রিবিণ* শীঘ্র; দ্রুত; সত্বর; অচিরে (এনার বাত মাফিক কাম করলে মোদের মেটির ভিতর জলদি যেতে হবে—*প্যামি*)। **চট-** *ক্রিবিণ* অতি দ্রুত, তখন-তখন, তৎক্ষণাৎ। { আ. জলদী جلدى }

জলধর [জলোধর] *বি* ১ মেঘ; জলদ। ২ সমুদ্র। ☐ *বিণ* জলধারণকারী। { স. জল+ √ধৃ+অ(অচ)}

জলধি [জলোধি] *বি* সাগর; সমুদ্র। ~**কুমারী,** ~**সুতা** *বি* হিন্দু দেবতা লক্ষ্মী। { স. জল+ √ধা+ই (কি)}

জলনর [জলোনর] *বি* শরীরের উপরের দিক মানুষের ন্যায় নীচের দিক মাছের মতো—এরূপ জলচর প্রাণী। { স. জল+নর}

জলনিধি ⇒ জল

জলনীলিকা, জলনীলী [জলোনিলিকা, -নিলি] *বি* শৈবাল। { স. জল+নীলিকা, নীলী}

জলপতি ⇒ জল

জলপাই [জল্‌পাই] *বি* সুপরিচিত অম্লস্বাদ ফলবিশেষ (আকরোট ছোহারা লবঙ্গ জলপাই—*সৈআ*)। { স. জলপাদপ}

জলপিপি [জল্‌পিপি] *বি* বকজাতীয় এক প্রকার পাখি (জলপিপি ওর মৃদু বোল বুঝি বোলছে—*সদ*)। { স. জল+ *ধ্বন্যা.* পিপি}

জলবায়ু, জলহাওয়া [জলবায়ু, -ওয়া] *বি* কোনো দেশ বা স্থানের সারা বৎসরের শীত গ্রীষ্ম বৃষ্টিপাত প্রভৃতি সম্পর্কিত বিবরণ; আবহাওয়া; climate। { স. জল+বায়ু, বাতাস}

জলসত্র, জলছত্র [জল্‌সত্‌ত্রো] *বি* পিপাসার্তকে জল দানের বন্দোবস্ত। { স. জল। স. সত্র>ছত্র}

জলসা [জল্‌শা] *বি* ১ আসর; বৈঠক; মজলিশ; জটলা বা সমাবেশ; আনন্দ সম্মেলন (জলায় ফুলের জলসা রোজ—*সদ*)। ২ নাচ-গান প্রভৃতির আসর বা বৈঠক (রঞ্জিত হয় এক পিয়ালায় জলসা গেহ—*আহ*)। { আ. জলসাহ جلسة }

জলা [জলা] *বি* যে নিম্নভূমিতে পানি জমে থাকে; বিল; কচ্ছ; marshy land (যতদূর চোখ চলে সবুজ খেত আর জলা—*অঠা*)। ☐ *বিণ* জলময়; পানিতে মগ্ন (জলাভূমি)। **-ভূমি** *বি* পানি ও কর্দমাক্ত নিম্নভূমি। { স. জল+ *বা.* আ}।

জলাচরণীয় [জলাচরোনিয়ো] *বি,বিণ* জলচল; যে জাতের ছোঁয়া পানি ব্রাহ্মণাদি উচ্চবর্ণ হিন্দুর বর্ণাশ্রম অনুসারে ব্যবহার্য। { স. জল+আচরণীয়; বহু}

জলাঞ্জলি [জলান্‌জোলি] *বি* ১ এক অঞ্জলি পানি। ২ হিন্দুমতে শবদাহের পর প্রেতের উদ্দেশ্যে প্রদত্ত অঞ্জলিবদ্ধ পানি। ৩ বিসর্জন; সম্পূর্ণ পরিত্যাগ (সুখ-শান্তিতে জলাঞ্জলি—*আইশা*)। ৪ অপচয়; অপব্যয় (টাকা পয়সা জলাঞ্জলি দেওয়া)। { স. জল+অঞ্জলি; ৬তৎ }

জলাতঙ্ক [জলাতোঙ্‌কো] *বি* রোগবিশেষ; ক্ষিপ্ত শিয়াল-কুকুর কামড়াবার ফলে জল দেখলেই ভয় পাওয়া রোগ; hydrophobia। { স. জল+আতঙ্ক; ৫তৎ }

জলাত্যয় [জলাত্‌তয়] *বি* ১ বর্ষার শেষ; জলশূন্য; মেঘশূন্য। ২ শরৎকাল। { স. জল+অত্যয়; ৬তৎ }

জলাধার [জলাধার্] *বি* ১ জলপাত্র। ২ জলাশয়। ৩ নদী বা সমুদ্র। { স. জল+আধার; তৎ }

জলাধিপ, জলাধিপতি [জলাধিপো/-প্, -পোতি] *বি* ১ হিন্দু দেবতা বরুণ। ২ সমুদ্র। { স. জল+অধিপ, অধিপতি; ৬তৎ }

জলাবর্ত [জলাবরতো] *বি* জলের পাক; জলভ্রমি; জলের ঘূর্ণি। { স. জল+আবর্ত; ৬তৎ }

জলার্দ্র [জলারদ্রো] *বিণ* পানিতে ভেজা; জলসিক্ত। { স. জল+আর্দ্র; ৭তৎ }

জলাশয় [জলাশয়্] *বি* যে স্থানে জল থাকে; জলের আধার; পুকুর, নদী, খাল, সমুদ্র ইত্যাদি। { স. জল+আশয়; ৬তৎ }

জলাসার [জলাশার্] *বি* জলধারা; বৃষ্টিধারা (কে কবে, বাসব যবে রুষি, বরষিলা জলাসার—*মদ*)। { স. জল+আসার; ৬তৎ }

জলি [জোলি] *বিণ* পানিতে উৎপন্ন (জলি ধানগাছ কোমর ডুবায়ে আসমানে আছে চেয়ে—*বআমি*)। { স. জল+ *বা.* ই(জাত অর্থে)}

জলীয় [জোলিয়ো] *বিণ* ১ জলসম্বন্ধীয়। ২ জলবৎ তরল। ৩ জল থেকে উৎপন্ন। { স. জল+ঈয়}

জলুই, জলই [জোলুই, -লো-] *বি* ১ নৌকার তক্তাদি জোড়া দেওয়ার কাজে ব্যবহৃত বড় দুই মুখযুক্ত পেরেকবিশেষ। ২ বড় পেরেক; গজাল। { স. জল+ *বা.* উই, ই (নিরোধ অর্থে)}

জলুস, জুলুস, জৌলুস, জৌলুশ, জৌলুষ [জোলুশ্, জু-, জোউ-, -, -] *বি* ১ জেল্লা; চাকচিক্য; উজ্জ্বলতা (তুমি দিনের জুলুস্ করিয়া দিয়াছ ম্লান—*মোম*)। ২ জাঁকজমক (যদ্দিন আমি আছি, তদ্দিনই সার্কাসের জৌলুস—*অচিসে*; সকলেই চায় শক্তির জলুষ দেখিয়ে বাহবা পেতে—*মোচৌ*)। ৩ উপবেশন। ৪ সিংহাসনে উপবেশন উৎসব। { আ. জলূস جلوس }

জলেশ, জলেশ্বর [জলেশ্, -শর্] *বি* ১ হিন্দুমতে জলের অধিষ্ঠাতা দেবতা বরুণ (কি কারণে কহলো সজনি, সহসা জলেশ পাশী অস্থির হইলা—*মদ*)। ২ সমুদ্র। **জলেশ্বরী** *স্ত্রী*। { স. জল+ঈশ, জল+ঈশ্বর; ৬তৎ }

জলো, জোলো [জোলো] *বিণ* ১ পানিমিশ্রিত (জলো দুধ)। ২ পানিপূর্ণ; সজল (সে চোখ যেমন বড় তেমনি জলো—*প্রচৌ*)। ৩ পানসে। ৪ ফিকা। { স. জল+ *বা.* উয়া>}

জলোকা ⇒ জলৌকা

জলোচ্ছ্বাস [জলোচ্‌ছাস্] *বি* ১ সহসা পানি বৃদ্ধি; পানি ফুলে ওঠা; জলের স্ফীতি। ২ জোয়ার। { স. জল+উচ্ছ্বাস; ৬তৎ }

জলোৎকা [জলোত্‌কা] *বি* মাছবিশেষ (জলোৎকা আর শক্তটা মাছ আছড়ে পড়ে তটে—*সদ*)। {*অমূ*}

জলোদর, জলোদরী [জলোদর্‌, -দোরি] *বি* উদরী রোগ। {*স.* জল+উদর; উদরী}

জলোদ্ভব [জলোদ্‌ভব] *বিণ* ১ জল থেকে উৎপন্ন এমন। ২ জলজাত। ❑ *বি* জলজ উদ্ভিদ ও প্রাণী। **জলোদ্ভবা** *স্ত্রী*। {*স.* জল+উদ্ভব; ৬তৎ}

জলোয়া, জলওয়া [জলোয়া] *বিণ* জেল্লা বা ঔজ্জ্বল্য (নূরের জলওয়া পীর সাহেবের চক্ষে সহ্য হইত না—*আমআ*)। {*আ.* জল্‌ওয়াহ্‌ جلوة }

জলৌকা, জলোকা [জলোউকা, -লোকা] *বি* জোঁক (শশা হেন মশাগুলো জলৌকা কুঞ্জর শুণ্ডাকার—*কমু*)। {*স.* জল+ঔকা}

জলৌষধি [জলোউশোধি] *বি* ব্রাহ্মী শাক, ব্রাহ্মী শাকের মতো ফলপ্রদ শাকসমূহ। {*স.* জল+ঔষধি; *কর্মধা.*}

জল্প [জল্‌পো] *বি* বিরুদ্ধ মত খণ্ডন করে আপন মত প্রতিষ্ঠা। ২ আলোচনা বা জল্পনা; কথন বা আলাপ; বাচালতা। {√জল্প্‌+অ(ঘঞ)}

জল্পক [জলপক্‌] *বিণ* তার্কিক; বাচাল; অতিকথন বা বহুকথন দোষী; বহুভাষী। {*স.* √জল্প্‌+অক(ণ্বুল)}

জল্পন, জল্পনা [জলপোন্‌, -না] *বি* ১ কথন; উল্লেখ; উক্তি (ক্ষুদ্র এ মানবশিশু রচিতেছে প্রলাপ জল্পনা—*রঠা*)। ২ সোৎসাহ আলোচনা; কল্পনামিশ্রিত আলোচনা বা পরিকল্পনা (কবে খাওয়া এবং কি খাওয়া হইবে, এই সকল বিষয়ে জল্পনা—*সুরা*)। ৩ আলাপ-আলোচনা বা আন্দোলন (কিছুদিন ধরে ঐ মূর্তিরই জল্পনা চললো বটে কিন্তু চিরদিন নয়—*অঠা*)। ৪ বাচালতা; বৃথা বাক্যব্যয়; অনর্থক কথন। ৫ প্রস্তাব; সূচনা। {*স.* √জল্প্‌+অন(ল্যুট্‌)+আ(টাপ্‌)}

জল্পিত [জোল্‌পিতো] *বিণ* প্রস্তাবিত; উক্ত; কথিত; আলোচিত। {*স.* √জল্প্‌+ত(ক্ত)}

জল্লাদ [জল্‌লাদ্‌] *বি* ১ প্রাণদণ্ডাদেশপ্রাপ্ত অপরাধীর বধকারী বা ঘাতক (জল্লাদ কোথা? শূল পোঁতে নাই?—*মোম*; জল্লাদের হাতে মৃত্যুই ছিল লঘুতম প্রাপ্য—*ওয়ালি*)। ২ নির্মম বা নিষ্ঠুর ব্যক্তি। **~পনা** *বিণ* জল্লাদের আচরণ বা স্বভাব; নিষ্ঠুরতা (জল্লাদপনা তোর সাধ মিটায়েছে কাল রাতে—*মোম*)। **জল্লাদীয়** *বিণ* জল্লাদসম্পর্কিত (খুন করার মতো জল্লাদীয় ভূমিকায় সে অবতীর্ণ হতে পারে না—*ওহ*)। {*আ.* জল্লাদ جلاد }

জশন, জসন [জশোন্‌] *বি* উৎসব; আমোদ; আহ্লাদ (জসন করেন সবে আনন্দে আরাম—*ফগ*; 'জশন' বা স্বাধীনতা দিবসের আমোদ আহ্লাদ করার জন্য—*সৈমু*)। {*ফা.* জশ্‌ন্‌ جشن }

জশম ⇒ জওসম

জসদ [জশোদ্‌] *বি* ধাতুবিশেষ; দস্তা; zinc। {*স.* যশদ}

জসম ⇒ জওসম

জহমত [জহোমত্‌] *বি* কষ্ট; দুঃখ। {*আ.* যহ্‌মৎ}

জহর[১] [জহোর্‌] *বি* বিষ; গরল; যা খেলে মৃত্যু হতে পারে (জহর খেলোয়া, নবী! মারিবে হাসন—*হেমা*)। **~আলুদা** *বিণ* বিষ-মাখানো; বিষাক্ত (তার বুকে বিষমাখা তলওয়ার চালিয়ে আর জহরআলুদা তীর হেনেই আমার সুখ—*নই*)। {*ফা.* জহ্‌র্‌ زهر }

জহর[২] [জহোর্‌] *বি* মণি; রত্ন; মূল্যবান প্রস্তরবিশেষ। {*আ.* জওহর্‌ جوهر }

জহরত [জহোরত্‌] *বি* বহুমূল্য প্রস্তরাদি; হীরা পান্না চুনি প্রভৃতি নানা রত্ন (পারিবে আমারে দিতে জহরত মানিক কোন—*নই*)। {*আ.* জওয়াহিরাত جواهرات কহর}

জহরব্রত [জহোরব্রোতো] *বি* রাজপুত রমণীদের সতীত্ব রক্ষার্থে অগ্নিকুণ্ডে জীবন বিসর্জন বা বিষপানে মৃত্যুবরণ ব্রত। {*ফা.* জহর[১]+*স.* ব্রত}

জহরি, জহরী ⇒ জহুরি

জহান ⇒ জাহান

জহিন, জহীন [জোহিন্‌] *বিণ* মেধাবী; তীক্ষ্ণবুদ্ধি; অত্যন্ত চালাক; সুচতুর (জহীন কিম্বা চালাক বললে আমরা বুঝতে পারি—*মদ*)। {*আ.* যহীন্‌ ذهين বাংলায় 'জেহেন' রূপেও ব্যবহৃত}

জহুদ, য়ুহুদ [জোহুদ্‌] *বি* ইহুদি; বিধর্মী (এয়ছা জোরে গোর্জ্জ তারে মারিল জহুদ—*সৈহা*)। ❑ *বিণ* ঝগড়াটে বা একগুঁয়ে; জীর্ণ শীর্ণ (নিজের গিন্নীকে তাহলে জহুদ বুড়ী বলে প্রকাশ্যে স্বীকার করে নিতে হয়—*সৈমু*)। {*আ.* জুহুদ جهود }

জহুরা [জোহুরা] *বি* অলৌকিক শক্তি; ঔজ্জ্বল্য প্রকাশ; কেরামতি; মাহাত্ম্য। {*আ.* জুহূর্‌ ظهور }

জহুরি, জহুরী, জহরি, জহরী [জোহুরি, -, -হো-, -] *বি* ১ মণিমুক্তাদির ব্যবসায়ী। ২ যে মণিমুক্তা চেনে এবং এগুলোর দোষগুণ সম্পর্কে অভিজ্ঞ (জহুরী জহর চেনে)। ৩ সমঝদার; বিশেষজ্ঞ; নিপুণ। {*আ.* জওহরী جوهری }

জহ্নু [জোন্‌হু] *বি* একজন পৌরাণিক মুনির নাম—যিনি গঙ্গাকে পান করে হাঁটু দিয়ে বের করেছিলেন। **~কন্যা, ~তনয়া, ~সুতা** *বি* জাহ্নবী, গঙ্গা; জহ্নু-কন্যা বলে গঙ্গার অপর নাম জাহ্নবী। {*স.* জহ্নু}

জা[১]**, জাল** [জা, -ল্‌] *বি* স্বামীর ভাইয়ের বউ (ভাবীর ছোট জা উকিলের মা—*শাআ*)। {*স.* যাতৃ>}

জা[২] [জা] *বি* সন্তান; পুত্র; ছেলে (ভ্রাতৃজা, দত্তজা)। {*স.* জাত>, *তুল.* *ফা.* জাদ}

জাউ, যাউ [জাউ] *বি* অধিক পানি দিয়ে বেশি সিদ্ধ করে রান্না করা খুদ বা চালের মণ্ড; যব চাল বা খুদের ক্বাথ বা মণ্ড (পাটালি দিয়া নূতন ধানের জাউ খাইতে দিয়াছিল—*কাআও*)। {*স.* যবাগূ>; *পা.* যাগূ>}

জাওনা[১] [জাওনা] *বি* জাবনা; গরুর আহারের জন্য কুচানো ও ভিজানো খড় ইত্যাদি। {*স.* যবস>জাবনা>}

জাওনা[২] [জাওনা] *বি* নালা; নর্দমা; পানি বের হওয়ার পথ। {যাওয়া>}

জাওয়া [জাওয়া] *বি* বাঁশবিশেষ (দূর গ্রামের জাওয়া বাঁশের বন—*বিব*)। {*স.* যবস>?}

জাওয়ানো, জাওয়ান [জাওয়ানো] *ক্রি* ১ বাঁচানো; প্রাণ দেওয়া। ২ মাছ জিইয়ে রাখা; জিয়নো। ৩ ভবিষ্যতের জন্য সঞ্চয় করে রাখা। {*স.* √জীব>}

জাওলা [জওলা] *বি* যে সকল মাছ ঘরে পানিপূর্ণ পাত্রে

জিইয়ে রাখা যায়; কই মাগুর শোল ইত্যাদি মাছ। { *আঞ্চ. তুল.* জিয়ল; *স.* জীব্+ওয়ালা>জীউ+ওলা>}

জাং, জাঙ, জাঙ্গ [জাঙ্, –, জাঙগ্] *বি* ১ জঙ্ঘা। ২ হাঁটু থেকে পায়ের গোড়ালি অবধি দেহাংশ। { *স.* জঙ্ঘা>}

জাংড়া, জাঙ্গড়া [জাঙ্ড়া, –ঙ্গ্-] *বি* অশ্বারোহী সওয়ার (যতেক জাঙ্গড়া জড়াইয়া ঘোড়া, ঘোড়া সনে ভূমে লোটে—*ঘচ*)। { *অমূ.* }

জাংলা [জাঙ্লা] *বি* কঞ্চির তৈরি লতামঞ্চবিশেষ; মাচা (জাঙলা ভরিয়া সীমলতা আর ছিরিচন্দলতা—*জউ*)। { জঙ্গল>}

জাঁক [জাঁক] *বি* ১ অহঙ্কার; গর্ব; বড়াই; দেমাক; ডম্ফাই (এ জাঁক করবার মত দুঃসাহস আমাদের নেই—*প্রচৌ*)। ২ আড়ম্বর; ঘটা; বিশেষ সমারোহ (বড় জাঁকের একটা শ্রাদ্ধ হয়েছিল—*ঈবি*)। ~**জমক** *বি* ১ আড়ম্বর; ঘটা; বিশেষ সমারোহ। ২ ঐশ্বর্য প্রচার বা প্রদর্শন। { *স.* চমৎকার >চমক >জমক>জাঁক}

জাঁকড় [জাঁকোড়] *বি* পছন্দ না হলে জিনিস ফেরত দিয়ে মূল্য ফেরত দেওয়া হবে এই শর্তে ক্রয়। **জাঁকড়ি** *বিণ*। ~-**খাতা**, ~-**বই** *বি* ১ পছন্দ না হলে জিনিস ফেরত দেওয়া হবে এইরূপ ক্রয়ের হিসাব যে খাতায় রাখা হয়। ২ হিসাবের পাকা খাতা। **জাঁকড়ে নেওয়া, জাঁকড়ে কেনা** *ক্রি* অপছন্দ হলে জিনিস ফেরত দেওয়া হবে এই শর্তে কেনা। { *হি* জাকড়}

জাঁকা [জাঁকা] *ক্রি* ১ জাঁকজমকপূর্ণ হওয়া; জমকালো হওয়া। ২ এঁটে ধরা। ৩ চেপে বা জেঁকে বসা। □ *বি* উক্ত সকল অর্থে। **জাঁকানো** *ক্রি* ১ জাঁকজমক করা বা আড়ম্বরপূর্ণ করা বা হওয়া। ২ শোভিত করা; গুলজার করা। □ *বিণ* জমকালো; গুলজার। □ *বি* জমকালো বা গুলজার অবস্থা। {জাঁক+আ}

জাঁকালো, জাঁকাল [জাঁকালো] *বিণ* ১ জাঁকজমকপূর্ণ; জমকালো; আড়ম্বরপূর্ণ (জাঁকাল ভাবনা ধরিলে বেগমত্ব বজায় থাকে না—*মীম*)। ২ গুরুগম্ভীর। { *স.* জাঁক+আল, আলো}

জাঁত [জাঁত্] *বি* ১ চাপ। ২ ঠাসাঠাসি; চাপাচাপি বা গাদাগাদি। **জাঁতে পাকা** *বিণ* ঠাসাঠাসি করে রাখার দরুন গরমে পাকা (কতকগুলি জাঁতে পাকা। সেগুলি কুটিয়া নুন মাখিয়া আমসী করাই ভাল—*বচ*)। { *স.* যন্ত্র>*প্রা.* জাত>}

জাঁতা[১], **যাতা** [জাঁতা] *বি* ১ পেষণযন্ত্র; গম ডাল প্রভৃতি গুঁড়া করবার যন্ত্র; কামারের হাপরে হাওয়া দেওয়ার যন্ত্র; ভস্ত্রা। ~ **ভাঙা**, ~ **পেষা** *বিণ* জাঁতায় ভাঙা বা পেষা হয়েছে এরূপ (জাঁতা ভাঙা আটা)। { *স.* যন্ত্র>*প্রা.* জাত>জাঁত+*বা.* আ}

জাঁতা[২] [জাঁতা] *ক্রি* ১ চাপা বা চাপ দেওয়া (গোদা ভোঁদা মেরে জাঁতিয়া ধর—*অঠা*)। ২ পেষণ করা বা পীড়ন করা (শাশুড়ি ননদি জেঁতে মারে)। □ *বি* টেপা (পা জাঁতা)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~ **দেওয়া, জাঁত দেওয়া** *ক্রি* চেপে ধরা; পিষ্ট করা। **জাঁতানো, জাঁতান** *ক্রি* ১ চাপানো। ২ ঠাসন। ৩ প্রচুর পরিমাণে খাওয়া। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~ **পোপা** *বিণ* পিষ্ট (বাঁচবার সাধ আমার ফুরিয়ে গেছে, কিন্তু এমন করে জাঁতা পোপা হয়ে মরবার প্রবৃত্তিও নেই আমার—*নই*)। { *স.* যন্ত্র>*প্রা.* জাত>জাঁত+আ}

জাঁতি, জাঁতী, যাঁতি [জাঁতি] *বি* সুপারি কাটার যন্ত্রবিশেষ; সরতা; জাঁতা কল। ~**কল** *বি* জাঁতি আকৃতির ইঁদুর মারার কল (জাঁতিকলের ইঁদুরের মত আটকা পড়িয়া রহিল—*রঠা*)। { *স.* যন্ত্রী>}

জাঁদরেল [জাঁদ্রেল্] *বি* ১ জেনারেল; সেনাপতি; বীর। □ *বিণ* ১ জবরদস্ত। ২ নামডাকওয়ালা; মস্ত বড় (জাঁদরেল উকিল)। ৩ জমকালো। ৪ প্রকাণ্ড। **জাঁদরেলি** *বিণ* বিরাট; বড়সড় (খুব একটা জাঁদরেলী গোছের দাপাদাপি—*নই*)। { *ই* general}

জাঁদার [জাঁদার] *বি* জাঁদরেল (বেগম সাহেব আজকাল ভারী জাঁদার—*মীম*)। { *ফা.* জহাঁদার جهاندار }

জাঁহাপনা, জাহাঁপনা, জাঁহান-পানা [জাঁহাপোনা, –, –নপা–] *বি* ১ পৃথিবীর আশ্রয়স্থল; প্রভু lord। ২ মহারাজ; রাজাধিরাজ; সম্রাট; মুসলমান সম্রাটের প্রতি সম্বোধনবিশেষ (কহে জাঁহাপনা সেলামত—*ভারা*)। { *ফা.* জহান পনাহ্ جهان پناه }

জাঁহাবাজ, জাহাঁবাজ [জাঁহাবাজ্, জাহাঁ–] *বি, বিণ* ১ দুর্দান্ত; দজ্জাল; জবরদস্ত (ঢের ঢের জাঁহাবাজ মেয়েমানুষ দেখিচি—*বিব*)। ২ ধড়িবাজ; কূটবুদ্ধি। ৩ বহুদর্শী। { *ফা.* জানবায বা জাহানবাজ جانباز }

জাকাত, জকাত, যকাত [জাকাত্, জ–, –] *বি* ইসলাম ধর্মমতে সঞ্চিত সম্পদের মোট মূল্যের শতকরা আড়াই ভাগ দুঃস্থদের দান করার প্রথাবিশেষ (মালের জাকাত দিতে না হইত বিমন—*সৈসু*; হজ্জে যেতে জাকাত দিতে যিনি বাধা দেননি, তাঁর বিরুদ্ধে বিদ্রোহ করা মহাপাপ—*সৈমু*)। { *আ.* জাকাত্ زكواة }

জাগ [জাগ্] *বি* ১ কাঁচা ফলকে পাকানোর জন্য পাতা খড় প্রভৃতির চাপ দিয়ে কৃত্রিম তাপ উৎপাদন। ২ পাট ইত্যাদি পচানোর জন্য পানিতে ডুবিয়ে রাখা। ~ **দেওয়া** *ক্রি* ১ অকালে পাকাবার জন্য কৃত্রিম চাপ বা আবরণের সাহায্যে তাপ সৃষ্টির ব্যবস্থা করা। ২ পচাবার জন্য পানিতে ভিজানো (পাট জাগ দেওয়া)। **জাগে পাকা** *ক্রি* ১ পাতা খড় প্রভৃতি চাপ দিয়ে গরমে পাকানো। ২ কৃত্রিম উপায়ে তাড়াতাড়ি কাজের উপযোগী করতে চেষ্টা করা (আমাদের শিক্ষানীতির উদ্দেশ্য হচ্ছে ইঁচড়ে পাকানো, আর আমাদের সমাজনীতির উদ্দেশ্য হচ্ছে জাগ দিয়ে পাকানো—*প্রচৌ*)। □ *বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √জাগৃ>*প্রা.* জগগ>জাগ}

জাগ-গান [জাগ্গান্] *বি* পল্লী অঞ্চলের রাখালদের পৌষমাসে রাত জেগে গাওয়ার গান ও উৎসব। (জাগার গান জেগে থাকার ও জাগিয়ে রাখার উদ্দেশ্যে গীত গান)। { *স.* জাগ+গান}

জাগন্ত [জাগোন্তো] *বিণ* জেগে আছে বা ঘুমায়নি এমন; জাগ্রত; সজাগ (কল্পান্তের জাগন্ত প্রহরী—*শাহো*)। { *স.* জাগ্রৎ>*প্রা.* জগগংত>}

জাগর [জাগোর্] *বিণ* ১ জাগরূক; জাগ্রত অবস্থা; জাগরণ; নিদ্রাভঙ্গ (রজনী জাগর ক্লান্ত—*রঠা*)। ২ ঘুমভাঙানি; জাগরণী (ভোল রে এ পথ ভোল, শান্তিপুরে শুনবে কে

তোর জাগরডঙ্কা–বোল !—*নই*)। ৩ জাগরিত; জাগ্রত; সজাগ। – **স্বপ্ন** *বি* তন্ময়ভাবে কোনো সুখকর বিষয় কল্পনা; day-dream। { *স.* √জাগ্+অ (অচ)}

জাগরণ [জাগোরোন] *বি* ১ নিদ্রাভঙ্গ; ঘুম থেকে ওঠা। ২ জেগে থাকা; নিদ্রাহীনতা; জাগ্রত অবস্থা। ৩ অনিদ্রা। ৪ অবসন্ন বা আত্মবিস্মৃত অবস্থা থেকে উত্থান (জাতির জাগরণ)। ৫ সাবধানতা। **জাগরণী** *বি* ১ জাগরণ সঙ্গীত; জাগাবার গান। ২ জাগরণ বা নিদ্রাভঙ্গ পর্ব। □ *বিণ* জাগরণ সম্পর্কীয়। **জাগরিত** *বিণ* ১ ঘুম ভেঙেছে এমন। ২ নিদ্রিত নয় এমন; জাগ্রত; বিনিদ্র। ৩ চেতনাপ্রাপ্ত। { *স.* √জাগ্+অন (অনট)}

জাগরী [জাগোরি] *বিণ* ১ নিদ্রাদূরকারী; জাগরণকারী। ২ জাগরিত; নিদ্রাশূন্য; নিদ্রাহীন; অতন্দ্র। { *স.* √জাগ্+অ(অচ) = জাগর+ইন্}

জাগরূক [জাগোরুক্] *বিণ* ১ জাগ্রত; জাগরণশীল; সজাগ। ২ সাবধান; সতর্ক; হুঁশিয়ার। ৩ অবিস্মৃত বা জাজ্বল্যমান বা স্পষ্টরূপে অঙ্কিত (তোমার স্মৃতি আমার হৃদয়ে জাগরূক আছে)। { *স.* √জাগ্+উক (উকঞ্)}

জাগা [জাগা] *ক্রি* ১ নিদ্রাভঙ্গ হওয়া; জাগ্রত হওয়া। ২ বিনিদ্র থাকা; না ঘুমানো; জাগ্রত অবস্থায় থাকা। ৩ সজ্ঞান বা সচেতন হয়ে ওঠা; প্রবুদ্ধ হওয়া। ৪ সতর্ক হওয়া বা অবহিত থাকা। ৫ বিরাজ করা; জাগরূক হওয়া; স্মরণ হওয়া; মনে পড়া (মনে জাগা)। ৬ পানি বা ভূপৃষ্ঠ ভেদ করে উঁচু হয়ে থাকা বা ওঠা (ধান গাছের মাথা জেগে আছে)। ৭ সঞ্চার হওয়া; উদ্রেক হওয়া (সাধ জাগা)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **জাগানো, জাগান** *ক্রি* ১ ঘুম ভাঙানো; নিদ্রা থেকে উঠানো; জাগরিত করা। ২ সচেতন করা। ৩ সতর্ক করা। ৪ স্মরণ করানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **–নিয়া** *বিণ* জাগায় বা উদ্রিক্ত করে এমন (ওগো দুঃখ জাগানিয়া —*রঠা*)। { *স.* √জাগ্ >}

জাগ্রত, জাগ্রৎ [জাগ্‌গ্রোতো, –ত্] *বিণ* ১ সজাগ; জেগে আছে এমন; অতন্দ্র (জাগ্রত চিত্ত)। ২ সচেতন; সতর্ক (আপনারে রাখেন উদ্যত জাগ্রত—*রঠা*)। ৩ অলৌকিক ক্ষমতাসম্পন্ন। { *স.* √জাগ্+অৎ(শতৃ) = জাগ্রৎ}

জাঙ্গল, জাঙ্গল [জাঙ্‌গোল্] *বিণ* ১ জঙ্গল সম্পর্কিত; জঙ্গলস্থিত। ২ বনচর; বনবাসী। ৩ বনবাসীর যোগ্য; অসভ্য; বুনো। ৪ আরণ্য; বনজাত। ৫ জঙ্গলপূর্ণ। **জঙ্গল** *বি*। { *স.* √গল্+যঙ্+অ(অচ) = জঙ্গল+অ(অণ্)}

জাঙ্গাল, জাংগাল [জাঙ্‌গাল্] *বি* ১ বাঁধ; dam (জাঙ্গাল ভাঙা স্রোত)। ২ সেতু (বীরবলে এ জাঙ্গাল ভাঙি দূর কর অপবাদ—*মদ*)। ৩ আলি বা আইল; উচ্চ চওড়া পথ (দীঘি জাঙ্গাল, দেউল দালান গড়লে দ্বীপের রক্ষী গো—*সদ*)। ৪ পথ; রাস্তা (যমের জাঙাল গড়িতে গড়িতে রেখে দিলে কেন মুলতবি—*সদ;* মছজেদ পুষ্করিণী দেয় কতেক জাঙ্গাল—*সৈআ*)। ৫ পতিত জমি। { *স.* জঙ্গাল; *ফা.* জঙ্গল جنگل }

জাঙ্গিয়া, জাঙিয়া [জাঙ্‌গিয়া, –ঙি–] *বি* ১ উরুর উপরিভাগ পর্যন্ত ঢাকা পড়ে এরূপ খাটো পায়জামাবিশেষ (আমির আলি হাঁটুর উপর জাঙ্গিয়া পরিয়া ঘানি ঠেলিতেছে—*আমআ*)। ২ ছোট ছেলেমেয়েদের খাটো পায়জামাবিশেষ। { *স.* জঙ্ঘা> জাঙ্গ+*বা.* ইয়া>}

জাঙ্গি, জঙ্গি, [জাংগি, জোঙ্‌গি, –] *বি* কালো রঙের হরীতকীবিশেষ; চেতকী। { অমূ.}

জাঙ্গুল, জাংগুল [জাঙ্‌গুল্] *বি* বিষ। **জাঙ্গুলী, জাংগুলী** *বি* ১ বিষের দেবতা। ২ বিষ-বিষয়ক বিদ্যা; বিষহরী; সর্পদেবী মনসা। **জাঙ্গুলিক, জাংগুলিক** *বি* ১ বিষবৈদ্য। ২ সাপুড়ে। { *স.* জাঙ্গুল+অ}

জাজা, জাযা [জাজা] *বি* পুরস্কার; বদলা; শোধ; প্রতিশোধ। **–কাল্লাহ**—তোমার কাজের জন্য আল্লাহ তোমাকে পুরস্কৃত করুন; ধন্যবাদ। { *আ.* জাজা جزا }

জাজিম [জাজিম্] *বি* ১ বিছানার নিচে পাতার পুরু গদিবিশেষ; mattress। ২ ফরাস বিছানা গালিচা ইত্যাদির উপর বিছানোর চাদর বা আস্তরণ (জাজিম ভিজিয়া গেছে—*রঠা*)। { *ফা.* جاجم }

জাজ্বল্যমান, জাজ্বল্য [জাজ্‌জোল্‌লোমান্, জাজ্‌জোল্‌লো] *বিণ* ১ অত্যন্ত উজ্জ্বল; অত্যন্ত ভাস্বর; দেদীপ্যমান (অন্তরে জাজ্বল্য থাকে উজ্জ্বল রতন—*রঠা*)। ২ সুস্পষ্ট; সুপ্রকট (একথা জাজ্বল্যমান হবে তার কাছে—*রঠা*)। { *স.* √জ্বাল্+য (যঙ্)+মান (শানচ্)}

জাট[১]**, জাঠ**[১] [জাট্, –ঠ্] *বি* পাঞ্জাব ও রাজপুতনার হিন্দু গোত্রবিশেষ (এক হয়ে যায় মান অপমান ব্রাহ্মণ আর জাঠ—*রঠা*)। { *স.* জর্তিক> *হি.* জাট}

জাট[২]**, জাঠ**[২] [জাট্, –ঠ্] *বি* ১ কাষ্ঠখণ্ড বা যষ্টি। ২ ঘানিগাছের স্থূল অনতিদীর্ঘ কাষ্ঠদণ্ড। { *স.* যষ্টি>}

জাট[৩]**, জাটতুত, জাটতুতো** ⇒ জেঠ

জাটি [জাটি] *বি* লৌহযষ্টি; অস্ত্রবিশেষ (শেল, শক্তি, জাটি, তোমর, ভোমর—*মদ*)। { *স.* যষ্টি>}

জাঠ[১]**, জাঠ**[২]**,** ⇒ জাট[১], জাট[২]

জাঠতুত, জাঠতুতো ⇒ জেঠ

জাঠর [জাঠোর্] *বিণ* ১ উদরসম্পর্কিত। ২ জঠরস্থিত। ৩ জঠরাগ্নি। { *স.* জঠর+অ(অণ্)}

জাঠা, যাঠা, জাঠি, জাঠী [জাঠা, –, –ঠি, –] *বি* লোহার ডাণ্ডা; গদা; লৌহযষ্টি (শেল জাঠা হাতে নিয়ে পাড়া-পড়শীর দুয়ারে গিয়া কোটাল হাঁক ছাড়ে—*দমি;* সোদর বচন বুকে বাজে যেন যাঠা—ঘচ)। { *স.* যষ্টি >}

জাড্য [জাড্‌ডো] *বি* ১ জড়তা; নির্জীব ভাব; অলসতা (আমাদের মজ্জাগত জাড্য সাহিত্যেও পূর্ণ মাত্রায় বিদ্যমান—*সুদ*)। ২ মূর্খতা; বুদ্ধির জড়তা। ৩ শৈত্য। ৪ জড়পদার্থের ধর্মবিশেষ। { *স.* জড়+য(ষ্যঞ্)}

জাড় [জাড়্] *বি* ১ শীত; হিম; ঠাণ্ডা (দারুণ দুর্জয় জাড় নাহি রাখে কিছু সাড়—*ঈগু*)। ২ শীতজনিত জড়তা (বুড়াদের ভাঙে নাক জাড়—*সদ*)। **–কাটা, জারকাটা** *বি* শীতের কারণে লোমকূপের স্ফীতি। { *স.* জাড্য>}

জাড়ি [জাড়ি] *বি* নানা গাছগাছড়ায় প্রস্তুত পাঁচন। { *স.* জড়>}

জাত[১] [জাতো] *বিণ* ১ জন্মেছে এরূপ (নবজাত)। ২ উৎপন্ন; সঞ্জাত; উদ্ভূত। □ *বি* জন্ম (জাতকৃত্য)। **–কর্ম, –কৃত্য, –ক্রিয়া** *বি* নবজাত হিন্দু শিশুর জন্ম উপলক্ষে

অনুষ্ঠেয় সংস্কারবিশেষ। ~কোপ, ~ক্রোধ *বিণ* ১ ক্রুদ্ধ; ক্রোধ জন্মেছে এমন। ২ জন্মাবধি বিদ্বেষ; আজন্ম ক্রোধ। ~**ক্লম** *বিণ* ক্লান্ত এমন; পরিশ্রান্ত। গতক্লম *বিপ*। ~চক্ষু, ~নেত্র *বিণ* চোখ ফুটেছে এমন। ~পক্ষ *বিণ* পাখা উঠেছে এমন। ~পত্র *বি* জন্মপত্রিকা; কোষ্ঠী (জাতপত্র অঙ্গুরী দিলেন নিদর্শন—*কমু*)। ~পুত্র *বিণ* পুত্র জন্মেছে এমন। ~পুত্রা *স্ত্রী*। ~প্রত্যয় *বিণ* বিশ্বাস জন্মেছে এমন; বিশ্বাসবান। ~প্রত্যয়া *স্ত্রী*। ~ব্যবহার *বিণ* ১ বয়ঃপ্রাপ্ত হয়েছে এমন। □ *বি* সাবালক। ~মাত্র *ক্রিবিণ* জন্ম হওয়ার সঙ্গে সঙ্গেই; জন্মিলেই। □ *বিণ* এইমাত্র জন্মেছে এমন; সদ্যোজাত। ~শত্রু *বি, বিণ* ১ যার অনেক শত্রু জন্মেছে। ২ জন্ম থেকে শত্রু; আজন্ম শত্রু। ~শ্মশ্রু *বি* শ্মশ্রু অর্থাৎ দাড়ি গজিয়েছে এমন। ~শ্রম *বিণ* পরিশ্রান্ত; অত্যন্ত ক্লান্ত; জাতক্লম। ~শ্রমা *স্ত্রী*। ~স্পৃহ *বিণ* স্পৃহা জন্মেছে এমন; প্রলুব্ধ। ~হারিণী *বি* ১ রাক্ষসীবিশেষ। ২ সদ্যোজাত শিশুর প্রাণহারিণী; ডাইনি (এই জাতহারিণী পলায় সভে বলে—*বৃদা*)। {*স.* √জন্+ত (ক্ত)}

জাত² [জাত্] *বি* ১ বর্ণ; বংশগত বা জন্মগত সামাজিক অধিকার (ছোট জাতের মেয়ে)। ২ ধর্মগত শ্রেণিবিভাগ (খ্রিস্টান জাত)। ৩ শ্রেণি বা প্রকার (দেশি বিলাতি নানা জাতের চারা)। □ *বিণ* শ্রেণিভুক্ত; গোষ্ঠীভুক্ত বা সগোত্র (ওরা হচ্ছে শয়তানের জাত)। ~ **খাওয়া**, ~ **মারা** *ক্রি* ১ স্বজাতির নিকট হেয় করা। ২ জাতিচ্যুত করা। ~ **খোয়ানো**, ~ **হারানো** *ক্রি* জাতিচ্যুত হওয়া। ~**জন্ম**, ~জন্ম *বি* ১ জাতি; কুল। ২ বংশ মর্যাদা; কৌলীন্য। ~ **দেওয়া** *ক্রি* অন্য জাতির বা ধর্মের কন্যা বা পাত্র বিবাহ করা এবং তজ্জন্য আপন জাতি ত্যাগ করা বা জাতিভ্রষ্ট হওয়া। ~**ব্যবসা** *বি* জাতিগত বৃত্তি; বংশগত পেশা। ~**ভাই**, **জাতিভাই** *বি* ১ এক জাতীয় লোক; স্বজাতি। □ *বিণ* সমগোত্রীয়; এক প্রকৃতির অন্তর্ভুক্ত। **জাতে ওঠা** *বিণ* ১ হিন্দু সমাজে আচরণীয় বলে গণ্য হওয়া; হিন্দু সমাজে পাঙ্‌ক্তেয় বলে বিবেচিত হওয়া। ২ (*আল.*) ভদ্র বা অভিজাত সমাজের একজন হয়ে ওঠা; উচ্চ শ্রেণিতে পদোন্নতি। **জাতে তোলা** *ক্রি* ১ হিন্দুমতে সমাজে গ্রহণ করা। ২ মান উন্নত করা। {*স.* জাতি>}

জাত³ [জাত্] *বিণ* প্রকৃত; আসল; খাঁটি বা শ্রেষ্ঠ (বয়স বেশী নয় জাতলেখক—*মব*; জাত-বোষ্টম)। ~**সাপ** *বি* বিষধর সাপ; গোখরো বা কেউটে সাপ। {*স.* জাতি}

জাত⁴ [জাত্] *বিণ* সঞ্চয় করা বা জমা রাখা হয়েছে এমন; সঞ্চিত; রক্ষিত (গোলাজাত, গুদামজাত)। {সঞ্চিত অর্থে তদ্ধিত প্রত্যয়; *আ.* জাদ্ جاد }

জাতক [জাতোক্] *বিণ* জন্মগ্রহণকারী। □ *বি* ১ সদ্যোজাত শিশু (নপুংসক বিকৃত-জাতক—*বুব*)। ২ জন্মকোষ্ঠী। ৩ জাতকর্ম। ৪ বুদ্ধদেবের পূর্বজন্মের বিবরণসম্বলিত পালি ভাষার গ্রন্থবিশেষ। ৫ ভিক্ষু। {*স.* জাত+ক (কন্)}

জাতাপত্যা [জাতাপোত্‌তা] *বিণ* সন্তানবতী; সন্তান লাভ করেছে এমন নারী। {*স.* জাত+অপত্য+আ(টাপ্); বহু}

জাতাশৌচ [জাতাশোউচো] *বি* হিন্দুমতে সন্তান জন্মের ফলে যে অশৌচ হয় তা। {*স.* জাত+অশৌচ; কর্মধা.}

জাতি¹ [জাতি] *বি* ১ জন্ম ও উৎপত্তি হিসেবে সমলক্ষণ বিচারে শ্রেণিবিভাগ (মানব জাতি, পশু জাতি)। ২ ধর্ম অনুযায়ী শ্রেণিবিভাগ (মুসলিম জাতি, হিন্দু জাতি)। ৩ রাষ্ট্র দেশ বা সংস্কৃতি অনুযায়ী শ্রেণিবিভাগ (ফরাসি জাতি, জার্মান জাতি, বাঙালি জাতি)। ৪ ব্যবসায় ও আচারগত শ্রেণিবিভাগ (জাতিতে মুচি বা গোয়ালা)। ৫ race বা মানব জাতির বিভিন্ন শাখাগত বিভাগ (আর্য জাতি, মঙ্গোলীয় জাতি)। ৬ গোত্র বা কুলগত বর্ণভেদমূলক সামাজিক উপবিভাগ (কায়স্থ জাতি, বৈদ্য জাতি)। ৭ শ্রেণি বা প্রকার (সাহিত্যের নানা জাতি)। ৮ জন্ম; উৎপত্তি। ~**কুল** *বি* ১ বর্ণ ও বংশ। ২ জাতজন্ম। ~ **খাওয়া**, ~ **লওয়া** *ক্রি* ১ জাতি নাশ করা; জাতিভ্রষ্ট করা। ২ সতীত্ব নষ্ট করা (শিয়রে কলিঙ্গ রাজা বড় দুরাচার, তোমারে বধিয়া জাতি লইবে আমার—*কমু*)। ~ **খোয়ানো** *ক্রি* জাতিভ্রষ্ট হওয়া। ~**গত** *বিণ* ১ জাতি সংক্রান্ত; জাতি সম্বন্ধীয়; জাতীয়। ২ জাতির স্বভাব অনুযায়ী। ~**চ্যুত** *বিণ* ১ জাতিভ্রষ্ট; কোনো অশাস্ত্রীয় বা অসামাজিক কাজের জন্য জাতি নষ্ট হয়েছে এমন। ২ অধর্মীয় কাজের জন্য নিজের সমাজ বা জাতি থেকে বহিষ্কৃত। ~**চ্যুতা** *স্ত্রী*। ~**চ্যুতি** *বি*। ~**তত্ত্ব** *বি* মানব জাতির মূল বিভাগ ও পরস্পর সম্বন্ধ বিষয়ে অনুসন্ধানবিদ্যা। **জাতিত্ব** *বি* জাতির অস্তিত্ব। ~**ধর্ম** *বি* ১ জাতির বিশেষ ধর্ম বা স্বভাব। ২ জাতির করণীয় ধর্ম আচার প্রভৃতি। ~**নাশ**, ~**পাত** *বি* জাতিচ্যুতি; জাতি নষ্ট হওয়া (এদেশে কোন কর্ম করিলে পাপস্পর্শ বা জাতিপাত ঘটিয়া থাকে—*ঈবি*)। ~**বর্ণনির্বিশেষে**, ~**ধর্মনির্বিশেষে** *ক্রিবিণ* বিভিন্ন জাতি তাদের ধর্ম বা বর্ণের মধ্যে ভেদজ্ঞান না করে সাধারণভাবে সব শ্রেণির লোকের প্রতি সমান ভাব দেখানো। ~**বাচক** *বিণ* ১ জাতি বোঝা যায় এমন; জাতিবোধক; জাতি নির্দেশক (জাতিবাচক উপাধি)। ২ শ্রেণি বা বর্ণসূচক। ~**বাচিকা** *স্ত্রী*। ~**বিদ্বেষ** *বি* কোনো জাতির প্রতি হিংসা বা ঘৃণা। ~**বৈর** *বি* জাতিতে জাতিতে শত্রুতার ভাব। ~**ব্যবসায়** *বি* জাতিগত বা বংশগত পেশা। ~**ভেদ** *বি* ১ ভিন্ন ভিন্ন জাতির পরস্পরের মধ্যে পার্থক্য। ২ হিন্দুদের চার বর্ণ ও উপবিভাগের মধ্যে প্রভেদ। ~**ভ্রংশ** *বি* জাতি নাশ। ~**ভ্রষ্টা** *স্ত্রী*। ~ **মারা** *বি* ১ জাতি নষ্ট করা। □ *ক্রি* জাতিচ্যুত করা। **জাতির জনক/ পিতা** *বি* কোনো জাতি বা রাষ্ট্রের প্রতিষ্ঠাতা-পুরুষ। ~**সংকর**, ~**সঙ্কর** *বি* বিভিন্ন জাতির মিলনে জাত; বর্ণসংকর। ~**সঙ্ঘ**, ~**সংঘ** *বি* বিভিন্ন জাতির প্রতিনিধিবর্গের একত্র মিলন; বহু জাতির সম্মেলন; United Nations Organisation সংক্ষেপে UNO। ~**স্মর** *বিণ* পূর্বে জন্মেছিলেন এবং সেই জন্মের কথা মনে আছে বলে মনে আছে এমন ধারণা; গত জন্মের ঘটনাসমূহ স্মরণ আছে এমন। {*স.* √জন্+তি (ক্তিন্)}

জাতি², **জাতী** [জাতি] *বি* ১ চামেলি ফুল বা মালতী। ২ মালতী ফুল ও গাছ; *Jasminum grandiflorum*। ৩ জায়ফল ও তার গাছ। ~**কোষ** *বি* জায়ফল। ~**পত্র**, ~**পত্রী**, ~**ফল** *বি* জায়ফল; nutmeg। {*স.* জাতি,+ ঈ(ঙীপ্)}

জাতীয় [জাতিয়ো] *বিণ* ১ জাতি সম্পর্কিত; racial; national। ২ জাতিগত (জাতীয় বৈশিষ্ট্য)। ৩ প্রকার বা শ্রেণিভুক্ত (নানাজাতীয় ফল)। ৪ বর্ণ বা গোত্রসম্বন্ধীয়; tribal। ৫ জাতির প্রকৃতিগত (জাতীয় ভাব)। ৬ সমগ্রভাবে জাতির বা জাতির নিজস্ব (জাতীয় মহাসভা)। ৭ তৎপ্রকার; সদৃশ (মাছজাতীয়)। **জাতীয়া** *স্ত্রী*। { *স.* জাতি+ঈয়(ছ)}

জাতীয়তা [জাতিয়োতা] *বি* ১ স্বজাতিচেতনা; স্বাজাত্যবোধ; স্বজাতিপ্রীতি; স্বজাতি বা স্বদেশবাসীর হিতৈষণা; স্বাজাত্য। ২ জাতির বৈশিষ্ট্য বা অধিকার; nationalism। { *স.* জাতীয়+তা (তল্)}

জাতেষ্টি [জাতেশটি] *বি* জাতকর্ম; প্রসূত সন্তানের জন্য যে ক্রিয়াকর্ম করতে হয়। { *স.* জাত+ইষ্টি; *৪তৎ* }

জাত্য [জাত্‌তো] *বিণ* ১ উচ্চবংশীয়; সুজাত; কুলীন; সদ্বংশীয়। ২ শ্রেষ্ঠ। ৩ সুন্দর; কান্ত; কমনীয়। { *স.* জাতি+য (যৎ)}

জাত্যংশ [জাত্‌তোঙশো] *বি* ১ জাতির অংশ বা সম্বন্ধ। ২ কুল; গোত্র বা বংশ। **জাত্যংশে** *ক্রিবিণ* জাতি হিসাবে; জাতিতে। { *স.* জাতি+অংশ; ৬তৎ }

জাত্যন্ধ [জাত্‌তোন্‌ধো] *বিণ* জন্মান্ধ; আজন্ম দৃষ্টিশক্তিহীন। **জাত্যন্ধা** *স্ত্রী*। { *স.* জাতি+অন্ধ; *বহু.*, *সুপ্‌সুপা*}

জাত্যভিমান [জাত্‌তোভিমান] *বি* বংশগরিমা; উচ্চ বংশে জন্মের অহংকার; কুলগর্ব। **জাত্যভিমানী** *বিণ*। { *স.* জাতি+অভিমান; *মধ্য.* }

জাদ[১] [জাদ] *বি* রেশমি ফিতা বা চুল বাঁধবার দড়ি (সুরঙ্গ পাটের জাদে বিচিত্র কবরী বান্ধে—*কমু*)। { *আ.* জাদ্ جد }

–জাদ[২], **-জাদা** [জাদ্, -দা] *বি* ১ (প্রত্যয়রূপে ব্যবহৃত) পুত্র; ছেলে (সেলাম কর বাদশাজাদে—*রঠা*; নবাবজাদা, বাদশাহজাদা)। ২ জাত; জনিত। **-জাদি, -জাদী** *বি স্ত্রী.* কন্যা (নবাবজাদি)। { *ফা.* জাদাহ্ زاده }

জাদু[১] [জাদু] *বি* পুত্র অর্থে আদরের সম্বোধনবিশেষ (জাদু আমার)। □ *বিণ* বিদ্রূপাত্মক সম্বোধন (কি হে জাদু!)। **-মণি** *বি* বাছাধন; স্নেহের ধন। { *স.* জাত>*প্রা.* জাদ> }

জাদু[২], **যাদু** [জাদু] *বি* ১ ইন্দ্রজাল; ভেলকি; মায়া; কুহক (কি জাদু বাংলা গানে—*অতুসে*)। ২ বশীকরণ ইত্যাদি; তুক (জাদু করা, ওরাই তো তোরে যাদু করিয়াছে—*জউ*)। **-কর, -গর** *বি* ১ যে যাদু করতে জানে; ইন্দ্রজালিক; মায়াবী; ভেলকিবাজ; magician। ২ বশীকারক। **-করী** *বিণ* ১ জাদু করে এমন। □ *বি স্ত্রী.* মেয়ে জাদুকর। **-ঘর** *বি* যেখানে পুরাতত্ত্ববিষয়ক ও অন্যান্য বহুপ্রকার অদ্ভুত ও কৌতূহলোদ্দীপক প্রাকৃতিক ও শিল্পবিজ্ঞানজাত বস্তু সংরক্ষিত থাকে; museum। **-বিদ্যা** *বি* ১ ভোজবিদ্যা; কুহকবিদ্যা; magic। ২ বশীকরণবিদ্যা। { *ফা.* জাদু جادو }

জান[১] [জান্] *বি* ১ গণক (কেমন করিয়া বলিব আমি তো আর 'জান' নহি—*রঠা*)। ২ যে জানে; সর্বজ্ঞ (রসজ্ঞান, সর্বজান)। { *স.* √জ্ঞা>; জান> }

জান[২] [জান্] *বি* ১ জীবন; প্রাণ (আমার জান বাবা আপনার হাতে সঁপে দিয়ে যাননি?—*সৈমু*)। ২ রাগ-রাগিণীর সর্বপ্রধান সুর। **- কবুল** *অব্য* প্রাণ দিতেও প্রস্তুত অর্থজ্ঞাপক (সকলেই জান কবুল করে যুদ্ধ করিতে লাগিল—*হবা*)। **-বাচ্ছা** *বি* স্ত্রীপুত্র সব; আত্মপরিজন-সমেত বা সপরিবার (জান বাচ্ছা এক খাদে গাড়িব হারামজাদে—*ভারা*)। **-মান** *বি* প্রাণ ও সম্মান। **-মাল** *বি* জীবন ও ধনসম্পদ; ধনপ্রাণ। **জানি দুশমন** *বি* ১ হত্যা করতে পারে এমন শত্রু; প্রাণঘাতী শত্রু। ২ ঘোর শত্রু; প্রবলতম শত্রু। **জানি দোস্ত** *বি* অন্তরঙ্গ বন্ধু; প্রাণের বন্ধু। { *ফা.* জান্ جان }

জান[৩] [জান্] *বি* মার্গ বা পথ (মাঠ ঘাট ডিঙিয়ে জান জাঙাল ভেঙ্গে—*অচিসে*)। { *স.* যান> }

জানকী [জানোকি] *বি* জনক রাজার কন্যা; সীতা। { *স.* জনক+অ (অণ্)=জানক+ঈ(ঙীপ্)}

জানত [জানোতো] *বিণ* ১ পরিচিত; জানাশুনা; পরিজ্ঞাত (আমার জানত একটা বুড়ি—*অঠা*)। □ *ক্রিবিণ* জ্ঞানত; জ্ঞাতসারে; knowingly। { *স.* জ্ঞানত>; জ্ঞাত> }

জানপদ [জানোপদ] *বিণ* ১ জনপদসম্পর্কিত। ২ গ্রামাঞ্চল নিবাসী। ৩ জনপদে উৎপন্ন। { *স.* জনপদ+অ (অণ্)}

জানলা ⇒ জানালা

জানসি (*মবা.*) [জানোসি] *ক্রি* ১ জানিস (না জানসি রাধা—*বচদা*)। ২ জানে (কতজন জানসি নেহ—*বিপ*)। { *স.* √জ্ঞা> }

জানা [জানা] *ক্রি* ১ জ্ঞাত থাকা; অবগত হওয়া (আমি তাহার অবস্থা জানি)। ২ টের পাওয়া; সংবাদ পাওয়া (কেউ জানে না) ৩ বোঝা বা অনুমান করা (অবশ্য জানি তোমার হয়তো অসুবিধাই হবে)। ৪ উপলব্ধি করা; অনুভব করা (মরম না জানে ধরম বাখানে—*জ্ঞাদা*)। ৫ আলাপ-পরিচয় থাকা বা চেনা (তাকে জানি)। ৬ পারা বা করার ক্ষমতা বা শিক্ষা থাকা (কাজ জানা)। ৭ জ্ঞান বা শিক্ষা থাকা (লেখাপড়া জানা)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **-জানি** *বি* বহুলোকের জানা বা অবগতি। □ *বিণ* প্রচার; রাষ্ট্র (কথা জানাজানি হয়েছে)। **জানানো** *ক্রি* ১ অবগত করানো; জ্ঞাত করা বা করানো। ২ সংবাদ দেওয়া। ৩ সতর্ক করা; সাবধান করা। ৪ নিবেদন করা (সালাম জানানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **জানান দেওয়া** *ক্রি* ১ পূর্ব থেকে জানিয়ে রাখা বা সংবাদ দেওয়া। ২ আভাসে বোঝানো; ইঙ্গিতে জ্ঞাপন। **-শুনা, -শোনা** *বিণ* পরিচয় জানা আছে এমন; পরিচিত। □ *বি* ১ অভিজ্ঞতা; জ্ঞান। ২ পরিচয়। { *স.* √জ্ঞা> *বা.* √জান্+আ}

জানাজা, জনাজা [জানাজা, জ-] *বি* ১ মৃত ব্যক্তির সদ্‌গতির জন্য দাফন বা কবরস্থ করার পূর্বে যে প্রার্থনা করা বা নামাজ পড়া হয় (মৃত ব্যক্তির সদ্‌গতি উপাসনা (জানাজা) করাইতে—*মীম*)। ২ শবাধার; শবসমেত খাট। ৩ শবযাত্রা (কাল হবে বার জানাজা যাহার, সে বুড়োর পরে বৃথা এ রোষ—*নই*)। { *আ.* জানাজাহ জنازة }

জানানা, জেনানা [জানানা, জে-] *বি* ১ স্ত্রীলোক; নারী (তার তুল্য স্বাধীন জেনানা আমি আর একটিও দেখিনি—*প্রচৌ*)। ২ পত্নী। ৩ অন্তঃপুরিকা; অন্তঃপুরবাসিনী

(ঘর হৈতে নিকালিতে না পারে জানানা—*ভারা*)। ৪ অন্তঃপুর; অন্দরমহল। ৫ অবরোধ; পর্দা। –রীতি *বি* অবরোধপ্রথা বা পর্দা-প্রথা। { *ফা.* জানানহ্ زنانه }

জা'নামাজ, জা'নমায [জায়নামাজ্‌, –ন–] *বি* নামাজ পড়ার মাদুর বা কার্পেট (জা'নামাজ বিছিয়ে নামাজ পড়ছে মাগরেবের—*শাহেদ*)। { *ফা.* জায়নামাজ جائى نماز }

জানালা, জানেলা, জালনা [জানালা, জানেলা, জাল্‌না] *বি* গবাক্ষ, বাতায়ন; খিড়কি (জানেলাটি যেমত সচরাচর এরূপ গৃহে ক্ষুদ্র হয়, তদ্রূপই ছিল—*বচ;* তারালোকে খোলা যত জালনা—*সদ*)। { *ফা.* جنالہ }

জানি দুশমন ⇒ জান²

জানু [জানু] *বি* হাঁটু; উরুর সন্ধি। ~গতি, ~চঙ্ক্রমণ *বি* হামাগুড়ি। ~সন্ধি *বি* হাঁটুর জোড়। { *স.* }

জানুয়ারি, জানুআরি [জানুয়ারি] *বি* ইংরেজি বৎসরের প্রথম মাসের নাম। { *ই* January }

জানোয়ার [জানোয়ার] *বি* ১ জীব; প্রাণী (হেদি কিরূপ জানোয়ার আজ একবার দেখিয়া আসি—*ঈবি*)। ২ পশু; জন্তু (লোকটা জানোয়ারের মতো চলে)। □*বিণ* কাণ্ডজ্ঞানহীন; মনুষ্যত্বহীন। { *ফা.* জানওয়ার جانور }

জান্তব [জান্‌তোব্‌] *বি* ১ জন্তুসুলভ বা জীবধর্মজনিত (জান্তব গরল ঢালে সংসারের অম্লান এ পাত্রে—*হাহা*)। □*বিণ* ১ জন্তুসম্পর্কিত। ২ জন্তুজাত। ৩ জন্তুতুল্য। { *স.* জন্তু+অ(অণ্‌) }

জান্তা [জানতা] *বিণ* জানে এমন; অভিজ্ঞ (সবজান্তা)। { *স.* জ্ঞাতা>জান্‌–তা }

জান্নাত, জিন্নাত, জান্নত, জন্নাত [জান্‌নাত্‌, জি–, জান্‌নাত্‌, জন্‌নাত্‌] *বি* ১ বেহেশত; স্বর্গ; অমর্ত্যলোক (জিন্নাৎ হতে দেখিব মোদের গোরস্থানের পর প্রেমে আনন্দে পূর্ণ সেথায় উঠেছে নূতন ঘর—*নই*; জান্নাত হতে ফেলে হুরী রাশ রাশ ফুল—*নই*)। ২ উদ্যান। ৩ স্বর্গোদ্যান। –বাসী *বিণ* ১ স্বর্গবাসী। ২ পরলোকগত। –বাসিনী *স্ত্রী*। **জান্নাতি** *বিণ* স্বর্গীয়; বেহশতি (আনে জান্নাতী নূর—*ফআ*)। **জান্নাতুল বাকি, জান্নাতুল বাকিয়া** *(অপ্র.) বি* ১ মদিনার পূর্বদিকস্থ গোরস্তানবিশেষ। ২ শ্রেষ্ঠতম স্বর্গ (...এমন একটা সুন্দর স্থান হয়ে দাঁড়াত, যাকে জিন্নাতুল বাকিয়া বললেও লোকে তৃপ্ত হত না!—*নই*)। { *আ.* জান্নাত جنة }

জাপ¹ [জাপ্‌] *বি* জপমন্ত্র (জাগিয়া গহন রাতি জঞ্জাল ভাবিয়া অতি জপিছে আজি এ এক জাপ—*দৌবা*)। **জাপক** *বিণ* জপ করে এমন; জপকারী। **জাপ্য** *বি* জপ করবার মন্ত্র; যা জপ করতে হবে। { *স.* জপ> }

জাপ² [জাপ্‌] *বিণ* জাপান দেশীয় (জাপ নৌবহর)। { *ই* Japanese }

জাপটানো, ঝাপটানো [জাপ্‌টানো, ঝা–] *ক্রি* দুই বাহু দিয়ে জড়িয়ে ধরা (ধরি বাসুকির ফণা জাপটি—*নই*)। □*বি,বিণ* উক্ত অর্থে। **জাপটাজাপটি** *বি* পরস্পর জাপটানি; জড়াজড়ি। { *বা.* জাপটা+আনো }

জাফরান [জাফ্‌রান্‌] *বি* পুষ্পবিশেষের কেশর; কুঙ্কুম; saffron (সেদিন জাফরানের ফুলে যেন খুন খুশরেজি—*নই*)। **জাফরানি** *বিণ* পীত; হলুদ; হলদে (জাফরানী রঙ ওড়না ওড়ায়ে—*সৈআ*)। { *আ.* জাফরান زعفران }

জাফরি [জাফ্‌রি] *বি* বাঁশের বাখারি বা চটা ইত্যাদি দিয়ে বোনা চৌকোনা ছিদ্রযুক্ত বেড়া বা ঝাঁপ (উঠানটা বাঁশের জাফরি দিয়া ঘেরা—*বিব*)। { *আ.* জা'ফরী جعفری }

জাব, জাবনা [জাব্‌, –না] *বি* কুচানো খড়ের সঙ্গে ভুসি খৈল পানি প্রভৃতি মিশ্রিত গরু-মহিষাদির খাদ্য (দুম্বা ভেড়ার জাবনা-তলায় এসে ঠেকেছে—*সৈমু*)। ~মাখা *ক্রি* নানা জিনিস একত্রে মিশ্রিত করা। { *স.* যবস্‌> জাব }

জাবড় ⇒ জাবড়া

জাবড়া, জাবড় [জাব্‌ড়া, –বোড়্‌] *বিণ* ১ জাবের মতো ভেজা; অত্যন্ত সিক্ত (যতেক কাপড় ঘৃত তৈল দিয়া তাহা করিল জাবড়—*কৃও*)। ২ এলোমেলো; অগোছালো; শ্রীহীন। ৩ জবড়জং; অত্যন্ত স্থূল। **জাবড়ানো** *ক্রি* ১ পানিতে ডুবানো; চুবানো (পানিতে শরীর জাবড়ানো)। ২ এলোমেলোভাবে কাজ করা। ৩ থেবড়ানো। ৪ জাপটানো; জড়িয়ে ধরা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* যবস্‌> }

জাবদা, জাবেদা, জাব্দা, জাবিতা [জাব্‌দা, –বে–, –ব্‌–, জাবিতা] *বিণ* আইন; বিধান; law (জাবদা আপীল, জাব্দা জুজুর ভয় কোরো না—*সদ*)। □*বি* দৈনিক হিসাবের পাকা খাতা (খেরো মোড়া দড়ি বাঁধা জাব্দা—*অঠা*)। ~আপিল, ~আপীল *বি* আইনসম্মত পুনর্বিচারের আবেদন; রীতিমত আপিল। ~খাতা *বি* যে মোটা খাতায় দৈনিক হিসাব লেখা হয়। ~নকল *বি* যথারীতি অর্থাৎ আদালতের স্বাক্ষর বা মোহরযুক্ত নকল; certified copy। { *আ.* দ়াবিত়াহ় ضابطة }

জাবনা ⇒ জাব

জাবর, জাওর [জাবোর্‌, –য়ো–] *বি* গো-মহিষ ছাগাদির গিলিত খাদ্য মুখে এনে পুনরায় চর্বণ; চর্বিতচর্বণ (চেয়েছি গোলামী, জাবর কেটেছি গোলামখানায় বসি—*নই*)। ~কাটা *ক্রি* ১ রোমন্থন করা; চর্বিতচর্বণ করা (তাঁর ত সভ্য হওয়া নয়, জাবরকাটা—*দীমি*; এখন ধবলীও যে জাবর কাটছে—*জউ*)। ২ একই বিষয়ের বা বক্তব্যের পুনঃপুন উত্থাপন বা আলোচনা করা। { *স.* যবস্‌>জাব> }

জাবালি [জাবালি] *বি* জবালা নামক বিখ্যাত মুনির পুত্র। { *স.* জবাল+ই (ইঞ্‌) }

জাম¹ [জাম্‌] *বি* পেয়ালা; পাত্র (রোম-সম্রাট শরাবের জাম হাতে থর থর কাঁপে—*নই*)। ~বাটি *বি* কাঁসার তৈরি বড় পেয়ালা বা খোরা (জামবাটি সাইজ অ্যাশট্রে—*সৈমু*)। { *ফা.* জাম্‌ جام }

জাম² [জাম্‌] *বি* ১ ঘোর বেগুনি রঙের ফল; কালোজাম। ২ মিঠাইবিশেষ। { *স.* জম্বু> }

জাম³ [জাম্‌] *বি* মরিচা; জং (আজ হৃদয়ের জামধরা যত কবাট ভাঙিয়া দাও—*নই*)। –ধরা *বিণ* মরিচা-ধরা; জং-ধরা (নোংরা জামধরা কেরোসিনের টিন—*সৈমু*)। { *ফা.* জ়ন্‌গ زنگ }

জাম⁴ [জাম্‌] *বিণ* ১ চাপবাঁধা; আঁট (জাম হয়ে আছে জানলা শত টানাটানি ঠেলাঠেলিতেও ওঠে না—*অচিসে*)। ২ গাদাগাদি; ঠাসাঠাসি (সভাগৃহ জাম)। { *ই* Jam }

জামড়া, জামড়ো [জাম্‌ড়া, -ড়ো] *বি* ক্রমাগত ঘষার ফলে চামড়ায় কড়া পড়া। □ *বিণ* দরকাঁচা। { *আ.* জামিদ্ جامد }

জামদগ্নেয়, জামদগ্ন্য [জামোদগ্‌নেয়ো, -গ্‌নো] *বি* (হিন্দু পুরাণের) জমদগ্নি মুনির পুত্র পরশুরাম। { *স.* জমদগ্নি+ এয় (ঢক্), য (ষ্যঞ্)}

জামদানি, জামদানী [জামদানি] *বি*১ তাঁতের ফুলতোলা মিহি কাপড়বিশেষ। ২ নকশাতোলা ধাতুপাত্র। □ *বিণ* নকশাতোলা; ফুলকাটা। { *আ.* জামদানী جامدانی }

জামধর [জাম্‌ধর] *বি* সাঁড়াশিজাতীয় প্রাচীন অস্ত্রবিশেষ (সুপারি কাটার জাঁতির মত জামধর মোগল ছবিতে দেখেছিলুম—*সৈমু*)। { *ফা.* জাম+দার جامدار }

জামরুদ [জাম্‌রুদ] *বি* ১ উজ্জ্বল সবুজ রঙের মূল্যবান পাথরবিশেষ; emerald (আজি আলমাস, গওহর লুটে আনি জামরুদ লাল—*ফআ*)। ২ খাইবার পাসের নিকটস্থ দুর্গবিশেষ। { *আ.* জমরুদ زمرد }

জামরুল [জামরুল] *বি* এক প্রকার সাদা ছোট ফল ও তার গাছ। { *স.* জম্বু> }

জামা [জামা] *বি* সেলাইযুক্ত অঙ্গাবরণ বা পরিচ্ছদ; পিরহান; কোট কামিজ ব্লাউজ ইত্যাদি ঊর্ধ্বাঙ্গে পরিধেয় সেলাই করা বস্ত্র। **–জোড়া** *বি* ১ জামা ও তার উপর শালের জোড়া। ২ জাঁকজমকপূর্ণ অথবা কেতাদুরস্ত পোশাক। ৩ একপ্রস্থ পোশাক। { *ফা.* জামাহ্ جامه }

জামাই [জামাই] *বি* কন্যা বা কন্যাস্থানীয়া মেয়ের স্বামী; জামাতা। **–আদর** *বি*১ উৎকৃষ্ট ও প্রচুর ভোজ্যাদি দ্বারা সমাদর। ২ জামাইয়ের মতো বিশেষ আদর। **– বরণ** *বি* বিবাহকালীন আচারবিশেষ। **–ষষ্ঠী** *বি* হিন্দুসমাজে প্রচলিত জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠীতে জামাইকে নিমন্ত্রণ ও উপঢৌকন প্রদানের অনুষ্ঠান। **ঘর–** *বি* যে জামাই স্থায়ীভাবে শ্বশুর বাড়িতে বসবাস করে। { *স.* জামাতৃ> }

জামাত ⇒ জামায়েত

জামাত উলা [জামাতুউলা] *বি*১ মাদ্রাসার সর্বোচ্চ শ্রেণি; ঐ পরীক্ষায় উত্তীর্ণ ব্যক্তি। ২ প্রথম শ্রেণি; সর্বোচ্চ শ্রেণি। { *আ.* জমা'আতে উলা جماعةاولی }

জামাতা [জামাতা] *বি* ১ জামাই; কন্যার স্বামী (নির্চএ তার দুহিতার জামাতা মরএ—*সৈসু*)। ২ পতি। **জামাতৃগৃহ** *বি* জামাতার আবাস বা ঘর। { *স.* জায়া+√মা(গ্রহণ করা অর্থে)+তৃ (তৃচ্)=কন্যার পাণি গ্রহণকারী}

জামানত, জমানত [জামানত, জমা–] *বি*১ জামিনস্বরূপ গচ্ছিত অর্থাদি। ২ জামিন; প্রতিভূ; bail। **–নামা** *বি* যে পত্রে জামানতের শর্তাদি লেখা থাকে। { *আ.* দমানত ضمانة }

জামানা [জামানা] *বি* সময়; কাল; যুগ (তার জামানায় খাম খেতে পাই না—*হবা*)। { *আ.* জমানাহ্ زمانة }

জামানি [জামানি] *বি* জামিন; প্রতিভূ (অরাজক পুরে যাবামাত্র জামানিতে খালাস দিব—*মীম*)। { *আ.* দামিন্ ضامن }

জামাল [জামাল] *বি* রূপ; সৌন্দর্য; সুষমা (তা না হলে কার হবে আর রোশন এমন জামাল?—*নই*)। { *আ.* জামাল جمال }

জামিউল আজহার [জামিয়ুল্ আজহার্] *বি* কায়রোতে অবস্থিত বিশ্বের প্রাচীনতম বিশ্ববিদ্যালয় (জামিউল আজহারের ছাত্রবৃন্দ—*মামু*)। { *আ.* আলজামিউল আজহর الجامع الازهر }

জামিওয়ার [জামিওয়ার] *বি* সমস্ত জমিতে ফুল-তোলা দামি কাশ্মীরি শাল বা চাদর। { *ফা.* জামহ্বার جامهوار }

জামিন, জাবিন [জামিন, –বি–] *বি*১ জামানত; প্রতিভূ; অপরের জন্য দায়ী; bail; security (আসামির জামিন নেওয়া যাইতে পারে)। ২ অঙ্গীকার পালন না করলে যে গচ্ছিত টাকা কাটা যায়। **জামানি, জামিনী, জাবানি** (*অপ্র*) *বি* জামানত (তাঁহার পাঁচশত টাকার জামিনী হইয়াছে—*মীম*)। *বি* যে অপরের জন্য জামিন হয়; প্রতিভূ। **–দারি** *বি* জামিন দেওয়া; মুচলেকা দেওয়া। **–নামা** *বি* যে পত্রে জামিন নেওয়া বা দেওয়ার শর্তাদি লেখা থাকে; মুচলেকা। { *আ.* দামিন ضامن }

জামিয়ার, জামীয়ার, জামেয়ার [জামিয়ার, –, –মে–] *বি* ফুল তোলা অত্যন্ত মূল্যবান কাশ্মীরি শালবিশেষ (একটি দামী পুরাতন জামিয়ার বাহির করিলেন—*রঠা*)। { *ফা.* জামহ্বার جامهوار }

জামির, জামীর, জমিরা [জামির, –, –রা] *বি* আকারে বড় ও অত্যন্ত অম্লস্বাদযুক্ত লেবুবিশেষ; গোঁড়ালেবু (জামির তুরঙ্গ দ্রাক্ষা মহুয়া বাদাম—*সৈআ*; হিয়া পুলকিত কুচ কনক জামিরা—*সৈআ*)। { *স.* জম্বীর> }

জামীয়ার, জামেয়ার ⇒ জামিয়ার

জামে মসজিদ [জামে মোস্‌জিদ্] *বি* বড় মসজিদ; শুক্রবারে বা ঈদে বড় জামাত অনুষ্ঠানের লক্ষ্যে নির্মিত বড় মসজিদ; দিল্লির বিখ্যাত মসজিদ (তিনি জামে মসজিদ ও অন্যান্য মসজিদ নির্মাণ করেন—*মুআরা*)। { *আ.* জামে+মসজিদ}

জাম্বীর [জাম্‌বির্] *বি* জামির; জম্বীর। □ *বিণ* ১ জামিরসম্বন্ধীয়। ২ জামির থেকে উৎপন্ন। { *স.* জম্বীর+অ (অণ্)}

জাম্বু (*মব.*) [জাম্‌বু] *বি* জাম (আম্বু, জাম্বু মুকুলিল—*বচদা*)। { *স.* জম্বু}

জম্বুবান, জাম্ববান [জাম্‌বুবান, –বো–] *বি* হিন্দু পুরাণোক্ত ভল্লুকরাজ; বানররাজ সুগ্রীবের মন্ত্রী। **জাম্ববতী** *বি স্ত্রী.* জাম্ববানের কন্যা; শ্রীকৃষ্ণের স্ত্রী। { *স.* জম্বু+অ(অণ্)+ বৎ(বতুপ্)}

জায়া ⇒ জাজা

জায়[১] [জায়্] *বি*১ ফর্দ। ২ হিসাবের লিখিত বিস্তৃত বিবরণ; বিস্তৃত হিসাব। ৩ তফসিল। ৪ বিনিময় (টাকার জায়ে জিনিস দিতে হবে)। **–বাকি, বাকি–** *বি* যে টাকা পাওয়ার বাকি আছে তার তালিকা। **–সুদি** *বিণ* ঋণের সুদ হিসেবে প্রদত্ত জমির ফসল। { *ফা.* জায়্ جای }

জায়গা, জাগা[১] [জায়্‌গা, জাগা] *বি*১ স্থান (তিল ধারণের জায়গা নেই)। ২ জমি; ভূসম্পত্তি (বহু জায়গার মালিক)। ৩ অবস্থা; সুযোগ; ক্ষেত্র (জায়গা বুঝে কথা বলা উচিত)। ৪ আধার; পাত্র (চিনি রাখার জায়গা দাও)। ৫ বদল;

পরিবর্তে (রহিমের জায়গায় করিম)। ৬ আশ্রয় (কোথাও তার জায়গা নেই)। ৭ আবাস; বাস (সুন্দরবন বাঘের জায়গা)। ৮ অঞ্চল (গরমের জায়গা)। ~জমি *বি* ভূসম্পত্তি। { *ফা.* জায়গাহ্ جائگاه }

জায়গির, জায়গীর, জাইগীর, জাগির, জাগীর [জায়্‌গির্, –, –ই–, জাগির্, –] *বি* ১ চাকরির বেতন বা মাইনের পরিবর্তে প্রদত্ত ভূসম্পত্তির উপস্বত্ব ভোগের অধিকার। ২ কৃতকর্মের পুরস্কার স্বরূপ বাদশাহ প্রভৃতির নিকট থেকে প্রাপ্ত নিষ্কর ভূসম্পত্তি (সুকর্মের ফলে পেত কত পুরস্কার নিষ্কর জাগির—*কায়*)। ৩ বিনা খরচে কোনো পরিবারে থাকা-খাওয়ার ব্যবস্থা (সরকার বাড়ীতেও দুইজনের জায়গির আছে—*আমজা*)। ~দার *বি* জায়গিরের মালিক; জায়গির ভোগকারী। □ *বিণ* জায়গির দেওয়া হয়েছে এমন; জায়গির পেয়েছে এমন। ~দারি *বি* জায়গিরের ভোগদখল। { *ফা.* জাগীর جاگیر }

জায়দাদ [জায়্‌দাদ্] *বি* ১ জমিপ্রভৃতি সম্পত্তি; ভূসম্পত্তি। ২ ভূমিতে দখলি স্বত্ব। { *ফা.* জায়দাদ্ جايداد }

জায়নামাজ [জায়্‌নামাজ্] *বি* যে আসন পেতে নামাজ পড়া হয় (দরমার জায়নামাজখানি দাওয়াতেই ছিল—*কাআও*)। { *ফা.* জায়নমাজ্ جاينماز }

জায়ফল [জায়্‌ফল্] *বি* জাতিফল; এক প্রকার মসলা; এক প্রকার সুগন্ধযুক্ত বীজ (পেয়েছি আমরা কিশতী ভরানো জায়ফল—*ফআ*)। { *স.* জাতীফল> }

জায়বদলি, জায়বদলী [জায়্‌বোদ্‌লি] *বি* বদলি; পরিবর্ত (জায়বদলি বা exchange স্বরূপ তাঁর সহোদরার পাণি-পীড়ন করলে—*নই*)। { *ফা.* জায় جای + *আ.* বদল بدل + *বা.* ই}

জায়বেজায় [জায়্‌বেজায়্] *বিণ* ন্যায়-অন্যায়; ভালো-মন্দ বলা যায় ও বলা যায় না এমন; যা-খুশি-তাই; যাচ্ছে তাই (জায়বেজায় গালি-গালাজ)। { *ফা.* জায়বেজায় جای بیجای }

জায়মান [জায়োমান্] *বিণ* উৎপাদিত হচ্ছে এমন; জন্মাচ্ছে এমন; উৎপদ্যমান। **জায়মানা** *স্ত্রী.*। { *স.* √জন্+মান(শানচ্)}

জায়া [জায়া] *বি স্ত্রী.* পত্নী; ভার্যা। { *স.* √জন্+য+আ(টাপ্)}

জায়াজীব, জায়াজীবী [জায়াজিব্‌ি] *বি* ১ পত্নীর অর্থে যে ব্যক্তি জীবিকা নির্বাহ করে। ২ নটীর স্বামী। { *স.* জায়া+জীব, জীবী}

জায়াপতি [জায়াপোতি] *বি* স্ত্রী ও স্বামী; দম্পতি। { *স.* জায়া+পতি}

জায়ু [জায়ু] *বি* ঔষধ। ~জব্যাধি *বি* কোনো কোনো ঔষধ একাদিক্রমে সেবনের ফলে যে রোগ জন্মে; drug disease। { *স.* √জি+উ(উণ্)}

জায়েজ [জায়েজ্] *বিণ* বৈধ; সিদ্ধ; আইনসম্মত; উপযুক্ত; প্রচলিত। { *আ.* জাইজ جائز }

জার[১] [জার্] *বি* উপপতি; গুপ্ত প্রণয়ী। ~জাত *বি* জারজ (জারজাত সন্তান) { *স.* √জৄ+ই(ণিচ্)=জারি+অ(অচ্)}

জার, –যার [জার্] প্রাচুর্য নির্দেশক প্রত্যয়। { *ফা.* গুল্‌জার گلزار = ফুলের সমারোহ}

জারক [জারোক্] *বিণ* পাচক; পরিপাক করে এমন; জীর্ণকারী; হজমি (জারক নেবু ভাণ্ডারের যথাস্থানে ফিরিয়া গেল—*রঠা*)। { *স.* √জারি+অক(ণ্বুল্)}

জারজ [জারোজ্] *বি, বিণ* উপপতি দ্বারা উৎপন্ন সন্তান; জারজাত; বেজন্মা। **জারজা** *স্ত্রী.*। { *স.* জার+√জন্+অ(ড)}

জারজার ⇒ জারেজার

জারণ [জারোন্] *বি* ১ পরিপাককরণ; হজমকরণ। ২ ধাতুশোধন; জারিতকরণ; reducing metal (লৌহজারণ)। **জারণী** *স্ত্রী.*। **জারিত** *বিণ*। { *স.* √জারি+অন(ল্যুট্)}

জারব (*মবা., ব্র.*) [জারব] *ক্রি* জীর্ণ হয় বা হবে; শুষ্ক হয়; শুকায় (হিমকর-কিরণ নলিনী যদি জারব—*বিপ*)। { *স.* √জারি>}

জারল [জারল্] *বিণ* ১ জ্বলন্ত (গোখরো সাপের বিষ কাড়িয়া জারল বিষের বেসাত দিল—*জউ*)। ২ দগ্ধ। □ *ক্রি* (*মবা., ব্র.*) দগ্ধ করলো বা জরজর করলো। { *স.* √জারি>}

জারা[১] ⇒ জেরা[৩]

জারা[২] [জারা] *ক্রি* ১ জীর্ণ করা; লৌহাদি ধাতু ভস্ম করা। ২ জারানো। □ *বি* জীর্ণ বা জারিতকরণ; জারিত দ্রব্য (রৌপ্য জারা)। □ *বিণ* জারিত বা শোধিত। **জাড়ানো** *ক্রি* ১ জীর্ণ করা; জারিত বা শোধন করানো। □ *বিণ* ১ জারিত (জড়ানো আমের চাকলাগুলি)। ২ শোধিত। □ *বি* জীর্ণ বা শোধিতকরণ। { *স.* √জৄ>*প্রা.* √জর্+>জার+*বা.* আ}

জারি[১], জারী[১] [জারি] *বি* ১ প্রচলন; কার্যকর; প্রয়োগ; প্রবর্তন (নতুন আইন জারি)। ২ প্রচার; রাষ্ট্র; জাহির (তিনি যতই জারি করেন, লেখাপড়ায় কিন্তু তত দখল নাই; এক ফরমান জারি করিল—*মামু*)। ৩ দম্ভ; দর্প; বড়াই (কিসের জারি করিয়া বেড়ায় সে?)। □ *বিণ* প্রবর্তিত; প্রচলিত; কার্যকর (মনুর শাস্ত্র শুধরে দিয়ে নূতন বিধি করব জারি—*রঠা*)। { *আ.* জারী جاری }

জারি[২], জারী[২] [জারি] *বি* ১ দুঃখ, কান্না, শোক ইত্যাদি। ২ কারবালার শোকাবহ ঘটনামূলক গাথা। ৩ শোকগীতি। ~গান *বি* মুসলমানদের ধর্মীয় কাহিনীনির্ভর গানবিশেষ; শোকগাথামূলক গান। { *ফা.* জারি زاری, তুল. আহাজারি }

জারিজুরি, জারিজোরি [জারিজুরি, –জো–] *বি* ১ বাহাদুরি; বড়াই; জাঁক (অপুর যত জারিজুরি তাহার মায়ের কাছে—*বিব*)। ২ কলাকৌশল; ওস্তাদি; কারিগরি (তার সকল প্রকার জারিজুরিই ব্যর্থতায় পরিণত হইবে—*মামু*)। ৩ প্রতাপ; প্রভাব। { *আ.* জারি+*বা.* জোর+ই}

জারিত [জারিতো] *বিণ* ১ জীর্ণ; শোধিত; ভস্মীকৃত (জারিত লোহা)। ২ জারিত হয়েছে এমন দ্রব্য। { *স.* √জৄ+ণিচ্+ত(ক্ত)}

জারী ⇒ জারি[১]

জারুল, জাড়ুল [জারুল্, –ড়ু–] *বি* এক প্রকার গাছ ও তার কাঠ। { √জার্+উল}

জারেজার, জারজার [জারেজার্, –র্–] *ক্রিবিণ* দরবিগলিত ধারায়; ঝুরে ঝুরে; একান্ত কাতরে; বিলাপে;

খেদে (কান্দে জারজার)। □ *বিণ* জরজর বা জীর্ণ; একান্ত কাতর (কান্দিতে লাগিল দুহে হয়্যা জারেজার—*হেমা*)। { *ফা.* জার জার زار زار }

জার্নাল, জার্ন্যাল [জার্‌নাল, -ন্যা-] *বি* ১ দৈনিক পত্রিকা; সাময়িক পত্র। ২ দৈনিক আয়-ব্যয়ের হিসাবের খাতা। ৩ দিনপঞ্জি; দিনের ঘটনাপঞ্জি (জার্নালের পাতায় যেখানে প্রাত্যহিক ঐকতানে লিপিবদ্ধ—*সৈশা*; জার্ন্যাল কাব্য হয় কি-না কিংবা কাব্য জার্ন্যাল হতে পারে কি-না এ নিয়ে তর্ক চলতে পারে—*আশ*)। { *ই* journal }

জার্নি [জার্‌নি] *বি* ভ্রমণ (দু'দিন দু'রাতের জার্নি বিশেষ কিছুই না—*আআআ*)। { *ই* journey }

জাল[১] [জাল্] *বি* ফাঁক ফাঁক করে বোনা সুতা দড়ি বা তারের ফাঁদবিশেষ (জাল ফেলে জেলে—*রঠা*)। ২ ফাঁদ (জাল বিস্তার)। ৩ ফ্যাসাদ; হাঙ্গামা; ঝঞ্ঝাট; ঝামেলা (জালে জড়ানো)। ৪ সূক্ষ্ম আবরণ (জাল-ঘেরা জানালা)। ৫ সমূহ; রাশি (চিকুরজাল)। ৬ মন্দশক্তি বা কুপ্রভাব (কুহকজাল)। ৭ বন্ধন; পাশ (মায়াজাল)। ৮ চুল বাঁধবার উপকরণবিশেষ (খোঁপার জাল)। ~**কাঠি**, ~**গাঁঠি** *বি* জালকে ভারী করার জন্য প্রান্তভাগে যে লোহার বা সিসার সচ্ছিদ্র কাঠি ঝুলানো হয়। ~ **গুটানো** *ক্রি* ১ কাজ শেষ করে কর্মক্ষেত্র ত্যাগ করা। ২ জালে যা ধরা পড়েছে সুতা টেনে তা গুটানো। ~**জীবী** *বি* জেলে; ধীবর। ~**ছেড়া**, ~**ছেঁড়া** *ক্রিবিণ* বিপদ থেকে উদ্ধার পাওয়া। ~**পাদ** *বিণ* ১ লিপ্তপাদ; web-footed। ২ হাঁস জাতীয় পাখি অথবা পশু যাদের পায়ের আঙুল পাতলা চামড়া দিয়ে পরস্পরের সঙ্গে যুক্ত। ~**বদ্ধ** *বিণ* জাল দ্বারা বদ্ধ; জালের ন্যায় পাতলা বুনটবিশিষ্ট কাপড় দ্বারা আবৃত (সর্দারজীদের জালবদ্ধ দাড়ির হরেক রকম বাহার—*সৈমু*)। { *স.* √জল্+অ(অচ্) }

জাল[২] [জাল্] *বিণ* ১ কৃত্রিম; মেকি; মিথ্যা (জাল টাকা!)। ২ ছদ্মবেশী; কপট; নকল (জাল দরবেশ)। □ *বি* ঠকাবার জন্য অনুকরণ। ~ **করা** *ক্রি* ১ প্রতারণার জন্য নকল করা (দলিল জাল করা)। ২ কৃত্রিম জিনিস তৈরি করা। ~**বাজ** *বিণ* কপটতায় পটু বা ছলময়; জালিয়াত; জুয়াচোর (সকলেই মিথ্যাবাদী ও জালবাজ—*কাসি*)। ~**সাজ**, ~**সাজা** *বি, বিণ* জালিয়াত; জালকারক; forger (আপনি আমাদের চোর বলেছেন, জালসাজা বলেছেন—*দীমি*)। ~**সাজি**, ~**সাজী** *বি* জালিয়াতি, প্রবঞ্চনা; forgery (খুড়ুর জালসাজী ধরিয়া—*ঈবি*)। { *আ.* জা'ল جعل }

জাল[৩] ⇒ জা[১]

জালক [জালোক্] *বি* ১ ফুলের কুঁড়ি; কোরক। ২ জালি। ৩ পাখির উপদ্রব থেকে ফল তরকারি ইত্যাদি রক্ষা করার জন্য ব্যবহৃত জাল। ৪ ফল পাড়ার জন্য আঁকশির অগ্রভাগে ব্যবহৃত জালবিশেষ। ৫ গবাক্ষ। ৬ মোচা। ৭ কুলায়; নীড়। ৮ দম্ভ। ৯ ভূষণবিশেষ। ১০ ছোট লাউ; জালি লাউ। □ *বিণ* জালকারক। { *স.* জাল+ ক(কন্) }

জালতি [জাল্‌তি] *বি* ১ ছোট জাল। ২ ফল পাড়ার জন্য জালযুক্ত আঁকশি। ৩ গরুর মুখের জাল। { *স.* জাল+ *বা.* তি }

জালা[১] [জালা] *বি* মাটির তৈরি পেটমোটা বৃহদাকার পাত্র; মটকি (মদের পা এক মদের জালা—*মুশ*; এক জালা জলের তেষ্টা—*কেম*)। **জালপেট** *বি* জালার ন্যায় বৃহৎ পেট; স্থূল উদর। { *আ.* যরবাহ্ زرّ >; তুল. *ই* jar }

জালা[২] [জালা] *বি* অঙ্কুর; ধান প্রভৃতির চারা (ধানের জালা)। **জালানো**[১] *ক্রি* অঙ্কুরিত হওয়া; গজানো। { *স.* জ্বালি> *প্রা.* জাল> }

জালা[৩] [জালা] (*মবা.*) *বি* জ্বালা (কুসুমশর জালা—*বচদা*)। **জালানো**[২] *ক্রি* ১ দগ্ধ করা; পোড়ানো। ২ দীপ্ত করা বা আলোকিত করা। ২ উত্ত্যক্ত বা অতিষ্ঠ করা। { *স.* জ্বালি> *প্রা.* জাল> }

জালাতন, জ্বালাতন [জালাতোন্] *বি* উৎপাত; যন্ত্রণা সৃষ্টি; কষ্টদান; বিরক্তিকরণ। □ *বিণ* উত্যক্ত; ব্যতিব্যস্ত; উৎপীড়িত (জ্বালাতন করা)। { *স.* জ্বালি>; তুল. *ফা.* জালাবতন্ جلاوطن }

জালায়ন [জালায়োন্] *বি* চিক; বাঁশের শলা দিয়া প্রস্তুত পর্দা বা জালের আবরণ বা জালবেষ্টিত বাতায়ন (রন্ধ্রময় জালায়ন দিয়া ঢালিল কৌমুদীধারা—*মোম*)। { *স.* জাল+ আয়ন }

জালি[১], **জালী** [জালি] *বি* ছোট জাল। ২ জালের ন্যায় বুনটের বস্ত্র। ৩ জাফরি। ৪ ঝালরের ন্যায় অলঙ্কারবিশেষ (জয়নাবের ললাটের উপরিস্থিত মালার জালি—*মীম*)। □ *বিণ* ১ জালের ন্যায় বুনটযুক্ত (জালি গেঞ্জি)। ২ নরম; কচি; অপুষ্ট (ফল)। { *স.* জাল+ *বা.* ই, ঈ }

জালি[২] [জালি] *বিণ* ১ কচি (জালি লাউ); সদ্য অঙ্কুরিত (জালি লাউয়ের ডগার মত বাহু দুখান সরু—*জউ*)। ২ ফলের কচি অবস্থা; কচি ফল (কুমড়ার জালি)। { *স.* জাল+ *বা.* ই ঈ }

জালিক [জালিক্] *বি* ১ ব্যাধ। ২ মাকড়সা। ৩ ধীবর; জেলে। ৪ মর্কট। ৫ জালিয়াত; প্রতারক; প্রবঞ্চক। **জালিকী** *বিণ, স্ত্রী.* জালকারিণী। { *স.* জাল+ইক(ঠঞ্) }

জালিবোট [জালিবোট্] *বি* জাহাজাদির সঙ্গে যে ছোট নৌকা বাঁধা থাকে। { *ই* jolly-boat }

জালিম, যালিম, জালেম [জালিম্, -, -লে-] *বিণ* জুলুমকারী; অত্যাচারী; উৎপীড়ক (কঙ্কাল বিছায়ে জালিম মাপে মিনারের পথ—*ফআ*; জালিমে জুলুম কৈলে করিব সবর—*সৈআ*)। □ *বি* অত্যাচারী ব্যক্তি; জুলুমকারী ব্যক্তি। { *আ.* জালিম ظالم }

জালিয়া [জালিয়া] *বি* ১ জেলে নৌকাবিশেষ (মচুয়া গোরাপ পাঁতি জালিয়া নায়ারি নানা রঙ্গে—*সৈআ*)। ২ জেলে; ধীবর (জালিয়ার পচা জালে—*বচ*)। ৩ ব্যাধ। { *স.* জাল+ *বা.* ইয়া>এ }

জালিয়াত, জালিয়াৎ [জালিয়াত্] *বি, বিণ* ১ জালকারক; মেকি দ্রব্য প্রস্তুতকারক বা কৃত্রিম খত বা দলিলাদি রচয়িতা। ২ ধোঁকাবাজ; প্রবঞ্চক; ঠক। **জালিয়াতি** *বি* প্রবঞ্চনা; ধোঁকাবাজি; জালকরণ (জালিয়াতির চেষ্টা করে নাই—*রঠা*)। { *আ.* জালীয়াত جعلية }

জালী ⇒ জালি[১]

জালুয়া [জালুয়া] *বি* জেলে; ধীবর (কোন জালুয়ার মাছ সে খেয়েছে—*জউ*)। { *স.* জাল+ *বা.* উয়া }

জালেম ⇒ জালিম

জাল্ম [জাল্‌মো] *বিণ* ১ ইতর লোক; নীচ বা সাধারণ লোক। ২ মূর্খ। ৩ অবিবেচক; অপরিণামদর্শী। ৪ দুর্বৃত্ত; দুরাত্মা; পামর। ৫ ক্রূর। ৬ নিষ্ঠুর; নির্দয়।

জাসু, জাশু, জাসুস [জাশু, -, -সু] *বিণ* ১ অগ্রগণ্য চাঁই (আপনি কৃপণের জাসু- মব)। ২ ধূর্ত; ধড়িবাজ; চতুর। ৩ ঝানু; ঘাগি। □ *বি* গোয়েন্দা; গুপ্তচর (জাসুস ভেজিয়া দিল লইতে খবর—*সৈহা*)। { *আ.* জাসূস جاسوس }

জাস্তি [জাস্‌তি] *বি* ১ আধিক্য; অতিরিক্ত পরিমাণ। □ *বিণ* বেশি; প্রচুর; অধিক। { *আ.* জিয়াদাহ زيادة ; *ফা.* জিয়াদতী زيادتى }

জাহাঁপনা ⇒ জাঁহাপনা

জাহাঁবাজ ⇒ জাঁহাবাজ

জাহাঙ্গীর [জাহাঙ্‌গির] *বি* পৃথিবীর অধিপতি। { *তুল.* আলমগীর, জাঁহাপনা }

জাহাজ [জাহাজ] *বি* বৃহৎ জলযান; অর্ণবপোত; স্টিমার। **জাহাজি** *বিণ* ১ জাহাজবিষয়ক। ২ জাহাজে আনীত। ৩ জাহাজে আসে এমন (জাহাজি নারকেল)। ৪ জাহাজে কাজ করে এমন; জাহাজের শ্রমিক কর্মচারী প্রভৃতি। **জাহাজের কাছে জেলে ডিঙি**—বড়র সঙ্গে ছোটর তুলনা। { *আ.* জাহাজ جهاز }

জাহান, জহান [জাহান্‌, জ-] *বি* দুনিয়া; বিশ্ব; বিশ্বভুবন; সারা পৃথিবী; জগৎ (আজি ইসলামী ডঙ্কা গরজে ভরি জাহান—*নই*)। { *ফা.* জাহান جهان }

জাহানদার, জাহান্দার [জাহানদার] *বি* দুনিয়ার মালিক। { *ফা.* জহানদার جهاندار }

জাহান্নাম, জাহান্নম [জাহন্‌নাম, -ননম] *বি* নরক; দোজখ; পাপীদের জন্য নির্দিষ্ট অত্যন্ত নিকৃষ্ট কষ্টদায়ক স্থান (তাহাকে জাহান্নম নামক একটা অস্থানে যাইতে অনুরোধ করি—*রঠা*; এবার নিষ্কৃতি না দিলে জাহান্নামেও আমার স্থান হবে না—*রখাঁ*)। **জাহান্নামি, জাহান্নামী** *বি, বিণ* ১ নারকী; দোজখি (তুই ত আজই প্রধান জাহান্নামি হইলি—*মীম*)। ২ পাপী; অনাচারী। **জাহান্নামে দেওয়া** *ক্রি* সর্বনাশ করা; নষ্ট করা। **জাহান্নামে যাওয়া** *ক্রি* ১ নরকে যাওয়া। ২ অধঃপাতে যাওয়া; গোল্লায় যাওয়া। ৩ কুপথগামী হওয়া; দুশ্চরিত্র হওয়া। **জাহান্নামের পথ** *বি* ১ নরকের বা দোজখের পথ। ২ অধোগতির পথ; ধ্বংসের পথ। { *আ.* জাহন্নম جهنم }

জাহিদ, যাহেদ [জাহিদ, জাহে-] *বি* সাধু ব্যক্তি, ত্যাগী পুরুষ; ভোগবিলাসহীন অনাড়ম্বর ব্যক্তি (জাহিদের স্বর্গসিদ্ধি—*সৈআ*)। { *আ.* জাহিদ زاهد }

জাহির, জাহের, জাহেরি [জাহির্‌, -হে-, —হেরি] *বিণ* ১ প্রকাশ্য; প্রকাশিত; ব্যক্ত (সহরের উপদ্রব করিল জাহির—*ভার*; নবীর জাহেরী ছুন্নৎগুলি লইয়া মারামারি —*আখাঁ*)। ২ ব্যাপ্ত; বিঘোষিত (আমার কাগজের নাম দেশবিদেশে জাহের হয়েছে—*দীমি*)। □ *বি* প্রচার; রাষ্ট্র; প্রকাশ (আমার নাম জাহির হবে—*রঠা*)। □ *বি, বিণ* প্রদর্শন বা প্রকটন (বিদ্যা জাহির করা)। **জাহিরা, জাহেরা** *বিণ* বাইরের; বাহ্যিক (জাহেরা দুনিয়া)। { *আ.* জ়াহির ظاهر }

জাহিল, যাহিল, জাহেল [জাহিল্‌, -, -হে-] *বি, বিণ* অজ্ঞ; মূর্খ; নির্বোধ। □ *বি* অশিক্ষিত ব্যক্তি (জাহিলের নিকটে না যাওয়া কদাচিত—*সৈআ*; আজন্ম যাহিল থাকে নরকেতে পড়ে—*সৈআ*)। { *আ.* জাহিল جاهل }

জাহিলিয়া, জাহেলিয়াত [জাহেলিয়া, জাহেলিয়াত্‌] *বি* অজ্ঞতা বা বর্বরতার যুগ; ইসলাম ধর্ম প্রচারের পূর্বে মোটামুটি একশত বৎসর সময়কাল, যখন আরব দেশে রাজনৈতিক, সামাজিক, ও ধর্মীয় অবস্থার চরম অবনতি ঘটেছিলো। **জাহিলি** *বি* ১ অজ্ঞ; অসভ্য; বর্বর ব্যক্তি। **জাহেলাত, জাহালাত** *বি* অজ্ঞতা; মূর্খতা (জাহালাতের আঁধার মোদের কাটছে নাক আর—*গোমো*)। { *আ.* জাহিলীয়াত جاهلية }

জাহ্নবী [জানহোবি] *বি* ১ গঙ্গা; ভাগীরথী। ২ হিন্দুমতে জহ্নু মুনির কন্যা। ৩ নদী; স্রোতস্বিনী (পাষাণ টুটিয়া গলিয়া পড়িবে অশ্রুর জাহ্নবী—*নই*)। { *স.* জহ্নু+অ(অণ)+ঈ(ঙীপ) }

জি[১], জী[১] [জি] *বি* ১ জীব তথা বেঁচে থাকুন অর্থে। ২ হিন্দু সমাজে সম্মানসূচক ও সম্বোধনবাচক শব্দ বা উপাধিবিশেষ (স্বামীজি, নেতাজি)। ৩ প্রাণসদৃশ (বাবাজি—বাবা জীবন)। ৪ মহাশয় (পাঁড়েজি)। { *স.* জীব>*প্রা.* জীঅ>জী, জি; *স.* আর্য (সম্মানিত ব্যক্তি অর্থে)>*প্রা.* অজ্জ>জি, জী }

জি[২] ⇒ জী[২]

জি[৩] (*মবা.*) [জি-] *বি* জিহ্বা; রসনা (মুখে না নিঃসরে বাণী শুকাইল জি—*ঘচ*)। { *স.* জিহ্বা>*প্রা.* (বর্ণ বিপর্যয়ে) জিব্‌ভা>জিভ, জিব>জি }

জি[৪] (*মবা.*), **জী[২]** [জি] *বি* ১ জীবন; প্রাণ। ২ মন; চিত্ত (জী চায় না)। { *স.* জীব>*প্রা.* জিঅ>জি; *তুল. হি.* জী }

জিউ, জীউ (*মবা.*) [জিউ] *বি* ১ জীবন; প্রাণ (জীউদান দিয়ে পূজে—*ভারা*)। ২ চিত্ত; মন (ভয়ে কম্পে মোর জিউ—*কাদৌ*; সর্বদা জিউ খুসী থাকিবেক—ভব)। □ *ক্রি* জীবিত থাকো; বেঁচে থাকো (সবে কহে জীউ জীউ —*বৃব*)। { *স.* জীব>*প্রা.* জিঅ>জিউ }

জিওগ্রাফি, জিওগ্রাফী [জিয়োগ্রাফি] *বি* ১ ভূগোল; geography (জিওগ্রাফী জানো?—*বিব*)। ২ (*আল.*) চেহারা; আকৃতি (মুখের জিওগ্রাফি)। { *ই.* geography }

জিওল, জিয়ল, জিয়েল [জিয়োল্‌, -, -য়ে-] *বিণ* ১ সহজে মরে না এরূপ। ২ বহুদিন বাঁচে ও জিইয়ে রাখা যায় এমন (জিওল মাছ); live fish। □ *বি* ১ আঠার জন্য বিখ্যাত এক প্রকার গাছ ও তার কাঠ (জিয়ল কাঠের খুঁটি রস পেলেই বেঁচে উঠে—*রঠা*)। ২ মাছবিশেষ; শিঙি-মাগুর জাতীয় জিইয়ে রাখার মতো মাছ। { *স.* জীব>+ওয়াল> }

জিংগো, জিঙ্গো [জিঙ্‌গো] *বি* উগ্র স্বদেশপ্রেমিক; বিশেষত যুদ্ধপ্রিয় লোক; যুদ্ধবাজ; jingo (লণ্ড সাহেবের মর্যাদা কি লুটবে জিঙ্গো পাদরী প্রভু?—*সদ*)। **জিংগোপনা, জিঙ্গোপনা** *বি* উগ্র স্বদেশপ্রেমিকতা, jingoism (জিঙ্গোপনার ছাই দিয়ে দে—*সদ*)। { *ই.* jingo }

জিকির, জিকীর, জিগির, জিগীর, জিকের [জিকির্‌,

–, -গি–, –, জিকের] *বি* ১ আল্লাহর নাম উচ্চারণ বা জপ (গাজী মাদার হাঁকছে জিকীর—*জউ*)। ২ রব; উচ্চধ্বনি; স্লোগান। ৩ বিশেষ জোর; emphasis। ৪ ধুয়া; একই বক্তব্যের পৌনঃপুনিক উচ্চারণ। ৫ প্রচার। ৬ জয়োল্লাস; জয়ধ্বনি। ৭ শোরগোল; হৈ চৈ। ~ **তোলা** *ক্রি* ১ কোনো বিষয়ে শোরগোল বা আন্দোলন সৃষ্টি করা। ২ ধুয়া তোলা। ~ **দিয়ে বলা** *বি* জোর দিয়ে বলা; বিশেষভাবে বলা; বলিষ্ঠভাবে ঘোষণা করা। {*আ.* যিকর ذكر }

জিগমিষা [জিগোমিশা] *বি* গমনের ইচ্ছা। **জিগমিষু** *বিণ* গমনেচ্ছু; গমনোৎসুক। {*স.* √গম্+স(সন্)+অ+আ(টাপ্)}

জিগর, যিগর [জিগর] *বি* ১ যকৃৎ; কলিজা; হৃৎপিণ্ড; প্রাণ (তৈয়ার হয় হর্দম ভাই ফাড়তে জিগর শত্রুদের—*নই*)। ২ পারমার্থ গান। ৩ সাহস; বুকের পাটা। ~ **খারা** *বি* কলিজাখাদক। □ *বিণ* দুঃখপীড়িত। --**পস্তানি**, -- **পস্তানী** *বিণ* কলিজাফাটা; হৃদয়বিদারক (এ কোন জিগর পস্তানী সুর—*নই*)। ~**ফাটা** *বিণ* কলিজা চেরা (জিগরফাটা রক্ত দিয়ে লাল বানাই—*আহা*)। {*ফা.* জিগর جگر }

জিগা, জিকা [জিগা, –কা] *বি* এক জাতীয় গাছ ও তার আঠা; জিওল; জিয়ালা বা জিউনি গাছ; ভাদিগাছ (চট্টগ্রাম)। {জিওল>}

জিগির, জিগীর ⇒ জিকির

জিগীষা [জিগিশা] *বি* জয়ের ইচ্ছা; জয় করার ইচ্ছা। **জিগীষু** *বিণ* জয়েচ্ছু; জয় করতে ইচ্ছুক; জয়াভিলাষী। {*স.* √জি+স(সন্)+অ+আ(টাপ্)>}

জিঘৎসা [জিঘোত্‌শা] *বি* ১ ভোজনেচ্ছা। ২ বুভুক্ষা। **জিঘৎসু** *বিণ* ১ ভোজনেচ্ছু। ২ ক্ষুধিত। {*স.* √অদ্+স(সন্)+অ+আ(টাপ্)}

জিঘাংসা [জিঘাঙ্‌শা] *বি* বধ করার ইচ্ছা; হননেচ্ছা (তুরস্ক সরকারের এই জিঘাংসা আমীর আলীকে মর্মপীড়া দেয়—*সৈমু*)। **জিঘাংসক** *বিণ* হত্যা করতে ইচ্ছুক; বধেচ্ছু। **জিঘাংসাবৃত্তি** *বি* ১ প্রাণনাশের প্রবৃত্তি। ২ জীব হত্যাকার্য। **জিঘাংসিত** *বিণ* প্রাণ বধ করা হয়েছে এমন। **জিঘাংসু** *বিণ* বধেচ্ছু; হত্যা করতে ইচ্ছুক (রক্তলোলুপ জিঘাংসু আরব সমাজে তিনি রোগীর সেবা করিতেন—*এআ*)। {*স.* √হন্+স(সন্)+অ+আ(টাপ্)}

জিঘৃক্ষা [জিগ্‌ঘৃক্‌খা] *বি* ১ গ্রহণ করার ইচ্ছা; লিপ্সা। ২ বশীভূত বা আয়ত্ত করার ইচ্ছা। **জিঘৃক্ষু** *বিণ* গ্রহণেচ্ছু; লোভী। {*স.* √গ্রহ্+স(সন্)+অ+আ(টাপ্)}

জিজিয়া, যিজয়া [জিজিয়া, –জ্‌আ] *বি* মুসলিম রাষ্ট্রে সামরিক কাজের পরিবর্তে অমুসলমানদের নিকট থেকে গৃহীত এক প্রকার কর (খাইবারের এহুদীদিগকে যিজয়া কর হইতে অব্যাহতি দিয়াছিলেন—*আকআ*)। {*আ.* জিজিয়াহ جزية }

জিজীবিষা [জিজিবিশা] *বি* বেঁচে থাকার ইচ্ছা; জীবনের আকাঙ্ক্ষা (তখনকার মরণাতঙ্ক নিরুপম জিজীবিষার উত্তরসাক্ষ্য নয়—*সুদ*)। **জিজীবিষু** *বিণ* বেঁচে থাকতে ইচ্ছুক। {*স.* √জীব্+স(সন্)+অ+আ(টাপ্)}

জিজ্ঞাসা, জিগ্যেস, জিজ্ঞেস [জিগ্‌গাশা, –গেস্‌, –] *বি* ১ জানার ইচ্ছা; কৌতূহল; অনুসন্ধিৎসা। ২ প্রশ্ন; অনুসন্ধেয় বিষয় (উদ্বিগ্ন হয়ে জিগ্যেস করল কি?—*সৈসু*)। **জিজ্ঞাসক** *বিণ* জিজ্ঞাসাকারী, প্রশ্নকারী। **জিজ্ঞাসন** *বি* প্রশ্নকরণ। **জিজ্ঞাসনীয়** *বিণ* জিজ্ঞাসার যোগ্য বা জিজ্ঞাস্য; অনুসন্ধেয়। ~**বাদ** *বি* প্রশ্ন ও আলাপ–আলোচনা। **জিজ্ঞাসিত** *বিণ* জিজ্ঞাসা করা হয়েছে এমন; questioned। **জিজ্ঞাসু** *বিণ* ১ জানতে ইচ্ছুক; অনুসন্ধিৎসু। ২ মোক্ষাভিলাষী। **জিজ্ঞাস্য** *বিণ* জিজ্ঞাসার যোগ্য; জানবার বিষয়; অনুসন্ধেয়। {*স.* √জ্ঞা+স(সন্)+অ+আ(টাপ্)=জিজ্ঞাসা}

জিঞ্জির, জিঞ্জীর, জিঞ্জির [জিন্‌জির, –, জিঞ্জির] *বি* ১ শৃঙ্খল; শিকল (উদ্‌মো ষাঁড়কে জিঞ্জির বা দড়াদড়ি দিয়ে বাঁধলে—*নই*)। ২ গ্রন্থি বা বন্ধন (হৃদয়ের জিঞ্জির দিয়ে—*সৈমু*)। ৩ কয়েদ; জেল (জিঞ্জির হইতে ফিরিয়া আসিলে—*প্যামি*)। {*ফা.* জিন্‌জীর زنجير }

জিৎ [জিত্] *বিণ* ১ জয় করে এমন; জয়ী; জয়কারী। ২ প্রত্যয় হিসেবে অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে বিশেষ্য গঠন করে, যথা—ইন্দ্রজিৎ, বিশ্বজিৎ, রণজিৎ, শত্রুজিৎ। {*স.* √জি+ক্বিপ্}

জিত [জিতো] *বিণ* ১ জয় করা হয়েছে এমন; বিজিত। ২ পরাভূত; পর্যুদস্ত (জিত মরণের বুকে গাড়িয়া নিশান—*সদ*)। ৩ বশীকৃত (জিতেন্দ্রিয়)। ৪ জয় (হারজিত)। {*স.* √জি+ত (ক্ত)}

জিতা, জিতান, জিতানো ⇒ জেতা[২]

জিতেন্দ্রিয় [জিতেন্‌দ্রিয়ো] *বিণ* কামাদি রিপু বশীভূত করেছে এমন; ইন্দ্রিয় জয়কারী; ইন্দ্রিয়জয়ী। **জিতেন্দ্রিয়তা** *বি* ইন্দ্রিয় জয়করণ; ইন্দ্রিয় সংযম। {*স.* জিত+ইন্দ্রিয়; *বহু*}

জিদ, যিদ, জেদ [জিদ্, –, জে–] *বি* ১ গোঁ; ঝোঁক; একগুঁয়েমি; নাছোড় ভাব (তার জিদ পড়েছে সেখানে আমাদের নিয়ে যাবেই—*কেম*)। ২ রাগ; ক্রোধ (আমার যিদ হইয়াছিল—*আমআ*; সকল যুদ্ধ সকল জেদ—*সদ*)। {*আ.* দিদ্দ ضد }

জিদালো, জেদালো, যেদালো [জিদালো, জে–, –] *বিণ* একরোখা; একগুঁয়ে (নেলি যে রকম জেদালো মেয়ে—*রঠা*)। {*আ.* দিদ্দ ضد +আলো}

জিদি, জেদি, জিদ্দি, যিদ্দি [জিদি, জে–, জিদ্‌দি, –] *বিণ* একগুঁয়ে; একরোখা (তাঁর দাদার জেদী মেজাজের—*রঠা*)। **জেদা–, জিদা–** *বি* ১ পরস্পর জিদ বা একগুঁয়েমির ভাব প্রকাশ। ২ পুনঃপুন জিদপ্রকাশ। {*আ.* দিদ্দী ضدى }

জিন[১] [জিন্] *বি* ইসলামি বিশ্বাস অনুসারে আগুনের তৈরি অদৃশ্য দেহধারী জীববিশেষ; দৈত্য (তিনি জিন ছাড়াইতে পারিতেন—*আমআ*)। {*আ.* জিন্ন جن }

জিন[২] [জিন্] *বি,বিণ* ১ জিতেন্দ্রিয় সাধক; সিদ্ধপুরুষ; সন্ন্যাসী; শ্রমণ; ভিক্ষু; জয়ী; জয়লাভকারী। □ *বি* বুদ্ধ; মহাবীর। {*স.* √জি+ন (নক্)}

জিন[৩], **জীন** [জিন্] *বি* ঘোড়ার পিঠে পেতে বসার চর্মাসন বা গদি, saddle (এল দুলদুল পৃষ্ঠে শূন্য জিন—*নই*)। {*ফা.* জীন زين }

জিন[৩] [জিন্] *বি* এক প্রকার মোটা কাপড়, মোটা সুতার ঠাসবুনানি কাপড়। { *ই* jean}
জিনা[১] [জিনা] *ক্রি* ১ পরাজিত করা; জয় করা; জিতা। ২ উৎকর্ষে হার মানানো (পূত সুললিত সঙ্গীত জিনি—*সদ*)। {জিন[২]+আ}
জিনা[২] ⇒ জেনা
জিনিস, জিনিশ, জিনিষ *(অবা.)* [জিনিশ্] *বি* ১ পদার্থ; বস্তু; দ্রব্য। ২ সারবস্তু (এতে জিনিস বলতে কিছুই নেই)। ৩ মূল্যবান বা সারগর্ভ বস্তু (জিনিস একখানা)। ৪ আসবাবাদি; গৃহসামগ্রী বা সংসারের নিত্য প্রয়োজনীয় সমাগ্রী (ঘরে বহু জিনিস)। ৫ বিষয় (সব জিনিসে মাথা গলানো)। ৬ ব্যাপার (বাপের বাড়ি আর শ্বশুরবাড়ি কি এক জিনিস?)। **~পত্র** *বি* দ্রব্যসামগ্রী; নানা প্রকারের জিনিস; বস্তুসমূহ। { *আ.* জিন্স্ جنس }
জিন্দা, জেন্দা [জিন্দা, *জে–*] *বিণ* ১ জীবিত; জীবন্ত (মুর্দা কোথা কথা কয় জেন্দা লোকের সাথ—*সৈহ্*)। ২ জাগ্রত বা অলৌকিক শক্তিসম্পন্ন। **~দিল** *বিণ* প্রাণবন্ত (তার মত জেন্দাদিল কর্মীর প্রয়োজন আছে—*ওয়া*)। **~পীর** *বি* ১ জীবিত পীর। ২ অলৌকিক শক্তিসম্পন্ন সাধুপুরুষ; সিদ্ধপুরুষ (আলমগীর জিন্দাপীর নহে মিথ্যা নহে—*সৈএ*)। { *ফা.* জিন্দাহ্ زنده }
জিন্দাবাদ [জিন্দাবাদ্] *অব্য* দীর্ঘজীবী হোক বা অমর হোক এই—কামনাসূচক ধ্বনি; জয় হোক। { *ফা.* জিন্দাহ্বাদ زنده‌باد }
জিন্দান, জেন্দান [জিন্দান্ *জে–*] *বি* ১ কারাগার; জেলখানা (রাত্রির জিন্দান থেকে মুক্ত সূর্য দেখেছি—*ফআ*)। ২ বন্ধন। **~ কুঁয়া** *বি* কারাগারস্বরূপ কূপ (জিন্দানকুঁয়ায় পড়ে থাকতে হয়নি—*নই*)। **~খানা** *বি* জেলখানা; কারাগার; বন্দীশালা (কাটিল জিন্দেগী বৃথাই দুনিয়ার জিন্দানখানায়—*নই*)। **~বাসী** *বি* কারাগারবাসী (প্রাণ পেয়েছিল বহু দিবসের জিন্দানবাসী মানুষের ফরিয়াদ—*জাআ*)। { *ফা.* জিন্দান زندان }
জিন্দিগি, জিন্দেগি, জিন্দেগী, জেন্দেগী [জিন্দিগি, –দে–, –, জেন্দেগি] *বি* ১ জীবিতকাল; আয়ুষ্কাল (কাটিল জিন্দেগী বৃথাই—*নই*)। ২ আয়ু; জীবন; প্রাণ (জেন্দেগী থাকিলে ফের হবে মোলাকাত—*সৈহ্*)। **~ভর** *ক্রিবিণ* জীবনব্যাপী; আজীবন। **জিন্দেগানি, জেন্দাগানি** *বি* জীবন; জীবৎকাল; আয়ুষ্কাল। { *ফা.* জিন্দগী زندگی }
জিন্নাৎ, জিন্নাতুলবাকিয়া ⇒ জিন্নাত
জিপ [জিপ্] *বি* এক প্রকার মোটরগাড়ি (মোড়ের কাছেই একখানা জিপ অপেক্ষা করছিল—*নীহ্*)। { *ই* jeep}
জিব[১], **জিভ** [জিব্, –ভ্] *বি* মুখমধ্যস্থ যে প্রত্যঙ্গ স্বাদ গ্রহণ করে; রসনা; জিহ্বা। **~ আলগা** *বিণ* পেটে কোনো কথা থাকে না এমন; কথা গোপন ও গুপ্ত রাখতে অশক্ত এমন। **~ কাটা** *ক্রি* লজ্জাপ্রকাশ করা; লজ্জায় দাঁত দিয়ে জিভ চেপে ধরা। **~ চোখানো, ~ চোকানো** *ক্রি* খাওয়ার জন্য লোভ করা। **~ ছোলা** *বি* জিহ্বা পরিষ্কার করার জন্য পাতলা পাত বা ফলক। **~ বাহির হওয়া** *ক্রি* ১ সাধ্যের অতিরিক্ত পরিশ্রম করা। ২ অত্যন্ত পরিশ্রমের ফলে কষ্ট অনুভব করা। **জিবে** *বিণ* জিহ্বার ন্যায় রূপ বা আকৃতি এমন (জিবে–গজা)। **জিবে জল পড়া, জিভে জল সরা** *ক্রি* লোভের উদ্রেক হওয়া; লোভাতুর হওয়া। **জিবে দাঁতে সম্বন্ধ, জিভে দাঁতে সম্বন্ধ**—সৎ-অসতের বিপরীত সম্বন্ধ। { *স.* জিহ্বা> }
জিব[২] *(মবা.)* [জিব] *বি* জীবন; প্রাণ (রেকাবেতে পদ দিতে তার জিব নিল—*সৈআ*)। { *স.* জীব}
জিবরাইল, জিবরাঈল, জিবরীল [জিব্‌রায়িল্, –, –রিল্] *বি* আল্লাহর ফেরেশতা, যিনি আল্লাহর নিকট থেকে নবী রসুলগণের নিকট বাণী পৌছান; স্বর্গীয় দূত। { *আ.* জীবরাঈল جبرائيل }
জিভ ⇒ জিব
জিমনাস্টিক, জিম্‌নাস্টিক [জিম্‌নাস্‌টিক্] *বি* ইউরোপীয় প্রণালিতে বিবিধ কৌশলযুক্ত ব্যায়াম বা বিচিত্র দেহকৌশল। { *ই* gymnastic}
জিম্মা, জিম্যা, জেম্মা [জিম্‌মা, –, জে–] *বি* ১ হেফাজত; তত্ত্বাবধান; সংরক্ষণ; দায়িত্ব (বাকসটি দারোয়ানের জিম্মায় রাখিয়া—*সুর*; আসামী আমার জিম্মায় আছে—*মীম*)। ২ আয়ত্ত; অধিকার (তোর জিম্মা মোর পুরি, বিদ্যার মন্দিরে চুরি—*ভারা*)। □ *বিণ* গচ্ছিত; ন্যস্ত। **~দার** *বি* যার নিকট কোনো জিনিস গচ্ছিত রাখা যায় বা যার দায়িত্বে কোনো বস্তু রক্ষিত থাকে। **~দারি** *বি* রক্ষণাবেক্ষণের দায়িত্ব (আফগানিস্থানের বাইরে নিয়ে যাবার জিম্মাদারি—*সৈমু*)।
জিম্মি *বি* ১ মুসলিম রাষ্ট্রের অমুসলমান প্রজা; যাদের রক্ষণাবেক্ষণের ভার রাষ্ট্র গ্রহণ করবে (ঐ সকল অমুসলমান জিম্মী প্রজার উপর যাদের আমরা আশ্রয় দিয়েছি—*হবা*)। ২ শর্ত আরোপ করে কোনো ব্যক্তি বা বস্তু আগলে রাখা। { *আ.* যিম্মাহ ذمة }
জিয়ন্ত ⇒ জীয়ন
জিয়ল ⇒ জিওল
জিয়াদতি [জিয়াদোতি] *বি* ১ বৃদ্ধি; প্রাচুর্য; আধিক্য। ২ জুলুম; অত্যাচার। { *আ.* জিয়াদত زيادة }
জিয়াদা ⇒ জেয়াদা
জিয়ানো, জিয়োনো, জিয়নো [জিয়ানো, –য়ো–, –] *ক্রি* ১ বাঁচিয়ে রাখা বা লালিত করা (আগুনটা জিইয়ে রেখো)। ২ জীবিত করা; বাঁচানো (যত ঘোড়া মরিয়াছিল আজ সব জিয়াইয়া আনিলাম—*দমি*)। ৩ জমিয়ে রাখা (জীয়াইয়া রেখে কি বিধি, যত দুধসাগরের ননী—প্রথম তুলির আঁকে, গড়িল এমনি?—*দমি*)। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* জীব>*প্রা.* জিব+আনো}
জিয়াপুতি, জিয়াপুতী [জিয়াপুতি] *বিণ স্ত্রী.* জীবিতকালে সন্তান মরেনি এমন; সমস্ত সন্তানই জীবিত রেখে পরলোক গমন করেছে এমন। { *স.* জীবৎ+পুত্র> }
জিয়াফত, যেয়াফত [জিয়াফত্] *বি* নিমন্ত্রণ; দাওয়াত; জন্ম-মৃত্যু বিয়ে উপলক্ষে বহুলোকের ভোজনের জন্যে ব্যবস্থা; ভোজনোৎসব। { *আ.* দিয়াফত ضيافة }
জিয়ারি, জিয়ারী [জিয়ারি] *বি* প্রাণ (ভাঙা পঞ্জরে লুকালো জিয়ারী ক্ষীণ—*নই*)। { *স.* জীবন>জি+*বা.*

আরি}

জিরগা, জির্গা [জিরগা] *বি* আফগান রাজ্য পরিষদ; অরণ্যবাসীদের গোত্রীয় প্রশাসনিক সংস্থা বা পরিষদ। {*তুল.* জরগাহ جرگاه }

জিরজির, জিরজিরে [জিরজির, –রে] *বিণ* জীর্ণ; শীর্ণ; কঙ্কালসার; অস্থিচর্মসার; রোগা; কৃশ। {*স.* জর্জর}

জিরন, জিরনো ⇒ জিরানো[১]

জিরা, জীরা, জীরক [জিরা, –, জিরক] *বি* রান্নার কাজে ব্যবহৃত এক প্রকার মশলা; cumin। {*স.* জীরক}

জিরাত, জিরাৎ, জেরাত *বি* ১ চাষাবাদ (তাহার জরু, গরু, জমি, জেরাত সবই ছিল—*রাব*)। ২ চাষের বা বাসের জমি। **জিরাতি** *বিণ* চাষের যোগ্য; কর্ষণীয়। **জিরাতি জমি** *বি* চাষের যোগ্য ভূমি। {*আ.* জেরা'আত زراعة }

জিরান[১], জিরেন [জিরান্, –রে–] *বি* ১ আরাম; বিশ্রাম; শ্রান্তি অপনোদন। ২ অবকাশ; ফাঁক; বিরাম। **– কাট** *বি* খেজুর গাছ তিনদিন কাটিয়া রস লইয়া তিনদিন বন্ধ রাখবার পর প্রথম দিনের কাটা জিরান-কাট (জিরান–কাটের রস)। {*ফা.* জিরয়ান جریان ; *আ.* জরয়ান جریان }

জিরানো[১], জিরান[২], জিরনো, জিরন [জিরানো, –, –রো–, –] *ক্রি* ১ বিশ্রাম করা; ক্লান্তি অপনোদন করা (বসিয়া দুই দণ্ড একটু জিরাইয়া লও না—*শাকা*)। ২ বিরাম বা ছাড় দেওয়া (জিরিয়ে জিরিয়ে কাজ করা)। □*বি* বিশ্রামকরণ। {*ফা.* জিরয়ান جریان ; *আ.* জরয়ান جریان }

জিরাফ [জিরাফ্] *বি* খুব লম্বা গলা ও লম্বা পা-বিশিষ্ট আফ্রিকার বন্য জন্তুবিশেষ। {*ই* giraffe}

জিরে (কথ্য) ⇒ জিরা

জিল ⇒ জিলদ

জিলকি [জিল্‌কি] *বি* বিদ্যুৎ; বিজলি; বিদ্যুৎ ঝলক (জিলকি-দেয়া সঙ্গে লয়ে আসল যেন বাও—জউ)। {*স.* জ্বলকা>ঝলক; *তুল.হি.* ঝলকী}

জিলদ, জেলদ, জিল [জিলদ্, জে–, জিল্] *বি* ১ পুস্তকের খণ্ড যা একসঙ্গে সেলাই করা হয়। ২ পুস্তকের চামড়ার বাঁধাই বা মলাট। ৩ চামড়া। **–গর** *বি* যারা বই বাঁধে; দপ্তরি (জেলদগর ও দপ্তরি নিযুক্ত আছে)। {*ফা.* জিল্‌দ جلد +গির্ گر }

জিলা, জেলা [জিলা, জে–] *বি* প্রশাসনিক বিভাগ; একাধিক উপজেলার সমষ্টি; বিভাগের (division) অংশবিশেষ; district। {*আ.* দ্বিলা ضلع }

জিলাপি, জিলিপি [জিলাপি, –লি–] *বি* প্যাঁচবিশিষ্ট কুণ্ডলাকার মিঠাইবিশেষ। **জিলিপির প্যাঁচ** *বি* কুটিলতা; অসরল ভাব। {*তুল.হি.* জলেবী}

জিল্লত, জিল্লতী ⇒ জেল্লৎ

জিষ্ণু [জিশ্‌নু] *বিণ* জয়শীল; বিজয়কামী; জেতা (রুদ্র দামাল জিষ্ণু কামাল মুখে দিলে চুনকালী—*শাহো*)। □*বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ হিন্দুদেবতা ইন্দ্র। ৪ (মহাভারতের) অর্জুন। {*স.* √জি+স্নু(গস্নু)}

জিহ, জিহি [জিহো, –হি] *বি* জিহ্বা; জিভ; রসনা (লক-লক জিহি—*ভারা*)। {*স.* জিহ্বা>; *তুল.হি.* জীহ}

জিহাদ ⇒ জেহাদ

জিহীর্ষা [জিহিরশা] *বি* অপহরণ করবার ইচ্ছা। **জিহীর্ষু** *বিণ* হরণ করতে ইচ্ছুক; হরণ অভিলাষী। {*স.* √হৃ+স(সন)+অ+আ(টাপ্)}

জিহ্বা [জিউভা] *বি* যা দ্বারা লেহন করা যায়; রস আস্বাদন করার ইন্দ্রিয়; রসনা; জিভ। **– কণ্ডূয়ন** *বি* ঝগড়ার জন্য জিভ চুলকানো। **জিহ্বাগ্র** *বি* জিভের আগা; জিহ্বার অগ্রভাগ। **–প্রবর্তী** *বিণ* জিহ্বার অগ্রভাবে আছে এমন। **–মূল** *বি* জিভের গোড়া। **–মূলীয়** *বিণ* ১ জিহ্বামূল বিষয়ক। ২ জিহ্বামূল থেকে জাত বা উচ্চার্য (জিহ্বামূলীয় বর্ণ)। ৩ জিহ্বামূল হতে উচ্চারিত বর্ণ—ক-বর্গীয় ধ্বনি, ক খ গ ঘ ঙ। **–স্তম্ভ** *বি* জিহ্বার অসাড়ত্ব; জিহ্বার পক্ষাঘাত (ঋষিদেরও জিহ্বাস্তম্ভ ঘটে—*কেম*)। {*স.* √লিহ্+ব(কন্)+আ(টাপ্)}

জী[১] ⇒ জি[১]

জী[২], জি[২] [জি] *অব্য* আজ্ঞা হোক; হুকুম হোক অর্থে; জিত বা বশীভূতের প্রতি; সাড়াজ্ঞাপক বা সম্ভ্রম বা সম্মতিসূচক শব্দ (জী আসছি, জী হ্যাঁ, জী হুজুর)। *তুল.* আজ্ঞা; আজ্ঞে। {*স.* জিত ('জিত' তথা বশীভূত অর্থে) অথবা জীব>জীও>জী, জি; *তুল.* হনুমানজি। জীব তথা বেঁচে থাকুন অর্থে ব্যবহৃত}

জীউ[১] [জিউ] *বি* হিন্দুদের দেবতা ঠাকুরদের প্রতি প্রযোজ্য সম্মানসূচক উপাধি। {*স.* জীব>; *তুল.হি.* জিউ}

জীউ[২] ⇒ জিউ

জীন ⇒ জিন[৩]

জীব[১] [জিব্] *বি* ১ প্রাণী। ২ প্রাণ; জীবন (জীবহত্যা মহাপাপ)। ৩ দেহের চৈতন্যশক্তি; জীবাত্মা। ৪ দেহধারী আত্মা। ৫ যার জীবন আছে—প্রাণী বা উদ্ভিদ। জৈব *বিণ*। **–জগৎ** *বি* ১ প্রাণীজগৎ। ২ চেতন-বিশ্ব। **–জন্তু** *বি* যাবতীয় প্রাণী; নানা জীব; প্রাণী সকল। **–জল** *বি* আবেহায়াত (জীবজল আছয় তথাতে—*সৈআ*)। **–তত্ত্ব** *বি* প্রাণিবিদ্যা; জীববিজ্ঞান; যে শাস্ত্র দ্বারা প্রাণীসমূহের জাতি স্বভাব চরিত্র ক্রিয়া প্রভৃতি জানা যায়; biology। **–তত্ত্বজ্ঞ, –তত্ত্ববিদ, –তত্ত্ববেত্তা** *বিণ* প্রাণিবিদ্যায় অভিজ্ঞ বা পারদর্শী। **–তারা** *বি* জীবনরূপ তারা; জীবন (জীবতারা যদি খসে এ-দেহ আকাশ হতে—*মদ*)। **–ধন** *বি* গো মহিষ প্রভৃতি পশু সম্পদ; livestock। **–ধর্ম** *বি* ক্ষুধা তৃষ্ণা প্রভৃতি জীবমাত্রেরই যে শারীরিক বৃত্তি। **–ধাত্রী** *বি* জীবের পালনকারিণী (জীবধাত্রী বসুন্ধরা—*রঠা*)। **–বলি** *বি* হিন্দু সমাজে দেবতার উদ্দেশে পশুবধ। **–বিদ্যা** *বি* প্রাণী ও উদ্ভিদের জীবনসম্পর্কিত বিদ্যা বা বিজ্ঞান; biology। **–রহস্য** *বি* প্রাণী সম্বন্ধীয় অজ্ঞাত বা গুপ্ত বিষয়। **–লীলা** *বি* জীবনের কার্যাবলি। **–লোক** *বি* মর্ত্যলোক; পৃথিবী। **–হত্যা, জীবহিংসা** *বি* প্রাণীবধ বা পশুহত্যা। **কৃষ্ণের –** *বি* নির্বিরোধী ও নিরীহ প্রাণী; করুণার পাত্র। {*স.* √জীব্+অ(ক)}

জীব[২] [জিবো] *ক্রি* বেঁচে থাকা; দীর্ঘজীবী হও। {*স.* √জীব্+হি (মধ্যম পু. একব)}

জীবক [জিবক] *বি* ১ সুদখোর। ২ সেবক বা ভৃত্য। ৩ সাপুড়ে। ৪ ভিক্ষুক। { *স.* √জীব্+অক(ণুল)}

জীবৎ [জিবত্] *বিণ* জীবন আছে এমন; জীবন্ত; জীবনযুক্ত। **~কাল, জীবদ্দশা** *বি* জীবিতাবস্থা; আয়ুষ্কাল; জীবনকাল। **~মান, জীবমান** *বি* জীবিতকাল; জীবদ্দশা। **~মানে, জীবমানে** *ক্রিবিণ* জীবদ্দশায়; বেঁচে থাকতে বা বর্তমানে। { *স.* √জীব্+অৎ(শতৃ)}

জীবন [জিবন] *বি* ১ প্রাণ। ২ প্রাণের ন্যায় প্রিয়; প্রাণতুল্য; প্রাণস্বরূপ (যুবতী-জীবন—*দীমি*)। ৩ প্রাণধারণ। ৪ জীবনকাল; জীবৎকাল (জীবন কাটানো)। ৫ আয়ু (জীবন ফুরাল)। ৬ জীবিকা (জীবনোপায়)। ৭ জল; বায়ু; সমীরণ (অঞ্জলি পুরিয়া রাজা আনিয়া জীবন—*কৃও*)। ৮ পরমেশ্বর। **~কর্তন** *বি* জীবন কাটানো বা অতিবাহন (কথার দোকানদারী করিয়া জীবন কর্তন করাই গাজি মিয়ার জীবনের উদ্দেশ্য—*মীম*)। **~কীর্তি** *বি* জীবিতকালে কৃত স্মরণীয় মহৎ কার্যাবলি। **~চরিত, ~বৃত্তান্ত** *বি* ১ যে গ্রন্থে কোনো ব্যক্তির জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যাবতীয় ঘটনা ও চরিত্রের বিবরণ থাকে; জীবনের ইতিহাস; জীবনী; biography; bio-data। **~দর্শন** *বি* মানব জীবনের স্বরূপ অবধারণ। **~নাট্যশালা** *বি* জীবনের রঙ্গভূমি; সংসারক্ষেত্র; amphitheatre of life। **~বল্লভ** *বি* প্রাণাধিক প্রিয়; প্রাণপ্রিয়। **~বল্লভা** *স্ত্রী*। **~বিমা, ~বীমা** *বি* নির্দিষ্ট কিস্তিতে কোম্পানির নিকট টাকা জমা দিয়ে নির্ধারিত কাল পরে অথবা তৎপূর্বে মৃত্যু ঘটলে নিজের বা উত্তরাধিকারীর এককালীন সঞ্চিত অর্থপ্রাপ্তি-সংক্রান্ত চুক্তি; life insurance। **~বেদ** *বি* মানব জীবনের নিয়ন্ত্রক-নীতি; জীবন-দর্শন (আমাদের জন্য তাদের জীবনবেদ ও জীবনবোধের আমানত রেখে গেছেন —*মুএ*)। **~যাত্রা** *বি* প্রাণধারণ বা জীবিকা। **~যৌবন** *বি* প্রাণ ও যৌবন; জীবন ও তারুণ্য। **~সংগ্রাম** *বি* বেঁচে থাকার জন্য প্রতিকূল অবস্থার সঙ্গে যুদ্ধ। **~সঙ্গিনী** *বি* সহধর্মিণী; পত্নী; জীবনের সুখ-দুঃখের ভাগিনী। **~সঞ্চার** *বি* প্রাণ উজ্জীবন বা বাঁচানো। **~সহচর** *বি* চিরসঙ্গী বন্ধু; জীবনের বন্ধু; স্বামী। **~সহচরী** *স্ত্রী*। **~স্বত্ব** *বি* কেবল জীবৎকালের ভোগাধিকার। **~স্মৃতি** *বি* নিজ জীবনের যেসব ঘটনা মনে আছে। **~হৃত** *বিণ* নির্জীব বা নিস্তেজ (জ্যোৎস্না যামিনী যৌবনহারা জীবনহৃত—*রঠা*)। { *স.* √জীবি+অন(ল্যুট)}

জীবনাধিক [জীবনাধিক] *বিণ* প্রাণের চেয়েও বেশি অর্থাৎ প্রাণাপেক্ষা প্রিয়। **জীবনাধিকা** *স্ত্রী*। { *স.* জীবন+অধিক; ৬তৎ}

জীবনান্ত [জিবোনান্‌তো] *বি* মৃত্যু। { *স.* জীবন+অন্ত; তৎ}

জীবনাবধি [জিবোনাবোধি] *বি* জীবিতকাল; আজীবন; বেঁচে থাকাকালীন। { *স.* জীবন+অবধি; ৬তৎ}

জীবনাবসান [জিবোনাবোশান] *বি* মৃত্যু; জীবনের শেষ। { *স.* জীবন+অবসান; ৬তৎ}

জীবনালেখ্য [জিবোনালেক্‌খো] *বি* জীবনচিত্র; জীবনের ছবি (পূর্ণাঙ্গ জীবনালেখ্য দেয়া—*আশ*)। { *স.* জীবন+আলেখ্য; ৬তৎ}

জীবনী [জিবোনি] *বিণ* জীবন বা আয়ু দান করে এমন; প্রাণদায়িনী (জীবনীশক্তি)। □ *বি* জীবনচরিত; জীবনবৃত্তান্ত; biography; জীবনকাহিনী। **~য়** *বিণ* প্রাণ ধারণের জন্য প্রয়োজনীয় আয়ুষ্কাল। □ *বি* পানি। **~শক্তি** *বি* ১ বেঁচে থাকার শক্তি; যে শক্তি জীবগণকে জীবিত রাখে; vital power। { *স.* জীবন+ঈ}

জীবনেতিবৃত্ত [জিবোনেতিব্রিত্‌তো] *বি* জীবনচরিত; জীবনকাহিনী; জীবনের কর্ম-আচরণের পরিচিতি; বিবরণী। { *স.* জীবন+ইতিবৃত্ত; ৬তৎ}

জীবনোচ্ছ্বাস [জিবোনোচ্‌ছাশ] *বি* প্রাণশক্তির উদ্বেল অবস্থা। { *স.* জীবন+উচ্ছ্বাস; ৬তৎ}

জীবনোপায় [জিবোনোপায়] *বি* বেঁচে থাকার উপায়; জীবন রক্ষার উপায়; জীবিকা। { *স.* জীবন+উপায়; ৬তৎ}

জীবন্ত [জীবন্‌তো] *বিণ* ১ বেঁচে আছে এমন; প্রাণবন্ত; সজীব; জীবন্ত; জীবিত। ২ অত্যন্ত স্পষ্ট। ৩ উৎসাহ ও উদ্দীপনায় পূর্ণ। { *স.* জীব+অন্ত—প্রাণ ধারণ করছে এরূপ}

জীবন্তিকা [জীবন্‌তিকা] *বি* ১ পরগাছা। ২ নাটিকা; জীবনের বাস্তবরূপের নাট্যায়ন। { *স.* জীবন্ত+*বা.* ইকা}

জীবন্মুক্ত [জিবন্‌মুক্‌তো] *বিণ* জীবিতাবস্থায় মায়ার বন্ধন থেকে মুক্ত; মহাপুরুষ; তত্ত্বজ্ঞানী। { *স.* জীবৎ+মুক্ত; *কর্মধা.*}

জীবন্মৃত [জিবন্‌মৃতো] *বিণ* ১ জীবিত থেকেও মৃতের ন্যায় অচল-অক্ষম; জীয়ন্তে মরা। ২ নির্জীব; মনমরা। { *স.* জীবৎ+মৃত; *কর্মধা.*}

জীবাণু [জিবানু] *বি* অণুবীক্ষণে দৃশ্য অতিসূক্ষ্ম প্রাণী বা উদ্ভিদ; প্রাণবিশিষ্ট অতি ক্ষুদ্র কণা; microbe। { *স.* জীব+অণু; তৎ}

জীবাতু [জিবাতু] *বি* জীবনধারণের উপায়; জীবনের ঔষধ (রাধিকার রূপগুণ আমার জীবাতু—*কৃম*)। { *স.* জীব+*বা.* আতু}

জীবাত্মা [জিবাত্‌তাঁ] *বি* ১ দেহস্থ-আত্মা; দেহধারী আত্মা; জীবপুরুষ। ২ জীব-জীবনের মধ্যে অবিচ্ছিন্ন পরমাত্মা। { *স.* জীব+আত্মন্; ৬তৎ}

জীবান্তক [জিবান্‌তক] *বিণ* ১ প্রাণ-নাশক; জীবননাশক। □ *বি* ব্যাধ। { *স.* জীব+অন্তক; ৬তৎ}

জীবাবশেষ [জিবাবশেষ] *বি* ভূগর্ভ থেকে প্রাপ্ত বহু পূর্বে মৃত জীবের প্রস্তরীভূত দেহাবশেষ; fossil; জীবাশ্ম। { *স.* জীব+অবশেষ; ৬তৎ}

জীবাশ্ম [জিবাশ্‌শোঁ] *বি* যেপ্রাণী বা উদ্ভিদ পাথরে পরিণত হয়েছে; প্রস্তরীভূত প্রাণী বা উদ্ভিদ; fossil। { *স.* জীব+অশ্ম; ৬তৎ}

জীবিকা [জিবিকা] *বি* জীবন ধারণের জন্য গৃহীত পেশা; বৃত্তি; জীবনোপায়। **~নির্বাহ** *বি* জীবনযাত্রা সম্পাদন; জীবন-যাপন; ভরণ-পোষণ। **~র্জন** *বি* জীবনযাত্রা নির্বাহের জন্য বৃত্তি সংগ্রহ বা অর্থোপার্জন। { *স.* জীব+ক(কন্)+আ(টাপ্)}

জীবিত [জিবিতো] *বিণ* ১ বেঁচে আছে এরূপ; জীবন্ত; সজীব (জীবিত প্রাণী)। ২ জীবনযুক্ত; আয়ুযুক্ত; মৃত নয়

এমন; প্রাণপূর্ণ। **জীবিতা** *স্ত্রী*। **জীবিতকাল** *বি* জীবদ্দশা বা আয়ুষ্কাল। ~**নাথ, জীবিতেশ, জীবিতেশ্বর** *বি* ১ স্বামী; প্রিয়তম (জীবিতেশ! জগতে সখিনা বাঁচিয়া থাকিতে—*মীম*)। ২ প্রাণেশ; প্রাণেশ্বর। ৩ জীবনের প্রভু বা জগদীশ্বর। ~**সর্বস্ব** *বি* জীবনের সর্বকিছু; জীবনসর্বস্ব। {*স.* √জীব+ত(ক্ত)}

-জীবী (-বিন্) [জিবি] *বিণ* ১ জীবন বা জীবনী-শক্তিবিশিষ্ট (ক্ষীণজীবী)। ২ জীবিকাবিশিষ্ট বা জীবিকাধারী (বৃত্তিজীবী, পেশাজীবী, দীর্ঘজীবী, বুদ্ধিজীবী, ক্ষণজীবী, আইনজীবী) কোনো গুণকে পুঁজি করে কিংবা কোনো কাজকে আয়ের উৎস করে জীবন ধারণ করে যে সে-ই জীবী। {*স.* √জীব+ইন্(ণিনি)}

জীমূত [জিমুতো] *বি* ১ মেঘ (সরোবরে নামি জল তোলয় জীমূত—*সৈআ*)। ২ মেঘঘটা; ঘনঘটা (জীমূত সময় কিবা প্রকাশিত চান্দ—*সৈআ*)। ৩ পর্বত। ~**নাদ,** ~**মন্দ্র** *বি* মেঘ; গর্জন; মেঘের গুরুগম্ভীর ডাক (জীমূতমন্দ্র হাহাকার রব—*মদ*)। ~**বাহন** *বি* ১ হিন্দুদেবতা ইন্দ্র। ২ বারো শতকের একজন প্রখ্যাত স্মার্ত। ~**বাহী** *বি* ১ মেঘ যাকে বহন করে; হিন্দুদেবতা ইন্দ্র। ২ ধূম। ~**রাবী** (-বিন্) *বিণ* বজ্রনাদী। ~**রাবিণী** *স্ত্রী*। {*স.* জী(জীবন)+ √মূ (ধারণ করা)+ত(ক্ত)}

জীয়ন, জিয়ন, জীয়োন [জিয়ন্, -, -য়োন্-] *বি* জীবন; বাঁচন। ~**কাঠি** *বি* যে কাঠির স্পর্শ দ্বারা জীবন সঞ্চার হয় (আমার হাতে সেই কোমল হাত জীয়োনকাঠির মতো—*শও*)। **জীয়ন্ত, জিয়ন্ত** *বি* জীবিত; জ্যান্ত। **জীয়ন্তে** *ক্রিবিণ* জীবিত অবস্থায় (সে হচ্ছে জীয়ন্তে মরা—*নই*)। {*স.* জীবন>}

জীয়ল ⇒ জিওল

জীয়ানো ⇒ জিয়ানো

জীরক ⇒ জিরা

জীর্ণ [জির্‌নো] *বিণ* ১ শীর্ণ; ক্ষয়প্রাপ্ত (রোগ-জীর্ণ)। ২ জারিত; জর্জরিত (জীর্ণ গরাদে, জীর্ণকড়ি)। ৩ শিথিলতাপ্রাপ্ত; অকর্মণ্য (যৌবনের জীর্ণ নির্ভর—*সদ*)। ৪ পুরনো (জীর্ণ গ্রন্থ)। ৪ হজম; পরিপাক বা হজম হয়েছে এমন। ৫ গলিত বা জরাগ্রস্ত (জীর্ণ দেহ)। **জীর্ণতা** *বি* জীর্ণের ভাব; জীর্ণ হওয়া; বৃদ্ধতা; জরা; ক্ষীণতা। **জীর্ণা** *স্ত্রী*। ~**জ্বর** *বি* পুরাতন জ্বর; chronic fever। ~**বসন** *বি* ১ খুব পুরাতন বা ছেঁড়া কাপড়। ২ ছিন্ন বস্ত্র পরিহিত। ~-**সংস্কার, জীর্ণোদ্ধার** *বি* মেরামত; ভাঙাচুরা সারা বা সংস্কার। {*স.* √জৃ+ত (ক্ত)}

জীহা *(মবা.)* [জিহা] *বি* জিহ্বা; জিভ (মেলে ঘন ঘন জীহের আগ—*বচ*)। {*স.* জিহ্বা>}

জুঁই [জুঁই] *বি* এক প্রকার সুগন্ধি ফুল; যূথিকা। {*স.* যূথী>*প্রা.* জুহী>}

জুখা ⇒ জোঁকা

জুগুপ্সা [জুগুপ্‌শা] *বি* নিন্দা; কুৎসা; অপবাদ; ঘৃণা। **জুগুপ্সক** *বিণ*। **জুগুপ্সন** *ক্রি* নিন্দা করা; কুৎসা রটনা করা। **জুগুপ্সিত** *বিণ* নিন্দিত; ঘৃণিত (এই জুগুপ্সিত ব্যাপারের সমাধানের ভার গ্রহণ—*ঈবি*)। {*স.* √গুপ্+স (সন)+অ+আ(টাপ্)}

জুচ্চুরি ⇒ জুয়া

জুজ [জুজ্] *বি* বইয়ের ফর্মা বা খণ্ড। ~**দান** *বি* যে কাপড়ে গ্রন্থাদি জড়িয়ে রাখা হয়। ~**বন্দী** *বি* ১ বই বাঁধাইয়ের কাজ। ❑*বিণ* ফর্মা ফর্মা সেলাই করে বাঁধানো। ~-**সেলাই** *বি* ফর্মাগুলো পৃথকভাবে সেলাই করে বই বাঁধাই। {*আ.* জুয جزو}

জুজু [জুজু] *বি* ভয় দেখানোর জন্য কল্পিত মূর্তি বা জীব (জুজুর ভয় দেখানো অনুচিত)। ❑*বিণ* জড়সড় বা জবুথবু; আড়ষ্ট (এ যেন সর্বদা জুজু হইয়া থাকা—*বিব*)। ~**বুড়ি,** ~**বুড়ী** *বি* ১ শিশুদের ভীতিজনক কল্পিত ডাইনি; ছেলেধরা। ২ জবুথবু মূর্তি (মেয়েরা রাস্তাঘাটে স্বচ্ছন্দে চলিয়াছে, কিন্তু বোরখা পরিতে ভুলে নাই, অবশ্য মুখ ঢাকিয়া সম্পূর্ণ জুজুবুড়িও সাজে নাই—*শামা*)। **জুজুর ভয়** *বি* কাল্পনিক বিপদ সম্বন্ধে অত্যন্ত ভীতি। {*স.* জু (অর্থ-পিশাচী), তুল. *ফা.* জু (অর্থ-অন্বেষণকারী)}

জুজুৎসু [জুজুত্‌শু] *বি* জাপান দেশীয় মল্লবিদ্যাবিশেষ; কুস্তির প্যাঁচবিশেষ। {*জা.* jujutsu}

জুঝা, জুঝাজুঝি, জুঝারু ⇒ জোঝা

জুটন [জুটন্] *বি* জুট (jute) অর্থাৎ পাট থেকে তৈরি করা কাপড়বিশেষ। {*ই.* jute +*বা.* অন}

জুটা, জুটানো, জুটনো ⇒ জোটা

জুটি, জুটী [জুটি] *বি* সঙ্গী; সাথি; দোসর; এক দলের লোক (তোমার জুটি, একজুটি)। ~**বাঁধা** *ক্রি* জোড় বাঁধা (প্রায়ই অসৎ উদ্দেশ্যে) এক সঙ্গে মিলিত হওয়া। {*মু.* জুড়ি}

জুঠা [জুঠা] *বি, বিণ* এঁটো; উচ্ছিষ্ট; ভুক্তাবশিষ্ট। {*স.* জুষ্ট> *প্রা.* জুট্‌ঠ>; তুল. *হি.* জুঠা}

জুডো [জুডো] *বি* এক ধরনের জাপানি মল্লযুদ্ধ যাতে প্যাঁচ ও কৌশল প্রয়োগ করে প্রতিপক্ষকে পরাভূত করা হয়। {*জা.* judo}

জুড়নো, জুড়া ⇒ জোড়া[২]

জুড়ানো, জুড়নো [জুড়ানো, -ড়-] *ক্রি* ১ শীতল হওয়া বা করা (খাবার জুড়ানো)। ২ শান্ত হওয়া বা করা (জ্বালা জুড়ানো)। ৩ তৃপ্ত করা বা হওয়া (প্রাণ জুড়ানো)। ❑*বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* জাড্য(শৈত্য)> জাড়> জুড়া+আনো}

জুড়ি, জুড়ী [জুড়ি] *বি* ১ সমান সমান দুটিতে জোট বা জোড় (জুড়ি বাঁধা)। ২ সমান দ্বিতীয় ব্যক্তি বা বস্তু (তার জুড়ি মেলা ভার)। ৩ দোসর; সাথি। ৪ দুই ঘোড়ায় টানা গাড়ি (জুড়ি হাঁকানো)। ৫ যাত্রার গায়ক যুগল। ৬ সেতারের দুইটি বিশেষ তার (জুড়ির তার)। ❑*বিণ* ১ দুই ঘোড়ায় টানে এমন (জুড়ি গাড়ি)। ২ সমকক্ষ (জুড়ি লোক)। ~**দার** *বি* সহযোগী; সঙ্গী; সমকক্ষ; সমতুল্য। {*মু.* জুড়ি}

জুত[১], জুৎ[২] [জুত্] *বি* ১ মনোমতো সুখ; সম্পূর্ণ বা সর্বাঙ্গীণ স্বস্তি; যথাযথ বা নিখুঁত নিটোল আরাম; পুরাদস্তুর আরাম (আর এক কাপ না দিলে জুত হচ্ছে না—*আরু*)। ২ মানানো; মিল বা লাগ; সুবিধা বা সুযোগ (জুতসই)। {*স.*

যুক্ত>প্রা. জুত্ত>}

জুত², **জুৎ**² [জুত্] *বি* ১ জ্যোতি (চোখের জুত)। ২ শক্তি; সামর্থ্য (লোকটার দেহে এখনও জুত আছে)। ৩ চোট; জোর; তেজ (গুণ থাক বা না থাক মুখের জুত আছে)। {*স.* যুক্ত>*প্রা.* জুত্ত>}

জুত³ [জুত্] *বি* কোনো যন্ত্রের ভালো বা কার্যকর অবস্থা; যন্ত্রবিশেষ (তড়াক করিয়া জুত উঠাইয়া তাক করি ছুড়ি মারে—*বজ্রামি*)। {*স.* যুক্ত>*প্রা.* জুত্ত>}

জুতা¹, **জুতো**, **জুতি**, **জুত**⁴ [জুতা, –তো, –তি, –ত্] *বি* চর্মপাদুকা; পায়ে পরার চর্মনির্মিত আবরণ (বলেই চালাল চটাপট জুতি—*নই*)। ~ **খাওয়া** *ক্রি* ১ জুতা দ্বারা প্রহৃত হওয়া। ২ অপমানিত হওয়া। ~**জুতি** *বি* পরস্পর জুতা দ্বারা মারামারি। **জুতানো** *ক্রি* ১ জুতা দ্বারা আঘাত করা। ২ অপমানিত করা। ☐ *ক্রি*, *বিণ* অনুরূপ অর্থে। ~ **মারা** *ক্রি* জুতানো। ~ **সেলাই থেকে চণ্ডীপাঠ** *বি* সংসারের ছোট বড় ভালো মন্দ সব রকম কাজ। ~**পেটা করা** *ক্রি* জুতা দিয়ে প্রহার করা। {*স.* যুক্ত> ?}

জুতা² ⇒ জোতা

জুতি¹ *(মবা)* [জুতি] *বি* দীপ্তি; কান্তি; জ্যোতি (জুতিহীন করে ভানু—*সৈআ*)। {*স.* জ্যোতিঃ>}

জুতি² ⇒ জুতা¹

জুতুয়া [জুতুয়া] *বি* জুতা; পাদুকা (লাল জুতুয়া পায়—*ছড়া*)। {জুতা+উয়া>}

জুদা [জুদা] *বিণ* পৃথক; ভিন্ন; আলাদা। **জুদাই** *বি* বিরহ; পার্থক্য। ~ ~ *ক্রিবিণ* পৃথক পৃথক; ভিন্ন ভিন্ন; আলাদা আলাদা (জুদা জুদা করিয়া আনা)। {*ফা.* জুদায়ী جدائی }

জুন [জুন্] *বি* ইংরেজি মাসের নাম; জ্যৈষ্ঠের শেষার্ধ থেকে আষাঢ়ের প্রথমার্ধ পর্যন্ত; ইংরেজি বৎসরের ষষ্ঠ মাস। {*ই.* June}

জুনি, **জুনিপোকা** ⇒ জোনাকি

জুনিয়র [জুনিয়র্] *বিণ* ছোট। ☐ *বি* নতুন; অপ্রবীণ; কনিষ্ঠ। {*ই.* junior}

জুবড়ানো, **জোবড়ানো** [জুবড়ানো, জোবড়ানো] *ক্রি* ১ ডুবানো; চুবানো (দাড়ি জুবড়ে খাওয়া)। ২ বেশি ভিজানো; অভিষিক্ত করা। ৩ ধেবড়ানো। ☐ *বি*, *বিণ* উক্ত সকল অর্থে। **জুবড়ি**, **জোবড়া** *বিণ* অতিশয় সিক্ত (মাথাটা যে ভিজে একেবারে জুবড়ি—*বিব*)। {জাবড়া>জুবড়া+আনো}

জুবিলি, **জুবিলী** [জুবিলি] *বি* জয়ন্তী; জন্মতিথি উৎসব; একাদিক্রমে পঁচিশ বছর পূর্তিতে রৌপ্য, পঞ্চাশ বছর পূর্তিতে সুবর্ণ এবং ষাট বছর পূর্তিতে হীরক জয়ন্তী (জন্মতিথি) উৎসব পালনের (জুবিলি) একটি ইউরোপীয় প্রথা (জুবিলি উপলক্ষে উপঢৌকন পাঠিয়ে দুঃখ প্রকাশ করা হয়েছে—*কাআমা*)। {*ই.* Jubilee}

জুব্বা ⇒ জোব্বা

জুম¹ *(মবা.)* [জুম্] *বি* ১ *(অপ্র)* অত্যাচার; জুলুম; জবরদস্তি (বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম—*ভারা*)। ২ স্পর্ধা (এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা—*ভারা*)। {*আ.* জুলুম ظلوم }

জুম², **জুম আবাদ**, **জুম চাষ** [জুম্, –আবাদ্, –চাশ্] *বি* ১ স্থানে স্থানে গর্ত করে এক সঙ্গে বিভিন্ন ফসলের বীজ বপন। ২ পার্বত্য চট্টগ্রামের এক ধরনের চাষাবাদের পদ্ধতি {*অমূ*}।

জুমা, **জুম্মা** [জুমা, –ম্মা] *বি* ১ শুক্রবার দিন জোহরের সময়ে মুসলমানদের সম্মিলিত (জামাতে) নামাজ। ২ শুক্রবার। ~**ঘর** *বি* যে মসজিদে শুক্রবারে মিলিত হয়ে জুমার নামাজ পড়া হয়। ~**বার** *বি* শুক্রবার (আগামী জুম্মাবারে জয়নাল দ্বারা মহারাজের নামে খোৎবা পাঠ করাইব—*মীম*)। ~ **মসজিদ** *বি* ১ যে বৃহৎ মসজিদে শুক্রবারের নামাজ ও খোৎবা পাঠ করা হয়। ২ দিল্লির বিখ্যাত জামে মসজিদ। {*আ.* জুম্‘আহ جمعه }

জুয়া, **জুয়ো** [জুয়া, –য়ো] *বি* যে খেলায় বাজি রাখা হয়; দ্যূতক্রীড়া; gambling। ~**চুরি**, **জুচ্চুরি**, **জোচ্চুরি** *বি* ১ জুয়া খেলায় কপটতা। ২ ধোঁকাবাজি; প্রবঞ্চনা; প্রতারণা; শঠতা; ঠকামি। ~**চোর**, **জোচ্চোর** *বি* ১ যে জুয়া খেলায় চুরি করে। ২ প্রবঞ্চক; প্রতারক; ঠক। **জুয়াড়ি**, **জুয়ারি** *বি* যে জুয়া খেলে বা জুয়া খেলায় আসক্ত। **জোচ্চুরিপনা** *বিণ* জুয়াচোরের ন্যায় আচরণ অর্থাৎ ঠকামি। {*স.* দ্যূত>*প্রা.* জুঅ>জুআ, জুয়া}

জুয়ান ⇒ জওয়ান

জুয়ানো, **জোয়ানো** [জুয়ানো, জো-] *ক্রি* ১ জোগানো; জোটা (কথা না জুয়ায়)। ২ যোগ্য হওয়া; উচিত হওয়া (অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায়—*বিপ*)। {*স.* √যুজ্>জুয়া+আনো>}

জুরি, **জুরী** [জুরি] *বি* আসামির বিচারের জন্য বিচারকের সাহায্যকারী নির্দিষ্ট ভদ্রমণ্ডলী; বিচারকার্যে সহায়তার জন্য আদালত কর্তৃক জনসাধারণের মধ্য থেকে নিযুক্ত ব্যক্তিগণ। {*ই.* jury}

জুলজুল [জুল্‌জুল্] *অব্য* ১ মিটমিট বা ক্ষীণোজ্জ্বল ভাব (জুলজুল করে চেয়ে থাকা)। ২ অল্প অল্প; কিছু প্রকাশ কিছু অপ্রকাশ ভাব (ধান্য শীষ তার করছে বিস্তার, তলিয়ে বন্যায় জাগছে জুলজুল—*সদ*)। {*স.* জ্বলজ্বল>}

জুলজেনা [জুল্‌জেনা] *বি* দুলদুল অশ্বের উপাধিবিশেষ (তাহা দেখি হাসে মনে আলীর কুমার, জুলজেনা টিপিয়া যায় তাহার মাঝার—*হেমা*)। {*আ.* যুল্‌জনাহ্ ذوالجناح }

জুলফ, **জুলফি**, **জুলপি** [জুলফ্, –লফি, –পি] *বি* ১ কানের নিকট গালের কিছুদূর পর্যন্ত যে দাড়ি রাখা হয়। ২ গণ্ডদেশের উপর এলিয়ে পড়া চুল; চূর্ণকুন্তল বা কান ঝাপটা (কালো কস্তুরী জুলফি যে তার—*মোম*)। ~**ওয়ালি**/**ওয়ালী** *বি*, *বিণ* *স্ত্রী.* চূর্ণ কুন্তলের অধিকারিণী বা কান ঝাপটা ধারিণী (শা'জাদী জুলফওয়ালী—*নই*)। {*ফা.* জুল্‌ফ زلف + *হি.* ওয়ালী}

জুলফিকার, **জুলফেকার** [জুলফিকার্, –ফেকার্] *বি* হজরত আলীর তলোয়ার (নাহি সে হজরত আলী জুলফিকার নাহি—*নই*; জুলফেকার খাণ্ডা নিল কোমরে বান্দিয়া—*হেমা*)। {*আ.* যুলফিকার ذوالفقار }

জুলম ⇒ জুলুম

জুলমাত, **জুলমৎ**, **জুলমাত** [জুলমাত্, –, –] *বি* ১

অত্যাচার; উৎপীড়ন; অবিচার ও তজ্জনিত অনিয়ম উচ্ছৃঙ্খলতা (দুনিয়াতে আজ জুলমাৎ ভারী—*গোমো*)। ২ প্রলয় লক্ষণ; ধ্বংসের সূচনা; অশান্তভাব; অন্ধকার (দিনের আকাশে একী জুলমাত মাঝি—*ফআ*)। { *আ.* জুলমত ظلمة }

জুলাই [জুলাই] *বি* ইংরেজি মাসবিশেষ; ইংরেজি বৎসরের সপ্তম মাস (রোমান বীর জুলিয়াস সিজারের স্মারক নাম); আষাঢ় মাসের শেষার্ধ থেকে শ্রাবণ মাসের প্রথমার্ধ পর্যন্ত। { *ই.* July }

জুলাপ ⇒ জোলাপ

জুলি, জুলী, জোলি [জুলি, –, জো–] *বি* ছোট নালা; লম্বা সরু খাত; জলনালি। { *তিব্বতি* জুর; *দ্র.* জোল, জোলি }

জুলু [জুলু] *বি* দক্ষিণ আফ্রিকার অধিবাসী জাতি ও তাদের ভাষা। { *ই.* Zulu }

জুলুম, জুলম, জোলম [জুলুম, –লম, জোলম] *বি* ১ পীড়ন; অত্যাচার; উৎপীড়ন (জালিমে জুলম কৈলে করিব সবর—*সৈআ*)। ২ জবরদস্তি; জোরাজুরি (নিষেধ কোরানে বিধর্মী পরে করিতে কোনো জুলুম—*নই*)। **~-জবর** *বি* জোর-জবরদস্তি ও অত্যাচারে দক্ষ; প্রবল পরাক্রান্ত অত্যাচারী (জমিদারের জুলুম-জবর আমলা নায়েব—*সদ*)। **~বাজ** *বিণ* অত্যাচারী; দুর্দান্ত। **~বাজি** *বি*। { *আ.* জুলম ظلم }

জুলুস ⇒ জলুস

জুষ্ট [জুশ্‌টো] *বিণ* ১ পূজিত; সেবিত; সেবা করা হয়েছে এমন। ২ ভূষিত। { *স.* √জুষ্‌+ত(ক্ত) }

জুস, জুষ [জুশ্] *বি* ১ ক্বাথ; সুরুয়া; ঝোলবিশেষ (মাংসের জুস)। ২ রস। { *ই.* juice; *তুল. স.* যূষ; *ফা.* জোশ্ جوش }

জুহ, জুহূ [জুহু] *বি* হিন্দুদের যজ্ঞে ব্যবহৃত কাষ্ঠপাত্রবিশেষ (জুহু ভরি এই দিলাম হবি—*মোম*)। { *স.* √হু+ক্বিপ্ }

জূট [জুট্] *বি* ১ ঝুঁটি বা চূড়া (জটাজূট)। ২ গোছা; গুচ্ছ। ৩ সমূহ। { *স.* √জুট্+অ(অচ) }

জূষ ⇒ জুস

জৃম্ভক [জৃম্‌ভক্] *বি* ১ যে হাই তোলে। ২ দিব্যাস্ত্রবিশেষ। **জৃম্ভমাণ** *বিণ* ১ হাই তুলছে এমন। ২ প্রকাশমান; বিকাশমান। **জৃম্ভিত** *বিণ* ১ জৃম্ভণরত বা জৃম্ভণযুক্ত। ২ প্রকাশিত। { *স.* √জৃম্ভ্+অক(ণ্বুল্) }

জৃম্ভণ, জৃম্ভ, জৃম্ভা [জৃম্‌ভন্, –ভ, –ভা] *বি* ১ হাই; হাইতোলা; আলস্য বা নিদ্রাবেশজনিত মুখব্যাদান (সে জৃম্ভণ বা হাস্য করিত—*মোহ*)। ২ বিস্তার। ৩ স্ফুরণ; প্রকাশ; বিকাশ। { *স.* √জৃম্ভ্+অন(ল্যুট্), অ (ঘঞ্), আ(টাপ্) }

জেওচ, জেঁচ, জেঁয়াচ [জেয়োচ, জেঁচ, জেঁয়াচ] *বিণ স্ত্রী.* সকল সন্তানই বেঁচে আছে এমন (জেঁচ-পোয়াতি)। { *স.* জীবিতবৎস>জীববচ্ছ>জেঁওচ }

জেওর, জেঅর [জেয়োর, –যর] *বি* গহনা; অলঙ্কার (কি কি জেওর আনিছরে দামাদ বিবির লাগিয়া—*হারামণি*)। ২ বেশভূষা বা সাজপোশাক (সিপাহ-সালারের সকল জেওর খুলিয়া ফেলিলে তুমি—*নই*)। **জেওরাত** *বি* বহু অলঙ্কারাদি; বেশভূষা। { *ফা.* জ়ীর زیور }

জেঁকো [জেঁকো] *বিণ* ১ জাঁকজমকসম্পন্ন বা আড়ম্বরপূর্ণ। ২ গর্বিত; দর্পিত; দাম্ভিক; বড়াইকারী। { *স.* চমৎকার> চমক>জমক>জেঁকো }

জেকের ⇒ জিকির

জেটপ্লেন [জেট্‌প্লেন্] *বি* এক প্রকার দ্রুতগামী বিমান (বায়ুমণ্ডলের বাইরে জেট প্লেন চলতে পারে না—*শেক*)। { *ই.* jet plane }

জেটি [জেটি] *বি* জাহাজ থেকে নামা ও ওঠার জন্য লোহা তক্তা প্রভৃতি দ্বারা বাঁধানো ঘাট; বাঁধানো জাহাজ ঘাটা (ছেলেরা কয়েকজন তত্তক্ষণে জেটিতে নামিয়া তীর ধরিয়া পায়চারি করিতে লাগিলেন—*শ্যাম*)। { *ই.* jetty }

জেঠ, জাঠ, জাট [জেঠ্, জাঠ্, –ট্] *বিণ* জ্যেষ্ঠতাত সম্পর্কিত (জেঠ শ্বশুর)। { *স.* জ্যেষ্ঠ> }

জেঠতুতো, জেঠতুত, জাঠতুতো [জেঠ্‌তুতো, –, জা–] *বিণ* জেঠাতো; জেঠার সন্তানরূপে সম্পর্কিত (জেঠতুত ভাই)। **জেঠশ্বশুর, জাঠশ্বশুর** *বি* স্বামীর বা স্ত্রীর জেঠা। **জেঠশাশুড়ি** *স্ত্রী.*। { *স.* জ্যেষ্ঠতাত> }

জেঠা, জ্যাঠা [জ্যাঠা] *বি* ১ পিতার বড় ভাই। ২ অকালপক্ব; ফাজিল; বাচাল (আমরা ছেলেবেলাতেই জ্যাঠার শিরোমণি ছিলেম—*কাসি*)। **জেঠাই, জেঠাইমা, জেঠী**[১]**, জেঠিমা** *বি* জেঠার পত্নী। **জেঠাতো** *বিণ* জেঠতুতো। **জেঠামো, জেঠামি, জ্যাঠামি, জেঠামো** *বি* ১ জেঠার মতো ব্যবহার বা কথাবার্তা; মুরুব্বির চাল; মাতব্বরি। ২ বাচালতা; পাকামি; অকালপক্বতা; ইঁচড়ে পাকা শিশুর মতো আচরণ (মেয়েদের জেঠামি সইতে পারে না—*রঠা*; স্কুল ছাড়াতে জ্যাঠামি ভাতের ফ্যানের মতন উথলে উঠলো—*কাসি*)। **জেঠী** *স্ত্রী.*। { *স.* জ্যেষ্ঠ>*প্রা.* জেট্‌ঠ }

জেঠি, জেঠী[২] [জেঠি] *বি* টিকটিকি। { *স.* জ্যেষ্ঠী>*প্রা.* জেট্‌ঠী> }

জেতব্য [জেতোব্‌বো] *বিণ* জয় করার বা বশীভূত করার যোগ্য; জেয়। { *স.* √জি+তব্য }

জেতা[১] [জেতা] *বিণ* জয়লাভ করেছে এমন; জয়ী; বিজয়ী; জয়কারী। **জেত্রী** *স্ত্রী.*। { *স.* √জি+তৃ(তৃচ) }

জেতা[২]**, জিতা** [জেতা, জি–] *ক্রি* ১ জয়ী হওয়া; জয়লাভ করা। ২ লাভ করা (জিতে কেনা)। ৩ জয় করে পাওয়া (বাজি জেতা)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **জেতানো, জিতানো** *ক্রি* ১ বিজয়ী করা; জয় করানো। ২ লাভবান করা। □ *বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √জি+তৃ(তৃচ) }

জেদ, জেদি ⇒ জিদ

জেনা, জিনা [জেনা, জি–] *বি* বিবাহ সম্পর্ক ব্যতীত পুরুষ ও নারীর যৌনমিলন; ব্যভিচার; ধর্ষণ। **~-কার** *বিণ* ব্যভিচারী; ধর্ষণকারী। **–কারি** *বি* ব্যভিচার; বিবাহ সম্পর্ক ব্যতীত পুরুষ ও নারীর যৌনমিলন (না করিব জেনাকারি কহিনু নিদান—*ফগ*)। { *আ.* জ়িনা زنا }

জেনানা ⇒ জানানা

জেনারেল [জেনারেল্] *বি* সেনাপতি। { *ই.* general *তুল.* জাঁদরেল }

জেন্দ [জেন্‌দ] *বি* ১ প্রাচীন পারস্যের ভাষার নাম। ২

জরথুস্ত্র কৃত ধর্মশাস্ত্র আবেস্তার ভাষার নাম। (আবেস্তার কতগুলি অংশের ব্যাখ্যা...জেন্দ ভাষায় লিখিত—*আখাঁ*)।
জেন্দাবেস্তা, জেন্দা আবেস্তা *বি* পারসিকদিগের ধর্মগ্রন্থ আবেস্তা ও তার ভাষা জেন্দ। { *ফা.* জিন্দ زند }
জেন্দাগানী ⇒ জিন্দেগানি
জেন্দান ⇒ জিন্দান
জেপলিন, জেপেলিন [জেপ্‌লিন্, -পে-] *বি* জার্মানির তৈরি বিশেষ ধরনের উড়োজাহাজ (জার্মানদের জেপেলিনগুলো দূর থেকে—*নই*)। { *জা.* zepplin }
জেব [জেব্] *বি* ১ জামা ইত্যাদির পকেট (জামার জেবেতে মাটি রাখিল যতনে—*হেমা*)। ২ টাকা-পয়সা রাখার ছোট থলি। { *ফা.* জেব جيب }
জেবঘড়ি [জেব্‌ঘোড়ি] *বি* পকেটে রাখার ঘড়ি। {জেব+ঘড়ি}
জেবলি [জেব্‌লি] *বি* ফুলবিশেষ (আমারেই শেফালী জেবলী কেবল থরে—*বিদে*)। { *অমু.* }
জেব্রা [জেব্‌রা] *বি* আফ্রিকায় দৃষ্ট ঘোড়াজাতীয় গায়ে ডোরাকাটা দ্রুতগামী বন্য পশুবিশেষ। { *ই.* zebra }
জেম্মা ⇒ জিম্মা
জেয় [জেয়ো] *বিণ* জয় করা যায় এমন; জেতব্য; জয়সাধ্য। অজেয় *বিপ.*। { *স.* √জি+য(যৎ)}
জেয়াদা, জিয়াদা [জেয়াদা, জি-] *বিণ* ১ অধিক। ২ প্রচুর; ঢের; পর্যাপ্ত (সহজ মেহনতে মিলে জেয়াদা মুজুরি—*সৈহা*)। □ *ক্রিবিণ* অত্যধিক; অতিরিক্ত; মাত্রাছাড়া (এটা বড় জিয়াদা হইতেছে—*বচ*)। { *আ.* জিয়াদাহ زيادة }
জেয়াফত, জেয়াফৎ, জিয়াফত [জেয়াফত্, -, জি-] *বি* ভোজের আয়োজন বা ভোজের আহ্বান; নিমন্ত্রণ; মৃতের কল্যাণে আয়োজিত ভোজ (শুক্রবার আমাদের বাড়ীতে বড় জেয়াফৎ—*ওআ*)। { *আ.* যিয়াফত ضيافة }
জেয়ারত, জিয়ারত, যিয়ারত, জ্যারত (*মবা.*) [জেয়ারত্, জি-, -, জ্যারত্] *বি* ১ মৃতের কবর বা পুণ্যস্থান দর্শন ও প্রদক্ষিণাদি (জিয়ারতে তুমি কে যাও মদিনায়—*নই*; বায়তুল্লার যিয়ারত শেষ করিয়া চলিলেন মদিনায়—*মামু*)। ২ ভক্তিভাবে কবর দর্শন ও প্রার্থনা (মৃতের কবরে করিব জেয়ারত—*সৈআ*; প্রদক্ষিণ করি কৈল জ্যারত মাতম—*হেমা*)। { *আ.* জিয়ারত زيارة }
জের [জের্] *বিণ* ১ নত; নিচু বা পরাভূত (জের হৈল নিমকহারাম—*ভারা*)। ২ হীন; ক্ষীণ (জেরদস্ত)। □ *বি* ১ পরাজয়; পরাভব। ২ রেশ; অনুবৃত্তি। ৩ পূর্ব হিসাবের সূত্র বা অনুবৃত্তি; ইজা। ৪ এ-কার; ই-কার। ~ **টানা** *ক্রি* ১ হিসাবের খাতায় পূর্ব পৃষ্ঠার মোট রাশি পর-পৃষ্ঠায় লেখা (জের টেনে কেতাব সম্পর্কে আলোচনা শেষ করা যায়—*কাআমা*)। ২ পূর্বে কৃত কর্মের ফল ভোগ করা। ~**দস্ত** *বিণ* দুর্বল। জবরদস্ত *বিপ.*। { *ফা.* জের زير }
জেরবার [জের্‌বার্] *বিণ* ১ ক্ষত-বিক্ষত; বিপর্যস্ত বা পর্যুদস্ত (জোরওয়ার শের কই? জেরবার জানোয়ার—*নই*)। ২ হয়রান; হীনবল; নাকাল। ৩ ভারাক্রান্ত; পীড়িত; পীড়াজর্জর (জানখানা টেনে চিরদিন জেরবার—*মোম*)। { *ফা.* জেরবার زيربار }
জেরা[১] [জেরা] *বি* ১ আদালতে সত্যাসত্য যাচাইয়ের জন্যে বিপক্ষের উকিলের প্রশ্ন; সওয়াল; cross-examination। ২ উকিলের কূট প্রশ্নের মতো ক্রমাগত বিবিধ প্রশ্ন জিজ্ঞাসা। { *আ.* জরহ্ جرح }
জেরা[২] [জেরা] *বি* বর্ম (জেরাকে ছেদিয়া তীর ঝোলে তার গায়—*সৈহা*)। { *ফা.* জেরেহ্ زره }
জেরা[৩], **জারা, জার্‌রা, জরা** [জেরা, জারা, জার্‌রা, জরা] *বিণ* ১ অল্প কিছু; সামান্য; একটু; থোড়া; অণুপরিমাণ (আমি জেরা ফিরে আসি—*প্যামি*)। { *হি.* যরা }
জেরাত ⇒ জিরাত
জেল [জেল্] *বি* ১ কয়েদখানা; কারাগার; জেলখানা (জেলে যাওয়া)। ২ কারাদণ্ড (জেল হওয়া)। ~**খানা** *বি* কারাগার; জেল। ~**খালাসি** *বিণ* জেল থেকে মুক্ত; কারামুক্ত। ~**দারোগা** *বি* কয়েদিদের তত্ত্বাবধায়ক ও জেলের শান্তিরক্ষক কর্মচারী। ~**ফেরত**, ~**ফেরতা** *বিণ* জেল খেটেছে এমন। { *ই.* jail }
জেলদ ⇒ জিলদ
জেলা ⇒ জিলা
জেলার [জেলার্] *বি* জেলের ভারপ্রাপ্ত কর্মচারী; কারাধ্যক্ষ। { *ই.* jailor }
জেলি [জেলি] *বি* ফলের রস চিনিতে পাক করে প্রস্তুত খাদ্যবস্তুবিশেষ। { *ই.* jelly }
জেলে, জেলিয়া (বিরল) [জেলে, জেলিয়া] *বি* ১ ধীবর; মৎস্যজীবী। ২ হিন্দু জাতিবিশেষ। জেলেনি *স্ত্রী.*। ~**ডিঙ্গি** *বি* মাছ ধরার জন্য জেলেদের ছোট নৌকা। { *স.* জালিক>*প্রা.* জালিয়> }
জেল্লৎ, জেল্লত, জিল্লৎ, জিল্লত, জিল্লতি [জেল্‌লত্, -, জি-, -, -তি] *বি* অপমান; অসম্মান (ভুগনী যাদের ভুগছে তারা জিল্লতীর একশেষ—*বই*)। { *আ.* যিল্লত ذلة }
জেল্লা, জিল্লা [জেল্‌লা, জি-] *বি* ১ ঔজ্জ্বল্য; খোলতাই; জুলুম। ২ চাকচিক্য; চটক (শাপলা ও অন্যান্য জলজ আগাছা আকাশরঙা পানির সঙ্গে জেল্লা দিচ্ছে—*শও*)। **জেল্লাই** *বি* জুলুস; জাঁকজমক; চাকচিক্য; চটক (দিল্লী আগ্রা সেকেন্দ্রার জেল্লাই—*সৈমু*)। **জেল্লাদার** *বিণ* চকচকে। { *আ.* জল্‌ৱাহ্ جلوة }
জেসম, জিছম [জেসম্, জি-] *বি* দেহ; শরীর (আমার জেসমের মধ্যে—*আমআ*)। { *আ.* জিস্‌ম جسم }
জেসমিন ⇒ ইয়াসমিন
জেহাদ, জিহাদ, জ্বিহাদ, জ্বেহাদ [জেহাদ্, জি-, -, জে-] *বি* ১ ধর্মরক্ষার জন্য লড়াই। ২ বিধর্মীদের বিরুদ্ধে মুসলমানদের ধর্মযুদ্ধ। ৩ ধর্মযুদ্ধ। ৪ অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম; সত্য ও ন্যায়ের প্রতিষ্ঠার জন্য ধনপ্রাণ দিয়ে সর্বপ্রকার সংগ্রাম (এজিদের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করিয়া—*মীম*)। **জেহাদি, জিহাদি, জ্বিহাদি, জ্বেহাদি** *বিণ* ধর্মযুদ্ধ সম্পর্কীয়; অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ সম্পর্কীয়; অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধবিষয়ক (জেহাদি আন্দোলন, মুক্ত মানুষের জ্বেহাদী কুঅতে—*ফআ*)। { *আ.* জিহাদ جهاد }

জেহেন [জেহেন্] *বি* ১ মেধা; স্মরণশক্তি; মস্তিষ্ক (অর গো কি জেহেন আছে—*ইশা*)। ২ প্রতিভা। { *আ.* যিহ্‌ন ذهن }

জৈতুন [জোইতুন্] *বি* ১ জলপাই। ২ জলপাই গাছ (জৈতুন-রাঙা রওগন নিয়ে হেরেমে হেরেমে প্রদীপ জ্বালিয়ে—*নই*)। **জৈতুনি, জৈতুনী** *বিণ* জলপাই বা জৈতুন ফলজাত (ওকি জৈতুনী রওগন, ওরই পারে জলপাই বনে—*নই*)। { *আ.* জয়তুন زيتون }

জৈত্র [জোইত্‌ত্রো] *বিণ* ১ জয়শীল; বিজয়ী (মানুষ হল তোমার স্নেহে তারা সবাই জৈত্র ধনুর্ধারী—*সদ*)। ২ পারদ। **জৈত্রী** *স্ত্রী*। { *স.* জেতৃ+অ (অণ্) }

জৈত্রি, জৈত্রী[১] ⇒ জয়ত্রী

জৈত্রী[২] ⇒ জৈত্র

জৈন [জোইন্] *বি* ধর্মসম্প্রদায়বিশেষ; মহাবীর কর্তৃক প্রবর্তিত ধর্মের অনুসারী। **জিন** *বি* সাধু; সাধক; শ্রমণ। { *স.* জিন+অ(অণ্) }

জৈব [জোইবো] *বিণ* ১ জীব-বিষয়ক; organic (উদ্ভিদ ও প্রাণী হইতে প্রাপ্ত বস্তুগুলিকে জৈব পদার্থ বলা হয়—*আআ*)। ২ জীবজাত। ৩ জান্তব বা উদ্ভিজ্জ। **–রসায়ন** *বি* জীব-বিষয়ক রসায়ন শাস্ত্র; organic chemistry বা biochemistry (প্রাণরসায়ন)। { *স.* জীব+অ (অণ্) }

জৈবন *(মবা.)* [জোইবন্] *বি* যৌবন। { *স.* যৌবন> }

জৈবনিক [জোইবোনিক্] *বিণ* জীবনঘটিত। { *স.* জীবন+ইক(ঠঞ্) }

জৈমিনি [জোইমিনি] *বি* ভারতীয় মীমাংসা দর্শন প্রণেতা মুনি। **–দর্শন** *বি* জৈমিনি মুনি কৃত বেদের মীমাংসা এবং শ্রুতিস্মৃতির বিরোধ ভঞ্জনকারী দর্শনশাস্ত্র। **–ভারত** *বি* জৈমিনি মুনি প্রণীত মহাভারত গ্রন্থ। { *স.* জৈমিনি }

জো, যো [জো] *বি* ১ উপায়; পথ; ফাঁক (অস্বীকার করার জো নেই)। ২ চাষের বা শস্য বপনের উপযুক্ত অবস্থা বা সময়। ৩ সুযোগ; অনুকূল অবস্থা; সুবিধা; জুত (জো পেয়ে গেছে)। ৪ উপক্রম; গতিক; জোগাড়; দশা (উৎসব মাটি হবার জো)। **জোকাল** *বি* শস্য বপনের উপযুক্ত সময়। **জোবৃষ্টি** *বি* যে বৃষ্টির ফলে ভূমি শস্য বপনের উপযুক্ত হয়। { *স.* যোগ>জোগ> }

জোঁক [জোঁক্] *বি* রক্তপায়ী জলকীটবিশেষ; জলৌকা। **জোঁকের মুখে নুন** *বি* দুষ্টলোকের উপযুক্ত শাস্তির ব্যবস্থা; আস্ফালনকারীকে স্তব্ধ করতে পারে এমন উচিত কথা। { *স.* জলৌকা>*প্রা.* জলোআ>জোঁক; তুল. *হি.* জোংক }

জোঁকা, জোঁখা, জোখা, জোকা [জোঁকা, –খা, জোখা, –কা] *ক্রি* ১ পরিমাণ করা বা তুলনা করা। ২ ওজন করা (জোখে বেনে চড়ায়্যা পড়্যান—*কমু*) □ *বি* পরিমাণ; মাপ (যদি খাপের সঙ্গে তলোয়ার ঠিক জোখা মিলে যায়—*অচিসে*)। **–জুঁকি** *বি* ১ পাশাপাশি দাঁড় করিয়ে ছোট বড় পরীক্ষা। ২ মাপামাপি। **– দেওয়া** *ক্রি* ১ মেপে দেখা বা পাশাপাশি দেখে তুলনা করা (একবার দাঁড়াও ত ভাই জোঁকা দেই তোমার কতদূর পর্যন্ত হয়—*দীমি*)। **লেখা–** *বি* যথাযথ হিসাব; নির্ভুল হিসাব; ব্যয়ের লিখিত হিসাবপত্র। **মাপা–** *বিণ* ১ নির্দিষ্ট মাপ; সুনির্দিষ্ট; নিতান্ত পরিমিত; মাপা। { *মু.* জোকা; *স.* যোগ/যোগ্য/যোজ্য> }

জোঁকার, জোকার[১] [জোঁকার, জো–] *বি* জয়ধ্বনি; হুলুধ্বনি (জয়-জোকারে উৎসবেতে যায়—*জউ*)। { *স.* জয়কার>*প্রা.* জোক্কার> }

জোকার[২] [জোকার্] *বি* ১ ভাঁড়। ২ বিচিত্র বাড়তি তাসবিশেষ। { *ই.* joker }

জোখ, জোক [জোখ্, –ক্] *বি* তুলনামূলকভাবে মাপের বা ওজনের আন্দাজ। **মাপ–** *বি* আন্দাজমতো মাপ বা হিসাব; পরিমাপ। { *মু.* জোকা; *স.* যোগ/যোগ্য/যোজ্য> }

জোগাড়, যোগাড় [জোগাড়্] *বি* ১ উদ্‌যোগ; আয়োজন; ব্যবস্থা। ২ উপক্রম। ৩ সংগ্রহ; আহরণ। **– দেওয়া** *ক্রি* ১ কারো কাজের সহায়তা করা। ২ প্রধান কর্মকর্তার হাতের কাছে প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী সরবরাহ করে সাহায্য করা। **––যন্ত্র** *বি* আয়োজনাদি; কোনো কাজ সম্পন্ন করবার উপকরণাদি সংগ্রহ। **জোগাড়ে, জোগালে** *বিণ* সংগ্রহকারী; যিনি জোগাড় করতে ওস্তাদ। □ *বি* সাহায্যকারী। { *স.* √যুজ্>যোগ+*বা.* আড়> }

জোগান, যোগান [যোগান্] *বি* ১ এনে দেওয়া; সরবরাহ। ২ নিয়মিত সরবরাহ। **–দার** *বি* সরবরাহকারী। { √জোগা+আন }

জোগানো, যোগানো [যোগানো] *ক্রি* ১ সরবরাহ করা; প্রয়োজনীয় জিনিসের অভাব পূরণ করা। ২ ক্রমাগত উৎপন্ন হওয়া বা সরবরাহ করা; শেষ হতে না দেওয়া। { √জোগা+আনো }

জোচ্চুরি, জোচ্চুরিপনা, জোচ্চোর ⇒ জুয়া

জোছনা *(পদ্য.)* [জোছ্‌না] *বি* জ্যোৎস্না; চন্দ্রালোক। (অন্ধ এ মন্দিরে তুমি উদার জোছনা—*সদ*)। { *স.* জ্যোৎস্না> }

জোঝা, জুঝা [জোঝা, জু–] *ক্রি* ১ যুদ্ধ করা; লড়া। ২ বোঝাপড়া করা। **জুঝারু** *(মবা.)* *বি* ১ যোদ্ধা (ঊনলক্ষ রণদক্ষ জুঝারু-মাতঙ্গ—*ঘচ*)। □ *বিণ* যুদ্ধপটু। **–জুঝি** *বি* পরস্পরের যুদ্ধ। { *স.* √যুধ্>*প্রা.* √জুজ্‌ঝ>√জুঝ্ }

জোট [জোট্] *বি* ১ দল বা দলেবলে ঘোঁট; জটলা (জোট বাঁধা বা পাকানো)। ২ মেল; সমাবেশ; ভিড়; জমায়েত (জোট করা বা হওয়া)। ৩ গিঁঠ; জট; জটিল; গ্রন্থি। **–নিরপেক্ষ** *বিণ* সমকালীন বিশ্বের বৃহৎ শক্তিবর্গের সামরিক জোটে অন্তর্ভুক্ত না থাকা। **–নিরপেক্ষতা** *বি*। **–পাট** *বি* ১ জটলা বা একত্র মিলন। ২ জোগাড়যন্ত্র। **–বদ্ধ, জোটবদ্ধ** *বিণ* একত্র সমাবিষ্ট; দলবদ্ধ; মিলিত (দেশের বদমাইশ সর্দার লাঠিয়াল বহুতর জোটবদ্ধ হয়েছে—*মীম*)। **– ভাঙা** *ক্রি* বিচ্ছিন্ন হওয়া; জোড় ঘোচা। □ *বিণ* বিচ্ছিন্ন। **এক–** *বিণ* দলবদ্ধ; একসঙ্গে মিলিত; একত্রিত। { *স.* যূথ>জুট, জোট }

জোটা, জুটা, যোটা [জোটা, জু–, জো–] *ক্রি* ১ জোগাড় হওয়া; মেলা; সংগৃহীত হওয়া (অন্ন জোটে না কথা জোটে মেলা—*রঠা*)। ২ মিলিত হওয়া; একত্র হওয়া (ছাত্রের দল জুটেছে)। ৩ উপস্থিত হওয়া (এসে জোটা)। ৪ লাভ করা; পাওয়া (একটা চাকরী জুটিয়া গেল—*আরু*)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **–জোট** *বি* ১ জোগাড়যন্ত্র;

যোগসাজস। ২ পরস্পর মিলন। **জোটানো, জুটানো, জুটনো** *ক্রি* ১ সংগ্রহ করা বা একত্র করা; একসঙ্গে সমাবেশ করা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **জুটেপুটে** *ক্রিবিণ* ১ দলবদ্ধ হয়ে। **জোটেবুড়ি, জুটেবুড়ি** ⇒ জটে। {*স.* যূথ>}

জোড়, যোড় [জোড়] *বি* ১ মিলন; সংযোগ; সন্ধি (জোড়ের মুখ)। ২ যুগল; জোড়া (মানিকজোড়)। ৩ ধুতি ও চাদর (বেনারসি জোড়)। □ *বিণ* মিলিত; সংযুক্ত; একত্রিত (জোড় হাত)। ~-**কলম** *বি* বড় গাছের ডালের সাথে চারা গাছ জুড়ে গজানো কলমের গাছ। ~ **খাওয়া বা মেলা** *ক্রি* ১ মিল হওয়া; ঠিকভাবে বা উত্তমরূপে সংযোজিত হওয়া। ২ জীবজন্তুর পুরুষ ও স্ত্রীর মিলন হওয়া। ৩ স্বামী-স্ত্রীর মনের মিল হওয়া। ~**তাড়, ~তোড়** *বি* ১ জোড়া দেওয়া ও পৃথক করা; ভাঙাগড়া। ২ যন্ত্রপাতি; সাজসরঞ্জাম। ৩ উদ্যোগ; আয়োজন। ৪ উপকরণাদি সংগ্রহ। ~ **ভাঙা** *ক্রি* যুগলের মধ্যে বিচ্ছেদ হওয়া। **জোড়ে যাওয়া** *ক্রি* ১ বিবাহের পর বর-বধূ যুগলের প্রথম শ্বশুরবাড়ি যাওয়া। **তোড়**~ *বি* যোগাড়যন্ত্র; আয়োজন। {*স.* যোগ>}

জোড়া[1], যোড়া[1] [জোড়া] *বিণ* দুটি; যুগল (জোড়া গরু)। □ *বি* যুগ্ম (জামা জোড়া)। □ *বি, বিণ* জুড়ি; সমকক্ষ; সমান (জোড়া পাওয়া ভার)। {*স.* যুগ্ম>জোড়}

জোড়া[2], যোড়া[2], জুড়া, যুড়া [জোড়া, –, জুড়া, –] *ক্রি* ১ একত্র করা; যুক্ত করা (জুড়ি দুই কর)। ২ আঁটা; বন্ধ করা বা লাগানো। ৩ আরম্ভ করা (কান্না জোড়া)। ৪ জোড়া বা সংযুক্ত করা; যোজিত করা (লাঙ্গলে গরু জোড়া)। ৫ পূর্ণ বা ব্যাপ্ত করা (মন জুড়ে থাকা)। □ *বিণ* ১ যুক্ত বা সম্পৃক্ত। ২ আঁটা। ৩ যোজিত। ৪ পূর্ণ বা ব্যাপ্ত (ভুবন-জোড়া আসনখানি—*রঠা*)। □ *বি* জুড়ন; জোড়ন। **জোড়ন, জুড়ন, যোড়ন, যুড়ন** *বি*। ~-**তাড়া** *বি, বিণ* কোনো রকমে জোড়া; ঠেকনা দিয়ে কোনো প্রকারে কার্যোপযোগী করণের চেষ্টা (সযত্নে জোড়াতাড়া দিয়ে যতদিন সম্ভব টিকিয়ে রাখত—*সুরা*)। ~**তালি** *বি* সেলাই ও তালি। □ *বিণ* ১ কষ্টেসৃষ্টে কাজ চালাবার মতো বা এখান ওখান থেকে জুটিয়ে চালানো (জোড়াতালির সংসার)। ২ গোঁজামিল (জোড়াতালি কাজ ভাল হবে না)। **জোড়ানো, যোড়ানো** *ক্রি* ১ জোড়া দেওয়া বা দেওয়ানো; সংযুক্ত করা বা করানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **জোড়ের পায়রা** *বি* সব সময়ের সঙ্গী; ঘনিষ্ঠ বন্ধু। {*স.* যুক্ত> *হি* জোড়া, *বা.* জোড়া}

জোত[1], জোৎ[1], যোত [জোত্] *বি* লাঙল বা গাড়িতে গরু ঘোড়া প্রভৃতি বাঁধার দড়ি বা চামড়ার রশি। {*স.* যোক্ত্র>জোত্ত>}

জোত[2], জোৎ[2] [জোত্] *বি* ১ কৃষকের চাষের জমি (আমার জোতের জমি হাল জরিপে কম হইয়াছে—*প্যামি*)। ২ কর্ষণযোগ্য মাটি জমি বা ভূসম্পত্তি। ৩ ব্যক্তিমালিকানাধীন বনাঞ্চল (পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জোত সমিতি)। ~**জমা** *বি* ১ ভূসম্পত্তি; বিষয়-সম্পত্তি (কোঠাবাড়ী জোতজমা—*রঠা*)। ~**জমি** *বি* জমিদারের নিকট থেকে জমা নেওয়া চাষের জমি (হাজার হাজার মুসলমান তাহাদের জোতজমি বৃটিশের হাতে তুলিয়া দিতে বাধ্য হয়—*ওয়ালি*)। ~**দার** *বি* রায়ত; জমিদারের অধীনস্থ কর্ষণযোগ্য ভূসম্পত্তিবিশিষ্ট প্রজা। ~**স্বত্ব** *বি* চাষের জমিতে স্বত্ব। {*আ.* দয়'আত ضيعة }

জোতা, যোতা, জুতা, যুতা [জোতা, –, জু–, –] *ক্রি* গাড়ি; ঘানি বা লাঙ্গলাদিতে পশু যোজন করা বা জোড়া বা যুক্ত করা। {*স.* যোক্ত্র>জোট}

জোতানো, যোতানো [জোতানো, –] *বি* জোড়ন বা যুক্তকরণ। □ *বিণ* যুক্ত করা হয়েছে এমন। {*স.* যোজন>}

জোত্র, জোত্তর [জোত্‌ত্রো, জোত্‌তোর] *বি* ১ জো; সুযোগ; উপায়। ২ সংস্থান। {*স.* যোত্র>}

জোনাকি, জোনাকিপোকা, জুনি, জুনিপোকা [জোনাকি, –পোকা, জুনি, –পোকা] *বি* জ্যোতিবিশিষ্ট ক্ষুদ্র পতঙ্গবিশেষ; খদ্যোত। {*স.* জ্যোৎস্নাকীর>}

জোন্দা, জোঁদা [জোন্‌দা, জোঁদা] *বিণ* ১ অতিশয় টক; তেঁতুল (পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোন্দা—*কমু*)। ২ জবরদস্ত। {*স.* যমদূতিকা; *আঞ্চ.*}

জোবড়া, জোবড়ানো ⇒ জুবড়ানো

জোব্বা, জুব্বা [জোব্‌বা, জু–] *বি* লম্বা ঢিলা বুকখোলা অঙ্গাবরণবিশেষ যা অন্যান্য জামার উপর পরা হয় (সামান্য পরেই দেখা যায় কালো জোব্বা এবং পাগড়ি-পরা এক ব্যক্তি অশ্ব পৃষ্ঠে—*আজা*)। {*আ.* জুব্বাহ جبة }

জোয়ান[1], জোয়ানো ⇒ জুয়ান[1]

জোয়ান[2], যোয়ান [জোয়ান্] *বি* ১ যুবক; প্রাপ্তবয়স্ক লোক। ২ বলবান বা যৌবনশক্তিসম্পন্ন ব্যক্তি (কে আছ জোয়ান হও আগুয়ান—*নই*)। □ *বিণ* ১ যুবা বয়স। ২ বলিষ্ঠ (জোয়ান লোক)। **জোয়ানকি** *বি* ১ যৌবন (জোয়ানকির বড়াই)। ২ তরুণ (এই জোয়ানকি বয়সে —*কাআও*)। **জোয়ানি, জোয়ানী** *বি* যৌবন (জোয়ানী সাবাস! যে কালো জহরের ছুরী—*মোম*)। {*ফা.* জওয়ান جوان , *স.* যুবন}

জোয়ার[1] [জোয়ার্] *বি* ১ চন্দ্রসূর্যের আকর্ষণের ফলে অমাবস্যা-পূর্ণিমায় সমুদ্র ও নদীর পানির স্ফীতি। ২ সৌভাগ্য; কর্মতৎপরতা ইত্যাদি হঠাৎ বৃদ্ধি (জাতির জীবনে জোয়ার আসা)। ~-**ভাটা** *বি* জোয়ার ও ভাটা; উন্নতি ও অবনতি। **জোয়ারের পানি, জোয়ারের জল** *বি* হঠাৎ উচ্ছ্বসিত কিন্তু স্বল্পকাল স্থায়ী (নারীর যৌবন জোয়ারের পানি—*প্রাচীন প্রবাদ*)। {*স.* জলবৃদ্ধি> জলবাড়>জুআর>জোয়ার}

জোয়ার[2] [জোয়ার্] *বি* গমজাতীয় শস্য। **জোয়ারি[1]** *বিণ* জোয়ার থেকে তৈরি (জোয়ারি রুটি)। ~**দার** *বি* উপাধিবিশেষ। {*ফা.* জওয়ার جوار + দার دار }

জোয়ারি[2] [জোয়ারি] *বি* অনুরণনবিশেষ; স্পন্দন বা ঝঙ্কার (যে আওয়াজ বাঁশির নয়, তারের যন্ত্রের, তাতে জোয়ারি ছিল)। {*ফা.* খারক خرك }

জোয়াল, যোয়াল [জোয়াল্] *বি* লাঙল বা গাড়িতে সংযুক্ত বলদের কাঁধে যে কাষ্ঠখণ্ড বা বংশদণ্ড থাকে যার সাথে গাড়ি বা লাঙল বাঁধা হয়; যুগন্ধর। {*স.* যুগল> যোয়াল>জোয়াল}

জোর [জোর্] *বি* ১ বল; ক্ষমতা; শক্তি। ২ জবরদস্তি; বলপ্রয়োগ (জোর করে নেওয়া)। ৩ উচ্চতা ও তীব্রতা (গলার জোর)। ৪ বলিষ্ঠতা; দৃঢ়তা (চরিত্রের জোর)। ৫ দাবি; অধিকার; স্বত্ব (চোরাই মালে জোর নাই)। ৬ উচ্চারণে স্বরাঘাত (কথা জোর দিয়ে বলা)। ৭ ত্বরিত; দ্রুত (জোর কদম)। ৮ প্রবল। ৯ বিশেষ অনুকূল বা প্রত্যাশার অতিরিক্ত ভালো বা শুভ (জোর বরাত)। ☐*বিণ* ১ তীব্র; উচ্চ; চড়া (জোর গলা)। ২ কড়া; অনড় বা অনমনীয় (জোর হুকুম)। ৩ খাড়া; জরুরি (জোর তলব)। ৪ প্রবল; বিশেষরূপে বলিষ্ঠ (জোর আন্দোলন)। **~ওয়ার, ~বার** *বিণ* বলশালী; বলবান; বলদৃপ্ত (জোরওয়ার শের কই? জেবরার জানোয়ার—*নই*)। **~কলম** *বি* শক্তিশালী লেখা। **~ গলায়** *বিণ* ১ উচ্চৈঃস্বরে সকলকে শুনিয়ে। ২ প্রবলভাবে; বলিষ্ঠভাবে। **~জবরদস্তি, ~জুলুম** *বি* ১ অত্যাচার; বলপ্রয়োগ (জোরজবরদস্তী করিয়া কুফল ব্যতীত কোনও সুফল হইবে না -*ইহো*)। ২ নির্বন্ধাতিশয্য। **~জবরি** *বি* অত্যাচার; বলপ্রয়োগ। **~জারি** *বি* বলপ্রয়োগ; জবরদস্তি। **~তলব** *বি* অবিলম্বে হাজির হবার হুকুম বা ডাক। **জোরেশোরে** *ক্রিবিণ* তুমুলভাবে; তীব্রভাবে (পশু-পাখীদের লড়াই আবার জোরেশোরে বেধে যায়—*ফআ*)। **~ যার মুল্লুক তার** *বি* যার শক্তি আছে সেই সমস্ত বিষয়ের অধিকারী। **জোরসে** *ক্রিবিণ* ১ সজোরে; তীব্রভাবে (একদম জোরসে ঠুসি—*নই*)। { *ফা.* জোর زور }

জোরা [জোরা] *বি* যম (অধিকার এদেশে করিতে নারে জোরা— ঘচ; ডাকবি তো জোরার বাড়ী যাবি—*দীমি*)। { *অমৃ* }

জোরাজুরি [জোরাজুরি] *বি* ১ ক্রমান্বয়ে বলপ্রয়োগ বা পীড়াপীড়ি। ২ পরস্পরের বিরুদ্ধে শক্তিপ্রয়োগ। {জোর+ *অনু.* জুরি}

জোরালো, জোরাল [জোরালো] *বিণ* ১ শক্তিশালী; বলবান। ২ উচ্চ; দৃপ্ত (জোরালো কণ্ঠে)। ৩ প্রবল; সুদৃঢ়; জোরদার (জোরালো দাবি)। {জোর+আলো}

জোরু ⇒ জরু

জোল ⇒ জোলা[1]

জোলা[1], জোল, জুলি [জোলা, জোল্, জুলি] *বি* ছোট খাল; সরু নালা; প্রণালি। **জোলান** *বিণ* নিম্নভূমি; যে স্থানে বৎসরের অধিকাংশ সময়ে পানি জমে থাকে (জোলান জমি)। **নয়নজুলি** *বি* শাখা জলনালা বা খাল; সরু নালি। {*দ্রা.* জোল+ *বা,* আ, ই; *তুল. স.* নাল}

জোলা[2] [জোলা] *বি* মুসলিম তাঁতি (তামন করিয়া নাম বলাইল জোলা—*কমু*)। ☐*বি, বিণ* নির্বোধ; বেওকুফ (জোলা কোথাকার)। **জোলানি** *স্ত্রী.*। { *ফা.* জুলাহা جولاهه-جولاه-جلاه }

জোলাপ, জোলাব, জুলাপ [জোলাপ্, -ব্, জুলাপ্] *বি* যে ঔষধে প্রচুর বাহ্য হয়; বিরেচক ঔষধ (ডাক্তারেরা জোলাপ দিয়া পেট পরিষ্কার করিয়া দেন—*ঈবি*; বস্তুত জোলাব ও দাওয়াই দিয়ে বোখারকে দফা করে খেচরি খেলান—*প্যামি*)। **~ নেওয়া** *ক্রি* বিরেচক ঔষধ ব্যবহার করা। { *আ.* জুল্লাব جلاب *ফা.* গুলাব گلاب }

জোলায়খা, জোলেখা [জোলায়খা, জোলেখা] *বি* প্রাচীন মিশরের মন্ত্রী আজিজ মিশরীর স্ত্রীর নাম; ইউসুফ নবীর প্রেমিকা। { *আ.* জুলায়খা زليخا }

জোলো [জোলো] *বিণ* ১ পানিমিশ্রিত। ২ ফিকা (জলী বিলের জোলো রঙের টিপ—*জউ*)। ৩ ভিজা বা পানির আভাসযুক্ত। ৪ পানসে। { *স.* জল> }

জোলি ⇒ জুলি

জোলেখা ⇒ জোলায়খা

জোলো [জোলো] *বিণ* ১ পানিমিশ্রিত। ২ ফিকা (জলী বিলের জোলো রঙের টিপ—*জউ*)। ৩ ভিজা বা পানির আভাসযুক্ত (জোলো হাওয়া)। ৪ পানসে (জোলো স্বাদ)। { *স.* জল+ *বা.* উয়া> }

জোশ [জোশ্] *বি* ১ তাপ; উত্তপ্ততা। ২ বল; শক্তি (বুকেতে নাহিক জোশ-তেজ—*নই*)। ৩ উত্তেজনা; উদ্দীপনা (ইসলামী জোশে পাগল-পারা—*ফআ*)। ৪ মত্ততা; মস্তানা ভাব। { *ফা.* জূশ, জোশ جوش }

জো-সো [জোশো] *অব্য* যে কোনো প্রকারে; যে উপায়ে হউক। { *স.* যঃ সঃ> *প্রা.* জো সো> }

জোহর, যোহর [জোহোর্] *বি* ১ সূর্য পশ্চিম গগনে ঈষৎ ঢলে পড়ার সময়। ২ অপরাহ্ণ। ৩ ঐ সময়ের নামাজ। { *আ.* জুহ্‌র ظهر }

জোহরা[1], যোহরা[1] [জোহোরা] *বি* শুকতারা; তারার মতো দীপ্তিময়ী (জোহরা সেতারা উঠেছে কি পূবে?—*নই*)। { *আ.* জোহরাহ زهرة }

জোহরা[2], যোহরা [জোহোরা] *বিণ* ১ উজ্জ্বল; গৌরবর্ণা। ২ নবীকন্যা হজরত ফাতিমা (রা.)-র উপাধি; ফাতিমা জোহরা (শুদ্ধ উচ্চারণ: 'ফাতিমাতুয্ যোহরা')। { *আ.* জোহরা زهراء }

জোহার (*মবা.*) [জোহার্] *বি* অভিবাদন; নমস্কার; সেলাম (উপস্থিত হৈল দেখি বসন্তকুমার। আপনাপনি সব করেন্ত জোহার—*সৈআ*)। { *হি.* জুহার }

জো হুকুম, যো হুকুম [জোহুকুম্] *বি* যে আজ্ঞা। ☐*বিণ* অনুগত (ভৃত্য); আজ্ঞাবহ; স্তাবক। **জো হুকুমের দল** *বি* স্তাবক বা আজ্ঞাবহ বা চামচার দল। { *হি.* জো+ *আ.* হুকুম حکم }

জৌ [জেউ] *বি* গালা; লাক্ষা (ব্যবসাদাররা জৌ সংগ্রহে লেগে গিয়েছে—*রঠা*)। { *স.* জতু> *প্রা.* জউ> }

জৌলুশ, জৌলুস ⇒ জলুস

-জ্ঞ [-গ্‌গোঁ] *বিণ* ১ জানে এমন; জ্ঞাতা। ২ জ্ঞানী; পণ্ডিত (সর্বজ্ঞ)। **-জ্ঞা** *স্ত্রী.*। { *স.* √জ্ঞা+অ(ক) }

জ্ঞাত [গ্যাঁতো] *বিণ* ১ অবগত; জানা গেছে এমন (জ্ঞাত বিষয়)। ২ বিদিত; প্রকাশিত। ৩ জেনেছে এমন। **জ্ঞাতসারে** *ক্রিবিণ* জেনেশুনে; সজ্ঞানে (জ্ঞাতসারে একাজ করেনি)। ২ গোচরে (তার জ্ঞাতসারে একাজ হবে না)। **অজ্ঞাতসারে** *বিপ.*। **-সিদ্ধান্ত** *বিণ* ১ শাস্ত্রবিদ; সিদ্ধান্ত জানে এমন। { *স.* √জ্ঞা+ত(ক্ত) }

জ্ঞাতব্য [গ্যাঁতোব্‌বো] *বিণ* ১ জ্ঞেয়; জানা উচিত বা জানতে হবে এমন। ২ জানার যোগ্য। **জ্ঞাতব্যা** *স্ত্রী.*। { *স.* √জ্ঞা>তব্য }

জ্ঞাতা [গ্যাতা] *বিণ* ১ জানে এমন। ২ অভিজ্ঞ (মানুষ দুনিয়ার জ্ঞাতা ও কর্তা—*প্রচৌ*)। **জ্ঞাত্রী** *স্ত্রী.*। {*স.* √জ্ঞা>তৃ(তৃচ)}

জ্ঞাতি [গ্যাতি] *বি* একই বংশে জাত ব্যক্তি; সগোত্র; দায়াদ। **–কুটুম্ব** *বি* জ্ঞাতিগণ ও কুটুম্বগণ; আত্মীয়–স্বজন। **~গোত্র** *বি* আত্মীয় ও সগোত্র। **~গোষ্ঠী** *বি* একই বংশজাত ব্যক্তিবর্গ; আত্মীয়–স্বজন। **জ্ঞাতিত্ব** *বি* ১ জ্ঞাতির সম্পর্ক বা জ্ঞাতির ন্যায় আচরণ বা জ্ঞাতিভাব (জ্ঞাতিত্ব ভ্রাতৃত্ব জাতি এসকলে দিলা জলাঞ্জলি ?— *মদ*)। **–ভাই** *বি* জ্ঞাতি সম্পর্কে ভাই। {*স.* √জ্ঞা+ তি(ক্তি)}

জ্ঞান [গ্যান] *বি* ১ বোধ; বুদ্ধি; অনুভবশক্তি (বাহ্যজ্ঞান–বিরহিত)। ২ সংজ্ঞা; চেতনা (রোগীর জ্ঞান ফেরে নাই)। ৩ বোঝবার বা বিচার করবার ক্ষমতা (রসজ্ঞান)। ৪ বিবেচনা (পুত্রজ্ঞানে সেবা করা)। ৫ অবগতি (তোমার জ্ঞানে এমন হয়নি)। ৬ পাণ্ডিত্য; শিক্ষা; বিদ্যাবত্তা (শাস্ত্রজ্ঞান)। ৭ অভিজ্ঞতা (বিষয় কর্মের জ্ঞান)। ৮ পরমতত্ত্ব (জ্ঞানচক্ষু, জ্ঞানযোগ)। **–কাণ্ড** *বি* ১ বেদের দার্শনিক অংশ উপনিষদ ইত্যাদি; philosophy। ২ আক্কেল; হুঁশ; বুদ্ধিশুদ্ধি; বুদ্ধিবিবেচনা। **~কৃত** *বিণ* জেনে শুনে করা হয়েছে এমন; সজ্ঞানে কৃত; সচেতনভাবে কৃত (জ্ঞানকৃত ত্রুটি)। **–-গম্যি, ~গম্যি** *বি* ১ বুদ্ধিসুদ্ধি বা জানাশোনা (আমার যা কিছু জ্ঞান–গম্যি তা ঐ আড্ডারই ঝড়তি পড়তি মাল কুড়িয়ে নিয়ে—*সৈমু*)। ২ আক্কেল; কাণ্ডজ্ঞান। **~গম্য** *বিণ* ১ জ্ঞানের দ্বারা যা বোঝা যায়; বোধগম্য। □ *বি* বোধশক্তি; বুদ্ধিসুদ্ধি। **~গর্ভ** *বিণ* জ্ঞানপূর্ণ; সদুপদেশপূর্ণ (জ্ঞানগর্ভ আলাপ–আলোচনা—*মীম*)। **~গোচর** *বিণ* ১ জ্ঞানের বিষয়ীভূত; জ্ঞাত। ২ জানা যায় এমন। **–গোচরে** *ক্রিবিণ* ১ জেনে শুনে। ২ জ্ঞাতসারে। **~গৌরব** *বি* ১ জ্ঞানের জন্য লব্ধ সম্মান। ২ জ্ঞানের শ্রেষ্ঠত্ব। **~চক্ষু** *বি* ১ অন্তর্দৃষ্টি; তত্ত্বজ্ঞান; বোঝার ক্ষমতা। □ *বিণ* তত্ত্বজ্ঞানরূপ চক্ষুবিশিষ্ট পণ্ডিত। **–জ্যেষ্ঠ** *বিণ* জ্ঞানে গরীয়ান; অধিক জ্ঞানবান; জ্ঞানপ্রবীণ। **জ্ঞানত** *ক্রিবিণ* জেনে শুনে; জ্ঞাতসারে; সজ্ঞানে। **–-তৃষ্ণা, –-পিপাসা** *বি* জ্ঞান অর্জনের প্রবল আগ্রহ। **জ্ঞানদ** *বিণ* জ্ঞান দান করে এমন; জ্ঞানদাতা। **জ্ঞানদা** *স্ত্রী.*। **–দগ্ধ** *বিণ* সন্ন্যাসী; তত্ত্বজ্ঞানী। **~দাতা** *বি* ১ যিনি জ্ঞান দান করেন; ওস্তাদ; গুরু; শিক্ষক। □ *বিণ* জ্ঞানদ। **~দাত্রী** *স্ত্রী.*। **– না থাকা** *ক্রি* ১ খেয়াল না থাকা। ২ বিষয়জ্ঞান না থাকা। **~নিষ্ঠ** *বিণ* ১ জ্ঞানতপস্বী; পরমার্থ চিন্তায় মগ্ন। ২ সর্বদা জ্ঞানের চর্চা করে এমন। **–পাপী** *বিণ* জেনে শুনে পাপ করে এমন। **~বন্ত** *বিণ* জ্ঞানবান; জ্ঞানী (জ্ঞানবন্ত মন হইলে বুঝে মনে মনে—*সৈআ*)। **~বাদ** *বি* জ্ঞানই মুক্তিলাভের উপায়—এই দার্শনিক মতবাদ। **~বান** *বিণ* ১ জ্ঞানী; বুদ্ধিমান। ২ জানে এমন; অভিজ্ঞ। **–বতী** *বিণ স্ত্রী.*। **–-বিজ্ঞান** *বি* ১ দর্শন, বিজ্ঞান প্রভৃতি। ২ তত্ত্বজ্ঞান; ঈশ্বর ও আত্ম–উপলব্ধি। **~বৃদ্ধ** *বিণ* ১ জ্ঞানসমৃদ্ধ। ২ জ্ঞানে গরীয়ান। **~ময়** *বি* জ্ঞানস্বরূপ; আল্লাহ। **–মার্গ** *বি* যে সাধনার পথে জ্ঞানই সর্বশ্রেষ্ঠ উপায়। **~-মাহাত্ম্য** *বি* জ্ঞানের মহিমা। **–যোগ** *বি* ১ জ্ঞানরূপ যোগ। ২ জ্ঞানমূলক সাধনাপদ্ধতি। **–লীন** *বিণ* জ্ঞানের গভীরে ডুবে আছে এমন (প্রাচীন তত্ত্বে আকণ্ঠ হলেন জ্ঞানলীন—*মুচৌ*)। **~শালী, ~শীল** *বিণ* জ্ঞানী; জ্ঞানবিশিষ্ট। **~শিষ্য** *বি* কারো প্রচারিত জ্ঞান যে আহরণ করেছে (তাঁদের জ্ঞান–শিষ্যদের জ্ঞান–বিজ্ঞানের আলোচনার স্থান হয় তাইগ্রীস-ইউফ্রেটিস নদীর তীরে অবস্থিত কুফা ও বসরাতে—*আকআ*)। **~শূন্য, –হীন** *বি* ১ অজ্ঞান; অবোধ; মূঢ়; মূর্খ। □ *বিণ* সংজ্ঞারহিত; অচেতন। **~সঞ্চার** *বি* ১ জ্ঞানের উদয়। **~সাধন** *বি* ১ জ্ঞানলাভের উপায়; ইন্দ্রিয়। ২ তত্ত্বজ্ঞান লাভের প্রয়াস। **–হত** *বিণ* কিংকর্তব্যবিমূঢ়। **~হর** *বিণ* জ্ঞাননাশক (কাঁদিছে কভু বা সদা জ্ঞানশূন্য মূঢ় জ্ঞানহর সদা—*মদ*)। **~হারা** *বিণ* বিবেচনাশূন্য; কাণ্ডজ্ঞানশূন্য। **জ্ঞানাকর** *বি* জ্ঞানের আধার; যিনি অনেক বিষয়ে জ্ঞান রাখেন; পরম জ্ঞানী। **জ্ঞানাঙ্কুর** *বি* জ্ঞানের প্রাথমিক বিকাশ; জ্ঞানের সূচনা; স্বল্প বা সামান্য জ্ঞান। **জ্ঞানাঙ্কুশ** *বি* ১ জ্ঞানরূপ অঙ্কুশ। ২ ভালো–মন্দ বিচারের প্রবল ক্ষমতা। **জ্ঞানাঞ্জন** *বি* তত্ত্বজ্ঞানরূপ কাজল যা দ্বারা প্রত্যেক বস্তুর প্রকৃত রূপ উপলব্ধি করা যায় (জ্ঞানাঞ্জনশলাকা)। **জ্ঞানাভাব** *বি* জ্ঞানের অভাব; অজ্ঞানতা। **জ্ঞানাভ্যাস** *বি* জ্ঞানচর্চা। **জ্ঞানার্জনী** *বিণ* জ্ঞানলাভ সম্বন্ধীয়। **জ্ঞানার্জন** *বি*। **জ্ঞানালঙ্কার** *বি* ১ জ্ঞানরূপ অলঙ্কার। ২ জ্ঞানী। **জ্ঞানী** *বিণ* ১ জ্ঞান আছে এমন; জানেন এমন; জ্ঞানবান; বিজ্ঞ। ২ শাস্ত্রজ্ঞ। ৩ তত্ত্বজ্ঞ। **জ্ঞানেন্দ্রিয়** *বি* যে ইন্দ্রিয় দ্বারা বাহ্য বিষয় সম্পর্কে বোধ জন্মে; চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক ও মন—এইগুলো জ্ঞানেন্দ্রিয়। **জ্ঞানোদয়** *বি* ১ চেতনা। {*স.* √জ্ঞা+অন(ল্যুট)}

জ্ঞাপক [গ্যাপোক্] *বি, বিণ* ১ যা জানায় তা; যদ্দ্বারা জানা যায়; জ্ঞাপনকারী। ২ সূচক; ব্যঞ্জক; বোধক; নির্দেশক (দৈর্ঘ্য–জ্ঞাপক)। ৩ প্রচারক; প্রকাশক। ৪ সংবাদদাতা। {*স.* √জ্ঞা+ণিচ্+অক(ণুল্)}

জ্ঞাপন [গ্যাপোন্] *বি* ১ জানানো; সংবাদ দান। ২ নিবেদন। ৩ বিজ্ঞাপন। **জ্ঞাপনীয়** *বি* জানাবার যোগ্য বা জানানো উচিত এমন; নিবেদনীয়। **জ্ঞাপয়িতা** *বিণ* জ্ঞাপক; নিবেদক। **জ্ঞাপয়িত্রী** *স্ত্রী.*। **জ্ঞাপিত** *বিণ* ১ জানানো হয়েছে এমন। ২ নিবেদিত। {*স.* √জ্ঞা+ণিচ্+অন(ল্যুট)}

জ্ঞেয় [গেয়ো] *বিণ* ১ জানার বিষয়; জ্ঞাতব্য। ২ জ্ঞানসাধ্য। ৩ জানা উচিত বা জানার উপযুক্ত বা জানতে পারা যায় এমন। {*স.* জ্ঞা+য(যৎ)}

জ্বর [জর] *বি* দেহের তাপ ও নাড়ির স্পন্দন বর্ধনকারী রোগ; fever। **জ্বরঘ্ন** *বিণ* জ্বর নিরাময়কারী; জ্বরনাশক। **~জারি, –জ্বালা** *বি* জ্বর ও তাহার উপসর্গ। **~-–** *বি* ঈষৎ জ্বরের ভাব। **–ঠুঁটো** *বি* জ্বর হওয়ার ফলে ঠোঁটে যে ঘা হয়। **জ্বরাক্রান্ত** *বিণ* জ্বর দ্বারা আক্রান্ত। **জ্বরাগ্নি** *বি* জ্বর হেতু গাত্র–দাহ। **জ্বরাতিসার, জ্বরাতীসার** *বি* উদরাময়যুক্ত জ্বর। **জ্বরাতুরা** *বিণ স্ত্রী.* জ্বরাক্রান্তা বা জ্বরপীড়িতা; তাপকাতর (জ্বরাতুরা বসুন্ধরা লুটাইয়া পড়ে—*রঠা*)। **জ্বরান্তক** *বিণ* জ্বরনাশক; জ্বরঘ্ন। **জ্বরে পড়া** *ক্রি* জ্বর রোগে আক্রান্ত হওয়া। **জ্বোরো** *বিণ* জ্বরাক্রান্ত বা জ্বরগ্রস্ত। {*স.* √জ্বর+অ(ঘ)}

জ্বরি (*মবা.*) [জোরি] *বি* জ্বর (এমন পিয়াইলে যায় জ্বরি—*চন্দ*)। { *স.* জ্বর> }

জ্বরিত, জ্বরী [জোরিতো, জোরি] *বিণ* ১ জ্বরাক্রান্ত; জ্বরাগ্রস্ত। ২ জ্বরযুক্ত। { *স.* জ্বর+ইত (ইতচ), ইন্‌(ইনি) }

জ্বলজ্বল [জলজল্] *অব্য* ১ উজ্জ্বলতা প্রকাশক। ২ স্পষ্ট বা উজ্জ্বলভাবে অবস্থান বা স্থিতি (আকাশে তারা জ্বলজ্বল করে)। **জ্বলজ্বলন্ত** *বিণ* দেদীপ্যমান। **জ্বলজ্বলে** *বিণ* দীপ্ত; প্রদীপ্ত; অত্যন্ত উজ্জ্বল। { *স.* √জ্বল্+অ(অচ)+√জ্বল্+অ(অচ) }

জ্বলৎ [জলত্] *বিণ* জ্বলছে এমন; জ্বলন্ত। { *স.* √জ্বল্+অৎ(শতৃ) }

জ্বলতঁহি [জলোতোঁহি] *(ব্র.)* *ক্রি* জ্বলছে (অতএব সে মঝু মন জলতঁহি অনুখন —*গোদা*)। { *স.* জ্বলতি> }

জ্বলদগ্নি [জলোদোগ্‌নি] *বি* জ্বলন্ত আগুন (সেই দুঃসহ জ্বলদগ্নি কখনও নির্বাণ পায় নাই—*রঠা*)। { *স.* জ্বলৎ+অগ্নি; *কর্মধা.* }

জ্বলদর্চি [জলোদোরচি] *বিণ* ১ প্রজ্বলিত শিখা। ২ জ্যোতির্ময় (রুদ্র বহ্নি হতে লহো জ্বলদর্চি তূণ—*রঠা*)। **–রেখা** *বি* বিদ্যুৎ। **–শিখা** *বি* জ্বলন্ত অগ্নিশিখা (নেহারিবে যবে নব জ্বলদর্চি শিখা লেলিহান—*মোম*)। { *স.* জ্বলৎ+অর্চি; *কর্মধা.* }

জ্বলন [জলোন্] *বি* ১ দাহ। ২ ঔজ্জ্বল্য। ৩ জ্বালা। ৪ অগ্নি। { *স.* √জ্বল্+অন(ল্যুট্) }

জ্বলন্ত [জলোন্‌তো] *বিণ* ১ জ্বলছে এমন; প্রজ্বলিত; জ্বলনশীল (জ্বলন্ত আগুন)। ২ তেজোময়; জ্বালাময় (জ্বলন্ত ভাষা)। ৩ প্রত্যক্ষ; আগুনের ন্যায় স্বয়ংপ্রকাশ (জ্বলন্ত নিদর্শন)। ৪ জ্যোতির্ময় (জ্বলন্ত অক্ষরে)। **~ আগুনে ঘি দেওয়া** *ক্রি* উত্তেজনা বর্ধিত করা; ক্রোধ উসকানো। { *স.* √জ্বল্+*বা.* অন্ত }

জ্বলা [জলা] *ক্রি* ১ প্রজ্বলিত হওয়া (আগুন জ্বলা)। ২ প্রদীপ্ত হওয়া (চোখ জ্বলা, আলো জ্বলা)। ৩ পোড়া; দগ্ধ হওয়া (লাকড়ি জ্বলা)। ৪ উজ্জ্বল হওয়া (বাতিল আলোয় রং জ্বলা)। ৫ জ্বালা বা দাহ বোধ হওয়া (মন জ্বলা)। ৬ ক্রোধ লোভ আনন্দ ইত্যাদি কারণে দীপ্ত হওয়া (চোখ জ্বলে ওঠা)। ৭ নষ্ট বা বিকৃত হওয়া (রং জ্বলে গেছে)। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* দগ্ধ। ২ জ্বলছে এমন। { *স.* √জ্বল্+*বা.* আ }

জ্বলানো, জ্বলান [জলানো] *ক্রি* ১ আগুন ধরানো বা প্রজ্বলিত করা। ২ পোড়ানো (দেশলাই জ্বলানো)। ৩ দীপ্ত রাখা; প্রজ্বলিত রাখা। ৪ জ্বালাতন করা; যন্ত্রণা দেওয়া (অন্তর জ্বলানো)। { *স.* √জ্বল্+*বা.* আনো, আন }

জ্বলিত [জলিতো] *বিণ* ১ প্রজ্বলিত। ২ জ্বলে গিয়েছে বা জ্বলছে এমন। ৩ দীপ্ত। ৪ প্রভান্বিত। ৫ দগ্ধ। { *স.* √জ্বল্+ত(ক্ত) }

জ্বলুনি [জোলুনি] *বি* ১ দহন; দাহ; জ্বলন। ২ জ্বালাবোধ। { *স.* √জ্বল্+*বা.* উনি }

জ্বাল [জাল্] *বি* ১ আগুনের তাপ; আগুনের আঁচ (উনুনের জ্বাল বাড়িয়ে দাও)। ২ অগ্নিশিখা। ৩ যাতনা; দাহ; জ্বলন। ৪ ইন্ধন; জ্বালানি (চুলার জ্বাল ঠেলা)।

জ্বালতি *বি* জ্বালানি (দু' পয়সার জ্বালতির জন্যে এই জীবন-সংশয়—*অচিসে*)। **~ দেওয়া** *ক্রি* ১ উত্তাপ প্রয়োগ করা। ২ ইন্ধন দেওয়া। ৩ সিদ্ধ করা বা ফুটানো। { *স.* √জ্বল্+অ (ণ) }

জ্বালা[১] [জালা] *বি* ১ আগুনের হলকা বা দমক। ২ অগ্নিশিখা। ৩ দাহ; জ্বলন; যন্ত্রণা। ৪ দাহবোধ; আগুনে পোড়ার মতো যাতনা (চোখ জ্বালা করা)। ৫ বিরক্তিকর বিষয় (কি জ্বালা!)। ৫ সন্তাপ (বিরহ-জ্বালা)। ৬ পীড়ন; অত্যাচার বা জ্বালাতন (শত্রুর জ্বালা)। { √জ্বাল্+আ }

জ্বালা[২] [জালা] *ক্রি* ১ জ্বালানো। ২ আগুন ধরানো (উনান জ্বালা)। □*বি* প্রজ্বলিতকরণ; দীপ্তকরণ। □*বিণ* প্রজ্বলিত; আলোকিত। (তারকা আলোক জ্বালা স্তব্ধ রজনীর—*রঠা*)। { √জ্বাল্+আ }

জ্বালাতন ⇒ জ্বালাতন

জ্বালানি, জ্বালানী, জালানি [জালানি] *বি* ইন্ধন; যা দিয়ে জ্বাল দেওয়া হয়; কাঠ কয়লা ঘুঁটে ইত্যাদি। □*বিণ* জ্বালানোর যোগ্য; জ্বালাবার জন্য ব্যবহৃত (জ্বালানি কাঠ)। ২ জ্বালায় এমন (ঘরজ্বালানি)। { √জ্বাল্+আনি }

জ্বালানে, জালানে, জ্বালানিয়া [জালানে, –, –নিয়া] *বিণ* ১ দগ্ধকারী; অগ্নি সংযোগকারী (ঘর-জ্বালানে লোক)। ২ উৎপীড়ক; উত্ত্যক্তকারী (জ্বালানে মহাজন)। ৩ উপদ্রবকারী। **জ্বালানি** *বিণ স্ত্রী.*। { জ্বালানি+ ইয়া> }

জ্বালানো, জ্বালান [জালানো] *ক্রি* ১ প্রজ্বলিত করা; (আগুন জ্বালানো)। ২ দগ্ধ করা; পোড়ানো (পাতা জ্বালানো)। ৩ অগ্নি সংযোগ করা (উনান জ্বালানো)। ৪ জ্বালাতন করা; বিরক্ত করা; উত্ত্যক্ত করা; হয়রান করা। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* ১ জ্বালিত; দীপ্ত। ২ অগ্নি সংযোজিত। ৩ পোড়া; দগ্ধীভূত। **হাড়–~** *বিণ* উত্ত্যক্ত বিরক্ত বা নির্যাতন করে এমন। { √জ্বাল্+আনো }

জ্বালামুখী [জালামুখি] *বি* পাঞ্জাবের অন্তর্গত হিন্দুদের তীর্থক্ষেত্রবিশেষ। { *স.* জ্বালা+মুখ+ইন্‌(ইনি); *বহু* }

জ্বালিত [জালিতো] *বিণ* ১ প্রদীপ্ত। ২ দগ্ধীভূত; ভস্মীভূত। ৩ উত্ত্যক্ত। ৪ সন্তাপিত। { *স.* √জ্বল্+ই(ণিচ)+ত (ক্ত) }

জ্বালেশ্বর [জালেশর] *বি* হিন্দুদের তীর্থবিশেষ। { জ্বালা(অগ্নিশিখা)+ঈশ্বর; ৬তৎ }

জ্বিহাদ, জ্বিহাদী ⇒ জেহাদ

জ্বোরো ⇒ জ্বর

জ্যা [জ্যা] *বি* ১ ধনুকের গুণ; ধনুকের ছিলা। ২ *(জ্যা.)* বৃত্তাংশের দুই প্রান্ত যোজনকারী সরলরেখা; chord। ৩ পৃথিবী। ৪ মাতা। **–ঘাত–বারণ** *বি* ধনুকধারীদের চর্ম নির্মিত হস্তাবরণ। **–নির্ঘোষ** *বি* ধনুকের টঙ্কার; ধনুকের ছিলা টেনে ছেড়ে দিলে যে শব্দ হয়। **–রোপণ** *বি* ধনুকে গুণ চড়ানো; ধনুকে ছিলা লাগানো। { *স.* √জ্যা+অ(অঙ্)+আ(টাপ্) }

জ্যাকেট [জ্যাকেট্] *বি* ১ আঁটসাঁট জামাবিশেষ। ২ পুস্তকের মলাটের আবরণ। { *ই.* jacket }

জ্যাঠা, জ্যাঠামি ⇒ জেঠা

জ্যান্ত [জ্যান্‌তো] *বিণ* ১ জীবিত; জীবন্ত; জীয়ন্ত (তারে দেখলে মরা বেঁচে ওঠে জ্যান্ত মানুষ মরে—*নই*। ২

-ভরতাজা; টাটকা বা অত্যন্ত পরিস্ফুট (জ্যান্ত মিথ্যা কথা)। জল- বিণ অত্যন্ত তাজা; নির্ভেজাল (জলজ্যান্ত মিথ্যা)। { স. জীবন্ত>জিয়ন্ত>জ্যান্ত}

জ্যামিতি [জ্যামিতি] *বি* ভূমির পরিমাপ বিষয়ক শাস্ত্র; ক্ষেত্রতত্ত্ব; geometry। **জ্যামিতিক** *বিণ* ১ জ্যামিতিশাস্ত্রসংক্রান্ত। ☐ *বি* জ্যামিতিবিদ; জ্যামিতি-শাস্ত্রবেত্তা। { *স.* জ্যা+মিতি; ই. geometry}

জ্যায়ান [জ্যায়ান্] *বিণ* ১ অধিকবয়স্ক। ২ অগ্রজ। ৩ উৎকৃষ্ট। { *স.* জ্যায়স্ ১মা একব}

জ্যালজেলে [জ্যাল্‌জেলে] *বিণ* ১ অশোভনভাবে উজ্জ্বল; এমন চকচকে যা দৃষ্টিকটু (একটা জ্যালজেলে আলপাকার কোট—*অচিসে*)। ২ *(আল.)* ঘন নয় এরূপ বুনটের; শিথিলবন্ধ ও ফাঁক ফাঁক বুনটের। {জ্বলজ্বল+ইয়া-জ্বলজ্বলিয়া>}

জ্যেঠ, জ্যাঠ [জেঠ্] *বি,বিণ* জ্যেষ্ঠতাত সম্পর্কিত। { *স.* জ্যেষ্ঠ>}

জ্যেষ্ঠ [জেশ্‌ঠো] *বিণ* ১ বয়সে বড়; অগ্রে জাত; অগ্রজ। ২ প্রাচীন (বয়োজ্যেষ্ঠ)। ৩ শ্রেষ্ঠ। ৪ প্রধান; মোড়ল; মুখ্য। ৫ বড় ভাই। **~তা** *বি* অগ্রে জন্মগ্রহণ। **~তাত** *বি* জেঠা; চাচা। **জ্যেষ্ঠবর্ণ** *বি* হিন্দুদের মধ্যে ব্রাহ্মণ। **জ্যেষ্ঠা** *বি* ১ (*স্ত্রী.*) অগ্রজা। ২ একটি নক্ষত্রের নাম। ৩ টিকটিকি; জেঠি। ৪ মধ্যমা আঙুল। **জ্যেষ্ঠাধিকার** *বি* জ্যেষ্ঠ হিসেবে অধিকার; বড় ভাই হিসেবে সম্পত্তিতে অধিকার; পৈতৃক সম্পত্তিতে প্রথম পুত্রের অধিকার। **জ্যেষ্ঠাম্বু** *বি* চাউল-ধোয়া পানি। **জ্যেষ্ঠাশ্রম** *বি* ১ গার্হস্থ্য আশ্রম বা জীবন। **জ্যেষ্ঠাশ্রমী** *বি* গৃহস্থ। { *স.* বৃদ্ধ+ইষ্ঠ(ইষ্ঠন্); *স.* জ্য(আদেশ)+স্থ(স্থিত)}

জ্যেষ্ঠী [জেশ্‌ঠি] *বি* টিকটিকি; জেঠি। { *স.* জ্যেষ্ঠা>}

জ্যৈষ্ঠ [জোইশ্‌ঠো] *বি* মাসবিশেষ; বাংলা সালের দ্বিতীয় মাস। **~মধু** *বি* যষ্টিমধু; এক প্রকার মিষ্ট স্বাদযুক্ত শুষ্ক শিকড়; liquorice। { *স.* জ্যেষ্ঠা (নক্ষত্র)+অ (অণ্)}

জ্যোতি, জ্যোতিঃ [জোতি, জোতিহ্] *বি* ১ উজ্জ্বলতা; আলোক; দীপ্তি। ২ গ্রহ-নক্ষত্র প্রভৃতি। ৩ দৃষ্টিশক্তি; চোখের দেখার ক্ষমতা (চোখের জ্যোতি)। ৪ চৈতন্য; আত্মা (জ্যোতির্ময় পুরুষ)। ৫ অগ্নি। ৬ সূর্য। **~রত্ন** *বি* ১ সূর্য, অগ্নি প্রভৃতি। ☐ *বিণ* জ্যোতির্ময়। **~রিঙ্গ, ~রিঙ্গণ** *বিণ* জোনাকি পোকা; খদ্যোত। **~র্বিদ, ~র্বিৎ, ~র্বেত্তা** *বি,বিণ* ১ জ্যোতি বা জ্যোতিষশাস্ত্রজ্ঞ পণ্ডিত; জ্যোতির্বিদ্যায় পণ্ডিত (ব্যক্তি); জ্যোতিষী; astronomer; astrologer। **~র্বিদ্যা, জ্যোতিঃশাস্ত্র** *বি* গ্রহ-নক্ষত্রাদিবিষয়ক বিজ্ঞান; গ্রহ উপগ্রহ নক্ষত্র ধূমকেতু প্রভৃতির সঞ্চার পরিভ্রমণকাল গ্রহণ প্রভৃতি ব্যাপার নিরূপণবিষয়ক বিদ্যা; astronomy। **~র্মণ্ডল** *বি* গ্রহ-নক্ষত্রাদির সমষ্টি; নভোমণ্ডল। **~র্ময়** *বিণ* আলোকময়; উজ্জ্বল; প্রচুর জ্যোতিযুক্ত। **~র্ময়ী** *স্ত্রী.*। **~শ্চক্র** *বি* রাশিচক্র; জ্যোতির্মণ্ডল। { *স.* √দ্যুত্+ইস্ (ইসিন্)}

জ্যোতিষ [জোতিশ্] *বি* ১ জ্যোতিষশাস্ত্রবিদ; ভাগ্যরেখাবিদ; astrologer। ২ ফলিত জ্যোতিষ; গ্রহ-নক্ষত্রাদির অবস্থান অনুসারে শুভাশুভ বিচারের বিদ্যা; astrology।

জ্যোতিষিক *বিণ* ১ জ্যোতিষ শাস্ত্রসম্বন্ধীয়। **জ্যোতিষী** *বি,বিণ* জ্যোতিষশাস্ত্রজ্ঞ; জ্যোতির্বেত্তা; গণক। { *স.* জ্যোতিস্+অ(অণ্)}

জ্যোতিষ্ক [জোতিশ্‌কো] *বি* ১ চন্দ্র, সূর্য, গ্রহ নক্ষত্র প্রভৃতি জ্যোতির্ময় পদার্থ। ২ চিত্রক বৃক্ষ। **~মণ্ডল** *বি* মেষাদি রাশি ও নক্ষত্রবিশিষ্ট স্থানবিশেষ। **~মণ্ডলীয়** *বিণ*। { *স.* জ্যোতিস্+ক (কন্)}

জ্যোতিষ্মান [জোতিশ্‌মান্] *বিণ* উজ্জ্বলতাযুক্ত; জ্যোতির্ময়; দীপ্তিবিশিষ্ট। ☐ *বি* সূর্য। **জ্যোতিষ্মত্তা** *বি*। **জ্যোতিষ্মতী** *বিণ* ১ স্ত্রী. জ্যোতির্ময়ী। ☐ *বি* রাত্রি। { *স.* জ্যোতিস্+মৎ(মতুপ্)}

জ্যোৎস্না [জোত্‌স্না] *বি* ১ চন্দ্রকিরণ; কৌমুদী; চন্দ্রিকা; জোছনা। ২ কান্তি; শোভা। { *স.* জ্যোতিস্+ন+আ(টাপ্)}

জ্যোনি, জুনি [জোনি, জু-] *বি* জোনাকি পোকা; খদ্যোত (তাহার কাছে সুজন বাদ্যা জ্যোনি যেমন জলে—*মৈগী*)। { *স.* জ্যোতিরিঙ্গণ>জোনাকি>জ্যোনি>জুনি}

ঝ

ঝ বাংলা বর্ণমালার নবম ব্যঞ্জনবর্ণ এবং চ-বর্গের চতুর্থ বর্ণ। এটি প্রশস্ত দন্তমূলীয় (dorso বা palato-alveolar); মহাপ্রাণ (voiced); ঘোষ স্পর্শধ্বনি (plosive sound)। বাংলাদেশের কোনো কোনো অঞ্চলে এটি শিস ধ্বনিরূপে (fricative) উচ্চারিত হয়। ঢাকার উর্দুভাষী আদি বাসিন্দাদের (কুট্টিদের) উচ্চারিত বাংলা ভাষায় এই বর্ণটি প্রায়ই ঘৃষ্ট (africate) ধ্বনিরূপে উচ্চারিত হয়।

ঝংকার ⇒ ঝঙ্কার

ঝংকারা ⇒ ঝঙ্কারা

ঝংকৃত ⇒ ঝঙ্কৃত

ঝকছে [ঝোক্‌ছে] *ক্রি* ঝকঝক করছে (ধান পেকে কোথায় সোনার মত ঝকছে—*অঠা*)। { *ধ্বন্যা.*}

ঝকঝক, ঝকমক, ঝগ-ঝগ (বিরল) [ঝক্‌ঝক্, -মক্, ঝগ্‌ঝগ্] *অব্য* চাকচিক্য বা ঔজ্জ্বল্যের ভাব প্রকাশক (একটা বরাত চলছিল তারই ঝকমক ঝমঝম —*অঠা*; তার মধুর ব্যথা-ভরা স্মৃতিটা একদিন হঠাৎ অশান্ত জীবন যাপনের মাঝে ঝগঝগ করে ওঠে—*নই*)। **ঝকঝকানি, ঝকমকানি** *বি* দীপ্তি (ফুলশয্যার রাতের গহনাগাঁটির ঝকমকানি—*অঠা*)। { *ধ্বন্যা.*}

ঝকঝকে, ঝকমকে [ঝকঝোকে, ঝকমোকে] *বিণ* ঔজ্জ্বল্যময়; চকচকে (যাই ঝকঝকে তাই সোনা নয়—

রঠা)। **ঝকমকি** *বি* ঝকমক করার অবস্থা বা ভাব {*ধ্বন্যা.*}

ঝকঝকি, ঝকামকি [ঝক্‌ঝোকি, ঝকামোকি] *বি* অকারণে কলহ। {*ধ্বন্যা.*}

ঝকমারি [ঝকমারি] *বি* মূর্খতা; বোকামি; নির্বুদ্ধিতা (সুর ভাবে সুরা লাগি বনে ছোটা ঝকমারি—*সদ*)। ২ আপদ; ঝঞ্ঝাট; লেঠা। ৩ বাজে কাজ; অর্থহীন ব্যাপার (যত কেলেঙ্কারী ঝকমারি ব্যাপার; এই দাগাদারির সময় হয়েছে—*মীম*)। {*হি.* ঝখ(ক্রটি)+√মার+ই}

ঝক্কি [ঝোক্‌কি] *বি* ১ ঝঞ্ঝাটপূর্ণ দায়িত্ব; ঝুঁকি; ঝঞ্ঝাট (ঝক্কি নেওয়া)। ২ ধকল; উপদ্রব (তাকে কোন ঝক্কিই পোহাতে হতো না—*রখী*)। {*হি.* ঝক্কী}

ঝগ-ঝগ ⇒ ঝকঝক

ঝগড় (*মধ্য.*) [ঝগোড়্‌] *বি* ১ ঝগড়া; কলহ (মিছাই ঝগড়ে কর—*বচদা*)। ২ অপরাধ; ত্রুটি; দোষ (কি মোর ঝগড় ভেল—*বচদা*)। {*স.* ঝকট>*প্রা.* ঝকড়া>}

ঝগড়া [ঝগড়া] *বি* ১ কলহ। ২ কলহমূলক। ৩ তর্কাতর্কি বা বাদানুবাদ; বচসা। ৪ বিবাদ। ~**ঝাঁটি,** ~**ফসাদ** *বি* ১ ক্ষুদ্র কলহ। ২ অপ্রীতিকর বাদ-বিসম্বাদ (দেশে যতসব ঝগড়া ফসাদের তাঁহারা সালিস করিতেন—*হবা*)। **ঝগড়াটে** *বিণ* কলহপ্রিয়; কলহাসক্ত। {*স.* ঝকট>*প্রা.* ঝকড়া>}

ঝঙ্কার, ঝংকার [ঝঙ্‌–] *বি* ১ বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রাদির শব্দ। ২ গুঞ্জন (মধুপ ঝঙ্কার)। ৩ অস্ফুট ধ্বনি; তর্জন ক্রোধ ইত্যাদি ব্যঞ্জক ভাব (ঝঙ্কার দিয়া ওঠা)। **ঝঙ্কারিত** *বিণ* ঝঙ্কৃত; গুঞ্জিত। {*স.* ঝন্‌(*ধ্বন্যা.*)+ কার; *কর্মধা.*}

ঝঙ্কারা, ঝংকারা [ঝঙ্‌কারা] *ক্রি* গুন গুন ধ্বনি করা; ঝংকার করা; গুঞ্জন করা (এক বার ঝঙ্কারো বীণা—*রঠা*)। {*স.* ঝঙ্কার+ *বা.* আ}

ঝঙ্কৃত, ঝংকৃত [ঝঙ্‌কৃত] *বিণ* ঝংকারযুক্ত; গুঞ্জিত। {*স.* ঝন্‌(*ধ্বন্যা.*)+কৃত}

ঝঙ্কৃতি, ঝংকৃতি [ঝঙ্‌কৃতি] *বি* ঝংকার; গুঞ্জন। {*স.* ঝন্‌(*ধ্বন্যা.*)+ কৃতি}

ঝঞ্ঝনা [ঝন্‌ঝনা] *বি* ধাতু দ্রব্যাদির বা অস্ত্রের সংঘাত বা পতনের তীক্ষ্ণ উচ্চ শব্দ; ঝনৎকার; ঝনঝন ধ্বনি। ২ (*প্রাবা.*) বজ্র। (ঝঞ্ঝনা পড়ুক তার মাথার উপর—*চদা*)। {*স.* ঝঞ্ঝন(*ধ্বন্যা.*)+ *বা.* আ}

ঝঞ্ঝা [ঝন্‌ঝা] *বি* ১ প্রচণ্ড ঝড়; ঝড়বৃষ্টি (আমি উন্মাদ, আমি ঝঞ্ঝা—*নই*)। ২ বাদ্যযন্ত্রবিশেষ। ~**ক্ষুব্ধ** *বিণ* বাত্যা দ্বারা আন্দোলিত; প্রবল ঝটিকার বেগে উত্তাল ও আলোড়িত। ~**বর্ত** *বি* ঘূর্ণিবাত; এলোমেলো সঞ্চরণশীল প্রবল ঝড়বৃষ্টি tornado। ~**বাত** *বি* প্রবল ঝড়ো বাতাস। {*স.* ঝম্‌+ঝট(টে লোপ এবং ম স্থানে ঞ)+ আ(টাপ্‌)}

ঝঞ্ঝাট, ঝঞ্ঝট [ঝন্‌ঝাট, –ঝট] *বি* অশান্তি; হাঙ্গামা; ঝামেলা; ঝক্কি (কাজের ঝঞ্ঝাট; ঝঞ্ঝাট মেটা)। ২ কষ্ট (ঝঞ্ঝাট পোহানো)। {*স.* ঝঞ্ঝা+ *বা.* ট}

ঝট [ঝট্‌] *অব্য* শীঘ্র; দ্রুতগতি (ঝট করে যাও)। {*স.* ঝটিতি *ও.* *ধ্বন্যা.*}

ঝটকা, ঝটকানি [ঝট্‌কা, –কানি] *বি* আকস্মিক তীব্র আকর্ষণ। {*স.* ঝটিতি>ঝট+ *বা.* কা}

ঝটপট¹, ঝটপট [ঝট্‌পট্‌] *ক্রিবিণ* ত্বরিত; দ্রুত (আমানুল্লা বাদশার সবকিছু ঝটপট—*সৈমু*)। {*বা.* ঝট+ *অনু.* পট}

ঝটপট², ঝটাপট [ঝট্‌পট্‌] *অব্য* ডানা সঞ্চালনের শব্দ; আহত পাখির ডানা ঝাড়ার শব্দ (হৃদয় বিহগসম ঝটপট করতহি পঞ্জর পিঞ্জর মাঝে—*রঠা*)। {*ধ্বন্যা.*}

ঝটপটানো, ঝটপটান [ঝট্‌পোটানো] *ক্রি* ঝটপট করা। ☐ *বি* ঝটপটকরণ। **ঝটপটানি** *বি* ডানা-আন্দোলন; পক্ষ-সঞ্চালন; ঝটপট করার কাজ। {ঝটপট+ আনো}

ঝটাপটি [ঝটাপোটি] *বি* পরস্পরের মধ্যে জাপটাজাপটি করে কলহ। {ঝটপট(*ধ্বন্যা.*)+ ই>}

ঝটিকা [ঝোটিকা] *বি* ঝড়; বাত্যা (থেমে যায় ঝটিকার রণ—*রঠা*)। ~**বর্ত** *বি* ঘূর্ণিবায়ু; cyclone। {*স.* ঝট-ক(কন্‌) – ঝটক>ঝটিকা}

ঝটিতি, ঝটতি [ঝোটিতি, ঝোট্‌তি] *অব্য, ক্রিবিণ* চটজলদি; শীঘ্র; অতি দ্রুত (একবার চারিদিকে ঝটিতি চোখের সার্চলাইট বুলাইয়া লইল—*নই*)। {*স.* ঝটৎ+ইতি}

ঝড় [ঝড়্‌] *বি* বাতাসের প্রবল প্রবাহ; ঝটিকা (শোকের ঝড় বহিল চৌদিকে—*মদ*)। ~**গতি** *বিণ* ঝড়ের ন্যায় গতিসম্পন্ন। ~**ঝাপটা** *বি* ১ ঝড়ের তাড়না। ২ (*আল.*) আপদ-বিপদ; বিপদের ধাক্কা বা তাড়না। ~**তুফান** *বি* বড় রকমের ঝড়। {*স.* √ঝট্‌>*প্রা.* ঝড়ী>}

ঝড়তি-পড়তি [ঝোড়্‌তিপোড়্‌তি] *বি* যা ঝরে পড়ে। ২ নানা কারণে যে অংশ নষ্ট হয় (মালের ঝড়তি-পড়তি বাদ)। {√ঝর+ তি+√পড়+ তি}

ঝড়ি (*আঞ্চ.*) [ঝোড়ি] *বি* ঝড়; বৃষ্টি। {ঝড়+ই}

ঝড়িয়া [ঝোড়িয়া] *বিণ* ঝড়ো; ঝঞ্ঝাপূর্ণ (যে গাছ ভেঙেছে ঝড়িয়া বাতাসে কেমন করিয়া হায়—*জউ*)। {ঝড়+ ইয়া}

ঝড়ো, ঝোড়ো [ঝোড়ো] *বিণ* ঝড়ের মতো; ঝড়যুক্ত; ঝড়সম্বন্ধীয় (ঝড়ো বাতাস)। ২ ঝড়ের দ্বারা পীড়িত বা ঝড়ের দ্বারা পতিত (ঝড়ো আম, কাক)। {ঝড়+উয়া>ও= ঝড়ো>ঝোড়ো}

ঝণ্ডা, ঝাণ্ডা [ঝন্‌ডা] *বি* পতাকা; নিশান; ঝাণ্ডা। {*স.* ধ্বজদণ্ড>; *মু.* ঝানডা}

ঝন [ঝন্‌] *অব্য* ধাতু দ্রব্যাদি পতন বা আঘাতের তীক্ষ্ণ শব্দ। ~~ *অব্য* ১ দীর্ঘকালব্যাপী বা পুনঃপুন ঝন শব্দ। ২ টনটন; কাঠিন্যব্যঞ্জক বা বেদনাব্যঞ্জক শব্দ (মাথা ঝনঝন করছে)। ~**ঝনানো** *ক্রি* ১ ঝনঝন শব্দ করা বা হওয়া। ২ আঘাতজনিত টন টন করা; ব্যথা করা। ~**ঝনানি** *বি* ঝনঝন শব্দ। (অসির ঝনঝনি—*মদ*)। {*ধ্বন্যা.*}

ঝনকাট, ঝনকাঠ, ঝঙ্কাট, ঝঙ্কাঠ [ঝনকাট্‌, –ঠ্‌, ঝঙ্‌কাট্‌, –ঠ্‌] *বি* চৌকাঠের মাথার কাঠ; কপালি। {*স.* ধানীকাষ্ঠ>}

ঝনঝট, ঝঞ্ঝট [ঝন্‌ঝট্‌] *বি* হাঙ্গামা; ঝামেলা। ২ অশান্তি; কষ্ট। {*হি.* ঝংঝট}

ঝনঝনা [ঝন্‌ঝনা] *অব্য* ঝনঝন শব্দ। {*ধ্বন্যা.*}

ঝনঝনায়মান [ঝন্‌ঝনায়োমান] *বিণ* ঝনঝন শব্দে শব্দায়মান এমন। {*স.* √ঝনঝনায়+ মান (শানচ্‌)}

ঝনৎকার [ঝনত্‌কার] *বি* ঝনঝন শব্দ (টাকা ঝনঝন ঝনৎকার—*রঠা*)। {*স.* ঝনৎ+কার}

ঝনন [ঝনন্‌] *বি* নিক্বণ; ঝনঝন শব্দ। (ঝিল্লি ঝনন

অশোক-তলায় চমক মেলে—*রঠা*)। {*ধ্বন্যা.*}

ঝনন-রণন [ঝনন্-রনন্] *বি* অনুরণিত ঝনঝন শব্দ। (দক্ষিণ করে ধরিয়া যন্ত্র ঝনন-রণন স্বর্ণতন্ত্র—*রঠা*)। {*ধ্বন্যা.*}

ঝনাৎ [ঝনাত্] *অব্য* ঝনঝন অপেক্ষা তীব্র ক্ষণস্থায়ী শব্দ। {*ধ্বন্যা.*}

ঝপ [ঝপ্] *অব্য* ১ হঠাৎ পানিতে পতনের ধ্বনি। ২ অবিলম্বে; তাড়াতাড়ি (ঝপ করে ঝাপ দিয়ে ঘাড় ভেঙ্গে পড়ে—*ঘচ*)। **ঝপাঝপ** *ক্রিবিণ* ১ ঝপঝপ শব্দ করে কোনো কাজ করা (ঝপাঝপ দাঁড় বাওয়া)। ২ শীঘ্র। (ঝপাঝপ কাজ সারা)। {*ধ্বন্যা.*}

ঝপাঝপ ⟹ ঝপ

ঝপাং, ঝপাৎ [ঝপাঙ্, -ত্] *অব্য* জলে ঝাঁপ দেওয়ার বা ভারী বস্তু জলে পড়ার শব্দ। {*ধ্বন্যা.*}

ঝমক [ঝমক্] *বি* বাদ্যধ্বনি; নহবত বাদ্যের ধ্বনি। (ঝমকঝমক ঝমকঝম ঘনঘন নৌবত বাজে—*ভারা*)। {*ধ্বন্যা.*}

ঝমঝম [ঝম্ঝম্] *অব্য* ১ জোরে বৃষ্টি পতনের শব্দ (ঝমঝম করে বৃষ্টি নাবল—*অঠা*)। ২ মল পায়ে দিয়ে চলার শব্দ। **ঝমাঝম** *অব্য* ১ প্রবল বৃষ্টিপাতের শব্দ; মুষলধারে বৃষ্টিপতনের শব্দ (ঝমাঝম বৃষ্টি হচ্ছে)। ২ ঢাকঢোলের সঙ্গে কাঁসর ও ঝাঁঝর ইত্যাদির মিলিত ধ্বনি। {*ধ্বন্যা.*}

ঝমর, ঝমর-ঝমর [ঝমর্, ঝমর্-ঝমর্] *ক্রিবিণ* মল নূপুর ইত্যাদির জোর শব্দ; চরণালঙ্কার বাদ্য বা ধ্বনি। {*ধ্বন্যা.*}

ঝমাঝম ⟹ ঝমঝম

ঝম্প [ঝম্পো] *বি* ১ ঝাঁপ; লম্ফ; লাফ। ২ বাদ্যযন্ত্র। (তুল. জগঝম্প)। {*স.* লম্ফ/√ভ্রম্>*প্রা.* ঝম্প}

ঝম্পন [ঝম্পন্] *বি* ঝম্প প্রদানকরণ; ঝাঁপ দেওয়া। **লম্ফঝম্প** ⟹ লম্ফ। {ঝম্প+অন}

ঝরই, ঝরু (*ব.*) [ঝরোই, ঝোরু] *ক্রি* ঝরে। {√ঝর্+ই/উ}

ঝরকা, ঝরোকা, ঝরোখা [ঝরকা, -রো-, -রোখা] *বি* ১ জাফরিকাটা জানালা; ছোট জানালা (ঝরকা ওঠাও তুমি দেখি তাকাইয়া—*ফগ*)। ২ ছোট জানালা; গবাক্ষ; বাতায়ন। ৩ জাফরি কাটা বা জাল দেওয়া জানালা। {*স.* জালক>; *তুল. হি.* ঝরোখা}

ঝরঝর [ঝরঝর্] *অব্য, ক্রিবিণ* ১ অবিরল ধারায় পতন (ঝরঝর বরিষে বারিধারা—*রঠা*)। ২ কোনো কিছুর ক্রমাগত ক্ষরণ (ঝরঝর করে রক্ত ঝরছে)। ৩ পরিচ্ছন্নতার ভাবব্যঞ্জক। **ঝরঝরে** *বিণ* ১ পরিষ্কার; পরিচ্ছন্ন। ২ সুস্থ; হালকা (দেহটা আজ বেশ ঝরঝরে)। ৩ আর্দ্র ভাব। ৪ স্পষ্ট (ঝরঝরে লেখা)। ৫ জর্জরিত; বিনষ্ট (আখের ঝরঝরে হওয়া)। ৬ প্রত্যেকটি দানা আলাদা করা যায় এমন; দানা-দানা (ঝরঝরে ভাত)। **ঝরণ** *বি* ক্ষরণ; ধারায় পতন। **ঝরঝরানি** *বি* অবিরল প্রবাহ বা ক্ষরণ (ঝরঝরানি হঠাৎ হাওয়ার—*রঠা*)। {*স.* ক্ষর> *প্রা.* √ঝর্>ঝর+ঝর}

ঝরতি [ঝোরতি] *বি* শস্য পরিপূর্ণ বস্তা থেকে ঝরে পড়া অংশ। □ *বিণ* ঝরে পড়ছে এমন। **ঝরতি পড়তি** *বি* ১ ঝরা বা পড়া অংশ। ২ উপেক্ষণীয় ক্ষতির ভাগ; নাড়াচাড়ায় বা গুদামে যে অংশ নষ্ট হয়। {√ঝর্+তি}

ঝরনা, ঝর্না, ঝর্ণা (*অশু.*) [ঝর্না] *বি* ফোয়ারা; নির্ঝর। **ঝরনা কলম** *বি* ফাউন্টেন পেন; fountain pen। **ঝর্নাগড়া** *বিণ* ঝর্নাক্ষরা (অনিঃশেষে ঝর্নাগড়া স্নেহ—*হাহা*)। {*স.* √ক্ষর>√ঝর্+না; *তুল. স.* নির্ঝর}

ঝরা [ঝরা] *ক্রি* ১ ফোঁটায় ফোঁটায় পড়া; ক্ষরিত হওয়া (জল ঝরা; অশ্রু ঝরা)। ২ স্রাবযুক্ত হওয়া (রক্ত ঝরা)। ৩ খসে পড়া (গাছের পাতা ঝরছে)। □ *বিণ* ঝরিত; পতিত (ঝরা পাতা গো আমি তোমারি দলে—*রঠা*)। **ঝরানো** *ক্রি* পতিত করা (ফুল ঝরানো, পানি ঝরানো, পাতা ঝরানো)। {*স.* √ক্ষর>√ঝর্+আ}

ঝরিত [ঝোরিতো] *বিণ* ক্ষরিত; গলিত; ঝরে পড়েছে এমন (নির্ঝর-ঝরিত বারি-রাশি স্থানে স্থানে—*মদ*)। {√ঝর+ইত}

ঝরোকা, ঝরোখা ⟹ ঝরকা

ঝর্ঝর [ঝরঝর্] *বি* ১ বারিপতন শব্দ; ঝরনার জলপ্রবাহের শব্দ। ২ হাতাবিশেষ; ঝাঁঝরি। ৩ বাদ্যযন্ত্রবিশেষ; কাড়া। **ঝর্ঝরিত** *বিণ* ১ ঝর্ঝর শব্দবিশিষ্ট। ২ ঝাঁঝরা হয়ে গেছে এমন। {*স.* ঝর্ঝ+√রা+অ (ড)}

ঝর্ঝরি [ঝর্ঝোরি] *বি* ঝাঁঝরি; তেল কিংবা ঘিয়ে ভাজা দ্রব্য ছেঁকে তোলার হাতা। {*স.* ঝর্ঝর>}

ঝর্ঝরিক [ঝর্ঝোরিক্] *বি* দেহ; শরীর। {*স.* জর্জরীক>}

ঝর্না ⟹ ঝরনা

ঝলক, ঝলকা [ঝলোক্, ঝল্কা] *বি* ১ অগ্নিতরঙ্গ; অগ্নিশিখা (ঝলকে ঝলকে উল্কা উগারি—*রঠা*)। ২ দ্যুতি; উদ্ভাসক; ঝাপটা (ঘাসের শিষ, ফোটা ফুলের পাপড়ি, তার উপরে শিশিরের ফোঁটা—সবই আলোতে ঝলক দিতে থাকল—*অঠা*)। ৩ উদ্গার (চোখে আগুনের হলক, মুখে বিষের ঝলক—*দমি*)। **-দর্পণ** *বি* উজ্জ্বল ক্ষুদ্র আয়নাবিশেষ। **ঝলকানো** *ক্রি* ঝমক করা; ঝলকে ঝলকে বিস্তৃত হয়ে উজ্জ্বল আলো প্রকাশ করা। **ঝলকানি** *বি* প্রখর আলোর আকস্মিক স্ফুরণ (তার আত্মার ঝল্কানি দেখতে পাওয়া যায়—*মোচৌ*)। **ঝলকিত** *বিণ* তীব্র বা উজ্জ্বল আলোয় উদ্ভাসিত। {*প্রা.* ঝলক্কা; *মুণ্ডারি.* ঝলক}

ঝলঝল [ঝল্ঝল্] *অব্য* ১ ঝুলে পড়ার বা শিথিলতার ভাবদ্যোতক (জামাটা ঝলঝল করছে)। ২ দীপ্ত হওয়ার ভাব। **ঝলঝলে** *বিণ* ঝলঝল করে এমন। {*স.* জ্বলজ্বল>ঝলঝল}

ঝলমল [ঝল্মল্] *অব্য* ১ দীপ্তি বা উজ্জ্বলতার প্রকাশ (হঠাৎ আলোর ঝলকানি লেগে ঝলমল করে চিত্ত—*রঠা*)। □ *বিণ* প্রদীপ্ত; উজ্জ্বল (ঝলমল প্রাণ করিস যাপন—*রঠা*)। **ঝলমলানো** *ক্রি* ঝলমল করা। □ *বিণ* ঝলমল করার ভাবযুক্ত। □ *বি* ঝলমল করার ভাব। **ঝলমলানি** *বি* ঝলমলকরণ; দীপ্তিময়তা; উজ্জ্বলতা। **ঝলমলে** *বিণ* ঝলমল করে এমন। {*স.* জ্বল>ঝল্+ *অনু.* মল}

ঝলসানো, ঝলসান [ঝল্শানো] *ক্রি* ১ ধাঁধানো; উজ্জ্বল আলো দ্বারা চোখ প্রায় অন্ধ করা (চোখ ঝলসানো)। ২ অনেকটা দগ্ধ করা (আগুনে মাংস ঝলসানো)। ৩ অর্ধদগ্ধ

হওয়া (পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি—সুভ)। ◻*বিণ* ১ ধাঁধায় এমন (চোখ-ঝলসানো আলো)। ২ দগ্ধপ্রায় (ঝলসানো মাংস)। **ঝলসানি** *বি* ঝলসানোর ভাব। **ঝলসিত** *বিণ* ঝলসানো হয়েছে এমন। ◻*বি* উক্ত সকল অর্থে। {√ঝলসা+আনো}

ঝলা *(পদ্য)* [ঝলা] *বি* কিরণতরঙ্গ (বিজুলীর ঝলাসম—*মদ*)। ◻*ক্রি* ঝলমল বা ঝিকমিক করা। {√জ্বল্>}

ঝল্লক, ঝল্লকি [ঝললক, -লোকি] *বি* কাংস্যনির্মিত বাদ্যযন্ত্র; কাঁসর; করতাল। {*স.* ঝল্ল+ক(কন্),+ঈ(ঙীপ্)}

ঝল্লকণ্ঠ [ঝল্লোকন্‌ঠো] *বি* পারাবত। {*স.* ঝল্ল+কণ্ঠ}

ঝল্লরা, ঝল্লরী [ঝল্‌লোরা, -রি] *বি* ১ বাদ্যযন্ত্রবিশেষ; ঝঝরি নামক বাদ্যযন্ত্র। ২ হুড়কা। {*স.* ঝল্ল+√রা+অ(ক)+আ(টাপ্), ঈ(ঙীপ্)}

ঝল্লিকা [ঝোললিকা] *বি* গামছা; ঝলক; সূর্যরশ্মির তেজ। {*স.* ঝল্ল+ইক(ঞিঠ)+আ(টাপ্)}

ঝা [ঝা] *বি* ১ পদবি; ওঝা। ২ ঝড়। {*স.* উপাধ্যায়>}

ঝাউ [ঝাউ] *বি* বৃক্ষবিশেষ; সূচ্যগ্র পত্রবিশিষ্ট বৃক্ষ; *Tamarica indica*। {*স.* ঝাবুক>}

ঝাঁ [ঝাঁ] *অব্য* অত্যন্ত শীঘ্রতার ভাব; ধাঁ। ◻*বি, বিণ* ঝাঁট করে; অবিলম্বে; এক দৌড়ে (লোকটা ঝাঁ করে চলে গেল)। **ঝাঁই** *অব্য* খুব ভাজা অর্থে; ঝামা (পুড়ে ঝাঁই হয়ে যাওয়া)। **ঝাঁ ঝাঁ** *অব্য* ১ প্রচণ্ড উত্তাপের ভাবব্যঞ্জক (রোদে ঝাঁ ঝাঁ করা)। ২ যন্ত্রণার ভাব (মাথা ঝাঁ ঝাঁ করছে)। ৩ নিস্তব্ধতার ভাবদ্যোতক (ঝাঁ ঝাঁ করে রাত্তি—*রঠা*)। ৪ অতি ক্ষিপ্র (ঝাঁ ঝাঁ করে কাজ করা)। {*স.* ধাব্>ধা>ধাঁ>ঝাঁ}

ঝাঁক [ঝাঁক] *বি* পক্ষী পতঙ্গ বা মৎস্যাদির দল (পোনার ঝাঁক)। **ঝাঁক-বাঁধা** *ক্রি* দল বেঁধে থাকা। {*স.* পুঙ্খক>; *তুল. হি* ঝাংক}

ঝাঁকড় [ঝাঁকোড়] *বি* অসম্বদ্ধ গুচ্ছ। **ঝাঁকড়া** *বিণ* দীর্ঘ গুচ্ছবিশিষ্ট লম্বা অথচ গুচ্ছময়; ঝোপের ন্যায়। **ঝাঁকড়া-মাকড়া** *বিণ* উস্কো-খুস্কো; আলুথালু। {ঝাঁক+ড়। *অনু.* মাকড়}

ঝাঁকড়া [ঝাঁকড়া] *বিণ* দীর্ঘ গুচ্ছবিশিষ্ট লম্বা অথচ গুচ্ছময়; ঝোপের ন্যায় (ঝাঁকড়া চুল)। {ঝাঁক+ড়া}

ঝাঁকরনো, ঝাঁকরানো, ঝাঁকরানি ⇒ ঝাঁকা[২]

ঝাঁকা[১] [ঝাঁকা] *বি* চওড়ামুখ শক্ত ঝুড়ি, যাতে মাল বহন করা হয়। **-মুটে** *বি* যে মুটে ঝাঁকায় মাল বহন করে (এক সুন্দরী তরুণী এসে এক ঝাঁকামুটেকে নিয়ে চলল হরেক রকমের সওদা করতে—*সৈমু*)। {*তুল. হি* ঝাঁকা}

ঝাঁকা[২] [ঝাঁকা] *ক্রি* জোরে নাড়া দেওয়া; সবেগে আন্দোলিত করা। ◻*বি* নাড়া (ঝাঁকা দাও)। **ঝাঁকানো, ঝাঁকরানো, ঝাঁকরনো** *ক্রি* ১ সবেগে নাড়ানো; জোরে আন্দোলিত করা (বোতল ঝাঁকানো)। ◻*বি* ঐ অর্থে। **ঝাঁকানি, ঝাঁকুনি, ঝাঁকি, ঝাঁকরানি** *বি* জোরে নাড়া; বেগে আন্দোলন। {*প্রা.* ঝঙ্খ> √ঝাঁক্+আ}

ঝাঁকার [ঝাঁকার] *বি* ১ ঝাঁকুনি; আন্দোলন। ২ গা বমি বমি ভাব (গা ঝাঁকার দিয়ে উঠলো)। ৩ সহসা কুপিত হয়ে কঠোর ভাষণ। ৪ যানবাহনের গতি বিপর্যয়ে ধাক্কা। {*স.* ঝঙ্কার>}

ঝাঁকি, ঝাঁকুনি ⇒ ঝাঁকা[২]

ঝাঁ গুড়গুড় [ঝাঁ গুড়্গুড়] *অব্য* ঢাকের শব্দ। {*ধ্বন্যা.*}

ঝাঁজ[১], **ঝাঁঝ**[১] [ঝাঁজ্, -ঝ্] *বি* তীব্র তেজ; আঁচ (আগুনের বা রৌদ্রের ঝাঁজ)। ২ উগ্রতা; প্রখরতা। ৩ প্রবল গন্ধ; তীব্র স্বাদ (ওষুধের ঝাঁজ)। **ঝাঁজালো, ঝাঁঝালো** *বিণ* ঝাঁঝবিশিষ্ট; উগ্র; প্রখর; তীব্র। {*স.* ধ্মা>ঝাঁ; *স.* অর্চিস>আঁচ>ঝাঁজ}

ঝাঁজ[২], **ঝাঁঝ**[২], **ঝাঁজর**[১], **ঝাঁঝর**[১] [ঝাঁজ, -ঝ, -জোর, -ঝো-] *বি* ১ কাঁসর; কাংস্য-নির্মিত বাদ্যযন্ত্র। {*স.* ঝর্ঝর>}

ঝাঁজ[৩] ⇒ ঝাঁজি

ঝাঁজর[২], **ঝাঁঝর**[২] [ঝাঁজোর, ঝো-] *বিণ* বহু ছিদ্রসম্বলিত; ফোঁপরা (পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথা—*বিচ*)। {*স.* ঝর্ঝর>*প্রা.* ঝজ্‌ঝড়>ঝাঁজর, ঝাঁঝর}

ঝাঁজর[৩], **ঝাঁঝর**[৩] [ঝাঁজোর, -ঝো-] *বি* ১ ঝমঝম শব্দে বাজে এমন ফাঁপা ও ভিতরে কড়াই দেওয়া মল (নাকে নাকচাবি, পায়েতে ঝাঁজর—জউ)। ২ কাঁসর ঝাঁজর জাতীয় কাংস্যময় বাদ্যযন্ত্রাদি (সারাটা আকাশ একখানা যেন ঝাঁঝরের মত ঝিমিকি বাজে—*মোম*)। {*স.* ঝর্ঝর>}

ঝাঁজর[৪], **ঝাঁঝর**[৪] [ঝাঁজোর, -ঝো-] *বি* ঝর্জর নামক জলপাত্র; কুঁজো। {*স.* √ক্ষর্>}

ঝাঁজরা, ঝাঁঝরা [ঝাঁজ্‌রা, -ঝ্-] *বিণ* ১ বহুছিদ্রবিশিষ্ট; সচ্ছিদ্র (বুকের ভিতরটা যেন একেবারে ঝাঁঝরা ফাঁকা বলে মনে হল—*সৈমু*)। ২ অত্যন্ত জীর্ণ বা পুরনো। ◻*বি* ছিদ্রযুক্ত হাতা; ছানতা। **ঝাঁঝরা হয়ে যাওয়া** *ক্রি* ছিদ্রযুক্ত জীর্ণ ফাঁপা হয়ে যাওয়া (আমার নিজের বুক যে ব্যথার আঘাতে বেদনার কাঁটায় কত ছিন্নভিন্ন কি রকম ঝাঁঝরা হয়ে গেছে—*নই*)। {*স.* ঝর্ঝর/জর্জর>}

ঝাঁজরাচকি [ঝাঁজ্‌রাচোকি] *বিণ* ঝাঁজরা-চক্ষু; চক্ষু যাহার ছিদ্রময় (আমার ঝাঁজরাচকি—টস্‌টস্ করে চকের জল ফেলতেন—*দীমি*)। {*স.* ঝর্ঝর/জর্জর>+চক্ষু>}

ঝাঁজরি[১], **ঝাঁঝরি**[১], **ঝাঝরী** [ঝাঁজ্‌রি, -ঝ্-, -] *বি* ১ বহু ছিদ্রযুক্ত জাল হাতা প্রভৃতি। ২ ফুল গাছে জল ছিটানোর পাত্রবিশেষ; ঝারি। ৩ নর্দমার মুখের ছিদ্রযুক্ত ঢাকনি। {*স.* ঝর্ঝর>}

ঝাঁজি, ঝাঁঝি, ঝাজি [ঝাঁজি, -ঝি, ঝাজি] *বি* এক প্রকার জলজ গুল্ম; বহুদিন ধরে জমা শেওলা (একশ যুগের বনস্পতি বাকল ঝাঁঝি সকল গায়—*সদ*)। {*স.* জর্জর>}

ঝাঁঝ ⇒ ঝাঁজ[১] ও ঝাঁজ[২]

ঝাঁঝর, ঝাঁঝরা, ঝাঁঝরি ⇒ ঝাঁজর[১]

ঝাঁঝরি[২], **ঝাঁজরি**[২] [ঝাঁঝরি, -জ-] *বি* কাঁসরজাতীয় বাদ্যবিশেষ (কেন দেবালয়ে বাজিছে ঝাঁঝরি—*মদ*)। {*স.* ঝর্ঝর>}

ঝাঁ ঝাঁ [ঝাঁ ঝাঁ] *অব্য* ১ গভীর নিস্তব্ধতাজ্ঞাপক শব্দ (যেন রৌদ্রময়ী রাতি, ঝাঁ ঝাঁ করে চারিদিকে নিস্তব্ধ নিঝুম—*রঠা*)। ২ বাদ্যধ্বনি জ্ঞাপক শব্দ। {*ধ্বন্যা.*}

ঝাঁঝাল ⇒ ঝাঁজ[১]

ঝাঁট [ঝাঁট] *বি* সম্মার্জন; ঝাঁটা দ্বারা আবর্জনাদি দূরীকরণ (ঝাঁট দেওয়া)। **-পাট** *বি* ঘর পরিষ্কার করা ও সাজানোর

কাজ। ~পাট দেওয়া *ক্রি* ঝেঁটিয়ে নেওয়া; ঝাঁটানো। { *স.* √ঝট্‌+অ(ঘঞ্‌) }

ঝাঁটা, ঝেঁটা [ঝাঁটা, ঝেঁ-] *বি* সম্মার্জনী; যা দিয়ে ঝাঁট দেওয়া হয়; ঝাড়ু; খাংরা। ~**খেকো** *বিণ* ১ গালিবিশেষ ২ প্রায়ই ঝাঁটায় প্রহৃত হয়ে থাকে এমন। ৩ অতি নীচ বা ইতর। ~**পেটা** *ক্রি* ঝাঁটা দ্বারা আঘাত করা (ঝাঁটা পেটাতেই একঝাঁক আরশোলা...উঠে পালাল—*অঠা*)

ঝাঁটানো, ঝেঁটানো *ক্রি* ১ ঝাঁটার সাহায্যে পরিষ্কার করা; ঝাঁটা দিয়ে প্রহার করা। { *স.* √ঝট্‌+অ(ঘঞ্‌)+*বা.* আ }

ঝাঁটি, ঝাটি, ঝাঁটী [ঝাঁটি, ঝা-, ঝাঁ-] *বি* ১ এক প্রকার ফুল ও তার গাছ; কুরুবক। ২ ঝাপটা (জলের ঝাঁটি) { *স.* ঝিণ্টী> }

ঝাঁপ[১] [ঝাঁপ] *বি* লাফ; হাত-পা ছড়িয়ে উপর থেকে নিচে পতন (আর কেহ বলে, ঝাঁপ দিব জলে তেজিব এ পাপ দেহ—*চদা*)। ~ **দিয়ে পড়া** *ক্রি* লম্ফ প্রদান করা। ~-**সন্ন্যাস** *বি* হিন্দুদের উৎসববিশেষ; যাতে গাজনের সন্ন্যাসীরা মঞ্চের উপর থেকে কাঁটা আগুন প্রভৃতির উপর ঝাঁপিয়ে পড়ে। **কাঁটা**~ *বি* গাজন উৎসবে কাঁটার উপর ঝাঁপ দেওয়া। { *স.* ঝম্প>*প্রা.* ঝম্প> }

ঝাঁপ[২]**, ঝাঁপি, ঝাপ** [ঝাঁপ, -পি, ঝাপ] *বি* ১ আচ্ছাদন; ঢাকনি। ২ বাঁশের তৈরি কপাট; বেড়া (পথিপার্শ্বের দোকানগুলি ঝাঁপি বন্ধ করেছে—*রখাঁ*; দোকানের ঝাঁপ)। ৩ তাঁতযন্ত্রে সুতার যে ছিদ্রের মধ্য দিয়ে মাকু চলে। { *প্রা.* ঝম্প> }

ঝাঁপটা, ঝাপটা [ঝাঁপটা, -টা] *বি* ১ স্ত্রীলোকের মাথার অলঙ্কার; ঝাঁপা (তিস্তা তোমার ঝাঁপটা সীঁথি—*সদ*)। ২ বাতাসের তোড়; ধাক্কা; বায়ুতাড়িত বৃষ্টির ঝাপটা। { *প্রা.* ঝম্প> }

ঝাঁপতাল [ঝাঁপ্‌তাল্‌] *বি* গানের একটি তাল। { ঝাঁপ+তাল }

ঝাঁপা[১] [ঝাঁপা] *ক্রি* আচ্ছাদন করা; আবৃত করা; ঢাকা। ২ ঝাঁপিয়ে পড়া। ৩ মনে পড়া; মনে উজ্জিত হওয়া (সমুখে তাহার রূপ সদা মনে ঝাঁপে গো—*চদা*)। { ঝাঁপ+আ }

ঝাঁপান [ঝাঁপান] *বি* ১ হিন্দুদের মনসা পূজায় সাপ খেলার উৎসব। ২ পাহাড়ে চড়ার এক প্রকার শিবিকা বা ডুলি।

ঝাঁপনে, ঝাঁপানিয়া *বিণ* ঝাঁপান প্রদর্শক; ঝাঁপান উৎসবে যে সাপের খেলা দেখায়। { ঝাঁপ+আন }

ঝাঁপানো [ঝাঁপানো] *ক্রি* ঝম্প প্রদান করা; ঝাঁপ দেওয়া; লাফানো। ☐ *বি* উপরোক্ত অর্থে। { ঝাঁপ+আনো }

ঝাঁপাল [ঝাঁপাল] *বিণ* ঝোপদার; ঝাঁকড়া; থোবা থোবা; ডালপালায় বা লতাপাতায় বিস্তৃত। { ঝাঁপ+আল }

ঝাঁপি, ঝাঁপী [ঝাঁপি] *বি* ঢাকনিসমেত বাঁশ, বেত, তাল বা খেজুর পাতার ছোট পেটিকা (ঐ ফুলের ঝাঁপিতে লোভের সাপিনী আছে—*নই*)। { ঝাঁপ+ই, ঈ }

ঝাট [ঝাট] *ক্রিবিণ* তাড়াতাড়ি; শীঘ্র; ঝট। { *স.* ঝটিতি> }

ঝাটনা, ঝাটিনা [ঝাট্‌না, -টি-] *ক্রি* ঝাঁটা দ্বারা সংগৃহীত আবর্জনা। { √ঝাট্‌+না, > }

ঝাটল [ঝাটল] *বি* ঘণ্টা পাটল গাছ। { *অমূ.* }

ঝাটি, ঝাটী [ঝাটি] *বি* ঝাটিকা ফুল। { *স.* ঝাটিকা }

ঝাটিনা ⇒ ঝাটনা

ঝাড়[১] [ঝাড়] *বি* ১ ছোট গাছের জঙ্গল; ঝোপ (প্রতি ঝাড়ঝোড়ে বলে দাদা ওই বাঘ—*ঘচ*)। ২ স্তবক; গুচ্ছ। ৩ গোষ্ঠী; বংশ (ঝাড়ের দোষ)। ৪ শাখাযুক্ত দীপাধার; chandelier। ~**বংশ** *বি* বংশের সমস্ত লোক (ঝাড়েবংশে নিপাত যা)। { *স.* ঝাট (সমূহ, রাশি)>ঝাড় }

ঝাড়[২] [ঝাড়] *বি* ১ পরিমার্জন; পরিষ্কারকরণ (ঝাড়মোছ)। ~**ঝুড়** *বি* ১ পরিমার্জন। ২ ঝাড়ফুঁক। ~ **ফুঁক** *বি* রোগ বিষ ইত্যাদি দূরীকরণের জন্য মন্ত্র বা দোয়া পাঠসহ গায়ে ফুঁ দেওয়ার কাজ। ~**ফুঁক করা** *ক্রি* রোগ বা ভূতাবেশ নিরাময় করার জন্য মন্ত্র বা দোয়া পাঠসমেত রোগীর গায়ে হাত বুলানো ও ফুঁ দেওয়া। { *স.* √ঝাড়্‌ }

ঝাড়ন [ঝাড়ন] *বি* ১ ধুলা পরিষ্কার করার কাপড় ইত্যাদি; duster (পালকের ঝাড়ন)। ২ সম্মার্জন। ৩ ঝাড়ফুঁক (ভূত ঝাড়ন)। { √ঝাড়্‌+অন }

ঝাড়পোঁছ, ঝাড়পুছ, ঝাড়ফুঁক ⇒ ঝাড়া

ঝাড়া [ঝাড়া] *ক্রি* ১ পরিষ্কার করা (ধুলো ঝাড়া)। ২ খালি করা (ঝুল ঝাড়া)। ৩ নিক্ষেপ করা; ছুড়ে মারা (মাথায় এমন এক এগারঋষি ঝাড়িব—*প্যামি*)। ৪ মেটানো (গায়ের ঝাল ঝাড়া)। ৫ (*ব্য.*) বাগাড়ম্বর বা বাচালতা করা (বক্তৃতা ঝাড়া)। ৬ দূর করা (ঝেড়ে ফেলা, ভূত ঝাড়া)। ৭ আছড়ানো; বাছাই করা (ধান বা অনুরূপ শস্যাদি ঝাড়া)। ☐ *বি* উপর্যুক্ত সকল অর্থে (আমার ওঝা আমারই মনটাকে নির্বিষ করিবার জন্য এত কড়া করিয়া ঝাড়া দিতেছেন—*রঠা*)। ☐ *বিণ* ১ পরিমার্জিত (ঝাড়া ধান)। ২ সম্পূর্ণ (ঝাড়া মুখস্থ)। ৩ একটানা (ঝাড়া দশ মিনিট—*সৈমু*)। **ঝাড়পোছ, ঝাড়পুছ, ঝাড়পোছা** *বি* কোনো কিছু দ্বারা ধুলাবালি পরিষ্কারকরণ; সাফকরণ। **ঝাড়াই** *বি* পরিষ্কার করার বা ঝাড়ার কাজ। **ঝাড়াই-বাছাই** *বি* ধুলা মাটি ইত্যাদি উড়িয়ে পরিষ্কারকরণ ও নির্বাচন। ~-**ঝাপটা** *বি* ঝক্কি, ঝামেলা (একেবারে ঝাড়া ঝাপটা হাল্কা হয়ে উড়ে যায়—*অঠা*)। **ঝাড়ানো** *ক্রি* ১ পরিষ্কার করানো। ২ ওঝার দ্বারা ঝাড়ফুঁকের সাহায্যে রোগ, বিষ, ভূত প্রভৃতি দূর করানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~ **হাত পা** *বি* ঝামেলাশূন্য (বিয়ে করেছি তাই ঝাড়া হাত পা, যা ইচ্ছা করতে পারে)। { √ঝাড়্‌+আ }

ঝাড়ু [ঝাড়ু] *বি* ঝাঁটা; সম্মার্জনী (হাতে ঝাড়ু লও কাঁধে কোদাল—*শেফ*)। ~**দার**, ~**বরদার**, ~**কশ** *বি* যে ঝাঁট দেয়। ~**দারনি** *স্ত্রী.* (একটা ঝাড়ুদারনি ছাড়া দ্বিতীয় স্ত্রীলোক দেখা গেল না—*অচিসে*)। { √ঝাড়্‌+উ = ঝাড়ু }

ঝাণ্ডা [ঝান্‌ডা] *বি* নিশান; পতাকা (আরব দেশের ঝাণ্ডা যেন মুন্সী সাহেব চলছে টানি—*জউ*)। { *মু.* ঝাণ্ডা; *তুল. হি.* ঝণ্ডা }

ঝানু [ঝানু] *বিণ* অভিজ্ঞ; ঘাগি; পাকা; ঝুনা (কিন্তু এখন সে ঝানু হয়ে না গেলেও ডাঁশিয়ে উঠেছে—*নই*)। ২ চতুর; চালাক; হুঁশিয়ার। { *স.* ধ্যান>ঝান (চর্যাপদ)+উ; ঝুনা (বর্ণ বিপর্যয়ে)>ঝানু; *স.* জীর্ণ>*প্রা.* জুন্ন> }

ঝাপট, ঝাপটা [ঝাপোট্‌, ঝাপ্‌টা] *বি* ১ বাতাসের প্রবল আঘাত, ঝড়ের প্রচণ্ড ধাক্কা (লাগিয়ে বুকে ঢেউয়ের ঝাপট পেইছি যা তা এই গো এই—*সদ*)। ২ হঠাৎ জোরে ধাক্কা। ৩ পাখির পাখার আঘাত। { *মু.* ঝাপটাও> }

ঝাপতাড়া [ঝাপ্‌তাড়া] *বি* ঝাঁপ; বাঁশের তৈরি কপাট বা দ্বার (দোকানীরা দোকানের ঝাপতাড়া খুলে—*কাসি*)। {ঝাঁপ+তালা>?}

ঝাপসা, ঝাপ্সা [ঝাপ্‌শা] *বিণ* অস্পষ্ট; আবছা; অপরিচ্ছন্ন। {ঝাঁপ+সা(সাদৃশ্যে)}

ঝাবকা, ঝুব্বা, ঝাপ্পা, ঝোপ্পা [ঝাব্‌কা, ঝুব্‌বা, ঝাপ্‌পা, ঝোপ্‌পা] *বি* আলখাল্লাজাতীয় ঢিলেঢালা পোশাক। {*হি* ঝব্বা}

ঝাবুক, ঝাবু, ঝাবূ [ঝাবুক, –বু, –] *বি* ঝাউগাছ। {*স.* ঝাবু}

ঝামটা, ঝামট (বিরল) [ঝাম্‌টা, ঝামোট্] *বি* বিরক্তিসহ রুষ্ট মুখভঙ্গি ও ধমক (মুখ ঝামটা)। {*স.*√ক্ষাম্>*পা.* ঝাম+*বা.* টা}

ঝামর১, ঝামরু, ঝামরি (বিরল) [ঝামোর, ঝামরু, ঝামরি] *বি* ১ ঝামার মতো মলিন; বিবর্ণ (জিয়াউদ্দিন ফিরে এসে মুখ ঝামর করে উপরে চলে গেলেন—*সৈমু*)। ❑ *বিণ* ১ উস্কোখুস্কো; অস্থির; চঞ্চল (হালকা জলে ঝামর হাওয়া চামর ঢুলাবে—*সদ*)। ২ বৃষ্টি পতনোন্মুখ; জল-ভারাক্রান্ত। **ঝামরানো, ঝামরান** *ক্রি* ১ মলিন হওয়া; বিবর্ণ হওয়া। ২ রসস্থ হওয়া; ভারী হওয়া (সর্দিতে চোখ মুখ ঝামরানো)। ৩ মেঘ বর্ষণোন্মুখ হওয়া (আকাশ ঝামরাচ্ছে)। ❑ *বিণ* উক্ত সমুদয় অর্থে। {*পা.* ঝাম>; *মৈথিলি* ঝামরু}

ঝামর২ [ঝামোর] *বি* শাণ দেওয়ার ক্ষুদ্র পাথর। {*পা.* ঝাম>}

ঝামা [ঝামা] *বি* অতিরিক্তভাবে পোড়ানো হালকা কালচে ইট (কয়েকটা পাঁজা একেবারে ঝামা হইয়া গিয়াছে—*আমআ*)। {*স.* ঝম্+অক(খুল)>ঝামক>}

ঝামাল [ঝামাল] *বি* ঝাঁজ; প্রখর তেজ (খোলা চোখে রৌদ্রের ঝামাল জ্বালা ধরায়—*শও*)। {*পা.* ঝাম+*বা.* আল}

ঝামেলা [ঝামেলা] *বি* ১ ঝঞ্ঝাট; ঝক্কি; ফ্যাসাদ। ২ ঝগড়া; বিবাদ। {*হি* ঝমেলা}

ঝারা [ঝারা] *বি* ১ ধারা; প্রবাহ। (ছিঁড়িয়া পড়িল মণি-মুকুতার ঝারা—*অঠা*)। ২ সচ্ছিদ্র জলপাত্র; ঝারি। ৩ ঝালর। ~ **বসানো** *বি* তুলসী জাতীয় গাছের উপর উচ্চ স্থান থেকে ক্ষীণ ধারায় জল ঝরানো। {*স.* ধারা>ঝারা>}

ঝারি [ঝারি] *বি* গাড়ু; ভৃঙ্গার; সচ্ছিদ্র জলসেচপাত্র। {*স.* ধারা>}

ঝাল১ [ঝাল্] *বি* কটু; উগ্র; তীক্ষ্ণ। ২ কটু স্বাদযুক্ত। ৩ ঝালজাতীয় মসলায় রাঁধা ব্যঞ্জনাদি (মাছের ঝাল)। ৪ ক্রোধ; কড়া মেজাজ; উষ্মা; জ্বালা (বুড়ির তো দুচোখের ঝাল—*অচিসে*)। ৫ প্রসবের পর প্রসূতিকে যে বিশেষ ধরনের উগ্র আঠাজাতীয় খাদ্য খাওয়ানো হয়। ৬ (*আল.*) আক্রোশ; বিদ্বেষ; রোষ; যন্ত্রণা (গায়ের ঝাল)। ~**চচ্চড়ি** *বি* ঝাল দিয়ে রাঁধা এক বিশেষ পদ্ধতিতে প্রস্তুত ব্যঞ্জন (চিংড়িমাছের ঝাল-চচ্চড়ি দিয়া—*রঠা*)। ~ **ঝাড়া, ~ মেটানো** *ক্রি* মনের আক্রোশ প্রকাশ করা। **ঝালে ঝোলে অম্বলে** ১ যে সর্বক্ষেত্রে আছে (মতলববাজ লোক সম্বন্ধে বলা হয়)। ২ চতুর বা মতলববাজ লোকের বিভিন্ন ক্ষেত্রে উপস্থিত থেকে নিজের কার্য সিদ্ধির চেষ্টা। **পরের মুখে ঝাল খাওয়া** *ক্রি* শোনা কথায় গুরুত্ব আরোপ করে তাহা নিয়ে হৈ চৈ করা। পরের কথার মূল্য দিয়ে তদনুসারে চলা। {*স.* জ্বালা>ঝাল>ঝাল}

ঝাল২ [ঝাল্] পান বা পাইন; যাহা দ্বারা ধাতু জোড়া দেওয়া হয়; solder (দা-বটি ঝালা)। {*স.* √জ্বাল>}

ঝালর [ঝালোর্] *বি* ১ কারুকার্যখচিত কাপড়ের কোঁচকানো পাড় (চাঁদোয়ার ঝালর, মশারির ঝালর)। ২ অলঙ্কারের কারুকার্যময় দোলায়মান অংশ (ঝুলিছে ঝালি ঝালরে মুকুতা—*মদ*)। {*স.* ঝল্লরী>}

ঝালা১ [ঝাল্‌লা] *ক্রি* ১ সেতারে অতি দ্রুত ঝঙ্কার তোলা। ২ ঝালার কাজ। {ঝাল+আ}

ঝালা২, ঝালাই [ঝালা, –ই] *বি* ১ ধাতব পদার্থ পাইন দিয়ে জোড়া লাগানো। ২ পুরনো কূপ বা পুকুর থেকে পাঁক তুলে ফেলা; সংস্কার (পাতকুয়া ঝালা)। {ঝাল+আ, আই}

ঝালানো, ঝালান [ঝালানো] *ক্রি* ১ ধাতু পাত্রাদিতে পাইন লাগানো। ২ উদ্ধার করানো; সংস্কার করানো। ৩ (*আল.*) নবীভূত করা (পূর্ব পরিচয় ঝালানো)। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। {ঝাল+আনো; ক্রিয়ারূপ—ঝালাই, ঝালাও, ঝালান; *অক্রি*—ঝালিয়ে, ঝালালে, ঝালাতে}

ঝালাপালা [ঝালাপালা] *বিণ* ১ ভীষণ উচ্চ শব্দ থেকে উদ্ভূত কর্ণপীড়াদায়ক অবস্থা; বধিরপ্রায় (তিন দিন থেকে গান শুনে শুনে কান ঝালাপালা হয়ে গেল—*আকআ*)। ২ উত্যক্ত। ❑ *বি* ১ কর্ণবিদারী শব্দ। ২ কর্ণপীড়া। ৩ উৎপাত। {ঝালা+*অনু.* পালা}

ঝালি, ঝালী [ঝালি] *বি* ১ বেতনির্মিত ঝুড়ি (বাদিয়ার ঝালী বয়ে ফিরি দেশে দেশে—*জউ*)। ২ ঝুলন খেলা। ৩ নালা-নর্দমা ইত্যাদির মুখের গর্ত। ৪ জমিতে সেচের পানি ধরে রাখার জন্য খোঁড়া গর্ত। {*মুণ্ডারি* ঝালি (জাল)}

ঝি [ঝি] *বি* ১ দুহিতা; কন্যা; মেয়ে (রাজার ঝি)। ২ চাকরানি; পরিচারিকা; দাসী। **ঝিকে মেরে বউকে শিখানো**—কন্যাকে বিনা দোষে শাস্তি দান করে অপরাধী বৌকে দেখানো যে সে শাস্তির যোগ্য; পরোক্ষভাবে অপ্রসন্নতা বা মনের বিরক্তি জ্ঞাপন করা। {*স.* দুহিতৃ>*পা.* ধীতা>*প্রা.* ধীআ>ঝীআ>ঝি}

ঝিউড়ি [ঝিউড়ি] *বি* ১ কন্যা; দুহিতা। ২ অনূঢ়া বা অবিবাহিতা কন্যা (লুটিয়া লইল ধন ঝিউরী বহুড়ী—*ভারা*)। {বউড়ী-র অনুকরণে গঠিত; *তুল.* ঝিয়ারি}

ঝিঁক [ঝিক] *বি* ১ উনানের পাড়ের উঁচু অংশ যেখানে হাঁড়ি বসে এবং যার ফাঁক দিয়ে আঁচ ওঠে (অপর্ণার হাতের উনুনের মাটির ঝিঁকটা এখনও আছে—*বিব*)। ২ জাঁতার উপরিস্থিত চাকির ছিদ্র। ❑ *অব্য* উজ্জ্বলতা; আলোক শিখা (সকলেরই ঝিক চোখে—*জীদা*)। {*স.* শিখা>; *স.* শঙ্ক>}

ঝিঁকরা [ঝিক্‌রা] *বি* ঝাড়যুক্ত ছোট ছোট গুল্ম বা বুনো গাছ। ❑ *বিণ* ঝাড়বিশিষ্ট ক্ষুদ্র ক্ষুদ্র বন্য বৃক্ষযুক্ত। {*স.* ঝাবুক>ঝাউক>ঝিক+ড়া>}

ঝিঁকা১ [ঝিকা] *অব্য* ক্লান্তি বা অবসন্নতাহেতু ঝিঝি অনুভূতি (দুই কর্ণে ঝিকা মারিতে লাগিল—*রঠা*)। {*ধ্বন্যা.*}

ঝিঁকা২, ঝিঁকে [ঝিকা, –কে] *বি* শক্তি প্রয়োগ করে নৌকার হালে টান (এখনো জোয়ার-দাঁড় টানতেও ঝিঁকে

মারতে মাজিদের কাল ঘাম ছুটবে—*প্যামি*)। {*প্রা.* ঝঙ্খ>ঝাঁকা>}

ঝিঁঝি১, **ঝিঝি** [ঝিঁঝি, ঝিঝি] *বি* অবিশ্রান্ত ঝিঁঝি শব্দকারী এক প্রকার কীট; ঝিল্লি। {*স.* ঝিঙ্কী; *ধ্বন্যা.*}

ঝিঁঝি২ [ঝিঁঝি] *অব্য* কোনো প্রত্যঙ্গের অসহায়তাজনিত ঝিমঝিম করার ভাব (পায়ে ঝিঁঝি ধরা)। ~ **ধরা** *ক্রি* শারীরিক প্রত্যঙ্গে আকস্মিকভাবে রক্ত চলাচল বন্ধ হওয়ায় ঝিম ঝিম করা। {ঝিম্‌ঝিম্‌>ঝিঁঝি; *ধ্বন্যা.*}

ঝিঁঝিট, ঝিঝিট [ঝিঁঝিট্] *বি* সঙ্গীতের একটি রাগিণী যা সন্ধ্যার পর গান করা হয়। {*হি.* ঝিংঝোটী}

ঝিকমিক, ঝিকিমিকি [ঝিক্‌মিক্, ঝিকিমিকি] *অব্য* কখনো উজ্জ্বল কখনো ম্লান এরূপ করার ভাব (ঝিকিমিকি করে পাতা—*রঠা*)। **ঝিকিমিকি বেলা** *বি* বিকালবেলা; প্রায় সূর্যাস্তের কাল। {ঝকমক}

ঝিকুট, ঝিকুর [ঝিকুট্, –র্] *বি* ১ মস্তিষ্ক। ২ মাথার নরম অংশ। ☐ *বিণ* ১ অকালপক্ব (ছেলেটা পেকে ঝিকুট হয়ে গেছে)। ২ ঝুনা; অসময়ে পেকে বা শুকিয়ে শক্ত। ~ **নড়া, ঝিকুর নড়া** *ক্রি* মাথা খারাপ হওয়া; পাগল হওয়া। {*স.* ধৃত>ঝি+কুণ্ড>কুট, কুর}

ঝিঙা, ঝিঙে, ঝিঙ্গা [ঝিঙা, –ঙে, –ঙ্‌গা] *বি* সবজি বা আনাজবিশেষ। **ঝিঙেফুল** *বি* ঝিঙ্গা ফুল (সবুজ পাতার দেশে ফিরোজিয়া ঝিঙে ফুল—*নই*)। {*স.* ঝিঙ্গাক>; *মু.* ঝিঙ্গা}

ঝিঙ্গুর, ঝিঙুর [ঝিঙ্‌গুর্, ঝিঙুর্] *বি* ঝিঁঝি পোকা। {*হি.* ঝিঙ্গুর}

ঝিঝি ⇒ ঝিঁঝি

ঝিঝিট ⇒ ঝিঁঝিট

ঝিণ্টী, ঝিণ্টিকা [ঝিনটি, ঝিনটিকা] *বি* ১ ঝাঁটিফুল ও তার গাছ। ২ ঝাড়। {*স.* ঝিণ্টী}

ঝিনঝিন [ঝিন্‌ঝিন্] *অব্য* রক্ত চলাচল বন্ধজনিত কোনো প্রত্যঙ্গের অনুভূতি (হাত-পা ঝিন-ঝিন করা)। **ঝিনঝিনি** *বি* ঝিন ঝিন করার অনুভূতি। {*স.* ক্ষীণ>*প্রা.* ঝীণ>}

ঝিনিঝিনি, ঝিনিকিঝিনি [ঝিনিঝিনি, ঝিনিকিঝিনি] *অব্য* নূপুরের মৃদু শিঞ্জন ধ্বনি; মৃদু ঝনঝন ধ্বনি; নিক্বণ। {*ধ্বন্যা.*; *তুল.* রিনিঝিনি}

ঝিনুক [ঝিনুক্] *বি* শুক্তি; শামুক (ঝিলের ঝিনুক বিলের শালুক ছিল মোর সঙ্গিনী—*নই*)। ২ ধাতুনির্মিত ঝিনুকাকৃতি চামচ; শিশুদের দুগ্ধাদি পান করানোর জন্য ব্যবহৃত কুষির মতো একপ্রকার চামচ। {*স.* অব্ধি> ঝি+মণ্ডুক>নুক; *ধ্বন্যা.*; *স.* শুক্তিক> ঝিনুক}

ঝিম [ঝিম্] *বি* ক্লান্তিজনিত অবসন্নতা; নেশা বা তন্দ্রা দ্বারা আচ্ছন্নতার ভাব। ☐ *বিণ* তন্দ্রা বা নেশার কারণে জড়ীভূত বা অবসাদগ্রস্ত (ঝিম হয়ে বসে থাকা)। {*ধ্বন্যা.* *তুল.* ঝিন}

ঝিমঝিম [ঝিম্‌ঝিম্] *অব্য* অবসন্নতার ভাব। {*ধ্বন্যা.* *তুল.* ঝিনঝিন}

ঝিমানো, ঝিমনো [ঝিমানো, –মো–] *ক্রি* নেশা বা তন্দ্রার আবেশে চোখ বন্ধ করে ঢোলা (লোকটা কেমন ঝিমুচ্ছে)। ☐ *বি* নিস্তেজ নিশ্চেষ্ট হয়ে পড়া (আগুনটা ঝিমিয়ে আসছে)। **ঝিমানি, ঝিমুনি** *বি* নিদ্রার আবেশে ঢুলুনি। (ঝিমুনি আসছে—*মব*)। {ঝিম+আনো; ক্রিয়ারূপ—ঝিমাই, ঝিমাও, ঝিমায়, ঝিমান; *অক্রি*—ঝিমিয়ে, ঝিমালে, ঝিমাতে ইত্যাদি}

ঝিমিকি [ঝিমিকি] *বি* ১ ঝকমক করার বা উজ্জ্বলতার ভাব। ২ বিদ্যুতের দীপ্তি। ৩ লঘু বা ধীর পদবিক্ষেপ (বিভূতি মাখেন গায় ঝিমিয়ে ঝিমিকে যায়—*কমু*)। {*ধ্বন্যা.*}

ঝিমুনি ⇒ ঝিমানো

ঝিয়ারি, ঝিয়ারী [ঝিয়ারি] *বি* ১ কন্যা; দুহিতা (ছিলে ভূঁইমালিদের তুমি ঝিয়ারি—*নই*)। ২ অবিবাহিতা কন্যা; কুমারী (খুল্লনা যৌবন তবুও ঝিয়ারি—*কমু*)। ৩ পুত্রের শ্যালিকা; কন্যার ননদ। {*স.* দুহিতা>*পা.* ধীতা/ধীতারি> ঝিআরি>ঝিয়ারি}

ঝিরঝির [ঝির্‌ঝির্] *অব্য* ১ ধীরগতিতে প্রবাহিত হওয়ার ভাব (ঝিরঝির করে বাতাস বওয়া); লঘু ক্ষরণের ভাব (ঝিরঝির করে বৃষ্টি হচ্ছে); মৃদু ঝরঝর ধ্বনি (ঝিরঝির করে ঝরনার জল পড়ছে)। **ঝিরঝিরে** *বিণ* ঝিরঝির করে প্রবাহিত (মৃদুমন্দ ঝিরঝিরে হাওয়া)। {*ধ্বন্যা.*}

ঝিরিক [ঝিরিক্] গাছের পাতাবিশেষ (বিসিক পাতার ঝিরি ঝিরি বাজে নূপুর তারি—*নই*)। {*ধ্বন্যা.*}

ঝিল [ঝিল্] *বি* বিলের চেয়ে ছোট পুকুর জাতীয় লম্বা জলাশয় (মিঠা পানি ভরা সেই দিগন্ত বিস্তৃত স্বচ্ছ ঝিলে —*ফআ*)। {*প্রা.* ঝিল্ল>}

ঝিলমিল১ [ঝিল্‌মিল্] *বি* জানালার খড়খড়ি (ঝিলমিল খড়খড়ে নড়েচড়ে—*অঠা*)। {ঝলমল>; *ধ্বন্যা.*}

ঝিলমিল২ [ঝিল্‌মিল্] *অব্য* তরঙ্গায়িত উজ্জ্বল আলোক-দীপ্তি; চিকমিক; মৃদু চাকচিক্য; উজ্জ্বলতা বা ঝিকমিক (ঝিলমিল করে দুলিবে সমীরে তাজা অঙ্কুরগুলি—*সদ*; প্রাণের ঝিলমিল যদি না কাঁপে—*জাআ*)। **ঝিলমিলি**২ *বি* ১ ঝিলমিল করা। ২ উজ্জ্বলতার ভাব। **ঝিলমিলে** *বিণ* উজ্জ্বল; ঝিলমিল করছে এমন। {ঝলমল>}

ঝিলিক [ঝিলিক্] *বি* ১ ক্ষণিক তীব্র দীপ্তি (তার ডাগর চোখের ঝিলিক লেগে রাত হয়েছে ভোর—*নই*)। ২ বিদ্যুতের চমক; ক্ষণিক বিদ্যুৎ স্ফুরণ; ছোট ঝলক বা চমক। {*ধ্বন্যা.*; জ্বল>; *স.* ঝলক>}

ঝিলিমিলি [ঝিলিমিলি] *অব্য* তরঙ্গায়িত উজ্জ্বলতার ভাব; ঝিলমিলকরণ (সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা—*রঠা*)। {*ধ্বন্যা.*; *তুল.* ঝিলমিল}

ঝিল্লি, ঝিল্লী, ঝিল্লিকা [ঝিল্‌লি, –, –কা] *বি* ১ ঝিঁঝি পোকা; cricket (ঢুলু ঢুলে ওই চোখের চাহনি ভুলিয়ে দিল ঝিল্লিরই ধ্বনি—*সদ*)। ২ (দেহে) চামড়ার পাতলা আবরণ; membrane। **ঝিল্লিমুখর** *বিণ* ঝিঁঝি পোকার শব্দমুখর (ঝিল্লিমুখর রাত্রি—*রঠা*)। {*স.* ঝিল্লি,+ ঈ (ঙীপ্), +ক(কন্)+আ(টাপ্); *ধ্বন্যা.*}

ঝুঁকা, ঝোঁকা [ঝুঁকা, ঝোঁ–] *ক্রি* ১ হেলে পড়া; অবনত হওয়া (গাছ ইত্যাদি ঝুঁকে পড়া)। ২ পক্ষপাতী হওয়া; আকৃষ্ট হওয়া (তিনি সবসময়ে তাঁর ছোট ছেলের দিকে ঝোঁকেন)। ☐ *বি, বিণ* উপরি উক্ত সকল অর্থে। {*হি* √ঝুক্}

ঝুঁকানো, ঝোঁকানো [ঝুকানো, ঝো–] *ক্রি* ১ ঝুঁকে পড়া; হেলানো; নত করা। ২ আকৃষ্ট বা পক্ষপাতগ্রস্ত করা। □ *বিণ* উপরি উক্ত সকল অর্থে। {√ঝুঁক্+ আনো; ক্রিয়ারূপ—ঝুঁকাই/ ঝোঁকাই, ঝোঁকাও, ঝোঁকায়, ঝোঁকান; *অক্রি*—ঝুঁকিয়ে, ঝোঁকাতে, ঝোঁকালে ইত্যাদি}

ঝুঁকি [ঝুঁকি] *বি* ভার; তত্ত্বাবধান; দায়িত্ব; risk; responsibility (কাজের ঝুঁকি নেওয়া)। ~ **সামলানো** *ক্রি* দায়িত্ব বা কর্মভার ঠিকভাবে সম্পাদনা করা (কাজটা যে হাতে নিলে ঝুঁকি সামলাতে পারবে তো?)। {ঝুক+ই; *তুল. হি.* ঝোংকি}

ঝুঁট, ঝুট [ঝুঁট্, ঝু–, –] *বি* ১ ঝুঁটি। ২ মিথ্যা। {*হি.* ঝুট}

ঝুঁটি, ঝুটি [ঝুঁটি, ঝু–] *বি* খোঁপা; চূড়া করে বাঁধা চুল (পরদিন বুড়ী আউল চুলের ঝুঁটি বাঁধিয়া—*দমি*)। ২ ঝোঁটন; মোটা কেশগুচ্ছ (পায়রার মাথার ঝুঁটি)। ৩ চূড়ার তুল্য মাংসপিণ্ড (ষাঁড়ের ঝুঁটি)। –**বাঁধা** *বিণ* চূড়া বাঁধা চুল (ঝুঁটি বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি—*রঠা*)। {*স.* জূট>}

ঝুট ⇒ ঝুঁট

ঝুটমুট [ঝুটমুট্] *ক্রিবিণ* অনর্থক; শুধু; মিছামিছি। {*হি.* ঝুটমুট}

ঝুটা, ঝুটো [ঝুটা, –টো] *বি,বিণ* ১ ঝুঁটি; মিথ্যা (ঝুটার পায়ে শির লুটাবে, এতই ভীরু সাঁচা—*নই*)। ২ উচ্ছিষ্ট; এঁটো। □ *বিণ* নকল; জাল। {*স.* জুষ্ট; *তুল. হি.* জুটা}

ঝুটাপুটি, ঝুটাপটি, ঝুটাঝুটি (বিরল) [ঝুটাঝুটি, –পো–, ঝুটাঝুটি] *বি* ১ কেশাকেশি; চুলাচুলি। ২ জাপটাজাপটি। {ঝুট+আ, ঝুট+ই; *তুল. হি.* ঝোংটা–ঝোংটী}

ঝুটি ⇒ ঝুঁটি

ঝুটো ⇒ ঝুটা

ঝুড়ি [ঝুড়ি] *বি* বাঁশ বা বেতের তৈরি চাঙারি। ~ **ঝুড়ি** *বিণ* অনেক; প্রচুর। {*মু.* ঝুরি}

ঝুনঝুন, ঝুমুঝুমু, ঝুমুর ঝুমুর [ঝুনঝুন্, ঝুমুঝুমু, ঝুমুরঝুমুর্] *অব্য* নূপুর শিঞ্জন; নিক্বণ; নূপুর মলপ্রভৃতির শব্দ। {*ধ্বন্যা.*}

ঝুনা [ঝুনা] *বিণ* ১ পক্ব ও কঠিন (ঝুনা নারিকেল)। ২ অভিজ্ঞ; বিচক্ষণ (ঝুনা লোক)। ৩ কঠোর প্রকৃতি (ঝুনা জমিদার)। {*স.* জীর্ণ>*প্রা.* জুণ্ণ>}

ঝুনুঝুনু, ঝুনুর ঝুনুর [ঝুনুঝুনু, ঝুনুরঝুনুর্] *অব্য* নূপুরাদির নিক্বণ (ঝুনুর ঝুনুর ঘুঙ্গুর নাদ—*রাম*)। {*ধ্বন্যা.*}

ঝুপঝাপ ⇒ ঝুপঝুপ

ঝুপঝুপ, ঝুপঝাপ [ঝুপ্‌ঝুপ্, ঝুপ্‌ঝাপ্] *অব্য* ১ বারিপাতের শব্দ (বৃষ্টি ঘেরা চারিধার, ঘনশ্যাম অন্ধকার ঝুপঝুপ শব্দ আর ঝর ঝর পাতা—*রঠা*)। ২ পুনঃপুন দাঁড় ফেলার শব্দ। ৩ পতনের শব্দ, ঝাঁপ দিয়ে পড়ার শব্দ; ক্রমাগত ঝুপ শব্দ (নদীর পাড় ঝুপঝাপ করে ভেঙে পড়ছে)। {*ধ্বন্যা.*}

ঝুপড়ি, ঝুপড়ী [ঝুপ্‌ড়ি] *বি* ডালপালা, লতাপাতা দ্বারা আচ্ছাদিত বা নির্মিত কুঁড়েঘর। {*প্রা.* ঝুম্পডঅ>}

ঝুপুর-ঝুপুর, ঝুপুর-ঝাপুর [ঝুপুরঝুপুর্, –ঝা–] *অব্য* উপর্যুপরি নৌকার দাঁড় ফেলার শব্দ বা ক্রমাগত বারিপতনের শব্দ। {*ধ্বন্যা.*}

ঝুমকা, ঝুমকো [ঝুম্‌কা, –কো] *বি* ১ ঘণ্টার মতো দোদুল্যমান পুষ্পবিশেষ; passiflora। ২ ঝুমকা ফুলের আকৃতিবিশিষ্ট মেয়েদের কর্ণাভরণ। ~**জবা** *বি* ঝুমকা ফুলের আকৃতিবিশিষ্ট জবা ফুল (তার চাঁচর কেশে পরিয়ে দেব ঝুমকো জবার ফুল—*নই*)। {*ধ্বন্যা.*}

ঝুমঝুম [ঝুম্‌ঝুম্] *অব্য* লঘু বা মৃদু ঝমঝম ধ্বনি; ঘুঙুরাদির নিক্বণ। {*ধ্বন্যা.*}

ঝুমঝুমি [ঝুম্‌ঝুমি] *বি* ১ শিশুর খেলনাবিশেষ। ২ শিশুর কোমরের ঘুঙুরমালা। {*ধ্বন্যা.*}

ঝুমরি [ঝুম্‌রি] *বি* একটি আদি রসাত্মক রাগিণী। {*ধ্বন্যা.*}

ঝুমুর [ঝুমুর্] *বি* নৃত্যযুক্ত শৃঙ্গার রসাত্মক এক প্রকার সঙ্গীত। {*ধ্বন্যা.*}

ঝুর [ঝুর্] *ক্রি* কাঁদা; শোক করা; দুঃখ বা খেদ করা (কানুর পিরীতে, ঝুরি দিবা রাতে—*চদা*)। {*স.* √ক্ষর>*প্রা.* √ঝুর>}

ঝুরঝুর [ঝুর্‌ঝুর্] *অব্য* ক্রমাগত মাটি বালি প্রভৃতি পড়ার মৃদু ঝরঝর শব্দ। **ঝুরঝুরে** *বিণ* ১ ঝুরঝুর ঝব্দে ঝরে বা ঝরতে পারে এমন (ঝুরঝুরে ভাত)। {*ধ্বন্যা.*}

ঝুরা[১] [ঝুরা] *ক্রি* ১ ঝরা; ঝরে বা গলে পড়া। ২ অশ্রুপাত করা (আমি অন্ন হেতুন ঝুরি—*ভারা*)। {*স.* √ক্ষর্>*প্রা.* √ঝুর>}

ঝুরা[২] [ঝুরা] *বিণ* ১ গুঁড়ানো; চূর্ণিত। ২ ঝুরঝুরে (ঝুরা মাটি)। {*হি.* চূর্ণ>চুর>ঝুর}

ঝুরি [ঝুরি] *বি* বৃক্ষাদির শাখা–প্রশাখা থেকে নেমে আসা শিকড় সদৃশ জটা (বটের ঝুরি)। ~ **ভাজা** *বি* বেশম দিয়ে তৈরি সরু সরু ঝুরি আকারে ভাজা এক প্রকার খাদ্য। **ফুল**~ *বি* একপ্রকার আতশবাজি। {√ঝুল্>; *মু.* ঝোলা}

ঝুরুঝুরু [ঝুরুঝুরু] *অব্য, ক্রিবিণ* ঝুরু ঝুরু শব্দে; মৃদু ধারায়; ঝির–ঝিরে (হঠাৎ বায়ু বইল ঝুরুঝুরু—*সদ*)। {*ধ্বন্যা.*}

ঝুরো, ঝুরোঝুরো, ঝুরঝুরা [ঝুরো, ঝুরোঝুরো, ঝুর্‌ঝুরা] *বিণ* ঝুরঝুরে শুষ্ক ও পরস্পর অসংলগ্ন; বালুকণার মতো গুঁড়া (আঙুলে ঝুরো মাটি খুঁটতে খুঁটতে—*অচিসে*)। {*স.* চূর্ণ>চুর>ঝুর}

ঝুরো ঝুরো ⇒ ঝুরো

ঝুল [ঝুল্] *বি* ১ জামার লম্বালম্বি মাপ (জামার ঝুল)। ২ পতন বা ঝোলার ভাব; ঝোঁক; নিচের দিকে টান বা আকর্ষণ। ৩ মাকড়সার জালের সঙ্গে মিলিত ধোঁয়ার কালি (ঘরের কোণে ঝুলের মতো ঝুলতে থাকে—*অঠা*)। ৪ অশ্ব বা হস্তীর পিঠের আস্তরণ। ~**ঝোপপুর** *বিণ* ঢিলাঢালা; শিথিল ও অবিন্যস্ত (লতিফা হেসে বললে, এখন তোমার এই ঝুলঝোপপুর পোশাকগুলো খুলে ফেল দেখি—*নই*)। {*স.* √দুল্>ঝুল}

ঝুলন [ঝুলন্] *বি* ঝুলে থাকে যা; দোলন; শ্রীকৃষ্ণের দোল উৎসব (খেলিব দুজনে ঝুলন খেলা—*রঠা*)। ~**যাত্রা** *বি*

শ্রীকৃষ্ণের দোল উৎসব। { স. √দুল্+অন; √ঝুল্+অন}

ঝুলনা, ঝোলনা *বি* দোলনা। {√ঝুল+না}

ঝুলা ⇒ ঝোলা২

ঝুলাঝুলি, ঝুলোঝুলি [ঝুলাঝুলি, -লো-] *বি* ১ জেদাজেদি। ২ পীড়াপীড়ি; সনির্বন্ধ অনুরোধ (সৈয়দ সাহেব অনেক ঝুলাঝুলি করলেন, কিন্তু ভোলানাথ সেই সাত হাজারেই তাঁহার শেষ কথা বলিয়া উঠিয়া গেলেন—*কাহী*)। {√ঝুল্}

ঝুলান ⇒ ঝোলা৩

ঝুলি [ঝুলি] *বি* কাপড়ের তৈরি থলে; কাঁধে ঝুলানো হয় যে থলে। ~**ঝাড়া** *বি* ঝুলি ঝাড়ার পর যা পড়ে। ~**লওয়া** *ক্রি* ভিক্ষাবৃত্তি গ্রহণ করা। {√ঝুল্+ই; মুণ্ডারি ঝোলা}

ঝুলোঝুলি ⇒ ঝুলাঝুলি

ঝেঁটা, ঝেঁটানো ⇒ ঝাঁটা

ঝোঁক [ঝোঁক্] *বি* ১ ঝুঁকে অবস্থান। ২ আকর্ষণ; টান (শুঁড়ীখানার ঝোঁকে তারা—*মুশ*)। ৩ পক্ষপাত; এক পক্ষের প্রতি আসক্তি বা অনুরাগ (তোমার কেবল একদিকে ঝোঁক)। ৪ শখ; সাধ (বেড়াবার ঝোঁক)। ৫ ঘোর বিহ্বলতা; আবেশ; প্রভাব (নেশার ঝোঁক)। ৬ আগ্রহ (রাজনীতিতে ঝোঁক)। {√ঝুঁক+অ}

ঝোঁকা ⇒ ঝুঁকা

ঝোঁটন, ঝোটন [ঝোঁটন্, ঝো-] *বি* ঝুঁটি (সেই সিংহের কেশর আমার ঘাড়ে উচ্চ ঝোটন আকারে বিরাজমান—*বচ*)। ❑ *বিণ* ঝুঁটিযুক্ত (ঝোঁটন বুলবুলি)। {ঝুঁটি+আন>}

ঝোড়া১ [ঝোড়া] *বি* বড় ঝুড়ি (বেদের ঝোড়ার ভিতরে কে নড়ে—*সদ*)। {ঝুড়ি>}

ঝোড়া, ঝুড়া২ [ঝোড়া, ঝু-] *ক্রি* ১ অপ্রয়োজনীয় শাখা-প্রশাখা ছেঁটে বা কেটে ফেলা। ২ ছেঁটে বা কেটে ফেলা। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। {√ঝুড়+আ}

ঝোড়ো ⇒ ঝড়ো

ঝোপ [ঝোপ্] *বি* ১ ছোট গাছের জঙ্গল বা ঝাড়। ২ গুল্ম। ~ ঝাড় *বি* লতাগুল্মাদিতে আচ্ছন্ন ও ছোট ছোট গাছের ঝাড়ে পূর্ণ স্থান। ~ **বুঝে কোপ মারা** *ক্রি* অবস্থা বুঝে সুযোগ গ্রহণ করা; সুযোগমতো আঘাত করা; সুযোগ বুঝে কাজ করা। { স. ক্ষুপ>*প্রা.* ঝুব>}

ঝোপড়া, ঝুপড়ি [ঝোপ্‌ড়া, ঝুপ্‌ড়ি] *বি* কুঁড়েঘর; ছাউনি। { *হি* ঝোপড়ী>}

ঝোর [ঝোর্] *বি* জলনালি; নয়নজুলি; নির্ঝর। {√ঝর>}

ঝোরা১ [ঝোরা] *বি* ১ নর্দমা; প্রণালি। ২ ঝরনা (পাগলা ঝোরা)। { স. √ক্ষর>√ঝর>}

ঝোরা২ [ঝোরা] *বি* ধানক্ষেতে সুপুষ্ট ধানগাছের মধ্যকার শস্যহীন গাছ। { স. চূর্ণ>}

ঝোল [ঝোল্] *বি* তরল ব্যঞ্জন; স্যুপ (মাছের ঝোল); শুরুয়া। { স. জল>}

ঝোলা১ [ঝোলা] *বিণ* তরল ঝোলের মতো (ঝোলা গুড়)। {ঝোল+আ}

ঝোলা২**, ঝুলা** [ঝোলা, ঝু-] *বিণ* ১ ঝুলে লম্বা হওয়া; ঢিলা হওয়া (গাছের ডাল থেকে ঝোলা)। ২ দোল খাওয়া। ৩ ঝোঁকা; পক্ষপাতী বা এক পক্ষের প্রতি অনুরক্ত। ৪ উক্ত সকল অর্থে। { স. √দুল্>; √ঝুল+আ}

ঝোলা৩**, ঝুলা** [ঝোলা, ঝু-] *বি* বড় থলি। **ঝোলাঝুলি** *বি* ছোট বড় নানা প্রকারের থলি। **ঝোলা-মালা** *বি* ভিখারি বৈষ্ণবের ভিক্ষার ঝুলি ও কণ্ঠী। { স. √দুল্>}

ঝোলা৪ [ঝোলা] *বি* লম্বা ঝুল সমন্বিত; লম্বা এবং ঢিলা (ঝোলা আস্তিন)। { স. √দুল্>}

ঝোলা৫ [ঝোলা] *বি* ১ কলেরা; ওলাওঠা; ভেদবমি। ২ কলেরা বা ভেদবমির দেবতা। {ঝোল (জল)+আ}

ঝোলাঝুলি ⇒ ঝোলা৩

ঝোলানো, ঝোলান [ঝোলানো] *ক্রি* ঝুলানো; লম্বিত করা; লটকানো; টাঙানো। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। {ঝুল+আনো}

ঞ

ঞ [ইঁয়ো] বাংলা ব্যঞ্জন বর্ণমালার দশম স্পর্শ বর্ণ এবং 'চ' বর্গের পঞ্চম বর্ণ। এটি প্রশস্ত দন্তমূলীয়, নাসিক্য, ঘোষ, অল্পপ্রাণ (dorso-alveolar বা palato-alveolar, nasal, voiced, unaspirated) ধ্বনি। সাধারণত শব্দের প্রথমে এটি বসে না। চ-বর্গের বর্ণসমূহের সঙ্গে নাসিক্য উচ্চারণে 'ঞ' ব্যবহৃত হয়; যেমন মঞ্চ; রঞ্জন প্রভৃতি।

ট

ট বাংলা ব্যঞ্জন বর্ণমালার একাদশ বর্ণ এবং ট বর্গের প্রথম বর্ণ। এটি দন্তমূলীয় প্রতিবেষ্টিত (alveolo-retroflex), অঘোষ (unvoiced), অল্পপ্রাণ (unspirated), স্পৃষ্ট (plosive) ধ্বনি।

টই, টুই [টোই, টুই] *বি* ঘরের চালের মটকা। { স. তুঙ্গ; স. টঙ্ক>টং>}

টইটই [টোইটোই] *অব্য* আধারে তরল পদার্থের কানায় কানায় পূর্ণতাদ্যোতক শব্দ। ☐ *ক্রিবিণ* টোটো; ক্রমাগত ঘুরে বেড়ানো বা অযথা ভ্রমণ (টইটই করে বেড়ানো)। {*ধ্বন্যা.*}

টইটম্বুর, টইটুম্বুর [টোইটোম্বুর, --টু-] *বিণ* পরিপূর্ণ; সম্পূর্ণ ভরা; কানায় কানায় ভর্তি (যৌবনের যে রসঘন মূর্তি টইটম্বুর হয়ে উঠেছে --*আফ*)। {টই+ *আ.* তম্বুর تمبور}

টইভুঁই [টোইভুঁই] *বি* ঘরের চালের মটকা থেকে মাটি পর্যন্ত অথবা মাটি থেকে চালের মটকা পর্যন্ত। {*স.* তুঙ্গ>+ *স.* ভূমি>}

টং[১], **টঙ**[১] [টঙ] *অব্য* ধনুকের জ্যা; ঘণ্টা; তারযন্ত্র; কাঁসি ঘড়ি ইত্যাদির শব্দ। {*স.* টং(টঙ্কার)>}

টং[২], **টঙ**[২] [টঙ] *বিণ* ১ উগ্র মেজাজ; অত্যন্ত ক্রোধান্বিত (রেগে টং)। ২ পরিপূর্ণ; ভরপুর (মদে টং)। {*স.* টঙ্ক>}

টং[৩], **টঙ**[৩], **টঙ্গ**[১], **টঙ্গি, টোঙ** [টঙ, -, গো, -ঙ্গি, টোঙ্] *বি* ১ উচ্চস্থানে প্রস্তুত কুঠিবিশেষ; উচ্চকুটির (করহ প্রকাণ্ড টঙ্গি পরম সুন্দর—*খাহা*)। ২ মঞ্চ; মাচা; উচ্চমঞ্চ; ক্ষেতে পাহারা দেওয়ার জন্য নির্মিত উচ্চ ক্ষুদ্র ঘর (সানটঙে টং বেঁধে উঁচু রইল জাপান—*সদ;* টোঙে বসি বসি জাগিতেছে রাত পাহারা দেবার তরে—*বআমি*)। ৩ চালের মটকা; কুটিরের শীর্ষদেশ বা চূড়া (এক গৃহে সপ্তটঙ্গি, হেরম্বে সপ্ত রঙ্গি, পুত্রকে বানাইয়া দলি ঘর—*সৈআ*)। ৪ বৃক্ষবাস। ৫ জলাশয়ের মধ্যে নির্মিত গৃহ। ৬ উচ্চ ঘাঁটির উপরে স্থাপিত পায়রার খোপ। **টংঘর, টোংঘর** *বি* মঞ্চের উপরে নির্মিত কুটিরবিশেষ (আড্ডা জমাবার বুনিয়াদ হচ্ছে চণ্ডীমণ্ডপ, কাছারি-বাড়ি টঙ্গিঘর বৈঠকখানা—*সৈমু*)। {*স.* তুঙ্গ>}

টংটং, টঙটঙ [টঙটঙ] *অব্য* ১ ঘণ্টা বাজার শব্দ। ২ লাঠি ঠুকে চলা বা ঘুরে বেড়ানোর ভাব (টংটং করে বেড়ানো)। {*ধ্বন্যা.*}

টক[১] [টক্] *অব্য* ১ শুষ্ক কাষ্ঠাদির উপর মৃদু আঘাতজনিত শব্দ। ২ অতি শীঘ্র; মুহূর্তের মধ্যে; চটপট (টক করে চলে এসো)। **টকটক**[১], **টকটকাটক, টকাস** *অব্য* উপর্যুপরি টক শব্দ। {*ধ্বন্যা.*}

টক[২] [টক্] *বিণ* ১ অম্লস্বাদবিশিষ্ট; sour। ২ অম্বল; খাটা; চুকা; অম্লস্বাদ ব্যঞ্জন (তেঁতুলের টক)। ৩ অম্লরস। {*স.* তক্র>*প্রা.* তক্ক}

টকটক[২] [টক্‌টক্] *অব্য* ঘোর লাল রঙের ভাব প্রকাশক (লাল টকটকে চেহারা—*মুচৌ*)। **টকটকে** *বিণ* ১ উজ্জ্বল। ২ ঘোর লাল; এমন প্রখর লাল যে চোখে লাগে (টকটকে লাল রং)। {*ধ্বন্যা.*}

টকা, টকানো [টকা, টকানো] *ক্রি* ১ টক হওয়া (তেঁতুলের ঝোলটা টকে গেছে)। ২ নিরানন্দজনক বা মাধুর্যহীন হওয়া (নূতনেই প্রেম মিঠে থাকে বাসি হলেই টকে—*দ্বিরা*)। ☐ *বিণ* টক স্বাদযুক্ত (টক বা টকো দই)। {টক+আ, আনো}

টকাটক [টকাটক] *অব্য, ক্রিবিণ* চটপট; সঙ্গে সঙ্গে; তখন তখনই (কেরানি সর্টহ্যান্ডে টকাটক নোট লিখে নিলেন)। ☐ *অব্য* ঘোড়ার ক্ষুরের শব্দ। {*ধ্বন্যা.*}

টকি, টকী [টোকি] *বি* সবাক চিত্র; ছায়াচিত্র; ছায়াছবি; বাকযুক্ত সিনেমা; বায়স্কোপ। {*ই.* talkie}

টক্কর [টককর্] *বি* ১ হোঁচট; উছট (টক্কর খাওয়া)। ২ গুঁতা; ধাক্কা; সংঘর্ষ (সেই সুদর্শন যুবকের সঙ্গে তার টক্কর লেগেছিল—*জহা*)। ৩ প্রতিযোগিতা; যোগ্যতার লড়াই (আমার সঙ্গে টক্কর দেবার সাধ—*আফ*)। ৪ ঠোকাঠুকি; বিসংবাদ। ~ **দেওয়া** *ক্রি* ১ প্রতিযোগিতা করা (ইরান ইসলাম প্রচারের বহু পূর্বেই মিশরীদের সঙ্গে টক্কর দিয়েছে—*সৈমু*)। ২ কথার প্রতিবাদ করা। **টক্করাটক্করি, টকরাটকরি** *বি* ১ উভয় পক্ষের মধ্যে পরস্পর প্রতিদ্বন্দ্বিতা; দুই পক্ষে ক্ষমতার লড়াই। ২ ঠোকাঠুকি; বিসংবাদ। {*ধ্বন্যা.*}

টগবগ, টগবগাবগ [টগ্‌বগ্, টগবগাবগ্] *অব্য* জল ফোটার শব্দ। ☐ *বি* ধাবমান ঘোড়া প্রভৃতির পায়ের শব্দ। **টগবগ করে ছোটা** *ক্রি* অশ্বের দ্রুত চালের মতো শব্দ করে দ্রুত বেগে যাওয়া। **টগবগানো** *ক্রি* ১ টগবগ শব্দে সিদ্ধ হতে থাকা। ২ (*আল.*) গরম হয়ে ওঠা; ক্রোধে উত্তেজিত হয়ে ওঠা। ☐ *বিণ* টগবগ করছে এমন। {*ধ্বন্যা.*}

টগর [টগোর্] *বি* শ্বেত বর্ণের পুষ্প বিশেষ ও ঐ নামের বৃক্ষ। {*স.* তগর>}

টগরা, টগরে [টগ্‌রা, টগোরে] *বিণ* ১ চালাক-চতুর; চটপটে; সেয়ানা। ২ টক টক করে কথা বলে এমন স্পষ্টবক্তা শিশু। {*স.* টগর+আ, এ}

টগে [টোগে] *বি* জলক্রীড়াবিশেষ (দিনের বেলায় খেলিয়াছে টগে পানিকোড় আর মাছে—*বআমি*)। {তর্কেতর্কে>তগেতগে>?}

টঙ্ক[১] [টঙ্‌কো] *বি* ছেদন বা খনন কাজে ব্যবহৃত লৌহনির্মিত অস্ত্রবিশেষ; টাঙি। {*স.* √টঙ্ক্+অ(ঘঞ্ বা অচ্)}

টঙ্ক[২] [টঙ্‌কো] *বি* সোহাগা (শুধের বদলে টঙ্ক—*কমু*)। {*স.* √টঙ্ক্+অ(ঘঞ্)}

টঙ্ক[৩] [টঙ্‌কো] *বি* টাকা। ~**পতি** *বি* টাকশালের অধ্যক্ষ বা কর্তা। ~**বান** *বিণ* ধনী; টাকা পয়সাওয়ালা। ~**বিজ্ঞান** *বি* বিভিন্ন দেশের ও বিভিন্ন যুগের মুদ্রা-বিষয়ক বিদ্যা; numismatics। ~**শাল,** ~**শালা** *বি* টাকশাল; যেখানে মুদ্রা প্রস্তুত হয়। {*স.* √টঙ্ক্+অ(ঘঞ্)}

টঙ্ক[৪] [টঙ্‌কো] *বিণ* দড়; দৃঢ়; শক্ত; মজবুত (বাঁশের চেয়ে কঞ্চি টঙ্ক—*প্রবাদ*)। ☐ *বি* উচ্চ জায়গা; টং; পাহাড়ের উচ্চদেশ। {*স.* টঙ্ক+অ(ঘঞ্)}

টঙ্কন[১] [টঙ্‌কন্] *বি* ১ সোহাগা। ২ পার্বত্য ঘোড়াবিশেষ; টাঙ্গন। {*স.* √টঙ্ক্+অন(ল্যুট্)}

টঙ্কন[২] [টঙ্‌কন্] *বি* ১ বাঁধন; টাক। ২ চিহ্নকরণ। ৩ আঙিনা; উঠান। {*স.* √টঙ্ক্+অন(ল্যুট্)}

টঙ্কা ⇒ তংকা

টঙ্কার [টঙ্‌কার্] *বি* ১ ধনুকের ছিলার শব্দ (টান দিয়া পঞ্চশর টংকারে হরএ প্রাণ মোর—*দৌবা*)। ২ খ্যাতি; প্রসিদ্ধি। ৩ বিস্ময়। {*স.* টঙ্কার; *কর্মধা.*}

টঙ্কারী(-রিন্) [টঙ্‌কারি] *বিণ* ধনুকে টঙ্কার শব্দ করে এমন; টঙ্কারযুক্ত। {*স.* টঙ্কার+ইন্(ইনি)}

টঙ্কিত [টোঙ্‌কিতো] *বিণ* ১ বদ্ধ, যা টাকা হয়েছে।

২ ঝংকৃত। ৩ ধনুকের ছিলার শব্দে শব্দিত। { *স.* √টঙ্ক্‌+ত(ক্ত) }

টঙ্কা ⇒ তংকা

টঙ্কা১ ⇒ টং৩

টঙ্ক২ [টঙ্‌গো] *বি* খননাস্ত্র; কুঠার। { *স.* টঙ্ক> }

টঙ্গন [টংগোন] *বি* ১ টঙ্কন। ২ সোহাগা। { *স.* টঙ্ক+ অন(ল্যুট্‌)> }

টঙ্গস টঙ্গস ⇒ ট্যাঙস ট্যাঙস

টঙ্গি, টঙ্গিঘর ⇒ টং৩

টটামট [টটামট্‌] *বিণ* যৎকিঞ্চিৎ; কোনো রকম; যেমন তেমন; অতি সামান্য; ভাঙা ভাঙা (কাজ চলবার মতো টটামট লেখাপড়া আছে)। { *হি* টুমটাম> }

টটমটি [টটমোটি] *বিণ,ক্রিবিণ* মোটামুটি; একরকম চলনসই। { *হি* টুমটাম> }

টট্টর১ [টটটর্‌] *অব্য* দ্রুত বা চটপট কথা বলার ভাব। **টট্টরে** *বিণ* চালাক; সপ্রতিভ; স্মার্ট। { *ধ্বন্যা.*; *তুল.* চটপট }

টট্টর২ [টেটটর্‌] *অব্য* ১ টাট্টু ঘোড়ার দৌড়ানোর শব্দ। ২ ক্রুদ্ধ বা অহংকৃত পদক্ষেপ। { *ধ্বন্যা.* }

টণ্ডাই, টাণ্ডাই, টেণ্ডাই, টাণ্ডা [টনডাই, টা-, টে-, টানডা] *বি* ১ বিরক্তিজনক ঘটনা; ঝঞ্ঝাট। ২ ধৃষ্টতা; অবিনয়; ঔদ্ধত্য। ৩ কলহ; বচসা। ৪ তাড়না। { *স.* √তণ্ডা>টণ্ডা> }

টণ্ডু [টোনডু] *বিণ* ঝগড়াটে; কলহপ্রিয় (কৃষ্ণবাক্যে ছল ধরি ঝকাড়িতে টণ্ডু—*ভক্তমাল*)। { *স.* তণ্ডু>টণ্ডু }

টন১ [টন্‌] *অব্য* শক্ত দ্রব্য দ্বারা ধাতব পদার্থে আঘাতের শব্দ। { *ধ্বন্যা.* }

টন২ [টন্‌] *বি* ২০ হন্দর; প্রায় ২৭½ মণ (পাঁচ হাজার টন লোহার কড়ি কিনে ফেললে—*রবি*)। ~ ~ শত শত টন; বহুটন (টন টন মাল)। **মেট্রিক** ~ *বি* ১০০০ কিলোগ্রাম। { *ই* ton }

টনক১ [টনক্‌] *বি* ১ স্মৃতিস্থানে আঘাত; চৈতন্যোদ্রেককারী আঘাত। ২ জ্ঞান; চৈতন্য; বোধ; হুঁশ; খেয়াল (অন্যান্য রাজা নবাবদেরও এতটুকুও টনক নড়িল না—*ইহো*)। ~ **নড়া** *ক্রি* চৈতন্য হওয়া; হুঁশ হওয়া; খেয়াল হওয়া (বালকের সত্য ভাষে নড়িল টনক—*আজহই*)। { *স.* √টঙ্ক্‌> }

টনক২, টনকা, টনকো [টনোক্‌, টন্‌কা, -কো] *বি* ১ মজবুত; শক্ত; পোক্ত; দৃঢ় (লোকটার বয়স হলেও এখনও টনক আছে)। ☐ *বিণ* বিচক্ষণ; দক্ষ; লায়েক; পোক্ত। { *স.* টঙ্ক> }

টনটন১ [টন্‌টন্‌] *অব্য* ১ অসহনীয় ব্যথার স্পন্দনসূচক বেদনা প্রবল হওয়ায় অস্বস্তিবোধক যন্ত্রণাসূচক শব্দ (ফোঁড়াটা টনটন করছে)। ২ কঠিন বস্তুতে কঠিন বস্তুর আঘাতের শব্দ। ☐ *অব্য, ক্রিবিণ* টনটন এই শব্দে; টনটন শব্দ করে (টাঙ্গি টন্‌ টন্‌ হানিতেছে—*ঘচ*)। **টনটনানি** *বি* যন্ত্রণা; টাটানি; প্রবল বেদনা। { *ধ্বন্যা.* }

টনটনিয়া ⇒ টনটনে

টনটনে, টনটনিয়া [টন্‌টোনে, -টোনিয়া] *বিণ* ১ প্রখর; তীক্ষ্ণ; তীব্র (আমাদের সমাজে নতুন পুরাতন বিরোধটা সম্প্রতি যে বিশেষ টনটনে হয়ে উঠেছে—*প্রচৌ*; টনটনে জ্ঞান)। ২ জোরালো; ভালো (টনটনে বরাত)। ৩ সর্বতোমুখী। ৪ কঠোর; দৃঢ়। ~ **কপাল,** ~ **বরাত** *বিণ* ১ মহাভাগ্য; জোর কপাল। ২ মন্দ কপাল; দুরদৃষ্ট। { টনটন+ইয়া> }

টনা [টনা] *বি* দড়িবিশেষ; টানা। { *স.* তন্ত্র>তানা> }

টনসিল [টন্‌সিল্‌] *বি* গলমধ্যে জিহ্বার মূলদেশে স্থিত গ্রন্থিদ্বয়। { *ই* tonsil }

টনিক [টনিক্‌] *বি* শারীরিক শক্তি বৃদ্ধিকারক ঔষধবিশেষ; সালসা। { *ই* tonic }

টপ১ [টপ্‌] *অব্য* ১ জল প্রভৃতি তরল দ্রব্য পতনের শব্দ; তরল পদার্থের ফোঁটা পড়ার শব্দ (চোখ থেকে টপটপ করে পানি পড়া)। ২ হঠাৎ ফল বা কোনো দ্রব্যের পতন বা মুখে দেওয়ার শব্দ। ☐ *অব্য, ক্রিবিণ* অবিলম্বে; চট করে। **টপাস** *অব্য* বড় ফোঁটা পড়ার শব্দ। { *হি* √পত্‌>পট>(বর্ণবিপর্যয়ে)টপ }

টপ২ [টপ্‌] *বি* কানের অলঙ্কার; মুক্তা বা মটরের মতো তৈরি অলঙ্কারবিশেষ। { *ই* top }

টপ৩ [টপ্‌] *বি* ১ রৌদ্র বৃষ্টি ইত্যাদি নিবারণ করার আচ্ছাদন বিশেষ। ২ উপরের আচ্ছাদন বা আবরণ। { *স.* স্তম্ভ }

টপকা [টপ্‌কা] *বিণ* অপ্রত্যাশিত; আলটপকা। ☐ *ক্রিবিণ* সহসা; অকস্মাৎ। ☐ *বি* উল্লম্ফন; লাফিয়ে পার হওন। { √টপকা }

টপকানো, টপকান [টপ্‌কানো] *ক্রি* ১ অতিক্রম করা; উল্লঙ্ঘন করা; ডিঙিয়ে যাওয়া; লাফ দিয়ে পার হওয়া। ☐ *বি* লাফিয়ে পার হওন; উল্লঙ্ঘন। ☐ *বিণ* উল্লঙ্ঘিত। { √টপ্‌কা+আনো }

টপটপ [টপ্‌টপ্‌] *অব্য* ১ তরল পদার্থের একাধিক ফোঁটা পড়ার শব্দ। ২ ক্রমান্বয়ে অতি দ্রুত পতনসূচক শব্দ (টপটপ করে রক্ত পড়ছে)। ৩ যন্ত্রণা বা বেদনাসূচক শব্দ। **টপটপানি** *ক্রি* ১ টপ টপ শব্দে তরল পদার্থের ফোঁটা পড়া। ২ টপ টপ করে ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়া। ৩ যন্ত্রণা হওয়া। **টপাটপ** *অব্য* অতি দ্রুত গলাধঃকরণবোধক (টপাটপ গেলা)। { *ধ্বন্যা.* }

টপ্পর [টপ্‌পর্‌] *বি* গোয়ালের ছাউনি; বাঁশ ও চাটাই দিয়ে প্রস্তুত ছাউনি যা গরুর গাড়িতে ব্যবহার করা হয়। { *স.* ছত্র>ছত্তর>; *তুল.* *হি* ছপ্‌পর }

টপ্পা [টপ্‌পা] *বি* ১ সঙ্গীতের প্রকারভেদবিশেষ। ২ প্রণয় সঙ্গীত; আদিরসের গানবিশেষ। ~**বাজ** *বি* ১ টপ্পা গানে নিপুণ। ২ স্ফূর্তিবাজ। ~ **মারা** *ক্রি* দায়িত্বহীন আমোদ-প্রমোদে জীবন যাপন করা। { *হি* টপ্পা }

টব [টব্‌] *বি* ১ কাঠ বা টিনের তৈরি জলপাত্র বা বালতি। ২ জল রাখার অথবা ফুলগাছ রোপণ করার মৃৎপাত্রবিশেষ। { *ই* tub }

টব টব [টব্‌টব্‌] *অব্য* ১ জল আন্দোলিত হওয়ার শব্দ; পানি পড়ার শব্দ। ২ পানি দিয়ে পাত্র পূর্ণ হওয়ার শব্দ। { *ধ্বন্যা.* }

টবর [টবোর্‌] *বি* ১ কুটির; কুঁড়েঘর। ২ জলাশয়। ৩ আত্মীয়স্বজন; জ্ঞাতিগুষ্টি; পরিবারপরিজন (আপন টবর নিয়া বসিল অনেক মিঞা—*কমু*)। { *হি* টাবর }

ট-বর্গ [টবর্‌গো] *বি* ট ঠ ড ঢ ণ এই পাঁচটি বর্ণের সমষ্টি বা শ্রেণি। { ট+বর্গ }

ট–বাজার [ট–বাজার্] *বি* বাজারের স্থান। { *ফা.* তাই-ই-বাজার تی-بازار }

টমক [টমক্] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (রণশিঙ্গা কাড়া পড়া টমক—*ঘচ*)। { *ধ্বন্যা.* }

টমটম [টম্‌টম্] *বি* এক ঘোড়ায় টানা দুই চাকার গাড়ি; একটি অশ্ববাহিত দ্বিচক্রযান; এক্কা; টাঙ্গা। { *ধ্বন্যা.; তুল. ই.* tandem }

টম–হ্যারি, টম–ডিক–হ্যারি [টম্‌হ্যারি, -ডিক্-] *বি* ইউরোপের সাধারণ লোক। { *ই.* Tom-Dick & Harry }

টমেটো, টোম্যাটো [টমেটো, টোম্যাটো] *বি* সবজি শ্রেণির ফলবিশেষ; আনাজবিশেষ; বিলাতি বেগুন; টক বেগুন (সঙ্গে সঙ্গে ফুলে উঠল কপালের বাম দিকে টোম্যাটোর মত—*সৈশা*)। { *ই.* tomato }

টমিগান [টোমিগান] *বি* আগ্নেয়াস্ত্রবিশেষ (গুলি করার জন্য তৈরি তাদের কাঁধে ঝুলছে টমিগান—*সৈমু*)। { *ই.* tommy gun }

টয়ে বাঁধা [টয়ে বাঁধা] *বিণ* ১ যার মাথায় চাদর পাগড়ির মতো জড়ানো; ফ্যাঁটা–বাঁধা (টয়ে বাঁধা ইংরেজীওয়ালা দরখাস্ত লিখছে—*প্যামি*)। ২ ঢাকের উপর শোভিত ময়ূরপুচ্ছ প্রভৃতি। { টই+এ>+বাঁধা }

টরকানো [টরকানো] *ক্রি* লাফ দেওয়া; বেগে গমন করা; ঠিকরিয়ে যাওয়া (টরকিয়া যায় ময়নামতী গরদানত ধরিল—*মাগান*)। { *হি.* টরকানা }

টর্চ [টরচ্] *বি* ব্যাটারির সাহায্যে জ্বলে এমন বৈদ্যুতিক আলোবিশেষ; মশাল (টর্চ জ্বেলে পথ দেখাচ্ছে—*সৈশা*)। { *ই.* torch }

টর্নি, এটর্নি [টোরনি, অ্যাটোরনি] *বি* আমমোক্তার; অ্যাটর্নি; মালিকের পক্ষে নিযুক্ত কার্যকারক। { *ই.* attorney }

টর্নেডো [টরনেডো] *বি* প্রচণ্ড ঘূর্ণিবাত; ঘূর্ণিঝড় (গেছি গেছি, গেচে গান—এ যে শব্দের টর্নেডো বহমান—*অঠা*)। { *স্পে.* tornado }

টর্পেডো [টরপেডো] *বি* ১ জাহাজ ধ্বংসকারী বিস্ফোরক; ডুবো জাহাজ থেকে নিক্ষেপ করে জাহাজ উড়িয়ে দেওয়ার বিস্ফোরক (আমি ভরা তরী করি ভরাডুবি, আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন—*নই*)। ২ বিদ্যুৎশক্তিসম্পন্ন মৎস্যবিশেষ। { *ই.* torpedo }

টল[১] [টল্] *বি* ১ পায়চারিকরণ; টহল। ২ প্রহরীর কর্ম। **টহল দেওয়া** *ক্রি* পাহারা দেওয়া; পায়চারি করে চৌকি দেওয়া। { *হি.* টহল> }

টল[২] [টল্] *বি* ১ টলন; নড়ন; বিচলন; স্খলন; স্থানচ্যুতি। ২ বিহ্বলতা; বিমুগ্ধতা; বিবশতা। { *স.* √টল্> }

টলটল [টল্‌টল্] *অব্য* ১ পানি নড়ার শব্দ। ২ কানায় কানায় পরিপূর্ণ পাত্রে তরল পদার্থে সামান্য আন্দোলিত হওয়ার ভাবপ্রকাশ; স্বচ্ছতার ভাব (পুকুরে পানি টলটল করছে)। ☐ *বিণ* অস্থির; চঞ্চল। ☐ *ক্রিবিণ* আন্দোলিত। **টলটলানি** *বি* ১ টলটল করার ভাব। ২ আন্দোলিত হয়ে পড়ার উপক্রম হয়েছে এমন; পড়ার বা পতনের অবস্থা; পতনোন্মুখ অবস্থা (গদি টলটলায়মান)। **টলটলানো** *ক্রি* টলটল করা। **টলটলে** *বিণ* ১ মালিন্যহীন; অনাবিল; স্বচ্ছ। ২ তরলতার জন্য ঈষৎ আন্দোলনশীল; স্বচ্ছ।

টলট্টল *অব্য* ১ কানায় কানায় পূর্ণ তরল পদার্থের ঈষৎ বিক্ষুব্ধ ও আন্দোলিত অবস্থা (টলট্টল কলকল তরঙ্গ—*ভারা*)। { *স.* √টল্+অ(অপ্/ঘঞ্)> }

টলন [টলোন্] *বি* ১ নড়ন; বিচলিত হওয়া; স্খলন; স্থানচ্যুত হওয়া। ২ বিহ্বলতা; বিবশতা; মুগ্ধতা। { *স.* √টল্+অন(ল্যুট্) }

টলবল [টল্‌বল্] *অব্য* ১ টলে পড়ার ভাব; পড়ো পড়ো ভাব (টলবল করে যেন পদ্ম পত্রের বারি—*মাগা*)। ☐ *বিণ* ১ কম্পিত। ২ সঞ্চালিত; আলোচিত। ৩ আন্দোলিত হচ্ছে বা দুলছে এমন; দোলায়মান; চঞ্চল। **টলবলানি** *বি* আন্দোলন। **টলবলানো** *ক্রি* টলমল করা; আন্দোলিত করা (না অ টলবলাএ—*বচদা*)। { টলমল> }

টলমল, টলোমলো [টল্‌মল্, টলোমলো] *বিণ* ১ ঘন ঘন আন্দোলিত; বিচলিত; কম্পিত। ২ পতনোন্মুখ। ৩ সংশয়াপন্ন; সংশয়াকুল (মুহূর্তে হইবে শান্ত টলমল প্রাণ—*রঠা*)। ৪ পরিপূর্ণ; উচ্ছলিত (দিক্‌বিদিক ভেদ নাই টলমল সব ঠাঁই—*ভারা*)। ৫ দোলায়মান। ☐ *অব্য* পড়ে পড়ে এমন ভাব; ঘন আন্দোলনের ভাব; হেলাদোলার ভাব (টলোমলো নয়নের প্রান্তে জাগে বিমুগ্ধ বিস্ময়—*রখা*)। **টলমলানি** *বি* টলমলকরণ; টলমলে অবস্থা। **টলমলানো** *বি* টলমলানি। ☐ *ক্রি* টলমলে অবস্থা। **টলমলায়মান, টলমলে** *বিণ* ১ টলমল করছে এমন; দোলায়মান। ২ অনির্দিষ্ট; সংশয়পূর্ণ (তার উপর ছিলো তার লেখা থেকে সতত টলমলায়মান আয়—*বুব*)। ৩ পতনোন্মুখ। { *স.* √টল্ >টল+ *অনু.* মল }

টলা [টলা] *ক্রি* ১ চঞ্চল হওয়া; বিচলিত হওয়া। ২ আন্দোলিত হওয়া; কম্পিত হওয়া। ৩ পতনোন্মুখ হওয়া। ৪ ব্যতিক্রম হওয়া; অন্যথা হওয়া; নড়চড় হওয়া; নড়ে যাওয়া। ৫ স্খলিত হওয়া; বিচ্যুত হওয়া; ভ্রষ্ট হওয়া। ~**টলি** *বি* ক্রমাগত টলার অবস্থা বা কাজ। { *স.* √টল্+ *বা.* আ }

টলানো, টলান [টলানো] *ক্রি* ১ টলিয়ে বা নড়িয়ে দেওয়া; আন্দোলিত করা (যার রূপ আছে সে রূপ দিয়েই মন টলায়—*অঠা*)। ২ অন্যথা করানো। ৩ স্থানচ্যুত করা; নড়ানো। { *স.* √টল্+ণিচ্+ *বা.* আনো }

টস, টসটস [টশ্, টশ্‌টশ্] *অব্য* ১ তরল পদার্থের ফোঁটা পড়ার শব্দ। ২ রসে পরিপূর্ণতার ভাবসূচক। ৩ পেকে ওঠার ভাবসূচক (ফোঁড়াটা পেকে টসটস করছে)। **টসটসানি** *বি* ১ ফোঁটা ফোঁটা করে পড়ার ভাব। ২ রসে পরিপূর্ণতার ভাব। ৩ পরিপক্বতার ভাব। **টসটসানো** *ক্রি* ১ চুইয়ে পড়া; টসটস করে বিন্দু পতন। ২ পেকে রসে পূর্ণ হওয়া। ৩ পেকে ওঠার দরুন বেদনা হওয়া বা টনটন করা (ফোঁড়াটা টসটসাচ্ছে)। **টসটসে** *বিণ* ১ রসে ভর্তি হওয়ার ভাব (বাগানের টসটসে ফলের সুরভি—*শারা*)। ২ পূর্ণ হওয়ার ভাব। { *ধ্বন্যা.*>; ⇒টুসটুস }

টসকানো, টসকান [টশ্‌কানো] *ক্রি* ১ ভাঙা; ভগ্নস্বাস্থ্য হওয়া (শরীরখানা বেশ টসকেছে)। ২ সহজে ভেঙে যাওয়া বা নষ্ট হওয়া (টসকায় তো মচকায় না)। ৩ নিটোল ভাব নষ্ট হওয়া; মজে যাওয়া। ☐ *বি, বিণ* উক্ত অর্থে।

{√টসকা-অ্যনো; তুল. হি টসকনা}

টহল [টহোল্] *বি* ১ পদচারণ; পর্যটন; ঘোরাফেরা। ২ প্রহরের জন্য পদচারণ (সৈনিক টহল দিয়ে বেড়াচ্ছে—*মুচৌ*)। ৩ ভিক্ষার জন্য অথবা বিনা কারণে গান গেয়ে বেড়ানো। ~**দার, টহলিয়া** *বি* যে টহল দেয়; চৌকিদার; প্রহরী। ☐ *বি, বিণ* যে অকারণে বাড়ি বাড়ি ঘোরে অথবা ভিক্ষা করে বেড়ায়। ~**দারি** *বি* ১ পায়চারি; পর্যটন। ২ খবরদারি করণ। ৩ ভিক্ষার জন্য গান গেয়ে দ্বারে দ্বারে পর্যটন। **টহলানো, টহলান** *ক্রি* ১ টহল দেওয়ান। ২ টহল দেওয়া। ৩ ঘোড়াকে হাঁটানো বা পায়চারি করানো। {*হি* টহল}

টা, টে, টো [টা, টে, টো] *অব্য* ১ বাংলা প্রত্যয়বিশেষ ১ সংখ্যা বা পরিমাণ অর্থে (পাঁচ পাঁচটা বছর)। ২ টুকরা; খণ্ড; খান; তা (দুটো বই, একটা কাগজ)। ২ বস্তু; ব্যক্তি বা বিষয় নির্দেশে (এটা খাও, ওটা দাও)। ৩ সংখ্যা নির্দেশে (তিনটে ছেলে)। ৪ বিস্ময় প্রকাশে (একটা মানুষের চারটে হাত)। ৫ স্পর্ধা প্রকাশে (তার দৌড়টা দেখি)। ৬ আদরে বা অনাদরে (মেয়েটার কপাল পুড়ল, ছেলেটা ভালো না)। ৭ মাত্র বোঝাতে (আছে ছোট্ট একটা ভাই); অনির্দিষ্ট সংখ্যা বোঝাতে (তিন-চারটে লোক)। ⇒ টি১। {*বা.* প্রত্যয়}

টাই [টাই] *বি* বিলাতি পোশাকের অঙ্গরূপে গলায় বাঁধার চওড়া ফিতাবিশেষ। ~**পিন** *বি* গলায় বাঁধার ফিতা বা টাই যথাস্থানে রাখার জন্য ব্যবহৃত কাঁটাবিশেষ (তুমিএকদিন একটি মুক্তোর টাইপিন নিয়ে এস—*প্রচৌ*)। {*ই* tie-pin}

টাইট [টাইট্] *বিণ* ১ দৃঢ়; মজবুত; শক্ত (ইস্ক্রুপগুলো জোর টাইট করে বসানো—*সৈমু*)। ২ আঁটসাঁট; টানটান। {*ই* tight}

টাইটানিক [টাইট্যানিক্] *বি* বিখ্যাত বিশাল জাহাজ, যা সাগরের জলমগ্ন শিলাখণ্ডের সঙ্গে ধাক্কা খেয়ে ডুবে গিয়েছিল। {*ই* Titanic}

টাইটেল, টাইটল [টাইটেল্, -টল্] *বি* ১ উপাধি; খেতাব (হে মানদ আমায় টাইটেল দাও, খেতাব দাও—*বচ*)। ২ নামলিপি; আখ্যা। ৩ স্বত্ব; অধিকার। **টাইটেল-পেজ** *বি* গ্রন্থের নামপৃষ্ঠা; আখ্যাপত্র (পুস্তকের টাইটেল পেজের প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া রহিলেন—*মীম*)। {*ই* title}

টাইপ [টাইপ্] *বি* ১ ছাপানোর জন্য ব্যবহৃত সিসা বা রবারের হরফ। ২ ধরন; প্রকার (ওই টাইপের ছেলেরা সুবিধার হয় না)। ৩ বিশেষ এক ধরন; বিশিষ্ট প্রকার (টাইপ চরিত্রের অভিনয়ে তিনি অদ্বিতীয়)। ~ **করা** *ক্রি* টাইপরাইটার যন্ত্রের সাহায্যে লেখা বা ছাপা। ~ **রাইটার** *বি* চাবি টিপে লেখার বা ছাপার যন্ত্রবিশেষ। {*ই* type}

টাইফুন, টাইফুন [টাইফুন্] *বি* ১ প্রশান্ত মহাসাগরীয় ঘূর্ণিবাত্যাবিশেষ। ২ প্রবল ঝটিকা; প্রচণ্ড ঝড় (জমা হয় কালো টাইফুন মেঘ পাটাতনে লাগে দোলা—*ফজা*)। {*ই* typhoon; তুল. *আ.* তুফান طوفان}

টাইম [টাইম্] *বি* ১ সময়; কাল (আকবরের টাইমে আগ্রাতে—*রাব*)। ২ সুযোগ; অবসর। ~ **টেবিল,** ~ **টেবল** *বি* নির্দিষ্ট সময়ের তালিকা বা নির্ঘণ্ট (রেলের টাইম-টেবিল)। ~ **দেওয়া** *ক্রি* ঠিকমতো সময় জ্ঞাপন করা (ঘড়িটা ভাল টাইম দিচ্ছে)। ~ **ধরা,** ~ **বাঁধা** *বিণ* নির্দিষ্ট সময়ে করণীয়। ~ **পিস** *বি* টেবিলে রাখার ছোট ঘড়ি (টেবিলের উপরস্থ টাইমপিসটার দিকে চাহিলেন—*আমআ*)। ~ **রাখা** *ক্রি* যথাসময়ে বা নির্ধারিত সময়ে কোনো কাজ করা। {*ই* time}

টাইল ⇒ টালি

টাউট [টাউট্] *বি* ১ ভদ্রবেশী প্রতারক। ২ দালাল; মোকদ্দমার তদ্বিরকারী (পুলিশ টাউট নেশায় আউট গঙ্গাজলী সাক্ষ্য দড়—*সদ*)। **টাউটারি** *বি* প্রতারণা। {*ই* tout}

টাউন [টাউন্] *বি* ছোট শহর; নগর। ~ **হল** *বি* নাগরিকদের সর্বজনীন মিলনায়তন; নাগরিকদের সভাকক্ষ; জনসাধারণের সভা করার স্থান। {*ই* town-hall}

টাংকর, টাঙ্কর [টাঙ্কর্] *বিণ* ধূর্ত; খল; দুর্বৃত্ত। {*স.* ডিঙ্গর>}

টাংগ, টাঙ্গ [টাঙগো] *বি* ১ কুঠার; খনিত্র; কোদাল। ২ চরণ। ৩ সোহাগা। ৪ দোকান। {*স.* টঙ্ক>}

টাংগা১ ⇒ টাঙ্গা

টাংগা২, **টাঙ্গা**২ [টাঙগা] *বিণ* ঊর্ধ্বে বদ্ধ; উপরে বাঁধা বা ঝুলানো। ~ **প্রদীপ** *বিণ* আকাশ প্রদীপ; উপরে টাঙিয়ে রাখা দীপ; ঝুলানো প্রদীপ। {*স.* টঙ্ক>}

টংগানো, টাঙ্গানো ⇒ টাঙানো

টাংগি, টাঙ্গি [টাঙগি] *বি* পরশু; কুঠারজাতীয় লৌহনির্মিত অস্ত্রবিশেষ (টঙ্কিনী টমক টাঙ্গী টানিয়া টঙ্কার—*ভারা*)। {*ধ্বন্যা.* টন জাতীয় শব্দের জন্য}

টাঁক১, **টাক** [টাক, টা-] *বি* বন্ধনী; সেলাই। {*ই* tuck}

টাঁক২ [টাক] *বি* ১ বদ্ধ দৃষ্টি; বিশেষ লক্ষ্য; তাক। ২ অনুমান। ৩ আশা-আকাঙ্ক্ষা। ৪ লোভ। {*স.* তর্ক>*প্রা.* তক্ক>}

টাঁকন, টাঁকনি, টাঁকুনি [টাকোন্, টাকনি, -কু-] *বি* ১ আকাঙ্ক্ষা। ২ প্রতীক্ষা। ৩ ভবিষ্যৎ কথন। ৪ সেলাই। **টাঁকনিয়া** *বিণ* যে টাঁকে বা সেলাই করে। {*স.* টঙ্ক>}

টাঁকশাল, টাকশাল [টাক্শাল্, টা-,] *বি* টাকা-পয়সা প্রভৃতি মুদ্রা নির্মাণের স্থান; টাকাপয়সা তৈরির কারখানা; mint (সেই বৎসরেই এক টাকশাল নির্মিত এবং আগস্ট মাসের ঊনবিংশ দিবসে ইংরেজদিগের টাকা প্রথম মুদ্রিত হয়—*ঈবি*; তখন এখানে টাকশাল ছিল—*সৈমু*)। {*স.* টঙ্কশাল>}

টাঁকা১, **টাকা** [টাকা, টা-] *ক্রি* সেলাই করা; সেলাই করে গাঁথা (বোতাম টাকা)। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। {*ই* tuck; *স.* তঙ্ক}

টাঁকা২ [টাকা] *ক্রি* ১ বিশেষরূপে দৃষ্টি রাখা; টাক করা। ২ কোনো অমঙ্গলের জন্য অপেক্ষা করা; কোনো ব্যাপারে পূর্ব থেকে আশা করা বা আঁচ করা (মরণ টাকিলি বেটা অনাথা দেখিয়া—*ভারা*)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* তর্ক>*প্রা.* তক্ক>}

টাঁসা [টাশা] *ক্রি* ১ রক্তাল্পতা বা রক্ত চলাচল বন্ধ হেতু খিল ধরা (হাত পা টেঁসে যাওয়া)। ২ মরা (টেঁসে যাওয়া)। **টাঁস ধরা** *ক্রি* খিল ধরা বা আড়ষ্ট হয়ে যাওয়া। **টেঁসে যাওয়া** *ক্রি* মরা; মৃত্যু হওয়া। {তুল. *হি* টাঁসনা}

টাক১ ⇒ টাঁক১

টাক[১] [টাক্] *বি* ১ মস্তকের কেশের স্বল্পতা বা শূন্যতা; ইন্দ্রলুপ্ত। ২ কেশহীন মস্তক। ☐ *বিণ* টাকযুক্ত; টেকো (টাক মাথা)। {*স.* ধ্বক>; *স.* তালুকীট>}

-টাক [টাক্] *অব্য* পরিমাণবাচক; আন্দাজ বা অনুমান (পোয়াটাক, আধসেরটাক দুধ গরম কর)। {*বা.* প্রত্যয়}

টাকরা [টাক্‌রা] *বি* তালু; জিহ্বার ঊর্ধ্বদেশ; মুখ-গহ্বর; palate। {*ধ্বন্যা.*}

টাকশাল ⇒ টাঁকশাল

টাকা[১] ⇒ টাকা[১]

টাকা[২] [টাকা] *বি* ১ একশত পয়সার সমমানের মুদ্রা; মুদ্রাবিশেষ। ২ অর্থ; ধন (অনেক টাকা, টাকার মানুষ)। ~ **উড়ানো**, ~ **ওড়ানো** *ক্রি* অর্থ অপব্যয় করা; টাকা পয়সা অযথা ব্যয় করা। **-ওয়ালা** *বিণ* ধনী; ধনশালী; বিত্তবান। **~কড়ি** *বি* অর্থ; ধন সম্পত্তি। **~ করা** *ক্রি* টাকা জমানো; সঞ্চয় করা বা উপার্জন করা। **~টা সিকেটা** *বি* কিছু অর্থ; যৎসামান্য পয়সাকড়ি। **~পয়সা** *বি* অর্থ-সম্পত্তি; ধনদৌলত। ~ **ভাঙানো** *ক্রি* ১ টাকার বদলে খুচরা পয়সা নেওয়া। ☐ *বি* টাকা ও খুচরা পয়সার বিনিময়। **~র আণ্ডিল** *বি* বিপুল ধনের অধিকারী ব্যক্তি। ~ **কুমির** *বি* প্রভূত ধনশালী। **~র গরম** *বি* ধনদৌলতের অহঙ্কার; ধনগর্ব। **~র মানুষ** *বি* ধনী। **~র মুখ দেখা** *ক্রি* ১ ধন সংগ্রহে সফল হওয়া। ২ নতুন পথে ভালো উপার্জন করা। **~র যখ** *বি* কুবের তুল্য ধনী; ধনকুবের। **~র শ্রাদ্ধ** *বি* অপরিমিত অর্থের অপব্যয়; বিপুল অর্থের অপচয়। {*স.* টঙ্কা>}

টাকার [টাকার্] *(প্রাবা.) বি* ১ ঘুষি। ২ ধারালো অস্ত্রবিশেষ (টাকারের ঘাএ কংসে লইব পরাণে—*বচন্দা*)। {টোকা>}

টাকাহার [টাকাহার্] *বি* একপ্রকার সুগন্ধি লতা। {*অমূ.*}

টাকু, টাকুরা, টেকো, টাকুর [টাকু, -রা, টেকো, টাকুর্] *বি* ১ সুতা কাটার ও জড়িয়ে রাখার এক প্রকার শলাকা; তকলি। ২ নাটাই। {*স.* তর্কু>*প্রা.* তক্কু>}

টাগ [টাগ্] *বি* ১ চরণ (কেশের আগ, চুম্বয়ে টাগ—*চন্দা*)। ২ জঙ্ঘা। ৩ হাঁটু। {*স.* টঙ্গ(জঙ্ঘা)>}

টাঙন, টাংগন, টাঙ্গন [টাঙোন্, টাঙ্‌গোন্, -] *বি* পার্বত্য অশ্ব; পাহাড়ি ঘোড়া। {*স.* তুরঙ্গম}

টাঙা, টাংগা, টাঙ্গা, টোংগা, টোঙ্গা [টাঙা, টাঙ্‌গা, -, টো-, -] *বি* টাট্টু ঘোড়াবাহিত দুই চাকার গাড়িবিশেষ (তিনি মাত্র একটি সুটকেশ নিয়ে টাঙ্গায় করে ফ্রেঞ্চ লিগেশনে চলে গিয়েছেন—*সৈমু*)। **-ওয়ালা** *বি* টাট্টু ঘোড়া-বাহিত দুই চাকার গাড়ির চালক বা গাড়োয়ান (টাঙাওয়ালারা খালি গাড়ি, বোঝাই গাড়ি এমনি কাণ্ডজ্ঞান হারিয়ে চালিয়েছে—*সৈমু*) {ই tonga}

টাঙানো, টাঙ্গানো, টাঙ্গান [টাঙানো, -ঙ্‌গা-, -] *ক্রি* ১ লটকানো; ঝুলিয়ে রাখা; ঝুলানো। ২ খাটানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থসমূহে। {*স.* টঙ্ক>}

টাঙি ⇒ টাংগি

টাঙ্গা[১], **টাঙ্গাওয়ালা** ⇒ টাঙা

টাঙ্গি, টাঙ্গী ⇒ টাংগি

টাঙ্গি, টাঙি [টাঙ্‌গি, টাঙি] *বি* পরশু; কুঠার জাতীয় লৌহ নির্মিত অস্ত্রবিশেষ। {⇒ টাংগি}

টাট[১] [টাট্] *বি* ১ পূজায় ব্যবহৃত থালা; তাম্রপাত্রবিশেষ। ২ কাষ্ঠনির্মিত উচ্চাসন। ৩ গদি; সওদাগর বা মহাজনের বসার স্থান। ৪ কপটতা। ৫ মোহ। ৬ পর্দা; বেড়া। ৭ ক্যাম্বিসের কাপড় (হিউচুফ ঢাকয় তায় গায়ে দিল টাট ফগ)। {*স.* তাম্রপাত্র>*পা.* তট্টক>}

টাট[২] [টাট্] *বি* ১ দোষ; ত্রুটি; অপরাধ। ২ বিপদ; দুঃখ; ক্লেশ (কংশ শুনিলে পড়ি যাইবে টাটে—*বচন্দা*)। {*স.* ত্রুটি>টুটা/টোটি>টাটি}

টাটকা [টাট্‌কা] *বিণ* ১ সতেজ; তাজা (টাটকা মাছ, টাটকা ফল)। ২ আনকোরা; নতুন। ৩ সদ্যোজাত। {*স.* তৎকাল>}

টাটানো, টাটান [টাটানো] *ক্রি* টনটন করা; বেদনা করা; কঠিন যন্ত্রণাবোধ হওয়া (ফোঁড়াটা টাটাচ্ছে)। ☐ *বি* উক্ত সকল অর্থে। **টাটানি** *বি* ১ বেদনা; ব্যথা। ২ টনটনানি। **চোখ টাটানো** *ক্রি* অন্যের সৌভাগ্যে ঈর্ষা করা। {*স.* √তট্>}

টাটি[১], **টাটী**[১], **টাট্টি**[১] [টাটি, -, -ট্টি] *বি* ১ বাঁশের তৈরি বেড়; ঝাঁপ; দরমার বেড়া। ২ আবরণ (এই সংসার ধোকার টাটী—*রাম*)। {*স.* তাম্রপাত্র>*পা.* তট্টক>}

টাটি[২], **টাটী**[২], **টাঠি** [টাটি, -, -ঠি] *বি* ১ মাটির তৈরি ছোট পাত্রবিশেষ; মাটির ছোট খুরি (ভাণ্ড টাটী বাটাবাটী পরিপূর্ণ ঘর—*ঘচ*)। {*স.* তাম্রপাত্র>*পা.* তট্টক>}

টাটি[৩], **টাটী**[৩], **টাট্টি**[২] [টাটি, -, -ট্টি] *বি* ১ পায়খানা; মলত্যাগের স্থান। ২ বাহ্য (টাট্টি যাওয়া, টাটী ফেরা)। {*স.* তাম্রপাত্র>*পা.* তট্টক>; *তুল. ই.* latrine}

টাটু, টাট্টু [টাটু, -ট্টু] *বি* ক্ষুদ্রকায় অশ্ববিশেষ; ছোট ঘোড়া; pony। {*হি.* টট্টু}

টাট্টী ⇒ টাটি[১], টাটি[৩]

টাড় [টাড়্] *বি* হাতের অলঙ্কারবিশেষ; তাগার মতো হাতের অলঙ্কার (বাহু করে টাড়বালা, ভুবন করেছে আলা—*ঘচ*)। **-বালা, টারবালা, তারবালা** *বি* উপর হাতের গহনাবিশেষ; হাতের অলঙ্কারবিশেষ। {*স.* তাড়ঙ্ক>}

টাড়স ⇒ তাড়স

টাণ্ডা, টাণ্ডাই ⇒ টণ্ডাই

টান [টান্] *বি* ১ আকর্ষণ। ২ ঝোঁক; বিশেষ আসক্তি (দেশের প্রতি টান)। ৩ নিঃশ্বাসের সঙ্গে ধূম শোষণ বা আকর্ষণ (সিগারেটে কয়েকটি টান দিয়ে বলল)। ৪ আসক্তি; মায়া; ভালোবাসা (নাড়ির টান)। ৫ অভাব; ঘাটতি (বিবাহ-বাড়িতে কোনো জিনিসের টান পড়েনি)। ৬ চাহিদার বৃদ্ধি (বাজারে মালের টান ধরেছে)। ৭ হাঁপানি; শ্বাসকষ্টের রোগবিশেষ (টানের ব্যারাম)। ৮ উচ্চারণভঙ্গি ও বাচনভঙ্গি (বরিশালের বিশেষ টান)। ৯ আঁকবার ভঙ্গি; রেখার ভঙ্গি (কলমের টানে মাত্রা হয়ে গেছে রেফ)। ১০ দাগ; রেখা; আঁচড়। ১১ অহঙ্কার; দেমাক (যার গোলায় ধান তার কথায় টান—*প্রবাদ*)। ১২ সুরের আলাপ বা তাল (প্রথম টান সুরে—*অঠা*)। ১৩ খিঁচুনি; আগ্রহ; spasm। ১৪ উচ্চভূমি; জলাভূমির বিপরীত। ১৫ স্রোত (নদীতে খুব টান আছে)। ☐ *বি, বিণ* আঁটসাঁট; দৃঢ়সংবদ্ধ। **- -** *বিণ* ১ আঁটসাঁট। ২ অহমিকাপূর্ণ; চড়া; উগ্রভাবপূর্ণ। ☐ *ক্রিবিণ* লম্বা হওয়া বা হাত পা

ছড়ানো। ~টান *বি* ১ সবদিকেই খাটো পড়ার ভাব; ঘাটতির ভাব। ২ অভাব; টানাটানি। ~ **দেওয়া** *ক্রি* ১ বলপূর্বক আকর্ষণ করা। ২ সুর তোলা বা তান ধরা। ৩ আঁচড় দেওয়া; রেখা টানা। ~ **ধরা** *ক্রি* ১ নিঃশ্বাস ঊর্ধ্ব হওয়া বা শ্বাস-প্রশ্বাস বন্ধ হয়ে আসা। ২ খিল ধরা; খিচুনি ধরা (বুকেপিঠে টান ধরেছে)। □ *বি* শুষ্ক হওয়ার ভাব (এতদিনে ঘায়ে টান ধরেছে)। **টানন** *ক্রি* টেনে আনা; আকর্ষণ করা। ~ **পড়া** *ক্রি* ১ অভাব হওয়া। ২ দুর্মূল্য হওয়া। **হাত~** *বিণ* ১ চুরির প্রবণতাযুক্ত। ২ কৃপণ। {*স.* √তন্>তান>টান}

টানা[১], **তানা** [টানা, তানা] *বি* ১ কাপড়ের দৈর্ঘ্যের দিকের সুতা। ২ দেরাজ। ৩ মেয়েদের নথ প্রভৃতির ভার হালকা করার উপযোগী ধাতব শিকলবিশেষ। **টানা দেওয়া** *ক্রি* লম্বা করে ঝুলিয়ে দেওয়া বা টাঙানো। **টানাপড়েন, টানাপোড়ন** *বি* ১ দৈর্ঘ্য ও প্রস্থ উভয় দিকের সুতা (তাহার পরনে মোটা ধুতি, এমন মোটা যে, উহার টানাপড়েনগুলি স্পষ্ট তাই চোখে পড়ে—*মাউ*)। ২ তাঁতের দৈর্ঘ্যের দিকের ও আড় দিকের সুতা। ৩ পুনঃপুন ক্লান্তিকর গমনাগমন। {√টান্+আ}

টানা[২] [টানা] *ক্রি* ১ আকর্ষণ করা (দড়ি টানা)। ২ অঙ্কন করা (লাইন টানা)। ৩ বহা; বহন করা (মোট টানা)। ৪ পক্ষপাতিত্ব করা। ৫ খাড়া করানো। ৬ খরচ কমানো; হিসাব করে চলা (টেনে চলা)। ৭ শোষণ করা (তামাক টানা)। ৮ শুষ্ক হওয়া (তরকারির ঝোল আরও না টানলে সুস্বাদু হইবে না)। ৯ মাদকদ্রব্যাদি পান করা। □ *বিণ* ১ চালিত; বাহিত (গরুতে টানা গাড়ি)। ২ টেনে চালানো হয় এমন (টানা পাখা)। ৩ ঋজু ও দীর্ঘ (টানা পথ)। ৪ বিরামহীন; নিরবচ্ছিন্ন (টানা দুই ঘণ্টা)। ৫ মন্থন করা হয়েছে এমন; মাখন তোলা (টানা দুধ)। ৬ আয়ত; বিস্তৃত (টানা চোখ)। ৭ অঙ্কিত (মেসি দিয়ে টানা রেখা)। ~ **কাড়া** *বি* ১ অনবরত গমানাগমন। ২ কাপড় বোনার সময়ে মাকুর পুনঃপুন গমনাগমন। ~ **জাল** *বি* একসঙ্গে বহু মাছ ধরার মতো অতিবৃহৎ জাল। ~ ~ *বিণ* ১ বাঁকা; বক্র; লম্বা লম্বা (টানা টানা কথা)। ২ বিস্তৃত; আয়ত (টানা টানা চোখ)। ~**টানি** *বি* ১ একে অপরকে টানা; পরস্পর আকর্ষণ (যমে মানুষে টানাটানি)। ২ অভাব; অনটন (টানাটানির সংসার—*রাখা*)। {√টান্+আ}

টানান[১] [টানান্] *বি* অহংকার; দেমাক; গুমর। {টান+আন}

টানানো, টানান[২] [টানানো] *ক্রি* লম্বা করে বাঁধা বা ঝুলিয়ে রাখা। **টানা পাখা** *বি* যে পাখা দড়ি দিয়ে হাতে অথবা যন্ত্রের সাহায্যে টেনে ব্যবহার করা হয়। **টানাবুনা, টানাবোনা** *বিণ* ১ কষ্টে গেঁথে তোলা; জোড়াতাড়া দেওয়া (দুটো চারটে টানাবোনা কথার পরেই কথাসূত্র একেবারে ছিঁড়িয়া ফাঁকা হইয়া গেছে—*রঠা*)। **টানাহেঁচড়া** *বি* ১ টানাটানি; অভাব। ২ অনিচ্ছা সত্ত্বেও বলপূর্বক কাজে প্রবৃত্ত করার চেষ্টা। ৩ ধ্বস্তাধ্বস্তি করে কাজে লাগানোর চেষ্টা। **একটানা** *বিণ* ক্রমাগত। **দোটানা** *বি,বিণ* দুই দিকের টান বা আকর্ষণ; উভয় সঙ্কট। {√টান্+আনো}

টানেল [টানেল্] *বি* পাহাড়ের তলা দিয়ে তৈরি রাস্তা; পর্বত ভেদ করে প্রস্তুত সুড়ঙ্গ (জামালপুর টানেল রাস্তা ভেদ করে প্রস্তুত একটা রাস্তা—*ক্যাসি*)। {*ই.* tunnel}

টাপু [টাপু] *বি* ১ দ্বীপ। ২ উচ্চস্থান। {*স.* স্তূপ>}

টাপুর-টুপুর [টাপুর্-টুপুর্] *অব্য* ক্রমাগত মৃদু বৃষ্টি পতনের ধ্বনি। {*ধ্বন্যা.*}

টাপেটোপে [টাপেটোপে] *ক্রিবিণ* ইশারায়; ইঙ্গিতে; ভাবভঙ্গিতে (তাই টাপে টোপে ধারে ধারে—*সৈমু*)। {টোপ+এ; *অনু.* টাপ+এ}

টাবা [টাবা] *বি* একপ্রকার লেবু (রান্ধিবে মসুরীর সূপ দিয়া টাবা জল—*কমু*)। {টোপা>}

টাবুটুবু [টাবুটুবু] *অব্য* টইটুম্বর; কানায় কানায় ভরা। {টইটুম্বর>}

টাবুয়া, টেবো [টাবুয়া, টেবো] *বিণ* টাপুর মতো উচ্চ বা স্ফীত (টেবো গাল)। {টাপু>টাবু+আ>টাবুয়া,>}

টায়টায়, টায়টোয় [টায়্টায়, -টো-] *ক্রিবিণ* ১ একটুও কম বা বেশি নয়; ঠিক ঠিক; কাঁটায় কাঁটায়। ২ কোনোক্রমে; টেনে টুনে; উদ্বৃত্তহীন। {টাল=টায়, টোল=টোয়}

টায়রা [টায়্রা] *বি* স্ত্রীলোকের শিরোভূষণবিশেষ। {*ই.* tiara}

টায়ার [টায়ার্] *বি* চাকার রাবার-বেষ্টনী (এবার সাইকেলের আধখানা টায়ার—*সৈশা*)। {*ই.* tyre}

টার[১] [টার্] *বি* কাটার যন্ত্রবিশেষ; দাও; কাটারি (পিতড়ক টার কামে নাহি আয়ল—*বিপ*)। {*স.* কর্তরী>}

টার[২] [টার্] *বি* আলকাতরা। {*ই.* tar, coaltar}

টারপিন, তারপিন [টার্পিন্, তা-] *বি* ১ পাইন বা ঐ জাতীয় গাছের রস জ্বাল দিয়ে যে তেল বের করা হয়; তারপিন তেল। ২ খনিজ তেল। {*ই.* turpentine}

টারবালা ⇒ টাড়

টারল [টারলো] *(ব্র.) ক্রি* কাটালো; অতিবাহিত করল; যাপন করল; (টারল মৈমব শিশির অন্ত—*গোদা*)। {*স.* √টল্>; *তুল. হি.* টারনা}

টার্ম [টার্ম্] *বি* বছরের অংশ (একটা শিক্ষা বৎসরে তিনটে টার্ম—*মুআহা*)। {*ই.* term}

টাল[১] [টাল্] *বি* ১ বক্রভাব; বক্রতা (লোহার কড়িতেও একটু টাল আছে)। ২ একদিকে ঝোঁক। ৩ টলে পড়ার ভাব (টাল খেয়ে চলা)। ৪ ধাক্কা; চোট; ঠেলা; ঠোকর (টাল খেয়ে খেয়ে চোট খেয়ে বড় হতে হয়—*নই*)। ৫ বিপদ; ঝুঁকি; তাল (টাল সামলানো)। ৬ মিথ্যা প্রবোধ বা আশ্বাসবাক্য। ৭ টক্কর। ~ **খাওয়া** *ক্রি* ১ টলা বা টক্কর খাওয়া (সে মাতাল অবস্থায় টাল খেতে খেতে চলেছে)। ২ রুগ্ন দুর্বল লোকের অথবা সদ্যোজাত শিশুর ধাক্কা বা অন্য প্রকার আঘাত লাগলে মৃত্যুর সম্ভাবনা থাকা; রোগী বা সদ্যোজাত শিশুর প্রাণ সংকটাবস্থা (কোলে তুলিসনে টাল যাবে—*দীমি*)। ৩ বেঁকে বা টোল খেয়ে যাওয়া। ~ **দেওয়া** *ক্রি* ছলনা করে ঠেকিয়ে রাখা; এড়ানোর উদ্দেশ্যে মিথ্যা প্রবোধ বা আশ্বাস দেওয়া। ~**বাহানা** ⇒ তালবাহানা। ~**মাটাল** *অব্য, ক্রিবিণ* উভয় দিকে পুনঃপুন হেলন; টলমল অবস্থা (দুনিয়া আবার কাঁপিবে টালমাটাল—*নই*)। □ *বি* ১ অস্থিরতা বা চঞ্চলতার ভাব। ২ টালবাহানা; মিথ্যা অজুহাত দেখিয়ে ঘুরানো (এইমত টালমাটাল করিয়া বৎসরাবধি গেল—*বচ*)। ৩ প্রতারণা বা ছলনা। ~

মাটালি *বি* প্রতারণা; ওজর আপত্তি দেখানো। ২ বিলম্বকরণ। ~ **সামলানো** *বি* ধাক্কা বা বিপদ বা সংকট থেকে রক্ষা পাওয়া (এই যাত্রায় ছেলেটি টাল সামলিয়ে উঠেছে)। □ *ক্রি, বিণ* উক্ত অর্থে। { *স.* √টল্> }

টাল[২] [টাল্] *বি* ১ দ্রব্যাদির বিক্রয়ের স্থান; আড়ত; গোলা। ২ ফাঁড়ি; স্তূপ; রাশি (থালাবাসনের টাল)। ৩ বেগুন, লাউ, শশা ইত্যাদির গাছ লাগাবার চালা বা ছাউনি (বেগুন বা মাচানের টাল)। { *স.* √টল্> }

টালন [টালন্] *বি* ১ টলানো বা হেলানো। ২ চালন। ৩ মিথ্যা অজুহাতে এড়িয়ে চলন। ৪ প্রতারণা। ৫ আলস্যপরায়ণতা; দীর্ঘসূত্রতা। { *স.* √টল্+ণিচ্+অন(ল্যুট্) }

টালনি[১], **টালুনি** [টালনি, টালুনি] *বি* ১ বৃথা সময় কাটানো। ২ ছলনা। { *স.* টলন>টালন+ই, >; টাল+উনি }

টালনি[২] [টালনি] *বি* হেলন; টলন (চূড়ার টালনি বামে—*জ্ঞাদা*)। { *স.* টলন>টালন+ই }

টালা [টালা] *ক্রি* ১ আলস্যে কাল কাটানো; অবহেলা করা (মনুষ্য দুর্লভ জন্ম বৃথা কেন টাল—*ঘচ*)। ২ চঞ্চল করে বিচলিত করা; নাড়ানো। ৩ প্রতিজ্ঞা পালন না করা; ভাঁড়ানো (সত্য কথা মিথ্যা করি টালে—*শিবায়ন*)। ৪ না শোনা বা এড়ানো; অমান্য বা অগ্রাহ্য করা (সকলের কথা টালিয়া বৈষ্ণবী তাহার কথা রাখিল—*বচ*)। ৫ সান্ত্বনা দিয়ে রাখা; বুঝিয়ে থামানো (টেলে রাখা); স্তোক দেওয়া। ৬ প্রতারণা করা; ঠকানো (টেলে যাওয়া)। { *স.* √টল্>+ণিচ=টাল+আ=টালা }

টালাটালি [টালাটালি] *বিণ* পুনঃপুন নড়চড়করণ। □ *বি* অগ্রাহ্যকরণ (কথা টালাটালি)। { টালা+*অনু.* টালি }

টালি, টাইল [টালি, টাইল্] *বি* ঘরের ছাদ মেঝে প্রভৃতি ঢাকার খোলা চতুষ্কোণ দগ্ধ মৃত্তিকা খণ্ড বা প্রস্তরফলক। { *ই* tile }

টালিআঁ *(প্রাবা.)* [টালিয়াঁ] *অক্রি* টালিয়ে, আন্দোলিত করে। { *স.* √টল্> }

টালিলেক *(প্রাবা.)* [টালিলেকো] *ক্রি* টলাল; এলাল (ছল করি টালিলেক রাধার পসার—*বচদা*)। { *স.* √টল্> }

টালুনি ⇒ টালনি[১]

টাস [টাশ্] *অব্য* চড়ের শব্দ; ঠাস। ~ **লাগা** *ক্রি* অবাক হওয়া; দম বন্ধ হওয়া (পান্নার মুখে কথা শুনে অমৃতের টাস লেগে গেল—*সজ*)। { *ধ্বন্যা.* }

টি[১], **টী**[১] [টি] ১ বিশেষ অর্থে বা নির্দিষ্ট অর্থে বাংলা প্রত্যয়টি ব্যবহৃত হয় (লোকটি, সেই লোকটি)। ২ আদরার্থে প্রয়োগ (ছেলেটি বেশ)। { *বা.* প্রত্যয় }

টি[২] [টি] *বি* শিশুর কপালে যে টিপ দেওয়া হয় (চাঁদের কপালে চাঁদ টি দিয়ে—*ছড়া*)। { টিপ>টি }

টি[৩], **টী**[২] [টি] *বি* চা; উৎসাহই গাছের পাতা; এক প্রকার অবসাদদূরকারী ও উৎসাহ সৃষ্টিকারী পানীয়। **টি পার্টি** *বি* যে মজলিশে চা পান করার জন্য নিমন্ত্রণ করা হয়; tea party। { *ই* tea }

টিউটর [টিউটর্] *বি* শিক্ষক। **প্রাইভেট** ~ *বি* গৃহশিক্ষক। { *ই* tutor }

টিউব [টিউব্] *বি* নল; চোঙ্গা। ~ **রেলওয়ে** *বি* মাটির নিচে সুড়ঙ্গ রেলপথ (লন্ডনে টিউব রেলওয়ের নাম দুনিয়া জোড়া—*মুআহা*)। { *ই* tube }

টিউমার [টিউমার্] *বি* শরীরের বিভিন্ন স্থানে সৃষ্টি হওয়া অবাঞ্ছিত মাংসপিণ্ড; আব। { *ই* tumour }

টিউশানি, টিউশনি, টুইশনি [টিউশানি, -শো-, টুইশোনি] *বি* গৃহশিক্ষকতা (টুইশানি না থাকিলে একবেলা আহারও জুটিত না—*বিব*)। { *ই* tuition }

টিংটিং, ট্যাংট্যাং [টিঙ্‌টিঙ্, ট্যাঙট্যাঙ] *ক্রিবি* (অসন্তুষের ভাব জড়িত) চলার রকম; কোনো রকম চলা। **টিংটিঙে** *বিণ* কাঠির মতো রোগা; কৃশ (সবকটি ছেলেমেয়েই রোগা টিংটিঙে চেহারা—*মউ*)। { *ধ্বন্যা.* }

টিক [টিক্] *বি* ১ টক অপেক্ষা লঘু ও ক্ষীণ শব্দ। ২ বন্দুকের টিপ; তাক; নিশানা; লক্ষ্য। { *ধ্বন্যা.* }

টিকটিক [টিক্‌টিক্] *বি* ১ পুনঃপুন টিক শব্দ। ২ ঘড়ির দোলকের শব্দ (ঘড়ি করে টিক টিক)। ৩ নিষেধসূচক বকাবকি। ৪ বিপদ বোঝায় এমন বাক্য। ৫ সতর্কীকরণ। ~ **করা** *ক্রি* ১ সকল সময়ে দোষ অনুসন্ধান করা। ২ নিষেধ জানিয়ে বকাবকি করা। { *ধ্বন্যা.* }

টিকটিকি[১] [টিক্‌টিকি] *বি* ১ সরীসৃপজাতীয় প্রাণী; গৃহগোধিকা। ২ কোনো স্থানে যাওয়ার সময়ে বা কোনো কাজ করার সময়ে নিষেধার্থক ইঙ্গিত (হাঁচি টিকটিকি বাধা, যে না মানে সে গাধা—*খব*)। ~ **পড়া** *ক্রি* যাওয়ার সময়ে বা কোনো কাজ করবার সময়ে নিষেধার্থক ইঙ্গিত করা বা হওয়া। { *ধ্বন্যা.* টিকটিক+ই }

টিকটিকি[২] [টিক্‌টিকি] *বি* ১ গুপ্ত পুলিশ বা গোয়েন্দা; detective। ২ যে ত্রিকোণাকার কাষ্ঠদণ্ডে বেঁধে ফৌজদারি অপরাধীকে বেত মারা হয়। { *ই* detective> }

টিকনি, টিকলি[১] [টিক্‌নি, -লি] *বি* ১ লম্ফন ঝম্পন; বালকরা কোলে থেকে পায়ের উপর জোর দিয়ে যে লাফ দেওয়ার চেষ্টা করে তাকে টিকনি মারা বলে। ২ এক রকম বার্নিশ। { *হি* টকরানা }

টিকর[১] ⇒ *টেকর*

টিকর[২], **টিখর** [টিকর্, -খ-] *বিণ (আঞ্চ.)* তীব্র; প্রখর। { *স.* তীক্ষ্ণ>তীক্ষ্ণ{ড়}>তিখর/তিকর>টিকর }

টিকর[৩] [টিকর্] *বিণ* টেংরা; বেড়া; আল; জাঙ্গাল; বাঁধ। { *স.* তুঙ্গ+র>তুঙ্গরা>টংগরা>টেংরা>টিকরা }

টিকরা [টিক্‌রা] *বি* পাখিবিশেষ। { *ধ্বন্যা.* }

টিকলি[২] [টিক্‌লি] *বি* ১ স্ত্রীলোকের ললাটের একপ্রকার অলঙ্কার। ২ তিলক; ফোঁটা; বিন্দু (অভ্র চিকন টিকলি জলের ঝলমলিয়ে যায় বাতাসে—*সদ*)। ৩ ছোট চাকতি; টাকার মতো চক্রখণ্ড। ৪ খণ্ড; টুকরা। { *স.* তিলক> }

টিকসই ⇒ *টেকসই*

টিকা[১], **টীকা**[১] [টিকা] *বি* কপালের ফোঁটা; তিলক; রাজচিহ্ন (ভালে টীকা দিয়া মাতা কৈলে মৃগরাজ—*কমু*)। { *স.* তিলক>*প্রা.* টিক্ক> }

টিকা[২], **টীকা**[২], **টিকে** [টিকা, -, -কে] *বি* তামাক জ্বালাবার জন্য অঙ্গারাদি দ্বারা তৈরি দ্রব্যবিশেষ। { *স.* বটিকা> }

টিকা[৩], **টীকা**[৩] [টিকা] *বি* বসন্তাদি রোগের প্রতিষেধক হিসেবে সুচ দ্বারা ঐ রোগের বীজ শরীরে প্রবেশ করানো; vaccination। ~ **ওঠা** *ক্রি* টিকা পাকা; টিকা পেকে ওঠা। **-দার** *বি* যে বসন্ত প্রভৃতি রোগের টিকা দেয়; টিকাদারের কাজ বা বৃত্তি। { *স.* গুটিকা/বটিকা> }।

টিকা[৪] ⇒ *টেকা*

টিকা[৩] [টিকা] *বিণ* চুক্তি; ঠিকা; contract। {ঠিকা>}
টিকাদার ⇒ টিকা
টিকা, টেকা ক্রিয়াবাচক; স্থায়ী হওয়া; বজায় থাকা; গৃহীত হওয়া (দাবি টেকা)। {স. তিষ্ঠ>}
টিকানো, টেকানো [টিকানো, টে-] *ক্রি* ১ স্থায়ী করা; অবস্থান করানো। ২ বহুদিন পর্যন্ত অবিকৃত রাখা। {স. তিষ্ঠন>টিকা[৪]+আনো}
টিকারা[১] [টিকারা] *বি* নাকাড়া বা কাড়াজাতীয় এক প্রকার বাদ্যযন্ত্র; দুন্দুভি নামক বাদ্যযন্ত্র (উটের উপরে বাজে দামামা টিকারা—*রঙ্গসে*)। {তুল. ও. চিকারা}
টিকারা[২] [টিকারা] *বি* ধিক্কার; লজ্জাদান; টিটকারি। {স. ধিক্কার>টিটকার>টিকার+আ}
টিকালো, টিকলো টেকালো [টিকালো, -লো, টেকালো] *বিণ* ১ তীক্ষ্ণ অগ্রভাগযুক্ত; সুচালো আগাযুক্ত; খাড়া (টিকাল নাক)। {স. তীক্ষ্ণ>তিখা>টিকা+আলো}
টিকি [টিকি] *বি* ১ শিখা; ব্রাহ্মণ প্রভৃতি বর্ণ হিন্দুগণ কর্তৃক মস্তকের মধ্যভাগে সংরক্ষিত কেশগুচ্ছ; চৈতন। ২ চুলের আগা বা ডগা (আর তাহার টিকিটি দেখিতে পাওয়া গেল না)। ৩ চুলের মুঠি। ~ **দেখিতে না পাওয়া, ~টির দেখা নাই** *ক্রি* মোটেই দেখা-সাক্ষাৎ না হওয়া; আছে কি নাই তার চিহ্ন পর্যন্ত না পাওয়া; সংবাদাদি না পাওয়া। {স. শিখা>}
টিকিং ⇒ টিকিন
টিকিট, টিকেট [টিকিট, -কে-] *বি* ১ ভাড়া বা মাশুলের রসিদ (সিনেমার টিকিট, রেলের টিকিট)। ২ মাশুল বাবদ যা কিনে দলিল বা চিঠিপত্রে লাগাতে হয়। ৩ পরিচয়পত্রবিশেষ; নাম অন্তর্ভুক্তির পরিচয়পত্রবিশেষ (হাসপাতালের টিকিট, কয়েদির টিকিট)। **~ঘর** *বি* টিকিট বিক্রয় বা বিলি করার স্থান। **~ মাস্টার, ~ মাষ্টার** *বি* টিকিট বিক্রয় করার ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী। {ই. ticket}
টিকিন, টিকিং [টিকিন্, -ঙ্] *বি* তোশকাদি তৈরি করার মোটা কাপড়বিশেষ। {ই. ticking}
টিকিরি [টিকিরি] *বি* ঠিকা মজুর (মুই টিকিরি জোন খাটে খাই—*দীমি*)। {ঠিকা>}
টিখর ⇒ টিকর[১]
টিচার [টিচার] *বি* শিক্ষক। {ই. teacher}
টিটকারি, টিটকিরি, টিটকার [টিট্কারি, -কি-, টিট্কার্] *বি* ১ ঠাট্টা; উপহাস (বিশাল জগতে ঘৃণা টিটকারী উথলি উঠিছে দিগন্ত টিকরি—*হেহে*)। ২ ধিক্কার; নিন্দাবাদ; অপবাদ। ৩ অবজ্ঞাসূচক বিদ্রূপাত্মক ধ্বনি (টিটকারী দাও মৃত্যুরে—*মোম*)। ৪ শরম; লজ্জা; আউ-আউ ছি-ছি রব (পিকবধূ সব টিটকিরি দেয়—*নই*)। {স. ধিক্কার>টিটকার}
টিটি [টিটি] *বি* একপ্রকার পাখি। {ধ্বন্যা.}
টি-টি-আই [টিটিআই] *বি* ভ্রাম্যমাণ টিকিট পরিদর্শক (কাঠের পেন্সিল নিয়ে টি-টি-আই উঠে—*অচিসে*)। {ই. T.T.I.=travelling ticket inspector}
টিটির, টিটিভ, টিট্টিভ [টিটির্, -ভ্, টিট্টিভ্] *বি* টিটি শব্দকারী এক প্রকার পাখি। {স. টিট্টিভ; টিটি (টিট্টি+√ভণ্+অ(ড)>}
টিণ্ডিশ [টিন্‌ডিশ্] *বি* ঢেঁড়স জাতীয় তরকারির নাম; রোমশ আনাজ বিশেষ; ভিণ্ডি। {স. টিণ্ডিশ}
টিন [টিন্] *বি* ১ রুপার মতো সাদা এক প্রকার ধাতু; রঙের কলাই করা লোহার পাতবিশেষ। ২ রাং। ৩ টিনের পাত্র। {ই. tin}
টিনচার আয়োডিন [টিন্‌চার্ আয়োডিন্] *বি* ক্ষতাদির পচন ও বিষক্রিয়া নিবারক ঔষধবিশেষ। {ই. tincture iodine}
টিনটিন [টিন্‌টিন্] *অব্য* কৃশতা বা রুগ্‌ণতা প্রকাশের শব্দ (টিনটিন করা)। **টিনটিনে** *বিণ* রুগ্‌ণতার জন্য অত্যন্ত কৃশ। {ধ্বন্যা.}
টিপ[১] [টিপ্] *বি* ১ কপালের ফোঁটা বা সেইরূপ অলঙ্কারবিশেষ (কপালের একটি ছোট উল্‌কী টিপের মত দেখাইত—*বচ*; পরিতেছিলাম কপালে সোনার টিপ—*রঠা*)। ২ তিলক; টিকা (জাগো সূর্যের টীপ পরি জয়ন্তিকা—*নই*)। ৩ বুড়ো আঙুলের অগ্রভাগের ছাপ; টিপসই। ৪ দুই আঙুলের অগ্রভাগ দ্বারা চেপে বা টিপে রাখা যায় এমন পরিমাণ (একটিপ নস্য)। ৫ ত্যাগ; নিশানা; লক্ষ্য। ৬ টিপে বা চিমটি কেটে প্রদত্ত গুপ্ত সংকেত। ৭ প্ররোচনামূলক গুপ্ত সংকেত বা ইঙ্গিত। ৮ হুন্ডি; হাত চিঠা। ৯ ভাংচি। ১০ আঙুলের চাপ। **-কল** *বি* ১ যা টিপে খোলা বা বন্ধ করা হয়। ২ অলঙ্কারের দুই মুখ টিপে জুড়ে দেওয়ার মতো অংশ। **~বাতি** *বি* টর্চলাইট। **~সহি, ~সই** *বি* বৃদ্ধাঙ্গুলের অগ্রভাগের ছাপ; স্বাক্ষরস্বরূপ গৃহীত বৃদ্ধাঙ্গুলির ছাপ। **টিপে দেওয়া** *ক্রি* ১ সংকেত করা। ২ ভাংচি দেওয়া। ৩ শিখিয়ে দেওয়া। {√টিপ্>; তুল. স. √টিপ্ (প্রেরণ করা)}
টিপ[২] [টিপ্] *বি* সাপের দংশন যাতে বিষদাঁত দেহে প্রবেশ করে। {স. √টিপ্}
টিপটপ [টিপ্‌টপ্] *বিণ* ১ গোছালো; শৃঙ্খলার সঙ্গে কাজ করে এরূপ; ছিমছাম ফিটফাট। ২ গোছানো; সুশৃঙ্খল। {ই. tiptop}
টিপটাপ [টিপ্‌টাপ্] *ক্রিবিণ* বিন্দু বিন্দু জল পতন শব্দ। ২ গাছ থেকে ছোটো ফল পড়ার শব্দ। {ধ্বন্যা.}
টিপটিপ [টিপ্‌টিপ্] *অব্য* ১ ফোঁটা ফোঁটা পানি বা বৃষ্টি পড়ার শব্দ (টিপ টিপ করে বৃষ্টি পড়া)। ক্ষীণতা প্রকাশক শব্দ (টিপটিপ করে আলো জ্বলা)। ৩ শারীরিক ও মানসিক ভয়ের অবস্থাজ্ঞাপক (বুক টিপটিপ করা)। ৪ বেদনাজ্ঞাপক (মাথা টিপ টিপ করা)। ৫ মন্থরতা প্রকাশক (টিপটিপ করে হাঁটা)। **টিপটিপানো** *ক্রি*। **টিপটিপানি, টিপটিপুনি** *বি*। **টিপটিপে** *বিণ*। {ধ্বন্যা.}
টিপন [টিপন্] *বি* ১ মর্দন; টিপে দেওয়ার কাজ। ২ গোপনে আঘাতকরণ; গোপনে চিমটি কাটন; ইঙ্গিতকরণ। ৩ চাপ বা টিপ। ~ **নড়ি, ~ নড়ী** *বি* বাঁশের তৈরি তাঁতের অংশবিশেষ—তাঁত বোনার সময় যা দিয়ে ঝাঁপকে টিপতে হয়। {স. √টিপ্+অন(ল্যুট্)}
টিপয়, টিপাই [টিপয়্, টিপাই] *বি* তেপায়া; তিনপায়াবিশিষ্ট টেবিলবিশেষ (বিছানার পাশে ওই টি-পয়ের পরে ছোট-বড় ওষুধের স্বাস্থ্যবান শিশিগুলো—*আগ*)। {স. ত্রিপদী>; তুল. ই. tripod}

টিপরাই [টিপরাই] *বি* ১ ত্রিপুরাজাত বা ত্রিপুরায় নির্মিত (টিপরাই বাঁশি)। ২ ত্রিপুরা নিবাসী। { *স.* ত্রিপুরা>+আই; *ই.* Tippera+*বা.* আই}

টিপা ⇒ টেপা

টিপারা [টিপ্‌রা] *বি* ভারতের ত্রিপুরা প্রদেশ; বাংলাদেশে কুমিল্লা জেলার পূর্বনাম। { *স.* ত্রিপুর; Tippera}

টিপিটিপি [টিপিটিপি] *অব্য* মন্থর ধারা বা পতনের শব্দ। ☐ *ক্রিবিণ* নিঃশব্দে বা সতর্কতার সাথে পা ফেলে চলা (টিপিটিপি যাওয়া)। { *ধ্বন্যা.* }

টিপে টিপে, টিপিয়া টিপিয়া [টিপেটিপে, টিপিয়াটিপিয়া] *ক্রিবিণ* ১ ভিতরে ভিতরে; গোপনে। ২ চেপে চেপে। { *ধ্বন্যা.* }

টিপ্‌স [টিপ্‌স্] *বি* বখশিশ ইত্যাদি (পিয়ন পলতিকে মনি-অর্ডারের টাকা দিলে পলতি দিল জোর টিপ্‌স—*সৈমু*)। { *ই.* tips}

টিপ্পনী [টিপ্‌পোনি] *বি* টীকা; তাৎপর্য ব্যাখ্যামূলক মন্তব্য। ~ **কাটা** *ক্রি* বিরূপ মন্তব্য প্রকাশ করা; কথাবার্তার মধ্যে বিদ্রূপাত্মক বাক্যের ব্যবহার করা; ফোড়ন কাটা। { *স.* টিপ্পন+ঈ(ঙীপ্)}

টিফিন [টিফিন্] *বি* ১ জলযোগ; মধ্যাহ্নকালীন লঘু ভোজন। ২ বিদ্যালয়-অফিস-কারখানা প্রভৃতিতে জলযোগের জন্য কাজ থেকে কিছুক্ষণ বিরতি। { *ই.* tiffin}

টিভি ⇒ টেলিভিশন

টিম, টীম [টিম্] *বি* দল (ফুটবল টিম)। { *ই.* team}

টিমটিম [টিম্‌টিম্] *অব্য, ক্রিবিণ* মিটমিট; আলোকের ক্ষীণত্ব বা অনুজ্জ্বলতা বাচক শব্দ, মিটমিট (টিমটিম করে আলো জ্বলে)। ~ **করা** *ক্রি* ১ মৃদু বা স্বল্প আলোক দান করা (আলোটা টিমটিম করছে)। ২ অতি মৃদুভাবে সত্তা কায়েম রাখা; কষ্টে বা কোনো প্রকারে অস্তিত্ব বজায় রাখা (মফঃস্বলের বিদ্যালয়টি টিমটিম করে চলছে)। ~ **করে** *ক্রিবিণ* অনুজ্জ্বলভাবে বা নিতান্ত ম্লানভাবে। **টিমটিমে** *বিণ* নিষ্প্রভ; ক্ষীণ; অনুজ্জ্বল (টিমটিমে কেরোসিন বাতির সলতে উসকাইতে হয় না—*ওহ*)। { *ধ্বন্যা.* }

টিয়া [টিয়া] *বি* শুকজাতীয় পাখিবিশেষ; তোতা। { *ধ্বন্যা.* }

টিলা [টিলা] *বি* ১ উচ্চ মাটির ঢিপি/ঢিবি বা স্তূপ। ২ ছোট পাহাড়। { *তুল. হি.* টীলা; *স.* তুঙ্গ}

টিসু [টিশু] *বি* ১ কলা (এক ধরনের অনেক কোষকে একসঙ্গে কলা বা টিসু বলে—*আআ*)। { *ই.* tissue}

টী ⇒ টি

টীকা [টিকা] *বি* ১ গ্রন্থাদির ব্যাখ্যাপুস্তক (হিন্দু জ্যোতিষশাস্ত্রের আরবীতে নতুন তর্জমা করেন ও বহু টীকা সংযোগ করেন—*আম*)। ২ টিপ্পনী; বিস্তৃত ব্যাখ্যা। { *স.* √টীক্+অ (ঘঞ্)+আ(টাপ্)}

টীকাকার, টিকাকার [টিকাকার্] *বি* ব্যাখ্যাতা; যিনি ব্যাখ্যা টীকা টিপ্পনী লেখেন বা করেন। { *স.* টীকা+কার}

টীট (*প্র.*) [টিট্] *বিণ* ১ লজ্জাহীন; বেহায়া (টীট নাগর (চাপ *শ্রীব*)। ২ ঢেঁটা। ~**পনা** *বি* ১ লজ্জাহীনতা; বেহায়াপনা। ২ ঢেঁটামি। { *স.* ধৃষ্ট>টিট}

টীপ ⇒ টিপ

টীম ⇒ টিম

টুঁ ⇒ টু

টুঁ [টুঁ] *বিণ* অল্পার্থে (একটু, আধটু)। { *ধ্বন্যা.*; বাংলা প্রত্যয়}

টুই, টুঁই [টুই, টুঁ-] *বি* ১ টই; চালের মটকা। ২ শীর্ষদেশ; চূড়া। { *স.* তুঙ্গ>টুই, টুঁই}

টুইল [টুইল্] *বি* জামা ইত্যাদি তৈরি করার উপযোগী এক প্রকার কাপড়। { *ই.* twill}

টুইশনি ⇒ টিউশনি

টুঁ, টু [টুঁ, টু] *বি* ১ 'টুঁ' বা 'টু' শব্দ। ২ সামান্যতম শব্দ; নগণ্যতম শব্দ; ক্ষীণতম শব্দ (কোথাও টু শব্দ নেই)। ৩ সামান্য প্রতিবাদ; কোনো প্রকার উত্তর-প্রত্যুত্তর (টুঁ করা)। ৪ লুকোচুরি; খেলায় লুকিয়ে থাকা জায়গা থেকে সাড়া দেওয়ার ধ্বনিবিশেষ। **টু দেওয়া** *ক্রি* সাড়া দেওয়া; নিজের অস্তিত্ব জ্ঞাপন করা। **টু শব্দ না করা** ১ একেবারে নিস্তব্ধ থাকা; সম্পূর্ণ নিঃশব্দে থাকা। ২ সাড়া না দেওয়া; চুপ করে থাকা। ৩ সম্পূর্ণ নীরবে বা বিনা প্রতিবাদে সবকিছু মেনে নেওয়া। { *ধ্বন্যা.* }

টুঁই ⇒ টুই

টুঁটি [টুঁটি] *বি* কণ্ঠনালি বা কণ্ঠ; গলদেশ। ~ **টিপে ধরা** *ক্রি* হত্যা করবার চেষ্টা করা। { *স.* ত্রোটি>}

টুক[1] [টুক্] *অব্য* ১ কাষ্ঠ প্রভৃতির উপর অতি মৃদু আঘাতের শব্দ। ২ স্বল্পতা; সামান্যতা ও শীঘ্রত্ববাচক (এইটুক, এতোটুক, অতোটুক, ততোটুক, যতোটুক; দুধটুকু টুক করে খেয়ে ফেলা)। { *ধ্বন্যা.* }

-**টুক**[2], -**টুকু**, -**টুকুন**, -**টুকুনি** [টুক্, টুকু, -ন্, -নি] *অব্য* 'অত', 'এত', 'এইযে', 'ওই' ইত্যাদি শব্দযোগে সামান্য পরিমাণবাচক অর্থে ব্যবহৃত প্রত্যয় (কারো মনে নাহি হয়, দয়া একটুক গো দয়া একটুক—*ঈগু*; যেটুকু কাছেতে আসে—*রঠা*)। { *স.* স্তোক>}

টুকটাক [টুক্‌টাক্] *বিণ* অতি সামান্য; ছোটখাটো; টুকিটাকি (টুকটাক জিনিসপত্র)। ☐ *বি* ছুটকো-ছাটকা কাজ বা ছোটখাট কাজকর্ম (লোকটি টুকটাক করছে)। ~ **করে** *ক্রিবিণ* সামান্য কর্মের দ্বারা; কোনো প্রকার (কোনো রকমে টুকটাক করে সংসার চলে)। { *ধ্বন্যা.* }

টুকটুক [টুক্‌টুক্] *বিণ* ১ গাঢ় অথচ সুন্দর ভাবসূচক। ২ উক্ত সকল অর্থে (টুকটুক হৈল বুক—*দৌবা*)। ☐ *অব্য* ১ গতির মৃদুতাসূচক (টুকটুক করে চলা, টুকটুক করে খাওয়া)। ২ ভয়ের অনুভূতিব্যঞ্জক। **টুকটুকে** *বিণ* ১ অতি মনোহর; জ্বলজ্বলে; রক্তবর্ণবিশিষ্ট (টুকটুকে লাল)। ২ সুন্দর বা ফর্সা; রাঙা (একটি টুকটুকে বউ এনে এবারে ঘর আলো করো)। { *স.* টুণ্টক>(কড়া রঙবাচক); টকটক}

টুকনি, টুকনী [টুক্‌নি] *বি* ১ টুকরি; ছোট ঝুড়ি। ২ ভিক্ষাপ্রাপ্ত; ভিক্ষা করে যে পাত্রে সংগ্রহ করা হয়। ~ **হাতে করা** *বি* ১ নিঃস্ব হইয়া ভিক্ষুকের দশাপ্রাপ্ত হওয়া। ২ ভিক্ষাবৃত্তি অবলম্বন। ~ **হাতে দেওয়া** *ক্রি* ভিক্ষুকের দশা করা। { *তুল. হি.* টুকনী=ছোট পিতলের ঘটি; *হি.* টোকরী}

টুকরা, টুকরো [টুক্‌রা, -রো] *বি* ছিন্ন বা কাটা অংশ। ☐ *বিণ* ১ ছুটকো; বিচ্ছিন্ন (চাপা হাসি টুকরো কথার নানান জোড়াতাড়া—*রঠা*)। ২ ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত;

খণ্ডিত (টুকরা কাগজ, টুকরা জমি)। ~-টাকরা, টুকরো-টাকরা *বি* ছোট বড় খণ্ড; ছাঁটছুট। ~ জমি *বি* ক্ষুদ্র জমি; ক্ষুদ্র ভূ-খণ্ড। ~ ~, টুকরো টুকরো *বিণ* ১ খণ্ডে খণ্ডে বিভক্ত। ২ খণ্ড; বিভক্ত; কুচিকুচি। ~ দাখিলা *বি* ক্ষুদ্র দাখিলা; রাজস্ব প্রাপ্তির ক্ষুদ্র রসিদবিশেষ। {*স.* স্তোক>}

টুকরি, টুকরী [টুক্‌রি] *বি* বাঁশের তৈরি ঝুড়ি বিশেষ; ছোট ঝুড়ি বা চুপড়ি বা চেঙাড়ি। {*তুল. হি.* টোকরী}

টুকলি [টুক্‌লি] *বি* নকল (পরের খাতা টুকলি করে জাহির করা বিদ্যে—*ফঅ*)। {√টুক্‌+লি}

টুকা১, **টোকা**১ [টুকা, টোকা] *ক্রি* ১ নেওয়া; নকল করা; লিখে রাখা; টোকা; note। ২ দোষ-ত্রুটি ধরা; তিরস্কার করা। ⇒ টোকা। {√টুক্‌+আ}

টুকা২, **টোকা**২ [টুকা, টোকা] *ক্রি* সেলাই করা। {*স.* টঙ্ক>}

টুকানো, টোকানো [টুকানো] *ক্রি* ১ খুঁটে নেওয়া (কঠিন পায়ের আঘাতে হানিয়া গরুগুলি ঘাস টুকে—*জউ*)। ২ বিক্ষিপ্তভাবে তোলা; এখান ওখান থেকে বিশৃঙ্খলভাবে নেওয়া। □*বিণ* মধ্যে মধ্যে তুলে নেওয়া (টুকানো অভ্যাস)। {√টুক্‌+আনো}

টুকি১ [টুকি] *বিণ* অত্যন্ত অল্প; অত্যন্ত সামান্য। □*বি* ১ ছোট খণ্ড। ২ ছোট গ্রাস। {*স.* স্তোক>}

টুকি২, **টুকী** [টুকি] *বি* খুকি; অল্পবয়স্কা বালিকা; শিশুকন্যা। **টোকা**-~ *বি* খোকাখুকি। {*স.* তোক (শিশু); *তুল.* টোকাই}

টুকিটাকি [টুকিটাকি] *বিণ* ১ ছোটখাট বা তুচ্ছ বিষয় বা জিনিস। ২ ছোটখাট (টুকিটাকি কাজ)। ৩ অতি সামান্য; একটু আধটু (টুকিটাকি দান)। □*বি* ১ অল্পস্বল্প; ছোট ছোট টুকরা। □ *ক্রিবিণ* অল্পে অল্পে; একটু একটু করে (টুকিটুকি খেলে পরে রসে ভরে গাল—*ঈগু*)। {টুকি+ *অনু.* টাকি}

-টুকু, -টুকুন [টুকু, টুকুন্] স্বল্পতাসূচক প্রত্যয় (এটুকু, এতটুকুন)। {*বা.* প্রত্যয়বিশেষ}

টুগবুগুনি [টুগবুগুনি] *বি* ১ আগুনের উত্তাপে পানি বা ভাত ফোটার শব্দ। ২ মনের কথা প্রকাশ করার জন্য ব্যাকুলতা বা অস্থিরতা। *তুল.* **টগবগ**। {*ধ্বন্যা.*}

টুঙি, টুঙ্গি, টুঙ্গ, টঙ্গী [টুঙি, -ঙ্‌গি, -ঙ্‌গো, টোঙ্‌গি] *বি* মঞ্চের উপর নির্মিত কুটির বা ক্ষুদ্র গৃহ। **জলটুঙি** *বি* জলাশয়ের মধ্যে তৈরি গৃহ। {*স.* তুঙ্গ>}

টুট [টুট্] (*ব্র.*) ত্রুটি; অল্পতা। {*স.* ত্রুটি>}

টুটই, টুটত, টুটব, টুটল ⇒ টুটা

টুটা [টুটা] *ক্রি*১ ভগ্ন করা বা হওয়া; ভাঙা বা ভেঙে যাওয়া। ২ করা বা হওয়া। ৩ দূর করা বা হওয়া; ঘুচানো বা ঘোচা (খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক—*বচদা*)। ৪ লাঘব হওয়া বা করা (সতী ঝির প্রতি কেন টুটিল সম্মান—*কমু*)। □ *ক্রি,বিণ* হ্রাস করা বা হওয়া; কমা বা কমানো (আহার টুটান মাতা দিবসে দিবসে—*কমু*)। □*বি* ১ ছিন্ন করা বা হওয়া; ভেদ করা বা হওয়া (স্বপ্ন টুটিয়া বাহিরেছে আজ দুটো পাগল—*রঠা*)। □ *বিণ*১ ভগ্ন; চূর্ণ (ইরাকের টুটা তখ্‌ত—*নই*)। ২ ছোট; অল্প; কম (তুমি যে রাজার বেটা কে তোমাতে টুটা—*কমু*)। **টুটই** (*ব্র.*) *ক্রি* টুটায়; ভাঙে; দূর করে। **টুটইতে** (*ব্র.*) *অক্রি* টুটিতে; টুটিলে; টুটালে (টুটইতে নাহি টুটে প্রেম অদ্ভুত—*বিপ*)। **টুটন** *বি* ১ ভগ্ন হওন। ২ ছিন্ন হওন। ৩ চূর্ণ হওন। ৪ দূর হওন। ৫ লাঘব হওন। ৬ হ্রাস হওন। ৭ লাঘ; হ্রাস (এত করিতে নারিব সুগ্রীব বলের টুটন—*কও*)। **টুটব** (*ব্র.*) *ক্রি* টুটিব (টুটব বিরহ কি ওর—*বিপ*)। **টুটল** (*ব্র.*) *ক্রি* টুটিল; ছিঁড়িল (টুটল গীমক মোতিম হার—*বিপ*)। **টুটানো, টুটান** *ক্রি*১ ভগ্ন করা; দূর করা; ঘুচানো। ২ হ্রাস করা; কমানো। ৩ লাঘব করা বা হানি করা। **-ফুটা** *বিণ* *বিণ* ১ ভাঙাচোরা; ফুটাফাটা (টুটাফুটা বাটি)। ২ অর্ধভগ্ন; আধাভাঙা। ৩ অর্ধশুদ্ধ; ভাঙা ভাঙা (টুটাফুটা আরবী—*সৈমু*)। ~য়ব (*ব্র.*) *ক্রি* টুটাবে; টুটবে; নষ্ট করবে; ভাঙবে; দূর করবে (হামারি গৌরব তুঙ্গ বাঢ়ায়লি অব টুটায়ব কে—*বিপ*)। {*স.* √ত্রুট্>}

টুন১ [টুন্] *অব্য* টন অপেক্ষা অধিকতর মধুর ও মৃদু ধ্বনি। **টুন টুন** *অব্য* ধারাবাহিক টুন শব্দ। {*ধ্বন্যা.*}

টুন২ *বি* লালবস্ত্র; রঙ। {*স.* টুন্টুক>}

টুনটুনি [টুন্‌টুনি] *বি* স্বনামখ্যাত এক প্রকার ছোটো পাখি। {*ধ্বন্যা.*}

টুপ [টুপ্] *অব্য* ১ ফোঁটা পড়বার শব্দ; লঘু ও ক্ষুদ্র দ্রব্য পতনের শব্দ। ২ মজ্জনের বা গলাধঃকরণের শব্দ। **টুপটাপ** *অব্য* ১ জলীয় দ্রব্য বা ফল প্রভৃতি দ্রব্যের এক একটি করে পতনের শব্দ। □ *ক্রিবিণ* ঐ প্রকার শব্দ বুঝাতে (টুপটাপ করে শিশির ঝরে পড়া)। **টুপটুপ** *অব্য* ধারাবাহিকভাবে টুপ শব্দ। **টুপুরটুপুর** *অব্য* টুপ অপেক্ষা অধিকতর মধুর ধারাবাহিক শব্দ; শুষ্ক পত্রজাতীয় দ্রব্যের উপর ধারা পতনের শব্দ (পাতায় পাতায় টুপুর টুপুর—*রঠা*)। {*ধ্বন্যা.*}

টুপভুজং ⇒ টুপভুজঙ্গ

টুপভুজঙ্গ, টুপভুজং [টুপ্‌ভুজঙ্‌গো, -জঙ্] *বিণ* নেশায় চুর; মাদকদ্রব্য ভক্ষণের ফলে বাক্য ও গতিশক্তিহীন হয়ে তুরীয় ভাবসম্পন্ন (মদ খাইয়া টুপভুজঙ্গ হইয়া—*রাজ*)। □*বি* বুঁদ; নেশায় ভোঁ। {টুপ+ *স.* ভুজঙ্গ}

টুপা (*মবা.*) [টুপা] *বি* জলের পাত্র; মাটির তৈরি ঘট। {*অমূ.*}

টুপি, টুপী [টুপি] *বি* সুপরিচিত মস্তকাবরণ বিশেষ; শিরস্ত্রাণ। {*স.* স্তূপ>টোপ>(ক্ষুদ্রার্থে) টুপি/টুপী; *পো.* topo}

টুবটুব [টুব্‌টুব্] *বিণ* পরপর ডুববার শব্দ। □*অব্য* ১ জলময় অবস্থা। ২ পানিতে ঢিল ছুঁড়বার শব্দ। **টুবটুবে** *বিণ* জলে বা রসে পরিপূর্ণ। {*ধ্বন্যা.*}

টুমটাম [টুম্‌টাম্] *বিণ*১ সামান্য; যৎকিঞ্চিৎ; অল্পকিছু। □*বি* নগণ্য বা তুচ্ছ জিনিস। ~ **করে** *বি*১ কোনো রকমে; এটা সেটা করে; টেনে টুনে। ২ সামান্যভাবে; অল্পেস্বল্পে; অল্পব্যয়ে। {*ধ্বন্যা.*}

টুমটুমি [টুম্‌টুমি] *বি* ডুগডুগিজাতীয় খেলনা। {*ধ্বন্যা.*}

টুয়ান, টোয়ান [টুয়ান্, টো-] *ক্রি* ১ উস্কিয়ে দেওয়া; লেলিয়ে দেওয়া; আক্রমণের জন্য এগিয়ে দেওয়া (রাস্তার ছোঁড়াদের টুইয়া দিত—*প্যামি*; পার্শ্বপরে টোয়াইয়া দিলেক মাহুত—*কাদা*)। ২ সজাগ করে দেওয়া। ৩ হাতড়িয়ে

খোঁজা বা ঠাহর করা; তালাশ করা। ৪ ইশারা করা। { *হি.* √টোহ}

টুল [টুল্] *বি* বসার জন্য কাষ্ঠনির্মিত আসনবিশেষ। { *ই.* stool}

টুলটুল [টুলটুল্] *অব্য* ১ তুলতুল; এত নরম যে স্পর্শ করা মাত্র অথবা টিপ দিলেই টোল খায়। ২ কানায় কানায় পূর্ণতা হেতু টলটল করার ভাব। **টুলটুলে** *বিণ*। { *ধ্বন্যা.* }

টুলি [টুলি] *বি* পাড়া; গ্রাম; ক্ষুদ্র অঞ্চল; মহল্লা; এলাকা (কুমারটুলি, মোগলটুলি)। { *তুল. হি.* টোলি}

টুলো ⇒ টোল[১]

টুসটুস [টুশ্‌টুশ্] *অব্য* ১ রসে পরিপূর্ণ বা রসে ঢলঢল (মউ টুস্ টুস্ মুখখানি তার ঢেউ-খেলানো চুল—*নই*)। ২ মৃদুভাবে ও ক্ষুদ্র বিন্দুতে পানি বা তরল পদার্থের পতন শব্দ। **টুসটুসে** *বিণ*। { *ধ্বন্যা.* }

টুসি, টুসকি, টুস্কি [টুশি, -শ্‌কি, -] *বি* টোকা; তর্জনী ও বৃদ্ধাঙ্গুলি দ্বারা দ্রুত লঘু টোকা বা আঘাত; তুড়ি (রং দুধে আলতার মত হয় এমন কি টুস্কি মাল্লে রক্ত বেরোয়—*কাসি*)। **টুস্কির মাল** *বি* ভঙ্গপ্রবণ দ্রব্য; যা সহজেই নষ্ট হয়ে যায়; সামান্য টোকার ভর সয় না। { *ধ্বন্যা.* }

-টে [টে] ১ টা-এর কথ্যরূপ (তিনটে, চারটে)। ২ 'টিয়া' প্রত্যয়ের চলিত রূপ (রোগাটে, ভাড়াটে)। { *বা.* প্রত্যয় বিশেষ}

টেংরা[১], ট্যাংরা, টেঙরা, টেংগরা, টেঙ্গরা [ট্যাঙ্‌রা, -, -, -ঙ্‌গ্-, -] *বি* তিন কাঁটাযুক্ত ক্ষুদ্র আঁশশূন্য মৎস্যবিশেষ। *টেংরাগেঁটে* *বিণ* খাঁটি অথচ কঠিন দেহ; গাট্টা-গোট্টা। { *স.* ত্রিকণ্টক>}

টেংরা[২] [ট্যাঙ্‌রা] *বি* উচ্চ জায়গা; উচ্চভূমি। { *স.* তুঙ্গ>}

টেংরি, টেঙরি, টেংগরি, টেঙ্গরি [টেঙ্‌রি, -, -ঙ্‌গ্-, -] *বি* ১ ছাগাদি পশুর পায়ের নিম্নাংশের হাড়। ২ পা; ঠ্যাং। **-তে জুত হওয়া, - বাড়া** *ক্রি* স্পর্ধা বর্ধিত হওয়া; অহমিকাপূর্ণ দুঃসাহস বেড়ে যাওয়া। { *স.* ত্রিকণ্টক>}

টেঁক[১], ট্যাঁক [ট্যাক্] *বি* ১ কোমর; কটিদেশ। ২ কোমরের কাপড়; কোমরের কষি। ৩ তহবিল; কোষ (টেঁক খালি)। **-ঘড়ি** *বি* টেঁকে বা পকেটে রাখবার ঘড়ি; জেব-ঘড়ি। **টেঁকে গোঁজা** *ক্রি* ১ কোমরে গোঁজা। ২ আত্মসাৎ করা। ৩ অনায়াসে সম্পূর্ণরূপে পরাস্ত করে জব্দ করা। { *স.* কটি>(বর্ণ বিপর্যয়ে)}

টেঁকটেঁক, ট্যাঁকট্যাঁক [ট্যাক্‌ট্যাক্] *অব্য* ১ কর্কশ ভাষণ বা অপ্রিয় স্পষ্টভাষণসূচক। ২ সর্বদা পিছনে লেগে থাকা বা সতর্কবাণী উচ্চারণবোধক। **টেঁকটেঁকানো, ট্যাকট্যাকানো** *ক্রি* ট্যাকে ট্যাক করা; অনবরত বিরক্তিজনক কথা বলা। **টেঁকটেঁকে, ট্যাঁকটেঁকে** *বিণ* ১ হৃদয়বিদারক। ২ কর্কশ; ক্যাটকেটে; কড়া-কড়া। { *ধ্বন্যা.* }

টেঁকসই ⇒ টেকসই

টেঁকা ⇒ টেকা

টেঁকি [টেঁকি] *বি* পাহাড়; পর্বত। { *স.* তুঙ্গ>}

টেঁটন, টেটন, ট্যাটন [ট্যাঁটন্, ট্যা-, -] *বিণ* ১ ধৃষ্ট; চতুর (তোমা হেন পৃথিবীতে নাহিক টেরটন—*বচদা*)। ☐ *বি* ১ জুয়াড়ি। ২ ধড়িবাজ; ধূর্ত; প্রবঞ্চক। **টেটনী, টেন্টনী** *বি স্ত্রী.* প্রগল্‌ভা; অতিশয় চতুরা; ধূর্তা (টেটনী রাধা—*বচদা*)। { *স.* শঠ>ঠেটা>; *স.* ধৃষ্ট>}

টেঁটরা, টেটরা, ট্যাড্‌রা [টেঁট্‌রা, টে-, ট্যাড়-] *বি* ১ ঢেঁড়া; ঢাক। ২ বিজ্ঞাপন; ঢোল শোহরত। **টেঁটরাওয়ালা** *বি* যে লোক নগরময় ঢাকজাতীয় বাদ্যযন্ত্র বাজিয়ে উচ্চৈঃস্বরে সরকারি আদেশাদি ঘোষণা করে। { *ধ্বন্যা.* }

টেঁটা, ট্যাঁটা, টেটা, ট্যাটা [ট্যাটা, -, ট্যা-, -] *বি* মাছ মারবার লোহার ফলাযুক্ত দীর্ঘ দণ্ডবিশেষ যা সাধারণ অস্ত্ররূপেও ব্যবহৃত হয়। { *স.* ত্রিকণ্টক>তেকাঁটা>টেঁটা}

টেঁপা, টেপা, ট্যাপা [ট্যাপা, ট্যা-, -] *বি* ১ পেট মোটা বিষাক্ত মৎস্যবিশেষ; পোটকা মাছ। ২ পুরুষ শিশুর নাম। **টেঁপী** *স্ত্রী.*। { *স.* স্তূপ>}

টেঁপি [টেঁপি] *বি* বালিকার নাম। { টেঁপা+ই}

টেঁপারি, ট্যাঁপারি, টেপারি [ট্যাপারি, -, ট্যা-] *বি* ১ ছোট কুলের মতো এক প্রকার ফল; কুলজাতীয় অম্লমধুর ফলবিশেষ; cape gooseberry। ২ বাক্স; পোঁটলা; পেটিকা। **আহ্লাদের টেঁপারি বা ট্যাপারি** *বি* আদরের পোঁটলা; অত্যধিক স্নেহের জন্য বাক্সের মতো প্রিয়। { টেঁপা+আরি; *তুল. স.* পেটারি}

টেক[১], টেঁক [টেক্, টেঁ-] *বি* ১ নদী প্রভৃতির বাঁক। ২ টেকনা। { *স.* √স্থা>}

-টেক[২] [টেক্] *অব্য* টাক; পরিমাণবাচক; আন্দাজ বা অনুমান; এই পরিমাণ (আহার ছিল পাতা আর ভাবের গাঁজা ছিলিমটেক—*নই*)। { *বা.* প্রত্যয়বিশেষ}

টেকর, টিকর [টেকর্, টি-] *বি* ১ উচ্চস্থান; উঁচু জায়গা (যদি বর্ষে মকরে ধান হবে টেকরে—*খব*)। ২ আলি; বাঁধ। ৩ উচ্চ স্তূপ (এক একটা কুত্তার সামনে গোসতের এক একটা টিকর—*আমজা*)। { *স.* তুঙ্গ>}

টেকসই, টেঁকসই, টেকসহি [টেক্‌শোই, টেঁ-, টেক্‌শোহি] *বিণ* মজবুত; পোক্ত; দীর্ঘস্থায়ী। { *স.* √স্থা> টেক+*আ.* সহীহ্ [illegible] }

টেকা, টেঁকা, টিকা [টেকা, টেঁ-, টিকা] *ক্রি* ১ থাকা; অবস্থান করা। ২ তিষ্ঠানো (স্কুলে আমাদের আর টেকা দায়—*সুব্য*)। ৩ স্থায়ী হওয়া (এ চাকরি কি টিকবে?)। ৪ বেঁচে থাকা (এ রোগী আর টিকবে না)। ৫ বজায় থাকা (মত টেকা)। **টেকানো, টিকনো, টিকানো** *ক্রি* ১ বজায় রাখা। ২ দীর্ঘস্থায়ী করা। ৩ প্রাণ রক্ষা করা। ৪ উক্ত সকল অর্থে। **টিকে থাকা** *ক্রি* ১ বেঁচে থাকা। ২ স্থায়ী হয়ে থাকা। **টিকে যাওয়া** *ক্রি* ১ মৃত্যুর কবল থেকে রক্ষা পাওয়া। ২ কোনো কাজে স্থায়ী হওয়া বা দীর্ঘদিন থেকে যাওয়া। { *স.* √স্থা> *স.* তিষ্ঠ> *প্রা.* তিট্‌ঠ>}

টেকারি [টেকারি] *বি* এক প্রকার ছোট গুল্ম। { *স.* টঙ্কারী>}

টেকাল ⇒ টিকালো

টেকস্ট [টেক্‌স্‌ট্] *বি* পাঠ্যপুস্তক (টেকস্ট বুক)। { *ই.* text}

টেকুয়া[১], টেকো[১] [টেকুয়া, টেকো] *বি* ১ সুতা পাকাবার যন্ত্র; spindle (টেকুয়া ও চরখায় সুতা কাটিয়া—*ঈবি*;

চরকার টেকো গড়াইয়া দিব—*দীমি*)। ২ চর্মে ছিদ্র করার যন্ত্রবিশেষ; আরা; awl। ৩ চুবড়ি; ক্ষুদ্র আকারের ধামা। {*স.* তুর্ক>*প্রা.* তক্কু>}

টেকো² [টেকো] *বিণ* টাকওয়ালা; মাথায় চুল নেই বা উঠে গেছে এমন। {টাক+উয়া = টাকুয়া>টেকো}

টেক্কর [টেক্‌কর] *বি* ১ তীক্ষ্ণ পরিহাস; ঠাট্টা। ২ নিন্দা; অপবাদ (টিটকারী টেক্কারে হইনু পরাজয়—*কমু*)। {*স.* তীক্ষ্ণ>তিক্‌কর>; ধ্বন্যাত্মক অবজ্ঞাসূচক টিক্‌+ *স.* কার}

টেক্কা [টেক্‌কা] *বি* ১ এক ফোঁটাবিশিষ্ট তাস (সেখানে কেবল তাসের সাহেব তাসের বিবি টেক্কা এবং গোলামের বাস—*রঠা*)। ২ প্রতিযোগিতা; টক্কর; পাল্লা। ❑ *বিণ* প্রধান; সেরা; শ্রেষ্ঠ। ~ **দেওয়া,** ~ **মারা** *ক্রি* ১ অতিক্রম করা; ছাড়িয়ে যাওয়া। ২ প্রতিদ্বন্দ্বিতা করা; টক্কর বা পাল্লা দেওয়া; পরাজিত করা (ফ্যাশান ও স্টাইলে এরা মেম সাহেবদের টেক্কা দেন—*শ্যমা*)। {*স.* একতিলকা (একটি লালের দ্বারা চিহ্নিত)>; *হি.* *টিক্কী*}

টেঙ্গরা, ট্যাংরা ⇒ *টেংরা*

টেঙ্গরি ⇒ *টেংরি*

টেটন ⇒ *টেটন*

টেটা ⇒ *টেটা*

টেটারি [টেটারি] *বি* টেসকোনা নামক পাখি। {টেটা+কারী}

টেটিয়া [টেটিয়া] *বি* চতুর; ধূর্ত; শঠ। {টেটন+ইয়া}

টেডি [টেডি] *বিণ* বখাটে (আঁট পোশাক পরিহিত টেডিবয়, টেডীগার্ল—*হার*)। {*ই.* teddy}

টেড়া, ট্যাড়া, তেড়া, ত্যাড়া [ট্যাড়া, –, ত্যাড়া, –] *বিণ* ১ বাঁকা; তির্যক (রণমদে মাতোয়াল, টেড়াভাবে চলে—*রঙ্গসে*)। ২ বক্র; বাঁকা; কুটিল; তেরছা (টেড়া কথা)। ৩ উগ্র; কড়া; কর্কশ; রুক্ষ; তিরিক্ষি (যাদের মেজাজে টেড়া, তাদের কাছে কেটা যাবে—*ঈগু*)। {*স.* তির্যক>*প্রা.* তিরিঅ>}

টেড়ি, টেরি, তেড়ি [টেড়ি, –রি, তেড়ি] *বি* ১ সিঁথি। ২ বাঁকা সিঁথি। ~ **কাটা** *ক্রি* ১ বাঁকা সিঁথি কাটা। ২ কেশবিন্যাস করা। ❑ *বিণ* বিশেষ প্রকার বা কায়দায় কাটা সিঁথিবিশিষ্ট (একটি গৌরবর্ণ ছিপছিপে টেরিকাটা যুবক—*প্রচৌ*)। ~ **বাগান** *ক্রি* চিরুনি ব্রুশ প্রভৃতির দ্বারা সযত্নে কেশ বিন্যাস করা বা বিশেষ কায়দায় মাথায় চুল ফিরিয়ে সিঁথি কাটা। {*স.* তির্যক>টেড়া+ই}

টেঢ়া ⇒ *টেড়া*

টেণ্ডনী ⇒ *টেটন*

টেণ্ডাই মেণ্ডাই [টেনডাই মেনডাই] *বি* ক্রোধোক্তি; তেড়িমেড়ি; ক্রুদ্ধ আস্ফালন। **টেণ্ডাই মেণ্ডাই করা** *ক্রি* রাগের বশে কড়া কথায় গর্ব ও দম্ভ প্রকাশ করা (টেণ্ডাই মেণ্ডাই করে একে ফেরানো হয়ত যেতে পারে—*শও*)। {টণ্ডাই>টেণ্ডাই+ *অনু.* মেণ্ডাই}

টেন্ডল, টেণ্ডল [টেনডল] *বি* ১ জাহাজের লস্করদের উপরস্থ কর্মচারীবিশেষ। ২ বিটলে। {*মা.* টনডল; *আ.* জনরল جنرل >জণ্ডিল>টেণ্ডল; ইঙ্গ–ভারতীয় tindal}

টেন্ডার, টেণ্ডার [টেনডার] *বি* দরপত্র; মূল্যোদ্ধৃতি; ঠিকাদারির আবেদনপত্র; হার (rate) প্রদানের দরখাস্ত। ~ **প্রদান**—টেন্ডার দেওয়া। {*ই.* tender}

টেনা ⇒ *তেনা*

টেপ, ট্যাপ [ট্যাপ] *বি* উদরী রোগে পানি বের করার জন্য পেটে যে ছিদ্র করা হয়। ❑ *ক্রি* টেপ করা। {*ই.* tap}

টেপ [টেপ] *বি* ১ বস্ত্রের প্রান্ত; কোঁচার খুঁট। ২ ফিতা। ~ **করা** *ক্রি* গান বক্তৃতা ইত্যাদি বিশেষ ধরনের ফিতায় ধরে রাখা। ~**রেকর্ডার** *বি* যে যন্ত্রে স্বরধারণ করে পরে চালিয়ে শোনা যায়। {*ই.* tape}

টেপা¹, **টিপা** [টেপা, টি–] *ক্রি* ১ নিষ্পেষণ করা; চাপ দেওয়া; মর্দন করা; ডলে দেওয়া (শরীর টেপা)। ২ আঙুলের অগ্রভাগ দ্বারা চাপ দেওয়া (মাথা টেপা)। ৩ ঠারা; ইঙ্গিত করা; ঠারে ঠোরে সাবধান করা (চোখ টেপা)। ৪ অতি সাবধানে সতর্কতার সাথে স্থাপন করা (পা টিপে হাঁটা)। ৫ ইঙ্গিতে বা ইশারায় গোপনে সতর্ক করা বা প্ররোচিত করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* ১ টেপে এমন (নাড়ী-টেপা ডাক্তার—*রঠা*)। ২ কৃপণ। ৩ টিপতে বা চাপ দিতে হয় এমন (টেপা কল)। ~ **গোঁজা** *বি* ১ কার্পণ্য বা আঁটাআঁটি (টেপা–গোঁজা করে সংসার চালাতে হয়)। ২ অপ্রশস্ত জায়গা (এই টেপা–গোঁজার মধ্যে চোদ্দগুষ্টির জায়গা হবে কি করে)। ৩ চাপাচাপি (টেপা–গোঁজা করে বসলে কোনো রকমে জায়গা হয়ে যাবে)। ~**টিপি, টিপাটিপি** *বি* পরস্পরের গোপন ইঙ্গিত বা ইশারা। **টেপানো, টেপনো, টিপনো** *ক্রি* ১ পেষণ করানো; মর্দন করানো। ২ মালিশ করানো; চাপ দেওয়ানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **কলা টেপা** *ক্রি* গোপনে কৌশল করা বা পরামর্শ দেওয়া। **নাড়ি টেপা** *বি, বিণ* হাতুড়ে; যে নাড়ি টিপে চিকিৎসা শাস্ত্র জানবার ভান করে। {√টিপ্‌+আ}

টেপা² ⇒ *টেপা*

টেবলেট ⇒ *ট্যাবলেট*

টেবিল [টেবিল] *বি* মেজ; উচ্চ অথচ ক্ষুদ্র চৌকি। {*ই.* table}

টেবো, ট্যাবা [টেবো, ট্যাবা] *বিণ* গোলগাল; ফুলো; নিটোল (টেবো গাল)। {টোপচ>; টাবা>}

টেমাই, ট্যামাই [ট্যামাই] *বি* এক প্রকার বাদ্যযন্ত্র; ট্যামটেমি (রনশিঙ্গা কাড়া পড়া টমক টেমাই—*ঘচ*)। {*ধ্বন্যা.*}

টেমি [টেমি] *বি* দীপবিশেষ; কুপি; ডিবা (কেরোসিনের টেমি হাতে বৌদি অপুর পিছনে পিছুনে চলিল—*বিব*)। {*ই.* tin>}

টেম্পারেচার [টেমপারেচার] *বি* উষ্ণতার পরিমাণ; তাপমাত্রা (টেম্পারেচার–চার্ট দেখিয়া ব্যবস্থা দিতেছেন —*কাই*)। {*ই.* temperature}

টেম্পো [টেমপো] *বি* অটো রিকশা বিশেষ; অপেক্ষাকৃত বড়ো সাইজের তিন চাকার ট্যাক্সিবিশেষ। {*ই.* temperature}

টের¹ [টের] *বি* ১ মনে মনে অনুভব; বোধ (বেদনা টের পাওয়া যাচ্ছে)। ২ সন্ধান (কোথায় গেল টের পাইনি)। ২ জ্ঞান; সংবাদ। ~ **পাওয়া** *ক্রি* ১ সম্যকরূপে অবগত হওয়া; জানতে বা বুঝতে পারা (লেখা ত লিখেছি ঢের, এখন পেয়েছি টের সে কেবল কাগজের রঙিন ফানুস—*রঠা*)। ২ জব্দ হওয়া; শায়েস্তা হওয়া (আজ থাক একদিন না একদিন টের পাবে)। ~ **পাওয়ানো** *ক্রি* ১ জ্ঞাপন করা; জানিয়ে দেওয়া; সম্যকরূপে অবগত করানো। ২ জব্দ করা; শিক্ষা দেওয়া (তোমাকে একদিন টের পেতে হবে)। {*অজ্ঞা.*}

টের[1] [টের্] *বি* ১ সকলের নিকট থেকে দূরে এক কোণ বা প্রান্তে (নবরত্নের সভার মাঝে রইতাম একটি টেরে--*রঠা*)। ২ বাঁক। { *সং* তির্যক>, *তুল* একটেরে}

টেরা, ট্যারা [ট্যারা] *বি* টেড়া; তেরছা বা তির্যক দৃষ্টিবিশেষ (টেরা চোখ)। { *স* তির্যক>; *স* টের>}

টৈরি[1] ⇒ টেড়ি

টৈরি[2] (*ব্র.*) [টৈরি] *বিণ* তেরিয়ে; কুপিত (তাসঞে বহুত হি টৈরি--*বিপ*)। {তেরিয়া>}

টেলক [টেল্‌ক] *বিণ* শীতল; ঠাণ্ডা (সন্ধ্যা বেলায় টেলক পানিতে দুদু চিৎকার করিতেছে--*আমআ*)। { *আ* তালাক طلاق ; *ই* talc}

টেলিগ্রাফ [টেলিগ্রাফ] *বি* দ্রুততম উপায়ে বিদ্যুৎসংলগ্ন তারের সাহায্যে সংকেতে দূরে সংবাদ প্রেরণের পদ্ধতি বা যন্ত্রবিশেষ। { *ই* telegraph}

টেলিগ্রাম [টেলিগ্রাম] *বি* টেলিগ্রাম যন্ত্রের সাহায্যে প্রেরিত সংবাদ; টেলিগ্রাফে প্রেরিত বার্তা; তারবার্তা। { *ই* telegram}

টেলিপ্যাথি [টেলিপ্যাথি] *বি* কোনো প্রকার বাইরের সাহায্য ছাড়া একজনের মনের ভাব বা চিন্তা অপরের নিকট চালনার পদ্ধতিবিশেষ। { *ই* telepathy}

টেলিফোন [টেলিফোন্] *বি* বৈদ্যুতিক শব্দ বহনকারী যন্ত্র; বৈদ্যুতিক তারের সহায়তায় দূরবর্তী লোকের সঙ্গে কথোপকথনের যন্ত্রবিশেষ; দূরালাপনী; আলাপনী; দূরভাষ। { *ই* telephone}

টেলিভিশন [টেলিভিশন্] *বি* বিদ্যুৎ-তরঙ্গের মাধ্যমে প্রেরিত ছবি ও ধ্বনির গ্রহণকারী যন্ত্রবিশেষ; (ভারতীয় পরিভাষা) দূরদর্শন। { *ই* television}

টেলিস্কোপ [টেলিস্‌কোপ্] *বি* দূরবীক্ষণযন্ত্র; দূরবিন; যে যন্ত্রের সাহায্যে দূরের জিনিস নিকটে ও বড় আকারে দেখা যায়। { *ই* telescope}

টেলে [টেলে] *অক্রি* ১ থামিয়ে; নড়িয়ে; সরিয়ে। ২ সান্ত্বনা দিয়ে; প্রবোধ দিয়ে। {টালিয়া>}

টেসো, টেঁসো [টেসো, টেঁসো] *বিণ* শুকানো; জাগ দিয়ে পাকানো; স্বাদহীন; বিস্বাদ। {টাস(টান)+উয়া>টেসো>; *ফা* চাশ্‌নী چشنی }

টেস্ট[1] [টেস্‌ট্] *বি* স্বাদ। { *ই* taste}

টেস্ট[2] [টেস্‌ট্] *বি* পরীক্ষা; উপযুক্ততা বা যোগ্যতা যাচাইয়ের পরীক্ষা। ~**টিউব** *বি* গবেষণাগারে পরীক্ষার কাজে ব্যবহৃত কাচের নল। ~**টিউব বেবি** *বি* পুরুষের শুক্র কাচের নলে কৃত্রিম উপায়ে বাঁচিয়ে রেখে মাতৃগর্ভে স্থাপন করার পর যথাসময়ে যে শিশুর জন্ম হয়। ~**পরীক্ষা** *বি* শেষ পরীক্ষা দেবার যোগ্যতা বিচারের পরীক্ষা। { *ই* test}

টৌ [টৌ] *বি* ১ সতর্কতা; সাবধানতা। ২ গোপনতা অবলম্বন; চুপিসাড়ে। ৩ খোঁজ; অনুসন্ধান। ৪ উঁকি। { *স* টক্ক>}

টৌং ⇒ টং[3]

টৌকচা [টৌক্‌চা] *বি* ১ স্মারক পুস্তক; note book। ২ মনে রাখার জন্য যা খাতায় টুকে রাখা হয়; note। { *ফা* টৌক+চহ্ توکچه }

টৌকরা [টৌক্‌রা] *বি* বাঁশ শর ইত্যাদি দ্বারা তৈরি চুবড়ি; বড় ঝুড়ি; টুকরি অপেক্ষা আকারে বড়। **টৌকরি, টুকরি** *বি* ছোট ঝুড়ি। { *তুল হি* টোকরা}

টৌকলা [টৌক্‌লা] *বি* দৈনিক সংগৃহীত খাদ্যের পরিমাণ। ~**সাধা** *ক্রি* ঘুরে ঘুরে টুকে টুকে (খুঁটে খুঁটে), অল্প অল্প করে সংগ্রহ করা। {√টুক্+লা}

টৌকা[1] [টৌকা] *বি* ১ শুকনা পাতা, বাঁশের চটা প্রভৃতি দিয়ে তৈরি ছাতা; মাথাল (চাষীরা টৌকা মাথায় দিয়া বাহির হইয়াছে—*রঠা*)। ২ ধুচুনি; চাল ধোয়ার ছিদ্রযুক্ত পাত্রবিশেষ। { *পো* touca}

টৌকা[2] [টৌকা] *বি* আঙুলের অগ্রভাগ দ্বারা লঘু আঘাত; টুসকি; ছোট ধাক্কা (নিশ্চয় টৌকা দেবে দরজায়--*আআআ*)। { *স* ছোটিকা>}

টৌকা[3]**, টুকা** [টৌকা, টুকা] *ক্রি* ১ লিখে নেওয়া; নোট করা; স্মরণার্থ লিখে রাখা। ২ কপি করা বা নকল করা। ৩ অসাধু উপায়ে একে অপরের খাতা দেখে লেখা। ৪ দোষ দেখানো বা ধরা; দোষের কথা বলা (সে সবাইকে টৌকে)। ৫ কুড়ানো (ফল টৌকায়)। ৬ পিছু ডাকা। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* অন্যায়ভাবে নকল করা হয়েছে এমন। {√টুক্+আ}

টৌকা[4] [টৌকা] *ক্রি* সেলাই করা; জোড়া দেওয়া। □ *বি* সেলাই কাজ; সীবন। { *স* টঙ্কন>}

টৌকা[5] [টৌকা] *ক্রি* ধীরে ধীরে করা; অল্প পরিমাণে একাধিকবার খাদ্যগ্রহণ করা; টুক টুক করে খাওয়া। { *ধ্বন্যা*}

টৌকাই *বি* স্থায়ী ঠিকানা ও পরিচিতিহীন পথে বেড়ানো অনাথ নিঃস্ব ছেলে-ছোকড়া যারা পথের ধারে ফেলা জঞ্জাল থেকে (ডাস্টবিন থেকে) পরিত্যক্ত শিশি-বোতল কিংবা কাগজের টুকরা সংগ্রহ করে, এমন কি খাদ্য কুড়িয়ে খায়; টৌকায় বা টৌকানোর কাজ করে যে। {√টুক্+আই; *স* তোক (শিশুসন্তান)>+আই}

টৌকানো, টৌকান [টৌকানো] *ক্রি* কুড়িয়ে নেওয়া; কুড়ানো; সন্ধান করা। {√টুক্+আনো}

টৌকা পানা [টৌকাপানা] *বি* জলজ লতাবিশেষ (পুকুরের টৌকা পানা)। { *স* ছোটিকা>টৌকা+পানা}

টৌকো [টৌকো] *বিণ* অম্লস্বাদযুক্ত; টক (দই দম্বল টৌকো অম্বল—*সুবা*)। ~ **মিঠে** *বিণ* অম্লমধুর স্বাদবিশিষ্ট খাটা-মিঠা (টৌকো মিঠে কিসমিস—*নই*)। {টক+উয়া>}

টৌগান [টৌগান্] *বি* খোঁজ; হদিস; সন্ধান; কুড়ানো; উঞ্ছকর্ম (টৌগান লইল--*পূগী*)। { *স* টঙ্ক>টাক>টৌগা>}

টৌঙ, টৌঙ্গ ⇒ টং[3]

টৌঙর, টৌঙ্গর [টৌঙর্, টৌঙ্‌গর্] *বি* (*মবা*) মুসলমান। {তাতার বংশীয় তৈমুর লং অথবা তাতার দেশের টাঙ্গুস বংশীয় চেঙ্গিস খাঁ বা তাঁর অনুচরদের নাম থেকে}

টৌটক [টৌটক্] *বি* এক প্রকার পক্ষী। { *ধ্বন্যা*}

টৌটকা [টৌট্‌কা] *বি* শাস্ত্রীয় ওষুধের তালিকা-বহির্ভূত ওষুধ; মুষ্টিযোগ; তন্ত্র শাস্ত্রানুযায়ী চিকিৎসাবিশেষ (ফুঁফুঁ টৌট্‌কা ঔষধের প্রলেপ তাহার বুকে দিয়া—*নর*)। □ *বিণ* সামান্য; তুচ্ছ। ~-**টুটকি** *বি* মুষ্টিযোগ (তার টৌটকা-টুটকি দাওয়া-দরুতে রক্ত বন্ধ হল না—*জহা*)। { *স* ত্রোটক>টৌটকা}

টোটা[১] [টোটা] *বি* ১ বন্দুকের কার্তুজ; cartridge। ২ স্থলমান বাড়ির শেষ অংশ। { *স.* ত্রুট>*ই.* *cartridge*}
টোটা[২] [টোটা] *বি* বাগান; বাগিচা; উদ্যান। { *তে.* তোট্টম}
টোটা[৩] [টোটা] *বিণ* ভাঙা; ভগ্ন; সামান্য। { *স.* ত্রুটি> টুট+আ}
টোটাল [টোটাল] *বি* মোট; সমষ্টি; একুন (লেজারে টোটালের জায়গায় হাতের কলমটি—*রাব*)। { *ই.* total}
টোটেম *বি* আদিম বা উপজাতিদের গোত্রস্মারক; গোত্ররক্ষক ও গোত্রপ্রতীক পশু পাখি বৃক্ষবিশেষ, যেমন— নাগ, বাজ, পেচক, সাপ, সিংহ, কুকুর প্রভৃতি। { *ই.* totem}
টো টো [টোটো] *অব্য, ক্রিবিণ* ১ লক্ষ্যহীনভাবে টহল দিয়ে ফেরা। ২ ক্লান্তিকর ও নিষ্ফল ভ্রমণসূচক (টো টো করে ঘোরার চেয়ে এ কাজ অনেক ভাল—*আই*)। ৩ ক্রমাগত ঘোরাফেরা বা ঘোরাঘুরি (সারাদিন টো টো করেও সব কাজ শেষ করা গেল না)। ~ **কোম্পানি** *বি* ভবঘুরের দল; উদ্দেশ্যহীন ভ্রমণকারীর দল। { *স.* তত্র>*প্রা.* তত্থ>}
টোড়ি, টোড়ী ⇒ তোড়ি
টোণ[১] ⇒ টোন[১]
টোণ[২] ⇒ টোন[২]
টোন[১]**, টোণ**[১]**, টোয়াইন** [টোন্, –, টোয়াইন্] *বি* পাকানো শক্ত সুতা। { *ই.* twine}
টোন[২]**, টোণ**[২] [টোন্] *বি* তূণ; বাণাধার। { *স.* তূণ>*প্রা.* তোণ>}
টোন[৩] [টোন্] *বি* কণ্ঠস্বর; মেজাজজ্ঞাপক কণ্ঠস্বর; mood। { *ই.* tone}
টোনা [টোনা] *বি* ১ বশীকরণের মন্ত্র। ২ তন্ত্রমন্ত্র; তুক; যাদু; গুণ; বশীকরণের প্রকরণ। ৩ কুনজর; কুদৃষ্টি। ~ **দেওয়া**, ~ **লাগানো** *ক্রি* কুনজর দেওয়া; অশুভ দৃষ্টিপাত করা। { *স.* তন্ত্র>}
টোপ[১] [টোপ্] *বি* ১ বড়শিতে গাঁথা মাছের খাদ্য। ২ প্রলোভনের জিনিস (টোপ গেলা)। ৩ কৌশল (নারী আটকানোর নানারূপ টোপ আছে—*জহা*)। ~ **ফেলা** *ক্রি* ফাঁদ পাতা। ~ **খাওয়া** *ক্রি* টোল খাওয়া বা গর্ত হওয়া। { *স.* স্তূপ> অপভ্র. টোপ}
টোপ[২] [টোপ্] *বি* ১ অলঙ্কারাদিতে টোপ বা স্তূপের সদৃশ গঠন। ২ কাপড়ের বোতামবিশেষ। ৩ মুকুট; শিরোভূষণ। ৪ টুপি। ৫ শিরস্ত্রাণ (তোদের ও টুপী পরার চাইতে আমাদের টোপ পরা শতগুণ ভালো—*গোমো*)। ৬ এক জাতীয় গিলাপ বা ঢাকনা। ~**সা** *বি* টোপ বা বিন্দু। { *স.* স্তূপ>}
টোপর [টোপর্] *বি* ১ শিরস্ত্রাণ; বড় টুপি (চামের টোপর শোভে শিরে—*কমু*)। ২ হিন্দু সম্প্রদায়ের বরের মাথার মুকুট; বরের মাথার শোলার বড় টুপি। ৩ মুকুট; শিরোভূষণ (আলীর টোপর মাথে দিলেক তুলিয়া—*হেমা*; সোনার টোপর মাথায়—*ছড়া*)। ৪ চূড়া; শীর্ষদেশ; উর্ধ্বদেশ (সাত পুরুষের ডিঙ্গা তোমার সোনার টোপর—*দমি*)। ৫ উঁচু জায়গা; উন্নত ভূমি। ৬ ফোঁপরা; ফাঁপা। ~**পানা** *বি* ১ গোলাকার ফাঁপা পানাবিশেষ যা পানিতে ডুবে না (টোপর পানায় ভরল ডোবা—*সদ*)। ২ টোপ অপেক্ষা বড়। টোপসা=টোপ। { *স.* স্তূপ; স্টূপির>*প্রা.* টোপ্পর>; *ওবাঙ.* তোরপোর; *তুল.* *গ্রি.* topos; *ই.* top}
টোপলা [টোপ্‌লা] *বি* পুঁটুলি; পোঁটলা (হাতে একটা টোপলা ছিল—*শাআ*)। { *স.* টম্বর>টোপলা>পোঁটলা> (বর্ণ বিপর্যয়ে)}
টোপা [টোপা] *বিণ* ১ টোপযুক্ত; টোপের মতো গোল (টোপা কুল)। ২ গোল বয়ার মত ফাঁপা যা পানিতে ভাসে (মন আমার টোপা পানা ডুবতে চায় না—*রাম*)। □*বি* ১ ফাঁপা। ২ দেশি কুলবিশেষ। { *স.* স্তূপ>}
টোপানো [টোপানো] *ক্রি* টুপটাপ করে ফোঁটায় ফোঁটায় ঝরা (শিশির টোপারে পড়ে—*সদ*)। { √টোপা+অন}
টোপী ⇒ টুপি
টোয়ত (*ব্র.*) [টোয়তো] *ক্রি* খোঁজ করছে (টোয়ত অব ধনী —*গোদা*)। { *তুল.* *হি.* টোহ্}
টোয়াইন ⇒ টোন
টোয়ান ⇒ টুয়ান
টোরা [টোরা] *বি* শিশুদের কটিভূষণ বা কোমরের এক প্রকার অলঙ্কার। { *স.* কটিত্র>}
টোল[১] [টোল্] *বি* ১ চতুষ্পাঠী; যেখানে সংস্কৃত পড়ানো হয়; সংস্কৃত বিদ্যালয় (প্রকৃতির টোলে আমি কখনো নিইনি পাঠ—*শারা*)। ২ অস্থায়ী কুটির; কুঁড়েঘর। ৩ পাড়া; গ্রামের একটা অংশ (বেদের টোল)। টুলো *বিণ* ১ টোলে শিক্ষিত। ২ টোলসম্পর্কীয় বা টোল বিষয়ক। **টুলো পণ্ডিত** *বি* ১ টোলে সংস্কৃত পড়ানো যে পণ্ডিতের কাজ বা পেশা। ২ কেবল পুঁথিগত বিদ্যায় অভিজ্ঞ। { *স.* তলিম>টোল; *তুল.* *আ.* তালীম্ تعليم ; *তুল.* *হি.* চোল}
টোল[২] [টোল্] *বি* ১ ছোট গর্ত (গুলবদনীর চিবুক গালের টোল—*নই*)। ২ তোবড়ানো ভাব বা অবস্থা। ~ **খাওয়া** *বি* তুবড়ে যাওয়া; বেঁকে যাওয়া (বদনাটাই খেল টোল—*সৈমু*)। ~ **পড়া** *বি* গর্ত হওয়া; কিঞ্চিৎ ডেবে যাওয়া। **গালে** ~ **পড়া** *বি* মুখ নাড়লে গালে গর্তের মতো হওয়া। { *স.* তট>*প্রা.* তড়>তল>টল>টোল}
টোল[৩] [টোল্] *বি* তিরস্কার; গঞ্জনা; কর্কশ বা কটু কথা। { *তুল.* *হি.* টর}
টোল[৪] [টোল্] *বি* শুল্ক; রাজকর; মাশুল। { *ই.* toll}
টোলা [টোলা] *বি* পাড়া; পল্লি (আর্মানিটোলা, বালুটোলা)। **টুলি, টুলী** *বি* (ক্ষুদ্রার্থে) ছোট পাড়া (গণকটুলি)। { *হি.* টোলা}
টোসা [টোশা] *বি* বিন্দু; ফোঁটা। { *ধ্বন্যা.* টোপসা>}
টোস্ট, টোষ্ট [টোস্‌ট্] *বি* আগুনে-সেঁকা পাউরুটির টুকরা; toast। { *ই.* toast}
টৌড়ি, টৌড়ী [টোউড়ি] *বি* সংগীতের একটি রাগিণী। { *স.* ত্রোটকী>; *তুল.* তোড়ী}
ট্যাং, টেং, টাং ট্যাং [ট্যাং, –, ট্যাং ট্যাং] *বি* অবজ্ঞা বা অসন্তোষের ভাবজড়িত ভ্রমণ। { *স.* টঙ্ক>টং}
ট্যাংক, ট্যাঙ্ক [ট্যাঙ্‌ক্] *বি* ১ জল প্রভৃতি তরল পদার্থের বা গ্যাসের বড় আধার (পানির ট্যাঙ্ক থেকে টপ টপ করে পানি পড়তে লাগল—*সৈশা*)। ২ কামানসংযুক্ত সাঁজোয়া গাড়ি। { *ই.* tank}
ট্যাংগস ট্যাংগস ⇒ ট্যাঙস ট্যাঙস
ট্যাংরা ⇒ টেংরা[১]
ট্যাঁ [ট্যাঁ] *অব্য* ১ শিশুর ক্রন্দনধ্বনি। ২ পাখির চিৎকার

শব্দ। -- অব্য ক্রমাগত ট্যাঁ শব্দ। ~ ফোঁ বি উচ্চবাচ্য; ভালোমন্দ কথন; সামান্য প্রতিবাদ। {*ধ্বন্যা.*}
ট্যাঁক ⇒ *ট্যাঁক*
ট্যাঁকট্যাক, ট্যাঁকটেঁকে, ট্যাঁকট্যাঁকান ⇒ *টেকটেক*
ট্যাঁকশাল ⇒ টাকশাল
ট্যাঁটা ⇒ *টেঁটা*
ট্যাঁপারি ⇒ *টেঁপারি*
ট্যাঁ-ফোঁ [ট্যা- ফোঁ] *বি* বিন্দুমাত্র বা সামান্যতম প্রতিবাদ; কোনোরূপ উচ্চবাচ্য। {টুঁ>ট্যা; ফোঁস>ফোঁ}
ট্যাঁস [ট্যাশ] *বি* মিশ্র জাতি; দো-আঁশলা জাতিবিশেষ; ইঙ্গ-ভারতীয় সঙ্কর জাতি; ফিরিঙ্গি; ইউরেশীয়। {ই trash>(?)}
ট্যাঁসট্যাঁস [ট্যাশট্যাশ] *অব্য* অপ্রিয় এবং আপত্তিসূচক উক্তি বা ধ্বনি বোঝাতে (কালে না নোয়ালে বাঁশ পাকলে করে ট্যাঁস ট্যাঁস—*প্রবাদ*)। **ট্যাঁসটেঁসে** *বিণ*। {*ধ্বন্যা.*}
ট্যাক্স [ট্যাকস] *বি* খাজনা; রাজস্ব; কর; শুল্ক; মাসুল (তার তরকারীতেও সরকারী কোন ট্যাক্স—*নই*)। {ই tax}
ট্যাক্সি [ট্যাকসি] *বি* ভাড়ায় যাত্রীবহনকারী মোটর গাড়ি; ভাড়াটে মোটরগাড়ি। {ই taxi}
ট্যাঙস ট্যাঙস, টেঙস টেঙস [ট্যাঙোশ্‌ট্যাঙোশ] *অব্য* শ্রান্তভাবে পা টেনে চলার ভাব; বহু কষ্টে টেনে টেনে চলবার ভাব। ❑ *বিণ* মন্দগতি। ❑ *বি* উদ্দেশ্যবিহীন-ভাবে ঘুরে বেড়ানো। {ট্যাং(জঙ্ঘা)>}
ট্যাটন=*টেটন*
ট্যাটা ⇒ *টেঁটা*
ট্যাপা ⇒ *টেপা*
ট্যাবলেট, টেবলেট [ট্যাবলেট] *বি* ১ ঔষধের বড়ি (আমাকে একশিশি ফ্লু টেবলেট দিয়ে যান—*সৈমু*)। ২ মৃত ব্যক্তির স্মরণার্থ প্রাচীরগাত্রে লিপিবদ্ধ ফলক। {ই tablet}
ট্যান্ডল=*টেন্ডল*
ট্যামট্যাম [ট্যাম্‌ট্যাম] *অব্য* শুকনা চামড়া ও টিনের উপর ঘা মারার শব্দ। ❑ *বি* ট্যামট্যাম শব্দকারী বাদ্যযন্ত্র। **ট্যামট্যামি, ট্যামটেমি** *বি* ট্যামট্যাম শব্দকারী বাদ্যযন্ত্র। {*ধ্বন্যা.*}
ট্যামাই ⇒ *টেমাই*
ট্যারা ⇒ *টেরা*
ট্যাসেল [ট্যাসেল] *বি* ১ রেশমের থোপনা; রেশমি ঝাপ্পা (বাবুর ট্যাসেল দেওয়া টুপী—*কাসি*)। ২ চুল বাঁধার উপকরণবিশেষ; রেশমের থোপনা দেওয়া চুল বাঁধার দড়ি। {ই tassel}
ট্রাংক, ট্রাঙ্ক [ট্রাঙ্‌ক] *বি* টিন প্রভৃতি দ্বারা তৈরি বড় বাক্স; তোরঙ্গ। {ই trunk}
ট্রাক [ট্রাক] *বি* মালগাড়িবিশেষ; মালবাহী মোটরযান বিশেষ। {ই truck}
ট্রাক্টর [ট্রাকটর] *বি* জমি চাষ করার জন্য ইঞ্জিনচালিত যন্ত্রবিশেষ। {ই tractor}
ট্রাঙ্ক ⇒ ট্রাংক
ট্রাজেডি ⇒ ট্র্যাজেডি
ট্রান্সপোর্টেশন [ট্রান্‌স্‌পোর্‌টেশন্‌] *বি* দ্বীপান্তর; স্বদেশ থেকে বহিষ্করণ; নির্বাসন। {ই transportation}
ট্রান্সফার, ট্র্যান্সফার [ট্রান্‌স্‌ফার] *বি* বদলি; স্থানান্তর-করণ; স্থান পরিবর্তন। ~ **সার্টিফিকেট** *বি* এক বিদ্যালয় ছেড়ে অন্য বিদ্যালয়ে ভর্তি হওয়ার অনুমতিপত্র। {ই transfer}
ট্রাফিক, ট্র্যাফিক [ট্রাফিক্‌, ট্র্যা-] *বি* রাস্তায় লোক ও মালপত্র প্রভৃতির গমনাগমন। ~ **জ্যাম** *বি* যানবাহনের অত্যধিক ঠাসাঠাসি অবস্থা। ~ **পুলিশ** *বি* যানবাহন নিয়ন্ত্রণকারী পুলিশ। {ই traffic}
ট্রাভেল ⇒ ট্র্যাভেল
ট্র্যাভেল, ট্রাভেল [ট্র্যাভেল, ট্রা-] *বি* ভ্রমণ; পর্যটন। {ই travel}
ট্রাম [ট্রাম্‌] *বি* লোহার লাইনের উপর দিয়ে চালিত ও বিদ্যুৎবাহিত (পূর্বে অশ্বচালিত) গাড়ি। {ই tram}
ট্রায়াল ⇒ ট্রায়েল
ট্রায়েল, ট্রায়াল [ট্রায়েল্‌, -য়া-] *বি* ১ যাচাই করা; পরীক্ষা (মাকে বলা মাত্রই দুই ট্রায়েলের পরই ঠিক জিনিষ তৈরি করে দেন—*সৈমু*)। ২ বিচার। {ই trial}
ট্রাষ্ট ⇒ ট্রাস্ট
ট্রাস্ট, ট্রাষ্ট [ট্রাস্‌ট্‌] *বি* ন্যাস; স্থাপন; অর্পণ। **ট্রাস্টি, ট্রাষ্টি, ট্রাষ্টী** *বি* অর্পিত দ্রব্যের রক্ষাকারী। {ই trust}
ট্রাংক, ট্র্যাঙ্ক *বি* টিনপ্রভৃতি দ্বারা তৈরি বড় বাক্স; তোরঙ্গ। {ই trunk}
ট্রিগার [ট্রিগার] *বি* বন্দুকের ঘোড়া (সুযোগ বুঝিয়া তাঁহার পকেটস্থ পিস্তলের ট্রিগার টিপিয়া দেন—*ওয়ালি*)। {ই trigger}
ট্রে [ট্রে] *বি* খারকোশ; খুঞ্চা; দ্রব্য বহনের থালাবিশেষ। {ই tray}
ট্রেজারি [ট্রেজারি] *বি* সরকারি কোষাগার; ধনাগার; খাজাঞ্চিখানা। {ই treasury}
ট্রেঞ্চ [ট্রেনচ] *বি* পরিখা; খাত; খাদ বা খানাবিশেষ (এই সাতদিন ধরে একরোখা ট্রেঞ্চে কাদায় শুয়ে শুয়ে—*নই*)। {ই trench}
ট্রেডমার্ক [ট্রেড্‌মারক্‌] *বি* পণ্যচিহ্ন (রেজিস্টার্ড ট্রেড মার্ক)। {ই trade mark}
ট্রেন [ট্রেন] *বি* রেলগাড়ি; রেললাইনের উপরে ইঞ্জিনের দ্বারা চালিত বগিসমূহ (জীবনের ট্রেন চলেছে ছুটে—*আসি*)। {ই train}
ট্রেসপাস [ট্রেস্‌পাস] *বি* অনধিকার প্রবেশ; অন্যের এলাকায় প্রবেশ। {ই trespass}
ট্র্যাজিডি, ট্র্যাজেডি, ট্রাজেডি [ট্র্যাজিডি, -জে-, ট্র্যাজেডি] *বি* ১ শোকাবহ ঘটনা বা ব্যাপার; দুঃখজনক ব্যাপার বা ঘটনা (বেচারাদের জীবনের সবচেয়ে বড় ট্র্যাজেডী—*নই*)। ২ দুঃখজনক অবস্থা বা ঘটনাসংবলিত রচনা বা বিয়োগান্ত নাটকাদি। **গ্রিক** ~ *বি* বিশেষ লক্ষণযুক্ত বিষাদাত্মক রচনা। **ট্র্যাজিক** *বিণ* বিয়োগান্ত; বিষাদময় (তার ট্র্যাজিক পরিণামের কাহিনী—*আনিস*)। {ই tragedy}
ট্র্যাডিশন [ট্র্যাডিশন্‌] *বি* ঐতিহ্য (অভিজাত বংশের

ট্র্যাডিশন অর্থাৎ ঐতিহ্যনির্ভর পটভূমি না থাকলে—*বর*)। { *ই.* tradition }

ঠ

ঠ–ব্যঞ্জনবর্ণমালার দ্বাদশ ও ট বর্গের দ্বিতীয় বর্ণ। এটি দন্তমূলীয় প্রতিবেষ্টিত (alveolo-retroflex); অঘোষ (unvoiced); মহাপ্রাণ (aspirated); স্পৃষ্ট (plosive) ধ্বনি।

ঠং [ঠঙ্] *অব্য* টুং বা টং অপেক্ষা অধিকতর জোরালো আওয়াজ যা ঘণ্টা প্রভৃতি থেকে শোনা যায়। ~ ~ *অব্য* ঠং শব্দের পুনরাবৃত্তি। { *ধ্বন্যা.* }

ঠক[১] [ঠক্] *অব্য* লাঠি প্রভৃতি শক্ত জিনিস ঠোকার আওয়াজ। ~ ~ *অব্য* ১ ঠক শব্দের পুনরাবৃত্তি; ক্রমাগত ঠক শব্দ। ২ দ্রুত বা প্রবলভাবে ঠক ঠক করা বা করে কাঁপা (গণেশের হাতের জলের কুঁজা ঠক্ঠক্ করিয়া কাঁপিতে লাগিল—*সুরা*)। ~**ঠকানো**, ~**ঠকান** *ক্রি* ১ ঠক ঠক ধ্বনি উৎপাদন করা। ২ অত্যধিক ভীতি শৈত্য ইত্যাদির ফলে প্রবলভাবে কাঁপা। ৩ উক্ত উভয় অর্থে। ~**ঠকানি** *বি* ১ ঠক ঠক শব্দ। ২ ঠক ঠক করে কম্পন। { *ধ্বন্যা.* }

ঠক[২] [ঠক্] *বি, বিণ* শঠ; প্রবঞ্চক; প্রতারক। ❑ *বি* ঠকবাজি; শঠতা; ঠকের কার্য (কোন স্থানে ইন্দ্রজালে করএ কুহক। মিথ্যা বাক্য সহ্য করে দেখাইয়া ঠক—*সৈআ*)। { *স.* স্থগ>ঠগ }

ঠকা [ঠকা] *ক্রি* ১ প্রতারিত হওয়া; প্রাপ্যের কম পাওয়া (তিন টাকা ঠকিয়েছে)। ২ হারা; হেরে যাওয়া (তোমার কাছে আমি ঠকে গেলাম)। ❑ *বি* উক্ত সকল অর্থে। ❑ *বিণ* প্রাপ্যের কম (বিক্রী করে ঠকা দামে—*মুশ*)। –**নে** *বিণ* ঠক; বঞ্চক; প্রতারক। ~**নো**, –**ন** *ক্রি* ১ প্রতারিত করা (বড়ো ঠকান ঠকিয়েছি—*রঠা*)। ২ হারানো। ৩ অপ্রতিভ বা অপ্রস্তুত করা। ❑ *বি* উক্ত সকল অর্থে। –**মি**, ~**মো** *বি* ১ প্রতারণা; বঞ্চনা। ২ পরনিন্দা। ৩ ঠকের কাজ। { ঠক+আ }

ঠক্কর ⇒ *ঠোকর*

ঠক্কুর [ঠোককুর] *বি* ১ ঠাকুর; দেব-প্রতিমা। ২ ব্রাহ্মণদের পদবিবিশেষ। { *অমূ.*; অর্বাচীন সংস্কৃত }

ঠগ [ঠগ্] *বি, বিণ* ঠক; প্রবঞ্চক। ❑ *বি* ঠগি দস্যু। { *স.* স্থগ> }

ঠগি [ঠোগি] *বি* ভারতে ইংরেজ আমলে বিনষ্ট একটি ছদ্মবেশী দস্যু সম্প্রদায়। { ঠগ+ই }

ঠটিয়া, ঠটে, ঠোটে [ঠোটিয়া, ঠোটে, –] *বিণ* অপুষ্ট (ঠটে কলা); কড়া বা রুক্ষ। ❑ *বি* ঠোঁটকাটা; কর্কশ ও স্পষ্টভাষী। { *স.* স্থাণু> }

ঠন [ঠন্] *অব্য (ধ্বন্যা.)* টং ঠুং বা ঠুন অপেক্ষা অধিকতর জোরালো শব্দ; ধাতব পদার্থে আঘাতের ফলে উদ্ভূত শব্দবিশেষ। ~~ *অব্য* ১ *(ধ্বন্যা.)* ক্রমাগত ঠন শব্দ। ২ খালি; শূন্য (বোতলে কিছু নেই একেবার ঠন ঠন, হাঁড়ি ঠন ঠন; লেখাপড়া ঠন ঠন)। ~**ঠনে** *বিণ* ১ খুব শক্ত; দৃঢ়; কঠিন (থলথলে মাটি, ঠনঠনে লোহা—*সদ*)। ২ অত্যন্ত শুষ্ক; এরূপ শুষ্ক যাতে আঘাত করলে শব্দ হয় (এই কষ্ট যার হৃদয় কখনো এমনি শুকিয়ে ঠনঠনে পাথর হয়ে গিয়েছে সেই বুঝবে—*নই*)। **ঠনা**– *অব্য* বার বার ঠন ঠন শব্দ (ঠনাঠন বাজে)। { *ধ্বন্যা.* }

ঠমক [ঠমোক্] *বি* ১ গর্ব; গর্বিত ভাবভঙ্গি (কিসের এক ঠমক দেখায় দেবদারু আজ দখনে হাওয়ায়—*নই*)। ২ হাবভাবযুক্ত চলন; ঠাট; ঠসক। ৩ নাচের ভঙ্গি; নাচের তালে তালে পা ঠুকে চলা (বুড়ী ঠমক দিয়া ঘাটলার সিঁড়ি ভাঙ্গে—*দমি*)। ৪ জলের শব্দ। ~ **চাল** *বি* অত্যধিক গর্বিত হাবভাব। { *স.* স্তম্ভক> }

ঠসক [ঠশোক্] *বি* ১ গর্বযুক্ত ভাবভঙ্গি; গুমর। ২ ছলাকলা; ঠমক; ছেনালি। { *তুল. হি* ঠসক }

ঠাঁই ⇒ ঠাঁই

ঠাওর, ঠাহর, টাহর [ঠাওোর্, –হোর্, টা–] *বি* ১ মনোযোগপূর্বক দর্শন; নিরীক্ষণ (যিনি রংটা নীল কিংবা সবুজ বিশেষ ঠাওর করেও বলতে অপারগ—*প্রচৌ*)। ২ মনোযোগ (ঠাওর করে দেখা)। ৩ উপলব্ধি (নাকটা স্পর্শ করলে ওটা যে আমারই তা ঠাওর করতে পারি না—*আহা*; পূর্বাহ্ণে তাহা টাহর করিতে পারিত না—*মোব*)। ৪ নির্ধারণ; নির্ণয়; স্থির (দেশে দেশে হতে যত আইল সওদাগর। (কেহ না করিতে পারে দরের ঠাওর—*ফগা*)। **ঠাওরানো, ঠাওরান** *ক্রি* ১ দেখে বোঝা। ২ উপলব্ধি বা নির্ণয় বা নির্ধারণ করা (আর তুই পাগল ঠাওরালি আমাকে?—*রাখা*)। ৩ স্থির বা অনুমান করা (আমি একটা মতলব ঠাউরেছি—*ওআ*) { *স.* স্থাবর>ঠাহর> ঠাওর। স্থাবর তথা স্থিরভাবে দাঁড় করিয়ে দেখা অর্থে }

ঠাঁই[১], **ঠাঞি** [ঠাই, ঠায়ি] *বি* ১ স্থান (এটা হল আরামের ঠাই—*সদ*; নিজেরা তা কাঁধে করিয়া এক ঠাই জড় করিল—*আমআ*)। ২ (হিন্দুদের মধ্যে) আহারে উপবেশন স্থান (ঠাঁই করা বা হওয়া)। ৩ আশ্রয় (ঠাঁই নাই ঠাঁই নাই ছোট এ তরী—*রঠা*)। ৪ তলদেশ; তল; থই (নদীতে ঠাঁই পাওয়া যায় না)। ৪ নিকট; কাছে (তাঁর ঠাঁই শুনেছি)। ~ ~ *বিণ* পৃথক পৃথক; ভিন্ন; আলাদা আলাদা (ভাই ভাই ঠাঁই ঠাঁই)। { *স.* স্থান>*প্রা.* ঠাণ>ঠাঁই }

ঠাঁই[২] [ঠাই] *অব্য* হঠাৎ প্রবল আঘাত; ধাই (ঠাঁই করে চড় মারা)। { *স.* স্থান>*প্রা.* ঠাণ>ঠাঁই }

ঠায় [ঠায়্] *বি* স্থান (মধু মোম আর মৃগনাভি যারা কিনিত সুরের ঠায়ে—*সদ*)। { *স.* স্থান> }

ঠাকঠমক [ঠাক্ঠমোক্] *বি* ঠাটঠমক; জাঁকজমক (ঠাকঠমকসহ পুনশ্চ ফরাসিরা ঢুকে পড়লেন—*মব*)। { *স.* ধাম>ঠাম>ঠাক, *অনু.* ঠমক }

ঠাকরুন [ঠাকরুন] *বি* ১ *স্ত্রী.* ঠাকুরানী; মাননীয়া মহিলা। ২ ব্রাহ্মণজাতীয়া নারী। ৩ প্রভুপত্নী; মনিবের স্ত্রী। – **দিদি**

বি ১ (হিন্দুদের মধ্যে) পিতামহী; পিতামহী স্থানীয়া নারী। ২ ভগিনীর তুল্য ব্রাহ্মণকন্যা বা ব্রাহ্মণী। {ঠাকুরানী> ঠাকুরান> ঠাকুরেন, ঠাকরুন}

ঠাকুর [ঠাকুর্] *বি* ১ হিন্দুদের দেবতা। ২ প্রতিমা। ৩ ঈশ্বর; ভগবান (ঠাকুর, রক্ষা করো)। ৪ রাজা; অধীশ্বর; অধিপতি; প্রভু; মালিক (সভায় কুতুব সেই রাজ্যের ঠাকুর— *সৈআ*)। ৫ পূজনীয় বা মাননীয় বা শ্রদ্ধেয় ব্যক্তি; গুরুজন (পিতা ঠাকুর)। ৬ গুরু। ৭ ব্রাহ্মণ। ৮ পূজক; পুরোহিত (ঠাকুর পূজা করেন)। ৯ পাচক ব্রাহ্মণ (ঠাকুরের রান্না)। ১০ হিন্দু স্ত্রীলোকের শ্বশুর (ঠাকুরপো)। ১১ পদবিবিশেষ (রবীন্দ্রনাথ ঠাকুর)। **ঠাকুরানী, ঠাকরুন** *স্ত্রী*। ~**ঘর** *বি* হিন্দুদের পূজার ঘর। ~ **ঘরে কে** *বি* দোষ ধরার পূর্বেই বিনা প্রয়োজনে দোষ অস্বীকার করা। ~ **জামাই** *বি* নন্দাই; ননদের স্বামী। **ঠাকুরঝি** *বি* শ্বশুরকন্যা; ননদ (ঠাকুরঝিরা মুচকি হাসে আমি মরি লাজে—*নই*)। ~**দাদা, ~দা** *বি* পিতামহ; পিতার পিতা। ~**দালান** *বি* পাকা পূজামণ্ডপ। ~**পূজা** *বি* দেবতার পূজা; বিশেষত ইষ্ট দেবতার নিত্যনৈমিত্তিক পূজা। **ঠাকুরপো** *বি* দেবর; স্বামীর ভাই। ~**বাড়ি** *বি* মন্দির; দেবালয়। ~ **মহাশয়, ~ মশাই** *বি* গুরু; পুরোহিত; ব্রাহ্মণ। **ঠাকুরমা, ঠাকুমা** *বি* পিতামহী; পিতার মাতা। ~ **সেবা** *বি* ঠাকুর পূজা। **ঠাকুরাল, ঠাকুরালি** *বি* ১ রহস্য; রঙ্গ; ঠাট্টা-তামাশা-বিদ্রূপ; দেবসুলভ বা দেবতাকৃত ছলনা (কহে সখী জয়া শুন গো অভয়া একি কর ঠাকুরালি—*ভারা*)। ২ দেবতা। ৩ প্রাধান্য; নেতৃত্ব; আধিপত্য। ৪ প্রভুত্ব। {ফারসি উৎসের শব্দ (তু তাগরি=দেবতা); *স.* ঠক্কুর>ঠাকুর}

ঠাঞি ⇒ ঠাই

ঠাট১ [ঠাট্] *বি* ১ সৈন্য শ্রেণি বা দল (শিকার খুঁজিয়া ঠাট কটক হয়রান হইয়া গেল—*দমি*)। ২ দলসমূহ; সম্প্রদায়। {*স.* স্রোণ>}

ঠাট২ [ঠাট্] *বি* ১ কাঠামো; ফ্রেম। ২ বাহ্যিক চালচলন; জীবনযাত্রার রীতি (ব্যবসায়ের ঠাট বজায় রাখিতে হয়—*শেহ*)। ৩ ভাবভঙ্গি; ছলাকলা; ঠমক (কত ঠাট জানে)। ৪ ধরন; রকম; চাল; ঢঙ (নূতন ঠাট)। ~**ঠমক** *বি* বাইরের চালচলন; বাহ্যিক আড়ম্বর। ~**বাট** *বি* বাহ্যিক আড়ম্বর (বয়সের অনুপাতে ঠাটবাট অনেক বেশী—*জহা*)। {*স.* স্থাতৃ>}

ঠাটা১, ঠাঠা১ [ঠাটা, –ঠা] *বি* বজ্র; বাজ (বোশেখ মাসের ঠাটা যেমন গিরির বুকে ঠুকে—জউ)। – **পড়া** *বিণ* বাজ পড়া; প্রখর (...ঠাটা পড়া রোদের মধ্যে...রাস্তায় হাঁকে—*ইখাঁ*)। {ঠাট+আ}

ঠাটা২ ⇒ ঠাট্টা

ঠাট্টা, ঠাটা [ঠাট্টা, ঠাটা] *বি* উপহাস; বিদ্রূপ; কৌতুক; পরিহাস; তামাশা; রহস্য; রঙ্গ। {*স.* টট্টরী> ঠট্ঠঅ> ঠাট্টা>ঠাট্টা}

ঠাট্টাপোরা [ঠাট্টাপোরা] *বি* রসিকতাপূর্ণ (জলযোগের সকল জিনিসগুলিই ঠাট্টাপোরা—*কাসি*)।

ঠাঠা১ ⇒ ঠাটা

ঠাঠা২ [ঠাঠা] *অব্য* উচ্চৈঃস্বরে হাসির এক প্রকার ধরন (আমার মুখে পাণ্ডিত্যের কথা শুনলে ঠা ঠা করে হেসে উঠবেন—*সৈমু*)। {*ধ্বন্যা.*}

ঠাড় [ঠাড়্] *বিণ* খাড়া; দণ্ডায়মান (ঠাড় করা বা হওয়া)। {*স.* স্তব্ধ>*প্রা.* ঠড্ড>}

ঠাণ্ডা [ঠান্ডা] *বিণ* ১ শীতল (ঠাণ্ডা পানি); শীতযুক্ত। ২ স্নিগ্ধ; সুখস্পর্শ; শীতলকারী; শান্ত (ঠাণ্ডা স্বভাব)। ৩ হিম; শৈত্য; শীত (ঠাণ্ডা পড়েছে)। {*স.* স্তব্ধ>*প্রা.* ঠড্ড>}

ঠান১ [ঠান] *বি* (হিন্দু সমাজে প্রচলিত) ঠাকুরানী (মা ঠান বলে দেছে দুটো ফাউ দিতে—*শচ*)। ~**দিদি, ঠানদি** *বি* ঠাকুরমা; দাদী (প্রৌঢ়া ঠানদি নব বধূর গা ঠেলিয়া দিয়া বলিলেন— *বিব*)। {ঠাকুরানী>}

ঠান২ [ঠান্] *বি* স্থান। {*স.* স্থান>ঠান}

ঠাম [ঠাম্] *বি* ১ স্থান; ঠাই; জায়গা (স্থান বিবর্জিত মাত্র আছে সর্বঠাম রূপরেখা বহির্ভূত নিরমল নাম—*সৈআ*)। ২ নিকট; সমীপ (রাধার ঠাম—*চদা*)। ৩ আকার; মূর্তি (বঙ্কিম ঠাম)। ৪ রূপ। ৫ শ্রী; শোভা; সৌন্দর্য (সুঠাম দেহ)। ৭ ভঙ্গি; ভঙ্গিমা; ঢঙ; ধরন; রীতি (কালাচাঁদ ত্রিভঙ্গ ঠামে দাঁড়িয়ে আছেন—*নই*)। {*স.* স্থান>ঠাম}

ঠায়১ [ঠায়্] *অব্য, ক্রিবিণ* ১ নিশ্চলভাবে; কর্মহীনভাবে; একভাবে (ঠায় বসে আছে)। ২ একটানা (একস্থানে স্থির থাকা)। {*স.* স্থির>ঠার>}

ঠায়২ [ঠায়্] *বি* একই স্থান (ঠায় দাঁড়িয়ে রইল)। {*স.* স্থায়ী>}

ঠার [ঠার্] *বি* ইশারা; সংকেত; ইঙ্গিত (নয়নের ঠার দিয়া কথা কহে ছলে—*শেফ*)। **ঠারা** *ক্রি* ইশারা বা সংকেত করা; বাঁকাভাবে চাহিয়া ইঙ্গিত করা (চোখ ঠারা)। **ঠারাঠারি** *বি* চোখের ইঙ্গিতে ভাব বিনিময়। **ঠারেঠোরে** *ক্রিবিণ* ইঙ্গিতে; ইশারায় (তাই টাপে টোপে ঠারে ঠোরে কই —*সৈমু*)। {*স.* স্তার>সার>}

ঠাস১, ঠাশ [ঠাশ্] *অব্য* ১ সজোরে চড় মারার শব্দ। ২ হঠাৎ চিৎ হয়ে বা উপুড় হয়ে পড়বার শব্দ। ~ ~ *অব্য* বার বার ঠাস ধ্বনি। □ *ক্রিবিণ* বার বার ঠাস শব্দ করে (ঠাস ঠাস বাঁশ ভাঙছে)। {*ধ্বন্যা.*}

ঠাস২ [ঠাশ্] *বিণ* ১ নিবিড়; ঘন (ঠাসবুনানি)। ২ ঘেঁষাঘেঁষি। ~**বুনুনি/ বুনানি** *বি* ঘনভাবে গ্রন্থনা; জমাটভাবে গ্রথিত (আম-জামে ঘেরা ঠাসবুনুনির গ্রাম নেই—*সৈমু*)। ~**বুনোন** *বি* ঘনভাবে গ্রন্থন; ঘনভাবে সংগ্রথিত (আমার কোণ-ঘেঁষা জীবনে ছায়ার ঠাসবুনোন তা আবছায়ার সমান—*বুব*)। {*স.* অষ্ঠি>}

ঠাসা, ঠাঁসা [ঠাশা, ঠাঁশা] *ক্রি* ১ গাদা; গাদানো; অত্যন্ত চেপে ঢুকানো। ২ বেশি বোঝাই করা। ৩ পেট খুব বেশি ভরে খাওয়া। ৪ চাপা (ঠেসে ধরা)। ৫ মর্দন বা পেষণ বা দলন করা (ময়দা ঠাসা)। □ *বিণ* উক্ত সকল অর্থে। ~**ঠাসি** *বি* অল্প স্থানে বেশি জিনিসের ভিড় বা চাপ; গাদাগাদি। ণিজন্ত–ঠাসান। {ঠাস+আ}

ঠাহর ⇒ ঠাওর

ঠিক [ঠিক্] *বিণ* ১ স্থির (মন ঠিক করা)। ২ নির্ধারিত; নির্ণীত (দিন ঠিক করা)। ৩ সত্য; খাঁটি (ঠিক কথা)। ৪ নির্ভুল; শুদ্ধ (অঙ্কের ফল ঠিক হয়েছে)। ৫ পুরা; কম বা বেশি নয় এমন (ঠিক দুদিন)। ৬ যোগ্য; উপযুক্ত (সেই

ঠিক লোক)। ৭ শোধিত; দুরস্ত (ধমকে ঠিক করা)। ৮ প্রস্তুত; তৈরি (কাপড় পরে ঠিক হওয়া)। ৯ পরিপাটি; গোছাল; সুশৃঙ্খল (চুলটা ঠিক করে নাও)। ১০ বিবেচিত (কর্তব্য ঠিক করা; পাগল বলে ঠিক করা)। ১১ স্থিরতা (কথার ঠিক নেই)। ১২ যোগ (অঙ্ক ঠিক দেওয়া)। – **করা** *ক্রি* ১ শুদ্ধ করা। ২ শায়েস্তা করা। –**ঠাক** *বিণ* ১ নির্ভুল; যথাযথ। ২ সুনির্দিষ্টভাবে বা পাকাপাকিভাবে স্থিরীকৃত। ––**ঠিকানা** *বি* ১ নিশ্চয়তা; সত্যতা। ২ সন্ধান; খোঁজ; নির্দিষ্ট বাসস্থান। ৩ সঠিক খবর। { *স.* স্থির/স্থিত>; *মুণ্ডারি.* ঠিকা}

ঠিকরনো ⇒ ঠিকরান

ঠিকরা, ঠিকরে [ঠিক্‌রা, –রে] *বি* ১ ক্ষুদ্র ঢেলা। ২ তামাকের কলিকায় প্রদত্ত ছোট ঢেলা। {টুকরা>; *তুল. হি.* ঠিকরা}

ঠিকরানো, ঠিকরনো [ঠিক্‌রানো, –রো] *ক্রি* ১ ছটকানো; ঠক্কর খেয়ে পড়া (কালো পাথর ... জ্বলন্ত কয়লার মত একদিকে ঠিকরে পড়ল—*অঠা*)। ২ তীব্র আলোকাদির আঘাত সহ্য করতে অসমর্থ হওয়া; ঝলসানো (আলোতে চোখ ঠিকরে আসে)। ৩ বিকীর্ণ হওয়া (আলো ঠিকরানো)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {ঠিকরা+ আনো}

ঠিকরে ⇒ ঠিকরা

ঠিকা, ঠিকে [ঠিকা, –কে] *বিণ* ১ অল্প সময়ের জন্য নিযুক্ত (ঠিকা ঝি, ঠিকা লোক)। ২ নির্দিষ্ট সময়ের জন্য দখলপ্রাপ্ত (ঠিকা প্রজা)। ৩ নির্ধারিত শর্তযুক্ত (ঠিকা কাজ, ঠিকা গাড়ি)। ৪ কাজের চুক্তি বা নির্ধারিত শর্তযুক্ত কাজ; contract (ঠিকা পাওয়া)। ৫ নির্দিষ্ট কালের জন্য দখল বা অধিকার; lease (ঠিকা দেওয়া)। ~ **করা** *ক্রি* নির্দিষ্ট পারিশ্রমিকে নির্দিষ্ট সময়ের জন্য কাজ করা; চুক্তিতে কাজ করা। ~**দার** *বি* নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট ব্যয়ে যে কাজ সম্পাদনের চুক্তি গ্রহণ করে। ~**দারি** *বি* নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট ব্যয়ে যে কার্য সম্পাদনের চুক্তি গ্রহণ করে; contractor। ~**দারি** *বি* ঠিকাদারের কাজ; কন্ট্রাক্টারি; চুক্তিতে কার্য সম্পাদনের ভার গ্রহণ। ❑ *বিণ* ঠিকাদারসংক্রান্ত। ~ **বন্দোবস্ত** *বি* ১ ব্যবসায়ে বা জমি ইত্যাদির নির্ধারিত সাময়িক বন্দোবস্ত। ২ অস্থায়ী বন্দোবস্ত। **ঠিকে ভুল হওয়া** *ক্রি* পরিণাম ঠিক করতে ভুল হওয়া। {ঠিক+আ; *মুণ্ডারি.* ঠিকা}

ঠিকানা [ঠিকানা] *বি* ১ বাসস্থানের বিবরণ (চিঠির ঠিকানা লেখা)। ২ সন্ধান; খোঁজ; পাত্তা; উদ্দেশ (সে যে কোথায় গেছে তার কোন ঠিকানা পাওয়া গেল না)। ৩ স্থিরতা; অবধারণ; ঠিক (কত লোক যে এখানে এল গেল তার ঠিকানা নেই)। { ঠিক+স্থান>ঠিকান>ঠিকানা}

ঠিকারি *(প্রাবা.)* [ঠিকারি] *বি* হাঁড়ি ভাঙা; খোলামকুচি। {টুকরা>}

ঠিকি ⇒ ঠেকী

ঠিকুজি, ঠিকুজী [ঠিকুজি] *বি* সংক্ষিপ্ত বা অল্প বিবরণযুক্ত কোষ্ঠী; জন্মপত্রিকা (ঠিকুজি আছে কি কোনো জ্যোতিষীর কাছে?—*নই*)। ~–**কোষ্ঠী** *বি* পূর্ণ বিবরণ। { *স.* স্থির>ঠিক; *স.* পঞ্জি>জি}

ঠিকে[১] ⇒ ঠিকা

ঠিকে[২] [ঠিকে] *বি* যোগে; সমষ্টিকরণে (ঠিকে যদি ভুল হয়ে যায় তবে সব অঙ্কটাই ভুল হয়—*অঠা*)। {ঠিক+এ}

ঠিলা [ঠিলা] *বি* কলসি। { *হি.* ঠিলিয়া}

ঠিলি, ঠিলী [ঠিলি] *বি* ছোট কলসি (গাছের রস সংগ্রহ করার জন্য ঠিলি দেওয়া)। ২ ঠোঙা; খিলি। { *হি.* ঠিলিয়া}

ঠিশমিশ [ঠিশ্‌মিশ্] *বি* অপ্রসন্নতা; মনোমালিন্য; ঠোকাঠুকি। { *স.* √ঘিষ>ঠিশ+ *স.* √মিশ্র>মিশ}

ঠুং [ঠুঙ্] *অব্য* ঠন অপেক্ষা মৃদুতর শব্দ। ~ ~ *অব্য* ক্রমাগত ঠুং শব্দ। { *ধ্বন্যা.*}

ঠুংগি, ঠুঙ্গি, ঠুঙি [ঠুঙ্‌গি, –, –ঙি] *বি* ক্ষুদ্র ঠোঙ্গা (বাঁশের চুঙি পাতার ঠুঙি—*সদ*)। { *স.* তুঙ্গ>}

ঠুংরি [ঠুঙ্‌রি] *বি* সঙ্গীতের একটি তাল বা রাগিণীর নাম। { *তুল. হি.* ঠম্‌রী}

ঠুঁটা, ঠুঁটো[১]**, ঠুটা** [ঠুঁটা, –টো, ঠুটা] *বিণ* ১ হাত নেই এমন; হস্তশূন্য; নুলো; হস্তহীন (তাহলে দেখি তোমার ঐ ঠুঁটো হাত দিয়ে কেমন করে আমায় মার––*নই*; কানা ভাই গীত গাএ...ঠুটা ভাইয়ে মাদল বাজায়—*শেফ*)। ২ অক্ষম; অসমর্থ; অকর্মণ্য। **ঠুঁটো জগন্নাথ** *বি (আল.)* শক্তিমান সত্ত্বেও কার্য সম্পাদনে অক্ষম লোক (ঘরের নিভৃততম কোণে ন্যাড়া বোঁচা জড় পুটুলি ঠুটো জগন্নাথ হয়ে চুপসে বসে থাকে—*নই*)। { *প্রা.* টুংটো>}

ঠুঁটো[২] *বিণ* ১ দীর্ঘ ঠোঁটযুক্ত; লম্বা ওষ্ঠযুক্ত। ২ দীর্ঘ চঞ্চুসম্পন্ন। { *স.* ওষ্ঠ>ঠোঁট+উয়া>}

ঠুক [ঠুক] *অব্য* ঠক অপেক্ষা মৃদুতর ধ্বনি। ~ ~ *অব্য* ক্রমাগত ঠুক শব্দ। ~ **ঠুকানো** *ক্রি* ঠুকঠুক আওয়াজ করা; কোনো বস্তু দ্বারা ক্রমাগত মৃদু আঘাত। { *ধ্বন্যা.*}

ঠুকনো, ঠুকানো ⇒ ঠোকন

ঠুকরান, ঠুকরানো ⇒ ঠোকরানো

ঠুকা ⇒ ঠোকা

ঠুন [ঠুন্] *অব্য* মৃদু ঠন শব্দ। ~ ~ *অব্য* ক্রমাগত ঠুন শব্দ। { *ধ্বন্যা.*}

ঠুনি [ঠুনি] *বি* খুঁটি বা থাম; স্তম্ভ; ঠেকনা। { *স.* স্থূণা>*প্রা.* থুণ>}

ঠুনকা[১]**, ঠুনকো**[১] [ঠুন্‌কা, –কো] *বিণ* ১ লঘু আঘাতেই ঠুন করে ভেঙে যায় এমন; ভঙ্গুর (যশোখ্যাতির ঠুনকো এ কাঁচ করব ভেঙ্গে চাখনাচুর—*নই*)। ২ *(আল.)* অপদার্থ; অসার; বাজে। ~–**ঠানকা** *বিণ* হালকা বা ক্ষণভঙ্গুর (ঠুনকো ঠানকা জিনিস সব সময়ে হাতের কাছে রাখতে নেই)। { *ধ্বন্যা.* ঠুন+কা, কো}

ঠুনকা[২]**, ঠুনকো**[২] [ঠুন্‌কা, –কো] *বি* প্রসূতির স্তনের এক প্রকার পীড়া; স্তনের যন্ত্রণাদায়ক ব্যথা। { *ধ্বন্যা.*}

ঠুমকি [ঠুম্‌কি] *বি* নৃত্যের এক প্রকার ভঙ্গি বা ধরন। { *তুল. হি.* ঠমক>}

ঠুলি, ঠুলী [ঠুলি] *বি* ১ গরু ঘোড়া প্রভৃতির চোখের ঢাকনি। ২ আবরণ; খাপ (খুলে দে মা চোখের ঠুলি—*রাব*)। { *স.* স্থালী}

ঠুস [ঠুশ্] *অব্য* ঠাস অপেক্ষা লঘুতর ধ্বনি। ~**ঠাস** *অব্য* ১ বার বার ঠুস ও ঠাস শব্দ। ২ হালকাভাবে কিল ও চড় মারার শব্দ। ৩ নানাবিধ শব্দ। { *ধ্বন্যা.*}

ঠুসা, ঠোসা [ঠুশা, ঠো–] *ক্রি* ১ ঠাসা। ২ অত্যন্ত ভোজন করা; অতিশয় গঞ্জনা দেওয়া বা তিরস্কার করা; অতিশয় প্রহার করা (গুরুমশাই আজ বেশ ঠুসেছেন)। □ *বি* উক্ত সকল অর্থে। {*তুল. হি.* ঠুস্‌না}

ঠুসি [ঠুশি] *বি* ১ ক্ষুদ্র ঠোস; ফোস্কা (জলের ঠুসি ভাঙা)। ২ ফল পাড়ার জন্য ব্যবহৃত জালিবিশেষ। ২ (*আঞ্চ.*) ঠুলি। {ঠুলি>?}

ঠেং ⇒ ঠ্যাং

ঠেঁটা, ঠ্যাঁটা, ঠ্যাটা [ঠ্যাটা, –, ঠ্যা–] *বিণ* ১ নির্লজ্জ; বেহায়া (এ বলে উহারে সই ওটা বড় ঠেঁটা—*ভারা*)। ২ দুর্মুখ (ঠক ঠেঁটা নাবড় ছেবড় লোকে রটে—*ঘচ*)। ৩ অবাধ্য। □ *বি* শঠ; প্রতারক। *ঠেঁটি স্ত্রী*। ঠেঁটামি *বি*। {*স.* শঠ>; ধৃষ্ট>}

ঠেঁটি, ঠেঁটী [ঠেটি] *বি* পাড়শূন্য খাটো কাপড়; পাড়হীন ছোট কাপড় (…দিনে রাত্রে সূতা কাটিয়া কোনদিন একখানা গামছা, কোনদিন একখানা ঠেঁটি এই হয়—*দমি*)। {ঠেঁটা+ই}

ঠেক, ঠেকনা, ঠেকনো, ঠেকো [ঠ্যাক্‌, –না, ঠেক্‌নো, ঠেকো] *বি* পতন রোধ করার অবলম্বন; আশ্রয়; ঠেস; প্যালা (থলিটাকে সে একটা লাঠির ঠেকো দিয়ে বসিয়ে নিজে মাটিতে বসে ঝিমোয়—*অঠা*)। {*স.* √স্থা>*প্রা.* √থক্ক>ঠেক}

ঠেকরা [ঠেক্‌রা] *বি* ছ্যাকড়া; নিকৃষ্ট শ্রেণির ভাড়াটে ঘোড়ার গাড়ি (আসছে খবর—যাচ্ছে খবর পথ চলিবার ঠেকরা গাড়ী—*জউ*)। {*স.* শকট>ছকড়া>}

ঠেকা [ঠ্যাকা] *ক্রি* ১ স্পর্শ লাগা (পায়ে ঠেকা)। ২ সংকটাপন্ন হওয়া; বিপদে পড়া (ঠেকে শেখা, দায়ে ঠেকা)। ৩ বাধা পাওয়া; প্রতিহত বা বাধাগ্রস্ত হওয়া (অনেক বুদ্ধি দিয়েছিলেন বটে—কিন্তু গোলমাল ঠেকেনি তাতে)। ৪ গিয়ে থামা বা বিরত হওয়া (তীরটা গিয়ে গাছে ঠেকল)। ৫ উপনীত বা উপস্থিত হওয়া; পৌঁছানো (আয় শূন্যে ঠেকেছে)। ৬ বোধ বা মনে হওয়া (খারাপ ঠেকা)। □ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ সংকট; বিপদ (ঠেকায় পড়া; থালাবাসনের খানকয় গফুর ইতিপূর্বে ঠেকার সময় বিক্রী করে খেয়েছে—*শাহ*)। ৩ অভাবজনিত বাধা বা বিপত্তি (ঠেকার কাজ চালানো)। ৪ স্পর্শ (ঠেকা লাগা)। ৫ সঙ্গীতের সঙ্গে সঙ্গে তবলার সঙ্গত (ঠেকা না হলে ঠুংরি জমে না)। ৬ ঠেক-ঠেকনা (ঠেকা দেওয়া)। □ *বিণ* ১ স্পৃষ্ট। ২ সংকটাপন্ন। ৩ বাধাপ্রাপ্ত। ৪ উপনীত। ৫ বিবেচিত। –ঠেকি *বি* ছোঁয়া; স্পর্শ; পরস্পর স্পর্শ। *ঠেকানো ক্রি* ১ ছোঁয়ানো; স্পর্শ করানো। ২ দায়ে বা ক্ষতিতে ফেলা। ৩ বাধা দেওয়া; প্রতিহত করা। ৪ আটকানো; বন্দী করা। ৫ উপস্থিত করানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ––**বেঠেকা** *বি* অভাব-অভিযোগ হেতু বাধাবিপত্তি (ঠেকা-বেঠেকায় কত তারা সাহায্য করে—*শাহ*)। ~ মেয়ে *বি* গায়ে হলুদের পর নির্ধারিত পাত্রের সঙ্গে যে কুমারীর বিয়ে হয়নি বলে অন্য পাত্র তাকে বিবাহে অসম্মত হয়। **চোখে ~** *ক্রি* ১ বিসদৃশ বা খারাপ বোধ হওয়া। ২ খারাপ লাগা। *ঠেকে শেখা ক্রি* দায়ে পড়ে কোনো কিছু শিক্ষালাভ করা। {*স.* √স্থা>}

ঠেকানা [ঠ্যাকানা] *বি* ঠিকানা; হদিস (কে কোথায় গতি করিল তাহা ঠেকানা—*রাম*)। {ঠিকানা>}

ঠেকার, ঠ্যাকার [ঠ্যাকার] *বি* অহংকার; গর্ব; গুমর; ঢং (ঝি-মাগীদের ঠেকার আর সইতে হচ্ছে না—*অচিসে*; তুই যে ঠ্যাকারের কথা কস তাইতে তোর ভাতার রাগ করে—*দীমি*)। *ঠেকারে, ঠ্যাকারে বিণ* ঠেকার করে এমন; গর্বিত। *ঠেকারি স্ত্রী*। {*স.* অহংকার>ঽংকার> ঠ্যাকার}

ঠেকি[১] [ঠেকি] *বি* ঠেকনা; একঘরে। {*স.* √স্থা>}

ঠেকি, ঠিকি [ঠেকি, ঠি–] *বি* ভিড়; স্তূপ (নৌকার ঠেকি লেগেছে, কাঠের ঠেকি দেওয়া হয়েছে। {ঠেক>}

ঠেকো ⇒ ঠেক

ঠেঙা, ঠেঙ্গা ⇒ ঠ্যাংগা

ঠেঙে ⇒ ঠেঞে

ঠেঞে, ঠেঙে, ঠেঙ্গে, ঠেঁয়ে [ঠেঁয়ে, –ঙে, –ঙ্‌গে, ঠেঁয়ে] *অব্য* নিকট; থেকে; কাছে (তোর ঠেঁয়ে এগার সিকে পাওয়া যাবে—*মদ*)। {*স.* স্থানে>ঠাঁই>ঠেঞে>ঠেঙে> ঠেঙ্গে> ঠেঙে>ঠেঁয়ে}

ঠেট, ঠেঁট, ঠেঠ [ঠেট, ঠে–, ঠেঠ] *বিণ* নির্লজ্জতা; অমিশ্র; শুদ্ধ; নির্ভেজাল। {*স.* ধৃষ্ট>; *স.* স্থাতৃ>}

ঠেঠা, ঠেটা, ঠ্যাঁটা, ঠ্যাটা [ঠ্যাঠা, –টা, ঠ্যা–, ঠ্যাটা] *বিণ* বেহায়াপনা; ধৃষ্টতা (ঠেঠাএ গোঞাইলুঁ কাল…ঠাকুরের না পাইলুঁ দর্শন—*দৌবা*)। *ঠেঠী স্ত্রী*। *ঠেঠাপনা বি* বেহায়ামি; ধৃষ্টতা। {*স.* ধৃষ্ট>ঠেট+আ>}

ঠেঠামি, ঠ্যাঁটামি, ঠ্যাটামি [ঠ্যাঠা, ঠ্যা–, ঠ্যাটা] *বি* বেহায়াপনা; ধৃষ্টতা; নির্লজ্জতা। {*স.* ধৃষ্ট>ঠেটা+আমি>}

ঠেল [ঠেল্‌] *বি* ১ ভিড় (লোকের ঠেল)। ২ চাপ বা শক্তি (ঠেল কে সহিতে পারে—*কমু*)। {√ঠেল্‌}

ঠেলা, ঠ্যালা [ঠ্যালা] *বি* ১ ধাক্কা; জোরে আঘাত করে অগ্রসর করা। ২ সংকট; বিপদ; দায়; বিপদ (আচ্ছা ঠ্যালায় পড়া গেছে—*আরু*)। ৩ যা ঠেলে চালাতে হয় (ঠেলা-গাড়ি)। □ *ক্রি* ১ ধাক্কা দেওয়া; জোরে আঘাত করে সম্মুখে চালানো। ২ অগ্রাহ্য বা লঙ্ঘন করা বা অমান্য করা; অবাধ্য হওয়া (হুকুম ঠেলা)। ৩ বর্জন করা (না ঠেলহ ছলে –*চদা*)। ৪ পতিত করা (জাতে বা সমাজে ঠেলা)। ৫ অবজ্ঞা করা (পায়ে ঠেলা)। ~ **খাওয়া** *ক্রি* চোট পাওয়া। ––**গাড়ি** *বি* যে মালবাহী গাড়ি মানুষে ঠেলে নিয়ে যায়। –ঠেলি *বি* পরস্পরকে ধাক্কা দেওয়া; ধাক্কাধাক্কি। ~ **দেওয়া** *ক্রি* ধাক্কা দেওয়া। ––**মারা কথা** *বি* বক্রোক্তি; অবিবেচকের মতো খামখেয়ালি কথা। **ঠেলার নাম বাবাজি**—বিপদে পড়ে অবজ্ঞাত লোককেও সমাদর করা; যে বিপদে ফেলে তাকে বাধ্য হয়ে মান্য করতে হয়। **উল্টা**~ *বি* পাল্টা আক্রমণ। **জাতে** ~ ১ সমাজ থেকে বহিষ্কৃত করা। ২ একঘরে করা। **দায়**~ *ক্রি* একান্ত ঠেকে বা বাধ্য হয়ে করা। **বেগার**~ *ক্রি* অনিচ্ছায় কোনো কাজ করা; বিনা পারিশ্রমিকে বাধ্য হয়ে কাজ করা (বেগার ঠেলা আর কাঁহাতক সয়)। **সমাজে** ~ *বি* অপরাধের জন্য সমাজ কর্তৃক পতিত করা। {√ঠেল্‌+আ}

ঠেস, ঠেশ [ঠেশ্‌] *বি* ১ চেয়ারে, বালিশে বা দেয়ালে পিঠ

রেখে বসা; হেলে অবস্থান; হেলানো (দেয়ালে *ঠেস দেওয়া*)। ২ ঠেকনা। ৩ নিন্দা; খোঁটা; কটাক্ষ; বক্রোক্তি দ্বারা নিন্দা (*ঠেস দিয়া কথা বলা*)। ~ **দিয়ে কথা বলা** *ক্রি* আঘাত দিয়ে কথা বলা; কটাক্ষ করে বলা। ~ **দেওয়া** *ক্রি* ১ হেলান দেওয়া। ২ কটাক্ষ বা ব্যঙ্গ করে কথা বলা। ~ **মারা** *ক্রি* ঠেলা দেওয়া; কটাক্ষ করা। {*স.* ঘৃষ্>√ঘেঁষ্>}

ঠেসা, ঠেশা [*ঠেশা*] *ক্রি* ১ ঠেস বা হেলান দেওয়া; ঘেঁষা। ২ ডলা; মর্দন করা। ৩ ঠাসা; খুব বেশি ভর্তি করা। ~**ঠেসি, ~ঠেশি** *বি* ঠাসাঠাসি; গাদাগাদি; বেশি ভিড় (গ্রামটিতে লোকের বাস একটু বেশি; একটু যেন বেশী *ঠেসাঠেসি*—*বিব*)। **ঠেসান**[১] *বি* ঠেস; হেলান (গাছের গুঁড়ি *ঠেসান* দিয়া তামাকু টানিতেছে—*বচ*)। **ঠেসানো, ঠেস্যান**[২] *ক্রি* ১ হেলানো (*ঠেসিয়ে রাখা*)। ২ ভেজানো; বন্ধ করা (দরজা *ঠেসানো*)। ৩ বক্রোক্তি বা কটাক্ষ (*ঠেসিয়ে বলা*)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√ঠেস্+আ; *তুল. হি.* ঠেস}

ঠেসারা [*ঠেশারা*] *বি* ঠাট্টাছলে ইঙ্গিত (*ঠেসারার* কথা যখন রাজচন্দ্র শুনিল—*পূগী*); ঠাট্টা; উপহাস; বিদ্রূপ। {√ঠেস্+ইয়ারা>}

ঠেংগা ⇒ ঠেঙ্গা

ঠোঁট [*ঠোঁট্*] *বি* ১ ওষ্ঠ। ২ অধর। ৩ চঞ্চু। ~ **উলটানো** *ক্রি* তাচ্ছিল্য বা অবজ্ঞা প্রকাশ করা; উপেক্ষা করা। ~ **কাটা** *বিণ* কাউকে কোনো কিছু বলতে বাধে না এমন; স্পষ্টবক্তা; নির্লজ্জ; অপ্রিয় কথা বলতে দ্বিধাবোধ করে না এমন। ~ **ফুলানো** *ক্রি* অভিমান আবদার বা কান্নার উপক্রম করা। **ঠোঁটে-ঠোঁটে** *অব্য* মুখে-মুখে। {*স.* ওষ্ঠ>*প্রা.* ওট্ঠ>}

ঠোঁটা [*ঠোঁটা*] *বি* নদীর মধ্যে প্রবেশ করেছে এমন সংকীর্ণ স্থলভাগ; অন্তরীপ ধরনের ভূভাগ (কখন তারা মহেশপুরের বাঁকের মাথায় *ঠোঁটা* ছাড়িয়ে গেল—*খমি*)। {ঠোঁট+আ}

ঠোক [*ঠোক্*] *বি* আঘাত। {*ধ্বন্যা.* ঠক্>}

ঠোকন, ঠুকুনি [*ঠোকোন্, ঠুকুনি*] *বি* ১ আঘাত; প্রহার। ২ ধমক। ৩ ঠোকা (আচ্ছা *ঠোকন* ঠুকেছে)। **ঠুকানো, ঠুকনো** *ক্রি* আঘাত করা; প্রহার করা। {ঠোক+অন}

ঠোকনা ⇒ ঠোনা

ঠোকর, ঠোক্কর, ঠক্কর [*ঠোকর্, –ক্কর্, ঠক্কর্*] *বি* ১ আঘাত; পাখির ঠোঁটের বা অস্ত্র প্রভৃতির আঘাত। ২ কোনো বস্তুর অগ্রভাগের আঘাত (জুতার *ঠোক্কর*)। ৩ প্রচণ্ড ধমক (মনিবের কাছে *ঠোকর* খাওয়া)। ৪ অপ্রার্থিত মন্তব্যের দ্বারা কথায় বাধা সৃষ্টি (কেতাবি বাবু সব বাতেতেই *ঠোকর* মারেন—*কাসি*)। ৫ হোঁচট (*ঠোক্কর* খাওয়া)। ৬ সাপের ছোবল। ~ **কাড়া** *ক্রি* ১ অশোভনভাবে জবাব দেওয়া; অপ্রীতিকরভাবে অন্যের হৃদয়ে আঘাত করা বা অন্যের সমালোচনা করা। ২ অযাচিতভাবে অন্যের সম্বন্ধে মন্তব্য করা। ~ **খাওয়া** *ক্রি* ১ আঘাতপ্রাপ্ত হওয়া। ২ নীরসভাবে তিরস্কৃত হওয়া। ~ **দেওয়া, ~ মারা** *ক্রি* কথার সাহায্যে আঘাত করা; বিদ্রূপ করা; টীকা-টীপ্পনী কাটা (খালি *ঠোক্কর* দেওয়াই তার কাজ)। □ *বি* সামান্য চর্চা; অল্প অনুশীলন (নানা বিদ্যায় *ঠোকর* মারা)। {*ধ্বন্যা.*}

ঠোকরানো, ঠুকরানো [*ঠোক্রানো, ঠুক্–*] *ক্রি* ১ ঠোকর দেওয়া। ২ পাখির চঞ্চু বা মুখ দ্বারা খোঁটা। ৩ অস্ত্রাদির দ্বারা আঘাত করা (কুড়াল দিয়ে *ঠোকরানো*)। □ *বি, বিণ* উক্ত অর্থসমূহে। {√ঠোকরা+আনো}

ঠোকা, ঠুকা [*ঠোকা, ঠু–*] *ক্রি* ১ সশব্দে মারা (লাঠি বা হাতুড়ি *ঠোকা*)। ২ আঘাত দিয়ে বসানো (পেরেক *ঠোকা*)। ৩ কোটা (মাথা *ঠোকা*)। ৪ সশব্দে চাপড়ানো (বুক *ঠোকা*, তাল *ঠোকা*)। ৫ প্রহার দেওয়া বা করা (লোকটাকে খুব *ঠুকেছে*)। □ *বি* ঠোকর; প্রহার; আঘাত; ধাক্কা (*ঠোকা* লাগা)। □ *বিণ* প্রহৃত; ধাক্কা (*ঠোকা* লাগা)। ২ আঘাত করে বসানো হয়েছে এমন। ~**ঠুকি** *বি* ১ ঝগড়া; কলহ; মারামারি। ২ হাতুড়ির ঠুকঠাক শব্দ। {√ঠুক্+আ}

ঠোক্কর ⇒ ঠোকর

ঠোঙা ⇒ ঠোঙ্গা

ঠোঙ্গা, ঠোঙা [*ঠোঙ্গা, –ঙা*] *বি* গাছের পাতা বা কাগজ দিয়ে তৈরি আধারবিশেষ। {*স.* তুঙ্গ>}

ঠোটা [*ঠোটা*] *বি* পাখি মারার বিশেষ ধরনের তীর। {*ওরাও.* ঠোটা}

ঠোটে ⇒ ঠটিয়া

ঠোনা, ঠোনকা, ঠোকনা [*ঠোনা, ঠোন্কা, –ক্না*] *বি* আঙুল দিয়ে গালে বা চিবুকে মৃদু আঘাত; তর্জনী বাঁকা করে তার অগ্রভাগ বা মধ্যস্থল দ্বারা গালে ও থুতনিতে সামান্য আঘাত (মেয়ের মুখে *ঠোনা* দিয়া তিনি বললেন)। {ঠোকা>}

ঠোস[১] [*ঠোশ্*] *বি* ফোলা; স্ফীতি; ভর্তি; পূর্তি (সকাল থেকে পেট *ঠোস* মেরে আছে)। {*স.* স্থাপক>ঠোস}

ঠোস[২] [*ঠোশ্*] *বি* অঙ্গুলিত্রাণ; সুচের ফোঁড় থেকে আঙুল রক্ষার জন্য ব্যবহৃত আবরণবিশেষ (দর্জি আঙুলে *ঠোস* পরে কাজ করে)। {*স.* স্থাপক>ঠোস}

ঠোসা ⇒ ঠুসা

ঠ্যাং, ঠ্যাঙ, ঠেঙ, ঠেং [*ঠ্যাঙ্*] *বি* পা; চরণ। ~ **খোঁড়া হওয়া** *ক্রি* পা ভেঙে যাওয়ার ফলে চলাফেরা রহিত হওয়া। ~ **ভাঙা** *ক্রি* পা ভাঙা; খোঁড়া হওয়া। {*স.* টঙ্গ>}

ঠ্যাংগা, ঠেঙ্গা, ঠ্যাঙ্গা, ঠেঙা, ঠ্যাঙা, [*ঠ্যাঙ্গা, –, –, –ঙা, –*] *বি* লাঠি; লগুড় (তোমরা কোন শাস্ত্রানুসারে *ঠেঙ্গা* লাঠি লইয়া মারিতে আইস—*বচ*)। **ঠ্যাংগা ঠ্যাংগি** *বি* লাঠি দ্বারা পরস্পর মারামারি; মারামারি। **ঠ্যাংগাড়িয়া, ঠ্যাংগাড়ে** *বি* ১ ইংরেজ আমলে গুপ্ত ভারতীয় দস্যু সম্প্রদায়; যারা পথিকের মাথায় লাঠি মেরে হত্যা করে তার সর্বস্ব লুণ্ঠন করে নিত। ২ ডাকাত; দস্যু। **ঠ্যাংগানো, ঠেঙ্গানো** *ক্রি* প্রহার করা (ছেলে *ঠ্যাংগানো*)। □ *বি* লাঠি দ্বারা প্রহার করা (খুব *ঠ্যাংগানটা ঠ্যাংগাল*)। □ *বিণ* লাঠি দ্বারা প্রহৃত; যথেষ্ট পরিমাণে প্রহৃত। **ঠ্যাংগানি, ঠেঙ্গানি** *বি* লাঠি দ্বারা প্রহার। {*স.* দণ্ড >ডাঙ্গ>ঠ্যাঙ্গ}

ঠ্যাঙ ⇒ ঠ্যাং

ঠ্যাঙা, ঠ্যাঙ্গা ⇒ ঠ্যাংগা

ঠ্যালা ⇒ ঠেলা

ঠ্যেকো [*ঠেকো*] *বি* দুষ্ট গরু যাতে উৎপাত বা ছুটাছুটি করতে না পারে তজ্জন্য তার গলায় লাগানো কাষ্ঠখণ্ড। {ঠেকা+উয়া>}

ড

ড বাংলা বর্ণমালার ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ ও ট-বর্গের তৃতীয় বর্ণ। এটি একটি দন্তমূলীয় প্রতিবেষ্টিত (alveolo-retroflex); স্পৃষ্ট ধ্বনি (plosive sound)। এটি ঘোষ (vioced) ও স্বল্পপ্রাণ (unaspirated)।

ডউয়া [ডোউয়া] *বি* অম্লস্বাদযুক্ত ফলবিশেষ; ডেফল। {*স.* দণ্ড+উ>ডহু, ডেফল; *মুণ্ডারি.* ডহু}

ডওর [ডওোর] *বিণ* ১ গভীর (ডওর পানি)। ☐*বি* অপেক্ষাকৃত নিচু স্থান; গভীর গর্ত। ২ গ্রামের গলি বা গো হালট (ডওরে ডওরে ফেরা)। {*স.* দভ্র>(বর্ণবিপর্যয়ে) *প্রা.* ডহর>}

ডওরা [ডওরা] *বি* ১ ডহরা; নৌকার খোলের নিচের গভীরতম অংশ; যে স্থানে পানি জমে। ২ দহর; খাল; জলাভূমি; গভীর গর্ত; নৌকা বা জাহাজের খোল। {*স.* হ্রদ>(বর্ণবিপর্যয়ে) ডহর(জলাশয়)>*বা.* ডহরা}

ডক [ডক] *বি* জাহাজ নির্মাণ ও মেরামত করার স্থান; dock। ২ জাহাজে মাল বোঝাই ও জাহাজ থেকে মাল নামাবার স্থান; বন্দর; পোতাশ্রয়। {*ই* dock}

ডকবুস (*মবা.*) [ডকবুশ্] *বি* ডাঙ্গস; হাতি তাড়াবার দণ্ড; অঙ্কুশ (সেল ডকবুস হাতে সুরজ কোটাল—*রাপ*)। {*স.* দণ্ড+ অঙ্কুশ= দণ্ডাঙ্কুশ>ডংকুশ> ডকবুস}

ডক্টর [ডকটর] *বি* ১ স্নাতকোত্তর ডিগ্রির পর কোনো বিশেষ বিষয়ে গবেষণামূলক অভিসন্দর্ভ লিখে অর্জিত পিএইচ-ডি বা ডি-লিট নামক উপাধি। ২ কোনো বিশিষ্ট ব্যক্তিকে তাঁর বিশেষ কোনো গুণ বা অবদানের জন্য বিশ্ববিদ্যালয় জাতীয় প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রদত্ত সম্মানসূচক ডি-লিট বা অনুরূপ উপাধি। {*ই.* doctor}

ডকার[১] [ডকার] *বি* উদ্‌গার; ঢেঁকুর। {*স.* উদ্‌গার> ঢেঁকুর>ডকার}

ডকার[২] [ডকার] *বি* ড বর্ণ। {ড+কার}

ডগ, ডগা [ডগ্, -গা] *বি* ১ আগা; শীর্ষ; সর্বোচ্চ অংশ; শিখরদেশ (নাকের ডগায় দৃষ্টি রেখে চেয়ে থাকলে একাগ্রতা আসে)। ২ সরু ডাল বা শাখা (জালি লাউয়ের ডগার মত বাহু দুখান সরু—*জউ*)। **কচুর ~, কলার ~** *বি* কচু বা কলার মাইজ অর্থাৎ সদ্য নির্গত মাঝের পাতা। {*স.* অগ্র>অগ্‌গ>ডগ্‌গ>ডগা>}

ডগডগ [ডগ্‌ডগ্] *অব্য* দীপ্তির ভাব প্রকাশক শব্দ (লাল ডগডগ করছে)।। **ডগডগে, ডগডগিয়া** *বিণ* ১ অত্যন্ত; ঘোর; অতি উজ্জ্বল; খুব টকটকে (স্বামীর খুনের ছোপ দেওয়া, তায় ডগডগে আনকোরা—*নই*)। ২ দগদগে; অতি তীব্রতা বা ঔজ্জ্বল্য অর্থে (ডগডগে ঘা)। {ডগডগ+ ইয়া>এ; *ধ্বন্যা.*}

ডগমগ [ডগ্‌মগ্, ডগোমগো] *বিণ* ১ ঢলঢলে; পরিপূর্ণ; ভরপুর; বিভোর (ডগমগ ভাব; আবিষ্কারের আনন্দে ডগমগ—*ওহ*)। ২ রসে রঙে বা ঔজ্জ্বল্যে পরম মনোহর (ডগমগ প্রভাত—*রঠা*)। **ডগমগানো** *ক্রি* ডগমগ করা। {*তুল.* *স.* মগ্ন; *ধ্বন্যা.*}

ডগর [ডগর] *বি* দগড়; বাদ্যযন্ত্রবিশেষ (ডগর হাঁড়ল বৃষ্টির জলে ভরা টইটুম্বুর—*সদ*)। {*স.* দ্রগড়>দগড়>}

ডগরা, ডগারিয়া, ডগিরা [ডগ্‌রা, ডগারিয়া, ডোগিরা] *বিণ* ১ বৃহৎ; বিরাট; বিশাল। ২ উচ্চ; উন্নত। {*স.* দীর্ঘ>*প্রা.* দীগ্‌ঘ>ডগর+আ}

ডগলা [ডগ্‌লা] *বি* ১ কচি লোভনীয় ডগা; বিশেষভাবে শাকের ডগা। ২ সরু ডাল। {*স.* অগ্র>অগ্‌গ>ডগ্‌গ>ডগা}

ডগা ⇒ ডগ

ডগিডগি [ডোগিডোগি] *বিণ* কচি ডগাবিশিষ্ট; নধর (ডগিডগি ভাল ছোলার শাক—*কমু*)। {ডগ+ই+ডগ+ই}

ডঙ্ক (*মবা.*) [ডঙ্‌কো] *বি* দংশন (হেন বুঝি খুল্লনাকে হৈল সাপ ডঙ্ক—*কমু*)। ২ জয়ঢাক (বাজবে জয়ডঙ্ক—*রঠা*)। {*স.* √দন্‌শ্>; *প্রা.* ডংক>}

ডঙ্কা [ডঙ্‌কা] *বি* জয়ঢাক; ঢক্কা; ঢক্ক; দুন্দুভি; টিকারা; ট্যাটরা (ডঙ্কার ধ্বনি হোক আজি—*বেআ*)। **~ দেওয়া, ~ পেটা, ~ মারা** *ক্রি* সগৌরবে ঘোষণা করা; সগর্বে প্রচার করা; দম্ভ প্রকাশ করা। **~ মেরে চলে যাওয়া** *ক্রি* নিজের গর্ব ও প্রভাব-প্রতিপত্তি বজায় রেখে ইহলোক ত্যাগ করা। {*স.* √ঢক্কা>*প্রা.* ডংক>ডঙ্কা}

ডজন [ডজোন্] *বি* সংখ্যায় বারো; dozen। **– –** *বিণ* অনেক; সংখ্যায় সুপ্রচুর। {*ই* dozen}

ডডনং [ডডনঙ্] *বিণ* (*ব্য.*) মূর্খ; নির্বোধ; উদাসীন; অমনোযোগী (পড়াশুনায় এতই ডডনং এবং আকাট মূর্খ ছিল যে তাকেই আমার মাস্টারি জীবনে বকাঝকা করেছি সবচেয়ে বেশী—*সৈমু*)। {'৬৬' সংখ্যা, '৬৬' সংখ্যাকে মূর্খতা ও নির্বুদ্ধিতাবশত 'ডড' বর্ণরূপে পড়ার ফলে উদ্ভূত শব্দ}

ডণ্ড (*আঞ্চ.*) [ডনডো] *বি* দণ্ড; শাস্তি; ক্ষতিপূরণ (তিন টাকা ডণ্ড দিলাম)। **ডণ্ডি দেওয়া** *ক্রি* দণ্ডস্বরূপ জরিমানা ইত্যাদি দেওয়া। {*স.* দণ্ড>}

ডন [ডন্] *বি* উপুড় হয়ে মাটিতে হাত পায়ের উপর ভর দিয়ে দণ্ডবৎ ঋজু হয়ে ব্যায়াম। **~ করা, ~ ফেলা** *ক্রি* সমস্ত শরীরের ভর দুই হাতের তালু ও পায়ের আঙ্গুলের উপর রেখে দণ্ডবৎ পতিত হওয়া ও ওঠা; বিশেষ ধরনের ব্যায়াম করা। **–কুস্তি** *বি* ডন ও কুস্তি। **–গির** *বি* ডনজাতীয় ব্যায়ামে অভিজ্ঞ পালোয়ান। **––বৈঠক** *বি* ডন এবং বৈঠক (ওঠা-বসা)—দুই প্রকার ব্যায়াম। {*স.* দণ্ড>}

ডবকা [ডব্‌কা] *বিণ* উঠতি বয়সের; তরুণ; সোমত্ত; নবযৌবনযুক্ত (ওমা ওযে ডবকা ছেলে, ওযে এতক্ষণ দুবার খায়—*দীমি*; ডবকা মেয়ে)। **– বয়স** *বি* নবযৌবন। {√ডব>}

ডবডব, ডেবডেবে [ডব্‌ডব্, ড্যাব্‌ডেবে] *অব্য* অশ্রুসজল ভাব; বিস্ফারিত ভাব। **ডবডবে** *বিণ* আয়তচোখ; বিস্ফারিত দৃষ্টি। {√ডব(মজ্জন)>}

ডবল, ডবোল [ডবোল্] *বিণ* ১ দ্বিগুণ; দুইগুণ; দুনো; double (সেইদিন বেগম সাহেবের পকেট থেকে ডবোল ডিনার আদায় করবো—*মীম*)। ২ অনেক; বহুগুণ (চাকরটা তার চেয়ে ডবল কাজ করতে পারে)। **~ ডেকার** *বি* দোতলা বাস; দুই-তলবিশিষ্ট গাড়ি বা যান। **~ প্রমোশন**

বি ১ পরীক্ষায় অত্যন্ত ভালো ফল করার ফলে একেবারে দুই ক্লাস উপরে ওঠা। ২ *(ব্য.)* দ্রুত পরিবর্তন। ~ **ব্যারেল** *বিণ* দোনলা (ডবল ব্যারেল পুরনো বিদেশী বন্দুকটির প্রতি ওর আকর্ষণ—*আআআ*)। {*ই.* double}

ডবলা [ডবলা] *বি* এক প্রকার বাদ্য। {*আ.* দফ دف ; *তুল. হি* ডফলা}

ডবলিউ-টি [ডোবলিউটি] *বিণ* বিনা টিকিট (ফার্স্ট ক্লাশে ডবলিউ-টি—*অচিসে*)। {*ই.* W.T.=without ticket}

ডবি, ডবী [ডোবি] *বিণ* অকালপক্ব; ডেঁপো (যত সব ডবী ছেলে—*ঈবি*)। {*ই.* Duff>; ড. আলেকজাণ্ডার ডফ সাহেবের স্কুলের ইঁচড়ে পাকা অর্থে}

ডমর [ডমর] *বি* ১ কলহ। ২ ছোটখাট লড়াই। ৩ বিদ্রোহ; উপদ্রব; বিপ্লব। {*স.* ডমর}

ডমরু, ডম্বরু, ডম্বুরা, ডম্বুরু [ডোমরু, ডম্‌বোরু, -বুরা, -রু] *বি* একপ্রকার বাদ্যযন্ত্র। **ডুগডুগি** *বি* কাঠের খোলের দুই দিক চামড়া দিয়ে আবদ্ধ মাঝে সরু এবং বসার মোড়া বা ইংরেজি x বর্ণের মতো বাদ্যযন্ত্রবিশেষ (ডমরু ধ্বনি শুনি কালফণী—*মদ*)। ~-**মধ্য** *বিণ* ১ ডমরুর ন্যায় ক্ষীণ মধ্যভাগযুক্ত। ২ ডমরুর মতো ক্ষীণ কটি। □*বি* দুইটি বৃহৎ ভূ-ভাগের সংযোজক সংকীর্ণ ভূভাগ; যোজক; Isthmus। {*স.* ডম্+√ঋ+উ(কু)}

ডম্ফ¹ [ডমফো] *বি* খঞ্জনার মতো এক প্রকার প্রাচীন বাদ্যযন্ত্র। {*আ.* দফ دف}

ডম্ফ² [ডমফো] *বি* দম্ভ; অহংকার; গর্ব (ডম্ফ করি কথা তুমি কহ মোর স্থানে)। {*স.* দম্ভ>}

ডম্বর, ডম্বরী [ডমবর্, -বোরি] *বি* আড়ম্বর; ঘটা; সমারোহ (মেঘডম্বরী রঙের তাঁবু—*সদ*)। ২ সমূহ (মধুকর ডম্বুর অম্বর ভালে—*বিপ*)। {*স.* √ডম্ব+অর (অরন্) *তুল.* আড়ম্বর}

ডম্বল, ডাম্বেল [ডমবল্, ডামবেল্] *বি* ব্যায়ামের জন্য ভাঁজবার লৌহ পিণ্ডযুক্ত লৌহদণ্ডদ্বয়। {*ই.* dumbbell}

ডয়ন [ডয়োন্] *বি* আকাশে ওড়ার কাজ (উড্ডয়ন)। {*স.* √ডী+ অন(ল্যুট্)}

ডর [ডর] *বি* ভয়; ত্রাস; শঙ্কা (না পাই উত্তর কিছু মনে হইল ডর—*সৈআ*)। {*স.* √দৃ+ অ= দর>*প্রা.* ডর>}

ডরা [ডরা] *ক্রি* ১ ভয় পাওয়া; ভীত হাওয়া। **ডরানো** *ক্রি* ১ ভয় করা; ভয় পাওয়া (আমি কি ডরাই সখি—*মদ*)। ২ সমীহ করা (ডরিয়ে চলা)। □*বি,বিণ* উক্ত অর্থে। **ডরন** *বি* ভীতি। **ডরাঅ** (*মবা.*), **ডরায়** *ক্রি* ভয় পায় (কাহ্ন কাখেন ডরাঅ—*বচদা*)। **ডরাও** (*মবা.*) (তোক বড় ডরাওঁ—*বচদা*)। **ডরায়িলী** (*মবা.*) *ক্রি* ভয় পেল (সাসুড়ির বোল সুনি ডরায়িলী রাহী)। **ডরানে, ডরানিয়া** *বিণ* ১ ভয় পায় এমন; ভয়তরাসে; ভীত। ২ ভয়ঙ্কর। **ডরাসি** (ব্র.) *ক্রি* ভয় করছ বা করিস (কাহে ডরাসি—*বিপ*)। {√ডর+আ}

ডলক [ডলোক্] *বি* তুমুল বৃষ্টি; ঢলক (আরও ফুটিক ডলক দিলে চীনার ভাত খাই—*জউ*)। {ঢলক>}

ডলন [ডলোন্] *বি* ডলা কাজ; মর্দন; পেষণ। {*স.* √দল্+ অন= দলন>ডলন}

ডলনা [ডলনা] *বি* নোড়া; পেষণযন্ত্র। {*স.* √দল্> √ডল+না}

ডলা [ডলা] *ক্রি* ১ মালিশ করা; মর্দন করা; ঘর্ষণ করা। ২ মলা; টেপা (গা-হাত-পা ডলা)। ৩ পেষণ করা; ঠাসা (ময়দা ডলা)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **ডলাই মলাই** *বি* অঙ্গ মর্দন ও হাত বুলানো। ~**ডলি** *বি* ১ পরস্পরের অঙ্গ মর্দন। ২ *(ব্য.)* অন্তরঙ্গতা। **ডলানো, ডলান** *ক্রি* ১ মালিশ করানো; মর্দন করানো। ২ টেপানো; মলানো। ৩ পেষণ করানো; ঠাসানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। {√ডল+আ}

ডলার [ডলার] *বি* মুদ্রাবিশেষ; আমেরিকার মুদ্রা। {*ই* dollar}

ডল্লক [ডল্‌লক্] *বি* বাঁশের চটা দিয়ে তৈরি পাত্রবিশেষ; ডালা। {*স.* ডল্লক}

ডহর [ডহোর্] *বি* ১ গর্ত, নিম্নস্থান (সৎ পথ কাটিয়া বাপী পূরাইয়া ডহর করিবে ডাঙ্গা—*ঘচ*)। ২ দহ; খাল। ৩ জলাভূমি (ভাদ্দর মাসেতে হৈল ধান অতি মনুহর ডহর ডাঙ্গার সব একুই মুখর—*রাপ*)। ৪ গো-হালট; অনাবাদি স্থান। □*বিণ* গভীর (ডহর পানি)। **ডহরা** *বি* ১ নৌকার খোল (চুপড়ী রাধা থুইল ডহরাএ—*বচদা*)। ২ নৌকার নিম্নদেশ যে স্থানে পানি জমে থাকে। **ডহরা জমি** *বি* নিচু জমি। **ডাঙ্গা জমি** *বিপ.*। {*স.* দহ্র>*প্রা.* ডহর}

ডহা [ডহা] *ক্রি* ১ বর্ষণ হওয়া (যত ডাকে তত ডহে না)। ২ বয়ে যাওয়া; প্রবাহিত হওয়া। {*স.* √বহ্+আ=বহা>}

ডাঅর (*মবা.*) [ডায়োর্] *বিণ* ডাঙ্গর; বড়। {ডাগর>}

ডাইন¹ ⇒ ডান

ডাইন², **ডাইনি, ডাকিনী, ডান**² [ডাইন্, -নি, -কিনি, ডান্] *বি,বিণ* ডাকিনী; মায়াবিনী; কুহকিনী; ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শিনী (ডাইনের চেয়ে ভুগী ভালো—*নই*; যার চেয়ে যার অধিক মায়া তারে বলে ডান—*প্রবাদ*)। ~**পনা,** ~**পনা** *বি* ডাকিনীর কাজ; কুহক। {*স.* ডাকিনী>ডাইনি>}

ডাইরি ⇒ ডায়েরি

ডাইল ⇒ ডাল

ডাইয়া, ডেঁয়ে [ডাইয়া, ডেঁয়ো] *বি,বিণ* শক্ত; বলিষ্ঠ; সমর্থ। □*বি* বড় লাল পিঁপড়া (ডাইয়া বা পিঁপড়া এনে ছেড়ে দিলাম—*ইখাঁ*)। {*স.* দৃঢ়> দড়> দাট> ডাট> ডাটিয়াল> ডাইয়া> ডেঁয়ে; *তুল.* দণ্ড>ডাঁট}

ডাইস [ডাইশ্] *বি* ধাতবদ্রব্য নির্মাণের ছাঁচ; স্বর্ণ-রৌপ্যাদির অলঙ্কারের নকশা করার ছাঁচ। {*ই* dies}

ডাউল ⇒ ডাইল

ডাং¹, **ডাঙ, ডাঁই, ডাঙ্গ**¹ [ডাঙ্, -, ডাঁই, ডাঙ্গ্] *বি* ১ স্তূপ; গাদি; রাশি (শুকনা পাতার ডাঁই, এক ডাঁই কাপড়)। □*বিণ* রাশীকৃত; স্তূপীকৃত (ডাঁই করা কাজ)। ~ **করা** *ক্রি* জড় করা; স্তূপীকৃত করা। {*স.* দণ্ড>(দণ্ডের মতো উচ্চ অর্থে)}

ডাং², **ডাঙ**², **ডাঙ্গ**² [ডাঙ্, -, -গ্] *বি* দণ্ড; লাঠি; ডাণ্ডাগুলি খেলবার ছোট মোটা লাঠি। ~**গুলি** *বি* দেড়-দুই হাত লম্বা বাঁশের লাঠি দিয়ে ছোট বাঁশের বা কাঠের টুকরা ছুঁড়ে মারার খেলা; গুলি-ডাণ্ডা। {*স.* দণ্ড>}

ডাংপিটে ⇒ ডানপিটে

ডাংরা [ডাঙ্‌রা] *বি* বলদ; ডাংরি গাই। {দামড়া >ডাংরা; *সাঁওতালি*}

ডাঁই ⇒ ডাং¹

ডাঁওর [ডাঁয়োর্] *বিণ,ক্রিবিণ* ডাঙ্গর; ভালো করে;

উত্তমরূপে; উচ্চ (ডাওর গলা)। {ডাগর>}

ডাঁট১ [ডাঁট] *বি* দণ্ড; হাতল; বাঁট; handle (একটু এগিয়ে দেখলেন হীরার ডাঁটে ফুলের মালা দোলানো রয়েছে)। {*স.* দণ্ড>}

ডাঁট২ [ডাঁট] *বি* দৃঢ়তা; দেমাক; গুমর; তেজ; শক্তি। – **দেখানো** *ক্রি* গায়ের জোর দেখানো; দেমাক দেখানো বা অহংকার প্রকাশ করা। {*স.* দৃঢ়>}

ডাঁটন [ডাঁটন্] *বি* তিরস্কার; ভর্ৎসনা। {*স.* √দণ্ড+ অন(ল্যুট্)=দণ্ডন>}

ডাঁটা১ [ডাঁটা] *বি* ১ গাছের সরু ডাল। ২ খাড়া; সজনের ফল (সজনের ডাঁটা)। ৩ ডাঁটা গাছ; শাকগাছবিশেষ। ৪ বোঁটা। **ডাঁটালো** *বিণ* ডাঁটাযুক্ত; শক্ত। {*স.* দণ্ড>}

ডাঁটা২ [ডাঁটা] *ক্রি* তিরস্কার করা; ধমক দেওয়া। {*স.* দণ্ড+আ>}

ডাঁটি ⟹ ডাটি

ডাঁটো [ডাঁটো] *বিণ* ১ শক্ত; কঠিন। ২ সবল; দৃঢ়; সমর্থ (ডাঁটো মানুষ)। ৩ অপক্ব; ডাঁসা (ডাঁটো আম)। ৪ অল্পসিদ্ধ (ডাঁটো ভাত`। {ডাঁট+উয়া>}

ডাঁড় (*আঞ্চ.*) [ডাঁড়্] *বি* ১ যে দণ্ডের উপর শাখাশ্রয়ী পাখি বসে থাকে। ২ দাঁড়। ~ **কাক** (*অবা.*) *বি* দাঁড় কাক; এক শ্রেণির কাক। {*স.* দণ্ড>}

ডাঁড়া [ডাঁড়া] *বি* ১ পানি নির্গমন পথ (সে ডাঁড়ায় পানি থাকে না)। ২ চর; চড়া। ৩ মেরুদণ্ড; পৃষ্ঠদণ্ড শিরডাঁড়া। {*স.* দণ্ড>}

ডাঁড়ানো (*আঞ্চ.*) [ডাঁড়ানো] *ক্রি* ১ দণ্ডায়মান হওয়া। ২ অপেক্ষা করা। {*স.* দণ্ডায়মান>দাঁড়ানো>}

ডাঁড়াশ, ডাঁরাস [ডাঁড়াশ্, –রা–] *বি* দাঁড়াশ। {*স.* দণ্ডসর্প>দাঁড়াসাপ>ডাঁড়াশ}

ডাঁড়ি, –ড়ী, – [ডাঁড়ি] *বি* ১ নৌকা চালনার দাঁড়। ২ দাঁড়ি; মাঝি; যে দাঁড়ি টানে। ৩ বাক্যের পূর্ণ বিরতি জ্ঞাপক চিহ্ন; দাঁড়ি; পূর্ণচ্ছেদ; fullstop। ~ **টানা** *ক্রি* দাঁড় বেয়ে নৌকা চালনা। {*স.* দণ্ড>দাঁড়ি>}

ডাঁড়িকা ⟹ দাঁড়িকা

ডাঁড়ুকা [ডাঁড়ুকা] *বি* বেড়ি; শৃঙ্খলবিশেষ (বন্দীর ডাঁড়ুকা তারা ছেয়ানতি কাটে—*কমু*)। {*স.* দণ্ড>ডাঁড়+ উক+আ}

ডাঁপ [ডাঁপ্] *বি* বাঁশের খুঁটি; বাঁশের আড়া। {*স.* দণ্ড>}

ডাঁশ [ডাঁশ্] *বি* এক প্রকার বড় মাছি যার কামড়ে গরু অতিষ্ঠ হয়ে ওঠে (ডাঁশের কামড়ে গরুটা ছটফট করছে)। ~**মাছি** *বি* তীব্র দংশনকারী মাছিবিশেষ; দংশমক্ষিকা। {*স.* √দন্‌শ্>দংশ>*প্রা.* ডংস>}

ডাঁশ২, ডাঁসা [*বিণ* ১ অর্ধপক্ব; আধপাকা; পাকা ও কাঁচার মাঝামাঝি (এখন ডাঁশা খেজুরের সময়—*বিব*)। ২ ধারপ্রাপ্ত; উজ্জ্বল (বোঁচা বিড়াল তার সর্বতনু হাঁসা; অধখানা লেজ নাহি দুই চক্ষু ডাঁসা—*কমু*)। ৩ তক্তপোষ; নৌকা প্রভৃতির আড়কাঠ যার উপরে পাটাতন করা হয়। **ডাঁশিয়ে** *ক্রিবিণ* প্রায় পাকা; প্রায় পূর্ণবয়স্ক; প্রায় যৌবনকালে উপস্থিত (কিন্তু এখন সে ঝানু হয়ে না গেলেও ডাঁশিয়ে উঠেছে—*নই*)। {ডাঁশ+আ; তুল. স. দাসাদাক}

ডাক১ [ডাক্] *বি* ১ সম্বোধন; আহ্বান (যদি তোর ডাক শুনে কেউ না আসে—*রঠা*)। ২ কণ্ঠস্বর; বুলি; রব (পাখির ডাক, পশুর ডাক)। ৩ চিৎকার; উচ্চশব্দ; হাঁক (ডাক ছাড়া)। ৪ গরু প্রভৃতির গর্ভগ্রহণ কালের ডাক। ৫ গর্জন (মেঘের ডাক)। ৬ নিলামে ক্রেতা যে দর হাঁকে (পাঁচ টাকা ডাক উঠেছে)। ৭ প্রসিদ্ধ; খ্যাতি (নাম ডাক)। ৮ রোগী দেখার আহ্বান (ডাক্তারের ডাক পড়া)। □ *বিণ* সর্বদা ডাকবার জন্যে ব্যবহৃত (ডাক নাম)। ~**ওয়াল** *বি* আহ্বানকারী; যে ডাকে (হেনকালে ডাকওয়ালে রণস্থলে ডাকি বলে—*মোখা*)। ~**কারী** *বি* নিলামে যে দর হাঁকে (...সর্বোচ্চ ডাককারীকেই জমির ইজারা দেওয়া হলো)। – **চড়া** *ক্রি* নিলামে ডাকে টাকার অঙ্ক বৃদ্ধি পাওয়া (নওশ রোপায়া এক নওশ রোপায়া দো ডাক চড়িতেছে—*মীম*)। ~ **ছাড়া** *ক্রি* চিৎকার করা; উচ্চ শব্দ করা (ছাড় ডাক হে রুদ্র বৈশাখ—*রঠা*)। ~–**ডোক** *বি* ১ আহ্বান (চিকিৎসক ভালো বটে কিন্তু ডাক-ডোক বিশেষ নেই)। ২ খ্যাতি; পসার। ~ **দেওয়া** *ক্রি* ডাকা; মুক্তকণ্ঠে আহ্বান করা (মুখে তুলি পিনাক করাল কারে দাও ডাক—*রঠা*)। ~ **নাম** *বি* যে নামে ডাকা হয়; প্রচলিত নাম। ~ **পাড়া** *ক্রি* বারবার ডাকা; ডাকের উপর ডাক দেওয়া। ~ **বাড়া** *ক্রি* নিলামের ডাকে টাকার অঙ্ক বৃদ্ধি পাওয়া (ক্রমে ডাক বাড়িতেছে—*মীম*)। ~–**সাইটে** *বিণ* অতি প্রসিদ্ধ (ডাক সাইটে লাঠিয়াল—*কাআউ*)। ~**সুরত** *অব্য* দেখলেই যা ধারণা হয়; মাপ-জোঁখ না করে যেরূপ কথিত আছে (এ বন্দোবস্ত করা হল কিন্তু ডাকসুরত ইজারাদারের সঙ্গে--*প্রচৌ*)। ~–**হাঁক, হাঁক**–~ *বি* গলাবাজি; ডাকাডাকি; চেঁচামেচি; হৈ চৈ; আস্ফালন (বিয়ে বাড়িতে ডাক-হাঁকের অন্ত নেই)। **ডাকের সুন্দরী** *বি* বিখ্যাত সুন্দরী; সুন্দরী বলে খ্যাতি আছে এরূপ। **এক ডাকে চেনা** *ক্রি* খ্যাতিমান ও সুপরিচিত বলে নাম উচ্চারণমাত্র চিনতে পারা। **এক ডাকের পথ** *বি* নিকটবর্তী; খুব অল্প পথ। **নাম**–~ *বি* খ্যাতি; সুনাম। {√ডাক; তুল. স. ড}

ডাক২ [ডাক্] *বি* ১ চিঠি বহন ও বিলিসম্বন্ধীয় সরকারি ব্যবস্থা; post। ২ চিঠিপত্রাদি। ৩ চিঠিপত্রাদির যানবাহন (ঘোড়ার ডাক)। ৪ একসঙ্গে যে সমস্ত চিঠিপত্র আসে বা যায় (ঢাকার ডাক)। ৫ ডাক বিভাগের মাধ্যমে প্রেরিত চিঠিপত্রাদি। ~ **খরচ**, ~ **খরচা** *বি* ডাকে চিঠিপত্র পাঠানোর মাশুল; postage। ~ **গাড়ি** *বি* ডাকবাহী দ্রুতগামী গাড়ি; চিঠিপত্র বহনকারী গাড়ি; mail train। ~**ঘর**, ~**খানা** *বি* চিঠিপত্রাদি এসে পৌঁছাবার ও বিলি হওয়ার স্থান বা ঘর; post office; পোস্ট অফিস। ~**চৌকি** *বি* পথে ডাকের বাহনের যে স্থানে বদল হয়। ~**টিকিট**, ~**টিকেট** *বি* ডাকমাশুলের পরিমাণ নির্দেশক টিকিট; postage stamp। – **পাঠানো** *বি* ১ হাতি ধরার খেদায় রাতে ঠিকমতো পাহারা দেওয়া হচ্ছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য চাদর বা লাঠি বা ঐ ধরনের কিছু জিনিস কুলিদের মধ্যে হাতে হাতে ঘুরিয়ে আনার ব্যবস্থা। □ *ক্রি* ডাকের চিঠিপত্র পাঠানো। ~**পিয়ন**, ~**পেয়াদা** *বি* ডাক বিভাগের যে কর্মচারী চিঠিপত্রাদি বাড়ি বাড়ি পৌঁছে দেয় বা বিলি করে। –**ফেরত** *বি* ডাকে পাঠানো পত্রাদি

যা অস্বীকৃত হয়ে প্রেরকের নিকট ফিরে আসে। ~ **ফেরতা**, ~ **বসানো** *ক্রি* পথের স্থানে স্থানে ডাক নিয়ে যাওয়ার গাড়িঘোড়াদির পরিবর্তনের আড্ডা বসানো। ~ **বিভাগ** *বি* যে বিভাগ চিঠিপত্রাদি প্রেরণ ও বিতরণের কাজ করে; postal department। ~ **মাশুল** *বি* ডাকে কিছু পাঠাবার জন্য খরচা; পত্রাদি বহন করার জন্য পোস্ট অফিসে দেয় অর্থ; ডাক খরচা। ~**মুনশি**, ~**মুন্সী** *বি* পোস্ট মাস্টার; post master। ~**হরকরা** *বি* যে কর্মচারী চিঠিপত্রাদির থলে এক ডাকঘর হতে অন্য ডাকঘরে পৌঁছে দেয়, রানার; ডাক বহনকারী; ডাক পিয়ন; mail runner। **ফেরত ডাকে উত্তর** *বি* ডাকযোগে চিঠি পাওয়ার সঙ্গে সঙ্গে ডাকযোগে উত্তর প্রেরণ। {√ডাক্; তুল. *হি* ডাক}

ডাক³ [ডাক্] *বি* ডাহুক; পানির ধারের ঝোপে জঙ্গলে বাস করে এমন পাখি; ডাক পাখি। {*স.* ডাহুক>}

ডাক⁴ [ডাক্] *বি* ১ ডাক নামক জনৈক জ্ঞানী ব্যক্তি যাঁহার বচনসমূহ সুপ্রসিদ্ধ ও বহুপ্রচলিত (ডাকের বচন)। ২ প্রবাদবাক্য; চলিত কথা। ~ **পুরুষ** *বি* ১ ডাক নামক ব্যক্তি। ২ ডাকতন্ত্রে সিদ্ধ জ্ঞানী ব্যক্তি। **ডাকের কথা/বচন** *বি* প্রবাদ বচন। {*তিব্বতি.* বদগ্ (জ্ঞান)}

ডাক⁵ [ডাক্] *বি* হিন্দুদের প্রতিমা সাজানোর রাংতা জরি শোলা প্রভৃতির গহনা (ডাকের সাজ)। {*হি* ডাঁক}

ডাক⁶ [ডাক্] *বি* হিন্দু বিশ্বাসমতে শিবের অনুচর এক প্রকার পিশাচ। **ডাকিনী** *স্ত্রী.*। ~**সিদ্ধ** *বিণ* পিশাচসিদ্ধ অর্থাৎ পিশাচ যার আজ্ঞাবহ। {= ডাক¹}

ডাকবাংলা, ডাকবাংলো [ডাক্‌বাঙ্‌লা, –লো] *বি* ১ সরকারি কর্মচারী বা ভ্রমণকারীর পান্থশালা বা সরাই। ২ 'ডাক'-বাহী ঘোড়ার ও আরোহীর বিশ্রামের ও রাত্রি যাপনের ঘর; এখনকার দিনে সরকারি বিশ্রামাগার। {*হি* ডাকবাংলা>*ই* dakbungalow}

ডাকসংক্রান্তি [ডাক্‌সংক্রান্‌তি] *বি* আশ্বিন মাসের সংক্রান্তি বা শেষদিন; আশ্বিনের শেষ ও কার্তিকের শুরুতে চাষির শিবের বর প্রার্থনার দিন বা তিথি। {ডাক+*স.* সংক্রান্তি}

ডাকসাইটে [ডাক্‌সাইটে] *বিণ* সুবিখ্যাত; প্রসিদ্ধ; নামমাত্র উচ্চারণে যাকে সবাই চিনতে পারে। {ডাক+*স.* সিদ্ধ>}

ডাকা¹ [ডাকা] *ক্রি* ১ আহ্বান করা (ডাক্তার ডাকা)। ২ ধ্বনি করা (ডাকিছে দাদুরী তমাল কুঞ্জ তিমিরে—*রঠা*)। ৩ শব্দ করা (নাক ডাকা)। ৪ গর্জন করা; উচ্চ ধ্বনি করা (মেঘ ডাকা)। ৫ সম্বোধন বা আমন্ত্রণ করা (নাম ধরে ডাকা)। ৬ মনে করা; স্মরণ করা (খোদাকে ডাকা)। ৭ হাঁকা; দর হাঁকা (নিলাম ডাকা)। ৮ চিৎকার করা (ডাকিয়া লহনা কান্দে—*কমু*)। ৯ ভয় বা আশঙ্কা করা (বিপদ ডাকা)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* সম্বোধিত; আহূত; শব্দিত; মুখরিত; ধ্বনিত; স্মৃত; আশঙ্কিত (কাক-ডাকা নিরিবিলিতে—*আকআ*)। ~**ডাকি** *বি* ১ পুনঃপুন আহ্বান। ২ বিরক্তিকর পুনঃপুন ডাকা। ৩ শোরগোল করে বা চেঁচামেচি করে ডাকা। **ডাকানো, ডাকান** *ক্রি* ১ আহ্বান করে বা ডেকে আনানো। ২ শব্দ করানো (নাক ডাকানো)। **ডেকে বলা, ডাকিয়া বলা** *ক্রি* ১ সম্বোধন করে বলা। ২ ঘোষণা করা। ৩ জোরের সঙ্গে অভিমত প্রকাশ করা (ডাকিয়া বলিতে হবে—*রঠা*)। **ডেকে শাল নেওয়া** *বি* নিজে ইচ্ছা করে দুঃখকে ডেকে আনা। **পাখি** ~ *বিণ* পক্ষিরব মুখরিত (পাখিডাকা সন্ধ্যা—*বিব*)। **বিপদ ডেকে আনা** *বি* নিজের কাজ বা বুদ্ধির দোষে বিপদ ঘটানো। {√ডাক্+আ}

ডাকা² [ডাকা] *বি* ডাকাতি; দস্যুবৃত্তি (দুর্ভিক্ষ হইল রাজ্যে হইল ডাকাচুরি—*কাদা*)। ~**বুকা** *বিণ* সাহসী; অতুলনীয় সাহসযুক্ত (তোর একটুও ভয় করলনি ... ডাকাবুকা ঝি —*গুমা*)। **ডাকু** *বি* ডাকাত; দস্যু। {*হি* ডাকাত>}

ডাকাত [ডাকাত্] *বি* ১ দস্যু; লুণ্ঠনকারী; বলপূর্বক অপসরণকারী। □ *বিণ* অসমসাহসী; নির্ভীক। **ডাকাত পড়া** *ক্রি* ডাকাতি ঘটা; ডাকাতের আক্রমণ হওয়া। **ডাকাতি** *বি* দস্যুবৃত্তি; দস্যু দ্বারা লুণ্ঠন; বলপূর্বক অপহরণ; dacoity (আপনি ডাকাতি করি প্রজার ... হয়েছিস দ্বিতীয় ধনেশ—*ভারা*)। □ *বিণ* ১ ডাকাতি বিষয়ক। ২ ডাকাতি সংক্রান্ত (ডাকাতি মামলা)। **ডাকাতে (ডাকাতিয়া) কালী** *বি* ডাকাতদের উপাস্য কালিকা দেবী। **দিনে ডাকাতি** *বি* অসম সাহসিক ও বিস্ময়কর দুষ্কর্ম। {*হি* ডাকাত; তুল. *ই* dacoit}

ডাকিনী ⟹ ডাইন¹

ডাক্তার [ডাক্‌তার্] *বি* ১ ইউরোপীয় পদ্ধতির চিকিৎসক। ২ চিকিৎসক। ৩ শাস্ত্রবিশারদ। ৪ বিশ্ববিদ্যালয়ের পাণ্ডিত্যসূচক উপাধি; Ph.D; D.Lit.। ~**খানা** *বি* ১ যে স্থানে চিকিৎসা করা হয় বা ডাক্তারি ঔষধ প্রস্তুত ও বিক্রয় হয়। ২ এলোপ্যাথিক ঔষধ পাওয়ার স্থান। ~ **দেখানো** *ক্রি* ১ ডাক্তার দিয়ে রোগ পরীক্ষা করানো। ২ ডাক্তারের চিকিৎসাধীন হওয়া। **ডাক্তারি** *বি* ১ চিকিৎসাবিদ্যা। ২ চিকিৎসা। ৩ ডাক্তারের কার্য বা বৃত্তি। □ *বিণ* ডাক্তারসম্বন্ধীয়। {*ই* doctor (Dr.)}

ডাগর [ডাগোর্] *বিণ* ১ বৃহৎ; বড় (ডাগর চোখ)। ২ বয়স্ক (ডাগর মেয়ে)। ৩ খুব মূল্যবান; উৎকৃষ্ট (সাগরের মত নারী ডাগর জিনিস—*দীমি*)। ৪ মোটাসোটা। ~ **আঁখি** *বি* আয়তনেত্র; বড় চোখ (একে ঐ চাউনি বাঁকা সুরমা আঁকা তায় ডাগর আঁখি—*নই*)। ~ ~ *বিণ* খুব বড়; বড় বড়। ~-**ডোগর** *বিণ* দেখতে বড়। {*স.* দীর্ঘ>}

ডাগল [ডাগোল্] *বিণ* ডাগর; বড় (ডাগল দীঘল আঁখি যার পানে চায়—*মৈগী*)। {ডাগর>}

ডাঙ, ডাঙ্গ, ডাং [ডাঙ্, ডাঙ্‌গ্, ডাং] *বি* স্তূপ; গাদি; রাশীকৃত; স্তূপীকৃত। {*স.* দণ্ড> দণ্ডের মতো উঁচু}

ডাঙর¹, **ডাঙ্গর** [ডাঙোর্, –ঙ্‌গো–] *বিণ* ডাগর; বৃহৎ; মস্ত; প্রবল (তিনি তখন আমানউল্লার এয়ার ফোর্সের ডাঙর পাইলট—*সৈমু*; বলে মহাবল আলী বিক্রমে ডাঙ্গর—*হেমা*)। {ডাগর>}

ডাঙর² ⟹ ডেঙার

ডাঙশ ⟹ ডাঙ্গশ

ডাঙা, ডাঙ্গা [ডাঙা, ডাঙ্‌গা] *বি* ১ জলহীন উচ্চস্থান; উচ্চভূমি (পাঁচটা গাছের চক্রমগুলী ছিল বনের পথের ধারে একটা উঁচু ডাঙার পরে—*রঠা*)। ২ স্থল; শুকনা জায়গা। ৩ তীর। ৪ বাসভূমি; নিবাস (ফরাসডাঙা)। ৫ আবাদ; ক্ষেত্র (নারিকেলডাঙ্গা)। ~**পথ** *বি* স্থলপথ।

ডাঙায় বাঘ জলে কুমির *বি* উভয় সঙ্কট। { *স.* তুঙ্গ> ডাঙ+আ}

ডাঙ্গশ, ডাঙ্গস, ডাঙশ [ডাঙ্গোশ্, -, -ঙো-] *বি* হাতি চালানোর দণ্ড; হস্তিতাড়ন দণ্ড; অঙ্কুশ (এর হাতের হজমী ডাঙ্গস হয়ে আমার পেটে বিপ্লব নিশ্চয়ই কাবু করে নিয়ে আসবে—*সৈমু*)। { *স.* দণ্ড+অঙ্কুশ>দণ্ডাঙ্কুশ>}

ডাটনা [ডাট্না] *বি* তিরস্কার (ডাকাইত রতিপতি ডাটনা করিয়া সাত ডাক দিয়া হরিল জীবন—*রাম*)। { *স.* দণ্ড>}

ডাটি, ডাঁটি [ডাটি, ডাঁ-] *বি* ১ বাঁট; ছোট হাতল (হাতে উলঙ্গ আগুন নাচিছে কালো মশালের ধরিয়া ডাটি—*জউ*)। ২ ঔষধ মাড়ার ছোট প্রস্তর দণ্ড বা মুষল (খলের ডাঁটি)। ৩ ছাতার দণ্ড। { *স.* দণ্ড>দাট>ডাঁট+ই}

ডাটেয়া [ডাটেয়া] *বি* মুসলমান জেলে; নিকারি (উঁচু জায়গার ডাটেয়াপাড়া—*শাহ*)। { *আঞ্চ.* }

ডাণ্ডা [ডান্‌ডা] *বি* ১ মোটা লাঠি; দণ্ড। ২ ছেলেদের খেলার ছোট লাঠি। ৩ হাতল। **–গুলি** *বি* খেলাবিশেষ; ডাংগুলি (ডাণ্ডাগুলি খেলার সময় গুলিকে ভয় দেখাস্‌নি ডাণ্ডাকে না ছোঁয়ার জন্যে—*সৈমু*)। **~বাজি** *বি* খুনখারাবি; দাঙ্গাফাসাদ। **ডেরা~** *বি* ১ তাঁবু ও তা খাটানোর সরঞ্জাম; বস্ত্রগৃহ নির্মাণের উপকরণ (মনে বিচারিয়া সুরা বিক্রয়ী তুলিল ডাণ্ডা ডেরা—*সদ*)। ২ গৃহস্থালির প্রয়োজনীয় জিনিসপত্র। { *স.* দণ্ড>*প্রা.* ডংড>+আ}

ডাণ্ডি [ডান্‌ডি] *বি* ১ ক্ষুদ্র দণ্ড। ২ হাতল। ৩ ডাঁটি। ৪ দাঁড়ি; যে দাঁড় টানে। ৫ পার্বত্য পথে মনুষ্যবাহী যানবিশেষ। ৬ স্থানের নাম (ডাণ্ডি অভিযান)। { *স.* দণ্ড>*হি.* ডণ্ডা+ই}

ডান¹, ডাইন¹, ডাহিন [ডান, ডাইন, ডাহিন্] *বি* দক্ষিণ; বামেতর (ডাহিনে বাঁশবন হেলায়ে শাখা—*রঠা*)। **~দিক** *বি* দক্ষিণ হস্তের দিক। **– হাত** *বি* ১ দক্ষিণ হস্ত; প্রধান সহায়; নির্ভরযোগ্য সঙ্গী (সে তার ডান হাত)। **~ হাতের ব্যাপার, ~ হাতের কাজ** *বি* ভোজন; আহার। **ডানে আনতে বাঁয়ে কুলায় না**—আয়ের চেয়ে ব্যয় বেশি হয়। **ডানে বাঁয়ে না তাকিয়ে** *ক্রিবিণ* কোনো দিকে না দেখে; বেপরোয়াভাবে। { *স.* দক্ষিণ>দাহিন>ডাইন>ডান}

ডান² ⇒ ডাইন²

ডানকনা, ডানকুনি¹ [ডানকনা, -কুনি] *বি* ১ ছোট মাছবিশেষ। ২ ঔষধি বৃক্ষ; দণ্ডকলস। { *স.* দণ্ডিক>}

ডানকুনি² [ডান্‌কুনি] *বি* ১ দণ্ডকলস গাছ। ২ ডানকোনা গাছ। ৩ মাছ ধরার এক প্রকার ফাঁদ। { *স.* দণ্ডোৎপল>}

ডানপিটে [ডান্‌পিটে] *বিণ* দুর্দান্ত; দুরন্ত; যে শাসন মানে না (ডানপিটে ছেলে)। □*বি* অসমসাহসী; দুঃসাহসিক; গোঁয়ার; একগুঁয়ে। { *স.* দণ্ড+ডাণ্ডা>ডান+ *স.* পৃষ্ঠ> পিটিয়ে>ডানপিটে}

ডানা [ডানা] *বি* ১ যা উড়তে সাহায্য করে; পাখা (পাখির ডানা)। ২ মাছের পাখনা। **– কাটা** *বিণ* পাখনাবিহীন। **– কাটা পরী** *বি* পরীর মত সুন্দরী কিন্তু পরীর ন্যায় ডানা নেই; পক্ষ বা ডানাশূন্য সুন্দরী পরী; রূপে পরী এবং ডানা থাকলেই পরী বলা যেতো; অনিন্দ্যসুন্দরী; অপূর্ব সুন্দরী। **~-ভাঙা** *বি* ১ যে পাখির ডানা ভেঙে গেছে। □*বিণ* দোসরহীন। **– মারা** *ক্রি* ডানার আঘাত করা। { *স.* ডয়ন>ডানা+আ=ডানা}

ডানি [ডানি] *বিণ* ডান; ডাহিন; দক্ষিণ (রক্ত হাত ডানি হাতে সঘৃত পলান্ন তাতে—*ভারা*)। { *স.* দক্ষিণ> ডাহিন> ডাইন>ডান+ই=ডানি/ডাইন }

ডাব¹ [ডাব্] *বি* অপক্ক বা কচি নারকেল। **~ ধান** *বি* যে ধান এখনও পাকেনি। { *স.* ডিম্ব>}

ডাব² [ডাব্] *বি* চাপ। { *হি.* ডাব্‌না>}

ডাবর [ডাবোর্] *বি* ১ পানি রাখার পাত্র। ২ বড় বাটি (দুটো চিনে মাটির ডাবরে যেন দুটো পান্তুয়া ভেসে উঠেছে—*সৈমু*)। ৩ জলপাত্র; গামলা (ডাবর নয় ছোটখাট একটা গামলা ভর্তি মাংসের কোরমা—*সৈমু*)। **ডাবরি** *বি* ১ ছোটপাত্র। ২ ছোট কলসি। ৩ পেট মোটা ছোট মেয়ের ডাক নাম। { *স.* দভ্র>}

ডাবরা ⇒ ডেবরা

ডাবা, ডাব্বা [ডাবা, -ব্বা] *বি* ১ ডাবর; মাটির বড় গামলা; বড় বাটি। ২ টব। ২ নারকেল মালায় প্রস্তুত হুঁকা (আবদুল্লাহ সেই ডাবা-প্রেমিক ব্রাহ্মণটির দিকে ঘাড় ফিরাইয়া দেখিলেন—*কাহ*)। □*বিণ* খোল বড় খোলবিশিষ্ট (ডাবা হুঁকোটি ধরিয়া হাতে— ব... { ডাব+আ}

ডাবা² [ডাবা] *ক্রি* চাপা; দাবা; বসে যাওয়া (প... যায়)। **দুধ ~** *ক্রি* জ্বাল দেওয়া দুধ হাতা দিয়ে বার বার তোলা নামা করা যাতে বেশি সর পড়ে। { *স.* দর্বী>ডব্বী>ডাবা}

ডাবিং [ডাবিং] *ক্রি* চলচ্চিত্রকে ভাষান্তরিত করা। { *ই* dubbing}

ডাবু [ডাবু] *বি* ১ পরিবেশনযোগ্য কাঠের নারকেলের মালার বা পিতলের হাতা। ২ গোলমুখ চামচবিশেষ। ৩ ছোট কলসি। { *স.* দর্বী>}

ডাবুষ (*প্রাবা.*) [ডাবুশ্] *বি* লৌহ নির্মিত এক প্রকার অস্ত্র। { *স.* দর্বী>}

ডাব্বা ⇒ ডাবা¹

ডামর [ডামোর্] *বি* ১ এক প্রকার তন্ত্র শাস্ত্র। ২ ধুনি। ৩ মশাল। ৪ ছোট উকুন। { *স.* ডম্বর; ডম্(*ধ্বন্যা.*)+অর)}

ডামাডোল [ডামাডোল্] *বি* ১ কোলাহল; শোরগোল (নওরোজের আজ বসল মেলা রূপের বাজার ডামাডোল—*নজ*)। ২ গণ্ডগোল; বিশৃঙ্খলা (যুদ্ধের ডামাডোলে আকাশ ছেয়েছে—*হুউ*)। { *প্রাবা.* ডাম্বডোল>; *স.* ডম্বর> ডামা+ *মুণ্ডারি.* ডোল}

ডাম্বেল ⇒ ডম্বল

ডায়মন্ড, ডায়মন [ডায়্‌মন্‌ড, ডায়্‌মন্] *বি* হীরা; হীরার মতো পলতোলা নকশাবিশেষ। **~ কাটা** *বিণ* হীরার মতো পল-তোলা নকশাবিশিষ্ট (ডায়মন-কাটা বালা)। { *ই* diamond}

ডায়ার্কি [ডায়ার্‌কি] *বি* দ্বৈত শাসন ব্যবস্থা—১৯১৯ খ্রিস্টাব্দে ভারতবর্ষে এই ব্যবস্থা হয়েছিল। { *ই* dyarchy}

ডায়াল [ডায়াল্] *বি* ঘড়ি টেলিফোন প্রভৃতি যন্ত্রের রেখাঙ্কিত মুখপট্ট; মুখপাত; dial (সোমনাথের চাঁচাছোলা মুখটি ছিল ঘড়ির ডায়ালের মত—*প্রচৌ*; কালের ডায়ালের আমাদের হাত বৃথাই ঘোরে সংকেত

নেই কোন সময়ের—*আগ)*। {*ই* dial}
ডায়েরি, ডায়েরী, ডাইরি [ডায়েরি, –, ডাইরি] *বি* ১ রোজনামচা; দিনপঞ্জি; যে পুস্তকে দৈনন্দিন ঘটনা লেখা হয়; diary। ২ থানায় দাখিল করা নালিশের বিবরণ। ~ **করা** *ক্রি* থানায় নালিশ লিপিবদ্ধ করানো। {*ই* diary}
ডারউইন, ডারুয়িন [ডারুয়িন] (১৮০৯–৮২) ক্রমবিবর্তনবাদ প্রবর্তক; রবার্ট চার্লস ডারউইন। {*ই* Charles Darwin}
ডারা *(মবা.)* [ডারা] *ক্রি* নিক্ষেপ করা; ঢেলে ফেলা (আমুল সলিলে সব ডাররে—*বিপ*)। {*তুল. হি.* ডারনা}
ডারি[১]**, ডারিয়া** [ডারি, –য়া] *ক্রি* ঢেলে ফেলে (অশ্রুবারি ডারিয়া ভানু গায়—*রঠা*)। {ডারা+ইয়া>}
ডারি[২] [ডারি] *বি* ডালি; উপহার (শত শির দেয় ডারি—*রঠা*)। {ডালি>}
ডাল[১] [ডাল্] *বি* ১ বৃক্ষশাখা। ২ যে কোনো শাখা (নদীর ডাল)। ~**পালা** *বি* ১ শাখা-প্রশাখা; বড় ডাল ও ছোট ডাল। ২ বিস্তার; অতিরঞ্জন (কথার ডালপালা)। ~–**ভাঙা ক্রোশ** *বি* গাছের ডাল ভেঙে শুকানো পর্যন্ত যতদূর যাওয়া যায়; অতি দীর্ঘ পথ। ~–**ভাঙা বাঁদর** *বি (ব্য.)* অনিষ্টকারী লোক। **ডালানো** *ক্রি* গাছের ডাল কেটে দেওয়া। ~ **ছাঁটানো**—গাছকে সতেজ করার জন্য ডাল কাটা। {*স.* দারু>*প্রা.* ডাল>; *স.* ডল্লক/দল>}
ডাল[২]**, ডাইল, ডাউল** [ডাল, ডাইল্, –উল্] *বি* ১ খোসা ছড়ানো মুগ, মসুর, ছোলাপ্রভৃতি। ২ মুগ, মসুর ইত্যাদির ব্যঞ্জন। ~–**ভাত** *বি* অতি সাধারণ বা সহজ জিনিস (এর মধ্যে কোনই অসাধারণত্ব নেই এটা একেবারে ডাল-ভাত)। ~–**মুট** *বি* মটর, বাদাম ইত্যাদি একত্রে ভাজা মুখরোচক চানাচুর জাতীয় খাবার। {*স.* দাল, দালি>*প্রা.* ডালী>; *মুণ্ডারি.* দালি}
ডালকুত্তা [ডালকুত্‌তা] *বি* এক প্রকার বিখ্যাত শিকারি কুকুর; greyhound। ~ **লেলিয়ে/লেলাইয়া** *(সা.)* **দেওয়া** *ক্রি (আল.)* নির্মম উৎপীড়নের ব্যবস্থা করা। {*হি.* ডালকুত্তা}
ডালচিনি ⇒ দারু
ডালনা, দালনা [ডাল্‌না, দা–] *বি* ঘন্ট; এক প্রকার ব্যঞ্জন। {*স.* সন্তোলব>সাঁৎলানা>}
ডালপুরি, ডালমুট ⇒ দাল
ডালা [ডালা] *বি* ১ বাঁশের সরু চটা দিয়ে তৈরি অপেক্ষাকৃত অগভীর পাত্রবিশেষ। ২ ঢাকনি। ৩ হিন্দুদের পূজার উপহারের সামগ্রীপূর্ণ পাত্র। ৪ ভেট; উপহার। ৫ ঘুষ; উৎকোচস্বরূপ উপহার। ৬ আধার (বিয়ের ডালা)। ~ **সাজানো** *বি* ডালা সাজিয়ে নানা উপহার দানের আয়োজন। {*স.* ডল্লক>; *মুণ্ডারি.* ডালা}
ডালি, ডালী [ডালি] *বি* ১ ছোট ডালা (মেয়েদের যে সব গুণ থাকা দরকার খোদা তোকে তার প্রায় সমস্তই ডালি ভরে দিয়েছেন—*নই*)। ২ উপহার; ভেট; নজর; উৎকোচস্বরূপ উপহার (জল ধন যা ছিল সকল দিলা ডালি—*শেফ*; নানা দ্রব্য ডালী লয়ে বর্ধমানে গেল মজুমদার—*ভারা*)। ৩ আধার (রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান—*হেব*)। ৪ নৌকার খোলের উপরকার মোটা লম্বা তক্তাদ্বয়। ~ **দেওয়া** *ক্রি* ডালি সাজিয়ে উপরওয়ালাকে নানা দ্রব্য উপহার দেওয়া—সাধারণত অনুগ্রহ লাভের আশায় ভেট দেওয়া। {*স.* ডল্লক>; *মুণ্ডারি.* ডালা+*বা.* ই}
ডালিম, ডালিম্ব [ডালিম্, –বো] *বি* ১ বেদানার মতো ফল; দাড়িম্ব (ভেস্তের ডালিম্ব ময়া দেয় এই মনে—*হেমা*)। ২ ডালিম গাছ। {*স.* দাড়িম্ব>}
ডাস্টবিন [ডাস্‌টবিন্] *বি* জঞ্জাল ফেলবার পাত্র; dustbin (ডাস্টবিন ভর্তি হয়ে গিয়েছে—*সৈমু*)। {*ই* dustbin}
ডাহ [ডাহ্] *বি* দাহ; যন্ত্রণা; জ্বালা। {*স.* দাহ>*প্রা.* ডাহ}
ডাহা [ডাহা] *বিণ* ১ সম্পূর্ণ; পুরোপুরি; অমিশ্র (আলতাফ ডাহা মিথ্যে কথা বলে—*আরু*)। ২ অবিকল (ডাহা নকল)। □*বি* গরম ও লাল; সদ্যনিঃসৃত (ডাহা রক্ত)। {টাটকা>টাহা>ডাহা; *স.* দাহ>*প্রা.* ডাহ+আ}
ডাহুক [ডাহুক] *বি* এক প্রকার জলচর পাখি। **ডাহুকা, ডাহুকী** *স্ত্রী.*। (ডাহুকা ডাহুকী—*ভারা*)। {*স.* দাত্যুহ>}
ডিউ [ডিয়ু] *বিণ* পূর্বনির্দিষ্ট; যথাসময়ে (ট্রেন ডিউ টাইমে আসবে কি?)। {*ই* due}
ডি–এম ⇒ ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট
ডিকেন্টর [ডিকেন্‌টর্] *বি* মদ্য ঢালবার পাত্র (নর-নারী মূর্তির সম্মুখে টেবিলের উপর দুইটি সাদা ডিকেন্টর—*মীম*)। {*ই* decanter}
ডিক্টেটর [ডিক্‌টেটর্] *বি* নিরঙ্কুশ ক্ষমতাসম্পন্ন রাষ্ট্রশাসক; একনায়ক। {*ই* dictator}
ডিক্রি, ডিক্রী, ডিগ্রি[১] [ডিক্‌রি, –, –গ্–] *বি* আদালতের হুকুম বা নিষ্পত্তি ও নির্দেশ; বিচারকের আদেশ (এক-তরফা ডিক্রি দেওয়ার নাম বিচার নয়—*প্রচৌ*)। ~ **জারি করা** *ক্রি* অভিযুক্ত দেনদার অথবা সাধারণের নিকট বিচারকের আদেশ বা রায় প্রচার করা। ~**দার** *বি* যার সপক্ষে ডিক্রি হয়েছে; যার অনুকূলে আদালত ডিক্রি দিয়েছে। {*ই* decree}
ডিকশনারি [ডিক্‌শোনারি] *বি* অভিধান; শব্দকোষ। {*ই* dictionary}
ডিগডিগ [ডিগ্‌ডিগ্] *অব্য* সরু ডগার আন্দোলিত হওয়ার ভাব; সরু ডগার মতো কৃশতা প্রকাশক (ডিগডিগ করা)। **ডিগডিগে** *বিণ* অত্যন্ত কৃশ; রোগা। {*ধ্বন্যা.*}
ডিগদড়ি [ডিগ্‌দোড়ি] *বি* খুঁটিলগ্ন দড়ি। {*স.* ডিঙ (নভোগতি)>+দড়ি}
ডিগবাজি, ডিগবাজী [ডিগ্‌বাজি] *বি* মাথা মাটিতে রেখে দুই পা উঁচু করে উল্টে পড়া। ~ **খাওয়া** *বি* ১ মাথা নিচু করে উল্টে পড়া। ২ *(আল.)* সুবিধাজনকভাবে নিজের মত সম্পূর্ণ বদলে ফেলা (রাজনৈতিক ডিগবাজি খাওয়া)। {*স.* ডিঙ (নভোগতি)> +*ফা.* বাজি بازی}
ডিগ্রি[২]**, ডিগ্রী** [ডিগ্‌রি] *বি* ১ বিশ্ববিদ্যালয় কর্তৃক পরীক্ষা পাসের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধিবিশেষ (বি.এ., বি.কম. প্রভৃতি ডিগ্রি)। ২ তাপমান যন্ত্রে নির্দিষ্ট তাপের পরিমাণজ্ঞাপক সংজ্ঞা। ৩ কোণের পরিমাণ। ৪ তাপমাত্রা নির্দেশক চিহ্ন (৯০° সেলসিয়াস)। {*ই* degree}
ডিগ্রী[১] ⇒ ডিক্রি
ডিঙানো, ডিঙ্গানো [ডিঙানো, –ঙ্গা–] *ক্রি* অতিক্রম করা; লাফিয়ে পার হওয়া। □*বি* উল্লঙ্ঘন; অতিক্রম।

{স. √ডী>ডিঙ-আনো}

ডিঙা১, **ডিঙ্গা**১ [ডিঙা, –ঙ্‌গা] *বি* ১ এক প্রকার নৌকা (ডিঙ্গা আসে সতে সতে—*সৈআ*)। ২ বাণিজ্য তরী (সপ্তডিঙ্গা মধুকর)। {স. দ্রোণী>ডোঙ্গী>ডিঙি, ডিঙা}

ডিঙি ⇒ ডিঙা১ ও ডিঙ্গি২

ডিঙ্গা২, **ডিঙা**২, **ডিঙ্গি**১, **ডিঙি**১ [ডিঙ্‌গা, –ঙা, –ঙ্‌গি, –ঙি] *বি* পায়ের আঙ্গুলের উপর ভর দিয়ে মাথা উঁচু করে দাঁড়ানোর অবস্থা। ~ **মারা** *ক্রি* পায়ের বুড়া আঙ্গুলের উপর ভর দিয়ে উঁচু হয়ে দাঁড়ানো। {স. √ডী> ডিঙ্>ডোঙ্গা; মু. ডোঙ্গী}

ডিঙি২, **ডিঙ্গি** [ডিঙি, –ঙ্‌গি] *বি* ক্ষুদ্র ডিঙা; ক্ষুদ্র নৌকাবিশেষ। {ডিঙা+ই}

ডিজাইন [ডিজাইন্] *বি* ১ নকশা; চিত্র; পরিকল্পনা। ২ পরিকল্পিত চিত্রাদির নকশা (নোতুন ডিজাইন না হলে দ্রব্যাদির আকর্ষণী ক্ষমতা কমে যায়—ওহ)। {ই design}

ডিটেকটিভ [ডিটেক্‌টিভ্] *বি,বিণ* গোয়েন্দা; গুপ্তচর। {ই detective}

ডিড [ডিড্] *বি* দলিল; চুক্তিপত্র। {ই deed}

ডিডকা [ডিড্‌কা] *বি* বয়স-ফোড়া; তরুণদের মুখে যে ব্রণ হয়। {স. ডিডকা}

ডিণ্ডিম [ডিন্‌ডিম্] *বি* ঢোলজাতীয় প্রাচীন বাদ্যযন্ত্র (ডমরু মধ্যমা মা তা ডিণ্ডিমবাদিনী—*কমু*)। {স. ডিণ্ডি+ √মি+অ (ক)}

ডিণ্ডির [ডিন্‌ডির্] *বি* সমুদ্রের ফেনা। {স. ডিণ্ডির}

ডিণ্ডিশ [ডিন্‌ডিশ্] *বি* ঢেঁড়শ ফল ও গাছ; ভিণ্ডি। {স. ডিণ্ডিশ}

ডিন, **ডীন** [ডিন্] *বি* বিশ্ববিদ্যালয়ের কলা, বিজ্ঞান, আইন, চিকিৎসা প্রভৃতি শাখার কোনো একটির অনুষদ-প্রধান। {ই dean}

ডিনামাইট [ডিনামাইট্] *বি* তীব্র বিস্ফোরক পদার্থ। {ই dynamite}

ডিনার [ডিনার্] *বি* ১ খানা; ইউরোপীয় পদ্ধতিতে নৈশকালীন ভোজ (সেইদিন বেগম সাহেবার পকেট থেকে ডবোল ডিনার আদায় করবো—*মীম*)। ২ দিন বা রাতের প্রধান আহার। ৩ রাষ্ট্রীয় বা কেতাদুরস্ত ভোজ। –**পার্টি** *বি* ভোজন উৎসব। {ই dinner}

ডিপজিসন [ডিপোজিশন্] *বি* এজাহার; লিপিবদ্ধ সাক্ষ্য। {ই deposition}

ডিপথিরিয়া [ডিপ্‌থিরিয়া] *বি* কণ্ঠনালির সংক্রামক রোগবিশেষ। {ই diptheria}

ডিপুটি ⇒ ডেপুটি

ডিপো [ডিপো] *বি* ১ গুদাম; মালপত্র রাখার স্থান; আড়ত (কয়লার ডিপো)। ২ আড্ডা; আশ্রয়স্থান (বাস ডিপো)। ৩ মশাদির জন্মস্থান; বাসস্থান; আবাস (মশার ডিপো)। {ই depot}

ডিপোজিট, **ডিপজিট** [ডিপোজিট্] *বি* অন্যের নিকট গচ্ছিত বা জমা রাখা; জামানত (নায়েবদের অনুগ্রহধর পদ্মলোচন বিনা ডিপজিটে মুছুদ্দি হলেন—*কাসি*) **ডিপজিটর** *বি* যে টাকা গচ্ছিত রাখে। {ই deposit}

ডিপ্লোমা [ডিপ্‌লোমা] *বি* উপাধিপত্র (এম. এ. ডিপ্লোমাটা পেয়ে তার সে কী আনন্দ!)। {ই diploma}

ডিফেন্ড [ডিফেন্‌ড] *ক্রি* সমর্থন করা; রক্ষা করা (ফ্রেণ্ডের সাধ্যমত ডিফেণ্ড কত্তে লাগলেন—*কাসি*)। **ডিফেন্ডান্ট** *বিণ* মকদ্দমায় প্রতিবাদী। {ই defend}

ডিবা, **ডিবিয়া**, **ডিবে** [ডিবা, –বিয়া, –বে] *বি* ১ ছোট দীপ; কুপি; টিন বা অন্য কোনো ধাতুর তৈরি চিমনিহীন ছোট কেরোসিন দীপ (ডিবাটি উর্ধ্বশিখ হইয়া ধূম ছাড়িতেছে—*কাআও*)। ২ ঢাকনিবিশিষ্ট ছোট পাত্র; বাটা (পানের ডিবা)। ৩ কৌটা (দোকতার ডিবা)। **ডিবি** *বি* ছোট ডিবা। {স. ডিম্ব>; তুল. হি. ডিব্বা}

ডিবেঞ্চার [ডিবেন্‌চার্] *বি* ঋণপত্র; ধার-করা টাকার জন্য কোম্পানি ইত্যাদি কর্তৃক প্রদত্ত তমসুক। {ই debenture}

ডিবেট [ডিবেট্] *বি* বিতর্কমূলক বক্তৃতা (খেলাধুলো ডিবেট সিনেমার চাপে কোন মনের গহনে তলিয়ে গেল পল্লীর ক্ষুদ্র অনু—*জুআ*)। {ই debate}

ডিব্বা [ডিব্‌বা] *বি* কুপি (রেলগাড়ি প্রভৃতির) কামরা বা ঘর। {হি (⇒ডিবা)}

ডিভিশন [ডিভিশন্] *বি* ১ সেনাদলবিশেষ। ২ প্রদেশের অংশ। ৩ বিভাজন; ভাগ; বিভাগ। ৪ সংসদ বা আইন সভার ভোট। {ই division}

ডিম [ডিম্] *বি* ১ ডিম্ব; অণ্ড; আণ্ডা (হাঁসের ডিম)। ২ হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী পায়ের পিছনের দিকের ডিম্বাকৃতি মাংসপিণ্ড। ~**ওয়ালা**, ~–**ওলা** *বিণ* ডিমবিশিষ্ট ডিমযুক্ত (ডিম-ওয়ালা ইলিশ মাছ)। **ডিমকি** *বি* ডিম অপেক্ষা ক্ষুদ্র, ডিমের মতো গোল ছোট দানা। ~ **পাড়া** *ক্রি* অণ্ড প্রসব করা। **ডিমে তা দেওয়া** *ক্রি* ১ বাচ্চা ফুটাবার জন্য প্রসূতি পাখি কর্তৃক ডিমের উপর বসে তাপ দেওয়া। ২ (*আল.*) অলসভাবে দিন যাপন করা; অলসভাবে বসে থাকা। **ডিমে রোগা** *বিণ* ১ আজন্ম রোগা; চিররোগী। ২ অত্যন্ত ক্ষীণ দেহ। **ঘোড়ার** ~ *বি* অলীক, অদ্ভুত, কিছুই না; শক্তি ও সামর্থ্য-শূন্যতার ইঙ্গিত (সে ঘোড়ার ডিম করবে)। **পায়ের** – —হাঁটুর নিচের ডিম্বাকৃতি মাংসপেশি; calf। **বাওয়া** –, **বাও** – *বি* যে ডিমে বাচ্চা হয় না। {স. ডিম্ব>}

ডিমাই [ডিমাই] *বিণ* ১ কাগজের আকার বা মাপ। ২ বাইশ ইঞ্চি লম্বা এবং আঠারো ইঞ্চি চওড়া আকারের। {ই demy}

ডিমারেজ ⇒ ডেমারেজ

ডিমিডিমি, **ডিমডিম**, **ডিমিকি** [ডিমিডিমি, ডিম্‌ডিম্, ডিমিকি] *অব্য,ক্রিবিণ* ১ ডিমডিম ধ্বনি করে (ঐ ডম্বরু-ঢোলে ডিমিডিমি বোলে—*নই*)। ২ ডিমডিম ধ্বনি; ডমরুধ্বনি। {*ধ্বন্যা.*}

ডিম্ব [ডিম্‌বো] *বি* ডিম; অণ্ড। **ডিম্বক** *বি* (*প্রাণী.*) ক্ষুদ্র ডিম, ovum। –**কোষ** *বি* (*উদ্ভিদ.*) পুষ্পযোনি; ডিম্বাকার কোষ। **ডিম্বজ** *বি* ১ অণ্ডজ প্রাণী। ২ ডিম্বজাত; ডিম ফুটে জন্মগ্রহণ করে। –**সাচ** *বি* ডিমের ছাঁচ। **ডিম্বাণু** *বি* ডিম্বাশয়ের ভিতরের কোষ যা ভ্রূণে পরিণত হয়; ক্ষুদ্র ডিম্ব; ovum। **ডিম্বাশয়** *বি* ১ (*প্রাণী.*) স্ত্রী জীবের রজোডিম্বের আধার। {স. √ডিম্‌ব্+অ(অচ্)>}

ডিম্বিকা [ডিম্‌বিকা] *বি* ১ প্রতিবিম্ব। ২ কামুক নারী। ৩ শোণাক নামক গাছ। { *স.* ডিম্বক+আ}

ডিম্ভ, ডিম্ভক [ডিম্‌ভ, -ক] *বি* শিশু; অল্পবয়স্ক বালক। *বিণ* ১ মূর্খ; অজ্ঞান। ২ শুভ ও অশুভ নির্ণয় করে এমন। { *স.* √ডিম্ভ্‌+অ(অচ)}

ডিয়ার [ডিয়ার্‌] *বি,বিণ* প্রিয় (ব্রেভো ! ডিয়ার ব্রাদার বা ফিলোজফার—*মীম*)। { *ই.* dear}

ডিরেল [ডিরেল্‌] *ক্রি* রেললাইন থেকে সরে যাওয়া; চলন্ত রেলগাড়ি বা রেলবগির রেল লাইন থেকে বিচ্যুতির ফলে দুর্ঘটনা (ডিরেলের ভয় সর্বত্রই এবং প্রতি মুহূর্তেই—*রঠা*)। { *ই.* derail}

ডিলার [ডিলার্‌] *বি* ব্যবসায়ী (কাপড়ের ডিলার)। { *ই.* dealer}

ডিশ, ডিস [ডিশ্‌] *বি* থালা; প্লেট; রেকাবি। **ডিস এন্টেনা** *বি* টেলিভিশনের শক্তিশালী এন্টেনা প্রধানত দূর-দূরান্তের ছবি দেখার জন্য যা ব্যবহার করা হয়—এর আকার বৃহৎ থালা বা ডিশের ন্যায়। { *ই.* dish}

ডিসকাউন্ট [ডিস্‌কাউন্‌ট্‌] *বি* ১ অবহার; বাট্টা; ধার্য দাম বা হিসাব থেকে যা বাদ দেওয়া হয় বা কম দেওয়া হয়। ২ ছাড়; হিসাবে ছাড় (শতকরা দশ টাকা ডিসকাউন্ট)। { *ই.* discount}

ডিসচার্জ [ডিস্‌চার্‌জ্‌] *বি* ১ ছেড়ে দেওয়া; উপযুক্ত প্রমাণের অভাবে আসামিকে মুক্তিদান। ২ চাকরি থেকে ছাড়িয়ে দেওয়া; পদচ্যুতি। { *ই.* discharge}

ডিসট্যান্ট [ডিস্‌ট্যান্‌ট্‌] *বিণ* দূরস্থ; দূরবর্তী (এইমাত্র স্টেশনের ডিসট্যান্ট সিগন্যাল পড়ল)। { *ই.* distant}

ডিসট্রিক্ট [ডিস্‌ট্রিক্‌ট্‌] *বি* জেলা; প্রশাসনিক এলাকা ভাগ। { *ই.* district}

ডিসট্রিক্ট বোর্ড [ডিস্‌ট্রিক্‌ট্‌ বোর্‌ড্‌] *বি* জেলা বোর্ড; জেলার উন্নতিকল্পে গঠিত স্বায়ত্তশাসিত সংস্থা। { *ই.* district board}

ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ডি-এম, ডি-সি, ডেপুটি কমিশনার [ডিস্‌ট্রিক্‌ট্‌ ম্যাজিস্‌ট্রেট্‌, ডিয়েম্‌, ডিসি, ডেপুটি কোমিশনার্‌] *বি* জেলা প্রশাসক; বর্তমানে এঁদের ডেপুটি কমিশনার বলা হয়। { *ই.* district magistrate, deputy commissioner}

ডিসপেনসারি [ডিস্‌পেন্‌সারি] *বি* ডাক্তারখানা; ঔষধালয় (ডাক্তারের ডিসপেনসারি)। { *ই.* dispensary}

ডিসপেপসিয়া [ডিস্‌পেপ্‌সিয়া] *বি* অজীর্ণতা (মারাত্মক ডিসপেপসিয়া রোগে ভুগছেন—*কম*)। { *ই.* dyspepsia}

ডিসমিস [ডিশ্‌মিশ্‌] *বিণ* ১ বাতিল; খারিজ; অগ্রাহ্য (তাহাদিগের জবানবন্দিতে নালিশ সম্পূর্ণরূপে মিথ্যা প্রকাশ হইয়া ডিসমিস হইল—*প্যামি*)। ২ কাজ থেকে বরখাস্ত; কর্মচ্যুত; চাকরি থেকে বহিষ্কৃত (ডিসমিস হওয়া)। { *ই.* dismiss}

ডি-সি, ডেপুটি কমিশনার ⇒ ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট

ডিসেন্ট [ডিসেন্‌ট্‌] *বিণ* শালীনতাপূর্ণ; সভ্যভব্য (ওর মত ডিসেন্ট গার্ল আমি জীবনে অল্পই দেখেছি—*সৈমু*)। { *ই.* decent}

ডিসেম্বর [ডিশেম্‌বর্‌] *বি* ১ ইংরেজি বছরের দ্বাদশ মাস; ইংরেজি বছরের শেষ মাস। ২ অগ্রহায়ণের মাঝামাঝি থেকে পৌষের মাঝামাঝি পর্যন্ত সময়। { *ই.* December}

ডিহান, ডেহান [ডিহান্‌, ডে-] *ক্রি* ডিঙানো; লঙ্ঘন করা। {ডিঙানো>}

ডিহি [ডিহি] *বি* মোগল ভূমিব্যবস্থা অনুযায়ী বঙ্গদেশে গ্রামের প্রশাসনিক নাম ছিল মৌজা, কতিপয় মৌজা নিয়ে ডিহি গঠিত হতো, এভাবে একটি একটি তহসিলের অধীনে একাধিক ডিহি থাকত। ~**দার** *বি* ডিহির অধিকারী বা শাসনকর্তা (ডিহিদার মামুদ শরীফ—*কমু*)। ~**বন্দী** *বি* ডিহির খাজনা নির্ধারণ। { *ফা.* ডীহ্‌ ديه }

ডিহি[২] [ডিহি] *বি* দিঘি। { *স.* দীর্ঘ>দিঘ্‌ঘ>দিঘি>ডিহি}

ডী [ডি] *বি* ১ এক প্রকার বাদ্যযন্ত্র। ২ চাষ নামক পাখি। { *স.* √ডী>}

ডীন, ডিন [ডিন্‌] *বি* বিশ্ববিদ্যালয়ের কলা, বিজ্ঞান, আইন, চিকিৎসা প্রভৃতি শাখার কোনো একটির অনুষদ-প্রধান। { *ই.* dean}

-ডীন [ডিন্‌] *বি* নভোগতি; উড্ডয়ন। □ *বিণ* উড্ডয়নশীল (উড্ডীন)। { *স.* √ডী+ত(ক্ত)}

ডুকরা ⇒ ডোকরা

ডুকরানো, ডুকরনো, ডোকরানো [ডুক্‌রানো, -র-, ডোক্‌রানো] *ক্রি* ১ চিৎকার করে কাঁদা; ফুঁপিয়ে কাঁদা। ২ পশুর আর্ত চিৎকার বা ঘনঘন ডাক। □ *বি* উক্ত অর্থে। **ডুকার** *বি* ফুঁপিয়ে কাঁদা; ডাক ছেড়ে কাঁদা (চীৎকার ডুকার দিয়া বোন বলে—*দমি*)। {√ডুক্‌রা+আনো}

ডুগডুগ [ডুগ্‌ডুগ্‌] *বিণ* লাল টুকটুকে (রঙের খুলিয়া কৌটা আসমান ডুগডুগ হবে—*জউ*)। □ *বি* ডমরু প্রভৃতির বাদ্য/শব্দ। { *ধ্বন্যা.*}

ডুগডুগি [ডুগ্‌ডুগি] *বি* ক্ষুদ্র বাদ্যযন্ত্রবিশেষ; ডমরু। ~**বাজানো** *ক্রি* উল্লাস প্রকাশ করা; কোনো ব্যক্তিকে চরম অপমান করে উল্লাস প্রকাশ করা (আমি মরলে আমার গায়ের চামড়া দিয়ে ডুগডুগি বাজাতে চাস—*রখা*)। { *ধ্বন্যা.*}

ডুগি, ডুগী [ডুগি] *বি* তবলার সঙ্গে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র; এটা তবলা অপেক্ষা ছোট ও বামহস্তে বাজানো হয়; বাঁয়া (ডাইনের চেয়ে ডুগী ভালো—*নই*)। { *তুল. হি.* ডুগ্‌গী}

ডুডুর *(আঞ্চ.)* [ডুড়ুর্‌] *বি* ডুমুর। {ডুমুর>}

ডুঙ্গা [ডুঙ্‌গা] *বি* ১ কলাগাছের কাণ্ড। ২ ষষ্ঠী পূজার উপচারযুক্ত কুলা। {ডোঙ্গা>}

ডুঙ্গি, ডুঙি [ডুঙ্‌গি, ডুঙি] *বি* ডোঙ্গা অপেক্ষা ছোট নৌকা। { *মু.* ডোঙ্গা}

ডুণ্ডুভ [ডুন্‌ডুভ্‌] *বি* ঢোঁড়া সাপ। { *স.* √ডুণ্ড্‌+ভ}

ডুব [ডুব্‌] *বি* পানিতে নিমজ্জন; অবগাহন; স্নান (ডুব দেওয়া)। □ *বিণ* ডুব দেওয়ার মতো গভীর। ~-**জল** *বি* সমস্ত শরীর ডুবতে পারে এই পরিমাণ জল। ~ **দেওয়া,** ~ **পাড়া** *ক্রি* বার বার ডুব দেওয়া বা নিমজ্জিত হওয়া। **ডুবন** *বি* নিমজ্জন; আবগাহন। **ডুবন্ত** *বিণ* ডুবে যাচ্ছে এমন; ডুবুডুবু। ~ **মারা** *ক্রি* ১ জলের ভিতরে প্রবেশ করা; নিমজ্জিত হওয়া। ২ *(ব্য.)* লুকিয়ে থাকা; আত্মগোপন করা; অদৃশ্য হওয়া। ~-**সাঁতার** *বি* দেহ ডুবিয়ে যে সাঁতার দেওয়া হয় তা। **ডুবে ডুবে পানি/জল খাওয়া** ১

উপবাসে লোকচক্ষুর আড়ালে গোসলের সময় পানিতে ডুবে পানি খাওয়া; চক্ষুর অগোচরে কোন কু-কাজ করা। ২ (ব্য.) বাইরে সাধুতা প্রকাশ ও ভিতরে বঞ্চনা করা; কপট সাধুতা। {প্রা. বুড্ড>√ডুব}

ডুবগি, ডুবকি [ডুব্‌গি, -কি] *বি* ডমরু; ডুবডুব শব্দকারী ক্ষুদ্র বাদ্যযন্ত্র (নানা মতে নাচে গায়—ডুবগী বাজায়—*ফগ*)। {*হি.* ডুব্‌কি; ডুগী}

ডুবডুবি *বি* ডমরু। {*ধ্বন্যা.*}

ডুবা, ডোবা [ডুবা, ডো-] *ক্রি* ১ ডুব দেওয়া; পানিতে নিমজ্জিত হওয়া; পানির মধ্যে প্রবেশ করা। ২ সর্বনাশ হওয়া; সব নষ্ট হওয়া (কারবার নষ্ট হওয়ায় সে ডুবল)। ৩ বিনষ্ট হওয়া; অধঃপাতে যাওয়া (ডুবালে কনক লঙ্কা ডুবিলা আপনি—*মদ*)। ৪ অস্ত যাওয়া (সূর্য ডুবে গেছে)। ৫ বিভোর হওয়া। ৬ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ডুবানো, ডোবানো** *ক্রি* ১ নিমজ্জিত করা (স্টীমার ডুবতে পারে, কিন্তু আজহার আমাকে ডোবাবে না কোন দিন—*শও*)। ২ বিনষ্ট করা। ৩ অধঃপাতে লয়ে যাওয়া (দেশটাকে সে ডোবাবে)। ৪ প্লাবিত করা (বন্যায় দেশটা ডুবে গেছে)। □ *বিণ* উক্ত সকল অর্থে। **দেনায় ~** *ক্রি* অতিশয় ঋণগ্রস্ত হওয়া; ঋণে সর্বস্বান্ত হওয়া। **নাম ~** *ক্রি* সুনাম বিনষ্ট হওয়া। {√ডুব+আ}

ডুবারি, ডুবারী, ডুবারু ⇒ ডুবুরি

ডুবি [ডুবি] *বি* ডুবন; নিমজ্জন; মগ্ন হওন (কয়েকটা ডুবি দিয়ে স্নান করলাম)। {ডুব+ই}

ডুবু, ডুবুডুবু [ডুবু, ডুবুডুবু] *বিণ* ১ ডুবে যাচ্ছে বা ডুবে যাওয়ার মতো হয়েছে এমন; নিমজ্জিতপ্রায় (নৌকা ডুবুডুবু)। ২ বিভোর; মগ্ন; মাতোয়ারা (শান্তিপুর ডুবুডুবু—*কৃক*)। ৩ অস্তমিতপ্রায় (বেলা ডুবুডুবু)। ৪ বন্যা-প্লাবিত। {ডুব+উ,+ *অনু.* ডুবু}

ডুবুরি, ডুবুরী, ডুবারি [ডুবুরি, -, -বা-] *বি* ১ যে অনেকক্ষণ পানির মধ্যে ডুব দিয়ে থাকতে পারে; ডুব দিতে পটু ব্যক্তি; diver। ২ যারা ডুব দিয়ে পানির তল থেকে মুক্তা প্রবালাদি বা নিমজ্জিত বস্তু তুলে আনে। {√ডুব+উরি, আরি}

ডুম [ডুম্] *বি* ১ ডিম্বাকৃতি স্থূল দীপাধারবিশেষ (কাচের সেজ ও বাতির ডুম টাঙ্গানো—*বিব*)। ২ মোটা টুকরা; অপেক্ষাকৃত কঠিন দ্রব্য টুকরা করে কাটা। {*স.* তুম্ব>; *ই.* dome}

ডুমকি [ডুম্‌কি] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (বেথুল কুড়ায়ে ডুমকি বাজায়ে ফিরিয়ে বিজন বনে—*জউ*)। {*স.* ডম্বক>}

ডুমনি, ডোমনি [ডুম্‌নি, ডো-] *বি* ১ ডোমজাতীয় কন্যা বা স্ত্রী; ডোমনি। ২ চৌকাঠে সংলগ্ন হাঁসকলের অংশ। {*আঞ্চ.* ডোম+ইনি=}

ডুমা, ডুমো [ডুমা, -মো] *বি* ১ কাপড়ের টুকরা (মেয়েরা খাটো ডুমা পরে কোমরে—*ইখাঁ*)। ২ খণ্ড; টুকরা। □ *বিণ* টুকরা করে কাটা হয়েছে এমন (ডুমা সুপারি)। ৪ নারীর পরিধেয় বস্ত্র। **ডুমা-ডুমা** *বিণ* খণ্ড খণ্ড; টুকরা টুকরা (মটরের মতো ডুম ডুম)। {*তিব্বতি.* দুমবু}

ডুমুর [ডুমুর্] *বি* 'ডুমুর' নামের সুপরিচিত গাছ ও ফল। **ডুমুরের ফুল** *বি* ১ অদৃশ্য বস্তু (ডুমুরের ফলের মধ্যেই ফুল থাকে, তাই ফুল দেখা যায় না)। (*আল.*) অদৃশ্য বস্তু—যা খুব একটা দেখতে পাওয়া যায় না। ২ (*আল.*) দুর্লভ বা দুষ্প্রাপ্য বস্তু। {*স.* উডুম্বর/উদুম্বর>}

ডুম্বুর[১] [ডুম্‌বুর্] *বি* ডুগডুগি; বাদ্যযন্ত্রবিশেষ। {*স.* ডমরু>}

ডুম্বুর[২] [ডুম্‌বুর্] *বি* ডুমুর গাছ ও ফল। {*স.* উদুম্বর>}

ডুয়েল [ডুয়েল্] *বি* দ্বন্দ্বযুদ্ধ (প্রয়োজন হইলে ডুয়েল লড়িয়াও অধিকার রক্ষা করিতে প্রস্তুত হইয়া আছেন—মাড়; ষাঁড়ে ষাঁড়ে ডুয়েল—*শও*)। {*ই.* duel}

ডুরি[১]**, ডোরি** [ডুরি, ডো-] *বি* ১ সুতা; রশি; সরু দড়ি; রজ্জু; ডোর (সুরের ডুরিতে জপমালা সম তব নাম গাথা ছিল প্রিয়তম—*নই*)। ২ প্রণয়ের টান বা বাঁধন। ৩ বন্ধন; বন্ধনরজ্জু। ৪ যে রাজাদেশ সংবলিত ডুরি বা সুতা প্রাচীনকালে ছাড়পত্র রূপে ব্যবহৃত হতো। ৪ পাখোয়াজ। ৫ (*আল.*) প্রণয়ের টান বা বাঁধন। {*ওরাওঁ.* ডোরী; *তুল.স.* ডোর}

ডুরি[২] [ডুরি] *বি* নৌকা থেকে পানি সেঁচে ফেলার পাত্রবিশেষ। {*ওরাওঁ.* ডোরী; *তুল.স.* ডোর}

ডুরিয়া [ডুরিআ] *বি* কুকুর পালন করে যে; কুকুরপালক। {ডোরা+ইয়া>}

ডুরে, ডুরিয়া [ডুরে, ডুরিয়া] *বিণ* ডোরাযুক্ত; ডোরাকাটা (ডুরে শাড়ি)। {ডোরা+ইয়া>এ}

ডুলা, ডোলা [ডুলা, ডো-] *বি* ১ মৎস্যাদি রাখার জন্য বাঁশের তৈরি এক প্রকার ছোট পাত্র; খালুই (বাড়িতে বসিয়া বাঁশের ডুলা ডালা বানাইয়া বাজারে বিক্রয় করে—*আমআ*; কোমরে বান্ধিয়া ডোলা হাতে লইয়া জাল—*মৈগী*)। ২ দোলা। {*স.* কণ্ডোল>}

ডুলি[১]**, ডুলী, ডোলি, ডোলী** [ডুলি, -, ডো-, -] *বি* ছোট পালকি জাতীয় যান; ছোট শিবিকা; দোলা (গর্মির রোদে শ্রান্ত বেহারা নামায়ে সোয়ারি ডুলি—*বআমি*)। {*স.* দোলী/দোলিকা>}

ডুলি[২]**, ডুলী**[২] [ডুলি] *বি* কচ্ছপী। {*প্রা.* ডোলো>}

ডুলিকা [ডুলিকা] *বি* খঞ্জন পাখির মতো আকারবিশিষ্ট পাখি। {*অমৃ.*}

ডেউড়ি, দেউরি [ডেউড়ি, দেউরি] *বি* সদর মহল; কাচারি ঘর; বৈঠকখানা; বালাখানা। {*স.* দেহলী>}

ডেউয়া[১]**, ডেহুয়া, ডেও**[১] [ডেউয়া, -হুয়া, ডেও] *বি* অম্লস্বাদযুক্ত ফল ও তার গাছবিশেষ। {*স.* ডহু>}

ডেও[২]**, ডেইয়া, ডেঁয়ো** [ডেয়ো, ডেইয়া, ডেয়োঁ] *বি* বড় পিঁপড়াবিশেষ (চাকার তলে পড়ে দু'চারটে ডেঁয়ে পিঁপড়ে মরবে বলে পরোয়া করলে... পারত না—*ইখাঁ*)। {*স.* দেহিকা}

ডেংগু ⇒ ডেঙ্গু

ডেঁড়েমুষে [ডেঁড়েমুশে] *ক্রিবিণ* ১ চেটেপুটে; নিঃশেষে; ঝেড়ে মুছে; সম্পূর্ণরূপে। ২ সর্বস্বান্ত করে। {*হি.* ডেড়ি+*স.* √মুষ>}

ডেঁপ, ড্যাপ [ড্যাঁপ্] *বি* ১ লম্বা বাঁশ বা কাঠ থেকে খাদিকাটা মাচার উপযোগী এড়ো কাঠ। ২ বিষধর সাপের ছানা। {ডিম্ব>}

ডেঁপল ⇒ ডেপল

ডেঁপো, ডেঁফো [ডেঁপো, -ফো] *বি, বিণ* অকালপক্ব; ইঁচড়ে

পাকা; ফাজিল; দুষ্ট; বখাটে (ডেঁপো ছেলে)। {ডেঁপ+উয়া>}
ডেঁয়ে ⇒ ডাইয়া
ড্যাঁপ ⇒ ডেঁপ
ডেক[১], **ডেগ** [ডেক্, –গ্] *বি* ধাতু-নির্মিত বড় রন্ধন পাত্র। ~**চি**, ~**চী** *বি* ছোট আকারের ডেগ (প্রকাণ্ড ডেকচিতে পোলাও চাপানো হয়)। {*ফা.* দেগ, ডেক دیگ}
ডেক[২] [ডেক্] *বি* জাহাজ প্রভৃতির পাটাতন। ~**চেয়ার** *বি* জাহাজের পাটাতনের উপরে পাতা আরাম কেদারা (আরাম করে ডেকচেয়ারে শুয়ে...—*নীই*)। {*ই* deck}
ডেকি, ডিঁকি [ডেকি] *বিণ* (সাধারণত মুরগির ক্ষেত্রে) কম বয়সী (ডেকি মুরগি)। {ডাক+উয়া>ডেকো>}
ডেকরা, ড্যাকরা, ডেগরা [ড্যাক্‌রা, –, –গ্–] *বি,বিণ* ধূর্ত, শঠ; খল (কোথা হৈতে বুড়া এক ডেকরা বামন—*ভারা*)। □ *বিণ* ১ অশিষ্ট; পাজি। ২ হঠকারী; ডানপিটে। **ডেকরি** *বিণ, স্ত্রী*। ডেকরামি *বি*। {*স.* ডিঙ্গর>}
ডেকুরা ⇒ ডেগুরা
ডেকো [ডেকো] *বিণ* ১ নামডাক আছে এমন (খারাপ অর্থে)। ২ নাম করলেই সবাই চিনে; notorious (ডেকো মাতাল)। {ডাক+উয়া>}
ডেকচি, ডেকচী ⇒ ডেক[১]
ডেক্রন [ডেক্‌রন্] *বি* নাইলনজাতীয় এক প্রকার কৃত্রিম রেশমি বস্ত্র (ডেক্রনের প্যান্ট)। {*ই* dacron}
ডেগরা ⇒ ডেকরা
ডেগুরা, ডেকুরা, ডেপুরা [ডেগুরা, –কু–, –পু–] *বি* কুঁড়েঘর (বান্ধিল ডেগুরা এক কয়বর উপরে—*মৈগী*; কিছুদূর গিয়া সাধু দেখে ডেপুরা একখানি—*পূগী*)। {*অমু*}
ডেঙ্গর [ডেঙ্‌গর্] *বি* বড় উকুন (ডেঙ্গর উকুন নিকি করে ইলিবিলি—*ভারা*)। {*স.* ডিঙ্গর>}
ডেঙ্গু, ডেংগু [ডেঙ্‌গু] *বি* সমস্ত শরীরে বেদনাযুক্ত মারাত্মক জ্বরবিশেষ (বহুপূর্বে তাহার একবার ডেঙ্গু জ্বর হইয়াছিল—*নই*)। {*ই* dengue}
ডেঙ্গো, ডেঙো [ডেঙ্‌গো, ডেঙো] *বি* এক প্রকার শাক। {ডাঙ্গা+উয়া>}
ডেড়ি, ডেড়ী [ডেড়ি] *বি* ১ কমতি; ন্যূনতা। ২ দারিদ্র্য। ৩ অকল্যাণ; বিপদ-আপদ; অমঙ্গল। ৪ অবহেলা; অবজ্ঞা। ৫ অবাধ্যতা; লঙ্ঘন। □ *বিণ* বেশি; অধিক; অতিরিক্ত। ~**বাড়ি** *বি* ধার নেওয়া ফসলের উপর পরের বৎসর বৃদ্ধি হিসাবে দেড়গুণ পরিশোধ। {দেরী>}
ডেন্টাল [ডেন্‌টাল্] *বিণ* দাঁত সম্পর্কিত; দাঁতের চিকিৎসা সম্পর্কিত (ডেন্টাল হাসপাতাল)। {*ই* dental}
ডেপল, ডেঁপল, ডেফল [ডেপল্, ডেঁপল্, ডেফল্] *বি* ডেউয়া; ডহু ফল। {*স.* ডহু>}
ডেপুটি [ডেপুটি] *বি* ১ প্রধান কর্মচারীর বা পরিচালকের সহকারী। ২ সহকারী ম্যাজিস্ট্রেটবিশেষ। ~ **গিরি**, **ডিপুটিগিরি** *বি* ডেপুটির কাজ বা পদ; ফৌজদারি হাকিমের কার্য। ~**ত্ব** *বি* ডেপুটির কাজ (তুমি কর ডেপুটিত্ব—*রঠা*)। ~**পনা** *বি* ডেপুটিগিরি; ডেপুটির কাজ (শ্রাবণে ডেপুটিপনা—*রঠা*)। {*ই* deputy}
ডেপুরা ⇒ ডেগুড়া
ডেবরা, ডাবরা, ড্যাবরা [ড্যাব্‌রা] *বি* ১ কাজকর্মে যার বাম হাত বেশি চলে। □ *বিণ* ১ ডাগর; বড় বড়; বিস্ফারিত (ডেবরা চোখ)। ২ যা ডব ডব বা জ্বল জ্বল করে। **ডেবরী** *বিণ,স্ত্রী*। {*প্রা.* ডাবো>}
ডেম [ডেম্] *বি* ১ অঙ্কুর। ২ কলা গাছের গোড়া থেকে উদ্গত ছোট চারা; ডেউড় বা পোয়া (কলার ডেম)। ৩ সাপের ছানা। {*স.* ডিম্ব>}
ডেমাক, ডেমাগ [ডেমাক্, –গ্] *বি* ১ মস্তিষ্ক। ২ দেমাক; অহংকার; দর্প (ডেমাকে পা মাটিতে পড়ে না)। □ *বিণ* ডেমাকে গর্বিত। {*ফা.* দিমাগ دماغ}
ডেমারেজ, ডিমারেজ [ডেমারেজ্, ডি–] *বি* নির্দিষ্ট সময়ে রেল জাহাজ নৌকা প্রভৃতি থেকে মাল খালাস না করার জন্য দেয় অতিরিক্ত ভাড়া। {*ই* demurrage}
ডেমি, ডেমী [ডেমি] *বি* আদালতে দরখাস্ত লিখবার বা দলিল পত্রাদি লিখবার কাজে ব্যবহার্য কিছু মোটা ও শক্ত অর্ধ ফুলস্কেপ আকারের কাগজ। □ *বিণ* আধা ব্যক্তিগত। ~**অফিসিয়াল লেটার**—আধা অফিসিয়াল চিঠিপত্র। {*ই* demy}
ডেমেজ ⇒ ড্যামেজ
ডেমোক্রেসি, ডিমোক্রেসি [ডেমোক্রেসি, ডি–] *বি* গণতন্ত্র; লোকতন্ত্র (আমরা জীবনের সর্বত্র ডিমোক্রেসি প্রবর্তনের পক্ষপাতী—*আমআ*)। {*ই* democracy}
ডেরা [ডেরা] *বি* ১ তাঁবু; বস্ত্রাবাস; কানাত (কোন নিরালায় ক্লান্ত সেনানী ডেরা গাড়িয়াছ বুঝি—*নই*)। ২ বাসা; কুটির; আশ্রয় (ফণীর ডেরায় কাঁটার কুঞ্জে ফোটে যে কেতকী—*নই*)। ৩ আস্তানা; অস্থায়ী আবাস (থাকো ডেরায় আমার আওয়াজ শুনবে তুমি নিজ কানে—*ফআ*)। ~ **গাড়া**, ~ **বাঁধা** *ক্রি* ১ তাঁবু গাড়া। ২ অস্থায়ী আবাস স্থাপন করা। ৩ আস্তানা গাড়া; আড্ডা গাড়া। ~**-ডাণ্ডা** *বি* ১ তাঁবু ও তা খাটাবার সরঞ্জাম; বস্ত্রাবাস তৈরির উপকরণ। ২ বাসা ও গৃহস্থালীর প্রয়োজনীয় জিনিসপত্র। ~**-ডাণ্ডা ফেলা** *ক্রি* বাসস্থান নির্মাণ করা। ~ **তোলা** *ক্রি* তাঁবু গুটানো; বাসা বা আস্তানা তুলে ফেলা। {*হি* ডেরা}
ডেলকো [ডেল্‌কো] *বি* দেলকো; কাঠের দীপাধার (ক্লান্ত দেহের ডেলকো-টাকে লোভের প্রদীপ উস্কে নিয়ে লোভী —*সদ*)। {দীপরক্ষক>}
ডেলা, ড্যালা [ড্যালা] *বি* ১ দলা; তাল; পিণ্ড। ২ বড় ঢিল; লোষ্ট্র। ~**-ক্ষীর** *বি* শুষ্ক পিণ্ডাকৃতি ক্ষীর। ~**বন** *বি* ঢেলা পূর্ণ স্থান। ~**-মারা** *বিণ* ১ মনোযোগশূন্য; লক্ষ্যহীন। ২ হাতুড়ে; আনাড়ি (ডেলা-মারা চিকিৎসা)। {*স.* ডল্লক>}
ডেলি [ডেলি] *বি* প্রত্যহ। {*ই* daily}
ডেলি প্যাসেঞ্জার [ডেলি প্যাসেন্‌জার্] *বি* নিত্যযাত্রী; যারা প্রত্যহ দূর থেকে যাতায়াত করে। {*ই* daily passenger}
ডেলো [ডেলো] *বি* ১ বৃক্ষবিশেষ। ২ কাঠের মোটা খণ্ড। ৩ ডালে যে লতা বেয়ে ওঠে এবং সেই লতাজাত ফল (ডেলো শসা)। ৪ মাদারগাছ ও ফল। {ডাল+উয়া}
ডেশ ⇒ ড্যাশ

ডেসিমাল, ডেসিম্যাল [ডেসিম্যাল্] *বিণ* দশমিক (ডেসিমাল ফ্র্যাকশন কষতে পারো কি?)। {ই. decimal}

ডেস্ক, ডেস্ক [ডেস্‌ক্] *বি* লিখবার বা পড়বার ছোট ঢালু বাক্সযুক্ত টেবিলবিশেষ (আমি গোপন চাবিতে তাহার ডেস্ক খুলিয়া দেখিয়াছি—*রঠা*)। {ই. desk}

ডেস্ট্রয়ার [ডেস্‌ট্রয়ার্] *বি* এক প্রকার যুদ্ধজাহাজ। {ই. destroyer}

ডেহান ⇒ ডিহান

ডেহুয়া ⇒ ডেউয়া

ডেহেরি [ডেহেরি] *বি* ১ সদর মহল। ২ বারান্দা; দাওয়া (ডেহারিতে কাম করে চাকরিয়াগণ—*পুগী*)। {স. দেহলী>}

ডোইরে [ডোইরে] *বিণ* ডোরাযুক্ত (সে যে আমার ডোইরে কলাগাছে জলভরা মেয়ে—*দীমি*)। {ডোর+ইয়া>}

ডোকরা, ডুকরা [ডোক্‌রা, ডু–] *বিণ* জড়বুদ্ধি; দুষ্টবুদ্ধি; দুর্মতি। □*বি* হতভাগ্য; লক্ষ্মীছাড়া; ড্যাকরা; তিরস্কার বিশেষ। {স. দুষ্কর> প্রা. ডুক্কর>ডুকরা> ডোকরা}

ডোকরান ⇒ ডুকরানো

ডোকলা [ডোক্‌লা] *বি,বিণ* ১ যে বাজে খরচ করে; অপব্যয়ী। ২ লক্ষ্মীছাড়া। ৩ পেটুক; যে চেয়ে–চিন্তে খেয়ে বেড়ায়। {স. ডোখল>}

ডোঙা ⇒ ডোঙ্গা

ডোঙ্গর [ডোঙ্‌গোর্] *বিণ* ডাঙ্গর; ডাগর; বড়। {স. তুঙ্গ>; ডাঙ্গর>}

ডোঙ্গা, ডোঙা [ডোঙ্‌গা, ডোঙা] *বি* ১ এক প্রকার ছোট সরু নৌকা; শালতি। ২ তাল গাছের গুঁড়ি দিয়ে প্রস্তুত ছোট নৌকা। ৩ জল তোলার পাত্র; দ্রোণী। ~**-কল** *বি* জলসেচের ডোঙ্গা। {মু. ডোঙ্গা; স. দ্রোণী>}

ডোজ [ডোজ্] *বি* ঔষধের মাত্রা (হোমিওপ্যাথিক ডোজ)। □*ক্রিবিণ* অতি সূক্ষ্ম মাত্রায়। {ই dose}

ডোবর [ডোবোর্] *বি* ছোট গর্ত। {স. গহ্বর>}

ডোবা[১] [ডোবা] *বি* ১ ছোট বা এঁদো পুকুর; যার পানি ব্যবহারের যোগ্য নয় এমন ছোট জলাশয়। ২ পানিপূর্ণ গর্তবিশেষ। {√ডুব্+আ}

ডোবা[২] ⇒ ডুবা

ডোম[১] [ডোম্] *বি* হিন্দু পুরাণে ব্যাপকভাবে উল্লিখিত অন্ত্যজ জাতিবিশেষ; মৃতদেহ সৎকার করা যাদের জীবিকা। ডোমনী, ডুমনী *বি,স্ত্রী*। {প্রা. ডোংব>}

ডোম[২] [ডোম্] *বি* কাচের তৈরি গোল দীপাধার। {ই dome}

ডোমকাক [ডোম্‌কাক্] *বি* দাঁড়কাক। {স. দ্রোণ>প্রা. দোণ>+কাক}

ডোমচিল [ডোম্‌চিল্] *বি* এক প্রকার ধূসর কালো রঙের চিল; কালো চিল; গোদাচিল। {স. দ্রোণ>প্রা. দোণ>+চিল}

ডোমনা [ডোম্‌না] *বি* ১ এক প্রকার গ্রাম্য সঙ্গীত। ২ এক প্রকার সাপ। {ডোমন+আ (অনাদরে)}

ডোম্ব [ডোম্‌ব] *বি* পুরুষ ডোম; চণ্ডাল। ডোম্বী *স্ত্রী*। {প্রা. ডুম্ব>}

ডোম্বি, ডোম্বী (*মবা.*) [ডোম্‌বি] *বি* ১ ডোম জাতীয়া স্ত্রীলোক। ২ চর্যাপদে সাংকেতিক অর্থে নৈরাত্মদেবী; (নগর বাহিরে রেঁ ডোম্বি তোহোরি কুড়িআ—*চর্যাপদ*)। সহজিয়া ধর্মে পরিশুদ্ধাবধূতিকা; সাধনার ফলে মুক্তিদায়িনী যে দেবীকে লাভ করা যায়। {প্রা. ডোংব>+ই, ঈ(ঙীপ্)}

ডোমনি, ডোমনা [ডোম্‌নি, –না] *বি* ১ ডুমনি। ২ দরজার হাঁসকলের যে অংশটি চৌকাঠের সঙ্গে সংলগ্ন থাকে। ৩ ডোম জাতীয়া নারী। {প্রা. ডোংব>}

ডোর [ডোর্] *বি* ১ সুতা; রজ্জু; ডুরি; দড়ি (মালা ছিল তার ফুলগুলি গেছে রয়েছে ডোর—*রঠা*)। ২ (*আল.*) বন্ধন; আকর্ষণ (মায়াডোর; বিধিনিষেধের ডোরে এ জীবনের তাই ভারানত—*রখা*)। ৩ বৈষ্ণবদের বহির্বাস (ডোর–কৌপীন)। ৪ সন্ন্যাসীর কটিবন্ধ (কটিতটে ডোর ধরি তাহাতে কৌপীন পরি বহির্বাসে করি আচ্ছাদন—*ভারা*)। ~**কৌপীন** *বি* বৈষ্ণবদের বহির্বাস (সন্ন্যাসের প্রথম দীক্ষা ডোরকৌপীন ধারণ—*প্রচৌ*)। {স. দোর>প্রা. দোরা>}

ডোরা [ডোরা] *বি* ১ লম্বা রেখা (কালো রঙের উপরে লাল রঙের ডোরা)। ২ নানা বর্ণের রেখা। ৩ ডোর। ~**কাটা** *বিণ* ১ ডোরাযুক্ত; রেখাঙ্কিত। ২ নানা বর্ণের রেখা দ্বারা চিহ্নিত। ~ ~ *বিণ* চিত্রিত; নানা বর্ণের লম্বা দাগবিশিষ্ট; অনেক ডোরার দ্বারা চিহ্নিত। {প্রা. দোরা>}

ডোরি, ডোরী ⇒ ডুরি

ডোল[১] [ডোল্] *বি* ১ ধান–চাল প্রভৃতি শস্য রাখার উপযোগী বাঁশের চটা নল বা হোগলা প্রভৃতি দিয়ে তৈরি বৃহৎ পাত্র (সাতটি ঘরে সাতটি ডোলের গলায় গলা ধরি, ফসল যাদের উঠান ভরি করত গড়াগড়ি—*জউ*)। ২ কুয়া থেকে পানি তোলার পাত্রবিশেষ। ৩ (প্রাচীন পদ্য) কম্পিত; রোমাঞ্চিত; অস্থির (ডরে প্রাণ ডোল হইল)। ~ **ভরা** *বিণ* সুপ্রচুর; প্রভূত। {স. কণ্ডোল>ডোল}

ডোল[২] (*মবা.*) [ডোল্] *বি* দোল; দোলন। {স. দোল>}

ডোল[৩] [ডোল্] *বি* ডৌল; গঠন; আকৃতি। {হি ডৌল}

ডোলা[১] [ডোলা] *বি* দোলা; এক প্রকার শিবিকা। {স. দোলা>}

ডোলা[২] ⇒ ডলা

ডোলা[৩] [ডোলা] *ক্রি* ১ ঝাঁপা; দোলা (ধরণী ডগমগি ডোলে—*বিপ*)। ২ দোলা দেওয়া; ঢুলানো (এক এক সুন্দরী কন্যা সব বাদসাহকে ডোলা দিতেন—*রাম*)। ডোলন *ক্রি* আন্দোলিত করা; ঢুলানো। {স. দোলি>প্রা. ডোল>}

ডোল[৪] [ডোল্] *বিণ* শিথিল; ঢোলা; দৃঢ়তাশূন্য। {ঢোল>}

ডোলি, ডোলী ⇒ ডুলি

ডৌল, ডোল [ডোউল্, ডোল্] *বি* অবয়ব; রূপ (সুডৌল); গড়ন; আকৃতি; গঠন; ঢপ; ঢক। ~ **শুদ্ধ** *বিণ* সুগঠন; সুদর্শন। **সুডৌল** *বি* সুগঠন। □*বিণ* সৌষ্ঠবযুক্ত; সুন্দর। {তুল. হি ডৌল}

ড্যাং, ড্যাং ড্যাং, ড্যাঙ ড্যাঙ [ড্যাঙ, ...] *অব্য* ঢাকের শব্দ। □ *বি* বিজয় ধ্বনি; জয় ঘোষণা। ড্যাংডেঙিয়ে *ক্রি* ড্যাংড্যাং করে; বিজয়গর্বে। **ড্যাং পাড়া** *ক্রি* উল্লাস করা; আনন্দ করা (দূরে দূরে পা ফেলে ড্যাং পেড়ে পেড়ে আসেন—*নই*)। {*ধ্বন্যা.*}

ড্যাকরা ⇒ ডেকরা

ড্যাবড্যাব [ড্যাবড্যাব] *অব্য* দীপশিখা দবদব করে জ্বলার ভাব; বিশালতা প্রকাশ (ড্যাবড্যাব করে তাকানো)। **ড্যাবড্যাবা, ড্যাবডেবে** *বিণ* ভাসা ভাসা; আয়ত ও স্থূলবুদ্ধিব্যঞ্জক (ড্যাবডেবে চোখে)। {*ধ্বন্যা.*}

ড্যাবরা ⇒ ডেবরা

ড্যাম [ড্যাম] *অব্য* অবজ্ঞা ও ঘৃণাসূচক উক্তি (ড্যাম ফুল)। {*ই* damn}

ড্যামেজ, ডেমেজ [ড্যামেজ] *বি* ক্ষতি। {*ই* damage}

ড্যালা ⇒ ডেলা

ড্যাশ, ডেশ [ড্যাশ] *বি* বিরাম চিহ্নবিশেষ (—)। {*ই* dash}

ড্র [ড্র] *ক্রি* যা টানা হয়েছে; লটারি। {*ই* draw}

ড্রইং, ড্রয়িং [ড্রয়িঙ] *বি* রেখার দ্বারা চিত্রাঙ্কন; রেখাচিত্র; অঙ্কন (আমাদের স্কুলে ড্রইং-এর উপর খুব জোর দেওয়া হয়; বোর্ডে আস্ত একটা মানুষের ড্রয়িং করে রেখেছে—*সৈশা*)। {*ই* drawing}

ড্রইংরুম [ড্রয়িঙরুম] *বি* বৈঠকখানা; বাংলোঘর; বসার ঘর; লিভিংরুম (সে শুতে না গিয়ে অন্ধকার ড্রইংরুমে চুপচাপ বসেছিল—*রাখা*)। {*ই* drawing room}

ড্রপসিন [ড্রপ্‌সিন্] *বি* থিয়েটারের বা রঙ্গমঞ্চের পট; যবনিকা (ড্রপসিন উঠতে আর দেরি নেই)। {*ই* drop scene}

ড্রয়ার [ড্রয়ার্] *বি* দেরাজ (ড্রয়ারটা লেগেছে কিনা টেনে দেখে—*নীই*)। {*ই* drawer}

ড্রয়িং ⇒ ড্রইং

ড্রাইভার [ড্রাইভার্] *বি* চালক; মোটর গাড়ি বা রেলগাড়ির চালক। {*ই* driver}

ড্রাগন [ড্রাগন্] *বি* পাখাযুক্ত অগ্নিবর্ষণকারী ভয়ঙ্কর কল্পিত সাপ (ড্রাগন হননে সুবেশ অশ্বারোহী—*শারা*)। {*ই* dragon}

ড্রাম১ [ড্রাম্] *বি* তরল পদার্থের একপ্রকার মাপ; ষাট গ্রেন। {*ই* dram}

ড্রাম২ [ড্রাম্] *বি* ১ জয়ঢাক; ঢোল জাতীয় বাদ্যযন্ত্র। ২ পানি তেল ইত্যাদি রাখার বৃহৎ ধাতব পাত্র। {*ই* drum}

ড্রাম৩ [ড্রাম্] *বি* ১ গ্রিসের প্রাচীন রৌপ্যমুদ্রাবিশেষ। ২ ষাট গ্রেন ওজন; ষাট ফোঁটা পরিমাণ। {*ই* drachm}

ড্রিবলিং [ড্রিব্‌লিঙ্] *ক্রি* ফুটবল খেলায় বল পায়ে করে গড়িয়ে গড়িয়ে নিয়ে যাওয়া (বাম পায়ে বল ড্রিবলিং করে ডান পায়ে মারে ঠেলা—*জউ*)। {*ই* dribbling}

ড্রিল [ড্রিল্] *বি* ১ নিয়মিত অঙ্গচালনা; একত্র বা সম্মিলিত ব্যায়াম। ২ কুচকাওয়াজ; যুদ্ধ শিক্ষা। **~মাস্টার** *বি* ব্যায়াম বা শরীরচর্চার শিক্ষক। {*ই* drill}

ড্রেন [ড্রেন্] *বি* নর্দমা; জলপ্রণালি। {*ই* drain}

ড্রেস [ড্রেস্] *বি* ১ পোশাক; মর্যাদাসম্পন্ন পোশাক। ২ অস্ত্রোপচারের পর চিকিৎসাবিজ্ঞানসম্মত নিয়মে ক্ষতস্থান বস্ত্রখণ্ডাদি দ্বারা বাঁধা (ড্রেসিং করা)। **ড্রেসিং টেবিল** *বি* প্রসাধন টেবিল; শৃঙ্গার টেবিল (ড্রেসিং-টেবিলের সামনে দাঁড়িয়ে মাথা আঁচড়াতে আঁচড়াতে বলল—*আআআ*)। {*ই* dress}

ড়

ড় ড-বর্ণের নিচে বিন্দু দিয়ে লেখা এ বর্ণটি প্রকৃতপক্ষে ড-বর্ণেরই রূপান্তরমাত্র। সংস্কৃত ও নব্যভারতীয় আর্যভাষার অন্যান্য শাখায় শব্দের মধ্যে ড-এর অবস্থান অনুযায়ী উচ্চারণের তফাত হয়। বাংলা ভাষায় অনুরূপ আলাদা উচ্চারণের ড বর্ণের সঙ্গে বিন্দু যুক্ত করে স্বতন্ত্র বর্ণ সৃষ্টি করা হয়েছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বিন্যস্ত বাংলা বর্ণমালায় এটি সর্বপ্রথম স্থান পায়। বর্ণটি দন্তমূলীয় তাড়নজাত ধ্বনি (alveolo-flapped sound) এবং ঘোষ (voiced) ও অল্পপ্রাণ (unaspirated)। শব্দের আদিতে এর প্রয়োগ না থাকলেও বড়; বড়ি; বাড়; বাড়ি; কড়া; কড়ি প্রভৃতি বহু শব্দে এর ব্যবহার আছে।

ঢ

ঢ বাংলা ভাষার চতুর্দশ ব্যঞ্জনবর্ণ এবং ট-বর্গের চতুর্থ বর্ণ। এটি দন্তমূলীয় প্রতিবেষ্টিত (alveo-retroflex) ধ্বনি। ঘোষ (voiced); মহাপ্রাণ (aspirated) ও স্পৃষ্ট (plosive) ধ্বনিও বটে।

ঢং১, ঢঙ, ঢঙ্গ [ঢঙ, -, ঢঙ্‌গো] *বি* ১ রকম; পদ্ধতি; ধরন; ভঙ্গি; ফ্যাশন (গাইবার ঢং; নানা ঢঙের জিনিস)। ২ রং-তামাশা; ছলাকলা; ভান (ঢং করা)। ৩ কৃত্রিম বা অদ্ভুত ভাব। ৪ কথা বলার প্রণালি (কথার ঢং)। **ঢঙি, ঢঙ্গি** *বিণ* ঢং করে এমন। {*স.* তঙ্গ>ঢঙ্গ (?)}

ঢং২, ঢন [ঢঙ, ঢন্] *অব্য* ঘণ্টা প্রভৃতি বাজার শব্দ; ঘড়ির

প্রহারবাদ্য (ঢং ঢং করে দশটা বাজল)। ~ ~ অব্য ১ বার বার ঘণ্টাধ্বনি। ২ শূন্য কলসিতে আঘাতের শব্দ। ঢনঢনে *বিণ* ১ ভিতর শূন্য; শূন্যগর্ভ। ২ খালি পাত্র। {*ধ্বন্যা.*}

ঢক[১] [ঢক্] *অব্য* ১ পানি প্রভৃতি তরল পদার্থ পানের বা ঢালার শব্দ। ২ খালি পাত্রে অল্প পরিমাণ তরল পদার্থ ছলকানোর শব্দ। ৩ অপেক্ষাকৃত কঠিন ও শূন্যগর্ভ জিনিসের আঘাতের শব্দ। ~ ~ *অব* ১ অনবরত ঢক ঢক শব্দ। ২ দ্রুত পানের ফলে উৎপন্ন শব্দ (ঢক ঢক করে পানি খাওয়া)। ৩ কলসি প্রভৃতি থেকে পানি পড়ার শব্দ। {*ধ্বন্যা.*}

ঢক[২] [ঢক্] *বি* আকৃতি; গড়ন; গঠন; ঢপ; pattern। **বে-ঢক** *বিণ* বেমানান; খারাপ আকৃতিবিশিষ্ট; কদাকার। {*তুল. হি* ঢৱ, *ধ্বন্যা.*}

ঢকার [ঢকার্] *বি* 'ঢ' এই বর্ণ। {ঢ+কার}

ঢকাস [ঢকাশ্] *অব্য* ঢক শব্দের আধিক্য প্রকাশক ধ্বনি। {*ধ্বন্যা.*}

ঢক্ক [ঢক্কো] *বি* ঢাকা নগরী। ২ বাদ্যযন্ত্রবিশেষ; ঢাক। {*স.*}

ঢক্কা [ঢক্কা] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; ঢাক। ~**ধ্বনি**, ~**নাদ**, ~**নিনাদ** *বি* ১ ঢক্কা-রব; ঢাক বাজার শব্দ। ২ উচ্চ ও গর্বিত কণ্ঠে ঘোষণা; সাড়ম্বরে প্রচার। {ঢক্ক+আ}

ঢঙ, ঢঙ্গ, ঢঙী, ঢঙ্গী ⇒ ঢং[১]

ঢন ⇒ ঢং[২]

ঢনা [ঢনা] *বিণ* ১ শুষ্ক; শুকনা। ২ ক্ষীণ; কৃশ; নিশ্চল; দুর্বল। ৩ ম্লান; মলিন। □ *বি* ১ গবাদির এক প্রকার রোগ। ~ **মারা** *ক্রি* রোগা ও মলিন হওয়া। {*ধ্বন্যা.*}

ঢনঢনে [ঢনঢনে] *বি* এক প্রকার বিষাক্ত বড় মাছি বা ভনভনে মাছি। □ *বিণ* ঝনঝন ধ্বনি-যুক্ত। {*ধ্বন্যা.*}

ঢপ[১] [ঢপ্] *অব্য* ১ টুপ বা টপ অপেক্ষা জোরালো ধ্বনি। ২ ভারী বস্তু পতনের শব্দ। ৩ ভারী বস্তু দ্বারা নরম বা শূন্যগর্ভদ্রব্যে আঘাতের ফলে উৎপন্ন ধ্বনি। ~ ~, **ঢবঢব** *অব্য* পুনঃপুন ঢপ শব্দ। {*ধ্বন্যা.*}

ঢপ[২] [ঢপ্] *বি* ১ আকৃতি; গড়ন; চেহারা; ডৌল। ২ এক প্রকার কীর্তন গান। {*তুল. হি* ঢব্}

ঢরঢর [ঢরঢর্] *অব্য* ঢলঢল (যে জনা রসিক রসে ঢরঢর —*চদা*)। {√ঢল্}

ঢল [ঢল্] *বি* ১ নিম্নস্থল; ঢালু জায়গা; ঢালু। ২ পর্বত প্রভৃতি থেকে নিম্নে প্রবাহিত জলরাশি (ঢল নামা)। ৩ বন্যায় বৃদ্ধিপ্রাপ্ত জলরাশি; প্রচুর বৃষ্টিপাতের ফলে চারদিকে পানির বৃদ্ধি বা বাড়। □ *বিণ* শিথিল; ঢিলা; আলগা। {√ঢল্>}

ঢলক [ঢলোক] *বিণ* ১ নির্দিষ্ট পরিমাণের চেয়ে বেশি। ২ ঢল; অধিকতর বৃষ্টিপাত বা জলপ্রবাহ (আরো খানিক ঢলক দিলে চীনার ভাত খাই—জউ)। ৩ আলগা; ঢিলা। {*প্রা.* [illegible]; √ঢল্+ক}

ঢলকানো, ঢলকান [ঢল্কানো] *ক্রি* ১ ঢলে পড়া। ২ কোনো তরল বস্তু ঢেলে দেওয়া; ধাক্কা খেয়ে তরল পদার্থ পাত্র থেকে পড়ে যাওয়া। ৩ একবারে অনেকখানি ঢেলে দেওয়া। {ঢলক+আনো}

ঢলকি [ঢোল্কি] *ক্রি* ধাক্কা দিয়ে (ঢেকা মারি পঞ্চশরে ঢলকি ফেলিল মোরে—*দৌবা*)। {ঢলক+ই}

ঢলঢল [ঢলোঢলো, ঢল্‌ঢল্] *বিণ* ১ শিথিল বা ঢিলা হওয়া; যথেষ্ট ঢিলা হওয়া (চুড়ি হাতে ঢলঢল করে)। ২ ঢুলুঢুলু; আবেশ-বিভোর (ঢলঢল আঁখি)। ৩ রূপ-লাবণ্যের প্রাচুর্যব্যঞ্জক ('ঢলঢল কাঁচা অঙ্গের লাবণি')। □ *অব্য* লাবণ্য ভাব (মুখখানি ঢলঢল করে)। □ *বি* টলটলায়মান; টলটল (মাঝে মাঝে তুমি শতদল ফুটেছিল ঢলঢল—*রঠা*)। **ঢলঢলে, ঢলঢলিয়া** *বিণ* ১ ঢিলা; শ্লথ; আলগা (ঢলঢলে পাজামা)। ২ লাবণ্যযুক্ত (ঢলঢলে মুখ)। ৩ তরল। {ঢল+ঢল (শিথিল অর্থে)}

ঢলতা [ঢল্‌তা] *বি* মাপে কিছু বেশি দেওয়া; যথার্থ ওজনের কিছু বেশি; ওজনের সম্ভাব্য ঘাটতি পূরণের জন্য বাড়তি কিছু (মণ হিসাবে মাপে একসের ঢলতা তো যাবেই)। {*হি* ঢলতা}

ঢলন [ঢলোন্] *ক্রি* ঢলে পড়া কার্য। {ঢল+অন}

ঢলা [ঢলা] *ক্রি* ১ হেলে বা ঝুঁকে পড়া (সূর্য পশ্চিম দিকে ঢলে পড়েছে)। ২ পক্ষপাতী হওয়া (পিতা পুত্রের দিকে ঢলেছে)। ৩ অবসন্ন হয়ে পড়া (রোদে চারাগুলো ঢলে পড়েছে)। ৪ ঢুলুঢুলু করা (ঘুমে ঢলে পড়া)। ৫ রসাবেশে বিভোর হওয়া (আবেশে ঢলা নয়ন)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**ঢল** *বি* মাতামাতি (রসের তরঙ্গে ঢলাঢল —*বচ*)। ~**ঢলি** *বি* অতিরিক্ত স্ফূর্তির ভাব; প্রকাশ্যে উচ্ছৃঙ্খল আচরণ; কেলেঙ্কারি (আজ তুমি বড় ঢলাঢলি করলে—*বিপ*)। **ঢলানো, ঢলান** *ক্রি* ১ হেলানো; চলতে বাধ্য করা। ২ প্রদর্শন করা; অনাবশ্যকভাবে আতিশয্য প্রকাশ করা (অত পণ্ডিতি ঢলিয়ে কাজ নেই)। ৩ কেলেঙ্কারি করা। ৪ মাতলামি করা; মাতালের মতো কাজ করা। ৫ কাজ দ্বারা লোক হাসানো। **ঢলানি** *বি* ১ কেলেঙ্কারি; লোক হাসানো কাজ। ২ (*স্ত্রী.*) কলঙ্কিনী; লোক-হাসানি; কুলটা। **ঢলানে** *বিণ* কেলেঙ্কারি করে এমন। {ঢল+আ}

ঢস্ক ⇒ ঢস্কো

ঢস্কো, ঢস্ক [ঢস্‌কো] *বিণ* ঢিলা; আলগা; ঢলঢলে। {*প্রা.* ঢণ্ডস্ক}

ঢসকা ⇒ ঢোস্কা

ঢসকিয়া পড়া ⇒ ঢসকে পড়া

ঢসকে পড়া, ঢসকিয়া পড়া(*সা.*) [ঢোশ্‌কে পড়া, -কিয়া-] *ক্রি* খসে পড়া (ইয়া দাড়ি-গোঁপসমেত আরেকটি সমুচা রবি ঠাকুর বেহেশ্‌ৎ থেকে টুকুস্ করে ঢসকে পড়বেন—*সৈমু*)। {*স.* ধ্বস>}

ঢসন [ঢশোন্] *ক্রি* ধ্বসন; নদীর পাড় ভাঙন; খসন। **ঢসা** *ক্রি* ভেঙে পড়া; ধসা। **ঢসানো** *ক্রি* ভেঙে ফেলা; খসানো। {*স.* ধ্বস>ঢস+অন}

ঢাউস [ঢাউশ্] *বিণ* ১ অত্যন্ত বৃহদাকার; স্থূল (গিয়ে দেখি এক ঢাউস ট্রফি—*সৈমু*)। ২ বড় ঘুড়িবিশেষ। {*তুল. হি* ঢব্বুস}

ঢাঁই [ঢাঁই] *বি* আঁশহীন বড় মাছবিশেষ। {*স.* ধার>ধাঁ+ই}

ঢাঁচা ⇒ ঢাচা

টাঁট [টাঁট্] *বিণ* নির্লজ্জ; প্রগলভ; অশিষ্ট; অভব্য (বুঝিল বড়ই টাঁট—*শ্রীকৃষ্ণমঙ্গল*)। **টাঁটী** *স্ত্রী*। { *স.* ধৃষ্ট>; তুল. *হি* টাঁট}

ঢাক [ঢাক্] *বি* সুপরিচিত বৃহৎ বাদ্যযন্ত্র; ঢক্কা। – **করা** *ক্রি* ঢাক পিটিয়ে প্রচার করা। ~ ~ **গুড় গুড়** *বি* রহস্য বা কলঙ্ক চেপে রাখার চেষ্টা; চাপাচাপি; ঢাকাঢাকি; গোপনতা (আর ঢাকঢাক গুড়গুড়ে প্রয়োজন নেই, স্পষ্ট করে বলে ফেলো)। ~ **পড়ে যাওয়া** *ক্রি* চতুর্দিকে রাষ্ট্র হওয়া। ~ **পেটা, ~ঢোল পেটা** *ক্রি* ১ ঢাক বাজানো। ২ সকলের বা সর্বসাধারণের নিকট প্রচার করা। ~ **বাজানো, – বাজান** *ক্রি* সুনাম জাহির করা। **ঢাকে কাঠি দেওয়া** *ক্রি* ঢাক বাজানো; রাষ্ট্র করা; চতুর্দিকে প্রচার করা। **ঢাকের কাঠি, ঢাকের কাটি** *বি* ১ ঢাক বাজানোর সরু দণ্ড। ২ *(আল.)* নিত্য সঙ্গী অথচ বৃহৎ ঢাকের ন্যায় বড়র সঙ্গে কাঠির ন্যায় ছোট; মোসাহেব। **ঢাকের দায়ে মনসা বিকানো** *ক্রি* প্রধান কাজের চেয়ে অপ্রধান কাজে বেশি খরচ করা; অনাবশ্যক বাহ্যাড়ম্বরের ফলে আসল উদ্দেশ্যের জন্য অর্থাভাব ঘটা। **ঢাকের পিঠে বাঁশ** *(আল.)* অনাবশ্যক বস্তু (ঢাকের পিঠে বাঁশ অনাবশ্যক—তা দিয়ে বাজানো অসম্ভব)। **ঢাকের বাঁয়া** *বি (আল.)* সঙ্গে আছে অথচ কাজে লাগে না; অনাবশ্যক ও অকেজো সঙ্গী। **ধর্মের ~ আপনি বাজে**—পাপ কাজ গোপন করতে চেষ্টা করলেও তা চাপা থাকে না। { *স.* ঢক্ক>*প্রা.* ঢক্কা>}

ঢাকন ⇒ ঢাকনা

ঢাকনা, ঢাকনি, ঢাকুনি, ঢাকন [ঢাক্‌না, -নি, -কুনি, -কোন্] *বি* ১ আবরক বস্তু; আচ্ছাদন। ২ বাক্স প্রভৃতির ডালা; lid। ৩ হাঁড়ি ইত্যাদির আবরক; সরা প্রভৃতি। {√ঢাক+অন+আ}

ঢাকা[1] [ঢাকা] *বি* ১ ঢাকনা (কৌটার ঢাকা)। ২ আবরণ (খুলে দিলে শুভ্রতার ঢাকা—*রঠা*)। □*বিণ* আবৃত; আচ্ছাদিত; গুপ্ত; প্রকাশিত (কিছুই ঢাকা থাকবে না)। □*ক্রি* ১ আবৃত করা; আচ্ছাদিত করা। ২ গোপন করা; চাপা দেওয়া; লুকানো (দোষ ঢাকা)। ~**ঢাকি** *বি* সংগোপন; সম্পূর্ণ গোপন; লুকানো (লতাপাতার অন্তরালে বড়ো সরস ঢাকাঢাকি—*রঠা*)। ~ **দেওয়া** *ক্রি* ১ আবৃত করা; আচ্ছাদিত করা। ২ গোপন করা; জানতে না দেওয়া। ~ **পড়া** *ক্রি* ১ আবৃত হওয়া; আচ্ছাদিত হওয়া। ২ অদৃশ্য হওয়া; চাপা পড়া। ৩ বিস্মৃতির গর্ভে বিলীন হওয়া (কথাটা ঢাকা পড়ে গেল)। **গা ~ দেওয়া** *ক্রি* ১ লোকের দৃষ্টির আড়ালে থাকা। ২ গোপনে চলাফেরা করা। **শাক দিয়া মাছ ~** *ক্রি* যা গোপন থাকবে না তাকে গোপন করার প্রয়াস পাওয়া; গোপন করার বৃথা চেষ্টা করা। {√ঢাক+আ}

ঢাকা[2] [ঢাকা] *বি* সুবা বাংলার এক কালের রাজধানী—বাংলাদেশের সুপরিচিত নগরী ও রাজধানী; ঢাকা নগরী। **ঢাকাই** *বিণ* ১ ঢাকাসংক্রান্ত; ঢাকাসম্বন্ধীয়। ২ ঢাকায় উৎপন্ন বা প্রস্তুত (ঢাকাই জামদানি)। ২ ঢাকায় প্রচলিত। **ঢাকাই জালা** *বি* ১ ঢাকায় প্রস্তুত বড় জালা। **ঢাকাইয়া** *বি,বিণ* ঢাকার অধিবাসী। □*বিণ (আল.)* অতি স্থূল; খুব স্ফীত (পেট যেন ঢাকাই জালা)। **ঢাকাই মসলিন** *বি* ঢাকায় প্রস্তুত অতি সূক্ষ্ম বস্ত্রবিশেষ। {ঢাকা+আই}

ঢাকি [ঢাকি] *বি* যে ঢাক বাজায়; ঢাক বাজনদার; যে ঢাক বাজিয়ে জীবিকা অর্জন করে। ~ **শুদ্ধ বিসর্জন** *বি* সর্বস্ব জলাঞ্জলি; সব খোয়ানো। {ঢাক+ই}

ঢাকুন, ঢাকুম [ঢাকুন্, -ম্] *বি* সরা; মাটির তৈরি ঢাকনি (এক ঢাকুম জলে ডুবে মরতে পার না ধিঙ্গি বেহায়া ছুঁড়ী?—*নই*)। {ঢাকন>}

ঢাকুনি ⇒ ঢাকনা

ঢাঙ্গাতি (*মবা.*) [ঢাঙ্‌গাতি] *বিণ* ১ ধূর্ত; শঠ; প্রবঞ্চক (ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটির জাতি—*কমু*)। ২ শঠতা; প্রবঞ্চনা; চাতুরী (শিশুমতি মোর নাতি নাই জানে চাঙ্গাতি—*কমু*)। {ঢঙ্গ>}

ঢাচা, ঢাঁচা [ঢাচা, ঢাঁ–] *বি* আকৃতি; কাঠাম। { *হি* চাঁচা}

ঢাপা [ঢাপা] *বি* ১ আচ্ছাদন। ২ বেতে-বোনা ঝুড়ি; ঝাঁকাবিশেষ। **ঢাপি** *বি* ক্ষুদ্রার্থে। { *হি* ঢাপা}

ঢাবস [ঢাবোশ্] *বি* বড় ঘুড়ি; ঢাউস (ঢাবস হইল দূর ঢৌল রঙ্গ হইল চুর চুরিয়া না পাইলুঁ দরশন—*দৌবা*)। { *তুল. হি* ঢব্বস}

ঢাবি [ঢাবি] *বি* মূর্তি (ঢাবি পানে চায় বাউল—*গোবিন্দচন্দ্রের গীত*)। { *হি* ঢব}

ঢামন (*মবা.*) [ঢামোন্] *বি,বিণ* লম্পট; কামুক (ঠগ ঢামন ঢেঙ্গ ডাকাইত সঙ্গতি। মস্তক ঘোরায় যেন হইল আন-মতি—*দৌবা*)। {ঢেমন>; তুল. *হি* ধামিন}

ঢামাল, ঢামালি (*প্রাবা.*) [ঢামাল্, -লি] *বি* ১ রঙ্গ-তামাশা; ঢলাঢলি (সখি সবে মেলি করিয়া ঢামালি—*রাব*)। ২ দুষ্টামি (আমা সনে...কিসের ঢামালি?—*কৃও*)। {ধামালি>}

ঢাল[1] [ঢাল্] *বি* অস্ত্রের আঘাত নিবারক কঠিন চর্মনির্মিত ফলকবিশেষ; shield (কোতোয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে—*ভারা*)। **ঢালকি** *বি* ১ ঢালী। □*বিণ* ঢালধারী। ~ **হওয়া** *ক্রি* রক্ষাকর্তা বা অভিভাবক হওয়া। { *ফা.* ঢাল}

ঢাল[2], **ঢালা** [ঢাল্, -লা] *বি* ঢালু জমি; ক্রমনিম্নভূমি; গড়ান (পুকুরের ঢাল)। □*বিণ* ক্রমনিম্ন; ক্রমশ নিচু গড়ানো (ঢাল পাড়)। { *স.* ক্ষর>; *স.* ধারা>}

ঢালন, ঢালাই [ঢালন্, -লাই] *বি* ধাতু গলিয়ে ছাঁচে ঢেলে রূপ দেওয়া। ~**দার** *বি,বিণ* যে ঢালাই করে; ঢালাইকর। **ঢালনি** *বি* যে পাত্রে স্বর্ণরৌপ্যাদি ধাতু গলিয়ে ঢালা হয়। { *স.* ক্ষরণ>; ঢাল+অন, আই}

ঢালশুমার, ঢালসুমর [ঢাল্‌শুমার, -মোর্] *বি* ১ যেখানে যা আছে সমস্ত একত্র ঢেলে ফেলে গণনা। ২ ধার শোধ দেওয়া; পুনরায় নেওয়া। {ঢাল=(ধার)+ শুমার=গণনা}

ঢালা [ঢালা] *ক্রি* ১ এক পাত্র থেকে অন্য পাত্রে পাতিত করা (পানি ঢালা, দুধ ঢালা)। ২ ধাতু গলিয়ে নির্দিষ্ট আকার দেওয়ার জন্য পাতিত করা (ছাঁচে ঢালা)। ৩ বহুল পরিমাণে নিয়োগ করা বা ছড়িয়ে দেওয়া (ব্যবসায়ে টাকা ঢালা)। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* ১ ছাঁচে ঢালাই করা হয়েছে এমন (ঢালা কড়াই)। ২ সুবিস্তৃত; ঢালাও (ঢালা বিছানা)। ৩ সুবিস্তৃত; ঢালাও (ঢালা

বিছানা)। ৪ স্পষ্ট ও স্থায়ী (ঢালা হুকুম)। **ঢালাও**[১] *বিণ* ঢালা; সুবিস্তৃত (ঢালাও ফরাস)। ২ ব্যক্ত ও বিশদ; স্পষ্ট ও স্থায়ী (ঢালাও হুকুম)। ৩ সুপ্রচুর (ঢালাও খাদ্য)। **~ঢালি, ~ উপরা, ঢালা উবরা** *বি* এক পাত্র থেকে অন্যপাত্রে পুনঃপুন ঢালা। **~ লোহা** *বি* ছাঁচে ঢালা লোহা (পেটা নহে); cast iron। **ঢেলে সাজানো, ঢালিয়া সাজানো** *ক্রি* ১ পোড়া তামাক ফেলে দিয়ে কল্কে সাজানো। ২ *(আল.)* কোনো কাজ নতুন করে আরম্ভ করা। **গা ঢেলে দেওয়া** *ক্রি* ১ নিরুদ্যম হওয়া। ২ আশা ভরসা ছেড়ে দেওয়া। **প্রাণ~** *বিণ* আন্তরিক (প্রাণঢালা অভ্যর্থনা)। {√ঢাল্+আ}

ঢালাই [ঢালাই] *বি* ১ ধাতু গলিয়ে ছাঁচে ঢেলে বিভিন্ন রূপ দেওয়ার কাজ। ২ ছাঁচে ঢেলে তৈরি (ঢালাই কড়াই)। **~কর** *বি* যে ঢালাইয়ের কাজ করে; ঢালাই করার কারিগর। **~ করা** *ক্রি* ১ ছাঁচে তৈয়ার করা (সনেটের ছাঁচে নানারূপ ভাবে মূর্তি ঢালাই করা চলে—*প্রচৌ*)। □ *বিণ* পেটা নহে এমন; ঢালা (ঢালাই-করা লোহা)। **–খানা** *বি* ঢালাইয়ের কারখানা; যেখানে ঢালাই হয়; foundry। **ঢালাও, ঢালাউ** *বিণ* ১ বিস্তৃত (ঢালাও বিছানা)। ২ দেদার; পর্যাপ্ত; প্রচুর (ঢালাও জিনিস)। ৩ অবাধ (ঢালাও হুকুম)। **ঢালানো** *ক্রি* অপরের দ্বারা ঢালাই করানো। {√ঢাল্+আই}

ঢালী (–লিন্) [ঢালি] *বিণ* ঢালধারী; ঢালযুক্ত (সামালিয়া খায় তালি কালু সিংহ মহাঢালি —ঘচ)। □ *বি* ১ ঢালধারী সৈনিক (তবকী ধানুকী ঢালী—*ভারা*)। ২ উপাধিবিশেষ (ঢালীদের বাড়ি)। **ঢালিনী** *স্ত্রী*। **~ পাইক** *বি* ঢালধারী পদাতিক। {*স.* ঢাল+ইন্ (ইনি)}

ঢালু [ঢালু] *বিণ* ঢালযুক্ত; গড়ানে; ক্রমশ নিচু; ক্রমনিম্ন (ঢালু জমি)। {ঢাল+উ}

ঢিকরানো = ঢিকা

ঢিকা, ঢিকানো, ঢিকনো [ঢিকা, ঢিকানো, –কো–] *ক্রি* ক্লান্তি হেতু কষ্টেসৃষ্টে আস্তে চলা; ধুঁকে ধুঁকে চলা। **ঢিকোতে ঢিকোতে, ঢিকিয়ে ঢিকিয়ে** *ক্রিবিণ* মন্থর গতিতে; আস্তে আস্তে। {*স.* ধিক্ষ>; ক্রিয়ারূপ—ঢিকাই, ঢিকাও, ঢিকান, ঢিকাতে, ঢিকালে, ঢিকিয়ে ইত্যাদি}

ঢিট, ঢীট [ঢিট] *বিণ* ১ ঠিক (পিটনী খেয়ে পিঠ যে তোদের ঢিট হয়েছে—*নই*)। ২ *(মবা.)* ধৃষ্ট; শঠ; নির্লজ্জ (হাসি মুখ নিরখয়ে ঢীট মাধাই—*বিপ*)। ৩ অশিষ্ট; দুর্বিনীত (ঢিট আঁখি দুঃখবতী ঢাকিলু নয়ন-জ্যোতি—*রাব*)। ৪ শায়েস্তা; জব্দ (দাবাড়ি খেয়ে শেয়াল পণ্ডিত ঢিট হয়ে গিয়েছিল)। **~ করা** *ক্রি* ১ শায়েস্তা করা। ২ বশে আনা। ৩ সংশোধন করা। **–পনা** *বি* নির্লজ্জতা; বেহায়াপনা; ধৃষ্টতা (কখন না দেখি আমি এমন ঢিটপনা—*কমু*)। {*স.* ধৃষ্ট>*প্রা.* ঢিট্‌ঠ>}

ঢিটানি, ঢিটেমি [ঢিটানি, –মি] *বি* অবহেলা; চতুরতা (বুদ্ধিশুদ্ধি আছে অথচ পড়াশোনায় ঢিটেমি করছে জানলে তার এখনো ছুটি নেই—*সৈমু*; ঢিটের ঢিটানি খেতের [illegible]—*চদা*)। {ঢিট+আনি, আমি}

ঢিঠ *(মবা.)* [ঢিঠ্] *বিণ* লজ্জাহীন; চতুর; ধৃষ্ট (কোথায় না দেখিয়াছি হেন যোগী ঢিঠ। পুছিতে উচিত হয় পাঠাই বসিঠ—*সৈআ*)। {*স.* ধৃষ্ট>?}

ঢিড [ঢিড্] *বিণ* ভীষণ; সাংঘাতিক (কী ঢিড মিথ্যেবাদীরে বাবা—*সৈমু*)। {*স.* ধৃষ্ট>}

ঢিঢি, ঢীঢী [ঢিঢি] *বি* ব্যাপক জানাজানি; সাধারণত নিন্দার্থে ব্যবহৃত (দেশময় এ কথা নিয়ে ঢিঢি পড়ে গেল)। □ *বিণ* চতুর্দিকে বিপুলভাবে প্রচারিত। □ *অব্য* ধিকধিক রব; অখ্যাতি (একটা ঢীঢী পড়িয়া গেল—*রঠা*)। **~কার, ~ক্কার, ~রব, ঢিড়্‌ঢিকার** *বি* ১ ধিক্কার ধ্বনি। ২ ধিক্কারসহ নিন্দা প্রচার (তবু সে ব্যাখ্যায় এদেশে পড়ে গেল ঢিড়্‌ঢিকার—*দ্বিরা*)। ৩ নিন্দাসূচক উচ্চ শব্দ। {*স.* ধিক্ ধিক্>(?)}

ঢিপ [ঢিপ্] *অব্য* ১ হঠাৎ পতন বা আছাড় খাওয়ার শব্দ; কঠিন বস্তুতে আঘাতের শব্দ। ২ পায়ে মাথা ঠেকিয়ে প্রণামের শব্দ। **~ঢিপ** *অব্য* ১ বার বার ঢিপ শব্দ। ২ ঢিপঢিপ হৃৎপিণ্ডের স্পন্দন শব্দ; ভয় পাওয়ার ফলে বুক বা হৃৎপিণ্ডের অবস্থা (বুক ঢিপ ঢিপ করা)। {*ধ্বন্যা.*}

ঢিপন, ঢিপনি, ঢিপুনি [ঢিপোন্, –পনি–, –পুনি] *বি* প্রহার কিল চড় ইত্যাদি দ্বারা বেদম প্রহার। {√ঢিপ্+অন, অনি, উনি}

ঢিপলা, ঢিপলে [ঢিপ্‌লা, –লে] *বি* স্ফীত অংশ; গোলাকার উত্থিত অংশ; ছোট ঢিপি। {√ঢিপ্+লা, লে}

ঢিপানো, ঢিপান, ঢিপুনি [ঢিপানো, –, –পুনি] *বি* কিল চড় ইত্যাদি দ্বারা বেদম প্রহার। □ *ক্রি* প্রহার করা; কিল চড় ইত্যাদি মারা; মুষ্ট্যাঘাত করা। {*স.* ঢিপ্+আনো, উনি; ক্রিয়ারূপ—ঢিপাই, ঢিপাও, ঢিপান, ঢিপিয়ে, ঢিপালে, ঢিপিয়ে ইত্যাদি}

ঢিপি, ঢিপী, ঢিবি, ঢিবী [ঢিপি, –, –বি, –] *বি* ১ স্তূপ; কাঁড়ি (উই মাটির ঢিপি; স্থানে স্থানে ঢিপি, স্থানে স্থানে গর্ত—*হার*)। ২ উচ্চস্থান। □ *বিণ* ধুপসা; মোটা (এই ঢিবী বেহায়া মেয়ে রাতদিন ঘরে বাইরে মুখনাড়া হাতনাড়া সহ্য করতে করতে অতিষ্ঠ হয়ে পড়লেন—*নই*)। **ঢিপির মাকাল** *বি* স্থূলতায় ঢিপি এবং অকর্মণ্যতায় মাকাল; স্থূলকায় ও অকর্মা। **উই ~** *বি* বল্মীক; উইয়ের স্তূপ। **মাংসের ~** *বি* মাংসের স্তূপ। □ *বিণ* খুব মোটা। {*স.* স্তূপ>}

ঢিপুনি ⇒ ঢিপন

ঢিপুলি [ঢিপুলি] *বি* বের হওয়ার পথ বন্ধ করার জন্য নেকড়া তুলা ইত্যাদির পিণ্ডাকৃতি গুঁজি। {*স.* স্তূপ>+উলি}

ঢিপেশোকা [ঢিপেশোকা] *বিণ* চিররোগী; জন্মরোগা। ২ অকর্মণ্য; অলস। ৩ দুষ্ট; দুর্জন (দুর্দৈবের কালে ফেলাইল জলে, ঢিপোশোকা মোর খুড়া—*ঘচ*)। {*স.* স্তূপ>+ *স.* শুষ্ক>}

ঢিবরি [ঢিব্‌রি] *বি* ১ শাম্মি; গাড়ির চাকার কেন্দ্রে প্রদত্ত লোহার টুকরা। {*হি.* ঢিবরী}

ঢিবলে [ঢিব্‌লে] *বিণ* ডবল (টাক থেকে সেকেলে তামার

ঢিবলে পয়সা ডালকুত্তোর সামনে ফেলে দেয়—*অঠা*)। {ই. double}
ঢিবি, ঢিবী ⇒ ঢিপি
ঢিমা, ঢিমে [ঢিমা, –মে] *বিণ* ১ মৃদু; ক্ষীণ (ঢিমে আওয়াজ)। ২ ধীর; মন্থর; বিলম্বিত (বেগম ঠাকরুন সকলের পিছনে বড়ই ঢিমে কদম—*মীম*)। ৩ নিরুদ্যম; নিরুৎসাহ; দীর্ঘসূত্র (লোকটা অত্যন্ত ঢিমে)। **–তেতালা** *বি* সঙ্গীতের একটি তাল। ☐ *বিণ (ব্য.)* আস্তে আস্তে কাজ করে এমন; দীর্ঘসূত্রী। **–তেতালায়** *ক্রিবিণ* মন্থর গতিতে; আগ্রহহীন ও উদ্যমহীন অবস্থায় (ঢিমেতেতালায় কাজ চলা)। {স. মধ্যম>*প্রা.* মজ্‌ঝিম>ঢিম+আ, এ}
ঢিল¹ [ঢেল্] *বি* মাটি ইট ইত্যাদির ক্ষুদ্র টুকরা; ঢেলা; লোষ্ট্র (ঢিল নিক্ষেপ)। **~ মারলে পাটকেল পড়ে (বা খেতে হয়)**—আঘাতের প্রতিঘাত গুরুতর হয়। **~ মারা** *ক্রি* ঢিল ছোড়া; ঢিল নিক্ষেপ করা। **ঢিলাঢিলি** *বি* পরস্পরের প্রতি ঢিল নিক্ষেপ। **ঢিলানো, ঢিলান** *ক্রি* ঢিল মারা; ঢিল ছোড়া। **আন্দাজে ~ মারা** *ক্রি* অনুমাননির্ভর কাজ করা; অনিশ্চিতসিদ্ধির লক্ষ্যে চেষ্টা করা। **এক ঢিলে দুই পাখি মারা** *ক্রি* একসঙ্গে দুই উদ্দেশ্য সিদ্ধ হওয়া। {*প্রা.* ডলো>}
ঢিলা, ঢিলে, ঢিল² [ঢিলা, –লে, –ল্] *বিণ* ১ আঁটসাঁট নয় এমন; ঢলঢল; শ্লথ (ঢিলা জামা)। ২ শিথিল; আলগা; হালকা (ঢিলে গল্প, কাঁচা রসিকতা—*সৈমু*)। ৩ শিথিল প্রকৃতির; অলস; কাজে কুঁড়ে; অসাবধান (তোমাকে আর একটুও ঢিলে লাগে না; ঢিলা মানুষ)। ☐ *বি* শৈথিল্য; অযত্ন। **~ দেওয়া** *ক্রি* শিথিলতা দেখানো; কাজে আলস্য করা (বন্দুক সাফ করায় ঢিল দিলেন—*রঠা*)। **~ঢালা** *বিণ* শ্লথ; শিথিল-স্বভাব; অলস (লোকটা নিতান্ত ঢিলাঢালা রকমের—*রঠা*)। **ঢিলামি, ঢিলেমি** *বি* শৈথিল্য; আলস্য; জড়তা (সে ব্যাপারটার মধ্যে আমাদের স্বাভাবিক ঢিলেমি এবং এলোমেলো ভাবেরই শুধু পরিচয় পাওয়া যায়—*প্রচৌ*)। {স. শিথিল>*প্রা.* সিঢিল>}
ঢীট ⇒ ঢিট
ঢীঢী ⇒ ঢিঢি
ঢু, ঢুঁ¹ [ঢু, ঢুঁ] *বি* গরু ছাগল প্রভৃতির মাথা বা শিং দ্বারা গুঁতা বা আঘাত; ঢুস (ঢু মারা)। **~ ~** *বি* ছাগল মেষ প্রভৃতির লড়াইয়ের সময়ে ঢু মারবার জন্য উত্তেজনাকর বাক্য। **~ দেওয়া, ~ মারা** *ক্রি* ১ মাথা দিয়ে গুঁতানো (ঢু মারিতে জানে শুধু ঘটে তার ঢুঢু—*ঈগু*)। ২ খোঁজ খবর নেওয়া (দরজায় দরজায় ঢু মারা)। ৩ উদ্দেশ্যহীনভাবে কোনো স্থানে বা কাহারও গৃহে অল্পক্ষণের জন্য গমন করা। {স. √ধুর্>ধু>ঢু}
ঢুঁ² [ঢুঁ] *বি* কাবাডি খেলায় ব্যবহৃত শব্দবিশেষ (একজন কবাটি খেলার ঢুঁ ধরার সুরে গেয়ে যাচ্ছেন—*নই*)। {*ধ্বন্যা.*}
ঢুঁড়া, ঢোঁড়া [ঢুঁড়া, ঢো–] *ক্রি* খোঁজা বা অন্বেষণ করা; তল্লাস করা (এনেছ ঢুড়িয়া সব দিক—*সদ*)। ☐ *বি* বিষহীন সাপবিশেষ। {স. ঢুণ্ঢ>*প্রা.* ঢুণ্ঢুল্ল>√ঢুঁড়্+আ}
ঢুক [ঢুক্] *অব্য* ঢক শব্দের চেয়ে মৃদুতর ধ্বনি (ঢুক ঢুক করিয়া দুধ খাও)। **~ ~** *ধ্বন্যা. অব্য.* অনবরত ঢুক শব্দ। {*ধ্বন্যা.*; স. √ঢৌক্>*প্রা.* ঢুক্>}
ঢুকা, ঢোকা [ঢুকা, ঢো–] *ক্রি* ভিতরে প্রবেশ করা; যাওয়া (কানে পানি ঢুকেছে)। **ঢুকানো, ঢোকানো,** *ক্রি,বিণ* প্রবেশ করানো। **মাথায় কিছু ঢোকে না**—বুদ্ধিহীনতার জন্য কিছু বুঝতে পারে না। {স. ঢৌক>√ঢুক্+আ}
ঢুঢু, ঢুঁঢুঁ [ঢুঢু, ঢুঁ–] *বি, অব্য* কিছুই নয়; ফাঁকি; অন্তঃসারশূন্য ভাব বা অবস্থা; শূন্যতা (শরৎ চাটুজ্জের নায়করাই শুধু যত্রতত্র দিদি পেয়ে যায়; আমার কপালে ঢুঢু—*সৈমু*)। {*ধ্বন্যা.*}
ঢুণ্ঢন [ঢুন্‌ঢন্] *বি* অন্বেষণ; ঢুড়ন। {স. √ঢুণ্ঢ্+অন (ল্যুট)}
ঢুপ [ঢুপ্] *বি* শূন্য পাত্রের শব্দ; হালকা কোনো বস্তুর পতন শব্দ। **~–ঢাপ** *অব্য* অনবরত ঢুপ শব্দ। {*ধ্বন্যা.*}
ঢুপি *(আঞ্চ.)* [ঢুপি] *বি* ঘুঘু (পালা ঢুপি সঙ্গে নাগর আইসে পন্থ দিয়া—*মৈগী*)। {*ধ্বন্যা.*}
ঢুরা [ঢুরা] *বি* ঢোড়া নামক নির্বিষ সাপ (হেনকালে আগু হইয়া ঢুরা জানাইল—*মৈগী*)। {স. ঢুণ্ডুভ>ঢুণ্টুভ>ঢোঁড়া}
ঢুল [ঢুল্] *বি* ১ তন্দ্রা; নেশা প্রভৃতির ঝোঁক বা ঘোর। ২ তন্দ্রা বা নেশার জন্য মাথা দুলুনি (একটু ঢুল এসেছিল)। **~ ~** *বিণ* তন্দ্রা বা নেশায় ভরপুর। **–ঢুলে, ঢুলুঢুলু** *বি* আবেশে বিভোর; তন্দ্রাজড়িত ভাব; নেশার আবেশ বা ঘোর (ঘুমে ঢুলুঢুলু আঁখি)। **–নি, ঢুলুনি** *বিণ* ঝিমাচ্ছে এমন (ঢুলনি আকৃতি...চলিতেছে একাকিনী ঢেউ উথলিয়া মনোভঙ্গে—*দৌবা*)। ☐ *বি* তন্দ্রাবেশ; ঝিমানো। {স. দোল>ডোল>ঢুল}
ঢুলকি [ঢুলকি] *বি* ছোট ঢোল। {ঢোলক+ই(ক্ষুদ্রার্থে)>}
ঢুলা, ঢোলা [ঢুলা, ঢো–] *ক্রি* ১ নেশা বা তন্দ্রার ঘোরে অবসন্ন হওয়া। ২ ঘুমের ঘোরে ঝুঁকে পড়া; ঝিমানো। **ঢুলানো, ঢুলনো** *ক্রি* ১ নাড়া বা দোলা দেওয়া; দোলানো; আন্দোলিত করা। ২ ব্যজন করা (সর্বনাশী জ্বালামুখী ধূমকেতু তার চামর ঢুলায়—*নই*)। ৩ তন্দ্রা বা নেশার ঘোরে মাথা দোলানো (পড়তে বসে ছেলেটার মাথা ঢুলছে)। ৪ (বস্ত্রাদি) ঝুলিয়ে পরে বাহাদুরি দেখানো (কোঁচা ঢুলানো)। ৫ ঘটা করা (আর বেশি ঢোলাতে হবে না)। **ঢুলে/ঢুলিয়া পড়া** *ক্রি* বসে থাকা অবস্থা থেকে ঘুমের ঘোরে মাথা ঝুঁকে পড়া; থেকে থেকে হেলে পড়া। **ঢুলায়ত** *(ব্র.)* *ক্রি* ঢুলায়; পাখা প্রভৃতি দ্বারা বাতাস করা (চামর ঢুলায়ত—*চদা*)। {মৃ. ঢোলো; √ঢুল+আ}
ঢুলি, ঢুলী [ঢুলি] *বি* ১ যে ঢোল নামক বাদ্যযন্ত্র বাজায়; ঢোলবাদক। ২ সম্প্রদায়বিশেষ। {স. ঢোল+ইয়া> ঢোলিয়া>}
ঢুলঢুল, ঢুলুঢুলু ⇒ ঢুল
ঢুষ ⇒ ঢুস
ঢুস, ঢুষ [ঢুশ্] *বি,ক্রি* শিং বা মাথা দিয়ে গুঁতা বা আঘাত। **ঢুসাঢুসি, ঢুষাঢুষি** *বি* ১ মাথা বা শিং দিয়ে পরস্পরকে আঘাতকরণ; গুঁতাগুঁতি। ২ *(আল.)* অবনিবনা। **ঢুসানো, ঢুষানো** *ক্রি,বি* শিং বা মাথা দ্বারা আঘাত করা; ঢুঁ মারা। {স. ধুর>}
ঢুসনা, ঢুষনা [ঢুশ্‌না] *বিণ* ১ অকর্মা; অলস; কুঁড়ে। ২ বিশৃঙ্খল; অপরিচ্ছন্ন; তৈলহীন। ৩ অপচয়কারী; অপব্যয়কারী। **ঢুসনী** *স্ত্রী.* {স. √ধ্বনস্>; √ঢুস্+অন+আ}

ঢেউ [ঢেউ] *বি* তরঙ্গ; বাতাসে বা স্রোতের বেগে পানির উচ্চতা বা উচ্ছ্বাস; ঊর্মি (নদীর উপর জলের বসতি তাহার উপর ঢেউ—*চদা*)। ~ **কাটানো** *ক্রি* কৌশলে ঢেউয়ের উপর দিয়ে নৌকা চালনা। ~ **খেলানো, ~ তোলা** *বিণ* তরঙ্গায়িত; দেখতে ঢেউয়ের মতো উঁচু–নিচু; কুঞ্চিত (ঢেউ-খেলানো চুল)। ~ **গোনা** *ক্রি* অলসভাবে সময়ে কাটানো। ~ **টিন** *বি* ঢেউ-তোলা লোহার টিন। ~ **দেওয়া** *ক্রি* ১ আঘাত দিয়া পানিতে ঢেউ সৃষ্টি করা (ঢেউ দিয়েছে জলে—*রঠা*)। ২ স্মরণ করিয়ে দেওয়া; আবেগের সৃষ্টি করা (এই ক্ষুদ্র ঘটনা ঢেউ দিল আমার মর্মতলে)। **–য়ানো** *ক্রি* ১ ঢেউ দেওয়া; ঢেউ তোলা। ২ ঢেউ দিয়ে পানির আবর্জনা বা অন্য কোন বস্তু সরানো। { *অশু* }

ঢেঁকি, ঢেঁকী [ঢেঁকি] *বি* ধান ইত্যাদি ভানার জন্য কাঠের তৈরি যন্ত্র। ~ **অবতার** *বি* নির্বোধ ও অলস ব্যক্তি। ~ **গেলা** *ক্রি* অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কোনো কঠিন কাজের দায়িত্ব নেওয়া (উপরোধে ঢেঁকি গেলা)। ~ **না কুলো**— অন্নসংস্থানের অভাব (না ঢেঁকি না কুলো— অর্থাৎ অন্ন প্রস্তুত করবার যন্ত্রাদি নেই)। **ঢেঁকির আঁকশলি** *বি* ঢেঁকি সংলগ্ন দণ্ড বা শলাকা। ☐ *বিণ* অপ্রধান কিন্তু সঙ্গে থাকার কারণে ঝক্কি-ঝামেলা প্রায়ই পোহাতে হয়। **ঢেঁকির কচকচি** *বি* ঢেঁকির কচকচ শব্দের ন্যায় কলহ বিবাদ; ঝগড়া বচসা (মিথ্যা ঢেঁকির কচকচি করায় কি উপকার—*প্যামি*)। ~ **শাক** *বি* এক প্রকার বন্য শাক। ~ **শাল** *বি* যে ঘরের ঢেঁকি থাকে; ঢেঁকির ঘর। ~ **স্বর্গে গেলেও ধান ভানে**—যার যা স্বভাব তা মরলেও ছাড়তে পারে না। **বুকে ঢেঁকির পাড় পড়া** ১ বুক টিপ টিপ করা; palpitate। ২ মনে নিদারুণ আঘাত পাওয়া। ৩ রক্ত চঞ্চল হওয়া। **বুদ্ধির ঢেঁকি** *বিণ* ১ ঢেঁকির মতো প্রকাণ্ড—অর্থাৎ নিরেট বোকা; নির্বোধ; মূর্খ; বেওকুফ (বেটা বুদ্ধির ঢেঁকি—*রঠা*)। { *মুণ্ডারি.* ঢেঙ্কি> }

ঢেঁকুর, ঢেকুর [ঢেঁকুর, ঢে–] *বি* উদরস্থ বায়ুর ঊর্ধ্বগমনে মুখ থেকে যে শব্দ নির্গত হয়; উদ্‌গার; হিক্কা (ঢেঁকুর উঠা)। **চোঁয়া ঢেঁকুর** *বি* অতিভোজন ও অজীর্ণ-জনিত অম্লাস্বাদ উদ্‌গার। { *স.* উদ্‌গার> }

ঢেঁটরা, ঢেঁড়া, ঢ্যাঁড়া, ঢেঁড়ি², ঢেঁড়ী, ঢ্যাঁডড়া, ঢ্যাঁডরা [ঢেঁটরা, ঢ্যাড়া, –, ঢেঁড়ি, ঢেঁড়ি, ঢেঁড়ী, ঢ্যাডরা, –রা] *বি* ১ ঢাকবিশেষ (ঢেঁড়া পেটা)। ২ ঢোল–শোহরত। ~ **দেওয়া, ~ পেটা** *ক্রি* ১ চতুর্দিকে রাষ্ট্র করা (অবশেষে রাজা ঢেঁটরা দিলেন—*দমি*)। ২ ঢোল–শোহরতে ঘোষণা করা (কীর্তি-কথা ঢেঁড়া পিটিয়ে বলে বেড়াতে লাগল—*অঠা*; আহম্মক কোথাকার, ঢ্যাঁডরা পিটিয়ে এগুলো আবার রাজ্যিসুদ্ধ লোক ডেকে শোনান হচ্ছে—*মুচৌ*)। { *স.* ডিণ্ডিম> }

ঢেঁটা [ঢেঁটা] *বিণ* ১ ধৃষ্ট; শঠ; দুষ্ট; বেহায়া (বটে বটে আমি বড় ঢেঁটা—*ভারা*)। ২ একগুঁয়ে; অবাধ্য। **ঢেঁটামো, ঢেঁটামি** *বি* ১ শঠতা; দুষ্টামি। ২ অবাধ্যতা। { *স.* ধৃষ্ট> }

ঢেঁড়স, ঢ্যাঁড়স, ঢ্যাঁড়শ [ঢ্যাড়োশ] *বি* তরকারিবিশেষ; ভিণ্ডি। { *স.* ডিণ্ডিশ> }

ঢেঁড়া ⇒ ঢেঁটরা

ঢেঁড়ি¹, ঢেঁড়ী [ঢেঁড়ি] *বি* ১ মেয়েদের কানের অলঙ্কারবিশেষ (ঝুমকা ঢেঁড়ি)। ২ আফিম গাছের ফল বা বীজ কোষ; পোস্তফল। ৩ ঘোষণার জন্য ব্যবহৃত ঢোলজাতীয় বাদ্যযন্ত্র। { *স.* তুণ্ড>; *তুল. হি.* ঢেংঢী }

ঢেঁড়ু ⇒ ঢেঁড়ি²

ঢেঁশকেল, ঢেঁস্কেল [ঢেঁশ্‌কেল] *বি* ঢেঁকিশাল; যেখানে ঢেঁকি পাতা থাকে (এখন দুলুইদের ঢেঁস্কেলে ধান এলাতে যাচ্ছি—*অচিসে*)। { ঢেঁকিশাল> }

ঢেঁশা, ঢ্যাঁশা [ঢ্যাঁশ] *বি* ১ ঠেলা; ধাক্কা। ২ দোষ দেখানো (ঢেঁশা দিয়া ঢেকা মারে—*বগ্য*)। { *ধ্বন্যা.* }

ঢেকস, ঢ্যাকস [ঢ্যাকোশ] অবা উঁচু নিচু পথে চলমান গোরুর গাড়ির চাকার শব্দ। { *ধ্বন্যা.* }

ঢেকা, ঢেকনি মারা [ঢেকা] *ক্রি* ঠেলা বা ধাক্কা মারা বা দেওয়া (ঢেকা মারে একেবারে শত শত জন—*কমু*)। **ঢেকিয়ে, ঢেক্যা** *অক্রি* ধাক্কা মেরে। { *হি.* ধক্ক> }

ঢেকুর ⇒ ঢেঁকুর

ঢেঙা, ঢেঙ্গী ⇒ ঢ্যাঙা

ঢেড়ি² [ঢেড়ি] *বি* প্রাচুর্য; বাহুল্য (বয়সের দোষে হয় বচনের ঢেড়ি—*ঘচ*)। ☐ *বিণ* সার্ধ; ডেড়া; দেড়া। { *স.* অর্ধদ্বিতীয়>; *তুল.* দেড় }

ঢেপ ⇒ ঢ্যাপ

ঢেপসা, ঢ্যাপসা [ঢ্যাপ্‌শা] *বিণ* ১ স্তূপের ন্যায়; ঢিপির মতো। ২ বেমানান; মোটা; ঢোসকা; স্থূল ও শ্রীহীন। **ঢেপসী** *স্ত্রী.*। { *মু.* ঢোপসো (অলস); *তুল. হি.* ঢপসা }

ঢেপড়া, ঢেবরা ⇒ ধাবড়া

ঢেপুয়া [ঢেপুয়া] *বি* এক প্রকার তাম্র মুদ্রা; পয়সা (সোনার ঢেপুয়া লৈয়া বান্নকে খাচিত—*মগ্য*)। { *তুল. হি.* ঢেবুরা }

ঢেমচা, ঢেমসা [ঢ্যাম্‌চা, –শা] *বি* এক প্রকার বাদ্যযন্ত্র। { *ধ্বন্যা.* }

ঢেমন, ঢেমনা¹, ঢ্যামনা [ঢ্যামোন, –ম্‌না, –] *বি* ১ লম্পট; জারজ (বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ—*কমু*)। ২ গালিবিশেষ। **ঢেমনি** *স্ত্রী.* উপপত্নী; রক্ষিতা স্ত্রী। { *স.* ধমনী> }

ঢেমনা² [ঢ্যাম্‌না] *বি* এক প্রকার বিষহীন সাপ; দাঁড়াশ সাপ। { *স.* ধর্মন> }

ঢেমনি ⇒ ঢেমন

ঢেমসা ⇒ ঢেমচা

ঢের [ঢের] *বিণ* প্রচুর; বেশি; অনেক; দেদার; যথেষ্ট (আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে—*হেম*)। **ঢেরি** *বি* প্রাচুর্য; রাশি; স্তূপ (ঢেরি করা)। { *তুল. নে.* ধের }

ঢেরা, ঢ্যারা [ঢ্যারা] *বি* ১ 'X' এই চিহ্ন (ঢেরা কাটা)। ২ দড়ি পাকাবার যন্ত্র। ৩ স্বীকৃতি। ~ **কাটা** *ক্রি* ঢেরা চিহ্ন অঙ্কিত করা (মায়ের স্বহস্তে আমার নামে ঢ্যারা কেটে দিয়েছেন—*সৈমু*)। ~ **সই, ~ সহি** *বি* নিরক্ষর ব্যক্তির দেওয়া ঢেরা 'X' এই চিহ্নযুক্ত স্থানে অপরের দ্বারা তার নাম সই (ও রকম ঢেরা সই দেওয়াতে বর্ণ ধর্ম জ্ঞানের পরিচয় দেওয়া যেতে পারে—*প্রচৌ*)। { *হি.* ঢেরা }

ঢেলা, ঢ্যালা [ঢেলা, ঢ্যা–] *বি* ঢিল; ডেলা; ঢিল অপেক্ষা বড় মাটি, ইট ইত্যাদির টুকরা (দেহেরে ভেবেছ ঢেলার মতন—*নই*)। ~ **মারা** ১ ঢেলা ছুড়ে মারা। ২ আন্দাজি

চাল চালা। {স. দল>প্রা. ডল>ডেলা>}

ঢেলে সাজা ⇒ ঢালা

ঢেসা [ঢেশা] *বি* ১ ফাঁকি; প্রতারণা; প্রবঞ্চনা; ধোঁকা। ২ নিন্দা; কুৎসা; বদনাম; অপবাদ। ৩ অপরাধী; দোষ। ☐*ক্রিবিণ* অপরাধ; দোষী; প্রতারক; প্রবঞ্চক (ধনচোর, ঢেসায় পাঠাব যমঘর—ঘচ)। {ধাঁধা>}

ঢোঁক, ঢোক [ঢোঁক, ঢোক] *বি* ১ একবারে যে পরিমাণ তরল পদার্থ পান করা যায় (এক ঢোক পানি গিলিয়া ফেলিলাম—*আমআ*)। ২ গিলন; গলাধঃকরণ। ৩ গিলবার ভঙ্গি (ঢোক গেলা)। **ঢোঁক গিলা, ঢোঁক গেলা** *ক্রি* ১ গিলবার ভঙ্গি করা (সে যেন মাঝে মাঝে ঢোঁক গিলিয়া জোরে নিশ্বাস ফেলিতেছে—*বিব*)। ২ ইতস্তত করা। **ঢোঁক গিলে কথা বলা** *ক্রি* ১ ইতস্তত করে কথা বলা। ২ একটু সময় নিয়ে কথা বলা। {*ধ্বন্যা.*}

ঢোঁড়ন [ঢোঁড়োন্] *বি* অনুসন্ধান। {স. ঢুণ্টন>}

ঢোঁড়া[1] [ঢোঁড়া] *বি* বিষহীন সাপবিশেষ। ☐*বিণ* অকর্মণ্য; তেজোবীর্যহীন; যার শক্তি নেই অথচ আস্ফালন বা ক্রোধ আছে। {স. ডুণ্ডুভ>}

ঢোঁড়া[2]**, ঢোঁরা,** [ঢোড়া, -রা] *ক্রি* অনুসন্ধান করা; খোঁজ করা (ঢুঁরিল অনেক মুঞি না পাইলুঁ দর্শন—*দৌবা*)। {√ঢুঁড়্+আ; স. ঢুণ্ডন>}

ঢো ⇒ ধুয়া

ঢোক ⇒ ঢোঁক

ঢোকা, ঢোকান, ঢোকানো ⇒ ঢুকা

ঢোড়া ⇒ ঢুঁড়া

ঢোয়া [ঢোয়া] *ক্রি* একস্থান থেকে অন্য স্থানে বয়ে নিয়ে যাওয়া। ~**ই** *বি* ১ একস্থান থেকে অন্যত্র বহন। ২ দ্রব্যাদি লোক দ্বারা স্থানান্তরিত করবার পারিশ্রমিক। {হি. ঢোনা}

ঢোল [ঢোল্] *বি* ১ সুবিখ্যাত চর্মাবৃত বাদ্যযন্ত্র। ২ ফাঁপা; স্ফীত (ফুলে ঢোল হওয়া)। ~**ক** *বি* ক্ষুদ্র ঢোল। ~ **দেওয়া** *ক্রি* ১ ঢোল বাজিয়ে বিজ্ঞাপিত করা। ২ ঘোষণা করা; চতুর্দিকে রাষ্ট্র করা। ~ **পেটা, ঢোলে কাঠি দেওয়া** *ক্রি* ১ ঢোল বাজানো। ২ প্রচার করা। ~-**শোহরত,** ~-**শহরত** *বি* কোনো বিষয় ঢোল বাজিয়ে প্রচার। ~**সমুদ্র** *বি* ১ ফরিদপুরস্থ প্রকাণ্ড দীঘির নাম—তার এক পাড়ে ঢোল বাজালে অপর পাড়ে তা শোনা যেত না। ২ *(আল.)* বৃহৎ জলাশয়; পানি থৈ থৈ অঞ্চল (দুঃখের ঢোলসমুদ্র —*অচিসে*)। **নিজের ~ নিজে পেটা** *ক্রি* আত্মপ্রশংসা করা। {ফু. ঢোল}

ঢোলতা [ঢোল্তা] *বি* প্রবঞ্চনা; ছলনা। {ঢোল+তা}

ঢোলা[1]**, ঢোল্লা** [ঢোলা, -ল্লা] *বিণ* ঢিলা; আঁটসাঁট নয় এমন; আলগা (ঢোলা পায়জামা)। ২ ফাঁপা; শূন্যগর্ভ। {*প্রা.* ঢোল্ল। ফু. 'ঢোলে' অর্থ—মোটা ও অলস স্ত্রী}

ঢোলা[2] ⇒ ঢুলা

ঢোলাই [ঢোলাই] *বি* ১ ঢোয়াই; জিনিসপত্র একস্থান থেকে অন্যস্থানে বহন করে নিয়ে যাওয়া। ২ বহন করার মজুরি। {হি. ঢোনা, ঢুলনা}

ঢোলী = ঢুলি।

ঢোসা [ঢোশা] *বিণ* ফাঁপা; মোটা ও অন্তঃসারশূন্য; ফোলা ও অকেজো। ☐*বি* মোটা পশমের তৈরি গায়ের চাদর। {স. √ধ্বনস্>; হি. ধুস্সা}

ঢোস্কা, ঢোসকা, ঢসকা [ঢোশ্কা, -, ঢ] *বিণ* ফাঁপা; স্থূলদেহ ও অকর্মণ্য— যাকে ধাক্কা দিলে পড়ে যায় এমন। {ধসা>ধস্কা>}

ঢোসর [ঢোশর্] *বিণ* শঠ; দুশ্চরিত্র। {স. ধূসর>}

ঢৌকন [ঢোউকোন্] *বি* ১ গমন। ২ উপঢৌকন; উৎকোচ। {স. √ঢৌক্+অন (ল্যুট্)}

ঢৌল [ঢোউল্] *বি* ১ ঢোল। ২ অপমান; লাঞ্ছনা। ☐*বিণ* অপমানিত (ঢৌল নাহি করি কভু পরের যুবতী—*কমু*)। {ও. ঢৌল}

ঢ্যাঙ্গা, ঢেঙ্গা, ঢ্যাঙা [ঢ্যাঙ্গা, -, ঢ্যাঙা] *বি* লম্বা; লম্বাটে; দীর্ঘাঙ্গী (ছেলেটা যেমন ছ'ফুট ঢ্যাঙা—*সৈমু*; ঢ্যাঙ্গা ছেলেটি—*ওয়ালি*)। {মু. ঢান্‌গা}

ঢ্যাঁড়ড়া ⇒ ঢেঁটরা

ঢ্যাঁড়স, ঢ্যাঁড়শ ⇒ ঢেঁড়স

ঢ্যাঁড়া ⇒ ঢেঁটরা

ঢ্যাঙা, ঢ্যাংগা ⇒ ঢ্যাঙ্গা

ঢ্যাডড়া, ঢ্যাডরা ⇒ ঢেঁটরা

ঢ্যাপ, ঢেপ [ঢ্যাপ্] *বি* শালুকের ফল। **ঢ্যাপের খই** *বি* ঢ্যাপের ভাজা বীজ। {পিণ্ড> ?}

ঢ্যাপ ঢ্যাপ, ঢ্যাব ঢ্যাব [ঢ্যাপ্-, ঢ্যাব্-] *অব্য* বায়ুপূর্ণ; ফাঁপা ও ভেজা বস্তুর উপর আঘাতজনিত শব্দ। {*ধ্বন্যা.*}

ঢ্যাপসা ⇒ ঢেপসা

ঢ্যামনা ⇒ ঢেমন

ঢ্যারা ⇒ ঢেরা

ঢ্যালা ⇒ ঢেলা

ঢ়

ঢ় ঢ-বর্ণের নীচে বিন্দু দিয়ে লেখা এ বর্ণটি প্রকৃতপক্ষে ঢ-বর্ণেরই রূপান্তরমাত্র। সংস্কৃত ও নব্যভারতীয় আর্যভাষার অন্যান্য শাখায় শব্দের মধ্যে ঢ-এর অবস্থান অনুযায়ী উচ্চারণের তফাত হয়। বাংলা ভাষায় অনুরূপ আলাদা উচ্চারণের ঢ বর্ণের সঙ্গে বিন্দু যুক্ত করে স্বতন্ত্র বর্ণ সৃষ্টি করা হয়েছে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের বিন্যস্ত বাংলা বর্ণমালায় এটি সর্বপ্রথম স্থান পায়। এটি দন্তমূলীয় তাড়নজাত (alveolo-flapped) ধ্বনি এবং ঘোষ (voiced) ও মহাপ্রাণ (aspirated)। শব্দের আদিতে এর প্রয়োগ না থাকলেও 'রাঢ়'; 'গাঢ়'; 'প্রৌঢ়'; 'দৃঢ়' 'আষাঢ়' প্রভৃতি কয়েকটি শব্দে এটি অনাদি বর্ণরূপে ব্যবহৃত হয়।

ণ

ণ [মূর্ধন্য 'ণ']. বাংলা ভাষার পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ। ট-বর্গের পঞ্চম বর্ণ। যুক্ত বর্ণের ক্ষেত্রে ট-বর্গের যে-কোনো বর্ণের সঙ্গে যুক্ত অনুনাসিক বর্ণটি সাধারণত মূর্ধন্য 'ণ' হয়। যথা কণ্টক; কণ্ঠ; দণ্ড; ঢেণ্ঢণ। প্রাকৃত ও পালি ভাষায় 'ণ' এর ব্যবহার তুলনামূলকভাবে বেশি।

ণই *(প্রাবা.)* [নোই] *বি* নদী (ভবণই গম্ভীর বেগেঁ বাহী -চর্যা; কালিনি ণই কূলে—*বচদা*)। {*স.* নদী>}

ণকার [নকার] ণ এই বর্ণ। {*স.* ণ+কার}

ণকাররূপিণী [নকাররুপিনি] *বিণ* জ্ঞানরূপা। {*স.* ণ+কার+রূপ+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

ণত্ববিধান, ণত্ববিধি [নত্‌তোবিধান, -বিধি] *বি (ব্যা.)* পদের কোন কোন স্থানে 'ণ' ব্যবহৃত হয় তার নিয়ম। {*স.* ণ+ত্ব+বিধান, বিধি}

ণ-ফলা [নফলা] *বি* অন্য ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ণ'-এর যোগ। {*স.* ণ+ফলা}

ণাম্বা *(মবা.)* [নাম্‌বা] *ক্রি* অবতরণ করা। **ণাম্বএ** *(মবা.)* *ক্রি* অবতরণ করে। {*স.* √লমফ}

ণাল *(মবা.)* [নাল্] *বি* মৃণাল। {*স.* নাল>}

ণালিক *(মবা.)* [নালিক] *বি* নালিকাস্ত্র; বন্দুক (জ্রহি কামধনু নয়ন-বাণে নাসিকা ণালিক যন্ত্র সমানে—*বচ*)। {*স.* নালিক>}

ণিচ্ [নিচ্] *বি (ব্যা.)* সংস্কৃতপ্রত্যয়বিশেষ; কর্তা নিজে না করে অন্যের দ্বারা করালে তথা প্রযোজক ক্রিয়ার সঙ্গে এই প্রত্যয় যুক্ত হয়; যেমন—পাঠ (পড়া) + ণিচ্ = পাঠি (পড়ানো)। {*স.* ণিচ্}

ণিজন্ত [নিজন্‌তো] *বিণ* ণিচ্ প্রত্যয়যুক্ত; ণিচ্ প্রত্যয় যুক্ত করা হয়েছে এমন। **– ধাতু** *বি* যে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় যোগ করা হয়েছে; causative verb। **~ প্রকরণ** *বি* ণিজন্ত ধাতুর রূপান্তরের নিয়মাবলি; ণিচ্ প্রত্যয়যোগে ধাতুর যে যে রূপান্তর হয় তার নিয়মাবলি (যেমন করায়, ধরায়, মারাচ্ছে, কাটাচ্ছে, ইত্যাদি)। {*স.* ণিচ্+অন্ত}

ণেহ *(মবা.)* [নেহো] *বিণ* ১ স্নেহ। ২ প্রেম; ভালোবাসা। {*স.* স্নেহ>}

ত

ত[১] ষোল সংখ্যক ব্যঞ্জনবর্ণ এবং ত-বর্গের প্রথম বর্ণ। এটি দন্ত্য (dental), অঘোষ (unvoiced), অল্পপ্রাণ (unaspirated), স্পৃষ্ট (plosive) ধ্বনি।

তো, ত[তো] *অব্য* ১ প্রশ্নজ্ঞাপক (যাবে তো?)। ২ দৃঢ়তা; নিশ্চয়তা বা অভয় জ্ঞাপক (এই তো এসে গেছি)। ৩ অনুরোধজ্ঞাপন (একটু দেখুন তো)। ৪ অবধারণ অর্থে (আমি তো জানি না)। ৫ যদিও, সত্ত্বেও ইত্যাদি অর্থবাচক (সে তো খাবে না, তবু গিয়ে দেখো)। ৬ অনিশ্চয়তাজ্ঞাপক (চাই তো, দেখি কিছু করা যায় কিনা)। ৭ সংশয়সূচক (হয়তো)। ৮ অন্তত অর্থবাচক (আজতো নয়)। ৯ পরিণতি, ঘটনা, অঘটন ইত্যাদি বোধক (সে তো গেল কিন্তু কাজ তো কিছুই হলো না)। ১০ তবে, তাহলে ইত্যাদি অর্থবাচক (বাঁচতে চাও তো)। ১১ কিন্তু অর্থবাচক (সে তো যাবে না)। ১২ পাদপূরণে বা কথার মাত্রায় (সে তো জানে না)। {*স.* তাবৎ>}

ত[২] [তো] *অব্য, বিণ* তত; সংযোগমূলক অব্যয় (য জন খেয়েছে ত জনই মরেছে)। {*স.* তৎ>}

-ত, -তঃ [-তো, তহ্] *অব্য* ১ হতে, থেকে, তে প্রভৃতি অপাদান-অধিকরণ (৫মী ও ৭মী) বিভক্তিবাচক প্রত্যয়। ২ হেতু অর্থে প্রযোজ্য প্রত্যয় (জ্ঞানত পাপ করিনি। ধর্মত বলছি)। {*স.* তস্>}

তই [তোই] *বি* আংটাবিহীন অগভীর কড়াই জাতীয় লোহার রন্ধনপাত্র; তাওয়া। {*হি.* তঈ}

তইঅও, তইও *(ব্র.)* [তোইঅও, তোইয়ো] *অব্য* ১ তবুও; তথাপি (তইঅও বেআধি বিরহ অধিকাএ—*বিপ*)। ২ তজ্জন্য; সেই হেতু (তইও তোহর ধনি সুনল মুখ অরবিন্দা—*বিপ*)। {*স.* তথাপি>}

তইখন *(ব্র.)* [তোইখন] *অব্য* তৎক্ষণে; তখনই; তখন; সেই মুহূর্তে; তৎক্ষণাৎ (কাহে লো পরানি তইখন না গেল—*বচ*)। {*স.* তৎক্ষণ}

তইরি, তইরী [তোইরি] *বি* নির্মাণ; প্রস্তুত। {তৈরি; *ফা.* তয়ারী تیاری ⇒ তৈয়ার}

তইসা, তৈসে *(ব্র.)* [তইসা, -সে] *বিণ* তাদৃশ; সেইরূপ; তেমন। {*স.* তাদৃশ>}

তউরেত ⇒ তওরাত।

তওঙ্গর [তয়োঙ্‌গর] *বি* ধনী। {*ফা.* তবঙ্গর توانگر}

তওত [তয়োত্] *অব্য* ১ তবুও; তথাপি; তা সত্ত্বেও। ২ সেই অবধি; সেই পর্যন্ত। {*স.* তাবৎ>}

তওজা ⇒ তওয়াজ্জা

তওবা, তোবা, তুবা, তৌবা [তওবা, তোবা, তু-, তোউবা] *বি* ১ পুনরায় পাপ কাজ না করার জন্য সংকল্প (সত্যভাবে তওবা কর দঢ়াইয়া মন—*সৈআ*)। ২ ধর্মপথে বা সৎপথে প্রত্যাবর্তন। ৩ পশ্চাত্তাপ; সন্তাপ; খেদ; অনুশোচনা। {*আ.* তঊবাহ توبة}

তওয়াক্কল, তাওক্কাল, তাওয়াক্কুল [তওয়াক্‌কল, তাওক্‌কাল, -কুল] *বি* নির্ভরতা; ভরসা; আস্থা (খোদার উপর তওয়াক্কল রাখলে নিশ্চয়ই জুটবে—*কাই*; 'আল্লার উপর তাওক্কাল না করে নিজের জোরের বড়াই করার সাজা')। {*আ.* তারক্কুল توكل}

তওয়াক্কা, তোয়াক্কা [তওয়াক্‌কা, তো-] *বি* ১ পরোয়া (পুলিশী জুলুমের তোয়াক্কা না করে,.. নিজেদের মনোবলের যথেষ্ট পরিচয় দিয়াছে—*ওয়ালি*)। ২ প্রত্যাশা (আলেমগণ

আল্লাহর প্রতি তওয়াক্কা রেখে সব কাজ করে থাকেন)। {আ. তৱক্কু تـوقـع }

তওয়াজা, তওজা [তওয়াজা, তওজা] *বি* ১ বিনয়; তোয়াজ; তোশামোদ (আমাদের সঙ্গে মাখামাখি খাতির তওজা কার্য উদ্ধারের নূতন ফাঁদ পাতা মাত্র—*মীম*)। {আ. তাৱাদু تـواضـع }

তওয়াফ [তওয়াফ] *বি* ১ প্রদক্ষিণ; সম্মানের সঙ্গে পরিক্রমণ বা অতিক্রমণ (বায়তুল্লার তওয়াফ—*মামু*)। ২ চতুর্দিক বেষ্টন করে ডান থেকে বামে ঘোরা (পবিত্র রওজা মোবারক সপ্তবার তওয়াফ করিয়া রাজপুরী মধ্যে প্রবেশ করিলেন—*মীম*)। {আ. তৱাফ্ طـواف }

তওয়ারিখ, তায়ারীখ [তওয়ারিখ্, তায়ারিখ্] *বি* ইতিহাস। {আ. তৱারীখ تـواريـخ }

তওরাত, তৌরাত, তউরেত [তওরাত্, তোউরাত্, তোউরেত্] *বি* হজরত মুসার প্রতি/কাছে প্রেরিত ঐশী বাণীর গ্রন্থ (তওরাত, ইঞ্জিল ভরি শুনিল যাঁর আগমনী—*নই*)। {আ. তাৱরাত تـوراة }

তওহিদ, তৌহিদ, তৌহীদ [তওহিদ্, তোউহিদ্, –] *বি* একেশ্বরবাদ; সমগ্র বিশ্বের স্রষ্টা ও নিয়ন্তা যে বহুজন নন, একজন—এই মত; সারা জাহানের স্রষ্টা প্রতিপালক এক আল্লাহ ব্যতীত অন্য কোনো উপাস্য নেই—এই মত। ~**বাদ** *বি* এক আল্লাহ ভিন্ন উপাস্য নাই এই মতবাদ; ইসলামের মূল শিক্ষা। {আ. তাওহীদ تـوحـيـد }

তং ⇒ তংগ

তংখা ⇒ তনকা

তংগ, তঙ্গ, তং [তঙ্গো, –, তঙ্] *বি* ১ বিরক্ত (আত্মীয়-স্বজনদের ঝামেলায় আরো ঝামেলা বাড়িয়ে সবাইকে খামকা বেফায়দা তঙ্গ করবে?—*সৈমু*)। ২ সংকীর্ণ। ~**দস্তি**, ~**দস্তী** *বি* অসচ্ছলতা (মুসলমানদের যে আজ তঙ্গদস্তি দূর হইতেছে না—*আমআ*)। {ফা. তঙ্গ تـنـگ }

তঁহি, তহিঁ (*ব্র., মবা.*) [তোঁহি] *অব্য* ১ সেখানে; সেই স্থানে; তথায়। ২ তাহা; তাহাতে। □ *সর্ব* সে। {স. তস্মিন্ *প্রা.* তহিং, চর্যাপদ তঁহি}

তাঁহ (*ব্র.*) [তাঁহ] *ক্রিবিণ* তখন। {স. তৎক্ষণ}

তক *অব্য* অবধি; পর্যন্ত; সীমা; শেষ (লাল কেল্লা থেকে হুমায়ুনের সমাধি তক—*ছউ*)। **কাঁহা**~ *অব্য* কেন; কি জন্য। {স. দঘ্ন>}

তকছির ⇒ তকসির

তকতক [তক্‌তক্] *অব্য* ১ পরিচ্ছন্নতাসূচক (ঘর বা উঠান তকতক করছে)। ২ সচ্ছলতা-ব্যঞ্জক। ৩ সজীব; সতেজ সমুজ্জ্বল ভাবব্যঞ্জক। **তকতকে** *বিণ* (ছোট ছোট তকতকে সারি সারি মাটির কুটির—*শামা*)। {তুল. চকচক}

তকদির, তক্‌দির, তকদীর [তোক্‌দির্] *বি* ভাগ্য; অদৃষ্ট; কপাল; নসিব (বদলাবে তকদীর আমার ঘুচিবে সব অন্ধকার—*নই*)। {আ. তাক্দীর تـقـديـر }

তকবির, তকবীর [তোক্‌বির্] *ক্রিবিণ* ১ 'আল্লাহু আকবর' এই ধ্বনি (ঐ আকাশে তকবির ওঠে মহাআজানের ধ্বনি—*নই*)। ২ আল্লাহর মাহাত্ম্য ঘোষণা। ৩ ধ্বনি; আওয়াজ; শোর (তকদীর বদলেছে আজ; উঠিছে তকবীর তারি—*নই*)। ৪ নারা-ই-তকবির ধ্বনি। {আ. তাকবীর تـكـبـيـر }

তকব্বরি, তকাব্বরি, তাকাব্বরি, তাকাব্বরী, তাকাব্বুরি [তকোবোরি, –কা–, তাকা–, –, –বুরি] *বি* ১ অহঙ্কার; গর্ব; দেমাগ (দুই চার রোজ কর তকব্বরি তুমি—*সৈহা*)। □ *বিণ* অহঙ্কারী; গর্বিত (এয়ছা তকব্বরি বাত—*সৈহা*)। {আ. তাকব্বুর تـكـبـر }

তকমা, তকমা-তাবিজ ⇒ তমগা

তকরার [তক্‌রার্] *বি* ১ তর্ক; এক কথা বার বার ঝগড়ার ভাবে বলা; পুনরাবৃত্তি; বাদানুবাদ; বাক্‌কলহ; বচসা (দুই উকিল আবার একসঙ্গে তকরার জুড়লে যুক্তি বিসর্জন দিয়ে—*শও*)। ২ বিচার। **তকরারি** *বিণ* ১ তর্ক করে এমন; ঝগড়াটে। ২ মীমাংসাধীন; বিচারসাপেক্ষ। {আ. তাকরার تـكـرار }

তকলি [তোক্‌লি] *বি* টাকু; তুলা থেকে সুতা প্রস্তুতের যন্ত্রবিশেষ। {স. তর্ক>}

তকলিফ, তকলীফ [তোক্‌লিফ্] *বি* কষ্ট; দুর্ভোগ (একটু তকলিফ হইল—*আমআ*)। {আ. তাক্‌লীফ্ تـكـلـيـف }

তকল্লুফ [তকোল্‌লুফ্] *বি* ভদ্রতা; আনুষ্ঠানিক বিনয়; etiquette। {আ. তাকল্লুফ تـكـلـف }

তকসির, তকসীর, তকছির [তোক্‌সির্] *বি* দোষ; ত্রুটি; অপরাধ; ভুল (কাকুতিতে বলিল আমার কি তকসির—*রাম*)। {আ. তাক্সীর تـقـصـيـر }

তকাবী ⇒ তগাবি

তকাব্বরী ⇒ তকব্বরি

তক্কে তক্কে[1], **তাকে তাকে, টকে টকে, টগে টগে** [তক্‌কে তক্‌কে, তাকে তাকে, টকেটকে, টগেটগে] *ক্রিবিণ* সতর্কভাবে; সাবধানে। ২ অপেক্ষায়; প্রতীক্ষায়; সুযোগের জন্য ওত পেতে থাকা (তক্কে-তক্কে ছিলাম আজকে হাতে-নাতে ধরে ফেলেছি—*মব*)। {আ. তাৱাক্কু تـوقـع ; তুল. তোৱাক্কা}

তক্কেতক্কে[2] ⇒ তর্ক

তক্ত ⇒ তখত্

তক্তপোশ, তক্তপোষ, তক্তাপোশ, তক্তাপোষ [তক্‌তোপোশ্, –, –তা–, –] *বি* তক্তা বা কাঠের শয্যাধার; চৌকি (তন্দ্রাবশে তক্তপোশে প্রচণ্ড পণ্ডিত চিৎ—*সদ*)। {ফা. তখত্‌পুশ্ تـخـتـه پـوش }

তক্তা [তক্‌তা] *বি* কাষ্ঠফলক; কাগজের তা (তক্তা তক্তা কাগজ লিখে ফেলা)। {ফা. তখ্‌ত تـخـت }

তক্তাপোশ, তক্তাপোষ ⇒ তক্তপোশ

তক্তি [তোক্‌তি] *বি* ১ ক্ষুদ্র তক্তা। ২ ছেলেমেয়েদের লেখার কাঠের ফলক; কাঠের স্লেট। ৩ চতুষ্কোণবিশিষ্ট তক্তার আকারে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন। ৪ ছোট ছেলেমেয়েদের গলার এক প্রকার অলঙ্কার। ~ **হাতে দেওয়া** *ক্রি* শিশুদের হাতেখড়ি দেওয়া। {ফা. তখতি تـخـتـی }

তক্‌দির ⇒ তকদির

তক্র [তক্‌রো] *বি* দধিতে প্রচুর পানি মিশিয়ে মন্থনদণ্ডের

সাহায্যে যা প্রস্তুত হয়; ঘোল। **–পিণ্ড, –কূচিকা** *বি* ছানা। **–মাংস** *বি* তক্রসহযোগে রান্না করা মাংস; কোর্মা। {স. √তঞ্চ্+র (রক)}

তক্ষক [তক্‌খোক্] *বি* ১ তক্ষণকারী; ছুতার; খোদাইকর (খোদাই করার কাজে এখনকার তক্ষকরা—*রাসা*)। ২ রাজা পরীক্ষিৎকে দংশনকারী এক প্রকার অত্যন্ত বিষধর সাপ। ৩ গিরগিটিজাতীয় বিষধর প্রাণী। ৪ নাট্যাধ্যক্ষ; সূত্রধার। ৫ হিন্দু ধর্মমতে দেবশিল্পী বিশ্বকর্মা। **তক্ষণ** *বি* ১ ছুতারের কাজ; অস্ত্র দ্বারা কাষ্ঠ প্রভৃতি চাঁচা বা কোঁদা ২ যা দ্বারা তক্ষণকার্য করা যায়; রেঁদা; বাইস। **তক্ষণী** *বি* তক্ষণকার্য করার অস্ত্রবিশেষ; chisel। **তক্ষা** *বি* ১ ছুতার; সূত্রধর। ২ কাঠুরে; কাঠছেদক। ৩ বিশ্বকর্মা। {স. √তক্ষ+অক(ণ্বুল্)}

তক্ষনি, তক্ষুনি [তক্‌খোনি, খুনি] *ক্রিবিণ* তখন শব্দের কথ্য ও তীব্রতাবাচক রূপ। ⊔ *অব্য* তৎক্ষণাৎ; অমনি; তখনই। {স. তৎক্ষণ>}

তক্ষশীলা [তোক্‌খোশিলা] *বি* ১ প্রস্তর কেটে যে নগরী নির্মিত হয়েছে। ২ পাঞ্জাবের একটি প্রাচীন নগর ও প্রাচীন বৌদ্ধ শিক্ষাকেন্দ্র। {স. তক্ষশীলা}

তক্ষুনি ⇒ তক্ষনি

তকসিম, তকসীম [তোক্‌সিম্] *বি* ১ মুঘল আমলে প্রশাসনিক বিভাগ বা division অর্থে প্রচলিত শব্দ (মুল্লুক ফতেয়াবাদ বাঙ্গবোড়া তকসিম—*বিগু*)। ২ ভাগ; বাঁটোয়ারা; বণ্টন; অংশ। {আ. তাক্‌সীম تقسيم }

তখন [তখোন্] *ক্রিবিণ, অব্য* সেই সময়ে বা কালে; সে কালে; সে যুগে (তখন দশ টাকা মণ চাল ছিল)। ⊔ *অব্য* ১ তবে; তাহলে (বাবা যদি জানতে পারেন তখন বুঝবে ঠেলা)। ২ তাই; সে কারণে; তজ্জন্য (নিমন্ত্রণ পেলাম, তখন গেলাম; বৃষ্টি পড়ল, তখন গাছ জন্মাল)। ৩ সেই সময়ে (তখন থেকে পনের দিন পরে)। **তখনই, তখনি** *অব্য* সেই ক্ষণেই বা মুহূর্তেই; তৎক্ষণাৎ। **–কার** *বিণ* সেই সময়ের; প্রাচীন কালের; সে যুগের। {স. তৎক্ষণ>}

তখমা ⇒ তমগা

ত–খরচ ⇒ তহ

তখল্লুস, তাখাল্লুস [তখোল্‌লুশ্, তাখা-] *বি* কবি বা সাহিত্যিকের গৃহীত ছদ্ম উপনাম; ভণিতা (কায়কোবাদ তাঁর তখল্লুস বা সাহিত্যিক ছদ্মনাম—*সৈমুআ*; তাখাল্লুসের ব্যবহার বৌদ্ধগানের ভণিতারই অনুকরণ—*মুশ*)। {আ. তাখল্লুস تخلص }

তখত, তখৎ, তক্ত [তখ্‌ত্, –, –ক্‌–] *বি* ১ রাজসিংহাসন (এই যদি পাই চাইব নাকো তখৎ আমি শাহানশার—*নই*)। ২ কাষ্ঠফলক। **–ই/তখতে তাউস** *বি* ময়ূর সিংহাসন (কোথায় তখত্ তাউস কোথায় সে বাদশাহী—*নই*)। **–নশিন** *বিণ* সিংহাসনারূঢ়, সিংহাসনে আসীন (কিন্তু বাচ্চার মত ডাকাত যখন তখৎ-নশীন হতে পারে—*সেমু*)। **–নামা** *বি* বিবাহ ইত্যাদি শোভাযাত্রায় বাহিত মনুষ্যবাহী যানবিশেষ। {ফা. তখ্‌ত تخت }

তগর [তগর্] *বি* তগর ফুল বা গাছ। {প্রা. তগর>}

তগাবি, তকাবী, তাকাবি, তাকাবী [তগাবি, –কা–, তাকাবি, –] *বি* জমির নানাবিধ উন্নতি করার জন্য সরকার পক্ষ থেকে প্রজাকে দেয় ঋণ; দাদন। {আ. তাকাবী تقاوى }

তগির, তগীর [তোগির্] *বি* ১ পরিবর্তন; বদল। ২ বরখাস্ত (এ নবাবকে তগির করিয়া অন্য এক নবাব না আনিলে এ রাজ্যের কল্যাণ নাই—*রামু*)। {আ. তাগ্‌য়ীর تغير }

তঙ্ক, তংক [তঙ্‌কো] *বি* ১ পাথর কাটার অস্ত্র; ছেনি। ২ আতঙ্ক; আয়াসসাধ্যভাবে প্রাণধারণ। {√তঙ্ক+অ(ঘঞ্)}

তঙ্কা, টঙ্কা, টংকা [তঙ্‌কা, টঙ্‌কা,] *বি* ১ টাকা (তঙ্কা পরিমাণ দাগ ধবল আকার শুনিয়াছি আছে তার বুকের মাঝার—*হেমা*)। ২ বেতন; মাহিনা। {ফা. তন্‌খাহ্ تنخواه ; স. টঙ্ক}

তঙ্গ, তঙ্গদস্তি ⇒ তংগ

তছনছ, তচনচ [তছ্‌নছ্, তচ্‌নচ্] *অব্য* সম্পূর্ণরূপে বিধ্বস্ত; নষ্ট; বিপর্যস্ত; নাস্তানাবুদ; চুরমার। {আ. তাহ্‌স্ تحس + আ. নহুস نحس }

তছবি, তছবিহ, তছবী [তছ্‌বি, –বিহ্, –বি] *বি* জপমালা। {আ. তাস্‌বিহ্ تسبيح }

তছরুপ, তসরুপ, তছরুফ, তসরুফ [তোস্‌রুপ্, –, –ফ্, –] *বি* ১ ক্ষতি; নষ্ট; অপচয়। ২ অপব্যবহার; চুরি। (একদল কেরানিকে তহবিল তসরুপের দায়ে সন্দেহ করা হয়েছিল)। {আ. তাস্‌রুফ تصرف }

তছু (ব্র.) [তোছু] *সর্ব* তাঁর (তছু পদযুগে গান—*বৃদা*)। {স. তস্য>}

তজকিরা [তোজ্‌কিরা] *বি* বর্ণনা; উল্লেখ; আলোচনা; স্মারকলিপি; জীবনীগ্রন্থ (তজকিরা পড়িয়া কহে সভাকে বুঝিয়া—*হেমা*)। {আ. তায্‌কিরাহ تذكرة }

তজদি ⇒ তজদিগ

তজদিগ, তযদিক, তসদিক, তসদীক, তজদি [তোজ্‌দিগ্, –ক্, –, –, –দি] *বি* সাক্ষ্য; প্রমাণ; সত্যাসত্য পরীক্ষা (এ ব্যাপারে আমি আপনের নিজের তযদিক চাই—*আমআ*)। {আ. তাস্‌দীক্ تصديق }

তজবিজ, তজবীয [তোজ্‌বিজ্] *বি* ১ বিচার (বেলাকিয়র সাহেব ম্যাজিস্ট্রেট—তাঁহাকে তজবিজ করিতে হইবে—*প্যামি*)। ২ পরীক্ষা (তিন দফা দেখা গেল ভাবসাব তজবিজ করে আসল হা-ঘরে—*অঠা*)। ৩ অনুসন্ধান; খোঁজ; তল্লাশ। ৪ অনুমোদন; approbation। ৫ ব্যবস্থা (মিলিটারী ডাক্তার ডেকে জোর তজবীয করতে হল—*ইখাঁ*)। {আ. তাজ্‌বীজ্ تجويز }

তজল্লা, তজল্লি ⇒ তজল্লী

তজল্লি, তজল্লী, তাজাল্লী, তজল্লা [তজোল্‌লি, –, তাজাল্‌লি, তজোল্‌লা] *বি* ঔজ্জ্বল্য; আলো; জ্যোতি (নূরের তাজাল্লি যেথা যে অনন্ত জাগায় বিস্ময়—*ফআ*; নূরের তজল্লা উঠে—*সৈহা*)। {আ. তাজাল্লী تجلى }

তজ্জনিত [তজ্‌জোনিতো] *বিণ* তার ফলস্বরূপ; সেই হেতু; তা থেকে প্রসূত বা জাত। {স. তৎ+জনিত}

তজ্জন্য [তজ্‌জোন্‌নো] *অব্য* সে কারণে; সেহেতু; সেজন্য। {স. তৎ-জন্য}

তজ্জাত [তজ্‌জাতো] *বিণ* তা থেকে জাত বা উৎপন্ন;

তজ্জনিত; সে হেতু। {স. তৎ+জাত}

তঞ্চ [তন্‌চো] *বি* প্রতারণা; প্রবঞ্চনা; কৌশল। {স. তঞ্চক>}

তঞ্চক[১] [তনচক্] *বি* ১ বঞ্চনাকারী; ঠগ; প্রতারক (বড়ই বঞ্চক, তঞ্চক ঐ জন—*অঠা*)। ২ সত্যের অপলাপ; ফাঁকি (সত্য সত্য জবাব দাও, কিছু তঞ্চক করিও না—*বচ*)। **তঞ্চকতা** *বি* শঠতা; প্রবঞ্চনা; ছলনা; প্রতারণা (প্রজা পীড়ন তঞ্চকতা ও অর্থ সংগ্রহ প্রভৃতি বিদ্যাতে—*বচ*)। {স. √তঞ্চ+অক(ণুল)}

তঞ্চক[২] [তন্‌চক্] *বি* ১ সংকোচন। ২ তরল পদার্থের ঘন পিণ্ডাকারে পরিণতি; coagulation (তঞ্চ দ্বারা দুধ থেকে ছানা বা দই তৈরি হয়)। **তঞ্চন** *বি* জলবৎ তরল পদার্থ; পিণ্ডবৎ ঘন অবস্থায় পরিণতি (দুধ থেকে তঞ্চন প্রক্রিয়ায় দই); clotting; coagulation। **তঞ্চিত** *বিণ* সঙ্কুচিত; তঞ্চন করা হয়েছে এমন। {স. √তঞ্চ+অন(ল্যুট্)}

তঞ্জেব [তনজেব্] *বি* অত্যন্ত সূক্ষ্ম ও সুশোভন বস্ত্রবিশেষ (পুষ্প গন্ধবাহী সমীরণ প্রাসাদের মুক্ত কক্ষের ভিতর দিয়া ফুরফুর করিয়া সূক্ষ্ম তঞ্জেবের পর্দা উড়াইয়া প্রবাহিত হইয়া যাইতেছে—*ইহো*)। {ফা. তন্‌যেব্, তানজীব تنزيب }

তট [তট্] *বি* ১ কূল; তীর; উপকূল (সমুদ্রতট বা নদীতট)। ২ স্থল; স্থান (তট-ভাগ)। ৩ উচ্চ ক্ষেত্র; (কটিতট)। ৪ সানুদেশ; পাহাড়-পর্বতের উপরের সমতল ভূমি (গিরিতট)। **–পথ** *বি* স্থলপথ। **–ভূমি** *বি* বেলা ভূমি; তীরভাগ; উপকূলভাগ। {স. √তট+অ (অচ)}

তটস্থ[১] [তটোসথো] *বিণ* বিচলিত; শশব্যস্ত; অতিব্যস্ত; ভীত (নৃপ ইঙ্গিতে মহাতটস্থ—*রঠা*)। {স. তট+ √স্থা +অ; তুল. স. ত্রস্ত}

তটস্থ[২] *বিণ* ১ তীরস্থ; যা তটে বা তীরে অবস্থিত। ২ উদাসীন; নির্লিপ্ত। ৩ অপক্ষপাতী। ৪ সমীপস্থ। ৫ চমৎকৃত। ৬ নিরপেক্ষ; neutral। **তটস্থা** *স্ত্রী*। **–লক্ষণ** *বি (দর্শন.)* বাহ্য লক্ষণ; সৃষ্টিকর্তার জগৎ সৃষ্টিরূপ বাহ্য লক্ষণ। **– শক্তি** *বি (দর্শন.)* জীবশক্তি; স্রষ্টা যে শক্তিবলে জীব সৃষ্টি করেন। {স. তট+√স্থা+অ(ক)}

তটাক, তটাগ [তটাক্, –গ্] *বি* তড়াগ; দিঘি। {স. তট+অক}

তটাঘাত [তটাঘাত্] *বি* তটে বৃষ হস্তী প্রভৃতির শৃঙ্গাঘাত বা দন্তাঘাত করে খেলা; বপ্রক্রীড়া। {স. তট+আঘাত}

তটান্ত [তটানতো] *বি* তটপ্রান্ত (সম্মুখে পড়িয়া থাক তটান্ত শয়ান সুপ্ত নটিনীর মতো নিস্তব্ধ তটিনী—*রঠা*)। {স. তট+অন্ত; ৬তৎ}

তটারূঢ় [তটারুঢ়ো] *বিণ* তীরে উত্থিত। {স. তট+আরূঢ়; ৭তৎ}

তটিনী [তোটিনি] *বি* নদী; স্রোতস্বতী; তরঙ্গিণী; প্রবাহিণী; সরিৎ। {স. তট+ইন্ (ইনি)+ঈ(ঙীপ)}

তটী [তোটি] *বি* ১ তীর; কূল। ২ স্থান; দেশ। {স. তট+ঈ(ঙীপ)}

তড়[১] [তড়্] *বি* ১ তীর; কিনারা। ২ স্থল (তেড়ে হাত যোড় করী বুঝিল চন্দ্রাবলী—*বচদা*)। **–পড়** *বি* স্থলপথ (তড়পথে এঁবে লোক মথুরাক জাএ—*বচদা*)। **– হওয়া** *ক্রি* হেঁটে পার হওয়া যায় এরূপভাবে নদীর পানি কমে যাওয়া। **তড়াত** *বি* স্থলে (তড়াত উঠিআঁ বাধা করযোড় হাথ—*বচদা*)। {স. তট>প্রা. তড}

তড়[২] [তড়্] *বি* ত্বরা; শীঘ্র। {স. ত্বরচ>}

তড়[৩] [তড়্] *অব্য* অনুকার শব্দ। {*ধ্বন্যা.*}

তড়কা[১], **দড়কা** [তড়্কা, দ–] *বি* শিশুদের অঙ্গে আক্ষেপ সৃষ্টিকারী এক প্রকার রোগ; ধনুষ্টংকার রোগ। **জ্বর–~** *বি* জ্বরসহ তড়কা; জ্বরের মধ্যে মাঝে মাঝে চমকে ওঠা। {স. √তড়>}

তড়কা[২], **তড়কি** [তড়্কা, তোর্‌কি] *বি* লাফ; লাফানি; লম্ফদান (নদীর তড়কা তখনো থামেনি—*অচিসে*)। **বেং–~, বেঙ––** *বি* ব্যাঙের মতো হঠাৎ লাফ (বেঙ–তড়কা পড়ে বাজ বরিষে মুষল ধারে জল –*কমু*)। {স. √ত্বর>}

তড়কা[৩], **তড়কি**[২] [তড়্কা, তোড়্‌কি] *বি* ওঁরাও উপজাতীয়দের এক প্রকার কর্ণাভরণ। {*ওঁরাও.* তড়কা}

তড়তড় [তড়্তড়্] *অব্য* ১ অনুকার শব্দ। ২ বড় বড় ফোঁটায় বৃষ্টি পতনের শব্দ। ৩ তড়বড় অর্থে; সত্বর (সে সেখান হইতে তড়তড় করিয়া চলিয়া গেল)। ৪ শিল পড়ার শব্দ; শিলা পতন শব্দ। □ *বি* শীঘ্র; তাড়াতাড়ি। **তড়তড়া** *বি* তড়বড় শব্দে জলের ফোঁটা পতন। **তড়তড়ে** *বিণ* ব্যস্তবাগীশ; যে অতিরিক্ত ব্যস্ততা হেতু তড়তড় করে। **তড়াতড়** *অব্য* দ্রুতভাবে; দ্রুতগতিতে; দ্রুততার সহিত। {স. √ত্বর>প্রা. √তর>}

তড়পানো, তড়পান [তড়্পানো] *ক্রি* ১ লাফানো; আস্ফালন করা। ২ অতিশয় উত্তেজনা বা ক্রোধে অস্থিরতা প্রকাশ করা; ছটফট করা; ব্যাকুল হওয়া। ৩ উক্ত সকল অর্থে। **তড়পানি** *বি* তড়পানোর ভাব। {তুল. হি. তড়প্‌না}

তড়বড়, তড়াবড়ি, তড়াতড় [তড়্বড়্, তড়াবোড়ি, তড়াতড়্] *অব্য* অতিশয় ব্যস্ততার ভাব; তাড়াহুড়াসূচক ভাব; শীঘ্র (হঠাৎ হযরত আইউবের কাতর আর্তনাদ শুনে তিনি তড়বড় করে উঠে বসলেন—*শেক*)। **তড়বড়ানো, তড়বড়ান** *ক্রি* ১ তড়বড় করা। □ *বি* উক্ত সকল অর্থে (তার তড়বড়ানো আমার ভালো লাগে না)। **তড়বড়ানি** *বি* তড়বড় করার ভাব। **তড়বড়ি** *অব্য* তাড়াতাড়ি (চৌদিকে চঞ্চল সৈন্য সাজে তড়বড়ি—*ঘচ*)। **তড়বড়ে** *বিণ* যে তড়বড় করে কথা বলে; ব্যস্তবাগীশ। {স. ত্বরা, *প্রা.* দড়বড়}

তড়া [তড়া] *বি* তীর; কূল; তট। {স. তট>}

তড়াক[১] [তড়াক্] *ক্রিবিণ, অব্য* হঠাৎ লাফ দেওয়ার ভাব; লাফের বেগসূচক ভাব (বিছানা থেকে তড়াক করে লাফিয়ে উঠে—*আরু*)। {স. ত্বরা>}

তড়াক[২], **তড়াগ** [তড়াক্, –গ্] *বি* দিঘি; গভীর জলাশয়;

বৃহৎ পুষ্করিণী (ডুবে গেছি বিস্মৃতির অতল তড়াগে—*মোম*)। {স. √তড়্+আক}

তড়াগ ⇒ তড়াক[২]

তড়াৎ ⇒ তড়াক

তড়িঘড়ি [তোড়িঘোড়ি] *ক্রিবিণ* অতিশীঘ্র; অবিলম্বে; তৎক্ষণাৎ; অত্যন্ত তাড়াতাড়ি (বিপজ্জনক অবশ্য কর্তব্যকর্ম অর্ধ সমাধান করে মানুষ যে রকম তড়িঘড়ি অকুস্থান থেকে সরে পড়ে—*সৈমু*)। {ত্বরিত>তড়ি+অনু ঘড়ি}

তড়িৎ [তড়িত্] *বি* বিদ্যুৎ; ক্ষণপ্রভা। ~**শিখা** *বি* বিদ্যুৎ ঝলক; বিদ্যুতের উজ্জ্বলতা। {স. √তড়্+ইৎ (ইতি)}

তড়িচ্চালক [তোড়িচ্চালক্] *বিণ* বিদ্যুৎ প্রবাহক; electromotive। {স. তড়িৎ+চালক}

তড়িচ্চুম্বক [তোড়িচ্চুম্বক্] *বি* তড়িৎ প্রবাহ দ্বারা চৌম্বক শক্তি দান করা হয়েছে এমন লৌহখণ্ড; electro-magnet। {স. তড়িৎ+চুম্বক}

তড়িত্তরল [তোড়িত্‌তরোল্] *বিণ* তড়িতের বা বিদ্যুতের ন্যায় তরল (উর্ধ্বোৎক্ষিপ্ত মুখের উপর তড়িত্তরল দুটি চক্ষুর মধ্যে—*রঠা*)। {স. তড়িৎ+তরল}

তড়িত্বান, তড়িদ্‌গর্ভ [তোড়িত্‌তান, -দগর্‌ভো] *বি, বিণ* মেঘ। {স. তড়িৎ+বৎ (বতুপ্)=তড়িত্বান্, তড়িৎ+গর্ভ; বহু}

তড়িদ্দাম [তোড়িদ্‌দাম্] *বি* বিদ্যুৎ-রেখা। {স. তড়িৎ+দাম; ৬তৎ}

তড়িদ্দ্বার [তোড়িদ্‌দার্] *বি* বৈদ্যুতিক তারের উভয় প্রান্ত; electrode। {স. তড়িৎ+দ্বার; ৬তৎ}

তড়িদ্‌বিশ্লেষণ [তোড়িদ্‌বিশ্‌লেশন্] *বি* তড়িৎ-প্রবাহের দ্বারা বা সহায়তায় রাসায়নিক বিশ্লেষণ; electrolysis। {স. তড়িৎ+বিশ্লেষণ; ৬তৎ}

তড়িদ্বীক্ষণ [তোড়িদ্‌বিক্‌খন্] *বি* তড়িৎ-প্রবাহ পরীক্ষা করার যন্ত্রবিশেষ। {স. তড়িৎ+বীক্ষণ, বহু}

তড়িন্ময় [তোড়িন্‌ময়্] *বিণ* তড়িৎস্বরূপ। {স. তড়িৎ+ময় (ময়ট্)}

তড়ে [তোড়ে] *ক্রিবিণ* চড়ার উপর দিয়ে হেঁটে (চিন্তা নাই অনায়াসে পার হবে তড়ে—*ঘচ*)। {স. তট>+এ}

তণ্ডক [তন্‌ডোক্] *বি* ১ খঞ্জন পাখি। ২ বাজিকর; বহুরূপী। ৩ তস্কর; বঞ্চক। {স. √তণ্ড্+অক(ণুল্)}

তণ্ডা [তন্‌ডা] *বি* তাড়না; আঘাত। {স. √তণ্ড্+আ}

তণ্ডী [তোন্‌ডি] *বি* বিতর্ক; গোলমাল; হুজ্জত; অতিরিক্ত তাগাদা (তণ্ডী করিলে না পাইবে বাঁশী—*বচদা*)। {স. √তণ্ড্}

তণ্ডুল [তোন্‌ডুল্] *বি* চাল; নানা উপায়ে ধানের খোসা ফেলে যা পাওয়া যায় (তণ্ডুল আড়াই সের দিবা জন পাত—*সেআ*)। **তণ্ডুলাম্বু** *বি* চাল ধোয়া পানি; চালুনি। **তণ্ডুলীয়** *বি* নটে শাক, যা চাল-ধোয়া পানিতে বৃদ্ধি পায় বলে কথিত। {স. √তণ্ড্+উল}

তৎ [তত্] *সর্ব* ১ সে; তিনি। ২ সে; তা। ~**কাল** *বি* সে সময়; সে কাল বা যুগ। ~**কালধী** *বি* উপস্থিত বুদ্ধি; প্রত্যুৎপন্নমতি। ~**কালিক**, ~**কালীন** *বিণ* সে সময়কার; সে সময়ের; তদানীন্তন। ~**কালোচিত**—সেই সময়ের উপযোগী; সেই সময়ের যোগ্য; সেই সময়োচিত। ~**ক্ষণ** *বি* সেই কাল; সেই সময়। ~**ক্ষণাৎ** *অব্য, ক্রিবিণ* অবিলম্বে; সে মুহূর্তে। ~**পর** *বিণ* ১ তারপর; তদনন্তর। ২ পটু; নিপুণ। ৩ উদ্যমশীল; সচেষ্ট; যত্নবান। ~**পর হওয়া** *ক্রি* নিষ্ঠার সঙ্গে বিশেষ কাজে আত্মনিয়োগ করা। ~**পরতা** *বি* পটুতা; নৈপুণ্য; সতর্কতা; সচেষ্টতা। ~**পরায়ণ** *বিণ* তাতে মনোযোগী; তাতে বিশেষ আসক্ত; তন্নিষ্ঠ। ~**পরায়ণতা** *বি* তন্নিষ্ঠতা। ~**পুরুষ** *বি* ১ পরম পুরুষ; আদি পুরুষ; ভগবান। ২ *(ব্যা.)* সমাসবিশেষ—যাতে পূর্বপদের বিভক্তি লোপ হয় এবং প্রায়শ পরপদের অর্থের প্রাধান্য হয়। যেমন, গাছে পাকা=গাছপাকা। ~**সংক্রান্ত** *বিণ* সেই সম্পর্কিত বা সম্বন্ধীয়। ~**সদৃশ** *বিণ* তার তুল্য; তাহার মতো; তদ্রূপ; তত্তুল্য। ~**সম** *বিণ* ১ তৎসদৃশ; তদ্রূপ। ২ *(ব্যা.)* সংস্কৃত শব্দের অনুরূপ বাংলা শব্দ, অর্থাৎ সংস্কৃত ভাষা ও বাংলা ভাষার এজমালি শব্দসমূহ (যথা : সূর্য, সত্য, পুরুষ)। ~**স্থলাভিষিক্ত** *বিণ* ১ তার পদে অভিষিক্ত বা নিযুক্ত বা অধিষ্ঠিত। ২ তার প্রতিনিধিস্বরূপ। ~**স্বরূপ** *বিণ* ১ তৎসদৃশ। ২ তার সহিত এক; তা থেকে অভিন্ন। {স. তদ্ (*ক্লীব. একব*)}

তত[১] [ততো] *বিণ* ১ বিস্তৃত; ব্যাপ্ত; প্রসারিত। □ *বি* বীণাজাতীয় তার-নির্মিত বাদ্যযন্ত্র। {স. √তন্+ত (ক্ত)}

তত[২]**, ততো** [ততো] *অব্য* ১ তৎসংখ্যক; সে পরিমাণ; সে অনুপাতে (যত হাসি তত কান্না—*প্রবচন*)। ২ তেমন; আশানুরূপ; যথেষ্ট (ছবিটা তত সুবিধার নয়)। ~**ক্ষণ** *ক্রিবিণ* সে পর্যন্ত; ততটা সময় (যতক্ষণ না আসি ততক্ষণ অপেক্ষা করো)। ২ সে সময়ে; সে সময়ের মধ্যে (ততক্ষণে আমি এসে যাব)। {স. তাবৎ>}

ততহি, ততহিঁ *(ব্র.)* [ততহি, -হিঁ] *সর্ব* তাতেই (ততহি বয়ান পুছন্দ—*বিপ*)। {তত+হি}

ততি *(ব্র.)* [ততি] তথায়; সেখানে (ভর যুবতী পাইয়া ততি—*রাসে*)। {স. তাবৎ>}

ততেক [ততেক] সে সকল; সে পরিমাণ। **যতেক-ততেক** (পরস্পর সম্পর্কিত শব্দ) যত-তত। {তত+এক}

ততোধিক [ততোধিক্] *বিণ* তা থেকে বেশি। {স. ততঃ+অধিক}

ততঃ [ততোহ্] *ক্রিবিণ* অতঃপর; তারপর। ~**কিম্** *বিণ* তার পর কি? {স. ততস্}

তত্তুল্য [তত্‌তুল্‌লো] *বিণ* তার মতো; সেই প্রকার; তদনুরূপ। {স. তৎ+তুল্য}

তত্ত্ব [তত্‌তো] *বি* ১ আসল বস্তু; প্রকৃত অবস্থা; যাথার্থ্য; সত্য (তত্ত্বদর্শী)। ২ স্বরূপ। ৩ মূল উপাদান (চতুর্বিংশতি তত্ত্ব—ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম, রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক, হস্ত, পদ, মুখ, পায়ু, লিঙ্গ, প্রকৃতি, মন, বুদ্ধি, অহঙ্কার)। ৪ তথ্য। ৫ পদার্থ। ৬ খবর; বার্তা; সংবাদ; সন্দেশ (তত্ত্ব লওয়া)।

৭ অনুসন্ধান; খোঁজ (তত্ত্ব লওয়া)। ৮ কুটুম্বিতা জ্ঞাপক উপহার (বিয়ের তত্ত্ব)। ৯ ব্রহ্ম; ঈশ্বর। ১০ পারমার্থিক জ্ঞান (তত্ত্ববিদ্যা, তত্ত্বকথা)। ১১ হিন্দুদের পূজার উপঢৌকন (তত্ত্ব পাঠানো)। ১২ মতবাদ; theory (মাধ্যাকর্ষণ তত্ত্ব)। ১৩ দর্শন; বিজ্ঞান; তদ্বিষয়ক জ্ঞান (পরলোক তত্ত্ব, কৃষিতত্ত্ব)। ~ **করা** *ক্রি* ১ খোঁজ খবর নেওয়া। ২ কুটুম বাড়িতে লোকাচার অনুযায়ী উপঢৌকন পাঠানো। ~**চিন্তা** *বি* ব্রহ্ম সম্বন্ধে চিন্তা; দার্শনিক চিন্তা; মারিফাত। ~**জিজ্ঞাসা** *বি* তত্ত্বজ্ঞান লাভের ইচ্ছা; ব্রহ্ম সম্বন্ধে প্রশ্ন। ~**জিজ্ঞাসু** *বিণ* তত্ত্বজ্ঞান লাভ করতে আগ্রহী; ব্রহ্মজ্ঞান লাভেচ্ছু। **তত্ত্বজ্ঞ** *বিণ* তত্ত্ব বিষয়ে জ্ঞানসম্পন্ন; তত্ত্ব জানে এমন। ~**জ্ঞান** *বি* পরমার্থ বিষয়ে বা ব্রহ্ম বিষয়ে জ্ঞান; প্রকৃত জ্ঞান। ~**জ্ঞানী** (-নিন্) *বিণ* তত্ত্বজ্ঞানসম্পন্ন ব্যক্তি, তত্ত্বজ্ঞ। **তত্ত্বতঃ** (তস্) *অব্য* যথার্থতঃ, স্বরূপতঃ, বস্তুতঃ, যথার্থরূপে। ~**তল্লাস**, ~**তালাশ** *বি* খোঁজ খবর ও তত্ত্ব প্রেরণ; লৌকিকতা। ~**তাবাশ** *বি* তত্ত্ব প্রেরণ ও খোঁজ খবর লওয়া (তাদের তত্ত্বতাবাশ করার জন্য আমরা কয়েকজন ভারতীয় তাদের কাছে গিয়েছিলুম — *সৈমু*)। ~**দর্শিতা** *বি* তত্ত্বজ্ঞতা। ~**দর্শী** *বিণ* তত্ত্বজ্ঞান সম্পন্ন; তত্ত্বজ্ঞ; তত্ত্ববিষয়ে জ্ঞানী। ~**বিদ**, ~**বিৎ** *বিণ* জ্ঞানী; অভিজ্ঞ। ~**মসি** *বি* তুমিই সেই, তুমি সেই পরম ব্রহ্ম— এই মতবাদ। {স. তৎ+ত্ব}

তত্ত্বানুসন্ধান [তত্তানুশন্ধান্] *বি* ১ তথ্যের সন্ধান। ২ ব্রহ্ম বা আল্লাহ বিষয়ক জ্ঞান লাভের চেষ্টা; তত্ত্বজিজ্ঞাসা। ৩ প্রকৃত ঘটনা বা অবস্থা জানার চেষ্টা; তত্ত্বজিজ্ঞাসা। **তত্ত্বানুসন্ধানী** (-নিন্) *বিণ* তত্ত্বজিজ্ঞাসু; যে প্রকৃত সত্যের অনুসন্ধান করে। {স. তত্ত্ব+অনুসন্ধান}

তত্ত্বাবধান [তত্তাবধান্] *বি* ১ পরিদর্শন। ২ পরিচালন; রক্ষণাবেক্ষণ; দেখাশুনা। {স. তত্ত্ব+অবধান}

তত্ত্বাবধায়ক [তত্তাবধায়োক্] *বিণ* তত্ত্বাবধান করে যে ব্যক্তি; পরিদর্শক; পরিচালক। {স. তত্ত্ব+অবধায়ক}

তত্ত্বাবধারক [তত্তাবধারোক্] *বি* তত্ত্ব-নির্ণায়ক; তত্ত্বনিরূপণকারী; সত্য অবধানকারী। {স. তত্ত্ব+অবধারক}

তত্ত্বাবধারণ [তত্তাবধারোন্] *বি* প্রকৃত তত্ত্ব বা তথ্যনির্ণয় বা নির্ধারণ। {স. তত্ত্ব+অবধারণ}

তত্ত্বাবোধ [তত্তাবোধ্] *বি* তত্ত্বজ্ঞান; প্রকৃত সত্যের উপলব্ধি। {স. তত্ত্ব+অববোধ}

তত্ত্বার্থ [তত্তারথো] *বি* পরমার্থ। {স. তৎ+ত্ব+অর্থ}

তত্ত্বালোচনা [তত্তালোচনা] *বি* তত্ত্বজ্ঞান সম্পর্কে আলোচনা; দার্শনিক জ্ঞান সম্পর্কে চর্চা। {স. তত্ত্ব+আলোচনা}

তত্ত্বীয় [তোত্তিয়ো] *বিণ* ১ তত্ত্বসংক্রান্ত। ২ সিদ্ধান্ত সম্বন্ধীয়; theoretical। {স. তত্ত্ব+ঈয়}

তত্র [তত্ত্রো] *অব্য, ক্রিবিণ* ১ সেখানে; সেথায়; তথায়। ২ তেমন; তত। **তত্রত্য** *বিণ* সেখানকার; সে স্থানের বা জায়গার। **যত্র~** যেখানে সেখানে। {স. তদ্+ত্র}

তত্রাচ [তত্ত্রাচো] *অব্য* তবু; তথাপি; অথচ। {স. তত্র+চ}

তত্রাপি [তত্ত্রাপি] *অব্য* তবু; তথাপি। {স. তত্র+অপি}

তথা [তথা] *ক্রিবিণ অব্য* সেখান; সেই স্থান; তৎস্থান; সে জায়গা (তথা হতে)। ❑ *অব্য* ১ সেই স্থানে; সেখানে (তথা নাই)। ২ সেই প্রকার; তেমন (যথা অয় তথা ব্যয়)। ৩ উদাহরণ বা দৃষ্টান্ত স্বরূপ (তথা বাৎস্যায়নে)। ৪ আরও; এমনকি (ঢাকা তথা সমগ্র বাংলাদেশে)। ~**কথিত** *বিণ* ঐ নামে আখ্যাত বা প্রচলিত অথচ তাহার সত্যতা সম্বন্ধে সন্দেহ বর্তমান; so called (তথাকথিত সভ্য সমাজে)। ~**কার** *বিণ* সেখানকার। ~**গত** *বি* ১ বৌদ্ধমতে পুনর্জন্মরহিত এরূপ নির্বাণপ্রাপ্ত ব্যক্তি; বুদ্ধদেব (তথাগতের কৃপায় পালি, মহাবীরের কৃপায় অর্ধমাগধী —*সৈমু*)। ২ সেইভাবে গিয়েছে বা এসেছে। **তথাচ**, **তথাপি** *অব্য* তা সত্ত্বেও; তবুও। ~**বিধ** *বিণ* সেই প্রকার; তাদৃশ। ~**ভূত** *বিণ* ১ তদবস্থ; যে বা যা সেই অবস্থা পেয়েছে। ২ সেভাবে উৎপন্ন। **তথায়** *অব্য* সেই স্থানে; সেখানে। **তথাস্তু** *অব্য* তাই হোক। **যথাতথা** *অব্য* যেখানে সেখানে; ইতস্তত; যত্রতত্র। {স. তত্র>*প্রা.* তথ>}

তথি *(মব.)* [তোথি] *অব্য* ১ সেখানে; তাতে (তিন বার জল কুল্লি কর ফিরে তথি—*হেমা*; তথি মধ্যে জন্ম লইলাম—*কৃও*)। ২ ও; অপিচ; আরও (গোবিন্দ দাস তথি পূরল ইহ রস ওর—*গোদা*)। {স. তত্র>}

তথৈব (বিরল) [তথোইবো] *অব্য* সেই রকমই; সেই প্রকারই। {স. তথা+এব}

তথৈবচ [তথোইবচো] *অব্য (ব্য.)* সেই প্রকারই; তেমনই; সেই ধরনেরই (তুমি যেমন ভোলানাথ মাও তথৈবচ—*নই*)। {স. তথা+এব+চ}

তথ্য [তোতথো] *বি* ১ যথার্থতা; সত্যতা; প্রকৃত অবস্থা বা ব্যাপার; ঠিক সংবাদ (তথ্যানুসন্ধান)। ২ তত্ত্ব; সত্য (বৈজ্ঞানিক তথ্য)। ❑ *বিণ* যথার্থ; সত্য; অবিসংবাদী (তথ্য বচন)। ~**বাহী** (-হিন্) *বিণ* সঠিক সংবাদ বহনকারী। ~**ভাষী**, ~**বাদী** *বিণ* সত্যবাদী। {স. তথা+য}

তথ্যানুসন্ধান [তোতথানুশনধান্] *বি* প্রকৃত ঘটনা বা অবস্থা জানার চেষ্টা। {স. তথ্য+অনুসন্ধান}

তদ *(বিরল)* [তদ] *সর্ব* যেই; সে; তিনি। ❑ *অব্য* তবে। ❑ *বি* হিন্দুমতে ব্রহ্ম। {স. তদ্}

তদতিরিক্ত [তদোতিরিক্তো] *বিণ* তার চেয়ে বেশি; তার অপেক্ষা অধিক; ততোধিক; তাছাড়া; এতদ্ব্যতীত। {স. তৎ+অতিরিক্ত; ৬তৎ}

তদনন্তর [তদনন্‌তর] *ক্রিবিণ* তারপর; এরপর; অতঃপর। {স. তৎ+অনন্তর, ৬তৎ}

তদনুগ, **তদনুগামী** (-মিন্), **তদনুবর্তী** (-র্তিন্), **তদনুসারী** (-রিন্) [তদোনুগো, -গামী, -বোরতি, -শারি] *বিণ* ১ তার বা সেই পথ অনুসরণকারী বা পশ্চাদ্‌গামী। ২ তদ্রূপ; সেই প্রকার। ৩ তার মত অবলম্বন করে এমন। **তদনুসারে** *ক্রিবিণ* সে-পদ্ধতিতে; সে-নির্দেশ অনুসারে বা অনুযায়ী। {স. তৎ+অনুগ, অনুগামী, অনুবর্তী, অনুসারী; ৬তৎ}

তদনুযায়ী (-য়িন্) [তদোনুযায়ী] *বিণ* তার পশ্চাদ্‌গামী বা অনুগামী; সে রকম; সেমতো; সেই অনুযায়ী। ❑ *ক্রিবিণ* সে অনুসারে; তদনুসারে। {স. তৎ+অনুযায়ী; ৬তৎ}

তদনুরূপ [তদোনুরূপ] *বিণ* ১ সেরূপ; তাদৃশ। ২ তার

মতো; তার ন্যায়; তত্তুল্য। □ *ক্রিবিণ* সেরূপে; তদনুযায়ী; তদনুসারে। { *স.* তৎ+অনুরূপ; ৬তৎ }

তদনুসারী, তদনুসারে ⇒ তদনুগ

তদন্ত [তদোনতো] *বি* তার অন্ত বা শেষ। □ *বিণ* কোনো সত্য অবস্থা সম্বন্ধে সঠিক খোঁজ বা অনুসন্ধান। { *স.* তদ+অন্ত; ৬তৎ }

তদন্ত–তদারক [তদোনতো তদারক] *বি* অনুসন্ধানকার্য (সাহেব যাচ্ছিলো কিসের তদন্ত তদারকে—*অচিসে*)। { *স.* তদন্ত+*আ.* তাদারক تدارك ; দ্বন্দ্ব }

তদন্য [তদোননো] *বিণ* তা থেকে আলাদা বা পৃথক; তদ্ভিন্ন। { *স.* তদ+অন্য; ৫তৎ }

তদবধি [তদোবোধি] *ক্রিবিণ* ১ সে ঘটনার পর থেকে; সে সময় থেকে (জ্যৈষ্ঠ মাসে সেই যে দুর্ঘটনায় অসুস্থ হলো, তদবধি একটার পর একটা অসুখ তার লেগেই আছে)। ২ সে সীমা বা সময় পর্যন্ত। { *স.* তদ+অবধি; *কর্মধা.* }

তদবস্থ [তদোবসথো] *বিণ* সে অবস্থা প্রাপ্ত; সে অবস্থায় স্থিত (সদ্যঃপ্রসূতা কন্যাকে তদবস্থ পতিত দেখিয়া—*ঈবি*)। { *স.* তদ+অবস্থা; *বহু.* }

তদবির, তদ্বির [তোদবির] *বি* ১ চেষ্টা চরিত্র; উপায়; ব্যবস্থা (আমি নিজেই থানাসের তদবিরে যাইতেছি—*প্যামি*)। ২ প্রতিকার। ৩ যোগাড়যন্ত্র; তত্ত্বাবধান। **–কার** *বিণ* তদবিরকারক; যে তদবির করে বা তত্ত্বাবধান করে (আবার বাবুর্চিখানা তদারক করিয়া তদ্বিরকার ও সাকিদারদের ... লইয়া বিদায় হয়—*আমজা*)। **–কারক** *বিণ* যে তদবির বা চেষ্টা-চরিত্র করে (কত কত মালিগণ তাহার তদবির কারক—*রাম*)। { *আ.* তাদবীর تدبير }

তদর্থ [তদরথো] *ক্রিবিণ* তজ্জন্য; সেজন্য; সে কারণে; তার নিমিত্ত বা জন্য; তন্নিমিত্ত। □ *বি* তার অর্থ; তার মানে। **তদর্থে** *ক্রিবিণ* সে কারণে; তজ্জন্য; তন্নিমিত্ত (তদর্থে যথোচিত চেষ্টা না করিয়াও ক্ষান্ত থাকিতে পারিতেছি না—*ঈবি*)। { *স.* তদ+অর্থ; *বহু.*; *কর্মধা.* }

তদর্থক [তদরথক] *বিণ* সে উদ্দেশ্যে অবস্থিত; স্থানাপন্ন; adhoc। { *স.* তৎ+অর্থক; *বহু.* }

তদর্পণ [তদরপন] *বি* ১ তার বা তাতে ন্যস্তকরণ। ২ প্রত্যর্পণ। { *স.* তৎ+অর্পণ; ৬তৎ }

তদা [তদা] *অব্য* তখন; তৎকালে; সে সময়ে; সেকালে। { *স.* তৎ+দা }

তদাত্মা [তদাততাঁ] *বিণ* তৎস্বরূপ; তার সাথে বা একাত্ম বা অভেদ। { তদ+আত্মা; *বহু.* }

তদানীং [তদানিঙ] *অব্য* সে সময়ে; সেকালে; তখন (তদানীং সহসা কোথা হইতে ... বেদনা পাইয়া নিঃশব্দে মূর্ছিত হইয়াছিল—*রঠা*)। { *স.* তদ+দানীম্ }

তদানীন্তন [তদানিনতন] *বিণ* তখনকার; সে সময়ের। { *স.* তদানীম্+তন }

তদারক [তদারক] *বি* ১ তদন্ত; অনুসন্ধান; খোঁজ (আমার প্রতি যেরূপ তদারক করিয়াছিলেন তাহাতে আমার পরকালের দফা একেবারে খাইয়া দিয়াছেন—*প্যামি*)। ২ তত্ত্বাবধান; খবরদারি (এখন থেকে তিনি ছেলে-মেয়ের চিঠিপত্রও তদারক করতে শুরু করলেন—*আফে*)। **তদারকি** *বি* তদারক ব্যবস্থা; খবরদারি (আবদুর রহমান আগুনের তদারকিতে বসল—*সৈমু*)। { *আ.* তাদারুক تدارك }

তদিক ⇒ তদেক

তদীয় [তদিয়ো] *সর্ব* তার; সে ব্যক্তি সংক্রান্ত। { *স.* তদ+ঈয় (ছ) }

তদুপরি [তদুপোরি] *ক্রিবিণ* তার উপর; তাছাড়া; এ ভিন্ন; এর উপর। { *স.* তদ+উপরি; ৬তৎ }

তদুপলক্ষে [তদুপোলোকখে] *ক্রিবিণ* সে উপলক্ষে; সে উদ্দেশ্যে; উক্ত প্রয়োজনে। { *স.* তদ+উপলক্ষে; *কর্মধা.* }

তদেক [তদেকো] *বিণ* ১ তার সাথে এক অভেদ বা অভিন্ন ভাবাপন্ন (তদেকচিত্ত)। ২ সেই একমাত্র; অনন্য; অদ্বিতীয় (তদেকশরণ)। ৩ তৎস্বরূপ; তদ্রূপ। { *স.* তদ+এক; *বহু.* }

তদ্গত [তদগতো] *বিণ* তাতে নিমগ্ন বা অভিনিবিষ্ট বা মনোনিবিষ্ট; একাগ্র। **–চিত্ত** তাতে নিবেদিত চিত্ত; অনন্যচিত্ত; অনন্যমনা; তন্ময়। { তৎ+গত; ২তৎ }

তদ্দণ্ডে [তদদনডে] *ক্রিবিণ* সে মুহূর্তে; সে ক্ষণে; তৎক্ষণাৎ। { *স.* তৎ+দণ্ডে; *কর্মধা.* }

তদ্দরুন [তদদোরুন] *ক্রিবিণ* সে জন্য; সেই নিমিত্ত; তজ্জন্য। { *স.* তদ+*ফা.* দরুন درون }

তদ্দর্শনে [তদদরশনে] *ক্রিবিণ* তা দেখে। { *স.* তৎ+দর্শনে; ৬তৎ }

তদ্দিন [তদদিন] *ক্রিবিণ* ততদিন। { *স.* তদ+দিন; *কর্মধা.* }

তদ্দ্বারা [তদদারা] *সর্ব* তার দ্বারা। { *স.* তদ+দ্বারা; ৬তৎ }

তদ্ধিত [তদধিত] *বি* শব্দের পরে ব্যবহৃত শব্দের পরিবর্তনকারী প্রত্যয়—যার যোগে অন্য শব্দ উৎপন্ন হয় (কাঠ+তদ্ধিত প্রত্যয় 'উরিয়া'=কাঠুরিয়া)। { *স.* তদ+হিত }

তদ্ধেতু [তদধেতু] *অব্য* সেজন্য। { *স.* তৎ+হেতু }

তদ্বৎ [তদবৎ] *অব্য* তার মতো; সেরূপ; সে রকম; তত্তুল্য। { *স.* তদ+বৎ; ৬তৎ }

তদ্বিধ [তদবিধো] *বিণ* সেরূপ; সে প্রকার; সে রকমের বা ধরনের; তা যার বিধা; তার বিধার ন্যায় বিধা যার। { *স.* তদ+বিধ; *বহু.* }

তদ্বির ⇒ তদবির

তদ্বিষয়ক [তদবিশয়োক] *বিণ* সে বিষয়ে; সে ব্যাপার সংক্রান্ত। { *স.* তদ+বিষয়ক; *কর্মধা.* }

তদ্ব্যতিরিক্ত, তদ্ব্যতীত [তদবেতিরিকতো, তদবেতিতো] *বিণ* তার অতিরিক্ত। □ *ক্রিবিণ* তা ছাড়া; তদ্ব্যতিরেকে; তদ্ভিন্ন। { *স.* তদ+বি-অতিরিক্ত, অতীত; ৫তৎ }

তদ্ভব [তদভবো] *বিণ* তা থেকে উৎপন্ন। □ *বি* (*ব্যা.*) প্রকৃত বাংলা শব্দ—এই শব্দগুলো প্রাচীন ভারতীয়

আর্যভাষা (যার অন্যতম লিখিত রূপ সংস্কৃত ভাষা) থেকে বিভিন্ন স্তরের মাধ্যমে ক্রমপরিবর্তিত হয়ে রূপান্তর লাভ করেছে। তদ্ভব শব্দের উদাহরণ—*স.* কৃষ্ণ>*প্রা.* কাহ্ন>কণ্হ> *বা.* কানাই (তদ্ভব)। {*স.* তৎ+ভব; *৫তৎ*}

তদ্ভাব [তদ্‌ভাব] *বি* ১ তার বিশেষ ভাব; তার প্রকৃত ধর্ম, অবস্থা ইত্যাদি। ২ সে বিষয়ে চিন্তা। ৩ সে অবস্থা। **–ভাবিত** *বিণ* সেই চিন্তায় মগ্ন; তদবস্থাপ্রাপ্ত; তার ভাবপ্রাপ্ত। **তদ্ভাবাপন্ন** *বিণ* তদবস্থ; তার ভাবপ্রাপ্ত। {*স.* তৎ+ ভাব; ৬তৎ}

তদ্ভিন্ন [তদ্‌ভিন্‌নো] *ক্রিবিণ* তা ভিন্ন; তা ছাড়া। □ *বিণ* তা থেকে স্বতন্ত্র; তা থেকে পৃথক। {*স.* তদ্+ভিন্ন; *৫তৎ*}

তদ্রূপ *বিণ* সেই রূপ; তার মতো বা সদৃশ; তত্তুল্য। □ *ক্রিবিণ* তদনুযায়ী; তদনুসারে; সে প্রকারে; সে ভাবে। {*স.* তদ্+ রূপ; ৬তৎ}

তন¹ [তন্] *বি* তনু; দেহ; শরীর; অঙ্গ (জান নেকালিয়া গেল খালি তন রৈল—*সৈহা*)। {*ফা.* তন্ تن : *স.* √তন্+উ=তনু}

তন² *(মবা.)* [তন্] *বি (পদ্য.)* স্তন (নিতম্ব জঘন ঘন পীন তন ভার—*বচদা*)। {*স.* স্তন>}

–তন [তন্] *বি* প্রত্যয়বিশেষ (অধুনাতন, তদানীন্তন)। {*স.* ট্যু বা ট্যুল অনুবন্ধবিশিষ্ট তদ্ধিত প্রত্যয়, যা বিদ্যমানতা অর্থে বিশেষণ গঠন করে}

তনকা, তনখা, তংখা [তন্‌কা, –খা, –ঙ্‌খা] *বি* ১ মুদ্রা; টাকা (তাহার বার্ষিক খাজনা মবলগ প্রাপ্য ৭৩ তনখা—*গোহা*)। ২ বেতন (নূতন বাদশাহ্ আমানউল্লা সেপাইদের তনখা অত্যন্ত কম বলে … ডবল করে দিলেন—*সৈমু*)। {*ফা.* তন্‌খাহ্= تنخواه }

তনজিম, তনযীম [তন্‌জিম্] *বি* সংগঠন; শৃঙ্খলা; মালা গাঁথা (তনযিম কমিটি গঠন করিতেছে—*মুম*)। {*আ.* তান্‌জীম تنظيم }

তনজিহি [তন্‌জিহি] *বিণ* পবিত্র; সর্বপ্রকার অপবিত্রতা থেকে ঊর্ধ্বে (তশবীহি রূপ এই যদি তার তনজিহি কিবা হয়—*নই*)। {*আ.* তন্‌জীহ تنزيه }

তনয় [তনয়্] *বি* পুত্র; ছেলে; সন্তান। **তনয়া** *বি স্ত্রী.* কন্যা; মেয়ে। {*স.* √তন্+অয়(কয়ন্)}

তনাদি [তনাদি] *বি (ব্যা.)* সংস্কৃত ধাতুর গণবিশেষ, 'তন্' ইত্যাদি ধাতু। {*স.* তন্+আদি}

তনিমা (–মন্) [তোনিমা] *বি* দেহের শোভনক্ষীণতা; কৃশতা; সূক্ষ্মতা (গোধূলি তরল সেই হরিণের তনিমা—*ফআ*)। {*স.* তনু+ইমন(ইমনিচ)}

তনু, তনূ (বিরল) [তোনু] *বি* দেহ; শরীর। □ *বিণ* শোভন ও কৃশ; নমনীয়; কমনীয় (তনু দেহ)। **–চ্ছদ, তনুত্র, –ত্রাণ** *বি* দেহাবরণ; বর্ম; সাঁজোয়া (গাত্র হইতে তনুত্রাণ উদ্‌ঘাটন করিব না—*ঈবি*)। **তনুজ** *বি* তনয়; পুত্র; ছেলে। **তনুজা** *বি* কন্যা; মেয়ে। **তনুতা** *বি* সূক্ষ্মতা; কোমলতা (গীতাঞ্জলির তনুতা দেখেই তিনি পুলকিত হয়েছিলেন—*প্রবি*)। ২ কৃশতা; সূক্ষ্মতা। **–ত্যাগ** *বি* প্রাণত্যাগ; দেহত্যাগ; মৃত্যু। **–মধ্যা** *বি* ১ *স্ত্রী.* ক্ষীণকটিযুক্তা স্ত্রীলোক। ২ একটি সংস্কৃত ছন্দ। **–মধ্য** *পুং*। **তনুয়া** *বি* দেহ; অঙ্গ (এই তনুয়া … তনুয়াদেরি—*মুশ*)। **–রুচি** *বি* দেহলাবণ্য; দেহের কান্তি। **–রুহ** *বি* ১ দেহ থেকে উৎপন্ন লোম। ২ পাখির পালক। ৩ সন্তান। **তনুল** *বিণ* বিস্তার করা হয়েছে এমন; বিস্তৃত। **–লীলা** *বি* লীলাত্মক দেহ; লীলাতনু (দিনে দিনে বাড়ে তনুলীলা—*বচদা*)। **তনূদ্ভব** *বি* তনু হতে যে বা যা উদ্ভূত হয়; পুত্র। **তনূদ্ভবা** *বি* কন্যা। **তনূনপাৎ** *বি* অগ্নি। {*স.* √তন্ + উ, তুল. *ফা.* তন تن}

তন্তু [তোন্‌তু] *বি* ১ সুতা। ২ আঁশ। ৩ যা দ্বারা কাপড় বোনা হয়। **–কীট** *বি* গুটিপোকা। **–নাভ** *বি* ঊর্ণনাভ; মাকড়সা। **–পর্ব** *বি* শ্রাবণ পূর্ণিমা। **–প্রসূত** *বিণ* সুতি (অধিকাংশ বাঙালি ম্যাঞ্চেস্টারের তন্তুপ্রসূত বস্ত্র পরিধান করে—*বচ*)। **–বায়** *বি* তাঁতি; তাঁত বোনে যে। **–শালা** *বি* তন্তুগৃহ; তাঁত-ঘর; যে ঘরে বস্ত্র বয়ন করা হয়। **–সার** *বি* যে গাছের সারাংশ তন্তুময়; সুপারি গাছ। □ *বিণ* তন্তুসর্বস্ব; অতি কৃশ। {*স.* √তন্+তু (তুন্)}

তন্ত্র [তন্‌ত্রো] *বি* ১ উপাসনা বিধিসংক্রান্ত শাস্ত্র; যে শাস্ত্রে সাধন প্রণালি বর্ণিত থাকে। ২ আগম; নিগম; বেদের একটি শাখা। ৩ রাষ্ট্রশাসন পদ্ধতি (প্রজাতন্ত্র, শাসনতন্ত্র)। ৪ বিদ্যা; শাস্ত্র (চিকিৎসাতন্ত্র)। ৫ কোনো বিশেষ মতে বা বিষয়ে প্রাধান্য স্থাপন (বস্তুতন্ত্র, জড়তন্ত্র)। ৬ মন্ত্রবিদ্যা; ঝাড়ফুঁক। ৭ সাধনপ্রণালি। ৮ পন্থা; পথ; উপায়। ৯ সিদ্ধান্ত; মীমাংসা। ১০ অধ্যায়; পরিচ্ছেদ। ১১ তাঁত; বয়নযন্ত্র। ১২ পশুর অন্ত্র। ১৩ তার (বীণাতন্ত্র)। □ *বিণ* অধীন; আয়ত্ত (রাজতন্ত্র, প্রজাতন্ত্র)। **–কাষ্ঠ** *বি* তাঁত বোনার মাকু। **তন্ত্রতা** *বি* ১ অধীনতা। ২ ষড়যন্ত্র। ৩ কৌশল। ৪ ঘনিষ্ঠতা; সান্নিধ্য; সম্বন্ধ। ৫ একসঙ্গে বহু কার্যের প্রারম্ভকরণ; এক কর্মের পরিবর্তে অন্য কর্মকরণ। **–ধারক** *বিণ* ক্রিয়াকাণ্ডের সময়ে যে ব্রাহ্মণ কর্মকর্তাকে মন্ত্রপাঠ করান। **–বাপ, –বায়** *বি* তন্তুবায়; তাঁতি। **–সংস্থিতি** *বি* রাজ্যশাসন ব্যবস্থা। {*স.* √তন্+ত্র(ষ্ট্রন্)}

তন্ত্রাবাপ [তন্‌ত্রাবাপ্] *বি* স্বরাজ্যের ও পররাজ্যের নীতি সম্পর্কে চিন্তা। {*স.* তন্ত্র+আবাপ; দ্বন্দ্ব}

তন্ত্রী [তোন্‌ত্রি] *বি* ১ বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রের তার (মনের বীণার সহস্র তন্ত্রীতে সুরের স্পন্দন অনুভব করে)। ২ বীণা (তন্ত্রী বাজাই স্বপনেতে—*রঠা*)। ৩ সম্প্রদায়ের অন্তর্ভুক্ত (শৈবতন্ত্রী)। {*স.* তন্ত্র+ ইন্(ইনি)}

তন্দুর [তোন্‌দুর্] *বি* রুটি, পাউরুটি, বিস্কুট, প্রভৃতি উত্তাপ দিয়ে খাদ্যের উপযুক্ত করার চুল্লি (তন্দুরে পাকায় রুটি নূত্বর ঘরণী—*হেমা*)। {*আ.*>*ফা.* তনুর تنور }

তন্দুরস্ত [তোন্‌দুরস্‌ত্] *বিণ* সুস্থ; নীরোগ (উভয়েই তন্দুরস্ত শরীর—*শও*)। {*ফা.* তনদুরুস্ত تندرست }

তন্দুরস্তি *বি* ১ স্বাস্থ্য। ২ সুস্থতা। {*ফা.* তনদুরুস্তী تندرستی }

তন্দ্রা [তন্‌দ্রা] *বি* নিদ্রার আবেশ বা ঘোর; ঘুমের ঝোঁক; ঘুম ঘুম ভাব; পাতলা ঘুম (কেহ কেহ ঢলি পড়ে, কার হয় তন্দ্রা—*সৈআ*)। ~**বিষ্ট** *বিণ* তন্দ্রাতুর; ঘুমবিজড়িত তন্দ্রাবিষ্ট চোখে—*রঠা*)। ~**বেশ** *বি* ১ ঘুমের ঝোঁক; নিদ্রাবেশ। ২ আলস্য। **তন্দ্রালু** *বিণ* ঘুমাতে চায় এমন; নিদ্রালু। **তন্দ্রিত** *বিণ* ১ তন্দ্রাবেশযুক্ত; তন্দ্রাবিষ্ট। ২ অবসাদগ্রস্ত। { *স.* √তন্দ্র্+অ+আ(টাপ্)}

তন্নতন্ন [তন্‌নোতন্‌নো] *ক্রিবিণ, অব্য* পুঙ্খানুপুঙ্খ; অনুপুঙ্খ; কোনো কিছু বাদ না দিয়ে; সমস্ত কিছু আঁতিপাতি (তন্ন তন্ন করে দেখা)। { *স.* তৎ+ন+তৎ+ন}

তন্নিবন্ধন [তন্‌নিবন্‌ধন্] *ক্রিবিণ* সে নিবন্ধন; সে কারণ; সে জন্য। { *স.* তৎ+ নিবন্ধন; *বহু* }

তন্মন [তন্‌মন্] *বিণ* তন্মনস্ক; তন্ময়; অনন্যমনা। { *স.* তৎ+মন; *বহু* }

তন্মনাঃ, তন্মনা, তন্মনস্ক [তন্‌মনাহ্, –না, –মনস্‌কো] *বিণ* তাতেই নিবিষ্টচিত্ত; তদ্‌গতচিত্ত; একাগ্রচিত্ত; অভিনিবিষ্ট; তন্ময়। { *স.* তদ্+মনাঃ, মনস্ক; *বহু* }

তন্ময় [তন্‌ময়্] *বি* তদ্‌গতচিত্ত; তন্মনস্ক; তাতেই নিবিষ্টচিত্ত (ভানু তন্ময় হইয়া শুনিল—*আজাশা*)। ~**তা**, ~**ত্ব** *বি* তদ্‌গতচিত্ততা; একাগ্রচিত্ততা। { *স.* তদ্+ময়(ময়ট্)}

তন্মাত্র[১] [তন্‌মাত্‌ত্রো] *অব্য, ক্রিবিণ* ১ কেবল; শুধু; সেটুকুই; খুব অল্প (তন্মাত্র দেখিয়াছি)। ২ শুধু সে পরিমাণ (তন্মাত্র বস্তু)। □ *বি* তৎস্বরূপ; প্রকৃত রূপ (অক্ষরই বাংলা ছন্দের তন্মাত্র—*সুদ*)। { *স.* তৎ+মাত্র; *বহু*; *নিত্য*. }

তন্মাত্র[২] [তন্‌মাত্‌ত্রো] *বি* ১ প্রাচীনমতে ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম—এই পঞ্চভূত। ২ শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ—এই পাঁচটি গুণ। { *স.* তদ্+মাত্র; *নিত্য*. }

তনুঙ্গী [তনুনঙ্‌গি] *বিণ* *স্ত্রী.* তন্বী বা ক্ষীণ অঙ্গবিশিষ্ট; সুগঠিত লঘু দেহযুক্ত (দীর্ঘ তনুঙ্গী চিনারের ঘন পল্লবের ফাঁকে ফাঁকে দেখবেন অস্বচ্ছ ফিরোজা আকাশ—*সৈমু*)। { *স.* তনু+অঙ্গ+ইন(ইনি); *বহু* }

তন্বী [তোন্‌নি] *বিণ* *স্ত্রী.* ক্ষীণ ও সুগঠিত অঙ্গবিশিষ্টা। { *স.* তনু+ঈ(ঙীপ্)}

তপ[১] [তপো] *বি* ১ তপন; সূর্য। ২ আতপ রৌদ্র। ৩ গ্রীষ্মকাল। □ *বিণ* তাপদায়ক। { *স.* তপ্+অ(অচ্)}

তপ[২], **তপঃ** [তপো, তপোহ্; বিসর্গযুক্ত সন্ধিবদ্ধ শব্দের ক্ষেত্রে বিসর্গের পরবর্তী বর্ণের দ্বিত্ব উচ্চারণ হয়] *বি* ১ কঠোর সাধনা; তপস্যা (অলঙ্কারই তাহাদিগের জপ, অলঙ্কারই তাহাদিগের তপ—*বচ*)। ২ ব্রত। **তপঃকর** *বিণ* যে তপস্যা করে; তপস্বী। **তপঃক্লেশ** *বি* তপস্যার কষ্ট। **তপঃপ্রভাব, তপোবল** *বি* ১ তপস্যার্জিত শক্তি। ২ যোগবল। **তপঃসাধন, তপশ্চরণ, তপশ্চর্যা, তপশ্চারণ** *বি* তপস্যা; তপস্যাকরণ। **তপঃস্থলী** *বি* ১ তপস্যার স্থান। ২ বারাণসী; কাশীক্ষেত্র। { *স.* √তপ্+অস্}

তপতী [তপোতি] *বি* ১ সূর্যের স্ত্রী; ছায়াদেবী। ২ সূর্যের কন্যা। ৩ তাপ্তী নদী। { *স.* √তপ্+অৎ+ঈ(ঙীপ্)}

তপন [তপোন্] *বি* ১ সূর্য; আদিত্য; দিবাকর; ভানু; ভাস্কর; মার্তণ্ড; মিহির; রবি; বিবস্বান; সবিতা (নিভে গেছে কত তপন চাঁদ—*নই*)। ২ সূর্যকান্তমণি। ৩ গ্রীষ্মকাল। ৪ আকন্দ গাছ। ~**তনয়** *বি* ১ যমরাজ। ২ শনিদেব। ৩ কর্ণ। ~**তনয়া** *বি* ১ যমুনা নদী। ২ শমীবৃক্ষ। ~**তপ্ত** *বিণ* রৌদ্রে উত্তপ্ত (সেই প্রখর তপনতপ্ত ঘর্মাক্ত ললাট—*বচ*)। ~ **তাপন** *বি* রবিকিরণ; সূর্যকর। ~**মণি** *বি* ১ সূর্যকান্তমণি। ২ আতশি কাচ। { *স.* √তপ্+অন(ল্যুট্)}

তপনীয় [তপোনিয়ো] *বিণ* ১ যাকে অগ্নি দ্বারা সন্তপ্ত করা হয়। ২ উত্তপ্ত করার উপযুক্ত; উত্তপ্ত করা উচিত বা আবশ্যক এমন। □ *বি* স্বর্ণ। { *স.* √তপ্+অনীয়}

তপসি, তপসী, তপসে [তোপ্‌শি, –, –শে] *বি* সুস্বাদু ছোট মাছবিশেষ; mangofish। { *স.* তপস্বী> }

তপসিল ⇒ তফসিল

তপস্যা [তপোশ্‌শা] *বি* তপ; সাধনা; কৃচ্ছ্র সাধনা; পাপক্ষয় বা অন্য উদ্দেশ্য সাধন নিমিত্ত কষ্টসাধ্য সাধন। { *স.* তপস্+য(ক্যঙ্)+অ+আ(টাপ্)}

তপস্বী (–স্বিন্) [তপোশ্‌শি] *বি, বিণ* ১ সংসারত্যাগী; বনবাসী ও কঠোর সাধনারত ব্যক্তি; তাপস; মুনি; ঋষি। ২ তপসে মাছ। **তপস্বিনী** *বি, বিণ* *স্ত্রী.* (হব না তাপস, নিশ্চয়, যদি না মেলে তপস্বিনী—*রঠা*)। **বিড়াল** ~ *বিণ* ১ বাইরে তপস্বীর আকার, কিন্তু অন্তরে যার ষড়রিপুর প্রাধান্য। □ *বি* প্রবঞ্চক; ভণ্ড। { *স.* তপস্+বিন্(বিনি)+ঈ(ঙীপ্)}

তপাত্যয় [তপাত্‌তয়্] *বি* বর্ষাকাল। { *স.* তপ+অত্যয়; *বহু*; ৬তৎ }

তপাস [তপাশ্] *বি* খোঁজ; অন্বেষণ; অনুসন্ধান; তালাশ (খুল্লনা চলিল যদি দুখের তপাসে—*কমু*)। { *আ.* তাফাহ্‌হুস্ تفحص }

তপোধন, তপোনিধি [তপোধন্, –নিধি] *বি* তপস্যাই যার রত্ন বা সম্পদ; মুনি; ঋষি; তপস্বী। { *স.* তপস্+ধন, নিধি; *বহু*, ৬তৎ }

তপোবন [তপোবন্] *বি* ১ যে বনে মুনি-ঋষিগণ তপস্যার জন্য বসবাস করেন; মুনি-ঋষিদের আশ্রম। ২ তপোবন নামক তীর্থবিশেষ। { *স.* তপস্+বন; ৬তৎ }

তপোবল ⇒ তপঃ

তপোভঙ্গ [তপোভঙ্‌গো] *বি* ১ তপস্যার শেষ। ২ সাধনচ্যুতি; তপস্যায় বিঘ্ন। { *স.* তপস্+ভঙ্গ; ৬তৎ }

তপোময় [তপোময়্] *বি* ১ তপঃপ্রধান। ২ পরমেশ্বর। { *স.* তপস্+ময়(ময়ট্)}

তপোমূর্তি [তপোমুর্‌তি] *বি* ১ তপস্যার ফলে প্রাপ্ত দেহের জ্যোতির্ময় কৃশ রূপ। ২ তপস্বী; ঋষি। { *স.* তপস্+মূর্তি; *বহু* }

তপোলোক [তপোলোক্] *বি* পুরাণে কথিত সপ্ত ভুবনের একটি। { *স.* তপঃ+লোক; *কর্মধা.* }

তপ্ত [তপ্‌তো] *বিণ* ১ তাপময়; গরম; উষ্ণ; উত্তপ্ত। ২ রুষ্ট; ক্রোধান্বিত; উত্তেজিত (তপ্ত বাক্য)। ৩ রোষে আরক্ত; ক্রোধে লাল (তপ্ত আঁখি)। ৪ অগ্নি দ্বারা দগ্ধ হওয়ায় উজ্জ্বল; দগ্ধ (তপ্ত কাঞ্চন)। ৫ সদ্য (তপ্ত রাণ্ডা—যে সদ্য বিধবা হইয়াছে)। ~**কাঞ্চনসন্নিভ** *বিণ* অগ্নিদগ্ধ স্বর্ণের মতো শ্বেতবর্ণ; স্বর্ণের তুল্য উজ্জ্বল। { *স.* √তপ্+ত(ক্ত)}

তপ্তপোষ, তপ্তাপোষ [তপ্‌তোপোশ্‌, তপ্‌তা-] *বি* তক্তপোষ; কাষ্ঠময় শয্যাধারবিশেষ (কোণেতে জড়ানো দেখি তপ্তাপোষের পাটি—*দ্বিরা*)। { *ফা.* তাপতাহপোশ تپته پوس }

তফছির, তফছীর ⇒ তফসির

তফরা [তফ্‌রা] *অব্য* তড়পানো; আছাড় পিছাড়; অস্থিরতা; উল্লম্ফন; লাফালাফি; দাপাদাপি (প্রলয় তুফানে জেলে ডিঙ্গির তফরা খাওয়ার মত—*কাসি*)। { *আ.* তুফ্‌রাহ্‌ طفره }

তফসির, তফছির, তফছীর [তফসির্‌] *বি* ব্যাখ্যা (তাঁহার জীবনী কোরআন শরিফের একটি বৃহৎ তফছিরস্বরূপ—*আহছানুল্লাহ*)। { *আ.* তাফসীর تفسير }

তফসিল, তফসীল, তফশিল, তপসিল [তফসিল্‌, -, -, -প্‌-] *বি* তালিকা; বৃত্তান্ত; বিবরণ (সুবার উসুল তহসিল সুমার তফশিল ওয়াকিফ হএন—*রাম*)। **তফসিলি** *বিণ* ১ তফসিলভুক্ত; তালিকাভুক্ত। **তফসিলি সম্প্রদায়** *বি* সরকারি তালিকাভুক্ত অনুন্নত হিন্দু সম্প্রদায়। { *আ.* তাফসীল تفصيل }

তফাত, তফাৎ [তফাত্‌] *বি* ১ দূরত্ব; দূরবর্তী স্থান (প্রায় ২০ জন লোক দশ হাত তফাত থেকে সাঁ সাঁ করে চলে গেল—*মীম*)। ২ পার্থক্য; প্রভেদ; ব্যবধান; অন্তর (বংশে বংশে নাহিক তফাৎ—*সদ*)। ৩ পৃথক (যতনের খাটুনি অর্থতনের খাটুনি দুয়ের ফল তফাৎ—*অঠা*)। ৪ দূরগত (তফাত যাওয়া)। ৫ পৃথক (তফাত করা আনারসগুলো)। { *আ.* তাফাবুত تفاوت }

তব[১] [তবো] *সর্ব (পদ্য)* তোমার। { *স.* যুষ্মদ্‌+৬ষ্ঠী একব. }

তব[২] *(ব্র.)* [তব] *অব্য* ১ তখন (মাগয়ে তব পরিরম্ভ—*বিপ*)। ২ তবে (জানিস তব কাহে করসি পুছার—*বিপ*)। **তবহি, তবহিঁ** *(ব্র.)* *অব্য* তৎক্ষণাৎ; সেই মুহূর্তে। **তবহু, তবহুঁ** *(ব্র.)* *অব্য* তথাপি। { তুল. *হি.* তব্‌ }

তবক[১] [তবোক] *বি* ১ স্তবক; স্তর (তার ঝালরে তবকে তবকে পদ্মমালা—*দীমি*)। ২ স্তর; থাক (নামে জিলকদ রাতের শাজাদী তের তবকের চাঁদ—*ফআ*)। { *স.* স্তবক> }

তবক[২] [তবোক] *বি* ১ স্বর্ণ বা রৌপ্যের পাতলা পাত (সুগন্ধি পান তৈয়ার করিয়া সোনার তবকে মোড়াইয়া—*ইহো*)। { *আ.* তবক্‌ طبق, তুল. *স.* স্তবক }

তবক[৩] [তবোক] *বি* বন্দুক (মুটকির তেজ যেন তবকের গুলি—*কমু*)। { *ফা.* তোপক تپك }

তবকি, তবকী, তাবকি, তাবকী [তব্‌কি, -, তা-, -] *বি* বন্দুকধারী যোদ্ধা; musketeer (আসোয়ার লক্ষার্ধ তবকি তোবচিন ইত্যাদি দেড়লক্ষ—*রাম*)। { *ফা.* তুপক تپك + *তু.* চী چى > }

তবধরি *(ব্র.)* [তবধোরি] *অব্য* তদবধি; তখন থেকে (তবধরি দগধে অনঙ্গ—*বিপ*)। { *হি.* তব্‌+ *বা.* ধরি }

তবধি, তবাদি [তবোধি, তবাদি] *অব্য* ১ তদবধি; তখন থেকে (তাহাকে দেখিয়া তবধি আর নগর গমনের কথাও মুখে আনেন না—*ঈবি*)। ২ পর্যন্ত (অ্যাকন তবাদি অক্ত কোজাবি দিয়ে পড়চে—*দীমি*)। { *স.* তদবধি> }

তবন [তবোন] *বি* তহবন্দ; লুঙ্গি (স্বামীর পরনে মারকিনের তবন—*মীম*)। { *ফা.* তহ্‌বন্দ تهبند }

তবররক, তবররুক [তবর্‌রক, -রু-] *বি* প্রসাদ; পুণ্যবান ব্যক্তির স্পর্শ পূত খাদ্যাদি (ভক্ষণ আমি করেছিও, তবে সে তবররক জ্ঞানে—*ইখাঁ*)। { *আ.* তবর্‌রুক تبرك }

তবল[১] [তবোল] *বি* কুড়াল; কুঠার। **-দার** *বি* কুঠারী; কাষ্ঠ ছেদনকারী; কাষ্ঠছেদক; কাঠুরিয়া। { *ফা.* তবর تبر ; *ফা.* তবর্‌দার تبردار }

তবলচি, তবলচী [তবোল্‌চি] *বি* গানের সঙ্গে তবলা বাজায় যে; তবলবাদক; ঢুলি। { *আ.* তুব্‌ল্‌ طبل + *তু.* চী چى }

তবলা, তবল[২] [তব্‌লা, তবোল] *বি* ১ একদিকে চর্মাবৃত এক প্রকার বাদ্যযন্ত্রবিশেষ। ২ বৃহদাকার ঢাকবিশেষ। **~-বাঁয়া** *বি* তবলা এবং তবলার সহচররূপে বাম হস্তে বাজাবার জন্য ব্যবহৃত তবলার মতোই আর একটি বাদ্যযন্ত্র (তবলা বাঁয়া কোলেতে টেনে বাদ্যে ভরপুর—*রঠা*)। { *আ.* তুব্‌লাহ্‌ طبله }

তবলিগ, তবলীগ [তব্‌লিগ্‌] *বি* প্রচার; ধর্মপ্রচার (শিক্ষা প্রচারকে তাঁরা তবলীগের কাজ মনে করতেন—*ইখাঁ*)। { *আ.* তাব্‌লীগ تبليغ }

তবল্লক [তবল্‌লক] *বিণ* আভিজাত্যসূচক; শৌখিন কারুকার্যময় (তবল্লক ছাঁদে বসন পিধে—*চদা*)। { *আ.* তবর্‌রুক تبرك }

তবহি, তবহিঁ, তবহু, তবহুঁ ⇒ তব[২]

তবাদি ⇒ তবধি

তবাহি ⇒ তাবা

তবলিয়া [তব্‌লিয়া] *বি* তবলচি; তবলা-বাদক। { তবলা+ইয়া }

তবিব, তবীব [তোবিব্‌] *বি* চিকিৎসক; হাকিম; তিব্বি; চিকিৎসাশাস্ত্রবিদ (এমরান খেদমত করে, দাওয়া পানি তবিব আনিয়া—*সৈহা*)। { *আ.* তবীব طبيب }

তবিয়ত, তবিয়ৎ, তবীয়ত [তোবিয়ত্‌] *বি* ১ স্বাস্থ্য; শারীরিক অবস্থা (আপনার তবিয়ত ভাল তো—*কাই*)। ২ মেজাজ; মর্জি; মানসিক অবস্থা (এ সব দেখে তবিয়ত খোশ হয়ে যায়)। **বাহাল তবিয়তে** *বি* সুস্থ দেহে ও সজ্ঞানে; আনন্দের সঙ্গে (খোস পোষাকে সজ্জা করি বহাল তবিয়ত—*হেব*)। { *আ.* তবীআত طبيعة }

তবিল ⇒ তহবিল

তবীব ⇒ তবিব

তবু, তবুও [তোবু, তোবুয়ো] *অব্য* তথাপি; তা হলেও। { *স.* তথাপি> }

তবে, তবেঁ *(প্রাবা.)* [তবে, -বেঁ] *অব্য* ১ শর্তসাপেক্ষ বোঝাতে; তা হলে (যদি তুমি না আসো তবে আমিও তোমার বাড়ি যাবো না)। ২ অতঃপর (তবে চলি বা তবে আসি)। ৩ তারপর; তখন (আগে অভাবে পড় তবে পয়সা চিনবে)। ৪ কিন্তু (করতে বলি না তবে যদি কর বাধা দেবো না)। ৫ আক্রমণাত্মক ভাববাচক (তবে রে)। { *স.* তদা> }

তবেঁস, তবেঁসি, তবেসি *(প্রাবা.)* [তবেঁস, -সি, তবেসি] *অব্য* তবেই (তবেসি নেলিব—*বচদা*)। { *প্রাবা.* তবেঁস }

তভোঁ, তভোঁহো [তভোঁ, -হো] অব্য তথাপি; তথাপি (তভোঁহো নিলজ কাহ্নাঞি— বচ)। { তুল. হি. তবহুঁ}

তম, তমঃ [তমো, -হ্] বি ১ অন্ধকার; তমস; তিমির (রাখি তম নিশির নিকট—সৈআ)। ২ তমোগুণ; তামসিকভাব। ৩ অজ্ঞান। ৪ অহংকার। ৫ পাপ। { স. √তম্+অ(ঘঞ্)}

-তম[১] [তমো] বি প্রত্যয়বিশেষ; সংখ্যার পূরক বা ভাগবাচক প্রত্যয় (অশীতিতম)। স্ত্রী. **-তমা, -তমী**। { স. তদ্ধিত প্রত্যয় তমট্}

-তম[২] [তমো] অব্য বহু বস্তু বা ব্যক্তির মধ্যে একজনের সর্বাধিক উৎকর্ষ বা অপকর্ষবোধক প্রত্যয় (বৃহত্তম, মহত্তম, নীচতম)। স্ত্রী. **-তমা**। { স. তদ্ধিত প্রত্যয়তমপ্}

তমগা, তমঘা, তকমা, তখমা [তম্‌গা, -ঘা, তক্‌মা, তখ্‌মা] বি মেডেল; পদক; সম্মানসূচক খেতাব। ~-**তাবিজ** বি পরিচয়পত্র; পদবি; certificate। (ভদ্রলোকের তকমা-তাবিজ ছিঁড়ে—রঠা)। { তু. তম্‌গা}

তমদ্দুন [তমোদ্‌দুন্] বি ১ নাগরিকতা; নগর-সভ্যতা; সভ্যতা-সংস্কৃতি। ২ মদিনা (শহর); শহুরে আচার-সংস্কৃতি। { আ. তামাদ্দুন تمدن }

তমবীহ ⇒ তম্বি

তমস [তমোশ্] বি অন্ধকার। **তামস** বিণ। { স. তমস্}

তমসা [তমোশা] বি ১ অন্ধকার (যে যে স্থলে তমসা নিবিড়তম—বচ)। ২ একটি নদীর নাম। **~চ্ছন্ন, ~বৃত** বিণ অন্ধকারে আচ্ছন্ন বা আবৃত; অন্ধকারাচ্ছন্ন। { স. তমস্+আ(টাপ্)}

তমসুক [তমশুক্] বি ঋণ-স্বীকারপত্র; খত। **বন্ধকি ~** বি বন্ধকনামা; বন্ধকি খত; mortgage deed। { আ. তমস্‌সুক تمسوق }

তমস্ত্রস্ন [তমোস্‌ত্রোশ্‌নো] বিণ নিদ্রাচ্ছন্ন (মুদিব না অবসাদে তমস্ত্রস্ন আঁখি—সুদ)। { স. তমঃ+এস্ন}

তমস্বী [তমোশ্‌শি] বিণ অন্ধকারময়; তমোযুক্ত। □ বি হরিদ্রা। { স. তমস্+বিন্(বিনি)}

তমস্বিনী [তমোশ্‌শিনি] বি স্ত্রী. অন্ধকার রাত্রি (কি রহস্য ধেয়াইছে দিগন্ত শয়নে, জ্যোতির্ময়ী তমস্বিনী বিনিদ্র নয়নে—মোম)। □ বিণ অন্ধকারাচ্ছন্ন। { স. তমস্+বিন্(বিনি)+ঈ(ঙীপ্)}

তমা [তমা] বি রাত্রি; নিশা; যামিনী। { স. তমঃ+বা. আ}

তমাদি ⇒ তামাদি

তমাম ⇒ তামাম

তমাল [তমাল্] বি গাবজাতীয় এক প্রকার কালো রঙের গাছ (আমার পূর্ব-বাংলা একগুচ্ছ স্নিগ্ধ অন্ধকারের তমাল—সৈআআ)। **তমালক** বি শাকবিশেষ; সুষনি শাক; তেজপাতা। **তমালিকা, তমালিনী** বিণ ১ তমাল বৃক্ষ অধ্যুষিত স্থান; তমলুক। ২ ভুঁই আমলা। **তমালী** বি বরুণ গাছ। { স. তমাল}

তমি, তমী [তোমি] বি রাত্রি (এই যে অষ্টমী পণ্যদাত্রতমী মধ্যদাব বর্তাতধি -ভারা)। **~নাথ** বি নিশাপতি; চন্দ্র; চাঁদ। { স. তম্+ই(ইন্), ঈ}

তমিজ [তোমিজ্] বি বিবেচনা; সম্ভ্রমবোধ; ভদ্র ব্যবহার (মুসলমান পরিবারে এসে আদব, কায়দা, লেহাজ, তমিজ, তাহ্‌জিব, আখলাক শিখে সভ্য হয়ে যায়—ইহো)। { আ. তমীজ্ তمیز }

তমিস্র [তোমিস্‌স্রো] বি অন্ধকার; তিমির; তমসা (এই মহাতমিস্র সাগরে—সদ)। □ বিণ অন্ধকারময়। **তমিস্রা** বিণ অন্ধকারাচ্ছন্ন (ঘনায়িত তমিস্রা তুহিনের—ফআ)। □ বি ঘন অন্ধকার রাত্রি; ঘোর অন্ধকার। **~ পক্ষ** বি কৃষ্ণপক্ষ; আঁধার পক্ষ। { স. তমস্+র}

তমী ⇒ তমি

তমীয ⇒ তমিজ

তমু (মবা.) [তোমু] অব্য তথাপি; তবু। **তমুত** (মবা.) অব্য তবুও (তমুত পিতৃশোক নিবারণ নাহি তাতে—রামকৃষ্ণ রায়)। {তবু>}

তমোগুণ [তমোগুন্] বি প্রকৃতির নিকৃষ্টতম গুণ (সত্ত্বগুণ সে তমোগুণ এবং রজোগুণের মাঝামাঝি—প্রবি)। { স. তমঃ+গুণ}

তমোঘ্ন, তমোহর [তমোঘ্‌নো, -হরো] বিণ অন্ধকারনাশক; অন্ধকার দূরকারী। □ বি ১ চন্দ্র; শশাঙ্ক। ২ সূর্য। ৩ অগ্নি; তপন। ৪ দীপ; প্রদীপ। ৫ জ্ঞান। { স. তমঃ+ঘ্ন, হর; বহু}

তমোজ্যোতি, তমোজ্যোতিঃ [তমোজ্‌জোতি, -তিহ্] বি জোনাকি পোকা; খদ্যোত। { স. তমঃ+জ্যোতিঃ; ৬তৎ}

তমোমণি [তমোমোনি] বি ১ জোনাকি; খদ্যোত। ২ গোমেদ মণি। { স. তমঃ+মণি}

তমোময় [তমোময়্] বিণ ১ তমসাপূর্ণ; অন্ধকারে পূর্ণ। ২ তমোভাবে পূর্ণ। { স. তমঃ+ময়}

তমোহর ⇒ তমোঘ্ন

তমোহা [তমোহা] বিণ অন্ধকার-বিনাশক; তমোঘ্ন (দিনান্তে শিরের রত্ন তমোহা মিহিরে দিনদেব—মদ)। { স. তমস্+হন্+ক্বিপ্}

তম্বি, তম্বী, তম্বিহ, তমবীহ [তোম্‌বি, -, -হ্, -] বি ১ ভর্ৎসনা; তিরস্কার; তর্জন-গর্জন (আমাকে বহুৎ তম্বিহ করেন—মুম)। ২ জুলুম; তাড়না; শাসন। **তম্বিতম্বা, তম্বিতাম্বি** বি ভর্ৎসনা; তর্জন-গর্জন (অনেক তম্বিতম্বার পর একে একে সমস্ত কথা বাহির হইয়া পড়িল—সুরা)। { আ. তাম্বীহ্ تنبیه }

তম্বু ⇒ তাঁবু

তম্বুর, তম্বুরা, তাম্বুরা, তম্বুরি [তোম্‌বুর, -রা, তাম্-, তোম্‌বুরি] বি তানপুরা; mandoline; প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ (পুরাতন তম্বুরাটিতে গেলাপ পরাইয়া বন্ধুহীন বৃহৎ সংসারে বাহির হইয়া পড়িলেন—রঠা)। { ফা. তন্‌বূরা تنبوره }

তযদিক ⇒ তজদিগ

তয়[১] [তয়্] বি ১ সমাপ্তি; নিষ্পত্তি; শেষ। ২ ভাঁজ; পাট (কাপড়-চোপড় তয় করে করে রাখা)। { ফা. তহ্ ته }

তয়[২] [তয়্] অব্য তবে; তার পর (আরেক কুড়ি তয় সে কথা কইল হাসি হাসি—জউ)। {তবে>}

তয়খানা ⇒ তহখানা

তয়নাত [তয়নাত্] বি ১ নিয়োগ। ২ সিপাহি; সৈন্যদল। **~ করা** ক্রি ১ নিয়োগ করা; নিযুক্ত করা। ২ নির্ধারিত

করা। তয়নাতি *বি* ১ কর্মে নিয়োগ। ২ নির্ধারিত কর্ম। ৩ নিযুক্ত সৈন্যদল। { *আ.* তয়ীনাত تعینات }

তয়ফা, তায়ফা [তয়্‌ফা, তা–] *বি* নাচওয়ালির দল; নর্তকীদল। ☐ *বিণ* নর্তকীসুলভ (তারে ঘিরে অপ্সরীর তয়ফা নেচে যায়— *সদ*)। **–ওয়ালি** *বি* নর্তকী; নাচওয়ালি (কেহ বলে তয়ফাওয়ালী কি মজা দিলি—*ভবানী*)। { *আ.* ত়া'ইফাহ طائفة }

তয়ম্মুম, তৈয়াম্মুম, তৈয়াম্মম [তয়োম্‌মুম্‌, তোইয়াম্‌মুম্‌, তোইয়াম্‌মম্‌] *বি* পানির অভাবে বা অসুস্থতার কারণে পানির শীতল স্পর্শে শরীরের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকলে পানি দিয়ে অজুর পরিবর্তে ধুলাবালি দ্বারা বিধিমতে পবিত্র হওয়া (তাহাদেরি সেই খাকেতে খালেদ করিয়া তয়ম্মুম, বাহিরিয়া এস—*নই*)। { *আ.* তায়াম্মুম تیمم }

তয়ে [তয়ে] *অব্য* পর্যন্ত; অবধি; ধ'রে (সেই ভাগ্যের মৃত্যুস্মৃতি আমায় বয়ে বেড়াতে হবে সারাটা জিন্দেগী তয়ে— *নই*)। { *ফা.* তহ্‌ ته }

তয়ের ⇒ তৈয়ার

তর[১] [তর্] *বিণ* ১ বিভোর; নিমগ্ন; চুর (এই শরাবের পিয়ালা দিয়ে তর করি দিল্‌—*নই*)। ২ জলসিক্ত; ভিজে যাওয়া (ভিজে তর হয়ে যাওয়া)। { *ফা.* তর্‌ تر }

তর[২] [তর্] *বি* বিলম্ব; দেরি; অপেক্ষা (তর সহেনাক একটি তিল— *আমোকা*; তর সয় না বর, দিনেই বিয়া কর— *ছড়া*)। { *স.* ত্বরা> }

তর[৩], **তরো** [তরো] *বিণ* প্রকারের; ধরনের; শ্রেণির (কেমনতর লোক)। **তরো-বেতরো** *বিণ* বিভিন্ন প্রকারের; নানা ধরনের; হরেক রকম (আলোর নিশেন ঝুলছে—চৌকো লম্বা চওড়া সরু তরো-বেতরো—*অঠা*)। **বে-** *বিণ* খারাপ ধরনের; খারাপ; দুষ্ট; বেয়াড়া। { *আ.* তৃরহ্‌ طرح }

তর[৪] [তর্] *বি* উত্তরণ; পার; গমন; অতিক্রমণ (দুস্তর গিরি—*নই*)। **~পণ্য** *বি* পারানি; খেয়ার কড়ি। **~মাণ** *বিণ* যে পার হচ্ছে; সন্তরণশীল। **~স্থান** *বি* খেয়াঘাট। { *স.* √তৃ+অ(অপ্‌) }

-তর [তর্] প্রত্যয়বিশেষ; আপেক্ষিক উৎকর্ষবাচক বা অপকর্ষবাচক প্রত্যয় (যোগ্যতর, ক্ষুদ্রতর, হীনতর)। { *স.* তদ্ধিত প্রত্যয় তরপ্‌/ষ্টরচ্‌ ; *তুল. ফা.* -তর تر }

তরই, তরুই [তরই, তোরুই] *বি* ১ ঝিঙ্গাজাতীয় তরকারিবিশেষ; acutangula। ২ ঢেঁড়স। { *তুল. হি* তুরঈ }

তরইতে *(ব্র.)* [তরইতে] *অক্রি* পার হতে; উত্তীর্ণ হতে (অব মঝু তরইতে চাই—*পদাবলী*)। { *স.* √তৃ> }

তরওয়াল, তরোয়াল ⇒ তলোয়ার

তরক [তরক্‌] *বি* লঙ্ঘন; পরিত্যাগ (ঘুম থেকে তাহাজ্জদের নামায তরক করিতে লাগিল—*মুম*)। { *আ.* তর্‌ক্‌= ترك }

তরকশ, তোরকস, তরকচ [তর্‌কোশ্‌, তোর্‌কশ্‌, -চ্‌] *বি* তূণ; তূণীর; বাণাধার; যার ভিতর তীর থাকে (নেজা গোর্জ্জ কামান তোরকস ভরা তীর—*সৈহা*)। { *ফা.* তীরকশ্‌ تیرکش }

তরকারি, তরকারী, তরি-তরকারি [তর্‌কারি, –, তরি–] *বি* ১ আনাজ; ব্যঞ্জন রন্ধনের উপযুক্ত শাকসবজি ইত্যাদি; vegetable; ফলমূল। ২ ব্যঞ্জন; রাঁধা তরকারি। { *ফা.* তরহ্‌ تر , *তা.* কারি }

তরকিব, তরকীব [তর্‌কিব্‌] *বি* কৌশল; প্রণালি; ব্যবস্থা; একাধিক বস্তুর সংযোগে অন্য বস্তুর প্রস্তুত ব্যবস্থা (মওলানা সাহেবের এলহাম-প্রাপ্ত তরকিবের কথা বলা হইল—*মুম*)। { *আ.* তারকীব ترکیب }

তরকে মাওয়ালাত [তর্‌কে মাওয়ালাত্‌] *বি* অসহযোগিতা; non-cooperation (শরীফ ঘরের মুসলমানদের উচিত অন্ততঃপক্ষে তাঁর সঙ্গে তরকে মাওয়ালাত করা—*কাই*)। { *আ.* তর্‌কে মুবালাত ترك موالاة }

তরক্কি, তরক্কী [তরোক্‌কি] *বি* উন্নতি (সমাজের তরক্কির জন্য দরকার তিনটি জিনিষের—*ওয়া*)। { *আ.* তারাক্কী ترقی }

তরক্ষু, তর্ক্ষু [তরোক্‌খু, তোর্‌ক্‌খু] *বি* নেকড়ে বাঘ; হায়েনা (বৃদ্ধ শার্দূলের পাছে তরক্ষের মতো—*সুদ*)। { *স.* তরক্ষু }

তরঙ্গ [তরোঙ্‌গো] *বি* ১ ঊর্মি; পানির ঢেউ; মওজ; লহরি (তরঙ্গাহত নৌকা)। ২ ঢেউয়ের মতো ক্রমাগত প্রবহমান বস্তু (চিন্তাতরঙ্গ, বিদ্যুৎতরঙ্গ)। **~ভঙ্গ** *বি* ঊর্মিক্রীড়া; ঢেউয়ের খেলা। **~মালা** *বি* মালার মতো গাঁথা একটির পর একটি ঢেউ। **তরঙ্গাকুল, ~-সঙ্কুল** *বিণ* অতিশয় প্রবল ও উচ্চ ঢেউ বা ঝটিকাবিক্ষুব্ধ; ঝড় উঠেছে এমন (বাদশাহ তখন তরঙ্গসঙ্কুল চিন্তার সাগরে ভাসমান—*আফ*)। **তরঙ্গাভিঘাত** *বি* ঢেউয়ের ধাক্কা; তরঙ্গের আঘাত। **তরঙ্গায়িত** *বিণ* ঢেউ খেলানো। **তরঙ্গিণী** *বি* নদী; সরিৎ; স্রোতস্বিনী। **তরঙ্গিত** *বিণ* ১ ঢেউপূর্ণ; কল্লোলিত; বিক্ষুব্ধ (তরঙ্গিত এ হৃদয়—*রঠা*)। ২ ভঙ্গিমাপূর্ণ। **তরঙ্গিম** *বিণ* তরঙ্গ শোভাযুক্ত। **তরঙ্গোচ্ছ্বাস** *বি* বিশাল ঢেউসমূহের উত্থান পতন। { *স.* √তৃ+অঙ্গ (অঙ্গচ্‌) }

তরজমা, তর্জমা [তর্‌জমা] *বি* এক ভাষা থেকে অন্য ভাষায় বলা বা লেখা; অনুবাদ; ভাষান্তর। **তর্জমাকারী** *বি, বিণ* অনুবাদক; ভাষান্তরকারী। { *আ.* তরজমাহ ترجمه }

তর-জল [তর্‌জল্‌] *বিণ* তৃপ্ত; পরিতৃপ্ত (চা-টা দেখেই জানটা তরজল হয়ে গেল—*সৈমুআ*)। { *ফা.* তর্‌ تر + *স.* জল }

তরজা, তর্জা [তর্‌জা] *বি* কবিগানের অনুরূপ লোকসঙ্গীত বিশেষ—এ ধরনের গানে দুটি দল সদ্যরচিত গান দিয়ে পরস্পরকে আক্রমণ প্রতি-আক্রমণ করে থাকে। { *আ.* তরজী ترجیع }

তরণ [তরোন্‌] *বি* ১ পার হওয়া; উত্তরণ; অতিক্রম। ২ ত্রাণলাভ। ৩ উদ্ধার হওয়া। ৪ যার সাহায্যে পার হওয়া যায়; নৌকা, ভেলা প্রভৃতি। { *স.* √তৃ+অন(ল্যুট্‌) }

তরণি, তরণী [তরোনি] *বি* যা দিয়ে পার হওয়া যায়; নৌকা-জাহাজ ইত্যাদি। { *স.* √তৃ+অণি, অণী }

তরতফাত [তর্‌তফাত্‌] *বি* ভেদাভেদ; পার্থক্য। { *ফা.* তর্‌ تر + *আ.* তাফাউত تفاوت }

তর-তম [তরোতমো] *বি* ১ ন্যূনাধিক; তুলনামূলক; পরিমাণ বোঝাতে ব্যবহৃত; কমবেশি। ২ তারতম্য; পার্থক্য (দুয়ের মধ্যে তর-তম করা)। {তর+তম}

তরতর [তরতর্] *অব্য* স্রোত; প্রবাহ ইত্যাদির বেগবাচক; দ্রুততাবাচক শব্দ (নদী তরতর করে বয়ে যায়)। {*ধ্বন্যা.*}

তর তর [তরোতরো] *বিণ* নানা প্রকার; বিচিত্র রঙের (যেনো কত তর তর মালা—*কমু*)। {*ধ্বন্যা.*}

তরণ্ড, তরণ্ডক [তরন্‌ডো, -ডক্] *বি* ১ ভেলা। ২ ফাৎনা; ফাতা। {*স.* √তৃ+অণ্ড(অণ্ডচ্)}

তরতাজা [তর্‌তাজা] *বিণ* নবীন; জীবন্ত; টাটকা (সদ্য প্রস্ফুটিত তরতাজা ফুলের মত রূপে-রসে—*মউ*)। {*ফা.* তর্+তাজাহ্ تروتازه }

তরতিব, তরতীব, তর্তিব [তর্‌তিব্] *বি* ১ ক্রম; পর্যায়; একটার পর আর একটা এই নিয়ম (তরতিব করিয়া আনে খিলাইতে খানা—*সৈহা*)। ২ শৃঙ্খলা; নিয়ম। ৩ ব্যবস্থা; ধারা (মদিনাতে জেয়ারত মোস্তফার গোর।। করিয়া তর্তিব ভাবে—*সৈআ*)। {*আ.* তার্‌তীব্ ترتيب }

তরপণ্য ⇒ তর[4]

তরপত [তর্‌পত্] *বি* একপ্রকার কর্ণভূষণ। {*ওরাওঁ.* তরপত; *স.* তালপত্র>}

তরপদী [তর্‌পোদি] *বি* হংস প্রভৃতি জলচর তরণযোগ্য পদবিশিষ্ট হংস প্রভৃতি জলচর পক্ষী। {*স.* তর+পদ+ইন্(ইনি); *বহু.*}

তরফ [তরোফ্] *বি* ১ পক্ষ (তার আগের তরফের বিবির এক মেয়ে ছাড়া কেউ নেই—*নই*)। ২ দিক; পাশ (খোদার তরফ থেকে)। ৩ প্রান্ত। ৪ জমিদারের খাজনা আদায়ের মহাল (তরফ কাশিমপুর)। ৫ জমিদারির ভাগ; অংশীকৃত জমিদারি; মালিক (বড় তরফ)। **তরফ সানি** *বি* দ্বিতীয় পক্ষ; দ্বিতীয়া স্ত্রী। {*আ.* তৃরফ طرف }

তরফদার [তরোফ্‌দার্] *বি* ১ তরফের রাজস্ব আদায়কারী লোক; গোমস্তা। ২ দলের বা পক্ষের লোক। ৩ তরফের মালিক; পদবিবিশেষ। {*আ.* তৃরফ طرف +*ফা.* দার دار }

তরফা [তর্‌ফা] *বিণ* ১ দিকের; পক্ষের (একতরফা)। ২ একপেশে। ৩ বাদী ও প্রতিবাদীর মধ্যে উপস্থিত একজনের জবানবন্দি শুনে বিচার নিষ্পত্তি (একতরফা ডিগ্রি)। **একতরফা** *বি* ১ পক্ষপাতযুক্ত (একতরফা বিচার)। ২ শুধু একদিক থেকে যা আসে (এক তরফা কথা বলা বা আক্রমণ)। **দো-তরফা** *বিণ* ১ দুই দিক বা দুই পক্ষের মতামত নিয়ে কথিত। ২ দু দিক থেকে আগত। {*আ.* তৃরফ طرف +*বা.* আ}

তরবারি, তরবার [তরোবারি, -র্] *বি* অসি; খড়্গ; কৃপাণ; তরোয়াল; তলোয়ার। {*স.* তরবারি}

তরবিয়ত [তর্‌বিয়ত্] *বি* শিক্ষা-দীক্ষা; সভ্যতা-ভব্যতা; আদব কায়দা। {*আ.* তারবিয়ত تربيت }

তরমিম, তরমীম [তর্‌মিম্] *বিণ* সংশোধন; মেরামত (যা হয়েছে তা হচ্ছে তরমিম ডিক্রি—*প্রবি*)। {*আ.* তার্‌মীম ترميم }

তরমুজ, তরবুজ (বিরল) [তোরমুজ; -বু-] *বি* ফুটিজাতীয় বৃহদাকার রসালো ফল; water melon। {*ফা.* তরবুজ্ তربوز }

তরল [তরোল্] *বিণ* ১ পাতলা; গলিত (তরল সলিলে পশি কৌমুদিনী অবগাহে দেহ রজোময়—*মদ*)। ২ বিগলিত; আর্দ্র; ভেজা (কারুণ্যে তরল হওয়া)। ৩ অস্থির; চঞ্চল; লঘু (অনেক তরল ও গম্ভীর আলোচনা হইয়াছিল—*শেহ*)। **তরলা** *স্ত্রী.*। ~**তা**, ~**ত্ব**, **তারল্য** *বি* তরল স্বভাব। ~-**নয়না**, ~-**নয়নী**, ~-**লোচনা** *বি* তরলাক্ষী; তরল-লোচনা; চঞ্চল-নয়না রমণী। **তরলিত** *বিণ* গলিত; বিগলিত; দ্রবীভূত (তরলিত চন্দ্রিকা চন্দন বর্ণা—*সদ*)। **তরলীকৃত** *বিণ* তরল করা হয়েছে এমন; গলানো। {*স.* √তৃ+অল (কলচ্)}

তরশু [তোরশু] *ক্রিবিণ* গত পরশুর আগের দিন বা আগামী পরশুর পরদিন; আগামী বা বিগত চতুর্থ দিন (তরশুই দিন আছে বিয়ের—*অচিসে*)। {*স.* তৎপরশ্ব>; পরশু, *অনু.* তরশু}

তরসা[1] [তর্‌শা] *অব্য* শীঘ্র; দ্রুত; তাড়াতাড়ি। {*স.* √তৃ+অস+*বা.* আ}

তরসা[2] [তর্‌শা] *অব্য* তফাত; ফাঁক; দূরে দূরে। {*স.* √তৃ+ অস+*বা.* আ}

তরসানো, তরসান [তরশানো] *ক্রি* দুঃখ দেওয়া; জ্বালাতন করা (মরা জানকে এ মিছে তরসানো আর—*নই*)। {*স.* ত্রাস>; *হি.* তর্সন}

তরসি (*ব্র.*) [তরসি] *ক্রিবিণ* সবেগ; সত্রাস (পরসিত তরসি করছি কর ঠেলি—*বিপ*)। {*স.* ত্রাস>*বা.* (স্বরাগমে) তরস+ই}

তরস্ত [তরোস্‌তো] *বিণ* ব্যস্ত; ব্যস্তসমস্ত; তটস্থ। {*স.* ত্রস্ত>স্বরাগমে}

তরস্থান ⇒ তর[4]

তরস্বান, তরস্বী (-স্বিন্) [তরোশ্‌শান্, -শ্‌শি] *বিণ* ১ বেগশালী; দ্রুতগামী। ২ বলবান। **তরস্বতী, তরস্বিনী** *স্ত্রী.*। {*স.* তরস্+বান (বতুপ্), বিন্(বিনি)}

তরা[1] [তরা] *ক্রি* ১ পার হওয়া; পার হয়ে যাওয়া; উত্তীর্ণ হওয়া। ২ উদ্ধার হওয়া (কতজন তরে গেল)। □ *বি* উক্ত উভয় অর্থে। **তরানো, তরান** *ক্রি* ১ পার করা। ২ উদ্ধার করা; সংকট থেকে পরিত্রাণ করা। □ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। **তরাম্বু** *বি* নৌকা; বৃহৎ ও প্রশস্ত নৌকা। **তরি**[1] *অক্রি* (*পদ্য.*) উদ্ধার করে (বিবাদ ঘুচালে এই সর্বত্রেতে তরি—*অঠা*)। {*স.* √তৃ+অ+*বা.* আ}

তরা[2] [তরা] *বি* ক্ষিপ্রতা; শীঘ্রতা। {*স.* ত্বরা>*প্রা.* তরা}

তরাই [তরাই] *বি* ১ পাহাড়-পর্বতের পাদদেশের স্যাঁতসেঁতে ও জঙ্গলময় অঞ্চল। ২ নেপালের একটি অঞ্চলের নাম। এ অঞ্চলের কপিলাবস্তুতে গৌতম বুদ্ধের জন্ম হয়। {*স.* তলভূমি>তলাই>}

তরাজ, তারাজ [তরাজ, তা-] *বি* লুণ্ঠন (মুল্লুক তারাজ করে তামাম লস্কর—*সৈহা*)। {*ফা.* তারাজ تاراج }

তরাজু, তরাজূ, তারাজু [তরাজু, -, তা-] *বি* তুলাদণ্ড; দাঁড়িপাল্লা; নিক্তি (তরাজুতে তুলিয়া তৌলেতে আদেশিল—*সৈআ*)। {*ফা.* তরাজু ترازو }

তরানা [তরানা] *বি* সুর; সঙ্গীত; উদ্বোধন-সংগীত বা

কবিতা (মোগলাই সঙ্গীতের তারানা—মুএ)। {ফা. তারানহ্ ترانه }

তরানো ⇒ তরা

তরাশ [তরাশ্] *বি* কাটা; কর্তন; ছেদন। **কলম ~** *বি* যে ছুরি দিয়ে কলম কাটা হয়। {ফা. তারস্ ترس }

তরাস¹ [তরাশ্] *বি* ভয়; ত্রাস (তরাস নেই—*আফ*)। **ভয়তরাসে** *বিণ* সব কিছুতে ভয় পায়; ভিতু। {স. ত্রাস>(স্বরাগমে), তুল. ফা. তারস্ ترس }

তরাস² [তরাশ্] (*মবা.*) *ক্রিবিণ* ১ বেগে; আঘাতের ফলে সঞ্চারিত বেগে; জোরে (তরাসে পড়িলী রথা ঝন্টি মাঝে—*বচদা*)। ২ লাঠি ও অসি খেলায় সাপটা আঘাতের বেগ। {ফা. তারস্ ترس }

তরি, তরী¹ [তোরি] *বি* তরণী; নৌকা; ডিঙ্গা ইত্যাদি (আমি ভরা তরী করি ভরাডুবি—*নই*)। {স. √তৃ+ই, ঈ}

তরিক [তোরিক] *বি* খেয়াঘাটের শুল্ক আদায়কারী। {স. তর+ইক(ঠন্)}

তরিকা¹ [তোরিকা] *বি* ১ ছোট নৌকা। {আ. তারিকাহ طريقه }

তরিকা², **তরীকা** [তোরিকা] *বি* পদ্ধতি; পথ; পন্থা; নিয়ম; প্রণালি (চার তরিকা মানিয়া চলিতে হয়—*মুম*)। {আ. ত়রীকাহ্ طريقة }

তরিত [তোরিতো] *বিণ* পার হয়েছে এমন; পার করে দেওয়া হয়েছে এমন। {স. √তৃ+ত(ক্ত)}

তরিত্র [তোরিত্‌ত্রো] *বি* ১ যার সাহায্যে পার হওয়া যায়। ২ নৌকা প্রভৃতি। {স. তরি+√ত্রৈ+অ(ক)}

তরিতরকারি ⇒ তরকারি

তরিবৎ ⇒ তরিবত

তরিবত, তরিবৎ [তোরিবত্] *বি* ১ শিক্ষা; তালিম। ২ আদব কায়দা (এদের কেউই কাশী কিংবা লক্ষ্ণৌয়ের মত তরিবৎ করে জিনিষটার রস উপভোগ করতে জানে না—*সৈমু*)। ৩ উপদেশ। {আ. তার্বিয়ত تربية }

তরী ⇒ তরি

তরীকা ⇒ তরিকা²

তরু [তোরু] *বি* বৃক্ষ; গাছ। **~কুলেশ্বর** *বি* আম্রবৃক্ষ (হায়রে যেমতি হেমলতা আলিঙ্গয়ে তরু-কুলেশ্বরে—*মদ*)। **~কোটর** *বি* বৃক্ষকাণ্ডস্থ গর্ত; গাছের গায়ে যে গর্ত থাকে। **~তল, ~মূল** *বি* বৃক্ষতলদেশ; গাছতলা। **~নখ** *বি* কাঁটা; কন্টক। **~বিলাসিনী** *বি* নবমল্লিকা। **~ভুক** *বি* পরগাছা। **~মৃগ** *বি* শাখামৃগ; বানর। **~রাগ** *বিণ* নবপল্লব; কিশলয়। **~রাজ, ~বর** *বি* ১ বৃক্ষশ্রেষ্ঠ। ২ বট, অশ্বত্থ, তাল প্রভৃতি বড় বড় গাছ। **~রুহা** *বি* পরগাছা। **~শির** *বি* গাছের আগা বা মাথা। **~সার** *বি* ১ বৃক্ষের সার ভাগ। ২ কর্পূর। {স. √তৃ+উ}

তরুই ⇒ তরই

তরুণ [তোরুন্] *বিণ* ১ কিশোর। ২ নবযৌবন লাভ করেছে এমন। ৩ নতুন (তরুণ জ্বর)। ৪ নবোদিত (তরুণ রবি)। ৫ অপরিণত; অপরিপক্ব; কাঁচা; অল্প (তরুণ বয়স, তরুণ যুবক)। ☐*বি* ১ নব-যুবক। ২ কিশোর; বালক। **তরুণতা, তরুণত্ব, তারুণ্য** *বি* ১ তরুণ অবস্থা। ২ নবযৌবন। ৩ কৈশোর। ৪ অপরিপক্বতা; অনভিজ্ঞতা। **তরুণিমা** *বি* তারুণ্য; যৌবন। **তরুণী** *বি স্ত্রী.* যুবতী; নবযৌবনপ্রাপ্তা স্ত্রীলোক। {স. √তৃ+উন(উনন্)}

তরোট [তোরোট্] *বি* গেঁড়; পদ্মের মূল। {স. তরট}

তরে *অব্য* (*পদ্য.*) জন্য (সকলের তরে সকলে আমরা—*কামা*)। {স. অন্তরে}

তরোয়াল ⇒ তরওয়াল

তর্ক, তক্ক [তর্‌কো, তক্‌কো] *বি* ১ বাদানুবাদ; যুক্তি ও পাল্টা যুক্তি প্রদান; কথা কাটাকাটি; বচসা; কলহ। ২ যুক্তি; বিচার; বাহাস। ৩ ন্যায়শাস্ত্র। ৪ শঙ্কা; সংশয় (মনে তর্ক জাগছে যা করলাম তা ঠিক কিনা)। ৫ হেতু; কারণ। ৬ অনুমান; সন্দেহ। **তর্কক** *বিণ* তর্ক করে এমন; তার্কিক। **~জাল** *বি* ১ তর্কের ফাঁদ। ২ যুক্তিজাল। ৩ বহু তর্ক, বহু যুক্তি। **~বিতর্ক, তর্কাতর্কি** *বি* বচসা; বিবাদ; অনুকূল ও প্রতিকূল যুক্তি প্রদর্শনমূলক কথা কাটাকাটি; বাদ-প্রতিবাদ; debate। **~বিদ্যা, ~বিজ্ঞান, ~শাস্ত্র** *বি* ন্যায়শাস্ত্র; logic। **তর্কাভাস** *বি* কুতর্ক; যুক্তিহীন বাজে তর্ক; ত্রুটিপূর্ণ যুক্তি; অকিঞ্চিৎকর যুক্তি। **তর্কিত** *বিণ* ১ বিচারিত। ২ আলোচিত। ৩ অনুমিত। ৪ উৎপ্রেক্ষিত। **তর্কী** *বিণ* ১ তার্কিক; তর্ককারক। ২ তর্কনিপুণ। ৩ নৈয়ায়িক; ন্যায়শাস্ত্রবেত্তা। **তর্কে তর্কে, তক্কে তক্কে** *বি* বাদপ্রতিবাদ ছলে; তর্কচ্ছলে; তর্কেবিতর্কে। {স. √তর্ক্+অ(অচ্)}

তর্কু [তোর্‌কু] *বি* টাকু; সুতা কাটার যন্ত্র; তকলি; চরকা। {স. কৃৎ+উ(নিপাতনে)}

তর্ক্ষু ⇒ তরক্ষু

তর্জন [তর্‌জোন্] *বি* ১ ক্রোধযুক্ত গর্জন; ক্রুদ্ধ আস্ফালন। ২ তীব্র ভর্ৎসনা। ৩ ভীতি প্রদর্শন; শাসানো (শকুন্তলা রাজার অগোচরে প্রিয়ংবদাকে ভ্রূভঙ্গী ও অঙ্গুলি দ্বারা তর্জন করিতে লাগিলেন—*ঈবি*)। **~গর্জন** *বি* সক্রোধে ও সগর্জনে উচ্চৈস্বরে ভর্ৎসনা; ঐরূপ আস্ফালন। {স. √তর্জ্+অন(ল্যুট্)}

তর্জনী [তর্‌জোনি] *বি* হাতের বৃদ্ধাঙ্গুলি ও মধ্যমার মধ্যবর্তী আঙ্গুল; যে আঙ্গুল নেড়ে তর্জন করা হয়। {স. √তর্জ্+অন(ল্যুট্)+ঈ(ঙীপ্)}

তর্জমা ⇒ তরজমা

তর্জমান [তর্‌জোমান্] *বি* অনুবাদক; ব্যাখ্যাতা; interpreter (নিজকে চেনো, হও তুমি ভাই আল্লাতালার তর্জমান—*গোমো*)। {আ. তর্জুমান ترجمان }

তর্জা ⇒ তরজা

তর্জানো, তর্জান [তর্‌জানো] *ক্রিবিণ* তর্জন করা; আস্ফালন করা; গর্জন করা; শাসন করা। ☐*বি* গর্জন। {স. √তর্জ্+আনো}

তর্জিত [তোর্‌জিতো] *বিণ* ১ তীব্রভাবে ভর্ৎসিত বা তিরস্কৃত। ২ তাড়িত। ৩ ভীতিপ্রদর্শিত। ☐*বি* উপরোক্ত অর্থে। {স. √তর্জ্+ত(ক্ত)}

তর্তিব ⇒ তরতিব

তর্পণ [তর্‌পোন্] *বি* ১ হিন্দুমতে মৃত পূর্বপুরুষের সন্তুষ্টির জন্য জীবিত বংশধর কর্তৃক জলদান; সন্তোষদান; তৃপ্তিদান। ২ তৃপ্তিসাধন। **তর্পিত** *বিণ* ১ তর্পণ করা হয়েছে এমন। ২ তৃপ্তিপ্রাপ্ত; সন্তোষিত; তোষিত। {স. √তৃপ্+অন(ল্যুট্)}

তর্পী (-পিন্) [তোর্পি] *বিণ* ১ তর্পণকারী। ২ তৃপ্তিকারক; তর্পক। *স্ত্রী.* **তর্পিণী**। { *স.* √তৃপ্+ইন(ইনি)}

তল [তল্] *বি* ১ অধোভাগ; নিম্নদেশ; যে অংশ নীচে অবস্থিত (পদতল)। ২ মূল (বৃক্ষতল)। ৩ পুকুর নদী সাগর প্রভৃতির জলের নিম্নস্থ ভূমি (নদীতল)। ৪ উপরিভাগ; উপরের অংশ (ধরাতল)। ৫ ক্ষেত্র (স্থান, সমতল)। ৬ হাতের চেটো (করতল)। ৭ গৃহাদির তলা (ত্রিতল)। ~**পেট** *বি* উদরের নিম্নাংশ; নাভি ও মূত্রাশয়ের মধ্যবর্তী দেহাংশ। **তল প্রহার** *বি* চড়; চপেটাঘাত। **তলেতলে** *ক্রিবিণ* গোপনে; নিজেকে গোপন করে; গুপ্তভাবে। { *স.* √তল্+অ(ঘঞ্)}

তলওয়ার ⇒ তলোয়ার

তলক [তলোক] *বিণ* ঝাঁঝালো; কড়া; তীব্র (তলক তামাক)। { *ফা.* তল্‌খ্ تلخ }

তলতল [তল্‌তল্] *অব্য* অত্যধিক নরম অবস্থা; প্রায় গলা অবস্থা; তুলতুল (তলতল করা)। **তলতলে** *বিণ* অত্যন্ত নরম; প্রায় গলিত; তুলতুলে। { *ভাবাত্মক শব্দ,* টলটল>; *স.* √তল্>}

তলতা, তলদা, তল্লা [তল্‌তা, -দা, -লা] *বি* এক জাতীয় সরু নরম ফাঁপা বাঁশ (পাঁজরের সমস্ত হাড়গুলো তলতা বাঁশের বাঁশির মত করুণ সুরে সহসা বেজে উঠল —*অঠা*)। { *স.* তরল>}

তলত্র [তলোত্‌ত্রো] *বি* দস্তানা; করতলত্র। { *স.* তল+ √উত্র+অ}

তলপি, তলপী, তল্পি, তল্পী [তোল্‌পি] *বি* ১ গাঁটরি; বোঁচকা (তাই হইয়াছে নুড়ো-মুখ যত বুড়োর তল্পীবাহক ?—*নই*)। ২ বিছানাপত্র বা অন্যান্য জিনিসের গাঁটরি। --**তলপা/তল্পা, তলপা/তল্পা**-- *বি* বিছানা-পত্র বা অন্যান্য জিনিসপত্রের বোঁচকা; বাস করবার ইচ্ছায় যেসব দ্রব্য সঙ্গে থাকে বা আনা হয় (সঙ্গে সঙ্গে আমাদের তল্পিতল্পা গুটাইবার তোড়জোড় চলিতে লাগিল—*শামা*)। ~**দার** *বি* তলপিবাহক; ভৃত্য; মোটবাহী চাকর; মুটে। ~**বাহক** *বি* মোটবাহী চাকর; অনুচর; ভৃত্য (শ্বশুরবাড়ি অভিমুখে তলপি-বাহকসহ রওয়ানা হইতেন—*বিব*)। { *স.* তল্প+*বা.* ই=তলপি}

তলব, তলপ (বিরল) [তলোব্, -প্] *বি* ১ ডেকে পাঠানো; হাজির হবার আদেশ; ডাক; আহ্বান (হয়ত ফৌজ তলব করতে হবে—*জহা*)। ২ বেতন (এজন্য তলব কিছুই মিলত না—*শেখ হবিব*)। { *আ.* তৃলব طلب }

তলবানা [তলবানা] *বি* আদালতে উপস্থিত হবার আদেশ বা সমন; সমন জারি করার খরচা। { *আ.* তৃলব طلب }

তলা [তলা] *বি* ১ নিম্নস্থান; তলদেশ; অধোভাগ (পায়ের তলা)। ২ মূল (গাছতলা)। ৩ স্থান; জায়গা (কলতলা, রথতলা)। ৪ গৃহের তল; এক বা একাধিক তলবিশিষ্ট অট্টালিকার ছাদসহ এক একটি অংশ (পাঁচতলা)। ~**খাঁকতি** *বিণ* অভাবগ্রস্ত। ~**গুছি** *বি* ভিতরে ভিতরে সাহায্য। ~**চোঁয়া** *বি* ১ তলা ছিদ্র হওয়ার দরুন যা থেকে জল পড়ে যায়। ২ সম্বলহীন; দরিদ্র। ~**ফাঁক** *বিণ* ১ নিঃসম্বল; দরিদ্র। ২ ঋণগ্রস্ত। ~ **ফেলা** *ক্রি* চারা উৎপাটন করার জন্য জমি প্রস্তুত করে বীজ ফেলা। **তলায় তলায়** *ক্রিবিণ* ভিতরে ভিতরে; গোপনে গোপনে। ~**রসা** *বিণ* ভিতরে রস আছে যার; অবস্থাপন্ন। ~**শূন্য (বা তলাহীন) ঝুড়ি** ১ যে ঝুড়ির তলদেশ নেই; botomless basket। ২ (*আল.*) প্রচুর অর্থ দান করেও যে দুর্গতকে উদ্ধার করা অসম্ভব। { *স.* তল+*বা.* আ}

তলাই, তালাই [তলাই, তালাই] *বি* চাটাই; চেটাই; দর্মা। { *স.* তল+*বা.* আই}

তলাট, তল্লাট, তল্লাটি [তলাট্, তল্‌লাট্, তল্‌লাটি] *বি* অঞ্চল; ভূভাগ; প্রদেশ; বহুদূরব্যাপী স্থান (ধন্য সে নারী তলাটে নাহিক আর—*চদা*; এ তল্লাটে একজনও ডাক্তার নেই; তখন এ তল্লাটি ঝোপ-জঙ্গলে ঘেরা—*জউ*)। { *স.* তল+*বা.* অট}

তলাড়ু [তলাড়ু] *বি* পরাজিত। ২ বাজিতে হেরে যাওয়া। {তলা+ড়ু}

তলাতল [তলাতল্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত সাতটি পাতালের একটি। ২ পাতাল। ৩ রসাতল। { *স.* তল+অতল}

তলানি [তলানি] *বি* গাদ; কাইট; ক্বাথ; যা থিতিয়ে নিচে পড়ে। {তলা+আনি}

তলানো [তলানো] *ক্রি* ১ ডোবা; ডুবে যাওয়া; জলের নিচে চলে যাওয়া (নদীতে তলিয়ে যাওয়া)। ২ কোনো কিছুর মধ্যে নিমজ্জিত হওয়া। ৩ হৃদয়ে প্রবেশ করা; স্পষ্টভাবে উপলব্ধি করা; তাৎপর্য বা গূঢ় মর্ম উপলব্ধি করা (কথা তলিয়ে বোঝা; বাঁধা রঙ ও রূপের পাথারে তলিয়ে নিয়ে চলাই রেখার কাজ—*অঠা*)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **পেটে তলানো** *ক্রি* পরিপাক হওয়া; পেটে থাকা; বমি হয়ে বের না হওয়া (তার পেটে কোন কিছু তলাচ্ছে না, যা খাচ্ছে তাই উঠে আসছে)। { *স.* তল+*বা.* আনো}

তলাপাত্র [তলাপাত্‌ত্রো] *বি* হিন্দু রাঢ়ীয় ব্রাহ্মণের উপাধিবিশেষ। { *স.* তলাপাত্র}

তলাব, তালাব, তলাও, তালাও [তলাব্, তালাব্, তলাও, তালাও] *বি* পুকুর; দিঘি (ভরিয়া উঠিবে তলাব —*পূগী*; পুরান তালাবের ভাঙ্গা ঘাটলায়—*ইখাঁ*)। { *ফা.* তালাব تالاب }

তলাভিঘাত [তলাভিঘাত্] *বি* চড়; চাপড়। { *স.* তল+ অভিঘাত}

তল্লাশ, তল্লাস [তল্‌লাশ্] *বি* খোঁজখবর; সন্ধান; অনুসন্ধান (লোক তল্লাস করিয়া দিল্লী যাইতেছে—*প্যামি*)। **তল্লাশি, তল্লাসি** *বি* অনুসন্ধানের কাজ; খোঁজ; তল্লাশ। □*বিণ* অনুসন্ধানের অধিকারসংবলিত পত্র (তল্লাশি পরোয়ানা)। **খানা**~ অবৈধভাবে লুক্কায়িত কোনো লোক বা দ্রব্যের অন্বেষণে কারও গৃহ অনুসন্ধান। { *ফা.* তালাশ تلاش }

-তলি, -তলী [তোলি] *বি* উপকণ্ঠ; নিকটবর্তী অঞ্চল; প্রান্ত (শহরতলি)। { *স.* স্থলী>}

তলিত [তোলিতো] *বিণ* ভাজা; তেলে বা ঘিয়ে-ভাজা (বড় বড় ইছা মাছ করিল তলিত—*বিগু*)। { *স.* √তল্+ *বা.* ইত}

তলোয়ার, তলওয়ার, তরওয়াল, তরবার [তলোয়ার্, তল্‌ওয়ার্, তর্‌ওয়াল্, তরোবার্] *বি* তরবারি; অসি (পেয়ালায় হেথা শহীদী খুন; তলোয়ার চোঁয়া তাজা তরুণ—*নই*)। { *স.* তরবারি>}

তল্প [তলপো] *বি* ১ শয্যা; বিছানা। ২ গৃহ; ঘর। ৩ ভার্যা (গুরু তলাশ)। ৪ শয্যা। **তল্পক** *বি* ১ শয্যাপ্রস্তুতকারক। ২ ফরাশ। **–কীট** *বি* ছারপোকা। { *স.* √তল্+প(পক্)}

তল্পি, তল্পী তল্পিদার, তল্পিবাহক ⇒ তলপি

তল্ল [তল্‌লো] *বি* ১ গহ্বর। ২ তলান্ত; পুকুর। { *স.* তল্+ল; *তুল. ফা.* তালাব تلاب }

তল্লাক ⇒ তালক

তল্লাট, তল্লাটি ⇒ তলাট

তল্লাবাঁশ [তল্‌লাবাঁশ] *বি* এক জাতীয় বাঁশ (মামার দেশেতে তল্লা বাঁশের খুব ভাল বাঁশী হয়—*জউ*)। { *স.* তরল>তল্লা+ *স.* বংশ>বাঁশ}

তল্লাশ, তল্লাস ⇒ তলাশ

তল্লিকা [তোল্‌লিকা] *বি* ছিন্ন বস্ত্রাদির তালি। { *স.* তল্ল+ ইক(ষ্ঠন্)+আ(টাপ্)}

তশতরি, তশতরী [তশ্‌তোরি] *বি* ছোট রেকাবি; পিরিচ (চালের ফিরনী তশ্‌তরী ভরি—*নই*)। { *ফা.* তাশ্‌ত تشت, *ফা.* অথবা তশতকী تشتکی }

তশবিহি, তশবীহি [তশ্‌বিহি] *বিণ* বাহ্যিক আকৃতিগত (তশবীহি রূপ এই যদি তাঁর 'তনজিহি' কিবা হয়—*নই*)। { *আ.* তাশ্‌বীহী تشبیهی }

তশরিফ, তসরিফ [তোশ্‌রিফ] *বি* ১ মহত্ত্ব দান। ২ উপস্থিত; পদার্পণ; হাজির (মেহেরবানি করে তশরিফ আনুন অর্থাৎ দয়া করে আসুন)। ৩ (সম্ভ্রমার্থে) উপবেশন; বসা (তশরিফ রাখুন অর্থাৎ বসতে আজ্ঞা হোক)। { *আ.* তাশরিফ تشریف }

তশলা [তশ্‌লা] *বি* ১ খিল; হুড়কা। ২ গাড়ির চাকার সঙ্গে লাগানো স্প্রিং। ৩ পিতলের রন্ধনপাত্র। { *হি.* তস্‌লা}

তশাহহুদ ⇒ তসহদ

তষ্ট [তশ্‌টো] *বিণ* চাঁছা; র্যাঁদা বা পাতলা করা হয়েছে এমন। **তষ্টা** *বি* সূত্রধর; ছুতার। { *স.* √তক্ষ্+ত(ক্ত)}

তসদিক, তসদীক ⇒ তজদিগ

তসনস [তস্‌নস্] *বি* তছনছ; ধ্বংস; উল্টা–পাল্টা; বিপর্যয়। { *আ.* তাহাসনাহাস تحس نحس }

তসনিফ, তছনীফ [তোস্‌নিফ] *বি* রচনা সংকলন। { *আ.* তাস্‌নীফ تصنیف }

তসবি, তসবিহ, তছবি, তছবিহ [তস্‌বি, তোস্‌বিহ্, তোছবি, তোছবিহ্] *বি* মুসলমানি জপমালা; আল্লাহর নাম বা দোয়া দরুদ পাঠের সময়ে নির্দিষ্ট সংখ্যা গণনার জন্য দানা বা গুটির মালাবিশেষ (তসবিতে জপি যত তার নাম— *নই*; হাতে 'তছবিহ' টানিতেছে—*মাউআ*)। ২ তসবির মালা করাঙ্গুলির সাহায্যে গণনা (তসবি পড়া)। { *আ.* তাসবীহ্ تسبیح }

তসবির, তসবীর [তস্‌বির] *বি* ছবি; চিত্র; প্রতিমূর্তি (মঞ্জিলে এনে দেখাইলে কার—অপরূপ তসবীর—*নই*)। { *আ.* তাস্‌বীর تصویر }

তসবিহ ⇒ তসবি

তসর [তসোর] *বি* ১ গুটিপোকার রসজাত সুতা; গুটিপোকার সুতা থেকে তৈরি এক প্রকার মোটা কাপড় (তসরের কোট)। ২ একপ্রকার রেশম। **তসরে** *বিণ* তসরজাত; তসরে তৈরি (তসরে শাড়ি)। { *স.* ত্রসর>}

তসরিফ ⇒ তশরিফ

তসরুফ, তসরূপ ⇒ তছরুপ

তসলা [তস্‌লা] *বি* ১ পিতলের বা মাটির রন্ধনপাত্রবিশেষ; বোগনা। ২ খিল; হুড়কা। { *হি.* তস্‌লা}

তসলিম, তসলীম [তোস্‌লিম্] *বি* ১ মুসলমানি অভিবাদন; সালাম (মরণের তব স্মরণ–তীর্থে মরমের তসলীম—*শাহেদ*)। নমস্কার; শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন। ২ বাদশাহের দরবারে অবনত হয়ে শ্রদ্ধা নিবেদনের পদ্ধতিবিশেষ। **– করা** *ক্রি* ১ শ্রদ্ধাসহ সালাম করা। ২ তর্কে স্বীকার করে নেওয়া। **তসলিমাত, তসলিমাৎ** *বি* বারবার সালাম। { *আ.* তাসলিম تسليم, *বহুব.* তাসলিমাত تسليمات }

তসল্লি, তসল্লী [তসোল্‌লি] *বি* সান্ত্বনা; প্রবোধ (কত সে ক্লান্ত বেদনা–দগ্ধ মুসাফির এরই মূলে বসিয়া পেয়েছে মা'র তসল্লি সব গ্লানি গেছে ভুলে—*নই*)। { *আ.* তাসল্লী تسلی }

তসহদ, তশাহহুদ [তশ্‌হুদ, তশাহ্‌হুদ] *বি* সাক্ষ্য—আমি সাক্ষ্য দিই যে আল্লাহ ব্যতীত উপাস্য নাই আর সাক্ষ্য দিই যে মুহম্মদ (স.) তাঁর বান্দা ও রসুল (চতুর্থে তসহদ আত্তাহিয়াত পড়ায়—*হেমা*)। { *আ.* তশহ্‌হুদ تشهد }

তসিল ⇒ তহসিল

তসু, তছু (*ব্র.*) [তোসু] *সর্ব* তার (তব জন যেবা তসু রিপু কেবা যম দেই সেবা শির পরিলম্বে—*ভারা*)। { *স.* তস্য>}

তস্কর [তশ্‌কর] *বি* চোর; অপহরণকারী; অপহারক। **–তা** *বি* তস্করের বৃত্তি; চুরি; চৌর্য। { *স.* তদ্+√কৃ+অ(ট)}

তস্ত [তস্‌তো] *বি* তশতরি; পাত্র; থালা (সুবর্ণের তস্তে করি দিল তার আগে—*হেমা*)। { *ফা.* তাশত تشت }

তস্য [তোশ্‌শো] *সর্ব* তার। { *স.* তদ্ ষষ্ঠী একব }

তহ [তহ্] *বি* ১ খরচ; খাজনা (আমি ত বাজারীদের তিন বৎসরের তহ মাফ করিয়া দিতেছি—*গোহা*)। ২ ভাঁজ; তল; নিচু। **–ই–বাজারি** *বি* বাজারে বা হাটে কোনো কিছু বিক্রি করতে গেলে ইজারাদারকে যে খাজনা দিতে হয় (এখন ধান লইয়া চাল লইয়া তাহারা হাজারী হাটে বিক্রয় করিতে গেলে তাহাদিগকে তহ–ই–বাজারি দিতে হয়—*গোহা*)। **–খরচ, তখরচ** *বি* হিসাবের অতিরিক্ত খরচ; বাজে খরচ; আনুষঙ্গিক খরচ। { *ফা.* তহ ته }

তহকিক, তহ্‌কিক, তহকীক [তহ্‌কিক্] *বি* সত্য নির্ণয়ের চেষ্টা; তদন্ত; গবেষণা। □ *ক্রিবিণ* বাস্তবিক (নহে ত আলীর হাতে হারাইবে জান। তহকিক জানিবে আজি মউত নিদান—*সৈহা*)। { *আ.* তাহ্‌কীক تحقيق }

তহখানা, তয়খানা, তায়খানা [তহ্‌খানা, তয়্–, তা–] *বি* মাটির নিচের ঘর; ভূগর্ভস্থিত কক্ষ (বালাখানায় ও তহখানায় লোক পরিপূর্ণ—*রাম*)। { *ফা.* তহ্‌খানহ্ ته خانه }

তহফা, তোহফা, তোফা [তহ্‌ফা, তো–, তোফা] *বি* ১ তোহ্‌ফা; উপহার; উপঢৌকন (বিস্তর বিস্তর তহফা আদি দিয়া বাদসাহের হুজুরে দরপেস হইলেন—*রাম*)। ২ উপহারযোগ্য অতি উৎকৃষ্ট বস্তু; উৎকৃষ্ট; খাসা। { *আ.* তুহ্‌ফাহ্ تحفة }

তহবন্দ [তহ্‌বনদ্] *বি* তহবন; তবন; লুঙ্গি (পরনে গেরুয়া

তহবন্দ শও)। { *ফা.* তাহবন্দ ته بند }

তহবিল, তবিল, তফিল [তহোবিল্, তোবিল্, –ফি–] *বি* সঞ্চিত নগদ টাকাকড়ি; ধনভাণ্ডার; পুঁজি (চাকরীর তবিলে জমা ছিল না কিছু—*অচিসে*)। **তহবিলদার, তবিলদার** *বি* জমা টাকার হেফাজতকারী; কোষাধ্যক্ষ; cashier। **তহবিলদারি, তবিলদারি** *বি* তহবিলের কাজ; কোষাধ্যক্ষের কাজ (আমায় দে মা তবিলদারি—*রাসে*)। **তহবিল তসরুফ, তহবিল ভাঙা** *বি* তহবিল থেকে বেআইনি খরচ বা চুরি। { *আ.* তাহ্বীল تحويل }

তহমত, তোহমৎ [তহ্মত, তো–] *বি* অপবাদ; মিথ্যা দোষারোপ বা দুর্নাম (আমি তাহাদিগের লেখাপড়ার ও ঔষধপত্রের জন্য বিশেষ ব্যয় করিতেছি আবার আমার উপর এই তহমত—*প্যামি*; কেন ওসমান সরকার তোমার নামে এই তহমত দিতেছে—*মুম*)। **তহমতি** *বি,বিণ* অপরাধী; আসামি। { *আ.* তুহ্মত تهمة , *আ.* তুহম}

তহরি, তহুরি, তহরির [তহোরি, –হু–, তহোরির্] *বি* ১ দলিল ও চিঠিপত্রাদি লেখার পারিশ্রমিক। ২ প্রজার নিকট থেকে নির্ধারিত খাজনার অতিরিক্ত যে অর্থ আদায় করা হয়। ৩ দোকানদার; খরিদ্দারের ভৃত্যকে যে বখশিশ দেওয়া হয়। { *আ.* তাহ্রীরী تحريرى }

তহরিমা, তহরীমা [তহ্রিমা] *বি* যে নিয়ত দ্বারা অন্যান্য কাজকে নিষিদ্ধ করা হয় যেমন—নামাজের প্রারম্ভে 'আল্লাহু আকবর' বলে একাগ্রচিত্তে বুকে বা নাভিস্থলে হাত বেঁধে নামাজে রত হওয়া; নামাজের নিয়ত করা; তকবির–ই–তহরিমা (আসরে ক্লান্ত তুলিয়াছি শুধু বৃথা তহরিমা বেঁধে—*নই*)। { *আ.* তাহ্রিমাহ تحريمة }

তহরির, তহরীর [তহরির্] *বি* লেখা; রচনা। { *আ.* তাহ্রীর تحرير }

তহশিল ⇒ তহসিল

তহসিল, তহশিল, তহসীল [তহোশিল্, –, তোশিল্] *বি* ১ আদায়কৃত খাজনা; রাজস্ব। ২ খাজনা বা কর আদায় (পুঁজিপতিদের টাকা তহসিলের ব্যবস্থা করিলেন: তহশিল সম্বন্ধে পূর্বে এত কষাকষি কোনোদিন ছিল না—*রঠা*)। ৩ খাজনা গ্রহণের দফতর। **–দার** *বি* ১ তহসিলের ভারপ্রাপ্ত কর্মচারী। ২ খাজনা আদায়কারী; কর সংগ্রাহক। **–দারি** *বি* তহসিলদারের কাজ বা বৃত্তি। { *আ.* তাহ্সীল تحصيل }

তহি, তহিঁ(*ব্র.*) [তোহি, –হিঁ] *অব্য* ১ সেখানে; তথায়। ২ অধিকন্তু। ৩ অথচ। ৪ তার মধ্যে; তখন। { *স.* তস্মিন্> }

তহুরা–শরাব [তোহুরা শরাব্] *বি* বেহেশতের পবিত্র পানীয়–বিশেষ (কওসর বারি তহুরা–শরাব তুমি পান কর, জুড়াও বুক *মোম*)। { *আ.* শরাবান্–তুহুরা شرابا طهورا }

তহুরি ⇒ তহরি

তা[১] [তা] *বি* ডিম ফোটাবার জন্য উপরে বসে পাখির তাপ বা উত্তাপ দান। { *স.* তাপ>তা}

তা[২] [তা] *বি* পাক; মোচড় (গোঁফে তা দেওয়া)। **গোঁফে দেওয়া** *ক্রি* ১ গোঁফ পাকানো। ২ সপক্ষে কাজ সম্পাদন। ৩ সাফল্য সম্ভাবনায় নিশ্চিত হওয়া। { *ফা.* তা ... }

তা[৩] [তা] *বি* সম্পূর্ণ একটা; এক দিস্তার চব্বিশ ভাগের একভাগ (এক তা কাগজ)। { *ফা.* তহ্ ته }

তা[৪] [তা] *অব্য* ১ কথার মাত্রা (তা তুমি বল্লে হবে)। ২ কিন্তু; তথাপি (রোজই ভাবি ফোন করব তা কাজের চাপে আর হয়ে ওঠে না)। ৩ আচ্ছা (তা তুমি কি বলো?)। { *স.* তাবৎ>*প্রা.* তা}

তা[৫] ⇒ তাহা

–তা ⇒ –ত্ব

তাই[১] [তাই] *অব্য* সাধুরীতিতে 'তাহাই' (যা চাও তাই পাবে)। **– বলে** *ক্রিবিণ* তা বলে; সেজন্য; সে কারণে; তার জন্য (তাই বলে একাজ হবে না?)। { *বা.* *স.* তদ্>তাহা, তা}

তাই[২] [তাই] *অব্য* সুতরাং; সেজন্য (জানে না তাই অমন কথা বলে)। **–তো, –ত** *অব্য* ১ সেজন্য; তজ্জন্য (মূর্খ, তাইতো অমন আচরণ)। ২ নিশ্চয়তাসূচক; বিস্ময়সূচক; হতবুদ্ধিতা প্রকাশ (তাইতো, ঠিকই বলেছিলে!)। **–তে** *অব্য* ১ সেজন্য; তজ্জন্য (একটু ব্যস্ত ছিলাম তাইতে যেতে পারিনি)। ২ তার উত্তরে (তাকে ডেকেছিলাম তাইতে একথা শোনান)। **– নাকি** *অব্য* বিস্ময়ব্যঞ্জক; সন্দেহ প্রকাশক; বিদ্রূপব্যঞ্জক; প্রশ্নবোধক (তাই নাকি? তুমিও ছিলে সেখানে?)। { *স.* তদ্> }

তাই[৩] [তাই] *বি* (শিশুর) করতালি; হাততালি (তাই তাই তাই, মামা বাড়ি যাই—*ছড়া*)। { *স.* তালিক> *হি.* তালী}

তাইদ[১] [তায়িদ্] *বি* ১ তাকিদ; তাগাদা। ২ স্মারকলিপি; reminder। { *আ.* তা'য়ীদ تائيد }

তাইদ[২], **তাঈদ** [তায়িদ্] *বি* ১ সহায়তা; তরফদারি। ২ সমর্থন। ৩ সমর্থক প্রমাণপত্র। ৪ পৃষ্ঠপোষকতা। **––ই–দাওয়া** *বি* দাবির সমর্থক প্রমাণপত্রাদি। **– এজহার** *বি* ১ পৃষ্ঠপোষক বিবরণ। ২ সমর্থক বিবৃতি। **–গির** *বি* সহায়ক; সাহায্যকারী। **–নবিশ** *বিণ* তাইদ লেখক; তাগাদাপত্রের লেখক (ভজগোবিন্দ চক্রবর্তী নামে একজন তাইদনবীশ সেই কালেক্টরী আপিসে থাকে—*বচ*)। **–নবিশি** *বি* তাইদ লেখকের বৃত্তি। { *আ.* তা'য়ীদ تائيد }

তাইদাদ ⇒ তায়দাদ

তাইরে নাইরে, তাইরে নাইরে না [তাইরে নাইরে, –না] *অব্য* ১ গানের ধ্বনি। ২ উদ্দেশ্যহীনভাবে বাজে কাজে সময় নষ্ট (তাইরে নাইরে করে দিন কাটানো)। ৩ অক্ষমতাজ্ঞাপক (সঠিক জবাব না দিতে পেরে শেষে তাইরে নাইরে না)। {তাই+রে+ নাই+রে,+না}

তাঈদ ⇒ তাইদ

তাউই, তাওই, তালই, তালুই [তাউই, –ও–, তালোই, –লু–] *বি* ভাই বা বোনের শ্বশুর (বাবা তো নয় তালুই—*অচিসে*)। { *স.* তাত> }

তাউত [তাউত্] *বি* শুশ্রূষা ও পরিচর্যা। { *আ.* তা'য়ীদ تائيد }

তাউস, তায়ুস, তায়ুশ [তাউস্] *বি* ১ ময়ূর। ২ তার যন্ত্র যেটির মাথা ময়ূরের মুখের মতো। **তখ্ত তাউস** *বি* ময়ূর সিংহাসন। { *আ.* তাউস طوس }

তাও[১] [তাও] *বি* উষ্ণতা; উত্তাপ; তাপ। ২ গরম মেজাজ; ক্রোধ; কোপ। **– দেওয়া** *ক্রি* আগুনে বাতাস দেওয়া;

কামারশালে যাঁতা বা স্বর্ণকারের নল দিয়ে আগুনে বাতাস দেওয়া। { স. তাপ> }

তাও² [তাও] *সর্ব* তাহাও (তাও কি আবার বলতে হবে?)। { স. তদ্> }

তাও³, তা [তাও] *বি* ১ কাগজ বা কাপড়াদির ভাঁজ। ২ কাগজের তা। { 'তা'-এর উচ্চারণভেদ; *ফা.* তাহ্ ته }

তাওই ⇒ তাউই

তাওক্কাল ⇒ তওয়াক্কল

তাওয়া¹ [তাওয়া] *বি* ১ ধাতুনির্মিত পাত্র যাতে রুটি ভাজা বা আগুনে সেঁকা হয়; চাটু। ২ তুষ, কাঠ, কয়লা ইত্যাদির আগুন জ্বেলে রাখবার জন্য মাটির পাত্রবিশেষ। ৩ কলকিতে বসানোর ক্ষুদ্র চাকতি। ৪ যাঁতা; যে চামড়ার যন্ত্র দিয়ে হাঁপরে বাতাস দেওয়া হয়। { *ফা.* তাব্‌হ تاوه ; তাবহ্ تابه }

তওয়াক্কুল ⇒ তওয়াক্কল

তাওয়া², তাওয়ানো [তাওয়ানো] *ক্রি* ১ তাতানো; গরম করা। ২ হাঁপরে পুড়িয়ে লাল করা। ৩ *(আল.)* চটানো; উত্তেজিত করা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* তাপ>তাও+আ, আনো }

তাং [তাঙ্] *বি* তারিখ-এর সংক্ষিপ্ত রূপ। { *আ.* তারিখ تاريخ > }

তাংড়ানো [তাঙ্‌রানো] *বি* ১ সাজিয়ে গুছিয়ে রাখা। ২ সঞ্চয়। ৩ আঁটানো; ধরা বা ধরানো (এই গ্লাসটায় একপোয়া দুধ তাংড়াবে তো?)। { *স.* ত্র্যঙ্গট> }

তাঁই [তাঁই] *বি* হাজির (তোড়রমল দুই লক্ষ ফৌজসমেত দাউদের নিপাতার্থে গৌড়ে তাঁই হইলেন—*রাম*)। { *অমূ.* }

তাঁকে [তাঁকে] *সর্ব* ১ তাঁহাকে শব্দের চলিত রূপ। ২ সেই ব্যক্তি। { তাঁহাকে> }

তাঁত [তাঁত্] *বি* ১ তন্তু; বস্ত্র বোনার যন্ত্র। ২ চর্মসূত্র। ৩ জীবজন্তুর নাড়ি থেকে তৈরি সুতা; gut। **~ঘর, ~শালা** *বি* বস্ত্র বয়নের গৃহ; তাঁতির কারখানা। **~বোনা** *ক্রি* তাঁতযন্ত্রে বস্ত্র বয়ন করা। **তাঁতি** *বি* ১ বস্ত্র বয়নকারী তন্তুবায়। ২ তন্তুবায় পেশাধারী হিন্দু সম্প্রদায়বিশেষ। **তাঁতিনী** *স্ত্রী*। **অতি লোভে তাঁতি নষ্ট**– অত্যধিক লাভের লোভ ক্ষতিকর; বেশি প্রাপ্তির লোভে আসলও নষ্ট হয়। { *স.* তন্ত্র>*প্রা.* তংত }

তাঁবা [তাঁবা] *বি* তামার কথ্য রূপ। { *স.* তাম্র> }

তাঁবু, তাম্বু, তম্বু [তাঁবু, তামবু, তোমবু] *বি* ১ বস্ত্রগৃহ; শিবির; একপ্রকার মোটা কাপড়ের তৈরি গৃহবিশেষ; tent (তাম্বু খাড়া করিবার চিন্তিত উপায়—*হেমা*; ওমর খৈয়ামের পিতা তাম্বু নির্মাণ করতেন—*এও*)। ২ তাঁবুর মতো ছড়ানো বা ঢিলা পরিধেয় (ধোপানীর তাম্বু পরে বেরিয়ে পড়লুম—*সৈমু*)। **~পানা** তাঁবুর ন্যায় ছড়ানো (ইরানী বেদেনীদের তাম্বুপানা ঘাঘরা পরেছেন—*সৈমু*)। { *ফা.* তন্‌বূ; তমবূ تنبو }

তাঁবে, তাবে [তাঁবে, তাবে] *ক্রিবিণ* অধীনে; অধীনতায়; শাসনে; কর্তৃত্বে; আধিপত্যে (ওদেরই তাঁবে আছি—*মব*)। **~দার** *বি* ১ অধীন লোক; অনুগত ব্যক্তি। ২ ভৃত্য। □*বিণ* আজ্ঞাবহ; অধীন (ফুল মখলুক তাঁবেদার তোর কাহারে ডরিস বল—*শাহো*)। **তাঁবেদারি, তাবেদারি** *বি* অধীনতা; তাবেদারের কাজ; অধীন অবস্থা (বুদ্ধি আত্মার তাঁবেদারি করেছে—*মোচৌ*)। { *আ.* তাবি تابع }

তাঁহা, তাহাঁ, তাঁহি *(ব্র.)* [তাঁহা, তাহাঁ, তাঁহি] *অব্য* সেখানে; সেস্থানে (মাথুর ব্রাহ্মণ তাঁহা আইলা—*কৃক*); সে বিষয়ে (তাঁহা হয় আবেশ—*কৃক*)। { *স.* তৎস্থান> }

তাঁহাকে, তাঁহাদিগকে, তাঁহাদের, তাঁহার, তাঁহারা [তাঁহাকে, তাঁহাদিগকে, –দের, –র, –রা] *সর্ব* (সম্ভ্রমে) সাধু রীতিতে প্রচলিত বিভিন্ন বিভক্তিতে 'তিনি' সর্বনামের কয়েকটি রূপান্তর, এগুলোর চলিত রূপ যথাক্রমে : তাঁকে, তাঁদেরকে (তাঁদের), তাঁদের, তাঁর, তাঁরা; যথাক্রমে অর্থ : সেই ব্যক্তিকে, সেই ব্যক্তিদিগকে (ব্যক্তিদের), সেই ব্যক্তিদের, সেই ব্যক্তির, সেই ব্যক্তিরা। তিনি শব্দের বিভিন্ন বিভক্তির রূপ। { *স.* তদ্> }

তাঁহি ⇒ তাঁহা

তাক¹, তাগ [তাক্, তাগ্] *বি* ১ নিশানা; লক্ষ্য; নজর (জহির তাক করে ছোরা ছুড়তে জানে—*সৈশা*)। ২ আন্দাজ; অনুমান (অন্ধকারে তাক করা)। ৩ ওত; আক্রমণের উদ্দেশ্যে অপেক্ষা (বিড়ালটা ইঁদুরের জন্যে তাক করে আছে)। ৪ বিস্ময়; বিহ্বলতা; হতবুদ্ধিতা (বক্তৃতা দিয়ে শ্রোতাদের তাক বানিয়ে চলে গেল—*অঠা*)। **তাকমাফিক** *বি* নিশানা অনুযায়ী। **তাক-লাগা** *ক্রি* বিস্ময় বোধ হওয়া (এসব দেখে তো আমার তাক লেগে গেছে)। **তাকে তাকে** *ক্রি-বিণ* প্রতীক্ষায়; সন্ধানে। { *স.* তর্ক>তাক }

তাক² [তাক্] *বি* থাক; দেয়াল আলমারি ইত্যাদিতে জিনিসপত্রাদি রাখার জন্য তক্তা দিয়ে তৈরি দ্রব্যাধারবিশেষ; shelf। { *ফা.* তাক تاق }

তাক³ *(ব্র.)* [তাক্] *সর্ব* ১ তাকে (ঝিআরি বলিয়া তাক করিল সম্ভাষণ—*রাপ*)। ২ তার (ঐছে নহে তাক বিলাস—*বিপ*)। { *স.* তদ্> }

তাকওয়া [তাক্ওয়া] *বি* খোদাভীতি; ধর্মনিষ্ঠা; সংযম; কর্তব্যনিষ্ঠা। { *আ.* তক্‌ৱা تقوى }

তাকত, তাকৎ, তাকদ, তাগত [তাকোত্, –, –দ্, –ত্] *বি* শক্তি; ক্ষমতা; সামর্থ্য; বল (উঠিয়া পথ্য করিবার তাকত নাই—*ঈবি*)। { *আ.* তাকত طاقة }

তাকাদা ⇒ তাগাদা

তাকানো, তাকান [তাকানো] *ক্রি* দৃষ্টিপাত করা; চাওয়া; লক্ষ করা (সে আমার দিকে একদৃষ্টে তাকিয়ে আছে)। ২ দৃষ্টিপাত; দৃষ্টি (তার এই তাকানোর ধরনটা বড় বাজে)। { *আ.* তাক تاق + *বা.* আনো, আন }

তাকাবি, তাকাবী ⇒ তগাবি

তাকাব্বরি, তাকাব্বরী ⇒ তকব্বরি

তাকাব্বুরি ⇒ তকব্বরি

তাকিদ, তাকীদ ⇒ তাগিদ

তাকিয়া [তাকিয়া] *বি* বৃহদাকার বালিশ যাতে আরামের জন্য হেলান দেওয়া হয়। { *ফা.* তকীআহ تكيه }

তাকে ⇒ তাহা

তাকে তাকে ⇒ তক্কে তক্কে

তাখাল্লুস ⇒ তখল্লুস

তাগড়া, তাগড়াই [তাগড়া, তাগ্‌ড়াই] *বিণ* বলিষ্ঠ; লম্বা-

চওড়া (সে তাগড়া জোয়ান—*সৈমু*)। {*হি.* তগড়া}

তাগত ⇒ তাকত

তাগবাগ [তাগ্‌বাগ্‌] *বি* কলাকৌশল। **তাগবাগে** *ক্রি, বিণ* কৌশলে (ছল করার কম কৌশল লাগে না, লড়াইয়ের তাগবাগের সমানই সে—*রঠা*)। {*স.* তর্ক>তাক>তাগ+ *অনু.* বাগ}

তাগা [তাগা] *বি* ১ বাহুতে পরার অলঙ্কারবিশেষ; অনন্ত। ২ দেহের বিভিন্ন স্থানে বন্ধনের জন্য সুতা। ৩ ডোর; সর্পাঘাত ইত্যাদিতে রক্ত চলাচল বন্ধ করার বাঁধন (শিরে কৈল সর্পাঘাতে কোথায় বাঁধবি তাগা—*কৃও*)। {*প্রা.* তগ্‌গ>}

তাগাড় *বি* ১ দালান-কোঠা নির্মাণের জন্য চুন, সুরকি ইত্যাদি পানিতে মিশিয়ে প্রস্তুত মসলা। ২ ঐ মসলা প্রস্তুত করার পাত্র। ৩ ধানের চারা রোপণ করার সময়ে চষা জমিতে পানি সেচন করে যে কাদা প্রস্তুত করা হয়। {*ফা.* তগার تغار }

তাগাদা, তাকাদা [তাগাদা, -কা-] *বি* ১ স্মরণ করিয়ে দেওয়া। ২ প্রাপ্য বস্তু ফেরত দেওয়ার বারবার দাবি বা অনুরোধ (টেকার তাগাদা করিতে করিতে আমাদের পায়ের বাঁধন ছিঁড়িয়া গেল—*প্যামি*)। {*আ.* তাকাদাহ تقاضه }

তাগারি [তাগারি] *বি* বৃহৎ গামলা; বৃহৎ রন্ধনপাত্র। {*ফা.* তগারী تغارى }

তাগি [তাগি] *বি* ১ তাগা; সুতা। ২ মাছ ধরার সরু সুতা। {*প্রা.* তগ্‌গ>}

তাগিদ, তাকিদ [তাগিদ্‌, -কি-] *বি* ১ কোনো কাজের জন্য বার বার অনুরোধ; পীড়াপীড়ি (এখান হইতে খাজনার তাগিদে যায়—*রাম*; তাগিদ দিতে দিতে হয়রান হয়ে গেলাম)। ২ জরুরি দরকার। ৩ প্রেরণা (ভিতরের তাগিদে যে মানুষ কর্ম করেছে তার লক্ষ্য মনিব নয়—*অঠা*)। {*আ.* তা'কীদ تاكيد }

তাছাওফ ⇒ তাসাওফ

তাছির, তাসির [তাছির্‌] *বি* প্রভাব; ফলাফল; কার্যকারিতা; ছাপ (তাছির হয় যেন কি আমার ক্রন্দনের—*গোমো*; নর-নারীর গুণও সন্তানের দেহমনে তাসির করে—*খাহা*)। {*আ.* তা'ছীর تاثير }

তাচ্ছল্য ⇒ তাচ্ছিল্য

তাচ্ছিল্য, তাচ্ছল্য [তাচ্‌ছিল্‌লো, তাচ্‌ছোল্‌লো] *বি* ১ তুচ্ছজ্ঞান; অশ্রদ্ধা; অবজ্ঞা। ২ অনাদর। {*স.* (<তৎ+ শীল)+য (যঞ্‌)}

তাজ¹ [তাজ্‌] *বি* ১ মস্তকের আবরণবিশেষ; টুপি। ২ মুকুট; crown (সম্রাটের রত্নময়ী তাজ—*সদ*)। ~**মহল** *বি* মোগলসম্রাট শাহজাহান কর্তৃক সম্রাজ্ঞী মমতাজমহলের স্মরণে আগ্রায় নির্মিত প্রসিদ্ধ মর্মর সমাধি-সৌধ। {*আ.* তাজ تاج }

তাজ² [তাজ্‌] *ক্রি* তিরস্কার বা ভর্ৎসনা করা; ভীতিপ্রদর্শন করা; ভয় দেখানো। {*স.* √তর্জ>}

তাজনি [তাজোনি] *বি* তর্জন; ভীতি প্রদর্শন; ভর্ৎসনা; তিরস্কার; চোখ রাঙানো। {*স.* তর্জন>*প্রা.* তজ্জন>}

তাজা *বি* টাটকা; সদ্য (খুন তলোয়ারচোয়া তাজা কৃপাণ—*নই*)। □ *বিণ* ১ নতুন (তাজা খবর)। ২ জীবন্ত; সজীব (তাজা মাছ)। ৩ সতেজ; সবল; শক্তিমান; প্রাণবন্ত; স্ফূর্তিযুক্ত (তাজা প্রাণ, তাজা মন)। ~**ব-তাজা** *বিণ* নব নব; নতুন; সজীব প্রাণোচ্ছল (স্বাধীনতা পরে হবে আগে গাও তাজা-ব-তাজার বাঁশী—*নই*)। {*ফা.* তাজ্জাহ্‌ تازه , *ফা.* بتازه }

তাজাল্লী ⇒ তজল্লী

তাজি, তাজী [তাজি] *বি* আরবি ঘোড়া; উৎকৃষ্ট স্বাস্থ্যবান অশ্ব (তিনলক্ষ তাজা তাজি তুরগী তুরঙ্গ—*ঘচ*)। □ *বিণ* বেগবান তেজিয়ান ঘোড়া (আরবী তাজীর পিঠে যে বেঁধেছে চলবার ঘর—*ফআ*)। {*ফা.* তাজী تازى }

তাজিম, তাযীম [তাজিম্‌] *বি* ১ সম্মান; সম্ভ্রম; শ্রদ্ধা; আদব (তাজিমের সাথে ফরমান পড়ে চুমি—*নই*)। ২ সমাদর (তাজিম করিয়া তারে বসায় বিছানা পরে—*সৈহা*)। ৩ ভদ্রতা; শিষ্টতা। {*আ.* তা'জীম تعظيم }

তাজিয়া, তা'যিয়া [তাজিয়া] *বি* ১ হাসান-হোসেনের নকল কবর যা মুহররমের মিছিলে বাহিত হয় (ঐ যে মহরমের নিশান তাজিয়া প্রভৃতি দেখা যায়—*বেরো*)। ২ শোক। ৩ শোকে সান্ত্বনা। {*আ.* তাজিয়াহ্‌ تعزية }

তাজী ⇒ তাজি

তাজ্জব [তাজ্‌জোব্‌] *বি* বিস্ময় (আমার তাজ্জব লেগে গেছে—*রঠা*)। □ *বিণ* বিস্ময়কর; অদ্ভুত (তাজ্জব ব্যাপার); বিস্মিত (সে তাজ্জব হয়ে গেল—*আহা*)। {*আ.* তা'আজ্জুব تعجب }

তাঞ্জাম [তান্‌জাম্‌] *বি* ১ পালকি; শিবিকা; sedan chair (চলে আঞ্জাম দোলে তাঞ্জাম—*নই*)। ২ সজ্জিত শিবিকা বা চতুর্দোলা (তাঞ্জাম ভরা আঞ্জাম এ যে কিছুই রাখনি বাকী—*নই*)। {*হি.* তামজান্‌}

তাড্যমান [তাড্‌ডোমান্‌] *বিণ* ১ প্রহার বা শাসন করা হচ্ছে এমন। ২ বাদ্যরত; ধ্বনি উত্থিত হচ্ছে এমন। {*স.* √তড্‌+মান(শানচ্‌)}

তাড়¹ [তাড়্‌] *বি* ১ তাড়ন; আঘাত; প্রহার। ২ শব্দ; ধ্বনি। ৩ পাহাড়। {*স.* তাড়ি+অ(অচ্‌)}

তাড়² [তাড়্‌] *ক্রি* ১ তাড়িত করা; আঘাত করা। ২ আক্রমণ করা। ৩ বিদীর্ণ করা। ৪ দূর করা। {*স.* √তাড়ি>*প্রা.* √তাড>}

তাড়ক [তাড়োক্‌] *বিণ* তাড়নাকারী; তাগাদাকারী। {*স.* √তাড়ি+অক(ণ্বুল্‌)}

তাড়কা [তাড়োকা] *বি স্ত্রী.* রামচন্দ্র কর্তৃক নিহত রাক্ষসীর নাম। {*স.* √তাড়ি+অক(ণ্বুল্‌)+আ(টাপ্‌)}

তাড়ঙ্ক, তাটঙ্ক, তাড়³ [তাড়োঙ্‌কো, -টো-, তাড়্‌] *বি* বাহুর এক প্রকার অলঙ্কার। {*স.* √তট্‌>*প্রা.* তড়+অঙ্ক}

তাড়ন, তাড়না [তাড়োন্‌, -না] *ক্রি* শাসন। □ *বি* ১ প্রহার; আঘাত। ২ ভর্ৎসনা; তীব্র তিরস্কার। ৩ উৎপীড়ন; নির্যাতন। **তাড়নী** *বি স্ত্রী.* তাড়না বা প্রহার করার জন্য ব্যবহৃত বস্তু; কশা; চাবুক ইত্যাদি। {*স.* √তড্‌+অন(ল্যুট্‌)+আ(টাপ্‌)}

তাড়স, টাড়স [তাড়োস্‌, টা-] *বি* ব্যথার প্রভাব; বেদনার ফল (ফোড়ার তাড়সে জ্বর এসেছে)। **তাড়সের জ্বর** *বি* আঘাত বেদনা ভীতিপ্রভৃতি কারণে জ্বর। {*স.* √তাড়ি+*বা.* অস্‌; 'টাড়স' *আঞ্চ.*}

তাড়া[১] [তাড়া] *ক্রি* আক্রমণ করার জন্য পিছনে ধাওয়া; আক্রমণের উদ্দেশ্যে পশ্চাদ্ধাবন করা (আমরা সব রেগে-মেগে লাল হয়ে দাশুকে তেড়ে ধরে বললাম—*সুরা*)। ☐*বি* ১ আক্রমণ করার জন্য পশ্চাদ্ধাবন (পুলিশের তাড়া)। ২ তাড়না; প্রহার; ধমক; ভর্ৎসনা। ৩ ভীতি প্রদর্শন; আক্রমণাত্মক আচরণ (তাড়া পেয়ে বাঘটা পালিয়েছে)। {তাড়+আ}

তাড়া[২] [তাড়া] *বি* ১ তাগিদ; তাগাদা। ২ ব্যস্ততা; দ্রুত নিষ্পাদনের প্রয়োজন (আমার কোনো তাড়া নেই)। ৩ দ্রুত করবার জন্য পীড়াপীড়ি (তাড়া দেওয়া)। –তাড়ি *বি* ১ ব্যস্ততা; ত্বরা। ২ ব্যস্ত হওয়া বা ব্যস্ততা প্রদর্শন। ☐*ক্রিবিণ* অতি শীঘ্র; ব্যস্ততার সঙ্গে। ~**হুড়া**, ~**হুড়ো** *বি* ১ অত্যন্ত ব্যস্ততা; অস্থিরতা; দ্রুত সম্পাদন চেষ্টা (আমার এখন কোনো তাড়া নেই)। ২ উৎপীড়ন; অত্যাচার (তা তাড়াহুড়ার জ্বালায় বাঁচা ভার। {স. ত্বরা>}

তাড়া[৩] [তাড়া] *বি* গুচ্ছ; গোছা; আঁটি (তাহার একজন চাকর একতাড়া পাট আনিয়া বড় বাবুর সম্মুখে রাখিল —*নই*)। {তাড়+আ}

তাড়ানো, তাড়ান [তাড়ানো] *ক্রি* ১ দূরীভূত করা; বের করে দেওয়া (কুকুর তাড়ানো, ঘর থেকে তাড়ানো)। ২ আগমনে বাধা সৃষ্টি করা (চোর তাড়ানো)। ৩ প্রহার বা তাড়না করে চরানো (গরু তাড়ানো)। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। {√তাড়া+আনো; ক্রিয়ারূপ—তাড়াই, তাড়াও, তাড়ান; *অক্রি*—তাড়িয়ে, তাড়ালে, তাড়াতে ইত্যাদি}

তাড়ি[১] [তাড়ি] *বি* ক্ষুদ্র গুচ্ছ; ছোট তাড়া বা বান্ডিল। {তাড়+ই}

তাড়ি[২], **তাড়ী** [তাড়ি] *বি* তালের (বা খেজুরের) রস; ঐ রস থেকে প্রস্তুত এক প্রকার মদ। {স. তাল> তাড়+ই/ঈ}

তাড়িত[১] [তাড়িতো] *বিণ* ১ তাড়না করা হয়েছে এমন; শাসিত; ভর্ৎসিত; তিরস্কৃত; দণ্ডিত; অত্যাচারিত। ২ তাড়িয়ে দেওয়া হয়েছে এমন; বিতাড়িত; বহিষ্কৃত। {স. √তড়্+ত(ক্ত)}

তাড়িত[২] [তাড়িতো] *বিণ* ১ বৈদ্যুতিক, বিদ্যুৎ-সংক্রান্ত। ২ বিদ্যুৎ-জাত। ৩ তড়িৎপূর্ণ। ৪ তড়িৎ দ্বারা চালিত। ৫ বিদ্যুৎ। – **বার্তা** *বি* ১ যে খবর বা সংবাদ বৈদ্যুতিক শক্তি দ্বারা দূরে পাঠানো হয়। ২ টেলিগ্রাম। **তাড়িতালোক** *বি* বিদ্যুৎ দ্বারা সৃষ্ট আলো; বিজলি বাতি; electric light। {স. তড়িৎ+অ(অণ্)}

তাড়িতী [তাড়িতি] *বি* বিদ্যুৎবিষয়ক বিজ্ঞানে অভিজ্ঞ; বিদ্যুৎসংক্রান্ত কার্যে নিপুণ কারিগর; electrician। {স. তাড়িত+ঈ}

তাড়িপত্র [তাড়িপত্র] *বি* ১ তালপাতা। ২ তালপাতার মতো আকারবিশিষ্ট খড়্গ। ৩ তালপত্র নামক খড়্গ। {স. তালপত্র>; ৬তৎ}

তাড়ী ⇒ তাড়ি

তাডু [তাডু] *বি* ময়রার খুন্তি। {স. তর্দু>*প্রা.* তদ্দু, তড্ডু}

তাণ্ডব [তানডোব্] *বি* ১ পুরুষের নাচ। ২ উদ্দাম নৃত্য। ৩ তণ্ডু মুনি-উদ্ভাবিত নৃত্য। ৪ *(আল.)* ভয়ঙ্কর বা প্রলয়ঙ্কর ব্যাপার (অগ্নির তাণ্ডবলীলা)। ~**লীলা** *বি* ধ্বংস লীলা। {স. তণ্ডু+অ(অণ্)}

তাত[১] [তাতো] *বি* ১ পিতা; বাবা। ২ পিতৃব্য; চাচা; কাকা; খুড়া (খুল্লতাত); পিতৃস্থানীয় গুরুজন। ৩ পুত্র বা পুত্রতুল্য ব্যক্তিকে সস্নেহ সম্বোধন। {স. √তন্+ত(ক্ত)}

তাত[২] [তাত্] *বি* ১ তাপ; উত্তাপ; আঁচ (তাত সয় তো বাত সয়না—*প্রবাদ*)। ২ *(আল.)* ক্রোধান্বিত মেজাজ; ক্রুদ্ধ প্রকৃতি। ৩ *(ব্য.)* ক্ষুধাগ্নি (পেটে বুঝি তাত লেগেছে)। ~**ল**(*ব্র.*) *বিণ* তপ্ত; উত্তপ্ত; তেতে যাওয়া (তাতল সৈকতে বারিবিন্দু সম—*বিপ*)। {স. তপ্ত>}

তাত[৩] [তাতো] *বি* ১ তাতে (তাত বড় লোভ মোরে—*বচদা*)। ☐*অব্য* তজ্জন্য; তার জন্য (নন্দা চান্দের জ্বর উঠেছে মাথায় বেদনা তাত—*মৈগী*)। {স. তদ্>}

তাতরস, তাতরসি ⇒ তাতারসি

তাতা [তাতা] *ক্রি* ১ তপ্ত বা উত্তপ্ত হওয়া (ধুলো পড়লো, রোদে তাতলো—*অঠা*)। ২ *(আল.)* ক্রোধান্বিত; উত্তেজিত বা ক্ষিপ্ত হওয়া। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**নো**, ~**ন** *ক্রি* ১ উত্তপ্ত করা। ২ *(আল.)* খেপানো; ক্ষিপ্ত বা ক্রুদ্ধ বা উত্তেজিত করা। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। {তাতা+আনো, আন}

তাতা থৈ, তাতা থৈ থৈ, তাতা থেই থেই, তাথৈ, তাথিয়া *অব্য* বাজনার বোলবিশেষ; তাণ্ডব নৃত্যের বোল। {*ধ্বন্যা.*}

তাতার [তাতার] *বি* মধ্য এশিয়ার জাতিবিশেষ (তাতার নির্ভীক অশ্বারূঢ়—*রঠা*)। **তাতারি** *বিণ* তাতারজাতীয়; তাতার শ্রেণির; তাতার দেশীয় (আজিকে এমন বোন চাই মোরা, তাতারী মরুর ঝড়ে, বেদেনীর মতো আগে আগে চলে বিদ্যুৎ লয়ে করে—*জউ*)। {*ফা.* তাতার تاتار}

তাতারসি, তাতরসি, তাতরস [তাতারশি, তাতোরশি, তাতোরশ] *বি* আখের রস জ্বাল দিয়ে প্রস্তুত তরল গুড়। (তাতারসির তপ্ত রসে বাতাস সাঁতার দেয় হরষে—*সদ*)। {স. তপ্ত>তাত (জ্বাল দেওয়া হয়েছে অর্থে)+রস}

তাতারা [তাতারা] *বি* পক্ষীবিশেষ (তাতারা তিত্তির তোতা তাতলে বিহগ—*ঘচ*)। {স. তিত্তির>তিতির> তাতার+আ}

তাতাল [তাতাল্] *বি* লৌহনির্মিত দণ্ডবিশেষ যা উত্তপ্ত করে রাং বা ঝাল লাগানো হয়। {স. তপ্ত> তাত+আল}

তাতে ⇒ তাহা

তাৎকালিক [তাত্কালিক] *বিণ* ১ তদানীন্তন; তখনকার (নীলকরের তাৎকালিক প্রজাপীড়ন সবিস্তারে স্বক্ষেত্রে অবগত হইয়াছিলেন—*বচ*)। ২ সমসাময়িক; সমকালের; contemporary। {স. তৎ+কাল+ইক(ঠঞ্)}

তাৎপর্য [তাত্পোর্জো] *বি* ভাবার্থ; গূঢ় অর্থ; মর্মার্থ। {স. তৎপর+য(ষ্যঞ্)}

তাৎকাল্য [তাত্কাল্লো] *বি* তাৎক্ষণিকতা; তাৎকালীনতা। {স. তৎকাল+য(ষ্যঞ্)}

তাত্ত্বিক [তাত্তিক] *বিণ* ১ তত্ত্বসংক্রান্ত। ২ তত্ত্বজ্ঞ; তত্ত্ববিদ। ৩ তত্ত্বীয়; theoretical। ☐*বি* তত্ত্বজ্ঞ ব্যক্তি; তত্ত্ববিদ (প্রত্নতাত্ত্বিক)। ৫ সত্য; যথার্থ; প্রকৃত। {স. তত্ত্ব+ইক(ঠঞ্)}

তাথৈ ⇒ তাতা-থৈ

তাথ্যিক [তাত্থিক্] *বিণ* ১ তথ্যমূলক। ২ তথ্যপ্রধান। ৩ তথ্যযুক্ত। { *স.* তথ্য+ইক(ঠঞ) }

তাদাত্ম্য [তাদাত্তোঁ] *বি* কিছুর সাথে একীভাব বা একাত্মতা; অভেদ; অভিন্নতা। { *স.* তদাত্ম+য(ষ্যঞ) }

তাদৃশ [তাদ্রিশো] *বিণ* সেইরূপ; তদ্রূপ; সেই প্রকার; তত (আর লিখিবার তাদৃশ প্রয়োজন নাই—*বচ*)। *বিণ স্ত্রী.* **তাদৃশী**। { *স.* তদ্+√দৃশ্+ক্বিপ্ }

তাথিয়া ⇒ তাতা-থৈ

তান[1] [তান] *বি* ১ সঙ্গীতের স্বর বা রাগ বিস্তার; সুরের আলাপ। ২ সুর; সুরেলা ধ্বনি। ৩ বিস্তার; প্রসার। ~ **ছাড়া** *ক্রি* বাদ্যযন্ত্র ব্যতিরেকে গান করা; খালি গলায় গান গাওয়া। ~ **তোলা** *ক্রি* ধীরে ধীরে সুর উঁচুতে উঠানো। ~ **ধরা** *ক্রি* একটি বিশেষ সুরে বা রাগে সংগীত শুরু করা। { *স.* তন্+অ(ঘঞ) }

তান[2] [তান] *সর্ব* তাঁর; তাঁহার। { *স.* তানি> *প্রা.* তান }

তানকর্তব [তান্কর্তোব] *বি* গলা সাধা; সুর সাধনা (ওস্তাদি গলার তানকর্তবে পল্লীর নিদ্রা তন্দ্রা তিরোহিত—*রঠা*)।

তানপুরা [তান্পুরা] *বি* একটি সঙ্গীত যন্ত্র; বীণার আকৃতি বাদ্যযন্ত্র; তম্বুরা (তুরপুন হল তানপুরা তব, নেহাইএ দাও তেহাই—*সদ*)। { *আ.* তুন্বুর طنبور }

তানব [তানোব্] *বি* তনুতা; কৃশতা; তনিমা। { *স.* তনু+অ(অণ্) }

তানা, তানা-পড়েন ⇒ টানা

তানাজা [তানাজা] *বি* ১ ঝগড়া; বিবাদ। ২ ওজর; আপত্তি। { *আ.* তুনাজ تونازع }

তা-না-না, তানা-না [তানানা] *অব্য* ১ সুর সাধন সূচনা। ২ (*আল.*) ভণিতা; নানা বাহানায় নাকচের চেষ্টা। { *ধ্বন্যা.* }

তানিমা [তানিমা] *বি* তারুণ্য; তরুণিমা। { √তন্+ইমা(ইমনিচ্)—রবীন্দ্রনাথ সৃষ্ট শব্দ }

তানে [তানে] (*মবা.*) *সর্ব* তাঁকে; তাঁহাকে। { তাঁকে; *স.* তদ্, তানি }

তান্তব [তান্তোবো] *বি* ১ তন্তুসংক্রান্ত। □ *বি* তন্তু নির্মিত; সুতায় প্রস্তুত। ৩ সুতিকাপড়। { *স.* তন্তু+ অ(অণ্) }

তান্ত্রিক [তানত্রিক্] *বিণ* ১ তন্ত্রশাস্ত্রসংক্রান্ত। ২ তন্ত্রশাস্ত্রজ্ঞ; তন্ত্রশাস্ত্রবিদ। ৩ তন্ত্রশাস্ত্রানুযায়ী সাধনা করে এমন; তন্ত্রসাধক। ৪ তন্ত্রশাস্ত্র অনুসারী (এবং অবসরমত তান্ত্রিক সাধনা করিয়া থাকেন—*রাব*)। ~**তা** *বি*। { *স.* তন্ত্র+ইক(ঠক্) }

তাপ [তাপ্] *বি* ১ উষ্ণতা; উত্তাপ। ২ দাহ; জ্বর। ৩ ক্রোধ। ৪ দুঃখ; কষ্ট; ক্ষোভ (এহিমতে পত্রেতে লিখিয়া যথ তাপ—*দৌবা*)। ৫ অশান্তি। ৬ শোক (একে এব্রাহিম আর হুসনের তাপ। উলিদের দর্প শুনি উপজিল কাঁপ—*হেমা*)। ~**ত্রয়** *বি* ত্রিতাপ—আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক। ~**মান** *বি* তাপপরিমাপক যন্ত্র; থার্মোমিটার। ~**হরণ** *বি* ১ উত্তাপ দূরীকরণ; দুঃখ দূরকারী। □ *বি* দুঃখ হরণকারী বিধাতা। ~**হারী** *বিণ* ১ তাপ দূরকারী। ২ দুঃখ হরণকারী বিধাতা। { *স.* √তপ্+ অ(ঘঞ) }

তাপক [তাপোক্] *বিণ* ১ তাপদায়ক। ২ দুঃখদানকারী। { *স.* √তপ্+অক(ণ্বুল্) }

তাপন [তাপোন্] *ক্রি* তাপ উৎপাদন বা জনন; তাপ দান। □ *বি* ১ তাপ প্রয়োগ। ২ সূর্য। □ *বিণ* ১ তাপ উৎপাদক। ২ ক্লেশকর। ৩ মদনের পঞ্চবাণের অন্যতম। ৪ তাপজনক। { *স.* √তপ্+ণিচ্(=√তাপি)+অন(ল্যুট্) }

তাপনীয় [তাপোনিয়ো] *বিণ* তপ্ত করার যোগ্য; তাপ প্রয়োগ করা হবে এমন। { *স.* √তাপি+অনীয় }

তাপর (*ব্র.*) [তাপর] তার উপর (তাপর দেখহ বিধু—*গোদা*)। { *স.* তদ্>*বা.* তা+*স.* উপরি>*বা.* উপর }

তাপস [তাপোশ্] *বি* তপস্বী; ঋষি; মুনি; দরবেশ। □ *বিণ* তপস্যাকারী (বনের তাপসকুমারী আমি গো—*নই*)। ~**তরু** *বি* ইঙ্গুদী বৃক্ষ। ~**প্রিয়** *বিণ* তাপসদিগের প্রিয়। □ *বি* পিয়ালবৃক্ষ। ~**প্রিয়া** *বি স্ত্রী.* দ্রাক্ষালতা। **তাপসী** *বি, বিণ স্ত্রী.*। **তাপস্য** *বি* তপস্বীর ধর্ম আচরণ। { *স.* তপস্+অ(অণ্) }

তাপা [তাপা] *ক্রি* ১ গরম হওয়া; উত্তপ্ত হওয়া। ২ পোহানো; তাপ বা উত্তাপ গ্রহণ করা (আগুন তাপানো)। ৩ উক্ত সকল অর্থে। ~**নো**, ~**ন** *ক্রি* তপ্ত করা। ৪ *বি, বিণ* উক্ত সকল অর্থে। —**য়ল** (*ব্র.*) *ক্রি* সন্তপ্ত করল; তাপিত বা উত্তপ্ত বা দুঃখিত করল; কষ্ট দিল। ~**র্ত** *বিণ* তাপিত; ব্যথিত (আসিছে তাপার্ত, ক্লিষ্ট ধরণীর পরে—*সদ*)। { *স.* তাপ+*বা.* আ }

তাপিত [তাপিতো] *বিণ* ১ উত্তপ্ত; তাপপ্রাপ্ত (স্পর্শিবে তাপিত ভাল—*রঠা*)। ২ ক্লিষ্ট; ক্লেশ বা দুঃখকে প্রাপ্ত; সন্তপ্ত; দুঃখিত। **তাপিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √তপ্+ণিচ্+ত(ক্ত) }

তাপী [তাপি] *বিণ* ১ তাপযুক্ত; উত্তপ্ত। ২ সন্তাপযুক্ত; দুঃখপ্রাপ্ত; ক্লিষ্ট। **তাপিনী** *বিণ স্ত্রী.* (সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়—*ভারা*)। **তাপী** *বিণ* তাপজনক; তাপ উৎপাদক। { *স.* তাপ+ ইন্(ণিনি) }

তাফতা [তাফ্তা] *বি* রেশম ও পশম মিশিয়ে প্রস্তুত এক প্রকার শীতবস্ত্র; এক প্রকার চেলি বস্ত্র। { *ফা.* তাফ্তহ تافته ; ই taffeta }

তাফাল [তাফাল্] *বি* গুড় তৈরি করার উনুন; অগ্নিশিখা; উত্তাপ। { *ফা.* তফ্ تف }

তাব [তাব্] *বি* ধুনা। { *আ.* তুবা توبى }

তাবকি, তাবকী ⇒ তবকি

তা-বড় তা-বড় [তাবড়োতাবড়ো] *বিণ, অব্য* ইয়া বড় বড়; বিরাট বড় বড়; তা থেকে বড়; অনেক বড় বড়। (তা-বড় তা-বড় ধনী এ বাড়ি কিনতে চেয়েছে)। { *স.* তস্মাৎ>তা }

তাবৎ [তাবোত্] *অব্য/বিণ* ১ সমুদয়; সমস্ত (মানুষ থেকে ইতর জীব তাবতেরই—*অঠা*)। ২ তৎপরিমাণ; তত (যাবৎ আনিবে তাবৎ নষ্ট হইবে)। □ *অব্য* সেই পর্যন্ত; সেই পরিমাণ সময়; ততক্ষণ (যাবৎ সে না যায় তাবৎ বস)। □ *সর্ব* সকল (এদেশে তাবতের মুখে ঐ কথা)। { *স.* তদ্+বৎ(বতুপ্) }

তাবা, তাবাহ [তাবা, তাবাহ্] *বি* ধ্বংস; বিনষ্ট (....তাতে

ডুবে ম'ল হায় কত নূহ্ হল তার —নই)। { ফা. তাবাহ্ تباه }

তাবিজ, তা'বীয [তাবিজ্] বি ১ বাহুর এক প্রকার অলঙ্কার। ২ কবচ; মাদুলি (খোদার নাম করে তাবিজ-তুমার দিয়ে একদল লোক যেমন রুজি রোজগার করে —ওহ)। { আ. তা'বীয تعويذ }

তাবিন [তাবিন্] বি মুসলিম চিকিৎসক; হেকিম। { আ. তাবঈন تابعين }

তাবির [তাবির্] বি আলোচনা; ব্যাখ্যা (তজকিরা তাবির আজি শুনিল শ্রবণে—হেমা)। { আ. তা'বীর تعبير }

তাবিল, তাবীল [তাবিল্] বি ব্যাখ্যা (অন্ততঃ একটা কিছু তাবিল করিতেই হইবে—মআখাঁ)। { আ. তা'বীল تاويل }

তাবীন ⇒ তাবিন

তা'বীয ⇒ তাবিজ

তাবুত, তাবূত [তাবুত্] বি ১ শবাধার; কফিন (মৃতদেহের সদ্গতি-উপাসনা[জানাজা] করাইতে তাবুতশায়ী করাইয়া সাধারণের সম্মুখে আনয়ন করিলেন—মীম)। ২ তাজিয়া বা কবরের প্রতীক। ৩ নিশানা। { আ. তাবূত تابوت }

তাবে ⇒ তাঁবে

তাবেইন, তাবেঈন, তাবিন [তাবেয়িন্, –, তাবিন্] বিণ ১ আজ্ঞাবহগণ। ২ অনুসারীগণ; অধীনস্থ (সাবেঈন তাবেঈন হয়ে চিল্লায় জোর ওই ওই নাচে দীন্—নই)। ৩ হজরত মুহম্মদ (সা.)-এর প্রত্যক্ষ অনুসারীদের অনুসারী। □ ক্রি অনুসরণ করা (তৃতীয়ে রেকাত পড়ে এমাম যখন। তাহার তাবিন করে উচিত যেমন—হেমা)। **তাবেয়ি, তাবীঈ** (একব) (তাবেয়ীদের যুগ—মআখাঁ)। { আ. তাবিঈন تابعين }

-তাম, -তুম, -তেম [তাম্, তুম্, তেম্] অতীত নির্দেশক উত্তম পুরুষের বিভক্তি (করিতাম, করতাম, করতুম, করতেম)। { বা. ক্রিয়াবিভক্তি বিশেষ}

তামড়া, তামড়ি [তামড়া, তাম্ড়ি] বি তাম্রবর্ণ রত্ন। { স. তাম্র>তামা, তামা+ড়া, ড়ি}

তামদারি [তাম্দারি] বি আপ্যায়ন; অভ্যর্থনা; ভোজন করানো (অভ্যর্থনার আয়োজনের এক পয়সাও সরকার সাহেবের তামদারির তহবিল হইতে খরচ না হয়—মুমউ)। { আ. ত'আম طعام + ফা. দারি داری }

তামরস [তামরশ্] বি ১ পদ্ম; কমল; উৎপল; পঙ্কজ; শতদল (যথা ফলে মধুময় তামরস কি বসন্ত কি শরদে—মদ)। ২ তাম্র; তামা। ৩ স্বর্ণ; সোনা। ৪ সংস্কৃত ছন্দবিশেষ। { স. তামর (জল)+√সস্(স্থিতি)+অ(ড)}

তামলী ⇒ তাম্বূলিক

তামস [তামোশ্] বিণ ১ ঘন অন্ধকারাচ্ছন্ন। ২ তামসিক; তমোগুণযুক্ত। **তামসী** স্ত্রী। **–তপ, –তপঃ** বি ১ অন্যের ক্ষতি সাধনার্থ আত্মপীড়াদায়ক তপস্যা। ২ অজ্ঞতাবশত আত্মনিগ্রহমূলক কৃচ্ছ্রসাধনা। **~দান** বি ১ অজ্ঞতাবশত অপাত্রে দান। ২ শ্রদ্ধাহীন দান; দুর্ব্যবহারযুক্ত দান। **~প্রকৃতি** বি ১ জড়তা ভাবাশ্রিত স্বভাব। ২ তমোগুণের আধিক্যযুক্ত স্বভাব। **~যজ্ঞ** বি ১ সগর্বে ও অশ্রদ্ধাপূর্ণভাবে অনুষ্ঠিত যজ্ঞ। ২ বিধিহীন যজ্ঞ। **–শাস্ত্র** বি ১ নিরীশ্বর দর্শন। ২ বৌদ্ধশাস্ত্র। { স. তমস্+অ(অণ্)}

তামসিক [তামোশিক্] বিণ ১ তমোগুণসংক্রান্ত। ২ তমোগুণপূর্ণ (জিনিসের উপর তোমার তামসিক মায়া আছে—বুব)। ৩ মেঘাচ্ছন্ন। **তামসিকী** বিণ স্ত্রী। { স. তমস্+ইক(ঠঞ্)+ঈ}

তামসী [তামোশি] বি অন্ধকারাচ্ছন্ন রাত্রি। { স. তামস+ঈ (ঙীপ্)}

তামা, তামর [তামা, –মোর্] বি ধাতুবিশেষ; তাম্র। **তামাট** (মবা.) বি তামার তৈরি পুষ্পপাত্র; তামার পাত্র; তাম্রকুণ্ড। **তামাটিয়া, তামাটে** বিণ ১ তামার মতো বর্ণযুক্ত; তাম্রাভ। ২ তামার ন্যায় স্বাদযুক্ত; তামার ন্যায় গন্ধযুক্ত। **তামা তুলসী স্পর্শ করে শপথ**—(হিন্দুদের নিকট অতি পবিত্র) তামা ও তুলসী পাতা স্পর্শ করে শপথ গ্রহণ; (আল.) শপথ করে সত্য কথা বলা বা প্রতিজ্ঞা করা। { স. তাম্র>}

তামাক, তামাকু, তামুক [তামাক্, –কু, তামুক্] বি ১ তামাক গাছ বা ঐ গাছের পাতা; ঐ গাছের পাতা; ধূম্রপর্ণী (কোথায় গেলে পাই তামাকু—নই)। ২ ঝোলা গুড় দিয়ে তৈরি তামাক পাতার চূর্ণ। **~ খাওয়া, ~ টানা, ~ ফোঁকা** ক্রি হুঁকা প্রভৃতিতে তামাক পুড়িয়ে ধূমপান করা। **– সাজা** ক্রি হুঁকা গড়গড়া প্রভৃতির কলকেতে তামাক টিকা প্রভৃতি দিয়ে আগুন ধরানো। **অম্বুরী ~** বি সুগন্ধযুক্ত মিষ্ট তামাকবিশেষ। **গুড়ক ~** বি গুড় মেশানো সাধারণ তামাক যা কলকিতে সাজিয়ে ধূমপান করা হয়। **দোক্তা ~** বি শুকনো তামাক পাতা যা দিয়ে চুরুট তৈরি করা হয়। **বড় ~** বি গাঁজা। **সুরতি ~** বি পানের সঙ্গে ব্যবহারের মসলা মিশানো সুগন্ধ দোক্তা চূর্ণ। { পো. tabaco, গ্রি. tabak, অর্বাচীন স. তাম্রকূট}

তামাচা, তামেচা [তামাচা, তামে–] বি থাপ্পড়; চপেটাঘাত (বেয়াদবের দুই গালে দুটি তামেচা না লাগালে—ইখাঁ; কুদিয়া যাইয়া জোরে, তামেচা মারিল তার গালে—সৈহা)। { ফা. তমান্চহ্ طمانچه }

তামাটে, তামাটিয়া ⇒ তামা

তামাদি, তমাদি [তামাদি, তমা–] বি দাবি করবার নির্দিষ্ট সময় অতিক্রম (এই তামাদির মুখে বিস্তর টাকা বাকি পড়িবে—রঠা)। □ বিণ দাবি করার নির্দিষ্ট সময় অতিক্রান্ত; time-barred (তামাদি দলিল)। { আ. তমাদী تمادی }

তামান্না [তামান্না] বি আশা; অভিলাষ; বাসনা (শান তামান্না আমার—তাহো)। { আ. তামান্না تمنا }

তামাম [তামাম্] বিণ ১ সমগ্র; সমস্ত; সমুদয় (ময়দানে হইল খাড়া তামাম ফউজ—সৈহা)। ২ শেষ। ৩ তামাদি। **তামামি, তামামী** বি অবসান; সমাপ্তি (তামাম সালের সাল-তামামী হয়নিরে তোর মোটেই মনের মত—সদ)। **সালতামামি** বর্ষসমাপ্তি। **তামাম শোধ** বিণ সমাপ্ত। { আ. তামাম تمام }

তামাশবিন [তামাশবিন্] বি, বিণ ১ তামাশা দর্শনকারী। ২ ভোগবিলাসী; শৌখিন; বিলাসী। ৩ দুশ্চরিত্র; লম্পট। □ বি ১ ভোগবিলাস। ২ লম্পট। { ফা. তামাশবিন تماش بین }

তামাশা, তামাসা [তামাশা] বি ১ খেলা; ক্রীড়া; বাজি (আপনারা পার্শ্বে দাঁড়াইয়া বেশ তামাসা দেখাইতেছেন–

-মুম)। ২ প্রদর্শনী; exhibition। ৩ কৌতুক; মজা; রহস্য; পরিহাস; ঠাট্টা; মস্করা (পাল্টা তামাশা করা তাঁহার অভ্যাস ছিল না—*মোব*)। **হাসি ~** *বি* আনন্দ। { *আ.* তামশা تماشا }

তামিল[1] [তামিল্] *বি* ১ সম্পাদন; মান্য; রক্ষা; পালন (একটু পরে ভিতরে গেল হুকুম তামিল করবার জন্য—*আআআ*)। ২ পালন; সম্পাদন (হুকুম তামিল হওয়া)। { *আ.* তা'মীল تعميل }

তামিল[2] [তামিল্] *বি* ১ দক্ষিণ ভারতের একটি ভাষা; প্রাচীন দ্রাবিড় ভাষার আধুনিক শাখাবিশেষ। ২ দেশবিশেষ। { *তা.* তেন (দক্ষিণ)+মোলি(ভাষা)>তমিল (বিন্দু চিহ্নিত ল-এর উচ্চারণ ল এবং ড়-এর মাঝামাঝি)}

তামিস্র [তামিস্‌স্রো] *বি* ১ নিশাচর। ২ অবিদ্যাবিশেষ; ভোগেচ্ছার ব্যাঘাতে যে ক্রোধ জন্মায়। ৩ নরকবিশেষ। { *স.* তমিস্রা+অ(অণ্)}

তামী [তামি] *বি* তামার তৈরি পাত্র; তাম্রকুণ্ড কোশাকুশি ইত্যাদি (তিল-তুলসী তামাতামী কেবা লয়ে যায়—*কমু*)। { *স.* তাম্রী> }

তামুক ⇒ তামাক

তামুলি, তামুলী ⇒ তাম্বূলিক

তামেচা ⇒ তামাচা

তাম্বু ⇒ তাঁবু

তাম্বুরা ⇒ তম্বুরা

তাম্বূল [তামবুল্] *বি* পান; এক প্রকার পাতা যা সুপারি চুন ইত্যাদি সহযোগে খাওয়া হয়। (শিরিতে কুসুম্ভী চীর মুখেতে তাম্বূল—*সৈআ*)। **~করঙ্ক** *বি* পানের বাটা; তাম্বূল পাত্র। **~করঙ্কবাহিনী** *বি* সহচরীতুল্যা সেবিকাবিশেষ যার প্রধান কাজ ছিল পান সাজা এবং পানের বাটা বহন করা; পানের বাটা বহনকারিণী দাসী। **~পেটিকা** *বি* পানের ডিবা; পানের থলি বা বটুয়া। **~বল্লি** *বি* পানগাছ। **~বাহক** *বি* যে ভৃত্যের কাজ পান সেজে দেওয়া; সাজা পান বহনকারী ভৃত্য। **~রস** *বি* পানের পিক। **~রাগ** *বি* পান খাওয়ার ফলে ঠোঁটে যে লাল রং হয়। **~সম্পুট, ~ সাঁপুড়া** *বি* পানের ডিবা। **তাম্বূলাধার** *বি* পান রাখার পাত্র; পানের বাটা। { *স.* তম্+ উল(উলচ্)}

তাম্বূলিক, তাম্বূলি, তামলি, তামুলি, তামুলী *বি* পান বা পানের ব্যবসায়ী; জাতিবিশেষ। **তাম্বূলিয়া** *বি, বিণ* তাম্বূল বা পান ব্যবসায়ী। { *স.* তাম্বূল+ইক(ঠক্), >}

তাম্বাচূড়া *(প্রাবা.)* [তামবাচুড়া] *বি* মোরগ; কুক্কুট (তাম্বাচূড়া রাত্র হৈল বিহান—*বচ*)। { *স.* তাম্র+চূড়া>; *বহু*}

তাম্র [তাম্‌ম্রো] *বি* এক প্রকার ধাতু; তামা। □ *বিণ* তামার মতো বর্ণবিশিষ্ট (তাম্রকেশ)। **~কার** *বি* যে তামা দিয়ে পাত্রাদি প্রস্তুত করে। **~কুণ্ড** *বি* হিন্দুদের পূজায় ব্যবহৃত তামা দিয়ে তৈরি এক প্রকার পাত্র। **~গন্ধী** *বিণ* তামার ন্যায় গন্ধ যার (তাম্রগন্ধী পয়সা—*রঠা*)। **~গর্ভ** *বি* ১ তামা দিয়ে তৈরি বস্তু। ২ তুঁতে। **~চূড়** *বি* মোরগ (ডিম্বের সা৹৩ নাাত তাম্রচূড় দাএ—*দৌবা*)। **~পট্ট, ~পত্র**[1], **~ফলক** *বি* তামার পাত যার উপর রাজাজ্ঞাদি খোদাই [illegible]; copper plate inscription। **~পত্র**[2] *বি* তাম্রবর্ণ নতুন পত্র; কিশলয়। **~পল্লব** *বি* ১ রক্তপল্লব; লাল পাতা। ২ রক্ত পল্লবযুক্ত বৃক্ষ। ৩ অশোক বৃক্ষ। **~পাত্র** *বি* তাম্রনির্মিত বাসন; তামার তৈরি বাসন। **~পুষ্প** *বি* ১ রক্তকাঞ্চন গাছ। ২ ভুঁইচাপা গাছ। □ *বিণ* তাম্রবর্ণ পুষ্পযুক্ত (বৃক্ষ)। **~বর্ণ** *বি* তামার ন্যায় লালচে রং। □ *বিণ* তামার মতো বর্ণযুক্ত; তামাটে; তাম্রাভ। **~বল্লি** *বি* মঞ্জিষ্ঠা লতা। **~লিপি** *বি* তাম্রফলকে লিখিত বা উৎকীর্ণ লিপি; copper plate inscription। **~লিপ্ত, ~লিপ্তি** *বি* প্রাচীনকালে বৃহৎ বাণিজ্যপীঠ হিসেবে বিখ্যাত তমলুক শহর। **~শাসন** *বি* তাম্রফলকে খোদিত রাজনির্দেশ। **~শিখী**(খিন্) *বি* তাম্রচূড়; মোরগ। **~সার** *বি* রক্তচন্দনের গাছ। **~কূট, ~কুট্টক** *বি* তামাক (সুগন্ধি তাম্রকূটের ধূসর কুণ্ডলী ত্যাগ করিয়া—*ইহো*)। **~কূটধূম** *বি* তামাকের ধোঁয়া (তাম্বূলের সহিত তাম্রকূটধূম সংযোগ করিয়া— *রঠা*)। **~কূট সেবন** *বি* তামাক খাওয়া; ধূমপান। { *স.* √তম্+র(রক্)}

তাম্রা [তাম্‌ম্রা] *বি* ১ তাম লতা; ত্রিকূটদেশীয় লতাবিশেষ যা ঔষধরূপে ব্যবহৃত হয়। { *স.* তাম্র+*বা.* আ}

তাম্রাক্ষ [তাম্‌ম্রাক্‌খো] *বি* ১ রক্তবর্ণ চক্ষু। ২ কোকিল। □ *বি* রক্তচক্ষুবিশিষ্ট। { *স.* তাম্র+অক্ষি; *বহু*}

তাম্রাভ [তাম্‌ম্রাভো] *বিণ* তামাটে। □ *বি* রক্তচন্দন। { *স.* তাম্র+আভা; *বহু*}

তাম্রাশ্ম [তাম্‌ম্রাশ্‌শোঁ] *বি* পদ্মরাগ মণি। { *স.* তাম্র+অশ্ম; *বহু*}

তাম্রিক [তাম্‌ম্রিক্] *বিণ* ১ তাম্রময়। ২ তাম্র নির্মিত। { *স.* তাম্র+ইক(ঠক্)}

তাম্রিকা, তাম্রী [তাম্‌ম্রিকা, তাম্‌ম্রি] *বি* ১ ভারতীয় প্রাচীন ঘড়িবিশেষ। ২ তাম্রসম্বন্ধীয়। { *স.* তাম্র+ইক(ঠক্)+আ(টাপ্), তাম্র+ঈ(ঙীপ্)}

তা'যীম ⇒ তাজিম

তাযীয়া ⇒ তাজিয়া

তায় [তায়্] *সর্ব (পদ্য.)* তাকে; তাতে। □ *অব্য* তদুপরি; তাতে আবার (একে রাত্রি তায় ঝড়)। { *স.* তদ্>*বা.* তাহা+৭মী বিভক্তির *একব*}

তায়খানা ⇒ তহখানা

তায়দাদ, তাইদাদ [তায়দাদ্, তাই-] *বি* ১ সংখ্যা; পরিমাণ নির্ধারণ (জিনিষপত্রের অমন ঠিক ঠিক তায়দাদ করতে বুড়োরাও পারে না—*নমি*)। ২ সীমা। ৩ জমির চৌহদ্দি বা চতুঃসীমার বিবরণ সংবলিত দলিল। { *আ.* তা'দাদ تعداد }

তায়ব *(ব্র.)* [তাঅব] *অব্য* তবুও; তথাপি (তায়ব কাম —*বিপ*)। { *স.* তথাপি> }

তায়ি *(ব্র.)* [তায়ি] *সর্ব* তারই; সেটির (পসারা তায়ি—*বিপ*)। { *স.* তদ্> }

তায়ুশ, তায়ুস ⇒ তাউস

তায়ফা ⇒ তয়ফা

তার[1] [তার্] *বি* ১ ধাতুর তৈরি সূত্র বা রজ্জু (তামার বা লোহার তার; টেলিগ্রাফের তার, সেতারের তার)। ২ টেলিগ্রাম (তার পেয়ে চলে গেছে)। { *ফা.* তার تار }

তার[2] [তার্] *বিণ* অত্যন্ত উচ্চ; ভীষণ উঁচু (তারস্বরে)।

~**স্বর** *বি* অতি উচ্চ রব। { *স.* √তৃ+ণিচ্+অ(অচ্)}

তার[৩] [তার্] *বি* উত্তরণ; অতিক্রম; পার গমন (বিপদ সাগর তার হওয়া)। { *স.* √তারি+অ(অচ্)}

তার[৪] [তার্] *বি* স্বাদ; রসগ্রহণ (বাইরের ধাঁচটা নকল করে নিলেও ভিতরের রসের অভাব কিংবা তারের বৈষম্য থাকবেই—*অঠা*)। { *স.* √তারি+অ(অচ্); *স.* তালু>}

তার[৫] [তার্] *সর্ব* তাহার। { *স.* তদ্>}

তার[৬] [তারো] *ক্রি* ত্রাণ করো (তার পিতৃলোকে—*ঘচ*)। { *স.* √তৃ+অ(অচ্)}

তারক [তারোক] *বিণ* পারকর্তা; উদ্ধারকারী; রক্ষক। □ *বি* ১ কর্ণধার; মাঝি। ২ ভেলা; ক্ষুদ্র নৌকা। ৩ নক্ষত্র। ৪ চোখের তারা। ৫ অসুরবিশেষ। **তারিকা** *বিণ স্ত্রী.*। ~**নাথ** *বি* হিন্দু দেবতা শিব। ~**ব্রহ্ম** *বি* হিন্দুমতে ওঁশ্রীরামরাম বা ওঁ শ্রী রামায় নমঃ—এই ছয় অক্ষরযুক্ত মহামন্ত্র। { *স.* √তৃ+ ণিচ্>√তারি+অক (ণ্বুল্)}

তারকষ [তার্‌কশ্] *বিণ* অলঙ্কার নির্মাণকারী; সেঁকরা। **তারকষি** *বি* অলঙ্কার প্রস্তুত করার কাজ; সেঁকরা। { *ফা.* তারকাস تركس }

তারকা[১] [তারোকা] *বি* ১ নক্ষত্র; star। ২ চোখের তারা pupil; তারাচিহ্ন (*)। ৩ চলচ্চিত্রের বিশিষ্ট অভিনেতা বা অভিনেত্রী (চিত্রতারকা)। { *স.* √তৃ+ণিচ্+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

তারকা[২] ⇒ তারক

তারকায়িত, তারকিত [তারোকায়িতো, তারোকিতো] *বিণ* ১ নক্ষত্রযুক্ত; তারকাখচিত; নক্ষত্রশোভিত; তারকাচিহ্নিত। ২ তারকারূপে পরিগণিত; উৎকৃষ্ট অভিনেতা বা অভিনেত্রীতে পরিণত। { *স.* √তারকা+ ইত(ইতচ্)}

তারকারি [তারোকারি] *বি* ১ হিন্দু পুরাণোক্ত তারক নামক অসুরের শত্রু ও তার বধকারী। ২ হিন্দুদেবতা কার্তিকেয়। { *স.* তারক+অরি; *বহু*}

তারকিত ⇒ তারকায়িত

তারকিনী ⇒ তারকী

তারকী (–কিন্) [তারোকি] *বিণ* তারকাযুক্ত; তারকিত; তারকাচিহ্নিত নক্ষত্রশোভিত; নক্ষত্রযুক্ত। **তারকিনী** *বি* ১ *স্ত্রী.* নক্ষত্রশোভিতা; তারকাময়ী। ২ রাত্রি। { *স.* তারকা+ইন্(ইনি)}

তারণ [তারোন্] *বি* ত্রাণ; পারকরণ (না শুনিব তোমা বাক্য উম্মত তারণে—*হেমা*)। □ *বিণ* ত্রাণকর্তা; উদ্ধারকারী (অধম তারণ)। { *স.* √তৃ+ণিচ্+অন(ল্যুট্)}

তারণি, তারণী [তারোনি] *বি* ১ নৌকা, ভেলা ইত্যাদি যা দিয়ে নদী প্রভৃতি পার হওয়া যায়। ২ খেয়া। { *স.* তারণ+ই, ঈ}

তারতম্য [তারতোম্‌মো] *বি* পার্থক্য; প্রভেদ; ইতরবিশেষ; কমবেশি; ন্যূনাধিক্য। { *স.* তর+তম = তরতম+য(ষ্যঞ্)}

তারপিন ⇒ টারপিন

তারবালা ⇒ টাড়

তারল্য [তারোল্‌লো] *বি* ১ তরল অবস্থা; তরলতা; দ্রবতা (তাহাদের মনে চাঞ্চল্য এবং তারল্য জন্মাইয়া দেয়—*ইহো*)। ২ চপলতা। ৩ অদৃঢ়তা। ৪ অস্থিরমতিত্ব। { *স.* তরল+য(ষ্যঞ্)}

তারস্বর ⇒ তার[২]

তারা [তারা] *বি স্ত্রী.* ১ ত্রাণকারিণী। ২ দশমহাবিদ্যার একজন দেবী। ৩ বৌদ্ধ দেবীবিশেষ। ৪ রামায়ণোক্ত বালীর স্ত্রী। □ *বি* ১ নক্ষত্র; তারকা। ২ চোখের তারা; চক্ষু তারকা। ৩ (*সন্*) সুর পর্যায়ের উচ্চ সপ্তক (এ সুধা সঙ্গীতে স্বরতরঙ্গে তরঙ্গে উদারা মুদারা তারা ঘুরিয়া ফিরিয়া কায়)। ~**ঘেরা** *বিণ* তারকাবেষ্টিত (তারা-ঘেরা ঝিঁঝি ঢাকা রাত—*আতা*)। ~**ধিপ**, ~**নাথ**, ~**পতি** *বি* চন্দ্র; চাঁদ। ~**পথ** *বি* গগন; আকাশ। ~**পথ** *বি* গগন; আকাশ। ~**পাত** *বি* উল্কাপাত; তারকা পতন। ~**মণ্ডল** *বি* নক্ষত্রমণ্ডল। ~ **মাছ** *বি* ছোট উজ্জ্বল সামুদ্রিক মৎস্যবিশেষ; star-fish। ~**মৃগ** *বি* ১ মায়ামৃগ। ২ মৃগশিরা নক্ষত্র। ~**মৈত্রী** *বি* প্রথম দর্শনে চোখের মিলনমাত্রেই যে বন্ধুত্ব জন্মে। ~**রত্ন** *বি* ১ তারারূপ রত্ন। ~**স্তীর্ণ** *বিণ* তারকাকীর্ণ; তারকারাজিতে পূর্ণ (তারাস্তীর্ণ আকাশের তলে বাস—*মোম*)। ~**স্তোম** *বি* নক্ষত্রগুচ্ছ (বেদনার ছন্দে উঠে গান তারাস্তোমে তৃণে তৃণে—*সুমো*)। { *স.* √তৃ+ণিচ্+অ+আ(টাপ্)}

তারাকারা [তারাকারা] *বিণ* তারার আকৃতিবিশিষ্ট; তারাস্বরূপ। { *স.* তারা+আকারা}

তারাজ ⇒ তরাজ

তারাজু ⇒ তরাজু

তারাবাজি [তারাবাজি] *বি* আতশবাজিবিশেষ (ঐ বিশ্বকর্মা যিনি তারা গড়েন আর যে তারাবাজি পুড়িয়ে খেলে তাদের মিলনরূপের ছন্দে—*অঠা*)। { *স.* তারা+*ফা.* বাজী باجي }

তারাবি, তারাবী, তারবীহ্ [তারাবি, –, –বিহ্] *বি* রমজান মাসব্যাপী ইশার নামাজ শেষে যে বিশ বা বারো রাকাত বিশেষ সুন্নাত নামাজ সাধারণত জামাতে পড়া হয় এবং যে নামাজের মধ্যে হাফিজ ইমাম সমস্ত কুরআন শরিফ ধারাবাহিক আবৃত্তি করেন (তারাবি নামাজ পড়িতে যাইব মোল্লা বাড়িতে আজ—*জউ*)। **খতম তারাবি** *বি* যে তারাবি নামাজে সারা রমজান মাসে সমস্ত কুরআন অন্তত একবার খতম করা হয়। { *আ.* তারাবীহ্ تراويح }

তারাভ্র [তারাব্‌ভ্রো] *বিণ* ১ যা মেঘের ন্যায় নির্মল। ২ কর্পূর। { *স.* তারা+অভ্র; *বহু*}

তারিক [তারিক্] *বি* ১ নৌকার মাশুল আদায়কারী ব্যক্তি। ২ নৌকার শুল্ক বা পার হবার কড়ি। { *স.* তার+ইক(ঠক্)}

তারিখ [তারিখ্] *বি* ১ মাসের দিন সংখ্যা; দিন। ২ ইতিহাস। { *আ.* তওয়ারিখ, তারীখ تاريخ }

তারিণী [তারিনি] *বিণ* সংকট থেকে ত্রাণকারিণী। { *স.* √তৃ+ণিচ্+ইন(ণিনি)+ঈ(ঙীপ্)}

তারিন্দা [তারিন্‌দা] *বি* ছিপের সুতায় সংলগ্ন ভাসমান ফাতনা, যা বড়শিতে মাছ ধরা পড়েছে কিনা সে সংকেত দান করে (ছিপের সুতায় তারিন্দা এবং বঁড়শিতে টোপ লাগাও)। { *স.* তরণ্ডক>}

তারিপ ⇒ তারিফ

তারিফ, তারিপ, তারীফ [তারিফ্, –প্, –ফ্] *বি* ১

প্রশংসা; বাহবা; সুখ্যাতি (আমার নবী মোহাম্মদ (সা.) যাহার তারিফ জগতময়—*নই*)। ২ প্রশংসাবাদ (দর্শকেরা তারিফে উচ্ছ্বসিত হইয়া উঠিল—*আক্তা*)। { *আ.* তা'রীফ تعريف }

তারুণ (*বু.*) [তারুন] *বি* প্রথম বা নব যৌবন (শৈশব তারুণ ভেট—*বিপ*)। { *স.* তরুণ> }

তারে [তারে] *ক্রি* ১ পার করে। ২ ত্রাণ বা উপকার করে। { *স.* √তৃ > }

তারুণ্য [তারুন্নো] *বি* ১ তরুণ অবস্থা বা বয়স। ২ যৌবন। ৩ কাঁচা ভাব বা কচি অবস্থা (একটি শুভ্র স্বাভাবিক তারুণ্য অম্লানভাবে প্রকাশ পাইত—*রঠা*)। ৪ প্রথম যৌবন। { *স.* তরুণ+য(ষ্যঞ্) }

তারে [তারে] *সর্ব* তাকে; তারে। { *স.* তদ্> }

তারে-নারে ⟹ তাইরে নাইরে

তার্কিক [তার্‌কিক্] *বিণ* তর্কশাস্ত্রে অভিজ্ঞ; নৈয়ায়িক। □ *বি, বিণ* ১ তর্কপ্রিয়। ২ তর্কাসক্ত। ৩ তর্কপটু। **তার্কিকী** *স্ত্রী.*। **–তা** *বি* বাকপটুতা (শুনিয়া নির্ঝরিণীর মেয়েলি তার্কিকতা চড়িয়া উঠিল—*রঠা*)। { *স.* তর্ক+ইক(ঠক্) }

তার্ক্ষ [তার্‌খো] *বি* দেবতা ও দৈত্যদের পিতা কশ্যপ নামক মুনি। { *স.* তৃক্ষ+অ(অণ্) }

তার্ক্ষ্য [তার্‌খ্য] *বি* গরুড়। { *স.* তৃক্ষ+য(যৎ) }

তার্পিন, তারপিন [তার্‌পিন্] *বি* তেলবিশেষ; পাইন জাতীয় বৃক্ষের নির্যাস। { *ই* turpentine }

তার্য [তারজো] *বিণ* উত্তীর্ণ হওয়ার যোগ্য; তরণীয়। □ *বি* নদী পার হওয়ার শুল্ক; পারানি। { *স.* √তৃ > }

তাল[১] [তাল্] *বি* বৃক্ষবিশেষ; তাল ফল। **–কাঁড়ি** *বি* তালগাছের রস। **–ক্ষীর** *বি* পাকা তালের রস জ্বাল দিয়ে প্রস্তুত ক্ষীর। **–চোঁচ** *বি* বাবুই পাখি। **–জঙ্ঘা** *বি* তালবৃক্ষের ন্যায় যার দীর্ঘ জঙ্ঘা; রাক্ষসবিশেষ। **–নবমী** *বি* ভাদ্রমাসের শুক্লা নবমী। **–পড়া** *ক্রি* ১ তাল গাছ থেকে তাল পড়া। ২ পৃষ্ঠদেশে সশব্দে কিল পড়া। **–পাটালি** *বি* তালরস দিয়ে প্রস্তুত পাটালি গুড় (ঢাকলো মেঘের খুঞ্চে পোষে তাল-পাটালির থাল—*সদ*)। **–পাতা** *বি* তালগাছের পাতা (লিখছে যারা তালপাতাতে, খাগের কলম বাগিয়ে হাতে—*সদ*)। **–পাতার সেপাই** *বি* (*আল.*) দীর্ঘ অথচ অত্যন্ত কৃশ; অতিশয় রোগা ও দুর্বল ব্যক্তি। **–পুকুর** *বি* যে পুকুরের তীরে অনেক তালগাছ আছে। **–বন** *বি* ১ তালগাছের সারি; তালগাছের বন (বদলা হাওয়ায় তাল্‌বনা ঐ বাজায় চটুল দাদ্‌রা তাল—*নই*)। ২ বৃন্দাবনের তালবনবিশেষ। **–বাখড়া** *বি* শুকনা তালপাতার ডাঁটা। **–বৃন্ত** *বি* ১ তালগাছের ডাঁটাশুদ্ধ পাতা। ২ তালপাতা দিয়ে নির্মিত হাত পাখা (স্বয়ং তালবৃন্ত সঞ্চালন করিতে লাগিলেন—*ঈবি*)। **–শাঁস** *বি* তালের কচি আঁটি; শাঁস; কচি তালবীজ। **–ষাঁড়া, –সাড়া** *বি* তালগাছের কোমল বৃন্তমূলস্থ ঝুরি যা বৃক্ষকাণ্ডের সংলগ্ন হয়ে চতুর্দিকে বেষ্টন করে থাকে। { *স.* তল+অ(অণ্) }

তাল[২] [তাল্] *বি* বৃহৎ পিণ্ড; বড় দলা; রাশি; স্তূপ (কাদুকের হাতে একতাল কাদা, একখানা পাথর, একটা কাঠ যেমন ভাব পায়—*অঠা*)। **– করা** *ক্রি* ১ জড় বা পিণ্ডাকার বা বড় দলা করা। ২ মতলব করা। **তালকী** *বি* তালরস বা তাড়ি। **–ক্ষীর** *বি* ১ তালের ঘন রস দুধ এবং চিনি বা গুড়ে মিশিয়ে কলা দিয়ে তৈরি ক্ষীর। ২ তালের সারাংশ। **–গোল পাকানো, – পাকানো** *ক্রি* ১ পিণ্ডাকার করা বা হওয়া। ২ বিপর্যস্ত করা; শৃঙ্খলাহীন হওয়া বা করা। ৩ (*আল.*) জটিল অবস্থার সৃষ্টি করা; জটিল করা; নানা রকমের দুশ্চিন্তা (তাল পাকাতে আরম্ভ করে—*আই* সাধারণ একটা ব্যাপারকে তালগোল পাকিয়ে ফেলেছে)। **– তাল** *বিণ* রাশি রাশি স্তূপীকৃত; প্রচুর। { *স.* √তল্+অ(ঘঞ্) }

তাল[৩] [তাল্] *বি* ১ (*সন্*) সঙ্গীতে সময়ের বিভাগ; মাত্রা (সমের মুখে এসে তাল কেটে গেল)। ২ উভয় করতলে আঘাত (তাল দেওয়া)। ৩ কোনো কিছুতে মৃদু চাপড় (তাল ঠোকা)। **তালক** *বি* ১ হরিতাল। ২ তালা; lock। ৩ তাল। ৪ অড়হর। **– কাটা** *ক্রি* (*সন্*) তাল ভঙ্গ হওয়া; সুসঙ্গত না হওয়া; সময়ের মাত্রায় অসামঞ্জস্য হওয়া (তাল কাটে অকারণ খেয়ালের খড়্‌গে—*সদ*)। **–কানা** *বিণ* ১ (*সন্*) তালজ্ঞানশূন্য; বেতাল। □ *বি* ভালো-মন্দ জ্ঞানশূন্য; বিবেচনাবিহীন (আমার সংসারের ঘড়ি তালকানা—*রঠা*)। ৩ অসাবধান। **– ঠোকা** *ক্রি* স্বীয় বাহু বা উরুতে চপেটাঘাতসহ আস্ফালন করা। **–বাহানা, টালবাহানা** *বি* ওজর; ছল (শক্তিপদই তালবাহানা করিয়ে অমৃতকে ঘরজামাই বিয়ে দিল—*সজ*)। **–ভঙ্গ** *বি* (*সন্*) সময়ের মাত্রাসমূহের ব্যবধানে সমতা হানি; বেতাল অবস্থা। **– রাখা** *ক্রি* ১ সংগীতের তাল ঠিক রাখা। ২ অন্যের গতির সঙ্গে নিজের গতির ঐক্য বা সমতা রেখে চলা। ৩ অন্যের সঙ্গে নিজের কাজের সঙ্গতি রক্ষা করা। **ঢিমা–** *বি* ১ সঙ্গীতে বিলম্বিত তাল; যে তালের গতি ধীর। ২ দীর্ঘসূত্রতা। { *স.* √তল্+অ(ঘঞ্) }

তাল[৪] [তাল্] *বি* ধাক্কা; ধকল; দায়িত্ব; ঝোঁক; বেগ; হঠাৎ বিপদ। { *স.* √তল্+অ(ঘঞ্) }

তাল[৫] [তাল্] *বি* এক বিঘত পরিমাণ বা অর্ধহস্ত পরিমাণ মাপ (চৌদ্দ তাল জলের মধ্যে ময়না আসন করিল—মানিক রাজার গান। { *স.* তল> }

তাল[৬] [তাল্] *বি* এক প্রকার পিশাচযোনি। **–বেতাল** *বি* তাল ও বেতাল নামে বিক্রমাদিত্যের অনুচর দুই পিশাচ। { *স.* √তল্+অ (ঘঞ্) }

তাল[৭] [তাল] *বি* আঁচ; ধারণা (আমি ব্যাপারটা তাল করতে পারিনে—*শও*)। { *স.* তল> }

তালই ⟹ তাউই

তালক ⟹ তাল[৩]

তালকিন [তাল্‌কিন্] *বি* দীক্ষা; শিক্ষা; ধর্মোপদেশ (মোহাম্মদ হানিফ তারে করেন তালকিন—*সৈহা*)। { *আ.* তাল্‌কীন تلقين }

তালকী [তালোকি] *বি* তালরস বা তাড়ি। { *স.* তাল+ক(কন্)+ঈ(ঙীপ্) }

তালবাহানা ⟹ তাল[৩]

তালব্য [তালোব্‌বো] *বিণ* ১ তালু থেকে উচ্চারিত; তালুর সাহায্যে যে বর্ণ উচ্চারিত হয়। ২ তালু-সংক্রান্ত। **–বর্ণ** *বি* তালু থেকে উচ্চারিত বর্ণ অর্থাৎ ই, ঈ, চ-বর্গ, য, শ। { *স.*

তালু+য(যৎ)}

তালা১ [তালা] *বি* কুলুপ। {*স.* তালক>}

তালা২ [তালা] *বি* তল; তলা; স্তর; বাড়ি ইত্যাদির ঊর্ধ্বদিকে অবস্থিত স্তর বিন্যাস (দোতালার ঘর)। {*স.* তল}

তালা৩ [তালা] *বি* শারীরিক দুর্বলতাবশত বা বাইরে কোনো প্রচণ্ড শব্দের জন্য শ্রবণ শক্তি সাময়িকভাবে রুদ্ধ হওয়া (কানে তালা লাগা)। {*স.* তালক>}

তালা৪, ত'আলা, তায়ালা [তাল, তাআল, তায়ালা] *বিণ* সর্বশ্রেষ্ঠ; প্রধানতম; সর্বপ্রধান; সর্বোচ্চ (খোদাতালা; আল্লাহতায়ালা)। {*আ.* তায়ালা تعل }

তালাই১ ⇒ তলাই

তালাই২ ⇒ তেলাই

তালাও ⇒ তলাব

তালাক, তল্লাক, তলাক [তালাক, তল্-, তলাক্] বি মুসলমান রীতিতে বিবাহ-বিচ্ছেদ (ছাড়িনু ছাড়িনু বুলি কহে তিনবার তল্লাক করিয়া ছাড়ে সভার মাঝার—*হেম*)। **-নামা** *বি* পরিত্যাগপত্র; বিবাহবিচ্ছেদ পত্র (মুখের কথা কেন তালাকনামা এখনই লিখিয়া দিতেছি —*মীম*)। {*আ.* তুল্যাক طلاق + *ফা.* নামহ্ نامه }

তালাফি, তালাফী [তালাফি] *বি* ১ খবরদারি; আদরযত্ন (আপন দেহের দেলে করিয়া নজর তালাফি করিবে তারে বেটি বরাবর—*সৈহ্য*)। ২ পরিচর্যা; সেবা। ৩ ক্ষতিপূরণ। {*আ.* তালাফী تلافى }

তালাশ, তালাস ⇒ তলাশ

তালি১, করতালি [তালি, কর-] *বি* দুই করতলের আঘাতজনিত শব্দ; হাততালি। {*স.* তালিক>}

তালি২ [তালি] *বি* পট্টি; জোড়াতালি (সামেয়ানা ফর ফর তালি তাতে বহুতর—*প্যামি*)। {*স.* তাল (সমতা অর্থে)+*বা.* ই}

তালি৩ [তালি] *বি* ছোট তালা। {*স.* তালিক+*বা.* ই}

তালি৪ [তালি] *বি* শব্দের আঘাতজনিত শ্রুতিরোধ (কানে তালি লাগা)। {*স.* তালিক (তালা অর্থে)>তাল+*বা.* ই}

তালিক [তালিক] *বি* ১ করতল; করতালি। ২ চড়। ৩ সীল-মোহর। {*স.* তাল+ইক(ঠক্)}

তালিকা [তালিকা] *বি* নির্ঘণ্ট; ফর্দ; লিস্ট; list। {*আ.* তালীকাহ تعليقة }

তালিব [তালিব] *বি, বিণ* শিক্ষার্থী; অন্বেষক; অনুসন্ধান-কারী; প্রশ্নকারী; ছাত্র (নবীর খাদেম আমি দীনের তালিব —*সৈহ্য*)। {*আ.* ত়ালিব طالب }

তালিম, তালীম [তালিম] *বি* ১ শিক্ষা; উপদেশ; জ্ঞানদান (আমানউল্লাহ্ তালিম পেয়ে কাফির হয়ে গিয়েছে—*সৈমু*)। ২ শিক্ষিত; উপদিষ্ট; trained (ইহারা সকলেই আমার কাছে তালিম হইয়াছে—*ভবা*)। ৩ চর্চা; অভ্যাস (যে কয়দিন আমাদের অভিনয়ের তালিম চলছিল—*সুরা*)। ~ **আলিম** *বি* ছাত্র; বিদ্যার্থী (আমি বৃদ্ধ ফকীরেরে বহুতর তালিম আলিম বলি করেন্ত আদর—*সৈআ*)। {*আ.* তালীম تعليم }

তালিমি, তালিমী [তালিমি] *বিণ* তালিম বা শিক্ষা-বিষয়ক। {*আ.* তালীমী تعليمى }

তালী১ [তালি] *বি* তালগাছ (তালিবন থৈ তাথৈ—*নই*; তমাল তালী বনরাজী নীলা—*কাদা*)। {*স.* তাল+ঈ(ঙীপ্)}

তালী২ [তালি] *বিণ* ১ বাদ্যে তাল প্রদান করে এমন। ২ তালজ্ঞানবিশিষ্ট। {*স.* তাল+ইন(ইনি)}

তালীম ⇒ তালিম

তালু [তালু] *বি* টাকরা; মুখগহ্বরে অবস্থিত একটি প্রত্যঙ্গ (কতকাল ধরি বালুকার তালু আমুশির দরিয়ায় পায়নি পরশ—*মোম*)। {*স.* √তৃ+ল(ঞুণ্)}

তালুই ⇒ তাউই

তালুক [তালুক] *বি* ১ জমিদারি; সরকার বা জমিদারের নিকট থেকে বন্দোবস্ত করে নেওয়া সম্পত্তি (তালুক মুলুক যা আছে সব মণির নামে লিখে দাও—*রঠা*)। ২ ভূসম্পত্তি। **-দার** *বি* তালুকের মালিক। **-দারি** *বি* তালুকদারের বৃত্তি বা জমিদারি। □ *বিণ* তালুকদার বা তালুকদারি-সংক্রান্ত। {*আ.* তা'আল্লুক تعلق }

তা'লে [তালে] *অব্য* তা হলে। {তাহা হইলে>তাহলে>}

তালেনামা [তালেনামা] *বি* ১ ভাগ্য নির্দেশক পুস্তক (হুকুম করিল বাদশা নজ্জুমে ডাকিয়া তালেনামা দেখ সবে রমল খুলিয়া—*সৈহ্য*)। ২ যে সময়ে কাজ করলে শুভ বা সফল হয়। {*আ.* ত়ালি طالع ; *ফা.* নামহ্ نامه }

তালেব আলেম, তালেব এলম, তালেবুল ইলম, তালিবুল ইলম [তালেব্ আলেম্, -এলম্, তালেবুল্ ইলম্, তালি-] *বি* ছাত্র; বিদ্যার্থী; শিক্ষার্থী; জ্ঞানান্বেষী (হাদিস কোরান পড়ার জন্য চারদিক হইতে তালেবুল ইলম এই মাদ্রাসায় আসিয়া থাকে—*আমআ*)। {*আ.* ত়ালিব 'ইলম طالب علم }

তালেবর [তালেবর] *বি* সৌভাগ্যবান; প্রতিপত্তিশালী; মান্যগণ্য (পেটে অসীম এলেম তুখোড় ছোকরা তালেবর ব্যক্তি—*সৈমু*)। □ *বিণ* ধনী; ঐশ্বর্যশালী। {*ফা.* তালি' طالع *আ.* + বর ور }

তালেবুল ইলম ⇒ তালেব আলেম

তাল্লাক ⇒ তালাক

তাস [তাশ্] *বি* খেলার জন্য চারকোণবিশিষ্ট মোটা চিত্রিত কাগজখণ্ড বিশেষ। **~পেটা** *ক্রি* তাস দ্বারা খেলা করা। **তাসের ঘর** *বি* ১ ক্ষণস্থায়ী ও ভঙ্গুর গৃহ। ২ অতিশয় অনিশ্চিত অবস্থা; বিপজ্জনক স্থিতি। ৩ অতি স্বল্পকালস্থায়ী কীর্তি। {*ফা.* তাস طاش ; *হি.* তাস}

তাসা, তাসানো, তাসান [তাশা, -নো, -ন] *ক্রি* ১ তাসের গুচ্ছের ক্রমপর্যায় নষ্ট করা। ২ তিরস্কার বা ভর্ৎসনা করা। □ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। {*আ.* তাস+আ, আনো, আন}

তাসাওফ, তাসাওওফ, তাছাওফ [তাসায়োফ্, -ওয়োফ, তাছাওফ] *বি* সুফি মতবাদ; সুফিদের সাধনা (তাছাওফের যে নূরানী ইলমে তনুমন একাকার—*ফআ*)। {*আ.* তাসাব্বউফ تصوف }

তাসান, তাসানো ⇒ তাসা

তাসির ⇒ তাছির

তাস্কর্য [তাশকরজো] *বি* তস্করের বা চোরের বৃত্তি; চৌর্য; তস্করতা। {*স.* তস্কর+য(যৎ)}

তাহ (*মবা.*) [তাহ্] তা; তাহা (কো সব তাহ—*বিপ*)। তাহে—তাতে; তাহাতে; (তাহে কি কাঠক বাধা—*গোদা*)। {তাহা}

তাহজিব, তাহযীব [তাহ্জিব্, –যীব্] *বি* শিষ্টাচার; ভব্যতা; সভ্যতা; ভদ্রতা। {*আ.* তাহ্যীব تـهـذيـب }

তাহজিল, তাহশিল [তাহ্জিল্, –শিল্] *বি* লাঞ্ছনা; অসম্মান; শাস্তি; অপমান (না দিলে জওয়াব তারে করিবে তাহশিল—*সৈহা*)। {*আ.* তহ্জীন تـهـجـيـن }

তাহযীব ⇒ তাহজিব

তাহশিল ⇒ তাহজিল

তাহাঁ ⇒ তাঁহা

তাহা, তা [তাহা, তা] *সর্ব* সেই; সেই বস্তু; সে বিষয়; তদ্বিষয়। **তাকে/তাহাকে, তারে/তাহারে**(বিরল) *সর্ব* সেই ব্যক্তিকে; সে লোককে। **তাতে/তাহাতে** *সর্ব* ১ তার মধ্যে; তন্মধ্যে। ২ তার জন্য (তাতে কি যায় আসে?)। ৩ তা শ্রবণ করে; তার ফলে; সে বিষয়ে বা প্রসঙ্গে; তার পর (তাতে সে চটে গেল)। ৪ তার সঙ্গে (তাতে আমাতে সদ্ভাব নাই)। ৫ তার দ্বারা (তাতে কিছুই হয় না)। ৬ তবুও; তথাপি; তা সত্ত্বেও (যদি না পারো তাতে বিপদ নেই)। ৭ অন্যদিকে; অন্য পক্ষে; তদুপরি (একে মূর্খ তাতে নির্বোধ)। **~দিগকে, ~দেরকে** (বিরল), **তাদের** *সর্ব* সেই ব্যক্তিগণকে। **তার/তাহার** *সর্ব* সেই ব্যক্তির; সে বস্তুর বা পদার্থের; সে বিষয়ের তদ্বিষয়ক। {*স.* তদ্>}

তাহাজ্জত, তাহাজ্জদ, তাহাজ্জুদ [তাহাজ্জত, –দ, –জুদ্] *বি* শেষ রাত্রির নফল নামাজবিশেষ (শেষ রাত্রিতে আমি তাহাজ্জতের নামাজ পড়িতে উঠি—*নর*) {*আ.* তাহজ্জুদ تـهـجـد }

তাহে (*ব্র.*) [তাহে] *অব্য* অধিকন্তু উপরন্তু তাতে আবার (একে কুহু যামিনী তাহে কুলকামিনী)। □ *সর্ব* (*পদ্য.*) তাতে; তাকে। {*স.* তদ্}

তাহেরি, তিহারি, তাহারী [তাহেরি, তিহারি, তাহারি] *বি* বিরিয়ানি শ্রেণির পোলাও; মাংস মিশানো সকাল বেলার নাস্তা; খাদ্যবিশেষ (চাল ডাল আর গোশত মিশিয়ে একটা তাহেরী করতে—*মইনুদ্দীন*)। {*হি* তাহেরী}

তাহি (*মবা.*) [তাহি] *ক্রিবিণ* সেখানে; সেইস্থানে; সে সময়ে (তাহি চাহে যাঁহা—*গোদা*)। {*স.*, তত্র>}

–তি [তি] *বি* প্রত্যয়বিশেষ (কমতি, চলতি)। {বাংলা প্রত্যয়বিশেষ}

তিঅজ, তিয়জ (*মবা.*) [তিয়জ্] *বিণ* তৃতীয়। **~ পহর** তৃতীয় প্রহর (তিঅজ পহরে বড়ায়ি পিক ঘন রাএ—*বচদা*)। {*স.* তৃতীয়>*প্রা.* তিইজ্জ>}

তিওর, তীবর [তিওর, –ব–] *বি* একপ্রকার বর্ণসংকর জাতি; ব্যাধ। {*স.* তীবর>; তুল. ব্যাধবৃত্তি অবলম্বনকারী 'শবর' জাতি}

তিউড়ি, তিহরি [তিউড়ি, –হ–] *বি* চুলা; চুল্লি; উনান; আখা (উজ্জ্বল চন্দন কাষ্ঠে জ্বলিল তিউড়ী—*ঘন*)। {*স.* ত্রিশির (তিন মাথা)>তিহির>তিহড়ি>তিউড়ি}

তিক [তিক] *বি* ১ টিপ। ২ লক্ষ্য; তাক। {*স.* তিল+ (তিলের মতো চিহ্ন অর্থে) ক(কন্)>তিক}

তিক্ত [তিক্‌তো] *বি* তিতা; তিতা স্বাদ, কটুরস বা স্বাদ। □ *বিণ* ১ উক্ত অর্থসমূহে। ২ (*আল.*) দুঃখজনক; কষ্টকর; অপ্রীতিকর (অজস্র তিক্ত কটাক্ষ হাস্যমুখে অগ্রাহ্য করতে হয়েছে—*রখাঁ*)। ৩ অসন্তুষ্ট; অপ্রসন্ন (তিক্ত/তেতো বিরক্ত)। **– অভিজ্ঞতা** *বি* দুঃখজনক; কষ্টকর অভিজ্ঞতা। **তিক্তক** *বি* ১ পটল। ২ পলতা। ৩ চিরতা। ৪ বিটখদির। ৫ নিম। **~ধাতু** *বি* পিত্ত। **–পত্র** *বি* ১ তিতা পাতার গাছ। ২ কাঁকরোল। **~সার** *বি* খদির বা খয়ের। {*স.* √তিজ্+ত(ক্ত)}

তিখ, তীখ, তিখনি, তিখিনী (*ব্র.*) [তিখ্, –, তিখ্‌নি, তিখিনি] বিণ তীক্ষ্ণ (তিখিনী তিখিনী শর—*চদা*)। {*স.* তীক্ষ্ণ>*প্রা.* তিকখ>}

তিগ্ম [তিগ্‌মো] *বিণ* তীব্র; উগ্র; উষ্ণ; দাহকর; তীক্ষ্ণ। **~কর, ~রশ্মি** *বি* ১ সূর্য। ২ প্রখর রৌদ্রকিরণ। **তিগ্মগ** *বি* ক্ষিপ্রগামী; দ্রুতগামী। **তিগ্মাংশু** *বি* ১ সূর্য। ২ প্রখর কিরণ। {*স.* √তিজ্+ম(মক্)}

তিঙন্ত [তিঙন্‌তো] *বিণ* (*ব্যা.*) তিঙ অন্তে যার; ক্রিয়া বিভক্তিযুক্ত। **– পদ** *বি* (*ব্যা.*) ক্রিয়ার মূল ধাতুর শেষে বিশেষ বিশেষ নিয়মে তিঙ বিভক্তিযোগে নিষ্পন্ন পদ; ক্রিয়া বিভক্তিযুক্ত শব্দ। **~ প্রত্যয়** *বি* (*ব্যা.*) ধাতুর উত্তর বিহিত প্রত্যয়; verbal affix। {*স.* তিঙ্+অন্ত}

তিজারত, তিজারৎ, তিজারতি, তিজারতী ⇒ তেজারত

তিজেল [তিজেল্] *বি* ১ ব্যঞ্জনাদি রাঁধার চ্যাপটা হাঁড়ি। ২ পাতিল। {*পো.* tigela}

তিড়বিড় [তিড়্‌বিড়্] *অব্য* অস্বস্তিবোধ; চঞ্চলভাব; অস্থিরতা প্রকাশক (আশ্চর্য নাড়ী প্রায় তিড়বিড় করছে—*অচিসে*)। {*মারাঠি.* তীড়; *ধ্বন্যা.*}

তিড়িং, তিড়িক [তিড়িং, তিড়িক্] *অব্য* ফড়িং ইত্যাদির মতো হঠাৎ সবেগে লম্ফ প্রদানের ভাব। **তিড়িং-তিড়িং, তিড়িং-বিড়িং** *অব্য* বারংবার তিড়িং করে লাফানোর ভাব; অঙ্গভঙ্গিসহ ঐরূপে লম্ফন। {*ধ্বন্যা.*}

তিড়িক ⇒ তিড়িং

তিত ⇒ তিতা[১]

তিতল (*ব্র.*) [তিতল্] *ক্রি* ১ সিক্ত হলো; ভিজল। □ *বিণ* ভিজা; সিক্ত; আর্দ্র (অলকহি তিতল—*বিপ*)। {*স.* √তিম্(ক্ষরণ)>}

তিতা[১], তেতো, তিত [তিতা, তেতো, তিতো/–ত্] *বিণ* ১ তিক্ত স্বাদযুক্ত। □ *ক্রি* তিক্ত স্বাদযুক্ত হওয়া (তিতায় তিতিল দে—*চদা*)। {*স.* তিক্ত>}

তিতা[২] [তিতা] *ক্রি* (*পদ্য.*) ভিজে যাওয়া; সিক্ত হওয়া (তিতিল দোহেন তনু নয়ানের জলে—*দৌবা*)। □ *বিণ* সিক্ত; ভিজা (তিতা বস্ত্র এড়ি ধুতি পরিল—*বিগু*)। **তিতানো** *বি* ১ সিক্ত করা; ভিজানো; আর্দ্র করা। {*স.* √তিম্ (ক্ষরণ)}

তি-তি [তিতি] *অব্য* হাঁস-মুরগি কাছে ডেকে আনার শব্দ। {*ধ্বন্যা.*}

তিতিক্ষা [তিতিক্‌খা] *বি* ১ সহনশীলতা; সহিষ্ণুতা। ২ ক্ষমা; অপরাধ মার্জনা; ক্ষমার ভাব (গান্ধার শিল্পের

বুদ্ধমূর্তির চোখে মুখে যে অপার তিতিক্ষা—*সৈমু*)। **তিতিক্ষিত** *বিণ* সহ্য বা ক্ষমা করা হয়েছে এমন। **তিতিক্ষু** *বিণ* ১ সহিষ্ণু, সহনশীল। ২ ক্ষমাশীল; ক্ষমাযুক্ত; ক্ষমাগুণে পূর্ণ। { *স.* √তিজ্+সন্+অ+আ(টাপ্)}

তিতিবিরক্ত ⇒ ত্যক্ত

তিতির, তিত্তির [তিতির] *বি* এক জাতীয় পাখি; তিত্তির পাখি। { *স.* তিত্তির>}

তিতিল[১] [তিতিল] *বি* ১ (পূর্ব বাংলায়) পাতিল; নাদা; মাটির পাত্র। ২ তিলের পিঠে। { *স.* তিতিল}

তিতিল[২] [তিতিল] *(ব্র.)* *ক্রি* ১ সিক্ত হলো (তিতিল বসন তনু লাগি—*বিপ*)। {তিতা[২]+ইল>}

তিত্তির ⇒ তিতির

তিথি [তিথি] *বি* ১ চান্দ্রমাস অনুসারে এক দিন; চন্দ্রকলার হ্রাস-বৃদ্ধি দ্বারা নির্দিষ্ট সময়—প্রতিপদ, দ্বিতীয়া ইত্যাদি; পূর্ণিমা থেকে অমাবস্যা বা অমাবস্যা থেকে পূর্ণিমা পর্যন্ত কালের ভাগ। ২ সময়; দিন; কাল; ক্ষণ (তোমার পূর্ণচাঁদের তিথিতে আসিব না রাহুসম—*নই*)। ~**কৃত্য** *বি* তিথি বিশেষে করণীয় কার্য। ~**ক্ষয়** ১ দিনে তিনটি তিথির মিলন; ত্র্যহস্পর্শ। ২ অমাবস্যা তিথি। **তিথ্যমৃত যোগ** *বি* হিন্দু জ্যোতিষশাস্ত্র অনুসারে শুভক্ষণবিশেষ। { *স.* √অত্+ইথি(ইথিন্)}

তিন [তিন্] *বিণ* ৩ সংখ্যা বা সংখ্যক। ~**কাল** *বি* শৈশব যৌবন ও বার্ধক্য (তিনকাল গিয়ে এককালে ঠেকেছে)। ~**কুল** *বি* পিতৃ মাতৃ ও শ্বশুর বংশ (তিনকুলে তার কেউ নেই)। ~**খানা** *বিণ* তিন খণ্ডে বিখণ্ডিত; খণ্ড বিখণ্ড (একখানা দিলে নিমেষ ফেলিতে তিনখানা করে আনে—*রঠা*)। ~**গুণ** *বি* সত্ত্ব; রজঃ; তমঃ। ~ **তালাক** *বি* ১ মুসলমান পতি ও পত্নীর বিবাহবন্ধন সম্পূর্ণরূপে ছেদন। ২ সম্পূর্ণরূপে ত্যাগ। ~ **মাথা এক হওয়া** *ক্রি* দুই হাঁটু ও মাথা একত্র হওয়া অর্থাৎ অতিশয় বৃদ্ধ হওয়া। ~ **লাফে** *ক্রিবিণ* অত্যন্ত দ্রুত (সে এ কথা শুনেই তিন লাফে ঘর ছেড়ে বেরিয়ে গেল)। ~ **সত্য**, ~ **সত্যি** *বি* তিনবার সত্য উচ্চারণ করা যা অত্যন্ত নিশ্চয়তাব্যঞ্জক। ~ **সন্ধ্যা** *বি* ১ ত্রিসন্ধ্যা অর্থাৎ প্রাতঃকাল মধ্যাহ্ন ও সায়ংকাল। ২ সন্ধ্যা ঘনিয়ে আসার সময় (জল ভরিতে যাও গো কন্যা, তিন সন্ধ্যা বেলা—*পূগী*)। { *স.* ত্রি>ত্রীণি>*প্রা.* তিন্নি>}

তিনাঞ্জলি [তিনান্‌জোলি] *বি* ১ *(প্রাবা.)* হিন্দুদের প্রেত তর্পণে তিনবার জলদান। ২ চিরবিদায় (লাজক দিঅঁ তিলাঞ্জলি—*বচদা*)। {তিন+অঞ্জলি}

তিনি[১] [তিনি] *সর্ব* (সম্ভ্রমার্থে) সেই ব্যক্তি; ব্যক্তিবিশেষ; যাঁর সম্বন্ধে বলা হচ্ছে (সম্মান প্রদর্শনে)। {*প্রা.* তিন্নি>}

তিনি[২] *(প্রাবা.)* [তিনি] *বিণ* তিন। {*প্রা.* তিন্নি>}

তিনিশ [তিনিশ্] *বি* সাদন গাছ; জারুল গাছ। { *স.* স্যন্দন}

তিন্তিড়ি, তিন্তিড়ী, তিন্তিলী, তিন্তিড়, তিন্তিড়ীক, তিন্তিড়িকা [তিন্‌তিড়ি, –, তিন্‌তিলি, তিন্‌তিড়, –ড়িক, –কা] *বি* তেঁতুল গাছ; তেতুল ফল (তিন্তিড়ি গাছে জোনাকি দল—*নই*)। { *স.* তিন্তিড়+ঈ}

তিন্দু, তিন্দুক, তিন্দুকী [তিন্‌দু, –দুক, –দুকি] *বি* ১ গাবগাছ। ২ গাব ফল। { *স.* তিন্দুক}

তিপ্পান্ন, তেপ্পান্ন [তিপ্‌পান্‌নো, তে–] *বি,বিণ* ৫৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রিপঞ্চাশৎ>*পা.* তিপঞ্ঞাস>}

তিব্বত [তিব্বত্] *বি* হিমালয়ের উত্তরে অবস্থিত দেশ। **তিব্বতি** *বিণ* ১ তিব্বতীয়; তিব্বতে উৎপন্ন; Tibetan। □ *বি* ১ তিব্বতের লোক। ২ তিব্বতের ভাষা। **তিব্বতীয়** *বিণ* ১ তিব্বতে জাত। তিব্বতসংক্রান্ত; তিব্বতের। { *স.* তিব্বৎ, তিব্বত}

তিমি [তিমি] *বি* বৃহৎ মৎস্যাকার স্তন্যপায়ী সামুদ্রিক প্রাণী। ~**ঙ্গিল** *বি* তিমিকেও গিলে ফেলতে পারে এমন অতি বিরাটকায় পৌরাণিক জন্তু। { *স.* √তম্+ই(ইন্)}

তিমিত [তিমিতো] *বিণ* ১ সিক্ত; আর্দ্র; ভিজা। ২ স্তিমিত; ক্ষীণ। ৩ নিশ্চল; নিঃস্পন্দ। { *স.* √তিম্+ত(ক্ত)}

তিমির [তিমির্] *বি* ১ অন্ধকার। ২ দৃষ্টিশক্তি লোপকারী চোখের রোগবিশেষ; ছানি। ~**নাশক**, ~**রিপু**, **তিমিরারি** *বি* সূর্য। ~**পুঞ্জ** *বি* ঘনীভূত বা পুঞ্জীভূত অন্ধকার। **তিমিরাবগুণ্ঠিত** *বিণ* ১ অন্ধকার রূপ অবগুণ্ঠনে বা ঘোমটায় আবৃত। ২ ঘন অন্ধকারে আচ্ছন্ন। { *স.* √তিম্+ইর(কিরচ্)}

তিয়জ্ঞ ⇒ তিঅজ্ঞ

তিয়াত্তর [তিয়াত্‌তোর্] *বি,বিণ* ৭৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রিসপ্ততি>*পা.* তিসত্ততি}

তিয়াষ, তিয়াস, তিয়াসা *(ব্র.)*, **তিসি** *(প্রাবা.)* [তিয়াশ, –, –শা] *বি* ১ পিপাসা; তৃষ্ণা (আমি আকুল নিদাঘ তিয়াসা—*নই*)। ২ আকাঙ্ক্ষা; প্রবল কামনা (মিটেছে কি সকল তিয়াষ—*রঠা*)। **তিসিঅণে** *(প্রাবা.)*, **তিসিএ** *বি* তৃষ্ণায় (জিস তিসি তিসিঅণে ধাবই—*বৌদ্ধ গান ও দোহা*)। { *স.* তৃষা, তৃষ্ণা>*প্রা.* তিসা>*বা.* তিয়াসা}

তির [তির্] *বি* ঘরের ছাদের কড়ি; ঘরের আড়া। ~-**বরগা** *বি* ছাদকে ধরে রাখার জন্য ব্যবহৃত কাঠ লোহা বা কংক্রিটের তৈরি মজবুত দ্রব্য। { *স.* তির্যক(?)>}

তিরছা ⇒ তেরচা

তিরজুত [তির্‌জুত্] *বি* প্যাঁচওয়ালা গর্ত করবার যন্ত্রবিশেষ। {তীর(তীরের মতো)+জুত}

তিরপল ⇒ ত্রিপল

তিরপিত *(ব্র.)* [তিরোপিতো] *বিণ* পরিতৃপ্ত (নয়ন না তিরপিত ভেল—*বিপ*)। { *স.* তৃপ্ত>}

তিরবিরে [তির্‌বিরে] *বিণ* অত্যন্ত অস্থির; ভীষণ চঞ্চল; খুব ছটফটে স্বভাবের; রূঢ় প্রকৃতির। { *স.* তীব্র>}

তিরশ্চী [তিরোশ্‌চি] *বি* স্ত্রীজাতীয় পশু বা পাখি। *পু.* তির্যক। { *স.* তিরস+√অঞ্চ+ক্বিন্+ঈ(ঙীপ্)}

তিরস্করণী, তিরস্করিণী, তিরস্কারিণী [তিরোশ্‌করোনি, –রিনি, –কারিনি] *বি* ১ অদৃশ্য হওয়ার বিদ্যা; যে বিদ্যা দ্বারা অদৃশ্য হওয়া যায়। ২ পর্দা; যবনিকা; আবরণ; আচ্ছাদন। ৩ *(আল.)* বাধা; অন্তরায়। { *স.* √তৄ+অস্(অসুন্)=তিরস্+√কৃ+অ(ট)=তিরস্কর+অন(ল্যুট্)+ঈ(ঙীপ্), ইন্(ণিনি)+ঈ(ঙীপ্), >}

তিরস্করিণী ⇒ তিরস্করণী

তিরস্কার, তিরস্ক্রিয়া [তিরোশ্‌কার, –ক্রিয়া] *বি* ১ ভর্ৎসনা; গালি; গালাগালি; ধমক। ২ অনাদর; অবহেলা; অবজ্ঞা। ৩ নিন্দা। **তিরস্কৃত** *বিণ* ১ ভর্ৎসিত; ধমকপ্রাপ্ত।

২ অনাদৃত; অবজ্ঞাত। ৩ নিন্দিত। **তিরস্কৃতা** *স্ত্রী.* (তথাপি তিরস্কৃতা কোন উত্তর করিল না—*বচ*)। { *স.* তিরস্কর+অ(ঘঞ্), তিরস্+√কৃ+অ(অশ্)+আ(টাপ্)}

তিরস্কারিণী ⇒ তিরস্করণী

তিরানব্বই, তিরানব্বুই [তিরানোববোই, –বুই] *বি, বিণ* ৯৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রিনবতি>; *পা.* তিনবুতি>; *প্রা.* তিনবই}

তিরাশি, তিরাশী [তিরাশি] *বি, বিণ* ৮৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্র্যশীতি>; *পা.* তিয়াসীতি>}

তিরি[১]**, তিরী** [তিরি] *বি* নারী (দহে পৈসু বড়ায়ি তিরীর জীবন—*বচদা*)। ২ পত্নী; স্ত্রী। { *স.* স্ত্রী>(স্বরাগম)}

তিরি[২]**, তিরী** [তিরি] *বি* ১ গ্রাম্য খেলার গণনায় তৃতীয় সংখ্যা বা সংখ্যক (দুরি তিরি হইতে নহলা দহলা পর্যন্ত আরও অনেক ঘর গৃহস্থ আছে—*রঠা*)। ২ তিন ফোঁটাবিশিষ্ট তাস। { *স.* ত্রি>(স্বরাগম)}

তিরিক্ষি, তিরিক্ষে, তিরিক্ষি [তিরিক্‌খি, –খে, –কি] *বিণ* ১ উগ্র। ২ যে অল্পেই ক্রুদ্ধ হয়; রগচটা (তিরিক্ষি মেজাজ)। { *স.* তির্যচ্>*প্রা.* তিরিক্‌খ>}

তিরিশ [তিরিশ্] *বি* ৩০ সংখ্যা বা সংখ্যক; ত্রিশ (তিরিশ মাইল দূরে)। **তিরিশেক** *বিণ* প্রায় ত্রিশ সংখ্যক (জন তিরিশেক)। { *স.* ত্রিংশৎ>(স্বরাগম)}

তিরিষা, তিরেস (*মবা.*) [তিরিশা] *বি* তৃষা (তিরিষার পানী–ঘচ)। { *স.* তৃষা>(স্বরাগম)}

তিরী ⇒ তিরি[২]

তিরোধান, তিরোভাব [তিরোধান্, –ভাব্] *বি* ১ অন্তর্ধান; অদৃশ্য হওয়া। ২ মহাপুরুষের মৃত্যু। **তিরোহিত, তিরোভূত** *বি* ১ অন্তর্হিত; অদৃশ্য। ❑ *বিণ* মৃত। **তিরোহিতা, তিরোভূতা** *স্ত্রী.* { *স.* তিরস্+√ধা+অন(ল্যুট্), √ভূ+অ(ঘঞ্)}

তির্যক [তির্‌জক্] *অব্য, বিণ* ১ বক্র; কুটিল; অসরল। ২ তেরছা; বাঁকা (রাত্রি তাই নিত্য সঙ্গী তার তির্যক কর্মের —*রখা*)। ৩ ইতর; মনুষ্যেতর; মানবেতর (তির্যক প্রাণী)। **তিরশ্চী** *স্ত্রী.*। ~ **পাতন** *বি* ১ বকযন্ত্র দ্বারা ক্ষরণ বা চুয়ানো। ২ বক্রপ্রসারণ। ৩ কুটিল বৃত্তিযুক্ত। ~ **প্রক্ষেপণ** *বি* বক্র দৃষ্টি। ~**যোনি** *বি* মনুষ্যেতর জীব; পশুপক্ষী প্রভৃতি প্রাণী। { *স.* তিরস্+√অন্চ্+ক্বিন্}

তিল [তিল্] *বি* ১ অতি ক্ষুদ্র শস্যবিশেষ যা থেকে তেল হয়। ২ শরীরে তিলের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র চিহ্নবিশেষ। ৩ এক কড়ার আশি ভাগের এক ভাগ। ৪ অত্যল্প পরিমাণ (আমি এই ঘটনার তিলমাত্র জানি না)। ৫ মুহূর্ত; সূক্ষ্ম পরিমাণ; সামান্যতম অংশ (এতেক সৃজিতে তিল না হৈল বিলম্ব সৈআ)। ❑ *বিণ* বিন্দুমাত্র; অতি সামান্যমাত্র (তিল ঠাঁই আর নাহিরে—*রঠা*)। ~ **কাঞ্চন** *বি* হিন্দুমতে তিল ও সামান্য স্বর্ণের দ্বারা মাতা–পিতার শ্রাদ্ধ; স্বল্পব্যয়সাধ্য শ্রাদ্ধ (কোনো মতে তিল কাঞ্চন করা)। ~ **কাঞ্চুনে** *বিণ* কৃপণ (কোন পাল্কিখানিতে এক তিল কাঞ্চুনে নবনাথ বাবু পিসাতুতো ভাই . . . নিয়ে চলেছেন *কালিম*)। ~**কুটা**, ~**কুটো**, ~**কুট** *বি* ১ তিল চূর্ণে প্রস্তুত মিষ্টান্ন। ২ তিলের গুঁড়া; তিলচূর্ণ। **তিলকে তাল করা** [illegible] কথা; অত্যন্ত বাড়িয়ে বলা। ~ **তুলসী** *বি* হিন্দুদের নিকট অতি পবিত্র তিল ও তুলসী; বিশুদ্ধদান অনুষ্ঠানের বিশেষ উপকরণ (শ্যাম অনুরাগে এ তনু বেচিনু তিল তুলসী দিয়া—*বচদা*; দেই তুলসী তিল—*বিপ*)। ~**মাত্র, তিলার্ধ, এক**~ *বি* ১ সামান্যতম অংশ (গাড়িতে তিলার্ধ জায়গা নেই—*রাব*)। ❑ *বিণ* অতি সামান্য (তাকে এক তিল বিশ্বাস নেই)। ❑ *ক্রিবিণ* ক্ষণকাল; ক্ষণমাত্র (সে তিলমাত্র দাঁড়ায়নি)। ২ একটুও; সামান্যতম; বিন্দুমাত্র (তিলমাত্র ভালোবাসা)। **তিলে তিলে** *ক্রিবিণ* অল্পে অল্পে; একটু একটু করে বা অতি সামান্য (তিলে তিলে ক্ষয় হয়)। { *স.* √তিল্+অ(অক)}।

তিলক [তিলক্] *বি* ১ বৈষ্ণব ধর্মমত অনুসারে ললাট বাহু ইত্যাদি দেহের দ্বাদশ স্থানে ধারণীয় চন্দন প্রভৃতির ফোঁটা বা চিহ্ন (তিলক কাটা)। ২ শরীরের তিল। ❑ *বিণ* অলঙ্কার বা ভূষণ স্বরূপ; শ্রেষ্ঠ; সর্বোৎকৃষ্ট (কুলতিলক)। ~ **কাটা**, ~**পরা** *ক্রি* ১ অঙ্গে তিলক আঁকা। ২ তিলক ধারণ করা। ~ **মাটি** *বি* ১ যে মাটি দ্বারা তিলক আঁকা হয়। ২ গঙ্গামৃত্তিকা। ~ **সেবা**, ~ **ছাপা**, ~ **ছাবা** *বি* ১ বৈষ্ণব কর্তৃক অঙ্গের বিভিন্ন নির্দিষ্ট স্থানে তিলক চিহ্ন ধারণ। ২ তিলকচর্চা। **তিলকা** *বি* দেহে চন্দন ইত্যাদি দ্বারা অঙ্কিত তিল ফুলের ন্যায় চিহ্নবিশেষ (অলকা তিলকা)। **তিলকী** (–কিন্) *বিণ* তিলকধারী। { *স.* তিল+ক(কন্)}

তিলসাগরি [তিল্‌সাগোরি] *বি* এক প্রকার খাদ্য যা তিল দ্বারা তৈরি হয়। { *স.* তিল+*বা.* সাগর+ই}

তিলাওত, তেলাওয়াত [তিলায়োত্, তেলাওয়াত্] *বি* ১ পাঠ; আবৃত্তি; সম্ভ্রম সহকারে কোরআন পাঠ (পবিত্র কোরান তেলাওয়াতের পর—*আরও*)। { *আ.* তিলাৱত تلاوة }

তিলাখাজা, তিলেখাজা [তিলাখাজা, তিলে–] *বি* তিলযুক্ত খাজা নামক মিষ্টান্ন। { *স.* তিল+খাজা}

তিলাঞ্জলি, তিলাঞ্জলী [তিলান্‌জোলি] *বি* ১ হিন্দুমতে মৃত আত্মার তৃপ্তির জন্য তিল ও জল দ্বারা তর্পণ। ২ (*আল.*) সম্পূর্ণ সম্পর্ক ত্যাগ (মনেতে করেছি কুলে দিব তিলাঞ্জলি—*বচদা*)। ৩ বিদায় (আজী লাজক দিআঁ তিলাঞ্জলী—*বচদা*)। { *স.* তিল+অঞ্জলি}

তিলার্ধ ⇒ তিল

তিলি ⇒ তেলি

তিলিছমাত ⇒ তেলেসমাত

তিলিয়া, তিলুয়া [তিলিয়া, –লু–] *বি* ১ তিলযুক্ত; তিলের মতো চিহ্নযুক্ত। ২ তিলের লাড়ু। ৩ তিল দ্বারা তৈরি পিষ্টক। { *স.* তিল+*বা.* ইয়া, উয়া}

তিলিসমাত ⇒ তেলেসমাত

তিলী ⇒ তেলী

তিলে [তিলে] *বিণ* তিলমিশ্রিত (তিলে খাজা)। { *স.* তিল+*বা.* ইয়া>এ}

তিলেক [তিলেক] *বিণ* ১ এক তিল পরিমাণ; সামান্য অংশ। ২ অত্যন্ত অল্প; অতিসামান্য; বিন্দুমাত্র (তিলেক সুখ)। ❑ *ক্রিবিণ* ১ ক্ষণমাত্র; অল্পক্ষণ; মুহূর্ত (তিলেক ফুরসত নেই—*মব*)। ২ অতিসামান্য; একটুও; বিন্দুমাত্র (তিলেক ভালোবাসা)। { *স.* তিল+*বা.* এক}

তিলে খচ্চর [তিলে খচ্‌চোর] *বিণ* অসম্ভব দুষ্ট প্রকৃতির;

পাজি প্রকৃতির (এ রকম তিলে খচ্চর লোক আর এ অঞ্চলে নেই)। {তিলে+খচ্চর}

তিলেখাজা ⇒ তিলাখাজা

তিলোত্তমা [তিলোত্‌তমা] *বি* ১ হিন্দু পুরাণ মতে সুন্দ ও উপসুন্দকে বিনষ্ট করার অভিপ্রায়ে সৃষ্টির যাবতীয় সৌন্দর্য থেকে তিল তিল করে আহৃত উৎকৃষ্ট অংশ দ্বারা সৃষ্ট অপ্সরাবিশেষ। ২ স্বর্গের পরমাসুন্দরী অপ্সরা। ৩ (*আল.*) অতি সুন্দরী নারী। {*স.* তিল+উত্তম+আ(টাপ)}

তিলোদক [তিলোদক] *বি* তিলমিশ্রিত জল বা পানি। {*স.* তিল+উদক}

তিষ্ঠ [তিশ্‌ঠো] *ক্রি* থামো; অপেক্ষা করো। {*স.* √স্থা+লোট মধ্যম পু. একব}

তিষ্ঠানো, তিষ্ঠনো [তিশ্‌ঠানো, -ঠনো] *ক্রি* ১ অত্যাচার সহ্য করে থাকা; টিকে থাকা (তাঁহাদের অত্যাচারে এ দেশে আর তিষ্ঠিতে পারা যায় না—*ঈবি*)। ২ থাকা; অবস্থান করা। **তিষ্ঠাতে, তিষ্ঠুতে** *অক্রি* থাকতে (পাওনাদাররা তিষ্টুতে দিচ্ছে না—*গিঘো*)। {*স.* তিষ্ঠ+*বা.* আনো}

তিষ্য [তিশ্‌শো] *বি* ১ পুষ্যা নক্ষত্র। ২ পৌষ মাস। **তিষ্যা** *বি স্ত্রী.* আমলকী; ধাত্রীবৃক্ষ। {*স.* √তুষ্‌+য(ক্যপ)}

তিসি, তিসী [তিশি] *বি* তৈলপ্রদ একজাতীয় বীজ; মসিনা। {*স.* অতসী>}

তিহড়ি ⇒ তিহরী

তিহরি, তিহড়ি [তিহোরি, -ড়ি] *বি* ১ তিহড়ি বা তিউড়ি; চুল্লি; উনান (বিনি কষ্টে তিহরী জ্বালহ আনল—*শেফ*)। {*স.* ত্রিশিরা (তিন মাথা বিশিষ্ট অর্থে)>তিহির>হিহরী, তিহড়ি>তিউড়ি}

তিহাই ⇒ তেহাই

তিহারী ⇒ তাহেরী

তীক্ষ্ণ [তিখ্‌নো] *বিণ* ১ অত্যন্ত ধারযুক্ত; অতিশয় ধারালো; শাণিত (জনতার দৃষ্টি তীক্ষ্ণ হইয়া উঠিল—*শাকা*)। ২ যার অগ্রভাগ সূক্ষ্ম; সুচালো (তীক্ষ্ণ কণ্টক)। ৩ কঠিন বিষয় অনুধাবন করতে সমর্থ (তীক্ষ্ণ বুদ্ধি)। ৪ প্রখর; প্রচণ্ড; তীব্র (তীক্ষ্ণ স্বর)। ৫ সূক্ষ্ম; সাবধানী; সতর্ক (তীক্ষ্ণ দৃষ্টি)। **তীক্ষ্ণা** *বিণ স্ত্রী.*। **-তা, তীক্ষ্ণত্ব** *বি*। **~কন্দ** *বি* পেঁয়াজ। **~কর্মা** *বিণ* কর্মকুশল; কঠিন কর্মে পারদর্শী। **~গন্ধ** *বি* সজিনা। **~গন্ধা** *বি* ছোট এলাচ। **~দংষ্ট্র** *বি* ধারাল দাঁত যার; ব্যাঘ্র। **~পুষ্প** *বি* লবঙ্গ। **তীক্ষ্ণ লৌহ, তীক্ষ্ণায়স** *বি* ইস্পাত। {*স.* √তিজ্‌+স্ন(কস্ন)}

তীখ, তীখনি ⇒ তিখনি

তীবর ⇒ তিওর

তীব্র [তিব্‌ব্রো] *বিণ* ১ কড়া (তীব্র রৌদ্র)। □*বি* দুঃসহ; অসহ্য (তীব্র দুঃখ)। ২ উগ্র; কটু; কর্কশ (তীব্র ভাষা)। ৩ উচ্চ; কঠোর (তীব্র কণ্ঠ বা স্বর)। ৪ মারাত্মক; সাংঘাতিক; ভয়ঙ্কর (তীব্র বিষ)। ৪ কঠিন; ক্রুদ্ধ; করুণাবর্জিত; নিষ্করুণ; তীক্ষ্ণ (তীব্র দৃষ্টি)। ৫ উৎকট; ঝাঁঝালো (তীব্র দৃষ্টি)। **তীব্রতা** *বি*। **~গন্ধা** *বি* যোয়ান; মশলাবিশেষ। {*স.* √তীব+র (রক)}

তীয়র [তিয়র] *বিণ* তীব্র; উচ্চ; চড়া (সে সুর কখনো বা অতি কোমল কখনো বা অতিতীয়র হ'ত—*প্রচৌ*)। {*স.* √তীব্র>}

তীর[১] [তির] *বি* জলাশয়াদির পাড়; কূল; তট। {*স.* √তীরি+অ(অচ)}

তীর[২] [তির] *বি* বাণ; শর; ধনুকের সাহায্যে যা নিক্ষেপ করা হয়; শায়ক; ইষু; কলম্ব; বিশিখ। **~ন্দাজ** *বি,বিণ* তীর নিক্ষেপকারী; ধনুর্ধর; ধানুকী। {*ফা.* তির تیر}

তীরভুক্তি, তীরহুত, ত্রিহুত [তিরভুক্‌তি–হুত, ত্রি-] *বি* বিদেহ দেশ। {*স.* তীরভুক্তি>তীরহুত>ত্রিহুত}

তীর্ণ [তির্‌নো] *বিণ* উত্তীর্ণ; অতিক্রান্ত; পারে গত; পারগত। **তীর্ণপ্রতিজ্ঞ** *বিণ* প্রতিজ্ঞা পালন ব্যাপারে উত্তীর্ণ; যে প্রতিশ্রুতি বা প্রতিজ্ঞা পালন করছে। {*স.* √তৃ+ত(ক্ত)}

তীর্থ [তীরথো] *বি* ১ পবিত্র স্থান; বিশেষ পুণ্যস্থান হিসেবে প্রসিদ্ধ, হিন্দু দেবতা বা মহাপুরুষদের অধিষ্ঠানভূমি; পুণ্যস্থান। ২ পাপমোচন (মক্কা তীর্থ)। ৩ ঋষি সেবিত পবিত্র জল (পঞ্চতীর্থ)। ৪ নদী সরোবর ইত্যাদিতে অবতরণের বা স্নানের ঘাট। ৫ গুরু; শিক্ষক। ৬ সংস্কৃত কাব্যাদিতে পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধি (কাব্যতীর্থ)। **~ করা** *ক্রি* তীর্থে গমন ও তীর্থকার্য সম্পাদন করা। **~বাস** *বি* তীর্থস্থানে স্থায়ীভাবে থাকা। **~বাসী** (-সিন্‌) *বি,বিণ* তীর্থস্থানে বসবাসকারী। **~যাত্রা** *বি* পাপ স্খালনার্থ তীর্থস্থানে গমন। **~যাত্রী** (-ত্রিন্‌) *বি* তীর্থে গমনকারী। **তীর্থের কাক, ~কাক, ~বায়স** *বি* ১ তীর্থযাত্রীরা কখন নৈবেদ্যাদি উৎসর্গ করবে এই আশায় কাক যেমন তীর্থক্ষেত্রে অপেক্ষা করে থাকে তেমনি পরানুগ্রহ প্রত্যাশী ব্যক্তি। ২ লোভী বা লোলুপ ব্যক্তি। □*বিণ* সাগ্রহপ্রতীক্ষাকারী। **তীর্থের পাণ্ডা** *বি* তীর্থস্থানের পূজারি। ২ তীর্থক্ষেত্রে তীর্থযাত্রীদের রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় নিযুক্ত ব্যক্তি। **তীর্থোদক** *বি* তীর্থবারি; তীর্থের পুণ্য সলিল। {*স.* √তৃ+থ(থন)}

তীর্থঙ্কর, তীর্থংকর [তির্‌থঙ্‌কর] *বি* ১ বৌদ্ধ বা জৈন সিদ্ধপুরুষ বা মুনি (শ্রমণ তীর্থঙ্করে গৌরব তোমার কীর্তন করে—*সদ*)। ২ জৈন শাস্ত্রকার। {*স.* তীর্থ+√কৃ+অ(খচ)}

তীলা (*মবা.*) [তিলা] *বি* গরাদের ফাঁক (গবাক্ষের তীলা —*শ্রীন*)। {*হি* তীলী}

তু[১] [তু] *অব্য* কুকুর, বিড়াল প্রভৃতিকে ডাকবার ধ্বনি (তু করে ডাকতেই তো আবার এয়েচে—*দীমি*)। {*ধ্বন্যা.*}

তু[২] (*ব্র.*) [তু] *সর্ব* তুই; তুমি (মরণ তু আওরে আও—*রঠা*)। {*স.* ত্বম্‌>*প্রা.* তুং, তুহঁ>}

তুঅ, তুয় (*ব্র.*) [তুয়] *সর্ব* তোমার। {*স.* তব>*প্রা.* তু, তুঅ>তুঅ, তুয়}

তুআক্কা ⇒ তওয়াক্কা

তুই [তুই] *সর্ব* শব্দটি 'তুমি' শব্দের সংকুচিত রূপ যা নিম্নপদস্থ এবং অন্তরঙ্গ ব্যক্তির প্রতি প্রযোজ্য। **~-তোকারি** *বি* অসম্মান প্রদর্শনের ইচ্ছায় 'তুই' 'তোর' প্রভৃতি শব্দ অশিষ্টভাবে ব্যবহার। {*স.* ত্বম্‌>}

তুগরা ⇒ তোগরা

তুঙ্গ [তুঙ্গো] *বিণ* ১ উচ্চ; উচ্চ; উন্নত (তুঙ্গশীর্ষ)। ২ শ্রেষ্ঠ। ৩ উগ্র। ~**শেখর** *বি* পর্বত। ২ উচ্চ চূড়া। **তুঙ্গিমা** *বি* উচ্চত্ব; উচ্চতা। **তুঙ্গী** (-ঙ্গিন্) *বিণ* ১ উচ্চে অবস্থিত। ২ *(জ্যোতি.)* রাশিচক্রে উচ্চস্থানে অবস্থিত (তুঙ্গী গ্রহ)। {*স.* √তুন্‌জ্‌+অ(ঘঞ)}

তুঁ, তুঁহু, তুহুঁ, তুহু, তুহ *(ব্র.)* [তুঁ, তুঁহু, তুহুঁ, তুহু, তুহ] *সর্ব* তুমি; তুই (মরণরে তুহুঁ মম শ্যাম সমান—*রঠা*; কো তুহুঁ বোলবি মোয়—*রঠা*)। {*স.* ত্বম্>}

তুঁত, তুত, তূৎ, তূঁৎ [তুঁত্, তুত্, -, তুঁ-] *বি* একজাতীয় বৃক্ষ বা এর ফল। ~ **পোকা** *বি* গুটিপোকা; তুঁতগাছের পাতা ভোজনকারী পোকা—এর মুখের লালায় রেশম প্রস্তুত হয়। {*আ.* তূত توت}

তুঁতিয়া, তুতিয়া, তুঁতে [তুঁতিয়া, তু-, তুঁতে] *বি* তাম্র ও গন্ধকাম্লঘটিত পদার্থ; তাম্র থেকে উৎপন্ন ধাতুবিশেষ; copper sulphate। {*স.* তুত্থ>}

তুঁদুলে [তুঁদুলে] *বিণ* তন্দুরজাত; তন্দুরে (প্রভৃতি কথায় পদ্মলোচনকে তুঁদুলে পাঁউরুটি হতেও ফোলাতে লাগলেন—*কাসি*)। {*ফা.* তান্দুর تندور}

তুঁষ ⇒ তুষ

তুক [তুক্] *বি* ১ বশীকরণ; গুণ (স্বামীকে তুক করা)। ২ বশীকরণমন্ত্র; জাদু; ইন্দ্রজাল (তুক জানা)। ~**তাক** *বি* জাদুর মন্ত্র; বশীকরণ বা গুণ করার মন্ত্রতন্ত্র। {*তুল. হি* টোক}

তুকা, তুকানো [তুকা, -নো] *ক্রি* সন্ধান করা; খোঁজ করা (তুমি কী তুকাও)। **তুকানি** *বিণ* সন্ধানী। {*হি* তুকানা}

তুক্ক [তুক্‌কো] *বি* ১ শিক্ষাকালে ব্যবহার্য ভোঁতা বা বক্রাগ্র শর। ২ *(অল.)* শ্লোকের শেষ বা চতুর্থ চরণ। ৩ কীর্তনের একটি অঙ্গ। {*ফা.* তুকাহ تکه}

তুক্কো [তুক্‌কো] *বি* শাখ। ২ বাহাদুরি। ৩ প্রবচন; প্রবাদ। {*ফা.* তুকাহ تکه}

তুখোড়, তুখড় [তুখোড়] *বিণ* ১ ওস্তাদ; চৌকস। ২ চতুর। ৩ দক্ষ; নিপুণ। ৪ কঠিন; কড়া (সে এমনি তুখোড় জর্মন যে তার রস উপভোগ করার মতো ক্ষমতা খুব কম ভারতীয়েরই ছিল—*সৈমু*)। {*স.* তীক্ষ্ণ>}

তুখার [তুখার] *বিণ* ১ বলশালী; বেগবান (প্রবল বিরহ যেন তরঙ্গ তুখার—*সৈআ*)। {*স.* তীক্ষ্ণ>}

তুগরা ⇒ তোগরা

তুঙ্গভদ্র [তুঙ্গোভদ্‌দ্রো] *বি* মুক্তহস্তী। {*স.* তুঙ্গ+ভদ্র}

তুঙ্গভদ্রা [তুঙ্গোভদ্‌দ্রা] *বি* মহীশূরের একটি নদী। {*স.* তুঙ্গা+ভদ্রা}

তুচ্ছ [তুচ্ছো] *বিণ* ১ সামান্য; অকিঞ্চিৎকর; অতিশয় অল্প; অত্যল্প। ২ নগণ্য; হেয়; অবজ্ঞাত; ঘৃণ্য। ৩ সারশূন্য; অসার। ৪ বর্জিত। ৫ হীন (তুচ্ছ ব্যক্তি)। ~**তাচ্ছিল্য**, ~**তাচ্ছলা** *বি* তুচ্ছ জ্ঞান; মূল্যহীন জ্ঞান; অবহেলা; অনাদর; অবজ্ঞা। {*স.* √তুদ্+ছ}

তুজুক ⇒ তুযুক

তুঝ *(ব্র.)* [তুঝ্] *সর্ব* তোর; তোমার। **তুঝে** *(ব্র.)* *সর্ব* তোরে; তোমারে; তোকে; তোমাকে। {*স.* তব>*প্রা.* তুজ্ঝ>তুঝ}

তুড়কি [তুড়কি] *বি* ১ লম্ফ-ঝম্প। ২ নিপুণ; কুশল; দক্ষ। ৩ অনাচার; গর্হিত আচার। {*ফা.* তারক্কী ترقی}

তুঞি *(মবা.)* [তুই] *সর্ব* তুমি। {*স.* ত্বম্>}

তুড়া[১], **তুড়ানো** ⇒ তোড়া[২]

তুড়া[২], **তোড়া** [তুড়া, তো-] *ক্রি* ১ মুখের উপর কড়া কড়া মর্মভেদী অপমানজনক কথা বলা; ধমকানো; তীব্র তিরস্কার করা। ২ প্রধানত কথা দ্বারা তেজ বা জোর প্রকাশ করা। **তুড়ন, তুড়ন, তোড়ন** *বি* তিরস্কার; ভর্ৎসনা। **তুড়ক** *বিণ* তাড়নাকারী; তিরস্কারকারী; ভর্ৎসনাকারী। **তুড়িয়া/তুড়ে** *অক্রি* শক্ত কথা দ্বারা কড়াভাবে তিরস্কার করে (তুড়ে দেওয়া)। □ *ক্রিবিণ* সবেগে; সতেজে; তেজপ্রকাশ দ্বারা; চুটিয়ে (তুড়ে বক্তৃতা করা)। {*স.* √তুড়>*প্রা.* √তুড়, √তোড়>}

তুড়ি [তুড়ি] *বি* অঙ্গুলিস্ফোট; অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলির সংঘাতজনিত শব্দ (মতিলালের নিকট যে ব্যক্তি আইসে সেই হাই তুলিয়া তুড়ি দেয়—*প্যামি*)। {*স.* ছোটিকা>}। ~ **দিয়ে উড়ানো**, ~ **মেরে উড়ানো, তুড়িতে ওড়ানো** *ক্রি* অতি সহজেই পরাজিত করা; বিরোধী শক্তিকে অবলীলাক্রমে ধূলিসাৎ করা। ~ **মারা** *ক্রি* ১ তুড়ি বাজানো; তুড়ি দেওয়া। ২ তুচ্ছ জ্ঞান করা; অগ্রাহ্য করা। ~ **লাফ** *ক্রি* স্ফূর্তিতে হঠাৎ লাফিয়ে ওঠা। **এক তুড়িতে** *বি* মুহূর্তে; অবলীলাক্রমে; অতি সহজে।

তুড়িয়া ⇒ তুড়া[২]

তুড়ুক[১] [তুড়ুক্] *বিণ* ত্বরিত; চটপট। ২ তাস খেলায় trump বা জয়লাভের রং। {*স.* ত্বরা}

তুড়ুক[২], **তুরুক** [তুড়ুক্, -রু-] *বি* ১ তুরস্কদেশীয় সৈন্য। ২ তুর্কি টুপি। ৩ তুর্কি সৈন্যের পোশাক। ~ **সওয়ার** *বি* তুরস্কদেশীয় অশ্বারোহী (তুড়ুক সওয়ার হয়ে চক্কর দিয়ে বেড়াচ্ছেন—*মব*)। {*ফা.* তারাক্কী ترقی}

তুড়ুঙ [তুড়ুঙ্] *বি* তুড়ুম বা তুরুম কাষ্ঠ নির্মিত এক প্রকার যন্ত্র যাতে দোষী ব্যক্তির হাত পা আটকে রাখা হতো (তুড়ুঙে যার শানলো নাকো আনতে হলো গিলোটিনে—*সদ*)। {*স.* ট্রাংক trunk>তোরঙ>}

তুড়ে ⇒ তুড়া

তুড়ুম ⇒ তুরুম

তুণ্ড [তুন্‌ডো] *বি* ১ মুখ (মৌন তুণ্ড হেঁট মুণ্ড—*ভারা*)। ২ চঞ্চু; ঠোঁট; ওষ্ঠাধর। **তুণ্ডি** *বি* ১ মুখ। ২ নাভি। ৩ চঞ্চু। **তুণ্ডিকা** *বি* ১ নাড়ি। ২ তেলাকুচা গাছ। -**কেরী** *বি* ১ তেলাকুচা। ২ কার্পাস। ৩ কুঁদরুকি। **তুণ্ডিভ, তুণ্ডিল** *বিণ* স্থূলোদর; বৃহৎ নাভিযুক্ত; ভুঁড়ো। {*স.* √তুণ্ড্+অ (অচ)}

তুণ্ডিল [তুন্‌ডিল্] *বি* জাহাজের খালাসিদের সর্দার বা প্রধান। {*স.* তুণ্ড>?}

তুতন, তুতান [তুতন্, তুতান্] *ক্রি* ১ স্তুতি করা; প্রশংসা করা। ২ সম্মত করার জন্য অনুনয় করা। ৩ গোপনে মন্ত্রণা দেওয়া। □ *বি* স্তুতি; স্তব। **তুতানো পাতানো** *ক্রি* অনুনয় করা (তুতিয়ে পাতিয়ে তাকে রাজি করতে হবে)। {*স.* স্তুতি>}

তুতিয়া ⇒ তুঁতিয়া

তুতি, তুতী [তুতি] *বি স্ত্রী.* তোতা পাখি; সারী (তুতীকে

নামাতে যদি পারে কেউ তীরের আঘাতে—*ফআ*)। {*ফা.* তুড়া طوطی }

তু তু [তু তু] *অব্য* ১ তু তু শব্দ করে কুকুরকে ডাকা। ২ তু তু শব্দ দ্বারা অবজ্ঞা ও ঘৃণা প্রকাশ। {*ধ্বন্যা.*}

তুতুরী [তুতুরি] *বি* সাপুড়ে ও বাজিকরদের বাঁশি। {*স.* তুম্ব>}

তুতে ⇒ তুঁতিয়া

তুত্থ, তুত্থক, তূতক [তুত্থো, তুত্থক, -তক] *বি* তুঁতে। **তুত্থাঞ্জন** *বি* তুঁতে থেকে তৈরি কাজল। {*স.* √তুদ্+থ(থক)}

তুন, তূন [তুন্] *বি* স্থানে; নিকটে; সঙ্গে (তোর তুন দিব বিয়া —*পূগী.*)। {স্থান>থান>তুন}

তুন্দ, তুন্দি [তুন্দো, তুন্দি] *বি* ১ উদর; পেট। ২ নাভি। ৩ ভুঁড়ি। ৪ উগ্র। ৫ দ্রুত। ৬ তেজ। **তুন্দিভ, তুন্দিল** *বি* ভুঁড়ো; ভুঁড়িবিশিষ্ট; স্থূলোদর; নাদাপেটা। {*স.* √তুণ্+দ, +ই}

তুন্ন [তুন্নো] *বিণ* ১ পীড়িত; ব্যথিত। ☐ *ক্রি* সেলাই করা। **তুন্নবায়** *বি* ১ রিফুকার। ২ দরজি। {*স.* √তুদ্+ত (ক্ত)}

-তুন (*মবা.*) [তুন্] *অব্য* হতে; থেকে; পঞ্চমী বিভক্তির চিহ্ন (কথাতুন গোরক্ষবিজয়)। {বাংলা প্রত্যয় বিশেষ}

তুফান [তুফান্] *বি* ১ প্রচণ্ড ঝটিকা; প্রবল ঝড় (বিশ্বভুবান আসল তুফান উছলে উজান—*নই*)। ২ ঝড়জনিত প্রবল ঢেউ; বন্যা। ৩ তুমুল ঝগড়া (চায়ের কাপে তুফান উঠেছে)। **~মেল** *বি* তুফানের মতো বেগে গমনশীল ডাক গাড়ি। {*আ.* তুফান طوفان }

তুবড়ানো ⇒ তোবড়া

তুবড়ি, তুপড়ি [তুবড়ি] *বি* ১ এক ধরনের আতশ-বাজি। ২ সাপুড়েদের লাউয়ের খোলে দুটি নল লাগানো বাঁশি। **কথার ~** *বি* তুবড়ি বাজির আগুনের ফিনকির মতো অনর্গল উচ্ছল কথার তোড় (কথার তুবড়ি ছোটানো)। {*স.* তুম্ব>; *হি* তুল, তুমড়ী}

তুবর, তুবরিকা [তুবর, তুবরিকা] *বি* ১ ফটকিরি। ২ কষায় রস। {*স.* তুবর, +ইক(ঠন্)+আ(টাপ্)}

তুবা¹ [তুবা] *বি* ১ বেহেশতের বৃক্ষবিশেষ (রেজওয়ান গেলমান দরক্ত তুবার—*সৈআ*)। {*আ.* তুবা طوبی }

তুবা² ⇒ তওবা

-তুম ⇒ -তাম

তুমকি [তুমকি] *বি* তুম্বকী; একতারা (অনুক্ষণ মাগি ভিক্ষা অতি মৃদু নাদে তুমকী বাজায়ে যথা রাজার তোরণে ভিখারী—*মদ*)। {*স.* তুম্ব (লাউ)>}

তুম-তানা-নানা [তুমতানানানা] *বি* ১ সঙ্গীতে প্রারম্ভিক সুর বিস্তার; গীত আরম্ভকালীন স্বরাভ্যাস। ২ অপেক্ষাকৃত অসমর্থক প্রারম্ভিক আয়োজন। {*ধ্বন্যা.*}

তুমড়ি [তুমড়ি] *বি* ১ তুবড়ি। ২ সাপুড়ের বাঁশি। {*স.* তুম্ব>}

তুমতুমি [তুমতুমি] *বি* গর্ব; গুমর (ধন-দৌলতের তুমতুমিও ছিলো— *আআআ*)। {*ধ্বন্যা.*}

তুমর ⇒ তুমার

তুমার, তুমর [তুমার, -মোর] *বি* জমাখরচ ইত্যাদি হিসাবের খাতা। **~নবিস, ~নবীস** *বি* হিসাবরক্ষক কর্মচারী accountant। {*আ.* তুমার طومار }

তুমি [তুমি] *সর্ব* মধ্যম পুরুষ; সম্বোধিত ব্যক্তিসূচক সর্বনাম যা সাধারণত স্নেহপাত্র, ঘনিষ্ঠ আত্মীয় বন্ধু পিতা-মাতা ও সৃষ্টিকর্তার প্রতি উচ্চারিত হয়ে থাকে। {*স.* ত্বম্>*প্রা.* তুমং, তুম্হে>*প্রাবা.* তুম্হি>}

তুমুল [তুমুল্] *বিণ* প্রবল; ঘোরতর; ভয়ানক (তুমুল যুদ্ধ, তুমুল ঝগড়া)। ২ ঘোরতর কলহ (দুজনে তুমুল হয়ে গেছে)। {*স.* √তুম্+উল(উলচ্)}

তুম্ব, তুম্বক, তুম্বকি, তুম্বুকী, তুম্বা, তুম্বি, তুম্বী, তুম্বিকা [তুমবো, তুমবক, -বোকি, ...] *বি* ১ একতারা; লাউয়ের শুষ্ক খোল দ্বারা প্রস্তুত বাদ্যযন্ত্র (কি ছার মুরজ বীণা মুরলী তুম্বকী—*মদ*)। ২ লাউ। ৩ লাউয়ের শুষ্ক খোল। {*স.* তুম্ব+অ(অচ)}

তুম্বীফল [তুমবিফল] *বি* অলাবু; লাউ (কমণ্ডলু তুম্বীফল করঙ্গ পিবারে জল হাতে আশা হিঙ্গুল বরণ—*ভারা*)। {*স.* √তুম্ব+অ(অচ)+ঈ(ঙীপ্)+ফল}

তুম্বুরু [তুমবুরু] *বি* ১ সঙ্গীত বিদ্যায় পারদর্শী একজন গন্ধর্ব। ২ জনৈক ঋষি। ৩ এক প্রকার গাছ।

তুম্ভ (*মবা.*) [তুমভ] *সর্ব* তোমার (তুম্ভে গর্ভধারী মাতা —*গোদা*)। {স. ত্বম্>তুম্হে}

তুয় ⇒ তুঅ

তুয়া (*ব্র.*) [তুয়া] *সর্ব* ১ তুমি (নিপট কপট তুয়া শ্যাম—*গান*)। ২ তোমাকে (তুয়া পাব--*চদা*)। ৩ তোমার। {*স.* ত্বম্>তুঅ>তুয়া}

তুর ⇒ তুরা

তুরক, তুরুক [তুরক, -রুক] *বি* ১ তুর্কি জাতি (ঘুরছে ধাঁধায় হিন্দু তুরক--*সদ*)। ২ তুর্কিজাতীয় লোক; তুরস্কের লোক। ৩ তুর্কি টুপি। ৪ তুর্কি সৈন্যের পোশাক। **~-সওয়ার** *বি* অশ্বারোহী তুর্কি সৈন্য। {*স.* তুরস্ক, *ফা.* তুরক ترک }

তুরকি ⇒ তুর্ক

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম [তুরগ, তুরঙগো, তুরঙগম্] *বি* ঘোড়া; অশ্ব (তুরঙ্গের হ্রেষারব—*কায়*)। **তুরগী, তুরঙ্গী, তুরঙ্গমী** *বি স্ত্রী.*। তুরগী (-গিন্), তুরঙ্গী(-ঙ্গিন্) *বি* অশ্বারোহী; ঘোড়-সওয়ার। {*স.* তুর+√গম্+অ(ড)}

তুরঞ্জ [তুরন্‌জো] *বি* ফলবিশেষ (জমির তুরঞ্জ দ্রাক্ষ মহুয়া বাদাম—*সৈআ*)।

তুর তুর [তুরতুর্] *বি* লঘু ও ত্রস্ত পদবিক্ষেপ (তুর তুর করে বেড়ানো)। {*স.* তুরম্ তুরম্>}

তুরন্ত [তুরন্‌তো] *ক্রিবিণ* শীঘ্র; সত্বর; দ্রুত; বিলম্ব না করে (তুরন্ত শরাব আনো সাকী—*নই*)। {*স.* ত্বরমাণ; *প্রা.* তুরন্ত}

তুরপুন [তুরপুন্] *বি* কাষ্ঠাদি ছিদ্র করার যন্ত্র; ভোমর (মাথার ভসভসে ঘিলুতে তুরপুন সিধোলো—*সৈমু*)। {*ফা.* তুরফান ترفان }

তুরমান *ক্রিবিণ* সত্বর; শীঘ্র; দ্রুতবেগে (তুরমানে চলি জাও, ডাহুকা হইয়া—*শেফ*)। {*স.* ত্বরমাণ>}

তুরস্ক [তুরশ্‌কো] *বি* একটি দেশের নাম। **~-মণি** *বি* উপরত্নবিশেষ; ফিরোজা; turquoise। {*স.* তুরস্ক *ই* turkey}

তুরা, তুর [তুরা, তুর্] *ক্রিবিণ* দ্রুত; তাড়াতাড়ি; শীঘ্র। □*বি* বেগ; দ্রুত গতি। {*স.* ত্বরা>}

তুরি, তুরী [তুরি] *বি* ১ তাঁতের মাকু। ২ বাদ্যযন্ত্রবিশেষ; রণশিঙ্গা; bugle। {*স.* তূর্য>*প্রা.* তুরিঅ, তুর>*বা.* তুরি}

তুরিত, তুরিতে *(ব্র.)* [তুরিত, -তে] *ক্রিবিণ* দ্রুত; শীঘ্র; তাড়াতাড়ি (এ কথা শুন সবে শুনহে তুরিত—*শেফ*)। {*স.* ত্বরিত>}

তুরীয় [তুরিয়ো] *বি* ১ সমাধিস্থ; সমাধির বিশেষ অবস্থা (হঠাৎ তুরীয় অবস্থা প্রাপ্ত হইলেন—*রাব*)। ২ পরমব্রহ্ম; ব্রহ্ম। □*বিণ* ১ চতুর্থ (তুরীয় বর্ণ)। ২ চরমোৎকর্ষপ্রাপ্ত। ৩ মায়ার অতীত; চৈতন্যাবস্থা। ৪ দ্রুত; ত্বরান্বিত; শীঘ্র। ~ **বর্ণ** *বি* চতুর্থ বর্ণ; শূদ্র। **তুরীয়ানন্দ** *বি* ১ দিব্যোন্মাদ অবস্থা; তুরীয় অবস্থার আনন্দ (আমি তুরীয়ানন্দে ছুটে চলি একি উন্মাদ, আমি উন্মাদ—*নই*)। ২ *(ব্য.)* (মাদক দ্রব্যের প্রভাবে) মত্ততা; আত্মহারা অবস্থা। {*স.* চতুর্+ঈয়(ছ)}

তুরুক[১] [তুরুক্] *অব্য* তৎক্ষণাৎ; সেই মুহূর্তে; সঙ্গে সঙ্গে; চটপট (তুরুক লাফ, তুরুক জবাব)। ~ **জবাব** *বি* স্পষ্ট ও ত্বরিত উত্তর। ~-**সওয়ার** *বি* ১ তুরস্কদেশবাসী ঘোড়সওয়ার বা অশ্বারোহী সৈন্য। {*স.* ত্বরা> অথবা, *ফা.* তুরুক ترك তুর্কিদের মতো দ্রুত}

তুরুক[২] ⟹ তুরক

তুরুপ, তুরুফ [তুরুপ্, -ফ্] *বি* তাস খেলায় বিশেষ দানে জয়লাভ করার ধরনবিশেষ; রঙের তাস দিয়ে পিঠ পাওয়া। □*বিণ* মোক্ষম; আসল (ডাকা হইল আসামী পক্ষের তুরুপ সাক্ষী ঈদু শেখরে—*আমআ*)। {*ওল.* troef, *ই.* trump}

তুরুম, তুড়ুম [তুরুম্, -ড়ু-] *বি* অপরাধীর হাত-পা আটকে তাকে অনড় করে শাস্তি দেওয়ার উদ্দেশ্যে নির্মিত আধারবিশেষ। ~ **ঠোকা** *ক্রি* ১ তুরুমে পুরে শাস্তি দেওয়া। ২ রূঢ়ভাবে তিরস্কার করা। {*ই.* trunk; *ফ.* trone}

তুরুক *(মবা.)* [তুরুক্] *বি* তুর্ক; তুর্কিজাতীয় লোক (মা বাপ ছাড়িয়া মেলে তুরুকের সাথে খারাব করিল মুঝে তুরুকের হাতে—*সৈহা*)। {*তু.* তুর্ক ترك}

তুর্ক, তুর্কি, তুর্কী [তুরক্, তুরকি, -] *বি* ১ তুর্কি জাতি; তুরস্ক দেশের লোক (তুরকিস্তানে তুরকি ভাষে—*সৈসু*)। ২ তুরস্কের ভাষা। ৩ তুরস্ক দেশবাসী। **তুরকিস্তান** *বি* মধ্য এশিয়ায় সোভিয়েত প্রজাতন্ত্র। **তুর্কিনাচন** *বি* ১ উদ্দাম নৃত্য। ২ *(আল.)* অতিশয় বিব্রত দশা (তা না হলে নাচিয়ে দিত বিষম তুর্কিনাচন—*রঠা*)। {*তু.* তুর্ক ترك}

তুর্মলি, তুর্মলিন [তুর্‌মোলি, -ন্] *বি* শ্রীলঙ্কার প্রসিদ্ধ স্থান। {*সিংহলি.*}

তূর্য [তুর্জো] *বিণ* ১ চতুর্থ। □*বি* সমাধির অবস্থা; তুরীয় অবস্থা। ২ *(জ্যা.)* বৃত্ত বা বৃত্ত পরিধির চতুর্থাংশ; বৃত্তপাদ। {*স.* চতুর্+য(যৎ)}

তুল[১] [তুল্] *বিণ (পদ্য.)* উপমা; সাদৃশ্য; তুলনা (তৃপ্তি নাহি তার তুল —*মাম*)। {*স.* তুল্য>*প্রা.* তুল্ল}

তুল[২] [তুল্] *বি* ১ দাঁড়িপাল্লা; পরিমাণদণ্ড। ২ তৌলকরণ; মাপ (তুল করা)। {*স.* তুল>}

তুল[৩] [তুল্] *বি* ১ গোলযোগ; গণ্ডগোল; গোলমাল। ২ বিষম কাণ্ড। {*স.* তুমুল; *আ.* তুল طول}

তুল[৪] [তুল্] *বি* তুলা। {*স.* তুল>}

তুলকালাম [তুল্‌কালাম্] *বি* প্রচণ্ড কলহ; তুমুল ঝগড়া; বাগাড়ম্বর; দীর্ঘ আলোচনা। {*আ.* তুল-কালাম طول كلام}

তুলট[১], **তুলোট**[১] [তুলোট্] *বিণ* তুলা থেকে প্রাচীন প্রথায় প্রস্তুত (তুলট কাগজ)। □*বি* তুলা থেকে প্রস্তুত হলুদ বর্ণের কাগজ (তুলটে লেখা পুঁথি)। {*স.* তুল+*বা.* ট}

তুলট[২], **তুলোট**[২] [তুলোট্] *বি* মহাদানমূলক ব্রতবিশেষ; তুলাদণ্ডে পরিমাপ করে দাতার নিজের ওজনের সমপরিমাণ স্বর্ণ বা অর্থাদি দান; তুলাদান (ভাবের ধন আর ভবের মানুষ তুলোট করে রে—*সদ*)। {*স.* তুলাধট>}

তুলতুল [তুল্‌তুল্] *অব্য* অত্যন্ত কোমলতার ভাব। **তুলতুলে** *বিণ* অত্যন্ত কোমল; অতিশয় নরম। {*স.* তুল (তুলার মতো কোমল অর্থে)}

তুলন [তুলন্] *বি* ১ সদৃশ করা। ২ পরিমাণ করা। ৩ তোলা; উত্তোলন; উত্থাপন। □*বি* এক প্রকার ধান। {*স.* √তুলি+অন(ল্যুট)}

তুলনা [তুলোনা] *বি* ১ সাদৃশ্য; উপমা (তুলনা মেলে না)। ২ সদৃশ বস্তু; ব্যক্তি বা বিষয় (সে সুন্দর মুখের তুলনা একমাত্র পূর্ণচন্দ্র)। ৩ সাদৃশ্য নিরূপণ; কারও সঙ্গে সাদৃশ্য বা বৈসাদৃশ্য স্থিরীকরণ বা নিরূপণ (তুলনা করা)। ৪ দৃষ্টান্ত। **তুলনীয়** *বিণ* তুলনার উপযুক্ত; উপমেয়। {*স.* √তুলি+অন(যুচ)+আ (টাপ)}

তুলসী [তুল্‌সী] *বি* হিন্দুদের নিকট পবিত্র ছোট গাছবিশেষ বা তার পাতা। ~ **দেওয়া** *ক্রি* হিন্দু দেবতা নারায়ণের প্রসাদ লাভের জন্য তাঁর চরণে একটি করে তুলসী পাতা দেওয়া। ~ **বনের বাঘ** *বি* সাধু হিসেবে পরিচিত প্রকৃত দুর্জন। ~ **মঞ্চ** *বি* তুলসী গাছের চতুর্দিক দিয়ে নির্মিত মঞ্চ। {*স.* তুলা+√সো+অ(ক)+ঈ(ঙীষ)}

তুলা[১] [তুলা] *বি* ১ দাঁড়িপাল্লা; নিক্তি; পরিমাণদণ্ড; তরাজু। ২ *(জ্যোশা)* সপ্তম রাশি। ৩ শতপল পরিমাণ; স্বর্ণ-রৌপ্যের পরিমাণবিশেষ; ৪০০ তোলা। ~ **কূট** *বি* ১ ওজনে কম দেওয়া। ২ যে ব্যক্তি ওজনে কম দেয়। ~ **কোটি** ⟹ তুলাকোটি। ~ **দণ্ড**, ~ **ধট**, ~ **যন্ত্র** *বি* ওজন পরিমাপক যন্ত্র; দাঁড়িপাল্লা; নিক্তি। ~ **দান** *বি* দাতার দেহের ওজনের সমান অর্থাদি বা স্বর্ণরৌপ্যাদি দান; তুলট। ~ **ধারী** *বিণ* ওজনকারী। □*বি* ব্যবসায়ী। ~ **ব্রত** *বি* তুলট ব্রত; নিজ ওজনের সমান ধাতুদানরূপ ব্রত। {*স.* √তুল্+অ(অঙ)+আ(টাপ)}

তুলা[২] [তুলা] *বি* তুলনা; উপমা (কেবল শারদ শশী সে মুখের তুলা—*ভারা*)। {*স.* √তুল্+অ(অঙ)+আ(টাপ)}

তুলা[৩], **তুলো** [তুলা, তুলো] *বি* কার্পাস শিমুল প্রভৃতি ফুলের আঁশ; কার্পাস (তুলাতে রহিল শনি হইয়া পাতল—*সৈআ*)। ~ **ধোনা করা** *ক্রি* ১ ধোনা তুলার মতো ছিন্নভিন্ন বা পর্যুদস্ত করা। ২ *(আল.)* ভর্ৎসনা; কটুকথা; প্রহার ইত্যাদির চূড়ান্ত করা। {*স.* তূল+*বা.* আ>}

তুলা[৩] *ক্রি* ⇒ তোলা[৩]

তুলাকোটি, তূলাকোটি (*মব্য.*) [তুলাকোটি] *বি* প্রাচীন কালের পায়ের অলঙ্কার (পরে দিব্য তুলাকোটি—*কমু*)। {*স.* √তুল্+অ(অচ্)+আ(টাপ্)=তুলা+কোটি=তুলাকোটি}

তুলারাম খেলারাম [তুলারাম্ খ্যালারাম্] *বি* দুশ্চিন্তাজনিত অতিশয় অস্বস্তি; উদ্বেগ; তোলপাড়। {*স.* তুমুল>তুল+ *বা.* আ + 'রাম' প্রকাণ্ড অর্থে}

তুলারু [তুলারু] *বি* এক প্রকার অত্যন্ত দ্রুতগামী হরিণ। {*স.* তুলা+রুরু<√রু+রু}

তুলি, তুলী, তুলিকা [তুলি, –, –কা] *বি* লোমাদি দ্বারা তৈরি চিত্রকরের ছবি অঙ্কনের উপকরণবিশেষ বা লেখনী (ওই তুলি সমতুল সাদা কাশফুল—*সদ*)। {*স.* তূলিকা>}

তুলিত [তুলিতো] *বিণ* ১ উপমিত; তুলনা করা হয়েছে এমন। ২ ওজন করা হয়েছে এমন। {*স.* √তুল্+ত(ক্ত)}

তুলী ⇒ তুলি

তুলো ⇒ তুলা[২]

তুলোট ⇒ তুলট[১] ও তুলট[২]

তুল্য [তুল্লো] *বি* ন্যায়; সদৃশ; মতো; অনুরূপ; সমান। ~**কৌণিক** *বি* যে ত্রিভুজ বা চতুর্ভুজ ক্ষেত্রের কোণগুলি পরস্পর সমান; equiangular। ~**পান** *বি* হিন্দুমতে স্বজাতীয় লোকজনের সহিত সম্মিলিত জলাদি পান। ~**প্রতিযোগিতা** *বি* সমানে সমানে দ্বন্দ্ব বা যুদ্ধ। ~**মূল্য** *বিণ* সমান দামি; সমমূল্য; সমান মর্যাদাবিশিষ্ট; সদৃশ। ~**রূপ** *বিণ* একই রকম; একই প্রকার; সমান ভাব। **তুল্যাকৃতি** *বি* ১ একই রকম চেহারা। ২ *বিণ* তুল্যরূপ; একই রকম মূর্তিবিশিষ্ট। {*স.* তুল+য(যৎ)}

তুষ, তুঁষ, তুস [তুশ্, তুঁ–, তুশ্] *বি* ১ ধান প্রভৃতি শস্যের খোসা। ২ চূর্ণ; গুঁড়া (তুষ তুষ হয়ে যাওয়া)। **তুষের আগুন, তুষানল** *বি* ১ জ্বলন্ত তুষের আগুন যা বহুক্ষণ ধরে ধিকিধিকি করে জ্বলে। ২ তুষের আগুনের মতো দীর্ঘস্থায়ী অন্তর্দাহ। {*স.* √তুষ্+অ(ঘঞ্); যার মাধ্যমে পাচক তুষ্ট হয়}

তুষণ [তুশন্] *বি* তুষ্ট করা। {*স.* √তুষ্+অন(ল্যুট্)}

তুষা ⇒ তোষা[১]

তুষানল ⇒ তুষ

তুষার [তুশার্] *বি* বরফ; হিমানী; নীহার (তুষারপাত)। ☐*বিণ* বরফের মতো ঠাণ্ডা; অতিশয় শীতল। ~**কর** *বি* হিমকর; চন্দ্র। ~**কাল** *বি* শীতকাল। ~**গিরি, তুষারাদ্রি** *বি* হিমালয় পর্বত। ~**ধবল**, ~**গৌর** *বিণ* তুষারের মতো অত্যন্ত সাদা। {*স.* √তুষ্+আর=তুষার; তুষার+অ(অচ্)}

তুষ্ট [তুশ্টো] *বিণ* তৃপ্ত; আনন্দিত; সন্তুষ্ট; খুশি। **তুষ্টি** *বি* তৃপ্তি; সন্তোষ; আনন্দ। {*স.* √তুষ্+ত (ক্ত)}

তুষ্ণীক ⇒ তূষ্ণী

তুস [তুশ্] *বি* একপ্রকার নরম পশমি কাপড়। {*ফা.* তুস توس}

তুসসি [তুশ্শি] *বি* ১ ধানের তুষ; ধানের ত্বক। ২ তুচ্ছ বস্তু; অকিঞ্চিৎকর। {*স.* তুষ>}

তুহ(*ব্র.*) [তুহ্] *সর্ব* তুমি (হৃদয় পুতলি তুহ সে শূন কলেবর—*বিব*)। **তুহার** *সর্ব* তোমার (রক্ত পাগল নাদির তুহার পীড়ন করিবে পাণি—*মোম*)। {*স.* ত্বম্>*প্রা.* তুহ}

তুহিন [তুহিন্] *বি* বরফ; তুষার; হিম। ☐*বিণ* অত্যন্ত শীতল; তুষারের ন্যায় অতিশয় শীতল (তিব্বতের তুহিন প্রান্তরে—*আতা*)। **তুহিনাদ্রি** *বি* হিমালয় পর্বত। {*স.* √তুহ্+ইন(ইনন্)}

তুহু, তুহুঁ, তুঁহু ⇒ তুঁ

তুম্হা, তুম্হি (*মব্য.*) [তুমহা, তুমহি] *সর্ব* তুমি (জীবের জীবন তুম্হি—*রাপ*)। {*স.* ত্বম্>*প্রা.* তুম, তুমহে}

তুম্হার [তুমহার্] *সর্ব* তোমার (তুম্হার মহিমা—*রাপ*)। **তুম্হারে, তুম্হাক** *সর্ব* তোমাকে (তুম্হারে দেখিআ—*রাপ*)। {*স.* ত্বম্>}

তূণ[১]**, তূণী, তূণীর** [তুন্, তুনি, তুনির্] *বি* যাতে বাণ রাখা হয়; নিষঙ্গ; quiver। {*স.* √তূণ্+অ(অচ্),+ঈ(ঙীষ্),+ঈর(ঈরন্)}

তূণক [তুনক্] *বি* সংস্কৃত ছন্দবিশেষ—এর প্রতি পদে পঞ্চদশ অক্ষর অযুগ্মাক্ষর ও যুগ্মাক্ষরে রচিত (ভারতের তূণকের ছন্দ বন্ধ বাড়িছে—*ভারা*)। {*স.* তূণ+ক}

তূণকি, তূণকী [তুনকি] *বিণ* তুঁতের মতো নীলবর্ণ। {*স.* তূণ>}

তূণী, তূণীক, তূণ[২] [তুনি, –ক, তুন্] *বি* মহানিম গাছ। {*স.* তূণ+ইন(ইনি),>}

তূতক ⇒ তুত্থ

তূতী ⇒ তুতী

তূরন্ত (বিরল) [তুরন্‌তো] *বিণ* প্রচণ্ড; বেগবান (তূরন্ত দুরন্ত গতি—*ফআ*)। {⇒ তুরন্ত}

তূরী, তূর্য, তূর [তুরি, তুর্‌জো, তুর্] *বি* প্রাচীন রণবাদ্য; রণশিঙ্গা; যুদ্ধবাদ্য (রুদ্র মোদের ডাক দিয়েছে বাজিয়ে আপন তূর্য—*রঠা*)। **তূর্যধ্বনি, তূর্যাধ্বনি, তূর্যনাদ** *বি* তূর্যের নাদ; তূরীর শব্দ (তাঁর হৃদয়াকাশে মত্ত ঝটিকার তূর্যধ্বনি—*ফআ*)। **তূর্যাজীব** *বি* বাদ্যব্যবসায়ী; তূরীবাদকরূপে জীবিকা অর্জনকারী (তাঁহার পিতা তূর্য্যাজীব ব্যবসার দ্বারা জীবিকা নির্বাহ করিতেন—*ঈবি*)। **তূর্যাচার্য** *বি* তূর্যবাদন শিক্ষক। {*স.* √তূর্+অ(ঘঞ্)+ঈ(ঙীপ্), য(ণ্যৎ)}

তূর্ণ, তূর্ণি [তুর্‌নো, –নি] *ক্রিবিণ* ত্বরিত; শীঘ্র; সত্বর (রাজার বাঞ্ছা পূর্ণ, প্রভু করুন তূর্ণ—*দ্বচ*)। ☐*বিণ* দ্রুত (চৌদিক হতে উন্মাদ স্রোতে অসিবে তূর্ণ চলিয়া –*রঠা*)। ~**পত্র** *বি* অবিলম্বে পৌঁছানো হয় এরূপ চিঠি; express letter। {*স.* √ত্বর্+ত(ক্ত)}

তূর্য ⇒ তূরী

তূল[১] [তুল্] *বি* তুলা (সে সমুদয় ভিজা তূল বলদের পৃষ্ঠে চাপাইয়া লইয়া চলিল—*ঈবি*)। {*স.* √তূল্+অ (ঘঞ্)}

তূল[২] [তুল্] *বি* ১ আকাশ। ২ বাড়; বৃদ্ধি। **বর্ধিত, স্ফীত, তযুগ** *বিণ*। {*স.* √তুলি+অ(অচ্)}

তূলা ⇒ তুলা

তূলি, তূলী, তূলিকা ⇒ তুলি

তূষ্ণী, তুষ্ণীক [তুশ্‌নি, তুশ্‌নিক্] *বিণ* মৌনী; নীরবতা অবলম্বনকারী; মৌনাবলম্বী। ~**ভাব**, ~**স্তাব** *বি* নীরবতা; মৌনাবলম্বন (দুর্জ্ঞেয় তূষ্ণীভাব দেখিয়া আর তার সাহস হইল না—*কাহি*)। ~**ভূত** *বিণ* নির্বাক; মৌন; নীরব। {*স.* তূষ্ণীম্,+ক}

তৃণ [তৃনো] *বি* ১ ঘাস; দূর্বা বা ঐ জাতীয় উদ্ভিদ। ২ তুচ্ছ বস্তু (তৃণ জ্ঞানে অবহেলা করা)। ~**কান্তার** *বি* তৃণভূমি (এত বড় বড় হ্রদ মরুভূমি তৃণকান্তার ও পর্বত আছে—*প্রচৌ*) ~**কুটি**, ~**কুটির** *বি* তৃণাচ্ছাদিত গৃহ; খড়ের ঘর। ~**জলৌকা** *বি* চীনা জোঁক। ~**জীবী** *বিণ* তৃণাহারে জীবন যাপন করে এমন (আর তৃণজীবী জীবে—*মদ*)। ~**জ্ঞান** *বি* ১ তৃণের তুল্য তুচ্ছ বা সামান্য বলে বোধ। ২ হীন জ্ঞান; অবজ্ঞানুভূতি (তৃণজ্ঞান করা)। ~**দ্রুম** *বি* বাঁশ, তাল, নারকেল, সুপারি, খেজুর প্রভৃতি তৃণজাতীয় শাখাহীন গাছ। ~**ধান্য** *বি* এক প্রকার ধান; উড়ি ধান; নীবার। ~**ভুক**, ~**ভোজী**(-জিন) *বিণ* তৃণ খেয়ে জীবন ধারণ করে এমন; ঘাসখেকো। **দন্তে ~ ধরা** *ক্রি* দাঁতে খড়কুটা কাটা। ২ অত্যন্ত বিনয় বা হীনতাপ্রদর্শন। □ *বি* বৈষ্ণবীয় বিনয়। { *স.* √তৃণ্+অ(ক)}

তৃণাদ [তৃনাদ] *বি* তৃণভোজী; তৃণজীবী। { *স.* তৃণ+√অদ্+অ(ঘঞ)}

তৃণাসন [তৃনাশোন] *বি* ১ কুশাসন; তৃণাদি দ্বারা তৈরি আসন। ২ দরমা; চাটাই; মাদুর। { *স.* তৃণ+আসন; *মধ্য.*}

তৃতীয় [তৃতিয়ো] *বি* দুটি বা দুই জনের পরবর্তী; ৩ সংখ্যার পূরক (তাও বেশির ভাগ তৃতীয় ব্যক্তি উপলক্ষ করে—*বুব*)। **তৃতীয়ক** *বি* যা তিন দিন অন্তর আসে; পালা জ্বর। ~ **প্রকৃতি** *বি* নপুংসক; ক্লীব। **তৃতীয়া** *বিণ স্ত্রী.* তৃতীয় অর্থে। □ *বি* তিথিবিশেষ; পূর্ণিমা বা অমাবস্যার পরবর্তী তৃতীয় দিবস। ~ **বিশ্ব** *বি* জোটনিরপেক্ষ উন্নয়নশীল দেশসমূহ। { *স.* ত্রি+তীয়}

তৃপ্ত [তৃপ্‌তো] *বিণ* ১ সন্তুষ্ট; পরিতুষ্ট; পূর্ণকাম; দৈহিক বা মানসিক ভোগের ফলে আনন্দিত। ২ আহ্লাদিত। **তৃপ্তা** *বিণ স্ত্রী.*। **তৃপ্তি** *বি* ১ তুষ্টি; সন্তোষ; আনন্দ। ২ তৃষ্ণা নিবৃত্তি। { *স.* √তৃপ্+ত(ক্ত)}

তৃষা, তৃষ্ণা [তৃশা, তৃশ্‌না] *বি* ১ জল পান করার ইচ্ছা; পিপাসা। ২ প্রবল ইচ্ছা; আকাঙ্ক্ষা; ভোগেচ্ছা (জ্ঞানতৃষ্ণা)। ৩ লোভ। ~**তুর**, ~**র্ত**, **তৃষ্ণার্ত** *বিণ* তৃষ্ণাপীড়িত; পিপাসায় কাতর; পিপাসার্ত (চেয়ে আছি তৃষাতুর—*সদ*; তৃষ্ণার্ত জিহ্বার মতো—*রঠা*)। ~**তুরা**, ~**র্তা**, **তৃষ্ণার্তা** *বিণ স্ত্রী.*। **তৃষালু** *বিণ* তৃষ্ণাযুক্ত; পিপাসার্ত। **তৃষিত** *বিণ* পিপাসাযুক্ত (ধনী যেন সদা তৃষিত এবং চাষা সদা কচি ভাব—*নই*)। **তৃষিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √তৃষ্+আ(টাপ্), *স.* √তৃষ্+ন+আ(টাপ্)=তৃষ্ণা}

তৃষ্য [তৃশ্‌শো] *বিণ* কাম্য; লোভনীয়, বাঞ্ছনীয়। □ *বি* লোভ। { *স.* √তৃষ্+য(যৎ)}

তে[1] [তে] *বিণ* ত্রি; তিনসংখ্যক (তেতালা, তেকাঠা)। ~**আঁটিয়া**, ~**এঁটে** *বি* ১ তিন আঁটিযুক্ত (গ্রাসগুলি তোলে যেন তেআঁটিয়া তাল—*কম্বু*)। ২ ত্রিশিরাযুক্ত। ৩ কুদর্শন। ৪ বদমাশ; ধূর্ত। ~**কাঁটা**, ~**কাটা** *বি* ১ ত্রিশিরা; কাঁটা গাছবিশেষ। ২ মনসা সিজের গাছ। ~**কাঠা** *বি* ১ তিন খণ্ড কাঠে তৈরি ত্রিকোণ আধারবিশেষ (একটি ছাগল একবার তেকাঠে গলা ঢোকাবার চেষ্টা করছিল কিন্তু তার গলায় তেকাঠা বাধে—*খমি*)। ২ গাছের যে স্থানে তিনটি ডাল বের হয় (তেকাঠাতে কুরুল্লার বাসা—প্রবাদ)। □ *বিণ* বিপদসংকুল স্থান (তেকাঠায় আটকানো)। ~**কোনা** *বিণ* ত্রিকোণাকার; তিন কোণযুক্ত। □ *বি* সিঙ্গাড়া নামক খাদ্য। ~**খাঁজ** *বি* তিনটি খাঁজ বা ভাঁজ-বিশিষ্ট (তেখাঁজ একটি পৈতৃক ভুঁড়ি রোজ প্রায় একপো তেল খায়—*অচিসে*)। ~**চোখা** *বিণ* ১ তিন চক্ষুবিশিষ্ট। ২ অতি সতর্ক। ~**ঠেঙ্গে**, ~**ঠেঙে** *বিণ* ১ তিন পদবিশিষ্ট। □ *বি* তেপায়া। ~**তলা**, ~**তালা**[1] *বি* অট্টালিকাদির তৃতীয় তল; ত্রিতলে অবস্থিত ঘর। □ *বিণ* তিনটি তলবিশিষ্ট; ত্রিতল। ~**তালা**[2] *বি* সঙ্গীতের তালবিশেষ (ঢিমে তেতালা)। ~**তাস** *বি* ১ তাসের একপ্রকার জুয়া খেলা; যাতে প্রত্যেক খেলোয়াড় তিনখানি করে তাস পায়। ২ তিন তাসের খেলা; ফ্লাস খেলা। ~**থর** *বি* তিন স্তর বা থাক; তিন স্তবক। ~**থরি** *বিণ* তিন স্তর করে (তেথরি বেষ্টিত তায়—*ঘচ*)। ~**পথ** *বি* ত্রিপথ; তিন রাস্তা (রানী তেপথের ধূলা এলাইয়া ভাসাইয়া দিল—*দমি*)। ~**পায়া** *বি* তিন পায়াবিশিষ্ট টেবিল; টিপয়। ~**মাথা** *বি* তিনটি পথের সংযোগস্থল। ~**মেটে** *বিণ* তিনবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন। ~**মোহনা** *বি* ১ তিনটি নদীর মিলনস্থল। ২ মনসা গাছবিশেষ। ~**শন্নি** *বি* ১ উপর নিচ ও পার্শ্ব—এই তিন দিকে শূন্য স্থান। ২ আকাশ। ~**শন্নির দশা** *বি* অবলম্বনহীন অবস্থা। ~**শিরা** *বিণ* তিনটি শিরযুক্ত বা পলযুক্ত (তেশিরা কাচের ভিতর দিয়া দেখিলে সূর্যের আলোতে সাতরঙা ছটা দেখা যায়—*আআশ*)। { *স.* ত্রি>}

-তে[2] [তে] প্রত্যয় বা বিভক্তির চিহ্ন; মধ্যে (মনেতে); দিয়ে (ছুরিতে কাটা)। { *বা.* প্রত্যয়বিশেষ}

তেই ⇒ **তেই**

তেইশ [তেইশ্] *বি, বিণ* ২৩ সংখ্যা বা সংখ্যক। **তেইশা**, **তেইশে** *বি, বিণ* মাসের তেইশ তারিখ বা তারিখের। { *স.* ত্রয়োবিংশ>}

তেউ [তেউ] *অব্য* তবুও; তথাপি (সব আছে তেউ ঘুচবে না তোর খুঁৎখুঁতে এই স্বভাব কি?—*আমোকা*)। { *স.* তথাপি>}

তেউটে [তেউটে] *বি* খেসারি; কয়েক প্রকারের মিশ্রিত ডাল। { *স.* ত্রিপুট>}

তেউড়, তেড় [তেউড়, তেড়] *বি* ১ কলাগাছের মূল হতে নবজাত চারা। ২ চারাগাছ; পোয়া। **তেউড়ি** *বি* এক প্রকার লতা। { *স.* তির্যক্>তেরচা>তের>তেড়}

তেউনি [তেউনি] *বি* তেনা; ছিন্ন বস্ত্র; কাপড়ের টুকরা। { *স.* তুন্ন(ছিন্নবস্ত্র)>?}

তেএ *(মবা.)* [তেএ] *অব্য* তা দিয়ে। { *স.* তেন>}

তেওড়[1] [ত্যায়োড়] *বি* খেসারি কলাই। { *স.* ত্রিপুট>}

তেওড়[2], **তেওড়া** [ত্যায়োড়, ত্যাওড়া] *বিণ* ১ বাঁকা; কুটিল; তোবড়া। ২ বক্রতা। **তেওড়ানো**, **তেওড়ান** *ক্রি* ১ বাঁকা করা বা বাঁকা হওয়া; বেঁকে যাওয়া। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* তির্যক+তেরচা>তেওড়}

তেওয়ারি, তিয়ারী ⇒ **ত্রিবেদী**

তেওর [ত্যায়োর] *বি* মৎস্য ব্যবসায়ী জাতি (বাউরী চামার কাওরা তেওর পাটনী কোটাল কপালী মালো—*সদ*)। { *স.* তীবর>}

তেওরা [ত্যাওরা] *বি (সন্)* তালের নাম বিশেষ। {*স.* ত্রিপুট>}

তেঁ *(মবা.)* [তেঁ] *সর্ব* তার (তেঁ সন্ধে চোরায়ল—*বচদা*)। {*স.* তে>}

তেঁ, তেঁউ, তেঁএ *(মবা.)* [তেঁ, তেঁউ, তেঁএ] *অব্য* তার জন্য; তজ্জন্য; সে কারণে। {*স.* তেন>}

তেঁই, তেঁই, তেঞি, তেঁসি *(মবা.)* [তেঁই, তেই, তেয়ি, তেঁসি] *অব্য* তাই; তজ্জন্য (রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী তেঁই আমি—*মদ*; তেঁসি ন বুঝসি—*বচ*)। {*স.* তস্মাৎ>}

তেঁউ, তেঁএ ⇒ তেঁ

তেঁতুল [তেঁতুল] *বি* টক স্বাদযুক্ত ফলবিশেষ বা তার গাছ। **তেঁতুলে** *বিণ* ১ তেঁতুলের মতো চেহারাযুক্ত। ২ অতিশয় টক স্বাদবিশিষ্ট। ৩ *(আল.)* পাজি; দুষ্ট; বদমাশ (তেঁতুলে লোক)। **তেঁতুলে বিছা** *বি* তেঁতুলের ন্যায় গাঁঠযুক্ত বিছা। {*স.* তিন্তিড়ী, তিন্তিলী> *মবা.* তিতৈল>}

তেঁতো [তেঁতো] *বি* পাটের আঁশ দ্বারা প্রস্তুত চিকন শক্ত দড়ি (পাটের গোছা হইতে আঁশ লইয়া লইয়া তেঁতো কাটিতেছিল—*কাআও*)। {*স.* তন্তু>}

তেঁদড়, তেঁদড়া, তাঁাদড়, ত্যান্দোড় [ত্যাঁদোড়, তাঁাদড়া, তাঁাদোড়, ত্যানদোড়] *বিণ* ১ দুষ্ট (যত বড় আমলা, যত বড় তেঁদড়া, যত বড় বেদড়া হউন না কেন—*ঈবি*)। ২ ধৃষ্ট; লজ্জাশূন্য; নির্লজ্জ; বেহায়া। ৩ শঠ; ধূর্ত (আমি জানি ও ঠাহুর ভারি ত্যান্দোড়—*কাই*)। ৪ ছেঁচড়; ছেঁচড়া। **তেঁদড়ামি** *বি* দুষ্টামি; শয়তানি (এটি তারই তেঁদড়ামি—*ঈবি*)। {*স.* ছিত্বর>চ্যাঁদড়>তেঁদড়}

তেঁসি ⇒ তেঁই

তেকাঁটা [তেকাঁটা] *বি* তিন শিরাযুক্ত মনসা গাছ। {*স.* ত্রিকণ্টক>; *দ্বিগু.*}

তেকাঠা [তেকাটা] *বি,বিণ* তিন খণ্ড কাষ্ঠ দ্বারা নির্মিত আধার। {*স.* ত্রিকাষ্ঠ>; *দ্বিগু.*}

তেকোনা [তেকোনা] *বিণ* তিন কোণবিশিষ্ট। {*স.* ত্রিকোণ>; *দ্বিগু.*}

তেগ [তেগ] *বি* তলোয়ার; তরবারি (আলবোরেজের চূড়া গুঁড়া করা দস্তে দারুণ তেগ—*নই*)। {*ফা.* তীগ্ تیغ }

তেগারি [ত্যাগারি] *বি* পাত্র (তেগারি ভরিয়া পানি দিল আগে লয়া—*হেমা*)। {*ফা.* তগার طگار }

তেজ, তেজঃ [তেজ, তেজোহ্] *বি* ১ জ্যোতি; প্রভা; আলোক; দীপ্তি; তাপ। ২ শক্তি; প্রতাপ। ৩ দর্প; অহঙ্কার (অত তেজ দেখান কেন?)। ৪ তীক্ষ্ণতা; ঝাঁঝ (তামাকের তেজ)। ৫ বীর্য; শুক্র। □ *বিণ* ধারালো; তীক্ষ্ণবুদ্ধি। {*স.* তিজ্+অস্; *ফা.* তেজ় تیز }

তেজই ⇒ তেজা

তেজঃ ⇒ তেজ

তেজন [তেজোন] *বি* ১ তীক্ষ্ণতা বিধান; উজ্জ্বলকরণ; উদ্দীপনা সৃষ্টি। ২ শাণিতকরণ। {*স.* তেজঃ+অন(ল্যুট)}

তেজপত্র, তেজপাতা, তেজপাত [তেজোপতত্রো, তেজ্‌পাতা, তেজ্‌পাত্] *বি* ১ তীব্র গন্ধ বা আস্বাদযুক্ত পাতাবিশেষ; তেজপাতা। ২ মশলারূপে ব্যবহৃত বৃক্ষের পত্রবিশেষ। {তেজ+পত্র}

তেজপুঞ্জ, তেজঃপুঞ্জ [তেজ্‌পুন্‌জো, তেজোহ্-] *বিণ* তেজস্বী (ব্যারাকের বারান্দায় তেজপুঞ্জ এক অফিসার বসিয়াছিলেন—*মাউআ*)। {*স.* তেজঃ+পুঞ্জ}

তেজব ⇒ তেজা

তেজবর [তেজোবর] *বি* যে ব্যক্তি দুই বার বিয়ের পর তৃতীয় বার বিয়ে করে। **তেজবরে** *বিণ* তৃতীয় বার বিবাহকারী। {*স.* তৃতীয়> তেজ>+*স.* বর}

তেজবেত [তেজোবেত্] *বি* তেজযুক্ত বেত; শক্ত বেত; সহজে ভাঙে না এমন বেত (সে তখন বেছে বেছে তেজবেত নিয়ে আসে—*সৈমু*)। {*স.* তেজঃ+বেত্র}

তেজলি, তেজলুঁ, তেজলু ⇒ তেজা

তেজস্কর, তেজঃকর [তজোস্‌কর, -জোক্‌কর] *বিণ* ১ বলদায়ক; শক্তিদায়ক। ২ শক্তিবর্ধক; তেজোবর্ধক। ৩ তেজালো; দীপ্তিশালী। ৪ উদ্দীপক। {*স.* তেজ+√কৃ-অ(ট)}

তেজস্ক্রিয়া [তেজোস্‌ক্রিয়া] *বিণ (পদার্থ.)* যে পদার্থ থেকে বিশেষ রশ্মি বা কণা স্বতঃই বিকীর্ণ হয়ে থাকে; radioactive। {*স.* তেজঃ+ক্রিয়া}

তেজস্বান, তেজস্বী [তেজোশ্‌শান, তেজোশ্‌শি] *বিণ* ১ তেজোময়; দীপ্তিময়; জ্যোতির্ময়; দীপ্তিমান। ২ বিক্রমশালী; বলবান; বীর্যবান; শক্তিশালী। ৩ তেজি; পরাক্রান্ত। **তেজস্বিনী** *বিণ স্ত্রী.*। {*স.* তেজঃ+বৎ, বিন্}

তেজা, ত্যজা *(পদ্য.)* [ত্যাজা] *ক্রি* ত্যাগ বা পরিত্যাগ করা; ছাড়া। **তেজই** *(ব্র.)* *ক্রি* ত্যাগ বা পরিত্যাগ করে, ছাড়ে। **তেজব** *(ব্র.)* *ক্রি* ত্যাগ করব; ছাড়ব। **তেজলি** *(ব্র.)* *ক্রি* ত্যাগ বা পরিতাগ করল; ছাড়ল। **তেজলু, তেজলুঁ** *(ব্র.)* *ক্রি* ত্যাগ বা পরিত্যাগ করলাম; ছেড়ে দিলাম। {*স.* √ত্যজ+আ>}

তেজাব [তেজাব] *বি* অ্যাসিড; acid; অম্ল; অম্লসার। {*ফা.* তিজ়াব تزاب }

তেজারত, তিজারত, তিজারৎ [তেজারত্, তি-, -] *বি* ১ ব্যবসা-বাণিজ্য। ২ সুদের কারবার; সুদে টাকা ধার দেওয়া। **তেজারতি, তিজারতি** *বি* টাকা-কড়ির লেন দেন; সুদে টাকা লাগানো বা লগ্নীকরণ; কুসীদবৃত্তি (সামান্য তেজারতি থেকে চালের কারবার গড়ে তুলেছে—*অচিসে*)। □ *বিণ* ১ ব্যবসা-বাণিজ্য সম্বন্ধীয়; বৈষয়িক। ২ সুদের ব্যবসা-সংক্রান্ত (তেজারতি ব্যবসা করিয়া ধনী হলো)। {*আ.* তিজারত تجارت }

তেজালো, তেজাল [ত্যাজালো] *বিণ* তেজযুক্ত, তেজস্কর; দীপ্তিমান; তেজস্বী (ফ্যাকাশে চাঁদ তেজালো হয়ে উঠেছে—*অচিসে*)। {*স.* তেজঃ>+*বা.* আলো}

তেজি, তেজী [তেজি] *বিণ* ১ তেজস্বী; বলবান (তেজি যোদ্ধা)। ২ দৃঢ় সংকল্পযুক্ত; জেদি (তেজি ছেলে)। ৩ ঝাঁজালো; তেজস্কর (তেজি সালসা)। {*ফা.* তেজ় تیز, *স.* তেজঃ+*বা.* ই}

তেজি-মন্দি [তেজিমোন্‌দি] *বি* বাজারে দ্রব্যাদির মূল্যের হ্রাস-বৃদ্ধি (তুচ্ছ বিষয়ে নির্লিপ্ত থাকিয়া কেনা-বেচা তেজি মন্দি আদায় উসুল ইত্যাদি—*রাব*)। {*ফা.* তেজ়ী-মন্দি تیزی + و + مندی }

তেজীয়ান [তেজিয়ান] *বিণ* ১ যে কোনো কিছুতেই দমে যায় না; অতি তেজস্বী (নজীবউদ্দৌলাও পরম সুশ্রী এবং

তেজীয়ান পুরুষ—*ইহো*)। ২ মহাশক্তিশালী। { *স.* তেজঃ+ঈয়স্(ঈয়সুন্)}

তেজোগর্ভ [তেজোগরভো] *বিণ* ১ গর্ভে অর্থাৎ অভ্যন্তরে তেজ আছে এমন; তেজপূর্ণ; তেজস্বী। ২ ভিতরে উত্তাপ আছে এমন। { *স.* তেজঃ+গর্ভ}

তেজোবান, তেজোময় [তেজোবান, -ময়] *বিণ* ১ জ্যোতির্ময়; উজ্জ্বল। ২ দীপ্তিশীল; দীপ্তিময়। ৩ বীর্যবান; বিক্রমশালী। ৪ তেজোরাশি। **তেজোময়ী** *বিণ স্ত্রী.*। { *স.* তেজঃ+বৎ(বতুপ্), ময় (ময়ট্)}

তেজোমূর্তি, তেজোরূপ [তেজোমুরতি, -রুপ] *বি* ১ জ্যোতির্ময় মূর্তি; দীপ্তিময় পুরুষ। ২ সূর্য। □ *বিণ* জ্যোতির্ময় বা তেজোময় বা তেজস্বী মূর্তিবিশিষ্ট। { *স.* তেজঃ+মূর্তি, রূপ}

তেজোহীন [তেজোহিন্] *বিণ* ১ নিস্তেজ; দুর্বল; শক্তিহীন; বীর্যহীন। ২ দীপ্তিহীন; উজ্জ্বলতাশূন্য। ৩ ম্লান; নিষ্প্রভ। { *স.* তেজঃ+হীন}

তেঞি ⇒ তেঁই

তেঠেঙ্গে, তেঠেঙে ⇒ তে

তেড় ⇒ তেউড়

তেড়চা, তেড়ছ, তেড়ছা ⇒ তেরচা

তেড়া, ত্যাড়া [ত্যাড়া] *বি* ১ টেড়া; বাঁকা; অসরল। □ *বিণ* কুটিল (তেড়া বুদ্ধি) ↦ টেড়া। { *স.* তির্যক্>টেড়া>তেড়া}

তেড়ি ⇒ টেড়ি

তেড়ি-বেড়ি, তেড়ি-মেড়ি [তেড়িবেড়ি, -মে-] *বি* গোলযোগ; গোলমাল (বেশী তেরিবেড়ি করে ত তারারে পিটাইয়াই দুরস্ত করা যাইব—*মুম*)। { *স.* তির্যক্> টেড়া+ই>তেড়ি+ বেড়ি=মেড়ি; *ধ্বন্যা.*}

তেড়ে [তেড়ে] *অক্রি, ক্রিবিণ* তাড়িয়ে; তাড়া করে; তর্জন বা ভর্ৎসনা সহকারে (তেড়ে মারতে আসা)। ~**ফুঁড়ে** *ক্রিবিণ* তর্জন সহকারে; তাড়া করে। ~**মেড়ে** *ক্রিবিণ* সবেগে তাড়া বা পশ্চাদ্ধাবন করে। ~**মেরে** *অক্রি* তাড়া করে; প্রহার দিয়ে। { *স.* √তাড়ি>*বা.* √তাড়্, ইয়া>এ = তেড়ে}

তেতলা, তেতালা ⇒ তে

তেতাম্বা [তেতাম্‌বা] *বি* চুম্বক। □ *বিণ* অবশিষ্ট; উদ্বৃত্ত। { *ফা.* তেতাম্বা طتمبا }

তেতাল্লিশ [তেতাল্‌লিশ্] *বি, বিণ* ৪৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রিচত্বারিংশৎ>; *প্রা.* তেআলীসা}

তেতাস ⇒ তা

তেতো[১] [তেতো] *বি* ১ তপ্ত; গরম (মোর কোলের ছেলেডার গা তেতো করেলো তাইতি সে মসার কাছে মিচরি নিতি অ্যাকবার স্বরপুর আয়েলাম—*দীমি*)। ২ তিক্ত; তেতো (কাগের মাংস তো শুনতে পাই তেতো—*রাব*)। { *স.* তপ্ত>; তিক্ত>}

তেতো[২] → তিক্ত

তেৎকে (*মবা.*) [তেত্‌কে] *অব্য* তৎক্ষণাৎ; তক্ষুণি; সে সময় (মানিক গাঙ্গুলির ধর্মমঙ্গল-এ শব্দটির ব্যবহার দেখা যায়)। { *স.* তৎক্ষণ>}

তেত্রিশ [তেত্‌ত্রিশ] *বি, বিণ* ৩৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রয়স্ত্রিংশৎ>; *প্রা.* তেত্তীস>}

তেত্থর ⇒ তে

তেন (*মবা.*) [তেনো] *অব্য* ১ তেমন; সেরূপ (যেন তেন প্রকারেণ)। ২ তজ্জন্য; সেজন্য। ৩ সেই। { *স.* তথা>*প্রা.* তেম>}

তেনা[১], (*আঞ্চ.*) **ত্যানা, টেনা, ট্যানা** [ত্যানা, -, ট্যানা, -] *বি* ১ ছেঁড়া কাপড়ের টুকরা; নেকড়া (শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান—*ভারা*)। ২ কৌপীন; গৈরিক বসন। { *স.* তুন্ন (ছিন্নবস্ত্র)>}

তেনা[২] (*আঞ্চ.*) [তেনা] *সর্ব* তিনি। ~**কে** *সর্ব* তাঁকে। ~**দের** *সর্ব* তাঁদের; তাঁহাদের। ~**র** *সর্ব* তাঁর; তাঁহার। ~**রা** *সর্ব* তাঁরা; তাঁহারা। { *স.* তদ্}

তেপান্তর [তেপান্তর্] *বি* দূরব্যাপী জনহীন বিশাল মাঠ—সাধারণত বাংলা ছড়া ও রূপকথায় ব্যবহৃত (মাঠে তেপান্তরে—*রঠা*)। { *স.* ত্রি+প্রান্তর>}

তেপায়া ⇒ তে

তেপালিতা, তেপালতে [তেপালিতা, তেপাল্‌তে] *বি* পাটকে মাঁদার নামক গাছ; *Erythrine indica*। { *স.* ত্রিপালিতা>}

তেপেচি, তেপেচী (*মবা.*) [তেপেচি] তিন প্যাঁচ বা ভাঁজ দেওয়া রয়েছে এমন (তেপেচী পিঞ্জিরা—*পুগী*)। { *স.* ত্রি+ *বা.* পেঁচ+*বা.* ই, ঈ}

তেপ্পান্ন ⇒ তিপ্পান্ন

তেফলা [তেফলা] *বিণ* (জমিতে) বছরে তিনবার ফসল হয় এমন। { *স.* ত্রিফল+ *বা.* আ}

-তেম ⇒ তাম

তেমত (বিরল) [তেমতো] *বিণ* সেইরূপ। **তেমতি** *ক্রিবিণ* ১ (*পদ্য.*) সেইরূপ। ২ তেমন (যেমতি তেমতি)। { *স.* ত্রি+মন্ত>}

তেমন [ত্যামোন্] *বিণ* তদ্রূপ; সেই প্রকার। □ *ক্রিবিণ* ১ সেই প্রকারে। ~**ই, তেমনি** *বিণ* ১ তদ্রূপই; ঠিক সেই রকমই; উপযুক্ত; যোগ্য (যেমনি কুকুর তেমনি মুগুর)। □ *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে; তৎক্ষণাৎ (যেমনি দশটা বাজা তেমনি ভোঁ দৌড়)। { *স.* ত্রি+মন্ত>}

তেমাথা, তেমোহানা ⇒ তে

তেয়াগ (*ব্র.*) [তেয়াগ্] *বি* ত্যাগ। **তেয়াগা** *ক্রি* ত্যাগ করা; ছাড়া। **তেয়াগিব** *ক্রি* ত্যাগ করব; ছাড়ব (বিরহ আনল মাহ তনু তেয়াগিব—*বিপ*)। { *স.* ত্যাগ>}

তের ⇒ তেরো

তেরচা, তেরছা, তেরছ (*ব্র.*) **তেড়চা, তেড়ছ, তেড়ছা, টেরছা, টেরচা, তিরছ** [.........] *বিণ* বক্র; বঙ্কিম; আড়; তির্যক (তেরছ নয়নে চায়—*গোদা*; হেনে গেল তীর তিরছ তার চাহনি—*নই*)। { *স.* তির্যক>*প্রা.* তেরিচ্ছ>}

তেরপল, তেরপাল ⇒ ত্রিপল

তেরস্পর্শ = ত্র্যহস্পর্শ

তেরাত্তির ⇒ ত্রি

তেরিজ [তেরিজ্] *বি* ১ অঙ্কের সমষ্টি; গণিতে যোগ (ঠাকুরানী একন আয়ব্যয়ের হিসাব তাঁর কাছে বুঝিয়ে দিতে চান সেই জন্যই তাঁর তেরিজ খারিজ শেখা দরকার—*প্রচৌ*)। ২ বৃদ্ধি। { *আ.* তারীদ্ تعريض }

তেরিমেরি [তেরিমেরি] *বি* ১ চোটপাট; রাগারাগি; তুই-মুই করে অবজ্ঞাসূচক উক্তি (মোগলে রহিল ঘেরি সদা করে তেরিমেরি—*ভারা*)। ২ অশিষ্ট বাক্য প্রয়োগ; গালাগালি। { *তুল. হি.* তেরীমেরী}

তেরিয়া, তেরিয়ান [তেরিয়া, –য়ান্] *বিণ* ১ উগ্রস্বভাব; রগচটা; উদ্ধত (তেরিয়া লোক)। ২ উগ্র মূর্তি; ক্রুদ্ধমূর্তি; মারমুখী; বেপরোয়া (তেরিয়া হাওয়া)। ৩ উগ্র স্বভাববিশিষ্ট। { *স.* তির্যক্>*প্রা.* তিরিঅ}

তেরেট [তেরেট্] *বি* লেখার কাজে ব্যবহৃত তালপাতার মতো গাছের পাতা যা তালপাতা অপেক্ষা অধিকতর স্থায়ী। { *স.* তালপত্র>তাড়িপত্র>}

তেরেন্তা, ত্রেন্তা [তেরেন্‌তা, ত্রেন্‌তা] *বি* প্রেমারা; তাস দিয়ে পণ রেখে জুয়া খেলা। { *পো.* trinta}

তেরো, তের [ত্যারো] *বি,বিণ* ১৩ সংখ্যা বা সংখ্যক। **তেরোই, তেরই** *বি,বিণ* মাসের তের তারিখ বা তারিখের। { *স.* ত্রয়োদশ>}

তেল [তেল্] *বি* ১ তৈল। ২ দর্প; তেজ; অহঙ্কার (তার তেল হয়েছে)। ৩ তোষামোদ; চাটুব্যবহার (মনিবের পায়ে তেল মেখে কাজ উদ্ধার)। ~**কুচকুচে,** ~**চুকচুকে** *বিণ* ১ তেল মাখার ফলে উজ্জ্বল। ২ তেল দ্বারা মসৃণ ও উজ্জ্বল। ~**চিটে,** ~**চটচটে** *বিণ* অপরিমেয় তৈল নিষিক্ত ও ময়লা। ~**তামাক** *বি* তেল মাখার পরে ধূমপান। ~**তেলে** *বিণ* ১ তৈলাক্তবৎ। ২ মসৃণ। ৩ পিচ্ছিল। ~**দেওয়া** *ক্রি* যন্ত্রাদিতে তৈল প্রয়োগ করা। ২ *(আল.)* হীনভাবে তোষামোদ করা। ~**ধুতি** *বি* যে কাপড় পরে দেহে তেল মাখা হয়। ~**পড়া** *বি* রোগাদি দূরীকরণার্থ মন্ত্রপূত বা দোয়া পড়া তেল। ~**পানা** *বিণ* মসৃণ ও সমতল (যতক্ষণ না নাক–চোক–মুখ খয়ে গিয়ে তেলপানা হয়ে যায়—*রাব*)। ~ **মাখানো** *ক্রি* ১ অন্যের শরীরে তেল লাগানো। ২ *(আল.)* হীনভাবে চাটুকারিতা করা। ~**হওয়া** *ক্রি* চর্বি হওয়া; দর্পিত হওয়া; বেপরোয়া হওয়া; উদ্ধত হওয়া। **তেলে-বেগুনে জ্বলে ওঠা** *ক্রি* অত্যন্ত ক্রুদ্ধ ও উত্তেজিত হওয়া। **নিজের চরকায় ~ দেওয়া, আপনার চরকায় ~ দেওয়া** *ক্রি* অন্যের ব্যাপারে মাথা না ঘামিয়ে নিজের কাজে মন দেওয়া। { *স.* তৈল>*প্রা.* তেল}

তেলচাটা, তেলাচোরা ⇒ তেলাপোকা

তেলা [তেলা/ত্যালা] *বিণ* ১ তৈলাক্ত; চকচকে। ২ মসৃণ। ৩ পিচ্ছিল। ~ **মাথায় তেল দেওয়া** *ক্রি* যার আছে তাকে আরো দেওয়া। □ *বি* ক্ষমতাশালী ব্যক্তির তোষামোদ করা (তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ—*বচ*)। {তেল+আ}

তেলাই, ত্যালাই, তালাই [তেলাই, ত্যা–, তা–] *বি* চাটাই; মাদুর (তেলাই পেতে ওদের বসাল মিনতি—*গুমা*)। { *স.* তল>}

তেলাকুচা, তেলাকুচো [তেলাকুচা, –চো] *বি* পটলের ন্যায় ছোট ছোট ফলবিশেষ যা পাকলে রক্তবর্ণ হয়। { *স.* তৈল+কুণ্ডকেরী}

তেলানো, তেলান [ত্যালানো] *ক্রি* তৈলাক্ত করা; চর্বিযুক্ত করা। □ *বিণ* তেল মাখানো। □ *ক্রি* স্তাবক ও হীনভাবে চাটুকারিতা করা; চাটুবাক্যে তুষ্ট করা। **তেলানি** *বি* ১ তৈলযুক্ত বা চর্বিযুক্ত হওয়া। ২ হীন চাটুকারিতা। ৩ তেজ; অহঙ্কার; গর্ব। { *স.* তৈল>+ *বা.* আনো}

তেলাপোকা [তেলাপোকা] *বি* আরশোলা; তেলচাটা; তেলাচোরা। { *স.* তৈলপায়িকা>}

তেলায়ত ⇒ তিলাওত

তেলি, তেলী, তিলি, তিলী, তৈলিক, তৈলী [তেলি, –, তি–, –, তোইলিক, তোলি] *বি* ১ তৈল উৎপাদক; তৈল ব্যবসায়ী। □ *বিণ* তৈলসম্বন্ধীয়। **তেলিনা, তৈলিনী** *বি স্ত্রী*। **তৈলিকগৃহ** *বি* তেলির ঘর; হিন্দু তেলব্যবসায়ী জাতির সংসার (চন্দ্র ভানু তৈলকগৃহে জন্মিয়া ভাগ্যক্রমে ভোগবতী নগরীর অধিপতি হইয়াছিল—*ঈবি*)। { *স.* তৈলিক, তৈলী>*প্রা.* তেল্লিঅ>}

তেলিঙ্গানা, তেলেঙ্গানা [তেলিঙ্‌গানা, তেলে–] *বি* দক্ষিণ-ভারতের তেলেগু ভাষাভাষী প্রদেশ। { *স.* ত্রিকলিঙ্গ>ত্রৈলঙ্গ>}

তেলেগু, তেলুগু [তেলেগু, –লু–] *বি* দক্ষিণ ভারতের দ্রাবিড় গোষ্ঠীর ভাষাবিশেষ। □ *বিণ* তৈলঙ্গসংক্রান্ত; ভারতের অন্ধ্র প্রদেশ সম্পর্কীয়। { *স.* ত্রিকলিঙ্গ> তৈলঙ্গ>*প্রা.* তেলংগ>}

তেলেঙ্গা, তেলেঙ্গি [তেলেঙ্গা, তেলেঙ্‌গি] *বিণ* ভারতের তৈলঙ্গ বা অন্ধ্র দেশীয় (আমার ভয় হল এইবার তেলেঙ্গি সেপাই সব আমাকে ধরতে আসছে—*অঠা*)। { *স.* ত্রিকলিঙ্গ; তৈলঙ্গ>*প্রা.* তেলংগ}

তেলেঙ্গানা ⇒ তেলিঙ্গানা

তেলেছমাত ⇒ তেলেসমাত

তেলেনা [তেলেনা] *বি* সঙ্গীতের প্রারম্ভিক ধ্বনিময় বোল, যেমন আ আ/তেরে নে/তানা তানা। ~ **ভাঁজা** *ক্রি* ১ *(আল.)* আসল কথার ভূমিকাস্বরূপ বাজে কথার অবতারণা করা। ২ ভণিতা। { *ধ্বন্যা.*}

তেলেভাজা *বি* বেগুনি, ফুলুরি প্রভৃতি বেসনযুক্ত ভাজা খাদ্য। □ *বিণ (আল.)* রৌদ্রে ঘুরে ঘুরে তামাটে বর্ণ ধারণ করেছে এমন। { *স.* তৈল+ভর্জিত}

তেলেসমাত, তেলেছমাত [তেলেস্‌মাত, –ছ–] *বি* ১ যাদু। ২ আশ্চর্য (এ যে দেখি তেলেসমাত ব্যাপার)। ৩ ভরপুর; মাতোয়ারা (শিরনি রাঁধে বড় বিবির বাড়ী গন্ধে তেলেসমাত—*নই*)। **তেলেসমাতি, তেলেছমাতি** *বিণ* ঐন্দ্রজালিক; জাদু সম্বন্ধীয় (তেলেছমাতি কারবার—*সৈহা*)। { *আ.* তিলস্‌মাত طلسمات }

তেলো[১] [তেলো] *বি* মাথার বা হাতের তালু। { *স.* তালু>তল+উয়া=তালুয়া>}

তেলো[২] [তেলো] *বি* ১ করতল; হাতের তেলো বা চেটো (তাহার দুই হাতের তেলোতেই কেচোর আটাযুক্ত রস ও মাছের আঁইশ লাগিয়া রহিয়াছে—*কাআও*)। ২ পদতল; চরণতল; পায়ের চেটো বা তলদেশ। □ *বিণ* তৈলাক্ত। { *স.* তল>}

তেশিরা ⇒ তে

তেষট্টি [তেশোট্‌টি] *বি,বিণ* ৬৩ সংখ্যা বা সংখ্যক। { *স.* ত্রিষষ্টি>*প্রা.* তিস্‌ট্‌ঠি>}

তেষ্টা [তেশ্‌টা] *বি* পিপাসা; তৃষ্ণা। { *স.* তৃষ্ণা> }

তেসনি, তেসনী [তেশোনি] *(মবা.)* *বিণ* তিন বছরের (রাজকর লোকের তেসনি নিল বাড়া/অতেব সকল প্রজা হল দেশ ছাড়া—ঘচ)। { *স.* ত্রি>তে + সনঃ + *বা.* ই}

তেসরা [তেশোরা] *বি, বিণ* তৃতীয়; মাসের তৃতীয় তারিখ বা তারিখের। ☐ *বি* মাসের তৃতীয় দিন। (*তুল.* পয়লা, দোসরা, তেসরা, চৌঠা ইত্যাদি)। { *স.* তৃতীয়+√সৃ> তৃতীয়সর> }

তেসাণে, তেসানে *(প্রাবা.)* [তেসানে] *অব্য* তখন; সে সময় (তেসাণে কাহ্ন আনিবো—*বচদা*)। { *স.* তদ্>*ব্র.* তে+ *স.* ক্ষণ> }

তেহাই[১] [তেহাই] *বি* সঙ্গীত সমাপ্তিসূচক বাদ্যযন্ত্রে শেষ তিন সজোর আঘাত (তুরপুন হল তানপুরা তব নেহাইএ দাও তেহাই—*সদ*)। { *স.* ত্রিঘাত> }

তেহাই[২] [তেহাই] *বি* তিন ভাগের এক ভাগ; এক-তৃতীয়াংশ (অৰ্দ্ধেক পঙ্কেতে তার তেহাই সলিলে—*কমু*)। { *স.* ত্রিভাগিক>*প্রা.* তিহাঅ> }

তেহাতি [তেহাতি] *বিণ* তিন হাত পরিমাণ। { *স.* ত্রি+ হস্ত>হত্থ>*বা.* হাত। ই>; *বহু* }

তেহাত্তর ⇒ তিয়াত্তর

তেহারা [তেহারা] *বিণ* ১ ত্রিগুণ; তিন খেই বা ভাঁজযুক্ত। ২ মোটা। { *স.* ত্রিহার> *বা.* আ}

তেহেন, তেহ্ন, তেহ্নমতে *(মবা.)* [তেহেনো, তেন্‌হো, -মতে] *অব্য* সেরূপ; তদ্রূপ; তেমন (তেহ্ন কর উপায় আপণে—*বচদা*; উত্তম জনের নেহা তেহেন মুরারী—*বচদা*; তেহ্নমতে কবির বিলাস—*বচদা*)। { *স.* তদ্/তেন> }

তৈ, তৈঁ *(মবা.)* [তই, তঁই] *অব্য* তাই (তৈঁ ধরী রাখত—*বচদা*)। { *স.* তস্মাৎ> }

তৈক্ষ্ণ্য [তোইখ্‌নো] *বি* ১ তীক্ষ্ণতা; ক্ষুরধার বা শাণিত ভাব। ২ উষ্ণতা। { *স.* তীক্ষ্ণ+ য(ষ্যঞ) }

তৈখন *(ব্র.)* [তোইখন্] *অব্য, ক্রিবিণ* তখন; তৎক্ষণাৎ; তখনই। { *স.* তৎক্ষণ> }

তৈছন *(ব্র.)*, **তৈসন** [তোইছন্] *বিণ* সেরূপ; তাদৃশ। **তৈছে, তৈসে** *ক্রিবিণ* সেরূপে। { *স.* তাদৃশ>*প্রা.* তইস> *বা.* তৈছ; *তুল.* ঐছে, কৈছে, জৈছে}

তৈজস [তোইজশ্] *বিণ* তেজ সম্পৰ্কিত; ধাতুনির্মিত। **-পত্র, -পাত্র** *বি* ধাতুনির্মিত থালা-বাসন; ঘটি-বাটি প্রভৃতি। { *স.* তেজস্+অ(অণ্) }

তৈত্তির [তোইত্‌তির্] *বি* তিত্তির পাখি। **তৈত্তিরীয়** *বি* ১ তিত্তির ঋষি যা বলেছেন। ২ যজুর্বেদ শাখাধ্যায়ী ব্রাহ্মণগণ। ৩ যজুর্বেদের একটি শাখা। ☐ *বিণ* তিত্তির পক্ষী সম্পর্কীয়। **তৈত্তিরীয়ক** *বিণ* তৈত্তিরীয় শাখাধ্যায়ী। { *স.* তিত্তির+অ(অণ্) }

তৈনাত [তোইনাত্] *বি* ১ নিয়োগ; বহাল। ২ গোমস্তার প্রার্থনামতো সদর কাছারি হতে যে কর্মচারী মফঃস্বলে প্রেরিত হন (তবে ...তৈনাত চলে—*ঘন*)। **তৈনিতি** *বি* সদর কাছারি হতে মফস্বলে মোতায়েন করা পেয়াদা প্রভৃতি (জমিদারের তৈনিতি—*অচিসে*)। { *আ.* তা'য়ীনাত تعینات }

তৈয়ব [তোইয়ব্] *বি* 'আল্লাহ ছাড়া কেউ উপাস্য নেই এবং হযরত মুহম্মদ (সা.) আল্লাহর রসুল'—এই মতবাদ। ☐ *বিণ* ভালো; পবিত্র (কলেমা তৈয়ব লেখা পৃষ্ঠের উপর—*হেমা*)। { *আ.* তীব طیب }

তৈয়ম্মুম, তৈয়াম্মুম ⇒ তয়ম্মুম

তৈয়ার, তৈয়ারি, তৈরি [তোইয়ার, তোইয়ারি, তোইরি] *বিণ* ১ প্রস্তুত; নির্মিত (সে তার নতুন তৈরি বাড়িতে চলে গেছে)। ২ ব্যবহারোপযোগী; কার্যোপযোগী (তিনি সাক্ষীদিগকে যেন পাখি পড়াইয়া তইয়ার করেন—*প্যামি*)। ৩ শিক্ষাপ্রাপ্ত; পরিপক্ক; লায়েক; উপযুক্ত; যোগ্য (লোক তৈরি না হলে কাজ করবে কে?)। ৪ *(বা.)* সেয়ানা; ডেঁপো; ফাজিল; অকালপক্ব (তৈরি ছেলে)। **তৈরি করা** *ক্রি* নির্মাণ করা। { *আ.* তইয়্যার طیار }

তৈল [তোইল্] *বি* তেল। **~কল্ক** *বি* খইল। **~কল্কজ, ~কিট্ট** *বি* তেলের কাইট। **~কার** *বি* তৈল ব্যবসায়ী; তেলি; কলু। **~চক্র** *বি* ঘানিগাছ। **~চিত্র** *বি* তেলরঙে অঙ্কিত ছবি। **--ঢালা** *বিণ* মসৃণ; তৈল-চিক্কণ (তেল-ঢালা স্নিগ্ধ তনু নিদ্রারসে ভরা—*রঠা*)। **~দান** *বি* *(বা.)* হীনভাবে খোশামোদ। **~দ্রোণী** *বি* অবগাহনার্থ তৈল-কাষ্ঠনির্মিত পাত্র। **~প, --পা, ~পক, --পায়িকা** *বি* আরশোলা; তেলাপোকা (তৈলপ। তুমি তেলাপোকা, পাখী নয়—*সদ*)। **~পক্ব** *বিণ* ১ তৈলপুষ্ট; তেলে ভাজা। ২ তেল দিয়ে রাঁধা বা রান্না করা। ৩ তেল মেখে চকচকে ও মজবুত করা (তৈলপক্ব লাঠি)। **~বট** *বি* ব্যবস্থা দেওয়ার জন্য স্মার্ত পণ্ডিতকে যে অর্থ দেওয়া হয় (স্মার্ত পণ্ডিতকে যে অর্থ দেওয়া হয় (স্মার্তরাও যে শুধু তৈলবট নিয়ে বিধান দিতেন তাই নয়—*সৈমু*)। **~বীজ** *বি* তিল সরিষা ইত্যাদি তৈলগর্ভ শস্য। **~যন্ত্র** *বি* তেলের কল; ঘানি। **~সেক** *বি* ১ তৈল লেপন; তৈল মর্দন। ২ প্রদীপাদিতে তৈল দান। ৩ *(বা.)* পায়ে তেল দেওয়া; তোষামোদ। **~স্ফটিক** *বি* হলুদ রঙের শিলীভূত পদার্থ; amber। **তৈলীয়** *বিণ* তেল সম্পর্কীয়। { *স.* তিল+ অ(অণ্) }

তৈলঙ্গ [তোইলঙ্‌গো] *বি* ১ দক্ষিণ ভারতের একটি অঞ্চল; বর্তমান অন্ধ্র প্রদেশ ও তেলেঙ্গানা। ২ অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানার অধিবাসী। **তৈলঙ্গী** *বি স্ত্রী*। { *স.* ত্রিকলিঙ্গ> }

তৈলঙ্গা *(মবা.)* [তৈলঙ্‌গা] *বি* তেলাপোকা (তৈলঙ্গা রূপ হইয়া—*মাগান*)। { *স.* তৈল+ অঙ্গ> ? }

তৈলিক, তৈলী ⇒ তেলী

তৈসন, তৈসে ⇒ তৈছন

তোঁতা [তোঁতা] *বি* সুতা (তোঁতা কাটা)। { *স.* তন্তু> }

তো[১] [তো] *বি* বস্ত্র প্রভৃতির পাট বা ভাঁজ; তহ (শাড়ি তো করা)। { *ফা.* তহ ته }

তো[২] ⇒ ত[২]

তো[৩], **তোঁ** *(ব্র.)* [তো, তোঁ] *সর্ব* ১ তুমি; তুই। ২ তোমা (তো বিনে উনমত—*বিপ*)। ৩ তোর; তোমার (তো সেবা—*চদা*)। **তোই, তোঁই** *(ব্র.)* *সর্ব* তোমাকে। **তোঁএ** *(ব্র.)* *সর্ব* তুমি (তোঁএ তসু তুল—*বিপ*)। { *স.* ত্বম্> }

তোক১ [তোক্] *বি* অপরাধীর হস্তবন্ধন–শৃঙ্খলবিশেষ; হাতকড়া (লুঠি নিল নারী গাবী দিল বেড়ি তোক—*ভারা*)। ~**দড়ি** *বি* গলবন্ধ; শৃঙ্খল (হাতে কড়ি পায়ে বেড়ি তোকদড়ি গলে—*ঘচ*)। { *আ.* তৃরক طوق }

তোক২ [তোক্] *বি* সন্তান (কাশ্যপ মুনির হইয়া তোক —*কমু*)। { *স.* √তু+ক}

তোকমারি, তোকমা[তোক্মারি, তোক্মা] *বি*সাধারণত পুলটিসে ব্যবহৃত ইসবগুলের মতো বীজবিশেষ। { *ফা.* তুখ্‌ম্+ই-রিহ্বান تخم ریحان তখমেরাইহান>}

তোকানি-মোকানি (*মব.*) [তোকানি-মোকানি] *বি* জনরব (তোকানি-মোকানি কথা শুনি জগন্নাথ পিতা—*জয়ানন্দ*)।{ তোকা(তোর)+বাণী+মোকা(মোর)+বাণী>}

তোকে, তোরে[তোকে, তোরে] তুই শব্দের ২য়া ও ৪র্থীর এক বচনের রূপ—অবজ্ঞার্থে বা স্নেহার্থে ব্যবহৃত। { *স.* তুম্>*প্রা.* তুং, তুহ্‌}

তোখড় ⇒ তুখড়

তোগরা, তুগরা [তোগ্‌রা, তু-] *বি* অলঙ্কৃত আরবি লিপিবিশেষ; বাদশাহি স্বাক্ষর; দস্তখত; মোহর। { *তু.* তুগ্‌রা}

তোটক[তোটোক্] *বি* দ্বাদশাক্ষর পাদযুক্ত সংস্কৃত ছন্দ (দ্বিজ ভারত তোটক ছন্দে ভনে—*ভারা*)।{ *স.* ত্রোটক>}

তোজন, তোজনা [তোজন্, -না] *বি* একপ্রকার ধান। { *অমূ.*}

তোড়[তোড়্] *বি* ১ তীব্র স্রোতের বেগ; প্রবাহের ধাক্কা। ২ গতি (তোর এখনকার লেখার তোড় দেখে আমার বাস্তবিকই অনুশোচনা হচ্ছে—*নই*)। ৩ কলহের স্রোত; বাক্যের স্রোত। –**ই** (*ব.*) *ক্রি* ১ ছিন্ন করে। ২ ভাঙে। ৩ খুলে ফেলে; প্রকাশ করে দেয়। **মুখের** ~ *বি* স্রোতের মতো বাক্য বা কথাসমূহ; বাক্যস্রোত। { *স.* √তুড় (আঘাত করা)>}

তোড়জোড় [তোড়্‌জোড়্] *বি* ১ উদ্যোগ; আয়োজন; প্রস্তুতি (আমাদের তল্পিতল্পা গুটাইবার তোড়জোড় চলিতে লাগিল—*শামা*)। ২ সরঞ্জাম; সাধন; উপকরণ। { *বা.* √তুড়>+ *স.*√যুজ্>}

তোড়া১**, তোররা** [তোড়া, তোর্‌রা] *বিণ* টাকায় ভরা থলি; মুদ্রাপূর্ণ কাপড়ে প্রস্তুত থলি (টাকার তোড়া)। □ *বি* ১ গোছা; গুচ্ছ; তাড়া; স্তবক (ফুলের তোড়া, চাবির তোড়া)। ২ চরণের এক প্রকার অলঙ্কার। { *আ.* তুররাহ طرة }

তোড়া২**, তুড়া** [তোড়া, তু-] *ক্রি* ভাঙা; ভেঙে ফেলা (হাত তুড়ে দিয়েছে একেবারে)। **তোড়ানো, তোড়ান, তুড়ানো** *ক্রি* ভাঙানো; নোট ভাঙিয়ে খুচরা নেওয়া, খুচরা মুদ্রার সঙ্গে বদল করা। { *স.* ত্রোট>}

তোড়া৩ ⇒ তুড়া২

তোড়ানি [তোড়ানি] *বি* কাঁজি; পচাই। { *ফা.* তরাণী ترانی }

তোড়ি, তোড়ী, টোড়ি, টোড়ী [তোড়ি, –, টোড়ি, –] *বি* ১ সঙ্গীতের একটি রাগিণী (জৌনপুরী তোড়ির তোড়া বাজায় হাজার মজলিশে—*সদ*)। ২ প্রভাতী রাগিণীবিশেষ (সাঁঝের বেলায় তোড়ি রাগিণী আলাপের মত যেন বিষম বে-সুরো—*নই*)। { *স.* ত্রোটকী>}

তোতলা, তোৎলা [তোত্‌লা] *বিণ* জিহ্বার জড়তাবশত যার কথা বেধে যায় (তাঁহার অঙ্গুলি ও জিহ্বা পুড়িয়া গেল, তিনি আজীবন তোৎলা হইয়া রহিলেন—*কাহি*)। **তোতলানো, তোতলান** *ক্রি* তোতলার মতো বেধে বেধে কথা বলা। □ *বি* উক্ত অর্থে। **তোতলামি** *বি* তোতলানোর অবস্থা; তোতলার মতো করে কথা বলা। { *ধ্বন্যা.*; *তুল.* *হি.* তোতরাহ্]

তোতা [তোতা] *বি* শুকপাখি; টিয়াপাখি। { *ফা.* তোতা طوطی }

তোপ [তোপ্] *বি* ১ আগ্নেয়াস্ত্র; কামান (তোর ঘুর চাকাতে বলদর্পীর তোপ কামানের টুটুক জোর—*নই*)। ২ বন্দুক (গরজে কামান, তোপ গোলাগুলী ছুটিছে দিগ্বিদিকে—*নই*)। ৩ কামানের শব্দ। ~**খানা**, ~**শালা** *বি* কামান রাখার বা নির্মাণের স্থান। ~**চি** *বি* যারা কামান দাগে; গোলন্দাজ (তোপচিগণ ক্রমাগত একশত এক টি তোপধ্বনি করিল—*ইহো*)। ~ **দাগা** *ক্রি* কামান থেকে গোলা নিক্ষেপ করা বা ছোড়া। **তোপান্দাজ** *বি* যে কামান হতে গোলা ছোড়ে; ঐরূপ সিপাহি। { *তু.* তুপ توپ }

তোপচনি, তোপচিনি [তোপ্‌চিনি] *বি* চীন ও জাপানের একপ্রকার লতার মূল; চীনা বচ; china root। { *ফা.* চোব توب +চিনি }

তোপান (*মব.*) [তোপান্] *বি* চরকায় সুতায় তৈরি জামার কাপড়। { *তুল.* *হি.* তোপনা}

তোফা, তোহফা [তোফা, তোহ্‌ফা] *বিণ* চমৎকার; অত্যন্ত উপাদেয়; উৎকৃষ্ট (একটু জোরেই হেসে বললেন তোফা ! তোফা ! ওগো আর এক কাপ চা দাও—*নই*)। □ *বি* উপহার; দুষ্প্রাপ্য বস্তু (হাদিয়ারে তোহফা আরবী ভাষে বলে—*সৈআ*)। { *আ.* তুহ্‌ফাহ تحفة }

তোফাঙ্গ [তোফাঙ্‌গো] *বি* পিস্তল; হাত-বন্দুক (অতঃপর তোফাঙ্গ (পিস্তল) চালাইয়া দুই জনকে বধ করিলেন—*ইহো*)। { *ফা.* তুফঙ্গ تفنگ }

তোবড়া [তোব্‌ড়া] *বি* ঘোড়ার দানা খাওয়ার থলি (গালে চুন-কালি ওমধার গলে দেখেছে ঘোড়ার তোবড়া বাঁধা—*সদ*)। □ *বিণ* চুপসানো; টোল খাওয়া; বসা; বসে যাওয়া; শুকিয়ে কুঁকড়ে যাওয়া। ~**নো, তুবড়ানো, তুবড়নো** *বিণ* চুপসানো; টোল খাওয়া (চোখের জলে দুই তোবড়ানো গাল ভাসিয়া যায়—*বিব*)। □ *ক্রি* চুপসে দেওয়া বা যাওয়া; টোল খাওয়া; বসে বা শুকিয়ে যাওয়া। { *ফা.* তূব্ توب }

তোবড়া-তুবড়ি [তোব্‌ড়াতুব্‌ড়ি] *বি* মালপত্র বোঝাই গাঁটরি। { *ফা.* তুব্‌রহ্>তোবড়া; তোবড়া+ই=তুবড়ি (ছোট গাঁটটি)}

তোবা ⇒ তওবা

তোমর [তোমোর্] *বি* প্রাচীন ভারতের এক প্রকার যুদ্ধাস্ত্র। { *স.* তোমর}

তোমরা [তোম্‌রা] *সর্ব* তুমি-র বহুবচন। { *স.* ত্বং>*প্রাবা.* তুহ্মি>}

তোমা [তোমা] *সর্ব* ১ তুমি। ২ তোমাকে। { *বৈদিক* তুষ্মে>*প্রা.* তুম্‌হ>তুহ্ম>}

তোমার [তোমার্] তুমি শব্দের ষষ্ঠীর একবচন সম্বন্ধার্থক

রূপ। {*প্রাবা.* তুহ্মা>}

তোয় [তোয়্] *বি* জল; পানি। ~**দ**, ~**ধর** *বি* জলদ; জলধর; মেঘ। ~**দাগম** *বি* বর্ষাকাল। ~**নিধি**, ~**ধি**, ~**রাশি** *বি* সমুদ্র; সাগর (এ নগরাধিরাজ সত্য সত্যই এশিয়ার পূর্ব ও পশ্চিম তোয়নিধিতে অবগাহন করে অবস্থিতি করছে---*প্রবি*)। {*স.* √তু+য(যঙ্); *স.* √তোয়্+অ(অচ্)}

তোয়াক্কা ⇒ তওয়াক্কা

তোয়াজ [তোয়াজ্] *বি* স্বার্থসিদ্ধির জন্য যত্ন; আদর; খাতির; মনোরঞ্জন (সাহেব টাকার খাতিরে, মুৎসুদ্দিকে তোয়াজ করেন—*প্যামি*)। {*আ.* তৱয়াদ্দহ تواضع }

তোয়ানো, তোয়ান [তোয়ানো] *বি* হাত দিয়ে অনুভব করে সন্ধান করা; তালাশ বা অনুসন্ধান করা। □*ক্রি* ১ হাত বুলানো; মর্দনাদি করা (কাছে বসাইল রাজা, তোয়াইল গা—*ঘচ*)। ২ তোয়াজ করা (তাকে তুইয়ে তুইয়ে কাজ আদায় করে নিয়েছি)। ৩ কুড়ানো। {টোকানো}

তোয়ালে, তোয়ালিয়া [তোয়ালে, তোয়ালিয়া] *বি* গামছাবিশেষ; towel। {*পো.* toalha; *ই.* towel}

তোর [তোর্] *সর্ব* তুই শব্দের ষষ্ঠীর একবচন—সম্বন্ধার্থক রূপ। {*প্রাবা.* তো+র}

তোরকস ⇒ তরকশ

তোরঙ্গ, তোরঙ [তোরোঙ্গো, তোরোঙ্] *বি* পেটরা; ইস্পাত প্রভৃতি দ্বারা তৈরি বাক্স; trunk (ত্রস্ত দু'হাতে অনেক ভাবিয়া রুদ্ধ তোরঙ খুলিলাম—*আহা*)। {*ই.* trunk}

তোরণ [তোরোন্] *বি* ১ সিংহদ্বার; সদর দরজা; ফটক; gate। ২ ফটকের উপর নির্মিত ধনুকাকৃতি কাষ্ঠাধার (চেয়ে দেখি বিজয় তোরণ—*আহা*)। {*স.* √তুর (ত্বরা)+অন (ল্যুট্)>}

তোরতরিবত [তোর্‌তরিবত্] *বি* শিক্ষা–দীক্ষা; সভ্যতা। {*আ.* তৌর توري + তরিবত ترببات }

তোরা [তোরা] 'তুই' শব্দের বহুবচন। {*মবা.* তো>}

তোরে ⇒ তোকে

তোল, তোলক [তোল্, তোলোক্] *বি* ১ তোলা; ৮০ রতি; ১৬ মাসা। ২ দাঁড়িপাল্লা। {*স.* √তুল্+ণিচ্(√তোলি)+অ(অচ্), +ক}

তোলন [তোলোন্] *বি* ওজন বা তৌল করা। উত্থাপন; উত্তোলন। {*স.* √তুল্+অন(ল্যুট্)}

তোলপাড় [তোলপাড়্] *বি,বিণ* প্রচণ্ড আন্দোলন; আলোড়ন (তোলপাড় কাণ্ড); উলটপালট; বিক্ষোভ; ভীষণ চাঞ্চল্য; গণ্ডগোল। {তোলা+পাড়>}

তোলবল, তোলবলে, তোলবেলে, তোলবোলে [তোল্‌বল্, –বোলে, –বেলে, –বোলে] *বিণ* স্নাত; সিক্ত; আপ্লুত (রক্তে তনু তোলবল বিফল শরীর—*কাদা*)। {*ফা.* তর্‌–ব–তর্ تر–ب–تر }

তোলা[১] [তোলা] *বি* ওজনের পরিমাণ বিশেষ; ভরি; ৮০ রতি; এক সেরের ৮০ ভাগের এক ভাগ। {*স.* √তোল্+*বা.* আ}

তোলা[২] [তোলা] *বি* ১ হাট বা বাজারে ব্যাপারীদের পণ্যের যে অংশ হাটের মালিক বা জমিদারগণ তুলে নেয়। ২ যা তুলে রাখা হয়েছে; গৃহীত; রক্ষিত। ৩ তৈরি; নির্মিত; প্রস্তুত (পরের তোলা ঘর)। ৪ *(আল.)* যা স্মরণ রাখা হয়েছে (সব কথা তোলা আছে)। ৫ বাইরে যাওয়ার পোশাক; পোশাকি (তোলা জামা)। ৬ উত্তোলিত (তোলা জল)। ৭ বৃন্তচ্যুত (তোলা ফুল)। ৮ মথিত (মাখনতোলা দুধ)। ৯ যা স্থানান্তরিত করা যায় (তোলা উনান)। ১০ অঙ্কিত; ছাঁচে ঢালাই করা (পল তোলা)। {*স.* √তুল্+*বা.* আ}

তোলা[৩], **তুলা** [তোলা, তুলা] *ক্রি* ১ উঠানো; উত্তোলন করা; উপড়ে উঠানো; উঁচু করা (গা তোলা)। ২ ত্যাগ করা (হাই তোলা)। ৩ জাগানো; ঘুম ভাঙানো (ঘুম থেকে তোলা)। ৪ বমি করা (বাচ্চার দুধ তোলা)। ৫ উন্নত বা উন্নয়ন করা (জাতে বা উচ্চ শ্রেণিতে তোলা)। ৬ তৈরি, নির্মাণ বা সৃষ্টি করা (দেয়াল তোলা, গুজব তোলা)। ৭ উৎপাটন, উৎখাত বা বিচ্যুত করা (দাঁত তোলা)। ৮ সাজিয়ে গুছিয়ে রাখা (বিছানা বা কাপড় তোলা)। ৯ অপসারিত করা; দূর করা (কাপড়ে চায়ের দাগ তোলা)। ১০ উচ্চে উত্থিত করা (গলা তোলা)। ১১ সংগ্রহ করা (চাঁদা তোলা)। ১২ সূচিকর্ম করা (শাড়িতে ফুল তোলা)। ১৩ উচ্ছেদ বা বিতাড়িত করা (ভাড়াটে তোলা)। ১৪ গাড়িতে উঠানো বা চাপানো (গাড়িতে তোলা)। ১৫ মনে আনা; স্মরণ করা; বমি করা (মনে তোলা, বাচ্চা দুধ তোলে)। ১৬ খাটানো; লাগানো; সংস্থাপন করা (নৌকায় পাল তোলা)। ১৭ বলা; উত্থাপন করা (সভায় তোলা)। ১৮ বের করা (মাখন তোলা)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। ~**নো**, ~**ন** *ক্রি* ১ অপরকে দিয়ে উত্তোলন, উৎপাটন, উন্নয়ন, সংগ্রহ প্রভৃতি কাজ করানো। ২ বেত চেঁছে সাফ করা। **কানে** ~ *ক্রি* ১ শোনা। ২ গ্রাহ্য করা। **গা** ~ *ক্রি* ১ ওঠা। ২ গাত্রোত্থান করা; শয্যা ত্যাগ করা। **গায়ে হাত** ~ *ক্রি* মারা; প্রহার করা। **ছবি** ~ *ক্রি* ফটো তোলা; ফটোগ্রাফ লওয়া। **দাদ** ~ *ক্রি* প্রতিশোধ নেওয়া। **পটল** ~ *ক্রি* মরা; মরে যাওয়া। **পিঠে চামড়া** ~ *ক্রি* নিদারুণ প্রহার করা। **মাথা** ~ *ক্রি* ১ হীন অবস্থা থেকে উন্নতি করা। ২ বিপদ থেকে মুক্ত হওয়া; বিপদ–মুক্ত হওয়া। **মুখ** ~, **মুখ তুলে চাওয়া** *ক্রি* ১ *(আল.)* অনুগ্রহ বা অনুকূল হওয়া। ২ করুণা বা দয়া করা। ৩ প্রসন্ন হওয়া। **হাত** ~ *বিণ* ১ *(আল.)* অন্যের অনুগৃহীত। ২ পরের দয়ার উপর নির্ভরশীল। {*স.* √তুল্ (উত্তোলন অর্থে)+*বা.* আ}

তোল্য [তোল্‌লো] *বিণ* ১ ওজন করতে হবে এমন। ২ তুলনীয়। {*স.* √তুল্+য(ণ্যৎ)}

তোলাপাড়া [তোলাপাড়া] *বি* মনে মনে নানাভাবে আন্দোলন; বারংবার চিন্তা (মনে মনে তোলাপাড়া করা)। {*স.* তোলপাড়>}

তোলিত [তোলিতো] *বিণ* ওজন করা হয়েছে এমন। {*স.* √তুল্+ণিচ্+ত(ক্ত)}

তোলো [তোলো] *বি* মাটির বড় হাঁড়ি। {*পো.* talha}

তোশক, তোষক [তোশোক্] *বি* বিছানায় পাতার জন্য তুলার গদিবিশেষ (ফরাস বিছানা করে শাহানা গালিচা পরে মখমলি তোষক ডালে তায়—*সৈহা*)। {*ফা.* তোশক

توشک }

তোশদান, তোসদান [তোশ্‌দান্‌] *বি* ভিক্ষার ঝুলি; ভোজ্যদ্রব্যের থলি, গুলিবারুদ রাখার পাত্র। { *ফা.* তুশ্‌দান تشدان }

তোশা, তোষা[২], তোসা [তোশা] *বি* মূল্যবান জিনিসপত্র (রথ হস্তী আর কি কাজে তোমার যে বুড়া বলদ আছে —*ভারা*)। **তোষাখানা, তোসাখানা** *বি* মূল্যবান জিনিসপত্র রাখার ভাণ্ডার (টাকা আর তোশাখানায় ধরছে না—*জহি*)। { *ফা.* তুশাহ্‌ توشه }

তোষ, তোষা[১], তোষণ [তোশ, -শা, -শোন্‌] *বি* ১ সন্তোষ; তৃপ্তি; আনন্দ। ২ সন্তোষবিধান; তৃপ্তি সাধন। **তোষিণী** *বি স্ত্রী*। **তোষণীয়** *বি* তুষ্ট করার যোগ্য; তোষণযোগ্য; খুশি করা আবশ্যক এমন। { *স.* √তুষ্‌+অ(ঘঞ্‌); তোষ+*বা.* আ, √তুষ্‌+অন(ল্যুট্‌) }

তোষা২, তুষা [তোশা, তুশা] *ক্রি* তুষ্ট বা আনন্দিত করা। { *স.* √তুষ্‌+অ(ঘঞ্‌)=তোষ+*বা.* আ }

তোষামোদ [তোশামোদ্‌] *বি* খোশামোদ; চিত্তরঞ্জন; চাটুবৃত্তি; মোসাহেবি; স্তাবকতা। **তোষমুদে** *বিণ* চাটুকার; খোশামুদে; স্তাবক; মোসাহেব; চামচে। { *স.* তোষ+ আমোদ; *ফা.* খুশামদ خشامود }

তোষিত [তোশিতো] *বিণ* তুষ্ট করা হয়েছে এমন। { *স.* √তুষ্‌+ ণিচ্‌+ত(ক্ত) }

তোহফা ⇒ তোফা

তোহমৎ ⇒ তহমত

তোহএ, তোহার, তোঁহার, তোঁহারা, তোহারা, তোহারি, তোঁহারি, তোহোর, তোহোরি, তোহোরে, তোহারে, তোহৌরি (*ব্র.*) [...] *সর্ব* তোমার, তোমারই, তোর। { *প্রাবা.* তো> }

তোহে (*ব্র.*) [তোহে] *সর্ব* তোমাকে (তোহে ভজব কোন বেলা—*বিপ*)। { *স.* ত্বম্‌>; *প্রাবা.* তো> }

তোহোবিল [তোহোবিল্‌] *বি* রেশম সুতা জড়াবার লাটাই। { *ফা.* তহ্‌বিল تحبيل }

তোহ্মা, তোহ্মাএ, তোহ্মাক, তোহ্মাকে, তোহ্মাখো, তোহ্মারে [...] (*ব্র.*) *সর্ব* তোমার; তোমাকে। **তোহ্মাত, তোহ্মাতে** (*ব্র.*) *সর্ব* তোমাতে; তোমা থেকে। **তোহ্মাতেঁ, তোহ্মাথো** (*ব্র.*) তোমার থেকে। **তোহ্মার** (*ব্র.*) তোমার, তোমাকে। **তোহ্মারা** (*ব্র.*) তোমরা; **তোহ্মাহো** (*ব্র.*) তোমারও। **তোহ্মে** (*ব্র.*) তুমি; তোমাকে। { *স.* ত্বম্‌>; *প্রাবা.* তুহ্ম>তুম }

তৌজি, তৌজী [তোউজি] *বি* সৈন্য, প্রজা, জমিজমা, খাজনার পরিমাণ ইত্যাদির তালিকা। **~নবিস** *বিণ* তৌজি লেখক কর্মচারী। **~মহাল** *বি* যে মহাল কালেক্টরের রক্ষিত বিবরণপত্রের অন্তর্গত। { *আ.* তওদীহ্‌ توضيح }

তৌফিক, তৌফীক [তোউফিক্‌] *বি* ক্ষমতা; শক্তি; সামর্থ্য; সম্পদ (তৌফিক থাকলে রাজী হতেই হবে—*মুহ*)। { *আ.* তাওফীক় توفيق }

তৌর্য [তোউর্‌জো] *বি* তূর্যধ্বনি; মৃদঙ্গ ইত্যাদির ধ্বনি। { *স.* তূর্য+অ(অণ্‌) }

তৌর্যত্রিক [তোউর্‌জোত্‌ত্রিক্‌] *বি* গীতবাদ্য ও নৃত্যের একত্র সমাবেশ। { *স.* তৌর্য+ত্রি+ক(কপ্‌) }

তৌল [তৌলো] *বি* ১ ওজন; মাপ (তৌল হেব যত যার পাপ পুণ্য কাম—*সেআ*)। ২ ওজন করার যন্ত্র; তুলা যন্ত্র; দাঁড়িপাল্লা; নিক্তি। ৩ ওজনকরণ ৪ (*অল.*) তুলনা; সাদৃশ্য নিরূপণ। { *স.* তুলা+অ(অণ্‌) }

তৌলন *বি* ওজনকরণ; মাপা; পরিমাণ নির্ণয়। { *স.* তুলা+অ(অণ্‌)+অন(ল্যুট্‌) }

তৌলা [তোউলা] *ক্রি* ওজন করা। **~নো, তৌলনো** *ক্রি* ওজন করা; মাপা; মাপানো; ওজন করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* তৌল+*বা.* আ }

তৌলিক[১] [তোউলিক্‌] *বি* চিত্রকর; painter। { *স.* তুলি+ইক(ঠক্‌); *স.* তুলিকা+অ(অণ্‌) }

তৌলিক[২] [তোউলিক্‌] *বি* ওজন করে যে, ওজনকারী; কয়াল। □ *বিণ* মাপসংক্রান্ত; গুরুত্ব পরিমাপসম্পর্কীয়; gravimetric। { *স.* তুলা+ইক(ঠঞ্‌) }

তৌলিয়া[১] [তোউলিয়া] *অক্রি* (*পদ্য.*) তৌল ক'রে; ওজন ক'রে (যত জল বরষিতে আজ্ঞা হয় যথা। তৌলিয়া ততেক পানি বৃষ্টি করে তথা—*হেমা*)। { *স.* তৌল+*বা.* ইয়া }

তৌলিয়া[২] [তোউলিয়া] *বি* তোয়ালে (তিনি চেয়ারের পিঠে-রাখা তৌলিয়াটায় হাত মুখ মুছিয়া—*মুমভ*)। { *ই.* towel; *পো.* toalha }

তৌহিদ, তৌহীদ ⇒ তওহিদ

ত্যক্ত [ত্যাক্‌তো] *বিণ* ১ পরিত্যক্ত; পরিত্যাগ করা হয়েছে এমন; বর্জিত। ২ জ্বালাতন; বিরক্ত (ত্যক্ত আর ক'রনা আমারে—*কায়*)। **~জীবিত** *বিণ* জীবনের মায়া ত্যাগ করেছে এমন; মরিয়া। **~বিরক্ত, তিতবিরক্ত, তেতোবিরক্ত** *বিণ* উত্ত্যক্ত, জ্বালাতন (রাজ্যের লোক তিতবিরক্ত হইয়া উঠিল—*দমি*)। { *স.* √ত্যজ্‌+ত(ক্ত) }

ত্যক্তভূষণ [ত্যাকতোভুশোন্‌] *বিণ* ভূষণ নেই এমন; ভূষণ পরিত্যাগকারী (মরুভূমির নিঃসঙ্গ রূপ সে একেবারে বিরাটভাবে ত্যক্তভূষণ ও পরম সুন্দর—*অঠা*)। { *স.* ত্যক্ত+ভূষণ; *বহু* }

ত্যক্তলজ্জ [ত্যাক্‌তোলজ্‌জো] *বিণ* সঙ্কোচহীন। { *স.* ত্যক্ত+লজ্জা; *বহু* }

ত্যাজ ⇒ তেজ

ত্যজন [ত্যাজোন্‌] *বি* ১ বর্জন; ত্যাগ; পরিহারকরণ; ত্যাগকরণ। ২ ক্ষেপণ। { *স.* √ত্যজ্‌+অন(ল্যুট্‌) }

ত্যজ্যমান [ত্যাজ্‌জোমান্‌] *বিণ* ত্যাগ বা বর্জন বা পরিহার করা হচ্ছে এমন। { *স.* √ত্যজ্‌+মান(শানচ্‌) }

ত্যাঁদড় ⇒ তেঁদড়

ত্যাগ [ত্যাগ্‌] *বি* ১ ছাড়া; পরিত্যাগ; বর্জন; বিসর্জন; পরিহার (কর্মত্যাগ, ধর্মত্যাগ)। **ত্যাগী** (-গিন্‌) *বিণ* ১ ত্যাগকারী; স্বার্থত্যাগী। ২ বিরাগী; ভোগলালসাবিমুখ; সংযমী। { *স.* √ত্যজ্‌+অ(ঘঞ্‌) }

ত্যাজ্য [ত্যাজ্‌জো] *বিণ* ত্যাগ বা বর্জন করা উচিত এমন; বর্জনীয়। **~পুত্র** *বি* পুত্রের অধিকার ও পিতার সম্পত্তি থেকে বঞ্চিত ও বিতাড়িত পুত্র। { *স.* √ত্যজ্‌+য(ণ্যৎ) }

ত্যাড়া ⇒ টেড়া

ত্যানা ⇒ তেনা

ত্যালাই ⇒ তেলাই

ত্রপমাণ [ত্রোপোমান্] *বিণ* লজ্জমান; লজ্জা পাচ্ছে এরূপ। {স. √ত্রপ্। মান (শানচ্)}

ত্রপা [ত্রোপা] *বি* ১ লজ্জা; শরম। ২ বিনয়। **ত্রপিত** *বিণ* লজ্জিত। **ত্রপিতা** *বিণ স্ত্রী*। {স. √ত্রপ্+অ(অঙ্)}

ত্রপু [ত্রোপু] *বি* ১ সিসা। ২ দস্তা। ৩ রাং; টিন; tin। {স. √ত্রপ্+উ}

ত্রয় [ত্রয়্] *বি* (বস্তু বা ব্যক্তির) তিনটি বা তিনটির সমষ্টি বা যোগফল (বেদত্রয়, ব্যক্তিত্রয়)। □*বিণ* ১ তিন সংখ্যক। ২ তিন প্রকার। **ত্রয়ী** *বিণ স্ত্রী*. ত্রয়-এর অর্থে। □*বি* ১ হিন্দুমতে ত্রিমূর্তি—ব্রহ্মা, বিষ্ণু, ও শিব। ২ ঋক্, সাম, যজুঃ—এই তিন বেদ (ত্রয়ী বিদ্যা)। **ত্রয়ঃপঞ্চাশৎ** *বি,বিণ* ৫৩। **ত্রয়ঃসপ্ততি** *বি,বিণ* ৭৩। **~শ্চত্বারিংশৎ** *বি,বিণ* ৪৩। **~স্ত্রিংশৎ** *বি,বিণ* ৩৩। {স. ত্রি+অয় (অয়চ্)}

ত্রয়োদশ [ত্রয়োদশ্] *বিণ* ১৩ সংখ্যার পূরক। □*বি,বিণ* ১৩ সংখ্যা বা সংখ্যক। **ত্রয়োদশী** *বিণ স্ত্রী*. ১ তেরো স্থানে আছে এমন; ত্রয়োদশস্থানীয়া। ২ তের বৎসর বয়সবিশিষ্টা (ত্রয়োদশী বালিকা)। □*বি* দ্বাদশীর পরের তিথি। {স. ত্রয়োদশন্}

ত্রয়োবিংশ, ত্রয়োবিংশতি [ত্রয়োবিঙ্শো, -বিঙ্শোতি] *বি, বিণ* ২৩ সংখ্যা বা সংখ্যক। {স. ত্রি>ত্রয়+বিংশ, বিংশতি}

ত্রসন [ত্রোশোন্] *বি* ১ ভীতি; ভীত হওয়া। ২ ত্রাস; ভয়। ৩ উদ্বেগ। {স. √ত্রস্+অন(ল্যুট্)}

ত্রসরেণু [ত্রোশোরেনু] *বি* ১ ছিদ্রপথে আগত আলোক রশ্মিতে ভাসমান ধূলিকণা। ২ ছয় পরমাণুর সমষ্টি। {স. ত্রস+রেণু, *কর্মধা*}

ত্রস্ত [ত্রোস্‌তো] *বিণ* ১ সন্ত্রস্ত; ত্রাসযুক্ত; ভয়-চকিত (হরিণীর মত ভীত ত্রস্ত চাউনি দিয়ে চারিদিকে চেয়ে আচমকা আর্ত আকুল স্বরে সে কেঁদে উঠল—*নই*)। ২ কম্পিত; বিচলিত। ৩ ত্বরিত (সে ত্রস্তপদে চলিয়া গেল)। {স. √ত্রস্+ত(ক্ত)}

ত্রস্নু [ত্রোশ্‌নু] *বিণ* ত্রাসশীল; ভীরু (নিমেষ-নিহত স্বচ্ছ চোখের সরসে ত্রস্নু তারকা সন্ধানে সংক্রান্তি—*সুদ*)। {স. √ত্রস্+নু (ক্নু)}

ত্রাণ [ত্রান্] *বিণ* নিষ্কৃতি; রক্ষা; মুক্তি। **ত্রাত** *বিণ* ত্রাণ-প্রাপ্ত; উদ্ধারপ্রাপ্ত; রক্ষাপ্রাপ্ত। **ত্রাতা** (-তৃ) *বিণ* পরিত্রাণ করে এমন; ত্রাণকারী। **ত্রায়মাণ** *বিণ* ১ ত্রাণ লাভ করছে এমন; উদ্ধার করা হচ্ছে এমন। ২ ত্রাণকারী; উদ্ধারকারী। {স. √ত্রৈ+অন(ল্যুট্)}

ত্রাস [ত্রাশ্] *বি* ভয়; ভীতি; শঙ্কা। **~জনক** *বিণ* ভীতিকর; ত্রাস উৎপাদনকারী। **ত্রাসিত** *বিণ* ভীত করা হচ্ছে এমন; বিভীষিত। **ত্রাসিতা** *বিণ স্ত্রী*। {স. √ত্রস্+অ(ঘঞ)}

ত্রাসন [ত্রাশোন্] *বিণ* ত্রাস সঞ্চারকারী (দৈত্যত্রাসন ভীম প্রচণ্ড অসুরবিনাশী উদ্যত অসি ধর ধর দানবারি—*নই*)। {স. √ত্রস্+ণিচ্=√ত্রাসি+অন(ল্যুট্)}

ত্রাহি [ত্রাহি] *ক্রি* ত্রাণ করো বা রক্ষা করো। **~ ~ করা, ~ ~ ডাক ছাড়া** *ক্রি* বিপদাদি থেকে রক্ষা পাবার জন্য চিৎকার করে সাহায্য প্রার্থনা করা। {স. √ত্রা+হি (*অনুজ্ঞা, মধ্যম পু. একব*)}

ত্রি [ত্রি] *বি,বিণ* ৩ সংখ্যা বা সংখ্যক। **~কণ্টক** *বি* ১ গোক্ষুরা গাছ। ২ সিজ গাছ। ৩ টেংরা মাছ। ৪ গাগর মাছ। **~কাল** *বি* ১ তিনকাল—অতীত, বর্তমান, ও ভবিষ্যৎ। ২ সর্বকাল। **~কালজ্ঞ, ~কালদর্শী** *বিণ* ১ যিনি অতীত, বর্তমান, ও ভবিষ্যৎ—এই তিন কালের ঘটনা জানেন। ২ সর্বজ্ঞ। **~কালসিদ্ধ** *বিণ* ত্রিকালজ্ঞ (নিজে তো ত্রিকালসিদ্ধ পুরুষ—*রাব*)। **~কুল** *বি* পিতা, মাতা ও শ্বশুরের বংশ বা কুল। **~কূট** *বি* তিন শৃঙ্গযুক্ত সুবেল পর্বত। **~কোণ** *বিণ* ১ তিনকোণযুক্ত; তেকোনা। ২ *(জ্যা.)* ত্রিভুজ; তিনকোণযুক্ত ক্ষেত্র। **~কোণমিতি** *বি* ত্রিকোণ ক্ষেত্র মাপক গণিতশাস্ত্র; trigonometry। **~গঙ্গ** *বি* ১ তিনটি নদী মিলিত হয়েছে যে স্থানে; ত্রিবেণী। ২ তীর্থবিশেষ; প্রয়াগ তীর্থ। **~গুণ** *বিণ* ১ সত্ত্ব, রজঃ, ও তমঃ—এই তিন গুণযুক্ত। ২ সুখ, দুঃখ, ও মোহ—এই গুণত্রয়বিশিষ্ট। ৩ তিন দ্বারা গুণিত। ৪ সত্ত্ব, রজঃ, ও তমঃ নামক তিন গুণ। **~গুণা** *বিণ স্ত্রী*. ১ ত্রিগুণবিশিষ্টা। ২ হিন্দুদেবী দুর্গা। **~গুণাত্মক** *বিণ* সত্ত্ব, রজঃ, ও তমঃ—এই তিন গুণবিশিষ্ট (অতএব হে ত্রিগুণাত্মক। আমি তোমাকে প্রণাম করি—*বচ*)। **~গুণাত্মিকা** *বিণ* হিন্দুমতে আদ্যাশক্তি (ত্রিগুণাত্মিকা তারা ত্রৈলোক্য জননী—*কমু*)। **~গুণিত** *বিণ* তিন বার গুণন করলে যা হয়। **~ঘাত** *বিণ* ১ *(গণিত.)* একই সংখ্যা তিনবার গুণ করার চিহ্ন; ক্রমাগত দুবার নিজেকে নিজে গুণ করে এমন; cubic (ত্রিঘাত $৪^৩$=৪×৪×৪)। ২ *(জ্যা.)* দৈর্ঘ্য, প্রস্থ, ও বেধযুক্ত ঘন পদার্থ; ঘন; ত্রিমাত্রিক। **~চক্রযান** *বি* যে গাড়ি তিন চাকায় চলে; tricycle। **~চক্ষু** *বি* ত্রিনয়ন। **~জগৎ** *বি* স্বর্গ, মর্ত্য, ও পাতাল—এই তিন ভুবন। **~তত্ত্ববাদ, ~ত্ববাদ** *বি* খ্রিস্ট ধর্মের তিনে এক, একে তিন—এই মতবাদ। **~তন্ত্রী** *বি* ১ তিন তারযুক্ত বাদ্যযন্ত্র। ২ তিন তারবিশিষ্ট বীণা। **~তল** *বিণ* তেতলা; তিনতলাবিশিষ্ট। **~তাপ** *বি* আধ্যাত্মিক, আধিদৈবিক, ও আধিভৌতিক—এই তিন রকম যন্ত্রণা। **~ত্ববাদ** বি খ্রিস্ট ধর্মের তিনে এক—একে তিন এ মতবাদ। **~দশ** *বি* দেবতা। **~দশবধূ, ~দশবনিতা** বি অপ্সরা। **~দশাধিপতি** *বি* ইন্দ্র। **~দশালয়** *বি* স্বর্গ; অমরাবতী। **~দিব** *বি* স্বর্গ; অমরাবতী; আকাশ। **~দিবকন্যা** *বি* স্বর্গকন্যা অর্থাৎ অপ্সরা (উঁকি দিয়ে হাসে ত্রিদিবকন্যা—*সদ*)। **~দোষ** *বি* বাত, পিত্ত, কফ শরীরের এই তিন দোষ। **~ধা** *ক্রিবিণ* তিন প্রকারে; তিন দিকে। **~ধারা** *বি* ১ তিনটি স্রোতোধারা আছে যে নদীর। ২ স্বর্গে মন্দাকিনী, মর্ত্যে গঙ্গা, ও পাতালে ভোগবতী—এই তিন ধারবিশিষ্ট গঙ্গা নদী। **~নবতি** *বি,বিণ* ৯৩ সংখ্যা বা সংখ্যক। **~নয়ন, ~নেত্র, ~লোচন** *বি* যার তিনটি চক্ষু আছে; হিন্দু দেবতা শিব। **~নয়না, ~নেত্রা, ~লোচনা, ~নয়নী** *বি স্ত্রী*. হিন্দুদেবতা শিবপত্নী দুর্গা; কালী। **~নাথ** *বি* ১ স্বর্গ, মর্ত্য, ও পাতাল—এই ত্রিভুবনের পরমেশ্বর। **~পঞ্চাশৎ** *বি,বিণ* ৫৩ সংখ্যা বা সংখ্যক। **~পণ্ড** *বিণ* ১ ধর্ম, অর্থ, ও মোক্ষ—এই তিনটিরই ধ্বংসকারী; দুরাত্মা; দুর্বৃত্ত। ২ শঠ; খল; দুষ্ট (বালকটি অতিশয় ত্রিপণ্ড—*প্যামি*)। **~পত্র** *বিণ* ১ তিনটি পাতাবিশিষ্ট। ২ বিল্বপত্র; বেলপাতা। **~পথগা,**

~**পথগামিনী** বি স্বর্গ, মর্ত্য, ও পাতাল—এই তিন পথে গমনশীলা গঙ্গানদী। ~**পদী** *বি* ১ তিন চরণযুক্ত ছন্দ। ২ তেপায়া। ~**পর্ণ** *বিণ* ১ তিন পাতাবিশিষ্ট। ২ পলাশ গাছ। ~**পাদ** *বিণ* ১ তিনটি পা বিশিষ্ট। ২ তিন পদাঙ্ক বা পা পরিমাণ (ত্রিপাদভূমি)। ৩ চার ভাগের তিন ভাগ। ◻ *বি* হিন্দুমতে বিষ্ণুর বামন অবতার, যাঁর পায়ের সংখ্যা তিনটি। ~**পাপ** *বি* হিন্দুমতে তিন প্রকার পাপ—অতিপাতক, উপপাতক, ও মহাপাতক। ~**পিটক** *বি* বৌদ্ধশাস্ত্রগ্রন্থ, যা সুত্ত (সূত্র), অভিধম্ম (অভিধর্ম), ও বিনয়—এই তিন ভাগে বিভক্ত। ~**পুণ্ড্র**, ~**পুণ্ড্রক** বি ললাটে তিনটি রেখা দ্বারা অঙ্কিত তিলক। ~**পুরারি** *বি* শিব। ~**ফলা** *বি* তিনটি ফল—হরীতকী, বহেড়া, ও আমলকী। ~**বর্গ** *বি* সৃষ্টি, স্থিতি, ও প্রলয়—এই তিনটি; অথবা ধর্ম, অর্থ, ও কাম; অথবা সত্ত্ব, রজঃ, ও তমঃ; অথবা আয়, ব্যয়, ও বৃদ্ধি। ~**বর্ণ**, ~**বর্ণক** *বি* হিন্দু সম্প্রদায়ের তিন শ্রেণি—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, ও বৈশ্য। ~**বলি**, ~**বলী** বি গলার বা পেটের রেখাসমূহ; উদর বা কণ্ঠের রেখাত্রয়। ~**বিদ্যা** *বি* প্রধান বেদ তিনটি—ঋক্, সাম, ও যজুঃ; ত্রয়ী। ~**বিধ** *বিণ* তিন প্রকার বা রকম। ~**বিষ্টপ** *বি* স্বর্গ। ~**বৃত্ত** *বিণ* তিনবার গুণ করা হয়েছে এমন; ত্রিগুণিত। ~**বেণী** *বি* ১ তিনটি স্রোত বা নদীর মিলনস্থল। ২ গঙ্গা, যমুনা, ও সরস্বতী—এই তিন নদীর মিলন অথবা বিচ্ছেদস্থল। ~**বেদী** (–দিন্) ঋক্, সাম, যজুঃ—এই তিনটি বেদ অধ্যয়নকারী। ২ ব্রাহ্মণের বংশগত পদবি; তেওয়ারি। ~**ভঙ্গ** *বিণ* ১ শরীরের তিন স্থান বাঁকা এমন। ◻ *বি* শ্রীকৃষ্ণ। ~**ভঙ্গমুরারি** *বি* ১ গ্রীবা ও পদের সুবঙ্কিম ভাবযুক্ত শ্রীকৃষ্ণ। ~**ভঙ্গিম** *বিণ* ত্রিভঙ্গ; শরীরের তিনস্থান বাঁকা এমন। ~**ভুবন** *বি* স্বর্গ, পৃথিবী, ও পাতাল। ~**মাত্রিক** *বিণ (জ্যা.)* দৈর্ঘ্য, প্রস্থ, ও বেধযুক্ত; ত্রিঘাত। ~**মূর্তি** *বি* হিন্দুমতে ব্রহ্মা, বিষ্ণু, ও শিব—এই তিনজন বা এই তিনজনের একত্র অবস্থিত মূর্তি। ~**যামা** *বি* রাত্রি; নিশা (ত্রিযামা যামিনী বেঘুম শয়নে একা একা বসে জাগি—জউ)। ~**রত্ন** *বি* বৌদ্ধ ধর্ম অনুসারে বুদ্ধ, ধর্ম, ও সঙ্ঘ। ~**রাত্র, তেরাত্রি, তেরাত্তির** *বি* ১ দুই দিন ও তিন রাত মিলে যে সময়; ৬০ ঘণ্টা (তিন দিন তেরাত্রির পরে সে এসে হাজির হলো—*আহা*)। ২ তিন রাত (বুড়ী মেম একবার মেবলের সাথে তেরাত্তির কাটান—*সৈমু*)। ৩ তিন রাত ধরে যে উপবাস বা উৎসব চলে। ~**লোক**, ~**লোকী** *বি* স্বর্গ, মর্ত্য, ও পাতাল। ~**লোচন** ⇒ ত্রিনয়ন; হিন্দু দেবতা শিব। ~**শঙ্কু** *বি* ১ ত্রিশঙ্কু নামের পৌরাণিক রাজা যিনি সশরীরে স্বর্গে যাওয়ার চেষ্টায় অসমর্থ হয়ে শূন্যে অবস্থান করতে বাধ্য হন (ত্রিশঙ্কুর মত মধ্যস্থলে থাক—*ঈবি*)। ২ অনিশ্চিত অবস্থায় পতিত। ৩ *(আল.)* স্থিতিবিহীন; উভয়সংকটে পতিত (রাত্রিও প্রশান্তিহীন ত্রিশঙ্কু এ আমার হৃদয়—*বিদে*)। ~**শূল** *বি* তিন ফলাযুক্ত এক প্রকার অস্ত্র। ~**শূলিনী**, ~**শূলধারিণী** *বিণ স্ত্রী.* ১ ত্রিশূলধারণকারিণী। ২ হিন্দুমতে শিবপত্নী দুর্গা। ~**শূলী**, ~**শূলধারী** *বিণ* ত্রিশূলধারণকারী; ত্রিশূলবহনকারী সন্ন্যাসী; হিন্দুদেবতা শিব। ~**ষষ্টি** *বি, বিণ* ৬৩ সংখ্যা বা সংখ্যক। ~**সন্ধ্যা** *বি* ১ তিন বেলা। ২ প্রাতঃকাল, মধ্যাহ্ন, ও অপরাহ্ণ। ~**সপ্ততি** *বি, বিণ* ৭৩ সংখ্যা বা সংখ্যক। ~**সীমা**, ~**সীমানা** *বি* ১ তিন প্রান্ত বা কিনারা। ২ সান্নিধ্য; সামীপ্য (তোমার ত্রিসীমানায় যাবো না)। ~**স্রোত**, ~**স্রোতা** *বি* ১ হিন্দু মতে তিন লোকে যার স্রোত প্রবাহিত হয়েছে; তিনধারাবিশিষ্ট নদী; গঙ্গা। ২ তিস্তা নদী। { *স.* ত্রি; *গ্রি.* treis; *ই.* three}

ত্রিংশ [ত্রিঙ্শো] *বিণ* ১ ত্রিশ সংখ্যার পূরক। ২ ত্রিশ সংখ্যা। **ত্রিংশৎ** *বি, বিণ* ৩০ সংখ্যা বা সংখ্যক; ত্রিশ। **ত্রিংশত্তম** *বিণ* ত্রিংশ; ত্রিশ সংখ্যার পূরক। { *স.* ত্রিংশৎ>}

ত্রিক [ত্রিক্] *বি* ১ মেরুদণ্ডের নিচের অংশ। ২ কটি, কোমর। ৩ তিন সংখ্যা। ৪ তেমাথা। { *স.* ত্রি+ক(কন)}

ত্রিত্ব [ত্রিত্‌তো] *বি* ১ তিনের ভাব বা অবস্থা। ২ ত্রিমূর্তি। ৩ ত্রয়ীগুণ; গুণত্রয় (কিন্তু বাংলা ছন্দের রচনা পদ্ধতির ত্রিত্ব আমার বিবেচনায় অলঙ্ঘনীয়—*সুদ*)। ৪ তিনতত্ত্ববাদ (চীনের নাস্তিক্য তোমরা তুড়িবে, য়ুরোপের ত্রিত্ব তোমরা নাশিলে—*ঈহো*)। { *স.* ত্রি+ত্ব}

ত্রিপল, তিরপল, তেরপল [ত্রিপল্, তির্–, তের্–] *বি* আলকাতরা মাখানো মোটা ঘন বোনা চট বা কাপড়ের আবরণী বা পর্দাবিশেষ; tarpaulin (আর এক ঘরের দ্বার হস্তে ছাদ ঢেকেছে তিরপল—*কানাই*)। { *ই.* tarpaulin}

ত্রিপুরান্তক, ত্রিপুরারি [ত্রিপুরান্‌তক্, –রারি] *বি* ত্রিপুর নামক অসুর বিনাশকারী; শিব। { *স.* ত্রিপুর+অন্তক, অরি; *বহু*}

ত্রিভুজ [ত্রিভুজ্] *বি (জ্যা.)* তিনটি সরলরেখা দ্বারা বেষ্টিত যে ক্ষেত্র। **বিষমবাহু** ~ *বি* যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর অসমান। **সমকোণী** ~ *বি* যে ত্রিভুজের একটি কোণ সমকোণ। **সমদ্বিবাহু** ~ *বি* যে ত্রিভুজের দুটি বাহু পরস্পর সমান। **সূক্ষ্মকোণী** ~ *বি* যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্ম কোণ অর্থাৎ ৯০° ডিগ্রি অপেক্ষা কম। **স্থূলকোণী** ~ *বি* যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ অর্থাৎ ৯০° ডিগ্রির চেয়ে বেশি তবে ১৮০° ডিগ্রির চেয়ে কম। { *স.* ত্রি+ভুজ; *দ্বিগু.* }

ত্রিশ, তিরিশ [ত্রিশ্, তিরিশ্] *বি, বিণ* ৩০ সংখ্যা বা সংখ্যক। **ত্রিশা, তিরিশা** *বিণ* তিরিশ দিন বা এক মাস ধরে চলে এমন। { *স.* ত্রিংশৎ>}

ত্রিষ্টুভ [ত্রিশ্‌টুপ্] *বি* একাদশাক্ষর সংস্কৃত ছন্দের নাম। { *স.* ত্রি+√স্তুভ্+কিপ্}

ত্রিসর [ত্রিশর্] *বি* তিল মিশিয়ে রান্না করা ভাত। { *স.* ত্রিসর}

ত্রুটি [ত্রুটি] *বি* ১ অল্পতা; অভাব। ২ অঙ্গহীনতা। ৩ ক্ষতি; হানি। ৪ স্খলন; বিচ্যুতি; ভ্রম; প্রমাদ। ৫ অপরাধ; দোষ। **ত্রুটিত** *বিণ* ১ ছিন্ন, ছেঁড়া; কর্তিত; ভগ্ন; ভাঙা। ~-**বিচ্যুতি** *বি* ভ্রমপ্রমাদ; ভুলচুক। { *স.* √ত্রুট্+ই(ইন্)}

ত্রেতা [ত্রেতা] *বি* হিন্দু পুরাণ-কথিত সত্য ও দ্বাপর যুগের মধ্যবর্তী যুগ; দ্বিতীয় যুগ (ও জাতীয় কাব্য আমরা রচনা করতে পারিনে কেননা আমরা ত্রেতা কিংবা দ্বাপর যুগের লোক নই—*প্রচৌ*)। { *স.* ত্রি+ইতা}

ত্রৈকালিক [ত্রোইকালিক্] *বি* ১ ত্রিকালসংক্রান্ত। ২ ত্রিকালব্যাপী। { *স.* ত্রিকাল+ইক (ঠঞ্)}

ত্রৈগুণ্য [ত্রোইগুনন্‌নো] *বি* ১ সত্ত্ব, রজঃ ও তমঃ—এই তিন

গুণের সমষ্টি (কিন্তু বাংলা ছন্দের মূলে ত্রৈগুণ্য থাক বা না থাক তার রচনা পদ্ধতির ত্রিত্ব আমার বিবেচনায় অলঙ্ঘনীয়—*সুদ*)। ২ তিন গুণের ভাব। { *স.* ত্রি+গুণ+য(ষ্যঞ্) }

ত্রৈবর্ষিক, ত্রিবার্ষিক [ত্রোইবোরশিক্, –বা–] *বিণ* ১ তিন বছর পর পর অনুষ্ঠিত বা জাত। ২ তিন বছর ধরে; তিন বছরব্যাপী। ৩ তিন বছর বয়স যার। { *স.* ত্রিবর্ষ+ইক(ঠঞ্) }

ত্রৈবিদ্য [ত্রোইবিদ্দো] *বি* তিন বেদ জানেন যিনি; ত্রিবেদী। { *স.* ত্রিবিদ্যা+অ(অণ্) }

ত্রৈমাসিক [ত্রোইমাশিক্] *বিণ* ১ তিন মাস পর পর যা ঘটে বা জন্মে। ২ তিন মাসকালব্যাপী। ৩ তিন মাস বয়স এমন। ৪ তিন মাস পর পর প্রকাশিত (ত্রৈমাসিক পত্রিকা)। { *স.* ত্রিমাস+ইক(ঠঞ্) }

ত্রৈরাশিক [ত্রোইরাশিক্] *বি* (*গণিত.*) তিনটি রাশির পরস্পর **সম্বন্ধ**ঘটিত অঙ্কপ্রণালি; rule of three। { *স.* ত্রিরাশি+ইক(ঠঞ্) }

ত্রৈলঙ্গ, ত্রৈলিঙ্গ (বিরল) [ত্রোইলোঙগো, –লি–] *বিণ* প্রাচীন তৈলঙ্গ প্রদেশসংক্রান্ত; তেলেঙ্গ; অন্ধ্রদেশ সংক্রান্ত। □*বি* ১ তৈলঙ্গের লোক। ২ তেলেগু ভাষা। { *স.* ত্রিকলিঙ্গ>; ত্রিলিঙ্গ (উপাসক)>? }

ত্রৈলোক্য [ত্রোইলোক্‌কো] *বি* স্বর্গ, মর্ত্য, ও পাতাল—এই তিন ভুবনের সমষ্টি। { *স.* ত্রিলোক+য(ষ্যঞ্) }

ত্রোটক [ত্রোটোক্] *বি* এক প্রকার দৃশ্যকাব্য (নাটক ত্রোটকের অভিনয় দেখতেন—*কাসি*)। { *স.* √ত্রুট্+অক(ণ্বুল্) }

ত্রোটি, ত্রোটী [ত্রোটি] *বি* ১ পক্ষীর চঞ্চু। ২ এক প্রকার পাখি। ৩ এক প্রকার মাছ। ৪ টুঁটি। { *স.* √ত্রুট্+ই(ইন্) }

ত্র্যংশ [ত্রোঙ্‌শো] *বি* ১ তৃতীয় অংশ; তৃতীয় ভাগ। ২ অংশ তিনটি; অংশত্রয়। { *স.* ত্রি+অংশ; *কর্মধা.* }

ত্র্যক্ষর [ত্রোক্‌খোর্] *বিণ* বর্ণত্রয়যুক্ত; অ উ এবং ম—এই তিনটি বর্ণযুক্ত; 'ওম'। □*বি* প্রণব। { *স.* ত্রি+অক্ষর; *বহু* }

ত্র্যঙ্ক [ত্রোঙ্‌কো] *বিণ* তিন অঙ্কযুক্ত (ত্র্যঙ্ক নাটক)। { *স.* ত্রি+অঙ্ক; *বহু* }

ত্র্যঙ্গুল [ত্রোঙ্‌গুল্] *বিণ* তিন আঙ্গুল পরিমিত। { *স.* ত্রি+অঙ্গুলি; *দ্বিগু.* }

ত্র্যম্বক [ত্রোম্‌বক্] *বি* হিন্দু দেবতা শিব (ত্র্যম্বকের ত্রিনয়ন ত্রিকাল, ত্রিগুণ—*রঠা*)। { *স.* ত্রি+অম্বক; *বহু* }

ত্র্যশীতি [ত্রোশিতি] *বি, বিণ* ৮৩ সংখ্যা বা সংখ্যক; তিরাশি। { *স.* ত্রি+অশীতি; *কর্মধা.* }

ত্র্যস্র [ত্রোস্‌স্রো] *বিণ* ত্রিকোণ; তেকোনা; তিন কোণযুক্ত। { *স.* ত্রি+অস্র; *বহু* }

ত্র্যহস্পর্শ, তেরস্পর্শ [ত্রোহোস্‌পর্‌শো, তেরোস্‌পরশো] *বি* ১ এক দিনে তিন তিথির যোগ। ২ (*আল.*) অশুভ যোগ। { *স.* ত্রি+অহন্+স্পর্শ; *দ্বিগু.* }

–ত্ব, –তা *বি* কার্য, স্বভাব, গুণ, অবস্থা, প্রকৃতি, বৃত্তি প্রভৃতি বাচক বিশেষ্য পদের প্রত্যয় (যথা—সত্যতা, গোত্ব)। { *স.* প্রত্যয়বিশেষ }

ত্বক [তক্] *বি* ১ গাত্রচর্ম; দেহের চামড়া। ২ ছাল; বাকল (বৃক্ষত্বক)। ৩ খোসা (আমের ত্বক)। ৪ স্পর্শেন্দ্রিয়। { *স.* √ত্বচ্+ক্বিপ্ }

ত্বদীয় [তোদিয়ো] *বিণ* তুমি বা মধ্যম পুরুষ সম্পর্কীয়; তোমার। { *স.* ত্বৎ+ঈয়(ইদম অর্থে) }

ত্বদ্বিধ [তদ্‌বিধো] *বিণ* তোমার মতো। { *স.* ত্বৎ+বিধ; ৬তৎ }

ত্বর [তর] *বি* বিলম্ব; দেরি (ত্বর সয়না যেন কেড়ে নিয়ে যায় রথে চাপিয়ে—*অঠা*; ত্বর সয় না তর, দিনেই বিয়া কর—*ছড়া*)। { *স.* √ত্বর্ }

ত্বরণ [তরোন্] *বি* ১ (*পদার্থ.*) বেগের ক্রমবৃদ্ধি; acceleration। ২ শীঘ্রতা। { *স.* √ত্বর্+ অন(ল্যুট্) }

ত্বরমাণ [তরোমান্] *বিণ* ১ ত্বরান্বিত; শীঘ্রকারী; তাড়াতাড়ি করছে এমন। ২ ব্যস্ত; ব্যগ্র। { *স.* √ত্বর্+মান(শানচ্) }

ত্বরা [তরা] *বি* ১ দ্রুততা; শীঘ্রতা। ২ ব্যস্ততা; ব্যগ্রতা। ৩ তাড়া; তাগাদা (ত্বরা নাই)। **ত্বরায়** *ক্রিবিণ* দ্রুত; শীঘ্র; সত্বর; অবিলম্বে; দেরি না করে (তাঁহাকে ত্বরায় এই স্থানে আন—*ঈবি*)। { *স.* √ত্বর্+অ(অঙ্)+আ(টাপ্) }

ত্বরিত[1] [তোরিতো] *বিণ* বেগ বাড়ানো হয়েছে এমন। { *স.* ত্বরা+ইত (ইতচ্) }

ত্বরিত[2] [তোরিতো] *বিণ* দ্রুত; ক্ষিপ্র। ~**গতি**, ~**গমন** *বিণ* ক্ষিপ্রগামী। { *স.* √ত্বর্+ত(ক্ত) }

ত্বষ্টা, ত্বষ্টৃ [তশ্‌টা, তোশ্‌ট্রি] *বি* ১ সূত্রধর; ছুতার। ২ হিন্দু দেবতা বিশ্বকর্মা। { *স.* √ত্বক্ষ্+তৃ (তৃচ্) }

ত্বাচ [তাচ্] *বিণ* ১ ত্বকসংক্রান্ত, চর্মসম্বন্ধীয়। ২ *বিণ* স্পর্শেন্দ্রিয় গ্রাহ্য। { *স.* ত্বচ্+অ (অণ্) }

ত্বাদৃক, ত্বাদৃশ [তাদ্রিক্, –শ্] *বি* তোমার মতো; তোমার সদৃশ; তোমার তুল্য। { *স.* ত্বম্+দৃশ্+ক্বিপ্ }

ত্বিষ, ত্বিষা [তিশ্, তিশা] *বি* তেজ; প্রভা; দীপ্তি। **ত্বিষাম্পতি** *বি* সূর্য; প্রভাকর; তপন (ত্বিষাম্পতি করুণায় মাঠবন ভাসছে—*আসি*)। { *স.* √ত্বিষ্+ক্বিপ্ }

থ

থ[1] ব্যঞ্জন বর্ণমালার সপ্তদশ বর্ণ এবং ত-বর্গের দ্বিতীয় বর্ণ। এটি অঘোষ (unvoiced), মহাপ্রাণ (aspirated), দন্ত্য (dental), স্পৃষ্ট (plosive) ধ্বনি।

থ[2] [থ] *বিণ* ১ অভিভূত; কিংকর্তব্যবিমূঢ়; হতভম্ব (কিন্তু তার পরের অবস্থা দেখে সে থ—*সৈমু*)। ২ স্তম্ভিত; নির্বাক (কাল ওস্তাদের হাতে সঁপে দিয়ে সে থ'—*শও*)। ৩ অবাক; বিস্মিত; অপ্রতিভ (বকে ধমকিয়ে থ বানিয়ে দাও—*সদ*)। ৪ পাষাণ; পর্বত; অচল (থকারে পাথর তুমি থকারের মেয়ে—*ভারা*)। { *স.* স্থ>থ }

থই, থৈ, থ', থা, থাই [থোই, –, থো, থা, থাই] *বি* ১ জলের নিম্নস্থ স্থলভাগ; তলভূমি (থই পাওয়া যায় না)। ২ থামার স্থান; সীমা (হিসেব নেবেন, মাপ জোক, করবেন, তবে তো

একটা যুক্তি থ পাবে—*শও*)। ৩ আশ্রয়; অবলম্বন। **অথই** *বিণ* এত গভীর যে তলহীন (অথই সমুদ্র)। { *স.* স্থলী>থলী>; *স.* স্তাঘ>*প্রা.* থাহ>*বা.* থাই, থই}

থই থই[১], **থৈ থৈ**[১] [থোইথোই] *অব্য* বিস্তৃতি বা পরিব্যাপ্তিসূচক (পানি থই থই করছে)। { *ধ্বন্যা.* }

থই থই[২], **থৈ থৈ**[২] [থোইথোই] *বি* উদ্দাম নৃত্যের অঙ্গভঙ্গি। { *ধ্বন্যা.* }

থক [থক্] *অব্য* ১ ক্বাথের মতো ঘন রস বা আঠালো বস্তুর পতন শব্দ। ২ থুথু ফেলার আওয়াজ। { *ধ্বন্যা.* }

থকা [থকা] *ক্রি* পরিশ্রমের ফলে অবসন্ন হওয়া; হাঁপিয়ে যাওয়া; পরিশ্রান্ত হয়ে হঠাৎ থামা। **থকিত** *বিণ* ১ শ্রান্ত হয়ে যা থেমেছে বা নিরস্ত হয়েছে (থকিত পায়ের চলা —*রঠা*)। ২ শান্ত; স্তব্ধ (কালানাম শুনিয়া থকিত হয়—*জ্ঞান*)। { *স.* স্থগিত>*প্রা.* থকিত}

থ-কার [থকার্] *বি* থ বর্ণ। { *স.* থ+কার}

থকথক [থক্থক্] *অব্য* ১ কাদার মতো সামান্য গাঢ় ও কিছু তরলতাসূচক। ২ তরল বস্তুর প্রায় ঘনীভূত বা জমাট ভাব। ৩ ক্ষত ইত্যাদির প্রসার ও মারাত্মক হওয়ার ভাবসূচক। **থকথকে** *বিণ* থকথক করছে এমন; ঈষৎ গাঢ়। { *ধ্বন্যা.* }

থতমত [থতোমতো] *অব্য* ১ বিহ্বলতার বা কিংকর্তব্য-বিমূঢ়তার ভাবসূচক (থতমত খাওয়া)। ২ ইতস্তত। ৩ অপ্রতিভ। { *স.* স্তম্ভিত>}

থপ [থপ্] *অব্য* নরম ভারী জিনিস পতনের শব্দজ্ঞাপক। **থপথপ** *অব্য* ১ পুনঃপুন বা ক্রমাগত থপ শব্দ। ২ স্থূলদেহবিশিষ্ট প্রাণীর চলাকালীন পদশব্দ। **থপথপে** বি বার্ধক্য অথবা দেহভারজনিত মন্থর গতি। **থপাস** *অব্য* থপ অপেক্ষা ভারী শব্দ। **থপাস থপাস** *অব্য* ক্রমাগত বা পুনঃপুন থপাস ধ্বনি। { *ধ্বন্যা.* }

থমক [থমোক্] *বি* থেমে থেমে চলন; ধীর-মন্থর গমন-ভঙ্গি; থমকে পড়া/যাওয়া (সে যে অবসাদে থমক হইয়া গেল—*শেহ*)। ☐ *বিণ* ১ থমকে পড়ে বা থমকে যায় এমন। ২ থেমে যায় এমন। **থমকানো, থমকান** *ক্রি* ১ চলমান বা কার্যরত অবস্থায় সহসা থামা বা বিরত হওয়া। ২ ভয়ে বা বিস্ময়ে কোনো কাজে হঠাৎ বিরতি দেওয়া বা অগ্রসর হওয়া (পিছনে আকাশে এই এপ্রিলের অবেলার থমকানো ভাব—*হাজারী*)। ৩ উক্ত অর্থে। **থমকানি** *বি* চলতে চলতে বা কাজ করতে করতে হঠাৎ বিরতি। ☐ *বিণ* উক্ত অর্থে। { *স.* স্তম্ভ>*প্রা.* থম্ভ>}

থমথম [থম্থম্] *অব্য* ১ নিথর বা নিশ্চলতা বা আচ্ছন্নতার ভাবজ্ঞাপক (রাত থমথম করছে)। ২ জলভারাক্রান্ত বা জলপূর্ণ ভাববোধক (আকাশে মেঘ থমথম করছে)। ৩ শ্লেষ্মাধিক্য ভাবজ্ঞাপক (সর্দিতে চোখ মুখ থমথম করছে)। **থমথমে** *বিণ* ১ স্থির ও ঘোর; সমাচ্ছন্ন। ২ রসভারী; জলভারাক্রান্ত; রসস্থ (মুখ একেবারে থমথমে হয়ে আছে, মনে হয় জ্বর এসেছে)। { *ধ্বন্যা.* }

থর [থর্] *বি* স্তর; থাক (বুকের মধ্যিখানটায় থর ফেলে দুপাশ থেকে প্রায় গোল হয়ে উঠেছে—*অচিসে*)। **থরে বিথরে** *বিণ* নানা স্তরে; থাকে থাকে (সকলি দিলাম তুলে থরে বিথরে—*রঠা*; থরে বিথরে সাজানো)। { *স.* স্তর>*প্রা.* থর}

থরথর, থরোথরো [থরথর,থরোথরো] *অব্য* প্রচণ্ড কম্পনের ভাব প্রকাশ (সারাপৃথিবী, শীতের থরথর, পাতার মর্মর দিয়ে—*অঠা*)। ☐ *বিণ* কম্পিত; কম্পমান (থর থর দেহ; শাখা থরোথরো—*রঠা*; প্রথম প্রেমের স্পর্শে থরোথরো কম্পনের মতো—*রখা*)। ☐ *ক্রিবিণ* থরথর করে (রাই কাঁপে থরথর—*বচদা*)। **থরথরানি** *বি* প্রবল কম্পন। { *ধ্বন্যা.* }

থরহরি, থরহর [থরোহরি, -হর্] *বিণ, ক্রিবিণ* থরথর করে কম্পন ও ভীতির ভাবপ্রকাশ করে (ডরএ জম কাঁপএ থরহরে—*র্যাপ*; যখন দারুণ শীতে জীবলোকে থরহরি কম্প লাগে—*বচ*)। ~ **কম্পমান** *বিণ* ভয়ে থরথর করে কাঁপছে এমন। { *প্রা.* থরহরতি>}

থল [থল্] *বি* স্থল; স্থান; ডাঙ্গা; ভূমি; তট (থল-কমল বা স্থল কমল)। **থলকমল** *বি* স্থলপদ্ম। { *স.* স্থল>}

থলথল [থল্থল্] *অব্য* একই সঙ্গে স্থূলতা ও কোমলতার ভাবসূচক (পেটের মাংস থলথল করা)। **থলথলে** *বিণ* স্থূল অথচ নরম (থলথলে মাটি ঠনঠনে লোহা অনায়াসে পারি সামলাতে—*সদ*)। { *স.* স্থূল>*প্রা.* থুল>}

থলি, থলী, থলিয়া, থলে [থলি, -, থলিয়া, থলে] *বি* ঝুলি; বোঝা; বস্তা; bag। **থৈলা** *(আঞ্চ.)*, ~ **য়াতি, থলেট, থৈলতদার** *বি* চোরেরা যার ঘরে চোরাই মাল রাখে। { *স.* স্থলী>থলী, থলি+ইয়া>এ}

থলো, থোলো [থোলো] *বি* গোছা; গুচ্ছ; স্তবক; থোকা (থোলো থোলো ফুলে ছেয়ে যেত—*অঠা*)। { *স.* স্তর>থর>*বা.* থল+ইয়া>ও}

থসথস [থশ্থশ্] *অব্য* অনুকার শব্দ; আর্দ্রতা ও শৈথিল্যবাচক শব্দ। **থসথসে** *বি* ভেজা ও শিথিল। ☐ *বিণ* অদৃঢ়; যা মজবুত নয়; দুর্বল। { *ধ্বন্যা.* }

-থা[১] [থা] *বি* স্থান। { *স.* স্থান>থান>থা}

-থা[২] [থা] *অব্য* প্রকার বাচক প্রত্যয় (অন্যথা, সর্বথা)। { *স.* থাচ্ }

থা[৩] [থা] *অব্য* অন্যথা (রাজার ঘরে হইব বিয়া তায় নাহি থা—*মৈগী*)। { *স.* স্থান>থান>থা}

থা[৪] ⇒ থই

থাই ⇒ থই

থাউকা, থাইকো, থাওকা [থাউকা, -ইকো, থাওকা] *বিণ* থোক অংশ বা ভাগ হিসেবে; মোটের উপর; থোকে (থাউকো দরে আদর করে অমানুষের দল বেড়েছে—*সদ*)। { *স.* স্তবক>}

থাক[১] [থাক্] *বি* ১ শ্রেণি; স্তর; স্তবক (থাকে থাকে সজ্জিত। তের থাক পালঙ্গে মধুমালা নিঝুম ঘুম যায়—*দমি*)। ২ তাক; দেওয়াল; আলমারি প্রভৃতিতে জিনিসপত্রাদি রাখার জন্য খাঁজবিশেষ (গাঁজার হুকা একবার এ থাকার পাশ মেরে ও থাকে গেল—*কাসি*)। ~ **কাটা** *বি* ১ শ্রেণিতে বা ভাগে বিভক্ত। ☐ *বি* পৈঠার মতো স্তর বাঁধা। ~ **বন্দী** *বিণ* ১ বিভিন্ন শ্রেণিতে বিভক্ত। ২ স্তরে স্তরে সজ্জিত। { *স.* স্তবক>}

থাক[২] [থাক্] *ক্রি* ১ থাকুক (থাক সে কথা তুলে আর কাজ নেই)। ২ অবস্থিতি করুক (সুখে থাক)। **থাকন** *বি* অবস্থান; স্থিতি। ~ **না** *অব্য* ১ থাকুক না; রহুক না; তাতে কোনো প্রয়োজন নেই (আহা থাক না, না–হয় না যাবে)। ২ থাকুক (আজ থাক না কাল এটা করবো)। { *স.* √স্থা>*প্রা.* থক্ক>}

থাকবস্তি [থাক্‌বোস্‌তি] *বি* জমির সীমা প্রভৃতি নির্ধারণ বা স্থিরীকরণ। { *হি.* থেকবস্ত}

থাকা [থাকা] *ক্রি* ১ বসবাস করা (সে ঢাকায় থাকে)। ২ কাটানো; অবস্থান করা (বাহিরে বা ঘরে থাকা)। ৩ বেঁচে বা জীবিত থাকা (বাপ থাকতে ভাবনা কি?)। ৪ কাল যাপন করা; দিন কাটানো (দুঃখে–কষ্টে থাকা)। ৫ দখলে থাকা (জমি বা সম্পত্তি থাকা)। ৬ টেঁকা; (মন) বসা (সংসারে মন থাকা)। ৭ উপস্থিত বা বর্তমান বা বিদ্যমান থাকা (তুমি থাকলে ভালোই হতো)। ৮ রক্ষা পাওয়া; বাঁচা; রক্ষিত বা পালিত হওয়া (জীবন থাকা, কথা বা মন থাকা)। ৯ জমা রহা (টাকা থাকে না, কথা থাকে)। ১০ স্মরণ থাকা (তোমার কথা মনে থাকবে)। ১১ প্রতিষ্ঠিত বা ঠিক থাকা (ধর্ম বা জাতি থাকা)। ১২ পড়ে বা বসে থাকা (তুমিই বা আর থাক কেন)। ১৩ যুক্ত থাকা (আমি কোনো কথায় থাকতে চাইনে)। ১৪ অভ্যস্ত হওয়া (আমি রোজ হেঁটে থাকি)। ১৫ সঙ্গে বা একসঙ্গে বাস করা; সঙ্গী হওয়া (তারা একসঙ্গে থাকে)। ১৬ বর্জন করা; বাদ দেওয়া (ও কথা এখন থাক, সে থাক তুমিই বল)। □*বি* উক্ত সকল অর্থে। **থাকাথাকি** *বি* ১ অবস্থান; বর্তমানতা। ২ থাকা ও না থাকা; অবস্থিতি ও গমন। **থেকে থেকে/ থাকিয়া থাকিয়া** *ক্রিবিণ* কিছু সময় পর পর; মধ্যে মধ্যে। **অন্ধকারে থাকা, ঘুমিয়ে/ঘুমাইয়া থাকা** *ক্রি* *(আল.)* অজ্ঞ বা অজ্ঞাত থাকা; না জানা। **ডুবে থাকা/ডুবিয়া থাকা** *ক্রি* ১ আচ্ছন্ন বা মগ্ন বা অভিভূত হয়ে থাকা (মদে ডুবে থাকা)। ২ অত্যন্ত অভিভূত বা ভারাক্রান্ত হওয়া (বেদনায় ডুবে থাকা)। { √থাক্+আ}

থাকানো [থাকানো] *ক্রি* থাক্ ধাতুর ণিজন্ত রূপ। অন্যকে অবস্থান করানো। { *বা.* √থাক্+আনো}

থাড় *(ব্র.)* [থাড়্] *বি* দণ্ডায়মান। **থাড়ি** *অক্রি* দাঁড়িয়ে (বাহুরি বেরি কাহে থাড়ি—*বিপ*)। { *স.* স্তব্ধ>*প্রা.* থড্ড>}

থাতা [থাতা] *ক্রি* রাখা; স্থিত করা; শান্ত করা। { *স.* √স্থা>}

থাতানো [থাতানো] *ক্রি* ১ সুস্থিরকরণ; থিতানো। ২ শান্ত করা। { *স.* স্থিত>থিত+আনো>}

থাতামুথা, থাতামুতা [থাতামুথা, –তা] *বি* ১ ঘাসপাতা। ২ অতি সামান্য; কোনোরূপে সামান্য ঠেকা দেওয়া। ৩ মিথ্যা আশ্বাস। ৪ কোনো প্রকারে কার্যসাধন চেষ্টা; সংক্ষেপ (থাতামুতা দিয়ে কাজ হবে না)। {পাতা>থাতা+মোথা (ঘাসের শিকড়)>মুথা>মুতা}

থান[১] [থান্] *বিণ* ১ অখণ্ড; গোটা; আস্ত (আবার উড়তে লাগল থান ইট —*সৈশা*)। ২ পাড়শূন্য (থান কাপড়)। □*বি* একবারে বোনা বস্ত্রখণ্ড; অখণ্ড বস্ত্র (জামার থান)। ২ পাড়শূন্য সাদা ধুতি (হঠাৎ দেখি এক চোখ ঝলসানো সুন্দরী. বিধবার থান পরে —*সৈমু*)। ৩ জমাট (চারিধারে রক্ত জমিয়া থান বাঁধিয়াছে—*মাউআ*)। ৪ জমাট খণ্ড (এই রস দিয়ে রোজ ভোরে হয় পাটালি গুড়ের থান—*বআমি*)। { *স.* স্তবক>থান}

থান[২] [থান্] *বি* ১ স্থান; আশ্রয়; নীড় (নদী তীরে ওরা পাতার কুটীরে গড়েছে সুখের থান—*জউ*)। ২ পীঠস্থান; তীর্থস্থান (বাবার থান)। ৩ নিকট; ঠাঁই (ধর্ম থানে পাইব মুকতি—*রূপ*)। { *স.* স্থান>}

থানকুনি, থানকুঁড়ি, থালকুঁড়ি [থানকুনি, –কুঁড়ি, থাল–] *বি* ঔষধে ও ব্যঞ্জনে ব্যবহৃত শাকবিশেষ। { *তুল.* ও থলকুঁড়ি; *স.* মাণ্ডূকপর্ণী}

থানা *বি* ১ অবস্থান বা বাসস্থল; আস্তানা; আশ্রয়স্থান (সৈন্যের থানা)। ২ সৈন্য সমাবেশ; ছাউনি; শিবিরে সন্নিবেশ (চারিধার ঘিরিয়া রাজকটকের থানা—*দমি*)। ৩ পুলিশের দপ্তর; কোতোয়ালি। ~**জাত** *বিণ* অবস্থানরত; আস্তানা গেড়ে আছে এমন (থানাজাতে সৈন্য মুরচাবন্দি করিয়া—*রাব*)। ~**দার** *বি* পুলিশ থানার ভারপ্রাপ্ত কর্মচারী, বড় দারোগা, পুলিশের সাব–ইন্সপেক্টর। ~**দেওয়া** *ক্রি* ১ যুদ্ধ করার জন্য সসৈন্যে অবস্থান বা অবরোধ করা (থানা দিয়া পূর্ব্ব দ্বারে—*মদ*)। ~**পুলিশ করা** *ক্রি* ১ সাহায্য লাভের জন্য পুনঃপুন ও বারংবার থানায় যাওয়া আসা। ২ মামলা মোকদ্দমা করা। { *স.* স্থান>থান+*বা.* আ}

থাপ [থাপ্] *বি* করতলের চাপ; থাবড়া; চাপড়। □*ক্রি* রাখা; স্থাপন করা। { *স.* স্থাপি>*প্রা.* থপ্প>}

থাপক *(মবা.)* [থাপোক্] *বিণ* প্রতিষ্ঠাতা; স্থাপনকারী। { *স.* স্থাপক>}

থাপড়, থাপ্পড়, থাপড়া, থাবড়, থাবড়া [থাপোড়্, থাপ্‌পড়্, থাপ্‌ড়া, থাবোড়্, থাব্‌ড়া] *বি* ১ চড়; করতল–প্রহার; চপেটাঘাত (আমিও তখন থাপ্পড়ের চোটে তার দুলালী বেড়াল–বাচ্চাকে ত্রি–ভুবন দেখিয়ে দিতাম—*নই*; আমিও বাগিয়ে থাপড়—*নই*; দুষ্ট বাচ্চাকে দুই থাপ্পড় দিয়ে ছাড়িয়ে দিন—*ইখাঁ*)। ২ থাবা (দিদিমা তাই থাবড়া মেরে ধ্যাবড়া করেছেন—*নই*)। **থাবড়ানো, থাপড়ানো** *ক্রি* থাপ্পড় বা চড় মারা; চপেটাঘাত করা। { *প্রা.* থপ্প>*বা.* থাপড়}

থাপন *(মবা.)* [থাপোন্] *বি* ১ স্থাপন; প্রতিষ্ঠা (করিলা থাপন—*রূপ*)। ২ মাটিতে হাতের ভর দিয়ে (থ্যাবড়া মেরে) বসা। { *স.* স্থাপন>}

থাপয়ে *(ব্র.)* [থাপোয়ে] *ক্রি* স্থাপন করে; রেখে (থাপয়ে চিত —*বিপ*)। { *স.* √স্থাপি>}

থাপরি [থাপ্‌রি] *বি* করতালি (পাছে পাছে শিশুগণে থাপরি বাজাএ—*হবি*)। {থাপর+ই}

থাপ্পড় ⇒ থাপড়

থাপি, থাপী [থাপি] *বি* (কুম্ভকারদের কাদা পেটার অথবা ছাদ পেটার) যে পিটনা দিয়ে হাঁড়ি–কলসির কাদা বা ছাদ পেটানো হয়। { *তুল. হি.* থাপি}

থাবড়, থাবড়া ⇒ থাপড়

থাবড়ি [থাব্‌ড়ি] *বি* ১ দুই করতলের উপর ভর দিয়ে মাটিতে সমস্ত দেহভার স্থাপন করে উপবেশন; squatting। ২ থাবা। ৩ ঝাঁপিয়ে পড়ে থাবা দিয়ে গ্রহণ

(থাবড়ি মেরে নেওয়া)। **থাবড়ানো, থাপড়ানো** *ক্রি* ২ চড় মারা। ২ ধমক দেওয়া। ৩ শাসন করা। { *স.* স্থপুট> }

থাবা [থাবা] *বি* ১ চতুষ্পদ জন্তুর সম্মুখস্থ পদদ্বয়; পদতল। ২ পাঞ্জা; করতল। ৩ করতলে যে পরিমাণ ধরে (এক থাবা মাটি)। ~ **দেওয়া, ~ মারা** *ক্রি* ১ থাবানো। ২ জবরদস্তি করে কিছুটা তুলে নেওয়া। **থাবানো** *ক্রি* থাবা দিয়ে আঘাত করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* স্থাপ> থাপ> থাব+আ }

থাম, থাম্বা, খাম্বা [থাম্, থাম্‌বা, খাম্‌বা] *বি* ১ স্তম্ভ; খুঁটি। ২ অবলম্বন। { *স.* স্তম্ভ> *প্রা.* থম্ব> }

থামা [থামা] *ক্রি* ১ অগ্রসর না হওয়া; নিশ্চল হওয়া (ট্রেন থামল)। ২ চুপ করা; নীরব হওয়া (থামো, বাজে কথা বোলো না)। ৩ বিরত বা ক্ষান্ত হওয়া (কান্না থামাও)। ৪ নিবৃত্ত বা নিরস্ত হওয়া (এখনই থামলে কেন)। ৫ বন্ধ বা রোধ হওয়া (বৃষ্টি থামা)। ৬ ব্যস্ত না হওয়া; বিলম্ব করা; সবুর করা (থামো, দেখি কী হয়)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **থামানো** *ক্রি* ১ গতিরোধ করা; নিস্তব্ধ করা। ২ নীরব করানো। ৩ ক্ষান্ত বা বন্ধ করা। ৪ শান্ত বা ঠাণ্ডা করা; সান্ত্বনা দেওয়া। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √ স্তন্‌ভ্> }

থামাল [থামাল] *বি* ১ একটানা সোজাসুজি গাঁথনি; খাড়া গাঁথনি। ২ থামের আগা। { মাথাল> (বর্ণ বিপর্যয়ে) থামাল }

থাম্বা ⇒ থাম

থার *(ব্র.)* [থার্] *বি* থাল; থালা (যো কিছু রহল থার পর —গোবি)। { *স.* স্থাল> *প্রা.* থাল> থার }

থারমোমিটার, থার্মোমিটার [থারমোমিটার] *বি* দেহতাপ নির্ণয়কারী বৈজ্ঞানিক যন্ত্র; তাপমান যন্ত্র (ঋতুগত থারমোমিটারের পারার মত— *কাসি*)। { *ই* thermometer }

থারি, থারী [থারি] *বি (পদ্য.)* ছোট থালা; থালি; স্থালী; পাত্রবিশেষ (ডাহিন হাতে বহে ফাগের থারি— *রঠা*)। { *স.* স্থালী> থারী> }

থার্ড [থারড্] *বি* তৃতীয়। ~ **ক্লাস** *বি* তৃতীয় শ্রেণি; রেলগাড়ির তৃতীয় শ্রেণির কামরা (থার্ড ক্লাসের পা-দানিতে ফের স্থান পেল— *অচিসে*)। { *ই* third class }

থার্মোমিটার ⇒ থারমোমিটার

থালা, থাল [থালা, থাল্] *বি* ধাতুনির্মিত চ্যাপটা পাত্র; খাবার বাসনবিশেষ। ~**বরতন** *বি* বাসন-কোসন, থালাপাত্র ইত্যাদি (একসঙ্গে এক ঝাঁক থালা-বরতন পড়িয়া ভাঙ্গিয়া গেল— *নই*)। **থালি** *বি* ছোট থালা। **থালিকা** *বি* থালা (সুবৃহৎ থালিকায় পায়সান্ন ভরি— *মোম*)। { *স.* স্থালী> থাল্লি> থালা, থাল }

থাসা [থাসা] *ক্রি* ১ ঠাসা; মথিত করা। ২ মর্দন করা; পানি প্রভৃতি মিশিয়ে মর্দন করা (পরোটা করার জন্য ময়দা থাসে)। ৩ গাদান। { *স.* স্থাস্নু> }

থিওরি, থিয়োরি [থিয়োরি] *বি* ১ মতবাদ। ২ সিদ্ধান্ত। ৩ অনুমান। ৪ নীতি। ৫ তত্ত্ব। { *ই* theory }

থিওসফি, থিয়সফি [থিয়োসোফি] *বি* দিব্যজ্ঞান; ঈশ্বরতত্ত্ব (হঠযোগ এবং থিয়সফির চর্চা করে— *রাব*)। { *ই* theosophy }

থিওসফিস্ট, থিয়সফিস্ট [থিওসোফিস্‌ট্] *বি* দিব্যজ্ঞানী ব্যক্তি (হিন্দুধর্মের প্রতি থিওসফিস্টদের শ্রদ্ধা— *আনিস*)। { *ই* theosophist }

থিকথিক [থিক্‌থিক] *অব্য* বিতৃষ্ণাজনক পদার্থ বা ক্ষুদ্র জীবের রাশীকৃতভাবে একত্র অবস্থানজ্ঞাপক (পোকা থিকথিক করে)। { *ধ্বন্যা.* }

থিকা (বিরল) *অব্য* থাকিয়া; থেকে। { থেকে> }

থিত, থিতু, থিতি [থিত্, থিতু, থিতি] *বিণ* স্থিত; স্থায়ী; স্থিতি। { *স.* স্থিত> থিত; *স.* স্থিতি> থিতি; *বা.* থিত+উ=থিতু }

থিতানো, থিতনো [থিতানো, -তনো] *ক্রি* ১ তরল পদার্থের সঙ্গে মিশ্রিত কঠিন বস্তুর পাত্রের নিচে সঞ্চিত হওয়া; অপরিষ্কার বস্তুর নিচে পড়ে উপরে পরিষ্কার তরল পদার্থ অবস্থান করা। ২ *(আল.)* মন্দীভূত হওয়া; ধীরতাপ্রাপ্ত হওয়া; ক্রমে শান্ত হয়ে আসা (উৎসাহ থিতিয়ে আসছে)। ☐ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। { *স.* স্থিত> থিত+ আনো, অনো }

থিয়েটার [থিয়েটার] *বি* ১ নাট্যশালা; রঙ্গালয়; অভিনয়গৃহ; প্রেক্ষাগৃহ। ২ অভিনয় (তাহার পর থিয়েটার আরম্ভ হইয়া গেল— *বিব*)। ~**ওয়ালা** *বি* ১ রঙ্গালয়ের মালিক; নাট্যশালার স্বত্বাধিকারী বা পরিচালক। ২ অভিনেতা; অভিনয়কারী; নট। ~**ওয়ালি** *বি, স্ত্রী* অভিনেত্রী; অভিনয়কারিণী। **থিয়েটারি** *বিণ* ১ অভিনয়কালে অভিনেতারা যেমন হাবভাব প্রদর্শন করে তেমন নাটুকেপনায় পূর্ণ। ২ প্রকৃত নয় এমন; কৃত্রিম (ওসব যেন নেহাৎ থিয়েটারী— *সদ*)। { *ই* theatre }

থিয়োরি, থিওরি [থিয়োরি] *বি* মতবাদ; সিদ্ধান্ত; অনুমান নীতি; তত্ত্ব (এই থিয়োরী আমার জানা ছিল— *শও*)। { *ই* theory }

থির [থির্] *বিণ* ১ স্থির; শান্ত (আর কি থির হবার যো আছে, হুজুর— *কাই*; বাতাস এমন থির হয়ে আছে যে গাছের একটা পাতা পর্যন্ত নড়ছে না— *শাহ*)। ২ (বসবাস অর্থে) স্থায়ী। ৩ অব্যাকুল; ধীর। ৪ ধৈর্য (ছেলেটার একঘড়ি থির নেই)। { *স.* স্থির> *প্রা.* থির }

থিল *(মবা.)* [থিল্] *বিণ* স্থির (থিল-পূর্ববঙ্গ গীতিকা)। { *প্রা.* থির> }

থিসিস [থিসিস্] *বি* নিবন্ধ; অভিসন্দর্ভ; গবেষণা গ্রন্থ (তার উপর থিসিস নিয়ে ডক্টরেট লাভ করেন— *ওহ*)। { *ই* thesis }

থু, থুঃ [থু, থুহ্] *অব্য* ১ থুতু ফেলার শব্দ; নিষ্ঠীবন নিক্ষেপের শব্দ। ২ ঘৃণা প্রকাশ করে থুতু ফেলা বা থুতু ফেলার ভান করে শব্দ। ৩ ঘৃণা, নিন্দা ইত্যাদি প্রকাশক। ৪ ছিঃ; ধিক্। ~~ *অব্য* ১ অবিরাম থুতু ফেলার আওয়াজ। ২ ছিঃ ছিঃ; ধিক ধিক। { *ধ্বন্যা.* }

থুক [থুক্] *বি* থুথু/থুতু (থুক দেওয়া)। ☐ *অব্য* থুথু/থুতু ফেলার শব্দ (থুক করা)। { *স.* থুৎ+কার> }

থুক থুক [থুকথুক্] *অব্য* অসংখ্য কীট বা বীজাণুর বিতৃষ্ণাকর একত্র সমাবেশবাচক শব্দ (পোকা থুক থুক করছে)। { *ধ্বন্যা.* }

থুক্কু [থুক্‌কু] *অব্য* খেলায় অতি ক্ষণস্থায়ী বিরতিবাচক বা আপত্তিবাচক শব্দ। { *স.* থুৎকার>*প্রা.* থুক্ক}

থুড়থুড়, থুত্থুড়, থুত্থুর, থুরথুর [থুড়্‌থুড়্‌, থুত্‌থুড়্‌, থুত্‌থুর্‌, থুর্‌থুর্‌] *অব্য* ১ দুর্বলতা, রোগ, শঙ্কা, বার্ধক্য প্রভৃতির দরুন মৃদু অথচ ক্রমাগত কম্পনসূচক। ২ স্থবিরতাবাচক (থুত্থুড় করা)। **থুড়থুড়ে, থুড়থুড়ি, থুত্থুড়ি, থুরথুরে** *বিণ* ১ থুড়থুড় করছে এমন। ২ অত্যন্ত বৃদ্ধ (নীচেতে দাঁড়ায়ে এক বুড়ি থুড়থুড়ি—*রঠা*)। { *ধ্বন্যা.*}

থুড়া, থোড়া, থুরা [থুড়া, থো-, থুরা] *ক্রি* ১ কুচি কুচি বা অতি ক্ষুদ্র ক্ষুদ্র করে কাটা। ২ ক্রমাগত আঘাতে ক্লিষ্ট বা প্রহারে জর্জরিত করা। ৩ *(আল.)* তিরস্কারে বা ভর্ৎসনায় জর্জরিত করা। □ *বি* উক্ত সকল অর্থে। { *স.* থুর্ব>}

থুড়ি, থুড়ী [থুড়ি, থুড়ী] *অব্য* ১ শুধরিয়ে বা সামলিয়ে নেওয়ার প্রয়োজনে ব্যবহৃত শব্দ। ২ ভুলবশত কিছু বলে তা প্রত্যাহারসূচক শব্দ। ~ ~ *অব্য* কথার মধ্যে এভাবে বলে নিজের ভুল শোধরানো। {*প্রা.* থড়ি>}

থুতকার, থুৎকার, থুতকুড়ি [থুত্‌কার্‌, –, -কুড়ি] *বি* ১ থুতু/থুথু ফেলা। ২ থুতু/থুথু শব্দ উচ্চারণ। ৩ *(আল.)* ধিক্কার দেওয়া; ঘৃণা প্রকাশ করা। { *স.* থুৎকার}

থুতনি, থুঁতনি, থুৎনি, থুতি, থুঁতি, থুথি [থুত্‌নি, থুঁ-, থু-, থুতি, থুঁতি, থুথি] *বি* চিবুক (এই বলি বিদায় হইলা থুথি ধরি—*ভারা;* মেয়েটি জানালায় থুৎনি রেখে তেমনি বসে থাকে—*ওয়ালি*)। { *স.* ত্রোটি>}

থুতু, থুথু [থুতু, থুথু] *বি* নিষ্ঠীবন। { *স.* থুৎ>}

থুৎকার [থুত্‌কার্‌] *বি* ১ নিষ্ঠীবন বা থুতু নিক্ষেপের শব্দ। ২ নিষ্ঠীবন নিক্ষেপ; থুতু ফেলা। { *স.* থুৎকার}

থুত্থুড়, থুত্থুড়ি, থুত্থুড়ে ⇒ থুড়থুড়

থুত্থুর ⇒ থুড়থুড়

থুৎনি ⇒ থুতনি

থুথি ⇒ থুতনি

থুথু ⇒ থুতু

থুন [থুন্‌] *অব্য* থেকে (কোত্থুন আইছ)। { *স.* স্থান>*বা.* থান>}

থুপ¹ [থুপ্‌] *অব্য* নরম অথচ স্থূল বস্তু পড়বার মৃদু শব্দ (থুপ করে বসা বা পড়া)। ~ ~ *অব্য* ১ পুনঃপুন থুপ ধ্বনি (থুপ থুপ করে চলা)। ২ আছড়ে কাপড় কাচবার শব্দ। { *ধ্বন্যা.*}

থুপ² [থুপ্‌] *বি* স্তূপ; রাশি; ঢিপি; প্রচুর দ্রব্যের একত্র অবস্থান (থুপ করা, টাকার থুপ)। { *স.* স্তূপ>*প্রা.* থুব>}

থুপি, থুপী [থুপি] *বি* ১ ছোট স্তূপ; ক্ষুদ্র গুচ্ছ; গুছি; রাশি। ২ কাপড়, তুলা বা ঘোড়াদি জীবজন্তুর লোম দ্বারা প্রস্তুত ক্ষুদ্র পুটুলিবিশেষ; puff (আলো হোথা চুপিচুপি নিয়ে পাউডার থুপি ফুল দিয়ে ফুল ঢেকেছে—*সদ*)। { *স.* স্তূপ>}

থুব [থুব্‌] *বি* ছোট আকারের গুচ্ছ। ২ থাক; স্তবক (সপুরট পাটি খোপা থুব তিন তায় —*ঘচ*)। { *স.* স্তূপ>}

থুবড়ন, থুবড়নো ⇒ থুবড়ানো

থুবড়া¹, থুবড়ো¹ [থুব্‌ড়া, -ড়ো] *বিণ* ১ বেশি বয়স অবধি অবিবাহিত; অনেক বয়স পর্যন্ত বিবাহ না হওয়া (সাত জন্ম থুবড়ো হয়ে থাকি সেও ভাল—*দীমি*)। ২ থুত্থুড়ে (গেলে কুড়ি থুবড় বুড়ি কেউ না ফিরে চায়—*দীমি*)। **থুবড়ি** *বিণ স্ত্রী.*। ~ **দেওয়া** *ক্রি* ১ বিবাহের পূর্বে শ্বশুরবাড়ি থেকে তত্ত্ব পাঠানো। { *স.* স্থবির>; অথবা *স.* অব্যূঢ়>}

থুবড়া², থুবড়ো² [থুব্‌ড়া, -ড়ো] *বিণ* অত্যন্ত বৃদ্ধ। **থুবড়ি** *বিণ. স্ত্রী.*। { *স.* স্থবির>}

থুবড়ানো, থুবড়নো [থুব্‌ড়ানো, -ড়নো] *ক্রি* নিচের দিকে মুখ করে পড়া; হুমড়ি খেয়ে বা উপুড় হয়ে পড়া; মুখ থুবড়ে পড়া (এক পাশে থুবড়াইয়া পড়িয়া কাঁপিতে লাগিল—*শাকা*)। { √থুবড়া+আনো}

থুবা [থুবা] *বি* গুচ্ছ। { *স.* স্তবক>; *পা.* থবক>}

থুবী [থুবি] *বি* থ্যাবড়া; চড়-চাপড় (মুখে লাগে থুবী—*ভারা*)। ২ লেখার কালি শুকাবার বালি ইত্যাদির পুটলি। { *স.* স্তূপ>}

থুম [থুম্‌] *বিণ* নির্বাক; বাক্যহীন; অনড়; নিশ্চল (একটা কিছু বল এবং কর, থুম হয়ে থেকো না)। { *স.* স্তম্ভ>; *প্রা.* থম্ভ>*বা.* থাম, থুম}

থু'য়ে [থুয়ে] *অক্রি* রেখে (হাতে থু'য়ে হাত—*মহী*)। { *স.* স্থাপি>}

থুরথুর, থুরথুরে ⇒ থুড়থুড়

থুরা ⇒ থুড়া

থুল [থুল্‌] *বিণ* মোটা। { *স.* স্থূল>; *প্রা.* থুল্ল>}

থূর্ত [থুর্‌তো] *বিণ* বিনাশিত; নাশ করা হয়েছে এমন। { *স.* √থুর্ব্‌+ত(ক্ত)}

থেও [থেয়ো] *বি* পূর্বসঞ্চিত (থেও টাকা)। { *স.* স্থিত> *অপভ্র.* স্থিতু>থিও>}

থেই থেই ⇒ ধেই ধেই

থেঁতো, থেঁত [থেঁতো] *বিণ* ছেঁচা; পিষ্ট; কোটা; কুট্টিত। **থেঁতানো, থেঁতলানো, থ্যাঁতলানো** *ক্রি* ছেঁচা; পিষ্ট করা; মর্দন করা; পিষে ফেলা। ২ উক্ত সকল অর্থে। **মুখ ~ করা, মুখ ~ করে দেওয়া** *ক্রি* ১ আঘাতে মুখ ছেঁচে দেওয়া। ২ *(আল.)* লজ্জা দিয়ে বা প্রহার করে বাক্‌রোধ করে দেওয়া। { *স.* থূর্ত>}

থেকা [থেকা] *বি* ঠেকনা। **থেকান** *বি* ১ যার দ্বারা আটকানো হয় বা ঠেকনা দেওয়া যায়। { ঠেকা>}

থেকে¹ [থেকে] *অব্য* ১ হতে/ হইতে; from (ঘর থেকে, সেই থেকে)। ২ চেয়ে; তুলনা দ্বারা বড় বা ছোট নির্দেশ; অপেক্ষা (সবার থেকে বড়)। ~ ~ *অব্য* থেমে থেমে; মাঝে মাঝে (চোরা কটাক্ষে চাহে থেকে থেকে—*রঠা*)। ২ সময়ে সময়ে; কিছুকাল পর পর (এ সব পুরাতন ব্যাধি থেকে থেকে দেখা দেয়)। { *স.* √স্থা>থা}

থেকে² [থেকে] *অব্য* থাকিয়া শব্দের কথ্য বা চলিত রীতির রূপ। { *স.* √স্থা>থা}

থেকো [থেকো] *ক্রি* থাকিও। □ *বি* ঠেকনা; অবলম্বন। □ *বিণ* নিষিদ্ধ। { ঠেকা, ঠেকো}

থেবড়া, থ্যাবড়া [থ্যাব্‌ড়া] *বিণ* ভোঁতা; চ্যাপটা; ছড়ানো। **থেবড়ানো** *ক্রি* ১ ভোঁতা করা; চেপ্টা করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। { √থেবড়া}

থেলেনি [থেলেনি] *বি* মসলা রাখার কড়াই। { *স.* স্থালী>}

থেলো [থেলো] *বিণ* বৃহৎ খোলযুক্ত (হুঁকা); ডাবা।

(চণ্ডীমণ্ডপে বসিয়া থেলো হুঁকা টানিতেছেন—*বিব*)। {*স.* স্থালী>}

থেহ, থেহা[১] (*ব্র.*) [থেহো, -হা] *বি* ১ ধৈর্য, স্থৈর্য (রহ নিজ চিত ধরি থেহ—*চদা*) ; দাঁড়াবার স্থান (থেহ নাহি পায়নু—*পদাবলি*)। {*স.* স্থৈর্য/স্থিত>*প্রা.* থিঅ>}

থেহা[২] (*মবা.*) [থেহা] *বি* যা নিংড়ে পাওয়া যায়; থিতানি; থিতিয়ে যা অবশিষ্ট থাকে (চান্দ নিঙ্গাড়ি কৈল থেহা—*চদা*)। {*স.* স্থিত>*প্রা.* থিঅ>}

থৈ ⇒ থই

থৈকর (*প্রাবা.*) [থোইকর্] *বি* মাটি। ২ রাজমিস্ত্রি। ৩ পাথর (মূল রাখিবারে আনিয়া থৈকর—*কমু*)। ৪ অম্লফল। {*স.* স্থপতি>}

থৈ থৈ ⇒ থই থই

থৈল (*মবা.*) [থইলো] *ক্রি* রাখল (বান্ধি থৈল উদখলে—*পূগী*)। {*স.* স্থাপিল >থাইল>}

থোঁতা[১], **থোতা** [থোঁতা, থোতা] *বি* মোটা থুতনি; মাংসল বা স্থূল চিবুক (থোঁতা ভেঙে দেওয়া)। ☐ *বিণ* ১ স্থূল থুতনিবিশিষ্ট। ২ (*আল.*) বড় ও ভারী (থোঁতা মুখ)। ~**মুখ ভোঁতা করা** *ক্রি* (*আল.*) বড় মুখ ছোট করে দেওয়া; দর্প বা অহঙ্কার চূর্ণ করা। {*স.* ত্রোটি>}

থোঁতা[২] [থোঁতা] *বিণ* ১ পিষ্ট; মর্দিত। ২ দন্তশূন্য; ভোঁতা (থোঁতা মুখ ভোঁতা করে দেওয়া)। ৩ তোতলা (ধূম্রলোচন বাবাজী কিছু থোঁতা; কথা কহিতে বাধিয়া যায়—*মীম*)। {*স.* ধূর্ত>}

থো [থো] *বি* ছাতা; ছাতলা; ময়লা। ~**পড়া** *বি* ছাতা বা ছাতলা পড়া। {থুতু>}

থোও [থোও] *ক্রি* রাখো; স্থাপন করো (যত পার খাও নাও দাও থোও—*অঠা*)। **থোওন** *বি* রাখা; স্থাপন। **থোওয়ানো** *ক্রি* ১ রাখানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **থোওয়া, থোয়া** *ক্রি* রাখা; রেখে দেওয়া। {*স.* √স্থাপি>থাপি>*বা.* থো}

থোক [থোক] *বি* ১ মোট, একত্রিত; সমষ্টি; একুন (থোক টাকা)। ২ দফা; অংশ; ভাগ। ৩ থোকা; গোছ; গুচ্ছ। ~**থাক** *বি* মোট; একুন। ~ ~ *বি* ১ মোটা মোটা; স্থূল স্থূল। ২ গুচ্ছ গুচ্ছ; রাশি রাশি। **থোকে থোকে** *ক্রিবিণ* ১ কিস্তিতে কিস্তিতে। ২ গুচ্ছে গুচ্ছে। **থোকে বেচা** *বি* ১ একবালে বিক্রয়। {*স.* স্তবক>}

থোকা [থোকা] *বি* গুচ্ছ; স্তবক। **থোকায় থোকায়** *ক্রিবিণ* গুচ্ছে গুচ্ছে; থোকায় থোকায় ফুটছে টকটকে তাজা ফুল—*শাহ*; থোকায় থোকায় জোনাক জ্বলে—*যব*)। {*স.* স্তবক>}

থোকনা ⇒ ঠোনা

থোড়, থোর [থোড়্, -র্] *বি* ১ কলাগাছের কাণ্ডস্থ সারাংশ যা থেকে মোচা উৎপন্ন হয় (ধর সন্ধ্যাবাতি থোড়ের মতো সাদা ভিজে হাতে—*জীদা*)। ২ ধানগাছ থেকে শিষ উৎপন্ন হওয়ার অবস্থা; বিকাশোন্মুখ ধান্যমুকুল। **থোড়াল** *বি* ১ থোড়াযুক্ত। ২ মসৃণ ও মোটা। {*প্রা.* থোরো>}

থোড়া[১] [থোড়া] *বিণ* অল্প; কিঞ্চিৎ; সামান্য; অতিসামান্য; অত্যল্প (তোমার সাথে মোর থোরা বাতচিত্ আছে—*মদ*)। **থোড়াই** *ক্রিবিণ* মোটেই না; একটুও না; সামান্য পরিমাণও না; আদৌ না (সে তো তাতে থোড়াই ডরায়—*অঠা*)। **থোড়াই কেয়ার করা** *ক্রি* কিছুমাত্র ভয় বা গ্রাহ্য না করা। {*স.* স্তোক>; *হি* থোড়া}

থোড়া[২] ⇒ থুড়া

থোতনা [থোত্না] *বি* বৃহৎ থুতনি; মোটা থুতনি। {*স.* ত্রোটি>}

থোতা ⇒ থোঁতা[১]

থোপ [থোপ্] *বি* গুচ্ছ; গোছা (থোপ থোপ ঘাস)। {*স.* স্তূপ>}

থোপন, থোপনি [থোপোন্, থোপ্নি] *বি* রেশম প্রভৃতির সুতার গুচ্ছ যা স্ত্রীলোকের কেশবন্ধনে দরকার হয় (পাটে থোপন কনক-বন্ধন বিরাজিত রত্নমণি—*সৈআ*)। {*স.* স্তূপ>}

থোপনা[১] [থোপ্না] *বি* ১ স্তবক; বড় গুচ্ছ; বেশ বড় গোছা (পালক দেওয়া টুপি এবং থোপনা বাঁধা তলোয়ার ঝুলিয়ে — *অঠা*)। {*স.* স্তূপ>}

থোপনা[২] [থোপ্না] *বি* ভারী চিবুক; স্থূল বা মোটা থুতনি; থোতনা। {*স.* ত্রোটি>}

থোপনি ⇒ থোপন

থোপা [থোপা] *বি* গোছা; গুচ্ছ; স্তবক; থোলো (চাবির থোপা; গাছে থোপায় থোপায় আম—*হার*)। {*স.* স্তূপ>}

থোব (*ব্র.*) [থোব্] *বি* ১ চড়-থাপ্পড় (সাপিনীরে দেয় থোব—*চদা*)। ২ ছোলা। {*স.* √স্থাপি>থাপ>}

থোবড়া (*প্রাবা.*) [থোব্ড়া] *ক্রি* থাপপড় দ্বারা চ্যাপটা করা। **থোবড়ান** *ক্রি*। {থাপ্পড়>}

থোবা[১] ⇒ থোওয়া

থোবা[২] [থোবা] *ক্রি* থোবে; রাখবে (তুচ্ছ খোঁপায় বেঁধে থোবা—*রাপ্র*)। {*স.* √স্থা>}

থোয়া ⇒ থোওয়া

থোর[১], **থোরা, থোরি** (*ব্র.*) [থোর্, -রা, -রি] *বিণ* অল্প; একটু সামান্য; কিঞ্চিৎ (থোরি দরশনে আশা না পুরল—*বিব*)। {*স.* স্তোক>; *হি* থোড়া}

থোর[২] ⇒ থোড়

থোলো ⇒ থলো

থ্যাংক, থ্যাঙ্ক [থ্যাঙ্ক্] *বি* ধন্যবাদ; শুকরিয়া (শত সহস্র ধন্যবাদ, হাজার থ্যাঙ্ক—*মীম*)। {*ই.* thank}

থ্যাক থ্যাক [থ্যাকথ্যাক্] *অব্য* পচা কাদাযুক্ত স্থান বা পচা ঘা সম্পর্কিত (ঘা থ্যাক-থ্যাক করছে)। **থ্যাকথেকে** *বিণ* থ্যাক থ্যাক করছে এমন। {*ধ্বন্যা.*}

থ্যাঙ্ক ⇒ থ্যাংক

থ্যাতলানো, থ্যাঁতলানো ⇒ থেঁত

থ্যাপ থ্যাপ [থ্যাপ্থ্যাপ্] *অব্য* থপ থপ হতেও নরম। ~**থেপে** *বিণ* একান্ত নরম; কোনোরূপ আকার দেবার অযোগ্য। {থপথপ}

থ্যাবড়া ⇒ থেবড়া

থ্রু [থ্রু] *অব্য* ১ মধ্য; ভিতর। ২ মাধ্যম (তোর চিঠিটা মশায়ের থ্রু দিয়ে কাল . . . এসে হাজির—*নই*)। ☐ *বিণ* এক টানা দূরগতিসম্পন্ন (থ্রু ট্রেন)। {*ই.* through}

দ

দ[১] বাংলা বর্ণমালার অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ এবং ত-বর্গের তৃতীয় বর্ণ। উচ্চারণ স্থান ও পদ্ধতির দিক থেকে এটি ঘোষ (voiced), অল্পপ্রাণ (unaspirated), দন্ত্য (dental), স্পৃষ্ট (plosive) ধ্বনি।

দ[২], **দ পড়া, দয়ে পড়া, দয়ে মজান** ⟹ দহ

-দ *বিণ* প্রদানকারী; দান করে এমন (জ্ঞানদ, মানদ)। **-দা** (সুখদা, মানদা) *বিণ স্ত্রী*। {*স.* √দা+অ (ক)}

দই [দোই] *বি* দধি; দৈ। ~ **পাতা** *ক্রি* গরম দুধে দম্বল দিয়ে পাত্রে রেখে যা তৈরি করা হয়। **চিনি পাতা** ~ *বি* চিনি-মিশ্রিত দুধ দ্বারা প্রস্তুত দই। **টোকো** ~ *বি* অম্লস্বাদ দই। **সাজ/সাজো** ~ *বি* টাটকা দই; এইমাত্র পাতা দই। ~**বড়া** *বি* দধিতে ভিজানো কলাই ইত্যাদির বড়া। ~**মাছ** *বি* দধি সহযোগে রান্না করা মাছের ব্যঞ্জন। **যার ধন তার নয় নেপোয় মারে** ~ —প্রকৃত মালিকের পরিবর্তে অন্য লোকের সম্পত্তি ভোগ। {*স.* দধি>*প্রা.* দহি>}

দইয়ম, দুয়ম [দোইয়ম্‌, দুয়ম্‌] *বিণ* দ্বিতীয় (আওয়ালে আল্লার নূর দইয়মে তোমার ফুল—*মুম*)। {*তুল. স.* দ্বয়ম্‌, দ্বৌ, দ্বিতীয়}

দউ (*ব্র.*) [দোউ] *বিণ* উভয়; দুই; দ্বয় (নয়ন নলিনী দউ অঞ্জনে রঞ্জই—*বিব*)। {*স.* দ্বৌ>}

দওর, দৌর [দওর্‌, দৌউর্‌] *বি* চক্র; পরিক্রমা; ঘূর্ণন (আল ওদুদের পিয়ালার দৌর চলুক বিরামহীন—*নই*)। {*আ.* দর্‌র دور}

দওরা [দওরা] *বি* ১ সেসন কোর্ট; সেসনের বিচার। ২ বৈঠক। ৩ পর্যটন। {*আ.* দাৱরাহ্‌ دورة}

দওলত ⟹ দৌলত

দঙ্গল, দংগল [দঙ্‌গোল্‌] *বি* ১ দল; পাল; ভিড় (পিশাচের দঙ্গল, সহসা গুরুভাবে জেগে উঠে—*বুব*)। ২ অনুচর; দল (দঙ্গল ফেরে সুলতানসহ উল্লাসে মাতোয়ারা—*সদ*)। ৩ কুস্তি; মল্লযুদ্ধ; গোলমাল (দংগল বাধিলেও পুলিশকে বলা সহজ হইত যে ইহাতে চৌধুরী সাহেবের কোন হাত নাই—*কাআউ*)। {*ফা.* দঙ্গল دنگل}

দংশ [দঙ্‌শো] *বি* ডাঁশ; বনমক্ষিকা; বড় মশা। **দংশী** *স্ত্রী*। {*স.* √দন্‌শ্‌+অ(ঘঞ্‌)}

দংশক [দঙ্‌শোক্‌] *বিণ* ১ কামড়ায় এমন; দংশনকারী (কালফণী, দুরন্ত দংশক—*মদ*)। ২ ডাঁশ। {*স.* √দন্‌শ্‌+অক(ণ্বুল)}

দংশন [দঙ্‌শোন্‌] *বি* দাঁত বসানো; দন্তাঘাত; কামড়। {*স.* √দন্‌শ্‌+অন(ল্যুট)}

দংশল (*ব্র.*), **দংশিল** (*পদ্য.*) [দঙ্‌শল্‌, দোঙ্‌শিলো] *ক্রি* কামড়াল; দংশন করল (মদনলতা জনু দংশল হাতী—*বিপ*)। {*স.* √দন্‌শ্‌>}

দংশা (*পদ্য.*) [দঙ্‌শা] *ক্রি* দন্তাঘাত করা; কামড়ানো (যাহারে কাটিল দংশে সর্প আয়ুহীন জনে—*মদ*)। **দংশানো** *ক্রি* ১ দংশন করা; কামড়ানো। □*বি, বিণ* উক্ত অর্থে। **দংশাও** [illegible] {*স.* √দন্‌শ্‌>}

দংশিত (*ব্র.*) [দোঙ্‌শিতো] *বিণ* দন্ত দ্বারা ক্ষত; দষ্ট; দংশন করা বা কামড়ানো হয়েছে এমন। {*স.* √দন্‌শ্‌+ইত (ইতচ)}

দংষ্ট্র [দঙ্‌শ্‌ট্রো] *বি* দাঁত; দন্ত। **দংষ্ট্রা** *বি* ১ বৃহৎ দন্ত; বড় দাঁত (ব্যাঘ্র লাঙ্গুলে ভর করিয়া, দংষ্ট্রপ্রভায় অরণ্য প্রদেশ আলোকময় করিয়া—*বচ*)। ২ দাড়া। **দংষ্ট্রাল, দংষ্ট্রী** *বিণ* দাঁতাল; বৃহৎ দন্তবিশিষ্ট; দংষ্ট্রাযুক্ত। {*স.* √দন্‌শ্‌+ত্র(ষ্ট্রন্‌)}

দঃ ⟹ দরুদ

দঁক, দক [দঁক্‌, দক্‌] *বি* ১ পানিযুক্ত গভীর পাক বা কাদা (দঁক ভেঙ্গে উঠে গিয়া চরে—*ঈগু*)। ২ কর্দমযুক্ত স্থান; পঙ্কিল জলাভূমি; পানি-কাদায় ভরা বিশ্রী জায়গা। ৩ (*আল.*) আকস্মিক দুরবস্থা; অসহায় অবস্থা। **দঁকে পড়া, দকে পড়া** (*আল.*) আকস্মিক দুরবস্থায় পড়া; হঠাৎ বিপদগ্রস্ত হওয়া (দঁকে পড়িয়া আমাদিগের কর্তার যে বেশ হইয়াছিল—*প্যামি*)। {*স.* উদক/কর্দম>; *দ্রা.* দক (জল)}

দক্তি, দক্তী [দোকতি] *বি* বই বাঁধাইয়ের শক্ত কাগজ বা পেস্টবোর্ড; paste-board। {*ফা.* তখ্‌তী تختی}

দক্ষ [দোকখো] *বিণ* পারদর্শী; কুশল; পটু। □*বি* হিন্দু পুরাণে বর্ণিত প্রজাপতিবিশেষ যিনি সতী ও নক্ষত্ররূপিণী সপ্তবিংশ কন্যার জনক। **দক্ষা** *বিণ স্ত্রী*। **দক্ষতা** *বি* পারদর্শিতা (ক্ষমতাগুণে অর্জিত দক্ষতা—*সেশা*)। ~**কন্যা** *বি স্ত্রী.* (হিন্দুপুরাণের) সতী; দুর্গা; শিব-পত্নী। ~**বালা** *বি* দক্ষ কন্যা; তারা (রজনীনাথ বিহারে যথা দক্ষবালাদলে লয়ে—*মদ*)। ~**যজ্ঞ** *বি* ১ হিন্দু পুরাণোক্ত প্রজাপতি দক্ষ কর্তৃক অনুষ্ঠিত যজ্ঞ যা শিবের অনুচরদের দ্বারা লণ্ডভণ্ড হয়। ২ (*আল.*) হৈ চৈ; প্রলয় কাণ্ড, হট্টগোল। {*স.* √দক্ষ্‌+অ(অচ)}

দক্ষিণ, দখিন [দোকখিন্‌, দোখিন্‌] *বি* ১ উত্তর দিকের বিপরীত দিক (দক্ষিণে যাওয়া)। ২ ডান (দক্ষিণ হস্ত)। □*বিণ* ১ দক্ষিণ দিক বা দেশ সংক্রান্ত; দক্ষিণ দিকে গমনশীল (দখিন পবন বহে—*বিপ*; আজি দখিন দুয়ার খোলা—*রঠা*)। ২ অনুকূল; উদার; প্রসন্ন দাক্ষিণ্যযুক্ত। □*বি, বিণ* যুগপৎ বহু নায়িকায় অনুরক্ত যে নায়ক (অনুকূল পতি যদি হয় প্রতিকূল। ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল—*ভারা*; দক্ষিণ নায়ক)। □*বি* যম; মৃত্যু (গেলে দক্ষিণের মুখে দেখা নাই আর—*রঠা*)। ~ **পবন** *বি* দক্ষিণ দিক হইতে প্রবাহিত বায়ু : মলয় বায়ু। ~**পশ্চিম** *বি* নৈর্ঋতকোণ নামক দিক। ~**পূর্ব** *বি* অগ্নিকোণ নামক দিক। ~**মেরু**, ~**কেন্দ্র** *বি* পৃথিবীর দক্ষিণ প্রান্ত; কুমেরু; south pole। ~**সমুদ্র** *বি* লবণ সমুদ্র; দক্ষিণ দিকে অবস্থিত সমুদ্র। ~ **হস্ত** *বি* ১ ডানহাত। ২ (*আল.*) প্রধান সহায়; বড় অবলম্বন। ~ **হস্তের ব্যাপার** *বি* ভোজন। {*স.* √দক্ষ্‌+ইন(ইনন্‌)}

দক্ষিণতা ⟹ দাক্ষিণ্য

দক্ষিণ রায় [দোকখিন্‌ রায়্‌] *বি* হিন্দুদের মঙ্গল কাব্যোক্ত সুন্দরবনের ব্যাঘ্রদেবতা। {দক্ষিণ+রায়}

দক্ষিণা[১], **দখিনা, দখনে** [দোকখিনা, দোখিনা, দোখনে] *বিণ* ১ দক্ষিণ দিক সংক্রান্ত; দক্ষিণ দিকবর্তী। ২ দক্ষিণ দিক থেকে যা এসেছে বা প্রবাহিত হয়েছে; দক্ষিণ (প্রাতে

পড়েছে শিশির কণা; সাঁঝে বহিছে দখিনা রায়—*রঠা*)। { *স.* দক্ষিণ+আ(টাপ্) }

দক্ষিণা[১], দক্ষিনে, দক্ষিণে [দোক্‌খিনা, -খিনে, -] *বি* ১ হিন্দু সমাজে ক্রিয়াকর্মের শেষে পুরোহিত, গুরু, ব্রাহ্মণ প্রভৃতিকে দেওয়া অর্থ বা পারিশ্রমিক (দক্ষিণায় বসাব না ভাগ—*সদ*)। ২ শিক্ষাসমাপ্তির পর শিষ্য বা ছাত্র কর্তৃক গুরুকে দেয় অর্থ (গুরুদক্ষিণা)। ৩ প্রণামী। ৪ দক্ষিণ দিক। { *স.* দক্ষিণ+আ(টাপ্) }

দক্ষিণাচল [দোক্‌খিনাচল] *বি* মলয় পর্বত; পৃথিবীর দক্ষিণ প্রান্তস্থিত কল্পিত পর্বত। { *স.* দক্ষিণ+অচল; *কর্মধা.* }

দক্ষিণাচার [দোক্‌খিনাচার] *বি* হিন্দু সমাজে প্রচলিত এক প্রকার তান্ত্রিক আচার। **দক্ষিণাচারী**(-রিন্) *বিণ* দক্ষিণাচার পালন করে এমন। { *স.* দক্ষিণ+আচার; *কর্মধা.* }

দক্ষিণান্ত [দোক্‌খিনান্‌তো] *বি* পুরোহিতকে দক্ষিণা দান করে পূজা ইত্যাদি কর্মের সমাধা (পুরোহিতকে দক্ষিণান্ত করা)। { *স.* দক্ষিণা+অন্ত; ৬তৎ }

দক্ষিণাপথ [দোক্‌খিনাপথ্] *বি* বিন্ধ্য পর্বতমালার দক্ষিণে অবস্থিত ভারতবর্ষের প্রদেশসমূহ; দাক্ষিণাত্য। { *স.* দক্ষিণা+পথ; *তুল.* উত্তরাপথ }

দক্ষিণাবর্ত [দোক্‌খিনাবরতো] *বিণ* ১ ডান থেকে বাম দিকে আবর্ত বা পাকযুক্ত (কাহার নিকট দক্ষিণাবর্ত শঙ্খ বা একমুখী রুদ্রাক্ষ আছে—*রাব*)। ২ দক্ষিণ দিকে ঘূর্ণ্যমান; ডান দিকে ঘোরে এমন; clockwise। ❑ *বি* দক্ষিণাপথ; বিন্ধ্যগিরির দক্ষিণ দেশ। { *স.* দক্ষিণ+আবর্ত }

দক্ষিণাবহ [দোক্‌খিনাবহো] *বি* দক্ষিণ দিক থেকে প্রবাহিত বাতাস; মলয়, পবন। { *স.* দক্ষিণ+আ+ √বহ্+অ(অচ্) }

দক্ষিণামুখ, দক্ষিণাস্য [দোক্‌খিনামুখ্, দোক্‌খিনাশ্‌শো] *বিণ* দক্ষিণ দিকে মুখবিশিষ্ট। **দক্ষিণামুখী, দক্ষিণাস্যা** *বিণ স্ত্রী.*। { *স.* দক্ষিণা+মুখ, আস্য; *বহু* }

দক্ষিণায়ন [দোক্‌খিনায়োন্] *বি* ১ বিষুবরেখা থেকে সূর্যের দক্ষিণ গতি। ২ বিষুবরেখা থেকে সূর্যের ক্রমশ দক্ষিণে গমনকাল (২১শে জুন থেকে ২২শে ডিসেম্বর সময়, বাংলা শ্রাবণ থেকে পৌষ)। ৩ সূর্যের উক্ত গমনপথ। **দক্ষিণায়নান্তবৃত্ত** *বি* সূর্যের দক্ষিণগতির সীমানিরূপক কল্পিত রেখা; বিষুবরেখার ২৩½° ডিগ্রি দক্ষিণে যে অক্ষরেখা আছে তা; Tropic of Capricorn; মকরক্রান্তি। { *স.* দক্ষিণ+অয়ন }

দক্ষিণাস্য ⇒ দক্ষিণামুখ

দখল [দখোল্] *বি* ১ অধিকার; আয়ত্তে আনয়ন (বাদশা তোমার গোলাম জেনো, করেছ তার দিল দখল—*সদ*)। ২ ব্যুৎপত্তি; জ্ঞান; পটুতা (শাস্ত্রেও যেমন দখল, পাপেও তেমনই প্রবৃত্তি—*ঈবি*)। ~ **করা** *ক্রি* ১ অধিকার করা; আয়ত্তে আনা। ২ অন্যায়ভাবে অধিকার করা; অনধিকার প্রবেশ করা। ~ **দেওয়া** *ক্রি* অধিকার দান করা; কর্তৃত্ব করতে দেওয়া; ভোগ করতে দেওয়া (ভাইপো সৌলদজঙ্গে দিলেন দখল—*ভরা*)। ~**নামা** *বি* অধিকারসূচক দলিল; স্বত্বাধিকারপ্রদায়ক আদেশপত্র। ~ **পাওয়া** *ক্রি* অধিকার লাভ করা; ভোগ বা ব্যবহারের ক্ষমতা লাভ করা। **দখলি, দখলী** *বিণ* ১ অধিকার বা দখল সংক্রান্ত (দখলি স্বত্ব)। ২ অধিকারভুক্ত; অধিকৃত; দখলে আছে এমন। **দখলিকার, -কার, দখলিদার, -দার** *বিণ* দখল করে আছে এমন (বেহেশ্‌ত হুরীর দখলকার—*নই*)। **দখলি স্বত্ব** *বি* ভোগাধিকার; দখলে থাকার ফলে উৎপন্ন স্বত্ব। { *আ.* দখল دخل }

দখিণা ⇒ দক্ষিণা[১]

দখিন ⇒ দক্ষিণ

দখিণা ⇒ দক্ষিণা[১]

দগড়, দগর [দগোড়্, -র্] *বি* ঢাকজাতীয় বাদ্য; রণবাদ্য; দামামা (মার মার বলিয়া দগড়ে দিল কাটি—*কৃও*; ঢাক ঢোল দগর বাজায় বনে বনে—*সৈআ*)। { *স.* দ্রগড়> }

দগড়া, দাগড়া [দগ্‌ড়া, দা-] *বি* ১ মাটির উপর গরুর গাড়ির চাকা ইত্যাদির ঘর্ষণের দাগ; দড়ির ন্যায় দীর্ঘ দাগ। ২ মোটা দড়ির মতো চাবুকাদির প্রহারের লম্বা ফোলা দাগ (দাগড়া দাগড়া হওয়া)। { *তুল. হি.* দগড়া }

দগদগ [দগ্‌দগ্] *অব্য* ক্ষত বা জ্বলনের ভাবসূচক। **দগদগানি, দগদগি** *বি* জ্বলুনি; পোড়ানি; বেদনা; যন্ত্রণা (হিয়া দগদগি পরাণ পোড়ানি কি দিলে হইবে ভাল—*বচদা*; ভিতরে দগদগি ঘা—*মুশ*)। ~, **দগদগে** *বিণ* দগদগ করছে এমন। { *ধ্বন্যা.* }

দগ্ধ [দগ্‌ধো] *বিণ* ১ পোড়া; ভস্মীকৃত; পুড়ে গেছে এরূপ (দগ্ধ কাষ্ঠ)। ২ উত্তপ্ত (দগ্ধ অঙ্গার, দগ্ধ লৌহ)। ৩ আগুনের উত্তাপে ঝলসানো হয়েছে এমন; অগ্নিদাহে জাত ক্ষত (দগ্ধ মাংস, দগ্ধ হস্ত)। ৪ (*আল.*) সন্তপ্ত; বেদনার্ত; যন্ত্রণাগ্রস্ত (দগ্ধপ্রাণ)। ৫ (খেদে) নির্দয়; নিষ্ঠুর; হৃদয়হীন (দগ্ধ দাতা বা বিধাতা)। ৬ (খেদে) হতভাগ্য; দুরদৃষ্ট (দগ্ধ ভাগ্য)। ৭ (খেদে) অবজ্ঞেয়; উপেক্ষণীয় (দগ্ধোদর)। **দগধই** (*মবা.*) *ক্রি* দগ্ধ করে (দুহু দিশ দারু দহনে যৈছে দগধই—*বিপ*)। **দগধিনী** (*মবা.*) *বিণ* বিদগ্ধা; সন্তপ্তা (তোর বিরহ দহনে দগধিনী রাধা—*বচদা*)। **দগধিলে** (*মবা.*) *ক্রি* দগ্ধ করলে (কেন দগধিলে বিরহ বেদনা দিয়ে—*চদা*)। **দগধে** *ক্রি* দগ্ধ করে (তব ধরি দগধে অনঙ্গ—*বিপ*)। ~**চক্ষু** *বি* পোড়া চোখ; হতভাগ্য চোখ (কিন্তু দগ্ধচক্ষুর দর্শন-ভাগ্য হয়নি—*মব*)। ~**পত্রন্যায়** *অব্য* শুকনা পাতা পুড়ে গেলে তা আগের মতো থাকলেও তা আর পাতা বলে গণ্য হয় না—এই সিদ্ধান্ত। { *স.* √দহ্+ত(ক্ত) }

দগ্ধা[১] [দগ্‌ধা] *বি* অমঙ্গলজনক বা অশুভ তিথি (মাসদগ্ধা)। { *স.* দহ্+ত(ক্ত)+আ(টাপ্) }

দগ্ধা[২] [দগ্‌ধা] *ক্রি* ১ যন্ত্রণা দেওয়া। ২ পোড়া। ৩ পোড়ানো; দগ্ধ করা। **দগ্ধানো** *ক্রি* ১ দগ্ধ করা। ২ সন্তপ্ত করা বা হওয়া। ❑ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* দগ্ধ+আ(টাপ্) }

দঙ্গল ⇒ দংগল

দজ্জাল [দজ্‌জাল্] *বি* ১ মিথ্যাবাদী। ২ মুসলমানদের ধর্মীয় বিশ্বাস অনুযায়ী দুর্দান্ত অত্যাচারী ব্যক্তি, যে কেয়ামতের অব্যবহিত পূর্বে ইমাম মেহদির সময়ে জন্মগ্রহণ করে নিজেকে আল্লাহ বলে দাবি করবে ও বহু লোকের ইমান নষ্ট করবে বলে কথিত আছে। ❑ *বিণ* ১ দুর্দান্ত; অত্যাচারী;

দুষ্ট (তোমার পিছনে মরিছে ডুবিয়া ফেরাউন দজ্জাল—*নই*)। ৩ দুরন্ত; দস্যি; শাসনের বহির্ভূত (দজ্জাল মেয়ে)। { *আ.* দজ্‌জাল دجال }

দড়, দড়ো [দড়, দড়ো] *বিণ* ১ শক্ত; মজবুত (বাঁশের চেয়ে কঞ্চি দড়)। ২ দৃঢ়; কঠিন (যদি মন হয় দড় নারীর লাবণ্য জন্য ভয় নাই বড়—*ঘচ*)। ৩ পটু; বিচক্ষণ; দক্ষ (অন্যায় রণে যারা যত দড়, তারা তত বড় জাতি—*নই*; কুকুরে কাজে যেমন দড়ো, বুদ্ধিতে তেমনি—*অঠা*)। ৪ স্থির; নিশ্চিন্ত (আজি জানিলাম দড় পুরুষ নির্লজ্জ বড়—*ভারা*)। ৫ দূর; বেশি (রগড় এত দড়—*হেব*)। ৬ বড় (শুন শুন মাসামিত্রা কথা কইছ দড়—*পূগী*)। **বাঁশের চেয়ে কঞ্চি দড়** – *(বা.)* পিতার চেয়ে পুত্রের শক্তি অধিক। { *স.* √দৃহ+ত(ক্ত)=দৃঢ়> }

দড়কচা, দড়কাঁচা, দড়কচা মারা, দড়কচ্চা মারা ⇒ দর[১]

দড়কা ⇒ তড়কা[১]

দড়বড় [দড়বড়] *অব্য* দৌড়ে চলার শব্দ; দ্রুত চলার শব্দ; ঘোড়ার কদমে চলার বা পদক্ষেপের শব্দ। **দড়বড়ি** *ক্রিবিণ* ১ দড়বড় করে (দড়বড়ি ঘোড়া চড়ি কোথা তুমি যাও হে—*বচ*)। ২ অত্যন্ত তাড়াতাড়ি (একথা শুনিয়া ছালে করি দড়বড়ি, আশু বেস্ত হয়া খুলে মাথার পাগুড়ি—*হেমা*; বসুয়া ঘটকের কথা কয় দড়বড়ি—*পূগী*)।

দড়বেলা [দড়ব্যালা] *বি* যৌবনকাল (দড়বেলা ফিরিয়াছি কত ধাট করি—*ভারা*)। { দড়+বেলা }

দড়মা ⇒ দরমা

দড়া [দড়া] *বি* কাছির মতো মোটা দড়ি; রজ্জু (তাঁতি পাকিয়ে দিলে দড়া—*অঠা*)। **দড়াদড়ি** *বি* নানা আকারের ও প্রকারের দড়ি; মোটা সরু ও শক্ত রজ্জুসমূহ (বাঁধিছে জিনিসপত্র দড়াদড়ি লয়ে—*রঠা*)। { *স.* দোর> }

দড়ানো, দড়ান[১] [দড়ানো] *ক্রি* ১ দড়ি দিয়ে বাঁধা বা জড়ানো। ২ শক্ত হওয়া (এখনো হাড় দড়ায়নি—এত দমকা খাটলে শরীরে কুলোবে কেন—*কাআও*)। { *স.* দৃঢ়>+*বা.* আনো }

দড়ানো[২], **দড়ান**[২] *ক্রি* দৃঢ় করা (রাম দেখি সীতা দেবী দড়াইল মন—*অআ*)। { দড়+আনো }

দড়াম [দড়াম] *অব্য* ১ ভারী ও শক্ত জিনিস পতনের শব্দ; আছাড় খাওয়ার শব্দ। ২ বন্দুকের গুলি নিক্ষেপের শব্দ। { *ধ্বন্যা.* }

দড়ি, দড়ী [দোড়ি] *(বিরল)* *বি* রজ্জু; রশি। –**কলসি** *বি* পানিতে ডুবে মরার দ্রব্যসমূহ; আত্মহত্যার উপকরণ। –**কাটা, – পাকানো** *ক্রি* সুতা বা পাট দ্বারা দড়ি তৈরি করা। –**ছেঁড়া** *বিণ* ১ দড়ি ছিঁড়েছে এমন। ২ বন্ধনমুক্ত (দড়িছেঁড়া গরু)। ৩ *(আল.)* হাতের বা শাসনের বাইরে গিয়েছে এমন; শাসন বহির্ভূত। **গলায় –** *বি* অপমান লজ্জা বা সঙ্কট থেকে রেহাই পাওয়ার উদ্দেশ্যে আত্মহত্যা। **ছাঁদন –** *বি* ১ *বি* দুধ দোহন করার সময়ে গাই যাতে পা ছুঁড়তে না পারে সেজন্য যে দড়ি দিয়ে গাইয়ের পা বাঁধা হয়। ২ দৃঢ় আলিঙ্গন; বাহুবেষ্টন (ছাঁদন দড়ী বাহুলতা—[illegible])। { *স.* দোরক> *অপভ্র.* দোরি>দোড়ী> }

[illegible]

দঢ়, দড় [দঢ়, দড়] *বিণ* ১ দৃঢ়; শক্ত (সেই হেতু চিত্তে ক্ষমা মন কইরাছি দড়—*মগী*)। ২ অভিজ্ঞ; পারদর্শী; পণ্ডিত (সেই প্রভু বেদে ভাগবতে দড়—*কমু*)। { *স.* দৃঢ়> }

দঢ়ান [দঢ়ান] *বি* দৃঢ়তা (তোরে আমি বলি সাধু করিয়া দঢ়ান—*কমু*)। { *স.* দৃঢ়>দঢ়+আন }

দঢ়ানো [দঢ়ানো] *ক্রি* দৃঢ় সঙ্কল্প করা। { দঢ়+আনো }

দণ্ড [দন্‌ডো] *বি* ১ লোহা কাঠ ইত্যাদির তৈরি দীর্ঘ অথচ শক্ত জিনিস (লৌহদণ্ড, মন্থনদণ্ড)। ২ যষ্টি; ডাণ্ডা; লাঠি। ৩ শাস্তি; সাজা (প্রাণদণ্ড, কারাদণ্ড)। ৪ জরিমানা; গচ্চা; খেসারত (অর্থদণ্ড, পাঁচ টাকা দণ্ড)। ৫ রাজদণ্ড; শাসন দণ্ড (দণ্ডধর)। ৬ রাজনীতি-বিশেষ; দমন; শাসন (সাম, দান, ভেদ, দণ্ড)। ৭ যুদ্ধ। ৮ সৈন্য (দণ্ডনায়ক)। ৯ সময়ের বিভাগবিশেষ; ৬০ পল; ২৪ মিনিট (মোলে দণ্ড দু'চার কান্নাকাটি শেষে দিবে গোবর ছড়া—*রাসে*)। ১০ অতি অল্প সময় (আর একদণ্ড অপেক্ষা করো)। –**কলস** *বি* জলকুনি গাছ; যার পাতার রস ঔষধরূপে ব্যবহার করা যায়। –**কাক** *বি* দাঁড়কাক। –**গ্রহণ** *বি* ১ শাস্তি স্বীকার বা ভোগ। ২ হিন্দুদের সন্ন্যাস ধর্ম অবলম্বন। **দণ্ডচক্রাদি ন্যায়** *বি* যে কাজ বহু কারণ থেকে জাত। –**দাতা** *বিণ* শাস্তিদানকারী (দণ্ডদাতা প্রভু)। –**দান** *বি* শাস্তিপ্রদান; সাজাদান (প্রাণদণ্ড দান)। –**ধর** *বি* ১ রাজা; শাসক; নৃপতি (পাশে মন্ত্রীবর, তাঁর দণ্ডধর—সোনার ছড়ি হাতে—*অঠা*)। ২ হিন্দু বিশ্বাসে যম; যিনি পাপীর শাসক। □ *বিণ* যষ্টি বা লাঠি ধারণ করে এমন (দণ্ডধর শাসক)। –**ধারী** *বিণ* ১ যষ্টি বা লাঠি ধারণ করে এমন; দণ্ডধর। □ *বি* ১ রাজা; শাসক (রাজ্য না ছাড়িয়া হইমু দণ্ডধারী—*পূগী*)। ২ সন্ন্যাসী; যোগী; দণ্ডী (কখন বৈরাগী যোগী দণ্ডধারী—*ভারা*)। **দণ্ডন** *বি* ১ শাস্তিদান; সাজা প্রদান। ২ শাসন; রাজ্যশাসন। ৩ দমন। –**নায়ক** *বি* ১ সেনাপতি। ২ শাস্তিবিধানকারী রাজা বা রাজকর্মচারী। –**নীতি** *বি* ১ রাজ্যশাসন নীতি; রাজনীতিশাস্ত্র। ২ শাস্তিদাননীতি; দমননীতি। –**নীয়, দণ্ডার্হ, দণ্ড্য** *বিণ* শাস্তি পাওয়ার যোগ্য। –**নীয়া** *বিণ স্ত্রী.*। –**পাণি** *বিণ* ১ দণ্ডধর রাজা; শাস্তিদানের ক্ষমতার অধিকারী। ২ যম। –**পারুষ্য** *বি* জবরদস্তিমূলকভাবে অতিরিক্ত দণ্ড দান। –**পাল, –পালক** *বি* দারোয়ান; দ্বাররক্ষক; শাসক; শাসনকর্তা। –**প্রণেতা** *বি* দণ্ড প্রণয়নকারী; শাস্তি বিধানকারী (যে দস্যুর দণ্ডপ্রণেতা আছে, সেই দস্যুর কার্যের নাম দস্যুতা—*বচ*)। –**বৎ** *বি* হিন্দু সমাজে প্রচলিত দণ্ডের মতো ভূমিতে লুটিয়ে সাষ্টাঙ্গে প্রণাম (তান দণ্ডবৎ না করিল যেই শিরে—*সেআ*)। –**বিধাতা** *বিণ* ১ শাস্তিবিধানকর্তা। ২ শাসনকারী। □ *বি* ১ রাজা। ২ বিচারপতি। –**বিধান** *বি* ১ শাস্তিপ্রদান। ২ দণ্ডবিধি। –**বিধি** *বি* ১ শাস্তিদানসংক্রান্ত নিয়ম-পদ্ধতি। ২ ফৌজদারি আইন; criminal law। –**মুণ্ড** *বি* সাধারণ শাস্তি থেকে প্রাণদণ্ড পর্যন্ত সকল প্রকার শাস্তি। –**মুণ্ডের কর্তা** *বি* সকল প্রকার শাস্তিদানের অধিকারী; যিনি রাখলে রাখতে পারেন মারলে মারতে পারেন; নৃপতি; শাসক; বিচারক। –**যাত্রা** *বি* ১ যুদ্ধযাত্রা; দিগ্বিজয়ে অভিযান। ২ শত্রু দমনের জন্য অভিযান। ৩ বরযাত্রা। ৪ শোভাযাত্রা; মিছিল। –**রায়** *বি* দণ্ডধর;

রাজা; শাসক (পরিবারসহ রাজা করিয়া নৌকার পূজা আরোহণ কৈল দণ্ডরায়—কমু)। ~**স্থান** *বি* যেখানে অপরাধীকে দণ্ড দেওয়া হয়। **দণ্ডে দণ্ডে** *ক্রিবিণ* ১ প্রতিদণ্ডে। ২ ক্ষণে ক্ষণে; মধ্যে মধ্যে। ৩ বার বার। **একদণ্ডে** *ক্রিবিণ* মুহূর্ত মধ্যে। **খুরে খুরে/ক্ষুরে ক্ষুরে দণ্ডবৎ** *(ব্য.)* পরোক্ষভাবে অপরকে পশু বলে তার নিকট নিষ্কৃতি প্রার্থনা। { *স.* √দণ্ড+অ(অচ্)}

দণ্ডক [দন্‌ডোক্] *বি* হিন্দু পুরাণোক্ত জনৈক রাজা। **দণ্ডকা, দণ্ডকারণ্য** *বি* ভারতস্থ দাক্ষিণাত্যের বিশাল বন; নর্মদা ও গোদাবরী নদীর মধ্যস্থ প্রাচীন অরণ্য প্রদেশ; রামায়ণে উক্ত জনস্থান নামক অরণ্যপ্রদেশ। { *স.* দণ্ড+ক (কন্)}

দণ্ডা[১] [দন্‌ডা] *বি* মোটা লাঠি; দণ্ড। ~**কর** *ক্রি* ১ দণ্ডদ্বারা প্রহার করা। ২ শরীরে দণ্ড প্রবেশ করানো (নিবেদন করে গণ্ডাকার নাহি করি দণ্ডা বন মাঝে করি গো নিবাস—কমু)। { *স.* দণ্ড+*বা.* আ}

দণ্ডা[২] [দন্‌ডা] *ক্রি* শাসন করা; দণ্ডদান করা (সন্তোষে বসায় খাটে দোষ দেখি নাক কাটে দণ্ডে রাজা বনিতার পতি - কমু)। { *স.* দণ্ড+*বা.* আ}

দণ্ডাঘাত [দন্‌ডাঘাত্] *বি* লাঠির দ্বারা আঘাত; লাঠি দিয়ে প্রহার। { *স.* দণ্ড+আঘাত; ৬তৎ}

দণ্ডাদণ্ডি [দন্‌ডাদোন্‌ডি] *বি* লাঠালাঠি; পরস্পর যষ্টির সাহায্যে লড়াই। { *স.* দণ্ড+দণ্ড+ই; *বহু.*}

দণ্ডায়মান [দন্‌ডায়োমান্] *বিণ* দণ্ডের মতো খাড়া; দাঁড়িয়ে আছে এরূপ; খাড়া। { *স.* √দণ্ডায়+মান (শানচ্)}

দণ্ডার [দণ্ডার্] *বি* ১ বন্য হস্তী। ২ ক্ষেপা হাতি। ৩ কুম্ভকারের চাক। { *স.* দণ্ডার}

দণ্ডার্হ ⇒ দণ্ডনীয়

দণ্ডি [দোন্‌ডি] *বি* দণ্ড অর্থাৎ চারহস্ত পরিমিত গ্রন্থিবদ্ধ সুতা; যজ্ঞসূত্র; পৈতা; উপবীত। { *স.* দণ্ড>-*বা.* ই}

দণ্ডিত [দোন্‌ডিতো] *বিণ* সাজাপ্রাপ্ত; শাসিত। { *স.* √দণ্ড+ত(ক্ত)}

দণ্ডী (-ণ্ডিন্) [দোন্‌ডি] *বিণ* দণ্ডধারী। □*বি* ১ রাজা; শাসক। ২ দণ্ডধারী সন্ন্যাসী। ৩ যম। ৪ 'দশকুমার চরিত' নামের সংস্কৃত গ্রন্থের লেখক। { *স.* দণ্ড+ইন্(ইনি)}

দণ্ডে দণ্ডে, দণ্ড্য ⇒ দণ্ড

দণ্ড্য [দোন্‌ডো] *বিণ* দণ্ডার্হ; দণ্ডের যোগ্য; দণ্ডনীয়। { *স.* √দণ্ড+য(যৎ)}

দত্ত [দত্‌তো] *বিণ* অর্পিত; দানকৃত; দেওয়া হয়েছে এমন; অন্যের দ্বারা প্রদত্ত। □*বি* হিন্দু কায়স্থ জাতির উপাধিবিশেষ (দত্ত কুলোদ্ভব—মদ)। ~**ক, ~কপুত্র** *বি* পোষ্যপুত্র; হিন্দু সমাজে শাস্ত্রানুষ্ঠান দ্বারা গৃহীত পোষ্যপুত্র। ~**হারী** (-রিন্), **দত্তাপহারী** (-রিন্) *বিণ* দানকৃত বস্তু পুনরায় ফেরত নেয় এমন; প্রদত্ত বস্তুর পুনর্গ্রহণকারী; জোর করে দানকৃত বস্তু কেড়ে নেয় এমন (এখন কি বুদ্ধি করি, দত্তাপহারী হতে হল—*অঠা*)। **দত্তা** *বিণ স্ত্রী.*। অর্পিতা। ২ যে কন্যাকে বিবাহের উদ্দেশ্যে সম্প্রদান করা হয়েছে (বাগ্‌দত্তা)। **দত্তাত্রেয়** *বি* হিন্দুপুরাণোক্ত মুনিবিশেষ। { *স.* √দা+ত(ক্ত)}

দদ্রু, দদ্রূ [দোদ্রু] *বি* এক প্রকার চর্মরোগ; দাদ। **দদ্রুঘ্ন** *বিণ* দাদ নামক চর্মরোগ নাশকারী (ঔষধ)। { *স.* √দদ্+রু}

দধি, দই, দহি, দৈ [দোধি, দোই, দোহি, দোই] *বি* টক দিয়ে জমানো দুধ; দুধের বিকারবিশেষ (দন্ত-হীরা-পাতি কিবা দধি সুতসুত—*সৈআ*; এখন একেবারে চিঁড়ে দই-*দ্বিরা*)। ~**কর্ম** *বি* হিন্দুদের দধি-সংস্কারঘটিত শাস্ত্রীয় ক্রিয়া। ~**ছাতু** *বি* জমিদারি আমলে প্রজাদের উপর আমলাদের ধার্যকৃত এক ধরনের আবওয়াব বা বিধিবহির্ভূত কর। ~**বামন** *বি* দুইচক্র চিহ্নিত শালগ্রাম- শিলা। ~**মঙ্গল** *বি* হিন্দুদের বিবাহাদি উৎসবে মঙ্গলাচার বিশেষ। ~**মন্থন** *বি* দই ঘেঁটে ননি বের করে ঘোল উৎপাদন। ~**মাঙ্গলিক** *বিণ* দধি মেশানো এবং হলুদ জল গোলা পঙ্ক দিয়ে হিন্দু সমাজের লৌকিক অনুষ্ঠান বিশেষ। ~**মুখ** *বি* রামায়ণোক্ত শ্বেতমুখ বানরবিশেষ। **দধিসার** *বি* মাখন; ননি। { *স.* √দধ্+ই (ইন্)>*প্রা.* দহি>দই, দৈ}

দধীচ, দধীচি [দোধিচ্, -চি] *বি* ১ পুরাণোক্ত মুনিবিশেষ যাঁর অস্থি দ্বারা বজ্র নির্মাণ করা হয়েছিল। ২ *(আল.)* বিশ্বের কল্যাণে দেহদানকারী মহাপুরুষ। { *স.* √দধ্+ইচি; *ঋগ্বেদ.* দধ্যাচ্}

দধ্যম্ল [দোধ্‌ধম্‌ম্লো] *বি* দম্বল; দই প্রস্তুত করার জন্য অম্লরস বা সাজা। { *স.* দধি+অম্ল; *কর্মধা.*}

দন [দন্] *বি* যুদ্ধ; দ্বন্দ্ব; রণ (সেই না কারণে সদা তাইর কেবল দন—*মৈগী.*)। { *স.* দ্বন্দ্ব>}

দনা, দোনা [দোনা] *বি* সুগন্ধি ফুলবিশেষ; দ্রোণ পুষ্প; দণ্ডকলস ফুল (সুগন্ধি মল্লিকা দনা কিনয়ে সকল জনা —*কমু*)। **দনার ছাটি** *বি* দমনক বা দনা গাছের ছড়ি (দনার ছাটি খুঞাবাস রাখ বাস ঘরে—*কমু*)। { *স.* দমনক>}

দনু [দোনু] *বি স্ত্রী.* হিন্দু পুরাণে বর্ণিত দক্ষ প্রজাপতির কন্যা; কশ্যপের স্ত্রী ও দানবগণের জননী (দনু দিতি অদিতির আপন মার পেটের বোন আমি—*সদ*); একটি দৈত্যের নাম। **দনুজ** *বি* দানব; দৈত্য; অসুর (দনুজ দলে দলতে দাদা এমনি দামাল কামাল চাই—*নই*)। **দনুজা** *স্ত্রী.*। ~**জদলনী** *বিণ স্ত্রী.* হিন্দু বিশ্বাস অনুসারে অসুর বধকারিণী দুর্গাদেবী। { *স.* দনু}

দন্ত [দন্‌তো] *বি* দাঁত; দশন। ~**কাষ্ঠ** *বি* দাঁতন। ~**চ্ছদ** *বি* ওষ্ঠাধর; ঠোঁট। ~**ধাবন, ~মঞ্জন** *বি* ১ দাঁত ধৌতকরণ; দাঁতের মাজন; দাঁতন। ২ দাঁত মাজা; দাঁত পরিষ্কারকরণ। ~**পঙ্‌ক্তি, ~পংক্তি** *বিণ* দাঁতের পাঁতি; দন্তশ্রেণি। ~**পুষ্প** *বি* কুন্দ; কুঁদফুল। ~**বিকাশ** *বি* ১ দাঁত দেখানো; দন্ত প্রদর্শন। ২ দাঁত খিঁচুনি। ৩ *(ব্য.)* হাসাহাসি। ~**বেষ্ট, ~মাংস** *বি* দাঁতের মাড়ি, যাতে দাঁত উদ্‌গত হয়। ~**মূল** *বি* দাঁতের গোড়া। ~**মূলীয়** *বিণ* ১ দন্তমূল সম্পর্কীয়। ২ দাঁতের গোড়া থেকে উচ্চারিত বর্ণ, ত-বর্গ ল ও স। ~**রুচি** *বি* দন্তপঙ্‌ক্তির সৌন্দর্য বা শুভ্রতা। ~**রুচিকৌমুদী** *বি* বিকশিত দাঁতের শুভ্রতা; হাসার সময়ে সুন্দর সাদা দাঁতের শোভা। ~**শর্করা** *বি* দন্তমূলজাত বেলে পাথরের মতো বস্তু, যা তুলে ফেলা সম্ভব; দাঁতের পাথরি। ~**শূল** *বি* দাঁতের বেদনা; দাঁত কনকনানি। ~**স্ফুট** *বি* ১ দাঁত বসানো; কামড়। ২ *(আল.)* কঠিন বিষয় উপলব্ধি; বোঝা; দুরূহ বিষয়ে প্রবেশ লাভ (ঝুনোর বেলায় বড় কঠিন।

দন্তস্ফুট করে কার সাধ্য—বচ)। { স. √দম্‌+ত(ক্ত) }

দন্তক [দন্‌তক্‌] *বি* ১ কোনো বস্তু তুলে রাখার জন্য দেয়ালের গায়ে পোঁতা গোঁজ। ২ নাগদন্ত। { *স.* দন্ত+ক(কন্‌) }

দন্তাদন্তি [দন্‌তাদোন্‌তি] *বি* কামড়াকামড়ি; দন্তে দন্তে দংশন দ্বারা যে যুদ্ধ। { *স.* দন্ত+দন্ত+ই(ইচ্‌); বহু }

দন্তাবল [দন্‌তাবল্‌] *বি* হাতি। { *স.* দন্ত+বল(বলচ্‌) }

দন্তাল, দন্তিল [দন্‌তাল্‌, দোন্‌তিল্‌] *বিণ* দাঁতাল (দন্তিল হাসি হাসতে—*সুদ*)। { *স.* দন্ত+ *বা.* আল/ইল }

দন্তালিকা [দন্‌তালিকা] *বি* লাগাম; অশ্ব ইত্যাদির মুখরজ্জু; বল্‌গা। { *স.* দন্তপালী> ? }

দন্তিল ⇒ দন্তাল

দন্তী (–ন্তিন্‌) [দোন্‌তি] *বিণ* দাঁত আছে এমন; দন্তবিশিষ্ট। ☐*বি* হাতি (চলে দন্তী আস্ফালিয়া শুঁড়—*মদ*)। { *স.* দন্ত+ইন(ইনি) }

দন্তুর [দোন্‌তুর্‌] *বিণ* ১ দাঁতাল; বৃহৎ বা উঁচু দাঁতবিশিষ্ট (দন্তুর হাসির ছটা বিম্বাধরে যথা—*বিদে*)। ২ কুটিল (কালো কবন্ধ দন্তুর ভালোবাসা—*বিদে*)। { *স.* দন্ত+উর (উরচ্‌) }

দন্তোদ্‌গম, দন্তোদ্‌ভেদ [দন্‌তোদ্‌গম্‌, –ভেদ্‌] *বি* মাড়ি ভেদ করে নতুন দাঁত ওঠা। { *স.* দন্ত+উদ্‌গম, উদ্ভেদ; ৬তৎ }

দন্তোন্মীলন [দন্‌তোন্‌মিলন্‌] *বি* দন্তবিকাশ (সুতরাং সুরুচিকে তাহারা দন্তোন্মীলন করিয়া দেশ ছাড়া করিল —*রঠা*)। { *স.* দন্ত+উন্মীলন; ৬তৎ }

দন্ত্য [দন্‌তো] *বিণ* ১ দাঁতের সাহায্যে উচ্চারিত। ২ দাঁতসম্বন্ধীয়। ~**বর্ণ** *বি* দাঁতের সাহায্যে উচ্চারিত বর্ণ অর্থাৎ ত–বর্গ; ল ও স। { *স.* দন্ত+য(যৎ) }

দন্দশূক [দনদোশুক্‌] *বিণ* ১ বার বার দংশনকারী (যে সকল তীক্ষ্ণবিষ মহাকর্ণ দন্দশূক সর্প তোমার ঔরসে জন্মিয়াছে—*ঈবি*)। ২ সর্প। { *স.* √দন্‌শ্‌+য(যঙ্‌লুক্‌)+ উক }

দপ [দপ্‌] *অব্য* হঠাৎ আগুন জ্বলার শব্দ (দপ করে আগুন জ্বলা)। ~ ~ *অব্য* ১ ক্রমাগত আগুন জ্বলার শব্দ; আগুনের উজ্জ্বলতা প্রকাশক শব্দ। ২ বেদনা বা টাটানির ভাবপ্রকাশক শব্দ। ~**দপানি** *বি* দপদপ করে নেভা বা জ্বলার ভাব (মগজে তৈলহীন প্রদীপের দপদপানী—*জাফর*)। { *ধ্বন্যা.* }

দপ্তর, দপ্তরখানা, দপ্তরি, দপ্তরী ⇒ দফতর

দপ্তি ⇒ দপ্তি

দপ্প ⇒ দর্প

দপ্পন ⇒ দর্পণ

দফ [দফ্‌] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (বালক–বালিকারা দফ বাজাইয়া হযরতকে ঘেরিয়া ধরিল—*সৈমু*)। { *আ.* দফ دف }

দফতর, দপ্তর [দফ্‌তর্‌, –প্‌–] *বি* ১ অফিস; কাছারি; কার্যালয়; কর্মস্থল। ২ অফিসের বা কাছারির কাগজপত্র। ৩ বাঁধা কাগজপত্র; কাগজপত্রের বান্ডিল (আমরা স্বতন্ত্র [illegible] লিপিবদ্ধ করিয়াছিলাম—*আত্মা*)। ৪ [illegible] (অপু ভয়ে দপ্তর লইয়া বসে [illegible]*বিব*)। ~**খানা** *বি* ১ অফিস; কার্যালয়; কাছারি; secretariat (মহারাজের দস্তখতি হুকুমনামা দপ্তরখানায় রয়েছে—*অঠা*)। ২ পুরাতন নথিপত্র রাখার ঘর। **দফতরি, দপ্তরি, দপ্তরী** *বি* ১ দফতরের কাগজ, কালিকলম ইত্যাদির রক্ষক ও পরিবেশক; অফিসের নথিপত্র যে সাজিয়ে গুছিয়ে রাখে (আমার স্কুলের মেয়ে দফতরী দেওয়া যাবে—*নই*)। ২ যে পুস্তক বাঁধাইয়ের ব্যবসা করে। ৩ পিয়ন; যে অফিসের কাগজে রুল টানে ও অন্যান্য ছোটখাট কাজ করে (কল্পনার যেখানে প্রসার নেই সেখানে রেখা শুধু দপ্তরীর রুলটানা আলোছায়া—*অঠা*)। { *ফা.* দফতর دفتر }

দফন ⇒ দাফন

দফরা [দফ্‌রা] *বি* ধমক; তাড়না। { *আ.* দফরাহ دفره }

দফা[১] [দফা] *বি* ১ বার; কিস্তি; পালা; ক্ষেপ (এ অঙ্কের প্রতিটি দফা পরিশোধের জন্যে)। ২ অবস্থা; ব্যাপার; রকম; গতিক (উপার্জিত খ্যাতিটির দফা, একেবারে রফা হইতেছে—*ঈবি*)। ~ **একেবারে রফা**—সব শেষ; একেবারে ধ্বংস বা বিনাশ। ~**ওয়ারি** *বিণ* দফা বা প্রকরণের অনুক্রম অনুযায়ী এমন; প্রত্যেকটি দফা উল্লিখিত হচ্ছে এমন (দফাওয়ারি হিসাব)। ~ ~, ~**য় ~য়** *ক্রিবিণ* পুনঃপুন; বারবার। ~**নিকাশ, ~রফা, ~শেষ** *বি* ১ সর্বনাশ; ধ্বংস; সমূলে বিনাশ। ২ সমাপ্তি; সকল বিষয়ের শেষ (তারা মোলেই দফরফা—*ঈবি*)। ৩ মৃত্যু। ~ **সারা** *ক্রি* সর্বনাশ করা; ধ্বংস করা। **দফে** *অব্য* ১ বারে; কিস্তিতে; দফায়। ২ পুনশ্চ; আবার; পুনরায়; আরো। **দফে দফে** *অব্য* বারে বারে; কিস্তিতে কিস্তিতে; দফায় দফায়। { *আ.* দফ্‌আহ্‌ دفعه }

দফা[২] [দফা] *বি* সমষ্টি; দল (ছুট্যা গেল দৌড়ের ঘোড়া যথায় বাদ্যার দফা—*মৈগী*)। { *আ.* দফ্‌আহ দفعه }

দফাদার [দফাদার্‌] *বি* ১ চৌকিদারদের সর্দার (দফাদার জমাদার চলে সর্দীয়াল—*ভারা*)। ২ অশ্বারোহী সৈন্যের উচ্চ কর্মচারীবিশেষ। ৩ মজুরদের সর্দার। { *আ.* দফ্‌আ دفعة *ফা.* + দার دار }

দফাল [দফাল্‌] *বি* আস্ফালন; দাপ (অগ্নির দফালে যেন ষাঁড়ের গর্জন—*কমু*)। { *স.* দর্প+আল> }

দব [দব্‌] *বি* ১ বন; অরণ্য। ২ দাবানল; বনাগ্নি। { *স.* √দু+অ(অচ্‌) }

দবজ ⇒ দন্ত

দবকানো, দবকান [দব্‌কানো] *ক্রি* ধমকানো; ভয় দেখানো; দাবানো; দাবিয়ে দেওয়া/রাখা। (আলাপ করএ দুই পাইয়া বিরল; দবকিয়া শিশুগণে শুনএ সকল—*দৌবা*)। { *স.* দমন> }

দবদবা [দবদবা] *বি* প্রতাপ; প্রতিপত্তি; প্রভুত্ব। ২ ঢোল–শোহরতের গোলমাল। ~**ই** *বি* জাঁকজমক (শ্বশুর বাড়ীর দবদবাই না দেখালে চলছিল না—*রক*)। ~**রবরবা** *বি* জাঁকজমক; প্রভাব–প্রতিপত্তি (দবদবা–রবরবা বেশ ছিল—*মোহ*)। { *আ.* দবদবাহ্‌ دبدبة }

দবা [দবা] *বি* দাওয়া, ঔষধ (কত দোয়া দবা দিনু তবু নাহি ছাড়ে—*ভারা*)। { *আ.* দাবা دوا }

দবিরখাস [দোবির্‌খাশ্‌] *বি* খাস মুন্সি; private secretary। { *ফা.* দবীর+ دبير + *আ.* খাস خاص }

দব্জ, দবজ্জ [দবজো] *বিণ* পুরু; দবজ; শক্ত (নীচের দাম এত দব্জ যে মানুষ গরুর ভারেও তা ডোবেনা—*আজা*)। {*ফা.* দবীজ دبیز }

দম১ [দম] *অব্য* লঘু দুম আওয়াজ। ~ ~ *অব্য* ক্রমাগত দম শব্দ; বাদ্যাদির ধ্বনি (মন ভোরঙ্গ ভম ভম দামামা দম দম—*ভারা*)। **দমা~** *ক্রিবিণ* জোরে; প্রবল দমদম শব্দ করে (ঢেঁকিতে দমাদম পাড় পড়িতেছে—*বিব*)। {*ধ্বন্যা.*}

দম২ [দমো] *বি* ১ শাসন; দমন। ২ কুকর্ম থেকে নিবৃত্তি, ইন্দ্রিয় দমন, জিতেন্দ্রিয়তা (শমদম)। {*স.* √দম্}

দম৩ [দম] *বি* ১ শ্বাস নিঃশ্বাস-প্রশ্বাস (দম বন্ধ হওয়া)। ২ প্রাণ; জীবন; প্রাণবায়ু; জীবনী শক্তি (দম বাহির হওয়া)। ৩ গৃহীত শ্বাস বা প্রশ্বাস (দম ফুরানো)। ৪ ধূমপানের টান; জোর টানে ধূম পান (গাঁজায় দম)। ৫ ঘড়ি মেশিন ইত্যাদির স্প্রিংয়ে পাক (ঘড়িতে দম দেওয়া)। ৬ ধাপ্পা; প্রতারণা, ভাঁওতা (দমবাজি)। ৭ অল্প উত্তাপ; ভাপ (দমে বসানো মাংস)। ৮ মসলাযোগে সিদ্ধ ব্যঞ্জনবিশেষ (আলুর দম)। **~ টানা** *ক্রি* ১ শ্বাস টানা; নিঃশ্বাস গ্রহণ করা। ২ এক নিঃশ্বাসে হুঁকা বা বিড়ি সিগারেটের ধোঁয়া টানা। **~ দেওয়া** *ক্রি* ১ ঘড়ি মেশিন ইত্যাদির স্প্রিংয়ে পাক দেওয়া; শক্তি অনুপ্রবিষ্ট করানো। ২ ধোঁকা দেওয়া; প্রতারণা করা। **~ নেওয়া** *ক্রি* বিশ্রাম করে শক্তি সঞ্চয় করা। **~ ফাটা** *ক্রি* ১ শ্বাস ত্যাগ করতে না পারায় বুক ফেটে যাওয়া। ২ (*আল.*) আবেগে অত্যন্ত চঞ্চল হওয়া। ৩ হিংসায় জ্বলে মরা। ☐ *বিণ* নিদারুণ (দমফাটা হাসি)। **~ ফুরানো** *ক্রি* ক্লান্ত হওয়া। **~বাজ** *বিণ* ধাপ্পাবাজ; প্রতারক; শঠ। **~বাজি** *বি*। **~ বের/বাহির হওয়া** *ক্রি* ১ অত্যধিক ক্লান্ত হওয়া। ২ মৃত্যু হওয়া; প্রাণবায়ু নির্গত হওয়া। **~ রাখা** *ক্রি* শ্বাসরোধ করে অনেক ক্ষণ থাকা। **~ নেওয়া** *ক্রি* বিশ্রাম নেওয়া। **~ লাগানো** *ক্রি* তামাক গাঁজা ইত্যাদির ধোঁয়া একেবারে যথাশক্তি গলাধঃকরণ করা। **দমের গাড়ি** *বি* মোটরগাড়ি; motor car (কোথাকার বাবুরা সব দমের গাড়ী চড়ে এসেছিল—*অমৃব*)। **এক~** *অব্য, ক্রিবিণ* একেবারেই; মোটেই। **একদমে** *ক্রিবিণ* রুদ্ধশ্বাসে; দ্রুত-গতিতে। {*ফা.* দম دم }

দম৪ [দম] *বি* ভার; গাম্ভীর্য; গুরুত্ব (যে সাহিত্যে দম নেই তাতে অন্ততঃ কম থাকা আবশ্যক—*প্রচৌ*)। {*ফা.* دم }

দমক১ [দমোক্] *বিণ* ১ দমন করে এমন; দমনকারী। ২ শাসক; শাসককর্তা। {*স.* √দম্+অক(ণুল্)}

দমক২ [দমোক্] *বি* ১ ধমক; বেগ; আকস্মিক প্রবল ধাক্কা। ২ চমকানি (ওর হাসির দমকে মীনার মনের গুমোট কেটে যায়—*নীলিমা*)। ☐ *বিণ* হঠাৎ ঘটে বা ঘটেছে এমন; আকস্মিক; বেগবান (এক দমক মেঘ—*মব*)। {*স.* √দম্+অক(ণুল্)}

দমকল [দম্‌কল্] *বি* ১ পুকুর ইত্যাদি থেকে পানি তোলার যন্ত্রবিশেষ; পাম্প। ২ আগুন নেভানোর জন্য পানি নিক্ষেপের যন্ত্রবিশেষ; fire engine (বুকের ভিতর জ্বলছে আগুন দমকল ডাক, ওলো সই—*নই*)। **~ বাহিনী** *বি* ফায়ার ব্রিগেড বা দমকলের সাহায্যে আগুন নিভানোর সরকারি প্রতিষ্ঠানের কর্মীবৃন্দ। {*ফা.* দম دم +কল}

দমকা [দম্‌কা] *বিণ* সহসা প্রবলবেগে আগত; আকস্মিক সংঘটিত (দমকা হাওয়া)। ☐ *ক্রিবিণ* মাত্রাতিরিক্ত পরিমাণে; ঝটিকাবেগে (এত দমকা খাটলে শরীরে কুলাবে কেন—*কাআও*)। **~ খরচ** *বি* হঠাৎ ব্যয়; বৃথা অতিরিক্ত ব্যয় (দমকা খরচ করছে বেনের দল—*সদ*)। {*ফা.* দনীদাহ دنیده }

দমদম ⇒ দম১

দমদমা [দম্‌দমা] *বি* ধনুর্বাণ বন্দুক ইত্যাদির দ্বারা যুদ্ধকৌশল অভ্যাস করার জন্য নির্মিত মাটির স্তূপ; চাঁদমারির জন্যে তৈরি মাটির ঢিবি। {*আ.* দমদমহ্ دمدمه }

দমন১ [দমোন্] *বি* ১ শাসন; দণ্ডদান (করিলেন কালিয় দমন—*ভারা*)। ২ রোধ; নিবারণ (জ্বর দমন)। ৩ সংযমন; ইন্দ্রিয় নিগ্রহ (ইন্দ্রিয় দমন)। **দমনীয়** *বিণ* দমনযোগ্য; শাসনীয়। **দমনীয়া** *বিণ স্ত্রী*। **দময়িতা** (-তৃ) *বিণ* ১ দমন করে এমন; দমনকারী। ২ শাসক; শাসনকর্তা। **দময়িত্রী** *বিণ স্ত্রী*। {*স.* √দম্+অন}

দমন২ ⇒ দামন

দমবাজ, দমবাজি ⇒ দম৩

দময়ন্তী [দমোয়োন্‌তি] *বি* মহাভারতোক্ত নল রাজার মহিষী ও বিদর্ভরাজকন্যা। {*স.* √দম্+ণিচ্(=√দমি)+অৎ(শতৃ)+ঈ(ঙীপ্)}

দময়িতা, দময়িত্রী ⇒ দমন

দমসম [দম্‌শম্] *বিণ* গুরুভোজন, গুরুভার বহন ইত্যাদির জন্য পেট ফুলে রুদ্ধশ্বাস; অত্যধিক পরিশ্রম হেতু নিঃশ্বাস ফেলতে অসমর্থ (পেট দমসম হওয়া)। {*স.* সমদম (পদ বিপর্যয়ে)}

দমা [দমা] *ক্রি* ১ দমিত বা অবদমিত হওয়া; বশ মানা; পরাজয় স্বীকার করা; হার মানা (শত্রু এবার দমেছে)। ২ নিরুৎসাহ হওয়া; হতাশ হওয়া; উদ্যম হারানো (বিপদ দেখে দমে গেলে চলবে না)। ৩ বসে যাওয়া। **~নো/~ন** *ক্রি* ১ দমন করা; পরাজিত করা; বশে আনা। ২ নমিত করা; পরাজিত করা; বশে আনা। ৩ নিরুৎসাহ করা; উৎসাহ ভঙ্গ করা। {*স.* √দম্+*বা.* আ}

দমিত [দোমিতো] *বিণ* শাসিত; বশীকৃত; নিগৃহীত; সংযত। {*স.* √দম্+ণিচ্+ত(ক্ত)}

দমী (-মিন্) [দোমি] *বিণ* ১ দমন করে এমন; দমনকারী; দমনশীল; দময়িতা। ২ সংযমী; জিতেন্দ্রিয়। {*স.* √দম্+ইন(ইনি)}

দমদম ⇒ দম১

দম্প (*অবা.*) [দম্‌পো] *বি* ১ দর্প; দম্ভ; অহঙ্কার; তেজ (আশরাফ নাম দম্প দুর্জনের প্রাণে কম্পভয়ে ধায় শত্রু বলবান—*কাদৌ*)। ☐ *বিণ* দাম্ভিক; অহঙ্কৃত (দম্প কথা বলিছে রাজা আমার বরাবর—*মাগান*)। {*স.* দম্ভ>}

দম্পতি, দম্পতী [দম্‌পোতি] *বি* ১ পতি-পত্নী; স্বামী ও স্ত্রী। ২ গৃহপতি (চকা-চকীরে জিনি রজনী দম্পতি বিনি একাকিনী জাগি প্রেম ত্রাসের—*দৌকা*)। {*স.* জায়া+পতি; দ্বন্দ্ব.}

দম্ফ [দম্‌ফো] *বি* ১ অহঙ্কার (দম্ফ লম্ফ মারে—*কাদা*)। ২ এক প্রকার বাদ্য। {*স.* দম্ভ>}

দম্বদার [দম্‌বোদার] *বি* ১ হক্‌স-ই-দম্ (গবাক্ষ ধারণ রূপ

একপ্রকার যোগ) অভ্যাসের ফলে পীর-মাদার দীর্ঘজীবন লাভ করেন বলা হয় (নিরঞ্জন নিরাকার হৈলা ভেস্ত অবতার মুখেত বলেত দম্বদার—রূপ)। {দম্+মাদার= দম্মাদার>দম্বদার}

দম্বল[১] [দম্‌বোল] *বি* দধিবীজ; দইয়ের সাজা; দইয়ের যে অংশ দুধে মিশিয়ে নতুন দই পাতা হয়। {*স.* দধ্যম্ল>}

দম্বল[২] *(মবা.)* [দম্‌বল্] *বি* নকিব; পেয়াদা (রথ বলে সাজে রথী বীর বলে সেনাপতি রথ আগে ধাইল দম্বল —*কমু*)। {*স.* দম্+বল}

দম্ভ [দম্‌ভো] *বি* ১ অহংকার; গর্ব; আস্ফালন। ২ কপট ধার্মিকতা। ৩ শঠতা; কপটতা। **দম্ভক** *বিণ* ১ অহংকারী। ২ প্রতারক। **দম্ভন** *বি* ১ প্রতারণা। ২ মোহ সৃষ্টি। **দম্ভী** (ম্ভিন্) *বিণ* ১ অহংকারী; দর্পী; দাম্ভিক (নিকুম্ভিলা যজ্ঞাগারে দম্ভী মেঘনাদে—*মদ*)। ২ কপট ধার্মিক; ধার্মিকতার ভান করে এমন। ৩ শঠ; প্রবঞ্চক। {*স.* √দম্ভ+অ (ঘঞ্)}

দম্ভোক্তি [দম্‌ভোক্‌তি] *বি* বড়াই; অহংকারসূচক কথা; উদ্ধত বাক্য। {*স.* দম্ভ+উক্তি; *কর্মধা.*}

দম্ভোল *(মবা.)* [দম্‌ভোল] *বি* ১ দাপট; সদম্ভ আস্ফালন। ২ হুঙ্কার (অগ্নির দম্ভোল যেন আষাঢ়া গর্জন—*কমু*)। {*স.* দম্ভ>}

দম্ভোলি [দম্‌ভোলি] *বি* বজ্র (বর্ষিলে দম্ভোলি—*কায়*)। {*স.* √দম্ভ+*বা.* উলি/ওলি}

দম্য [দোম্‌মো] *বিণ* দমনীয়; দমনযোগ্য। {*স.* √দম্+য(যৎ)}

দয় *(পদ্য.)* [দয়] *ক্রি* দগ্ধ করে বা হয় (যে ঘরে সতিনী রয় হিংসানলে প্রাণ দয় যেমন লাগয়ে বিষজ্বালা—*কমু*)। {*স.* √দহ>}

দয়া [দয়া] *বি* ১ পরের দুঃখ দূরীকরণ; প্রবৃত্তি; কৃপা; অনুগ্রহ। ২ করুণা; অনুকম্পা। ৩ সমবেদনা; পরদুঃখকাতরতা। ৪ দানশীলতা; বদান্যতা। **–দাক্ষিণ্য** *বি* কৃপা ও দানশীলতা; পরদুঃখ মোচনার্থ অনুগ্রহের সঙ্গে দানের প্রবৃত্তি। **~ধর্ম** *বি* দয়া ও পুণ্যকর্ম; অনুগ্রহের সঙ্গে ধর্মকর্মে প্রবৃত্তি। **~পরতন্ত্র, ~পরবশ** *বিণ* দয়ার্দ্র; দয়ার বশীভূত; করুণার অধীন (তখন দয়াপরতন্ত্র হইয়া ঘরে ঢুকিয়া বলিল—*রঠা*)। **~বান, ~ময়, –ল, ~লু, –শীল** *বিণ* সদয়; অনুগ্রহকারী; করুণাময়; দয়াগুণসম্পন্ন; কৃপাময়। **~বতী, ~ময়ী, –শীলা** *বিণ স্ত্রী*। **~মায়া** *বি* দয়া ও মায়া; দয়ার সঙ্গে স্নেহমমতার সংযোগ। **~র্দ্র** *বিণ* দয়াপরবশ; করুণায় বিগলিত। **~হীন** *বিণ* নির্দয়; করুণাবর্জিত। {*স.* √দয়্+অ(অঙ্)+আ(টাপ্)}

দয়িত [দোয়িতো] *বি* প্রণয়ী; হৃদয়বল্লভ; পতি; স্বামী (হায় হাবা মেয়ে, সব ভুলে গেলি দয়িতের কাছে এসে—*নই*)। ☐ *বিণ* প্রিয়; ভালোবাসা বা স্নেহের পাত্র (প্রভু বলে তুমি সব কৃষ্ণের দয়িত—*বৃদা*)। **দয়িতা** *বি স্ত্রী* ১ প্রণয়িনী; পত্নী; জায়া (হে সৌভাগ্যদায়িনী দয়িতা—*রঠা*; স্নেহ পাত্র তার যত পিতা, মাতা ভ্রাতা, দয়িতা—*মদ*)। ২ পাণ্ডা (বলিষ্ঠ দয়িতাগণ যেন মত্ত করী—*কৃচ*)। ☐ *বিণ স্ত্রী* ভালোবাসা বা স্নেহের পাত্রী; [illegible]। {*স.* √দয়্+ত(ক্ত)}

দয়েল ⇒ দোয়েল

দর[১] [দর] *বি* ১ গর্ত; গহ্বর; ভয়; ডর; শঙ্কা। ২ গহ্বর; গর্ত (মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে—*ভারা*)। ৩ পর্বতাদির ফাটল। ৪ কম্প। ৫ প্রবাহ; ক্ষরণ; স্রোত। **~কচা, ~কাঁচা, দড়কচা, দড়কচ্চা, দড়কাঁচা** *বিণ* দেখতে পাকা কিন্তু ভিতরে শক্ত; আধপাকা আধকাঁচা। **~কচা মারা, দড়কচা মারা, দড়কচ্চা মারা** *বিণ* ১ অর্ধ-পক্ব; অর্ধ-কাঁচা; শক্ত। ২ বয়সের তুলনায় বেশি কঠিন; বয়স কম অথচ চেহারায় কাঠিন্য দেখে বেশি বয়সের মনে হয় এমন (দরকচা-মারা জোয়ান বেহারা)। ☐ *ক্রি* ঝামড়া পড়া; অর্ধ-পক্ব বা অর্ধ-কাঁচা থাকা; পুরাপুরি সিদ্ধ বা পক্ব না হওয়া। ২ ঘাটা পড়া; অপূর্ণ থাকা (চাচা না থাকলে আমাদের আড্ডাটা কি রকম যেন দরকচ্চা মেরে যায়—*সৈমু*)। ~~ *অব্য* অধিক স্রাব বা ক্ষরণের ভাবদ্যোতক। **–বিগলিত** *বিণ* তরল পদার্থের স্রোতধারার ন্যায় ক্ষরণশীল অবস্থা; দরদর ধারায় গলে পড়ে এমন; প্রবাহরূপে বা অল্প পরিমাণে নিঃসৃত। {*স.* √দৃ+অ (অচ্)}

দর[২] [দর] *বি* ১ দাম; মূল্য (শুনে জিনিসের দর গায়ে আসে জ্বর—*ঈবি*)। ২ নিরিখ; মূল্যের হার। ৩ মর্যাদা; স্তর (উচ্চদরের লোক)। **~ কষা** *ক্রি* দাম ধরা; মূল্য নির্ধারণ করা। **–কষাকষি** *বি* জিনিসের দাম নিয়ে ক্রেতা-বিক্রেতার মধ্যে কথা কাটাকাটি; দাম কমবেশি করার জন্য গ্রাহক ও দোকানদারের মধ্যে বাদানুবাদ। **~দস্তুর** *বি* ১ জিনিসের দর ও বিক্রির রীতি বা শর্তাদি। ২ দর সম্পর্কে বাগবিতণ্ডা; ন্যায্য দাম নির্ধারণ করার চেষ্টা (অনেক দরদস্তুরের পর আসিয়া চার পয়সায় দাঁড়াইল—*বিব*)। **দরদাম** *বি* ১ হার ও মূল্য; ন্যায্য মূল্য; আসল মূল্য (তার পর যত এগোচ্ছি, দরদাম ক্রমশ নেমে যাচ্ছে—*মব*)। ২ ন্যায্য মূল্য ঠিক করার বা প্রার্থিত মূল্য কমানোর চেষ্টা। {*ফা.* দর در}

দর-ইজারা [দরইজারা] *বি* ইজারাদারের অধীন ইজারা; দরপত্তনি। {*ফা.* দরইজারাহ دراجارة}

দরকসর [দরকসর] *বি* দাম কমানোর জন্য ক্রেতা ও বিক্রেতার মধ্যে বাদানুবাদ (তখন বাদ দরকসর টাকায় বারো আনা—*সৈমু*)। {*ফা.* দর در + *আ.* কসর قصر}

দরকার [দরকার] *বি* প্রয়োজন; আবশ্যক। **দরকারি** *বিণ* প্রয়োজনীয়; আবশ্যকীয় (যত পেটের দরকারী মাছ তরকারি—*ঈবি*)। {*ফা.* দরকার درکار}

দরখাস্ত [দর্‌খাস্‌তো] *বি* ১ আবেদনপত্র; application; petition (দরখাস্ত পেশ করা)। ২ আবেদন; আরজি (দরখাস্ত করা)। **~কারী** *বি, বিণ* আবেদনকারী; আরজি পেশকারী। {*ফা.* দর্‌খাস্ত درخواست}

দরখি *(ব্র.)* [দরোখি] *ক্রি* দেখে (বিনি যে পরখি রূপ যে দরখি—*বচদা*)। {*স.* √দৃশ্>}

দরখত [দরখত্] *বি* বৃক্ষ; গাছ। {*ফা.* দরখত্ درخت}

দরগা, দরগাহ [দরগা, –হ্] *বি* দরবেশের কবর বা মাজার (আল্লার দরগায় ভেজে হাজার সোকরানা—*সৈহা*)। {*ফা.* দরগাহ درگاه}

দরগুজার [দরগুজার] *ক্রি* ১ অগ্রাহ্য করা; ক্ষমা করা; ছাড় দেওয়া। ☐ *বিণ* ক্ষমাপ্রাপ্ত; অগ্রাহ্য। {*ফা.*

দরগুজার درگزار }

দরজা, দরওয়াজা, দরোজা [দরজা, -ওয়াজা, দরোজা] *বি* দুয়ার; দ্বার; কবাট (হানিবে আঘাত তোর স্বপ্নের শিশমহলের দরওয়াজায় *নই*; পর্দা ছেড়ে দরজা ধাক্কায়—*বুব*)। { *ফা.* দর্‌ওয়াজাহ্ دروازہ }

দরজি, দরজী, দর্জি [দোর্‌জি] *বি* পোশাক তৈরি ও কাপড় সেলাই করা যার পেশা; সৌচিক; সূচিকর্মজীবী; খলিফা; tailor (কাটিয়া কাপড় জোড়ে দরজির ঘটা—*কমু*)। { *ফা.* দর্‌জী درزی }

দরণ [দরোন] *বি* গলন; দ্রবীভবন; ক্ষয় হওয়া (অথবা যক্ষ্মা রোগীর মতন পেরেছে যে জন দরণ নিমন্ত্রণ—*মোম*)। { *স.* √দৃ+অন(ল্যুট্) }

দরদ[১] [দরোদ্] *বি* ১ প্রাচীন অনার্য জাতিবিশেষ। ২ কাশ্মীরের নিকটবর্তী দেশবিশেষ; বর্তমান দাদস্থান। ☐ *বিণ* ভীতিপ্রদ; ভয়ঙ্কর; ভয়াল। **দরদা** *বিণ স্ত্রী.* ভয়দা; ভীতিসঞ্চারিকা (বামা সমরে বরদা অসুর দরদা নিকটে প্রমোদা প্রমাদ গণি—*রাব*)। { *স.* √দৃ>দর> }

দরদ[২] [দরোদ্] *বি* ১ বেদনা; যন্ত্রণা। ২ টান; মমতা; আকর্ষণ (একটু দরদ পৌছলো দেখা শোনা ছোঁয়ার মধ্যে—*অঠা*)। ৩ সমবেদনা; সহানুভূতি। ~**মন্দ** *বি, বিণ* দরদি; সহানুভূতিশীল; সমব্যথী (তুমি বিনে দরদমন্দ আর কেবা আছে—*সৈহা*)। **দরদি, দরদী, দরদিয়া** (পদ্যে) *বি, বিণ* ১ ব্যথার ব্যথী; সমব্যথী; সমবেদনাযুক্ত; সহানুভূতিশীল (মানুষ এমন মেতে যায় দরদি মানুষদের কাছে পেয়ে—*মব*; নিখিল দরদী ছিলেন আত্মা—*নই*)। ২ যার ব্যথা বা যন্ত্রণা আছে। ৩ মরমি। { *ফা.* দর্দ درد }

দরদালান [দর্‌দালান্] *বি* ঘরের তুল্য আচ্ছাদিত বড় বারান্দা (কাতর ঘুমে চাঁদিমা রাকা ভোর-গগনের দরদালানে—*নই*)। { *ফা.* দরদালান درلان }

দরদি, দরদী, দরদিয়া ⇒ দরদ[২]

দরপণ, দরপন ⇒ দর্পণ

দরপত্তনি, দরপত্তনী [দর্‌পত্‌তোনি] *বি* পত্তনিদারের অধীনে জমির পত্তনি। ~**দার** *বি* পত্তনিদারের অধীন পত্তনিদার; দরপত্তনি গ্রহণকারী। { *ফা.* در }

দরপরদা [দর্‌পরদা] *অব্য* ১ পর্দার আড়ালে। ২ গোপনে; পরদা রেখে। { *ফা.* দরপরদাহ درپردہ }

দরপাট্টা [দর্‌পাট্‌টা] *বি* পাট্টাদারের অধীনস্থ জমির পাট্টা বা ইজারানামা। { *ফা.* দরপরদাহ درپردہ }

দরপেশ, দরপেস [দর্‌পেশ্] *বিণ* বিচারাধীন; বিচারের জন্য আদালতে পেশ করা হয়েছে এমন (বাদশাহের হুজুরে দরপেস হইলেন—*রাব*)। { *ফা.* দরপেশ درپیش }

দরবদর [দর্‌বদর্] *ক্রিবিণ* দ্বারে দ্বারে (সব পুণ্যের ভাণ্ডারী ফেরে পণ্য লইয়া দরবদর—*নই*)। { *ফা.* দরবদর دربدر }

দরবার [দর্‌বার্] *বি* ১ রাজসভা; royal court (দরবারে বার দিলে তুমি রইলে নাকো পর্দাতে—*সদ*)। ২ সভা (পাঁচ পুত্র সঙ্গে গেল রাজদরবার—*ঘচ*)। ৩ উচ্চ বা অভিজাত ব্যক্তির বৈঠকখানা বা কাছারি ঘর; ঐরূপ ব্যক্তি কর্তৃক আহূত সভা। ৪ আদালত; বিচারালয়। ৫ কোনো বিষয়ে তদবির আবেদন বা আলোচনা (তোমার রাজা গণেশ, ঐকে যা দরবার করতে হয় কর—*অঠা*)।

দরবারি, দরবারী *বি* ১ রাগিণীবিশেষ; সঙ্গীতের সুরবিশেষ। ২ যে দরবার করে বা দরবারে আসা যাওয়া করে; দরবারে গমনাগমনকারী (দরবারীরা আসছে তোমার দরবারেতে করছে ভিড়—*সদ*)। ☐ *বিণ* দরবারের যোগ্য বা দরবারে ব্যবহৃত (দরবারি কায়দা, দরবারি পোশাক)। **দরবারি কানাড়া** *বি* সঙ্গীতের একপ্রকার সুর। { *ফা.* দরবার دربار }

দরবিগলিত ⇒ দর[১]

দরবেশ [দর্‌বেশ্] *বি* ১ মুসলমান ফকির; সংসার ত্যাগী মুসলমান সন্ন্যাসী (দরবেশ হঞা আমি মক্কায় যাইব—*কৃক*)। ২ লাল হলদে ইত্যাদি রঙের মিঠাইবিশেষ। { *ফা.* দরবেশ درویش }

দরমা, দড়মা, দর্মা[১] [দর্‌মা] *বি* বাঁশের ফালি বা নল থেকে প্রস্তুত আবরণ; টাটি (দরমার ঝাঁপগুলোর ফাঁক দিয়ে রোদ উঁকি দিচ্ছে—*অঠা*)। { *স.* দৃঢ়>; *হি* দরমা }

দরমাহা, দরমা [দর্‌মাহা, দর্‌মা] *বি* নিয়মিত কাজের বিনিময়ে যে অর্থ উপার্জিত হয়; মাসিক বেতন; মাহিনা (তিনি অনুমতি দিলেই আপনার দরমাহা . . . চুকাইয়া দেওয়া হইবে—*দীমি*)। { *ফা.* দরমহ্ درماہ }

দরমাহাদার [দর্‌মাহাদার্] *বিণ* মাসিক বেতন ভোগ করেন এমন। { *ফা.* দরমহ্+দার درماہ‌دار }

দরমিয়ান [দর্‌মিয়ান্] *বি* মধ্য। ☐ *অব্য* মধ্যে; ভিতরে। { *ফা.* দরমিআন درمیان }

দরশ (*পদ্য.*) [দরোশ্] *বি* দর্শন (তৃষিত আঁখি মাগে দরশ আরবার—*সদ*)। { *স.* √দৃশ্> }

দরশন ⇒ দর্শন

দরশলু (*ব্র.*) [দরোশোলু] *ক্রি* দেখলাম (দরশলু কুচ যোরা—*বিপ*)। { *স.* √দৃশ্> }

দরশাল (*ব্র.*) [দরোশালো] *ক্রি* দেখাল। { *স.* √দৃশ্> }

দরশাই (*ব্র.*) [দরোশাই] *ক্রি* দেখাই (আদর দেও দরশাই—*বিপ*)। { *স.* √দৃশ্> }

দরশাও (*ব্র.*) [দরোশাও] *ক্রি* দেখাও। **দরশায়** (*ব্র.*) *ক্রি* দেখায় (ঘোর দরশায়—*বিপ*)। **দরশায়য়ি, দরশাইতে দরশি** (*ব্র.*) *অক্রি* দেখিয়ে (হৃদয় দরশি—*বিপ*)। **দরশায়নু** (*ব্র.*) *ক্রি* দেখালাম (বারি দরশায়নু—*বিপ*)। **দরশায়বি** (*ব্র.*) *ক্রি* দেখবি (দরশায়বি বন্দ—*বিপ*)। { *স.* √দৃশ্> }

দরশনহরা [দরোশনোহরা] *বিণ* দৃষ্টিবিভ্রমকারী (গদায় গদা লাগি রণস্থলে উগরিল অগ্নিকণা দরশনহরা—*মদ*)। { *স.* দর্শনহরা> }

দরহাল [দর্‌হাল্] *অব্য, ক্রিবিণ* তৎক্ষণাৎ; ফিলহাল। (ফকিরের ডেরে গিয়া, মাল মত্তা উঠাইয়া, হুজুরে আনিল দরহাল—*সৈহা*)। { *ফা.* দর در + *আ.* হাল حال }

দরা [দরা] *ক্রি* গলা; বিগলিত হওয়া; জীর্ণ হওয়া; ধ্বসা। { *স.* √দৃ> }

দরাজ, দারাজ [দরাজ্, দারাজ্] *বিণ* ১ উদার (যেমন তার অগাধ বিদ্যা তেমনি তার দরাজ দিল—*বর*)। ২ অকৃপণ; দানশীল; খরচে (আজি পরীক্ষা কাহার দস্ত হয়েছে কত দরাজ—*নই*)। ৩ প্রশস্ত; বিস্তৃত (দরাজ জায়গা)। ৪

বেশি; অধিক; অপরিমিত (ওঁর প্রয়োজন ছিল দরাজ—*রঠা*)। ৫ দীর্ঘ; লম্বা (দারাজ দস্ত যেদিকে বাড়ায় সেই দিক পড়ে ভেঙে—*নই*)। ৬ উদাত্ত; উচ্চস্বর বিশিষ্ট (তাঁহার গলা যেমন দারাজ তেমনি মিষ্ট— *কাই*) ।~ **গলা** *বি* যে গলায় উঁচু–নিচু সুর অবাধে খেলে। ~**দস্ত**, ~–**হাত** *বিণ* মুক্তহস্ত; অকৃপণ; দানশীল (তুই দানাদার দরাজহস্ত এই দুনিয়ার— *কাসি*; কঞ্জুশ না দরাজ–হাত চট করে বলে দিতে পারে—*সৈমু*)। ~**দিল**, ~**ছাতি**, ~**সিনা** *বিণ* উদারহৃদয়; প্রশস্ত আত্মা (শুকনো খর্বুজ খোর্মা চিবায়ে উমর দারাজদিল—*নই*; দরিয়ার মতো দারাজ সিনায় আজ নামে পেরেশানি—*ফআ*)। ~**দিলি** *বিণ* দরাজ বা উদার হৃদয় যার (দারাজ–দিলীর আফগানী দিল—*নই*)। { *ফা.* دراز দরাজ}

দরানো, দরান [দরানো] *ক্রি* ১ গলানো; জীর্ণ করানো। ২ দয়ার্দ্র করা; মন গলানো। **দরানি** *বি* নিঃস্রাব; গলন; ক্ষরণ; পুঁজ, রক্ত ইত্যাদির নিঃসরণ। { *স.* √দ্রু>*বা.* দর+আনো, আন}

দরানি, দরাণি [দরানি] *বি* ১ গলন; ক্ষরণ। ২ চোখের জলের ধারা; অশ্রুধারা। {√দরা+আনি}

দরি, দরী[১] [দোরি] *বি* ১ গিরিগুহা; কন্দর; পর্বত–গহবর (সিংহমুখ যেন দরী নখ যেন তীক্ষ্ণ ছুরী—*কমু*)। ২ অতি নিম্ন ও সংকীর্ণ অথবা গভীর ও অপ্রশস্ত উপত্যকা (কত মরুপথ গিরি-পর্বত মাঝে কত দরী বন —*নই*)। ~–**প্রাণ** *বিণ* হীন মনোভাবাপন্ন; সঙ্কীর্ণমনা (যাঁরা দরী-প্রাণ তাঁদের পক্ষে যৌবনের নিন্দা করা যেমন স্বাভাবিক যাঁরা সুন্দরীপ্রাণ তাঁদের পক্ষেও তেমনি স্বাভাবিক—*প্রচৌ*)। { *স.* √দৃ+ই(ইন্), +ঈ(ঙীষ্)}

দরি[২], **দরী**[২] [দোরি] *বি* শতরঞ্জি; সুজনি; পেতে বসবার মোটা সুতি বস্ত্রবিশেষ। { *স.* √দৃ+ই (ইন্)}

দরিত [দোরিতো] *বিণ* বিদারিত। { *স.* √দৃ+ত (ক্ত)}

দরিদ্র [দোরিদ্‌দ্রো] *বিণ, বি* গরিব; নির্ধন; অভাবগ্রস্ত; দীন। **দরিদ্রা** *বিণ.স্ত্রী.*। **দারিদ্র্য**, ~**তা** *বি*। ~–**নারায়ণ** *বি* (হিন্দুমতে) দরিদ্রই নারায়ণ বা ভগবান; দরিদ্ররূপ নারায়ণ; গরিব মানুষ। **দরিদ্রিত** *বি* দুর্গত; দারিদ্র্যপ্রাপ্ত; গরিব হয়ে গেছে এমন; দৈন্যদশাগ্রস্ত। { *স.* √দরিদ্রা+অ(অচ)

দরিয়া [দোরিয়া] *বি* ১ সাগর; সমুদ্র (কতকাল ধরি বালুকার তলে 'আমুশির দরিয়ায়—*মোম*; আছাড়িয়া পড়ে দরিয়ার ঢেউ সহস্র ফণা তুলি—*জাআ*)। ২ নদী; বড় নদী (দরিয়ায় গলিয়া পড়ে আমার গলার হার—*মৈগী*; ইলেকশনের দরিয়াটা পার হোতে পারলে—*আউ*)। **মাঝ দরিয়ায় তরী ডোবা**—সমূহ সর্বনাশ ঘটা। { *ফা.* দরয়া دریا }

দরিয়াপ্ত [দরিয়াপ্‌ত] *বি* ১ অনুসন্ধান; খোঁজ। ২ প্রশ্ন; জিজ্ঞাসা। { *ফা.* দরিয়াফত্ دریافت }

দরুদ, দরূদ, দঃ, সা. [দোরুদ্] *বি* আশীর্বচন; সালাম; শান্তিবাণী; পয়গম্বর হজরত মুহম্মদ (সা.)–এর নাম উচ্চারণ বা শ্রবণ করা মাত্র 'সাল্লাল্লাহু আলায়হে ওয়া সাল্লাম' (আল্লাহ তাঁর উপর শান্তি ও আশীর্বাদ বর্ষণ করুন) এই বাক্যের উচ্চারণ, "দঃ" বা "সা." তার শব্দসংক্ষেপ (আল্লার দোস্ত মোহাম্মদ মানহ তাহান পদ দরুদ সালাম বহুতর—*দৌবা*)। { *ফা.* দরূদ درود }

দরুন [দোরুন্] *অব্য* জন্য; নিমিত্ত; হেতু। { *ফা.* দরুন درون }

দরূদ ⇒ দরুদ

দরেগ, দেরেগ [দরেগ্, দেরেগ্] *বি* আক্ষেপ; দুঃখ (তা আমার সে দরেগ–মাখা 'রোনা' শুনে আর কি হবে বহিন —*নই*)। { *ফা.* দরীগ دریغ }

দরোজা ⇒ দরজা

দরোবস্ত [দরোবস্‌ত] *বিণ* ১ সমগ্র; সমস্ত; মোট (লোক পাঠাইয়া দরোবস্ত জঙ্গল কাটাইলেন—*রাম*)। ❑ *ক্রিবিণ* সম্পূর্ণরূপে। { *ফা.* দরবস্তহ্ دربسته }

দরোয়ান ⇒ দারোয়ান

দর্গা ⇒ দরগা

দর্জামতো [দর্‌জামতো] *ক্রিবিণ* শ্রেণিমতো বড় ও ছোট এই ক্রম অনুসারে (সেখানকার সকলকে দর্জামত সালাম দোওয়া দেবে—*নই*)। { *আ.* দরজাহ درجة +মতো}

দর্জি ⇒ দরজি

দর্দুর [দোরদুর্] *বি* ১ ব্যাঙ; ভেক। ২ দাক্ষিণাত্যের একটি পর্বতের নাম। ৩ মেঘ। { *স.* √দৃ+উর (উরচ)}

দর্প [দরপো] *বি* অহঙ্কার; গর্ব; দম্ভ। –**হারী** (–রিন্), –**হর** *বিণ* দর্প হরণ করে এমন; দর্পচূর্ণকারী; গর্বনাশকারী। **দর্পিত** *বিণ* গর্বিত; দৃপ্ত; দর্পযুক্ত। **দর্পী** *বিণ* দাম্ভিক; গর্বিত; দর্পকারী। **দর্পিণী** *বিণ স্ত্রী.*। { *স.* √দৃপ্+অ (ঘঞ্)}

দর্পক [দর্‌পোক] *বি* কামদেব; কন্দর্প; মদন। ❑ *বিণ* উত্তেজক; উদ্দীপক। { *স.* √দৃপ্+অক (ণ্বুল্)}

দর্পণ, দরপন *(পদ্য.)*, **দরপণ** *(পদ্য.)* [দরপোন্] *বি* আয়না; মুকুর; আরশি (সুবেশ রচিয়া করে লইয়া দর্পণ —*সৈআ*; মরকত দরপণ হেরইতে- *বিব*)। { *স.* √দৃপ+অন (ল্যুট)}

দর্পহর, দর্পহারী, দর্পিত, দর্পী ⇒ দর্প

দর্বি, দর্বী [দোর্‌বি] *বি* রন্ধনকালে ব্যবহৃত হাতাবিশেষ (একটি বৃহৎ দারুময় দর্বী নিমজ্জিত করিয়া—*রাব*)। **দর্বিকা** *বি* ক্ষুদ্র হাতা; চামচ (করস্থ রত্ন দর্বিকা সুপান পাত্র শর্মদে—*ভারা*)। { *স.* √দৃ+বি (বিন্)}

দর্ভ [দরভো] *বি* তৃণ; কুশ, কাশ, দূর্বা ইত্যাদি তৃণজাতীয় উদ্ভিদ (দর্ভ তব আসনখানি—*সদ*)। ~**পাণি** *বিণ* কুশহস্ত; কুশ হাতে এমন। ~**ময়** *বিণ* ১ কুশনির্মিত। ২ কুশব্যাপ্ত। **দর্ভাঙ্কুর** *বি* কুশাঙ্কুর। **দর্ভাসন** *বি* কুশাসন; তৃণনির্মিত আসন। { *স.* √দৃ+ভ(ভন্)}

দর্মা[১] ⇒ দরমা

দর্মা[২] [দরমা] *বি* হাঁস–মুরগি রাখার স্থান (দর্মার হাঁস না আসে আসিবে মুক্তপক্ষ পাখী—*নই*)। { *তুল. হি* দরমা}

দর্শ [দর্‌শো] *বি* ১ অমাবস্যা। ২ অমাবস্যায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। ৩ দর্শন। { *স.* √দৃশ্+অ(ঘঞ্)}

দর্শক [দর্‌শোক] *বিণ* ১ দ্রষ্টা; দর্শনকারী। ২ প্রদর্শক; দর্শয়িতা। { *স.* √দৃশ্+অক(ণ্বুল্)}

দর্শন, দরশন *(পদ্য.)* [দর্‌শোন্] *বি* ১ দেখা; অবলোকন; দৃষ্টি (এ পাপমুখ আর দর্শন করবো না; জীএ রাহি তার

দরশনে—*বচদা*)। ২ সাক্ষাৎকার (মহামানবের দর্শন লাভ)। ৩ ভক্তিভরে দেখা (কাবা দর্শন)। ৪ জ্ঞান; উপলব্ধি; অভিজ্ঞতা (ভূয়োদর্শন)। ৫ তত্ত্ববিদ্যা; চিন্তা-বিষয়ক শাস্ত্র; philosophy (দর্শনশাস্ত্র, মার্কসীয় দর্শন)। ৬ চক্ষু; দৃষ্টিশক্তি। ৭ আরশি; দর্পণ। ৮ চেহারা (সুদর্শন যুবা)। {*স.* √দৃশ্+অন(ল্যুট্)}

দর্শনদারি, দর্শনদারী, দর্শনডালি, দর্শনডারি, দর্শনডারী [দরশোনদারি, -, ডালি, -ডারি, -] *বি* ১ রূপ বা সৌন্দর্য বা দেহাকৃতি বিচার (আগে দর্শনদারি পরে গুণ বিচারি—*প্রবাদ*)। ২ বাহ্য আকৃতি। ☐*বিণ* সুদর্শন; ভালো চেহারা; সুরূপ (দর্শনদারী লোক)। {*স.* √দৃশ্+অন(ল্যুট্)+*ফা.* দার دار +ই}

দর্শনশাস্ত্র [দরশোনশাস্ত্রো] *বি* যাবতীয় তত্ত্বজ্ঞান প্রতিপাদকশাস্ত্র; তত্ত্ববিদ্যা; অধ্যাত্মবিদ্যা। {*স.* দর্শন+শাস্ত্র}

দর্শনি, দর্শনী [দরশোনি] *বি* ১ দর্শন করার জন্য দেয় অর্থ; দেখবার জন্য মূল্য বা প্রবেশমূল্য; fee (বাজারে ঘর ভাড়া কল্লেন, দর্শনী দু পয়সা রেট হলো—*কাসি*)। ২ পরীক্ষা করা বাবদ পারিশ্রমিক; ভিজিট (ডাক্তারের দর্শনী)। ৩ পীর, গুরু, দেবাদি দর্শন বাবদ প্রদেয় নজরানা। {*স.* দর্শন+*বা.* ই}

দর্শনীয় [দরশোনিয়ো] *বিণ* ১ দেখার যোগ্য; দর্শনযোগ্য। ২ মনোরম; সুন্দর; মনোহর; মনোজ্ঞ। {*স.* √দৃশ্+অনীয়(অনীয়র্)}

দর্শনেন্দ্রিয় [দরশোনেনদ্রিয়ো] *বি* চক্ষু। {*স.* দর্শন+ইন্দ্রিয়; *কর্মধা.*}

দর্শয়িতা [দরশোয়িতা] *বিণ* ১ প্রদর্শন; দর্শন করায় এমন; guide। ২ প্রকাশক। {*স.* √দর্শি+তৃ(তৃচ্)}

দর্শা [দরশা] *ক্রি* ফল দেখানো; ঘটা (পরিণাম দর্শিবে)। -**নো** *ক্রি* দেখানো; প্রদর্শন করা (কারণ দর্শানো)। ২ উক্ত অর্থে। {*স.* √দৃশ্+ণিচ্>}

দর্শিত [দোরশিতো] *বিণ* দেখা হয়েছে এমন; প্রকটিত; প্রতিপাদিত (আমার দর্শিত দোষ সকল যথার্থ দোষ নয়—*ঈবি*)। {*স.* √দৃশ্+ণিচ্+ত(ক্ত)}

-দর্শী (-**র্শিন্**) [দোরশি] *বিণ* দর্শক; দ্রষ্টা; জ্ঞানী (দূরদর্শী)। {*স.* √দৃশ্+ইন(ণিনি)}

দল [দল] *বি* ১ পত্র; পল্লব; পাতা (নলিনীদল)। ২ পাপড়ি (এখন কমল মেলিতেছে দল সলিল মাঝে—*সদ*)। ৩ সমূহ; পাল (সৈন্যদল)। ৪ সম্প্রদায়; পার্টি (কীর্তনের দল)। ৫ জোট (দলবদ্ধ)। ৬ (*বা.*) অসৎ সংসর্গ (দলে মেশা)। ৭ বেধ; স্থূলতা (তক্তাখানা দলে পুরু)। ৮ দাম; জলজ তৃণবিশেষ (কলমির দল)। ৯ পক্ষ; তরফ (দুই দলে লড়াই)। ১০ খণ্ড। ~**কচু** *বি* বড় বড় পাতাযুক্ত কচুবিশেষ; পাতাকচু। ~**চ্যুত, ~ছাড়া, ~ভ্রষ্ট** *বিণ* ১ স্বীয় সমাজ বা সম্প্রদায় থেকে বিচ্যুত বা বহিষ্কৃত; যূথভ্রষ্ট। ২ একক; দল থেকে স্বতন্ত্র। ~**পতি** *বি* ১ নেতা; সম্প্রদায়ের পরিচালক। ২ সেনাপতি। ~ **পাকানো, ~ বাঁধা** *ক্রি* ১ সঙ্ঘ তৈরি করা; দলে একত্র হওয়া। ২ কোনো বিশেষ উদ্দেশ্যে জোট পাকানো। ~**বদ্ধ** *বিণ* সঙ্ঘবদ্ধ; একদলে মিলিত। ~**বল** *বি* নিজের পক্ষের লোকজন; স্বপক্ষীয় সৈন্যসামন্ত। ~**ভুক্ত** *বিণ* দলের অন্তর্গত; দলীয়। **দলাদলি** *বি* বিভিন্ন দলে প্রতিদ্বন্দ্বিতা বা বিরোধ। **দলীয়** *বিণ* ১ দলসংক্রান্ত (দলীয় স্বার্থ)। ২ দলভুক্ত; এক দলের। **দলে দলে** *ক্রিবিণ* ১ বহুদলে বিভক্ত হয়ে। ২ অধিক সংখ্যায়। **দলে ভারী, দলে পুরু** *বিণ* সংখ্যায় বহু। {*স.* √দল্+অ(ক)}

দলই, দলুই [দলোই, -লু-] *বি* ১ দলপতি; সর্দার; সৈন্যাধ্যক্ষ; বিশেষত গ্রাম্য সৈন্যদলের; পরিচালক। ২ হিন্দু পদবি বা উপাধিবিশেষ। {*স.* দলপতি>}

দলক [দলক] *বি* ১ অবিরাম বৃষ্টি। ২ কর্দমাক্ত। ৩ ঢেলা (চিঠীক দলক—*জ্ঞাদা*)। ৪ ঝলক। {*স.* ঝলক>}

দলকানো [দল্কানো] ঝলকানো; চমকানো। {*স.* ঝলক>*বা.* দলক+আনো}

দলদল [দল্দল্] *অব্য* অতিরিক্ত নরমের ভাবসূচক। **দলদলে** *বিণ* অত্যন্ত নরম; কর্দমজাতীয়। {*ধ্বন্যা.*}

দলন [দলোন] *বি* ১ মর্দন; চূর্ণীকরণ; পেষণ। ২ নিপীড়ন; নির্যাতন; শাসন (শত্রুদলন)। ৩ শাসক; নিপীড়ক; উৎপীড়ক; দলনকারী; দমনকারী (দানবদলন)। ~**মলন, দলাইমলাই** *বি* ১ অঙ্গমর্দন; সংবাহন। ২ শরীরের বাহ্যিক যত্নাদি (দানা পানি ছাড়া কেবল দলন মলনে ফল কি)। **দলনী** *বিণ* *স্ত্রী.* দমনকারিণী; শাসয়িত্রী (দনুজ-দলনী)। {*স.* √দল্+অন (ল্যুট্)}

দলপিপি [দল্পিপি] জলপিপি নামক ক্ষুদ্র জলচর পক্ষী। {*স.* জলপিপি>}

দলমল [দল্মল্] *বিণ* দোলায়মান; দোদুল্যমান (সারাটি পালঙ্ক বেড়ি' দলমল ঢলে কন্যার মাথার এলোকেশ—*দমু*)। ~ ~ *ক্রিবিণ* দোলার অবস্থা (শ্বেত শ্মশ্রুদল দলমল দলমল করিতেছে—*মোহ*)। {*স.* মর্দয়>*প্রা.* দলমল}

দলম্মল [দলোম্মল্] *বিণ* ক্রমাগত ও ব্যাপকভাবে দুলছে এমন (দলম্মল দলম্মল গলে মুণ্ডমালা—*ভারা*)। {*স.* মর্দয়>*প্রা.* দলমল>}

দলা[1] [দলা] *বি* ঢেলা; ডেলা; ঢিল; পিণ্ড; পিণ্ডাকৃতি; খণ্ড (এই দলাটা হলেই হোয়ে গেল—*বিব*)। {*স.* দল+*বা.* আ}

দলা[2] *ক্রি* ১ দলন করা; পিষ্ট করা; মর্দন করা; মলন করা; মাড়ানো (দেবদল দলে গগনতল—*মদ*)। ২ নিপীড়ন করা (যেওনা হৃদয় দলি—*রঠা*)। ☐*বি* ১ দলন; মলন; মাড়ানো। ☐*বিণ* দলিত। ~**ই** *বি*। -**ইমলাই** ⇒ দলন। -**নো** *ক্রি* দলিত করানো; মাড়ানো; দমন করানো। {*স.* √দল্+*বা.* আ}

দলাদলি ⇒ দল

দলি [দোলি] *বি* ঢিল; মাটির ছোট চাঙড়। {দলা+ই}

দলিজ, দলিজঘর, দলিজা ⇒ দহলিজ

দলিত [দোলিতো] *বিণ* ১ দলন করা হয়েছে এমন; মর্দিত; পিষ্ট (দলিতদ্রাক্ষাসম—*রঠা*)। ২ দমিত; শাসিত। ৩ উৎপীড়িত; নিপীড়িত (দলিত হৃদয়)। {*স.* √দল্+ত(ক্ত)}

দলিল, দলীল [দোলিল্] *বি* ১ লিখিত প্রমাণপত্র; প্রমাণরূপে উপস্থাপিত কাগজপত্র; document। ২ স্বত্বাস্বত্ব নির্দেশক পত্র বা প্রমাণপত্র। ~ **করা** *ক্রি* কোনো জমি বা সম্পত্তি হস্তান্তরের উদ্দেশ্যে তৃতীয় পক্ষকে

সাক্ষী রেখে চুক্তিপত্র প্রস্তুত করা। ~**গ্রহীতা** *বি* যাকে জমি ইত্যাদির হস্তান্তর সংক্রান্ত দলিল দান করা হয়; যে দাতার স্বত্বসংক্রান্ত দলিল গ্রহণ করে। ~**দস্তাবেজ** *বি* দলিল ও এর আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ কাগজপত্র; বিবিধ প্রমাণপত্র (এই দলিল দস্তাবেজ তাহাদের হাতে দিব—*রঠা*)। ~**দাতা** *বি* যে জমি ইত্যাদি হস্তান্তর সংক্রান্ত দলিল অপরকে দেয়। ~ **পেশ করা** *ক্রি* ১ ন্যায্য দাবির পক্ষে লিখিত প্রমাণপত্র পেশ করা। ২ আপত্তি উত্থাপন করা। **দলিলি প্রমাণ** *বি* লিখিত কাগজপত্রাদি দ্বারা কৃত প্রমাণ; documentary proof। { *আ.* দলিল دليل }

দলীয় ⇒ দল

দলীল ⇒ দলিল

দলুই ⇒ দলই

দলুজ ⇒ দহলিজ

দলুয়া, দলো [দোলুয়া, দোলো] *বি* গুড়ের রস ঝরিয়ে প্রাপ্ত লালচে চিনি। { *স.* √দল্+ *বা.* উয়া>ও}

দলে দলে ⇒ দল

দশ [দশ্] *বি* ১ ১০ সংখ্যা। ২ *(আল.)* জনসাধারণ; সর্বসাধারণ (আমি দশের চোখে ধূলো দিয়ে—*রজসে*)। □ *বিণ* ১০ সংখ্যক। ~ **আনা ছয় আনা**—সম্মুখের চুল লম্বা এবং পিছনের চুল খাটো করে ছাঁটার পদ্ধতি বিশেষ। ~**ক** *বিণ* ১ দশ সংখ্যক। □ *বি* ১ দশ সংখ্যা। ২ একাধিক অঙ্কের ডানদিক থেকে দ্বিতীয় অঙ্ক, এককের বামের অঙ্ক যেমন ১৫–তে ৫, ২৭৮–তে ৭। ৩ দশটির সমষ্টি। ৪ দশ বৎসর কাল; প্রত্যেক শতাব্দীর শুরু থেকে গণনা করে প্রতি দশ বৎসর, যেমন—উনিশশত পঞ্চাশের দশক, অর্থাৎ ১৯৫০ থেকে ১৯৫৯ সাল পর্যন্ত, একইভাবে বিশশতের দশক (একুশ শতকের প্রথম দশ বছর) মানে হলো ২০০০ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত সময়। ~ **কথা** *বি* ১ অনেক কথা (দশ কথা বলতে গেলে কিছু সত্যমিথ্যা থাকবেই)। ২ নানা কটুবাক্য (আমাকে দশ কথা শুনিয়ে দিয়েছে)। ~**কর্ম** *বি* গর্ভাধান থেকে বিবাহ পর্যন্ত হিন্দুর অনুষ্ঠেয় দশবিধ সংস্কার (দশবিধ সংস্কার—গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্তন, বিবাহ)। ~**কর্মান্বিত** *বিণ* ১ হিন্দুর অনুষ্ঠেয় দশকর্মে দক্ষ বা তা পালনকারী। □ *বি (আল.)* কর্মী বা পরিশ্রমী লোক। ~**কিয়া** *বি* দশকের নামতা। ~**কুশী** *বি, বিণ* দশ ক্রোশের পথ (যুড়ি ঘোড়া দৌড় কুচে দিনেতে দশকুশী মারে—*রাব*)। ~**কোষী,** ~**কুশী** *বি* কীর্তন গানের একটি তালের নাম। ~**চক্র** *বি* দশলোকের চক্রান্ত বা মন্ত্রণা। ~**চক্রে ভগবান ভূত**—দশজনের চক্রান্তে সাধুও অসাধু প্রতিপন্ন হতে পারে; দশলোকের ষড়যন্ত্রে অসম্ভবও সম্ভব হয়। ~**জনের একজন**—অনেকের মধ্যে যিনি শ্রেষ্ঠ ব্যক্তি বলে গণ্য। ~ **দশা** *বি* ১ অভিলাষ, চিন্তা, স্মৃতি ইত্যাদি মানব মনের দশবিধ অবস্থা। ২ বিরহীর দশ দশা বা দশাপ্রাপ্তি। ⇒ **দশা**। ৩ গর্ভবাস, জন্ম, বাল্য ইত্যাদি মানবজীবনের দশ অবস্থা। ~ **দিক,** ~ **দিশ,** ~ **দিশি** *বি* ১ পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, ঈশান, বায়ু, অগ্নি, নৈর্ঋত, ঊর্ধ্ব, ও অধঃ —এই দশ দিক। ২ সর্বদিক; সর্বত্র (বাসনার বশে মন অবিরত ধায় দশ দিকে পাগলের মতো—*রঠা*; চকিত নয়নে ঘন দশ দিশ চাই—*রাব*; গোধূলির রঙে তাই দশ দিশি হাসে—*নই*)। ~**ধা** *ক্রিবিণ* ১ দশ দিকে; নানা দিকে; দশ ভাগে; দশ প্রকারে; নানা প্রকারে। ২ দশবার; বহুবার। ~**নামী** *বি* শঙ্করাচার্য প্রবর্তিত দশটি আশ্রমের উপাধিধারী দশটি সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। ~**পঁচিশ** *বি* এক প্রকার কড়ি খেলা। ~**বল** *বিণ* ১ দান, শীল, ক্ষমা, বীর্য, ধ্যান, যজ্ঞ, বল, উপায়, প্রণিধি, জ্ঞান—এই দশটি বলযুক্ত। ২ উক্ত দশ বলে বলীয়ান গৌতম বুদ্ধ (হিংসা ধর্মে ঘোর বৈর, হেথায় ভূপতি ঐর রাজ করে বল দশবল—*রঙ্গসে*)। ~**বাই চণ্ডী** *বি* ১ হিন্দুদের দশভুজা দেবী দুর্গা। ২ এক প্রকার ফুলগাছ। ৩ *(আল.)* কোপনস্বভাবা নারী; রণচণ্ডী। ~**ভুজা** *বিণ* ১ দশ হস্তবিশিষ্টা। ২ হিন্দুদেবী দুর্গা। ~**ম** *বিণ* ১০ সংখ্যক, ১০ সংখ্যার পূরক। ~**মহাবিদ্যা** *বি* কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা—হিন্দুদেবী দুর্গার এই দশটি মূর্তি। ~**মাবতার** *বি* হিন্দুমতে বিষ্ণুর কল্কি অবতার। ~**মিক** *বি* ১ অখণ্ড রাশির দশ ভাগের এক ভাগ; এককের দশমাংশের গণনা–পদ্ধতিবিশেষ। □ *বিণ* দশমাংশসম্বন্ধীয়; দশ গুণোত্তর; decimal (দশমিক মুদ্রা, দশমিক ওজন)। ~**মী** *বি* তিথি বিশেষ। ~**মী দশা,** ~**মীর দশা** *বি* জীবনের শেষ দশা; দশ দশার শেষ দশা; মৃত্যু (কেবল দশমী দশাবিধি সিরজিল—*বিপ*)। ~ **মুখে** ~ **কথা** *বি* নানা লোকের নানা কথা। ~**মূল** *বি* ১ দশটি বৃক্ষের মূল, যা আয়ুর্বেদোক্ত ঔষধে ব্যবহৃত হয়। ২ উক্ত মূলসমূহ দ্বারা প্রস্তুত কবিরাজি পাচনবিশেষ। ~**সমা** *বিণ* দশ বৎসরবয়স্কা (না বুঝাল কেহ তোমা, সুতা হৈল দশসমা তথাচ না কৈলে কন্যাদান—*কমু*)। ~**সালা** *বিণ* দশবৎসরের জন্য বিহিত (দশসালা বন্দোবস্ত)। ~**হরা** *বি* হিন্দুদের বিজয়া দশমী পর্ব। { *স.* দশন্; *তুল. গ্রি.* dekos }

দশন [দশোন্] *বি* ১ দাঁত (কণ্ঠে রজ্জু, জিহ্বা বিগলিত, ভীষণ দশন মালা—*মেম*)। ২ দংশন। ৩ পল পরিমাণ (দশন গোপের তৈল লাগে—*ঘচ*)। { *স.* √দন্‌শ্+অন (ল্যুট)}

দশক, দশনামী, দশপঁচিশ, দশবল, দশবাই চণ্ডী, দশভুজা, দশম, দশমাবতার, দশমিক, দশমী, দশমী দশা, দশমূল, দশসমা, দশসালা, দশহরা, ইত্যাদি ⇒ দশ

দশা [দশা] *বি* ১ অবস্থা (যখন গর্দভের দশা স্বচক্ষে দেখিলাম—*ঈবি*)। ২ ভাব; ধরন; গতিক (লোকের এই দশাই বটে—*রঠা*)। ৩ মানুষের জীবনের বাল্য যৌবনাদি দশ অবস্থা। ৪ মানব–মনের অভিলাষ, চিন্তা ইত্যাদির দশবিধ অবস্থা। ৫ *(জ্যোশা)* জন্মকালে মানুষের উপর গ্রহাদির অবস্থানজনিত প্রভাব (শনির দশা)। ৬ বৈষ্ণব শাস্ত্রের শ্রবণ, কীর্তন ইত্যাদি ভক্তির দশ ভাব। ৭ ভক্তিজনিত ভাবাবেশ; সমাধি (দশা পাওয়া)। ~**প্রাপ্ত** *বিণ* ১ ভাবস্থ; ভক্তিজনিত ভাবাবেশে বাহ্যজ্ঞানরহিত (সদলবলে উচ্চৈঃস্বরে নাম কীর্তন করিতে করিতে মানুষের দশাপ্রাপ্ত হয়—*প্রচৌ*)। ২ শোচনীয় অবস্থায় পতিত। ৩ মৃত্যুমুখে পতিত। ~**প্রাপ্তি** *বি*। ~ **বিপর্যয়** *বি* অবস্থাবৈগুণ্য; দুর্দশা;

দুরবস্থা। ~য় পড়া *ক্রি* কীর্তন করতে করতে আবেশগ্রস্ত হওয়া। { *স.* √দনশ্+অ (অঙ্)+আ(টাপ্)}

দশানন [দশানোন্] *বিণ* দশটি মুখ এমন। ☐ *বি* রামায়ণ বর্ণিত দশ মুখ বা মস্তকবিশিষ্ট রাক্ষসরাজ রাবণ। { *স.* দশ+আনন; *বহু.*}

দশাবতার [দশাবোতার] *বি* হিন্দুমতে বিষ্ণুর দশটি অবতার : যথা— মৎস্য, কূর্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ ও কল্কি। { *স.* দশ+অবতার; *দ্বিগু.*}

দশা-বিপর্যয় ⇒ দশা

দশাশ্বমেধ [দশাশ্‌শোমেধ] *বি* ১ হিন্দু পুরাণে বর্ণিত ব্রাহ্মণ কর্তৃক অনুষ্ঠেয় দশটি অশ্বমেধযজ্ঞ। ২ কাশীতে গঙ্গা নদীর একটি ঘাটের নাম। { *স.* দশ+অশ্বমেধ; *দ্বিগু.*}

দশাসই [দশাশোই] *বিণ* ১ লম্বা ও চওড়ায় সমান সই; দীর্ঘদেহ। ২ *(আল.)* বিরাট ও মোটা; স্থূলকায়; বেমানান দৈর্ঘ্য-প্রস্থবিশিষ্ট (দশাসই চেহারা)। { *স.* দশ+আশা (অর্থ দিক)+*বা.* ই}

দশাহ [দশাহো] *বি* ১ দশদিন কাল। ২ দশ দিন ধরে উৎসব। ☐ *বিণ* দশ দিনব্যাপী; দশ দিনের সমাহার। { *স.* দশ+অহ; *দ্বিগু.*}

দশি, দশী [দোশি] *বি* কাপড়ের ছিলা, শাড়ি প্রভৃতির আঁচলা; কাপড়ের ছেঁড়া পাড় বা পাড়ের সুতা (কেহ কেনে পুঁতি আর মালা... কেহ শুধু দশি—*বআমি*)। { *স.* দশা>*প্রা.* দসি>}

দষ্ট [দশ্‌টো] *বিণ* ১ দংশিত; কিছুতে কামড়ে দিয়েছে এমন (সর্পদষ্ট)। ২ দাঁত দ্বারা কাটা বা ছিন্ন (মূষিকদষ্ট)। { *স.* √দন্শ্+ত(ক্ত)}

দস্তক [দস্‌তোক] *বি* পরওয়ানা; সমন; গ্রেপ্তারি পরওয়ানা; গ্রেফতার করার হুকুমনামা (বাণিজ্য তথা অর্থনীতিতে দস্তকের প্রভাব অপরিসীম—*কআমা*)। { *ফা.* দস্তক دستک }

দস্তখত [দস্‌তোখত] *বি* হাতের স্বাক্ষর। **দস্তখতী** *বিণ* স্বাক্ষরযুক্ত; দস্তখতবিশিষ্ট। { *ফা.* দস্ত دست + *আ.* খত্ خط }

দস্তমুবারক [দস্‌তমুবারোক] *বি* পবিত্র হস্ত (ইহা হইতেছে হযরত মুহম্মদের দস্ত মুবারকেই চুম্বনদান—*গোমো*)। { *ফা.* দস্ত دست *আ.* মুবারক مبارک }

দস্তরখান, দস্তরখানা [দস্‌তোরখান্, –না] *বি* যে বস্ত্রখণ্ড বিছিয়ে তার উপর খাওয়া হয় (সব খাবার মাঝারি সাইজের প্লেটে করে সেই দস্তরখানে সাজিয়ে দেয়—*সৈমু*)। { *ফা.* দস্তরখান دسترخوان }

দস্তরি ⇒ দস্তুরি

দস্তা[১] [দস্‌তা] *বি* হাতল। { *ফা.* দস্তহ্ دستہ }

দস্তা[২] [দস্‌তা] *বি* এক প্রকার ধাতু; zinc। { *স.* যশদ>}

দস্তানা [দস্‌তানা] *বি* হাতমোজা; gloves (দস্তানার ভেতর থেকে হাতের আঙুলগুলো ঠাণ্ডায় ফেটে যেতে চাচ্ছে—*হাই*)। { *ফা.* দস্তানহ دستانہ }

দস্তাবিজ, দস্তাবেজ [দস্‌তাবিজ্, –বেজ্] *বি* দলিল (সুরু দস্ত দস্তাবিজ, গুজরাইব মিছিলকালে—*রাব*)। { *ফা.* দস্তাবীজ دستاوز }

দস্তার [দস্‌তার্] *বি* আমামা; উষ্ণীষ; পাগড়ি। ~**বন্দী** শেষ পরীক্ষায় উত্তীর্ণ হবার পর ছাত্রের মাথায় পাগড়ি বাঁধার অনুষ্ঠান। *তুল.* স্নাতক-উত্তরীয়। { *ফা.* দস্তার دستار }

দস্তিদার [দোস্‌তিদার্] *বি* ১ রাজকীয় সিল বা মোহর যার জিম্মায় থাকত এবং যার দস্তখতে রাষ্ট্রীয় দলিলপত্র রাজ-দপ্তরখানা থেকে প্রেরিত হতো। ২ পদবিবিশেষ। ৩ মশালচি। { *ফা.* দস্তী دستی + *ফা.* দার دار }

দস্তুর [দোস্‌তুর্] *বি* নিয়ম; প্রথা; রীতি (ভাবল এ ক্ষেত্রে ঘুষ বলাটাই পাকা দস্তুর—*রঠা*)। ~**মতো** *অব্য* ১ যথারীতি (সামান্য একটা পদক বা খেতাব দিয়ে নয়, দস্তুরমতো মোটা মাশুলে—*অচিসে*)। ২ বিলক্ষণ; যথেষ্ট; নিতান্ত (দস্তুরমতো অন্যায়)। ~**মাফিক** *অব্য* নিয়ম বা রীতি অনুসারে। { *ফা.* দস্তুর دستور + *আ.* মুয়াফিক موافق }

দস্তুরি, দস্তুরী, দস্তরি [দোস্‌তুরি, -, দস্‌তোরি] *বি* ১ মূল্যের যে অংশ ছেড়ে দেওয়া হয়; discount। ২ দালালি; কমিশন; খরিদ্দার জুটাবার পারিশ্রমিক বাবদ প্রাপ্য দ্রব্যাদির মূল্যের অংশবিশেষ (পেমেন্টের সময় দাওয়ানজী শতকরা দু'টাকার হিসাবে দস্তুরী কেটে ন্যান—*কাসি*; তা বোন দস্তুরিটা কত কি হবে—*জহা*)। { *ফা.* দস্তুরি دستوری }

দস্যি [দোশ্‌শি] *বিণ* দুরন্ত; অশান্ত; ডানপিটে; অবাধ্য (পাড়ার যত দস্যি ছেলে—*জউ*)। ~**পনা** *বি* দুরন্ত স্বভাব; অবাধ্য আচরণ। { *স.* দস্যু>}

দস্যু [দোশ্‌শু] *বি* ডাকাত; লুটেরা; শক্তির দ্বারা পরদ্রব্য গ্রহণকারী। ~**তা**, ~**বৃত্তি** *বি* ডাকাতি; লুণ্ঠতরাজ। { *স.* √দস্+যু (যুচ)}

দহ, দও, দ [দহো, দও, দ] *বি* ১ হ্রদ; বদ্ধ জলাশয় প্রভৃতির অতলস্পর্শ অংশ; অগাধ জলপূর্ণ স্থান। ২ ঘূর্ণিজল। ৩ গভীর গর্ত বা বিস্তীর্ণ ফাটল (মরি ক্ষুধার চোটে পেটে পড়ল দ'—*দ্বিরা*)। ৪ হ্রদ (দহের সলিল শুকায়েছে কবে—*বআমি*)। ৫ *(আল.)* সংকট (দয়ে পড়া)। **দ পড়া** *ক্রি* জমি নেমে গর্ত হওয়া। **দয়ে পড়া, দয়ে মজা** *ক্রি* *(আল.)* বিপদে বা সংকটে পতিত হওয়া (যেন দ'য়ে মজে গিয়ে বাহ্যজ্ঞানশূন্য হয়ে গিয়েছেন—*সৈমু*)। **দয়ে মজানো** *ক্রি* ১ নদীগর্ভে বা অতল জলে ডুবিয়ে দেওয়া। ২ *(আল.)* সর্বনাশ সাধন করা; সর্বস্বান্ত করা; বিপদে ফেলা। { *স.* হ্রদ>(বর্ণবিপর্যয়ে)দহ}

দহই *(ব্র.)* [দহোই] *ক্রি* দহন করে; দগ্ধ করে। { *স.* √দহ্>}

দহন [দহোন্] *বি* ১ দগ্ধকরণ; জ্বালা; পোড়া; দাহ। ২ অগ্নি (বেহান বিকাল যায় দহন সেবনে—*কমু*)। ৩ *(আল.)* যন্ত্রণা (হিয়ায় লইতে দহন দ্বিগুণ হয়—*চদা*)। ☐ *বিণ* দাহক; দহনকারী (বিশ্বদহন ক্রোধ)। ~**ক্রিয়া** *বি* জ্বলনের কাজ (দহনক্রিয়ার অর্থই হল দ্রুতবেগে অক্সিজেনের সঙ্গে মিলন—*শাফ*)। **দহনীয়** *বিণ* দাহ্য; দহনের উপযুক্ত; দহনযোগ্য। { *স.* √দহ্+অন(ল্যুট)}

দহর[১] [দহোর] *বি* ১ জলাভূমি। ২ গ্রামের পতিত গোচারণ ভূমি। ⇒ডহর। { *স.* হ্রদ>}

দহর[২] [দহোর] *বিণ* ১ দুর্বোধ্য। ২ অল্প। ৩ অল্পবয়সী। ☐ *বিণ* ১ শিশু; বালক। ২ ভাই। ২ হৃদয়; মন। { *স.* দভ্র>ই}

দহরম [দহোরম্] *বি* ১ ঘনিষ্ঠতা; আত্মীয়তা; অন্তরঙ্গতা। ২ বন্ধুত্ব। ~**মহরম** *বি* গভীর আন্তরিকতা; মাখামাখি; ঘনিষ্ঠ বন্ধুত্ব (রাজার সঙ্গে যত দহরম-মহরম থাক মব)। { *ফা.* দহরম دهرم }

দহল (*ব্র.*) [দহোল] *ক্রি* দগ্ধ বা দহন করল। { *স.* √দহ্> }

দহলা [দহোলা] *বি* দশশলা; দশ ফোঁটাযুক্ত খেলবার তাস। ~**নহলা করা** *ক্রি* (*আল.*) ইতস্তত করা। { *স.* দশশলা> }

দহলিজ, দলিজ, দলিজঘর, দলিজা, দলুজ [দহ্‌লিজ্, দোলিজ্, -ঘর, দোলিজা, দোলুজ্] *বি* ১ বৈঠকখানা; বাইরের ঘর (নাজির সাহেব দহলিজে এসে যুবককে দেখে—*নই*; গাঁয়ের চাষীরা মিলিয়াছে আসি মোড়লের দলিজায়—*জউ*; দলিজ ঘরের মাচার উপরে শুতে হয়—*অচিসে*; দরবার হৈতে পাত্র দলুজে বসেছে মাত্র -*ঘচ*)। ২ দরবারগৃহ (দলুজ দুয়ারে রাজা আছে দাঁড়াইয়া—*ঘচ*)। ৩ বারান্দা; ঘরের দাওয়া (দলুজে বসিয়া দুঃখভাবে মহামদ - *ঘচ*)। ৪ চণ্ডীমণ্ডপ। { *ফা.* দহলীজ دهليز }

দহশত ⇒ দহসত

দহসত, দহশত, দৈসত [দহোশত্, -, দোইশত্] *বি* ভয় (দহসত হইল দলে দেখিয়া ময়দান—*সৈহ*; দৈসতে ভাগিয়া আইনু তোমার হুজুরে—*সৈহ*)। { *ফা.* দহশত دهشت }

দহই [দহই] (*ব্র.*) দগ্ধ করে (দহই সব অঙ্গ—*বিপ*)। { *স.* দহতি> }

দহসি [দহসি] (*ব্র.*) *ক্রি* দগ্ধ করছে (মজন তবু দহসি—*বিপ*)। { *স.* দহ্> }

দহা [দহা] *ক্রি* ১ দগ্ধ হওয়া; পোড়া (দহিল মনের তাপ মনের আনলে—*বাহরাম*)। ২ দগ্ধ করা; পোড়ানো। ৩ শীর্ণ হওয়া (যদি সে কমল শিশিরে দহল কি করিব মধুমাসে—*বাহরাম*)। { *স.* দহ্+*বা.* আ }

দহি ⇒ দধি

দহিয়াল ⇒ দোয়েল

দহু [দহু] (*ব্র.*) *অব্য* বা; অথবা; কিংবা (কী জীবন দাহু পরল সন্দেহ—*বিপ*)। { *স.* অথবা> *অপভ্র.* থবু>থউ> *মৈ.* দহু }

দহ্যমান [দজ্‌ঝোমান] *বিণ* দগ্ধ হচ্ছে এমন; পুড়ছে এমন (দহ্যমান গৃহ)। { *স.* √দহ্+মান(শানচ) }

দা[১], **দাও** [দা, দাও] *বি* কাটারি; কুপিয়ে কাটবার অস্ত্রবিশেষ। ~**কাটা** *বিণ* দা দিয়ে কুচানো হয়েছে এমন (দা কাটা তামাক)। ~**কুমড়া সম্বন্ধ** *বি* মারাত্মক শত্রুতা; অহিনকুল সম্বন্ধ (দায়ে কাটে কুমড়া যেমন *ভারা*)। **রাম**~ *বি* বৃহৎ দাবিশেষ; খড়্গ। { *স.* দাত্র> }

-**দা**[২] [দা] *বি* দাদার সংক্ষিপ্ত রূপ (বড়দা, মেজদা)। { দাদা> }

দা[৩] [দা] *বি* দাত্রী; দানকারিণী (অন্নদা [illegible] √দা [illegible] কৃপ+ আ(টাপ)। }

দাই ⇒ ধাই

দাইড়া [দাইড়া] *বি* [illegible] বাঁশ ইত্যাদি [illegible] ব্যবহৃত দণ্ডবিশেষ; কাড়াইল (আরেক জন দাইড়া দিয়া মলনের ধান উল্টাইয়া দিতেছে—*আমজা*)। { *স.* দাড়+ইয়া> }

দাইন [দাইন] *বিণ* ডান; দক্ষিণ। { *স.* দক্ষিণ>দখিন> }

দাইমা ⇒ ধাই

দাইল ⇒ ডাল

দাউ দাউ [দাউদাউ] *অব্য* জোরে আগুন জ্বলার ভাবসূচক শব্দ (দাউ দাউ করে জ্বলে ওঠে)। { *ধ্বন্যা.*; *স.* দাব> }

দাউদ ⇒ দাদ

দাউলি, দাওলি [দাউলি, -ও-] *বি* জমির আগাছা তোলার হাতিয়ার; নিড়ানি; পাচন। ~**য়া, দাউলে** *বি* শস্যচ্ছেদক; শস্যকর্তনকারী। { *স.* দাত্র>দা+উলি }

দাওন ⇒ দামন

দাওনা, দেওয়ানা [দাওনা, দ্যাওয়ানা] *বি* পাগল (দাওনা হইয়া দেওয়ান কান্দায় ভিজায়ে মাটি—*মৈগী*)। { *ফা.* দীওয়ানহ্ ديوانه }

দাওয়া[১] [দাওয়া] *ক্রি* ধান ইত্যাদি শস্য কর্তন করা। (ধান দাওয়া)। { √দা+আ }

দাওয়া[২], **দাবা** [দাওয়া, দাবা] *বি* রোয়াক; বারান্দা (একজন বৃষ্টির জন্যে আপন দাওয়াতে বসিয়া আছে—*প্যারী*; দাবায় শুইয়া কৃষাণ ঘুমায়—*জউ*)। { *স.* দাবটি> }

দাওয়া[৩] [দাওয়া] *বি* ১ পাওনা; অধিকার; স্বত্ব। ২ দাবি (কৃষ্ণদাসকে আমার হস্তে সমর্পণ করিতে হইবেক এই দাওয়া করিয়া কলিকাতায় দূত প্রেরণ করিলেন—*ঈবি*)। ~**দার** *বিণ* দাবিদার; স্বত্বের অধিকারী। { *আ.* দাওয়া دعوى }

দাওয়া[৪], **দাওয়াই, দাবাই** [দাওয়া, -ই, দাবাই] *বি* ১ ঔষধ। ২ প্রতিকার; প্রতিবিধান (আমার রোগের এলাজ কর, পিইয়ে দাওয়াই লাল সুরা—*নই*; হাকিম আনাও... দাবাই পেলাক—*অউ*; মরণ ছাড়া নাই দুনিয়ার এই দুনিয়ার এই রোগের দাওয়াই—*বই*)। ~ **করা** *ক্রি* ১ চিকিৎসা করা বা করানো। ২ প্রতিকার করা; প্রতিবিধান করা। ~**খানা** *বি* ঔষধালয়; ডাক্তারখানা। { *আ.* দাওয়া دوا }

দাওয়াত, দাওত [দাওয়াত, দায়োত] *বি* নিমন্ত্রণ; আমন্ত্রণ; জেয়াফত (মেদের প্রাণের রাজা জলসাতে জীর্ণ জীর্ণের দাওত নাই—*নই*; দাওত করার পরে—*ঝহা*)। **দাওয়াতি** *বিণ* নিমন্ত্রিত। { *আ.* দাওত دعوة }

দাওয়াল ⇒ দাওয়ালে

দাওয়ালে, দাওয়াল [দাওয়ালে, দাওয়াল] *বি* ধান কাটার মজুর (এত ধান যে কাটিবার জন্যে দাওয়ালে পর্যন্ত জুটিবে না—*অচিসে*)। { *স.* দাত্র>দা+ ওয়াল }

দাওলি [দাওলি] *বি* কাস্তে; ছোট আকারের দা। { *স.* দাত্র> *প্রা.* দাও+লি }

দাঁ [দাঁ] *বি* ১ [illegible] সম্প্রদায়ের [illegible]। ২ শিক্ষিত; অভিজ্ঞ; [illegible] { [illegible] }

দাঁও, দাঁ, দাও [illegible] ১ [illegible] সহজে [illegible] বড় বকমের [illegible] ~**পেচ** ~**প্যাঁচ** [illegible] ১ [illegible] ২ কার্যসিদ্ধির [illegible] বাজারে [illegible]

~ **মারা** *ক্রি* সুযোগ বুঝে লাভজনক কাজ করা; সহজে মোটা লাভ করা (মোকদ্দমা বুঝিয়া মুচি দাঁও মারিতেন—*বচ*)। {*স.* দান>}

দাঁতকপাটি [দাঁত্কপাটি] *বি* দাঁতে দাঁতে খিল লাগা (আদেখলের হল ঘটি, জল খেতে খেতে দাঁতকপাটি—*প্রবচন*)। {দাঁত+কপাট+ই}

দাঁড় [দাঁড়] *বি* ১ নৌকা চালাবার ক্ষেপণীবিশেষ; এক ধরনের বৈঠা (দাঁড় টানা)। ২ খাঁচার পাখি বা পোষা পাখিদের বসবার দণ্ড (জিঞ্জির পায়ে দাঁড়ে বসে টিয়া চানা খায়—*নই*)। □ *বিণ* ১ খাড়া; দণ্ডায়মান। ২ অপেক্ষারত (আর কতক্ষণ দাঁড় করিয়ে রাখবে)। ৩ রুদ্ধগতি (গাড়ি দাঁড় করানো)। ৪ সুপ্রতিষ্ঠিত (কারবার দাঁড় করানো)। ৫ উপস্থিত; হাজির (সাক্ষী দাঁড় করানো)। ৬ উত্থাপিত; দায়ের (মামলা দাঁড় করানো)। □ *ক্রি* দাঁড় করানো। {*স.* দণ্ড>}

দাঁড়কাক [দাঁড়্কাক্] *বি* অত্যন্ত কালো রঙের এক প্রকার বড় কাকবিশেষ। **দাঁড়কাকের ময়ূরপুচ্ছ** ১ ছোট হয়ে বড়দের অনুকরণের চেষ্টা। ২ ভণ্ডামির চিহ্ন। **পাকা আম দাঁড়কাকে খাওয়া** *ক্রি* উৎকৃষ্ট বস্তুর অযোগ্য ব্যবহার হওয়া; সুন্দরী নারীর কুৎসিত পুরুষ-সঙ্গী হওয়া (হায় বিধি পাকা আম দাঁড়কাকে খায়—*ভারা*)। {*স.* দণ্ডকাক>}

দাঁড়-কোদাল [দাঁড়কোদাল্] *বি* লম্বা হাতলযুক্ত বড় কোদাল (লাঙল আর মই, হেলো কোদাল আর দাঁড়-কোদাল—*অচিসে*)। {দাঁড়+কোদাল}

দাঁড়া[১] [দাঁড়া] *বি* মেরুদণ্ড (শিরদাঁড়া); backbone। {*স.* দণ্ড>দাঁড়+আ}

দাঁড়া[২] [দাঁড়া] *বি* জমিতে পানি সেচনের জন্য কাটা নালি। {দণ্ড>}

দাঁড়া[৩] [দাঁড়া] *বি* রীতি; রেওয়াজ; ধরন; দস্তুর (চোর হয়ে চোর ধরতে দেখি এমন্নি দেশের উল্টা দাঁড়া—*জ্ঞান*)। **উল্টা** ~ *বি* বিপরীত রীতি বা প্রথা। {*স.* ধারা>}

দাঁড়া[৪] [দাঁড়া] *বিণ* দণ্ডায়মান। ~**কবি** *বি* ১ যে কবিয়াল তাৎক্ষণিকভাবে রচিত গান ও পদ্য দিয়ে প্রতিপক্ষের সঙ্গে প্রতিযোগিতায় অবতীর্ণ হন; কবিয়াল; কবিওয়ালা; কথক; গায়ক। ২ এক ধরনের কবিগান। ~**গোপন** *বি* হিন্দুসমাজে স্ত্রী আচারবিশেষ, নতুন বধূকে বরণ করে মঙ্গলার্থে হাতে পান-সুপারি দানরূপ অনুষ্ঠান (অন্যান্য স্ত্রীলোকেরা দাঁড়া গোপন দিয়া মঙ্গলাচরণ করিতে লাগিল—*পাম্মী*)। {*স.* √দণ্ডায়>}

দাঁড়ানো, দাঁড়ান [দাঁড়ানো] *ক্রি* ১ দণ্ডায়মান হওয়া; খাড়া হওয়া (...উপরে দাঁড়াও)। ২ অপেক্ষা করা; সময় নেওয়া; প্রতীক্ষা করা; বিলম্ব করা (তোমার জন্যে আর কতক্ষণ দাঁড়াবো)। ৩ থামা; স্থির হওয়া (দাঁড়াও পরিচয় করার জন্য যদি এবং বক্ষে—*মদ*)। ৪ প্রতিরোধের উদ্দেশ্যে প্রস্তুত হওয়া (শত্রুর বিরুদ্ধে রুখিয়া দাঁড়াও)। ৫ পরিণত হওয়া; শেষ হওয়া (দেখা যাক, কোথাকার পানি কোথায় গিয়ে দাঁড়ায়)। ৬ সুপ্রতিষ্ঠিত বা সুদৃঢ় হওয়া (... অবস্থার পর্যায়ে পৌঁছে (শেষ পর্যন্ত ওর ব্যবসা দাঁড়িয়ে গেছে)। ৭ জমা; সঞ্চিত হওয়া; স্থির হয়ে থাকা (পথের ওপর বেশ পানি দাঁড়িয়েছে)। ৮ পরিণত বা পর্যবসিত হওয়া (এমন বন্ধু যে শত্রু হয়ে দাঁড়াবে তা ভাবিনি)। ৯ পক্ষ সমর্থন করা; পক্ষ অবলম্বন করা (আমার হয়ে দাঁড়াবার কেউ নেই)। ১০ প্রতিযোগিতায় অবতীর্ণ হওয়া; প্রার্থী হওয়া (ভাবছি এবার নির্বাচনে দাঁড়াবো)। □ *বিণ* খাড়া; দণ্ডায়মান; অপেক্ষারত (দাঁড়ানো গাড়িটা কার)। □ *বি* দণ্ডায়মান অবস্থা বা ভঙ্গি; দণ্ডায়মান হওয়া। **দাঁড়ানে, দাঁড়ানিয়া** *বিণ* দণ্ডায়মান; অপেক্ষায় অবস্থানকারী। **নিজের পায়ে** ~ *ক্রি* নিজের শক্তিতে প্রতিষ্ঠিত হওয়া। **বেঁকে** ~ *ক্রি* ১ কোনো কিছু মেনে নিতে অসম্মত হওয়া। ২ প্রতিকূলতা করা। {*স.* √দণ্ডায়>}

দাঁড়াশ, দাঁড়াস, ডাঁড়াশ, ডাঁড়াস [দাঁড়াশ্, -, ডাঁ-, -] *বি* এক জাতীয় সাপ। {*স.* দণ্ড>দাঁড়+*বা.* আশ}

দাঁড়ি[১] [দাঁড়ি] *বি* ১ পূর্ণচ্ছেদসূচক চিহ্ন; (।)—এই চিহ্ন; full stop। ২ তুলাদণ্ড; ওজন করবার যন্ত্র। ~**টানা** *ক্রি* ১ বাক্যের শেষে পূর্ণচ্ছেদ (।) দান করা। ২ শেষ করা; ইতি টানা। ~**পাল্লা** *বি* তুলাদণ্ড; ওজন করার দণ্ডবিশেষ। {*স.* দণ্ড> *বা.* দাঁড়+ই}

দাঁড়ি[২]**, দাঁড়ী** [দাঁড়ি] *বি* ১ চিহ্ন; কষি (হাঁড়ি কাঠে সিঁদুরের দাঁড়ি—*অঠা*)। {*স.* দণ্ড> *বা.* দাঁড়+ই>}

দাঁড়ি[৩]**, দাঁড়ী** [দাঁড়ি] *বি* নৌকার দাঁড় টানে যে; নৌকা বাহক; মাল্লা (সাজিয়ে নিয়ে জাহাজখানি বসিয়ে হাজার দাঁড়ি—*রঠা*)। {*স.* দণ্ড>দাঁড়+ই, ঈ}

দাঁড়িকসি [দাঁড়িকোশি] *বি* ঊর্ধ্বে নিম্নে প্রলম্বিত কতকগুলি সরল রেখা (মানুষ গাছ বলতে গোটা কতক দাঁড়িকসি, পাহাড় বলতে একটা ত্রিকোণ চিহ্ন দিয়ে গেলো—*রঠা*)। {*স.* দণ্ড>দাঁড়+*বা.* ই+√কষ্+ই}

দাঁড়িকা, ডাঁড়িকা [দাঁড়িকা, ডাঁ-] *বি* ছোট মাছবিশেষ। {অজ্ঞ}

দাঁড়িটানা, দাঁড়িপাল্লা, দাঁড়ী ⇒ দাঁড়ি[১], দাঁড়ি[২]

দাঁড়ী ⇒ দাঁড়ি[৩]

দাঁত [দাঁত্] *বি* দন্ত; দশন; আহারকালে যার সাহায্যে আমরা খাদ্য চর্বণ করি। ~ **কনকন করা** *ক্রি* দাঁতে ব্যথা করা; ঠাণ্ডা বা বেদনার জন্য দাঁতে এক প্রকার কষ্টদায়ক অনুভূতি হওয়া। ~ **কনকনানি** *বি*। ~**কপাটি** *বি* দাঁতে দাঁতে লেগে থাকার অবস্থা; চোয়ালের খিলবদ্ধ হওয়া। ~ **খামটি**, ~ **খামুটি** *বি* ক্রোধ বা সংকল্পের সময়ে উপরের দন্তপঙ্ক্তির দ্বারা নিচের ঠোঁট জোরে চেপে ধরার অবস্থা। ~ **খিঁচানো** *ক্রি* দাঁত বের করে তীব্রভাবে তিরস্কার করা। ~ **খিঁচুনি**, ~ **ছোলা** *ক্রি* ১ দাঁত মাজা। ২ দাঁতে মিশি দেওয়া (দাঁত ছোলা দোলা হাস্য অবিরাম—*ভারা*)। ~ **তোলা** *ক্রি* ডাক্তারের সাহায্যে যন্ত্রণাদায়ক দাঁত উপড়ে ফেলা। ~ **থাকতে দাঁতের মর্যাদা না জানা বা বোঝা** ১ সুযোগের সদ্ব্যবহার না করা; সময়ে কাজ না করা। ২ হিতকারীর মঙ্গল প্রয়াস সময়ে উপলব্ধি না করা। ~ **পড়া** *বিণ* ১ বৃদ্ধ। ২ (ফোকলা দাঁত-পড়া বুড়ো)। ~ **ফোটানো**, ~ **বসানো** *ক্রি* ১ দন্তস্ফুট করা; কামড়ানো। ২ (*আল*) কোনো কঠিন বিষয় উপলব্ধি করতে সক্ষম হওয়া। ~ **বাঁধানো** *ক্রি* দাঁত পড়ে গেলে সেখানে কৃত্রিম দাঁত বসানো। ~ **বের করা** *ক্রি* ১ হাস্য করা। ২ অপ্রীতিভাব প্রকাশ করা; দাঁত খিঁচানো। ~ **ভাঙা** *ক্রি* ১ (*আল*)

দর্প বা শক্তি চূর্ণ করা। ☐ *বিণ* ১ দুরুচ্চার্য; উচ্চারণ করা কঠিন এমন (দাঁত-ভাঙা শব্দ)। ২ দুর্বোধ্য; দুর্বোধ; কঠিন (হাড়-ভাঙা পরিশ্রম করে দাঁত-ভাঙা সমাজের সৃষ্টি করিতেন না—*প্রচৌ*)। ৩ দর্প চূর্ণকারী (দাঁত-ভাঙা জবাব)। ~ **লাগা** *ক্রি* দাঁতে খিল লাগা। **দাঁতাল, দাঁতালো**[১] *বিণ* ১ দন্তযুক্ত। ২ বৃহৎ বা ধারালো দাঁত আছে এমন; দেঁতো; দন্তুর। **দাঁতে কাঠি বা দড়ি দিয়ে থাকা** *ক্রি* পানাহার ত্যাগ করে উপবাসী হয়ে পড়ে থাকা। **দাঁতে কুটো করা বা নেওয়া** *ক্রি* অত্যন্ত বিনীতভাবে অধীনতা বা পরাজয় স্বীকার করা; হার মানা। **দাঁতে দাঁতে লাগা** *ক্রি* ১ অতিরিক্ত শীতের দরুন উপর পাটির দাঁতের সঙ্গে নিচের পাটির দাঁতের ক্রমাগত ঠোকাঠুকি হওয়া। ২ ভয়, মূর্ছা ইত্যাদির দরুন নিচের পাটির দাঁতের সঙ্গে উপর পাটির দাঁত বদ্ধ হওয়া। **দাঁতের বাদ্যি** *বি* খালি ঝগড়া। **আক্কেল** ~ ⇒ আক্কেল। **গজ** ~ *বি* শাখা দাঁত; দাঁতের গোড়া দিয়ে যে অতিরিক্ত দাঁত ওঠে। **চিরুন** – *বি* চিরুনির মতো ফাঁক ফাঁক যে দাঁত। **চিরুনদাঁতি, চিরুনদাঁতী** *বি স্ত্রী*। **দুধ** –, **দুধের** ~ ⇒ দুধ। { *স.* দন্ত> *প্রা.* দংত>}

দাঁতন [দাঁতোন্] *বি* ১ দাঁত মাজার জন্য নিম, বাবলা, ইত্যাদি গাছের সরু ডাল। ২ ডাল দিয়ে দাঁত মাজার কাজ; দন্ত ধাবন। ~ **করা** *ক্রি*। { *স.* দন্ত>দাঁত+অন}

দাঁতা [দাঁতা] *ক্রি* গরু প্রভৃতি পশুর দুধের দাঁত পড়ে বয়সের দাঁত ওঠা (বাছুরটা এখনো দাঁতেনি)। **দাঁতানো** *ক্রি* ১ দাঁত দ্বারা আঘাত করা; দাঁত বসানো। ২ দাঁত ওঠা। { *স.* দন্ত>দাঁত+আ}

দাঁতাল, দাঁতালো [দাঁতালো] *বিণ* বৃহৎ দন্তযুক্ত; দন্তুর। ☐ *বি* দাঁতওয়ালা; কুকুরাদি যেসব প্রাণী কামড়ায়। { *স.* দাঁত+আল, আলো}

দাঁত্যা, দেঁতে [দাঁত্‌ত্যা, দেঁতে] *বি* ১ দাওয়া; বারান্দা; রক। ২ ঘরের চাল রক্ষার জন্য প্রাচীরের উপর আবদ্ধ মজবুত কাঠ (পাথরে দাঁত্যা দিল হনুমান বীর—*কমু*)। { *তুল.* দাওয়া}

দাঁদুড়িয়া, দাঁদুড়ে, দাদুড়ে [দাঁদুড়িআ, –ড়ে, দা–] *অক্রি* দৌড়াদৌড়ি বা দাপাদাপি করে (দাদুড়ে বেড়াইতে লাগিল —*প্যামি*)। { *স.* দুর্দান্ত>}

দাক্ষায়ণী, দাক্ষায়নী [দাকখায়োনি] *বি* দক্ষকন্যা ও শিবপত্নী সতী। { *স.* দক্ষ+আয়ন(আয়নণ)+ঈ(ঙীপ্)}

দাক্ষিণাত্য [দাকখিনাত্‌তো] *বিণ* ১ দক্ষিণ দেশস্থ। ২ দক্ষিণাপথে উৎপন্ন বা স্থিত। ☐ *বি* ১ দক্ষিণাপথের অধিবাসী (গরজে সুগ্রীবসহ দাক্ষিণাত্যে যত—*মদ*)। ২ বিন্ধ্য পর্বতের দক্ষিণে ভারতের অঞ্চলসমূহ; দক্ষিণাপথ। { *স.* দক্ষিণা+ত্য(ত্যক্)}

দাক্ষিণ্য, দক্ষিণতা [দাকখিন্‌নো, দোকখিনতা] *বি* ১ অনুগ্রহ; দয়া; আনুকূল্য (বাঁধ হে আজি কৃতজ্ঞতা পাশে দাক্ষিণ্য প্রকাশি—*মদ*)। ২ উদারতা; সৌজন্য (ওগো আমার দাক্ষিণ্য চাওয়া। অসীম তোমার দক্ষিণতা—*সদ*)। ৩ সরলতা। { *স.* দক্ষিণ+য(ষ্যঞ্), +তা}

দাক্ষ্য [দাকখো] *বি* দক্ষতা; নৈপুণ্য। { *স.* দক্ষ+য (ষ্যঞ্)}

দাখিল [দাখিল] *বি* উপস্থাপন; পেশ (যথাস্থানে অর্পণ কর ও শওগাত দাখিল করণেতে তুষ্ট—*রাম*)। ☐ *বিণ* ১ উপস্থাপিত; অর্পিত। ২ শামিল; তুল্য; প্রায় (স্টিমার জলতলে যাবার দাখিল হয়েছিল—*মব*)। ৩ প্রবেশ; উপনীত (রাজমহলের কেল্লাতে দাখিল হইলেন—*রাম*)। ~-**খারিজ** *বি* জমিদারি সেরেস্তায় বা সরকারি রেকর্ডে পুরাতন স্বত্বাধিকারীর নাম কাটিয়ে নতুন স্বত্বাধিকারীর নাম লেখা (এই দাখিল-খারিজ সূত্রে প্রজাকে যে কি পর্যন্ত হয়রান পেরিশান করা যায়—*প্রচৌ*)। **দাখিলি, দাখিলী** *বিণ* উপস্থাপিত; পেশ করা হয়েছে এমন; পেশকৃত (রাধাকুমুদবাবুর দাখিলি বৈদিক দলিলগুলির কোন তারিখ নেই—*প্রচৌ*)। { *আ.* দাখিল داخل }

দাখিলা [দাখিলা] *বি* যে খাজনা দেওয়া হয়েছে বা দাখিল করা হয়েছে তার প্রাপ্তি স্বীকারপত্র; খাজনা আদায়ের রসিদ (দাখিলা আজ কাটব না কো, টাকায় আনার কম না নিয়ে—*জউ*)। { *আ.* দাখিল داخل + *বা.* আ}

দাখিলি, দাখিলী ⇒ দাখিল

দাগ [দাগ্] *বি* ১ চিহ্ন; ছাপ। ২ কলঙ্ক; বদনাম (চরিত্রের দাগ)। ৩ ক্ষত; আঘাত (লাল ফুলসম দাগ খাওয়া দিল—*নই*)। ৪ মরিচা (লোহায় দাগ ধরা)। ৫ পরিচয়; চিহ্ন (কাপড়ের থানে দাগ দেওয়া)। ৬ রেখা; আঁক; আঁচড়। ৭ জমির খণ্ড বা কিতা; plot (একদাগে অনেক জমি)। ৮ গরু, মহিষ ইত্যাদির গায়ে দেওয়া লোহা-পোড়ানো ছেঁকা। ৯ (*আল.*) মলিনতা; মালিন্য; কলঙ্ক; অভিমান; দুঃখ (কাতর হিয়ার দাগ ধুয়ে ফেল—*মুশ*)। – **কাটা** *ক্রি* মনে রেখাপাত হওয়া; কার্যকর প্রভাব বিস্তার করা (তাঁর উপদেশ আমার মনে দাগ কেটেছে)। ~ **দেওয়া** *ক্রি* ১ রেখাঙ্কিত করা; চিহ্নিত করা (ভাল করে গ্রামারটা পড়বে—আমি তোমাকে দাগ দিয়ে দেখিয়ে দেব—*বিব*)। ২ তপ্ত লৌহ ইত্যাদির চিহ্ন দেওয়া (গরুটাকে দাগ দিতে হবে)। ~**নি** *বি* যে লোহা পুড়িয়ে গরু, মহিষ ইত্যাদির গায় দাগ দেওয়া হয়। ~**বিলি** *বি* জমি ও প্রজার বিবরণী। ~**রাজি** *বি* ছাদ ইত্যাদির ভাঙা বা ফাটা স্থান জোড়া দেওয়ার কাজ; জীর্ণ সংস্কার; মেরামত। { *ফা.* দাগ داغ }

দাগড়া ⇒ দগড়া

দাগা[১] [দাগা] *ক্রি* ১ দাগ দেওয়া; চিহ্নিত করা (ভালো কথাগুলো দাগাও)। ২ অঙ্কিত করা। ২ তপ্ত লৌহাদি দিয়ে চিহ্নিত করা (গরু দাগাও)। ৪ নিক্ষেপ করা; ছোড়া (মশা মারতে কামান দাগা—*প্রবাদ*)। ☐ *বিণ* উক্ত সকল অর্থে। **দাগানো** *ক্রি* ১ চিহ্নিত করানো। ২ অঙ্কিত করানো। ২ নিক্ষেপ করানো (কামান দাগানো)। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* উক্ত সকল অর্থে। { *ফা.* দাগ داغ + *বা.* আ}

দাগা[২] [দাগা] *বি* ১ গভীর মর্মবেদনা; ক্লেশ; সন্তাপ; মানসিক আঘাত (হুযুর বড় দাগা পেয়েছেন—*জোখা*)। ২ প্রতারণা; বঞ্চনা; বিশ্বাসঘাতকতা (খাইয়া তোমার ধন না পালায় যেন জন অবশেষে নাহি পাবে দাগা—*কমু*)। ৩ কলঙ্ক; অপবাদ। ৪ লেখা শেখবার আদর্শ (দাগা বুলানো)। ~**দার** *বিণ* ১ অনিষ্টকারী; দুষ্ট (বিশেষ বামন জাতি বড় দাগাদার—*ভারা*)। ২ কলঙ্ক দান করে এমন। ৩ বিশ্বাসঘাতক। ~**দারি** বিশ্বাসঘাতকতা (মেরা সাথে করে

এয়জা দাগাদারি কাম—*সৈহা*)।২ ক্ষতিকর কাজ। ৩ প্রতারণামূলক; ক্ষতিকর (দাগাদারি বাত কহ করিয়া বাহানা—*সৈহা*)। ~ **দেওয়া** ধোঁকা দেওয়া (শয়তানে তাঁহাকে দাগা দিতেছে—*মোস্তফা*)। ~**বাজ** *বিণ* বিশ্বাসঘাতক; শঠ; প্রতারক (মারো গেল দাগাবাজ হাবশি গোলাম—*সৈহা*)। ~**বাজি** *বি* বিশ্বাসঘাতকতা; শঠতা; প্রবঞ্চনা; প্রতারণা (কিন্তু দাগাবাজির জন্য সংসারের উপর ঈশ্বরের রাগটা রহিয়া গেল—*বচ*)।~ **বুলানো** *ক্রি* লেখা শেখবার জন্য প্রথম শিক্ষার্থীর আদর্শ হস্তলিপির উপর রেখা আঁকা। ২ (*আল.*) অন্যের বা পূর্ববর্তী লোকদের কৃতকর্ম বা আচরণের হুবহু অনুকরণ করা (বংশাবলিক্রমে কেবল পূর্ববর্তীদিগের উপর দাগা বুলাইয়া চলা—*রঠা*)।~**রি** *বিণ* প্রতারণামূলক (দেশময় দাগাদারী ভায়ের দাগারি কথা—*মীম*)। ~ **ষাঁড়** *বি* ১ হিন্দুদের শ্রাদ্ধাদিতে যে ষাঁড়কে দাগ দিয়ে উৎসর্গ করা হয়। ২ নামজাদা বদমাশ। { *ফা.* দাগা دغا }

দাগি, দাগী [দাগি] *বিণ* ১ চিহ্নিত; দাগযুক্ত; দাগ দেওয়া হয়েছে বা দাগ পড়েছে এমন; পচনের চিহ্নযুক্ত (দাগি আম)।২ কলঙ্কিত।৩ অপরাধের জন্য পূর্বদণ্ডিত; ঘাগি (দাগি আসামি)। ~**কাটা** *বিণ* মার্কা মারা; পূর্বে দণ্ডপ্রাপ্ত (খসম তাহার দাগীকাটা চোর রাতে রহিত না ঘরে—*জউ*)। **দাগি চোর** *বি* যে চোর ইতোপূর্বে চুরির জন্য দণ্ড লাভ করেছে। { *ফা.* দাগ داغ + ই, + ঈ}

দাঙ্গর (*মবা.*) [দাঙগোর] *বিণ* ডাঙ্গর; শক্তিমান; বলবান। ⇒ ডাঙ্গর

দাঙ্গা, দাংগা [দাঙ্‌গা] *বি* দলবদ্ধ হয়ে মারামারি মারপিট বা কাটাকাটি। ~**ফেসাদ**, ~**ফাসাদ** *বি* মারামারি ও তার আনুষঙ্গিক কাজকর্ম; বিবাদ; মারপিট ও মামলা-মকদ্দমা। ~**বাজ** *বিণ* ঝগড়া ও মারামারিতে অভ্যস্ত; দাঙ্গা করাই স্বভাব এমন। { *ফা.* জঙ্গবাজ جنگباز }

দাঙ্গা-হাঙ্গামা [দাঙ্‌গাহাঙ্‌গামা] *বি* ক্রমাগত দাঙ্গা বা মারামারি ও কাটাকাটি। { *ফা.* দাঙ্গা-হাঙ্গামাহ دنگا هنگامه }

দাড় [দাড়] *বি* ১ দাঁত। ২ কাটার মুখ (দন্তগুলো যেন মূলা অতি তীক্ষ্ণ দাড়—*রঙ্গসে*)। { *স.* দংষ্ট্র> *প্রা.* দাঢা>}

দাড়া, দাঢ়া [দাড়া] *বি* ১ বৃহৎ দাঁত; দংষ্ট্রা (বিকট দাড়া বেরুনিয়া জনে খাইতে ধায়—*কমু*)। ২ হুল। ☐*বিণ* চিংড়ি বা কাঁকড়ার দাঁতযুক্ত লম্বা ঠ্যাং। { *স.* দংষ্ট্রা> *প্রা.* দাঢা>দাড়া}

দাড়ি, দাঢ়ি [দাড়ি] *বি* ১ চিবুক বা গালের লোম; শ্মশ্রু (বুড়োর ভীত চোখ দিয়ে জল পড়ছে, দাড়ি দিয়ে রক্ত —*রঠা*)। ২ চিবুক; থুতনি। ~ **কামানো**, ~ **ফেলা** *ক্রি* ক্ষুর, কাঁচি ইত্যাদি সহযোগে দাড়ি মুণ্ডন করা। ~**য়াল, দেড়েল, দেড়ে** *বিণ* গালের লোম বা দাড়িবিশিষ্ট; শ্মশ্রুযুক্ত। **চাপ**~ *বি* সমস্ত চোয়াল ও চিবুকব্যাপী দাড়ি; ঘন শ্মশ্রু। **ছাগল**~ *বি* ছাগলের মতো চিবুকে সামান্য কিছু দাড়ি। **বুকে বসে ~ উপড়ানো** *ক্রি* আশ্রয়দাতা বা উপকারীর ক্ষতি বা সর্বনাশ করা। { *স.* দাঢ়িকা>}

দাড়িকানা [দাড়িকানা] *বি* এক ধরনের ক্ষুদ্রাকৃতি মাছ (কূলে কূলে চলে খরসুলা মাছ-দাড়িকানা পালে পালে —*নজরুল*)। { *স.* √দান/ ডান+কুন+আচ>}

দাড়িম ⇒ দাড়িম্ব

দাড়িম্ব, দাড়িম, দালিম [দাড়িম্‌বো, দাড়িম, দালিম] *বি* ডালিম ফল বা গাছ; বেদানাজাতীয় ফল বা তার গাছ। { *স.* দাড়িম্ব}

দাড়ুক, দাঁড়ুকা [দাড়ুকা] *বি* লৌহশৃঙ্খল (ডাড়া গাছ গমনে দাড়ুকা পায়ে দেবে—*ঘচ*)। { *স.* দণ্ড> *বা.* দাড়+উক, উকা>}

দাঢ়া, দাঢ়ি ⇒ যথাক্রমে দাড়া ও দাড়ি

দাণ ⇒ দান[২]

দাণিলোঁ (*প্রাবা.*) [দানিলোঁ] *ক্রি* ছেদন করলো। { √দা+ অন(লুট্)=দান>}

দাণ্ডা [দান্‌ডা] *বি* ১ ডাণ্ডা; বড় লাঠি। ২ বংশী খণ্ড। { *স.* দণ্ড+ *বা.* আ>}

দাণ্ডাখাণ্ডা [দান্‌ডাখান্‌ডা] *বিণ* ১ পতিপুত্রহীনা নারী। ২ বন্ধ্যা। { রণ্ডাযণ্ডা> ?}

দাণ্ডাল (*প্রাবা.*) [দান্‌ডাল্] *ক্রি* দাঁড়ানো; দণ্ডায়মান হওয়া (সকল দেবতা গিয়া দণ্ডাইল কূলে—*কৃও*)। { *স.* দণ্ড>+ *বা.* আল}

দাণ্ডি [দান্‌ডি] *বি* পার্বত্য অঞ্চলের দুর্গম পথে মনুষ্যবাহী যানবিশেষ (গিন্নি সবে অসুখ থেকে উঠেছেন, তিনি ছাতি মাথায় দাণ্ডি চেপে চলেছেন—*অঠা*)। { *স.* দণ্ড>দাণ্ডি> ডাণ্ডি}

দাণ্ডিক [দান্‌ডিক] *বিণ* দণ্ড ধারণের যোগ্য। **দাণ্ডিকী** *স্ত্রী*। { *স.* দণ্ড+ইক (ঠঞ্)}

দাতব্য [দাতোব্‌বো] *বিণ* ১ দানযোগ্য; দেয়।২ যা সাধারণত দান করা হয় বা হয়ে থাকে। ৩ দান (তাঁহার দাতব্যে সব পায় বলাবল—*সৈআ*)। ~ **চিকিৎসালয়** *বি* যেখানে বিনা মূল্যে চিকিৎসা করা হয় ও ঔষধ বিতরণ করা হয়। { *স.* √দা+তব্য(তব্যৎ)}

দাতা [দাতা] *বিণ* ১ দানশীল; দান করে এমন; বদান্য। ২ দেয় এমন; দানকারী (হাজী মুহম্মদ মহসীন ছিলেন প্রকৃত দাতা)। ৩ প্রদানকারী (সংবাদদাতা)। **দাত্রী** *স্ত্রী*। ~ **কর্ণ** *বি* (*আল.*) অত্যন্ত দানশীল ব্যক্তি (রাজা আজি দাতা কর্ণ—*রঠা*)। ~**লি** *বি* (*ব্য.*) দান কর্ম; দাতাগিরি (ত্রিশ টাকা মাইনার গরিব মাষ্টারের এত দাতালি করা কি ঠিক হইয়াছে?—*আমআ*)। **দাতৃত্ব** *বি* দানশীলতা; বদান্যতা; দাতার কাজ। { *স.* √দা+তৃ(তৃচ)}

দাত্যূহ [দাত্‌তুহো] *বি* ১ ডাহুক; ডাক পাখি। ২ চাতক। { *স.* দাত্যূহ }

দাত্র [দাৎত্রো] *বি* কাটারি; দা। { *স.* √দো+ত্র(ষ্ট্রন্)}

দাদ[১], দাউদ [দাদ, দাউদ্] *বি* এক প্রকার চর্মরোগ। { *স.* দদ্রু>}

দাদ[২] [দাদ] *বি* প্রতিশোধ; প্রতিহিংসা; অনিষ্টকারীর ক্ষতি সাধন (কাকে না কহিলে দাদ দিবেক ঈশ্বর—*তোহফা*)। ~ **তোলা**, ~ **নেওয়া** *ক্রি* প্রতিশোধ গ্রহণ করা। ~**ফরিয়াদ**, ~**ফরেদ** *বি* প্রতিকারের জন্য ফরিয়াদ; বিচারের জন্য নালিশ (এ খোদার মার এর তো কোন দাদ-ফরেদ নেই—*কাআও*)। { *ফা.* দাদ داد }

দাদখাই [দাদ্‌খাই] *বি* বিচার প্রার্থনা। ☐*বিণ* বিচার প্রার্থনাকারী। { *ফা.* দাদ খ্বাহ دادخواه }

দাদখানি [দাদ্খানি] *বি* গৌড়ের কররানি-সুলতান দাউদ খানের নামে প্রসিদ্ধ সরু চালবিশেষ; দিনাজপুরে উৎপন্ন মিহি ও অতি উৎকৃষ্ট চাল। {*আ.* দাউদ داود *ফা.* খান خان }

দাদন [দাদন] *বি* বায়না; দ্রব্যাদির অগ্রিম মূল্য বা মূল্যাংশ (যিনি নীলকরের কুঠীতে যাইয়া একবার দাদন লইয়াছেন, তাঁহার দফা একেবারে রফা হয়—*প্যামি*)। **–দার** *বি* যে দাদন দেয়; দাদন দাতা। **দাদনি, দাদনী** *বিণ* ১ যে কাজ বা দ্রব্যের জন্য দাদন দেওয়া আছে। ২ অগ্রিম প্রদত্ত অর্থাদি (দাদনি না দেয় এবে মহাজন সবে—*কমু*)। {*ফা.* دادن দাদন}

দাদরা, দাদ্‌রা [দাদ্‌রা] *বি* বাদ্যে হালকা তালবিশেষ (বাদলা হাওয়ায় তালবনা ঐ বাজায় চটুল দাদরা তাল—*নই*)। {*স.* দর্দুর>}

দাদলানো, দাদালানো [দাদ্‌লানো, -দা-] *ক্রি* প্রহারসহ হাঁকানি; মারতে উদ্যত হয়ে তাড়া করা (দাদালিয়া দাবড়ে চাটি চড় চাপড়ে কামড়ে পাড়ে হাতী ঘোড়া—*ঘচ*)। **দাদলি, দাদলিয়া** *অক্রি* প্রহার বা তাড়না করে (দাদলি দুহাতে দেনা—*ঘচ*)। {*হি.* দদ্ করনা}

দাদা [দাদা] *বি* ১ পিতামহ; মাতামহ। ২ বড় ভাই। ৩ কনিষ্ঠ ভ্রাতা; পৌত্র; দৌহিত্র প্রভৃতিকে আদরের সম্বোধন। ৪ বয়োজ্যেষ্ঠ বা একদলভুক্ত ব্যক্তিকে সম্মানসূচক সম্বোধন। **–ঠাকুর** *বি* হিন্দু সমাজে নিম্ন বর্ণের লোক কর্তৃক ব্রাহ্মণকে সম্বোধন। **–বাবু** *বি* ১ (হিন্দুদের মধ্যে) বড় ভাইয়ের তুল্য শ্রদ্ধেয় প্রভু। ২ (হিন্দু সমাজে) বড় বোনের স্বামী। **– মহাশয়, –মশাই, –মশায়** *বি* হিন্দু ব্যবহারে মাতামহ। **–শ্বশুর** *বি* স্বামী কিংবা স্ত্রীর পিতামহ বা মাতামহ; শ্বশুরের পিতা বা পিতৃব্য। **ঠাকুর–** (হিন্দু সমাজে) পিতামহ; পিতার পিতা। {*স.* দায়াদ>; অথবা *স.* তাত>তাদ; *হি.* দাদা}

দাদাল [দাদাল] *বি* তাড়া; প্রহার করার ভঙ্গি; হাঁকানো (কালুর নন্দনে দেখে দিলেক দাদাল—*ঘচ*)। ⇒ দাদলানো

দাদালান, দাদালানো ⇒ দাদলানো

দাদালিয়া, দাদালে [দাদালে] *বি* চড়-চাপড়; হস্ত দ্বারা আঘাত (দু হাতে দাদালে হানে যার লাগি পায়—*ঘচ*)। ⇒ দাদলানো

দাদি, দাদী [দাদি] *বিটু স্ত্রী.* পিতামহী; (বাঙালি হিন্দুসমাজে) ঠাকুরমা (কেমন হল নাচন দাদী—*সদ*)। {দাদা+ই, ঈ}

দাদু[১] [দাদু] *বি* দাদার আদরসূচক শব্দ। {দাদা+উ}

দাদু[২], **দাদূ** [দাদু] *বি* ২ মধ্যযুগের একজন সাধক কবি। **–পন্থি** *বি* মধ্যযুগের প্রসিদ্ধ কবি সাধক ও ভক্ত দাদুর মতাবলম্বী সম্প্রদায়বিশেষ। {*হি.* দাদু}

দাদুর, দাদূর (পদ্যে) [দাদুর্] *বি* ব্যাং; ভেক। **দাদুরি, দাদুরী, দাদূরী** *বি স্ত্রী.* ভেকী; মাদি ব্যাঙ (নবজল মদে মত্ত ডাকয় দাদুর—*কমু*; শোন গো কেবল দাদুর কি কয়—*সদ*; দাহুলী ডাউক দাদুরী ময়ূর চাতক নিনাদে মন—*দোখা*; দাদরী আঁধারে কাঁদেরে—*সদ*; দাদুরী প্রমত্ত ... খেলে বাঁএ মণ্ডুতার ভাঁজ—*সাহ*)। {*স.* দর্দুর ... দর্দুর>}

দান[১] [দান্] *বি* ১ অর্পণ; প্রদান স্বত্ব ত্যাগ করে দেওয়া (ভিক্ষাদান)। ২ সম্প্রদান; উৎসর্গ (কন্যাদান, বলিদান)। ৩ বিতরণ (বিনামূল্যে ঔষধদান)। ৪ প্রদত্ত বস্তু (মূল্যবান দান)। ৫ ত্যাগ (দেহদান, দানব্রত)। ৬ বিবাহে যৌতুক হিসেবে প্রদত্ত তৈজসপত্র। ৭ হস্তিমদজল। ৮ পালা (এবার তোমার দান)। ৯ পাশা বা কড়ি খেলার ছক নিক্ষেপ (দান দেওয়া)। **–খণ্ড** *বি* হিন্দুদের কৃষ্ণলীলায় নৌকা পার করা বিষয়ক পালা গান। **–খয়রাত** *বি* আপন স্বত্ব ত্যাগ করে টাকা-কড়ি বা বস্ত্র দেওয়া (দান-খয়রাত করিতে গেলে ফতুর হইতে হইবে—*রঠা*)। **–ধর্ম** *বি* দানাদি কর্ম ও ধর্মীয় আচরণ। **–পতি** *বি* অতিশয় দাতা; যে ব্যক্তি দানকর্মে সতত নিযুক্ত। **–পত্র** *বি* স্বত্ব ত্যাগ করে অন্যকে কিছু দান করার দলিল। **–বীর, –শৌণ্ড** *বিণ* অত্যন্ত দানশীল; সর্বস্ব দান করতে ইচ্ছুক এমন। **–শীল** *বিণ* দানে অভ্যস্ত; সর্বদা দানে রত এমন। **–সজ্জা** *বি* বিবাহাদিতে বর বা বধূকে দানের জন্য সজ্জিত দ্রব্যসমূহ (বসিয়াছে দানসজ্জা বাম দিকে লয়ে—*ভারা*)। **–সত্র** *বি* যে প্রতিষ্ঠানে অনাহূত রবাহূত সকলের মধ্যেই নির্বিচারে খাদ্যাদি বিতরণ করা হয়। **–সাগর** *বিণ* ১ অত্যন্ত দানশীল। ২ হিন্দুদের মধ্যে শ্রাদ্ধোপলক্ষে শ্রাদ্ধকর্তা কর্তৃক ষোলোটি (ষোড়শ) দান। **–সামগ্রী** *বি* দানের উপকরণ; দান করার জিনিসপত্র। **ভরণ–** *বি* জাতিবর্ণনির্বিশেষে গরিব-দুঃখীকে দান। **যেমন – তেমন দক্ষিণা** ১ দানের পরিমাণ অনুযায়ী দক্ষিণা। ২ নিকৃষ্ট পারিশ্রমিকের পরিবর্তে তদনুরূপ আশা করা। {*স.* √দা+অন(ল্যুট)}

দান[২](*মবা.*), **দাণ** [দান] *বি* ১ শুল্ক; ঘাটের মাশুল; খেয়ার কড়ি (দান সাধসি যমুনার কূলে—*বচদা*)। ২ তোলা; হাট বাজারের ক্ষুদ্র ও অস্থায়ী বিক্রেতাদের নিকট থেকে খাজনার পরিবর্তে পণ্যাদি গ্রহণ (কানাই কদম্ব মূলে ছলে দান সাধে—*ঘচ*)। **দাণী, দানী**(*মবা.*) *বি, বিণ* খেয়াঘাটে মাশুল সংগ্রহকারী; ঘাটোয়াল (হেন নীলজ দানী—*বচদা*; উৎকলে দানী রাখে চন্দন দেখিয়া—*কৃদা*)। ২ হাট-বাজারে শুল্ক সংগ্রহকারী; খাজনার পরিবর্তে যারা বিক্রেতার নিকট থেকে পণ্য গ্রহণ করে (কথো দূরে গেল মাত্র দানী দুরাচার—*বৃদা*)। {*স.* দান>*প্রা.* দাণ}

–দান, –দানি, –দানী [দান্, -নি, –] *বি* আধার; পাত্র (আতরদান, পানদান, ফুলদানি)। {*ফা.* দান دان, দানি, দানী= دانی }

দানকুনা, দানকুনি, ডানকুনি [দান্‌কুনা, -নি, ডানকুনি] *বি* এক প্রকার ছোট মাছ। {*স.* √দান/ডান+কুন+আ, ই}

দানব, দানা[১] [দানোব্, দানা] *বি* অসুর; দৈত্য; দনুজ (সহস্র সহস্র চলে ভূত দানা—*ভারা*)। **দানবী** *স্ত্রী.*। **–দলন, –সংহার** *বি* অসুর বিনাশ। **–দলনী** *বি* হিন্দুমতে অসুরনাশিনী দুর্গাদেবী; চণ্ডীদেবী। **দানবারি** *বি* ১ দেবতা; অসুরের শত্রু। ২ হিন্দুমতে অসুর বিনাশকারী; বিষ্ণু। {*স.* দনু+অ(অণ্)=দানব, >দানা}

দানা[২] [দানা] *বি* ১ ছোলা, মটর, কলাই প্রভৃতি শস্য। ২ বীজ; বিচি (এলাচি দানা)। ৩ খাদ্য; আহার (জোটে নাক ঘোড়ার দানা—*ঈবি*)। ৪ গোলাকার বা প্রায় গোলাকার

বস্তু; বীজসদৃশ বস্তু (সাগু দানা)। ৫ মটর দানার আকৃতিবিশিষ্ট স্বর্ণময় গুটিকার দ্বারা গ্রথিত মালা (গলাতে নির্মিত মণি-মাণিক্যের দানা—কৃও)। **–পানি** *বি* আহার ও পানীয়; অন্নজল (কিসের লাগিয়া তুমি ছাড়ছ দানাপানি —*পূগী*)। { *ফা.* দানহ دانه }

দানাদার১ [দানাদার্] *বিণ* দানাযুক্ত (দানাদার ঘি)। □ *বি* উপরে দানা-বাঁধা চিনিযুক্ত মিঠাইবিশেষ। { *ফা.* দানহ্দার دانهدار }

দানাদার২ *(অপ্র)* [দানাদার্] *বিণ* বিচক্ষণ; জ্ঞানপূর্ণ; বিবেচক; দরাজ (অতি মোলায়েম অথচ দানাদার গলায় তার কথা আরম্ভ করলেন—*প্রচৌ*)। { *তুল. ফা.* দানিশমন্দ دانشمند }

দানি১, দানী১ [দানি] *বিণ* ১ দানশীল; দাতা। ২ ধনরক্ষক (পথে বড় বড় দানী বিঘ্ন নাহি করে—*কৃক*)। { *স.* দান+*বা.* ই, ঈ}

দানি২ [দানি] *বি* যে চোরাই মাল রাখে (ভুলালি আমায় দানি ভাঁড়া যায় সঙ্গী . . . ভাঁড়া যায় কবে—*ভারা*)। { *স.* দান+*বা.* ই}

দানিশবন্দ, দানিশমন্দ ⇒ দানেশমন্দ

দানী ⇒ দান

দানীয় [দানিয়ো] *বিণ* দানের যোগ্য; দেয়। □ *বি* দানের যোগ্য পাত্র; দানের বস্তু। { *স.* √দা+অনীয়}

দানুয়া, দেনো [দানুয়া, দেনো] *বিণ* শ্রাদ্ধাদি ক্রিয়াকর্মে ব্যবহৃত বা প্রদত্ত এমন বস্তু (দানুয়া গামছা, দেনো মাল)। □ *বি* দানের যোগ্য। { *স.* দান+*বা.* উয়া>ও}

দানেশমন্দ, দানিশমন্দ, দানিশবন্দ [দানেশ্মন্দ, –নি–, দানিশ্বন্দ] *বিণ* ১ জ্ঞানী; পণ্ডিত; বিজ্ঞ। ২ ধর্মাত্মা; পুণ্যবান (বড়ই দানিশবন্দ কারে নাহি করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ে—*কমু*)। ৩ জ্ঞানী বা পণ্ডিত ব্যক্তি; পুণ্যবান ব্যক্তি (দেখহ দানেশমন্দ, কোদরতের এক বন্দ, পছন্দ করিয়া বুঝ দেলে—*সৈহা*)। **দানেশমন্দি, দানেশমন্দী** *বি* পাণ্ডিত্য; বিচক্ষণতা; জ্ঞানবত্তা (দানেশমন্দী তাজ সে দেশের অকালে আজ হচ্ছে গুঁড়া —*সদ*)। { *ফা.* দানিশমান্দ دانشمند }

দানো [দানো] *বি* দানব; দৈত্য; অপদেবতাবিশেষ (দানোয় এসে হঠাৎ কেশে ধরে—*রঠা*; এতদ্ব্যতীত দানোগণই এই বনের মধ্যে বাস করে—*শেহা*)। { *স.* দনু+অ(অণ্)= দানব>}

দান্ত১ [দান্তো] *বিণ* ১ ইন্দ্রিয় দমন করেছে এমন; জিতেন্দ্রিয় (হইয়া দান্ত শান্ত—*ভারা*)। ২ বশীভূত; দমিত, সংযত। ৩ দণ্ডিত; শাসিত; নিয়ন্ত্রিত। ৪ তপস্যার ক্লেশসহিষ্ণু। { *স.* √দম্+ত(ক্ত)}

দান্ত২ [দান্তো] *বিণ* ১ দাঁতসম্বন্ধীয়। ২ দাঁতের তৈরি। { *স.* দন্ত+অ(অণ্)}

দান্তি [দান্তি] *বি* ১ ইন্দ্রিয়দমন; সংযম। ২ তপস্যার ক্লেশ সহিষ্ণুতা। { *স.* √দম্+তি(ক্তি)}

দান্দান [দান্দান্] *বি* দন্ত; দাঁত (দান্দান্ ভেঙে লহু ঝরিয়াছে—*মোস্তফা*)। { *ফা.* দন্দান دندان }

দাপ [দাপ্] *বি* ১ দাপট; প্রতাপ; তেজ (বৈশাখের দারুণ দাপে—*আসি*)। ২ অহঙ্কার; গর্ব; দর্প। { *স.* দর্প>দপ্প>}

দাপক [দাপোক্] *বি* যে দান করায় বা দেওয়ায়। { *স.* √দপ্+ণিচ্>দাপি+অক(ণ্বুল্)}

দাপট [দাপোট্] *বি* প্রবল প্রতাপ; দুর্দান্ত; প্রভাব; তেজ (দাপটে অস্থির)। { দাপ+ট}

দাপদুপ [দাপ্দুপ্] *অব্য* উচ্চ পদশব্দ; চলবার সময়ে ক্রমাগত পায়ের আওয়াজ। { *ধ্বন্যা.* }

দাপন [দাপোন্] *ক্রি* বিতরণ করানো; দান করানো। { *স.* √দা+ণিচ্+অন(ল্যুট্)}

দাপনা ⇒ দাবনা

দাপনি, দাপুনি *(মবা.)* [দাপোনি, –পু–] *বি* ১ দর্পণ; আয়না। ২ দর্পণের মতো আভা বা চমক (শ্যাম তনু জ্যোতির্ময় সর্বাঙ্গ দাপনি—*দৌবা*)। { *স.* দর্পণ>*প্রা.* দপ্পণ>+*বা.* ই}

দাপাদাপি [দাপাদাপি] *বি* ১ সদর্পে ও সশব্দে ছুটাছুটি, চলাফেরা বা গোলমাল সৃষ্টি, লম্ফঝম্প ও বিশৃঙ্খলা সৃষ্টি (ছোটখাট বিষয় লইয়া দাপাদাপি করিয়া বেড়ানো—*শচ*)। ২ দুরন্তপনা; হৈ চৈ। { *ধ্বন্যা.* }

দাপানো, দাপান [দাপানো] *ক্রি* ১ দাপাদাপি করা। ২ ছটফট করা। ৩ আস্ফালন করা। **দাপানি, দাপুনি** *বি* ১ দাপাদাপিকরণ। ২ আস্ফালন; প্রতাপ। ৩ ছটফটানি। { *ধ্বন্যা.* }

দাপিত [দাপিতো] *বিণ* ১ দান করানো বা দেওয়া হয়েছে এমন। ২ জরিমানার সাহায্যে দণ্ডিত; শাসিত। { *স.* √দা+ণিচ্+ত(ক্ত)}

দাপী [দাপি] *বিণ* গর্বিত; অহঙ্কৃত। **দাপিনী** *স্ত্রী.* { *স.* দর্পী, দর্পিণী>}

দাপনি, দাপুনি ⇒ দাপনি

দাপ্য [দাপ্পো] *বিণ* ১ দস্যু দমনযোগ্য; দণ্ডনীয়। ২ দানযোগ্য; দাতব্য; দাপনীয়। { *স.* √দাপি+য (যৎ)}

দাফন, দফন [দাফোন্, দ–] *বি* মৃতদেহ গোরদান; লাশ সমাধিস্থকরণ (নবীর আশ্রমে যায় করিতে দাফন—*হেমা*)। { *আ.* দাফন دفن }

দাব১ [দাবো] *বি* ১ অরণ্য; বন (দাবানল)। ২ বনাগ্নি। ৩ অনল; অগ্নি; তাপ; উত্তাপ। **–দগ্ধ** *বিণ* দাবানলে পুড়ে গেছে এমন; দাবানলে দগ্ধীভূত। **–দাহ** *বি* ১ দাবানলের তাপ। ২ প্রবল জ্বালা-যন্ত্রণা। **–দাহন** *বি* উত্তাপ (মধ্যাহ্নের দারুণ দাবদাহনের শেষে—*এআ*)। { *স.* √দু+অ(অণ্)}

দাব২, দাবকি [দাব্, দাব্‌কি] *ক্রি* ১ চাপ দেওয়া; চাপা; টেপা। ২ দমন; আধিপত্য; শাসন (দাবে রাখা)। ৩ ভর্ৎসনা; তাড়না; ধমক (অন্য যদি পাত্র হতো পেত খুব দাব—*ঋচ*)। { *তুল. হি* দাব=চাপ}

দাবড়, দাবাড় [দাবোড়্ –বাড়্] *বি* ১ তাড়া; ধাওয়া; পশ্চাদ্ধাবন (বিশাল বিক্রমে বাঘে দিলেন দাবড়—*ঘচ*)। ২ দলন; মর্দন; মারামারি (ঘোরার হ্রেষণি শুনি হাতীর দাবড়—*ঘন*)। ৩ প্রচণ্ড আক্রমণ। ৪ ধমক; ভয় প্রদর্শন। **দাবড়ি** ⇒। { দাপট>}

দাবড়ানো, দাবড়ান [দাবড়ানো] *ক্রি* ১ ধমকানো; শাসন করার জন্য ভয় দেখানো। ২ পশ্চাদ্ধাবন করা; তাড়া করা। □ *বি* উক্ত সকল অর্থে। { √দাবড়া+আনো}

দাবড়ি, দাবড়ানি, দাবুড়ি [দাবড়ি, দাবড়ানি, দাবুড়ি] *বি*

১ ধমক; কঠিন তিরস্কার; তীব্র ভর্ৎসনা; শাসনের জন্য ভয় প্রদর্শন (দাবড়ি খেয়ে ঢিট হয়ে গিয়েছিল—*অঠা*)। ২ তাড়া; তাড়না; শাসন (ক্লার্ক ... এক দাবড়ি দিয়ে দরজাটি বন্ধ করে গান ধরলেন—*কাসি*)। {দাবড়্>}

দাবন [দাবোন্] *বি* চাপন; চাপ দেওয়া; মর্দন। {√দাব্+অন}

দাবনা, দাপনা [দাবনা, -প-] *বি* উরুর ভিতরের দিকস্থ মাংসল অংশ; জানুর উপরি ভাগের মধ্যস্থল (অঙ্গুলি পুড়িয়া যায় সাপিনী ফিরিয়া চায় ছুঁয়ে যায় বাঁদিয়ার দাপনা—*কমু*)। {দাব, >+না}

দাবলো [দাব্‌লো] *বিণ* ১ দুরন্ত; দুর্দান্ত। ২ বৃহৎ ও ভারী। ৩ দবজ; মজবুত; ভারসহ। {দাব+ওয়াল; *ফা.* দবীজ دبیز}

দাবুড়ি ⇒ দাবড়ি

দাবা[1] [দাবা] *বি* ১ শতরঞ্জ খেলা; chess। ২ মন্ত্রী নামক ঘুঁটি। ~ড়ে, ~ড়ু *বি* দাবা বা শতরঞ্জ খেলোয়াড়; ঐ খেলায় নিপুণ যে (আমার বাবা কাকা দুজনেই পাঁড় দাবাড়ে ছিলেন—*সৈমু*)। ~বোড়ে, ~বড়ে *বি* দাবা বা শতরঞ্জ খেলার সব ঘুঁটি; দাবা খেলা। {*স.* দ্বি>দরা>}

দাবা[2] [দাবা] *ক্রি* ১ চাপ দেওয়া; চাপা; টেপা (হাত-পা দাবিয়ে দেওয়া)। ২ দমন করা (দাবিয়ে রাখা)। □ *বি* উক্ত সকল অর্থে। **বগল~ করা** *ক্রি* বগলে চেপে ধরা; নিজের সম্পূর্ণ অধিকারে বা আয়ত্তে আনা। {√দাব্+আ}

দাবা[3] ⇒ দাওয়া[2]

দাবাই ⇒ দাওয়া[8]

দাবাগ্নি, দাবানল [দাবাগ্‌নি, দাবানল্] *বি* বনদহনকারী অগ্নি; গাছে গাছে বা কাঠে কাঠে ঘর্ষণজনিত অনল (যবে পশে দাবানল—*মদ*)। {*স.* দাব+অগ্নি, অনল; *কর্মধা.*}

দাবাড় ⇒ দাবড়

দাবাড়ু, দাবাড়ে ⇒ দাবা[1]

দাবানো, দাবান [দাবানো] *ক্রি* ১ দমন করা; শাসন করা। ২ চেপে ধরা; চাপা। ৩ টিপে দেওয়া; টেপানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {দাবা+আনো}

দাবানল ⇒ দাবাগ্নি

দাবাবড়ে, দাবাবোড়ে ⇒ দাবা[1]

দাবি, দাবী [দাবি] *বি* ১ স্বত্ব; অধিকার (আমি আমার দাবি ছাড়বো কেন?)। ২ ন্যায্য পাওনার জন্য অভিযোগ বা প্রার্থনা (আদালতে দাবি করা)। ৩ অধিকার ঘোষণা (আমি আমার প্রাপ্য অংশের দাবি করছি)। ~**দাওয়া** *বি* ১ অধিকার ও তা আদায়ের জন্য প্রার্থনা বা ঘোষণা; স্বত্ব আদায়ের ইচ্ছা ও চেষ্টা। ২ অভাব-অভিযোগ। ~**দার** *বি, বিণ* ১ ওয়ারিশ; অংশীদার। ২ যে স্বত্বের দাবি করে; claimant। ৩ দাবিসম্পন্ন লোক। {*আ.* দা'ওয়া دعوی}

দাম[1] [দাম্] *বি* ১ রজ্জু; গরু ইত্যাদি বাঁধার লম্বা দড়ি; বাঁধন দড়ি। ২ সুতা। ৩ মালা; কুসুমহার। ৪ গুচ্ছ (তোমার আকুল অলক দামে—*নই*)। ৫ একজাতীয় জলজ তৃণ; দল (পাটা-শেওলার দামে নামিয়া আসে—*নজ*)। {*স.* √দো+মন(মনিন্)}

দাম[2] [দাম্] *বি* ১ মূল্য; ক্রয়-বিক্রয়ে দ্রব্যের বিনিময় নির্ধারণ; দর (ভাল দেখে কিনে লয় দিয়ে ভাল দাম—*ঈবি*)। ২ বেতন; মজুরি। ৩ বেশি মূল্য (কয় মণ পাট রেখেছিলাম, দামে বেচব—*শও*)। ৪ (*আল.*) মর্যাদা (কথার দাম)। **দামি, দামী** *বিণ* ১ মূল্যবান; অনেক মূল্য এমন (হারায় কতক যা আছে মোর দামি—*রঠা*)। ২ (*আল.*) মর্যাদাবান (দামি কথা)। **দামড়ি** *বি* পুরাতন পয়সার এক অষ্টমাংশ; মুদ্রাবিশেষ। {*স.* দ্রম্ম; *গ্রি.* drachma}

দামড়া [দাম্‌ড়া] *বি* ১ ছিন্নমুষ্ক ষাঁড়; বলদ। ২ ষাঁড়। ~**বাছুর** *বি* ষাঁড় বাছুর (*বিপ.* বকনা বাছুর)। **দামড়ি, দামুড়ী** *বি স্ত্রী.* বকনা বাছুর (ছাগলের ছাও বেচি কিনিব দামুড়ী—*হেমা*)। {*স.* দম্য>দাম+ড়া}

দামন, দমন, দাওন [দামোন্, দ , দাওন্] *বি* বস্ত্রাদির প্রান্তভাগ; আঁচল; কুর্তার অগ্রভাগ (মওলানা সাহেব চওগার দমনে চোখ মুছিলেন—*আমজা*; ছয় দুয়ারে পার হইল হপ্তম দুয়ারে। পিছনের দাওন বিবি হইছফেরে ধরে—*ফগ*)। ~**গির, ~গীর** *বিণ* ১ (*আল.*) দাবিদার; আপত্তিকারী (দামনগীর না হইবে তোমরা তাহার—*সৈহা*)। ২ (*আল.*) নির্ভরশীল; অন্যের গলগ্রহ এমন। **পীরের ~ ধরা** *ক্রি* পীরের কাছে মুরিদ হওয়া; আধ্যাত্মিক উন্নতির জন্য পীরের শিষ্যত্ব গ্রহণ করা (দামন না ধরিয়া কেহ যমিরের রওশনী ও রুহের তরক্কী হাসেল করিতে পারে না—*আমজা*)। {*ফা.* দামন دامن}

দামনি, দাম্নী [দামনি] *বি* পশু বাঁধার দড়ি। {*স.* দাম>}

দামরা [দাম্‌রা] *বি* দামামা; বোল (ঘনঘোর বাজাইয়া দামা—*ঘচ*)। {*ফা.* দমামহ্ دمامه}

দামা [দামা] *বি* চর্ম দ্বারা বদ্ধমুখ বাদ্যযন্ত্রবিশেষ (ঘনঘোর বাজাইয়া দামা—*ঘচ*)। {*ফা.* দমামহ্ دمامه}

দামাদ, দামান্দ, দামান (বিরল) [দামাদ্, দামান্দ, দামান্] *বি* জামাতা; জামাই; কন্যার পতি (তেছরা ওছমান গনি, নবীর দামাদ তিনি—*সৈহা*)। ~**কুশ** *বিণ* জামাতাকে হত্যা করে এমন; জামাতৃহন্তা (নসর উল্লা জামাইকে খুন করে 'দামাদ-কুশ' (জামাতৃহন্তা) আখ্যায় কলঙ্কিত হতে চাইবেন না—*সৈমু*)। {*ফা.* দামাদ داماد}

দামামা [দামামা] *বি* নাগরা; ঢক্কাজাতীয় রণবাদ্য (বাজিছে দামামা বাঁধ রে আমামা—*নই*)। {*ফা.* দামামহ্ دمامه}

দামাল, দাম্বাল, ডামাল [দামাল্, দাম্‌বাল্, ডামাল্] *বিণ* ১ দুর্দান্ত; দুরন্ত; অশান্ত। ২ ক্ষয়প্রাপ্ত; নষ্ট (ঐ ক্ষেপেছে পাগলী মায়ের দামাল ছেলে কামাল ভাই—*নই*)। {*ফা.* দমাল دمال}

দামি ⇒ দাম

দামিনী [দামিনি] *বি স্ত্রী.* বিদ্যুৎ (শোভে দামিনীর প্রায় ঘরের আঁধারে—*কায়*)। {*স.* দামন+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

দামী ⇒ দাম[2]

দামুড়ী ⇒ দামড়া

দামোদর [দামোদর্] *বি* ১ (হিন্দুমতে) শ্রীকৃষ্ণ; যার উদরে দাম (রজ্জু) জড়িয়ে বেঁধে রাখা হয়েছে। ২ পশ্চিমবঙ্গের একটি নদের নাম। {*স.* দাম(দামন্)+উদর; বহু}

দাম্পত্য [দাম্‌পোত্‌তো] *বিণ* দম্পতি সংক্রান্ত। □ *বি* ১

স্বামী-স্ত্রীর প্রণয়। ২ দম্পতি সম্বন্ধ; বিবাহিত অবস্থা; বিবাহিত জীবন। ~**কলহ** *বি* স্বামী-স্ত্রীর ঝগড়া। ~**প্রেম**, ~**প্রণয়** *বি* স্বামী-স্ত্রীর পরস্পরের প্রতি অনুরাগ। {স. দম্পতি-য(যক), জায়া(দম্ গৃহিণী অর্থে)+পতি}

দাম্ভিক [দাম্‌ভিক্] *বিণ* ১ অহংকারী; দর্পী; গর্বিত। ২ দম্ভ প্রকাশকারী; দর্পযুক্ত (তাঁর মনে ভেসে উঠল দাম্ভিক একখানা মুখ—*হেমা*)। ৩ দাম্ভিকতা। {স. দম্ভ+ইক(ঠক)}

দায়[1] [দায়্] *বি* উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পত্তি; পৈতৃক ধন-সম্পত্তি। ~**ভাগ** *বি* ১ পৈতৃক সম্পত্তি বিভাগ। ২ (হিন্দুমতে) জীমূতবাহনকৃত পৈতৃক সম্পত্তি বিভাগ সম্পর্কিত প্রাচীন আইন গ্রন্থ। {স. √দা+অ(ঘঞ)}

দায়[2] [দায়্] *বি* ১ বিপদ; অবাঞ্ছিত অবস্থা (করিয়া অনেক দায়, ঘুচাইয়া সব দায়—*কমু*)। ২ দায়িত্ব; দায়িত্বপূর্ণ কর্ম; বড় রকমের কাজ (কন্যাদায়)। ৩ প্রয়োজন; গরজ; কারণ (মুখে বলে হায় হায়, হাসে নন্দুর দায়; কদাচিত না রহিবে দেশে—*সৈহা*)। ৪ ঝুঁকি (পরের দায় ঘাড়ে নেওয়া)। ৫ অপরাধ; দোষ (চুরির দায়ে ধরা পড়া); অন্যায়। ৬ ক্ষোভ; জ্বালা; মনস্তাপ (হিন্দুরে নাপাক বলে এত বড় দায়—*ভারা*)। ৭ সম্বন্ধ; সংস্রব (তোমার সংহতি মম নাহি কোন দায়—*কাসি*)। ~**গ্রস্ত** *বিণ* ১ সংকটে পতিত; বিপদগ্রস্ত। ২ ঋণী; কর্তব্যভারে পীড়িত। ~**পড়া** *ক্রি* গরজ থাকা; প্রয়োজন অনুভব করা (ওকে সাধবার জন্যে আমার ভারি দায় পড়েছে)। ~**মাল** *বি* দাবির মাল; চোরাইমাল (দায়মাল ধরা পড়া)। **দায়ে ঠেকা, দায়ে পড়া** *ক্রি* সংকটে পড়া; বিপদে পড়া; বাধ্য হওয়া (ওরা আপনিই সেটা মেটাবার উপায় করে নেবে দায়ে ঠেকে—*অঠা*)। ☐ *বি* পেটের দায়; জীবিকার প্রয়োজন বা গরজ; ক্ষুধার বা অনাহারের যন্ত্রণা। ☐ *বিণ* উক্ত অর্থে। {স. দায়িত্ব> *বা.* দায়; স. দা+অ(ঘঞ) (দান অর্থে)}

-**দায়ক** [দায়োক্] *বিণ* ১ দেয় এমন; প্রদানকারী; দাতা (যন্ত্রণাদায়ক)। ২ ক্ষতিপূরণ করে এমন। **দায়িকা** *স্ত্রী*। {স. √দা+অক(ণ্বুল)}

দায়মুল [দায়মুল্] *বি* যাবজ্জীবন কারাবাস; দ্বীপান্তরবাস রূপ দণ্ড (ধারা একটু বদলাইয়া দিলে তার দায়মুলও হইতে পারে—*আমজা*)। **দায়মুলী** *বিণ*। {আ. দায়েমুল হেস্ دائمال حبس}

দায়রা [দায়্‌রা] *বি* ১ উচ্চ ফৌজদারি আদালত; সেশন কোর্ট। ২ উচ্চ ফৌজদারি আদালতে বিচার। ~**সোপর্দ**, ~**সোপরদ্দ** *বিণ* বিচারার্থে উচ্চ ফৌজদারি আদালতে প্রেরিত। {আ. দা'ইরাহ دائرة}

দায়াদ [দায়াদ্] *বি* ১ উত্তরাধিকারের অংশীদার বা দাবিদার। ২ জ্ঞাতি; আত্মীয়। ৩ সগোত্র (চণ্ডীদাসের দায়াদ তোমরা—*সন*)। ৪ আত্মজ; পুত্র। **দায়দায়াদি** *বি* আত্মীয়-স্বজন (দাই এর' এমন একটা ভাও যাদের সাতগ্রামে দায়দায়াদী নেই—*সজ*)। **দায়াদি** *বিণ স্ত্রী* উত্তরাধিকারিণী। ২ কন্যা। ☐ *বিণ* উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত। {স. দায়+আ+√দা+অ(ক)}

দায়িক [দায়িক্] *বিণ* ১ দায়ী; বাধ্য (সে কোনরূপে শান্তির দায়িক নহে—*রঠা*)। ২ ঋণী; খাতক। {স. দায়+ইক}

দায়িত্ব, দায়িত্বজ্ঞান, দায়িনী ⇒ দায়ী

দায়ী (-য়িন্) [দায়ি] *বিণ* ১ দেনাদার এমন; দিতে হবে এমন; দিতে বাধ্য এমন; প্রদানকারী (দুঃখদায়ী)। ২ কর্তব্যের ভার বা ঝুঁকি পড়েছে এমন (এর জন্য তুমিই দায়ী)। ৩ কোনো কর্মের জন্য কৈফিয়ত দিতে বাধ্য; প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অপরাধী; দায়িক। **দায়িনী** *স্ত্রী*। **দায়িত্ব** *বি* ১ কর্তব্যভার। ২ ঝুঁকি (এ কাজের দায়িত্ব নেয়া সম্ভব নয়)। ৩ কোনো কাজের ভালোমন্দের দায় (তোমার নিজের দায়িত্বে এ কাজ করতে হবে)। **দায়িত্বজ্ঞান** *বি* কর্তব্যভার সম্পর্কে অনুভূতি; দায় গ্রহণের গুরুত্ববোধ। {স. √দা+ইন(ণিনি)}

দায়ের [দায়ের্] *বিণ* রুজু; বিচারের জন্য আদালতে পেশ করা হয়েছে এমন (মামলা দায়ের করা)। ☐ *ক্রি* দায়ের করা। {আ. দা'ইরাহ دائرة}

দার[1], **দারা** [দার্, দারা] *বি স্ত্রী* পত্নী; ভার্যা (দারাপুত্র পরিবার তুমি কার কে তোমার—*হেমা*)। ~**কর্ম**, ~**গ্রহণ**, ~**পরিগ্রহ** *বি* বিবাহ; পরিণয়। **দারাসুত** *বি* স্ত্রী-পুত্র। {স. √দারি+অ(অচ), +আ(*বহুব*)}

-**দার**[2] [দার্] *অব্য* ১ যুক্ত (নকশাদার, চুড়িদার)। ২ অধিকারী (জমিদার, আড়তদার)। ৩ বৃত্তিযুক্ত কর্মচারী (দোকানদার, জমাদার)। ৪ পাত্র (পাওনাদার)। ৫ বিভিন্ন অর্থবাচক প্রত্যয়বিশেষ। -**দারি** *অব্য* বৃত্তিসূচক প্রত্যয় (আড়তদারি)। {ফা. দারি داری}

দারওয়ান ⇒ দরোয়ান

দারক [দারোক্] *বি* ১ পুত্র। ☐ *বিণ* ভেদক; বিদারক। **দারিকা** *বি স্ত্রী* কন্যা। {স. √দৃ+অক(ণ্বুল)}

দারচিনী ⇒ দারু

দারণ [দারোন্] *বি* ১ বিদীর্ণকরণ; ভেদন; বিদারণ। ২ বিদীর্ণকারী অস্ত্র। {স. √দৃ+ণিচ্ (=√দারি)+অন(ল্যুট)}

দারব [দারোব্] *বিণ* কাঠ দ্বারা প্রস্তুত; দারুময়। {স. দারু+অ(অণ্)}

দারহাম ⇒ দিরহাম

দারা ⇒ দার

দারাইছ [দারাইছ্] *বি* দাঁড়াশ সাপ (দারাইছ সাপের রস দিয়া তায় বানাইল—*পুঁথী*)। {স. দণ্ড>}

দারাজ, দারাজ-দিল, দারাজ-দিলী, দারাজসিনা ⇒ দরাজ

দারি ⇒ দার

দারিকা[1] ⇒ দারক

দারিত [দারিতো] *বিণ* বিদীর্ণ করা হয়েছে এমন; বিদারিত। {স. √দৃ+ণিচ+ত(ক্ত)}

দারিদ (*ব্র.*) [দারিদ] *বি* ১ দারিদ্র্য (না পুরে অল্প ধনে দারিদ তিয়াসে—*বিপ*)। {স. দারিদ্র্য>}

দারিদ্র ⇒ দারিদ্র্য

দারিদ্র্য, দারিদ্র [দারিদ্‌দো] *বি* ১ নির্ধনতা; দরিদ্র অবস্থা; দরিদ্রতা। ২ অভাব (চিন্তার দারিদ্র্য)। ৩ দৈন্য; দীনতা। {স. দরিদ্র+য(ষ্যঞ), অ(অণ)}

দারী [দারি] *বি* ১ গণিকা; বেশ্যা (ঘর ত্যজি দারী সঙ্গে মন মজাইলা—*ঘচ*)। ২ লাম্পট্য। ৩ বেশ্যাবৃত্তি। {ও. দারী}

দারু[1] [দারু] *বি* কাঠ; কাষ্ঠ। ~**চিনি, দারচিনি, ডালচিনি**

বি মসলারূপে ব্যবহৃত; বৃক্ষবিশেষের মিষ্ট ও সুগন্ধযুক্ত বাকল। ~জ, ~ময় *বিণ* ১ কাঠের তৈরি (একটি বৃহৎ দারুময় দর্বী নিমজ্জিত করিয়া—*রাধ*)। ২ কাঠ থেকে জাত। ~দহন *বি* দাবানল (দুহু দিশ দারুদহনে যৈছে দগধই —*বিপ*)। ~পিপীলিকা *বি* কাঠপিঁপড়া (কুসুম ভিতরে মাতা পাতিলেন মায়া। পলাশে রহিলা দারু-পিপীলিকা হৈয়া—*কমু*)। ~ব্রহ্ম *বি* উড়িষ্যার জগন্নাথ নামক হিন্দু দেবতার কাষ্ঠনির্মিত মূর্তি। {স. √দৃ+উ(উণ)}

দারু[২] [দারু] *বি* ১ ঔষধ। ২ মদ; সুরা। {*ফা.* দারু دارو}

দারুক [দারুক্] *বি* ১ কৃষ্ণের সারথির নাম। ২ কাঠ। ৩ দেবদারু বৃক্ষ। ৪ কাঠের তৈরি পুতুল। {*স.* দারু-ক(কন্)}

দারুকা (*মবা.*) [দারুকা] *বি* শৃঙ্খল; লৌহদণ্ড (পায়েত দারুকা হস্তে দিল হতেকড়ি —*সৈআ*)। {*স.* দণ্ড> দাঁড়> দাড়+উকা> দারুকা}

দারুণ [দারুন্] *বিণ* ১ অত্যন্ত; অতিশয় (দারুণ তৃষ্ণা)। ২ ভীষণ; ভয়ানক (দারুণ মূর্তি)। ৩ তীব্র; উগ্র (দারুণ শীত)। ৪ প্রবল; দুঃসহ; অসহ্য (নবম শতকের গোড়াতে দারুণ বিপ্লব এনে দেয়—*আম*)। ৫ নৃশংস; নির্মম; কঠিন (দারুণ কষ্ট)। ৬ নিষ্ঠুর; মর্মান্তিক; কঠোর (দারুণ বাক্য)। ৭ রুষ্ট (মিথ্যা পরিবাদে প্রভু না হৈঅ দারুণ—*রাব*)। ৮ নৃশংস; নির্মম (এ পীড়া দারুণ বিধি রাবণের ভালে—*মদ*)। ৯ কঠিন (দারুণ শপথ)। {*স.* √দৃ+ই (ণিচ)+উন (উনন্)}

দারুময় ⟹ দারু[১]

দারুল-ইসলাম, দার-উল-ইসলাম [দারুল্ ইসলাম্] *বি* ১ এমন স্থান যেখানে ইসলাম বিনা বাধায় আচরিত হয় (ইসলামী রাষ্ট্র, হিন্দুস্তান আজ অবধি দারুল ইসলাম —*আজা*)। {*আ.* দারুল ইসলাম دارالاسلام}

দারুল উলুম [দারুল্ উলুম্] *বি* শিক্ষাকেন্দ্র; বিশ্ববিদ্যালয় (এই বাজারটাকে এ অঞ্চলে একটা কালচারেল সেন্টার দারুল উলুমে পরিণত করিয়া তুলিয়াছেন —*আমআ*)। {*আ.* দারুল 'উলুম্ دارالعلوم}

দারুস-সালাম, দার-উস-সালাম [দারুস্ সালাম্] *বি* শান্তির স্থান। {*আ.* دارالسلام}

দারোগা, দারগা [দারোগা] *বি* থানার অধ্যক্ষ বা ভারপ্রাপ্ত কর্মচারী; পুলিশের ইন্সপেক্টর বা সাবইন্সপেক্টর। **ছোট** ~ *বি* সাব-ইন্সপেক্টর; বড় দারোগার সহকারী দারোগা। বড় ~ *বি* থানার ভারপ্রাপ্ত ইন্সপেক্টর বা সাব-ইন্সপেক্টর। {*ফা.* দারোগাহ داروغه}

দারোয়ান, দরোয়ান, দরওয়ান [দারোয়ান্, দরোয়ান্, দরওয়ান্] *বি* ১ দ্বাররক্ষক; দরজার প্রহরী; দ্বারবান; প্রতিহারী (এবং কোচয়ান, দারোয়ান, মালী ইত্যাদি—*রাধ*; তাড়ায় তাদেরে গলা দিয়ে দরওয়ান—*নই*)। ২ পিয়ন। **দারোয়ানি** *বি* প্রহরীর কাজ; দারোয়ানের কাজ। {*ফা.* দারবান دربان}

দার্ঢ্য [দার্ঢ্যো] *বি* ১ দৃঢ়তা (কী কাঠিন্য কী দার্ঢ্য সে কণ্ঠে —*সমু*)। ২ স্থিরতা; স্থৈর্য। ৩ কঠোরতা; কাঠিন্য; নির্মমতা। ৪ অনমনীয়তা। {*স.* দৃঢ়+য(ষ্যঞ্)}

দার্দুর [দার্দুর্] *বিণ* ব্যাঙ সম্বন্ধীয়। ☐ *বি* ১ ভেকত্ব। ২ জল; পানি। {*স.* দর্দুর+ষ্ণ}

দার্শনিক [দারশোনিক্] *বিণ* ১ দর্শনশাস্ত্রবেত্তা। ২ দর্শনশাস্ত্রসংক্রান্ত। ৩ দর্শনশাস্ত্রসুলভ (দার্শনিক মতিগতি)। ৪ চিন্তাশীল। ৫ দর্শনশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। ~তা *বি* দার্শনিকের ভাব বা মতিগতি। ২ চিন্তাশীলতা। ৩ ভাবুকতা। {*স.* দর্শন+ইক(ঠক্)}

দাল, দাইল [দাল্, দাইল্] *বি* ডাল; মুগ, মুসুর, কলাই প্রভৃতি শস্যের বীজ (রাঁধিবার বেলায় কলাইয়ের দাল বচ)। ~পুরি, ডালপুরি *বি* বাটা ডালের পুর দেওয়া তেলে সেঁকা পুরি বা লুচিবিশেষ। ~মুট, ডালমুট *বি* ঘি ও মশলা দিয়ে ভাজা ছোলার ডাল বা দানা। {*স.* দল> দালি; দ্বিদল>}

দালনা ⟹ ডালনা

দালান [দালান্] *বি* ১ ইটের তৈরি গৃহ; পাকা বাড়ি। ২ মণ্ডপের মতো ঘর বা গৃহ (রাজার দুই দিকে দুই দালান এক দিকে ব্রাহ্মণ পণ্ডিত আর এক দিকে দেশ বিদেশের রাজা আর রাজপুত্তুর —*ঠাঠা*)। ৩ বারান্দা। ৪ দর-দালান। দর-~ *বি* বারান্দা; ঘরের মতো বারান্দা। ~কোঠা *বি* পাকা বাড়ি। ~ দেওয়া *ক্রি* পাকা বাড়ি নির্মাণ করা। {*ফা.* দালান دالان}

দালাল [দালাল্] *বি* ১ কমিশনের বিনিময়ে যে ব্যক্তি ক্রেতা ও বিক্রেতাকে ক্রয়-বিক্রয়ে সাহায্য করে; ব্যবসা বাণিজ্যে যে ব্যক্তি মধ্যস্থতা করে। ২ ক্রেতা বা মালপত্র সংগ্রহকারী। ৩ (*ব্য.*) অসঙ্গতভাবে পক্ষ সমর্থনকারী; অন্যায়ভাবে সহায়তাকারী। **দালালি, দালালী** *বি* ১ দালালের বৃত্তি। ২ দালালের পারিশ্রমিক বা দস্তুরি। ৩ (*ব্য.*) গায়ে পড়ে মধ্যস্থ সাজা (তোমাকে আর দালালি করতে হবে না)। **ফোপর দালালি, ফপর দালালি** ⟹ ফপর দালাল। {*আ.* দল্লাল دلال}

দালিম ⟹ দাড়িম্ব

দাশ [দাশ্] *বি* ১ জেলে; ধীবর; হিন্দু মৎস্যজীবী। ২ হিন্দু বৈদ্য বংশের একটি পদবি। **দাশী** *স্ত্রী*। {*স.* √দাশ্+অ(অচ্)}

দাশরথ, দাশরথি [দাশোরথ, -রোথি] *বি* রামায়ণোক্ত দশরথের পুত্র। {*স.* দশরথ+অ(অণ্)}

দাস [দাশ্] *বি* ১ চাকর। ২ ক্রীতদাস (দাস ব্যবসায়ী)। ৩ অনুগত জন; অধীন (অভ্যাসের দাস)। ৪ ধীবর; জেলে (মৎস্য বেচে চষে চাষ বসে দুই জাতি দাস—*কমু*)। ৫ প্রাচীন অনার্য জাতি; যারা দস্যুবৃত্তি করতো। ৬ হিন্দু কায়স্থ সম্প্রদায়ের একটি পদবি বা উপাধি। ৭ শূদ্র। **দাসী** *স্ত্রী*। ~খত *বি* দাসত্ব স্বীকারপত্র; দাসত্ব করার প্রতিজ্ঞাপত্র (ভগু আসিয়া দাসখত লিখিয়া দিয়া যায় না —*রঠা*)। ~ত্ব *বি* দাস্যবৃত্তি; দাস বা ক্রীতদাসের কাজ। ~ত্ব শৃঙ্খল *বি* পরাধীনতারূপ শৃঙ্খল (দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায় হে—*রঙ্গসে*)। ~প্রথা, ~ত্ব প্রথা *বি* ক্রীতদাস বা ক্রীতদাসী রাখার রীতি বা ব্যবস্থা। ~ব্যবসায় *বি* পণ্যের ন্যায় মানুষকে আজীবন ক্রীতদাস-দাসীরূপে বেচাকেনার ব্যবসা। ~মনোভাব *বি* দাসের ন্যায় পরনির্ভরশীল ও আত্মসম্মানহীন মনোভাব।

দাসানুদাস *বি* গোলামের গোলাম; চাকরের চাকর; একান্ত অনুগতজন। { *স.* √দাস্+অ(অচ্)}

দাসী [দাশি] *বি স্ত্রী.* চাকরানী; স্ত্রী ভৃত্য। **-পুত্র** *বি* ১ দাসীর গর্ভজাত পুত্র। ২ গালিবিশেষ। **-বৃত্তি, -পনা** *বি* চাকরানীর কাজ। { *স.* দাস+ঈ(ঙীষ্)}

দাসুসাহি *(মবা.)* [দাশুশাহি] *বি* এক প্রকার ধান (দাসুসাহি বাঁশফুল ছিলাট করুটি—*ভারা*)। { *অমূ.*; দাসুশাহ> ?}

দাসেয় [দাশেয়ো] *বি* দাসীর গর্ভে উৎপন্ন পুত্র। { *স.* দাস+এয়(ঢক্)}

দাস্ত [দাস্‌তো] *বি* পাতলা মল; উদরাময়; ভেদ। { *ফা.* দস্ত دست }

দাস্ত-কারবালা [দাস্‌ত্‌কারবালা] *বি* কারবালার প্রান্তর; কারবালা নামক মরু-প্রান্তর (এমাম হোসেন পথ ভুলিয়া 'দাস্ত-কারবালা' অভিমুখে যাইতেছেন—*মীম*)। { *ফা.* দশ্‌ৎ-ই-কারবালা دشت کربلا }

দাস্য [দাশ্‌শো] *বি* ১ দাসের ভাব (প্রভূত দম্ভ, বিনীত দাস্য—*রঠা*)। ২ বৈষ্ণবশাস্ত্র অনুসারে সেবকভাবে ঈশ্বরের উপাসনা। { *স.* দাস+য(ষ্যঞ্)}

দাস্যা [দাশ্‌শা] *বি স্ত্রী.* শূদ্রজাতীয় বিধবার নামের শেষে ব্যবহৃত পদবি। { *স.* দাস্যাঃ (দাসী+ষষ্ঠী *একব*, অর্থ—দাসীর)}

দাহ [দাহো] *বি* ১ জ্বলন; দহন (গৃহদাহ)। ২ শবদাহ (দাহকর্ম)। ৩ জ্বালা; যাতনা (ক্ষতের দাহ, মনের দাহ)। { *স.* √দহ্+অ(ঘঞ্)}

দাহক [দাহোক্] *বিণ* ১ দাহনকারী; পোড়ায় এমন। ২ যাতনা দেয় এমন; যন্ত্রণাদায়ক। **দাহিকা** *স্ত্রী.*। **দাহক্রিয়া** *বি* শবদাহ; অগ্নিসৎকার। **দাহঘ্ন** *বি* যা শরীরের জ্বালা দূর করে; দেহের তাপ প্রতিষেধক। **দাহজ্বর** *বি* যে জ্বরে দেহের তাপ ও জ্বালা বাড়ে। **দাহিকাশক্তি** *বি* দগ্ধ করার বা পোড়ানোর ক্ষমতা (আমরা অগ্নিতেজে জন্মিয়া ছাই! দাহিকাশক্তিহীন—*ইহো*)। { *স.* √দহ্+অক(ণ্বুল্)}

দাহন [দাহোন্] *বি* ১ দহন; দগ্ধকরণ; পোড়ানো (দুরিত দুঃখ দাহনে আপনি আপনা তুমি করিলে অর্পণ—*কাঘো*)। ২ সন্তাপ সৃষ্টিকারী (হয়তো বা আশার দাহনে উদ্বেল—*জীদা*)। **দাহক, দাহিত** *বিণ*। { *স.* √দহ্+ণিচ্+অন(ল্যুট্)}

দাহা [দাহা] *ক্রি* দাহ করা। { *স.* দাহ+*বা.* আ}

দাহিকা [দাহিকা] *বিণ স্ত্রী.* ১ দহনকারিণী; পোড়ায় এমন। ২ যন্ত্রণা প্রদান করে এমন; যন্ত্রণাদায়িনী। **-শক্তি** ⇒ দাহ। { *স.* √দহ্+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

দাহিত *বিণ* দগ্ধ বা ভস্ম করা হয়েছে এমন; দগ্ধীকৃত; ভস্মীকৃত। { *স.* √দহ্+ণিচ্(দাহি)+ত(ক্ত)}

দাহী (-হিন্) [দাহি] *বিণ* দাহকারী; যন্ত্রণাদায়ক। { *স.* √দহ্+ইন(ণিনি)}

দাহ্য [দাজ্‌ঝো] *বিণ* ১ দহনযোগ্য; দগ্ধ করা উচিত এমন; দহনীয় (দাহ্য পদার্থ)। ২ সহজে জ্বলে ওঠে এমন। { *স.* √দহ্+য}

দি১ ⇒ দিদি

দি২**, দিই** [দি, দিই] *ক্রি* দান করি; দেই। { *স.* √দা>}

দিওয়ালী ⇒ দেওয়ালী

দিআর *(প্রাবা.)* [দিয়ার] *ক্রি* দাও। { *স.* √দা>}

দিওয়ালী ⇒ দেওয়ালী

দিক১ [দিক্] *বি* ১ পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, ঈশান, বায়ু, অগ্নি, নৈর্ঋত, উর্ধ্ব, অধ—এই দশ দিক। ২ অভিমুখ (বাড়ির দিকে যাওয়া)। ৩ পার্শ্ব; সীমা (বাঁ দিক, জমিটার দু'দিকেই খাল আছে)। ৪ অংশ; পক্ষ; তরফ; দল (কোন দিকে, কার দিকে)। ৫ প্রদেশ; অঞ্চল; স্থান (দক্ষিণ দিকের লোক)। **-চক্র** *বি* দিগ্‌বলয়; মণ্ডলাকার; চক্রবাল। **-পতি, -পাল** *বি* ১ হিন্দুমতে দশ দিকের দেবতা; ইন্দ্র, অগ্নি, যম ইত্যাদি দেবতা (গন্ধর্ব ভুজঙ্গ নরসিন্ধু সাধ্য বিদ্যাধর নবগ্রহ দিকপাল দশ—*ভারা*)। ২ প্রবল প্রতাপান্বিত বা মহাপ্রভাবশালী ব্যক্তি। **-শূল** *বি* হিন্দুমতে গ্রহনক্ষত্রাদির অশুভ অবস্থানের জন্য বিশেষ দিকে বা দিনে যাত্রা নিষিদ্ধ হওয়া। { *স.* √দিশ্+ক্বিন্}

দিক২**, দেক** [দিক্, দে-] *বি* বিরক্ত; উত্ত্যক্ত ও জ্বালাতন। **~ করা** *ক্রি* বিরক্ত করা; জ্বালাতন করা (করুক নাক বিশ্ববাসী যতই আমায় দিক কেন—*মুশ*)। **~দারি, দিগদারি, দেকসেক** *বি* বিরক্তি; অসন্তোষ; জ্বালাতন (দুত্তোর বড় দেকসেক লাগে—*রজসে*; শালার দিকেদারী যে দুনিয়ায় কত রকম—*শও*)। { *আ.* দিক্ক دق }

দিকাদিক [দিকাদিক্] *বি* দিগ্বিদিক (দিকাদিক ভেদ নাই টলমল সর্ব ঠাঁই—*ভারা*)। { *স.* দিগ্বিদিক>}

-দিকিন, -দিকিনি, দেখিনি [দিকিন্, -নি, দেখি-] *ক্রি* দেখি (বল দিকিনি)। {√দেখ্>}

দিগক্ষরা [দিগোক্‌খরা] *বি* একটি সংস্কৃত ছন্দের নাম। { *স.* দিক+অক্ষরা; *বহু*}

দিগঙ্গনা, দিগ্‌বধূ, দিগ্বধূ [দিগঙ্‌গনা, দিগবোধু, -] *বি* আকাশের নানাদিকে অবস্থিত এক শ্রেণির কাল্পনিক নারী; আটদিকের দিব্যাঙ্গনাগণ (পশ্চিম দিগ্বধূ দেখে সোনার স্বপন—*রঠা*)। { *স.* দিক+অঙ্গনা, বধূ; *কর্মধা.*}

দিগঞ্চল [দিগন্‌চল্] *বি* চারিদিক (ধূলিরাশি চঞ্চল হইয়া দিগঞ্চল আবৃত করিল—*ইহো*)। { *স.* দিক+অঞ্চল; *কর্মধা.*}

দিগদড়া, দিগদড়ি [দিগ্‌দড়া, -দোড়ি] *বি* গৃহপালিত পশু অর্থাৎ গরু ছাগল ইত্যাদিকে যে লম্বা দড়ি দিয়ে একটা খুঁটায় বেঁধে সীমাবদ্ধ স্থানে চরতে দেওয়া হয়; খুঁটিলগ্ন রশি (বাবা এখন দিগদড়ি দিয়ে ছেড়ে দিয়েছে। যাবে কোথা?—*নই*)। { *স.* দিক+*বা.* দড়া, দড়ি; *মধ্য.*}

দিগদারী ⇒ দিক২

দিগধাউড়ি [দিগ্‌ধাউড়ি] *বিণ* বিভিন্ন দিকে ধাবমান; চারদিকে বিস্তৃত হয় এমন। { *স.* দিক+*বা.* ধাবড়িয়া> ধাবড়ে}

দিগধেড়েঙ্গা [দিগ্‌ধেড়েঙ্‌গা] *বিণ* বেমানান লম্বা। { *স.* দীর্ঘ>দিগ্+ধেড়ে+অঙ্গ+আ}

দিগন্ত [দিগন্‌তো] *বি* দিকের শেষ সীমা বা প্রান্ত (দিগন্তবিস্তৃত মাঠ)। **-প্রসারী, -ব্যাপী** *বিণ* ১ দিকচক্রবাল বা বহুদূর পর্যন্ত বিস্তৃত। { *স.* দিক+অন্ত; ৬তৎ}

দিগন্তর [দিগনতর] *বি* দিকের দূরত্ব; বহুদূর (চলয় দিগন্তর—*দৌখা*)। ২ অন্যদিকে। { *স.* দিক+অন্তর; *নিত্য.* }

দিগম্বর [দিগমবর] *বিণ* ১ উলঙ্গ; বিবস্ত্র (বিয়ার বেলা এয়োর মাঝে হৈল দিগম্বর লো—*ভারা*)। ২ হিন্দুমতে শিব; দশ দিক যার আবরণস্বরূপ (বিরূপাক্ষ দিগম্বর ত্র্যম্বক গিরিশ হর রুদ্র পুরহর স্মরহর— *ভারা*)। ৩ জৈন সম্প্রদায়বিশেষ। **দিগম্বরী** *বিণ স্ত্রী.* উলঙ্গিনী; বিবস্ত্র; বিবসনা। ▢ *বি স্ত্রী.* হিন্দুমতে কালী (এ কার রমণী নাচে রণমাঝে মুক্তকেশী দিগম্বরী—*বাংলা গান*)। { *স.* দিক+অম্বর; *বহু.* }

দিগর, দীগর [দিগর] *বি* ১ আদালতের ভাষায় গং, অন্যান্য, প্রভৃতি। ২ অঞ্চল; তল্লাট। ৩ দ্বিতীয় সত্তা (যিগর-ছেঁড়া দিগর তোমার আজ কি এল ঘর ফিরে?—*নই*)। { *ফা.* দীগর دیگر }

-দিগর, -দিগের ⇒ দের

দিগারী *(মব.)* [দিগারি] *বি* চুরি ডাকাতি ইত্যাদির জন্য ক্ষতিপূরণের দয়িত্ব গ্রহণ হেতু প্রাপ্য অর্থ (মোর শিরে দায় যদি হয় ডাকা চুরি। পঞ্চাশ কাহন চাহি আমার দিগারী —*কমুচ*)। { *অমূ.* }

দিগগজ [দিগগজ] *বি* ১ দিগহস্তী; হিন্দুমতে অষ্টদিকের রক্ষক বলে কল্পিত ঐরাবত প্রভৃতি অষ্ট হস্তী (দিগগজ তোমার কিঙ্কর স্নানে—*মদ*)। ২ মহাপণ্ডিত। ▢ *বি, বিণ* *(ব্য.)* মহামূর্খ; হস্তিমূর্খ (ইংরেজী জানিলে কি হইবে—এ সব বিষয়ে একেবারে দিগগজ—*জুআ*)। { *স.* দিক+গজ; *মধ্য.* }

দিগ্‌জ্ঞান [দিগগ্যান] *বি* ১ দিকসমূহের অবস্থান সম্পর্কে জ্ঞান। ২ *(আল.)* সামান্যতম জ্ঞান বা বুদ্ধি (দিগজ্ঞান নাই, দিগ্‌জ্ঞানশূন্য)। { *স.* দিক+জ্ঞান; ৬তৎ }

দিগদর্শন [দিগদরশোন] *বি* ১ দিক নির্ণয় বা দেখানো। ২ কোনো বিষয় সম্পর্কে ইঙ্গিত বা সংকেত প্রদান। ৩ জ্ঞান; অভিজ্ঞতা; বহুদর্শন। ~ **যন্ত্র** *বি* দিক নির্ণয়ের যন্ত্র; কম্পাস; compass। **দিগদর্শী, দিকদর্শী** (-র্শিন্) *বিণ* ১ দিক প্রদর্শন বা নির্ণয় করে এমন। ২ কোনো বিষয়ের ইঙ্গিত দান করে এমন। { *স.* দিক+দর্শন; *বহু.* }

দিগদিগন্ত [দিগদিগনতো] *বি* সর্বদিক; দিকসীমা পর্যন্ত বিস্তার। **দিগদিগন্তর** *বি* নানা দিক; বহু দিক দেশ। { *স.* দিক+দিগন্ত; *দ্বন্দ্ব.* }

দিগ্ধ [দিগধো] *বিণ* গোপন করা হয়েছে এমন; লিপ্ত; মিশ্রিত। **দিগ্ধা** *স্ত্রী.*। { *স.* √দিহ্+ত(ক্ত) }

দিগবধূ ⇒ দিগঙ্গনা

দিগ্‌বলয়, দিগ্বলয় [দিগবলয়] *বি* দিকচক্রবাল; দিগন্ত; যেখানে আকাশ পৃথিবীর সঙ্গে মিলেছে বলে মনে হয় (তার গভীর অপলক দৃষ্টি মেঘ পেরিয়ে কোনো অনন্তের দিগ্বলয়ে পৌঁছেছিল সেই জানে—*নই*)। { *স.* দিক+বলয়; *কর্মধা.* }

দিগ্‌বসন, দিগ্বসন [দিগবশোন] *বিণ* দিক বসন এমন; উলঙ্গ; দিগম্বর (তারিক তাহার রসিক নাম বজায় রাখিবার জন্য দিগ্‌বসন পর্যন্ত হইতে রাজী—*নই*)। ▢ *বি* হিন্দু দেবতা শিব। { *স.* দিক+বসন; *বহু* }

দিগ্‌বারণ [দিগবারোন] *বি* দিগগজ; দিকহস্তী (দিগ্‌বারণেরা বেদনা-অধীর বিদারিছে নভ দন্তে—*মোম*)। { *স.* দিক+বারণ; *মধ্য.* }

দিগ্‌বালা, দিগ্‌বালিকা, দিগ্বালিকা [দিগবালা, -বালিকা, -] *বি* দিগঙ্গনা; দিকরূপ বালিকা; আকাশ সুন্দরী; দিকসমূহের অধিষ্ঠাত্রী দিব্য নারীগণ (দিগ্বালারা আজ জাগল না—*নই*)। [*স.* দিক+বালা; *কর্মধা.*]

দিগ্‌বিজয়, দিগ্বিজয় [দিগবিজয়] *বি* ১ যুদ্ধ করে বিভিন্ন দেশ জয়; সংগ্রাম দ্বারা সর্বদিক জয়। ২ বাকযুদ্ধ বা পাণ্ডিত্য দ্বারা সকল পণ্ডিতের উপর আধিপত্য লাভ। **দিগ্‌বিজয়ী, দিগ্বিজয়ী** (-য়িন্) *বিণ* যে যুদ্ধ বা পাণ্ডিত্য দ্বারা সর্বদিক বা নানা দেশ জয় করে; সমস্ত দিক বা দেশ জয়কারী। { *স.* দিক+বিজয়; ২তৎ }

দিগ্‌বিদিক, দিগ্বিদিক [দিগবিদিক] *বি* ১ সর্বদিক; অনুকূল ও প্রতিকূল দিক (সম্মুখে শয়ান সিন্ধু দিগ্বিদিক হারাইয়া—*রঠা*)। ২ ন্যায়-অন্যায়; ভালো-মন্দ; হিতাহিত; গুরু লঘু (কৃষ্ণ ক্রীড়ারস দিগ্‌বিদিগ্‌ নাহি মনে—*জ্ঞাদা*)। { *স.* দিক+বিদিক; *দ্বন্দ্ব.* }

দিগ্‌বিলীন, দিগ্বিলীন [দিগবিলিন] *বিণ* দূর-বিস্তৃত (দিগ্বিলীন পথভ্রান্ত হতে—*সুকা*)। { *স.* দিক+বিলীন; ৭তৎ }

দিগভ্রম, দিগভ্রান্তি [দিগভ্রোমো, -ভ্রানতি] *বি* ১ দিক স্থির করতে অক্ষমতা; দিক নির্ণয়ে ভুল। ২ বেতাল হওয়া। **দিগভ্রান্ত, দিকভ্রান্ত** *বিণ* দিশাহারা; হতভম্ব (দর্শন দিয়ো দিগভ্রান্তে—*রঠা*; দিকভ্রান্ত পান্থ—*রঠা*)। { *স.* দিক+ভ্রম, ভ্রান্তি; ৬তৎ }

দিঘ ⇒ দীঘ

দিঘল, দীঘল *(পদ্য.)* [দিঘল] *বিণ* ১ দীর্ঘাকার; সুদীর্ঘ (শিরে না দীঘল কেশ পড়ে কন্যার পায়—*মৈগী*)। ২ আয়ত (দিঘল চোখ)। { *স.* দীর্ঘ>দীঘ+ল }

দিঘালি-পাথালি [দিঘালি-পাথালি] *ক্রিবিণ* দৈর্ঘ্য ও প্রস্থের দিক থেকে (দিঘালি পাথালি দেয় পোচ—*দ্বিব*)। { *স.* দীর্ঘ>+*বা.* আলি+ *স.* প্রস্থ>+আলি> }

দিঘি, দীঘি, দিঘী [দিঘি] *বি* বড় পুকুর বা জলাশয় (দীঘির জলে ঝলক ঝলে—*রঠা*)। { *স.* দীর্ঘিকা> }

দিঙ্‌নাগ [দিঙনাগ] *বি* ১ দিগগজ; হিন্দুমতে অষ্টদিক রক্ষক হস্তী। ২ বিখ্যাত বৌদ্ধ দার্শনিক। ৩ *(ব্য.)* স্থূলদর্শী কঠোর সমালোচক; নিন্দুক। { *স.* দিক+নাগ; *মধ্য.* }

দিঙ্‌নির্ণয় [দিঙনিরনয়] *বি* বিভিন্ন দিক নির্ধারণ; দিক স্থিরীকরণ। ~ **যন্ত্র** *বি* যে যন্ত্র দ্বারা নাবিকেরা সমুদ্রবক্ষে দিক নির্ণয় করে; compass। { *স.* দিক+নির্ণয়; ২তৎ }

দিঙ্‌মণ্ডল [দিঙমনডল] *বি* দিগ্বলয়; দিকচক্রবাল; horizon (দিঙমণ্ডল তিমিরাবৃত হইল—*রাব*)। { *স.* দিক+মণ্ডল; ৬তৎ }

দিঙ্‌মূঢ় [দিঙমুঢ়ো] *বিণ* দিকভ্রান্ত; দিক ঠিক করতে না পারায় হতভম্ব। { *স.* দিক+মূঢ়; *কর্মধা.* }

দিঞা *(প্রাবা.)* [দিয়া] *অক্রি* ১ দান করে। ২ খাইয়ে (মায় যশোদা পুষিলেক দিঞা খীর—*বচদা*)। ৩ বিন্যস্ত করে (কাহ্নের উরে শুতিলোঁ দিঞা শিয়রে—*বচদা*)। ৪ দ্বারা (দূতা দিঞা পাঠায়িলোঁ গলায় গজমুতী—*বচদা*)।

{স. √দি>}

দিঠি, দিঠ, দিঠে, দীঠ, দীঠিয়া [দিঠি, দিঠ, -ঠে, -, দিঠিয়া] *বি* দৃষ্টি; নজর; ঠিকানা (দূর একাকীয়া শূন্যের পথে খুঁজি ও মোদের দিঠি—জ উ; দেয়ল দিঠ—*বিপ*; এক দিঠ করি ময়ূর ময়ূরী কণ্ঠ করে নিরীক্ষণে—*চন্দ*; অবহি মদন বাড়ায়ল দীঠ—*বিপ*; ফুটিল আধ দীঠিয়া—*বিপ*)। **দিঠে, দীঠে** (প্রাচ.) *ক্রিবিণ* দৃষ্টিতে নজরে (চাহ মোরে আড়কানী দীঠে—*জ্ঞদা*)। {স. দৃষ্টি>প্রা. দিট্‌ঠি>}

দিড়, দিঢ় (পদ্য.) [দিড়] *বিণ* দৃঢ়, শক্ত (আল্লার বন্দেগী কর দিঢ় মন হয়া—*হেমা*)। {স. দৃঢ়>}

দিতে¹ [দিতো] *ক্রি* দান করত। {স. √দা>}

দিত² [দিতো] *বিণ* ছিন্ন করা হয়েছে এমন; ছেদিত। {স. √দো+ত(ক্ত)}

দিতি [দি.তি] *বি* কশ্যপ মুনির পত্নী ও দৈত্যমাতা। {স. √দো+তি(ক্তিন্)}

দিৎসা [দিত্‌সা] *বি* দান করার ইচ্ছা; দিবার ইচ্ছা (ওর উৎসুক হাতে দিৎসা —*অচিসে*)। **দিৎসু** *বিণ* দিতে ইচ্ছুক। {স. √দা+স(সন)+অ+আ(টাপ)}

দিদার [দিদার] *বি* দর্শন; সাক্ষাৎকার (আমার কারার যেই, বাহাল রাখিবে সেই, পাইবে সে আমার দীদার —*সৈহা*)। {ফা. দীদার دیدار}

দিদি, দিদা, দিদু, দি [দিদি, -দা, -দু, দি] *বি স্ত্রী* ১ হিন্দু সমাজে জ্যেষ্ঠা ভগ্নী বা তৎস্থানীয়া, যেমন—বড় জা, বড় সতিন ইত্যাদি। ২ পিতামহী; মাতামহী। ৩ পৌত্রী; দৌহিত্রী; কনিষ্ঠা ভগিনী বা তৎস্থানীয় কাউকে স্নেহের সম্বোধন। ৪ যে কোনো নারীকে ভদ্রতাসূচক সম্বোধন। ~**ঠাকুরানী**, ~**ঠাকরুন** *বিণ স্ত্রী* শ্রদ্ধেয়া হিন্দু মহিলাকে সম্বোধন। ~**মণি** *বি স্ত্রী* ১ শিক্ষয়িত্রী বা দিদিসম্পর্কীয়ার প্রতি আদরের ডাক। ২ অল্পবয়সী প্রভু-কন্যাকে সম্বোধন। **দিদিমা** *বি স্ত্রী* মাতামহী; পিতামহী। ~**শাশুড়ি** *বি* শ্বশুর বা শাশুড়ির মাতা বা মাতৃস্থানীয়া নারী। {দাদা>দদী>; স. দেবী>}

দিদৃক্ষা [দিদ্‌রিকখা] *বি* দর্শনের ইচ্ছা। **দিদৃক্ষমাণ, দিদৃক্ষু** *বিণ* ১ দর্শনেচ্ছু; দেখতে ইচ্ছুক। ২ দর্শনোদ্যত। {স. √দৃশ্+স(সন)+অ+আ(টাপ)}

দিধক্ষু [দিধোকখু] *বিণ* দহনেচ্ছু (হব্যবাহন...খাণ্ডব দাব দিধক্ষু হইয়া প্রজ্বলিত হইয়া উঠিলেন—*কাসি*)। {স. √দহ্+সন+উ}

দিধিষু [দিধিশু] *বি* দ্বিতীয়বার বিবাহ হয়েছে এমন নারীর স্বামী; পুনর্ভূ। {স. দিধি+√সো+উ}

দিন¹ [দিন্] *বি* ১ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়; দিবস; দিবা (নিশিদিন, দিনরাত)। ২ চব্বিশ ঘণ্টাকাল; একত্রে এক দিবা ও এক রাত্র; অহোরাত্র। ৩ সময়কাল (সুদিন, দুর্দিন)। ৪ আয়ু (দিন ফুরিয়েছে)। ৫ (*জ্যোশা*) চান্দ্রমাসের ত্রিশ ভাগের এক ভাগ; তিথি। ~ **আনা ~ খাওয়া** *ক্রি* দিনমজুরি করে সংসারযাত্রা নির্বাহ করা। ~**কর**, ~**নাথ**, ~**পতি**, ~**মণি** *বি* সূর্য; ভাস্কর (ঘন আবরিলে দিননাথে; কনক উদয়াচলে দিনমণি যেন অংশুমালী—*মদ*)। ~ **কাটানো** *ক্রি* সময় যাপন করা (একলা শুধু বসে বসে দিন কাটাচ্ছি)। ~ **কাটে তো রাত কাটে না**—অতিকষ্টে দিন কাটানোর অবস্থা; দুঃখ দুর্দশাপূর্ণ সময়ের অবস্থা। ~ **কাল** *বি* (*আল.*) দুঃসময়; খারাপ অবস্থা (যে দিনকাল পড়েছে)। ~**কে দিন** *অব্য* দিনের পর দিন (দিনকে দিন ভোল বদলে যাচ্ছে—মব)। ~**কে রাত করা** *ক্রি* সত্যকে মিথ্যা প্রমাণিত করা। ~**ক্ষণ** *বি* (*জ্যোশা*) শুভাশুভ দিন ও সময়। ~**ক্ষয়** *বি* ১ সন্ধ্যাবেলা; তিথিক্ষয়; অহোরাত্রে তিন তিথির সংযোগ; ত্র্যহস্পর্শ। ~ **খাটা** *বিণ* দৈনিক খেটে রোজগার করে এমন (তার আর দিন-খাটা শ্রমিকের ভেতর পার্থক্য রইল কোনখানে—হুক)। ~**গত পাপক্ষয়** ১ প্রতিদিনের পাপস্খালনের জন্য প্রতিদিনের কৃত্যসাধন। ২ উৎসাহবিহীন গতানুগতিকভাবে প্রতিদিনের কাজ করে সময় অতিবাহন। ~ **গুজরানো** *বি* দিন অতিবাহন (কোন প্রকারে দিন গুজরান করিতে লাগিলেন—*মমু*)। ~ **গোনা** *ক্রি* বহুদিন ধরে প্রতীক্ষা করা। ~ **ঘনিয়ে আসা** *ক্রি* ১ মৃত্যু নিকটবর্তী হওয়া। ~ **চলা** *ক্রি* দৈনন্দিন জীবন নির্বাহ হওয়া (কোনো রকমে দিন চলছে)। ~**দগ্ধা** *বি* (*জ্যোশা*) বার ও তিথির একত্র যোগের ফলে যেদিন পূজাপার্বণ ও অন্যান্য শুভ কাজ নিষিদ্ধ। ~~ *ক্রিবিণ* ১ প্রত্যহ; প্রতিদিন; রোজ রোজ। ২ ক্রমশ; ক্রমে ক্রমে; উত্তরোত্তর (দিন দিন তার স্বাস্থ্যের উন্নতি হচ্ছে)। ~~**দুপুরে** *ক্রিবিণ* ১ প্রকাশ্য দিবালোকে; জনসাধারণের সমক্ষে। ~~**দুপুরে ডাকাতি, দিনে ডাকাতি** ১ (*আল.*) নির্লজ্জ প্রতারণা ও মিথ্যাভাষণ। ২ (*আল.*) অত্যন্ত দুঃসাহসিক কাজ। ~**পঞ্জি** *বি* বর্ষপঞ্জি; calendar (আলখাজারীই সর্বপ্রথম আরব বর্ষগণনা সুনিয়ন্ত্রিত করে দিনপঞ্জী প্রণয়ন করেন— অকেআ)। ~**পত্রী** *বি* ডায়েরি; দিনলিপি; প্রতিদিনের বিবরণ লিখে রাখার খাতা। ~ **পাওনা** *ক্রি* সুদিনের উদয় হওয়া। ~**পাত**, ~**যাপন** *বি* কালযাপন; সময় কাটানো; সংসারযাত্রা নির্বাহ। ~**মজুর** *বি* যে মজুর হিসেবে পারিশ্রমিক পায়। ~**মান** *ক্রিবিণ* দিনের বেলা; সূর্যোদয় থেকে সূর্যাস্তকাল পর্যন্ত; দিবাভাগ (দিনমানেও ঘরগুলির মধ্যে ভালো আলো যায় না—*বিব*)। ~**মুখ** *বি* ১ প্রাতঃকাল। ২ সূর্য। ~**মুখরবি** *বি* প্রাতঃকালের সূর্য (দিনমুখরবি কোকনদ ছবি অতুল পদ দুখানি—*ভারা*)। ~~**যামিনী** *বি* দিবানিশি (দিন-যামিনী কেবল সেই প্রতিমূর্তির সন্দর্শন করেন—*ঈবি*)। ~**শেষ, দিনাত্যয়, দিনান্ত, দিনাবসান** *বি* দিনের শেষ; সন্ধ্যা; সায়ংকাল (দিনান্তে বারেক যদি পাই দরশন- *দীমি*)। **দিনহি** (*ব্র.*) *ক্রিবিণ* দিনের বেলা (দন্দ দিনহি দীনহীরা সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা—*বিপ*)। **দিনে দুপুরে ডাকাতি** *বি* প্রকাশ্য দিবালোকে দস্যুতা বা রাহাজানি। (*আল.*) দুঃসাহসিক ও অচিন্তনীয় দুষ্কার্য সাধন। **দিনে দিনে** *ক্রিবিণ* ক্রমশ; ক্রমে ক্রমে; উত্তরোত্তর (দিনে দিনে বাড়ি গেল রূপ —*বচন্দা*)। {স. √দো+ইন(ইনচ্)}

দিন², **দীন, দ্বীন** [দিন্] *বি* ধর্ম (আপোনা দিনের বোল এক না বুঝিল—*সেসু*; শরাব দাও, যদি মোর খারাব করিলে দীন—*নই*; তান দীন প্রচারে কুফর হৈল নাশ—*সেআ*)। ~**আখেরি**, ~**আখেরী** *বি* ধর্ম ও পরকাল (সবার চোখেই জলের ধারা দীন-আখেরীর ভাবনা লয়ে—*জউ*)। ~**দার** *বিণ* ধার্মিক (তিনি দিনদার পরহেজগার মানুষ—*কাই*)।

~-দুনিয়া, ~-দুনিয়া *বি* কিয়ামত ও পৃথিবী; পরকাল ও ইহকাল (তুমি বিনে গতি নাই দীন-দুনিয়ার—*নবী*)। **~দুনিয়ার মালিক, ~ দুনিয়ার মালিক** *বি* পরকাল ও ইহকালের প্রভু; সর্বশক্তিমান আল্লাহ। **~-পানা, ~-পানা** *বি* ধর্মের মালিক; আল্লাহ (দীনহীন বেশে আছে দাঁড়াইয়া 'দীন-পানা' আর 'জাহান-পানা'—*সদ*)। **দিনি, দীনি, দীনী** *বিণ* ধর্মীয় (আননয়া দীনী ফরমান দরাজ দিলের দৃপ্ত গান—*নই*)। **দিনি ইলম, দীনি ইলম** *বি* ধর্মীয় শিক্ষা (পাশ করা মৌলবী হতে পারত—দীনী ইলম হাসেল করত—*কাই*)। { *আ.* দীন دين }

দিনার, দীনার [দিনার] *বি* ইরাক, জর্দান প্রভৃতি দেশে প্রচলিত বিভিন্ন মানের মুদ্রা (আশিটি দিনার ছিল কামিজের তলে—*আজহার*)। { *আ.* দীনার دينار }

দিনেমার [দিনেমার] *বি* ইউরোপের ডেনমার্ক নামক দেশের অধিবাসী (আরমানি অলন্দাজ দিনেমার ইংরাজ —*সৈআ*)। { *ফ.* Danemark }

দিনেশ [দিনেশ্] *বি* রবি; সূর্য; দিবাকর (প্রকাশে কমল শোভা দেখিতে দিনেশ—*সৈআ*)। { *স.* দিন+ঈশ; ৬তৎ }

দিব *(মবা.)* [দিবো] *বি* দিব্য; শপথ (তব ধনী দিব দেই—*জ্ঞাদা*)। { *স.* দিব্য> }

দিবস [দিবশ] *বি* ১ দিন; সারাদিন; দিনমান। ২ অহোরাত্র। { *স.* √দিব্+অস(অসচ) }

দিবস্পতি [দিবশ্পোতি] *বি* স্বর্গের রাজা ইন্দ্র। { *স.* দিবঃ+পতি; *বহু* }

দিবা [দিবা] *বি* দিনের বেলা; দিনমান; সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়। ◻ *অব্য, ক্রিবিণ* দিনের বেলায়; দিনমানে। **~কর, ~বসু, ~মণি** *বি* সূর্য; রবি (সৃজিলেক দিবাকর শশী দিবারাতি—*সৈআ*)। **~নিদ্রা** *বি* দিনের বেলায় ঘুম। **~নিশি** *(পদ্য.)*, **~রাত্র** *ক্রিবিণ* অহোরাত্র; দিনরাত; সর্বক্ষণ (দিবানিশি অন্নপূর্ণা জপ—*ভারা*)। **~ন্ধ** *বি, বিণ* ১ দিনকানা; যে দিনের বেলা দেখতে পায় না। ২ পেচক। **~বিহার** *বি* ১ মধ্যাহ্নকালীন বিশ্রাম। ২ দিনের বেলা যৌনমিলন। **~ভাগ** *বি* দিনের বেলা; সারাদিন; দিনমান। **~স্বপ্ন** *বি* দিবাভাগে নিদ্রায় দেখা স্বপ্ন; day-dream; reverie। ২ *(আল.)* আকাশ-কুসুম কল্পনা; মিথ্যা বা অবাস্তব কল্পনা। { *স.* √দিব্ ওয়া *একব* }

দিব্ব, দিব্বি ⇒ দিব্যি

দিব্য [দিব্বো] *বিণ* ১ অলৌকিক; ইহলোকের নয় এমন; স্বর্গীয়। ২ সুন্দর; মনোহর; মনোরম (ঈশ্বরী পাটনীকে দিব্য বস্ত্র আস্তরণে সন্তুষ্ট করিয়া—*রামু*)। ◻ *বি* শপথ (মাথার দিব্য দিল—*রঠা*)। **~চক্ষু, ~দৃষ্টি, ~নেত্র** *বি* অতীন্দ্রিয় বিষয় বা বস্তু দেখার বা উপলব্ধি করার মতো অলৌকিক দৃষ্টিশক্তি বা অন্তর্দৃষ্টি। **~জ্ঞান** *বি* অলৌকিক জ্ঞান; পরমজ্ঞান; অতীন্দ্রিয় বিষয় বা বস্তু সম্পর্কে জ্ঞান। **~দর্শী** (-শিন্) *বিণ* অলৌকিক দৃষ্টিশক্তিসম্পন্ন। **~যোনি** *বি* দেবতা (নিভে যায়—জ্বলে উঠে, ছায়া, ছাই, দিব্যযোনি মনে হয় তাকে—*জীদা*)। **~রথ** *বি* আকাশগামী রথ; ব্যোমযান। **~লোক** *বি* স্বর্গ। **দিব্যাঙ্গনা** *বি* অপ্সরা; স্বর্গের নারী; স্বর্গের নর্তকী। **দিব্যাস্ত্র** *বি* ১ দেবতাদের অস্ত্র। ২ অলৌকিক শক্তিসম্পন্ন অস্ত্র (তুমি শিকারে দিব্যাস্ত্রধারী—*বচদা*)। **দিব্যোদক** *বি* ১ স্বর্গের জল। ২ বৃষ্টি। ৩ শিশির। { *স.* দিব্+য(যৎ) }

দিব্যি, দিব্বি, দিব্ব [দিব্বি, -, -বো] *বিণ* উত্তম; চমৎকার; সুন্দর (দিব্যি চেহারা, দিব্যি মোটা, দিব্বি খুশী, কানে হীরের ফুল—*রখা*)। ◻ *ক্রিবিণ* বেশ ভালোভাবে; পরিষ্কার করে; স্পষ্টভাবে (ঠিক যে কোথায় থামতে হবে একেক সময় দিব্যি বুঝে—*রঠা*)। ৩ শপথ (দিব্যি করে বলছি)। { *স.* দিব্য> }

দিয়ড়ি [দিয়ড়ি] *বি* ১ দীপাবলি; প্রদীপ (চৌদিগে দিয়ড়ি, বেগে—*কম্*)। { *স.* দীপাবলি> দীপালী> দিপলি> }

দিয়া, দিয়ে [দিয়া, -য়ে] *অব্য* ১ দ্বারা; মাধ্যমে; সহযোগে (লাঠি দিয়া মারা; ভূতের ভয় দিয়ে ভরিয়ে তোলে—*রঠা*)। ২ সংযোগে; মিশ্রণে (ঘি দিয়ে তৈরি)। ৩ মারফত (চাকরকে দিয়ে পাঠিয়ে দাও)। ৪ অনুসরণ করে; ধরে (এই দিক দিয়ে)। ৫ থেকে (ঘরের ছাদ দিয়ে পানি পড়ে)। { *স.* দ্বারা> }

দিয়াটি, দেউটি [দিয়াটি, দেউটি] *বি* প্রদীপ; দীপ (দুইটা চক্ষু দিয়াটি—*রাম*)। { *স.* দীপ>দিয়া+টি>দেউটি }

দিয়ান ⇒ দেওয়ান

দিয়াম [দিয়াম] *ক্রি* দেবো (বল্যাম দিয়াম তারে—*মৈগী*)। { *স.* √দা> }

দিয়ার, দিয়াড়া [দিয়ার, দিয়াড়া] *বি* নদীর চড়া। { *স.* দ্বীপ> }

দিয়ালা, দিয়ালা করা ⇒ দেয়ালা

দিয়ালি, দিয়ালী ⇒ দেওয়ালি

দিয়াশলাই, দেশলাই [দিয়াশ্লাই, দেশ্-] *বি* মাথায় বারুদ দেওয়া আগুন জ্বালাবার কাঠি ও তার আধারবাক্স; matches (ট্যাক থেকে বিড়ি আর দেশলাই বার করলে —*অচিসে*)। { *স.* দীপশলাকা> }

দিয়ে ⇒ দিয়া

দিরহাম, দরহাম, দারহাম [দিরহাম্, দ-, দা-] *বি* মুদ্রাবিশেষ (লক্ষ দিরহাম তুমি দেবে—*ফআ*)। { *আ.* দিরহাম درهم }

দিল[১]**, দেল** [দিল, দেল্] *বি* ১ হৃদয়; মন; আত্মা (করেছ তার দিল দখল—*সদ*)। ২ মহাপ্রাণতা; উদার হৃদয় (লোকটার দিল আছে)। **~-আফরোজ** *বি* যা হৃদয়কে উজ্জ্বল করে (দিল চাহে সদা দিল-আফরোজ—*নই*)। **~ওয়ার, দিলাবার, দেলোয়ার** *বিণ* ১ সাহসী (দিলওয়ার তুমি, জোর তলওয়ার হানো আর নেস্ত-ও-নাবুদ কর—*নই*; লহ বিদায়ের সালাম আজিকে দিলাবার মুসলিম *শাহো*)। ◻ *বি, বিণ* হৃদয়বান (আল্লার মত দিলাওয়ার যেই—*মোম*)। **~-কোঠা** *বি* হৃদয় প্রকোষ্ঠ; হৃদয়-কোণ (বাঁধব তায় আল্লাহ নামের রজ্জুতে দিল-কোঠায়—*নই*)। **~খোলসা, ~-খোলা** *বি* অকপট; মনখোলা; মনের মধ্যে কিছুই গোপন রাখে না এমন (দরাজ এ যে দিল-খোলা—*সদ*)। **~-খোলা মানুষ** *বি* ১ অকপট ও উদারচেতা লোক। ২ মন সঙ্কীর্ণ নয় এমন লোক। **~খোশ, ~খুশ, ~খোস** *বিণ* ১ আনন্দিত-হৃদয়; প্রফুল্ল চিত্ত (যাতে দেল খোস হয়, যাতে আরাম বোধ হয়—*মীম*)। ২ চিত্তাকর্ষক; মনোরম। **~গির, দেলগীর** *বিণ* বিমর্ষ;

ম্রিয়মাণ (মুনি জাহাঙ্গীর বড় দিলগির হয়ে—ভারা; দেলগীর হইল বিবী—সৈহা)। ~-জাগানো *বিণ* মন-মাতানো (ফুল-জাগানো দখিন হাওয়া দিল-জাগানো দক্ষিণতা—সদ)। ~-দরাজি *বি* বদান্যতা; সদাশয়তা (নওয়াবের দিল-দরাজির অন্ত নেই—জগলুল)। ~দরিয়া *বিণ* ব্যয়ে বা দানে মুক্তহস্ত; বদান্য; যার মন সমুদ্রের মতো উদার (সত্যই কি প্যারিস-সুন্দরীরা বড্ডই দিল দরিয়া?—সৈমু)। ~-দাগা *বিণ* হৃদয়ে আঘাত করে এমন (চিবুকের সেই তিলটি যে তার দিল-দাগা—মোম)। ~দার *বিণ* ১ উদারহৃদয়; মহৎ; মহানুভব (তুমি ভারি দরাজ, দিলদার—অচিসে)। ২ প্রিয় বা প্রিয়া (দিল দিয়েছে দিলদারেতে প্রাণ মিশেছে প্রাণে—মীম)। ~-পিয়ারা *বি* অন্তরঙ্গ বন্ধু (দুশমন তবু দিল-পিয়ারা হামেশা তার রবে না—মুশ)। ~বন্দ, দেলবন্দ *বিণ* প্রিয়; স্নেহাস্পদ (হানিফা আলীর বেটা, মরতবা নাহি ছোটা, দেলবন্দ নাতি সে আমার—সৈহা)। ~-মাতানো *বিণ* ১ প্রাণ-মাতানো; মনোমুগ্ধকর (ঝরা শেফালি-বকুলের দিলমাতানো খোশবু—নই)। ~-মোহর *বি* হৃদয়ের মোহর অঙ্কন; হৃদয়ের ছাপ। ২ *(আল.)* চুম্বন (সাহস-ভরে অধর 'পরে দিলাম চুপে দিল-মোহর—মোম)। ~রুবা *বি* স্ত্রী দয়িতা (হেথা কোলে নিয়ে দিলরুবা শারাবী গজল গাহে যুবা—নই)। { *ফা.* দিল دل }

দিল২, দিলো [দিলো] *ক্রি* দান করল। { *স.* √দা > *বা.* √দে> }

দিলাবার [দিলাবার] *বিণ* সাহসী (সেই বিদায়ের সালাম আজিকে দিলাবার মুসলীম—শাহো)। { *ফা.* দিলআবর دلاور }

দিলাসা, দেলাসা [দিলাশা, দে-] সান্ত্বনা; ভরসা (ঘন ঘন ডাকি শিখি করিয়া দেলাসা—ফগ)। ~ করা *ক্রি* সান্ত্বনা দেওয়া; ভরসা দেওয়া (গৌড় হইতে রাজমহলে উত্তরিয়া মাসুম খাঁকে বড়ই একটা দেলাসা করিল—রামব)। { *ফা.* দিলাআসা دلاسا }

দিলির, দিলীর [দিলির] *বিণ* সাহসী; নির্ভীক; অসমসাহসী (নাহি নাচে কিরে তোর মরদের ওরে দিলীরের গোর্দায়?—নই; দিলীরের খুন ঢেলেছে এখানে আরব বীর—নই)। { *ফা.* দিলীর دلیر }

দিল্লগি, দিল্লাগি [দিললোগি, দিললাগি] *বি* হাসি-তামাশা; মস্করা; ঠাট্টা (দিলে দিলে আজ খুনসুড়ি করে দিললগী—নই)। { *ফা.* দিল> }

দিল্লি, দিল্লী [দিললি] *বি* ভারতের রাজধানী নগরী; প্রাচীন হস্তিনাপুরী। ইল্লি-~, হিল্লি-~ *বি* বহু দূরবর্তী অজানা দেশ (বহু হিল্লি-দিল্লী ঘুরে এসেছে)। { *স.* দিলীপ> }

দিল্লিকা লাড্ডু [দিললিকা লাড্‌ডু] *বি* ১ দিল্লিতে প্রস্তুত এক ধরনের মিষ্টান্ন। ২ *(আল.)* অসার বস্তু; যে আকাঙ্ক্ষিত বস্তু মানুষ না পেলে হতাশ হয় কিন্তু পেলেও হতাশ হয়। { *হি* }

দিশ *(ব্র.)* [দিশ] *বি* দিক (চকিত নয়নে ঘন দশদিশ চাই—কশে; অরুণ পূরব দিশ—বিপ)। ~পাশ *বি* ইয়ত্তা; কূলকিনারা; সীমা (কাজের দিশপাশ নেই)। { *স.* দিশ্ }

দিশা, দিশে [দিশা, -শে] *বি* ১ দিক। ২ সন্ধান; খোঁজ; হদিস; উপায় (তিনি দিশা দেন সহজ পথের তিনিই সর্বজ্ঞাতা—নই)। ৩ রীতি; পদ্ধতি; ধরন (দিশা দেখাইয়া প্রভু হাতে তালি দিয়া—বৃন্দা)। ৪ দিগ্‌ভ্রম; ধাঁধা (পথে লাগে দিশা—কমু)। ~বিশা, ~মিশা *বি* দিক নির্দিক; কর্তব্য ও অকর্তব্য নির্ধারণ। **দিশারি, দিশারী** *বি* পথপ্রদর্শক; দিকদর্শনকারী; দিগ্‌দর্শক (সকলেই তাকে সৌন্দর্য কল্যাণের দিশারী বলে গ্রহণ করত—মোচৌ)। ~হারা, ~হারা *বি* দিকভ্রান্ত; যার দিকবোধ নেই। □ *বিণ* *(আল.)* কিংকর্তব্যবিমূঢ়; হতভম্ব। { *স.* √দিশ> }

দিশি১ *(পদ্য.)* [দিশি] *বি* ১ দিকে (পেল নাকো খুঁজে সকল দিশির দিশারী যার—নই)। ২ চারদিক; দিগ্‌দেশ (অন্ধকারে ঢাকে দিশি—রঠা)। □ *ক্রিবিণ* দিকে। দিশি ~ *ক্রিবিণ* দিকে দিকে; সর্বদিকে; সর্বদেশে (নব নব প্রেরণায় দিশি দিশি তারা ধায়—সদ)। নিশি~ *বি* নিশিদিন। { *স.* দিশ্> }

দিষ্ট [দিশ্‌টো] *বি* ১ ভাগ্য। ২ আদিষ্ট; উপদিষ্ট। { *স.* √দিশ্+ত(ক্ত) }

দিশি২, দিশী ⇒ দেশি

দিশে ⇒ দিশা

দিষ্টি [দিশ্‌টি] ⇒ দৃষ্টি। **দিষ্টির ব্যামো** *বি* কুদৃষ্টিজাত রোগ (দিষ্টির ব্যামোয় পেয়েছে নাকি তাকে—জাকের)। { *স.* দৃষ্টি> }

দিস১ [দিশ] *(প্রাবা.)* *বি* প্রকার; রকম; বিধ (দক্ষিণা আছিলা বহু দিস—কমু)। { অমূ }

দিস২ *(প্রাবা.)* [দিশ] *বি* দিন (ধারি বহু দিস—কমু)। { *স.* দিবস> }

দিস্তা, দিস্তে [দিস্‌তা, -তে] *বি, বিণ* চব্বিশ তা; চব্বিশ খানা (এক দিস্তা কাগজ, এক দিস্তা লুচি)। □ *বি* মূষল; দাণ্ডা; ডাণ্ডা (হামানদিস্তা)। ~ পড়া, ~ পড়া *বিণ* মোট বাঁধা থাকায় দিস্তার চিহ্ন বা দাগ ধরিয়াছে এমন (দিস্তাপড়া কাপড়)। { *ফা.* দস্তহ دسته }

দিহ *(ব্র.)* [দিহ] *ক্রি* দিও (দিহ পিয়া ঠাম—বিপ)। { *স.* √দা > √দে }

দী, দীয়া, দীহি *বি* ১ গ্রাম। ২ দ্বীপ। { *ফা.* ডিহ বা দীহ ده >(গ্রাম); দীঘি> }

দীওয়ানা ⇒ দেওয়ানা

দীক্ষক [দিক্‌খক] *বি* ১ দীক্ষাদাতা; দীক্ষাগুরু। ২ শিক্ষক; ওস্তাদ। { *স.* √দীক্ষ্+অক (ণ্বুল) }

দীক্ষণীয় [দিক্‌খোনিয়ো] *বিণ* দীক্ষা দান করা চলে এমন; দীক্ষার যোগ্য। ২ দীক্ষা দানের পাত্র। { *স.* √দীক্ষ্+অনীয়(অনীয়র) }

দীক্ষা [দিক্‌খা] *বি* ১ ধর্মোপদেশ; মন্ত্রোপদেশ; তত্ত্বশিক্ষা; ধর্মাদর্শ। ২ তত্ত্বজ্ঞান লাভের জন্য মন্ত্রদান; বয়াত (বৈষ্ণব ধর্মে দীক্ষা)। ৩ কোনো বিশেষ সংকল্পসাধনে প্রেরণাদান বা নিযুক্তি (স্বাধীনতার মন্ত্রে দীক্ষা)। ৪ উপদেশ; শিক্ষা; সংস্কার। ৫ প্রবর্তনা; প্রবৃত্তি সংস্কার। ~গুরু *বি* দীক্ষাদাতা; মন্ত্রদাতা; যাঁর নিকট থেকে মন্ত্রোপদেশ গ্রহণ করা হয়। ~র্থী *বি* যে ব্যক্তি দীক্ষা গ্রহণে ইচ্ছুক; মন্ত্রোপদেশ গ্রহণকারী (দীক্ষার্থী ষোলটি ভীষণ শপথ গ্রহণ করে—রাব)। **দীক্ষিত** *বিণ* ১ এক ধর্ম ত্যাগ করে ভিন্নধর্ম গ্রহণকারী (ইসলাম ধর্মে দীক্ষিত)। ২ দীক্ষা বা মন্ত্রোপদেশ

পেয়েছে এমন; ব্রত যজ্ঞ বা কোনো বিষয়ে গুরুর উপদেশপ্রাপ্ত। { স. √দীক্ষ্+অ+আ(টাপ্)}

দীগর ⇒ দিগর

দীঘ, দিঘ (*প্রাবা.*) [দিঘ] *বি* ১ দৈর্ঘ্য; লম্বা দিকের মাপ (আড়ে দীঘে)। ▯ *বিণ* দীর্ঘ; লম্ব। { স. দীর্ঘ>}

দীঘল ⇒ দিঘল

দীঘি ⇒ দিঘি

দীঠ, দীঠে ⇒ দিঠি

দীদিবি *বিণ* দীপ্তিসম্পদ (দীদিবি রবি যে দ্বিতীয়—*মদ*)।

দীধিতি [দীধিতি] *বি* ১ আলোক; রশ্মি; কিরণ; দীপ্তি। ২ ন্যায়দর্শনবিষয়ক সংস্কৃত গ্রন্থ। { স. √দীধী+তি(ক্তি)}

দীন[1] [দিন/দিনো] *বিণ* ১ দরিদ্র; গরিব; অভাবগ্রস্ত; নিঃসম্বল। ২ করুণ; কাতর (অমন দীন নয়নে তুমি চেয়ো না—*রঠা*)। ৩ হীন; নীচ; অনুদার (দীনাত্মা)। ৪ ভীরু (দূর হতে কি শুনিস মৃত্যুর গর্জন; ওরে দীন; ওরে উদাসীন—*রঠা*)। **দীনা** *স্ত্রী*। ~**তা, দৈন্য** *বি* ১ দারিদ্র্য; নির্ধনতা; দীনের ভাব; হীনতা। ২ অভাব (বুদ্ধির দীনতা বা দৈন্য)। **দীন** *বিণ*। ~**নাথ**, ~**বন্ধু**, ~**শরণ** *বিণ* দরিদ্রের আশ্রয়দাতা। ▯ *বি* আল্লাহ; পরমেশ্বর। ~**ভাবাপন্ন** *বিণ* অতিশয় কাতর; দুঃখিতচিত্ত (লক্ষ্মণ নিতান্ত দীনভাবাপন্ন মনে অযোধ্যায় প্রবেশ করিলেন—*বিপ*)। ~**হীন** *বিণ* অত্যন্ত গরিব বা দুঃখী; অতিশয় নিঃস্ব। { স. √দী+ত(ক্ত)}

দীন[2], **দীন আখেরী, দীনদার, দীনদুনিয়া, দীনদুনিয়ার মালিক, দীন-পানা** ⇒ দিন[2]।

দীনার ⇒ দিনার

দীনি, দীনি-ইলম, দীনী ⇒ দিন[2]

দীনেশ [দিনেশ] *বি* দীনের অর্থাৎ দরিদ্রের আশ্রয় যিনি; ঈশ্বর। { স. দীন+ঈশ; তৎ}

দীপ [দিপ] *বি* প্রদীপ; বাতি; আলোকাধার। ~**দান** *বি* দীপাধার; পিলসুজ। ~-**নেভা** *বিণ* শোভাহীন; দীপ্তিহীন; ম্লান-গৌরব (অভিভূত ধরণীর দীপ-নেভা তোরণ দুয়ারে —*রঠা*)। ~**পুঞ্জ**, ~**মালা** *বি* দীপাবলি; প্রদীপসমূহ; প্রদীপের শ্রেণি। ~**বর্তিকা** *বি* সলিতা; সলতে; দীপের বাতি। ~**শলাকা** *বি* দিয়াশলাই; দিয়াশলাইয়ের কাঠি। ~**শিখা** *বি* দীপের শিখা; প্রদীপের জ্বলন্ত অগ্রভাগ; flame। { স. √দীপ্+অ(ক)}

দীপক [দিপক] *বিণ* ১ ঔজ্জ্বল্যকারক; দীপ্তিদায়ক। ২ প্রজ্বালক; দাহক (দীপক যে তাকে জ্বালাবেই—*নই*)। ৩ উত্তেজক; উত্তেজনাকারী; বিবর্ধক; উদ্দীপক। ৪ যে বা যা প্রকাশ করে; প্রকাশক। ▯ *বি* ১ প্রদীপ (কুলদীপক)। ২ সঙ্গীতের একটি রাগ (দুপুরে সে ধরেছিল দীপক তান—*নই*)। { স. √দীপ্+ণিচ্+অক(ণ্বুল্)}

দীপতি [দিপোতি] (*পদ্য.*) *বি* দীপ্তি (দেহ দীপতি গেল —*বিপ*)। { স. দীপ্তি>}

দীপন [দিপোন] *বি* ১ আলোকিত করণ; দীপ্তিসাধন। ২ প্রজ্বলন। ৩ উত্তেজন; উদ্দীপন। ৪ প্রকাশন। ৫ শোভন; শোভাকরণ। ▯ *বিণ* দীপক; প্রজ্বালক; উত্তেজক; প্রকাশক (রক্তদীপন প্রাণের আভায় রঙিন করা—*রঠা*)। **দীপনীয়** *বিণ* ১ দীপনযোগ্য। ২ *বিণ* যা উজ্জ্বল বা দীপ্ত করতে হইবে। { স. √দীপ্+অন(ল্যুট্)}

দীপনা [দিপনা] *বি* উদ্দীপনা ও উত্তেজনা (শুনিয়া জাগুক সুপ্তপ্রাণ চির নিদ্রিত দীপনা—*ইহো*)। { স. দীপন>}

দীপা [দিপা] *ক্রি* জ্বালানো। **দীপিছে** *ক্রি* জ্বলছে (দীপিছে প্রদীপ—*মদ*)। { স. √দীপ্+আ (নামধাতু)}

দীপাগার [দিপাগার] *বি* আলোকগৃহ; যে উচ্চ গৃহ থেকে জাহাজ প্রভৃতিকে আলোক প্রদর্শিত হয়; light house। স. দীপ+আগার; ৬তৎ}

দীপাধার [দিপাধার] *বি* প্রদীপধারক; পিলসুজ; দেরকো। { স. দীপ+আধার; ৬তৎ}

দীপান্বিতা [দিপান্‌নিতা] *বি* *স্ত্রী* ১ দেওয়ালি; দীপালি। ২ দেওয়ালির রাত্রি; কার্তিকী অমাবস্যার রাত্রি। ৩ ▯ *বিণ* *স্ত্রী* প্রদীপবিশিষ্টা; দীপালোকে শোভিত।। { স. দীপ+অন্বিতা}

দীপালি, দীপালী, দীপাবলি [দিপালি, –, -বোলি] *বি* ১ দেওয়ালি; কালীপূজা বা শ্যামাপূজা উপলক্ষে হিন্দুদের আলোক-উৎসব। ২ দীপমালা; প্রদীপশ্রেণি; প্রদীপসমূহ। { স. √দীপ+আলি, আবলি}

দীপিকা [দিপিকা] *বি* *স্ত্রী* ১ প্রদীপ। ২ জ্যোৎস্না। ৩ একটি রাগিণীর নাম। ▯ *বি* গ্রন্থ প্রভৃতির টীকা; ব্যাখ্যা পুস্তক। ▯ *বিণ* *স্ত্রী* প্রকাশ করে এমন; প্রকাশিকা। { স. দীপ+ইক+আ(টাপ্)}

দীপিত [দিপিতো] *বিণ* ১ প্রজ্বালিত; উজ্জ্বলীকৃত। ২ উদ্ভাসিত; আলোকিত। ৩ উত্তেজিত; উদ্দীপিত। ৪ প্রকাশ পেয়েছে এমন; প্রকাশিত। { স. √দীপি+ত(ক্ত)}

দীপ্ত [দিপ্‌তো] *বিণ* ১ প্রজ্বলিত; জ্বলছে এমন। ২ উজ্জ্বল; আলোকিত; আলোকময়; ভাস্বর (একটি দীপ্ত তারা সুদূর পল্লীর প্রদীপের মতো—*রঠা*)। ৩ তেজোময়; তেজস্বী। ৪ প্রকাশ পেয়েছে এমন; প্রকাশিত। –-**কীর্তি** *বিণ* প্রথিতযশা; যার কীর্তি সর্বত্র প্রকাশিত; প্রসিদ্ধ; বিখ্যাত। **দীপ্তাক্ষ** *বি* ১ বিড়ালজাতীয় প্রাণী আঁধারে যাদের চোখ জ্বলে। ২ দীপ্তচক্ষু। ৩ ক্রোধে রক্তচক্ষু। **দীপ্তোজ্জ্বল** *বিণ* জ্যোতির্ময়; অতিশয় উজ্জ্বল; দ্যুতিময়। { স. √দীপ+ত(ক্ত)}

দীপ্তি [দিপ্‌তি] *বি* ১ আলোক; জ্যোতি; প্রভা; দ্যুতি (সূর্যের দীপ্তি আছে—*বর*)। ২ তেজ। ৩ কান্তি; শোভা। ▯ *বিণ* আলোকিত (গ্রন্থ পড়ি সকলের দীপ্তি হয় মন—*সৈআ*)। –**মান** *বিণ* ১ দীপ্তিযুক্ত; উজ্জ্বল। ২ শোভান্বিত; শোভমান। –**মতী** *স্ত্রী*। { স. √দীপ্+তি(ক্তিন্)}

দীপ্য [দিপ্‌পো] *বিণ* ১ প্রজ্বলনযোগ্য। ২ প্রকাশযোগ্য। ~**মান** *বিণ* ১ জ্বলন্ত (সেই দীপ্যমান দাহ—*রঠা*)। ২ উজ্জ্বল; দীপ্তিমান; ভাস্বর। ৩ শোভমান। ৪ প্রকাশিত হচ্ছে এমন; প্রকাশমান। { স. √দীপ্+য(যৎ)

দীপ্র [দিপ্‌প্রো] *বিণ* ১ জ্বলন্ত; উজ্জ্বল; দীপ্যমান; দীপ্তিশালী (দীপ্র রাত দুর্মোচ্য অন্ধকার—*অচিসে*)। ২ তীক্ষ্ণ; শাণিত; তীব্র (দীপ্র তব নয়নের বাণী—*সুদ*)। { স. √দীপ্+র}

দীয়মান [দিয়োমান] *বিণ* দান বা বিতরণ করা হচ্ছে এমন। { স. √দা+মান(শানচ)}

দীয়া [দিয়া] *বি* দীপ; প্রদীপ। { স. দীপ>}

দীর্ঘ [দির্‌ঘো] *বিণ* ১ লম্বা (দীর্ঘদেহ)। ২ অধিক; বেশি (দীর্ঘকাল)। ৩ বিস্তৃত; দূরপ্রসারিত (কেন পান্থ ক্ষান্ত হও হেরে দীর্ঘপথ—*কৃম*)। ৪ বহুবর্ষব্যাপী; দীর্ঘকাল বিস্তৃত (দীর্ঘায়ু)। ৫ গভীর (দীর্ঘশ্বাস)। ৬ আয়ত; প্রশস্ত (দীর্ঘ নয়ন)। ৭ (*ছন্দ.*) দ্বিমাত্রাযুক্ত; বিলম্বিত ধ্বনিযুক্ত (দীর্ঘস্বর)। **দীর্ঘা** *স্ত্রী*। ~**তা, দৈর্ঘ্য** *বি*। –**কণ্ঠ** *বিণ* ১

লম্বা কণ্ঠযুক্ত। ২ বক। **~কন্দ** *বি* মূলা। **~গ্রীব** *বি* ১ লম্বা কণ্ঠবিশিষ্ট। ২ উট; জিরাফ; বক। **~চৌপদী** *বি* চারটি আট মাত্রার পর্বে গঠিত ছন্দ। **~জীবী**(-বিন্) *বিণ* দীর্ঘায়ু; বহুকাল বাঁচে এমন (দোয়া করি তুমি দীর্ঘজীবী হও)। **~জীবিনী** *স্ত্রী*। **~তনু** *বিণ* দীর্ঘাকৃতি; লম্বা দেহের অধিকারী এমন। **~তপা, ~তপাঃ** *বিণ* বহুকাল ধরে তপস্যা করেছে এমন। **~ত্রিপদী** *বি* তিনটি আটমাত্রার পর্বে গঠিত ছন্দ। **~দর্শী**(-র্শিন্) *বিণ* দূরদর্শী; পরিণামদর্শী। **~দর্শিনী** *স্ত্রী*। **~নাস** *বিণ* নাক লম্বা বা বড় এমন। **~নিঃশ্বাস, ~নিশ্বাস, ~শ্বাস** *বি* শোক-দুঃখাদিসূচক গভীর ও প্রবল শ্বাসত্যাগ। **~নিদ্রা** *বি* ১ মহানিদ্রা; মৃত্যু। ২ দীর্ঘকাল স্থায়ী নিদ্রা। **~পাদ** *বিণ* ১ লম্বা পা বিশিষ্ট। ২ উট বক কঙ্ক ইত্যাদি পশু ও পাখি। **~মেয়াদি/ মেয়াদী** *বিণ* বহুদিনব্যাপী। **~রি** *বিণ* সুদীর্ঘ (ঘোরতর রজনী দীর্ঘার ভয়ঙ্কর—*দৌখা*)। **~রোমা** *বিণ* ১ দীর্ঘলোমযুক্ত; অতিশয় রোমশ। ২ ভল্লুক। **~ল** *বিণ* দৈর্ঘ্যযুক্ত; লম্বা (অত্যন্ত দীর্ঘল নহে নহে অতি খর্ব—*ঘরা*)। **~সূত্র, ~সূত্রী** (-ত্রিন্) *বিণ* ১ কাজ করতে খুব দেরি হয় এমন; অত্যন্ত বিলম্বে কাজ করতে অভ্যস্ত। ২ যে কাজ ফেলে রাখে। **~সূত্রতা** *বি*। **দীর্ঘাকার, দীর্ঘাকৃতি** *বিণ* লম্বা দেহবিশিষ্ট। **দীর্ঘাগ্র** *বিণ* আগা ক্রমশ সরু হয়ে গিয়েছে এমন। **দীর্ঘায়ত** *বিণ* লম্বা ও চওড়ায় বড় এমন (ওরদেহ দীর্ঘায়ত করে দাঁড়িয়ে পড়ল—*অচিসে*)। **দীর্ঘায়ু, দীর্ঘায়ুঃ** *বিণ* বহুকাল বাঁচে এমন; দীর্ঘজীবী। {*স.* √দৃ+ঘ(ঘক)}

দীর্ঘিকা [দির্‌ঘিকা] *বি* দিঘি; বড় পুকুর (দীর্ঘিকায় ভাসিলাম তোমাদের তরঙ্গের মাঝে—*বিদে*)। {*স.* দীর্ঘ+ক(কন্)+আ(টাপ্)}

দীর্ণ [দির্‌নো] *বিণ* ১ ভগ্ন; ফাটা; বিদারিত। ২ শঙ্কান্বিত। {*স.* √দৃ+ত(ক্ত)}

দু [দু] *বিণ* দুই; দো। **~অজ** (*প্রাবা.*) **~য়জ** (*প্রাবা.*), **~য়াজ** (*প্রাবা.*), **~য়াজি** (*প্রাবা.*) *বিণ* ১ দ্বিতীয় (দুয়জ প্রহরে মোঁ চিন্তিলোঁ একসরী—*বচদা*; দোয়জ মাসের বেলা লোকে কানাকানি—*কমু*; খোছরে চরিত কথা দোয়জি কেতার—*সৈআ*; দোয়াজবনিতা তার হবে সুলক্ষণা—*কমু*)। □ *বি* দ্বিগুণ (তাহার দুঅজ আর গজমতী হার *বচদা*)। **~ আধারী** (*মবা.*) *বিণ* দুই পার্শ্বস্থিত (দুর্বলা হাটেরে যায় দুআধারী লোক চায়—*কমু*)। **~য়ানি, ~য়নি** *বি* পূর্বে প্রচলিত দুই আনা বা আট পয়সা মূল্যের মুদ্রাবিশেষ; বর্তমানে প্রচলিত বারো বা তেরো পয়সা মূল্যের সমান মুদ্রা। **~য়াব** ⇒ দোয়াব। **~আভুআ** (*মবা.*) *বি* দ্বিধা; সন্দেহ (দুই এক মাসে রঞ্জা করে দুআভুআ—*মাগান*)। **~-এক** *বিণ* সামান্য; অল্প কিছু (দু-এক কথা বলে বিদায় করো)। **~কথা** *বিণ* ১ সামান্য কথা; অল্প ও সাধারণ কথা। ২ কড়া কথা; তিরস্কার (দু কথা শুনিয়ে দিলে)। **~কথা শোনানো** *ক্রি* কড়া কথা বলা; শক্ত শক্ত কথা বলা। **~কথা হওয়া** *ক্রি* ১ কথা কাটাকাটি বা বচসা হওয়া। ২ মতভেদ হওয়া। **~কলম লেখা** *ক্রি* অল্প একটু লেখা। **~কাঠি বাজানো** *বি* ঝগড়া বাধানো। **~কান কাটা** *বিণ* নির্লজ্জ। **~কুল** *বি* ১ পিতার বংশ ও মায়ের বংশ। ২ পিতার বংশ ও শ্বশুরের বংশ (শেষে দুকূলই হারাতে বসেছি)। **~কূল** *বি* ১ দুই তীর (নদীর একূল ওকূল দুকূল)। ২ (*আল.*) ইহকাল ও পরকাল। ৩ (*আল.*) পরস্পরবিরোধী উভয়সঙ্কট; বিকল্প পন্থা। ৪ পতিগৃহ ও পিতৃগৃহ। ৫ সকল আশ্রয় (আমার একূল ওকূল দুকূল গেল—*রাসে*)। **~খানা, ~খানি, ~খান** *বি* ১ দুই খণ্ড; দুইটি জিনিস। □ *বিণ* দুই খণ্ডে বিভক্ত। ২ অল্প কয়েকটা। **~ঘড়ি** *বি* ১ দ্বিপ্রহর; মধ্যাহ্ন। ২ মধ্যরাত্রি। ৩ দুই ঘণ্টা (দুঘড়ি বসার জো নেই)। **~চারিণী** *বিণ* দ্বিচারিণী; কুলটা (দুচারিণী যার মা তার হেন গতী—*বচদা*)। **~চালা** ⇒ দো। **~-চুচকো** *বিণ* দুমুখো; যে দুই পক্ষকেই খুশি করে কথা বলে (তোমরা সব দু-চুচকোর দল—*শৈমু*)। **~চোখ** *বি* ১ উভয় চক্ষু; নয়নদ্বয়। ২ দৃষ্টি। **~চোখের দেখা** *বি* কিছুক্ষণের দেখা। **~চোখের বিষ** *বিণ* অত্যন্ত অপ্রিয়; চক্ষুশূল; বিদ্বেষের পাত্র; শত্রু। **~টা, ~টি, ~টো** *বিণ, সর্ব* ১ দুই সংখ্যক (দুটা বই, দুটি লোক)। ২ সামান্য কয়েকটা (দুটো পয়সার মুখও দেখছি না)। ৩ সামান্য কিছু (দুটো ভাত)। **~টানা, ~তরফা, ~তলা, ~তারা, ~তালা** ⇒ দো। **~ধারি, ~ধারী** ⇒ দোধারি। **দুন**[1] *বি* (*সন্*) বাদ্যের দ্রুত তালবিশেষ; দুই মাত্রার বোল একমাত্রায় বাদন। **দুন**[2] ⇒ দুনো। **~নলা, ~নালা** ⇒ দোনলা। **~না, ~নু, ~ন**[3] *বি* দুই গুণ; দ্বিগুণ ডবল (দর করে একমূলে জুখে লয় দুনা—*ভারা*; না শুনে কাহার বোল দুন হয় ক্রোধ—*কাসি*; উনো ভাতে দুনো বল—*প্রবাদ*; মহিলা সঙ্গে থাকলে সমরে দুন বল হয়—*দীসে*)। **~ নৌকায় পা দেওয়া** *ক্রি* পরস্পরবিরোধী দুই পক্ষের সঙ্গেই সম্পর্ক বজায় রাখতে গিয়ে নিজের সর্বনাশ ডেকে আনা। **~-পহর** *বি* দ্বিপ্রহর; মধ্যাহ্ন বা মধ্যরাত্রি (ভরা শ্রাবণের নিশি দু-পহরে—*রঠা*)। **~পাক, দোপাক** *বিণ* ১ দুবার পাক দেওয়া হয়েছে এমন (দুপাক দড়ি)। ২ দুই চক্কর; দুবার বা অল্প কয়েক বার পরিবেষ্টন। ৩ কিছুক্ষণের জন্য ভ্রমণ (দু পাক ঘুরে আসি)। **~পেয়ে, ~ফলা** ⇒ দো। **~ফাল, দুফালি** ⇒ দোফাল। **~মনা, দোমনা** *বি* ১ দ্বিধাগ্রস্ত; সন্দিগ্ধ বা দোলায়িত চিত্ত। □ *বিণ* ১ অস্থিরচিত্ত। ২ যার মন দুটি ভিন্ন বিষয়ে আকৃষ্ট। **~মুখো, দোমুখো** *বিণ* ১ দুই মুখ আছে এমন; দুই মুখযুক্ত (দুমুখো সাপ)। ২ দুই দিকে যাওয়া যায় এমন (দুমুখো পথ)। ৩ মুখ দিয়ে দুই রকম কথা বের হয় এমন; সম্মুখে একভাবে এবং আড়ালে অন্যভাবে কথা বলে এমন (দুমুখো লোক)। **~মুঠা, ~মুঠো** *বিণ* ১ দুই মুষ্টি পরিমাণ (দুমুঠো চাল)। ২ কিঞ্চিৎ; সামান্য; অল্প পরিমাণ (দুমুঠো ভাত)। **~মেটে, দোমেটে** *বিণ* ১ দুবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন (দোমেটে প্রতিমা)। ২ (*আল.*) দ্বিতীয়বার সংস্কার করা হয়েছে এমন। **~-য়ানি** ⇒ দুআনি। **~য়ের ব'র** *বিণ* অযোগ্য; কোনো কাজের উপযুক্ত নয় এমন। **~সন্ধ্যা** *ক্রিবিণ* দুবেলা; দিনে ও রাত্রে। **~সুতি, ~সুতী** *বিণ* ডবল সুতায় বোনা হয়েছে এমন (দুসুতি চাদর)। □ *বি* ডবল সুতায় বোনা কাপড় (তা দিয়ে তাঁরা . . . দোসুতিও বুনতে পারেন)। **~হাত এক করা** *ক্রি* ১ অঞ্জলি করা। ২ বিবাহ দেওয়া। **~হাত এক হওয়া** *ক্রি* বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া। **~হাতিয়া, দোহাতিয়া, ~হাথিয়া ~হাত্তা** *বিণ* ১ দুই হাতওয়ালা। ২ দুই হাত দিয়া দেওয়া (দোহাতিয়া বাড়ি মারে হনুমানের বুকে—*কৃও*; দোহাথিয়া ঠেঙ্গা পড়ে গাছের উপরে—*বৃন্দ*)। {*স.* দ্বি>}

দুঅজ ⇒ দু

দুই, দো, দু [দুই, দো, দু] *বি* ১ সংখ্যা। ❑ *বিণ* ১ উভয় ব্যক্তি বা বস্তু (দুই কুলে কেউ নেই)। ২ ২ সংখ্যক। **দুই-এক, দুয়েক** *বিণ* অল্প কয়েকটি; সামান্য। **দুই-এর বার, দুয়ের বার** —এটা ও ওটার বাইরে অর্থাৎ অযোগ্য; কোনো কাজের উপযুক্ত নয়। **দুই/দু পায়ে দণ্ডবৎ** (বাং) ক্ষমা প্রার্থনা; ঠাট্টা। { *স.* দ্বি> }

দুও ⇒ দুয়ো[২]

দুঃ [দুহ্, সাধারণ ক্ষেত্রে পরপদের প্রথম বর্ণের দ্বিত্ব উচ্চারণ, যথা— দুঃশাসন (দুশশাশোন)] *অব্য* দুঃখ, অভাব, দুষ্ট, মন্দ, নিষেধ ইত্যাদিসূচক উপসর্গ। **–শাসন** *বি* ১ কুশাসন। ২ পীড়নপূর্ণ শাসন। ❑ *বিণ* ১ শাসন করা কঠিন এমন; দুর্দম। ২ মহাভারতের দুর্যোধনের মধ্যম ভ্রাতা। **–শীল** *বিণ* দুশ্চরিত্র; কুস্বভাবযুক্ত; মন্দ স্বভাববিশিষ্ট। **–শ্রব** *বিণ* ১ অশ্রাব্য। ২ শুনলে দুঃখ হয় বা কষ্ট পেতে হয় এমন। ৩ ক্ষীণ আওয়াজ হেতু শুনতে পাওয়া কষ্টকর এমন। **–সময়** *বি* ১ দুর্দিন; খারাপ সময়; দুঃখের সময়। ❑ *বিণ* অসময়; অশুভ ক্ষণ। **–সহ** *বিণ* ১ অসহ্য; যা সহ্য করা কষ্টকর (গীতস্বরে দুঃসহ বিরহ—*রঠা*)। ২ দুর্বিষহ। **–সাধ্য** *বিণ* ১ অত্যন্ত কষ্টে সম্ভব হতে পারে এমন; অসাধ্য (দুঃসাধ্য সংকল্প)। ২ কষ্টসাধ্য (তাহারই ভার সামলানো দুঃসাধ্য—*রঠা*)। ৩ দুরারোগ্য; অচিকিৎস্য; অপ্রতিবিধেয় (দুঃসাধ্য ব্যাধি)। **–সাহস** *বি* অত্যধিক সাহস; অনুচিত সাহস; অন্যায় সাহস। **–সাহসিক** *বিণ* ১ অত্যধিক সাহসের প্রয়োজন এমন (দুঃসাহসিক কর্ম)। ২ দুঃসাহসের অধিকারী (দুঃসাহসিক নাবিক)। **–সাহসী** (-সিন্) *বিণ* ১ অত্যধিক বা অসম সাহস আছে এমন। ❑ *বি* অত্যধিক বা অসম সাহসের অধিকারী (পাল গিয়েছে ছিঁড়ে ওরে দুঃসাহসী—*রঠা*)। **–স্থ, দুস্থ, –স্থিত, দুস্থিত** *বিণ* ১ দুর্দশাগ্রস্ত; দুঃখ-কষ্টে কালাতিপাত করে এমন। ২ দুঃখার্ত; দুঃখ পীড়িত। **–স্থিতি, দুস্থিতি** *বি*। **–স্পর্শ, দুস্পর্শ** *বি* যা স্পর্শ করা কঠিন বা কষ্টকর। **–স্মৃতি** *বি* দুঃখময় স্মৃতি; বেদনাদায়ক স্মৃতি (একাকী সেই দুঃস্মৃতি জাগাইয়া রাখিয়াছে—*রঠা*)। **–স্বপ্ন** *বি* ১ খারাপ স্বপ্ন; অমঙ্গলসূচক স্বপ্ন। ২ দুরাকাঙ্ক্ষা। { *স.* দুস্> (পরপদের প্রথম বর্ণ শ, ষ, স হলে 'স' বিসর্গে পরিণত হয়, ক বা প হলে 'স' 'ষ'-তে রূপান্তরিত হয়, এবং পরপদের প্রথম বর্ণটি স্বরবর্ণ, বর্গের তৃতীয় বা পঞ্চম বর্ণ বা য, র, ল, ব, হ হলে 'স' 'র'-তে রূপান্তরিত হয়, যথা—দুঃশীল, দুষ্কর, দুর্গম) }

দুঃখ, দুখ, দুক্ষু [দুক্‌খো, দুখ্, দুক্‌খু] *বি* ১ কষ্ট; মনস্তাপ; মর্মপীড়া (দুঃখ-পাওয়া; আমাদের এমন দুক্ষু হয়েছিল রে লালু—*কাআও*)। ২ খেদ; ক্ষোভ (দুঃখ করা)। ৩ বিপদ; দুর্দশা; সংকট (দুঃখে পড়া)। **–কর, –জনক, –দ, –দায়ক, –দারী** (-রিন্), **–প্রদ** *বিণ* ক্লেশজনক; যন্ত্রণাদক; কষ্টকর। **–দায়িনী** *স্ত্রী*। **–ধান্দা** *বি* কায়-ক্লেশ; কষ্টে জীবিকা অর্জন। **দুঃখবাদ** *বি* নৈরাশ্যবাদ; মানব-জীবন ও জগৎ দুঃখপূর্ণ—এই মতবাদ। **–ময়** *বিণ* দুঃখপূর্ণ; কষ্টে পূর্ণ। **–হর, –হারী** (-রিন্) *বিণ* ১ কষ্ট দূরকারক; দুঃখ দূরকারী। ২ ঈশ্বর; আল্লাহ। **–হরা, –হারিণী** *স্ত্রী*। **দুঃখান্ত** *বি* দুঃখের শেষ; সংকট বা বিপদের অবসান (এতদিন পরে আবার দুঃখান্ত হইবে—*বচন্দা*)। **দুঃখার্ত** *বিণ* দুঃখে কাতর; দুঃখপীড়িত। **দুঃখিত** *বিণ* ১ দুঃখপ্রাপ্ত। ২ ক্ষুণ্ণ। ৩ বিষণ্ণ; নিরানন্দ। **দুঃখিতা** *স্ত্রী*। **দুঃখী** (-খিন্), **দুখী** *বিণ* ১ দুঃখ ভোগ করে এমন; দুঃখে পতিত। ২ দারিদ্র্য দশায় পতিত; গরিব; দুঃস্থ (এ গ্রামে কে বড় দুঃখী দেখহ ভাবিয়া—*ভারা*)। **দুঃখিনী, দুখিনী** *স্ত্রী*। **দুঃখের দুঃখী** *বিণ* সমবেদনশীল; সমদুঃখী; সমব্যথী। **দুঃখের সাগর** *বি* অসীম দুঃখ; অশেষ দুঃখ-কষ্ট। { *স.* দুস্+√খন্+অ(ড) }

দুঁদিয়া ⇒ দুঁদে

দুঁদে, দুঁদিয়া [দুঁদে, দুঁদিয়া] *বিণ* দুর্দান্ত; দুরন্ত; অসীম প্রতাপশালী (কোন দুঁদে জমিদার প্রজার নাশ করে—*অঠা*)। ❑ *বি* ঝগড়াটে; কলহপ্রিয়; দুর্দান্ত। { *স.* দুর্দম> }

দুঁহু, দুঁহা, দুঁহুঁ, দুঁহু, দুহু, দোঁহা (*ব্র.*) [অনুরূপ] *সর্ব* উভয়; দুইজন; দুই (চেয়ে দুঁহু দোঁহা পানে—*রঠা*; সখী সুখে মুখে মুখে দুহু নিঃসঙ্গী—*সদ*; শৈশব যৌবন দুঁহু মিলি গেল—*বিপ*)। **দুঁহাকার** ⇒ দোঁহা[২]। { *স.* দ্বয়, দ্বৌ> }

দুকুরে [দুকুরে] *বি* ১ উভয় সংকটে পতিত ব্যভিচারী; যে ব্যভিচার করতে ইচ্ছুক অথচ লোকলজ্জাও আছে (ক্রমে দুরবস্থা দুকুরে লোচ্চার মত মুখে কাপড় দিয়ে লুকুলেন —*কাসি*)। { *স.* দু-কুলে> }

দুকূল [দুকুল্] *বি* ১ রেশমের তৈরি বস্ত্র; রেশমি কাপড় (তাঁহার পরিহিত দুকূল ধরে আকর্ষণ করিয়া—*প্রচৌ*)। ২ ক্ষৌমবস্ত্র; শণবস্ত্র; linen। ৩ সূক্ষ্মবস্ত্র; মিহি কাপড় (হলদে বিচিত্র লাল জনপদ-বধূর দুকূল—*সুদ*)। ৪ শুভ্রবস্ত্র; সাদা কাপড় (বাহিরিলা দোঁহে দুকূল বসনা—*মদ*)। { *স.* √দু+(ক্ আগম)উল (উলচ্) }

দুকূল[২] ⇒ দু

দুক্ষু ⇒ দুঃখ

দুখ, দুখী, দুখিনী ⇒ দুঃখ

দুগুণ [দুগুন্] *বি* ১ দ্বিখণ্ড (ভুবন দুগুণ করি তাহাতে তপন পুরি—*সৈআ*)। ২ দ্বিগুণ; ডবল। { *স.* দ্বি+গুণ> }

দুগ্ধ [দুগ্‌ধো] *বি* ১ দুধ; মাতৃদুগ্ধ; স্তন্য; পয়ঃ; ক্ষীর। **–ধবল** *বি* দুধের মতো সাদা। **–পোষ্য** *বিণ* স্তন্যপায়ী; যাকে কেবল দুধ খাইয়ে পালন করতে হয় (দুগ্ধপোষ্য শিশু)। **–ফেননিভ** *বিণ* দুধের ফেনার মতো সাদা ও কোমল (হৃদিশয্যাতল শুভ্র দুগ্ধফেননিভ—*রঠা*)। **–বতী** *বিণ* দুধাল; পয়স্বিনী; দুগ্ধ দান করে এমন। **–মুখ** *বি* কচি; অতিশয় কোমল (দুগ্ধ-মুখ শিশুগণ ধরে হস্তে গলে—*কাসি*)। { *স.* √দুহ্+ত (ক্ত) }

দুড়দুড়, দুড়দাড়, দুদ্দাড় [দুড়্‌দুড়্, -দাড়্, দুদ্‌দাড়্] *অব্য* দৌড় বা দ্রুত পদক্ষেপের শব্দ; মেঘগর্জন; ক্রমাগত প্রহার ও ভয়াদি হেতু হৃৎপিণ্ডের প্রবল স্পন্দনজাত শব্দ (চটির মায়া ছেড়ে দুড়দুড় করে সিঁড়ি নামা ...—*সুরা*; দোকানীরা দুদ্দাড় করে দরজা জানালা বন্ধ করছে—*সৈমু*)। { *ধ্বন্যা.* }

দুড়া [দুড়া] *বি* কচ্ছপ (পাত্র কহে মহারাজ যে না শুনে কথা যেমন দেখিল দুড়া দেখে সে সর্বথা—*হেমা*)। { *প্রাবা.* দুলি> }

দুড়ুম [দুড়ুম] *অব্য* ১ বন্দুকের গুলি প্রভৃতির শব্দ। ২ ভারী বস্তুর পতনের শব্দ। **দুড়ুম দুড়ুম** *অব্য* ক্রমাগত বন্দুক বা কামান ছোড়ার আওয়াজ। { *ধ্বন্যা.* }

দুণ্ডুক [দুনডুক] *বিণ* ১ দুষ্ট; দুর্জন। ২ খল; কুটিল। ৩ ষড়যন্ত্রকারী; কুচক্রী। { *স.* দুণ্ডুক}

দুণ্ডুভ [দুনডুভ] *বি* ডুণ্ডুভ; নির্বিষ ঢোঁড়াসাপ। { *স.* দুণ্ডুভ}

দুৎ ⇒ ধুৎ

দুতর *(প্রাবা.)* [দুতর] *বিণ* দুস্তর; পার (বা উত্তীর্ণ) হওয়া কঠিন। { *স.* স্তর>}

দুত্তরি, দূত্তরি [দুত্‌তোরি] *অব্য* ধ্যাৎ; দূর হোক (ঐ গহন বনের পথটি ঘুরে আসছে দূরে কচিপাতা দুত্তরি—*নই*)। { *ধ্বন্যা.* }

দুত্তোর ⇒ ধুত্তোর

দুদ্দাড় ⇒ দুড় দুড়

দুধ [দুধ্] *বি* ১ দুগ্ধ; স্তনক্ষীর (কনক কলস পর দূধক ধার—*বিপ*)। ২ দুধের মতো তরল পদার্থ; সাদা রস বা নির্যাস (নারকেলের দুধ)। **~ কলা দিয়ে সাপ বা কালসাপ পোষা** *ক্রি* যে মারাত্মক ক্ষতি সাধন করবে অজ্ঞতাবশত সেই শত্রুকেই সযত্নে পালন করা। **~ কুসুম্ভ** *বি* দুধে গোলা রস বা নির্যাস (দুধকুসুম্ভায় আজি হয়েছে বাসনা—*ভারা*)। **~-ঘির শ্রাদ্ধ করা** *বি* ১ প্রচুর দুধ ঘি খাওয়া। ২ প্রচুর দুধ ঘি নষ্ট করা। **~ ছেঁড়া, ~ কাটা, ~ ছানা হওয়া** *ক্রি* অম্লাদির যোগে বা গরম আবহাওয়ার জন্য দুধ বিকৃত হওয়া। **~ তোলা** *ক্রি* দুধ পানের পরেই শিশুর দুগ্ধ বমন করা। **~-দাঁত, দুধে-দাঁত** *বি* দুগ্ধপোষ্য শিশুর প্রথম ওঠা দাঁত, যা ছয় সাত বৎসর বয়সে পড়ে গিয়ে অন্য দাঁত ওঠে। **~ নামা, ~ ভর করা** *ক্রি* স্তনে দুধের সঞ্চার হওয়া। **~বিয়ানি** *বিণ* দুগ্ধবতী (ঘরে আছে দুধ বিয়ানী দশ গোটা গাই—*মৈগী*)। **~ভাই** *বি* একই মাতার স্তন্যপানজনিত যে ভাই সম্পর্ক (অপর স্তনটি তাঁহার দুধ ভাই হালিমার আপন শিশুপুত্রের জন্য—*গোমো*)। **~ ভাতে থাকা, দুধে ভাতে থাকা** *(আল.)* *ক্রি* সচ্ছল অবস্থায় বা প্রাচুর্যের মধ্যে জীবন যাপন করা (আমার সন্তান যেন থাকে দুধে ভাতে—*ভারা*)। **~ মেরে ক্ষীর** *বি* সার অংশ। **দুধে আলতা রং** *বি* দুধ এবং আলতার মিশ্রণে যে রক্তাভ গৌর বর্ণের উৎপত্তি হয় (দুধে আলতা রং যেন সোনার অঙ্গ ছেয়ে—*নই*)। **দুধে গোরুর চোনা** —সামান্য ত্রুটি বা নিকৃষ্ট বস্তুর জন্য মূল্যবান বস্তু নষ্ট হওয়া। **দুধে জলে মেশা** ১ বেমালুম মিশে যাওয়া। ২ অভিন্ন ভাব। **দুধের ছেলে** *বি* কচি ছেলে; দুগ্ধপোষ্য শিশু। **দুধের স্বাদ ঘোলে মেটানো** *ক্রি* উৎকৃষ্ট জিনিসের অভাবে নিকৃষ্ট জিনিসে সন্তুষ্ট থাকা। **দুধেল, দুধাল, দুধালী, দুধুলি, দুধুল** *বিণ* দুগ্ধবতী; বেশি দুধ হয় এমন (ইহাদের ঘরে বালি নাই ওদের গোয়ালে দুধাল গাই—*নই*; হেমন্তের দুধাল ময়দান—*আহ*; দুধুলি গাই বিকিয়ে গেছে—*সদ*)। { *স.* দুগ্ধ>}

দুধারি, দোধারী [দুধারি, দোধারি] *বিণ* দুই দিকে ধারযুক্ত; দুই পার্শ্বস্থ। { *স.* দ্বি+*বা.* ধার+ই, ঈ *(প্রাবা.)*}

দুধি আকন [দুধি আকন] *বি* শ্বেত আকন্দ গাছ। { *স.* দুগ্ধ+বা. ই; *স.* অর্কমন্দার>আকন্দ>}

দুন, দুনা ⇒ দু

দুনি, দুনী [দুনি] *বি* ডোঙ্গা; ক্ষেতে জল সেচনের পাত্রবিশেষ। ২ পুকুর বা নদী থেকে জল তোলার যন্ত্র। { *স.* দ্রোণী>}

দুনিয়া [দুনিয়া] *বি* ধরা; ধরিত্রী; পৃথিবী; জগৎ; বিশ্ব **~দার** *বিণ* ১ সংসারী; সাংসারিক; বিষয়বুদ্ধিসম্পন্ন। ২ স্বার্থপরায়ণ; নিজের লাভ-ক্ষতির ব্যাপারে বিশেষ সচেতন (শোনার মালিক দুনিয়াদার—*সুভ*)। **দুনিয়াদারি, দুনিয়াদারী** *বি* ১ সংসার বিষয়ক অভিজ্ঞতা; সাংসারিক জ্ঞান। ২ সংসারধর্ম; পরিবারপ্রতিপালন (দুনিয়ার কারবার দেখে আর দুনিয়াদারী কর্তে ইচ্ছা হয় না—*মীম*) ৩ বিষয়বুদ্ধি স্বার্থপরতা। **দুনিয়াবি** *বিণ* সাংসারিক; পার্থিব (আমি গরীব কথায় দুনিয়াবী গোরবৎ বুঝাই নাই —*আমআ*)। { *ফা.* দুনিয়া دنیا }

দুনু ⇒ দু

দুনু-মনু, দোনোমনা [দুনুমোনু, দোনোমনা] *বি* ইতস্তত; দ্বিধা সংকোচ (দুনুমনু করে তুফানি . . . *অচিসে*) { দোমনা>}

দুনো ⇒ দু

দুন্দুভি [দুনদুভি] *বি* ঢাক; নাকারা; দামামা জাতীয় প্রাচীন রণবাদ্য (আর কি মাতে না হিয়া দুন্দুভির রবে !—*কায়*)। { *স.* দুন্দু+√উভ+ই(কি)) }

দুন্ধুমার, দুন্দুমার [দুনধুমার, -দুনদু-] *বি* বাড়ির ধোঁয়া; গৃহধূম। □ *বিণ* ধুন্ধুমার; বিশৃঙ্খলা ও গোলযোগপূর্ণ; ভয়ঙ্কর; বিষম। { *স.* ধূমান্ধ>}

দুপ ⇒ দুপ

দুপ [দুপ্] *অব্য* কোনো কিছু পতনের শব্দ; পদশব্দ; ধুপ এইরূপ শব্দ। **~দাপ** *অব্য* ১ ক্রমাগত দুপ শব্দ। ২ ভারী পদশব্দ। **~~** *অব্য* অপেক্ষাকৃত দ্রুত কিন্তু লঘু পদশব্দ। { *ধ্বন্যা.* }

দুপর ⇒ দুপুর

দু-পহর ⇒ দু

দুপাক ⇒ দু

দুপাখা [দুপাখা] *বিণ* দুই চুলাযুক্ত উনুন; রান্নার সুবিধার জন্য যে উনুনে কাষ্ঠ প্রবেশের পথ একটি কিন্তু তাপ বহির্গমনের পথ দুটি। { *স.* দ্বি+পক্ষ>}

দুপাটা, দুপাট্টা ⇒ দো

দুপাটি, দোপাটি [দুপাটি, দো-] *বি* ফুলের গাছ। { *স.* দ্বি+পট্ট>}

দুপুর [দুপুর] *বি* ১ দ্বি-প্রহর; মধ্যাহ্ন; বেলা বারোটার পর দুইটা পর্যন্ত সময়। ২ মধ্যরাত্র; গভীর রাত্রি; রাত্রি বারোটা থেকে দুইটা পর্যন্ত সময় (গড়ান দুপুর বেলা তৃষ্ণায় শুকাল গলা—*কমু*)। { *স.* দ্বিপ্রহর>}

দুপেয়ে, দুফলা, দুফাল ⇒ দো

দুবরি, দুবরী, দুবর *(ব্র.)* [দুবোরি, -, দুবর] *বি* দুর্বলা। □ *বিণ* ক্ষীণা; কৃশা (জ্বরে গো দুবর ব্যারাম—*দীমি*; তুয়া গুণে সুন্দরী অতি ভেল দুবরি—*বিপ*)। { *স.* দুর্বল>}

দুবলা[১] *(প্রাবা.)* [দুব্‌লা] *বি* দূর্বাঘাস (সরিষাতে সরু দুবলাতে হীন—মাণিকরাজার গান। { *স.* দূর্বা>}

দুবলা [দুবলা] *বিণ* ১ দুর্বল। ২ কৃশ; পাতলা। { *স.* দুর্বল+ আ(বিশেষ)}
দুবুড়া (*মধ্য.*) [দুবুড়া] *বি* মোটা সুতায় তৈরি এক প্রকার শাড়ি (স্ত্রীর দুবুড়া *-বন্দ*)। { *স.* দুকূল/ধৌতকটি>}
দুভাপা ⇒ দো
দুভাগী ⇒ দো
দুব্বা, দুব্ব, দুব্বো ⇒ দূর্বা
দুম [দুম] *বি* মৃদু দুড়ুম আওয়াজ (তালগাছটা . . . শিকড় উৎপাটিত দুম করিয়া পড়িয়া *- দমি*)। ~ ~, ~ **দাম** *বি* ক্রমাগত দুম আওয়াজ। ☐ *ক্রিবিণ* ক্রমাগত দুম আওয়াজ করে (ভোলানাথ যখন দরজায় দুম দুম লাথি মারিয়া চেঁচাইতে ছিল— *সুধা*)। **দুমাদুম** *ক্রিবিণ* ক্রমাগত দুম দুম করে। **দুমাদ্দুম** *বিণ* প্রচুর উচ্চ আওয়াজকারী (খুব কসে খানিক দুমাদ্দুম কিল বসিয়ে দিই পিঠে— *নই*)। ~**দুমি** *বি* বাদ্যযন্ত্রবিশেষ (দুমদুমির শব্দের নিশান— *কাদো*)। ~ **পটাস, ধুম পটাস** *অব্য* উচ্চশব্দে ফাটবার শব্দ (চুনে কাদাতে পা পিছলে খেঁকশিয়ালের বৌ—দুম পটাস— *অঠা*)। { *ধ্বন্যা.*}
দুমচি [দুমচি] *বি* ঘোড়ার পেছনের দিক থেকে ঘুরিয়ে এনে চামড়ার যে ফিতা দিয়ে জিন আটকে রাখা হয়। { *তু.* দুমচী}
দুমড়া, দোমড়া [দুমড়া, দো–] *বিণ* ১ বাঁকা। ২ মোচড়ানো হয়েছে এমন। **দুমড়ানো** *ক্রি* ১ বাঁকানো; বাঁকা করা। ২ মোচড়ানো; মোচড় দেওয়া। ৩ ভাঁজ করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থসমূহে। **দুমড়ানি** *বি*। { *স.* √দ্রাক্ষ্>দুমড়া>}
দুমনা ⇒ দু
দুমুখো, দুমুঠা, দুমেটে ⇒ দু
দুম্বা [দুমবা] *বি* এক জাতীয় মেষ; এর লেজে চর্বি ও মাংস জমে কুলার মতো চ্যাপটা ও পুরু হয় (গো মেষ দুম্বা ও ছাগে করিলে কোরবানী— *ইহো*)। { *ফা.* দুন্‌বা دنبه }
দুয়জা, দুঅজ (*মধ্য.*) [দুয়জ] *বিণ* ১ দ্বিতীয় (দুয়জ পহরে মো চান্তলো একসরী— *বচদা*)। ২ দ্বিগুণ (তাহার দুঅজ আর গজমুতী হার— *বচদা*)। ☐ *সর্ব* উভয় (দুয়জে লেখিল পত্র *-হেমা*)। { *স.* দ্বি>}
দুয়ম ⇒ দইয়ম
দুয়া, দুয়ো [দুয়া, -য়ো] *বিণ* ভাগ্যহীনা; দুর্ভাগা; স্বামীর সোহাগ বঞ্চিতা। { *স.* দুর্ভগা>*প্রা.* দুহআ>}
দুয়াপতি [দুয়াপোতি] *বি* দাবা বা সতরঞ্চ খেলা যাতে দুই পক্ষেই হাতি, নৌকা, ঘোড়া, বড়ে ইত্যাদি সমান সংখ্যায় থাকে (পাচকন্যা দুয়াপতি খেলা— *ময়নামতীর গান*)। { *স.* দ্বি>দুয়া+ *স.* পট্ট>পাতি>পতি}
দুয়ার, দোর, দুয়োর [দুয়ার, দোর, দুয়োর] *বি* ১ দরজা; দ্বার। ২ বাড়ির ফটক (হরিহর রায়ের দুয়ার দিয়া গেলেও . . . — *বিব*)। **দুয়ারি, দুয়ারী** *বি* ১ দৌবারিক; দারী; দ্বাররক্ষক; দারোয়ান (দ্বিরদ নির্মিত দ্বারে দুয়ারী . . . *মদ*)। ২ দ্বারযুক্ত (হাজার দুয়ারি)। **দুয়ারে কাঁটা দেওয়া** *ক্রি* প্রবেশ পথ বন্ধ করা (তর ঘরে আসিলে দুয়ারে দিব কাঁটা *- কমু*)। **দুয়ারে হাতি বাঁধা** *ক্রি* খুব . . . হওয়া। { *স.* দ্বার>}
দুয়াদশ (*মধ্য.*) [দুয়াদশ] *বিণ* দ্বাদশ; বারো (দোয়াদশ দণ্ড— *ময়নামতীর গান*)। { *স.* দ্বাদশ>}
দুয়েম, দোয়েম [দুয়েম, দো–] *বিণ* দ্বিতীয়; উৎকৃষ্ট শ্রেণির নয় এমন। ~**জমি** *বি* নীরস জমি যাতে অপেক্ষাকৃত কম ফসল ফলে। { *ফা.* দুয়ম دوم }
দুয়ো[১] ⇒ দুয়া
দুয়ো, দুও [দুয়ো] *অব্য* নিন্দা, ভর্ৎসনা বা ধিক্কারসূচক ধুত্ ধুত্ ধ্বনি (আগে দেব দুয়ো তালি তার পরে দেব গালি— *রঠা*)। { *স.* ধুত>}
দুর ⇒ দুঃ
দুরক্ষ [দুরোক্‌খো] *বিণ* কপট পাশা খেলে এমন। { *স.* দুঃ+অক্ষ; *প্রাদি.*}
দুরক্ষর, দুরাক্ষর [দুরক্‌খোর, দুরাক্‌খর] *বি* ১ কটূক্তি; তিরস্কার; কুবাক্য; মন্দবাক্য (ধন গর্বে বল দুরক্ষর— *কমু*; সৈয়দর তরে যেবা দুরাক্ষর বলে— *হেমা*)। ২ দুর্বোধ্য হস্তাক্ষর। ☐ *বিণ* অপ্রিয়; কঠোর (ভাল মন্দ বলিয়াছি দুরক্ষর বাণী— *কৃদা*)। { *স.* দুঃ+অক্ষর, >}
দুরগ্রহ [দুরোক্‌গ্রোহো] *বি* মন্দগ্রহ; মন্দভাগ্য (এমন গ্রহ আমি স্বীকার করে নিতে নারাজ ছিলুম— *রঠা*)। { *স.* দুর্গ্রহ>}
দুরজন ⇒ দুর্জন
দুরতিক্রমণ [দুরোতিক্‌ক্রোমোন্] *বি* অতি কষ্টে উত্তরণ; খুব কষ্টে পার হওয়া। **দুরতিক্রম, দুরতিক্রম্য, দুরতিক্রমণীয়** *বিণ* দুর্লঙ্ঘ্য; অতিকষ্টে অতিক্রম করা যায় এমন; দুস্তর (অতএব কাল দুরতিক্রম— *ঈবি*)। **দুরতিক্রম্যা, দুরতিক্রমণীয়া** *স্ত্রী.*। { *স.* দুঃ+অতিক্রম}
দুরত্যয় [দুরত্‌তয়] *বিণ* দুর্লঙ্ঘ্য; পার হওয়া কঠিন এমন; দুস্তর; দূরতিক্রম (শূন্য চক্রবালে দুরত্যয় মরুকুঞ্জ নিরখিবে দুর্মর খেয়ালে— *সুদ*)। { *স.* দুঃ+অত্যয়}
দুর দুর [দুরদুর] *অব্য* ভয় প্রভৃতি কারণে হৃৎস্পন্দন; বুকের অব্যক্ত স্পন্দন ধ্বনি। **দুরুদুরু** (*পদ্য.*) *অব্য* দুর দুর আওয়াজ (দুরু দুরু করে বুক— *রঠা*)। ☐ *ক্রিবিণ* দুর দুর করে (হিয়া দুরু দুরু দুলিতেছে— *রঠা*)। { *ধ্বন্যা.*}
দুরদৃষ্ট [দুরোদ্‌দৃশ্‌টো] *বি* মন্দভাগ্য; পোড়া কপাল। ☐ *বিণ* দুর্ভাগা; মন্দ ভাগ্যযুক্ত। { *স.* দুঃ+অদৃষ্ট; *প্রাদি.*}
দুরধিগম, দুরধিগম্য, দুরধিগ [দুরোধিগম্, –গোম্‌মো, দুরোধিগো] *বিণ* ১ দুষ্প্রবেশ্য; দুর্গম; দুর্লভ এমন; অতি কষ্টে পাওয়া যায় এমন; দুষ্প্রাপ্য। ২ যাওয়া বা প্রবেশ করা কঠিন; দুর্গম; দুষ্প্রবেশ্য। ৩ জানা দুঃসাধ্য এমন; দুর্জ্ঞেয়। **দুরধিগম্যা** *স্ত্রী.*। **দুরধিগম্যতা** *বি*। { *স.* দুঃ+অধিগম, অধিগম্য, অধিগ; *সুপ্‌সুপা*}
দুরধ্যয় [দুরোদ্‌ধয়] *বিণ* ১ অধ্যয়ন করা কঠিন এমন; দুষ্পাঠ্য। ২ সাধনা করা কঠিন এমন; দুঃসাধ্য। **দুরধীত** *বিণ* ১ ভুল উচ্চারণে পঠিত। ২ যথোপযুক্ত শিক্ষিত নয় এমন। { *স.* দুঃ+অধ্যায়}
দুরন্ত [দুরন্‌তো] *বিণ* ১ অশান্ত; দুষ্ট; দামাল (ডাক শোনো বজ্র আর দুরন্ত হাওয়ার— *রথা*)। ২ দুর্দম্য; দুর্দমনীয় (দুরন্ত রোগ)। ৩ দুর্দান্ত (ধাইল কুঞ্জর বল বড়ই দুরন্ত— *কমু*)। ৪ ভীষণ; উগ্র (দুরন্ত ক্রোধ)। ৫ প্রবল (দুরন্ত পবন অতি আক্রমণে তার— *রঠা*)। ৬ দুষ্ট; দুর্বৃত্ত (কৃতান্ত আসিবে তোর দুরন্ত রাবণি— *মদ*)। ৭ প্রচণ্ড

তাপযুক্ত (দুরন্ত দুপুর)। ৮ দুরতিক্রমণীয় (দুরন্ত পথ)। **~পনা** *বি* দুষ্টামি; উপদ্রব; দৌরাত্ম্য; দুষ্ট আচরণ (বাতাস করিছে দুরন্তপনা ঘরেতে ঢুকি—*রঠা*)। {*স.* দুর্+অন্ত; *বহু*}

দুরন্তর[১] [দুরন্‌তর্] (*মবা.*) *বিণ* ১ অপেক্ষাকৃত অধিক বা অতিশয় দুরন্ত (পাইয়া শিবের বর দৈত্য হল দুরন্তর কোন দিন পাড়ে গণ্ডগোল—*কমু*)। ২ দূরবর্তী স্থান (গমন দুরন্তর *গোদা*)। {*স.* দুঃ+অন্তর}

দুরন্বয় [দুরন্‌নয়্] *বি* দুষ্ট অন্বয়; বাক্যান্তর্গত কর্তা কর্ম ক্রিয়াদির অবিন্যস্ত ব্যবহার। ☐ *বিণ* ১ অযথা বিন্যাসযুক্ত। ২ দুর্গম; দুর্বোধ্য। {*স.* দুর্+অন্বয়}

দুরপনেয় [দুরপনেয়ো] *বিণ* মোচন বা দূর করা অত্যন্ত কঠিন এমন; দুর্মোচনীয় (দুরপনেয় কলঙ্কের ভার মাথায় করে বসে রইলে—*অচিসে*)। {*স.* দুর্+অপনেয়; *সুপ্‌সুপা*}

দুরবগম, দুরবগম্য [দুরবোগম্, -গম্‌মো] *বিণ* দুর্জ্ঞেয়; দুরধিগম; বোঝা কঠিন এমন। **দুরবগম্যা** *স্ত্রী.*। **দুরবগম্যতা** *বি*। {*স.* দুঃ+অবগম, অবগম্য}

দুরবগাহ [দুরবোগাহো] *বিণ* ১ অবগাহন করা কঠিন এমন; প্রবেশ করা দুরূহ এরূপ; দুষ্প্রবেশ্য। ২ দুর্বোধ্য; দুর্জ্ঞেয় (অহর্নিশি দুরগাহ নীতিশাস্ত্রের অবিশ্রান্ত পর্যালোচনা দ্বারা—*ঈবি*)। ৩ দুর্গম; দুরধিগম্য। {*স.* দুঃ+অবগাহ}

দুরবগ্রহ [দুরবোগ্‌গ্রোহো] *বিণ* কষ্টে দূর বা অপসারণ করা যায় এমন। {*স.* দুঃ+অবগ্রহ}

দুরবস্থ [দুরোবস্‌থো] *বিণ* ১ দুর্দশাগ্রস্ত; দুর্গত; মন্দ অবস্থায় পতিত। ২ দরিদ্র। **দুরবস্থা** *বি* দুর্দশা; দারিদ্র্য; দৈন্য। {*স.* দুঃ+অবস্থা; *বহু*}

দুরবাপ [দুরোবাপ্] *বিণ* দুর্গত; পাওয়া কঠিন এমন; দুষ্প্রাপ্য। {*স.* দুঃ+অবাপ}

দুরবিন, দূরবীন [দুরবিন্] *বি* দূরবর্তী বস্তু স্পষ্টভাবে দেখার যন্ত্রবিশেষ; দূরবীক্ষণ যন্ত্র; telescope। {*ফা.* দূরবীন دوربین }

দুরবেক্ষিত [দুরোবেক্‌খিতো] *বিণ* নগণ্য; অকিঞ্চিৎকর; অবজ্ঞার যোগ্য; অবজ্ঞেয়। {*স.* দুঃ+অবেক্ষিত}

দুরভিগ্রহ [দুরোভিগ্‌গ্রোহো] *বিণ* ১ অতি কষ্টে গ্রহণ করা যায় বা বোঝা যায় এমন; দুর্বোধ্য। ২ দুর্জ্ঞেয়। {*স.* দুঃ+অভিগ্রহ}

দুরভিসন্ধি [দুরোভিশোন্‌ধি] *বি* কুমতলব; অসৎ অভিপ্রায়; যার অভিপ্রায় খারাপ। {*স.* দুঃ+অভিসন্ধি}

দুরমুশ [দুরমুশ্] *বি* ১ সুরকি, খোয়া ইত্যাদি পিটিয়ে মজবুত করে বসার দণ্ডযুক্ত মুষল। ২ দণ্ডযুক্ত মুষল দিয়ে পেটানো। **~ করা** *ক্রি* ১ দুরমুশ দ্বারা প্রহার করা বা পিটানো। ২ (*আল.*) খুব বেশি প্রহার করা; মেরে শায়েস্তা করা। {*তুল. হি.* দুরমট}

দুরস্ত, দুরুস্ত, দোরস্ত [দুরস্‌তো, -রু-, দোরস্‌তো] *বিণ* ১ ঠিক; যথাযথ; নির্ভুল; যথার্থ (চোস্ত ফরাসী ভাষায় দুরস্ত ফরাসী কায়দায় বললেন—*সৈমু*; দোহারেরাও মিলে ও তালে দোরস্ত—*কাসি*)। ২ সংশোধিত; শাসিত; দমিত (তাঁহাকে দুরস্ত করিবার চেষ্টা পাইয়াছিলেন *ঈবি*; যেমনি চালাকি খেলতে এসেছিলেন, তেমনি দুরস্ত হয়েছেন—*মীম*; আমাদের এই বেঁড়ে জাতটাকে... দোরস্ত না করলে—*নই*)। ৩ সাজানো; গোছালো; পরিপাটি (একটু কাপড় চোপড় দুরস্ত করিয়া নাও—*বচ*; দশানি ছয় আনি ভাগের নিরাকরণ কাগজপত্র দোরস্ত করিয়া—*রাম*)। ৪ মাফিক; অনুযায়ী; মতো; অনুসারে (কায়দা দুরস্ত, লেফাকা দুরস্ত)। ৫ সমভূমি; চৌরস; সমান (জমি পিটাইয়া দুরস্ত করা)। ৬ অভ্যস্ত; আয়ত্ত (লেজে ধরে তাদের উপরে তেলবার হাত তেমন দুরস্ত হয়নি—*রঠা*; তোমার এখনো লক্ষ বিঁধ্যে দোরস্ত হয়নি—*অঠা*)। {*ফা.* দুরস্ত درست }

দুরাকাঙ্ক্ষা [দুরাকাঙ্‌খা] *বি* ১ দুরাশা; দুষ্প্রাপ্য বস্তু বা বিষয় লাভের প্রত্যাশা। ২ অসঙ্গত বা অসৎ আশা। **দুরাকাঙ্ক্ষী, দুরাকাঙ্ক্ষ** *বিণ* ১ দুরাশা করে এমন; দুরাশাসম্পন্ন। ২ অন্যায় বা নিজের ক্ষমতার আওতা-বহির্ভূত দুর্লভ বস্তুর প্রত্যাশা করে এমন। **দুরাকাঙ্ক্ষিণী** *স্ত্রী.*। {*স.* দুঃ+আকাঙ্ক্ষা}

দুরাক্রম, দুরাক্রম্য [দুরাক্‌ক্রোম্, -ক্রোম্‌মো] *বিণ* আক্রমণ করা অত্যন্ত কঠিন এমন। {*স.* দুঃ+আক্রম, য(যৎ)}

দুরাক্ষর, দুরাখর ⇒ দুরক্ষর

দুরাগ্রহ [দুরাগ্‌গ্রোহো] *বি* ১ অসৎ বা দুর্লভ বিষয়ে আগ্রহ। ২ দুশ্চেষ্টা। ৩ মন্দ অসৎ বা দুর্লভ বিষয়ে আগ্রহ। {*স.* দুঃ+আগ্রহ; *প্রাদি*}

দুরাচরণীয় [দুরাচরোনিয়ো] *বিণ* বহুকষ্টে পালনীয়; কৃচ্ছ্রসাধ্য {*স.* দুঃ+আচরণীয়}

দুরাচার [দুরাচার্] *বি* মন্দ বা কুৎসিত আচরণ; দুর্বৃত্ততা (শাপ দিলা দুই জনে যেমন করিলি দুরাচার—*ভারা*)। ☐ *বিণ* ১ দুর্বৃত্ত। ২ কদাচারযুক্ত। **দুরাচারী** (-রিন্) *বিণ* পাপিষ্ঠ; পাপাচারী। **দুরাচারিণী** *স্ত্রী.*। {*স.* দুঃ+আচার}

দুরাত্মা [দুরাত্‌তাঁ] *বিণ* ১ পাপাত্মা; দুর্বৃত্ত; দুষ্ট-স্বভাব (দুরাত্মা রাম তোমাদের সর্বনাশে উদ্যত হইয়াছে—*ঈবি*)। ২ নির্দয়; অত্যাচারী। {*স.* দুঃ+আত্মা; *বহু*}

দুরাধর্ষ [দুরাধরশো] *বিণ* দুর্ধর্ষ; দমন করা দুঃসাধ্য এমন; দুর্দম; দুর্দমনীয়; দুর্দান্ত। {*স.* দুঃ+আধর্ষ}

দুরাপ [দুরাপ্] *বিণ* দুর্লভ; সহজে পাওয়া যায় না এমন; দুষ্প্রাপ্য। {*স.* দুঃ+আপ}

দুরারাধ্য [দুরারাদ্‌ধো] *বিণ* আরাধনা বা পূজা করা দুঃসাধ্য এমন (অনাদি অনন্ত সে দেবের দুরারাধ্য—*ঘচ*)। {*স.* দুঃ+আরাধ্য; *সুপ্‌সুপা*}

দুরারোগ্য [দুরারোগ্‌গো] *বিণ* আরোগ্য লাভ করা কঠিন এমন; চিকিৎসার অতীত। {*স.* দুঃ+আরোগ্য}

দুরারোহ [দুরারোহো] *বিণ* ১ আরোহণ করা কঠিন এমন। ২ দুর্গম (এই দুরারোহ পথ—*মব*)। {*স.* দুঃ+আরোহ; *সুপ্‌সুপা*}

দুরালভ [দুরালভ্] *বিণ* দুর্লভ; লাভ করা কঠিন এমন। ☐ *বি* কাঁটাযুক্ত গাছবিশেষ। {*স.* দুঃ+আলভ}

দুরালাপ [দুরালাপ্] *বি* ১ দুষ্ট বা কদর্য আলাপ; গালি। ২ কটুভাষী; দুষ্টভাষী। {*স.* দুঃ+আলাপ}

দুরাশ ⇒ দুরাশা

দুরাশয় [দুরাশয়] বি ১ মন্দ অভিপ্রায়; দুরভিসন্ধি। ২ দুরাশয়; মন্দ অভিপ্রায়যুক্ত (মায়া করি ত্যারকায় যাবে দুরাশয় [illegible])। { স. দুঃ+আশয়; বহু }

দুরাশা [দুরাশা] বি দুরাকাঙ্ক্ষা; দুর্লভ বিষয় বা বস্তু লাভের আশা (কতদূর দুরাশার প্রবাসে—*রঠা*)। **দুরাশ** বিণ দুরাকাঙ্ক্ষ; দুর্লভ বিষয় বা বস্তু লাভের প্রত্যাশা করে এমন (হৃদয় দুরাশ—*রঠা*)। { স. দুঃ+আশা; বহু }

দুরাসদ [দুরাশদ] বিণ ১ দুর্ধর্ষ; দুর্দম (কি দুর্জয় তব কিবা দুরাসদ তেজোরাশি—*ইহো*)। ২ লাভ করা অত্যন্ত কঠিন এমন; দুর্লভ; দুষ্প্রাপ্য। ৩ দুর্জ্ঞেয়; জানা কঠিন এমন। ৪ দুঃসহ। { স. দুঃ+আসদ }

দুরি, দুরী [দুরি] বি ১ দুই ফোঁটাযুক্ত তাস; যে তাসে দুই ফোঁটা আছে। ২ দুই সদস্যভুক্ত ঘর বা পরিবার (দুরি ঘর হইতে মহলা দহলা পর্যন্ত আরও অনেক ঘর গৃহস্থ আছে—*রঠা*)। { স. দ্বি> }

দুরিত [দুরিতো] বি ১ পাপ (দুর্জয় দক্ষিণাকালী দুরিত নাশিনী—*কমু*)। ২ ক্ষতি; অনিষ্ট। □ বিণ ১ মহাপাপী; পাপিষ্ঠ। ২ কলুষিত (দারুণ কাহনঞে দুরিত তারে মন—*বচন্দা*)। { স. দুঃ+ইত }

দুরুক্ত [দুরুকতো] বিণ কটূক্তি। { স. দুঃ+উক্ত; সুপ্‌সুপা }

দুরুক্তি [দুরুকতি] বি দুর্বচন; কটুবাক্য; কটূক্তি; তিরস্কার (সমালোচকদের দুরুক্তি—*সুদ*)। { স. দুঃ+উক্তি }

দুরুচ্চার ⇒ দুরুচ্চার্য

দুরুচ্চার্য, দুরুচ্চার [দুরুচচারজো, -চার্] বিণ ১ উচ্চারণ করা কষ্টকর এমন (তাঁহার নামটি এত দুরুচ্চার্য যে—*বচ*)। ২ মুখে আনা যায় না এমন; অশ্লীল; অকথ্য। { স. দুঃ+উচ্চার্য, উচ্চার }

দুরুচ্ছেদ [দুরুচছেদ] বিণ উচ্ছেদ বা উন্মূলন কষ্টসাধ্য এমন; দুরপনেয়। { স. দুঃ+উচ্ছেদ }

দুরুত্তর [দুরুত্‌তর] বিণ দুস্তর; দুর্লঙ্ঘ্য; সহজে পার হওয়া যায় না এমন। □ বি খারাপ জবাব। { স. দুঃ+উত্তর }

দুরু দুরু ⇒ দুর দুর

দুরুপসদ [দুরুপসদ] বিণ ১ লাভ করা কঠিন এমন; দুর্লভ; দুষ্প্রাপ্য। ২ দুর্গম। ৩ সহ্য করা কঠিন এমন; দুঃসহ। { স. দুঃ+উপসদ }

দুরুপস্থান [দুরুপস্‌থান্] বিণ ১ কষ্টে গমনযোগ্য; দুর্গম। ২ জানা কঠিন এমন; দুর্জ্ঞেয়। { স. দুঃ+উপস্থান }

দুরুবার (*প্রাবা.*) [দুরুবার্] বিণ ১ দুর্বার; দুর্নিবার। ২ অনিবার্য (কাহাঞি বড় দুরুবার—*বচ*)। ২ দুর্ধর্ষ; দুর্জয় (স্বামী দুরুবার মোর—*বচ*)। { স. দুর্বার> }

দুরুস্ত ⇒ দুরস্ত

দুরূহ [দুরুহো] বিণ ১ সুকঠিন; অত্যন্ত কষ্টে সাধন করা যায় এমন; কষ্টসাধ্য (দুরূহ কর্তব্য ভার)। ২ দুর্বোধ্য (তাহাতে একটি দুরূহ শব্দ ছিল—*ঈবি*)। ৩ তর্কে মীমাংসা হওয়া কঠিন এমন। ৪ দুর্জ্ঞেয়। **দুরূহতা** বি দুর্বোধ্যতা; কাঠিন্য (তাহার মধ্যে দুরূহতা দুর্গমতা কিছুই নাই—*রঠা*)। { স. দুর্+√ঊহ্+অ(খল্) }

দুরোদর, দরোদর [দুরোদর্, দরোদর্] বি ১ জুয়াড়ি। ২ পাশাখেলা; জুয়াখেলা; দ্যুতক্রীড়া। { স. দুরোদর }

দুর্গ [দুর্‌গো] বি ১ পরিখা বা প্রাচীরবেষ্টিত সংরক্ষিত সেনানিবাস; রাজপ্রাসাদ ও সেনানিবাস; গড়; কেল্লা; শত্রুসৈন্যের প্রবেশ দুঃসাধ্য এমন স্থান। ২ বিপদ; সংকট (দুর্গ পার হয়ে এলে কি প্রকারে—*কাদা*)। **–পতি, –পাল, দুর্গাধিপতি, দুর্গেশ**[১] বি দুর্গের অধীশ্বর বা প্রভু বা মালিক; দুর্গরক্ষক। **দুর্গেশ**[২] বি দুর্গার স্বামী শিব। { স. দুঃ+√গম্+অ(ড) }

দুর্গত [দুর্‌গতো] বিণ ১ বিপদাপন্ন; বিপদগ্রস্ত; দুর্দশাপন্ন। ২ দরিদ্র; গরিব। ৩ দুঃখী। { স. দুঃ+√গম্+ত(ক্ত) }

দুর্গতি [দুর্‌গোতি] বি ১ দুরবস্থা; শোচনীয় অবস্থা। ২ নিগ্রহ; লাঞ্ছনা। ৩ নরকগতি। { স. দুঃ+গতি }

দুর্গন্ধ [দুর্‌গন্‌ধো] বি খারাপ গন্ধ। □ বিণ খারাপ গন্ধযুক্ত। **দুর্গন্ধী**(–ন্ধিন্) বিণ খারাপ গন্ধবিশিষ্ট; খারাপ গন্ধ আছে এমন। { স. দুঃ+গন্ধ; বহু }

দুর্গম [দুর্‌গম্] বিণ ১ যাওয়া কষ্টসাধ্য বা কষ্টকর এমন; দুরধিগম্য। ২ জানা অত্যন্ত কষ্টকর এমন; দুর্জ্ঞেয়। ৩ দুর্বোধ্য। ৪ পূরণ করা কঠিন এমন; দুষ্পূরণীয় (এই দুর্গম ইচ্ছাই হচ্ছে—*রঠা*)। **দুর্গমতা** বি দুরধিগম্যতা (তাহার মধ্যে দুরূহতা দুর্গমতা কিছুই নাই—*রঠা*)। { স. দুঃ+√গম্+অ(খল্) }

দুর্গা [দুর্‌গা] বি ১ বিপত্তারিণী। ২ হিন্দু দেবতা শিবের পত্নী; ভগবতী; গৌরী। **দুর্গোৎসব** বি হিন্দুদেবী দুর্গার পূজা বা তৎসংক্রান্ত উৎসব। { স. দুঃ+√গম্+অ(ড)+আ(টাপ্) }

দুর্গাধিপতি ⇒ দুর্গ

দুর্গামণ্ডা ⇒ দুর্গোমণ্ডা

দুর্গেশ[১] ⇒ দুর্গ

দুর্গেশ[২] [দুর্‌গেশ্] বি ১ হিন্দু দেবতা শিব। ২ দুর্গের অধিপতি; দুর্গরক্ষক। { স. দুর্গা+ঈশ; ৬তৎ }

দুর্গোৎসব ⇒ দুর্গা

দুর্গোমণ্ডা, দুর্গামণ্ডা [দুর্‌গোমন্‌ডা, দুর্‌গা-] বি এক প্রকার সন্দেশ (ময়রারা দুর্গোমণ্ডা বা আগাতোলা সন্দেশের ওজন দিতে আরম্ভ করলে—*কাসি*)। { দুর্গোৎসবের মণ্ডা }

দুর্গ্রহ [দুর্‌গ্রোহো] বি দুষ্টগ্রহ; কুগ্রহ। □ বিণ জানা বা গ্রহণ করা কষ্টকর এমন; দুর্বোধ্য; দুরধিগম্য। { স. দুঃ+√গ্রহ্+অ(খল্) }

দুর্ঘট [দুর্‌ঘট্] বিণ ১ ঘটা কঠিন এমন; দুঃসাধ্য (এ দুরূহ ব্যাপারের সম্যক সমাধান হওয়া দুর্ঘট—*ঈবি*)। ২ সচরাচর ঘটে না এমন; ঘটার সম্ভাবনা কম এমন (কিন্তু শরভের মত কবি মেলাই দুর্ঘট—*প্রচৌ*)। { স. দুঃ+√ঘট্+অ(খল্) }

দুর্ঘটনা [দুর্‌ঘটোনা] বি অশুভ বা ক্ষতিকর ব্যাপার; বিপদ-আপদ; আকস্মিক বিপদ। { স. দুঃ+ঘটনা }

দুর্জন, দুর্জ্জন, দুরজন [দুর্‌জন্] বিণ ১ দুষ্ট বা খারাপ লোক (দুর্জন বালকগণ জানাইলে পুনি—*দৌবা*)। ২ পাষণ্ড; দুরাত্মা; দুরাচার। ৩ খল; ক্রূর। { স. দুঃ+জন }

দুর্জয়, দুর্জ্জয় [দুর্‌জয়্] বিণ জয় বা দমন করা কঠিন এমন; অজেয়; অদম্য। { স. দুঃ+√জি+অ(খল্) }

দুর্জ্ঞেয় [দুর্‌গেয়ো] বিণ স্বরূপ জানা কঠিন এমন; দুর্বোধ্য; দুরধিগম্য (কে গো তুমি দুর্জ্ঞেয় মহান—*সদ*; মানুষের মন বোধ হয় সবচেয়ে দুর্গম ও দুর্জ্ঞেয়—*মুআহা*)। { স. দুঃ+√জ্ঞা+য(যৎ); দুঃ+জ্ঞেয়; সুপ্‌সুপা }

দুর্দম, দুর্দমনীয়, দুর্দম্য [দুর্‌দম্, দুর্‌দমোনিয়ো, দুর্‌দম্‌মো] বিণ দমন করা কঠিন এমন; দুরন্ত; দুর্দান্ত (দুর্দম পবন—*রঠা*; বাজছে দুর্দম্য ব্যাণ্ড—*অচিসে*; অতি দুর্দম্য

রাজবিদ্রোহ উপস্থিত হওয়াতে—রচ)। { স. দুঃ+√দম+অ(খল্), অনীয়(অনীয়র্), য(য়ৎ)}

দুর্দর্শ [দুরদরশো] *বিণ* কষ্টে দর্শন করা যায় এমন; দর্শন করা দুঃসাধ্য এরূপ (মাথা তুলেচে দুর্দর্শ সূর্যালোকে—*রঠা*)। { স. দুঃ+দর্শ, দুঃ+√দৃশ্+অ(খল্)}

দুর্দশা [দুরদশা] *বি* মন্দ অবস্থা; শোচনীয় অবস্থা; দুরবস্থা; দুর্গতি; দুর্ভোগ (আপন দুর্দশা আর শিবেরে নিন্দিয়া—*ভারা*)। { স. দুঃ+দশা}

দুর্দহন [দুরদহোন] *বি* অসহ্য দহন বা জ্বালা (ব্যাপ্ত হয়েছে পাপের দুর্দহন—*রঠা*)। { স. দুঃ+দহন}

দুর্দান্ত [দুরদান্‌তো] *বিণ*১ দমন করা বা বশ মানানো কঠিন এমন; দুর্দমনীয়; দুরন্ত। ২ প্রবল ও অত্যাচারী। { স. দুঃ+√দম+ত(ক্ত); *সুপ্‌সুপা*}

দুর্দিন [দুরদিন্] *বি*১ অশুভ কাল; দুঃসময়; বিপদের দিন। ২ দুর্যোগময় দিন; অসময়; ঝড়বৃষ্টিযুক্ত দুর্যোগপূর্ণ দিন (শিরে লয়ে উন্মত্ত দুর্দিন—*রঠা*)। { স. দুঃ+দিন; *বহু*}

দুর্দৈব [দুরদোইবো] *বি* ১ দুরদৃষ্ট; বদনসিব; মন্দ কপাল; মন্দ ভাগ্য (একীরে দুর্দৈব—*রঠা*; দেখ দেখ ওরে নন্দী ব্যাসের দুর্দৈব—*ভারা*)। ২ দুর্ঘটনা। { স. দুঃ+দৈব; *প্রাদি*}

দুর্ধর [দুরধর্] *বিণ* ১ অসহ্য ধারণ; সহ্য করা কঠিন এমন (দুর্ধর শোক ভরে অভিভূত হইয়া—*ঈবি*)। ২ দুর্দান্ত। ৩ যা উত্তোলন করা কষ্টকর এমন। { স. দুঃ+√ধৃ+অ(খল্)}

দুর্ধর্ষ [দুরধরশো] *বিণ*১ পরাজিত করা বা বশ মানানো কষ্টকর এমন; দুর্জয় (দুর্ধর্ষ অশ্বেরে বাঁধি দৃঢ় বল্গা পাশে—*রঠা*)। ২ প্রবল পরাক্রমশালী। ৩ দুঃসহ; তেজ সহ্য করা যায় না এমন। (দুর্ধর্ষ ডেলাইট—*অচিসে*)। **দুর্ধর্ষতা, দুর্দ্ধর্ষতা** *বি*। { স. দুঃ+√ধৃষ+অ(খল্)}

দুর্ধী [দুরধি] *বিণ* দুষ্ট বুদ্ধি; দুর্বুদ্ধি। **সুধী** *বিপ*। { স. দুঃ+ধী; *বহু*}

দুর্নমিত [দুরনোমিতো] *বিণ* বশ মানানো বা আয়ত্ত করা কষ্টকর এমন; দুর্জয়; দুর্ধর্ষ (দুর্নমিত, অসংযত, গূঢ়চারী, গহন গম্ভীর—*সদ*)। { স. দুঃ+নমিত}

দুর্নয় [দুরনয়্] *বি* ১ দুর্নীতি; কুনীতি। ২ কূটনীতি। { স. দুঃ+নয়}

দুর্না [দুরনা] *বি* উচ্ছৃঙ্খল; দুর্দান্ত (দশদিক আন্ধার করিল মেঘগণ দুর্না হয়ে বহে ঊনপঞ্চাশ পবন—*অঠা*)। { স. দুর্নয়>}

দুর্নাম [দুরনাম্] *বি* বদনাম; অখ্যাতি; অপযশ; কলঙ্ক। (আমার দুর্নাম হবে না দেখ ভাবিয়া—*ভারা*)। { স. দুঃ+নাম; *বহু*}

দুর্নিবার, দুর্নিবার্য [দুরনিবার্, –বারজো] *বিণ* রোধ বা নিবারণ করা কঠিন এমন। (পটলের দুর্নিবার প্রফুল্লতার আঘাতে . . . —*রঠা*)। { স. দুঃ+নিবার/নিবার্য; দুঃ+নি+√বারি+অ(খল্)}

দুর্নিমিত্ত [দুরনিমিত্‌তো] *বি* অশুভ লক্ষণ; অমঙ্গলের চিহ্ন। { স. দুঃ+নিমিত্ত}

দুর্নিয়তি [দুরনিয়োতি] *বি* অমঙ্গলসূচক নিয়তি; দুরদৃষ্ট; বদনসিব (নানান মতে খাটো করে নতুন বেশে আসছে দুর্নিয়তি—*সদ*) { স. দুঃ+নিয়তি}

দুর্নিরীক্ষ্য [দুরনিরিক্‌খো] *বিণ* নিরীক্ষণ করা কষ্টকর এমন; ভালোভাবে দেখা কঠিন এমন (আপনাকে মধ্যাহ্ন তপনের মতো দুর্নিরীক্ষ্য বলিয়া বোধ হইত—*রঠা*)। { স. দুঃ+নিরীক্ষ্য; *সুপ্‌সুপা*}

দুর্নীতি [দুরনিতি] *বি* নীতিবিরুদ্ধ; কুনীতি; অসদাচরণ। ~**পরায়ণ** *বিণ* নীতিবিরুদ্ধ আচরণ করে এমন; দুরাত্মা; দুঃশীল। { স. দুঃ+নীতি}

দুর্পিটা [দুরপিটা] *বি* উত্তপ্ত লাল লৌহে হাতুড়ির আঘাতে যে অগ্নিময় ময়লা ছিটকে পড়ে; লৌহজাল (কুজনের সঙ্গ যেন কামার দুর্পিটা, যদি নাহি পোড়ে অঙ্গে তবু লাগে ছিটা—*হেমা*)। { অমূ}

দুর্বচন [দুরবচোন] *বি*১ কটুবাক্য; অশিষ্ট বা উদ্ধত বচন। ২ গালি; তিরস্কার। □*বিণ* কটুবাক্য বলে এমন; অপ্রিয়ভাষী। { স. দুঃ+বচন; *প্রাদি*}

দুর্বর্ণ [দুরবরনো] *বিণ* বিবর্ণ; বিকৃতবর্ণ; মলিন। □*বি* ১ রৌপ্য; রুপা। ২ খারাপ অক্ষর। { স. দুঃ+বর্ণ}

দুর্বৎসর [দুরবত্‌সোর্] *বি*১ অশুভ বৎসর; যে বৎসর খুব দুঃখকষ্টে কাটে। ২ আকালের বৎসর; যে বৎসর জমিতে অজন্মা হয়। { স. দুঃ+বৎসর; *বহু*}

দুর্বল [দুরবল্] *বিণ* ১ বলহীন; শক্তিহীন। ২ ক্ষীণ। ৩ রোগা। □*বি* শক্তিহীন বা রুগ্ণ ব্যক্তি; কৃশকায় ব্যক্তি (দুর্বলেরে রক্ষা কর—*রঠা*)। **দুর্বলা** *স্ত্রী*। **দুর্বলতা, দৌর্বল্য** *বি*। { স. দুঃ+বল}

দুর্বহ [দুরবহো] *বিণ*১ বহন করা কঠিন এমন; গুরুভার; অসহ্য; দুঃসহ। { স. দুঃ+√বহ্+অ(খল্)}

দুর্বাক [দুরবাক্] *বিণ* কটুভাষী; অপ্রিয় বা অশিষ্ট বাক্য বলে এমন। { স. দুঃ+বাক্; *বহু*}

দুর্বাক্য [দুরবাক্‌কো] *বি* কটু কথা; দুর্বচন; অশিষ্ট বা অপ্রিয় বাক্য; গালি; তিরস্কার। { স. দুঃ+বাক্য; *প্রাদি*}

দুর্বাচ্য [দুরবাচ্‌চো] *বিণ* বলা উচিত নয় এমন; অপবাদ; নিন্দা। { স. দুঃ+বাচ্য; *সুপ্‌সুপা*}

দুর্বার [দুরবার্] *বিণ* দুর্দমনীয়; রোধ বা নিবারণ করা কঠিন এমন; দুর্নিবার (শিয়রে কলিঙ্গ রাজা বড়ই দুর্বার—*কমু*)। { স. দুঃ+√বৃ+ণিচ্+অ(খল্)}

দুর্বারণ [দুরবারোন্] *বিণ* দুর্নিবার্য; নিবারণ করা কঠিন এমন। { স. দুঃ+বারণ}

দুর্বার্তা [দুরবারতা] *বি* অশুভ সংবাদ; দুঃসংবাদ। { স. দুঃ+বার্তা}

দুর্বাসনা [দুরবাশোনা] *বি* ১ দুরাকাঙ্ক্ষা; অপূরণীয় বাসনা। (নির্বাসনে বাঁধা আছি দুর্বাসনার ডোরে—*রঠা*)। ২ দুরভিসন্ধি; দুষ্টাভিলাষ। { স. দুঃ+বাসনা; *প্রাদি*}

দুর্বাসা [দুরবাশা] *বিণ* কুৎসিত বসন পরিহিত এমন। □*বি* অতি কোপনস্বভাব স্বনামধন্য পৌরাণিক মুনি। { স. দুঃ+বাসস্(কুৎসিত বসনধারী); *বহু*}

দুর্বিগাহ [দুরবিগাহো] *বিণ* ১ দুরবগাহ; প্রবেশ বা অবগাহন করা কঠিন এমন। ২ দুর্বোধ্য (উহারা দুর্বিগাহ মায়াজাল বিস্তৃত করিয়া উচ্ছেদ সাধন করে—*ঈবি*)। { স. দুঃ+বি+√গাহ্+অ(খল্)}

দুর্বিনয় [দুরবিনয়্] *বি* অশিষ্টাচারণ; বিনয়ের অভাব।

দুর্বিনীত *বিণ* ১ উদ্ধত; অশিষ্ট; অবিনয়ী; ভদ্রতা জানে না এমন (সাগরের প্রিয়তমা অয়ি দুর্বিনীতে—*মদ*)। ২ অশিক্ষিত; দুর্বৃত্ত। { *স.* দুঃ+বিনয়; *প্রাদি* }

দুর্বিনেয় [দুর্‌বিনেয়ো] *বিণ* দুর্দমনীয়; দমিত করা কঠিন এমন। { *স.* দুঃ+বিনেয় }

দুর্বিপাক [দুর্‌বিপাক্] *বি* ১ দুর্যোগ; দুর্ঘটনা; অবাঞ্ছিত ঘটনা (পেটের পরিধি বিস্তারকে দুর্বিপাক বলে গণ্য করত না—*রঠা*) ২ অশুভ বা দুঃখময় পরিণাম। ❑ *বিণ* কুফলপ্রদ (তুমি চন্দন তরু বোধে দুর্বিপাক বিষবৃক্ষের আশ্রয় গ্রহণ করিয়াছিলে—*ঈবি*)। { *স.* দুঃ+বিপাক; *বহু* }

দুর্বিষহ [দুর্‌বিশোহো] *বিণ* দুঃসহ; সহ্য করা কঠিন এমন; অসহনীয় (দুর্বিষহ শোক দহনে দগ্ধহৃদয় হইয়া—*ঈবি*)। **দুর্বিষহতা** *বি*। { *স.* দুঃ+বি+√সহ্+অ(খল্) }

দুর্বুদ্ধি, দুরবুদ্ধি(বিরল) [দুর্‌বুদ্‌ধি] *বি* ১ কুবুদ্ধি; দুষ্টবুদ্ধি; দুর্মতি; খারাপ মনোভাব (এমন দুরবুদ্ধি ঘটিয়াছিল—*রঠা*)। ২ মূর্খতা; বোকামি। ৩ অশুভকর বুদ্ধি। ❑ *বিণ* দুষ্টবুদ্ধিযুক্ত; দুর্মতিশালী; বোকা; মূর্খ। { *স.* দুঃ+বুদ্ধি; *বহু* }

দুর্বৃত্ত [দুর্‌বৃত্‌তো] *বিণ* ১ দুর্জন; দুশ্চরিত্র; দুরাত্মা; দুষ্টস্বভাব (রাবণও অতিদুর্বৃত্ত—*ঈবি* ; দুর্বৃত্ত মধুকর আমাকে নিতান্ত ব্যাকুল করিয়াছে—*ঈবি*)। ২ দুর্বিনীত; উদ্ধত। ❑ *বি* দুষ্ট বা গুণ্ডা প্রকৃতির লোক। **দুর্বৃত্ততা, দুর্বৃত্তি** *বি*। { *স.* দুঃ+বৃত্ত(চরিত্র); *বহু* }

দুর্বেদ [দুর্‌বেদ্] *বিণ* ১ কষ্ট করে জানা যায় এমন; দুর্জ্ঞেয়। ২ বোঝা কঠিন এমন; দুর্বোধ্য। { *স.* দুঃ+বেদ }

দুর্বোধ, দুর্বোধ্য [দুর্‌বোধ্, –বোদ্‌ধো] *বিণ* ১ বুঝতে পারা কঠিন এমন; দুর্জ্ঞেয় (কাশী করিবারে চাহ এ বড় দুর্বোধ—*ভারা*)। ২ অর্থোদ্ধার করা কঠিন এমন (বিড়বিড় করিয়া দুর্বোধ্য মন্ত্র পড়িতে লাগিল—*শাকা*)। **দুর্বোধ্যতা** *বি*। { *স.* দুঃ+√বুধ্+অ(খল্), দুঃ+বোধ্য }

দুর্ব্যবহার [দুর্‌ব্যাবোহার্] *বি* অভদ্র বা মন্দ আচরণ; অসদাচরণ। { *স.* দুঃ+ব্যবহার }

দুর্ভক্ষ্য, দুর্ভক্ষ [দুর্‌ভোক্‌খো] *বিণ* খাওয়া দুঃসাধ্য বা কষ্টকর এমন; অখাদ্য। { *স.* দুঃ+ভক্ষ্য, ভক্ষ }

দুর্ভগ [দুর্‌ভগো] *বিণ* অদৃষ্ট মন্দ এমন; ভাগ্যহীন; দুরদৃষ্ট। **দুর্ভগা** *বিণ স্ত্রী.* ১ পতিপ্রেমে বঞ্চিতা; দুয়ো; স্বামী দেখতে পারে না এমন। ২ ভাগ্যহীনা; হতভাগিনী। { *স.* দুঃ+ভগ; *বহু* }

দুর্ভর [দুর্‌ভর্] *বিণ* ১ বহন করা কষ্টকর এমন; দুর্বহ। ২ গুরুভার। ৩ দুঃসহ; অসহ্য (দুর্ভর বিচ্ছেদ অবলা বুকে নয়—*মদ*)। **দুর্ভরতা** *বি*। { *স.* দুঃ+√ভৃ+অ(খল্) }

দুর্ভাগা [দুর্‌ভাগা] *বিণ* হতভাগা; অদৃষ্ট মন্দ এমন। **দুর্ভাগিনী, দুর্ভাগী** *বিণ স্ত্রী.* ভাগ্যহীনা; হতভাগিনী (বিধবা হয়েছি সেই দোষে দুর্ভাগী বলে—*অঠা*)। { *স.* দুঃ+ভাগ্য> }

দুর্ভাগ্য [দুর্‌ভাগ্‌গো] *বি* দুরদৃষ্ট; পোড়া কপাল; মন্দ ভাগ্য। ❑ *বিণ* হতভাগা; হতভাগ্য; দুর্ভাগা; ভাগ্যহীন। { *স.* দুঃ+ভাগ্য; *বহু* }

দুর্ভাবনা [দুর্‌ভাবোনা] *বি* ১ দুশ্চিন্তা; অশুভ আশঙ্কা। ২ উৎকণ্ঠা; উদ্বেগ। **–গ্রস্ত** *বিণ* উৎকণ্ঠিত; উদ্বেগাকুল; উদ্বিগ্ন; দুশ্চিন্তাগ্রস্ত। { *স.* দুঃ+ভাবনা }

দুর্ভিক্ষ [দুর্‌ভিক্‌খো] *বি* আকাল; দেশব্যাপী খাদ্যাভাব; ভিক্ষার অভাব; যে অবস্থায় ভিক্ষা পাওয়া খুবই কষ্টকর। **সুভিক্ষ** *বিপ.* { *স.* দুঃ+ভিক্ষা; *অব্যয়ী* }

দুর্ভিতা [দুর্‌ভিতা] *বিণ* দুর্গম (জঙ্গ নদি নামে এক জঙ্গল দুর্ভিতা—*হেমা*)। { *স.* দুঃ+ভিদা> }

দুর্ভেদ্য, দুর্ভেদ [দুর্‌ভেদ্‌দো, ভেদ্] *বিণ* ১ ভেদ বা বিদীর্ণ করা দুষ্কর এমন; দুষ্প্রবেশ্য (দুর্ভেদ্য ব্যূহ; দুর্ভেদ বাধা—*রঠা*)। ২ দুর্বোধ; দুর্জ্ঞেয় (যেমন দুর্ভেদ্য রহস্যপূর্ণ ছিল—*রঠা*)। **দুর্ভেদ্যতা** *বি*। { *স.* দুঃ+ভেদ্য, ভেদ; *সুপ্‌সুপা*; *বহু* }

দুর্ভোগ [দুর্‌ভোগ্] *বি* অব্যবস্থাজনিত দুঃখকষ্ট; লাঞ্ছনা; দুর্গতি। { *স.* দুঃ+ভোগ }

দুর্মতি [দুর্‌মোতি] *বি* ১ কুবুদ্ধি; মন্দবুদ্ধি; অসৎ মনোভাব। ২ বোকামি। ৩ দুষ্টবুদ্ধিসম্পন্ন লোক; অসৎ মনোভাবাপন্ন লোক (এই দুর্মতিদের মাঝখানে থাকিয়া ইহাদের মতিগতি ভালো করো—*রঠা*)। ❑ *বিণ* ১ দুষ্টবুদ্ধি বা অসৎ মনোভাবাপন্ন; মন্দগতি। ২ বোকা। { *স.* দুঃ+মতি; *বহু* }

দুর্মদ [দুর্‌মদ্] *বিণ* ১ দুর্দান্ত; দুর্ধর্ষ (দুর্মদ সংগ্রামে—*মদ*) ২ পাগল; উন্মত্ত। ৩ উচ্ছৃঙ্খল। ❑ *বি* প্রমত্ত ব্যক্তি (আমি চিরদুরন্ত দুর্মদ—*নই*)। { *স.* দুঃ+√মদ্+অ(খল্); *বহু* }

দুর্মনা [দুর্‌মনা] *বিণ* দুশ্চিন্তাগ্রস্ত; দুর্ভাবনাগ্রস্ত; উদ্বিগ্নচিত্ত; চিন্তিত। **–য়মান** *বিণ* দুশ্চিন্তা করছে এমন; দুর্ভাবনাগ্রস্ত। **–য়মানা** *স্ত্রী.* (দেবী দুর্মনায়মানা হইলে কিরূপে তাহার চিত্তবিনোদন করিতে হয় তাহা তুমি বিলক্ষণ জান—*ঈবি*)। { দুঃ+মনঃ(মনস্); *বহু* }

দুর্মর [দুর্‌মর্] *বিণ* ১ সহজে মরে না এমন; কঠিন প্রাণ; diehard (বাল্য প্রত্যয় ক্ষণস্থায়ী হলেও ভাব উপসর্গ দুর্মর—*সুদ*)। ২ সহজে নষ্ট বা নরম হয় না এমন; অতিশয় রক্ষণশীল। **দুর্মরতা** *বি* (বৃত্তির দুর্মরতা মেনে নিয়েছিলেন—*সুদ*)। { *স.* দুঃ+মর }

দুর্মা, দুর্মো [দুর্‌মা, –মো] *বি* অর্ধপক্ব নারকেল। { *তুল.* ও. দোর্মা }

দুর্মুখ [দুর্‌মুখ্] *বিণ* ১ কঠোর বা তিক্ত কথা বলে এমন; কটুভাষী। ২ অপ্রিয় সত্য কথা বলে এমন; অপ্রিয়ভাষী। **দুর্মুখতা** *বি*। { *স.* দুঃ+মুখ; *বহু* }

দুর্মূল্য [দুর্‌মুল্‌লো] *বিণ* মহার্ঘ; অত্যধিক উচ্চমূল্যের; আক্রা (পৃথিবীর সমস্ত মণিমাণিক্যের চেয়ে তাহার কাছে দুর্মূল্য বোধ হইতে লাগিল—*রঠা*)। { *স.* দুঃ+মূল্য }

দুর্মেধা, দুর্মেধাঃ [দুর্‌মেধা, –ধাহ্] *বিণ* ১ স্মরণশক্তি দুর্বল এমন; অল্প মেধাবিশিষ্ট। ২ দুর্বুদ্ধি। { *স.* দুঃ+মেধা; *বহু* }

দুর্মোচ্য [দুর্‌মোচ্‌চো] *বিণ* মোচন করা বা দূর করা কঠিন এমন; দুরপনেয় (দুর্মোচ্য অন্ধকার—*অচিসে*)। **দুর্মোচ্যা** *স্ত্রী.*। { *স.* দুঃ+মোচ্য; *বহু* }

দুর্যোগ [দুর্‌জোগ্] *বি* ১ ঝড়বৃষ্টি ইত্যাদি প্রাকৃতিক বিপর্যয়ের সময়। ২ দুঃসময়; দুর্দিন; অশুভ সময়। { *স.* দুঃ+যোগ; *প্রাদি* }

দুর্যোধন [দুর্‌জোধন্‌] *বি* মহাভারতে বর্ণিত ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র। { *স.* দুঃ+√যুধ্‌+অন(যুচ্‌)}

দুর্লক্ষণ [দুর্‌লকখন্‌] *বি* অশুভ চিহ্ন; অকল্যাণের লক্ষণ। ☐ *বিণ* অশুভ চিহ্ন বা লক্ষণযুক্ত। **দুর্লক্ষণা** *স্ত্রী.*। { *স.* দুঃ+লক্ষণ}

দুর্লক্ষ্য [দুর্‌লকখো] *বিণ* লক্ষ্য করা দুরূহ এমন; দেখতে পাওয়া কঠিন এমন। { *স.* দুঃ+লক্ষ্য}

দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য [দুর্‌লঙ্‌ঘো] *বিণ* ১ লঙ্ঘন বা অতিক্রম করা কঠিন এমন; দুরতিক্রম্য (সেই সিক্ত বিশ্বাস ভরা মুখখানি. . . মাঝখানে দুর্লঙ্ঘ্য প্রাচীর—*জ়আ*)। ২ পালন করতেই হবে এমন (দুর্লঙ্ঘ্য আদেশ)। { *স.* দুঃ+লঙ্ঘ, লঙ্ঘ্য}

দুর্লভ [দুর্‌লভ্‌] *বিণ* দুষ্প্রাপ্য; পাওয়া কঠিন এমন; দুর্মূল্য; মহামূল্য। **দুর্লভতা** *বি* (দুর্লভতার কারণ জিজ্ঞাসা করলে বলে একা মানুষ কিন্তু কাজ বিস্তর—*রঠা*)। { *স.* দুঃ+√লভ্‌+অ(খল্‌)}

দুর্লেখ্য [দুর্‌লেকখো] *বি* যে লেখার পাঠোদ্ধার করা কঠিন; অস্পষ্ট লেখা। { *স.* দুঃ+লেখ্য}

দুর্হৃৎ, দুর্হৃদ [দুর্‌হৃৎ, -দ্‌] *বিণ* ১ হৃদয়হীন; নিষ্ঠুর (বুঝিলাম মোর শত্রু নয় দুর্হৃদ মানুষ কিংবা কুটিল দেবতা—*সুদ*)। ২ কঠোর; হৃদয়হীন (রবীন্দ্রনাথের দুর্হৃদ মনোভাবে শুধু অনুকম্পার অভাব আছে—*সুদ*)। **সুহৃদ** *বিপ.*। { *স.* দুঃ+হৃদ্‌; *বহু*}

দুর্হৃদয় [দুর্‌হৃদয়্‌] *বিণ* দুষ্ট অন্তঃকরণ বিশিষ্ট। { *স.* দুঃ+হৃদয়; *বহু*}

দুল [দুল্‌] *বি* স্ত্রীলোকের কানের গহনা; যে অলঙ্কার কানে দোলে। { *স.* √দুল্‌+অ}

দুলকি [দুল্‌কি] *বি* ঘোড়া, পালকি ইত্যাদির চাল বা মৃদু গমনভঙ্গিবিশেষ; মৃদু দোলাজনিত চাল (পাল্কী চলে দুলকি চালে—*সদ*)। { *স.* √দুল্‌+কি}

দুলদুল [দুল্‌দুল্‌] *বি* ১ হজরত মুহম্মদ (সা.) এর জামাতা হজরত আলীর ঘোড়ার নাম। ☐ *অব্য* ক্রমাগত মৃদু আন্দোলনের ভাব। { *ফা.* দুলদুল دلدل }

দুলন ⇒ দোলন

দুলহ (*ব্র.*) [দুলহ্‌] *বিণ* দুর্লভ; দুষ্প্রাপ্য (জগত দুলহ লেহ —*বিপ*)। { *স.* দুর্লভ>}

দুলা[১], **দোলা** ⇒ দোলা

দুলা[২], **দুলহা** [দুলা, দুলহা] *বি* বর; নওশা; স্বামী (নতুন দুলার রূপ দেখিয়ে চক্ষে মারে তাক—*জউ*; গর্ববোধ করব যে তার দুলহা ফকির নয়—*অচিসে*)। **দুলহিন, দুলহন, দুলাইন, দুলহানি** *বি স্ত্রী.* কনে; বিবাহের পাত্রী (তোমার আমার সাদির দুলাইন করাছি খির—*মৈগী*)। ~**ভাই** *বি* ভগিনীপতি; বোনাই। ~**মিঞা** *বি* মেয়ের স্বামী; জামাতা (তারপর দুলা মিঞা . . . কি মনে করে—*কাই*)। { *হি.* দুলহা}

দুলারি, দুলারী [দুলারি] *বি,স্ত্রী.* আদরিণী বা সোহাগিনী কন্যা। **দুলাল** *পু.*। { *তুল.* *হি.* দুলারী}

দুলাল [দুলাল্‌] *বি* ১ আদরের বা পরম স্নেহের পাত্র। ২ আদুরে পুত্র; অতিরিক্ত যত্ন ও আদরে পালিত পুত্র। ☐ *বিণ* ১ আদুরে; স্নেহভাজন (এক বুকের দুলাল ভাই—*এআ*; বাপের দুলাল বেটা বীর মেঘনাদ—*কৃও*)। ২ দোলায়িত (তরল তাল গতি দুলাল নাচে নটিনী নটন সুর—*জআদ*)। **দুলালী** *বিণ,স্ত্রী.* আদরিণী; স্নেহের; আদরের; প্রিয়া; প্রিয়তমা। **আলালের ঘরের ~** *বি* আদরে লালিত-পালিত ধনীর ছেলে। { *তুল.* *হি.* দুলাল}

দুলি, দুলী [দুলি] (*প্রাব.*) *বি স্ত্রী.* এক ধরনের মাদি কাছিম; কচ্ছপী। { *স.* √দুল্‌+ই (যে জল বা কাদা আলোড়িত করে)}

দুলিচা [দুলিচা] *বি* ক্ষুদ্র আকারের গালিচা (সোনার দুলিচা তাতে বসাইল প্রাণনাথে—*ফগ*)। { গালিচার সহচর শব্দ দুলিচা; *তুল.* *হি.* দুলীচা}

দুলিত [দুলিতো] লম্বিত। { *স.* দোলিত>}

দুল্লিল, দুল্লীল [দুল্‌লিল্‌] (*মবা.*) *বি* অতিরিক্ত স্নেহ; মাত্রাতিরিক্ত আদর (যথা তথা যাই সে দুল্লীল করে মোরে, দুল্লীল লাগিয়া কেহ পড়াইতে নার—*কৃক*)। { *মবা.* দুলাল>দুল্লীল}

দুলে, দুলিয়া [দুলে, দুলিয়া] *বি* ডুলি, পালকি ইত্যাদির বাহক হিন্দু সম্প্রদায়বিশেষ (এদিকে দুলে, বেয়ারা, হাড়ি ও কাওরারা নূপুর পায়ে উত্তরী-সূতা গলায় দিয়ে নেচে বেড়াচ্ছে—*কাসি*)। **দুলেনী** *স্ত্রী.*। { *স.* দুল>; দোলা>}

দুল্যমান [দুল্‌লোমান্‌] *বিণ* কম্পমান; দোদুল্যমান। { *স.* দোদুল্যমান>}

দুশমন, দুষমন [দুশ্‌মন্‌] *বি* শত্রু; বিপক্ষ; বৈরী; প্রতিকূল (মোর অপরাধে অপরাধী তুমি—রাজ্যেরি দুষমন—*মোম*; বুজদিল ঐ দুশমন সব বিলকুল সাফ হো গিয়া—*নই*)। ২ শয়তান; দুর্বৃত্ত। ☐ *বিণ* বিকট; ভীষণ; ভয়ঙ্কর (দুশমন চেহারা)। **দুশমনি, দুষমনি** *বি* ১ শত্রুতা; বৈরিতা। ২ দুর্বৃত্ততা; শয়তানি। { *ফা.* দুশমন دشمن }

দুশ্চর [দুশ্‌চর্‌] *বিণ* দুর্গম; বিচরণ বা গমন দুঃসাধ্য এমন; আচরণ করা কঠিন এমন; কৃচ্ছ্রসাধ্য। { *স.* দুঃ+√চর্‌+অ(খল্‌)}

দুশ্চরিত্র, দুশ্চরিত [দুশ্‌চোরিত্‌ত্রো, -চোরিতো] *বিণ* ১ চরিত্র বা স্বভাব খারাপ এমন; মন্দ চরিত্র; কুস্বভাব। ২ লম্পট। **দুশ্চরিত্রতা** *বি*। { *স.* দুঃ+চরিত্র; চরিত}

দুশ্চারিণী [দুশ্‌চারিনি] *বি, বিণ* দুশ্চরিত্রা বা ব্যভিচারিণী। { *স.* দুঃ+√চর্‌+ইন(ণিনি)+ঈ(ঙীপ্‌)}

দুশ্চিকিৎসা [দুশ্‌চিকিত্‌শা] *বি* খারাপ বা ভুল চিকিৎসা { *স.* দুঃ+চিকিৎসা; *প্রাদি.*}

দুশ্চিকিৎস্য [দুশ্‌চিকিত্‌শো] *বিণ* চিকিৎসকের পক্ষে আরোগ্য করা কঠিন এমন; দুরারোগ্য (দুশ্চিকিৎস্য ব্যাধি)। { *স.* দুঃ+চিকিৎসা}

দুশ্চিন্তা [দুশ্‌চিন্‌তা] *বি* দুর্ভাবনা; অশুভ চিন্তা; কুচিন্তা; উৎকণ্ঠা। ~**গ্রস্ত** *বিণ* দুশ্চিন্তা করে এমন; দুর্ভাবনায় সময় কাটে এমন। { *স.* দুঃ+চিন্তা}

দুশ্চেষ্টা [দুশ্‌চেশ্‌টা] *বি* অপচেষ্টা; অন্যায় কাজে চেষ্টা; অসাধ্য কাজ করবার প্রয়াস (প্রকৃতিতে প্রধান পরিবর্তন ঘটায় প্রেম, এবং পুরুষের ঘটায় দুশ্চেষ্টা—*রঠা*)। **দুশ্চেষ্টিত** *বিণ* অন্যায় বা অসাধ্য চেষ্টাযুক্ত। ☐ *বি* ১ দুশ্চেষ্টা। ৩ অসদাচরণ; কদাচরণ। { *স.* দুঃ+চেষ্টা}

দুশ্ছেদ্য [দুশ্‌ছেদ্‌দো] *বিণ* ছেদন করা অত্যন্ত কঠিন এমন। { *স.* দুঃ+ছেদ্য}

দুষমন, দুষমনি ⇒ দুশমন

দুষা ⇒ দোষা[১]

দুষী ⇒ দোষী

দুষ্কর [দুশ্‌কর্] *বিণ* সাধন করা কঠিন এমন; করা দুরূহ এমন; দুঃসাধ্য (দুষ্কর ব্রতে করেছে ব্রতী, একথা প্রমাণ করা দুষ্কর— *আলো*)। { *স.* দুঃ+√কৃ+অ(খল); *প্রাদি.* }
দুষ্কর্ম [দুশ্‌কর্‌মো] *বি* ১ অপকর্ম; কুকর্ম; পাপের কাজ। ২ পাপ। **দুষ্কর্মা** *বিণ* ১ কুকর্মকারী; অপকর্ম করে এমন। ২ পাপাত্মা। { *স.* দুঃ+কর্মন্; *প্রাদি.* }
দুষ্কার্য [দুশ্‌কারজো] *বি* অপকর্ম; দুষ্কর্ম; পাপের কাজ। { *স.* দুঃ+কার্য; *প্রাদি.* }
দুষ্কাল [দুশ্‌কাল্] *বি* কু বা অশুভ সময়; খারাপ সময়। { *স.* দুঃ+কাল; *প্রাদি.* }
দুষ্কৃত [দুশ্‌ক্রিতো] *বি* দুষ্কর্ম; অসৎ বা পাপকার্য; নিন্দিত কাজ। ☐ *বিণ* ১ অন্যায়ভাবে বা অতিকষ্টে কৃত। ২ পাপী। **~কারী, দুষ্কৃতিকারী** *বিণ* দুষ্কর্মকারী; পাপী। { *স.* দুঃ+কৃত; *প্রাদি.* }
দুষ্কৃতি [দুশ্‌ক্রিতি] *বি* ১ দুষ্কর্ম; অসৎ বা পাপের কাজ। ২ পাপ। ৩ দুর্ভাগ্য। { *স.* দুঃ+কৃতি }
দুষ্কৃতী [দুশ্‌ক্রিতি] (-তিন্) *বিণ* কুকর্মী; পাপী; পাপাচারী। { *স.* দুঃ+কৃত+ইন্(ইনি); দুঃ+কৃতী }
দুষ্ক্রিয়া [দুশ্‌ক্রিয়া] *বি* অপকর্ম; কুকর্ম; পাপের কাজ। **দুষ্ক্রিয়** *বিণ* কুকর্মে বা পাপে রত বা আসক্ত (দুষ্ক্রিয় দুর্জনে সখ্য দেয়— *বুব*)। **~নিরত** *বিণ* কুকর্মে রত; দুষ্কর্মপরায়ণ; পাপাচারী। **দুষ্ক্রীত** *বিণ* ১ অন্যায়ভাবে বা অত্যধিক মূল্যে ক্রয় করা হয়েছে এমন। ২ কষ্টে দাম দিয়ে কেনা। { *স.* দুঃ+ক্রিয়া; *প্রাদি.* }
দুষ্ট [দুশ্‌টো] *বিণ* ১ দূষিত; দোষবিশিষ্ট (দুষ্ট লোক)। ২ খারাপ; অসৎ (দুষ্ট চরিত্র)। ৩ অশুভ (দুষ্টগ্রহ)। ৪ দুরন্ত; অশান্ত; ডানপিটে (দুষ্ট ছেলে)। **~ক্ষুধা** ⇒ ক্ষুধা। **~ব্রণ** *বি* মারাত্মক ব্রণ যা সহজে সারে না বা অনেক সময়ে প্রাণনাশের কারণ হয়। **~শ্বাস** *বি* দূষিত শ্বাস বা বায়ু (দুষ্ট শ্বাস জনতা আঁধারে—*বিদে*)। **দুষ্টামি, দুষ্টুমি** *বি* ১ দুষ্টের ভাব; দুষ্টতা। ২ দুরন্তপনা; দৌরাত্ম্য। **দুষ্টাশয়** *বিণ* দুরভিসন্ধিযুক্ত; দুর্বৃত্ত। **দুষ্টা সরস্বতী** *বিণ* দুর্বুদ্ধি; কুবুদ্ধি। **দুষ্টা** *বিণ স্ত্রী.* কুচরিত্রা; দুঃস্বভাবযুক্তা; দুঃশীলা; খারাপ স্ত্রীলোক; নষ্টা; ভ্রষ্টা; ব্যভিচারিণী। { *স.* √দুষ্+ত(ক্ত) }
দুষ্টু [দুশ্‌টো] *বিণ* (আদরে) দুরন্ত; দুষ্ট। { *স.* দুষ্ট> }
দুষ্টুমি ⇒ দুষ্টামি
দুষ্পচ ⇒ দুষ্পাচ্য
দুষ্পরাজেয়, দুষ্পরাজয় [দুশ্‌পরাজেয়ো, -জয়] *বিণ* ১ পরাজিত করা কঠিন বা দুঃসাধ্য এমন; দুর্জয়। { *স.* দুঃ+পরাজেয়, পরাজয় }
দুষ্পরিহর, দুষ্পরিহার্য [দুশ্‌পরিহর্, -হারজো] *বিণ* ১ পরিহার বা ত্যাগ করা দুঃসাধ্য এমন। ২ দুরপনেয়; অপসারিত বা দূর করা কঠিন এমন (ত্রিলোক বিখ্যাত বংশকে দুষ্পরিহর কলঙ্ক পঙ্কে লিপ্ত করিয়াছি—*ঈবি*)। { *স.* দুঃ+পরিহর; *প্রাদি.* }
দুষ্পর্শ [দুস্‌পরশো] *বিণ* কঠোর কর্কশ তীক্ষ্ণ কষ্টদায়ক স্পর্শ এমন। { *স.* দুঃ+স্পর্শ; *প্রাদি.* }
দুষ্পাচ্য, দুষ্পচ [দুশ্‌পাচ্‌চো, -পচো] *বিণ* হজম করা কঠিন এমন। **দুষ্পাচ্যতা** *বি*। { *স.* দুঃ+পাচ্য, পচ }
দুষ্পূর, দুষ্পূরণীয় [দুশ্‌পুর্, -রোনিয়ো] *বিণ* কোনো প্রকারে কষ্টে পূরণ করা যায় এমন; পূরণ করা সহজ নয় এমন। { *স.* দুঃ+পূর, পূরণীয় }
দুষ্প্রধর্ষ, দুষ্প্রধর্ষণীয় [দুশ্‌প্রধর্‌শো, -ধর্‌শোনিয়ো] *বিণ* দুর্দমনীয়; দুর্জয়। { *স.* দুঃ+প্র+√ধৃষ্+অ(খল), +অনীয় (অনীয়র্) }
দুষ্প্রবৃত্তি [দুশ্‌প্রোবৃত্তি] *বি* কুপ্রবৃত্তি; অসদভিলাষ। { *স.* দুঃ+প্রবৃত্তি; *প্রাদি.* }
দুষ্প্রবেশ ⇒ দুষ্প্রবেশ্য
দুষ্প্রবেশ্য, দুষ্প্রবেশ [দুশ্‌প্রোবেশ্‌শো, -বেশ্] *বিণ* প্রবেশ করা কঠিন এমন; দুর্গম; দুরধিগম্য (দুষ্প্রবেশ নিস্মৃতির প্রতিধানগ্রহত গহ্বরে—*সুদ*)। { *স.* দুঃ+প্রবেশ্য, প্রবেশ }
দুষ্প্রমেয় [দুশ্‌প্রোমেয়ো] *বিণ* পরিমাণ নির্ধারণ দুরূহ এমন; অপরিমেয়; অমেয়। { *স.* দুঃ+প্রমেয় }
দুষ্প্রসহ, দুষ্প্রসহনীয় [দুশ্‌প্রোশহো, -নিয়ো] *বিণ* অসহ্য; অসহনীয়; অত্যন্ত দুঃসহ। { *স.* দুঃ+প্রসহ, প্রসহনীয় }
দুষ্প্রাপ্য, দুষ্প্রাপ [দুশ্‌প্রাপ্‌পো, -প্রাপো] *বিণ* দুর্লভ; সহজলভ্য নয় এমন (মনুষ্যবুদ্ধির কতদূর দুষ্প্রাপ্য বস্ত)। **দুষ্প্রাপ্যতা** *বি*। { *স.* দুঃ+প্র-√আপ্+অ(খল) }
দুস=দুঃ
দুসর (*মবা.*) [দুসর্] *বিণ* দোসর; সঙ্গী। { *তুল. হি.* দুসর }
দুসরা ⇒ দোসরা
দুসলি (*মবা.*) [দুশোলি] *বি* লাঙলের ছিদ্রে দেওয়ার গোঁজকাঠি (দুদিগে দুসলি দিআ জআলে কৈল বিন্ধা—*শূন্যপুরাণ*)। { *স.* দ্বি>+শলাকা> }
দুসুতি, দোসুতি, দোসূতী [দুশুতি, দো-, -] *বি* দোহারা (ডবল) সুতায় বোনা বস্ত্র বা চাদর। { দুই>+সুতা> }
দুস্তর [দুস্‌তর্] *বিণ* ১ দুর্লঙ্ঘ্য; পার হওয়া কঠিন এমন (দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার হে—*নই*)। ২ প্রচুর; অনেক (বাড়ীর আগে ফুটা রইছে কেতকী দুস্তর—*মৈগী*)। { *স.* দুঃ+√তৃ+অ(খল) }
দুস্তি=দোস্তি
দুস্ত্যজ [দুস্‌তজ] *বিণ* ত্যাগ করা কঠিন এমন; দুঃখে ত্যাজ্য। { দুঃ+√ত্যজ্+অ(খল) }
দুস্থ, দুস্থিত, দুস্থিতি=দুঃস্থ
দুহা[১] ⇒ দোহা
দুহা[২], **দুহাঁ** ⇒ দুঁহ
দুহাকার ⇒ দোঁহা
দুহান (*মবা.*) [দুহান্] *বিণ* দ্বিধাবিভক্ত; দুই জনের (দুখান শরীর *রঠা*)। { *স.* দ্বি>+স্থান>হান }
দুহাতিয়া ⇒ দু
দুহারা=দোহারা
দুহি [দুহি] *বি* দু; দুই। { *স.* দ্বি>দু }
দুহিতা [দুহিতা] *বি* মেয়ে; কন্যা; তনয়া; নন্দিনী। { *স.* √দুহ্+তৃ(তৃচ্) }
দুহু, দুহুঁ ⇒ দুঁহ
দুহ্য ⇒ দোহন
দুহ্যমান [দুজ্‌ঝোমান্] *বিণ* দোহন করা হচ্ছে এমন। এ.ম **দুহ্যমানা** *স্ত্রী.*। { *স.* √দুহ্+মান(শানচ্) }
দূত [দুত্] *বি* ১ সংবাদ বহনকারী; বার্তাবহ (এ দূতের মুখে শুনি সুতের নিধন—*মদ*)। ২ চর (প্রজার বচন শুনি,

রোষযুক্ত বীরমণি দূত দিল ভাঁড়ুতে ধরিতে—কমু)। ৩ সংযোগ রক্ষাকারী প্রতিনিধি (রাষ্ট্রদূত)। **দূতাবাস** *বি* রাষ্ট্রদূতের অফিস ও আবাস। **দূতালি** *বি* দূতের কাজ; দৌত্য। **দূতি, দূতী, দূতিকা, দোতি** *বি স্ত্রী* ১ সংবাদবাহিকা; স্ত্রীদূত। ২ প্রণয়ী ও প্রণয়িনীর মধ্যে সংবাদ আদানপ্রদান করে যে স্ত্রীলোক; সংযোগরক্ষাকারিণী; কুটনী (দোতি মিলায়ল কানুক সঙ্গ—বিপ)। **দূতিয়ালি, দূতিগিরি, দূতীগিরি** *বি* ১ দূতি বা কুটনির কাজ (দুষ্ট চোরের দুষ্টামী সে নূতন দূতিয়ালি—মৈম)। ২ প্রতিনিধিত্ব (সৌহার্দ্যের তিনিই দূতিয়ালি করলেন—মব)। **ভগ্ন~** *বি* যে দূত রণক্ষেত্র থেকে স্বপক্ষের পরাজয়ের খবর নিয়ে আসে। **রাষ্ট্র~** *বি* অন্য রাষ্ট্রের প্রতিনিধি হিসেবে অবস্থানকারী; ambassador। {স. √দু+ত(ক্ত)}

দূন [দুন্] *বি* খেদ; দুঃখ আক্ষেপ; পরিতাপ। ☐ *বিণ* ক্ষুব্ধ; দুঃখিত। {স. √দূ+ত(ক্ত)}

দূর [দুর্] *বি* ১ নিকটে নয় এমন স্থান (দূর হতে দূরে বাজে পথ শীর্ণ তীব্র দীর্ঘ তান সুরে—রঠা)। ২ অন্তর; ব্যবধান। (দূরে দূরে থাকা)। ☐ *বিণ* ১ অনিকট; দূরবর্তী; দূরে অবস্থিত (দূরদেশ, সুদূর)। ২ গভীর; ব্যাপক; বিতাড়িত; বহিষ্কৃত (বাড়ি থেকে দূর করে দাও)। ৩ দূরীভূত; অপগত (দূর করা)। ☐ *অব্য* অবজ্ঞা, বিরক্তি, ঘৃণা, লজ্জা, অসম্মতি ইত্যাদি জ্ঞাপক ভর্ৎসনা; দুৎ; ধুৎ; ধেৎ (দূর বোকা! দূর ছাই!)। ~ **করা** *ক্রি* ১ বিতাড়িত বা বহিষ্কৃত করা; তাড়িয়ে দেওয়া (দেশ থেকে দূর করা)। ২ অপনীত করা; সরিয়ে দেওয়া (ময়লা দূর করা)। ৩ ঘুচানো; আরোগ্য করা (রোগ দূর করা)। **দূরগ, ~গামী** (-মিন্) *বিণ* দূরে গমনকারী; দূরে যায় বা গিয়েছে এমন। **~গামিনী** *স্ত্রী*। **~ছাই করা** *ক্রি* ঘৃণা বা অবজ্ঞা করা। **দূরজ** (*মবা.*) *বিণ* দূরবর্তী (দূরজ মঞ্জিলে যায়া উত্তরিল গিয়া—হেমা)। **দূরত, দূরতঃ** *অব্য* দূর থেকে; দূরে থেকে। **দূরতা, দূরত্ব** *বি* ব্যবধান; অনৈকট্য; পার্থক্য। (দূরতা রহিল বা—বচ)। **~দর্শন** *বি* ১ দূরের জিনিস দর্শন। ২ ভারতীয় টেলিভিশন সার্ভিসের নাম। **~দর্শী** (-র্শিন্) *বিণ* ১ ভবিষ্যতের ফলাফল অনুধাবন করতে পারে এমন; পরিণামদর্শী। ২ বিচক্ষণ; বিজ্ঞ; বহুদর্শী। **~দর্শিতা** *বি*। **~দারাজ** *বি* অনেক দূর; দূরবর্তী (দূর দারাজের রাহা কি ডর আমার—সৈহা)। **~ ~** *অব্য* ১ বিতাড়নসূচক; দূর হ। ২ ছি-ছি; ভর্ৎসনা। **~দূরান্তর** *বি* বহুদূরের; অনেক দূরের ব্যবধান। **~দৃষ্টি** *বি* ১ ভবিষ্যৎ দৃষ্টি; পরিণাম সম্পর্কে সাবধানতা। ২ দূর থেকে বা দূরব্যাপী দৃষ্টি। **~বর্তী** (-র্তিন্) *বিণ* দূরস্থিত; দূরে থাকে এমন। **~বীক্ষণ, দুরবিন** *বি* দূরস্থিত বস্তু স্পষ্টভাবে দেখবার যন্ত্র; telescope (দূরবীন কসে বিজ্ঞেরা ঘোষে—সদ)। **~বেধী** *বিণ* দূর থেকে বা দূরস্থিত কোনো বস্তুকে বিদ্ধকারী (দূরবেধী, শরের মতো—অচিসে)। **~যায়ী** *বিণ* দূরগামী; দূরে গমনকারী। **~শ্রুত** *বিণ* দূর থেকে শ্রবণ করা হয়েছে এমন (সেই দূরশ্রুত স্নিগ্ধ হাসি—মনির)। **দূরস্থ, ~স্থিত** *বিণ* দূরে রয়েছে এমন; দূরবর্তী (একটি দূরস্থ ধনী কুটুম্ব—রঠা; কোনো দূরস্থিত সহচরীর সঙ্গ লাভ—রঠা)। **~স্মৃত** *বিণ* বিস্মৃত; স্মৃতি থেকে অদৃশ্য (হয়ে আসে দূরস্মৃত কাহিনী কেবলই—রঠা)। **~ হোক/হউক** *অব্য* বিরক্তিপ্রকাশক উক্তি। **দূরহি** (*ব্র.*) *ক্রিবিণ* দূরে (তুয়া ওরে হই সব দূরহি পলায়ল—বিপ)। **দূরাগত** *বিণ* দূর থেকে আগমনকারী; দূর থেকে এসেছে এমন। **~শ্রবণ** *বি* দূর থেকে শোনা বা শোনার যন্ত্র; টেলিফোন; telephone। {স. √দূর+√ই+র(রক্)}

দূরান্ত [দুরান্‌তো] *বি* বহু দূরব্যাপী স্থান। {স. দূর+অন্ত}

দূরান্তর [দুরান্‌তর্] *বি* বহুদূরবর্তী স্থান। {স. দূর+অন্তর}

দূরায়নী [দুরায়োনি] *বিণ* দূর থেকে আগত (ঐ দূরায়নী আজানের ধ্বনি—শারা)। {দূর+আয়নী}

দূরীকরণ [দুরিকরোন্] *বি* ১ বিতাড়ন; বহিষ্করণ। ২ অপসারণ। ৩ মোচন; মুক্তি (দুঃখ দূরীকরণ)। {স. দূর+চ্বি(ঈ)+করণ}

দূরীকৃত [দুরিকৃক্রিতো] *বিণ* ১ বিতাড়িত; বহিষ্কৃত। (সেখানে দেবগণ একেবারে দূরীকৃত বলিলেই হয়—বচ)। ২ অপসারিত। ৩ মোচিত। {স. দূর+ঈ(চ্বি)+√কৃ+ত(ক্ত)}

দূরীক্রিয়মাণ [দুরিক্রিয়োমান্] *বিণ* দূর করা হচ্ছে এমন। {বা. দূর+ঈ(চ্বি)+ক্রিয়মাণ}

দূরীভবন [দুরিভবোন্] *বি* ১ বহিষ্করণ; বিতাড়িত হওন; অপসারণ; দূরে বিতাড়িত হওয়া। {স. দূর+ঈ(চ্বি)+√ভূ+অন(ল্যুট্)}

দূরীভূত [দুরিভুতো] *বি* অপসৃত; বিতাড়িত। ☐ *বিণ* বহিষ্কৃত। {দূর+ঈ(চ্বি)+√ভূ+ত(ক্ত)}

দূর্বা [দুর্‌বা] *বি* তৃণবিশেষ; এক প্রকার ঘাস (জাহ্নবী জলগর্ভা অষ্ট তণ্ডুল দূর্বা কাঞ্চনে বিরচিত ঝারি—কমু)। **~গজানো** *ক্রি* খুব পুরাতন হওয়া। **~দল** *বি* দূর্বার পাতা। **~দলশ্যাম** *বিণ* দূর্বার পাতার মতো শ্যাম বর্ণ এমন। **~ষ্টমী** *বি* ১ ভাদ্রমাসের শুক্লাষ্টমী। ২ হিন্দু ব্রতবিশেষ। {স. √দূর্ব+অ(ঘঞ্)+আ(টাপ্)}

দূষক [দুশোক্] *বিণ* দোষ দানকারী; দোষ দেয় এমন; নিন্দাকারী; নিন্দুক; নিন্দক। **দূষিকা** *স্ত্রী*। {স. √দুষ্+ণিচ্+অক(ণ্বুল্)}

দূষণ [দুশন্] *বি* ১ দোষ দেওয়া; দোষারোপ। ২ অশুচি বা অপবিত্রকরণ। ৩ রামায়ণে বর্ণিত রাক্ষসবিশেষ; খরের ভাই। *বিণ* **দূষক**। **দূষণীয়, দূষ্য** *বিণ* দোষারোপযোগ্য; দোষ দেওয়ার উপযুক্ত; নিন্দনীয় (সাক্ষাতের উদ্দেশ্য দূষ্য না হইলে এমত সাক্ষাতে দোষ নাই—বচ)। **দূষয়িতা** *বি* দূষক; দোষ আরোপকারী বা নিন্দাকারী। **দূষিত** *বিণ* কলুষিত; অপবিত্র; দোষযুক্ত; দোষপ্রাপ্ত। **দূষি, দূষী, দুষী, দোষী** *বিণ* দোষী; অপরাধী (কোন দূষী নই—রাব)। {স. √দুষ্+ণিচ্+অন(ল্যুট্)}

দৃক, দৃক্ [দৃক্] *বি* চোখ; নয়ন। ২ দৃষ্টি; দর্শন। ৩ জ্ঞান; বোধ। **~পাত** *বি* ১ দৃষ্টিপাত; দর্শন; অবলোকন। ২ ভ্রূক্ষেপ; গ্রহণযোগ্য বলে বিবেচনা। **~শক্তি** *বি* দৃষ্টিশক্তি; দর্শন করার মতো সামর্থ্য। ২ বোঝার মতো ক্ষমতা (তিনি তাঁর স্বভাবদত্ত সংবেদনশীলতা তথা দৃকশক্তি ব্যবহার প্রায় ভুলে গেলেন—সদ)। {স. √দৃশ্+ক্বিপ্}

দৃঢ় [দৃঢ়ো] *বিণ* ১ শক্ত; মজবুত; পোক্ত; ২ কঠিন (দৃঢ়

বন্ধন, দৃঢ় ভিত্তি); অবিচলিত; অটল; স্থির (দৃঢ়প্রতিজ্ঞ; দৃঢ়সংকল্প)। ৩ কঠোর (দৃঢ়হস্ত)। ৪ সুস্থ; নীরোগ; বলিষ্ঠ (লতাপাতা নিয়া যোগী দৃঢ় কর—*বৃন্দা*)। ৫ বলিষ্ঠ; বলশালী (দৃঢ় দেহ)। ৬ আঁট (দৃঢ় সম্বন্ধ)। ৭ অকম্পিত; কম্পনশূন্য (দৃঢ় স্বর)। **দৃঢ়তা, দার্ঢ্য** *বি* (কাঞ্চনের মুখের দৃঢ়তা দেখিয়া হাত ফিরাইয়া লইল—*শৈশা*)। **~গ্রন্থি** *বিণ* কঠিন গিঠ বা গিরা (দৃঢ়-গ্রন্থি বাঁশ)। **~নিশ্চয়** *বিণ* স্থির সিদ্ধান্ত; অটল বিশ্বাসযুক্ত; সুনিশ্চিত। **~ব্রত** *বিণ* দৃঢ়সংকল্প। **~মুষ্টি** *বিণ* ১ আঁট বা অশিথিল মুষ্টিবিশিষ্ট। ২ (*আল.*) ব্যয়কুণ্ঠ; কৃপণ। **~মূল** *বিণ* ১ বদ্ধমূল; যার মূল দৃঢ়ভাবে মাটিতে প্রোথিত। ২ (*আল.*) অনড়; অটল। **~সন্ধ** *বিণ* দৃঢ় বা স্থিরপ্রতিজ্ঞ। **~সন্ধি** *বিণ* ১ দৃঢ়গ্রন্থিযুক্ত। ২ দৃঢ়ভাবে মিলিত বা সংযুক্ত। **দৃঢ়ীকরণ** *বিণ* শক্ত বা মজবুত করা; সুপ্রতিষ্ঠিত করা। **দৃঢ়ীকৃত** *বিণ*। **দৃঢ়ীভবন** *বি* শক্ত বা কঠিন হওয়া। ২ সুপ্রতিষ্ঠিত হওয়া। ৩ জমাট বাঁধা। **দৃঢ়ীভূত** *বিণ*। { *স.* √দৃহ্+ত(ক্ত)}

দৃপ্ত, দৃপ্র [দৃপ্‌তো, দৃপ্‌রো] *বিণ* ১ উদ্ধত; অহঙ্কৃত; গর্বিত। ২ তেজঃপূর্ণ; তেজস্বী। { *স.* √দৃপ্+ত(ক্ত), র}

দৃশ্য [দৃশ্‌শো] *বি* ১ দেখবার যোগ্য বা দেখা যায় এমন বিষয় বা বস্তু (বীভৎস দৃশ্য)। ২ নাটকের পরিচ্ছেদ বা গর্ভাঙ্ক। ৩ রঙ্গমঞ্চের সজ্জা; scene। ⎕ *বিণ* ১ দর্শনীয়; দেখবার যোগ্য। ২ প্রকাশ্য (দৃশ্যত)। **~কাব্য** *বি* যে কাব্য রঙ্গমঞ্চে অভিনীত হয়; নাটক। **দৃশ্যত** *ক্রিবিণ* প্রকাশ্যে। **~পট** *বি* অভিনয়ের সিন; scene। **~মান** *বিণ* দেখা যাচ্ছে এমন। **~সঙ্গীত** *বি* নৃত্য; নাচ। { *স.* √দৃশ্+য(ক্যপ্)}

দৃষ্ট [দৃশ্‌টো] *বিণ* ১ দেখা হয়েছে এমন; লক্ষিত; জ্ঞাত। ২ প্রকাশিত; পরীক্ষিত। ⎕ *বি* দৃষ্টি; দর্শন (একদৃষ্টে চাহিয়া থাকা)। **~চর, ~পূর্ব** *বিণ* পূর্বে দেখা গিয়েছে এমন; পূর্বে লক্ষিত। **দৃষ্টাদৃষ্ট** *বিণ* ১ দেখা গিয়েছে ও দেখা যায়নি এমন। ২ আংশিক দৃষ্ট ও আংশিক অদৃষ্ট। ৩ ব্যক্ত ও অব্যক্ত। { *স.* √দৃশ্+ত(ক্ত)}

দৃষ্টরজা [দৃশ্‌টোরজা] *বিণ* প্রাপ্তযৌবনা; যে স্ত্রীর ঋতুকাল শুরু হয়েছে। { *স.* দৃষ্ট+রজঃ}

দৃষ্টান্ত [দৃশ্‌টান্‌তো] *বি* ১ উদাহরণ; নজির; নিদর্শন। ২ উপমান। ৩ (*আল.*) কোনো বিষয়ের যথার্থতা প্রমাণের জন্য অনুরূপ বিষয়ের উল্লেখ ও বর্ণনা। { *স.* দৃষ্ট+অন্ত}

দৃষ্টি [দৃশ্‌টি] *বি* ১ দর্শন। ২ দেখবার শক্তি। ৩ নজর; লক্ষ্য; অবধান। ৪ চক্ষু। ৫ দেখার শক্তি (দৃষ্টিহীন)। ৬ জ্ঞান; অনুভূতি; বোধ (স্থূল দৃষ্টি, সূক্ষ্ম দৃষ্টি)। ৭ নজর; লক্ষ্য; অবধান; চক্ষু। **~গোচর** *বিণ* দর্শনসাধ্য; দেখা যায় এমন; চক্ষুগ্রাহ্য; চক্ষুর বিষয়ীভূত। **~পথ** *বি* যতদূর পর্যন্ত দেখা বা অবলোকন করা যায়। **~পাত** *বি* চাওয়া; অবলোকন; নজর; দৃষ্টিক্ষেপ। **~সুখ** *বি* দেখার আনন্দ। **~হীন** *বিণ* অন্ধ। **দৃষ্টে** *ক্রিবিণ* দৃষ্টিমাত্র; দেখামাত্র। { *স.* √দৃশ্+তি(ক্তিন্)}

দে[১] [দে] (*মবা.*) *বি* শরীর; দেহ (যে জন জানয়ে সে যদি না কহে কেমনে ধরিবে দে—*চদা*)। { *স.* দেহ>}

দে[২] [দে] *বি* বাঙালি হিন্দুর পদবি বিশেষ। { দেব>দে}

দে[৩] [দে] *অব্য* দিয়া; দ্বারা (কেহ কহে... ওঝা দে ঝাড়াই *চদা*)। ⎕ *ক্রি* অনুজ্ঞাবাচক ক্রিয়াপদ—তুচ্ছার্থবাচক মধ্যম পুরুষের সাথে 'প্রদান করা' অর্থে বসে। { দিয়া>}

দেআসিনী ⇒ দেয়াসিনী

দেই [দেই] (*মবা.*) *অক্রি* দিয়া (হৃদয়ে শেল দেই গেল—*বিপ*)। { *স.* √দা}

দেইজি, দেইজী [দেইজি] *বি* জ্ঞাতি; সগোত্র। { *স.* দায়াদ>}

দেউটি, দেউটী [দেউটি] *বি* ১ দীপবর্তিকা; প্রদীপ (দেউটি অব হেথায় রাখো বালা—*রঠা*; আকাশে দেউটী যে দুই চক্ষু জ্বলে—*কৃও*)। ২ প্রজ্বলিত অগ্নিশিখাবিশিষ্ট লাঠি; মশাল (দেউটী ধরেন যবে প্রভু করেন নৃত্য—*বৃন্দা*)। { *স.* দীপবর্তিকা>}

দেউড়ি, দেউড়ী, দেউরী [দেউড়ি, -, -রি] *বি* ১ বাড়ির প্রধান প্রবেশদ্বার; সদর দরজা (দেউড়িতে ফেলে মুগুর পেটা করলেই সোজা হবে—*মীম*; দেউড়ীর কাছে গিয়া হৈল উপনীত—*ভারা*)। ২ বহির্বাটি; বৈঠকখানা; কাছারি ঘর; গৃহের ছাদযুক্ত তোরণ। { *তুল. স.* দেহলী}

দেউদে [দেউদে] *বি* দৈত্য-দানব (লোকে বলে হেথা, দেউদে যে আছে লুকাবে না তায় মোটে—*বআমি*)। { *ফা.* দিব دیو }

দেউল [দেউল] *বি* দেবালয়; মন্দির (পূজিনু চামুণ্ডে প্রভু সুবর্ণ দেউলে—*মদ*)। **দেউলা** *বি* মন্দিরের ভৃত্য। { *স.* দেবকুল>}

দেউলিয়া, দেউলে [দেউলিয়া, দেউলে] *বিণ* ১ (*আক্ষ.*) নিজের ঘর হারিয়ে দেবালয়ে আশ্রয় নিয়েছে এমন; ঋণ পরিশোধের সামর্থ্যশূন্য। ২ (*আল.*) নিঃস্ব; নিঃসম্বল। (দেউলিয়া এই মাটির দুনিয়ায়—*জুআ*)। { *স.* দেবকুলিক> দেউলিয়া, >এ}

দেও[১] [দেও] *বি* দৈত্য। { *ফা.* দেব دیو }

দেও[২] [দেও] *ক্রি* দাও। { *স.* √দা}

দেওদার [দেওদার] *বি* পাইন জাতীয় গাছ (দেওদার তরু সারে সারে—*রঠা*)। { *ই.* deodar; *ফা.* দেব دیو + দার(বৃক্ষ) دار ; *স.* দেবদারু}

দেওদাশা [দ্যাওদাশা] *বি* দৈত্য; দানব (দেওদাশা আইল বুঝি মারবারে—*জউ*)। { দেও+দাস>?}

দেওয়া[১] ⇒ দেয়া[১]

দেওয়া[২], **দেয়া** [দেওয়া] *ক্রি* ১ প্রদান করা (ঋণ দেওয়া)। ২ জোগানো; সরবরাহ করা (ভাত কাপড় দেওয়া)। ৩ দান করা (ভিক্ষা দেওয়া)। ৪ বিবাহে কন্যা সম্প্রদান করা (মেয়ে দেওয়া)। ৫ জন্মানো; উৎপন্ন করা (সূর্য কিরণ দেয়)। ৬ ন্যস্ত করা; নিযুক্ত করা; অর্পণ করা (কাজ দেওয়া, কাজের ভার দেওয়া)। ৭ বিসর্জন করা; উৎসর্গ করা (জীবন দেওয়া)। ৮ পাঠানো (চিঠিটা ডাকে দেওয়া)। ৯ সেচন করা (গাছে পানি দেওয়া)। ১০ প্রয়োগ করা (দৃষ্টান্ত দেওয়া)। ১১ বিক্রয় করা; বিনিময় করা (এক টাকার চাল দাও)। ১২ জ্ঞাপন করা; জানানো; বলা (সংবাদ দেওয়া, ধন্যবাদ দেওয়া)। ১৩ আরোপ করা (উপাধি দেওয়া)। ১৪ ক্ষমতা বা যোগ্যতা দেখানো (পাল্লা দেওয়া, পরীক্ষা দেওয়া)। ১৫ স্থাপন করা; বসানো (রোদে দেওয়া, বেড়া দেওয়া)। ১৬ অনুষ্ঠানাদি সম্পাদন বা শেষ করা (মেয়েটার বিয়ে দিয়েছি)। ১৭ প্রতিষ্ঠা বা

নির্মাণ করা (মসজিদ বা স্কুলে দেওয়া)। ১৮ পরিধান করা (গায়ে জামা দেওয়া, মাথায় ছাতা বা টুপি দেওয়া)। ১৯ প্রবিষ্ট করা; ভর্তি করা (জেলে দেওয়া, স্কুলে দেওয়া)। ২০ ফেলা; নিক্ষেপ করা (পানিতে দেওয়া, নজর দেওয়া)। ২১ মঞ্জুর করা (ছুটি দেওয়া)। ২২ অনুমতি দান করা; বাধার সৃষ্টি না করা (যাইতে দেওয়া)। ২৩ বন্ধ করা; আটকানো (খিল দেওয়া)। ২৪ বপন করা (জমিতে বীজ দেওয়া)। ২৫ লেখা বা আঁকা (দাগ দেওয়া, ফোঁটা দেওয়া)। ২৬ স্পর্শ করা; স্পৃষ্ট করা (হাত দেওয়া)। ২৭ বুলানো (ছবিতে রং দেওয়া)। ২৮ ঘর্ষণ করা; লাগানো (ঝাড়ু দেওয়া)। ২৯ মারা (চড় দেওয়া)। ৩০ রাখা (বাদ দেওয়া)। ৩১ সৃষ্টি করা; তৈরি করা (গানে সুর দেওয়া)। ৩২ শেষ করা; সমাপ্ত করা (ফেলে দেওয়া)। ৩৩ প্রবেশ করানো; ঢুকানো (মুখে আঙুল দেওয়া)। ৩৪ সঞ্চার করা (বল দেওয়া)। ৩৫ ভার বা দায়িত্ব দেওয়া (কাজে হাত দেওয়া)। ৩৬ প্রতিশ্রুতি দান করা (কথা দেওয়া)। ৩৭ চ্যুত হওয়া (জাত দেওয়া)। ৩৮ জ্বালানো (উনানে আগুন দেওয়া)। ৩৯ সন্নিবেশ করা (দাড়ি বা কমা দেওয়া)। ☐ *বিণ* ১ প্রদত্ত (দেওয়া জিনিস)। ২ উক্ত সকল অর্থে। ☐ *বি* ১ দান বা দত্ত সামগ্রী (দেওয়া থোওয়া)। ২ উক্ত সকল অর্থে। { *স.* √দা>দি+আ}

দেওয়ান[১], **দেয়ান** [দ্যাওয়ান্, দেয়ান্] *বি* খাজনাদি আদায়ের জন্য নিযুক্ত সর্বপ্রধান কর্মচারী। ২ রাজস্ব বিভাগের মন্ত্রী; রাজস্ব সচিব বা মন্ত্রী। ৩ রাজদরবার; মন্ত্রণাসভা (দুধে-ভাতে ভাল ছিল হেন বুদ্ধি কেটা দিল পাতশার দেওয়ানে আসিতে— *ভারা*)। ~-**ই-আম** *বি* ১ সাধারণ রাজদরবার; যে রাজসভায় সর্বসাধারণের প্রবেশাধিকার থাকে। ২ মোগল সম্রাট শাহজাহান নির্মিত অন্যতম দরবার গৃহ। ~-**ই-খাস** *বি* ১ রাজা ও রাজমন্ত্রীদের বিশেষ সভাগৃহ। ২ মোগল সম্রাট শাহজাহান নির্মিত অন্যতম দরবার গৃহ। ~**খানা** *বি* কাছারি; দরবার গৃহ (নিজ দেওয়ানখানা মছনদে বসিয়া—*বচ*)। { *ফা.* দীৱান دیوان }

দেওয়ান[২], **দিওয়ান** [দ্যাওয়ান্, দিওয়ান্] *বি* কাব্য-সংগ্রহ (দিওয়ান-ই-হাফিজ)। { *ফা.* দীৱন دیوان }

দেওয়ানো [দ্যাওয়ানো] *ক্রি* ১ অন্যের দ্বারা প্রদান বা অর্পণ করানো (টাকাটা কাউকে দিয়ে দেওয়ানো)। ২ সম্পন্ন, সম্পাদন বা সমাধা করানো (কাজ করিয়ে দেওয়ানো)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {দেওয়া+আনো}

দেওয়ানা, দীউওয়ানা, দীওয়ানা [দ্যাওয়ানা, দিউ-, দিও-] *বি* ১ পাগল; পাগলের মতো; উন্মাদ (শুনিয়া আশক হিনু দেখিয়া দেওয়ানা হইনু জীউ মেরা হৈল বেকারার—*সৈহ*; হয়তো জ্বলন্ত তার ক্ষুব্ধ বুকে দীউয়ানা সে সুর— *ফঅ*)। ২ বিকৃতমস্তিষ্ক (মেরি মালুম হয় উনা দেওয়ানা হয়েছে—*টেঠা*)। { *ফা.* দীৱানহ্ دیوانه }

দেওয়ানি, দেওয়ানী [দ্যাওয়ানি] *বি* দেওয়ানের পদ কাজ বা অধিকার (১৭৫৬ খৃস্টাব্দ ইংরেজদের দেওয়ানি লাভের পূর্ব পর্যন্ত—*মুআরা*; কোম্পানি বাংলা বিহার উড়িষ্যার দেওয়ানি লাভ করেন—*আচৌ*)। ☐ *বিণ* বিষয়াদির অধিকার বা বিষয়াদি সম্বন্ধীয় যা ফৌজদারি বা অপরাধমূলক ঘটনা সম্পর্কিত নয়; civil (দেওয়ানি আদালত)। ~ **মামলা/ মোকদ্দমা** *বি* বিষয়সম্পত্তি সম্বন্ধীয় মামলা। { *ফা.* দীৱানী دیوانی }

দেওয়া-নেওয়া [দ্যাওয়ান্যাওয়া] *বি* দান ও গ্রহণ। {দেওয়া+নেওয়া}

দেওয়াল ⇒ দেয়াল

দেওয়ালি, দেওয়ালী, দেয়ালি [দ্যাওয়ালি, -, দেয়ালি] *বি* দীপাবলি; দীপান্বিতার উৎসব (আঙিনাতে জ্বালরে তোরা অরুণ দেয়ালী—*নই*)। ☐ *বিণ* দীপালোকে শোভিত; প্রদীপযুক্ত (দেওয়ালি উৎসব)। ~ **পোকা**, ~ **মক্ষী** *বি* দেওয়ালির সময়ে আলোতে পড়ে পুড়ে মরে এমন পতঙ্গ বা পোকাবিশেষ; শ্যামা পোকা (দেয়ালি মক্ষীরা প্রেমের গুঞ্জন শত হৃদয় আলোর পাশে ঘোরে বর্ষকাল—*বিদে*)। { *স.* দীপাবলী>দীপালি>দেওয়ালি>}

দেওর [দ্যাওর্] *বি* দেবর; স্বামীর ছোট ভাই। ~-**ঝি** *বি, স্ত্রী.* দেবরকন্যা। ~-**পো** *বি* দেবর-পুত্র। { *স.* দ্বিতীয়বর>}

দেঁতো [দেঁতো] *বিণ* ১ দাঁতাল। ২ দাঁত দেখায় এমন; আন্তরিকতাশূন্য; কপট; কটুভাষী; কূতার্কিক। ~ **হাসি** *বি* কপট হাসি; লোক দেখানো হাসি; যে হাসিতে আন্তরিকতা নেই। { *স.* দন্ত>দাঁত+উয়া>ও}

দিকদারি, দেকসেক ⇒ দিক[২]

দেখ [দ্যাখ্] *ক্রি* দর্শন কর ☐ *অব্য* মনোযোগ আকর্ষণ ভয়প্রদর্শন সতর্কীকরণ ইত্যাদিসূচক সম্বোধন (দেখ, ভাল হবে না বলছি)। { *স.* √দৃশ্>*প্রা.* দেক্খ>√দেখ্}

দেখতা [দ্যাখ্‌তা] *বিণ* ১ দেখা গিয়েছে এমন; দৃষ্ট। ২ প্রত্যক্ষে ঘটেছে এমন (আমার দেখতা কত কিছু ঘটে গেল)। ☐ *ক্রিবিণ* সমসাময়িক; চোখের সম্মুখে (আমাদের দেখতা সে বড় হল)। {√দেখ্+তা}

দেখন [দ্যাখোন্] *বি* দর্শন; দেখা; দেখামাত্র। {√দেখ্+অন}

দেখন-হাসি [দ্যাখোন্‌হাসি] *বিণ* দেখা হলেই হাসে এমন। ২ দেখলে মনে আনন্দ হয় এবং মুখে হাসি ফোটে এমন (চোখে ওর বন্ধুতার হাসি মাখা দেখন হাসি—*অচিসে*)। ☐ *বি* হাস্যময়ী সখী যাকে দেখলে মনে আনন্দ হয় এবং মুখে হাসি ফোটে। {দেখন+হাসি}

দেখা [দ্যাখা] *ক্রি* ১ দর্শন করা; চোখে পড়া (চাঁদ দেখা)। ২ দৃষ্টিপাত করা; তাকানো; চাওয়া (অন্যদিকে দেখা)। ৩ তত্ত্ব নেওয়া; তত্ত্বাবধান করা। ৪ সেবা-শুশ্রূষা করা (রোগীকে দেখার মতো লোক নেই)। ৫ চিকিৎসা করা (তোমাকে কোন ডাক্তার দেখছে?)। ৬ অভিজ্ঞতা থাকা; প্রত্যক্ষ জ্ঞান লাভ করা (এ বয়সে কতো দেখেছি)। ৭ পরীক্ষা বা পর্যবেক্ষণ করা; বিচার-বিবেচনা করা (নাড়ি দেখা, অবস্থা দেখা)। ৮ বিলম্ব করা; অপেক্ষা করা (দেখো কী হয়)। ৯ খুঁজে বের করা; সন্ধান নেওয়া (বাসা দেখা, গাড়ি দেখা)। ১০ চেষ্টা করা (আর দেখে কী হবে?)। ১১ জব্দ করা; হুমকি দেওয়া; ভয় দেখানো; চোখ রাঙানো (তোমাকে দেখে নেব)। ১২ স্থির করা; বোঝা; সিদ্ধান্তে আসা (ভেবে দেখো এ কাজ পারবে কিনা)। ১৩ সাবধান হওয়া (দেখো ভুল যেন না হয়)। ১৪ উপভোগ করা (খেলা দেখা)। ১৫ অনুসরণ করা; অবলম্বন করা (গুরুর পথ দেখা)। ১৬

পাঠ করা (খবরের কাগজ দেখা)। ১৭ সাক্ষাৎ করা (একবার ওকে দেখে যাও)। ১৮ ধারণা করা (এ তো দেখছি আস্ত গাধা)। ১৯ দর্শন; সাক্ষাৎ (দেখা পাওয়া, চোখের দেখা)। □ *বিণ* দৃষ্ট (দেখা জিনিস)। **দেখই** *(ব্র.) ক্রি* দেখে। **দেখতে না দেখতে**—অত্যন্ত অল্প সময়ের মধ্যে; অতি দ্রুত। **দেখব** *(মবা.) ক্রি* ১ দেখব। ২ দেখবে। দেখবি *(মবা.) ক্রি*১ দেখবে। ২ দেখবি। **দেখ-ভাল করা** *ক্রি* অনুসন্ধান করা; উত্তমরূপে দেখা; খোঁজখবর করা। **দেখ-মার করা** *ক্রি* দেখতে পেলেই প্রহার করা। **দেখলি** *(মবা.) ক্রি* দেখলে। **দেখলু, দেখলু** *(মবা.)* দেখলাম। **দেখিয়ে/দেখাইয়া দেওয়া** *ক্রি* ১ শেখানো; বাতলিয়ে দেওয়া; পড়া দেখিয়ে দেওয়া; পথ দেখিয়ে দেওয়া। ২ জব্দ করা; ভীতি প্রদর্শন করা। (আমাকে মারলে দেখিয়ে দেবো)। ~**দেখি** *বি* ১ পরস্পর দেখা-সাক্ষাৎ। ২ পরস্পর অনুকরণ (পরীক্ষার হলে খাতা দেখাদেখি করো না)। □ *ক্রিবিণ* অনুকরণে; নকলে (ওর দেখাদেখি তুমিও একাজ করলে)। **দেখানো** *ক্রি* প্রদর্শন করা; অন্যের দৃষ্টি আকর্ষণ করা (কাপড়টা ওকে দেখাও)। □ *বি,বিণ* উক্ত অর্থে। ~**য়লি** *(মবা.) ক্রি* দেখালে (হসইতে কব তুঁহু দর্শন দেখায়লি—*বিপ*)। ~**য়সি** *(মবা.) ক্রি* দেখাও। ~**শুনা, ~শোনা** *বি* ১ তত্ত্বাবধান; খোঁজখবর। ২ দেখা-সাক্ষাৎ। ~**-সাক্ষাৎ** *বি* পরস্পর সাক্ষাৎ ও আলাপ। **দেখতে দেখতে/দেখিতে দেখিতে** *ক্রিবিণ* নিমেষের মধ্যে; অল্প সময়ের মধ্যে; চোখের সম্মুখে। **দেখিল** *(মবা.)*, **দেখিলুঁ** *(মবা.) ক্রি* দেখলাম (আহ্মে দেখিলুঁ বড়ায়ি—*বচদা*; শ্যামেরে দেখিলুঁ যাইয়া—*জয়দেব*)। **দেখে নেওয়া** *ক্রি* প্রতিশোধ নেওয়ার ভয় দেখানো। **চোখের ~** ⇒ চোখ। **লোক দেখানো** ⇒ লোক। {*স.* √দৃশ্>√দেখ্+আ}

দেখিআঁ *(মবা.)* [দেখিয়াঁ] *অব্য* অপেক্ষা; চেয়ে (আমাকে দেখিআঁ তোহ্ম অধিক রূপসী—*বচদা*)। {*স.* √দৃশ্> √দেখ্>}

দেছ [দেছো] *ক্রি* দিয়েছ (অঞ্জলি দেছ রাজা সত্যেন্দ্র)। {দিয়াছ>}

দেগজ্জা [দেগজ্জা] *বি* বাংলার মধ্যযুগে প্রণীত চরকায় তৈরি জামার কাপড়। {*স.* সার্ধ+এক>দেড়>+গজ+আ}

দেড় [দেড়] *বিণ* এক ও আধ; $১\frac{১}{২}$ (দেড় টাকা)। ~**গজি** *বিণ (আল.)* খুব লম্বা (গ্রীক ভাষার অভিধান খুলিয়া খুব দেড়গজী রকম একটা নাম প্রস্তুত করিলেন—*বচ*)। **দেড়া, দেড়ি** *বিণ*১ দেড়গুণ (নিতে নারি দেড়ি ভার হইল অস্থির—*কমু*)। ২ বাড়তি; উদ্বৃত্ত (যে দিন যতেক পায় সেই দিন তাই খায়, না রহে সম্বল দেড়ি—*কমু*; শাপলার হাটে তরমুজ বেচি দুপয়সা করি দেড়ি—*জউ*)। ~**কিয়া** *বি* পাটিগণিতে 'দেড়'-এর নামতা। {*স.* সার্ধ+এক>}

দেড়কো [দেড়কো] *বি* পিলসুজ; দীপাধার (পোড়া মাটির ... দেড়কোর ওপরকার প্রদীপটা জ্বালিয়ে দিল—*নাম*)। {*স.* দীপবক্ষক>দীয়রক্ষ>দেরক্ষ>দেড়কো}

দেড়ে, দেড়েল, দেড়ো [দেড়ে, দেড়েল, দেড়ো] *বিণ* দাড়িযুক্ত; শ্মশ্রুমণ্ডিত; শ্মশ্রুল। {*স.* দাড়িকা> দাড়ি-ইয়া>এ, আল>এল}

দেণ্ডারা [দেনডারা] *বি* ঢ্যাঁড়রা; ঢাক ঢোল পিটিয়ে প্রচার বা বিজ্ঞাপন (নাক চুন কাটিয়া দেণ্ডারা দিব—*দ্বিব*)। {⇒ঢেঁরা}

দেদার [দেদার] *বিণ* প্রচুর; অনেক; এন্তার; বিস্তর (খুড় মনের সাধে দেদার ভুল লিখিয়াছেন—*ঈবি*)। {*ফা.* দীদরার دیدوار ; *ফা.* দীদহ্বার دیدهوار}

দেদীপ্যমান [দেদিপ্‌পোমান্] *বিণ* অত্যন্ত উজ্জ্বল বা দীপ্তিময় দেখাচ্ছে এমন; অতিশয় দীপ্তিশীল; জাজ্জ্বল্যমান (আমার সম্মুখে দেদীপ্যমান হইয়া উঠিল—*রঠা*)। {*স.* √দীপ্+য(যঙ্)+মান(শানচ্)}

দেদো [দেদো] *বিণ* দাদ রোগ আছে এমন। {দাদ+উয়া>}

দেধান [দেধান্] *বি* জোয়ার বা মক্কা গাছের মতো সরু গাছ ও তার শস্য। {*স.* দেবধান্য>}

দেন [দেন্] *বি* দেনা; ঋণ; কর্জ। ~**দার** ⇒ দেনাদার। **লেন-~** *বি* ১ আদান-প্রদান; দেওয়া-নেওয়া। ২ দেনা-পাওনা সম্পর্কিত ব্যাপার। {*আ.* দায়ীন دین}

দেনমোহর, দেনমহর, দায়নমহর, মোহরানা [দেনমোহোর, -মহোর, দায়নমহোর, মহোরানা] *বি* মুসলিম বিবাহে স্বামী স্ত্রীকে যে অর্থ দিতে অঙ্গীকার করে; কাবিন। {*আ.* দায়ীন মহর دینمهر}

দেনা [দেনা] *বি*১ ধার; কর্জ; ঋণ (আমি ত চুকিয়ে দিয়েছি নিয়েছি সকল পাওনা-দেনা—*রঠা*)। ২ যে অর্থ ফেরত দিতে হবে। ৩ অর্থ ইত্যাদি প্রদান (লেনা-দেনা)। ~**দার, দেনদার** *বি,বিণ* ঋণী; খাতক। ~**-পাওনা** *বি* শোধযোগ্য ও প্রাপ্তিযোগ্য অর্থ। **দেনায় কুরে খাওয়া** *ক্রি* ঋণভারে জর্জরিত হওয়া। **দেনার দায়ে মাথা বিক্রি করা** *ক্রি* দেনায় জর্জরিত হওয়া। {*আ.* দায়ীন্ دین}

দেনুয়া [দেনুয়া] *বিণ* ১ প্রদত্ত; দানে ব্যয় করা হয়েছে এমন। ২ দান সম্পর্কিত। ৩ দানযোগ্য; দেয়। {দান+উয়া>দানুয়া>}

দেনে-ওয়ালা, দেনেয়াল [দেনেওয়ালা, -য়াল] *বি* দানকারী; দাতা। {*স.* দান+*স.* পাল>*বা.* ওয়ালা, >}

দেনো ⇒ দানুয়া

দেন্ত *(মবা.)* [দেনতো] *ক্রি* দেন; প্রদান করেন (ভিক্ষুকের দেন্ত ধন কে তারে বুঝায়—*সৈআ*)। {√দে>}

দেব [দেব্] *বি* দেবতা; সুর; অমর; ত্রিদশ। ২ ঈশ্বর। ৩ অধিপতি। ৪ হিন্দুসমাজে প্রচলিত শব্দান্তের গৌরবসূচক প্রয়োগ (গুরুদেব, পিতৃদেব)। ৫ রাজা বা ব্রাহ্মণের উপাধিবিশেষ (দেবশর্মা)। ~**কন্যা** *বি,স্ত্রী.* দেবতার কন্যা; দেবদুহিতা; অপ্সরা। ~**কল্প** *বি* দেবতার সদৃশ। ~**কার্য** *বি* পূজা উপাসনা যজ্ঞাদি যা দেবতার প্রীতিজনক কাজ। ~**কাষ্ঠ** *বি* দেবদারু গাছ। ~**কুল** *বি* ১ দেউল; মন্দির; দেবালয়। ২ দেবতাগণ। ৩ দেবতার গোষ্ঠী। ~**কুলপ্রিয়** *বিণ* দেবতাদের অনুগৃহীত (দেবকুল প্রিয় রঘুকুলমণি—*মদ*)। ~**খাত** *বি* অকৃত্রিম জলাশয়; স্বাভাবিক হ্রদ। ~**গুরু** *বি* দেবতার গুরু; বৃহস্পতি। ~**গৃহ** *বি* মন্দির; দেবালয়। ~**তা** *বি* দেব বা দেবী। **দেবতাত্মা, দেবাত্মা** *বি* দেবতাস্বরূপ; দেবকল্প; দেবতা আত্মা যার সে। **দেবতার গতিক**—আকাশের বা মেঘের অবস্থা। ~**ত্ব** *বি* দেবতার

ভাব ও ঐশ্বর্য। ~ত্র, **দেবোত্তর** *বিণ* ১ হিন্দু সমাজে দেবসেবায় উৎসর্গীকৃত (দেবত্র সম্পত্তি)। ২ দেবসেবার জন্য প্রদত্ত সম্পত্তি (দেশে কিছু দেবোত্তর সম্পত্তি—*রাব*)। **~দত্ত** *বিণ* ১ দেবতা কর্তৃক প্রদত্ত; দৈব। ২ দেবতার উদ্দেশে দত্ত। **~দর্শন** *বি* মন্দিরে বা পূজাস্থলে দেবতার মূর্তি দর্শন। **~দারু** *বি* এক প্রকার বৃক্ষ। **~দাসী** *বি স্ত্রী,* দেবমন্দিরের নর্তকী বা পরিচারিকা। **~দুর্লভ** *বিণ* ১ দেবতার পক্ষেও সুলভ নয় এমন (জয় গোপবল্লভ ভক্তবল্লভ দেবদুর্লভ—*ভারা*)। ২ অসামান্য (দেবদুর্লভ গুণ)। **~দূত** *বি* স্বর্গীয় বার্তাবাহক; ঈশ্বর প্রেরিত দূত; ফেরেশ্‌তা। **দেব-দেব** *বি* ১ দেবতাদের দেবতা; শ্রেষ্ঠ দেবতা। ২ মহাদেব; ব্রহ্মা; বিষ্ণু। **~দ্বেষী** (-ষিন্) *বিণ* ১ দেবতাদের হিংসাকারী। ২ অসুর; দানব। **~ধান্য** *বি* জোয়ার; দেধান; দেবধান। **~ধূপ** *বি* গুগ্‌গুল। **~নাগর, ~নাগরী** *বি* নাগরী; যে হরফে হিন্দি ইত্যাদি ভাষা লেখা হয়। **~পতি** *বি* দেবরাজ ইন্দ্র। **~পশু** *বি* বলিদানের পশু। **~পুরী** *বি* ১ অমরাবতী; ইন্দ্রালয়; স্বর্গ। ২ *(আল.)* অতি সুন্দর ভবন বা অট্টালিকা। **~প্রতিষ্ঠা** *বি* দেবমন্দির এবং তন্মধ্যে দেবমূর্তি স্থাপন। **~বাক্য, ~বাণী** *বি* ১ দৈববাণী। ২ সংস্কৃত ভাষা। **~ব্রত** *বি* রাজা শান্তনুর পুত্র ভীষ্ম। **~ভাষা** *বি* সংস্কৃত ভাষা। **~ভূমি** *বি* ১ স্বর্গ। ২ তীর্থস্থান। ৩ হিমালয়। ৪ *(আল.)* স্বর্গের মনোরম স্থান। **~মাতা** *বি* হিন্দু পুরাণের কশ্যপপত্নী অদিতি। **~মাতৃক** *বিণ* বৃষ্টির পানির উপর শস্যোৎপাদন নির্ভরশীল এমন (দেবমাতৃক দেশ)। **~মান** *বি* দেবতাদের কালের হিসাব; মানবের এক বৎসরের সমান দেবতাদের একদিন; এক প্রকার হিসাব গণনা (দেবমানে পরিপূর্ণ শতেক বৎসর—*ঘচ*)। **~মায়া** *বি* ১ অবিদ্যা; অজ্ঞানতা। ২ সাংসারিক মায়ামোহ। ৩ দেবতার কুহক; কৌশল বা মায়া (দেবমায়া বুঝিতে না পারি—*মদ*)। **~যান** *বি* ১ ব্যোমযান; দিব্যরথ (শোভিল আকাশে দেবযান—*মদ*)। ২ যে পথে জ্ঞানীগণ স্বর্গে গমন করেন। ৩ বিমান। **~যানী** *বি* স্ত্রী শুক্রের কন্যা ও যযাতির পত্নী। **~যোনি** *বি* ভূত, প্রেত, পিশাচ ইত্যাদি উপদেবতা। **~রথ** *বি* ১ ব্যোমযান। ২ সূর্যরথ। **~রাজ**—স্বর্গের দেবতাদের রাজা ইন্দ্র। **~র্ষি** *বি* যিনি দেবতা ও ঋষি; দেবর্ষি নারদ। **~ল** *বি* দেবমন্দিরের সেবক; পূজারী ব্রাহ্মণ; পুরোহিত (পিছে পিছে ধায় দেবল স্খলিত গতি—*সদ*)। ☐ *বিণ* দেবালয়ের সেবায় নিযুক্ত (মূর্খ যত দেবল ব্রাহ্মণ—*সদ*)। **~লোক** *বি* দেবতাদের বাসস্থান স্বর্গ; অমরাবতী। **দেবশত্রু** *বি* অসুর; দানব; দৈত্য। **~শর্মা** *বি* ব্রাহ্মণদের নামের বা পদবির শেষে ব্যবহৃত সাধারণ ও বিশেষ উপাধি। **~শিল্পী** (-ল্পিন্) *বি* বিশ্বকর্মা। **~সেনা** *বি, স্ত্রী* কার্তিকের স্ত্রী। ☐ *বি* দেবগণের সৈন্য। **~সেনাপতি** *বি* কার্তিকেয়। **~স্ব** *বি* ১ দেবত্র; দেবসেবার উদ্দেশ্যে উৎসর্গীকৃত সম্পত্তি। ২ দেবতার প্রাপ্য বা সম্পত্তি। {√দিব্+অ(অচ্)}

দেবকী, দৈবকী [দেবোকি, দোইবোকি] *বি স্ত্রী,* শ্রীকৃষ্ণের মাতা; বসুদেবের স্ত্রী। **~নন্দন** *বি* কৃষ্ণ। {স. √দিব্+অক(ণ্বুল্)+ঈ(ঙীষ্)}

দেবন [দেবোন্] *বি* ১ বাজি রেখে পাশা খেলাবিশেষ (দেবন দোষ ধর্মশাস্ত্রে কয়—*কাদা*)। ২ আক্ষেপ; বিলাপ। {স. √দিব্+অন(ল্যুট্)}

দেবর, দেওর [দেবোর্, দ্যাওর্] *বি* স্বামীর ছোট ভাই (তোমার দেওর বল্লে; ঘটকদের কথাবার্তা নাকি খুব ভাল—*আও*)। {স. √দ্বিতীয়বর; তুল. *ই.* deor}

দেবা [দেবা] *বি* ১ *(ব্য.)* পুরুষ; বর; দেবতা (যেমন দেবা তেমনি দেবী—*দীমি*)। ২ *(বহুব)* দেবতা (সেব অন্য দেবী দেবা—*ঘরা*)। **~ংশ** *বি* দেবতার অংশ; দেববংশ (দেবাংশে জন্ম লয় যে—*অচিসে*)। **দেবাগার** *বি* মন্দির। **দেবাজীব** *বি* ১ দেবতার পূজা করাই যার জীবিকা। ২ পূজারি ব্রাহ্মণ। **দেবাত্মা** *বিণ* ১ দেবতাতুল্য; দেবতাত্মা। ২ দেবতার মতো স্বভাব এমন। **দেবাদিদেব** *বি* ১ হিন্দু দেবতাদের মধ্যে প্রধান। ২ মহাদেব; শিব। ৩ বিষ্ণু; নারায়ণ। **দেবাদেশ** *বি* ১ দেবতার আজ্ঞা বা নির্দেশ; প্রত্যাদেশ (দেবাদেশে রণে আমি আহ্বানি রে তোরে—*মদ*)। ২ দৈব প্রেরণা। {স. দেব>, দেবাঃ*(বহুব)*}

দেবায়তন [দেবায়োতোন্] *বি* দেবমন্দির। {স. দেব+আয়তন; ৬তৎ}

দেবারি [দেবারি] *বি* ১ দেবতাদের শত্রু। ২ দৈত্য; অসুর; রাক্ষস প্রভৃতি। {স. দেব+অরি}

দেবালয়, দেবায়তন [দেবালয়, দেবায়োতোন্/-য়-] *বি* দেবতার মন্দির। {স. দেব+আলয়/আয়তন}

দেবাশ্রিত [দেবাস্স্রিতো] *বিণ* দেবতা কর্তৃক রক্ষিত; দেবতার আশ্রয়প্রাপ্ত; শরণাগত বা অনুগ্রহপ্রাপ্ত (দেবাশ্রিত সদা এ দাস দেবতাকুল রক্ষিবে দাসেরে—*মদ*)। {স. দেব+আশ্রিত; ৩তৎ}

দেবী [দেবি] *বি স্ত্রী,* ১ স্ত্রীদেবতা বা দেবকন্যা। ২ ভগবতী; দুর্গা; পরমেশ্বরী; আদ্যাশক্তি। ৩ বয়োজ্যেষ্ঠ স্ত্রীলোক বা ভদ্রমহিলাদের নামান্তে হিন্দু সমাজে ব্যবহৃত সম্ভ্রমার্থক পদবি (মাতৃদেবী, ইন্দিরা দেবী)। **~পুরাণ** *বি* চণ্ডীদেবীর মাহাত্ম্যসূচক উপপুরাণবিশেষ। **~ভাগবত** *বি* দেবীর মাহাত্ম্যসূচক পুরাণবিশেষ। **~মাহাত্ম্য** *বি* মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত চণ্ডিকা দেবীর মহিমাবিষয়ক অংশ; 'চণ্ডী' গ্রন্থ। {স. √দিব্+অ(অচ্)+ঈ(ঙীষ্)}

দেবেন্দ্র [দেবেন্‌দ্রো] *বি* দেবরাজ ইন্দ্র। {স. দেব+ইন্দ্র; ৬তৎ}

দেবেশ [দেবেশ্] *বি* দেবতাদের ঈশ্বর; শিব; ইন্দ্র; বিষ্ণু; ব্রহ্মা। {স. দেব+ঈশ; ৬তৎ}

দেবোত্তর ⇒ দেব

দেবোপম *বি* দেবতুল্য। {স. দেব+উপমা; *বহু*}

দেব্যা (অপ্র) [দেব্‌বা] *বি স্ত্রী,* বিধবা ব্রাহ্মণকন্যার উপাধি। {স. দেবী+৬ষ্ঠী *একব*=দেব্যাঃ>}

দেমাক, দেমাগ [দেমাক্, -গ্] *বি* ১ মস্তিষ্ক; মাথার মগজ (তার দিমাগ ভর্তি গোবর)। ২ অহঙ্কার; গর্ব; আত্মাভিমান (বুদ্ধির দেমাক আজ ক্ষণেকের তরে যাক ভেসে—*আগ*)। ৩ বুদ্ধি (দুইগুণ হইল জোর বাড়িল দেমাগ—*সৈহা*)। **দেমাকি, দেমাকে, দেমাগি, দেমাগে** *বিণ* অহঙ্কারী; গর্বিত; আত্মাভিমানী (এটার মত দেমাকে, অদ্ভুত জানোয়ার আর দুটি দেখা যায় না—*অঠা*; নবাব বাহাদুরের প্রজারা ভারি দেমাগি—*মীমো*)। {আ. দিমাগ دماغ ; ফা. দিমাগ}

দেয় [দেয়ো] *বি* দানের যোগ্য; দিতে হবে এমন; দাতব্য। { *স.* √দা+য(যৎ)}

দেয়া[1]**, দেওয়া** [দেয়া, দ্যাওয়া] *বি* ১ আকাশ; গগন। ২ আকাশের মেঘ (আসমানেতে কাল মেঘ দেওয়ার ডাকে ঘন—*পূগী*)। **দেয়া ডাকে** *ক্রি* মেঘ গর্জন করে। { *স.* দেব>দেও>দেয়া}

দেয়া[2] ⇒ দেওয়া[2]

দেয়াড়, দেয়াড়া, দিয়ারা [দেয়াড়, –ড়া, দিয়ারা] *বি* পলিমাটি পড়ে নদীর যে উচ্চ তটভূমি গড়ে ওঠে তা; উচ্চ জমি। { *আ.* দিয়ার دیار ; (*একব* দার دار)}

দেয়ান ⇒ দেওয়ান

দেয়াল, দেওয়াল [দেয়াল্, দেওয়াল্] *বি* ১ প্রাচীর; ইট বা মাটি দ্বারা গাঁথা বেষ্টনী। ২ প্রাচীরগাত্র (দেয়ালে লাগানো)। **~গির, ~গিরি, ~গিরী, ~গীর** *বি* প্রাচীরগাত্রে সংলগ্ন চিমনিযুক্ত ঝুলন্ত প্রদীপবিশেষ (সাপের মেজে, সাপের কড়ী, সাফের মণির দেওয়ালগিরি *দাসি*; দেয়ালগীর শোভিছে সুন্দর শ্রেণীমত—*কায়*)। **~ তুলে দেওয়া** *ক্রি* (*আল.*) ব্যবধান সৃষ্টি করা; দেখা–সাক্ষাৎ বন্ধ করা। **দেয়ালেরও কান আছে**—গোপন কথা কাহারো শোনার অত্যন্ত সম্ভাবনা অর্থে। { *ফা.* দিৱার دیوار }

দেয়ার [দেআর] *বি* দ্বীপ সদৃশ স্থান। { *স.* দ্বীপাকার>}

দেয়ালগিরি, দেয়ালগীর ⇒ দেয়াল

দেয়ালা, দিয়ালা, দেহালা [দেয়ালা, দি–, দেহালা] *বি* স্বপ্নে শিশুর কান্না হাসি প্রভৃতি (জননীর কোলে নিন্দে ক্ষণে হাসে ক্ষণে কান্দে সাধু সুত করয়ে দেয়ালা—*কমু*)। **~ করা** *ক্রি* পূর্বোক্ত অর্থে (নিদ্রায় দিয়ালা করে—*কমু*)। { *স.* দেবলীলা>}

দেয়ালি ⇒ দেওয়ালি

দেয়াসিনি, দেয়াশিনী [দেয়াশিনি] *বি স্ত্রী.* ১ দেবকন্যা (কোন দেয়াসিনী রূপসীর বাজল নূপুর—*সদ*)। ২ দেবসেবিকা; পূজারিণী। ৩ মন্ত্রসিদ্ধা স্ত্রীলোক (তিনি দেয়াসিনী, আসনে বসিয়া যাঁকে যাহা বলিবেন তাহাই সত্য হয়—*গোহা*)। { *স.* দেববাসিনী>}

দেয়াসী, দেয়াশী (অপ্র) [দেয়াশি] *বি* মনসা শীতলা প্রভৃতি দেবতার পূজারী বা পাণ্ডা। { *স.* দেববাসী>}

দের [দের্] *বি* বিলম্ব; দেরি (ইয়াদ হইল আর নাহি সহে দের—*সৈহা*)। **দের আইয়াদ, দোরোস্ত আইয়াদ**—বিলম্বে ঘটলে কার্য ভালো হয়; বিলম্বে কার্যসিদ্ধি। { *ফা.* দের دیر }

-দের [দের্] সাধারণত সম্বন্ধের (ষষ্ঠীর) বহুবচনজ্ঞাপক বিভক্তি (মানুষদের)। {বাংলা প্রত্যয়বিশেষ}

দেরকো, দেলকো [দের্কো, দেল্কো] *বি* কাঠের তৈরি পিলসুজ বা দীপাধার (দেলকোর পরে তেল চটা উঠে চেটে নিক পিদুমের তেলটুকু—*অঠা*)। { *স.* দীপবৃক্ষ বা দীপরক্ষা>; *ফা.* দরখত درخت }

দেরাক্ত, দেরাকত, দরখত [দেরাকত্, –, দরখত্] *বি* গাছ; বৃক্ষ (শূন্যের প'র এক দেরাক্ত পয়দা দেখতে কি মজা *পাকা*)। { *ফা.* দরখত درخت }

দেরাজ [দেরাজ্] *বি* টেবিল, আলমারি প্রভৃতির মধ্যগত বাক্সের মতো আধারবিশেষ যা টেনে খোলা এবং ঠেলে বন্ধ করা যায়; টানা; drawer (পুরাতন দেরাজের মত—*আলীআ*)। { *আ.* দরজ درج }

দেরি, দেরী [দেরি] *বি* বিলম্ব। { *ফা.* দেরি دیری }

দেরেগ [দেরেগ্] *বি* দুঃখ (দেরেগ হইল বড় দেলেত আমার—*সৈহা*)। { *ফা.* দরীগ دریغ }

দেরেঙ্গ [দেরেঙগ্] *বি* দেরি; বিলম্ব (এট্টু দেরেঙ্গ করেন আপনারা যে আরও ক'জন মুসল্লি আসতিছেন—*কাই*)। { *ফা.* দিরঙ্গ درنگ }

দেল ⇒ দিল

দেলকো ⇒ দেরকো

দেলখোশ, দেলখোস, দেলগির, দেলবন্দ ⇒ দিল

দেলা [দেলা] *বি* ধুলা; খেলার সহশব্দ (জান কত খেলা-দেলা গুণের সাগর—*ভারা*)। {ধুলা>}

দেলাসা ⇒ দিলাসা

দেলোয়ার ⇒ দিল

দেশ *বি* ১ মহাদেশের ভৌগোলিক অংশবিশেষ। ২ মহাদেশের রাজনৈতিক বিভাগবিশেষ; রাষ্ট্র (বাংলাদেশ) ৩ স্থায়ী বাসভূমি; জন্মস্থান; স্বদেশ (দেশত্যাগ)। ৪ প্রদেশ (যেমন ভারতের পশ্চিমবঙ্গ)। ৫ স্বগ্রাম (দেশের বাড়িতে যাওয়া)। ৬ স্থান; অঞ্চল (মরুদেশ)। ৭ দিক; ভাগ; অংশ; space (পার্শ্বদেশ, তলদেশ)। ৮ সঙ্গীতের একটি রাগের নাম। **~কাল** *বি* স্থান ও সময়। ২ পরিবেশ; অবস্থা। **~-কাল-পাত্র** *বি* ১ স্থান, সময় ও ব্যক্তি বিশেষের স্বরূপ। ২ পরিবেশ; অবস্থা। **~কালোচিত** *বিণ* স্থান ও সময়ের যোগ্য বা অনুরূপ পরিবেশ অনুযায়ী। **~জ** *বিণ* দেশজাত; স্বদেশে উৎপন্ন; দেশি। **~জানিত** *বিণ* স্বদেশে পরিচিত; দেশপ্রসিদ্ধ; নামজাদা (তা তুমি একটা দেশজানিত বীরপুরুষ, তুমি তার অপমান সয়ে চলে এলে—*ক্ষীবি*)। **~জোড়া** ⇒ **~ব্যাপী**। **~ড়ি, ~ড়ী** *বি* দেশ পর্যটন (ঘটনাক্রমে সেইসময় পদব্রজ্যে দেশড়ী করিতে করিতে এই বাজী উপস্থিত—*মীম*)। **~দেশান্তর** *বি* স্বদেশ এবং বিদেশ; বিভিন্ন বা নানা দেশ। **দেশদ্রোহ** *বি* স্বদেশের ক্ষতি বা সর্বনাশ বিধান। **~দ্রোহী** *বি, বিণ* দেশের শত্রু বা দুশমন বা ক্ষতিসাধক; দেশের অকল্যাণ সাধনে লিপ্ত এমন। **~ধর্ম** *বি* দেশের আচার বা ব্যবহার। **~প্রসিদ্ধ, ~বিখ্যাত** *বিণ* দেশজোড়া খ্যাতি আছে এমন। **~প্রেম, ~ভক্তি** *বি* স্বদেশের প্রতি ভালোবাসা বা টান। **~বন্ধু** *বি* দেশের সর্বসাধারণের বন্ধু বা হিতকারী ব্যক্তি। **~-বিদেশ** *বি* ১ স্বদেশ ও অন্যদেশ। **~ব্যাপী, ~ময়, ~জোড়া** *বিণ* সারা দেশে পরিব্যাপ্ত (দেশব্যাপী সুনাম)। **~মান্য, ~পূজ্য** *বিণ* দেশের সর্বসাধারণের শ্রদ্ধা ও ভক্তির পাত্র। **~মুখ** *বি* দেশের মুখ্য বা প্রধান ব্যক্তি (সেই বেটা হবে দেশমুখ—*কমু*)। **~হিত** *বি* স্বদেশের কল্যাণ। **~হিতব্রত** *বি* ১ স্বদেশের কল্যাণ সাধনের উদ্দেশ্যে গৃহীত কর্তব্য বা সংকল্প। ২ স্বদেশের কল্যাণ সাধন যার ব্রত। **~হিতব্রতী, ~হিতৈষী** *বিণ* স্বদেশের কল্যাণ সাধনরূপ ব্রত গ্রহণ করেছে এমন। { *স.* √দিশ্+ অ(ঘঞ)}

দেশনা [দেশোনা] *বি* ১ উপদেশ; নির্দেশ; আদেশ; উল্লেখ।

২ শিক্ষা; পরামর্শ। **দেশিক** *বি* যিনি 'দেশনা' দেন। { *স.* দিশ্+অন(ল্যুট্)+আ}

দেশলাই ⇒ দিয়াশলাই

দেশাচার [দেশাচার্] *বি* দেশের জনসাধারণের মধ্যে প্রচলিত আচার বা রীতি। { *স.* দেশ+আচার; ৬তৎ }

দেশাত্মবোধ [দেশাত্তোঁবোধ্] *বি* নিজ দেশের স্বার্থই নিজের স্বার্থ এই উপলব্ধি; দেশের জন্য দরদ বা প্রেম। { *স.* দেশ+আত্মবোধ; *কর্মধা.* }

দেশান্তর [দেশান্তর] *বি* ১ অন্য দেশ; ভিন্ন দেশ; দূরদেশ। ২ দ্রাঘিমা; মুখ্য মধ্যরেখা থেকে কোনো নির্দিষ্ট স্থানের কৌণিক দূরত্ব বা নিরক্ষবৃত্তের চাপ; longitude। **দেশান্তরিত** *বিণ* ১ দূরদেশে বা অন্য দেশে গত। ২ স্বদেশ থেকে বহিষ্কৃত বা বিতাড়িত। ৩ বিদেশবাসী। **দেশান্তরী, দেশান্তরি** *বিণ* ১ স্বদেশত্যাগী; বিদেশগত; দেশান্তরিত (না হয় এ দেশ ছেড়ে হতাম দেশান্তরি—ঘচ)। ২ বিদেশবাসী। { *স.* দেশ+অন্তর; *নিত্য.* }

দেশাল [দেশাল্] *বিণ* দেশীয়; দেশি; দেশজাত; দেশে প্রচলিত (দেশাল সিঁদুর চাই নাক আমি—জউ)। { *স.* দেশ+*বা.* আল}

দেশি, দেশী, দিশি*(কথ্য.)* [দেশি, –, দিশি] *বিণ* ১ দেশজাত; স্বদেশজাত বা স্বদেশে উৎপন্ন (যদিচ দেশি কুকুরের অপেক্ষা—*রঠা*); দিশি সিনেমায় ঋষি-মহিমায় ইচ্ছা পূরণ—*বুব*)। ২ দেশবাসী (পরদেশি)। ~ **কুমড়া** ⇒ কুমড়া। **দেশীয়, দেশ্য** *বিণ* ১ দেশি; স্বদেশে জাত বা উৎপন্ন। ২ দেশ-সংক্রান্ত। ৩ দেশ-প্রচলিত (দেশীয় প্রথা)। ৪ প্রায় কাছাকাছি (অষ্টাদশবর্ষদেশীয়)। **দেশোয়ালি** *বি* দেশীয় ভাব বা অবস্থা; স্বদেশি মানুষ; পরিবেশ বা আবহাওয়া (এমনই হয় দূর বিদেশে দেশোয়ালি পেলে—*মব*)। { *স.* দৈশিক>*প্রা.* দেসিঅ>দেশি}

দেশিক [দেশিক্] *বিণ* ১ স্থানীয়; স্থানিক; local। ২ স্থানীয় বাসিন্দা। { *স.* দেশ+ইক (ঠন্)}

দেশিকোত্তম [দেশিকোত্তম্] *বি* ১ শ্রেষ্ঠ আচার্য; গুরু; পথনির্দেশক। ২ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদেয় ডিলিট বা 'ডক্টর অব ফিলোসফি' সমপর্যায়ের সম্মানসূচক উপাধি। { *স.* দেশিক+উত্তম}

দেশিত [দেশিতো] *বিণ* ১ আদিষ্ট বা উপদিষ্ট। ২ নির্ধারিত; নিয়ন্ত্রিত। {√দেশি+ত(ক্ত)}

দেশিনী [দেশিনি] *বি* তর্জনী নামক আঙুল। { *স.* √দিশ্+ইন্(ণিনি)+ঈ(ঙীপ্)}

দেশী ⇒ দেশি

দেহ[1] [দেহো] *(পদ্য.)* *ক্রি* দাও (অধম সন্তানে মাগো দেহ পদছায়া—গান)। {দে+হ}

দেহ[2] [দেহো] *বি* শরীর; অঙ্গ (জীব-তারা যদি খসে এ দেহ-আকাশ হতে—*মদ*)। ~**কোষ** *বি* গায়ের চামড়া; ত্বক; চর্ম। ~**ক্ষয়**, ~**পাত** *বি* ১ দেহের নাশ বা ধ্বংস; জীবন বিসর্জন; মৃত্যু। ২ স্বাস্থ্য বিসর্জন; স্বাস্থ্যহানি। **দেহজ** *বিণ* দেহ থেকে জাত বা উৎপন্ন। ❑ *বি* পুত্র; ছেলে। **দেহজা** *বি স্ত্রী.* কন্যা; মেয়ে। ~**তত্ত্ব** *বি* শারীরবিদ্যা; দেহের অঙ্গ-প্রত্যঙ্গ সম্পর্কিত বিদ্যা; physiology। ২ দেহের মধ্যেই সকল সত্য নিহিত এই তত্ত্ব; দেহ আত্মা ইত্যাদির তত্ত্ব (দেহতত্ত্বের গান)। ~**ত্যাগ** *বি* প্রাণত্যাগ; মৃত্যু। ~**পিঞ্জর** *বি* দেহরূপ খাঁচা বা পিঞ্জর; যেখানে পাখিরূপ আত্মা বাস করে। ~**যাত্রা** *বি* দেহধারণ; জীবনযাপন। ~**রক্ষা** *বি* দেহত্যাগ; মৃত্যু। ~**রক্ষী** *বি* রাজা, রাষ্ট্রনায়ক প্রভৃতির দেহ রক্ষার্থে যে রক্ষী তাঁদের সঙ্গে সঙ্গে থাকে। {√দিহ্+অ(অচ)}

দেহলি, দেহলী [দেহোলি] *বি* দাওয়া; ঘরের সম্মুখস্থ রোয়াক; বারান্দা; দরজার চৌকাঠের উপরের বা নিচের কাঠ। { *স.* দেহ+√লা+ই}

দেহা [দেহা] *বি* ১ শরীর; দেহ। ২ জীবন (সফল করহ দেহা দেহ আনুমতী—*বচদা*)। { *স.* দেহ>}

দেহাত [দেহাত্] *বি* পল্লিগ্রাম; পাড়াগাঁ। **দেহাতি, দেহাতী** *বিণ* ১ গাঁয়ে বাস করে এমন (তিনি দেখতে চান এদেশের দেহাতী আদমের দুঃসাহস—*আআআ*)। ২ গাঁয়ে ব্যবহৃত। ৩ গ্রাম্য; গেঁয়ো; গ্রামে অবস্থিত (দেহাতি বালির রাস্তা—*অচিসে*)। { *ফা.* দেহাত دهات }

দেহাতীত [দেহাতিত] *বিণ* দৈহিক সম্পর্ক বর্জিত; আত্মিক; আধ্যাত্মিক (দেহাতীত প্রেম)। { *স.* দেহ+অতীত}

দেহাত্মবাদ, দেহাত্মপ্রত্যয় [দেহাত্তোঁবাদ্, –প্রোত্তয়্] *বি* দেহ ও আত্মা অভিন্ন এই মতবাদ বা বিশ্বাস; চার্বাকের মতবাদ। **দেহাত্মবাদী** *বি, বিণ* দেহই আত্মা বা দেহ থেকে পৃথক আত্মা নেই এই মতবাদে বিশ্বাসী; চার্বাকপন্থি; চার্বাক বা তাঁর অনুসারী দার্শনিক। { *স.* দেহাত্মন্+বাদ, প্রত্যয়}

দেহাত্যয় [দেহাত্তয়্] *বি* দেহত্যাগ; মৃত্যু; জীবনাবসান (তাঁহার দেহাত্যয়ের কিছু দিন পূর্বে—*ঈবি*)। { *স.* দেহ+অত্যয়}

দেহান্ত, দেহাবসান [দেহান্তো, দেহাবোশান্] *বি* দেহত্যাগ; মৃত্যু। { *স.* দেহ+অন্ত, অবসান}

দেহান্তর [দেহান্তর] *বি* অন্যদেহ; অন্য দেহ প্রাপ্তি; পুনর্জন্ম। { *স.* দেহ+অন্তর; *নিত্য.* }

দেহাবসান ⇒ দেহান্ত

দেহারা[1] *(মবা.)*, **দেহেরা** *(মবা.)* [দেহারা, দেহেরা] *বি* মন্দির বা দেবালয় (ধর্মের দেহারা—ঘচ)। { *স.* দেবগৃহ>দেওঘর>}

দেহারা[2] *(মবা.)* [দেহারা] *বি* দ্বার; দরজা (দেহারা দেউল নাহি—*রূপ*)। { *স.* দ্বার>}

দেহালা ⇒ দেয়াল

দেহি [দেহি] *ক্রি* প্রদান করো; দাও। ~ ~ **করা** *ক্রি* ক্রমাগত প্রার্থনা করা বা চাওয়া। { *স.* √দা+লোট্+হি}

দেহী (–হিন্) [দেহি] *বিণ* দেহ ধারণকারী; শরীরী (জেগে আছে দেহী প্রেম তাজ—*সদ*)। ❑ *বি* দেহধারী জীব; আত্মা যে দেহ ধারণ করে। { *স.* দেহ+ইন্(ইনি)}

দেহুড়ী *(মবা.)*, **দেহুরী** *(মবা.)* [দেহুড়ি, –রি] *বি* সদর দরজা; ফটক; বহির্দ্বার (দেহুড়ীর কাছে থাক হয়ে দানী গো—*ভারা*)। {⇒ দেউড়ি}

দৈ ⇒ দই

দৈত্য [দোইত্‌তো] *বি* ১ অসুর; দানব; অসুর প্রকৃতির লোক; বিরাটকায় ব্যক্তি। ~**কুল** *বি* অসুর বা দানবের বংশ। ~**কুলে প্রহ্লাদ** *বি* মন্দ বংশের ভালো লোক; গোবরে পদ্মফুল। ~**গুরু** *বি* শুক্রাচার্য। ~**মাতা** *বি* কশ্যপ পত্নী দিতি। { *স.* দিতি+য(ণ্য) }

দৈত্যারি [দোইত্‌তারি] *বি* ১ দৈত্যের শত্রু; দেবতা। ২ বিষ্ণু। ৩ শিব। ৪ ইন্দ্র। { *স.* দৈত্য+অরি }

দৈন[১] [দোইনো] *বিণ* দৈনিক; দিবসীয়; দিবসের; প্রাত্যহিক। { *স.* দিন+অ(অণ) }

দৈন[২] [দোইনো] *বি* দারিদ্র্য; দৈন্য; দীনতা। { *স.* দিন+অ(অণ) }

দৈনন্দিন [দোইনোনদিন্] *বিণ* প্রাত্যহিক; প্রতিদিনের বা দিবসের; দৈনিক। { *স.* দিনন্দিন+অ(অণ) }

দৈনিক [দোইনিক] *বিণ* প্রাত্যহিক; রোজ রোজ করতে হয় বা ঘটে এমন। ❑ *বি* প্রত্যহ প্রকাশিত হয় এমন খবরের কাগজ (দৈনিকে দেখ কাজ খালি কোথা—*বিদে*)। { *স.* দিন+ইক (ঠঞ) }

দৈন্য [দোইন্‌নো] *বি* ১ দীনতা; দারিদ্র্য; দুরবস্থা। ২ অভাব; অপ্রাচুর্য (বুদ্ধির দৈন্য)। ৩ হীনতা। ৪ কৃপণতা; সংকীর্ণতা। ৫ কাতরতা (নানা যত্ন–দৈন্যে প্রভুরে করাইলা ভোজন —*কৃম*)। ~**দশা** *বি* দারিদ্র্য; দুরবস্থা; অভাবগ্রস্ত অবস্থা। { *স.* দীন+য(ষ্যঞ) }

দৈব [দোইবো] *বিণ* ১ অলৌকিক; স্বর্গীয়; দেবতা থেকে আগত বা জাত (দৈবশক্তি)। ২ দেবতাসম্বন্ধীয় (কি মহৎ দৈব কর্মে দেব তব মর্তে আগমন—*রঠা*)। ❑ *বি* অদৃষ্ট; ভাগ্য; নসিব (দৈববশে, দুর্দৈব)। দৈবী *স্ত্রী.*। ~**ক্রমে**, ~**গতিকে**, ~**গত্যা** *ক্রিবিণ* ভাগ্যক্রমে; দৈবাৎ; হঠাৎ (কোপার্নিকস কেবল দৈবগত্যা যে সকল নিগ্রহ অতিক্রম করিয়া গিয়াছিলেন—*ঈবি*)। ~ **ঘটনা** *বি* ১ অলৌকিক ঘটনা বা ব্যাপার। ২ আকস্মিক ঘটনা; হঠাৎ সংঘটিত ব্যাপার। দৈবজ্ঞ *বি* গণৎকার; জ্যোতিষী; যে ভাগ্য গণনা করে। ~**দুর্বিপাক** *বি* ভাগ্যবিপর্যয়; অদৃষ্টের মন্দ পরিণাম; আকস্মিক বিপদ। ~**দোষ** *বি* অদৃষ্টের দোষ; দেবতার বিরুদ্ধতা (দৈবদোষে ব্যাসদেবে উপজিল ক্রোধ—*ভারা*)। ~**বশত**, ~**বশে** *ক্রিবিণ* ভাগ্যক্রমে; দৈবাৎ; হঠাৎ (একদিন দৈববশে শিষ্যসহ শাস্ত্ররসে—*ভারা*)। ~**বাণী** *বি* স্বর্গ হতে প্রেরিত কথা; আকাশবাণী; অদৃশ্য দেবতার উক্তি বা কথা। ~**বিড়ম্বনা** *বি* দেবতার বা ভাগ্যের প্রতিকূলতা; ভাগ্যবিপর্যয়। ~**যোগ** *বি* আকস্মিক বা অপ্রত্যাশিত ঘটনা। ~**যোগে** *ক্রিবিণ* আকস্মিকভাবে; অপ্রত্যাশিতভাবে (দৈবযোগে এক বিদেশীয় বন্ধুর সহিত সাক্ষাৎ হওয়াতে—*ঈবি*)। ~**শক্তি** *বি* ১ অলৌকিক ঐশীশক্তি। ২ বিধিদত্ত শক্তি। { *স.* দেব+অ(অণ) }

দৈবকী ⇒ দেবকী

দৈবত [দোইবত্] *বি* ১ দেব; দেবতা। ২ দেবগণ। ❑ *বিণ* দেবতাসম্বন্ধীয় (যজ্ঞ জীবন দৈবত—*বিদে*)। { *স.* দেবতা+অ(অণ) }

দৈবাগত [দোইবাগতো] *বিণ* দৈবক্রমে আগত; হঠাৎ উপস্থিত (সে যে উপেক্ষার দান দৈবাগত দিনে—*সুদ*)। { *স.* দৈব+আগত; ৫ তৎ }

দৈবাৎ [দোইবাত্] *অব্য* আকস্মিকভাবে; সহসা; হঠাৎ; দৈববশে (দৈবাৎ একটা উপায় বাহির হইল—*রঠা*)। { *স.* দৈব+আৎ (৫মী একব) }

দৈবাধীন, **দৈবায়ত্ত** [দোইবাধিন্, -য়োত্‌তো] *বিণ* দেবতা বা ভাগ্যের বশে; অদৃষ্টের দ্বারা নিয়ন্ত্রিত; মানুষের আয়ত্তে নয় এমন (বল বুদ্ধি বিক্রম বুঝিতে দৈবাধীন—*চচ*)। { *স.* দৈব+অধীন, আয়ত্ত; ৬ তৎ }

দৈবিক, **দৈব্য** [দোইবিক, দৈইব্‌বো] *বিণ* ১ দেব সম্পর্কিত। ২ দৈবঘটিত। ❑ *ক্রিবিণ* দৈবক্রমে; দৈবাৎ। { *স.* দেব+ইক(ঠক), য(ষ্যঞ) }

দৈবী ⇒ দৈব

দৈবে, **দৈবেঁ** (*মব্য.*) [দোইবে, -বেঁ] *বি* দেবগণ (দৈবে কৈল তোক্ষা একসরী—*বচদা*)। ❑ *ক্রিবিণ* দৈব বা অদৃষ্ট বলে হঠাৎ (কাহ্নাঞি না বুঝে দৈবেঁ এ বিশেষ—*বচদা*)। { *স.* দৈব+*বা.* এ }

দৈবোপহত [দেবোপহতো] *বিণ* প্রতিকূল দেবতা বা ভাগ্য দ্বারা বিড়ম্বিত; ভাগ্যহীন। { *স.* দৈব+উপহত; ৩ তৎ }

দৈর্ঘ্য [দোইরঘো] *বি* লম্বা দিকের মাপ; লম্বাই। { *স.* দীর্ঘ+য(ষ্যঞ) }

দৈশিক [দোইশিক] *বিণ* ১ দেশ সংক্রান্ত; দেশীয়; দেশজাত। ২ আংশিক; এক দেশ সম্বন্ধীয়। { *স.* দেশ+ইক(ঠঞ) }

দৈসত ⇒ দহসত

দৈহিক [দোইহিক] *বিণ* দেহসংক্রান্ত; শারীরিক; দেহগত। { *স.* দেহ+ইক(ঠক) }

দো [দো] *বিণ* দুইয়ের সংক্ষিপ্ত রূপ। ~**আনি** ⇒ দু। ~**আব** ⇒ দোয়াব। ~**আঁশ** *বিণ* এঁটেল ও বেলেমাটি মিশ্রিত (দোঁআশ মাটিতে ফসল ভালো হয়)। ~**আঁশলা**, ~**আঁসলা** *বিণ* ১ বর্ণসংকর; ভিন্ন ভিন্ন জাতের পিতামাতার সংযোগজাত (দোঁআসলা কুকুরের ল্যাজের মত—*প্রচৌ*)। ২ দুই প্রকার পদার্থের মিশ্রণের ফলে জাত (নিজের মতামত ও দোআঁশলা বাংলায় ব্যক্ত করিতেছে—*রঠা*)। ৩ এঁটেল ও বেলেমাটি মিশ্রণে উৎপন্ন; দোআঁশ। ~**কর** *বিণ* দুইবার; ডবল; প্রতিলিপি (এ মামলায় প্রজার শুল্ক দোকর দণ্ড দিতে হয়—*প্রচৌ*)। ❑ *অব্য*, *ক্রিবিণ* পুনর্বার; আবার (দোকর করিবে কাজ বানাই তাহার—*ভারা*)। ~**কলা**, **দোকা** *বিণ* দুই জন; এক সঙ্গে দুই জন ❑ *ক্রিবিণ* দুজনে। ❑ *বি* দ্বিতীয় জন। ~**কাতারি** *বিণ* দুই সারি (দোকাতারি আসাবরদার ও চোপদার—*রাম*)। ~**গজা** *বি* ইংরেজ আমলের পূর্বে বাঙালি মেয়েদের ব্যবহৃত ওড়নাবিশেষ। ~**চালা**, **দুচালা** *বিণ* ১ দুইচাল আছে যাহাতে এমন। ❑ *বি* দুই চালবিশিষ্ট ঘর। দোচোখা *ক্রিবিণ* নির্বিচারে; দুই চোখে যাহাকে দেখা যায় তাহাকেই (বহি ছাপাইয়া দোচোখা বিতরণ করিতেছে—*ঈবি*)। ~**ছটি**, ~**ছুটি**, ~**চ্ছুট**, ~**ছোট** *বি* ১ উত্তরীয়; উড়ানি (বিমলা বলিলেন দোছোট লও—*বচ*)। ২ দুই বেড় (দোছুটি করিয়া পরে বার হাত সাড়ী—*কমু*)। ~**ছতরি** *বি* ঘরের ভিতর ছাদের নিম্নস্থ গলি-পথের ছাদ। ~**জবর**, ~**জবরে** *বি*, *বিণ* যে দ্বিতীয়বার বিয়ে করেছে বা করে এমন। ~**জমি** *বি* ১ যে জমিতে বৎসরে দুইবার ফসল হয়। ২ দো-আঁসলা জমি। ~**টানা**, **দুটানা** *বি* ১ *বি*

পরস্পর বিপরীতধর্মী দুই পক্ষ, দিক বা বস্তুর প্রতি আকর্ষণ (আমরা দোটানার ভিতর পড়েছি—*প্রচৌ*)। ২ দ্বিধা। ~**তরফা, দুতরফা** *বিণ* ১ উভয় পক্ষীয়; উভয় পক্ষ সম্বন্ধীয়। ২ উভয় পক্ষই অংশগ্রহণ করেছে বা উভয় পক্ষের বক্তব্য শোনা হয়েছে এমন (দোতরফি শালিসে বাদসাহ ক্রোধান্বিত হইয়া —*রাম*)। ~**তলা, দুতলা** *বিণ* ১ দুই তল বা স্তরযুক্ত (দোতলা বাড়ি)। ২ এক তলার উপরস্থ দ্বিতীয় তল বা স্তর; দ্বিতলের ঘর। ~**তারা, দুতারা** *বি* ১ দুই তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ (বাজে রবাব মৃদঙ্গ দোতারা—*ভারা*)। ~**থরি** *বিণ* দুই স্তরযুক্ত; দুই থাকযুক্ত (দোথরি দোলনা)। ~**দমা** *বিণ* দুই বার আওয়াজ করে এমন (বোমা দোদমা দেদার কাটে—*অঠা*)। ~**দুল** *বিণ* দুলছে বা দোলায়মান এমন। ~**দুল্যমান** *বিণ* অনবরত দোলে বা দুলছে এমন। ~**দেল** *বিণ* দুই মনা; কপট (দোদেল বন্দা —*মীম*)। ~**ধারি, দুধারি** *বিণ* ১ দুই ধারে অবস্থিত; উভয় পার্শ্বস্থ। ২ উভয় পার্শ্বে ধার আছে এমন; উভয় প্রান্ত ধারালো এমন (আলোয় তোমার উঠল নেচে দুধারী তলোয়ার—*নই*)। ~**নলা, ~নালা, দুনলা, দুনালা** *বিণ* দুটি নল বা চোঙবিশিষ্ট (দোনলা বন্দুক)। ☐*বি* দুই নলবিশিষ্ট বন্দুক। ~**পড়া** *বিণ* ১ বিবাহ স্থির হবার পর কোনো কারণে বিবাহের সম্বন্ধ ভেঙে গেছে এমন (দোপড়া হলে কি আর ও মেয়ের বিয়ে হবে—*বিব*)। ২ পুনর্বার বিবাহিতা। ~**পাট্টা** *বি* উত্তরীয়; উড়ানি; চাদর (আর পাজামা ও দোপাট্টার (চাদরের) ভারে বেচারী বধূ ক্লান্ত—*বেরো*; পুরান দোপাটা গায় দিতে টানাটানি—*কমু*)। ☐*বিণ* ১ লম্বালম্বিভাবে জোড়া দেওয়া দুই খণ্ড বস্ত্রযুক্ত (দোপাট্টা চাদর)। ২ দুই স্তরে বিন্যস্ত (দোপাট্টা দাড়ি)। ~**পাল্লি, ~পাল্লা** *বিণ* দুই পাল্লাযুক্ত (মাথায় দোপাল্লি টুপি—*মঙ্গল*)। ~**পেয়ে, দুপেয়ে** *বিণ* দুইটি পদ বা পায়া আছে এমন; দ্বিপদ (মানুষ দুপেয়ে জীব)। ☐*বি* (*অল.*) মানুষ। ~**ফলা, দুফলা** *বিণ* ১ দুইটি ফলক আছে এমন (দোফলা ছুরি)। ২ বৎসরে দুইবার ফল দেয় এমন (দোফলা গাছ)। ~**ফসলি** *বিণ* বৎসরে দুইবার ফসল জন্মে এমন (দো-ফসলি জমি)। ~**ফাঁকড়া, ~ফ্যাকড়া, ~ফরকা** *বিণ* দুইটি ডালা বা শিখায় বিভক্ত। ~**ফাল, ~ফালি, দুফাল, দুফালি** *বি* ১ দুইখণ্ড। ☐*বিণ* দুইখণ্ডে বা ফালিতে বিভক্ত। ~**ভাপা, দুভাপা** *বিণ* দুইবার সিদ্ধ করা বা ভাপ দেওয়া (দোভাপা চাল)। ~**ভাষী, দুভাষী** *বিণ* ১ দুইটি ভাষায় অভিজ্ঞ (দোভাষী পণ্ডিত)। ২ অধিক আরবি ফারসি শব্দ মিশ্রিত বাংলা ভাষায় রচিত (দোভাষী পুথি)। ☐*বি* একের ভাষা অন্যকে বুঝিয়ে দেন যিনি; ভাষানুবাদকারী ব্যক্তি; interpreter। ~**মনা** ⇒ দুমনা। ~**মহলা** *বিণ* ১ দুই মহলবিশিষ্ট (দোমহলা বাড়ি)। ☐*বি* দোতলা বাড়ি (ঘাটের উপরে অপূর্ব বিরাজের স্থল দোমহলা—*রাম*)। ~**মুখো** ⇒ দু। ~**মেটে** ⇒ **দুমেটে**। ~**য়জ, ~য়জি, ~য়াজ, ~য়ানি** ⇒ দু-। ~**রসা** *বিণ* ১ অল্প বা অর্ধপচা (দোরসা মাছ)। ২ দোআঁশ; অল্পরসযুক্ত (দোরসা মাটি)। ~**শাল, ~শালা** *বি* শালের জোড়া; দুই ফর্দ শাল; মূল্যবান গাত্রবস্ত্র (ঘোষেরে দোসালা দিল সরবন্ধ জোড়া—*ঘচ*)। ~**সারি** *বি* ১ দুই পঙ্ক্তি; দুই থাক বা শ্রেণি। ~**সালা** *বিণ* দ্বিবার্ষিক। ☐*বি* দুই বৎসরের জন্য বন্দোবস্ত বা ইজারা। ~**সুতি, ~সূতী** ⇒ দুসুতি। ~**হাতিয়া, ~হাথিয়া, ~হাত্তা** ⇒ দুহাতিয়া। { স. দ্বি> }

দোআ, দোআব ⇒ দো

দোআনি, দুআনি, দুয়ানি [দোয়ানি, দু-,] *বি* পূর্বে প্রচলিত দু আনা বা আট পয়সা মূল্যের মুদ্রাবিশেষ; বর্তমানে প্রচলিত বারো বা তেরো পয়সা মূল্যের সমান মুদ্রা। {দুই+আনা+ই}

দোঁহা[১] [দোঁহা] *বি* ১ বাংলা চর্যাপদ, প্রাকৃত ও হিন্দি ভাষার ছন্দবিশেষ। ২ ঐরূপ ছন্দে রচিত প্রাচীন বাংলা অপভ্রংশ ও মধ্যযুগের হিন্দিতে রচিত দুই চরণবিশিষ্ট পদ (তুলসীদাসী রামায়ণ হইতেই অনর্গল দোঁহা আবৃত্তি করিয়া যাইতে লাগিল—*বিব*)। { তুল. হি. দোঁহা }

দোঁহা[২] [দোঁহা] ⇒ দুঁহু। ~**কার, দোঁহার, দুঁহার, দুহাঁকার** *সর্ব* উভয়ের; দুজনের। **দোঁহে** *সর্ব* উভয়ে; দুজনে (কৌতূহলে দোঁহে মিলে করে বিধ গান—*হেম*)। { স. দ্বৌ>প্রা. দোহে>; স. দ্বি> }

দোকান [দোকান্] *বি* ক্রয়বিক্রয়ের স্থান বা ঘর; বিপণি; পণ্যশালা (রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান—*হেম*)। ~ **করা** *ক্রি* ১ ব্যবসায় করা; ক্রয়-বিক্রয়ের পেশা চালানো (কাপড়ের দোকান করছি)। ২ দোকান স্থাপন করা (একটা দোকান করব ভাবছি)। ৩ দোকান বা বাজার থেকে নিয়মিতভাবে জিনিসপত্র ক্রয় করা (অফিসের পর দোকান করে বাসায় ফিরতে হয়)। ~ **খোলা** *ক্রি* ১ দোকান স্থাপন করা। ২ দোকানের দৈনন্দিন ক্রয়-বিক্রয়ের কাজ শুরু করা; দোকানের দরজা খোলা। ~**ঘর** *বি* যে ঘরে পণ্যদ্রব্য রেখে বিক্রয় করা হয়। ~ **তোলা** *ক্রি* ১ দৈনন্দিন-বেচা-কেনার পর দোকান গোটানো; দোকান বন্ধ করা। ২ দোকান উঠিয়ে দেওয়া; ব্যবসায় বন্ধ করে দেওয়া। ~**দার, দোকানি, দোকানী** *বি* দোকানের মালিক; পণ্য ব্যবসায়ী বা বিক্রেতা (অমধুর বাণী বলে সে দোকানী—*বচদা*)। ~**দারি, ~দারী** *বি* ১ দোকানদারের পেশা; ক্রয়-বিক্রয়ের কাজ। ২ দোকানদারের ন্যায় স্বার্থপর ব্যবহার। ৩ লাভ-লোকসানের হিসাব। ☐*বিণ* দোকানদারের ন্যায়। ~ **দেওয়া** *ক্রি* দোকান স্থাপন করা। ~**পাট** *বি* দোকান ও দোকানে রক্ষিত পণ্যসামগ্রী। ~**হাট করা** *ক্রি* ১ দোকান ও বাজার থেকে পণ্য সামগ্রী ক্রয় করা। { ফা. দুকান دکان }

দোক্তা, দোকতা [দোক্‌তা] *বি* ১ তামাক গাছের শুষ্ক পাতা; সাদা (চুন মেশানো দোক্তাচূর্ণকে সুখা বা খৈনি বলে)। ২ পানের সাথে খাবার জন্য মশলা মিশ্রিত তামাক পাতার গুঁড়া (দোক্তা খেলেই আমার মাথা ঘোরে—*রাব*)। { অম্‌ }

দোগানা, দোগুনা [দোগানা, -গুনা] *বিণ* দুই রাকাত বিশিষ্ট (দোগানা নামাজ পড়ে কোমর বান্ধিয়া—*সৈহা*; সবে তথা দোগুনা নামাজ গুজারিলা—*সৈসু*)। { ফা. দুগানহ্ دوگانه ; দুগুনাহ دوگونه }

দোগ্ধা (-গ্ধৃ) [দোগ্‌ধা] *বিণ* দোহনকারী; দোহক; গাভী ইত্যাদির দুধ দোহনকারী। **দোগ্ধ্রী** *বিস্ত্রী.* দুগ্ধবতী গাভী।

□ *বিণ স্ত্রী.* দোহনকারিণী। { *স.* √দুহ্+তৃ(তৃচ)}

দোঘাশাল, দোগাশাল [দোঘাশাল, দোগা–] *বি* গোদোহন স্থান। { *স.* দোহনশালা> }

দোচালা, দুচালা [দোচালা, দু–] *বিণ* দুই চালা আছে এমন। □ *বি* দুই চালবিশিষ্ট ঘর। { দো+চাল+আ; *বহু* }

দোজখ, দোযখ [দোজোখ] *বি* নরক; অতি নিকৃষ্ট ক্লেশদায়ক স্থান; ইসলামি বিশ্বাস অনুযায়ী পরকালে যেখানে পাপীদের শাস্তি দেওয়া হবে (মুমীন দোযখে না থাকিব চিরকাল—*সৈআ*)। { *ফা.* দোজখ دوزخ }

দোজবরে, দোজবর, দোজবেরে [দোজোবোরে, –বর, –বেরে] *বি, বিণ* যে দ্বিতীয় বার বিবাহ করেছে বা করে (গণক কহিল মোরে দিবে দোজবেরে বরে—*কমু*)। { *প্রা.* দোজো+বর}

দোতি ⇒ দূতী

দোদুল [দোদুল] *বিণ* দুলছে এমন; দোলায়মান; খুব দুলছে এমন। **দোদুল্যমান** *বিণ* অনবরত দোলে বা দুলছে বা দুলে চলছে এমন। { *স.* √দুল্+য(যঙ্)}

দোনা [দোনা] *বি* ১ পানের খিলি রাখার ঠোঙা (গোলাবী খিলির দোনা—*কাসি*)। ২ পানের খিলি। { *স.* দ্রোণ> }

দোন[১]**, দোনো** *(মবা.)* [দোন্, দোনো] *বিণ* দুই (দোনো ছেলার নাড়ি ছেদ করিল বসিয়া—*মৈগী*)। { *স.* দ্বি> }

দোন[২]**, দোনী, দুনী** [দোন্] *বি* পানি ছেঁচার পাত্র। { *স.* দ্রোণ> }

দোপট্টি [দোপট্‌টি] *বি* দুই ভাঁজ করে সেলাই করা চাদর বা বস্ত্র; দোপাট্টা। { *স.* দ্বি+পট্ট> }

দোপাটি, দোপটী [দোপাটি] *বি* এক প্রকার ফুল (ভক্তির সাজি ভরিলে স্বদেশী, বাধুলি, টগড় দোপাটি চূর্ণি—*সদ*)। { *স.* দ্বিপুট> }

দোপাট্টা ⇒ দো

দোপিয়াজা, দোপেয়াজা, দোপিয়াজি [দোপিয়াজা, –পে–, –পিয়াজি] *বি* অধিক পিয়াজ সহযোগে প্রস্তুত মাছ বা মাংসের ঝোলহীন ব্যঞ্জন। { *ফা.* দোপিয়াজহ্ دوپیازه }

দোবজা [দোবজা] *বি* একপ্রকার মোটা চাদর; উড়ানি (সরজে তোমার দোবজা খানি—*সদ*)। { *ফা.* দবীজ دبیز }

দোবারা, দোবরা [দোবারা, দোব্‌রা] *বিণ* ১ ডবল; দুবার করা হয়েছে এমন; পরিষ্কার দানাদার (কুষ্মাণ্ডের অম্বল তাহে দোবরা চিনি—*অঠা*)। { *ফা.* দুবারহ্ دوباره }

দোবুটি [দোবুটি] *বি* দুই স্তরবিশিষ্ট পাঁপড়িযুক্ত বর্ষাকালীন ফুলবিশেষ। { *স.* দোপাটি> }

দোবে, দুবে [দোবে, দু–] *বি* বিহারি ব্রাহ্মণের উপাধিবিশেষ। { *স.* দ্বিবেদী}

দোমতি [দোমোতি] *বিণ* দুটো মোতি বা মুক্তা যুক্ত। { *স.* দ্বি+মৌক্তিক> }

দোমালা [দোমালা] *বি* অর্ধপক্ক নারকেল। { *অমূ.*}

দোযখ ⇒ দোজখ

দোয়জ ⇒ দুঅজ

দোয়া[১]**, দোআ** [দোয়া] *বি* আশীর্বাদ; মঙ্গল কামনা (দোয়া করে কলেমা পড়িয়া—*কমু*)। **আল্লার দোয়ায়** [illegible] আল্লাহর রহমতে। **~দরুদ** *বি* আল্লাহর মহিমা কীর্তন ও মঙ্গল প্রার্থনা এবং হজরত মুহম্মদ (সা.)–এর উপর আল্লাহর অনুগ্রহ প্রার্থনা। **বদ~** *বি* অভিশাপ। { *আ.* দুআ دعاء }

দোয়া[২] ⇒ দোয়া

দোয়াজ-দহম [দোয়াজ্‌দহোম] *বিণ* বারোই (কবির দুয়ারে এলো দোয়াজ দহম—*জুআ*)। **ফাতেহা~** *বি* ১২ই রবিউল আউয়াল তারিখে হজরত মুহম্মদ (সা.)–এর জন্ম ও মৃত্যুদিবস। { *ফা.* দুয়াজ দহম دوازدهم }

দোয়াজা, দোয়াজি [দোয়াজা, দোআজি] *বিণ* ১ দ্বিতীয়। ২ দ্বিগুণ। { *স.* দ্বি> }

দোয়াড় [দোআড়] *বিণ* দুই সুচি (দোয়াড় চিয়াড় বান—*কমু*)। { দ্বি+*বা.* আড়}

দোয়াড়ি [দোয়াড়ি] *বি* মাছ ধরার বাঁশের যন্ত্রবিশেষ (একটা পানকৌড়ি মাছ-ধরা বাঁশের দোয়াড়ির উপর বসিয়া আছে—*বিব*)। { *স.* দোয়াড়+ই}

দোয়াত [দোয়াত্] *বি* মস্যাধার; লেখার কালি রাখার আধারবিশেষ। **~দানি** *বি* দোয়াত রাখার পাত্রবিশেষ (টেবিলের উপর পাথরের দোয়াতদানি—*বিব*)। { *আ.* দওয়াত دوات }

দোয়েম [দোয়েম্] *বিণ* দ্বিতীয় উৎকৃষ্ট; প্রথম পর্যায়ের নয়। { *স.* দ্বিতীয়> }

দোয়ানি ⇒ দো

দোয়াব, দোআব, দুআব [দোয়াব্, –, দু–] *বি* দুই নদীর মধ্যবর্তী অঞ্চল, দুই নদীযুক্ত বা দুই নদী-বিধৌত দেশ। { *ফা.* দু دو +আব آب ; *স.* দ্বি+অপ্}

দোয়ারকি, দোয়ারি ⇒ দোহার

দোয়ার ⇒ দো

দোয়েল, দয়েল, দহিয়াল [দোয়েল্, –, দোহিয়াল্] *বি* সুমধুর গায়ক পাখিবিশেষ; বাংলাদেশের জাতীয় পাখি; magpie-robin (কোথায় ডাকে দোয়েল শ্যামা—*সদ*)। { *স.* দধিরাল>(পাখিটির দুই পাশে দধির মতো সাদা দাগ থাকার জন্য এমন নাম); *আঞ্চ.* দইয়াল}

দোর [দোর্] ⇒ দুয়ার। **~গোড়া** *বি* দুয়ারের নিচু অংশ (যেখানে সমাজের দোর-গোড়ায় দাঁড়িয়ে আমাদের মাথা নিচু করতে হচ্ছে—*বুব*)। **~ষষ্ঠী** *বি* তিথিবিশেষ যা হিন্দু ঘরের দুয়ারে পালন করা হয় (দোরষষ্ঠী বলে হলুদ ও দুর্বো দিয়ে পূজো করা হলো—*কাসি*)। { *স.* দ্বার> }

দোরক, দোরকা [দোরক্, দোর্‌কা] *বি* বাদ্যযন্ত্র বাঁধার তার বা ডোর। { *স.* দোরক; *তুল. বা.* ডোর}

দোরকা, দোরোকা, দোরাখা [দোর্‌কা, দোরোকা, দোরাখা] *বিণ* উভয় পিঠেই সমান কারুকার্য বা রং-বিশিষ্ট (দোরকা শাল)। { *ফা.* দু دو +রুখ(মুখ)+*বা.* আ}

দোরোন [দোরোন্] *বি* পরিমাণবোধক শব্দ; পরিমাণবিশেষ; দ্রোণ। { *স.* দ্রোণ> }

দোরমা ⇒ দোলমা

দোরন্ত ⇒ দুরন্ত

দোরোকা ⇒ দোরকা

দোর্দণ্ড [দোর্‌দন্‌ডো] *বি* বাহুদণ্ড; ভুজরূপ দণ্ড। □ *বিণ* প্রবল। **~ প্রতাপ** *বি* দৃঢ় বাহুবল; প্রবল শক্তি। □ *বিণ* অত্যন্ত শক্তিশালী; দুর্দমনীয় প্রতাপযুক্ত। **~ শাসন** *বি* দৃঢ় শক্তিসম্পন্ন শাসন; প্রবল প্রতাপশালী শাসকের

শাসন (দোর্দণ্ড শাসনের সু-শীতল ছায়ায়—*রাব*)। { *স.* দোঃ+দণ্ড; ৬তৎ }

দোররা [দোর্‌রা] *বি* চাবুক (সেথা উমরের দোর্‌রা হানিয়া আনো পথ মুক্তির— *ফত্রা*)। { *আ.* দুর্‌রাহ دره }

দোল [দোল্] *বি* ১ দোলন; ঝুলনের কাজ (শশধর জল মাঝে খেলে মৃদু দোল—*রঙ্গসে*)। ২ দোলা; শিবিকা (চতুর্দোলা)। ৩ হোলি; ফাল্গুনী পূর্ণিমায় কৃষ্ণের ঝুলন উৎসব। ~ **খাওয়া** *ক্রি* ১ আন্দোলিত হওয়া। ২ দ্বিধায় পড়া (তার মন দোল খাচ্ছে)। ~**দুর্গোৎসব** *বি* ১ দোলযাত্রা ও দুর্গোৎসব ইত্যাদির ন্যায় হিন্দুদের প্রধান প্রধান ব্যয়সাধ্য ধর্মোৎসব। ~**মঞ্চ** *বি* দোলযাত্রা উপলক্ষে রাধাকৃষ্ণের দোলার জন্য নির্মিত উচ্চ বেদি। ~**যাত্রা** *বি* হোলি উৎসব; কৃষ্ণের ঝুলন উৎসব। { *স.* √দুল্+অ(অচ্) }

দোলক [দোলোক্/–ল–] *বি* ১ দোলে এমন বস্তু; ঘড়ির পেন্ডুলাম; pendulum। ২ হারের মধ্যস্থলস্থ অলঙ্কারবিশেষ; তখতি (এ যেন মোতির হারের মাঝখানে হীরার দোলক—*রঠা*)। { *স.* √দুল্+অক(ণ্বুল্) }

দোলন [দোলন্] *বি* ১ আন্দোলন; কম্পন; দোল খাওয়া (ঢেউয়ের দোলায় কোন্ সে বুকে দোলন মনে পড়ে—*রখা*)। ২ ঝুলন। **দোলন্ত** *বিণ* দোলে এমন (শেফালির দোলন্ত আঁচলখানি—*শাহো*)। { *স.* √দুল্+অন(ল্যুট্) }

দোলনা [দোলনা] *বি* ১ শিশুকে দোল দেওয়ার জন্য তৈরি বাঁশের বা কাঠের নির্মিত কাঠামো বা শয্যাবিশেষ (শিশুদের দোলনা)। ২ বৃক্ষশাখায় রশি বেঁধে ঝুলবার ও দুলবার আসনবিশেষ। { দোলন+আ }

দোলমা, দোরমা [দোল্‌মা, –র্–] *বি* মাছ বা মাংসের পুর দেওয়া পটলের ব্যঞ্জন। { *অমূ.* }

দোলা[1] [দোলা] *বি* ১ দোলনা। ২ পালকি বা শিবিকাবিশেষ; চতুর্দোল (বরকন্যা চলে দিব্য দোলা আরোহণে—*ঘচ*)। ৩ শব বহনের খাটুলি বা মাচান (বাঁশের দোলায় চড়িয়ে শ্মশানঘাটে নিয়ে যাচ্ছে)। { *স.* √দুল্>+ *বা.* আ }

দোলা[2] ⇒ দোলাই

দোলা[3], **দুলা** [দোলা, দুলা] *ক্রি* ১ ঝোলা। ২ দ্বিধায় পড়া (আত্মার সংশয়ে প্রাণ সদাই দোলে—*গিসে*)। { *স.* √দুল্> }

দোলাই, দোলা [দোলাই, দোলা] *বি* দুই স্তর কাপড় দিয়ে প্রস্তুত শীতবস্ত্র (ছাড়িয়া পাটের দোলা সবে করে পাখীর খেলা পড়ে খসি ভূষণ অম্বর—*কমু*)। { *তুল. হি* দুলাই }

দোলানো, দুলানো, দুলনো [দোলানো, দুলা–, –ল–] *ক্রি* দোল দেওয়া; আন্দোলিত করা। □ *বিণ* আন্দোলিত। □ *বি* উক্ত সকল অর্থে। { *স.* দোল+ *বা.* আনো; ক্রিয়ারূপ—দোলাই, দোলাও, দোলায়, দোলান; *অক্রি*—দুলিয়ে, দোলাতে, দোলালে ইত্যাদি }

দোলায়মান [দোলায়োমান্] *বিণ* দোদুল্যমান; দুলছে এমন; দোলনশীল। □ *বি* সংশয়াপন্ন; দ্বিধাগ্রস্ত; সন্দিহান। □ *বিণ* চঞ্চল। { *স.* √দোলয়+মান(শানচ্) }

দোলায়িত [দোলায়িতো] *বিণ* ১ আন্দোলিত; দোলানো হচ্ছে এমন। ২ ঝুলানো হয়েছে বা হচ্ছে এমন। ~ **চিত্ত** *বি* ১ সংশয়াপন্ন মন; দ্বিধাগ্রস্ত চিত্ত। { *স.* √দোলায়+ত(ক্ত) }

দোলিকা, দোলী [দোলিকা, দোলি] *বি* ডুলি; ছোট শিবিকা। { *স.* √দোল্+ঈ(ঙীষ্)+ক(কন্)+আ(টাপ্) }

দোশালা ⇒ দো

দোষ [দোষ্] *বি* অপরাধ; মন্দকাজ (দোষ করা)। ২ ত্রুটি; খুঁত (দক্ষের এ দোষ কেন বেদের এ দোষ—*ভারা*)। ~**স্খালন** *বি* অপরাধ মোচন। **দোষগ্রাহী**(–হিন্), ~**দর্শী** (–র্শিন্) *বিণ* ছিদ্রান্বেষী; অপরের দোষ ধরে বা দেখে এমন। **দোষজ্ঞ** *বিণ, বি* ১ দোষ-ত্রুটি জানে এমন, দোষ-গুণ বিচার করতে সক্ষম। ২ পণ্ডিত। ৩ চিকিৎসক। ~**ত্রয়** *বি* ১ বাত, পিত্ত, কফ—এই তিন দোষ। ২ রাগ, দ্বেষ, মোহ—এই তিন রিপু। ~ **দেওয়া** *ক্রি* অপরের নিন্দা করা; অন্যের চরিত্রের উপর কলঙ্ক আরোপ করা। **দোষল** *বিণ* দোষ আছে এমন; দোষযুক্ত। { *স.* √দুষ্+অ(ঘঞ্) }

দোষা[1], **দুষা** [দোশা, দুশা] *ক্রি* দোষ দেওয়া; দোষারোপ করা (অনর্থক তাকে দোষা কেন?)। **দোষাদোষ** *বি* দোষগুণ; দোষ-অদোষ। **দোষানো** *ক্রি* দোষ দেওয়ানো বা দেখানো। { *স.* দোষ+ *বা.* আ }

দোষা[2] [দোষা] *বি* ১ রাত্রিকাল। ২ চন্দ্র। ~**তন** *বিণ* নৈশ; রাত্রিকালীন। { *স.* √দুষ্+অ(ঘচ্)+আ(টাপ্) }

দোষাবহ [দোশাবহো] *বিণ* দোষজনক; দোষযুক্ত; অপরাধজনক। { *স.* দোষ+আবহ }

দোষারোপ [দোষারোপ] *বি* দোষ দেওয়া; দোষ প্রদান; অপরাধীকরণ। { *স.* দোষ+আরোপ }

দোষাশ্রিত [দোশাস্‌স্রিতো] *বিণ* দোষযুক্ত। { *স.* দোষ+ আশ্রিত }

দোষী(–ষিন্) [দোশি] *বিণ* অপরাধী; দোষযুক্ত। **দোষিণী** *স্ত্রী.*। ~ **করা, দুষী করা** *ক্রি* অপরাধী করা বা দায়ী করা। { দোষ+ইন্(ঘিনুণ্) }

দোষৈকদর্শী (–র্শিন্), **দোষৈকদৃক** [দোশোইকোদোর্‌শি, –দৃক্] *বিণ* কেবল অপরের দোষই দেখে এমন; গুণগ্রাহী নহে এমন; ছিদ্রান্বেষী। { *স.* দোষ+একদর্শী, একদৃক্ }

দোসর [দোশোর্] *বি* সঙ্গী; সাথি; অংশীদার; দ্বিতীয় ব্যক্তি (সম্পদে বিপদে তিনিই ছিলেন হযরতের দোসর—*হবা*)। ২ সহায়; সাহায্যকারী। **দোসরী** *স্ত্রী.* সঙ্গিনী; সখী (আয় দোসরী বনে গিয়ে হেরি সেই বংশীধারী—*গান*)। { *স.* দ্বিতীয়+√সৃ>দ্বিতীয়সর> }

দোসরা, দোস্‌রা, দুসরী [দোশোরা/–শ–, –শ্‌রা, দুশোরি] *বিণ* ১ দ্বিতীয় (আর দোসরা কথা বলো না)। ২ অন্য; অপর (আমি দোসরা এলাকায় ঘরের ঠ্যাকনা করেছি—*মদ*)। ৩ মাসের তারিখের ক্ষেত্রে দ্বিতীয় (দোসরা পৌষ)। { দোসর+আ; *হি.* দুসরা }

দোসারি *বি* দুই পঙ্‌ক্তি; দুই থাক বা শ্রেণি। { দুই+সারি> }

দোসালা ⇒ দো

দোসুতি, দোসুতী, দোসূতী ⇒ দুসুতি

দোস্ত [দোস্‌তো] *বি* বন্ধু; মিত্র; সুহৃদ (কি কারণে দোস্ত মোর হইল বিকল—*হেমা*)। ~**আশনা** *বি* বন্ধু ও আপনজন (তার পর জিজ্ঞেস করলেন, কাবুল শহরে দোস্ত আশনা নেই—*সৈমু*)। ~**দার** *বি* বন্ধু, ইয়ার, সখা ইত্যাদি (যত কেহ দোস্তদার খুশী চামি সবাকার—*সৈহা*)। **দোস্তি, দুস্তি** *বি* বন্ধুত্ব, সখ্য। **যত দুস্তি তত কুস্তি**—অতিরিক্ত মাখামাখির ফল শত্রুতা। { *ফা.* দোস্‌ত্ دوست }

দোস্তে, দুস্তে [দোস্‌তে, দু-] *অব্য* জন্য (খাওয়ার দোস্তে ঘুইরা মরবি —*পূগী*)। { *তুল. হি.* রাস্তে}

দোহ [দোহো] *বি* দোহনপাত্র; দুধ দোয়ানোর পাত্র; দুধের কেঁড়ে। { *স.* √দুহ্‌+অ(ঘঞ্‌)}

দোহক [দোহোক্] *বি, বিণ* ১ যে দুধ দোহন করে, দোগ্ধা। ২ *(আল.)* শোষক; যে অন্যকে শোষণ করে বড় হয়। **দোহজ** *বি* দুধ। { *স.* √দুহ্‌+অক(ণ্বুল্‌)}

দোহদ [দোহোদ্] *বি* ১ গর্ভবতী নারীর বিভিন্ন সাধ বা প্রাপ্তিস্পৃহা; গর্ভিণীর ভোজনস্পৃহা। ২ গর্ভ। ~ **দান** *বি* গর্ভবতী রমণীকে তার স্পৃহা অনুযায়ী খাদ্য ও বাঞ্ছিত বস্তু দান; সাধপ্রদান। ~**বতী** *বিণ স্ত্রী.* কোনো খাদ্যবস্তুতে স্পৃহাবতী গর্ভিণী। ~**লক্ষণ** *বি* গর্ভলক্ষণ। { *স.* দোহ+√দা+অ(ক)}

দোহন [দোহোন্] *বি* দুধ দোয়ার কাজ; শোষণ; অন্যের অর্থাদি কৌশলে ধীরে ধীরে আত্মসাৎকরণ। **দোহনী** *বি. স্ত্রী.* ১ দোহনকারিণী (রতি রস কাম দোহনী—*বচদা*)। ২ দুধ দোহন করার পাত্র। **দোহনীয়, দুহ্য, দোহ্য** *বিণ* দোহন করার যোগ্য বা উপযুক্ত; দোহনযোগ্য (দোহনীয় গাভী)। { *স.* √দুহ্‌+অন(ল্যুট্‌)}

দোহরানো, দোহরান [দোহোরানো] *ক্রি* পালটানো; পুনরাবৃত্তি করা (সেই কথাটি অন্ততঃ দুইবার তিনবার দোহোরাইয়া শুনিবেন—*মীম*)। { *তুল. হি.* দোহরা}

দোহা, দোয়া, দুহা [দোহা, দোয়া, দুহা] *ক্রি* দোহন করা (দাতার কামধেনু দানবে দুহিছে—*সদ*)। ☐ *বি* দোহন। ☐ *বিণ* দোহন করা হয়েছে এমন (দোহা ছাগি)। **দোহানো, দোয়ানো** *ক্রি* দোহন করানো। { *স.* দোহ+ *বা.* আ}

দোহাই [দোহাই] *বি, অব্য* ১ দিব্য; শপথ; কিরা (আল্লার দোহাই যদি না কহ আমারে—*সৈসু*)। ২ অছিলা; অজুহাত; ছুতা (অসুখের দোহাই)। ৩ সুবিচার; দয়া ইত্যাদি প্রার্থনাসূচক আহ্বান (দোহাই মহারাজ)। ৪ অনুরোধ, মিনতি, কাতরতা বা আবেদনের ভাব প্রকাশ (দোহাই হুজুর)। ৫ দায়িত্ব আরোপ; প্রামাণ্য স্থাপন (অন্যের দোহাই দিয়ে কার্যসিদ্ধি করা)। ~ **দেওয়া** *ক্রি* ১ শপথ করা। ২ নজির দেখানো। ~ **পাড়া** *ক্রি* ১ অজুহাতের সৃষ্টি করা; অছিলা করা; ছুতা দেওয়া। { *তুল. ফা.* দুআ دعا }

দোহাতিয়া, দোহাথিয়া [দোহাতিয়া, -থিয়া] *ক্রিবিণ* দুই হাত দিয়ে (দোহাতিয়া বাড়ি মারে—*কৃম*)। { *স.* দ্বি হস্ত+ *বা.* ইয়া}

দোহান[১] [দোহান্] *(মবা.) সর্ব* উভয়েই (কামরসে রতিশাস্ত্রে দোহান বিদ্বান—*দৌবা*)। {দুইজন>}

দোহার[১], **দোয়ার**[১] [দোহার্, -যার্] *বি* গায়কের সহকারী; যে মূল গায়কের সুরে ধুয়া ধরে (দোহারেরাও মিলে ও তালে দোরস্ত—*কাসি*)। **দোহারকি, দোহারি, দোয়ারকি, দোয়ারি** *বি* ১ দোহারের কাজ, বৃত্তি বা পেশা; মূল গায়েন কর্তৃক গীত গানের ধুয়ার পুনরাবৃত্তি। ২ মূল গায়কের সহকারিতা। { *স.* ধ্রুবকার/ দ্বিকার>}

দোহার[২], **দোয়ার**[২] [দোহার্] *বি* মাছ ধরার উপকরণবিশেষ (ভাটার বেলায় খাদুন দোহার গেছে তারা পেতে রাখি—*জসীম*)। { অজ্ঞা.}

দোহারা[১] [দোহারা] *বিণ* ১ দ্বিগুণ। ২ দুই ভাঁজবিশিষ্ট; যাতে দুই প্রস্থ বুনন আছে। ৩ স্থূল ও কৃশের মাঝামাঝি; পুষ্টাঙ্গ; সুঠাম (দোহারা চেহারা খাসা—*হেম*)। **একহারা** *বিণ*। { *স.* দ্বি>; *তুল. হি.* দোহারা}

দোহারা[২], **দুহারী** *বি* মন্দির; ঠাকুরবাড়ি। { *স.* দ্বার>}

দোহারি→দোহার[১]

দোহাল [দোহাল্] *বি, বিণ* ১ দোগ্ধা; যে গরু দোহন করে; দোহক। ২ যে দুধ দেয়; দুগ্ধদাতা; দোহন করা যায় এমন; দোহনযোগ্য (দোহাল গরুকে কলাই খাওয়ালে দুধ নাকি বেশী হয়—*বআমি*)। { *স.* দোহ+√লা+অ(অক)}

দৌড় [দোউড়্] *বি* ১ বেগে গমন; ধাবন; ছুট (দৌড় দেওয়া)। ২ প্রতিযোগিতামূলক ধাবন (ঘোড়দৌড়)। ৩ বেগে পলায়ন (দৌড় মারা)। ৪ সীমা; বিস্তার; প্রসার (স্মৃতিশাস্ত্রে তার বিদ্যার দৌড় কত—*ঈবি*)। ৫ *(ব্য.)* ক্ষমতা (মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত—*প্রবাদ*)। **দৌড়ঝাঁপ, দৌড়ধাপ** *বি* ১ ধাবন ও লম্ফ; দৌড় ও লাফ। ২ দাপাদাপি; উদ্দামভাবে সশব্দে চলাফেরা। ৩ ব্যস্ততার সঙ্গে ছুটাছুটি বা দৌড়াদৌড়ি (দৌড়ঝাঁপ করা)। { *স.* √দ্রু>}

দৌড়া [দোউড়া] *ক্রি* ছোটা; বেগে ধাবিত হওয়া; দ্রুত গমন করা। {দৌড়+আ}

দৌড়াদৌড়ি [দোউড়াদোউড়ি] *বি* ছুটাছুটি; ক্রমাগত ইতস্তত ধাবন বা দৌড়। {দৌড়+আ+দৌড়+ই}

দৌড়ানো, দৌড়নো [দোউরানো, -র-] *ক্রি* ১ ছোটা; বেগে ধাবিত হওয়া; দৌড় দেওয়া (চোরটার পেছনে দৌড়াও)। ২ দৌড় বা ছুটাছুটি করানো (ঘোড়াকে দৌড়াচ্ছে)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {দৌড়+আনো}

দৌড়ী [দৌউড়ি] *বি* রজ্জু; দড়ি (নহে বা বান্ধিআঁ রাখিবোঁ দৃঢ় দৌড়ী—*বচদা*)। { *তুল.* দড়ি}

দৌত্য [দৌউত্‌তো] *বি* ১ দূতের কাজ; দূতালি; প্রতিনিধিত্ব। ২ ঘটকালি (পরীদের দৌত্যে হানিফা সোনাভান পরিণয় এই কাব্যের মূল ঘটনা—*আনিস*)। { *স.* দূত+য(ষ্যঞ্‌)}

দৌবারিক [দোউবারিক্] *বি* দ্বারপাল; দ্বারী; দ্বারবান; দারোয়ান (ফেরে দ্বারে দৌবারিক—মদ)। **দৌবারিকী** *স্ত্রী.*। { *স.* দ্বার+ইক(ঠক্‌)}

দৌরাত্ম্য [দোউরাত্‌তোঁ] *বি* ১ নির্যাতন; উৎপীড়ন; নিষ্ঠুরতা; অত্যাচার (ভাইদের দৌরাত্ম্য সহ্য করা—*অঠা*)। ২ পাপাচরণ; দুরাচারমূলক কাজ; বদ স্বভাব। ৩ দুরন্তপনা; অশান্ত আচরণ; উপদ্রব। { *স.* দুরাত্মন্‌+য(ষ্যঞ্‌)}

দৌর্গত্য [দোউর্‌গত্‌তো] *বি* ১ দারিদ্র্য; দুরবস্থা। ২ লাঞ্ছনা। ৩ মালিন্য। { *স.* দুর্গতি+য(ষ্যঞ্‌)}

দৌর্গন্ধ্য [দোউর্‌গন্‌ধো] *বি* দুর্গন্ধের ভাব; দুর্গন্ধযুক্ততা। { *স.* দুর্গন্ধ+য(ষ্যঞ্‌)}

দৌর্জন্য [দোউর্‌জোন্‌নো] *বি* দুর্ব্যবহার; দুর্জনের আচরণ। *বিপ.* **সৌজন্য**। { *স.* দুর্জন+য(ষ্যঞ্‌)}

দৌর্বল্য [দোউর্‌বোল্‌লো] *বি* ১ দুর্বলতা; শক্তিহীনতা। ২ কোনো বিষয়ে অসংযম বা অতিরিক্ত আসক্তি; মোহ; অতি আকর্ষণ। { *স.* দুর্বল+য(ষ্যঞ্‌)}

দৌর্ভাগ্য [দোউর্‌ভাগ্‌গো] *বি* মন্দভাগ্য; দুরদৃষ্ট। *বিপ.*

সৌভাগ্য। { স. দুর্ভগ+য(ষ্যঞ) }

দৌর্মনস্য [দৌউরমনোশশো] *বি* ১ দুশ্চিন্তা; দুর্ভাবনা; চিত্তের দুঃখজনিত অবসাদ। ২ দুঃখ। { স. দুর্মনস্+য(ষ্যঞ) }

দৌলত, দৌলৎ [দৌউলত] *বি* ঐশ্বর্য; ধনরত্ন; সম্পদ (ধনদৌলত বাড়ে নাক—*রঠা*)। ২ দয়া; অনুগ্রহ; আনুকূল্য; সহায়তা; প্রভাব (তিনি নিজের বেতন বাড়িয়ে তোলেন ছাত্রের দৌলতে—*অঠা*; যার দৌলতে বেঁচে গেলাম—*অচিসে*)। ~**খানা** *বি* ১ ঐশ্বর্য বা ধনসম্পদপূর্ণ বাসভবন; ধনীর প্রাসাদ। ২ গৃহ; বাসস্থান (কোথায় দৌলৎখানা চলেছো কোথায় নৌজোয়ান— *ফআ*)। ~**দার,** ~**মন্দ** *বিণ* ঐশ্বর্যশালী; ধনী (সাবাস দৌলতমন্দ এত মাল থাকে যার সাথে—*সৈহা*)। ~**দারি** *বি* ঐশ্বর্যশালিতা। ~**শালা** *বি* রত্নাগার; ঐশ্বর্যভাণ্ডার (কত ভাতে তার যার দুনিয়ার সব দৌলতশালা—*সদ*)। { *আ.* দরলত دولة }

দৌহিত্র [দৌহিত্‌ত্রো] *বি* দুহিতা বা কন্যার পুত্র; নাতি। **দৌহিত্রী** *বি স্ত্রী.* কন্যার কন্যা; নাতনী। { স. দুহিত+অ(অঞ) }

দ্যা *(মবা.)* [দ্যা] *বি* দেবী (জননীক দ্যা এছে বলিআ—*ময়নামতীর গান*)। { স. দেবী }

দ্যাখতা⟹দেখতা

দ্যাখা⟹দেখা

দ্যাবাপৃথিবী [দ্যাবাপ্রিথিবি] *বি* আকাশ ও পৃথিবী; স্বর্গ ও ধরণী। { স. দিব>দ্যাবা+পৃথিবী; দ্বন্দ্ব }

দ্যু [দু] *বি* স্বর্গ; আকাশ। ~**চর** *বি* আকাশচর; স্বর্গচারী; উভচর পাখি। ~**লোক** *বি* স্বর্গলোক; স্বর্গ (গেয়ে ধেয়ে যাক দ্যুলোক ভূলোক—*রঠা*)। { স. দিব>(সমাসে পূর্বপদ হিসেবে) }

দ্যুতি [দুতি] *বি* প্রভা; দীপ্তি; কিরণ; শোভা; সৌন্দর্য। ~**তিমান** *বিণ* ১ জ্যোতির্ময়; দীপ্তিশালী। ২ শোভমান। { স. √দ্যুত্+ই(ইন্) }

দ্যুমণি *বি* সূর্য। { স. দ্যু+মণি; ৬তৎ }

দ্যুলোক⟹দ্যু

দ্যূত, দ্যূতক্রীড়া [দুতো, দুতোকক্রিড়া] *বি* ১ বাজি রেখে পাশা খেলা; অক্ষক্রীড়া (নয়ানন্দ . . . দ্যূতক্রীড়া সুরাপান প্রভৃতি ব্যসনে আসক্ত হইল—*ঈবি*)। ২ জুয়াখেলা; পণ বা বাজি রেখে খেলা (রাজপথ লইয়া দ্যূতক্রীড়া বসাইতে হইবে—*রঠা*)। । **দ্যূতকার, দ্যূতকর** *বি* ১ যে পাশা খেলে। ২ জুয়াড়ি। { স. √দিব্+ত(ক্ত) }

দ্যো [দো] *বি* স্বর্গ; আকাশ। { স. √দ্যুৎ+ও(ডো) }

দ্যোতক [দোতোক] *বিণ* ১ দ্যোতনা বা সূচনা করে এমন; সূচক; প্রকাশক; ব্যঞ্জক। ২ উদ্বোধক; দীপ্তিমান। **দোতন, দ্যোতনা** *বি* ব্যঞ্জনা; সূচনা; দীপ্তি প্রকাশ; ব্যঞ্জনা। **দ্যোতনি** *বি*। **দ্যোতিত** *বিণ* দীপ্ত; প্রকাশিত (প্রতীকের দ্বারা দ্যোতিত বানান উচ্চারণের বিভিন্নতা সৃষ্টি করে—*কাদী*)। **দোতমান** *বিণ* ভাস্বর; প্রকাশমান; দীপ্তিমান। **দ্যোতি** *বি* দীপ্তি; জ্যোতি; ব্যঞ্জনা। **দ্যোতিত** *বিণ* দীপ্ত; প্রকাশিত। { স. √দ্যুৎ+অ(ঘঞ)+অক(ণ্বুল্) }

দ্রগড় [দ্রগড়] *বি* দগড়; দামামা; ঢাক জাতীয় বাদ্য। { *ধ্বন্যা.* }

দ্রঢ়িমা [দ্রোঢ়িমা] *বি* দৃঢ়তা; কাঠিন্য। { স. দৃঢ়+ইমন(ইমনিচ্) }

দ্রঢ়িষ্ঠ [দ্রোঢ়িশঠো] *বিণ* অতিশয় দৃঢ় বা কঠিন। **দ্রঢ়িষ্ঠা** *স্ত্রী.*। { স. দৃঢ়+ইষ্ঠ(ইষ্ঠন্) }

দ্রঢ়ীয়ান [দ্রোঢ়িয়ান] *বিণ* দৃঢ়তর; কঠিনতর; অধিকতর শক্ত। **দ্রঢ়ীয়সী** (তিনি তাহার দ্রঢ়ীয়সী গুরুভক্তি দর্শনে প্রসন্ন ও প্রীতা হইলেন—*ঈবি*)। { স. দৃঢ়+ইয়স্(ঈয়সুন্) }

দ্রব [দ্রবো] *বিণ* তরল; জলের মতো এমন; গলিত। □*বি* ১ জল ইত্যাদি দ্বারা বিগলিত পদার্থ; তরল পদার্থ। **দ্রবণ, দ্রাব** *বি* গলন; ক্ষরণ; তরলীভবন; solution। ২ রসবিশেষ (কেশর যাবক কস্তূরী দ্রাবক আনিল বেণার জড়—*বচআ*)। **দ্রবণীয়, দ্রাব্য** *বিণ* গলানো যায় এমন। **দ্রবত্ব** *বি* তরলের ভাব; তরলতা; তারল্য। **দ্রবা** *ক্রি* তরল হওয়া; গলা। { স. √দ্রু+অ(অচ্) }

দ্রাবিড়⟹দ্রাবিড়

দ্রবিণ [দ্রোবিন] *বি* ১ স্বর্ণ। ২ ধন; সম্পদ। { স. √দ্রু+ইন(ইনন্) }

দ্রবীকরণ [দ্রোবিকরোন] *বি* ১ দ্রাবণ; কঠিন পদার্থকে তরলীকরণ; গলানো। **দ্রবীকৃত** *বি* গলানো হয়েছে এমন; তরলায়িত (দ্রবীকৃত চোখ—*অচিসে*)। { স. দ্রব+ঈ(চ্বি)+√কৃ+অন(ল্যুট্) }

দ্রবীভবন, দ্রবীভাব [দ্রোবিভবোন, –ভাব] *বি* তরল অবস্থা প্রাপ্তি; গলে যাওয়া অবস্থা। **দ্রবীভূত** *বিণ* গলে গিয়েছে বা তরল হয়েছে এমন। { স. দ্রব+ঈ(চ্বি)+ভবন, ভাব }

দ্রব্য [দ্রোব্‌বো] *বি* জিনিস; পদার্থ; বস্তু। ~**গুণ** *বি* ১ দ্রব্যের ধর্ম বা ক্রিয়া। ২ দেহের উপর দ্রব্যের ক্রিয়া বা প্রভাব। ৩ দ্রব্যের গুণ বিষয়ক বস্তু; আয়ুর্বেদীয় চিকিৎসা গ্রন্থ। ~**জাত** *বিণ* ১ দ্রব্যাদি থেকে উৎপন্ন। ২ দ্রব্যসমূহ। ~**সামগ্রী** *বি* জিনিসপত্র। { স. √দ্রু+য(যৎ) }

দ্রষ্টব্য [দ্রোশ্‌টোব্‌বো] *বিণ* ১ দর্শনযোগ্য; দর্শনীয়; চোখে দেখা যায় এমন (ছন্দ দ্রষ্টব্য সামগ্রী নয়, শ্রাব্য বস্তু—*সুদ*)। ২ দেখা বা জানা উচিত এমন; জ্ঞাতব্য; অধ্যয়নযোগ্য। ৩ বিবেচনার যোগ্য; বিবেচ্য। { স. √দৃশ্+তব্য }

দ্রষ্টা [দ্রোশটা] *বিণ* দর্শক; দর্শনকারী; দেখে এমন (দ্রষ্টার দৃশ্যের পরে তার দিব্য জ্যোতি—*সৈআ*)। ২ সাক্ষী। ৩ গভীর অন্তর্দৃষ্টি বা সত্য দৃষ্টিসম্পন্ন; বিচারক। { স. √দৃশ্+তৃ(তৃচ্) }

দ্রাক্ষা [দ্রাকখা] *বি* আঙুর ফল বা লতা (জমির তুরঞ্জ দ্রাক্ষা মহুয়া বাদাম—*সৈআ*)। **দ্রাক্ষারস** *বি* মদ। { স. দ্রাক্ষা }

দ্রাঘিমা [দ্রাঘিমা] *(ভূগো.)* *বি* ১ গ্রিনিচস্থিত মধ্যরেখা থেকে পৃথিবীর অন্য কোনো স্থানের মধ্যরেখার কৌণিক দূরত্ব; longitude; দেশান্তর। ২ দৈর্ঘ্য। **দ্রাঘিমান্তর** *বি* এক দ্রাঘিমা থেকে অন্য দ্রাঘিমার দূরত্ব; দুই স্থানের দ্রাঘিমার বিয়োগফল। **দ্রাঘীয়ান** *বিণ* দীর্ঘতর। { স. দীর্ঘ+ইমন(ইমনিচ্)+আ(১মা একব) }

দ্রাব [দ্রাবো]⟹দ্রব। **দ্রাবক** *বিণ* দ্রবকারক; গলায় এমন। □*বি* অম্ল, acid (গন্ধক দ্রাবক)। **দ্রাবণ** *বি* তরলায়িত পদার্থ; দ্রবীকরণ; গলানো পদার্থ (দ্রাবণজাত লতাপাতা আসল ডালপালাকে লজ্জা দেয়—*সুদ*)। **দ্রাবিত** *বিণ*

দ্রবীকৃত; গলানো হয়েছে এমন। {স. √দ্রু+অ(ঘঞ্)}

দ্রাবিড়, দ্রবিড় [দ্রাবিড়, দ্রো-] *বি* ১ প্রাচীন ভারতের জাতিবিশেষ; dravidian। ২ দক্ষিণ ভারতের অঞ্চলবিশেষ; আধুনিক মাদ্রাজ রাজ্য। ৩ ঐ অঞ্চলের অধিবাসী বা তাদের ভাষা। □*বিণ* ১ ঐ অঞ্চল বা জাতিসম্বন্ধীয়। ২ ঐ অঞ্চলে জাত। **দ্রাবিড়ি** *বি* দ্রাবিড় জাতির ভাষা; তামিল, তেলেগু, মালয়ালম প্রভৃতি। □*বি স্ত্রী.* দ্রাবিড় দেশের স্ত্রীলোক। **দ্রাবিড়ীয়** *বিণ* দ্রাবিড় সম্বন্ধীয় বা সম্পর্কিত। {স. দ্রবিড়+অ(অণ্)}

দ্রাব্য⇒দ্রব

দ্রিম দ্রিম [দ্রিম্‌দ্রিম্] *অব্য* অনুকার শব্দবিশেষ (দ্রিম দ্রিম রবে রণদামামা বাজিয়া উঠিল—*গোমো*)। {*ধ্বন্যা.*}

দ্রুত [দ্রুতো] *বিণ* ক্ষিপ্র; ত্বরান্বিত; সত্বর; তাড়াতাড়ি (দ্রুত হয়ে বসুন্ধর ধরে বসুন্ধরা—*ভারা*)। □*ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি; সত্বর (দ্রুত যাও)। ~**তা, দ্রুতি** *বি*। ~**গতি** *বি* শীঘ্র বা ক্ষিপ্র বেগে গমন। ~**গতিতে,** ~**বেগে** *ক্রিবিণ* শীঘ্র বা ক্ষিপ্রগতিতে। ~**গামী** *বিণ* শীঘ্র বা বেগে গমনকারী (দ্রুতগামী জাহাজ)। ~**চারী** *বিণ* দ্রুতগতিতে বিচরণকারী। ~**পদে** *ক্রিবিণ* সত্বর; তাড়াতাড়ি পা চালিয়ে; ক্ষিপ্রগতিতে। {স. √দ্রু+ত(ক্ত)}

দ্রুম *বি* ১ বৃক্ষ; গাছ। {স. √দ্রু+ম}

দ্রুহ [দ্রুহো] *বি* দ্রোহী; বিদ্রোহী। **দ্রুহ্য** *বিণ* দ্রোহকারী; ক্ষতিসাধনকারী। {স. √দ্রুহ্+ক্বিপ্}

দ্রোণ [দ্রোন্] *বি* ১ কুরুবংশের অস্ত্রগুরু দ্রোণাচার্য; ভরদ্বাজ মুনির পুত্র। ২ শস্য ইত্যাদি মাপার পাত্রবিশেষ। ৩ শস্যাদির পরিমাণ নির্দেশক শব্দ (চট্টগ্রামে ১৬ কানিতে এক দ্রোণ)। ৪ দাঁড়কাক। ৫ পুষ্পবিশেষ (আলোক লতার পাশে গন্ধ ঢালে দ্রোণ ফুল বাসকের গায়—*জীদা*)। {স. √দ্রু+ন}

দ্রোণি, দ্রোণী [দ্রোনি] *বি* ১ ডোঙ্গা; এক প্রকার ছোট নৌকা; ডিঙ্গি। ২ দুনি; জল-সেচনী (আকাশে জলের রয়েছে যে দ্রোণি—*সদ*)। ৩ কলস; মাটির তৈরি জলপাত্রবিশেষ। ৪ গরুর জাব খাবার গামলা। ৫ দুই পর্বতের মধ্যস্থ নিম্নভূমি। ~**দল** *বি* কেয়া ফুলের গাছ। {স. √দ্রু+নি, +ঈ(ঙীষ্)}

দ্রোহ [দ্রোহো] *বি* ১ শত্রুতা; অপকার; অপরের ক্ষতি সাধন বা তার চিন্তা (দেশদ্রোহ)। ২ অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ানো। **দ্রোহিতা** *বি* শত্রুতামূলক আচরণ বা কাজ; ক্ষতি বা ধ্বংসাত্মক কাজ। **দ্রোহী**(-হিন্) *বিণ* অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়ায় এমন; শত্রু; অনিষ্টকারী। (দেশদ্রোহ)। {স. √দ্রু+অ(ঘঞ্)}

দ্বন্দ্ব [দন্‌দো] *বি* ১ বিরোধ (দ্বন্দ্ব-কলহে উভয় পক্ষের ক্ষতি)। ২ কলহ; ঝগড়া; বিবাদ (কেহ কেহ বহুব্রীহি ও দ্বন্দ্ব লইয়া মহাদ্বন্দ্ব করিতেছেন—*প্যামি*)। ৩ যুদ্ধ; মল্লযুদ্ধ (দ্বন্দ্বে আহ্বান করা)। ৪ সমাসবিশেষ; সমপ্রাধান্যপূর্ণ উভয় পদের সমাস। ৫ পরস্পর বিরোধী দুই বিষয়। ৬ জোড়া; যুগল; মিথুন; স্ত্রী-পুরুষ। ~**যুদ্ধ** *বি* দুই ব্যক্তির মধ্যে লড়াই; duel; মল্লযুদ্ধ। ~ **সমাস** *বি* (*ব্যা.*) যে সমাসে প্রত্যেক পদের অর্থপ্রাধান্য থাকে।

দ্বন্দ্বাতীত *বিণ* সুখ-দুঃখাদি বোধের অতীত; সর্বাবস্থায় সহিষ্ণু এমন। **দ্বন্দ্বী** (-ন্দ্বিন্) *বিণ* ১ বিবাদকারী; বিবাদী; অন্যের বিরোধী বা শত্রু। {স. দ্বি+দ্বি, কর্মধা.; দ্বম্+দ্ব (নিপাতনে)}

দ্বয় [দয়] *সর্ব* দুই; দ্বিসংখ্যক; যুগল; মিথুন। {স. দ্বি+অয়(অয়চ্)}

দ্বাচত্বারিংশ [দাচত্‌তারিঙ্‌শো] *বি,বিণ* ৪২ সংখ্যা বা সংখ্যক। **দ্বাচত্বারিংশৎ** *বি* ৪২ সংখ্যা; বিয়াল্লিশ। □*বিণ* ৪২ সংখ্যক। **দ্বাচত্বারিংশত্তম** *বিণ* ৪২ সংখ্যার পূরক। {স. দ্বি+চত্বারিংশ}

দ্বাত্রিংশ [দাত্রিঙ্‌শো] *বি,বিণ* ৩২ সংখ্যা বা সংখ্যক। **দ্বাত্রিংশৎ** *বি* ৩২ সংখ্যা; বত্রিশ। □*বিণ* ৩২ সংখ্যক। **দ্বাত্রিংশত্তম** *বিণ* ৩২ সংখ্যার পূরক। {স. দ্বি+ত্রিংশ}

দ্বাদশ [দাদশ্] *বি* ১২ সংখ্যা; বারো। □*বিণ* ১২ সংখ্যক; ১২ সংখ্যার পূরক। **দ্বাদশী** *বি স্ত্রী.* একাদশীর পরবর্তী (শুক্লা দ্বাদশী)। □*বিণ স্ত্রী.* ১ দ্বাদশ বর্ষ বয়স্কা (দ্বাদশী কন্যা)। ২ দ্বাদশ স্থানে অবস্থিতা। {স. দ্বি+দশন্}

দ্বাপর [দাপর্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত যুগবিশেষ; চারটি যুগের তৃতীয়টি (দ্বাপর যুগের মৃত্যু ঠেলিয়া—*নই*; মানুষের ৮,৬৪,০০০ বছর পরিমাণ। {স. দ্বি+পর; সুপ্‌সুপা}

দ্বাবিংশ [দাবিঙ্‌শো] *বি,বিণ* ২২ সংখ্যা বা সংখ্যক। **দ্বাবিংশতি** *বি* ২২ সংখ্যা; বাইশ। □*বিণ* ২২ সংখ্যক। {স. দ্বি+বিংশ}

দ্বার [দার্] *বি* দরজা; দুয়ার; প্রবেশ ও নির্গমনের পথ। ~**গ্রামবাসী** *বিণ* নগরের দ্বারে বা উপকণ্ঠে বাস করে এমন। ~**দেশ,** ~**প্রান্ত** *বি* দরজার নিকটবর্তী স্থান; অতি নিকবর্তী স্থান। ২ (*আল.*) অতি নিকটবর্তী স্থান। ~**পণ্ডিত** *বি* সেকালে যে পণ্ডিতের কাছে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হলে শিক্ষার্থীরা শিক্ষালয়ে প্রবেশ করতে পারত। ~**পাল,** ~**বান,** ~**রক্ষক,** ~**রক্ষী, দ্বারী, দ্বারিক** *বি* দারোয়ান; দৌবারিক; দরজায় পাহারারত কর্মচারী (এমন সময়ে দ্বারপাল আসিয়া কহিল—*ঈবি*; মন্ত্রী হইতে দ্বারী মহাশয় সবে গম্ভীরমুখ—*রঠা*; আচম্বিতে দেখিলেন দ্বারিক দুর্জন—*রাম*)। ~**স্থ**—দরজায় উপনীত বা অবস্থিত। ২ (*আল.*) সাহায্য বা ভিক্ষাপ্রার্থী; শরণাগত (ভয়ে যত ভূপতি দ্বারস্থ)। **দ্বারে দ্বারে** *ক্রিবিণ* দুয়ারে দুয়ারে; ঘরে ঘরে (আমি দ্বারে দ্বারে যাব ভিক্ষা মাগি খাব—*রাসে*)। **দ্বারোদ্‌ঘাটন** *বি* দরজা খোলা। ২ প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক প্রারম্ভ (দুঃস্বপ্নের দ্বারোদ্‌ঘাটনের মত—*আকাআ*)। {স. √দ্বারি+অ(অচ্)}

দ্বারকা, দ্বারিকা, দ্বারাবতী, দ্বারবতী [দারোকা, দারিকা, দারাবোতি, দার্-] *বি* আরব সাগরের তীরে গুজরাটের কাথিওয়াড়ে অবস্থিত নগরবিশেষ; মহাভারতোক্ত শ্রীকৃষ্ণের আবাসস্থল। **দ্বারকানাথ, দ্বারিকানাথ, দ্বারকাপতি, দ্বারিকাপতি, দ্বারকেশ** *বি* কৃষ্ণ। {স. দ্বার+ক(কন্)+আ(টাপ্), স. দ্বার+বৎ (বতুপ্)+ঈ(ঙীপ্)}

দ্বারা [দারা] *অব্য* সাহায্যে; মারফতে; দিয়ে; কর্তৃক; যোগে। {স. দ্বার্+আ(ওয়া একব); অনুসর্গ}

দ্বারী (-রিন্) ⟹দ্বার। { *স.* দ্বার+ইন্(ইনি) }

দ্বাষষ্টি [দাশোশ্‌টি] *বি,বিণ* ৬২ সংখ্যা বা সংখ্যক; বাষট্টি। ~**তম** *বিণ* ৬২ সংখ্যক। { *স.* দ্বি+ষষ্টি }

দ্বাসপ্ততি [দাশপ্‌তোতি] *বি,বিণ* ৭২ সংখ্যা বা সংখ্যক; বাহাত্তর। ~**তম** *বিণ* ৭২ সংখ্যক। { *স.* দ্বি+সপ্ততি }

দ্বি [দি] *বি* ২ সংখ্যা; দুই। ❑ *বিণ* দুই সংখ্যক। **দ্বিকর্মক, দ্বিকর্মিকা** *বিণ (ব্যা.)* দুই কর্মপদবিশিষ্ট। **দ্বিখণ্ডিত** *বিণ* সমান বা অসমান দুই খণ্ডে বিভক্ত। **দ্বিগু** *বি (ব্যা.)* সংখ্যার সমাহার বোঝাতে ব্যবহৃত এক প্রকার সমাস। **দ্বিগুণ** *বিণ* ১ দুই দ্বারা গুণ করলে যে পরিমাণ হয়; দুইগুণ; ডবল; double। ২ অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত (দ্বিগুণ আগুন জ্বলে লো মনে— *মদ*)। **দ্বিগুণিত** *বিণ* দ্বিগুণ বা ডবল করা হয়েছে এমন। **দ্বিগুণীকৃত** *বিণ* দ্বিগুণ বা ডবল করা হয়েছে এমন। **দ্বিঘাত** *বি (গণিত.)* গণিতের একটি প্রণালি; quadratic। **দ্বিচারিণী** *বিণ* ১ *স্ত্রী.* দুই পুরুষের প্রতি আসক্তা। ২ ভ্রষ্টা; কুলটা; ব্যভিচারিণী। **দ্বিজ, দ্বিজন্মা** *বি* ১ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, ও বৈশ্য—যারা একবার মাতৃগর্ভ থেকে জন্মলাভ করে এবং পরে উপনয়নাদি সংস্কার দ্বারা নবজন্ম লাভ করে। ২ পাখি ইত্যাদি অণ্ডজ প্রাণী (বধিয়া অনেক দ্বিজ, সপ্তরিলে পাপবীজ—*কমু*)। ৩ ব্রাহ্মণ। **দ্বিজা** *স্ত্রী.*। **দ্বিজত্ব** *বি*। **দ্বিজপতি, দ্বিজরাজ** *বি* ১ চন্দ্র (খর্ব হয়ে ধরিবারে চাহ দ্বিজরাজ—*কমু*)। ২ গরুড়। **দ্বিজবর** *বি* শ্রেষ্ঠ ব্রাহ্মণ (হেন কালে দেখে এক বৃদ্ধ দ্বিজবর—*দৌখা*)। **দ্বিজিহ্ব** *বি* ১ দ্বিধাবিভক্ত জিহ্বাযুক্ত সর্প। ❑ *বিণ (আল.)* মিথ্যাবাদী; কপট; খল; পরস্পরবিরোধী কথা বলে এমন। **দ্বিজেন্দ্র, দ্বিজোত্তম** *বি* ১ ব্রাহ্মণশ্রেষ্ঠ। ২ চন্দ্র। ৩ গরুড়। **দ্বিতল** *বি, বিণ* দোতলা। **দ্বিতীয়** *বি* ১ ২ সংখ্যা; দুই। ২ দুইয়ের সমষ্টি। ❑ *বিণ* ১ দুই সংখ্যক বা দুইয়ের পূরক। ২ দ্বিবিধ। ৩ দুই অবয়বযুক্ত। ৪ যুগ্ম। **দ্বিতীয়ত** *অব্য, ক্রিবিণ* দ্বিতীয় বারে, দ্বিতীয় ক্ষেত্রে। **দ্বিতীয় পক্ষ** *বি স্ত্রী.* দ্বিতীয়বার বিবাহ করা স্ত্রী। **দ্বিতীয়া** *বিণ স্ত্রী.* চান্দ্রমাসের দুই তারিখ (দ্বিতীয়ার চন্দ্র যেন বাড়িল—*শেফ*)। ❑ *বি* তিথিবিশেষ। **দ্বিতীয়াশ্রম** *বি* গার্হস্থ্য আশ্রম; গার্হস্থ্য জীবন। **দ্বিত্ব** *বি* ১ দ্বিগুণত্ব। ২ পুনরুক্তি। ৩ দুইবার ব্যবহার বা প্রয়োগ; দুইবার সংঘটন। **দ্বিদল** *বিণ* দুইটি পাপড়ি বা পাতাযুক্ত (দ্বিদল পুষ্প)। **দ্বিধা** *ক্রিবিণ* দুই ভাগে; দুই উপায়ে বা রকমে বা রীতিতে (দ্বিধাবিভক্ত)। ❑ *বিণ* ১ দ্বিখণ্ডিত; দুই ভাগে বিভক্ত (ধরণী দ্বিধা হও)। ২ সংশয়; দোটানা; সন্দেহ; মনের ইতস্তত ভাব (প্রবেশ নন্দনবনে দ্বিধা ঘুচাইয়া মনে—*কমু*)। **দ্বিধাকরণ, দ্বিধাদ্বন্দ্ব** *বি* সঙ্কোচ ও সংশয় (নাহি বিন্দু দ্বিধাদ্বন্দ্ব—*রঠা*)। **দ্বিধান্বিত** *বিণ* সংশয়াকুল; সংকোচপূর্ণ (মিথ্যা আশায় সত্যের জোর কমে আসে; পরাজয়ের লক্ষণ দেখলে মন দ্বিধান্বিত হয়—*মোহোচৌ*)। **দ্বিধীকরণ** *বি* দুই ভাগে বিভক্তকরণ। **দ্বিনবতি** *বি* ৯২ সংখ্যা; বিরানব্বই। ❑ *বিণ* বিরানব্বই সংখ্যক। **দ্বিপ** *বি* হাতি। **দ্বিপঞ্চাশৎ** *বি* ৫২ সংখ্যা; বাহান্ন। ❑ *বিণ* বাহান্ন সংখ্যক। **দ্বিপদ** *বিণ* দুই পা বিশিষ্ট, দুপেয়ে। ❑ *বি* মানুষ পাখি ইত্যাদি—যে প্রাণী দুই পায়ে হাঁটে। **দ্বিপদী** *বি* দুই চরণবিশিষ্ট পদ্যের একটি ছন্দ। **দ্বিপাদ** *বিণ* দুই পা বিশিষ্ট; দুপেয়ে। ২ দুই পা পরিমিত। **দ্বিপৃষ্ঠ** *বিণ* ১ দুই পিঠবিশিষ্ট। ২ *(আল.)* দুই বিপরীতধর্মী আচরণবিশিষ্ট (প্রবক্তারা নিজেদের মধ্যে দ্বিপৃষ্ঠ পশুর হয়েছে তার দেখে—*সুদ*)। **দ্বিবচন** *বি (ব্যা.)* দ্বিত্ববাচক বিভক্তি; দুইজনকে বা দুইটিকে বোঝাতে ব্যবহৃত বচন। **দ্বিবার্ষিক** *বিণ* ১ দুই বৎসরে উৎপন্ন (দ্বিবার্ষিক শস্য)। ২ দুইবৎসর বয়স্ক। ৩ দুই বৎসরসম্বন্ধীয়; যা দুই বৎসরে ঘটে (দ্বিবার্ষিক রিপোর্ট)। **দ্বিবিধ** *বি* দুই প্রকার; দুই রীতি বা উপায়। **দ্বিভাব** *বিণ* ১ বাইরে এক ভাব এবং অন্তরে তার বিপরীত ভাবযুক্ত; কপট; ভণ্ড। ২ দুই ভাব। **দ্বিভাষী**(-ষিন্) *বি, বিণ* ১ দোভাষী; দুইটি ভাষায় অভিজ্ঞ। ২ দুইটি ভাষায় রচিত। **দ্বিভুজ** *বি, বিণ* ১ দুই হাতবিশিষ্ট। ২ দুই হাত। ৩ কোণ। **দ্বিমত** *বি* ভিন্নমত; মতানৈক্য; মতের অমিল (এ যে অতি সাধু উদ্দেশ্য সে বিষয়ে বোধহয় দ্বিমত নেই—*প্রচৌ*)। **দ্বিরদ** *বি* হাতি; যার দুটি দাঁত আছে (দুয়ারে দুয়ারী দ্বিরদ—*মদ*)। **দ্বিরদ-রদ** *বি* হাতির দাঁত; গজদন্ত; ivory (আর সকলেই দ্বিরদ-রদ নির্মিত পুরু গদিবিশিষ্ট কুর্সীতে সমাসীন—*ইহো*)। **দ্বিরাগমন** *বি* বিবাহের পর নববধূর দ্বিতীয়বার স্বামীর গৃহে গমনরূপ হিন্দু সংস্কার। **দ্বিরুক্ত** *বিণ* দুই বার কথিত; দুই বার লিখিত বা উল্লিখিত হয়েছে এমন। ❑ *বি* আপত্তি; অমত। **দ্বিরুক্তি** *বি* ১ দ্বিতীয়বার উক্তি; দ্বিতীয় দফায় বা দুইবার উল্লেখ। ২ আপত্তি জ্ঞাপন। **দ্বিরেফ** *বি* ভ্রমর; ভোমরা; যার মাথার উপরে রেফের মতো দুইটি শুঁড় আছে; 'ভ্রমর' শব্দে দুইটি 'র' থাকায় ইহা দ্বিরেফ (শাখায় দ্বিরেফ গুঞ্জন সম বিশ্ব ঘোরার প্রণব নিনাদ—*নই*)। **দ্বিশত** *বি, বিণ* ১ দুইশত সংখ্যা বা সংখ্যক। { *স.* দ্বি; *তুল. গ্রি.* duo; *তুল. ই.* two }

দ্বিষৎ, দ্বিষত [দিশত্] *বিণ* ১ দ্বেষকারী; বিদ্বেষী। ২ শত্রু; অরি; অমিত্র; বৈরী (দ্বিষৎ শোণিত-স্রোতে—*ইহো*; দ্বিষত-শোণিত-নদে—*মদ*)। { *স.* √দ্বিষ্+অৎ(শতৃ) }

দ্বিষ্ট [দিশ্‌টো] *বিণ* শত্রুভাবাপন্ন; যার প্রতি দ্বেষ করা হয়েছে; হিংসিত। { *স.* দ্বিষ্+ত(ক্ত) }

দ্বিসপ্ততি [দিশপ্‌তোতি] *বি* ৭২ সংখ্যা; বাহাত্তর। ❑ *বিণ* বাহাত্তর সংখ্যক। { *স.* দ্বি+সপ্ততি }

দ্বীন ⟹ দিন[2]

দ্বীপ [দিপ্] *বি* চারদিকে পানি বেষ্টিত ভূভাগ। **দ্বীপান্তর** *বি* ১ দূরস্থ দ্বীপে নির্বাসন। ২ অন্য দ্বীপ। **দ্বীপান্তরিত** *বিণ* অন্য দ্বীপে বা দূরবর্তী দ্বীপে নির্বাসিত। { *স.* দ্বি+অপ্+অ(সমাসান্ত); *বহু* }

দ্বীপী [দিপি] (-পিন্) *বি* ১ বাঘ; চিতাবাঘ (দ্বীপিযুগ মধ্য অন্তে যে পারব তাজ নিতে—*সৈআ*)। ২ সমুদ্র। ❑ *বিণ* দ্বীপবাসী। { *স.* দ্বীপ+ইন্(ইনি) }

দ্বেষ [দেশ্] *বি* ১ ঈর্ষা; হিংসা; পরশ্রীকাতরতা। ২ বিরাগ। ৩ শত্রুতা; বৈরীভাব। **দ্বেষণ** *বি* ১ ঈর্ষাকরণ; হিংসাকরণ। ২ শত্রুতাচরণ। **দ্বেষী** (-ষিন্), **দ্বেষ্টা** *বিণ* ১ দ্বেষকারী; হিংসুক। ২ শত্রু; বিরোধী। **দ্বেষিণী** *স্ত্রী.*। **দ্বেষ্য** *বিণ* দ্বেষের বা হিংসার পাত্র; যার সঙ্গে শত্রুতা করা উচিত। { *স.* √দ্বিষ্+অ(ঘঞ্) }

দ্বৈত [দোইতো] *বি* দ্বিত্ব; দুই প্রকারের ভাব; দ্বিবিধত্ব। ২ দুইয়ের সত্তা; যুগ্মভাব। ৩ বনবিশেষ। **দ্বৈতবাদ** *বি* দার্শনিক মত যাতে জীবাত্মা ও পরমাত্মা—সৃষ্টি ও স্রষ্টা

ভিন্ন। দৈতবাদী (-দিন), দ্বৈতী (-তিন্) *বিণ* দ্বৈতবাদে বিশ্বাসী। **দ্বৈতশাসন** *বি* একরাষ্ট্রে বা দেশে দুইজন শাসনকর্তার বা দ্বিবিধ কর্তৃপক্ষের একই সঙ্গে শাসন; diarchy। **দ্বৈতদ্বৈত** *বি* জীবাত্মা ও পরমাত্মার ভেদাভেদ বা পার্থক্য ও একত্ব। {*স.* দ্বি+ইত=দ্বীত+অ(অণ্)}

দ্বৈধ *বি* ১ অনৈক্য; বিরোধ; মতপার্থক্য (আমি মানতে বাধ্য যে সংসারের বৈধ অনস্বীকার্য—*সুদ*)। ২ দ্বিবিধ ভাব। ৩ সন্দেহ; সংশয়; দ্বিধা। **দ্বৈধীভাব** *বি* পেটে ও মুখে ভিন্নতা; মনোভাব গোপন রেখে অন্যরূপ ভাব প্রকাশ। {*স.* দ্বিধা+অ(অণ্)}

দ্বৈপ [দোইপো] *বিণ* ১ দ্বীপসংক্রান্ত। ২ চিতা বাঘ সম্বন্ধীয়। **দ্বৈপায়ন** *বিণ* ১ দ্বীপে জাত বা উৎপন্ন। ২ মহাভারতের রচয়িতা ব্যাসদেব। **দ্বৈপ্য** *বিণ* দ্বীপসম্বন্ধীয়। {*স.* দ্বীপ+অ(অণ্)}

দ্বৈবার্ষিক [দোইবারশিক্] *বিণ* ১ দুই বৎসর পরে ঘটে এমন। ২ দুই বৎসরব্যাপী; দুই বৎসর স্থায়ী। {*স.* দ্বিবর্ষ+ইক (ঠঞ্); *বহু*}

দ্বৈবিধ্য [দোইবিদ্ধো] *বি* দ্বিবিধতা; দ্বিবিধত্ব; দুইপ্রকারের ভাব। {*স.* দ্বিবিধ+য(ষ্যঞ্)}

দ্বৈভাষিকী [দোইভাশিকি] *বিণ* দুই ভাষার সংমিশ্রণে গঠিত (দ্বৈভাষিকী কথা কহিয়া এবং তামাক সেবন করিয়া ভারতবর্ষের পুনরুদ্ধার করিব—*বচ*)। {*স.* দ্বি+ভাষা+ইক (ঠঞ্)+ইন্(হিনি); *বহু*}

দ্বৈমাতৃক [দোইমাত্‌তৃক্] *বিণ* নদী ও বৃষ্টির জন্য পর্যাপ্ত শস্য জন্মে এমন (দ্বৈমাতৃক দেশ)। {*স.* দ্বিমাতৃক+অ(অণ্); *বহু*}

দ্বৈরথ [দোইরথ্] *বি* ১ দুই রথীর যুদ্ধ। ☐ *বিণ* দুই রথী যুধ্যমান এমন (দ্বৈরথ সমর)। {*স.* দ্বিরথ+অ(অণ্)}

দ্বৈরাজ্য [দোইরাজ্‌জো] *বি* দুই স্বতন্ত্র শাসকের দ্বারা শাসিত দেশ; যে রাজ্যে দ্বৈত শাসন বিদ্যমান; diarchy। {*স.* দ্বিরাজ্য+অ(অণ্)}

দ্বৌযাম [দোউজাম্] *বি* দ্বিতীয় প্রহর (দ্বৌযাম রজনী মধ্যে মাসের অন্ধভাব—*কমু*)। {*স.* দ্বি+ঔ(১মা দ্বিবচন)+যাম}

দ্ব্যক্ষর *বিণ* দুই অক্ষরবিশিষ্ট। ☐ *বি* দুই বর্ণবিশিষ্ট মন্ত্রবিশেষ। {*স.* দ্বি+অক্ষর; *বহু*}

দ্ব্যঙ্গুল [দোঙ্‌গুল্] *বি* দুই আঙুল পরিমিত। {*স.* দ্বি+অঙ্গুল}

দ্ব্যণুক [দোনুক্] *বি* দুই অণুসহযোগে গঠিত। {*স.* দ্বি+অণু+ক(কপ্); *বহু*}

দ্ব্যর্থ [দ্যারথো] *বিণ* ১ দুই রকমের অর্থ। ২ দুই রকমের অর্থবিশিষ্ট। **দ্ব্যর্থক, দ্ব্যার্থবোধক** *বিণ* দুই রকমের অর্থ হয় এমন। {*স.* দ্বি+অর্থ}

দ্ব্যশীতি [দ্যাশিতি] *বি* ৮২ সংখ্যা; বিরাশি। ☐ *বিণ* বিরাশি সংখ্যক। **দ্ব্যশীতিতম** *বিণ* বিরাশি সংখ্যার পূরক। {*স.* দ্বি+অশীতি}

দ্ব্যহ [দ্যাহো] *বি* দুই দিন। **দ্ব্যাহিক** *বিণ* ১ দুই দিনব্যাপী। ২ দুই দিন অন্তর অন্তর ঘটে এমন; সবিরাম (দ্ব্যাহিক জ্বর)। {*স.* দ্বি+অহ; *দ্বিগু*}

দ্ব্যাত্মবাদী [দ্যাত্‌তোঁবাদি] (-দিন্) *বিণ* দ্বৈতবাদী। {*স.* দ্বি+আত্মবাদী; *বহু*}

দ্ব্যাহিক -১ দ্ব্যহ

ধ

ধ [ধ] বাংলা ব্যঞ্জন বর্ণমালার ঊনবিংশ বর্ণ এবং ত বর্গের চতুর্থ বর্ণ। এটি ঘোষ (voiced), মহাপ্রাণ (aspirated), দন্ত্য (dental) ও স্পৃষ্ট (plosive) ধ্বনি।

ধক[১] [ধক্] *অব্য* ১ হঠাৎ আগুন জ্বলে ওঠার শব্দ (বাতি ধক করে জ্বলে ওঠে)। ২ হঠাৎ হৃৎপিণ্ডের প্রবল স্পন্দনের শব্দ। {*ধ্বন্যা.*}

ধক[২] [ধক্] *বি* প্রচণ্ডতা; শক্তি; তেজ (কথার ধক)। {*ধ্বন্যা.*}

ধক ধক [ধক্‌ধক্] *অব্য* ১ সতেজে আগুন জ্বলার ও তার প্রখর দীপ্তিজ্ঞাপক শব্দ (ধক ধক প্রজ্বলিত অঙ্গার-শয্যায় শায়িত—*আখা*)। ২ হৃৎপিণ্ডের ক্রমাগত প্রবল স্পন্দনজ্ঞাপক শব্দ (বুক ধক ধক করা)। **ধকধকানি** *বি* ১ প্রবল স্পন্দন; শোক; দুঃখানুভব। ২ প্রবলভাবে আগুন জ্বলার ভাবসূচক শব্দ। **ধকধকানো** *ক্রি* ধক ধক করা। {*ধ্বন্যা.*}

ধকল [ধকোল্] *বি* ১ ধাক্কা; আঘাত; চোট (অসমান রাস্তায় গাড়ীতে চলতে ধকল লাগে; বর্ষাকালে ধকল সইতে পারে না—*শাহ*)। ২ কর্মভারজনিত শ্রম; কাজের চাপ; খাটুনি (রোগা শরীরে কত ধকল সয়?)। ৩ হাঙ্গামা; উৎপাত; উপদ্রব; উৎপীড়ন (ছেলে মেয়েদের ধকল; সারাদিনই ধকল সইতে হয়)। ৪ বহু বার প্রয়োগ বা ব্যবহারজনিত ক্ষয়। **ধকল সওয়া** *ক্রি* অত্যাচার সহ্য করা; ধাক্কা সওয়া। {*স.* ধক্ক>ধাক্কা>ধক+ল}

ধঞ্চে, ধইঞ্চা [ধোন্‌চে, ধোইন্‌চা] *বি* পাটগাছের মতো ছোট গাছ; যার কাণ্ড জ্বালানিরূপে ও পাতা পচিয়ে সবুজ সাররূপে ব্যবহৃত হয়। {*স.* বৈজয়ন্তিকা>?}

ধট [ধট্] *বি* ১ তুলাদণ্ড; নিক্তি। ২ ধড়া; কটিবসন। **ধটধারী, ধটী**[১] *বিণ* তুলাদণ্ডধারী। {*স.* √ধণ্+অ(অচ্)}

ধটি, ধটী[২]**, ধটিকা** [ধোটি, -, -কা] *বি* ১ কৌপীন (তোমার কটিতটের ধটি কে দিল রাঙিয়া—*রঠা*)। ২ ছিন্ন বস্ত্রখণ্ড; নেকড়া। ৩ ধড়া; কটিবসন; ধুতি (পীত ধটিখানি হেরিব না আর যবে—*মোম*)। ৪ পাঁচ সের পরিমাণ। {*স.* ধট+ইন(হিনি)=ধটী}

ধড়, ধর (*মবা.*) [ধড়্, -র্] *বি* ১ দেহ; সমস্ত শরীর (চীনের পুতুলের ধড় আছে কিন্তু মুণ্ডু নেই—*প্রচৌ*; ইউসুফ এবার ধরে প্রাণ রাখবে না—*ফক*; তেমন চেষ্টা করলে তার ধড়ে মস্তক থাকবে না—*আজাশা*)। ২ মস্তকহীন দেহ (ধড়ে প্রাণ নাই)। ৩ কাঁধ থেকে কোমর পর্যন্ত অংশ (তাহার ধড়টা লম্বা)। **ধড়ে প্রাণ আসা** *ক্রি* বিপদ থেকে উদ্ধার পেয়ে সুস্থির হওয়া (বিপদের সময়ে তাকে পেয়ে আমাদের ধড়ে প্রাণ এলো)। **আগধড়** *বি* কাঁধ থেকে কটি পর্যন্ত অংশ। **পাচধড়** *বি* কটি থেকে নিম্নাংশ। {*স.* ঘট (সর্বঘটে বিদ্যমান)>}

ধড়ফড়, ধড়পড় [ধড়্‌ফড়্, -প-] *অব্য* ১ অস্থিরতা প্রকাশ; অতিরিক্ত ছটফট। ২ হৃৎপিণ্ডের স্পন্দন।

ধড়ফড়ানি *বি* ১ ছটফটানি। ২ অস্থির; অস্থিরতা; ব্যাকুলতা (বুকের ধড়ফড়ানি)। ৩ হাঁপানি। **ধড়ফড়ে, ধড়ফড়িয়া** *বিণ*১ ছটফটে। ২ অধীর; ব্যস্তসমস্ত (ধড়ফড়ে লোকের কাজ ভালো হয় না)। **ধড়ফড়ে কাজ** *বি* যে কাজ তাড়াহুড়া করে করা হয়। **ধড়ফড়ে ব্যথা** *বি* যে তীব্র ব্যথায় প্রসূতি ধড়ফড় করে ও অল্প সময়ের মধ্যে সন্তান ভূমিষ্ট হয়; যে ব্যথা অবিলম্বে সন্তান প্রসব করায়। **বুক ~ করা** *ক্রি* ১ দুর্বলতা অথবা ভয়ে হৃৎপিণ্ড জোরে স্পন্দিত হওয়া। ২ হৃৎপিণ্ডের স্পন্দনরূপ ব্যাধি; palpitation of the heart। **মন বা প্রাণ ~ করা** *ক্রি* চিত্ত ব্যাকুল হওয়া। { *ধ্বন্যা.* }

ধড়মড় [ধড়্‌মড়্] *অব্য* কোনো আকস্মিক ঘটনাতে ব্যস্ততার ভাব; অত্যন্ত উৎকণ্ঠা ও ব্যস্ততাজ্ঞাপক ভাব (ধড়মড় করে ওঠা)। **ধড়মড়ানি** *বি*। **ধড়মড়ানো** *ক্রি*। **ধড়মড়ে** *বিণ*। { *ধ্বন্যা.* }

ধড়া [ধড়া] *বি* ১ কটিবসন; মাল কোঁচা দিয়ে পরা কাপড় (হাতে খড়্গ শোভে নেত ধরা পরিধান—*দৌবাখা*)। ২ চীরবস্ত্র; কৌপীন; নেকড়া; ধুতি। **~চূড়া, ~চুড়ো** *বি* ১ সঙ্গে ধুতি ও মুকুট; সাজ পোশাক। ২ *(ব্য.)* বিজাতীয় পোশাক অথবা অফিস-আদালতের বিশেষ ধরনের সাজ-পোশাক (এখন আবার ধড়াচূড়ো পরে বেরুতে হবে—*নই*)। **পীত~** *বি* হলুদ বর্ণ রঞ্জিত কৃষ্ণের পরিচ্ছদ (আহা মরি পীতধড়া যেন—*মদ*)। { *স.* ধট/ধটিকা> }

ধড়াস [ধড়াশ্] *অব্য* ১ জিনিস পড়ার শব্দ। ২ হৃৎস্পন্দনের শব্দ। **~ ~** *অব্য* ক্রমাগত বেগে হৃৎস্পন্দনের শব্দ; প্রবল ধড়ফড়। { *ধ্বন্যা.* }

ধড়ি, ধড়ী [ধোড়ি] *(অপ্র.)* *বি* ১ ধড়া; ধুতি। ২ বসন (নেত ধড়ী পরিধানে—*বচদা*)। { *স.* ধটী> }

ধড়িবাজ [ধোড়িবাজ] *বিণ*১ ধূর্ত, শঠ; ফন্দিবাজ; প্রতারক (যে যত ভণ্ড ধড়িবাজ আজ সেই তত বলবান—*নই*)। ২ অতি চতুর; দক্ষ; কূটকৌশলী (কী ধড়িবাজ ছেলে? মামলা মকদ্দমায় বড় ধড়িবাজ—*প্যামি*)। **ধড়িবাজি** *বি* ধড়িবাজের ন্যায় ব্যবহার; ধূর্তামি। { *স.* ধূর্ত>ধড়ি }

ধন [ধন্] *বি*১ টাকাকড়ি; অর্থ। ২ স্থাবর-অস্থাবর সম্পত্তি। ৩ সম্পদ; সোনা-রুপা-মণি-মাণিক্যাদি; wealth। ৪ স্নেহ-সম্বোধন (বাপধন, বাছাধন)। ৫ সম্বল (কাঙালের ধন)। ৬ *(জ্যোবি)* ধনিষ্ঠা নক্ষত্র। ৭ *(গণিত.)* যোগচিহ্ন (+), plus। **~কষ্ট** *বি* টাকা-পয়সার অভাবজনিত কষ্ট। **~কাম, ~গৃধ্ন** *বিণ* অর্থলোভী। **~কুবের** *বি* ১ হিন্দু পুরাণোক্ত ধনদেবতা কুবেরের ন্যায় ধনী ব্যক্তি। ২ অত্যন্ত ধনবান; অপরিমিত অর্থশালী। **~ক্ষয়** *বি* অর্থ-ব্যয়; ধননাশ; অপচয়। **~গর্ব** *বি* ঐশ্বর্যের অহঙ্কার; টাকা-পয়সা অধিক হওয়ার জন্য গর্ব। **~গর্বী, ~গর্বিত** *বিণ* ধনের অহঙ্কারী। **~গর্বিতা** *স্ত্রী.*। **~গৌরব** *বি* ১ ধনগর্ব। ২ ধনের মহিমা। **~ঘড়া** *বি* ধনপূর্ণ কলস (বড় আশার ধন-ঘড়া তোর যায় তলিয়ে ঘাটের কাছে এসে—*সদ*)। **~জন** *বি* অর্থবল ও লোকবল। **~ঞ্জয়** *বি* ১ ধন জয়কারী। ২ মহাভারতোক্ত; তৃতীয় পাণ্ডব অর্জুন। ৩ পক্ষীবিশেষ। ৪ অর্জুন বৃক্ষ। ৫ বায়ুবিশেষ। ৬ অগ্নি। **~ঞ্জয়ের পালা** *বি* ১ বিলক্ষণ প্রহারের পালা। ২ প্রহারের দ্বারা তাড়ানোর পালা। **~তন্ত্র** *বি* ধনিক শ্রেণির শাসন। **~তৃষা, ~তৃষ্ণা** *বি* অর্থলোভের প্রবল আকাঙ্ক্ষা; ধনের পিপাসা। **ধনদ** *বি* ১ হিন্দুমতে ধনের দেবতা কুবের; mammon (ধনদের হৈমাগারে রত্ন রাজী যথা—*মদ*)। ২ ধনদাতা। ৩ ধন উৎপাদনকারী। ৪ হিজল গাছ। **ধনদা** *বিণ স্ত্রী.* ধনদান করে যে এমন (নারী)। ☐ *বি স্ত্রী.* হিন্দুমতে ধনের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী। **~দণ্ড** *বি* অর্থ দণ্ড; জরিমানা। **~দর্প** *বি* অর্থের অহংকার; টাকার দেমাক। **~দাতা(-তৃ), ~দায়ক** *বিণ* ধনদানকারী। **~দাত্রী, ~দায়িকা** *স্ত্রী.*। **~দায়ী (-য়িন)** *বিণ* ধনদাতা। **~দায়িনী** *স্ত্রী.*। **~দাস** *বি* ১ ধন যার উপাস্য; ধনলাভের জন্য যে সকল প্রকার হীনতা স্বীকার করে। ২ অতিশয় কৃপণ; অত্যন্ত অর্থলোভী ব্যক্তি। **~দাসী** *স্ত্রী.*। **~দেব, ~দেবতা** *বি* হিন্দু পুরাণ অনুযায়ী ধনের দেবতা কুবের; mammon। **~দেবী** *স্ত্রী.*। **~দৌলত, ~সম্পদ, ~সম্পত্তি** *বি* অর্থ ও সম্পত্তি; ঐশ্বর্য। **~ধান্য** *বি* টাকা-পয়সা ও শস্যের প্রাচুর্য বা আধিক্য। **~নাশ** *বি* অর্থের অপব্যয়; টাকা-পয়সার ক্ষতি। **~নিয়োগ, ~প্রয়োগ** *বি* ১ অর্থের প্রয়োগ; ধন ব্যবহার। ২ ব্যবসা-বাণিজ্যে টাকা-পয়সা লাগানো বা খাটানো; investment। **~পতি** *বি*১ বহু ধনের মালিক; ধনী ব্যক্তি। ২ চণ্ডীমঙ্গল কাব্যের জনৈক সওদাগর। **~পাল** *বি* ১ ধনের জিম্মাদার। ২ তহবিলদার। **~পিপাসা** *বি* ধন লাভের জন্য প্রবল আকাঙ্ক্ষা; ধনতৃষ্ণা। **~পিশাচ** *বিণ* অত্যন্ত ধনলোভী ও কৃপণ; অতিশয় ব্যয়কুণ্ঠ। **~প্রাণ** *বি* সম্পত্তি ও জীবন (ধনপ্রাণ বিপন্ন)। **~বত্তা** *বি* ধনশালিতা; বৈভবশালিতা। **~বান** *বিণ* ধনী; ধনশালী। **~বতী** *স্ত্রী.*। **~বিজ্ঞান, ~বিদ্যা** *বি* অর্থের ব্যুৎপত্তি ও প্রসার-বিষয়ক বিদ্যা; জাতীয় ধনের উৎপাদন ও ব্যবহারবিষয়ক শাস্ত্র; অর্থনীতি; economics। **~বিজ্ঞানী, ~বৈজ্ঞানিক** *বি* ধনবিজ্ঞানশাস্ত্রে অভিজ্ঞ; ধনবিজ্ঞানবিদ; অর্থনীতিবিদ। **~বিনিয়োগ** *বি* ব্যবসা-বাণিজ্যে মূলধনরূপে টাকা খাটানো। **~বিভাগ** *বি* ১ ধনের বণ্টন বা বাটোয়ারা। ২ উত্তরাধিকারীদের মধ্যে সম্পত্তি বণ্টন। **~বৃদ্ধি** *বি* আয় বৃদ্ধি, সম্পত্তি বৃদ্ধি। **~ভাণ্ডার** *বি* ১ ধন রাখবার স্থান; ধনাগার; কোষাগার; treasury। ২ তহবিল; fund। **~মদ** *বি* প্রচুর টাকা-পয়সা থাকার জন্য অহংকার; টাকার গর্ব। **~মান** *বি* ধন-সম্পদ ও সম্মান। **~লালসা, ~লিপ্সা** *বি* ধনের জন্য লোভ; অর্থতৃষ্ণা। **~লুব্ধ** *বিণ* ধন-লোভে অন্ধ; ধনমুগ্ধ। **~শালী** *বিণ* ধন আছে এমন; ধনাঢ্য; ধনে ঋদ্ধ; বহুধনের মালিক; বড় ধনী। **~শালিনী** *স্ত্রী.*। **~শালিতা** *বি*। **~শ্রী** *(সং)* *বি* সঙ্গীতের একটি রাগিণী; ধানশী। **~সম্পত্তি, ~সম্পদ** *বি* টাকা-পয়সা ও ভূ-সম্পত্তি; ধন-দৌলত। **~স্থান** *বি* *(জ্যোশা)* লগ্ন থেকে দ্বিতীয় স্থান। **~হর, ~হারী** *বি* চোর। **~হরি** *বি* গন্ধদ্রব্যবিশেষ। **~হানি** *বি* অর্থনাশ। **~হীন** *বিণ* দরিদ্র; নির্ধন। **~হীনা** *স্ত্রী.*। **ধনাকাঙ্ক্ষা** *বি* ধনলাভের বাসনা; ধনস্পৃহা; অর্থাভিলাষ। **ধনাগম** *বি* অর্থাগম; আয়; উপার্জন; income। **ধনাগার** *বি* ধনভাণ্ডার; কোষাগার; treasury। **ধনাঢ্য** *বিণ* ধনশালী; বহুধনবিশিষ্ট; ধনী; বড়লোক। **ধনাঢ্যা** *স্ত্রী.*। **ধনাত্মক** *বিণ* ১

বিদ্যমানতাজ্ঞাপক; সত্তাত্মক; positive। ২ (গণিত.) যোগ চিহ্ন; যুক্ত রাশি; '+'—এই চিহ্ন দ্বারা ধনাত্মক এবং '–' চিহ্ন দ্বারা ঋণাত্মক ভাব জ্ঞাপন করা হয়। **ধনাত্মিকা** *স্ত্রী.*। **ধনাধার** *বি* সিন্দুক; ধন রাখবার পাত্র; treasure-chest। **ধনাধিকার** *বি* ১ ধনপ্রাপ্তি; ধনের মালিকানা। ২ উত্তরাধিকার সূত্রে অর্থলাভের স্বত্ব; দায়াধিকার। **ধনাধিকার** *বিণ*। **ধনাধিকারিণী** *স্ত্রী.*। **ধনাধিকৃত** *বিণ* ধন রক্ষার ভারপ্রাপ্ত। □*বি* ধনাধ্যক্ষ; treasurer। **ধনাধিকৃতা** *স্ত্রী.*। **ধনাধিপ, ধনাধিপতি, ধনাধ্যক্ষ** *বি* হিন্দুপুরাণ মতে কুবের; ধনের অধিপতি। ২ ধনবান ব্যক্তি। **ধনাধিপা** *স্ত্রী.*। **ধনাধ্যক্ষ** *বি* ১ হিন্দুদেবতা কুবের। ২ কোষাধ্যক্ষ; ধন-ভাণ্ডারের ভারপ্রাপ্ত কর্মচারী; treasurer। ৩ তহবিলদার; খাজাঞ্চি; cashier। **ধনাপহারী** (-রিন্) *বিণ* চোর। **ধনাপহারিণী** *স্ত্রী.*। **ধনার্চিত** *বি,বিণ* ধন আছে বলে লোকে যাকে সম্মান করে; ধনী হিসেবে আদৃত; ধনাঢ্য। **ধনার্চিতা** *স্ত্রী.*। **ধনার্জন** *বি* অর্থোপার্জন; রোজগার। **ধনার্জিত** *বিণ* ধনের দ্বারা প্রাপ্ত; অর্থলব্ধ। **ধনার্থী** (-র্থিন্) *বিণ* ধনের ভিক্ষুক; অর্থাভিলাষী; ধনাকাঙ্ক্ষী। **ধনার্থিনী** *স্ত্রী.*। **ধনেপ্রাণে মজা, ধনে প্রাণে মরা** *ক্রি* অর্থ ও জীবন দুই-ই নষ্ট হওয়া। **ধনেশ্বর** *বি* ১ হিন্দুমতে কুবের। □*বিণ* ধন-স্বামী; ধনের অধিকারী। **ধনৈষী** (-ষিন্) *বিণ* ধনকামী; মহাজন। {*স.* √ধন+ অ(অচ)}

ধনি [ধোনি] (*মবা.*) *বি* ১ বালিকা; রমণী (তুমি হেন ধনি মাত্র না পাইমু এক—*দৌবা*)। ২ যুবতী; সুন্দরী নারী (হে ধনি মানিনি—*বিপ*)। □*বিণ* ধন্য; প্রশংসনীয়; সাবাস (ধনি ধনি রমণি জনম ধনি তোর—*বিপ*)। {*স.* ধনিকা> *প্রা.* ধনিআ>}

ধনিক [ধোনিক্] *বি,বিণ* ১ ধনী; বিত্তশালী; ধনাঢ্য। ২ মহাজন; ঋণদাতা। ৩ পুঁজিপতি; যার অর্থে ব্যবসা-বাণিজ্য চলে; মূলধনদাতা; capitalist। **শ্রমিক** *বিপ.*। **ধনিকা** *স্ত্রী.*। **~তন্ত্র** *বি* ধনিকদের দ্বারা পরিচালিত শাসনতন্ত্র; capitalism। **ধনিকা** *বি স্ত্রী.* ধনিকের স্ত্রী। ২ সাধ্বী স্ত্রী। □*বিণ* সুন্দরী; যুবতী (হে ধনিকা, চলে যাও লীলায়িত গতি ভঙ্গিমায়—*সৈমুআ*)। {*স.* ধন+ইক(ঠন্)}

ধনিচা, ধঞ্চে, ধইঞ্চা [ধোনিচা, ধোন্‌চে, ধোইন্‌চা] *বি* শাখাবিশিষ্ট ছোট গাছবিশেষ। এর কাণ্ড জ্বালানিরূপে এবং এর পাতা পচিয়ে জমিতে সবুজ সার রূপে ব্যবহৃত হয় (গ্রামের বাহিরে ধঞ্চে ক্ষেতের ফসল কাটিয়া লওয়া হইয়াছে—*বিব*)। {*স.* ধন্য/বৈজয়ন্তিকা>}

ধনিয়া, ধনে [ধোনিয়া, ধোনে] *বি* রন্ধনের সুপরিচিত মসলাবিশেষ; coriander। {*স.* ধন্যাক>}

ধনিষ্ঠা [ধোনিশ্‌ঠা] *বি* (*জ্যোবি.*) অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী প্রভৃতি সাতাশ নক্ষত্রের অন্যতম। {*স.* ধনবৎ+ইষ্ঠ+আ(টাপ্)}

ধনী¹ (-নিন্) *বিণ* ১ ধনবান; ঐশ্বর্যশালী; মহাজন। ২ দক্ষ; কুশল। **ধনিনী** *স্ত্রী.*। {ধন+ইন্(ইনি)}

ধনী², **ধনি** (*মবা.*) *বিণ* ১ যৌবন ধনে ধনী; যুবতী (গগনীমণ্ডলে ধনী সূর্যকে ধেয়ান—ঘন)। ২ সৌন্দর্য ধনে ধনী; সুন্দরী (শিয়া ধনী অরিদল মাঝে নির্ভয়ে চলিলা—মদ)।

ধনু, ধনুঃ [ধোনু, ধোনুহ্] *বি* ১ যা থেকে শর বা তীর নিক্ষেপ করা হয়; শরাসন; ধনুক; চাপ। ২ (*জ্যোবি*) দ্বাদশ রাশিচক্রের নবম রাশি; Sagittarius। ৩ চার হাত পরিমাণ। ৪ পিয়াল বৃক্ষ। **ধনুঃকাণ্ড, ধনুষ্কাণ্ড** *বি* শরাসন ও ধনুর্বাণ। **ধনুঃপট** *বি* পিয়াল বৃক্ষ। **ধনুঃশর** *বি* ধনুক ও শর। **ধনুর্গুণ** *বি* জ্যা; ধনুকের ছিলা (ফিরিতেছে ব্যাধ স্কন্ধে রক্ত ধনুর্গুণ—*নই*)। **ধনুর্দ্রুম** *বি* যে বৃক্ষদ্বারা ধনুক তৈরি হয়; বাঁশ। **ধনুর্ধর** *বি* ১ যে তীর-ধনু নিয়ে যুদ্ধ করে; তীরন্দাজ (অরিদল মাঝে মাঝে ধনুর্ধর—*মদ*)। □*বিণ* (*ব্য.*) অতিশয় দক্ষ; সুনিপুণ; বাহাদুর (জনৈক ধনুর্ধর ইংরেজী লেখক উপনীত হয়েছেন এই সিদ্ধান্তে যে-*প্রচৌ*)। **ধনুর্ধারী** *বি,বিণ* ধনুক ধারণ করে এমন। **ধনুর্বাণ** *বি* ধনুক ও এর তীর (তুলেছে ধনুর্বাণ—*আসি*)। **ধনুর্বিদ্যা** *বি* তীর-ধনুক চালনা সম্বন্ধীয় বিদ্যা। **ধনুর্বেদ** *বি* বিশ্বামিত্র মুনি প্রণীত ধনুর্বিদ্যাশাস্ত্র। **ধনুর্ভঙ্গপণ** *বি* ১ রামায়ণোক্ত সীতার বিবাহে হরধনু ভঙ্গরূপ অতি কঠিন এবং প্রায় অসাধ্য পণ। ২ অতি কঠিন পণ; কঠিন প্রতিজ্ঞা। **ধনুর্মার্গ** *বি* ধনুকের ন্যায় বক্র। **ধনুষ্কর, ধনুষ্মান** *বি* ধনুর্ধারী। **ধনুষ্কোটি** *বি* ১ ধনুকের অগ্রভাগ। ২ সেতুবন্ধের নিকটস্থ হিন্দু তীর্থ। **ধনুষ্টঙ্কার, ধনুষ্টংকার** *বি* ১ ধনুকের আকর্ষণের পর ছেড়ে দিলে যে শব্দ হয়; ধনুকের ছিলার শব্দ (ধনুষ্টঙ্কারের ভয়াবহ স্বনে শিবিরস্থ লোক সকলের হৃৎকম্প উপস্থিত হইল--*মদ*)। ২ রোগবিশেষ; ঐ রোগে শরীর ধনুকের মতো বেঁকে যায়; খিঁচুনি; আক্ষেপ রোগ; tetanus। **ধনুষ্পাণি** *বিণ* ধনুকধারী। **রংধনু, মেঘধনু, রামধনু, ইন্দ্রধনু, শক্রধনু** *বি* বৃষ্টির সময়ে সূর্য বা চাঁদের বিপরীত দিকে আকাশে যে বিচিত্র রঙের ধনুকের মতো দেখা যায়। {*স.* √ধন+উ, উস্}

ধনুক [ধোনুক্] *বি* ধনুর বাংলা চলতি রূপ; যার সাহায্যে তীর নিক্ষেপ করা হয়। **~ধারী** *বিণ* তীর ধনুক নিয়ে যুদ্ধ করে বা শিকার করে এমন। **~ভাঙ্গা পণ** *বি* অতি কঠোর পণ বা প্রতিজ্ঞা। {*স.* ধনুঃ+*বা./হি.* ক}

ধনুখা, ধনুখরা [ধোনুখা, ধোনুখরা] *বি* তুলা ধুনবার ধনুকাকৃতির হাতিয়ার বা যন্ত্রবিশেষ। {ধনু+খরা>}

ধনে ⇒ ধনিয়া

ধনেশ [ধনেশ্] *বি* ১ হিন্দুমতে ধনদেবতা কুবের। ২ দীর্ঘ ঠোঁটবিশিষ্ট পাখিবিশেষ; ধনেশ পাখি; hornbill (এই অরণ্যভূমিতে অগণ্য ময়ূর কুক্কুট ধনেশ পক্ষী দল বাঁধিয়া বিচরণ করিত—*ইহো*)। □*বিণ* মহাধনী; বহুধনের অধিকারী; ধনবান। {*স.* ধন+ঈশ; ৬তৎ}

ধনেশ্বর [ধনেশ্‌শর্] *বি* ধনের ঈশ্বর; প্রচুর বিত্তবান। ২ হিন্দু ধনদেবতা কুবের। {*স.* ধন+ঈশ্বর; ৬তৎ}

ধন্দ, ধন্ধ [ধন্‌দো, -ধো] *বি* ১ ধাঁধা; সন্দেহ; ধোঁকা; দৃষ্টিভ্রম (ইউসুফের রূপ দেখে ধন্দ বড় লাগে—*ফগ*)। ২ সাংসারিক ভাবনা-চিন্তা (সংসার ধন্ধ)। □*বিণ* মিথ্যা (ধন্ধ পথ ভাঙ্গি গুরু দেখাইল পথে—*শেফ*)। **ধন্ধিত** *বিণ* ধাঁধা লেগেছে এমন। {*স.* দ্বন্দ্ব>}

ধন্দা [ধন্‌দা] (*মবা.*) *বি* ধাঁধা; সংশয়; সন্দেহ; ভ্রম (মধু মনে লাগল ধন্দা—*বিপ*)। {*স.* দ্বন্দ্ব>}

ধন্ধ ⇒ ধন্দ

ধন্না, ধরনা, ধর্না [ধন্‌না, –র্‌না, –] *বি* ১ অবলম্বন; ধারণ; আশ্রয়করণ। ২ যে কাঠের উপর ঘরের ভিতরের ছাদ (ceiling) থাকে; আড়া; কড়ি (পাইনের থাম, পাইনের তক্তার বেড়া, পাইনের ঘন ঘন ধরনা—*ইশ্বি*)। ৩ অভীষ্ট লাভের জন্য কারও দরজায় অনাহারে অনিদ্রায় পড়ে থাকার চেষ্টা; হত্যা দেওয়া (সে সাহেবের বাসায় প্রত্যহ ধন্না দেয়)। ৪ ঢেঁকিতে পাড় দেওয়ার সময়ে বা সাঁকো পার হওয়ার সময়ে যে বাঁশ ধরা হয়। **ধন্না দেওয়া, ধরনা দেওয়া** *ক্রি* কোনো কামনা পূর্ণ না হওয়া পর্যন্ত কোথাও পড়ে থাকা (একদিন রাখাল আসিয়া রাজ দুয়ারে ধর্ণা দিল—*দমু*)। { *স.* ধরণ>ধরনা>ধন্না}

ধন্য [ধোন্‌নো] *বিণ* ১ ভাগ্যবান; সৌভাগ্যশালী; কৃতার্থ (ধন্য রাজার পুণ্য দেশ, যদি বর্ষে মাঘের শেষ—*খব*)। ২ প্রশংসনীয়; শ্লাঘ্য; শ্লাঘনীয়; সাধু (ধন্য সে দেশ যে দেশে গুণের আদর আছে)। ❑ *বি* ধন্যবাদ; সাধুবাদ; প্রশংসাবাদ (ধন্য তোমারে হে রাজমন্ত্রী—*রঠা*)। **ধন্যা** *স্ত্রী.* প্রশংসনীয়া; সাধ্বী। **ধন্যবাদ** *বি* ১ প্রশংসাবাদ; সাধুবাদ। ২ কৃতজ্ঞতাজ্ঞাপক উক্তি; thanks। { *স.* ধন+য(যৎ)}

ধন্যা, ধন্যাক [ধোন্‌না, ধোন্‌নাক] (বিরল) *বি* ধনিয়া; রন্ধনের মসলাবিশেষ। { *স.* ধন্যা+ক (কন্)>ধন্যাক}

ধন্ব⇒ধন্বা

ধন্বন্তরি [ধনোন্‌তোরি] *বি* ১ দেব চিকিৎসক। ২ *(আল.)* অত্যন্ত ভালো চিকিৎসক; রোগ নির্ণয় ও নিরাময়ে অতুলনীয় চিকিৎসক (ভাঙ্গা মচকা চিকিৎসার কবিরাজই ছিলেন ধন্বন্তরি—*হুউ*)। ৩ আরোগ্য করার অব্যর্থ শক্তিসম্পন্ন ঔষধ (জ্বরের ধন্বন্তরি)। { *স.* ধন্বন্তরি}

–ধন্বা, –ধন্ব [ধন্‌না, ধোন্‌নো] *বি* ১ ধনুক (পুষ্পধন্বা)। ২ মরুভূমি। **ধন্বী, ধন্বধারী** *বিণ*। { *স.* √ধন্ব+অন্ (কনিন্)> ধন্বন্,>ধন্বা}

ধপ [ধপ্] *অব্য* পতন শব্দ; পতিত হবার ফলে উৎপন্ন শব্দ (ধপ করে পড়া)। **ধপধপ**[১] *অব্য* ১ অনবরত পতনের শব্দ। ২ আগুন জ্বলার শব্দ। { *ধ্বন্যা.*}

ধপধপ[২]**, ধবধব** [ধপ্‌ধপ্, –ব্–ব্] *অব্য* অত্যন্ত শুভ্রতাসূচক; অতিশয় পরিষ্কার; পরিচ্ছন্নতাজ্ঞাপক (চাদরটি ধবধব করছে)। { *ধ্বন্যা.*}

ধপধপে, ধবধবে [ধপ্‌ধোপে, ধব্‌ধোবে] *বিণ* অতিশয় সাদা ও উজ্জ্বল (ধবধবে কাপড়)। { *ধ্বন্যা.*}

ধপাৎ, ধপাস [ধপাত্, –শ্] *অব্য* ভারী বস্তুর হঠাৎ পতনের শব্দ। { *ধ্বন্যা.*}

ধব [ধব্] *বি* ১ স্বামী; পতি (ওহে ভবধব, কি করিব স্তব; মানস তিমির হর—*ঈগু*)। ২ মনুষ্য। ৩ ধূর্ত ব্যক্তি; প্রবঞ্চক ব্যক্তি। **–হীনা** *বি* পতিহীনা; বিধবা। { *স.* √ধু+অ(অচ্)}

ধবল [ধবোল্] *বিণ* সাদা; শুভ্র; শ্বেত (ধবলগিরি)। ❑ *বি* ১ শুক্ল বর্ণ; সাদা রং। ২ এক প্রকার চর্মরোগ—এই রোগে শরীরের চামড়া, চুল ও লোমরাশি সাদা হয়ে যায়; শ্বেতকুষ্ঠ; white leprosy। ৩ কর্পূরবিশেষ। **–গিরি** *বি* ১ হিমালয়ের শৃঙ্গবিশেষ। ২ সাদা পাহাড়। **–পক্ষ** *বি* ১ হংস। ২ শুক্লপক্ষ। **–মৃত্তিকা** *বি* সাদা খড়িমাটি। **ধবলা, ধবলী** *বি* সাদা গাভী; ধলা গাই। **ধবলিত** *বিণ* সাদা করা হয়েছে এমন; শ্বেতবর্ণ ধারণ করেছে এমন; শুভ্রীভূত; শুক্লীকৃত (রাতারাতি সুধাধবলিত করি-*সদ*)। **ধবলিমা** *বি* ১ শুভ্রতা; শুক্লত্ব। ২ রক্তহীনতা জনিত সাদা ভাব; ফ্যাকাশে বর্ণ; paleness। **ধবলিয়া** *বিণ* সাদা; শুভ্র (ও গো ধবলিয়া মেঘ—*সদ*)। **ধবলীকৃত** *বি,বিণ* যাকে সাদা করা হয়েছে। **ধবলীকৃতা** *স্ত্রী.*। **ধবলীভূত** *বিণ* শুভ্র বা সাদা হয়েছে এমন। **ধবলীভূতা** *স্ত্রী.*। { *স.* √ধাব্+অল(কলচ্)}

ধম [ধম্] *অব্য* ১ উচ্চস্থান থেকে গুরুভার দ্রব্য পতনের শব্দ। ২ গুরুগম্ভীর বাদ্যধ্বনি। { *ধ্বন্যা.*}

ধম ধম, ধমাধম [ধম্‌ধম্, ধমাধম্] *অব্য* ১ বার বার গুরুভার দ্রব্য পতনের শব্দ। ১ পুনঃপুন গুরুগম্ভীর বাদ্যধ্বনি। **ধমাস, ধমাস** *অব্য* উপর্যুপরি ভারী বস্তু পতনের শব্দ। { *ধ্বন্যা.*}

ধমক [ধমোক্] *বি* ১ তিরস্কার; দাবড়ি; হুংকার (ধমকে ধরাধর কম্পে—*ঘন*)। ২ ভীতি প্রদর্শন বাক্য (সিন্ধুপারের সিংহদ্বারে ধমক হেনে ভাঙল আগল—*নই*)। ৩ প্রবল আক্রমণ; ঘোর; তাড়স (জ্বরের ধমকে ভুল বকা)। ৪ তাড়া; চাপ (কাজের ধমক)। ৫ বেগ (হাসির ধমক)। **ধমকানি** *বি* ধমক প্রদান; ধমক (অসহিষ্ণু তীব্র ধমকানি—*রঠা*)। **ধমকানো** *ক্রি* ধমক প্রদান; ধমক দেওয়া; ভয় দেখানো। ❑ *বি* উক্ত অর্থে। **ধমকি** *বি* হঠাৎ কঠিন তিরস্কার। **এক ধমকে কাজ করা** *ক্রি* একটানা কিছুক্ষণ কাজ করা। { *স.* √ধ্মা+অক(বুন্)}

ধমন [ধমোন্] *বি* ১ নল। ২ কামারের জাঁতা চালায় যে। { *স.* √ধ্মা বা √ধম্+অন(ল্যুট)}

ধমনি, ধমনী [ধমোনি] *বি* রক্ত বহনকারী নাড়ি; রক্তবাহিকা নাড়ি; হৃৎপিণ্ড থেকে যে নাড়ি শরীরের সর্বত্র রক্ত সঞ্চালন করে; artery (রহিমার ধমনী অসাড় হয়ে আসছে—*শেক*)। **ধামনিক** *বিণ*। **~জাল** *বি* দেহের সর্বত্র বিস্তারিত ধমনিসমূহ। { *স.* √ধ্মা (বা ধম)+অনি}

ধম্বন [ধম্‌বোন্] *বি* ১ ঢ্যাঁড়া পিটিয়ে জানানো বা প্রচার (পাড়ায় পাড়ায় ফেরে পিটিয়ে ধম্বন—*হেব*)। ২ বৃথা ঘুরে বেড়ানো। { *তুল. হি* ধম্মান}

ধম্ম ⇒ ধর্ম

ধম্মিল, ধম্মিল্ল [ধোম্‌মিল্, ধোম্‌মিল্‌লো] *বি* চুলের খোঁপা; ঝুঁটি (সারা বঙ্গজ রমণীর মাথায় ধম্মিল চাপিয়ে দিতে সংকুচিত না হয়—*প্রচৌ*)। { *স.* ঊর্ধ্ব+√মিল্+অ(ক)}

ধর [ধর্] *বিণ* ধারণ করে এমন; ধারণকারী (জলধর)। **ধরা** *স্ত্রী.*। **ধরণ** *বি* ধারণ; ধরা। { *স.* √ধৃ+অ(অচ্)}

ধরণী, ধরণি (বিরল) [ধরোনি] *বি* ধরা; বসুন্ধরা; পৃথিবী; ধরিত্রী; যা সব কিছু ধারণ করে আছে। **ধরণী–কিলক** *বি* পর্বত। **ধরণীজ** *বিণ* পৃথিবীজাত। ❑ *বি* মঙ্গলগ্রহ। **ধরণীজা** *স্ত্রী.*। **ধরণীতল** *বি* পৃথিবীতল; পৃথিবীর উপরিভাগ; ভূপৃষ্ঠ; মাটি। **ধরণীধর** *বি* ১ পৃথিবী ধারণকারী। ২ পর্বত। ৩ বাসুকি নামক নাগ। **ধরণীপতি, ধরণীশ্বর, ধরণীভৃৎ** *বি* রাজা; সম্রাট। **ধরণীসুত** *বি* মঙ্গল গ্রহ। **ধরণীসুতা** *বি* সীতা। { *স.* √ধৃ+অনি+ঈ(ঙীষ্)}

ধরতা [ধরতা] *বি* ১ ধরা (ওটা এখন ধরতার মধ্যে ধরিনে —*নষ্ট*)। ২ যা ধরে নেওয়া হয়; ধরতি। ৩ ক্রেতাকে যে কমিশন দেওয়া হয়। ৪ মূল গায়েনের মুখ থেকে যে পদ দোহার ধরে নেয়। ৫ গান, কবিতা ইত্যাদির আরম্ভ। ৬ ওজনের যেটুকু বেশি দেওয়া হয়। **ধরতাই বুলি** *বি* যে কথা অন্যের নিকট থেকে জানা গেছে; যে কথা সবাই জানে বা বলে; নতুনত্বহীন প্রচলিত বুলি। **ধরতি** *বি* ওজনে কম হতে পারে এই আশঙ্কায় যা ধরে দেওয়া হয়; পূরণ; অভাবের পূর্তি। {ধর+তা}

ধরতি [ধরোতি] *(মবা.)* *বি* ধরিত্রী (ধরতি বহএ ধারারাত্রি আন্ধিয়ারি—*দৌখা*)। {স. √ধৃ>}

ধরন, ধরণ [ধরোন্] *বি* ১ পদ্ধতি; প্রকার; প্রণালি (কাজের ধরন)। ২ ধারণ করা। ৩ বর্ষণ ক্ষান্তি (আকাশ ধরন)। ৪ আকৃতি; ভঙ্গি; চালচলন (সে এক ধরনের)। ~**ধারণ** *বি* চালচলন; রীতিনীতি; হাবভাব (লোকটার ধরন-ধারণ ভালো নয়)। {√ধৃ+ অন(ল্যুট্)=ধরণ>ধরন}

ধরনা ⟹ ধন্না

ধরন্তি [ধরোন্‌তি] *(মবা.)* ধারণ করে (কাম ক্রোধ ধরন্তি জিউ—*রাপ*)। {স. √ধৃ>}

ধরপাকড় [ধরপাকোড়] *বি* ১ ব্যাপক গ্রেফতারি; ধরা ও গ্রেফতার (খুনের পর পুলিশের ধরপাকড় শুরু হয়েছে)। ২ ধরাধরি; পীড়াপীড়ি (চাকরির জন্য ধরপাকড়)। {স. √ধৃ>ধর+ *হি.* পাকড়না}

ধরম [ধরোম্] *(পদ্য.)* *বি* ধর্ম। ~-**করম** *বি* ধর্মকর্ম; ধর্মানুষ্ঠান। ~**নাশা** *বিণ* মহা অন্যায়কারী; সতীধর্ম নাশক (বৈষ্ণব সাহিত্যে ব্যবহৃত)। ~**শালা** *বি* ধর্মশালা। {স. ধর্ম>(স্বরাগমে) ধরম}

ধরা[১] [ধরা] *বি* ১ যে জীবজন্তু সবকিছু ধারণ করে; পৃথিবী; ধরণী (তুমি ধরাধর অতি ভাগ্যধর, পুণ্য ধরে না ধরায় —*গান*)। ২ জরায়ু; গর্ভাশয়; womb। ৩ স্পর্শ; ছোঁয়া। ~**তল** *বি* পৃথিবীর উপরিভাগ; ভূতল; মাটি। ~**ধর** *বি* পর্বত। ~**ধাম** *বি* পৃথিবী; ধরণীরূপ বাসগৃহ; সংসার। ~**শয্যা** *বি* মাটিতে শয়ন; মৃত্যুকালে মাটিতে শয়ন। ~**শায়ী** *বিণ* মাটিতে শায়িত; ভূতলে পতিত; ভূমিসাৎ। ~**সন** *বি* মাটিরূপ আসন; মৃত্তিকাসন (ধরাসনে শয়ন করিয়া থাকিতে—*ঈবি*)। ~**কে সরা জ্ঞান করা** *ক্রি* পৃথিবীকে ছোট সরার মতো মনে করা, অর্থাৎ গর্বে অন্ধ হয়ে সব কিছু তুচ্ছ জ্ঞান করা। {√ধৃ+অ(অচ্)+আ(টাপ্)}

ধরা[২] [ধরা] *ক্রি* ১ ধারণ করা; হাত দিয়ে ধরা বা গ্রহণ করা (কলম ধরা)। ২ অঙ্গে ধারণ করা; পরিধান করা (বেশ বা ছদ্মবেশ ধরা)। ৩ গ্রেফতার করা; পাকড়াও করা; arrest (ডাকাত ধরা)। ৪ অবলম্বন বা আশ্রয় করা (লাঠি ধরে চলা)। ৫ আশ্রয় করা; বশবর্তী হওয়া (ক্ষ্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে—*রঠা*)। ৬ অনুসরণ করা; পশ্চাদ্‌গামী হওয়া (পথ ধরা; বাতাস বসন্তের ছন্দ ধরে বয়—*অঠা*)। ৭ আটকানো; বদ্ধ করা (মাল ধরে রাখা)। ৮ অবলম্বন দেওয়া (আমায় ধরো নতুবা পড়ে যাবো)। ৯ আক্রমণ বা হামলা করা (রোগে ধরে, বাঘে ধরে)। ১০ অনুনয় বিনয় করা; শরণাপন্ন হওয়া (বড় সাহেবকে ধর কাজ হবে)। ১১ আত্মরক্ষার্থ অস্ত্রের সাহায্য গ্রহণ করা (বন্দুক ধরা)। ১২ ক্ষতি করা; কাটা। ১৩ প্রবণতা দেখানো; না ছাড়া। ১৪ হত্যা দেওয়া; ধর্না বা ধন্না দেওয়া (কত মসজিদের দোর ধরে রোগ ভালো হয়েছে)। ১৫ বজায় রাখা (কোনোমতে আছে পরান ধরিয়া কামিনী শিথিল সাজে—*রঠা*)। ১৬ বসে যাওয়া; শব্দহীন হওয়া (গলাটা কেমন ধরে এলো, সে আর কথা বলতে পারলো না—উজ; ঠাণ্ডায় গলা ধরা)। ১৭ জন্মানো; গজানো (গাছে ফল ধরা)। ১৮ সংকুলান হওয়া; আঁটা (পাত্রে দশ সের দুধ ধরবে)। ১৯ কার্যকর হওয়া; সক্রিয় হওয়া (ঔষধ ধরেছে)। ২০ স্থান দেওয়া; বহন করা (গর্ভে ধরা)। ২১ ব্যথা হওয়া (মাথা ধরা)। ২২ থামা (বৃষ্টি ধরা, মেল এখানে ধরে না)। ২৩ আরম্ভ করা (গান ধরা)। ২৪ সংলগ্ন বা সংযুক্ত হওয়া (নতুন নাম বা রূপ ধরা)। ২৫ নির্ধারিত করা বা স্থির করা (দাম ধরা)। ২৬ জ্বলে ওঠা (উনান ধরা)। ২৭ লাগা; স্পর্শ করা (কাপড়ে আগুন ধরা)। ২৮ আগুন লাগা (কাঠটা ধরে উঠেছে)। ২৯ স্পর্শ করা; ছোঁয়া (বুড়ি ধরা)। ৩০ ধরে আবদ্ধ করা; বশে আনা (হাতি ধরা, মাছ ধরা)। ৩১ নাগাল পাওয়া (হাত দিয়ে চাঁদ ধরা)। ৩২ নির্ণয় করা (ডাক্তার রোগ ধরতে পারছেন না।)। ৩৩ গণ্য বা বিবেচনা করা (মানুষের মধ্যে ধরা)}। ৩৪ প্রদর্শন করা; দেখানো (দোষ ধরা)। ৩৫ নাগাল পাওয়া; যথাসময়ে পাওয়া (ট্রেন ধরা)। ৩৬ স্থান সংকুলান হওয়া (ছোট ঘরে এত লোক ধরবে কি?)। ৩৭ প্রকাশ পাওয়া (দাড়িতে পাক ধরা)। ৩৮ পছন্দ হওয়া; যোগ্য বিবেচিত হওয়া (জামাই মনে ধরেনি)। ৩৯ কুঅভ্যাস ধরা (মদ ধরা)। ৪০ অনুমান করা (লেখাটা কার ধরা শক্ত)। ৪১ ঝাপসা বা অবশ হওয়া (চোখ বা পা ধরে আসা)। ৪২ নিজেকে চিনতে বা বুঝতে দেওয়া (তার কাছে ধরা দিয়া লাভ কি —*রঠা*)। ৪৩ শোনা (তার কথা ধরো)। ৪৪ যাবৎকাল (নিশিদিন ধরে ও কি ছেলেখেলা—*রঠা*)। ৪৫ অনুভূতি উদ্রেক হওয়া; পাওয়া (শীত ধরা)। ৪৬ মনে করা; বিবেচনা করা (ধরো যদি তাইই হয়)। ৪৭ উল্লেখ করা; উচ্চারণ করা (নাম ধরে ডাকা)। ৪৮ ফুটে ওঠা; প্রকাশ পাওয়া (ফল পাকলে রং ধরে)। ৪৯ সনির্বন্ধ প্রার্থনা করা (মনিবকে ধরা)। ৫০ প্রকাশ করা (এই যে, বসে বসে নানারূপ ছবিতে নানা রস ধরছো—*অঠা*)। □ *বি* উক্ত সকল অর্থে, যেমন—ধরা দেওয়া। □ *বিণ* ১ ধৃত (ধরা পড়া)। ২ নির্ধারিত (ধরা দাম)। ৩ সর্ববাদিসম্মত; জানা; স্বীকৃত (ধরা কথা)। ৪ উক্ত সকল অর্থে; বিশেষত ধরে এমন (ধামাধরা লোক, মাছ-ধরা জাল)। ~ **কথা** *বি* জানাশুনা কথা; পূর্ব থেকে জানা কথা (তুমি যে কাজটি সমাধা করতে পারবে না, তা ত ধরা কথা)। ~**কাট** *বি* ১ কঠোর নিয়ম; বাঁধাবাঁধি। ২ নিয়ম পালন; সংযম। ~**গন্ধ** *বি* ব্যঞ্জনাদি একটু পুড়ে যাওয়ার গন্ধ (ভাত পুড়ে গেল, ধরাগন্ধ বেরিয়েচে—*বিব*)। ~**ছোঁয়া** *বি* ১ ধৃত বা স্পৃষ্ট হওয়া; কাছে আসা; ঘেঁষা। ২ উপলব্ধি (বিশ্বনিয়ন্তা ধরাছোঁয়ার বাইরে)। ~**ছোঁয়া না দেওয়া** *বি* ১ কোনো কিছুর দায়িত্ব না নেওয়া। ২ নিজের স্বরূপ গোপন করা। ~**ছোঁয়ার বাইরে** *বিণ* ১ সহজে কায়দায় পাওয়া যায় না এমন। ২ সাধারণ বুদ্ধি দিয়ে বোঝা যায় না এমন। ~

দেওয়া *ক্রি* ১ স্বেচ্ছায় অন্যের অধীন হওয়া বা আয়ত্তে যাওয়া (ধরা নাহি দিলে ধরিব দুপায়—*রঠা*)। ২ আত্মসমর্পণ করা। ৩ নিজের মনের ভাব প্রকাশ করা। ৪ প্রীতির বন্ধন স্বীকার করা। **~ধরি** *বি* ১ পরস্পর পরস্পরকে ধরা; পাকড়া-পাকড়ি। ২ অনুনয়-বিনয় দ্বারা প্রভাব বিস্তার; দরবার (চাকরি পাওয়ার জন্য ধরাধরি করিতে হয়)। ৩ ধরপাকড়। ৪ অনেক ব্যক্তি দ্বারা বহন (বাক্সটি সকলে ধরাধরি করে আনল)। **ধরানো** *ক্রি* ১ ধৃত বা গ্রেফতার করানো (চোর ধরানো)। ২ খারাপ অভ্যাস বা আসক্তি করানো (তামাক ধরানো)। ৩ জ্বালানো; অগ্নিসংযোগ করা (উনান ধরানো)। ৪ আঁটানো; স্থান সংকুলান করানো (বাক্সে কাপড় ধরানো)। ৫ লাগানো; জমানো (রং ধরানো)। ৬ যথাসময়ে পাইয়ে দেওয়া (স্টিমার ধরা)। ৭ দেখিয়ে দেওয়া (ভুল ধরানো)। ৮ অবলম্বন বা আশ্রয় দেওয়া (পথ ধরানো)। ▢ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **–বাঁধা** *বিণ* নির্ধারিত; নির্দিষ্ট। **ধরি মাছ না ছুঁই পানি** *বি* ১ গা বাঁচিয়ে উদ্দেশ্য সিদ্ধ করা। ২ ঝুঁকি বা দায়িত্ব এড়িয়ে কর্তব্য করা। **ধরে পড়া, ধরে বসা** *ক্রি* ১ সনির্বন্ধ বা অতিশয় আগ্রহযুক্ত অনুরোধ করা। **ধরে আসা** *ক্রি* বন্ধ হয়ে যাওয়া (বৃষ্টি ধরে এসেছে)। **ধরে পড়া** *ক্রি* ১ ধরে ঝুলে বা ঝুঁকে পড়ার ভাব। ২ সাহায্যের জন্য অত্যন্ত অনুনয়-বিনয় করা। ৩ অনুনয়-বিনয়পূর্বক প্রার্থনা করা; বিশেষভাবে অনুরোধ করা। **ধরে বেঁধে** *ক্রিবিণ* ইচ্ছার বিরুদ্ধে পীড়াপীড়ি করে (তাকে ধরে-বেঁধে রাজি করানো হলো)। **ধরে রাখা** *ক্রি* ১ আটকে রাখা; রোধ করা। ২ সঞ্চিত করা। **আকাশ** *~ক্রি* বৃষ্টি বন্ধ হওয়া। **ঔষধ** ~ *ক্রি* প্রভাব বিস্তার করা; সক্রিয় হওয়া। **কলম** ~ *ক্রি* ১ লেখনী ধারণ করা। ২ লেখা আরম্ভ করা। ৩ লিখে ঠিকমতো মনের ভাব প্রকাশ করা। ৪ কারও বিরুদ্ধে লেখা। ৫ কারও লেখার ভুল ধরা (তোর লেখায় কলম ধরে কার সাধ্য)। **কান** ~ *ক্রি* ১ কান ধরে অপমান করা (কান ধরে তাড়িয়ে দেওয়া)। ২ অপরাধ স্বীকার করে কান স্পর্শ করা। ৩ অনুতাপস্বরূপ বা কোনো কাজ পুনরায় না করবার প্রতিজ্ঞা স্বরূপ কান স্পর্শ করা। **কেউটে** ~ *ক্রি* কঠিন বা বিপজ্জনক কাজ করা। **গলা বা গাল** ~ *ক্রি* ওল কচু প্রভৃতি খাওয়ার দরুন মুখের ভিতরে চুলকানি ও যন্ত্রণা অনুভব করা। **ঘাড়** ~ *ক্রি* গলাধাক্কা দেওয়া বা ঘাড়ে ধরে অপমান করা। **ঘুণ/ঘুণে** ~ *ক্রি* ১ ঘুণ লাগা। ২ অন্তঃসারশূন্য হওয়া। ▢ *বিণ* কীটদষ্ট (ঘুণ ধরা কাঠ)। **ঘুম** ~ *ক্রি* ঘুম পাওয়া; নিদ্রাবেশ হওয়া। **চাল** ~ *ক্রি* ১ আচার অবলম্বন করা। ২ বড় লোকের চালচলন অবলম্বন করা। ৩ অবস্থার অতিরিক্ত চালচলন অবলম্বন করা। **চুল** ~, **চুলে** ~ *ক্রি* (কোনো স্ত্রীলোককে) চুলে ধরে অপমান করা। **চোয়াল** ~ *ক্রি* চোয়ালে খিল ধরা এবং সেজন্য চিবুতে না পারা। **ছল** ~ *ক্রি* দোষ ধরা; ছুতা ধরা; ত্রুটি খুঁজে বের করা। **ছাতা** ~ *ক্রি* সাহায্য করা। **ছেঁকে** ~ *ক্রি* ঘিরে ধরা; চারদিক থেকে অনেকে মিলে ব্যতিব্যস্ত করা। **ছেলে**~ *বি* যে ব্যক্তি ছেলেদের চুরি করে; শিশু-চোর। **টান** ~ *ক্রি* ১ অভাব হওয়া। ২ শুষ্ক হওয়া (ঘায় টান ধরা)। **তান** ~ *ক্রি* গানের সুর ভাঁজা। **তাল** ~ *ক্রি* ১ গানের তাল অনুযায়ী তাল দেওয়া। ২ দায়িত্ব গ্রহণ করা। **দশা** ~ *ক্রি* ১ হাল বা সমাধির দশাগ্রস্ত হওয়া; দুর্দশাগ্রস্ত হওয়া। ▢ *বি* বার্ধক্য প্রাপ্তি। **দোর** ~ *ক্রি* ১ ধন্না দেওয়া। ২ শরণাপন্ন হওয়া। **ধামা**~ *বিণ* ১ চাটুকার; তোষামোদকারী; খোসামুদে। ২ নিজস্ব কোনো মতামত নেই এমন; যা বলাও তাই বলে, যা করাও তাই করে এমন (আপন ব্যবসায়ে ধামাধরা গোচ—*প্যামি*)। **নোনা** ~, **লোনা** ~ *ক্রি* দেয়াল জমি প্রভৃতি লবণযুক্ত হওয়া। **পচা** ~, **পচন** ~ *ক্রি* পচতে আরম্ভ করা। **পাক** ~ *ক্রি* পাকতে আরম্ভ হওয়া; কাঁচার পর ডাঁসা তারপর পাকার অবস্থা আরম্ভ হওয়া। ২ কাঁচা চুল পেকে সাদা হতে আরম্ভ করা। **পায়ে** ~ *ক্রি* ১ পা ধরা বা পা স্পর্শ করা। ২ হীনভাবে অনুনয়-বিনয় করা। ৩ অনুতপ্ত হৃদয়ে ক্ষমা প্রার্থনা করা। ▢ *বিণ* মান ভাঙার জন্য পদস্পর্শকারী (পায়ে ধরা দিল পড়লে মনে—*গান*)। **পোঁ** ~, **লেজ** ~, **হাত** ~ *বিণ* একান্ত অনুগত; বশীভূত। ▢ *ক্রি* ১ একান্ত অনুগত হওয়া। ২ পরের কথায় চলা। ৩ অন্ধভাবে অনুসরণ করা। **বৃষ্টি** ~ *ক্রি* বৃষ্টি থামা। **ভেক** ~ *ক্রি* সন্ন্যাসী হওয়া। ২ ছদ্মবেশ ধারণ করা। **মনে** ~ *ক্রি* পছন্দ হওয়া; মনে লাগা। **ম্যাও(মেও)** ~ *ক্রি* ঝুঁকি ও দায়িত্ব নেওয়া; ভার নেওয়া। **যমে** ~ *ক্রি* ১ মারাত্মক রোগে আক্রান্ত হওয়া। ২ প্রবল শত্রুর পাল্লায় পড়া। **লেজ** ~ ⟹ পোঁ ধরা। **হাত** ~ ⟹ পোঁ ধরা। **হাতে** ~ *ক্রি* ১ বিনীতভাবে অনুরোধ করা। ২ প্রত্যক্ষভাবে সাহায্য করা। **হাতে পায়ে** ~ *ক্রি* হীনভাবে অনুনয়-বিনয় করা। **হাল** ~ *ক্রি* ১ কার্য পরিচালনা করা। ২ কর্তৃত্ব গ্রহণ করা। **হ্যাপা** ~ *ক্রি* (*আঞ্চ.*) ধাক্কা সামলানো; উপদ্রব সহ্য করা; ঝুঁকি নেওয়া। {*স.* √ধৃ>}

ধরা[৩] *বি* তুলা যন্ত্রের পাল্লা। **কাঠ ~ করা** *ক্রি* ওজন করবার পূর্বে কোনো দিকে পাল্লার ঝুঁকতি আছে কিনা তা পরীক্ষা করার প্রয়োজনে ইট মাটির টুকরা প্রভৃতি দিয়ে তা সমান করে দেওয়া। {*স.* ধট>}

ধরাট [ধরাট্] *বি* ১ ক্রয়-বিক্রয়ের কমিশন; বাদ; বাটা; ছাড়; দস্তুরি। ২ বাঁখারি দিয়ে তৈরি নৌকার মঞ্চবিশেষ। ৩ বাঁধাবাঁধি নিয়ম। {ধরা+বাটা>বাট>আট}

ধরানো, ধরান [ধরানো] *ক্রি* ১ ধৃত বা গ্রেফতার করানো (চোর ধরানো)। ২ খারাপ অভ্যাস বা আসক্তি করানো (তামাক ধরানো)। ৩ জ্বালানো; অগ্নিসংযোগ করা (উনান ধরানো)। ৪ আঁটানো; স্থান সংকুলান করানো (বাক্সে কাপড় ধরানো)। ৫ লাগানো; জমানো (রং ধরানো)। ৬ যথাসময়ে পাইয়ে দেওয়া (স্টিমার ধরা)। ৭ দেখিয়ে দেওয়া (ভুল ধরানো)। ৮ অবলম্বন বা আশ্রয় দেওয়া (পথ ধরানো)। ▢ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√ধর+আনো}

ধরিত্রী [ধোরিত্‌ত্রি] *বি* ধরা; বসুন্ধরা; যে চরাচর ধারণ করে; পৃথিবী; ধরণী; মেদিনী। {*স.* √ধৃ+ইত্র+ঈ(ঙীষ্)}

ধরে, ধরিয়া [ধোরে, ধরিয়া] *অব্য* ব্যেপে; বিস্তৃত বা প্রসারিত হয়ে; যাবৎ (সপ্তাহ ধরে)। ▢ *ক্রিবিণ* ১ ধীরে; আস্তে (ধরে ধরে লেখা)। {ধর+ইয়া>}

ধর্তব্য [ধোরতোব্‌বো] *বিণ* ধরার যোগ্য; গণনীয়; বিবেচ্য; গ্রাহ্য। {*স.* √ধৃ+তব্য(তব্যৎ)}

ধর্ম [ধরমো] *বি* ১ বিভিন্ন সম্প্রদায়ের শাস্ত্রনির্দিষ্ট বিধি-বিধান; religion (ইসলাম ধর্ম)। ২ সৎকর্ম; পুণ্যকর্ম; সদাচার; কর্তব্যকর্ম (ক্ষমা শ্রেষ্ঠ ধর্ম)। ৩ স্বভাব; প্রকৃতি; প্রত্যেক জীব বা বস্তুর নিজস্ব গুণ (মানবধর্ম, মনের ধর্ম, আগুনের ধর্ম)। ৪ পুণ্য (ধর্মের সংসারে পাপ)। ৫ ন্যায়-অন্যায় পাপ-পুণ্যের বিচারকর্তা; বিশ্ববিধাতা (দোহাই ধর্মের)। ৬ মনুষ্যত্ব; মানুষের কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে জ্ঞান (তার ধর্মজ্ঞান নেই)। ৭ আইন; রীতি। ৮ সাধনার পথ (সুফি ধর্ম)। ৯ সতীত্ব (সতী নারীর ধর্মনাশ)। ১০ *(জ্যোশা)* রাশিচক্রের লগ্ন থেকে নবম স্থান। ~**অর্থ-কাম-মোক্ষ** *বি* হিন্দুমতে ধর্মাচরণ, অর্থ ও প্রতিষ্ঠা অর্জন; সুখ সমৃদ্ধি ভোগ এবং বৈরাগ্য বা মুক্তি মানব জীবনের এই চার প্রকার লক্ষ্য বা সাধনা। ~**কন্যা**, ~**মেয়ে** *বি* ধর্মকে সাক্ষী রেখে গৃহীত যে বালিকা; কন্যারূপে গৃহীতা। ~**কর্ম**, ~**কার্য**, ~**ক্রিয়া** *বি* ধর্মশাস্ত্রে নির্দেশিত ক্রিয়াকর্ম; পুণ্যকাজ; ধর্মানুষ্ঠান; যে কাজে বা অনুষ্ঠানে পুণ্য সঞ্চয় হয়। ~**কাম** *বিণ* ১ ধর্মকার্য বা পুণ্যলাভ করতে চায় এমন। ২ ফল প্রাপ্তির আশায় ধর্মকর্ম করে এমন। ~**কৃৎ** *বি* যে ধর্মানুষ্ঠান করে; ধার্মিক। ~**কৃত্য** *বি* ধর্মানুমোদিত ক্রিয়াকর্ম; ধর্মসাধকের করণীয় কাজ; ধর্মকাজ। ~**ক্ষেত্র** *বি* পুণ্যস্থান; তীর্থ। ~**গণ্ডা** *বিণ* ন্যায্য প্রাপ্য। ~**গ্রন্থ**, ~**পুস্তক**, ~**শাস্ত্র** *বি* উপাসনা, ধর্মীয় আচার আচরণ প্রভৃতি ধর্মের ভিত্তি সম্বলিত পুস্তক; ধর্মমতের প্রতিপাদক পুস্তক (কুরআন, বাইবেল, বেদ প্রভৃতি)। ~**ঘট** *বি* ১ সকলে একমত হয়ে কোনো কাজ করতে বা না করতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া বা সংকল্প করার অবস্থা। ২ দাবি পূরণ না হওয়া পর্যন্ত কাজ বন্ধ করা; strike। ~**ঘটী** *বিণ* ধর্মঘটকারী; প্রতিজ্ঞাবদ্ধ হয়ে একজোটে কার্যত্যাগকারী কর্মীবৃন্দ। ~**চক্র** *বি* নির্বাণ লাভের উপায় সম্পর্কিত বুদ্ধের উপদেশ চতুষ্টয়। ~**চর্চা** *বি* ধর্ম সম্পর্কে আলাপ-আলোচনা; ধর্মাচরণ; ধর্মানুশীলন। ~**চর্যা**, ~**পালন**, **ধর্মাচরণ** *বি* ধর্মানুষ্ঠান; পুণ্যকার্য সম্পাদন; ধর্মশাস্ত্রবিহিত কার্য। ~**চারী**(-রিন্), **ধর্মাচারী**(-রিন্) *বি, বিণ* ধর্ম পালন করে এমন; ধার্মিক; ধর্মশীল। ~**চারিণী** *বি স্ত্রী.* ধর্মপরায়ণা; সাধ্বী; সহধর্মিণী। ~**চিন্তা** *বি* ধর্মের তত্ত্ববিষয়ক চিন্তা বা ধ্যান; অধ্যাত্ম বিষয়ক চিন্তা। ~**জ** *বি* আপন ঔরসজাত বৈধ পুত্র; ধর্মপত্নীর গর্ভজাত পুত্র। ~**জায়া** *বি* ধর্মপত্নী। ~**জীবন** *বি* ধার্মিকের জীবন; সাধুর জীবন; ধর্মবোধের দ্বারা নিয়ন্ত্রিত জীবন। ~**জ্ঞ** *বিণ* ধর্মের তত্ত্ব জানেন এমন; ধর্মের নিগূঢ় মর্ম বিষয়ে অভিজ্ঞ; ধর্ম বিষয়ে পণ্ডিত। ~**জ্ঞান** *বি* ধর্ম কী জিনিস তা জানা; পাপ-পুণ্য বিষয়ক জ্ঞান; ঔচিত্যবোধ। ~**ঠাকুর** *বি* ১ একজন বৌদ্ধ দেবতা। ২ ধর্মমঙ্গলে বর্ণিত দেবতা। ৩ হিন্দুদের লৌকিক দেবতা। ~**ত**, ~**তঃ** *অব্য, ক্রিবিণ* ধর্মানুসারে; ধর্মকে সাক্ষী করে (ধর্মত শপথ করে বলা)। □ *অব্য* ধর্মের নিকটে (এ কাজ করলে ধর্মত পতিত হবে)। ~**তত্ত্ব** *বি* ১ ধর্মের প্রকৃত তাৎপর্য; ধর্মের নিগূঢ় মর্ম। ২ ধর্ম সংক্রান্ত শাস্ত্র; ধর্মদর্শন। ~**ত্যাগ** *বি* নিজের ধর্ম, আচার প্রভৃতি বর্জন। ~**ত্যাগী** *বি, বিণ* ধর্ম ত্যাগ করেছে এমন; প্রচলিত ধর্মে অবিশ্বাসী। ~**ত্যাগিনী** *স্ত্রী.*। ~**দ্রোহ**, ~**দ্রোহিতা** *বি* ১ ধর্মের বিরুদ্ধাচরণ; অধর্মাচরণ। ২ ধর্মবিদ্বেষ। ~**দ্রোহী**, ~**দ্বেষী** (-ষিন্) *বি, বিণ* ধর্মবিহিত আচরণ বা বিশ্বাসের বিরোধী। □ *বিণ* অধার্মিক; ধর্মত্যাগী। ~**দ্রোহিণী**, ~**দ্বেষিণী** *স্ত্রী.*। ~**ধ্বজী**(-জিন্) *বিণ* কপট ধার্মিক; ধর্মের ভানকারী; ধার্মিকের বেশে প্রতারক। ~**ধ্বজিনী** *স্ত্রী.*। ~**নাশ** *বি* ১ ধর্মহানি; ধর্মের লোপ বা ক্ষতি; ধর্মচ্যুতি। ২ সতীত্বনাশ। ~**নিষ্ঠ** *বি, বিণ* ধর্মে একান্ত অনুরক্ত; ধর্মপরায়ণ; ধার্মিক। ~**নিষ্ঠতা** *বি* ধর্মপরায়ণতা; ধার্মিকতা (এমন ধর্মনিষ্ঠতা কলি যুগে দেখা যায় না—*রঠা*)। ~**নিষ্ঠা** *বি* ধর্মে আস্থা; ধর্ম বিষয়ে আন্তরিক অনুরাগ; সাধ্যানুসারে ধর্মপথে চলা; ধার্মিকতা। ~**নীতি** *বি* যে শাস্ত্রে ধর্ম সম্বন্ধে কর্তব্যাকর্তব্য নির্ধারিত আছে; ধর্মের তত্ত্ব ও নির্দেশাবলি সম্পন্ন শাস্ত্র। ~**পত্নী** *বি* ১ বিবাহিতা স্ত্রী; সহধর্মিণী। ২ হিন্দুমতে প্রথমা স্ত্রী, যার সহযোগে ধর্মাচরণ বিধেয়। ~**পথ** *বি* পুণ্যকর্মাদি দ্বারা জীবনযাপন প্রণালি; ন্যায়পথ; ধর্মাচরণ। ~**পরায়ণ** *বিণ* অতিশয় ধার্মিক; ধর্মনিষ্ঠ; ধর্মাত্মা। ~**পরায়ণা** *স্ত্রী.*। ~**পরায়ণতা**, ~**পরায়ণত্ব** *বি* ধার্মিকতা; ধর্মনিষ্ঠা। ~**পাল** *বি* ১ যিনি ধর্ম রক্ষা করেন; ধর্মরক্ষক; ধর্মপালক। ২ বঙ্গের পাল বংশীয় রাজাদের অন্যতম। ~**পিতা**, ~**বাপ** *বি* ১ ধর্ম সাক্ষী করে যাকে পিতা রূপে গ্রহণ করা হয়েছে। ২ রক্ষাকর্তা; ত্রাণকর্তা। ~**মাতা** *স্ত্রী.*। ~**পিপাসা** *বি* ধর্ম সম্বন্ধে জ্ঞান লাভের আগ্রহ। ~**পুত্র** *বি* ১ যুধিষ্ঠির; ধর্মের ঔরসজাত পুত্র। ২ ধর্ম মতে যাকে পুত্র বলে গ্রহণ করা হয়েছে; ধর্মছেলে। ~**পুত্র**/~**পুত্তুর যুধিষ্ঠির** *বি* ১ ধর্মাত্মা যুধিষ্ঠির। ২ *(ব্য.)* সত্যবাদিতার ভানকারী (প্রকৃতপক্ষে অতিশয় মিথ্যাবাদী)। ~**পুস্তক** *বি* ধর্মের বই। ~**প্রচারক** *বি* কোনো ধর্ম বিষয়ক মতামত প্রচারকারী। ~**প্রবক্তা** *বি* ধর্মোপদেশক; ধর্মনিরূপক পুরুষ; ধর্মব্যাখ্যাকারী। ~**প্রবণ** *বিণ* ধর্মপরায়ণ; ধর্মানুরাগী; ধার্মিক। ~**প্রমাণ** *ক্রিবিণ* ধর্মকে সাক্ষী করে; ধর্মত (ধর্মপ্রমাণ অকপট হৃদয়ে কহিতেছি—*ঈবি*)। □ *বিণ* ধর্ম সাক্ষী এমন; ধর্ম সাক্ষী করে অনুষ্ঠিত। ~**প্রাণ** *বি, বিণ* ধর্মকে যে প্রাণস্বরূপ মনে করে; ধর্মে একান্ত অনুরক্ত; পরম ধার্মিক। ~**প্রাণা** *স্ত্রী.*। ~**প্রাণতা** *বি*। ~**বড়াই** *বিণ* ধর্ম নিয়ে বড়াই করে এমন; ধর্মধ্বজী; ধার্মিক বলে আত্মপ্রচারক (অধর্ম হবে—ওরে আমার ধর্মবড়াই—*দীমি*)। ~**বিদ** *বি* ১ ধর্মজ্ঞ; ধর্মতত্ত্বজ্ঞ। □ *বিণ* ধার্মিক। ~ **বিপ্লব** *বি* ১ ধর্মসংক্রান্ত বিপ্লব বা পরিবর্তন; ধর্মে ব্যাপক অনাস্থা। ২ ধর্ম নিয়ে বিষম গোলযোগ; ধর্ম সম্পর্কে নানা মত ও পথের সংঘর্ষ। ~**বিভা** *বি* ধর্মের আলোক; ধর্মপ্রভা (ধর্মবিভা পৃথিবীরে দিয়েছ নিয়ত—*সদ*)। ~**বুদ্ধি** *বি* ১ ধর্ম সম্পর্কে জ্ঞান; ধর্মনিরূপক জ্ঞান। ২ ধর্মসঙ্গত জ্ঞান; ন্যায়বোধ; কল্যাণবোধ। ~**বৃদ্ধ** *বিণ* প্রবীণ ধর্মজ্ঞ; অত্যন্ত ধর্মজ্ঞানসম্পন্ন; ধার্মিকশ্রেষ্ঠ। ~**ভয়** *বি* পাপের ভয়; ধর্ম অমান্য করলে দণ্ড ভোগ করতে হবে, এ ভয়। ~**ভাই** *বি* ধর্মসাক্ষী করে যাকে ভাই বলে গ্রহণ করা হয়েছে। ~**ভীরু**

বি, বিণ যার ধর্মে ভয় আছে; ধর্মপালনে সতর্ক; ধর্ম পালন না করলে শাস্তি ভোগ করতে হবে এরূপ বিশ্বাসী।❑ *বিণ* ধার্মিক। ~**ভীরুতা** *বি*। ~**ভ্রষ্ট** *বি, বিণ* ধর্মপথ থেকে বিচ্যুত; ধর্মত্যাগী; পতিত। ~**ভ্রষ্টা** *স্ত্রী.*। ~**ভ্রাতা**, ~**ভাই** *বি* ১ ধর্ম সাক্ষী করে যাকে ভাই বলে গ্রহণ করা হয়েছে। ২ গুরু–ভাই। ~**ভগ্নি**, ~**বোন** *স্ত্রী.*। ~**মঙ্গল** *বি* ধর্ম ঠাকুরের মাহাত্ম্য বর্ণনামূলক মধ্যযুগের বাংলা কাব্য। ~**মন্দির** *বি* ধর্মানুষ্ঠানগৃহ; উপাসনালয়; ভজনালয়। ~**ময়** *বিণ* ১ যেখানে ধর্ম ব্যতীত আর কিছুই নেই; অধর্মশূন্য। ২ ধর্মে পরিপূর্ণ; সাক্ষাৎ ধর্ম; মূর্তিমান ধর্ম। ~**যুদ্ধ** *বি* ধর্মরক্ষার জন্য যুদ্ধ; জেহাদ। ২ ধর্মের বিধান অনুযায়ী সম্পাদিত যে যুদ্ধ। ~**রক্ষা** *বি* ১ ধর্মনাশ হতে না দেওয়া। ২ ধর্মপালন; ধর্মাচরণ। ৩ সতীত্ব রক্ষা। ~**রাজ** *বি* ১ যম। ২ যুধিষ্ঠির। ৩ ধর্মঠাকুর। ৪ বুদ্ধ। ~**রাজ্য** *বি* যে রাজ্যে ন্যায়বিচার বিদ্যমান; ধর্মভাবের দ্বারা শাসিত রাজ্য। ~**লক্ষণ** *বি* ধর্মের চিহ্ন; হিন্দুমতে ধৃতি, ক্ষমা, দম, অস্তেয়, শৌচ, ইন্দ্রিয়দমন, ধী, বিদ্যা, সত্যপ্রিয়তা, অক্রোধ—এই দশটি ধর্মের লক্ষণ। ~**লোপ** *বি* ১ ধর্মাচার বা ধর্মজীবনের প্রতি ব্যাপক অমনোযোগ। ২ ধর্মশূন্যতা। ~**শালা** *বি* ১ বিচারালয়; আদালত। ২ আরাধনা করার গৃহ; উপাসনালয়। ৩ যে স্থানে বিনামূল্যে বাসস্থান ও অন্ন দেওয়া হয়; অতিথিশালা। ~**শাসন** *বি* ১ ধর্ম পালনের জন্য নির্দিষ্ট বিধি বা অনুশাসন। ২ ধর্মশাস্ত্র। ~**শাস্ত্র** *বি* ১ যে শাস্ত্রে বা গ্রন্থে ধর্মের দ্বারা নির্ধারিত আচার–ব্যবহার নির্দিষ্ট থাকে; ধর্মবিষয়ক গ্রন্থ; কুরআন; হাদিস। ২ হিন্দুমতে স্মৃতিশাস্ত্র। ~**শিক্ষা** *বি* ধর্মাচার ও ধর্মনীতি বিষয়ে উপদেশ; ধর্মবিষয়ে শিক্ষা; যে শিক্ষায় ধর্ম সম্পর্কে জ্ঞান হয়। ~**শীল** *বি, বিণ* ধর্মপরায়ণ; ধার্মিক (তুমিও আল্লাহ্‌র প্রিয় অতি ধর্মশীল—*সৈসু*)। ~**সংকর** *বি* পরস্পরবিরুদ্ধ ধর্মের সংমিশ্রণ। ~**সংস্কার** *বি* ১ ধর্ম সম্বন্ধে ধারণা। ২ প্রচলিত ধর্মের উন্নতি সাধন। ৩ ধর্ম সম্বন্ধে নতুন প্রেরণা সঞ্চার। ~**সংস্কারক** *বি, বিণ* যিনি ধর্মের উন্নতি বিধান করেন। ~**সংস্থাপন** *বি* ধর্মের প্রতিষ্ঠা; অধর্মের বিনাশপূর্বক ধর্মের প্রবর্তন। ~**সংহিতা** *বি* হিন্দু ধর্মশাস্ত্র; হিন্দুদের সামাজিক অনুশাসন সমন্বিত গ্রন্থ। ~**সঙ্গত**, ~**সম্মত** *বিণ* ধর্মের দ্বারা অনুমোদিত; ধর্মের নির্দেশানুযায়ী। ~**সভা** *বি* ১ ধর্মালোচনার জন্য অনুষ্ঠিত সভা। ২ ধর্মের উন্নতি ও সংরক্ষণের জন্য সভা। ~**সাক্ষী** (–ক্ষিন্) *বিণ* ধর্মই সাক্ষী; ধর্ম সাক্ষী এমন। ❑ *বি* ধর্মের নামে শপথ গ্রহণ। ~**সাধন** *বি* ধর্মপালন; ধর্মজীবন যাপন। ~**হানি** *বি* ধর্মের ক্ষতি; ধর্ম পালনের ত্রুটি; ধর্মনাশ। ~**হীন** *বি, বিণ* ধর্মবিচ্যুত; অধার্মিক; পাপী; ন্যায়–অন্যায় বোধহীন। **ধর্মের কল বাতাসে নড়ে, ধর্মের ঢাক আপনি বাজে**—পাপ গোপন থাকে না; আল্লাহ্‌র বিচার কখনও এড়ানো যায় না। **ধর্মের ষাঁড়** *বি* ১ জৈন ও হিন্দুমতে ধর্মের নামে উৎসর্গ করা মুক্ত ষাঁড়। ২ (*ব্য.*) তদনুরূপ স্বেচ্ছাচারী ও অলস ব্যক্তি, উদ্দেশ্যহীনভাবে যেখানে সেখানে ঘুরে বেড়ানোই যার কাজ। *তুল.* **খোদার ষাঁড়**। **ধর্মে সওয়া** *ক্রি* ধর্মের বা আল্লাহ্‌র শাস্তি এড়ানো। { *স.* √ধৃ+ম(মন্) }

ধর্মনিরপেক্ষ [ধরমোনিরোপেক্‌খো] *বিণ* ধর্ম দ্বারা নিয়ন্ত্রিত নয় এমন; secular। **ধর্মনিরপেক্ষতা** *বি* যে মতবাদে ধর্মকে ব্যক্তিগত বিশ্বাস ও আচরণের বিষয়রূপে গণ্য করা হয় এবং রাষ্ট্র কোনো বিশেষ ধর্মের প্রতি পক্ষপাতিত্ব করে না; যে রাজনৈতিক পদ্ধতিতে রাষ্ট্র ধর্মকে ব্যবহার করে না; socularism। { *স.* ধর্ম+নিরপেক্ষ; *বহু.* }

ধর্মাচরণ [ধরমাচরোন্] *বি* ১ ধর্মবিহিত আচরণ। ২ ধর্মের অনুষ্ঠান। **ধর্মাচারী** (–রিন্) *বিণ* ধর্মবিহিত আচরণ করে এমন; ধর্মাচরণকারী। { *স.* ধর্ম+আচরণ; ৬তৎ }

ধর্মাচার্য [ধরমাচারজো] *বি* যিনি ধর্ম সম্বন্ধে উপদেশ দান করেন; ধর্মশিক্ষক; ধর্মবিজ্ঞানের অধ্যাপক। { *স.* ধর্ম+আচার্য; ৬তৎ }

ধর্মাত্মা [ধরমাত্‌তা] *বি, বিণ* অত্যন্ত ধার্মিক; ধর্মে অত্যন্ত অনুরক্ত; ধর্মপ্রাণ; পরহেজগার। { *স.* ধর্ম+আত্মা; *বহু.* }

ধর্মাধর্ম [ধরমাধরমো] *বি* পাপ ও পুণ্য; সৎ ও অসৎ কর্ম। { *স.* ধর্ম+অধর্ম; *দ্বন্দ্ব.* }

ধর্মাধিকরণ [ধরমাধিকরোন্] *বি* ১ ধর্মস্থান। ২ বিচারালয়; ন্যায় অন্যায়ের বিচারস্থল; আদালত; court of justice। ৩ বিচারক; বিচারপতি; judge। { *স.* ধর্ম+অধিকরণ; ৬তৎ }

ধর্মাধিকরণিক [ধরমাধিকরোণিক] *বি* বিচারক; judge। { *স.* ধর্ম+অধিকরণিক; *বহু.* }

ধর্মাধিকার [ধরমাধিকার] *বি* ন্যায়–অন্যায় বিচারের অধিকার। ২ বিচারকের পদ বা বৃত্তি। { *স.* ধর্ম+অধিকার }

ধর্মাধিকারী [ধরমাধিকারি] *বি* ন্যায়–অন্যায় বিচারকারী; বিচারক। { *স.* ধর্ম+অধিকারী }

ধর্মাধ্যক্ষ [ধরমাদ্‌ধোক্‌খো] *বি* ধর্মসংক্রান্ত বিষয়ের ভারপ্রাপ্ত প্রধান রাজপুরুষ; প্রধান বিচারপতি; chief justice। { *স.* ধর্ম+অধ্যক্ষ; ৬তৎ }

ধর্মানুগত, ধর্মানুমোদিত, ধর্মানুসারী [ধরমানুগতো, –মোদিতো, –শারি] *বিণ* ধর্মপথগামী; ধর্মের নিয়মমতো অনুষ্ঠিত; ধর্মসঙ্গত; শাস্ত্রবিহিত। { *স.* ধর্ম+অনুগত, অনুমোদিত, অনুসারী }

ধর্মানুষ্ঠান [ধরমানুশ্‌ঠান্] *বি* ধর্মবিহিত কাজের অনুষ্ঠান; ধর্মপালন; ধর্মাচরণ। { *স.* ধর্ম+অনুষ্ঠান; ৬তৎ }

ধর্মান্তর [ধরমান্‌তর্] *বি* অন্য ধর্ম। ~ **গ্রহণ** *বি* নিজ ধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ। **ধর্মান্তরিত** *বিণ*। { *স.* ধর্ম+অন্তর; *নিত্য.* }

ধর্মান্দোলন [ধরমান্‌দোলোন্] *বি* ধর্মসংস্কারের জন্য আন্দোলন। { *স.* ধর্ম+আন্দোলন; ৪তৎ }

ধর্মান্ধ [ধরমানধো] *বিণ* নিজ ধর্মে অন্ধের মতো বিশ্বাসী ও পরধর্ম বিদ্বেষী। –**তা** *বি*। **ধর্মান্ধা** *স্ত্রী.*। { *স.* ধর্ম+অন্ধ; ৭তৎ }

ধর্মাবতার [ধরমাবোতার্] *বি* ১ সাক্ষাৎ ধর্মস্বরূপ; মূর্তিমান ধর্ম। ২ বিচারক; রাজা; প্রভু; আশ্রয়দাতা প্রভৃতির প্রতি সম্বোধনবিশেষ (ধর্মাবতার, নালিশ করিবার ইচ্ছা আমার ছিল না—*রঠা*)। { *স.* ধর্ম+অবতার; ৬তৎ }

ধর্মাবলম্বী [ধরমাবোলোম্‌বি] *বিণ* ১ ধর্মগ্রহণকারী; ধর্মাশ্রিত; ধর্মবিশিষ্ট (ইসলাম ধর্মাবলম্বী)। ২ ধর্মসম্প্রদায়ের অন্তর্গত। **ধর্মাবলম্বিনী** *স্ত্রী.*। { *স.* ধর্ম+অবলম্বী, অবলম্বিনী; *বহু.* }

ধর্মার্থ [ধরমারথো] *বি* ধর্ম ও ধন। □ *বি, বিণ* ধর্মের জন্য। **ধর্মার্থে** *ক্রিবিণ* ধর্মের জন্য। { *স.* ধর্ম+অর্থ; ৬তৎ }

ধর্মাসন [ধরমাশোন] *বি* বিচারকের আসন; যে আসনে বসে বিচারকার্য করা হয়। { *স.* ধর্ম+আসন}

ধর্মিষ্ঠ, ধর্মীয়ান [ধোরমিশ্‌ঠো, ধোরমিয়ান্] *বিণ* পরমধার্মিক; একান্ত ধর্মনিষ্ঠ; ধর্মে অত্যন্ত অনুরক্ত। **ধর্মিষ্ঠা** *স্ত্রী*। { *স.* ধর্মি+ইষ্ঠ(ইষ্ঠন্), ঈয়ান্(ঈয়সুন্)}

–ধর্মী(–র্মিন্) [ধোরমি] *বিণ* ১ প্রকৃতিযুক্ত; স্বভাবযুক্ত; গুণবিশিষ্ট; ধর্মযুক্ত (মানবধর্মী)। ২ ধার্মিক; ধর্মপরায়ণ। **ধর্মিণী** *স্ত্রী*। { *স.* ধর্ম+ইন্(ইনি)}

ধর্মোদ্দেশে [ধরমোদ্‌দেশে] *ক্রিবিণ* ধর্মের জন্য বা নিমিত্ত। { *স.* ধর্ম+উদ্দেশে; ৬তৎ }

ধর্মোন্মাদ [ধরমোন্‌মাদ্] *বিণ* ধর্মবিষয়ে উন্মত্ত; স্বধর্মে পরম বিশ্বাসী কিন্তু পরধর্মে অসহিষ্ণু। **ধর্মোন্মাদনা** *বি*। { *স.* ধর্ম+উন্মাদ}

ধর্মোপদেশ [ধরমোপদেশ্] *বি* ১ ধর্ম বিষয়ে উপদেশ ও শিক্ষা। ২ ধর্মজীবন যাপনের জন্য উপদেশ। { *স.* ধর্ম+উপদেশ}

ধর্মোপদেষ্টা, ধর্মোপদেশক [ধরমোপদেশ্‌টা, –দেশক্] *বিণ* ধর্ম বিষয়ে উপদেশদাতা; ধর্মশিক্ষক; ধর্ম বিষয়ে ওয়াজকারী। **ধর্মোপদেশিকা** *স্ত্রী*। { *স.* ধর্ম+উপদেষ্টা, উপদেশক; ৬তৎ }

ধর্মোপাসক [ধরমোপাশোক্] *বিণ* ধর্মাবলম্বী; ধর্মের উপাসনাকারী। **ধর্মোপাসিকা** *স্ত্রী*। { *স.* ধর্ম+উপাসক}

ধর্মোপাসনা [ধরমোপাশোনা] *বি* ধর্ম নির্দেশিত উপাসনা; ধর্মবিহিত উপাসনা। { *স.* ধর্ম+উপাসনা; ৬তৎ }

ধর্মোপেত [ধরমোপেতো] *বিণ* ধর্মযুক্ত; ধর্মসঙ্গত; ন্যায়সঙ্গত। { *স.* ধর্ম+উপেত; ৩তৎ }

ধর্ম্য [ধরমো] *বিণ* ১ ধর্ম অনুযায়ী; ধর্মসঙ্গত। ২ ধর্মযুক্ত; ধর্ম থেকে অবিচ্ছিন্ন। ৩ ধর্মলব্ধ। **ধর্ম্যা** *স্ত্রী*। { *স.* ধর্ম+য(যৎ)}

ধর্ষক [ধরশোক্] *বিণ* ধর্ষণকারী; পীড়ক; অত্যাচারী। { *স.* √ধৃষ+অক(ণ্বুল)}

ধর্ষণ, –ধর্ষ (–ধর্ষ সাধারণত অন্য শব্দের সাথে যুক্ত হয়ে ব্যবহৃত হয়, যথা—দুর্ধর্ষ) [ধরশোন্, ধরশো] *বি* ১ পীড়ন; অত্যাচার; নির্যাতন (প্রজা–ধর্ষণ)। ২ বলাৎকার; বলপূর্বক গ্রহণ (নারীধর্ষণ)। ৩ দলন; পরাজিতকরণ (দুর্ধর্ষ)। **ধর্ষণী** *বি* অসতী নারী। **ধর্ষণীয়** *বিণ* ধর্ষণযোগ্য; ধর্ষণসাধ্য; নির্যাতন বা দলন করতে পারা যায় এমন। **ধর্ষিত** *বিণ* ১ উৎপীড়িত; অত্যাচারিত। ২ পরাভূত; পরাজিত। ৩ অপমানিত; তিরস্কৃত। ৪ ধর্ষণ বা বলাৎকার করা হয়েছে এমন। **ধর্ষিতা** *বিণ স্ত্রী*. বলাৎকৃতা; বলপূর্বক (কোনো নারীর) সতীত্ব নষ্ট করা হয়েছে এমন। □ *বিণ* উৎপীড়িতা। { *স.* √ধৃষ+অন(ল্যুট্), অ(ঘঞ্)}

ধল, ধলা [ধল্, ধলা] *বিণ* শুভ্র; সাদা; ফরসা (সেখানে ধলা ভালুক আছে—*অঠা*)। **ধলী** *স্ত্রী*। { *স.* ধবল>}

ধস[১] [ধশ্] অব্য মাটির বড় চাপ খসে পড়ার শব্দ। { *স.* ধ্বংস>ধস (বিনাশ অর্থে)}

ধস[২] [ধশ্] *বি* ধসে পড়া মাটির বড় চাপ। **ধসন** *বি* ধসে পড়া। **–ধসে** *বিণ* ১ ভেঙে পড়ার মতো। ২ অন্তঃসারশূন্য। **– ভাঙা বা নামা** *ক্রি* ১ পুকুর বা নদীর পাড়ের বড় চাপ ভেঙে বা ধসে পড়া। ২ পাহাড়ের গা থেকে মাটির বড় চাপ খসে পড়া। { *স.* ধ্বংস>ধস (বিনাশ অর্থে)}

ধসকা [ধশ্‌কা] *বিণ* ১ ধসে পড়ার মতো; ভগ্নপ্রবণ। ২ ঢিলা; আলগা; শিথিল; শ্লথ (ধসকা মাটি)। ৩ কমজোর; দুর্বল; বলবীর্যহীন; অন্তঃসারশূন্য (*তুল.* ঢোস্কা–ধসকা শরীর)। **ধসকানো** *ক্রি* শিথিল বা ঢিলা বা আগলা হওয়া; ভেঙে পড়া; ধসে যাওয়া; ধসানো (পুকুরপাড় ধসকেছে)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* ধ্বংস; ধ্বন্যা. }

ধসা [ধশা] *ক্রি* ১ খসে পড়া; ভেঙে পড়া (নদীর পাড় ধসা)। ২ ধ্বংসপ্রাপ্ত হওয়া। ৩ দুর্বল হওয়া বা বলবীর্য নষ্ট হওয়া (শরীর ধসে গেছে)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ধসন** *বি*। **ধসানো** *ক্রি* ১ ধসকা বা শিথিল করা; ধস নামানো বা ভেঙে ফেলা। ২ সম্পাদন করা (সে তাহার স্তূপীকৃত কাজ ধসাইয়া চলিয়াছে—*কাআও*)। { *স.* √ধ্বংস্>*বা.* ধস+আ}

ধস্ত, ধ্বস্ত [ধস্‌তো] *বিণ* বিধ্বস্ত (সাধারণত বিধ্বস্ত শব্দের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয়)। **–বিধ্বস্ত** *বিণ* ভীষণভাবে বিধ্বস্ত। { *স.* ধ্বস্>*বা.* ধস+ত(ক্ত)}

ধস্তাধস্তি [ধস্‌তাধোস্‌তি] *বি* ১ পরস্পর বিক্রম প্রকাশ; পরস্পর বল প্রয়োগ; টানাটানি; ঠেলাঠেলি (বিপক্ষের সঙ্গে ধস্তাধস্তি)। ২ সমবেতভাবে অনবরত বলপ্রয়োগ (ধস্তাধস্তি করে মাল তোলা)। { *স.* ধ্বস্ত+আ+ধ্বস্ত+ই; বহু }

ধা[১] [ধা] *বি* ১ (*সন্*) স্বরগ্রামের ষষ্ঠস্বর ধৈবতের সংকেত। ২ ধারক; ধারণকর্তা। { *স.* ধৈবত>}

–ধা[২] [ধা] (*ব্যা.*) তদ্ধিত প্রত্যয়বিশেষ; প্রকারবাচক শব্দ। (দ্বিধা, বহুধা, শতধা)। {ধাচ্ অনুবন্ধবিশিষ্ট তৎসম তদ্ধিত প্রত্যয়}

ধাই[১] (*মবা.*) [ধাই] *বি* ধাবন; ধাওয়া; দৌড়ে পালিয়ে যাওয়া; ধেয়ে যাওয়া; দৌড়; চম্পট (সময়ে কাটায়ে ঘোড়া সবে দিল ধাই—*ঘচ*)। { *স.* √ধাব্>}

ধাই[২]**, দাই** [ধাই, দাই] *বি* ১ উপমাতা; ধাত্রী; মাতার ন্যায় যে স্ত্রীলোক শিশু পালন করে। ২ যে স্ত্রীলোক সন্তান প্রসব করায়, প্রসূতিকে সাহায্য করে এবং আঁতুড় ঘরে প্রসূতি ও নবজাত শিশুর সেবা করে; দাইমা। ৩ শিশু বা বালক–বালিকাদের পরিচারিকা; ঝি। ৪ যে স্ত্রীলোক নিজের স্তন্যে অন্যের সন্তান পালন করে (বান্দী লোউণ্ডি দাই কত খেদমতে হাজির—*সৈহা*)। **–তেলা** *বিণ* ধাত্রী যেমন নবজাত শিশুর শরীরে প্রচুর তেল মাখায় সেরূপ তেল মাখা; অতিরিক্ত তৈলমর্দিত। **ধাইমা, দাইমা** *বি* ধাত্রীমাতা। { *স.* ধাত্রী>}

ধাই[৩] [ধাই] *বি* ১ ধাই ফুল গাছ; ঘাতকী ফুল গাছ; *Woodfordia floribunda*। ২ আমলকী। { *স.* ঘাতকী>*প্রা.* ধাআই>}

ধাউড়[১] [ধাউড়্] *বিণ* ধাবক; দ্রুতগামী; সংবাদ বাহক। □ *বি* দৌড়; ধাবন। { *স.* ধাবক>}

ধাউড়[২]**, ধাউর** [ধাউড়্, –র্] (*মবা.*) *বিণ* প্রবঞ্চক; শঠ; কপট (চোর–ধাউড়)। { *স.* ধূর্ত>; *স.* ধাটী>*প্রা.* ধাড়ী>}

ধাউড়িয়া [ধাউড়িয়া] *বিণ* দ্রুতগামী সংবাদবাহক। { *স.* ধাবক>ধাউড়+ইয়া}

ধাউত *(প্রাবা.)* [ধাউত্] *বি* দেহের ধাতু (এই চারি ধাউত—*গোরক্ষ বিজয়*)। { *স.* ধাতু> }

ধাউস, ঢাউস [ধাউশ্, ঢা–] *বিণ* অতি বৃহদাকার। □ *বি* বড় ঘুড়িবিশেষ। { *স.* ধাব> }

ধাওড়া [ধাওড়া] *বি* সাঁওতাল কুলিদের কুটির বা বাসগৃহ (ধাওড়া পাড়ার নৈশ উল্লাসের ধ্বনি—*আআআ*)। □ *বিণ* সুবিস্তৃত; চওড়া; অতিশয় লম্বা। ধাওড়ী *স্ত্রী.*। { *সাওতালি.* ধাওড়া }

ধাওয়া[১] [ধাওয়া] *ক্রি* দৌড়ানো; ধাবন করা; ছুটে চলা; দ্রুত পলায়ন করা (বেগে ধায় নাহি রহে স্থির—*হেব*)। □ *বিণ* ধাবন; পশ্চাৎ থেকে তাড়া দেওয়া। – **করা** *ক্রি* ১ পশ্চাদ্ধাবন করা; পিছনে ধাওয়া করা (অফিস পর্যন্ত ধাওয়া করেছে)। ২ উদ্দেশ্য সাধনের জন্য বহু দূরে যাওয়া (ঢাকা পর্যন্ত ধাওয়া করেছে)। **ধাওয়াধাই** *ক্রি* দ্রুত; সত্বর ধাবনের দ্বারা (ধাওয়াধাই আসি বাসে শিরে হাত হানে—*ঘচ*)। **ধাওয়ানো** *ক্রি* দৌড়ানো; তাড়ানো। { *স.* √ধাব্> }

ধাওয়া[২] [ধাওয়া] *বি* মুসলিম মৎস্যজীবী সম্প্রদায়বিশেষ। { *স.* √ধাব্> }

ধাওয়া[৩] *(ব্র.)* [ধাওয়া] *ক্রি* ধাবিত বা প্রবাহিত হওয়া (মধুঋতু ধাওয়া—*রঠা*)। { *স.* √ধাব্> }

ধাওলা *(মবা.)* [ধাওলা] *বিণ* ধবল; সাদা; শ্বেত (ধাওলা পাঁঠালেন রথী—*মাব*)। { *স.* ধবল> }

ধাঁ [ধাঁ] *অব্য* ১ শীঘ্র; চট; সহসা; দ্রুতগতি (ধাঁ করে চলে যাওয়া)। ২ সহসা আগুন জ্বলার শব্দ বা প্রহারের আওয়াজ (ধাঁ করে আগুন জ্বলে উঠল)। { *স.* ধাব> }

ধাঁই [ধাঁই] *অব্য* হঠাৎ জোরে মারার শব্দ (ধাঁই করে মেরে বসল)। { *ধ্বন্যা.* }

ধাঁচ, ধাঁচা, ধাঁজ [ধাঁচ্, –চা, –জ্] *বি* ১ প্রকৃতি; ধরন; আদল; ছাঁচ; রকম (কড়া ধাঁচের মেজাজ)। ২ আকৃতি; ধরন; গড়ন (আরবী চিহ্নগুলি সহজ ধাঁচের ও অনায়াসে লেখা যায়—*মআ*)। { সাঁচ> }

ধাঁ ধাঁ [ধাঁধাঁ] *ক্রিবিণ* দ্রুত; খুব তাড়াতাড়ি (জ্বর ধাঁ ধাঁ করে বাড়লো)। { *স.* √ধাব্> }

ধাঁধা [ধাঁধা] *বি* ১ দৃষ্টিবিভ্রম (চোখে ধাঁধা লাগা)।। ২ দিশেহারা ভাব; সংশয়; ধোঁকা (ওদের কথায় ধাঁধা লাগে, তোমার কথা আমি বুঝি—*রঠা*)। ৩ জটিল সমস্যা (গোলকধাঁধা)। ৪ কৌতূহল সৃষ্টিকারী বিভ্রান্তিকর অথচ বুদ্ধিদীপ্ত প্রশ্ন (ধাঁধার উত্তর)। **ধাঁধানো** *ক্রি* দৃষ্টি বিভ্রান্তকর; ধাঁধা লাগানো; চোখ ঝলসানো (দেব বিভা ধাঁধিল নয়নে—*মদ*)। – **লাগা** *ক্রিবিণ* বিমূঢ় হওয়া; দৃষ্টিভ্রম হওয়া। { *স.* দ্বন্দ্ব> }

ধাকড়া, ধোকড়া, ধুকড়ি [ধাকড়া, ধোকড়া, ধুকড়ি] *বিণ* ১ ছিন্ন; ছেঁড়া; কুটিকুটি, অত্যন্ত ছেঁড়া। ২ ছেড়া কাঁথা। ৩ মোটা কাপড়। { *স.* ধৌতকট> }

ধাকড়া[২], **ধাগড়া, তাগড়া** [ধাকড়া, ধাগড়া, তাগড়া] *বিণ* বলিষ্ঠ; বলবান; হৃষ্টপুষ্ট। { তাগড়> ; *তুল. হি.* ধোকড় }

ধাক্কা [ধাক্‌কা] *বি* ১ সম্মুখে জোরে ঠেলা দেওয়া; হঠাৎ ঠেলা (গলা ধাক্কা দেওয়া)। ২ সংঘর্ষ; পরস্পর আঘাত; ঠোকাঠুকি (রিক্সা বাসে ধাক্কা)। ৩ আঘাত (দরজায় ধাক্কা দেওয়া)। ৪ সহসা আগত চাপ বা বেগ (জ্বরের ধাক্কা)। ~**ধাক্কি, ঠেলাঠেলি** *বি* ধাক্কার বদলে ধাক্কা। **ধাক্কানো** *ক্রি* ১ (অনবরত) ঠেলা দেওয়া। ২ উক্ত অর্থে। ~ **সামলানো** *ক্রি* বিপদ কাটানো; উপদ্রব সহ্য করা। **গলা~ খাওয়া** *ক্রি (আল.)* অপমানিত হয়ে বিতাড়িত হওয়া। **গলা~ দেওয়া** *ক্রি (আল.)* অপমান করে বিতাড়ন করা। { *স.* ধক্ক> }

ধাগা [ধাগা] *বি* সেলাই করার মোটা সুতা। { *তুল.* তাগা }

ধাঙ [ধাঙ] *অব্য* ধাঁ ধাঁ শব্দ। ধাঙসা নামক বাদ্যযন্ত্রের ধ্বনি। { *ধ্বন্যা.* }

ধাঙসা [ধাঙসা] *বি* দামামা প্রভৃতি রণবাদ্য (ধাঙসা বাজে—*ঘচ*)। { *ধ্বন্যা.* }

ধাঙড়, ধাঙ্গড় [ধাঙোড়্, ধাঙ্‌গোড়্] *বি* নিম্নশ্রেণির হিন্দু সম্প্রদায় বিশেষ; হাজারিবাগ অঞ্চলের আদিম জাতি বিশেষ; ঝাড়ুদার। ২ অসভ্য; বর্বর। ৩ অপরিষ্কার (শ্বশুর ধাঙ্গড় সুখে রইতে দিলে না ঘরে—*অঠা*)। **ধাঙড়ী, ধাঙ্গুরী** *স্ত্রী.* (চান্দ বলে কোথাকার ধাঙ্গুরী—*দ্বিব*)। { *কোল.; মু.* ধানগড় (ভৃত্য) }

ধাটী [ধাটি] *বি* শত্রুর দিকে ধাবন। { *তুল. হি.* ধাবট }

ধাড়া, ধড়া [ধাড়া, ধড়া] *বি* ১ তৌলদণ্ড; কাঁটা। ২ তুলাযন্ত্রের পাল্লা। ৩ পাঁচ সের পরিমাণ; পঁশুরি। ৩ হিন্দু সম্প্রদায়ের পদবিবিশেষ। { *স.* ধট> }

ধাড়ি, ধাড়ী [ধাড়ি] *বি* ১ যে পশু বা পাখি বেশি বাচ্চা দিয়েছে (ধাড়ি বাচ্চা সব পাখি চারদিকে ঘিরে এমনি চেঁচামেচি করতে থাকল—*অঠা*)। ২ সর্দার; প্রবীণ; অগ্রণী; নেতা (চোরের ধাড়ি)। ৩ বৃদ্ধ; বয়স্ক। ৪ পাকা; ঘাগি (এ গুণে কলিকাতার ধাড়ী মহলেও স্থান করিয়া লইয়াছেন —*মাউ*)। { *স.* ধাত্রী> }

ধাত [ধাত্] *বি* ১ স্বভাব (জন্মগত একটা ধাত গড়ে না উঠলে শুধু কলের লাঙ্গল কিনলেও হয় না—*বিব*)। ২ মানসিক প্রকৃতি; মেজাজ (এক এক বস্তুর ধাত বুঝে তবে ছবিতে লাবণ্য যোজনা করাই হল কাজ—*অঠা*)। ৩ শারীরিক সহন ক্ষমতা (শক্ত ধাতের লোক)। ৪ নাড়ি (ধাত–ছাড়া)। ৫ শারীরিক প্রকৃতি (কফের ধাত)। ৬ শুক্র; বীর্য (ধাতের রোগ)। ৭ ধাতু; metal (অষ্ট ধাতের আংটি)। ~ **ধরা** *ক্রি* সুস্থ সবল হওয়া। ~**সহ, ~সওয়া** *বিণ* ধাতে সহ্য হয় এমন; স্বভাবের অনুকূল; প্রকৃতির সঙ্গে সুসঙ্গত, অভ্যস্ত (খারাপ কথা শোনা তাহার ধাতসওয়া হয়ে গেছে)। **ধাতস্থ** *বিণ* প্রকৃতিস্থ; স্বাভাবিক অবস্থায় উপনীত; সুস্থ শান্ত। { *স.* ধাতু> }

ধাতকান [ধাত্‌কান্] *ক্রি* ১ ধক ধক করা। ২ চমকানো। { *তুল. হি.* ধৎকনা }

ধাতকী [ধাতোকি] *বি* ধাই ফুল ও তাহার গাছ। { *স.* ধাতকী }

ধাতব [ধাতোব্] *বিণ* ধাতু সংক্রান্ত; ধাতুনির্মিত; ধাতুময়; ধাতুঘটিত; metallic। { *স.* ধাতু+অ(অণ্) }

ধাতা(–তৃ) [ধাতা] *বি* ১ বিধাতা; আল্লাহ (না জানি কি দোষে মোরে বিড়ম্বিল ধাতা—*ফগ*)। ২ পালনকর্তা। ৩ পিতা। □ *বিণ* ১ ধারণকর্তা; ধারক। ২ রক্ষাকর্তা; রক্ষক। ৩ স্রষ্টা; নির্মাতা। **ধাত্রী** *স্ত্রী.*। { *স.* √ধা+তৃ(তৃচ) }

ধাতানো [ধাতানো] *ক্রি* ধমক দেওয়া; তিরস্কার করা।

□*বি* উক্ত অর্থে। **ধাতানি** *বি* তিরস্কার; কড়া ধমক; শাসন (ধাতানি খাওয়া)। {*ধ্বন্যা.* ধৎ>}

ধাতি *(মবা.)*[ধাতি] *বি* আবর্জনা পরিষ্কার করা (হাড়িপাত্র বাহিবো হইলে ধাতি কারো—*গোদা*)। {*স.* ধৌতি>}

ধাতু[ধাতু] *বি*১ *(আয়ু.)* শরীরস্থ বায়ু, পিত্ত, কফ, মেদ, মজ্জা, অস্থি প্রভৃতি (লোকটি শক্ত ধাতুতে গড়া)। ২ স্বর্ণ, রৌপ্য, লৌহ প্রভৃতি খনিজ পদার্থ। ৩ শুক্র (ধাতুদৌর্বল্য)। ৪ প্রকৃতি; স্বভাব; ধাত (তার ধাতুই ভালো)। ৫ উৎপাদন; উপকরণ (সে কোন ধাতুতে গড়া)। ৬ পঞ্চভূত— ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ও ব্যোম। ৭ *(মবা.)* জ্ঞান; চেতনা (পড়িলা পৃথিবীতলে ধাতুমাত্র নাই—*বৃদা*)। ৮ *(ব্যা.)* ক্রিয়াবাচক শব্দ-মূল (কথার ব্যাকরণে যাকে বলে 'ধাতু' ছবির ব্যাকরণে তার নাম 'কাঠামো'—*অঠা*)। **–কুশল** *বিণ* ধাতুদ্রব্য নির্মাণে সুদক্ষ। **–কোষ** *বি* যে পুস্তকে ধাতুর বিবিধ রূপের নির্ঘণ্ট থাকে। **–ক্ষয়** *বি* ১ শরীরের রস বা রক্তের ক্ষয়। ২ শুক্রক্ষয়। ৩ কাশ রোগবিশেষ। **–গত** *বিণ* ১ শরীরের উপাদান সংক্রান্ত; প্রকৃতিগত। ২ ধাতু সম্বন্ধীয়। **–গর্ভ** *বিণ* ভিতরে ধাতু আছে এমন; খনিজ ধাতু সম্বলিত মাটির স্তর; metalliferous। **–ঘটিত** *বিণ* ১ ধাতু-সংক্রান্ত। ২ খনিজ দ্রব্য সংযোগে তৈরি (ধাতুঘটিত ঔষধ)। ৩ শুক্র সম্পর্কিত। **–ঘ্ন, –নাশক** *বিণ* শরীরের বাত পিত্তাদির দোষ নাশ করে এমন। □*বি* কাঁজি। **–দ্রাবক** *বিণ* ধাতু গলায় বা গলে এমন। □*বি* সোহাগা। **–দ্রাবিকা** *স্ত্রী.*। **~ নরম হওয়া** *ক্রি* শ্লেষ্মা বৃদ্ধি পাওয়া। **ধাতুপ** *বি* অম্লরস। **~পল** *বি* খড়িমাটি; chalk। **~পাঠ** *বি* ব্যাকরণের সংস্কৃত ধাতুসমূহের বিবরণমূলক ও অর্থবোধক গ্রন্থ। **~পুষ্পিকা, –পুষ্প** *বি* ধাই ফুল। **–পোষক** *বিণ* শরীরের পুষ্টিসাধনকারী। **~প্রত্যয়** *বি* কৃদন্ত পদের ব্যুৎপত্তি নির্ণয়কারী ধাতু ও প্রত্যয়। **–বিজ্ঞান, –বিদ্যা** *বি* যে বিদ্যাবলে ধাতু কী ও তা কিভাবে পরিষ্কার করা যায় তা জানা যায়; ধাতুবাদ; mineralogy; metallurgy। **~বিদ** *বিণ* ধাতুবিদ্যায় পারদর্শী; ধাতুবাদী; metallur-gist। **~বৈরী** *বি* গন্ধক। **–ভৃৎ** *বি* পর্বত। **~ময়** *বিণ* ১ ধাতু দ্বারা প্রস্তুত; ধাতুনির্মিত। ২ ধাতুপূর্ণ। **~মল** *বি* মরিচা; জং; rust। **~মারিণী** *বি* সোহাগা। **~রূপ** *বি (ব্যা.)* বিভিন্ন কালে ও পুরুষে ধাতুর বিভিন্ন ক্রিয়ারূপ। **–শিল্প** *বি* সোনা, রুপা, লোহা প্রভৃতি ধাতু দ্বারা নির্মিত শিল্প। **~সাম্য** *বি* শরীরে বায়ু কফ প্রভৃতির সমতা। {*স.* √ধা+তু (তুন্)}

ধাত্র [ধাত্‌ত্রো] *বি* পাত্র। {*স.* √ধা+ত্র}

ধাত্রিকা [ধাত্‌ত্রিকা] *বি* আমলকী। {*স.* ধাত্রী+ক (কন্)+আ(টাপ্)}

ধাত্রী [ধাত্‌ত্রি] *বি* ১ গর্ভধারিণী; মাতা (ছিলে কি জীবের ধাত্রী পৃথিবীর মত—*সদ*)। ২ পালনকারিণী; ধাইমা। ৩ যে নারী সন্তান প্রসব করায় এবং শিশু ও প্রসূতির পরিচর্যা করে। ৪ পৃথিবী। □*বি, বিণ* ধারণ করে যে নারী; ধারণকারিণী। **~বিদ্যা** *বি* যে বিদ্যা দ্বারা সন্তান প্রসব সম্পর্কে জ্ঞানলাভ করা যায়। {*স.* √ধা+তৃ(তৃচ্) ধাতৃ+ঈ(ঙীপ্)}

ধাত্রীফল [ধাত্‌ত্রিফল্] *বি* আমলকী। {*স.* ধাত্রী+ফল}

ধাত্রেয়ী, ধাত্রেয়িকা [ধাত্‌ত্রেয়ি, –কা] *বি* ১ ধাত্রী। ২ ধাত্রীকন্যা। {*স.* ধাত্রী+এয়(ঢক্)+ঈ(ঙীপ্), +ক(কন্)+আ(টাপ্)}

ধান[১] [ধান্] *বি* সুপরিচিত শস্যবিশেষ; ধান্য (ধান সিদ্ধ করা)। ২ ধান গাছ (ধান কাটা)। ৩ এক ধান পরিমাণ ভার; ওজনবিশেষ; সিকি রতি; এক গ্রেনের মতো। **ধানি** (ধানি জমি), **ধেনো** (ধেনো মদ) *বিণ*। **~ কাঁড়া** *ক্রি* তুষ পৃথক করে চাল বের করা। **~ কাটা** *ক্রি* ধান পাকলে ধান গাছ কেটে আঁটি বাঁধা (রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা—*রঠা*)। **~ কাড়ানো** *ক্রি* ধানক্ষেত কর্ষণ দ্বারা আগাছা দূর করা। **~ কুটনি** *বি, বিণ* যে স্ত্রীলোক ধান ভানে; ধান ভানুনি। **~ কোটা** *ক্রি* ধান ভানা। **~ গাছের তক্তা** *বি* যা অবাস্তব; অসম্ভব বস্তু। **~ ঝাড়া** *ক্রি* কাটা ধান পাটায় আছড়ে ঝাড়া। ২ কুলা দিয়ে ঝেড়ে পরিষ্কার করা। **~–ঠেঙ্গানো** *ক্রি* কাটা ধান পাটায় আছড়িয়ে ঝাড়া। **~ দিয়ে লেখাপড়া শেখা** *ক্রি* ১ কম খরচে (পল্লিগ্রামের শিক্ষকের নিকট থেকে) সামান্য বিদ্যালাভ করা। ২ পয়সা খরচ না করার ফলে অল্প বিদ্যা শিক্ষা; অত্যন্ত অল্প বা মূল্যহীন বিদ্যা শেখা। **~দূর্বা** *বি* ১ ধান ও দূর্বা ঘাস। ২ হিন্দু সমাজে বরণ ও আশীর্বাদ (ধান দূর্বা দিয়ে আশীর্বাদ)। **~ নেড়ে দেওয়া** *ক্রি* ধানের চারা গজালে ঐগুলো উঠিয়ে অন্যত্র ফাঁক ফাঁক করে লাগানো। **~ পালা দেওয়া** *ক্রি* ধানগাছ সুশৃঙ্খলভাবে গাদি করা। **~বাড়ি** *বি* ঋণস্বরূপ দেওয়া ধান, যা পরিশোধের সময়ে বেশি দিতে হয়। **~ বোনা** *ক্রি* জমিতে ধান বীজ ছড়ানো (এরূপ চারা পুনরায় তুলে রোপণ করা হয় না)। **~ভানা** *ক্রি* ঢেঁকিতে কুটে ধানের তুষ ছাড়িয়ে চাল বের করা। **~ ভানতে শিবের গীত** *বি* অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা। **~ মাড়াই** *বি* বিছানো ধানগাছের উপর গরু চালিয়ে শিষ থেকে ধান পৃথক করা। **~ শুকানো** *ক্রি* সিদ্ধ ধান রোদে শুকিয়ে ভানার যোগ্য করা। **আউশ ~** *বি* যে ধান বর্ষাকালে কাটা হয়। **আমন ~** *বি* যে ধান হেমন্ত কালে হয়, শালিধান। **ইরি ~** *বি* আউশ আমন বোরো সব মৌসুমে উৎপন্ন উচ্চ ফলনশীল (উফশী) ধান; IRRI। **উড়কি ধানের মুড়কি, উড়ি ধানের মুড়ি** *বি* অজ্ঞাত বস্তু, যার নাম করে ছেলে ভুলানো হয় (উড়কি ধানের মুড়কি দেব—*ছড়া*)। **উড়ি ~** *বি* বন্য ধানবিশেষ; এটা সাধারণত পেকে ঝরে পড়ে এবং সময়মতো তা থেকে পুনরায় গাছ হয়; ঝরা ধান। **কত ধানে কত চাল** ১ কোন ধানে কী পরিমাণ চাল হয় তা জানা, বোঝা বা সে খবর রাখা। ২ *(আল.)* ওয়াকিফহাল হওয়া। ৩ ধমক বা ভীতি প্রদর্শনবিশেষ। **ঝরা ~** *বি* যে ধান পাকলে জমিতে ঝরে পড়ে। **ধানি জমি** *বি* ধান উৎপাদনের উপযোগী জমি; যে জমিতে ধান উৎপন্ন হয় (পাঁচ বিঘে ধানী জমি নিষ্কর লিখে দিচ্ছি—*মীম*)। **ধানি মরিচ, ধানি লঙ্কা** *বি* প্রায় ধানের মতো ছোট অথচ খুব ঝাল মরিচ (গায়ে ধানী লঙ্কা ঘষে দেবে—*নই*)। **বীজ~** *বি* যে পাকা ধান বোনার জন্য রাখা হয়। **ষাট বা ষেটে ~** *বি* গ্রীষ্মকালীন ধান; বোরো ধান। {*স.* ধান্য>}

ধান[২] [ধান্] *বি* ১ আধার; আশ্রয়; নিধান; ভাণ্ডার। ২ স্থান;

জায়গা। ধানী *স্ত্রী.*। { *স.* ধা+অন(ল্যুট)}

ধানক [ধানক] *বি* ধনে। {ধান+ক}

ধানশি, ধানসি [ধান্‌শি] *বি* সঙ্গীতের একটি রাগিণী। { *স.* ধনশ্রী>}

ধানাইপানাই [ধানাইপানাই] *বি* অসংবদ্ধ কথা; আবোলতাবোল; নানা অপ্রাসঙ্গিক উক্তি (সত্যের নাই ধানাইপানাই, সত্য যাহা সমস্ত তাই—*নই*)। { *অনু.*}

ধানি [ধানি] *বিণ* ১ কাঁচা ধানের মতো সবুজ রং বিশিষ্ট; হালকা সবুজ (অনেক দূর পর্যন্ত দেখা যাচ্ছিল তাদের ধানী রঙের শাড়ীর ঢেউ—*নই*)। ২ ধানযুক্ত (ধানি চাউল)। ৩ ধানের মতো ছোট (ধানি লঙ্কা)। {ধান+ই}

ধানিকী [ধানিকি] *বি* ক্ষুদ্র আধার বা স্থান। { *স.* ধান+ক(কন্)+ঈ(ঙীপ)}

ধানী [ধানি] *বি.স্ত্রী.* স্থান; আবাস (রাজধানী)। ২ আধার (পুষ্পধানী)। { *স.* ধান+ঈ(ঙীপ)}

ধানুকি, ধানুকী [ধানুকি] *বি,বিণ* ধনুকধারী; ধনুর্ধর। { *স.* ধানুষ্ক>*প্রা.* ধাণুক্ক>ধানুকী, ধানুকি}

ধানুষ্ক [ধানুশ্‌কো] *বিণ* ১ ধনুর্ধর; ধনুর্বিদ্যায় পারদর্শী। ২ ধনুর্বাণধারী সৈন্য। { *স.* ধনুস্+ইক(ঠক্)}

ধান্দ (*মবা.*) [ধান্‌দো] *বি* ধাঁধা; সংশয় (দেখিলু বদনচান্দ ঘুচিল মনের ধান্দ, এত জানি আইলু দেখিবার—*দৌবাখা*)। { *স.* দ্বন্দ্ব>}

ধান্দা, ধান্ধা [ধান্‌দা, -ধা] *বি* ১ ধাঁধা; ধোঁকা; প্রতারণা; বিভ্রম সৃষ্টি। ২ সংশয়; সন্দেহ। ৩ কাজকর্মের সন্ধান (যুদ্ধের পূর্বে লণ্ডনে অগুণিত ভারতীয় নানা ধান্দায় ঘোরাঘুরি করত—*সৈমু*)। ৪ জীবিকার প্রচেষ্টা; রোজগারের ফিকির (তবু কেন অবিশ্রাম আপন ধান্ধায় বিবর্ণ খেয়ালে করো অস্থির নিখিল—*বিদে*)। ৫ কষ্টে জীবিকা অর্জন (দুঃখ-ধান্দা করে খায়—*নই*)। ৬ নেশা; খেয়াল (কেউ কাজকে দেখছে সুন্দর, যে দিনরাত কাজের ধান্ধায় ছুটছে—*অঠা*)। { *স.* √ধন্ধ>; দ্বন্দ>}

ধান্য [ধান্‌নো] *বি* ১ ধান ও ধান গাছ; যে শস্য থেকে চাল হয়। ২ তুষযুক্ত শস্য; যব, গম, মুগ প্রভৃতি (যবধান্য)। ৩ পরিমাণবিশেষ; রতির চার ভাগের এক ভাগ। **ধান্যক, ধান্যাক** *বি* ধনিয়া। **~চমস** *বি* চিড়া। **~ত্বক** *বি* তুষ। **~পঞ্চক** *বি* শালী, ব্রীহি, শূক, শিম্বি, ও ক্ষুদ্র—এই পাঁচ প্রকার ধান। **~বীজ** *বি* ধানের বীজ। **~বীর** *বি* মাষকলাই। **~রাজ** *বি* যব। **~শীর্ষক** *বি* ধানের শিষ। **ধান্যাম্ল** *বি* কাঁজি; আমানি। **ধান্যারি** *বি* মূষিক। **ধান্যাস্থি** *বি* তুষ। **আশু ~** *বি* বর্ষাকালীন ধান; আউশ ধান। { *স.* ধন+য(ষ্যঞ)}

ধান্যেশ্বরী [ধান্‌নেশ্‌শোরি] *বি* (*ব্য.*) চাল থেকে প্রস্তুত দেশি মদ; ধেনো মদ (দু' বোতল ধান্যেশ্বরী শেষ করে বুঁদ হয়ে বসে আছে—*সৈমু*)। { *স.* ধান্য+ঈশ্বরী}

ধাপ [ধাপ্] *বি* সিঁড়ির পৈঠা; সোপান। **~ধাড়া গোবিন্দপুর** *বি* (*ব্য.*) অজ্ঞাত ও অখ্যাত অতি বাজে জায়গা। **ধাপে ধাপে ওঠা** *ক্রি* ক্রমান্বয়ে উন্নতির শিখরে ওঠা। { *স.* পদস্থাপনী>থাপ>ধাপ (দূরত্বের পরিমাণ জ্ঞাপক)}

ধাপড়া [ধাপ্‌ড়া] *ক্রি* মাটিতে শুয়ে হাত-পা ছোড়া। {√ধাপড়া}

ধাপড়ানো [ধাপ্‌ড়ানো] *বি* মাটিতে শুয়ে হাত-পা ছোড়ার কাজ। {√ধাপড়া+আনো}

ধাপা [ধাপা] *বি* যে স্থানে আবর্জনাদি নিক্ষিপ্ত হয় (ধাপার মাঠ)। { *ই.* depot> : *স.* স্তূপ>}

ধাপ্পা [ধাপ্‌পা] *বি* ১ মিথ্যা ভরসা; ভুয়া আশ্বাস; কপট উপদেশ; মিথ্যা ভীতি প্রদর্শন। ২ ধোঁকা। ৩ প্রতারণা; প্রবঞ্চনা; ফাঁকি; দম। **~বাজ** *বি* প্রতারক; শঠ; ফাঁকিবাজ। **~বাজি** *বি* ধোকাবাজের কাজ; প্রতারণা; ধোঁকাবাজি (প্রেম একটা ধাপ্পাবাজি—*রাব*)। { *তুল. হি.* ধপ্পা}

ধাবই (*ব্র.*) [ধাবই] *ক্রি* ধাবিত হয়। { *স.* √ধাব>}

ধাবক [ধাবোক্] *বিণ* ১ দৌড়ে যায় এমন; শীঘ্রগামী; দ্রুতগামী। ২ ধৌতকারী; ঝাড়ুদার; প্রক্ষালক। □ *বি* ১ পত্রবাহক বা সংবাদবাহক; দূত। ২ ধোপা; রজক। **ধাবিকা** *স্ত্রী.*। { *স.* √ধাব্+অক(ণ্বুল)}

ধাবকা [ধাবকা] *বি* ১ চাপ; ধকল; ধাক্কা; প্রভাব (মকদ্দমা করা কেতাবী লোকের কাজ নয়, তেনারা একটা ধাবকাতেই পালিয়ে যান—*প্যামি*)। ২ বেগ; সন্দেহ; ফাঁকি। ৩ রীতি; অভ্যাস। { *তুল.* ধাক্কা}

ধাবকি [ধাব্‌কি] *বি* ভীতি প্রদর্শন। { *প্রা.* দ্রবক্ক>}

ধাবড়া, ধ্যাবড়া [ধাব্‌ড়া, ধ্যা-] *বি* কালির বিস্তৃত দাগ। □ *বিণ* বিস্তৃত ও পুরু করে লেপিত (সর্বাঙ্গে হরি নামের ছাপ, নাকে তিলক ও অদৃষ্টে (কপালে) এক ধাবড়া চন্দন—*কাসি*)। **ধাবড়ানো** *ক্রি* ছড়িয়ে কুৎসিতভাবে লেপে যাওয়া; বিস্তৃতভাবে লাগিয়ে নোংরা করা। □ *বি,বিণ* উক্ত অর্থে। { *তুল. হি.* ধব্বা}

ধাবন [ধাবোন্] *বি* বেগে বা খুব দ্রুত গমন; ধাওয়া। ২ ধৌতকরণ; পরিষ্কারকরণ; ধোয়া; মাজা (দন্ত ধাবন)। **~কূর্দন** *বি* দৌড়ঝাঁপ; দৌড়াতে দৌড়াতে খেলা; দৌড়ানো; লাফানো। **ধাবমান** *বিণ* দৌড়াচ্ছে বা গমন করছে এমন; দ্রুত গমনশীল (ধাবমান অশ্ব)। **ধাবাধাবি** *বি* দৌড়াদৌড়ি; ছুটাছুটি। **ধাবিত** *বিণ* দৌড়ায় এমন; ছুটেছে এমন; বেগে গমন করছে এমন। **ধাবিতা** *স্ত্রী.*। { *স.* √ধাব্+অন(ল্যুট্)}

ধাম (-মন্) [ধাম্] *বি* ১ গৃহ; বাসস্থান (নামধাম)। ২ স্থান (শান্তিধাম)। ৩ পুণ্যস্থান; তীর্থ (মক্কাধাম)। ৪ পাত্র; আধার; আস্পদ; নিধান (গুণধাম)। ৪ প্রভাব; তেজ। **নামধাম** *বি* ১ নাম ও বাসস্থান; নাম ও ঠিকানা। ২ পরিচয়। { *স.* √ধা+মন্ (মনিন্)}

ধামগুজারি [ধাম্‌গুজারি] *বি* ১ ধুমধাম; দাপাদাপি; লাফালাফি। ২ উপদ্রব; দৌরাত্ম্য। { *হি.* ধম্+*ফা.* গুজারি گزاری }

ধামন [ধামোন্] *বি* ১ গোধা; গোসাপ; ঢেমনা নামক সাপ। ২ এক প্রকার বাঁশ। { *স.* ধর্মন্>}

ধামনা [ধাম্‌না] *বি* ঢেমনা। **ধামনী** *স্ত্রী.*। {ধামন+আ}

ধামনিক [ধামোনিক্] *বি* ধমনি সংক্রান্ত; নাভিসম্বন্ধীয়। **ধামনিকী** *স্ত্রী.*। { *স.* ধমনি+ইক(ঠঞ)}

ধামসা [ধাম্‌শা] *বি* টিকারি নামক বাদ্যযন্ত্র; বড় নাগরা। **ধামসানো** *ক্রি* দলিত করা; চটকানো; হাত-পা দিয়ে মর্দন করা। □ *বি,বিণ* উক্ত উভয় অর্থে। **ধামসানি** *বি* দলিতকরণ; মর্দন। { *তুল. সাঁওতালি* ধুমসা}

ধামা [ধামা] *বি* ধান প্রভৃতি রাখার বা মাপার বড় বেতের

ঝুড়ি (এক ধামা চাল)। ~ **চাপা দেওয়া** *ক্রি* ১ অন্যায়ভাবে লোকচক্ষু থেকে অপসারিত করা। ২ অল্প সময়ের জন্য স্থগিত রাখা। ৩ অন্য বিষয় বা বস্তু দ্বারা আবৃত করা। ~**ধরা** *বিণ (অশ.)* তোষামোদকারী; খোশামুদে; সব সময়ে জো-হুকুম বলে এমন। ~ ~ *বিণ* যথেষ্ট; পর্যাপ্ত; প্রচুর পরিমাণে (ধামা ধামা চাউল)। {ধাম(বাঁশ)+আ}

ধামার [ধামার্] *বি* সঙ্গীতের তাল; একটা রাগিণীর নাম (কথা কি কথক নাচ নাচবে চৌতালে ধামারে—*নই*)। {*তুল.* ধামাল}

ধামারি {ধামারি] *বি* চতুরালি; রঙ্গরস; ধামালি; নাচগান (খেলায় বঁধুর সনে প্রেমের ধামারী—*দৌবা*)। {ধামার+ই}

ধামাল [ধামাল্] *বি* ১ ধমার রাগিণী। ২ প্রভাব; তেজ; বীর্য। □*বিণ* অশান্ত; দুরন্ত; দামাল; দুর্দান্ত (আমার ছাওয়াল বড়ই ধামাল এ দোষ ক্ষমিবে আপনি—*বৃন্দা*)। {*স.* ধাম+আল}

ধামালি, ধামালী [ধামালি] *বি* ১ রঙ্গরস; পরিহাস বাক্য; কৌতুক (প্রাণ রাখ ছাড়িয়া ধামালি—*নসে*)। ২ অঙ্গভঙ্গি করে নাচ-গান। ৩ চতুরালি; ছলনা। ৪ ছড়া কাটা; কথকতা; পাঁচালির মৌখিক আদিরূপ। {*তুল.* ধামারি}

ধামি, ধামী [ধামি] *বি* ছোট ধামা (খেতে দিলেন দুটি ছোট ধামীতে করে মুড়মুড়ে মুড়ি—*খগেন্দ্র*)। {ধামা+ই}

ধায় [ধায়] *ক্রি* ধাবিত হয়; যায়; গমন করে। {*স.* √ধাব্>}

ধার [ধার] *বি* ১ শোধ দেওয়ার কথা দিয়ে যা গ্রহণ করা হয়; ঋণ; হাওলাত; কর্জ (এবার তোমার ধার কিছু শুনিবার —*ঘচ*)। ২ তীক্ষ্ণতা; প্রাখর্য (পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার—*ভারা*; তোমার যুক্তির ধার খাপে বন্ধ কর —*সৈহা*)। ৩ অস্ত্রের তীক্ষ্ণ প্রান্ত (ছুরির ধার)। ৪ সম্পর্ক; সংস্রব (সে কারো ধার ধারে না)। ৫ প্রান্ত; কিনারা; শেষ সীমা (বনের ধারে)। ৬ পার্শ্ব (খেয়ার আশে বসেরে মন ডুবল বেলা খেয়ার ধারে—*বিব*)। ৭ ধারা (কণ্ঠ হইতে রুধির উঠিছে তিন ধারে—*ভারা*)। ৮ তীর (নদীর ধারে)। ~**কর্জ** *বি* দেনা; ঋণ; ধার-ধোর (ধারকর্জের মাত্রা বেড়ে চলেছে)। ~ **চুকানো** *ক্রি* ঋণ শোধ করা। ~ **ধারা** *ক্রি* ১ সংস্রব রাখা; খাতির করা। ২ নিজেকে কোনো রকমে ঋণী মনে করা। ~**ধোর করা, ধারধুর করা** *ক্রি* ধারকর্জ করা; দেনাপত্র করা (কিন্তু চাল যদি বা চারটে জোগাড় করা যেত ধারধুর করে আজ আবার চুলোও নেই—*নই*)। ~**বান** *বিণ* ধারযুক্ত; ধারবিশিষ্ট (অতিশয় ধারবান—*রঠা*)। বৌদ্ধশাস্ত্র মতে অঙ্গ গ্রহণ করার মন্ত্র। **ধারণীয়** *বিণ* ধারণযোগ্য; রক্ষণীয়। **ধারয়িতা** *বিণ* ধারক; ধারণকর্তা। **ধারয়িত্রী** *বিণ স্ত্রী.* ১ ধারণকারিণী; ধারণকর্ত্রী। ২ পৃথিবী; ধরণী। **ধারয়িষ্ণু** *বিণ* ধারণশীল; যে ধারণ করে আছে। {*স.* √ধারি+অ(অচ্, অণ্)}

ধারা[1] [ধারা] *বি* ১ প্রবাহ; স্রোত; স্রাব; ক্ষরণ (রক্তধারা)। ২ বৃষ্টি; প্রবল বর্ষণ (শ্রাবণের ধারা)। ৩ অবিরল পানি স্রাব; নিরন্তর ক্ষরণ (কিছুতেই থামে না যে মা, পোড়া এ লেখনের ধারা—*রঠা*)। ৪ প্রস্রবণ; ঝরনা (সহস্র ধারা)। ৫ নিয়ম; শৃঙ্খলা; পদ্ধতি; নীতি (কাজের ধারা)। ৬ আইনের বিধি; section (৩২৫ ধারা)। ৭ পরম্পরা (গুরুধারা)। ৮ পরিচ্ছেদ; অধ্যায়। ৯ রীতি; রকম (কেমন ধারা)। ১০ চালচলন (যদি তোমার বাপের ধারা ধর—*রাসে*)। ~**কদম্ব** *বি* কদম ফুল ও তার গাছ; নীপ; কেলিকদম্ব; *Adina cordifolia*। ~**কারে** *ক্রিবিণ* বৃষ্টির মতো সুপ্রচুর ধারায়; স্রোতের আকারে। ~**ক্রমে** *ক্রিবিণ* ধারাবাহিকভাবে; পরম্পরা অনুসারে; ধারাবাহিকভাবে; রীতি অনুসারে। ~**গৃহ** *বি* ফোয়ারাযুক্ত গৃহ; পানির ধারাযুক্ত গৃহ; ফোয়ারা। ~**ঙ্কুর** *বি* ১ পানির কণা। ২ করকা; শিলা। ৩ যুদ্ধক্ষেত্রে অগ্রবর্তী সৈন্য। ~**ঙ্গ** *বি* তীক্ষ্ণধার অস্ত্র। ~**ধর** *বি* মেঘ; জলধর। ~**নিবদ্ধ** *বিণ* ১ প্রথাবদ্ধ। ২ কেতাদুরস্ত। ৩ ধারে ধারে সংলগ্ন। ~**পাত** *বি* ১ পানির ধারার পতন; অবিরাম বৃষ্টিপাত (মস্তকোপরি প্রবল বেগে ধারাপাত হইতেছিল—*বচ*)। ২ অঙ্কবিদ্যা শেখার প্রাথমিক পুস্তক। ~**বর্ষ, ~বর্ষণ** *বি* অবিরাম বর্ষণ; অবিশ্রান্ত বৃষ্টিপাত। ~**বাহিক, ~বাহী** *বিণ* ১ অবিচ্ছিন্ন; ক্রমাগত; ক্রমিক; পরম্পরাযুক্ত। ২ শৃঙ্খলিত। ~**বাহিকী, ~বাহিনী** *স্ত্রী.*। ~**বাহিকতা, ~বাহিতা** *বি* অবিচ্ছিন্নতা; পারম্পর্য। ~**বিষ** *বিণ* যে অস্ত্রের ধার বিষের ন্যায় তীব্র অথবা বিষমিশ্রিত। ~**যন্ত্র** *বি* ১ স্নানের কৃত্রিম ঝরনা; shower; ফোয়ারা (ধারাযন্ত্রে স্নানের শেষে—*রঠা*)। ২ পিচকারি। ৩ গোলাপ পাশ। ~**লো, ~ল** *বি* ১ তীক্ষ্ণধার; খর-ধার; সুতীক্ষ্ণ; শাণিত। ২ সুদক্ষ; নিপুণ (ধারালো পায়ের খেলা —*বিদে*)। ~**সম্পাত** *বি* অবিরল ধারায় বৃষ্টি পতন; অত্যধিক বৃষ্টিপাত বা বর্ষণ। ~**সার** *বি* মুষল ধারায় বা অজস্র ধারায় পতিত বৃষ্টি; সুপ্রচুর বর্ষণ। {*স.* √ধৃ+ই(ণিচ)+অ(অঙ্)+আ(টাপ্)}

ধারা[2] [ধারা] *ক্রি* ১ ঋণ হওয়া বা থাকা (দশ টাকা ধারি)। ২ সংস্রব রাখা (ধার ধারা)। {*স.* √ধারি>*প্রা.* ধার}

ধারালো [ধারালো] *বিণ* শাণিত; তীক্ষ্ণধার; সুতীক্ষ্ণ। {ধার+আলো}

ধারি, ধারী [ধারি] *বি* ১ মেটে ঘরের ইটনির্মিত চারি ধার; কিনারা (ধারি বাঁধান)। ২ পাড়। {ধার+ই}

ধারিণী [ধারিনি] *বিণ স্ত্রী.* ধরেছে এমন (নারী); ধারণকারিণী (অস্ত্রধারিণী)। □*বি স্ত্রী.* ধরণী; পৃথিবী। {*স.* √ধৃ+ইন্(ণিনি)=ধারিন্+ঈ(ঙীষ্)}

ধারিত [ধারিতো] *বিণ* ১ ধারানো হয়েছে এমন। ২ গ্রহণ করানো হয়েছে এমন; গ্রাহিত। ৩ বহন করানো হয়েছে এমন; বাহিত। ৪ স্থাপিত; প্রতিষ্ঠিত। {*স.* √ধারি+ত(ক্ত)}

ধারী[1] [ধারি] *বিণ* ১ ধারযুক্ত; তীক্ষ্ণ; শাণিত; ধারাল; edged (দুধারী)। ২ ঋণী; ঋণগ্রস্ত। {*স.* √ধৃ+ইন্(ণিনি)}

ধারী[2] (-রিন্) [ধারি] *বিণ* ধারণ করে এমন; ধারণকর্তা; ধারণকারী (উপাধিধারী)। {*স.* √ধৃ+ইন্(ণিনি)}

ধারুয়া, ধেরো [ধারুয়া, ধেরো] *বিণ* ১ ধার; কর্জবিষয়ক। ২ ঋণী। {*স.* ধার+*বা.* উয়া>ও}

ধার্তরাষ্ট্র [ধারতোরাশট্রো] *বি* মহাভারতোক্ত অন্ধ কুরুরাজ ধৃতরাষ্ট্রের দুর্যোধনাদি পুত্র। {*স.* ধৃতরাষ্ট্র+অ(অণ্)}

ধার্মিক [ধারমিক্] *বিণ* ধর্মপরায়ণ; ধর্মচারী; ধর্মশীল; ধর্ম পালন করে এমন। **ধার্মিকী, ধার্মিকা** *স্ত্রী.*। ~**তা** *বি* ধর্মপরায়ণতা; ধর্মশীলতা। {*স.* ধর্ম+ইক(ঠক্)}

ধার্য [ধারজো] *বিণ* ১ ধারণযোগ্য; ধারণীয়; গ্রাহ্য; পালনীয় (শিরোধার্য)। ২ নির্ধারিত; নির্দিষ্ট; স্থিরীকৃত (ধার্য বেতন,

বিবাহের দিন ধার্য হয়েছে)। ~মাণ *বিণ* গৃহীত হয়েছে এমন; ধৃত হচ্ছে এমন। {*স.* √ধৃ+ই(ণিচ)+মান(শানচ)}

ধার্ষ্টামি, ধার্ষ্টামো [ধারশ্‌টামি, -মো] *বি* ধৃষ্টতা; স্পর্ধা; লজ্জা বা নিন্দাজনক আচরণ। {*স.* ধৃষ্ট+য(ষ্যঞ)>ধার্ষ্ট্য+*বা.* আমি, আমো}

ধার্ষ্ট্য [ধারশ্‌টো] *বি* ধৃষ্টতা; ঔদ্ধত্য; প্রগল্‌ভতা; নির্লজ্জতা। {*স.* ধৃষ্ট+য(ষ্যঞ)}

ধিক [ধিক] *অব্য* ১ নিন্দা, ঘৃণা, ভর্ৎসনা, লজ্জা, প্রদান, অবজ্ঞা, বিরক্তি প্রভৃতি জ্ঞাপক শব্দ (ধিক এমন আচরণে)। ২ ছিঃ; ধিক্কার। {*স.* ধিক}

ধিক ধিক [ধিক্‌ধিক] *অব্য* ১ তীব্র ধিক্কারসূচক। ২ ক্রমাগত ধীরে ধীরে আগুন জ্বলার শব্দ। {*স.* ধিক্‌ ধিক্‌>}

ধিকিধিকি [ধিকিধিকি] *ক্রিবিণ* ধীরে ধীরে; ক্রমাগত; অল্পে অল্পে (ধিকি ধিকি জ্বলা)। {*ধ্বন্যা.*}

ধিক্কার, ধিৎকার [ধিক্‌কার, ধিত্‌–] *বি* ১ ধিক উক্তি; ধিক শব্দ প্রয়োগ। ২ ভর্ৎসনা; নিন্দা; বিরক্তি; ঘৃণা। ৩ আত্মগ্লানি। **ধিক্কৃত** *বিণ* ১ ধিক বলে যাকে লজ্জা দেওয়া হয়েছে। ২ ভর্ৎসিত; নিন্দিত। ৩ ঘৃণিত; অবজ্ঞা। {*স.* ধিক্কার}

ধিকাধিক[১] (*প্রাবা.*) [ধিকাধিক] *বি* ধিক্কারসূচক উক্তি (কাহ্নাঞিঁ মোকে ধিকাধিক বোলে গো—*বচ*)। {*স.* ধিক্কার>}

ধিকাধিক[২] (*মবা.*) [ধিকাধিক] *বি* সর্বোত্তম (শুনে ধিকাধিক তোমা বিভা দিন—*ক্ষেদা*)। {*স.* অধিক+*বা.* ধিক}

ধিঙি, ধিঙ্গি, ধিঙ্গী [ধিঙি, ধিঙ্‌গি, –] *বি, বিণ* ১ উচ্ছৃঙ্খল; দুরন্ত; স্বেচ্ছাচারিণী; অসংযত আচরণবিশিষ্ট; অনর্থ সংঘটক (সে রকম ধিঙি মেয়েদের বিপক্ষে আমি আর অধিক বাক্য ব্যয় করতে সাহস করিনে ; এখন ভাই আইবুড়ো ধিঙ্গী মেয়ে বুকের উপরে—*নই*)। ২ বেহায়া; লজ্জহীনা (ধিঙ্গী মেয়ে)। ৩ উদ্দাম; প্রগলভ; চঞ্চলস্বভাব (এই সহচরীগণ ...ধিঙ্গি একজন উদ্দেশেতে করি নমস্কার—*ভারা*)। ৪ নেতা; প্রধান; চাঁই; দলের সর্দার (যেন ধিঙ্গির পদ পেয়েছে)। ~ **নাচ** *বি* উদ্দাম নৃত্য; তাণ্ডব (বেটা ছেলের সঙ্গে ধিঙ্গী নাচ বউ মানুষের)। ~**পনা** *বি* ধিঙ্গির ন্যায় আচরণ (মেয়ের বয়স বৃদ্ধির সঙ্গে ধিঙ্গীপনাও বাড়িতেছে)। {*তুল. হি.* ধিঙ্গী}

ধিৎকার ⇒ ধিক্কার

ধিনধিন, ধিনতাধিন [ধিন্‌ধিন্‌, ধিন্‌তাধিন্‌] *অব্য* ১ নাচের শব্দ ও ভঙ্গি (ধিন ধিন করে নাচা)। ২ বাজনার বোল। {*ধ্বন্যা.*}

ধিমা, ঢিমা, ধিমে, ঢিমে [ধিমা, ঢি–, ধিমে, ঢি–] *বিণ* ১ ঢিলা; শিথিল; অলস (ধিমে প্রকৃতির)। ২ মৃদু; ক্ষীণ (ধিমা আঁচ, ধিমা বৃষ্টি)। ৩ অদ্রুত। {*আ.* দীমাহ دیمه ; *স.* মধ্যম>ধিম>ঢিম+আ}

ধী [ধি] *বি* বুদ্ধি; বোধশক্তি; জ্ঞান; মেধা (সুধী, ধীমান, ধীশক্তি)। ~**গুণ** *বি* কৌতূহল, শ্রবণ, গ্রহণ, তর্ক, বিতর্ক, অর্থবোধ, তত্ত্বজ্ঞান ও ধারণ—এই আট প্রকার বুদ্ধিগুণ। ~**ত** *বিণ* ১ পীত। ২ অবজ্ঞাত; অনাদৃত। ৩ উপাসিত; আরাধিত। □ *বি* ধীতি। ~**মান** *বিণ* বুদ্ধিমান; বিবেচক; জ্ঞানী; পণ্ডিত (সেই শ্রেষ্ঠ বিভূতিতে ছিলে তুমি ভূষিত ধীমান—*সদ*)। ~**মতী** *স্ত্রী.* বুদ্ধিমতী। ~**শক্তি** *বি* বুদ্ধিশক্তি (অসামান্য ধীশক্তির পরিচায়ক)। ~**সচিব** *বি* বুদ্ধিদাতা মন্ত্রী। ~**সম্পন্ন** *বিণ* বুদ্ধিবিচার সম্পন্ন। ~**হারা** *বিণ* জ্ঞানহারা। {*স.* √ধ্যৈ+ক্বিপ্‌}

ধীবর [ধিবর] *বি* জেলে; কৈবর্ত; মৎস্যজীবী। **ধীবরী** *স্ত্রী.*। {*স.* √ধা+বর(বরচ্‌)}

ধীর [ধির্‌] *বিণ* ১ ধৈর্যশীল; সহিষ্ণু; শোক ও ক্লেশাদিতে অভিভূত (ধীরচিত্ত)। ২ মন্থর; মৃদু; মৃদুমন্দ; অল্প; সামান্য (ধীরগতি, ধীরচলন)। ৩ স্থির; চঞ্চলতাশূন্য (ধীরভাব)। ৪ শান্ত; নম্র; বিনীত (ধীরস্বভাব)। ৫ স্থিরবুদ্ধি (ধীর ব্যক্তি)। ৬ পণ্ডিত; জ্ঞানী; বিজ্ঞ (পরস্পর শাস্ত্রকথা কহে ধীরগণ—*ভারা*)। **ধীরা** *স্ত্রী.*। অ– *বিপ.*। ~**তা**, ~**ত্ব** *বি* ১ ধৈর্য; ধৃতি (সকল ধীরতা শিক্ষা রসেতে পণ্ডিত—*দৌকা*)। ২ স্থিরচিত্ততা। ৩ গাম্ভীর্য। ৪ পাণ্ডিত্য। ৫ বুদ্ধিমত্তা। ~**প্রশান্ত** *বি* ১ ধীর ও শান্ত। ২ নায়কবিশেষ, যার অনেক গুণ আছে। ~**ললিত** *বি* মৃদু প্রকৃতির নায়কবিশেষ; যে নায়ক নম্র প্রফুল্ল ও নৃত্যগীতাদি প্রিয়। {*স.* ধী+√রা+অ(ক)}

ধীরা [ধিরা] *বি* ১ *স্ত্রী.* যে নারী বক্রোক্তি বা ব্যঙ্গের মাধ্যমে ক্রোধ প্রকাশ করে; ধীর প্রকৃতির নারী। ২ (*আল.*) যে নায়িকা অপরাধী নায়কের প্রতি স্পষ্ট ক্রোধ প্রকাশ না করে বক্রোক্তি দ্বারা উপহাস করে। {*স.* ধী+√রা+অ(ক)+আ(টাপ্‌)}

ধীরাধীরা [ধিরাধিরা] *বি স্ত্রী.* যে নায়িকার কোপ কিছু ব্যক্ত ও কিছু অব্যক্ত থাকে, যে নায়িকা কখনো ধীরা এবং কখনো অধীরা। {*স.* ধীরা+অধীরা}

ধীরি, ধীরি ধীরি [ধিরি, ধিরিধিরি] *ক্রিবিণ* (*পদ্য.*) ধীরে; মন্থর গতিতে; মৃদু মৃদু। {*স.* ধীর>}

ধীরে [ধিরে] *ক্রিবিণ* ব্যস্ত না হয়ে; মন্থরগতিতে; মৃদু মৃদু; মৃদুভাবে। ~ ~ *বিণ* আস্তে আস্তে; মৃদুমন্দ গতিতে; অবারিতভাবে। □ *ক্রিবিণ* অনুচ্চস্বরে; চুপিসারে। ~ **সুস্থে** *ক্রিবিণ* ব্যস্ত না হয়ে; ধীরে ধীরে; রয়ে-সয়ে; আরাম করে। □ *বিণ* উত্তেজিত না হয়ে। {*স.* ধীর+*বা.* এ}

ধীরোদাত্ত [ধিরোদাত্‌তো] *বি* গর্বশূন্য; নম্র; সুখদুঃখে নিরুদ্বেগ প্রভৃতি নানা গুণসম্পন্ন নায়ক (এক কথায় ধীরোদাত্ত নায়কের সকল গুণই তাতে বর্তমান—*প্রচৌ*)। {*স.* ধীর+উদাত্ত}

ধীরোদ্ধত [ধিরোদ্‌ধতো] *বি* স্বভাবত শান্ত, স্থিরচিত্ত কিন্তু মাঝে মাঝে উদ্ধত অহঙ্কৃত আত্মশ্লাঘাকারী নায়কবিশেষ। {*স.* ধীর+উদ্ধত}

ধুঁকনি, ধুঁকুনি [ধুঁকনি, ধুঁকুনি] *বি* ঘন ঘন শ্বাস ত্যাগ; শ্রম বা দুর্বলতার জন্য হাঁপানি; বুক ওঠাপড়া; বুক ধড়ফড়। {ধুঁক+নি>}

ধুঁকা, ধুকা [ধুঁকা, ধু–] *ক্রি* ঘন ঘন শ্বাস ত্যাগ করার ফলে দুর্বল হয়ে পড়া; হাঁপানো (মরুভূমে এরা ধুঁকে মরে তবু পরে না শিকল পদ্ধতির—*নই*)। {*স.* √ধ্মা>}

ধুঁদুল, ধুঁধুল, ধুন্দল [ধুঁদুল্‌, -ধু-, ধুনদল্‌] *বি* ঝিঙ্গে জাতীয় তরকারি। {*স.* ধামার্গব}

ধুঁয়া [ধুঁয়া] ⇒ ধোঁওয়া

ধুকড়ি ⇒ ধোকড়

ধুকধুক [ধুক্‌ধুক্] *অব্য* ১ হৃৎপিণ্ড স্পন্দিত হওয়ার আওয়াজ। ২ উপর্যুপরি ধুক এই শব্দ। ~ **করা, ধুকপুক করা** *ক্রি* ভয়ে বুকের মধ্যে বেগে স্পন্দিত হওয়া। **ধুকধুকানি, ধুকপুকানি** *বি* ধুক ধুক শব্দ। {*ধ্বন্যা.*}

ধুকধুকি, ধুকধুকী [ধুক্‌ধুকি] *বি* ১ কণ্ঠহারের সংলগ্ন যে অলঙ্কার বুকের উপর দোলে; pendant (গলে দোলে ধুকধুকী করে ধকধক। মণিময় আভরণ করে চকমক—*ভারা*)। ২ মনের অশান্তি; সন্দেহ; দুর্ভাবনা। {*ধ্বন্যা.* ধুকধুক>}

ধুকপুক, ধুকুরপুকুর, ধুকপুকুনি [ধুক্‌পুক্, ধুকুর্‌পুকুর্, ধুক্‌পুকুনি] *অব্য* ভীতিপ্রদ হৃৎস্পন্দন; তোলপাড়; আশঙ্কা উদ্বেগ অস্থিরতা প্রভৃতি ভাব প্রকাশক (জেলার পুরান হাকিম বদলী হলে নীল প্রজাদের মন ধুকপুক করে—*কাসি*)। {*ধ্বন্যা.*}

ধুচন [ধুচোন্] *বি* ১ ধুচনি; খালুই; ছোট সচ্ছিদ্র ঝাঁকাবিশেষ, যাতে করে চাল ধোয়া হয়। ২ অকেজো বস্তু; অপদার্থ; অকর্মা লোক (খালি কথার ধুচন কাজের না—*শাহেদ*)। {ধু+চুবনি>}

ধুচনি, ধুচুনি [ধুচ্‌নি, –চু–] *বি* খালুই; ফুলের সাজি; বাঁশের শলা দিয়ে প্রস্তুত চাল ধোয়ার বা মাছ ধরার সচ্ছিদ্র পাত্র; মালশা (যে চাউল তোমার ধুচুনিতে এসে পৌঁছুচ্ছে —*অচিসে*)। ~ **টুপি** *বি* বাঁশ বেত প্রভৃতির শলা দিয়ে তৈরি করা টুপি। {*স.* ধুচন+ই>}

ধুড়ধুড়ি, ধুদ্ধুড়ি [ধুড়্‌ধুড়ি, ধুধ্–] *বি* চুলের গোছা; কেশগুচ্ছ; খোঁপা; জটা। {*স.* ধুর>}

ধুৎ, ধেৎ, দুৎ [ধুত্, ধে–, দুত্] *অব্য* বিরক্তি অবজ্ঞা অসম্মতি অবিশ্বাস প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ। **ধুত্তোর, দুত্তোর** *অব্য* ধুৎ-এর জোরালো রূপ (মোরা যত দিই উত্তর তার ওরা "দুত্তোর" কহে—*নই*)। **ধুৎ ধুৎ** *বি* দূর দূর; অবজ্ঞা প্রকাশ করে বিতাড়ন। {*ধ্বন্যা.*}

ধুত, ধূত [ধুতো] *বিণ* ১ কম্পিত; আন্দোলিত; বিধূনিত। ২ পরিত্যক্ত; বর্জিত। □ *বি* অবধূত (গোর্খ হেন ধুত নাহি—*গোরক্ষ বিজয়*)। ~**পাপ** *বি* পাপবর্জিত। {*স.* √ধু/ধূ+ত(ক্ত)}

ধুতরা, ধুতুরা, ধুতরো [ধুত্‌রা, ধুতুরা, ধুত্‌রো] *বি* এক প্রকার বিষাক্ত ফল; ঐ ফলের গাছ বা বীজ (এক প্রান্তে অতি দীনভাবে সুশুভ্র বসন-পরা ধুতুরা দুঃখিনী শুকাইছে অন্দরে—*কায়*; তাহার গাঁজার সঙ্গে দুইটা ধুতুরার বীচি সাজিয়া দেয়—*বচ*)। {*স.* ধুস্তুর>*প্রা.* ধুত্থর>}

ধুতি[১] [ধুতি] *বি* ১ পুরুষের পরিধেয় বস্ত্রবিশেষ (খুঙ্গী পুথি ধুতী ধরে তারা—*ভারা*)। ২ উৎকোচ; ঘুষ; ভেট; উপঢৌকন (বিনা উপকারে খায় ধুতি—*কমু*)। **ধুতি খাওয়া** *ক্রি* ঘুষ খাওয়া। {*স.* ধৌত>; *স.* ধটী>ধোটি>ধুতি}

ধুদ্ধুড়ি ⇒ ধুড়ধুড়ি

ধু-ধু [ধুধু] *অব্য* ১ প্রজ্বলিত অগ্নির শব্দ; দাউ দাউ (ধু-ধু করে আগুন জ্বলছে)। ২ শূন্যতা, নির্জনতা, বিশালতা প্রভৃতি লক্ষণজ্ঞাপক (মাঠ ধু-ধু করছে)। {*স.* √ধু *ধ্বন্যা.*}

ধুত্তোর, ধুত্তুরি [ধুত্‌তোর, –তুরি] *অব্য* ধুৎ-এর জোরালো রূপ। **ধুৎ ধুৎ** *বি* দূর দূর; অবজ্ঞা প্রকাশ সহ বিতাড়ন। {*ধ্বন্যা.*}

ধুনখারা [ধুন্‌খারা] *বি* তুলা ধুনার কাজে ব্যবহৃত ধনুকের আকৃতি যন্ত্র। {*স.* √ধু>√ধুনি>*প্রা.*√ধুণ>ধুন>}

ধুনক, ধোনকার [ধুনোক্, ধোন্‌কার্] *বি* যারা তুলা ধোনে। {*স.* √ধু>√ধুনি> *প্রা.*√ধুণ>ধুন+ক, কার}

ধুনচি, ধুনাচি, ধুনুচি [ধুন্‌চি, –না–, –নু–] *বি* ১ ধুনা জ্বালানোর আধার বা পাত্র। ২ তুলা ধোনার যন্ত্র। {*স.* ধুনক>ধুন+ তু. চি}

ধুনন, ধূনন [ধুনন্] *বি* কম্পন; স্পন্দন; চালন। {*স.* √ধু>√ধুনি>*প্রা.*√ধুণ>ধুনন}

ধুনা[১], **ধূনা, ধুনো** [ধুনা, –, –নো] *বি* গন্ধদ্রব্যবিশেষ; শালগাছের নির্যাস (তার মুখের কাছে আগুনের উপর গুঁড়ো ধুনো ফেলতে লাগলো—*কাসি*)। ~**চুর** *বি* যে পাত্রে ধুনাচূর্ণ জ্বলানো হয়; ধুনচি। ~ **দেওয়া** *ক্রি* ধুনা জ্বালানো। **ধূপ ~ দেওয়া** *ক্রি* বায়ু নির্মল করার উদ্দেশ্যে ধূপ ধুনা জ্বালানো। {*স.* ধূনক>}

ধুনা[২], **ধোনা** [ধুনা, ধো–] *বি* ধুনাচির সাহায্যে তুলা পরিষ্কার করা ও পেঁজা (সারং বাজিয়ে তুলো ধোনাও গেল না—যদি কেউ কেউ সুর ধোনে বটে—*অঠা*)। □ *ক্রি* ভীষণ প্রহার দেওয়া। **ধুনানি** *বি*। {*স.* ধুনক>}

ধুনারি, ধুনরি, ধুনুরি [ধুনারি, –নো–, –নু–] *বি* যে তুলা ধুনে লেপ তোশকাদি তৈরি করে; তুলা ধোনা বৃত্তি যার (সেতার বাজায় তু লো ধুনুরী—*নই*)। {*স.* ধনুঃ>*বা.* ধুন+আরি, উরি; ধুনকারী>}

ধুনি[১], **ধুনী**[১] [ধুনি] *বি* সন্ন্যাসী; যে অগ্নিকুণ্ড জ্বালিয়ে রাখে (দগ্ধপ্রায় ধুনী যেন—*সদ*)। {*স.* ধূমী>}

ধুনি[২], **ধুনী**[২] [ধুনি] *বি* নদী; তটিনী; স্রোতস্বতী (সুরধুনী)। {*স.* √ধু+নি(নিক)}

ধুন্দকার, ধুন্দুকার, ধুন্ধুকার [ধুন্‌দোকার্, ধুন্‌দু–, ধুন্‌ধুকার্] *(মবা.) বিণ* ধূমে অন্ধকার; ধূমাকার; অস্পষ্ট; nebulous (ডানে বামে আছে তার ফেরেস্তা অপার, চারিশত লক্ষ আছে হয়া ধুন্দকার—*হেমা*)। {*স.* ধূমান্ধ>}

ধুন্দুল, ধুন্দল [ধুন্‌দুল্, –দল্] *বি* ঝিঙে-জাতীয় সবজিবিশেষ; বুনো ঝিঙ্গা। {*স.* ধামার্গব>}

ধুন্ধুমার [ধুন্‌ধুমার্] *বি* ১ গৃহধূম; ঝুল। ২ মহাকোলাহল; গণ্ডগোল। ৩ ইন্দ্রগোপ নামক কীট। {*স.* ধূমান্ধ>}

ধুপ[১] [ধুপ্] *বি* ১ রৌদ্র। ~**ছায়া, ধুপছায়া** *বি* ১ রৌদ্র ও ছায়ার মিশ্রণ। ২ ময়ূরকণ্ঠী বর্ণ বা রং। ৩ লাল সুতার টানা ও কালো নীল বা বেগুনি সুতার পড়েন দিয়ে বোনা কাপড় (ধুপছায়া যার শাড়ী তার হাসি মিষ্টি—*সদ*)। {*হি.* ধুপ}

ধুপ[২] [ধুপ্] *অব্য* পতনের লঘু শব্দ। ~ ~, ~**ধাপ** *অব্য* স্বাদ প্রভৃতির উপর ভারি পদশব্দ। **ধুপুস ধুপুস, ধুপুস ধাপুস, ধাপুস ধুপুস** *বি* সাধারণত ভারী বস্তু পতনের বা জোরে পদক্ষেপের শব্দ। {*ধ্বন্যা.*}

ধুপচি, ধূপচি, ধুপুচি [ধুপ্‌চি, –, –পু–] *বি* ধুনুচি; যে পাত্রে ধূপ জ্বালিয়ে ধোঁয়া সৃষ্টি করা হয়। {*স.* ধূপ+ তু. চি}

ধুপতি *বি* ধূপদানি। {*স.* ধূপ>+ তু. চি>}

ধুপি[১] [ধুপি] *বি* ক্ষুদ্র স্তূপ; রাশি; চূর্ণ বস্তুর রাশি; ঢিপি। ~**পিঠা, ভাপা পিঠা** *বি* চালের গুঁড়া গুড় ও নারকেল ইত্যাদির সংমিশ্রণে আগুনের ভাপে প্রস্তুত পিঠাবিশেষ। {*স.* স্তূপ>}

ধুপি[১], **ধুবি** [ধুপি, –বি] *বি* রজক; ধোপা (ধুবীর কুকুর যেন স্থান নাই ঘরে বা বাজারে—*ফআ*)। **ধুবিনী** *স্ত্রী.*। { *হি.* ধোবী}

ধুবকা [ধুব্‌কা] *বি* ধুয়া; এক প্রকার গান। **ধুবন** *বি* ১ যে কাঁপায়; কম্পয়িতা। ২ চালক। ৩ অগ্নি। { *স.* √ধু+ অক(কুন্‌)+আ(টাপ্‌)}

ধুম, ধুমো [ধুম্‌, ধুমো] *বি* ১ সমারোহ; আড়ম্বর; ঘটা; জাঁকজমক; শোরগোল (রান্নাঘরে ভারি ধুম লেগে গেছে —*অঠা*)। ২ প্রাচুর্য; আধিক্য; ভিড় (বিদেশ যাত্রার ধুম লেগে গেছে)। ৩ তুমুল কোলাহলময় (ধুম ঝগড়া)। ~ **খাওর** *বিণ* তুমুল; ভীষণ (এমন সময় প্যাকালে এলে একটা ধুম খাওর কাণ্ড বাধিয়ে দেবে—*নই*)। ~ **ধড়ক্কা**, ~ **ধাড়াক্কা** *বি* ১ খুব ঘটা; মহাসমারোহ; আড়ম্বর (বর্ষা যে রাজার মত হাতিতে চড়ে ঢাকঢোল বাজিয়ে নিশান উড়িয়ে ধুমধড়ক্কা করে, এ ঘটনা এদেশে চিরপুরাতন ও চিরনবীন—*প্রচৌ*)। ২ মাতামাতি; ব্যস্ততা ও শোরগোলপূর্ণ ব্যাপার (কনফারেন্সে ধুমধাড়াক্কা ব্যাপার—*মব*)। ~**ধাম** *বি* সমারোহ; জাঁকজমক; মাতামাতি (মাঠ ছেড়ে গড়ের বাদ্যি যদি ঘরের মধ্যে ধুমধাম লাগায়—*অঠা*)। ~**পটাস** ⇒ দুম। { *ধ্বন্যা.*}

ধুমা [ধুমা] *বি* ধূম্র; ধুম। **ধুমাকল** *বি* স্টিমার। { *স.* ধূম>}

ধুমড়ি, ধুমুড়ী [ধুম্‌ড়ি, –মু–] (*অশি.*) *বি* ১ ঢেমনি; বয়স্থা চরিত্রহীনা নারী। ২ অবজ্ঞার্থে বৈষ্ণবী। ৩ স্থূলাঙ্গী নারী; মোটা মেয়ে। □ *বিণ* বয়স্কা মেয়ে। **ধুমড়া** *বিণ* নেড়ানেড়ির নেড়ি নির্দেশক। { *সাওতালি.* ধুমসা>ধুম+ *বা.* ড়ি}

ধুমসা, ধুমসো [ধুম্‌শা, –শো] *বিণ* বেমানান; মোটা; অত্যন্ত কালো ও স্থূলকায় (ধুমসো জোয়ান কাল একটা ভারী কাজ করছিলো—*অচিসে*)। **ধুমসি** *স্ত্রী.*। { *সাঁওতালি.* ধুমসা}

ধুমসুনি, ধুমসুনী [ধুম্‌শুনি] *বি* ১ মুষ্ট্যাঘাত; কিল (যেদিন সে রেগে থাকত বা মুখখানা হাঁড়িপানা করে বসে থাকত তখন জোর ধুমসুনী দিয়ে তাকে কাঁদিয়ে ছাড়তাম—*নই*)। ২ বিলক্ষণ প্রহার (চাট আর হাতার বাড়ী, চেলাকাঠের ধুমসুনী—*নই*)। **ধুমসানো** *ক্রি* ধুম করে বা খুব জোরে কিল মারা; প্রচণ্ড প্রহার করা। { *ধ্বন্যা.* ধুম>}

ধুমুল ⇒ ধুম্বল

ধুম্ব, ধুম্বা [ধুম্‌বো, –বা] *বিণ* দীর্ঘাঙ্গী ও স্থূলাঙ্গী (নিন্দাসূচক); যেমন লম্বা তেমন মোটা। **ধুম্বি** *স্ত্রী.*। { *বা.* ধুম+তুম্ব>ধুম্ব}

ধুম্বল, ধুম্বুল, ধুমুল [ধুম্‌বল, –বুল, ধুমুল] *বি* মৃদঙ্গ ও খোলের শব্দ (হরিহর দিল আসি আদ্যের ধুমুল—*ঘচ*)। { *ধ্বন্যা.*}

ধুম্বলোচন, ধূম্রলোচন [ধুম্‌বোলোচোন্‌, ধুম্‌রো–] *বিণ* কালো ও মোটা; কুৎসিত মোটা; গোদা (গোঁসাই বল্লেই একটা বিকটাকার ধুম্বলোচন হবে, ছেলেবেলা অবধি সকলেরই এই চির পরিচিতি সংস্কার—*কাসি*; আমার ভাগ্যে হব আমি দ্বিতীয় এক ধূম্রলোচন—*রঠা*)। **ধূম্রলোচনা** *স্ত্রী.*। { *স.* ধূম্রলোচন>; হিন্দুপুরাণে অসুর শুম্ভ নিশুম্ভের সেনাপতি}

ধুয়া[১], **ধুঁয়া** [ধুয়া, ধুঁ–] *বি* ১ ধুম (চাপ তিন তি–হড়ি উড়িয়া জাউক ধুয়া—*শেফ*)। ২ ঘোলা। □ *বিণ* ধূমযুক্ত। **ধুয়ালি** *বি* ধোঁয়া (কাঞ্চা বাঁশে আগুন দিয়া বাড়ালি ধুয়ালী—*জউ*)। { *স.* ধূম>}

ধুয়া[২], **ধূয়া, ধুয়ো** [ধুয়া, –, –য়ো] *বি* ১ গানের যে অংশ দোহারগণ বার বার গায়; chorus (গানের ধুয়া)। ২ (*আল.*) যে উক্তি বার বার করা হয় (তাদের একই ধুয়া)। ৩ আবদার; ছল; ছুতা (ধুয়া ধরা)। ~ **তোলা** *ক্রি* ছল করা; অছিলা করা। ~ **ধরা** *ক্রি* ধুয়া তোলা; গানের ধুয়া ধরা। { *স.* ধ্রুব, ধ্রুবক>*প্রা.* ধুঅঅ>}

ধুর, ধুরা [ধুর্‌, –রা] *বি* ১ গাড়ি ইত্যাদির অগ্রভাগ যা ঘোড়া গরু মহিষাদির কাঁধে সংলগ্ন থাকে; জোয়াল। ২ কোনো বস্তুর সামনের অংশ। ৩ শকটের মধ্যের দণ্ড যার দুই প্রান্ত দুই চাকার মধ্যে সংলগ্ন থাকে; অক্ষদণ্ড; axle। { *স.* ধুর্‌>}

ধুরন্ধর [ধুরন্‌ধর্‌] *বি* ভারবাহী; ভারবাহক (বৃষ)। □ *বিণ* ১ যে দক্ষতার সাথে কার্যভার অনায়াসে বহন করতে পারে; সুদক্ষ; সুনিপুণ; কর্মকুশল। ২ অগ্রণী; ওস্তাদ। ৩ (*ব্য.*) চতুর; ধড়িবাজ; বখাটে (এমন বহুতর ধুরন্ধর আছেন ভুবনে—*মব*)। { *স.* ধুরা+√ধৃ+অ(খচ্‌)}

ধুরীণ, ধুরীয়, ধুর্য [ধুরিন্‌, ধুরিয়ো, ধুর্‌জো] *বিণ* ১ নিপুণ; দক্ষ; কার্যকুশল। ২ ভার বহনের উপযুক্ত। ৩ ষাঁড়; বলদ। { *স.* ধুর+ঈন, ঈয়(ছ); য(যৎ)}

ধুল, ধূল [ধুল্‌] *বি* ১ ধুলা; রেণু; রজঃ; মিহি শুষ্ক মাটির গুঁড়া (তাঁর পায়ের একটুকু ধূল পেলে তোরা বর্তিয়ে যেতিস—*নই*; ভেবেছিলি সব হল ধূল—*সদ*)। ২ (*গণিত.*) কড়ার ভগ্নাংশবিশেষ; বিশ ধুলে এক কাঠা (কাঠায় কাঠায় ধূল পরিমাণ—*শুভঙ্করী*)। ~**ট** *বি* ১ ধুলায় গড়াগড়ি প্রদান। ২ ধূলিমলিন (পরনে কালকের সেই ধূলট শাড়ি—*অচিসে*)। ৩ মেঘের নামবিশেষ (ধূলট মেঘ—*জউ*)। ~ **পরিমাণ** *বি* এক কাঠা জমির বিশ ভাগের এক ভাগ। { *স.* ধূলি>}

ধুলা, ধুলো, ধূলা [ধুলা, –লো, –লা] *বি* ১ ধূলি; শুকনা মাটির বা যে কোনো জিনিসের গুঁড়া; রেণু (গুঁড়িয়ে ধুলা করা)। ২ (*গণিত.*) ক্ষেত্রের ও কড়ার অংশবিশেষ। ~ **খেলা** *বি* শিশুর ধুলা মাটি নিয়ে খেলা। ~**ঘর** *বি* খেলাঘর। ~ **ধাপড়া উড়ানো** *ক্রি* এমন প্রহার করা যাতে শরীরে ধুলা না থাকে; ভীষণ প্রহার করা। ~**পড়া** *বি* মন্ত্রপূত ধূলি। ~**পা** *বি* নববধূর স্বামীর সাথে স্বামীর ঘরে বিয়ের আট দিনের মধ্যে আগমনের আচার। ~–**ফুরফুরি** *বি* পাখিবিশেষ (একটি ধুলো–ফুরফুরি শিস দিয়ে বাউল গান গাইছে—*নই*)। **গায়ে** ~ **দেওয়া** *ক্রি* ধিক্কার দেওয়া; ঘৃণা প্রকাশ করা; হেয় করা; অবজ্ঞা করা। **গায়ের** ~ **ঝাড়া** *ক্রি* অপমান ভুলে যাওয়া। **চক্ষে বা চোখে** ~ **দেওয়া** *ক্রি* ফাঁকি দেওয়া; প্রতারিত করা; ঠকানো। **পায়ের** ~ **দেওয়া** *ক্রি* পদার্পণ করে কৃতার্থ করা। **পায়ের** ~ **নেওয়া** *ক্রি* ১ পা স্পর্শ করে সেই হাত মাথায় ঠেকানো। ২ গভীর শ্রদ্ধাভক্তি প্রদর্শন করা। { *স.* ধূলি>}

ধুসা, ধোস [ধুশা, ধো–] *বি* মোটা অমসৃণ পশমবিশেষ। { *হি.* ধুসা}

ধুস্তুর, ধুস্তূর, ধূস্তুর [ধুস্‌তুর্‌] *বি* ধুতুরা গাছ ও ফল। { *স.* ধুস্তুর}

ধূঞ্জী *(মবা.)* [ধুন্‌যি] *বি* সন্ন্যাসীর ধুনি বা অগ্নিকুণ্ড (ধূঞ্জী জাগাইয়াছিল ফুঁক দিয়ে তায়—*রাভ*)। { *হি* ধুনি}

ধূত ⇒ ধুত

ধূতি[ধুতি] *বি* ১ কম্পন। ২ ভর্ৎসনা। { *স.* ধূ>+তি(ক্তিন্)}

ধূধূ [ধুধু] *অব্য* শূন্যতা, নির্জনতা, বিস্তার, উত্তাপ, প্রভৃতি জ্ঞাপক (ওগো তোরা কে যাবি পারে, এ পারেতে ধূধূ মরু বারি বিথারে—*রঠা*)। { *ধ্বন্যা.*}

ধূনন ⇒ ধুনন

ধূনা ⇒ ধুনা

ধূপ[1] [ধুপ্] *বি* সুগন্ধ দ্রব্যবিশেষ বা তার বাতি (ধূপেরে পোড়ায় অগ্নি জানে না তা ধূপ—*নই*)। **~ক** *বি* সুগন্ধিকারক; গন্ধদ্রব্য বিক্রয় করে যে। **ধূপিকা** *স্ত্রী*। **~চি, ধূপিকা, ~দান, ~পাত্র** *বি* ধুনাচি। **~দানি** *বি* ধূপ পোড়ানো হয় যে পাত্রে। **~দীপ** *বি* ধূপ ও ঘৃতদীপ। **~ন** *ক্রি* ধূপের ধোঁয়া দ্বারা সুগন্ধীকরণ। □ *বি* ধুনা। **~বাস** *বি* ধূপের গন্ধ। **~যন্ত্র** *বি* ধূপের ধোঁয়া ছড়িয়ে বায়ু বিশুদ্ধ করার যন্ত্র। **ধূপাগুরু** *বি* অগুরুবিশেষ। **ধূপাঙ্গ** *বি* তারপিন তেল। **ধূপায়িত, ধূপিত** *বিণ* ১ তাপিত। **ধূপায়িতা, ধূপিতা** *স্ত্রী*। { *স.* √ধূপ্+অ(অচ্)}

ধূপ[2] *(মবা.)* [ধুপ্] *বি* রৌদ্র (চারিমাস ধূপে পথ অনলের প্রায়—*জয়দেব*)। { *তুল.* ধুপছায়া = রৌদ্র-ছায়া}

ধূপছায়া ⇒ ধুপছায়া

ধূম [ধুম্] *বি* ১ ধোঁয়া। ২ আড়ম্বর; সমারোহ; ঘটা; জাঁক (বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম, আসিয়া ভুবনেশ্বরে করিলেক ধূম—*ভারা*)। ৩ ঝুল (গৃহধূম)। ৪ কুয়াশা; মেঘ। **~কেতন** *বি* ১ অগ্নি। ২ ধূমকেতু নামক জ্যোতিঃপদার্থ। **~কেতু** *বি* ১ ধূম্রাকার সপুচ্ছ জ্যোতিষ্ক বিশেষ; comet; ঝাড়ুর মতো আকৃতিবিশিষ্ট। ২ কেতুগ্রহ। ৩ উৎপাতবিশেষ। ৪ কুগ্রহ; কুলক্ষণ। **~জা** *বি* ১ ধূম হতে জাত। ২ মেঘ। **~দর্শী** *বিণ* ধোঁয়া দেখে এমন; দৃষ্টি ঝাপসা হয়ে গেছে এমন (ধূমদর্শী বয়োবৃদ্ধ—*কেম*)। **~ধাড়াক্কা/ধড়াক্কা** *বি* ধূমধাম; মহাসমারোহ; মাতামাতি; খুব ঘটা। **~ধাম** *বি* মহাসমারোহ; খুব জাঁক বা ঘটা; আড়ম্বর (এইরূপ ধূমধাম প্রতি ঘরে ঘরে—*ঈগু*)। **~ধেমে** *বিণ* ধূমধামপ্রিয় এমন; মাতামাতি করে এমন। **~ধামী** *স্ত্রী*। **~ধ্বজ** *বি* ১ অগ্নি। ২ ধূমকেতু। **~ন** *বি* ১ জীবাণু নাশের জন্য কোনো বস্তুতে ধূম প্রয়োগ। ২ চিকিৎসার জন্য শরীরে ধূম প্রয়োগ; fumigation। **~প** *বিণ* তামাকের ধূম পানকারী; তামাকখোর। **~পা** *স্ত্রী*। **~পত্র** *বি* তামাকপাতা। **~পথ** *বি* ধূম নির্গমপথ; গবাক্ষ; চিমনি। **ধূমপান** *বি* তামাক, বিড়ি, চুরুট, সিগারেট ইত্যাদির ধোঁয়া সেবন। **ধূমপায়ী** (–য়িন্) *বিণ* ধূম পানকারী; তামাকখোর। **ধূমপায়িনী** *স্ত্রী*। **~যোনি** *বি* ১ ধূম দ্বারা প্রস্তুত দেহ। ২ ধূমগর্ভ। ৩ মেঘ; বারিবাহক। ৪ আগুন; অগ্নি; অনল। **~ল, ধূম্র** *বি* ১ কৃষ্ণ, লোহিত বর্ণ; কপিশ; ধোঁয়ার ন্যায় রং; বেগুনি বর্ণ (মেদুর নভ ধূমল ফণী বেড়ায় গগন দাপিয়া—*সদ*)। ২ ধূমবর্ণযুক্ত; কৃষ্ণলোহিত বর্ণবিশিষ্ট (মেঘময় ধূমল আকাশ—*মোম*; বাংলার আকাশ তখন অসহযোগ আন্দোলনে ধূমল ধূসর—*কাআউ*)। **ধূমাকার** *বিণ* ১ আকার ধোঁয়ার ন্যায় ঝাপসা এমন। ২ ধোঁয়ায় পরিপূর্ণ অন্ধকার এমন। **ধূমাবতী** *বি* হিন্দুমতে দশ মহাবিদ্যার অন্যতমা। **ধূমাভ** *বিণ* ধোঁয়ার ন্যায় বর্ণযুক্ত; ধূম্র বর্ণযুক্ত; ধূমল। **ধূমাভা** *স্ত্রী*। **ধূমায়মান** *বিণ* ধোঁয়া ছাড়ছে এমন; ধোঁয়া উঠছে এমন। **ধূমায়িত, ধূমিত** *বিণ* ১ ধূমযুক্ত; ধূমপূর্ণ; ধূমে আচ্ছন্ন এমন (ধূমায়িত আগুন)। ২ ধোঁয়া উঠছে এরূপ। **ধূমিকা** *বি* কুয়াশা; কুহেলিকা। **ধূমুল** *(মবা.)* *বি* ১ ঢাক; নাগারা। ২ ঢাকবাদ্যের ধ্বনি (হরিহর বায়েন ধূমুল দিল আসি—*ঘচ*)। **ধূমোদ্গার** *বি* ধোঁয়া বাহিরকরণ; ধূমনির্গম (ইঞ্জিন থেকে ধূমোদ্গার শুরু হলো)। { *স.* √ধূ+ম(মক্)}

ধূমসি ⇒ ধুমসা

ধূম্র [ধুম্‌রো] *বি* ১ ধোঁয়া (একপ্রকার মাদক সুগন্ধি ধূম্র আসিয়া আমাকে বিহ্বল করিয়া দিল—*রঠা*)। ২ ধোঁয়ার মতো রং। □ *বিণ* ধোঁয়ার মতো বর্ণবিশিষ্ট; ধূমল (ধূম্র পাহাড়)। **ধূম্রক** *বি* উষ্ট্র; উট। **~কেশী** *বিণ* ধূম্রবর্ণ চুলবিশিষ্ট। **~কেশা, ~কেশিনী** *বিণ স্ত্রী*। **~বর্ণ** *বিণ* রং ধোঁয়ার মতো এমন। ২ ধোঁয়ার মতো রং; কৃষ্ণলোহিত বর্ণ। **~বর্ণা, ~লা** *বিণ স্ত্রী*. ধূম্রবর্ণ; ধূমল (পশ্চাতে ধূম্রল ব্যোম শোভে—*নসে*)। **~লোচন** *বিণ* ধূম্রবর্ণ চক্ষুযুক্ত। □ *বি* ১ কপোত; পায়রা। ২ শুম্ভ ও নিশুম্ভ নামক অসুর রাজদ্বয়ের সেনাপতির নাম। **ধূম্রাক্ষ** *বিণ* চক্ষু ধূম্রবর্ণ এমন; ধোঁয়ার মতো চক্ষুবিশিষ্ট। **ধূম্রাক্ষী** *বিণ স্ত্রী*। **ধূম্রালোক** *বি* অস্পষ্ট আলোক; আবছায়া। { *স.* ধূম+√রা+অ(ড)}

ধূয়মান[ধুয়োমান] *বিণ* কম্পমান। { *স.* √ধূ+মান(শানচ্)}

ধূর্জটি [ধুর্‌জোটি] *বি* হিন্দু দেবতা শিব। { *স.* ধুর্+জটি; *বহু*}

ধূর্ত [ধুর্‌তো] *বিণ* ১ চতুর (ধূর্ত শিয়াল)। ২ শঠ; প্রবঞ্চক; প্রতারক। ৩ ধড়িবাজ। □ *বি* জুয়া খেলোয়াড়; জুয়াড়ি। **~ক** *বি* ১ ধূর্তব্যক্তি। ২ শৃগাল। **~তা** *বি* ১ চতুরতা; চালাকি। ২ ধড়িবাজি। **ধূর্তামি, ধূর্তামো** *বি* ধূর্ততা; শঠতা। { *স.* √ধুর্ব্+ত(ক্ত)}

ধূর্মুশপেটা [ধুরমুশ্‌পেটা] *বিণ* ⇒ দুরমুশ। দুরমুশ দিয়ে পিটিয়ে মজবুত (আরও প্রশস্ত করে দাও পিঠ ধূর্মুসপেটা করিয়া—*নই*)। {দুরমুশ+পেটা>}

ধূর্ধর, ধূর্বহ[ধুর্‌ধর্, ধুর্‌বহো] *বিণ* ভারবহনকারী; ভারবাহী। { *স.* ধুর্+ধর, *বহু*}

ধূল ⇒ ধুল

ধূলট ⇒ ধুল

ধূলদন্তী [ধুল্‌দোন্‌তি] *বি* গণিতবিদ শুভঙ্করের ছদ্মনাম। {ধুল(ধুল)+দন্ত; *বহু*}

ধূলা ⇒ ধুলা

ধূলি, ধূলী [ধুলি] *বি* ধুলা; শুকনা মাটির গুঁড়া; রেণু (ওই তুলি সমতুল্য শাদা কাশ ফুল আলো করে আছে ধূলি—*সদ*; মহৎ তার মন, কোনোদিন লাগে নাই ধূলি—*রখা*)। **~কণা** *বি* ধূলির সূক্ষ্ম অংশ। **~ধূসর, ~ধূসরিত, ~মলিন** *বিণ* ধূলিতে আচ্ছন্ন হওয়া; ঈষৎ পাণ্ডুবর্ণ; ধূলিলুণ্ঠিত; ধূলিতে ম্লান হয়ে যাওয়া; ধূলি-মাখা। **~ধ্বজ** *বি* ঘূর্ণিবায়ু। **~পটল** *বি* যে ধূলিরাশি আকাশে উড়ছে। **~ময়** *বি* ১ ধুলাপূর্ণ; ধুলাময়; ধুলাচ্ছন্ন। **~লিপ্ত** *বিণ*

ধূলিমাখা (আপনার ধূলিলিপ্ত পদচিহ্ন-রেখা—*রঠা*)। **ধূলিলুণ্ঠিত, ধূল্যবলুণ্ঠিত** *বিণ* ১ যে ধুলায় গড়াগড়ি খাচ্ছে; ধুলায় পতিত। ২ হৃতগৌরব (ধূল্যবলুণ্ঠিত জননীর কাতর আর্তনাদের মধ্যেই—*আনিস*)। **–লুণ্ঠিতা** *স্ত্রী*। **–শয্যা** *বি* ১ মাটিতে লুটানো; ভূমিতে শয়ন। ২ মাটিই বিছানা; মৃত্তিকারূপ শয্যা। **–শায়ী** (–য়িন্) *বিণ* ধূলিতলে শায়িত আছে এমন; ধুলায় পড়ে আছে এমন। **–শায়িনী** *বিণ স্ত্রী*। **–সাৎ** *বিণ* ১ মাটিতে পরিণত; ধুলায় পর্যবসিত। ২ সম্পূর্ণ বিনষ্ট (সেও ভাঙ্গিয়া ধূলিসাৎ হইল—*রঠা*)। **–স্রোত** *বি* ধুলার প্রবাহ (উটের সারির মত দলবেঁধে ধূলিস্রোতে মিশেছে অসংখ্য রাত্রিদিন—*ফআ*)। **ধূলীভূত** *বিণ* ধুলায় পরিণত (ধূলীভূত সোনা শোণিত কণা তোমারে ঘিরিয়া নাচে—*সদ*)। { *স.* √ধূ+লি}

ধূসর [ধুশর্] *বি* পাংশু; ছাই রং; সাদাকালো মিশ্রিত রং। ☐ *বিণ* পাংশুটে; ছাই রঙের (একদা এক ধূসর সন্ধ্যায়—*রঠা*)। **ধূসরা** *বিণ স্ত্রী*। **ধূসরিত** *বিণ* ধূসর রঙে রঞ্জিত বা রাঙানো; ধূসর বর্ণযুক্ত হয়েছে এমন। **ধূসরিমা** *বি* ধূসর বর্ণ; ধূসরত্ব; ধূসর বর্ণের ভাব। { *স.* √ধূ+সর(সরক্)}

ধূস্তূর ⇒ ধুস্তুর

ধৃত [ধৃতো] *বিণ* ১ ধরা হয়েছে এরূপ (হস্তধৃত)। ২ অবলম্বিত; স্থিত। ৩ গৃহীত। ৪ বইপুস্তক থেকে উদ্ধৃত। ৫ পরিহিত (বল্কলধৃত)। ৬ বন্দীকৃত (সে চুরির অপরাধে ধৃত হয়েছে)। ৭ আক্রান্ত (শিয়াল কর্তৃক ধৃত মুরগি)। **ধৃতা** *বিণ স্ত্রী*। **–গর্ভা** *বিণ* গর্ভধারিণী (দেখলে না যে পুরুষ হ'ল ধৃতগর্ভা—*নই*)। **–বর্মা** *বিণ* বর্মে সজ্জিত। **–ব্রত** *বিণ* ব্রত গ্রহণ করেছেন এমন; ব্রতধারী। **–ব্রতা** *বিণ স্ত্রী*। { *স.* √ধৃ+ত(ক্ত)}

ধৃতরাষ্ট্র [ধৃতোরাশ্‌ট্রো] *বি* পাণ্ডুরাজার জ্যেষ্ঠ ভ্রাতা; কুরুরাজ; দুর্যোধনাদির পিতা। { *স.* ধৃত+রাষ্ট্র; বহু}

ধৃতাত্মা [ধৃতাত্‌তাঁ] *বিণ* ১ সংযতচিত্ত; ধীরমনা। ২ আত্মতত্ত্বজ্ঞ। { *স.* ধৃত+আত্মা; বহু}

ধৃতাস্ত্র [ধৃতাসত্রো] *বিণ* অস্ত্র ধারণ করেছে এমন; অস্ত্রধারী। { *স.* ধৃত+অস্ত্র বহু}

ধৃতি [ধৃতি] *বি* ১ হস্তে গ্রহণ; অঙ্গে ধারণ; ধারণ। ২ ধারণা; বোধ; প্রতীতি। ৩ ধৈর্য; সহিষ্ণুতা। ৪ অধ্যবসায়; পুনঃপুন চেষ্টা। ৫ সন্তোষ। ৬ স্থিরচিত্ততা। **–মান** *বিণ* ১ ধৈর্যশীল। ২ ধীর। ৩ সন্তুষ্ট। **–মতী** *বিণ স্ত্রী*। { *স.* √ধৃ+তি(ক্তি)}

ধৃষ্ট [ধৃশ্‌টো] *বিণ* নির্লজ্জ; প্রগল্ভ; উদ্ধত; লম্পট; স্পর্ধিত (ধৃষ্টজনের মেহেরবানী হারাম বলে জানে মুসলমানে—*সদ*)। **ধৃষ্টা** *বিণ স্ত্রী*। ☐ *বি* (*আল.*) নির্লজ্জ নায়ক; যে নায়ক অপরাধী হয়েও নিঃশঙ্ক, তিরস্কৃত হলেও লজ্জিত হয় না এবং দোষ দেখিয়ে দিলেও মিথ্যা কথা বলে বা অপলাপ করে। **–তা, –ত্ব, ধার্ষ্ট্য** *বি* ১ প্রগল্ভতা। ২ নির্লজ্জতা। ৩ ঔদ্ধত্য। { *স.* √ধৃষ্+ ত(ক্ত)}

ধৃষ্টদ্যুম্ন [ধৃশ্‌টোদ্‌দুম্‌নো] *বি* দ্রুপদ রাজার ছেলে ও দ্রৌপদীর ভাই। { *স.* ধৃষ্ট+দ্যুম্ন; বহু}

ধৃষ্টা [ধৃশ্‌টা] *বি,বিণ* অসতী; ভ্রষ্টা স্ত্রী। { *স.* ধৃষ্ট+আ(টাপ্)}

ধৃষ্য [ধৃশ্‌শো] *বিণ* ধর্ষণযোগ্য; ধর্ষণীয়; দমনযোগ্য; দলনযোগ্য। **ধৃষ্যা** *স্ত্রী*। { *স.* √ধৃষ্+য(যৎ)}

ধেআই (*মবা.*) [ধেয়াই] *ক্রি* ধ্যান করি (যোগ ধেআই—*বচ*)। { *স.* √ধ্যৈ>}

ধেআন [ধেয়ান্] (*মবা.*) *বি* ধ্যান; পরিচিন্তন; বিবেচনা (ধেআন–গেআন নাই)। { *স.* ধ্যান>}

ধেই ধেই [ধেইধেই] *অব্য* উদ্দাম বা অসংযত নৃত্যের ভঙ্গি বা শব্দ। { *ধ্বন্যা.*}

ধেড়ানো, ধেড়ান [ধ্যাড়ানো] *ক্রি* ১ অসামালভাবে মলাদি ত্যাগ করে কাপড়-চোপড় ময়লা বা নষ্ট করা। ২ (*আল.*) অপটুতার জন্য কাজে বিশৃঙ্খলতা সৃষ্টি করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে।

ধেড়ে[1] [ধেড়ে] *বি* ভোঁদড়; উদ্বিড়াল; otter। {ধাড়ি>}

ধেড়ে[2] [ধেড়ে] *বিণ* বয়স্ক; ধাড়ি; বয়স্থ (হিন্দুর ঘরে ধেড়ে মেয়ে—*বচ*)। ☐ *বি* বয়স বা দৈর্ঘ্যে কিশোর অপেক্ষা বেশি বয়স্ক; যুবক (মুচিরাম ধেড়ে ছেলে; স্কুলে ঢুকিয়া বড় বিপদগ্রস্ত হইল—*বচ*)। { *স.* ধাত্রী>ধাড়ি>ধেড়ে}

ধেঞা (*মবা.*) [ধেয়াঁ] *অক্রি* ধেয়ে (কোলে করি যেয়ে ধেঞা—*চদা*)। { *স.* √ধাব্>}

ধেঞান (*মবা.*) [ধেয়াঁন] *ক্রি* ধ্যান করা। { *স.* ধ্যান>}

ধেৎ ⇒ ধুৎ

ধেনু [ধেনু] *বি* নবপ্রসূতা গাভী; দুগ্ধবতী সবৎসা গাভী (নিত্য কেবল ধেনু চরায় বংশীবটের তলে—*রঠা*)। **–দুগ্ধ** *বি* গোদুগ্ধ। **–মক্ষিকা** *বি* ডাঁশ। **–ষ্যা** *বিণ* যে গাভী বা মহিষকে দোহার্থ আবদ্ধ করা হয়েছে। { *স.* ধে+নু}

ধেনো [ধেনো] *বি* ধান থেকে প্রস্তুত মদবিশেষ; ধেনো মদ; ভেতো মদ (কাব্য জগতে যে হাওয়া বইছে, তাতে মনে হয় ওমরের শরাবের চেয়ে মজুরের ধেনোর কদর বেশী—*সৈমু*)। ☐ *বিণ* ১ ধান সম্পর্কিত (ধেনো হাট)। ২ ধান (ভাত) থেকে প্রস্তুত (ধেনো মদ)। ৩ ধান জন্মে যাতে; ধান্যপ্রসূ (ধেনো জমি)। **ধেয়ানো** *ক্রি* (*পদ্য.*) একাগ্রভাবে চিন্তা বা ধ্যান করা; স্মরণ বা চিন্তা করা। **ধেয়ানী, ধ্যানী** *বিণ*। {ধান+উয়া>}

ধেবড়া ⇒ ধাবড়া

ধেয় [ধেয়ো] *বিণ* ১ গ্রহণীয়; ধারণযোগ্য; গ্রাহ্য। ২ জ্ঞেয়; জ্ঞানগম্য। ৩ ধারী; গ্রাহী (নামধেয়, নামযুক্ত)। { *স.* √ধা+য(যৎ)}

ধেয়ান[1] [ধেয়ান] (*মবা.*) ধ্যান; একাগ্র চিন্তা (ধেয়ানে দেখিনু মোহন মূরতি—*ভারা*)। { *স.* ধ্যান>}

ধেয়ানো, ধেয়ান[2] [ধেয়ানো] *ক্রি* (*পদ্য.*) একাগ্রভাবে চিন্তা বা ধ্যান করা; স্মরণ বা চিন্তা করা। { *স.* ধ্যান>}

ধেয়ানী [ধেয়ানি] *বিণ* ধ্যানী; ধ্যাননিমগ্ন; ধ্যানস্থ (সে যেন মানুষকে ধেয়ানী স্বপ্ন করে তোলে—*নই*)। { *স.* ধ্যানী>}

ধেরো, ধারুয়া [ধেরো, ধারুয়া] *বিণ* ঋণী; ধার করেছে এমন (মানুষ হয়ে যাবে, সংসারে ধেরো হয়ে থাকবে না কারু কাছে—*অচিসে*)। {ধার+উয়া>}

ধৈনুক [ধোইনুক্] *বি* ধেনুপাল; ধেনুসমূহ। { *স.* ধেনু+ক(কন্)+অ(অণ্)}

ধৈবত [ধোইবত্] *বি* সংগীতের সাত সুরের ষষ্ঠ সুর 'ধা'। { *স.* ধাবত+অ(অণ্)}

ধৈরজ, ধৈরয [ধোইরজ্] *বি* (*পদ্য.*) ধৈর্য। { *স.* ধৈর্য>}

ধৈর্য [ধোইর্‌জো] *বি* ১ ধীরতা; স্থিরতা; যে গুণের প্রভাবে

বিপদের সময়ও অটলভাবে থাকা যায়। ২ সহিষ্ণুতা; সহ্য করার ক্ষমতা; অপেক্ষা করার শক্তি; সহ্য শক্তি। ৩ চিত্তের অবিচলিত ভাব; নির্বিকারচিত্ততা; নিস্পৃহতা। ধীর *বিণ*। **~চ্যুত, ~হারা** *বিণ* সহ্য করার ক্ষমতা হারিয়েছে এমন; ধৈর্যহীন; অসহিষ্ণু; অস্থির। **~চ্যুতা** *বিণ স্ত্রী*। **~চ্যুতি, ~হানি** *বি* ধৈর্যহীনতা; ধৃতিনাশ; অধীর হওয়া। **~ধারণ, ধৈর্যাবলম্বন** *বি* সহিষ্ণুতা অবলম্বন; ধীরতা আশ্রয়; ধীরভাবে অপেক্ষাকরণ। **~বান** *বিণ* ধীরতাসম্পন্ন; ধীর। **~বতী** *বিণ স্ত্রী*। **~ময়ী** *বিণ স্ত্রী*, ধৈর্যবতী; ধৈর্যশালিনী (ধৈর্যময়ী মাতার মতন—*রঠা*)। **~শালী** (–লিন্), **~শীল** *বিণ* অবিচলিত; সহিষ্ণু; ধীর। **~শালিনী, ~শীলা** *বিণ স্ত্রী*। **~হারা** *বিণ* অসহিষ্ণু; অধৈর্য। {*স.* ধীর+য(ষ্যঞ)}

ধোঁয়া, ধুঁয়া, ধোঁওয়া [ধোঁয়া, ধুঁয়া, ধোঁওয়া] *বি* ধূম (কেবল ধোঁওয়া এবং আওয়াজই সার হইত—*রঠা*)। **–টে** *বিণ* ১ ধোঁয়ার মতো অস্পষ্ট। ২ ধোঁয়ার গন্ধযুক্ত; ধোঁয়ার ভাব (দুধের ধোঁয়াটে গন্ধ)। ৩ ধূম্রাচ্ছন্ন। **~লি পাঁজালি** *বি* যে ঘড়ের গাদায় চাষিরা আগুন জ্বালিয়ে রাখে। **–শা** *বি* ধোঁয়া ও কুয়াশা। **বুদ্ধির গোড়ায় ~ দেওয়া** *বি* ধূমপান দিয়ে চিন্তাশক্তি বাড়ানো। {*স.* ধূম্র>}

ধোঁকা[1] [ধোঁকা] *বি* ১ ফাঁকি; ধাপ্পা; প্রবঞ্চনা। ২ সন্দেহ; সংশয় (ধোঁকায় পড়া)। ৩ ভ্রম; ভুল। **~ দেওয়া** *ক্রি* ১ ফাঁকি দেওয়া। ২ ঠকানো। ৩ ধাপ্পা দেওয়া। **–বাজ** *বি* ফাঁকিবাজ; প্রবঞ্চক; প্রতারক। **~বাজি** *বি* ফাঁকি; ধাপ্পা; প্রবঞ্চনা। **–য় পড়া** *ক্রি* সংশয়গ্রস্ত হওয়া; সন্দেহযুক্ত হওয়া; প্রভাবিত হওয়া; ভ্রমবশত বঞ্চিত হওয়া। {*স.* ধুঁক অথবা *স.* ধুক্ষ>}

ধোঁকা[2] [ধোঁকা] *বি* ডাল বেঁটে বড়া তৈরি করে তা দিয়ে তৈরি ব্যঞ্জন। **–র টাটি** *বি* (*হি.* ধোখে কী টট্টী) যে বেড়া বা আড়াল তৈরি করে শিকারি শিকার করে থাকে; মায়ার বা কুহকের ঘর (এই সংসার ধোকার টাটি)। {*স.* ধুঁক অথবা *স.* ধুক্ষ>}

ধোঁকা[3], ধুঁকা [ধোঁকা, ধুঁ–] *ক্রি* অতিরিক্ত পরিশ্রমের ফলে বা রুগ্নতার জন্য হাঁপানো; জোরে ও ঘন ঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ। **ধুঁকে/ধুঁকিয়া মরা** *ক্রি* খুব পরিশ্রম বা অত্যন্ত অসুস্থতার ফলে শ্বাসকষ্টের জন্য হাঁপানো বা হাঁপাতে হাঁপাতে প্রাণ ত্যাগ করা। {*স.* ধুক্ষ>}

ধোঁয়ানো [ধোঁয়ান] *ক্রি* ধোঁয়া জ্বালানো (মশা তাড়ানোর জন্য গোয়ালঘর ধোঁয়ানো হয়)। {ধোঁয়া+আনো}

ধোকড়, ধোকড়া, ধুকড়ি [ধোকড়, ধোকড়া, ধুকড়ি] *বি* ১ ছিন্ন কন্থা; ছেঁড়া কাঁথা। ২ মোটা কাপড়; coarse cloth (সদাগর আচ্ছাদন না ছারে ধোকড়ি—*কমু*)। ৩ মোটা সুতার থলি; ঝোলা। **কথার ~, কথার ধোকড়া, ধুকড়ি** *বি* বাক্যবাগীশ; বচনবাগীশ। **মাকড় মারলে ~ হয়** ১ অন্যের জন্যে যা প্রায়শ্চিত্তযোগ্য পাপরূপে প্রযোজ্য নিজের সম্পর্কে তা কোনো পাপ বা অন্যায় নয় এরূপ বিচার-বিবেচনা। ২ স্বার্থের প্রয়োজনে বিচার বিবেচনা পরিবর্তিত হয়। {*স.* ধৌতকট>}

ধোকা → ধোঁকা

ধোচনা [ধোচ্‌না] *বি* ১ বাঁশের শলায় তৈরি মাছ ধরার যন্ত্রবিশেষ। ২ অশ্লীল তিরস্কারবিশেষ। ৩ চাল ধোয়ার ছোট টুকরি; ধুচনি। {ধুচনি>(বড় অর্থে)}

ধোড়া [ধোড়া] *বি* ঢোঁড়া সাপ; ঢুণ্ডু। {*স* ডুণ্ডুভ>}

ধোনা, ধুনা [ধোনা, ধু–] *ক্রি* ১ ধনুকের মতো যন্ত্র দ্বারা ধুনুরির তুলা পরিষ্কার করা। ২ (*আল.*) তীব্র ভর্ৎসনাদি দ্বারা ভ্রমপ্রদর্শন করা; অত্যন্ত তিরস্কারাদি করা (ধুনে নামিয়ে দেওয়া)। □ *বি, বিণ* উক্ত অর্থে। **ধুনারি** *বি* যে ধুনে। {*স.* √ধু>; *তুল.* বিধূনন—পাখা সঞ্চালন ধ্বনি}

ধোপ, ধোব [ধোপ্, –ব্] *বি* ১ ধোপাকে দিয়ে কাচানো; ধোলাই; ধবলীকরণ (ধোপ দেওয়া, ধোপ পড়া)। ২ শুভ্রাভাব। □ *বিণ* ১ ধোপা কর্তৃক পরিষ্কৃত; ধোয়া। ২ পরিষ্কার; শুভ্র। **~দুরস্ত, ~দোরস্ত, ~দস্ত** *বিণ* ১ উত্তমরূপে ধোলাই করা হয়েছে এমন; পরিষ্কার-পরিচ্ছন্ন (ধোপদুরস্ত দামী রুমালে ঢেকে—*সৈমু*; গায়ে ধোপদস্ত পাঞ্জাবী—*মব*)। ২ বাহ্যিক চাকচিক্যযুক্ত; বাহ্যত নিখুঁত (কেননা সাধু ভাষা যে ধোপদোরস্ত সে বিষয়ে কোনো সন্দেহ নেই—*প্রচৌ*)। ৩ ফিটফাট (যায় একটু বাড়াবাড়ি রকমেরই ধোপদোরস্ত হয়ে—*নই*)। **~ দেওয়া, ~ পড়া** *ক্রি* ধোলাই করা। **ধোপে টিকবে না** ১ ধুলে রং নষ্ট হয়ে যাবে। ২ (*আল.*) পরীক্ষায় ভিতরের গলদ প্রকাশ হয়ে পড়বে। {*স.* √ধাবন>}

ধোপা, ধোবি, ধোবী [ধোপা, –বি, –] *বি* ১ রজক; কাপড় ধোলাই করা যার বৃত্তি। ২ হিন্দু জাতিবিশেষ। **ধোপানী, ধোবানী** *স্ত্রী*। **~-নাপিত বন্ধ করা** *ক্রি* সমাজচ্যুত করা; একঘরে করা; ধোপা ও নাপিতের সেবা হতে বঞ্চিত হওয়া রূপ সামাজিক দণ্ড দেওয়া। **~র গাধা, ধোবার গাধা** *বি* যে অন্যের জিনিস বহন করে অথচ ভোগ করতে পারে না। *তুল.* **চিনির বলদ**। **~র পাট** *বি* ধোপা যে পাটা সদৃশ চওড়া কাঠের উপর কাপড় কাচে। **~র বাড়ি দেওয়া** *ক্রি* অপরিচ্ছন্ন কাপড় ধোয়ার জন্য ধোপাকে দেওয়া। **~র ভাঁড়ার** *বি* প্রচুর আছে অথচ খরচ করার উপায় নেই; অব্যবহার্য বা অকেজো ভাণ্ডার; অন্যের কাপড়ে ধোপার ঘর পরিপূর্ণ অথচ সেসব কাপড় ব্যবহার করার উপায় নেই। **ধোপে টেকা** ১ কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া (ধোপে সেটা কতখানি টেকে আমি যাচাই না করে বলতে পারব না—*সৈমু*)। ২ নানা বাধাবিঘ্ন অতিক্রম করে টিকে থাকা। **ধোবি/ধোপি আছাড়** ১ ধোপা যেভাবে পাটে আছড়িয়ে কাপড় ধোয়। ২ নির্মম ব্যবহার; নিষ্ঠুর আচরণ (এতদূর থেকে তোমায় পাকড়াও করে একটা ধোবী আছাড় দেবার যখন কোনই সম্ভাবনা নেই—*নই*)। **ধোবির/ধোপার/ধুপির বোঝা**—১ অন্যের বোঝা (সে যে লয়ে এঁদো ঘাটে ফেলে দিল পাটে ভাবিয়া ধোবির বোঝা—*নই*)। ২ অপরের দায়িত্ব। {*স.* ধাবক>}

ধোয়া, ধোওয়া [ধোয়া] *ক্রি* ১ ধৌত বা প্রক্ষালিত করা; কাচা; পানি দিয়ে পরিষ্কার করা। □ *বি* ধৌতকরণ; প্রক্ষালন। □ *বিণ* প্রক্ষালিত; ধৌত (ধোয়া কাপড়)। **~নো** *ক্রি* ১ ধৌত করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। **–নি** *বি* যে পানি দিয়ে কোনো কিছু ধোয়া হয়েছে (ঘর-ধোয়ানি)। {*স.* ধৌত>*প্রা.* ধোঅ>}

ধোয়াট [ধোয়াট্] *বি* ১ ধোয়া পানি। ২ নদীপ্রবাহে আনীত মাটি; নদীর স্রোত প্রভাবে ধোয়া মাটি, পলিমাটি। { *স.* ধৌতকট্ট> }

ধোরণ [ধোরন্] *বি* ১ গতি ও গমনের চাতুর্যকৌশল। ২ ঘোড়ার বিশেষ গতি। **ধোরিত** *বিণ*। { *স.* ধোর্+ অন(ল্যুট) }

ধোলাই [ধোলাই] *বি* ১ পানি দ্বারা প্রক্ষালন বা ধোয়া; ধৌতকরণ; ধোপ (ধোলাই খরচ)। ২ ধোয়ার মজুরি বা পারিশ্রমিক; ধৌত; পানি দ্বারা পরিষ্কৃত (ধোলাই কাপড়)। **~ করা** *ক্রি* ধৌত করা; পানি দ্বারা পরিষ্কার করা। **~ দেওয়া** *ক্রি* ভীষণ প্রহার করা। { তুল. *হি.* ধোলাই }

ধোসা [ধোশা] *বি* এক প্রকার পশমি মোটা শীতবস্ত্র। { *হি* ধুস্‌না }

ধৌত [ধোউতো] *বিণ* ধোয়া হয়েছে এরূপ; প্রক্ষালিত; পরিষ্কৃত; মার্জিত (নীল সিন্ধুজল-ধৌত চরণতল—*রঠা*)। **~কট** *বি* মোটা সুতার থলে বা ব্যাগ। **~কৌষেয়** *বি* পট্টবস্ত্র। **~শীলা** *বি* স্ফটিক। { *স.* √ধাব্+ত(ক্ত) }

ধৌরেয় [ধোউরেয়ো] *বিণ* ভারবাহী; ভারবহনকারী পশু। ২ নেতা; সর্বোৎকৃষ্ট; ধুরন্ধর। { *স.* ধুর+এয়(ঢক্) }

ধ্মা [ধাঁ] *বি* ১ অগ্নিসংযোগ। ২ অগ্নিতে ফুৎকার প্রদান। **ধ্মাত** *বিণ* ১ ধ্বনিত। ২ শব্দীকৃত। ৩ সন্ধীবিত; সন্দীপিত। **ধ্মান** *বি* ১ ধ্বনি। ২ অগ্নিসংযোগ। { *স.* √ধ্মা }

ধ্যাত [ধ্যাতো] *বিণ* ১ ধ্যান করা হয়েছে এমন। ২ চিন্তিত; ভাবিত। ৩ স্মরণ করা হয়েছে এমন; স্মৃত। **~ব্য** *বিণ* ১ ধ্যান করা উচিত বা ধ্যান করার যোগ্য এমন; ধ্যানযোগ্য। ২ চিন্তনীয়। ৩ স্মরণীয়; স্মরণযোগ্য। ৪ অনুশীলনীয়; আলোচ্য। **ধ্যাতা** *বিণ* ধ্যান বা একাগ্রভাবে চিন্তা বা স্মরণ করে এমন; ধ্যানকারী। { *স.* √ধ্যৈ+ত(ক্ত) }

ধ্যান [ধ্যান্] *বি* ১ গভীর চিন্তা; কোনো বিষয়ে প্রগাঢ় ভাবনা। ২ কোনো নির্দিষ্ট বস্তু বা বিষয়ে মনোনিবেশ। ৩ অনন্যমনে অতি নিবিষ্টভাবে একাগ্রচিত্তে কোনো বিষয় চিন্তা। ৪ অভিনিবেশ সহকারে মনন বা স্মরণ। ৫ কল্পনা; ধারণা (শিল্পীর intention বা ধ্যান তারি অনুপাতে ক্রিয়া চললো—*অঠা*)। ৬ ব্যাখ্যা; সংজ্ঞা (হাসির ধ্যান হল ওষ্ঠের বিস্তার ও দন্তের বিকাশ—*অঠা*)। **~গম্ভীর** *বিণ* একাগ্র চিন্তায় মগ্ন (ধ্যানগম্ভীর এই যে ভূধর—*রঠা*)। ২ প্রশান্তভাবে ধ্যানমগ্ন। **~গম্য** *বিণ* কেবল ধ্যান দিয়ে জানা বা পাওয়া যায় এমন। **~জ্ঞান** *বি* ধ্যানের বিষয় ও জ্ঞানের বিষয়; চিন্তা ও অনুভূতির একমাত্র বিষয় (ধনী হওয়াই তখন ছিল আমার ধ্যানজ্ঞান)। **~ধারণা** *বি* ১ একাগ্রচিন্তা ও প্রতীতি। ২ স্মরণ ও মনন। **~ভঙ্গ** *বি* ১ ধ্যানে বিঘ্ন; ধ্যানে বাধার সৃষ্টি। ২ ধ্যানের অবসান। **~মগ্ন** *বিণ* ধ্যানে নিবিষ্ট চিত্ত; ধ্যানের মধ্যে ডুবে গেছে এমন; গভীরভাবে ধ্যানরত; চিন্তায় সমাহিত। **~যোগ** *বি* ধ্যানরূপ যোগ; ধ্যান দ্বারা ধ্যেয় বস্তুর সাথে মিলন। **~রত, ~স্থ** *বিণ* ধ্যান করছেন এমন; ধ্যানপরায়ণ; ধ্যানে নিবিষ্টচিত্ত। **ধ্যাননিষ্ঠ** *বিণ* ধ্যানসাধ্য। **ধ্যানী** (-নিন্) *বিণ* ধ্যান করে এমন; ধ্যানকারী; ধ্যানরত। { *স.* √ধ্যৈ+অন(ল্যুট) }

ধ্যাবড়া, ধেবড়া [ধ্যাব্‌ড়া] *বি* ১ মোটা ও কুশ্রী; জোবড়া (থাবড়া মেরে ধ্যাবড়া করেছেন—*নই*)। ২ কালি প্রভৃতি তরল দ্রব্যের বিস্তৃত ছাপ; দাগ। { তুল. *হি.* ধব্বা (মলিন) }

ধ্যেয় [ধেয়ো] *বিণ* ১ ধ্যানের যোগ্য; ধ্যানের বিষয়ীভূত। ২ চিন্তনীয়। ৩ স্মরণীয়। { *স.* √ধ্যৈ+য(যৎ) }

ধ্যেয়ায়, ধ্যায়ায় [ধ্যায়ায়] (*মবা.*) *ক্রি* ধ্যান করে (শয়নে স্বপনে মনে যে যারে ধ্যায়ায়—*হরু ঠাকুর*)। { *স.* √ধ্যৈ> }

ধ্রিয়মাণ [ধ্রিয়োমান্] *বিণ* ধারণ করা বা ধরা যাচ্ছে এমন (সপ্ত প্রদীপ ধ্রিয়মাণ বাম হস্তে—*সুদ*)। **ধ্রিয়মাণা** *বিণ* *স্ত্রী.*। { *স.* √ধৃ+আন(শানচ্) }

ধ্রু [ধ্রু] *বি* ধারক। { *স.* √ধৃ+অ(ক) }

ধ্রুপদ [ধ্রুপদো] *বি* উচ্চ শ্রেণির ভারতীয় সঙ্গীত—চিরন্তন গুণসম্পন্ন শ্রেষ্ঠ হিন্দু দেবতাদের স্তুতি গান, রাজাদের কীর্তিকলাপ অথবা প্রবল যুদ্ধাদিও যার বিষয় (ধ্রুপদের অধীনতা হতে মুক্ত হবার বাসনাই খেয়ালের উৎপত্তির কারণ—*প্রচৌ*)। **ধ্রুপদী** *বি* ধ্রুপদ গায়ক (শুধুই তাঁর বিষয়বস্তু সনাতন নয়; এমনকি যে অন্তঃপ্রেরণার জোরে তিনি কবি, তাও আদ্যন্ত বহিরাশ্রিত বলেই ধ্রুপদী আখ্যার যোগ্য—*সুধীন*)। ❑ *বিণ* ধ্রুপদ গানে দক্ষ; ধ্রুপদ মর্যাদাযুক্ত; ক্লাসিক্যাল; classical (ধ্রুপদী সাহিত্য)। { *স.* ধ্রুবপদ> }

ধ্রুব [ধ্রুবো] *বি* ১ দৃশ্যত নিশ্চল নক্ষত্রবিশেষ; pole star; দিক নির্ণয়ের সহায়ক উত্তর দিকস্থ নক্ষত্রবিশেষ। ২ উত্তর মেরু। ❑ *বিণ* ১ স্থির; অচঞ্চল; নিশ্চল (কেমন শান্ত ধ্রুব হয়ে আছে কোটি গ্রহতারা পেয়ে—*নই*)। ২ দৃঢ়; অবিচলিত; বদ্ধমূল (কেন্দ্রস্থলে ধ্রুব হইয়া বিরাজ করেন—*রঠা*)। ৩ নিশ্চিত; সংশয়হীন (মেহেরউন্নিসা যে দিল্লীশ্বরী হইবেন; তাহা লুৎফউন্নিসা ধ্রুব জানিয়াছেন—*বচ*)। ৪ খাঁটি; প্রকৃত; ঠিক; যথার্থ (ধ্রুব সত্য)। ৫ অবশ্য। **~ক** *বি* ১ স্থাণু। ২ গানের ধুয়া; ধ্রুপদ। **~তা** *বি* নিশ্চয়তা; স্থিরতা; নিত্যতা; অক্ষমতা। **~তারা, ~ নক্ষত্র** *বি* ১ উত্তর আকাশস্থ দিকনির্ণয়ে সাহায্যকারী নক্ষত্রবিশেষ; pole star। ২ (*আল.*) জীবনের আদর্শ; অন্য লক্ষ্য (তোমাকেই করিয়াছি এ জীবনে ধ্রুবতারা—*রঠা*)। **~পদ** *বি* ধ্রুপদ; ধুয়া; স্থিরপদ; স্থির লক্ষ্য (যে ধ্রুপদ দিয়েছে বাঁধি বিশ্বতানে—*রঠা*)। **~ বিশ্বাস** *বি* স্থির বিশ্বাস; অটল বিশ্বাস। **~রেখা** *বি* বিষুবরেখা; equator। **~লোক** *বি* নিত্যধাম; অক্ষয় অনন্তলোক। **ধ্রুবাবর্ত** *বি* ঘোড়ার শিরোমধ্যস্থ রোমাবর্ত। **ধ্রুবা** *বি* গানের ধুয়া। { *স.* √ধ্রু+অ(ক) }

ধ্রৌব্য [ধ্রোউব্‌বো] *বি* স্থিরতা; ধ্রুবতা; নিশ্চয়তা; নিশ্চলতা। { *স.* ধ্রুব+য(ষ্যঞ্) }

ধ্বংস [ধঙ্‌শো] *বি* ১ নাশ; ক্ষয় (আত্মার ধ্বংস নাই)। ২ বিনাশ; বধ; সংহার (কিরূপে করিবে ধ্বংস দুর্জয় অসুরে—*হেব*)। ৩ উচ্ছেদ; উৎখাত (রাজ্য ধ্বংস, নগর ধ্বংস)। ৪ বিলোপ (স্মৃতি ধ্বংস)। ৫ অপচয় (অন্ন ধ্বংস)। ৬ ভেঙে পড়া; নষ্ট হওয়া। ৭ অধঃপতন; পতন (ধ্বংসের পথে)। **ধ্বস্ত** *বিণ*। **~ক** *বিণ* ধ্বংস করে এমন; ধ্বংসকারী। **ধ্বংসিকা** *বিণ* *স্ত্রী.*। **~কাল** *বি* প্রলয়। **~ন, ~ সাধন** *বি* ধ্বংসকরণ; নাশকার্য; বিনাশন। **~নীয়** *বিণ* ধ্বংসযোগ্য; উচ্ছেদনীয়। **~ পড়ানিয়া, ~ পড়ানে** *বিণ* বিঘ্ন ঘটায় এমন; পণ্ডকারী। **~পড়ানো** *ক্রি* ১ কার্যে বিঘ্ন ঘটানো। ২ কার্য নষ্ট করা। **~লীলা** *বি* প্রলয়কাণ্ড; ব্যাপক ধ্বংস;

তাণ্ডব। ~ হওয়া *ক্রি* ধ্বংসপ্রাপ্ত হওয়া; নষ্ট হওয়া; সর্বস্বান্ত হওয়া। **ধ্বংসা** *ক্রি* (পদ্যে) ধ্বংস করা (ধ্বংসিল রাজ্য)। **ধ্বংসানো** *ক্রি* ১ নষ্ট করা (পরের অন্ন ধ্বংসানো)। ২ বিনষ্ট করা; উৎসন্ন করা (সৈন্য দিয়ে দেশ ধ্বংসানো)। □ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। **ধ্বংসাবশেষ, ~শেষ** *বি* ধ্বংসের পর যা অবশিষ্ট রয়েছে; নাশের পর অবশিষ্টাংশ; ভগ্নাবশিষ্ট; ruins; relics। **ধ্বংসিত** *বিণ* ১ নাশিত; ধ্বংসপ্রাপ্ত; বিনষ্ট; খণ্ডিত। ২ অধঃপতিত। **ধ্বংসী(-সিন্)** *বিণ* ১ ধ্বংসকারী (বিমানধ্বংসী)। **ধ্বংসের পথ** *বি* ১ যে পথে অধঃপতন হয়। **ধ্বংসোন্মুখ** *বি* ধ্বংসের সূচনা; ধ্বংসের উপক্রম। **অন্ন ~ করা, অন্ন ধ্বংসানো** *ক্রি* অকর্মণ্য বা বেকার ব্যক্তির বসে বসে আহার্য নিঃশেষিত করা। {*স.* √ধ্বংস্+অ(ঘঞ)}

ধ্বজ [ধজো] *বি* ১ পতাকা; নিশান; কেতন (নবচন্দ্র ধ্বজ)। ২ *বি* পুরুষাঙ্গ; শিশ্ন (ধ্বজভঙ্গ)। ৩ গৌরব; শ্রেষ্ঠ (বংশধ্বজ)। ৪ চিহ্ন; লক্ষণ। **~চিহ্ন** *বি* জাতি, সম্প্রদায় বা রাজশক্তি বা রাষ্ট্রের বিশিষ্ট চিহ্ন; ensign। **~দণ্ড** *বি* পতাকা দণ্ড। **~পট** *বি* পতাকা (তার বিজয়োদ্ধত ধ্বজপট সে কি আগে-পিছে রবে না—*রঠা*)। **~পতাকা** *বি* ১ পতাকা এবং তার আনুষঙ্গিক বস্তুসমূহ। ২ পতাকা *বি*। **~বহ** *বিণ* পতাকাবাহক। **~বান** *বিণ* ১ পতাকাধারী। ২ চিহ্নিত। □ *বি* দুষ্কৃতির জন্য চিহ্নিত। **~ভঙ্গ** *বি* পুরুষত্বহীনতারূপ রোগ; পুরুষের স্ত্রীসঙ্গম শক্তির লোপ; impotency। **~স্তম্ভ** *বি* পতাকাদণ্ড flag staff। {*স.* √ধ্বজ্+অ(অচ্)}

ধ্বজা [ধজা] *বি* ১ নিশান; পতাকা। ২ চিহ্ন। ৩ গৌরব; গর্ব। ৪ শিখা; চূড়া। ৫ টিকি। **~ধরা** *ক্রি* উগ্রভাবে সমর্থন করা। **~ধারী** *বিণ* ১ পতাকাধারী। ২ সমর্থক। ৩ (*ব্য.*) টিকিধারী; শিখাবিশিষ্ট। ৪ মূর্খ ও অহঙ্কৃত; সর্দার বা পাণ্ডা (ধর্মের ধ্বজাধারী)। **~বর্দার** *বিণ* পতাকাধারী; নিশানবরদার (চলে চোবদার ধ্বজাবর্দার; চোখ বাঁধা বাজ চলছে জাঁকে—*সদ*)। {*স.* ধ্বজ+*বা.* আ(অবজ্ঞার্থে)}

ধ্বজী(-জিন্), ধ্বজি [ধোজি] *বি* ১ নিশান; পতাকা; চিহ্ন (একখানা যাঁতার মতো পাতর, তার মাঝখানটায় রাজাদের ধ্বজি গাড়বার একটা গর্ত—*অঠা*)। ২ রাজা (পতাকা আছে তাই)। ৩ ব্রাহ্মণ (শিখা হেতু)। ৪ পর্বত (শিখর হেতু)। ৫ রথ (চূড়া ও পতাকা হেতু)। ৬ ময়ূর (পুচ্ছ হেতু)। ৭ সর্প (ফণা হেতু)। ৮ অশ্ব (চামর হেতু)। ৯ ধ্বজধারী; ধ্বজযুক্ত। ১০ লগি; নৌকা চালনার দণ্ড। □ *বিণ* ১ চিহ্নমাত্র ধারণকারী। ২ কপট; ভণ্ড (ধর্মধ্বজী)। **ধ্বজিনী** *বিণ স্ত্রী*। **~ মারা** *ক্রি* অল্প পানিতে লগি ঠেলে নৌকা চালনা (চলে তরী ভ্রম ভরে ঠেকে যায় ডুবো চরে ধ্বজি মেরে যায় মাঝামাঝি—*ঈগু*)। {*স.* ধ্বজ+ইন্}

ধ্বনন [ধনোন্] *বি* ১ অব্যক্ত শব্দকরণ; গুঞ্জন। ২ বর্ণন; ধ্বনির অনুকরণ। ৩ কাব্যান্তর্গত ধ্বনির দ্যোতনা; ব্যঞ্জনা। {*স.* √ধ্বন্+অন(ল্যুট্)}

ধ্বনি [ধোনি] *বি* ১ শব্দ; কণ্ঠস্বর; রব (ধ্বনি করা, মৃদঙ্গ ধ্বনি)। ২ বিশেষ রব বা জিকির; slogan (ধ্বনি তোলা)। ৩ কাব্যের রস; ব্যঞ্জনা। **~কাব্য** *বি* উত্তম বা উৎকৃষ্ট কাব্য; বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গার্থের দ্বারা সৌন্দর্যমণ্ডিত কাব্য। **~গ্রহ** *বি* ১ শব্দজ্ঞান। ২ কর্ণ। **~ত** *বিণ* ১ শব্দিত; বাদিত; নিনাদিত; ঝঙ্কৃত (ধ্বনি হৃদয়ে তাই—*রঠা*)। ২ ধ্বনি দ্বারা প্রতিপন্ন। **~তা** *বিণ স্ত্রী*। **~নালা** *বি* বংশী; বাঁশি। **~ফলক** *বি* বাদ্যযন্ত্রের ফাঁপা অংশ। **~রেখা** *বি* শব্দের আঘাতে বাতাসে আলোড়ন (ধ্বনিরেখা টেনে দিয়ে বাতাসের বুকে—*রঠা*)। {*স.* √ধ্বন্+ই}

ধ্বন্যাত্মক [ধনাতোঁক্] *বিণ* ধ্বনিমূলক বা অনুকারমূলক। onomatopoeic। {*স.* ধ্বনি+আত্মক}

ধ্বস [ধশ্] ⇒ ধস। {*স.* √ধ্বন্স্}

ধ্বসন ⇒ ধস

ধ্বসা ⇒ ধস

ধ্বস্ত [ধস্তো] *বিণ* ১ বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত (আমি বাঁচিয়েছি ধ্বস্ত প্রেমের আকৃতি আর স্বর্গীয় নির্যাস—*বুব*)। ২ পতিত; স্খলিত; বিচ্যুত। **~বিধ্বস্ত** *বিণ* চুরমার; সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে এমন (মোঙ্গলদের দৌরাত্ম্যে মোসলেম রাজ্যসমূহ ধ্বস্তবিধ্বস্ত হচ্ছিল—*এওআ*)। **ধ্বস্তাধ্বস্তি** *বি* ১ পরস্পরকে আকর্ষণ করে অভিভূত বা পতিত করার চেষ্টা। ২ বল পরীক্ষা (সুমতি আর কুমতির মধ্যে ধ্বস্তাধ্বস্তি)। {*স.* √ধ্বন্স্+ত(ক্ত)}

ধ্বাঙ্ক্ষ [ধাঙ্খ] *বি* কাক। {√ধ্বাঙ্ক্ষ্+অ(অচ্)}

ধ্বান্ত [ধান্তো] *বি* অন্ধকার; তিমির; তমসা (মোহধ্বান্ত নাশন—*রঠা*)। **ধ্বান্তারি** *বি* সূর্য (অন্ধকার নাশ করে বলে)। **ধ্বান্তোন্মেষ** *বি* জোনাকি। {*স.* ধ্বন্+ত(ক্ত)}

ন

ন[1] বাংলা ব্যঞ্জনবর্ণমালার বিংশ এবং ত-বর্গের পঞ্চম বর্ণ। এটি দন্তমূলীয় (alveolar), নাসিক্য (nasal) ব্যঞ্জনধ্বনি।

ন[2] [ন] *বিণ* ১ নতুন (ন বৌ, নছেলে)। ২ জন্মের ক্রম অনুসারে চতুর্থ; সেজোর পরবর্তী (ন দিদি, ন কাকা, ন বউ)। {*স.* নব>}

ন[3] [ন] *বি* ১ নয় সংখ্যা; ৯। □ *বিণ* নয় সংখ্যক; নয় (ন জন, ন গা মাগিলেও যা ছ গা মাগিলেও তা—*প্রবাদ*)। {*স.* নবন্>}

ন[4] [ন] *অব্য* নিষেধ অভাব ইত্যাদিসূচক উপসর্গ (ন+উচিত= অনুচিত; ন+ধর্ম=অধর্ম; ন+অতিদীর্ঘ=নাতিদীর্ঘ; ন+গণ্য=নগণ্য)। {*স.* নঞ্ নামক উপসর্গ}

নঅই, নউই [নওই, নউই] *বি,বিণ* মাসের নবম দিন (নঅই পৌষ)। {*স.* নবম>}

নই[1] [নোই] (*মবা.*) *বি* নদী (কালিনী নই কূলে—*বচদা*)। {*স.* নদী>}

নই[২] [নোই] *বিণ* ১ বন্ধ্যা; মাদি। ২ পশুর স্ত্রী জাতি (নই বাছুর)। ৩ নতুন। {*স.* নবী>}
নই[৩] [নোই] *ক্রি* নব্বই; ৯০। {*স.* নবতি>}
নই[৪] [নোই] *ক্রি* নহি; না হই (আমি নই পলানে খাতক)। {*বা.* না হই>}
নইচা, নইচে ⇒ নলিচা
নইলে ⇒ নহিল
নঈ (*মবা.*) [নোই] *বি* নদী। {*স.* নদী}
নউই ⇒ নব্বই
নউমি [নোউমি] *বি* নবমী তিথি। {*স.* নবমী}
নও[১] ⇒ নহ
নও[২] [নও] *বিণ* নয়া; নতুন। ~ **আবাদ**, ~ **আবাদি** *বি* নতুন বসতি। {*ফা.* নও نو }
নওকর, নোকর, নকর [নওকর্, নোকোর্, নকোর্] *বি* চাকর; ভৃত্য (মৃত্যু যেন কেনা নওকর, থরথর পদভরে —*হাহা*)। **নওকরি, নোকরি, নকরি** *বি* বেতন নিয়ে কাজ; চাকরি; দাসত্ব; ভৃত্যগিরি (যদিও কেউ ছাড়লে নাক ব্যবসা কি নকরি—*দ্বিরা;* তাদের মেজদা উত্তর বাংলার কোথায় যেন কি ডাক্তার নোকরি করেন—*সৈমু*)। {*ফা.* নওকর نوكر }
নওজোয়ান, নৌজোয়ান [নওজোয়ান্, নোউ-] *বি,বিণ* ১ নবযুবক; তরুণ বীর; যুবক বীর। ২ তরুণ; যুবক। **নওজোয়ানি** *বি*। {*ফা.* নওজওয়ান نوجوان }
নওবত, নহবত [নওবত্, নহোবত্] *বি* ১ প্রত্যহ সকালে ও সন্ধ্যায় বা প্রহরে প্রহরে রাজা বা বিশেষ পদস্থ ব্যক্তির দ্বারে বিশেষ বাদ্যধ্বনি করার জন্য গোলাকার বড় ঢোলকবিশেষ (তুর্ক তোরণে নহবৎ বাজে গুলজার গুলশান—*শাহো;* অদূরে নৌবতে বাজে ইমন ভূপালি—*নই;* নবোৎসাহে নৌবৎ বাজায়—*সদ*)। ২ সানাই ইত্যাদির সুমিষ্ট ঐকতান বাদ্য; দুন্দুভি বা বাদ্য। **-খানা** *বি* যে স্থানে বা মঞ্চে বসে নওবত বসানো এবং বাজানো হয় (নহবৎখানায় তারই বিসর্জনের বাজনা বাজছে—*নই*)। **জানের উপর ~ তোলা** *ক্রি* অত্যন্ত বিব্রত করা। {*আ.* নওবত نوبة }
নওবাহার [নওবাহার্] *বি* নববসন্ত (কচি ঘাস আর লতাপাতায় তিনি দেখতে পাচ্ছিলেন জীবনের নওবাহার —*শাহেদ*)। {*ফা.* নওবাহার نوبهار }
নওমুসলিম [নওমুস্‌লিম্] *বি* নবদীক্ষিত মুসলমান। {*ফা.* নও نو +*আ.* মুসলিম مسلم }
নওয়াজিমা ⇒ লওয়াজিমা।
নওয়াব, নওয়াবজাদা, নওয়াব-নাজিম, নওয়াবি ⇒ নবাব।
নওয়ালা [নওয়ালা] *বি* ১ উপহার। ২ গ্রাস; মুখের গ্রাস। {*আ.* নওয়ালাহ্ نوالة }
নওয়ালি [নওয়ালি] *বিণ* ১ নতুন। ২ নতুন উৎপন্ন বা আমদানি; নতুন রবিশস্য। {*স.* নব>তুল. *হি* নউল}
নওরতন [নওরতোন্] *বি* ১ নবরত্ন (দরবারে নওরতন)। ২ নবরত্ন খচিত বলয়। {*ফা.* নওরতন نورطن +*স.* রত্ন>*বা.* রতন(স্বরাগমে)}
নওরাতি [নওরাতি] *বি* উৎসব রাত্রি; সুখের রাত্রি; উৎসবমুখর রজনী (শোহরত দাও নওরাতি আজ —*নই*)। {*ফা.* নও نو +*স.* রাত্রি>*বা.* রাতি}
নওরোজ, নওরোজা [নওরোজ্,-জা] *বি* ১ নতুন দিন। ২ পারসিক মতে নতুন বৎসরের প্রথম দিন। ৩ উৎসববিশেষ (কহিল সহেলি, আজ যে গানের নওরোজা —*মোম*)। {*ফা.* নওরোজ نوروز }
নওল [নয়োল্] *বিণ* নবীন; নতুন; নব; কচি; মনোহারী (কোথায় খুলবে নওল উষার রশ্মিধারা সফেদ—*ফজ*)। **-কিশোর** *বিণ* নব কিশোর (দেখবি কে আয়, আজ আমাদের নওলকিশোর সওদাগরে—*নই*)। **নওলি যৌবন** *বি* নব যৌবন। {*স.* নব>নও+ল}
নওলা, নহলা [নওলা,-হ-] *বি* নয় ফোঁটা চিহ্নিত তাস (যারা চিরতনের টেক্কাকে বেমালুম হরতনের নওলা বানিয়ে দিতে পারেন—*সৈমু;* দুরি তিরি হইতে নহলা দহলা পর্যন্ত আরও অনেক ঘর গৃহস্থ আছে —*রঠা*)। {নওল+আ}
নওলাখি [নওলাখি] *বি* ১ ধর্মসম্প্রদায়বিশেষ। ২ যার মূল্য নয় লক্ষ মুদ্রা। {*ফা.* নও+লাখ (<*স.* লক্ষ)+ই}
নওলি যৌবন ⇒ নওল
নওশা, নওশাহ [নওসা, -শাহ্] *বি* বর; bridegroom নতুন শাহ বা বাদশাহ; শাহের মর্যাদাসম্পন্ন 'বর' (নওশার বেশে সাজাও বন্ধু মোদের পুনর্বার—*নই*)। {*ফা.* নওশাহ نوشاه }
নকড়া [নকড়া] *বি* ১ নয় কড়া; নয়টি কড়ি। ২ তুচ্ছ; নগণ্য। **~-ছকড়া** *বি* তুচ্ছ; হেয়; নগণ্য; অজ্ঞাত। ❑ *ক্রি* তুচ্ছ করা; তাচ্ছিল্য দেখানো। {*বা.* ন(*স.* নব>)+কড়া}
নকর, নকরি ⇒ নওকর
নকল [নকোল্] *বিণ* কৃত্রিম; জাল; অখাঁটি; ঝুটা (নকল টাকা)। ❑ *বি* ১ অনুকরণ। ২ প্রতিলিপি; অনুলিপি; copy (লিখাইয়া পাঞ্জা ফরমানের নকল—*ভব*। ৩ প্রতিবিম্ব (এ সংসার আর্শির নকল, ছায়ার খেলা—*মীম*। ৪ বেআইনিভাবে পরীক্ষার্থীর বইয়ের পৃষ্ঠা বা টুকে আনা কাগজ দেখে উত্তরপত্র লিখন (পরীক্ষার হলে নকল করা)। **~ দানা, নকুল দানা** *বি* চিনির রসে পাক করা চিনা বাদাম। **~নবিস, ~নবিশ** *বি* যে লেখা নকল করে; অনুকরণকারী; প্রতিলেখক; copyist। **~নবিসি** *বি* নবিসের কাজ; লেখা দেখে লেখার কাজ। **নকুলে** *বিণ* নকল করতে অর্থাৎ কৃত ত্রুটির অনুকরণ করে ঠাট্টা-বিদ্রূপ করতে পটু; আমোদপ্রিয়; ভাঁড় (রেতা নাপ্তে ভারি নকুলে—*দীমি*)। **সাত নকলে আসল খাস্তা**—নকল হতে মূল ঠিক না থাকা; বহু নকলে আসল বিকৃত হয়ে যাওয়া। {*আ.* নক্‌ল نقل }
নকশ [নক্‌শো] *বি* চিত্র; মানচিত্র। {*আ.* নক্‌শ্ نقش }
নকশবন্দিয়া [নক্‌শোবোন্‌দিয়া] *বি,বিণ* সুফি সম্প্রদায়-বিশেষ (তিনিও নকশবন্দিয়া পন্থায় দীক্ষিত হয়েছিলেন—*আনিস*)। {*ফা.* নক্‌শাহ বন্দিয়াহ نقشه بنديه }
নকশা, নকসা, নক্সা [নক্‌শা] *বি* ১ চিত্রের কাঠামো; রেখাচিত্র; sketch; drawing; map; design (যখন নকসা প্রস্তুত করিয়া আনে তখন তিনি তাহাতে কত ব্যয় হইবেক বুঝিতে পারেন নাই—*ঈবি*)। ২ গৃহ উদ্যান সেতু প্রভৃতির অবস্থান; কাঠামো; গঠনসূচক রেখাচিত্র (বাগানের

নকশা)। ৩ গঠন-প্রণালি নির্দেশক রেখাচিত্র (বাড়ির নকশা)। ৪ ফুল-লতা-পাতা অঙ্কিত; চিত্রিত (স্ত্রীর শ্রী-অঙ্গে চেলি জরির নানা নকসা আঁকা—*দ্বিরা*)। ৫ জমির জরিপ সম্বন্ধীয় চিত্র। ৬ হাস্যরসাত্মক লেখা বা রচনা; ব্যঙ্গচিত্র। **~কার, নক্সাকার** *বি* যে ব্যক্তি নকশা তৈরি করে; draftsman। **~দার, নক্সাদার** *বিণ* নকশার কারুকাজ আছে এমন (নকশাদার শাড়ি)। **~নবিশ, ~নবিস** *বি* যে নকশা করে; নকশাকার (কত ওস্তাদ নক্সানবীশ আলোকিত তোর প্রাচীর পুঁথি—*সদ*)। **~পাড়, নক্সাপাড়** *বিণ* চিত্রিত পাড়বিশিষ্ট (নকশাপাড় কাপড়)। {*আ.* নক্‌শাহ্ نقشه }

নকশি, নকশী [নোক্‌শি] *বিণ* নকশাবিশিষ্ট (নকশি কাঁথা)। {*আ.* নক্‌শাহ্ نقشه }

নকাশি, নকাশা, নকাসি [নকাশি, -শা, -কাশি] *বি* ১ চিত্র-আঁকা বা ফুল-লতা কাটার কাজ। ২ খোদাইয়ের কাজ। ৩ ধাতুপাত্রে চিত্রণের বা খোদাইয়ের কাজ। {*আ.* নক্‌কাশ نقاش ; *ফা.* নক্‌কাশী نقاشی }

নকিঞ্চন [নকিন্‌চন্] *বিণ* অকিঞ্চন; নিঃস্ব; দরিদ্র। {*স.* ন+কিঞ্চন}

নকিব, নকীব [নোকিব্] *বি* ১ রাজা প্রভৃতির যশ বা কীর্তি ঘোষণাকারী (নজরুল হলেন নবযুগের নকীব—ছউ)। ২ ঘোষক; herald (নকীব উষ্ট্রপৃষ্ঠে বসিয়া ভেরী রবে ভূপতিগণের শুভাগমন বার্তা আর ঘোষণা করিতেছে না—*মীম*)। ৩ প্রভুর বা আগন্তুকের পরিচয়দাতা (নকীব সেলামগাহে জানায়—*ভারা*)। ৪ সংবাদবাহক; পেয়াদা। {*আ.* নকীব্ نقيب }

নকুটা [নকুটটো] *বি* যে নখ কাটে; নাপিত। {*স.* নখ+*বা.* কাটিয়া>}

নকুল [নোকুল্] *বি* ১ বেজি; নেউল (নকুল সহিত যান বামদিকে ফিরে চান—*ভারা*)। ২ হিন্দু-দেবতা শিব; মহাদেব। ৩ সিদ্ধি পানের পর যে মুখরোচক খাদ্য খাওয়া হয়; চাট (হুঙ্কার ছাড়িয়া রসে মগন হইয়া আকুল হইল…নকুল লাগিয়া—*ভারা*)। ৪ মহাভারতোক্ত চতুর্থ পাণ্ডব। **নকুলী** *স্ত্রী.*। **নকুলেশ্বর** *বি* ১ হিন্দুশাস্ত্রোক্ত ভৈরব। ২ হিন্দু দেবতা মহাদেব। {*স.* ন+কুল; *বহু*}

নকুলিয়া, নকুলে ⇒ নকল

নকুলেশ্বর ⇒ নকুল

নক্ত [নক্‌তো] *বি* রাত্রি; রজনী। **~চর, ~চারী(-রিন্), ~ঞ্চর** *বিণ* ১ নিশাচর; রাত্রিচর (রাত একটা থেকেই এই নক্তচারীরা পথে বার হয়—*রখা*)। ২ রাক্ষস। ৩ পেঁচা; পেচক। ৪ চোর। **~চারিণী** *স্ত্রী.*। **~ন্তন** *বিণ* রাত্রিকালীন; নৈশ (এইরূপে নক্তন্তন আহারে বঞ্চিত হইয়া তিনি দিন দিন শীর্ণ ও দুর্বল হইতে লাগিলেন—*ঈবি*)। **~ব্রত** *বি* হিন্দুদের নিশাব্রত; এই ব্রত ধারণকারীর সমস্ত দিন উপবাসের পর রাত্রে ভোজনবিধি। **~ভোজী** *বিণ* ১ রজনীতে ভোজনকারী। ২ দিনে উপবাসী থেকে যে রাত্রে আহার করে। □ *বি* ১ বাদুড়। ২ পেচক। **~ভোজিনী** *স্ত্রী.*। **নক্তান্ধ** *বিণ* রাতকানা। **নক্তান্ধতা** *বি*। {*স.* √নশ্+ত(ক্ত); *গ্রি.* nox}

নক্র [নক্‌ক্রো] *বি* কুমির। **নক্রা** *স্ত্রী.*। **~রাজ** *বি* হাঙ্গর। {*স.* ন+√ক্রম্+অ(ড)}

নক্ষত্র [নোক্‌খোত্‌ত্রো] *বি* (*জ্যোবি*) ১ তারা; তারকা। ২ অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, পূর্ব-ফল্গুনী, উত্তর-ফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতী, বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা, মূলা, পূর্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব-ভাদ্রপদা, উত্তর-ভাদ্রপদা, ও রেবতী—চন্দ্রপত্নীরূপে বর্ণিত সাতাশটি তারা বা তারাপুঞ্জ। ৩ রাশিচক্রের সাতাশ ভাগের এক ভাগ। **~গতি, ~বেগ** *বি* অতিদ্রুত বেগ; উল্কার মতো গতি। **~চক্র** *বি* রাশিচক্র। **~জাত** *বিণ* ১ নক্ষত্র থেকে জাত বা উৎপন্ন। ২ নক্ষত্রবিশেষ থেকে গৃহীত জন্ম বা ভূমিষ্ঠ। **~জীবী** *বিণ* দৈবজ্ঞ। **~দর্শক** *বি* জ্যোতির্বেত্তা; জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। **~দান** *বি* নক্ষত্রবিশেষে দ্রব্য বিশেষের দান। **~দিবস** *বি* উৎসব দিবস (গণপতি পর দিন নক্ষত্র দিবস বলে ঘোষণা করলেন—*রাসা*)। **~নাথ, ~পতি, ~রাজ** *বি* চন্দ্র। **~নেমি** *বি* ১ চন্দ্র। ২ বিষ্ণু। ৩ ধ্রুব নক্ষত্র। ৪ রেবতী নক্ষত্র। **~পথ** *বি* আকাশ। **~পাত, নক্ষত্রের পতন** *বি* ১ তারা খসে পড়া; উল্কাপাত। ২ (*আল.*) বিখ্যাত ব্যক্তির মৃত্যু বা অবনতি (সাহিত্যাকাশে একটি নক্ষত্রপাত হইল)। **~বিদ্যা** *বি* মানুষের বর্তমান ও ভবিষ্যৎ ভালোমন্দ; গ্রহ-নক্ষত্রের গতি ও সঞ্চার প্রভাবে ভাগ্য ইত্যাদি কিরূপে নিয়ন্ত্রিত হয় সে সম্বন্ধীয় বিদ্যা; ফলিত জ্যোতিষ; জ্যোতির্বিদ্যা; astronomy; astrology; নজুম। **~মালা** *বি* নক্ষত্রসমূহ; নক্ষত্রপুঞ্জ। **~লোক** *বি* যে লোকে নক্ষত্রসকল অবস্থান করে; আকাশ। **~শূল** *বি* হিন্দুমতে যাত্রাদি কার্যে নিষিদ্ধ নক্ষত্রবিশেষ। **~সন্ধি** *বি* পূর্ব নক্ষত্র হতে পর নক্ষত্রে চন্দ্রাদি গ্রহের সংক্রমণ। **নক্ষত্রামৃতযোগ** *বি* বারবিশেষে নক্ষত্রবিশেষের সংযোগে শুভক্ষণের সৃষ্টি। **নক্ষত্রেশ** *বি* চন্দ্র। {*স.* √নক্ষ্+অত্র (অত্রন্); সুপসুপা}

নক্সা, নক্সানবীশ ⇒ নকশা

নখ [নখ্, নোখ্] *বি* আঙুলের অগ্রভাগস্থিত উপাস্থি (নাপিত দেখলে নখ বাড়ে)। **~কুনি, ~কোনি** *বি* ১ নখের কোণ বৃদ্ধিরূপ রোগবিশেষ। ২ নখের কোণে পুঁজ সঞ্চয় ও ব্যথা। ৩ নখের কোণ। **~কৃন্তন, ~কৃন্তনী** *বি* নখ কাটার অস্ত্র; নরুন। **~ক্ষত** *বি* নখের আঘাতের ফলে উৎপন্ন ক্ষত। **~দর্পণ** *বি* ১ নখরূপ দর্পণ বা নখই দর্পণ; যাতে মুখ দেখা যায়। ২ বিদ্যাবিশেষ—এ বিদ্যা বলে অলৌকিক শক্তিসম্পন্ন ব্যক্তি নখরূপ দর্পণে সমস্ত জ্ঞাতব্য বিষয় দেখতে পায়। ৩ (*আল.*) পূর্ণরূপে জ্ঞাত (তাস খেলায় ইহারা সব ঘুণ, কোন্ হাতে কি তাস আছে সব ইহাদের নখদর্পণে—*বিব*)। **~রঞ্জনী** *বি* ১ যা নখ রঞ্জিত করে; nail-polish; মেহেদি পাতা, বা ঐ জাতীয় জিনিস। ২ নরুন। **~রায়ুধ, নখায়ুধ** *বি* যে সকল পশুপক্ষীর নখই অস্ত্রের কাজ করে (শকুন সিংহ বাঘ ইত্যাদি)। **~শূল** *বি* নখের রোগবিশেষ; কুনি; আঙুলহাড়া। **নখাঘাত** *বি* নখ দিয়ে আঘাত বা আঁচড়। **নখানখি** *অব্য* নখে নখে আঁচড়া-আঁচড়ি; নখযুদ্ধ। {*স.* √নখ্+অ(ক); *স.* ন+খ(ইন্দ্রিয়)}

নখর [নখোর্] *বি* পশুপক্ষীর তীক্ষ্ণধার নখ (নখরাঘাত)।

{ স. নখ+√রা+অ(ক)}

নখরা ⇒ নাখরা

নখি [নোখি] *বি* একপ্রকার গন্ধদ্রব্য; সামুদ্রিক শামুকের খোলা যা ভাঙলে সুগন্ধ বের হয়। { স. নখ+ বা. ই}

নখী (–খিন্) [নোখি] *বিণ* ধারালো নখরযুক্ত (বাঘ, সিংহ, ভল্লুক প্রভৃতি)। { স. নখ+ইন(ইনি)}

নগ [নগো] *বি* ১ পাহাড়, পর্বত। ২ গাছ। ~**জ** *বিণ* ১ পাহাড়ে উৎপন্ন হয়েছে এমন; পর্বতজাত। ২ হস্তী। ~**জা** *বি, স্ত্রী*। ~**নদী** *বি* ১ গিরিনদী; পার্বত্য নদী। ~**পতি**, ~**রাজ**, **নগাধিপ**, **নগাধিরাজ**, **নগেন্দ্র** *বি* পর্বতশ্রেষ্ঠ; সর্বোচ্চ পর্বত; হিমালয়। { স. ন+√গম+অ(ড)}

নগজদল ⇒ নগদল

নগণ্য [নগোন্‌নো] *বিণ* ১ গণনীয় নয় এমন। ২ ধর্তব্য নয় এমন; তুচ্ছ; বাজে। ৩ সামান্য (নগণ্য ক্ষতি, নগণ্য লোক)। ৪ গণনার অযোগ্য; শ্রদ্ধার অযোগ্য। { স. ন+গণ্য}

নগদ [নগোদ্] *বি* ১ তৎক্ষণাৎ মূল্যদান; জিনিস ক্রয়ের সময়ে মূল্যদান; বাকির বিপরীত (নগদ বিক্রি, নগদ দিয়ে কেনা)। ২ উপস্থিত টাকা; মজুদ টাকা; খুচরা বা কাঁচা টাকা; যে টাকা চেক প্রভৃতিতে দত্ত নয়; cash (নগদ যা আছে আনো)। □ *বিণ* সঙ্গে সঙ্গে দেয় বা প্রদানসাধ্য (নগদ টাকা হাতে থাকায় হিন্দুরা একই প্রক্রিয়ায় পুনর্গঠনের সে সুযোগ পান—*আচৌ*)। □ *ক্রিবিণ (বা.)* খুব বেশি; জবর (এ ছেলের তো বিদ্যা নগদ হইবে, এক বেলাতেই গ্রাম কাঁপিয়া গিয়াছে—*প্যামি*)। ~ **খাজনা** *বি* নির্ধারিত খাজনা। ~ **নারায়ণ** *বি (আল.)* নগদ টাকা। ~ **বিদায়** *বি* ১ *(আল.)* কাজ শেষ হওয়ার সাথে সাথে পারিশ্রমিক শোধ করে দেওয়া; নগদ টাকা দিয়ে বিদায়; উপস্থিত হওয়ামাত্র লেনদেন চুকিয়ে দেওয়া। ২ *(আল.)* অপমান; প্রহার। ~ **মূল্য** *বি* জিনিস ক্রয়কালে দেওয়া সম্পূর্ণ মূল্য; ক্রয়কালে প্রদেয় মূল্য (নগদ মূল্যে কেনা কলম)। **নগদা** *বিণ* ১ সঙ্গে সঙ্গে প্রদেয় (নগদা দাম)। ২ দেনাপাওনা সঙ্গে সঙ্গে মেটানো হয় এমন (নগদার এ ব্যবসা খুইয়ে ধারে স্বর্গ কিনবে কে—*নই*)। ৩ নগদ মজুরি নিয়ে যে কাজ করে (নগদা মজুর)। **নগদান** *বি* (হিসাব) যে খাতায় নগদ খরচের হিসাব লেখা হয়; cash-book। **নগদি** *বি* ১ নগদ খাজনা আদায়কারী পাইক। ২ জমিদারের পাইক। □ *বিণ* ১ নগদ মূল্যে ক্রীত বা ক্রেয়। ২ যে চাকর তার কাজের জন্য খোরপোশ বাবদ নগদ টাকাও নেয়। { আ. নকদ نقد }

নগদল, **নগজদল** [নগোদল্, –জ–] *বি* হাতিসমূহ (মদকল নগদল চঞ্চল সভয়ে—*মদ*)। { স. নগ, নগজ+দল}

নগন *(মবা.)* [নগোন্] *বি* ১ লগন; বিয়ে-শাদি কাজের শুভ কাল (বিবাহের কালে কেতু আছিল নগনে—*কমু*)। ২ লগ্ন; এক একটি রাশির উদয়কাল। { স. লগ্ন>}

নগমা [নগ্‌মা] *বি* গান (ফুল-কুঁড়িদের বাঁধন খোল, নগমা শুনাও, হে বুলবুল—*গোমো*)। { আ. নগমাহ نغمة }

নগর [নগোর্] *বি* ১ পর্বততুল্য সুউচ্চ অট্টালিকাময়ী পুরী; শহর। ২ নানা পেশার বহুসংখ্যক লোকের আবাস ও শিল্প-বাণিজ্যাদির স্থান। ~**কীর্তন**, ~**সংকীর্তন** *বি* নগরের পথে পথে ঘুরে দলবদ্ধভাবে গাওয়া হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় সংগীত। ~**ঘণ্ট** *বি* বর্জিত কাঁচা তরকারি ও তরকারির খোসা দিয়ে তৈরি ব্যঞ্জনবিশেষ। ~**ঘাত** *বি* ১ হাতি। ২ নগরবাসীদের হত্যা; নগরলুণ্ঠন ইত্যাদি। ~**চত্বর**, ~**চাতর** *বি* শহরের ব্যাপক ক্রয় বিক্রয়ের স্থান; down town; বাজার (ফুল্লরা পসরা করে নগর চাতরে—*কমু*)। ~**পাল**, ~**রক্ষী** *বি* নগররক্ষক; কোটাল; কোতোয়াল; পুলিশ কমিশনার। ~**বাট** *বি* শহরের পথ (হের গো বিকীর্ণ শত শুভচিহ্ন পথপাশে নগর বাটে—*নই*)। ~**বাসী** *বিণ* শহরের বাসিন্দা; নাগরিক। ~**বিজ্ঞান** *বি* নগর নির্মাণবিষয়ক বিজ্ঞান। ~**মার্গ** *বি* রাজপথ। ~**স্থ** *বিণ* ১ নগরে অবস্থিত। ২ নগরবাসী। **নগরাধিপ**, **নগরাধ্যক্ষ** *বি* নগর রক্ষার্থে নিযুক্ত কর্মচারী; কমিশনার; সিটি ম্যাজিস্ট্রেট। **নগরী** *বি স্ত্রী*. নগর; শহর; রাজধানী (গ্রামিক নগরী ছলি খায় যে উদর পালি—*দৌকা*)। **নগুরে**, **নগরিয়া** *বিণ* নগরবাসী; শহুরে। **নগরোপান্ত**, **নগরোপকণ্ঠ** *বি* নগরের নিকটবর্তী অঞ্চল; নগরের নিকটবর্তী স্থান। { স. নগ+র}

নগাধিপ, **নগাধিরাজ** ⇒ নগ

নগি, **নগী** ⇒ লগি

নগিচ, **নগিজ** [নোগিচ, –জ] *বি* কাছ, নিকট। { ফা. নজদীক نزدیک }

নগিনা, **নগীনা** [নোগিনা] *বি* আংটির পাথর; মণি (হেন সুন্দর বহুমূল্য নগীনা—*মুশ*)। { ফা. নাগীন نگین }

নগুন [নগুন্] *বি* নয় তার সুতা দিয়ে প্রস্তুত পৈতা; উপবীত। { স. নবগুণ>}

নগুরে ⇒ নগর

নগেন্দ্র ⇒ নগ

নগ্ন [নগ্‌নো] *বিণ* ১ উলঙ্গ; নেংটা; বিবস্ত্র; দিগম্বর (নগ্ন দেহ)। ২ অনাবৃত (নগ্ন মস্তক)। ৩ অকৃত্রিম; খাঁটি (নগ্ন সৌন্দর্য)। ৪ স্পষ্ট; খোলাখুলি (নগ্ন সত্য)। **নগ্না** *স্ত্রী*। ~**ক** *বিণ* নাঙ্গা; বিবস্ত্র। □ *বি* ক্ষপণক; বৌদ্ধ সন্ন্যাসী। ~**ক্ষপণক** *বি* উলঙ্গ বৌদ্ধ সন্ন্যাসী; কালোপাসক সন্ন্যাসীবিশেষ (এ বিষয়ে ব্রাহ্মণ ও শ্রমণ নগ্নক্ষপণক ও নাগরিক সকলেরই একমত—*প্রচৌ*)। ~**কান্তি** *বি* অকৃত্রিম সৌন্দর্য। ~**তা**, ~**ত্ব** *বি* ১ উলঙ্গতা; আবরণহীনতা। ২ অবাধত্ব। ~**বীজ** *বিণ* খোসাছাড়া বীজ বা সেইরূপ বীজযুক্ত। **নগ্নাট** *বিণ* দিগম্বর। **নগ্নিকা** *বিণ* ১ *স্ত্রী*. বিবস্ত্রা; বিবসনা (উজ্জ্বল আলোর নীচে নগ্নিকার দেহের দোলায়—*আহা*)। ২ অপ্রাপ্তবয়স্কা নারী। **নগ্নীকরণ** *বি* অনাবৃতকরণ; উলঙ্গকরণ; প্রকাশকরণ; উন্মোচন। { স. √নজ্+ত(ক্ত)}

নঙ্গর, **নোঙ্গর**, **নোঙর** [নোঙ্‌গর্, –, নোঙর্] *বি* শিকল বা কাছির সাথে বাঁধা লাঙলের আকৃতির লোহার ভারী অঙ্কুশবিশেষ, যা পানির নীচে ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বাঁধা হয়। ~ **করা**, ~ **ফেলা** *ক্রি* নঙ্গর ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বাঁধা বা পোতাদির গতিরোধ করা। ~ **তোলা** *ক্রি* নঙ্গর উঠিয়ে নৌকা বা জাহাজ ছাড়া বা চালু করা। { ফা. লঙ্গর لنگر }

নচিকেতা [নোচিকেতা] *বি* বৈদিক যুগের জনৈক ঋষি পুত্র। { *স.* নচিকেতাঃ}

নচেৎ [নচেত্] *অব্য* যদি তা না হয়; নইলে; অন্যথায়। { *স.* ন+চেৎ}

নচ্ছার [নচ্ছার্] *বিণ* ১ অপদার্থ; অসার; লক্ষ্মীছাড়া (আমি একটা অত্যন্ত নচ্ছার রেস্তোরাঁ থেকে বেরুচ্ছি—*সৈমু*)। ২ অধম; নীচ; দুষ্ট। ২৩ লম্পট। { *স.* ন+সার অথবা *স.* নর+*বা.* ছার> }

নছব, নসব [নছবো, –স–] *বি* বংশ; পুরুষানুক্রম। ~**নামা** *বি* বংশলতা। **হসব**–~ *বি* বংশ ও বৈবাহিক সম্পর্ক; বংশমর্যাদা; খান্দানি গৌরব। { *আ.* নসব نصب }

নছিব ⇒ নসিব

নছিহত, নছীহত ⇒ নসিহত

নজগজ, নজগজিয়া [নজ্‌গজ্, নজ্‌গোজিয়া] *বিণ* ঢিলে; নড়বড়ে; নন্নড়ে (কাছে এসে দেখি দিগগজ একি নজগজে —*সদ*)। { *ধ্বন্যা.* }

নজদিক, নজদিগ, নযদিক, নযদীক [নজ্‌দিক্, –গ্, –ক্, –গ্] *বি* নিকট; সম্মুখ; সমীপ (নজদিকে বসায় তারে করিয়া খাতির—*সৈহ*; নজদিগে যাইয়া দেখে, পরীজাত লাখে লাখে পাহাড়েতে ঘুরিয়া বেড়ায়—*সৈহ*; কেয়ামতের নযদিকে এমন এক জামানা আসিবে—*মুমউ*)। { *ফা.* নজদীক نزدیک }

নজর১, **নযর**১ [নজোর্] *বি* ১ দৃষ্টি (যে দিকে নজর করলেম.. সে কূলে কেঁপে উঠল—*মীম*)। ২ লক্ষ্য (উঁচু নজর)। ৩ মনোযোগ; অভিনিবেশ (নজর করে দেখা)। ৪ তত্ত্বাবধান (নজর রাখা)। ৫ সুদৃষ্টি (চাকরটির উপর মনিবের নজর পড়েছে)। ৬ অশুভ বা লুব্ধ দৃষ্টি (ডাইনির নজর, নজর লাগা, খাবারে নজর দেওয়া)। ৭ দৃষ্টিশক্তি (বৃদ্ধের নজর কমে গেছে)। ৮ মনোবৃত্তি; বদান্যতা; কার্পণ্যের পরিমাণ (ছোট নজর, বড় নজর)। ৯ কৃপাদৃষ্টি; করুণা (আমরা গরীব, হুজুর নজর কল্লেই বেঁচে যাই—*মীম*)। ~ **দেওয়া** *ক্রি* কুদৃষ্টি দেওয়া। ~**বন্দি**, ~**বন্দী** *বি* ১ দৃষ্টির বাইরে যেতে না দেওয়া; ইচ্ছামতো চলাফেরা করতে না দেওয়া; আটক; confinement (একটা মানুষকে চিরদিন নজরবন্দি করিয়া রাখা যায়—*রঠা*)। □*বিণ* বন্দীর ন্যায় চোখে চোখে রাখা হয়েছে এমন; দৃষ্টিপথে আবদ্ধ রাখা। ~**বদ্ধ** *বিণ* দৃষ্টি আবদ্ধ। ~**বাজ** *বি* ১ যে নজর দেয়। ২ যে নজরবন্দি করে ভেলকি খেলে (নজরবাজ সে সব আমি—*মুশ*)। ~**বাজি** *বি* ১ ভেলকি। ২ প্রণয়ী যুগলের কটাক্ষ দ্বারা প্রণয়ের ইঙ্গিত (নজরবাজীর দোষ দিও না—*মুশ*)। ~ **মারা** *ক্রি* ১ কুদৃষ্টি দেওয়া; তীব্র দৃষ্টি করা। ২ কটাক্ষ দিয়ে প্রণয় ইঙ্গিত করা (নজর মারা...নাগর সবই—*মুশ*)। ~ **লাগা** *ক্রি* কুদৃষ্টিতে পড়া; ডাইনির নজরে পড়া। ~ **ধরা, নজরে লাগা** *ক্রি* মনের মতো হওয়া। **নজরে পড়া** *ক্রি* ১ দৃষ্টি আকৃষ্ট হওয়া; সুনজরে পড়া। ২ পৃষ্ঠপোষকতা লাভ করা। নজরে **রাখা** *বি* ১ দৃষ্টিসীমার মধ্যে রাখা। □*ক্রি* ১ দেখাশুনা করা। ২ মনোযোগ দেওয়া; মনোনিবেশ করা। ৩ লক্ষ্য করা, দেখা। **উঁচু** ~, **মোটা** ~ *বি* উদার দৃষ্টি। **উপর-নজুরে/ নজরিয়া** *বিণ* পরপুরুষ বা পরনারীর প্রতি দৃষ্টিপাত করে এমন। { *আ.* নজর نظر }

নজর২, **নযর**২ [নজোর্] *বি* ১ উপঢৌকন; উপহার; ডালি (বাদশায় নজর দিল আনি—*সৈহ*)। ২ ভেট; সেলামি (বাদশাহ বুঝি নজর কবুল করিলেন—*কাই*)। ৩ ঘুষ (দারোগাকে নজর দেওয়া)। ~**নিয়াজ** *বি* উপঢৌকন; ভেট; সেলামি (নিয়াজ বাবদ তিনি নয় লক্ষাধিক টাকা পাইয়াছিলেন—*সৈও*)। ~ **সেলামি** *বি* উপঢৌকন; ভেট; উপহার (অনেক লাখেরাজদারের জমি বাজেয়াপ্ত হওয়াতে ও তাদিগের সনদ না থাকাতে তাহারা কেবল আনাগোনা করিয়া ও নজর সেলামি দিয়া ক্রমে ক্রমে প্রস্থান করিল—*প্যামি*)। **নজরানা, নযরানা** *বি* ১ দর্শনী; উপঢৌকন; উপহার; ভেট (পরান দিলাম নজরানা দান—*নই*; সে উস্তাদদের যথাযোগ্য নযরানা প্রদান করল—*জহা*)। ২ রাজা-বাদশাহ প্রভৃতির সহিত সাক্ষাৎকালে প্রজা বা অধীন কর্মচারী প্রদত্ত সালামি বা দর্শনী (তারে ধরে লয়ে যায়, নজরানা বলে বার লক্ষ টাকা চায়—*ভারা*)। { *আ.* নজর نظر }

নজাত, নাজাত [নজাত্, না–] *বি* মুক্তি (ইংরেজ ধর্ষিত ভারতের জন্য মুক্তি-মোক্ষ-নজাত কামনা করছেন—*সৈমু*)। { *আ.* নাজাত نجاة }

নজাশি [নজ্জাশি] *বি* আবিসিনিয়া বা হাবশের রাজা; Negus। { *আ.* নাজ্জাশি نجاشی }

নজির, নজীর, নযীর [নোজির্] *বি* ১ দৃষ্টান্ত; উদাহরণ (ইতিহাসে তার প্রচুর নজীর রয়েছে—*বর*)। ২ প্রমাণস্বরূপ; উল্লেখযোগ্য ফলাফলসহ তদনুরূপ পূর্ব ঘটনা; precedence (নজির না আউড়ে কবিতা আবৃত্তি করলে মামলা যে হারতে হবে সে তো জানা কথা—*প্রচৌ*)। { *আ.* নজীর نظیر }

নজুল, নুযূল [নোজুল্, –, নুজুল্] *বি* অবতরণ; নাজিল হওন (নুযূল-ই-কুরআন)। { *আ.* নুজুল نزول }

নজ্জুম [নোজ্‌জুম্] *বি* গণক; ভাগ্যগণনাকারী; ভবিষ্যদ্বক্তা ('নজ্জুম' সব বলছে সবাই আসবে সেজন এ মঞ্জিল—*নই*)। { *আ.* নুজূমী نجومی }

নঞ্ [নোয়্, নঞ্] *অব্য* নেতিবাচক; নিষেধার্থক; (বিরোধার্থক) অ আ না নি প্রভৃতি অব্যয়যোগে ব্যক্ত হয় (নিলাজ কাহ্নাঞি—*চদা*)। **নঞর্থক** *বিণ* নেতিবাচক; negative; অভাব, বিরোধ, নিষেধ প্রভৃতি ভাবজ্ঞাপক; অনস্তিত্ববাচক। ~ **তৎপুরুষ** *বি (ব্যা.)* অভাব, অন্যত্ব, অল্পতা, নিষেধ ও বিরোধবাচক নঞর্থক শব্দের সঙ্গে নিষ্পন্ন তৎপুরুষ তথা কারক বিভক্তি বা কর্মপ্রবচনীয় লোপে সমাস (অসৎ, অনভিজ্ঞ, অকাজ)। { *স.* উপসর্গ বিশেষ}

নট১ [নট্, সমাসের পূর্বপদে "নটো"] *বি* ১ নর্তক; নৃত্যব্যবসায়ী (মধুর নটিনী নটরঙ্গ—*বিপ*)। ২ অভিনেতা; নাটকের অভিনয়কারী। ~**বর** *বি* ১ শ্রেষ্ঠ নর্তক। ২ শ্রেষ্ঠ অভিনেতা। ৩ শ্রীকৃষ্ণ। ~**রাজ, নটেশ্বর** *বি* ১ নর্তকশ্রেষ্ঠ। ২ হিন্দুদেবতা শিব যিনি তাণ্ডব নৃত্য করেন। **নটিনী** *বি স্ত্রী.* ১ নর্তকী (চলে যেন নটিনী—*রঠা*)। ২ অভিনেত্রী। ৩ বেশ্যা; বারাঙ্গনা। **নটী** *বি* ১*স্ত্রী.* নর্তকী; নৃত্য যে নারীর উপজীবিকা। ২ অভিনেত্রী। { *স.* √নট্+অ(অচ)}

নট২ [নট্] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। { *স.* √নট্+অ(অচ)}

নট[৩] [নট্] *বি* সঙ্গীতের রাগ (নটনারায়ণ, নটমল্লার, ছায়ানট)। { *স.* √নট্>*প্রা.* ণট্ট>}

নট[৪] [নট] *বি* ১ দুষ্ট; নষ্টচরিত্র; লম্পট; যে বহু নারীর সঙ্গে প্রণয় করে। ২ ধ্বংস (লখিয়া তোমার ঘট হয় ডিঙ্গী হবে নট—*কমু*)।❑ *বিণ* নষ্ট; বিকৃত (শুন ওহে গুণনিধি নট হোক ছানা দধি—*কমু*; সব কর্ম হবে নট—*ভারা*)। **~খট, ~খটি** *বি* ১ ছোটখাট গোলমাল বা ঝগড়াঝাঁটি। ২ ঝঞ্ঝাটপূর্ণ (নটখটে কাজ)। **~ঘট, ~ঘটি** *বি* অসৎ সম্বন্ধ ঘটনা; অবৈধ প্রণয়সূচক ব্যাপার; কলঙ্কজনক ঘটনা। **~খটে** *বিণ* গোলমেলে; ঝঞ্ঝাটপূর্ণ (নটখটে কাজ)। **~ঘটে** *বিণ* ১ অসৎ সম্বন্ধযুক্ত; কলঙ্কযুক্ত (নটঘটে ব্যাপার)। { *স.* নষ্ট> *প্রা.* ণট্‌ঠ>}

নটই [নটোই] (*ব্র.*) *ক্রি* নৃত্য করে (রঙ্গিণীগণ সব সঙ্গহি নটই—*বিপ*)। {নট+ই}

নটক (*মবা.*) [নটক] *বি* ১ দোষত্রুটি (রাজা বড় খরতর নাহি গুণকথা; লঘু নটক পাইলে কাটে তার মাথা—*বচদা*)।❑ *বিণ* ১ ধৃষ্ট; ছলনা-কুশল (সুনহ নটক কাহ্ন কেহ্নে কর অপমান—*বচদা*)। ২ দুষ্ট; নষ্ট (তবেহ নিলাজ দূতী নটক কুজনি ময়নার বিদিতে কহে চৈত্র ঋতু পুনি—*কাদৌ*)। ৩ নর্তক (নৃত্য দেখিবারে দিলা নটক সুন্দর—*দৌবা*)। **নটকী** *বিণ স্ত্রী.* ১ দুষ্টা; ধৃষ্টা। ২ কুচেষ্টাবতী। { *স.* নষ্ট>*প্রা.* ণট্‌ঠ>*বা.* নট+ক}

নটকনা, নটকান [নটকনা, নটকানো] *বিণ* ১ বাসন্তী রং (নটকনা রং শাড়ীটি ভাজে—*মোম*; সেখানে শরীর তার নটকান-রক্তিম রৌদ্রের আড়ালে—*জীদা*)। ❑ *বি* একপ্রকার গাছ বা তার বীজ। { *অমু.*}

নটকী ⇒ নটক

নটখট, নটখটি, নটখটে, নটঘট, নটঘটি, নটঘটে ⇒ নট[৪]

নটচাঁদ (*মবা.*) [নটোচাঁদ] *বি* নষ্টচন্দ্র; ভাদ্র মাসের চতুর্থী তিথিতে উদিত চন্দ্র (ভাদরে দেখিনু নটচাঁদে—*চদা*)। { *স.* নষ্টচন্দ্র>}

নটতি [নটোতি] *ক্রি* নাচছে (নটতি কলাবতী—*বিপ*)। { *স.* নৃত্যতি>}

নটন [নটোন্] *বি* নৃত্য। { *স.* নট্+অন(ল্যুট্)}

নটবর ⇒ নট[১] ও নট[৪]

নটরাজ ⇒ নট[১]

নটা [নটা] *বি* সুমিষ্ট খাগড়াবিশেষ। { *স.* নল>নড়>}

নটিনী ⇒ নট[১]

নটী ⇒ নট[১] ও ট[২]

নটে, নটিয়া [নোটে, নোটিয়া] *বি* ১ এক প্রকার শাক (লাল নটের ক্ষেতে, লাল টুকটুকে বৌ যায় গো—*নই*)। ২ নর্তক। **~ খাড়া** *বি* নটে শাকের ডাঁটা। { *স.* লুন্টক অথবা *স.* লতা>নটা>}

নটেশ্বর ⇒ নট[১]

নঠ (*মবা.*) [নঠো] *বিণ* নষ্ট; বিকৃত (ঘৃত দুধ দধি নঠ না কর—*বচদা*)। **~শীল** *বিণ* দুষ্ট প্রকৃতি (নঠশীল মারে কীল লাগে খিল দাঁতে—*ভারা*)। **নঠী** *বিণ স্ত্রী.* ধৃষ্টা; প্রগলভা। { *স.* নষ্ট> *প্রা.* নট্‌ঠ>}

নড্ [নড্] *বি* অভিবাদন; মাথা সঞ্চালন (নিতান্ত সামনে, বয়সে বড়, তাই একটা ছোটাসে ছোটা নড করলুম—*সৈমু*)। { *ই.* nod}

নড়[১] [নড়্] *বি* নলখাগড়া (নড় নির্মিত দড়মা)। { *স.* নল>}

নড়[২] (*মবা.*) [নড়ো] *বি* দৌড় (মায়ে বলে বিশ্বম্ভর যাহ নড় দিয়া—*বৃদা*)। **নড়ানড়ি** *বি* দৌড়াদৌড়ি। {রড়>}

নড়চড় [নড়চড়্] *বি* ১ ব্যতিক্রম; অন্যথা; ব্যত্যয় (অমন বড় মানুষ লোক, কথা দিলে কি আর নড়চড় আছে—*বচ*)। ২ নড়াচড়া; বিচলন; স্পন্দন। {√নড়্+√চড়্}

নড়ন [নড়োন্] *বি* ১ নড়া; চলন। ২ সঞ্চলন। ৩ স্পন্দন। **~-চড়ন** *বি* ১ নড়াচড়া; স্থান বা পার্শ্ব পরিবর্তন (নড়ন-চড়ন নেই—*রাব*)। ২ ব্যতিক্রম; অন্যথা। **~চড়নহীন, ~চড়নরহিত** *বিণ* অসাড়; নিঃসাড়। ❑ *বি* স্থির; অকম্পিত। { *স.* √নড্>√নড়্+অন}

নড়নড়, নড়বড় [নড়নড়্, -বড়্] *অব্য* শিথিলতাজ্ঞাপক; সংলগ্ন থেকে ঝুলন; ভেঙে পড়ার পূর্ব অবস্থা (বৃদ্ধের একটি দাঁত নড়নড় করছে)। **নড়নড়ে, নড়বড়ে** *বিণ* ১ শিথিল; অদৃঢ়মূল (নড়বড়ে দাঁত)। ২ ভেঙে বা বিচ্ছিন্ন হয়েও কোনো রকমে আটকে আছে এমন (নড়বড়ে পাতার ঘর)। {নড়+নড়}

নড়া [নড়া] *ক্রি* ১ দোলায়িত বা আলোড়িত বা আন্দোলিত হওয়া; কাঁপা (জল পড়ে পাতা নড়ে—*রঠা*)। ২ স্থান ত্যাগ করা বা স্থানান্তরে যাওয়া (কিন্তু তখনও নড়ে না—*অঠা*)। ৩ সরে যাওয়া (এখান হতে নড় সবাই কৈলাসে গিয়ে বসো তপস্যায়—*অঠা*)। ৪ চলা; গমন করা (তোর কোপে যেই পড়ে যমঘরে সেই নড়ে—*কমু*)। ৫ শিথিল হওয়া (দাঁত নড়া)। ৬ ব্যতিক্রম হওয়া; অন্যথা হওয়া (হাকিম নড়ে তো হুকুম নড়ে না)।❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **~চড়া** *বি* দেহসঞ্চালন; চলাফেরা; ঘুরে ফিরে বেড়ানো (দুর্বলতার জন্য নড়াচড়া করতে পারে না)। **~নো** *ক্রি* ১ দোলানো; আন্দোলিত করা; নাড়া (পাতা নড়ানো)। ২ সরানো; চালিত করা; স্থানান্তরিত করা (রোগীকে নড়ানো উচিত নয়)। ৩ অন্যথা করানো; ব্যতিক্রম করানো (কেঁদেকেটে মাথা খুঁড়ে তার কথা নড়ান যায় না—*রঠা*)।❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √নড্>√নড়্+*বা.* আ}

নড়া[২] [নড়া] *বি* বাহু; হাত (দুই পোতা মাঝি তার ধরি দুই নড়া শ্রীমন্তের আগে লয়ে ফেলে যেন মড়া—*কমু*)। { *স.* নলক>নলঅ>নলা>}

নড়াজ ⇒ নরাজ

নড়ান, নড়ানো ⇒ নড়া[১]

নড়ানড়ি [নড়ানোড়ি] *বি* দৌড়াদৌড়ি; একস্থান থেকে অন্য স্থানে সরে যাওয়া। {নড়া+নড়ি}

নড়ি[১], **নড়ী** [নোড়ি, নোড়ি] *বি* ১ লাঠি; যষ্টি; লগুড়; রাখালের পাচন (দশের নড়ি একের বোঝা—*প্রবাদ*)। ২ (*আল.*) অবলম্বন; আশ্রয়; নির্ভর (সেই এখন বাবার সান্ত্বনা—অন্ধের নড়ি—*শেফ*)। ৩ হাত বা পায়ের নলের মতো লম্বা হাড়; নড়া; নলা (দলিল খারিজের প্রার্থীদের জমিদারের কাছারিতে যাতায়াত করতে করতে পারে নড়ি ছিঁড়ে যায়—*প্রচৌ*)। { *স.* লগুড়>; *মু.* নাড়ি(উদ্ভিদ)}

নড়ি[২] (*মবা.*) [নোড়ি] *বি* শ্রমিক; মজুর (ডাকিয়া আনিল যত নগরের নড়ি—*কমু*)। { *স.* নর>}

নড়ে ভোলা [নোড়ে ভোলা] *বিণ* ১ আত্মভোলা; হাবাগোবা (ঠুঁটো জগন্নাথ নড়েভোলো—*অঠা*)। ২ ঢিলাঢালা; শিথিল। ৩ ক্ষীণদেহ। ৪ দুর্বল হৃদয়। {নেলাভোলা}

নড়ী ⇒ নড়ি[১]

নৎ ⇒ নথ

নত [নতো] *বিণ* ১ হেঁট; অবনত; শ্রদ্ধাবিনম্র (নতমস্তক)। ২ প্রণত; প্রণামকারী (চরণে নত)। ৩ বিনীত; নম্র। ৪ নিম্নাভিমুখী (নতদৃষ্টি)। ৫ নিচু; অনুন্নত; উন্নত নয় এমন (নতনাসিক)। ৬ কুটিল; বক্র। **নতা** *স্ত্রী*। ~**জানু** *বিণ* হাঁটু গেড়ে বসে আছে এমন। ~**নয়ন**, ~**নেত্র** *বি* অবনত দৃষ্টি। □ *বিণ* মুখ নত করে নিচের দিকে দৃষ্টি করে আছে এমন (মৃদু হাস্যে নতনেত্রে দাঁড়াও আসিয়া—*রঠা*)। ~**নাস**, ~**নাসিক** *বণ* চ্যাপটা নাকযুক্ত; অনুন্নত নাসিকাযুক্ত; খাঁদা। ~**বান** *বিণ* নতশীল; প্রণত। ~**ভ্রূ** *বিণ* কুটিল ভ্রূ। ~**মস্তক**, ~**শির** *বিণ* মাথা নিচু করেছে এমন; বিনয়ী। ~**মুখী** *স্ত্রী*। {স. √নম্+ত(ক্ত)}

নতা, নাতা [নতা, নাতা] *বি* ১ সম্বন্ধ (তোমা সনে নাতা কি তার—*ভক্তমাল*)। ২ ছল; ওজর। ৩ অছিলা; আপত্তি (ছুতানাতা)। {স. জ্ঞাতি>পা. নাতি>}

নতি[১] [নোতি] *বি* ১ নত অবস্থা বা ভাব। ২ প্রণাম; নমস্কার (জুড়িয়া উভয় পাণি ধীরে কৈল নতি—*কমু*)। ৩ অবনত হওয়া; নমন। ৪ বিনয়; নম্রতা। ৫ ঝোঁক; হেলে পড়া; inclination। ৬ অনুনয়; বিনীত প্রার্থনা; আবেদন; নিবেদন (কত করিলাম নতি, কেশে ধরি লহনা মারিল কিল লাথি—*কমু*)। ~**মান** *বিণ* প্রণত; নতশীল (শারী শুক ভেট দিয়া হইল নতিমান—*কমু*)। {স. √নম্+তি(ক্তি)}

নতি[২] [নোতি] *বি* (*জ্যা.*) কোনো সরলরেখা বা তলের সঙ্গে কোণের যে পরিমাণ তা; inclination। {স. √নম্+তি(ক্তি)}

নতিজা, নতীজা [নোতিজা] *বি* পরিণাম; ফল (অনেক গোপনীয় কথাও ফাঁস করে দেয়। এর নতিজাও তাকে পেতে হয়েছে—*মউ*)। {আ. নতীজাহ نتيجة}

নতিমান ⇒ নতি[১]

নতুন, নোতুন, নতুন [নোতুন, –, নোত্‌তুন] *বিণ* ১ নব; নূতন; নবীন। ২ যৌবন (দেখা হইল নারে শ্যাম আমার এই নতুন বয়সের কালে—*সৈমু*)। ৩ পুরনো নয় এমন; টাটকা (নতুন চাল, নতুন পাতা, নতুন সম্বন্ধ)। ~ **খাতা** *বি* নূতন বৎসরের নূতন খাতা খোলার উৎসব; হালখাতা। {স. নূতন}

নতুবা [নোতুবা] *অব্য* নচেৎ; অন্যথায়; তা না হলে; নইলে। {স. ন+তু+বা}

নতোদর [নতোদর] *বিণ* যে উদরের মধ্যভাগ নত; কড়াই চাটু ইত্যাদির পেটের ন্যায়; উন্নত উদরের বিপরীত; [illegible]; concave। {স. নত+উদর; কর্মধা.}

নতোন্নত [নতোন্নতো] *বি* উঁচুনিচু; বন্ধুর; এবড়োখেবড়ো। {স. নত+উন্নত; কর্মধা.}

নত্তা [[illegible]] *বি* শিশুর জন্মের নবম দিনে প্রসূতির [illegible] নখকর্তনাদি হিন্দু সংস্কারবিশেষ। {নবম>ন+কৃত্যা>ত্তা}

নত্তুন ⇒ নতুন

নথ, নৎ [নথ্, –ত্, –] *বি* বলয়াকৃতি নাকের অলঙ্কার (বাঁশের কচিপাতা দিয়ে গড়িয়ে দেব নথটি নাকের—*জউ*; খাঁদা নাকে আবার নৎ—*অচিসে*)। ~**নাড়া** *ক্রি* নথ নেড়ে নিজের সংকল্প বা গর্ব প্রকাশ করা; মুখ ঝামটা দেওয়া (তাহলে দেখবো লো তাঁর এজলাসে তুই কত নথনারা আর বক্তিমে দিতে পারিস—*নই*)। {স. নাথ>}

নথি, নথী [নোথি] *বি* ১ সুতা দিয়ে গাঁথা কাগজপত্রের তাড়া। ২ কোনো বিষয় সংক্রান্ত কাগজপত্রের তাড়া; ফাইল (মোকদ্দমার নথি)। ~**নিবন্ধ** *বি* নথির তালিকাবই; file-register। ~-**নিষ্পত্তিপত্রী** *বি* যাতে নথির কাজ শেষ হওয়ার কথা লেখা থাকে; file disposal slip। ~**পত্র** *বি* কোনো বিশেষ বিষয়ের বিশেষত মোকদ্দমাদির কাগজপত্র। ~**প্রাপক** *বি* নথির কাগজের অনুসন্ধান করে বের করে দেন যিনি; finder। ~**ভুক্ত** *বি,বিণ* নথিতে সংযোজিত। ~**রক্ষক** *বি,বিণ* যিনি নথি রক্ষণাবেক্ষণ করেন; record-keeper। ~**শামিল** *বিণ* ১ নথির সাথে গাঁথা; নথির অন্তর্ভুক্ত; নথিযুক্ত। ২ প্রামাণিক কাগজপত্ররূপে যা গ্রহণ করা হয়েছে। {হি. নথ্‌থী}

নদ [নদ্] *বি* নদী শব্দের পুংলিঙ্গ; কপোতাক্ষ, বলেশ্বর, সিন্ধু, দামোদর, ব্রহ্মপুত্র প্রভৃতি নদ নামে অভিহিত। {স. √নদ্+অ(অচ)}

নদারত, নদারদ [নদারত্, –দ্] *অব্য* নেই; বিহীন; শূন্য; অভাব (শহরের বড় মানুষের বাড়ীর দরওয়ানরা খোদ হুজুর ভিন্ন নদের রাজা এলেও খবর নদারৎ—*কাসি*; তাঁদের কথায় বাস্তবতা একরকম 'নদারদ' বললেই হয়—*নই*)। **খাতির** ~ খাতির নেই। {ফা. নদারদ ندارد}

নদী [নোদি] *বি* পাহাড় হ্রদ প্রস্রবণ প্রভৃতি থেকে উৎপন্ন ও নানা জনপদের জলস্রোত; চারক্রোশের অধিক বাহিনী জলনালি; স্বাভাবিক জলস্রোত; স্রোতস্বিনী; তটিনী; তরঙ্গিণী; প্রবাহিণী। ~**কান্ত**, ~**পতি** *বি* সমুদ্র। ~**কূল** *বি* নদীতীর; নদীর ধার (এত দিন নদীকূলে যাহা লয়ে ছিনু ভুলে—*রঠা*)। ~**গর্ভ** *বি* নদীর দুই তীরের মধ্যস্থ স্থান; নদীর অভ্যন্তর ভাগ; নদীর জলভাগ। ~**জ** *বিণ* নদীজাত; নদী থেকে উদ্ভূত। ~**তর স্থান** *বি* খেয়াঘাট; পারঘাটা; নদী পার হবার জায়গা। ~**পথ** *বি* নদীরূপ পথ; জলপথ। ~**বক্ষ** *বি* নদীর জলময় অংশের উপরিভাগ। ~**বঙ্ক** *বি* নদীর বাঁক। ~**বন্ধ** *বি* নদীতে বাঁধানো ঘাট। ~**বহুল** *বিণ* প্রচুর নদীযুক্ত। ~**বহুলা** *স্ত্রী*। ~**ভব** *বি* নদীজাত। □ *বি* সৈন্ধব লবণ। ~ **মাতৃক** *বিণ* নদী মাতা এমন; নদী-লালিত; যে দেশের শস্যের উৎপাদন নদীর জলের উপর নির্ভরশীল। ~**মুখ** *বি* যে স্থানে নদী সমুদ্রের সঙ্গে মিলিত হয়; নদীর মোহনা; সাগর থেকে নদীতে প্রবেশপথ। ~**র মুখে বালির বাঁধ** *বি* ১ অবাস্তব উপায়; অসম্ভব পরিকল্পনা। ~**জ্ঞ** *বিণ* নদী সম্বন্ধে বিশেষজ্ঞ। □ *বি* ডুবুরি; ভালো সাঁতারু। ~**সৈকত** *বি* নদীর চর বা বালুকাময় তীর। ~**স্নাত** *বিণ* নদীতে কৃত স্নান। ~**স্রোত** *বি* নদীর জলের প্রবাহ। {স. নদ+ঈ(ঙীপ্)}

নদে [নোদে] *বি* নদীয়া বা নবদ্বীপ নামের সংক্ষিপ্ত রূপ।

নদেয় এলো বান—নবদ্বীপে ভক্তি ও ঐশী প্রেমের আধিক্য। **নদের চাঁদ** *বি* ১ নদীয়ার চাঁদ; নবদ্বীপের গৌরব; নবদ্বীপচন্দ্র। ২ শ্রীচৈতন্যের একটি নাম। ৩ *(ব্য.)* কুৎসিত ব্যক্তি; অসৎ লোক। { *স.* নবদ্বীপ> }

নদ্ধ [নদ্‌ধো] *বি,বিণ* বদ্ধ; অসৎ লোক। { *স.* √নহ্+ত(ক্ত) }

নধর [নধোর্] *বিণ* ১ নব জলধরের মতো; কোমলতা ও লাবণ্যযুক্ত; সরস ও নবীন; কমনীয়; কোমল (নধর চিকন বাছুরের গায়ে বিগলিত যেন মোম—*কব*)। ২ তাজা (ফিরোজা বেগম বসন্তের কীটদষ্ট নধর লতিকার ন্যায় দিন দিন মলিন হইতে লাগিলেন—*ইহো*)। ৩ সুস্পষ্ট; গোলগাল; সুডৌল। ৪ কোমলাঙ্গ (কামিজ্জ আঁটা নধর বাবু নাগর কোন জন—*হেব*)। { *স.* নবজলধর>*প্র.* নবধর>নধর }

নন [নন্] *ক্রি* নন; হন না। { নহেন> }

নন-কো-বাদ, নন-কো-অপারেশন [নন্‌কোবাদ, নন্‌কোঅপারেশন্] *বি* অসহযোগ আন্দোলন; non-cooperation movement (ননকোবাদের শঙ্খ হঠাৎ উঠল বেজে ভারত গগন ব্যেপে—*সদ*)। { *ই.* non cooperation }

ননৎকার [ননোত্‌কার্] *বি* অত্যন্ত অবহেলা বা অবজ্ঞা (নাচিতে নাচিতে নাট্টা ননৎকারে চায়—*মাগা*)। { *স.* ন্যক্কার>নৎকার> }

ননদ [ননোদ্] *বি* স্বামীর ভগিনী; স্বামীর বোন। **ননদাই, নন্দাই** *বি* ননদের স্বামী (তুমি তাঁর নন্দাই—*নর*; সম্বন্ধে দনাই ওঝা আমার নন্দাই—*কমু*)। **ননদিনী, ননদী** *বি* ননদ (শাশুরী ননদী বাক্য বিষয় বরিষণ—*সৈআ*)। নন্দাই *পু*। **ননন্দা, ননান্দা, ননন্দৃ** *বি* ননদ। **ননাস** *বি* স্বামীর জ্যেষ্ঠা ভগিনী। { *স.* ননন্দা(-ন্দৃ)> }

নন-ভায়লেন্ট, নন-ভায়োলেন্ট [নন্‌ভায়োলেন্‌ট্] *বিণ* অহিংস; অপ্রচণ্ড; অতীব্র (ইংরেজ তাড়ানোর ব্যাপারে সত্য সত্যই নন-ভায়োলেন্ট—*মুম*)। { *ই.* non-violent }

ননস্টপ [নন্‌স্টপ্] *বিণ* অবিরাম; অবিরত; non-stop (সেই সব মন্দির ও মসজিদ ননস্টপ পূজা করিতেছে এবং নামাজ পড়িতেছে—*মুম*)। { *ই.* non-stop }

ননান্দা, ননাস ⇒ ননদ

ননি, ননী [নোনি] *বি* কাঁচা দুধের মাখন; মাখন। ~**চোরা** *বি* ননি চুরি করে যে; বিশেষার্থে শ্রীকৃষ্ণ। –**বালা** *বি* কোমলাঙ্গী নারী (সে মনে কোন অবলা সরলা ননীবালার প্রবেশাধিকার ছিল না—*প্রচৌ*)। ~**র ঢেলা** *বি* মাখনের টুকরা (কাজেই শরীরটা হচ্ছে আমাদের মত ননীর ঢেলা যাকে শুধু বিলাস-ব্যসনেই লাগানো যেতে পারে—*নই*)। ~**র পুতুল** *বিণ* ১ ননিতে গড়া; পুতুলের মতো সামান্য তাপে গলে যায় এমন; কোমলাঙ্গ। ২ আদুরে; অকর্মণ্য। ৩ অতিশয় আদরযত্নে পালিত ও কোমলাঙ্গ। **ননুয়া** *বি* ননি; মাখন। ☐ *বিণ* ননি দিয়ে গঠিত; ননির মতো কোমল ও সুন্দর (এই ননুয়া তনুয়াদেরি—*মুশ*)। { *স.* নবনীত>*প্রা.* ণঅনীঅ> }

নন্দ [নন্‌দো] *বি* ১ কৃষ্ণের পালকপিতা নন্দগোপ; মথুরার রাজার অধীনে ইনি ব্রজে গোপীদের অধিপতি ছিলেন। ২ আনন্দ। ~**ক** *বিণ* ১ আনন্দজনক। ~**কুমার** *বি* ১ নন্দের পুত্র; শ্রীকৃষ্ণ। ২ *(আল.)* অত্যধিক আদরে নষ্ট। ~**দুলাল** *বি* আদুরে গোপাল; শ্রীকৃষ্ণ (ধনীর অকর্মণ্য নন্দদুলাল রূপেও আমরা তাঁহাকে দেখিতে পাই না—*এআচৌ*)। ~**নন্দন, –লাল** *বি* শ্রীকৃষ্ণ। ~**বংশ** *বি* মগধের রাজা মহাপদ্মের বংশ। { *স.* √নন্দ্+অ(অচ) }

নন্দন [নন্‌দোন্] *বি* ১ পুত্র; বংশধর (রঘুনন্দন)। ২ স্বর্গের উদ্যান (নন্দন কানন)। ☐ *বিণ* আনন্দদায়ক; আনন্দ দেয় এমন; সুখদ (নয়ন-নন্দন)। –**কানন** *বি* স্বর্গের উদ্যান; বেহেশ্‌তের বাগান; সর্বদা আনন্দদায়ক উদ্যানবিশেষ। ~**তত্ত্ব** *বি* সৌন্দর্যবিদ্যা; শিল্প সাহিত্য ইত্যাদির সৌন্দর্য সংক্রান্ত তত্ত্ব মতবাদ বা জ্ঞান। { *স.* √নন্দ্+অন(ল্যুট্) }

নন্দা[১] [নন্‌দা] *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ *(জ্যোবি)* প্রতিপদ ষষ্ঠী ও একাদশী—এই তিন তিথি। { *স.* √নন্দি+অ(অচ্)+আ(টাপ্) }

নন্দা[২] [নন্‌দা] *বি* ১ ননদ; স্বামীর বোন। ২ বড় মাটির পাত্র; নাদা। { *স.* ননন্দ> }

নন্দাই ⇒ ননদ

নন্দি [নোন্‌দি] *বি* ১ আনন্দ। ২ শিব। ৩ আনন্দদায়ক। ~**কর, ~বর্ধক** *বিণ* আনন্দবর্ধক। ~**কেশ্বর** *বি* শিবের প্রধান অনুচর; নন্দী। **নন্দিত** *বিণ* ১ আনন্দিত; সন্তোষপ্রাপ্ত। ২ আনন্দ দেওয়া হয়েছে এমন; তোষিত। **নন্দিতা** *স্ত্রী*। { *স.* √নন্দ্+ ই(ইন্) }

নন্দিন ⇒ নন্দী

নন্দিনী [নোন্‌দিনি] *বি* ১ কন্যা; দুহিতা। ২ গঙ্গা। ৩ বশিষ্ঠ মুনির কামধেনু। ☐ *বিণ* আনন্দদায়িকা। { *স.* √নন্দি+ইন্(ণিনি)+ঈ(ঙীপ্) }

নন্দিবর্ধক ⇒ নন্দি

নন্দী (-ন্দিন্) [নোন্‌দি] *বি* ১ শিবের প্রধান অনুচর। ২ উপাধিবিশেষ। ☐ *বিণ* ১ আনন্দিত। ২ আনন্দবর্ধক। **নন্দিনী** *স্ত্রী*। ~**ভৃঙ্গী**(-ঙ্গিন্) *বি* ১ শিবের অনুচরদ্বয়। ২ *(আল.)* অবাঞ্ছিত অনুচরবর্গ; দুই পাশে অবস্থিত মোসাহেবগণ। ~**সর** *বি* ইন্দ্রের উপবনস্থিত সরোবর। { *স.* √নন্দ্+ইন্ (ণিনি) }

নন্দ্য [নোন্‌দো] *বিণ* ১ আনন্দের যোগ্য; সুখ বা তৃপ্তি পাওয়া যায় এমন। ২ প্রশংসার যোগ্য; সংবর্ধনার যোগ্য। { *স.* নন্দ+য(যৎ) }

নম্নড়ে, নম্নড়িয়া [নন্‌নোড়ে, নন্‌নোড়িয়া] *বিণ* ১ ঢিলা; শিথিল; নড়বড়ে। ২ এত দুর্বল যে মাথা স্থির না থেকে নড়ে। { নড়নড়+ইয়া>নড়নড়িয়া>নম্নড়ে }

নপুংসক [নপুঙ্‌শক্] *বি* ক্লীব; হিজড়া; স্ত্রীও নয় পুরুষও নয় এমন মনুষ। ☐ *বিণ* ১ ছিন্নমুষ্ক; খোজা (দুনিয়াকে যে চমকে দেছে নপুংসকের পৌরুষে—*সদ*)। ২ পুরুষত্বশূন্য; বীর্যহীন। ৩ *(আল.)* কাপুরুষ; পৌরুষের অভাব; ব্যক্তিত্বহীন। { *স.* ন+পুংসক; নতৎ }

নফর [নফোর্] *বি* চাকর; পরিচারক; ভৃত্য; সেবক; দাস (নফরের বকশীশ দিল জোড়া শালবন্দ—*ঘচ*)। { *আ.* নফর نفر }

নফরৎ [নফরত্] *বি* ঘৃণা (...তারা বদলা...ওরার নফরৎ

আর দুশমনি—মুম)। { *আ.* নফ্‌রত نفرت }

নফল [নফোল্] *বিণ* অতিরিক্ত নামাজ; যা ফরজ বা ওয়াজিব কিংবা সুন্নতমাত্র নয় (আবার আদিল পঞ্চ রাকাত নফল নামাজ পড়ি, খোদার নিকট করে মোনাজত দুই হাত জোড় করি—জউ)। { *আ.* নফ্‌ল نفل }

নফিস, নফীস [নোফিশ্] *বিণ* ১ উপাদেয় (নানা প্রকার চর্ব্য, চূষ্য, লেহ্য, পেয় প্রভৃতি লজিজ ও নফিস্ খানা দ্বারা সকলকে পরিতৃপ্তিপূর্বক ভোজন করাইলেন—*ইহো*)। ২ মনোরম; মূল্যবান। { *আ.* নফীস্ نفیس }

নফ্‌স, নফ্‌ছ *(অশু.)* [নফ্‌সো, –ছো] *বিণ* প্রবৃত্তি; মন; রিপু। □ *বি* চিন্তা; কামনা; বাসনা; ভোগ; পাপ; অহংকার। ~ **আম্মারা** *বি* কুপ্রবৃত্তি (আল্লাহ তায়ালা নফছ আম্মারাকে সৃষ্টি করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন তুমি কে—*নর*)। **নফ্‌সে লাওয়ামা** *বি* অসৎ–অন্যায় কাজের জন্য অনুতপ্ত মন; দোটানা মন। **নফ্‌সে মুতমাইন্না** *বি* শুদ্ধ ও শান্ত মন। **নফ্‌সানিয়ত** *বি* অহংকার; কুপ্রবৃত্তি (নফ্‌সানিয়ত পয়দা করে—মুম)। { *আ.* নফ্‌স نفس }

নব[১] [নবো] *বিণ* ১ নবীন; নতুন; new (নবমেঘ)। ২ সদ্য উৎপন্ন (নবাঙ্কুর)। ৩ তাজা; টাটকা। –**কলিকা**, ~**কোরক**, ~**মুকুল** *বি* নতুন কুঁড়ি। –**কার্তিক** *বি* ১ নবজাত কার্তিকের মতো সুন্দর। ২ *(ব্য.)* অতি কৃষ্ণকায় কুৎসিত ব্যক্তি। ৩ *(আল.)* নাগর। –**কুমার** *বি* নবজাত শিশু। –**জন্ম** *বি* রোগমুক্তিজাত বা নতুন চেতনাজাত; নতুন জীবনানন্দবোধ। –**জলধরশ্যাম** *বিণ* নতুন মেঘের মত উজ্জ্বল কৃষ্ণ বা নীলবর্ণ। ~**জাত** *বিণ* সদ্যপ্রসূত বা উৎপন্ন; new-born। ~**জাতক** *বি* সদ্যোজাত শিশু (নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার—সুভ)। ~**জীবন** *বি* ১ নতুন জীবন। ২ রোগভোগের বা জীবনসম্বন্ধে নতুন উপলব্ধির উন্নত অবস্থা (নবজীবন লাভ)। □ *বিণ* নতুন চেতনাজাত উদ্দীপনা ও উদ্যম। ~**জ্বর** *বি* তরুণ জ্বর; জ্বরের প্রথম অবস্থা। –**ডঙ্কা**, **লবডঙ্কা** *বি* ফাঁকি; শূন্য (ক্রিয়াকাণ্ড নাই প্রাপ্তির দফা নবডঙ্কা—*প্যামি*)। □ *অব্য* *(আল.)* অবজ্ঞা তুচ্ছতা প্রভৃতিসূচক; ঘোড়ার ডিম; কাঁচকলা। –**দ্বীপ** *বি* ১ নতুন দ্বীপ। ২ নদীয়া– পশ্চিমবঙ্গের জেলাবিশেষ। ~**নীপ** *বি* সদ্য প্রস্ফুটিত কদমফুল (মেখলাতে দুলিয়ে দিত নবনীপের মালা—*রঠা*)। ~**প্রাশন** *বি* ১ হিন্দু সমাজের প্রচলিত অন্নপ্রাশন; ছেলে–মেয়ের প্রথম অন্নগ্রহণ উৎসব। ২ নবান্নভোজন। –**বর্ষ** *বি* ১ নতুন বৎসর; new year। ২ বৎসরারম্ভ। ~**বসন্ত** *বি* বসন্ত ঋতুর সূচনা; বসন্তাগম। –**বিধান** *বি* নতুন বিধি–ব্যবস্থা। ২ ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের প্রবর্তিত ধর্মমত—জগতের সকল ধর্মপ্রবর্তকের ধর্মসাধনারপ্রতি শ্রদ্ধা ও আনন্দপ্রকাশ এই মতের বৈশিষ্ট্য। –**যৌবন** *বি* নবীন তারুণ্য; যৌবন সঞ্চার; নবলব্ধ যৌবন; নওজোয়ানি। –**যৌবনা** *বি* *স্ত্রী.* নতুন যুবতী; তরুণী; সদ্য যৌবনপ্রাপ্ত নারী (ঘন গৌরবে নবযৌবনা বরষা—*রঠা*)। { *স.* √নু+অ(অপ্) }

নব[২] [নবো] *বি* নয় সংখ্যা; ৯। □ *বিণ* নয় সংখ্যক। ~**গুণ**, ~**লক্ষণ** *বি* ১ ব্রাহ্মণ বা কুলীনের নয় প্রকারের গুণ বা কুললক্ষণ— আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা বৃত্তি তপ দান—এ নয়টি গুণ। □ *বিণ* নয় প্রকার বিশেষ চিহ্ন। ~**গ্রহ** *বি* সূর্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, ও কেতু—পুরাণোক্ত এই নয়টি গ্রহ। ~**দ্বার**, ~**ছিদ্র** *বি* দুই চোখ, দুই কান, দুই নাসারন্ধ্র, মুখ, পায়ু, ও উপস্থ—দেহের এই নব বা নয়টি ছিদ্র (ভব সংসার ভিতরে ভব ভবানী বিহরে ভূতময় দেহ নবদ্বার গেহ নরনারী কলেবরে—*ভারা*)। –**ধা** *অব্য, বিণ, ক্রিবিণ* ১ নয় প্রকার, নয় প্রকারে। ২ নয় দিকে। ৩ নয় খণ্ডে। ৪ নয়বার; নয়বারে। ~**ধাতু** *বি* সোনা, রুপা, তামা, রাং, কাঁসা, পিতল, সিসা, লোহা, ইস্পাত বা চুম্বক—এই নয় প্রকার ধাতু। ~**পত্রিকা** *বি* নূতন পাতা; হিন্দুমতে কলা, কচু, ধান, হলুদ, ডালিম, বেল, অশোক, জয়ন্তী, ও মানকচু—এই নয়টি গাছের পাতা দিয়ে প্রস্তুত স্ত্রীমূর্তি বিশেষ; কলাবৌ। ~**প্রস্থান** *বি* বৌদ্ধদের নয়টি প্রধান সিদ্ধান্ত—বিশ্ব অনাদি ও ঈশ্বরশূন্য, জগৎ অসত্য, বুদ্ধই তত্ত্ব লাভের উপায়, বেদ মানুষের রচিত প্রভৃতি মত। ~**রত্ন** *বি* ১ মুক্তা, মাণিক্য, বৈদূর্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, ও নীলকান্ত—এই নয় প্রকার উৎকৃষ্ট রত্ন। ২ রাজা বিক্রমাদিত্যের নয়জন শ্রেষ্ঠ সভাসদ—ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহমিহির, ও বররুচি। ~**রত্ন সভা** *বি* রাজা বিক্রমাদিত্যের বা সম্রাট আকবরের নয়জন গুণী সদস্য সমন্বয়ে গঠিত পণ্ডিতসভা। ~**রস** *বি* ১ অলঙ্কারশাস্ত্র বর্ণিত কাব্যে প্রচলিত ৯ প্রকার রস যথা—আদি বা শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস, অদ্ভুত, ও শান্ত। ২ নতুন রস। ~**রাত্রি** *বি* আশ্বিন মাসের শুক্লপক্ষের প্রতিপদ থেকে নবমী পর্যন্ত নয়টি তিথিতে কৃত্য হিন্দুদের একটি ব্রত। ~**শাক**, ~**শাখ**, ~**শায়ক** *বি* তিলি, মালাকার, তাঁতি, সদগোপ, নাপিত, বারুই, কামার, কুমার, গন্ধবণিক—হিন্দু সমাজের এই নয়টি জাত। { *স.* নবন্> }

নবডঙ্ক, নবডঙ্কা, নবডঙ্গা [নবোডঙ্কো, –কা, –গা] *বি* লবডঙ্কা; শূন্য; কাঁচকলা বা বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন (প্রাপ্তির দফা নবডঙ্গা—*প্যামি*; লাভের বিষয় নবডঙ্ক—*দারা*)। { *স.* নব+ডঙ্কা }

নবৎ ⇒ নওবত

নবত ⇒ নওবত

নবতন [নবোতন্] *বিণ* নতুন (নব শাজাহান কে আছিস আয় নবতন তাজ কে গড়িবি আয়—*শাহো*) { *স.* নব+তন; *ফা.* নববতন্ نووطن }

নবতি [নবোতি] *বি, বিণ* নব্বই সংখ্যা বা সংখ্যক। ~**তম** *বিণ* নব্বই সংখ্যার পূরক। { *স.* নব+তি }

নবনবতি [নবোনবোতি] *বি, বিণ* ৯৯ সংখ্যা বা ৯৯ সংখ্যক। { *স.* নব+নবতি }

নবনী, নবনীত [নবোনি, নবোনিতো] *বি* ননি; মাখন (বিধাতা বেহেশ্‌তের নবনী দিয়ে তাঁর সুকুমার দেহটি গড়েছিলেন—*শেফ*; সে কখন কখন ক্ষীর, সর, নবনীত আমাকে বিনামূল্যে দিয়া যায়—*বচ*)। ~**কোমল** *বিণ* মাখনের মতো নরম (তোমার মতো নবনীত–কোমল মাংসপিণ্ড সমষ্টির পক্ষে সেটার অনুভব একেবারে অসম্ভব

না হলেও অনেকটা অসম্ভব বৈকি—*নই*)। { *স.* নব+ √নী+অ(ড)=নবনী; *স.* নব+নীত}

নববঙ্গ ⇒ নব্য

নবম [নবোম্] *বিণ* নয় সংখ্যার পূরক। **নবমী** *বিণ স্ত্রী.* নয় সংখ্যার পূরণকারিণী। ❑ *বি স্ত্রী.* একটি তিথি; চন্দ্রের কলার হ্রাস-বৃদ্ধিজনিত নবম তিথি; অমাবস্যা বা পূর্ণিমার পর নবম দিবস। **বিরহিণীর নবমী দশা** *বি* মূর্ছা; মোহ (নবমী দশা গেলি—*বিপ*)। **নবমী পূজা** *বি* নবমী তিথিতে হিন্দুদের দুর্গা পূজা। **নবমীর পাঁঠা** *বিণ* দুর্গাপূজা উপলক্ষে নবমী তিথির বলির পাঁঠার মতো ভীত। { *স.* নবন+ম(মট্)}

নবহুঁ *(মব্য.)* [নবোহুঁ] *বিণ* নব; নতুন; যা পুরাতন নয়; নবীন (নবহু নবহু রস গীত পরিমাণ—*বচ*)। { *স.* নব>}

নবাংশ [নবাঙ্শো] *বি (জ্যোবি)* প্রত্যেক লগ্নের নয় ভাগের এক ভাগ। { *স.* নব+অংশ}

নবাঙ্কুর, নবাঙ্কুর [নবাঙ্কুর] *বি* বীজ থেকে তরুলতার উন্মেষ; সঞ্চার; সূত্রপাত (ভালোবাসার নবাঙ্কুরে গোপনে জল সিঞ্চন তরুণীদের পক্ষে বড় কৌতুকের—*রঠা*)। { *স.* নব+অঙ্কুর; *কর্মধা.*}

নবান্ন [নবান্নো] *বি* ১ নতুন অন্ন। ২ দুধ গুড় নারকেল কলা প্রভৃতির সঙ্গে নতুন আতপ চাল খাওয়ার উৎসববিশেষ—হৈমন্তী ধান কাটার পর অগ্রহায়ণ মাসে (বিশেষ করে হিন্দু সমাজে) অনুষ্ঠিত একটি উৎসব। { *স.* নব+অন্ন; *কর্মধা.; বহু.*}

নবাব, নওয়াব [নবাব্, নওয়াব্] *বি* ১ শাসনকর্তা; রাজপ্রতিনিধি (ঢাকার নবাব তথ্য পাঠান—*ভারা*)। ২ রাজন্য; মুসলমান সামন্ত রাজা। ৩ মুসলমান ভূস্বামীদের প্রদেয় ব্রিটিশ সরকারের উপাধি বিশেষ। ৪ ধনী ও সম্ভ্রান্ত বংশীয় ব্যক্তি। ৫ *(ব্য.)* আরামপ্রিয়; বিলাসী ও অমিতব্যয়ী ব্যক্তি (একবার ওগো বাক্যনবাব, চল দেখি কথা শুনে—*রঠা*)। **~জাদা, ~যাদা** *বি* নবাবের পুত্র; রাজপুত্র। **~জাদি** *স্ত্রী.*। **~নাজিম, ~নাযিম** *বি* নওয়াব-প্রতিনিধি; প্রদেশ শাসক/পালক ও বিচারক। **~পুত্র, ~পুত্তুর** *বি* ১ নবাবের ছেলে। ২ *(বা.)* নবাব পুত্রের মতো বিলাসী ও আড়ম্বরপ্রিয়। **নবাবি, নবাবী, নওয়াবি** *বি* ১ নবাবের পদ বা কাজ (মীর জাফরালি খাঁ নবাবি চাহিয়াছে—*রাগা*)। ২ নবাবের মতো আচার-ব্যবহার ও আড়ম্বরপূর্ণ জীবনযাত্রা (এদেরই পয়সায় জীপ চড়ে নবাবি করে এসেছি—*মব*)। ❑ *বিণ* ১ নবাবসম্পর্কিত; নবাবের (নবাবি আমল)। ২ নবাবের উপযুক্ত; নবাবসুলভ বড়মানুষি (নবাবি মেজাজ; নবাবি চাল)। { *আ.* নৱাব نواب }

নবারুণ [নবারুন্] *বি* সবেমাত্র উদিত সূর্য বা তার আলো; প্রভাতী বা উষাকালীন সূর্য। { *স.* নব+অরুণ; *কর্মধা.*}

নবিশ¹, নবিস¹, নবীস¹, নবীশ [নোবিশ্] *বি* ১ নতুন শিক্ষার্থী বা শিক্ষাধীন ব্যক্তি। ২ আনাড়ি লোক (সে একেবারে নবিশ)। **নবিসি** *বি* নতুন শিক্ষার্থীর কাজ। **নবিসিন্দা, নবীসিন্দা** *বি* ১ মুনশি; scribe। ২ যে কেরানি পত্রাদি লেখে; a correspondent। ৩ হিসাব-লেখক। ৪ রচনায় পটু। **শিক্ষা~** *বিণ* যে নতুন শিক্ষা করছে; apprentice (আমাদের সমাজের যুবকেরা তখনও শিক্ষানবীশ—*রখা*)। { *ই* novice}

-নবিস², নবিশ², -নবীস², নবীশ [নোবিশ্] *বি* লেখক; লিপিকুশল; বাংলায় এর স্বতন্ত্র প্রয়োগ নেই; অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয় (খোসনবিস, নকলনবিস)। **-নবিসি, -নবিসী** *বি* লেখকগিরি; লিখন কাজ নামক বৃত্তি। **জমা~, হিসাব~** *বি* হিসাব রক্ষা করে যে কর্মচারী; হিসাবরক্ষক; accountant। **নকল~** *বি* অনুলিপি লেখে যে; কপি করে যে; copy-writer। { *ফা.* নৱীস نویس }

নবি, নবী [নোবি] *বি* ১ পয়গম্বর; রসুল; প্রেরিত পুরুষ; আল্লাহর বাণীবাহক। ২ ভবিষ্যদ্বক্তা (ভবিষ্যতের নই নবী—*নই*)। **~জি/জী** *বি* শ্রদ্ধেয় নবি (নবীজীর নূরানী মূর্তি তার মানসপটে সেই প্রভাত সূর্যের মতই জ্বলজ্বল করছিলো— *এও*)। **নবির তরিকা** *বি* নবির নির্দেশিত আচার-আচরণ। ২ ইসলামি আচার-আচরণ। **নবুয়ত, নবুওত** *বি* নবিত্ব; নবির পদ (শ্যাম তনু জ্যোতির্ময় সর্বাঙ্গ দাপানি। নবুয়ত পৃষ্ঠে যেন জ্বলে দিনমণি—*দৌখা*)। { *আ.* নৱীস نویس }

নবীকরণ [নোবিকরোন্] *বি* ১ নতুন করে গঠন। ২ মেরামত করা; জীর্ণ সংস্কার; সংস্কার সাধন। **নবীকৃত** *বিণ* পুনর্গঠিত; নতুন করা হয়েছে এমন। { *স.* নব+ঈ(চ্বি)+করণ}

নবীন [নোবিন্] *বিণ* ১ নতুন; আনকোরা; নব (যে দিকে চান দেখিতে পান নবীন প্রাণ—*রঠা*)। ২ নব্য; আধুনিক; প্রচলিত (নবীন ও প্রাচীন)। ৩ তরুণ। ৪ নবোদিত (নবীন সূর্য)। ৫ সদ্যপ্রস্ফুটিত (নবীন কুসুম)। ৬ তাজা; টাটকা। **নবীনা** *বি,বিণ স্ত্রী.* অল্পবয়স্কা; তরুণী; যৌবনবতী; নবযৌবনা; যুবতী। **~তা, ~ত্ব** *বি* নতুনত্ব। { *স.* নব+ঈন(খ)}

নবীভবন, নবীভাব [নোবিভবোন্, -ভাব্] *বি* ১ যা একবার পুরনো হয়েছিল তা পুনরায় নতুন হওয়া; নতুনত্ব লাভ (জানকীর বিরহ পুরায় নবীভাব অবলম্বন করিতেছে—*ঈবি*)। ২ নব আবির্ভাব। ৩ নব উদ্দীপনা। ৪ নব সংস্কার। **নবীভাবাপন্ন** *বিণ* নতুন (জানকীর শোক সর্বক্ষণ নবীভাবাপন্ন ছিল—*ঈবি*)। **নবীভূত** *বিণ* ১ নতুন করে উদ্ভব হয়েছে এমন; নতুনত্ব প্রাপ্ত; পুনর্গঠিত। ২ সংস্কৃত। { *স.* নব+ঈ(চ্বি)+ভবন, ভাব}

নবীয়সী [নোবিয়োশি] নবীনা (আলোছায়া ইত্যাদি তা এই পুরাতনী ও নবীয়সী উষার প্রকাশ—*অঠা*)। { *স.* নব+ঈয়স(ঈয়সুন্)+ঈ(ঙীপ)}

নবুয়ত ⇒ নবি

নবে *(মব্য.)* [নবে] *ক্রি* হবে না (নবে অন্যমত—*ঘচ*)। {'না হবে' এর কবিতায় সংক্ষেপিত রূপ}

নবেতর [নবেতর্] *বিণ* ১ নতুন ভিন্ন অন্য কিছু। ২ পুরাতন; বৃদ্ধ। { *স.* নব+ইতর; সুপসুপা}

নবেশ্বর ⇒ নভেশ্বর

নবোঢ়া [নবোড়া/-ঢ়া] *বি* নতুন বিবাহিতা স্ত্রী; নতুন বৌ; নববধূ। ❑ *বিণ স্ত্রী.* নব বিবাহিতা। { *স.* নব+ঊঢ়া; *বহু*}

নবোদক [নবোদক্] *বি* ১ নতুন জল। ২ নূতন কূপ পুকুর ইত্যাদির জল বা প্রথম পতিত বৃষ্টির জল। { *স.* নব+

উদক; কর্মধা.}

নবোদয় [নবোদয়] *বি* ১ সদ্য উদয়। ২ নব আবির্ভাব বা প্রকাশ। { *স.* নব+উদয়; *কর্মধা.* }

নবোদিত [নবোদিতো] *বিণ* ১ সবেমাত্র উদিত হয়েছে এমন। ২ নতুন প্রকাশিত; সদ্য আবির্ভূত। { *স.* নব+উদিত; *কর্মধা.* }

নবোদ্গত [নবোদগতো] *বিণ* নতুন উত্থিত; অল্প দিন মাত্র উদ্গত। { *স.* নব+উদ্গত; *কর্মধা.* }

নবোদ্ভিন্ন [নবোদ্ভিন্নো] *বিণ* সদ্য উদ্ভিন্ন; নতুন উত্থিত। { *স.* নব+উদ্ভিন্ন; *কর্মধা.* }

নবোদ্যম [নবোদদম্] *বি* ১ প্রথম প্রচেষ্টা; নবোৎসাহ। ২ নতুন করে আগ্রহ ও চেষ্টা। { *স.* নব+উদ্যম; *কর্মধা.* }

নবোন্মেষ [নবোন্মেশ্] *বি* নতুন বিকাশ বা উদয়। □ *বিণ* নব বিকশিত। { *স.* নব+উন্মেষ; *কর্মধা.* }

নব্বই, নব্বুই [নোবোই, নোববুই] *বি, বিণ* ৯০ সংখ্যা বা সংখ্যক। { *স.* নবতি> }

নব্য [নোব্বো] *বিণ* ১ নব; নবীন; নতুন; আনকোরা। ২ অপ্রবীণ; অল্পবয়স্ক; যুবা; তরুণ। ৩ আধুনিক; হাল আমলের; নতুন ধরনের। **নব্যা** *স্ত্রী.*। **–তন্ত্র** *বি* নতুন মত বা পথ (পুত্র নব্যতন্ত্রের নূতন ধুয়া ধরিয়া—*রঠা*)। **নববঙ্গ** *বি* যুবক বাঙালি; তরুণ বাঙালী (এমন নব্যবঙ্গ অতি অল্পই আছে—*রঠা*)। **– সম্প্রদায়** *বি* যুবক সম্প্রদায়; নতুন মতাবলম্বী সম্প্রদায়। { *স.* নব+য(যৎ)}

নভ, নভঃ [নভো, নভোহ্] *বি* ১ আকাশ; গগন; শূন্য (নিশীথ নভে শুনিব কবে গভীর গান—*রঠা*)। ২ শ্রাবণ মাস। **–প্রাণ** *বি* বায়ু। **–শ্চক্ষু, –শ্চক্ষুঃ** *বি* সূর্য। **–শ্চর, নভোচারী** (শুদ্ধ রূপ: নভঃ+চারী= নভশ্চারী) *বিণ* আকাশে বিচরণকারী; আকাশগামী; খেচর (আমার এ নভোচারী পাখি মন—*জআ*)। □ *বি* পাখি; বায়ু; মেঘ; নক্ষত্র; গ্রহ; গন্ধর্ব; বিদ্যাধর। **–স্তল, –স্থল** *বি* গগনতল; আকাশ (হেথা শ্যাম দূর্বাদল, নবনীল নভস্তল—*রঠা*)। **–স্থ, –স্থিত** *বিণ* আকাশে স্থিত। **–স্পৃক, –স্পৃশ** *বিণ* গগনস্পর্শী; অত্যুচ্চ। **–স্য** *বি* ভাদ্র মাস। **–স্বান** ⇒ বায়ু। { *স.* √নভ্+অ(অচ); *স.* √নহ্+অস(অসুন)}

নভেম্বর, নবেম্বর [নভেম্বর, –বে–] *বি* ইংরেজি বছরের একাদশ মাস—কার্তিকের মধ্যভাগ থেকে অগ্রহায়ণের মধ্যভাগ পর্যন্ত। { *ই.* November}

নভেল [নভেল্] *বি* উপন্যাস; কল্পিত উপাখ্যান (তারা লিখাপড়া জানা মেয়ে নভেল পড়া মেয়ে—*মীম*)। **নভেলিয়ানা** *বি* উপন্যাসে বর্ণিত নায়ক-নায়িকার আচরণের ন্যায় আচরণ, হাবভাব বা ভাববিলাসিতা। { *ই.* novel}

নভোচারী ⇒ নভ

নভোনীল [নভোনিল্] *বি* আকাশের নীলিমা; আসমানি রং। □ *বিণ* আসমানি রং যুক্ত (শুব নভোনীলে গোধূলির রাগে সে নামের সাড়া যদি কভু জাগে—*সিজা*)। { *স.* নভঃ+নীল; *কর্মধা.* }

নভোমণি [নভোমোনি] *বি* সূর্য। { *স.* নভঃ+মণি; ৬তৎ }

নভোমণ্ডল [নভোমনডোল্] *বি* আকাশমণ্ডল; মণ্ডলাকার আকাশদেশ। { *স.* নভঃ+মণ্ডল}

নভোরজঃ [নভোরজোহ্] *বি* কুয়াশা। { *স.* নভঃ+রজঃ; ৬তৎ }

নম, নমঃ [নমো, নমোহ্] *বি* নমস্কার; প্রণাম। **নমা** (*পদ্য.*) *ক্রি* প্রণাম করা (নমি তব পদাম্বুজে—*মদ*)। **– করা** *ক্রি* প্রণাম করা; নমস্কার করা। **– –, নমো নমো** নামমাত্র; কোনো রকমে (নম নম করে সেরেছে)। **– – করে সারা** *ক্রি* সংক্ষেপে কোনো প্রকারে শেষ করা। **নমো–** *বি* পুনঃপুন নমস্কার। { *স.* √নম্+অস(অসুন)}

নমঃশূদ্র, নমশূদ্র [নমোশশূদ্র, নমোশূদ্র] *বি* বাঙালি হিন্দুর বৃহত্তম কৃষিজীবী সম্প্রদায়—বর্ণাশ্রম অনুযায়ী চতুর্বর্ণ-বহির্ভূত, তবে শ্রাদ্ধাদিতে ব্রাহ্মণ বর্ণের সামাজিক সংস্কার অনুসারী—১৯৩৫ সালের পর থেকে তফসিলি শ্রেণির হিন্দুরূপে চিহ্নিত। { *স.* নমঃ, নম+শূদ্র; *আঞ্চ.* নোমো, নমু}

নমন [নমোন্] *বি* ১ নত হওয়া; মাথা নতকরণ। ২ নতি; প্রণাম। ৩ নতকরণ; নোয়ানো। { *স.* √নম্+অন(ল্যুট)}

নমনীয়, নম্য [নমোনিয়ো, নোম্‌মো] *বিণ* ১ নোয়ানো যায় এমন; নমনের যোগ্য; flexible। ২ নত করা আবশ্যক এমন; বিনীত করতে হবে এমন। **নমনীয়া** *স্ত্রী.*। **–তা** *বি*। { *স.* √নম্+অনীয়, য(যৎ)}

নমশূদ্র ⇒ নমঃশূদ্র

নমস্কর্তা [নমোশকরতা] *বি* যে নমস্কার করে; নমস্কারকারী। { *স.* নমস্+√কৃ+তৃ(তৃচ)}

নমস্কার [নমোশকার] *বি* (হিন্দুসমাজে প্রচলিত) প্রণাম; হাত জোড় করে কপালে স্পর্শ; অভিবাদন; সালাম; গভীর শ্রদ্ধা নিবেদন। **নমস্কার্য** *বিণ* নমস্য; শ্রদ্ধেয়। { *স.* নমস্+√কৃ+অ(ঘঞ)}

নমস্কারি [নমোশকারি] *বি* হিন্দু বিয়ের অনুষ্ঠানে পাত্রীপক্ষ নমস্যগণকে যে বস্ত্রাদি দিয়ে নমস্কার বা প্রণাম করে। **–কাপড়** *বি* হিন্দুদের বিয়ের অনুষ্ঠানে কুটুম্বদের প্রদেয় প্রণামপ্রতীক; প্রণামি কাপড়। { *স.* নমস্কার+ *বা.* ই}

নমস্কার্য, নমস্কৃত ⇒ নমস্কার

নমস্ক্রিয়া [নমোশক্রিয়া] *বি* নমস্কার বা অভিবাদন কার্য। { *স.* নমঃ+ক্রিয়া}

নমস্য [নমোশশো] *বি* নমস্কারের যোগ্য; পূজনীয়; পরম শ্রদ্ধেয়। **নমস্যা** *বিণ স্ত্রী.* বন্দনীয়া; শ্রদ্ধেয়া; পূজনীয়া (তিনি বরদা ও নমস্যা—*সুদ*)। { *স.* নমস্+য(যৎ)}

নমহু, নমহুঁ [নমোহু, –হুঁ] (*মবা.*) *ক্রি* নমস্কার করি (নমহুঁ নমহুঁ বাণী প্রণমহ নারায়ণী—*কমু*)। { *স.* √নম্+ *বা.* হুউ>হুঁ}

নমাজ ⇒ নামাজ

নমাসে–ছমাসে [নমাশে ছমাশে] *ক্রিবিণ* বহুদিন পর পর; কদাচিৎ (নমাসে-ছমাসে দেখা হয়)। { নয় মাসে+ ছয় মাসে}

নমিত [নোমিতো] *বিণ* ১ নোয়ানো হয়েছে এমন; আনত (অর্ধনমিত পতাকা)। ২ নমস্কার করা হয়েছে এমন; প্রণমিত। ৩ বশীভূত; দমিত। { *স.* √নম্+ ই(ণিচ্)+ ত(ক্ত)}

নমিনেশন [নোমিনেশন্] *বি* মনোনয়ন (এস. ডি. ও.–কে

এক ঝাঁকা কমলা ও একটা রুইমাছ ভেট দিয়া আমির আলীকে নমিনেশন দেওয়ান—*আমআ*)। ~ পাওয়া *ক্রি* মনোনয়ন লাভ করা। { *ই* nomination }

নমু [নোমু] *বি* নমঃশূদ্র (নমু পাড়ায় পূজা পরব, শঙ্খ কাঁসর বাজে—*জউ*)। { *স.* নমঃশূদ্র> }

নমুচি [নোমুচি] *বি* ১ কন্দর্প; মদন। ২ অসুরবিশেষ। **–সূদন** *বি* ইন্দ্র। { *স.* ন+√মুচ্‌+ই(ইন্‌) }

নমুদ [নোমুদ] *বি* ১ প্রকাশ। ২ দৃশ্য। ৩ যশ। { *ফা.* নমুদ نمود }

নমুদার [নোমুদার] *ক্রিবিণ* প্রকাশিত; উদিত (দু-দলে লস্কর যবে হৈল নমুদার আসমানে লাগিল গর্দ হৈল আন্ধার—*সৈহা*)। { *ফা.* নমূদাহ نموده }

নমুনা [নোমুনা] *বি* ১ কোনো জিনিস বা কাজের সামান্য অংশ যা থেকে সমগ্রের পরিচয় পাওয়া যায়; নিদর্শন; পরিচায়ক; sample; specimen (যতখানে খারাপের নমুনা . . . এই দাগাদারীর সময় হয়েছে—*মীম*)। ২ আদর্শ। ৩ তুলনা (উহার নমুনা নাই—*মোম*)। { *ফা.* নমূনাহ نمونه }

নম্বর, নং [নম্‌বোর] *বি* ১ সংখ্যা; ক্রমিক সংখ্যা (বাসার নম্বর কত?)। ২ পরিচয়সূচক অঙ্ক; চিহ্ন বা মূল্যজ্ঞাপক সংখ্যা (বইয়ের নম্বর, ফেল পাশের নম্বর)। ☐ *বিণ* সংখ্যক (কত নম্বর বাড়ি?)। **~ওয়ারি** *বিণ* ক্রমিক নম্বর অনুসারে (নেজামত আদালতে নম্বরওয়ারী ও মৎফারেক্কার তদ্বির করতে হলে ভবানীপুরেই বাসার ঠিকানা হয়—*কাসি*)। **~ খারিজ করা** *ক্রি* নম্বর কাটিয়ে দেওয়া; মোকদ্দমায় নথিচ্যুত করা। **নম্বরি** *বিণ* নম্বরযুক্ত, চিহ্নিত; শ্রেষ্ঠ (এক নম্বরি মাল)। **এক ~, এক নম্বরের** *বিণ* সর্বোৎকৃষ্ট; শ্রেষ্ঠ (এক নম্বর জিনিস)। **দুনম্বরি** *বিণ* খারাপ; আসল নয় এমন (দুনম্বরি মাল বা কারবার)। { *ই* number }

নম্য ⇒ নমনীয়

নম্র [নমরো] *বিণ* ১ বিনীত। ২ ঔদ্ধত্যহীন; নিরহঙ্কার (নম্র ব্যবহার)। ৩ অবনত; হেঁট; নত হয়েছে এমন (নম্র মুখ)। ৪ নরম; কোমল। ৫ শান্তশিষ্ট; বিনয়ী (নম্র ছেলে)। **নম্রা** *স্ত্রী*। **নম্রক** *বি* বেত গাছ। **~তা** *বি* ১ বিনয়; শিষ্টতা। ২ বিনীত ব্যবহার; কোমলতা। ৩ নমনীয়তা। **~মুখ** *বি* ১ অবনত মুখ। ২ কোমল চেহারা; কচিমুখ। { *স.* √নম্‌+র }

নযদিক, নযদীক ⇒ নজদিক

নযর[১] ⇒ নজর

নযর[২], **নযরসেলামী, নযরানা** ⇒ নজর[২]

নযীর ⇒ নজির

নযুল ⇒ নজুল

নয়[১] [নয়] *ক্রি* ১ না হয়; নহে। ২ নীতিশাস্ত্র। **~জ্ঞ, ~বিৎ, ~বিদ** *বি* নীতিশাস্ত্রজ্ঞ; নয়বিশারদ। **~জ্ঞান** *বি* রাজনীতি ধর্মনীতি ও সমাজনীতি—এই তিন শাস্ত্রের জ্ঞান বা ব্যুৎপত্তি। **–প্রবীণ** *বি* নীতিবিষয়ে প্রবীণ। **–বর্ত্ম** *বি* নীতিপথ। **–বিশারদ** *বিণ* নীতিশাস্ত্রে সুপণ্ডিত। { *স.* √নী+অ(অচ্‌) }

নয়[২] [নয়] *ক্রি* না হয়; নহে (দোষী নয়)। ☐ *বি* ১ অসত্য; অপ্রকৃত (হয়কে নয়)। ☐ *অব্য* না হয়; নতুবা; নচেৎ কিংবা; অথবা (হয় রাম নয় রহিম)। **~কো** *ক্রি* না হয়; নহে (নয়ক আমার আপনমনে—*রঠা*)। **~তো** *অব্য* নতুবা; তা না হলে; না হয় (সে নয় তো তুমি)। { নহে> }

নয়[৩] [নয়] *বি, বিণ* ৯ সংখ্যা বা সংখ্যক। **~ছয়** *ক্রিবিণ* নষ্ট; ধ্বংস, বিশৃঙ্খল; এলোমেলো; তছনছ (সমস্ত হিসাব কিতাব শৃঙ্খলা সামঞ্জস্য একেবারে নয়ছয় করিয়া দেয়—*রঠা*)। ☐ *বি* অপব্যয়। **~দুয়ারি** *বিণ* ১ নয়টি দরজা আছে এমন। ২ যে বহু দরজায় ভিক্ষা করে। ☐ *বি* গালিবিশেষ। { *স.* নব> }

নয়কো নয়[২]

নয়জ্ঞ, নয়জ্ঞান ⇒ নয়[১]

নয়ত, নয়তো ⇒ নয়[২]

নয়দা [নয়দা] *বি* নতুন বা নবাগত বাসিন্দা। { *স.* নবাগত> }

নয়দুয়ারি ⇒ নয়[৩]

নয়ন[১] [নয়োন] *বি* ১ নিয়ে যাওয়া। ২ পাইয়ে দেওয়া। ৩ যাপন; ক্ষেপণ। { *স.* √নী+অন(ল্যুট) }

নয়ন[২] [নয়োন] *বি* চক্ষু; নেত্র; আঁখি (নয়নজল; নয়ন-পথ)। **~কূল** *বি* চোখের কিনারা (মনে পড়ে সেই হৃদয় উচ্ছ্বাস নয়নকূলে—*রঠা*)। **~গোচর** *বিণ* দৃষ্টিপথে পড়া; দৃষ্টিগোচর। **~ চকোর** *বি* সৌন্দর্যরূপ জ্যোৎস্না পানকারী চক্ষু; রূপমুগ্ধ নেত্র। **~জল, ~নীর** *বি* অশ্রু; চোখের পানি। **~ঠার** *বি* ১ চোখের ইশারা। ২ আড়দৃষ্টি বা ইঙ্গিত। **~তারা** *বি* ১ চোখের তারা; নেত্র-তারকা। ২ চোখের তারার মতো প্রিয় (তুমি সকলের নয়নতারা ছিলে—*ঈবি*)। **~বাণ** *বি* বাণতুল্য হৃদয়-বিদারিণী দৃষ্টি; মর্মস্পর্শী কটাক্ষ; কামোদ্দীপক দৃষ্টি বা চাহনি (নয়নবাণ হানা)। **~বুদ্বুদ** *বি* অক্ষিগোলক; eyeball। **~মণি** *বি* ১ চোখের তারা। ২ অত্যন্ত স্নেহাস্পদ—যাকে না পেলে অন্ধবৎ অবস্থা হয়। **~মোহন** *বিণ* নয়ন মুগ্ধকারী; চিত্তাকর্ষক; মনোহর (উজীর সফদর জঙ্গের বাড়ীখানি আজ নয়নমোহন সাজে সজ্জিত—*ইহো*)। **~রঞ্জন** *বিণ* চক্ষুর তৃপ্তিদায়ক; চোখের আনন্দবর্ধক; সুদর্শন (ফুটন্ত কুসুমগুচ্ছ নয়নরঞ্জন—*কায়*)। **নয়নের পুতুল** *বি* চোখের তারা; প্রিয়; অতি আদরণীয় (দুই নয়নের পুতলী বাপের দেইখ্যা জুড়ায় চোখ—*রই*)। { *স.* √নী+অন(ল্যুট) }

নয়নজুলি ⇒ নয়ানজুলি

নয়নসুখ, নয়নসুক [নয়োনশুখ, -ক] *বি* একপ্রকার মূল্যবান মিহি সুতি কাপড়। { *হি* নৈনসুখ; সুখ(<সূক্ষ্ম) }

নয়না [নয়োনা] *বি* ১ নয়ন; চক্ষু (বনের ফাঁকে দুষ্ট তুমি আস্তে যাবে নয়না চুমি—*নই*)। ২ অপাঙ্গ বা আড় দৃষ্টি; কটাক্ষ। ৩ এক প্রকার মাছ। { *স.* নয়ন+*বা.* আ }

নয়নানন্দ [নয়োনানোনন্‌দো] *বি* ১ দৃষ্টির আনন্দ। ২ যাকে দেখলে আনন্দ হয়। { *স.* নয়ন+আনন্দ }

নয়নাভিরাম [নয়োনাভিরাম্‌] *বিণ* চক্ষুর প্রীতিজনক; সুদর্শন; সুন্দর (গল্প ও প্রবন্ধ এই বাড়ীর নির্জন নয়নাভিরাম পরিবেশে রচিত হয়েছে—*সৈমুআ*)। { *স.* নয়ন+অভিরাম }

নয়নাসার [নয়োনাসার] *বি* অশ্রুবর্ষণ; অশ্রু; চোখের পানি; কান্না (নয়নাসারে তাঁহার দেহলতা সিক্ত করিলেন—*বচ*)। { *স.* নয়ন+আসার; ৬তৎ }

নয়নী [নয়োনি] *বি* চক্ষুতারকা। { *স.* নয়ন+ *বা.* ঈ ?}
নয়নোৎসব [নয়োনোত্‌শব্] *বি* ১ চোখের আনন্দের বিষয়। ২ আলোক। { *স.* নয়ন+উৎসব}
নয়নোপান্ত [নয়নোপানতো] *বি* অপাঙ্গ; চোখের কোণ। { *স.* নয়ন+উপান্ত (উপ+অন্ত)}
নয়প্রবীণ, নয়বর্ত্ম, নয়বিৎ, নয়বিদ, নয়-বিশারদ ⇒ নয়²
নয়ল, নয়লি, নয়লী, নয়ালি *(মবা.)* [নয়োল্, নয়োলি, –, নয়ালি] *বিণ* প্রথম; নতুন; নবীন (একে কাল হৈল মোর নয়লি যৌবন—*বচদা*)। { *স.* নব>, *প্রা.* ণবল> নয়ল}
নয়া [নয়া] *বি* নতুন; টাটকা (নয়া ফুল দোলে ঝালর পাতায়—*বআমি*)। □ *বিণ* নব্য; আধুনিক (নয়া জামানা)। ~ **আবাদি** *বি* ১ নতুনভাবে চাষের অন্তর্ভুক্ত। ২ নতুন বসতি। { *স.* নব> *প্রা.* ণঅ>}
নয়ান (পদ্য.) [নয়ান্] *বি* নয়ন; চক্ষু (যবে ফিরে মেলিনু নয়ান—*সদ*)। ~**স্বরূপ** *(মবা.) বিণ* প্রত্যক্ষ; চাক্ষুষ (দেখলু নয়ানস্বরূপে—*বিপ*)। **নয়ানে-বয়ানে** *বি* চোখেমুখে; নয়নের কোমল রূপ (মুগ্ধ নরনারীর নয়ানে বয়ানে—*বেআ*)। { *স.* নয়ন>}
নয়ানজুলি, নয়ানজুলী, নয়নজুলি [নয়ানজুলি, –, নয়োন–] *বি* রাস্তার পাশের সরু নর্দমা বা নালা (একদল রাস্তার পাশের নয়ানজুলিতে নেমে গেছে—*সৈমু*; টোপর পানায় ভরল ডোবা নধর লতায় নয়ানজুলী—*সদ*)। { *স.* নত (নিম্ন বা ঢালু অর্থে)+আন>নয়ান+জুলি(জল+ই)}
নয়ানস্বরূপ, নয়ানে বয়ানে ⇒ নয়ান
নয়ানী *(ব্র., মবা.)* [নয়ানি] *বিণ* নয়নযুক্তা (নারী); চক্ষুবিশিষ্ট (তরলনয়ানী—*গোদা*)। { *স.* নয়ন+ঈ}
নয়ালি ⇒ নয়ল
নর¹ [নর্] *বি* ১ মানুষ; মানব (নর-বানরের যুদ্ধে রাবণ নিহত হয়)। ২ পুরুষ; মর্দা (নরপায়রা)। ৩ জনৈক ঋষি। ৪ অর্জুন। **নারী** *স্ত্রী.*। ~**কঙ্কাল** *বি* মানুষের অস্থিপঞ্জরের কাঠামো। ~**কপাল** *বি* মৃত ব্যক্তির মাথার খুলি। ~**কেশরী** *বি* নরসিংহ; বীরপুরুষ; নরশ্রেষ্ঠ। ~**গণ** *বি* ১ মানবসমূহ। ২ *(জ্যোশা.)* জাতকের প্রকৃতি সম্বন্ধে জন্মনক্ষত্রের প্রভাব অনুসারে শ্রেণিবিশেষ (দেবগণ, নরগণ, রাক্ষসগণ; ভরণী রোহিণী প্রভৃতি নক্ষত্রে জন্মিলে নরগণ হয়)। ~**ঘ্ন** *বিণ* মানুষ হত্যাকারী; নরঘাতক (পত্রে পত্রে নরঘ্ন প্রেত লুক্কায়িতভাবে মাতঙ্গিনীকে লক্ষ্য করিতেছে—*বচদা*)। ~**দেব** *বি* ১ রাজা। ২ ব্রাহ্মণ। ~**নাথ**, ~**পতি** *বি* রাজা; নৃপতি। ~**নারায়ণ** *বি* ১ হিন্দু বিশ্বাসে নররূপী নারায়ণ। ২ যে ঋষিদ্বয় কৃষ্ণ ও অর্জুন রূপে জন্মগ্রহণ করেন। ~**পশু** *বি,বিণ* নরাকৃতি পশুহৃদয়বিশিষ্ট; পশুর মতো নির্মম আচরণকারী মানুষ; পশুবৎ মানুষ; নরাধম; মর্দা পশু। ~**পিশাচ** *বি* পিশাচতুল্য নিকৃষ্ট প্রবৃত্তিবিশিষ্ট মানুষ; আকৃতিতে নর প্রকৃতিতে পিশাচ। ~**পুঙ্গব** *বি* মনুষ্যশ্রেষ্ঠ। **নরবলি** *বি* মানুষকে বলিদান ক্রিয়া। ~**মালা** *বি* মানুষের মাথানির্মিত মালা। ~**মেধ** *বি* যে যজ্ঞে মানুষ বলি দেওয়া হতো। ~**যান** *বি* মানুষ বাহিত যান, ডুলি; শিবিকা, পালকি। ~**লীলা** *বি* ১ মনুষ্য জীবনাচার। ২ পার্থিব কাজ (আদরে আদরে নরলীলা সম্পন্ন করিয়া গেলে—*ঈবি*)। ~**লোক** *বি* মনুষ্যলোক; মর্ত্যভূমি; পৃথিবী। ~**সমাজ** *বি* পরস্পর সহযোগিতার সাথে বাসকারী মানবসঙ্ঘ। ~**সিংহ**, ~**হরি**, **নৃসিংহ** *বি* ১ মাথা থেকে কোমর পর্যন্ত মনুষ্যাকৃতি ও কোমরের নিম্নাংশ সিংহাকৃতিবিশিষ্ট হিন্দুদেবতা। ২ নরশ্রেষ্ঠ; পুরুষসিংহ। ~**সুন্দর** *বি* নাপিত; চুল দাড়ি প্রভৃতি কেটে মানুষকে সুন্দর বা রূপবান করে যে। { *স.* √নৃ+অ(অচ)}
নর² [নর্] *বি* ১ পঙ্‌ক্তি; সারি; শ্রেণি; লহরি। ২ ঢেউ; তরঙ্গ। **নরি, নরী** *বিণ* পঙ্‌ক্তিযুক্ত (তারা নাহি জানে যে মেঘের গলে দোলে সাতনরি হার—*জউ*)। { *স.* লহর>}
নরক [নরোক্] *বি* ১ মৃত্যুর পর পাপীরা যে স্থানে কঠিন শাস্তি ভোগ করে; দোজখ; নিরয়। ২ *(আল.)* নিকৃষ্টতম স্থান। ৩ জনৈক দৈত্য। ~**কুণ্ড** *বি* ১ যে কুণ্ডে পাপীরা ভীষণ শাস্তি ভোগ করে। ২ অত্যন্ত নোংরা ও যন্ত্রণাদায়ক স্থান। ~**গুলজার** *ক্রিবিণ (আল.)* অসংযত স্ফূর্তিবাজদের আড্ডা; নরকে হলেও বহুজনের একত্র সমাগমে সরগরম। ~**ভোগ** *বি* নরকের অসহ্য দুঃখকষ্ট ও যন্ত্রণাভোগ। ~**যন্ত্রণা** *বি* ১ পাপের শাস্তিস্বরূপ নরকে যে অসহ্য কষ্ট যাতনা ভোগ করতে হয়; অশেষ ক্লেশ। ২ *(আল.)* ভীষণ অনুশোচনা। **নরকাগ্নি** *বি* দোজখের আগুন (আমি নরকাগ্নিকে অত্যন্ত ভয় করি—*গিঘো*)। { *স.* √নৃ+অক (বুন্)}
নরকঙ্কাল, নরকপাল ⇒ নর¹
নরকস্থ, নরকাগ্নি ⇒ নরক
নরকেশরী, নরগণ, নরঘ্ন ⇒ নর¹
নরদমা ⇒ নর্দমা
নরদেব, নরনাথ, নরনারায়ণ, নরপতি, নরপশু, নরপিশাচ, নরপুঙ্গব, নরবলি ⇒ নর¹
নরম [নরোম্] *বিণ* ১ কোমল; অকঠিন (এ হৃদয় খানিক রাঙায় নরম সবুজ রঙে—*বখা*)। ২ মৃদু; ধীর। ৩ শান্ত; কড়ার বিপরীত; ঠান্ডা (নরম মেজাজ)। ৪ কচি (নরম ধানের গন্ধ—কলমীর ঘ্রাণ—*জীদা*)। ৫ আর্দ্র (নরম হাওয়া)। ৬ সহৃদয়তাপূর্ণ (নরম কথায় কাজ হয় না)। ৭ স্নেহ মায়া মমতা প্রভৃতি কোমল গুণবিশিষ্ট। ৮ দয়ার্দ্র; স্নেহপ্রবণ (নরম মন)। ৯ অনুকূল; বশীভূত (মন নরম হওয়া)। ১০ পচা (মাছগুলি নরম)। ১১ আলগা; ঢিলা (বাঁধন নরম হওয়া)। ১২ মিয়ানো; মচমচে নয় এমন (নরম বিস্কুট)। ১৩ দুর্বল; কমজোর (শক্তের ভক্ত নরমের যম)। ১৪ কম; হ্রাস (বাজার নরম, জ্বর নরম হওয়া)। ১৫ নিকৃষ্ট; নিরেস (তার চেয়ে নরম)। ১৬ স্নিগ্ধ (নরম আলো)। ~**গরম** *বিণ* মিঠা-কড়া; মৃদু ও কড়া (নরম গরম কথা শুনিয়ে দেওয়া)। □ *বি* মিঠা-কড়া কথা (নরমগরম শুনানো)। ~**পন্থি/ পন্থী** *বিণ* উদার মতাবলম্বী সহজ পথ অনুসারী (নরমপন্থী ও চরমপন্থীদের বিরোধ আসন্ন হয়ে উঠল—*আচৌ*)। **নরমানো** *ক্রি* নরম হওয়া; খাস্তা না থাকা। □ *বি,বিণ* উক্ত অর্থে। **বাজার ~ হওয়া** *ক্রি* দাম ও চাহিদা মন্দা হওয়া (বর্তমানে পাটের বাজার নরম হয়ে গিয়েছে)। { *ফা.* নর্ম نرم }

নর-মাদা, নর-মাদি [নরমাদা, -দি] *বি* পাখি ও পশুর পুরুষ ও নারী নির্দেশক। তুল. মর্দামাদি। {*ফা.* নর ও মাদাহ্ نر و ماده}

নরমান, নরমানো ⇒ নরম

নরমালা, নরমেধ, নরযান, নরলীলা, নরলোক, নরসমাজ, নরসিংহ, নরসুন্দর, নরহরি ⇒ নর'

নরা [নরা] *বি* মানুষ (নরা গজা বিশে শয়—*খনা*)। {*স.* নরাঃ (নর শব্দের ১মা বহুব)}

নরাধম [নরাধোম] *বি* অতিশয় হীনপ্রকৃতির মানুষ যার চরিত্র ও আচরণ অত্যন্ত নিন্দনীয়। {*স.* নর+অধম; ৬তৎ}

নরাধিপ [নরাধিপ] *বি* রাজা; নৃপতি; বাদশাহ। {*স.* নর+অধিপ; ৬তৎ}

নরান্তক [নরান্‌তোক] *বি* ১ যম; মৃত্যু (রণে নরান্তক—*মদ*)। ❑ *বিণ* নরহত্যাকারী; নরঘাতক। {*স.* নর+অন্তক; ৬তৎ}

নরুন [নোরুন্] *বি* নখ কাটার অস্ত্র (এখন তোর নরুনটা বাইর কর তো—*আমআ*)। ~**পেড়ে** *বিণ* নরুনের মতো সরু বা চিকন পাড়যুক্ত (নরুনপেড়ে কাপড়)। {*স.* নখহরণী> *প্রা.* ণহরণী>}

নরেন্দ্র, নরেশ্বর [নরেন্‌দ্রো, নরেশ্‌শর্] *বি* ১ রাজা; নরপতি (কিয়ৎকাল পরে ঐ নরেশ্বরের মৃত্যু সাধন করে কৃতকার্য্য হইলেন—*ঈবি*)। ২ নরশ্রেষ্ঠ; নরপ্রধান। {*স.* নর+ইন্দ্র, ঈশ্বর; ৬তৎ}

নরোত্তম [নরোত্‌তম্] *বি* ১ শ্রেষ্ঠ নর; পুরুষোত্তম; নারায়ণ; কৃষ্ণ। ২ একজন বৈষ্ণবসাধক। {*স.* নর+উত্তম}

নর্কু [নোরকু] *বি* শতরঞ্জজাতীয় খেলাবিশেষ (নর্কু শতরঞ্জ খেলা যেই হস্তে ধরে—*সৈআ*)। {*অমূ.*}

নর্তক [নরতোক] *বি,বিণ* যে নাচে; নৃত্যব্যবসায়ী; নট। **নর্তকী** *স্ত্রী.*। {*স.* √নৃত্+অক(ণ্বুল্)}

নর্তন [নরতোন্] *বি* ১ নাচ; নৃত্য। ২ পেশিসমূহের ব্যাধিবিশেষ। ~**প্রিয়** *বি* ১ নৃত্যপ্রিয়; যে নৃত্য দর্শন করতে বা নাচতে ভালোবাসে। ২ ময়ূর। ~**শালা** *বি* নৃত্যাগার; নাচঘর; নাট্যশালা। **নর্তিত** *বিণ* ১ নর্তনশীল; নাচছে এমন (হয় আবর্তিত, পুঞ্জিত, নর্তিত—*রঠা*)। ২ নাচানো হয়েছে বা হচ্ছে এমন (নর্তিত ময়ূর)। ৩ আন্দোলিত; কম্পিত; দোলিত। {*স.* √নৃত্+অন (ল্যুট্)}

নর্দন ⇒ নর্দিত

নর্দমা, নর্দামা [নর্‌দোমা, নরদামা] *বি* ১ জল-নির্গমনের পথ; জলনালি; ড্রেন; পয়ঃপ্রণালি; নালা-নর্দমা। ২ (*আল.*) নোংরা ও ঘৃণিত স্থান (নর্দমায় গড়াগড়ি যাওয়া)। {*স.* নর্দ>}

নর্দিত [নোর্‌দিতো] *বিণ* শব্দিত; গর্জিত। **নর্দন** *বি*। {*স.* √নর্দ+ত(ক্ত)}

নর্ম [নরমো] *বি* ১ রঙ্গ; কৌতুক; পরিহাস (আমার নর্ম আর কর্ম—*রঠা*)। ২ ক্রীড়া; লীলা। ৩ প্রমোদ; প্রমোদবিহার। ৪ বিলাস; রসিকতা। ~**কীল** *বি* পতি। ~**গর্ভ** *বিণ* হাস্যপরিহাসপূর্ণ। ~**ঠ** *বিণ* কেলিনিরত; ক্রীড়াশীল। ~**দ** *বি* যে হাস্যপরিহাসের দ্বারা আনন্দ দান করে। ~**সখী**, ~**সহচরী**, ~**সঙ্গিনী** *বি* খেলার সাথি; ক্রীড়াসঙ্গিনী; অন্তরঙ্গ সই। ~**সচিব**, ~**সহচর** *বি* ১ ক্রীড়াসঙ্গী। ২ বিদূষক। ৩ মোসাহেব; চাটুকার। **নর্মাচার** *বি* পরিহাস (জড়কবন্ধ অন্ধ কর্মে ফুৎকার করি নর্মাচারে—*বিদে*)। {*স.* √নৃ+মন(মনিন্)}

নর্মদা [নরমোদা] *বি* মধ্যভারতের একটি নদী; রেবা নদী। {*স.* নর্মন্+দ+আ(টাপ্)}

নর্মাচার ⇒ নর্ম

নর্মাল [নরমাল] *বিণ* স্বাভাবিক; নিয়মিত (ঐ রঙ লাগানো অবস্থাই ছিল তাঁর নর্মাল অবস্থা—*সৈমু*)। ❑ *বি* শিক্ষক-প্রশিক্ষণ বিদ্যালয় ও পরীক্ষাবিশেষ (নর্মাল পাস পণ্ডিত)। {*ই.* normal}

নল [নল্] *বি* ১ একপ্রকার তৃণ; শর, খাগড়া—যা দিয়ে দরমা, শস্য রাখার পাত্র প্রভৃতি প্রস্তুত হয় (জমিরের নলের দরমার জায়নামাজখানি দাওয়াতেই ছিল—*কাআও*)। ২ চোঙ; পাইপ; ফাঁপা লম্বা চোঙ; pipe (পানির নল, বন্দুকের নল)। ৩ জমি মাপার দণ্ডবিশেষ (দশহাতি নল)। ৪ দময়ন্তীর স্বামী। ৫ রামায়ণে রামের সহায়ক বানরবিশেষ। ~**কূপ** *বি* যে নল দ্বারা মাটির বহু নিম্নস্তর থেকে পানীয় জল সংগ্রহ করা হয়; tubewell। ~ **চালা** *ক্রি* (লোকবিশ্বাস অনুযায়ী) হারানো বস্তু সন্ধান করার জন্য মন্ত্র পড়ে নল চালনা করা। {*স.* √নল্+অ(অচ্)}

নলক [নলোক] *বি* ১ নলের মতো লম্বা শূন্যগর্ভ অস্থি। ২ ডাঁটা। {*স.* নল+ক(কন্)}

নলক ⇒ নোলক

নলকূপ, নলচালা ⇒ নল

নলখড়ি [নলখোড়ি] *বি* খড়জাতীয় এক প্রকার নলতৃণ (নলখড়ির বন—*কমু*)। {নল+খড়ি}

নলখাগড়া, নলখাড়া [নলখাগ্‌ড়া, -খাড়া] *বি* খড়গের মতো ধারালো পাতাবিশিষ্ট নলতৃণ। {*স.* নল+খড়্‌গ>}

নলচে ⇒ নলিচা

নলপত (*মবা.*) [নলোপতো] *ক্রি* মিষ্ট কথায় ভুলানো (হাতে পায়ে ধরি নলপত করি তারে—*রাভ*)। {*হি* নল্লোপত্তো}

নলা [নলা] *বি* নলের মতো লম্বা সরু হাড় (পায়ের নলা)। {*স.* নল+*বা.* আ}

-নলা [নলা] *বিণ* নলবিশিষ্ট; চোঙযুক্ত (দোনলা বন্দুক)। {*স.* নল+*বা.* আ}

নলি, নলী [নোলি] *বি* ১ সুতা জড়াবার ছোট নল; পাকি (চাকের বিধেয় নলি টুকিয়ে বনবনিয়ে পাক খায়ানো—*অচিসে*)। ২ ছোট নলের মতো হাড়; নলা (হাড়ের নলি)। ❑ *বিণ* নলযুক্ত; নলা (দুনলি বন্দুক)। {*স.* নল+*বা.* ই}

নলিকা [নোলিকা] *বি* ১ ডাঁটা; খাড়া। ২ চোঙ। ৩ সরু নল। ৪ নাড়ি। {*স.* নল+ক(কন্)+আ(টাপ্)}

নলিচা, নলচে, নইচা, নইচে [নোলিচা, নলচে, নোইচা, নোইচে] *বি* হুকার যে দণ্ডের উপর কলিকা বা কলকে থাকে। **খোল-- দুই বদলানো** *ক্রি* আমূল পরিবর্তন (এর খোল নলচে দুই বদলে একেবারে নতুন করে সৃষ্টি করব—*নই*)। {*ফা.* নইচ্‌হ نیچه }

নলিত, নলিতা ⇒ নালতা

নলিন [নোলিন্] *বি* পদ্ম; কমল। ❑ *বিণ* পদ্মের মতো গন্ধযুক্ত (আর দুটি ছলছল নলিন নয়ন—*রঠা*)। **নলিনি, নলিনী** *বি*

স্ত্রী. ১ পদ্মিনী; কুমুদিনী। □ বি পদ্মসমূহ। **নলিনীদল** বি পদ্মপাতা বা পাপড়ি (শীতল জলার্দ্র নলিনীদল লইয়া কিয়ৎক্ষণ বায়ুসঞ্চালন করিয়া—ঈবি)। **নলিনীরুহ** বি মৃণাল পদ্মনাল। { স. নল(গন্ধ)+ইন(ইনচ)}

নলিয়া, নলে [নোলিয়া, নোলে] বি যে নল চালিয়ে পাখি মারে; বেদে। { স. নল+বা. ইয়া>ই}

নলী ⇒ নলি

নলুয়া, নলো [নোলুয়া, নোলো] বি নলের চাটাই নির্মাণকারী। { স. নল+বা. উয়া>}

নলে ⇒ নলিয়া

নলেন [নোলেন] বিণ খেজুরের নতুন রসে তৈরি (রাঁধে পরমান্ন নলেনের গুড়ে—ঈগু)। { স. নূতন>}

নলো ⇒ নলুয়া

নশ্বর [নশ্‌শর্] বিণ ১ বিনাশশীল; অস্থায়ী; ক্ষয়শীল; অনিত্য (নশ্বর জীবন)। ২ সংহারক; ভীষণ (নিসাদ বিঁধিলে মৃগেন্দ্রে নশ্বর শরে—মদ)। **–তা** বি। **নশ্বরী** স্ত্রী.। { স. √নশ্+বর(ক্বরপ)}

নষ্ট [নশ্‌টো] বিণ ১ বিনাশপ্রাপ্ত; ধ্বংসপ্রাপ্ত (নষ্ট নই নষ্ট সঙ্গে হয়েছে মিলন—ভারা)। ২ অপব্যয় করা হয়েছে এমন (নষ্ট পরিশ্রম)। ৩ ব্যর্থ; বিফল; নিষ্ফল (কাজ নষ্ট করা)। ৪ বিকৃত; ব্যবহারের অযোগ্য (নষ্ট দুধ)। ৫ দোষযুক্ত (নষ্ট চরিত্র)। ৬ হারিয়ে গেছে এমন; গত; লুপ্ত (নষ্টচেতন)। ৭ পণ্ড (আয়োজন নষ্ট)। ৮ অসৎ; কুচরিত্র (নষ্ট স্ত্রীলোক)। ৯ অনুদ্দিষ্ট (নষ্টোদ্ধার)। ১০ তিরোহিত (নষ্ট গৌরব)। **~ কোষ্ঠী** বি যে কোষ্ঠী যথাসময়ে তৈরি হয়নি। **~চন্দ্র** বি ভাদ্র মাসের শুক্লা ও কৃষ্ণা চতুর্থীর চাঁদ—যা দেখলে হিন্দুদের মতে দোষ বা কলঙ্ক হয়। **–চেতন** বিণ চেতনাহীন; সংজ্ঞাহারা; মূর্ছিত। **~-চেতন** স্ত্রী.। **~চেষ্ট** বিণ ১ জড়; স্পন্দনহীন। ২ সকল চেষ্টা রহিত হয়েছে এমন; নিশ্চেষ্ট। **~চেষ্টতা, ~চেষ্টত্ব** বি। **~চেষ্টা** স্ত্রী.। **~বীজ** বিণ ১ বীজ বিকৃত বা খারাপ হয়ে গেছে এমন। ২ যার বীজ বিকৃত বা খারাপ। **~মতি** বিণ ১ দুষ্টবুদ্ধি। ২ দুষ্ট চরিত্র; কুস্বভাব। **–স্মৃতি** বি অবলুপ্ত স্মৃতি। **নষ্টা** বিণ স্ত্রী. ১ বিনাশপ্রাপ্তা। ২ দুষ্টা। ৩ কুচরিত্রা; ভ্রষ্টা; অসতী; ব্যভিচারিণী; কুলটা। **দুষ্টামি, দুষ্টামো** বি ১ দুষ্টামি; শয়তানি; বদমায়েশি (কমলাকান্তের নষ্টামি হাকিম আর সহ্য করিতে পারিলেন না—বচ)। ২ পরিহাস। **নষ্টোদ্ধার** বি ১ যা নষ্ট হয়েছে তা পুনর্গঠন। ২ বিলুপ্ত বর্ণ বা শব্দের আনুমানিকভাবে লিখন। ৩ অপহৃত বস্তুর পুনঃপ্রাপ্তি। { স. √নশ্+ত(ক্ত)}

নস ⇒ নহিস

নসব ⇒ নছব

নসরা, নাসারা, নসরানী [নসোরা, নাসারা, নসরানি] বি খ্রিস্টান (তিনি মুসলমান—তিনিও নসরার চাকরি করিতে যাইবেন না—গোহ; একজন নাসারাকে মুসলিম করার গৌরব ও পুণ্যের অধিকারী হতে পারবে—নই; ইসপানী আরমানী চোলদার নসরানী নানা জাতি আর পর্তুগীজ—সৈআ)। { আ. নস্রারা نصارى }

নসিব, নছিব, নসীব [নোসিব, -ছি-, -সি-] বি ভাগ্য; অদৃষ্ট; কপাল (খোদেন নসিব বড় বুরা—প্যারি; কেমন নছিব তাঁর—রই)। **নসিবের গর্দিশ/গর্দেশ** বি ভাগ্য-বিড়ম্বনা। **নসিবের ফের** বি কপালের ফের; নিয়তি। **খোস–, খুশ–** বিণ সৌভাগ্যবান (আমার খোসনসীব যে আমি মুসলমান)। { আ. নসিব نصيب }

নসিহত, নছিহত, নছিহত, নছীহত [নোসিহত, -ছি, –, –] বি ধর্মসম্বন্ধীয় উপদেশ (শুনিবেক আলিমের পন্দ নসিহত—সৈআ; এমরান শাহার তরে খোদা নছিহত করে থাকে যেন বাহাল ঈমান—সৈহা)। { আ. নসিহাত نصيحة }

নসীব ⇒ নসিব

নসীহত ⇒ নসিহত

নস্কর ⇒ লশকর

নস্টালজিয়া, নস্ট্যালজা [নসটাল্‌জিয়া, -স্ট্যা-জা] বি গৃহকাতরতা; অতীতের প্রতি অতিমুগ্ধ; অতীত-বিধুরতা। **নস্টালজিক** বিণ গৃহকাতর; অতীত স্মৃতি-বিধুর। { ই. nostalgia }

নস্তিত, নস্তোত [নস্‌তিতো, -তোতো] বি বলদ প্রভৃতি যেসব পশুর নাক ফোঁড়া হয়েছে। { স. √নস্+ত(ক্ত)+ইত(ইতচ)}

নস্য, নস্যি [নোশ্‌শো, নোশ্‌শি] বি ১ তামাকের গুঁড়া যা নেশার উদ্দেশ্যে অত্যল্প পরিমাণে নাকে নেওয়া হয়; নাস; snuff। ২ (ব্য.) অত্যল্প পরিমাণ দ্রব্য। ৩ তুচ্ছ; অতি সামান্য; পশুর নাকের দড়ি। **নস্যদানি** ক্রি নস্য রাখার কৌটা বা পাত্র। { স. নাসিকা+য(যৎ)}

নস্যা [নোশ্‌শা] বি ১ বলদ প্রভৃতির নাকের দড়ি। ২ নাক। { স. নস্য+আ(টাপ্)}

নস্যাৎ [নোশ্‌শাত্] বি ১ যদি না থাকে। ২ বাতিল; লোপ। ৩ তুচ্ছ; মিথ্যা বলে প্রমাণিত (সকল প্রমাণ নস্যাৎ হয়ে গেল)। **– করা** ক্রি ১ নস্যের মতো নিঃশেষিত করা বা হাঁচি দিয়ে উড়িয়ে ছিটিয়ে হাওয়া করে দেওয়া। ২ (আল.) অস্তিত্বহীন করা। ৩ তুচ্ছ জ্ঞানে উপেক্ষা করা; বাতিল করা। { স. ন+স্যাৎ}

নস্যি ⇒ নস্য

নহ, নও [নহো, নও] ক্রি না হও (নহ মাতা নহ কন্যা নহ বধূ—রঠা)। { না হও>}

নহবত, নহবতখানা ⇒ নওবত

নহর [নহোর্] বি সংকীর্ণ/সরু স্রোতস্বিনী; জলধারা; খাল; নালা; canal (দুধের নহর বহিয়া সাগরে পড়িতেছে—আমআ; ফেরদৌসের নহর নামিল লক্ষ নির্ঝর ধারে—শাহে)। { আ. নহর نهر }

নহলা ⇒ নওলা

নহলী (মব্য.) [নহোলি] বিণ নব; নতুন; নবীন; তাজা (নহলী যৌবন—বচদা)। { স. নব>}

নহস, নস [নহোশ্, নশ্] বি অশুভ লগ্ন; কুক্ষণ (কোন নবকর্ম আরম্ভ না করিব নহস বিফল জানি ক্ষেমা দি রহিব—সৈআ)। { আ. নহস্ نحس }

নহা [নহা] ক্রি না হওয়া। **নহি, নই, নহ** ক্রি ১ হই না। □ অব্য (মব্য.) কক্ষনো না; কখনোই না। { না হওয়া> }

নহিলে, নইলে, নৈলে [নোহিলে, নোইলে, –] অব্য না হলে; নচেৎ; নতুবা; অন্যথায়। { না হলে> }

নহিস, নস [নোহিশ্‌, নোশ্‌] *ক্রি* হস না। {না হস>}
নহু, নহুঁ *(মধ্য.)* [নোহু, -হুঁ] কখনই নই (হাম নহু শঙ্কর হউ বর নারী—*বিপ*)। {ন+হু}
নহেন, নন [নহেন, নন্‌] *ক্রি* হন না। {না হন>}
না¹, নাও [না, নাও] *বি* নৌকা (তীন ভরা না সহে না খানী আম্মার— *বচদ*; সরিয়ত নাও কর ইমাম প্রদীপ ধর, রসুল সহায় হইমু পার—*দৌখা*)। {*স.* নৌ; *ফা.* নাব ناو }
না² [না] *অব্য* ১ ক্রিয়ার অঘটন বা অসম্পন্নতাবোধক; না-বোধক (হবে না, যাবে না)। ২ হাঁ-এর বিপরীত (না কৃশ না স্থূল, নাদান)। ৩ অসম্মতিজ্ঞাপক (না, খাবো না)। ৪ প্রশ্নের নেতিবাচক উত্তর (তুমি কি খাবে? না)। ৫ নিশ্চয়তাসূচক (কত না ছন্দে রচিত)। ৬ অনুরোধ বা অনুজ্ঞাজ্ঞাপক (আমায় বলতে দাও না)। ৭ আধিক্যসূচক (কত না কষ্ট)। ৮ প্রশ্নে সন্দেহে (খাবে না?)। ৯ বিরক্তিসূচক। ১০ বিকল্পে (কেউ না কেউ)। ১১ বা; অথবা; কিংবা (কিছুই নাই, না অন্ন না বস্ত্র)। ১২ ব্যতীত; বিনা (না বুঝে)। ১৩ প্রশ্ন বা বিস্ময়সূচক (স্কুলে যাবে না?)। ১৪ সমর্থনজ্ঞাপক (তাই না কথা বলে)। ১৫ স্বকথিত প্রশ্নোত্তর (অর্থ কি? না অনর্থের মূল)। ~ **আঁচালে বিশ্বাস নেই** ১ কাজ শেষ না হওয়া পর্যন্ত বিশ্বাস করা যায় না। ২ পাওয়ার সম্ভাবনা থাকলেও আয়ত্তে না আসা পর্যন্ত পাওয়া যাবে বলে বিশ্বাস করা যায় না। ~ **ঘরের ~ বাইরের** ১ আন্তরিকভাবে কোনো পক্ষেই নয়। ২ মধ্যবর্তী অবস্থার লোক। *তুল. হি.* না ঘরকা না ঘাটকা। {*স.* ন>}
না³ [না] *অব্য* অভাব বা শূন্যতাবাচক উপসর্গ (নারাজ)। ~**ধর্মী** *বিণ* নেতিবাচক; negative। {*স.* ন>}
না'আত ⇒ নাখাত
নাই¹, নেই¹, নাহি [নাই, নেই, নাহি] *অব্য* ১ ক্রিয়ার অঘটনজ্ঞাপক (খায় নাই)। ২ প্রশ্নসূচক (যায় নাই?)। ৩ নিষেধবাচক (নাইবা গেলে)। ৪ নাশ; ধ্বংস (আহা শরীর একেবারে নাই হয়ে গেছে—*কাআও*। {*স.* নঞ>*প্রা.* নাইং>}
নাই², নেই² [নাই, নেই] *ক্রি* ১ না আছে; না হয় (ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী—*রঠা*)। ২ চলে যাওয়া (গিয়া দেখি সে ঘরে নাই)। □ *বি* জীবিত না থাকা (তিনি আর নাই)। □ *বিণ* অস্তিত্বহীন; শূন্য (নাই মামার চেয়ে কানা মামা ভাল)। ~ **ঘরে খাই বেশি** *বি* অভাবের লোভ বেশি হওয়া। ~ **মামার চেয়ে কানা মামা ভালো**—একেবারে কিছু না থাকার চেয়ে অকিঞ্চিৎকর কিছু থাকা ভালো। {*স.* নাস্তি>*প্রা.* নত্থি>}
নাই³ [নাই] *বি* আশকারা; প্রশ্রয়; অতিরিক্ত স্নেহ (বোধ হয় বালককাল অবধি বিশেষ নাই পাইয়া থাকিবে—*প্যামি*)। {*স.* স্নেহ>নেহ>নাই}
নাই⁴ [নাই] *বি* ১ নাভি। ২ চাকার কেন্দ্রস্থল। ৩ কীলক; গোঁজ। ৪ বেলুন। ৫ কামারের নেহাই। {*স.* নাভি>; *ফা.* নাফ ناف }
নাই⁵ [নাই] *বি* নাপিত। {*স.* নাপিত>}
নাই⁶ [নাই] *ক্রি* স্নান করি। {*স.* স্নান>*প্রা.* নাহ>}
নাই আঁকড়া, নেই আঁকড়া [নাই আঁকড়া, নেই-] *বিণ* *(আল.)* একগুঁয়ে; জেদি; নাছোড়বান্দা; তর্ক ছাড়তে চায় না এমন; তর্ক আঁকড়ে ধরে থাকে এমন। **নেই আকড়ি** *স্ত্রী.*। {*স.* ন্যায়+আঁকড়া (আঁকশির মতো জড়িয়ে ধরে যে)}
নাইওর ⇒ নাইয়র
নাইট্রোজেন [নাইট্রোজেন্‌] *বি* একটি মৌলিক গ্যাস; যবক্ষারযান। {*ই.* nitrogen}
নাইয়র, নাইওর, নায়র [নাইয়োর, -, নায়োর] *বি* বিবাহিতা নারীর বাপের বাড়ি (সোনা ভাইর ঠাঁই কইও বুধবারে নাইয়র নিতে মোরে—*গান*; বিদায় হইয়া আমি যাইব নায়র—*কমু*)। ~ **করা** *ক্রি* বাপের বাড়িতে স্ত্রীলোকের কিছুদিনের জন্য অবস্থানকরণ। ~ **যাওয়া** *ক্রি* বিবাহিতা নারীর পিতৃগৃহে গমন করা। **নায়রি** *বি স্ত্রী.* কুটুম্বিনী; বিবাহাদিতে আগত ঘনিষ্ঠ আত্মীয়গণ। {*স.* জ্ঞাতিগৃহ>}
নাইয়া, নেয়ে [নাইয়া, নেয়ে] *বি* যে নৌকা চালায়; নাবিক; মাঝি; কাণ্ডারি (দরিয়ায় ঘোর তুফান পার কর নাইয়া—*নই*)। {*স.* নাবিক>}
নাইল *(মধ্য.)* [নাইলো] *ক্রি* আসিল না (গোকুলক নাইল পরল গোপাল—*বচদ*)। {না+আইল}
নাইলন [নাইলন্‌] *বি* কৃত্রিম সুতার বস্ত্রবিশেষ (নাইলনের রঙীন স্লিপার দিয়ে—*হার*)। □ *বিণ* নাইলনের তৈরি (নাইলন শাড়ি)। {*ই.* nylon}
নাইসে *(মধ্য.)* [নাইশে] *ক্রি* আসে না (চক্ষুত নাইসে নিন্দ্রে—*বচদ*)। {না+আইসে}
নাউজুবিল্লা, নাউজবেল্লা [নায়ুজুবিল্‌লা, -জবে-] *অব্য* অশুভ থেকে সতর্কতাসূচক (এ বাত শুনিল নবী বাঘের জবানে হায় নাউজবেল্লা বলে হাত দিল কানে—*ফগ*)। {*আ.* নাঊযুবিল্লাহ نعوذ بالله }
নাউড়ে *(মধ্য.)*, **নাউরিয়া** [নাউড়ে, নাউরিয়া] *বি* নাবিক; নৌকার মাঝি (ওরে নাউড়ে জলেত রচিলা স্থান—*রাপ*)। {*স.* নাব>নাও>+ড়িয়া>}
নাউড়ে *(মধ্য.)* [নাউড়ে] *বিণ* নিম্ন; নাবাল (নাউড়ে জলেত রচিলা স্থান—রামাই)। {*স.* নিম্ন>উড়িয়া}
না-উম্মেদ, নাওম্মেদ [নাউম্‌মেদ, নাওম্‌মেদ] *বিণ* নিরাশ; বিফলমনোরথ (আপনাদের পাঁচ জনের সাহায্য চাচ্ছি। আশা করি নাওম্মেদ হব না—*কাইহ*)। {*ফা.* না-উম্মেদ نا امید }
নাও ⇒ না¹
নাওন ⇒ নাওয়া
নাওম্মেদ ⇒ না-উম্মেদ।
নাওয়া, নাহা, নাওন [নাওয়া, নাহা, নায়োন্‌] *ক্রি* স্নান করা; গোসল করা; অবগাহন করা (আমার তখনও নাওয়া হয় নাই—*আমআ*; নাওনের কালে জড়ায়ে সে ধরে—*মহী*)। □ *বি* স্নান। □ *বিণ* স্নাত। **-নো** *ক্রি* স্নান বা অবগাহন করানো; গোসল করানো (দেশশুদ্ধ লোকের মাঝে গঙ্গা ঘাটে নাওয়ানো—*হেম*)। □ *বি,বিণ* উক্ত অর্থে। **নেয়ে ওঠা** *ক্রি* ১ স্নান করে ওঠা। ২ ঘর্মাক্তকলেবর হওয়া। ৩ *(আল.)* কোনো কাজের দায়িত্ব থেকে সম্পূর্ণ মুক্ত হওয়া। {*স.* স্নান>; *তুল.ব.* সিনান}
নাং, নাঙ [নাঙ্‌] *বি* উপপতি; জার। {*স.* লগ্ন>লঙ্গ>লাঙ>নাং (কণ্ঠলগ্ন); *ফা.* নঙগ ننگ }

নাংগা ⇒ নাঙ্গা

নাঃ [নাহ্] *অব্য* ১ বিরক্তিজ্ঞাপক (নাঃ জ্বালাতন করে ছাড়লো)। ২ সংকল্পের পরিবর্তনসূচক (নাঃ, যেতেই হবে)। {না+ঃ}

নাঁটে *(মবা.)* [নাঁটে] *ক্রি* কুলায় না; পর্যাপ্ত হয় না (লাভে মূলে বিত্ত দানকে নাঁটে—*বচদা*)। {না+আঁটে}

নাঁদ ⇒ নাদ[১]

নাক[১] [নাক্] *বি* নাসিকা; নাসা; ঘ্রাণেন্দ্রিয়। ~ **উঁচানো**, ~ **বাঁকানো** *ক্রি (আল.)* ঘৃণা প্রকাশ করা; অবজ্ঞা প্রদর্শন করা; উন্নাসিক ভাব প্রকাশ করা। ~**উঁচু** *বিণ* অন্য বস্তু বা ব্যক্তিকে সহজে গ্রাহ্যের মধ্যে আনে না এমন। ~**কড়াই** *বি* মটরের মতো দেখতে নাকের সোনার গহনাবিশেষ। ~**কাটা** *বিণ* ১ কর্তিত নাসিকা; ছিন্ন নাসা। ২ *(আল.)* বেহায়া; লজ্জাহীন; নির্লজ্জ (কী নাককাটা ছেলে রে বাবা)। ~ **কাটা** *ক্রি (আল.)* লজ্জা দেওয়া; অপমানিত করা (চুরি করলো ছেলে, নাক কাটলো বাপের। ~-**কান কাটা** *বিণ* বেহায়া; নির্লজ্জ। ~-**কান কাটা যাওয়া** *ক্রি (আল.)* খুব অপমানিত হওয়া; সম্ভ্রম নষ্ট হওয়া। ~-**কান বুজে সহ্য করা** *ক্রি (আল.)* অতিশয় কষ্ট বা অপমান বোধ করা সত্ত্বেও প্রতিবাদ না করা। ~-**কান-বোজা** *ক্রি (আল.)* প্রতিবাদ বা অভিযোগ না করা (এত সব মিথ্যে কথা শুনেও কী করে নাক কান বুজে চুপ করে রইলে?)। ~ **খোঁটা** *ক্রি* নাকের ভিতরে নখ দ্বারা চুলকানো (তার নাক খোঁটার অভ্যাস গেল না)। ~ **গলানো** *ক্রি (আল.)* অনধিকার চর্চা করা; পরের কাজে হস্তক্ষেপ করা (আমার পাঁঠার আমি মাথাই কাটি আর লেজই কাটি তুমি নাক গলাও কেন?)। ~**ছাবি** *বি* নাকের একপার্শ্বে পরার গহনা (নাকে নাকছাবি পায়েত ঝাঁজর—*জউ*)। ~ **ঝাড়া** *ক্রি* নাক থেকে শ্লেষ্মা বের করে ফেলা। ~**ঝামটা** *বি (আল.)* তিরস্কার। *তুল.* **মুখঝামটা**। ~ **টেপা** *ক্রি (আল.)* ঘৃণা প্রকাশ করা; দেবার্চনার ভান করা। ~ **ডাকা** *ক্রি* ঘুমন্ত অবস্থায় নাক থেকে শব্দ বের হওয়া; সশব্দ নিঃশ্বাস ফেলা। ~ **তোলা** *ক্রি (আল.)* অবজ্ঞার ভাব দেখানোর জন্য নাক কুঞ্চিত করা। ~ **ফোঁড়ানো/ছেদানো**, ~ **বিঁধানো** *বি* গহনা পরার জন্য নাকে ছিদ্র করা। ☐*ক্রি* পশুর নাকে দড়ি পরাবার জন্য ছিদ্র করা। ☐*বিণ* নাকে ছিদ্র করা হয়েছে এমন। ~-**ফোঁড়া বলদ** *বি* ১ নাকে ছিদ্র করা হয়েছে এমন বলদ (নাক-ফোঁড়া বলদের মতো—*রাসে*)। ~ **বাঁকানো** *ক্রি (আল.)* ঘৃণার ভাব দেখানো; নাক সিটকানো। ~ **বেঁধা** *ক্রিবিণ* নাক ফোঁড়ানো (নাক-বেঁধা পশুর মতোই মনে হয় নিজেকে—*অচিসে*)। ~ **মলা** *ক্রি* নাক মলে অন্যায় কোনো কাজ ভবিষ্যতে আর না করার প্রতিজ্ঞা করা। ~ **মলা কান মলা** *ক্রি (আল.)* বিতৃষ্ণায় আর দুঃখে কোনো বিষয়ে প্রতিজ্ঞা করা। ~**সাট** *বি* ১ নাক ঝাড়া। ২ নাকের শব্দ; নাকের গর্জন (বলিতে বলিতে বাঘা দাগা দিল গিয়া লেজ্ঞা নাচায়ে লম্ফে নাকসাট দিয়া—*ঘচ*)। ~ **সিটকানো** *ক্রি (আল.)* নাসিকা কুঞ্চিত করে ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। **নাকানি-চোবানি, নাকানি-চুবানি** *বি* ১ নাকে মুখে জল প্রবেশ; জলে ডোবা বা নিমজ্জন। ☐*ক্রি* ১ অত্যন্ত হয়রান করা বা হওয়া যাতে নাকের জল ও চোখের জল এক হয় (ঢাকার সাগরে নাকানিচুবানি হয়েছে খুব—*সৈহা*)। ২ *(আল.)* কাজের নিদারুণ চাপে নিঃশ্বাস ফেলার সময় না পাওয়া। **নাকে কাঁদা, নাকে কান্না** *বি* ১ নাকি সুরে কাঁদা (এই আবার নাকে কাঁদতে শুরু করলো)। ২ *(আল.)* কৃত্রিম ক্রন্দন (ওসব নাকে কান্নায় মন ভিজবে না)। **নাকে খত** *বি (আল.)* মাটিতে নাক ঘষে অন্যায় কোনো কাজ ভবিষ্যতে না করার অঙ্গীকার (ভূমে হাঁটু প্যাতি কেহ নাকে দেয় খত—*ঘচ*)। **নাকে-চোখে কথা, নাকে মুখে কথা** *বি* বাচালতা। **নাকে দড়ি দিয়ে ঘোরানো** *ক্রি* কাউকে নিজের আয়ত্তে এনে ইচ্ছেমতো কাজ করানো; নিজের খুশিতে কাউকে খাটানো। **নাকে-মুখে গোঁজা** *ক্রি* তাড়াতাড়ি আহার করা। **নাকে সরষের তেল দিয়ে ঘুমানো** *ক্রি* নিশ্চিন্ত হওয়া; নিরুদ্বেগ অবস্থায় দিন কাটানো। **নাকের ওপর রেলগাড়ি** *বি* খাঁদা নাক। **নাকের জলে চোখের জলে এক হওয়া বা করা** *ক্রি* ভীষণ লাঞ্ছনা পাওয়া বা করা। **নিজের ~ কেটে পরের যাত্রা ভঙ্গ করা** *ক্রি* নিজের যথেষ্ট ক্ষতি করেও পরের অনিষ্ট করা। {*স.* নাসিকা; নক্র>নক্ক>নাক}

নাক[২] [নাক্] *বি* স্বর্গ; আকাশ; নভস্তল। {*স.* ন+অক}

নাকচ [নাকোচ্] *বিণ* ১ রদ; রহিত; বর্জিত; বাতিল (এক কথায় তিনি তার আবেদন নাচক করে দিলেন)। ২ অব্যবহার্য; অকেজো। {*আ.* নাক্বিস্ ناقص}

নাকড়া, নাকড়াখানা, নাকরা, নাকরাখানা ⇒ নাকারা

নাকসাট *(মবা.)* ⇒ নাক

নাকা[১] [নাকা] *বিণ* নাসিকাজাত; খোনা; নাকি; অনুনাসিক উচ্চারণ; নাসিক্যবর্ণ ঙ, ঞ, ঁ—প্রভাবিত উচ্চারণে যে কথা বলে। {নাক+আ}

নাকা[২], **নাকাল, নাগাল, নাহাল** [নাকা, নাকাল্, নাগাল্, নাহাল্] *অব্য* মতো; সদৃশ; ন্যায় (তোমার নাকা কাজের লোক কোথায় পাওয়া যাবে)। {*আ.* নকল نقل}

নাকাড়া ⇒ নাকারা

নাকানি চুবানি[১], **নাকানি চোবানি** ⇒ নাক[১]

নাকারচি [নাকারচি] *বি* ঢুলি; ঢোলবাদক। {*আ.* নকক্বার نقار + *তু.* চী چی}

নাকারা, নাকাড়া [নাকারা, -ড়া] *বি* ঢাকজাতীয় বাদ্যযন্ত্র (বিনা মেঘে বজ্ররবের মত উঠল বেজে কাড়া-নাকাড়া—*রঠা*)। ~**খানা** *বি* ঢাক জাতীয় বাদ্যযন্ত্র যে স্থানে রাখা হয় (নাকরাখান নবৎ বাজল—*অঠা*)। {*আ.* নকক্বারাহ نقارہ}

নাকাল [নাকাল্] *বিণ* ১ ক্লান্ত; শ্রান্ত (গুরু উরু ভারে তনু নাকাল—*নই*)। ২ হয়রান (তিনি নাকাল হইয়াছেন—*রাব*)। ৩ বিব্রত (তারই জোরে তিনি স্বামীকে এতটা নাকাল করতেন—*লুর*)। ৪ নিগৃহীত (অত্যন্ত নাকাল হইল—*রঠা*)। ৫ জব্দ (শেয়াল এমন নাকাল আর কখনো হয়নি—*অঠা*)। ☐*বি* ধকল; নাকানিচুবানি (কর্তার বের নাকালটা বিস্তারিত করিয়া বল দেখি—*প্যামি*)। {*আ.* নাকাল نکال}

নাকি^{১}, **নাকী** (বিরল) [নাকি] *বিণ* নাক থেকে উচ্চারিত; নাসিকাজাত; অনুনাসিক; খোনা (নাকি সুরে কথা)। ~ **কান্না** *বি* ১ খোনা সুরে কাঁদা। ২ মায়াকান্না; কৃত্রিম ক্রন্দন। {নাক+ই}

নাকি^{২} [নাকি] *অব্য* সন্দেহ অনুমান প্রশ্ন প্রভৃতি ভাবসূচক (পাগল নাকি?)। {তুল. স. কিংনু}

নাকিস ⇒ নাকেস

নাকী ⇒ নাকি^{১}

নাকুয়া, নাকু [নাকুয়া, নাকু] *বিণ* ১ নাকযুক্ত; উন্নতনাসিক। ২ অনুনাসিক (নাকুয়া কথা)। ৩ যে নাকি সুরে কথা বলে (নাকুয়া লোক)। {নাক-উয়া}

নাকেস, নাকিস [নাকেশ্, -কিশ্] *বি* ১ অঙ্গহীন; অসম্পূর্ণ। ২ অভাববিশিষ্ট। ৩ মূল্যহীন। ~ **আকেল** *বিণ* অল্পবুদ্ধি; বোকা (তারা নাকেস আকেল—*আমআ*)। {*আ.* নাকিস্ ناقص }

নাক্ষত্র, নাক্ষত্রিক [নাক্‌খোতত্রো, নাক্‌খোত্‌ত্রিক] *বিণ* ১ নক্ষত্রসংক্রান্ত; তারকা সম্বন্ধীয়। ২ নক্ষত্রের গতিবিধি দিয়ে নির্ধারিত (নাক্ষত্র বৎসর)। **নাক্ষত্রিকী** *স্ত্রী*। {*স.* নক্ষত্র+অ(অণ্), ইক(ঠঞ্)}

নাখরা, নাখারা, ন্যাকরা [নাখোরা, নাখারা, ন্যাক্‌রা] *বি* ১ কৌতুক; তামাশা; নেকামি (নে রাখ, নেকরা করিসনে—*অচিসে*; যাদের কাছে এইচি তারা কিছু বলচে না তোর বাবু অত ন্যাকরায় কাজ কি—*দীমি*)। ২ ছলাকলাপূর্ণ হাবভাব বা অঙ্গভঙ্গি (আঁখি ঠারে নাচ করে হাসে মুচকিয়া না ভুলে হাতেম তার নাখারা দেখিয়া—*সৈহা*)। {*ফা.* নখ্‌রাহ نخره }

নাখারা ⇒ নাখরা

নাখুদা ⇒ নাখোদা

নাখুশ ⇒ নাখোশ

নাখেরাজ ⇒ লাখেরাজ

নাখোদা, নাখুদা [নাখোদা, নাখুদা] *বি* ১ অর্ণবপোতের অধ্যক্ষ; জাহাজের কাপ্তান। ২ যে ব্যক্তি জাহাজে মাল আমদানি-রপ্তানি করে। ৩ জাহাজের মাল সরবরাহ-কারক। ৪ বোম্বাই প্রদেশের মুসলমানদের একটি সম্প্রদায় (নাখোদাদের তৈরি মসজিদ)। {*ফা.* নাখুদা ناخدا }

নাখোশ, নাখুশ [নাখোশ, নাখুশ] *বিণ* অসন্তুষ্ট; অপ্রসন্ন; রুষ্ট (তার প্রতি নাখোশ হবেন না)। {*ফা.* নাখুশ ناخوش }

নাগ^{১} [নাগ] *অব্য* লাগ; নাগাল; সঙ্গ (ও কুলত গেলেঁ যদি নাগ পাও কাহে—*বচদা*)। {*স.* লগ্ন>}

নাগ^{২} [নাগ] *বি* ১ সাপ (লম্ফঝম্ফ ভূমিকম্প নাগ কূর্ম লড়িছে—*ভারা*)। ২ হাতি (দিঙ্‌নাগ)। ৩ বাঙালি হিন্দুর উপাধিবিশেষ (মতিলাল নাগ)। **নাগী, নাগিনী** *স্ত্রী*। ~**কেশর, নাগেশ্বর** *বি* ফুলবিশেষ ও তার গাছ (নাগকেশরের গন্ধে ভরপুর হলগৃহের প্রাঙ্গণ—*মাখা*)। ~**গর্ভ** *বি* নাগ অর্থাৎ সিসা থেকে প্রস্তুত সিঁদুর; মেটে সিঁদুর। ~**দন্ত** *বি* ১ হাতির দাঁত। ২ দেয়ালে সংলগ্ন কাঠের গোঁজ যাতে বস্ত্রাদি ঝুলিয়ে রাখা হয়। ~**দমন** *বি* ১ সাপুড়ে; সর্পবৈদ্য। ২ কৃষ্ণ। ~**দ্বীপ** *বি* বর্তমান শ্রীলঙ্কার উপকূলবর্তী ক্ষুদ্র দ্বীপ; শ্রীলঙ্কার সঙ্গে সংলগ্ন বর্তমান জাফনা। ~**পঞ্চমী** *বি* আষাঢ় মাসের কৃষ্ণা পঞ্চমী অথবা শ্রাবণ মাসের শুক্লা পঞ্চমী; হিন্দুদের মনসাপূজার তারিখ। ~**পতি** *বি* ঐরাবত, অনন্ত প্রভৃতি অষ্টনাগ। ~**পাশ** *বি* ১ হিন্দু দেবতা বরুণের অস্ত্র; বরুণাস্ত্র ছাড়লে লক্ষ্যবস্তুকে সাপে বেড়িয়ে ধরে বলে বিশ্বাস। ২ দুশ্ছেদ্য বন্ধন (মায়ার নাগপাশ)। ~**পুষ্প** *বি* নাগকেশর। ~**ফণা**, ~**ফণী** *বি* ফণী-মনসার গাছ। ~**বল্লরি**, ~**বল্লি**, ~**লতা** *বি* পানের লতা বা পান গাছ। ~**মাতা** *বি* ১ সাপজননী; মনসা; কশ্যপ কন্যা; কদ্রু। ২ মনসা। ~**রাজ** *বি* ১ সর্পরাজ বাসুকি বা অনন্ত। ২ ঐরাবত। ~**লোক** *বি* পাতাল। ~**সিন্দুর** *বি* মেটে সিঁদুর। **অষ্ট**~ *বি* অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, ও শঙ্খ-পুরাণোক্ত এই আটটি সর্প। {*স.* নগ+অ(অণ্)}

নাগড়া ⇒ নাগরা^{২} ও নাগরি

নাগর [নাগোর] *বিণ* ১ নগরসংক্রান্ত বা নগরজাত; পৌর; নাগরিক (নাগর সভ্যতা)। ২ নগরবাসী (গামক বসলে বোলিঅ গমার। নগরাহু নাগর বোলিঅ সঁসার—*বিপ*)। □*বি* ১ প্রধানত অবৈধ প্রণয়ী (বাঙালী নাগর ধর্মের কাহিনী শোনে না—*সৈমু*)। ২ শৌখিন রসিক পুরুষ; বিদগ্ধ জন। ৩ দেবনাগর অক্ষর; নাগরী। ~**ক** *বি* ১ নগর-রক্ষক। ২ হাতের কাজে সুদক্ষ। ৩ চোর। ৪ দেবনাগরী অক্ষর। ~**দোলা** *বি* দোলনবিশেষ, যাতে কয়েক জন একত্রে বসে চারদিকে বা উপরে-নিচে ঘোরে বা পাক খায়। ~**পনা, নাগরালি** *বি* ১ নগরবাসী; সপ্রতিভ প্রগল্‌ভ রসিক; লম্পট; প্রেমিকের ভাব; নাগরের ভাব; প্রণয়ী। ২ প্রেমচাতুর্য। ৩ ব্যভিচার; লাম্পট্য। ৪ রসিকতা; বিদগ্ধতা। ~**ভূপ** *বি* নাগরচূড়ামণি; নাগর প্রধান (কোন পথ দিয়া কেমন করিয়া আইল নাগরভূপ—*ভারা*)। **নাগরী**^{১} *বি স্ত্রী* ১ প্রণয়িনী। ২ রসিকা (নারী চেনে নাগরী—*নই*)। □*বিণ স্ত্রী* ১ নগরে বাস করে এমন; নগরবাসিনী। ২ ছলাকলাসম্পন্না। {*স.* নগর+অ(অণ্)}

নাগরঙ্গ [নাগ্‌রঙগো] *বি* নারঙ্গি; লেবু। {*স.* নাগরঙ্গ}

নাগরা^{১} [নাগ্‌রা] *বি* ১ এক প্রকার চামড়ার জুতা। ২ শালি ধান বিশেষ। {নগর>}

নাগরা^{২}, **নাগারা, নাগড়া**^{১} [নাগ্‌রা, নাগারা, -ড়া] *বি* মৃত্তিকা বা ধাতুনির্মিত চর্মাবৃত বৃহৎ বাদ্যযন্ত্রবিশেষ; টিকারা (ধাঁধাঁ গুড়গুড় বাজে নাগারা—*ভারা*)। {*আ.* নক্‌কারাহ نقاره }

নাগরাজ ⇒ নাগ^{২}

নাগরালি, নাগরালী [নাগোরালি/-গ্-] *বি* ১ নাগরের ভাব; প্রণয়ী। ২ প্রেম-চাতুর্য (আমাদের প্রেমগাথায় স্বর্গ-নরকের দ্বন্দ্ব নেই, আছে শুধু নির্লজ্জ নাগরালি—*সুদ*)। ৩ ব্যভিচার; লাম্পট্য (কুটিনীরে ফাঁকি দিয়া করে নাগরালী—*ভারা*)। ৪ রসিকতা; বিদগ্ধতা। {*স.* নাগর+*বা.* আলি, আলী}

নাগরি, নাগড়া^{২} [নাগ্‌রি, নাগ্‌ড়া] *বি* এক প্রকার মাটির কলস (গুড়ের নাগরি)। {*তুল.* গাগরী}

নাগরিক [নাগোরিক্] *বিণ* ১ শহুরে। ২ পৌরজন। ৩ রাষ্ট্রীয় (নাগরিক অধিকার)। ৪ নগরবাসী। ৫ নগর বা

শহর সংক্রান্ত। ☐ *বি* রাষ্ট্রের অধিবাসী; citizen (বাংলাদেশের নাগরিক)। **নাগরিকী** *স্ত্রী*। **নাগরিকা** *বি,বিণ* নগরে বাসকারিণী; নগরবাসিনী। **নাগরিয়া** *বি* নগরের স্ত্রীলোক (সেই মত দেখ বুঝি নাগরিয়া সকলে —*মৈগী*)। { *স.* নগর+ইক(ঠঞ্) }

নাগরী[1] ⇒ নাগর

নাগরী[2] [নাগ্‌রি] *বি* দেবনাগরী অক্ষর। { *হি.* নাগরী }

নাগরিয়া [নাগোরিয়া] *বিণ,বি* নাগরিক; নগরবাসী (নাগরিয়া যত লোক করিল বিদায় —*মৈগী*)। { নগর> }

নাগলতা, নাগলোক, নাগসিন্দুর ⇒ নাগ[2]

নাগা[1] [নাগা] *বি* ১ উলঙ্গ সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। ২ ভারতের পর্বতবিশেষ। ৩ নাগা পর্বতবাসী জাতিবিশেষ। ৪ (*মবা.*) আটক (যখন পারিবে খন্দ পাতিবে বিষম দ্বন্দ্ব দরিদ্রের ধানে দিবে নাগা—*কমু*)। { *স.* নগ্ন> }

নাগাত, নাগাদ, লাগায়েৎ [নাগাত্‌, নাগাদ্‌, লাগায়েত্‌] *অব্য* ১ হতে; থেকে (সোমবার নাগাত জ্বর)। ২ পর্যন্ত; অবধি (ঢাকা নাগাদ যাব; সন্ধ্যা লাগায়েৎ শক্তি পাইতে পারি—*বচ*)। **ইস্তক**– *অব্য* আগাগোড়া; আদ্যন্ত; প্রথম থেকে শেষ অবধি। { *আ.* লাগায়াত لغايت }

নাগাড়, লাগাড় (বিরল) [নাগাড়্‌, লাগাড়্‌] *বিণ* ১ বিরতিহীন; অবিরাম; একটানা (নাগাড় দশ দিন বৃষ্টি)। ২ অবিশ্রান্ততা; ক্রম (তবু দাওয়াতের নাগাড় মরিত না—*আমআ*)। **নাগাড়ে** *ক্রিবিণ* অবিশ্রান্তভাবে; ক্রমাগত; বিরামহীনভাবে; লাগাতার (এক নাগাড়ে দিন পনের কেটে গেল—*মুআহা*)। { লাগ(=নাগ)+আড় }

নাগাধিপ, নাগাধিপতি [নাগোধিপ্‌, নাগধিপোতি] *বি* ১ নাগরাজ। ২ ঐরাবত। { *স.* নাগ+অধিপ, অধিপতি }

নাগাধিপা [নাগাধিপা] *বি স্ত্রী.* মনসা। { *স.* নাগ+অধিপা }

নাগান্তক [নাগান্‌তক্‌] *বি* ১ সর্পভুক; গরুড়। ২ ময়ূর। ৩ সিংহ। { *স.* নাগ+অন্তক; ৬তৎ }

নাগারা ⇒ নাকারা ও নাগরা[2]

নাগাল [নাগাল্‌] *বি* সামীপ্য; সংস্পর্শ; নৈকট্য (বিবেকের জ্ঞান যার পেল না নাগাল—*রখা*)। ~ **পাওয়া** *ক্রি* ১ নৈকট্য লাভ করা (তার নাগাল পাওয়া ভার)। ২ আপন হিসাবে পাওয়া (বন্ধুর নাগাল পেলাম না—*গান*)। { *ফা.* নাগূল ناغول অথবা *বা.* লাগ (*স.* লগ্ন>লগ্‌গ>লাগ) >নাগ+আল=নাগাল }

নাগিনী, নাগী ⇒ নাগ[2]

নাগেন্দ্র [নাগেন্‌দ্রো] *বি* ১ নাগরাজ; ঐরাবত। ২ সর্পরাজ; অনন্ত নাগ; বাসুকি। { *স.* নাগ+ইন্দ্র; ৬তৎ }

নাগেশ [নাগেশ্‌] *বি* ১ নাগরাজ। ২ সর্পরাজ অনন্ত বা বাসুকি। ৩ শিবলিঙ্গ। ৪ বিখ্যাত বৈয়াকরণ। { *স.* নাগ+ঈশ; ৬তৎ }

নাগেশ্বর ⇒ নাগ[2]

নাঙ ⇒ নাং

নাঙল ⇒ লাঙল

নাঙ্গা, নাঙা [নাঙ্‌গা, নাঙা] *বিণ* ১ নগ্ন; উলঙ্গ; (নাঙ্গা তলোয়ার চমকিয়া উঠে ঝকঝক—*হবা*)। ২ খোলা; অনাবৃত (ফরিয়াদ করে আকাশে তুলিয়া নাঙ্গা শির—*নই*)। { *স.* নগ্ন> }

নাচ[1] ⇒ নাছ

নাচ[2] [নাচ্‌] *বি* ১ নর্তন; নৃত্য; ললিত অঙ্গভঙ্গি। ২ হাস্যকর অঙ্গভঙ্গি; লম্ফ; ঝম্প; লাফালাফি; চাঞ্চল্য। **–ওয়ালি/ওয়ালী** *বি* নর্তকী; বাইজি। ~**ঘর** *বি* যে স্থানে নাচা হয়; নৃত্যশালা; রঙ্গমঞ্চ। **নাচন** *বি* ১ নৃত্য; নৃত্যকরণ (খোকার নাচন)। ২ হাস্যকর অঙ্গভঙ্গি। **নাচন-কোঁদন** *বি* নাচা ও লাফালাফি; আস্ফালন। **নাচুনি, নাচুনী, নাচনী** *বি,বিণ* ১ নর্তকী; নৃত্যে পটু; নৃত্যকারিণী (ইন্দ্রের নাচনী তায় যৌবনগর্বিণী—*ঘচ*; হায়! চতুরা নাচুনীরা—*মৃশ*)। ২ যে মেয়ে সহজেই উল্লসিত হয়ে ওঠে (নাচুনি বুড়ি)। **নাচিয়ে** *বিণ* নাচে এমন; নৃত্যকারী (মৃদঙ্গের তাল পেলে নাচিয়ে বুড়ীকে ঠেকানো যায় না—*সৈমু*)। ☐ *বি* নর্তক। **নাচুনে** *বিণ* নাচে এমন; নৃত্যকারী। **নাচতে গিয়ে ঘোমটা**—কপট বা বৃথা লজ্জা। **নাচতে না জানলে উঠান বাঁকা**—নিজের অপটুতা ও অজ্ঞতার জন্য অন্যের উপর দোষারোপ। { *স.* নৃত্য>*প্রা.* ণচ্চ> }

নাচত (*ব্র.*) [নাচত্‌] *ক্রি* নাচে (শিখিকুল নাচত—*বিপ*)। { √নাচ্> }

নাচদুয়ার, নাছদুয়ার (*মবা.*) [নাচ্‌দুয়ার্‌, ছ্‌] *বি* ১ সদর দরজা। ২ খিড়কির দ্বার; পশ্চাদ্দ্বার। { *আ.* নহ্‌জ نهج + দুয়ার }

নাচনা [নাচ্‌না] *বি* খেলনা (সোনার যাদুর জন্যে নাচনা কিনে আন—*ছড়া*)। { নাচ+অনা }

নাচা [নাচা] *ক্রি* ১ নৃত্য করা। ২ স্পন্দিত হওয়া (প্রমীলার বামেতর নয়ন নাচিল—*মদ*)। ৩ আনন্দিত বা উৎফুল্ল হওয়া (হৃদয় আমার নাচেরে—*রঠা*)। ৪ মেতে ওঠা (পরের কথায় নাচা)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **–নো** *ক্রি* ১ নৃত্য করানো। ২ স্পন্দিত করানো। ৩ উৎফুল্ল করা। ৪ তোলপাড় করা। ৫ মাতোনো। ৬ নাড়ানো (পা নাচানো)। ☐ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { √নাচ্+আ }

নাচাড়ি, নাচারী[1] [নাচাড়ি, –রি] *বি* ১ লাচারি; দীর্ঘ ত্রিপদী ছন্দ। ২ নাচের ছন্দ। { *স.* নৃত্য>নাচ+আড়ি }

নাচার, নাচারী[2] ⇒ লাচার

নাচারী[1] ⇒ নাচাড়ি

নাচি, নাছি [নাচি, –ছি] *বি* ধাতুর পাত মুড়ানোর পেরেক বা খিলের মাথা পিটিয়ে চ্যাপটা করে দেওয়া হয় যাতে খুলতে না পারে; rivet। { *হি.* নথী }

না-চিজ [নাচিজ্‌] *বিণ* অকিঞ্চন; তুচ্ছ; সাধারণ (না-চীজ ফকীর চলি বারিতালা এলাহির রাহে—*ফআ*)। { *ফা.* নাচিজ ناچيز }

নাচিয়ে ⇒ নাচ

নাচুনি, নাচুনে ⇒ নাচ

নাছ, নাচ[1] [নাছ্‌, –চ্‌] *বি* ১ সদর রাস্তা; রাজপথ (কেহ লক্ষপতি কেহ নাছের ভিক্ষুক—*ঘচ*)। ২ গৃহে প্রবেশের প্রধান দ্বার; বাড়ির সদর দরজা (দেখিয়া কাঙ্গালী সবে দিবে গালি—রহিতে না দিবে নাছে—*ভারা*)। ৩ বাড়ির পশ্চাদ্দ্বার; খিড়কি। ~**দুয়ার** *বি* সদর দরজা; গৃহের বহির্দ্বার। **নাছের ভিখারি** *বি* পথের ভিখারি। { *আ.* নহ্‌জ نهج }

নাছি ⇒ নাচি

নাছোড় [নাছোড়] *বিণ* ১ কিছুতেই ছাড়ে না এমন; হাত এড়ানো দায় এমন (গড়াগড়ি পায়ে ধরি নাছোড় বিবিজান —*হেব*)। ২ একগুঁয়ে; জেদি; নেই-আঁকড়া। ~**বন্ধ** *বিণ* বন্ধন ছাড়ে না এমন (নাছোড়বন্ধ ব্রাহ্মণ ভিখারীর ভিক্ষার নাম বার্ষিক—*বচ*)। ~**বান্দা** *বিণ* ছাড়বার পাত্র নয় এমন; একগুঁয়ে; জেদি। {*হি.* নছোড়}

নাজনি, নাজনী [নাজ্‌নি] *বি* ১ সুকুমার পাত্রী; শৌখিন রুচির নারী; তন্বী ও কোমলদেহা নারী (এক এক চিজ নাজনির হাতে —*সৈহা*)। ২ খুকি। ৩ প্রিয়তমা; লীলাময়ী। {*ফা.* নাজ়নীন نازنین }

নাজনে ⇒ নাজিনা

নাজাই [নাজাই] *বি* ১ যে খরচের জায় বা বাবদের উল্লেখ নেই (নাজাই খাতায় এরূপ খরচের হিসাব লেখা হয়)। □ *বিণ* যার কৈফিয়ত নেই; বেকৈফিয়ত (দুজনে সঙ্গীত-রসিকদের গান-বাজনা শুনিয়ে নাজাই টাকা রোজগার করবেন—*প্রচৌ*)। ~ **খাতা** *বি* ব্যবসায়ের যে খাতায় বেকৈফিয়ৎ হিসাবের বকেয়া টাকা বা অনাদায়ি টাকার হিসাব লেখা হয় (বাকি পাঁচ হাজার টাকা নাজাই খাতায় লিখে রাখা হলো)। ~ **পড়া** *ক্রি* ১ হিসাব না মেলা। ২ লোকসান হওয়া। {*ফা.* নাজায়ে ناجای }

নাজাত [নাজাত্] *বি* মুক্তি; রেহাই; অব্যাহতি (আমার নাজাত হবে দেখিলে জামাল ইয়াদ করিব আমি জীব যতকাল—*সৈহা*; নাজাত পথের আজাদ মানে নেই কিরে কেউ বাঁচা—*নই*)। {*ফা.* নাজাত نجات }

না-জায়িজ, না-জায়েজ [নাজায়িজ, -য়েজ] *বিণ* ধর্মবিরুদ্ধ, অশাস্ত্রীয়; নিষিদ্ধ; অবৈধ (তার বিরুদ্ধে বিদ্রোহ নাজায়িজ—*সৈমু*)। {*ফা.* না نا + *আ.* জায়ীজ় جائز }

নাজিনা, নাজনা, নাজনে [নাজিনা, নাজ্‌না, -নে] *বি* সজিনার প্রকারভেদ, যা সজিনার চেয়ে তিক্ত ও নীলাভ হয়ে থাকে। {*স.* শোভাঞ্জন>সজিনা; নীল সজিনা> নাজিনা}

নাজিম, নাযিম [নাজিম্] *বি* বাদশাহের নিয়োজিত প্রদেশের শাসনকর্তা (দিল্লীর রাজদরবার বাংলার নাযিম নিযুক্ত করতো—*রাজ্জাক*)। {*আ.* নাজ়িম ناظم }

নাজির, নাজীর, নাযির [নাজির্] *বি* ১ আদালতের কর্মচারীবিশেষ—যিনি পেয়াদাদের তত্ত্বাবধান করেন (শেষে নাজিরের কামরায় বোতল-গ্লাস রেখে উঠে গিয়ে প্রাণটা শীতল কর্তেম—*মীম*)। ২ পরিদর্শক (আমি নাজিরও হই নাই সেরেস্তাদারও হই নাই—*রঠা*)। **নাজিরি, নাজিরী** *বি* নাজিরের পদ। {*আ.* নাজ়ীর ناظر }

নাজিল ⇒ নাজেল

নাজীর ⇒ নাজির

নাজুক১, নাযুক [নাজুক্] *বিণ* ১ সুকুমার; রম্য; পেলব; আঘাত সহ্য করতে পারে না এমন (হাজার নাজুক কুমারীর মুখ ভাসায়ে লহর স্রোতে—*ফআ*)। ২ সহজেই বিগড়ে যেতে পারে এমন; সঙ্গিন (নাজুক অবস্থা)। ৩ সূক্ষ্ম; ভঙ্গুর। {*ফা.* নাজ়ুক نازک }

নাজুক২ [নাজুক] *বিণ* লাজুক; সংবেদনশীল। {লাজুক>}

নাজেল, নাজিল, নাযিল [নাজেল্, -জিল্, -] *বি* অবতরণ (আয়াতটি নাজেল হওয়া—*মআখা*)। □ *বিণ* অবতীর্ণ; উপস্থিত; আবির্ভাব (হযরত মুহম্মদের উপর নাযিল হয়েছিল—*আহ*)। {*আ.* নাজ়িল نازل }

নাজেহাল [নাজেহাল্] *বিণ* ১ হয়রান; পেরেশান; নাকাল; জব্দ (প্রজাকে নাজেহাল করতে চাও তো কর উচ্ছেদের মামলা—*প্রচৌ*)। ২ অতিশয় লাঞ্ছিত বা বিপন্ন (নাজেহাল বদহাল করে একেবারে গঙ্গা পার করে দেওয়া তাঁর ইচ্ছা—*মীম*)। ৩ দুর্দশাগ্রস্ত (আমীর ওমরাহ্ সবাইকে সে করছে নাজেহাল—*আকউ*)। {*ফা.* নাজুক نازک ; *আ.* হাল حال }

নাঞি, নাঞী (*মবা.*) [নায়ি] *অব্য* নাই; নেই; না। {*স.* নহি>}

নাঞ্ছন [নান্‌ছন্] *বি* লাঞ্ছন; গীবত; নির্যাতন (কাল নাঞ্ছন —*বচ*)। {*স.* লাঞ্ছন>}

নাট১ [নাট্] *বি* ১ নৃত্য; নাচ (বিশ্রাম দিবস আট, শুন গীত দেখ নাট, আসরে করহ অধিষ্ঠান—*কমু*)। ২ অভিনয়; নাট্য প্রদর্শন (নবীন তরঙ্গ তুলে করচ কত নাট—*হেব*)। ৩ রঙ্গ; কৌতুক। ৪ রঙ্গমঞ্চ; অভিনয়ের স্থান; প্রেক্ষাগৃহ ('ধন্য হরি ভাবের নাটে, ধন্য হরি রাজ্যপাটে')। ~**মন্দির** *বি* মন্দির সংলগ্ন নৃত্যগীতোৎসবের গৃহ বা প্রশস্ত স্থান। ~**মহল** *বি* রঙ্গালয়; নাট্যশালা। **নাটের গুরু** *বি* অভিনয়ের আচার্য। ২ (*ব্য.*) প্ররোচক; অনিষ্টের মূল। {*স.* √নট্+অ(ঘঞ)}

নাট২ (বিরল) [নাট্] *বি* ভাঁজ-ভাঙা ও এলোমেলো; মলিন; লাট (নূতন কাপড় নাট করলে ফেরত নেবে না)। {*স.* নষ্ট>}

নাটক [নাটোক] *বি* ১ অভিনয় উপযোগী রচনা; দৃশ্যকাব্য। ২ অভিনেতা। □ *বিণ* নর্তক (নাচিছে নাটক গাহিছে গায়ক—*ভারা*)। **নাটকী** *স্ত্রী*। **নাটকিত** *বিণ* নাটক আকারে রচিত। **নাটকীয়** *বিণ* ১ নাটকোচিত; নাটকসুলভ (নাটকীয় ভঙ্গি)। ২ নাটক সম্পর্কিত। ৩ কৃত্রিম হাবভাব-যুক্ত। {*স.* √নট্+অক(ণ্বুল)}

নাটা১ [নাটা] *বি* কাঁটাগাছের গোলাকার ক্ষুদ্র ক্ষুদ্র ফলবিশেষ; করঞ্জা ফল। {*স.* লতাকরঞ্জ>}

নাটা২ [নাটা] *বিণ* ১ খাটো; বেঁটে। ২ বর্তুলাকার (ছুঁচোল মুখ, নাটা চোখ দেখে এতক্ষণে রিদয় বুঝলে এটা শেয়াল —*অঠা*)। {*স.* নত>}

নাটা৩, নাটাই [নাটা, -ই] *বি* যে চরকিতে বা শলাকায় সুতা জড়ানো হয় (বুকে বাণ বাজিয়া নাটাই হেন ঘুরে—*কৃও*)। ~**নো** *ক্রি* ১ নাটাইতে সুতা জড়ানো। ২ নাটাইয়ের মতো ঘুরপাক খাওয়া। ৩ ক্লান্ত হওয়া; নাট খাওয়া। {*স.* নর্তকী>*প্রা.* ণট্টঈ>}

নাটাপাচা, ন্যাটাপ্যাচা [নাটাপাচা, ন্যাটাপ্যাচা] *বিণ* শিথিল ও বিশৃঙ্খল অবস্থাযুক্ত; অবসন্ন। {নাটা+প্যাচ>}

নাটিকা [নাটিকা] *বি* ১ ক্ষুদ্র নাটক। ২ নর্তকী; নাটকারিণী। **নাটিত** *বিণ* ১ অভিনীত। ২ নাচানো হয়েছে এমন। {*স.* নাটক+আ(টাপ্)}

নাটুকে [নাটুকে] *বিণ* ১ নাটক-রচয়িতা; নাট্যকার (নাটুকে রামনারায়ণ)। ২ নাটকীয়। ~**পনা** *বি* অভিনেত্রীসুলভ হাবভাব। {*স.* নাটক+*বা.* ইয়া>নাটুকে}

নাটুয়া, নাটোয়া [নাটুয়া, নাটোয়া] *বি,বিণ* নট; অভিনেতা; নর্তক। { *স.* নাট+*বা.* উয়া}

নাটের গুরু ⇒ নাট[১]

নাট্য [নাটটো] *বি* ১ নাচ; গান; বাজনা। ২ অভিনয়; নাট্যপ্রদর্শন। ৩ নৃত্য। ৪ নাটক। **~কলা** *বি* নাচ গান বাজনার বিদ্যা; অভিনয় বিদ্যা; নট হওয়ার বিদ্যা। **~কার** *বি* নাটক লেখক। **~মন্দির, ~রঙ্গ, ~শালা, ~গৃহ** *বি* নাচঘর; রঙ্গমঞ্চ; রঙ্গালয়; থিয়েটার; প্রেক্ষাগৃহ। **নাট্যাচার্য** *বি* অভিনয় শিক্ষার গুরু। **নাট্যাভিনয়** *বি* নাটকের অভিনয়। { *স.* নট+য(ঞ্য)}

নাড়া[১] [নাড়া] *বি* ১ ধান কেটে নেওয়ার পর ধান গাছের যে অংশ জমিতে অবশিষ্ট থাকে (নাড়ার আগুনে পোড়ায়ে পোড়ায়ে—*জউ*)। ২ খড়। **~বুনে** *বিণ,বি* ১ নাড়াবনের লোক; চাষা ('যতো ছিল নাড়াবুনে সব হলো কিত্তুনে')। ২ অজ্ঞ; মূর্খ; অনভিজ্ঞ; অরসিক; বেরসিক। **~র পালা** *বি* ১ নাড়ার স্তূপ বা গাছ। ২ অন্তঃসারশূন্য মোটা লোক। **যতো ছিল ~বুনে সব হলো কিত্তুনে**—যতোসব অজ্ঞ অরসিক জনের মর্যাদা বা কর্তৃত্ব লাভ। { *স.* নাল>}

নাড়া[২] [নাড়া] *বি* ১ ঝাঁকুনি (মুখ নাড়া)। ২ চালনা; আন্দোলন; দোলানো (হাত নাড়া ঘন ডাক—*ভারা*)। □ *ক্রি* ১ দোলানো বা চালনা করা (মাথানাড়া)। ২ ঘোঁটা (চামচ দিয়ে নাড়া)। ৩ ঘাঁটা; এলোমেলো করা (খাতা-পত্র নাড়া)। ৪ শব্দ বা ধ্বনি সৃষ্টি করা; বাজানো (ঘণ্টা নাড়া)। ৫ স্থানচ্যুত করা; অন্যত্র সরানো; remove (রোগীকে নাড়া, ঠাঁই নাড়া)। ৬ চর্চা বা আলোচনা করা (শাস্ত্র নাড়া)। **~চাড়া** *বি* ১ ঘাঁটাঘাঁটি। ২ সঞ্চালন; চালনা। ৩ স্থান পরিবর্তন; স্থানচ্যুতি। □ *ক্রি* বারংবার বিচার করা; পরীক্ষা করা; চর্চা বা আলোচনা করা (ভেবেছিলুম ওদের সাংখ্যিক তালিকা নেড়েচেড়ে দেখতে পাবো—*রঠা*)। **~দেওয়া** *ক্রি* ১ আন্দোলিত করা। ২ নেড়ে আঘাত দেওয়া বা দুঃখ দেওয়া। **~নো** *ক্রি* ১ আন্দোলিত করা; স্থানচ্যুত করা। ২ সরানো; নাড়ানো। **ধনের ~ দেওয়া** *ক্রি* ধনের খোঁটা দেওয়া। { *স.* √লড়> √নাড়+*বা.* আ}

নাড়া[৩] [নাড়া] *বি* ১ যার মাথা নেড়া করা হয়েছে; পত্রপল্লবহীন। ২ লাল সুতা, শিষ্য গ্রহণের সময়ে সঙ্গীত-গুরু এই সুতা শিষ্যের মণিবন্ধে বেঁধে দেন। **~র ফকির** *বি (ব্য.)* বৈষ্ণব-বাউল প্রভাবিত মুসলমান মরমি সাধক লালন-শাহর মতাবলম্বী সম্প্রদায়। **~ বাঁধা** *বি* উচ্চাঙ্গ সঙ্গীত ইত্যাদিতে গুরু কর্তৃক শিষ্যকে সবক দেওয়ার অনুষ্ঠান। { *স.* নগ্নাট>*মবা.* নাণ্ডা>}

নাড়াবুনে ⇒ নাড়া[১]

নাড়ি, নাড়ী [নাড়ি] *বি* ১ শিরা; ধমনি। ২ *(আয়ু.)* বাত পিত্ত কফ—মানবদেহের এই ত্রিবিধ অবস্থাজ্ঞাপক ধমনি। ৩ সদ্যোজাত শিশুর নাভি সংলগ্ন রক্তসঞ্চালক শিরারজ্জু (নাড়ি কাটা)। **~-ছেঁড়া** *বি* নাড়ি কাটা (পুরনো নাড়ি ছেঁড়া)। **~-ছেঁড়া ধন** *বি* গর্ভজাত সন্তান; পেটের সন্তান (এক মায়ের নাড়ী-ছেঁড়া ধন—*এআচৌ*)। **~জ্ঞান** *বি* হাতে রোগীর নাড়ির স্পন্দন অনুভব করে তার অবস্থা নির্ণয়ের ক্ষমতা; নাড়ি পরীক্ষা দ্বারা রোগ নির্ণয়ের সামর্থ্য। **~ টেপা** *ক্রি* রোগীর নাড়ি টিপে রোগ নির্ণয় করা। □ *বিণ* রোগীর নাড়ি দেখে এমন; চিকিৎসা শাস্ত্রে অনভিজ্ঞ (নাড়ী-টেপা ডাক্তার—*রঠা*)। **~-টেপা ডাক্তার** *বি* হাতুড়ে চিকিৎসক। **~ দেখা** *ক্রি* রোগীর নাড়ি পরীক্ষা করে তার অবস্থা বা রোগ নির্ণয় করা। **~নক্ষত্র** *বি* ১ আগা-গোড়া সমস্ত খবর; জন্ম থেকে সকল তথ্য ও সংবাদ (তার নাড়িনক্ষত্র সব আমি জানি)। ২ জন্ম-নক্ষত্র। **~ বসা** *বি* নাড়ি খুব দুর্বল ও নিস্তেজ হওয়া; মৃত্যুর পূর্বলক্ষণ। **~ব্রণ** *বি* ১ নাড়ির মতো পুঁজবাহী ব্রণ। ২ নালি ঘা। **~ভুঁড়ি** *বি* উদর মধ্যস্থ অন্ত্রাদি যন্ত্র। **~ মরা** *ক্রি* আহারের ক্ষমতা কমে যাওয়া; ক্ষুধা নষ্ট হওয়া। **~মরা** *বিণ* দুর্বল নাড়িবিশিষ্ট; হজম শক্তিতে দুর্বল। **~শাক** *বি* পাটশাক। **~র টান** *বি* জন্মসূত্রে অন্তরে অন্তরে মমতা; গর্ভে ধারণের জন্য মায়া; গভীর ও আন্তরিক মমত্ব বোধ। { *স.* √নল+ই(ণি)=নাড়ি+ঈ(ঙীষ্)}

নাড়ু [নাড়ু] *বি* গোলাকার মিষ্টান্নবিশেষ; লাড়ু। **~ গোপাল** *বি* ১ *(আল.)* আদরের ছেলে; শিশুকৃষ্ণ। ২ *(আল.)* সেকালের গ্রাম্য পাঠশালার শাস্তিবিশেষ। { *স.* লড্ডুক>}

নাত[১], না'ত [নাত] *বি* ১ হজরত মুহম্মদের (সা.) প্রশংসা। ২ নবির প্রশস্তি-গান। ৩ প্রশস্তি (জাগিবে মানুষ দিকে দিগন্তে গাহি জীবনের নাত—*জউ*)। { *আ.* নাৎ نعت }

নাতক [নাতোক্] *বি* গ্রেপ্তারের হুকুম। { *আ.* নাতক্ نطق }

নাত[২] [নাত] *বি* নাতি; পৌত্র; দৌহিত্র (নাত-বউ)।

নাতজামাই, নাতবৌ ⇒ নাতি[১]

নাতান, নাতন, নাতোয়ান [নাতান, নাতোন, নাতোয়ান্] *বিণ* ধনী; দরিদ্র। □ *বি* অক্ষমতা। ২ জমিদারের খাজনা দিতে অপারগতা (আমি খাস তালুকের প্রজা, আমি কখন নাতান কখন সাতান—*রাসে*)। { *ফা.* নাতুয়ান ناتوان }

নাতি[১], নাতী [নাতি] *বি* পুত্র বা কন্যার ছেলে; দৌহিত্র (অশুদ্ধ প্রয়োগে পৌত্র> পুতি)। **নাতনি, নাতনী** *বি স্ত্রী.* পুত্র বা কন্যার মেয়ে; পৌত্রী বা দৌহিত্রী (তরুণী নাৎনীর তাতে মাতামহী হাত সেঁকে নেন—*বুব*)। **~জামাই, নাতজামাই** *বি* নাতনির স্বামী। **~-নাতকুর** *বি* পৌত্র প্রপৌত্র দৌহিত্র ও তার সন্তান (সে বাড়ীতে জামাই, ঝি, নাতীনাৎকুর সকলেই আসতে পারবে—*মীম*)। **নাতি-নাতনি** *বি* পুত্র বা কন্যার ছেলেমেয়ে। **নাতিবৌ, নাতবৌ** *বি* নাতির স্ত্রী। { *স.* নপ্তৃ>*প্রা.* নত্তি>}

নাতি[২] [নাতি] *বিণ* ন অতি; বেশি নয়; অল্প; অনধিক; অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয় (নাতিদীর্ঘ)। **~খর্ব** *বিণ* খুব বেঁটে নয়। **~তীক্ষ্ণ** *বিণ* বেশি তীক্ষ্ণ নয় এমন (দুচারটি নাতিতীক্ষ্ণ বাক্যবাণ—*রাব*)। **~দীর্ঘ** *বিণ* খুব দীর্ঘ বা ঢেঙ্গা নয়। **~দূর** *বিণ* বেশি দূর নয়। **~শীতোষ্ণ** *বিণ* বেশি ঠাণ্ডাও নয় গরমও নয় এরূপ; বসন্তকালের মতো (নাতিশীতোষ্ণ অঞ্চল)। **~শীতোষ্ণ মণ্ডল** *বি* উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল ও গ্রীষ্মমণ্ডলের মধ্যবর্তী স্থান যেখানে ঠাণ্ডা বা গরম কোনোটাই বেশি নয়; temperate zone। **~স্থূল** *বিণ* বেশি মোটা নয় এরূপ। **~হ্রস্ব** *বিণ* বেশি খাটো নয় এরূপ। { *স.* ন+অতি}

নাতী, নাতীনাৎকুর ⇒ নাতি[১]

নাৎনি ⇒ নাতি

নাৎসি [নাত্‌সি] *বি* একনায়ক হিটলার প্রতিষ্ঠিত জার্মানির জাতীয় সমাজতন্ত্র; nazi (একদিক থেকে দেখতে গেলে হিন্দুস্থান হৌস নাৎসি আন্দোলনের চেয়েও প্রাচীন—*সৈমু*)। { *জ.* nazi(onalsozialist)= national socialist }

নাথ১ [নাথ্] *বি* ১ স্বামী; প্রভু; অধিপতি (জগন্নাথ)। ২ রক্ষাকর্তা; পালনকর্তা; পালক; রক্ষক (অনাথের নাথ)। ৩ হিন্দু সম্প্রদায়ের উপাধিবিশেষ। ~**বতী** *বিণ স্ত্রী.* যে নারীর স্বামী আছে; সধবা। ~**বান** *বিণ* প্রভু বা রক্ষক আছে এমন। { *স.* √নাথ্+অ(অচ্) }

নাথ২ [নাথ্] *বি* নাকের দড়ি; নাকফোঁড়া রশি। ~**হবি** *বি* নাকফোঁড়ার যোগ্য পশু। { *স.* নস্ত(নাক)> }

নাথা১ *(মবা.)* [নাথা] *বি* পাত্রাদি মার্জনা করার ছিন্ন বস্ত্রখণ্ড; ময়লা ভেজা নেকড়া (সে মোহোর ঘৃতভাণ্ডের নাথা—*বচদা*)। { *স.* নক্তক> }

নাথা২, নাথি, নাথী [নাথা, -থি, -] *বি* লাথি; পদাঘাত। ~**নোথা, -নুথা** *(মবা.)* *বি* লাথি, কিল, চাপড় ইত্যাদি (প্রাণভয়ে দ্বিজগণ দেখায় পইতা পরানে না মারে দানা মারে নাথানোথা—*কমু*; নাথানুথা কিলগুঁতা হিড়িক জুতার—*ঘচ*)। { লাথি> }

নাদ১ [নাদ্] *বি* ১ গর্জন (বজ্রনাদ)। ২ শব্দ; রব (প্রাণ আকুল ভেল বাঁশীর নাদে—*বচদা*)। ৩ উচ্চমধুর ধ্বনি (বংশীনাদ)। ~**বিন্দু** *বি* চন্দ্রবিন্দু। **নাদিত** *বিণ* ধ্বনিত; শব্দিত; নিনাদিত। **নাদী**(-দিন্) *বিণ* ১ গর্জন করে এমন; গর্জনকারী। ২ ধ্বনি করে এমন; শব্দকারী। **নাদিনী** *স্ত্রী.*। { *স.* √নদ্+অ(ঘঞ্) }

নাদ২ ⇒ লাদ

নাদন, নাদনা [নাদোন্, নাদ্‌না] *বি* ১ মোটা লাঠি বা খুঁটি (নাদনাটা ঘাড়ে করে নাও)। ২ মোটা লাঠির প্রহার (দুই জনে যা জাবনা পায়, দশগুণ তার নাদনা খায়—*নই*)। -**বাড়ি** *বি* মোটা লাঠি। { *স.* নদ্ধ> }

নাদনি [নাদ্‌নি] *বি* একপ্রকার বোঝাই নৌকা। { *হি* লাদনা, লাদ্‌নী }

নাদা১ [নাদা] *(পদ্য.)* *ক্রি* গর্জন করা; ভীষণ জোরে শব্দ করা (নাদে কাদম্বিনী—*মদ*)। { *স.* নাদ+আ> }

নাদা২ ⇒ লাদ

নাদা৩, নান্দ *(মবা.)*, **নান্দা** [নাদা, নান্‌দো, নান্‌দা] *বি* ১ বড় জালা; গামলা; বিরাট পাত্রবিশেষ (এক বৃহৎকায় বৃষ আসিয়া কলুর বলদের সেই খোল বিচালি পরিপূর্ণ নাদায় মুখ দিয়া জাবনা খাইতেছিল—*বচ*)। ২ পেট মোটা ফাঁদালো মুখ পুরু কলস (নান্দে নান্দে মদ্যপান গঙ্গার গভরে—*বৃদা*)। ~**পেটা** *বি, বিণ* যার পেট জালার মতো; বিশ্রীভাবে পেটমোটা। ~**পেটী** *স্ত্রী.*। -**পেটা হাঁদারাম** *বি* যেমন মোটা পেট তেমন মোটা বুদ্ধি; কিম্ভূতকিমাকার। { *স.* নন্দা> }

নাদান [নাদান্] *বিণ* বোকা; নির্বোধ; অজ্ঞান; অবুঝ (নাদান লাড়কি মেরা নাহি জানে ভালো বুরা, না বুঝিয়া করিল তকসির—*সৈহ*; কাপড়চোপড় দেখে বড়ই নাদান বলে মনে হয়—*আইশা*)। **নাদানি** *বি*। { *ফা.* নাদান نادان }

নাদি ⇒ লাদ

নাদিনী, নাদী ⇒ নাদ১

না-দুরস্ত [নাদুরোস্‌তো/-ত্] *বিণ* বেঠিক; না-জায়েজ; বিধানবিরুদ্ধ; অবৈধ; অশাস্ত্রীয়; অপবিত্র; অশুদ্ধ; অসিদ্ধ। { *ফা.* না-দুরস্ত نادرست }

নাদুসনুদুস [নাদুশ্‌নুদুশ্] *বিণ* হৃষ্টপুষ্ট; মোটাসোটা; গোলগাল; থলথলে (ছেলেটি দেখতে বেশ নাদুসনুদুস মোটাসোটা)। { নাদ+উস্+নুদ্+উস্ }

নাদেঁ, নান্দে *(মবা.)* [নাদেঁ, নান্‌দে] *ক্রি* ১ দিও না (পরের বচনে তোঁ ধনুত নাদেঁ গুণ—*বচদা*)। ২ দেয় না (এবেঁ আসিয়া কাহ্নাঞিঁ দরশন নাদেঁ—*বচদা*)। { না+দেয় }

নাদেয়, নাদ্য [নাদেয়ো, নাদ্‌দো] *বিণ* ১ নদীজাত; নদী থেকে উৎপন্ন। ২ নদীসংক্রান্ত। ৩ সৈন্ধব লবণ। ☐ *বি* ১ নদীর জল। ২ কাশ তৃণ। ৩ নদীজাত মৎস্য। { *স.* নদী+এয়(ঢক্), য(ষ্যৎ) }

নানক [নানোক্] (১৪৬৯-১৫৩৯ খ্রি.) *বি* পাঞ্জাববাসী গুরু নানক; শিখ ধর্ম ও সম্প্রদায়ের প্রবর্তক। ~**পন্থি/ পন্থী** *বিণ, বি* নানকের প্রচারিত ধর্ম-মতাবলম্বী; শিখ। { *পাঞ্জা.* নানক }

নানকর [নান্‌কর] *বি* ১ চাকর প্রভৃতিকে প্রদত্ত অর্থ বা ভূ-সম্পত্তি। ২ ভৃত্য প্রভৃতিকে কার্য সম্পাদনের জন্য প্রদত্ত ভূমি; খোরপোশ। { *ফা.* নান্‌কার ننکر }

নানবাই [নান্‌বাই] *বি* রুটি বিক্রেতা। { *ফা.* নান+বাই(ব্যবসায়ী) }

নানখাতাই [নান্‌খাতাই] *বি* মিষ্টান্নবিশেষ (নানখাতাই মিঠা নেমকি, পরটা এ সকল সুখাদ্য স্বহস্তে প্রস্তুত করিয়াছেন—*মীম*)। { *ফা.* নান্‌খাতাই نانخطائی }

নানা১ [নানা] *বি* মাতামহ। **নানী** *স্ত্রী.*। { *হি* নানা }

নানা২, নানান [নানা, নানান্] *বিণ* ১ বহু; অনেক (নানা কথার ছলে নানান মুনি বলে সংশয়ে তাই দুলি হে—*রঠা*)। ২ বিভিন্ন; বিবিধ (নানান দেশের নানান ভাষা, বিনে স্বদেশী ভাষা পুরে কি আশা?—*নিধু বাবুর টপ্পা*)। **নানার্থ** *বি* বিবিধার্থ; বিভিন্ন অর্থযুক্ত (এক শব্দের নানারূপ অর্থ থাকিলে তাহার নাম নানার্থ হয়—*হশা*)। { *ঋগ্বেদ.* নানানম্ }

নানাসাহেব [নানাশাহেব্] *বি* ১৮৫৭ সালের সিপাহি বিপ্লবের বিখ্যাত নায়ক। তাঁর প্রকৃত নাম ধুন্ধুপন্থ; পেশোয়া বাজিরাওয়ের দত্তক পুত্র। { নানা+সাহেব }

নান্দ, নান্দা ⇒ নাদা৩

নান্দী [নান্‌দি] *বি* ১ কাব্য-নাটকাদির প্রারম্ভে সুসম্পন্নতা কামনা করে স্তুতি, মঙ্গলাচারণ। ২ স্তুতি; বন্দনা (সাগরপারে গান্ধী করে জাতীয়তার নান্দীপাঠ—*সদ*)। -**কর** *বি* ১ স্তুতিপাঠক, বন্দনাকারী। ২ মাঙ্গলিক অনুষ্ঠানকারী। -**মুখ** *বি* হিন্দুদের আভ্যুদয়িক শ্রাদ্ধ, বিবাহ, গৃহপ্রবেশ প্রভৃতি শুভকর্মের পূর্বে যে শ্রাদ্ধ করা হয়। { *স.* √নন্দ্+অ(ঘঞ্)+ঈ(ঙীষ্) }

নান্দে ⇒ নাদেঁ

নাপছন্দ, নাপসন্দ [নাপসন্‌দ্] *বিণ* ১ অমনোনীত; অপছন্দ; অরুচিকর; মনের মতো নয় এমন। ২ অপ্রিয়। { *ফা.* না+পসন্দ ناپسند }

নাপাক [নাপাক্] *বিণ* অপবিত্র; অশুচি; অশুদ্ধি (যত কাম করে ...সকলি নাপাক—*ভারা*)। { *ফা.* ناپاک }

নাপান [নাপান্] *বি* বিলাস-ভঙ্গিমা; হাবভাব; ঠাট-ঠমক

(নাপান করে নাগর ভুলায়—ঘচ)। **নাপানী** *বি স্ত্রী.* (*মবা.*) হাবভাবে যে নারী মন ভুলায় (কত মন্ত্র তন্ত্র জানে সে নাপানী—*ভারা*)। {*স.* লম্ফন>}

নাপানো (*আঞ্চ.*) [নাপানো] *ক্রি* ১ লাফ দেওয়া; লাফানো। ২ অতিশয় আগ্রহ প্রকাশ করা। **নাপানি** *বি*। ~**ঝাঁপান** *বি* ১ লম্ফ-ঝম্ফ (নাপান ঝাঁপানে যায় ডানি বামে নাহি চায়—*ভারা*)। ২ আস্ফালন। {*স.* লম্ফন}

নাপালি (*প্রাবা.*) [নাপালি] *বি* ১ বনমল্লিকা নামক ফুল (প্রথমেত কোঙর বক নাপালি সিঅলি। কালা কাসন্দর ইন্দীবর ফুল লইল তুলি—*রাপ*)। ২ সেউতি। {*স.* নবমল্লিকা>}

নাপিত [নাপিত্] *বি* ১ ক্ষৌরকার; চুল কাটা, দাড়ি চাঁছা প্রভৃতি যার পেশা (কনক দর্পণ নাপিত ধরিল সম্মুখে—*বিগু*)। ২ হিন্দু জাতিবিশেষ। ৩ নরসুন্দর। **নাপিতানি, নাপিতিনি, নাপতিনী** *স্ত্রী.*। {*স.* স্নাপয়িতৃ>*প্রা.* সাণ্হাপিত>}

নাপ্পি, ঙাপ্পি, নাপফি-পোঁচা [নাপ্পি, -, নাপ্ফি-পোঁচা] *বি* বাংলাদেশের পাহাড়িদের ও বার্মার অধিবাসীদের ব্যবহার্য তীব্র গন্ধযুক্ত চাটনি জাতীয় খাবার—ছোটো ছোটো মাছ, বিশেষত খোসা-ছাড়ানো চিংড়ি মাছের সাথে নানা রকম মশলা মিশিয়ে এটি তৈরি করা হয়। {*বর্মি*}

নাফরমান [নাফরমান] *বিণ* অবাধ্য; আদেশ অমান্যকারী; ফরমান অমান্যকারী; ঈশ্বরের আদেশ লঙ্ঘনকারী। **নাফরমানি, নাফরমানী** *বি* অবাধ্যতা; আদেশ অমান্যকরণ (আল্লারে পাওয়া যায় না করিয়া তাঁহার নাফরমানি—*নই*)। {*ফা.* না+ফরমান نافرمان }

নাফরা [নাফ্রা] *বি* কুমড়া ইত্যাদি দিয়ে প্রস্তুত লাবড়া জাতীয় তরকারি (প্রভু বলে বিস্তর, নাফরা মোরে দেহ—*বৃব*)। {লাবড়া>}

নাফা [নাফা] *বি* ১ লাভ; মুনাফা। ২ উপকার। {*আ.* নফা نفع }

নাফানী (*মবা.*) [নাফানি] যৌবনগর্বিতা (সে বলে নাফানী আলা না জান আপনা, চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা—*ভারা*)। {*স.* লম্ফন>লাফানি>}

নাব[1] [নাবো] *বি* নৌকা; নাও (নাব ডোলাব অহীরে—*বিপ*)। {*ফা.* নাব نو ; *স.* নৌ}

নাব[2] (*আঞ্চ.*) [নাবো] *ক্রি* অবতরণ করো। {নামো>}

নাবড় (*মবা.*) [নাবোড়্] *বিণ* শঠ; ধূর্ত (ঠক, ঠেঁটা, নাবড় ছেবড় লোকে রটে—*ঘচ*)। **নাবড়ি** *বি*। {*স.* লম্পট>}

নাবুড়ি [নাবুড়ি] *বি* ১ নাবড়ের স্বভাব বা প্রকৃতি। ২ শঠতা; দুষ্টামি ও নষ্টামি। ৩ কুপরামর্শ; অনিষ্ট চিন্তা সঙ্কেত নাবুড়ি কিন্তু নমিছে কোটানো—*ঘচ*)। {নাবড়+ই>}

নাবতাক্ষেণী [নাব্তাক্খেনি] *বি* জাহাজ নির্মাণের স্থান। {নাব+তাক্ষেণী/তষণ+ঈ}

নাবাই (*আঞ্চ.*) [নাবাই] *বি* ১ অবতরণ; নিম্নে গমন (পাহাড় পর্বত চড়াই নাবাই গাছপালা ঘন কুয়াশায় ঝাপসা হয়ে মিলিয়ে গেছে—*অঠা*)। ২ জলস্রোতের ভাটির দিক; নদীর প্রবাহের সম্মুখের দিক। উজান *বিপ.*। (*তুল.* চড়াই উৎরাই)। {নামা>নাবা+ই}

নাবাধ্যক্ষ [নাবাদ্ধোক্খো] *বি* নৌসৈন্যের অধ্যক্ষ। {*স.* নৌ+অধ্যক্ষ}

নাবাল [নাবাল্] *বিণ* নিচু; নিম্ন (একটা নাবাল জমির ধারে ঝুরি বিশাল বটগাছ চারিধারে ঝুরি গাড়িয়া বসিয়া আছে—*বিব*)। □*বি* নিম্নগামী; ঢালু। {*স.* নিম্নতল>নামাল>}

নাবালক, নাবালিগ, নাবালেগ [নাবালক্, -লিগ্, -লেগ্] *বিণ* অপ্রাপ্তবয়স্ক; আইন অনুসারে ১৮ বছরের কম বয়স্ক; minor (নাবালেগের অভিভাবকরা সচরাচর যা করে থাকেন—*বোখা*)। **নাবালিকা, নাবালেগ** *স্ত্রী.*। *বিপ.* **সাবালক, সাবালিগ**। {*ফা.* নাবালিগ نابالغ }

নাবি, নাবী [নাবি] *বি* ১ বিলম্বে জাত; দেরিতে হয় এমন; যথাসময়ের পরে জাত; বিলম্বিত (নাবি ক্ষেতে আজো জাগে নাই শীর্ষ শিশু সব চারা তার—*বঙ্গামি*)। ২ নৌকার সারি; জাহাজের বহর। {*স.* √নম্>নামা>নাব+ই, ঈ}

নাবিক [নাবিক্] *বি* ১ নৌকা, জাহাজ প্রভৃতির চালক; দাঁড়ি-মাঝি; কর্ণধার (নাবিকেরা তরী তীর লগ্ন করিলে—*বচ*)। ২ সমুদ্রযাত্রায় অভিজ্ঞ ব্যক্তি। ৩ নৌসংক্রান্ত; নৌবিষয়ক। ~**বিদ্যা** *বি* নৌচালনা বিদ্যা; জাহাজ প্রভৃতি জলযান চালানো বিদ্যা। {*স.* নৌ+ইক(ঠক্)}

নাবী ⇒ নাবি

নাবুড়ি ⇒ নাবড়

নাবুদ [নাবুদ্] *বিণ* অস্তিত্বহীন; ফওত; ধ্বংস। **নাস্তানাবুদ, নেস্তনাবুদ** ⇒ নাস্তানাবুদ। *তুল.* নাস্তানাবুদ। {*ফা.* নাবুদ نابود }

নাব্য[1] [নাব্বো] *বিণ* ১ নৌকা জাহাজ ইত্যাদি চালানোর পক্ষে যোগ্য বা অনুকূল; navigable। ২ নৌকা দ্বারা উত্তরণযোগ্য (নাব্য নদী)। {*স.* নৌ+য=নাব্য}

নাব্য[2] [নাব্বো] *বিণ* নূতনত্ব। {নব+য(ষ্যঞ্)}

নাভি [নাভি] *বি* ১ উদরের কেন্দ্রস্থলে অবস্থিত ক্ষুদ্র আবর্ত; নাই (*আঞ্চ.*); নাড়ি কাটার চিহ্নযুক্ত স্থান। ২ চাকার মাঝের অংশ বা হাঁড়ি। ~**কণ্টক**, ~**গোলক** *বি* আবর্ত; গোঁড়। ~**কমল**, ~**পদ্ম** *বি* ১ পদ্মের মতো নাভি। ২ নাভির মধ্যস্থ তৃতীয় চক্র; মণিপুর চক্র। ~**কূপ** *বি* নাভিস্থল; নাভিদেশ। ~**চক্র** *বি* নাভিতে অবস্থিত মণিপুর চক্র। ~**চ্ছেদ** *বি* সদ্যোজাত শিশুর নাড়ি কাটা। ~**পুট** *বি* নাভিমূল; গোঁড়; নাভিকুণ্ডল (দেখিনু বধূলো নাভিপুটে তোর ফুটেছে পদ্মফুল—*সদ*)। ~**শ্বাস** *বি* মৃত্যুকালীন নাভিদেশ থেকে ঊর্ধ্ব দিকে শ্বাসের টান; শেষ অবস্থা; মুমূর্ষু অবস্থা। {*স.* √নহ্+ই(ইঞ্)}

নাম [নাম্] *বি* ১ যে শব্দ দ্বারা কোনো বস্তু বা ব্যক্তিকে নির্ধারণ করা যায়; আখ্যা; অভিধা; সংজ্ঞা (জিনিসের নাম; তার নাম কি?)। ২ খ্যাতি; প্রসিদ্ধি; যশ (নামডাক, দেশে তার বেশ নাম আছে)। ৩ উল্লেখ। ৪ পরিচয় (নামহীন)। ৫ উপাস্যের নাম (নাম জপা)। ৬ প্রতিপত্তি (দাদার নামে চলে গেলে)। ৭ দোহাই; শপথ (খোদার নামে বলছি)। ৮ অজুহাত (কাজের নামে)। ৯ যৎসামান্য; অতি অল্প (নামমাত্র মূল্য দিয়েছি)। ১০ শব্দমাত্র (নামেই নেতা)। ১১ বাহ্য পরিচয় (নামেই সব, কাজে কিছু না)। ১২ বিভক্তিহীন শব্দ; প্রাতিপাদিক। ~**করণ** *বি* ১ নবজাত শিশুর একাদশ বা দ্বাদশ দিনে নাম রাখার সংস্কার বিশেষ। ২ আখ্যান; নামপ্রদান। ~ **করা** *ক্রি* ১ নাম নেওয়া; নাম

স্মরণ বা উল্লেখ করা। ২ নাম জপ করা। ৩ খ্যাতি অর্জন করা (লেখাপড়ায় নাম করেছে)। **~-করা** *বিণ* বিখ্যাত (নাম-করা লোক)। **~ কাটা** *ক্রি* নাম কেটে তালিকা থেকে বাদ দেওয়া; বরখাস্ত করা। **~কাটা** *বিণ* নাম কাটা গিয়েছে এমন; বহিষ্কৃত (চাণক্য তায় দ্যায় না আমল, অর্থশাস্ত্রে নেহাৎ সে নামকাটা—*সদ*)। **~কাটা সেপাই** *বি* ১ নাম কেটে খারিজ করা সেপাই। ২ দলছাড়া হয়েও যে দলের প্রতীক ধারণ করে; তাড়িয়ে দেওয়ার পরও যে সেপাই সাজে। **~গন্ধ** *বি* ১ নাম ও গন্ধ। ২ সামান্যতম চিহ্ন বা অস্তিত্ব। ৩ সামান্য সংস্রব; অত্যল্প সম্পর্ক। **~গান** *বি* উপাস্যের নামজপ; স্তুতি। **~গ্রহ** *বি* নাম ধরে ডাকা বা আহ্বান। **~গ্রহণ** *বি* ১ নাম নেওয়া। ২ নাম করা। ৩ নাম ডাকা। **~ জপা** *ক্রি* উপাস্যের নাম বারবার স্মরণ করা। **~ডাক** *বি* যশ ও প্রতিপত্তি; খ্যাতি। **~ ডাকা** *ক্রি* ১ নাম ধরে ডাকা। ২ উপস্থিত হতে বলা। **~ ডুবানো, ~ ডোবানো** *ক্রি* সুনাম বা যশ নষ্ট করা (বাবার নাম ডুবানো)। **~ত, ~তঃ** *অব্য* নামেমাত্র; কেবল নামে। **~ত্যাগ** *বি* নিজের নাম পরিত্যাগ। **~ ধর** *বিণ* নামধারী; আখ্যাধারী। **~ ধরা** *ক্রি* নাম উচ্চারণ করা; নাম করে বলা (জানহ স্বামীর নাম নাহি ধরে নারী—*ভারা*)। **~ধাতু** *বি* বিশেষ্য বিশেষণ পদ প্রত্যয়াদি যোগে ক্রিয়ায় পরিণত হলে নামধাতু হয় (জুতানো, বেতানো)। **~ধাম** *বি* নাম ও বাসস্থানের পরিচয়; নাম ও ঠিকানা। **~ধারী** *বিণ* ১ নামযুক্ত; নামবিশিষ্ট। ২ নামমাত্র আছে কিন্তু গুণ নেই। **~ধেয়** *বি* নাম; আখ্যা; সংজ্ঞা-বাচক শব্দ; নামযুক্ত। **~-নিশানা** *বি* ১ নামধাম পরিচায়ক চিহ্ন; নিদর্শন। ২ নামগন্ধ। **~ নেওয়া/লওয়া** *ক্রি* স্মরণ করা। **~বাচক** *বিণ* নাম বোঝায় এমন (নামবাচক বিশেষ্য)। ☐*বি* ব্যক্তি বা বস্তুবিশেষের সংজ্ঞা প্রকাশক শব্দ। **~বাচিকা** *স্ত্রী*। **~মাত্র** *বি* কেবল নামই সার—আসল কাজে কিছু নয়। ☐*বিণ* অতি সামান্য; যৎকিঞ্চিৎ (নামমাত্র টাকায় জমাটি খরিদ করা হয়েছে)। **~মুদ্রা** *বি* যে মুদ্রা বা আংটিতে নাম খোদা আছে; নামাঙ্কিত সিলমোহর। **~যজ্ঞ** *বি* উপাস্যের নাম কীর্তন রূপ যজ্ঞ। **~ রওয়া/ রহা** *ক্রি* সুনাম স্থায়ী হয়ে থাকা (গোলাম ইনাম চায় ইনাম সে যাহে রহে নাম—*ভারা*)। **~ রটা** *ক্রি* সুনাম বা দুর্নাম চতুর্দিকে প্রচারিত হওয়া। **~ রাখা** *ক্রি* ১ নামকরণ করা (সন্তানের নাম রাখা)। ২ পূর্বগৌরব অক্ষুণ্ন রাখা (বাপদাদার নাম রাখা)। ৩ স্থায়ী যশ লাভ করা (স্কুল দিয়ে তিনি নাম রেখে গেলেন)। **~ লেখানো** *ক্রি* ১ ভর্তি হওয়া। ২ দলে শামিল হওয়া। **~শেষ** *বি* মৃত্যু; মরণ। ☐*বিণ* মৃত। **~ শোনানো** *ক্রি* উপাস্যের নাম শোনানো। **~সঙ্কীর্তন** *বি* নামগান; নামকীর্তন। **~ স্মরণ** *বি* নাম মনে করা; প্রাতঃকালে এবং বিপদে উপাস্যের নাম চিন্তা ও উচ্চারণ। **~ হওয়া** *ক্রি* খ্যাতি লাভ করা; সুনাম প্রচারিত হওয়া। **নামে কাটা, নামে বিকানো** *ক্রি* প্রকৃতপক্ষে যোগ্য না হলেও নাম খ্যাতি বা উপাধির বলে আদৃত হওয়া বা প্রচলিত হওয়া। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—গোয়ালার জন্য দুধ সহজলভ্য সত্ত্বেও দুধ না খেয়ে কাঁজি খায় অর্থাৎ নামমাত্র সার কাজে কিছু নয়। **নামে নামে** *ক্রিবিণ* প্রত্যেকের নাম করে বা ধরে; প্রতিজনে (নামে নামে মিষ্টি ভাগ করা হয়েছে)। { *স.* √ম্না+মন(মনিন্)=নামন্>; *ফা.* নাম্ نام }

নামজাদা, নামখাদা [নাম্‌জাদা] *বিণ* প্রসিদ্ধ; বিখ্যাত; খ্যাতনামা (চোহান রাজপুত কত নামজাদা মিয়া—*ঘচ*)। { *ফা.* نامزد }

নামক [নামোক্] *বিণ* নামে পরিচিত (শের শাহ নামক বাদশাহ)। { *স.* নাম+ক(যুক্ত) }

নামঞ্জুর [নামোন্‌জুর্] *বিণ* বাতিল; অগ্রাহ্য; প্রত্যাখ্যাত; অস্বীকৃত (দরখাস্ত নামঞ্জুর হইয়াছে—*রঠা*)। **নামঞ্জুরি** *বি*। { *ফা.* না نا + *আ.* মঞ্জুর منظور }

নামতা [নাম্‌তা] *বি* গুণনের ধারাবাহিক তালিকা; multiplication table। **~র কোটা** *বি* নামতার ঘর। { *স.* নামপত্র> }

নামদা [নাম্‌দা] *বি* ঘোড়ার জিনের নিচের লোমের গদি। { *ফা.* নমদা نمد }

নামনা [নাম্‌না] *বি* বটাদি বৃক্ষের ঝুরি (নাবাল ডালের নামনা ধরে দুলছে কাকাতুয়া—*সদ*)। { *স.* লম্ব>*প্রা.* লংব>লাম>নাম+না }

নামলা [নাম্‌লা] *বিণ* বিলম্বে জাত; যথাসময়ের পরে জন্ম হয়েছে এমন; নাবি (আমার একটি নামলা বেটা আছে—বুড়ো বয়সের ছেলে—*অচিসে*)। { *স.* লম্ব>নাম+লা }

নামা[১] [নামা] *ক্রি* ১ অবতরণ করা; ঊর্ধ্ব থেকে নিম্নে আগমন করা (গাছ থেকে নামা)। ২ ভিতর থেকে বের হওয়া (গাড়ি থেকে নামা)। ৩ নত হওয়া; ঝুলে পড়া (ছাদ নেমে গেছে)। ৪ নিজেকে লিপ্ত করা (তর্কে নামা)। ৫ কমে যাওয়া (জ্বর নামা, দর নামা)। ৬ আবির্ভাব বা উপস্থিত হওয়া (বর্ষা নামা, শীত নামা)। ৭ বিলুপ্ত হওয়া; অস্ত যাওয়া; ঢলে পড়া (সূর্য নেমেছে পাটে)। ৮ হীন হওয়া (সে অনেক দূর নেমে গেছে)। ৯ রান্না হওয়া (ভাত নেমেছে)। ১০ দাস্ত হওয়া (পেট নামা)। ১১ অবতীর্ণ হওয়া (আসরে নামা)। ☐*বি* উক্ত সকল অর্থে। **নামানো** *ক্রি* ১ অবতরণ করানো। ২ কমানো; হ্রাস করা। ৩ রন্ধন শেষ হওয়া। ৪ অখ্যাতি করা; নিন্দা করা। ৫ আরম্ভ করানো। ৬ ঝরানো। ৭ প্রবৃত্ত করানো (কাজে নামানো)। ৮ তাড়ানো (ভূত নামানো)। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। **ঘাড়ের ভূত নামানো** *ক্রি* ১ ভূতের প্রভাব থেকে মুক্ত করা। ২ (*আল.*) বিশেষ জেদ খাটিয়ে অন্যায় আবদার থেকে বিরত করা। { *স.* √লম্ব(গতি)>+*বা.* আ }

নামা[২] [নামা] *বিণ* নামধারী; নামযুক্ত; নামে খ্যাত (খ্যাতনামা, অজ্ঞাতনামা)। **নাম্নী** *স্ত্রী*। { *স.* নামন্> *স.* নামা }

-নামা[৩] [নামা] *বি* ১ পত্র; চিঠি; লেখ (সোলেনামা ওকালতনামা)। ২ বিবরণ; ইতিহাস; আখ্যান; ইতিবৃত্ত (শাহনামা, চিত্তনামা)। ৩ দলিল (রাজিনামা, চুক্তিনামা)। { *ফা.* নামাহ্ نامه }

নামাঙ্ক [নামাঙ্‌কো] *বি* নামের চিহ্ন; অক্ষর। **নামাঙ্কিত** *বিণ* ১ নাম অঙ্কিত বা খোদিত আছে এমন। ২ নামযুক্ত। ৩ স্বাক্ষরিত। { *স.* নাম+অঙ্ক }

নামাজ, নামায, নমাজ [নামাজ্, -, নমাজ] *বি* ইসলাম ধর্মমতে ফজর জোহর আসর মাগরিব ও এশা—দৈনিক

এই পাঁচ বার অবশ্য করণীয় (ফরজ) এবাদত বা উপাসনা; সালাত। ~ **পড়া** *ক্রি* কোরানের আয়াত দোয়া ইত্যাদি আবৃত্তি করে বিধিবদ্ধভাবে এবাদত বা উপাসনা করা। **নামাজি, নমাযী, নামাজী, নামাযী** *বিণ* নামাজ পড়ে এমন। **বেনামাজি** *বিণ* । ~**গাহ** *বি* নামাজ পড়বার স্থান; মসজিদ। { *ফা.* নামাজ نماز ; *তুল. স.* নমস্}

নামানুশাসন [নামানুশাশোন্] *বি* শব্দের নির্দেশক বা জ্ঞাপক শাস্ত্র; অভিধান। { *স.* নাম+অনুশাসন; ৬তৎ}

নামানো ⇒ নামা

নামাবলি, নামাবলী [নামাবোলি] *বি* ১ হরিনামের বা দেবতাদের নামের ছাপযুক্ত চাদর (পদী পিসী কুলীনের মেয়ে, প্রাতঃস্নান করে নামাবলী গায়ে দেয়, হাতে তুলসীর মালা—*বচ*)। ২ নামের তালিকা। { *স.* নাম+আবলি, আবলী; ৬তৎ}

নামি, নামী [নামি] *বিণ* ১ নামধারী; নামযুক্ত। ২ প্রসিদ্ধ; মশহুর; নামজাদা; খ্যাত (নামি লোক)। { *ফা.* নামহ نامی ; *স.* নাম+ *বা.* ই}

নামোচ্চারণ [নামোচ্চারোন্] *বি* নাম মুখে আনা। { *স.* নাম+ উচ্চারণ}

নামোৎসব [নামোত্শব্] *বি* নাম সংকীর্তন। { *স.* নাম+উৎসব}

নামোল্লেখ [নামোল্লেখ্] *বি* নামোচ্চারণ; নাম প্রকাশ। { *স.* নাম+উল্লেখ}

নাম্ব [নাম্বো] *বি* অধোদেশ; নিম্ন স্থান (যাহার নাম্বয় আছে দশ যোজন পানী—*কমু*)। **নাম্বা** *বিণ* নিচের; নিম্ন (নাম্বা কর্ণে বলি—*জগজ্জীবন*)। □ *ক্রি* নামা; অবতরণ করা (নাম্বিআ আগমর জলে—*রূপ*)। { *স.* √লম্ব্>*প্রা.* লংব>}

নাযাকত [নাজাকত্] *বি* কোমলতা; মাধুর্য; কমনীয়তা; নাজুক অবস্থা (তোমার রঙ রূপ ও নাযাকত আকর্ষণীয় —*জহা*)। { *আ.* নাজুক نزاکت , *ফা.* نازك }

নাযিম ⇒ নাজিম

নাযির ⇒ নাজির

নাযিল ⇒ নাজেল

নাযুক ⇒ নাজুক

নায়ক [নায়োক্] *বিণ,বি* নেতা; পরিচালক; সর্দার (দেশনায়ক)। □ *বি* ১ সেনাপতি। ২ রাজা (অনায়ক দেশ)। ৩ স্ত্রীলোকের প্রণয়ী; প্রেমাসক্ত ব্যক্তি। ৪ স্বামী। ৫ ছায়াছবি অথবা গ্রন্থের বর্ণনীয় প্রধান চরিত্র; hero। **নায়িকা** *স্ত্রী.* । **নায়কীয়** *বিণ* নায়ক সম্বন্ধীয়। { *স.* √নী+ অক(ণ্বুল্)}

নায়কি, নায়কী [নায়োকি] *বি স্ত্রী.* নায়িকা (নায়ক লয়ে কেলিছে নায়কী, খলখলখল হাসি মধুর অধরে—*মদ*)। □ *বি* বীণা প্রভৃতি যন্ত্রের প্রধান তার। { *স.* নায়ক+ *বা.* ই, ঈ}

নায়কীয় ⇒ নায়ক

নায়র[১] ⇒ নাইয়র

নায়র[২] [নায়োর্] *বি* প্রণয়ী; নায়ক। **নায়রী**[২] *স্ত্রী.* । { *স.* নাগর>}

নায়রি, নায়রী[১] *(মবা.)* [নায়োরি] *বি* নাগরী। { *স.* নাগর+ *বা.* ই, ঈ}

নায়রী[২] ⇒ নাইয়র ও নায়র[২]

নায়াত, না'আত [নায়াত্] *বি* স্তুতি; প্রশস্তি; নবীর স্তুতি। { *আ.* না'আত্ نعت }

নায়িকা ⇒ নায়ক

নায়িব, নায়িবে-ইলাহি ⇒ নায়েব

নায়েক [নায়েক্] *বি* সৈন্যবিভাগের সাধারণ সিপাহিদের ঊর্ধ্বতর পদমর্যাদাসম্পন্ন সিপাহি। **ল্যান্স-~** *বি* সহকারী নায়েক পদের যোদ্ধা। { *আ.* লায়েক لائق }

নায়েব, নাএব, নায়িব [নায়েব্, –, নায়িব্] *বি* ১ তহশিল অফিসের প্রধান কর্মচারী; প্রতিনিধি (কাজি নাহি মানে পেগম্বরে নায়েব—*ভারা*)। ২ জমিদারের কাছারির ভারপ্রাপ্ত প্রধান কর্মচারী। ৩ অধীন কর্মচারী; সহকারী (আমার যে কার্য হইবেক তাহারি নাএব তোমারদিগকে করিব—*রাম*)। **নায়েবে-ইলাহি** *বি* আল্লাহর প্রতিনিধি (যে মানব মতে পারে নায়িবে ইলাহী—*আহ*)। **নায়েবি, নায়েবী**[১] *বি* নায়েবের কাজ বা পদ (জমিদারের নায়েবি পদ গ্রহণ করিয়াছেন—*রঠা*)। **নায়েবি**[২] *বিণ* ১ নায়েব সংক্রান্ত। ২ নায়েবের উপযুক্ত। **নায়েবে নবি, নায়েবে রসুল** *বি* নবির প্রতিনিধি; ইসলাম ধর্মের প্রচারক ও বিশেষজ্ঞ। { *আ.* নাএব نائب }

নার [নার্] *বি* অগ্নি; আগুন (আমি বলি নরকের 'নার' মেখে নেয়ে আয় জ্বালা কুণ্ড সূর্যের হাম্মামে—*নই*; ফুল হয়ে ফোটে ক্ষুব্ধ নার—*ফআ*)। **নার-ই-জাহান্নাম** *বি* জাহান্নামের তথা দোজখের আগুন। { *আ.* নার نار }

নারক, নারকী[১] [নারোক্, নারোকি] *বিণ* নরকসংক্রান্ত দোজখ সম্বন্ধীয়। ২ নরকস্থ। ৩ দোজখ; নরক; দুঃখকষ্ট ভোগের স্থান। { *স.* নরক+অ(অণ্), নারক+ইন্(ইনি)}

নারকলি ⇒ নারিকেল

নারকিনী ⇒ নারকী[২]

নারকী[১] ⇒ নারক

নারকী[২](-কিন্) [নারোকি] *বিণ* পাপী; দোজখি; নরক ভোগের যোগ্য; মহাপাতকী; নরকের প্রাণী। **নারকিনী** *স্ত্রী.* । { *স.* নারক+ইন্(ইনি)}

নারকীয় [নারোকিয়ো] *বিণ* ১ পৈশাচিক; অত্যন্ত জঘন্য। ২ নরক সম্বন্ধীয়। ৩ নরকের যোগ্য। { *স.* নারক+ঈয়(ছ)}

নারকুলে, নারকেল, নারকেলি, নারকোল ⇒ নারিকেল

নারগিস ⇒ নার্গিস

নারঙ্গ, নারঙ্গি, নারাঙ্গি [নারঙ্গো, নারোঙ্গি, নারাঙ্গি] *বি* ১ কমলালেবু; orange (নারঙ্গ কমলা শ্যামতারা—*সৈআ*)। ২ কমলালেবুর গাছ। { *ফা.* নারংগ نرنگ ; *স.* নাগরঙ্গ}

নারদ [নারোদ্] *বি* হিন্দুশাস্ত্রে নারদ মুনি নামের একজন দেবর্ষি—যিনি কলহ বিবাদ বাধান বলে খ্যাত। **নারদীয়** *বিণ* নারদ সম্বন্ধীয়। □ *বি* পুরাণবিশেষ। **নারদীয়া** *স্ত্রী.* । **নারদের ঢেঁকি** *বি (আল.)* যে বাহনে নারদ স্বর্গ-মর্ত্য পরিভ্রমণ করেন বলে কথিত। { *স.* নার+√দা+অ(ক)}

নারসিংহ [নারোশিঙহো] *বি* নরসিংহ দেবের চরিত্র-বর্ণনাত্মক পুরাণ বিশেষ। □ *বিণ* নরসিংহ সম্বন্ধীয়। **নারসিংহী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গার মূর্তিবিশেষ; অর্ধনারী

অর্ধসিংহরূপা শক্তিমূর্তি। { স. নরসিংহ+অ(অণ্)}

নারা[২] (পদ্যে ব্যবহৃত) [নারা] *ক্রি* না পারা (যারে দেখতে নারি তার চলন বাঁকা—*প্রবাদ*)। {না+পারা>}

নারা[৩] [নারা] *বি* ১ আওয়াজ; ধ্বনি। ২ জিকির; জিগির; slogan। **নারায়ে তকবির** *বি* 'আল্লাহু আকবর' ধ্বনি। { *আ.* নারায়ে তকবির نعره تكبير }

নারাঙ্গি ⇒ নারঙ্গ

নারাচ [নারাচ] *বি* এক প্রকার লৌহনির্মিত বাণ; এক প্রকার প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ। { স. নার+আ+√চম্+অ(ড)}

নারাজ, নারায [নারাজ] *বিণ* ১ অসম্মত; অস্বীকৃত (কোন প্রজা খাজনা দিতে নারাজ হয়—*মীম*)। ২ অসন্তুষ্ট; অপ্রসন্ন (যদি তোমার পথের ধূলি হইগো প্রিয় নারাজ হয়ে গাল দিও না—*নই*)। **নারাজি** *বি* ১ অসম্মতি। ২ অপ্রসন্নতা; অসন্তোষ। { *আ.* নারাদ্ ناراض }

নারায়ণ [নারায়োন] *বি* হিন্দুদেবতা বিষ্ণু; হিন্দুমতে যিনি নরনারী বা সর্বজীবের আশ্রয়স্থল। **–ক্ষেত্র** *বি* গঙ্গার জলরেখা থেকে চার হাত বিস্তৃত তীরভূমি যেখানে মুমূর্ষু হিন্দুকে রাখা হয়; গঙ্গাতীর। **নারায়ণী** *বি স্ত্রী.* নারায়ণের পত্নী; লক্ষ্মী। ☐ *বিণ* নারায়ণের; নারায়ণ সম্বন্ধীয় (নারায়ণী সেনা)। **নারায়ণী সেনা** *বি* কৃষ্ণের সৈন্যদল। { স. নার+অয়ন; বহু}

নারিকেল, নারকেল [নারিকেল্, নারকেল্] *বি* শক্ত আবরণের মধ্যে সুস্বাদু জল ও শাঁসযুক্ত ফল; ঐ ফলের গাছ। **~কাঠি** *বি* নারকেল পাতার মধ্যকার শলাকা—এর দ্বারা ঝাঁটা তৈরি হয়। **~কুরি বা কোরা** *বি* নারকেলের শাঁস আঁচড়িয়ে যে নরম চূর্ণ পাওয়া যায়। **~ ছোবড়া** *বি* নারকেল ফলের খোসা। **~ তৈল** *বি* নারকেলের শাঁস থেকে প্রস্তুত তেল। **~ভস্ম** *বি* নারকেল থেকে তৈরি কবিরাজি ঔষধ। **~মালা** *বি* নারকেলের ছোবড়া ও শাঁসের মধ্যবর্তী কঠিন আবরণ। **নারিকেলি, নারকলি, নারকেলি, নারকুলে** *বিণ* ১ নারকেলের মতো আকারযুক্ত (নারকেলি কুল)। ২ নারকেলের, নারকেল সম্বন্ধীয় (নারকলি হুক্কা ভাল করিয়া শিক করিয়া ও ধুইয়া সাজিয়া...—*আমআ*)। **ঝুনা ~** *বি* যে নারকেলের ভিতর বাহির পেকে গেছে। { স. নারিকেল}

নারিগ, নারিগো [নারিগো] *ক্রি* না পারগো (লিখিতে নারিগ—*বিপ*)। {না+পারি+গো}

নারিশ [নারিশ্] *বি* করাতের বাঁকানো দাঁত। { স. নিরীশ>}

নারী [নারি] *বি* ১ স্ত্রীলোক; রমণী; মহিলা। ২ পত্নী। **~জন্ম** *বি* নারীরূপে জন্ম। **–দেশ** *বি* ১ নারীপ্রধান দেশ। ২ পুরুষহীন দেশ (উতরিল নারীদেশে · মদ)। **–ধর্ম** *বি* নারীর বৈশিষ্ট্য; সতীত্ব, মমত্ব, বাৎসল্য প্রভৃতি নারীসুলভ গুণ। **~বিজিত** *বিণ* স্ত্রৈণ। **~রত্ন** *বি* অপূর্ব সুন্দরী বা গুণবতী রমণী। **–সত্তমা** *বি* সর্বোৎকৃষ্ট নারী; শ্রেষ্ঠ নারী (অপরূপ প্রেম প্রতিমা এই বিশ্বমোহিনী নারীসত্তমাকে সৃষ্টি করিয়াছেন—*ইহো*)। **~সমাজ** *বি* মহিলা সম্প্রদায় (নারীসমাজ জেগে উঠেছে)। **–স্বভাব** *বি* নারীপ্রকৃতি; নারীর মতো কোমল স্বভাব। ☐ *বিণ* স্ত্রীস্বভাব সুলভ। { স. √নৃ, নর+ঈ(ঙীষ্)}

নার্গিস, নারগিস [নারগিস] *বি* ফুলবিশেষ; narcissus (নার্গিসফুলী আঁখ—*নই*; তুমি না আসিলে নার্গিস কভু খুলতো না তার পর্ণপুট—*ফআ*)। **নার্গিসাক্ষি** *বিণ* নার্গিস ফুলের মতো চক্ষুবিশিষ্ট (নার্গিসাক্ষি ! কি কথা আমার কোস্ কানে—*মোম*)। { *ফা.* নারগিস نرگس }

নার্ভ [নারভ্] *বি* মস্তিষ্ক থেকে দেহের সর্বত্র বিস্তৃত তন্তুবিশেষ, যার সাহায্যে অনুভূতি ও পেশিক্রিয়া সম্পন্ন হয়; স্নায়ু। { *ই.* nerve}

নার্স [নারস্] *বি* হাসপাতালে শুশ্রূষাকারিণী; সেবিকা; সেবক (নার্সগুলোকে আমি দুচোখে দেখতে পারিনে—*নই*)। { *ই.* nurse}

নার্সারি [নারসারি] *বি* ১ শিশু লালনালয়; শিশুদের পালন ও শিক্ষার প্রতিষ্ঠান। ২ শিশুদের জন্য নির্দিষ্ট কক্ষ। ৩ চারা উৎপাদনের স্থান বা বাগান। { *ই.* nursery}

নার্সিং–হোম [নারসিঙ্ হোম্] *বি* ব্যক্তিগত বা বেসরকারি হাসপাতাল (যখন নিতান্তই অচল হয়ে পড়বে তখন তাকে নার্সিং হোমে পাঠানো হবে—*সৈমু*)। { *ই.* nursing-home}

নাল[১] [নাল] *বি* ১ নলখাগড়া। ২ শিরা। ৩ মৃণাল। ৪ পদ্ম প্রভৃতির ডাঁটা। { স. √নল্+অ(অণ্)}

নাল[২] [নাল] *বি* ঘোড়া বা গরুর খুরে লাগাবার লোহার পাতবিশেষ; horse-shoe (তাইমুরের অশ্বের পদতলস্থ নাল হইতে প্রস্তরাঘাতে অগ্নিস্ফুলিঙ্গ নির্গত হইতেছে—*ইহো*)। **~বন্দি করা** *বি* ঘোড়ার খুরে নাল লাগানো; shoeing। { *আ.* নাল نعل }

নাল[৩] [নাল] *বি* লালা; থুথু; থুতু (তোর দাঁতে থাকবে না, নাল গড়াবে—*অচিসে*)। { স. লালা>}

নাল[৪] [নাল] *বি* মর্ম; ভাব (চিকন গোয়ালিনী কয় 'শুন কথার নাল'—*মৈগী*)। { স. লালা>}

নালতা [নাল্‌তা] *বি* শাকবিশেষ; পাটশাক (আলতা পায়ের চিহ্ন এঁকে নালতাশাকের গায় গো—*নই*)। { স. নলিত>}

নালতে ⇒ নালিতা

নালবংশ [নালবঙ্‌শো] *বি* নলখাগড়া। { স. √নল্+অ(ঘঞ্)+বংশ}

নালা [নালা] *বি* জল বের হওয়ার খাত; নর্দমা; ড্রেন (নালা কেটে রোগ আনা—*ঈবি*)। **~ কেটে জল আনা** *ক্রি* ইচ্ছা করে বিপদ ঘটানো। { স. নাল>নালা; স. প্রণালী>হি পয়নালা>}

নালি ⇒ নালী

নালিক ⇒ নালীক

নালিচা [নালিচা] *বি* এক প্রকার পাট। { *প্রা.* লালিচ, নালিচ}

নালিতা, নালতে [নালিতা, নাল্‌তে] *বি* পাটশাক। { স. নলিত>}

নালিম [নালিম] (*ব্র.*) *বি* রক্তাভা লালচে ভাব (উরজ উদয় থান নালিম—*বিপ*)। { *ব্র.* লালিমা}

নালিশ, নালিস [নালিশ্] *বি* ১ ফরিয়াদ; অভিযোগ। ২ আরজ; আবেদন; দরখাস্ত। ৩ প্রতিকার; প্রার্থনা। **~–ফসাদ** *বি* ঝগড়া–বিবাদ ও মামলা মোকদ্দমা (নালিশ–ফসাদ করে জমি–জায়দাদ সব খুইয়েছে—*অচিসে*)।

~বন্দ বিণ অভিযোগকারী। নালিশা বিণ নালিশসংক্রান্ত। যার জন্য নালিশ করা হয়েছে (নালিশ সম্পর্কে)। { ফা. নালিশ نالش }

নালি, নালী [নালি] বি ১ নালা; নর্দমা; জল নিষ্কাশনের পথ; খাত; ড্রেন। ২ ছোট খোল। ৩ পচা ঘা; শোষযুক্ত ঘা। ~ব্রণ, ~ঘা বি পচা ঘা; শোষযুক্ত ঘা; দুষ্ট ক্ষত (তাক্তা ন্যাকড়ার ফালি সহসা ঢেকেছে নালি ঘায়ে—জীদা)। { নালা>নালি(ক্ষুদ্রার্থে) }

নালিক [নালিক] বি ১ নলবিশিষ্ট প্রাচীন আগ্নেয়াস্ত্রবিশেষ। ২ শর; বাণ। ৩ পদ্মের ডাঁটা। { স. নাল+ইক(ঠক্) }

নাশ [নাশ্] বি ১ ধ্বংস (সর্বনাশ)। ২ ক্ষয়; হানি (অর্থনাশ)। ৩ মৃত্যু (প্রিয়নাশ)। ৪ লোপ (বংশনাশ)। ৫ বিলোপ (বুদ্ধিনাশ)। ~ই (রূ.) ক্রি নাশ করে; নষ্ট করে (এক গুণ হেতু দোষ নাশই—বিপ)। ~ক বিণ বিনাশকারী; ধ্বংসসাধক (দুরাঙ্কনাশক)। ~ন বি ১ নাশকরণ; ধ্বংসসাধন। ২ নাশক; নাশকারী; ধ্বংসকারী; দূরকারী (শোক নাশন)। নাশিত বিণ নাশ করা হয়েছে এমন; বিধ্বস্ত; বিনষ্ট; নিহত। নাশী বিণ বিনাশশীল; ধ্বংসশীল। ☐বি বিনাশকারী; নাশক। নাশিনী স্ত্রী। নাশ্য বিণ নাশযোগ্য; ধ্বংসযোগ্য। { স. √নশ্+অ(ঘঞ্) }

নাশপাতি, নাসপাতি [নাশ্পাতি] বি আপেল জাতীয় ফল। { ফা. নাশ্পাতি ناشپاتی }

নাশা [নাশা] ক্রি ধ্বংস করা; নাশ করা (নাশিল)। ☐বিণ নাশক (সর্বনাশা)। নাশী (সর্বনাশী) স্ত্রী। { স. নাশক>প্রা. ণাসঅ> বা. নাশা }

নাশিত, নাশিনী ⇒ নাশ

নাশ্তা ⇒ নাস্তা

নাশ্য ⇒ নাশ

নাস[১] [নাশ্] বি ১ বিলাস। ২ লাস্য; নৃত্য। ~বেশ বি নাচের পোশাক; চুলবাঁধা শাড়িপরা ইত্যাদি সাজসজ্জা (ঘরে আসি নাসবেশে দেবসভা যায়—ঘচা)। { স. লাস্য> }

নাস[২] [নাশ্] বি ১ তামাক পাতার গুঁড়া; নস্য; snuff (হাঁচি আসবে না নাকে দিলে নাস—অঠা)। ২ নাক দিয়ে টেনে নেওয়া (পানির নাস)। ~দান, ~দানি বি নস্যের ডিবা। { স. নস্য> }

নাসপাতি ⇒ নাশপাতি

নাসা [নাশা] বি ১ নাক; নাসিকা; ঘ্রাণেন্দ্রিয় (নাসারন্ধ্র)। ২ নাকের ভিতরে ব্রণবিশেষ। ৩ দরজার উপরকার কাঠ। ~জ্বর বি নাসার প্রকোপের জন্য জ্বর। ~পান বি নাক দিয়ে জল টেনে পান। ~রন্ধ্র বি নাকের ছিদ্র। { স. √নাস্+অ(অচ্)+আ(টাপ্) }

নাসারা ⇒ নসরা

নাসিক [নাশিক] বিণ ১ নাসিকাযুক্ত; বহুব্রীহি সমাসে পরপদে নাসিকা শব্দের রূপ (উন্নতনাসিক— উন্নত নাসিকা যাহার)। ২ ভারতে অবস্থিত হিন্দুতীর্থ; রামায়ণোক্ত পঞ্চবটী। { স. নাসা+ক(কন্) }

নাসিকা [নাশিকা] বি নাসা; নাক। নাসিক্য বিণ নাসিকা থেকে উচ্চারিত (নাসিক্য ধ্বনি)। { স. নাসা+ক(কন্)+আ(টাপ্) }

নাস্তা, নাশ্তা [নাস্তা, নাশ্তা] বি ১ জলযোগ (সময় সময় নাশ্তা খাইতেন—আমআ)। ২ প্রাতরাশ; breakfast। { ফা. নাশ্তা ناشتا }

নাস্তাখাস্তা [নাস্তাখাস্তা] বিণ ছিন্নভিন্ন; লণ্ডভণ্ড। { ফা. নাস্ত+খাস্তাহ خاسته }

নাস্তানাবুদ, নেস্তনাবুদ [নাস্তানাবুদ্, নেস্তো-] বিণ ১ ধ্বংসপ্রাপ্ত; বিধ্বস্ত (তাই তারা আজ নেস্তনাবুদ—নই)। ২ নাজেহাল; হয়রান; পর্যুদস্ত (আমাকে কি নাস্তানাবুদই করিল—বচ)। { ফা. নিস্তনাবুদ نیست نابود }

নাস্তি [নাস্তি] বি সত্তাহীনতা; অনস্তিত্ব। ☐ক্রি নেই (নাস্তি লভে মস্ত বিজয় সব জায়গায়—বেআ)। ~মান বি বিত্তহীন বা সঙ্গতিহীন ব্যক্তি। { স. ন+অস্তি> }

নাস্তিক [নাস্তিক] বিণ ১ স্রষ্টা ও পরকালে বিশ্বাস নেই এমন। ২ অবিশ্বাসী। ৩ আচারবিরোধী (তৎকালে শিক্ষিতসমূহ ধর্মদ্রোহী ও নাস্তিকের আড্ডায় পরিণত হয়—শেআ)। ☐বি যিনি বেদে বা শাস্ত্রগ্রন্থে বিশ্বাস করেন না। বিপ. আস্তিক। নাস্তিকতা, নাস্তিক্য বি। { স. ন+আস্তিক }

নাহ, নাহা (রূ.) [নাহ, নাহা] বি ১ নাথ; প্রভু (হেঠ করি নাহ করন যত কাজ—বিপ)। ২ নাগর (সুচতুর নাহ করবে অনুরোধ—জ্ঞাদা)। { স. নাথ>প্রা. ণাহ> }

নাহই (রূ.) [নাহোই] ক্রি স্নান করে বা করছে (নাহই উঠনু হাম—বিপ)। { স. স্নান> }

নাহক [নাহক] ক্রিবিণ ১ অযথা; খামখা; অনর্থক; মিছামিছি; বৃথা; অকারণ (শয়তানে দিলেক বাজি, নাহক হইল রাজি—সৈহা)। ২ অন্যায়ভাবে। { ফা. না نا + আ. হক حق }

নাহয় [নাহয়] অব্য ১ কিংবা (হয় তুমি না হয় সে)। ২ গ্রহণযোগ্য নয় বুঝেও তর্কের খাতিরে মেনে নেওয়া বোঝাতে (না হয় মানলাম তোমার কথা)। ৩ বরং তুমি না হয় ঘুরেই এসো। ৪ নতুবা; অন্যথা (খাও না হয় যাও)। ৫ বড় জোর; বেশি হলে (না হয় ব্যথাই পাবে)। { না+হয় }

নাহা ⇒ নাওয়া

নাহি ⇒ নাই

নি[১] [নি] অব্য সামীপ্য, আতিশয্য, অভাব, সাদৃশ্য ইত্যাদি ভাবপ্রকাশক উপসর্গ। { স. উপসর্গবিশেষ }

নি[২] [নি] বি সঙ্গীতের সপ্তসুরের শেষ সুর; সপ্তম স্বর; নিষাদ (সা, রে, গা, মা, পা, ধা, নি)। { স. নিষাদ> }

নিঅড় (প্রাবা.) [নিয়ড়] বিণ নিকট। নিঅড়ে (প্রাবা.) ক্রিবিণ কাছে; নিকটে। { স. নিকট> }

নিঅলি (প্রাবা.) [নিওলি] বি নিয়লি ফুল। { স. নেপালী>; অথবা নবমল্লিকা> }

নিআঁ (প্রাবা.) [নিয়াঁ] অক্রি নিয়ে (নিআঁ মথুরার হাটে—বচ)। { স. নীত্বা>প্রা. ণইঅ> }

নিউ [নিউ] বিণ নতুন (নিউ মার্কেট)। { ই. new }

নিউক্লিয়াস [নিউক্‌লিয়াস] বি পরমাণু কেন্দ্র (পরমাণুর কেন্দ্রকে বলা হয় নিউক্লিয়াস—আআশ)। { ই. nucleus }

নিউমোনিয়া [নিউমোনিয়া] বি ফুসফুসের প্রদাহসহ জ্বর। { ই. pneumonia }

নিও-প্লাটোনিজম [নিয়োপ্লাটোনিজম্] বি প্লাটো-

মতবাদের সাথে প্রাচীন মরমিবাদের মিশ্রণজাত নূতন দার্শনিক চিন্তাধারা (এতে নিও-প্লাটোনিজম ও বেদান্ত দর্শনের প্রভাব আছে—*আনিস*)। {*ই* neo-Platoism}

নিংড়ানো, নিংড়নো, নিঙ্গড়ানো [নিঙড়ানো, -ড়নো, নিঙ্‌গড়ানো] *ক্রি* ১ চাপ দিয়ে বা পাক দিয়ে পানি বের করা; নিষ্কাশন করা। ২ শোষণ করা; শেষ করা। {*স.* নিজির>}

নিঃ [নিহ্] সমাসের ক্ষেত্রে 'নি' এবং পরপদের প্রথম ধ্বনির উচ্চারণ দ্বিত্ব] *অব্য* ১ নিশ্চয়তা; সঠিক (নির্ণয়)। ২ আতিশয্য; সম্পূর্ণতা; শেষ (নিঃশেষ)। ৩ বহির্গমন; বের হওয়া (নিঃশ্বাস)। ৪ অভাব; একাকিত্ব (নির্জন)। **~ক্ষত্র, ~ক্ষত্রিয়** *বিণ* ক্ষত্রিয় নয় এমন; ক্ষত্রিয়শূন্য। **~শঙ্ক, নিশঙ্ক** *বিণ* শঙ্কাহীন; ভীতিহীন; নির্ভয়; নির্ভীক। **~শব্দ** *বিণ* নির্বাক; শব্দহীন; নীরব। **~শেষ** *বিণ* সম্পূর্ণ; অবশেষ না রেখে। **~শেষিত** *বিণ* সমাপ্ত; শেষ হয়েছে এমন; ফুরিয়ে গেছে এমন। **~শ্রেয়স** *বি* ১ মুক্তি। ২ কুশল; মঙ্গল। ৩ সুখ; আরাম। ৪ জ্ঞান; বিজ্ঞান। **~শ্বসন, নিশ্বসন** *বি* শ্বাসগ্রহণ ও ত্যাগ। **~শ্বসিত, নিশ্বসিত** *বিণ* গৃহীত শ্বাস ও পরিত্যক্ত শ্বাস। **~শ্বাস, নিশ্বাস** *বি* ফুসফুস থেকে নির্গত বায়ু; বা বাইরে থেকে নাসিকা বা ফুসফুসের অভ্যন্তরে গৃহীত বায়ু; দম। **প্রশ্বাস** *বিপ.*। **~সংজ্ঞা** *বিণ* সংজ্ঞা নেই এমন; অজ্ঞান; অচেতন; senseless। **~সংশয়, ~সন্দেহ** *বিণ* সন্দেহরহিত; সংশয়হীন; নিশ্চিত। **~সংশয়তা** *বি*। **~সঙ্কোচ** *বিণ* সঙ্কোচশূন্য। ▢ *বিণ* অকুণ্ঠ; কুণ্ঠাহীন। **~সঙ্গ** *বিণ* একাকী; সঙ্গীহারা; সংস্রবরহিত; সংকোচশূন্য; নিরাসক্ত। **~সঙ্গতা** *বি*। **~সত্ত্ব** *বিণ* সারহীন; অসার; বলহীন; বীর্যহীন; দুর্বল; ধৈর্যশূন্য; প্রাণহীন। **~সন্তান** *বিণ* সন্তান নেই এমন; বন্ধ্যা; আঁটকুড়া। **~সম্পর্ক** *বিণ* সম্পর্কহীন; সম্বন্ধশূন্য; অনাত্মীয়। **~সম্বল** *বিণ* সঙ্গতিহীন; সম্বলহীন; নিঃস্ব; দরিদ্র; বিত্তহীন। **~সরণ** *বি* বহির্গমন; নির্গত হওয়া। **~সহায়** *বিণ* অসহায়; সহায় নেই এমন; সহায়হীন। **~সাড়** *বিণ* সাড়াশূন্য; শব্দহীন; অসাড়; নিস্তেজ (সারা বাড়ীটা যেন নিঃসাড়ে ঘুমিয়ে পড়েছে—*মঈন*)। **~সারক** *বিণ* নিঃসারণকারী; নিষ্কাশন করায় এমন। **~সারণ** *বি* ১ বের করা; নিষ্কাশন; নিংড়ানো (বর্জনীয় পদার্থের নিষ্কাশনকেই নিঃসারণ বলে—*আআশ*)। ২ নির্বাসন। ৩ দ্বার; দরজা। **~সারিত** *বিণ* বের করা হয়েছে এমন। **~সীম** *বিণ* সীমাহীন; অনন্ত; বিস্তীর্ণ (নিঃসীম শূন্যে—*রঠা*; নিঃসীম ধানক্ষেত—*মব*)। **~সীমতা** *বি* শূন্যতা; উদাসীনতা (চায় বুঝি মোর নিঃসীমতা—*রঠা*)। **~সৃত** *বিণ* নির্গত; বহির্গত; ক্ষরিত। **~স্পন্দন** *বিণ* স্পন্দনহীন; স্থির (আর তার হৃৎপিণ্ড যেন নিঃস্পন্দন হয়ে গেলো—*বুব*)। **~স্পৃহ** *বিণ* স্পৃহাহীন; কামনাশূন্য; বাসনাবিহীন (নিঃসঙ্গ, নিঃস্পৃহ সর্ব আভরণহীন—*রঠা*)। **~স্পৃহতা** *বি* বাসনাশূন্য; নিষ্কাম; কামনাহীন। **~স্রব, ~স্রাব** *বি* ১ তরল বস্তু বের হওয়া; ক্ষরণ। ২ ভাতের ফেন। **~স্রোত** *বি* স্রোতহীন। **~স্ব** *বিণ* সম্বলহীন; দরিদ্র; গরিব; ফকির; মিসকিন। **~স্বতা** *বি* সম্বলহীনতা; দারিদ্র্য। **~স্বন** *বি* শব্দ; রব; নিনাদ; ধ্বনি (নির্ঝর-বারির কুলু কুলু নিঃস্বন—*ইহো*)। **~স্বর** *বিণ* আওয়াজশূন্য; নীরব; স্বরবিহীন। {*স.* নির উপসর্গ}

নিদ [নিদ্] *বি* নিদ্রা; ঘুম; তন্দ্রা (রায়বেরেলির জঙ্গী দিলীর ভেঙ্গেছে লক্ষ রাতের নিদ—*ফআ*)। {*স.* নিদ্রা>}

নিক১ [নিক্] *বি* মাটিতে গাড়ির চাকার যে দাগ হয়। {*স.* নানিক>; *তুল. হি.* নীক}

নিক২ [নিক্] *বি* উকুনের বাচ্চা বা ডিম। {*স.* নিক্ষা>*প্রা.* নিক্‌খা>}

নিক৩ [নিক্] *ক্রি* অনুজ্ঞায় 'নিয়ে যাক' এই অর্থে। {*স.* √নী>}

নিকট [নিকট্] *বিণ* কাছাকাছি; সমীপে; ঘনিষ্ঠ। ▢ *বি* নৈকট্য; সামীপ্য (তার নিকটে)। **~বর্তী** (-র্তিন্), **~স্থ** *বিণ* কাছাকাছি আছে এমন; সন্নিহিত; সমীপবর্তী; আসন্ন; সমীপস্থ। **~বর্তিনী, ~স্থা** *স্ত্রী*। **~বর্তিতা** *বি*। {*স.* নি+√কট+অ(অচ)}

নিকড়ে, নিকড়িয়া [নিকোড়ে, নিকোড়িয়া] *বিণ* অর্থশূন্য; কপর্দকশূন্য; নির্ধন; দরিদ্র (নিকড়িয়া ছুটির অজস্রতা—*রঠা*)। {নি+কড়ি+ইয়া>}

নিকতি ⇒ নিক্তি

নিকম্মা [নিকম্‌মা] *বিণ* ১ অদক্ষ; অনিপুণ; অকর্মা। ২ অপদার্থ। ৩ নিষ্কর্মা; বেকার। {*স.* নিষ্কর্মা>}

নিকর [নিকর্] *বি* ১ সমূহ; রাশি (স্বচ্ছ শীতল আনন্দ যার তরঙ্গনিকর—*সদ*)। ২ মোট; সাকুল্য; সমষ্টি (নিকট বাকি)। {*স.* নি+√কৃ+অ(অপ্)}

নিকরুণ [নিকোরুন্] *বিণ* করুণাহীন; নিষ্করুণ; নির্দয়; নিষ্ঠুর। {*স.* নিঃ+করুণ>নিষ্করুণ>}

নিকষ, নিকস [নিকশ্] *বি* কষ্টিপাথর; যা দিয়ে সোনা পরীক্ষা করা হয়; শান। **~কৃষ্ণ** *বিণ* ঘোর অন্ধকার (গৃহের ভিতরকার নিকষকৃষ্ণ অন্ধকারের মধ্যে—*রঠা*)। **~ণ** *বি* কষ্টিপাথরে ঘর্ষণ। **নিকষিত** *বিণ* পরীক্ষিত; মার্জিত; পালিশ করা; কষ্টিপাথরের ঘষা; বিশুদ্ধ (নিকষিত হেম—*হেব*)। {*স.* নি+√কষ্+অ(ঘঞ্)}

নিকসন [নিকশোন্] *বিণ* ১ নির্বাসন; নিষ্ক্রমণ; নির্দয়; নিষ্ঠুর। {*স.* নিষ্ক্রমণ; *হি* √নিকস>}

নিকসানো (*ব্র.*) [নিকসানো] *ক্রি* বের হওয়া। **নিকসউ** (*ব্র.*) বের হোক (নিকসউ কঠিন পরাণ—*বিপ*)। **নিকসব** *ক্রি* নির্গত বা বের হবে (জীব নিকসব—*বিপ*)। **নিকসয়ে** *ক্রি* বের হয় (বচন না নিকসয়ে—*বিপ*)। **নিকসল** *ক্রি* বের হলো (নিকসল জটিলা সনে—*বিপ*)। {*স.* নিষ্ক্রমণ; *হি* নিকস্‌না}

নিকা ⇒ নিকাহ

নিকানো, নিকনো [নিকানো, -কনো] *ক্রি* মাটি, গোবর প্রভৃতি দিয়ে ঘরের দেয়াল, মেঝে, আঙিনা মার্জনা করা বা লেপা (পাড়ার একপাশে নিকানো-পুছানো ছোট খড়ের ঘর দু'তিনখানা—*বিব*)। ▢ *বি,বিণ* উক্ত অর্থে। {*স.* √নিক্ত>*প্রা.* শিক্ক}

নিকায় [নিকায়] *বি* ১ আবাসগৃহ। ২ সমান ধর্ম বা নীতিবিশিষ্ট ব্যক্তিবর্গ বা তাঁদের প্রতিষ্ঠান। ৩ সমূহ। ৪ লক্ষ্য। ৫ বৌদ্ধশাস্ত্র। {*স.* নি+√চি+অ(ঘঞ্)}

নিকার [নিকার] *বি* ভর্ৎসনা; তিরস্কার। ২ ক্ষতি; অনিষ্ট।

৩ অপমান; অবমাননা। ৪ লাঞ্ছনা। **নিকৃত** *বিণ* তিরস্কৃত। ২ অপমানিত। ৩ লাঞ্ছিত। { *স.* নি+√কৃ+(ঘঞ্)}

নিকারি, নিকারী, নিকিরি [নিকারি, -, নিকিরি] *বি* মুসলমান মৎস্য-ব্যবসায়ী। { *স.* নিকার> ?}

নিকাল [নিকাল্] *অব্য* বিতাড়ন; বহিষ্করণ; বের করণ অর্থে (নিকাল যাওয়া)। **নিকালো হিঁয়াসে** ১ দূর হয়ে যাও; বের হয়ে যাও। ২ এখান থেকে বের করে দাও; দূর করে দাও। { *স.* নি+√কালি}

নিকাশ, নিকাস [নিকাশ্] *বি* ১ বের হওয়া; নির্গমন; নিষ্কাশন (পানি নিকাশের রাস্তা)। ২ সমাপন; শেষ (হিসাব-নিকাশ)। ৩ ধ্বংস; শেষ; অবসান; বিনাশ; বধ (দিলীর খাঁকে পথিমধ্যে নিকাশ করিতে হইবে—*বচ*)। ৪ চূড়ান্ত হিসাব (কেমন করে হিসাব দিব নিকাশ যদি চায়, দিন ফুরায়ে যায়রে আমার দিন ফুরায়ে যায়—*গান*)। { *স.* নি+√কাশ্+অ(অচ্); *আ.* নিক্বশ نقاش }

নিকাশি [নিকাশি] *বিণ* চূড়ান্ত হিসাব সম্বন্ধীয়; চুক্তি। {নিকাশ+ই}

নিকাষ [নিকাশ্] *বি* ১ জমি কর্ষণ। ২ ঘর্ষণ, ঘষ্টানি। { *স.* নি+√কষ্+অ(ঘঞ্)}

নিকাস ⇒ নিকাশ

নিকাহ, নিকা, নিকে [নিকাহ্, নিকা, নিকে] *বি* ১ বিবাহ; বিয়ে (মোল্লা পড়িয়া নিকা দান পায় সিকা সিকা —*কমু*)। ২ দ্বিতীয় বিবাহ; বিধবা বিবাহ (নতুন করে করব নিকাহ আঙুর-লতার কন্যাকে—*নই*)। { *আ.* নিকাহ্ نكاح }

নিকি, নিকী, নিক [নিকি, -, নিক্] *বি* ছোট উকুন; নিক; উকুনের ডিম (ডেঙ্গর উকুন নিকি করে ইলিবিলি —*ভারা*)। { *স.* লিক্ষিকা>}

নিকিরী ⇒ নিকারি

নিকুচি [নিকুচি] *বি* দফারফা; শেষ; মরণ; ধ্বংস (নেশার নিকুচি—*মুচৌ*)। □*বিণ* অবাধ্যতা (তোর হুকুমের নিকুচি করেনি—*নই*)। { *স.* নি+√কুঞ্চ্}

নিকুঞ্জ [নিকুন্জো] *বি* বাগান; বনে বা উদ্যানে লতাদি দ্বারা আবৃত জায়গা; লতাগৃহ (কার নিকুঞ্জে রাত কাটায়ে —*নই*)। { *স.* নি+√গুন্জ্+অ(ঘঞ্)}

নিকৃত ⇒ নিকার

নিকৃত্ত [নিকৃত্তো] *বিণ* ১ ছেদিত বা ছিন্ন। ২ খণ্ডিত; কর্তিত। **-র** *বি* ১ ছেদক। ২ খণ্ডন। **নিকৃন্তী** *বিণ* সতর্ক; বিনাশক; ছেদক। { *স.* নি+√কৃত্+ত(ক্ত)}

নিকৃপেঁ *(মবা.)* [নিকৃপেঁ] *ক্রিবিণ* চুপ করে; নিঃশব্দে (নিলজ্জী নিকৃপেঁ থাক—*বচ*)। { *স.* নিষ্কম্প>}

নিকৃষ্ট [নিকৃকৃশ্টো] *বিণ* ১ অপছন্দ; নীচ; মন্দ; অপকৃষ্ট; জঘন্য। ২ দরিদ্র (নিকৃষ্টকে ধন দিলে পুণ্য সেহিমতে, তোমাকে নিকৃষ্ট দেখি চাহি ধন দিতে—*হেমা*)। { *স.* নি+√কৃষ্+ত(ক্ত)}

নিকে ⇒ নিকাহ

নিকেতন, নিকেত [নিকেতোন্, নিকেত্] *বি* স্থান; গৃহ; আবাস; আলয় (বিদায় হইয়া গেল নিজ নিকেতনে—*ঘচ*)। { *স.* নি+√কিত্+অন(ল্যুট্), অ(ঘঞ্)}

নিকোচন [নিকোচোন্] *বি* সংকোচন। { *স.* নি+√কুচ্+অন(ল্যুট্)}

নিকম্পিক [নিক্‌পিক্] *বিণ* ঈষৎ আন্দোলিত বা কম্পিত (নিকপিক করে ক্ষীণ কাঁকাল, পেশোয়াজ কাঁপে টালমাটাল—*নই*)। { *ধ্বন্যা.*}

নিক্কণ [নিক্কন্] *বি* নিনাদ; ঝঙ্কার; ধ্বনি; মিষ্টি আওয়াজ (মঙ্গল নিক্বণ সহ মৃদু যথা যবে দূর কুঞ্জবনে গাছে পিককূল মিলি—*মদ*)। { *স.* নি+√ক্বণ্+অ(অণ্)}

নিক্তি, নিকতি [নিক্‌তি] *বি* ওজন করার বা মাপার যন্ত্রবিশেষ; মূল্যবান ধাতু সূক্ষ্মভাবে পরিমাপের জন্য ব্যবহৃত তুলাদণ্ডবিশেষ (যৌবন কেনাবেচা হবে কিরে বানিয়ার নিক্তিতে—*নই*)। { *হি* নিক্‌তি>}

নিক্ষিপ্ত [নিক্‌খিপ্‌তো] *বিণ* ১ নিচে ফেলেছে এমন; ছুড়ে ফেলা হয়েছে এমন। ২ গচ্ছিত। ৩ অর্পিত; ন্যস্ত। ৪ পরিত্যক্ত; বর্জিত। { *স.* নি+√ক্ষিপ্+ত(ক্ত)}

নিক্ষেপ [নিক্‌খেপ্] *বি* ১ ফেলে দেওয়া। ২ স্থাপন (পদনিক্ষেপ)। ৩ ত্যাগ। ৪ গচ্ছিতকরণ; ন্যাস; অর্পণ। **-ক** *বিণ* ছুঁড়ে ফেলে এমন; ক্ষেপণ করে এমন; নিক্ষেপকারী। { *স.* নি+√ক্ষিপ্+অ(ঘঞ্)}

নিখরচ, নিখরচা [নিখরোচ্, নিখরচা] *ক্রিবিণ* খরচ না করে; বিনা মূল্যে; বিনা ব্যয়ে (নিখরচায় ছাপাইয়া দিতেছেন—*ঈবি*)। { *ফা.* নি+খরচ نا خرچ }

নিখর্ব [নিখর্‌বো] *বি* দশ সহস্র কোটিসংখ্যা। { *স.* নি+খর্ব}

নিখাকি, নিখাউন্তি [নিখাকি, নিখাউন্‌তি] *বিণ* কম খায় বা কিছুই খায় না এমন স্ত্রীলোক। □*বি* অনাহারী বা অল্পাহারী স্ত্রীলোক। **নিখেকো, নিখাউন্তে** *পু.*। {নি+খাকি}

নিখাত [নিখাত্] *বিণ* ১ খনন করা হয়েছে এমন। ২ খনিত; পোতা হয়েছে এমন; প্রোথিত। ৩ সংস্থাপিত; প্রতিষ্ঠিত। { *স.* নি+√খন্+ত(ক্ত)}

নিখাদ [নিখাদ্] *বি* ১ স্বরগ্রামের সপ্তম স্বর 'নি' (কানাড়া রাগিণীর কোমল গান্ধারে আর নিখাদে—*নই*)। ২ খাদহীন; খাঁটি; ভেজালশূন্য; বিশুদ্ধ (ওই আমাদের নিখাদ সোনা—*সদ*)। { *স.* নিষাদ>}

নিখিল [নিখিল্] *বিণ* ১ সমস্ত; সমগ্র; সমুদয় (তোমার চরণ করেছে বরণ নিখিল জন—*রঠা*)। ২ সমগ্র সৃষ্টি; বিশ্ব; সারা জাহান; পৃথিবী। ৩ সম্পূর্ণ; অনন্ত। { *স.* নি+খিল; *বহু*}

নিখুঁত [নিখুঁত্] *বিণ* নির্দোষ; ত্রুটি নেই এমন; পূর্ণাঙ্গ। **নিখুঁতা** *স্ত্রী.* (চিরযৌবনা নিটোল, নিখুঁতা—*রাব*)। **নিখুঁতি** *বি* যাতে খুঁত, দোষ বা ত্রুটি নেই। { *স.* নিখণ্ড>}

নিখোঁজ [নিখোঁজ্] *বিণ* পাত্তাহীন; খোঁজ পাওয়া যায় না এমন; সন্ধানশূন্য; নিরুদ্দেশ। {নি+খোঁজ}

নিগড় [নিগড়্] *বি* লোহার শিকল; বেড়ি; শৃঙ্খল; বন্ধন (ছন্দ যেন নিগড় না হয়ে নূপুরকাঙ্খী হয়ে বাজতে থাকে —*অঠা*)। **নিগড়িত** *বিণ* শৃঙ্খলিত; বন্ধ। { *স.* নি+√গড়্+অ(অণ্)}

নিগণ্ঠ, নিগন্থ [নিগনঠো, -থো] *বি* ১ জৈন সম্প্রদায় (নগ্ন থাকা নিগণ্ঠদের তপের একটা অঙ্গ—*রাসা*)। □*বিণ* গ্রন্থিহীন; বন্ধনহীন। { *স.* নির্গ্রন্থ>}

নিগদ [নিগদ্] *বি* ভাষণ; উক্তি; কথন। **নিগদিত** *বিণ*

ভাষিত; কথিত; উক্ত। { স. নি+√গদ্+অ(অপ্)}

নিগন্থ ⇒ নিগণ্ঠ

নিগম [নিগম্] *বি* ১ নগর; লোকালয়; হাট; বাজার; বাণিজ্যস্থান। ২ বেদ (নিগম আগমে তুমি নিরূপম কায়া —*ভারা*)। ৩ সঙ্ঘ; বণিকসঙ্ঘ। ৪ পথ; যেদিকে মানুষ হাঁটে; চলে; নিগমন (যাবে যে হজম হয়ে নিগমের আগেতেই—*সদ*)। { স. নি+√গম্+অ(ঘ)}

নিগমন [নিগমোন] *বি* বের হওয়া; বহির্গমন। { স. নি+√গম+অন(ল্যুট্)}

নিগমিত [নিগোমিতো] *বিণ* সংঙ্ঘবদ্ধ; মিলিত। { স. নি+√গম্+ই(ণিচ্)+ত(ক্ত)}

নিগরণ [নিগরোন্] *বি* ভোজন; ভক্ষণ; গলাধঃকরণ। { স. নি+√গৃ+অন(ল্যুট্)}

নিগাহ, নিঘা [নিগাহ্, নিঘা] *বি* ১ নজর; দৃষ্টি; লক্ষ। ২ মনোযোগ; অভিনিবেশ। ৩ তত্ত্বাবধান; পরিচালন; খবরদারি। { ফা. নিগাহ্ نگاه }

নিগাবান, নিগাহ্‌বান [নিগাবান্, নিগাহ্] *বি* দেখা শোনা করে যে; তত্ত্বাবধায়ক; পাহারাদার; রক্ষী। **নিগাবানি, নিগাবানি, নিগাহ্‌বানি** *বি* তত্ত্বাবধান; দেখাশোনা; পাহারাদারি। { ফা. নিগাহ্‌বান نگاه بان }

নিগার [নিগার্] *বি* অশ্বেতাঙ্গ; কাফ্রি; কৃষ্ণাঙ্গ; কালা আদমি। { ই. nigger–কালো দানা; Niger-Negro}

নিগাহবান, নিগাহ্‌বানী ⇒ নিগাবান

নিগীর্ণ [নিগিরনো] *বিণ* গিলিত; গলাধঃকৃত; ভক্ষিত। { স. নি+√গৄ+ত(ক্ত)}

নিগূঢ় [নিগুঢ়ো/–ড়ো] *বিণ* গোপন; অপ্রকাশ্য; আবৃত; একান্ত গুপ্ত; জটিল; রহস্যময়; দুর্জ্ঞেয়; অত্যন্ত গভীর (তদপেক্ষা গুরুতর এবং নিগূঢ় প্রভেদও—*রঠা*)। { স. নি+√গুহ্+ত(ক্ত)}

নিগৃহীত [নিগ্‌গৃহিতো] *বিণ* ১ পীড়িত; ক্লেশিত; শসিত; দণ্ডিত। ২ কঠোরভাবে গৃহীত এমন; ধৃত; আয়ত্ত। { স. নি+√গ্রহ্+ত(ক্ত)}

নিগ্রহ [নিগ্‌গ্রোহো] *বি* ১ শাস্তি; দণ্ড; শাসন; দমন। ২ অত্যাচার; নিপীড়ন; উৎপীড়ন; কষ্ট; প্রহার; তাড়না। ৩ অপমান; খোয়ার; বিড়ম্বনা; ভর্ৎসনা (একক্ষণের জন্যও রাজদণ্ডে নিগ্রহ ভোগ করিতে হইত না—*ঈবি*)। ৪ সংযম। **নিগ্রাহক** *বিণ* নিগ্রহকারী; শাসক; অত্যাচারী; উৎপীড়ক। { স. নি+√গ্রহ্+অ(অপ্)}

নিঘণ্টু [নিঘোনটু] *বি* ১ সূচিপত্র; নির্ঘণ্ট। ২ কোষগ্রন্থ; অভিধান। ৩ যাস্ক রচিত বৈদিক শব্দ সংগ্রহবিশেষ। { স. নি+√ঘন্‌ট্+উ; নি+√ঘটি+উ}

নিঘা ⇒ নিগাহ

নিঘিন্ন, নিঘিন্নে = নিঘৃণ

নিঘুম, নির্ঘুম [নিঘুম্, নিরঘুম্] *বিণ* ঘুমহারা; নিদ্রাহীন (নিঘুম রাতের বাঁশের বাঁশীর সুরে—*জউ*)। { নি+ঘুম; নির্+ঘুম}

নিঘৃণ, নির্ঘৃণ [নিগঘৃনো, নিরঘৃনো] *বিণ* ১ ঘৃণাহীন। ২ দয়াহীন; নির্দয় (নিতান্ত নিঘৃণ ও কাপুরুষের কর্ম—*ঈবি*)। { স. নির্+ঘৃণা>}

নিঘ্ন [নিঘ্‌নো] *বিণ* ১ অনুগত; বাধ্য। ২ আশ্রিত। ৩ নির্ভর; ভরসা (প্রতি জনের নিঘ্ন—*কমু*)। { নি+√হন্+অ(খল্)}

নিঙ্গড়ান ⇒ নিংড়ানো

নিঙ্গাড়ি, নিঙাড়ি [নিঙ্‌গাড়ি, নিঙাড়ি] *অক্রি* নিংড়ে; আর্দ্র বস্ত্র চেপে জল নিষ্কাশন করে (চলে নীল শাড়ি নিঙাড়ি নিঙাড়ি পরাণ সহিত মোর—*চন্দা*)। {⇒ নিংড়ানো}

নিচ ⇒ নীচ

নিচয়[1] [নিচয়্] *বি* ১ বৃন্দ; সমূহ (ফুটন্ত কমলমুখী নর্ত্তকীনিচয়প্রবেশিল সভাস্থলে—*কায়*)। ২ রাশি; সমুদয়। ৩ বৃদ্ধি; উপচয়। { স. নি+√চি+অ(অচ্)}

নিচয়[2] [নিচয়্] *বি* নিশ্চয় (নিচয় কহলু ময় তোয়—*রঠা*)। { স. নিশ্চয়}

নিচু[1], **নিচা** [নিচু, নিচা] *বি* ১ অনুন্নত; নিম্ন; অবনত; ছোট। ২ অবনত জায়গা; নিম্নস্থান। { স. নীচ>}

নিচু[2] ⇒ লিচু

নিচুল [নিচুল্] *বি* ১ বেতস; বেতগাছ। ২ উত্তরীয় বস্ত্র। ৩ অধর; ঠোঁট। ৪ কবি কালিদাসের সমসাময়িক কবিবিশেষ। { স. নি+√চুল্+অ(অচ্)}

নিচেতন [নিচেতোন্] *বিণ* অজ্ঞান; অচেতন (নির্ঘাত বিরহ শরে নিচেতন কৈল্প মোরে নিঃশ্বাসেক রহিছে পরান—*দৌবা*)। {নি+চেতন}

নিচোড়া (*মবা.*) ⇒ নিংড়ানো (মুঠে নিচোড়িয়া—*কমু*)। {⇒ নিংড়ানো}

নিচোর [নিচোর্] *বি* ১ আবরণ বস্ত্র; অঙ্গত্রাণ (আমি যৌবন-ভীতু পল্লীবালার আঁচর কাঁচলি-নিচোর—*নই*)। ২ বস্ত্রাঞ্চল; আঁচল। { স. নিচোল>}

নিচোল [নিচোল্] *বি* ১ ঘাঘরা। ২ আঁচল; বস্ত্রাঞ্চল (তিতিল নিচোল তার নয়নের জলে—*কৃও*)। ৩ অঙ্গত্রাণ; সাঁজোয়া। ৪ বিছানার চাদর। ৫ উত্তরীয়; পাগড়ি (মাথ আধপর রহল নিচোল—*জ্ঞাদা*)। ৬ প্রচ্ছদপট; আস্তরণ; মলাট। **–বাস** *বি* ১ আঁচল; বস্ত্রাঞ্চল। ২ আচ্ছাদন-বস্ত্র; ওড়না (বক্ষের নিচোলবাস যায় গড়াগড়ি—*রঠা*)। { স. নি+√চুল্+অ(অচ্)}

নিচ্ছিন্দ ⇒ নিশ্চিন্ত

নিচ্ছিদ্র [নিচ্‌ছিদ্‌দ্রো] *বিণ* ১ ছিদ্রহীন; ছিদ্রশূন্য। ২ ত্রুটিহীন; নিখুঁত। { স. নি+ছিদ্র}

নিছক [নিছক্] *বিণ* খাঁটি; অমিশ্র; অবিকল; একমাত্র (সমস্ত নিছক সত্য কথা—*রাব*)। { স. নিঃসত্য>}

নিছনি, নিছুনি [নিছোনি, –ছুনি] *বি* ১ রূপ; লাবণ্য (আখেরী নবীর কদম পাকের ধুলির নিছনি লয়ে—*শাহে*)। ২ উপহার (রাজ অন্ত ধন জ ও তোমার নিছনি —*সৈআ*)। ৩ বেশবিন্যাস; কেশ-রচনা (নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড়—*ভারা*)। ৪ অর্ঘ্য; নিবেদন (যদি না দিই নিছনি সেই প্রিয় সখার পার তলে—*মুশ*)। ৫ অশুভ; বালাই; অমঙ্গল (শ্বেত পীতকায় রাঙ্গা দুটি পায় নিছনি লইয়া মরিবে—*ভারা*)। ৬ তুলনা; উপমা (কনকবরণ কিয়ে দরশন নিছনি দিয়ে যে তার—*চন্দা*)। ৭ বরণ; ডালি; স্ত্রী আচারবিশেষ (নিছনি ডালা)। ৮ ঝাড়ন; গামছা। □ *বিণ* নিবেদিত; নিবেদী (চরণের নিছনি কুল; চরণের রজ—*কমু*)। { স. নির্মঞ্ছন>মবা. নেওছন>নিছন}

নিছি [নিছি] *ক্রি* উপহার বিসর্জন দেওয়া (নিছি দিনু জাতিকুল—*চদা*)। {নিছিয়া>}

নিজ [নিজ্] *বিণ* ১ আপন; স্বীয়; own (লয়ে নিজগণ করিলা গমন করিতে দক্ষে দমন—*ভারা*)। ২ স্বাভাবিক; স্বভাবত জন্মের এমন। □ *সর্ব* আপনি; স্বয়ং; নিজে (নিজের কাজ নিজে করেছি)। ~**কীয়** *ক্রিবিণ* ১ নিজ সম্বন্ধীয়; স্বকীয়; ব্যক্তিগত (এখানে অনেকটা পরিমাণে নিজেকে ও নিজকীয়কে ছাড়িয়ে একটা ব্যাপক ভূমিকার উপরে থাকি—*রঠা*)। ২ নিজকৃত (নিজকীয় কাজ)। ~**ত্ব** *বি* ব্যক্তিত্ব; স্বাতন্ত্র্য (যার নিজত্ব বলে কোনো জিনিস নেই তার পক্ষে স্বাধীনতার কোনো প্রয়োজন নেই—*প্রচৌ*)। ~**স্ব** (*অশু*. তবে প্রচলিত) *বি* ১ যাতে অন্যের অধিকার নেই এমন (নিজস্ব বাড়ি)। ২ স্বকীয়; আপন। **নিজে** *ক্রিবিণ* স্বয়ং (নিজে বলেছি)। **নিজের কোলে ঝোল টানা**—অন্যকে বঞ্চিত করে নিজের স্বার্থ সাধন করা; স্বার্থপরতা। **নিজের চরকায় তেল দেওয়া** *ক্রি* নিজের কাজে মন দেওয়া। **নিজের ঢোল (ঢাক) নিজে বাজানো** *ক্রি* আত্মপ্রশংসা করা। **নিজের পায়ে কুড়াল/কুড়ুল মারা** *ক্রি* নিজেই নিজের ক্ষতি বা সর্বনাশ করা। **নিজের পায়ে দাঁড়ানো** *ক্রি* স্বাবলম্বী হওয়া। **নিজের হাত কামড়ানো** *ক্রি* অত্যন্ত অনুশোচনা; কোনো কিছু করে পরে পস্তানো। {*স*. নি+√জন+অ(ড)}

নিজন [নিজন্] (*পদ্য*.) *বিণ* নির্জন; সঙ্গীহীন; একলা (নিজন নিদাঘ বেলা বিজন ছায়ায় ছিলেম শুয়ে—*মোম*)। {*স*. নির্জন>}

নিজস্ব ⇒ নিজ

নিজাম [নিজাম্] *বি* ১ হায়দ্রাবাদের প্রাক্তন মুসলমান অধিপতির উপাধিবিশেষ। ২ শাসনকর্তা; রাজপ্রতিনিধি। –**ত**, ~**তি** *বি* ১ নিজামের পদবি। ২ নিজামের অধিকার। ৩ নিজামের রাজ্য বা নিজামের জমিদারি। □ *বিণ* ১ নিজাম-সংক্রান্ত; নিজামত সম্বন্ধীয়। ২ ফৌজদারি। {*আ*. নিজামত نظامت}

নিজে ⇒ নিজ

নিজঝুম ⇒ নিঝুম

নিঝঞ্ঝাট, নির্ঝঞ্ঝাট [নিঝন্‌ঝাট্, নিজ্‌ঝন্‌ঝাট্] *বি* নির্বিবাদ; ঝঞ্ঝাটশূন্য। {নিঃ+ঝঞ্ঝাট}

নিঝর [নিঝর্] *বি* ১ নির্ঝর; উৎস; ঝরনা (রৌদ্র শুষ্ক হইল নিঝর, তরুলতা শাখা ফুল কমল—*নই*)। ২ ঝরা; অশ্রুধারা। {*স*. নির্ঝর>}

নিঝুম, নিজঝুম [নিঝুম্, নিজ্‌ঝুম্] *বিণ* ১ সম্পূর্ণ নীরব বা নিঃশব্দ; নিস্পন্দ। ২ সম্পূর্ণ আচ্ছন্ন; সর্বতোভাবে আবিষ্ট। {নি+ঝুম(<ঘুম)}

নিট[১], **নীট**[১] [নিট্] *বিণ* ১ খাটি; সত্য; ন্যায্য; প্রকৃত (আমি যারে যাহা খুসী হয়ে দিই তাই তার নিট প্রাপ্য—*রজসে*)। {*স*. নিষ্ঠা; *তুল*. *ই*. net}

নিট[২], **নীট**[২] [নিট্] *বিণ* ১ খরচ বাদে থাকে এমন (বিষয় সম্পত্তিতে নীট আয় ছয়টি হাজার—*মীম*)। ২ আনুষঙ্গিক বিষয় বা বস্তু বাদ দিয়ে থাকে এমন। ~ **মুনাফা** *বি* আনুষঙ্গিক খরচ বাদে লাভের অংশ (তার থেকে এই আমার নিট মুনাফা—*অচিসে*)। {*ই*. net}

নিটোল [নিটোল্] *বিণ* ১ টোলহীন; সুগোল; সুডৌল; হৃষ্টপুষ্ট; নিখুঁত (পূর্ণ নিটোল গভীর ঘন কালো—*রঠা*)। ২ পূর্ণ; সুবিকশিত। ৩ তল; স্থল; প্রদেশ। ৪ কপোল। {*স*. নিস্তল>}

নিঠুর ⇒ নিষ্ঠুর

নিড়ন ⇒ নিড়ানো

নিড়বিড় [নিড়্‌বিড়্] *বি* কাজে বিলম্ব; দীর্ঘসূত্রতা। **নিড়বিড়ে** *বিণ* কাজ করতে বিলম্ব করে এমন; দীর্ঘসূত্রী। {*ধ্বন্যা*.}

নিড়ানো, নিড়নো [নিড়ানো, –ড়নো] *ক্রি* শস্যক্ষেত্রে আগাছা পরিষ্কার করা। □ *বি, বিণ* একই অর্থে ব্যবহৃত। **নিড়ানি, নিড়েন** *বি* নিড়নাস্ত্র; নিড়ানের নিমিত্ত লৌহযন্ত্র (টোকার টোপর মাথায় দিয়ে নিড়েন হাতে কে ওই মাঠে—*সদ*)। {*স*. নিস্তৃণ>}

নিত [নিত্] *বিণ* প্রত্যহ; নিত্য; রোজ। {*স*. নিত্য>}

নিতকনে [নিত্‌কোনে] *বি* বিবাহের সময়ে কনের কুমারী সঙ্গিনী। {নিত (<*স*. মিথ্যা)+কনে}

নিতবর [নিত্‌বর্] *বি* বিবাহকালে পাত্রের কুমারী সঙ্গী (দাদারা চলেছেন বে করতে তুইও যাবি নিতবর হয়ে—*রঠা*)। {নিত (<*স*. মিথ্যা)+বর}

নিতম্ব [নিতম্‌বো] *বি* ১ (প্রধানত স্ত্রীলোকের) কটির পশ্চাদ্ভাগ; জঘনের বিপরীত দিক; পাছা। ২ পর্বতের পার্শ্বদেশ; পর্বতসানু (গিরিনিতম্ব)। ৩ বাঁক (আরেক বিস্ময় নদীর নিতম্বে কাঁপে—*সাহ*)। **নিতম্বিনী** *বিণ স্ত্রী*. স্থূল বা প্রশস্ত নিতম্ব আছে এমন। □ *বি* প্রশস্ত নিতম্ববতী নারী। {*স*. নি+√তম্+ব(ক্বন্)}

নিতল [নিতল্] *বি* ১ অতল; অতি গভীর; তলহীন (নীহারিকার নিতল বুকে—*সদ*)। ২ সপ্ত পাতালের একটি। {*স*. নি+তল; বহু}

নিতা [নিতা] *বি* দাওয়াত; নিমন্ত্রণ। {*স*. নিমন্ত্রণ>; *তুল*. *হি*. নেওতা}

নিতাই [নিতাই] *বি* নিত্যানন্দ। {*স*. নিত্যানন্দ>}

নিতান্ত [নিতান্‌তো] *বিণ* ১ অতিশয়; খুব; অধিক (নিতান্ত দুঃখ)। ২ ঘনিষ্ঠ; অতি নিকট (নিতান্ত আত্মীয়)। □ *ক্রিবিণ* ১ নেহাত; নেহায়েত; পক্ষে; একান্ত (নিতান্তই যদি যেতে চাও)। ২ অবশ্য (নিতান্ত যাবে দিন, এদিন যাবে—*রাব*)। {*স*. নি+√তম্+ত(ক্ত)}

নিত্ত (*মবা*.) [নিত্‌তো] *ক্রিবিণ* নিত্য; প্রতিদিন (নিত্ত সন্ধ্যা ঘণ্টাধ্বনি বাজে—*রাপ*)। {*স*. নিত্য>}

নিতি, নিতুই ⇒ নিত্য

নিত্য, নিতি, নিতুই [নিত্‌তো, নিতি, নিতুই] *ক্রিবিণ* ১ অহরহ; প্রত্যহ; সর্বদা; সতত। ২ দৈনিক; প্রাত্যহিক। □ *বিণ* ১ ধ্রুব; পরিবর্তনশূন্য। ২ অনাদি; অনন্ত; অক্ষয় (নিত্যনিরঞ্জন)। ৩ কালাতীত; চির। ৪ অবিরাম; নিরবচ্ছিন্ন (বীণার ঝঙ্কারসম যে প্রীতি ধ্বনিত হয় নিতি—*সুমো*)। ~**কর্ম**, ~**কৃত্য**, ~**ক্রিয়া** *বি* দৈনন্দিন কর্ম; প্রত্যহ আচরণীয় শাস্ত্রীয় অনুষ্ঠান। –**কাল** *বি* চিরকাল; অনন্তকাল। ~**নৈমিত্তিক** *বিণ* ১ প্রতি দিবসের; দৈনন্দিন। ২ প্রত্যহ করণীয়। □ *বি* নির্দিষ্ট কালোচিত কিন্তু নিয়ত অনুষ্ঠেয় ক্রিয়া-কর্ম। ~**প্রলয়** *বি* সুষুপ্তি; অতি গভীর নিদ্রা। ~**সঙ্গী** *বি* যে সব সময়ে সঙ্গে থাকে;

সর্বক্ষণের সাথী। ~সমাস *বি (ব্যা.)* যে সমাসে সমাসবদ্ধ পদ ব্যতীত অন্য পদের সাহায্যে সমস্ত পদের অর্থ নির্ণীত হয় (যেমন—গত্যন্তর); যে সমাসে ব্যাসবাক্য হয় না বা ভিন্ন পদ দ্বারা হয়। { *স.* নি+ত্য(ত্যপ্)}

নিত্যানন্দ [নিত্‌তানন্‌দো] *বি* নিতাই; শ্রীগৌরাঙ্গের বৈষ্ণবধর্ম প্রচারের সহযোগী। □ *বিণ* সর্বদা আনন্দে থাকে এমন; সদানন্দ। { *স.* নিত্য+আনন্দ}

নিথর [নিথর্] *বিণ* আলোড়নহীন; স্থির; নিস্পন্দ; শান্ত; তরঙ্গহীন; নিশ্চল; নিস্তব্ধ; নিঃশব্দ (মুখর হউক নিথর কানন নিত্য নূতন কুহু-কেকায়—*নই*)। { *স.* নি+থর(<*স.* স্থির)}

নিঁদ *(মবা.)* [নিদ্] (আছিনু কাঁচা নিঁদে—*কমু*)। { *স.* নিদ্রা>*প্রা.* নিদ্দ>}

নিদ = নিদ্রা

নিদম *(মবা.)* [নিদম্] *বিণ* ১ নির্ধূম; ধূমশূন্য। ২ নির্জলা (জ্বাল দেয় নিদম করিয়া—*মাগান*)। { *স.* নির্ধূম>}

নিদয় [নিদয়] *বিণ* নির্দয়; দয়াহীন; কঠোর (কে তুমি নিদয় নীরব ললনা—*রঠা*)। নিদয়া *স্ত্রী.*। { *স.* নির্দয়>}

নিদর্শন [নিদরশোন্] *বিণ* ১ প্রমাণ। ২ অভিজ্ঞান; চিহ্ন। ৩ উদাহরণ; দৃষ্টান্ত; উল্লেখ। { *স.* নি+√দৃশ্+অন(ল্যুট)}

নিদর্শনা [নিদরশোনা] *বি* কাব্যে অর্থালঙ্কার বিশেষ; সাদৃশ্য হেতু কারো উপর অস্বাভাবিক গুণধর্ম কার্যাদির আরোপ (যথা, ফুল দল দিয়া কাটিলা কি বিধাতা শাল্মলী-তরুবরে—*মদ*)। { *স.* নি+√দৃশ্+অন(ল্যুট)+আ(টাপ্)}

নিদর্শনী [নিদরশোনি] *বি* সূচি; জ্ঞাপনী। { *স.* নিদর্শন+ঈ(ঙীষ্)}

নিদাঘ [নিদাঘ্] *বি* ১ গ্রীষ্মকাল। ২ উত্তাপ (ফল্গু নদীর ন্যায় নিদাঘতাপে উত্তপ্ত পুরুষের জীবন করে সঞ্জীব ও সুস্নিগ্ধ—*সৈমুআ*)। ২ ঘাম; উষ্মা। { *স.* নি+√দহ্+অ(ঘঞ্)}

নিদাটি ⟹ নিদুটি

নিদান, নিদেন [নিদান্, নিদেন্] *বি* হেতু; মূল; কারণ; রোগের কারণ; ব্যাধি নির্ণয়কারী শাস্ত্র। □ *বিণ* শেষ; চরম; অন্তিম (ভাবনা হইল কি হবে নিদানে—*ভারা*)। ~কাল *বি* অন্তিম সময়; মৃত্যু সময়; শেষ অবস্থা। ~তত্ত্ব, ~বিদ্যা, ~শাস্ত্র *বি* রোগের হেতু ও উৎপত্তি শাস্ত্র। { *স.* নি+√দা+অন(ল্যুট)}

নিদারুণ [নিদারুন্] *বিণ* ১ অতি ভীষণ; অত্যন্ত দারুণ (নিদারুণ শাস্তি)। ২ কঠোর; নির্দয় (নিদারুণ বিধাতা)। ৩ অসহনীয়; অসহ্য (নিদারুণ বেদনা)। {নি+দারুণ}

নিদালি, নিদালী [নিদালি] *বি* ১ মন্ত্রপূত ধুলা যা নিদ্রালু করে। ২ নিদ্রার ভাব; ঘুমঘুম ভাব (দিবস আমার এখনো নিদালী ঘোরে রাতের কবলে বাঁধা—*জাআ*)। {নিদ+আলি}

নিদিধ্যাস, নিদিধ্যাসন [নিদিদ্‌ধ্যাস্, নিদদ্‌ধ্যাশোন্] *বি* শ্রুত বিষয়ের মনন ও ধ্যান; নিরন্তর পর্যালোচনা। { *স.* নি+√ধ্যৈ+স(সন্)+অ(ঘঞ্)}

নির্দিষ্ট ⟹ নিদেশ

নিদুখ *(মবা.)* [নিদুখ্] *বিণ* দুঃখশূন্য (নিদুখ কাহ্নু চরণে—*বচ*)। {নি+দুখ}

নিদুটি, নিদুলি, নিদাটি [নিদুটি, নিদুলি, নিদাটি] *বি* ১ গাঢ় নিদ্রাজনক মন্ত্র। ২ নিদ্রা ভাব (আত্মহা অসূর্যলোক নক্ষত্রেও লেগেছে নিদুটি—*সুদ*; লাগ লাগ নিদাটি নগর জুড়ে লাগ—*ঘচ*)। {নিদ+উটি, উলি, আটি}

নিদেন[১] ⟹ নিদেশ

নিদেন[২] [নিদেন্] *অব্য* একান্ত; অন্তত; নেহাত; বড়জোর (আশা করি, নিদেন পক্ষে ছটা মাস কি এক বছরই—*রঠা*)। { *স.* নিদান>}

নিদেন[৩] [নিদেন্] *বি* লাঙলের মুড়ার উপরের ধরার কাঠ দণ্ড। { *অমূ.* }

নিদেশ [নিদেশ্] *বি* ১ আজ্ঞা; অনুমতি; আদেশ (তোমার নিদেশে নেমে—*সদ*)। ২ উক্তি; নির্দেশ। ৩ সংবাদ (এতহু নিদেশ কহলুঁ তোহে সুন্দরী—*বিপ*)। নিদিষ্ট *বিণ* ১ উক্ত। ২ নির্দেশপ্রাপ্ত; আদিষ্ট। ~পত্র *বি* কোনো ব্যাপারে নির্দেশ দেওয়া পত্র বা লিপি। নিদেষ্টা *বিণ* নির্দেশ দিয়ে থাকে এমন ব্যক্তি; আদেশকারী। { *স.* নি+√দিশ্+অ(ঘঞ্)}

নিদ্রা [নিদ্‌দ্রা] *বি* ১ ঘুম। ~কর্ষণ *বি* নিদ্রাবেশ; তন্দ্রাঘোর; ঘুম পাওয়া। ~গত *বিণ* ঘুমন্ত; নিদ্রিত। ~জড় *বিণ* তন্দ্রা-জড়িত অবস্থা; সম্পূর্ণ নিদ্রাবস্থায় নয় (তার পরে নিদ্রাজড় অবস্থায় ভাবিল—*রঠা*)। ~জনক *বিণ* ঘুম পায় এমন; নিদ্রা উৎপাদক; ঘুমপাড়ানি। ~তুর *বিণ* ঘুমে কাতর; ঘুম-জড়িত (নিদ্রাতুর আঁখি পরে, সারা রাত্রি ধরে—*রঠা*)। ~ন্বিত *বিণ* ঘুমন্ত (বিমান কিঞ্চিৎ অবতীর্ণ করিয়া নিদ্রান্বিত লাবণ্যবতীকে লইয়া পলায়ন করিল—*ঈবি*)। ~বিষ্ট *বিণ* ঘুমে অচেতন; নিদ্রামগ্ন। ~বেশ *বি* ঘুমের আবেশ; ঘুমের ঘোর; নিদ্রা পাওয়া; তন্দ্রালু। ~ভঙ্গ *বি* জাগরণ; ঘুম ভাঙা। ~ভিভূত *বিণ* নিদ্রাবিশিষ্ট; নিদ্রামগ্ন। ~য়মাণ *বিণ* ঘুমাচ্ছে এমন। ~লস *বিণ* নিদ্রার আবেশে অবসন্ন বা জড়তাগ্রস্ত; তন্দ্রালস (নিদ্রালস আঁখিসম—*রঠা*)। ~লসা *স্ত্রী.*। ~লু *বিণ* নিদ্রাপ্রিয়; ঘুমাতে ভালোবাসে এমন; নিদ্রাশীল; ঘুম পেয়েছে এমন। নিদ্রিত *বিণ* নিদ্রাগত; নিদ্রাবিষ্ট; ঘুমন্ত। নিদ্রিতা *স্ত্রী.*। নিদ্রোত্থিত *বিণ* ঘুম থেকে উঠেছে এমন; সদ্য জাগরিত। নিদ্রোত্থিতা *স্ত্রী.*। { *স.* নি+√দ্রা+অ(অঙ)}

নিধন [নিধন্] *বি* ১ বিনাশ; ধ্বংস; সংহার; মৃত্যু (দূতের মুখে শুনি সুতের নিধন—*মদ*)। ২ লগ্ন থেকে অষ্টম স্থান। □ *বিণ* দরিদ্র; ধনহীন। ~পতি *বি* হিন্দুমতে প্রলয়কর্তা; শিব। { *স.* নি+√ধা+অন(যুচ)}

নিধনিয়া [নিধোনিয়া] *বিণ* ধনহীন; নির্ধন। { *স.* নির্ধন+ *বা.* ইয়া>}

নিধান [নিধান্] *বি* ১ ভাণ্ডার; আধার; আগার; আশ্রয় (পিতা যদি দয়ার নিধান—*সদ*)। ২ নিবেশ; স্থাপন; অর্পণ। ৩ আস্বাদ। ৪ *(গণিত.)* লগারিদমের ঘাতাঙ্ক গণনের প্রথম রাশি; base of logarithm। ৫ আমানত; গচ্ছিত। { *স.* নি+√ধা+অন(ল্যুট)}

নিধানী [নিধানি] *বিণ* ধানশূন্য; ধানবর্জিত (কে আসবে আর ঐ নিধানী মাঠের কাছে—*অচিসে*)। {নি+ধান+ঈ}

নিধার [নিধার্] *বিণ* ঋণ নাই এমন। { *স.* নি+ধার}

নিধার্য *(মবা.)* [নিধার্‌জো] *বিণ* ১ নির্ধারিত; স্থিরীকৃত।

২ সিদ্ধান্ত (শুন রাজা নিগার নিধার্য)। {*স.* নিধার্য}

নিধি [নিধি] *বি* ১ গচ্ছিত ধন; ধনরত্ন (মিললে নিধি জলের তলে থাকবে না সে ছড়িয়ে আর—*সদ*)। ২ আধার; পাত্র; ভাণ্ডার (গুণনিধি)। ৩ কুবেরের ধনবিশেষ। ৪ অমূল্য সম্পদ; রত্নসদৃশ বস্তু (রক্ষঃকুলনিধি)। ৫ বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত তহবিল বা ধন (শেরে-বাংলা স্মৃতিনিধি)। {*স.* নি+√ধা+ই(কি)}

নিধুবন[1] [নিধুবোন্] *বি* ১ রতিবিলাস; মৈথুন; কামকেলি; রমণ। ২ আমোদ-প্রমোদ; ক্রীড়া-কৌতুক। {*স.* নি+ধুবন}

নিধুবন[2] [নিধুবোন্] *বি* বৃন্দাবনে অবস্থিত নিধু নামক বন; রাধা-কৃষ্ণের কেলি-মালঞ্চ (নিধুবনে রমণী রসরঙ্গে মাতলুঁ তোহে ভগব কোন বেলা—*বিপ*)। {*বা.* নিধু+*স.* বন}

নিধেয় [নিধেয়ো] *বিণ* আমানত বা গচ্ছিত বা ন্যাসরূপে রাখার উপযুক্ত। {*অ.* নি+√ধা+য}

নিনাদ [নিনাদ্] *বি* উচ্চ ধ্বনি; শব্দ; গর্জন। **নিনাদিত** *বিণ* ১ ধ্বনিত। ২ গর্জনপূর্ণ; নাদপূর্ণ। ৩ ঘোষিত (ভেরী রবে নিনাদিত সংবাদ)। ৪ ঝঙ্কৃত; বাদিত (নিনাদিত হইল অসি কোষে)। {*স.* নি+√নদ্+অ(ঘঞ্)}

নিনু[1] [নিনু] *বিণ* নিচু; নিম্ন; হেঁটে (তোমার হুকুমে লোহা হইল নিনু পদানত যত গজরিগি—*সদ*)। ২ নম্র; বিনত; আনত। ৩ হীন। {*স.* নিম্ন>}

নিনু[2] [নিনু] *বি* লিনেন; ক্ষৌমবস্ত্র। {*ই* linen}

নিনু[3] [নিনু] *ক্রি* (*পদ্য.*) লইলাম। {*স.* নী>}

নিন্দ = নিদ্রা

নিন্দক, নিন্দুক [নিন্‌দুক্, -দুক্] *বিণ* কুৎসাকরণ; নিন্দাকরণ; অপবাদ দান (তেমনি কতগুলি লোক তাঁহার গ্রন্থের নিন্দক ছিল—*বচ*)। {*স.* √নিন্দ্+অক(ণ্বুল্)}

নিন্দন [নিন্‌দন্] *বি* কুৎসাকরণ; নিন্দাকরণ; অপবাদ দান। {*স.* √নিন্দ্+অন(ল্যুট্)}

নিন্দা[1] [নিন্‌দা] *বি* অপযশ; কুখ্যাতি; কুৎসা; কলঙ্ক; অখ্যাতি; বদনাম। **~ করা** *ক্রি* ১ কুৎসা বর্ণনা করা; নিন্দা করা (নিন্দিল যতেক সভাজন)। ২ তিরস্কার করা (মুখের উপর নিন্দা করা)। ৩ দোষ দেওয়া। **~জনক** *বিণ* অপযশপূর্ণ; কলঙ্ককর। **–বাদ** *বি* কুৎসা; অপযশকীর্তন; নিন্দন। **–ই** *বিণ* নিন্দার যোগ্য; নিন্দনীয়। **–সূচক** *বিণ* নিন্দা বোঝায় এমন; কুৎসাজ্ঞাপক। {*স.* √নিন্দ্+আ(টাপ্)}

নিন্দিত [নিন্‌দিতো] *বি* অপ্রশংসিত; নিন্দা করা হয়েছে এরূপ; অপবাদিত। □ *বিণ* ১ আপত্তিকর; গর্হিত; দূষণীয়; অনুচিত। ২ তুলনায় মহত্তর (চম্পক-নিন্দিত বর্ণ; মৃণালনিন্দিত বাহু, কাজ্জল-নিন্দিত কেশ)। **নিন্দিতা** *স্ত্রী.*। {*স.* √নিন্দ্+ত(ক্ত)}

নিন্দুক ⇒ নিন্দক

নিন্দ্য [নিন্‌দো] *বিণ* নিন্দার যোগ্য; নিন্দনীয়। {*স.* √নিন্দ্+য(যৎ)}

নিপট[1] [নিপট্] *বিণ* ১ অত্যন্ত; নিতান্ত; নিশ্চিত (নিপট আঁধার—*জীদা*)। ২ খাঁটি; যথার্থ। {*স.* নিবিড়>}

নিপট[2] [নিপট্] *বি* লম্পট (নবসহকার মঞ্জরিসহ ভ্রমরী। চুমে ভোমরা নিপট হিয়া মরে গুমরি—*নই*)। {*স.* লম্পট>}

নিপতন [নিপতোন্] *বি* নিচে পড়া; অধঃপতন। **নিপতিত** *বিণ* ১ ভূপতিত। ২ অধঃপতিত। {*স.* নি+√পত্+অন(ল্যুট্)}

নিপাত [নিপাত্] *বি* ১ ধ্বংস; মরণ; বিনাশ; উৎসন্ন। ২ অধঃপাত। {*স.* নি+√পত্+অ(ঘঞ্)}

নিপাতন [নিপাতোন্] *বি* ১ বধ; বিনাশ; ধ্বংসসাধন; অধঃপতন। ২ (*ব্যা.*) সূত্র নির্ধারিত নিয়মের ব্যতিক্রম (নিপাতনে সিদ্ধ)। **নিপাতিত** *বিণ* ১ নিক্ষিপ্ত। ২ বিনাশিত; নিহত। {*স.* নি+√পত্+ণিচ্+অন(ল্যুট্)}

নিপান [নিপান্] *বি* ১ যে ক্ষুদ্র জলাশয়ে পশুপাখি পানি পান করে বা গোসল করে থাকে; ডোবা (মহিষেরা নিপানে অবগাহন করিয়া নিরুদ্বেগে জলক্রীড়া করুক—*ঈবি*)। ২ জলাশয়ের নিকটবর্তী খাত; কৃত্রিম জলাশয় বা চৌবাচ্চা। ৩ দুগ্ধ দোহনপাত্র। {*স.* নি+√পা+অন(ল্যুট্)}

নিপীড়ক [নিপিড়ক্] *বিণ* কষ্ট দিয়ে থাকে এমন; পীড়নকারী; ক্লেশদায়ক। {*স.* নি+√পীড়্+অক(ণ্বুল্)}

নিপীড়ন [নিপিড়ন্] *বি* ১ অত্যাচার; নিগ্রহ; উৎপীড়ন; কষ্টদান। ২ দলন; মর্দন; নিষ্পেষণ। **নিপীড়িত** *বিণ* অত্যাচারিত; দলিত; নিগৃহীত; নিষ্পিষ্ট। **নিপীড়িতা** *স্ত্রী.*। {*স.* নি+√পীড়্+অন(ল্যুট্)}

নিবড়, নিবড়ন [নিবড়্, -ন্] *বি* নিষ্পাদন; সমাপ্তিকরণ। □ *ক্রি* শেষ করা বা হওয়া; সমাপন করা। {*স.* নির্বাহ}

নিপীত [নিপিতো] *বিণ* নিঃশেষে পান করা হয়েছে এমন; সম্পূর্ণরূপে পানকৃত। {*স.* নি+√পা+ত(ক্ত)}

নিপুণ [নিপুন্] *বিণ* ১ কুশলী; পটু; সমর্থ; দক্ষ; কার্যক্ষম। ২ অভিজ্ঞ। ৩ বিচক্ষণ। **নিপুণা** *স্ত্রী.*। **–তা** *বি* দক্ষতা; পটুতা; নৈপুণ্য। {*স.* নি+√পুণ্+অ(ক)}

নিব [নিব্] *বি* কলমের ধাতুনির্মিত মুখ বা মোচ যার সাহায্যে লেখা হয়। {*ই* nib}

নিবন, নিবনিব, নিবন্ত ⇒ নিবা

নিবদ্ধ [নিবদ্‌ধো] *বি* ১ বাঁধা হয়েছে এমন; বদ্ধ; আটকানো; সংলগ্ন। ২ পরিহিত। ৩ নিবিষ্ট; নিবেশিত (শঙ্খের মত সাদা পা'র দিকে তাহার দৃষ্টি নিবদ্ধ—*আজা*)। ৪ স্থাপিত। ৫ স্থিরীকৃত। ৬ গ্রথিত (মালা-নিবদ্ধ ফুল)। ৭ বিন্যস্ত। ৮ খচিত (প্রবাল-নিবদ্ধ অঙ্গুরী)। **–করণ** *বিণ* তালিকাভুক্তকরণ; রেজিস্ট্রিভুক্তকরণ। {*স.* নি+√বন্ধ্+ত(ক্ত)}

নিবন্ধ [নিবন্‌ধো] *বি* ১ প্রবন্ধ; সন্দর্ভ; রচনা। ২ গ্রন্থ; পুস্তক; বই; কিতাব। ৩ প্রস্তাব। ৪ উপায়; কৌশল; ফিকির। ৫ নিয়ম; ব্যবস্থা। ৬ নির্ধারণ; স্থিরীকরণ। ৭ আলাপ-আলোচনা (তোমা সনে নিবন্ধ করিনু দুই দণ্ড—*কমু*)। ৮ বন্ধন; বাঁধন; সম্পর্ক স্থাপন। ৯ গীত; গান। ১০ ভাগ্যের লিখন; অদৃষ্ট (নিবন্ধ খণ্ডাইতে পারে শকতি কাহার—*দৌবা*)। **নিবন্ধিত** *বিণ* ১ রচিত; লিখিত। ২ গ্রথিত; আবদ্ধ। {*স.* নি+√বন্ধ্+ত(ক্ত)}

নিবন্ধক [নিবনধোক্] *বি* যিনি তালিকাভুক্ত বা রেজিস্ট্রি করে থাকেন; registrar-এর নবসৃষ্ট পরিভাষা। {*স.* নি+√বন্ধ্+অক(ণ্বুল্)}

নিবন্ধন [নিবন্‌ধোন্] *বি* ১ কারণ; জন্য; নিমিত্ত; হেতু (আমার এই প্রাণদণ্ড কোন গুরুতর অপরাধ নিবন্ধন নহে—*ঈবি*)। ২ নির্ধারণ; বন্ধন। ৩ তালিকাভুক্তিকরণ।

৪ নিয়ম। ৫ রচনা। { স. নি+√বন্ধ্+অন(ল্যুট্)}

নিবন্ধিত ⇒ নিবন্ধ

নিবর্ত [নিবরতো] *বিণ* বিরত; ক্ষান্ত; নিবৃত্ত। ~**ক** *বিণ* নিবারক; নিবৃত্তিকারী; বিনাশকারী; engaged in subversive activities। ~**ন** *বি* ১ বিরতি; ক্ষান্তি; নিবৃত্তি। ২ প্রত্যাগমন; প্রত্যাবর্তন। ৩ নিবারণ; নিষেধ। **নিবর্তিত** *বি* ১ ক্ষান্ত হয়েছে এমন; বিরত হয়েছে এমন। ❑ *বিণ* ১ নিবারিত; নিষেধিত। ২ প্রত্যাগত; প্রত্যাবর্তিত হয়েছে এমন। { স. নি+√বৃৎ+অক(ণ্বুল্)}

নিবসই *(মবা.)* [নিবসোই] *ক্রি* বাস করে; বসতি করে। { স. নিবসতি>}

নিবসতি, নিবসন [নিবশোতি, নিবশোন] *বি* অবস্থান; বাসস্থান; নিবাস; গৃহ। { স. নি+√বস্+অতি(অতিচ্), অন(ল্যুট্)}

নিবহ [নিবহো] *বি* সমস্ত; সমূহ; সকল; রাশি। { স. নি+√বহ্+অ(অপ্)}

নিবর্হণ [নিবরহন্] *বি* ১ বধ বা বিনাশসাধন; বধ করা; ধ্বংস। ২ উৎসাদন; উন্মূলন। ❑ *বিণ* নিবর্হিত। { স. নি+বর্হ্+অন(ল্যুট্)}

নিবা, নেবা, নিভা, নেভা [নিবা, নেবা, নিভা, নেভা] *ক্রি* ১ নির্বাপিত হওয়া (আগুন নেবা)। ২ *(আল.)* শেষ হওয়া; অবসিত হওয়া (দীপ্তি নিবল)। ❑ *বি,বিণ* নির্বাপিত। **নিবুনিবু, নিবো নিবো** *বি* নির্বাপিত-প্রায়; জ্বলার প্রায় অবসান; প্রায় নির্বাপিত। ❑ *বি* নেবার উপক্রম (নিবুনিবু করা)। **নিবন্ত, নিভন্ত** *বিণ* নিবে যাচ্ছে এমন; নির্বাপিত হওয়ার উপক্রম (নিবন্ত দিনের আলোয়-*অচিসে*; পশ্চিমে নিভন্ত আজ আলোকের চুম্বনের জ্বালা—*বিদে*)। **নিভানো, নিবানো, নেবানো, নিবনো** *ক্রি* নির্বাপিত করা; নিবিয়ে ফেলা; নিভানো। ❑ *বি,বিণ* একই অর্থে। **নিবুনিবু, নিবোনিবো** *বিণ* নির্বাপিতপ্রায়; জ্বলার প্রায় অবসান; প্রায় নির্বাপিত। { স. নির্বাণ>}

নিবাত [নিবাত্] *বিণ* বায়ুহীন; বায়ুশূন্য; বাতাস না থাকায় স্থির; অচঞ্চল (নিবাতপ্রদীপ)। ❑ *বি* বায়ুভেদ; বাতাসের প্রচণ্ড ঝাপট। { স. নি(নিরুদ্ধ)+বাত}

নিবান, নিবানো ⇒ নিবা

নিবাপ [নিবাপ্] *বি* হিন্দুশাস্ত্র অনুসারে পিতা ও পূর্বপুরুষদের উদ্দেশ্যে পিণ্ডদান। { স. নি+√বপ্+অ(ঘঞ্)}

নিবার ⇒ নিবারণ

নিবারক [নিবারক] *বিণ* নিবারণ করে এমন; নিবারণকারী। { স. নি+√বারি+অক(ণ্বুল্)}

নিবারণ, নিবার [নিবারোন্, নিবার] *বি* ১ মানা; নিষেধ; বারণ। ২ প্রশমন; প্রশমিতকরণ; দূরীকরণ। (যক্ষ্মা-নিবারণ)। **নিবারণীয়, নিবার্য** *বিণ* নিবারণযোগ্য; দমনীয়; যা নিষেধ বা বারণ করতে হবে। **নিবারিত** *বিণ* নিরস্ত; নিবৃত্ত; নিবারণ করা হয়েছে এমন। { স. নি+√বারি+অন(ল্যুট্), *প্রা.* ণিবার}

নিবারি [নিবারি] *(পদ্য.)* *ক্রি* ১ নিবারণ করা; বারণ করা; নিষেধ করা (যা লো তুই সৌদামিনী গতি নিবার কুমারে সই—*মদ*)। ২ দূর করা; ঘুচানো। ৩ রোধ করা; বন্ধ করা। { স. নি+√বারি}

নিবারিত, নিবার্য ⇒ নিবারণ

নিবাস [নিবাশ্] *বি* ১ বাস; অবস্থান; বসতি। ২ আবাস; গৃহ; বাসস্থান; সাকিন; আশ্রম। **নিবাসী**(-সিন্) *বিণ* বাস করে এমন; অধিবাসী। **নিবাসিনী** *স্ত্রী.*। { স. নি+√বস্+অ(ঘঞ্)}

নিবাসন [নিবাশোন্] *বি* অন্তর্বাস; কৌপীন; ধুতি। { স. নি+বাস}

নিবিড় [নিবিড়] *বিণ* ১ ঘন; গহন; গভীর; দুর্ভেদ্য। ২ নিশ্ছিদ্র; ফাঁক নেই এমন (নিবিড়ভাবে বোনা কাপড়)। ৩ জমাট; সান্দ্র; বদ্ধ (নিবিড় আঁধার)। ৪ দৃঢ় (নিবিড় নীবিবন্ধ)। ৫ গাঢ় (নিবিড় আলিঙ্গন)। ৬ স্থূল; মোটাসোটা (নিবিড় নিতম্ব)। ~**তা** *বি* ঘনত্ব; গভীরতা; গহনত্ব ইত্যাদি। { স. নি+বিড়(বিড়চ্)+অ(অচ্)}

নিবিষ্ট [নিবিশ্টো] *বিণ* ১ মনোযোগী; মগ্ন। ২ প্রবিষ্ট। ৩ বিন্যস্ত; সংস্থাপিত। **নিবিষ্টা** *স্ত্রী.*। ~**তা** *বি*। { স. নি+√বিশ্+ত(ক্ত)}

নিবীত [নিবিতো] *বি* ১ উড়ুনি; আচ্ছাদন-বস্ত্র; উত্তরীয়। ২ পৈতা; মালার আকারে ধৃত যজ্ঞসূত্র (গলায় তোমার নাগের নিবীত—*সদ*)। ❑ *বিণ* আবৃত; আচ্ছাদিত। { স. নি+√অজ্+ত(ক্ত)—(অজ্>বী)}

নিবু নিবু ⇒ নিবা

নিবৃত [নিবৃতো] *বিণ* পরিখাদি বেষ্টিত; আবৃত। ❑ *বি* উড়ুনি; উত্তরীয়। { স. নি+√বৃ+ত(ক্ত)}

নিবৃত্ত [নিবৃত্‌তো] *বিণ* ১ বিরত; ক্ষান্ত; পরিহার করেছে এমন (ইতস্তত করিয়া নিবৃত্ত রহিল—*শাকা*)। ২ প্রত্যাবৃত্ত। **নিবৃত্তি** *বি* ১ অবসান (লোকের এ বিষয়ে সংশয় নিবৃত্তি হওয়া সহজ নহে—*ঈবি*)। ২ ক্ষান্তি; বিরতি; বিরাম। ৩ বৈরাগ্য; সন্ন্যাস (নিবৃত্তি মার্গ)। { স. নি+√বৃত্+ত(ক্ত)}

নিবেদক [নিবেদক্] *বিণ* নিবেদনকারী; দরখাস্তকারী; জ্ঞাপনকারী; আরজ-গুজার। { স. নি+√বেদি+অক(ণ্বুল্)}

নিবেদন [নিবেদন্] *বি* ১ জ্ঞাপন; জানানো। ২ আবেদন; আরজ। ৩ বিনীত বা নম্র উক্তি; বক্তব্য। ৪ সমর্পণ (আত্মনিবেদন)। ৫ উৎসর্গ; ত্যাগ; বিসর্জন। **নিবেদনীয়, নিবেদ্য** *বিণ* ১ নিবেদনের যোগ্য; আবেদনের উপযুক্ত। ২ সমর্পণের যোগ্য। **নিবেদিত** *বিণ* জ্ঞাপিত; বিনীত-ভাবে উক্ত; নিবেদন করা হয়েছে এমন; সমর্পিত। **নিবেদিতা** *স্ত্রী.*। { স. নি+ √বেদি+অন(ল্যুট্)}

নিবেশ [নিবেশ্] *বি* ১ বিন্যাস; সন্নিবেশ; স্থাপন; কোনো কিছুর উপর মন নিবিষ্ট করা (সত্যি মানায় না বাসবদাকে এই নম্র নিবেশে—*অচিসে*)। ২ গৃহ; আলয়; স্থান। ৩ শিবির স্থাপন। ৪ প্রবেশ। ৫ উপবেশন। { স. নি+√বিশ্+অ(ঘঞ্)}

নিবেশক [নিবেশক্] *বিণ* ১ বিন্যাসকারী; নিবেশকারী; স্থাপক; সন্নিবেশক। ২ গ্রন্থভুক্ত করে এমন; recorder। { স. নি+√বিশ্+অক(ণ্বুল্)}

নিবেশন [নিবেশণ্] *বিণ* ১ স্থাপন। ২ উপবেশন। ৩

প্রবেশ। ৪ অবস্থান; স্থান। ৫ গৃহ; আলয়। ৬ গ্রন্থভুক্তি। { স. নি+√বিশ+অন(ল্যুট)}

নিবেশিত [নিবেশিতো] *বিণ* ১ নিবিষ্ট; সংক্রমণ করা হয়েছে এমন। ২ স্থাপিত; বিন্যস্ত। ৩ প্রবিষ্ট; প্রবেশিত। ◻ *বি* উপবেশিত (যদি তুমি আমাকে যথাস্থানে নিবেশিত করিতে দাও তোমার মৃণাল বলয় তোমাকে ফিরিয়া দিই—*ঈবি*)। { স. নি+√বিশ্+ণিচ্+ত(ক্ত)}

নিবো নিবো ⇒ নিবু

নিভৃত [নিভৃতো] *বিণ* ১ গোপন; অপ্রকাশিত; অন্তরালবর্তী; একান্ত (নিভৃত এ চিত্ত মাঝে—*রঠা*)। ২ নির্জন; জনহীন; বিজন। { স. নি+√ভৃ+ত(ক্ত)}

নিম১ [নিম্] *বি* একপ্রকার তিক্তফল; নিম নামক গাছ। ~**ঘি** *বি* নিমের রস ও ঘি সহযোগে তৈরি একপ্রকার ঔষধ। { স. নিম্ব>নিম}

নিম২, **নীম** [নিম্] *বিণ* ১ অর্ধেক; ঈষৎ; অল্প; প্রায় (নিমরাজি)। ২ আনাড়ি; অল্প শিক্ষিত (নিম মোল্লা; নিম হাকিম)। { ফা. নীম نیم }

নিমক, নেমক [নিমক্, নেমক্] *বি* লবণ; নুন। ~ **খাওয়া** *ক্রি* অন্যের দেওয়া খাবার খাওয়া; অন্যের নিকট উপকৃত হওয়া। ~**দান** *বি* নুনের পাত্র; লবণাধার। ~**মহল** *বি* যে জমিতে লবণ উৎপাদন করা হয়। ~**হারাম** *বিণ* উপকারীর উপকার অস্বীকার করে এমন; অকৃতজ্ঞ; কৃতঘ্ন (এয়ছাই বেওফা দেও নিমকহারাম—*সৈহা*)। ~**হারামি** *বি*। ~**হালাল** *বিণ* উপকারীর উপকার স্বীকার করে এমন; কৃতজ্ঞ। ~**হালালি** *বি* কৃতজ্ঞতা (একেই কি বলে কৃতজ্ঞতা নিমকহালালি—*সৈমু*)। { ফা. নমক نمك }

নিমকি [নিম্‌কি] *বি* ঘিয়ে বা তেলে ভাজা লবণমিশ্রিত ময়দার খাবার। **নিমকিন** *বিণ* ১ লাবণ্যযুক্ত (আমার এক ফাজিল বন্ধু বলেছেন, কি নিমকিন চেহারা—*নই*)। ২ লবণাক্ত। { ফা. নমকীন نمکین }

নিমখুন [নিমখুন্] *বিণ* অর্ধখুন; প্রায় হত্যা (সাধ করে আজ বরবাদ করে দিলে সবাই, নিমখুন কেউ, কেউ জবাই—*নই*)। { ফা. নীমখুন نیم خون }

নিমগন ⇒ নিমগ্ন

নিমগ্ন [নিমগ্‌নো] *বিণ* জলমগ্ন; পানিতে ডুবে গেছে এমন; নিমজ্জিত। ◻ *বি* নিবিষ্ট, একাগ্র; আসক্ত; আবিষ্ট; আচ্ছন্ন; অনন্যমনা। **নিমগ্না** *স্ত্রী*। **নিমগন** *বিণ* নিমজ্জিত (এতে নিষেধিনু তারে তবু শুনিল না বাধা মম, পাপ পঙ্কে হল নিমগন—*কায়*)। **নিমগনা** *স্ত্রী*। { স. নি+√মস্‌জ্+ত(ক্ত)}

নিমচা [নিম্‌চা] *বি* ক্ষুদ্র অসি বা তরবারি; খঞ্জর; a scimitar। { ফা. নিমচা نیمچه }

নিমজ্জন [নিমজ্‌জোন্] *বি* ১ আচ্ছন্ন; নিবিষ্ট হওয়া; নিমগ্ন। ২ ডুবে যাওয়া; অবগাহন; জলমগ্নকরণ। **নিমজ্জমান** *বিণ* ডুবে যাচ্ছে এমন (বুড়ি বললে প্রায় নিমজ্জমান কণ্ঠে—*অচিসে*)। **নিমজ্জমানা** *স্ত্রী*। **নিমজ্জিত** *বিণ* ১ ডুবে গেছে এমন; জলমগ্ন। ২ আচ্ছন্ন; নিবিষ্ট। { স. নি+√মস্‌জ্+অন(ল্যুট)}

নি'মত ⇒ নিয়ামত

নিমন্ত্রণ, নেমন্তন্ন [নিমন্‌ত্রোন্, নেমন্‌তোন্‌নো] *বি* ১ দাওয়াত; ভোজনে আহ্বান। ২ কোনো অনুষ্ঠানে উপস্থিত থাকার আহ্বান; আমন্ত্রণ (একদিন ভোজের নেমন্তন্ন পেয়ে মহা খুশী—*হুউ*)। **নিমন্ত্রিত** *বিণ* কোনো অনুষ্ঠানে আদরে আহ্বান করা হয়েছে এমন; নিমন্ত্রণ পেয়েছে এমন; আহূত মেহমান; নবাগত; অতিথি; অভ্যাগত। { স. নি+√মন্ত্র+অন(ল্যুট)}

নিমন্ত্রয়িতা, নিমন্ত্রাতা [নিমন্‌ত্রোয়িতা, –ত্রাতা] *বিণ* নিমন্ত্রণ করে এমন; নিমন্ত্রণকর্তা; নিমন্ত্রণকারী; মেজবান; স্বাগতিক। **নিমন্ত্রয়িত্রী** *স্ত্রী*। { স. নি+√মন্ত্র্+ণিচ্+তৃ(তৃচ্)}

নিমরাজি [নিম্‌রাজি] *বিণ* অর্ধেক রাজি; প্রায় সম্মত (নিমরাজী না গররাজি—*রাব*) { ফা. নীম نیم + আ. রাদ্বী راضی }

নিমা [নিমা] *বি* ছোট অন্তর্বাস; আধাহাতা খাটোজামা। { ফা. নীমহ نیمه }

নিমাই [নিমাই] *বি* শ্রীচৈতন্যের বাল্য কালের নাম। { নিম+আই}

নিমাঞা (*মবা.*) [নিমাঁয়া] *অক্রি* নির্মাণ করে (নিমাঞা দিব যত গেছে পুড়া—*কমু*)। { স. নির্+√মা>নির্মা>}

নিমাথি, নিমাথিতী (*মবা.*) [নিমাথি, -তি] *বিণ* নিঃসহায়; অনাথা (নিমাথিতী দেখিয়া মোক—*বচ*; পাঁতরে একাসরী পাইয়া নিমাথিতী—*বচ*)। { স. নি+মস্তক>মাথা+ বা. ই}

নিমালি [নিমালি] *বি* নির্মাল্য (নিমালিক মালা—*বিপ*)। { স. নির্মাল্য>}

নিমিত্ত [নিমিতো] *বি* দ্বেষ ও মোহ থেকে পরিত্রাণ লাভের জন্য বৌদ্ধধর্মে নির্দিষ্ট পাঁচ উপায়। { স. নি+√মি+ত(ক্ত)}

নিমিখ [নিমিখ্] *বি* পলকপাত; চক্ষু নিমীলন (মৃতের নয়নে দাও তব চপল আঁখি নিমিখ—*নই*)। { স. নিমিষ>}

নিমিঝিমি [নিমিঝিমি] *অব্য* মিটমিট করা (তারা হইল নিমিঝিমি রাত্র নিশাকালে—*পূগী*)। { ধ্বন্যা.}

নিমিত্ত [নিমিত্‌তো] *বি* ১ কারণ; হেতু; জন্য (কি নিমিত্তই বা এই দুর্গম জনশূন্য—*রাব*)। ২ উপলক্ষ; উদ্দেশ্য; প্রয়োজন। ৩ শুভ বা অশুভ চিহ্ন। ৪ সাধনের অবলম্বন। ◻ *অব্য* জন্য। **নিমিত্তের ভাগী** *বি* শুধু সংস্রবহেতু ফলের জন্য দায়ী হওয়া। { স. নি+√মিদ্+ত(ক্ত)}

নিমিশ্ল [নিমিশ্‌লো] *বিণ* সংবদ্ধ; সংশ্লিষ্ট। { স. নিঃশেষে মিশ্রিত বা শ্লিষ্ট অর্থে, রবীন্দ্রনাথ ঠাকুর প্রবর্তিত}

নিমিষ ⇒ নিমেষ

নিমীল [নিমিল্] *বি* নিমীলিত; মুদ্রিত (তন্দ্রা নিমীল অলস দু'চোখ—*মাখা*)। ~**ন** *বি* চোখ বোজা; চক্ষু মুদ্রিতকরণ (তখন আমি নেত্র নিমীলন করিয়া হাসিলাম—*রঠা*)। ২ সঙ্কোচন; মুদ্রণ। **নিমীলিত** *বিণ* মুদিত; মুদ্রিত; সঙ্কুচিত (নিমীলিত তব যুগলনয়ন—*রঠা*)। { স. নি+√মীল্+অ(অচ্)}

নিমেষ, নিমিষ [নিমেশ্, নিমিশ্] *বি* ১ পলক; চোখের পাতার স্পন্দন (অতলের পানে চাহি নয়নে নিমেষ নাহি—*রঠা*)। ২ পলক ফেলতে যেটুকু সময় প্রয়োজন;

মুহূর্তকাল; অতি অল্প সময়। { স. নি+√মিষ্+অ(ঘঞ্) }
নি-মোরাদ [নিমোরাদ্] *বি* শক্তি নেই এমন (মরদের যদি মর্দামীই না রইল তবে ত সে নি-মোরাদে—*নই*)। { নি+ *আ.* মুরুব্বৎ مروة }
নিম্ন [নিম্‌নো] *বিণ* ১ নিচু; ঢালু; ঢাল; অধঃ; অনুন্নত। ২ নিকৃষ্ট। ৩ তলা; তলদেশ; নিচু বা ঢালু স্থান। ~**তা** *বি*। ~**গ** *বিণ* ঢালুর দিকে যায় এমন; নিম্নগামী। ~**গা** *স্ত্রী.*। ~**গামী**(-মিন্) *বিণ* ১ অধোগামী; নিম্নাভিমুখী। ২ কুপথগামী। ☐*বি* নদী। ~ **প্রাথমিক** *বিণ* নিম্নশিক্ষার প্রাথমিক স্তর; প্রারম্ভিক; lower primary। ~**লিখিত** *বিণ* অধোলিখিত; নিচে লেখা আছে এমন। **নিম্নোক্ত, নিম্নোদ্ধৃত, নিম্নধৃত** *বিণ* নিচে কথিত বা উল্লিখিত। **নিম্নোন্নত** *বিণ* উচ্চনিচ; উঁচুনিচু; অসমতল; বন্ধুর। { স. নি+√ম্না+অ(ক) }
নিম্ব, নিম্বক [নিম্‌বো, নিম্‌বক্] *বি* নিম ফল; নিমগাছ; Melia azadiracta। { স. নিম্ব, নিম্বক }
নিম্বাইত [নিম্বাইত্] *বি* প্রসিদ্ধ মাধবাচার্য প্রবর্তিত নিম্বার্ক বৈষ্ণব সম্প্রদায়। { স. নিম্ব+ *বা.* আইত }
নিম্বু, নিম্বুক [নিম্‌বু, নিম্‌বুক্] *বি* কাগজি লেবু; লেবু গাছ। { স. √নিম্ব+উ, উক }
নিযুক্ত [নিজুক্‌তো] *বি* বহাল; কর্মে ভারপ্রাপ্ত। ☐*বিণ* ১ নিয়োজিত। ২ ব্যাপৃত; প্রবৃত্ত। { স. নি+√যুজ্+ত(ক্ত) }
নিযুত [নিযুত্] *বি,বিণ* দশ লক্ষ; million। { স. নি+যুত }
নিযোক্তা ⇒ নিয়োক্তা
নিযোজ্য ⇒ নিয়োজ্য
নিয়ৎ ⇒ নিয়ত¹, নিয়তি
নিয়ড় [নিয়ড়্] *বি* নিকট; কাছে; সমীপ (ছাওলা করিয়া কোলে এমাম হুসেন বিবির নিয়ড়ে যায় বিষাদিত মন—*হেমু*)। { স. নিকট>নিঅড়>নিয়ড় }
নিয়ত¹, নীয়ত [নিয়ত্] *বি* উদ্দেশ্য; মানত; অভিপ্রায়; সংকল্প (মসজিদে গিয়ে নামাজের নিয়ত করে, ভাবে যত সব সংসারের পাপ দুশ্চিন্তা—*নই*)। ~ **বাঁধা**, ~ **করা** *ক্রি* নামাজ ও অন্যান্য ধর্মীয় কাজের সংকল্প করা বা সংকল্পজ্ঞাপন বাণী উচ্চারণ করা; নামাজের জন্য বাঁ হাতের কব্জির উপর ডান হাত ধরে ভক্তিভরে দণ্ডায়মান হওয়া। { *আ.* নিয়ত نية }
নিয়ত² [নিয়তো] *বিণ* ১ ক্রমাগত; অবিশ্রান্ত; নিরন্তর। ২ নিয়মিত; নিত্য; সতত। ৩ স্থির; অপরিবর্তিত। ৪ সংযত; নিয়ন্ত্রিত; বশীভূত (নিয়তাহার)। ☐*ক্রিবিণ* সর্বদা; প্রায়ই; প্রত্যহ। **নিয়তাচার** *বি* ১ নিয়মিত আচার অনুষ্ঠান। ২ অপরিবর্তনীয় নিয়ম কানুন বা আচার অনুষ্ঠান। **নিয়তাত্মা** *বিণ* সংযমী; সংযত-হৃদয়; বশীকৃতচিত্ত। **নিয়তাহার** *বিণ* ১ পরিমিতভোজী; মিতাহারী। ২ নিয়মিত ভোজন; ভোজনের কাল নির্ধারিত আছে এমন। { স. নি+√যম্+ত(ক্ত) }
নিয়তি, নিয়ত [নিয়োতি, নিয়ত্] *বি* ১ ভাগ্য; অদৃষ্ট; নসিব। ২ বিধির বিধান। ৩ হিন্দুশাস্ত্রমতে কর্মফল। ৪ অবশ্যম্ভাবী ব্যাপার বা ঘটনা। { স. নি+√যম্+তি(ক্তি), ত(ক্ত) }
নিয়ন [নিয়ন্] *বি* বায়ু মণ্ডলের এক প্রকার গ্যাস; neon; নিয়ন গ্যাসপূর্ণ বাল্‌ব বা নলে (tube-এ) বিদ্যুৎ প্রবাহ প্রবেশ করালে যে চমৎকার দ্যুতিময় আলো পাওয়া যায়। ~ **সাইন** *বি* অত্যুজ্জ্বল দীপ্তিময় নিয়ন গ্যাসময় আলো ব্যবহার করে যে বিজ্ঞাপন দেওয়া হয়; neon sign। { ই. neon }
নিয়ন্তা(-ন্তৃ) [নিয়োন্‌তা] *বিণ* পরিচালক; বিধানকর্তা; নিয়ামক; নিয়ন্ত্রণকারী (নিয়ন্তার নেত্রবিভা পশেছিল ও তব পরাণে—*সদ*)। **নিয়ন্ত্রী** *স্ত্রী.*। { স. নি+√যম্+তৃ(তৃচ্) }
নিয়ন্ত্রণ নিয়োন্‌ত্রোন্] *বি* ১ পরিচালক; শাসন; নিয়মন। ২ সংযমন; নিবারণ; প্রশমন। **নিয়ন্ত্রিত** *বিণ* ১ নিয়ন্ত্রণ করা হয়েছে এমন। ২ সংযত; দমিত। ৩ শৃঙ্খলিত; বদ্ধ। { স. নি+√যন্ত্র্+অন(ল্যুট্) }
নিয়ন্ত্রী ⇒ নিয়ন্তা
নিয়ম [নিয়োম্] *বি* ১ প্রথা; প্রণালি; পদ্ধতি; ধারা; দস্তুর। ২ নির্দিষ্ট বা স্থির বা নির্ধারিত কর্তব্য (সাংসারিক নিয়ম)। ৩ আইন (রাষ্ট্রের নিয়ম; নিয়মকানুন)। ৪ অভ্যাস (ব্যায়াম করা তার নিয়ম)। ৫ বিধান; নির্দেশ; ব্যবস্থা (রাষ্ট্রের নিয়ম)। ৬ সংযম; ইন্দ্রিয় দমন; শাস্ত্রবিহিত কৃচ্ছ্রসাধন। ৭ সংযত আচার। ~**কানুন** *বি* বিধিবিধান (হাদিছের অছুল বা নিয়ম-কানুন—*মআখাঁ*)। ~**তন্ত্র** *বি* নির্দিষ্ট বিধানসমূহ; নির্দিষ্ট নিয়মসমূহ মেনে চলা। ~**তান্ত্রিক** *বিণ* নিয়মতন্ত্র মানতে অভ্যস্ত এমন; নিয়মতন্ত্রের অনুসরণকারী; নিয়মতন্ত্র সম্পর্কিত। ~**নিগড়** *বি* নিয়মের বন্ধন; নিয়মের শিকল (সৃষ্টি বুঝি বাঁধা নাই নিয়ম-নিগড়ে—*রঠা*)। ~**ন** *বি* ১ ব্যবস্থাপন; পরিচালন; বিধি দ্বারা বন্ধন; নিয়ম দ্বারা বন্ধন; শৃঙ্খলা বিধান। ২ সংযমন; নিয়ন্ত্রণ। ~**নিষ্ঠ** *বিণ* শৃঙ্খলাবদ্ধ; নিষ্ঠার সঙ্গে নিয়ম মেনে চলে এমন। ~**পালন** *বি* ১ নিয়ম অনুযায়ী চলা। ২ শাস্ত্রীয় ব্রত উপবাসাদি পালন। ~**পূর্বক** *ক্রিবিণ* ব্যবস্থামতো; বিধান অনুযায়ী; রীতিমাফিক। ~**বিরুদ্ধ** *বিণ* ১ অবৈধ; বিধিবিরুদ্ধ। ২ অশাস্ত্রীয়। ~**ভঙ্গ** *বি* ১ নিয়ম অমান্যকরণ। ২ প্রতিশ্রুতি রক্ষা না করা। ৩ ব্রতাদি উদ্‌যাপন। **নিয়মানুবর্তিতা** *বি* নিয়ম পালন; নির্দিষ্ট নিয়ম মেনে চলা। **নিয়মানুবর্তী**(-র্তিন্) *বিণ* নির্দিষ্ট কোনো নিয়ম মেনে চলে এমন। **নিয়মানুযায়ী**(-য়িন্) *বিণ* যথাবিধি; নিয়মমাফিক; নিয়মানুগত। ☐*ক্রিবিণ* নিয়মের বশবর্তী হয়ে। **নিয়মিত** *বিণ* ১ নিয়মমাফিক; নিয়মবদ্ধ। ২ সংযত। ৩ নিয়ন্ত্রিত; ব্যবস্থাপিত। ☐*ক্রিবিণ* প্রতিদিন নির্দিষ্ট সময়ে; নির্ধারিত; অবধারিতভাবে। **নিয়মী**(-মিন্) *বিণ* ১ নিয়ম পালন করে এমন; নিয়ম-রক্ষক। ২ নিয়মপালক; সংযমী। **নিয়ম্য** *বিণ* ১ নিয়মের উপযোগী। ২ নিয়ন্ত্রণযোগ্য। ৩ সংযমের উপযোগী। { স. নি+√যম্+অ(অপ্) }
নিয়ামক [নিয়ামোক্] *বি* ১ পরিচালক; নিয়ন্তা। ২ ব্যবস্থাপক; নিয়মকর্তা। ৩ নাবিক। ৪ *(জ্যা.)* যে স্থিররেখা অবলম্বনে বক্রাদি অঙ্কন করা হয়; বক্রাদি অঙ্কনে ব্যবহার্য স্থিররেখা; directrix। **নিয়ামন** *বি* নিয়ন্ত্রণ। { স. নি+√যম্+অক(ণ্বুল্) }

নিয়ামত, নেয়ামৎ [নিয়ামত, -নে-] *বি* ১ তোহফা; ধন; সম্পদ (এই দুনিয়ার নিয়ামত হতে নিজেরে করিল বঞ্চনা—*নই*)। ২ সৌভাগ্য। ৩ অনুগ্রহ। **~খানা** *বি* জালে ঘেরা খাদ্য সংরক্ষণের আলমারি (তাঁর ঘরের নেয়ামতখানায় সব সময়ই মওজুদ থাকিত—*রক*)। {*আ.* নিয়মাত نعمت }

নিয়মিত [নিয়োমিতো] *বিণ* ১ সংযত। ২ নির্ধারিত; নির্দিষ্ট। ৩ বিধিবদ্ধ। ৪ নিয়ন্ত্রিত। ৫ নিষিদ্ধ। {*স.* নিয়ম+ √যম+ত(ক্ত)}

নিয়ানি, নিয়ানী *(ব্র.)* [নিয়ানি] *বি* নবমল্লিকা ফুল (ফুটিল নিয়ানী জান—*রঙ্গসে*)। {*স.* নবমল্লিকা>}

নিয়োক্তা, নিযোক্তা(ক্তৃ) [নিয়োক্‌তা, নিজো-] *বিণ* নিয়োগকারী; নিয়োগকর্তা; মনিব। {*স.* নি+√যুজ্+ তৃ(তৃচ)}

নিয়োগ [নিয়োগ্] *বি* ১ নিযুক্তি বা বহালকরণ; কার্যের ভারার্পণ। ২ মনোনিবেশ; প্রয়োগ। ৩ স্থায়ী নিয়োজন। ৪ প্রবৃত্ত বা ব্যাপৃতকরণ। **~পত্র** *বি* কাজে নিযুক্ত বা বহাল করার নির্দেশপত্র; appointment letter। **নিয়োগী** *বিণ* নিযুক্ত; আদিষ্ট; employee। □ *বি* হিন্দু সম্প্রদায়ের উপাধিবিশেষ। {*স.* নি+√যুজ্+অ(ঘঞ্)}

নিয়োজক [নিয়োজক্] *বিণ* ১ নিয়োগকর্তা; নিয়োগ করেন এমন। ২ প্রবর্তক। **নিয়োজন** *বি* ১ নিয়োগকরণ; কর্মে প্রতিষ্ঠাকরণ। ২ প্রবর্তন। **নিয়োজয়িতা** *বিণ* ১ নিযোক্তা; নিয়োজক। ২ প্রবর্তক। **নিয়োজিত** *বিণ* ১ নিযুক্ত। ২ প্রবৃত্ত। **নিয়োজ্য, নিযোজ্য** *বিণ* ১ কোনো কাজে নিযুক্ত করা যায় এমন; নিযুক্ত করার যোগ্য। ২ প্রযোজ্য। {*স.* নি+√যুজ্+অন(ল্যুট্)}

নির ⇒ নিঃ

নিরংশ [নিরঙশো] *বিণ* ১ *(জ্যোবি)* রাশির প্রথম ও শেষ দিন; সংক্রান্তি। ২ যে সম্পত্তির অংশভাগী নয়। {*স.* নিঃ+অংশ}

নিরংশু [নিরঙশু] *বিণ* জ্যোতিহীন; নিষ্প্রভ (সুধাংশু নিরংশু যথা সে রবির তেজে—*মদ*)। {*স.* নিঃ+অংশু}

নিরক্ষ [নিরোক্‌খো] *বি* ১ বিষুবরেখা; শূন্য ডিগ্রিবিশিষ্ট অক্ষরেখা; equator। ২ দিবারাত্রি সমান হয় এমন স্থান; বিষুবরেখার উপরিস্থ দেশ। **~রেখা, ~বৃত্ত** *বি* যে কাল্পনিক গুরুবৃত্তের সাহায্যে পৃথিবীর উত্তরার্ধ ও দক্ষিণার্ধ বিভক্ত করা হয়েছে; বিষুবরেখা। **নিরক্ষীয়** *বিণ* নিরক্ষরেখা সম্পর্কিত। {*স.* নিঃ+অক্ষ; *বহু*}

নিরক্ষর [নিরক্‌খোর্] *বিণ* লিখতে পড়তে জানেন না এমন; অক্ষরজ্ঞানহীন। {*স.* নিঃ+অক্ষর}

নিরক্ষরেখা, নিরক্ষীয় ⇒ নিরক্ষ

নিরখা *(পদ্য.)* [নিরখা] *ক্রি* বিশেষ করে দেখা; নিরীক্ষণ করা। **নিরখিয়া** *(পদ্য.) ক্রি* বিশেষভাবে বা নিপুণভাবে বা সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে দেখে; নিরীক্ষণ করে। {*স.* নিঃ+√ঈক্ষ}

নিরঙ্কুশ [নিরোঙ্‌কুশ্] *বিণ* ১ বাধাহীন; স্বাধীন; মুক্ত; বন্ধনহীন (আমরা নিরঙ্কুশ কেমন দেখুন দিকি—*মব*)। ২ অনিবার্য। ৩ স্বেচ্ছাচারী। {*স.* নিঃ+অঙ্কুশ}

নিরজন *(পদ্য.)* [নিরোজন্] *বিণ* নির্জন; কোলাহলশূন্য (দ্বিপ্রহর নিরজন ক্ষীণকণ্ঠ কাঁদে—*সদ*)। {*স.* নির্জন}

নিরঞ্জন [নিরন্‌জোন্] *বি* ১ নিষ্কলঙ্ক; বিশুদ্ধ; পবিত্র। ২ হিন্দুমতে ব্রহ্ম; ভগবান; ধর্মঠাকুর; শূন্যদেবতা। ৩ হিন্দুদের প্রতিমা বিসর্জন। ৪ আল্লাহ (অলখ নিরঞ্জন)। □ *বিণ* কলঙ্কহীন; শুদ্ধ; নির্মল। **নিরঞ্জনা** *বি স্ত্রী.* ১ নির্মলা। ২ পূর্ণিমা তিথি। {*স.* নিঃ+অঞ্জন}

নিরত [নিরতো] *বি* ব্যাপৃত; নিযুক্ত; নিবিষ্ট (আমি আত্মসুখে নিরত হইয়া তাহাদের অবস্থার প্রতি ক্ষণমাত্রও দৃষ্টিপাত করি না—*ঈবি*)। □ *বিণ* অনুরক্ত; আসক্ত। **নিরতা** *স্ত্রী.*। **নিরতি** *বি* অতিশয় অনুরক্তি; অত্যন্ত আসক্তি (শুধু দ্যুতিহীন নিরতি স্তব্ধীভূত প্রতীক্ষা—*অচিসে*)। {*স.* নি+√রম্+ত(ক্ত)}

নিরতিশয় [নিরোতিশয়্] *বিণ* অত্যধিক; অত্যন্ত; অতিরিক্ত; সুপ্রচুর (আমার চিত্তে নিরতিশয় ঔৎসুক্য জন্মিতেছে—*ঈবি*)। {*স.* নিঃ+অতিশয়}

নিরত্যয় [নিরোতত্‌তয়্] *বিণ* ১ নাশরহিত; অবিনাশী; ক্ষয়হীন; অক্ষয়। ২ দোষহীন; নির্দোষ। {*স.* নিঃ+অত্যয়}

নিরন্তর [নিরন্‌তর্] *বিণ* ১ অবিরাম; একটানা (নিরন্তর প্রশান্ত অম্বরে—*রঠা*)। ২ নিরবচ্ছিন্ন; ছেদহীন □ *ক্রিবিণ* অবিরত; সর্বদা; নিত্য; নিয়ত (তারা দেখুক নিরন্তর—*সদ*)। {*স.* নিঃ+অন্তর}

নিরন্ন [নিরন্‌নো] *বিণ* অন্নসংস্থানহীন; অন্নহীন; খাদ্যহীন; ক্ষুধাময়; অতিশয় দরিদ্র। {*স.* নিঃ+অন্ন; *বহু*}

নিরপত্য [নিরপত্‌তো] *বিণ* সন্তানহীন; নিঃসন্তান। **নিরপত্যা** *স্ত্রী.*। {*স.* নিঃ+অপত্য; *বহু*}

নিরপরাধ, নিরপরাধী *(অশু.)* [নিরপোরাধ্, -রাধি] *বিণ* ১ নির্দোষ; অপরাধ করেনি এমন; অপরাধশূন্য; কোনো পক্ষেই নেই এমন। ২ স্বাধীন; স্বতন্ত্র; কারো মুখাপেক্ষী নয় এমন। ৩ (দর্শন.) অনন্যসম্বন্ধ; অন্যসম্পর্কশূন্য; categorical। **নিরপরাধা** *(স.)*, **নিরপরাধিনী** *স্ত্রী.*। {*স.* নিঃ+অপরাধ}

নিরপেক্ষ [নিরোপেক্‌খো] *বিণ* ১ পক্ষপাতশূন্য; কোনো পক্ষই গ্রহণ না করা (নিরপেক্ষ বিচার)। ২ স্বাধীন; স্বতন্ত্র; কারও মুখাপেক্ষী নন এমন (কোনো আচরণই স্থানিক, কালিক, ব্যক্তিক প্রভাব-নিরপেক্ষ নয়—*আশ*)। □ *বি* (দর্শন.) অনন্যসম্বন্ধ; অন্যসম্পর্কশূন্য; categorical। **~তা** *বি* ১ পক্ষপাতশূন্যতা; অপক্ষপাত। ২ স্বাধীনতা; স্বাতন্ত্র্য। **নিরপেক্ষতা** *বি* ১ পক্ষপাতহীনতা; অপক্ষপাত। ২ স্বাধীনতা; স্বাতন্ত্র্য। {*স.* নিঃ+অপেক্ষ; *বহু*}

নিরবকাশ [নিরবোকাশ্] *বিণ* অবসরশূন্য; ফাঁকশূন্য; অবকাশহীন; নিরন্তর। {*স.* নিঃ+অবকাশ}

নিরবচ্ছিন্ন [নিরবচ্‌ছিন্‌নো] *বিণ* অবিরাম; একটানা; ছেদহীন; ফাঁকশূন্য; নিরন্তর (নিরবচ্ছিন্ন কালো—*অচিসে*)। {*স.* নিঃ+অবচ্ছিন্ন; *নতৎ*}

নিরবদ্য [নিরোবোদ্‌দো] *বিণ* নিন্দাহীন; কলঙ্কশূন্য; অনবদ্য; সর্বাঙ্গসুন্দর। {*স.* নিঃ+অবদ্য}

নিরবধি [নিরোবোধি] *ক্রিবিণ* সর্বদা; অনবরত; অনুক্ষণ; নিরন্তর (দুই তটের একই গান সে শোনায় নিরবধি—*রঠা*)। □ *বিণ* অবধি নেই এমন; অনন্ত; সীমাহীন; শেষহীন; অশেষ। {*স.* নিঃ+অবধি; *বহু*}

নিরবয়ব [নিরবয়ব্] *বিণ* অবয়ব নেই এমন; নিরাকার; মূর্তিহীন। ☐ *বি*১ আল্লাহতা'আলা; উপনিষদের পরমব্রহ্ম। ২ পরমাণু; আকাশ। { *স.* নিঃ+অবয়ব; *বহু* }

নিরবলম্ব, নিরবলম্বন [নিরবলমবো, –ন্] *বিণ* ১ অবলম্বনহীন। ২ নিঃসহায়; অনাথ; এতিম; আশ্রয়শূন্য; নিরাশ্রয়। { *স.* নিঃ+অবলম্ব; অবলম্বন }

নিরবশেষ [নিরবশেশ্] *বিণ* অবশেষ নেই এমন; অবশিষ্টহীন; সম্পূর্ণ; নিঃশেষ। { *স.* নিঃ+অবশেষ; *বহু* }

নিরভিমান [নিরোভিমান্] *বিণ*১ অভিমানহীন; অভিমান নেই এমন। ২ অহঙ্কারশূন্য; নিরহঙ্কার। **নিরভিমানা** *স্ত্রী.*। { *স.* নিঃ+অভিমান; *বহু* }

নিরভিমানী (–নিন্) [নিরোভিমানি] *বিণ* অভিমানশূন্য; নিরহঙ্কার; গর্বশূন্য। **নিরভিমানিনী** *স্ত্রী.*। { নিঃ+অভিমানী }

নিরভ্র [নিরব্‌ভ্রো] *বিণ* মেঘশূন্য। { *স.* নিঃ+অভ্র; *বহু* }

নিরমল ⇒ নির্মল

নিরমা, নিরমান, নিরমানো ⇒ নির্মা

নিরমিলু, নিরমিলুঁ (*মবা.*) [নিরমিলু, –লুঁ] *ক্রি* নির্মাণ করলাম (নিরমিলু দেহারা আপনি—*কমু*)। { *স.* নির্+ √মা }

নিরম্বু [নিরমবু] *বিণ*১ পানিহীন; জলশূন্য। ২ পানি পান করাও নিষিদ্ধ এমন (একে সমস্ত দিন নিরম্বু উপবাস—*শেহ*)। { *স.* নিঃ+অম্বু; *বহু* }

নিরয় [নিরয়্] *বি* দোজখ; নরক; মৃত্যুর পর পাপের জন্য শাস্তি ভোগের স্থান। ~**গামী** *বিণ* মৃত্যুর পর দোজখে যাবে এমন; নরকগামী। { *স.* নির্+√ই+অ(অচ্) }

নিরর্গল [নিররগোল্] *বিণ* ১ অর্গলহীন; অপ্রতিবন্ধ; নির্বিঘ্ন (প্রবেশমার্গ নিরর্গল করিবার নিমিত্ত দন্তকাষ্ঠ দ্বারা সেই মহাগর্ত খনন করিতে লাগিলেন—*ঈবি*)। ২ অবাধ; মুক্ত; উদ্দাম। ☐ *ক্রিবিণ* অবাধে; অনর্গল। { *স.* নিঃ+অর্গল; *বহু* }

নিরর্থ [নিরর্‌থো] *বিণ* অর্থহীন; যার কোনো অর্থ হয় না (ঐ তার গিরিদুর্গে অবরুদ্ধ নিরর্থ ভ্রূকুটি—*রঠা*)। { *স.* নিঃ+অর্থ; *বহু* }

নিরর্থক [নিররথোক্] *বিণ* ১ অর্থহীন; অনর্থক; নিষ্প্রয়োজন। ২ অকারণ; কারণহীন; উদ্দেশ্যহীন; ব্যর্থ। ☐ *ক্রিবিণ* বৃথা; নিষ্ফল। **নিরর্থ** *বিণ* অর্থহীন। { *স.* নিঃ+অর্থক; *বহু* }

নিরল (*প্রাবা.*) [নিরল্] *বিণ* বিরল; জনশূন্য; নির্জন। { *স.* বিরল>নিরল }

নিরলঙ্কার [নিরলোঙ্‌কার্] *বিণ* অলঙ্কারশূন্য; আভরণহীন; নিরাভরণ। { *স.* নিঃ+অলঙ্কার; *বহু* }

নিরলস [নিরলশ্] *বিণ* অনলস; আলস্যহীন; শ্রমশীল (নিরলস হস্ত—*রঠা*)। **নিরলসা** *স্ত্রী.*। { *স.* নিরালস্য> }

নিরস ⇒ নীরস

নিরসন [নিরশন্] *বি* দূরীকরণ; খণ্ডন; ভঞ্জন; মোচন; নিরাকরণ (দ্বিধার নিরসন করলো—*অচিসে*)। { *স.* নিঃ+অসন }

নিরস্ত [নিরস্‌তো] *বিণ* ১ বিরত; ক্ষান্ত; নিবৃত্ত (শুনিয়া নিরস্ত হইল—*ঈবি*)। ২ নিরাকৃত; দূরীকৃত; বহিষ্কৃত; নিষ্কাশিত। { *স.* নিঃ+√অস্+ত(ক্ত) }

নিরস্ত্র [নিরস্‌ত্রো] *বিণ* অস্ত্রবিহীন; অস্ত্রশূন্য। **নিরস্ত্রীকরণ** *বি* ১ অস্ত্রশূন্যকরণ; অস্ত্রহীন করা; disarmament। ২ যুদ্ধাস্ত্র বর্জন বা হ্রাস করা। { *স.* নিঃ+অস্ত্র; *বহু* }

নিরহঙ্কার [নিরহোঙ্‌কার্] *বিণ* গর্ব নেই এমন; দেমাগহীন; অহঙ্কারশূন্য (নিরহঙ্কার, নিরলঙ্কার, নির্বাক মাটি—*অচিসে*)। { *স.* নিঃ+অহঙ্কার; *বহু* }

নিরহঙ্কারী (–রিন্) [নিরহোঙ্‌কারি] *বিণ* অহঙ্কারশূন্য; গর্বশূন্য। { নিঃ+অহঙ্কারী }

নিরা (*প্রাবা.*) [নিরা] *বি, বিণ* নির্জল উপবাস বা উপবাসী। { *স.* নিরম্বু> }

নিরাক, নিরাগ [নিরাক্, –গ্] *বিণ* হাওয়াশূন্য স্তব্ধতা (একদিন শ্রাবণের শেষাশেষি নিরাক পড়েছে—*সৈও*)। { নি+রাগ(রোষ)>; *আঞ্চ.* }

নিরাকরণ [নিরাকরোন্] *বি* ১ খণ্ডন; ভঞ্জন; দূরীকরণ; নিরসন; মেটানো। ২ প্রত্যাখ্যান। ৩ নিবারণ। ৪ নির্ণয়; নির্ধারণ; অবধারণ। **নিরাকৃত** *বিণ* দূরীভূত; নিরাকরণ করা হয়েছে এমন। **নিরাকৃতি** *বি* নিরাকরণ; নিরসন; খণ্ডন। { *স.* নিঃ+আকরণ }

নিরাকাঙ্ক্ষ [নিরাকাঙ্‌খো] *বিণ* আকাঙ্ক্ষাহীন; কামনাহীন; নির্লোভ; নিস্পৃহ। **নিরাকাঙ্ক্ষা** *বি* আকাঙ্ক্ষাহীনতা; লোভহীনতা। { *স.* নিঃ+আকাঙ্ক্ষা; *বহু* }

নিরাকার [নিরাকার্] *বিণ* আকারশূন্য; অবয়বহীন; নিরবয়ব; মূর্তিহীন; বিমূর্ত। ☐ *বি*১ আল্লাহ; উপনিষদের পরমব্রহ্ম (এই সকল লোক একমাত্র নিরাকার খোদা তা'আলার আরাধনা করিতেন—*শেজা*)। ২ আকাশ। { *স.* নিঃ+আকার; *বহু* }

নিরাকুল [নিরাকুল্] *বিণ* ১ অত্যন্ত উদ্বিগ্ন; অতিশয় ব্যাকুল। ২ ভারাক্রান্ত; সমাকুল; পরিপূর্ণ (নিরাকুল ফুলভারে বকুল বাগান—*রঠা*)। ☐ *বি* উদ্বেগহীন; প্রশান্ত; আকুলতাশূন্য। { *স.* নিঃ+আকুল; *প্রাদি* }

নিরাকৃত, নিরাকৃতি[1] ⇒ নিরাকরণ

নিরাকৃতি[2] [নিরাককৃতি] *বিণ* আকারহীন; আকৃতিহীন। { *স.* নিঃ+আকৃতি; *বহু* }

নিরাগ্রহ [নিরাগ্‌গ্রোহো] *বিণ* আগ্রহহীন (তিনি বহির্জগৎ সম্বন্ধে আদৌ নিরাগ্রহ নন—*সুদ*)। { *স.* নিঃ+আগ্রহ }

নিরাজন, নীরাজন [নিরাজন্] *বি* বিসর্জন। { *স.* নির্+ √রাজি+অন(ল্যুট্) }

নিরাতঙ্ক [নিরাতোঙ্‌কো] *বিণ* নিঃশঙ্ক; নির্ভয়; আতঙ্কহীন (সেই ভাল দেখ সেই কর নিরাতঙ্ক—*দৌকা*)। { *স.* নিঃ+আতঙ্ক; *বহু* }

নিরাতপ [নিরাতপ্] *বিণ*১ তাপহীন; আতপহীন; রৌদ্রহীন। ২ ছায়াযুক্ত। { *স.* নিঃ+আতপ; *বহু* }

নিরাধার [নিরাধার্] *বিণ*১ আধারশূন্য (নিরাধার প্রেমধারা ভরি সংসার উছিল পরশে অমরায়—*সদ*)। ২ আশ্রয়শূন্য; নিরাশ্রয়; অবলম্বনশূন্য (নিরাধারে আশ্রয় তুমি করুণাময়)। { *স.* নিঃ+আধার; *বহু* }

নিরানন্দ [নিরানোন্‌দো] *বিণ* ১ আনন্দ নেই এমন; আনন্দহীন (আমার কাছে দ্বিগুণ নিরানন্দ হইয়া উঠিল—*রঠা*)। ২ দুঃখিত; অসন্তুষ্ট। ☐ *বি* ১ আনন্দশূন্যতা; অসন্তোষ। ২ দুঃখ; বিষাদ; শোক। { *স.* নিঃ+আনন্দ; *বহু* }

নিরানব্বই, নিরানব্বুই [নিরানোববোই, –বুই] *বি* ৯৯ সংখ্যা; একশতের এক কম। ☐*বিণ* ৯৯ সংখ্যক। **নিরানব্বুয়ের ধাক্কা** *বি* টাকা জমানোর লোভ। { *স.* নবনবতি> }

নিরাপত্তা [নিরাপত্‌তা] *বি* ১ নিরাপদ অবস্থা; নির্বিঘ্নতা; বিপদশূন্যতা। ২ সুরক্ষা। { *স.* নিঃ+আপদ্+তা(তল্) }

নিরাপদ, নিরাপৎ [নিরাপদ, –ত্] *বিণ* ১ আপদমুক্ত; নির্বিঘ্ন। ২ বিপদমুক্ত। ৩ নিরুপদ্রব। **নিরাপদে** *ক্রিবিণ* নিরুপদ্রবে; অবাধে; নির্বিঘ্নে। { *স.* নিঃ+আপদ্; *বহু* }

নিরাপদেষু, নিরাপৎসু [নিরাপদেশু, –পত্‌সু] *বি* ১ বিপদ স্পর্শশূন্য ব্যক্তির নিকট। ২ পত্রে শুভকামনাসূচক সম্বোধনবিশেষ। { *স.* নিঃ+ আপদ্+সু(৭মী বহুব) }

নিরাবরণ [নিরাবরোন্] *বিণ* ১ অনাবৃত; আবরণহীন (নিরাবরণ বক্ষে তব—*রঠা*)। ২ উন্মুক্ত; খোলা। { *স.* নিঃ+আবরণ; *বহু* }

নিরাভরণ [নিরাভরোন্] *বিণ* আভরণশূন্য; অলঙ্কারহীন; নিরলঙ্কার (নিরাভরণ দেহে—*রঠা*)। **নিরাভরণা** *স্ত্রী.*। { *স.* নিঃ+আভরণ; *বহু* }

নিরাময় [নিরাময়্] *বিণ* ১ রোগহীন; নীরোগ; সুস্থ (সুস্থ নিরাময়ভাবে বসিয়া রহিল—*রঠা*)। ২ দূরীকৃত; বিতাড়িত (চিকিৎসা দ্বারা নিরাময় করা)। ☐*বি* দূরীকরণ; বিতাড়ন (অসুস্থতা নিরাময়ের জন্য)। { *স.* নিঃ+আময়; *বহু* }

নিরামিষ [নিরামিশ্] *বিণ* আমিষবর্জিত; মাছ মাংস ডিম বাদ দিয়ে আহার্য। ~**ভোজী**(–জিন্); **নিরামিষাশী** (–শিন্) *বিণ* আমিষ খাদ্য ভোজন করে না এমন; মাছ মাংস ডিম খায় না এমন। { *স.* নিঃ+আমিষ; *বহু* }

নিরালম্ব [নিরালম্‌বো] *বিণ* ১ অবলম্বনশূন্য; অবলম্বন-রহিত (নিরালম্ব শূন্যে আচম্বিতে উপজিল স্বপ্নলোক—*সুদ*)। ২ নিঃসহায়; নিরাশ্রয়; আশ্রয়হীন। { *স.* নিঃ+ আলম্ব; *বহু* }

নিরালস্য [নিরালোশ্‌শো] *বিণ* আলস্যহীন; উদ্যমশীল। { *স.* নিঃ+আলস্য; *বহু* }

নিরালা [নিরালা] *বিণ* ১ নির্জন; নিভৃত; জনশূন্য; জনহীন। ২ নিভৃত জায়গা; নির্জনস্থান। { *স.* নিরালয়> }

নিরাশ [নিরাশ্] *বিণ* ১ আশাবিহীন; হতাশ। ২ নিরুদ্যম; অবসন্ন। **নিরাশা** *বি* হতাশা; ভরসাহীন অবস্থান; আশাশূন্যতা। { *স.* নিঃ+আশ; *বহু* }

নিরাস [নিরাশ্] *বি* ১ প্রত্যাখ্যান। ২ খণ্ডন। ৩ দূরীকরণ; অপনয়ন। { *স.* নির্+√অস্+অ(ঘঞ্) }

নিরাশ্রয় [নিরাস্‌স্রয়্] *বিণ* ১ গৃহহীন; আশ্রয়হীন। ২ সহায়হীন; নিঃসহায়; অবলম্বনহীন; নিরালম্ব। **নিরাশ্রয়া** *স্ত্রী.*। { *স.* নিঃ+আশ্রয়; *বহু* }

নিরাশ্বাস [নিরাশ্‌শাশ্] *বিণ* আশ্বাসশূন্য; ভরসাহীন। { *স.* নিঃ+আশ্বাস; *বহু* }

নিরাহার [নিরাহার্] *বিণ* উপবাসী; অনশনকারী; অনাহারী। ☐*বি* অনাহার; ভোজনাভাব; উপবাস। { *স.* নিঃ+আহার }

নিরিখ [নিরিখ্] *বি* বাজার-দর; হার; খাজনার হার (আজকের সাহিত্যের তাই পুরানো নিয়ম-নীতির নিরিখে যাচাই করা চলবে না—*আশা*)। { *ফা.* নিরখ্ نرخ }

নিরিন্দ্রিয় [নিরিন্‌দ্রিয়ো] *বিণ* ইন্দ্রিয়বিহীন; চক্ষুকর্ণাদিশূন্য। { *স.* নিঃ+ইন্দ্রিয়; *বহু* }

নিরিবিলি [নিরিবিলি] *বিণ* বিরল; নিরালা; নিভৃত; নির্জন। ☐*বি* নির্জন স্থান; নিভৃত জায়গা (নিরিবিলিতে বসা)। { *স.* নিরাবিল> }

নিরীক্ষক [নিরিক্‌খক্] *বি,বিণ* ১ নিরীক্ষণকারী; বিশেষভাবে দর্শক। ২ আয়ব্যয় পরীক্ষাকারী; auditor। { *স.* নিঃ+√ঈক্ষ্+অক(ণ্বুল্) }

নিরীক্ষণ, নিরীক্ষা [নিরিক্‌খন্, নিরিক্‌খা] *বি* মনোযোগের সঙ্গে পরীক্ষা; যত্ন সহকারে অবলোকন; অভিনিবেশের সঙ্গে দর্শন। **নিরীক্ষমাণ** *বিণ* নিরীক্ষণ বা অভিনিবেশ সহকারে দর্শন করছে এমন। **নিরীক্ষিত** *বিণ* অবলোকিত; নিরীক্ষণ বা পরীক্ষা করা হয়েছে এমন। **নিরীক্ষ্যমাণ** *বিণ* নিরীক্ষণ করা যাচ্ছে বা নিরীক্ষিত হচ্ছে এমন; দৃশ্যমান। { *স.* নিঃ+√ঈক্ষ্+অন(ল্যুট্), +আ(টাপ্) }

নিরীশ্বর [নিরিশ্‌শর্] *বিণ* ১ ঈশ্বরশূন্য। ২ ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না এমন; নাস্তিক। ৩ ঈশ্বরের অস্তিত্ব সম্পর্কে অস্বীকৃতিপূর্ণ। **–বাদ** *বি* ঈশ্বরের অস্তিত্ব নেই এই মত; নাস্তিক্যবাদ; atheism। **–বাদী** *বিণ* নাস্তিক; ঈশ্বরের অস্তিত্ব অস্বীকার করে এমন; atheist (নিরীশ্বরবাদী দার্শনিক—*আখাঁ*)। { *স.* নিঃ+ ঈশ্বর; *বহু* }

নিরীহ [নিরিহো] *বিণ* ১ শান্ত; গোবেচারা। ২ অহিংস্র। ৩ নিরুপদ্রব; নির্বিরোধ। ৪ নিশ্চেষ্ট; অচেষ্ট। ৫ নিঃস্পৃহ; নির্লোভ। { *স.* নিঃ+ঈহ; *বহু* }

নিরুক্ত [নিরুক্‌তো] *বি* বেদের অঙ্গ ও ব্যাখ্যা-গ্রন্থবিশেষ; যাস্ক রচিত অভিধান গ্রন্থ যাতে বৈদিক শব্দের ব্যুৎপত্তি ইত্যাদি আলোচিত হয়েছে। ☐*বিণ* ১ কথিত; ব্যাখ্যাত; মীমাংসিত। ২ নিশ্চয়রূপে উক্ত। ৩ নির্ণীত। **নিরুক্তা** *বিণ স্ত্রী.* অব্যক্তা; অপ্রকাশিতা (তোমার অধরপল্লব ফাঁকে সেই নিরুক্তাবাণী—*নই*)। **নিরুক্তি** *বি* ১ নিশ্চয়াত্মক উক্তি। ২ শব্দের ব্যুৎপত্তি নির্দেশ। ৩ মীমাংসা। ৪ নিরুক্তি নামক গ্রন্থ। { *স.* নিঃ+উক্ত }

নিরুৎসাহ [নিরুত্‌শাহো] *বিণ* ১ উৎসাহহীন। ২ হতাশ; নিরাশ; হতোদ্যম; ভগ্নোদ্যম। ☐*বি* উৎসাহের বা উদ্যমের অভাব; নিরুদ্যম। { *স.* নিঃ+উৎসাহ; *বহু* }

নিরুৎসুক [নিরুত্‌শুক্] *বিণ* ১ ঔৎসুক্য; কৌতূহলশূন্য; আগ্রহহীন। ২ যারপরনাই ঔৎসুক্য; অত্যন্ত কৌতূহলী। { *স.* নিঃ+উৎসুক }

নিরুত্তর [নিরুত্‌তর্] *বিণ* ১ উত্তরশূন্য; জবাবহীন; লা-জবাব। ২ নির্বাক; নীরব; মূক। ৩ প্রতিবাদ করার কিছু নেই এমন; প্রতিবাদহীন। { *স.* নিঃ+উত্তর; *বহু* }

নিরুদ [নিরুদ্] *বিণ* পানিশূন্য; জলহীন। { *স.* নিঃ+উদ }

নিরুদ্দিষ্ট [নিরুদ্‌দিশ্‌টো] *বিণ* উদ্দেশ বা খোঁজ নেই এমন; নিরুদ্দেশ; নিখোঁজ। { *স.* নিঃ+উদ্দিষ্ট; *বহু* }

নিরুদ্দেশ [নিরুদ্‌দেশ্] *বিণ* ১ উদ্দেশহীন। ২ অজ্ঞাত; নিখোঁজ। নিরুদ্দিষ্ট। { *স.* নিঃ+উদ্দেশ; *নতৎ* }

নিরুদ্ধ [নিরুদ্‌ধো] *বিণ* ১ রুদ্ধ; বদ্ধ (ঘুম আসে না গো, বসে থাকি রাতের নিরুদ্ধ নিঃশ্বাসে—*নই*)। ২ অবরুদ্ধ; আবদ্ধ; বাধাপ্রাপ্ত। ৩ নিবারিত; স্থগিত। { *স.* নি+ √রুধ্+ত(ক্ত) }

নিরুদ্যম [নিরুদ্‌দম্] *বিণ* উৎসাহশূন্য; উদ্যমশূন্য; নিশ্চেষ্ট।

{ *স.* নিঃ+উদ্যম; *বহু* }

নিরুদ্বেগ [নিরুদ্‌বেগ্] *বিণ* ১ উদ্বেগশূন্য; শান্ত; স্থির; অচঞ্চল। □ *বি* উদ্বেগহীনতা; শান্তি। **নিরুদ্বেগে** *ক্রিবিণ* উদ্বেগহীনভাবে; অচঞ্চলভাবে (নিরুদ্বেগে অখণ্ড ভূমণ্ডলে একাধিপত্য করিতে পারিবে—*ঈবি*)। { *স.* নিঃ+উদ্বেগ; *বহু* }

নিরুদ্যোগ [নিরুদ্‌দোগ্] *বিণ* উদ্যমশূন্য। { *স.* নিঃ+উদ্যোগ }

নিরুপদ্রব [নিরুপোদ্‌দ্রোব্] *বিণ* উপদ্রবহীন; উৎপাতহীন; নিরাপদ (নিরুপদ্রব স্থানে যাত্রা করিব—*রাব*)। { *স.* নিঃ+উপদ্রব; *বহু* }

নিরুপম [নিরুপম্] *বিণ* তুলনারহিত; অতুলনীয়; উপমা দেবার কিছু নেই এমন; অনুপম (মাধুরী নিরুপম লুকায়ে—*রঠা*)। **নিরুপমা** *স্ত্রী.*। { *স.* নিঃ+উপমা; *বহু* }

নিরুপাধি, নিরুপাধিক [নিরুপাধি, –ক্] *বিণ* ১ উপাধিবর্জিত। ২ নির্গুণ; সত্ত্ব রজঃ ও তমঃ—এই তিন গুণরহিত বা বর্জিত (পাঁচটা গুণের সঙ্গে একটা নিরুপাধিক ঐশী ক্ষমতাও অপরিহার্য—*সুদ*)। { *স.* নিঃ+উপাধি; উপাধিক; *বহু* }

নিরুপায় [নিরুপায়্] *বিণ* ১ অনন্যোপায়; উপায়শূন্য। ২ সহায়হীন; নিঃসহায়। ৩ প্রতিকারের শক্তিশূন্য। { *স.* নিঃ+উপায়; *বহু* }

নিরূপক [নিরুপক্] *বিণ* নিরূপণ করে এমন; নিরূপণকারী; নির্ণায়ক; নির্ধারক। **নিরূপণ** *বি* নির্ধারণ; নির্ণয়; অবধারণ। **নিরূপিত** *বিণ* নির্ণীত; স্থিরীকৃত; নিরূপণ করা হয়েছে এমন। { *স.* নি+√রূপ্+ণিচ্+অক(ণুল্) }

নিরেট [নিরেট্] *বিণ* ১ ঘন; জমাট; দৃঢ়; ফাঁপা নয় এমন; কঠিন (উহার কোথাও নিরেট বালুকা—*মোব*)। ২ (*ব্য.*) বুদ্ধিশূন্য; নির্বোধ; মস্তিষ্কহীন। ~ **মাথা** *বিণ* নির্বোধ; মাথায় কোনো কিছু প্রবেশ করে না এমন (নিরেট মূর্খ)। { *স.* নির্দৃঢ়> }

নিরেস, নিরেশ [নিরেশ্] *বিণ* মন্দ; খারাপ; নিকৃষ্ট; খেলো (জন্মভূমি রঙ নক্সা মিলিয়ে সরেস নিরেশ মালের বাছবিচার হয়—*সৈমু*)। { *স.* নীরস> }

নিরোধ [নিরোধ্] *বি* ১ অবরোধ; আটক। ২ প্রতিরোধ; বাধা দান; প্রতিবন্ধ। ৩ নিগ্রহ; অত্যাচার। ৪ সংযম। ৫ কারাবন্ধন। ~**ক** *বিণ* প্রতিরোধক; নিবারক। –**ন** *বি* ১ বাধা দান; প্রতিরোধ। ২ রুদ্ধকরণ; নিরোধ। ৩ সংযমন; সংযতকরণ। { *স.* নি+√রুধ্+অ(ঘঞ্) }

নির্গত [নির্‌গতো] *বি, বিণ* ১ নিষ্ক্রান্ত; বহির্গত; নিঃসৃত (অশ্রু নির্গত হওয়া)। ২ প্রবাহিত। { *স.* নিঃ+√গম্+ত(ক্ত) }

নির্গন্ধ [নির্‌গন্‌ধো] *বিণ* গন্ধ নেই এমন; গন্ধশূন্য; গন্ধহীন। { *স.* নিঃ+গন্ধ; *বহু* }

নির্গম, নির্গমন [নির্‌গম্, –মোন্] *বি* ১ নিষ্ক্রমণ; বহির্গমন (মাধবী লতার এই যে মুকুলনির্গম এ তোমারই শুভসূচক—*ঈবি*)। ২ নিঃসরণ; নিঃস্রাব; ক্ষরণ। ৩ দ্বার; পথ। { *স.* নিঃ+√গম্+অ(ঘঞর্থে ক), অন(ল্যুট্) }

নির্গলন [নির্‌গলোন্] *বি* ১ নিঃসরণ; ক্ষরণ; চোয়ানো। ২ বিগলন। **নির্গলিত** *বিণ* ১ বিগলিত। ২ ক্ষরিত; চুইয়ে নির্গত। ৩ গলিত। { *স.* নিঃ+√গল্+অন(ল্যুট্) }

নির্গুণ [নির্‌গুন্] *বিণ* ১ গুণহীন; গুণশূন্য। ২ সদ্‌গুণহীন; অযোগ্য; অক্ষম। ৩ গুণাতীত। ৪ হিন্দুমতে ত্রিগুণাতীত পরব্রহ্ম। { *স.* নিঃ+গুণ; *বহু* }

নিগূঢ় [নির্‌গুঢ়ো] *বিণ* ১ অত্যন্ত গূঢ়; অত্যন্ত দুর্জ্ঞেয়। ২ অত্যধিক রহস্যপূর্ণ। ৩ বিশেষ গোপনীয়। ৪ অতিশয় জটিল। { *স.* নিঃ+গূঢ়; *প্রাদি* }

নির্গৃহ [নির্‌গৃহো] *বিণ* ১ গৃহহীন। ২ আশ্রয়হীন; নিরাশ্রয়। { *স.* নিঃ+গৃহ; *বহু* }

নির্গ্রন্থ [নির্‌গ্রোন্‌থো] *বিণ* ১ বিদ্যাহীন; মূর্খ। ২ বন্ধনহীন। ৩ দিগম্বর। ৪ আসক্তিহীন; অনাসক্ত। ৫ মুণ্ডিত মস্তক জৈন বা বৌদ্ধ সন্ন্যাসী; ক্ষপণক। { *স.* নিঃ+গ্রন্থ }

নির্ঘণ্ট [নির্‌ঘন্‌টো] *বি* ১ বর্ণানুক্রমিক সূচি; নিঘণ্টু। ২ অনুষ্ঠানাদির ক্রমিক তালিকা; অনুক্রমণিকা। ৩ বিশেষভাবে নির্ধারণ। { *স.* নিঃ+√ঘণ্ট্+অ(অচ্) }

নির্ঘাত [নির্‌ঘাত্] *বি* ১ প্রবল বায়ুর আঘাতজনিত শব্দ; বায়ুর পরস্পর সংঘাত। ২ বজ্রাঘাত। □ *বিণ* ১ প্রবল; প্রচণ্ড; ভীষণ; ভয়ানক। ২ নিষ্ঠুর; কঠোর। ৩ মর্মান্তিক। ৪ অবশ্য; নিশ্চয়; নিঃসন্দেহে; নিশ্চিতভাবে (নির্ঘাত জানা)। { *স.* নিঃ+√হন্+অ(ঘঞ্) }

নির্ঘৃণ, নির্ঘিন্ন [নিরঘৃনো, নির্ঘিন্‌নো] *বিণ* ১ ঘৃণা নেই এমন; ঘৃণাহীন; ঘৃণা হয় না এমন। ২ নির্লজ্জ; লজ্জাহীন; হায়াশূন্য; বেহায়া। { *স.* নিঃ+ঘৃণা; *বহু* }

নির্ঘোষ [নির্‌ঘোশ্] *বি* ভীষণ আওয়াজ; গভীর নিনাদ; প্রচণ্ড গর্জন। { *স.* নিঃ+ঘোষ }

নির্জন [নির্‌জন্] *বিণ* জনহীন; নিভৃত; নিরালা। □ *বি* জনশূন্য স্থান; নিভৃতস্থান। { *স.* নিঃ+জন; *বহু* }

নির্জর [নির্‌জর্] *বিণ* ১ জরাবর্জিত; জরাহীন (নির্জর সবারে জিনি নিল ইন্দ্রপদ—*যচ*)। { *স.* নিঃ+জরা; *বহু* }

নির্জল [নির্‌জল্] *বিণ* ১ জলহীন। ২ পানি মিশ্রিত নয় এমন (প্রসন্ন যে দুগ্ধ দেয় তাহা নির্জল এবং দামে সস্তা—*বচ*)। ৩ পানি পান নিষিদ্ধ এমন; নিরম্বু (নির্জল উপবাস)। **নির্জলা** *স্ত্রী.*। { *স.* নিঃ+জল; *বহু* }

নির্জলা [নির্‌জলা] *বিণ* ১ জলহীন; শুষ্ক (পশ্চিম একে পাহাড়ে উপরন্তু নির্জলা দেশ—*প্রচৌ*)। ২ জলমিশ্রিত নয়; খাঁটি (এ নির্জলা সত্য কথা—*হবা*)। ৩ নিরম্বু। ৪ (*ব্য.*) নির্ভেজাল; সম্পূর্ণ ভেজালশূন্য (নির্জলা মিথ্যা)। { *স.* নিঃ+জল+*বা.* আ }

নির্জাস (*মবা.*) [নির্‌জাশ্] *বি* লক্ষ্য (গালে মাথে মারে চড় নির্জাস করিয়া। মিম্বর হইতে ভূমে পড়িল ঢলিয়া—*হেমা*)। { *স.* নির্+√যাসি+অ(অচ্)=নির্যাস> }

নির্জিত [নির্‌জিতো] *বিণ* ১ পরাজিত বা দমন করা হয়েছে এমন; পরাভূত; পরাজিত; দমিত। ২ বশীকৃত। { *স.* নিঃ+√জি+ত(ক্ত) }

নির্জীব [নির্‌জিব্] *বিণ* ১ প্রাণশূন্য; জীবনহীন। ২ জীবনীশক্তি ক্ষীণ হচ্ছে এমন। মৃতকল্প। ৩ অতিশয় দুর্বল। ৪ অত্যন্ত ক্লান্ত বা অবসন্ন। ~**তা** *বি* ১ প্রাণশূন্যতা; প্রাণহীনতা। ২ শক্তিহীনতা। ৩ জড়তা। { *স.* নিঃ+জীব }

নির্ঝঞ্ঝাট [নির্‌ঝন্‌ঝাট্] *বিণ* ঝঞ্ঝাটহীন; উপদ্রবহীন; নিরুপদ্রব; নির্বিঘ্ন। **নির্ঝঞ্ঝাটে** *ক্রিবিণ* বিনা উপদ্রবে; নির্বিঘ্নে। □ *বিণ* শান্তিপ্রিয়। { *স.* নিঃ+*বা.* ঝঞ্ঝাট; *বহু* }

নির্ঝর [নির্‌ঝর্] *বি* ১ পর্বত থেকে অবতীর্ণ পানির ধারা;

ঝরনা; ফোয়ারা; উৎস (ঝরিছে ঝর্ঝরে নির্ঝর—*মদ*)। ২ যার প্রবাহ অফুরন্ত। { *স.* নিঃ+√ঝৃ+অ(অপ)}
নির্ঝরিণী [নির্‌ঝোরিনি] *বি* নদী; প্রবাহিণী। **নির্ঝরী পর্বত/পাহাড়** *বি*। { *স.* নির্ঝর+ইন(ইনি)+ঈ(ঙীষ্)}
নির্ণয়, নির্ণয়ন [নিরনয়, –য়োন] *ক্রি* নিরূপণ; সিদ্ধান্তকরণ; নির্ধারণ; স্থিরীকরণ। ❑*বি* সিদ্ধান্ত। **নির্ণায়ক** *বিণ* সিদ্ধান্তকর; সিদ্ধান্তকারী; নিরূপক; নির্ণয়কারী। ❑*বি* মানদণ্ড; criterion। **নির্ণায়কসভা** *বি* বিচারকার্যে সাহায্যকারী সভা; board of jurors or assessors। **নির্ণায়ক সভ্য** *বি* নির্ণায়ক সভার সদস্য; juror। **নির্ণীত** *বিণ* নির্ণয় করা হয়েছে এমন। **নির্ণেতা** *বিণ* নির্ণয়কারী; বিচারক। **নির্ণেয়** *বিণ* নির্ণয় করতে হবে এমন; নির্ণয় করার উপযুক্ত। { *স.* নিঃ+√নী+অ(অচ্), অন(ল্যুট্)}
নির্দয় [নির্‌দয়] *বিণ* ১ দয়াশূন্য; নিষ্ঠুর; কঠোর। ২ সুকঠিন; দুঃসহ (নির্দয় পীড়ন)। **নির্দয়া** *বিণ স্ত্রী*। –তা *বি* দয়াহীনতা; নিষ্ঠুরতা; করুণাহীনতা। { *স.* নিঃ+দয়া}
নির্দিষ্ট [নির্‌দিশ্‌টো] *বিণ* ১ নির্ণীত; স্থিরীকৃত; নির্ধারিত; নিরূপিত। ২ বিশেষভাবে প্রদর্শিত; নির্দেশ করা হয়েছে এমন; নির্দেশিত। { *স.* নিঃ+√দিশ্+ত(ক্ত)}
নির্দেশ [নির্‌দেশ্] *বি* ১ নির্ধারণ; স্থিরীকরণ; নিরূপণ। ২ বিশেষভাবে প্রদর্শন। ৩ আজ্ঞা; হুকুম; আদেশ। ৪ বর্ণন; বিবৃতি। ৫ উপদেশ; হেদায়েত। ৬ উল্লেখ। ~ক, **নির্দেষ্টা** *বিণ* ১ নির্ণায়ক; নির্ধারক। ২ নির্দেশ করে এমন; নির্দেশকারী। ৩ আজ্ঞাকারী; আদেশকারী; হাকিম। ~ন, ~না *বি* নির্দেশকরণ; নির্ধারণ। –নী *বিণ* নির্দেশ করা যায় এমন; সূচি; index। { *স.* নিঃ+√দিশ্+অ(ঘঞ্)}
নির্দোষ [নির্‌দোশ্] *বিণ* ১ দোষরহিত; দোষবর্জিত। ২ অপরাধ নেই এমন; নিরপরাধ। ৩ নিখুঁত; ত্রুটিহীন; কলঙ্করহিত। **নির্দোষী** (*অশু.*) *বিণ* অপরাধ করেনি এমন; নিরপরাধ। { *স.* নিঃ+দোষ; *বহু*}
নির্দ্বন্দ্ব [নির্‌দন্‌দো] *বিণ* ১ দ্বন্দ্বহীন; নির্বিরোধ; নির্বিবাদ। ২ শীত–উষ্ণ সুখ–দুঃখ রাগ–দ্বেষাদি দ্বন্দ্বরহিত। { *স.* নিঃ+দ্বন্দ্ব; *বহু*}
নির্ধন [নির্‌ধন্] *বিণ* ধনশূন্য; ধনহীন; বিত্তহীন; দরিদ্র; গরিব। ~তা *বি* দারিদ্র্য; বিত্তহীনতা। { *স.* নিঃ+ধন; *বহু*}
নির্ধারণ [নির্‌ধারোন্] *বি* নিরূপণতা; নির্ণয়; সিদ্ধান্ত; স্থিরীকরণ। { *স.* নিঃ+√ধারি+অন(ল্যুট্)}
নির্ধারক [নির্‌ধারোক্] *বিণ* নির্ণয়কারী; নির্ধারণকারী। { *স.* নিঃ+√ধারি+অক(ণ্বুল্)}
নির্ধারিত [নির্‌ধারিতো] *বিণ* নির্ধারণ করা হয়েছে এমন; স্থিরীকৃত; নির্দিষ্ট; নির্ণীত। { *স.* নিঃ+√ধারি+ত(ক্ত)}
নির্ধার্য [নির্‌ধার্‌জো] *বিণ* নির্ণেয়; নিরূপণীয়; নির্ধারণযোগ্য। { *স.* নিঃ+ধার্য}
নির্ধুত, নির্ধূত [নির্‌ধুত্] *বিণ* বিশেষভাবে কম্পিত; তাড়িত; বিদূরিত। { *স.* নিঃ+√ধূ+ত(ক্ত)}
নির্ধূম [নির্‌ধুম্] *বিণ* ধূমহীন; ধূমশূন্য; পরিষ্কার (আমাদের মাঝে এক নির্ধূম আনন্দ আছে—*জীদা*; নির্ধূম অগ্নি)। { *স.* নিঃ+ধূম; *বহু*}
নির্নিমিখ (*ব্র.*) [নির্‌নিমিখ্] *ক্রিবিণ* একদৃষ্টে; অপলক-নেত্রে; পলকহীনভাবে (মার মুখ চাহি রহিল বালক নির্নিমিখ—*নই*)। ❑*বিণ* পলকহীন; অপলক; নির্নিমেষ। { *স.* নিঃ+ *ব্র.* নিমিখ; *বহু*}
নির্নিমিত্ত [নির্‌নিমিত্‌তো] *বিণ* ১ অকারণ; কারণের অভাব। ২ অনর্থক; নিরর্থক। ৩ হঠাৎ; আকস্মিক। { *স.* নিঃ+নিমিত্ত; *বহু*}
নির্নিমেষ [নির্‌নিমেশ্] *বিণ* নিমেষহীন; পলকহীন (তুমি চেয়ে নির্নিমেষ—*রঠা*)। { *স.* নিঃ+নিমেষ; *বহু*}
নির্বংশ [নির্‌বঙ্‌শো] *বিণ* বংশধর নেই এমন; লুপ্তবংশ; আঁটকুড়ে। { *স.* নিঃ+বংশ}
নির্বচন [নির্‌বচোন্] *বি* ১ নিশ্চয়বাক্য বা কথন; নিরুক্তি। ২ শব্দের ব্যুৎপত্তি ও টীকাটিপ্পনী। ৩ সূত্রাকারে জ্যামিতির উপপাদ্যের বিষয়বস্তু নির্দেশ। ❑*বিণ* বচনশূন্য; মৌন; নির্বাক। { *স.* নিঃ+বচন}
নির্বর্তক [নির্‌বর্‌তক্] *বিণ* সম্পাদক; কার্যনির্বাহক। **নির্বর্তন** *বি* কার্য সম্পাদন। **নির্বর্তিত** *বিণ* কার্য সম্পাদিত। { *স.* নিঃ+√বৃত্+অক(ণ্বুল্)}
নির্বন্ধ [নির্‌বন্‌ধো] *বি* ১ নিয়ম; বিধান; বিধি; নির্দেশ; ব্যবস্থা (অকস্মাৎ ঘটে আসি দৈবের নির্বন্ধ—*ঘচ*)। ২ বিশেষ অনুরোধ; প্রার্থনা; পীড়াপীড়ি; জেদ; গোঁ; গভীর আগ্রহ (সনির্বন্ধ)। ৩ সংযোগ; ঘটনা; ব্যাপার। { *স.* নিঃ+√বন্ধ্+অ(ঘঞ্)}
নির্বন্ধিত [নির্‌বোন্‌ধিতো] *বিণ* ১ নিবন্ধীকৃত; নির্বন্ধযুক্ত। ২ নিশ্চিত; বিহিত। **নিবন্ধিত** (*মবা.*) নির্বন্ধনযুক্ত; নিয়মিত; নিশ্চিত (দেব নিবন্ধিত—*রাগ*)। { *স.* নিঃ+√বন্ধ্+ত(ক্ত)}
নির্বর্ষ [নির্‌বর্‌শো] *বিণ* বর্ষাহীন; বৃষ্টিশূন্য; খরা। { *স.* নিঃ+বর্ষা}
নির্বল [নির্‌বল্] *বিণ* ১ বলহীন; নিস্তেজ; দুর্বল; ক্ষীণ। ২ সহায়–সম্বলহীন (নির্বলের বল ধর্ম)। { *স.* নিঃ+বল}
নির্বস্ত্র [নির্‌বস্‌ত্রো] *বিণ* ১ বস্ত্র নেই যার এমন; বিবস্ত্র। ২ উলঙ্গ; দিগম্বর। { *স.* নিঃ+বস্ত্র}
নির্বাক [নির্‌বাক্] *বিণ* ১ বাকশূন্য; বাকহীন; মূক; নীরব; শব্দহীন। ২ হতবাক। { *স.* নিঃ+বাচ্/বাক্; *বহু*}
নির্বাচক [নির্‌বাচোক্] *বিণ* ১ নির্বাচন বা বাছাই করে এমন; নির্বাচনকারী; বাছাইকারী। ২ ভোট দেবার অধিকারী; প্রার্থী নির্বাচন করে এমন; voter। ~**মণ্ডলী** *বি* নির্বাচনকারী জনসমষ্টি; ভোটাধিকারপ্রাপ্ত কেন্দ্রবিশেষের জনগণ। { *স.* নিঃ+√বচ্+ণিচ্+অক(ণ্বুল্)}
নির্বাচন [নির্‌বাচোন্] *বি* ১ স্থিরীকরণ; নির্ধারণ। ২ অনেকের মধ্য থেকে বেছে নেওয়া; বাছাই; মনোনয়ন; ভোট নেওয়া বা দেওয়া; election। –**ক্ষেত্র** *বি* প্রতিনিধি নির্বাচিত হওয়ার নির্দিষ্ট এলাকা; constituency। **উপনির্বাচন** কোন সংসদ সদস্যের সংসদ থেকে পদত্যাগ বা মৃত্যুর কারণে সৃষ্ট শূন্যপদে পুনরায় নির্বাচন। { *স.* নিঃ+√বাচি+ অন(ল্যুট্)}
নির্বাচনি, নির্বাচনী [নির্‌বাচোনি] *বিণ* নির্বাচন সম্পর্কিত। { *স.* নির্বাচন+*বা.* ই, ঈ}
নির্বাচিত [নির্‌বাচিতো] *বিণ* বাছাই বা নির্বাচন করা হয়েছে এমন; মনোনীত। { *স.* নিঃ+√বাচি+ত(ক্ত)}
নির্বাচ্য [নির্‌বাচ্‌চো] *বিণ* ১ নির্বাচনের যোগ্য; নির্বাচনের

উপযুক্ত। ২ কথনযোগ্য; কথ্য। ৩ ব্যাখ্যেয়; ব্যাখ্যাযোগ্য। { স. নিঃ+বাচ্য}

নির্বাণ [নির্‌বান্] *বি* ১ বিলয়; সমাপ্তি; অবসান। ২ নির্বাপিত হওয়া (নির্বাণ দীপ, রুদ্ধ দুয়ার—*রঠা*)। ৩ মোক্ষ; মুক্তি; ভববন্ধন থেকে পরিত্রাণ লাভ; জীবন্মুক্তি; অজ্ঞানতা থেকে মুক্তিলাভ। ৪ অস্তগমন। ☐ *বিণ* ১ মুক্ত; জীবন্মুক্ত; মোক্ষপ্রাপ্ত। ২ নিবন্ত; নির্বাপিত; জ্বলনরহিত। ৩ অস্তমিত (নির্বাণ সূর্য)। { স. নিঃ+√বা+ ত(ক্ত)}

নির্বাণোন্মুখ [নির্‌বানোন্‌মুখ্] *বিণ* ১ প্রায় নির্বাপিত; নিবুনিবু; নিভে যাচ্ছে এমন। ২ শীঘ্রই নির্বাণপ্রাপ্ত হবে এমন। { স. নির্বাণ+উন্মুখ}

নির্বাত [নির্‌বাত্] *বিণ* ১ বায়ুশূন্য; বাতাসহীন; হাওয়াশূন্য (নির্বাত পালে ঝড় ভরে দাও—*সুদ*)। ২ স্থির; অচঞ্চল। { স. নিঃ+বাত}

নির্বাধ [নির্‌বাধ্] *বিণ* ১ বাধাশূন্য; বাধাহীন (একেবারে নির্বাধ শান্তি—*মব*)। ২ মায়া বা মোহমুক্ত। { স. নিঃ+ বাধ}

নির্বাপক [নির্‌বাপোক্] *বিণ* নিবায় এমন; নির্বাপণকারী; অবসানকারী। **নির্বাপয়িতা** *বিণ* নেভায় এমন; উপশমকারক; সন্তাপহারক। { স. নিঃ+√বাপি+অক(ণ্বুল্)}

নির্বাপণ [নির্‌বাপোন্] *বি* ১ নেভানো। ২ বিনাশ; অবসান করানো। ৩ শান্তকরণ। { স. নিঃ+√বাপি+অন(ল্যুট্)}

নির্বাপিত [নির্‌বাপিতো] *বিণ* নিবিয়ে দেওয়া হয়েছে এমন। { স. নিঃ+বাপিত}

নির্বাসন [নির্‌বাশোন্] *বি* কোনো গুরুতর অপরাধের দণ্ডস্বরূপ স্বদেশ থেকে বহিষ্কার (না নির্বাসন নয়—*রঠা*)। **নির্বাসিত** *বিণ* স্বদেশ থেকে বহিষ্কৃত; নির্বাসন দণ্ডপ্রাপ্ত (দ্রবীকৃত চোখ; নির্বাপিত ভঙ্গি, নির্বাসিত শরীর—*অচিসে*)। **নির্বাসিতা** *বিণ স্ত্রী.*। { স. নিঃ+√বাসি+ অন(ল্যুট্)}

নির্বাহ [নির্‌বাহো] *বি* ১ চালানো (সংসার-যাত্রা নির্বাহ)। ২ সম্পাদন; সমাপন (কার্যনির্বাহ কমিটি)। ৩ নিষ্পত্তি; সমাপ্তি; শেষ। **~ক** *বিণ* নির্বাহ করে এমন; নির্বাহকারী; সম্পাদনকারী; সমাধানকারী। **নির্বাহিত** *বিণ* নির্বাহ করা হয়েছে এমন; সম্পাদিত; বাহক; বাহিত। **নির্বাহী** *বি* কার্যাদি নির্বাহ করেন যিনি (নির্বাহী কর্মকর্তা)। { স. নিঃ+√বহ্+অ(ঘঞ্)}

নির্বিকল্প [নির্‌বিকল্‌পো] *বিণ* ১ সংশয়হীন; অভ্রান্ত (তিনি এমন নির্বিকল্প সত্য খোঁজেন—*সদ*)। ২ বিকল্পহীন; রূপান্তরহীন। ৩ জ্ঞাতৃ জ্ঞেয়ত্ব ভেদহীন। ৪ অখণ্ড জ্ঞান; পূর্ণজ্ঞান। **~ সমাধি** *বি* হিন্দুমতে অদ্বিতীয় পরমব্রহ্মে একাগ্রচিত্তে অবস্থান। { স. নিঃ+বিকল্প}

নির্বিকার [নির্‌বিকার্] *বিণ* ১ বিকারবিহীন; বিকারশূন্য। ২ নির্লিপ্ত; উদাসীন; মনোবিকারশূন্য; চাঞ্চল্যশূন্য (জ্বলে নির্বিকার নক্ষত্র আকাশে—*মনির*)। ৩ পরিবর্তনহীন; অবিকৃত। { স. নিঃ+বিকার; *বহু*}

নির্বিঘ্ন [নির্‌বিঘ্‌নো] *বিণ* বিঘ্নশূন্য; বাধাহীন; নিরুপদ্রব; বিপদহীন; নিরাপদ। **-তা** *বি* বিঘ্নশূন্যতা। **নির্বিঘ্নে** *ক্রিবিণ* অবাধে; নিরাপদে; নিরুপদ্রবে; বিঘ্নশূন্য অবস্থায়। { স. নিঃ+বিঘ্ন}

নির্বিচার [নির্‌বিচার্] *বিণ* ১ বিচারহীন; বিচার না করে কৃত। ২ বিবেচনাশূন্য। ৩ বাছবিচার করে না এমন। **নির্বিচারে** *ক্রিবিণ* বাছবিচার না করে; সমদৃষ্টিতে; বিবেচনা বাদ দিয়ে (বই বেরবামাত্র নির্বিচারে কিনতেন —*রঠা*)। { স. নিঃ+বিচার; *বহু*}

নির্বিণ্ণ [নির্‌বিন্‌নো] *বিণ* খিন্ন; অনুতপ্ত; দুঃখিত; নির্বেদযুক্ত। { স. নিঃ+ বিদ+ত(ক্ত)}

নির্বিবাদ [নির্‌বিবাদ্] *বিণ* বিবাদশূন্য; বিরোধহীন; অবিরোধী; শান্তিপূর্ণ। **নির্বিবাদী**(-দিন্) *বিণ* নিরীহ; অবিরোধী। **নির্বিবাদে** *ক্রিবিণ* বিবাদ না করে। { স. নিঃ+ বিবাদ}

নির্বিরোধ, নির্বিরোধী *(অশু.)* [নির্‌বিরোধ, -রোধি] *বিণ* বিরোধশূন্য; নির্বিবাদ; নিরীহ; শান্ত। { স. নিঃ+ বিরোধ; নিঃ+বিরোধী; *বহু*}

নির্বিশঙ্ক [নির্‌বিশঙ্‌কো] *বিণ* শঙ্কা নেই এমন; নিঃশঙ্ক; নির্ভয়; নির্ভীক। { স. নিঃ+বিশঙ্কা}

নির্বিশেষ [নির্‌বিশেশ্] *বিণ* ভেদরহিত; অবিশেষ; অভিন্ন; সদৃশ। **নির্বিশেষে** *ক্রিবিণ* ইতরবিশেষ ভেদ না করে। { স. নিঃ+বিশেষ; *বহু*}

নির্বিষ [নির্‌বিশ্] *বিণ* ১ বিষশূন্য; বিষহীন (তাই আমার ওঝা আমারই মনটাকে নির্বিষ করিবার জন্য এত করিয়া ঝাড়া দিতেছেন—*রঠা*)। ২ *(আল.)* কাপুরুষ; ভীরু; ক্লীব। { স. নিঃ+বিষ}

নির্বিষয় [নির্‌বিশয়্] *বি* অগোচর; যা ইন্দ্রিয়গ্রাহ্য নয়; বিষয় সম্পর্কে উদাসীন। { স. নিঃ+বিষয়; *প্রাদি.*}

নির্বীজ [নির্‌বিজ্] *বিণ* ১ বীজহীন; বীজরহিত। ২ জীবাণুমুক্ত; পচে না এমন। ৩ কারণহীন। ৪ পুরুষত্বশূন্য। **-ন** *বি* জীবাণুশূন্যকরণ; disinfection; sterilization। **~ সমাধি** *বি* সমাধিবিশেষ। **নির্বীজিত** *বিণ* জীবাণুশূন্য করা হয়েছে এমন। { স. নিঃ+বীজ}

নির্বীর [নির্‌বির্] *বিণ* বীররহিত; বীরশূন্য। **নির্বীরা** *বিণ স্ত্রী.* যে নারীর স্বামী ও পুত্র মৃত; অবীরা। { স. নিঃ+বীর; *বহু*}

নির্বুদ্ধি [নির্‌বুদ্‌ধি] *বিণ* বিশেষ জ্ঞান নেই এমন; বুদ্ধিশূন্য; মূর্খ; নির্বোধ (কি করে বোঝাবো বলুন নির্বুদ্ধি মেয়েটাকে —*মব*)। { স. নিঃ+বুদ্ধি}

নির্বৃতি [নির্‌বৃতি] *বি* ১ মুক্তি। ২ সন্তোষ। ৩ সুখ; আনন্দ ও দুঃখনিবৃত্তি। ৪ শান্তি। { স. নিঃ+√বৃ+তি(ক্তি)}

নির্বৃত্ত [নির্‌বৃত্‌তো] *বিণ* ১ সম্পন্ন; নিষ্পন্ন। ২ উৎপন্ন। ৩ বৃত্তি বা জীবিকার অভাব। **নির্বৃত্তি** *বি* সমাপ্তি; অবসান। { স. নিঃ+√বৃ+ত(ক্ত)}

নির্বেদ [নির্‌বেদ্] *বি* ১ অনুতাপ; আত্মগ্লানি; খেদ। ২ বৈরাগ্য; উদাসীনতা; সংসারে বিরাগ। ৩ নৈরাশ্য। { স. নিঃ+√বিদ+অ(ঘঞ্)}

নির্বোধ [নির্‌বোধ্] *বিণ* বোধহীন; অজ্ঞান; মূর্খ; বুদ্ধিশূন্য (নির্বোধ আনন্দ—*মব*)। { স. নিঃ+বোধ}

নির্ব্যাজ [নির্‌ব্যাজ্] *বিণ* ছলনারহিত; অকপট; সরল; অব্যাজ। { স. নিঃ+ব্যাজ}

নির্ব্যূঢ় [নির্‌বুঢো] *বিণ* ১ নিশ্চিত; প্রমাণিত (নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান—*মব*)। ২ অবাধ। { স. নিঃ+বি+ঊঢ়}

নির্ভয় [নির্‌ভয়্] *বিণ* ১ শঙ্কাশূন্য; ভয়শূন্য; নিঃশঙ্ক;

নির্ভীক। { স. নিঃ+ভয়; বহু }
নির্ভর [নিরভর্] *বি* ১ আশ্রয়; ভরসা; অবলম্বন। ২ বিশ্বাস; আস্থা। ☐ *বিণ* ১ পরিপূর্ণ। ২ অধিক; অতিরিক্ত। { স. নিঃ+ভর; বহু }
নির্ভাবনা [নিরভাবোনা] *বি* দুর্ভাবনার অভাব; নিশ্চিন্ততা; দুশ্চিন্তা দূর হওয়ার ভাব। { স. নিঃ+ভাবনা }
নির্ভার [নিরভার] *বিণ* ভারহীন (নির্ভার অস্তিত্ব এক বসেছে নিঃশব্দে—*শারা*)। { স. নিঃ+ভার; বহু }
নির্ভীক [নিরভিক্] *বিণ* শঙ্কারহিত; নিঃশঙ্ক; ভয়শূন্য; ভীতিহীন; সাহসী। ~**তা** *বি* ভীতিহীনতা; সাহসিকতা (উন্নতির লক্ষণই হচ্ছে নির্ভীকতা—*আশ*)। { স. নিঃ+√ভী+ক(কপ্) }
নির্ভুল [নিরভুল্] *বিণ* ১ ত্রুটিশূন্য; সঠিক। ২ ভুলশূন্য; ভ্রমহীন। { স. নিঃ+*বা.* ভুল; বহু }
নির্ভেজাল [নিরভেজাল্] *বিণ* ভেজালহীন; খাঁটি (বিজ্ঞানী নির্ভেজাল সত্যের সন্ধানী—*আত্মা*)। { স. নিঃ+*বা.* ভেজাল }
নির্মক্ষিক [নিরমোকখিক] *বি* মক্ষিকার অভাব; মশা মাছি থেকে মুক্ত। ☐ *বিণ* জনপ্রাণীহীন; নির্জন। { স. নিঃ+মক্ষিক, *অব্যয়ী.* }
নির্মঞ্ছন [নিরমনছন্] *বি* অভ্যর্থনা; বরণ। { স. নির্মঞ্ছ+অন(ল্যুট্) }
নির্মৎসর [নিরমত্সর] *বিণ* ঈর্ষাশূন্য। { স. নিঃ+মৎসর; বহু }
নির্মম [নিরমম] *বিণ* ১ নিষ্ঠুর; হৃদয়হীন; নির্দয়। ২ মমতা-শূন্য; স্নেহশূন্য। ৩ বাসনাবর্জিত। ~**তা** *বি* ১ নিষ্ঠুরতা; হৃদয়হীনতা। ২ মমতাহীনতা। ৩ মমতা। { স. নিঃ+মম; বহু }
নির্মল, নিরমল (*পদ্য.*) [নিরমল্, নিরমল্] *বিণ* ১ স্বচ্ছ; আবিলতাশূন্য। ২ মলিনতাশূন্য; ময়লাহীন; অমলিন। ৩ নিষ্পাপ; অকলঙ্ক; নির্দোষ (নির্মল চরিত্র)। ৪ শুভ্র (নির্মল কান্তি)। ৫ পূত; বিশুদ্ধ; পবিত্র; পাক (নির্মল হৃদয়)। **নির্মলা** *বিণ স্ত্রী.*। ~**তা** *বি* স্বচ্ছতা; পবিত্রতা। { স. নিঃ+মল; বহু }
নির্মলি, নির্মলী [নিরমোলি] *বি* পানি পরিষ্কারক ফল বা বীজবিশেষ। { স. নির্মলা> }
নির্মা, নিরমা [নিরমা, নিরমা] *ক্রি* (*পদ্য.*) নির্মাণ করা; তৈরি করা। { স. নির্মাণ> }
নির্মাণ[1], **নিরমানো** [নিরমান্, -মানো] (*পদ্য.*) *ক্রি* নির্মাণ করা; তৈরি করা বা করানো। ☐ *বি* একই অর্থে। { স. নিঃ+√মা+অন(ল্যুট্) }
নির্মাণ[2] [নিরমান] *বি* ১ গঠন; প্রস্তুতকরণ; রচনা। ২ প্রতিষ্ঠাকরণ। **নির্মাতা** *বিণ* নির্মাণ করে এমন; নির্মাণকারী; গঠনকারী; প্রস্তুতকারী। **নির্মিত** *বিণ* নির্মাণ করা হয়েছে এমন; গঠিত; রচিত; প্রস্তুত। **নির্মিতি** *বি* নির্মাণকার্য; রচনা। **নির্মিৎসা** *বি* নির্মাণের ইচ্ছা। **নির্মীয়মাণ** *বিণ* নির্মিত হচ্ছে এমন। { স. নিঃ+√মা+ অন(ল্যুট্) }
নির্মাল্য [নিরমাললো] *বি* ১ যে মালা নিবেদন করা হয়েছে। ২ দেবতার প্রসাদ। { স. নিঃ+মাল্য }
নির্মিত, নির্মিতি, নির্মিৎসা, নির্মীয়মাণ ⇒ নির্মাণ
নির্মুক্ত [নিরমুকতো] *বিণ* ১ নিঃশেষে মুক্ত; সম্পূর্ণরূপে মুক্ত। ২ খোলস ছাড়া সাপ। { স. নিঃ+√মুচ্+ত(ক্ত) }
নির্মূল [নিরমুল্] *বিণ* ১ মূল ছিন্ন হয়েছে এমন; মূলসহ উৎপাটিত; বিনষ্ট। ২ ভিত্তিহীন; অমূলক। ৩ সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত; বিলুপ্ত। { স. নিঃ+মূল; বহু }
নির্মূলন [নির্মূলন্] *বি* ১ মূলসহ উৎপাটন। ২ বিনাশ; উৎসাদন; ধ্বংস। { স. নিঃ+√মূল্+অন(ল্যুট্) }
নির্মেঘ [নিরমেঘ] *বিণ* মেঘশূন্য (নির্মেঘ পৌষের প্রখর রৌদ্রের—*বিদে*)। { স. নিঃ+মেঘ; বহু }
নির্মোক [নিরমোক্] *বি* ১ সাপের খোলস (কালীয় নাগের কালো নির্মোক পরে কে—*সদ*)। ২ বর্ম; সাঁজোয়া। ৩ আচ্ছাদন (জড়তার নির্মোক ছিঁড়ে—*আর*)। { স. নিঃ+√মুচ্+অ(ঘঞ্) }
নির্মোঘ [নিরমোঘ] *বিণ* অমোঘ; অব্যর্থ (সত্যের কৃপাণ নির্মোঘ তুমি—*সদ*)। { স. নিঃ+মোঘ; বহু }
নির্মোচন [নিরমোচোন্] *বি* ১ নিঃশেষে ত্যাগ; সম্পূর্ণ মোচন। ২ খোলস, পালক ইত্যাদি ত্যাগকরণ। { স. নিঃ+মোচন }
নির্মোচ্য [নিরমোচ্চো] *বিণ* ১ মোচনযোগ্য; মোচনের উপযুক্ত। ২ মোচন, দূর বা ত্যাগ করতে হবে এমন। { স. নিঃ+মোচ্য }
নির্যাতক [নিরজাতোক্] *বিণ* ১ উৎপীড়ক; জালিম; নির্যাতনকারী (ঐ নির্যাতকের বন্দীকারায় সত্য কি কভু শক্তি হারায়—*নই*)। ২ যন্ত্রণাদায়ক। **নির্যাতিকা** *বিণ স্ত্রী.*। { স. নিঃ+√যাতি+অক(ণ্বুল্) }
নির্যাতন [নিরজাতোন্] *বি* ১ পীড়ন; উৎপীড়ন; নিগ্রহ; অত্যাচার; প্রহার। ২ প্রতিহিংসা। **নির্যাতিত** *বিণ* উৎপীড়িত; অত্যাচারিত; নিগৃহীত। **নির্যাতিতা** *বিণ স্ত্রী.*। { স. নিঃ+√যাতি+অন(ল্যুট্) }
নির্যাশ ⇒ নির্জাস ও নির্যাস
নির্যাস, নির্জাস [নিরজাশ্] *বি* ১ সার; রস। ২ শ্রেষ্ঠাংশ। ৩ নিস্যন্দ; extract। ৪ সিদ্ধান্ত (গৃহস্থ দেখিল যায় হরিণ পালায়া, নির্জাশ করিয়া ভাঙ্গ মারিলে ফেলায়া—*হেমু*)। { স. নিঃ+√যস্+ই(ণিচ্)+অ(অচ্) }
নির্লজ্জ [নিরলজ্জো] *বিণ* বেহায়া; লজ্জাশূন্য; লজ্জাহীন। ~**তা** *বি* লজ্জাহীনতা; বেহায়াপনা। { স. নিঃ+লজ্জা; বহু }
নির্লিপ্ত [নিরলিপতো] *বি* ১ সম্বন্ধহীন; সম্পর্কশূন্য; সংস্রববিহীন। ☐ *বিণ* ১ উদাসীন (যত দিন সংসারে নির্লিপ্ত থাকেন—*রাব*)। ২ অনাসক্ত; আসক্তিহীন (এমনি দার্শনিক নির্লিপ্ততা এসেছিল সকলের মধ্যে—*মব*; নির্মল নির্লিপ্ত এক—*সুমো*)। ~**তা, নির্লিপ্তি** *বি* ১ সংস্রবহীনতা। ২ উদাসীনতা। ৩ অনাসক্ততা। { স. নিঃ+√লিপ্+ত(ক্ত) }
নির্লেপ [নিরলেপ] *বিণ* ১ লেপহীন; লেপনশূন্য; প্রলেপশূন্য। ২ নিঃসম্পর্ক; সম্পর্কহীন। ৩ নির্লিপ্ত; উদাসীন। ☐ *বি* স্বতন্ত্র। { স. নিঃ+লেপ; বহু }
নির্লোভ [নিরলোভ্] *বিণ* লোভশূন্য; অনাসক্ত। { স. নিঃ+লোভ }
নির্লোম [নিরলোম্] *বিণ* লোমশূন্য; পশমশূন্য। { স. নিঃ+লোমন্; বহু }
নিলম্বন [নিলম্বোন্] *বি* ১ মুলতবি; সিদ্ধান্ত স্থগিত বা মুলতবি রাখা। ২ অস্থায়ীভাবে পদচ্যুতি; suspension। **নিলম্বিত** *বিণ* ১ মুলতবি। ২ অস্থায়ীভাবে পদচ্যুত;

suspended। **নিলম্বিত গণিতক** *বি* কাঁচা হিসাব; suspense account। {*স.* নি+√লম্ব্+অন(ল্যুট্)}

নিলয় [নিলয়] *বি* ১ গৃহ; আলয় (সুখের নিলয় সেই পরিণত—*সদ*)। ২ বাসস্থান; আবাস। ৩ আধার; আগার; আশ্রয়। ৪ নিঃশেষে লয়; বিলয়। ৫ হৃৎপিণ্ডের বা মস্তিষ্কের ক্ষুদ্র গহ্বর। {*স.* নি+√লী+অ(অচ্)}

নিলাজ [নিলাজ্] *বিণ* লজ্জাহীন; নির্লজ্জ; বেহায়া (কেমনে নিবাই নিলাজ ভূষণ ভাতি—*রঠা*)। {*স.* নির্লজ্জ>}

নিলাম [নিলাম্] *বি* ১ দেনার দায়ে প্রকাশ্যে বিক্রয়। ২ উপস্থিত ব্যক্তিদের মধ্যে সবচেয়ে বেশি দাম দিতে ইচ্ছুক ব্যক্তির নিকট বিক্রয়। – **ডাকা, নিলামে ডাকা** *ক্রি* নিলামে প্রতিযোগিতায় দর বাড়ানো। **নিলামি** *বিণ* ১ নিলাম করা হবে এমন। ২ নিলামে ক্রীত এমন। ৩ নিলাম করার মতো। {*পো.* leilam}

নিলীন [নিলিন্] *বিণ* বিলীন; নিমগ্ন; অন্তর্হিত (নীল আলোকের আবছায়াতে নিলীন তরুচয়—*সদ*)। **নিলীয়মান** *বিণ* নিলীন হচ্ছে এমন; বিলীয়মান; প্রচ্ছন্ন। {*স.* নি+√লী+ত(ক্ত)}

নিশঙ্ক ⇒ নিঃশঙ্ক

নিশপিশ, নিসপিস [নিশ্‌পিশ্] *অব্য* অস্থিরতাপ্রকাশক শব্দ; চাঞ্চল্যজ্ঞাপক শব্দ (যখন কাউকে মারবার জন্যে আমার হাত দুটো ভয়ানক নিশপিশ করে উঠত—*নই*)। {*ধ্বন্যা.*}

নিশমন, নিশামন [নিশমন্, নিশামোন্] *বি* ১ শ্রবণ; শোনা। ২ দর্শন; দেখা। {*স.* নি+√শমি+অন(ল্যুট্)}

নিশা^{১} ⇒ নেশা

নিশা^{২} [নিশা] *বি* রাত্রি; রজনী; যামিনী। ~**কর** *বি* চন্দ্র; শশাঙ্ক; রজনীকর। ~**কান্ত** *বি* চন্দ্র (নবনিশাকান্ত কান্তি—*মদ*)। ~**গম** *বি* রাত্রির আগমন। ~**চর** *বি* রাত্রিতে বিচরণশীল পিশাচ, পেচক, রাক্ষস, চোর প্রভৃতি। □ *বিণ* রাত্রিতে বিচরণ করে এমন। **নিশাচরী** *বিণ স্ত্রী*। ~**ত্যয়** *বি* সকাল; প্রভাত; রাত্রির শেষ বা অবসান। ~**নাথ**, ~**পতি** *বি* চন্দ্র; চাঁদ। ~**ন্ত** *বি* রাত্রিশেষ; রাত্রির অবসান; প্রভাত। {*স.* √নিশ্+অ(ক)+আ(টাপ্)}

নিশাদল, নিসাদল [নিশাদল্] *বি* লবণজাতীয় পদার্থ বিশেষ; salammoniac; ammonium chloride। {*ফা.* নরশাদর نوشادر }

নিশান^{১} [নিশান্] *বি* ধ্বজা; পতাকা; ঝাণ্ডা; কেতন। {*ফা.* নিশান نشان }

নিশান^{২}, **নিশানা**, **নিশানি** [নিশান্, –না, –নি] *বি* ১ নিদর্শন; চিহ্ন। ২ অভিজ্ঞান; পরিচয়। ৩ লক্ষ্য; উদ্দেশ্য। ৪ টিপ। –**দার** *বিণ* পরিচিত বলে নির্দেশ করে এমন; শনাক্তকারী (ভাইয়ের নিশানদার স্বরূপে চিনিয়া কহিতে লাগিল তাকে হাসিয়া হাসিয়া—*হেমা*)। –**দিহি** *বি* শনাক্তকরণ; পরিচিত বলে নির্দেশ (তাই একটা কিছু দিয়ে নিশানদিহি করার জন্যে—*অচিসে*)। –**বরদার**, ~**বর্দার** *বি,বিণ* পতাকাবাহী। **নিশানি** *বি* চিহ্ন; অভিজ্ঞান; পরিচয় (নহে কি মোর নিশানি—*মুশ*)। {*ফা.* নিশানাহ্ نشانه }

নিশাল [নিশাল্] *বিণ* অঝোর; অবিশ্রাম; মুষলধারা (ক্ষমা কর মোর চোখের জলের নিশাল দেয়ার ধার—*জউ*)। {*অমূ; আঞ্চ.*}

নিশাস (*পদ্য.*) [নিশাশ্] *বি* নিঃশ্বাস; নাসাগত বায়ু (তারি সে শেষ নিশাস—*সদ*)। {*স.* নিঃশ্বাস>}

নিশাসেকে [নিশাশেকে] *ক্রিবিণ* এক নিশ্বাসে (সাত পুখুরীর জল চাই এক নিশাসেকে—*রূপ*)। {*স.* নিশ্বাস>+এক+এ(তৃতীয়া বিভক্তি)}

নিশি [নিশি] *বি* ১ রাত্রি; নিশা; রজনী। ২ কল্পিত প্রেতযোনিবিশেষ। ~**দিন**, ~**দিশি** *ক্রিবিণ* রাত্রিদিন; অহরহ; সর্বদা; অনুক্ষণ। ~**পালন** *বি* অমাবস্যা পূর্ণিমা ও সংক্রান্তিতে হিন্দুদের রাত্রে উপবাস বা অন্নভোজন বর্জন। ~**র ডাক** *বি* কল্পিত প্রেতযোনি—প্রবাদ এই যে, রাত্রিকালে এদের ডাকে নিদ্রোত্থিত মানুষ এদের অনুসরণ করে মারা যায়। ~**সমাগম** *বি* রাত্রির আগমন; সন্ধ্যা। {*স.* নিশ্‌>}

নিশিত [নিশিতো] *বিণ* তীক্ষ্ণ; ধারালো; শাণিত। {*স.* নি+√শো+ত(ক্ত)}

নিশিবোঁ [নিশিবোঁ] *ক্রি* (ভবিষ্যৎ কাল উত্তম পুরুষ) উৎসর্গ করবো বা বিসর্জন দেবো (দাসী হআঁ তার পাএ নিশিবোঁ আপনা—*বচদা*)। {*স.* নির্মঞ্ছন>}

নিশীথ [নিশিথ্] *বি* ১ রাত্রি; রজনী। ২ মধ্যরাত্র; অর্ধরাত্রি। ৩ গভীর রাত্রি (নিশীথে কি কথা কয়ে গেলে—*রঠা*)। ~**নিবিড়** *বিণ* ঘনকৃষ্ণ; কালো (অঞ্চলমাঝে ঢাকিব তোমায় নিশীথনিবিড় চুলে—*রঠা*)। {*স.* নি+√শী+থ(থক্)}

নিশীথিনী [নিশিথিনি] *বি* রাত্রি; রজনী (মধুর হল বিধুর হল মাধবী নিশীথিনী—*রঠা*)। {*স.* নিশীথ+ইন(ইনি)+ঈ(ঙীপ্)}

নিশীন ⇒ নশীন

নিশুতি [নিশুতি] *বি* গভীর রাত্রি। □ *বিণ* নিদ্রিত; নীরব; নিঃশব্দ; নির্জন (গ্রাম নিশুতি হইয়া গেলে অনেক রাত্রে তিনি বনে বনে ফুল ফুটাইয়া বেড়ান—*বিব*)। {*স.* নিষুপ্তি>}

নিশোয়াস (*ব্র.*) [নিশোয়াস্] *বি* নিঃশ্বাস (সমুখে না যায় সঘনে নিশোয়াস—*বিপ*)। {*স.* নিঃশ্বাস>}

নিশ্চয় [নিশ্‌চয়্] *বি* ১ নিঃসন্দেহ জ্ঞান; নিঃসন্দিগ্ধতা; স্থির ধারণা। ২ নির্ধারণ; সিদ্ধান্ত (আলোচনায় নিশ্চয় করা হয়েছে)। □ *বিণ* ১ নিঃসন্দেহ; সংশয়রহিত; অসংশয়; নিঃসন্দিগ্ধ (নিশ্চয়চিত্ত)। ২ স্থির (নিশ্চয় ধারণা)। □ *ক্রিবিণ* অবশ্য; নিঃসন্দেহে (নিশ্চয় সে আসবে)। ~**তা** *বি* অসংশয়তা; সন্দেহশূন্যতা; সন্দেহরাহিত্য। **নিশ্চায়ক** *বিণ* ১ নিশ্চয়কারী। ২ নির্ণয়কারক। **নিশ্চিত** *বিণ* নিঃসন্দেহ; নিঃসংশয়। □ *ক্রিবিণ* নিশ্চয়; অবশ্য (নিশ্চিত শুকাবে তারা—*রঠা*)। {*স.* নিঃ+√চি+ অ(অচ্)}

নিশ্চল [নিশ্‌চল্] *বিণ* গতিশূন্য; অচল; স্থির (পুলকিত নিশ্চলের অন্তরে অন্তরে—*রঠা*। ~**তা** *বি* গতিহীনতা। {*স.* নিঃ+√চল+অ(অচ্)}

নিশ্চায়ক, নিশ্চিত ⇒ নিশ্চয়

নিশ্চিন্ত, নিশ্চিন্দি (*আঞ্চ.*) [নিশ্‌চিন্‌তো, নিশ্‌চিন্‌দি]

বিণ ভাবনাহীন; চিন্তারহিত; নির্ভাবনা; নিরুদ্বিগ্ন। **–তা** *বি* নিরুদ্বিগ্নতা (হয়তো তারি নিশ্চিন্ততায়—*অচিসে*)। **–পুর যাওয়া** *ক্রি* মৃত্যুবরণ করা; মরে যাওয়া। { *স.* নিঃ+চিন্তা,> }

নিশ্চেতন [নিশ্‌চেতন] *বিণ* অজ্ঞান; চেতনাহীন; বোধহীন (নিশ্চেতন নিশীথের ভালে—*রঠা*)। **নিশ্চেতনা** *বি* ১ চেতনাহীনতা; অজ্ঞানতা; বোধহীনতা। ২ (*আল.*) উপেক্ষা (বিধির নিশ্চেতনায়—*রঠা*)। { *স.* নিঃ+চেতন }

নিশ্চেষ্ট [নিশ্‌চেশ্‌টো] *বিণ* ১ উদ্যমহীন; চেষ্টাশূন্য। ২ গতিশক্তিরহিত; অচল। ৩ অলস। **–তা** *বি* জড়ের স্থিতি প্রবণতা; জাড্য (ইহা কেবল ভারতবর্ষীয়দিগের স্বভাবসিদ্ধ নিশ্চেষ্টতার ফল—*বচ*)। { *স.* নিঃ+চেষ্টা; *বহু* }

নিশ্ছিদ্র [নিস্‌ছিদ্‌দ্রো] *বিণ* ১ ছিদ্র নেই এমন; ছিদ্রশূন্য। ২ ত্রুটিহীন; নির্দোষ। { *স.* নিঃ+ছিদ্র }

নিশ্বসন, নিশ্বসিত, নিশ্বাস ⇒ নিঃশ্বসন, নিঃশ্বসিত, নিঃশ্বাস

নিষঙ্গ [নিশঙ্‌গো] *বি* যে আধারে বাণ রাখা হয়; তূণীর; বাণাধার (দুলিছে নিষঙ্গ সঙ্গে বেণী পৃষ্ঠদেশে—*মদ*)। **নিষঙ্গী** (–ঙ্গিন্) *বিণ* বাণ রাখার আধার ধারণ করে এমন; তূণীরধারী; বাণাধারধারী। { *স.* নি+√সন্‌জ্+অ(ঘঞ্) }

নিষণ্ণ [নিশন্‌নো] *বিণ* ১ বসেছে এমন; উপবিষ্ট। ২ শয়ন করেছে এমন; শায়িত (তাঁর আসনে কদাচারী কুবের কেন নিষণ্ণ—*সদ*)। ৩ অবস্থিত। { *স.* নি+√সদ্+ত(ক্ত) }

নিষাদ [নিশাদ] *বি* ১ ব্যাধ (কোথা বা নিষাদবৃন্দ বিস্তারি বাগুরা ধরিত কুরঙ্গ শিশু—*কায়*)। ২ চণ্ডাল। ৩ জেলে। ৪ একটি প্রাচীন বন্য জাতি (অস্ট্রিক)। ৫ (*সং*) স্বরগ্রামের সপ্তম স্বর। ৬ নিখাদ। *তুল.* কিরাত। **নিষাদী** *স্ত্রী.*। { *স.* নি+√সদ্+অ(ঘঞ্) }

নিষাদী[১] ⇒ নিষাদ

নিষাদী[২] [নিশাদি] *বি* ১ হস্তিচালক; মাহুত (আইল নিষাদী যথা মেঘবরাসনে বজ্রপাণি—*মদ*)। ২ হাতির সওয়ার; গজারোহী। { *স.* নি+√সদ্+ইন্(ণিনি) }

নিষিক্ত [নিশিক্‌তো] *বিণ* ১ সিক্ত; খুব ভিজা। ২ ক্ষরিত; চুইয়ে পড়ে এমন; নিঃসৃত। { *স.* নি+√সিচ্+ত(ক্ত) }

নিষিদ্ধ [নিশিদ্‌ধো] *বিণ* ১ নিবারিত। ২ বারণ বা মানা করা হয়েছে এমন; হারাম। ৩ অন্যায়; অন্যায্য; অবিহিত; অনুচিত; বে–আইনি। { *স.* নিঃ+√সিধ্+ত(ক্ত) }

নিষুতি [নিশুতি] *বি* নিদ্রায় মগ্ন; গাঢ়নিদ্রা। ☐ *বিণ* নিস্তব্ধ; নিঃশব্দ। { *স.* নিষুপ্তি> }

নিষুপ্ত [নিশুপ্‌তো] *বিণ* গভীর নিদ্রামগ্ন (যখন সমস্ত গ্রাম নিষুপ্ত—*রঠা*)। **নিষুপ্তি** *বি* নিদ্রামগ্নতা; গভীর নিদ্রা। { *স.* নি+√স্বপ্+ত(ক্ত) }

নিষেক [নিশেক] *বি* ১ ক্ষরণ; নিঃস্রাব (শোণিত নিষেক শূন্য নৈযুজ্যের নিত্য পক্ষপাতি—*সদ*)। ২ বর্ষণ। ৩ সিঞ্চন; সেচন। ৪ গর্ভাধান। { *স.* নি+√সিচ্+অ(ঘঞ্) }

নিষেধ [নিশেধ] *বি* ১ নিবারণ; প্রতিষেধ। ২ মানা। **নিষেধক** *বিণ* ১ নিষেধকারী। ২ নিবারণকারী; নিবারক। { *স.* নি+√সিধ্+অ(ঘঞ্) }

নিষেবক [নিশেবক] *বিণ* সেবক; শুশ্রূষাকারী; অর্চনাকারী। { *স.* নি+√সেব্+অক(ণ্বুল্) }

নিষেবণ [নিশেবন] *বি* ১ সেবা; পরিচর্যা; শুশ্রূষা। ২ আরাধন; অর্চন। **নিষেবিত** *বিণ* ১ সেবিত। ২ অর্চিত। { *স.* নি+√সেব্+অন(ল্যুট্) }

নিষ্ক [নিশ্‌কো] *বি* ১ স্বর্ণ; সোনা। ২ স্বর্ণমুদ্রা; সোনার তৈরি মুদ্রা (কনিষ্ক যার চিতার ভস্ম কিনলে নিষ্ক দিয়ে—*সদ*)। ৩ স্বর্ণের নির্দিষ্ট পরিমাণ। **–মালা** *বিণ* স্বর্ণমালা (যত্নে হেম নিষ্কমালা পরায় তোমা সন্ধ্যা উষা—*সদ*)। { *স.* √নিষ্ক্+অ(ঘঞ্) }

নিষ্কণ্টক [নিশ্‌কনটোক] *বিণ* ১ কণ্টকবিহীন; কাঁটাশূন্য। ২ নিঃশত্রু; শত্রুহীন। ৩ নির্বিঘ্ন; নিরাপদ; বিপদশূন্য। { *স.* নিঃ+কণ্টক; *বহু* }

নিষ্কপট [নিশ্‌কপোট্] *বিণ* কপটতাহীন; সরল; কুটিলতা বর্জিত (দেশবন্ধু তুমি নিষ্কপট—*সদ*)। { *স.* নিঃ+কপট; *বহু* }

নিষ্কম্প [নিশ্‌কম্‌পো] *বিণ* অকম্পিত; কম্পনশূন্য; স্থির; নিশ্চল; অচঞ্চল। { *স.* নিঃ+কম্প; *বহু* }

নিষ্কর [নিশ্‌কর] *বিণ* খাজনা দিতে হয় না এমন; লাখেরাজ। { *স.* নিঃ+কর; *বহু* }

নিষ্করুণ [নিশ্‌কোরুন] *বিণ* করুণাশূন্য; দয়াশূন্য; নিষ্ঠুর; নির্দয়। { *স.* নিঃ+করুণ; *বহু* }

নিষ্কর্মা [নিশ্‌করমা] *বিণ* ১ বেকার; কর্মহীন (নিষ্কর্মা অথর্ব বৈরাগীর জীবন তিনি কখনো পছন্দ করেননি—*আহ*)। ২ অলস; কুঁড়ে। **নিষ্কর্মার ঢেঁকি** *বি* অতি অলস (মায়া বুঝি এই কাজটুকুও করতে পারে না, নিষ্কর্মার ঢেঁকি একটা—*আফআ*)। { *স.* নিঃ+কর্মন্ }

নিষ্কর্ষ [নিশ্‌করশো] *বি* ১ সার; তাৎপর্য; substance। ২ নিষ্কাশিত সার; extract। { *স.* নিঃ+√কৃষ্+অ(ঘঞ্) }

নিষ্কর্ষণ [নিশ্‌করশোন] *বি* ১ নিষ্কাশন; দূরীকরণ; বহিষ্করণ; অপনয়ন; বিতাড়ন; অনভিপ্রেত বস্তু বিতাড়ন। ২ নিংড়ানো; সার বাহিরকরণ। { *স.* নিঃ+√কৃষ্+অন(ল্যুট্) }

নিষ্কল [নিশ্‌কল] *বিণ* ১ অখণ্ড কলা বা অংশহীন। ২ তেজোবীর্যহীন; বীর্যহীন (নিষ্কল হায় রে মরি কলাধার যথা রাহুগ্রাসে—*মদ*)। ৩ বৃদ্ধ। ৪ হিন্দুমতে পরব্রহ্ম। **নিষ্কলা** *বিণ, স্ত্রী.*। **নিষ্কলা, নিষ্কলী** *বি* যে নারীর রজঃ ক্ষরণ নিবৃত্ত হয়েছে। { *স.* নিঃ+কলা; *বহু* }

নিষ্কলঙ্ক [নিশ্‌কলোঙ্‌কো] *বিণ* কলঙ্কহীন; নির্মল; পবিত্র; নির্দোষ (হব নিষ্কলঙ্ক—*রঠা*)। { *স.* নিঃ+কলঙ্ক; *বহু* }

নিষ্কলা, নিষ্কলী ⇒ নিষ্কল

নিষ্কলুষ [নিশ্‌কোলুশ্] *বিণ* কলুষতাহীন; অকলঙ্ক; পবিত্র; নিষ্পাপ; নির্দোষ। { *স.* নিঃ+কলুষ; *বহু* }

নিষ্কাম [নিশ্‌কাম্] *বিণ* ১ বাসনাবিহীন; কামনাশূন্য; কামশূন্য। ২ ফলাকাঙ্ক্ষাশূন্য। { *স.* নিঃ+কাম; *বহু* }

নিষ্কাশ [নিশ্‌কাশ্] *বি* নিঃসরণ; বহির্গমন; বের হওয়া; বহিষ্করণ। { নিঃ+√কশ্/কস্+অ(ঘঞ্) }

নিষ্কাশন, নিষ্কাসন [নিশ্‌কাশোন্] *বি* ১ বহিষ্করণ; নিঃসারণ (বার বার নিষ্কাশন আবশ্যক—*রাব*)। ২ দূরীকরণ; অপনয়ন। ৩ বহিষ্করণ; বিতাড়ন। ৪ নির্বাসন। **নিষ্কাশিত, নিষ্কাসিত** *বিণ* ১ বহিষ্কৃত; দূরীকৃত। ২ নিঃসারিত। { *স.* নিঃ+√কশ্+অন(ল্যুট্) }

নিষ্কুল [নিশকুল] *বিণ* কুলহীন; কুলরহিত; নির্বংশ। { *স.* নিঃ+কুল; *বহু* }

নিষ্কৃতি [নিশকৃতি] *বি* মুক্তি; অব্যাহতি; নিস্তার; পরিত্রাণের উপায়। **নিষ্কৃত** *বিণ* মুক্ত; অব্যাহতিপ্রাপ্ত। { *স.* নিঃ+√কৃ+তি(ক্তি) }

নিষ্ক্রমণ, নিষ্ক্রম [নিশক্রোমোন, নিশক্রোম] *বি* বহির্গত হওয়া; বহির্গমন; নির্গমন; নির্গত হওন (অন্যান্য ব্যক্তিদের নিষ্ক্রমণই ভদ্রতাসঙ্গত—*বুব*)। **মহাভি–** *বি* গৌতম বুদ্ধের সংসার ত্যাগ। { *স.* নিঃ+ক্রমণ, ক্রম }

নিষ্ক্রয় [নিশক্রয়] *বি* ১ বেতন; মাহিনা। ২ ভাড়া। ৩ মূল্য (তবে প্রায়শ্চিত্তের নিষ্ক্রয়স্বরূপ—*রাব*)। ৪ বিক্রয়। ৫ বিনিময়; বিনিময়ে দ্রব্য ক্রয়-বিক্রয়। { *স.* নিঃ+ক্রয় }

নিষ্ক্রান্ত [নিশক্রানতো] *বিণ* নির্গত; বহির্গত (গৃহ থেকে নিষ্ক্রান্ত)। { *স.* নিঃ+ক্রান্ত }

নিষ্ক্রিয় [নিশক্রিয়ো] *বিণ* ১ ক্রিয়াহীন; কর্মরহিত। ২ নিষ্কর্মা; অলস। ~ **প্রতিরোধ** *বি* আক্রমণাত্মক ব্যবস্থা গ্রহণ না করে অন্যের কাজে বাধা সৃষ্টি; passive resistance। { *স.* নিঃ+ক্রিয় }

নিষ্ঠ [নিশঠো] *বিণ* ১ নিষ্ঠাযুক্ত; নিষ্ঠাশীল (একনিষ্ঠ); দৃঢ়ভাবে কোনো আদর্শে বিশ্বাসে অথবা কাজে অনন্যচিত্তে লেগে থাকে এমন। ২ একাগ্রভাবে স্থিত। ৩ স্থিতিশীল। { *স.* নিঃ+√স্থা+অ(ক) }

নিষ্ঠা [নিশঠা] *বি* ১ দৃঢ় অনুরাগ; আস্থা; বিশ্বাস; শ্রদ্ধা; ভক্তি; মনোযোগ। ২ ধর্ম সম্পর্কিত আচরণে শ্রদ্ধা। ৩ দৃঢ়স্থিতি। ~**বান** *বিণ* ১ ধর্মীয় আচার–অনুষ্ঠানে শ্রদ্ধাশীল। ২ নিষ্ঠা আছে এমন; নিষ্ঠাযুক্ত। { *স.* নি+√স্থা+অ(অঙ)+আ(টাপ) }

নিষ্ঠীবন, নিষ্ঠীব [নিশঠিবোন, নিশঠিবো] *বি* থুথু; থুতু; ছেপ; মুখের পানি (জীবনে নাকার নিষ্ঠীবন—*নই*)। { *স.* নিঃ+√ষ্ঠীব+অন(ল্যুট) }

নিষ্ঠুর, নিঠুর *(পদ্য.)* [নিশঠুর, নিঠুর] *বি* নির্দয়; নির্মম। □ *বিণ* ১ কঠোর; কঠিন। ২ ক্রূর; নৃশংস। ~**তা** *বি* ১ নির্দয়তা; নির্মমতা। ২ কঠোরতা। ৩ নৃশংসতা। { *স.* নিঃ+√স্থা+ উর(কুরচ) }

নিষ্ঠ্যূত [নিশঠুতো] *বিণ* ১ বমি করা হয়েছে এমন; উদ্গীর্ণ। ২ থু থু ছুড়ে ফেলা। ৩ ছুড়ে ফেলা হয়েছে এমন; নিক্ষিপ্ত। { *স.* নিঃ+√ষ্ঠিব+ত(ক্ত) }

নিষ্পত্তি [নিশপোততি] *বি* ১ মীমাংসা; অবধারণ। ২ সমাপ্তি; সম্পাদন; সিদ্ধি (কার্য নিষ্পত্তি)। ৩ উৎপত্তি; জন্ম। ৪ মিটমাট (মোকদ্দমার নিষ্পত্তি)। { *স.* নিঃ+√পদ্+তি(ক্তি) }

নিষ্পত্র [নিশপত্ত্রো] *বিণ* পত্রহীন; পত্রশূন্য। { *স.* নিঃ+পত্র; *বহু* }

নিষ্পন্ন [নিশপন্নো] *বিণ* ১ সম্পাদিত; সমাপ্ত; শেষ; সম্পন্ন। ২ সিদ্ধ (কৌশলে কোন কাজ দ্রুত নিষ্পন্ন করিতে তাহার জুড়ি নাই—*শাআকা*)। { *স.* নিঃ+√পদ+ ত(ক্ত) }

নিষ্পাদক [নিশপাদোক] *বিণ* সম্পাদনকারী; নিষ্পত্তিকারী। { *স.* নিঃ+√পদ্+ণিচ্+অক(ণ্বুল) }

নিষ্পাদন [নিশপাদোন] *বি* ১ নিষ্পত্তিকরণ; সমাপন (সব কর্মের সঙ্গেই তার নিষ্পাদনের প্রক্রিয়া রয়েছে—*অঠা*)। ২ সম্পাদন। **নিষ্পাদিত** *বিণ* নিষ্পন্ন; নিষ্পাদন করা হয়েছে এমন। **নিষ্পাদ্য, নিষ্পাদনীয়** *বিণ* নিষ্পাদনের উপযুক্ত। { *স.* নিঃ+√পদ্+ণিচ্+অন(ল্যুট) }

নিষ্পাপ [নিশপাপ] *বিণ* পবিত্র; পাপশূন্য; মাসুম; পূত। { *স.* নিঃ+পাপ; *বহু* }

নিষ্পিষ্ট [নিশপিশটো] *বিণ* ১ দলিত; মথিত; বিমর্দিত। ২ চূর্ণিত। { *স.* নিঃ+পিষ্ট; *বহু* }

নিষ্পেষণ, নিষ্পেষ [নিশপেশোন, নিশপেশ] *বি* সম্পূর্ণরূপে চূর্ণকরণ; মর্দন; সম্পূর্ণ মর্দিতকরণ; নিঃশেষে পেষণ; পিষ্টকরণ। **নিষ্পিষ্ট** *বিণ* চূর্ণ; দলিত; অত্যন্ত পিষ্ট; মর্দিত। **নিষ্পেষক** *বি,বিণ* নিষ্পেষণ করে এমন; পিষ্টকারক; নিষ্পেষণকারী। **নিষ্পেষিত** *বিণ* নিষ্পেষণ করা হয়েছে এমন। { *স.* নিঃ+পেষণ, পেষ }

নিষ্প্রদীপ [নিশপ্রোদিপ] *বিণ* ১ প্রদীপশূন্য; দীপ জ্বালানো হয়নি এমন; অন্ধকার; তমসাচ্ছন্ন। ২ যুদ্ধাবস্থায় বিমান আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য রাতে দীপ না জ্বালানোর অভ্যাস (নিষ্প্রদীপ মহড়া)। { *স.* নিঃ+প্রদীপ; *বহু* }

নিষ্প্রভ [নিশপ্রোভো] *বিণ* প্রভাবশূন্য; দীপ্তিহীন। ২ তেজোহীন; নিস্তেজ। { *স.* নিঃ+প্রভ }

নিষ্প্রয়োজন [নিশপ্রোয়োজোন] *বিণ* প্রয়োজন নেই এমন; অনাবশ্যক; অপ্রয়োজনীয় (আপনারা কতগুলো নিষ্প্রয়োজন জিনিস আমার ঘাড়ে—*বুব*)। { *স.* নিঃ+প্রয়োজন; *বহু* }

নিষ্প্রাণ [নিশপ্রান] *বিণ* ১ প্রাণহীন; বিগতপ্রাণ; মৃত। ২ নির্মম; হৃদয়হীন; নির্দয়। ৩ জড়; নির্জীব; জীবনশূন্য; সঞ্জীবতাহীন। ~**তা** *বি* প্রাণহীনতা। { *স.* নিঃ+প্রাণ }

নিষ্ফল [নিশফল] *বিণ* ১ ফলহীন; ফল ধরে না এমন। ২ ব্যর্থ; অকৃতকার্য; পণ্ড; বিফল। ৩ অকারণ; অনর্থক; নিরর্থক। **নিষ্ফলা** *বিণ স্ত্রী*। ~**তা** *বি* ব্যর্থতা। **নিষ্ফলা** *বিণ* ১ বন্ধ্যা; ফলহীনা; সন্তান হয় না এমন। ২ ফলবর্জিত; ফল ধরে না এমন। **নিষ্ফলা বার** *বি* যে দিনে সব কাজই নিষ্ফল হয়। { *স.* নিঃ+ফল; *বহু* }

নিষ্যন্দ ⇒ নিস্যন্দ

নিসর্গ [নিশরগো] *বি* ১ প্রকৃতি; স্বভাব; nature। ২ সৃষ্টি; সৃজন; নির্মাণ। □ *বিণ* প্রাকৃতিক (নিসর্গ দেয়ালে দেখি থরে থরে ফুটে আছে—*হাহা*)। **নিসর্গজ, নৈসর্গিক** *বিণ* স্বাভাবিক; প্রাকৃতিক; প্রকৃতিজাত; স্বাভাবিকভাবে উৎপন্ন বা সৃষ্ট। ~**বিদ, নিসর্গী** (–র্গিন্) *বি* প্রকৃতিবিজ্ঞানী। { *স.* নিঃ+√সৃজ্+অ(ঘঞ) }

নিসাড় *(পদ্য.)*, **নিঃসাড়** [নিশাড়, নিশশাড়] *বিণ* ১ সাড়াশব্দহীন; নিঃশব্দ; নীরব; নিশুতি (এই ধ্বসে পড়া অন্ধকার নিসাড় বাড়িটার—*অচিসে*)। ২ সাড়াহীন; সংজ্ঞাহীন। ৩ অসাড়; জড়। { *স.* নিঃস্বর>; *বা.* নি+সাড়া }

নিসাড়া [নিশাড়া] *বিণ* নিঃশব্দ; নীরব; নিশুতি; সাড়াশব্দহীন। { নি+সাড়া }

নিসাদল ⇒ নিশাদল

নিসান, নিস্সানা, নিসানী ⇒ নিশান[২]

নিসার [নিশার] *বি* ১ উৎসর্গ; দান; কুরবান (আল্লাহর রাহেতে জান করিবে নিসার—*সৈহা*)। ২ বাদশাহের উপরে কোনো অশুভ দৃষ্টির প্রভাব দূর করার জন্য থালায়

টাকা বা রত্ন রেখে তাঁহার মাথার চারদিকে ঘুরিয়ে সেই অর্থ দরিদ্রদের মধ্যে বিতরণ (নিসার) করে দেওয়া। {*আ.* নিছার نثار}

নিসাস [নিশাশ্] *বি* নিঃশ্বাস (ছাড়িয়া নিসাস—*রূপ*)। {*স.* নিশ্বাস>}

নিসিন্দা, নিসিন্দে [নিসিনদা, –নদে] *বি* নিমের ন্যায় তিক্ত ক্ষুদ্র বৃক্ষবিশেষ। {*স.* নিসিন্ধু>}

নিসুত [নিশুত্] *বিণ* গভীর; নীরব (এই দিবা মধ্যাহ্নকালেও যেন সব নিঝুম নিসুত—*শেহ*)। {*স.* নিষুপ্ত>}

নিসূদক [নিশুদক] *বিণ* হন্তা; হত্যাকারী; বধকারী; বিনাশকারী। {*স.* নি+√সূদি+অক(ণ্বুল্)}

নিসূদন [নিশুদন্] *বি* হনন; বিনাশ; বধ। □ *বিণ* বিনাশকারী; বধকারী। {*স.* নি+√সূদি+অন(ল্যুট্)}

নিসৃষ্ট [নিস্সৃশ্টো] *বিণ* ১ ন্যস্ত; অর্পিত; দত্ত। ২ প্রেরিত। {*স.* নি+√সৃজ্+ত(ক্ত)}

নিস্তনাবুদ ⇒ নাস্তানাবুদ

নিস্তনী [নিস্তোনি] *বিণ* স্তনশূন্যা; স্তনহীনা। □ *বি* (ওষুধের) বড়ি। {*স.* নি+স্তন+ঈ(ঙীষ্)}

নিস্তব্ধ [নিস্তব্ধো] *বিণ* স্থির; নিস্পন্দ; নীরব। –**তা** *বি* নীরবতা। {*স.* নি+√স্তন্ভ্+ত(ক্ত)}

নিস্তরঙ্গ [নিস্তরোঙগো] *বিণ* ১ তরঙ্গহীন। ২ অচঞ্চল; স্থির; প্রশান্ত (নিস্তরঙ্গ পদ্মার বক্ষ চিরে ভীম গর্জনে ছুটে চলেছে আমাদের স্টীমার—*জুআ*)। {*স.* নিঃ+তরঙ্গ}

নিস্তরণ [নিস্তরোন্] *বি* ১ পার গমন; উত্তরণ; ২ নিস্তার; পরিত্রাণ; মুক্তি; নিষ্কৃতি। ৩ নির্গমন। {*স.* নিঃ+তরণ}

নিস্তল [নিস্তল্] *বিণ* ১ তলহীন; যার কোনো পাশ সমতল নয়। ২ বর্তুলাকার; গোলাকার। {*স.* নিঃ+তল}

নিস্তার [নিস্তার্] *বি* ১ নিষ্কৃতি; উদ্ধার; অব্যাহতি (আমি কিরূপে তোমায় নিস্তার করিব বল—*ঈবি*)। ২ পরিত্রাণ; মুক্তি। **নিস্তারক** *বিণ* নিস্তারকারী; উদ্ধারক; ত্রাতা; রক্ষাকারী। {*স.* নিঃ+√তৃ+অ(ঘঞ্)}

নিস্তারিণী [নিস্তারিনি] *বি* ১ হিন্দুদেবী দুর্গা। ২ নিস্তারকারিণী; মুক্তিদায়িনী। {*স.* নিঃ+তারিণী}

নিস্তুষ [নিস্তুশ্] *বিণ* তুষহীন। {*স.* নিঃ+তুষ}

নিস্তেজ [নিস্তেজ্] *বিণ* ১ দুর্বল; ক্ষীণ; তেজোহীন; শক্তিহীন। ২ দীপ্তিশূন্য। ৩ নিষ্প্রভ; বলবীর্যহীন; হীনপ্রভ। {*স.* নিঃ+তেজঃ; *বহু*}

নিস্তেজাঃ [নিস্তেজাহ্] *বিণ* নিস্তেজ; তেজোহীন; দুর্বল বলবীর্যহীন। ২ দীপ্তিশূন্য; নিষ্প্রভ। অনুজ্জ্বল। ৩ হীনপ্রভ। {*স.* নিঃ+তেজাঃ}

নিস্পন্দ, নিঃস্পন্দ [নিস্পন্দো] *বিণ* ১ স্পন্দনশূন্য। ২ স্থির; অচঞ্চল; অকম্পিত। ৩ নিঃসাড়; অসাড়। –**তা** *বি* অসাড়তা; স্পন্দনহীনতা। {*স.* নি(নাই)+স্পন্দ; নিঃ+√স্পন্দ}

নিস্যন্দ, নিষ্যন্দ [নিশ্শন্দো] *বি* ১ ক্ষরণ; কর্ষণ; পতন; ঝরন। ২ নির্যাস। **নিস্যন্দিত** *বিণ* ক্ষরিত। **নিষ্যন্দী, নিস্যন্দী** (-দিন্) *বিণ* ঝরায় বা ক্ষরণ করায় এমন; ক্ষরণকারী। {*স.* নি+√স্যন্দ্+অ(ঘঞ্)}

নিস্বন, নিস্বান [নিশশন্, –শান্] *বি* শব্দ; নিনাদ; ধ্বনি; আওয়াজ। {*স.* নি+√স্বন্+অ(অপ্, ঘঞ্)}

নিহত [নিহতো] *বি, বিণ* ১ হত; বিনাশিত; বিনষ্ট; মেরে ফেলা হয়েছে এমন। **নিহন্তা** *বি, বিণ* বধকর্তা; হননকারী। {*স.* নি+√হন্+ত(ক্ত)}

নিহাই, নেহাই [নিহাই, নে–] *বি* স্বর্ণকার বা কর্মকারগণ যে বেদি বা উচ্চ বস্তুর উপর উত্তপ্ত ধাতব পদার্থ রেখে পিটিয়ে পাত তৈরি করে। {*স.* নিধাপিকা>}

নিহার ⇒ নীহার

নিহারন, নেহারন [নিহারন্, নেহারোন্] *বি* দর্শন; অবলোকন; নিরীক্ষণ। {*স.* নিরীক্ষণ>}

নিহারা, নিহারনু, নিহারিল ⇒ নেহারা

নিহারি, নেহারি [নিহারি, নে–] *বি* পলান্ন; ঘৃতপক্ক মাংসমিশ্রিত খিচুড়িজাতীয় খাদ্যবিশেষ (বড় বড় হাঁড়ীতে সারা রাত নিহারী চড়ান আছে—*রখাঁ*)। *তুল.* **তিহারি, তেহারি**। {*হি* নিহারী}

নিহালি ⇒ নেহালি

নিহাস [নিহাশ্] *বিণ* ১ হাসিহীন। ২ ঢেউহীন (নিহাস নদীর নিজল পানিতে আঁকাবাঁকা স্রোত খেলে—*মহী*)। {*স.* নি+হাস্য>}

নিহিত [নিহিতো] *বিণ* ১ রাখা হয়েছে এমন; গূঢ়ভাবে স্থাপিত। ২ নিক্ষিপ্ত। ৩ অর্পিত; ন্যস্ত। ৪ রক্ষিত। ৫ অভিহিত। ৬ গুপ্ত; লুক্কায়িত। {*স.* নি+√ধা+ত(ক্ত)}

নিহিলিস্ট [নিহিলিশ্ট্] *বি* সকল ধর্ম ও নীতি বর্জনকারী; নিরীশ্বরবাদী; অনস্তিত্ববাদী। {*ই.* nihilist}

নিহুড়িআঁ (*মবা.*) [নিহুড়িয়াঁ] *অক্রি* নিচু বা অবনত হয়ে; হেঁট হয়ে (নিহুড়িআঁ চাহে—*বচদা*)। {*মবা.* নিহুড়ি+আঁ}

নিহুরি (*মবা.*) [নিহুরি] *অক্রি* হেঁট হয়ে; অনবনত হয়ে (সাজনিনিহুরি ফুকু আগি—*বিপ*)। {*তুল. হি* নিহুরনা}

নীচ, নিচ (*অশুপ্র*), **নিচু** [নিচ্, –, –চু] *বি* ১ নিম্নস্থান (ক্রমশ নীচে যাও)। □ *বিণ* ১ অত্যন্ত খারাপ; হীন; ইতর; নিকৃষ্ট (অতি নীচ)। ২ নিচু; নিম্ন; নাবাল। –**তা, –ত্ব** *বি* হীনতা; ইতরামি। –**যোনি** *বি* ১ নীচজাতি; নিম্ন শ্রেণির জীব; যার নিচু কুলে জন্ম। □ *বিণ* ১ হীনকুলে জাত। ২ মনুষ্য ভিন্ন অন্য নীচ প্রাণিকুলে উৎপন্ন। {*স.* নি+√চি+অ(ড)}

নীঝর (*ব্র.*) [নিঝর] *বি* নির্ঝর; ঝরনা; জলপ্রবাহ (অবিরত নয়নে বারি ঝর নীঝর—*বিপ*)। {*স.* নির্ঝর>}

নীট ⇒ নিট[১] ও নিট[২]

নীড় [নিড়] *বি* ১ কুলায়; পাখির বাসা। ২ বাসা; স্থান। ৩ (*আল.*) আশ্রয় (পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন—*জীদা*)। {*স.* নি+√ঈড়্+অ(ঘঞ্)}

নীত[১] [নিত্] *বি* ১ রীতি; নিয়ম; পদ্ধতি। ২ নীতি। ৩ ব্যবহার; আচরণ। {*স.* নীতি>নীত>}

নীত[২] [নিতো] *বিণ* ১ নিয়ে যাওয়া হয়েছে এমন; আনীত; চালিত। ২ অতিবাহিত; যাপিত। ৩ গৃহীত। {*স.* √নী+ত(ক্ত)}

নীতি [নিতি] *বি* ১ যা কোনো লক্ষ্যে নিয়ে যায়। ২ হিতাহিত সম্পর্কে উপদেশ (নীতিকথা)। ৩ ন্যায়সঙ্গত; সমাজের কল্যাণকর বিধান। ৪ ন্যায়-অন্যায় কর্তব্য-অকর্তব্য ইত্যাদি বিচার। ৫ বিদ্যা; শাস্ত্র (রাজনীতি, ধর্মনীতি)। ৬ প্রথা; আচার (দুর্নীতি)। ৭ প্রণালি; রীতি। –**কথা, –বাক্য**

বি হিতোপদেশ; সুনীতিবিষয়ক বিবৃতি। ~**জ্ঞ** *বিণ* ১ ভালোমন্দ ন্যায়-অন্যায় প্রভৃতি বিষয়ে জ্ঞানযুক্ত (নীতিজ্ঞরা বলেন মন্ত্রণা ষট কর্ণে প্রবিষ্ট হইলে অপ্রকাশিত থাকে না—*ঈবি*)। ২ নীতিশাস্ত্রে গভীর জ্ঞান আছে এমন। ~**জ্ঞান** *বি* নীতিবোধ। ~**বাগীশ** *বিণ* ১ নীতিকথা-বিশারদ; নীতি সম্পর্কে একনিষ্ঠ। ২ *(ব্য.)* নীতিনিষ্ঠা সম্পর্কে দাম্ভিক; নীতি সম্পর্কে শুচিবাইগ্রস্ত। ~**বিরুদ্ধ**, ~**বিরোধী** (–ধিন্) *বিণ* ১ অন্যায়। ২ সমাজের অহিতকর নিয়ম। ৩ নীতিশাস্ত্রবিরোধী। ~**শাস্ত্র** *বি* নীতিবিষয়ক গ্রন্থ; ন্যায়-অন্যায় কর্তব্যাকর্তব্য প্রভৃতি বিষয়ক বিচার সম্পর্কিত শাস্ত্র; ethics। ~**সঙ্গত**, ~**সম্মত** *বিণ* নীতিশাস্ত্র অনুমোদিত; সমাজের পক্ষে মঙ্গলজনক বিধান অনুসারে। { *স.* √নী+তি(ক্তি)}

নীদ ⇒ নিদ্রা

নীপ [নিপো] *বি* ১ কদম ফুলের গাছ। ২ কদম ফুল (আমার অঙ্গনে হেথা বিকশিয়া ঝরে যায় নীপ—*রঠা*)। { *স.* √নী+প}

নীবার [নিবার্] *বি* উড়িধান; তৃণধান্য (পচে পাখীদের চঞ্চুচ্যুত নীবার ধানের শীষ—*সদ*)। { *স.* নি+√বৃ+অ(ঘঞ্)}

নীবি, **নীবী** [নিবি] ১ নারীদের কটিদেশের বস্ত্রে যে গ্রন্থি দেওয়া হয়; কটিবন্ধন (একটু হয়েছে শ্লথ বন্দিনীর বন্ধন নীবির—*আজহই*)। ২ সঞ্চয়; পুঁজি; মূলধন। ~**বন্ধ** *বি* কটিদেশে পরিধেয় বস্ত্রের বাঁধন (নীবিবন্ধ খসি পড়ে —*রঠা*)। { *স.* নি+√ব্যে+ই(ইন্)}

নীম ⇒ নিম[২]

নীয়মান [নিয়োমান্] *বিণ* নিয়ে যাওয়া হচ্ছে এমন; নীত হচ্ছে এমন (দ্রুত বেগে নীয়মান হইতেছেন—*রাব*)। **নীয়মানা** *বিণ স্ত্রী.*। { *স.* √নী+মান(শানচ্)}

নীর [নির্] *বি* ১ পানি; জল; বারি। ২ রস। ~**জ** *বি* পদ্ম। ☐*বিণ* পানিতে উৎপন্ন; জলজাত। ~**জা**[১] *বিণ স্ত্রী.*। ~**দ**[১] *বি* মেঘ; জলদ (ঘনায় গহন নীরদ সঘন নয়ন মন ভরি —*নই*)। ☐*বিণ* জলদায়ক। ~**দবরণ** *বিণ* মেঘের মতো রং এমন; ধূসরবর্ণ। ~**দা** *বিণ স্ত্রী.*। ~**ধি** *বি* বারিধি; সাগর। { *স.* √নী+র(রক)}

নীরক্ত [নিরক্‌তো] *বিণ* রক্তহীন (কল্পনার দ্রাক্ষাবনে মধু চুষি নীরক্ত অধরে—*মোম*)। { *স.* নিঃ+রক্ত}

নীরজ, **নীরজা**[১] ⇒ নীর

নীরজা[২], **নীরজাঃ** [নিরোজা, –জাহ্] *বিণ* ১ ধূলিশূন্য; রজোহীন। ২ পরাগশূন্য। ৩ রজোগুণবর্জিত। ৪ ঋতুমতী নয় এমন; রজোহীনা হয়েছে এমন; অরজঃস্বলা। { *স.* নিঃ+রজাঃ; *বহু*}

নীরত [নিরতো] *বিণ* নিবৃত্ত; বিরত। { *স.* নিঃ+রত}

নীরদ[১], **নীরদবরণ** ⇒ নীর

নীরদ[২] [নিরদ্] *বিণ* দন্তহীন। { *স.* নিঃ+রদ}

নীরন্ধ্র [নিরন্‌ধ্রো] *বিণ* ১ ফাঁকহীন। ২ ছিদ্রহীন; রন্ধ্রহীন। ৩ ঘন; নিবিড় (নীরন্ধ্র অন্ধকারে—*বুব*)। ৪ ঠাসবুনন। ☐*বি* যার চারদিক রুদ্ধ। { *স.* নিঃ+রন্ধ্র; *বহু*}

নীরব [নিরব্] *বিণ* ১ শব্দহীন; চুপচাপ; নিঃশব্দ। ২ বাকহীন; নির্বাক; মৌনী। ~**চারী** *বিণ* মৌনী (হে নীরবচারী, বুঝিতে না পারি মুখে কেন নাহি ভাষ—*সদ*)। ~**তা** *বি* নিঃশব্দতা; নিস্তব্ধতা। ☐*বিণ* মৌনভাব। { *স.* নিঃ+রব}

নীরস [নিরশ্] *বিণ* ১ শুষ্ক; রস নেই এমন; রসহীন। ২ রসবোধহীন; অরসিক (তুমি নিতান্তই নীরস—*রাব*)। ৩ রুক্ষ; কর্কশ। ৪ অসন্তুষ্ট; অপ্রসন্ন; ম্লান; মলিন। ৫ মনকে মুগ্ধ করে না এমন (নীরস খেলা)। ~**তা** *বি* ১ রসহীনতা। ২ অপ্রসন্নতা (দেখে তার নিরতিশয় নীরসতা হৃদয়টা হাহাকার করে উঠল—*রঠা*)। { *স.* নিঃ+রস}

নীরাজন, **নীরাজনা** [নিরাজন্, –জনা] *বি* ১ যুদ্ধে যাওয়ার আগে অস্ত্রশস্ত্র পরিষ্কার করা। ২ দীপমালা সজল পদ্ম ধৌত বস্ত্র তুলসী বিল্বপত্রাদি ও প্রণাম সহযোগে হিন্দুদের আরতি; আরাত্রিক। { *স.* নিঃ+রাজন, রাজনা}

নীরোগ, **নীরোগী** (–গিন্) [নিরোগ্, –গি] *বিণ* রোগশূন্য; সুস্থ (রাজপুত্র নীরোগ হইলেন—*বচ*)। { *স.* নিঃ+ রোগ/রোগী; *বহু*}

নীল [নিল্] *বি* ১ এক প্রকার বর্ণ; blue। ২ এক জাতীয় গাছ, যা থেকে নীল রং উৎপন্ন হয়; indigo plant। ☐*বিণ* নীলবর্ণবিশিষ্ট। ~**কণ্ঠ** *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ ময়ূর। ৩ নীলবর্ণ কণ্ঠবিশিষ্ট এক প্রকার পাখি। ~**কমল** *বি* নীলবর্ণ পদ্মফুল; নীলপদ্ম; নীলোৎপল। ~**কর** *বি, বিণ* নীলের আবাদকারী; পূর্বতন নীলচাষকারী ইউরোপীয় indigo planter। ~**কান্তমণি** *বি* মণিবিশেষ; বহুমূল্য নীলবর্ণ প্রস্তর (দুর্লভ নীলকান্ত মণি—*আর*)। ~**কুঠি**, ~**কুঠী** *বি* নীলকর সাহেবের কার্যালয়। ~**গাই** *বি* হরিণজাতীয় নীলবর্ণ পশু যা দেখতে গরুর মতো। ~**পূজা** *বি* চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠেয় হিন্দুদের শিবপূজা। ~**বর্ণ শৃগাল** *বিণ (আল.)* ছদ্মবেশী ব্যক্তি। ~**মণি** *বি* ১ নীলবর্ণ মণি। ২ শ্রীকৃষ্ণ। ~**লোহিত** *বি* ১ নীল ও লালবর্ণের সংমিশ্রণে উৎপন্ন বেগুনি রং। ২ হিন্দুদেবতা শিব। { *স.* √নীল+অ(অচ)}

নীলা [নিলা] *বি* মূল্যবান নীলবর্ণ রত্ন; বহুমূল্য প্রস্তর; sapphire। { *স.* নীলক>}

নীলাচল [নিলাচল্] *বি* ১ উড়িষ্যায় অবস্থিত নীলগিরি পর্বতমালা। ২ জগন্নাথক্ষেত্র; পুরী। ৩ নীলবর্ণযুক্ত পাহাড়। { *স.* নীল+অচল; *কর্মধা.*}

নীলাঞ্জন [নিলান্‌জোন্] *বি* ১ রসাঞ্জন (অহমিকার নীলাঞ্জন—মউ)। ২ তুঁতে। { *স.* নীল+অঞ্জন; *কর্মধা.*}

নীলাভ [নিলাভো] *বিণ* ঈষৎ নীলবর্ণ; নীল আভাযুক্ত (নীলাভ তোমার আঁখি হয়েছিল ম্লান হয়ত বা অকারণে —*নই*)। { *স.* নীল+আভা; *বহু*}

নীলাভ্র [নিলাব্‌ভ্রো] *বিণ* নীল আকাশ (প্রান্ত হতে নীলাভ্রের সর্বপ্রান্ত তীর—*রঠা*)। { *স.* নীল+অভ্র}

নীলাম্বর [নিলামবর্] *বি* ১ নীল আকাশ। ২ নীল বসন। ৩ নীলবর্ণ বস্ত্র পরিহিত বা পরিধানকারী। { *স.* নীল+অম্বর}

নীলাম্বরী [নিলাম্‌বোরি] *বি* নীল শাড়ি; নীল বস্ত্র। { *স.* নীল+অম্বরী}

নীলাম্বু, **নীলাম্বুধি** [নিলামবু, –বুধি] *বি, বিণ* নীল বর্ণের অম্বু বা পানি যার—সমুদ্র; সাগর; জলধি (নীলাম্বুধির পারে—*মোম*)। { *স.* নীল+অম্বু, অম্বুধি; *কর্মধা.*}

নীলিকা [নিলিকা] *বি* ১ নীলের গাছ। এক প্রকার চক্ষু

রোগ। { *স.* নীল+ক(কন্)+আ(টাপ্)}

নীলিম [নিলিম্] *বি* নীলবর্ণ; নীলিমাযুক্ত (নীলিম আকাশ ঝুঁকিয়া পড়িয়া মেখ গুণ্ঠন ফেলে—*নই*)। { *স.* নীল+ইমন্}

নীলিমা [নিলিমা] *বি* ১ নীল রং বা তার আভা। ২ নীলের ভাব; নীলত্ব। { *স.* নীল+ইমন্+আ(টাপ্)}

নীলোৎপল [নিলোত্পল্] *বি* নীলবর্ণবিশিষ্ট পদ্মফুল (গন্ধ মধু রূপ সায়রে ভাসছে নীলোৎপল—*সদ*)। { *স.* নীল+উৎপল; *কর্মধা.*}

নীস্তনাবুদ ⇒ নাস্তানাবুদ

নীহার, নিহার [নিহার্] *বি* ১ হিমানী; তুষার (নীহার নাহিক আর—*সদ*)। ২ বরফ। –**স্ফোট** *বি* বৃহৎ বরফের পিণ্ড। { *স.* নি+√হৃ+অ(ঘঞ্)}

নীহারিকা [নিহারিকা] *বি* মহাকাশে অবস্থিত নক্ষত্রপুঞ্জ; আকাশে দৃশ্যমান নক্ষত্রসদৃশ বহুবিস্তৃত বাষ্পীয় পদার্থ; nebula। { *স.* নীহার+ইক(সাদৃশ্যে)+আ(টাপ্)}

নুকি [নুকি] *বি* ১ লুকানো; লুক্কায়িত। ২ গোপন; গুপ্ত (ও নুকি করতঁহি দেহা—*বিপ*)। { *স.* লুক্কায়িত>}

নুটি [নুটি] *বি* সুতা, আঁশ, লোম প্রভৃতির জড়ানো আঁটি। { *স.* লোষ্ট>}

নুড়নুড়ি, নুন্নুড়ি [নুড়নুড়ি, নুননুড়ি] *বি* ১ আলজিভ; আলজিহ্বা; উপজিহ্বা। ২ ঘণ্টার জিহ্বা বা দোলক; ঘুন্টি। { *স.* নড়+নড়>নন্নড়>}

নুড়া, নুড়ো, লুড়া [নুড়া, –ড়ো, লুড়া] *বি* খড়ের আঁটি; তৃণের গুচ্ছ; শুষ্ক নল-খাগড়া প্রভৃতির আঁটি (উমার মুখ চাঁদের চূড়া বুড়ার দাড়ী শণের নুড়া—*ভারা*)। –**মুখ** *বি* শুষ্ক তৃণগুচ্ছের মতো মুখ (তাই হইয়াছে নুড়ো মুখ যত বুড়োর তল্পীবাহ—*নই*)। { *স.* লোষ্ট্র>}

নুড়ি [নুড়ি] *বি* ১ পাথরের ছোট টুকরা। ২ ছোট পাথর; প্রস্তরখণ্ড। { *স.* লোষ্ট্র>}

নুড়ো, নুড়োমুখ ⇒ নুড়া

নুদি [নুদি] *বি* ভুঁড়ি; পেটের চামড়ায় চর্বির ভাঁজ। { *স.* তুন্দি>}

নুন [নুন্] *বি* লবণ। । – **আনতে পান্তা ফুরোয়**—অত্যন্ত দারিদ্র্যের মধ্যে থাকা; একটা অভাব পূরণ হবার আগেই আরেকটি অভাব উপস্থিত হওয়া। – **খাওয়া** *ক্রি* ১ উপকার লাভ করা। ২ প্রদত্ত অন্ন খেয়ে অনুগত হওয়া। ~ **শোধা** *ক্রি* প্রত্যুপকার করা। { *স.* লবণ>}

নুনিয়া [নুনিয়া] *বি* ১ লবণ প্রস্তুতকারী জাতি। ২ শাকবিশেষ। ৩ পুরীতে সমুদ্রে সাঁতার দিতে পটু একটি জাতি। {নুন+ইয়া}

নুনু (*কথ্য.*) [নুনু] *বি* বালকের যৌনাঙ্গ। { *তুল. মৈথিলি.* নেনা(বালক)}

নুন্নুড়ি ⇒ নুড়নুড়ি

নুয়া ⇒ নোয়া

নুর, নূর [নুর্] *বি* ১ জ্যোতি; আলোক (হিদায়েতের নূর আজ আমায় পথ দেখিয়ে দিলে—*এও*)। ২ দাড়ি (মোর ওমর বহুত হ'ল নুব বি পেকে গেল—*প্যামি*)। –**মহল** *বি* আলোর মহল (আজ থেকে নাম নুরমহল—*সদ*)। **নুরানি, নূরানী** *বি* উজ্জ্বল; স্বর্গীয় আলোকপ্রাপ্ত (মওতের দেখা পাব অথবা আমার জিন্দেগানী প্রমুক্ত জ্ঞানের স্পর্শে হবে আজ রওশন নূরানী—*ফআ*)। { *আ.* নুর نور }

নুরি, নুরী [নুরি] *বি* মালয়ের শুক বা তোতা পাখি (নুরীর পুচ্ছে—*দেসে*)। { *মা.* নুরী}

নুলা, নুলো [নুলা, –লো] *বি* বিড়ালের থাবা। ☐ *বিণ* ১ বিবশ; ঠুঁটা (তোমার এই মারহাট্টা হাড়ের দুষ্টু আঙুলগুলোকে একেবারে ভেঙে নুলো করে দিতে হয়—*নই*)। ২ বিকল, ছিন্ন বা ক্ষুদ্র হাতবিশিষ্ট। {লুলচ>}

নুসকা, নুসখা, নোসখা [নুশ্কা, –খা, নোশ্খা] *বি* ব্যবস্থাপত্র; prescription (হাকিম সাহেব তার নাড়ি দেখে যথারীতি এক নুস্কো লিখে দিলেন—*জহা*)। { *আ.* নুস্খাহ نسخة }

নুহ, নূহ [নুহ্] *বি* একজন নবি, সেমিটিক পুরাণ অনুসারে যাঁর সময়ে পৃথিবীতে মহাপ্লাবন অনুষ্ঠিত হয়েছিল (চলে গেল 'হাওয়া' 'আদম' 'শিশ' ও 'নূহ' নবি জ্বলিয়া নিভিল কত রবি—*নই*)। { *আ.* নুহ্ نوح }

নূতন [নুতন্] *বিণ* নব্য; অভিনব; নবীন; তরুণ; নতুন; নোতুন। ~**ত্ব** *বি* অভিনবত্ব। { *স.* নব+তন(তনপ্)}

নূপুর [নুপুর্] *বি* ঘুঙুর; মঞ্জির; শিঞ্জিনী; পায়ের অলঙ্কারবিশেষ (নূপুর বাজে তার রিমিঝিমি—*রঠা*)। { *স.* ন্যূন+√পূরি+অ(অণ্)}

নূর, নূরমহল, নূরানী ⇒ নুর

নৃ [নৃ] *বি* ১ নর; পুরুষ। ২ মনুষ্য। ~–**কুলবিদ্যা** *বি* মানব জাতিতত্ত্ব; বিভিন্ন মানব জাতি সম্পর্কিত বিজ্ঞান; ethnology। ~**তত্ত্ব,** ~–**বিদ্যা** *বি* মনুষ্য সম্বন্ধীয় বিজ্ঞান; anthropology। ~**মণি** *বি* ১ নরশ্রেষ্ঠ (নৃমণি সে ছিল নরকূলে—*সদ*)। ২ রাজা; মহারাজা। ~**মুণ্ড** *বি* মানুষের মস্তক বা মাথা (নৃমুণ্ডের আবছায়া—*জীদা*)। ~–**মুণ্ডমালিনী** *বি* ১ হিন্দু দেবী কালী। ২ নরমুণ্ডসমূহ গ্রথিত মাল্যধারণকারিণী। ~–**যজ্ঞ** *বি* অতিথিসৎকার নামক যজ্ঞ। ~–**লোক** *বি* পৃথিবী; ধরা; ধরণী; ধরিত্রী। { *স.* √নী+ঋ}

নৃত্ত [নৃত্ত] *বি* রসভাবশূন্য নৃত্য। { *স.* √নৃত্+ত(ক্ত)}

নৃত্য [নৃত্তো] *বি* নাচ। ~**পটীয়সী** *বিণ. স্ত্রী.* নাচতে পটু এমন। –**পর** *বিণ* নৃত্যরত; নাচছে এমন; নর্তনাসক্ত। ~**পরা** *বিণ. স্ত্রী*। ~**শালা** *বি* নাচঘর; নাচের জন্য তৈরি রঙ্গমঞ্চ। { *স.* √নৃত্+য(ক্যপ)}

নৃপ, নৃপতি [নৃপো, নৃপোতি] *বি* ভূপতি; নরপতি; রাজা; বাদশাহ। ~**বর,** –**মণি** *বি* শ্রেষ্ঠ নৃপতি; শ্রেষ্ঠ রাজা বা বাদশাহ। **নৃপাসন** *বি* রাজার আসন; সিংহাসন; বাদশাহি তখ্‌ত। { *স.* নৃ+√পা+অ(ক), নৃ+পতি}

নৃবিদ্যা, নৃমণি, নৃমুণ্ড, নৃমুণ্ডমালিনী, নৃযজ্ঞ, নৃলোক ⇒ নৃ

নৃশংস [নৃশঙ্শো] *বিণ* ১ নির্দয়; ক্রূর; নিষ্ঠুর (আমি নির্মম, আমি নৃশংস—*নই*)। ২ হিংস্র; হিংসক। –**তা** *বি* ১ নরহিংসা। ২ নিষ্ঠুরতা। { *স.* নৃ+√শন্স্+অ(অণ্)}

নৃসিংহ ⇒ নর১

নে ⇒ নেও১

নেআজ (*মবা.*) [নেয়াজ] *বি* তর্কবিতর্ক; বাদবিতণ্ডা (আশেষ নেআজ জুড়ি—*বচদা*)। { *স.* ন্যায়>}

নেআলী (*মবা.*) [নেয়ালি] *বি* নবমল্লিকা। { *স.*

নবমল্লিকা>}

নেই ⇒ নাই

নেই আঁকড়া, নেই আঁকড়ী ⇒ নাই আঁকড়া

নেউগী *(মবা.)* [নেউগি] *বি* সরকারি উচ্চপদস্থ কর্মচারীর উপাধিবিশেষ (নেউগী চৌধুরী নহি না করি তালুক—*কমু*)। { *স.* নিয়োগী (সদগোপের উপাধি)}

নেউছয় *(ব্র.)* [নেউছয়] *ক্রি* নির্মঞ্ছন, আরতি বা আরাধনা করে (কত কত লখিমা চরণতল নেউছয়—*বিপ*)। { *স.* নির্মঞ্ছন>}

নেউটা[১], **ন্যাওটা** ⇒ নেওটা

নেউটা[২] [নেউটা] *ক্রি* প্রত্যাবর্তন করা; ফেরা; প্রত্যাবৃত্ত হওয়া। { *স.* নিবর্তন>}

নেউল [নেউল] *বি* বেজি। { *স.* নকুল>}

নেও[১], **নাও** [ন্যাও, নাও] *ক্রি* ১ গ্রহণ করো; লহ; লও। □*অব্য* বিস্ময়সূচক; অবিশ্বাসবোধক (নেও ঠেলা)। ৩ বন্ধ করা; স্থগিত রাখা; বাদ দেওয়া প্রভৃতি অনুরোধ বোঝাতে ব্যবহৃত শব্দ (নেও যথেষ্ট হয়েছে)। {√নে>}

নেও[২], **নেয়ো** [নেয়ো] *ক্রি* স্নান কোরো। { *স.* √স্না>*প্রা.* নহা>নাওয়া}

নেও[৩] [নেয়ো] *বি* বুনিয়াদ (নেও কাটা)। { *স.* নেমি>}

নেওটা, ন্যাওটা [ন্যাওটা] *বিণ* ১ স্নেহের ফলে অনুগত; বশীভূত। ২ অনুরক্ত। ৩ পোষা। { *স.* স্নেহ>নেহ>নেউ, *স.* স্নেহার্ত>নেউটা}

নেওয়া[১], **নেয়া** [ন্যাওয়া, নেয়া] *ক্রি* গ্রহণ করা; লওয়া। □*বি* একই অর্থে। **নেওয়ানো** *ক্রি* ১ গ্রহণ করানো; লওয়ানো। □*বি* একই অর্থে। { *স.* √নী> √নে+আ}

নেওয়া[২] *(মবা.)* [ন্যাওয়া] *বি* প্রলেপ (পানের বুকে চুনের নেওয়া দিয়া—*মাগান*)। { *স.* লেপন>নেপা>}

নেওরা, নেউরা [ন্যাওরা, নেউরা] *বি* ১ নম্রতা। ২ বিনয়; মিনতি; প্রার্থনা (নেওয়া করি ভাবিরে মাইরো না—*শাআ*)। { *স.* নম্রতা>}

নেং, নেঙ [ন্যাঙ] *বি* ভগ্নপদ। { *স.* লঙ্গ; *ফা.* নঙ্গ্ ننگ }

নেংচানো, নেঙচানো [ন্যাঙ্চানো] *ক্রি* খোঁড়ানো। { *ফা.* নঙ্গ্ ننگ }

নেংটা, লেংটা, ন্যাংটো, ল্যাংটা [ন্যাঙ্টা, ল্যাঙ্টা, ন্যা–, ল্যা–] *বিণ* ১ উলঙ্গ। ২ নিঃস্ব; পরিধানের বস্ত্র পর্যন্ত নেই এমন। **নেংটার/ন্যাংটার নেই বাটপাড়ের ভয়**—নিঃস্ব ব্যক্তির কোনো কিছু অপহৃত হওয়ার আশঙ্কা থাকে না। { *স.* নগ্ন>}

নেংটি[১], **লেংটি** [নেঙ্টি, লে–] *বি* কৌপীন; ছিন্ন মলিন বস্ত্র; টেনা। ~ **পরা** *ক্রি* ১ কৌপীনের মতো করে কাপড় পরা। ২ একেবারে রিক্ত হওয়া। { *স.* নগ্নাট>}

নেংটি[২], **নেংটী, নেংটে** [নেঙ্টি, –, –টে] *বি* ছোট; ক্ষুদ্র (কতিপয় নেংটে ইঁদুর ও আরসোলা—*রাব*)। { *স.* লিঙ্গালিকা>লেঙটিয়া>}

নেংড়া, ল্যাংড়া [ন্যাঙ্ড়া, ল্যা–] *বিণ* খোঁড়া; খঞ্জ। (ল্যাংড়ার কথ্যরূপ)। { *স.* লঙ্গ; *ফা.* নঙ্গ্ ننگ }

নেংলা, ন্যাংলা [ন্যাংলা] *বিণ* অতিশয় কৃশ; খুব সরু; লম্বা ও কৃশ; লিকলিকে; হ্যাংলা। { *স.* লঙ্গ; *ফা.* নঙ্গ্ ننگ }

নেক [নেক] *বি* পুণ্য; ভালো; মঙ্গল; সু (নেক নযরে নেক রাহে বাদিতে জঞ্জাল—*সৈহা*)। □*বিণ* পুণ্যবান (নেকবান্দা)। **নেকি** *বি* সৎকাজ; পুণ্য। { *ফা.* নেক্ نیك }

নেকড়া, ন্যাকড়া [ন্যাক্ড়া] *বি* ছিন্নবস্ত্র; জীর্ণবস্ত্রের টুকরা; ছেঁড়া কাপড়। **নেকড়ার আগুন** *বি* যে ব্যাপার সহজে মেটে না অর্থাৎ নেকড়ার আগুনের মতোই ধুমিয়ে ধুমিয়ে জ্বলে। { *স.* নক্তক>; *পা.* নোক্রা>}

নেকড়ে [নেকড়ে] *বি* বৃক, কুকুর জাতীয় হিংস্র পশু; wolf। { *স.* বৃক>; *তুল. হি* লকড়া}

নেক নজর, নেক নযর [নেক্ নজোর্] *বি* ১ কৃপাদৃষ্টি; অনুকূলদৃষ্টি; অনুগ্রহদৃষ্টি; শুভদৃষ্টি; সুনজর (সরকারের খুব নেক নজরে—*মব*)। ২ *(ব্য.)* কুনজর; অনুগ্রহহীন দৃষ্টি; ক্রোধ। { *ফা.* নেক نیك + *আ.* নজ়র نظر }

নেকনাম [নেক্নাম্] *বি* সুখ্যাতি; সুনাম। □*বিণ* সুবিখ্যাত; খ্যাত; সুনামবিশিষ্ট। **নেকনামি** *বি* সুখ্যাতি; সুনাম। { *ফা.* নেক্ نیك + নাম نام }

নেকবক্ত, নেকবখ্ত [নেক্বক্ত, –খ্–] *বিণ* সৌভাগ্যবান; পুণ্যবান (বিবী বলে বড় নেকবক্ত এই মরদ—*সৈহা*)। { *ফা.* নেকবখ্ত্ نیك بخت }

নেকরা ⇒ নাখরা

নেকা[১] ⇒ নিকা

নেকা[২], **ন্যাকা** [ন্যাকা] *বিণ* নির্বুদ্ধিতা, অজ্ঞতা ও সততার ভান করে এমন; ভণ্ড। **নেকি** *বিণ স্ত্রী.*। ~**মো**, ~**মি**, ~**পনা** *বি* অজ্ঞতার ভান। ~ **সাজা** *ক্রি* জেনেও না জানার ভান করা; অজ্ঞতার ভান করা। { *ফা.* নেক نیك }

নেকাব [নেকাব্] *বি* অবগুণ্ঠন; ঘোমটা (তোমার সকল প্রেম আবার লুকাতে চায় নেকাব প্রচ্ছায়—*ফআ*)। { *আ.* নিক়াব نقاب }

নেকার, ন্যাকার [ন্যাকার] *বি* বমন; বমি; উদ্গিরণ। { *স.* ন্যক্কার>}

নেকি, নেকী [নেকি] *বিণ* পুণ্য; সৎ কাজ (নেকি করিলে হবে মউত আসান—*সৈহা*)। { *ফা.* নেক্ نیك }

নেকো, নাকুয়া [নেকো, নাকুয়া] *বিণ* দীর্ঘ নাকযুক্ত; দীর্ঘনাসা। {নাক+উয়া>ও}

নেগা, নেগাহ্ [নেগা, নেগাহ্] *বি* ১ দৃষ্টি; লক্ষ্য (তোমার ছোট লেড়কার ডৌল নেগা করে মোর বড় গর্মি হচ্ছে—*কাসি*)। ২ কৃপা; কৃপাদৃষ্টি। ~**বান** *বিণ* ১ রক্ষণাবেক্ষণকারী। ২ সদয় দৃষ্টিসম্পন্ন (আল্লা তার হোন নেগাহ্বান—*ফআ*)। { *ফা.* নেগাহ্ نگاه }

নেগে *(আঞ্চ.)* [নেগে] *অক্রি* জন্য। {লাগিয়া>লেগে>}

নেঙ ⇒ নেং

নেঙচানো, লেঙচানো [ন্যাঙ্চানো, ল্যা–] *ক্রি* খোঁড়ানো। { *স.* লঙ্গ; *ফা.* নঙ্গ্ ننگ > নেংচা+আনো}

নেঙরা ⇒ নেংড়া

নেচার [নেচার্] *বি* প্রকৃতি; স্বভাব। { *ই.* nature}

নেচারি [নেচারি] *বি, বিণ* প্রকৃতিবাদী (বড় হইয়া

নেচারী আর কাফের আখ্যা পাইয়াছি—*ওয়া*)। { *ই.* nature। *বা.* ই}

নেছার, নেসার, নিছার [নেছার, -স-, নিছার] *বি* কুরবান; উৎসর্গ (খোদার নামে নেছার জান—*বেআ*; জান নেসার করিতে ছুটিয়াছি—*আমআ*)। { *আ.* নিছার نثار }

নেজ (*আঞ্চ.*) [ন্যাজ] *বি* পুচ্ছ; লেজ। { *স.* লঙ্গ> }

নেজা[১], **ন্যাজা**[১], **লেজা, ল্যাজা** [ন্যাজা, –, ল্যাজা, –] *বি* মাছের পুচ্ছভাগ (ন্যাজা মুড়ো ল্যাজা—মুড়া)। { *স.* লঙ্গ>লেজ>+আ}

নেজা[২], **ন্যাজা**[২] [ন্যাজা] *বি* বর্শা; বাণ (নেজার ফলক উল্কার সম উগ্র গতিতে ছোটে—*নই*)। { *ফা.* নিজাহ نیزه }

নেজামত, নিযামত [নেজামত, নি-] *বি* প্রধান শাসনকর্তার দফতর (নেজামত আদালতে নম্বরওয়ারী ও মৎফরেক্কার তদ্বির কত্তে হলে—*কাসি*)। { *আ.* নিজামাত نظامت }

নেজুড়ে ⇒ লেজুড়ে

নেটা[১] ⇒ ন্যাটা

নেটা[২], **ন্যাটা** [ন্যাটা] *বিণ* বাঁ হাত বেশি চলে এমন; ডান হাতের কাজ বাঁ হাতে করে এমন। { *তুল. হি* লণ্ডা }

নেঠা (*মবা.*) [ন্যাঠা] *বি* ছুতা। ২ ঝঞ্ঝাট; উৎপাত; মুশকিল (কথায় দিয় নেঠা—*ঘচ*)। { লেঠা> }

নেড়, ন্যাড় [ন্যাড়] *বি* লম্বাকৃতি বিষ্ঠা। { *স.* লেণ্ড> }

নেড়রি গেড়রি [নেড়ড়ি গেড়রি] *বি* বোচকাবুচকি; লটবহর; জিনিসপত্র; বাচ্চা–কাচ্চা; নেদড়ি গেদড়ি (বোমার ভয়ে বৌ, মা, বোন নেড়ড়ি গেড়রি লয়ে দিগ্বিদিকে পলায় ভীরু মানুষ মৃত্যুভয়ে—*নই*)। { অমু }

নেড়া, ন্যাড়া [ন্যাড়া] *বি,বিণ* ১ যার কেশ মুণ্ডিত করা হয়েছে; মুণ্ডিত মস্তক; মুণ্ডিতকেশ। ২ নগ্ন। □*বিণ* ১ পত্রপুষ্পহীন (নেড়া গাছ)। ২ নগ্ন; বৃক্ষাদিশূন্য (বাগানের গা ঘেঁষেই দাঁড়িয়ে রয়েছে হাজার ফুট উঁচু কালো নেড়া পাথরের খাড়া পাহাড়—*সৈমু*)। ৩ পত্রপুষ্পহীন (নেড়া গাছ)। ৪ অলঙ্কারহীন; নিরাভরণ (নেড়া হাত)। ৫ সজ্জাহীন; শোভাহীন; সৌন্দর্যশূন্য; অশোভন (নেড়া নেড়া দেখানো)। □*বি* ১ প্রাচীরহীন (আলিসাবিহীন নেড়া ছাদে ঘুড়ি উড়াইতে উঠিয়া পড়িয়া যায় নাই তো—*বিব*)। ২ (*ব্য.*) বৈষ্ণব বৈরাগী; বাউল; বৌদ্ধ ভিক্ষু (নেড়া–নেড়ির দল)। **নেড়ি** *স্ত্রী.*। **নেড়ানেড়ি, ন্যাড়ানেড়ী** *বি* ১ (*ব্য.*) বৈষ্ণব–বৈষ্ণবীগণ। ২ বৈষ্ণব সম্প্রদায়। { *স.* নগ্নাট> }

নেড়িকুত্তা ⇒ কুত্তা

নেড়ে [নেড়ে] *বি,বিণ* (*ব্য.*) অশ্রদ্ধাজনিত আক্রমণাত্মক উক্তিতে) নিচু শ্রেণির মুসলমান। { *স.* নগ্নাট> }

নেত [নেতো/নেত] *বি* প্রাচীনকালের সূক্ষ্ম রেশমি কাপড় বা পট্টবস্ত্র (নানা বর্ণ আচ্ছাদিল নেত পাটাম্বর—*দৌখা*)। ~**ধটি** *বি* রেশমের তৈরি সূক্ষ্ম বস্ত্র (নেতধটি মোরা পাই নাই খুঁজে—*সদ*)। ~**বাস** *বি* তসরের কাপড় (নেতবাস দিয়া ঢাক মস্তক সভার—*হেমা*)। { *স.* নেত্র> }

নেতব্য [নেতোব্‌বো] *বিণ* নিতে হবে এমন; নেওয়ার উপযুক্ত বা যোগ্য। { *স.* √নী+তব্য> }

নেতা (–তৃ) [নেতা] *বিণ* ১ নিয়ে যায় এমন; পরিচালক; নায়ক। ২ পথপ্রদর্শক। ৩ সেনাপতি। ৪ প্রধান। ৫ অগ্রণী; অগ্রগামী। **নেত্রী** *স্ত্রী.*। **নেতৃত্ব** *বি* নেতার পদ; পরিচালকের কাজ। { *স.* √নী+তৃ(তৃচ) }

নেতা[২], **ন্যাতা** [ন্যাতা] *বি* ১ জীর্ণ মলিন বস্ত্রখণ্ড; কানি। ২ মেঝে মুছবার ছেঁড়া কাপড়। { *স.* নক্তক> }

নেতানো [ন্যাতানো] *ক্রি* অবসাদগ্রস্ত হওয়া; মিয়ানো। **নেতিয়ে পড়া** *ক্রি* অবসন্ন হয়ে পড়া (সুধন্য আতিথ্যে নেতিয়ে পড়ে—*অচিসে*)। { *স.* লতা>+*বা.* আনো }

নেতিবাচক [নেতিবাচোক] *বিণ* নিষেধার্থক; negative (আমি যা বলেছি তা সম্পূর্ণ নেতিবাচক—*সৈমু*)। { *স.* ন+ইতিবাচক }

নেতৃ, নেতৃত্ব ⇒ নেতা[১]

নেত্র [নেতত্রো] *বি.* চক্ষু; চোখ; নয়ন। ~**গোচর** *বিণ* দৃষ্টিগোচর। ~**চ্ছদ**, ~**পল্লব** *বি* চোখের পাতা; নেত্রপক্ষ্ম (দুই নেত্রপল্লব হইতে টপ টপ করিয়া অশ্রুজল পড়িতে লাগিল—*রঠা*)। ~**পাত** *বি* অবলোকন; দৃষ্টিপাত; দর্শন। ~**মল** *বি* চোখের পিচুটি; কেতর। { *স.* √নী+ত্র(ষ্ট্রন্) }

নেত্রী ⇒ নেতা

নেপ ⇒ লেপ[২]

নেপটানো, লেপটানো, ন্যাপটান, ল্যাপটানো [ন্যাপ্‌টানো, ল্যা–, ন্যা–, ল্যা–] *ক্রি* লিপ্ত হওয়া; জড়িয়ে থাকা। { *স.* লিপ্ত> }

নেপথ্য [নেপোত্‌থো] *বি* ১ রঙ্গমঞ্চের অন্তরালবর্তী জায়গা; প্রেক্ষাগৃহের আড়ালে বা গোপনীয় স্থানে। ২ রঙ্গালয়ের সাজঘর বা সজ্জাগৃহ। ৩ অভিনেতা–অভিনেত্রীর সাজসজ্জা বা বেশভূষা। ~**বিধান** *বি* বেশ–বিন্যাস; অভিনেতা–অভিনেত্রীর অভিনয়ের পূর্বে সাজগোজ। **নেপথ্যে** *ক্রিবি,বিণ* ১ রঙ্গমঞ্চের আড়ালে। ২ (*আল.*) সাধারণের আড়ালে বা অগোচরে; গোপনে। { *স.* নেপথ+য(যৎ) }

নেপাল[১] [নেপাল্] *বি* ভারতের উত্তরে হিমালয়স্থ দেশের ও রাষ্ট্রের নাম; হিমালয়-কন্যা। **নেপালি** *বিণ, বি* নেপালের অধিবাসী বা বাসিন্দা বা নিবাসী। □*বিণ* ১ নেপাল সম্পর্কিত। ২ নেপালে উৎপন্ন। { *স.* নৃপাল> }

নেপাল[২], **ন্যাপলা** [নেপাল্, ন্যাপ্‌লা] *বি* মানুষের নাম। { *স.* নৃপাল>নিরিপাল>নেপাল>ন্যাপলা }

নেপো, নেপা, ন্যাপা [নেপো, ন্যাপা, –] *বিণ* ধূর্ত ব্যক্তি। বাটপাড়; অধিকারহীন চালাক ব্যক্তি। । **যার ধন তার নয়, নেপোয় মারে দই**—পরিশ্রমীকে বঞ্চিত করে ধূর্তের সুবিধা ভোগ। { *স.* নৃপ> }

নেফাক ⇒ নিফাক

নেবা[১], **নেবানো** ⇒ নিবা

নেবা[২] ⇒ ন্যাবা

নেবাজ, নেওয়াজ [নেবাজ, নেওয়াজ] *বি* সহায়; পালক; পৃষ্ঠপোষক। **গরিবে নেওয়াজ, গরিব নেবাজ**—দরিদ্রের সঞ্চয় (প্রাণ রাখ গরীব নেবাজ—*ভারা*)। { *ফা.* নেবাজ نواز }

নেবু ⇒ লেবু

নেভা ⇒ নিবা

নেমক ⇒ নিমক

নেমন্তন্ন ⇒ নিমন্ত্রণ

নেমাজ ⇒ নমাজ

নেমি, নিমি [নেমি] *বি* চক্রপরিধি; চাকার বেষ্টনী; চাকার বেড়। { *স.* √নী+মি}

নেয়া ⇒ নেওয়া

নেয়াই ⇒ নিহাই

নেয়াড় ⇒ নেয়ার

নেয়াপাতি [নেয়াপাতি] *বিণ* কোমল শাঁসযুক্ত নারকেল; কচি ডাব। { *স.* স্নেহপত্র>+ই}

নেয়ামৎ ⇒ নিয়ামত

নেয়ার, নেয়াড় [নেয়ার্, –ড়্] *বি* চওড়া ফিতা যা খাট ছাওয়া ও মশারি ইজার-পাজামা ইত্যাদির কাজে ব্যবহৃত হয়। { *ফা.* নয়ার্ نیار }

নেয়াল ⇒ নেহাল

নেয়ালী ⇒ নেআলী

নেল *(ব্র.)* [নেলো] *ক্রি* নিল; নইল (দুহুঁ লোচন লোম—*বিপ*)। {নেওয়া>}

নেলা খেপা ⇒ ন্যালা খেপা

নেশা, নিশা [নেশা, নি–] *বি* ১ মত্ততা; মত্ততার ঘোর (বিলাসের নেশা গেল টুটে; জেগে দেখি আর সে আমি নেই—*নই*)। ২ অত্যন্ত আসক্তি; প্রবল ঝোঁক (চোখের নেশা)। ৩ মাদক দ্রব্য। ৪ মোহ; বিহ্বলতা। ~ **করা** *ক্রি* মাদকদ্রব্য সেবন করা। ~ **কাটা** *ক্রি* মোহ কেটে যাওয়া। □ *ক্রিবিণ* মোহ দূরীভূত হওয়া; মোহমুক্ত হওয়া। –**খোর** *বিণ* মাদকদ্রব্য সেবন করে এমন; মাদকদ্রব্যসেবী। { *ফা.* নিশাহ نشه }

নেসার ⇒ নেছার

নেস্ত-নাবুদ ⇒ নাস্তানাবুদ

নেহ১ *(মবা.)* [নেহো] *ক্রি* গ্রহণ করো; লও (হাথপাতি নেহ সেবকর অর্ঘ ফুল জল—*রাপ*)। { *স.* নী; বা √নে>}

নেহ২ [নেহো] *বি* (জিহ্বা দ্বারা) চাটা; অবলেহন। { *স.* লেহন>}

নেহ৩, নেহা *(ব্র., মবা.)* [নেহো, নেহা] *বি* স্নেহ; প্রীতি; আদর; প্রণয়। **নেহত, নেহাত** *(মবা.)* *বি* স্নেহ বা প্রীতি। **নেহাতি** *(মবা.)* *বি* স্নেহ বা প্রীতির দ্বারা। **নেহে** *(মবা.)* *বি* স্নেহে বা প্রীতিতে। { *স.* স্নেহ>সিনেহ>নেহ, নেহা}

নেহাই ⇒ নিহাই

নেহাত, নিহায়েত [নেহাত্, নিহায়েত্] *অব্য* একান্ত; নিদেনপক্ষে; নিতান্ত; শেষ সীমা (শাস্ত্র যদি নেহায়েত পড়তে হবে—*রঠা*)। □ *বিণ* সম্পূর্ণ; অতিশয়; যারপরনাই; একেবারে (নেহাত আন্দাজী ব্যাপার—*এহ*)। { *আ.* নিহায়াত نهایت }

নেহার, নিহারা [নেহার্, নিহারা] *ক্রি* দর্শন করা; দেখা; নিরীক্ষণ করা। **নেহারনু, নিহারনু** *(ব্র.)* *ক্রি* দেখিলাম (জনম অবধি হাম রূপ নেহারনু, নয়ন না তিরপিত ভেল—*বিপ*)। **নেহারল, নেহারিল, নিহারিল** *ক্রি* দেখল। { *স.* নিভালন/নিরীক্ষণ>}

নেহারই *(ব্র.)* [নেহারই] *ক্রি* চায়; সাগ্রহে দেখে (পন্থ নেহারই—*বিপ*)। { *স.* নিভালন>}

নেহাল, নেয়াল [নেহাল্, নেয়াল্] *বিণ* ১ সুখী; পরিতৃপ্ত; পরিতুষ্ট (ইনাম পাইয়া তারা হইল নেহাল—*সৈহা*)। ২ ধনশালী; আঢ্য। □ *বি* ১ চারাগাছ; কলমের চারা। ২ তোষক; গদি। { *ফা.* নিহাল্ نهال }

নেহালি, নিহালি [নেহালি, নিহালি] *বি* ১ গদি; কাপেট (জেলে আসিবার সময় ভেড়াকান্তের বাড়ীর লোকেরা একখানা নেহালী, পাতলা তুলা ভরা, দোলাই বাজার হইতে খরিদ করে দিয়াছে—*মীম*)। ২ নবমল্লিকা ফুলবিশেষ (নেহালি পিয়লি দূর্বা—*কমু*)। { *স.* নবমল্লিকা}

নেহালে [নেহালে] *ক্রি* নেত্রপাত করে; দেখে; দর্শন করে (নেহালে রহিল গড় রাজা বিভীষণ—*রাব*)। { *স.* নিভালন>}

নৈ১ *(মবা.)* [নই] *বি* নদী (স্নান করি মহানৈ কূলে—*চৈতন্যভাগবত*)। { *স.* নদী>}

নৈ২ [নোই] *বিণ* নবজাত; নবপ্রসূত; গোবৎস বা ছাগশিশু (চেঙা ক্ষেতে নৈ ছাগল ঝেঙাফুল ছিঁড়ে খাচ্ছে—*অঠা*)। { *স.* নব>নও>}

নৈঃশব্দ্য, নৈশব্দ [নোইশ্‌শব্‌দো, নোইশব্‌দো] *বি* শব্দহীনতা (শান্ত হোক সে নির্ঝর নৈঃশব্দ্যের নিস্তব্ধ সাগরে—*রঠা*; নৈশব্দের মন্ত্রে যেন—*মাখা*)। { *স.* নিঃশব্দ/নিশব্দ+য(ষ্যঞ)}

নৈকট্য [নোইকোট্‌টো] *বি* নিকটত্ব; নিকটস্থ; সামীপ্য। { *স.* নিকট+য(ষ্যঞ)}

নৈকষেয় [নোইকশেয়ো] *বি* নিকষার পুত্র; রাবণ; কুম্ভকর্ণ ও বিভীষণ। { *স.* নিকষা+এয়(ঢক)}

নৈকষ্য [নোইকোশ্‌শো] *বিণ* ১ বিশুদ্ধ; খাঁটি (নৈকষ্য কুলীন)। ২ নিকষে পরীক্ষা করা হয়েছে এমন। { *স.* নিকষ+য(ষ্যঞ)}

নৈচা, নৈচে [নোইচা, –চে] *বি* হুঁকার নলচে; হুঁকার খোলে যে সছিদ্র কাষ্ঠদণ্ড লাগানো থাকে (বসে আছি নৈচে ধরে শূন্য কলকে শূন্যে তুলে—*নই*)। { *ফা.* নইচাহ نیچه }

নৈতিক [নোইতিক] *বিণ* নীতিঘটিত; নীতিসংক্রান্ত। { *স.* নীতি+ইক(ঠক)}

নৈদাঘ [নোইদাঘ] *বিণ* ১ নিদাঘসংক্রান্ত। ২ গ্রীষ্মকাল সম্বন্ধীয়; গ্রীষ্মকালীন। **নৈদাঘী** *বিণ. স্ত্রী*। { *স.* নিদাঘ+অ(অণ)}

নৈপুণ্য [নোইপুন্‌নো] *বিণ* ১ নিপুণতা; কৌশল; চাতুর্য; দক্ষতা। ২ পারিপাট্য। { *স.* নিপুণ+য(ষ্যঞ)}

নৈবচ [নোইবচ] *অব্য* এমন নয়। **নৈবচ নৈবচ** *অব্য* কখনই তা নয়; কখনই হবে না। { *স.* ন+এব+চ}

নৈবিদ্য, নৈবিদ্যি ⇒ নৈবেদ্য

নৈবেদ্য, নৈবিদ্য, নৈবিদ্যি [নোইবেদ্‌দো, –বি–, –বিদ্‌দি] *বি* ১ নিবেদনের যোগ্য বস্তু; যা নিবেদন করা হয়। ২ নিবেদনীয় সামগ্রী (নৈবেদ্য কৌশিক বস্ত্র আদি বলি যত—*মদ*)। { *স.* নিবেদ্য+অ(অণ)}

নৈবিদ্ধ *(মবা.)* [নোইবিদ্‌দো] *বি* নিবেদনযোগ্য (নৈবিদ্ধ গুরিআ আনা—*রাপ*)। { *স.* নৈবেদ্য}

নৈমিত্তিক [নোইমিত্‌তিক] *বিণ* ১ প্রয়োজনের জন্য এমন; প্রয়োজনার্থক; বিশেষ উদ্দেশ্যে অনুষ্ঠানযোগ্য; casual। ২ নিমিত্তবেত্তা; শুভাশুভ লক্ষণ জানে এমন; শকুনজ্ঞ। { *স.* নিমিত্ত+ইক(ঠক)}

নৈমিষ [নোইমিশ্] *বিণ* ক্ষণিক; নিমেষকাল সম্বন্ধীয় (চিত্তের গভীর নৈমিষ মাঝে—*সদ*)। { *স.* নিমিষ+অ(অণ্)}

নৈমিষারণ্য [নোইমিশারোন্নো] *বি* হিন্দু পুরাণে বর্ণিত প্রাচীন তপোবন। { *স.* নৈমিষ+অরণ্য}

নৈযুজ্য [নোইজুজ্জো] *বি* বিচ্ছেদ (শোণিত নিষেক শূন্য নৈযুজ্যের নিত্য পক্ষপাতী—*সদ*)। { *স.* নৈযুজ্য}

নৈয়মিক [নোইয়োমিক্] *বিণ* ১ নিয়মাগত; নিয়মানুযায়ী। ২ নিয়ম সম্পর্কিত। { *স.* নিয়ম+ইক(ঠক্)}

নৈয়ায়িক [নোইয়ায়িক্] *বি* ১ ন্যায়শাস্ত্রবিদ। ২ তার্কিক। { *স.* ন্যায়+ইক(ঠক্)}

নৈরপেক্ষ্য, নৈরপেক্ষ [নোইরোপেক্খো] *বি* নিরপেক্ষ ভাব; নিরপেক্ষতা। { *স.* নিরপেক্ষ+য(যৎ)}

নৈরাকার [নোইরাকার্] *বিণ* ১ আকারহীন; নিরাকার। ২ একাকার। ৩ তছনছ। { *স.* নিরাকার+অ(অণ্)}

নৈরাজ্য [নোইরাজ্জো] *বি* অরাজকতা; anarchy (যে অবচেতনের নৈরাজ্যে একাধিক বিপ্রলাপ একত্রে বিদ্যমান—*সুদ*)। { *স.* নিরাজ+য(ষ্যঞ্)}

নৈরাশ্য, নৈরাশ, নৈরাশা (*অশু.*) [নোইরাশশো, -রাশ্, -রাশা] *বি* আশাহীনতা; ভরসাহীনতা; নিরাশা; হতাশা (অতিরঞ্জিত নৈরাশ্যবাদে ঢেকে রাখতো রেণুর মনের আবহাওয়াকে—*রাখা*)। { *স.* নিরাশ+য(ষ্যঞ্)}

নৈর্ঋত [নোইররিত্] *বি* ১ দক্ষিণ-পশ্চিম কোণ; দক্ষিণ ও পশ্চিম দিকের মধ্যবর্তী দিক। ২ রাক্ষস। { *স.* নির্ঋত+অ(অণ্)}

নৈর্গুণ্য [নোইরগুণ্নো] *বি* ১ নির্গুণতা; গুণহীনতা। ২ সত্ত্ব রজঃ তমঃ—এই তিন গুণের অতীত অবস্থা; ত্রিগুণাতীত ভাব। { *স.* নির্গুণ+য(ষ্যঞ্)}

নৈর্ব্যক্তিক [নোইরবেক্তিক্] *বিণ* ১ কোনো ব্যক্তির সঙ্গে সম্পর্কশূন্য; নির্বিশেষ; impersonal (অদৃষ্টবাদের বেলায় এই নির্বাচন নৈর্ব্যক্তিক উপায়ে সিদ্ধ—*সুদ*)। ২ অপৌরুষেয়। { *স.* নির্ব্যক্তি+ইক(ঠক্)}

নৈল (*প্রাবা.*) [নোইলো] *ক্রি* নিল (সাতে নৈল—*বচ*)। { *স.* √নী>}

নৈলে ⇒ নহিলে

নৈলো (*প্রাবা.*) [নোইলো] *ক্রি* নিলাম (নেলো—*বচ*)। { *স.* √নী>}

নৈশ [নোইশো] *বিণ* ১ নিশাকালীন; রাত্রিকালীন (নৈশ ভোজ)। ২ রাত্রিসম্পর্কিত; রাতসম্বন্ধীয়। { *স.* নিশা+অ(অণ্)}

নৈশব্দ ⇒ নৈঃশব্দ্য

নৈষধ [নোইশধ্] *বি* নিষধ দেশের রাজা নল; ঐ দেশের অধিবাসী। □ *বিণ* নিষধসম্বন্ধীয়; নিষধ দেশীয়। **নৈষধীয়** *বিণ* নলরাজ সম্বন্ধীয়। { *স.* নিষধ+অ(অণ্)}

নৈষাদ [নোইশাদ্] *বি* ১ ব্যাধের পুত্র। ২ ব্যাধ সম্বন্ধীয়। { *স.* নিষাদ+অ(অণ)}

নৈষ্কর্ম, নৈষ্কর্ম্য [নোইশ্করমো] *বি* ১ সর্বকর্ম পরিত্যাগ; নিষ্ক্রিয়তা। ২ মুক্তি। ৩ বেকারত্ব; কর্মহীন অবস্থা। ৪ কর্মে বীতস্পৃহা; কর্ম থেকে নিবৃত্তি। ৫ অলসতা। { *স.* নিষ্কর্মন্+অ(অণ্), য(ষ্যঞ্)}

নৈষ্ঠিক [নোইশ্ঠিক্] *বিণ* ১ নিষ্ঠাযুক্ত; ব্রতবিশেষে আসক্ত; নিষ্ঠাবান। ২ নিষ্ঠাসম্বন্ধীয়। { *স.* নিষ্ঠ+ইক (ঠক্)}

নৈসর্গিক, নৈসর্গিকী [নোইশোরগিক্, -গিকি] *বিণ* অন্তর্জাত; জন্মগত (তার মূলে ভগবানের ইচ্ছা থাকা চাই, অর্থাৎ নৈসর্গিকী প্রতিভা থাকা চাই—*প্রচৌ*)। □ *বি* নিসর্গজাত; প্রাকৃতিক; স্বাভাবিক; natural (চট্টগ্রামের নৈসর্গিক অবস্থা কবিত্ব শক্তি স্ফুরণের পক্ষে একান্ত অনুকূল—*আকসা*)। { *স.* নিসর্গ+ইক(ঠক্)+ঈ(ঙীষ্)}

নৈহর ⇒ নাইয়র

নোংরা [নোঙ্রা] *বি* আবর্জনা; ময়লা; জঞ্জাল (নোংরা পরিষ্কার করা)। □ *বিণ* ১ ঘৃণ্য। ২ অশুদ্ধ; অপবিত্র; অশুচি। ৩ অশ্লীল। ~ **কথা** *বি* অশ্লীল আলোচনা; অশ্লীল কথা। **নোংরামি, নোংরামো** *বি* কুৎসিত ব্যবহার; নোংরা আচরণ; নোংরাভাব। { *স.* ন্যক্কার>}

নোকতা ⇒ নোক্তা

নোকর, নোকার ⇒ নওকর

নোক্তা, নোকতা [নোক্তা] *বি* বিন্দু; আরবি ফারসি অক্ষরে যেসব বিন্দু যুক্ত থাকে। ~ **ধরা** *ক্রি* দোষ ধরা; ত্রুটি খোঁজা। { *আ.* নুক্তাহ نكتة }

নোঙর, নোঙ্গর ⇒ নঙ্গর

নোট [নোট্] *বি* ১ স্মারক লেখা (আমার এই বিফলতার ইতিহাসের সংক্ষিপ্ত নোট দুটো একটা রেখে যাব—*রঠা*)। ২ চিরকুট; টীকা; টিপ্পনী; অর্থপুস্তক। ৩ চিঠিপত্র। ৪ কাগজের টাকা; currency note। ~ **করা** *ক্রি* সংক্ষিপ্ত করে টুকে রাখা বা লিখে রাখা। ~ **দেওয়া** *ক্রি* মতামত জানানো; সংক্ষিপ্তভাবে লিখে দেওয়া। { *ই.* note}

নোটন [নোটোন্] *বি* প্রশস্ত; বিস্তারিত (আর রাঙা শাড়ি পরি না নোটন খোঁপা বাঁধি না—*নই*)। □ *বিণ* নৃত্যশীল পায়রাবিশেষ (নোটন নোটন পায়রাগুলো ঝোটন বেঁধেছে—*ছড়া*)। { *স.* লুণ্টন>লোটন; *স.* নর্তন>}

নোটিস, নোটিশ [নোটিশ্] *বি* সংবাদ; বিজ্ঞাপন; ইস্তেহার; বিজ্ঞপ্তি; সূচনা। { *ই.* notice}

নোড় [নোড়্] *বি* আমলকীর আকৃতি সাদা টক ফলবিশেষ। { *স.* লবণী>}

নোড়া, লোড়া [নোড়া, লো-] *বি* প্রস্তরনির্মিত ছোট পেষণদণ্ড; পেষণী; মসলা ইত্যাদি বাটার পাথর; পুতা। { *স.* লোষ্ট্র>*প্রা.* লোট্ঠ+লোড়্>নোড়+আ}

নোত, নো, নোতক (*প্রাবা.*) [নোত, নো, নোতক্] *বি* অশ্রু (চণ্ডী মুছালেন নো- *মাগান*; পরতেখ ভই গেল নোতে—*বিপ*; দ্বিনের নোতক পাতে—*কাদা*)। { *স.* লোচ>}

নোতুন ⇒ নতুন

নোদন [নোদোন্] *বি* ১ প্রেরণ; চালানো। ২ অপসারণ; দূরীকরণ; তাড়ানো; অপনোদন। ৩ নিবারণ; বাধাপ্রদান। { *স.* √নুদ্+অন(লুট্)}

নোনতা [নোন্তা] *বি* কচুরি; নিমকি জাতীয় খাবার। □ *বিণ* লবণাক্ত। {নুন+তা}

নোনা[১] [নোনা] *বিণ* লবণাক্ত। ~ **ধরা,** ~ **লাগা** *ক্রি* ইট দেয়াল প্রভৃতি জীর্ণ হলে তাতে মাটির লবণ অংশ ফুটে ওঠা (মধ্যবিত্ত জীবনের সুউচ্চ আশার সংকীর্ণ কারার

এই নোনা-ধরা পাণ্ডুর প্রাচীরে—*সৈহা*)। {নুন+আ}

নোনা[২] [নোনা] *বি* আতাজাতীয় ফল (তারপর দেখি নোনা ফুটি শশা তরমুজ—*সৈমুআ*)। {*পো.* annona}

নোয়া[১], **নুয়া** [নোয়া, নু-] *বি* লৌহ নির্মিত হাতের অলঙ্কার যা সধবার নিদর্শন হিসেবে হিন্দু সধবা নারীরা ব্যবহার করে (হাতের নোয়াও প্রথম যৌবনের সাধের জিনিস—*বিব*)। {*স.* লৌহ>}

নোয়া[২] [নোয়া] *ক্রি* ঝুঁকে পড়া; নত বা অবনত হওয়া; মাথা নিচু করা। □ *বি, বিণ* অবনত; নত; ঝোঁকা। **-নো** *ক্রি* নত করা; ঝুঁকিয়ে দেওয়া। □ *বি, বিণ* নতকরণ। {*স.* নত>√নো+আ}

নোল [নোল] *বি, বিণ* আলগা; ঢিলা (নোল দিয়ে তাই এগিয়ে এলাম—*সদ*)। {*স.* লোল>}

নোলক [নোলক, নোলোক] *বি* নাকের ফুল; নাসিকার এক প্রকার অলঙ্কার (কলমী ফুলের নোলক—*জউ*)। {*স.* লোলক>}

নোলা [নোলা] *বি* ১ জিহ্বা; লোলা (খাবার জিনিস দেখলে যেমন নোলা দিয়ে লালা ঝরে—*নই*)। ২ আহারে লোভ। **-দাগা** *বিণ* ১ লোলুপ; লোভী। ২ পেটুক। **-বাড়ানো** *ক্রি* খাবার লোভ করা। {*স.* লোলা>}

নৌ [নৌউ] *বি* নাও; তরণী; পোত; জলযান। **~বল, ~বাহিনী** *বি* জলযুদ্ধে প্রয়োগযোগ্য সৈনিক ও জাহাজের সমষ্টি। **~বাহ** *বি* ১ দাঁড়ি; নৌচালক। ২ জাহাজ চালনা। **~বাহী** *বি* ১ নৌকা চলাচল করতে পারে এমন গভীর ও প্রশস্ত নদী, খাল ইত্যাদি। □ *বি, বিণ* নৌকা চালনাকারী। **-বাহ্য** *বিণ* জাহাজাদি চালানোর উপযুক্ত; navigable। **~বিদ্যা** *বি* নৌকা জাহাজ ইত্যাদি নির্মাণ; নৌকা জাহাজ ইত্যাদি চালনার বিদ্যা। **-যুদ্ধ** *বি* জলযুদ্ধ। {*স.* নুদ্+ঔ(ডৌ); তুল. *গ্রি.* naus, *লা.* navis}

নৌকতা [নোউকতা] লৌকিকতা; সামাজিক আদানপ্রদান বা আচার ব্যবহার। {*স.* লৌকিকতা>}

নৌকা [নৌউকা] *বি* ১ নাও; তরণী; জলযান; পোত; তরী। ২ দাবা খেলার গুটিবিশেষ। **~জীবী** (-বিন্), **~জীবিক** *বিণ* মাঝি; নৌকা বাওয়া যার জীবিকা। **-পথ** *বি* নদীতে নৌকা চলাচলের পথ; জলপথ; নদীপথ। **-বিলাস, ~বিহার, -লীলা** *বি* ১ নৌকা চড়ে বেড়ানো। ২ শ্রীকৃষ্ণকীর্তনে ও পদাবলিতে শ্রীকৃষ্ণের ও গোপীগণসহ একটি লীলা। **~যাত্রী** *বি* যে নৌকায় যাত্রা করে। **~রোহী** (-হিন্) *বিণ* নৌকায় আরোহণ করে এমন; জলপথের যাত্রী; নৌকাযাত্রী। **দুই নৌকায় পা দেওয়া** *বি* দুই চলমান নৌকায় দুই পা রাখলে যেমন পানিতে পড়ে যাওয়া অবশ্যম্ভাবী, সেইরূপ দুই মত বা দলের সমর্থকের বিপন্ন অবস্থা। {*স.* নৌ+ক(কন্)+আ(টাপ্)}

নৌজোয়ান ⇒ নওজোয়ান

নৌতন (*প্রাবা.*) [নোউতন্] *বিণ* নতুন (নৌতন মণ্ডপে ধর্মর সমীপে—*রূপ*)। {*স.* নূতন>}

নৌবত, নৌবৎ ⇒ নওবত

নৌবল, নৌবাহ, নৌবাহী, নৌবাহ্য, নৌবিদ্যা, নৌযুদ্ধ ⇒ নৌ

ন্যক্কার, ন্যাকার [নক্‌কার, ন্যাকার] *বি* ১ ভীষণ ঘৃণার বিষয়। ২ বমি; বমন (গন্ধ দেখ, ন্যাকার ওঠে—*দীমি*)। ৩ ধিক্কার। **-জনক** *বিণ* ১ অতিশয় ঘৃণ্যজনক (অসত্যের পুঞ্জীকৃত ন্যক্কারজনক আবর্জনা রাশি—*আখ*)। ২ অত্যন্ত নিন্দনীয়; ধিক্কারজনক। ৩ বমনোদ্রেককর। {*স.* ন্যক্+কার}

ন্যগ্রোধ [নগ্‌গ্রোধো] *বি* বটগাছ (এই বঙ্গের বীজ ন্যগ্রোধ প্রায় প্রান্তর তার ছায়—*সদ*)। {*স.* ন্যক্+রোধ}

ন্যস্ত [ন্যাস্‌তো, ন-] *বিণ* ১ ভার দেওয়া হয়েছে এমন; অর্পিত; সমর্পিত; প্রদত্ত। ২ রক্ষিত; গচ্ছিত। ৩ বিন্যস্ত; বিন্যস্তকৃত। ৪ নিক্ষিপ্ত; পতিত। ৫ স্থাপিত; প্রতিষ্ঠিত; নিহিত। {*স.* নি+√অস্+ত(ক্ত)}

ন্যাওটা ⇒ নেউটা

ন্যাংটা, ন্যাংটো [ন্যাঙ্‌টা, -টো] *বিণ* বিবস্ত্র; উলঙ্গ; দিগম্বর। **-গারা** *বি* স্কটল্যান্ডের পর্বত অঞ্চলের অধিবাসী; খাটো প্যান্ট পরতে অভ্যস্ত বলে তাদের এরূপ বলা হয়। {*স.* নগ্নক>}

ন্যাকড়া ⇒ নেকড়া

ন্যাকা ⇒ নেকা

ন্যাকার ⇒ নেকার

ন্যাজা ⇒ নেজা

ন্যাটা ⇒ নেটা

ন্যাড় ⇒ নেড়

ন্যাড়া ⇒ নেড়া

ন্যাতনেতে [ন্যাত্‌নেতে] *বিণ* অবসাদগ্রস্ত; অবসন্ন। {*স.* নত>}

ন্যাতা ⇒ নেতা

ন্যাপলা ⇒ নেপাল

ন্যাবা, নেবা [ন্যাবা] *বি* রোগবিশেষ; পাণ্ডুরোগ; কামলা রোগ; কাঁওলা রোগ; jaundice। {*স.* নিম্বু>লেবু>নেবু+আ>নেবুয়া>ন্যাবা (পাকা লেবুর মতো হলদে রং)}

ন্যাষ্য [ন্যাজ্‌জো] *বিণ* ১ যুক্তিযুক্ত; ন্যায়সঙ্গত; উচিত। ২ যোগ্য। **-তা** *বি*। **- পাওনা-গণ্ডা** *বি* ন্যায় অনুসারে প্রাপ্য অর্থ বা অন্য দ্রব্য। {*স.* ন্যায়+য(যৎ)}

ন্যায়[১] [ন্যায়] *বি* ১ নীতি; যুক্তি; যথার্থ; সত্য; সুবিচার যা সত্যে নিয়ে যায় (করিলু অনেক ন্যায়—*কমু*)। ২ তর্কশাস্ত্র; ন্যায়দর্শন; আন্বীক্ষিকী বিদ্যা; গৌতম-রচিত দর্শন শাস্ত্রবিশেষ। **অন্যায়** *বিপ.*। **~কর্তা** *বি* ১ বিচারক; বিচারকর্তা; যিনি বিচার করেন; জজ। ২ ন্যায়প্রণেতা; ন্যায়শাস্ত্র-প্রণেতা। **-ত, -তঃ**(-তস্) *ক্রিবিণ* সুবিচার অনুসারে; সুবিচারমতো। **-নিষ্ঠ, ~পর, -পরায়ণ, -বান** *বিণ* ন্যায় মেনে চলে এমন। **~নিষ্ঠা, ~নিষ্ঠতা, -পরতা, ~পরায়ণতা, -বত্তা, ~পথ, -মার্গ** *বি* ১ ধর্মপথ; সত্যপথ; সঙ্গত পথ। ২ ন্যায্য উপায়; ন্যায়সঙ্গত পদ্ধতি। **-বিচার** *বি* পক্ষপাতশূন্য বিচার; ন্যায্য বিচার। **~সঙ্গত, ~সম্মত** *বিণ* ন্যায্য; যুক্তিযুক্ত; ধর্মসঙ্গত। {*স.* নি+√ই+অ(ঘঞ্)}

ন্যায়[২] [ন্যায়] *অব্য* (*বা.*) মতো; তুল্য; সদৃশ; মতন। {*স.* নি+√অয়্+অ(ঘঞ্)}

ন্যায়চঞ্চু, ন্যায়রত্ন ⇒ ন্যায়ালঙ্কার

ন্যায়পাল [ন্যায়্‌পাল্] *বি* নাগরিকদের ন্যায়সঙ্গত অধিকারের প্রতিপালক বা সংরক্ষক; দেশের প্রশাসন ও বিচার বিভাগের অতিরিক্তি বিশেষ ক্ষমতাসম্পন্ন বিচারক বা শাসক; ন্যায়াধীশ। { *স.* ন্যায়+পাল}

ন্যায়বাগীশ [ন্যায়্‌বাগিশ্] *বিণ* ন্যায়শাস্ত্রে সুপণ্ডিত। { *স.* ন্যায়+বাগীশ}

ন্যায়বাদী(-দিন্) [ন্যায়্‌বাদি] *বিণ* সত্যবাদী। { *স.* ন্যায়+বাদিন্}

ন্যায়রত্ন ⇒ ন্যায়ালঙ্কার

ন্যায়াধীশ (পরিভাষা) [ন্যায়াধিশ্] *বি* বিচারক; বিচারপতি; জজ। { *স.* ন্যায়+অধীশ}

ন্যায়ালঙ্কার, ন্যায়তীর্থ, ন্যায়চঞ্চু, ন্যায়রত্ন [ন্যায়ালঙ্‌কার্, ন্যায়্‌তির্‌থো, ন্যায়্‌চোনচু, ন্যায়্‌রত্‌নো] *বি* ১ ন্যায়শাস্ত্রে বিশিষ্ট জ্ঞান লাভজ্ঞাপক উপাধি। ২ পণ্ডিত। { *স.* ন্যায়+অলঙ্কার, তীর্থ, চঞ্চু, রত্ন}

ন্যায়ালয়, ন্যায়াধিকরণ [ন্যায়ালয়্, ন্যায়াধিকরোন্] *বি* বিচারালয়; আদালত। { *স.* ন্যায়+আলয়, অধিকরণ}

ন্যায্যিক [ন্যায়িক্] *বিণ* ন্যায়বিষয়ক; ন্যায়সংক্রান্ত; বিচারবিষয়ক; judicial। { *স.* ন্যায়+ইক(ঠক্)}

ন্যালনেলে [ন্যাল্‌নেলে] *বিণ* ১ লালাসদৃশ; লালাযুক্ত। ২ আঠার ভাবযুক্ত। ৩ লালা গড়ায় যার। { *ধ্বন্যা.*}

ন্যালাখেপা, ন্যালাখ্যাপা, নেলাখেপা, ন্যালাক্ষেপা [ন্যালাখ্যাপা] *বিণ* ১ খেপার মতো আচরণ এমন; কোনো বিষয়ে হুঁশ নেই এমন। ২ বোকা; আহাম্মক। ৩ খেপা; পাগলাটে; আধপাগলা। { *স.* লালা▷+√ক্ষিপ্▷}

ন্যাস [ন্যাশ্] *বি* ১ গচ্ছিত বস্তু বা সম্পত্তি; trust। ২ গচ্ছিত বস্তু বা বিষয় রক্ষা। ৩ গচ্ছিত বস্তু রক্ষার ভার; জিম্মা। ৪ অর্পণ; প্রদান। ৫ রক্ষণ; রক্ষণাবেক্ষণ। ৬ স্থাপন; আরোপণ; নিবেশন। ৭ ত্যাগ; বর্জন; পরিহার (কর্মন্যাস)। ৮ প্রাণায়াম; শ্বাস গ্রহণ ধারণ ও ত্যাগ; যোগসাধনার একটি অঙ্গ। **–রক্ষক** *বি, বিণ* গচ্ছিত বস্তুর রক্ষাকর্তা; অর্পিত সম্পত্তির রক্ষাকারী; জিম্মাদার। **ন্যস্ত** *বিণ*। { *স.* নি+√অস্+অ(ঘঞ্)}

ন্যাসী [ন্যাশি] *বি, বিণ* ১ ত্যাগী; বিরাগী; ভোগলালসা বিমুখ। ২ সন্ন্যাসী। { *স.* ন্যাস+ইন(ণিনি)}

ন্যুব্জ [নুব্‌জো] *বিণ* ১ কুব্জ; কুঁজো; বক্রপৃষ্ঠ। ২ বক্র। ৩ উপুড়। { *স.* নি+√উব্জ্+অ(ঘঞ্)}

ন্যূন [নুনো] *বিণ* অপেক্ষাকৃত অল্প; তুলনায় কম। **–কল্প** *অব্য* অন্তত; at least। **ন্যূনকল্পে, ন্যূনপক্ষে** *ক্রিবিণ* কম করে ধরলে; নিদানপক্ষে; at least। **–তা, –ত্ব** *বি* অপেক্ষাকৃত অল্পতা; তুলনায় কমের ভাব। **ন্যূনাধিক** *বিণ* ১ কমবেশি; বেশিকম। ২ প্রায় (ন্যূনাধিক পাঁচশত)। **ন্যূনাধিক্য** *বি* কমবেশির ভাব; তারতম্য; অল্পতা ও আতিশয্য; অল্পত্ব ও আধিক্য। { *স.* নি+√ঊন্+অ(অচ্)}

প

প [প] ব্যঞ্জনবর্ণ বিশেষ। প-বর্গের প্রথম বর্ণ। এটি অল্পপ্রাণ অঘোষ ওষ্ঠ্য স্পৃষ্ট ধ্বনি (unaspirated unvoiced bilabial plosive sound)। নোয়াখালী জেলার কোনো কোনো অঞ্চলে প-এর উচ্চারণ স্পৃষ্ট ধ্বনি নয়; বরং দন্তৌষ্ঠ্য (labio-dental fricative) ও শিস্‌জাত (sibilant or aspirant)।

–প [প] *বিণ* ১ পান করে এমন (মদ্যপ, পাদপ, মধুপ)। ২ পালন করে এমন (গোপ, নৃপ)। { *স.* √পা+অ(ক)}

পঅ [পঅ] *বি* জল; পানি (লইব পঅ পুরিয়া—*রাপ*)। { *স.* পয়ঃ▷}

পইছা ⇒ পৈছা

পইঠা, পৈঠা [পোইঠা] *বি* সিঁড়ির ধাপ। { *স.* প্রতিষ্ঠা▷}

পইতা, পৈতা [পোইতা] *বি* উপবীত—যা ব্রাহ্মণরা গলায় পরেন। { *স.* পবিত্র▷}

পইথান [পোইথান্] *বি* বিছানার যে দিকে পা থাকে। { *স.* পাদস্থান▷}

পইপই [পোইপোই] *অব্য* বার বার; পুনঃপুন। { *স.* পদে পদে▷; *ফা.* পায়াপাই پیاپی }

পইসই [পোইসোই] *ক্রি* প্রবেশ করে। { *স.* প্রবিশতি▷}

পউখ[1] [পোউখ্] *বি* পৌষ। { *স.* পৌষ▷}

পউখ[2] [পোউখ্] *বি* পশু। **–পাখালি** *বি* পশু-পাখি (পউখ পাখালি—*পূগী*)। { *স.* পক্ষ▷}

পইস [পোইশ্] *অব্য* গাড়ি চালক কর্তৃক পথিকদিগের উপর সতর্ক বচন বা সাবধানবাণী উচ্চারণ (পইস চেঁচায় সইস—*অমৃব*)। { *ফা.* পোস پوس }

পউষ ⇒ পৌষ

পএ *(মবা.)* [পয়ে] *বি* পা (পএর নূপুর—*বচদা*)। { *স.* পদ▷}

পওল *(ব্র.)* [পয়োল] *ক্রি* পেল (ভুলিল চকোর চাঁদ জনু পওল মন্দিরে—*জ্ঞাদা*)। { *স.* প্র+√আপ্▷}

পঁইছা ⇒ পৈঁচা

পঁইত্রিশ ⇒ পঁয়ত্রিশ

পঁউছি ⇒ পৌঁছা

পঁচাত্তর [পঁচাত্‌তোর্] *বি, বিণ* ৭৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চসপ্ততি▷}

পঁচানব্বই, পঁচানব্বুই [পঁচানোব্‌বোই, -বুই] *বি, বিণ* ৯৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চনবতি▷}

পঁচাশি, পঁচাশী [পঁচাশি] *বি, বিণ* ৮৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চাশীতি▷}

পঁচিশ [পোঁচিশ্] *বি, বিণ* ২৫ সংখ্যা বা সংখ্যক। **পঁচিশে** *বিণ* মাসের পঁচিশ তারিখ (পঁচিশে বৈশাখ)। { *স.* পঞ্চবিংশতি▷}

পঁয়তারা ⇒ পাঁয়তারা

পঁয়তাল্লিশ [পঁয়তাল্‌লিশ] *বি,বিণ* ৪৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চচত্বারিংশৎ> }

পঁয়ত্রিশ, পঁইত্রিশ [পঁয়ত্রিশ, পোইত্‌ত্রিশ] *বি,বিণ* ৩৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চত্রিংশৎ> }

পঁয়ষট্টি [পঁয়্‌শোট্‌টি] *বি,বিণ* ৬৫ সংখ্যা বা সংখ্যক। { *স.* পঞ্চষষ্টি> }

পঁহু, পহুঁ ⇒ পহু

পঁহুছন, পঁহুছা ⇒ পৌঁছা

পক্ব [পক্‌কো] *বিণ* ১ শাদা (পক্ব কেশ)। ২ পাকা; কাঁচার বিপরীত (পক্বফল)। ৩ পরিণত; পটু (পক্ববুদ্ধি)। ৪ রান্না করা হয়েছে এমন (ঘৃতপক্ব)। **–কেশ** *বিণ* ১ পলিত কেশবিশিষ্ট। ২ পাকা চুল; শুভ্র কেশ। **পক্বান্ন** *বি* ঘিয়ে ভাজা মিষ্টান্ন। **পক্বাশয়** *বি* পাকাশয়; পাকস্থলী। { *স.* √পচ+ত(ক্ত) }

পকেট [পকেট্] *বি* জামার সংলগ্ন থলি; জেব। **–মার** *বি* পকেট মারে বা কাটে যে; পকেট থেকে অর্থাদি তুলে আত্মসাৎ করে যে। **– মারা** *ক্রি* পকেট থেকে অপহরণ করা। { *ই.* pocket }

পক্ষ [পোক্‌খো] *বি* ১ চন্দ্রের হ্রাসবৃদ্ধিজনিত কাল; মাসার্ধ; প্রতিপদ থেকে পূর্ণিমা পর্যন্ত পঞ্চদশ তিথি। ২ পাখির ডানা বা পালক; পাখা। ৩ বাণের পাখা বা পুচ্ছ। ৪ দল; গোষ্ঠী; সম্প্রদায় (মিত্রপক্ষ)। ৫ সহায়; অবলম্বন। ৬ দিক (অন্যপক্ষে)। ৭ বিশেষ ব্যবস্থা (পারতপক্ষে)। ৮ বিতর্কে প্রশ্ন বা উত্তর (উত্তর-পক্ষ, পূর্বপক্ষ)। ৯ পার্শ্ব (পক্ষাঘাত)। ১০ পরিবার; পত্নী; ভার্যা; স্ত্রী (প্রথম পক্ষ, দ্বিতীয় পক্ষ)। ১১ বিবাহ; পরিগ্রহ (দ্বিতীয় পক্ষের পরিবার)। **~ গ্রহণ** *বি* কোনো বিশেষ দলকে সমর্থন। **–চ্ছেদ** *বি* পালক বা ডানা ছিন্নকরণ; পাখা কাটা। **–জ, ~ধর** *বি* চন্দ্র; কলাধর। **~পাত** *বি* একপক্ষের প্রতি বেশি অনুরাগ বা সমর্থন; একদিকে টান বা আকর্ষণ বা আসক্তি (কিছু অন্যায় পক্ষপাত দেখা যায়—*রঠা*)। **~পাতিতা, ~পাতিত্ব** *বি* পক্ষপাত। **~পাতী(–তিন্)** *বিণ* একপক্ষের প্রতি বেশি অনুরক্ত; পক্ষপাতযুক্ত। **~পুট** *বি* ডানার ভিতর পক্ষরূপ আধার বা আবরণ। **–বল** *বি* ১ পাখা বা ডানার বল। ২ সহায়কবর্গ; সাহায্যকারী; সেনাদল; রাজশক্তি। ৩ দলস্থ লোকদের জোর। **–ল** *বিণ* ডানাযুক্ত; পাখাবিশিষ্ট। **~সঞ্চালন** *বি* পাখা সঞ্চরণ; পালক বা ডানা ঝাপটানো। **~সমর্থন** *বি* পক্ষাবলম্বন। { *স.* √পক্ষ্‌+অ(অচ্) }

পক্ষাঘাত [পোক্‌খাঘাত্] *বি* ১ এক পার্শ্বের অঙ্গ অবশ হয়ে পড়ে এমন ব্যাধিবিশেষ; paralysis। ২ বাতব্যাধিবিশেষ (ভাইটির পক্ষাঘাত মৃত্যুর ইশারা দিচ্ছে—*আগ*)। { *স.* পক্ষ+আঘাত; ৬তৎ }

পক্ষান্ত [পোক্‌খান্‌তো] *বি* পক্ষের অন্ত বা শেষ; পূর্ণিমা বা অমাবস্যা। { *স.* পক্ষ+অন্ত; ৬তৎ }

পক্ষান্তর [পোক্‌খান্‌তর্] *বি* অন্যপক্ষ; যা বিচার বিবেচনা করা হয় এরূপ বিষয়ের অপর দিক বা অবস্থা। **পক্ষান্তরে** *বি* অন্যপক্ষে; অপরপক্ষে; পরন্তু। { *স.* পক্ষ+অন্তর; *নিত্য.* }

পক্ষাপক্ষ [পোক্‌খাপোক্‌খো] *বি* ১ একবার একপক্ষ আর একবার অন্য পক্ষ; স্বপক্ষ ও বিপক্ষ। ২ শত্রুমিত্র। ৩ দলাদলি। { *স.* পক্ষ+অপক্ষ; *দ্বন্দ্ব* }

পক্ষী (–ক্ষিন্) [পোক্‌খি] *বি* পাখি; বিহঙ্গ; বিহঙ্গম; শকুন্ত; খগ। **পক্ষিণী** *স্ত্রী*। **পক্ষিরাজ** *বি* ১ পক্ষীদের রাজা; পাখিদের মধ্যে শ্রেষ্ঠ। ২ গরুড়। ৩ রূপকথার কাল্পনিক পাখাযুক্ত ঘোড়া। { *স.* পক্ষ+ইন(ইনি) }

পক্ষীয় [পোক্‌খিয়ো] *বিণ* পক্ষসংক্রান্ত; দলসম্পর্কিত; দলীয়; দলভুক্ত। { *স.* পক্ষ+ঈয়(ছ) }

পক্ষোদ্‌গম, পক্ষোদ্ভেদ [পোক্‌খোদ্‌গম্, পোক্‌খোদ্‌ভেদ্] *বি* পাখির অঙ্গে ডানার বা পাখার উদ্‌গম বা উৎপত্তি। { *স.* পক্ষ+উদ্‌গম, উদ্ভেদ; ৬তৎ }

পক্ষ্ম (–ক্ষ্মন্) [পোক্‌খোঁ] *বি* ১ চোখের পাতার লোম। ২ পাখির পালক বা পাখা। { *স.* √পক্ষ্‌+মন্(মনিন্) }

পখান (*ব্র.*) [পখান্] *বি* পাষাণ (হৃদয় পখানে—*বিপ*)। { *স.* পাষাণ> }

পখালন, পখাড়ন (*মবা.*) [পখালন্, –ড়ন্] *বি* প্রক্ষালন; ধোয়া। { *স.* প্রক্ষালন> }

পগার [পগার্] *বি* ১ জমির সীমা নির্ধারক নালা। ২ ডোবা; নালা। ৩ (অর্থান্তরে) প্রাকার; দেয়াল। **~–পার** *ক্রিবিণ* পলায়ন; চম্পট; উধাও। ❑ *বিণ* পলাতক (কাঠবিড়ালীর ধমকানিতে কপিসেনা পগার পার—*অঠা*)। **– পার হওয়া** *ক্রি* (*আল.*) পালিয়ে সীমানার বাইরে যাওয়া (আঁচল খুলে এক দাপটে পগার হলো পার—*হেব*)। { *স.* প্রাকার>*প্রা.* পাগার>পগার }

পগ্‌গর [পগ্‌গর্] *বি* পাগড়ি; শিরস্ত্রাণ; পাগ (গোঁপে চাড়া নাই, মাথায় পগ্‌গর নই—*মীম*)। { *স.* প্রগ্রহ> }

পঙার (*ব্র.*) [পঙার্] *বি* ১ প্রবাল; পলা (অধর সুরঙ্গ জনু নীরস পঙার—*বিপ*)। ২ পগার; ডোবা (বহঙ্গ পগার—*বিপ*)। { *স.* প্রবাল>; পঙ্কাগার> }

পঙ্ক[১] [পঙ্‌কো] *বি* ১ পাঁক; কর্দম; কাদা। ২ চন্দনাদি ঘষে প্রস্তুত কাদার ন্যায় প্রলেপ। **–জ** *বি* পদ্ম; কমল। ❑ *বিণ* কর্দমজাত। **~জা** *স্ত্রী*। **–জিনী** *বি* ১ যে পুকুরে পদ্ম জন্মে। ২ পদ্মের ঝাড়। **–রূহ** *বি* পদ্ম। { *স.* √পনচ্‌+অ(ঘঞ্) }

পঙ্ক[২] [পঙ্‌কো] *বি* ঘরের মেঝে বা দেয়ালের গায়ে চুনের মিহি প্রলেপ। { *স.* √পনচ্‌+অ(ঘঞ্) }

পঙ্কা (*ব্র.*) [পঙ্‌কা] *বিণ* পঙ্কিল; পাঁকযুক্ত, পঙ্কে পূর্ণ (গগন সঘন মহী পঙ্কা—*বিপ*)। { *স.* পঙ্ক+*বা.* আ }

পঙ্কিল [পোঙ্‌কিল্] *বিণ* পঙ্কময়; কর্দমাক্ত; কাদাপূর্ণ। **~তা** *বি* কর্দমাক্ততা। { *স.* পঙ্ক+ইল(ইলচ্) }

পঙ্কোদ্ধার [পঙ্‌কোদ্‌ধার্] *বি* পাঁক তুলে ফেলে জলাশয় পরিষ্কারকরণ। { *স.* পঙ্ক+উদ্ধার; ৬তৎ }

পঙ্‌ক্তি [পোঙ্‌কৃতি] *বি* ১ পাঁতি; দল; সারি; শ্রেণি। ২ লেখার সারি; লাইন। **~দূষক** *বি* হিন্দুসমাজে যার সাথে এক পঙ্‌ক্তিতে বসে ভোজন করলে পঙ্‌ক্তিসমেত দূষিত হয়; অপাঙ্‌ক্তেয়। **–ভোজন** *বি* এক পঙ্‌ক্তি বা সারিতে বসে ভোজন। { *স.* √পনচ্‌+তি(ক্তি) }

পঙ্খি, পংখী [পোঙ্‌খি] *বি* পাখি। ❑ *বিণ* পাখির আকারযুক্ত (ময়ূরপঙ্খি)। { *স.* পক্ষী> }

পঙ্গপাল [পঙ্‌গোপাল্] *বি* ১ ফড়িংজাতীয় পতঙ্গের

দলবিশেষ যা ক্ষেত্রের শস্যাদি বিনাশ করে। ২ *(আল.)* অসংখ্য লোকের দল। { *স.* পতঙ্গ>+ *বা.* পাল}

পঙ্গু [পোঙ্গু] *বিণ* ১ চলৎশক্তি রহিত; বিকলপদ। ২ খোঁড়া। { *স.* √পণ্+উ}

পচ [পচ] *বি* পচন; গলন; বিকৃতি। { *স.* √পচ্+অ}

পচন১ [পচোন] *বি* ১ রন্ধন; পাককরণ; সিদ্ধকরণ। ২ পরিপাক। { *স.* √পচ্+অন(ল্যুট্)}

পচন২ [পচোন] *বি* গলন; বিকৃতি; পচে যাওয়া। **–শীল** *বিণ* সহজে পচে যায় এমন। { *স.* √পচ্+অন(ল্যুট্)}

পচপচ ⇒ প্যাচপ্যাচ

পচা [পচা] *ক্রি* পচে যাওয়া; গলে যাওয়া; বিকৃত হওয়া; দুর্গন্ধযুক্ত হওয়া। □*বি* পচন। □*বিণ* পচে গিয়েছে বা গলে গিয়েছে এমন; বিকৃত; দুর্গন্ধময় (ভিতরে পচা কাদায় ভড়ভড়ামি— *ঈগু*)। **~ গরম** *বি* গ্রীষ্মের অসহ্য গরম। **–নো** *ক্রি* দূষিত করা; বিকৃত বা বিনষ্ট করা। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √পচ্+ *বা.* আ}

পচাই [পচাই] *বি* ভাত পচিয়ে চোলাই করে প্রস্তুত মদবিশেষ; ধেনো মদ। {পচা+আই}

পচানি [পচানি] *বি* ১ পচা দ্রব্যাদির রসবিশেষ। ২ ভাত প্রভৃতি পচিয়ে প্রস্তুত মদ। ৩ পচন। {√পচ্+আনি}

পচাল [পচাল] *বি* অশ্লীল বাক্য; অশ্রাব্য বাক্য (পচাল পারিয়া মিথ্যা ফিরয়ে সতত—*হেমা*)। { *স.* উপা+√লন্থ্> *প্রা.* √পচ্চার>অথবা *বা.* পচা+আল}

পচ্চিম *(প্রাবা.)* [পোচচিম] *বি* পশ্চিম (পচ্চিম দুআরে —*রাপ*)। { *স.* পশ্চিম>}

পচ্য [পোচ্চো] *বি* পাকের যোগ্য; রন্ধনের উপযোগী। □*বিণ* পরিপাক হয় এমন। { *স.* √পচ্+য(যৎ)}

পছন্দ, পসন্দ [পছোনদো, পসন্দ্] *বিণ* ১ মনের মতো; মনঃপূত; ইচ্ছানুযায়ী মনোনীত। ২ নির্বাচিত। □*বি* নির্বাচন; মনোনয়ন; রুচি। **–সই** *বিণ* রুচিমাফিক; মনের মতো। { *ফা.* পসন্দ্ پسند }

পছর [পছর] *বি* পিছন (পছ গুড়াইনু—*গোগা*)। { *স.* পশ্চাৎ}

পজ্ঝটিকা [পজ্‌ঝোটিকা] *বি* ষোলো মাত্রার ছন্দবিশেষ। { *স.* পদ+√ঝট্+অক+আ(টাপ্)}

পঞ্চ(–ঞ্চন্) [পনচো] *বি,বিণ* ৫ সংখ্যা বা সংখ্যক; পাঁচ। **~ উপাসক, পঞ্চোপাসক** *বি* হিন্দুদের মধ্যে গাণপত্য, সৌর, শাক্ত, বৈষ্ণব, ও শৈব—এই পাঁচ শ্রেণির উপাসকবিশেষ। **–ক** *বি* পাঁচজন; পাঁচের সমষ্টি। **–কর্ম** *বি* বমন, বিরেচন, নস্য, নিরূহ, এবং অনুবাসন—আয়ুর্বেদ চিকিৎসা শাস্ত্রের এই পাঁচ প্রকার শারীরিক ক্রিয়া। **~কোষ** *বি* (বেদান্ত শাস্ত্রের) অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময় কোষ, জ্ঞানময় কোষ, ও আনন্দময় কোষ—আত্মার এই পঞ্চবিধ আবরণ। **–ক্রোশী** *বিণ* পঞ্চক্রোশ পরিমাণ এমন। □*বি* বারাণসী। **~গব্য** *বি* দই, দুধ, ঘি, গোময়, এবং গোমূত্র —এই পঞ্চ পদার্থ। **~গুণ** *বি* রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ —এই পাঁচটি গুণ। **~গৌড়** *বি* সরস্বতী নদীর তীরস্থ প্রদেশ এবং কনৌজ, উৎকল, মিথিলা, ও গৌড়। **–চামর** *বি* ষোড়শ অক্ষরবিশিষ্ট সংস্কৃত ছন্দ। **–জন** *বি* ১ পঞ্চভূত থেকে জাত। ২ গ্রামের পাঁচজন। ৩ (হিন্দু পুরাণের) হিরণ্যকশিপুর পৌত্র অসুরবিশেষ—কৃষ্ণ একে বধ করে এর অস্থি থেকে পাঞ্চজন্য শঙ্খ নির্মাণ করেন। **~তন্ত্র** *বি* বিষ্ণুশর্মা কর্তৃক রচিত সংস্কৃত নীতিশাস্ত্র (আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুখে, পঞ্চমুখ কহেন উমারে—*মদ*)। **~তপা, –তপাঃ** *বি,বিণ* উপরে সূর্য এবং চার পাশে চারটি অগ্নিকুণ্ড এই পঞ্চ অগ্নির মধ্যে তপস্যা করেন এমন তপস্বী (এ অবস্থায় পঞ্চতপা ঋষিদেরই মাথা ঠিক থাকে না—*প্রচৌ*)। **~তিক্ত** *বি* নিম, গুলঞ্চ, বাসক, পলতা, ও কণ্টকারী। **–তীর্থ** *বি* কাশীর পাঁচটি তীর্থভূমি—জ্ঞানবাদী, নন্দিকেশ্বর, তারকেশ্বর, মহাকালেশ্বর, এবং দণ্ডপাণি। **~ত্ব** *বি* ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চভূতে পরিণতি; মৃত্যু (অনেকে পঞ্চত্ব পাইয়া ভূতলশায়ী হইল—*ঈবি*)। **~ত্বপ্রাপ্ত** *বিণ* মৃত। **~ত্বপ্রাপ্তি** *বি* মৃত্যু। **~দশ** *বি,বিণ* ১৫ সংখ্যা বা সংখ্যক। **~দশী** *বিণ* পঞ্চদশ স্থানীয়; ১৫ বৎসর বয়স্কা। □*বি* ১ পূর্ণিমা বা অমাবস্যা। ২ বেদান্ত গ্রন্থ। **–দেবতা** *বি* আদিত্য, রুদ্র, গণেশ, গৌরী, ও কেশব—হিন্দুদের এই পাঁচ দেবতা। **~ধা** *ক্রিবিণ* ১ পাঁচবার। ২ পাঁচ রকমে; পাঁচ প্রকারে। **~নখ** *বিণ* পঞ্চনখবিশিষ্ট (শশক, সজারু, গোসাপ, কূর্ম, ও গণ্ডার পঞ্চনখযুক্ত বলে প্রসিদ্ধ)। **~নদ** *বি* ১ শতদ্রু, ইরাবতী, বিপাশা, চন্দ্রভাগা, ও বিতস্তা—এই পাঁচটি নদীবিধৌত পাঞ্জাব প্রদেশ। ২ কিরণা, ধূতপাপা, সরস্বতী, গঙ্গা, ও যমুনা—এই পাঁচটি নদীযুক্ত তীর্থভূমি। **~নিম্ব** *বি* নিমগাছের মূল, ত্বক, পাতা, ফুল ও ফল। **~পল্লব** *বি* আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, এবং যজ্ঞডুমুর গাছ ও তার পাতা। **~পাণ্ডব** *বি* যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল, ও সহদেব—এই পঞ্চভ্রাতা। **~পাত্র** *বি* ১ দেবপক্ষদ্বয় ও পিতৃপক্ষত্রয়—এই পঞ্চপাত্রের জন্য করণীয় শ্রাদ্ধ। ২ হিন্দুদের পূজায় ব্যবহারের জন্য তাম্রাদি ধাতুনির্মিত পাত্র। **~পিতা** *বি* জন্মদাতা, ভয়ত্রাতা, শ্বশুর, অন্নদাতা, ও দীক্ষাদাতা। **–পিত্ত** *বি* ছাগল, মহিষ, বরাহ, ময়ূর, ও মৎস্যের পিত্ত। **~প্রদীপ** *বি* হিন্দুদের দেবতার আরতি করার জন্য পঞ্চমুখ প্রদীপবিশেষ। **~প্রেত** *বি* পঞ্চভূত। **–বটী** *বি* অশ্বত্থ, বিল্ব, বট, অশোক, ও আমলকী—এই পাঁচ প্রকার গাছের বন। □*বিণ* রামায়ণে বর্ণিত বন। **–বাণ, ~শর** *বি* ১ হিন্দুপুরাণ মতে মদনের সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন, ও স্তম্ভন নামের পঞ্চবাণ। ২ অরবিন্দ, অশোক, আম্র, নবমল্লিকা, ও রক্তোৎপল নামের পুষ্পশর (ফুলময় ধনু নিল ফুল পঞ্চবাণ—*কমু*)। ৩ মদন; কামদেব (সুমধুর হাসে উত্তারিলা পঞ্চশর—*মদ*)। **~বায়ু** *বিণ* প্রাণ, অপান, সমান, উদান, ব্যান—দেহস্থ এই পাঁচটি বায়ু। **–বেদ** *বি* ঋক, সাম, যজু, অথর্ব, ও আয়ুর্বেদ। **~ভুজ** *বি* পাঁচটি সরলরেখায় বেষ্টিত ক্ষেত্র; pentagon। **~ভূত** *বি* ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ও ব্যোম—এই পাঁচটি ভূত। **~ম** *বিণ* পাঁচ সংখ্যার পূরক। □*বি* ১ স্বরগ্রামের পঞ্চম স্বর। ২ কোকিলের স্বর (পঞ্চমেতে গায় পিক—*কমু*)। ৩ মাদ্রাজের অস্পৃশ্য জাতিবিশেষ। **~ম বাহিনী** *বি* দেশের যেসব লোক যুদ্ধের সময়ে শত্রুর

সহায়তা করে। –**মহাপাতক** *বি* ব্রহ্মহত্যা, ব্রহ্মস্বহরণ, গুরুপত্নীতে উপগমন, সুরাপান, এবং এ সকল পাপকর্মে লিপ্তদের সংসর্গে বাস। –**ম স্বর**, –**ম রাগ** *বি* ১ স্বরগ্রামের পঞ্চম স্বর; 'পা' নাম স্বর। ২ কোকিলের স্বর। –-**মকার** *বি* মদ, মাংস, মৎস্য, মুদ্রা, ও মৈথুন—হিন্দু তন্ত্রসাধনায় এই পঞ্চ অঙ্গ (তাদের মজ্জাগত মদ্যাদি পঞ্চ-ম'কার ছাড়তে পারল না—*সৈমু*)। –**মী** *বি স্ত্রী.* পঞ্চম স্থানীয়া। □ *বি* তিথিবিশেষ। –**মুখ** *বি* হিন্দুদেবতা শিব; পঞ্চানন। □ *বিণ* ১ পাঁচমুখবিশিষ্ট; পাঁচমুখো। ২ মুখর; বাচাল। –**যজ্ঞ** *বি* ১ ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, পিতৃযজ্ঞ, দেবযজ্ঞ, ও ভূতযজ্ঞ। ২ বেদপাঠ, আতিথেয়তা, শ্রাদ্ধাদি, দেবপূজা, ও ইতর প্রাণীর সেবা—এই পাঁচটি যজ্ঞ। – **রং**, – **রঙ্গ** *বি* দাবা খেলায় মাত করবার এক বিশেষ প্রক্রিয়া। –**রত্ন** *বি* নীলকান্ত, হীরক, পদ্মরাগ, মুক্তা ও প্রবাল—এই পাঁচটি মহারত্ন। –**শর** *বি* পঞ্চবাণ। –**শস্য** *বি* ধান, মাষ, যব, তিল (বা শ্বেত সর্ষপ) ও মুগ। **পঞ্চাঙ্ক** *বিণ* পাঁচ অঙ্কবিশিষ্ট (পঞ্চাঙ্ক নাটক)। {*স.* √পঞ্চন্; *ফা* পন্চ্ ... }

পঞ্চাইত, **পঞ্চাইতী** ⟹ পঞ্চায়েত

পঞ্চাগ্নি [পন্চাগ্নি] *বি* পঞ্চ অগ্নির নাম—দক্ষিণ, গার্হপত্য, আহবানীয়, পবন (আবসথ্য), ও পাবন (সভ্য)। {*স.* পঞ্চ+অগ্নি; *কর্মধা.*}

পঞ্চাঙ্ক [পন্চাঙ্কো] *বিণ* পাঁচ অঙ্কবিশিষ্ট (পঞ্চাঙ্ক নাটক)। {*স.* পঞ্চ+অঙ্ক; *কর্মধা.*}

পঞ্চাঙ্গ [পন্চাঙ্গো] *বি* ১ পাঁচটি অবয়ব। ২ রাজ্যের পঞ্চাঙ্গ—সহায়, সাধনোপায়, দেশ-কাল বিভাগ, বিপত্তিপ্রতিকার, ও সিদ্ধি। ৩ ঘোড়া; অশ্ব। ৪ কচ্ছপ (চার পা ও শুঁড়)। ৫ (*আয়ু.*) বৃক্ষের পঞ্চাঙ্গ—মূল, ত্বক, পত্র, পুষ্প ও ফল। ৬ (তন্ত্রে) জপ, হোম, তর্পণ, স্নান ও ব্রাহ্মণভোজন। {*স.* পঞ্চ+অঙ্গ}

পঞ্চাঙ্গুল, **পঞ্চাঙ্গুলি** [পন্চাঙ্গুল্, –লি] *বি* পঞ্চ অঙ্গুলির নাম—বৃদ্ধ (বুড়ো), তর্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা। {*স.* পঞ্চ+অঙ্গুল, অঙ্গুলি; *কর্মধা.*}

পঞ্চাতপা [পন্চাতপা] *বি* চারদিকে চারটি অগ্নিকুণ্ড এবং উপরে সূর্য—এই পাঁচটি আতপযুক্ত স্থানে যে তপস্যা। {*স.* পঞ্চ+আতপ+আ(টাপ্); *বহু*}

পঞ্চাত্মক, **পঞ্চভূতাত্মক** [পন্চাত্তঁক্, পন্চোভূতাত্তঁক্] *বিণ* ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু ও আকাশ—এই পাঁচ আত্মাযুক্ত। {*স.* পঞ্চ+আত্মক, ভূতাত্মক, *বহু*}

পঞ্চানন [পন্চানোন্] *বি* ১ হিন্দু দেবতা শিব; পঞ্চমুখ (পঞ্চমুখে গান পঞ্চানন—*ভারা*)। ২ সিংহ; পশুরাজ। {*স.* পঞ্চ+আনন, *বহু*}

পঞ্চানন্দ [পন্চানন্দো] *বি* ভোগানন্দ, ভজনানন্দ, যোগানন্দ, জ্ঞানানন্দ ও প্রেমানন্দ—এই পাঁচপ্রকার আনন্দ। {*স.* পঞ্চ+আনন্দ; *কর্মধা.*}

পঞ্চান্ন [পন্চান্নো] *বি, বিণ* ৫৫ সংখ্যা বা সংখ্যক। {*স.* পঞ্চপঞ্চাশৎ}

পঞ্চামরা [পন্চামরা] *বি* দূর্বা, বিজয়া (সিদ্ধি), বিল্ব (বেল), নির্গুণ্ডী ও কামতুলসী—এই পাঁচটি দীর্ঘজীবী গাছ। {*স.* পঞ্চ+অমরা; *কর্মধা.*}

পঞ্চামৃত [পন্চাম্মৃতো] *বি* ১ দই, দুধ, ঘি, মধু, ও চিনি—এই পাঁচটি অমৃততুল্য দ্রব্য। ২ হিন্দুসমাজে গর্ভবতীর গর্ভ শোধনের জন্য পঞ্চম মাসে উক্ত সকল দ্রব্য ভোজন করানোর অনুষ্ঠানবিশেষ। {*স.* পঞ্চ+অমৃত; *মধ্য.*}

পঞ্চাম্র [পন্চাম্রো] *বি* অশ্বত্থ, নিম্ব (নিম), চম্পক (চাঁপা), বকুল ও নারকেল—এই পাঁচটি বৃক্ষ। {*স.* পঞ্চ+আম্র; *কর্মধা.*}

পঞ্চাম্ল [পন্চাম্লো] *বি* কোল (কুল,), দাড়িম (ডালিম), বৃক্ষাম্র (তেঁতুল), অম্রবেতস, মাতুলুঙ্গ (লেবু)—এই পাঁচটি ফল। {*স.* পঞ্চ+অম্র; *কর্মধা.*}

পঞ্চায়ুধ [পন্চায়ুধ্] *বি* তরবারি, শক্তি, ধনুক, কুঠার, বর্ম—এই পঞ্চ অস্ত্র বা আয়ুধ। {*স.* পঞ্চ+আয়ুধ; *দ্বিগু.*}

পঞ্চায়েত, **পঞ্চায়ত**, **পঞ্চাইত** [পনচায়েত্, –য়ত্, –ইত্] *বি* পল্লির প্রধান ব্যক্তিদের নিয়ে গঠিত বিচারসভা; গ্রামের পাঁচজনের বৈঠক। **পঞ্চায়েতি**, **পঞ্চায়তি** *বি* ১ পঞ্চায়েতের কাজ বা বিচার। ২ পঞ্চায়েতের বিচারকের পদ। □ *বিণ* পঞ্চায়েত সম্পর্কিত। {*স.* পঞ্চায়তন>}

পঞ্চাল [পন্চাল্] *বি* গঙ্গা-যমুনার মধ্যস্থিত প্রাচীন রাজ্য। {*স.* পঞ্চ+আল; পঞ্চাল+অ(অণ্), প্রত্যয়লোপে}

পঞ্চালিক[১] [পন্চালিক্] *বি* লৌহযুক্ত কাঠের ফলক যা শত্রুর গতিরোধের জন্য জলভরা পরিখায় রাখা হয়। {*স.* পঞ্চাল+ক(কন্)}

পঞ্চালিকা[২], **পঞ্চালী**, **পাঁচালি** [পন্চালিকা, পন্চালি, পাঁচালি] *বি* ১ ধাতু কাষ্ঠ বস্ত্র ইত্যাদি দিয়ে রচিত পুতুল-বিশেষ। ২ বর্ণনামূলক কাব্য; মূলে পুতুল অভিনীত কাহিনী; পুতুল নাচ। {*স.* পঞ্চাল+ক(কন্)+আ(টাপ্), ঈ(ঙীষ্),>}

পঞ্চাশ [পন্চাশ্] *বি, বিণ* ৫০ সংখ্যা বা সংখ্যক। –**বার** *বি, ক্রিবিণ* বহুবার; অনেকবার। {*স.* পঞ্চাশৎ>}

পঞ্চাশৎ [পন্চাশত্] *বি, বিণ* ৫০ সংখ্যা বা সংখ্যক (গল্পপঞ্চাশৎ)। **পঞ্চাশত্তম** *বিণ* ৫০ সংখ্যার পরিপূরক। {*স.* পঞ্চাশৎ}

পঞ্চাশিকা [পন্চাশিকা] *বি* ৫০টির (কবিতার) সমষ্টি (চৌর-পঞ্চাশিকা)। {*স.* পঞ্চাশৎ+অক(ড্বুন্)+আ(টাপ্)}

পঞ্চাশীতি [পন্চাশিতি] *বি, বিণ* ৮৫ সংখ্যা বা সংখ্যক। {*স.* পঞ্চ+অশীতি}

পঞ্চাস্য [পন্চাশ্শো] *বি* ১ পঞ্চমুখ। ২ শিব; পঞ্চানন। □ *বিণ* পাঁচমুখবিশিষ্ট। {*স.* পঞ্চ+আস্য; *বহু*}

পঞ্চেন্দ্রিয় [পন্চেন্দ্রিয়ো] *বি* ১ চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক—এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়। ২ বাক, পাণি, পাদ, পায়ু, উপস্থ—এই পাঁচটি কর্মেন্দ্রিয়। {*স.* পঞ্চ+ ইন্দ্রিয়}

পঞ্চোপচার [পন্চোপোচার্] *বি* গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, ও নৈবেদ্য—এই পাঁচপ্রকার পূজার দ্রব্য। {*স.* পঞ্চ+উপচার}

পঞ্চোপাসক [পন্চোপাশোক্] *বি* শক্তি, শিব, সূর্য, গণপতি ও বিষ্ণু—এ পাঁচ দেবতার উপাসক। {*স.* পঞ্চ+উপাসক; *বহু*}

পঞ্জড়ি, **পঞ্জুড়ি** [পন্জোরি, পোন্জুরি] *বি* পাশা খেলার দান (তিনি ছক্কা ও পঞ্জুড়ির জোড় কিভাবে মিলাইলে ...—*বিব*)। {*স.* পঞ্চ>+জুড়ি; *দ্বিগু.*}

পঞ্জর [পন্জর্] *বি* ১ পাঁজরা; বুকের হাড়ের খাঁচা; কঙ্কাল। ২ পিঞ্জর; খাঁচা। **পঞ্জরাস্থি** *বি* পাঁজরার অস্থি বা হাড়। {*স.*

√পঞ্জ+অর(অরন্)}

পঞ্জা ⇒ পাঞ্জা

পঞ্জাব ⇒ পাঞ্জাব

পঞ্জি, পঞ্জী, পঞ্জিকা [পোন্জি, –, –কা] *বি* ১ তিথি, নক্ষত্র, তারিখ, শুভাশুভ কাল প্রভৃতি জ্ঞাপক পুস্তক। ২ পাঁজি। ৩ বিবরণী। {*স.* পঞ্চ+ই(ইন্)/ঈ(ঙীষ্), পঞ্জি+ক(কন্)+আ(টাপ্)}

পঞ্জুড়ি ⇒ পঞ্জড়ি

পাঞ্জেরী ⇒ পাঞ্জেরি

পট[১] [পট্] *অব্য* ১ স্ফুটন বা মৃদু বিদারণ শব্দ। ২ হঠাৎ; সহসা; খুব তাড়াতাড়ি। ~~ *অব্য* ১ পুনঃপুন কিছু ফাটানোর শব্দ; ক্রমাগত পটপট শব্দ। ২ শীঘ্র বা দ্রুত (পটপট করে কথা বলা)। **পটা~** *ক্রিবিণ* পটপট করে; ক্রমাগত; অতি দ্রুততার সাথে (পটাপট উত্তর)। {*ধ্বন্যা.*}

পট[২] [পট্] *বি* ১ বস্ত্র; কাপড় (আচ্ছাদিয়া ধৌত পটে জল পূরি নিল ঘটে—*কমু*)। ২ ছবি; চিত্রপট (পটগুলি গ্রাম্য হাটুরিয়া রাস্তার মত আঁকিয়া বাঁকিয়া গিয়াছে—*শেহ*)। ৩ ছবি আঁকার মোটা কাপড় বা কাগজের খণ্ড। ৪ দৃশ্যপট; নাটক বা থিয়েটারের সিন (পট পরিবর্তন)। **–বাস, পটাবাস, পট্টাবাস** *বি* ১ বস্ত্রগৃহ; তাঁবু; শিবির। ২ রেশমি শাড়ি, পট্টবস্ত্র। ৩ সুবাসিত চূর্ণ; গন্ধচূর্ণ। ৪ পিটালি। **–ভূমি, –ভূমিকা** *বি* ১ চিত্রিত মূর্তি বা আলেখ্যের পশ্চাদ্‌ভূমি। ২ যে দৃশ্যপটকে পশ্চাতে রেখে অভিনয় করা হয়। ৩ পারিপার্শ্বিকতা; পরিবেষ্টনী। **–মঞ্জরী/ মঞ্জরি** *বি* রাগিণীবিশেষ। **–মণ্ডপ** *বি* ১ শামিয়ানা দিয়ে নির্মিত মণ্ডপবিশেষ। ২ তাঁবু; বস্ত্রগৃহ। {*স.* √পট্+ অ(অচ)}

পট[৩] ⇒ পোট

পটকনো ⇒ পটকানো

পটকা [পট্‌কা] *বি* ১ পাগড়ি (পটকা মাথায় বান্ধে—*জউ*)। ২ পটপট করে শব্দ হয় এরূপ আতসবাজিবিশেষ। ৩ মাছের পেটের মধ্যস্থ বায়ুপূর্ণ থলি। ৪ আছাড় দেওয়া; ভূপাতিত করা। □ *বিণ* অতিশয় দুর্বল বা ক্ষীণ (রোগা পটকা)। {*তুল. হি* পটকা}

পটকানো, পটকনো [পট্‌কানো, –কনো] *ক্রি* ১ আছড়ানো; আছাড় দেওয়া; ভূপাতিত করা। ২ ঘায়েল করা। □ *বি* আছাড়, হঠাৎ পতন (পাষাণে পটকান যদি মারে—*সৈহা*)। {*স.* √পত্>}

পটপটানো [পট্‌পটানো] *ক্রি* ১ অবিরত পটপট শব্দ করা। ২ বেশি কথা বলা; পটপট করে কথা বলা; অনভিপ্রেত কথা বলা। □ *বিণ* বাচাল। {*ধ্বন্যা.*}

পটপট ⇒ পট[১]

পটপটি, পটপটী [পট্‌পোটি] *বি* ১ অত্যধিক শুচিবাই; অতিরিক্ত বাছবিচার; স্পর্শভীতি। ২ আস্ফালন। ৩ পটপট আওয়াজ হয় এমন বাজিবিশেষ। ৪ বালকদের খেলনার বাদ্যযন্ত্র বিশেষ। ৫ মাছের ফুসফুস। ৬ ছোট গাছ বা তার ফল। {*ধ্বন্যা.*}

পটবাস, পটভূমি, পটভূমিকা, পটমঞ্জরী, পটমণ্ডপ ⇒ পট[২]

পটল[১] [পটোল্] *বি* ১ পরিচ্ছেদ; অধ্যায়। ২ বিভাগ; অংশ। ৩ সমূহ; রাশি (নব জলধর পটল)। ৪ ছাদ; চাল; চাঁদোয়া। ৫ চক্ষুরোগ; ছানি। – **তোলা** *ক্রি* ১ (*আল.*) মারা যাওয়া ('পটলডাঙ্গার পটল বাবু পটল তুলেছেন')। ২ (*আল.*) লোপ পাওয়া; বিনষ্ট হওয়া (ব্যাংকও অবশেষে পটল তুললো)। {*স.* √পট্+অল(কলচ)}

পটস্থ [পটোস্‌থো] *বিণ* চিত্রে অঙ্কিত (পটস্থ ঘোড়া যে তটস্থ এ বিষয়ে বোধ হয় কোন মতভেদ নেই—*প্রচৌ*)। {*স.* পট+√স্থা+অ(টক্)}

পটহ [পটোহো] *বি* ১ রণবাদ্যবিশেষ; জয়ঢাক। ২ শ্রবণেন্দ্রিয়ের ভিতরস্থ ঝিল্লি বা পর্দা (কর্ণপটহ)। {*স.* পটৎ+√হা+অ(ক)}

পটা [পটা] *ক্রি* ১ বনিবনা হওয়া খাপ খাওয়া। ২ মনের মিল হওয়া (তার সঙ্গে তার পটেনি)। ৩ রাজি হওয়া; সম্মত হওয়া (শেষ পর্যন্ত পটেছে)। ৪ ঘনিষ্ঠ হওয়া; অন্তরঙ্গ হওয়া (মেয়েটা তার সঙ্গে পটেছে)। □ *বি* উক্ত সকল অর্থে। **–নো** *ক্রি* ১ রাজি করা; সম্মত করা। ২ ভুলিয়ে বশে আনা। ৩ ভুলানো। {√পট্+আ}

পটাপট ⇒ পট[১]

পটাবাস ⇒ পট[২]

পটাম্বর [পটাম্‌বর] *বি* পট্টবস্ত্র; রেশমি কাপড় (আধ পটাম্বর সুন্দর সাজে—*ভারা*)। {*স.* পট/পট্ট+অম্বর}

পটাশ [পটাশ্] *বি* রাসায়নিক পদার্থ বিশেষ। {*ই* potash}

পটাস [পটাশ্] *অব্য* জোরে পট শব্দ। – ~ *অব্য* জোরে পটপট শব্দ (চটিজুতা পটাসপটাস করতে করতে তিনি নিজের ঘরের দিকে এগিয়ে গেলেন—*আফ*)। {*ধ্বন্যা.*}

পটি[১], **পট্টি**[১] [পোটি, পোট্‌টি] *বি* ১ বস্ত্রখণ্ড; কাপড়ের টুকরা (সে খামখা নেড়া মাথায় এক পট্টি বাঁধিয়া ক্লাসে আসিতে আরম্ভ করিল—*সুরা*)। ২ শরীরের ক্ষতময় জায়গায় জড়াবার জন্য কাপড়ের লম্বা ফালি; bandage। {*স.* পট্টিকা>}

পটি[২], **পট্টি**[২] [পোটি, পোট্‌টি] *বি* বাজারের বিভাগ; বেষ্টনী; পাড়া বা পল্লি (আলুপট্টি, কাঠপট্টি)। {*স.* পট্ট>}

পটিমা (–মন) [পোটিমা] *বি* পটুতা; নিপুণতা; দক্ষতা। {*স.* পটু+ইমন্}

পটীয়ান, পটীয়স [পোটিয়ান, –য়শ্] *বিণ* ১ অত্যন্ত পটু; সুদক্ষ। ২ দুইয়ের মধ্যে অধিকতর পটু বা দক্ষ। **পটীয়সী** *স্ত্রী.*। {*স.* পটু+ঈয়স(ঈয়সুন্)}

পটু [পোটু] *বিণ* ১ নিপুণ; দক্ষ; পারদর্শী। ২ সমর্থ; কার্যক্ষম; সক্ষম; পারগ। **~তা, ~ত্ব** *বি* ১ দক্ষতা; পারদর্শিতা; নিপুণতা। ২ সামর্থ্য; কার্যক্ষমতা; সক্ষমতা। {*স.* √পট্ +উ}

পটুকা [পোটুকা] *বি* কোমরবন্ধ; কটিবন্ধ; পেটি (শিরে চীরা জামা গায় কটি আঁটি পটুকায়—*ভারা*)। {*স.* পটিকা>}

পটুতা, পটুত্ব ⇒ পটু

পটুয়া, পটো [পোটুয়া, পোটো] *বি* ১ চিত্রকর (পটুয়া কামরুল হাসান); যে পট অঙ্কন করে (আমাদেরি কোন

সুপটু পটুয়া লীলায়িত তুলিকায়—*সদ*)। ২ পাটের সুতার সাহায্যে শিকা, ঘুনসি প্রভৃতি প্রস্তুত করে এমন ব্যক্তি। { *স.* পট্ট>পাট>পট+উয়া}

পটোল [পটোল্] *বি* সবজিবিশেষ। ~**চেরা** *বি* দ্বিখণ্ডিত পটলের আকার (পটোলচেরা চোখ)। ~**পাতা** *বি* পলতা। { *স.* পদতল>}

পট্ট [পট্‌টো] *বি* ১ পাটা; ফলক। ২ পীঠ; পিড়ি; সিংহাসন। ৩ পাট্টা; রাজকীয় সনদ। ৪ পাট; রেশমাদি। ৫ গ্রাম; জনপদ; নগর। ৬ পাগড়ি; ফ্যাটা। ৭ উত্তরীয়; চাদর। ~**জাত** *বি* পাটের কাপড়; রেশমি বস্ত্র (পৃষ্ঠে দোলে পট্টজাত পুরটের ঝাঁপা—*ঘচ*)। ~**নায়ক** *বি* ১ প্রধান নেতা বা নায়ক। ২ পল্লির মোড়লের উপাধিবিশেষ। ~**মহিষী** *বি* পাটরানী; প্রধান মহিষী; সিংহাসনে বসাবার অধিকারিণী মহিষী। { *স.* √পট+ত(ক্ত)}

পট্টন [পট্‌টোন্] *বি* ১ পত্তন; নগর। ২ বন্দর। { *স.* √পট্‌+তন}

পট্টাবাস ⇒ পট[২]

পট্টি[১] [পোট্‌টি] *বি* ১ ধাপ্পা; ধোঁকা; ফাঁকি। ২ কুমন্ত্রণা। **গুল**~ *বি* ধাপ্পাবাজি; ধোঁকাবাজি। { *হি.* পট্টি}

পট্টি[২] [পোট্‌টি] *বি* অশ্বের কটিবন্ধন রজ্জু। { *হি.* পট্টী }

পট্টিশ, পট্টীশ, পট্টিস [পোট্‌টিশ্] *বি* প্রাচীন খড়্গাকৃতি যুদ্ধাস্ত্রবিশেষ (শেল, মূষল, মুদ্গর, পট্টিশ, নারাচ, কৌন্ত—*মদ*; ফেলিয়া পট্টীশ লোকে, আগুলয়ে সিংহের সরণি—*কমু*)। { *স.* পটি+√শো+অ(ক)}

পট্টী [পোট্‌টি] *বি* নিপুণা; চতুরা। **পট্টু** *পু.*। { *স.* পটু+ঈ(ঙীষ্)}

পট্টু [পোট্‌টু] *বি* মোটা পশমি বস্ত্রবিশেষ। { *স.* পট্ট>}

পঠদ্দশা [পঠোদ্‌দশা] *বি* ছাত্রজীবন; ছাত্রাবস্থা; পাঠ্যাবস্থা। { *স.* পঠৎ+দশা}

পঠন [পঠোন্] *বি* অধ্যয়ন; পাঠকরণ; পাঠ; আবৃত্তি; পড়া। **পঠনীয়** *বিণ* পাঠ্য; পাঠের যোগ্য; পাঠোপযোগী; পাঠ করা উচিত এমন। **পঠিত** *বিণ* পাঠ করা হয়েছে এমন; অধীত। **পঠিতব্য** *বিণ* পাঠ করতে হবে এরূপ; পঠনীয়। **পঠ্যমান** *বিণ* পঠিত হচ্ছে এরূপ। { *স.* √পঠ্+অন(ল্যুট্)}

পড়এ (*মব্য.*) [পড়য়ে] *ক্রি* পড়ছে (পড়এ বিজুলী—*বচন্দ*)। { *স.* পততি>}

পড়তা [পড়্‌তা] *বি* ১ পাশাদি খেলায় ক্রমাগত জয় হয় এমন দান। ২ ভাগ্য (পড়তা খারাপ)। ৩ সৌভাগ্য; সুসময়; সুদিন (পড়তা পড়েছে)। ৪ লাভের ভাগ (পড়তা বেশী পড়ে বলে কষ্টটা তেমন গায়ে লাগে না—*নমি*)। ৫ গড়ে হিসাব করে যে সংখ্যা পাওয়া যায়; average (গড়পড়তা)। ৬ পণ্যদ্রব্য উৎপাদনের বা সংগ্রহের জন্য খরচ হয় এমন (পড়তা পোষণ)। ৭ মিল; বন্ধুত্ব; ভালোবাসা (তার সঙ্গে পড়তা নেই)। { √পড়্+তা}

পড়তি [পোড়্‌তি] *বি* ১ অবনতি। ২ যার পতন হতে থাকে; যা পড়ে যায় (ঝরতি-পড়তি)। ৩ মন্দা (উঠতি-পড়তি)। ☐ *বিণ* ১ অবনতি বা অবসান হচ্ছে এমন; পতনোন্মুখ (পড়তি দশা)। ২ বিলুপ্ত হওয়ার বা নষ্ট হওয়ার উপক্রম হয়েছে এমন (পড়তি কারবার)। ~**বাজার** *বি* মন্দা বাজার; পণ্যদ্রব্যের চাহিদা হ্রাস পাওয়ায় মূল্য কমে যাচ্ছে এরূপ অবস্থা। { √পড়্+তি}

পড়ন[১] [পড়োন্] *বি* ১ পতন। ২ পড়তা। ৩ গড়মূল্য। ৪ গড় খরচ; মোট ব্যয়। { *স.* পতন>}

পড়ন[২], **পঢ়ন** (*মব্য.*) [পড়োন্] *বি* পাঠ; অধ্যয়ন। { *স.* পঠন>}

পড়ন্ত [পড়োন্‌তো] *বিণ* ১ পতনোন্মুখ; পড়ে যাচ্ছে এমন। ২ পড়তি; শেষ হয়ে যাচ্ছে এরূপ; তেজ কমে আসছে এমন (পড়ন্ত বেলা)। { √পড়্+অন্ত}

পড়পড়[১], **পড়্‌পড়্** [পড়্‌পড়্] *অব্য* বস্ত্রাদি ছেঁড়ার শব্দবিশেষ। { *ধ্বন্যা.*}

পড়পড়[২], **পড়োপড়ো** [পড়োপড়ো] *বিণ* পতনোন্মুখ; পতন আসন্ন এমন (মাথার উপরে বাড়ি পড় পড়—*রঠা*)। { √পড়্>}

পড়শি, পড়সি [পোড়্‌শি] *বি* প্রতিবেশী; প্রতিবাসী। { *স.* প্রতিবেশী>}

পড়া[১] [পড়া] *ক্রি* ১ পতিত হওয়া (গাছ থেকে পড়া)। ২ স্মরণ হওয়া; উদয় হওয়া (তাহারে পড়েছে মনে বকুল তলে—*রঠা*)। ৩ আবদ্ধ হওয়া; ধরা পড়া (জালে মাছ পড়া)। ৪ শরীর এলিয়ে দেওয়া (শুয়ে পড়া, বসে পড়া)। ৫ আবদ্ধ হওয়া; ধরা পড়া (জালে মাছ পড়া)। ৬ ধরা; লাগা (মরচে পড়া, পোকা পড়া)। ৭ বিবাহিতা হওয়া (মেয়েটি বেশ বড় ঘরে পড়েছে)। ৮ আক্রমণ করা (ডাকাত পড়া, বাগানে হনুমান পড়া, ক্ষেতে পঙ্গপাল পড়া)। ৯ আক্রান্ত হওয়া (অসুখে পড়া)। ১০ সূচনা হওয়া; আরম্ভ হওয়া (শীত পড়া, গরম পড়া)। ১১ ঝরা; নিঃসৃত হওয়া (রক্ত পড়া, বৃষ্টি পড়া)। ১২ দৃষ্টিপথে পতিত হওয়া (পথে কয়েকটা ঝাউগাছ পড়বে)। ১৩ মূল্য হ্রাস পাওয়া; দাম কমা (বাজার পড়ে গেছে)। ১৪ বিপদগ্রস্ত হওয়া; বিপন্ন হওয়া (শক্ত পাল্লায় পড়েছে)। ১৫ নত হওয়া (পায়ে পড়া)। ১৬ উৎপাটিত হওয়া (দাঁত পড়া, চুল পড়া)। ১৭ পশ্চাৎপদ থাকা (পিছনে পড়া)। ১৮ ব্যথিত হওয়া; খরচ হওয়া (গাড়ি কিনতে কত পড়ল)। ১৯ শান্ত হওয়া (রাগ পড়া)। ২০ মিলিত হওয়া (নদী সাগরে পড়েছে)। ২১ সৃষ্ট হওয়া (টাক পড়া, ছানি পড়া)। ২২ জনশূন্য থাকা (বাড়িটি খালি পড়ে আছে)। ২৩ আছাড় খাওয়া (পা পিছলে পড়া)। ২৪ অবনতি হওয়া (অবস্থা পড়ে গেছে)। ২৫ বিগলিত হওয়া (গলে পড়া)। ২৬ বাকি পড়া (অনেক টাকা পড়ে আছে)। ২৭ অবসানপ্রাপ্ত হওয়া (বেলা পড়ে এসেছে)। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* ১ অকর্ষিত; অনাবাদি (পড়া জমি)। ২ পরিত্যক্ত (পড়া মাল)। ~**নো**[১] *ক্রি* ১ পাতিত করা। ২ ধরানো (পোকা পড়ানো, ছাতা পড়ানো)। ৩ তৈরি করা (কাজল পড়ানো)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **পড়ে পড়ে কিল বা মার খাওয়া** *ক্রি* নীরবে বা বিনা প্রতিবাদে অনবরত অপমান বা অত্যাচার সহ্য করা। { *স.* √পত্> √পড়্+আ}

পড়া[২] [পড়া] *ক্রি* ১ অধ্যয়ন করা; পাঠ করা (বই পড়া)। ২ আবৃত্তি করা (কলেমা পড়া, কবিতা পড়া)। ☐ *বি* ১ নির্দিষ্ট পাঠ। ২ অধ্যয়ন; পঠন। ☐ *বিণ* পঠিত; অধীত

(পড়া বই)। ~ **করা** *ক্রি* নির্ধারিত পাঠ প্রস্তুত করা। ~ **ধরা বা নেওয়া** *ক্রি* নির্ধারিত পাঠের পরীক্ষা গ্রহণ করা। –**নো** *ক্রি* ১ অধ্যাপনা করা; শিক্ষকতা করা (কলেজে ছাত্র পড়ানো)। ২ শিক্ষা দেওয়া। ৩ আবৃত্তি করানো (মন্ত্র পড়ানো)। ৪ বুলি শেখানো; কথা শেখানো (পাখিকে পড়ানো)। ❑*বি,বিণ* উক্ত সকল অর্থে। ~**শুনা**, –**শোনা** *বি* ১ পাঠাভ্যাস; অধ্যয়ন। ২ বিদ্যাশিক্ষা; লেখাপড়া। ৩ পাঠ ও উপদেশ শ্রবণ। {*স.* √পঠ্>√পড়্}

পড়াং [পরাঙ্] *অব্য* চাবুক, বেত, রজ্জু ইত্যাদি দিয়ে প্রহার বা আঘাতের শব্দ। ~ ~ *অব্য* উপর্যুপরি চাবুক মারার শব্দ। {*ধ্বন্যা.*}

পড়ানো ⇒ পড়া[১] ও পড়া[২]

পড়িঘাউ *(মবা.)* [পোড়িঘাউ] *ক্রি* উদ্ধার করুক; বাঁচাক (পড়িঘাউ আসি তোর আইনে কহী—*বচদা*)। **পড়িঘাএ** *ক্রি* বাঁচায়; পরিত্রাণ করে; উদ্ধার করে (কে বা পড়িঘাএ তোরে—*বচ*)। {*স.* পরিগ্রহ>}

পড়িভায় *(মবা.)* [পোড়িভায়] *ক্রি* প্রতিভাত হবে; (মনে) পড়বে; ভেবে দেখ (মনে পড়িভায় কাহ্নাঞিঁ আম্মার বচন—*বচদা*)। {*স.* পরিভাবা>}

পড়িহাসে *(মবা.)* [পোড়িহাশে] *ক্রি* প্রতিভাত হয়; চোখে পড়ে (আন নাহি পড়িহাসে—*বচদা*)। **পড়িহাস, পড়িহাই, পড্ডিহাই** *ক্রি* প্রতিভাত হয়; মনে ধরে (মোর মনে হেন পড়িহাসে—*বচ*)। {*স.* প্রতিভাতি>}

পড়িয়ান ⇒ পড়েন[১]

পড়ুয়া, পড়ো[১], পোড়ো[১] [পোড়ুয়া, পোড়ো, –] *বি* ছাত্র; অধ্যয়নকারী; যে পাঠ করে (সর্দার পোড়ো বুলু—*শচ*)।❑*বিণ* বেশি পড়াশুনা করে এমন (পড়ুয়া ছেলে)। {√পড়্+উয়া}

পড়েন[১], পড়িয়ান [পোড়েন, পোড়িয়ান] *বি* বস্ত্রের প্রস্থের দিকের সুতা (টানাপড়েন)। {*স.* প্রতিবাণি> পড়িয়ান>পড়েন}

পড়েন[২] [পোড়েন্] *বি* ওজন করার বাটখারা। {*স.* প্রতিমান>}

পড়ো[২], পোড়ো[২] [পোড়ো] *বিণ* ১ অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে এমন; পতিত; অকর্ষিত; পড়ে আছে এমন (পড়ো জমি)। ২ অব্যবহৃত; জনশূন্য (পড়ো বাড়ি)। {*স.* পতিত>}

পড়ো[১] ⇒ পড়ুয়া

পড়ো-পড়ো ⇒ পড়পড়

পঢ়ন ⇒ পড়ন

পঢ়ম *(প্রাবা.)* [পঢ়ম] *বিণ* প্রথম (সই পঢ়মে পঢ়িঅউ—*চর্যাপদ*)। {*স.* প্রথম>}

পঢ়া[১] *(মবা.)* [পঢ়া] *ক্রি* ১ পড়া (শ্লোক পঢ়ে রায় রামানন্দ —*কৃদা*)। {*স.* √পঠ্>}

পঢ়া[২] *(মবা.)* [পঢ়া] *ক্রি* পতিত হওয়া; পড়া (কাণা কড়ি পঢ়িল পণ সাত—*কমু*)। {*স.* √পত্>}

পণ [পোন্] *বি* ১ অঙ্গীকার; প্রতিজ্ঞা; দৃঢ় সংকল্প। ২ বাজি খেলায় হারজিতের প্রতিজ্ঞা (পণ রাখিয়া নিখিল জিনিয়া নিতে সে চাহে—*রঠা*)। ৩ শর্ত; কড়ার (ধনুক ভাঙা পণ)। ৪ বিবাহাদিতে বর বা কন্যাপক্ষকে প্রদত্ত অর্থ; যৌতুক। ৫ সংখ্যার পরিমাণবিশেষ; বিশ গণ্ডা। ~**কিয়া** *বি (গণিত.)* পণঘটিত গণনা। –**ন** *বি* বিনিময়; বিক্রয়। ~**প্রথা** *বি* বিবাহাদিতে বরপক্ষ বা কন্যাপক্ষকে বাধ্যতামূলকভাবে যৌতুক দেবার প্রথা। ~**বদ্ধ** *বিণ* প্রতিজ্ঞায় আবদ্ধ; অঙ্গীকারাবদ্ধ। **পণিত** *বিণ* ক্রীত; বিক্রীত; বিনিময় করা হয়েছে এমন। **পণিতব্য** *বিণ* ১ ক্রয়যোগ্য। ২ বিক্রয়যোগ্য। ৩ পণ রাখার যোগ্য। **পণিতা** *বিণ* ১ ক্রেতা। ২ বিক্রেতা। **কন্যা~** *বি* বিবাহাদিতে বরপক্ষের নিকট থেকে কন্যাপক্ষের প্রাপ্য অর্থ। **ধনুক ভাঙা ~, ধনুক ভাঙ্গা ~** ⇒ ধনুক। **বর~** *বি* কন্যাপক্ষের থেকে বরপক্ষের প্রাপ্য অর্থ। {*স.* √পণ্+অ(অপ্)}

পণব [পনোব্] *বি* ঢোলকজাতীয় প্রাচীন বাদ্যযন্ত্র। {*স.* √পণ্+অ(ঘঞর্থে ক)}

পণী *(মবা.)* [পোনি] *বি* পোয়ান; কুম্ভকারের মৃৎপাত্র দগ্ধ করার বৃহৎ চুল্লি; পুনি (কুম্ভারের পণী—*বচদা*)। {*স.* পবন>}

পণ্ড [পন্ডো] *বিণ* ১ বৃথা; নিষ্ফল; ব্যর্থ; বিফল (পণ্ডশ্রম)। ২ নষ্ট (কর্ম পণ্ড করা)। ~**শ্রম** *বি* বিফল পরিশ্রম; বৃথা শ্রম। {*স.* √পণ্ড্+অ(অচ্)}

পণ্ডিত [পোন্ডিত্] *বিণ* ১ বিদ্বান; জ্ঞানী; বিজ্ঞ; অভিজ্ঞ। ২ শাস্ত্রজ্ঞ। ৩ ভাষাবিশারদ। ❑*বি* ১ সংস্কৃত ভাষার শিক্ষক। ২ ব্রাহ্মণের উপাধি। **পণ্ডিতা** *স্ত্রী*। –**মূর্খ** *বিণ* পাণ্ডিত্য আছে কিন্তু ব্যবহারিক জ্ঞানশূন্য; বিদ্বান অথচ নির্বোধ। ~**ম্মন্য, পণ্ডিতাভিমানী, ~মানী** *বিণ* পণ্ডিত না হয়েও নিজেকে পণ্ডিত মনে করে এমন। **পণ্ডিতি** *বি* ১ পণ্ডিতের কাজ বা বৃত্তি। ২ *(ব্য.)* পাণ্ডিত্য (পণ্ডিতি ফলানো)। ❑*বিণ* ১ সংস্কৃতবহুল (পণ্ডিতি বাংলা)। ২ পণ্ডিতসদৃশ। ৩ প্রাচীন পণ্ডিতদের অনুযায়ী। {*স.* পণ্ডা (জ্ঞান বা উৎকর্ষ প্রাপ্ত বুদ্ধি)+ইত(ইতচ্)}

পণ্য [পোন্নো] *বি* ১ বিক্রেয় দ্রব্য। ২ বেসাত। ৩ মূল্য; মাসুল; ভাড়া।❑*বিণ* বিক্রেয় (পণ্যদ্রব্য)। ~**জাত** *বি* বহু বিক্রেয় দ্রব্যসম্ভার। ~**জীব** *বিণ* ব্যবসায়ী; বণিক। ~**জীবী**(–বিন্); **পণ্যাজীব** *বি* ১ বণিক; ব্যবসায়ী; সওদাগর। ২ দোকানদার। ~**বীথি, ~বীথী, ~বীথিকা** *বি* ১ সারিবদ্ধ বাজার; হাট। ২ দোকানের সারি; শ্রেণিবদ্ধ বিক্রয়শালা। ~**শালা** *বি* ১ দোকান। ২ বাজার; হাট; গঞ্জ; পণ্য ক্রয়বিক্রয় স্থান। ৩ উৎপাদনকেন্দ্র। ~**স্ত্রী, পণ্যাঙ্গনা** *বি* বেশ্যা; গণিকা। {*স.* √পণ্+য(যৎ)}

পতঙ্গ, পতগ, পতঙ্গম *(ব্র.)* [পতোঙ্গো, পতোগ, পতোঙ্গম্] *বি* ১ পত বা পক্ষ দ্বারা উড্ডয়নশীল কীট বা পোকাবিশেষ। ২ *(প্রাণী.)* ষট্‌পদযুক্ত কীটবিশেষ; insect। ৩ সূর্য। ৪ পক্ষী; বিহঙ্গ (পিরীতি-পাবকে পৈঠে পতগ—*গোদা*)। ৫ বাণ; শর। –**বৃত্ত** *বি* পতঙ্গ যেমন আলোক দর্শনে অন্ধভাবে আগুনে ঝাঁপ দেয়, তেমনি মনোরম বস্তু দেখে মুগ্ধ হয়ে আত্মনাশ করে যে। ~**বৃত্তি** *বি* মনোরম বস্তু দেখে মুগ্ধ হয়ে আত্মবিনাশ। {*স.* পত+ √গম্+অ(ড)}

পতঞ্জলি [পতোন্জোলি] *বি* ১ যোগসূত্র নামক দর্শনগ্রন্থ ও মহাভাষ্য নামক ব্যাকরণ-ভাষ্য রচয়িতা। ২ ঋষি বা মুনিবিশেষ। {*স.* পতৎ+অঞ্জলি; বহু}

পতৎ [পতত্] *বিণ* পতনশীল; পড়ছে এমন। {*স.* √পত্+অৎ(শতৃ)}

পতত্র [পতোত্ত্র] *বি* ১ পাখির ডানা। ২ পক্ষ। **পতত্রী** (–ত্রিন্) *বি* পক্ষী। {*স.* পতৎ+√ত্রৈ+অ(ক)}

পতন [পতোন্] *বি* ১ পড়া। ২ অবনতি; অধোগমন; অধোগতি; বিচ্যুতি; দুর্দশাপ্রাপ্তি। ৩ স্খলন। ৪ ধ্বংস; বিনাশ। ৫ শত্রু সেনা কর্তৃক অধিকারভুক্ত হওয়া (দুর্গের পতন)। ৬ নিধন; মৃত্যু (ইন্দ্রজিতের পতন)। **পতনীয়** *বিণ* পতনযোগ্য। **পতনোন্মুখ** *বিণ* পড়পড়; পড়তে উদ্যত; পড়ে যাবার উপক্রম করেছে এমন। {*স.* √পত্+অন(ল্যুট্)}

পতপত [পত্পত্] *অব্য* ১ বাতাসে পতাকা ওড়ার শব্দ। ২ ওড়ার সময়ে পাখির ডানা ঝাপটানোর শব্দ। {*ধ্বন্যা.*}

পতর [পতোর্] *বি* লৌহ, পিতলাদি ধাতুর পাতলা সরু পাত। {*স.* পত্র>}

পতাকা [পতাকা] *বি* ১ নিশান; ধ্বজা; ধ্বজপট; ঝাণ্ডা; বৈজয়ন্তী; কেতন। ২ ধ্বজপট। **পতাকী**(–কিন্) *বি* (*জ্যোশা*) শুভাশুভ বোধক চক্রবিশেষ। □ *বিণ* পতাকাধারী; নিশানধারী (আইল পতাকীদল উড়িল পতাকা—*মদ*)। **পতাকিনী** *স্ত্রী*। {*স.* √পত্+আক+আ(টাপ্)}

পতি[পোতি] *বি*১ স্বামী। ২ প্রভু; কর্তা। ৩ পালক; রক্ষক; রক্ষাকর্তা। ৪ অধীশ্বর; অধিপতি; রাজা। ৫ নেতা; নায়ক; প্রধান ব্যক্তি; পরিচালক। **পতিংবরা** *বি, বিণ* যে মেয়ে স্বয়ং পতি নির্বাচন করে; স্বয়ংবরা। ~**ঘাতিনী** *বিণ স্ত্রী.* স্বামীহন্ত্রী। ~**ত্ব** *বি* পতির কর্ম বা পদ। ~**পরায়ণা** *বি, বিণ* পতির প্রতি বিশেষভাবে অনুরক্তা বা বিশ্বস্তা। ~**প্রাণা** *বি, বিণ* পতিকে নিজের প্রাণস্বরূপ জ্ঞান করে যে; পতিব্রতা। ~**বত্নী** *বিণ স্ত্রী.* সধবা; সভর্তৃকা; পতি জীবিত আছে এমন। ~**ব্রতা** *বি, বিণ স্ত্রী.* পতিপরায়ণা; পতিসেবাকে পুণ্যব্রতস্বরূপ জ্ঞান করে যে। ~**মতী** *বিণ স্ত্রী.* পতিবিশিষ্টা; প্রভুযুক্তা। ~**সেবা** *বি* স্ত্রী কর্তৃক স্বামীর পরিচর্যা। {*স.* √পা+অতি(ডতি)}

পতিত [পোতিতো, পোতিত্] *বিণ* ১ পড়ে গেছে এমন; চ্যুত; ভ্রষ্ট; স্খলিত। ২ নিম্নগত; অধোগত। ৩ পড়ে আছে এমন; অনাবাদি; অকর্ষিত; অব্যবহৃত (পতিত জমি)। ৪ উদিত; উদ্ভাসিত (নয়নপথে পতিত)। ৫ হীনতাপ্রাপ্ত; দুর্দশাপ্রাপ্ত। ৬ সমাজে অবনত (পতিত জমি)। ~**পাবন** *বিণ* পাপীদের ত্রাণ করেন এমন। ~**পাবনী** *স্ত্রী.*। **পতিতা** *বি, বিণ* বেশ্যা; গণিকা; বারবনিতা। {*স.* √পত্+ত(ক্ত)}

পতিত্ব ⇒ পতি

পতিপরায়ণা, পতিপ্রাণা, পতিব্রতা, পতিবত্নী, পতিমতী ⇒ পতি

পতিয়াই (*ব্র.*) [পোতিয়াই] *বি* প্রত্যয়; বিশ্বাস (মঝু মনে নাহি পতিয়াই—*বিপ*)। {*স.* প্রত্যয়>}

পতিয়াব, পতিয়ায়ব (ব্র.) [পোতিয়াব, –য়ায়োব] *ক্রি* বিশ্বাস করবে (বিদ্যাপতি কহে কো পতিয়াব; কো পতিয়ায়ব স্বপনস্বরূপ—*বিপ*)। {*স.* প্রত্যয়>}

পতিসেবা ⇒ পতি

পত্তন [পত্‌তোন্] *বি*১ নগর; শহর; বন্দর। ২ উপনিবেশ। ৩ ভিত্তিভূমি; বুনিয়াদ। ৪ আরম্ভ; সূচনা; সূত্রপাত (নগর পত্তন)। ৫ সন্নিবেশ। ৬ দৈর্ঘ্য; বহর (কোঁচার পত্তন)। ৭ নির্দিষ্ট হারে ও মেয়াদে জমিদারের নিকট থেকে প্রাপ্ত ভূমিস্বত্ব। ৮ জোতজমা ও প্রজাস্বত্ববিশেষ। □ *বিণ* নির্মাণ; প্রতিষ্ঠা। {*স.* √পত্+তন(তনন্)}

পত্তনি, পত্তনী [পত্‌তোনি] *বি* নির্ধারিত কর দেবার নিয়মে যে ভূ–সম্পত্তি পত্তন নেওয়া হয়েছে (ভদ্রকালীর নামে অনেক জমীদারী পত্তনী ছলে, বলে, কৌশলে খরিদ হইতে লাগিল—*বচ*)। ~**দার, পত্তনিদার** *বি* রাজা বা জমিদারের নিকট থেকে যে ব্যক্তি ভূ–সম্পত্তি নিয়েছে। {*স.* পত্তন+ *বা.* ই}

পত্তর ⇒ পত্র

পত্তি[1] [পোত্‌তি] *বি* পদাতিক সৈন্যবিশেষ। {*স.* √পদ্+তি(ক্তি)}

পত্তি[2] ⇒ পথ্য

পত্নী [পোত্‌নি] *বি স্ত্রী.* জায়া; সহধর্মিণী; ভার্যা; বিবাহিত স্ত্রী। ~**প্রেম** *বি* স্ত্রীর প্রতি ভালোবাসা। ~**বৎসল** *বিণ* স্ত্রীর প্রতি একান্ত অনুরক্ত; henpecked husband। {*স.* পতি+ঈ(ঙীপ্)}

পত্র, পত্তর [পত্‌ত্রো, পত্‌তোর্] *বি* ১ পাতা (গাছের পাতা, বইয়ের পাতা)। ২ চিঠি; লিপি। ৩ পাত; ফলক। ৪ দলিল (বায়নাপত্র)। ৫ পাখির ডানা। ৬ ছাপা কাগজ (সংবাদপত্র)। ৭ সমূহ; ইত্যাদি (জিনিসপত্র, বিছানাপত্র)। ~ **করা** *ক্রি* বিয়ের সম্বন্ধ (লিখিতভাবে) পাকা করা। ~**নবিস** *বি* উপাধি; পত্ররচনা বিভাগের ভারপ্রাপ্ত কর্মচারীর উপাধিবিশেষ। ~**পাঠ** *বি* চিঠি পড়া। □ *ক্রিবিণ* পত্র পড়ামাত্র অবিলম্বে বা তৎক্ষণাৎ। ~**পুট** *বি* গাছের পত্রাদি দ্বারা নির্মিত পাত্র বা ঠোঙ্গা (শ্যাম পত্রপুটে সোনার মঞ্জরী—*সদ*)। ~**পুষ্প** *বি* রক্ততুলসী। ~**বাহ, ~বাহক** *বিণ* চিঠি বহনকারী; লিপিবাহী; ডাকহরকরা। ~**বিনিময়, ~ব্যবহার** *বি* চিঠির আদান-প্রদান। ~**ভঙ্গ, ~লেখা, ~লিখা** *বি* দেহের শোভা বাড়ানোর জন্য কপোলাদিতে তিলক বা চিত্ররচনা (অঙ্গে তার পত্রলিখা দেয় লিখে—*রঠা*)। ~**মঞ্জরি/মঞ্জরী** *বি* পাতার মঞ্জরি; পত্রাদির অগ্রভাগ। ~**সূচি** *বি* ১ পুস্তকাদির পৃষ্ঠার সংখ্যা নির্দেশক সূচি। ২ কাঁটা। **নিয়োগ~** ⇒ নিয়োগ। **মান~** ⇒ মান[2]। {*স.* √পত্+ত্র(ষ্ট্রন্)}

পত্রাঙ্ক [পত্‌ত্রাঙ্‌কো] *বি* পুস্তকাদির পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা। {*স.* পত্র+অঙ্ক}

পত্রাবলি, পত্রাবলী, পত্রালি, পত্রালী [পত্‌ত্রাবোলি, –, পত্‌ত্রালি, –] *বি* ১ পত্রসমূহ; পত্রশ্রেণি; চিঠিপত্রের সমষ্টি। ২ পত্রলেখা; অলকা-তিলকা; নারীদের বক্ষ, কপোল (গাল) ও হাতে আঁকা চিত্রসমূহ। **পত্রালিকা** *ক্রি* গোপন বা ক্ষুদ্র পত্র; চিরকুট। {*স.* পত্র+আবলী, –লি, আলি, –লী}

পত্রিকা [পোত্‌ত্রিকা] *বি* ১ সংবাদপত্র; খবরের কাগজ; সাময়িকপত্র। ২ চিঠিপত্র (মনোমত এক পত্রিকা রচনা করে—*ঈবি*)। ৩ লিখিত কাগজ (জন্মপত্রিকা)। {*স.* পত্র+ক(কন্)+আ(টাপ্)}

পত্রী[1] [পোত্‌ত্রি] *বি*১ চিঠি; পত্র (পত্রী মাধবের হস্তস্খলিত

হইয়া ভূপতিত হইল—*বচ*)। ২ পত্রিকা। {*স.* পত্র+ইন(ইনি)}

পত্রী²(-ত্রিন্) [পোত্ত্রি] *বিণ* পত্রবিশিষ্ট; পত্রযুক্ত; পত্রবহুল। □*বি* ১ পক্ষীবিশেষ; শ্যেন। ২ গাছ; বৃক্ষ। ৩ শৈল; পর্বত। ৪ বাণ; কর। {*স.* পত্র+ইন্(ইনি)}

পত্রোদ্গম [পত্ত্রোদ্গম্] *বি* বৃক্ষলতায় নতুন পাতা গজানো; অঙ্কুর থেকে নতুন পাতার উদ্ভব। {*স.* পত্র+উদ্গম}

পথ [পথ্] *বি* ১ রাস্তা; সড়ক; সরণি; মার্গ; যার দ্বারা গমনাগমন করা যায়। ২ উপায়; পন্থা; ব্যবস্থা; কৌশল (মুক্তির পথ, প্রাণ রক্ষার পথ)। ৩ রন্ধ্র; ছিদ্র; দ্বার (জলনিষ্কাশন পথ, প্রবেশপথ)। ৪ অভিমুখ; দিক (ধ্বংসের পথ)। ৫ গোচর (নয়নপথ, শ্রবণ-পথ)। ৬ গমনের দিক (পথ দেখানো)। ~**কর** *বি* পথ নির্মাণ বা চলাচলের জন্য প্রজা কর্তৃক রাজা বা জমিদারকে দেয় শুল্ক বা খাজনা। ~**খরচ**, ~**খরচা** *বি* পাথেয়; পথ চলাচলের জন্য প্রয়োজনীয় খরচা; রাহা খরচ; travelling allowance। ~**চলতি** *বিণ* পথে চলে বা চলছে এমন; পথ চলাকালীন। ~ **চাওয়া** *ক্রি* কারো আগমন প্রতীক্ষা করা। ~**চারী** *বিণ* পথিক; পথে বিচরণকারী; পথ দিয়ে চলছে এমন। ~**চারী বিদ্যালয়** *বি* পথিমধ্যে বৃক্ষাদির তলে বা মাঠে বসে ছাত্রদের বিদ্যা বিতরণের ব্যবস্থা করা হয় এমন স্থান (পথচারী বিদ্যালয়ই বিদ্যালয়ের আদর্শ—*রঠা*)। ~**জোড়** *ক্রি* ১ পথ আটকানো; পথে বিঘ্ন সৃষ্টি করা। ২ বাধা দেওয়া। ~**দেওয়া** *ক্রি* ১ পথ থেকে সরে অন্যকে চলতে দেওয়া; পথছাড়া। ~ **দেখা** *ক্রি* ১ প্রকৃত পথ নির্ণয় করা; উপায় চিন্তা করা। ২ (*ব্য.*) প্রস্থান করা; বিদায় হওয়া। ~ **দেখানো** *ক্রি* ১ প্রকৃত পথ বা উপায় প্রদর্শন করা। ২ দৃষ্টান্ত স্থাপন করা। ৩ (*ব্য.*) তাড়ানো; বিতাড়িত করা; বিদায় করা। ~ **ধরা** *ক্রি* প্রকৃত পথ অবলম্বন করা; সুপথে আসা। ~**পাদপ** *বি* পথের পার্শ্বস্থ বৃক্ষ (ছিনু বুঝি বসে কোনো এক পাশে পথপাদপের ছায়—*রঠা*)। ~**পার্শ্ব** *বি* পথের ধার; পথের প্রান্ত। ~**প্রদর্শক** *বি, বিণ* ১ প্রকৃত পথ বা উপায় নির্দেশকারী। ২ পথিকৃৎ; মুরশিদ। ~**প্রান্ত** *বি* পথের ধার বা পার্শ্ব; রাস্তার শেষ সীমা। ~**ভোলা/ভুলা** *ক্রি* ১ গন্তব্য পথ নির্ণয় করতে অসমর্থ হওয়া। ২ দিশেহারা হওয়া। ~**ভোলা**, ~**ভ্রষ্ট**, ~**ভ্রান্ত**, ~**হারা** *বিণ* ১ পথ হারিয়ে ফেলেছে এমন; পথচ্যুত। ২ প্রকৃত পথ থেকে বিচ্যুত হয়েছে এমন; বিপথগামী। ৩ দিশেহারা। ~ **মাড়ানো** *ক্রি* ১ পথে চলা; পথ দিয়ে যাতায়াত করা। ২ (*আল.*) নিকটে বা সংস্রবে যাওয়া। ~**শ্রান্ত** *বিণ* পথ চলতে চলতে ক্লান্ত হয়েছে এমন। **পথে আসা** *ক্রি* ১ প্রকৃত পথ অবলম্বন করা। ২ বিরোধিতা ত্যাগ করা। ৩ বশীভূত হওয়া। **পথে বসা** *ক্রি* সর্বস্বান্ত হওয়া; নিঃস্ব হওয়া; রিক্ত হওয়া। **পথে বসানো** *ক্রি* সর্বস্বান্ত করা; নিঃস্ব করা। **পথের কুকুর** *বি* ১ পথে পথে ঘুরে বেড়ায় এমন কুকুর। ২ (*আল.*) পথে পথে বিচরণশীল কুকুরের মতো অনাদৃত ও অবহেলিত ব্যক্তি। **পথের পথিক** *বি* ১ যে পথিক পথেই বাস করতে বাধ্য হয়েছে। ২ অন্য কারো মত প্রভৃতি অবলম্বনকারী (একই পথের পথিক)। {*স.* √পথ্+অ(ঘঞর্থে ক)}

পথান (*মবা.*) [পথান্] *বি* প্রস্থান; যাত্রা (কৈলাশ পথান—*মাগ্যন*)। {*স.* প্রস্থান>}

পথিক [পোথিক্] *বি* ১ পথ দিয়ে গমনাগমন করে যে; পান্থ; পথচারী। ২ পর্যটক; ভ্রমণকারী; মুসাফির। ~**শালা** *বি* পান্থশালা; সরাই। {*স.* √পথিন্+অক(ষ্কন্)}

পথিকার, পথিকৃৎ [পোথিকার্, পোথিক্কৃত্] *বিণ* ১ পথ প্রস্তুতকারী; পথকার। ২ কোনো কর্মপন্থার অগ্রকর্মী; pioneer। {*স.* পথিন্+কার}

পথিমধ্যে [পোথিমোদ্ধে] *বি* পথের মধ্যে; রাস্তায়। {*স.* পথি+মধ্যে}

পথেঘাটে [পথেঘাটে] *ক্রিবিণ* সর্বত্র; যত্রতত্র; যথাতথা; যেখানে-সেখানে। {পথ+এ+ঘাট+এ}

পথ্য, পথ্যি, পত্তি [পোত্থো, পোত্থি, -ত্তি] *বি* ১ রোগীর জন্য উপযুক্ত আহার্য। ২ রোগান্তে গ্রহণযোগ্য খাদ্য (পথ্য করা)। □*বিণ* উপকারক; হিতকর। **পথ্যা-** *বি* রোগীর জন্য হিতকর-অহিতকর খাদ্য-পানীয়; সুপথ্য ও কুপথ্য। {*স.* পথিন্+য(যৎ)}

পদ [পদ্] *বি* ১ চরণ; পা। ২ পদচিহ্ন; পায়ের দাগ; পদাঙ্ক (পদানুসরণ)। ৩ পদক্ষেপ (পদেপদে)। ৪ কবিতার পঙক্তি বা চরণ (ত্রিপদী, চতুর্দশপদী)। ৫ অধিকার; আধিপত্য; সম্মান; কাজের ভার; চাকরি (রাজপদ)। ৬ স্থান; বসতি (জনপদ)। ৭ উপাধি; পদবি। ৮ গুরুজনের অনুগ্রহ; আশ্রয় (পদে রাখা)। ৯ বিভিন্ন রকমের দ্রব্যাদি (বিভিন্ন পদ রান্না হয়েছে)। ১০ বৈষ্ণব কবিদের রচিত কবিতা ও গান (পদাবলি)। ১১ (*ব্যা.*) বিভক্তিযুক্ত শব্দ। ~**কর্তা** *বি* বৈষ্ণব পদরচয়িতা; গীতিকবিতা রচয়িতা। ~**কর্ত্রী** *বি* স্ত্রী। ~**কার** *বিণ* শ্লোকরচয়িতা। □*বি* বেদের মন্ত্রপদ-বিভাজক গ্রন্থ রচয়িতা। ~**ক্ষেপ**, ~**বিক্ষেপ**, ~**বিন্যাস** *বি* ১ পা ফেলা; হাঁটা। ২ পদার্পণ। ~**গৌরব**, ~**মর্যাদা** *বি* পদের সম্মান; আধিপত্যের মূল্য বা সম্মান। ~**চারণ**, ~**চালনা** *বি* পায়চারি; পদসঞ্চালন। ~**চিহ্ন** *বি* পায়ের দাগ; পদাঙ্ক। ~**চ্যুত** *বি* ১ কর্মচ্যুত; বরখাস্ত। ২ অধিকারভ্রষ্ট; স্বাধিকারচ্যুত; আধিপত্যশূন্য। ~**চ্ছায়া**, ~**ছায়া** *বি* ১ চরণাশ্রয়; চরণতলে ঠাঁই (যারে তুমি দেহ পদছায়া—*ভারা*)। ২ অনুগ্রহ; দয়া। ~**ত্যাগ** *বি* ইস্তফা; চাকরি ত্যাগ; অধিকার বর্জন। ~**দলিত** *বিণ* পায়ের তলায় দলিত বা পিষ্ট; পদপিষ্ট; চরণমর্দিত। ~**দলিতা** *স্ত্রী*। ~**ধূলি** *বি* পায়ের ধুলা। ~**ধ্বনি**, ~**শব্দ** *বি* হাঁটার সময়ে সৃষ্ট পায়ের শব্দ। ~**পঙ্কজ** *বি* পাদপদ্ম। ~**পল্লব** *বি* কিশলয়ের মতো কোমল চরণ। ~**পাত** *বি* ১ পা ফেলা (সওদাগরের কিশোরী প্রিয়ার পদপাত কম্পন মিলিলো আমার হৃৎস্পন্দনে দুঃখের দীপ্তিতে—*আহা*)। ২ পদার্পণ (তোমাদের পদপাত করেছে আমাকে একাগ্র ব্রতচারী—*বিদে*)। ~**প্রান্ত** *বি* ১ পায়ের তলা; চরণতল; পদনিম্ন। ২ পায়ের নিকটবর্তী স্থান। ~**প্রার্থী** *বি* কোনো কর্ম বা চাকরি লাভেচ্ছু ব্যক্তি; applicant। □*বিণ* ১ কোনো পদলাভের জন্য যিনি নির্বাচনে দাঁড়ান এমন (কলেজের নির্বাচনে

তিনি ভিপি–পদপ্রার্থী)। ২ চরণাশ্রয়প্রার্থী; চরণাভিলাষী। **~প্রার্থিনী** *বিণ স্ত্রী*। **~বিক্ষেপ, ~বিন্যাস** *বিণ* পদক্ষেপ। **~ব্রজ** *বি* পায়ে হেঁটে গমন; চলন। **~মর্যাদা** *বি* পদগৌরব। **~যুগল** *বি* চরণদ্বয়। **~রজ, ~রজঃ, ~রেণু** *বি* পায়ের ধুলা; চরণধূলি। **~লেহন** *বি* ১ পা চাটা; চরণলেহন। ২ *(আল.)* দীনহীনভাবে তোষামোদ। **~শক্তি** *বি* পদের ক্ষমতা; পদের গর্ব (এ রকম লোকেরা পদশক্তির জুলুম করে যাবে—অউ)। **~শব্দ** *বি* পদধ্বনি। **~সেবা** *বি* পা টেপা; চরণমর্দন। **~স্খলন** *বি* ১ পা পিছলে পড়া। ২ পদচ্যুতি। ৩ *(আল.)* নৈতিক অধঃপতন। **~স্খলিত** *বিণ* ১ পা পিছলে পড়েছে এমন। ২ পদচ্যুতি ঘটেছে এমন। ৩ নৈতিক অধঃপতন ঘটেছে এমন। **~স্খলিতা** *বিণ স্ত্রী*। **~স্থ** *বিণ* ১ পদে অধিষ্ঠিত; অধিকারে অবস্থিত। ২ উচ্চপদে অধিষ্ঠিত। **পদে থাকা** *ক্রি* ১ চলনসই থাকা। ২ কোনো রকমে পদে বিদ্যমান থাকা। **পদে পদে, প্রতিপদে** *ক্রিবিণ* সব সময়ে বা বিষয়ে; যত অগ্রসর হওয়া যায় ততই। { *স.* √পদ্+অ(অচ্) }

পদক [পদোক্] *বি* ১ পুরস্কারের চিহ্নস্বরূপ প্রদত্ত রৌপ্য বা স্বর্ণখণ্ড; প্রশংসা বা সম্মানের নিদর্শন হিসেবে প্রদত্ত ধাতুনির্মিত অলঙ্কার; medal (সামান্য একটা পদক বা খেতাব দিয়ে নয়, দস্তুর মতো মোটা মাশুলে—*অচিসে*)। ২ কণ্ঠভূষণ; কণ্ঠহারের মধ্যভাগের দোলক; লকেট। { *স.* পদ+ক(কন্) }

পদখিন *(মবা.)* [পদখিন্] *বি* প্রদক্ষিণ (সত সত পদখিন করেন্ত রাজা রাণী—*রাপ*)। { *স.* প্রদক্ষিণ> }

পদবি, পদবী [পদোবি] *বি* ১ উপাধি। ২ কুল বা বংশজ্ঞাপক নাম। ৩ উপনাম। ৪ স্তর; পর্যায়। { *স.* √পদ্+অবি+ঈ(ঙীষ্) }

পদাঘাত [পদাঘাত্] *বি* পায়ের দ্বারা আঘাত; পদপ্রহার; লাথি। { *স.* পদ+আঘাত; ৩তৎ }

পদাঙ্ক [পদাঙ্কো] *বি* ১ পদচিহ্ন; পায়ের দাগ। ২ কোনো মহৎ ব্যক্তির কৃতকর্ম বা চরিত্র। { *স.* পদ+অঙ্ক }

পদাংশ [পদাঙ্‌শো] *বি* বিভক্তিযুক্ত শব্দের অংশ; syllable। { *স.* পদ+অংশ }

পদাতি, পদাতিক [পদাতি, –তিক্] *বি* ১ পায়ে হেঁটে যুদ্ধ করে এমন সৈন্য; পদচারী সৈনিক; infantry। ২ পাইক। ৩ *(ব্য.)* পথচারী। ৪ পেয়াদা; সংবাদ–বাহক। { *স.* পদ+√অত্+ই(ইন্)+ক(কন্) }

পদানত, পদাবনত [পদানতো, –বনতো] *বিণ* ১ চরণতলে পতিত; চরণে নিপতিত। ২ সম্পূর্ণ বশীভূত; অধীন। **পদানতা, পদাবনতা** *বিণ স্ত্রী*। { *স.* পদ+আনত }

পদানুবর্তী [পদানুবোর্‌তি] *বিণ* অনুসরণকারী। **পদানুবর্তিনী** *বিণ স্ত্রী*। { *স.* পদ+অনুবর্তী; ৩তৎ }

পদান্বয় [পদান্‌নয়্] *বি* ১ *(ব্যা.)* পদের অন্বয় বা সম্বন্ধ। ২ পদ পরিচয়। **পদান্বয়ী** *বিণ* অন্য পদের সঙ্গে সংযোগ সাধন করে এমন (পদান্বয়ী অব্যয়)। { *স.* পদ+অন্বয় }।

পদাবনত ⇒ পদানত

পদাবলি, পদাবলী [পদাবোলি] *বি* ১ বৈষ্ণব কবিদের রচিত পদ বা গীতি কবিতাবলি। ২ পদসমূহ। { *স.* পদ+ আবলি; আবলী; ৬তৎ }

পদাম্বুজ, পদারবিন্দ [পদাম্‌বুজ্, পদারোবিন্‌দো] *বি* ১ চরণকমল; পাদপদ্ম (নমি আমি, কবিগুরু, তব পদাম্বুজে —*মদ*)। ২ চরণরূপ পদ্ম। { *স.* পদ+অম্বুজ, অরবিন্দ }

পদার্থ[১] [পদারথো] *বি* ১ পদ বা শব্দের অর্থ; শব্দের প্রতিপাদ্য। ২ বস্তু; দ্রব্য; জিনিস। ৩ সারবস্তু; substance; matter (যাহা ওজনবিশিষ্ট এবং স্থান দখল করিয়া থাকে তাহাই পদার্থ—*আজা*)। ৪ বৈশেষিক দর্শনে দ্রব্য, গুণ, কর্ম, সামান্য, বিশেষ, সমবায়, ও অভাব। ৫ তর্কবিদ্যায় জ্ঞানের বিষয়সমূহ যে সকল ব্যাপক বিভাগে শ্রেণিবদ্ধ করা যায়; category। **~বিজ্ঞান, ~বিদ্যা** *বি* জড়পদার্থের ধর্ম সম্পর্কে জ্ঞানদায়ক বিদ্যা বা শাস্ত্র; physics। { *স.* পদ+অর্থ; ৬তৎ }

পদার্থ[২] [পদারথো] *বি* সার; প্রতিভা; genius। { *স.* পদ+অর্থ }

পদার্পণ [পদারপন্, –পোন্] *বি* ১ পৌঁছা; পা রাখা (একুশ বছরে পদার্পণ); প্রবেশ; উপস্থিত হওন। ২ পদবিন্যাস; চরণস্থাপন; পদক্ষেপণ। { *স.* পদ+অর্পণ; ৬তৎ }

পদাশ্রয় [পদাস্‌স্রয়্] *বি* ১ পদছায়া; চরণাশ্রয়। ২ অনুগ্রহ। **পদাশ্রয়ী** *বিণ* চরণে আশ্রয় নিয়েছে এমন। **পদাশ্রিত** *বিণ* ১ চরণে আশ্রয় পেয়েছে এমন; চরণাশ্রয়প্রাপ্ত। ২ অনুগৃহীত। **পদাশ্রিতা** *বিণ স্ত্রী*। { *স.* পদ+আশ্রয় }

পদাসন [পদাশোন্] *বি* পা রাখবার আসন; পাদপীঠ। { *স.* পদ+আসন; ৪তৎ }

পদাহত [পদাহতো] *বিণ* ১ চরণ দ্বারা প্রহৃত। ২ পদাঘাতপ্রাপ্ত; পায়ে আঘাত দেওয়া হয়েছে এমন। { *স.* পদ+আহত; ৩তৎ }

পদিনা ⇒ পুদিনা

পদুমা ⇒ পুদ্মা

পদুমিনী *(মবা.)* [পোদুমিনি] *বি* ১ পদ্মিনী। ২ পদ্মের ন্যায় সৌরভ ইত্যাদি লক্ষণযুক্তা রমণী (একে ধনি পদুমিনী সহজহি ছোটি—*বিপ*)। { *স.* পদ্মিনী> }

পদে পদে [পদেপদে] *ক্রিবিণ* প্রতি পদে; বারে বারে; প্রতি পদক্ষেপে। { *স.* পদ+এ> }

পদোদক, পাদোদক [পদোদক্, পা–] *বি* পা–ধোয়া জল (স্বামীর পদোদকেই সকল ব্যামো সারে—*শচ*)। { *স.* পদ, পাদ+উদক; *কর্মধা.* }

পদোন্নতি [পদোন্‌নতি] *বি* ১ চাকরিতে পরবর্তী ধাপে উত্তীর্ণ; চাকরি বা কর্মের উন্নতি। ২ আধিপত্য, মর্যাদা বা ক্ষমতার বৃদ্ধি। { *স.* পদ+উন্নতি; ৬তৎ }

পদ্ধতি [পদ্‌ধোতি] *বি* ১ পথ (প্রাণ লয়ে পালাতে পদ্ধতি খুঁজে বুলে—*ঘচ*)। ২ নিয়ম; রীতি; প্রণালি; প্রথা; ধারা। ৩ শ্রেণি; পঙ্‌ক্তি। ৪ আচার। ৫ প্রবাহ। ৬ রেখা। { *স.* পদ+হতি; ৩তৎ }

পদ্ম [পদ্‌দোঁ] *বি* ১ একপ্রকার জলজ পুষ্প; কমল; উৎপল; সরোজ; পঙ্কজ; নলিন; শতদল; রাজীব; কোকনদ; কুবলয়; পুণ্ডরীক; অরবিন্দ; ইন্দীবর; পুষ্কর; তামরস; মৃণাল। ২ তন্ত্রশাস্ত্রোক্ত দেহের অভ্যন্তরীণ চক্রবিশেষ (হৃৎপদ্ম, নাভিপদ্ম)। ৩ ১০,০০,০০০,০০,০০,০০০ সংখ্যা বা সংখ্যক; $১০^{১৩}$। **~কাঁটা** *বি* চর্মরোগবিশেষ; ত্বকের উপর মৃণালের কাঁটার

মতো চর্মরোগ। -কেশর *বি* পদ্মফুলের পরাগযুক্ত সূক্ষ্মসূত্র। -কোষ *বি* পদ্মকোরক; কমল-কলি। -গন্ধি *বিণ* পদ্মফুলের সৌরভবিশিষ্ট। -গর্ভ *বি* ১ পদ্মফুলের অভ্যন্তর; পদ্মগর্ভে (অভ্যন্তরে) যার। -নাথ *বি* সূর্য। -নাভ *বি* ১ পদ্ম নাভিতে যার। ২ বিষ্ণু। -নেত্র *বিণ* পদ্মের ন্যায় নয়নবিশিষ্ট; কমললোচন। -পত্র *বি* পদ্মপাতা; কমলদল। -পর্ণ *বি* পদ্মের পাপড়ি (অশ্রুময় আঁখি নিশার শিশির পূর্ণ পদ্মপর্ণ যেন—*মদ*)। -পরাগ *বি* পদ্মের রেণু; পদ্মরাজ। -পলাশ *বি* পদ্ম পাতা। -পলাশলোচন *বিণ* পদ্মের পাপড়ির মতো আয়ত নয়নবিশিষ্ট। -পাণি *বি* পদ্ম পাণিতে (হাতে) যার; বিষ্ণু। -পুরাণ *বি* পুরাণবিশেষ। -প্রিয়া *বি* হিন্দু দেবী মনসা। -বন্ধু *বি* ১ সূর্য। ২ মধুকর। -ভূ, -সম্ভব, পদ্মোদ্ভব *বি* পদ্মে জন্ম যার; পদ্ম উৎপত্তি স্থল যার; বিষ্ণু বা ব্রহ্মা। -মুখ *বিণ* পদ্মের মতো কমনীয় মুখবিশিষ্ট। ❑ *বি* পদ্মের মতো সুন্দর মুখ। -মুখী *বি স্ত্রী*। -যোনি *বি* ব্রহ্মা। -রাগ *বি* ১ পদ্মের ন্যায় রাগ বা বর্ণ যার। ২ পদ্মবর্ণ মূল্যবান মণিবিশেষ; চুনি; ruby। -লোচন *বিণ* পদ্মনেত্র। -শ্রী *বি* ১ বোধিসত্ত্বের নাম। ২ বর্তমান ভারতে প্রচলিত সরকার প্রদত্ত উপাধিবিশেষ। { *স.* √পদ্+ম(মন্)}

পদ্মা, পদুমা (*অবা.*) [পদ্‌দাঁ, পোদুমা] *বি* ১ বাংলাদেশের নদীবিশেষ; গঙ্গানদীর নিম্নভাগের নাম যা বাংলাদেশে প্রবাহিত। ২ হিন্দুদেবী লক্ষ্মী; মনসা। { *স.* √পদ্+ম(মন্)+আ(টাপ্)}

পদ্মাকর [পদ্‌দাঁকর্] অনেক পদ্ম জন্মে এমন জলাশয়; পদ্মপুষ্পবহুল সরোবর। { *স.* পদ্ম+আকর}

পদ্মাক্ষ [পদ্‌দাঁক্‌খো] *বিণ* ১ পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট; কমললোচন; পদ্ম-আঁখি। ২ পদ্মবীজ। { *স.* পদ্ম+অক্ষি}

পদ্মাবতী [পদ্‌দাঁবোতি] *বি* ১ মনসাদেবী। ২ কর্ণপত্নী। ৩ পদ্মানদী। ৪ কবি আলাওলের একটি কাব্যগ্রন্থের নাম। { *স.* পদ্মা+বৎ(বতুপ্)+ঈ(ঙীপ্)}

পদ্মালয়া [পদ্‌দাঁলয়া] *বি স্ত্রী.* লক্ষ্মী; কমলা; কমলবাসিনী (পদ্মালয়া পদ্মমুখী সীতারে পাইয়া—*কৃও*)। { *স.* পদ্ম+আলয়া}

পদ্মাসন [পদ্‌দাঁশোন্] *বি* ১ যোগসাধনে বসার বিশেষ ভঙ্গি (ত্রিকোণাকার মণ্ডল মধ্যে পদ্মাসনে সমাসীন—*সৈমু*)। ২ হিন্দু দেবতা ব্রহ্মা বা শিব। { *স.* পদ্ম+আসন; *বহু*}

পদ্মাসনা [পদ্‌দাঁশোনা] *বি* লক্ষ্মী; কমলা। { *স.* পদ্ম+আসনা; *বহু*}

পদ্মিনী [পোদ্‌দিনি] *বিণ* পদ্মযুক্তা; কমলিনী। ❑ *বি* ১ পদ্মঝাড়; পদ্মসমূহ। ২ চার জাতীয় নারীর মধ্যে সুলক্ষণা ও শ্রেষ্ঠা নারী। -কান্ত, -বল্লভ *বি* সূর্য। { *স.* পদ্ম+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

পদ্মোদ্ভব ⇒ পদ্ম

পদ্য [পোদ্‌দো] *বি* ১ ছন্দবদ্ধ রচনা; ছন্দযুক্ত বাক্য বা শ্লোক; verse। ২ নিম্নশ্রেণির লোক (করিয়া আসন গাড়িল নিশান সম্মানে বসান পদ্য—*ঘচ*)। { *স.* √পদ্+য(যৎ)}

পনর, পনরই ⇒ পনের

পনস [পনোশ্] *বি* ১ কাঁঠাল গাছ। ২ কাঁঠাল ফল (রসাল পনসকোষ রসালের রসে—*কমু*)। { *স.* পন্+অস(অসচ্)}

-পনা [পনা] ভাববাচক প্রত্যয়বিশেষ (গিন্নিপনা, গুণপনা)। { *স.* পণ>}

পনাম ⇒ প্রণাম

পনাহ, পানাহ [পনাহ্, পা-] *বি* আশ্রয় (আল্লাহর কাছে পানাহ চাই)। { *ফা.* পানাহ্ پناه }

পনির, পনীর [পোনির্] *বি* লবণাক্ত জমাট-বাঁধা ছানাবিশেষ; cheese। { *ফা.* পনীর پنیر }

পনেরো, পনর [পনেরো, পোনোরো] *বি, বিণ* ১৫ সংখ্যা বা সংখ্যক। -ই *বি* মাসের পঞ্চদশ দিবস। { *স.* পঞ্চদশ>}

পন্থ [পন্‌থো] *বি* ১ পথ; রাস্তা (পন্থ বিপথ নাহি মান—*বিপ*; একদিন নদ্যার ঠাকুর পন্থে করে মেলা—*মৈগী*)। ২ ধর্মমত (কবীর-পন্থ)। ৩ ধর্ম সম্প্রদায় (নানক পন্থ) { *স.* পন্থাঃ>}

পন্থা [পন্‌থা] *বি* ১ পথ। ২ উপায়। ৩ সাধনা বা জ্ঞানমার্গ (তান্ত্রিক পন্থা)। ৪ ধারা; রীতি; পদ্ধতি। { *স.* পন্থাঃ}

-পন্থি, -পন্থী [পোন্‌থি] *বিণ* ১ বিশেষ ধর্ম সম্প্রদায়ভুক্ত (নানক-পন্থি)। ২ মতানুসারী। ৩ ধারা বা রীতি অবলম্বী (বামপন্থি)। { *স.* পন্থাঃ>}

-পন্থিক [পোন্‌থিক্] *বি* পথিক। (দেশান্তর প্রবাসী পন্থিক বানিজ্যার—*দৌবা*)। { *পা.* পন্থিক}

-পন্ন [পোন্‌নো] *বিণ* পতিত (বিপদাপন্ন)। { *স.* √পদ্+ত(ক্ত)}

পন্নগ [পন্‌নগ্] *বি* সর্প; সরীসৃপ; উরগ; অহি (নকুলে আকুল দেখে পন্নগের রণে—*ঘচ*)। **পন্নগী** *বি স্ত্রী.*। -অশন, পন্নগাশন *বি* সর্পভুক; গরুড় (পন্নগ-অশনে নাগ নাহি ডরে যত—*মদ*)। -কেশর *বি* নাগকেশর পুষ্প। **পন্নগারি** *বি* ১ গরুড়। ২ ময়ূর। ৩ বেজি; নকুল। { *স.* পন্ন+√গম্+অ(ড)}

পপিহা [পোপিহা] *বি* পক্ষীবিশেষ; পাপিয়া; চাতক। { *ধ্বন্যা.*, *তুল. হি.* পপীহা}

পবন [পবোন্] *বি* বায়ু; বাতাস। -নন্দন *বি* ১ হনুমান। ২ ভীম। ৩ পবনবাহন অগ্নি। { *স.* √পূ+অন(ল্যুট্)}

পবমান [পবোমান্] *বিণ* পবন; বায়ু; পবিত্রকারী। { *স.* √পূ+মান(শানচ্)}

পবার, পবাল ⇒ প্রবাল

পবিত্র [পোবিত্‌ত্রো] *বিণ* ১ পূত। ২ বিশুদ্ধ; খাঁটি। ৩ নিষ্পাপ; পাপহীন। **পবিত্রা** *বিণ স্ত্রী.*। -তা *বি* ১ বিশুদ্ধতা; নির্মলতা। ২ পরিশুদ্ধি। **পবিত্রিত** *বিণ* ১ পবিত্র করা হয়েছে এমন। ২ সংশোধিত। **পবিত্রীকরণ** *বি* ১ নির্মলীকরণ। ২ সংশোধন। **পবিত্রীকৃত** *বিণ* পূত বা পবিত্র করা হয়েছে এমন। { *স.* √পূ+ইত্র}

পবেস ⇒ প্রবেশ

পমেটম [পমেটম্] *বি* কেশের পারিপাট্যের জন্য ব্যবহৃত সুগন্ধময় স্নেহজ পদার্থবিশিষ্ট; কেশপ্রসাধন দ্রব্য (পমেটম ল্যাভেণ্ডার ও আতর মেখে বাবু ড্রেসিংরুম হতে বৈঠকখানায় বার হলেন—*কাসি*)। { *ই.* pomatum}

পম্প ⇒ পাম্প

পয়[১], পয়া [পয়ো, -য়া] *বি* ১ সুলক্ষণ; শুভচিহ্ন। ২

সৌভাগ্য। ~মন্ত, পয়া *বিণ* ১ সুলক্ষণযুক্ত; শুভচিহ্ন সূচক। ২ ভাগ্যবান। { *স.* √পী+অস(অসুন)}

পয়[২] [পয়ো] *বি* ১ পানি; জল; দুধ। ২ পোয়া; এক-চতুর্থাংশ (পয়সা)। **পয়োনালা, পয়োনালি, পয়ঃপ্রণালি** *বি* নর্দমা; জলনালি; পানি নিষ্কাশনের পথ। { *স.* √পী+অস(অসুন)}

পয়গম্বর, পয়গাম্বর [পয়গম্‌বর্, -গাম্-] *বি* বাণী বা বার্তাবাহক; নবি; রসুল; আল্লাহ প্রেরিত দূত (যখনই মানুষ বেশী অত্যাচার অনাচার করিয়াছে তখনই এক একজন পয়গম্বর আসিয়া—*রোকেয়া*)। { *ফা.* পয়গাম্বার پیغمبر }

পয়গাম [পয়্গাম্] *বি* ১ খবর; সংবাদ; প্রস্তাব। ২ বিবাহের প্রস্তাব (কত শাহজাদা আসতো বিয়ের পয়গাম নিয়ে—*জোবেদা*)। { *ফা.* পয়গাম پیغام }

পয়গাম্বর ⇒ পয়গম্বর

পয়জার, পায়যার [পয়্জার্, পা-] *বি* ১ জুতা; পাদুকা (সখিনা বিবির পয়জারের বাড়ি আর খেতে পারিনে—*জোবেদা*; এখনই ঘর থেকে বেরিয়ে যা, নইলে পয়জার দিয়ে তোকে সোজা করব—*শাহো*)। ২ পাপোশ। { *ফা.* পায়জার پایزار }

পয়দল ⇒ পায়দল

পয়দা [পয়্দা] *বি* ১ জন্ম; উৎপত্তি; উদ্ভব (কত কি হল পয়দা—*রজসে*)। ২ উৎপাদন; জন্মানো। **পয়দায়েশ, পয়দায়েস** *বি* জন্ম (আমীর হামযার পয়দায়েসের বয়ান দিয়া—*কামু*)। { *ফা.* পয়দা پیدا }

পয়নালা, পয়নালি, পয়ঃপ্রণালী ⇒ পয়[২]

পয়মন্ত ⇒ পয়[১]

পয়মাল, পায়মাল [পয়্মাল্, পা-] *বিণ* ১ নষ্ট। ২ ধ্বংস; বিধ্বস্ত; বরবাদ (অনেক ধারই করলো এদের জান-মাল পয়মাল—*রই*)। { *ফা.* পায়মাল پایمال }

পয়যার ⇒ পয়জার

পয়রা [পয়্রা] *বিণ* তরল; পাতলা (পয়রা গুড়)। { *স.* পয়ঃ> }

পয়লা ⇒ পহেলা

পয়সা [পয়্শা] *বি* ধাতুনির্মিত মুদ্রাবিশেষ; টাকার শতাংশের একাংশ। ~ওয়ালা *বিণ* ধনবান; ধনী (পয়সাওয়ালাদের খাতিরে ও পীড়াপীড়িতে করিতে হইয়াছে—*ঈবি*)। ~কড়ি *বি* ১ আর্থিক সম্বল। ২ নগদ টাকা-পয়সা। { *স.* পাদ> *প্রা.* পায়>+সা}

পয়স্তি, পয়স্তী, পৈয়স্তি [পয়োস্‌তি, -, পোই-] *বি* ১ সংযোগ। ২ নদীতে ভেঙে যাওয়া জমির স্থানে আবার চর পড়া; নদী ভরাটি জমি; নদীর পানি শুকিয়ে চড়া পড়লে অথবা বন্যার পানি শুকিয়ে পলিমাটি দ্বারা গঠিত আবাদের উপযোগী জমি; alluvion। **শিকস্তি** *বিপ.* ভাঙন। { *ফা.* পয়বস্ত پیوست }

পয়স্য [পয়োশ্‌শো] *বিণ* দুগ্ধজাত; দধি, ছানা ইত্যাদি দ্রব্য। { *স.* পয়স্> }

পয়স্বিনী [পয়োশ্‌শিনি] *বি* ১ প্রচুর দুধ দেয় এমন গাভী; দুগ্ধবতী (মাতৃরূপা শান্তিস্বরূপিণী, শুভ্রকান্তি পয়স্বিনী —*রঠা*)। ২ নদী। □ *বিণ* জল পরিপূর্ণা। { *স.* পয়স্+বিন্(বিনি)+ঈ(ঙীপ্)}

পয়া ⇒ পয়[১]

পয়ান, পয়াণ (*পদ্য.*) [পয়ান্] *বি* প্রয়াণ; প্রস্থান (চন্দ্রাণী উদ্দেশ্যে রাজা করিল পয়ান—*কাদৌ*)। { *স.* প্রয়াণ> }

পয়ার [পয়ার্] *বি* চতুর্দশাক্ষর ছন্দবিশেষ। { *স.* পদ+চার> }

পয়েন্ট [পয়েন্ট্] *বি* ২ বিন্দু। ২ প্রাসঙ্গিক যুক্তি। { *ই.* point}

পয়োধর [পয়োধর্] *বি* ১ স্ত্রীলোকদের স্তন। ২ মেঘ; জলধর। ৩ নারকেল। { *স.* পয়স্+ধর}

পয়োধি, পয়োনিধি [পয়োধি, -নিধি] *বি* ১ সমুদ্র; সাগর; জলধি (চর্ব্য, চুষ্য, লেহ্য, পেয় পাতে পাতে অপ্রমেয় পয়োনিধি পর্বত প্রমাণ—*ভারা*)। ২ মেঘ; জলধর (হয় গজের গরজন সেনার তরজন পয়োধি ভরছন লাজে—*ভারা*; প্রলয়পয়োধি এক নায়ে হইব পার—*নই*)। { *স.* পয়স্+√ধা+ই(কি), নি+√ধা+ই(কি)}

পয়োনালি ⇒ পয়[২]

পয়োভার [পয়োভার্] *বি* ১ জলভার। ২ দুগ্ধভার। ৩ পয়োধর; স্তন (কমল কলিকাসম তার পয়োভারে—*বচদা*)। { *স.* পয়স্+ভার}

পয়োমুক [পয়োমুক্] *বি* মেঘ; জলধর। { *স.* পয়স্+√মুচ্+ক্বিপ্}

পর[১] [পর্] *বি* পাখির পালক। { *ফা.* পর پر }

পর[২] [পর্] *বিণ* ১ অন্য; ভিন্ন; পৃথক। ২ অনাত্মীয়; যার সাথে সম্বন্ধ নেই। ৩ শ্রেষ্ঠ; প্রধান; চরম; পরম (তুমি পিতা পরম তোমার পর নাই—*ঘচ*)। □ *বি* ১ শত্রু; বৈরী; অরি। ২ অন্য ব্যক্তি (পরচর্চা)। ৩ মোক্ষ; মুক্তি; নির্বাণ। ৪ পরমাত্মা। ৫ ব্রহ্ম। □ *ক্রিবিণ* অনন্তর; পশ্চাৎ। **পরা** *বিণ স্ত্রী.*। **পরের ঘর** *বি* মেয়েদের শ্বশুর বাড়ি। **পরের ধনে পোদ্দারি**—অন্যের অর্থাদির সাহায্যে কর্তৃত্ব ফলানো। **পরের মাথায় কাঁঠাল ভাঙা, পরের মাথায় হাত বুলানো**—ফাঁকি দিয়ে পরের দ্রব্যাদি আত্মসাৎ করা; পরকে ঠকানো। { *স.* √পৃ+অ(অচ)}

পর[৩] [পর্] *বি* প্রহর (তিন পর বেলা)। { *স.* প্রহর> }

পর[৪], **'পর** [পর্]—'উপর'-এর সংক্ষিপ্ত রূপ (মাথার পরে দেয়নি তুলে বাস—*রঠা*)। { *স.* উপরি> }

-পর [পর্] *বিণ* নিষ্ঠ; নিরত; আসক্ত; পরায়ণ (স্বার্থপর)। **পরা** *বিণ স্ত্রী.* আসক্তা; নিরতা (নৃত্যপরা)। { *স.* √পৃ+অ(অচ)}

পরওয়া ⇒ পরোয়া

পরওয়ানা ⇒ পরোয়ানা

পরওয়ার [পর্‌ওয়ার্] *বি* প্রতিপালক। ~দেগার, ~দিগার *বি* রক্ষক; পালনকর্তা; জন্মদাতা আল্লাহ (গায়েবের মালিক পরওয়ারদেগার)। { *ফা.* পরবর پرور }

পরক [পরোক্] *বিণ* ভিন্নদেশীয়; alien। { *স.* পর+ক}

পরকলা [পর্‌কলা] *বি* ১ কাচ। ২ দর্পণ; আয়না। ৩ কাচের চাকতি; lens (চশমার পরকলা দুটো পুছে নিয়ে বললে—*সৈমু*)। { *ফা.* পর্‌কালাহ্ پرکاله }

পরকার ⇒ প্রকার

পরকাল [পরোকাল্] *বি* ১ পরলোক; মৃত্যুর পরবর্তী অবস্থা; আখেরাত। ২ ভবিষ্যৎ; উত্তরকাল। ~ খাওয়া

ভবিষ্যৎ উন্নতির পথ নষ্ট করা (আদর দিয়ে দিয়ে ছেলের পরকালটা খেলে)। { স. পর+কাল}

পরকাশ ⇒ প্রকাশ

পরকিত ⇒ প্রকৃত

পরকীকরণ [পরোকিকরোন্] *বি* হস্তান্তরিতকরণ; alienation। { স. পর+ক+ঈ(চ্বি)+করণ}

পরকীয়[পরোকিয়ো] *বিণ* পরসম্বন্ধীয়; অন্যের। **পরকীয়া** *বি* প্রণয়িনী; অন্যের পত্নী; পরপত্নী বা কুমারী (আপনি পরকীয়া মহিলা আশঙ্কা করিয়া অধর্মভয়ে শকুন্তলা পরিগ্রহে পরাঙ্মুখ হইতেছেন—*ঈবি*)। **পরকীয়াবাদ** *বি* বৈষ্ণব শাস্ত্রে প্রেমবিষয়ক মতবাদ। { স. পর+ক(কুক্ আগম)+ ঈয়(ছ)}

পরকোলা [পর্‌কোলা] *বি* ১ দোলা (আসবে আবার পদ্মানদী, দুলবে তরী ঢেউ দোলায় তেমনি করে দুলব আমি তোমার বুকের পরকোলায়—*নই*)। {পর+কোল+আ}

পরখ, পরখাই [পরোখ্, পর্‌খাই] *বি* ১ পরীক্ষা; বিচার; যাচাই (এ গাঁর লোকে করতে পরখ ও গাঁর লোকের বল —*জউ*; ভিনদেশী অতিথে আজ করিব পরখাই—*মৈগী*)। ২ বিবেচনা; পর্যালোচনা। **পরখা** *ক্রি (পদ্য.)* পরীক্ষা করা। **পরখি** *(পদ্য.)* পরীক্ষা করে (চিনি যে পরখি রূপ যে দরখি—*চদা*)। { স. পরীক্ষা>}

পরগনা, পরগণা [পরগনা] *বি* অনেকগুলো গ্রামের সমষ্টি; জেলার অংশবিশেষ; চাকলা (অধিকার রাজার চৌরাশী পরগণা—*ভারা*)। { ফা. পরগনাহ্ پرگنه }

পরগাছা [পর্‌গাছা] *বি* ১ যে গাছ বা লতা অন্য গাছকে আশ্রয় করে জন্মে ও বাঁচে; পরজীবী উদ্ভিদ। ২ *(আল.)* অপরের আশ্রিত ব্যক্তি (পরগাছারা বিদেয় হয়েছে—*মব*)। {পর+গাছ+আ}

পরঘরি[পরঘোরি] *বিণ* অন্যের গৃহে বাসকারী; পরাশ্রিত। {পর+ঘর+ই}

পরচর্চা[পরচরচা, পরো–] *বি* অন্যের সম্বন্ধে আলোচনা; পরনিন্দা; অপরের দোষত্রুটি সম্পর্কে সমালোচনা। {পর+চর্চা}

পরচা ⇒ পর্চা

পরচার ⇒ প্রচার

পরচারি ⇒ প্রচার

পরচাল ⇒ পরচালা

পরচালা, পরচাল [পর্‌চালা, –চাল] *বি* ঘরের চালের নিম্নদেশে দ্বারের উপরকার ক্ষুদ্র আচ্ছাদন বা চালা; চালের ছাঁইচ (পথের ধারে এক খানা আটচালা দেখিয়া তাহার পরচালার নীচে আশ্রয় লইলাম—*বচ*)। {পর+চাল+আ}

পরচুল, পরচুলা[পরচুল্, –লা] *বি* কৃত্রিম কেশ (যাহার সুন্দর কেশপাশ আছে সে আর পরচুলা ব্যবহার করে না—*বচ*)। {পর+চুল,+আ}

পরচ্ছন্দ [পরোচ্‌ছন্‌দো] *বি* ১ অন্যের ইচ্ছা বা অভিলাষ; পরের মতলব। ◻ *বিণ* পরাধীন; পরবশ; অন্যের ইচ্ছায় চলে এমন। **পরচ্ছন্দানুবর্তী** *বিণ* পরের অনুকারী; পরাধীন। { স. পর+ছন্দ}

পরচ্ছিদ্র [পরোচ্‌ছিদ্‌দ্রো] *বি* ১ অন্যের দোষ বা ত্রুটি। **পরচ্ছিদ্রান্বেষণ** *বি* অপরের দোষ খুঁজে বের করা; পরের দোষ সন্ধান। **পরচ্ছিদ্রান্বেষী** (–ষিন্) *বিণ* অন্যের দোষ খুঁজে বেড়ায় এমন ব্যক্তি। { স. পর+ছিদ্র}

পরজ [পরোজ্] *বি* সঙ্গীতের রাগবিশেষ (তারপর বীণায় পরজ আলাপ করলেন অতি মৃদু স্বরে, অতি বিলম্বিত লয়ে—*প্রচৌ*)। { স. পরজিকা>}

পরজীবী(–বিন্) [পরোজিবি] *বি, বিণ* ১ যে অন্যকে আশ্রয় করে বাঁচে; অন্যের দ্বারা প্রতিপালিত হয় এমন। ২ *(বিজ্ঞান.)* অন্য জীবের দেহে বাস করে এরূপ উদ্ভিদ বা প্রাণী; parasite। { স. পর+জীবিন্}

পরঞ্জয় [পরোন্‌জয়্] *বি* রিপু জয়কারী; অরিন্দম; শত্রুবিজয়ী। { স. পর+√জি+অ(অচ্)}

পরটা, পরোটা, পরেটা [পরোটা, –, পরে–] *বি* ঘিয়ে অথবা তেলে ভাজা রুটি (এক বেলা আটার পরোটা খাওয়া যেতো—*ওহ*)। { স. পুরোডাশ>; তুল. হি. পরেঠা}

পরণাম ⇒ প্রণাম

পরত [পরোত্] *বি* ভাঁজ; স্তর; থাক; পট; layer (শতেক পরতে যদি কস্তুরী ঢাকএ অবশ্য তাহার গন্ধ প্রকাশিত হএ—*দৌআ*)। { আ. ফর্দ فرد ; তুল. স. পত্র}

পরতঃ [পরোতহ্] *অব্য* ১ অন্য হতে। ২ পর দিয়ে। { স. পর+তস্(তসিল্)}

পরতন্ত্র [পরোতন্‌ত্রো] *বিণ* পরাধীন; পরবশ; পরের ইচ্ছায় নিয়ন্ত্রিত (অকিঞ্চিৎকর ইন্দ্রিয় সুখের পরতন্ত্র হইয়া পিতা-মাতা জন্মভূমি প্রভৃতি সকল পরিত্যাগ করিলাম—*ঈবি*)। { স. পর+তন্ত্র; ৬তৎ}

পরতল ⇒ পরতাল

পরতাপ ⇒ প্রতাপ

পরতাল, পরতল [পর্‌তাল্, –তল্] *বি* ১ পুনর্বার ওজন। ২ জরিপ বা মাপ (তা না হয়তো পরতাল করে দেখ—*প্যামি*)। ৩ যাচাই; পুনরায় পরীক্ষা। { ফা. পরদাল্ پردال }

পরতীত *(ব্র., মব্য.)* [পরতীত্] *(পদ্য.) বি* প্রতীত; জ্ঞানযুক্ত; বোধযুক্ত; বিশ্বাসযুক্ত (হামারি বচনে যদি নহ পরতীত—*বিপ*)। { স. প্রতীত>}

পরতেক, *(মব্য.)* **পরতেখ** [পরতেক্, –খ] *বিণ* প্রত্যক্ষ; সাক্ষাৎ (ঠাকুর বলেন পরতেক—*ঘচ*)। **পরতেকি** *(ব্র.)* *ক্রি* প্রত্যক্ষ করে (আজ দেখিনু পরতেকি—*জ্ঞাদা*)। { স. প্রত্যক্ষ>}

পরত্র [পরোত্‌ত্রো] *অব্য, ক্রিবিণ* পরকালে; পরলোকে। **–ভীরু** *বিণ* পরকালের ভয় করে এমন; ধার্মিক; ধর্মভীরু। { স. পর+ত্র(ত্রল্)}

পরথাই, পরথাব *(ব্র., মব্য.)* [পরথাই, পরথাব] *বি* প্রস্তাব; প্রসঙ্গ; আলোচ্য বিষয় (আন পরথাই যাই যব পাশে—*জ্ঞাদা*; তুয়া পরথাব করল কছু থোরি—*জ্ঞাদা*)। { স. প্রস্তাব>}

পরদা ⇒ পর্দা

পরদাজ [পরদাজ্] *বিণ* সম্পাদনকারী (কারপরদাজ)। { ফা. পরদাজ্ پرداز }

পরদার [পরোদার/–র্–] *বি* ১ অন্যের পত্নী; পরস্ত্রী। ২

পরস্ত্রীগমন (পরদার পাপ বলি ধাঁধী রাখে নাই—*ভারা*)। ~**গমন** *বি* অন্যের স্ত্রীতে উপগত হওয়া; পরপত্নীর সাথে সংসর্গ। ~**গামী** *বিণ* অন্যের পত্নীতে উপগমনকারী; অপরের পত্নীর সঙ্গে সংসর্গ করে এমন। **পরদারিক, পারদারিক** *বিণ* পরস্ত্রী সম্ভোগকারী; পরপত্নীগামী। { *স.* পর+দার; ৬তৎ }

পরদেশ [পর্‌দেশ্] *বি* ভিন্নদেশ; অন্যদেশ; বিদেশ; প্রবাস (পিয়া পরদেশে হাম সহই না পার—*বিপ*)। { *স.* পর+দেশ; *কর্মধা.* }

পরদেশি, পরদেশী, পরদেশীয় [পর্‌দেশি, –, পর্‌দেশিয়ো] *বিণ* বিদেশি ভিন্নদেশি। **পরদেশিনী** *বিণ স্ত্রী.*। { *স.* পরদেশ+ঈয়(ষ্ণীয়)> }

পরদ্বেষ [পরোদ্‌দেশ্] *বি* অন্যের প্রতি দ্বেষ বা হিংসা। **পরদ্বেষী**(-ষিন্) *বিণ* অপরকে হিংসা করে এমন; পরদূষক। **পরদ্বেষিণী** *বিণ স্ত্রী.*। { *স.* পর+দ্বেষ }

পরধন [পরোধন্] *বি* ১ অপরের ধন বা সম্পদ। ২ পরস্ব। ~**লোভী** *বিণ* অপরের ধনের প্রতি লোলুপ। { *স.* পর+ধন; ৬তৎ }

পরধর্ম [পরোধর্‌মো] *বি* অপরের ধর্ম; আপন জাতি সমাজ সংস্কার বা প্রকৃতিবিরোধী ধর্ম। { *স.* পর+ধর্ম, ৬তৎ }

পরন [পরোন্] *বি* পরিধানকরণ; বস্ত্ররূপে ব্যবহার (পরনের কাপড়)। { *স.* পরিধান> }

পরনারী [পরোনারি] *বি* অন্যের স্ত্রী; পরদার। { *স.* পর+নারী; ৬তৎ }

পরনিন্দা [পরোনিন্‌দা] *বি* অন্যের কুৎসা বা দোষকীর্তন। { *স.* পর+নিন্দা; ৬তৎ }

পরন্তপ [পরোন্‌তপ্] *বিণ* শত্রুকে পীড়ন করে এমন; অরিন্দম; শত্রু-তাপন (কালি প্রভাতে কুমার পরন্তপ প্রবেশিবে রণে—*মদ*)। { *স.* পর+√তাপি+অ(খচ্) }

পরন্তু [পরোন্‌তু] *অব্য* ১ অধিকন্তু। ২ পক্ষান্তরে। ☐ *বি* কিন্তু। { *স.* পরম+তু }

পরপতি [পরোপতি/পর্–] *বি* ১ অন্য নারীর স্বামী। ২ উপপতি। ৩ পরকীয়া সাধনতত্ত্বের নায়ক (পরপতি সনে বেঁধেছে পরানে—*চন্দা*)। { *স.* পর+পতি; ৬তৎ }

পরপত্নী [পরোপোত্‌নি] *বি* অপরের পত্নী; পরস্ত্রী। { *স.* পর+পত্নী; ৬তৎ }

পরপদ [পরোপদ্] *বি* ১ শ্রেষ্ঠ স্থান; পরম বা সর্বশ্রেষ্ঠ পদ। ২ মোক্ষ। ৩ (*ব্যা.*) সমাসে সমস্যমান পদদুটোর মধ্যে পরেরটি বা দ্বিতীয়টি (শ্রেষ্ঠধন—এখানে 'ধন' দ্বিতীয় পদ)। { *স.* পর+পদ; ৬তৎ }

পর পর [পর্‌পর্] *ক্রিবিণ* ১ উপর্যুপরি; উত্তরোত্তর; একের পর আর। ২ ক্রমান্বয়ে। ৩ ক্রমে ক্রমে। ৪ অন্তর অন্তর (দুই চারদিন পর পর জ্বর আসে)। ☐ *বিণ* পাশাপাশি (পর পর সাজানো)। { *স.* পর+পর }

পরপীড়ক [পর্‌পিড়োক্] *বিণ* অন্যকে পীড়ন করে এমন। { *স.* পর+পীড়ক; *বহু* }

পরপীড়ন [পর্‌পিড়োন্] *বি* অন্যের উপর অত্যাচার; অপরকে ক্লেশদান। { *স.* পর+পীড়ন; ২তৎ }

পরপুরুষ [পর্‌পুরুশ্] *বি* ১ স্বামী ছাড়া অন্য পুরুষ; উপপতি। ২ পরম পুরুষ। ৩ প্রধান পুরুষ; পুরুষোত্তম। ৪ উপপতি। ৫ পরবর্তী বংশধর। { *স.* পর+পুরুষ }

পরপুষ্ট [পরোপুশ্‌টো] *বি* কোকিল; পরভৃত। ☐ *বিণ* অন্যের দ্বারা পালিত। **পরপুষ্টা** *বি স্ত্রী.* বেশ্যা; গণিকা। ☐ *বিণ* অন্যের দ্বারা পালিতা। { *স.* পর+পুষ্ট; ৩তৎ }

পরপূর্বা [পরোপুর্‌বা] *বিণ* পূর্বে অন্যের বিবাহিতা বা বাগদত্তা ছিল এমন; অন্যপূর্বা। { *স.* পর+পূর্বা; বহু }

পরব ⇒ পর্ব

পরবত (*পদ্য.*) [পর্‌বত্] *বি* পর্বত (দেহারা দেউল নহি পরবত সকল—*রাপ*)। { *স.* পর্বত> }

পরবর্তী(–র্তিন্) [পরোবোর্‌তি] *বিণ* পরে অবস্থিত; পশ্চাৎস্থিত। **পরবর্তিনী** *বিণ স্ত্রী.*। { *স.* পর+বর্তিন্ }

পরবন্ধ (*পদ্য.*) [পর্‌বন্‌ধো] *বি* প্রবন্ধ; কৌশল; উপায় (কর নানা পরবন্ধ—*কমু*)। { *স.* প্রবন্ধ> }

পরোয়ার, পরবার [পরোয়ার্] *বি* প্রতিপালক; পালনকর্তা (পরোয়ারদিগার)। { *ফা.* পরৱার پروار }

পরবশ [পরোবশ্] *বিণ* ১ পরাধীন; অন্যের ইচ্ছাধীন। ২ অধীন (লোভ পরবশ)। { *স.* পর+বশ; ৬তৎ }

পরবাদ[১] [পরোবাদ্] *বি* ১ নিন্দা; অপবাদ; অখ্যাতি। ২ প্রত্যুত্তর; উত্তরবাক্য। **পরবাদী**(–দিন্) *বিণ* ১ নিন্দুক; অপবাদকারী। ২ প্রত্যুত্তরকারী। **পরবাদিনী** *স্ত্রী.*। { *স.* পর+বাদ }

পরবাদ[২] ⇒ প্রবাদ

পরবাস, পরবাসী ⇒ প্রবাস

পরবি, পরবী [পরোবি] *বি* পর্বাদিতে প্রাপ্য বখ্শিশ; পার্বণী (ইদে-দেওয়ালীতে উৎসবের পরবী খরচ—*গোহা*)। { *স.* পর্ব>পরব+ই }

পরবুধ ⇒ প্রবোধ

পরবেশ ⇒ প্রবেশ

পরবোধ ⇒ প্রবোধ

পরব্যোম [পরোব্‌বোম্] *বি* মহাশূন্য; মহাকাশ। { *স.* পর+ব্যোম; *কর্মধা.* }

পরব্রত [পরোব্‌ব্রোতো] *বিণ* মহৎ ব্রত অবলম্বনকারী। { *স.* পর+ব্রত; *কর্মধা.* }

পরব্রহ্ম(–হ্মন্) [পরোব্‌ব্রোম্‌হো] *বি* ১ পরমপুরুষ; পরমেশ্বর। ২ অনন্ত অসীম সর্বব্যাপী পরমব্রহ্ম। { *স.* পর+ব্রহ্ম; *কর্মধা.* }

পরভাগ্যোপজীবী(–বিন্) [পরোভাগ্‌গোপোজিবি] *বিণ* অন্যের ভাগ্যের উপর নির্ভরশীল হয়ে জীবন ধারণ করে এমন। **পরভাগ্যোপজীবিনী** *বিণ স্ত্রী.*। { *স.* পরভাগ্য+উপজীবী; বহু }

পরভাত ⇒ প্রভাত

পরভাতা [পর্‌ভাতা] *বিণ* পরের ভাত খায় এমন; পরান্নভোজী; পরাশ্রিত; অন্নদাস (পরভাতা হয়ো না)। { পর+ভাত+আ }

পরভৃৎ [পরোভৃত্] *বি* কোকিলকে যে পালন করে অর্থাৎ কাক; বায়স। { *স.* পর+ভৃৎ; বহু }

পরভৃত [পরোভৃতো] *বি* কোকিল; পিক। ☐ *বিণ* পরপুষ্ট; অন্য কর্তৃক পালিত। **পরভৃতা** *বি,বিণ স্ত্রী.*। { *স.* পর+ভৃত; ৩তৎ }

পরম [পরোম্] *বিণ* ১ শ্রেষ্ঠ; মহান; প্রধান; সর্বোত্তম (পরমপুরুষ)। ২ প্রথম; আদ্য। ৩ অত্যন্ত; চরম (পরম দুঃখ)। ৪ চূড়ান্ত; শেষ (চাষবাসই করব এমন ইচ্ছাই পরম নয়— *অচিসে*)। **পরমা** *স্ত্রী.*। **~পদ** *বি* ১ শ্রেষ্ঠস্থান। ২ মোক্ষ; মুক্তি। **~পদার্থ** *বি* শ্রেষ্ঠ বা মূল সত্তা। **~পিতা**, **~পুরুষ**, **~ব্রহ্ম** *বি* পরমেশ্বর। **~হংস** *বি* মহাযোগী; শুদ্ধচিত্ত সংযত সমদর্শী নির্লোভ ও নির্বিকার যোগী পুরুষ। { *স.* পর+√মা+অ(ক)}

পরমত [পরোমত্] *বি* অপরের অভিমত; অন্যের ধারণা বা ধর্ম। **~সহিষ্ণু** *বিণ* অপরের মত বা সিদ্ধান্ত সহ্য করে এমন। **~সহিষ্ণুতা** *বিণ* অপরের মত গ্রহণকারী। **পরমতাবলম্বী** *বিণ* অপরের মত গ্রহণকারী। **~-অসহিষ্ণু, পরমতাসহিষ্ণু** *বিণ* অন্যের মত সহ্য করতে পারে না এমন। { *স.* পর+মত}

পরমা [পরোমা] *বিণ* শ্রেষ্ঠা; প্রধানা। **~ গতি** *বি* মুক্তি; মোক্ষ। **~ প্রকৃতি** *বি* আদ্যাশক্তি। **~ সুন্দরী** *বিণ* অপরূপ রূপলাবণ্যবতী; অতিশয় সৌন্দর্যশালিনী। { *স.* পরম+আ(টাপ্)}

পরমাই ⇒ পরমায়ু

পরমাণ ⇒ প্রমাণ

পরমাণু [পরোমানু] *বি* ইলেকট্রন, প্রোটন ও নিউট্রনের সমন্বয়ে গঠিত মৌল পদার্থের সূক্ষ্মতম অংশ, যার মধ্যে পদার্থের যাবতীয় ধর্ম বর্তমান এবং এর প্রোটনের সংখ্যা পদার্থের ভিন্নতা নির্দেশক (পৃথিবীর সকল বস্তুই পরমাণু দ্বারা গঠিত— *আজা*)। **পারমাণবিক** *বিণ* ১ পরমাণু সম্বন্ধীয়। ২ পরমাণু দ্বারা গঠিত। { *স.* পরম+অণু}

পরমাত্মা [পরোমাত্তাঁ] *বি* উপনিষদ-কথিত বিশ্বস্রষ্টা পরমপুরুষ ব্রহ্ম। { *স.* পরম+আত্মা; *কর্মধা.*}

পরমাত্মীয় [পরোমাত্তিঁয়ো] *বি,বিণ* অত্যন্ত ঘনিষ্ঠ বা অন্তরঙ্গ; অত্যন্ত নিকট সম্বন্ধীয়। **পরমাত্মীয়া** *বিণ স্ত্রী.*। { *স.* পরম+আত্মীয়}

পরমাদ ⇒ প্রমাদ

পরমাদর [পরোমাদর্] *বি* অতিশয় আদর বা যত্ন; পরম সমাদর বা আপ্যায়ন। **পরমাদৃত** *বিণ* অতিশয় আদৃত। { *স.* পরম+আদর; *কর্মধা.*}

পরমান ⇒ প্রমাণ

পরমানন্দ [পরোমানন্‌দো] *বি* অতিশয় আনন্দ। { *স.* পরম+আনন্দ}

পরমান্ন [পরোমান্‌নো] *বি* পায়েস; পায়সান্ন; দুধ, চিনি বা গুড় সংযোগে পাকানো অন্ন। { *স.* পরম+অন্ন; *কর্মধা.*}

পরমায়ু, পরমায়ুঃ, পরমাই [পরোমায়ু, -য়ুহ্, পর্‌মাই] *বি* আয়ু; জীবিতকাল। { *স.* পরম+আয়ুঃ; *কর্মধা.*}

পরমার্থ [পরোমার্‌থো] *বি* ১ শ্রেষ্ঠ বস্তু। ২ ধর্ম। ৩ শ্রেষ্ঠ সত্তা; পরম সত্য। ৪ পরম কাম্য; চরম লক্ষ্য। **~ চিন্তা** *বি* ধর্মচিন্তা; হিন্দুমতে ব্রহ্মধ্যান (এ আফলাতুন মেয়ের কল্যাণে মায়েরও পরমার্থ চিন্তা অনেক কমাতে হয়েছে— *নই*)। { *স.* পরম+অর্থ; *কর্মধা.*}

পরমুখাপেক্ষা [পরোমুখাপেক্‌খা] *বি* অন্যের উপর নির্ভরতা; অন্যের সাহায্য প্রত্যাশা। **পরমুখাপেক্ষী** (-ক্ষিন্) *বিণ* অন্যের উপর নির্ভরশীল; অপরের সাহায্যপ্রত্যাশী। **পরমুখাপেক্ষিতা** *বি* অন্যের উপর নির্ভরশীলতা। { *স.* পরমুখ+অপেক্ষা; ৬তৎ}

পরমেশ, পরমেশ্বর [পরোমেশ্, পরোমেশশর্] *বি* জগদীশ্বর; পরব্রহ্ম। **পরমেশ্বরী** *বি* হিন্দুদেবী ভগবতী; দুর্গা। { *স.* পরম+ঈশ; ঈশ্বর; *কর্মধা.*}

পরমোৎসব [পরোমোত্‌শব্] *বি* শ্রেষ্ঠ উৎসব; মহান উৎসব। { *স.* পরম+উৎসব; *কর্মধা.*}

পরম্পর [পরোম্‌পর্] *বিণ* পরপর; একের পর আর; ধারানুযায়ী; অনুক্রমাগত। { *স.* পর+পর}

পরম্পরা [পরোম্‌পরা] *বি* ধারা; অনুক্রম (বংশপরম্পরা)। **~গত, পরম্পরীণ** *বিণ* পরম্পরায় বা ক্রমানুসারে আগত; ধারাবাহিক। **~য়, ~ক্রমে** *ক্রিবিণ* পরপর ক্রমানুসারে; ক্রমে ক্রমে। { *স.* পর+পর}

পরলোক [পরোলোক্] *বি* ১ মৃত্যুর পরবর্তী জগৎ; মরণের পর যে স্থানে অবস্থান করতে হয়; লোকান্তর; মৃত্যুর পরবর্তী অবস্থা। ২ পরকাল; ইহকালের পরবর্তী কাল; আখেরাত। ৩ মৃত্যু। **~গমন, ~প্রাপ্তি** *বি* মৃত্যু। { *স.* পর+লোক; ৬তৎ}

পরশ[১]**, পরশন** [পরোশ্, পরোশন্] *বি* স্পর্শ; ছোঁয়াচ (নীবিবন্ধ পরশে চমকি উঠে গৌরী— *বিপ*; এ নহে সহসা পথ-চলা শেষে শুধু হাতে হাতে পরশন— *নই*)। { *স.* স্পর্শ>পরশ (স্বরাগমে)}

পরশ[২] ⇒ পারশ

পরশপাথর, পরশমণি [পরোশ্‌পাথোর্, -মোনি] *বি* স্পর্শমণি; কাল্পনিক প্রস্তরবিশেষ যার স্পর্শে লোহাদি স্বর্ণে রূপান্তরিত হয় (আমার ভাণ্ডারে আছে পরশপাথর — *কমু*)। { *স.* স্পর্শপ্রস্তর; স্পর্শমণি>}

পরশা, পরষা, পরসা (*মবা.*) [পরশা] *ক্রি* পরিবেশন করা; ভোজনপাত্রে খাদ্য দান করা (হাসিয়া পরসে অলবণ রান্ধে— *কমু*)। { *স.* পরি+বিশ্>}

পরশই (*ব্র.*) [পরশই] *ক্রি* স্পর্শ করে। **পরশাবি** (*ব্র.*) *ক্রি* স্পর্শ করাবি। **পরশয়ে** (*ব্র.*) স্পর্শ করে; ছোঁয়। **পরশিহ** (*ব্র.*) স্পর্শ কোরো (পরবোধি পয়োধর পরশিহ— *বিপ*)। **পরসে** (*মবা.*) স্পর্শ করা; ছোঁওয়া (পরসে পিরীতি আঁধার ঘরে সাপ— *চদা*)। { *স.* √স্পৃশ্>}

পরশু[১] [পরোশু] *বি* কুঠার; টাঙ্গি; প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ (ভিন্দিপাল, তূণ, শর, মুদ্গর, পরশু— *মদ*)। **~রাম** *বি* পুরাণোক্ত ঋষিবিশেষ; যমদগ্নি ঋষির পুত্র; বিষ্ণুর ষষ্ঠ অবতার যিনি কুঠার দ্বারা একুশ বার ক্ষত্রিয়কুল ধ্বংস করেছিলেন। { *স.* পর+√শৄ+উ(কু)}

পরশু[২] [পোর্‌শু] *ক্রিবিণ* আগামী কালের পরের দিন; গতকালের পূর্বদিন। { *স.* পরশ্বঃ>}

পরশ্রীকাতর [পরোস্‌স্রিকাতোর্] *বিণ* অপরের উন্নতি বা সৌভাগ্য দেখে কাতর বা ঈর্ষান্বিত হয় এমন। **~তা** *বি* অপরের উন্নতিতে ঈর্ষা প্রকাশ। { *স.* পর+শ্রী+কাতর; *বহু.*}

পরশ্ব [পরোশ্‌শো] *ক্রিবিণ* গতকালের আগের দিনে বা আগামীকালের পরদিনে। □ *বি* গতদিনের আগের দিন বা আগামী দিনের পরদিন। { *স.* পর+শ্বস্}

পরসঙ্গ[১] [পর্‌শঙ্‌গো] *বি* অপরের সঙ্গে মেলামেশা। { *স.*

পর+সঙ্গ; ৬তৎ}

পরসঙ্গ[২] ⇒ প্রসঙ্গ

পরসাদ ⇒ প্রসাদ

পরস্ত্রী [পরোস্‌ত্রি] *বি* পরের স্ত্রী; পরপত্নী; পরদার। {*স.* পর+স্ত্রী; ৬তৎ}

পরস্পর [পরোশ্‌পর্] *বিণ* ১ উভয় বা বহুর মধ্যে। ২ একের সঙ্গে অন্য; অন্যোন্য। **~বিরোধী** *বিণ* একে অন্যের বিপরীত। {*স.* পর+পর}

পরস্ব [পরোশ্‌শো] *বি* অন্যের বিত্ত বা সম্পদ (দ্বিপ্রহর ঘুমে কাটে, পরস্বে যাদের ঘৃতচিক্কণ স্ফীত ঘাড়—*বিদে*)। **~হরণ, পরস্বাপহরণ** *বি* অন্যের বিত্ত বা সম্পদ আত্মসাৎকরণ। **~হারী, পরস্বাপহারী** *বিণ* পরধন অপহরণকারী; অন্যের সম্পদ আত্মসাৎকারী (যে চোর শব্দ প্রযুক্ত হইয়াছে উহা কেবল পরস্বাপহারীর বোধক নহে—*ঈবি*)। {*স.* পর+স্ব; ৬তৎ}

পরস্মৈপদ [পরোশ্‌মোইপদ্] *বি* অন্যের উদ্দেশ্য প্রকাশ করে এমন ধাতু বিভক্তি। **পরস্মৈপদী** *বিণ* ১ পরস্মৈপদে প্রযুক্ত। ২ যে কাজ অন্যের উপর ভার দিয়ে করা যায়। ৩ অন্যের; অপরের (পরস্মৈপদী অর্থে বাবুয়ানা)। {*স.* পরস্মৈ+পদ}

পরহার ⇒ প্রহার

পরহিংসা [পরোহিঙ্‌শা] *বি* অন্যের প্রতি ঈর্ষা বা বিদ্বেষ; পরদ্বেষ। **পরহিংসক** *বিণ* ১ অপরের প্রতি ঈর্ষান্বিত বা বিদ্বিষ্ট। ২ পরের ক্ষতিসাধনকারী। {*স.* পর+হিংসা}

পরহিত [পরোহিত] *বি* অপরের মঙ্গল; পরোপকার। **~ব্রত** *বি* পরোপকার রূপ ধর্মকার্য। ☐ *বিণ* পরের হিত সাধনই যার ব্রত; পরের কল্যাণসাধক। **~ব্রতা** *বিণ স্ত্রী.*। **~ব্রতী**(–তিন্) *বিণ* পরের মঙ্গলে নিয়োজিত। **পরহিতৈষণা** *বি* পরোপকার বা পরের মঙ্গল সাধনের চেষ্টা। **পরহিতৈষী**(ষিন্) *বিণ* পরের মঙ্গলচিন্তা করে এমন; পরহিতাভিলাষী। {*স.* পর+হিত; ৬তৎ}

পরহেজ [পর্‌হেজ্] *ক্রিবিণ* ধর্মবিরোধী কাজ থেকে বিরত থাকা (পাকা মুসল্লির মত সকল বিষয়েই বেশ পরহেজ করিয়া চলে—*কাই*)। ☐ *বি* সংযম; মিতাচার; অসৎ কার্য সম্বন্ধে সাবধানতা। **~গার** *বি* কর্তব্যনিষ্ঠ; সাবধানী; সৎকর্মী। ☐ *বিণ* ধর্মবিরোধী ক্রিয়াকলাপ থেকে বিরত থাকেন এমন; সংযমী; মিতাচারী। **~গারি** *বি* ১ ধর্মবিরোধী কাজ থেকে বিরত থাকার কাজ; সংযম; মিতাচার। ২ কর্তব্যনিষ্ঠা। {*ফা.* পরহেজ پرهیز}

পরা[১] [পরা] *বিণ* পরমা; প্রধানা; শ্রেষ্ঠা; মুখ্যা। {*স.* পর+আ(টাপ্)}

পরা[২] [পরা] *ক্রি* পরিধান করা; দেহে ধারণ করা (কাপড় পরা)। ☐ *বি* পরিধান; অঙ্গে ধারণ (গহনা পরা)। ☐ *বিণ* পরিহিত (মোজাপরা পা)। **~নো** *ক্রি* পরিধান করানো; দেহে ধারণ করানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* পরিধান>}

পরা[৩] [পরা] *অব্য* আতিশয্য, বৈপরীত্য প্রভৃতি জ্ঞাপক উপসর্গবিশেষ (পরাক্রম, পরাজয়)। {*স.* √পৃ+আ}

–পরা[৪] ⇒ –পর

পরাওল (*ব্র.*) [পরায়োল] পরিধান করল (যতনে পরাওল কণ্ঠে হামারি—*বিপ*)। {*স.* পরি+√ধা>}

পরাক (*মবা.*) [পরাকো] ১ পরের (পরাক লাগিআঁ—*বচদা*)। ২ অন্যকে (পরাক না কর দানে—*বচদা*)। {*স.* পর}

পরাকরণ [পরাকরোন্] *বি* অবজ্ঞাকরণ; ঘৃণাকরণ; অবহেলন। **পরাকৃত** *বি* অবজ্ঞাত; অবহেলিত। {*স.* পরা+করণ}

পরাকাষ্ঠা [পরাকাশ্‌ঠা] *বি* চরম সীমা; চূড়ান্ত; চরম উৎকর্ষ বা অপকর্ষ; climax (প্রভুভক্তির ও প্রভুপ্রেমের পরাকাষ্ঠা দেখাইতে পারেন কিনা—*শেআ*)। {*স.* পরা+কাষ্ঠা}

পরাক্রম [পরাক্‌ক্রোম্] *বি* বল; বীর্য; শক্তি; বিক্রম; বীরত্ব; দাপট; প্রতাপ; পুরস্কার। **~শালিতা** *বি* বলশালিতা; প্রতাপশালিতা। **~শালী**(–লিন্), **পরাক্রান্ত** *বিণ* পরাক্রমযুক্ত; শক্তিমান; বলশালী; বীর্যবান; প্রতাপশালী। {*স.* পরা+√ক্রম্+অ(ঘঞ্)}

পরাগ [পরাগ্] *বি* ১ ফুলের রেণু; pollen। ২ গন্ধদ্রব্যপূর্ণ। ৩ রেণু; রজ; ধূলি (কনক রুচির অঙ্গে লেগেছে পরাগ—*কমু*)। ৪ চূর্ণ; গুঁড়া। ৫ চন্দন। ৬ প্রতিপত্তি; খ্যাতি। **~কেশর** *বি* পরাগযুক্ত ফুলের কেশর; ফুলের অভ্যন্তরীণ রেণুবিশিষ্ট সূক্ষ্ম সূত্রসমূহ; stamen। **~ধানী** *বি* পরাগ কেশরের শীর্ষদেশ যেখানে থাকে; anther। **~যোগ** *বি* ফুলের গর্ভ–কেশরে পরাগ ছড়ানো; pollination। **~স্থালী** *বি* পরাগধানীর কোষ যার ভিতরে পরাগ থাকে; pollen-sac। **পরাগিত** *বিণ* পরাগবিশিষ্ট; pollinated। {*স.* পরা+√গম্+অ(ড)}

পরাগত[১] [পরাগতো] *বিণ* ১ প্রত্যাগত। ২ পশ্চাদাগত। {*স.* পরা+আ+√গম্+ত(ক্ত)}

পরাগত[২] [পরাগতো] *বিণ* ১ পরিব্যাপ্ত; বিস্তৃত। ২ বিকশিত। ৩ যুক্ত। {*স.* পরা+আ+√গম্+ত(ক্ত)}

পরাঙ্মুখ [পরাঙমুখ্] *বি* ১ মুখ ফিরিয়ে আছে এরূপ; বিমুখ। ২ প্রতিকূল; বিরুদ্ধ। ৩ উদাসীন; নির্লিপ্ত (কি হবে বিষয় সুখ তাহে পতি পরাঙ্মুখ—*কমু*)। ☐ *বি* নিবৃত্ত; ক্ষান্ত। {*স.* পরাক্+মুখ}

পরাজয় [পরাজয়্] *বি* পরাভব; হার। **পরাজিত** *বিণ* পরাভূত; পরাস্ত; হারিয়েছে এমন। **পরাজিতা** *বিণ স্ত্রী.*। {*স.* পরা+√জি+অ(অচ)}

পরাণ, পরাণি ⇒ প্রাণ

পরাত [পরাত্] *বি* বৃহৎ থালা। {*পো.* prato}

পরাৎপর [পরাতপর্] *বিণ* শ্রেষ্ঠ থেকেও শ্রেষ্ঠ; সর্বশ্রেষ্ঠ; মহতের মহৎ (বন্দি পরাৎপর ব্রহ্ম—*ঘচ*)। ☐ *বি* পরমেশ্বর; জগদীশ্বর (পরমপুরুষ পরাৎপর—*ভারা*)। **পরাৎপরা** *বিণ স্ত্রী.* (তুমি দেবী পরাৎপরা—*ভারা*)। {*স.* পরাৎ+পর}

পরাধীন [পরাধিন্] *বিণ* অন্যের অধীন বা বশীভূত; পরবশ। **পরাধীনা** *বিণ স্ত্রী.*। **~তা** *বি* অন্যের অধীনতা। {*স.* পর+অধীন}

পরান, পরানি ⇒ প্রাণ

পরানো ⇒ পরা

পরান্ন [পরান্‌নো] *বি* পরের অন্ন; যে অন্ন স্বোপার্জিত নয়। **~জীবী**(–বিন্) *বিণ* অপরের অন্নে জীবন ধারণ করে

এমন; অপরের অন্নে প্রতিপালিত। ~পুষ্ট *বিণ* অপরের অন্নে পরিপুষ্ট হয়েছে এমন; পরান্নে প্রতিপালিত। ~ভোজী *বিণ* ১ পরের অন্ন ভোজন করে এমন। ২ পরান্নজীবী। { *স.* পর+অন্ন}

পরাবর্ত [পরাবরতো] *বি* ১ বিনিময়; অদলবদল; বদলাবদলি। ২ প্রত্যাবর্তন। { *স.* পরা+√বৃত্+অ(ঘঞ্)}

পরাবর্তন [পরাবরতোন] *বি* ১ প্রত্যাবর্তন। ২ প্রতিফলন; reflection। { *স.* পরা+√বৃত্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

পরাবর্তিত [পরাবোরতিতো] *বিণ* ফিরানো হয়েছে এমন; প্রত্যাবর্তিত। { *স.* পরা+√বৃত্+ণিচ্+ত(ক্ত)}

পরাবৃত্ত[১] [পরাবৃততো] *বিণ* ১ ফিরে এসেছে এমন; প্রত্যাবৃত্ত। ২ পলায়িত। **পরাবৃত্তি** *বি* ১ প্রত্যাবর্তন। ২ পলায়ন। { *স.* পরা+√বৃত্+ত(ক্ত)}

পরাবৃত্ত[২] [পরাবৃত্‌তো] *বি (জ্যোবি)* শঙ্কু ও সমতলের পরস্পর ছেদন থেকে বিশেষভাবে সৃষ্ট বক্ররেখার একটি; hyperbola (কোন কোন ধূমকেতুর কক্ষপথ আবার পরাবৃত্তের মত—*শাফ*)। { *স.* পরা+√বৃত্+ত(ক্ত)}

পরাভব [পরাভব] *বি* ১ পরাজয়; হার। ২ অবমাননা; নির্যাতন (প্রেমহি কুলবতী পরাভব সহই—*বিপ*)। **পরাভূত** *বিণ* ১ পরাজিত। ২ অতিক্রান্ত। { *স.* পরা+√ভূ+অ(অণ্)}

পরামর্শ [পরামরশো] *বি* ১ মন্ত্রণা; যুক্তি (পরামর্শ করা)। ২ উপদেশ (পরামর্শ দেওয়া)। ৩ বিচার; বিবেচনা। { *স.* পরা+√মৃশ্+অ (ঘঞ্)}

পরামর্ষ [পরামরশো] *বি* ১ সহ্যকরণ; সহন। ২ ক্ষমা। { *স.* পর+অমর্ষ}

পরামানিক [পরামানিক্] *বি* ১ নাপিত। ২ মোড়ল; বিজ্ঞ। { *স.* প্রামাণিক>পরামানিক (স্বরভক্তির ফলে)}

পরায়ণ [পরায়োন্] *বিণ* ১ অতিশয় আসক্ত বা অনুরক্ত; একনিষ্ঠ (কর্তব্যপরায়ণ)। ২ শ্রেষ্ঠ বা প্রধান অবলম্বন। **পরায়ণা** *বিণ স্ত্রী*। { *স.* পর+অয়ন}

পরায়ত্ত [পরায়োত্‌তো] *বিণ* অন্যের অধিকারভুক্ত; পরাধীন; পরবশ। { *স.* পর+আয়ত্ত}

পরার *(প্রাবা.)* [পরার্] *বিণ* অন্যের; পরের (পরার পুরুষে—*বচ*)। { *স.* পর}

পরার্থ [পরারথো] *বি* পরের উপকার; অন্যের প্রয়োজন। ~পর *বিণ* পরোপকারী। ~পরতা *বি* পরোপকার-পরায়ণতা। ~বাদ, **পরার্থিতা** *বি* পরের মঙ্গলের জন্যই মানবজাতির আবির্ভাব এইরূপ দার্শনিক মত; altruism। **পরার্থে** *বি, বিণ* পরের জন্য; অন্যের হেতু। { *স.* পর+অর্থ}

পরার্ধ [পরারধো] *বি, বিণ* ১ সহস্র লক্ষ কোটি সংখ্যা বা সংখ্যক; ১০০০,০০,০০,০০০,০০,০০,০০০ সংখ্যা বা সংখ্যক; আঠারো অঙ্কের সংখ্যা; $১০^{১৭}$। ২ শেষার্ধ। { *স.* পর+অর্ধ; *কর্মধা.*}

পরাশর [পরাশর্] *বি* বেদ সংকলয়িতা ব্যাসের পিতা; ধর্মশাস্ত্র প্রবর্তক ঋষি (পিতা যাঁর পরাশর শুকদেব—*ভারা*)। { *স.* পরা+আ+√শাস্+অর(ডরন্)}

পরাশ্রয় [পরাস্সয়] *বি* অন্যের আশ্রয় বা অবলম্বন। **পরাশ্রয়ী**(য়িন্) *বিণ* অন্যকে আশ্রয় বা অবলম্বন করে এমন। **পরাশ্রিত** *বিণ* ১ অন্যের আশ্রিত। ২ অপরের পালিত। **পরাশ্রিতা** *বিণ স্ত্রী*। { *স.* পর+আশ্রয়}

পরাস্ত [পরাস্‌তো] *বিণ* পরাজিত (নিদ্রায় আসক্ত হতে গিয়ে তবু বেদনায় জেগে ওঠে পরাস্ত নাবিক—*জীদা*)। { *স.* পরা+√অস্+ত(ক্ত)}

পরাহ [পরাহো] *বি* পরদিন। { *স.* পর+অহ(অহন্)}

পরাহত [পরাহোতো] *বিণ* ১ পরাজিত; পরাস্ত। ২ আহত। ৩ ব্যাহত; বাধাপ্রাপ্ত (যম তখন পরাহত ব্যাঘ্রের ন্যায়—*রঠা*)। ৪ আক্রান্ত। তুল. **সুদূর**—বহুদিনের জন্যে বাধাপ্রাপ্ত। { *স.* পর+আহত}

পরাহ্ণ [পরানহো] *বি* বৈকাল; অপরাহ্ণ; বিকাল। { *স.* পর+অহন্; *কর্মধা.*}

পরি[১] ⇒ পরী

পরি[২] [পোরি] *অব্য* ব্যাপ্তি, বিরোধ, নিন্দা প্রভৃতিসূচক উপসর্গবিশেষ (পরিণত, পরিপন্থী, পরিচ্ছেদ)। { *স.* উপসর্গ}

পরিকর [পোরিকর] *বি* ১ কটিবন্ধ (বদ্ধপরিকর)। ২ সহকারী; সহচর। ৩ গণ; সমূহ। { *স.* পরি+√কৃ+অ(অপ্)}

পরিকর্ম [পোরিকরমো] *বি* কেশবিন্যাস; প্রসাধন; কুঙ্কুমাদি অঙ্গরাগ এবং অলঙ্কারাদি দিয়ে সজ্জিতকরণ। { *স.* পরি+কর্ম}

পরিকর্মী [পোরিকরমী] *বি* ভৃত্য; পরিচারক। { *স.* পরি+√কৃ+মন(মনিন্)}

পরিকল্পক, পরিকল্পয়িতা [পরিকল্‌পক, -পোয়িতা] *বিণ* পরিকল্পনা করে এমন; পরিকল্পনাকারী। { *স.* পরি+কল্পক, কল্পয়িতা}

পরিকল্পন, পরিকল্পনা [পোরিকলপোন্, -পোনা] *বি* ১ চিন্তন; উদ্ভাবন; planning। ☐ *বিণ* নকশা; কল্পিত রচনার প্রণালি; plan। **পরিকল্পনাধিকারিক** *বি* পরিকল্পনা করে এমন সরকারি কর্মচারী; planning officer। { *স.* পরি+√কল্পি+অন(ল্যুট্)+আ(টাপ্)}

পরিকল্পক, পরিকল্পনাধিকারিক [পোরিকল্‌পোক্, -পোনাধিকারিক্] *বি* পরিকল্পনা করে এমন সরকারি কর্মচারী; planning officer। { *স.* পরি+কল্পক, কল্পনাধিকারিক; *বহু.*}

পরিকল্পিত [পোরিকোল্‌পিতো] *বিণ* ১ পরিকল্পনা করা হয়েছে এমন। ২ স্থিরীকৃত; নির্ধারিত। { *স.* পরি+√কল্পি+ত(ক্ত)}

পরিকীর্ণ [পোরিকিরনো] *বিণ* ১ বিক্ষিপ্ত; ছড়ানো (শুষ্কপত্র পরিকীর্ণ—*রঠা*)। ২ পরিব্যাপ্ত; বিস্তৃত। { *স.* পরি+√কৃ+ত(ক্ত)}

পরিকীর্তন [পোরিকিরতোন্] *বি* সম্যকভাবে কথন বা প্রশংসা। **পরিকীর্তিত** *বিণ* সম্যকরূপে কথিত বা প্রশংসিত (ষোড়শ পর্ব পরিকীর্তিত হল—*ঈবি*)। { *স.* পরি+কীর্তন}

পরিকেন্দ্র [পোরিকেনদ্রো] *বি* সমবাহু ত্রিভুজ বা সমাঙ্গ বহুভুজের কোণ বিন্দুগুলির মধ্য দিয়ে অঙ্কিত বৃত্তের কেন্দ্র; মণ্ডল-মধ্য বিন্দু; circumcentre। { *স.* পরি+কেন্দ্র}

পরিক্রম, পরিক্রমণ [পোরিক্‌ক্রোম, -ক্রোমোন্] *বি* ১ পরিভ্রমণ। ২ প্রদক্ষিণ। ৩ পায়চারি; পাদচারণ। **পরিক্রমা**

বিণ ভ্রমণ (বিদেশ পরিক্রমা)। ☐*বি* ১ তীর্থস্থান-প্রদক্ষিণ। ২ *(আল.)* পর্যালোচনা (সাহিত্য পরিক্রমা)। {*স.* পরি+√ক্রম্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

পরিক্লিষ্ট [পোরিক্‌ক্লিশ্‌টো] *বিণ* অতিক্লিষ্ট; অত্যন্ত ক্লেশপ্রাপ্ত। {*স.* পরি+√ক্লিশ্+ত(ক্ত)}

পরিক্ষিৎ, পরিক্ষিত ⇒ পরীক্ষিৎ

পরিক্ষিপ্ত [পোরিক্‌খিপ্‌তো] *বিণ* ১ বিক্ষিপ্ত; ইতস্তত ছড়ানো। ২ পরিবেষ্টিত। ৩ ত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত। ৪ নিক্ষিপ্ত (আর্য যে দুস্তর শোকসাগরে পরিক্ষিপ্ত হইলেন—*ঈবি*)। {*স.* পরি+√ক্ষিপ্+ত(ক্ত)}

পরিক্ষীণ [পোরিক্‌খিন্] *বিণ* ১ অতিশয় ক্ষয়প্রাপ্ত (কুরুকুল পরিক্ষীণ হইলে, অভিমন্যুর ঔরসে উত্তরার গর্ভে তাঁহার জন্ম হয়—*ঈবি*)। ২ অতিশয় দুর্বল (যুগযুগান্তর ভ্রমি, ক্লিষ্ট জানু, দেহ পরিক্ষীণ—*মোম*)। ৩ অতিকৃশ। {*স.* পরি+ক্ষীণ}

পরিক্ষীয়মাণ [পোরিক্‌খিয়োমান্] *বিণ* দ্রুত ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন; অতিক্ষয়শীল। {*স.* পরি+ক্ষীয়মানমান}

পরিক্ষেপ [পরিক্‌খেপ্] *বি* ১ বিক্ষেপ। ২ পরিত্যাগ। ৩ পরিবেষ্টন। ৪ নিক্ষেপ। ~**ক** *বিণ* পরিক্ষেপকারী। {*স.* পরি+ক্ষেপ}

পরিখই *(ব্র.)* [পরিখই] *ক্রি* পরীক্ষা করে (কোই সখী পরিখই—*বিপ*)। **পরিখসি** *(ব্র.)* *ক্রি* পরীক্ষা করছ। **পরিখসে** *(মধ্য.)* *ক্রি* এসো পরীক্ষা করো *(মৈগী)*। **পরিখে** *(মধ্য.)* *ক্রি* পরীক্ষা করে (পরিখে ছলে তোমার মতি—*বচদা*)। {*স.* পরীক্ষতে>পরিখই}

পরিখা [পোরিখা] *বি* শত্রুর আক্রমণ থেকে রক্ষার জন্য দুর্গ; প্রাসাদাদির চারদিকে খনিত খাত; গড়খাই (অতি প্রশস্ত মৃন্ময় প্রাচীরের পাদদেশে এক বৃহৎ পরিখা ছিলো—*ঈবি*)। **পরিখীকৃত** *বিণ* পরিখা দ্বারা ঘেরাও বা বেষ্টিত। {*স.* পরি+√খন্+অ(ড)+আ(টাপ্)}

পরিখ্যাত [পোরিক্‌খ্যাতো] *বিণ* প্রখ্যাত; বিশেষভাবে প্রসিদ্ধ। {*স.* পরি+খ্যাত}

পরিগণন, পরিগণনা [পোরিগনোন্, -না] *বি* বিশেষভাবে সংখ্যাকরণ বা গণনা। **পরিগণিত** *বি* ১ বিশেষভাবে গণিত বা সংখ্যাত। ২ বিবেচিত। **পরিগণিতা** *বিণ স্ত্রী.*। {*স.* পরি+গণন, গণনা}

পরিগম [পোরিগম্] *বি* প্রতিবেশ; পারিপার্শ্বিক অবস্থা; environment। {*স.* পরি+√গম্+অ(অপ্)}

পরিগৃহীত [পোরিগ্‌গৃহিতো] *বিণ* ১ গ্রহণ করা হয়েছে এরূপ। ২ স্বীকৃত। {*স.* পরি+√গ্রহ্+ত(ক্ত)}

পরিগ্রহ [পোরিগ্‌গ্রোহো] *বি* বিশেষভাবে গ্রহণ (দার পরিগ্রহ)। ☐*বিণ* ধারণ (সমুদ্র ভীষণ রূপ পরিগ্রহ করেছে)। **পরিগ্রাহক** *বিণ* পরিগ্রহকারী; পরিগ্রহণ করে এমন। **পরিগ্রাহিকা** *বিণ স্ত্রী.*। {*স.* পরি+√গ্রহ্+অ(অপ্)}

পরিঘ [পোরিঘো] *বি* মুদ্‌গরের ন্যায় বর্তুল আকার প্রাচীন যুদ্ধাস্ত্র (কৃপাণ পরশু খড়্গ পরিঘ ভীষণ—*কায়*)। {*স.* পরি+√হন্+অ(অপ্)}

পরিঘাত, পরিঘাতন [পোরিঘাত্, -ঘাতোন্] *বি* ১ পরিঘ। ২ হনন। ৩ মারাত্মক আঘাত। ৪ প্রতিবন্ধক। ৫ বিঘ্ন; ব্যাঘাত। {*স.* পরি+ঘাত, ঘাতন}

পরিঘোষ [পোরিঘোশ্] *বি* মেঘের ধ্বনি বা গর্জন। {*স.* পরি+ঘোষ}

পরিচয় [পোরিচয়্] *বি* ১ নামধাম বংশাদির বিবরণ। ২ জানাশোনা; আলাপ। ৩ চিহ্ন; অভিজ্ঞান; নিদর্শন; উদাহরণ। ৪ প্রণয়; প্রেম (চণ্ডীদাস কয় নব পরিচয় কালিয়া বঁধুর সনে—*চদা*)। ~**বাহী** *বি, বিণ* পরিচয় বহনকারী; বর্ণনা দানকারী (কাল আছে কিন্তু সে সব তার পরিচয়বাহী নয়—*অশ*)। {*স.* পরি+√চি+অ(অচ্)}

পরিচর [পোরিচর্] *বি* ১ সেবক; ভৃত্য। ২ সহচর (অকর্মণ্য অনুচর পরিচরেরও অভাব নাই—*রঠা*)। {*স.* পরি+চর}

পরিচর্যা [পোরিচর্‌জা] *বি* ১ সেবা; শুশ্রূষা। ২ পূজা; উপাসনা। {*স.* পরি+√চর্+অ(শ)+য(যক্)+আ(টাপ্)}

পরিচলন [পোরিচলোন্] *বি* ১ সঞ্চলন। ২ *বি (বিজ্ঞান.)* বায়ব বা তরল দ্রব্যের প্রবাহের তাপ ও বিদ্যুতের সঞ্চালন; convection। {*স.* পরি+চলন}

পরিচায়ক [পোরিচায়োক্] *বিণ* ১ পরিচয় করিয়ে দেয় এমন; পরিচয় প্রদানকারী। ২ জ্ঞাপক; সূচক; নির্দেশক। **পরিচায়িকা** *বিণ স্ত্রী.*। {*স.* পরি+ √চি + ই(ণিচ্) অক(ণ্বুল)}

পরিচারক [পোরিচারোক্] *বি* ভৃত্য; সেবক; চাকর। **পরিচারিকা** *বি স্ত্রী.* চাকরানি; সেবিকা। {*স.* পরি+√চর্+ই(ণিচ্)+অক(ণ্বুল)}

পরিচারণ [পোরিচারোন্] *বি* সেবা। {*স.* পরি+√চর্+ই(ণিচ্)+অন(ল্যুট্)}

পরিচালক [পোরিচালোক্] *বি, বিণ* ১ যিনি পরিচালনা করেন; পরিচালনাকারী (সিনেমা বা সঙ্গীত পরিচালক); বিভাগের প্রধান; director। ২ অধ্যক্ষ। **পরিচালিকা** *বিণ স্ত্রী.*। তুল. প্রশাসনিক পরিভাষায় পদের ক্রমানুসারে (নিম্ন থেকে উচ্চ) **সহপরিচালক, উপপরিচালক, পরিচালক, মহাপরিচালক**। {*স.* পরি+চালক}

পরিচালন, পরিচালনা [পোরিচালোন্, -লোনা] *বি* ১ কোনো সংস্থা বা অফিস ইত্যাদি চালানো। ২ সঞ্চালন। ৩ সম্পাদন। ৪ নির্বাহ। ৫ শাসন। **পরিচালিত** *বিণ* ১ সঞ্চালিত। ২ সম্পাদিত। {*স.* পরি+চালন, চালনা}

পরিচিত [পোরিচিতো] *বিণ* ১ পরিচয় জানা আছে এমন; পরিচয়বিশিষ্ট। ২ জানাশুনা আছে এমন; জানিত; আলাপিত। ৩ জ্ঞাত। ৪ অভ্যস্ত। **পরিচিতা** *বিণ স্ত্রী.*। **পরিচিতি** *বি* পরিচয়। {*স.* পরি+√চি+ত(ক্ত)}

পরিচিন্তন [পোরিচিন্‌তোন্] *বি* ১ পরিকল্পনা। ২ বিশেষভাবে চিন্তাকরণ; সম্যক চিন্তন। **পরিচিন্তিত** *বিণ* যার পরিচিন্তন বা পরিকল্পনা করা হয়েছে। {*স.* পরি+চিন্তন}

পরিচেয় [পোরিচেয়ো] *বিণ* পরিচয়ের উপযুক্ত; পরিচয়যোগ্য; জানার যোগ্য। {*স.* পরি+√চি+য(যৎ)}

পরিচ্ছদ [পোরিচ্ছদ্] *বি* ১ আচ্ছাদন। ২ পোশাক; বসন; জামাকাপড়। {*স.* পরি+√ছাদি+অ(ঘ)}

পরিচ্ছন্ন [পোরিচ্ছন্‌নো] *বিণ* ১ পরিষ্কৃত। ২ ফিটফাট; গোছানো; বিন্যস্ত। ~**তা** *বি* নির্মলতা। {*স.* পরি+√ছদ্+ত(ক্ত)}

পরিচ্ছেদ [পোরিচ্ছেদ্] *বিণ* অংশ; ভাগ (ভারত পঞ্চম বেদ নানা মত পরিচ্ছেদ—*ভারা*)। ☐*বি* ১ শেষ; সমাপ্তি;

অবসান। ২ গ্রন্থের বিষয় বিভাগ; অধ্যায়; chapter। ৩ নির্ণয়; নির্ধারণ। ৪ ভেদজ্ঞান (চেতনা চেতন তার নাহি পরিচ্ছেদ —কমু)। {স. পরি+√ছিদ্+অ(ঘ)}

পরিচ্যুত [পোরিচ্চুতো] *বিণ* স্খলিত; বিচ্যুত। {স. পরি+চ্যুত}

পরিজন [পোরিজন্] *বি* ১ পরিবারের লোক। ২ আত্মীয়-স্বজন। ৩ পোষ্যবর্গ। ৪ পরিচারক; সেবক। {স. পরি+জন}

পরিজ্ঞাত [পোরিগ্‌গ্যাতো] *বিণ* সম্যকভাবে জ্ঞাত বা পরিচিত। {স. পরি+জ্ঞাত}

পরিজ্ঞান [পোরিগ্‌গ্যান্] *বি* ১ সম্পূর্ণ জ্ঞান। ২ সম্যক পরিচয়। ৩ অন্তর্দৃষ্টি; insight। {স. পরি+জ্ঞান}

পরিণত [পোরিনতো] *বিণ* ১ পূর্ণতাপ্রাপ্ত; পরিপক্ব; পরিণতিপ্রাপ্ত। ২ বিশেষ অবস্থা বা অবস্থান্তরপ্রাপ্ত; রূপান্তরিত। ৩ পর্যবসিত। ৪ চরমে উপনীত। ৫ বৃদ্ধ (পরিণত বয়স)। **পরিণতি** *বি* ১ চরম দশা; শেষ অবস্থা; পরিণাম। ২ শেষ; সমাপ্তি। ৩ অবস্থান্তরপ্রাপ্তি; রূপান্তর। {স. পরি+√নম্+ত(ক্ত)}

পরিণদ্ধ [পোরিনদ্ধো] *বিণ* ১ সমৃদ্ধ। ২ সংযুক্ত। ❑ *বি* ১ আলিঙ্গিত। ২ পরিবেষ্টিত। ৩ পরিহিত। {স. পরি+√নহ্+ত(ক্ত)}

পরিণয়, পরিণয়ন [পোরিনয়্, –নয়োন্] *বি* বিবাহ; উদ্বাহ। **–সূত্র** *বি* বিবাহ-বন্ধন। {স. পরি+√নী+অ(অচ্), অন(ল্যুট্)}

পরিণাম [পোরিনাম্] *বি* ১ শেষ দশা বা অবস্থা। ২ অবস্থান্তরপ্রাপ্তি। ৩ ভবিষ্যৎ; আখের; ফল (কি করিবে পরিণামে বুঝিতে না পারি—*ভারা*)। **~দর্শী**(–র্শিন্) *বিণ* ১ ভবিষ্যৎ দর্শনকারী। ২ ভবিষ্যৎ ভেবে কাজ করে এমন। **~দর্শিতা** *বি* দূরদর্শিতা। {স. পরি+√নম্+অ(ঘঞ্)}

পরিণাহ, পরীণাহ [পোরিনাহো] *বি* ১ বিস্তার; প্রসার; ব্যাপ্তি। ২ সীমান্তরেখা; contour। {স. পরি+√নহ্+অ(ঘঞ্)}

পরিণীত [পোরিনিতো] *বিণ* বিবাহিত (নবপরিণীত মুগ্ধ যুবক—*রঠা*)। **পরিণীতা** *বিণ স্ত্রী.*। {স. পরি+√নী+ত(ক্ত)}

পরিণেতা [পোরিনেতা] *বি* বিবাহকর্তা; স্বামী; পতি (পত্নীর উপর পরিণেতার সর্বতোমুখী প্রভুতা আছে—*ঈবি*)। {স. পরি+√নী+তৃ(তৃচ্)}

পরিণেয় [পোরিনেয়ো] *বিণ* বিবাহযোগ্য; বিবাহের উপযুক্ত। {স. পরি+√নী+য(যৎ)}

পরিতপ্ত [পোরিতপ্‌তো] *বিণ* ১ সন্তপ্ত; উত্তপ্ত। ২ মনস্তাপযুক্ত (পরিতপ্ত কোমল হৃদয়টুকুর অভ্যন্তরে—*রঠা*)। {স. পরি+তপ্ত}

পরিতাপ [পোরিতাপ্] *বি* মনস্তাপ; খেদ; আফসোস; দুঃখ (বিষম পরিতাপে আগুনে ফেলিলা খুল্লনা—*কমু*)। {স. পরি+তাপ}

পরিতুষ্ট [পোরিতুশ্‌টো] *বিণ* ১ পরিতৃপ্ত (কোথায় সেই পান তুষ্ট পরিপুষ্ট সুগোল মুখচ্ছবি—*রঠা*)। ২ আনন্দিত; সন্তুষ্ট; খুশি। **পরিতুষ্টা** *বিণ স্ত্রী.*। **পরিতুষ্টি, পরিতোষ** *বি* পরিতৃপ্তি; সন্তোষ (করি পরিতোষ কোন উপহারে—*রঠা*)। {স. পরি+তুষ্ট}

পরিতৃপ্ত [পোরিতৃপ্‌তো] *বিণ* পূর্ণ তৃপ্ত; অতিশয় তৃপ্ত। **পরিতৃপ্তি** *বি* পূর্ণতৃপ্তি। {স. পরি+তৃপ্ত}

পরিতোষ ⇒ পরিতুষ্ট

পরিত্তান (মবা.) [পোরিত্‌তান] *বি* পরিত্রাণ; উদ্ধার (সভে বোলে রাখ ধম্ম তোমা বিনা কে করে পরিত্তান—*রূপ*)। {স. পরিত্রাণ>*প্রা.* পরিত্তাণ>}

পরিত্যক্ত [পোরিত্‌ত্যাকতো] *বিণ* ১ বর্জিত; ত্যক্ত। ২ সঙ্গ বা সাহচর্য ত্যাগ করা হয়েছে এমন। **পরিত্যক্তা** *বিণ স্ত্রী.* (স্বামী পরিত্যক্তা জয়গুন—*আহ*)। {স. পরি+ত্যক্ত}

পরিত্যজন, পরিত্যাগ [পোরিত্‌ত্যাজোন, পোরিত্‌ত্যাগ্] *বি* পরিত্যাগকরণ; বিসর্জন; বর্জন; পরিহার। **পরিত্যাজ্য** *বিণ* বর্জনীয়; পরিহারের যোগ্য, বর্জন বা ত্যাগ করা যায় এমন। **পরিত্যাজ্যা** *বিণ স্ত্রী.*। {স. পরি+ত্যজন, ত্যাগ}

পরিত্রাণ [পোরিত্‌ত্রান] *বি* ১ নিষ্কৃতি; ত্রাণ; মুক্তি; উদ্ধার। ২ সংকটজনক পরিস্থিতি থেকে মুক্তি। ৩ ধ্বংস বা বিনাশ থেকে রক্ষা। {স. পরি+ত্রাণ}

পরিত্রাতা(–তৃ) [পোরিত্‌ত্রাতা] *বিণ* পরিত্রাণকারী; ত্রাণকর্তা। {স. পরি+√ত্রৈ+তৃ(তৃচ্)}

পরিত্রাহি [পোরিত্‌ত্রাহি] *ক্রিবিণ* পরিত্রাণ করো; বাঁচাও; রক্ষা করো (আমি পরিত্রাহি চিৎকার ছাড়ছি—*সৈমু*)। {স. পরিত্রায়স্ব>, *প্রা.* পরিত্তাহি>}

পরিদর্শক [পোরিদর্‌শোক্] *বি, বিণ* ১ পর্যবেক্ষক। ২ পরিদর্শন করে যে; পরিদর্শনকারী; inspector। {স. পরি+দর্শক}

পরিদর্শী [পোরিদোর্‌শি] *বিণ* পরিদর্শন করে এমন; inspecting। {স. পরি+দর্শিন্}

পরিদৃশ্যমান [পোরিদৃশ্‌শোমান্] *বিণ* ১ চারদিকে দৃষ্ট; চতুর্দিকে দৃশ্যমান। ২ সুস্পষ্ট। {স. পরি+দৃশ্যমান}

পরিদৃষ্ট [পোরিদৃশ্‌টো] *বিণ* সম্যকরূপে দৃষ্ট। {স. পরি+দৃষ্ট}

পরিদেবন, পরিদেবনা [পোরিদেবোন্, –বোনা] *বি* বিলাপ; খেদোক্তি; আপসোস; সন্তাপ; পরিতাপ; অনুতাপ। {স. পরি+দেবন, দেবনা}

পরিধান [পোরিধান্] *বি* ১ পরিধেয় বস্ত্র; পোশাক; পরিচ্ছদ। ২ অঙ্গে ধারণ। {স. পরি+√ধা+অন(ল্যুট্)}

পরিধায়ী [পোরিধায়ি] *বি* যে পরে। {স. পরি+√ধা+অ(ঘঞ্)+ইন(ণিনি)}

পরিধি [পোরিধি] *বি* ১ বৃত্তের বেষ্টনরেখা; circumference। ২ চারদিকের সীমারেখা; প্রান্ত; বেড়। {স. পরি+√ধা+ই(কি)}

পরিধেয় [পোরিধেয়ো] *বিণ* পরিধানযোগ্য; অঙ্গে ধারণ করার উপযুক্ত। ❑ *বি* পরিধান করার বস্ত্র বা কাপড় (পরিধেয় জীর্ণ হইয়াছে—*রাব*)। {স. পরি+√ধা+য(যৎ)}

পরিনির্বাণ [পোরিনির্‌বান্] *বি* বুদ্ধের দেহত্যাগ; ভবযন্ত্রণা থেকে মুক্তি; শাক্যসিংহের বুদ্ধত্বপ্রাপ্তি। {স. পরি+নির্বাণ}

পরিপক্ব [পোরিপক্‌কো] *বিণ* ১ সুপক্ব; সম্পূর্ণ পাকা। ২ বিচক্ষণ; সুদক্ষ; পারদর্শী (এইরূপ অভিযান করিয়া তাঁহারা পরিপক্ব হইয়াছেন—*রাব*)। ৩ পরিণত। ৪ উত্তমরূপে রান্না করা হয়েছে এমন। **–তা** *বি* ১ সুপক্বতা।

২ বিচক্ষণতা। {স. পরি-√পচ+ত(ক্ত)}
পরিপত্র [পোরিপত্ত্রো] *বি* ইশতিহার; সরকারি ঘোষণা বা বিজ্ঞপ্তি; circular। {স. পরি+পত্র}
পরিপন্থী(-ন্থিন্) [পোরিপোন্থি] *বিণ* ১ প্রতিকূল। ২ প্রতিবন্ধকস্বরূপ; বিঘ্নকর; বাধাদায়ক। ৩ শত্রুভাবাপন্ন। □*বি* বিপক্ষ। {স. পরি+√পন্থি+ইন্(ণিনি)}
পরিপাক [পোরিপাক্] *বি* হজম। {স. পরি+পাক}
পরিপাটি, পরিপাটী [পোরিপাটি] *বি* ১ সুবিন্যাস; সুশৃঙ্খলা (অনুষ্ঠানেরও কোনও পরিপাটী ছিল না—*ঈবি*)। ২ নৈপুণ্য; কৌশল; কারিগরি। □*বিণ* ১ সুবিন্যস্ত; সুশৃঙ্খল (চুল বেঁধেছে পরিপাটি করে—*রাখা*)। ২ নিপুণ। {স. পরি+পাটি, পাটী}
পরিপালক [পোরিপালোক্] *বি* ১ প্রতিপালনকারী; রক্ষণাবেক্ষণকারী। ২ পরিচালক; অধ্যক্ষ; শাসক। {স. পরি+পালক}
পরিপালন [পোরিপালোন্] *বি* প্রতিপালন; লালন-পালন; রক্ষণ ও পোষণ। {স. পরি+পালন}
পরিপালিত [পোরিপালিতো] *বিণ* প্রতিপালিত। {স. পরি+পালিত}
পরিপুষ্ট [পোরিপুশটো] *বিণ* ১ অতিশয় পুষ্ট; সুপুষ্ট; নিটোল। ২ বৃদ্ধিপ্রাপ্ত; বর্ধিত। **পরিপুষ্টা** *বিণ স্ত্রী*। ~**তা, পরিপুষ্টি** *বি* সুপুষ্টতা। {স. পরি+পুষ্ট}
পরিপূরক [পোরিপুরক্] *বিণ* পরিপূর্ণকারী; সম্পূর্ণ করে এমন। {স. পরি+পূরক}
পরিপূরণ [পোরিপুরণ্] *বি* ১ সম্পূর্ণকরণ; পরিপূর্তি। ২ অভাব দূরীকরণ। {স. পরি+পূরণ}
পরিপূরয়ে (*ব্র.*) [পরিপুরয়ে] *ক্রি* পরিপূর্ণ করে (পুলকে পরিপূরয়ে কেহ—*বিপ*)। {স. পরিপূর>}
পরিপূর্ণ [পোরিপুরনো] *বিণ* ১ সামগ্রিকভাবে পূর্ণ; ভরপুর। ২ সম্পূর্ণ। ৩ পরিতৃপ্ত। ৪ সফল। **পরিপূর্ণা** *বিণ স্ত্রী*। ~**তা** *বি* ১ সম্পূর্ণতা। ২ পরিতৃপ্তি। {স. পরি+পূর্ণ}
পরিপৃক্ত [পোরিপৃকতো] *বিণ* বিশেষভাবে সিক্ত; saturated। **পরিপৃক্তি** *বি* সম্যক সিক্ততা। {স. পরি+পৃক্ত}
পরিপোষণ [পোরিপোশোন্] *বি* ১ পরিপালন; প্রতিপালন; সংরক্ষণ। ২ মনে ধারণ (ক্রোধ পরিপোষণ)। **পরিপোষিত** *বিণ* পরিপোষণ করা হয়েছে এমন। {স. পরি+পোষণ}
পরিপ্রেক্ষিত [পোরিপ্‌প্রেকখিত] *বি* দৃশ্যমান বিষয়ের বিভিন্ন অংশের আকৃতি দূরত্ব নৈকট্য প্রভৃতি চিত্রে প্রতিফলন; পটভূমি; পরিবেষ্টনী; পারিপার্শ্বিক অবস্থা; perspective। এ অর্থে 'প্রেক্ষিত' অশুদ্ধ প্রয়োগ। {স. পরি+প্র+√ঈক্ষ্+ত(ক্ত)}
পরিপ্লব, পরিপ্লবন [পোরিপ্‌প্লোবো, -ন্] *বি* ১ প্লাবন (বর্ণাপেক্ষা, নয়নাপেক্ষা, সর্বাপেক্ষা সেই সৌন্দর্যের পরিপ্লব মুগ্ধকর—*বচ*)। ২ আকুল; অস্থির। **পরিপ্লবা** *বিণ, স্ত্রী*। {স. পরি+প্লব, প্লবন}
পরিপ্লুত [পোরিপ্‌প্লুতো] *বিণ* ১ আপ্লুত; অভিষিক্ত; সিক্ত (একটি অব্যক্ত ভক্তি-মাধুর্যে পরিপ্লুত হইয়া যাইত—*রঠা*)। ২ প্লাবিত (নয়নযুগল আনন্দাশ্রু সলিলে পরিপ্লুত হইত—*ঈবি*)। ৩ নিমজ্জিত। ৪ কম্পমান। ৫ আকুল। **পরিপ্লুতি** *বি* আকুলতা; কম্প (আছে কি স্মরণে সখী উৎসবের উগ্র উন্মাদন কণ্ঠে পরিপ্লুতি—*সুদ*)। {স. পরি+প্লুত}
পরিবন্ধ [পোরিবনধো] *বি* বন্ধন; বাঁধুনি (আঁচড়িল কেশ তার নানা পরিবন্ধে—*কমু*)। {স. পরি+বন্ধ}
পরিবর্জন [পোরিবরজোন্] *বি* পরিত্যাগ; বিসর্জন। **পরিবর্জিত** *বিণ* পরিত্যক্ত। {স. পরি+বর্জন}
পরিবর্ত [পোরিবরতো] *বিণ* পরিবর্তন। □*বি* ১ বদল; বিনিময়। ২ বদলি (পরিবর্ত খেলোয়াড়)। {স. পরি+√বৃত্+অ(ঘঞ)}
পরিবর্তক [পোরিবরতোক] *বিণ* ১ পরিবর্তনকারী। ২ প্রত্যাবর্তনকারী। {স. পরি+√বৃত্+অক(ণ্বুল্)}
পরিবর্তন [পোরিবরতোন্] *বি* ১ বদল। ২ অবস্থান্তর; রূপান্তর। ৩ সংস্কার। ৪ আবর্তন। **পরিবর্তনীয়, ~শীল** *বিণ* ১ পরিবর্তিত বা বদল হতে পারে এমন; পরিবর্তনযোগ্য। ২ বিনিময়যোগ্য। **পরিবর্তমান** *বিণ* পরিবর্তনশীল (আমি এই ঘূর্ণমান পরিবর্তমান স্বপ্নপ্রবাহের মধ্য হইতে—*রঠা*)। **পরিবর্তিত** *বিণ* ১ বদল বা পরিবর্তন হয়েছে এমন। ২ অবস্থান্তরিত। {স. পরি+√বৃত্+অন(ল্যুট্)}
পরিবর্তী (-র্তিন্) [পোরিবোরতি] *বিণ* ১ পরিবর্তনশীল। ২ (*পদার্থ.*) মধ্যে মধ্যে দিক পরিবর্তনশীল। {স. পরি+বর্তী}
পরিবর্ধক [পোরিবরধোক] *বিণ* ১ পরিবর্ধনকারী; বৃদ্ধিকারক। {স. পরি+বর্ধক}
পরিবর্ধন [পোরিবরধোন] *বি* ১ বর্ধিতকরণ; সম্প্রসারণ; বিস্তারণ; বাড়ানো; enlargement। ২ সম্যক উন্নতিসাধন; শ্রীবৃদ্ধিকরণ। **পরিবর্ধক** *বিণ*। **পরিবর্ধিত** *বিণ* পরিবর্ধন করা হয়েছে এমন; সম্প্রসারিত; বিস্তারিত। {স. পরি+বর্ধন}
পরিবহন, পরিবহণ [পোরিবহোন্] *বি* ১ স্থান থেকে স্থানান্তরে প্রাণী ও বস্তু বহন; transport। ২ (*বিজ্ঞান.*) কোনো বস্তুর মধ্য দিয়ে তড়িৎ তাপ ইত্যাদির সঞ্চালন; conduction। {স. পরি+বহন}
পরিবাদ, পরীবাদ [পোরিবাদ্] *বি* নিন্দা; অপবাদ; কুৎসা; দুর্নাম (একি পরমাদ দেয় পরিবাদ—*চদা*)। ~**ক, পরিবাদী** *বিণ* নিন্দাকারী; অপবাদ দেয় এমন; কুৎসা রটনাকারী। **পরিবাদিনী** *স্ত্রী*। নিন্দাকারিণী। ২ সপ্ততন্ত্রী বীণা। {স. পরি+বাদ}
পরিবার [পোরিবার] *বি* ১ পরিজন। ২ আত্মীয়; স্বজন। ৩ পোষ্যবর্গ। ৪ একান্নবর্তী সংসার। ৫ পত্নী। ~-**পরিকল্পনা** *বি* ১ সন্তান-প্রজনন সিদ্ধান্ত। ২ জন্মনিয়ন্ত্রণ; birth control। ৩ সুনির্দিষ্ট সংখ্যা নিয়ে নির্দিষ্ট পরিবার রচনা; family planning। {স. পরি+√বৃ+অ(ঘঞ)}
পরিবাহন [পোরিবাহোন্] *বি* সঞ্চালন। {স. পরি+বাহন}
পরিবাহী [পোরিবাহি] *বি, বিণ* ১ পরিবহনকারী; পরিবহন করে এমন। ২ যার মধ্য দিয়ে তাপ সঞ্চলন হয়; conductor। **পরিবাহিতা** *বি* (*বিজ্ঞান.*) পরিবহন শক্তি; conductivity। {স. পরি+বাহী}
পরিবৃত [পোরিবৃতো] *বিণ* ১ পরিবেষ্টিত (অমাত্যবর্গে

পরিবৃত হইয়া, অবহিতচিত্তে রাজকার্যের পর্যালোচনা করিতেন—*ঈর্বি*)। ২ সম্যকভাবে আবৃত; সমাচ্ছাদিত। **পরিবৃতি** *বি* ১ পরিবেষ্টন; পরিধি। ২ আবরণ; আচ্ছাদন। { *স.* পরি+বৃত}
পরিবৃত্ত [পোরিবৃত্‌তো] *বি* ক্ষেত্র পরিবেষ্টন করে অঙ্কিত বৃত্ত; circumcircle। { *স.* পরি+বৃত্ত}
পরিবৃত্তি [পোরিবৃত্‌তি] *বি* ১ পরিবর্তন। ২ বিনিময়; বদল। { *স.* পরি+বৃত্তি}
পরিবেত্তা [পোরিবেত্‌তা] *বি* জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকাকালীন বিবাহিত কনিষ্ঠ ভ্রাতা। { *স.* পরি+বেত্তা}
পরিবেদন [পোরিবেদোন] *বি* জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকা সত্ত্বেও কনিষ্ঠের দারপরিগ্রহ। { *স.* পরি+বেদন}
পরিবেদনা [পোরিবেদোনা] *বি* ১ প্রবল বেদনা; নিদারুণ যন্ত্রণা বা ক্লেশ। ২ বিবেচনা (চলচ্চিত্ত ও সদসৎ-পরিবেদনাবিহীন হইয়া তোমায় নির্বাসিত করিয়াছেন-*ঈর্বি*)। { *স.* পরি+বেদনা}
পরিবেশ, পরিবেষ *(বিরল)* [পোরিবেশ] *বি* ১ চার পাশের অবস্থা; প্রতিবেশ। ২ পরিধি; পরিবেষ্টন। ৩ পরিমণ্ডল; environment। { *স.* পরি+বেশ, বেষ}
পরিবেশন, পরিবেষণ [পোরিবেশোন] *বি* ১ বিতরণ। ২ ভাগ করে প্রদান। **পরিবেশক** *বি, বিণ* পরিবেশন করে যে; পরিবেশনকারী। { *স.* পরি+বেশন, বেষণ}
পরিবেষ্টন [পোরিবেশ্‌টোন] *বি* ১ আবেষ্টন; ঘের; বেড়া। ২ ঘেরাওকরণ; ঘিরে ফেলা। ৩ প্রদক্ষিণ। { *স.* পরি+বেষ্টন}
পরিবেষ্টনী [পোরিবেশ্‌টোনি] *বি* ১ আবেষ্টনী; উত্তম বেষ্টনী। ২ প্রতিবেশ। { *স.* পরি+বেষ্টনী}
পরিবেষ্টিত [পোরিবেশ্‌টিতো] *বিণ* পরিবৃত; ঘেরাও করা হয়েছে এমন। { *স.* পরি+বেষ্টিত}
পরিব্রজন [পোরিব্‌ব্রোজোন] *বি* ভ্রমণ; পর্যটন। { *স.* পরি+ব্রজন}
পরিব্রজ্যা [পোরিব্রোজ্‌জা] *বি* ১ পরিব্রাজক ধর্ম; প্রব্রজ্যা বা সন্ন্যাস। ২ ধর্মার্থে পরিভ্রমণ। { *স.* পরি+ব্রজ্যা}
পরিব্রাজক [পোরিব্‌ব্রাজোক] *বি* ১ পর্যটক; ভ্রমণকারী। ২ পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী। **পরিব্রাজিকা** *বি স্ত্রী*। { *স.* পরি+ব্রাজক}
পরিব্রাজন [পোরিব্‌ব্রাজোন] *বি* পরিভ্রমণ; পর্যটন। { *স.* পরি+ব্রাজন}
পরিভঙ্গ [পোরিভঙ্‌গো] *বি* অপসরণ (চৈতন্য পাইল বামা বিষ গেল দূর। যেন ঘন পরিভঙ্গে উগিলেন্ত সূর—*দৌবা*)। { *স.* পরি+ভঙ্গ}
পরিভব [পোরিভব্] *বি* পরাভব; পরাজয়। { *স.* পরি+ভব}
পরিভাবা *(মবা.)* [পোরিভাবা] *ক্রি* বিশেষ করে ভেবে দেখা; বিচার করা (হেন পরিভাবি রাধা—*বচদা*)। **পরিভাবিল** *ক্রি* ভেবে দেখলাম। { *স.* পরি+ভাব+*বা.* আ}
পরিভাষা [পোরিভাশা] *বি* বিশিষ্ট অর্থবাচক শব্দ; বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ বা পদ; সংজ্ঞাবিশেষ। **পরিভাষিত** *বিণ* পরিভাষা দ্বারা নিরূপিত বা বিজ্ঞাপিত। { *স.* পরি+ভাষা}
পরিভুক্ত [পোরিভুক্‌তো] *বিণ* উপভোগ করা হয়েছে এমন; উপযুক্ত। **পরিভোগ** *বি*। { *স.* পরি+ভুক্ত}
পরিভূত [পোরিভুতো] *বিণ* পরাভূত; পরাজিত { *স.* পরি+ভূত}
পরিভৃতি [পোরিভৃতি] *বি* পারিশ্রমিক; বেতন, emolument। **পরিভৃত্ত** *বিণ*। { *স.* পরি+ভৃতি}
পরিভোগ [পোরিভোগ্] *বি* সম্ভোগ; পরিপূর্ণভাবে উপভোগ। { *স.* পরি+ভোগ}
পরিভ্রমণ [পোরিব্‌ভ্রোমোন] *বি* ১ ইতস্তত ভ্রমণ; প্রদক্ষিণ। ২ পর্যটন। { *স.* পরি+ভ্রমণ}
পরিভ্রষ্ট [পোরিব্‌ভ্রোশ্‌টো] *বিণ* ১ বিচ্যুত; স্খলিত। ২ পতিত; নষ্ট। { *স.* পরি+ভ্রষ্ট}
পরিমণ্ডল [পোরিমন্‌ডোল্] *বি* ১ পরিধি; পরিবেষ্টন; ঘের। ২ বর্তুল; গোলাকার জিনিস। { *স.* পরি+মণ্ডল}
পরিমণ্ডিত [পোরিমোন্‌ডিতো] *বি* উত্তমরূপে অলংকৃত বা সজ্জিত; সুভূষিত। { *স.* পরি+মণ্ডিত}
পরিমল [পোরিমল] *বি* ১ কুঙ্কুম, চন্দন ইত্যাদির মর্দনজাত সুগন্ধ (কমল কুমুদ দেখি, সুখে সাধু মুদে আঁখি কুসুম মাধুকর পরিমলে—*কমু*)। ২ পুষ্প চন্দনাদি থেকে উত্থিত সুগন্ধ। ৩ মধু *(অপ্র)*। { *স.* পরি+√মল্+অ(ঘঞ্)}
পরিমাণ [পোরিমান্] *বি* ১ মাপ; ওজন। ২ মাত্রা; সংখ্যা। ৩ গুরুত্ব। – **ফল** *বি* ১ *(গণিত)* ক্ষেত্রফল; বর্গফল; ঘনফল। ২ ভূমির চতুঃসীমা আবদ্ধ স্থানের পরিমাণ। { *স.* পরি+মাণ}
পরিমাপ [পোরিমাপ্] *বি* ১ পরিমাণ নির্ণয়; মাপা। ২ পরিমাণ; মাপ; ওজন। □ *বিণ* জরিপ; survey। ~ক *বি* পরিমাপকারী; জরিপকারী; surveyor। ~ণ *বি* পরিমাপ নির্ধারণ { *স.* পরি+মাপ}
পরিমিত [পরিমিতো] *বিণ* ১ ঠিক প্রয়োজনানুরূপ। ২ ঠিক পরিমাণযুক্ত। ৩ সংযত। ৪ অল্প (দেখিলে কি শতদল, অতি পরিমিত জল, চড়ে পাছে লাগে ডিঙ্গা খান—*কমু*)। ৫ মাপা হয়েছে এমন। { *স.* পরি+মিত}
পরিমিতি [পোরিমিতি] *বি* ১ মাপ; পরিমাপ। ২ ভূমির পরিমাণ সংক্রান্ত শাস্ত্র; ক্ষেত্রতত্ত্ব; mensuration (জ্যামিতি পরিমিতির নামও শোনে নাই—*বিব*)। ৩ সংযম; মাত্রা (পরিমিতিবোধ)। { *স.* পরি+মিতি}
পরিমেয় [পোরিমেয়ো] *বিণ* ১ পরিমাপ করার যোগ্য; মাপা যায় এমন; পরিমিতি। ২ সসীম; finite। { *স.* পরি+মেয়}
পরিমেল [পোরিমেল্] *বি* বিশেষ উদ্দেশ্য সিদ্ধির জন্য গঠিত সঙ্ঘ; association। ~ **নিয়মাবলি** *বি* পরিমেলের আইন-কানুন; articles of association। ~**বন্ধ** *বি* পরিমেলের কার্যবিবরণী; memorandum of association। { *স.* পরি+মেল}
পরিমোক্ষ [পোরিমোক্‌খো] *বি* ১ বৌদ্ধ মতে নির্বাণ; মুক্তি। ৩ মলত্যাগ। { *স.* পরি+মোক্ষ}
পরিম্লান [পোরিম্‌ম্লান] *বিণ* অত্যন্ত ম্লান (চম্পকও হ'ল পরিম্লান—*সদ*)। { *স.* পরি+ম্লান}
পরিযান [পোরিজান] *বি* ১ যানবাহন; traffic। ২ বসবাসের জন্য ভিন্নদেশে গমন; migration। ~**ব্যবস্থাপক** *বি* যানবাহন নিয়ন্ত্রণকারী। **পরিযায়ী** *বিণ* ১ (ক্রমাগত)

যাতায়াতকারী। ২ ভ্রমণকারী। ৩ বসবাসের জন্য ভিন্নদেশে গমনকারী; migratory। { স. পরি+যান}

পরিয়ন্ত [পোরিয়নতো] *বিণ* পর্যন্ত; শেষ; সমাপ্তি (ক্ষীণতনু না জানী কি ইহ পরিয়ন্ত—*বিপ*)। { স. পর্যন্ত> (স্বরাগমে)পরিয়ন্ত}

পরিরক্ষণ [পোরিরোক্‌খোন] *বি* সংরক্ষণ; যত্নসহকারে রক্ষণ। **পরিরক্ষিত** *বিণ* সংরক্ষিত; রক্ষণ করা হয়েছে এমন। { স. পরি+রক্ষণ}

পরিরম্ভ, পরিরম্ভণ [পোরিরম্‌ভো, –ভন] *বি* আলিঙ্গন; জড়িয়ে ধরা; আশ্লেষ (মাগয়ে তব পরিরম্ভ—*বিপ*; পিয়া পরিরম্ভণে—*বিপ*)। ২ রমণ। { স. পরি+রম্ভ, রম্ভন}

পরিলিখিত [পোরিলিখিতো] *বিণ* (*জ্যা.*) চারিদিকে অঙ্কিত; circumscribed। { স. পরি+লিখিত}

পরিলেখ [পোরিলেখ্] *বি* ১ সীমানির্ধারক রেখা; নকশা। ২ খসড়া; outline। { স. পরি+লেখ}

পরিশিষ্ট [পোরিশিশটো] *বি* অবশিষ্ট; বাকি। ❑ *বিণ* গ্রন্থাদির পরিশেষে যুক্ত পাঠ্যবিষয়ের অতিরিক্ত অংশ; appendix। { স. পরি+শিষ্ট}

পরিশীলন, পরিশীলনী [পোরিশিলন, –শিলোনি] *বি* ১ পরিচর্চা; অনুশীলন। ২ আলিঙ্গন; আশ্লেষ। ৩ অবগাহন। ৪ অনুলেপন। **পরিশীলিত** *বিণ* মার্জিত; যত্ন ও চর্চার ফলে বিশেষ অবস্থায় সৃষ্ট হয় এমন (ওয়াজেদ আলীর প্রবন্ধগুলোতে পরিশীলিত শিল্পী-মানসের পরিচয় বিধৃত)। { স. পরি+শীলন, শীলনী}

পরিশুদ্ধ [পোরিশুদ্‌ধো] *বিণ* ১ বিশুদ্ধ; পবিত্র। ২ পরিষ্কৃত; পবিত্রীকৃত। ~**তা, পরিশুদ্ধি** *বিণ* বিশুদ্ধতা; পবিত্রতা। { স. পরি+শুদ্ধ}

পরিশুষ্ক [পোরিশুশ্‌কো] *বি* শুষ্ক; অতিশয় শুষ্ক। { স. পরি+শুষ্ক}

পরিশেষ [পোরিশেশ্] *বি* ১ অবশেষ; অবসান; শেষকাল (এখনো জড়িত তাহে আয়ু–পরিশেষ—*রঠা*)। ২ উপসংহার। ❑ *বিণ* অবশিষ্ট। { স. পরি+শেষ}

পরিশোধ [পোরিশোধ্] *বি* ১ ঋণশোধ; ধারশোধ। ২ সংশোধন। ৩ প্রত্যর্পণ। **পরিশোধ্য** *বিণ* পরিশোধ করা যায় বা করতে হবে এমন। { স. পরি+শোধ}

পরিশ্রম [পোরিস্‌স্রোম] *বি* ১ শ্রম; মেহনত; খাটুনি। ২ আয়াস। **পরিশ্রমী**(–মিন্) *বিণ* ১ শ্রমশীল; পরিশ্রম বা মেহনত করতে পারে এমন। ২ মেহনত করতে অভ্যস্ত। { স. পরি+শ্রম}

পরিশ্রান্ত [পোরিস্‌স্রান্‌তো] *বিণ* পরিশ্রম হেতু ক্লান্ত; অবসন্ন (পরিশ্রান্ত জনে প্রভু লইয়া যাও সংসার সাগর পারে—*রঠা*)। { স. পরি+শ্রান্ত}

পরিশ্রান্তি [পোরিস্‌স্রান্‌তি] *বি* ১ ক্লান্তি; অবসন্নতা। { স. পরি+শ্রান্তি}

পরিশ্রুতি [পোরিস্‌স্রুতি] *বি* অশ্রু; চোখের পানি। { স. পরি+শ্রুতি}

পরিশ্লেষ [পোরিশ্‌শ্লেশ] *বি* আলিঙ্গন; জড়িয়ে ধরা; আশ্লেষ। { স. পরি+শ্লেষ}

পরিষৎ ⟹ পরিষদ

পরিষদ, পরিষৎ [পোরিশদ্, –ত] *বি* ১ সভা; সমিতি; সংসদ (সাহিত্য পরিষদ, বঙ্গীয় সাহিত্য পরিষৎ)। ২ ব্যবস্থাপক সভা; assembly (প্রাদেশিক পরিষদ)। ৩ সমাজ। —**সভাপতি** *বি* ব্যবস্থাপক সভার সভাপতি। ~*বি* ১ সভাসদ; সভ্য; সদস্য। ২ পার্শ্বচর। ❑ *বিণ* পরিষদ সম্বন্ধীয়। { স. পরি+ষদ্, ষৎ}

পরিষেক [পোরিশেক্] *বি* ১ অভিষিক্তকরণ; পরিসেচন; সিক্তকরণ। ২ অবগাহন; গা ধোয়া। { স. পরি+সেক}

পরিষেবা ⟹ পরিসেবা

পরিষেবক ⟹ পরিসেবক

পরিষ্করণ [পোরিশ্‌করোন] *বি* পরিষ্কারকরণ; পরিশোধন। { স. পরি+করণ}

পরিষ্কার [পোরিশ্‌কার্] *বি* পরিচ্ছন্নতা; স্বচ্ছতা; নির্মলতা। ❑ *বিণ* ১ নির্মল; সাফ; পরিচ্ছন্ন। ২ সরল; অকপট; উদার (মনটা একেবারে পরিষ্কার)। ৩ স্পষ্ট (পরিষ্কার কথা)। ৪ বাধাবিঘ্নহীন; প্রতিবন্ধকশূন্য (রাস্তা পরিষ্কার)। ৫ শুভ্র; অমলিন (পরিষ্কার কাপড়)। ৬ স্বচ্ছ (পরিষ্কার পানি)। ৭ বিচারক্ষম (পরিষ্কার মাথা)। ৮ তীক্ষ্ণ (পরিষ্কার দৃষ্টি)। ৯ নির্মেঘ; মেঘশূন্য (পরিষ্কার আকাশ)। ১০ মলশূন্য (পেট পরিষ্কার হয়েছে)। ১১ আবর্জনাশূন্য (পরিষ্কার আঙ্গিনা)। ১২ রোগহীন; স্বাভাবিক (ফুসফুস বেশ পরিষ্কার)। **পরিষ্কৃত** *বিণ* ১ নির্মলীকৃত; পরিশোধিত; পরিমার্জিত। ২ শুদ্ধীকৃত। { স. পরি+√কৃ+অ(ঘঞ)}

পরিসংখ্যা [পোরিশোঙ্‌খা] *বি* সংখ্যা; বিশেষভাবে গণনা। ~**ত** *বিণ* পরিসংখ্যান নেওয়া হয়েছে এমন; বিশেষভাবে গণনাকৃত। **পরিসংখ্যান** *বি* গণনা; সংখ্যাকরণ; কোনো বিষয়ের তথ্যসূচক মোটামুটি হিসাব বা সংখ্যা; statistics। ~**নিক** *বি* যে গণনা করে; পরিসংখ্যাবিদ; statistician (পরিসংখ্যানিকদের মতে—*বহ*)। ~**য়ক** *বি, বিণ* পরিসংখ্যান বিষয়ক তথ্য সংগ্রাহক; statistician। { স. পরি+সংখ্যা}

পরিসভ্য [পোরিশোভ্‌ভো] সভাসদ। { স. পরি+সভ্য}

পরিসমাপ্তি [পোরিশমাপ্‌তি] *বি* ১ পরিপূর্ণতা; সম্পূর্ণতা। ২ অবসান। { স. পরি+সমাপ্তি}

পরিসম্পদ, পরিসম্পৎ [পোরিশম্‌পদ্, –ত্] *বি* যে সম্পত্তি বা সম্পদ ঋণাদি পরিশোধে ব্যবহার করা যায়; assets। { স. পরি+সম্পদ}

পরিসর [পোরিশর্] *বি* ১ ব্যাপ্তি; বিস্তার; প্রসার। ২ প্রস্থ। ৩ অবধি। { স. পরি+সর}

পরিসরম (*মবা.*) [পরিশরম্] *বি* পরিশ্রান্ত; ক্লান্ত (পৃথিবী ভরমিআ ছহে পরিশরম বইঞা—*রাপ*)। { স. পরিশ্রম>}

পরিসাজ [পোরিশাজ্] পুস্তকাদির মুদ্রণ বাঁধাই প্রভৃতি শোভা। { স. পরি+সজ্জা>}

পরিসীমা [পোরিশিমা] *বি* ১ সীমা; অবধি; ইয়ত্তা; অন্ত; শেষ (এর পরিসীমা নেই)। ২ (*জ্যা.*) সমতল ক্ষেত্রের চতুষ্পার্শ্বস্থ সীমারেখা। { স. পরি+সীমা}

পরিসেবা, পরিষেবা [পোরিশেবা] *বি* রোগীর সেবা বা শুশ্রূষা; nursing। **পরিসেবক, পরিষেবক** *বি* রোগী শুশ্রূষাকারী; সেবক; nurse। **পরিসেবিকা, পরিষেবিকা** *বি, স্ত্রী.* শুশ্রূষাকারিণী; সেবিকা; nurse। { স. পরি+সেবা}

পরিসুস্থ [পোরিশুস্‌থো] *বি* ভালোরূপে সুস্থ; সম্পূর্ণরূপে সুস্থ (কতদিনে ভিগ্নধর পরিসুস্থ হইল—*পূগী*)। { *স.* পরি+সুস্থ}

পরিস্থিতি [পোরিস্‌থিতি] *বি* চারদিকের অবস্থা; পারিপার্শ্বিক অবস্থা; situation; circumstances। { *স.* পরি+স্থিতি}

পরিস্ফুট [পোরিস্‌ফুটো] *বি* স্পষ্টভাবে প্রকাশিত; সুস্পষ্ট। ◻ *বিণ* বিকশিত। { *স.* পরি+স্ফুট}

পরিস্রাবণ, পরিস্রুতি [পোরিস্‌স্রাবোন্‌, -স্‌স্রুতি] *বি* ১ ক্ষরণ; নিঃসরণ। ২ তরল দ্রব্য ছেঁকে শোধন; filtration। ৩ পরিমার্জনা; উৎকর্ষসাধন। **পরিস্রুত** *বিণ* ১ নিঃসৃত; ক্ষরিত; চোয়ানো; filtered। ২ পরিমার্জিত; উৎকর্ষসাধনকৃত; লাবণ্যদানকৃত। { *স.* পরি+স্রাবণ, স্রুতি}

পরিহরণ [পোরিহরোন্‌] *বি* পরিহার; পরিত্যাগ; বর্জন। **পরিহরণীয়, পরিহর্তব্য** *বিণ* পরিহারযোগ্য; পরিহার্য; বর্জনীয়; ত্যাজ্য। { *স.* পরি+হরণ}

পরিহরা [পোরিহরা] *ক্রি (পদ্য.)* পরিহার করা; ত্যাগ করা; ছেড়ে দেওয়া; বর্জন করা (পরিহর এ সখি—*বিপ*)। { *স.* পরি+হর+*বা.* আ}

পরিহসনীয় [পোরিহশোনিয়ো] *বিণ* পরিহাসের যোগ্য। **পরিহসনীয়া** *বিণ. স্ত্রী.* (পরম পরিহসনীয়া ভ্রাতৃজায়া ঠাকুরানী—*রঠা*)। { *স.* পরি+হসনীয়}

পরিহসি *(ব্র.)* [পোরিহোসি] *ক্রি* পরে; পরিধান করে। { *স.* পরিহা+সি বিভক্তি}

পরিহার [পোরিহার] *বি* ১ পরিত্যাগ; বর্জন। ২ অনাদর; অসম্মান; উপেক্ষা; অবজ্ঞা (কত না বুলিবো তারে পরিহারবাণী—*বচদা*)। ৩ দোষ স্খালন (সত্য বাক্য কহিবেক করি পরিহার—*বৃদা*)। ৪ প্রার্থনা; যাচনা (গুরুর চরণে সাধু করে পরিহার—*কমু*)। ৫ বিদায় (পরিহার মাগে ভট্ট ছেড়ে দেরে ভাই—*ঘচ*)। ৬ পরাজয়, পরাভব; হার (মান তারে পরিহার সাধি আন আর বার—*ভারা*)। ৭ সমর্পণ (বিহি পায়ে করি পরিহার—*বিপ*)। { *স.* পরি+√হৃ+অ(ঘঞ্)}

পরিহার্য [পরিহারজো] *বিণ* ১ পরিহর্তব্য; পরিত্যাজ্য; বর্জনীয়। ২ উপেক্ষণীয়। { *স.* পরি+√হৃ+য(ণ্যৎ)}

পরিহাস [পোরিহাশ্‌] *বি* ১ ঠাট্টা; তামাশা। ২ কৌতুক। ~**ক** *বিণ* পরিহাস বা ঠাট্টা তামাশা করে এমন; পরিহাসকারী। **পরিহাস্য** *বিণ* পরিহাসযোগ্য; ঠাট্টা-তামাশার উপযুক্ত। { *স.* পরি+√হস+অ(ঘঞ্)}

পরিহিত [পোরিহিতো] *বিণ* ১ পরিধান করা হয়েছে এমন। ২ সজ্জিত। **পরিহিতা** *বিণ স্ত্রী.*। { *স.* পরি+√ধা+ত(ক্ত)}

পরিহৃত [পোরিহৃতো] *বিণ* পরিত্যক্ত; পরিবর্জিত। { *স.* পরি+হৃত}

পরী, পরি [পোরি] *বি* ১ পক্ষবিশিষ্টা কল্পিত সুন্দরী (খুঁজিছে দৈত্য, দানব, দেবতা, জিন, পরী, হুর পাগল প্রায়—*নই*)। ২ অতিশয় সুশ্রী নারী। **ডানা কাটা** ~ *(আল.)* *বি* নিখুঁত সুন্দরী নারী। { *ফা.* পরি پری }

পরীক্ষক [পোরিক্‌খক] *বিণ* পরীক্ষা করে এমন; পরীক্ষাকারী। { *স.* পরি+√ঈক্ষ্+অক(ণ্বুল)}

পরীক্ষণ [পোরিক্‌খন্‌] *বি* পরীক্ষাকরণ; কোনো বস্তুর দোষগুণ নিরূপণ। { *স.* পরি+√ঈক্ষ+অন(ল্যুট)}

পরীক্ষণীয় [পোরিক্‌খোনিয়ো] *বিণ* ১ পরীক্ষার উপযোগী। ২ অনুসন্ধেয়। ৩ বিচার্য। { *স.* পরি+√ঈক্ষ্+অনীয়(অনীয়র)}

পরীক্ষা [পোরিক্‌খা] *বি* ১ দোষগুণ ভালোমন্দের যথার্থ বিচার। ২ ছাত্রদের বিদ্যাবত্তা নির্ণয়; examination। ৩ যাচাই (স্বর্ণাদি পরীক্ষা)। ৪ স্বরূপ নিরূপণ (রোগ পরীক্ষা)। ৫ গবেষণা (বৈজ্ঞানিক পরীক্ষা)। ৬ অনুসন্ধান। ৭ প্রয়োগ বা ব্যবহারের মাধ্যমে গুণাগুণ বিচার (ঔষধটার পরীক্ষা প্রার্থনীয়)। ৮ ক্রিয়া দ্বারা স্বরূপ বা প্রকৃতি নিরূপণ (ভাগ্য পরীক্ষা)। ~**কেন্দ্র, ~গার** *বি* ১ যেখানে পরীক্ষা দেওয়া বা করা হয়। ২ ছাত্রদের পরীক্ষা দেওয়ার জায়গা। ৩ বৈজ্ঞানিক গবেষণার জায়গা; laboratory। ~**ধীন** *বিণ* ১ পরীক্ষিত হচ্ছে এমন। ২ বিচারাধীন। ৩ পরীক্ষাসাপেক্ষ; পরীক্ষার উপর নির্ভর করছে এমন। ~**র্থী** *বিণ* ১ পরীক্ষার জন্য প্রস্তুত বা পরীক্ষা দিবে এমন। ~**র্থিনী** *বিণ স্ত্রী.*। **পরীক্ষিত** *বিণ* পরীক্ষা করা হয়েছে এমন। **পরীক্ষোত্তীর্ণ** *বিণ* পরীক্ষায় উত্তীর্ণ বা সফল হয়েছে এমন। { *স.* পরি+√ঈক্ষ্+আ(টাপ্)}

পরীক্ষিৎ, পরীক্ষিৎ, পরিক্ষিত [পোরিক্‌খিত্‌] *বি* অভিমন্যুর পুত্র—তক্ষক দংশনে যাঁর মৃত্যু হয়। { *স.* পরি+√ক্ষি+ক্বিপ্}

পরীণাহ ⇒ পরিণাহ

পরীত [পোরিতো] *বিণ* ১ পরিবৃত; বেষ্টিত। ২ যুক্ত; বিশিষ্ট। { *স.* পরি+√ই+ত(ক্ত)}

পরুষ [পোরুশ্‌] *বিণ* ১ কড়া; রূঢ়; কঠোর; কর্কশ (পরুষ বচনে কহিলা লক্ষ্মণ শূরে—*মদ*)। ২ উদ্ধত; উগ্র। ◻ *বি* নিষ্ঠুর। ~**তা, ~ত্ব, পারুষ্য** *বি* কর্কশতা; রূঢ়তা; কঠোরতা। ২ ঔদ্ধত্য; উগ্রতা। ৩ নিষ্ঠুরতা। ~ **বচন** *বি* কটু কথা। ~**ভাষী** (-ষিন্‌) *বি, বিণ* কটুভাষী। { *স.* √পৃ+উষ(উষচ)}

পরে [পরে] *ক্রিবিণ* ১ পিছনে; পশ্চাতে (সে পরে এসেছে)। ২ অনন্তর। ৩ অপরে; অন্যলোকে। ৪ অন্যত্র (এতক আরতি আছে পরে কহে মাগী—*বচদা*)। ৫ কোনো ঘটনাদি অবসান হলে (প্লেন ছাড়ার পরে সে এয়ারপোর্টে এলো)। ~ ~ *ক্রিবিণ* এক জনের পর অন্যজন; ক্রম অনুসারে। { *স.* পর>}

পরেটা ⇒ পরটা

পরেশ [পরেশ্‌] *বি* পরমেশ্বর। ২ স্পর্শমণি। { *স.* পর+ঈশ; *স.* স্পর্শ}

পরেশনাথ, পার্শ্বনাথ [পরেশ্‌নাথ, পারশোনাথ্‌] *বি* ১ জৈন তীর্থবিশেষ। ২ ভারতের বিহার রাজ্যের হাজারিবাগ জেলায় ঐ নামীয় সর্বোচ্চ পাহাড়। { *স.* পর+ঈশ+নাথ; √স্পৃশ+শ্ব(শ্বণ)+নাথ)}

পরোক্ষ [পরোক্‌খো] *বিণ* ১ অপ্রত্যক্ষ; অক্ষির অগোচর; indirect; অসাক্ষাৎ; প্রত্যক্ষ জ্ঞান নেই এমন (পরোক্ষ প্রমাণ)। ২ গৌণ; সরাসরি নয় এমন (পরোক্ষভাবে)। ৩ ইন্দ্রিয়াতীত। { *স.* পর+অক্ষি+

অ(অচ্); অব্যয়ী}

পরোখ [পরোখ্] *বি* পরখ; পরীক্ষা (পরিষ্কার হল কিনা আঙুল দিয়ে পরোখ করে—*শাহ্*)। {*স.* পরীক্ষা>}

পরোটা ⇒ পরটা

পরোঢ়া [পরোড়া/-ঢ়া] *বি* ১ অপরের বিবাহিতা; অন্যের পরিণীতা। ২ পরস্ত্রী। {*স.* পর+ঊঢ়া}

পরোপকার [পরোপোকার্] *বি* অন্যের উপকার; পরের কল্যাণ বা মঙ্গল। **পরোপকারী** (-রিন্) *বিণ* অন্যের উপকারী; অপরের মঙ্গলসাধক; পরহিতসাধক। **পরোপকারিণী** *বিণ স্ত্রী*। **পরোপকারিতা** *ক্রি* অন্যের মঙ্গলসাধন; পরহিতসাধন; অপরের উপকারকরণ। {*স.* পর+উপকার}

পরোপকৃত [পরোপোকৃতো] *বিণ* ১ অন্য কর্তৃক উপকৃত। উপকারপ্রাপ্ত। ২ অপরের উপকার। {*স.* পর+উপকৃত}

পরোপচিকীর্ষা [পরোপোচিকিরশা] *বি* অন্যের উপকার করার ইচ্ছা। {*স.* পর+উপচিকীর্ষা}

পরোপজীবী [পরোপোজিবি] *বি,বিণ* পরের সাহায্যে জীবিকা নির্বাহকারী; পরান্নপালিত; পরনির্ভর; পরের গলগ্রহ। {*স.* পর+উপজীবী}

পরোপজীব্য [পরোপোজিব্‌বো] *বিণ* পরকে আশ্রয় করে জীবন যাপন করে এমন; পরের গলগ্রহ। {*স.* পর+উপজীব্য}

পরোয়া, পরওয়া [পরোয়া] *বি* ১ গ্রাহ্য (পরোয়া করি না বাঁচি কি না বাঁচি—*নজ*)। ২ ডর; ভয়; আশঙ্কা (বেদুইন মৃত্যুকে পরওয়া করে না—*মোব*)। ৩ ভাবনা; চিন্তা; উৎকণ্ঠা (সে জন্য কারো পরোয়া নাই—*ইখাঁ*)। **কুছ ~ নেই**—কোনো ভয় নেই। **বে—** *বিণ* কোনো কিছুতেই ডর ভয় বা গ্রাহ্য নেই এমন; নির্ভীক। {*ফা.* পরৱাহ پروا}

পরোয়ানা, পরওনা [পরোয়ানা] *বি* ১ রাজার আদালতের বা শাসকের হুকুমনামা (হাতে দিয়ে পরোয়ানা—এই বাদশাহী-পাঞ্জার ছাপ ফের তারে ডেকে আনা—*মোম*)। ২ লিখিত আদেশ; আদেশপত্র (কর আদায়ের পরোয়ানা জারী—*আইশা*)। {*ফা.* পরৱানাহ্ پروانه}

পরোশা ⇒ পরসা

পর্কটি, পর্কটী [পর্‌কোটি] *বি* পাকুড়গাছ। {*স.* পর+কটি}

পর্চা, পরচা [পর্‌চা] *বি* ১ বংশাবলির পরিচয়। ২ টুকরা; কাগজের টুকরা; কাগজ। ৩ জমির খাজনা ও পরিমাণ উল্লিখিত জমিদারি বা সরকারি দলিল; সেটেলমেন্ট খতিয়ান। {*ফা.* পরচাহ্ پرچه}

পর্জন্য, পর্জ্জন্য [পর্‌জোন্‌নো] *বি* ১ গর্জনকারী জলবর্ষী মেঘ। ২ ইন্দ্র (পর্জন্যের চলে শূন্য রথ—*সদ*)। {*স.* √পৃ+অন্য}

পর্ণ [পর্‌নো] *বি* ১ পাতা (পর্ণরাশি মর্মর মঞ্জীর—*সদ*)। ২ পান। ৩ পক্ষ; ডানা; পালক। **–কার** *বি* ১ পানবিক্রেতা; পান-ব্যবসায়ী। ২ বারুই জাত। **~কুটির, ~শালা** *বি* পত্র দ্বারা আচ্ছাদিত কুঁড়েঘর। **–পুট** *বি* পাতার ঠোঙ্গা। **~বীথিকা** *বি* পান গাছের সারি। **~মৃগ** *বি* শাখামৃগ; বানর; বৃক্ষবিড়াল। **~মোচী** (-চিন্) *বিণ* শীতকালে পাতা ঝরে যায় এমন; পত্রত্যাগী। **~শবরী** *বি* ১ বৌদ্ধ দেবীবিশেষ। ২ দুর্গার নাম। **–শয্যা** *বি* পত্র রচিত শয্যা। **পর্ণী** (-নিন্) *বিণ* ১ পাতাযুক্ত; পত্রবিশিষ্ট (সপ্তপর্ণী)। ২ বৃক্ষ; গাছ। {*স.* √পৃ+ন অথবা √পর্ণি+অ(অচ্)}

পর্ণিক [পোর্‌নিক্] *বি* যে শাক-সবজি উৎপাদন করে জীবিকা নির্বাহ করে; বর্কাল; বক্কাল। {*স.* পুণ্ডরীক>}

পর্ণী ⇒ পর্ণ

পর্তুগিজ, পর্তুগীজ [পোর্‌তুগিজ্] *বি* পর্তুগাল দেশের অধিবাসী ও পর্তুগিজ ভাষা। {*ই.* Portuguese}

পর্দা, পরদা [পর্‌দা] *বি* ১ বস্ত্রাদি নির্মিত আবরণ বা আচ্ছাদন; যবনিকা; screen। ২ অন্তঃপুর; অবরোধ (কবি হৈল হতভোম্বা হিন্দুর পর্দা ফাঁক—*হেব*)। ৩ চক্ষু-আবরণ (চোখে পর্দা পড়া)। **~নশিন, ~নশীন** *বিণ* অবরোধবাসিনী; পর্দার অন্তরালে বাস করে এমন (পর্দানশিন বিবিরাও মুড়ী সুড়ী দিয়া যাইতে সঙ্কোচ করেন নাই—*বচ*)। **~পুশিদা, ~পুখিদা** *বি* পর্দা; অন্তরাল; গোপনীয়তা (কিন্তু বাড়ীতো দাই এর বাড়ী; পর্দা-পুখিদা থার থাকতে নেই—*জউ*)। **~প্রথা** *বি* নারীদের অন্তঃপুরে বাস করানোর রীতি। {*ফা.* পর্দাহ্ پرده}

পর্পট [পর্‌পট্] *বি* ক্ষেতপাপড়া; ওষধিবিশেষ। {*স.* √পর্প+অট}

পর্ব, পরব [পর্‌বো, পরোব্] *বি* ১ ধর্মীয় অনুষ্ঠান পালন করার জন্য নির্দিষ্ট দিন; পার্বণ (এলো খৃস্টানদের বড় পরব—*হুউ*)। ২ অষ্টমী, চতুর্দশী, পূর্ণিমা, অমাবস্যা তিথি এবং রবি সংক্রান্তি (পণ্ডিত হইয়া পর্ব না মানিয়া করিছ রতি বিহার—*ভারা*)। ৩ উৎসব; তেওহার। ৪ গ্রন্থি; পর্যায়; অধ্যায়; ভাগ; বিভাগ। ৫ সন্ধি; জোড়। ৬ আয়োজন (সহরে পড়েছে চর্ব পর্ব আজ ভারি—*হেম*)। **~মধ্য** *বি* (*উদ্ভিদ.*) দুই গ্রন্থির মধ্যবর্তী অংশ। {*স.* √পৃ+বন(বনিপ্)}

পর্বত [পর্‌বত, -বোত্] *বি* শৈল; গিরি; পাহাড়; অচল; অদ্রি। **~কন্দর** *বি* গিরিগুহা; শৈলগহ্বর। **–পতি** *বি* গিরিরাজ; হিমালয়। **–প্রমাণ** *বিণ* পর্বতের মতো বিশাল। **~বাসী** *বিণ* পর্বতে বাস করে এমন; পাহাড়ি; পার্বত্য জাতি। **~বাসিনী** *বিণ স্ত্রী*। **পর্বতীয়, পার্বত্য** *বিণ* ১ পর্বত সম্বন্ধীয়। ২ পর্বতে জাত। ৩ পর্বতের অধিবাসী। {*স.* √পর্বন্+ত(তপ্)}

পর্বাস্ফোট [পর্‌বাস্‌ফোট্] *বি* আঙুলের গ্রন্থি বা আঙুল মটকানো। {*স.* পর্ব+আস্ফোট}

পর্বাহ [পর্‌বাহো] *বি* পর্বদিবস; উৎসবের দিন। {*স.* পর্ব+অহ(অহন্); ৬তৎ}

পর্বিন [পোরবিন্] *বি* ১ সপ্তর্ষিমণ্ডল। ২ ভারবাহী বলদ (আসমানে এক বলীবর্দ রয় 'পর্বিন' নাম তাহার—*নই*)। {*ফা.* পার্ৱীন پروین}

পর্যঙ্ক [পোর্‌জোঙ্‌কো] *বি* ১ পালঙ্ক; বহুমূল্য খাট; মূল্যবান শয্যাধার (সুপ্তির পর্যঙ্ক—*রঠা*; প্রেয়সী পর্যঙ্ক—*রঠা*; পর্যঙ্কে প্রেয়সী মুখে চাঁদের সৌষ্ঠব কারুকার্য আঁকে—*আলীআ*)। ২ (*ভূগো.*) নদীর অববাহিকা; basin। {*স.* পরি+অঙ্ক}

পর্যটক, পর্যাটক [পোর্‌জোটক্, -জা-] *বি,বিণ* ভ্রমণকারী; পরিব্রাজক (পর্যটকগণ আরবদেশে গমন

করিলেই উৎসুকচিত্তে সেই সকল পাহাড় দেখিতে গমন করেন— *আর*)। **পর্যটিকা** স্ত্রী। **পর্যটন** *বি* ভ্রমণ। { *স.* পরি+√অট্+অক(ণ্বুল)}

পর্যন্ত [পোর্‌জোন্‌তো] *বি* ১ সীমা; প্রান্ত (মাঠের শেষ পর্যন্ত)। ২ অবধি (পা থেকে মাথা পর্যন্ত)। ৩ ও; অপিচ (তিনি পর্যন্ত তাকে বোঝালেন)। { *স.* পরি+অন্ত}

পর্যবসান [পোর্‌জোবশান্‌] *বি* সমাপন; সমাপ্তি; অবসান; শেষ। ২ পরিণাম; পরিণতি। **পর্যবসিত** *বিণ* ১ রূপান্তরিত; পরিণত। ২ সমাপ্ত। { *স.* পরি+অবসান}

পর্যবেক্ষক [পোর্‌জোবেক্‌খক্‌] *বিণ* ১ পর্যবেক্ষণকারী। ২ পরিদর্শক। **পর্যবেক্ষিকা** *বিণ স্ত্রী*। { *স.* পরি+অব+√ঈক্ষ্+অক(ণ্বুল্)}

পর্যবেক্ষণ [পোর্‌জোবেকখন্‌] *বি* ১ নিরীক্ষণ; অভিনিবেশ সহকারে দর্শন। ২ পরিদর্শন (চারি দিকটা পর্যবেক্ষণ করিয়া দেখিতে শুরু করিল—*শাকা*)। ৩ *(বিজ্ঞান)* প্রাকৃতিক ঘটনা নিরীক্ষণ; observation। **পর্যবেক্ষণিকা** *বি* মানমন্দির; observatory। **পর্যবেক্ষিত** *বিণ* পর্যবেক্ষণ করা হয়েছে এমন। { *স.* পরি+অবেক্ষণ}

পর্যসন [পোর্‌জোশন্‌] *বি* ১ দূরীকরণ; অপসারণ। ২ চতুর্দিকে ক্ষেপণ। { *স.* পরি+অসন}

পর্যস্ত [পোর্‌জোস্‌তো] *বিণ* ১ অপসারিত; দূরীকৃত। ২ বিক্ষিপ্ত। ৩ উদ্বর্তিত; উল্টানো; overturned। ৪ বিপর্যস্ত। { *স.* পরি+অস্ত}

পর্যাকুল [পোর্‌জাকুল্‌] *বিণ* অতিশয় কাতর বা আকুল। { *স.* পরি+আকুল}

পর্যাটক ⟹ পর্যটক

পর্যাণ [পোর্‌জান্‌] *বি* পালান; পশুপৃষ্ঠে বসার আসন; হাওদা; জিন। { *স.* পরি+√যা+অন(ল্যুট্)}

পর্যাপ্ত [পোর্‌জাপ্‌তো] *বিণ* ১ প্রচুর; প্রতুল; যথেষ্ট। ২ পরিমিত। ৩ প্রয়োজন মেটাবার উপযুক্ত (ইহাতেই তাঁহার চিত্ত নিবিষ্ট থাকে এবং যত্ন পর্যাপ্ত হয়—*বচ*)। ৪ সক্ষম; সমর্থ। **পর্যাপ্তি** *বি* ১ প্রাচুর্য। ২ সম্পূর্ণতা। ৩ পরিমিততা; পরিমিতি। ৪ সামর্থ্য; সক্ষমতা। { *স.* পরি+√আপ্+ত(ক্ত)}

পর্যাবৃত্ত [পোর্‌জাবৃত্‌তো] *বিণ (বিজ্ঞান)* পর্যায় অনুসারে সংঘটিত হয় এমন; periodic। **পর্যাবৃত্তি** *বি* পর্যায় অনুযায়ী সংঘটিত হওয়ার রীতি; periodicity। { *স.* পরি+আবৃত্ত}

পর্যায় [পোর্‌জায়্‌] *বি* ১ পালা; অনুক্রম; আনুপূর্ব্য। ২ স্তর। ৩ অবস্থা; ক্রম (নতুন পর্যায়)। ৪ বংশ পরম্পরাগত সংখ্যা; generation। ৫ সমান অর্থবাচক শব্দ; synonym (রজনী পর্যায়ে আছে হরিদ্রা আখ্যান—*কমু*)। ৬ *(জ্যোবি)* গ্রহাদির আবর্তনকাল। { *স.* পরি+√ই+অ(ঘঞ)}

পর্যালোচন, পর্যালোচনা [পোর্‌জালোচোন্‌, –চনা] *বি* সম্যক অনুশীলন; সমস্ত বিষয় চর্চা; সর্বতোভাবে আলোচনা; পুঙ্খানুপুঙ্খ বিচার। **পর্যালোচিত** *বিণ* পর্যালোচনা করা হয়েছে এমন। { *স.* পরি+আলোচন, আলোচনা}

পর্যাস [পোর্‌জাশ্‌] *বি* উলট-পালট; বিশৃঙ্খলা সৃষ্টি; বিপর্যয়; লণ্ডভণ্ড। ২ পরিবর্তন। ৩ বিনাশ। { *স.* পরি+√অস্+অ(ঘঞ)}

পর্যুৎসুক [পোর্‌জুত্‌শুক্‌] *বিণ* অত্যন্ত আগ্রহান্বিত; সমুৎসুক। ২ উৎকণ্ঠিত। { *স.* পরি+উৎসুক}

পর্যুদস্ত [পোর্‌জুদস্‌তো] *বিণ* ১ পরাজিত, পরাভূত। ২ নিবারণ বা নিষেধ করা হয়েছে এমন; নিবারিত; নিষিদ্ধ। **পর্যুদাস** *বি* ১ পরাজয়; পরাভব। ২ নিবারণ; নিষেধ। { *স.* পরি+উদ্+√অস্+ত(ক্ত)}

পর্যুষিত [পোর্‌জুশিতো] *বিণ* বাসি; আগের দিন রাঁধা হয়েছে এমন (পর্যুষিত অন্ন)। { *স.* পরি+√বস্+ত(ক্ত)}

পর্যেষণ, পর্যেষণা [পোর্‌জেশন্‌, –শনা] *বি* ১ অন্বেষণ; অনুসন্ধান। ২ গবেষণা। { *স.* পরি+এষণ, এষণা}

পর্ষৎ ⟹ পর্ষদ

পর্ষদ, পর্ষৎ [পরশদ্‌, –ত্‌] *বি* ১ পরিষদ; সভা। ২ পরিচালক সমিতি; board। ৩ সমাজ। { *স.* পরিষদ্>}

পল[১] [পল্‌] *বি* ১ ২৪ সেকেন্ড কাল; $\frac{1}{60}$ দণ্ড। ২ ক্ষণকাল; সামান্য সময়। ৩ তোলা পরিমাণ (পাঁচ পল সোনা দিল গড়িবারে চুড়ি—*কমু*)। ৪ মাংস (পলান্ন)। ৫ বিচালি; খড়; শস্যশূন্য তৃণ। { *স.* পল}

পল[২] [পল্‌] *বি* ১ দ্রব্যাদির শিরাল পার্শ্বদেশ (চৌপল)। ২ কাঠের অসার অংশ; গরমা। { *ফা.* পহ্‌ল پہلو }

পলক [পলোক্‌] *বি* ১ নিমেষ; চোখের পাতা ফেলতে যতক্ষণ সময় লাগে (এক পলকে একটু চাওয়া)। ২ চোখের পাতা (পলকশূন্য)। **–হীন, –বিহীন, –রহিত** *বিণ* নির্নিমেষ; নিমেষহীন; অপলক। **পলকে হারানো** *বিণ* নিমেষ মধ্যে হারানো। { *ফা.* পলক پلک }

পলকা [পল্‌কা] *বিণ* সহজে ভেঙে যায় এমন; ঠুনকো; ভঙ্গুর; ভঙ্গপ্রবণ। ২ অসার। ৩ অদৃঢ়; অমজবুত। ৪ ক্ষণস্থায়ী; ক্ষণকালব্যাপী (চোখ দুটো পলকা নাচ নাচবে না—*সৈমু*)। { *স.* √পত্>পট্>পড়্>পল্+ক+আ}

পলটন ⟹ পল্টন

পলটি *(ব্র.)* [পোল্‌টি] *অক্রি* পিছনে ফিরে (পলটি আইল পিতা আপনা মন্দির—*দৌবা*; যৌবন চলিয়া গেলে পলটি না পায়—*দৌখা*)। { *স.* পরি+√অস্=পর্যস>*প্রা.* পল্লট্ট> পলট>পলটি}

পলতা [পল্‌তা/পোল্‌–] *বি* পটোল পাতা বা লতা। { *স.* পটোল লতা> (দ্রুত উচ্চারণে) পলতা}

পলতে ⟹ পলিতা

পলল [পলল্‌/–লো–] *বি* ১ মাংস। ২ পঙ্ক; পাঁক। ৩ পলি। **–ভূমি** *বি* পলিমাটি। { *স.* √পল্+অল(কলচ)}

পলস্তারা, পলেস্তারা [পলস্‌তারা, –লে–] *বি* চুন, সুরকি, সিমেন্ট, বালি ইত্যাদির প্রলেপ (আজ ললিত ডাক্তারের বাড়ীর খানিকটা পলস্তারা ক'রে দিয়ে এই এই ওষুধ নিয়ে এয়েছি—*নই*)। { *ই.* plaster}

পলা[১] [পলা] *বি* তৈলাদি তোলার দীর্ঘ হাতলযুক্ত বাটি; হাতা (কালো ভাঁড় থেকে পলা করে তুলে একটি ছোট বাটিতে দিল খানিকটা ঘি—*শমি*)। { *স.* পল+*বা.* আ}

পলা[২] [পলা] *বি* রত্নবিশেষ; প্রবাল। { *স.* প্রবাল>}

পলাঙ্গ [পলাঙ্‌গো] *বি* জলজন্তুবিশেষ; শুশুক। { *স.* পল+অঙ্গ}

পলাগ্নি [পলাগনি] *বি* পিত্ত। { *স.* পল+অগ্নি; ৬তৎ }

পলাণ্ডু [পলান্‌ডু] *বি* পিয়াজ (তিন্তিড়ী পলাণ্ডু লঙ্কা সঙ্গে সযতনে উচ্ছে আর ইক্ষু গুড় করি বিড়ম্বিত অপূর্ব ব্যঞ্জন— *সদ*)। { *স.*√পল্+আণ্ডু }

পলাতক [পলাতক্] *বিণ* ১ পলায়ন করেছে এমন। ২ ফেরারি; নিরুদ্দেশ (পলাতক ইতিহাস আবার পেলাম —*রখা*)। **পলাতকা** *বিণ স্ত্রী*। { *স.* পলায়ক> }

পলানো, পালানো [পলানো, পা–] *ক্রি* পলায়ন করা; অপরের অলক্ষ্যে প্রস্থান করা। ◻ *বি* পলায়ন। ◻ *বিণ* পলায়িত; পালিয়ে গেছে এমন (বাড়ি পালানো ছেলে)। { *স.* পরা+√অয়্>পরায়্>পলায়্+অন=পলায়ন> }

পলান্ন [পলান্‌নো] *বি* মাংসাদি মিশ্রিত ঘৃতপক্ব অন্ন; বিরিয়ানি; পোলাও (সঘৃত পলান্নে পুরিয়া হাতা—*ভারা*)। { *স.* পল(মাংস)+অন্ন }

পলায়ন [পলায়োন্] *বি* ভয়ের কারণে দৃষ্টির বাইরে গমন বা প্রস্থান; চম্পট। **পলায়মান** *বিণ* পলায়নপর; পালাচ্ছে এমন। **পলায়িত** *বিণ* পালিয়েছে এমন। **পলায়িতা** *বিণ স্ত্রী*। { *স.* পরা(পলা)+√অয়্+অন }

পলাশ [পলাশ্] *বি* ১ পুষ্পবিশেষ বা তার গাছ। ২ কিংশুক ফুল বা গাছ। ৩ পাতা। ৪ পাপড়ি। { *স.* পলাশ+অ(অচ্) }

পলি [পোলি] *বি* বন্যা বা নদীর স্রোতে আনীত ঘোলা জল থেকে থিতিয়ে পড়া নরম মাটির স্তর; alluvium। **পলিজ** *বিণ (ভূবি.)* পলি থেকে জাত বা উৎপন্ন; পাললিক; alluvial। { *স.* পলল> }

পলিত [পোলিতো] *বি* বার্ধক্যহেতু কেশের শুক্লতা। ◻ *বিণ* ১ কর্দম। ২ বৃদ্ধাবস্থার জন্য শুক্লতাপ্রাপ্ত; পাকা (কৃতনরমালা পলিত জটিলা—*কমু*)। ৩ বৃদ্ধ। ~**কেশ** *বিণ* ১ বার্ধক্যের কারণে যার চুল পেকে সাদা হয়ে গেছে। ২ বৃদ্ধ। ◻ *বি* পাকা চুল। { *স.* √পল্+ত(ক্ত) }

পলিতা, পলতে [পোলিতা, পোল্‌তে] *বি* প্রদীপের সলিতা; সলতে। { *ফা.* পলিতা پلیتہ < *ফা.* বাতিয়হ بتیہ < *আ.* ফানিলাহ فتیلہ }

পলিদ, পলীদ [পোলিদ্] *বিণ* অপবিত্র; নাপাক (জাজিরাতুল আরবের সে পাক মাটি পলিদ হইল—*নই*)। { *ফা.* পলীদ پلید }

পলিসি [পোলিসি] *বি* নীতি; কূটনীতি; স্বার্থকার্যকরী নীতি বা কৌশল। **লাইফ পলিসি** *বি* লাইফ ইনস্যুরেন্স; জীবনবিমা; life policy: life insurance। { *ই.* policy }

পলু, পোলু [পোলু] *বি* তুঁতপোকা; ডিম থেকে নির্গত রেশমকীট। { *স.* পল্লব> }

পলেস্তারা ⇒ পলস্তারা

পলো, পোলো [পোলো] *বি* বাঁশের শলাকা নির্মিত মাছ ধরার যন্ত্রবিশেষ (সারি বেঁধে বেঁধে বিলময় তারা পলো চাপা দিয়ে চলে—*বআমি*)। { *স.* পলব> }

পল্টন [পল্‌টন্] *বি* সেনাদল; ফৌজ (আমাদের বিলিভ করতে আসছে অন্য পল্টন—*নই*)। **পল্টনি** *বিণ* ফৌজি; সামরিক; জঙ্গি (এ জাতীয় হাসির ভিতর যে বীরত্ব আছে তা অবশ্য পল্টনী বীরত্ব নয়—*প্রচৌ*)। { *ই.* platoon }

পল্যঙ্ক [পোল্‌লোঙ্‌কো] *বি* পালঙ্ক; খাট; শয্যাধারবিশেষ। { *স.* পরি+অঙ্ক (র>ল) }

পল্লব [পল্‌লব্] *বি* ১ পাতা (চক্ষু-পল্লব)। ২ বৃক্ষাদির নতুন পাতা; কিশলয়; কচিপাতা (বৃক্ষ-পল্লব)। ৩ নতুন পাতাবিশিষ্ট; কচি ডালের অগ্রভাগ; কচি পাতাযুক্ত ডালের ডগা। ~**গ্রাহিতা** *বি* বিভিন্ন বিষয়ে ভাসা ভাসা জ্ঞান। ~**গ্রাহী** (–হিন্) *বিণ* বিবিধ বিষয়ে কিছু কিছু জ্ঞান অর্জন করে এমন (কপালদোষে আমি কবি বা কোবিদ নই, পল্লবগ্রাহীদের পদাঙ্কচারী—*সুদ*)। ◻ *বি* অল্প অল্প বা অগভীর জ্ঞান সম্পন্ন। **পল্লবিত** *বিণ* ১ পল্লবমণ্ডিত; পল্লবযুক্ত। ২ শাখা প্রশাখায় বিস্তারিত। ৩ অতিরঞ্জিত। { *স.* (√পত্+ক্বিপ্(=)পৎ+লব }

পল্লবী (বিন্) [পল্‌লোবি] *বি* যার শাখা আছে; শাখী; বৃক্ষ। { *স.* পল্লব+ইন(ইনি) }

পল্লি, পল্লী [পোল্‌লি] *বি* ১ গ্রাম; পাড়াগাঁ। ২ পাড়া (গোপ-পল্লি)। ~**গীতি** *বি* প্রেম ভক্তি বিরহ মিলন দেহতত্ত্ব অধ্যাত্মতত্ত্বমূলক লৌকিক সুরের গান; লোকগীতি; লোকসঙ্গীত। ~**গ্রাম** *বি* পাড়াগাঁ। ~**বাসী** (–সিন্) *বিণ* পল্লিতে বাস করে এমন; গ্রামবাসী। ~**বাসিনী** *বিণ স্ত্রী*। ~**সঙ্ঘ** *বি* পল্লির অভ্যন্তরীণ উন্নতি সাধনের জন্য পল্লিবাসীদের দ্বারা গঠিত সমিতি। { *স.* √পল্ল্+ই, ঈ }

পল্বল [পল্‌লল্] *বি* বিল; ডোবা; ক্ষুদ্র জলাশয় (পল্বলে ওঠে প্লাবনের রোল—*সদ*; শিশুর কল্লোল জাগে প্রস্ফুটিস্ত প্রাণের পল্বলে—*আহো*)। { *স.* √পল্+বল (বলচ্) }

পশতু, পোশতু, পস্তু [পোশ্‌তু] *বি* পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ ও আফগানিস্তান এবং সরহদ অঞ্চলের অধিবাসীদের ভাষা; পাঠানদের ভাষা। এটি একটি আধুনিক আর্যভাষা। { পশতু ভাষার শব্দ }

পশম [পশোম্] *বি* ভেড়া প্রভৃতি পশুর লোম; ঊর্ণা; wool। **পশমিনা** *বি* পশমি বস্ত্র। **পশমি** *বিণ* ১ পশমজাত; পশম দ্বারা নির্মিত। ২ পশমের ন্যায় (আলতো করে আঙুল রেখে প্রিয়ার কালো পশমী কেশে—*নই*)। { *ফা.* পশম্ پشم }

পশরা ⇒ পসরা

পশরা ⇒ পসুরা

পশল, পশলা ⇒ পসলা

পশা [পশা] *ক্রি* প্রবেশ করা (কানের ভিতর দিয়া মরমে পশিল গো—*চণ্ডী*)। { *স.* প্র+√বিশ্> }

পশার ⇒ পসার[১]

পশারী ⇒ পসারী

পশিল [পোশিলো] *(পদা.)* *ক্রি* প্রবেশ করলো (কানের ভিতর দিয়া মরমে পশিল গো—*বচদা*)। { *স.* প্র+√বিশ্> }

পশু [পোশু] *বি* ১ জানোয়ার; প্রাণী; লেজবিশিষ্ট চতুষ্পদ জন্তু। ২ অবিবেকী; মূঢ়; পশু-প্রকৃতির মানুষ। ৩ (তন্ত্রমতে) মদ্য মাংস বর্জনকারী সংযমশীল সাধক (পশ্বাচার)। ~**ত্ব** *বি* ১ পশুর স্বভাব বা ধর্ম। ২ পশুর মতো আচরণ। ~**ধর্ম** *বি* ১ পশুর স্বভাবগত ধর্ম বা বৃত্তি। ২ মৈথুন। ~**পতি** *বি* হিন্দুদেবতা শিব। ~**রাজ** *বি* সিংহ; মৃগেন্দ্র। ~**শালা** *বি* চিড়িয়াখানা; জনগণকে প্রদর্শনের ও সংরক্ষণের জন্য জীবজন্তু পালন করা হয় যেখানে; zoo। { *স.* √দৃশ্>পশ্+উ(কু) }

পশুরি, পশুরী ⇒ পসুরি

পশ্চাৎ [পশ্চাত্] *অব্য, ক্রিবিণ* ১ পরে; পিছে (পশ্চাৎ বলব)। ২ পেছনে। ৩ পরবর্তী সময়ে (পশ্চাতে বিবেচনা করব)। {স. অপর>পশ্চ+আৎ}

পশ্চাত্তাপ [পশ্চাত্তাপ্] *বি* অনুতাপ; পস্তানো। {স. পশ্চাৎ+তাপ}

পশ্চাৎপদ [পশ্চাত্পদ্] *বিণ* পিছপা; পিছনে হটে আসে এমন। {স. পশ্চাৎ+পদ}

পশ্চাদ্‌গামী [পশ্চাদ্গামি] *বিণ* পিছনে বা পরে গমন করে এমন; অনুসরণকারী। {স. পশ্চাৎ+গামী}

পশ্চাদ্‌ভূমি [পশ্চাদ্ভূমি] *বি* ১ পিছনের স্থান। ২ চিত্রাদি বিষয়বস্তুকে বিশিষ্ট করে তোলার জন্য পিছনের বা দূরের দৃশ্যাবলি; পটভূমি; background। ৩ আমদানি-রপ্তানি কাজের জন্য নদী বা সমুদ্র তীরবর্তী উপযুক্ত স্থান। {স. পশ্চাৎ+ভূমি}

পশ্চার্ধ [পশ্চারধো] *বি* ১ নাভি থেকে পা পর্যন্ত দেহভাগ; অধমাঙ্গ। ২ নিম্নার্ধ। ৩ শেষার্ধ। {স. অপর>পশ্চ+অর্ধ}

পশ্চিম [পোশ্চিম্] *বি* ১ পূর্বদিকের বিপরীত দিক; সূর্য অস্ত যায় যে দিকে; প্রতীচী। ২ ইউরোপ আমেরিকা প্রভৃতি পাশ্চাত্য দেশসমূহ (পশ্চিম আজি খুলিয়াছে দ্বার —*রঠা*)। ৩ চরম; শেষ। ৪ পশ্চিমে অবস্থিত (পশ্চিম দেশ)। ৫ অনন্তর। {স. পশ্চাৎ+ইম (ডিমচ্)}

পশ্চিমা, পশ্চিমে [পোশ্চিমা, –মে] *বিণ* ১ পশ্চিম দিকের (পশ্চিমা হাওয়া, পশ্চিমে হাওয়া)। ২ পশ্চিম দেশবাসী; পশ্চিমদেশীয়। ☐ *বি* প্রতীচ্যবাসী; পশ্চিমাঞ্চলবাসী লোক। {স. পশ্চিম+বা. আ, এ}

পশ্বধম [পোশ্শোধম্] *বি* পশুর চেয়েও অধম। {স. পশু+অধম}

পশ্বাচার [পোশ্শাচার্] *বি* ১ তান্ত্রিক সাধকের আচারবিশেষ। ২ পশুর ন্যায় আচরণ। **পশ্বাচারী**(-রি) *বিণ* পশ্বাচার করে এমন। {স. পশু+আচার}

পষ্ট [পশ্টো] *বিণ* স্পষ্ট; অকপট; খোলা। **পষ্টাপষ্টি** *ক্রিবিণ* স্পষ্টভাবে; অকপটে; খোলাখুলি (আমি দুজনকে সামনে বসিয়ে পষ্টাপষ্টি বললুম—*সৈমু*)। {স. স্পষ্ট>}

পসন্দ ⇒ পছন্দ

পসন্ন (*প্রাবা.*) ⇒ প্রসন্ন

পসরা, পশরা [পশোরা] *বি* ১ আলো; কিরণ; প্রভা (পুরী মাঝে জ্বলে কন্যা চান্দের পশরা—*পূগী*)। ২ ক্ষেপ; খেয়াপার (সোনার তরী এসে গেছে পসরা বয়ে বয়ে—*অঠা*)। ৩ পণ্যাধার; যে পাত্রে পণ্যদ্রব্য রাখা হয় (পসারি গোপের নারী বসিয়াছে সারি সারি রসের পসরা—*ভারা*)। ৪ ক্রীত বস্তুর বোঝা (নামাও পসরা ভার—*রঠা*)। ৫ পণ্যদ্রব্য; দ্রব্যসম্ভার (কিনিতে বেচিতে ভাল পারয়ে পসরা—*কমু*)। {স. প্রসার>}

পসলা, পশলা, পসালা, পশাল [পশ্‌লা, –, –শা–, পশাল্] *বি* বর্ষণ; বারিপতন (দক্ষের সেনাবর ছাড়য়ে খর শর যেন মেঘে পানী পসালা—*কমু*; অঙ্কুর প্রথম পশলাটা সবেগে বর্ষণ হইয়া গেল—*রঠা*)। {ফা. পশ (পানি ছিটানো) پش }

পসার¹, পশার [পশার্] *বি* ১ দোকান (পসারী পসার চাকে ভাড়ুর তরাসে—*কমু*)। ২ পণ্যসামগ্রীর আধার (দধি দুধে পসার সাজাঞা—*বচদা*)। ৩ পণ্যসম্ভার। ৪ ব্যবসায়ে উন্নতি (উকিলের বা ডাক্তারের পসার)। {স. প্রসার>}

পসার² [পশার্] *বি* ১ প্রতিপত্তি খ্যাতি খরিদ্দার মক্কেল প্রভৃতির প্রাচুর্য। ২ প্রসার; বিস্তার। ৩ (*মবা.*) পাশা খেলা (সদাগর পসার খেলায়—মানিক গাঙ্গুলী)। {স. প্রসার>}

পসারল (*ব্র.*) [পসারল] *ক্রি* প্রসারিত করল (চাতকী চঞ্চু পসারল আশে—*চদা*)। **পসারলি** (*ব্র.*) *ক্রি* প্রসারিত করলি (দিঠি তব হৃদয়ে পসারলি—*বিপ*)। {স. প্রসার>}

পসারা¹ [পশারা] *ক্রি* পণ্য প্রসারিত করা; বাড়িয়ে দেওয়া; বিস্তারিত করা (দুবাহু পসারি বলরাম ধরি—*মাদা*)। ☐ *বি* পসরা (এসব মোর পসারা—*বচদা*)। {স. প্রসার>}

পসারা², পসরা [পশারা, পশোরা] *বি* পণ্যসামগ্রী; বিক্রেয় বস্তু (ঘৃত দধি দুধ আওর ঘোল এসব মোর পসারা—*বচদা*)। {স. প্রসার+বা. আ}

পসারি ⇒ পসারী

পসারী, পশারী, পশারি [পশারি] *বি* ১ দোকানদার; পণ্যবিক্রেতা। ২ মিছরি, মসলা, বিবিধ গাছগাছড়া, শুষ্ক ফল ইত্যাদি বিক্রেতা। **পসারিণী** *বিণ স্ত্রী.*। {স. প্রসারী}

পসাহন (*ব্র.*) [পসাহনো] *বি* প্রসাধন; অলঙ্কারাদি ব্যবহার করে শরীরের শোভা বাড়ানো (এ ধনি না করু পসাধন আন—*বিপ*)। ২ **পসাহী** (*ব্র.*) *অক্রি* প্রসাধন বা অলঙ্করণ করে (কি করবি অধিক পসাহী—*বিপ*)। {স. প্রসাধন>}

পসালা ⇒ পসলা

পসুরি, পশুরী, পসুরী [পোশুরি] *বি* ১ পাঁচ সের ওজন; পাঁচ সের পরিমাণ। ☐ *বিণ* পাঁচসের ওজনের; পাঁচসেরা (দুই পসুরি চাউল)। {বা. পাঁচসেরি>পসুরি}

পস্তানো [পস্‌তানো] *ক্রি* ১ পশ্চাত্তাপ পাওয়া। ২ অনুতাপ করা; অনুশোচনা করা; আফসোস করা (শেষে পস্তাইয়াছেন এমন লোকও অনেক আছেন—*হার*)। ৩ খেদ করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **পস্তানি** *বি* পশ্চাত্তাপ। {স. পশ্চাৎ+তাপ}

পস্তু ⇒ পশতু

পহর ⇒ প্রহর

পহরি, পহুরী (*প্রাবা.*) [পহোরি, পোহুরি] *বি* প্রহরী (হনুমন্ত পহরিক হুঁকার পাড়িল; কংসের পহুরী চিত্রাইল—*রাপ*)। **পহরিয়া** *অক্রি* পহরী হয়ে (ভারত রহিবে পহরিয়া—*ভারা*)। {স. প্রহরী>}

পহলবী ⇒ পাহলভী

পহিরণ (*মবা.*) [পোহিরন্] *বি* ১ পরিধান। ২ পোশাক; পরিচ্ছদ (ধরি অনেক প্রহরণ জরীর পহিরণ—*ভারা*)। {স. পরিধান>(বর্ণ বিপর্যয়ে) পহিরণ}

পহিল [পোহিল] (*ব্র.*) *বিণ* প্রথম; নতুন; নবীন; তরুণ (পহিল বয়স মোর না পুরল সাধে—*বিপ*)। **–হি** *ক্রিবিণ* প্রথমে; প্রথমেই (পহিলহি অলকা তিলক করি সাজ—*বিপ*)। {পহেলা>}

পহিলা ⇒ পহেলা

পহু[১], **পহুঁ**[১] (*ব্র.*) [পোহু, –হুঁ] *ক্রিবিণ* পুনরায় (মৌনী করবি পহু—*বিপ*)। { *স.* পুনঃ> }

পহু[২], **পহুঁ**[২] (*ব্র.*) *বি* প্রভু। { *স.* প্রভু> }

পহেলা, পহিলা, পয়লা [পেহেলা, –হি–, পয়্‌লা] *ক্রিবিণ* প্রথম; অগ্রে (বন্ধুর পীরিতি শেলের ঘা পহিলে সহিলে বুকে—*বচ*; ঐ বছরের পয়লা যে—*কাঅমা*)। { *তুল. হি.* পহলা }

পহলব [পহোলব্‌] *বি* প্রাচীন ইরানি জাতি; পহলবি ভাষাভাষী জাতি। **পহলবি** *বিণ* পহলব সম্বন্ধীয়। ☐ *বি* ১ প্রাচীন পারস্য ভাষা। ২ পদবিবিশেষ। { *ফা.* পাহলবী پہلوی }

পা[১] [পা] *বি* ১ পদ; চরণ; উরু-সন্ধি থেকে পায়ের পাতা; পদতল (মাটিতে পায়ের দাগ পড়েছে)। ৩ আসবাব-পত্রাদির পায়া। ~**-গাড়ি** *বি* সাইকেল; bicycle (বাহিরে পা-গাড়ীর ঘণ্টার শব্দ শুনা গেল—*শচ*)। ~**-চাটা** *বিণ* অতি লজ্জাহীনভাবে তোষামোদকারী। ~ **চাটা** *ক্রি* হীনভাবে তোষামোদ করা। ~ **ধুতেও না আসা** *ক্রি* অত্যন্ত ঘৃণা হেতু পরিহার করে চলা; ঘৃণা হেতু কারো বাড়িতে পদার্পণ না করা। ~ **বাড়ানো** *ক্রি* যেতে উদ্যত হওয়া। **পায়-পায়, পায়ে পায়ে** *ক্রিবিণ* ১ প্রতিপদে (পায় পায় বাধা)। ২ ধীরে হাঁটতে হাঁটতে (পায় পায় যাও)। **পায়ে ঠেলা** *ক্রি* অবজ্ঞার সাথে পরিত্যাগ করা। **পায়ে তেল দেওয়া** *ক্রি* হীনভাবে তোষামোদ করা। **পায়ে ধরা** *ক্রি* একান্ত বিনীতভাবে অনুরোধ করা। **পায়ের উপর ~ দিয়ে থাকা** *ক্রি* অত্যন্ত আরাম ও বিলাসব্যসনের মধ্যে থাকা। **পায়ের পাতা** *বি* পায়ের তলার বিপরীত পৃষ্ঠ; পদপৃষ্ঠ। **পায়ে রাখা** *ক্রি* ১ আশ্রয় দেওয়া। ২ কৃপা করা। **নিজের পায়ে নিজে কুড়াল মারা** *ক্রি* স্বহস্তে নিজের সর্বনাশ করা। { *স.* পদ> }

পা[২] [পা] *বি* স্বরগ্রামের পঞ্চম স্বরের লিখিত চিহ্ন বা সংকেত। { *স.* পঞ্চম> }

পাঅ (*মবা.*) [পায়] *অব্য* প্রায়; মতো (আগুনির পাঅ—*রাপ*)। { *স.* প্রায়>পাঅ }

পাই[১] [পাই] *বি* ১ পুরনো এক পয়সার এক-চতুর্থাংশ। ২ মুদ্রাবিশেষ। ৩ (*মবা.*) পা; পায়া (তেপাই চৌপাই পরিহাস—*বিপ*)। ~ ~ **হিসাব** *বি* সম্পূর্ণ প্রাপ্য। { *স.* পাদ> }

পাই[২] [পাই] *ক্রি* ১ প্রাপ্ত হই। ২ লাভ করি। { √পা> }

পাই[৩] [পাই] *অক্রি* পেয়ে; পাইয়া (তরুণী পাই পরিহাস—*বিপ*)। { √পা> }

পাইক [পায়িক্] *বি* ১ পদাতিক সৈন্য (পাইক পদাতি সাজে সত্তুর হাজার—*হেমা*)। ২ সংবাদবাহক (উচ্চরবে পাইক যাবে হেঁকে—*রঠা*)। ৩ লাঠিয়াল; লেঠেল (পাইকে পাইকে যুঝে—*ভারা*)। ৪ পেয়াদা। ৫ দাঁড়ি (পাইক মাঝি এড়ি গেল নৌকা রইল পড়ি—*শেফ*)। { *স.* পদাতিক>*প্রা.* পাইক্ক>; *ফা.* পেক پیک }

পাইকস্ত, পাইকস্তা [পাইকস্‌তো, –স্‌তা] *বি* এক জমিদারের অধীনে বাস করে যে ব্যক্তি অপর জমিদারের অধীনস্থ গ্রামে চাষ করে বা জমিজমা রাখে তাকে পাইকস্তা রায়ত বলে এবং ঐ ধরনের জমিকে বলে পাইকস্তা জমি (এক্ষণে গাঁতি অর্থাৎ খোদকস্তা প্রজা এত ও পাইকস্তা এত—*প্যামি*)। { *ফা.* পায়েকাশ্‌ত پایکاشت }

পাইকা [পাইকা] *বি* ছাপার অক্ষরের আকারবিশেষ। { *ই.* pica }

পাইকার, পাইকের [পাইকার্, –কের্] *বি* ১ যে থোকে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় করে। ২ থোকে জিনিস কিনে খুচরা বিক্রয়কারী। ৩ ফেরিওয়ালা। **পাইকারি** *বিণ* ১ থোক ক্রয়-বিক্রয় সম্বন্ধীয়। ২ খুচরার বিপরীত (পাইকারি দর)। ৩ এক সঙ্গে অনেক জিনিস ক্রয় বা বিক্রয় হয় এমন (পাইকারি ব্যবসায়ী, পাইকারি খদ্দের)। ৪ সমষ্টিগত; collective (পাইকারি ধরপাকড়)। { *ফা.* পাইকার پیکار }

পায়খানা, পাইখানা [পায়্‌খানা, পাই-] *বি* ১ মলত্যাগের স্থান (পায়খানায় যাওয়া)। ২ মলত্যাগ (পায়খানা করা)। { *ফা.* পায়েখানাহ্ پایخانہ }

পাইট, পাট [পাইট্, পাট্] *বি* ১ পারিপাট্য; শৃঙ্খলা; ভাঁজ। ২ আবাদ; ক্ষেত বপনোপযোগীকরণ (নিজেও পাঁচনী হাতে করিয়া তরিতরকারির গাছ পাইট করিয়া দেন—*মীম*)। ৩ মজুর; কৃষাণ। ৪ চাষের যথাযোগ্য কাজ-কর্ম (ধানের পাইটও আছে, তদারক না করিলে কলা ধরিতে পারে—*প্যামি*)। ৫ মাঝি; দাঁড়ি। { পাটি> }

পাইড [পাইড্] *বি* নদীর পাড়। { পাটক> }

পাইতুঁ (*মবা.*) [পাইতুঁ] *ক্রি* পেতাম (দেখিতে পাইতুঁ, শিরোপা করিতুঁ—*চদা*)। { √পা> }

পাইন ⇒ পান[২]

পাইন্ট, পাঁইট, পাঁই [পাইন্‌ট্, পাঁইট্, পাঁট্] *বি* জলীয় দ্রব্যের পরিমাণ; প্রায় দেড় পোয়া (সন্তানের প্রায় প্রতিদিন বিনামূল্যে তিন পাইন্ট দুধ—*ওহ*)। { *ই.* pint }

পাইপ [পাইপ্] *বি* ১ নল; পানির কল। ২ ধূমপানের নলবিশেষ (হুঁকো থেকে বিড়ি, বিড়ি থেকে সিগারেট, সিগারেট থেকে পাইপ, এটাই ক্রমোন্নতির ধারা—*ওহ*)। { *ই.* pipe }

পাইল ⇒ পাল[২]

পাইলট [পাইলট্] *বি* চালক; বিমান চালক; জাহাজ চালক; পথ প্রদর্শক। { *ই.* pilot }

পাউ (*মবা.*, *পূগী*) [পাউ] *বি* পশু। { *স.* পশু> }

পাউডার [পাউডার্] *বি* ১ চূর্ণ; গুঁড়া। ২ সুগন্ধ চূর্ণ দ্রব্যবিশেষ (এখন যদিও সেটা পাউডারে সেন্টে অত্যন্ত তেজালো—*অচিসে*)। { *ই.* powder }

পাউড়ি, পাউড়ী [পাউড়ি] *বি* ভারী কাঠ বা বাঁশের লাঠি (মাথাটা ভাঙ্গিয়ে তোর পাউড়ির বাড়ি—*কমু*)। { *স.* পর্ব>পাউ+ড়ি }

পাউন্ড[১] [পাউন্‌ড্] *বি* যুক্তরাজ্যে প্রচলিত ওজনের একক, প্রায় আধসের। { *ই.* pound }

পাউন্ড[২] [পাউন্‌ড্] *বি* ব্রিটিশ মুদ্রাবিশেষ (কী তুলেছো? চা? পাউণ্ড পাবে না চাহিদা কম—*আগ*)। { *ই.* pound }

পাউরুটি ⇒ পাঁউরুটি

পাওন [পাওন্] *বি* প্রাপ্তি; পাওয়া; লাভকরণ। { √পা+ওন; *স.* প্রাপণ }

পাওনা [পাওনা] *বিণ* প্রাপ্য (পাওনা টাকা)। □*বি* ১ প্রাপ্তি; লাভ; উপার্জন। ২ লভ্য অর্থে। **দেনা-~** *বি* আদান-প্রদান; প্রাপ্য ও দেয়ের মীমাংসা। **~-গণ্ডা** *বি* প্রাপ্য টাকা-পয়সা। **~দার** *বি* যার কিছু প্রাপ্য আছে; মহাজন; উত্তমর্ণ। {পাওন+আ; স. প্রাপণ>}

পাওয়া [পাওয়া] *ক্রি* ১ প্রাপ্ত হওয়া; লাভ করা (চাকরি পাওয়া)। ২ মেলা (জবাব পাওয়া)। ৩ আয় করা; উপার্জন করা (কাটা পাওয়া)। ৪ বোধ করা (ক্ষুধা পাওয়া)। ৫ নিদ্রাবেশ পাওয়া (ঘুম পাওয়া)। ৬ সমর্থন পাওয়া (শুনতে পাওয়া)। ৭ ভীত হওয়া (ভয় পাওয়া)। ৮ অনুভব করা (শীত পাওয়া, তৃষ্ণা পাওয়া)। ৯ জানতে পারা (টের পাওয়া)। ১০ গ্রস্ত হওয়া (ভূতে পাওয়া)। ১১ ভোগ করা (আরাম পাওয়া, কষ্ট পাওয়া)। ১২ লাভ করা (জো পাওয়া)। ১৩ গোচর হওয়া (প্রকাশ পাওয়া)। ১৪ আবেগ আসা (কান্না পাওয়া)। ১৫ প্রাপ্ত; লব্ধ (পাওয়া জিনিস)। ১৬ গ্রস্ত (ভূতে পাওয়া)। **~নো** *ক্রি* ১ প্রাপ্তি করানো; লাভ করানো। ২ সমর্থ করানো; সক্ষম করানো। ৩ বোধ করানো; অনুভব করানো। ৪ উদ্রিক্ত করানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। {√পা+আ}

পাওয়ার [পাওয়ার] *বি* ১ শক্তি (দরোজার ওপরে অনেক পাওয়ারের একটি বাল্‌ব জ্বলছে— *আআআ*)। ২ প্রভাব (তার অনেক পাওয়ার)। {ই. power}

পাংশন, পাংসন [পাঙ্‌শোন্] *বিণ* দূষণকারী; কলঙ্কিতকারী। {স. √পংশ্, √পংস্+অন (ল্যুট্)}

পাংশু, পাংসু [পাঙ্‌শু] *বিণ* ছাই; ভস্ম; পাঁশ। ২ ধুলা; রজঃ (চরণ প্রহারে পাংশু উড়য় অপার - *সৈআ*)। ৩ কলঙ্ক; দোষ। ৪ পাপ। ৫ পাণ্ডুবর্ণ (পাংশু কুণ্ডল মলিন বেশ— *সদ*)। **~ল** *বিণ* ১ ধূলিপূর্ণ। ২ ছাইবর্ণ (অসীম অকূল দুর্ভাবনার পাংশুল ছায়া মেলে— *সদ*; ছোটবাবু পাংশুল চোখমুখ নিয়ে দীনুর মুখের দিকে এক লক্ষ্যে তাকিয়ে রইলো— *সজ*)। ৩ কলঙ্কযুক্ত। ৪ পাপিষ্ঠ। **~লা** *বিণস্ত্রী* ১ ধূলিপূর্ণা। □*বিণ* পাপিষ্ঠা; কলঙ্কযুক্তা; দুশ্চরিত্রা। □*বি* কুলটা। ২ রজস্বলা নারী। ৩ পৃথিবী। **~বর্ণ** *বি* ধুলার রং। ২ ছাইয়ের রং। □*বিণ* ছাইয়ের মতো বর্ণ এমন; ফ্যাকাশে। **~ মুখ** *বিণ* বিষণ্ণ মুখ; শুষ্কবদন। {স. √পংশ্, √পংস্+উ(কু)}

পাংসন ⇒ পাংশন

পাংসু ⇒ পাংশু

পাঁইজ ⇒ পাঁজ[২]

পাঁইজোর, পাঁয়জোর [পাইজোর, পায়জোর] *বি* পায়ের অলক্ত বা নূপুর (রিনিঝিনি রিমঝিম বাজে পাঁইজোর— *নই*)। {স. পাদ>+জোর<হি. জেওর}

পাঁইট ⇒ পাইন্ট

পাঁইতারা ⇒ পাঁয়তারা

পাঁউরুটি, পাউরুটি [পাঁউরুটি, পা–] *বি* বিশেষ পদ্ধতিতে তৈরি রুটিবিশেষ (আমি ভাত ছাড়িয়াছি পাঁউরুটি খাই - *বচ*)। {*পো.* pao}

পাঁক [পাঁক] *বি* কাদা; কর্দম (টানছে তাদের ওই পাঁকে - *সদ*; এক পাঁক গ্লানিতে ডুবে গেলেন তিনি— *সৈআ*)। {স. পঙ্ক}

পাঁকাটি ⇒ পেঁকাটি

পাঁকাল, পাকাল [পাকাল্] *বি* ১ বাইম বা বাইন মাছ, পাঁক বা কাদায় বাস করে বলে নাম পাঁকাল (শূকরও পাঁক ঘাটে, পাঁকাল মাছও পাঁক ঘাটে— *বচ*)। ২ পান্তা ভাত (উদর পূরিয়া ভুঞ্জি প্রাণ পাই পাইলে পাঁকাল - *কমু*)। {স. পঙ্ক>পাঁক+বা. আল}

পাঁকুই, পাঁকই [পাঁকুই, পাঁকোই] *বি* জলকাদা লেগে আঙ্গুলের সন্ধিতে উৎপন্ন ক্ষত; হাজারোগ (সন্ধিতে পাঁকুই মেল ঘা— *কমু*)। {স. পঙ্ক>পাঁক+উই, অই}

পাঁচ [পাঁচ্] *বি,বিণ* ৫ সংখ্যা বা সংখ্যক। **~ই, পাঁচুই** *বি* মাসের পঞ্চম দিবস বা পাঁচ তারিখ। **~কথা** *বি* নানা ধরনের কথা; কটুবাক্য (পাঁচ কথা শুনিয়ে দিল)। **~চুলা, ~চুলো** *বি* বিশ্রী অসমানভাবে চুলছাটা (পাঁচ চুলা করে দিল পেঁচ গোটা দশ — *ঘচ*)। **~জন** *বি* জনসাধারণ; পঞ্চায়েত (পাঁচজনে মন্দ বলে)। **~নরি** *বি* পাঁচ নহর যুক্ত হার। **~-পাঁচি** *বি* পাঁচজনের মধ্যে প্রচলিত; সাধারণ (পরম সুন্দর ও চমৎকার অসুন্দর দুইই দুর্লভ, পাঁচ পাঁচিই জগতে প্রচুর— *অঠা*)। **~ফোড়ন** *বি* জিরা কালজিরা মেথি মৌরি রাঁধুনি - রন্ধনে ব্যবহৃত এই পাঁচ রকমের মসলা। **~মিশালি, ~মিশালী, ~মিশুলি** *বিণ* ১ পাঁচ রকম অর্থাৎ বিবিধ দ্রব্যের সংমিশ্রণে প্রস্তুত (জীবনটা একটা পাঁচ মিশালি রকমের জোড়াতাড়া— *রঠা*)। ২ মিশ্রিত (পাঁচমিশালি গান)। **~সাত, পঞ্চসাত, সাত-** *বি* অগ্রপশ্চাৎ; বিবিধ প্রকার জল্পনা-কল্পনা (তখনে শুনিল রাধা মনে পাঞ্চসাত— *বচদা*)। **~হাতি, ~হাতী** *বিণ* পাঁচহাত লম্বা (পাঁচহাতি কাপড়)। **পাঁচাপাঁচি** (*মবা.*) কথা কাটাকাটি, বাকবিতণ্ডা (এইরূপ দুজনে কথার পাঁচাপাঁচি— *ভারা*)। {স. পঞ্চ>; *ফা.* পাঁচ پانچ}

পাঁচট, পাচট, পাঁচুটি, পাচুটি (*মবা.*) [পাঁচট্, পা–, পাঁচুটি, পা–] *বি* সন্তান ভূমিষ্ঠ হওয়ার পঞ্চম দিনে হিন্দুদের পালনীয় জাতকর্ম বিশেষ (পাঁচুটি পাউস বিসর্জন— *কমু*)। {স. পঞ্চ>পাঁচ+ষষ্ঠী>}

পাঁচড়া [পাঁচ্‌ড়া] *বি* এক প্রকার চর্মরোগ; খোস; কণ্ডুরোগ। {স. পিচ্চট>}

পাঁচন ⇒ পাচন

পাঁচনবাড়ি, পাঁচনি, পাঁচানি ⇒ পাচনবাড়ি

পাঁচালি, পাঁচালী [পাঁচালি] *বি* ১ এক প্রকার বর্ণনাত্মক কাব্য যা রাগ-রাগিণী সমেত গায়েন-মুখে নাচ-গান-বাদ্যযোগে অতীতে গীত হতো। ২ গীতাভিনয় বিশেষ (পাঁচালির দল)। ৩ কবিগানের একটি অংশ যেখানে কবিয়ালদ্বয় ছড়া কেটে বাদানুবাদ করে থাকেন। {স. পঞ্চালিকা (পুত্তলিকা) অথবা পঞ্চালক> (মূল গায়েনের সঙ্গে সমবেত কণ্ঠে গান) পাঞ্চালি>পাঁচালি}

পাঁচিল, পাচিল [পাঁচিল্, পা–] *বি* প্রাচীর; দেয়াল (আজ নিমেষে মুক্তি দেবো তারে, ভেঙ্গে কারার পাঁচিল— *নই*)। {স. প্রাচীর>}

পাঁচে (*মবা.*) [পাঁচে] *ক্রি* পাঠায় (বড় বড় বীর পাঁচে সেই

ত দক্ষিণে—কৃত্ত)। **পাঁচিলেক** *(মবা.)* *ক্রি* পাঠাল (নল–নীস পাঁচিলেক—কৃত্ত)। { *স.* প্রেরণ> }

পাঁজ¹ [পাঁজ্] *বি* পদচিহ্ন; পদাঙ্ক। { *স.* পদাঙ্ক> }

পাঁজ², **পাঁইজ** [পাঁজ্, পাঁইজ্] *বি* ১ সুতা কাটার জন্য পরিষ্কার করে ভাঁজ করা তুলা। ২ পেঁজা তুলার বাতি; পলিতা; মোটা সলিতা (ঝিউড়ির খেই আর বউড়ির পাঁজ গো—*সদ*)। { *স.* পঞ্জি>; *স.* পুঞ্জ }

পাঁজর, পাঁজরা [পাঁজোর্, পাঁজ্‌রা] *বি* পঞ্জর; বুকের ও পার্শ্বদেশের অস্থি বা হাড় (হিয়া জর জর খসিল পাঁজর —*বচদা*)। { *স.* পঞ্জর> }

পাঁজা¹ [পাঁজা] *বি* পোড়াবার জন্য ইটের স্তূপ (একটি ইটের পাঁজা—*অঠা*; রোদে রাঙ্গা ইটের পাঁজা—*সুরা*)। { *ফা.* পাজারহ پجاوہ }

পাঁজা² [পাঁজা] *বি* গুচ্ছ; আটি; রাশি। { *স.* পুঞ্জ> }

পাঁজা³ [পাঁজা] *বি* দুই করতল প্রসারিত করে ধারণ (পাঁজা করি চন্দ্রকেতু ধরিল সত্বর—*কমু*)। ~**কোলা** *বিণ* দুই হাত বাড়িয়ে জাপটে ধরে কোলের মধ্যে উত্তোলিত (তাঁহাকে পাঁজাকোলা করিয়া ধরিয়া বাটির ভিতর লইয়া গেল—*প্যাপ্যামি*)। { *ফা.* পানজাহ پنجہ }

পাঁজি, পাঁজী [পাঁজি] *বি* পঞ্জিকা; মাস তিথি বার শুভাশুভ দিন গণনা ইত্যাদি নির্ধারণের জন্য জ্যোতিষ শাস্ত্রোক্ত সাংকেতিক গ্রন্থ (সে তো পাঁজি দেখিয়া যাত্রা শুরু করে নাই—*বিব*)। ~**পুঁথি** *বি* হিন্দু পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থ; প্রামাণ্য গ্রন্থ; পুঁথিপত্র (এই বেশে শিষ্যগণ সঙ্গে ফিরে অনুক্ষণ পাঁজি পুঁথি বোঝা বোঝা লয়ে—*ভারা*)। **হাতে ~ মঙ্গলবার**— কাছে পাঁজি থাকতে দিন তারিখ শুভাশুভ নির্ধারণের জন্য ভাবনা; *(আল.)* প্রত্যক্ষ প্রমাণ থাকতে অনাবশ্যক দুশ্চিন্তা। { *স.* পঞ্জিকা> }

পাঁট ⇒ পাইন্ট

পাঁঠা, পাঁটা [পাঁঠা, -টা] *বি* ১ পুং ছাগ। ২ *(আল.)* গালিবিশেষ; বুদ্ধিশূন্য ব্যক্তি। **পাঁঠি, পাঁঠী** *বি স্ত্রী.*। { *তুল. হি* পট্‌ঠা }

পাঁড় [পাড়] *বিণ* ১ পাকা (পাঁড় শসা)। ২ সম্পূর্ণ (পাঁড় মাতাল)। ~ **মাতাল** *বি* বদ্ধমাতাল; অতিশয় মদ্যাসক্ত (দুটোই পাঁড়মাতাল—*রাব*)। { *স.* পক্ব> }

পাঁড়ে [পাঁড়ে] *বি* ১ হিন্দুস্থানি ব্রাহ্মণদের পদবি বা উপাধিবিশেষ। { *স.* পণ্ডিত; *তুল. হি.* পাণ্ডে>পাঁড়ে }

পাঁতর, পাঁথর *(মবা., পূগী)* [পাঁতর্, পাঁথর্] *বি* প্রান্তর; বড় মাঠ। { *স.* প্রান্তর }

পাঁতি [পাঁতি] *বি* ১ শ্রেণি; সারি (দাঁতের পাঁতি)। ২ শাস্ত্রীয় বচন; ব্যবস্থাপত্র। ৩ পত্র; চিঠি; লিপি (দুঃখ পাঁতি লিখে পাঠাইল স্থানে স্থানে—*সৈআ*)। ৪ ধরন; পদ্ধতি; রীতি। { *স.* পঙ্‌ক্তি> }

পাঁদাড় [পাঁদাড়্] *বি* ১ বাড়ির পিছনের নোংরা আবর্জনাপূর্ণ জায়গা (পাঁদাড়ে গড়াগড়ি যেতে লাগলো—*কাসি*)। { *স.* পশ্চাগার> }

পাঁপড় ⇒ পাঁপর

পাঁপর, পাঁপড় [পাঁপোর্, –ড়্] *বি* বিভিন্ন মসলামিশ্রিত করে ডালবাটা দিয়ে তৈরি তেলেভাজা পাতলা মচমচে রুটিবিশেষ (পাপর ভাজা)। { *স.* পর্পট> }

পাঁপর², **পাপর** [পাঁপোর্, পা-] *বি* নিঃস্ব ব্যক্তি, যার মোকদ্দমার ব্যয়ভার সরকার বহন করেন; পপার। { *ই* pauper }

পাঁয়জোর ⇒ পাইজোর

পাঁয়তারা, পাঁইতারা [পাঁয়তারা, পাঁই-] *বি* ১ মল্লযুদ্ধাদিতে আক্রমণের পূর্বোদ্যোগস্বরূপ হাত-পা খেলানো। ২ কোনো কাজের আগে আস্ফালন (পাঁয়তাড়া আর কদ্দিন ভালো লাগে—*আই*)। { *ফা.* পায় پای + *আ.* তুরাব تراب , *স.* পদান্তর>*প্রা.* পয়ান্তর>*হি.* পাঁয়তারা }

পাঁশ [পাঁশ্] *বি* ১ ছাই; ভস্ম। ২ ছাইয়ের ন্যায় অকিঞ্চিৎকর বস্তু (কী ছাইপাঁশ এনেছ)। **ছাই~** *বি* ফেলে দেওয়ার মতো অকিঞ্চিৎকর বস্তু (এ ছাইপাঁশ ফেলে দিলে উপকার হবে)। ~**গাদা** *বি* ছাইগাদা; ভস্মস্তূপ (ছোট রানী পাঁশগাদার পাশে মাছ কুটিতে বসিলেন—*দমি*)। { *স.* পাংশু> }

পাঁশুটে [পাঁশুটে] *বিণ* পাংশুবর্ণ বিশিষ্ট; ছাইবর্ণ; ash-coloured (কালকের মতোই পাঁশুটে সন্ধে, কিম্বা আরো একটা নিবিড়—*অচিসে*)। { *স.* পাংশু>+*বা.* টিয়া> }

পাক¹ [পাক্] *বি* ১ রন্ধন; রন্ধনকার্য (পাকের ঘর), অগ্নিতাপে সিদ্ধকরণ (সতীত্বে সাবিত্রী পাকে দ্রৌপদী সুন্দরী—*দ্বিরা*)। ২ অগ্নির উত্তাপে তৈরি করা (কবিরাজি তৈলাদির পাক)। ৩ হজম। ৪ পরিণতি; পরিণাম (বিপাক)। ৫ পক্বতা; শুক্লতা; শুভ্রতা (কেশে আমার পাক ধরেছে বটে—*রঠা*)। ~ **করা** *ক্রি* রান্না করা। ~**ঘর** *বি* রান্নাঘর। ~ **ধরা** *ক্রি* ১ পক্বতা প্রাপ্ত হওয়া; পেকে ওঠা (আমে পাক ধরেছে)। ২ সাদা হতে শুরু করা (চুলে পাক ধরেছে)। ~**যন্ত্র** *বি* পাকস্থলী; পাকাশয়; stomach। ~**শালা** *বি* রন্ধনশালা; রান্নাঘর। ~**স্থলী** *বি* পাকাশয়; উদরের যে অংশে খাদ্যদ্রব্যাদি জীর্ণ হয়; stomach। ~**স্থালী**, ~**পাত্র** *বি* রান্নার বা রন্ধনপাত্র। ~**স্পর্শ** *বি* ১ বউভাত। ২ বাঙালি বিবাহ অনুষ্ঠানের একটি অঙ্গ। { *স.* √পচ্+অ(ঘঞ্) }

পাক² [পাক্] *বি* ১ ঘূর্ণন; আবর্তন; প্রদক্ষিণ (চিরদিনের ঘুরণ পাকে এই যে নূতন মনগাড়া এর সাথে আজ মিলিয়ে নেবে হাত—*সদ*)। ২ হেতু; কারণ; নিমিত্ত; জন্য (যোগিনী হইবে সেই পাকে—*বচ*)। ৩ মোচড়; মোড়া (পাক দেওয়া)। ৪ ঘটনাক্রম; ঘটনাচক্র (পাকচক্রে)। ৫ চক্রান্ত; ষড়যন্ত্র; কৌশল; ফাঁদ (পাকে পড়া, পাকে ফেলা)। **পাকচক্র** *বি* ১ ঘটনাচক্র। ২ চক্রান্ত; ষড়যন্ত্র। ~**দণ্ডী**, ~**দণ্ডি** *বি* এমন পথ যা ঘুরে ঘুরে পাহাড়ের উপরে উঠে গেছে (সেখান থেকে পাকদণ্ডি নেমেছে ঝরণা পর্যন্ত—*অঠা*)। **পাকেচক্রে, পাকে-প্রকারে** *ক্রিবিণ* ১ ঘটনাচক্রে; ঘটনাক্রমে। ২ কলেকৌশলে; কৌশলে। **জিলিপির ~ (/প্যাঁচ)** ১ *বি* জিলিপি নামক মিষ্টান্নের চক্র। ২ *(আল.)* দুষ্টবুদ্ধি; কুচক্র (পেটে পেটে এত জিলাপির পাক তোর)। { *স.* পরিক্রম> }

পাক[৩] [পাক] *বিণ* শুদ্ধ; পবিত্র (এসমে আজম তাবিজের মতো আজো তন রূহ পাক —*নই*)। **না-** *বিণ* অপবিত্র; পবিত্র নয় এমন (নাপাক বলে এত বড় দায়—*ভারা*)। {*ফা.* পাক پاک }

পাকসাফ [পাক্‌সাফ্] *বিণ* পরিষ্কার-পরিচ্ছন্ন। {*ফা.* পাক پاک + *আ.* সাফ্ صاف }

পাকড় [পাকড়্] *বি* ধরা; ধৃতকরণ; গ্রেপ্তার করা; গ্রেপ্তার (ধরপাকড়)। {*হি.* পাকড়্না}

পাকড়াও[১] [পাকড়াও] *বি, বিণ* সবলে ধরা; আয়ত্তে আনা (হঠাৎ কেমন করে পাকড়াও করে ঘরে এনে একটা বিলিতি ইঁদুরের খাঁচায় বন্ধ করলে—*অঠা*)। {*হি.* পাকড়না}

পাকড়াও[২], **পাকড়ো** [পাকড়াও, –কড়ো] *ক্রি* ধরো; গ্রেফতার করো। **পাকড়ানো** *ক্রি* ধৃত করা; গ্রেপ্তার করা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। {*হি.* পাকড়্না}

পাকড়ী *(মবা.)* [পাক্‌ড়ি] *বি* ১ ফুল; ফুলের পাঁপড়ি (চাঁপার পাকড়ী দিয়া—*ভারা*)। ২ পাকুড় গাছ। ৩ অশ্বত্থ গাছ। {*স.* পক্ষ>}

পাকন [পাকোন্] *বি* ১ পক্বতাপ্রাপ্ত হওয়া; পরিণত হওয়া। ২ শুভ্র বা সাদা হওয়া। ৩ ফলাদিতে রং ধরা। ৪ স্ফোটকাদিতে পুঁজের সঞ্চার হওয়া। {*স.* পক্ব>}

পাকনাড়া [পাক্‌নাড়া] *বি* হাতে ধরে ঘুরপাক, করতলে চেপে ধরে ঘুরানো (লেজে ধরি দেয় পাক্‌নাড়া—*কমু*)। {পাক(ঘূর্ণন)+নাড়া}

পাকপাঞ্জতন ⇒ পাঞ্জতন

পাকল[পাকোল্] *বিণ* রক্তবর্ণ; লোহিত; অগ্নিবর্ণ (হীরারে জিজ্ঞাসে চক্ষু করিয়া পাকল—*ভারা*)। {*স.* পাক+ √লা+অ(ক)}

পাকলানো[১] [পাক্‌লানো] *ক্রি* রক্তবর্ণ করা; অগ্নিবর্ণ করা; চোখ লাল করা (হবু চন্দ্র রাজা বলে পাকালিয়া চোখ—*রঠা*)। {*স.* পাকল + *বা.* আনো}

পাকলানো[২], **পাকলা**, **পাখলানো** [পাক্‌লানো, পাক্‌লা, পাখ্‌লানো] *ক্রি* প্রক্ষালন করা; ধৌত করা (রোজ ধোয়া পাকলানো পরিচ্ছন্ন থাকার উপায়)। {*স.* প্রক্ষালন>}

পাকলানো[৩] [পাক্‌লানো] *ক্রি* দাঁতের মাড়ি দ্বারা চিবানো। {*স.* প্রক্ষালন>}

পাকশাসন [পাক্‌শাশোন্] *বি* হিন্দু দেবতা ইন্দ্র যিনি স্বর্গের অধিপতি এবং পাক নামক অসুরকে হননকারী। {*স.* পাক+শাসন}

পাকসাট ⇒ পাখসাট

পাকা [পাকা] *ক্রি* পক্ব হওয়া; পরিণত হওয়া; পেকে যাওয়া (আম পাকা; বুদ্ধি বা জ্ঞান পাকা)। ২ শুভ্র বা শুক্ল হওয়া (চুল পাকা)। ৩ পুঁজপূর্ণ হওয়া (ফোড়া পাকা)। ৪ বৃদ্ধ হওয়া; প্রবীণ হওয়া (বয়স পাকা)। ৫ ঝানু হওয়া; নিপুণ বা দক্ষ হওয়া (বুদ্ধিতে পাকা)। □*বিণ* ১ পরিণত; পরিপক্ব (পাকা ফল; পাকা বয়স)। ২ অভিজ্ঞ; নিপুণ; পারদর্শী (পাকা চোর)। ৩ ঝানু (পাকা লোক)। ৪ নিপুণতার সঙ্গে কৃত (পাকা কাজ)। ৫ স্থায়ী (পাকা রং)। ৬ অপরিবর্তনীয়; যা নড়চড় হয় না (পাকা কথা)। ৭ পুরোপুরি; সম্পূর্ণ (পাকা তিন সের)। ৮ মজবুত; দৃঢ় (পাকা ছাদ)। ৯ এক সের পরিমাণে পুরোপুরি ৮০ তোলা আছে এমন; যথার্থ (পাকা ওজন)। ১০ ইটের তৈরি (পাকা বাড়ি)। ১১ আইন অনুযায়ী সম্পাদিত (পাকা দলিল)। ১২ নিখাদ; খাঁটি (পাকা সোনা)। ১৩ পরিশ্রমে অভ্যস্ত; পরিণতিপ্রাপ্ত (পাকা হাড়)। ১৪ ইষ্টকাদি দ্বারা বাঁধানো (পাকা রাস্তা)। ১৫ চূড়ান্ত (পাকা দেখা)। ১৬ উৎকৃষ্ট বা উঁচু মানের (পাকা ফলার)। **~ আম দাঁড়কাকে খাওয়া** *ক্রি* সেরা জিনিস অযোগ্যের ভোগে আসা (হায় বিধি, পাকা আম দাঁড়কাকে খায়—*ভারা*)। **~ ঘুঁটি কেচে যাওয়া** *ক্রি* সমাপ্তপ্রায় কাজ নষ্ট হয়ে যাওয়া। **~ দেখা** *ক্রি* বিবাহ নির্ধারণ করার পর বর বা কনেকে আশীর্বাদ করবার জন্য দেখা। **~ ধানে মই দেওয়া** *ক্রি* সুসম্পন্ন কাজ নষ্ট করা; মারাত্মক ক্ষতি করা। **~নো** *ক্রি* ১ পক্ব করা। ২ মোচড়ানো; ঘুরানো (দড়ি পাকানো)। □*বি, বিণ* উক্ত অর্থে। **~পাকি** *বিণ* ১ স্থিরীকৃত; নির্ধারিত। ২ সুনিশ্চিত। **~পোক্ত** *বিণ* ১ সুদক্ষ; সুচতুর; সেয়ানা। ২ বলিষ্ঠ; সুদৃঢ়; মজবুত। ৩ পরিপক্ব; পরিণত। ৪ স্থায়ী; কায়েমি (এসে পাকাপোক্ত কর্মী হয়ে যায়—*মব*; অধিকারকে আইনানুগ করিয়া লইয়া পাকাপোক্ত হইয়া বসে—*সৈও*)। **~ মাথা** *বি* প্রবীণ ব্যক্তির মস্তক বা বুদ্ধি। **~মো, ~মি** *বি* অপরিণত বয়সে প্রবীণ ব্যক্তির ন্যায় আচরণ (ডলুর মনের ন্যাকামি পাকামি সবই জানি—*বিদে*)। **~ লেখা** *বি* স্থায়ী লেখা। ২ নিপুণ রচনা। **~ সোনা** *বি* খাঁটি বা বিশুদ্ধ বা খাদহীন সোনা। **~ হাড়** *বি* বুড়ো মানুষের হাড়, যা পরিণত বুদ্ধির ও অভিজ্ঞতার প্রতীক। □*বিণ* পরিশ্রমে অভ্যস্ত; সুদৃঢ়। {*স.* পক্ব>}

পাকাটি ⇒ পেঁকাটি

পাকাটে, প্যাকাটে [পাকাটে, প্যা–] *বিণ* রুগ্ণ; পাতলা; অসুন্দর; পাটকাঠির মতো হালকা-পাতলা দেহ। {পাটকাঠি>}

পাকানো[১], **পাকান** [পাকানো] *ক্রি* ১ পাক দেওয়া; মোচড়ানো; জড়ানো; ঘুরানো (সুতা পাকানো)। ২ জটিল করা; গোলমেলে করা (জট পাকানো)। ৩ বর্তুলাকার বা গোলাকার করা (বড়ি পাকানো)। ৪ জটলা করে কোনো অভিসন্ধি নির্ধারণ করা (দল পাকানো)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। **~/পাকোয়ান পিঠা** *বি* গোলাকার করে প্রস্তুত পিঠা (নকসি করা পাকান পিঠা সবাই তারে হারে—*জউ*)। {পাক+আনো}

পাকানো[২] [পাকানো] *ক্রি* রান্না করা (ভাত পাকানো)। {*স.* পক্ব>পাক+আনো}

পাকাশয় [পাকাশয়্] *বি* পাকস্থলী; stomach। **পাকাশয়িক** *বিণ* পাকাশয় সংক্রান্ত। {*স.* পাক+আশয়; ৬তৎ}

পাকি[১], **পাকী** [পাকি] *বিণ* ৮০ তোলার ওজনবিশিষ্ট (পাকি সের)। *বিপ.* কাঁচি। {*স.* পক্ব>পাকা+ই}

পাকিমালা [পাকিমালা] *বি* বহুদিন ব্যবহার উপযোগী মালা (গাল ভরা গুয়া পান পাকিমালা গলে—*ভারা*)। {*স.* পক্ব>+মালা}

প্যাকিল [প্যাকিল্ / -ল্] *বিণ* পাকা; পক্ব (দেখিল প্যাকিল বেল গাছের উপরে—*বচদা*)। { *স.* পক্ব> }

পাকিস্তান [পাকিস্‌তান্] *বি* ১৯৪৭ খ্রিস্টাব্দে পূর্ববঙ্গ, পশ্চিম পাঞ্জাব, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান নিয়ে প্রতিষ্ঠিত স্বাধীন রাষ্ট্র, যা ছিলো দ্বিজজাতিতত্ত্বের ভিত্তিতে দ্বিধাবিভক্ত ভারতবর্ষের মুসলিমপ্রধান অংশ, ১৯৭১ খ্রিস্টাব্দে পূর্ববঙ্গ সশস্ত্র মুক্তিসংগ্রামের মাধ্যমে বাংলাদেশ নাম নিয়ে স্বাধীন হওয়ার পর অবশিষ্ট চারটি প্রদেশ নিয়ে গঠিত রাষ্ট্র। { *ফা.* পাকিস্তান پاکستان }

পাকী ⇒ পাকি

পাকুড় [পাকুড়্] *বি* অশ্বত্থজাতীয় বৃহৎ গাছ (পুরানো পাকুড় ছিলো ওই হোথা কাঁচা ও সড়ক ঘেঁসি—*বআমি*)। **পাইকড়** *(মবা.; মাগা)*। { *স.* পর্কটী> }

পাকে [পাকে] *ক্রিবিণ* ১ পাকচক্রে, পাকে প্রকারে। ২ নিমিত্ত; জন্য (এই পাকে হৈলি তুই ছাগল রাখাল—*কমু*)। { *স.* √পচ্>পাক(পরিণামে অর্থে)+এ }

পাকেচক্রে, পাকে-প্রকারে ⇒ পাক[2]

পাকোয়ান [পাকোয়ান্] *বি* পাকানো পিঠা; ঘিয়ে ভাজা খাদ্য; কচুরি প্রভৃতি। { *স.* পক্বান্ন> }

পাক্কা [পাক্‌কা] *বিণ* ১ পাকা (আমার লেগেছিল কাইরো দেখতে পাক্কা একটি বচ্ছর—*সৈমু*)। ২ পুরাপুরি দৃঢ় শক্ত (পাক্কা ভবন)। { *স.* পক্ব> }

পাক্ষিক [পাক্‌খিক্] *বিণ* পনেরো দিন অন্তর সংঘটিত হয় এমন। □ *বি* যে সাময়িক পত্রিকা প্রতি পক্ষে প্রকাশিত হয় (এবার পাক্ষিকে লেখাটা প্রকাশিত হবে)। { *স.* পক্ষ+ইক (ঠক্) }

পাখ, পাখনা [পাখ্, পাখ্‌না] *বি* পক্ষী পতঙ্গাদির ডানা বা পালক (দুপুর বেলার তীক্ষ্ণ রোদে পাখনা মেলে যাও কোথায়—*সদ*)। **পাখপাখালি** *বি* পাখি বা পাখিজাতীয় প্রাণী; ছোট বড় নানা জাতীয় পাখি (দুপুরের পাখপাখালি ডাকে সুদূর পঞ্চাশ বছরের পার হইতে বাঁশের মর মর শব্দ কানে আসে—*বিব*; পাখপাখালীর ঝাঁকে—*আসি*)। { *স.* পক্ষ> }

পাখ ⇒ পাখ

পাখড় *(মবা.)* [পাখোড়্] *বি* ধর (পাখড় পাখড় বোলে বোল—*রাপ*)। { *স.* প্রগ্রহ> ?; *তুল. হি* পাকাড়া }

পাখম ⇒ পেখম

পাখমার [পাখ্‌মার্] *বি* পক্ষী-শিকারি; ব্যাধ (পাখমারাটা কুঁকড়োকে ত্যাগ করছে যে—*অঠা*)। { পাখি+মারা }

পাখরিয়া [পাখোরিয়া] *বি* ১ পক্ষিরাজ। □ *বিণ* পক্ষিরাজের ন্যায় দ্রুতগামী (আগুদলে ধায় যত পাখরিয়া ঘোড়া—*কমু*)। { *স.* প্রক্ষর(অশ্বকবচ)>পাখর+ইয়া }

পাখলানো, পাকলানো, পাকলা [পাখ্‌লানো, -ক্-, পাক্‌লা] *ক্রি* প্রক্ষালন করা; রগড়িয়ে ধৌত করা; ধোয়া-পাখলা করা (শ্বেত চন্দন গায়ে মাখিয়া হাত পাখালিয়া সাধু তাম্বুল মুখে দিল—*দমি*)। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* প্রক্ষালন> }

পাখসাট, প্যাকসাট [পাখ্‌শাট্, -ক্-] *বি* পাখার বা ডানার ঝাপটা (শুক প্যাকসাট দিয়া সারিকারে খেদাইয়া নারী নিন্দাচ্ছলে নিন্দে ভূপে—*ভারা*)। { *স.* পক্ষ>পাখ+সাট }

পাখা, পাখনা [পাখা, পাখ্‌না] *বি* ১ পাখি পতঙ্গ প্রভৃতির ডানা বা পালক। ২ যা দ্বারা বাতাস করা হয়; ব্যজনী; তালবৃন্ত (তালপাখা; বৈদ্যুতিক পাখা)। { *স.* পক্ষ> }

পাখালা [পাখালা] *ক্রি* প্রক্ষালন করা; ধৌত করা (হস্ত পাখালিয়া—*বৃদা*)। { *স.* প্রক্ষালন> }

পাখি[1], পাখী[1] [পাখি] *বি* পক্ষী; বিহঙ্গম; বিহগ। ~**পড়ানো** *বি* অর্থ না বুঝিয়ে পাখির বুলির মতো মুখস্থ করানো। □ *ক্রি* মুখস্থ বলাবার জন্য বারবার বলা। ~**র প্রাণ** *বি* পাখির মতো ক্ষীণ বা দুর্বল প্রাণ। **প্রাণ**~ *বি* দেহরূপ পিঞ্জরে আবদ্ধ প্রাণরূপ পাখি। { *স.* পক্ষিন্> পক্ষী> }

পাখি[2], পাখী [পাখি] *বি* ১ খড়খড়ির কাষ্ঠদণ্ড। ২ চরকার খুরায় সংলগ্ন কাষ্ঠদণ্ডাবলি। ৩ মইয়ের খিল বা ধাপ। { *স.* পক্ষ+*বা.* ই }

পাখি[3], পাখী[3] [পাখি] *বি* ২৬/৩৩/৩৫ শতাংশ পরিমাণ জমি (১০ পাখি জমি)। { *স.* পক্ষ> }

পাখোয়াজ [পাখোয়াজ্] *বি* ১ মৃদঙ্গ, ঢোল ইত্যাদির ন্যায় এক প্রকার বাদ্যযন্ত্র (তোমার পাখোয়াজ বন্ধ কর বাপু—*রাব*)। ২ ইঁচড়ে পাকা; অকালপক্ব (পাখোয়াজ ছেলে)। ৩ চালাক; চতুর। **পাখোয়াজি** *বিণ* পাখোয়াজ যন্ত্র বাজায় এমন; পাখোয়াজ বাদক। { *ফা.* পকাওয়াজ پکاوج ; *তুল. স.* পক্ষবাদ }

পাগ ⇒ পাগড়ি

পাগড়ি, পাগড়ী, পাগ [পাগ্‌ড়ি, –, পাগ্] *বি* উষ্ণীষ; আমামা; শিরস্ত্রাণ; শিরোবেষ্টন বস্ত্র; মাথায় জড়ানোর কাপড় (রাজসভা যাইয়া মাথায় ফেলে পাগ—*ঘচ*; ফেলিয়া বন্দুক জামা পাগ তলবার—*ভারা*)। { *স.* প্রগ্রহ>*প্রা.* প্রগ্‌গহ>*হি* পাগ, পাগড়ী }

পাগর ⇒ পাগল

পাগল, পাগর [পাগোল্, -গোর্] *বিণ* ১ বাতুল; উন্মাদ; বিকৃতমস্তিষ্ক; ক্ষ্যাপা। ২ মত্ত; মাতাল (কি দিয়া সুন্দরী মোরে করিল পাগর—*কমু*)। ৩ বিমুগ্ধ; বিমোহিত (রবীন্দ্রসঙ্গীত শুনতে একেবারে পাগল)। ৪ অবোধ (পাগল ছেলে যা বায়না ধরবে তা নেবেই)। **পাগলি, পাগলী, পাগলিনী** *বিণ স্ত্রী*। ~**-ছাগল** *বি* পাগলের প্রায়; পাগলের পর্যায়ভুক্ত (পাগল-ছাগল মানুষ দিয়ে কি কাজ হয়?)। ~**ঝোরা** *বি* উন্মত্ত বা বেগবান ঝরনা (তারি সুর লয়ে ঝরিবে আমার গানের পাগলঝোরা—*নই*)। ~**পারা** *বিণ* পাগলের মতো; ক্ষিপ্তপ্রায়; ক্ষ্যাপার মতো (আঁধারে পাগলপারা ঘুরে বেড়ায় শূন্যময়—*রজসে*)। { *স.* পাকল, পাগল }

পাগলা [পাগ্‌লা] *বিণ* ১ ক্ষ্যাপা। ২ চঞ্চলমতি; অবুঝ। **পাগলি, পাগলী** *বিণ স্ত্রী*। ~ **গারদ** *বি* পাগলদের আড্ডা; যেখানে বিকৃতমস্তিষ্কদের আটক করে রাখা হয় (কর্তাকে বলে ওকে পাগলা গারদে পাঠান যাউক—*প্যামি*)। ~**টে** *বিণ* ছিটগ্রস্ত; পাগল ধরনের। ~**মি, ~মো** *বি* ১ পাগলের ভাব বা ব্যবহার। ২ অবুঝপনা (পাগলামি কোরো না)। { *স.* পাগল+*বা.* আ }

পাগলাই *(মবা.)* [পাগ্‌লাই] *বি* পাগলের ভাব; উন্মাদের মতো আচরণ (পাগলাই না করিব—*কৃক*)। { *স.* পাগল+ *বা.* আই}

পাগাল [পাগাল] *বি* ইস্পাত (বুড়োরা কয়, ছেলে নয় ও পাগাল লোহা যেন—*জউ*)। {পাকা>+আল ?}

পাঙাশ ⇒ পাঙ্গাশ[১] ও পাঙ্গাশ[২]

পাঙ্‌ক্তেয় [পাঙক্‌তেয়ো] *বিণ* ১ পঙক্তিতে বা সমশ্রেণিতে স্থান পাওয়ার উপযুক্ত। ২ এক পঙক্তিতে বা এক সারিতে আহার করবার যোগ্য। { *স.* পঙক্তি+এয় (ঢক)}

পাঙ্খা [পাঙ্‌খা] *বি* পাখা; ব্যজনী (উইড়া যাওয়ার সাধ ছিল, পাঙ্খা দেয় নাই বিধি—*জউ*)। { *স.* পক্ষ>}

পাঙ্গাশ[১], পাঙাশ[১] [পাঙ্‌গাশ, পাঙাশ] *বি* আড়টেংরা জাতীয় এক প্রকার মাছ। { *স.* পিঙ্গাশ>}

পাঙ্গাশ[২], পাঙাশ[২] [পাঙ্‌গাশ, পাঙাশ] *বিণ* পাংশুবর্ণ; ফ্যাকাসে; ছাইরঙা; রক্তহীনতায় পাণ্ডুর (চোখের সামনে ভেসে উঠল একটা পাঙাশ মূর্তি—*অঠা*)। { *স.* পাংশু>}

পাচক [পাচোক] *বিণ* হজমি; পরিপাক করায় এমন; জীর্ণকারক। ❑ *বি, বিণ* রাঁধুনে; যে রাঁধে; সূপকার। ~**রস** *বি* পাকস্থলীজাত রস যা হজমে সাহায্য করে; gastric juice। **পাচিকা** *বি, বিণ স্ত্রী.* রন্ধনকারিণী; রাঁধুনি। { *স.* √পচ্+ণিচ্+অক(ণ্বুল্)}

পাচতি, পাচতী *(মবা.)* [পাচোতি/পাচ্‌তি] *বি* ধাত্রী; ধাই (সাধুর কিঙ্করী ডাকি আনিল পাচতি—*কমু*)। { *অমূ.*}

পাচন[১] [পাচোন] *বি* ১ আগাছা তুলে ফেলবার অস্ত্রবিশেষ; নিড়ানি। ২ গরু ঘোড়া প্রভৃতি তাড়াবার দণ্ডবিশেষ; নড়ি; ছোট লাঠি। { *স.* প্রাজন>}

পাচন[২], পাঁচন [পাচোন্‌, পাঁ–] *বিণ* পরিপাককারী; জীর্ণকারক; হজমি। ❑ *বি* বিবিধ ওষধি, লতা, মূলাদির ক্বাথ; পাঁচ রকম গাছ-গাছড়া সিদ্ধ করে প্রস্তুত ঔষধ। ~**যন্ত্র** *বি* পরিপাকযন্ত্র; জীর্ণকারক যন্ত্র; digcstive organ। { *স.* √পচ্+ণিচ্+অন(ল্যুট্)}

পাচনবাড়ি, পাঁচনবাড়ি, পাচনি, পাঁচনি [পাচোন্‌বাড়ি, পাঁ–, পাচোনি, পাঁ–] *বি* গবাদি পশুর জন্য ব্যবহৃত তাড়নদণ্ডবিশেষ; নড়ি (পাঁচনীর আশীর্বাদে মানুষ করি ঠেঙিয়ে বলদ—*নই*)। { *স.* প্রাজন>+ *স.* বেষ্ট (বাঁশ)> *প্রা.* বেট্ট>বাটি>বাড়ি}

পাচলা *(মবা.)* [পাচ্‌লা] *বি* ১ রন্ধন উপকরণ। ২ উপচার; পূজার উপকরণ (ধূপদীপ নানাবিধ নৈবেদ্য পাচলা—*কমু*)। { *স.* √পচ্(রান্না করা)>+ *বা.* লা}

পাচার [পাচার] *বি* ১ গোপনে অপসারণ; চুপিচুপি সরিয়ে ফেলা; চুরি করে নিঃশেষকরণ (গল্পটা শুনেছে নিশ্চয়ই কোন ইংরেজের কাছ থেকে, আর সেটা পাচার করে দিলে আপনার উপর দিয়ে—*সৈমু*)। ২ এক পিঠ থেকে উল্টা পিঠ পর্যন্ত (পাচার বিধ)। { *তুল. হি.* পছাড়া}

পাচিকা ⇒ পাচক

পাচিত [পাচিতো] *বিণ* রাঁধা; ভাজা; ভর্জিত; অগ্নিপক্ব। { *স.* √পচ্+ণিচ+ত(ক্ত)}

পাচিল ⇒ পাঁচিল

পাচ্য [পাচ্‌চো] *বিণ* ১ রন্ধনযোগ্য; পাকযোগ্য। ২ পরিপাক বা হজমসাধ্য (সহজপাচ্য)। { *স.* √পচ্+য(ণ্যৎ)}

পাছ [পাছ্] *বি* পশ্চাদ্‌ভাগ; পিছন। ~**দুয়ার** *বি* বাড়ির পিছন দরজা; খিড়কি। **পাছে** *ক্রিবিণ* ১ পরে; পশ্চাৎ পিছনে। ২ আশঙ্কায় (সে নদী পথে গেল না পাছে নৌকাডুবি হয়)। { *স.* পশ্চাৎ>}

পাছড়া, পাছুড়ি [পাছ্‌ড়া, পাছ্‌ড়ি] *বি* উত্তরীয় বস্ত্র; গায়ের চাদর; দোপাট্টা (পাটের পাছুড়ি দিল সকল শরীর —*কৃও*)। { *স.* প্রচ্ছদপট>}

পাছড়ানো [পাছ্‌ড়ানো] *ক্রি* ১ আছাড় দেওয়া; আছাড় দিয়ে ভূপাতিত করা। ২ ছাগাদি জবাই করার সময়ে মাটিতে ফেলা। ❑ *বি* কুলা দ্বারা শস্যাদি ঝাড়া (কুলোতে ডাল পাছড়াচ্ছিল কমলা—*গুমা*)। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {পাছড়া+আনো}

পাছা [পাছা] *বি* ১ নিতম্বদেশ। ২ নৌকার পশ্চাদ্‌ভাগ। ~**পেড়ে, পাছপেড়ে** *বিণ* পাছার উপরে পরে এমন পাড়যুক্ত; মধ্যের পাড়সহ তিন পাড়যুক্ত (পাছাপেড়ে শাড়ি)। { *স.* পশ্চাৎ>}

পাছাড় [পাছাড়্] *বি* পশ্চাৎ থেকে জাপটে ধরে আছাড় দান; মল্লযুদ্ধ। { *ফা.* পাসার پاسار }

পাছাড়ি [পাছাড়ি] *বিণ* পিছনের; পশ্চাদ্‌বর্তী (আগাড়ি পাছাড়ি দড়ি—*ঘচ*)। ❑ *বি* ১ ঘোড়ার পিছনের পা বাঁধার দড়ি। ২ পাছড়া; পাটের তৈরি মোটা কাপড় বিশেষ। { *স.* পশ্চাদ্‌বর্তী>পিছাড়ি>}

পাছানা, পহচানা [পাছানা, পহ্‌চানা] *ক্রি* চেনা (এরূপ যৌবন পাছানা জাইবে তুলি চাহ মোর মুখে—*বচ*)। { *প্রা.* পচ্চহি আণ>}

পাছানো [পাছানো] *ক্রি* ১ পিছিয়ে পড়া। ২ পিছে হটা। {পাছ+আনো}

পাছু, পিছু, পেছু, পিছ [পাছু, পি–, পে–, পিছ্] *বি* পিছন; পশ্চাৎ (পাছ থেকে)। ❑ *ক্রিবিণ* ১ পিছন বা পশ্চাৎ দিকে (পিছু হাঁটা)। ২ পশ্চাৎ থেকে (পিছু ডাকা)। ৩ পরে; পাছে; শেষে (পিছু শুনবে)। ৪ পিছে; পিছনে (পিছু লাগা)। ~**টান** *বি* প্রিয়জনদের প্রতি স্নেহ মমতার আকর্ষণ। ~**নেওয়া** *ক্রি* অনুসরণ করা; পিছনে পিছনে যাওয়া। ~ ~ *ক্রিবিণ* পিছে পিছে; পিছনে পিছনে (মধুকর কুল পাছুপাছু ছোটে—*বিচ*)। ~**লাগা** *ক্রি* নাছোড়বান্দা হয়ে পিছনে লাগা। ২ উত্ত্যক্ত করা; বিরক্ত করা। { *স.* পশ্চাৎ>}

পাছুআন, পাছুয়ান *(মবা.)* [পাছুয়ান্] *বিণ* পশ্চাদ্‌গামী; পিছনের (সারথি ইহা পাছুআন—*কাদা*)। *বিপ.* **আগুয়ান**। { *স.* পশ্চাৎ>পাছু+ *বা.* আন}

পাছুড়ি *(মবা.)* [পাছুড়ি] *বি* ঘোড়ার পিছনের পা বাঁধার দড়ি (আগুড়ি, পাছুড়ি দড়ি—*ঘচ*)। **আগুড়ি** *বিপ.*। { *স.* পশ্চাৎ>পাছ+ *বা.* উড়ি}। ⇒ পাছাড়ি

পাছুড়ী *(মবা.)* [পাছুরি] *অব্য.* পিছে; পশ্চাৎ (পাছুড়ী চলিল—*মৈগী*)। { *স.* পশ্চাৎ>পাছ+ *বা.* উড়ী}

পাছে [পাছে] *ক্রিবিণ* ১ পরে; পরবর্তীকালে; পরে যদি (পাছে তুমি বকো এই ভয়ে আমি খেলতে যাইনি); যদি ক্ষতিকর বা অনভিপ্রেত কিছু ঘটে এই ভয়ে বা আশঙ্কায়; ভেবে; বিবেচনায় (ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে—*ভারা*)। ২ পশ্চাদ্‌ভাগে; পিছনে; পিছে। { *স.* পশ্চাৎ>}

পাজামা ⇒ পায়জামা

পাজি, পাজী [পাজি] *বি* উদ্ধত; ঠেঁটা; ঝাগড়াটে; নচ্ছার; দুষ্ট; পামর; নীচ; ইতর (পাজী না হইলে এরূপ কথা মুখে আনে না—*ঈবি*)। ~**র পা ঝাড়া** *বিণ* পাজির হদ্দ; অতিশয় পাজি। { *ফা.* পাজী پاجی }

পাজেব, পাযেব [পাজেব্] *বি* পায়ের অলঙ্কারবিশেষ। { *ফা.* পাজেব্ پازیب }

পাঞ্চ [পান্‌চো] *বিণ* পাঁচ (এ হাত মোর পাঞ্চলাখ দানে—*বচ*)। { *স.* পঞ্চ; *ফা.* পনজ پنج }

পাঞ্চজন্য [পান্‌চোজোন্‌নো] *বি* শ্রীকৃষ্ণের শঙ্খের নাম। 'পঞ্চজন' নামের দৈত্যের অস্থি দিয়ে নির্মিত বলে এ শঙ্খের নাম পাঞ্চজন্য। { *স.* পঞ্চজন+অ(ঞ্য) }

পাঞ্চবার্ষিক [পান্‌চোবার্‌শিক্] *বিণ* ১ পঞ্চবর্ষীয়। ২ প্রতি পাঁচ বছর অন্তর ঘটে বা প্রকাশিত হয় এমন; পঞ্চবর্ষস্থায়ী। { *স.* পঞ্চবর্ষ+ইক(ঠক) }

পাঞ্চভৌতিক [পান্‌চোভোউতিক্] *বিণ* ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম—এই পঞ্চভূত দ্বারা গঠিত বা উৎপন্ন; পঞ্চভূত সংক্রান্ত। { *স.* পঞ্চভূত+ইক(ঠক্) }

পাঞ্চাল [পান্‌চাল্] *বি* ১ পঞ্চাল দেশীয়; রোহিলাখণ্ড অঞ্চলের। ২ পঞ্চাল দেশ বা আধুনিক বেরিলি সংক্রান্ত। ৩ পঞ্চাল দেশজাত। **পাঞ্চালী** *বি* ১ পাঞ্চাল রাজকুমারী দ্রৌপদী। ২ কাষ্ঠ প্রভৃতি দ্বারা নির্মিত পুতুল। { *স.* পঞ্চাল+অ(অণ্) }

পাঞ্জতন, পাকপাঞ্জতন [পান্‌জোতন্, পাক্–] *বি* পাঁচ শ্রেষ্ঠ ব্যক্তি : হজরত মুহম্মদ (সা.); হজরত আলী (রা.); হজরত ফাতিমা (রা.); হজরত হাসান (রা.) ও হজরত হুসাইন (রা.)। { *ফা.* পানজতন پنجتن }

পাঞ্জর [পান্‌জর্] *বি* ১ পঞ্জর; পাঁজর। ২ শরীর; দেহ। { *স.* পঞ্জর> }

পাঞ্জা, পাঁজা [পান্‌জা, পাঁজা] *বি* হিন্দু সম্প্রদায়ের পদবিবিশেষ। { *ফা.* পানজ پنج }

পাঞ্জা, পান্‌জা [পান্‌জা] *বি* ১ দস্তখত বা সিলমোহরের পরিবর্তে আঙুলসহ করতলের ছাপ; বাদশাহগণের হাতের ছাপমারা ফরমান; ফরমান (হাতে দিয়ে পরোয়ানা এই বাদশাহী পাঞ্জার ছাপ—ফের তারে ডেকে আনা—*মোম;* লিখাইয়া পাঞ্জা ফরমানের নকল—*ভারা*)। ২ করতল; থাবা। ৩ দুই করতল প্রসারিত করে জড়িয়ে ধরা (করি শত্রুর সাথে গলাগলি ধরি মৃত্যুর সাথে পাঞ্জা—*নই*)। ৪ পাঁচ ফোঁটাযুক্ত তাস। ৫ পদচিহ্ন দেখে যারা বনে হাতির সন্ধান করে (খোঁট ধরি পাঞ্জা লয়রে হাতীর খবর—*পূগী*)। – **কষা বা লড়া,** ~ **ঠোকা** *ক্রি* পরস্পরের পাঁচটি আঙ্গুল বদ্ধ করে কব্জির শক্তি পরীক্ষা করা (স্বভাব বুকে পাঞ্জা ঠোকার নাই প্রয়াস—*আহ*)। { *ফা.* পানজাহ پنجه }

পাঞ্জাব, পঞ্জাব১ [পান্‌জাব্, প–] *বি* ভারতের একটি প্রদেশ। ২ পঞ্চ নদ। **পাঞ্জাবি, পাঞ্জাবী** *বি* পাঞ্জাবের অধিবাসী বা ভাষা। ☐ *বিণ* পাঞ্জাব দেশ সম্পর্কিত বা পাঞ্জাবে জাত। **পশ্চিম পাঞ্জাব** *বি* পাকিস্তানের প্রদেশবিশেষ। { *ফা.* পানজাহ پنجه + *ফা.* আব آب; তুল. *স.* পঞ্চ+অপ }

পাঞ্জাবি১, পাঞ্জাবী [পান্‌জাবি] *বি* প্রধানত বাঙালিরা পরেন এমন সুপরিচিত জামা; পাঞ্জা তথা হাতের তালু অবধি বিস্তৃত আস্তিনবিশিষ্ট ঢিলা-ঢালা জামা; কামিজ (এও তো তাজ্জব কী বাৎ—পাঞ্জাবী পরলে বাঙালীকে চেনা যায়—*সৈমু*)। { *ফা.* পানজাহ پنجه + *বা.* ই, ঈ }

পাঞ্জাবি২ [পান্‌জাবি] *বি* পাঞ্জাবের ভাষা বা মানুষ। { *স.* পাঞ্জাব+ই }

পাঞ্জেগানা [পান্‌জেগানা] *বিণ* পাঁচ ওয়াক্তের নামাজ; দিনের পাঁচ বারের নামাজ (পাঞ্জেগানা নামাজ ছেড়ো না—*শাআ*)। { *ফা.* পানজগানাহ্ پنجگانه }

পাঞ্জেরি, পঞ্জেরী [পান্‌জেরি, পন্–] *বি* নৌকা বা জাহাজের অগ্রভাগে অবস্থিত আলোকদিশারি; যে নৌ-কর্মচারী নৌকার মাস্তুলে উঠে চারদিকের দৃশ্য, আবহাওয়া, চল ইত্যাদি বিষয়ে মাঝিকে সংকেত দান করেন (রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী—*ফআ*)। { *ফা.* পান্‌জরহ্ پنجره }

পাট১ [পাট্] *বি* ১ বাংলাদেশের 'সোনালি আঁশ' নামে খ্যাত এক রকম তন্তু যা থেকে চট, বস্তা, কার্পেট, সুতা ইত্যাদি তৈরি হয়; কোস্টা গাছ; উক্ত গাছের আঁশ; jute। ২ রেশম। ৩ রেশমি কাপড় (পরিধান পাট—*বচদা*)। ৪ পাটের মোটা সুতায় তৈরি থলে বা বস্তা (পাটে ভরি নিল খই—*কমু*)। ৫ স্তর; ভাঁজ; থাক (এক পাট সাদা খদ্দরে, এক পাট সাদা সিল্কে সমান হল না লাবণ্যে ও স্পর্শে—*অঠা*)। ৬ কাষ্ঠাসন; পিঁড়ি (পাট চড়ি রূপবতী প্রদক্ষিণ করে পতি—*কমু*)। ৭ সিংহাসন; রাজতন্ত্র (কীর্তি শুনি নৃপগণে তেজিবেক পাট—*সৈআ*)। ৮ পীঠস্থান; তীর্থস্থান (দশাশ্বমেধের ঘাট চৌষট্টি যোগিনী পাট নানা স্থানে নানা মহাস্থান—*ভারা*)। ৯ অস্তাচল (সূর্য পাটে যাবে নেমে—*রঠা*)। ১০ চ্যাপটা বস্তুর এক জোড়ার একটি (একপাট চটি বিছানায়—*দ্বিরা*)। ১১ চওড়া তক্তা; পাটা; ফলক (ধোপার পাটেও তাহাকে নিয়া ধুইল—*শেফ*)। ☐ *বিণ* ১ রাজকীয়; রাজার ব্যবহারের (বন-জঙ্গল ভাঙ্গিয়া পাটহাতী শীতকে পিঠে করিয়া ছুটিয়া গেলে—*দমি*)। ২ প্রধানা (পাটরানী)। { *স.* পট্ট> }

পাট২ [পাট্] *বি* ১ পারিপাট্য সাধন (মুগ, মুসুরী, ছোলা কলা ধান কফলানো হচ্ছে মাঠের পাট করে—*অঠা*)। ২ নিত্যনৈমিত্তিক গৃহকর্ম (লাজ পেয়ে মেয়ে যত ধেয়ে করে পাট—*ঘচ*)। ৩ চাকরানিগিরি; দাসীবৃত্তি; কাজকর্ম (পাট করি পরের পালিব পরিবার—*ঘচ*)। ৪ নিত্যদিনের কর্মের রীতি বা ধারা (পাট তোলা)। { *স.* পাটি> }

পাট৩ [পাট্] *বি* পাতকুয়ায় ব্যবহৃত পোড়া মাটির বেষ্টনী; চাক। { *স.* পাটকা> }

পাট৪, পার্ট [পাট্, পার্ট্] *বি* অভিনেতা বা অভিনেত্রীর অভিনেয় সংলাপ। { *ই.* part }

পাটক [পাটোক্] *বি* ১ পাড়; কূল; উপকূল। ২ পাশাখেলায় দান বা গুটি চালনা। ৩ বাদ্যযন্ত্র বিশেষ; বাদ্যধ্বনি। ৪ গ্রামার্ধ; গ্রামের অর্ধেক। { *স.* পাটি+অক(ণ্বুল্) }

পাটকিলে, পাটকিল [পাট্‌কিলে, –কিল্] *বিণ* ইটের রংযুক্ত; পাটল বর্ণযুক্ত (তবুও সেখানে আমি নিয়ে যাব এক পাটকিলে ঘোড়া—*জীদা*)। { *স.* পাটলখণ্ড> }

পাটকেল, পাটকিল [পাট্‌কেল্] *বি* ইষ্টকখণ্ড; ইটের টুকরা (সিন্দুর অভাবে পরে পাটকেল গুড়ী—*ঘচ*)। { *স.* পাটলখণ্ড> ? }

পাটখড়ি [পাট্‌খোড়ি] *বি* পাট গাছের উপরের পাট নামক ছাল তুলে নেওয়ার পর ডাঁটাসহ যে শুকনা গাছ (উনুনের পরে রয়েছে কড়াই—নীচে পাটখড়ি জ্বলে—*বঅমি*)। { পাট+খড়ি }

পাটন [পাটোন্] *বি* ১ নগর; জনবসতি; দেশ; অঞ্চল; জনপদ (যাইতে পারি রাজা সিংহল পাটন—*কমু*)। ২ পাটা; পাত (কর্ণের পাটন—*কৃও*)। ৩ বাণিজ্য। { *স.* পট্টন অথবা পত্তন> }

পাটনা [পাট্‌না] *বি* ভারতের বিহার প্রদেশের অন্তর্গত বিখ্যাত নগর; প্রাচীন পাটলীপুত্র। ~**ই** *বিণ.*১ পাটনায় উৎপন্ন বা প্রস্তুত। ২ পাটনা সংক্রান্ত { *স.* পাটলীপুত্র> }

পাটনি, পাটুনী [পাট্‌নি, –টু–] *বি* খেয়াঘাটের মাঝি; পারঘাটার ঠিকাদার মাঝি (সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী—*ভারা*)। { *স.* পট্টন(পত্তন)>+*বা.* ই, ঈ }

পাটনেত [পাট্‌নেত্] *বি* চীনাংশুক; খুব মিহি রেশমি কাপড়। { *স.* পট্ট+নেত্র> }

পাটব [পাটব্] *বি* ১ নৈপুণ্য; পটুতা; দক্ষতা। ২ স্বাস্থ্য; সুস্থতা। □ *বিণ* পটু; দক্ষ; নিপুণ। **পাটবিক** *বিণ*। { *স.* পটু+অ(অণ্) }

পাটরানি, পাটরানী [পাট্‌রানি] *বি* (রাজ্যাধিপতির) প্রাধানা মহিষী, পাটে অর্থাৎ সিংহাসনে অধিষ্ঠিতা রানী। { *স.* পট্ট+রাজ্ঞী> }

পাটল [পাটোল্] *বিণ*১ ইটের মতো রং; পাটকিলে; ফিকে লাল (মেটো পথ দিয়ে ধূলি উড়াইয়া চলিল পাটল গাই—*কমু*; কদম্ব রেণু শিহরিয়া উঠে নতুন পাটল মেঘে—*জউ*)। ২ গোলাপি রং (চিত্রিত পাটল তনুর আমন্ত্রণের মতো—*হার*)। **পাটলা, পাটলি, পাটলী** *বি* ১ পারুল গাছ। ২ পারুল ফুল। { *স.* পাটল+অ(আচ্) }

পাটলিপুত্র [পাটোলিপুত্‌ত্রো] *বি* প্রাচীন মগধ, আধুনিক পাটনা, তবে এই নামের প্রাচীন নগরীটি অষ্টম শতকের মধ্যভাগে গঙ্গা নদীর প্লাবনে ধ্বংসপ্রাপ্ত হয়। { *স.* পাটলিপুত্র }

পাটা [পাটা] *বি* ১ পট্ট; তক্তা; ফলক। ২ ভূমির ক্রয় বা পত্তনি দলিল; পাট্টা। ৩ বক্ষের বিস্তৃতি; বিশাল বক্ষ (কবাট বিশাল পাটা গগনে লাগিল ছটা মূলার সমান দন্তগুলি—*কমু*)। ৪ সাহস (এত বড় বুকের পাটা)। ৫ বাটনা বাটবার শিল; পেষণশিলা। ~**তন** *বি* কাষ্ঠ বংশাদি নির্মিত মাচা; তক্তায় তৈরি নৌকার মেঝে, জাহাজের ডেক; flooring of planks (তুফান বাড়িতে তোলপাড় করে কিশতির পাটাতন—*ফআ*)। **বুকের** ~ *বি*১ বুকের বিস্তৃতি; বিশাল বক্ষঃস্থল। ২ সাহস; হিম্মত (কত বড় বুকের পাটা)। { *স.* পট্টক> }

পাটারি [পাটারি] *বি* গ্রামে জমিদারের খাজনা আদায়কারী কর্মচারী। { *স.* পটু+ *বা.* ওয়ার+ঈ=পাটোয়ারী>পাটারি }

পাটালি, পাটালী [পাটালি] *বি* পাটার মতো চওড়া জমাট শক্ত নতুন গুড়ের বরফি (লালুর মা লালুকে বাড়ীতে লইয়া গিয়া মুড়ি ও পাটালী খাইতে দিল—*কাআও*)। □ *বিণ* তক্তার মতো জমাট খেজুরের গুড় (পাটালি গুড়)। { *স.* পট্ট>+আলি, আলী }

পাটি[১], **পাটী** [পাটি] *বি* ১ শৃঙ্খলা; প্রণালি (পরিপাটি কাজ)। ২ শ্রেণি; সারি (দন্তপাটি)। ৩ জোড়ার একটি (এক পাটি জুতা)। ৪ জুতা; পাদুকা (বাবু সেজে পাটির উপর রেখে পাটি—*ঈগু*)। ৫ কেশবিন্যাস (দু'সন্ধ্যা চিরুণী ধরি পাড়ে মোহন পাটি—*কমু*)। ৬ ঘরের কাজ; গৃহকর্ম (সংসারের পাটি)। ৭ অঙ্ক দ্বারা সংখ্যা নির্দেশ করে গণনা। { *স.* পঙ্‌ক্তি>পট্টি>পাটি }

পাটি[২] [পাটি] *বি* ১ জলজ ডাঁটা প্রায় গাছের বা তৃণের মোতরার দ্বারা প্রস্তুত মসৃণ মাদুরবিশেষ (সিলেটের শীতল পাটি)। ২ বিশেষ সম্প্রদায়ের পাড়া বা পল্লি (চৌদিকে কোঁচের পাটী কোঁচ বধু ভিক্ষা দেয় আনি—*কমু*)। { *স.* পট্টী> }

পাটিগণিত, পাটীগণিত [পাটিগোনিত্] *বি* অঙ্কবিদ্যা; অঙ্কশাস্ত্র। { *স.* পাটি+গণিত }

পাটিসাপটা [পাটিশাপ্‌টা] *বি* এক প্রকার পিঠা বা পিষ্টক। পাটির মতো জড়ানো হয় বলে এবং এক পিঠ অন্য পিঠকে সাপটে ধরে বলে এ নাম। { পাটি+সাপটা }

পাটী ⇒ পাটি[১]

পাটুনী = পাটনি

পাটুয়া [পাটুয়া] *বিণ* ১ দক্ষ; পটু; নিপুণ। ২ ধারালো; তীক্ষ্ণ (পাটুয়া কোদাল—*কমু*)। □ *বি* ১ কলা বা সুপারি গাছের পাতার গোড়ার দিককার অংশ, যা কাণ্ডের সঙ্গে জড়িয়ে থাকে। ২ কলা গাছের বাকল; পেটো। ৩ কলার ছোটা; দড়ির বিকল্প হিসেবে ব্যবহৃত কলাগাছের বাসনা। { *স.* পটু>; *স.* পাটব>পাটওয়া>পাটুয়া }

পাটেশ্বরী [পাটেশ্‌শোরি] *বি* প্রধান মহিষী; রাজার মুখ্য পত্নী; পাটরানি; পট্টমহিষী (সেই কন্যা হৈল জান মুখ্য পাটেশ্বরী—*সৈআ*)। { *স.* পাট+ঈশ্বরী }

পাটোয়ার [পাটোয়ার্] *বি* ১ কর সংগ্রাহক কর্মচারী; খাজনা আদায় করে এরূপ কর্মচারী (উনকোটি নাগ লইয়া দিলা পাটোয়ার—*বিগু*)। ২ ঘুনসি, মালা ইত্যাদি গ্রন্থিশিল্প প্রস্তুতকারী। □ *বিণ* অতিশয় হিসেবি। **পাটোয়ারি** *বিণ* পাটোয়ার সুলভ প্রকৃতিবিশিষ্ট (পাটোয়ারি বুদ্ধি)। { *স.* পটু+ওয়ার+*বা.* ই, ঈ }

পাটোল *(মবা.)* [পাটোল্] *বি* রেশমি বস্ত্র (পিন্ধিয়া— পাটোলে—*বচ*)। { *স.* পট্ট> }

পাটকিলে ⇒ পাটকিলে

পাট্টা, পাটা [পাট্‌টা, পাটা] *বি* ১ ভূমির ক্রয়-বিক্রয় সংক্রান্ত দলিল; পত্তন বিষয়ক প্রমাণপত্র বিশেষ (যৌবনেও আমার আর দাবি-দাওয়া নাই মিয়াদি পাট্টার মিয়াদ ফুরাইয়াছে—*বচ*)। ২ ভাঁজ; পাট (দোপাট্টা)। ৩ ঘন স্তর; চাপ (গালপাট্টা)। { *স.* পট্টক>পাট্টা }

পাঠ [পাঠ্] *বি* ১ পঠন; অধ্যয়ন। ২ আবৃত্তি। ৩ পঠিতব্য বিষয় (পাঠ নেওয়া)। ~**ক** *বি, বিণ* ১ পাঠকর্তা; আবৃত্তিকারী। ২ ছাত্র। ৩ কথক; পুরাণ পাঠকারী। ~**গৃহ** *বি* অধ্যয়ন গৃহ; পাঠকক্ষ। ~**গ্রহণ** *বি* শিক্ষকের নিকট থেকে পাঠ্য বিষয় সম্পর্কে উপদেশ বা নির্দেশ গ্রহণ; পড়া বুঝে নেওয়া। ~**চক্র** *বি* যারা একসঙ্গে কোনো বিষয় পড়ে;

study circle। ~নিবিষ্ট *বিণ* অধ্যয়নরত; পাঠমগ্ন (এই নতপৃষ্ঠ পাঠনিবিষ্ট অদ্ভুত লোকটি—*রঠা*)। ~মন্দির *বি* ১ পড়ার ঘর; অধ্যয়নগৃহ। ২ বিদ্যালয়; বিদ্যাপীঠ। ~শালা *বি* ১ বিদ্যালয়। ২ প্রাথমিক বিদ্যালয়। { *স.* √পঠ্+অ(ঘঞ্) }

পাঠন[১] [পাঠোন্] *বি* দেশ; নগর (বাণিজ্যে চলিল শেষে দক্ষিণা পাঠন—*ক্ষেদা*)। { *স.* পট্টন, পত্তন> }

পাঠন[২], **পাঠনা** [পাঠোন্, পাঠোনা] *বি* পড়ানো; শিক্ষাদান; অধ্যাপনা; teaching। **পঠন~** *বি* পড়া এবং পড়ানো। { *স.* √পাঠি+অন(ল্যুট্) }

পাঠান [পাঠান্] *বি* পাকিস্তানের উত্তর পশ্চিম অঞ্চলের মুসলমান গোত্রবিশেষ। { *স.* পশতু>পখতুন>পট্‌ঠান> }

পাঠানো [পাঠানো] *ক্রি* প্রেরণ করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **ডেকে ~** *ক্রি* লোক পাঠিয়ে ডাকা। **বলে ~** *ক্রি* লোক পাঠিয়ে সংবাদ দেওয়া। { *স.* প্র+√স্থা+ণিচ্= প্রস্থান>অথবা প্রেরণ/প্রস্থাপন>পাঠান; *তুল. হি.* পঠানা }

পাঠান্তর [পাঠান্তর্] *বি* পাঠ্য বা লিখিত বিষয়ের ভিন্নরূপ; ভিন্ন বা স্বতন্ত্র পাঠ; variation of texts। { *স.* পাঠ+অন্তর; *নিত্য.* }

পাঠাভ্যাস [পাঠাব্‌ভাশ্] *বি* পাঠ্যবিষয় প্রস্তুত বা চর্চাকরণ; বিদ্যানুশীলন। { *স.* পাঠ+অভ্যাস; ৬তৎ }

পাঠার্থী (-র্থিন্) [পাঠারথি] *বি, বিণ* বিদ্যার্থী ছাত্র; পড়তে চায় এমন। **পাঠার্থিনী** *বি, বিণ স্ত্রী.*। { *স.* পাঠ+অর্থী/অর্থিনী; ৬তৎ }

পাঠিকা [পাঠিকা] *বি* ১ পড়ে এমন নারী; পাঠকারিণী (সংবাদ-পাঠিকা)। ২ ছাত্রী। { *স.* √পঠ্+অক(ণ্বুল্)+আ(টাপ্) }

-পাঠী [পাঠি] *বিণ* ১ পড়ে এমন; পাঠক (সহপাঠী)। **-পাঠিনী** *স্ত্রী.* নারী পাঠকারী। { *স.* √পঠ্+ইন্ }

পাঠ্য [পাট্‌ঠো] *বিণ* ১ পাঠযোগ্য; পঠনীয়; পড়ার যোগ্য। ২ পাঠ করতে হয় বা হবে এরূপ (পাঠ্যপুস্তক)। { *স.* √পঠ্+য(ণ্যৎ) }

পাঠ্যাবস্থা [পাট্‌ঠাবোস্‌থা] *বি* ছাত্রাবস্থা; ছাত্রজীবন। { *স.* পাঠ্য+অবস্থা; *কর্মধা.* }

পাড়[১] [পাড়্] *বি* তট, তীর (নদীর পাড়)। ২ ক্ষেতের আল। ৩ কূপের চারদিকের বেষ্টনী। { *স.* পাট>পাড় }

পাড়[২] [পাড়্] *বি* পরিধেয় বস্ত্রের প্রান্ত; কাপড়ের কিনারা (লাল পাড়)। { *স.* পট্টি> }

পাড়[৩] [পাড়্] *বি* যন্ত্রাদি চালু করার জন্য প্রদত্ত পায়ের চাপ বা আঘাত; পাতন; পাড়ন (ঢেঁকিতে পাড় দেওয়া)। { *স.* √পাত্> }

পাড়[৪] [পাড়্] *বি* ঘরের চাল ধরে রাখার জন্য খুঁটির উপর স্থাপিত লম্বা বাঁশ বা কাঠ (পাড় এর বাঁশটি জীর্ণ হইয়া গিয়াছিল—*মাউ*)। { *স.* পাট>পাড় }

পাড়া[১] [পাড়া] *ক্রি* ১ নামিয়ে আনা; নামানো; পাতিত করা (ফল পাড়া)। ২ নামানো (তাক থেকে পাড়া)। ৩ পাতা (বিছানা পাড়া)। ৪ প্রসব করা (ডিম পাড়া)। ৫ প্রয়োগ করা (গালি পাড়া; ফরিদ কিন্তু রাগই পারে আমার উপর—*আরু*)। ৬ পরিষ্কার করা (এঁটো পাড়া)। ৭ অবতারণা করা (কথা পাড়া)। ৮ উচ্চৈঃস্বরে উচ্চারণ করা (ডাক পাড়া)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~নি, ~নী, ~নিয়া *বিণ* পাড়ায় এমন (ঘুম পাড়ানি গান)। ~নো *ক্রি* ১ কারো দ্বারা নামানো (ফল পাড়ানো)। ২ প্রবৃত্ত করানো (ঘুম পাড়ানো)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √পত্> }

পাড়া[২] [পাড়া] *বি* ১ পল্লি; গ্রাম; মহল্লা (কৈবর্ত পাড়া; কাজি পাড়া)। ২ পাড়ার লোক (পাড়া প্রতিবেশী)। ~-কুঁদলি/কুঁদুলি *বিণ স্ত্রী.* পাড়ার লোকের সঙ্গে কোন্দল বা ঝগড়া করে বেড়ায় এমন (ঐ সব বলতে গেলেই আমি হই পাড়া-কুঁদলী—*নই*)। ~গাঁ *বি* পল্লিগ্রাম। ~গাঁয়ে/গেঁয়ে *বিণ* ১ পল্লিগ্রামবাসী; গ্রামে বাস করে এমন (পাড়াগেঁয়ে লোক)। ২ গ্রামীণ; পল্লিগ্রাম সংক্রান্ত। ~-পড়শি *বি* প্রতিবেশী; পাড়ার লোকজন; এক পাড়ার লোক। ~বেড়ানি *বিণ স্ত্রী.* পাড়ায় পাড়ায় বেড়ানো স্বভাব এমন। ~ মাথায় করা *ক্রি* চিৎকার করে পাড়া সরগরম করা। { *স.* পাটক>*প্রা.* পাড়অ>পাড়া; *ফা.* পারহ্ پاره }

পাড়ি [পাড়ি] *বি* ১ পার হওয়া; উত্তরণ (পাড়ি দেওয়া)। ২ পুকুরের উঁচু তট (পুকুরে উঁচু পাড়িটার উপর দাঁড়াইয়া আমি—*রঠা*)। ৩ নদ্যাদির এক পাড় থেকে অপর পাড়ের বিস্তার বা ব্যাপ্তি (লম্বা পাড়ি)। ~ জমানো, ~ দেওয়া *ক্রি* পার হওয়া; এপার থেকে অপর পারে যাত্রা করা; এক পাড় থেকে অপর পাড়ে পৌঁছানো। { *স.* পার>+*বা.* ই }

পাণ ⇒ পান

পাণি [পানি] *বি* হস্ত; হাত (সবার ধরিনু পদে পাণি—*কমু*)। ~গ্রহণ, ~গ্রহ, ~পীড়ন, ~বন্ধ *বি* বিবাহ; পরিণয়। ~প্রার্থী *বিণ* বিবাহের অভিলাষী (এঁরা দুজনেই তো আপনার পাণিপ্রার্থী—*রাব*)। { *স.* √পণ্+ই(ইণ্) }

পাণিনি [পানিনি] *বি* খ্রিস্টপূর্ব পঞ্চম শতকের সংস্কৃত ব্যাকরণ প্রণেতা। ২ পাণিনি রচিত ব্যাকরণ। **পাণিনীয়** *বিণ* ১ পাণিনি সম্বন্ধীয়। ২ পাণিনি কথিত বা রচিত। ৩ পাণিনি সম্মত। { *স.* পণিন্+অ(অণ্)+ই(ইঞ্) }

পাণ্ডব, পাণ্ডবেয় [পান্‌ডোব্, পান্‌ডোবেয়ো] *বি* যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেব—পাণ্ডুরাজের এই পঞ্চপুত্র। ~বর্জিত *বিণ* ১ পাণ্ডবদের দ্বারা পরিত্যক্ত; নিকৃষ্ট বলিয়া পাণ্ডবগণ যে স্থানে যান নাই এমন। ~সখা, ~সখ *বি* কৃষ্ণ। **পাণ্ডবীয়** *বিণ* ১ পাণ্ডবসম্বন্ধীয়। ২ পাণ্ডবদের। { *স.* পাণ্ডু+অ(অণ্), এয়(ঢক্) }

পাণ্ডা[১] [পান্‌ডা] *বিণ* তীর্থস্থানের পূজারি। ☐ *বি* উদ্যোক্তা সর্দার; পেশিজীবী দলের চাঁই। { *স.* পণ্ডিত> }

পাণ্ডা[২] [পানডা] *বি* চীনের বনাঞ্চলে জাত কচি বংশদণ্ডভোজী এক প্রকার সংবেদনশীল ভালুকজাতীয় বিরল প্রজাতির প্রাণী। { *নে.* পাণ্ডা }

পাণ্ডাল, প্যান্ডেল [পান্‌ডাল্, প্যান্‌ডেল্] *বি* সভাদির মঞ্চ। { *ই.* pandal; *তা.* pantal }

পাণ্ডিত্য [পান্‌ডিত্‌তো] *বি* ১ বিদ্যাবত্তা; জ্ঞান; মনীষা। ২ নৈপুণ্য; বিচক্ষণতা। ৩ অভিজ্ঞতা। { *স.* পণ্ডিত+য(ষ্যঞ্) }

পাণ্ডু[১] [পান্‌ডু] *বি* যুধিষ্ঠির, ভীম, অর্জুন, নকুল ও সহদেবের পিতা। { *স.* পাণ্ডু+মৎ(মতুপ্)—প্রত্যয় লোপে }

পাণ্ডু[১], **পাণ্ডুর** [পানডু, পানডুর] *বি* ১ শুক্ল–পীতবর্ণ। ২ সাদা রং। ৩ ন্যাবা রোগ; জনডিস। ❑*বিণ* ১ শুক্ল–পীতবর্ণযুক্ত (সিক্ক মসৃণ সাদা আর ছোট পাণ্ডু ললাট—*বিদে*)। ২ ফ্যাকাশে; পাংশুটে; পাংশুবর্ণবিশিষ্ট (চম্পা আজি পাণ্ডু হাসি হাসে—*সদ*)। {*স.* √পণ্ড্+উ(কু), পাণ্ডু+র}

পাণ্ডুলিপি, পাণ্ডুলেখ, পাণ্ডুলেখ্য [পানডুলিপি লেখো, –লেক্‌খো] *বি* ১ হাতে লেখা কাগজ; মুদ্রিত পুস্তকাদির আদর্শ; manuscript। ২ খসড়া; মুসাবিদা (তিনি রাজস্ব বিষয়ে এক উৎকৃষ্ট পাণ্ডুলেখ্য প্রস্তুত করেন—*ঈবি*)। {*স.* পাণ্ডু+লিপি, লেখ, লেখ্য}

পাণ্ডে [পানডে] *বি* পাঁড়ে; হিন্দুস্থানি ব্রাহ্মণের পদবিবিশেষ। {*স.* পণ্ডিত>}

পাণ্ড্য [পানডো] *বি* ১ দক্ষিণ ভারতের একটি প্রাচীন দেশ (জনপদ)। ২ পাণ্ড্য নামক জাতি। ৩ পাণ্ড্য দেশের রাজা; পাণ্ড্যদেশের অধিবাসী। ৪ পাণ্ড্য সম্বন্ধীয়। {*স.* পাণ্ডু+য(ড্যণ্)}

পাত[১] [পাত্] *বি* ১ পতন; ক্ষরণ (রক্তপাত)। ২ নিক্ষেপ; ফেলা; স্থাপন। ৩ বিনাশ; নিপাত; ক্ষয়; ধ্বংস (দেহপাত) ৪ সংঘটন (ঘটিবে তাহলে বিষম বিপদপাত—*রঠা*)। {*স.* √পত্+অ(ঘঞ্)}

পাত[২] [পাত্] *বি* ১ বৃক্ষ বা পুস্তকাদির পাতা (কলার পাতা)। ২ পাতা; চোখের আবরক ত্বক (এই নীরব নিশীথ রাতে শুধু জল আসে আঁখিপাতে—*নই*)। ৩ ধাতুর চাদর (লোহা বা সোনার পাত)। ৪ ভোজনপাত্র রূপে ব্যবহৃত কলাপাতা বা থালা (নুন নেবু তো ম: পাতেই দেয়—*বিব*)। ~ **ওঠা** *ক্রি* অন্ন ওঠা। ~ **করা** *ক্রি* আহারের স্থান বা আয়োজন করা। ~**খোল** *বি* অর্ধদগ্ধ মাটির পাতবিশেষ। ~**গালা** *বি* গালার পাতলা পাত। ~**চাটা** *বিণ* উচ্ছিষ্ট ভোজন করে এমন; উচ্ছিষ্টভোজী। ❑*বি,বিণ* অতি হীনভাবে অনুগ্রহ প্রার্থনা করে এমন; অতিশয় খোসামুদে। ~**ড়া, পাৎড়া** *বি* ১ উচ্ছিষ্ট পাতা; এঁটো পাতা। ২ হীনভাবে পরের বাড়ি অন্ন গ্রহণ করা। ~**তাড়ি, পাত্তাড়ি** *বি* ১ লিখন কার্যে ব্যবহৃত তালপাতা বা কলাপাতার আঁটি। ২ জিনিসপত্রের সমষ্টি। ~**তাড়ি গুটানো** *ক্রি* ১ (*আল.*) পাট তোলা; পলায়ন করা; জিনিসপত্র গুছিয়ে নিয়ে সরে পড়া। ২ (*আল.*) দোকান বা প্রতিষ্ঠান তুলে দেওয়া। ~**লাগা** *বি* গাছের পাতার ন্যায় গালার পাতলা পাতবিশেষ। {*স.* পত্র>}

পাতক [পাতোক্] *বি* পাপ; দুষ্কৃতি; ধর্মবিরোধী কার্য (মাতৃরক্তপাতের তুল্য পাতক বলিয়া স্বীকার করিল—*রঠা*)। **পাতকী** (–কিন্) *বি,বিণ* পাপী; দুষ্কৃতকারী (আমি যেন ব্রহ্ম হত্যা পিতৃহত্যায় পাতকী হই—*রঠা*)। ~**কিনী** *বিণ স্ত্রী*। **মহা~** *বি* অতি বড় পাপের কাজ। {*স.* √পত্+ণিচ্+অক(ণ্বুল্)}

পাতকুয়া, পাতকুয়ো [পাত্‌কুয়া, –কুয়ো] *বি* কাঁচা কুয়া; ছোট কুয়া; ক্ষুদ্র কূপ (আমাদের প্রাঙ্গণের পাতকুয়ার মধ্যে ফেলিয়া দিলাম—*রঠা*; খেলা কত্তে কত্তে তিনি পাতকোর ভিতর পড়ে যান—*কাসি*)। {*স.* কূপ; পাতাল+কূপ>}

পাতখোল [পাত্‌খোল্] *বি* কিছু পরিমাণে দগ্ধ মাটির পাত্র বা পাত (প্রচুর পায়েস পাতখোল—*ঘচ*)। {পাতলা-খোলা>}

পাতঞ্জল [পাতোন্‌জল্] *বিণ* পতঞ্জলি রচিত। ~ **দর্শন** *বি* পতঞ্জলি–কৃত দর্শন শাস্ত্র বা যোগদর্শন। {*স.* পতঞ্জলি+অ(অণ্)}

পাতড়া [পাতড়া] *বি* ১ পাতা বা উচ্ছিষ্ট পাতা (পাতড়া চেটে—*ঈগু*)। ২ বিতরণের জন্য পাতায় সাজিয়ে রাখা ভক্ষ্য দ্রব্য (কত ব্রাহ্মণ পণ্ডিত আসিয়া পাতড়া মারিবে—*বচ*)। ৩ পুথির পাতা। ৪ বংশ পরিচিতি মূলক পত্র। ৫ ক্রোড় (অতিরিক্ত পত্র)। ৬ পাততাড়ি বা পাতার তাড়া। {*স.* পত্র>}

পাততাড়ি, পাত্তাড়ি [পাত্‌তাড়ি] *বি* তাল পাতার বা পত্রের গুচ্ছ। ২ পাঠশালায় ছাত্র–ছাত্রীদের লেখার জন্যে রক্ষিত তালপাতাসমূহের গোছা। **পাততেড়ে** *বিণ* পাঠশালার যে ছাত্র–ছাত্রীদের পাততাড়ি আছে। ~ **গুটানো** *ক্রি* ১ পাঠশেষে লিখিত তালপাতাগুলো গুছিয়ে তাড়া বাঁধা। ২ (*আল.*) কাজ শেষ করে নিজের জিনিসপত্র গুছিয়ে নিয়ে প্রস্থান করা। ৩ কাজ সমাধা করা। {*স.* পত্র>পাতা+তাড়ি}

পাতন [পাতোন্] *বি* ১ অধঃক্ষেপণ; নিক্ষেপ। ২ চুয়ানো; ক্ষরণ; পরিস্রবণ। ৩ বকযন্ত্র দ্বারা নিষ্কাশন; distillation। ৪ বিছিয়ে দেওয়া। ৫ নিপাত–করণ; বিনাশন। {*স.* √পাতি+অন(ল্যুট্)}

পাতল ⇒ পাতলা

পাতলা, পাতল [পাত্‌লা, পাতোল্] *বিণ* ১ ঘন বা গাঢ় নয় এমন; তরল দ্রব্য (পাতলা দুধ)। ২ সূক্ষ্ম; পুরু বা মোটা নয় এমন (পাতলা কাগজ)। ৩ সরু; চিকন (পাতলা সুতা বা বেত)। ৪ জমাট নয় এমন; অগভীর (রাত শেষে অন্ধকার পাতলা হয়—*অঠা*)। ৫ ফিনফিনে (পাতলা দেহ)। ৬ ফিনফিনে (পাতলা কাপড়)। ৭ লঘু; হালকা; ভারী নয় এমন (পাতলা শোলা)। {*স.* পত্র>পাত+লা}

পাতলী (*মবা.*) [পাতলি] *বিণ স্ত্রী.* কৃশাঙ্গিনী (কোঅলী পাতলী বালী সুন বনমালী—*বচ*)। {*স.* পত্র>পাত+লা}

পাতশা, পাতশাহ, পাদশাহ (*মবা.*) [পাত্‌শা, –শাহ্, –দ–] *বি* বাদশাহ; সম্রাট; নৃপতি; রাজাধিরাজ (মহাবদজঙ্গ দিলা পাতসা খেতাব—*ভারা*; পাৎসাহার মোহর মাথায় রাখি—*ভব*)। ~**হি, পাদশাহি** *বি, বিণ* বাদশাহি; রাজকীয় (পাতসাহী সরঞ্জাম ভূত দিয়া সব লুঠাইব—*ভারা*)। ❑*বি* রাজত্ব। {*ফা.* বাদশাহ্ بادشاه }

পাতা[১] (–তৃ) [পাতা] *বিণ* পালক; পালনকর্তা; রক্ষক; রক্ষাকারী (বিশ্বপাতা আমার প্রভু—আমার পাতা—*এআ*)। {*স.* √পা+তৃ}

পাতা[২] [পাতা] *বি* ১ পত্র (গাছ বা বইয়ের পাতা)। ২ গ্রন্থপত্র; বইয়ের পৃষ্ঠা (চারের পাতা)। ৩ নেত্রপল্লব (চোখের পাতা)। ৪ গাছের যে পাতা ভোজনপাত্র হিসেবে ব্যবহৃত হয় (কলাপাতা বিছিয়ে খাও)। ৫ পাতার মতো বিন্যাস বা গুছানো বা শৃঙ্খলাবদ্ধ (পাতা কাটা চুল)। ~ **করা, পাত করা** *ক্রি* ভোজনের জন্য পাতা বা থালা দেওয়া; আহারের জন্য আসন করা। ~**কুড়ানি, পাতকুড়ুনি** *বিণ* উচ্ছিষ্ট পাতা বা জ্বালানি পাতা সংগ্রহ

করে যে নারী অন্নসংস্থান করে; অত্যন্ত দরিদ্রা। –চাটা *বিণ* অন্যের উচ্ছিষ্ট লেহন করে বা চেটে বেড়ায় এমন; অত্যন্ত হীনভাবে অপরের অনুগ্রহ প্রার্থনা করে এমন। চোখের ~ *বি* চোখের উপরিস্থিত চর্মের আবরণ বা ঢাকনি; আঁখিপল্লব। পায়ের ~ *বি* পায়ের তলা; পদতল। **মাথা পেতে নেওয়া** *ক্রি* শিরোধার্য করা। **হাত** ~ *ক্রি* সাহায্য প্রার্থনা করা; ভিক্ষা চাওয়া। {*স.* পত্র>*প্রা.* পত্ত>}

পাতা[৩] [পাতা] *ক্রি* ১ বিছানো (শয্যা পাতা)। ২ প্রতিষ্ঠা বা স্থাপন করা; গড়ে তোলা (এসব নদীর ধারে কত নগর কত গ্রাম কত মাঠ–ঘাট জমি–জমা রাজ্য পেতে কত রকমের মানুষরা রয়েছে—*অঠা*)। ৩ নিবদ্ধ করা (কান পাতা, আড়ি পাতা)। ৪ সম্মুখে নুইয়ে দেওয়া (পিঠ পাতা)। ৫ তৈরি বা রচনা করে রাখা (ফাঁদ পাতা)। ☐*বি, বিণ* উক্ত সকল অর্থে। **পাত্তএ** *(ব্র.) ক্রি* পাতে। **পাতসি** *(মব্য.) ক্রি* স্থাপন করছে (রাধা পাতসি সম্বন্ধ —*বচদা*)। **পাতলো** *(ব্র.) ক্রি* পাতলাম। **আড়ি** ~ *ক্রি* লুকিয়ে কারো কথা শোনা (আড়ি পাতা বন্ধ করো)। **ওত** ~ *ক্রি* আক্রমণাত্মক ভঙ্গিতে থাকা বা অবস্থান করা। **ঘাড়** ~ *ক্রি* ভার গ্রহণে সম্মত হওয়া। **জাল** ~ *ক্রি* জাল বিস্তার করা; ষড়যন্ত্র করা; ক্ষতিকর ষড়যন্ত্র জাল বিস্তার করা। **পিঠ** ~ *ক্রি* প্রহার গ্রহণের জন্যে পিঠ এগিয়ে দেওয়া। **–নো** *ক্রি* ১ অন্যের দ্বারা বিস্তারিত করে নেওয়া। ২ পরস্পরের সম্বন্ধ স্থাপন করা (বন্ধুত্ব পাতানো, সই পাতানো)। ☐*বিণ* ১ অন্যের দ্বারা বিছিয়ে নেওয়া হয়েছে এমন। ২ জন্মগত নয় বরং কৃত্রিমভাবে স্থাপিত (পাতানো সম্পর্ক)। {*স.* √পাতি>}

পাতাল [পাতাল্] *বি* ১ হিন্দুপুরাণে উল্লিখিত ত্রিভুবনের সর্বনিম্নস্থ ভুবন। ২ সর্পলোক; নাগলোক। ৩ ভূগর্ভ। ৪ নরক। **–পুরী** *বি* ভূগর্ভে নির্মিত গুপ্তগৃহ। {*স.* √পত্+আল(আলঙ্)}

পাতাসি, পাতাসী [পাতাসি] *বি* ১ ক্ষুদ্র ও অত্যন্ত পাতলা বাঁশপাতা মাছ। ২ কৃশদেহ নারী। *তুল.* **বাতাসি**। {পাতা+সাদৃশ্যার্থক সি}

পাতি[১], **পাতিয়া** [পাতি, পাতিয়া] *বি* ১ জলজ তৃণবিশেষ; মাদুর বোনার একজাতীয় ঘাস। ২ বাঁশের নির্মিত ছোট ঝুড়ি; চুপড়ি (নানা সাজে ভরিলেন পাতি—*কমু*)। ৩ ফুলের সাজি (ফুলের পাতি—*রাপ*)। {*স.* পত্র>}

পাতি[২] [পাতি] *বি* ১ পত্র; পর্ণ; পাতা। ২ চিঠি; পত্র; লিপি (কপটে লিখিয়া পাতি মজাইলি মোর জাতি—*কমু*)। {*স.* পত্র+ঈ=পত্রী>}

পাতি[৩], **পাঁতি** [পাতি, পাঁ–] *বি* সারি; শ্রেণি (পাতি পাতি)। – – **করে** *ক্রিবিণ* তন্ন তন্ন করে (পাতি পাতি করে খোঁজা)। {*স.* পঙ্‌ক্তি>পাঁতি>পাতি}

পাতি[৪] [পাতি] *বিণ* ক্ষুদ্র ও নিম্ন পর্যায়ভুক্ত (পাতিহাঁস; পাতিলেবু; পাতিশিয়াল)। – **কাক** *বি* ছোট জাতের কাক অর্থাৎ যে কাক দাঁড় কাক নয়। –**লেবু**, –**নেবু** *বি* ক্ষুদ্রাকৃতি এক ধরনের গোল লেবু। –**শিয়াল** *বি* খেঁকশিয়াল; ছোট জাতের এক প্রকার শিয়াল। –**হাঁস** *বি* ছোট জাতের হাঁস। {*অ.* পাতি (সামান্য, ছোট)>}

পাতি[৫] [পাতি] *বি* ঠিকানা; পাত্তা। {*হি.* পাতা}

পাতিত [পাতিতো] *বিণ* ১ নিচে ফেলা হয়েছে এমন; নিক্ষিপ্ত। ২ চুয়ানো; distilled। *তুল.* ভূপাতিত। {*স.* √পত্+ণিচ্+ত(ক্ত)}

পাতিত্য [পাতিত্‌তো] *বি* পতিতের অবস্থা বা ভাব; অধঃপতনাবস্থা। {*স.* √পত্+ণিচ্+ত(ক্ত)+য(ষ্যঞ্)}

পাতিনেবু ⇒ পাতি[৪]

পাতিব্রত্য [পাতিবরোত্‌তো] *বি* পতিব্রতার ধর্ম বা ভাব; পতিপরায়ণতা; সতীধর্ম; সতীত্ব (নিরতিশয় পাতিব্রত্যটা স্ত্রীর পক্ষে গৌরবের বিষয়—*রঠা*)। {*স.* পতিব্রত+য(ষ্যঞ্)}

পাতিয়ান, পতিয়ান [পাতিয়ান্, পোতি–] *বি* ১ প্রত্যয় স্থাপন; বিশ্বাস। ২ আশ্বাস (বাল্মীকি মুনি দেন পাতিয়ান —*কৃত্তি*)। **পাতিয়ায়ব** *(ব্র.) ক্রি* বিশ্বাস করব (কো পাতিয়ায়ব—*জ্ঞাদা*)। {*স.* প্রত্যয়>}

পাতিল [পাতিল্] *বি* মৃৎপাত্রবিশেষ; ক্ষুদ্র হাঁড়ি; তিজেল। {*স.* পাত্রী>}

পাতিলা [পাতিলা] *বি* মধ্যযুগের বঙ্গদেশে নির্মিত প্রকাণ্ড আকৃতির বাণিজ্য জাহাজবিশেষ। {*মব্য.* পাতিল+আ}

পাতিলেবু, পাতিশিয়াল, পাতিহাঁস ⇒ পাতি[৪]

পাতী (–তিন্) [পাতি] *বিণ* ১ পাতনোন্মুখ; পতনশীল; (সদ্যঃপাতী—*মদ*)। ২ ভুক্ত; অন্তর্গত (অন্তঃপাতী)। ৩ শীতে যার পাতা শুকিয়ে ঝরে যায় (পাতী অরণ্যে কার পদপাত শুনি—*সুদ*)। {*স.* √পত্+ইন(ণিনি)}

পাতে পাতে, পাঁতে পাঁতে [পাতেপাতে, পাঁতেপাঁতে] *ক্রিবিণ* পাতি পাতি করে খুঁজে (কৃষ্ণ যবে দেখিবেক গাছ পাতে পাতে—*বচ*)। {*স.* পত্রে>+পত্রে>}

পাত্তা [পাত্‌তা] *বি* সংবাদ; খোঁজ; খবর; ঠিকানা; উদ্দেশ (তার পাত্তা পাওয়া ভার)। {*স.* পত্র>}

পাত্তাড়ি ⇒ পাত[২]

পাত্যমান [পাত্‌তোমান্] *বিণ* পতিত করা হচ্ছে এরূপ; ফেলে দেওয়া হচ্ছে এমন। {*স.* √পত্+ণিচ্+মান(শানচ্)}

পাত্যায়া ⇒ পাত্যারা

পাত্যারা, পাত্যায়া [পাত্‌ত্যারা, –ত্যায়া] *বি* প্রত্যয়; বিশ্বাস (আদ্যাশক্তি মোর মনে নাহিক প্যত্যারা—*কমু*)। {*স.* প্রত্যয়>}

পাত্র [পাত্‌ত্রো] *বি* ১ আধার (ভোজনপাত্র, পানপাত্র)। ২ বিষয়; আস্পদ (স্নেহপাত্র)। ৩ মন্ত্রী; উজির; উপদেষ্টা (পাত্রমিত্র)। ৪ যোগ্যজন; উপযুক্ত ব্যক্তি (নিন্দার পাত্র)। ৫ নাটকের চরিত্র। ৬ বিবাহার্থী; বর (পাত্রপক্ষ)। ৭ ব্যক্তি (ভুল করার পাত্র সে নয়)। ৮ সাধারণ সৈন্য ও গ্রাম–বংশ–সঙ্ঘসূচক উপাধিবিশেষ (মহাপাত্র)। **পাত্রী** *বি স্ত্রী.*। –**তা** *বি* ১ যোগ্যতা; উপযুক্ততা। ২ গৌরব; মহিমা। –**স্থ** *বিণ* ১ বরের হাতে সমর্পিত। ২ যোগ্য পাত্রে ন্যস্ত; পাত্রগত। **পাত্রা–** (=পাত্র+অপাত্র) *বি* বিচারযোগ্য ও বিচারোর্ধ্ব ব্যক্তি। {*স.* √পা+ত্র(ষ্ট্রন্)}

পাথর [পাথোর্] *বি* ১ পাষাণ; প্রস্তর; শিলা। ২ প্রস্তরনির্মিত ভোজনপাত্র বা থালা (পাথরে আমানী ভরি—*কমু*)। ৩ মণি; রত্ন (গোমেদ পাথর)। ৪ বাটখারা (পাল্লাপাথর)। –**কুচি** *বি* ১ এক প্রকার ক্ষুদ্র গুল্ম। ২ প্রস্তরখণ্ড; পাথরের

ছোট টুকরা। ~ **চাপা কপাল** *বি* যে ভাগ্য আবরণ উন্মোচন করে প্রকাশ পায় না; অপ্রসন্ন ভাগ্য; দুরদৃষ্ট; দুর্ভাগ্য। **পাথরে পাঁচ কিল** *(আল.)* সৌভাগ্য; অত্যন্ত মঙ্গল; অত্যন্ত সুদিন। { *স.* প্রস্তর>*প্রা.* পাথর>}

পাথরা [পাথ্‌রা] *বি* পাথরের তৈরি পাত্র (সম্ভ্রমে ফুল্লরা পাতে মাটির পাথরা—*কমু*)। { *স.* প্রস্তর>*প্রা.* পাথর> পাথর+আ}

পাথরি, পাথুরি [পাথোরি, -থু-] *বি* মূত্রাশয়ের এক প্রকার রোগ; অশ্মরী। { *স.* প্রস্তর>*প্রা.* পাথর>পাথর+ই}

পাথরিয়া ⟹ পাথুরে

পাথার [পাথার্] *বি* সাগর; সমুদ্র; বিস্তীর্ণ জলরাশি (তুমি শান্তি তুমি হে অমৃত পাথার—*রঠা*)। { *স.* প্রান্তর> ?; *স.* পাথস্(জল)>; তুল. *সিংহলি.* ব্রতুরা>}

পাথালি [পাথালি] *বি* ১ পদতল উপর দিকে উত্থিত করে ধারণ। ২ বিস্তার; প্রস্থের দিক। **আথালি** – ⟹ আতালি পাতালি। ~ **কোলা** *বি, বিণ* দুই বাহুতে স্কন্ধ ও পদদ্বয় বেষ্টন করে ক্রোড়ে উত্তোলন (করিয়া পাথালি কোলা লক্ষ্মণে—*কৃও*)। { *স.* প্রস্থ>পাথ+আলি}

পাথি, পাথী [পাথি] *বি* বাঁশ বা কঞ্চির নির্মিত ছোট চুপড়ি বা ঝুড়ি (পসরা চুপড়ি পাথি—*কমু*)। { *স.* পত্র> পাথ+ই}

পাথুরি ⟹ পাথরি

পাথুরিয়া ⟹ পাথুরে

পাথুরে, পাথরিয়া, পাথুরিয়া [পাথুরে, পাথোরিয়া, পাথুরিয়া] *বিণ* ১ প্রস্তরনির্মিত (পাথুরে বাটি)। ২ পাথরের ন্যায় কঠিন (আঁধার এখানে জমে কালো কালো পাথুরে পাহাড়—*বিদে*)। ৩ প্রস্তর সংক্রান্ত। { *স.* প্রস্তর>পাথর+ইয়া=পাথরিয়া>পাথুরিয়া>পাথুরে}

পাথেয় [পাথেয়ো] *বি* পথের সম্বল বা খরচা (দিন চলে যায় শুধু প্রাণের পাথেয় লয়ে—*সিজা*)। { *স.* পথিন্+ এয়(ঢক)}

পাদ[১] [পাদ্] *বি* ১ পদ; চরণ; পা। ২ মূল; শিকড় (পাদপ)। ৩ নিম্নভাগ (হিমালয়ের পাদদেশ)। ৪ চার ভাগের একভাগ; চতুর্থাংশ। ৫ শ্লোকের পঙ্‌ক্তি। ৬ সম্মানবাচক পদবি (প্রভুপাদ)। ~**গ্রহণ** *বি* পা ছোঁয়া; চরণস্পর্শ; প্রণাম। ~**চারণা, ~চারণ, ~চার** *বি* পায়চারি। ~**চারী**(-রিন্) *বিণ* পায়ে হেঁটে বিচরণ করে এমন; পাদচারণকারী; পথিক। ~**টীকা** *বি* গ্রন্থাদির পৃষ্ঠার নিম্নে প্রদত্ত টীকা; footnote। ~**ত্রাণ** *বি* জুতা; পাদুকা। ~**দেশ** *বি* তলদেশ; নিম্নদেশ; নিম্নভাগ। ~**পদ্ম** *বি* পদ্মের ন্যায় সুন্দর পা; চরণ-কমল। ~**পীঠ** *বি* ১ পা রাখবার আসন, টুল ইত্যাদি। ২ কেন্দ্র; পবিত্র স্থান (শিক্ষার পাদপীঠ)। ~**পূরণ** *বি* অরচিত বা লুপ্ত অংশ নতুনভাবে রচনার দ্বারা পূর্ণকরণ। ~**প্রক্ষালন** *বি* পা ধোয়া। ~**প্রহার** *বি* পদাঘাত; লাথি। ~**মূল** *বি* পায়ের নিম্নভাগ; গোড়ালি। ~**লেহন** *বি* পা-চাটা; হীনভাবে তোষামোদ। ~**শৈল** *বি* বৃহৎ পর্বতের নিচের ক্ষুদ্র পাহাড়। { *স.* √পদ্+অ(ঘঞ্)}

পাদ[২] [পাদ্] *বি* ১ পায়ুপথ দিয়ে নিঃসৃত বায়ু। ২ বাতকর্ম।

পাদা *ক্রি* বায়ু নিঃসরণ করা; বাতকর্ম করা। □*বি* বাতকর্ম; বায়ু-নিঃসরণ। { *স.* পর্দ>}

পাদক ⟹ পাদোদক

পাদপ [পাদোপ্] *বি* পা দ্বারা পান করে যে; বৃক্ষ; গাছ, উদ্ভিদ (অদূরে ত্রিশাল বিশাল পাদপ দাঁড়ায়ে ভগ্ন চূড়া—*সদ*)। { *স.* পাদ+√পা+অ(ক)}

পাদবিক [পাদোবিক্] *বিণ* পথিক; ভ্রমণকারী; পান্থ; পথবাহী। { *স.* পদবি+ইক(ঠক)}

পাদরি ⟹ পাদ্রি

পাদা ⟹ পাদা[২]

পাদান, পাদানি [পাদান্, -নি] *বি* শকটাদিতে ওঠানামার সময়ে পা দেওয়ার স্থান; footboard। { *ফা.* পায়াদান پای دان }

পাদুকা [পাদুকা] *বি* ১ খড়ম। ২ জুতা। { *স.* √পদ্+ণিচ্+ উক+আ(টাপ্)}

পাদোদক, পাদক [পাদোদক্, পাদোক্] *বি* পূজনীয় ব্যক্তির পা ধোয়া জল; চরণামৃত। { *স.* পাদ+উদক}

পাদোন [পাদোন্] *বিণ* পৌনে; তিন-চতুর্থাংশ। { *স.* পাদ+উন}

পাদ্য [পাদ্‌দো] *বি* চরণ প্রক্ষালনের জল; পা ধোয়ার পানি (পাদ্য অর্ঘ্য লয়ে বস এই কুশাসনে—*মদ*)। { *স.* পাদ+ য(যৎ)}

পাদ্রি, পাদরি, পাদ্রী [পাদ্‌রি] *বি* খ্রিস্টান ধর্মযাজক বা পুরোহিত। { *পো.* padre}

পান[১]**, পাণ** [পান্] *বি* তাম্বুল। ~ **থেকে চুন খসা** *(আল.) ক্রি* যৎসামান্য ত্রুটি হওয়া। ~ **সাজা** *ক্রি* মসলা সংযোগে পানের খিলি তৈরি করা। **পানের বরজ** *বি* পান জন্মানোর আচ্ছাদিত ও সুবিন্যস্ত ক্ষেত। { *স.* পর্ণ>}

পান[২]**, পাইন** [পান্, পাইন্] *বি* ১ ঝালা; যে নিকৃষ্ট ধাতু গলিয়ে ধাতু দ্রব্য জোড়া লাগানো হয়; alloy। ২ ইস্পাত প্রভৃতি ধাতুতে প্রয়োজনীয় কাঠিন্য দান। ~ **দেওয়া** *ক্রি* ধাতুর কাঠিন্য বা স্থিতিস্থাপকতা সাধন (ইস্পাতকে উত্তপ্ত করিয়া পরে ঠাণ্ডা পানিতে ডুবাইয়া কোমল করাকে পান দেওয়া বলে—*আআ*)। ~ **মরা** *ক্রি* মিশ্রিত খাদের জন্য গলানো সোনারুপার গহনার ওজন হ্রাস পাওয়া। { *স.* √পৈ>পায়না> ?}

পান[৩] [পান্] *বি* ১ তরলদ্রব্য গলাধঃকরণ (দুগ্ধ পান)। ২ মদ্যপান; সুরাপান। ~**গোষ্ঠী, ~গোষ্ঠিকা** *বি* মদ্যপানের আড্ডা; মদ্যপায়ীদের মিলনস্থান। ~ **দোষ** *বি* মদ্যপানরূপ দোষ; মদ্যাসক্তি। ~**পাত্র** *বি* মদ ইত্যাদি পান করার পাত্র। ~**শালা** বি মদ্যপানের ঘর; দোকান বা আড্ডা; শুঁড়িখানা (পারস্যেরই পানশালাতে নিদ্রাতুর—*আহ*)। ~**শৌণ্ড** *বিণ* মদ্যপানে অতিশয় আসক্তি; অপরিমিত মদ্যপান করে এমন। { *স.* √পা+অন(ল্যুট্)}

পানই, পানাই *(মবা.)* [পানোই, -নাই] *বি* পাদুকা; খড়ম (মোজা পানই আর জিন নিরসয়ে অনুদিন—*কমু*)। { *স.* উপানহ্}

পানক [পানক্] *বি* ১ ওষুধ। ২ পানীয়; শরবত। { *স.* পান+ক(কন্)}

পানকৌড়ি, পানিকৌড়, পানকোটি [পান্‌কোউড়ি,

পানিকৌউড়, পান্‌কোউটি] *বি* কালো রঙের হাঁসজাতীয় মৎস্য শিকারি পাখি (চুপ চুপ ওই ডুব দ্যায় পানকৌটি —*সদ*; দূরে পানিকৌড় মাছের আশায় ঘন ঘন দেয় ডুব —*বআমি*)। { *স.* পানীয়>পান+কৌড়ি}

পানজা ⇒ পাঞ্জা

পানতি ⇒ পান্তি[১]

পানতুয়া ⇒ পান্তুয়া

পানফল, পানবসন্ত ⇒ পানি

পানস [পানোশ্] *বিণ* ১ কাঁঠাল থেকে তৈরি। ২ পনস বা কাঁঠাল সম্বন্ধীয়। { *স.* পনস্+অ(অণ্)}

পানসি, পানসী, পান্সি [পান্‌শি] *বি* এক প্রকার ছই-ঢাকা ছোটো নৌকা; হালকা সরু নৌকা (পাপড়ি ওজন পানসি কাদের সেই হাওয়াতেই পাল পেলে—*সদ*; আমার জীবন নয় সুখের পানসি ঢেউয়ে ঢেউয়ে ভেসে যাবে—*শারা*)। { *ই.* pinnace}

পানসে [পান্‌শে] *বিণ* জলো; স্বাদহীন; ফিকে রঙের (একটা কে ফিকে জলো পানসে মেয়ে—*অচিসে*)। { *হি.* পনসা}

পানা[১] [পানা] *বি* চিনিমিশ্রিত পানি; শরবত (দেখ মধুর রসের বলে গল্প যেন একদম চিনির পানা করে তুলিসনে —*প্রচৌ*)। { *স.* পানক>}

পানা[২] [পানা] *বি* শৈবাল জাতীয় এক প্রকার জলজ উদ্ভিদ (কলঙ্ক পানায় সদা লাগে গায়—*বচদা*)। **~পুকুর** *বি* শৈবালজাতীয় জলজ উদ্ভিদবিশিষ্ট পুকুর। (অদূরে একটি পানা পুকুর—*রঠা*)। { *স.* পর্ণ>}

পানা[৩] [পানা] *বি* প্রস্থ; বিস্তার (কাপড়ের পানা)। { *ফা.* পানাহ্ پناه }

পানা[৪] [পানা] *বি* আশ্রয়। { *ফা.* পানাহ پناه }

পানা[৫] [পানা] তুল্যার্থবাচক বাংলা তদ্ধিত প্রত্যয় (চাঁদপানা)। { *স.* প্রায়>পারা>}

পানাই ⇒ পানই

পানানো [পানানো] *ক্রি* ১ গাভীর স্তন দুগ্ধে পূর্ণ করার জন্য বাছুর দ্বারা স্তন আকর্ষণ (বাছুর না পানালে দুধ পেতে কোথা—*দীমি*)। ২ দোহন। ৩ লোহার অস্ত্রাদিতে পাইন ধরানো। ৪ অস্ত্রাদি ধার করবার সময়ে পানি দিয়ে ভিজানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *প্রা.* পণ্হঅ>}

পানাসক্ত [পানাশক্‌তো] *বিণ* সুরাপানে আসক্ত; সুরাসক্ত; মদ্য পানানুরক্ত; মদ্যপ। { *স.* পান+আসক্ত}

পানি [পানি] *বি* জল; বারি। **~কচু** *বি* অল্প পানিতে জন্মে এমন এক ধরনের কচু। **~ ঘোলা করা** *ক্রি (আল.)* অস্বস্তিকর অবস্থা সৃষ্টি করা (ও চাইছিল না যে সেসব অনাসৃষ্টি কথা বলে পানি ঘোলা করে—*সজ*)। **~ফল, পানফল** *বি* সিঙ্গাড়া; তিন কাঁটাযুক্ত জলে জাত এক প্রকার ফল (কুল পানীফল কাঁটা যে সকল সলিল বেড়িয়া আছে—*চমু*)। **~বদ্ধতা** *বি* পানির অচলতা বা স্থিরতা; water-logging (জমির উপর অতিরিক্ত পানি জমিয়া থাকার নাম পানিবদ্ধতা—*আআ*)। **~বসন্ত, পানবসন্ত** *বি* জলবসন্ত; গুটিকা রোগ; chicken pox । **~ ভাঙা/ভাঙ্গা** *বি* প্রসবের পূর্বে জলীয় স্রাব। { *স.* পানীয়>; *হি.* পানি}

পানীয় [পানিয়ো] *বিণ* পানযোগ্য; পানোপযোগী; পেয়; পান করা হয় এমন। ☐ *বি* পানযোগ্য দ্রব্য। { *স.* √পা+অনীয়(অনীয়র্)}

পানে [পানে] *অব্য* দিকে; প্রতি; অভিমুখে। { *স.* প্রবণ>}

পান্তা [পান্‌তা] *বি* পানিতে ভিজানো বাসি ভাত (পান্তা আনতে লবণ ফুরায়—*দ্বিরা*)। **~বাতাস** *বি* বাসি বাতাস (পান্তা বাতাসে নেবু ফুলের গন্ধ মাখানো—*সদ*)। **~ ভাতে ঘি** *(আল.)* অকারণে উৎকৃষ্ট বস্তুর অপচয়। { *স.* পানীয়>পানি+তা}

পান্তি[১] [পান্‌তি] *বিণ* উচ্চ কিনারাযুক্ত থালা। { *স.* প্রান্ত>+ই}

পান্তি[২], **পানতি** [পান্‌তি] *বি* পানবিক্রেতা হিন্দু সম্প্রদায়ের উপাধি। { *স.* পান+তি}

পান্তী [পান্‌তি] *বিণ* পঙ্‌ক্তি; সারি; শ্রেণি (কনক চম্পক কুসুম পান্তী—*বচ*)। { *স.* পঙ্‌ক্তি>}

পান্তুয়া, পানতোয়া [পান্‌তুয়া, -তোয়া] *বি* চিনির রসে ভিজানো ঘিতে কড়া ভাজা রসগোল্লা জাতীয় মিষ্টান্নবিশেষ (দুটো চিনে মাটির ডাবরে যেন দুটো পান্তুয়া ভেসে উঠেছে—*সৈমু*)। { *হি.* পান্তুয়া}

পান্থ [পান্‌থো] *বি* পথিক; পথ পর্যটনকারী; পথ পরিভ্রমণকারী (কেন পান্থ এ চঞ্চলতা—*রঠা*)। **~নিবাস, ~শালা** *বি* পথিকদের বিশ্রামস্থল; সরাই; চটি; ধর্মশালা। **~পাদপ** *বি* মাদাগাস্কার দ্বীপে উৎপন্ন একপ্রকার বৃক্ষ যার মধ্যে নির্মল পানি সঞ্চিত থাকে। { *স.* পথিন্+অ(ণ)}

পান্না [পান্‌না] *বি* বহুমূল্য প্রস্তরবিশেষ; মরকত; emerald। { *স.* পর্ণ>; *তুল. হি.* পান্না>}

পান্সী ⇒ পানসি

পাপ [পাপ্] *বি* ১ কলুষ; দুষ্কৃতি। ২ অন্যায়; অধর্ম; শাস্ত্রবিরুদ্ধ কর্ম; গুনাহ্। ৩ পাপিষ্ঠ ব্যক্তি; পাপাত্মা (নন্দী বলে তব নিন্দা করিয়াছে পাপ—*ভারা*)। ৪ আপদ; জঞ্জাল (পাপ গেলে বাঁচি)। ৫ অশুভ; অমঙ্গল (পাপগ্রহ)। ৬ পাপজনক; পাপিষ্ঠ (পাপমুখে কি আর বলব)। **~কৃৎ** *বিণ* পাপকারী; পাপিষ্ঠ। **~গ্রহ** *বি (জ্যোশা.)* শনি ইত্যাদি অশুভ গ্রহ। **~ঘ্ন, ~হর** *বিণ* পাপনাশক; পাপদূরকারী। **~পুণ্য** *বি* পাপ ও পুণ্য। **~বুদ্ধি, ~মতি** *বি* দুর্মতি; অধর্মবুদ্ধি। **~ভাক, পাপজ** *বিণ* পাপী; পাপকারী; পাপিষ্ঠ (তাঁহাকে পাপভাক হইতে হয়, ইহা শ্রুতির কথা—*বচ*)। **~ভাগী** (-গিন্) *বিণ* ১ পাপী। ২ পাপের ফলগ্রাহী; পাপের অংশীদার। **~যোগ** *বি (জ্যোশা.)* তিথি, বার প্রভৃতির অশুভ সম্মেলন। **~যোনি** *বি* অন্ত্যজ; নীচকুলজাত। **পাপাচার** *বিণ* দুরাচার; পাপকারী; পাপিষ্ঠ। ☐ *বি* পাপাচরণ। **পাপাচারী** (-রিন্) *বিণ* পাপিষ্ঠ; দুরাচার; অধর্মাচারী। **পাপাত্মা** *বিণ* পাপাত্মা; পাপচিত্ত; পাপিষ্ঠ। **পাপিষ্ঠ** *বিণ* অতিশয় পাপী; মহাপাপী। **পাপিষ্ঠা** *বিণ স্ত্রী.*। **পাপী** (-পিন্) *বিণ* পাপকারী; অধার্মিক; পাপাচারী। **পাপিনী** *বিণ স্ত্রী.*। **পাপীয়সী** *বিণ* পাপিষ্ঠা; মহাপাপকারিণী; পাপচারিণী। { *স.* √পা+প+অ(অচ্)}

পাপড়ি [পাপ্‌ড়ি] *বি* ফুলের দল (হালকা তুই মোর পুতুল, পাপড়িময় তোর শরীর—*সদ*)। { *স.* পর্ব>পাব+ড়ি>}

পাপর ⟹ পাঁপর[২]
পাপাচার, পাপাচারী, পাপাত্মা, পাপাশয় ⟹ পাপ
পাপিয়া [পাপিয়া] *বি* পিউ পিউ রবকারী পাখিবিশেষ; কোকিলজাতীয় গায়ক পাখি। { *স.* বপ্পীহা> }
পাপিষ্ঠ, পাপী, পাপীয়সী ⟹ পাপ
পাপোশ, পাপোষ, পা-পোষ [পাপোশ] *বি* পায়ের ধুলা মোছার জন্য নারকেলের ছোবড়াদি দ্বারা তৈরি আস্তরণ (পুরু পা-পোষে পা ঘষে ঢুকলাম ড্রয়িং রুমে —*রাখা*)। { *ফা.* পাপোশ پاپوش }
পাব [পাব] *বি* ১ পর্ব; গাঁট। ২ দুই গ্রন্থির মধ্যবর্তী স্থান। { *স.* পর্ব> }
পাবক [পাবোক] *বি* অগ্নি; অনল (উপরি পাবক রাশি—*মদ*)। □ *বিণ* শোধক; শোধনকারী; বিশুদ্ধ বা পবিত্র করে এমন। { *স.* √পূ+অক(ণ্বুল্) }
পাবদা, পাবতা [পাবদা, -তা] *বি* এক প্রকার আঁশশূন্য সুস্বাদু ছোট মাছ। { *স.* পর্বত>*প্রা.* পব্বদ> }
পাবন [পাবোন] *বিণ* ১ বিশুদ্ধ বা পবিত্রকারী; শোধক (সপ্তম বৎসরে কন্যা বিয়া দিলে হয় ধন্য। তার পুত্র কুলের পাবন—*কম্*)। ২ ত্রাণকর্তা; উদ্ধারকারী (পতিতপাবন)। ৩ শোধন; পবিত্রকরণ। ৪ অগ্নি। **পাবনি** *বি* পবননন্দন হনুমান (প্রবল পবন বলে বলীন্দ্র পাবনি—*মদ*)। **পাবনী** *বিণ* ১ পবিত্রকারিণী (পাবনী ফোয়ারা জাহ্নবী ধারা—*সদ*)। ২ উদ্ধারকারিণী। □ *বি* হিন্দুমতে গঙ্গা নদী। { *স.* √পূ+ণিচ্+অন(ল্যুট্) }
পাবন্দ [পাবন্‌দো] *বিণ* অনুগত; নিষ্ঠাবান (শরীয়তের পাবন্দ মানুষ—*ইখা*)। { *ফা.* পাবন্দ پابند }
পাবলিক [পাব্‌লিক] *বি* জনসাধারণ (হাঁফাতে হাঁফাতে প্রফেসরকে গিয়ে খবর বলল, পাবলিক খেপেছে—*সৈশা*)। { *ই.* public }
পামর [পামর্/-মোর্] *বিণ* ১ পাপিষ্ঠ; পাপাত্মা। ২ নরাধম; নীচ (যে মুখে পামর নিন্দিলে শঙ্কর সে মুখে হবে ছাগল—*ভারা*)। ৩ মূর্খ। **পামরী** *বিণস্ত্রী*। { *স.* পাপ্মন্+√রা+অ(ক) }
পামরি[১] [পাম্‌রি] *বি* শস্য নষ্ট করে এমন এক ধরনের পোকা। { *স.* পামর+*বা.* ই }
পামরি[২], **পামরী** [পামোরি] *বি* মূল্যবান বস্ত্রবিশেষ; কড়ি করিলাম খাট পিঁড়ি সগল্লাদ নিহালী পামরী—*কম্*)। { *স.* প্রাবর> }
পামসু [পাম্‌শু] *বি* একপ্রকার ফিতাহীন জুতা (সীটের নীচে পামসু খুলে রেখে সেখানে পা তুলে বসেছেন—*আআআ*)। { *ই.* pump shoe }
পাম্প [পাম্‌প] *বি* বায়ুপূর্ণ করার বা পানি তোলার এক প্রকার যন্ত্র। { *ই.* pomp }
পায়ই (*ব্র.*) [পায়োই] *ক্রি* ১ পাই; প্রাপ্ত হই (ও রসে ভোর ওর নাহি পায়—*বলরাম দাস*)। ২ পায়। **পায়ব** *ক্রি* পাব (পরাণ পায়ব হাম পিয়া দরশনে—*বিপ*)। { √পা> }
পায়খানা [পায়্‌খানা] *বি* ১ মল; বিষ্ঠা। ২ মলত্যাগের স্থান। ~ **করা** *ক্রি* মল ত্যাগ করা। { *ফা.* পায়েখানাহ্ پایخانه }
পায়গা [পায়্‌গা] *বি* মহারাষ্ট্রপক্ষীয় একপ্রকার দুর্ধর্ষ সৈন্য (উলঙ্গ কৃপাণ হস্তে পায়গা সৈনিক দাঁড়াইয়া যোদ্ধাবেশে গম্ভীর বদন—*কায়*)। { *মারাঠি.* পায়গা }
পায়চারি, পায়চারী [পায়্‌চারি] *বি* নিরুদ্দিষ্ট পদচারণা; ইতস্তত হাঁটা (বিছানা থেকে উঠে যখন বারান্দায় পায়চারী করছিল—*আআআ*)। { *স.* পদচারণ> }
পায়জামা, পাজামা [পায়্‌জামা, পাজামা] *বি* ঢিলা ট্রাউজার; ইজার। { *ফা.* পাজামাহ্ پاجامه }
পায়দল, পয়দল [পায়্‌দল, প-] *ক্রিবিণ* পদব্রজে; পায়ে হেঁটে। □ *বিণ* পদব্রজে গমনকারী। □ *বি* পদচারী সেনা; পদাতিক। { *হি.* পয়দল }
পায় পায়, পায়ে পায়ে [পায়্‌পায়] *ক্রিবিণ* ১ পদে পদে; প্রতিপদে (পায় পায় বাধা)। □ *বিণ* ধীরে বা ধীরপদে বা আস্তে হাঁটিতে হাঁটিতে (পায় পায় গিয়ে উপস্থিত হওয়া)। { *স.* পাদ>পা+এ> }
পায়মান ⟹ পরমান
পায়রবি, পায়রবী [পায়রোবি] *বি* অনুসরণ; শিষ্যত্ব; অনুচরের ভাব (মিথ্যারে যদি মিথ্যা জেনেও করো তারি পায়রবি—*ত্যহো*)। { *ফা.* পায়রবী پیروی }
পায়রা [পায়্‌রা] *বি* কবুতর; কপোত; পারাবত (লয়ে শিশুগণ বেণ্যার নন্দন পায়রা উড়ায়ে যায়—*কম্*)। **পায়রি, পায়রী** *বি* পারাবতী (পায়রী রাখিয়া হাতে—*কম্*)। { *স.* পারাবত> }
পায়স, পায়েস [পায়শ্, পায়েশ্] *বি* দুধ, চিনি, চাল প্রভৃতি সংযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ; পরমান্ন (তোমরা খাওগো পায়েস—*দ্বিরা*)। □ *বিণ* ১ দুগ্ধ সম্বন্ধীয়। ২ দুধ থেকে উৎপন্ন। **পায়সান্ন** *বি* পরমান্ন (সুবৃহৎ থলিকায় পায়সান্ন ভরি—*মোম*)। { *স.* পয়স্+অ(অণ্) }
পায়া [পায়া] *বি* ১ টেবিল, চেয়ার, চৌকি প্রভৃতির নিম্নভাগে সংলগ্ন খুঁটি বা খুরা। ২ পদ; চরণ। ৩ উচ্চপদ; পদমর্যাদা (পায়াভারী)। ~**ভারী** *বি* উচ্চপদে অধিষ্ঠানজনিত অহঙ্কার; গর্ব (লোকটার পায়াভারী হয়েছে)। □ *বিণ* পদগৌরব ও মর্যাদাসম্পন্ন; পদগৌরবহেতু গর্বিত (পায়াভারী লোক)। **চার**~ *বি* এক প্রকার ছোটো খাট। □ *বিণ* চতুষ্পদ (চারপায়া জানোয়ার)। **তে**~ *বি* তিন পায়া বিশিষ্ট টেবিল, চেয়ার ইত্যাদি। { *ফা.* পায়াহ্ پایه }
-পায়ী [পায়ি] *বিণ* পান করে এমন; পানকারী (স্তন্যপায়ী, দুগ্ধপায়ী)। { *স.* পায়িন্>(*১মা একব*) }
পায়ু [পায়ু] *বি* মলদ্বার; গুহ্যদেশ। { *স.* √পা+উ(উণ্) }
পায়ে পায়ে ⟹ পায় পায়
পায়েস ⟹ পায়স
পার [পার] *বি* ১ নদী, খাল, পুকুর ইত্যাদির বিপরীত তট বা তীর। ২ কূল; কিনারা। ৩ প্রান্ত; শেষ; সীমা (মাঠের পারে)। ৪ উত্তরণ (পরীক্ষা পার হয়েছে)। ৫ উদ্ধার; পরিত্রাণ; রক্ষা (গোলাম কবুলে পার পায়—*ভারা*)। ~**করা** *ক্রি* ১ পরিত্রাণ করা (পার করো হে দয়াল)। ২ নদ্যাদির অপর পারে নিয়ে যাওয়া। ৩ কন্যার বিবাহ দেওয়া (মেয়ে পার করা)। **পারগ**[১], ~**ক্ষম** *বিণ* ১ পারগামী। ২ দক্ষ; সমর্থ; সক্ষম (শিল্প ক্রিয়াতে সম্পূর্ণ পারগ—*অঠা*)। ~**গত** *বিণ* ১ পারে গিয়েছে এমন; উত্তীর্ণ। ২ উদ্ধার বা পরিত্রাণ লাভ করেছে এমন। ~**ঘাট,**

~ঘাটা *বি* খেয়াঘাট (পারঘাটের দিকে মন রাখলে দুই জনেই সমানভাবে— *অঠা*)। – **হওয়া** *ক্রি* নদী প্রভৃতির অপর পারে যাওয়া। { *স.* √পার+অ(অচ)}

পারক, পারগ[১] [পারক্, -গ্] *বিণ* ১ সমর্থ; সক্ষম। ২ পারদর্শী; পটু; নিপুণ। ~**তা** *বি* ১ সক্ষমতা। ২ পটুতা। { *স.* √পৃ+অক(ণ্বুল্); পার+√গম্+অ(ড)}

পারক্য [পারোক্কো] *বিণ* ১ পরলোক সম্বন্ধীয়। ২ অন্য সংক্রান্ত; পরকীয়। ৩ শত্রু সংক্রান্ত। **পরকীয়তা** *বি* । { *স.* পর+য(ষ্যঞ), ক(কুক্) আগম}

পারগ ⇒ পার

পারঙ্গম ⇒ পার

পারণ, পারণা [পারোন্, পারনা] *বি* ব্রতাদিতে উপবাস-কাল শেষে ভোজন (তীর্থে এসে করবে না একাদশীর পারণ— *অঠা*)। { *স.* √পার+অন(ল্যুট্), +আ(টাপ্)}

পারতন্ত্র্য [পারোতন্‌ত্রো] *বি* পরতন্ত্রতা; পরবশ্যতা; পরাধীনতা। { *স.* পরতন্ত্র+য(ষ্যঞ)}

পারতপক্ষে [পারোতোপোক্‌খে] *ক্রিবিণ* ১ সাধ্যমতো; পারলে (ওরা পারতপক্ষে একে অন্যের দিকে তাকায় না— *মুচৌ*)। ২ সম্ভব হলে; পারলে। { *স.* পারয়ৎ+পক্ষে>}

পারত্রিক [পারোত্‌ত্রিক্] *বিণ* পারলৌকিক; পরলোক সম্বন্ধীয়; আখেরাতের। { *স.* পরত্র+ইক(ঠক্)}

পারদ [পারোদ্] *বি* একটি তরল ধাতু; পারা; mercury। { *স.* পার+√দা+অ(ক)}

পারদর্শী (–র্শিন্) [পারোদোর্‌শি] *বিণ* ১ অভিজ্ঞ। ২ পটু; দক্ষ; বিচক্ষণ। ৩ দূরদর্শী; পরিণামদর্শী। **পারদর্শিনী** *বিণ স্ত্রী*। **পারদর্শিতা** *বিণ* বিচক্ষণতা; দক্ষতা; পটুতা। □ *বি* দূরদর্শিতা। { *স.* পার+√দৃশ্+ইন্(ণিনি)}

পারদারিক [পারোদারিক্] *বি, বিণ* পরস্ত্রী সম্ভোগকারী। **পারদার্য** *বি* পরস্ত্রীগমন; পরদারাসক্তি, ব্যভিচার। { *স.* পরদার+ইক(ঠক্)}

পারদেশ্য [পারোদেশ্‌শো] *বিণ* ১ প্রবাসী; ভিন্নদেশগত। ২ বিদেশি; পরদেশি। { *স.* পরদেশ+য(ষ্যঞ)}

পারবশ্য [পারোবোশ্‌শো] *বি* পরবশতা; পরাধীনতা; অধীনতা। { *স.* পরবশ+য(ষ্যঞ)}

পারবিন, পারভিন [পার্‌বিন্, –ভি–] *বি* উত্তরদিকস্থ নক্ষত্রপুঞ্জ; সপ্তর্ষিমণ্ডল (চাঁদ ডুবে গেলে নিবে যায় ঐ পারবিন মুশতারা— *মোম*)। { *ফা.* পারভীন پروین }

পারমাণব, পারমাণবিক [পারোমানোব্, –বিক্] *বিণ* ১ পরমাণু সংক্রান্ত। ২ পরমাণু থেকে উৎপন্ন; পরমাণুজাত; atomic। { *স.* পরমাণু+অ(অণ্), +ইক(ঠক্)}

পারমার্থিক [পারোমার্‌থিক্] *বিণ* পরমার্থ সম্বন্ধীয়। { *স.* পরমার্থ+ইক(ঠক্)}

পারমিট [পার্‌মিট্] *বি* সরকার নিয়ন্ত্রিত মাল ক্রয় বা বিক্রয়ের অনুমতিপত্র। { *ই.* permit}

পারম্পর্য [পারোম্‌পোর্‌জো] *বি* ধারাবাহিকতা; অনুক্রম; ক্রমান্বয়। { *স.* পরম্পর+য(ষ্যঞ)}

পারলৌকিক [পারোলোউকিক্] *বিণ* ১ পরলোকসংক্রান্ত। ২ পরলোকের জন্য কল্যাণকর। { *স.* পরলোক+ইক(ঠক্)}

পারশ, পরশ [পারোশ্, পরোশ্] *বি* পরিবেশন। { *স.* পরিবেশন>}

পারশী ⇒ পারসি

পারশীক ⇒ পারসিক

পারশে, পার্শে [পার্‌শে] *বি* একজাতীয় ছোট মাছ। { *অমূ.*}

পারশ্য ⇒ পারস্য

পারশিক ⇒ পারসিক

পারসি [পার্‌শি] *বি* ১ পারস্যের ভাষা; ফারসি। ২ প্রাচীনকালে পারস্য দেশ থেকে আগত জরথুস্ত্রপন্থি জাতি। □ *বিণ* ১ পারস্য দেশে উৎপন্ন। ২ পারসি/পার্শি জাতি সংক্রান্ত। { *ফা.* পার্‌সী پارسی }

পারসিক, পারশিক [পার্‌সিক্] *বিণ* ১ পারস্য দেশীয় (তরুণী পারসিক রমণীগণ— *রঠা*)। ২ পারস্য দেশজাত। □ *বি, বিণ* পারস্য দেশের অধিবাসী; ইরানি। { *ফা.* পার্‌সী پارسی +ইক}

পারস্য [পারোশ্‌শো] *বি* পশ্চিম এশিয়ার প্রাচীন দেশবিশেষ; ইরান। { *স.* পারস্য; *ফা.* পার্‌সী پارسی }

পারা[১] [পারা] *ক্রি* ১ সমর্থ হওয়া; সক্ষম হওয়া। ২ এঁটে ওঠা; আয়ত্তে আনতে সক্ষম হওয়া (ছেলেকে কেউ পেরে ওঠে না)। ৩ অনুমতি পাওয়া (এখন যেতে পারো)। ৪ কাজ সারা (দেখ তো কাজটা তুমি পার কিনা)। {√পার্+আ}

পারা[২] [পারা] *বি* তরল ধাতুবিশেষ; পারদ। { *স.* পারদ>}

পারা[৩] [পারা] *অব্য* সদৃশ; তুল্য; ন্যায়; মতো (তোমার চোখের দৃষ্টি জাগে হারানো কোন মুখের পারা— *নই*)। □ *ক্রিবিণ* যেন; বোধ হয়; বুঝি (পুণ্যের সময় হইল পারা— *কমু*)। { *স.* প্রায়>}

পারা[৪] [পারা] *বি* খণ্ড (আমপারা; কোরানের ত্রিশ পারা)। { *ফা.* পারাহ پاره }

পারানো [পরানো] *ক্রি* ১ পার করানো। ২ পার হওয়া। {√পার+আনো}

পারানি [পারানি] *বি* খেয়া পার হওয়ার মাশুল বা মূল্য; খেয়ার কড়ি পারানির পাথেয় আমার যথেষ্ট ছিল— *রঠা*)। { *স.* পার+আনি}

পারাপার [পারাপার্] *বি* ১ নদ্যাদির উভয় তীর; একূল ওকূল। ২ নদ্যাদির এক পার থেকে অপর পারে যাতায়াত (নদী পারাপার করা)। ৩ সমুদ্র। { *স.* পার+অপার}

পারাবত [পারাবত্] *বি* ১ কপোত; পায়রা; কবুতর। **পারাবতী** *বি. স্ত্রী*। { *স.* পার+আ+√পত্+অ(অচ)= পারাপত>পারাবত}

পারাবার [পারাবার্] *বি* ১ সিন্ধু; সমুদ্র (অসীম অনন্ত সে পারাবার— *শেক*)। ২ উভয় তীর। ৩ এফোঁড়-ওফোঁড় (কোন অস্ত্র ধরে পারাবার করে— *চদা*)। { *স.* পার+আ+√বৃ+অ(অণ্)}

পারায়ণ [পারায়োন্] *বি* ১ পূর্ণতা; সম্পূর্ণতা; সমগ্রতা। ২ নিয়মিত সময়ের মধ্যে গ্রন্থাদি পাঠ সমাপন। ৩ সফলতা। { *স.* পার+অয়ন}

পারাশর [পারাশর্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত পরাশর মুনির পুত্র; বেদব্যাস। □ *বিণ* পরাশর সম্বন্ধীয়। ২ পরাশর রচিত। { *স.* পরাশর+অ(অণ্)}

পারিজাত [পরিজ্জাত্] *বি* হিন্দু পুরাণে উল্লিখিত সমুদ্র মন্থনে উদ্ভূত স্বর্গীয় বৃক্ষ, ফুল বা তার ফল। { *স.* পার+

ইন(ণিনি)+√জন্+অ(ড)}

পারিতোষিক [পারিতোশিক] *বি* সন্তুষ্ট হয়ে যা দান করা হয়; পুরস্কার; বখশিশ। { *স.* পারিতোষ+ইক(ঠঞ)}

পারিন্দ্র, পারীন্দ্র [পারিন্‌দ্রো] *বি* ১ পশুরাজ; মৃগেন্দ্র; সিংহ (শৃগাল দেখিয়া কোথা পারিন্দ্র পালায়—*সৈঅা*)। ২ (বিরল) অজগর সাপ। { *স.* পারি+ইন্দ্র>}

পারিপাট্য [পারিপাটটো] *বি* ১ শৃঙ্খলা; বিন্যাস (একটি পরিমিত পারিপাট্য—*রঠা*)। ২ পরিচ্ছন্নতা (আসবাব-পত্রের বাহুল্য নেই; পারিপাট্য আছে—*বক*)। ৩ কুশলতা; নিপুণতা; নৈপুণ্য। ৪ আড়ম্বর। { *স.* পরিপাটি+য(ষ্যঞ)}

পারিপার্শ্বিক [পারিপারশিক] *বিণ* ১ চতুর্দিকস্থ; পার্শ্ববর্তী; পাশের (পারিপার্শ্বিক অবস্থা)। ২ পরিষদ। ৩ *(অল.)* সূত্রধরের পার্শ্বচর নট। { *স.* পরিপার্শ্ব+ইক(ঠক)}

পারিব্রজ্য [পারিব্রোজ্‌জো] *বি* পরিব্রজ্যা; পরিব্রাজকের ভাব বা অবস্থা। { *স.* পরিব্রজ+য(ষ্যঞ)}

পারিভাষিক [পারিভাশিক] *বিণ* পরিভাষা সংক্রান্ত। { *স.* পরিভাষা+ইক(ঠঞ)}

পারিশ্রমিক [পারিস্‌সোমিক] *বি* পরিশ্রমের ফল বা মূল্য; মজুরি। { *স.* পরিশ্রম+ইক(ঠঞ)}

পারিষদ [পারিশদ] *বি* ১ সভ্য; সভাসদ; সদস্য। ২ পার্শ্বচর। ❑ *বিণ* পরিষদ সম্বন্ধীয়; সভা সংক্রান্ত। { *স.* পরিষদ্+অ(অণ)}

পারী[১] [প্যারি] *বি* হস্তিবন্ধনী। { *স.* পার+ঈ}

পারী[২] [পারি] *বিণ* তীরের বা পারের (এই পারী ঢেউ বাদল-বায়ে আছড়ে পড়ে তোমার পায়ে—*নই*)। { *স.* পার+ঈ}

পারী[৩] *(মবা.)* [পারি] *ক্রি* পারি; সমর্থ হই (আহ্মে করিবাক পারী—*বচদা*)। {√পারা>}

পারীণ [পারিন] *বিণ* পারগামী; নদীপ্রভৃতি অতিক্রমকারী। { *স.* পার+ঈন(খ)}

পারীন্দ্র ⇒ পারিন্দ্র

পারুল [পারুল] *বি* একপ্রকার পাটলবর্ণ সুগন্ধ পুষ্প বা তার গাছ। { *স.* পাটলী>}

পারুষ্য [পারুশশো] *বি* ১ পরুষতা; কর্কশতা; রূঢ়তা। ২ অপ্রিয় কথা। { *স.* পুরুষ+য(ষ্যঞ)}

পার্গু *(মবা.)* [পারগু] *বি* (নদী, সমুদ্র প্রভৃতি পার হতে সমর্থ অর্থে) মধ্যযুগের বঙ্গদেশে ব্যবহৃত এক ধরনের মালবাহী জাহাজ। { *স.* পারগ+উ}

পার্চ্ছাভোগ *(মবা.)* [পারছাভোগ] *বি* (পাতশা বা বাদশাহের ভোগের উপযুক্ত) উৎকৃষ্ট চাল বিশেষ (বুনে পার্চ্ছাভোগ—*রাপ*)। { *ফা.* বাদশাহ্+*স.* ভোগ}

পার্ট [পারট্] *বি* ১ অভিনয়াদির অংশভাগ (আমার পার্ট কেমন লাগছে তোমার—*বিব*)। ২ অংশ; কপাটের ফলক; পাট (তিনি আলমারীর সিন্দুকের একটা পার্ট খুলেছেন *আআআ*)। { *ই* part}

পার্টস [পারট্‌স] *বি* অংশ; কলের খুচরা অংশ (এ রকেট স্পেস স্টেশনে পূর্বে আনা পার্টসগুলোর সাহায্যে শূন্যেই নির্মিত হবে—*শাফ*)। { *ই* parts}

পার্টি, পার্টী [পারটি] *বি* ১ পাশ্চাত্য রীতিতে ভোজ বা আমোদ অনুষ্ঠান (মীনার খেয়াল হল জন্মদিনের পার্টিতে সে যাচ্ছে—*নীহ*)। ২ রাজনৈতিক দল; পক্ষ (জিগ্যেস করবিনে পার্টি-বেপার্টির লোককে—*অচিসে*)। { *ই* party}

পার্টিশন [পারটিশন্] *বি* বিভাগ; দেশবিভাগ (পার্টিশনের সময় অপসন নিয়ে এসেছিলেন—*আআআ*)। { *ই* partition}

পার্থ [পারথো] *বি* ১ কুন্তী বা পৃথার পুত্র অর্জুন। ২ অর্জুনবৃক্ষ। { *স.* পৃথা+অ(অণ)}

পার্থসারথি [পারথোশারোথি] *বি* শ্রীকৃষ্ণ। { *স.* পার্থ+সারথি}

পার্থক্য [পারথোক্‌কো] *বি* প্রভেদ; বিভিন্নতা; পৃথকত্ব; বৈসাদৃশ্য। { *স.* পৃথক্+য(ষ্যঞ)}

পার্থিব [পারথিবো] *বিণ* ১ পৃথিবীসংক্রান্ত; ঐহিক; জাগতিক। ২ ভূপতি; নৃপ। { *স.* পৃথিবী+অ(অঞ)}

পার্বণ [পারবোন] *বি* ১ উৎসব (বিবাহ-উৎসব তুই পার্বণের রাজা—*দেসে*)। ২ হিন্দুদের অমাবস্যাদি পর্বদিনে অনুষ্ঠেয় শ্রাদ্ধ। ❑ *বিণ* ১ পর্বসংক্রান্ত। ২ পর্বদিনে করণীয়। **পার্বণী** *বি* পর্ব বা উৎসব দিবসের পারিতোষিক; বখশিশ (পার্বণী পঞ্চক যত—*কমু*)। { *স.* পর্বন্+অ(অণ)}

পার্বত, পার্বতীয়, পার্বত্য [পারবত, পারবোতিয়ো, পারবোত্‌তো] *বিণ* ১ পর্বত সংক্রান্ত। ২ পর্বতময় (পার্বত্য চট্টগ্রাম)। ৩ পর্বতবাসী; পাহাড়ি। ৪ পর্বতে উৎপন্ন বা জাত (চড়িবারে দিল তার পার্বতীয় ঘোড়া—*কমু*)। { *স.* পর্বত+অ(অণ), ঈয়(ছ), পার্বতীয়>}

পার্বতী [পারবোতি] *বি* ১ হিন্দু পুরাণোক্ত পর্বতরাজ হিমালয়ের দুহিতা; নগনন্দিনী; গিরিজা; উমা; গৌরী; হৈমবতী; দুর্গা; অপর্ণা। ২ পর্বতকন্যা; পর্বতবাসিনী; পাহাড়ি। { *স.* পর্বত+ই(ইঞ)+ঈ(ঙীপ্)}

পার্যমাণে [পারজোমানে] *ক্রিবিণ* পারলে; সম্ভব হলে; পারতপক্ষে (পার্যমাণে তাহা ভাঙ্গিয়া খরচ করিও না—*ভূমু*)। { *স.* √পার্+মান(শানচ্)+এ}

পার্লামেন্ট [পারলামেন্‌ট্] *বি* রাষ্ট্রের আইনসভা; জাতীয় সংসদ; বিধান-পরিষদ; আইন সংগঠক সভা। { *ই* parliament}

পার্শ্ব [পারশো] *বি* ১ পাশ; দিক (উত্তর পার্শ্ব)। ২ প্রান্ত; কিনারা। ৩ নিকট। **পার্শ্বচর** *বি,বিণ* ১ সহচর; সঙ্গী। ২ অনুচর। ৩ পরিচারক। ৪ মোসাহেব; চাটুকার। **পার্শ্বচরী** *বিণ স্ত্রী.*। { *স.* √স্পৃশ্+শ্ব(শ্বণ্)}

পার্শ্বনাথ [পারশোনাথ্] *বি* ১ জৈন তীর্থ। ২ একজন জৈন ধর্মগুরুর নাম। { *স.* পার্শ্ব+নাথ}

পার্শ্ব পরিবর্তন [পারশোপোরিবরতোন্] *বি* পাশ ফেরা; পাশ মোড়া। { *স.* পার্শ্ব+পরিবর্তন}

পার্শ্বব [পারশবো] *বি* কুঠারাস্ত্রধারী। { *স.* পর্শু (পরশু)+অ(অণ)}

পার্শ্ববর্তী, পার্শ্বস্থ [পারশোবোরতি, পারশোস্‌থো] *বিণ* পার্শ্বস্থিত; পার্শ্বে অবস্থান করে এমন। **পার্শ্ববর্তিনী, পার্শ্বস্থা** *বিণ স্ত্রী.*। { *স.* পার্শ্ব+√বৃৎ+ইন(ণিনি), পার্শ্ব+√স্থা+অ(ক)}

পার্ষদ [পারশদ] *বি* পরিষদ; সভাসদ; সভ্য (যত যত স্থানে সব পার্ষদ জন্মিলা—*বৃদা*)। { *স.* পর্ষদ+অ(অণ)}

পার্ষ্ণি [পার্‌শ্‌নি] *বি* ১ পায়ের গোড়ালি। ২ পিঠ; পৃষ্ঠদেশ। ৩ সৈন্যদলের পশ্চাদংশ। { *স.* √পৃষ্‌+নি}

পার্সি, পার্শি [পারশি] *বি* ১ পারসি; ফারসি। ২ পারস্যবাসী। ৩ পারসিক জাতি বা ভাষা। ৪ ভারতের অগ্নি উপাসক সম্প্রদায়। { *ফা.* পারসী پارسی }

পার্সেল [পারসেল্‌] *বি* ডাকযোগে প্রেরিত দ্রব্যাদি; মোড়ক; খণ্ড; প্যাকেট। { *ই.* parcel}

পাল১ [পাল্‌] *বি* (সাধারণত পশুর) দল (ব্রজকুলবালা রাজপথে আইলা লইয়া ধেনুর পাল—*চদা*)। **পালের গোদা** *(ব্য.)* দলের পাণ্ডা বা সর্দার। { *স.* পালি>}

পাল২ [পাল] *বি* গরু প্রভৃতির সঙ্গম বা প্রজনন ক্রিয়া (পাল দেওয়া)। { *স.* √পাল্‌+অ(অচ্‌)}

পাল৩, পাইল [পাল্‌, পাইল্‌] *বি* ১ চাঁদোয়া (উঠানে বাঁশ বাঁধিয়া পাল খাটানো হইতেছে—*রঠা*)। ২ বায়ু ভরে নৌকা চালাবার জন্য মাস্তুলে সংলগ্ন কাপড়। { *স.* পল>}

পাল৪ [পাল্‌] *বিণ* ১ প্রতিপালক (রাজ্যপাল)। ২ রক্ষক (নগরপাল)। { *স.* √পাল্‌+অ(অচ্‌)}

পালই ⇒ পালুই

পালওয়ান ⇒ পালোয়ান

পালং১ ⇒ পালঙ১

পালং২ ⇒ পালঙ্ক

পালং, পালং শাক [পালোঙ্‌, -শাক] *বি* এক ধরনের সবুজ শাক (টক পালং, মিষ্টি পালং)। { *স.* পালঙ্ক>}

পালক১ [পালোক্‌] *বিণ* ১ পালনকর্তা; প্রতিপালক। ২ রক্ষক; রক্ষাকারী। **পালিকা** *বিণ স্ত্রী.*। ~ **নেওয়া** *ক্রি* দত্তক সন্তানরূপে গ্রহণ করা। ~**পুত্র** *বি* অপরের পুত্র হলেও যাকে নিজের পুত্রের মতো পালন করা হয়। { *স.* √পাল্‌+অক(ণ্বুল্‌)}

পালক২ [পালোক্‌] *বি* ১ পাখির ডানা বা পাখা। ২ পাখির ডানার পর বা ফর। { *স.* পক্ষ>পক্‌খ>}

পালকি, পালকী, পাল্কী [পাল্‌কি] *বি* মনুষ্যবাহিত এক প্রকার যান; শিবিকা। { *ফা.* পাল্‌কী پالکی }

পালঙ১, পালং১, পালম [পালোঙ্‌, -, পালোম্‌] *বি* পালং; একপ্রকার শাক। { *স.* পালঙ্ক>}

পালঙ্ক, পালঙ্গ, পালঙ২, পালং২ [পালোঙ্‌কো, -ঙ্‌গো, পালঙ্‌, -] *বি* পর্যঙ্ক; মূল্যবান শয্যাধার বা খাট (রতন পালঙ্ক পর বৈঠল দুহুঁজন—*চদা*)। ~**পোশ**, ~**পোষ** *বি* ১ পালঙ্কের আবরণ বস্ত্র বা ঢাকনা। ২ পালঙ্ক এবং বিছানা। ৩ খাট। { *স.* পর্যঙ্ক>; *পা.* পল্লঙ্ক>}

পালট [পালোট্‌] *বি* ১ প্রত্যাবর্তন; পুনরাবর্তন; ফের; মোড় (উলটপালট)। ২ পাতমোড়া (রত্নের পালটক জিনি চরণের শোভা—*কমু*)। **উলট~** ⇒ উলটপালট। { *স.* পর্যস্ত>*প্রা.* পল্লট্ট>}

পালটা, পাল্টা [পাল্‌টা] *বিণ* ১ উলটা; বিপরীত (পালটা আদেশ)। ২ প্রতিপক্ষ দ্বারা বা ব্যবহৃত; বিপক্ষীয় (পালটা জবাব)। ৩ বিনিময়; বদল (পালটাপালটি)। **উলটা~** ⇒ উলটপালটা। {পালট+আ}

পালটানো, পাল্টানো [পাল্‌টানো] *ক্রি* ১ পরিবর্তিত করা; বদলানো (বস্ত্র পালটানো, মত পালটানো)। ২ উলটানো। ❑ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√পাল্টা+আনো}

পালটি১, পালটী [পাল্‌টি] *বিণ* সমান বংশমর্যাদার জন্য যার সঙ্গে বৈবাহিক সম্বন্ধ স্থাপন করা যায় (তোমাদেরই পালটিঘর—*বিব*; আদান-প্রদানে খ্যাত ত্রিকুলে পালটী—*ভারা*)। { *প্রা.* পল্লট্ট>+ই, ঈ}

পালটি২, পালটিয়া [পাল্‌টি] *অক্রি* ১ প্রত্যাবর্তন করে; ফিরিয়ে। ২ পিছন ফিরে (পদ আধ যায় পিয়া চায় পালটিয়া—*চদা*)। ৩ উলটে (পালটে দেখ)। ৪ বদলিয়ে। {পালট+ইয়া>}

পালন [পালোন্‌] *বি* ১ প্রতিপালন; লালন-পালন; ভরণ-পোষণ (সন্তান পালন, পরিবার পালন)। ২ তত্ত্বাবধান; রক্ষণ (পশু পালন)। ৩ মান্যকরণ (আজ্ঞা পালন)। ৪ প্রতিশ্রুতি রক্ষা (প্রতিজ্ঞা পালন)। **পালনীয়** *বিণ* পালনযোগ্য; পালনের উপযুক্ত; রক্ষণীয়। { *স.* √পাল্‌+অন(ল্যুট্‌)}

পাল-পার্বণ, পালিপার্বণ [পাল্‌পারবোন্‌] *বি* হিন্দুদের পালনীয় উৎসবাদি; শ্রাদ্ধ-শান্তি ও বিবিধ উৎসব। { *স.* পালপার্বণ>}

পালম ⇒ পালঙ১

পালয়িতা(-য়িতৃ) [পালোয়িতা] *বিণ* প্রতিপালক; পালনকর্তা; পালনকারী। **পালয়িত্রী** *বিণ স্ত্রী.*। { *স.* √পাল্‌+ণিচ্‌(=√পালি)+তৃ(তৃচ্‌)}

পাললিক [পালোলিক্‌] *বিণ* ১ পলিবিষয়ক; পলি সম্বন্ধীয়। ২ পলিজাত। { *স.* পলল+ইক(ঠক্‌)}

পালা১ [পালা] *বি* ১ পল্লব; প্রশাখা; ছোট ডাল। ২ গাদা; স্তূপ (খড়ের পালা)। { *স.* পল্লব>}

পালা২ [পালা] *বি* ১ পর্যায়; স্তর; অনুক্রম (এখন এল অন্য সুরে অন্য গানের পালা—*রঠা*)। ২ গীত বা নাটকাদির নাম বা বিষয়বস্তু (শীত-বসন্তের পালা, বেহুলার পালা)। { *স.* পর্যায়>; পঞ্চালি>}

পালা৩ [পালা] *ক্রি* ১ পালন করা; পোষা (কুকুর পালা)। ২ প্রতিপালন করা; ভরণপোষণ করা (পরিবার পালা)। ২ কথামতো কাজ করা বা মান্য করা (বচন আজ্ঞার পালএ—*বচদা*)। { *স.* √পাল্‌>}

পালা৪ [পালা] তুষার; বরফ; হিমানী। { *স.* প্রালেয়>}

পালান১ [পালান্‌] *বি* ১ ভার বহনকারী পশুর পিঠের গদিবিশেষ। ২ গাভীর স্তন; ওলান। { *ফা.* পালান پلان }

পালান২ ⇒ পলানো

পালান৩ [পালান্‌] *বি* ১ শাকপাতা (এখনো ফলে কিছু পালানের তরকারি—*অচিসে*)। ২ ছোট ছোট অসার গাছ। ৩ তরকারি ইত্যাদির জন্য বাড়ির সংলগ্ন জমি। (পালানে বেগুন ধরেছে—*ইখাঁ*; বাড়ীর পালানে কুমড়া লাগাব—*জউ*)। { *স.* প্রাঙ্গণ>}

পালানো ⇒ পলানো

পালি১ [পালি] *বি* প্রাচীন মাগধী প্রাকৃত ভাষার প্রকারভেদ; যে ভাষায় বুদ্ধদেব উপদেশ দিতেন অথবা যে ভাষায় তাঁর উপদেশ রক্ষিত হয়েছে। { *স.* পঙ্‌ক্তি>}

পালি২, পালী [পালি] *বি* ১ পঙ্‌ক্তি; শ্রেণি; লাইন; সারি।

২ রাশি; সমূহ। ৩ প্রান্ত; কিনারা; ধার। ৪ দল। ৫ শস্যাদির পরিমাণবিশেষ (আছিল ভিক্ষার শেষ পালি দুই ধান—*কমু*)। { *স.* পঙ্‌ক্তি>; √পাল্‌+ই=পালি}

পালিকা ⇒ পালক[২]

পালিত [পালিতো] *বিণ* ১ পোষা (পালিত পশু)। ২ প্রতিপালিত; জন্মগত সম্পর্কযুক্ত না হলেও আপনজনের মতো লালিত, পোষ্য (পালিত সন্তান, পালিত পুত্র)।৩ রক্ষিত (প্রতিজ্ঞা পালিত হওয়া)। ৪ মান্য করা হয়েছে এমন (আজ্ঞা পালিত হওয়া)।□ *বি* হিন্দু পদবিবিশেষ। **পালিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √পাল্‌+ত(ক্ত)}

পালিত্য [পালিত্‌তো] *বিণ* বার্ধক্যজনিত চুলের পক্বতা বা শুভ্রতা। {পলিত+য(ষ্যঞ্‌)}

পালিনী[পালিনি] *বি, বিণ* পালনকারিণী (সন্তানপালিনী)। { *স.* পালিন্‌+ঈ(ঙীপ্‌)}

পালিশ, পলিস [পালিশ্‌] *বি* ১ ঔজ্জ্বল্য; চাকচিক্য। ২ উজ্জ্বল বা মসৃণ করার জন্য ব্যবহৃত প্রলেপাদি। ৩ মার্জিত ভাব বা আচরণ (বাবুগিরির পালিশ—*রঠা*)। □*বিণ* ঘর্ষণ বা স্নেহপদার্থের প্রলেপজনিত মসৃণতা। { *ই.* polish}

পালী ⇒ পালি[২]

পালুই [পালুই] *বি* ১ খড়ের গাদা; পালা; স্তূপ; খড়সহ ধানের পালা। ২ মরাই (পালেতেতে আগুন দিআ পলাইয়া —*রাপ*)। { *স.* পল্ল>}

পালো [পালো] *বি* শটি, পানফল প্রভৃতির দ্বারা প্রস্তুত শ্বেতসারজাতীয় শিশুখাদ্য। { *স.* পলি>}

পালোয়ান, পালওয়ান [পালোয়ান্‌] *বি* ১ কুস্তিগির; ব্যায়ামবীর; মল্ল। ২ বলবান; বীর। { *ফা.* পাহ্‌লোৱান্‌ پہلوان }

পাল্কি, পাল্কী = পালকি

পাল্টা ⇒ পালটা

পাল্টান, পাল্টানো ⇒ পালটানো

পাল্য [পাল্‌লো] *বিণ* প্রতিপালনযোগ্য; পালনের উপযুক্ত; পালনীয়। { *স.* √পাল্‌+য(যৎ)}

পাল্লা [পাল্‌লা] *বি* খণ্ড; স্তর; পর্দা (এক পাল্লা চামড়া)। ২ দুইটির একটি; দুই ভাগের একটি (দরজার পাল্লা)।৩ ওজনের যন্ত্রে দ্রব্য বা বাটখারা রাখার পাত্র (দাঁড়িপাল্লা)। ৪ দূরত্ব (দূর পাল্লা)। ৫ বেগ। ৬ কবল (ভাল লোকের পাল্লায় পড়েছি—*রাখা*)।৭ প্রতিযোগিতা (পাল্লা দেওয়া)। { *স.* পল>; তুল. *হি.* পল্লা}

পাশ[১] [পাশ্‌] *বি* ১ প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্র; হিন্দু দেবতা বরুণদেবের অস্ত্র। ২ বন্ধন; ফাঁদ; জাল (মায়াপাশ)।৪ গুচ্ছ; গোছা (কেতকী-কেশরে কেশপাশ কর সুরভি—*রঠা*)। { *স.* √পশ্‌+অ(ঘঞ্‌)}

পাশ[২] [পাশ্‌] *বি* অক্ষ; পাশা (পাশক্রীড়া)। { *স.* পাশক>}

পাশ[৩] [পাশ্‌] *বি* ১ পার্শ্ব; সামীপ্য; নিকট (কে আছে বুঝিয়া সুঝিয়া বসিবে আমার পিয়ার পাশে—*চদা*)। ২ ধার; প্রান্ত (পথের পাশ)। ৩ পক্ষ (সে তার পাশে খেলছে)। ~**কাটানো** *ক্রি* এড়ানো (যাব না বলে পাশ কাটালে চলে না - সঙ্গ)। ~**বালিশ** ⇒ বালিশ। { *স.* পার্শ্ব> *প্রা.* পাস>}

পাশ[৪] [পাশ্‌] *বি* সুগন্ধি জল বা তরল দ্রব্যাদি ছিটাবার এক প্রকার পাত্র (গোলাপপাশ)। { *ফা.* পাশ্‌ پاش }

পাশ[৫] ⇒ পাস

পাশক [পাশোক্‌] *বি* অক্ষ বা পাশা নামক ক্রীড়া। { *স.* √পশ্‌+অ(ঘঞ্‌)+ক(কন্‌)}

পাশব, পাশবিক (*অশুপ্র*) [পাশোব্‌, পাশোবিক্‌] *বিণ* ১ পশু সংক্রান্ত। ২ পশুসুলভ; পশুবৎ। ৩ অমানুষিক। ৪ নির্দয়; নিষ্ঠুর। ~**তা** *বি*। **পাশবিক ক্রিয়া, পাশবিক কর্ম** *বি* ১ নারী জাতির ধর্মনাশ; বলাৎকার। ২ পশুসুলভ কাজ; অমানুষিক কর্ম। { *স.* পশু+অ(অণ্‌)}

পাশর [পাশোর্‌] *বি* বিস্মৃতি; বিস্মরণ। { *স.* বিস্মরণ>}

পাশরন, পাশরণ ⇒ পাসরন

পাশরা ⇒ পাসরা

পাশা[১] [পাশা] *বি* ১ অক্ষ। ২ অক্ষখেলা। ৩ কানের এক প্রকার গহনা (কানপাশা)। { *স.* পাশক>}

পাশা[২] [পাশা] *বি* তুরস্কের অভিজাত ও উচ্চপদস্থ সরকারি কর্মচারীর উপাধি (কামাল পাশা)। { *তু.* পাশা}

পাশানো, পাসানো [পাশানো] *ক্রি* ১ (তাস খেলায়) পাশ দেওয়া। ২ (রঙের তাস না থাকায়) অন্য রঙের তাস দেওয়া। { *ই.* pass}

পাশাপাশি [পাশাপাশি] *বিণ* ১ পরস্পর পার্শ্বে অবস্থিত; নিকটস্থ; কাছাকাছি (পাশাপাশি বাড়ি)। □*ক্রিবিণ* পরস্পরের পার্শ্ববর্তী হয়ে (পাশাপাশি বসা)। {পাশ+আ+পাশ+ই}

পাশাল (*মবা.*) [পাশাল্‌] *বি* প্রশস্ত (পাশাল কপাল—*মৈগী*)। {পাশ+আল}

পাশালি ⇒ পাশুলি

পাশী(-শিন্‌) [পাশি] *বিণ* ১ পাশ অস্ত্রধারী। ২ হিন্দু দেবতা বরুণ; বারীশ; জলাধিপ। ৩ ব্যাধ; নিষাদ। ৪ যম। { *স.* পাশ+ইন্‌(ইনি)}

পাশুনি (*মবা.*) [পাশুনি] *বি* পাপ; পিশুনের ভাব; কপটতা; ছলচাতুরী (কাহাই পাশুনি কর দূর—*জ্ঞাদা*)। { *স.* পিশুন>}

পাশুপত [পাশুপত্‌] *বিণ* পশুপতি বা শিবসম্বন্ধীয়। □*বি* ১ শিবের দ্বারা ব্যবহৃত অস্ত্রবিশেষ; শিবের অমোঘ অস্ত্র। ২ শিবকে তুষ্ট করবার জন্য সম্পাদনীয় ব্রতবিশেষ। ৩ শৈব সম্প্রদায়; শিবের উপাসক। { *স.* পশুপতি+অ(অণ্‌)}

পাশুলি, পাশুলী, পাশালি [পাশুলি, -, -শা-] *বি* পদাঙ্গুলির ভূষণবিশেষ (হাতেতে কারচুবি চুড়ি পায়েতে পাশালি—*ফগ*)। { *স.* পাষক>পাশ+উলি, আলি}

পাশ্চাত্য (*অশুপ্র*), **পাশ্চাত্ত্য** [পাশ্‌চাত্‌তো] *বিণ* ১ প্রতীচ্য; পশ্চিম দেশীয়; পশ্চিম দেশসংক্রান্ত; পশ্চিমস্থ। ২ পশ্চাদ্বর্তী। ৩ পশ্চাৎ আগত। ৪ পশ্চিম দেশ থেকে আগত। ৫ পশ্চিম দেশ জাত। { *স.* পশ্চাৎ+ত্য(ত্যক্‌)}

পাষণ্ড, পাষণ্ডী (-ণ্ডিন্‌) [পাশোন্‌ডো, -শোন্‌ডি] *বিণ* ১ নাস্তিক; ধর্মে অবিশ্বাসী; ধর্মদ্বেষী (হায় হায় কি কহিব বিধাতা পাষণ্ডী—*ভারা*)। ২ পাপিষ্ঠ; পামর। □*বি* বৌদ্ধ সন্ন্যাসী। **পাষণ্ডিনী** *বিণ স্ত্রী.*। { *স.* পাপ+√সম্‌+ড}

পাষাণ [পাশান্‌] *বি* ১ শিলা; পাথর; প্রস্তর (অতীতের পাষাণ স্তূপ—*হবা*)। ২ (*আল.*) হৃদয়হীন; নির্মম; নিষ্ঠুর; নির্দয়; কঠিন (না মরে পাষাণ বাপ দিলা হেন বরে—

ভারা)। ৩ ওজনের বাটখারা; উভয় পাল্লা সমান করার জন্য চাপানো পাথর ইত্যাদি (পাষাণ চপোনো)। □*বিণ* ১ হৃদয়হীন; নির্মম; নিষ্ঠুর; নির্দয়; কঠিন। ২ প্রস্তরবৎ; পাথরসদৃশ। **পাষাণী** *বি স্ত্রী.* হৃদয়হীনা; নিষ্ঠুরা বা দয়ামায়াহীনা নারী। {*স.* √পিষ্+আন(আনচ)}

পাস, পাশ [পাশ্] *বি* ১ নিষিদ্ধ জায়গায় প্রবেশানুমতির জন্য লিখিত আদেশপত্র; প্রবেশপত্র; ছাড়পত্র; অনুমতিপত্র (গেটপাস)। ২ বিনামূল্যে ভ্রমণের বা সিনেমাদি দেখার অনুমতিপত্র। ৩ পরীক্ষায় সাফল্য লাভ (সে বিএ পাস করেছে)। ৪ মঞ্জুর; অনুমোদন (বাজেট পাস করা হলো)। □*বিণ* সফল; কৃতকার্য। {*ই.* pass}

পাসপোর্ট [পাস্‌পোর্ট্] *বি* বিদেশ ভ্রমণ বা দেশের বাইরে যাওয়ার সরকারি অনুমোদনপত্র। {*ই.* passport}

পাসরন, পাসরণ, পাশরন, পাশরণ [পাশোরোন্] *বি* বিস্মরণ; স্মৃতিনাশ। {*স.* প্রাস্মরণ>পাসরন}

পাসরা, পাশরা [পাশোরা] *ক্রি* বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া (মৃত্যুজরা পাশরিয়া সবে—*সদ*; পাসরিত করি মনে পাসরা না যায় রে—*চন্দা*)। **পাসরিল** *(পদ্য.) ক্রি* বিস্মৃত হইল; ভুলে গেল। **পসারণ** *বি*। {*স.* প্র+√স্মৃ>}

পাসানো ⇒ পাশানো

পাহন *(মবা.)* [পাহোন্] *বি* পাথর; প্রস্তর; পাষাণ (পাহন কে পূজে—*মোক*)। {*স.* পাষাণ>}

পাহলবী ⇒ পাহলবি

পাহলবি, পাহলভি, পহলবি [পাহোলোবি, –ভি, পহোলবি] *বি* প্রাচীন ইরানি ভাষা (নতুন আভেস্তা পাহলভী ভাষায় রচিত—*আকআ*)। {*ফা.* পাহ্‌লবী پہلوی }

পাহাড় [পাহাড়্] *বি* ১ অনতিউচ্চ পর্বত; বেশি উঁচু নয় এমন পর্বত। ২ মাটির উঁচু ও বিস্তৃত স্তূপ বা ঢিবি; টিলা। ৩ উচ্চ তীরভূমি; পাড় (পুষ্করিণীর অন্য এক পাহাড়ে উঠিয়া—*বচ*)। □*বিণ (আল.)* সুদীর্ঘ; বিশাল। ~**তলি** *বি* ১ পর্বতের পাদমূল; পর্বতের পাদদেশ বা নিম্নস্থ সমতলভূমি। ২ উপত্যকা। ৩ তরাই। **পাহাড়ে/পাহাড়িয়া** *বিণ* ১ পর্বতজাত (পাহাড়িয়া পাখি)। ২ পাহাড়সম্বন্ধীয়। ৩ পর্বতস্থ। ৪ *(আল.)* প্রকাণ্ড; বিশাল; মস্ত। **পাহাড়ি** *বিণ* পাহাড়নিবাসী। □*বি* ১ পার্বত্য জাতি (পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগোষ্ঠী)। ২ একটি রাগিণীর নাম। {*স.* পাষাণ> পাহাড়}

পাহার *(মবা.)* [পাহার্] *বি* পাড় বা তীর (নদীর পাহার —*মাগান*)। {*স.* পাহাড়>}

পাহারা [পাহারা] *বি.* প্রহরীর কর্ম; চৌকি (অজানা জনের আঁখির পাহারা স্বজন সভায় করে দিশাহারা—*মোম*)। ~**ওয়ালা**, ~**ওলা** *বি* প্রহরী; চৌকিদার; শাস্ত্রী। {*স.* প্রহর>}

পাহুন[১] *(মবা.)* [পাহুন্] *বিণ (পদ্য.)* নির্মম; নিষ্ঠুর; নির্দয়; হৃদয়হীন (পাহুন জাতি—*গোদা*)। {*স.* পাষাণ>}

পাহুন[২] *(ব্র.)* [পাহুন্] *বিণ* ১ প্রবাসী; বিদেশে অবস্থানকারী (কান্ত পাহুন কাম দারুণ—*বিপ*)। ২ অতিথি (মঝু ঘরে পাহুন—*বিপ*)। {*স.* প্রাঘূণ>}

পিআল *(মবা.)* ⇒ পিয়াল

পিউড়ি [পিউড়ি] *বি* গোমূত্র থেকে প্রস্তুত হলুদ রং; গোরোচনা; হলুদ রং। {*স.* পিঙ্গলী; *স.* পীত>}

পিউ পিউ [পিউপিউ] *বি* পাপিয়ার মধুর ডাক (দূর গাঁও হতে রহিয়া রহিয়া ডাকে পিউ পিউ কাঁহা—*জউ*)। {*ধ্বন্যা.*; *স.* প্রিয়>}

পিউরিটান [পিউরিটান্] *বিণ* কঠোর নীতিনিষ্ঠ; গোঁড়া। **পিউরিট্যানিক** *বিণ* নীতিনিষ্ঠ; শুদ্ধাচারী (এ দেশে ইসলামের যে পিউরিট্যানিক সংস্কার আন্দোলন হয়েছে —*আনিস*)। {*ই.* puritan}

পিউলি, পিউলী, পিয়লি [পিউলি, –, –য়ো–] *বি* এক প্রকার লঘু পীত বা পীতাভ পুষ্প; এক প্রকার ফিকা হলুদবর্ণ ফুল (বান্ধুলী পিউলী মালতী জাতি—*ভারা*)। {*স.* পিঙ্গলী; পীত>*প্রা.* পীঅল>}

পিওন ⇒ পিয়ন

পিওনো ⇒ পিয়ানো

পিঁ, পিঁপি [পিঁ, —] *বি* বাঁশির শব্দ। {*ধ্বন্যা.*}

পিঁচুটি, পিচুটি [পিঁচুটি, পি–] *বি* চোখের ক্লেদ বা ময়লা (চোখে তার অক্ষম পিঁচুটি—*জীদা*)। {*স.* পিচ্চট>}

পিঁজরা, পিঁজরে ⇒ পিঞ্জর

পিঁজরাপোল [পিঁজ্‌রাপোল্] *বি* জৈনদের পরিচালিত অসুস্থ ও অক্ষম পশু-পাখির শুশ্রূষার ও পালনের আলয়; পশু-পাখির হাসপাতাল (গৃহটিকে নগরের যাবতীয় খঞ্জ, আতুর পশুপক্ষী ও মানুষের পিঁজরাপোল বানাইবার সাধু ইচ্ছা—*প্রেমি*)। {*স.* পিঞ্জর+পোল}

পিঁজা ⇒ পেঁজা

পিঁড়া, পিঁড়ে[১] [পিঁড়া, –ড়ে] *বি* ১ ঘরের মধ্যের কক্ষ (পিঁড়া বান্ধে দিয়া শিলা—*কমু*)। ২ পিঁড়ি। {*স.* পিণ্ড>; *স.* পীঠ>}

পিঁড়ি, পিড়ি, পিঁড়ে [পিঁড়ি, পিড়ি, পিঁড়ে] *বি* ক্ষুদ্র কাষ্ঠাসন; আসন; বসবার জন্য ব্যবহৃত চতুষ্কোণ কাষ্ঠখণ্ড বা তক্তা (চিত্রিকাজে চিত্রিগুপ্ত পীঁড়িতে আলপনা—*হেব*)। {*স.* পিণ্ডি>পিংড়ি>পিঁড়ি}

পিঁঢ়ি *(মবা.)* [পিঁঢ়ি] *বি* কাষ্ঠাসন (নাহি দেব পিঁঢ়ি পানী—*বিপ*)। {*স.* পীঠ>*প্রা.* পীঢ>}

পিঁড়ে ⇒ পিঁড়ি

পিঁধন *(মবা.)* [পিঁধন্] *বি* পরিধানবস্ত্র (কালিয়া বরণ হিরণ পিঁধন যখন পড়য়ে মনে—*চন্দা*)। {*স.* পিনদ্ধ>পিন্ধা>}

পিঁধা [পিঁধা] *বি* পরা; পরিধাণ করা। {√পিঁধ্+আ}

পিঁপড়া, পিঁপড়ে, পিঁপীড়া [পিঁপ্‌ড়া, –ড়ে, পিঁপিড়া] *বি* এক প্রকার ক্ষুদ্র কীট; ant। **কাঠ পিঁপড়া** *বি* কালো অপেক্ষাকৃত বড় ও শক্ত দাঁড়াযুক্ত পিঁপড়া। **ডেঁয়ে পিঁপড়া** *বি* কাঠ পিঁপড়া অপেক্ষা বড় পিঁপড়া। {*স.* পিপীলিকা>}

পিঁপুল, পিপুল [পিঁপুল, পি–] *বি* ঔষধরূপে ব্যবহৃত গোলমরিচ জাতীয় ফল বা তার গাছ। {*স.* পিপ্পলী>}

পিক[১] [পিক্] *বি* কোকিল। **পিকী** *বি স্ত্রী.*। {*স.* পিক}

পিক[২], **পিচ** [পিক্, পিচ্] *বি* ১ চর্বিত পানের রস (নয়নে পানের পিক দিল কোন জন—*ভারা*)। ২ থুতু; ছেপ। **পিকদান, পিকদানি** *বি* পিক বা থুতু ফেলবার পাত্র। {*স.* প্রক্ষেপ>}

পিকনিক [পিক্‌নিক্] *বি* ১ বনভোজন; চড়ুইভাতি। { *ই* picnic}
পিকলো, পিকলু [পিকলো, -লু] *বি* উচ্চ ধ্বনিযুক্ত ক্ষুদ্র বাঁশিবিশেষ। { *ই* piccolo}
পিকেটিং [পিকেটিং] *বি* ধর্মঘট বা হরতাল পালনে বাধ্য করার জন্য অফিস, বিদ্যালয়, দোকান, কারখানাপ্রভৃতির সামনে অথবা রাস্তাঘাটে অবস্থান। { *ই* picketing}
পিগমি [পিগ্‌মি] *বি* ক্ষুদ্রকায় মানুষবিশেষ (উহাদিগকে মনে হইল কতকগুলি পিগমিভেড়ার দল—*মাউ*)। { *ই* pigmy}
পিঙ্গ ⇒ পিঙ্গল
পিঙ্গল[1], **পিঙ্গ, পিঙল** *(মবা.)* [পিঙ্‌গল্, পিঙ্‌গো, পিঙল্] *বি* হলুদ আভাযুক্ত নীলবর্ণ; কপিশবর্ণ। □ *বিণ* হলুদ আভাযুক্ত (পিঙল বরণ বসনখানি—*চদা*; আকাশ পিঙ্গল—*সদ*)। **পিঙ্গলা** *বিণ স্ত্রী*। { *স.* পিঙ্গ+ল(লচ্)}
পিঙ্গল[2] [পিঙ্‌গল্] *বি* আয়ুর্বেদ শাস্ত্রোক্ত মনুষ্যদেহের একটি নাড়ি। **পিঙ্গাক্ষ** *বিণ* ১ পিঙ্গল চক্ষুযুক্ত। ২ হিন্দু দেবতা শিব। **পিঙ্গাভ** *বিণ* ঈষৎ পিঙ্গল। { *স.* পিঙ্গ+ল(লচ্)}
পিঙ্গাশ [পিঙ্‌গাশ্] *বি* পাঙ্গাস মাছ। { *স.* পিঙ্গাশ}
পিঙ্গলাভ [পিঙ্‌গোলাভো] *বিণ* ঈষৎ পিঙ্গল বা কপিল বর্ণবিশিষ্ট; পিঙ্গলবর্ণের আভাযুক্ত। { *স.* পিঙ্গল+আভা}
পিচ[1] ⇒ পিক[2]
পিচ[2] [পিচ্] *বি* আলকাতরা থেকে তৈরি কৃষ্ণবর্ণ দ্রব্য যা রাস্তা নির্মাণের কাজে ব্যবহৃত হয় (দ্রুত রিক্সার অশ্লীল চীৎকারে কালো পিচের ধ্যান ভেঙে যায়—*আগ*)। { *স.* pitch}
পিচ[3] [পিচ্] *বি* এক প্রকার ফল। { *স.* peach}
পিচকারি, পিচকিরি, পিচকারী [পিচ্‌কারি, –কিরি, –কারি] *বি* তরল পদার্থ ছিটাবার যন্ত্র (পিচকারীতে হানলে কেরে গোলাপ জলের ধারা—*সদ*)। { *ধ্বন্যা.* পিচ+কারী}
পিচণ্ড–চিণ্ড [পিচনডোচিনডো] *বি* ভুঁড়ি; স্থূল বা স্ফীত উদর। **পিচণ্ডিল, পিচিণ্ডিল** *বিণ* ভুঁড়িযুক্ত; ভুঁড়ো। { *স.* পিচণ্ডচিণ্ড}
পিচপা ⇒ পিছপা
পিচবোর্ড, পিজবোর্ড, পিসবোর্ড [পিচ্‌বোর্‌ড্, –জ–, –স–] *বি* স্থূল কঠিন ও জমাট কাগজের পাত। { *ই* pasteboard}
পিচাশ ⇒ পিশাচ
পিচুটি ⇒ পিচুটি
পিচুল [পিচুল্] *বি* ১ ঝাড়গাছ। ২ কার্পাস গাছ। { *স.* পিচুল}
পিচ্ছ [পিচ্‌ছো] *বি* ১ পুচ্ছ; লেজ। ২ ময়ূর পুচ্ছ; পেখম। ৩ চূড়া। { *স.* √পিচ্ছ্+অ(অচ্)}
পিচ্ছল ⇒ পিচ্ছিল
পিচ্ছা [পিচ্‌ছা] *বি* ১ পঙ্‌ক্তি; শ্রেণি। ২ সাপের লালা। ৩ শিশু গাছ। ৪ ভাতের মাড়। ৫ সুপারি গাছ। ৬ কোষ। ৭ মোচা। ৮ ঘোড়ার পায়ের ক্ষত। { *স.* √পিচ্ছ্+অ(অচ)+আ(টাপ্)}
পিচ্ছিকা [পিচ্‌ছিকা] *বি* এক প্রকার চামচ। { *স.* পিচ্ছ+ইক(ঠন্)+আ(টাপ্)}
পিচ্ছিল [পিচ্‌ছিল্] *বি* ১ মাড়যুক্ত ভাত। ২ ডাল; ঝোল। ৩ শ্লেষ্মা নিবারক গাছ। □ *বিণ* ১ লালাযুক্ত। ২ অত্যন্ত মসৃণ। ৩ পিছল। { *স.* পিচ্ছা+ইল (ইলচ্)}
পিচ্ছিলা [পিচ্‌ছিলা] *বিণ* ১ পিছলা; অত্যন্ত মসৃণ। ২ পুঁই গাছ। ৩ অতসী। ৪ কচুগাছ। ৫ শিশুগাছ। ৬ শিমুল গাছ। { *স.* পিচ্ছিল+আ(টাপ্)}
পিছ, পিছন, পিছু [পিছ্, পিছন্, পিছু] *বি* পশ্চাৎ; সম্মুখের উল্টা দিক; পৃষ্ঠভাগ। ~**টান**, ~**নটান, পিছুটান** *বি* ১ পশ্চাৎ দিক থেকে আকর্ষণ। ২ পিছনে ফেলে আসা বস্তুর প্রতি আসক্তি; পরিত্যক্ত সংসারের প্রতি মায়া বা আকর্ষণ। ~**পা, পিচপা** *বিণ* পশ্চাৎপদ; অনগ্রসর; প্রগতিসম্পন্ন নয় এমন; কাজকর্ম সম্পাদনে অসমর্থ (কোন বিষয়েই পিচপা হইতেন না—*প্যামি*)। ~**মোড়া** *বি* দুই হাত পিঠের দিকে করে বাঁধা (তাকে পিছমোড়া করে বাঁধা হলো)। { *স.* পশ্চাৎ>}
পিছানো, পিছনো ⇒ পিছানো
পিছল ⇒ পিচ্ছিল
পিছলানো, পিছলনো [পিছ্‌লানো, পিছ্‌লনো] *ক্রি* ১ ভূমিতলের সিক্ততাহেতু পদস্খলন বা পা হড়কানো। ২ উক্ত অর্থে। { *স.* পিচ্ছিল>পিছল+*বা.* আনো}
পিছলি, পিছলী [পিছ্‌লি] *বিণ* পশ্চাদ্বর্তী (আপন পিছলী পায় পড়াত—*তামি*)। { *হি* পিছলী }
পিছানো, পিছনো [পিছানো, –ছ–] *ক্রি* ১ পশ্চাতে হটা। ২ অন্যের সঙ্গে সমকক্ষ বা সম অগ্রগতিসম্পন্ন হতে না পারা। ৩ পিছনপানে চলা। ৪ কোনো কর্ম থেকে বিরত হওয়া। { *স.* পশ্চাৎ>পিছ+আনো, অনো}
পিছিলা[1] [পিছিলা] *বিণ* ১ পিছল। ২ মাংসের কিমা (মাংসের পিছিলা—*কমু*)। { *স.* পিচ্ছিল>}
পিছিলা[2] [পিছিলা] *বিণ* পশ্চাদ্দিকের; পিছনের (পিছিলা ঘাটে—*চদা*)। { *স.* পশ্চাৎ>পিছ+লা}
পিছু ⇒ পাছু ও পিছ
পিছু পিছু ⇒ পাছু
পিঞ্জন [পিন্‌জন্] *বি* ১ তুলা ধোনার যন্ত্র; ধুনখারা। ২ তুলা ধোনা; পেঁজা। { *স.* √পিন্‌জ+অন(ল্যুট্)}
পিঞ্জর, পিঁজরা, পিঁজরে [পিন্‌জর, পিঁজ্‌রা, –রে] *বি* ১ খাঁচা (তুই কেন সারাদিন পিঁজরেতে কয়েদ থাকবি —*বচ*)। { *স.* √পিন্‌জ্+অর}
পিঞ্জল [পিন্‌জল্] *বি* ১ পিঙ্গল। ২ হরিয়াল নামক পাখি। { *স.* পিঙ্গল}
পিট[1] [পিট্] *বি* ১ পেটারি। ২ চুপড়ি। ৩ ধান রাখার ডোলা। ৪ ঝোঁড়া। { *স.* পিটক>}
পিট[2] [পিট্] *বি* ১ পিঠ; পৃষ্ঠ। ২ পক্ষ; দল। ৩ তাস খেলায় যে দানটা জয় করা হয়। { *স.* পৃষ্ঠ>}
পিট ⇒ পিঠ
পিটকয়লা [পিট্‌কয়্‌লা] *বি* খনিজ কয়লাবিশেষ। { *ই* pit+*বা.* কয়লা}
পিটটান, পিট্টান, পিঠটান [পিট্‌টান্, –, –ঠা–] *বি* ১ প্রস্থান; চম্পট; পলায়ন; পৃষ্ঠপ্রদর্শন (কখন বা

পথিকদিগকে ইট-পাটকেল মারিয়া পিট্টান দিতেছে—*প্যামি*)। { *স.* প্রস্থান>; *স.* পৃষ্ঠ+ *বা.* টান}

পিটন, পিটানো, পিটান, পিটানো, পিটানি, পিটুনি ⇒ পেটা

পিটনা, পেটনা [পিট্‌না, পে-] *বি* ছাদ, মেঝে প্রভৃতি পিটানোর কাষ্ঠদণ্ড বা কাষ্ঠনির্মিত মুগুর; কোবা। {*স.* পিট্ট>পিট+ অন+আ}

পিটপিট [পিট্‌পিট্] *অব্য* ১ মিটমিট; পুনঃপুন পলক পাত; অস্পষ্ট দৃষ্টিপাতের ভাবসূচক (পিটপিট করে চাওয়া)। ২ খিটখিট; শুচিবাইয়ের ভাবপ্রকাশ (পিটপিট করা ওর স্বভাব)। **পিটপিটানো** *ক্রি* ১ পিটপিট করা; নেত্রপল্লব ঘন ঘন পতনজনিত অর্ধ উন্মীলিতভাবে দৃষ্টি নিক্ষেপ করা। ২ খিটখিট করা। **পিটপিটে** *বিণ* শুচিবাইজনিত স্পর্শভীতির জন্য খিটখিট করে এমন; শুচিবাইগ্রস্ত। {*ধ্বন্যা.*}

পিটা১ ⇒ পেটা

পিটা২**, পিটে** ⇒ পিঠা

পিটারি, পিটারী [পিটারি] *বি* মৃৎপাত্রবিশেষ (পিটারী গোল চ্যাপটা দুপাটে তৈরি—*রাসা*)। {√পিট+আরি}

পিটালি, পিটুলি, পিঠালি, পিঠুলি [পিটালি, -টু-, -ঠা-, -ঠু-] *বি* পানিতে ভিজানো চালবাটা; জলসংযুক্ত পিষ্টতণ্ডুল (পিটুলি গোলা পান করিয়া 'দুধ খেয়েছি' 'দুধ খেয়েছি' বলিয়া উল্লাসে নৃত্য করে—*বিব*)। {*স.* পিষ্ট> *প্রা.* পিট্‌ঠ>পিটা+আলি}

পিটিশন [পিটিশন্] *বি* আবেদন; আরজি; দরখাস্ত। {*ই.* petition}

পিটুলি ⇒ পিটালি

পিঠ, পিট [পিঠ্, -ট্] *বি* ১ পৃষ্ঠ; স্কন্ধ থেকে কোমর পর্যন্ত অঙ্গ। ২ পশ্চাৎ; পিছন (পিঠাপিঠি জন্ম)। ৩ বিপরীত দিক (কথাটার আর এক পিঠ হচ্ছে)। ৪ তাস খেলায় দান। ~ **চাপড়ানো** *ক্রি* উৎসাহ দিয়ে বা প্রশংসা করে পিঠে মৃদু চাপড় মারা। **পিঠের চামড়া তোলা** *ক্রি* যৎপরোনাস্তি শাস্তি দেওয়া বা প্রহার করা। ~**টান/পিট্টান দেওয়া** *ক্রি* পলায়ন করা (সুযোগ বুঝে তিনি আমিনাকে নিয়ে একদিন দেন পিঠটান—*জুআ*)। ~**দাঁড়া** *বি* মেরুদণ্ড; backbone। ~**মোড়া** *বি* উভয় হাত পিছনে নিয়ে শক্ত করে বাঁধা (নগরপাল আসিয়া ধীবরকে পিঠমোড়া করিয়া বাঁধিল—*ঈবি*)। {*স.* পৃষ্ঠ>}

পিঠর [পিঠর্] *বি* ১ পাত্র। ২ হাঁড়ি। ৩ পেটরা। ৪ মন্থন দণ্ড। {*স.* √পিঠ+অর(করন)}

পিঠা১**, পিঠে** [পিঠা, -ঠে] *বি* পিষ্টক (এবার বছরকার দিনেরে ভাই জুটলোনাকো পুলি পিটে—*ঈগু*)। {*স.* পিষ্টক>পিট্‌ঠঅ>পিঠা, পিঠে}

পিঠা২ *(মবা.)* [পিঠা] *বি* পিঠ (পিঠা পেতে দিল পক্ষ করিতে আসন)। {*স.* পৃষ্ঠ>}

পিঠাপিঠি, পিঠোপিঠি [পিঠাপিঠি, পিঠো-] *বিণ* ১ পর পর প্রসূত বা জাত (পিঠাপিঠি বোন)। ২ একটির পর অন্যটি অবস্থিত এমন; অনুক্রমিক (পিঠাপিঠি ছবি)। □*ক্রিবিণ* পৃষ্ঠে পৃষ্ঠে সংলগ্ন হয়ে, পিঠে পিঠে সংযুক্ত করে (পরস্পর পিঠাপিঠি করিয়া বসিয়া আছে—*রঠা*)। {*স.* পৃষ্ঠ>পিঠ+আ+পিঠ+ই}

পিঠারি [পিঠারি] *বি* পিঠা বিক্রেতা (পিঠা বেচিয়া কেহ বলায় পিঠারি—*কমু*)। {*স.* পিষ্টক>পিঠা+আরি}

পিঠালি, পিঠুলি ⇒ পিটালি

পিঠি, পিঠী *(মবা.)* [পিঠি] *বি* বিমুখীভাব; বিরক্তি (উলটিয়া দিলে পিঠী—*বচ*)। {*স.* পৃষ্ঠ>পিঠ+ই, ঈ}

পিড়া ⇒ পিঁড়ি

পিড়াপিড়ি [পিড়াপিড়ি] *ক্রিবিণ* জোরাজুরি; অনুরোধ; উপরোধ (তবু কুন্তলা পিড়াপিড়ি করল—*বুব*)। {*স.* পীড়ন>পিড়া+ অনু. পিড়ি)}

পিড়ালি [পিড়ালি] *বি* ঘরের মেঝের ধার; ঘরের বেড়ার বাইরে উঁচু অংশ (ঘরের চার ধারের পিড়ালিতে সবুজ শ্যাওলা জমেছে—*শাহ*)। {পিড়া+আলি}

পিড়ি, পিড়ে ⇒ পিঁড়ি

পিড়িং, পিড়িং পিড়িং [পিড়িঙ্, -, -] *অব্য* তারযুক্ত বাদ্যযন্ত্র বা তা থেকে উদ্ভূত মধুর ধ্বনি। {*ধ্বন্যা.*}

পিণ্ড, পিণ্ডি১ [পিন্‌ডো, পিন্‌ডি] *বি* ১ খণ্ড (মাংসপিণ্ড)। ২ হিন্দুদের পিতৃলোক উদ্দেশে প্রদত্ত অন্নের দলা বা গ্রাস (পিণ্ডদান)। ৩ অন্নের দলা বা গ্রাস। ৪ শরীর; দেহ। ~**খর্জুর** *বি* পিণ্ডাকারে রক্ষিত বড় খেজুর। **পিণ্ডদ** *বি,বিণ* ১ (হিন্দু সমাজে) মৃতের উদ্দেশে পিণ্ডদান করে যে; পিণ্ডদানের অধিকারী। ২ অন্নদানকারী। ~**দান** *বি* হিন্দুগণ কর্তৃক পিতৃপুরুষের শ্রাদ্ধে মন্ত্রপূত অন্নপিণ্ড অর্পণ। ~**লোপ** *বি* পিণ্ডদানের অধিকারীদের লোপ বা বিনাশ; বংশলোপ। **পিণ্ডাকৃতি** *বিণ* গোলাকার ও ঠাসা। **পিণ্ডিত** *বিণ* পিণ্ডাকৃতি করা হয়েছে এমন; রাশীকৃত। {*স.* √পিণ্ড+অ(ঘঞ)}

পিণ্ডারি, পিণ্ডরি [পিন্‌ডারি, -ডোরি] *বি* অতীতের মারাঠা দস্যুবিশেষ। {*মারাঠি.* পেন্ডারী}

পিণ্ডি১ ⇒ পিণ্ড

পিণ্ডি২**, পিণ্ডী, পিণ্ডিকা** [পিন্‌ডি, -, -ডিকা] *বি* ১ চক্রের মধ্যমণ্ডল; চক্রের কেন্দ্রস্থল; নাভি। ২ পায়ের ডিমা বা গুলি। ৩ বেদি; পীঠ (নানা রত্ন দিয়া বিশাই রচিল পিণ্ডিকা)। ৪ রোয়াক। ৫ পাকিস্তানের রাওয়ালপিণ্ডির সংক্ষিপ্ত রূপ 'পিণ্ডি'। {*স.* পিণ্ড+ই(ইন)}

পিণ্ডিত ⇒ পিণ্ড

পিণ্ডী ⇒ পিণ্ডি২

পিতঃ [পিতহ্] *বি* হে জনক; পিতা বা পিতৃস্থানীয় গুরুজনের প্রতি সম্বোধনবিশেষ (হে পিতঃ, কেমনে কবিতারস সরসে—*মদ*)। {*স.* পিতৃ>পিতঃ(সম্বোধনে)}

পিতল, পেতল [পিতল্, পে-] *বি* তামা ও দস্তা মিশ্রণজাত এক প্রকার উপধাতু। {*স.* পিত্তল>*প্রা.* পিত্তল>}

পিতা [পিতা] *বি* জনক; বাপ; বাবা; আব্বা। ~**মহ** *বি* ১ পিতার পিতা বা তৎস্থানীয় ব্যক্তি; দাদা; ঠাকুরদাদা; ঠাকুরদা। ২ হিন্দুধর্মমতে ব্রহ্মা। ~**মহী** *বিস্ত্রী.* পিতামহের স্ত্রী; দাদি; ঠাকুরমা। **পঞ্চ**~ *বি* জন্মদাতা, অন্নদাতা, ভয়ত্রাতা, শ্বশুর, এবং দীক্ষাগুরু বা শিক্ষক—এই পাঁচজন পঞ্চপিতা নামে খ্যাত। {*স.* √পা+তৃ(তৃচ)}

পিতিঠা *(মবা.)* [পিতিঠা] *বি* প্রতিষ্ঠা (পুখরী পিতিঠা

কৈল—*রূপ*)। { *স.* প্রতিষ্ঠা> }

পিতৃ [পিতৃ] *বি* পিতা শব্দের মূল সংস্কৃত রূপ। **–কল্প** *বি* ১ পিতৃসম; পিতার তুল্য। ২ (হিন্দু সমাজে প্রচলিত) মৃত পিতৃপুরুষগণের উদ্দেশে শ্রাদ্ধ তর্পণাদি অনুষ্ঠান। **–কার্য, –কৃত্য, –ক্রিয়া** *বি* হিন্দুদের মৃত পুরুষগণের উদ্দেশে শ্রাদ্ধ ও তর্পণাদি ক্রিয়া। **–কুল** *বি* পিতার বংশ। **–গণ** *বি* ১ হিন্দু বিশ্বাসমতে পিতৃলোকবাসী যে মুনিগণ থেকে মানবগোষ্ঠীর উৎপত্তি হয়েছে। ২ মৃত পূর্বপুরুষগণ। **–গৃহ** *বি* পিত্রালয়; পিতার আবাস; বাপের বাড়ি। **–তর্পণ** *বি* (হিন্দুদের) মৃত পিতৃপুরুষদের তৃপ্তি বিধানের জন্য জলদান রূপ অনুষ্ঠানবিশেষ। **–দায়** *বি* হিন্দুদের পিতৃশ্রাদ্ধজনিত সামাজিক কর্তব্য সম্পাদনের গুরু দায়িত্ব; গুরুতর দুরূহ কার্য। **–দেব** *বি* দেব সমতুল্য পিতা। **–পক্ষ** *বি* ১ প্রেতপক্ষ। ২ আশ্বিনের শুক্লপক্ষের পূর্ববর্তী কৃষ্ণপক্ষ। **–পুরুষ** *বি* পিতা–পিতামহ প্রভৃতি পূর্বপুরুষ। **–বৎ** *বিণ* পিতৃতুল্য; পিতার ন্যায়। **–বিয়োগ** *বি* পিতার মৃত্যু। **–ব্য** *বি* পিতার সহোদর বা জ্ঞাতি ভ্রাতা; চাচা, জ্যাঠা, কাকা, খুড়া ইত্যাদি। **–ভক্তি** *বি* পিতার প্রতি শ্রদ্ধা। **–মেধ, –যজ্ঞ** *বি* হিন্দুদের পিতৃশ্রাদ্ধ, পিতৃতর্পণ। **–যান** *বি* পিতা বা পূর্ব পুরুষদের চন্দ্রলোকে গমনের পথ। **–রিষ্টি** *বি (জ্যোশা)* নবজাত সন্তানের জন্মচক্রে রাশিগণের যে অবস্থান পিতৃবিয়োগের কারণ হয়। **–লোক** *বি* হিন্দু বিশ্বাসমতে চন্দ্রলোকস্থিত যে স্থানে মৃত পিতৃপুরুষগণ বাস করেন। **–শোক** *বি* পিতৃবিয়োগজনিত শোক; পিতৃবিয়োগ–দুঃখ। **–শ্রাদ্ধ** *বি* মৃত পিতা ও পিতৃপুরুষদের উদ্দেশ্যে শ্রাদ্ধতর্পণাদি অনুষ্ঠান। **–ষ্বসা, পিতুঃষ্বসা, পিতুঃস্বসা** *বি* পিতার ভগিনী; ফুফু, পিসি। **–সম** *বিণ* পিতৃবৎ; পিতার তুল্য। **–সেবা** *বি* পিতৃশুশ্রূষা; পিতার পরিচর্যা। **–স্থানীয়** *বিণ* পিতার স্থানে অধিষ্ঠিত; পিতৃবৎ মান্য; পিতৃতুল্য। **–হন্তা, –হা** *বি* পিতৃঘাতী; পিতার বধকারী। **–হন্ত্রী** *বি স্ত্রী.*। { *স.* √পা+তৃ(তৃচ) }

পিত্ত, পিত্তি [পিত্‌তো, –ত্তি] *বি* যকৃৎ থেকে নিঃসৃত তিক্ত রসবিশেষ। **–কোষ, পিত্তাশয়** *বি* পেটে যকৃৎ সংলগ্ন যে থলিতে পিত্ত জমা থাকে। **–জ্বর** *বি* পিত্তদোষজাত জ্বর। **– পড়া** *ক্রি* ক্ষুধার সময়ে পিত্তস্রাব হওয়া। **–বিকার** *বি* পিত্তরোগ; পিত্তের দোষ। **–রক্ষা, পিত্তিরক্ষা** *বি* ১ অতি অল্প আহারে ক্ষুন্নিবৃত্তি। ২ *(ব্য.)* যা আকাঙ্ক্ষা করা হয়েছে তার নামমাত্র প্রাপ্তি। **পিত্তাতিসার** *বি* পিত্তবিকারজনিত অতিসার বা উদরাময় রোগ। { *স.* অপি+√দা+ত(ক্ত) ['অ' এবং 'দ' লোপ] }

পিত্তারি [পিত্‌তারি] *বি* পিত্তনাশক ঔষধবিশেষ। { *স.* পিত্ত+অরি; ৬তৎ }

পিত্তাবধি *(প্রাব.)* [পিত্‌তাবোধি] *ক্রিবিণ* প্রতিদিন; অদ্য অবধি (পুড়ে মরে পিত্তাবধি—*মাগান*)। { *স.* পিত্ত+অবধি }

পিত্তাশয় [পিত্‌তাশয়] *বি* পিত্তকোষ; small intestine। { *স.* পিত্ত+আশয়; ৬তৎ }

পিত্রালয় [পিত্‌ত্রালয়] *বি* বাপের বাড়ি; পিতৃগৃহ। { *স.* পিতৃ+আলয়; ৬তৎ }

পিত্র্য [পিত্‌ত্রো] *বিণ* পৈতৃক; পিতাবিষয়ক। { *স.* পিতৃ+য(যৎ) }

পিথিবি *(মবা.)* [পিথিবি] *বি* পৃথিবী। { *স.* পৃথিবী> }

পিদিম [পিদিম্] *বি* প্রদীপ। { *স.* প্রদীপ> }

পিধান [পিধান্] *বি* ১ তলোয়ার প্রভৃতির খাপ; খড়্গকোষ (পিধানে যথা অসি আবরিব—*মদ*)। ২ ঢাকনি; গিলাফ; আবরণ। { *স.* অপি+√ধা+অন(ল্যুট) }

পিন [পিন্] *বি* কাগজ ইত্যাদি বিঁধবার অতি ক্ষুদ্র সরু কাঁটাবিশেষ; আলপিন (পিন পড়লেও শোনা যাবে—*সৈশা*)। **–পতন–নীরবতা** *বি* পিন পড়লেও শব্দ শোনা যায় এমন নীরবতা। **সেফটি–** *বি* আগা–ঢাকা এবং সহজে আটকানো যায় এমন নিরাপদ পিন। { *ই.* pin }

পিনদ্ধ [পিনদ্‌ধো] *বিণ* ১ বন্ধন করা হয়েছে এমন (সনেটের গাঢ় পিনদ্ধ কায়ায় তিনি আপন অন্তরের ভাবনা–কামনার স্ফুরণ লক্ষ্য করলেন—*আজহ*)। ২ পরিধান করা হয়েছে এমন। { *স.* অপি+√নহ্+ত(ক্ত) }

পিনহ *(ব্র.)* [পিনহ্] *ক্রি* পরো; পরিধান করো (পিনহ ঝটিত কুসুমহার—*রঠা*)। { *স.* পিন্ধন> }

পিনাক [পিনাক্] *বি* ১ হিন্দু দেবতা শিবের ধনু; হরধনু। ২ শিবের ধনুকাকৃতি বাদ্যযন্ত্র। ৩ শূল; ত্রিশূল। **–পাণি, পিনাকী(–কিন্)** *বি* হিন্দু দেবতা শিব (হেরি যে সবে পিনাকী ভুলিবেন—*মদ*)। { *স.* √পা+আক(নুম্ আগম) }

পিনাকিনী [পিনাকিনি] *বি* ১ সপ্ততন্ত্রী; সপ্তস্বরা যন্ত্র (রামা দেয় জয়ধ্বনি/ সপ্তস্বরা পিনাকিনী/ বাজে নানা মঙ্গল বাজন—*কমু*)। { *স.* পিনাক+ইন(ইনি)+ঈ(ঙীপ্) }

পিনালকোড, পেনালকোড [পিনাল্‌কোড্, পে–] *বি* ফৌজদারি মামলার দণ্ডবিধি। { *ই.* penal code }

পিনাস[১] [পিনাস্] একপ্রকার বাদ্যযন্ত্র। { *স.* কপিনাস> }

পিনাস[২]**, পিনেস**[১]**, পীনস** [পিনাস্, –নে–, পিনস্] *বি* নাসিকার রোগবিশেষ; নাসাক্ষত; nasal catarrh। { *স.* পীনস> }

পিনিস, পীনিস, পিনেস[২] [পিনিস্, –, পিনে–] *বি* নৌকাবিশেষ (জলপথে দুইখানি সুসজ্জিত পিনীসে বাড়ীর গিন্নি ও বধূরা—*ইহো*; বাবুরা বোট, বাজরা, পিনেস ও ভাউলে ভাড়া করে—*কাসি*)। { *ই.* pinnace }

পিন্ধন [পিন্‌ধন্] *বি* পরিধান; বস্ত্রাদি, যা পরা হয়েছে (ভুলের প্রদীপ নয়নে তোর পিন্ধনে মেঘডম্বরী)। **–বাস** *বি* পরিধানের কাপড় (পিন্ধনবাস ভুলে যায় দিতে কসি—*মোম*)। { *স.* পিন+√ধা+অন(ল্যুট) }

পিন্ধা [পিন্‌ধা] *ক্রি* পরিধান করা; পরা। □ *বি* পরিধান। **–ওল** *(ব্র.)* *ক্রি* পরিধান করাল; পরাল। { *স.* পিন্ধন> }

পিপড়া, পিঁপড়া ⇒ পিপীলিকা

পিপা, পিপে [পিপা, –পে] *বি* ঢাক বা ঢোলের আকৃতিবিশিষ্ট কাষ্ঠনির্মিত আধার বা পাত্র। { *পো.* pipa }

পিপাসা, পিয়াসা, পিয়াস [পিপাশা, –য়া–, পিয়াশ্] *বি* ১ তৃষ্ণা; পান করার বাসনা বা ইচ্ছা (মানুষের রক্ত পিয়াস মেটায় মানুষ—*মুচৌ*)। ২ প্রবল আশা বা আকাঙ্ক্ষা; গভীর আগ্রহ (জ্ঞানার্জনের পিপাসা)। **পিপাসিত, পিপাসী** (–সিন্)। **পিয়াস, পিয়াসি** *বিণ* ১ পিপাসাযুক্ত; তৃষ্ণার্ত। ২ লোলুপ; লোভাতুর (রক্তপিয়াসী তান্ত্রিক)। **পিপাসিতা,**

পিপাসিনী *বিণ স্ত্রী.*। **পিয়াসু** *বিণ* ১ পান করতে ইচ্ছুক। ২ লোলুপ। { *স.* √পা+সন+অ+আ(টাপ)}
পিপীলিকা [পিপিলিকা] *বি* পিঁপড়া (পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে)। **পিপীলক, পিপীলিক** *পুং*। { *স.* পিপীল+ক(কন্)+আ(টাপ্)}
পিপুফিশু [পিপুফিশু] *বি (অল.)* সর্বশ্রেষ্ঠ অলস; কুঁড়ের বাদশা। {'পিঠ পুড়ে', 'ফিরে শু (শো)' বাক্য দুটোর সংক্ষিপ্ত রূপ—ঘরে আগুন লাগায় পিঠ পুড়তে থাকলে প্রথম অলসের সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরে দ্বিতীয় অলসের ফিরে শোওয়ার সংক্ষিপ্ত উপদেশ, এরা এতই কুঁড়ে যে বাক্যটিও সংক্ষেপে বলে—এই থেকে শব্দটির উদ্ভব}
পিপুল ⇒ পিঁপুল
পিপে ⇒ পিপা
পিপ্পল [পিপপল্] *বি* অশ্বত্থ বৃক্ষ, অশত্থগাছ। { *স.* পিপ্পল}
পিপ্পলি, পিপ্পলী [পিপপোলি] *বি* ঔষধরূপে ব্যবহৃত মরিচজাতীয় ফল বা তার গাছ; পিপুল। { *স.* পিপ্পলী>}
পিবইতে *(ব্র.)* [পিবইতে] *অক্রি* পান করতে (পিবইতে করু অনুবন্ধে—*গোদা*)। {√পা>}
পিবি *(ব্র.)* [পিবি] *অক্রি* পান করতে (অধর সুধারস পিবিপিবি—*জ্ঞাদা*)। { *স.* √পা>}
পিব্যাসী *(প্রাবা.)* [পিববাশি] প্রবাসী; বিদেশবাসী (পিব্যাসীর খানা—*সীতারাম*)। { *স.* প্রবাসী>}
পিয়ন, পিওন [পিয়োন্] *বি* ১ পত্র বিলিকারী ব্যক্তি (ডাকপিয়ন)। ২ আরদালি (অফিসের পিয়ন)। ৩ বেয়ারা। ৪ পেয়াদা। **পিয়নি, পিওনি** *বি* পিয়নগিরি; পিয়নের কাজ। { *ই* peon}
পিয়লি ⇒ পিউলি
পিয়া[১] *(পদ্য.)* [পিয়া] *বি* প্রিয়া; প্রিয়তমা। { *স.* প্রিয়া>}
পিয়া[২] [পিয়া] *ক্রি* পান করা। { *স.* √পা>}
পিয়াইয়া [পিয়া] *(পদ্য.)* *অক্রি* পান করিয়ে (পিয়াইয়া শত বিন্দু নয়নের জলে—*সুকা*)। {√পা>}
পিয়াজ, পেয়াজ, পিঁয়াজ, পেঁয়াজ [পিয়াজ, পি–, পিঁ–, পেঁ–] *বি* মসলা হিসেবে ব্যবহৃত কন্দবিশেষ। পলাণ্ডু। **পিয়াজি, পেয়াজি, পিয়াজু** *বি* পিয়াজ দিয়ে প্রস্তুত এক প্রকার ডালের বড়া। □*বিণ* পিয়াজের রংবিশিষ্ট; ফিকা বেগুনি। { *ফা.* পিয়াজ پیاز }
পিয়াদা, পেয়াদা [পিয়াদা, পে–] *বি* ১ পত্রবাহক; সংবাদবাহক; দূত। ২ পাইক। ৩ চাপরাশি। { *ফা.* পিয়াদাহ্ پیاده }
পিয়ানো[১], **পিয়ান, পিওনো** [পিয়ানো, –, পিয়োনো] *ক্রি* পান করানো। □*বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √পা>}
পিয়ানো[২] [পিয়ানো] *বি* হারমোনিয়াম জাতীয় বৃহৎ বাদ্যযন্ত্র (পিয়ানো বাজাতে পারি ইংরেজী প্রথায়—*হেব*)। { *ই.* piano}
পিয়ার[১], **পিয়ারা, পিয়ারী** ⇒ পেয়ার[১]
পিয়ার[২], **পীয়ার** [পিয়ার্] *বি* জেটি; উত্তরণমঞ্চ (পানির মধ্যে প্রায় কোয়ার্টার মাইল লম্বা পিয়ার গড়ে তোলা হয়েছে—*হাই*)। { *ই* pier}
পিয়াল [পিয়াল্] *বি* একজাতীয় বৃক্ষ বা তার ফল (মেখে পিয়াল ফুলের রেণু—*রঠা*)। { *স.* প্রিয়াল>}
পিয়ালা, পেয়ালা [পিয়ালা, পে–] *বি* পানপাত্র; বাটি; কাপ; cup। { *ফা.* পিয়ালাহ্ پیاله }
পিয়াস, পিয়াসা, পিয়াসী, পিয়াসু ⇒ পিপাসা
পির ⇒ পীর
পিরহান ⇒ পিরান
পিরান, পিরহান [পিরান্, পির্হান্] *বি* এক প্রকার ঢিলা জামা; কোর্তা (ঢাকাই মখমলের পিরহান গাত্রে—*বচ*)। { *ফা.* পীরহান پیرهن }
পিরামিড [পিরামিড্] *বি* পাথরে নির্মিত ত্রিকোণাকার উচ্চ সমাধিস্তূপ। { *ই* pyramid}
পিরালি, পিরালী, পীরালী [পিরালি, –, –] *বি* প্রাচীন বঙ্গদেশের এক শ্রেণির ব্রাহ্মণ, যারা যশোর-খুলনা অঞ্চলের পীর আলীর সংস্পর্শে এসে আপন সমাজ থেকে পতিত হয়েছিল। { *ফা.* পীর پیر + *বা.* আলি}
পিরিচ [পিরিচ্] *বি* রেকাবি; ছোট ডিশ; তসতরি। { *পো.* pires}
পিরিত, পিরীত, পিরিতি, পীরিতি [পিরিত্, –, পিরিতি, –] *বি* ১ প্রীতি; প্রণয়; প্রেম; অনুরাগ; ভালোবাসা। ২ বন্ধুত্ব; সদ্ভাব (রুষ্ট নহে কেহ সভে করেন পিরীত—*বৃদা*)। ৩ অবৈধ প্রণয়। { *স.* প্রীতি>}
পিল[১] [পিল্] *বি* বটিকা; ঔষধের বড়ি। { *ই* pill}
পিল[২], **ফিল** [পিল্, ফি–] *বি* ১ হাতি। ২ দাবা খেলার গজ। **পিলখানা, ফিলখানা** *বি* হাতিশালা। { *আ.* ফিল فیل ; *ফা.* পিল پیل ; *স.* পীলু}
পিল[৩] [পিলো] *ক্রি* পান করল। { *স.* √পা>}
পিলপা, পিলপে, পিল্পা, পিল্পে [পিল্পা, –পে, –পা, –পে] *বি* ১ স্তম্ভ; থাম (হাতির পায়ের ন্যায় স্থূল এজন্য)। ২ জমির সীমা নির্দেশক ছোট থামবিশেষ। { *ফা.* পিল پیل + *বা.* পা}
পিল পিল [পিল্‌পিল্] *অব্য* পিঁপড়ার সারির মতো বহুজনের একত্র সমাবেশজনিত গমন বা নির্গমনের ভাবপ্রকাশক (লোক পিলপিল করে বেরুচ্ছে)। { *স.* পিপীল>}
পিলপে ⇒ পিলপা
পিলসুজ, পীলসুজ [পিল্‌শুজ্] *বি* পিতলের দীপাধার; শামাদান। { *ফা.* ফতীলাহ্ فتیله + *ফা.* সোজ্ سوز }
পিলা[১], **পীলা**[১], **পিলে** [পিলা, –, পিলে] প্লীহা; spleen। —**চমকানো** *বিণ* পিলা কাঁপানো; আতঙ্কদায়ক (চার্বাক যদি অলঙ্কারশাস্ত্র শিখতেন তাহলে এ বিষয়ে অনেক পিলে-চমকানো মতের সাক্ষাৎ আমরা নিশ্চয়ই পেতুম—*প্রচৌ*)। { *স.* প্লীহা; *তুল. ই* spleen}
পিলা[২], **পীলা**[২], **পিলে** [পিলা, –, পিলে] ছেলের আনুষঙ্গিক শব্দ (ছেলেপিলে)। { *অনু.*}
পিলু [পিলু] *বি* ১ *(সং)* একটি রাগিণীর নাম (নৌবতে বাজিয়ে গো ভীমপলাসী উদাস পিলুর সুরে ঝুরিবে বাঁশী—*নই*)। ২ হাতি। ৩ একপ্রকার কৃমিকীট। ৪ পিলুগাছ; আখরোট গাছ। { *স.* পিলু}
পিল্পা, পিল্পে ⇒ পিলপা
পিশঙ্গ [পিশঙ্গো] *বিণ* পিঙ্গল। { *স.* পিশঙ্গ+অ(অচ্)}
পিশাচ, পিচাশ [পিশাচ্, পিচাশ্] *বি* ১ ভূত বা প্রেতযোনিবিশেষ। ২ নির্দয়; নিষ্ঠুর বা নীচ প্রকৃতির

মানুষ। ~সিদ্ধ *বিণ* সাধনা বা যোগবলে পিশাচকে বশীভূত করেছে এমন। **পিশাচী** *বি স্ত্রী*। { *স.* পিশিত+√অশ্+অ(অণ্)=পিশাচ, (বর্ণবিপর্যয়ে) পিচাশ}

পিশিত [পিশিত্] *বি* মাংস। { *স.* √পিশ্+ইত(ইতচ্)}

পিশুন [পিশুন্] *বিণ* ১ কুৎসাকারী; নিন্দক; ঈর্ষু; হিংস্র; হিংসুটে। ২ খল; কপট। ৩ নিষ্ঠুর; কঠোর (করয়ে পিশুন বচন অবধান—*বিপ*)। □*বি* হিংসা; ঈর্ষা; ঘৃণা (বাধ পিশুন—*তোহফা*)। { *স.* √পিশ্+উন(উনক্)}

পিষণ, পিষণো ⇒ পেষণ

পিষা, পিষাই ⇒ পেষা

পিষ্ট [পিশ্টো] *বিণ* পেষা হয়েছে এমন। ২ চূর্ণিত; মর্দিত; দলিত। { *স.* √পিষ্+ত(ক্ত)}

পিষ্টক [পিশ্টক্] *বি* ১ পিঠা। ২ চোখের রোগ। { *স.* পিষ্ট+ক(কন্)}

পিসতুত, পিসতুতা, পিসতুতো, পিস-শ্বশুর, পিস-শাশুড়ি, পিসা, পিসে ⇒ পিসি

পিসবোর্ড [পিস্‌বোর্ড্] *বি* পিজবোর্ড-এর রূপভেদ। কাগজ দ্বারা প্রস্তুত মোটা ও শক্ত বোর্ড। { *ই.* pasteboard}

পিসি, পিসী [পিশি] *বি স্ত্রী.* পিতার ভগিনী; বাবার বোন; ফুফু। **পিসতুতো, পিসতুত, পিসতুতা** *বিণ* পিসি বা পিসিশাশুড়ির সন্তান এমন (পিসতুত ভাই/দেওর/শালা)। **পিসশ্বশুর** *বি* স্বামী বা পত্নীর ফুফা বা পিসা। **পিসশাশুড়ি** *বি স্ত্রী*। **পিসা, পিসে, পিসেমশাই** *বি* পিসির স্বামী; ফুফা। { *স.* পিতৃষ্বসৃ>}

পিসু, পিশু, পিস্‌সু [পিশু, –, পিশ্‌শু] *বি* ১ একপ্রকার ক্ষুদ্র কীট। ২ ডাঁশ। { *ফা.* পশ্ پش }

পিস্টন [পিশ্‌টন্] *বি* চাপদণ্ড (পাম্পের পিস্টন সিলিন্ডারের মধ্যে উঠা-নামা করিতে পারে—*আআ*)। { *ই.* piston}

পিস্তল [পিস্‌তল্] *বি* এক প্রকার ক্ষুদ্র আগ্নেয়াস্ত্র। { *পো.* pistola}

পিহিত [পিহিতো] *বিণ* ১ পিধানে রক্ষিত; কোষগত; খাপে ঢাকা। ২ আচ্ছাদিত; আবৃত। { *স.* অপি+√ধা+ত(ক্ত)}

পীচ ⇒ পিচ

পীঠ [পিঠ্] *বি* ১ বসার কাষ্ঠাসনবিশেষ; পিঁড়া; পিঁড়ি। ২ বেদি। ৩ হিন্দুদের দেবাসন বা অধিষ্ঠান ভূমি; তীর্থক্ষেত্র। ৪ হিন্দুপুরাণ মতে সতীর মৃতদেহের খণ্ডিত অংশে যেসব স্থানে পড়েছিল। □*বিণ* প্রতিষ্ঠান (বিদ্যাপীঠ)। ~স্থান *বি* সতীর মৃত অঙ্গপতন স্থান; প্রাচীন দেবালয় (যতীনের মনে নারী দেবতার একটি পীঠস্থান ছিল—*রঠা*)। { *স.* √পিঠ্+অ(ক)}

পীঠিকা [পিঠিকা] *বি* ১ পীঠস্থান। ২ পিঁড়ি। { *স.* পীঠক+আ(টাপ্)}

পীড়ক [পিড়ক্] *বি* পীড়ন করে যে; পীড়নকারী; অত্যাচারী। **পীড়িকা** *বি* সর্বাঙ্গে দুষ্ট ব্রণাদির উদ্ভব। { *স.* √পীড়্+অক(ণ্বুল্)}

পীড়ন [পিড়ন্] *বি* ১ অত্যাচার; জুলুম; নির্যাতন। ২ চাপ। ৩ সমাদরে গ্রহণ (পাণিপীড়ন)। □*বিণ* পেষণ; মর্দন। { *স.* √পীড়্+অন(ল্যুট্)}

পীড়া [পিড়া] *বি* ১ ক্লেশ; যন্ত্রণা; কষ্ট; বেদনা (অত্যন্ত পীড়া অনুভব করিল—*রঠা*)। ২ ব্যাধি (পীড়াগ্রস্ত)। ~দায়ক, ~জনক *বিণ* ১ ক্লেশকর; যন্ত্রণাদায়ক। ২ রোগ উৎপাদক। ৩ পীড়িত; অসুস্থ; রোগগ্রস্ত; অত্যাচারিত; নির্যাতিত। { *স.* √পীড়্+অ(অঙ্)+আ(টাপ্)}

পীড়া, পিঁড়া ⇒

পীড়াপীড়ি, পিড়াপীড়ি [পিড়াপিড়ি] *বি* ১ পুনঃপুন বিশেষভাবে অনুরোধ-উপরোধ। ২ বার বার বিশেষ চাপ প্রদান। { *স.* √পীড়্+*বা.* আ+অনু. পীড়ি}

পীড়িত [পিড়িতো] *বিণ* ১ রোগগ্রস্ত; অসুস্থ। ২ ক্লেশপ্রাপ্ত। ৩ পিষ্ট; মর্দিত। ৪ অত্যাচারিত; নির্যাতিত। { *স.* √পীড়্+ত(ক্ত)}

পীড়িয়া [পিড়িয়া] *অক্রি* কষ্ট দিয়ে (জলে তারে ডুবাইয়া পীড়িয়া মরমে—*বচ*)। { *স.* √পীড়্>}

পীড্যমান [পিড্‌ডোমান্] *বিণ* পীড়িত হচ্ছে এমন। { *স.* √পীড়্+মান(শানচ্)}

পীত[১] [পিতো] *বি* হরিদ্রাবর্ণ; হলুদ রং। □*বিণ* ১ হলদে; হরিদ্রবর্ণযুক্ত; পিঙ্গল (একটা পীত গোলাবের পাপড়ি নখ দিয়ে টুঙতে টুঙতে অভিভূতের মত কি বলে উঠল—*নই*)। ২ পান করা হয়েছে এমন। ~পাণ্ডু *বিণ* পিঙ্গল ও ফ্যাকাশে (শেষ রাতের দিকে চাঁদ উঠতো পীত-পাণ্ডু —*অচিসে*)। ~বাস, **পীতাম্বর** *বি* ১ হলদে রঙের কাপড়। ২ পীত বস্ত্রধারী কৃষ্ণ। □*বিণ* হলদে রঙের কাপড় পরে এমন। { *স.* √পা+ত(ক্ত)}

পীত[২] [পিত] *বি* ১ পিত্ত। ২ লজ্জা শরম ঘৃণা প্রভৃতি (তোমার দেহত্ত কাহাঞিঁ না বসে কি পীত—*বচদা*)। { *স.* পিত্ত>}

পীতর, পিতর (*মবা.*) [পিতর] *বি* পিতৃপুরুষগণ; পিতা-পিতামহগণ (তাঁর পানী না দেয় পীতরে—*বচ*)। { *স.* পিতরঃ>}

পীতল ⇒ পিতল

পীধন (*মবা.*) [পিধন্] (পীধন পীয়নবাস—*গোদা*)। { *স.* পরিধান>}

পীন [পিন্] *বিণ* স্থূল; পুষ্ট (দিনে দিনে পয়োধর ভৈগেল পীন—*বিপ*)। ~স্তনী *বি* সুপুষ্ট ও উন্নত স্তন-বিশিষ্টা নারী (আঁটিয়া কাঁচলি পীনস্তনী—*মদ*)। { *স.* √প্যায়্+ত(ক্ত)}

পীনস ⇒ পিনস

পীনালকোড ⇒ পিনালকোড

পীনোন্নত [পিনোন্‌নতো] *বিণ* স্থূল ও উচ্চ (পীনোন্নত পয়োধর)। { *স.* পীন+উন্নত; *কর্মধা.*}

পীবর [পিবর্] *বিণ* পীন; সুপুষ্ট; সমুন্নত (ধকধকে রত্নাবলী কুচ যুগ মাঝে পীবর—*মদ*)। **পীবরা, পীবরী** *বিণ* স্থূলাঙ্গী। { *স.* √পীব্+বর(বরচ্)}

পীযূষ, পীয়ুষ [পিজুশ্] *বি* অমৃত; সুধা (নূতন অধর পিয়ূষ পিয়ে—*সদ*; সেই আল্লারই স্নেহ পিযুষ ক্ষরিত হয়—*এআ*)। { *স.* √পীয্+উষ(উষন্)}

পীয়নু, পীয়ল (*ব্র.*) [পিয়নু, পিয়ল] *ক্রি* পান করলাম। { *স.* √পী>}

পীয়ল [পিয়ল্] *বি বিণ* পীতবর্ণ; পিঙ্গবর্ণ। { *স.* পিঙ্গল}

পীয়ার ⇒ পিয়ার[২]

পীর, পির [পির্] *বি* মুসলিম দীক্ষাগুরু; পুণ্যাত্মা (পীরের মোকামে দেয় সাঁজ—*কমু*)। ~**পয়গম্বর** *বি* পীর ও নবী; মুসলমান সাধু মহাপুরুষগণ। ~**পরস্তি** *বি* পীরপূজা (প্রচলিত গুরুদের প্রভাবে মুসলমানদের মধ্যে পীর পরস্তীর প্রবর্তন হয়—*মান্নান*)। **পীরোত্তর** *বি* পীরের উদ্দেশ্যে প্রদত্ত নিষ্কর ভূমি। **পীরের দরগা** *বি* পীরের সমাধি স্থান এবং সেখানে নির্মিত ধর্ম প্রতিষ্ঠান। **পীরের শিন্নি** *বি* পীরের উদ্দেশ্যে নিবেদিত চিনি, ময়দা, দুধ, কলা প্রভৃতির মিশ্রণে তৈরি বস্তু। **পাঁচ ~** *বি* নদী ও সাগরে মাঝি ও নাবিকরা বদর প্রমুখ যে পাঁচ জন পীরকে স্মরণ করে। { *ফা.* পীর پیر }

পীরালী ⇒ পিরালি

পীরিতি ⇒ পিরিত

পীল ⇒ পিল[২]

পীলসুজ ⇒ পিলসুজ

পীলিহা *(মবা.)* [পিলিহা] *বি* প্লীহা বৃদ্ধি নামক রোগ (শোলঙ্গে পীলিহা কাটে—*কমু*)। { *স.* প্লীহা> }

পীলু [পিলু] *বি* ১ হাতি। ২ এক প্রকার কীট। ৩ পীলু নামক গাছ। { *স.* √পীল+উ(কু) }

পীলুড়ি, পিলড়ি [পিলুড়ি, পিলোড়ি] *বি* কোনো এক পক্ষের রাজা ও গজ অবশিষ্ট থাকলে যে দাবাখেলা চলে। { *স.* পীলু+ *বা.* ড়ি }

পীলুপর্ণী [পিলুপোর্নি] *বি* মূর্বা নামক লতা। { *স.* পীলুপর্ণী }

পুং [পুঙ্] *বি* ১ পুরুষজাতীয় প্রাণী; পুরুষ জীব (পুং বাচক)। ২ জাতিতে পুরুষ; স্ত্রী জাতীয় নহে (পুং শিশু)। ~**লিঙ্গ** *বি* ১ শব্দের পুরুষবাচকত্ব। ২ পুরুষ-চিহ্ন; শিশ্ন। □ *বিণ* পুরুষবাচক। ~**শ্চলী** *বি* বেশ্যা; কুলটা; ব্যভিচারিণী। ~**চিহ্ন** *বি* পুরুষের শিশ্ন। ~**সবন** *বি* গর্ভের তৃতীয় মাসারম্ভে পুত্র সন্তান কামনায় হিন্দুদের পালনীয় সংস্কারবিশেষ। **পুংস্কোকিল** *বি* পুরুষজাতীয় কোকিল। ~**ত্ব** *বি* ১ পুরুষত্ব; পৌরুষ। ২ বীর্য; রেতঃ; শুক্র; শৌর্য। ৩ পুংলিঙ্গতা। { *স.* পুমস্> }

পুঁই, পুই [পুঁই, পু–] *বি* পুঁইশাক; শাকরূপে ভক্ষ্য এক প্রকার লতাকৃতি গাছ (লাল পুঁই এর লতা নুয়ে পড়ে জড়িয়ে ধরে পায় গো—*নই*)। ~**য়ে, পুয়ে** *বিণ* পুঁই ডাঁটার ন্যায় লতানো (পুঁয়ে সাপ)। ~**য়ে পাওয়া** *ক্রি* শুকিয়ে ডাঁটার মতো ক্ষীণ হতে থাকে শিশুর এমন রোগ হওয়া। { *স.* পূতিকা> }

পুঁচকে, পুটকে [পুঁচ্‌কে, পুট্‌কে] *বিণ* অত্যন্ত ছোট; অপরিণত (পুঁচকে ছোড়া)। { *স.* পুচ্ছ+ক }

পুঁছা, পুঁছান, পুঁছানো ⇒ পোঁছা[১]

পুঁজ, পুয [পুঁজ্, পুজ্] *বি* ফোড়া, পাকা ব্রণ বা ক্ষতাদি থেকে নির্গত ক্লেদ বা দূষিত রক্ত। { *স.* পূয }

পুঁজি, পূঁজি, পুঞ্জি [পুঁজি, –, পুন্‌জি] *বি* ১ পুঞ্জীভূত ধনরাশি। ২ মূলধন; capital (অনেকের পুঁজিপাটা শেষ হইয়া গেল—*মাউ*)। ৩ সম্বল। ৪ সঞ্চয়। ৫ পুঞ্জ; রাশি (তোমার কোলে ফুলের পুঁজি—*রঠা*)। ~**পাটা** *বি* ১ স্থাবর-অস্থাবর সম্পত্তি (নিয়েছে পুঁজিপাটা ভিটেতে শ্যাকুল কাঁটা—*ঈবি*)। ২ সঞ্চিত ধনসম্পদ জমানো সম্পত্তি (আমারও পুঁজিপাটা এই আফিঙ্গের ডেলা—*বচ*)। { *স.* পুঞ্জ> }

পুঁটলি, পুঁটুলি, পুটলি, পুটুলি [পুঁট্‌লি, –টু–, পুট্–, –টু–] *বি* ক্ষুদ্র গাঁঠরি; বোঁচকা। { *স.* পোট্টলি> }

পুঁটি[১], পুঁটী, পুঁঠি, পুঁঠী [পুঁটি, –, –ঠি, –] *বি* এক প্রকার ছোটমাছ। ~ **মাছের প্রাণ** *বি* ১ *(আল.)* পুঁটি মাছের মতো স্বল্পপ্রাণ বা ক্ষীণজীবী ব্যক্তি; অল্প ক্ষমতাসম্পন্ন ব্যক্তি। ২ হীনচেতা ব্যক্তি। **চুনো–** *বি* ১ ক্ষুদ্র মৎস্যবিশেষ। ২ *(আল.)* প্রতিপত্তিশূন্য সামান্য ব্যক্তি। { *স.* প্রোষ্ঠী> *প্রা.* পুট্‌ঠী> }

পুঁটি[২], পুটী[২] [পুঁটি, পু–] *বি* ছোট মেয়ের আদরের ডাকনাম। { *স.* পুত্রিকা> }

পুঁটুলি ⇒ পুঁটলি

পুঁটে[১] [পুঁটে] *বি* ১ পুঁটি মাছের মতো ছোটো; ক্ষুদ্রাকার (আজকাল অনেক পুঁটে তেলীকেও প্রতিমা আনতে দেখা যায়—*কাসি*)। ২ ছোট ছেলের আদরের ডাকনাম। { পুঁটি+ইয়া> }

পুঁটে[২] [পুঁটে] *বি* ১ বালা জাতীয় অলঙ্কারের মুখ। ২ ঘুন্টি। { *স.* পুটিকা> }

পুঁঠি, পুঁঠী ⇒ পুঁটি[১]

পুঁড়া [পুঁড়া] *বি* ধান প্রভৃতি রাখার কড়ের তৈরি বৃহৎ পাত্র (দিবে হে বীচের পুঁড়া—*কমু*)। { *স.* পুটিকা> *প্রা.* পুড়িআ }

পুঁতি [পুঁতি] *বি* ছিদ্রযুক্ত কাচের টুকরাবিশেষ, যা দিয়ে হার প্রস্তুত হয় (পুঁতির মালা)। { *স.* প্রোত> }

পুঁথি, পুথি [পুঁথি, পু–] *বি* ১ পুস্তক; গ্রন্থ (রত্নভরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়—*ভারা*)। ২ হস্তলিখিত পুস্তক; হাতে লেখা প্রাচীন বই; manuscript। ~**গত** *বিণ* পুস্তকস্থ; পুস্তকাদিতে নিবদ্ধ। ~**গত বিদ্যা** *বি* যে বিদ্যা পুঁথিতেই সীমাবদ্ধ; মুখস্থ না থাকলে যা বিদ্যার্থীর কোনো কাজে লাগে না। ~ **বাড়ানো** *ক্রি* অনাবশ্যকভাবে বর্ণনা বাড়িয়ে বা ফেনিয়ে তোলা। ~**শালা** *বি* গ্রন্থাগার; লাইব্রেরি; library। **পাঁজি ~** *বি* পঞ্জিকা; পুস্তিকা ইত্যাদি। { *স.* পুস্তিকা>; *প্রা.* পুত্থিয়া> }

পুকুর [পুকুর্] *বি* পুষ্করিণী; ক্ষুদ্র জলাশয়। ~ **চুরি** *বি* *(আল.)* আগাগোড়া ফাঁকি বা বেমালুম চুরি; অসম্ভব রকমের বিরাট চুরি। ~ **ঝালানো** *ক্রি* পুষ্করিণী থেকে পাঁক এবং আবর্জনাদি তুলে ফেলে নতুন পানি আনা। **পুণ্যি ~** *বি* পুণ্য কামনায় হিন্দু মেয়েদের আচরিত ব্রতবিশেষ। { *স.* পুষ্কর> }

পুখরী *(মবা.)* [পুখরি] *বি* পুষ্করিণী (পুখরী পিতিঠা কৈল বেদ হুঙ্কারিয়া—*রাপ*)। { পুষ্কর> }

পুঙ্খ [পুঙ্খো] *বি* বাণের পক্ষযুক্ত অংশ; বাণমূল। **পুঙ্খানু–** *বিণ* সূক্ষ্মাতিসূক্ষ্ম; তন্ন তন্ন; পাতিপাতি। **পুঙ্খানুপুঙ্খভাবে** *ক্রিবিণ* সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে; তন্ন তন্ন করে; পাতিপাতি করে। { *স.* পুমস্+√খন্+অ(ড) }

পুঙ্গ [পুঙ্গো] *বি* সমূহ। { *স.* পুং+√গম্+অ }

পুঙ্গব [পুঙ্গবো] *বি* ১ বৃষ; ষণ্ড; ষাঁড় (সেই সাহেব পুঙ্গবটি 'হুঁ' এইমাত্র শব্দ উচ্চারণ করে ঘর থেকে হন হন করে

বেরিয়ে গেল—*প্রচৌ*)। ২ শ্রেষ্ঠজন (নরপুঙ্গব)। {*স.* পুমান+√গো+অ(অচ)}

পুঙ্গি [পুঙ্গি] *বি (অশ্লীল)* ১ যোনি। ২ গণিকা (পুঙ্গির পুত)। {*প্রা.* পণ্দ}

পুচকে [পুচকে] *বিণ* অত্যন্ত ছোট (পুচকে ছেলে)। {*স.* পুচ্ছ>}

পুচ্ছ [পুচ্‌ছো] *বি* ১ লাঙ্গুল; লেজ। ২ কলাপ (ময়ূরপুচ্ছ)। ৩ পশ্চাদ্‌ভাগ; পেছনের অংশ। {*স.* √পুচ্ছ+অ(অচ)}

পুচ্ছিঅ *(প্রাবা.)* [পুচ্‌ছিয়] *অক্রি* জিজ্ঞাসা করে (গুরু পুচ্ছিঅ জান—*চর্যাপদ*)। {*স.* √প্রচ্ছ>}

পুছনো ⇒ পুছানো

পুছা, পোছা [পুছা, পো–] *ক্রি* ১ জিজ্ঞাসা করা (সখীরে পুছই কৈছে সুরত বিহার—*বিপ*)। ২ গ্রাহ্য করা; পরোয়া করা (ওকে কেউ পোছে না)। ৩ মার্জন; পরিষ্করণ; ঝাড়পোঁছ। {*স.* √প্রচ্ছ> *প্রা.* পুছ>}

পুছসি *(প্রাবা, ব্র.)* [পুছসি] *ক্রি* জিজ্ঞাসা করছ (কি কহসি কি পুছসি—*বিপ*)। {*মবা.* ও *ব্র.* : **পুছই** (জিজ্ঞাসা করে), **পুছসি** (জিজ্ঞাসা করছ), **পুছমি** (জিজ্ঞাসা করি), **পুছহ** (জিজ্ঞাসা করো বা করছ), **পুছিউ** (জিজ্ঞাসা করি), **পুছিহ** (প্রশ্ন কোরো, পুছো), **পুছো** (জিজ্ঞাসা করি), **পুছন্তি** (প্রশ্ন করলেন), **পুছারি, পুছেরি** (জিজ্ঞাসা করা, ঐছন করল পুছেরি—*জ্ঞাদা*), **পুচ্ছিঅ, পুছিআঁ** (জিজ্ঞাসা করে)—শব্দগুলো দেখা যায়}

পুছানো, পুছনো [পুছানো, –ছ–] *বি* ১ প্রশ্নকরণ। ২ মার্জন; পরিষ্কারকরণ (পাড়ার এক পাশে নিকানো পুছানো ছোট খড়ের ঘর দু'তিনখানা—*বিব*)। {*স.* √প্রচ্ছ>*প্রা.* পুচ্ছ>}

পুঞ্জ [পুন্‌জো] *বি* স্তূপ; রাশি; জমিয়ে তোলা দ্রব্যের সমাবেশ; সমূহ। **পুঞ্জিত, পুঞ্জীভূত** *বিণ* জমে উঠেছে এমন; সঞ্চিত; রাশীভূত; স্তূপীভূত (পুঞ্জিত ফুলের শোভা—*সদ*)। **পুঞ্জীকৃত** *বিণ* জমানো হয়েছে এমন; স্তূপীকৃত; রাশীকৃত। {*স.* পুমস্+√জি+অ(ড)}

পুঞ্জি ⇒ পুঁজি

পুট¹ [পুট] *বি* ১ আধার; পাত্র; কোষ; অঞ্জলি (করপুট)। ২ কৌটা। ৩ পত্রনির্মিত পাত্র বা ঠোঙ্গা; ঠোসা (পর্ণপুট)। ৪ পত্রনিমিত পাত্র বা ঠোঙ্গা; ঠোসা (পর্ণপুট)। ৪ যা দিয়ে ধরা যায়; যা দিয়ে ঢাকা যায় (চক্ষুপুট)। ৫ ঔষধ পাকের পাত্রবিশেষ (পুটপাক)। **~পাক** *বি* মাটি, গোবর প্রভৃতি দ্বারা নির্মিত পাত্রে বিশেষ নিয়মে তাপ প্রয়োগ করে কবিরাজি ওবুধ তৈরি করা। **~ক** *বি* আধার; পাত্র; কোষ; ঠোঙ্গা; পত্রাদি নির্মিত পাত্র। {*স.* √পুট+অ(ক)}

পুট² [পুট] *বি* স্কন্ধ থেকে শিরদাঁড়া অবধি অঙ্গ; ঐ পরিমাণ অঙ্গের দৈর্ঘ্য। {*স.* পৃষ্ঠ>}

পুটকি [পুট্‌কি] *বি (অশ্লীল)* মলদ্বার; পায়ু। **~ মারা** *ক্রি (অশ্লীল)* পায়ুমেহন। {*স.* পুটক>}

পুটকিত [পুটোকিতো] *বিণ* ১ আচ্ছাদিত। ২ সংহত (পুটকিত শিরজট বিঘটিত সুবিকট—*ভারা*)। {*স.* পুটক+ইত(ইতচ)}

পুটকিনী [পুটোকিনি] *বি* পদ্মিনী। {*স.* পুটক+ইন(ইনি)+ঈ(ঙীপ)}

পুটলি ⇒ পুঁটলি

পুটিং [পুটিঙ্] *বি* ১ খড়ি চূর্ণের সঙ্গে তিসির তেল এবং ধুনা মিশ্রণে প্রস্তুত পলাস্তারা বা প্রলেপ। {*ই.* putty}

পুটিকা [পুটিকা] *বি* ১ কৌটা। ২ পুলি; পুরিয়া। {*স.* পুট+ক(কন্)+আ(টাপ্)}

পুটিত [পুটিতো] *বিণ* ১ মুচিপ্রভৃতিতে পক্ব; অগ্নিতে সিদ্ধ বা পক্ব; roasted। ২ আবৃত; আচ্ছাদিত। ৩ গ্রথিত; গ্রন্থনযুক্ত। ৪ মর্দিত; নিষ্পেষিত। {*স.* √পুট+ত(ক্ত)}

পুটী [পুটি] *বি* ১ ঠোঙা। ২ কৌপিন; আচ্ছাদন। ৩ পানের খিলি। {*স.* পুট+ঈ(ঙীপ্)}

পুটুলি ⇒ পুঁটলি

পুঠি [পুঠি] *বি* ক্ষুদ্র পুঁটি মাছ। {*স.* প্রোষ্ঠী>}

পুড়ন ⇒ পোড়

পুড়নি ⇒ পোড়নি

পুড়া, পুড়ান, পুড়ানো ⇒ পোড়া

পুড়ানি, পুড়ুনি ⇒ পোড়নি

পুডিং [পুডিঙ্] *বি* দুধ ডিম চিনি প্রভৃতির দ্বারা প্রস্তুত সুস্বাদু মিষ্টান্নবিশেষ। {*ই.* pudding}

পুণ্ডরীক [পুন্‌ডোরিক্] *বি* শ্বেতকমল; সাদা পদ্ম। **পুণ্ডরীকাক্ষ** *বি* পদ্মের ন্যায় অক্ষি অর্থাৎ চোখ যার; হিন্দুদেবতা কৃষ্ণ; বিষ্ণু। {*স.* √পুণ্ড্+ঈক(ঈকক্)}

পুণ্ড্র, পুণ্ড্রক, পৌণ্ড্র [পুনড্রো, পুনড্রক্, পোউনড্রো] *বি* ১ এক প্রকার ইক্ষু। ২ তিলক; ফোঁটা। ৩ বাংলার প্রাচীন জনপদ বা জাতির নাম। {*স.* √পুণ্ড্+র(রক্)}

পুণ্য [পুন্‌নো] *বি* ১ সৎকর্ম; ধর্মানুষ্ঠান। ২ সওয়াব; সৎকর্মহেতু শুভফল যাতে মৃত্যুর পরে আত্মার শান্তি হয়। ☐ *বিণ* ১ পবিত্র (পুণ্যতীর্থ)। ২ ধার্মিক; ধর্মপরায়ণ; পুণ্যবান (পুণ্যাত্মা)। **~ক** *বি* পুণ্যলাভের জন্য পালনীয় ব্রত; পুণ্যার্থ উপবাসাদি। **~কর্মা** *বিণ* পুণ্য কর্ম করে এমন; পুণ্য সঞ্চয়কর অনুষ্ঠানকারী। **~কাল** *বি* পুণ্যকর্ম অনুষ্ঠানাদির জন্য শুভ সময়। **~কীর্তি** *বিণ* পুণ্যকর্ম সম্পাদনের নিমিত্ত খ্যাতিসম্পন্ন। **~ক্ষয়** *বি* সঞ্চিত পুণ্যের হ্রাস বা বিনাশ। **~ক্ষেত্র** *বি* পুণ্যভূমি; পবিত্রস্থান; তীর্থ। **~তোয়া** *বিণ* (নদী সম্বন্ধীয়) পবিত্র জলে পূর্ণ; পূতসলিলা। **~দ** *বিণ* পুণ্যদাতা; পুণ্যজনক। **~দর্শন** *বিণ* দেখলে পুণ্যলাভ হয় এমন; দর্শনে পবিত্রতা জন্মে এমন। **~ফল** *বি* সৎকর্মের মঙ্গলজনক ফল। **পুণ্যবল** *বি* পুণ্যকর্ম করায় যে শক্তিলাভ হয়েছে। **~বান** *বিণ* ১ পুণ্যশীল। ২ ধার্মিক। **~বতী** *বিণ স্ত্রী.*। **~যোগ** *বি* ১ পবিত্র জগৎ। ২ যে লোকে পাপ নেই; স্বর্গ; বেহেস্ত। **~শীল** *বিণ* পুণ্যকার্য সম্পাদনের প্রকৃতিবিশিষ্ট। **~শীলা** *বিণ স্ত্রী.*। **~শ্লোক** *বিণ* ১ পুণ্যকীর্তি; যশস্বী। ২ পবিত্রচরিত্র; পূতচরিত্র। **~সঞ্চয়** *বিণ* পুণ্যকর্ম সম্পাদনের দ্বারা পরলোকে কল্যাণ লাভের অধিকার অর্জন। {*স.* পূ+ উন্য(ড্যুণ্য)}

পুণ্যাত্মা [পুন্‌নাত্‌তাঁ] *বিণ* পুণ্যবান; পূতচিত্ত; ধার্মিক। {*স.* পুণ্য+আত্মা; *কর্মধা.*}

পুণ্যাহ [পুন্‌নাহো] *বি* ১ পুণ্যকর্ম সম্পাদনের পক্ষে শুভ দিন (প্রতি অমাবস্যা হয় প্রভুর পুণ্যাহ—*রাব*)। ২ জমিদারি প্রথায় বৎসরের সূচনায় প্রজাদের নিকট থেকে

আনুষ্ঠানিকভাবে প্রতীকী খাজনা আদায়ের অনুষ্ঠান। {স. পুণ্য+অহ্ন; কর্মধা.}

পুণ্যি [পুন্‌নি] *বি* পুণ্য। ~ **পুকুর** *বি* সৎ ও উৎকৃষ্ট সাংসারিক জীবন লাভের উদ্দেশ্যে হিন্দু কুমারীদের ব্রত বিশেষ। {স. পুণ্য>}

পুৎ, পুত [পুত্] *বি* ১ পুত্র; ছেলে; সন্তান; বেটা। ২ হিন্দু শাস্ত্রোক্ত নরকবিশেষ। **পুতন্তী** *বিণ* পুত্রবতী। **পুতী** *বি* পৌত্রী। {স. পুত্র>প্রা. পুত্ত>}

পুতলি, পুতলী [পুত্‌লি] *বি* ১ পুতুল। ২ মূর্তি। ৩ নয়নতারা। ৪ সন্তান (চেয়ে দেখ খাটে শুয়ে সোনার পুতলি—*হেব*)। {স. পুত্রিকা>}

পুতি [পুতি] *বি* পুত্র। **নাতি–** *বি* পুত্র, পৌত্র প্রভৃতি। {স. পুত্র>প্রা. পুত্ত>}

পুতুপুতু [পুতুপুতু] *অব্য* প্রতিপালনে বিশেষভাবে যত্ন ও মাত্রার আতিশয্যব্যঞ্জক। {পুত+উ+পুত+উ}

পুতুল [পুতুল্] *বি* ১ মানুষ পশুপাখি ইত্যাদির প্রতিমূর্তি। ২ প্রতিমা (পুতুল পূজা)। □ *বিণ (আল.)* সাক্ষীগোপাল; অচেতন নিঃসাড় জড় পদার্থবৎ। **– খেলা** *বি* ১ (শিশুদের) পুতুল নিয়ে খেলা। ২ *(আল.)* ছেলেখেলা; শিশুসুলভ গুরুত্বশূন্য ব্যাপার (একি পুতুল খেলা পেয়েছ)। **– নাচ** *বি* খেলাবিশেষ যাতে সুতার সাহায্যে পুতুল দ্বারা জীবন্ত মানুষ বা জীবজন্তুর ন্যায় অঙ্গভঙ্গি রূপ ক্রীড়া দেখানো হয়। {স. পুত্রিকা>প্রা. পুত্তলিঅ>; স. পুত্র>প্রা. পুতুল্ল}

পুত্তল, পুত্তলক [পুত্‌তল্, পুত্‌তলক্] *বি* ১ তৃণপত্রাদি নির্মিত মৃতের প্রতিমূর্তি; পর্ণনর। ২ পুতুল। {স. পুত্ত+√লা+অ(ক)}

পুত্তলি, পুত্তলী, পুত্তলিকা [পুত্‌তোলি, –, পুত্‌তোলিকা] *বি স্ত্রী.* ১ পুতুল। ২ মৃত্তিকা–নির্মিত জীবজন্তুর প্রতিমূর্তি। **–পূজা** *বি* মূর্তিপূজা। {স. পুত্রিকা> প্রা. পুত্তলিআ>}

পুত্তিক, পুত্তিকা [পুত্‌তিক্, –কা] *বি* ১ উইপোকা। ২ মৌমাছি। {স. পুৎ+√তন্+অ(ড)+ক(কন্), +আ(টাপ্)}

পুত্র, পুত্তুর [পুত্‌ত্রো] *বি* ১ তনয়; নন্দন; ছেলে; পুরুষ সন্তান। ২ পুত্রবৎ স্নেহের পাত্র; পুত্রস্থানীয় ব্যক্তি। **– ক** *বি* ১ পুত্র; ছেলে। ২ স্নেহের পাত্র। **– বান** *বিণ*। **~কা, পুত্রিকা** *বি* ১ *স্ত্রী.* কন্যা। ২ পুতুল। **~কাম** *বিণ* পুত্রাভিলাষী। **~কামা** *বিণ স্ত্রী.*। **~বধূ** *বি স্ত্রী.* পুত্র বা পুত্রস্থানীয় ব্যক্তির স্ত্রী; ছেলের বৌ। **পুত্রী** *বি স্ত্রী.* ১ কন্যা; তনয়া; নন্দিনী; মেয়ে। ২ কন্যাস্থানীয়া স্ত্রীলোক বা বালিকা। **পুত্রীয়** *বিণ* পুত্রসংক্রান্ত; পুত্রের জন্য। **পুত্রেষ্টি** *বি* পুত্র কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। **পুত্রেষ্টি** *বি* পুত্র কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। {স. পুৎ+√ত্রৈ+অ(ক)}

পুদিনা [পুদিনা] *বি* এক প্রকার গন্ধযুক্ত শাক (বনতুলসী পুদিনা ও মৌরির জঞ্জাল—*রঠা*)। {ফা. পুদিনাহ্ پودینه}

পুন, পুনঃ [পুনো, পুনোহ্] *অব্য, ক্রিবিণ* পুনরায়; আবার; ফের; দ্বিতীয় বার। **পুনঃপুন** *অব্য, ক্রিবিণ* বারবার; উপর্যুপরি; মুহুর্মুহু। **পুনরধিকার** *বি* হারানো বিষয়াদি পুনরায় অধিকার। **পুনরপি** *অব্য, ক্রিবিণ* পুনশ্চ; পুনরায়। **পুনরাগমন** *বি* ১ প্রত্যাগমন। ২ প্রত্যাবর্তন; ফিরে আসা। **পুনরাবৃত্ত** *বিণ* ১ প্রত্যাবৃত্ত। ২ পুনরায় কথিত; আবার ঘটেছে বা করা হয়েছে এমন। **পুনরাবৃত্তি** *বি* ১ পুনরায় পাঠকরণ বা কথন; পুনরুক্তি। ২ পুনঃকরণ; অনুবৃত্তি। ৩ প্রত্যাবর্তন। **পুনরায়** *অব্য, ক্রিবিণ* আবার; ফের; পুনর্বার। **পুনরুক্ত** *বিণ* পুনরায় উক্ত বা কথিত। **পুনরুক্তি** *বি* পুনরায় কথন; পুনর্বার যা বলা হয়। **পুনরুজ্জীবিত** *বিণ* পুনর্বার সঞ্জীবতাপ্রাপ্ত; পুনরায় জীবন লাভ করেছে এমন। **পুনরুত্থান** *বি* ১ পুনরায় উত্থান; কেয়ামত; ইসলাম ও খ্রিস্ট ধর্মানুসারে মৃত্যুর পর কবর থেকে মৃতের আত্মার উত্থান; resurrection। ২ পুনর্জাগরণ বা উন্নতি লাভ। **পুনরুত্থিত** *বিণ* আবার উঠেছে এমন। **পুনরুৎপত্তি, পুনরুদ্ভব, পুনর্জন্ম** *বি* ১ পুনরায় জন্ম। ২ হিন্দু, বৌদ্ধ প্রভৃতি ধর্মবিশ্বাস অনুযায়ী মৃত্যুর পর পুনর্বার উৎপত্তি বা জন্মলাভ। **পুনরুৎপন্ন, পুনরুদ্ভূত, পুনর্জাত** *বিণ* মৃত্যুর পর পুনরায় উৎপন্ন হয়েছে বা জন্মলাভ করেছে এমন। **পুনর্জীবন** *বি* ১ পুনরায় জীবন লাভ। ২ নবজীবন। ৩ মরণের পরে পুনর্জন্ম। **পুনর্নব** *বি* নখ। **পুনর্নবা** *বি* এক–প্রকার শাক। **পুনর্বসতি** *বি* পুনরায় বসতি স্থাপন; নতুন বসতি; rehabilitation। **পুনর্বসু** *বি (জ্যোশা)* একটি নক্ষত্রের নাম। **পুনর্বার** *ক্রিবিণ* আবার; ফের; পুনরায়। **পুনর্বাসন** *বি* স্থায়ী বাসভূমি ত্যাগকারীকে পুনরায় বাসস্থান প্রদান বা পুনর্বসতিকরণ। **পুনর্বিচার** *বি* যার বিচার হয়ে গিয়েছে এরূপ বিষয়ের নতুন করে বিচার; সানি–বিচার। **পুনর্ভব** *বি* ১ পুনর্বার উৎপন্ন; পুনরায় জাত। ২ পুনর্জন্ম (মৃত্যুর নেপথ্যে শুধু পুনর্ভব, ভাবনা দুর্ভর—*মেম*)। **পুনর্ভূ** *বি* স্বামীর মৃত্যুর পর দ্বিতীয় বার বিবাহিতা; বাগদত্তা নারীর অপরের সাথে বিয়ে। **পুনর্মিলন** *বি* বিরহ অবস্থায় পুনরায় মিলন বা সাক্ষাৎ লাভ। **পুনর্মূষিক** *বি* পূর্বের হীন অবস্থা প্রাপ্তি। **পুনর্মূষিকোভব**—১. 'হিতোপদেশ' গ্রন্থের গল্পবিশেষে উক্ত; অর্থ: পুনরায় ইঁদুর হও। ২ *(আল.)* পুনর্বার (ইতঃপূর্বের) হীন অবস্থা প্রাপ্ত হও। **পুনর্যাত্রা** *বি* ১ আবার যাওয়া বা আসা। ২ উল্টারথ নামক হিন্দু ধর্মানুষ্ঠান। **পুনশ্চ** *অব্য, ক্রিবিণ* পুনরায়; পুনর্বার; আবারও। {স. পুনর্>}

পুনি, পুনী, পুনু *(মবা. ব্র.)* [পুনি, –, –নু] *অব্য* পুনঃ পুনরায় (পুনি বহে খর বাএ; পুনি কাহ্নাঞিঁ তোর বড়ই খাঁখার—*বচদা*)। {পুনঃ>}

পুনমি, পুনমী *(মবা.)*, **পুণিম** *(ব্র.)* [পুনোমি, –, পুনিম্] *বি* পূর্ণিমা। {স. পূর্ণিমা>}

পুন্নাগ [পুন্‌নাগো] *বি* ১ শ্বেতপদ্ম। ২ নাগকেশর জাতীয় পুষ্পবৃক্ষ। ৩ শ্বেতহস্তী। ৪ নরশ্রেষ্ঠ; পুরুষ–প্রধান। {স. পুং+নাগ; কর্মধা.}

পুন্নাম নরক [পুন্‌নাম্ নরোক্] *বি* হিন্দু বিশ্বাসমতে 'পুৎ' নামক নরকবিশেষ। {স. পুৎ+নাম+নরক, পুত্রহীন হলে এ নরকে যেতে হয়}

পুব, পুব [পুব্] *বি* ১ পূর্বদিক (ঘোড়া ছুটিয়ে গেলো পুব থেকে পশ্চিমে—*হার*)। ২ পূর্বদিকের। **পুবালি, পুবালী** *বিণ* পূর্বদিক থেকে যা আসে বা প্রবাহিত হয়। {স. পূর্ব>}

পুমান [পুমান্] *বি* ১ পুরুষ। ২ পুংলিঙ্গ। {স. √পা+উমস্(ডুমসুন্)}

পুর[1] [পুর্] *বি* ১ আলয়; ভবন; গৃহ; নিকেতন (তোরা যাবি রাজার পুরে–*রঠা*)। ২ নগর, গ্রাম, শহর ইত্যাদি

(হস্তিনাপুর)। ~দ্বার *বি* গৃহের বা নগরের দ্বার; gate। ~নারী *বি* ১ অন্তঃপুরবাসিনী স্ত্রীলোক; অন্তঃপুরিকা; পুরমহিলা; পুরস্ত্রী (পুরনারীদের পরান জানিয়া—*রঠা*)। ২ কুলনারী। ~বাসী *বিণ* ১ নগরবাসী। ২ গৃহবাসী; গৃহস্থ। ~বাসিনী *বিণ স্ত্রী*। {*স.* √পৃ+ক্বিপ্}

পুর[২], **পূর** [পুর্] *বি* পিঠা ইত্যাদির ভিতরে পোরা হয় এমন বস্তু (নারকেলের পুর)। {*স.* পুট>}

পুরঃসর [পুরোশ্‌শরো] *বিণ* অগ্রসর; অগ্রবর্তী। ☐ *ক্রিবিণ* পূর্বক; অগ্রে করে (সবিশেষ সমাদর পুরঃসর নানাবিধ সুস্বাদুমিষ্টান্ন ও সুরস পানীয় প্রদান করিল—*ঈবি*)। {*স.* পুরস্+√সৃ+অ(ট)}

পুরকায়স্থ [পুরোকায়োস্‌থো] *বি* হিন্দু পদবিবিশেষ। {পুর+কায়স্থ}

পুরতঃ [পুরতহ্] *অব্য* সম্মুখে; সামনে; অগ্রে; আগে। {*স.* পূর্ব+অতস্(অতসুচ্)}

পুরনারী [পুরোনারি] *বি* অন্তঃপুরিকা। {পুর+নারী}

পুরনো, পুরানো [পুরোনো] *বিণ* ১ প্রাচীন; সেকেলে; বহুকালস্থায়ী (পুরনো জ্বর)। ২ পুরাতন (পুরনো জমানা)। ৩ প্রাচীন; বৃদ্ধ; প্রবীণ (পুরনো ব্যক্তি)। ৪ অভিজ্ঞ; দক্ষ (পুরনো চাকর)। ৫ দাগি; বহুকাল থেকে (পুরনো পাপী)। {*স.* পুরাতন>}

পুরন্ত [পুরন্‌তো] *বিণ* পুষ্ট; পরিপুষ্ট; নিটোল; সমগ্র; সম্পূর্ণ (নতুন পাতা লেগেছে, আর দেখতে দেখতে সমস্ত বন যেন পুরন্ত বাড়ন্ত হয়ে উঠেছে—*অঠা*)। {√পুর+অন্ত}

পুরন্দর [পুরন্‌দর্] *বি* ইন্দ্র; নগর-বিনাশক (হেঁটে কম্পে বাসুকি উপরে পুরন্দর—*সৈআ*)। {*স.* পুর+দারি+অ(খচ্)}

পুরন্ধ্রী, পুরন্ধ্রি [পুরোন্‌ধ্রি] *বি* গৃহিণী। ২ পতিপুত্রবতী নারী। {*স.* পুর+√ধৃ+ই(কি)}

পুরব ⇒ পূর্ব

পুরবী ⇒ পূরবী

পুররক্ষী [পুরোরোক্‌খি] (-ক্ষিন্) *বি* ১ চৌকিদার। ২ কোটাল; নগরপাল; নগররক্ষক। {পুর+√রক্ষ্+ইন্(ইনি)}

পুরশ্চরণ [পুরোশ্‌চরোন্] *বি* বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য মন্ত্র, জপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণ-ভোজন দ্বারা হিন্দুদের ইষ্ট দেবতার অর্চনা (কেলা পুরশ্চরণ কতেক কত জপ—*ভারা*)। {পুরঃ+ √চর্+অন(ল্যুট্)}

পুরস্কার [পুরোশ্‌কার্] *বি* ১ বখশিশ; পারিতোষিক। ২ অর্চনা; অভ্যর্থনা; সম্মান প্রদর্শন; সমাদর। **পুরস্কৃত** *বিণ* ১ পুরস্কারপ্রাপ্ত। ২ সমাদৃত। {*স.* পুরস্+√কৃ+অ(ঘঞ্)}

পুরহর [পুরোহর্] *বি* ত্রিপুর বা পুর নামক অসুর বিনাশকারী; শিব। {*স.* পুর+হর; বহু}

পুরা[১] [পুরা] *অব্য* পূর্বে; পূর্বকালীন; প্রাচীন; অতীত। ~কাল *বি* প্রাচীনকাল; অতি প্রাচীনকাল। ~তত্ত্ব, ~বৃত্ত *বি* প্রাচীনকালের বৃত্তান্ত বা ইতিবৃত্ত; প্রাচীন ইতিহাস; বহুকাল পূর্বের ঘটনা বলে প্রসিদ্ধ। ~তত্ত্ববিদ, ~বিৎ *বি* পুরাতত্ত্বে জ্ঞানী ব্যক্তি {*স.* পূর্ব>}

পুরা[২], **পুরো** [পুরা, পুরো] *বি* সম্পূর্ণ; সমগ্র; অখণ্ড (আর আট দশটি কবিতা হইলেই তাহার একশোটা পুরা হয় —*সুরা*)। ☐ *ক্রিবিণ* পূর্ণভাবে; পুরাপুরি। ~দস্তুর *ক্রিবিণ* পূর্ণমাত্রায়; সম্পূর্ণরূপে; পরিপূর্ণভাবে। ~পুরি *বিণ* সম্পূর্ণ; পরিপূর্ণ। ☐ *ক্রিবিণ* সম্পূর্ণরূপে; পুরোপুরিভাবে। {*স.* পূর্ণ>}

পুরা[৩] ⇒ পোরা

পুরাঙ্গনা [পুরাঙ্‌গনা] *বি* পুরনারী; কুলনারী; পুরবাসিনী। {*স.* পুর+অঙ্গনা}

পুরাণ [পুরান্] *বি* ১ প্রাচীন কাল থেকে পুরুষানুক্রমে প্রবহমান কাহিনী, বিশেষত কোনো জাতির আদি ইতিহাস সম্পৃক্ত বিশ্বাস, ধারণা ও নৈসর্গিক ঘটনাবলির ব্যাখ্যা; অতিকথা; মিথ; myth। ২ পুরাকালের হিন্দু সম্প্রদায়ের প্রসিদ্ধ ব্যক্তি ও সমাজ ধর্ম ইত্যাদি অবলম্বনে সংস্কৃতে রচিত আখ্যায়িকা বা কথা; mythology (বিষ্ণুপুরাণ, ভাগবত পুরাণ)। ☐ *বিণ* ১ পুরাতন; পুরাকালীন; প্রাচীন। ২ অনাদি (পুরাণ পুরুষ)। ~কর্তা, ~কৃত, ~কার *বি* পুরাণ রচনা করেছেন যিনি। ~পুরুষ *বি* হিন্দু মতে পরমাত্মা; পরব্রহ্ম। ~প্রসিদ্ধি *বি* ১ পুরাণশাস্ত্রে খ্যাত। ২ অতি প্রাচীন খ্যাতি। {*স.* পুরা+তন(ট্যন)}

পুরাতন [পুরাতন্] *বিণ* ১ প্রাচীন (পুরাতন কাল)। ২ বৃদ্ধ; প্রবীণ (পুরাতন লোক)। ৩ সেকেলে; অপ্রচলিত (পুরাতন ফ্যাশন)। ৪ দীর্ঘদিন ধরে চলে আসছে এমন; মামুলি; গতানুগতিক (পুরাতন প্রথা)। ৫ অভিজ্ঞ; পাকা; দক্ষ (পুরাতন কর্মচারী)। ৬ দাগি (পুরাতন চোর)। **পুরাতনী** *বিণ স্ত্রী*। {*স.* পুরা+তন(ট্যু, তুট্)}

পুরাদস্তুর ⇒ পুরা[২]

পুরাধ্যক্ষ [পুরাদ্‌ধোক্‌খো] *বি* নগরাধ্যক্ষ। ☐ *বিণ* গৃহকর্তা; তত্ত্বাবধায়ক; তত্ত্বাবধানকারী। {*স.* পুর+অধ্যক্ষ}

পুরানা [পুরানা] *বিণ* ১ পুরাতন। ২ প্রাচীন; বৃদ্ধ; প্রবীণ (পুরানা ব্যক্তি)। ৩ অভিজ্ঞ; দক্ষ (পুরানা চাকর)। ৪ দাগি; বহুকাল হতে (পুরানা পাপী)। {*স.* পুরাতন>}

পুরানো[১], **পূরানো, পুরনো, পূরনো, পোরানো** [পুরানো, -, পুরনো, -, পোরানো] *ক্রি* ১ পূর্ণ করা; ভরা; মিটানো; সম্পূর্ণ করা (আশা পুরানো)। ☐ *বিণ* উক্ত অর্থে। {*স.* পূর্ণ>}

পুরানো[২] ⇒ পুরনো

পুরাপুরি ⇒ পুরা[২]

পুরাবৃত্ত, পুরাবিৎ ⇒ পুরা[১]

পুরারি [পুরারি] *বি* ত্রিপুর নামক অসুরের শত্রু; মহাদেব; শিব। {*স.* পুর+অরি}

পুরি, পুরী[১] [পুরি] *বি* আটার তৈরি লুচি। **ডাল~, ডাইল~** *বি* ডালের পুর দেওয়া আটার লুচি। {*স.* পুরিকা>}

পুরিয়া [পুরিয়া] *বি* ১ মোড়ক। ২ গুঁড়া ওষুধের মোড়ক। {*স.* পুটিকা>}

পুরিল, পুরিত, পুরীল (*মবা.*) [পুরিলো, -তো, -লো] *বিণ* পূর্ণ (পুরিত মতী; কপটে তোর পুরীল মতী—*বচ*)। {*স.* পূর্ণ>}

পুরী[২] [পুরি] *বি* ১ ভবন; গৃহ; আলয়; আবাস (রাজপুরী)। ২ নগরী; শহর (পুরী আলোকিত)। ৩ এক সম্প্রদায়ের

সন্ন্যাসীদের উপাধি (ঈশ্বরপুরী)। □ *বিণ* উড়িষ্যা প্রদেশের সমুদ্র তীরবর্তী তীর্থ নগরী (পুরীধাম); জগন্নাথধাম। {*স.* √পৃ+ই=পুর+ঈ(ঙীপ্)}

পুরীষ [পুরিশ্] *বি* বিষ্ঠা; মল; গু (তুমি এই বৃষভের পুরীষ ভক্ষণ কর—*ঈবি*)। {*স.* √পূ+ঈষ(ঈষন্)}

পুরু [পুরু] *বিণ* ১ মোটা; স্থূল (রাজকর্মকারেরা পুরু সোনার পাত দিয়েই সেই প্রকাণ্ড মন্দির আগাগোড়া মুড়ে দিতে লাগল—*অঠা*)। ২ ভাঁজযুক্ত (পাঁচ পুরু)। {*স.* √পৃ+উ)

পুরুখ (*ব্র.*) [পুরুখো] *বি* পুরুষ (সকল পুরুখ নারী নহে গুণবন্ত—*বিপ*)। {*স.* পুরুষ>}

পুরুব, পুরাব (*মবা.*) [পুরুব] *বিণ* পূর্ব; আগের (পুরুব জানায়িঐ—*বচ*)। {*স.* পূর্ব>}

পুরুত, পুরুৎ ⟹ পুরোহিত

পুরুষ [পুরুশ্] *বি* ১ নর; পুংজাতীয় জীব (নারী পুরুষ)। ২ মানুষ; মনুষ্য। ৩ আত্মা। ৪ ঈশ্বর; পরমেশ্বর; পরব্রহ্ম; পরমপুরুষ। ৫ বংশের ধারা (সাত পুরুষের ভিটা)। ৬ যার দ্বারা ব্যক্তির বোধ প্রকাশ পায়; person (উত্তম পুরুষ, প্রথম পুরুষ)। ৭ পুরুষজাতীয় (পুরুষ সিংহটা)। **–কার** *বি* ১ পৌরুষ। ২ মানুষের স্বাভাবিক উদ্যম। **–ত্ব** *বি* ১ পৌরুষ। ২ উদ্যম; উৎসাহ; প্রেরণা। ৩ তেজ; বীর্য। ৪ পুরুষের রতিশক্তি (পুরুষত্বহানি)। **––পরম্পরা** *বি* পুরুষানুক্রম; বংশানুক্রম। **~পুঙ্গব, ~ব্যাঘ্র, ~শার্দূল, ~সিংহ, ~–প্রধান** *বি* মনুষ্যশ্রেষ্ঠ; পুরুষোত্তম। **~প্রকৃতি** *বি* ১ স্ত্রী ও পুরুষ। ২ সাংখ্যদর্শন অনুযায়ী চৈতন্যময় পুরুষ ও ত্রিগুণাত্মিকা প্রকৃতি। ৩ ঈশ্বর ও মায়া। ৪ পুরুষের স্বভাব। ৫ পুরুষের মতো স্বভাবযুক্ত। **~সুলভ** *বিণ* পুরুষোচিত; পুরুষের যোগ্য; মরদের উপযুক্ত। **পুরুষাঙ্গ** *বি* শিশ্ন; পুরুষ বা পুং প্রাণীর জননেন্দ্রিয়; পুংলিঙ্গ। **পুরুষাদ্য** *বি* ১ হিন্দুমতে পরব্রহ্ম। ২ হিন্দুদেবতা বিষ্ণু। ৩ জিনবিশেষ। **পুরুষানুক্রমে** *ক্রিবিণ* পুরুষ বা বংশপরম্পরায়; বংশানুক্রমে। **পুরুষার্থ** *বি* ধর্ম, অর্থ, কাম, ও মোক্ষ—পুরুষের প্রয়োজনীয় এই চতুর্বর্গ। **পুরুষোচিত** *বিণ* পুরুষের যোগ্য বা উপযুক্ত। **পুরুষোত্তম** *বিণ* শ্রেষ্ঠপুরুষ; পুরুষপ্রধান। □ *বি* হিন্দুমতে পরব্রহ্ম; বিষ্ণু; জগন্নাথদেব (পুরাণ পরুষোত্তম চতুর্ভুজ গরুড়–বাহন—*ভারা*)। {*স.* পুর+√পৃ+উষ(কুষন্)}

পুরুষালি, পুরুষালী [পুরুশালি] *বিণ* পুরুষসুলভ; পুরুষের ভাব; পুরুষোচিত (স্ত্রীলোকের পুরুষালি চেহারা)। {*স.* পুরুষ+ *বা.* আলি, আলী}

পুরুষ্টু [পুরুশ্টু] *বিণ* পরিপুষ্ট; হৃষ্টপুষ্ট; নাদুসনুদুস; গোলগাল; পুষ্ট শব্দের কথ্য রূপ (পুরুষ পাঁঠার মত ঘোঁৎ ঘোঁৎ করে পাদ্রী সাহেবরা গাঁয়ে ঢুকে ক্ষুধাতুর চাষাকে এই রকম উপদেশ দেয় বটে—*সৈমু*)। {*স.* পুষ্ট>}

পুরোগ, পুরোগামী(–মিন্) [পুরোগ, –গামি] *বিণ* ১ অগ্রগামী। ২ নায়ক–প্রধান। **পুরোগত** *বিণ* অগ্রে গমন করেছে এমন। {*স.* পুরস্+√গম্+অ(ড)+, ইন্(ণিনি)]

পুরোডাশ [পুরোডাশ্] *বি* যজ্ঞের পশুমাংস বা ঘৃত; এক প্রকার পিষ্টকজাতীয় খাদ্য যা যজ্ঞাদিতে ব্যবহৃত হতো। {*স.* পুরস্+√দাশ্+০(ণ্বিন্)+অ(ঘঞ্)}

পুরোধা, পুরোধাঃ(–ধাস্) *বি* ১ পুরোহিত; যজ্ঞের বা পূজার পুরোহিত; পূজক; যাজক। ২ অগ্রগামী; অগ্রপথিক। {*স.* পুরস্+ √ধা+ অস্(অসি)}

পুরোবর্তী (–র্তিন্) [পুরোবোর্তি] *বিণ* অগ্রে বা সম্মুখে অবস্থিত। {*স.* পুরস্+√বৃৎ+ইন্(ণিনি)}

পুরোভূমি [পুরোভূমি] *বি* ১ সম্মুখবর্তী ভূমি। ২ চিত্র বা দৃশ্যাবলির সম্মুখের অংশবিশেষ। {*স.* পুরস্+ভূমি}

পুরোযায়ী (–য়িন্) [পুরোজায়ি] *বিণ* প্রবর্তক; অগ্রগামী; pioneer (পুরোযায়ী—*রঠা*)। {*স.* পুরস্+যায়ী}

পুরোহিত, পুরুত, পুরুৎ [পুরোহিত্, পুরুত্, –] *বি* ১ হিন্দু সমাজে গৃহস্থের কল্যাণের জন্য যে যাজক দেবার্চনাদি করেন; যজনকর্তা; ঋত্বিক। ২ কোনো কাজ বা অনুষ্ঠানের মুখ্য ব্যক্তি; সভাপতি (তাঁর পৌরোহিত্যে সভার কাজ সুসম্পন্ন হয়)। {*স.* পুরস্+হিত}

পুল, পোল [পুল্, পোল্] *বি* সেতু; সাঁকো; bridge। {*ফা.* পুল پل}

পুলক [পুলক্] *বি* ১ রোমাঞ্চ; শিহরণ; কম্পন (ব্যথিয়া উঠে নীপের বন পুলক–ভরা ফুলে—*রঠা*)। ২ আনন্দ; হর্ষ (ধরণীর সর্বাঙ্গের পুলক প্রবাহ—*রঠা*)। **পুলকিত** *বিণ* ১ রোমাঞ্চিত। ২ আনন্দিত; উল্লসিত; হর্ষযুক্ত। {*স.* √পুল্+অ(ক)+ক(কন্)}

পুলটিস [পুলটিশ্] *বি* ক্ষত বা ব্রণাদিতে লাগাবার উষ্ণ মলম; গরম প্রলেপ (একটু গুড় মিশাইয়া পুলটিসের মত একটা দ্রব্য তৈয়ারী করিয়া—*বিব*)। {*ই* poultice}

পুলি[1], পুলী [পুলি] *বি* এক প্রকার পিঠা (ক্ষীরপুলি, চন্দ্রপুলি)। {*স.* পোলিকা>}

পুলি[2] [পুলি] *বি* আন্দামান দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ার নগর, যেখানে ইংরেজ আমলে অপরাধীকে নির্বাসন–দণ্ডে পাঠানো হতো। **–পোলাও** *বি* নির্বাসন–দণ্ড; দ্বীপান্তর (তার পুলিপোলাও হয়েছে)। {*ই* Port Blair}

পুলিন [পুলিন্] *বি* ১ নদী; সাগর। ২ সৈকত; তট; চরা (যমুনা পুলিন)। {*স.* √পুল্+ইন(ইনন্)}

পুলিন্দ [পুলিন্দো] *বি* ম্লেচ্ছ জাতিবিশেষ (পুলিন্দ কিরাত কোল হাটেতে বাজায় ঢোল—*কমু*)। {*স.* √পুল্+ইন্দ(কিন্দচ্)}

পুলিন্দা [পুলিনদা] *বি* পুঁটলি; গাঁঠরি; মোট; বান্ডিল (হোটেলের পোর্টার আমাকে একটি ছোট পুলিন্দা দিল—*সৈমু*)। {*ফা.* পুলবন্দাহ پولبنده ; *স.* √পুল্>}

পুলিশ, পুলিস [পুলিশ্] *বি* শান্তিরক্ষা বিভাগের কর্মচারী; অপরাধীকে ধরা বা অপরাধ নিবারণের জন্য নিয়োজিত সরকারি বিভাগ; কোতোয়াল। **চোরের মন –, –**— পুলিশের ভয়ে চোরের মন সর্বদা আতঙ্কিত। **– স্টেশন** *বি* থানা। **– ইনস্পেক্টর** *বি* পুলিশের পদস্থ ব্যক্তি; কোতোয়াল; police inspector। **– কনস্টেবল** *বি* পুলিশের নিম্নপদস্থ কর্মচারী; সিপাই; police constable। **~ কমিশনার** *বি* পুলিশের বড় কর্তা বা প্রধান কর্মকর্তা; police commissiner। **– সুপারিনটেনডেন্ট** *বি* জেলার পুলিশের প্রধান কর্মকর্তা; S.P.; superintendent of police। {*ই* police}

পুলী ⇒ পুলি[১]

–পুলে, –পিলে, –পেলে [পুলে, পি–, পে–] *বি* ছেলে; সন্তান; ছেলেমেয়ে; ছেলে শব্দের সমার্থক ও সহচর শব্দবিশেষ (ছেলেপুলে; ছেলেপিলে; ছেলেপেলে)। {*অনু.*}

পুশিদা, পুশীদা [পুশিদা] *বিণ* গোপন; লুকানো; অন্তরালবর্তী; গুপ্ত। **পর্দা–** *ক্রি* পর্দানশিনতা। {*ফা.* পুশীদাহ্ پوشیده }

পুষ্কর [পুশ্কর্] *বি* ১ পদ্ম; কমল। ২ পদ্মকোষ। ৩ পানি (কতকাল পান কৈল কেবল পুষ্কর—*কমু*)। ৪ মেঘের নাম (আবর্ত্ত পুষ্কর মেঘ ডাকিতে ডাকিতে—*হেব*)। ৫ আজমিরের নিকটবর্তী হ্রদ যা একটি হিন্দু তীর্থ। {*স.* √পুষ্+কর(করন্)}

পুষ্করিণী [পুশ্কোরিনি] *বি* পুকুর; দিঘি; সরোবর। {*স.* পুষ্কর+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

পুষ্ট [পুশ্টো] *বি* ১ পোষিত; প্রতিপালিত (পরপুষ্ট)। ২ বর্ধিত। ৩ নধর; স্থূল। ৪ পাকা; সুপক্ক। {*স.* √পুষ্+ত(ক্ত)}

পুষ্টি [পুশ্টি] *বি* ১ পোষণ; পালন; প্রতিপালন; বর্ধন। ২ বৃদ্ধি; বাড়। ৩ স্থূলতা; মোটাসোটার ভাব। ৪ পরিণতি। **~কর** *বিণ* পুষ্টি দান করে এমন। {*স.* √পুষ্+তি(ক্তি)}

পুষ্প [পুশ্পো] *বি* ১ ফুল; কুসুম। ২ স্ত্রীরজ। ৩ নেত্ররোগবিশেষ। **~ক, ~রথ** *বি* হিন্দুপুরাণে বর্ণিত আকাশচারী রথবিশেষ। **~কেতন, ~কেতু, ~ধ্বজ, ~শর** *বি* কন্দর্প; মদন। **~চাপ, ~ধনু, ~ধনুঃ(–ধনুস্)** *বি* ১ কুসুমনির্মিত কন্দর্পের ধনুক। ২ কন্দর্প। **~জীবী(–বিন্)** **~নির্যাস, ~সার** *বি* ১ ফুলের রস বা আতর। ২ পুষ্পমধু। **~পত্র, ~পল্লব** *বি* ১ ফুল ও পাতা। ২ ফুলের পাপড়ি। **~পাত্র** *বি* ১ ফুল রাখার পাত্র। ২ ফুলদান। **~বতী** *বিণ* ১ পুষ্পে পূর্ণ সজ্জিত বা শোভিত। ২ রজঃস্বলা (কত দিনে সাধুর বনিতা পুষ্পবতী—*কমু*)। **~বাণ, ~শর** *বি* ১ পুষ্পনির্মিত কন্দর্পের তীর; কন্দর্পের কুসুম শর। ২ মদন। **~বৃষ্টি** *বি* পুষ্পবর্ষণ; ফুল ছড়ানো। **~মঞ্জরি** *বি* পুষ্প-মুকুল। **~মাস** *বি* মধুমাস; বসন্তকাল। **~রজ, ~রেণু** *বি* ফুলের রেণু বা পরাগ। **~রথ** *বি* প্রমোদবিহারের জন্য পুষ্প দ্বারা সজ্জিত রথবিশেষ (হাঁস চলেছে আকাশ পথে, হাসছে কারা পুষ্পরথে—*সদ*)। **~রস** *বি* ১ ফুলের নির্যাস; পুষ্পসার। ২ পুষ্পমধু। **~রাগ** *বি* পদ্মরাগ মণি; পীতবর্ণ মণিবিশেষ; পোখরাজ। **~ল** *বিণ* পুষ্পময়; কুসুমিত (তবু সে পুষ্পল—*সুকা*)। {*স.* √পুষ্প্+অ(অচ্)}

পুষ্পাঞ্জলি [পুশ্পান্জোলি] *বি* ১ অঞ্জলি ভরা ফুল। ২ হিন্দুদের দেবার্চনাকালে মন্ত্রপাঠের সঙ্গে দেবতার উদ্দেশে প্রদত্ত অঞ্জলিপূর্ণ পুষ্প। {*স.* পুষ্প+অঞ্জলি; ৬তৎ}

পুষ্পাভরণ [পুশ্পাভরোন্] *বি* পুষ্পনির্মিত গহনা। **পুষ্পাভরণা** *বি,বিণ স্ত্রী.* ফুলের অলঙ্কারে ভূষিতা; ফুলসাজে সজ্জিতা (সে পুষ্পাভরণা কোথায়—*বচ*)। {*স.* পুষ্প+আভরণ; ৬তৎ}

পুষ্পাসব [পুশ্পাশব] *বি* ফুলের মধু; পুষ্পমধু (কোথা পাব পুষ্পাসব –*নই*)। {*স.* পুষ্প+আসব; ৬তৎ}

পুষ্পিকা [পুশ্পিকা] *বি* গ্রন্থের প্রতিটি পরিচ্ছেদের সমাপ্তিসূচক উক্তি ও ভণিতা (লেখকের নাম) প্রদান। {*স.* পুষ্প+ক(কন্)+আ(টাপ্)}

পুষ্পিত [পুশ্পিতো] *বিণ* কুসুমিত; পুষ্পযুক্ত; ফুল ধরেছে এমন (মাতৃভাষা আমার জীবনের মধ্যে এমন পুষ্পিত হইয়া উঠে নাই—*রঠা*)। **পুষ্পিতা** *বিণ* ১ কুসুমিতা (পুষ্পিতা লতা)। ২ ঋতুবতী (পুষ্পিতা যাবত নয়, তাবত পুরুষে ভয়, রহে সয়ে তাবত কামনা—*কমু*)। {*স.* পুষ্প+ইত(ইতচ্)}

পুষ্পোদ্যান [পুশ্পোদ্দান্] *বি* পুষ্প-মালঞ্চ; ফুলের বাগান। {*স.* পুষ্প+উদ্যান; ৬তৎ}

পুষ্যা [পুশ্শা] *বি (জ্যো)* নক্ষত্রবিশেষ। {*স.* পুষ্+য(ক্যপ্)+আ}

পুষ্যি [পুশ্শি] *বিণ* ১ পালনীয়; পোষণীয়। ২ দত্তক (খোকাকে পুষ্যি নিয়ে এরা রাজগদি দিতে চাইছে—*অঠা*)। □ *বি* প্রতিপাল্য বা পালনীয় (বৃহৎ পুষ্যি)। {*স.* পোষ্য>}

পুসিদা ⇒ পুশিদা

পুস্ত [পুস্তো] *বি* বংশ বা পুরুষ-পরম্পরা (আমির আলির ছেলে-পিলে নাতি পুতি পুস্তের পর পুস্ত তার শাস্তি ভোগ করিয়া যাইতেছে—*আমআ*)। {*ফা.* পুশ্ত پشت }

পুস্তক [পুসতক্] *বি* গ্রন্থ; বই। **পুস্তকাগার** *বি* গ্রন্থাগার। **পুস্তিকা, পুস্তী** *বি* ক্ষুদ্র পুস্তক। **পুস্তকালয়** *বি* বইয়ের দোকান; বই বিক্রয়ের দোকান। {*স.* √পুস্ত্+অ(ঘঞ্)+ক(কন্)}

পুস্তনি, পুস্তানি [পুস্তোনি, –তানি] *বি* পুস্তকের পুরু ও শক্ত কাগজের তৈরি অমুদ্রিত প্রথম ও শেষ পৃষ্ঠা, যার সঙ্গে বইয়ের মলাট আটকানো হয়। {*ফা.* পুশ্ত্ پشت + *বা.* নি}

পুস্তা, পুস্তান [পুস্তা, –তান] *বি* ১ অবলম্বন; আশ্রয়; ঠেস। ২ সহায়। ৩ পোস্তা। ৪ পুস্তক বাঁধার সময়ে তার পিঠে আড়ভাবে যে মোটা সুতা যুক্ত করা হয়। {*ফা.* পুশ্তাহ্ پشته }

পুস্তিন, পুস্তীন [পুস্তিন্, –তিন] *বি* চামড়ার জামা; চর্মনির্মিত কোট। {*ফা.* পুস্তীন پوستین }

পুহপ *(ব্র.)* [পুহপ] *বি* ফুল (জনি গাঁথনি পুহপ মালা—*বিপ*)। {*স.* পুষ্প>}

পূগ [পুগো] *বি* ১ গুবাক ফল; সুপারি। ২ পুঞ্জ; রাশি; সমূহ। {*স.* √পূ+গ(গক্)}

পূজক [পুজক্] *বিণ* পূজা করে এমন; পূজাকারী; অর্চনাকারী; উপাসক। **পূজারি** *বি,বিণ*। **পূজারিণী** *স্ত্রী.*। {*স.* √পূজ্+অক(ণ্বুল্)}

পূজন [পুজন্] *বি* পূজাকরণ; অর্চনা; উপাসনা। **পূজনীয়** *বিণ* ১ পূজ্য; উপাস্য; মাননীয়; শ্রদ্ধেয়। ২ গুরুস্থানীয়। {*স.* √পূজ্+অন(ল্যুট্)}

পূজা[১] [পুজা] *বি* ১ অর্চনা; আরাধনা। ২ ভক্তি; শ্রদ্ধা। ৩ প্রশংসা; গুণকীর্তন; স্তুতি। ৪ সংবর্ধনা; সম্মাননা। **~বকাশ** *বি* পূজার ছুটি। **~র্হ** *বিণ* ১ পূজ্য; পূজনীয়; পূজার যোগ্য বা উপযুক্ত। **~হ্নিক** *বি* হিন্দুদের নিত্য আচরণীয় জপতপ প্রভৃতি। {*স.* √পূজ্+অ(অঙ্)+আ(টাপ্)}

পূজা[২] [পুজা] *ক্রি* ১ *(পদ্য.)* আরাধনা করা; অর্চনা করা; উপাসনা করা। ২ ভক্তি বা শ্রদ্ধা প্রদর্শন করা। **পূজিল** *ক্রি* অর্চনা করল। { *স.* √পূজ> }

পূজারি, পূজারী [পুজারি] *বি,বিণ* ১ পূজাকারী; পূজক। ২ হিন্দুদের বিগ্রহাদির নিত্য পূজক; দেবপূজক ব্রাহ্মণ; দেবল ব্রাহ্মণ। ৩ পুরোহিত। ৪ উপাসক; অর্চনাকারী। **পূজারিণী** *বিণ স্ত্রী.*। { *স.* পূজাকারী> }

পূজিত [পুজিতো] *বিণ* অর্চিত; আরাধিত; উপাসিত। ২ সম্মান বা শ্রদ্ধা বা সংবর্ধনা জ্ঞাপন করা হয় এমন। ৩ আদৃত; প্রশংসিত। ৪ সেবিত। { *স.* √পূজ্+ত(ক্ত) }

পূজ্য [পুজ্‌জো] *বিণ* পূজনীয়; আরাধ্য। **–পাদ** *বিণ* পা/চরণ পূজনীয়, শ্রদ্ধেয় বা সম্মানীয় এমন। { *স.* √পূজ্+য(যৎ) }

পূজ্যমান [পুজ্‌জোমান] ১ পূজিত হচ্ছেন এমন। ২ সেব্যমান। { *স.* √পূজ্+মান(শানচ্) }

পূত [পুতো] *বিণ* পবিত্র; বিশুদ্ধ। { *স.* √পূ+ত(ক্ত) }

পূতাত্মা [পুতাত্‌তাঁ] *বিণ* পবিত্রাত্মা; পুণ্যাত্মা; পবিত্র চরিত্র। { *স.* পূত+আত্মা; *কর্মধা.* }

পূতনা [পুতোনা] *বি* কৃষ্ণ কর্তৃক নিহত বকাসুরের ভগিনী দানবীবিশেষ (জয় গোপবালক বৎসপালক পূতনাবকনাশক—*ভারা*)। { *স.* √পূত্+ণিচ্+অন(ল্যুট্)+আ(টাপ্) }

পূতি [পুতি] *বি* ১ পবিত্রতা। ২ দুর্গন্ধ; খারাপ গন্ধ। □ *বিণ* দুর্গন্ধযুক্ত। { *স.* √পূ+তি(ক্তি) }

পূতিকা [পুতিকা] *বি* পুঁই শাক। { *স.* পূতি+ক(কন্)+আ(টাপ্) }

পূপ [পুপো] *বি* পিষ্টক; পিঠা (যদি কিছু পাই পূপ—*কমু*)। { *স.* √পূ+প }

পূব[১], **পূবালী** ⇒ পুব

পূয ⇒ পুঁজ

পূর[১] [পুর] *বি* ১ পরিপূরণ। ২ বারিরাশি। ৩ ধারা; প্রবাহ। ৪ পুরি নামক খাদ্য। { *স.* √পূর্+অ(অণ্) }

পূর[২] ⇒ পুর[২]

পূরক [পুরক] *বিণ* ১ পূর্ণকারক; পূর্ণকারী (ইচ্ছাপূরক)। ২ *(গণিত.)* গুণ করা যায় এমন; গুণক; multiplier। □ *বি* ১ *(জ্যা.)* একটি কোণের সঙ্গে আর একটি কোণ যুক্ত হলে যে সমকোণ হয় তার একটি; complement। ২ প্রাণায়ামকালে অন্তরে বায়ুগ্রহণ। { *স.* √পূর্+অক(ণ্বুল্) }

পূরণ [পুরন্] *বি* ১ পরিপূর্ণ করা বা পূর্ণ হওয়া (ইচ্ছাপূরণ)। ২ সমাধান; নিরসন (সমস্যাপূরণ)। ৩ বৃদ্ধি। ৪ *(গণিত.)* গুণন; multiplication। ৫ পূরক; পূর্ণকারী। { *স.* √পূর্+অন(ল্যুট্) }

পূরন্ত ⇒ পুরন্ত

পূরব[১] ⇒ পূর্ব

পূরব[২] *(মবা.)* [পুরব] *ক্রি* পূর্ণ হবে (মনোরথ পূরব মোর —*বিপ*)। { *স.* পূর্ণ> }

পূরবী, পুরবি [পুরোবি] *বিণ* ১ একটি রাগিণীর নাম (কাঁদিবে সে পূরবীতে গোধূলি বেলায়—*নই*)। ২ উদাস ভাবব্যঞ্জক (পূরবী বায় হু হু করে সারা বিশ্বের বিরহ কান্না কেঁদে যাচ্ছে—*নই*)। { *হি.* পূর্বী> }

পূরয়িতা(–তৃ) [পুরোয়িতা] *বিণ* পূরক; পরিপূর্ণকারক। { *স.* √পূর্+ণিচ্+তৃ(তৃচ) }

পূরা ⇒ পুরা[২]

পূরিকা ⇒ পূরী

পূরিত [পুরিতো] *বি* ১ পূর্ণ; পরিপূর্ণ; ভরতি; ভরা হয়েছে এমন। □ *বিণ* গুণিত। { *স.* √পূর্+ত(ক্ত) }

পূরী, পূরিকা [পুরি, পুরিকা] *বি* ডাল ইত্যাদির পুরযুক্ত খাদ্য; পুরি ইত্যাদি। { *স.* পূর+ইন্(ইনি), +ইক+আ(টাপ্), ই আগম }

পূর্ণ [পুরনো] *বিণ* ১ পরিপূর্ণ; ভরতি; ভরা (পূর্ণপাত্র)। ২ ঘাটতি নেই এমন; ভরপুর। ৩ অভাবহীন (পূর্ণ প্রাণের চাবার যাহা—*রঠা*)। ৪ অখণ্ড; সমগ্র; গোটা (পূর্ণচন্দ্র)। ৫ সফল; সিদ্ধিযুক্ত (আকাঙ্ক্ষা পূর্ণ হওয়া)। ৬ সম্পূর্ণ; শেষ (কাল পূর্ণ হওয়া)। ৭ সমস্ত; সকল (ত্রুটিপূর্ণ)। **পূর্ণা** *বিণ স্ত্রী.*। **–কাম** *বিণ* সিদ্ধমনোরথ; সফলকাম; বাসনা পূর্ণ হয়েছে এমন। **–কুম্ভ** *বি* জল ভরতি ঘট বা কলস। **–গর্ভা** *বিণ স্ত্রী.* আসন্নপ্রসবা; যার প্রসবকাল নিকটবর্তী হয়েছে। **–চন্দ্র** *বি* পূর্ণশশী; পূর্ণিমার সকল কলাবিশিষ্ট চন্দ্র। **–চ্ছেদ** *বি* যতিপাত চিহ্ন; দাঁড়ি; full stop। **–তা, –ত্ব** *বি* ১ সম্পূর্ণতা; সমাপ্তি। ২ সফলতা। ৩ সমগ্রতা। ৪ অখণ্ডতা। **–বয়স্ক** *বিণ* ১ যৌবনপ্রাপ্ত; যুবক। ২ সাবালক। **–বয়স্কা** *বিণ স্ত্রী.*। **–বিকাশ** *বি* চরম বিকাশ; পরিপূর্ণ বিকাশ। **–ব্রহ্ম** *বি* অখণ্ড ব্রহ্ম; পরম ব্রহ্ম। **–মাত্রা** *বি* সম্পূর্ণ পরিমাণ। **–মাসী** *বি* পূর্ণিমা। **পূর্ণা** *বি (জ্যোশা)* পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা —এই চারিটি তিথি। { *স.* √পূরি+ত(ক্ত) }

পূর্ণানন্দ [পুরনানন্‌দো] *বি* ১ পরিপূর্ণ বা সম্পূর্ণ আনন্দ; অত্যধিক হর্ষ। ২ আনন্দময় পরমেশ্বর। { *স.* পূর্ণ+আনন্দ }

পূর্ণাবয়ব [পুরনাবয়ব্] *বিণ* সমস্ত অঙ্গযুক্ত। □ *বি* পূর্ণ বৃদ্ধিপ্রাপ্ত শরীর। { *স.* পূর্ণ+অবয়ব }

পূর্ণায়ু, পূর্ণায়ুঃ [পুরনায়ু, –য়ুহ্] *বিণ* ১ সাধারণত মানুষ যত বৎসর পর্যন্ত জীবিত থাকে তত বৎসর পর্যন্ত জীবিত এমন। ২ দীর্ঘজীবী। { *স.* পূর্ণ+আয়ুঃ; *কর্মধা.* }

পূর্ণাহুতি [পুরনাহুতি] *বি* যে আহুতির দ্বারা হিন্দুদের যজ্ঞানুষ্ঠান সম্পূর্ণ করা হয়। { *স.* পূর্ণ+আহুতি; *কর্মধা.* }

পূর্ণিমা [পুরনিমা] *বি* তিথিবিশেষ, যখন চন্দ্রের সম্পূর্ণ অংশ দৃশ্য হয়। { *স.* পূর্ণি+√মা+অ(ক) }

পূর্ণেন্দু [পুরনেন্‌দু] *বি* পূর্ণশশী; পূর্ণিমা তিথির চাঁদ। { *স.* পূর্ণ+ইন্দু; *কর্মধা.* }

পূর্ণোপমা [পুরনোপমা] *বি* একটি অর্থালঙ্কার বা কাব্যালঙ্কার; যে উপমায় উপমান উপমেয় সাধারণ ধর্ম ও উপমাবাচক অব্যয় পদাদির উল্লেখ থাকে। { *স.* পূর্ণ+উপমা; *কর্মধা.* }

পূর্ত [পুরতো] *বি* জনসাধারণের কল্যাণের জন্য জলাশয়াদি খনন এবং পথঘাট ইত্যাদি নির্মাণ। **–বিভাগ** *বি* পূর্ত সম্বন্ধীয় কর্মবিভাগ। { *স.* √পূ+ত(ক্ত) }

পূর্তি, পূর্ত্তি [পুরতি] *বি* পরিপূর্ণতা; সম্পূর্ণতা; ভরতি। { *স.* √পূ+তি(ক্ত) }

পূর্ব, পূরব, পুব [পুরবো, পুরব, পুব] *বি* ১ পূর্বদিক। ২

প্রাচীনকাল; অতীতকাল (পূর্বকথিত)। ৩ সম্মুখ; অগ্র (পূর্ববর্তী)। □ *বিণ* ১ প্রথম। ২ জ্যেষ্ঠ। ৩ গত; অতীত; প্রাচীন; পূর্ববর্তী (পূর্বপুরুষ)। ৪ পূর্ব দিকস্থ (পূর্ববাংলো); প্রাচ্য। ~**ক** *ক্রিবিণ* ১ পুরঃসর; পূর্বে সম্পন্ন করার পরে (সালামপূর্বক)। ২ সহকারে (প্রীতিপূর্বক)। ~**কথিত** *বিণ* পূর্বোক্ত, প্রথমোক্ত। ~**কায়** *বি* নাভির ঊর্ধ্বভাগ; উত্তমাঙ্গ। ~**কাল** *বি* প্রাচীনকাল; পুরাকাল; অতীতকাল; গত সময়। ~**কালীন**, ~**কালিক** *বি* ১ প্রাচীন বা অতীতকালের। □ *বিণ* পূর্ব সময়ের (পূর্বকালীন বিজ্ঞপ্তি)। ~গামী(~মিন্) *বিণ* সম্মুখে বা অগ্রে গমনকারী; অগ্রগামী; pioneer (পূর্বগামীরা শেষ প্রশ্নের জবাব দিয়ে গেছেন এমন হতেই পারে না—*শচ*)। ~**গামিনী** *বিণ স্ত্রী*। ~**জ** *বি* ১ অগ্রজ; জ্যেষ্ঠ বা বড় ভাই। ২ পূর্বপুরুষ। ~**জন্ম** *বি* গতজন্ম; বর্তমান জীবনের পূর্বকালীন জীবন। ~**জা** *বি স্ত্রী*. অগ্রজা; জ্যেষ্ঠা ভগিনী; বড় বোন। ~**জ্ঞান** *বি* পূর্বকালে প্রাপ্ত জ্ঞান; অভিজ্ঞতা। ~**তন** *বিণ* পূর্বকালীন; পূর্বকালের; আগেকার; বিগত। ~**দৃষ্ট** *বিণ* ১ অগ্রে দৃষ্ট; পূর্বে দেখা হয়েছে এমন। ২ সংঘটিত হওয়ার পূর্বেই ধারণা করা গিয়েছে এমন। ~**দৃষ্টি** *বি* দূরদর্শিতা; ভবিষ্যৎ দৃষ্টি। ~**পক্ষ** *বি* ১ অভিযোগ; নালিশ। ২ অভিযোক্তা। ৩ (তর্কশাস্ত্রে) প্রশ্ন; জিজ্ঞাসা; বিচার–বিবেচনার নিমিত্ত উপস্থাপিত বিষয়। (*তুল*. উত্তরপক্ষ)। ~**পুরুষ** *বি* বংশের পিতৃপিতামহাদি পূর্বগামী ব্যক্তিগণ। ~**ফল্গুনী** *বি* (*জ্যোবি*) নক্ষত্রবিশেষ। ~**বৎ** *অব্য, ক্রিবিণ* পূর্বের ন্যায়; আগেকার মতো। ~**বর্ণিত** *বিণ* পূর্বে বিবৃত; প্রথমে কথিত; আগে বর্ণনা করা হয়েছে এমন। ~**বর্তী**(~র্তিন্) *বিণ* ১ পূর্বেকার; অতীতের; সেকালের। ২ অগ্রে বা সম্মুখে স্থিত। ~**বর্তিনী** *বিণ স্ত্রী*। ~**বাদ** *বি* প্রথম অভিযোগ বা নালিশ; প্রথম আবেদন বা প্রার্থনা। ~**বাদী** (~দিন্) *বি* প্রথমে অভিযোগকারী বা আবেদনকারী; ফরিয়াদি; বাদী। ~**ভাদ্রপদ** *বি* (*জ্যোবি*) নক্ষত্রবিশেষ। ~**মীমাংসা** *বি* জৈমিনি মুনি রচিত দর্শনশাস্ত্র। (*তুল*. উত্তরমীমাংসা)। ~**রঙ্গ** *বি* ১ নাটক ইত্যাদির প্রস্তাবনা বা ভূমিকা। ২ শ্রীকৃষ্ণের প্রথম প্রেমানুরাগ (পূর্বরঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ—*ভারা*)। ~**রাগ** *বি* প্রথম প্রেম বা আসক্তি; নায়ক–নায়িকার পরস্পর দর্শন বা শ্রবণাদি; প্রেম সঞ্চারিত হওয়ার ফলে হৃদগত ভাব। ~**রাত্র** *বি* রাত্রির প্রথম অংশ। ~**রাত্রি** *বি* বিগত রাত্রি। ~**লক্ষণ** *বি* ভবিষ্যতে ঘটবে এমন বিষয়াদির প্রথম চিহ্ন; প্রথম সূচনা। ~**সংস্কার** *বি* ১ হিন্দুমতে পূর্বজন্ম বা অতীতকালে প্রাপ্ত সংস্কার। ২ পূর্ব জন্মার্জিত কর্মজনিত গুণ প্রবৃত্তি ও ধারণা। ~**সমুদ্র** *বি* বঙ্গোপসাগর (বায়ু বহে পূর্ব সমুদ্র হতে—*রঠা*)। ~**সূরি** *বি* ১ পূর্ববর্তী; অগ্রগামী; অগ্রজ বিদ্বান বা কবি (আমরাও মানব না বটে যে আমাদের অদ্বিতীয় অভিমত পূর্বসূরীদের প্রতিধ্বনি—*সুদ*)। ২ সম পেশার পূর্ববর্তী গণ্য/খ্যাত ব্যক্তিগণ (অশুদ্ধ প্রয়োগজাত, অর্থান্তরে)। { *স*. √পূর্ব+ অ(অচ)}

পূর্বাচল, পূর্বাদ্রি [পুরবাচল্, ‑বাদ্‌দ্রি] *বি* উদয়গিরি; উদয়াচল; পূর্বদিকের পর্বত। { *স*. পূর্ব+অচল, অদ্রি}

পূর্বাধিকার [পুরবাধিকার] *বি* ১ প্রথম অধিকার; পূর্বে প্রাপ্ত অধিকার। ২ আগেকার স্বত্ব। { *স*. পূর্ব+অধিকার}

পূর্বাপর [পুরবাপর] *বিণ* ১ আনুপূর্বিক; প্রথম থেকে শেষ পর্যন্ত; আগাগোড়া (পূর্বাপর বৃত্তান্ত)। ২ পূর্ব ও পশ্চিম। { *স*. পূর্ব+অপর; দ্বন্দ্ব}

পূর্বাপেক্ষা [পুরবাপেক্‌খা] *অব্য* আগের চেয়ে উৎকর্ষাপকর্ষবোধক; আগেকার চেয়ে। { *স*. পূর্ব+ অপেক্ষা; ৬তৎ}

পূর্বাবধি [পুরবাবোধি] *অব্য* আগে থেকে; পূর্ব থেকে। { *স*. পূর্ব+অবধি}

পূর্বাভাষ [পুরবাভাশ্] *বি* ১ ভবিষ্যৎ বিষয় বা ঘটনাবলির চিহ্ন; পূর্বলক্ষণ; সূচনা; আরম্ভ। ২ ভূমিকা; মুখবন্ধ সূচনা। { *স*. পূর্ব+আভাষ; ৬তৎ}

পূর্বাভাস [পুরবাভাশ্] *বি* ১ আভাস। ২ ভাবী ঘটনার সংকেত বা ইঙ্গিত। ৩ ভবিষ্যৎ বিষয়। { *স*. পূর্ব+আভাস}

পূর্বাশা, পূর্ব্বাশা [পুরবাশা] *বি* পূর্বদিক। { *স*. পূর্ব+আশা}

পূর্বাষাঢ়া [পুরবাশাড়া] (*জ্যোবি*) *বি* নক্ষত্রবিশেষ। { *স*. পূর্ব+আষাঢ়া}

পূর্বাহ্ণ [পুরবান্‌হো] *বি* দিবসের প্রথম ভাগ; প্রভাতবেলা। **পূর্বাহ্ণিক** *বিণ* দিনের প্রথমভাগে করণীয়; পূর্বাহ্ণে করা উচিত এমন। { *স*. পূর্ব+অহ্ন; *কর্মধা*.}

পূর্বিতা [পুর্‌বিতা] *বি* অগ্রে বিবেচিত হবার উপযুক্ততা; পূর্বে গণ্য হওয়ার যোগ্যতা। { *স*. পূর্ব+ইত(ইতচ)+আ(টাপ্)}

পূর্বোক্ত [পুরবোক্‌তো] *বিণ* পূর্বোল্লিখিত; আগে বলা হয়েছে এমন। { *স*. পূর্ব+উক্ত; ৭তৎ}

পূর্বোদ্ধৃত [পুরবোদ্‌ধৃতো] *বিণ* পূর্বে উদ্ধৃত; অগ্রে উল্লিখিত। { *স*. পূর্ব+উদ্ধৃত; ৭তৎ}

পূলি, পূলিকা [পুলি, ‑কা] *বি* পিঠাপুলি। { *স*. √পূল্>}

পূষণ [পুশন্] *বি* সূর্য; আদিত্য। { *স*. পূষন্(পূষা)> (*সম্বোধন একব*)}

পূষা [পুশা] *বি* সূর্য; তপন (প্রভাত প্রসন্ন আশা প্রকাশ পাইলে পূষা—*ঘচ*)। { *স*. √পূষ্+অন্(কনিন্, কন্); পূষন্ (১মা *একব*)}

পৃক্কা [পৃক্‌কা] *বি* পিড়িংশাক। { *স*. পৃক্কা}

পৃক্ত [পৃক্‌তো] *বিণ* সিক্ত; ভেজা; সম্পৃক্ত (চরণ অলক্ত লুব্ধ পৃক্ত রেণুদলে—*হেম*)। ২ মিশ্রিত। ৩ সম্পর্কিত; সম্বন্ধীয়। **পৃক্তি** *বি* ১ সংলগ্নতা সম্পর্কে সংযোগ। *তুল*. **সম্পৃক্ত**। { *স*. √পৃচ্+ত(ক্ত)}

পৃচ্ছা [পৃচ্‌ছা] *বি* প্রশ্ন; জিজ্ঞাসা। { *স*. √প্রচ্ছ্+অ(অঙ্)+ আ(টাপ্)}

পৃথক [পৃথক্] *অব্য, বিণ* ১ তফাত; ফারাক। ২ স্বতন্ত্র; ভিন্ন; আলাদা; অন্য। **পৃথককরণ, পৃথকীকরণ** (*অশুপ্র*) *বি* স্বতন্ত্রকরণ; ভিন্নকরণ। **পৃথককৃত, পৃথকীকৃত** (*অশুপ্র*) *বিণ* স্বতন্ত্রীকৃত; আলাদাকৃত। { *স*. √পৃথ্+অক(ণ্বুল)}

পৃথগন্ন [পৃথগন্‌নো] *বি, বিণ* এক বাড়িতে বাস করেও পরিবারের কোনো সদস্য যখন খাওয়া-পরার আলাদা ব্যবস্থা করে তাকে পৃথগন্ন বলে; যে একান্নবর্তী নয়। { *স*. পৃথক+অন্ন}

পৃথগ্‌বিধ, পৃথগ্বিধ [পৃথগ্‌বিধো] *বিণ* ১ অন্যবিধ; স্বতন্ত্র প্রকার। ২ বিভিন্ন প্রকার। { *স*. পৃথক+বিধ}

পৃথা [পৃথা] *বি* কুন্তী; মহাভারতোক্ত পাণ্ডুর স্ত্রী। { *স.* √প্রথ্+অ+আ(টাপ্)}
পৃথিবী, পৃথ্বী [পৃথিবি, পৃত্থি] *বি* ভূমণ্ডল; ধরণী; ধরিত্রী; অবনী; ক্ষিতি; বসুমতী; বসুন্ধরা; মহী; জগৎ; মেদিনী। { *স.* পৃথ্+ইব(যিবন্)+ঈ(ঙীষ্), পৃথু+ঈ(ঙীপ্)}
পৃথু [পৃথু] *বি* পৌরাণিক রাজা; পুরাণবর্ণিত বেণ রাজার পুত্র। □ *বিণ* ১ স্থূল; মোটা। ২ বিস্তৃত; প্রসারিত। ৩ মহৎ; বিরাট। ~**ল** *বিণ* ১ বিস্তৃত (পৃথিবীর পৃথুল কোলে শান্ত থাকিতে পারে না—*সুদ*)। ২ স্থূল; মোটা (মেখলা মেরা পৃথুল শ্রোণিভারে মরালসম নহে সে মদালসা—*সুদ*)। ৩ মহৎ; বিরাট; বিশাল। { *স.* √প্রথ্+উ(কু)}
পৃথ্বী ⇒ পৃথিবী
পৃয় *(মবা.)* [প্রিয়ো] *বিণ* প্রিয় (পৃয় বনমালী—*বচ*)। { *স.* প্রিয়>}
পৃশ্নি [পৃশ্নি] *বিণ* খর্বদেহ; অত্যন্ত দুর্বল। { *স.* √স্পৃশ্+নি}
পৃষৎ, পৃষত [পৃষত্] *বি* ১ তরল পদার্থের বিন্দু। ২ ফোঁটা চিহ্ন। ৩ ফোঁটা চিহ্নযুক্ত হরিণ। **পৃষতী** *স্ত্রী.* ফোঁটা চিহ্নযুক্ত হরিণী। { *স.* √পৃষ্+অৎ(অতি),+অ(অচ্)}
পৃষোদর [পৃশোদর্] *বি* বায়ু, পৃষৎ উদরে যার। { *স.* পৃষৎ+উদর; *বহু*}
পৃষ্ট [পৃশটো] *বিণ* জিজ্ঞাসিত। { *স.* √প্রচ্ছ্+ত(ক্ত)}
পৃষ্ঠ [পৃশ্ঠো] *বি* ১ পিঠ; বক্ষদেশের বিপরীত দিক। ২ পিছন দিক; পশ্চাদ্‌ভাগ। ৩ উপরিভাগ। ~**দেশ** *বি* পিঠ; শরীরের পশ্চাদ্‌ভাগ; দেহের পিছনের অংশ। ~**পোষক** *বিণ* পৃষ্ঠ পোষণ করে এমন; সাহায্যকারী; সহায়ক; সমর্থনকারী; সমর্থক; অবলম্বন; আশ্রয়। ~**পোষকতা**, ~**পোষণ** *বি* সহায়তা; সমর্থন। ~**প্রদর্শন** *বি (আল.)* পলায়ন; ভীরুতা প্রদর্শন। ~**বংশ** *বি* মেরুদণ্ড; পিঠের দাঁড়া। ~**ব্রণ** *বি* পৃষ্ঠদেশে উদ্‌গত দূষিত স্ফোটক। ~**ভঙ্গ** *বি (আল.)* পরাজিত হয়ে প্রস্থান; রণে ভঙ্গ দিয়ে পলায়ন। ~**রক্ষক** *বি,বিণ* ১ পশ্চাদ্‌ভাগ রক্ষাকারী। ২ দেহরক্ষী; পার্শ্বরক্ষী। ~**রক্ষা** *বি* ১ দেহরক্ষীর কর্ম। ২ পশ্চাদ্‌ভাগ রক্ষা বা রক্ষণ। { *স.* √পৃষ্+থ(থক্)}
পৃষ্ঠা [পৃশ্ঠা] *বি* ১ গ্রন্থাদির পাতার এক পিঠ। ২ পীঠিকা; পিড়া (পৃষ্ঠায় ক্ষণেক দোলে—*কমু*)। ~**ঙ্ক** *বি* পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা; পত্রাঙ্ক। { *স.* √পৃষ্+থ(থক্)+আ(টাপ্)}
পৃষ্ঠোপরি [পৃশ্ঠোপোরি] *ক্রিবিণ* পিঠের উপর। { *স.* পৃষ্ঠ+উপরি; ৬তৎ}
পেঁকাটি, প্যাঁকাটি, পেঁকাটি [প্যাঁকাটি] *বি* ছাল ছাড়ানো শুষ্ক পাটগাছ বা পাটগাছের ডাঁটা, কাঠি; শোলা; পাটখড়ি। {পাটকাঠি>}
পেঁকো [পেঁকো] *বিণ* ১ পঙ্কযুক্ত (পেঁকো পুকুর)। ২ পঙ্কসদৃশ; পাঁকের মতো (পেঁকো গন্ধযুক্ত মাছ)। { *স.* পঙ্ক>পাঁক+উয়া= পাঁকুয়া>পেঁকো}
পেঁচ, প্যাঁচ [প্যাঁচ্] *বি* ১ মোচড়; ঘুরন; পাক (পেঁচ দেওয়া)। ২ স্ক্রু (পেঁচ আঁটা)। ৩ কূটকৌশল; চক্রান্ত (পেঁচে ফেলা)। ৪ জটিল সমস্যা (পড়েছি ভীষণ প্যাঁচে)। ৫ আঁকড়ে ধরার কায়দা (কুস্তির পেঁচ)। ৬ পরস্পর আক্রমণ বা জড়াজড়ি (ঘুড়ির পেঁচ)। { *ফা.* পেঁচ پیچ }
পেঁচা, প্যাঁচা, পেচক [প্যাঁচা, –, পেচোক্] *বি* ১ পেচক; উলূক; নিশাচর পাখিবিশেষ। ২ কুৎসিত (কি বিচ্ছিরি প্যাঁচার মতো চেহারা)। **পেঁচী, পেচকী** *বি স্ত্রী.*। **কাল~** *বি* কর্কশ স্বরে আর্তনাদকারী এক প্রকার পেচক, যার রব অশুভ মনে করা হয়; hawk owl। **লক্ষ্মী~** *বি* অপেক্ষাকৃত ক্ষুদ্র আকৃতির সাদা রঙের পেচক; ধানের গোলায় বাস করে বলে এই নাম। **হুতোম, হুতুম ~** *বি* ১ অপেক্ষাকৃত বড়ো আকারের ধূসর রঙের পেচক; brown fish owl। ২ *(আল.)* কদাকার ও অবাঞ্ছিত ব্যক্তি। { *স.* পেচক>}
পেঁচাও, প্যাঁচাও, পেঁচাল, প্যাঁচাল, পেঁচালো, প্যাঁচালো, পেঁচোয়া [প্যাঁচাও, –, –ল্, –, –লো, –, প্যাঁচোয়া] *বিণ* ১ জটিল; ঘুরানো। ২ কুটিল; কুচক্রী। { *ফা.* পেঁচ্ پیچ }
পেঁচানো, প্যাঁচানো, প্যাচানো [প্যাঁচানো] *ক্রি* ১ পাকানো; পেঁচ দেওয়া। ২ পেঁচ দিয়ে অল্পে অল্পে কাটা; ঘুরিয়ে ঘুরিয়ে এঁটে দেওয়া। ৩ কূটকৌশলে জটিল করা। ৪ কোনো ব্যাপারে জড়িত করা (আমাকে পেঁচাচ্ছ কেন)। □ *ক্রিবিণ, বিণ* উক্ত সকল অর্থে। { *ফা.* পেঁচ্ پیچ }
পেঁচাল, পেঁচালো ⇒ পেঁচাও
পেঁচো [পেঁচো] *বি* পঞ্চানন্দ নামক কল্পিত অপদেবতা বা পিশাচবিশেষ যার আক্রমণে আঁতুড়ে শিশু ধনুষ্টঙ্কার রোগ হয়ে মারা যায়। ~**য় পাওয়া** *ক্রি* পেঁচোর আক্রমণে শিশুর ধনুষ্টঙ্কার রোগাক্রান্ত হওয়া। { *স.* পিশাচ>}
পেঁচোয়া ⇒ পেঁচাও
পেঁজা, পিঁজা [পেঁজা, পিঁ–] *বি* ১ তুলা বা তুলাজাতীয় দ্রব্যাদির আঁশ ধুনে বা টেনে আলাদা করা। ২ উক্ত অর্থে। ৩ যার আঁশ পৃথক করা হয়েছে। { *স.* √পিন্‌জ্>}
পেঁটরা, প্যাঁটরা ⇒ পেটরা
পেঁড়া ⇒ পেড়া[১] ও পেড়া[২]।
পেঁদানো *(অশি.)*, **প্যাঁদানো** *(অশি.)* [প্যাঁদানো] *ক্রি* গুরুতরভাবে প্রহার করা; বেদম প্রহার দেওয়া। **পেঁদানি, প্যাঁদানি** *বি* গুরুতর প্রহার। { *স.* পিণ্ড>পোঁদ(পাছা বা নিতম্ব)+আনো}
পেঁনপেঁন *(মবা.)* [প্যাঁন্ –] *বি* অনবরত অশ্রুপাত; ক্রমাগত ক্রন্দন (পেঁনপেঁন সারাটা দিনই—*গোদা*)। { *ধ্বন্যা.*}
পেঁপে [পেঁপে] *বি* এক প্রকার সুস্বাদু ফলবিশেষ। { *পো.* papaya}
পেঁয়াজ ⇒ পিয়াজ
পেকাটি ⇒ পেঁকাটি
পেকাম্বর *(মবা.)* [পেকাম্বর্] *বি* পয়গম্বর (বিষ্ণু হৈলা পেকাম্বর—*র‍্যাপ*)। { *ফা.* পয়গম্বার پیغمبر }
পেকে [পেকে] *বি* ১ মইয়ের ধাপ। ২ তালপাতার টুপি; টোকো। { *স.* পক্ষ>}
পেখন [পেখন] *(ব্র.)* *বি* দর্শন; সাক্ষাৎ (সজনি ভাল করি পেখন না ভেল—*বিপ*)। { *স.* প্রেক্ষণ>}
পেখম, পাখম, প্যাখম [পেখম্, পা–, প্যা–] *বি* ময়ূরাদি পাখির বিস্তৃত পালক বা পুচ্ছ (অনেক বলা কওয়াতে

ময়ূর পাখম খুলে দেখালেন—*অঠা*)। ~ **ধরা**, ~ **ফুলানো** *ক্রি* ১ ময়ূরপুচ্ছ বিস্তার করা। ২ ময়ূরপুচ্ছের মতো মনোরম সাজসজ্জা করা। ৩ *(আল.)* উৎফুল্ল বা আহ্লাদিত হয়ে ওঠা। {*স.* পক্ষ্মন্>}

পেখা [পেখা] *(মবা.)* *ক্রি* দেখা; দর্শন করা; নিরীক্ষণ করা। {*স.* প্র+√ইক্ষ্>*প্রা.* পেকখ>}

পেগম্বর [পেগমবর্] *বি* পয়গম্বর (জপে পীর পেগম্বরে—*কমু*)। {*ফা.* পয়গাম্বার پیغمبر }

পেঙ্গুইন, পেঙ্গু [পেঙগুইন, পেঙগু] *বি* আন্টার্কটিকা মহাদেশের সামুদ্রিক পাখিবিশেষ (সেখানে পেঙ্গু পাখিরা বরফের বাসায় ডিম পাড়ে—*অঠা*)। {*ই.* penguin}

পেচক ⇒ পেঁচা

পেচ্ছাব [পেচছাব্] *বি* প্রস্রাব। {*স.* প্রস্রাব>}

পেছনো ⇒ পিছানো

পেছ–পা ⇒ পিছ–পা

পেছু ⇒ পাছু

পেজমি, পেজোমি, পেজমো [পেজোমি, –, পেজোমো] *বি* পাজির মতো ব্যবহার; নষ্টামি; দুর্বৃত্ততা। {*ফা.* পাজি+*বা.* আমি}

পেজ [পেজ] *বি* বইয়ের পৃষ্ঠা। {*ই.* page}

পেজি [পেজি] *বিণ* পৃষ্ঠাযুক্ত (আটপেজি ফর্মা, ষোলোপেজি ফর্মা)। {*ই.* page+ *বা.* ই}

পেট[1] [পেট্] *বি* ১ ফুসফুস ও হৃৎপিণ্ডের নিম্নস্থ অঙ্গ; উদর; জঠর। ২ গর্ভ (পেটে ধরা, পেট হওয়া)। ৩ পাকস্থলী (জলটুকুও পেটে থাকছে না)। ৪ মন (পেটের কথা)। ৫ উদরান্ন (পেট চালানো দায়)। ~ **আঁটা** *ক্রি* কোষ্ঠকাঠিন্য হওয়া। – **কামড়ানো** *ক্রি*১ পেটে যন্ত্রণা হওয়া। ২ বাহ্যের বেগ হওয়া। ৩ *(আল.)* গোপনীয় কিছু প্রকাশ করার জন্য ব্যস্ত হওয়া। ~ **খসা** *ক্রি* গর্ভচ্যুত হওয়া; গর্ভপাত হওয়া। ~ **নামা**, ~ **নামানো** *ক্রি* উদরাময় হওয়া; পাতলা দাস্ত হওয়া। ~**পোড়া** *বি* গর্ভনিরোধক কবিরাজি ঔষধ। ~ **ফাঁপা** *ক্রি* পেটে বায়ু হওয়া। – **ফুলা** *ক্রি* অত্যধিক আহারে পেট স্ফীত হওয়া। ~ **ফুলে কোলা ব্যাঙ** *ক্রি* পেট ফুলে বড় জালার মতো হওয়া (টাকায় পেট ফুলিয়া কোলা—*এআ*)। ~ **ভরা** *ক্রি* আহার দ্বারা ক্ষুধা দূর হওয়া। ~ **ভাতা, পেটে ভাতে** *বি* মজুরি বাবত কেবল পেট ভরবার মতো অন্ন লাভ। □ *ক্রিবিণ* কেবল খেতে পেয়ে বা খেতে দিয়ে বিনা বেতনে (পেটভাতা খাটানো)। ~**মরা** *বিণ* বেশি খেতে পারে না এমন। –**মোটা** *বিণ* ভুঁড়িযুক্ত (পেটমোটা লোক)। –**রোগা** *বিণ* উদরাময় রোগগ্রস্ত; দুর্বল হজমবিশিষ্ট। ~**সর্বস্ব** *বিণ* ভোজনবিলাসী; পেটুক। – **হওয়া** *ক্রি* গর্ভ সঞ্চার হওয়া; অন্তঃসত্ত্বা হওয়া। **পেটে আসা** *ক্রি* গর্ভে জন্ম নেওয়া (তুই আমার পেটে কেন এসেছিলি)। **পেটে খিদে মুখে লাজ**—মনে প্রবল বাসনা থাকলেও লজ্জাবশত প্রকাশ করতে না পারা। **পেটে খেলে পিঠে সয়**—লাভ হলে কষ্ট সহ্য করা যায়। **পেটে তলানো** *ক্রি* হজম হওয়া। **পেটে থাকা** *ক্রি* ১ হজম হওয়া। ২ মনে গোপন থাকা (এত সুসংবাদ তোমার পেটে ছিল—*দীমি*)। **পেটে ধরা** *ক্রি* গর্ভে ধারণ করা। **পেটে পেটে** *ক্রিবিণ* গোপনে। **পেটে বোমা মারলেও কিছু বের না হওয়া** *বি* পেটে কোনো বিদ্যা না থাকা। **পেটের কথা** *বি* অন্তরের কথা; মনের গোপন খবর। **পেটের জ্বালা, পেটের দায়**—ক্ষুধার তাড়না; বুভুক্ষার পীড়ন। **পেটের ভাত চাল হওয়া**—অত্যন্ত দুর্ভাবনাযুক্ত বা ভীত হওয়া। **পেটের ভিতর হাত পা সেঁধে যাওয়া/ হাত পা সেঁধুনো**—কিংকর্তব্যবিমূঢ় হওয়া; অতি ভয়ে বা লজ্জায় জড়সড়। **পেটের শত্রু** *বি* যে সন্তান জননীর দুঃখের কারণ। **পেটে সওয়া** *ক্রি* হজম করতে সক্ষম হওয়া; ভক্ষিত দ্রব্যাদি উদরে সহ্য হওয়া (কুকুরের পেটে ঘি সয় না)। **খালি–** *বি* অনাহারে শূন্য উদর; ক্ষুধার্ত অবস্থা। **তল–** *বি* নাভির নিম্নস্থ উদরাংশ; নাভি ও মূত্রাশয়ের মধ্যবর্তী দেহাংশ। **নাদা–** জালার মতো স্ফীত উদর বা ভুঁড়ি। **ভরা–** *বি* আহারপুষ্ট উদর। {*স.* √পিট+অ(ঘঞ)}

পেট[2]**, পেটক, পেটিকা, পেটী** [পেট্, পেটক্, পেটিকা, পেটি] *বি* পেটরা; ঝাঁপি (শিশুকে সহস্র সুবর্ণ সহিত পেটকের মধ্যগত করিয়া—*ঈবি*)। {*স.* পিট্+অ(ঘঞ)}

পেটা[1]**, পিটা** [পেটা, পি–] *ক্রি* ১ প্রহার করা; আঘাত করা (জুতাপেটা করা)। ২ আঘাত করে বাজানো (ঢোল পেটা)। □ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ পুনঃপুন আঘাত দ্বারা পাত করা হয়েছে এমন; পিষ্ট (পেটা লোহা)। □ *বিণ* ১ পিটিয়ে বাজানো হয় এমন (পেটা ঘড়ি)। ২ শক্ত ও সুঠাম (পেটা শরীর)। ~**ই** *বি* পেটার কাজ (লোহা পেটাই করা)। ~**নো, পিটুনি** *বি* ১ প্রহার। ২ আঘাত। □ *ক্রি* পেটা; আঘাত দেওয়া। ২ প্রহার করা; মারা। ৩ পরের দ্বারা আঘাত বা প্রহার করানো। □ *বিণ* উক্ত সকল অর্থে। {√পিট্+আ}

পেটা[2] *(মবা.)* [পেটা] *বি* ১ পরামর্শ। ২ সকাতর প্রার্থনা (কন্যার পেটা—*মাগান*)। {√পিট্+আ}

পেটাঙ্গি [পেটাঙগি] *বি* হাতাহীন আংরাখা জামা (জহর কোট জাতীয়) (পেটাঙ্গি গায় করে দণ্ডবৎ নমস্কার—*কৃক*)। {পেট+অঙ্গ+ই}

পেটাও ⇒ পেটোয়া

পেটাই, পেটাও [পেটাই, –ও] *বি* পিটান; পিট্টি; প্রহার। {√পিট্>}

পেটারি, পিটারি [পেটারি, পি–] *বি* ১ বাঁশ, বেত প্রভৃতি দ্বারা তৈরি বাক্সবিশেষ (নিবন্ধ বন্ধনে শুকবর বন্দী হৈল, পাখাশূন্য করিয়া পেটারি মাঝে থুইল—*সৈআ*)। ২ ঝাঁপি; তোরঙ্গ; পেটরা। {*স.* পেটক>}

পেটি, পেটী[1] [পেটি] *বি* ১ মাছের পেটের অংশ (দেখি চিতলের পেটী—*ঈগু*)। ২ কোমরবন্ধ; উদরবন্ধনী; belt। {পেট+ই}

পেটিকা, পেটী[2] ⇒ পেট[2]

পেটিকোট [পেটিকোট্] *বি* সায়া। {*ই.* petty+coat}

পেটুক [পেটুক্] *বিণ* ঔদরিক; উদরপরায়ণ; বেশি খায় এমন; ভোজন–বিলাসী। {পেট+উক}

পেটেন্ট [পেটেন্‌ট্] *বি* ১ সরকার থেকে প্রাপ্ত সনদ বা আদেশপত্রের দ্বারা প্রস্তুত বা বিক্রয়ের একচেটিয়া অধিকার। ২ সরকারি সনদের বলে সংরক্ষিত হয়েছে যে স্বত্ব। ৩ একঘেয়ে; বৈচিত্র্যশূন্য (পেটেন্ট রসিকতা)। {*ই.* patent}

পেটেল [পেটেল্] *বি* গ্রামের মোড়ল। { *হি* পেটেল}

পেটো[১] [পেটো] *বিণ* ১ পাটজাত; পাটনির্মিত। ২ পাটসংক্রান্ত। {পাট+উয়া=পাটুয়া>পেটো}

পেটো[২] [পেটো] *বি* ১ কলাগাছের বাকলা বা খোলা। ২ কপালের উপর পাতার ন্যায় কেশবিন্যাস (পেটো পাড়া)। { *স.* পত্র>}

পেটোয়া, পেটাও [পেটোয়া, পেটাও] *বি* ১ প্রিয়; বিশ্বস্ত; অনুগত; বাধ্য। ২ অধীন। ☐ *বিণ* পৃষ্ঠপোষিত। {√পিট্+উয়া}

পেট্রল, পেট্রোল [পেট্ট্রোল্] *বি* কেরোসিনজাতীয় খনিজ তৈল। { *ই* petrol}

পেড়া[১], **প্যাড়া, পেঁড়া, প্যাঁড়া** [প্যাড়া, –, প্যাঁ–, –] *বি* বেত্রাদি নির্মিত পেটিকাবিশেষ। { *স.* পেটক>}

পেড়া[২], **প্যাড়া, পেঁড়া, প্যাঁড়া** [প্যাড়া, –, প্যাঁ–, –] *বি* ক্ষীরের তৈরি মিষ্টান্ন। { *স.* পিণ্ড>}

পেডেন্ডা [প্যাডেন্‌ডা] *বি* বিদ্যাভিমানী; পণ্ডিতম্মন্য (পেডেন্ডা আর মিহি কলাবিদ খুঁটত আমার কাব্য—*শারা*)। { *ই* pedant}

পেণ্ঠী *(মবা.)* [পেনঠি] *বি* পাঁচন; গোচারণ; লাঠি। {পাচন+লাঠি}

পেতনি, পেত্নী [পেত্‌নি] *বি* ১ স্ত্রীভূত; প্রেতিনী। ২ *(ব্য.)* কুশ্রী বা নোংরা স্ত্রী (একেবারে পেত্নীর মতো চেহারা)। *পু.* ভূত, প্রেত। { *স.* প্রেত/পেত্নী>}

পেতল ⇒ পিতল

পেতা *(মবা.)* [পেতা] *ক্রি* বিশ্বাস করানো বা শান্ত করা। –নো, প্যাতানো *বি* প্রবোধ দান (রত্নাবতীরে পেতাও বৃদ্ধার প্যাতানে—*ঘচ*)। { *স.* প্রত্যায়ন>}

পেতে, পেথে *(মবা.)* [পেতে, –থে] *বি* ছোট চুপড়ি। {পাতা+ইয়া>}

পেত্নী ⇒ পেতনী

পেন[১] [পেন্] *বি* ১ কলম; লেখনী। ২ ঝরনা কলম; fountain pen। –**ফ্রেন্ডশিপ** *বি* পত্রালাপে বন্ধুত্ব; পত্রমিতালি (একদিন তোমারি সাথে ছিল পেনফ্রেণ্ডশীপ—*হার*)। { *ই* pen}

পেন[২], **পেইন** [পেন্, পেইন্] *বি* ১ ব্যথা (বুকে পেন হচ্ছে)। ২ গর্ভবেদনা (পোয়াতির পেন উঠেছে)। { *ই* pain}

পেনশন, পেনসন [পেন্‌শন্] *বি* চাকুরের অবসর ভাতা; চাকরি শেষে অবসরগ্রহণের পর প্রাপ্ত বৃত্তি বা ভাতা (বাবুরাম বাবু পেনসন লইলেন—*প্যামি*; শিক্ষিত ও ধর্মনিষ্ঠ ব্যক্তিদের জন্যে পেনশন মঞ্জুর করেন—*মুআরা*)। –**ভোগী** *বিণ* চাকরি হতে অবসর গ্রহণের পর বৃত্তিপ্রাপ্ত (একজন পেনসনভোগী ডেপুটি ম্যাজিস্ট্রেট—*রঠা*)। { *ই* pension}

পেনসিল [পেন্‌সিল্] *বি* কাঠের তৈরি এক প্রকার লেখার কলম (কাঠ পেনসিল)। ২ চিত্রকরের তুলি। **উড**~ *বি* কাঠ পেনসিল; কাগজে লেখার পেনসিল। **ড্রইং**~ *বি* ছবি আঁকার পেনসিল। **শ্লেট** ~ *বি* শ্লেট পাথরে লেখার পেনসিল। { *ই* pencil}

পেনালকোড ⇒ পিনালকোড

পেনেট *বি* [পেনেট্] গৌরীপট্ট, যার উপর শিবলিঙ্গ স্থাপন করা হয়। { অমূ }

পেন্টেলুন, পেন্টালুন [পেন্‌টেলুন, –টা–] *বি* এক প্রকার পায়জামা (ঢলঢলে পায়জামার মতো পেন্টেলুন—*সুবা*)। { *ই* pantaloons}

পেন্ডাল ⇒ প্যান্ডাল

পেন্ডুলাম [পেন্‌ডুলাম্] *বি* ঘড়ির দোলনযন্ত্র; ঘড়ির দোলক। { *ই* pendulum}

পেপার [পেপার্] *বি* কাগজ। { *ই* paper}

পেম[১] *(মবা.)* [পেম্] *বি* প্রেম (পেম রসে তিলোচন—*রাপ*)। { *স.* প্রেম>}

পেম[২] *(মবা.)* [পেম্] *ক্রি* পান করব (সাপ খাম বিষ পেম—*বিগু*)। { *স.* √পা>}

পেমিল *(ব্র.)* [পেমিলো] *ক্রি* নিমীলিত হলো (ইন্দিবর পবনে পেমিল—*বিপ*)। { *স.* প্র+√মীল+ইল>}

পেয় [পেয়ো] *বি* দুধ, পানি প্রভৃতি পানযোগ্য দ্রব্য। ☐ *বিণ* পান করা যায় এমন; পানযোগ্য; পানীয় (পেয় নাই, নদীর জল অসহ্য লবণাত্মক—*বচ*)। { *স.* √পা+য(যৎ)}

পেয়াজ, পেয়াজি, পেয়াজী ⇒ পিয়াজ

পেয়াদা ⇒ পিয়াদা

পেয়ার[১], **পিয়ার**[১] [পেয়ার্] *বি* এক জোড়া বা তার যে কোনো একটি। { *ই* pair}

পেয়ার[২], **পিয়ার**[২] [পেয়ার্, পি–] *বি* ১ আদর; সোহাগ; স্নেহ (কর্তাদের পেয়ারের মানুষ—*মব*)। ২ প্রেম; প্রীতি। **পেয়ারা, পিয়ারা** *বি* ১ প্রিয়পাত্র; ভালোবাসার পাত্র। ২ প্রণয়ী; প্রিয়। **পেয়ারি, পিয়ারী, প্যারী** *বিণ স্ত্রী.* প্রণয়িনী; প্রেমপাত্রী। { *স.* প্রিয়>}

পেয়ারা[১] [পেয়ারা] *বি* বর্ষা ও শরৎকালীন ফলবিশেষ। { *পো.* pera}

পেয়ারা[২], **পেয়ারী** ⇒ পেয়ার[২]

পেয়ালা ⇒ পিয়ালা

–পেয়ে [পেয়ে] *বিণ* পা–বিশিষ্ট (মানুষ দুপেয়ে প্রাণী)। {পা+উয়া}

পেরনো, পেরোনো, পেরানো [পেরোনো, –, –রা–] *ক্রি* ১ পার হওয়া (পেরাণ না যায়—*ঘচ*)। ২ অতিবাহিত হওয়া (দশদিন পেরিয়েছে)। ☐ *বি* উক্ত সকল অর্থে। {পার+আনো}

পেরু [পেরু] *বি* ১ দক্ষিণ আমেরিকার একটি দেশ। ২ বৃহদাকার মোরগ জাতীয় পাখিবিশেষ; turkey। { *পো.* peru}

পেরুভীয় [পেরুভিয়ো] *বিণ* পেরু দেশের অধিবাসী। { *ই* Peruvian}

পেরেক [পেরেক্] *বি* লোহার ক্ষুদ্র কাঁটা বা কীলক; তারকাঁটা; জলই। { *পো.* prego}

পেরেশান, পারেশান [পেরেশান, পা–] *বিণ* উদ্বিগ্ন; চিন্তিত (নতুন অভাব-অভিযোগের তাড়নায় পেরেশান থাকতে হয়—*জহা*)। **পেরেশানি** *বি* উদ্বেগ; চিন্তা (ভদ্রলোককে এতো পেরেশানীতে ফেলেছো—*মুই*)। { *ফা.* পেরেশান پریشان }

পেলব [পেলব] *বিণ* ১ অতি কোমল; ললিত; সুকুমার; নাজুক; delicate (প্রতি অঙ্গের পরতে পরতে মর্তমাটির পেলব ছোঁয়া কত নিবিড় আনন্দ হয়ে জড়িয়ে আছে—*বর*)। ২ মৃদু। ৩ কৃশ; ক্ষীণ; slender। ৪ ভঙ্গুর; ভঙ্গপ্রবণ। ৫ লঘু (চারু ওষ্ঠে চিকন সোনার পেলব বাঁধন টুটি শব্দের বুদ্বুদ ওঠে ফুটি—*সুমো*)। **–তা** *বি* ১ কোমলতা; লালিত্য। ২ কৃশতা; ক্ষীণতা। ৩ লঘুতা। { *স.* √পিল্+অব(অবন)}

পেলা[১], **প্যালা** [প্যালা] *বি* ১ নৃত্যগীতাদির আসর বা অনুষ্ঠানে শ্রোতৃবর্গ কর্তৃক শিল্পীদের প্রদত্ত অর্থাদি পুরস্কার। ২ ঠেকনা; ঠেস; অবলম্বন; prop (জৌর আড়, জৌয়ের পেলা জৌয়ের কপাট—*কমু*)। { *স.* প্রেরিত> *প্রা.* পেল্লিঅ>}

পেলা[২] *(মবা.)* [পেলা] *ক্রি* ১ ধাক্কা বা জোরে ঠেলা দেওয়া। ২ ফেলা (হৃদের কাঞ্চুলী রাধা যমুনাত পেলা—*বচদা*)। ৩ উদ্‌গিরণ করা (ক্ষেণে ক্ষেণে ক্ষেণে পেলে অতিশয় চপলা—*ভবানী, চণ্ডী কাব্য*)। { *স.* পীড়ন বা √পেল্>}

পেলানো *(মবা.)* [পেলানো] *ক্রি* ফেলে বা ঠেলে দেওয়া; অবহেলা করা (কেহে পেলায়সি হাসে—*বচ*)। {√পেল্+আনো}

পেলেগ ⇒ প্লেগ

পেলেনেলে [পেলেনেলে] *অক্রি* পালন ও লালন করিয়ে (এখন একে পেলেনেলে মানুষ কর—*ইখাঁ*)। {পালন-লালন>}

পেল্লয়, পেল্লায় [পেল্‌লয়, –লায়] *বিণ* বিশাল; বিরাট; মস্ত (পেল্লয় কাণ্ড)। { *স.* প্রলয়>}

পেশ [পেশ] *বি* সামনে রাখা; উপস্থাপন; সম্মুখে স্থাপন; নিবেশ (আমার যা কিছু বক্তব্য আপনার কাছে পেশ করলাম)। **~ ইমাম** *বি* যিনি নামাজে ইমামতি করেন। **– করা** *ক্রি* নিবেদন করা; আরম্ভ করা (তিন হাজার পাউণ্ড পেশ করিয়া বলিলেন—*মামু*)। **–কার** *বি* বিচারকের সামনে আদালতের কাগজপত্রাদি উপস্থাপিত করে এবং তা সংরক্ষণ করে এমন কর্মচারীবিশেষ (আমি না হয় পেশকার হ'য়ে সেটা পেশ ক'রে দেবো—*নই*)। **–কারি, –কারী** *বি* পেশকারের কর্ম বা পদ। **–গি** *বি* যা অগ্রিম হিসেবে দেয়; দাদন; earnest money। **–মান** *বিণ* ব্যতিব্যস্ত; বিব্রত। { *ফা.* পেশ্ پیش }

পেশওয়া ⇒ পেশোয়া

পেশওয়াজ ⇒ পেশোয়াজ

পেশকশ ⇒ পেসকোশ

পেশবা ⇒ পেশোয়া

পেশল [পেশল] *বিণ* ১ মনোহর; সুন্দর; মনোরম। ২ প্রচুর পেশিযুক্ত; পেশিবহুল; শক্তিমান; বলিষ্ঠ (কাঁধের কাছটা কত পেশল—*অচিসে*)। { *স.* √পেশ্+ল(লচ্)}

পেশা [পেশা] *বি* ১ বৃত্তি; ব্যবসা; জীবিকার উপায় (বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়—*হেব*)। ২ *(আল.)* স্বভাব; অভ্যাস (সব ব্যাপারে খিটখিট করা তার একটা পেশা হয়ে দাঁড়িয়েছে)। **–কার, –কর** *বি* ১ বেশ্যা; গণিকা। ২ নটী। **–দার** *বিণ* বৃত্তিজীবী; ব্যবসাদার; ব্যবসায়ী; কোনো কাজ কেবল ব্যবসা হিসাবে করে এমন; professional। **~দারি, ~দারী** *বি* পেশাদারের আচরণ বা ব্যবহার। ২ ব্যবসাদারি; দোকানদারি। ৩ ব্যবসায়বৃত্তি। ☐ *বিণ* পেশাদার সম্বন্ধীয়। { *ফা.* পেশাহ্ پیشه }

পেশানি, পেশানি [পেশানি, –শনি] *বি* কপাল; ললাট (ছিল নবীর নূর পেশানীতে—*নই*)। { *ফা.* পেশানী پیشانی }

পেশি, পেশী [পেশি] *বি* ১ দেহের মাংসপিণ্ডবিশেষ; যার সংকোচনে অঙ্গ-প্রত্যঙ্গাদি আলোড়িত হয়; muscle। ২ খড়্গাদির কোষ বা খাপ। ৩ অণ্ড; ডিম্ব। **~কোষ** *বি* অণ্ডকোষ। { *স.* √পিশ্+ই(ইন্)}

পেশোয়া, পেশওয়া, পেসবা [পেশোয়া, –শওয়া, –] *বি* মহারাষ্ট্রীয় শাসক বা তাঁর বংশ। { *ফা.* পেশ্‌রা پیشوا }

পেশোয়াজ, পেশওয়াজ [পেশোয়াজ, –শওয়াজ] *বি* নর্তকী বা নারীদের এক প্রকার পায়জামা (নিকপিক করে ক্ষীণ কাঁকল পেশোয়াজ কাঁপে টালমাটাল—*নই*)। { *ফা.* পেশ্‌রাজ پیشواز }

পেষক [পেশক্] *বিণ* পেষণ করে এমন; পেষণকারী। { *স.* √পিষ্+অক(ণ্বুল্)}

পেষণ [পেশন্] *বি* ১ মর্দন; দলন; বাটা; চূর্ণন। **পেষণি, পেষণী** *বি* ১ শিল; নোড়া। ২ জাঁতা; পেষণযন্ত্র। ৩ হামানদিস্তা। { *স.* √পিষ্+অন(ল্যুট্)}

পেষা, পিষা [পেশা, পি–] *ক্রি* ১ বাটা; পেষণ করা। ২ *(আল.)* অত্যাচার করা; পীড়ন করা। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **~ই** *বি* ১ পেষণ; দলন। ২ পেষণের পারিশ্রমিক। { *স.* √পিষ্+অ(ঘঞ্)}

পেষানো, পিষানো [পেশানো, পি–] *ক্রি* ১ পেষণ করানো; বাটানো। ২ পীড়ন করানো। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √পিষ্+ *বা.* আনো}

পেসকোশ [পেশ্‌কোশ] *বি* ১ টাকা বা মূল্যবান দ্রব্য উপহার (পেসকোশ দিলা তায়—*ভারা*)। ২ অবদান। { *ফা.* পেশকাশ پیشکش }

পেস্ট্রি [পেস্‌ট্রি] *বি* পিঠা; পুডিং ইত্যাদির সংমিশ্রণে তৈরি মিঠাই। { *ই.* pastry}

পেস্তা [পেস্‌তা] *বি* কাবুলের এক প্রকার বাদামজাতীয় ফল। { *ফা.* পিস্তাহ্ پسته }

পৈঘর ⇒ পৈধর

পৈছা, পইছা, পৈছাঁ, পঁইছা [পোইছা, –, –ছাঁ, পোঁ–] *বি* স্ত্রীলোকের মণিবন্ধের প্রাচীন অলঙ্কারবিশেষ। { *হি.* পৌছি}

পৈঠল *(ব্র.)* [পোইঠল] *ক্রি* প্রবেশ করল (পৈঠল হিয়া মাহা মোরি—*বিপ*)। { *স.* প্রবেশ>}

পৈঠা, পইঠা, পৈঁঠা [পোইঠা, পোঁ, –] *বি* দরজার সিঁড়ি; সোপান (শেওলা পিছল পৈঠা—*রঠা*; ধবলগিরির পৈঠা পরে—*সদ*)। { *স.* প্রতিষ্ঠা>}

পৈঠা [পোইঠা] *ক্রি* প্রবেশ করা। **–নো** *ক্রি* প্রবেশ করানো। { *স.* প্রবিষ্ট> *প্রা.* পইট্‌ঠ>}

পৈতা, পইতা [পোইতা] *বি* উপবীত। **~ধারী** *বিণ* উপবীত আছে এমন। { *স.* পবিত্র>; *স.* উপবীত>}

পৈতান[১] [পোইতান] *বি* ১ পৈঠা; সোপান; সিঁড়ি। ২ যেখানে পা রাখা হয়; পায়ের দিক (আমির হোছেনে তবে

পৈতানে বসিয়া রসুলের দুই পদ লইল তুলিয়া—সৈসু)। {পৈঠান>}

পৈতান[২], **পইতান** [পোইতান্] *ক্রি* প্রত্যয় করা (কে কয় এগুলা কথা কে আর পৈতায়—*মাগান*)। { *স.* প্রত্যয়>}

পৈতামহ [পোইতামহো] *বিণ* পিতামহসংক্রান্ত। { *স.* পিতামহ+অ(অণ্)}

পৈতৃক, পৈত্র, পৈত্র্য [পোইতৃক্, পোইত্ত্রো, –] *বিণ* ১ পিতৃ–পিতামহাদি সম্বন্ধীয়। ২ পিতৃপিতামহাদি থেকে প্রাপ্ত (পৈতৃক সম্পত্তি, পৈতৃক ভিটা)। ~**ভূমি** *বি* পিতৃপিতামহের বাসভূমি; বাস্তুভিটা। – **সম্পত্তি** *বি* পৈতৃক বিষয়; পিতৃপিতামহাদি থেকে প্রাপ্ত সম্পত্তি। { *স.* পিতৃ+ইক(ঠঞ্), পিতৃ+অ(অণ্), পিত্র্য+অ(অণ্)}

পৈত্তাল (*মবা.*) [পোইত্তাল] *বি* আপ্যায়ন দ্রব্য (কি দি পৈত্তাল দিম—*পূগী*)। { *স.* প্রীতি>পৈত্ত+*বা.* আল}

পৈত্তিক, পৈত্ত [পোইত্তিক্, পোইত্তো] *বিণ* ১ পিত্তবিষয়ক। ২ পিত্তদোষজনিত। { *স.* পিত্ত+ইক(ঠঞ্), পিত্ত+অ(অণ্)}

পৈত্র, পৈত্র্য ⇒ পৈতৃক

পৈত্রিক (শুদ্ধ পৈতৃক) [পোইত্রিক্] *বিণ* পিত... পিতৃপুরুষ সম্বন্ধীয়/বিষয়ক। { *স.* পৈতৃক>}

পৈথান [পোইথান] *বি* শায়িত ব্যক্তির পাদস্থান (... সোনার কাঠি পৈথানে রূপোর—*মহী*)। **শিথান** ... { *স.* পাদস্থান>}

পৈধর (*মবা.*) [পোইধর] *বি* ঘোড়াশাল। ~**ত** ... ঘোড়াশালে; আস্তাবলে (পৈধরত কান্দে ঘোড়া—*মাগান*)। { *স.* পাদদণ্ড>*প্রা.* পায়দাঁড়>}

পৈ পৈ ⇒ পই পই

পৈর (*মবা.*) [পোইর] *ক্রি* পরো; পরিধান করো (বশন পৈর—*গোদা*)। { *স.* পরি+√ধা>}

পৈরা (*মবা.*) [পোইরা] *বি* ঘন আখের গুড়; ঘন তাতারসি (আদা লেম্বু পৈরা মুলা—*দ্বিব*)। { *স.* প্রবাহ> *অপভ্র.* পওয়াড়>পৈড়া>}

পৈলব [পোইলব্] *বি* কোমলতা; পেলবতা। { *স.* পীলু+অ(অণ্)}

পৈশা, পৈসা (*মবা.*) [পোইশা, –সা] *ক্রি* প্রবেশ করা; ঢুকে পড়া। **পৈসোঁ** প্রবেশ করো। **পৈশউ, পৈসু** প্রবেশ করুক। **পৈসোঁ** (*মবা.*) প্রবেশ করি। { *স.* প্রবেশ>}

পৈশাচ [পোইশাচ] *বিণ* ১ পিশাচবিষয়ক। ২ পিশাচ প্রকৃতিসুলভ। ৩ ছলেবলে কৌশলে আচরিত বিবাহ পদ্ধতিবিশেষ। **পৈশাচী** *বিণ স্ত্রী.*। { *স.* পিশাচ+অ(অণ্)।

পৈশাচী [পোইশাচি] *বি* ভারতের উত্তর পশ্চিমাঞ্চলে প্রচলিত প্রাচীন প্রাকৃত ভাষা। { *স.* পৈশাচ+ঈ(ঙীপ্)}

পৈশাচিক [পোইশাচিক্] *বিণ* ১ পিশাচসুলভ। ২ পিশাচের মতো। ৩ পিশাচ–সংক্রান্ত। **পৈশাচিকী** *বিণ স্ত্রী.*। –**তা** *বি* পিশাচসুলভ আচরণ। { *স.* পিশাচ+অ(অণ্)+ইক(ঠঞ্)}

পৈশুন, পৈশুন্য [পোইশুন্, –শুন্নো] *বি* ১ পিশুন বা কুৎসা রটনাকারীর আচরণ বা ভাব। ২ খলতা; ক্রূরতা। ◻ *বিণ* দ্বেষ। { *স.* পিশুন+অ(অণ্), য(ষ্যঞ্)}

পৈষ্টিক, পৈষ্টী [পোইশ্‌টিক্, –শ্‌টি] *বিণ* পেষণকৃত বস্তু দ্বারা তৈরি। ◻ *বি* একপ্রকার মদ। { *স.* পিষ্ট+অ(অণ্)+ইক(ঠঞ্), +ঈ(ঙীপ্)}

পৈসা (*মবা.*) [পোইসা] *ক্রি* প্রবেশ করে। **পৈসে** প্রবেশ করে (বুলী চোর পৈসে ঘরে গিহ্নীক সত্বর করে —*বচন*)। { *স.* প্র+√বিশ্>}

পো[১] [পো] *বি* পুত্র; ছেলে (ডাক্তারের পো আজ একবার আসুক না—*সুরা*)। { *স.* পুত্র>*প্রা.* পোঅ>}

পো[২] ⇒ পোয়া[১]

পোংদা ⇒ পোঁদ

পোঁ [পোঁ] *অব্য* সানাই বা বাঁশির একটানা বা অপরিবর্তনীয় সুর (সানাইয়ের পোঁ এমন কিছু মিষ্টি নয়—*অঠা*)। ~ **ধরা** *ক্রি* ১ কোনো ব্যাপারকে অন্ধভাবে সমর্থন করা। ২ (*বা.*) মোসাহেবি করা। ~ ~ *অব্য* অতি দ্রুত; অতি বেগে (একেবারে পোঁ পোঁ দৌড়)। { *ধ্বন্যা.*}

পোঁচ [পোঁচ] *বি* লেপ; প্রলেপ; লেপন (বড় মিস্ত্রি দু'পোঁচ চর্বি মাখিয়ে দিলে—*অঠা*)। ~**ড়া**, ~**লা** *বি* ১ লেপন; প্রলেপ। ২ চুনকাম করবার জন্য বাখারি প্রভৃতি দণ্ডের মুখে বাঁধা পাটের গুচ্ছ। { *স.* পুস্ত>*প্রা.* পুত্থ>পুঁছ>}

পোঁচা ⇒ পোঁছা[৩]

পোঁছ [পোঁছ] *বি* ১ প্রলেপ (তারা মুখে চুনকাম করতে জানে না, ঠোঁটে আলতার পোঁছও টানে না—*অঠা*)। ২ সম্মার্জনা (ঝাড়পোঁছ)। { *স.* পুস্ত>*প্রা.* পুত্থ>পুঁছ>}

পোঁছা[১], **পুঁছা** [পোঁছা, পুঁ–] *ক্রি* ১ মুছে ফেলা; মোছা। ২ ঘর্ষণ করে দাগ বা সংলগ্ন পদার্থ উঠিয়ে ফেলা। ◻ *বি* সম্মার্জন। ◻ *বিণ* সম্মার্জিত। –**নো** *ক্রি* মোছানো; পরিষ্কার করা। ◻ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* পুস্ত>*প্রা.* পুত্থ>পুঁছ>}

পোঁছা[২] [পোঁছা] *ক্রি* ১ গণ্য করা; গ্রাহ্য করা (তোর কাছে বসে কে? তোকে পোঁছে কে?—*মীম*)। ২ খোঁজ–খবর নেওয়া; সম্ভাষণ করা। ৩ জিজ্ঞাসা করা; প্রশ্ন করা। { *হি* পুছনা}

পোঁছা[৩], **পোঁচা** [পোঁছা, –চা] *বি* অপেক্ষাকৃত বৃহদাকার মাছের লেজের অংশবিশেষ (চিতল মাছের পোঁছা)। ২ হাতের কব্জি থেকে প্রান্তভাগ অবধি অংশ (এঁটো হাতেই হাতের পোঁছায় গায়ের মাথায় কাপড় গোছায়—*সদ*; সমিদ্দির ঝামর চাকালি মোর তেমনি হাতের পোঁচা—*দীমি*)। { *স.* পুচ্ছ>}

পোঁটলা, পোটলা [পোঁটলা, পো–] *বি* বড় পুটুলি; গাঁটরি; বোঁচকা। ~ **পুটলি**, ~ **পুঁটলী** *বি* ছোট ও বড় বোঁচকা (থার্ড ক্লাসের যাত্রীরা পোঁটলা পুঁটলী লইয়া পাগলের মতো—*শচ*)। **পোটলি, পুটলি** *বি* পোটলার চেয়ে ছোট আকারের বোঁচকা। { *স.* পোট্টলি>}

পোঁটা [পোঁটা] *বি* ১ নাড়ি; অন্ত্র (মাছের পোঁটা)। ২ শ্লেষ্মা; শিকনি (নাকের পোঁটা)। ৩ (*আল.*, *অনাদরে*) ছোট ছেলে। { *ধ্বন্যা.*}

পোঁত [পোঁত্] *বি* ১ প্রোথিত অংশের পরিমাণ। ২ প্রোথন (তিন হাতে পোঁত)। { *স.* প্রোথিত>}

পোঁতা[১] [পোঁতা] *ক্রি* ১ প্রোথিত করা; ভূগর্ভে নিহিত করা। ২ রোপণ করা (চারা পোঁতা)। ◻ *বি, বিণ* উক্ত সকল

অর্থে। { স. প্রোথিত> }

পোঁতা² ⇒ পোতা

পোঁদ, পোংগা, পোঙ্গা [পোঁদ্, পোঙ্গা, –] *বি* ১ মলদ্বার; গুহ্যদেশ। ২ পাছা; নিতম্বের নিম্নাংশ। **–পাকা** *বিণ* ইঁচড়ে পাকা; অকালপক্ব। { *স.* পর্দ>*প্রা.* পংদ> }

পো [পো] *বি* পুত্র; ছেলে। { *স.* পুত্র> }

পোকা, পোক [পোকা, –ক্] *বি* ১ কীট (পোকায় কেটেছে)। ২ ক্ষুদ্র পতঙ্গবিশেষ। **উই–** *বি* শ্বেত পিপীলিকা। **কাঁচ –** ⇒ পোকা। **কুমরে –** *বি* মাটির বাসা নির্মাণকারী ভিমরুল আকৃতির পোকাবিশেষ। **গাঁধি –, গান্ধি –** *বি* অতি দুর্গন্ধযুক্ত পোকাবিশেষ, যা শরীরে লাগলে ঘা হয়ে যায়। **গুটি–** ⇒ গুটি। **গুবরে –** *বি* পচা গোবরে জন্মে এমন কীটবিশেষ। **চেলো –** *বি* চাল গম ইত্যাদি নাশকারী একপ্রকার কীট। **জুনি –** ⇒ জোনাকি। **ঝিঁঝি –** ⇒ ঝিঁঝি। **টিপ–** *বি* কালো রঙের কঠিন পাখাওয়ালা পোকাবিশেষ। **বইয়ের –** ⇒ বই। **শুঁয়া –** *বি* সূক্ষ্মমুখ, কাঁটাওয়ালা ও লোমযুক্ত শরীর এবং বহু পা-বিশিষ্ট এক প্রকার কীট। **শ্যামা –** ⇒ শ্যামা²। **সোনা –** *বি* উজ্জ্বল ময়ূরকণ্ঠী বর্ণের কীট যার পক্ষ কেটে টিপ তৈরি করা হয়। **– ধরা** *ক্রি* পোকা লাগা। **– পড়া** *ক্রি* পচে পোকা ধরা। **লোক না পোক**—পোকার মতো তুচ্ছ। { *স.* পুত্তিকা>; *স.* পুলক> }

পোক্ত [পোক্‌তো] *বিণ* দৃঢ়; মজবুত (বুকের পাটা শক্ত, সকল কাজে পোক্ত —*অঠা*)। ২ পরিপক্ব; পরিণত; অভিজ্ঞ (পাকাপোক্ত লোক)। { *ফা.* পুখতাহ پخته }

পোখরাজ [পোখ্‌রাজ্] *বি* এক জাতীয় মণি; পুষ্পরাগমণি; topaz (জড়ো করিলাম, পোখরাজ আর ইয়াকুত ভরা দিন— *ফআ*)। { *স.* পুষ্পরাগ> }

পোখরি *(মবা.)* [পোখ্‌রি] *বি* পুকুর; পুষ্করিণী (নিয়র পোখরি—*খব*)। { *স.* পুষ্করিণী>পুক্খরী> }

পোগণ্ড, পৌগণ্ড [পোগন্‌ডো, পৌ–] *বি* ১ পাঁচ থেকে পনেরো বছরের অনধিক শিশু বা বালক; অপোগণ্ড। ২ পঙ্গু; বিকলাঙ্গ। { *স.* পৌগণ্ড }

পোঙ্গা ⇒ পোঁদ

পোছল *(ব্র.)* [পোছল] *ক্রি* মুছল; পুছে ফেলল (বদন পোছল—*বিপ*)। { √পুছ্> }

পোছা ⇒ পুছা

পোট, পট [পোট্, প–] *বি* মনের মিল; সদ্ভাব। { √পুট্+অ }

পোটফোলিও, পোর্টফোলিও [পোট্‌ফোলিয়ো, পোর্‌ট্–] *বি* ১ অবাঁধা কাগজপত্রাদি রাখার জন্য ব্যবহৃত আধারবিশেষ। ২ ব্যাগ। ৩ মন্ত্রীর কর্মভার; দপ্তর। { *ই* portfolio }

পোটম্যান্টো, পোর্টম্যান্টো [পোটম্যান্‌টো, পোর্‌ট্–] *বি* টিন, লোহার পাত বা চামড়ার সিন্দুক বা বাক্স। { *ই* portmanteau }

পোটলা ⇒ পোঁটলা

পোড়, পোড়ন, পুড়ন [পোড়্, –ড়ন্, পুড়ন্] *বি* দহন; যন্ত্রণা; কষ্ট; জ্বালা। **– খাওয়া** *বিণ* ১ অগ্নির উত্তাপে পুড়ে শক্ত হয়েছে এমন বস্তু। ২ *(আল.)* অভিজ্ঞ; বিচক্ষণ (পোড় খাওয়া লোক)। { *স.* √পুট্>পুড়্+অন }

পোড়নি, পোড়ানি, পুড়ানি, পুড়ুনি [পোড়োনি, পোড়ানি, পুড়ানি, পুড়ুনি] *বি* ১ দহন; জ্বালা (হিয়া দগধনি পরান পোড়নি—*চদা*)। ২ জ্বালা-যন্ত্রণা (শরীরের পোড়ানি)। { *স.* √পুট্>পুড়্+অনি }

পোড়া, পুড়া [পোড়া, পু–] *ক্রি* ১ দগ্ধ হওয়া; জ্বলে যাওয়া (ঘরখানা পুড়ে গেছে)। ২ জ্বালাযন্ত্রণা হওয়া (জ্বরে শরীর পুড়ে যাচ্ছে)। ৩ শোকসন্তপ্ত হওয়া (পুত্রশোকে বিধবার অন্তর পুড়ে যাচ্ছে)। □ *বি* ১ দহন; জ্বালা। ২ যন্ত্রণা (জ্বালা-পোড়া)। □ *বিণ* ১ দগ্ধ; ভস্মীভূত। ২ হতভাগ্য; মন্দ; খারাপ (পোড়া কপাল, পোড়া দেশ)। ৩ কলঙ্কযুক্ত (পোড়া মুখ)। ৪ প্রতিকূল; বিরূপ (পোড়া ভাগ্য)। **–আ, –এঞা** *(মবা.)* *অক্রি* দগ্ধ করে; পুড়িয়ে। **পোড়েক** *ক্রি* পোড়ে (বিরহে পোড়েক—*বচ*)। **–নো** *ক্রি* ১ দগ্ধ করা; ভস্মীভূত করা; জ্বালানো। ২ কষ্ট দেওয়া; যন্ত্রণা দেওয়া। □ *বি* দহন; জ্বালানো। □ *বিণ* দাহিত। **–নে, –নিয়া** *বিণ* ১ দগ্ধকারক। ২ যন্ত্রণাদায়ক; ক্লেশদায়ক। **–নি/নী** *বিণ* *স্ত্রী.*। { *স.* √পুট্>পুড়্+আ }

পোড়ো¹ ⇒ পড়ুয়া

পোড়ো² ⇒ পড়ো

পোণা ⇒ পোনা

পোত [পোত্] *বি* নৌকা, কিশতি, জাহাজ প্রভৃতি যান (বিমানপোত, সমুদ্রপোত, বাষ্পীয় পোত)। { *স.* √পূ+ত(তন্) }

পোতক [পোতক্] *বি* পুত্র; ছেলে। **পোতকী** *স্ত্রী.*। { *স.* পোত+ক(কন্) }

পোতকী [পোতকি] *বি* পুঁই শাক। { *স.* পোতক+ঈ(ঙীপ্) }

পোতন [পোতোন্] *বি* পোঁতা; প্রোথিত করা। { *স.* √প্রোথ্> }

পোতলা [পোত্‌লা] *বি* পুতুল (সোনার পোতলা—*পূগী*)। { *স.* পুত্রিকা; *প্রা.* পুত্তলিআ>পুতলা }

পোতদার ⇒ পোদ্দার

পোতা¹, **পোঁতা** [পোতা, পোঁ–] *বি* ঘরের মেঝে; ভিত (পোড়ো ভিটের পোতার পরে শালিক নাচে, ছাগল চরে —*সদ*)। { *স.* পোত+*বা.* আ }

পোতা² [পোতা] *বি* পুত্রের পুত্র; পৌত্র (রাম ওঝার পোতরা নাম দামোদর—*কমু*)। { *স.* পৌত্র>*প্রা.* পোত্ত> }

পোতাধ্যক্ষ [পোতাদ্‌ধোক্‌খো] *বি* পোত-নায়ক; পোতের প্রধান চালক; জাহাজের কাপ্তেন; নাখোদা। { *স.* পোত+অধ্যক্ষ }

পোতারোহী [পোতারোহি] *বিণ* পোতের যাত্রী; নৌযাত্রী। { *স.* পোত+আরোহী }

পোতাশ্রয় [পোতাসস্রয়্] *বি* নৌকা, জাহাজ ইত্যাদির নিরাপদ আশ্রয়স্থান; বন্দর; harbour। { *স.* পোত+আশ্রয় }

পোত্রী [পোত্‌ত্রি] *বি* *(পরি.)* জরায়ু; placenta। { *স.* √পূ+ত্র(ষ্ট্রন্)+ইন্(ইনি) }

পোথা [পোথা] *বি* বড় পুঁথি বা পুস্তক (কহি সে সালের কথা যাতে বিরচিনু পোথা—*হেমা*)। { *স.* পুস্তক> পুথঅ> তুল. পুস্তিকা>পুত্থিয়া>পুথি }

পোদ [পোদ্] *বি* বাঙালি হিন্দু সম্প্রদায় বিশেষ; পৌণ্ড্রক্ষত্রিয়। { *স.* পুণ্ড্র> }

পোদ্দার, পোতদার [পোদ্‌দার, –ত্‌–] *বি* ১ মহাজন; কুসীদজীবী; যে সুদে টাকা ধার দেয় (পোতদার হৈল যম টাকায় আড়াই আনা কম—*কমু*)। ২ মুদ্রাগণক ও পরীক্ষক; মুদ্রার কৃত্রিমতা ও অকৃত্রিমতা পরীক্ষাকারী। ৩ যে বাটা নিয়ে টাকা ভাঙিয়ে দেয়। ৪ যারা সোনা–রুপা বেচাকেনা করে (রূপের সোনা রোজ আসে না বেচে না সে পোদ্দারি —*সদ*)। **পোদ্দারি** *বি* ১ পোদ্দারের কর্ম বা বৃত্তি; মহাজনি। ২ *(ব্য.)* কর্তাপনা; মোড়লিপনা (গরিবের ধনে আর কতদিন পোদ্দারি করবে?)। **পরের ধনে পোদ্দারি** ⇒ পর[১]। { *ফা.* ফ়ুত়াহ্‌দার فوطه دار }

পোনা, পোণা [পোনা] *বি* ১ রুই, কাতলা, মৃগেল, শোল, গজাল ইত্যাদি মাছের বাচ্চা। ২ রুই কাতলা প্রভৃতি মাছ (করিম বকস এক চাক গজার মাছের পোনার পেছনে লাগে—*আই*)। { *স.* পোতাধান> }

পোপান *(মবা.)* [পোপান্‌] *বি* ছেলেমেয়েরা; সন্তানগণ (রাতি পোহাইলে পোপানকে সাটে—*ডাকের বচন*)। { পোলা>পো+পান(বহুবচনার্থক প্রত্যয়) }

পোমেটম ⇒ পমেটম

পোয়া[১], পো [পোয়া, পো] *বি* ১ চার ভাগের এক ভাগ; সিকি (পোয়া মাইল)। ২ এক সেরের এক–চতুর্থাংশ (এক পোয়া দুধ)। ~**টাক** *বিণ* এক পোয়ার মতো; এক ক্রোশ বা দুই মাইলের চার ভাগের একভাগ পরিমাণ (কিন্তু পোয়াটাক পথ যাইতে না যাইতে—*বিব*)। ~**বারো** *বি* ১ পাশা খেলার একটি দান। ২ *(আল.)* পরম সৌভাগ্য; বিশেষ মূল্যবান প্রাপ্তি (অন্ধকার ত পকেটকাটা খলিফাদের পোয়াবারো—*শও*)। **চার–** *বিণ* সম্পূর্ণ; সমগ্র; পরিপূর্ণ; পুরাপুরি (কলির চার পো)। { *স.* পাদ> }

পোয়া[২] [পোয়া] *বি* ঢেঁকির কাতলা; যে কাষ্ঠ খণ্ডদ্বয়ের উপর ঢেঁকি ভর দিয়ে থাকে ও ওঠানামা করে (কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকী, আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকি—*ভারা*)। { *স.* পাদ> }

পোয়া[৩] [পোয়া] *বি* মসলা, গুড়, ময়দাদি যোগে প্রস্তুত তেলে ভাজা খাদ্যবিশেষ (পোয়া চই মইল কত—*মৈগী*)। { *স.* পূপ> }

পোয়াতি [পোয়াতি] *বি* ১ প্রসূতি (এগিয়ে এসে বড় ঠাকরুণ, সাত পোয়াতীর মা—*হেব*)। ২ নবজাত সন্তানের মাতা। ৩ অন্তঃসত্ত্বা; গর্ভিণী (পোয়াতী বউ–ঝিরা বুড়ীকে দেখলে তাড়াতাড়ি সরে যায় ঘরের মধ্যে—*হেহো*)। { *স.* পুত্রবতী> }

পোয়ানো ⇒ পোহানো

পোয়াল [পোয়াল্‌] *বি* খড়; বিচালি (ঢেঁকীশালে শয়ন আমার পোয়ালের খড়—*কমু*; আঁতুর ঘরে পোয়াল বিছানো বিছানায়—*সজ*)। { *স.* পলাল> }

পোর [পোর্‌] *বি* গোয়ালঘরের মশা–পোকা ইত্যাদি তাড়াবার জন্য যে ধোঁয়া দেওয়া হয় (গোয়ালে পোর দিয়ে বাঁশের পাখা দিয়ে বাতাস করে গোলাপী—*শাহ*)। { *অমূ.* }

পোরা, পুরা [পোরা, পু–] *ক্রি* ১ পূর্ণ করা; ভরা (কলসী জলে পোরা)। ২ প্রবেশ করানো; ঢুকানো (মুখে পোরা)। ৩ আবদ্ধ করা; আটক করা (জেলে পোরা)। ৪ ফুঁ দিয়ে বাজানো (আনন্দিত হইয়া সবে পোরে শিংগা বেণু—*চন্দা*)। ৫ পূর্ণ হওয়া; সফল হওয়া (আশা পোরা)। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* ১ পূরিত। ২ প্রবেশিত। ৩ আবদ্ধ। { *স.* √পুর> }

পোর্টফোলিও ⇒ পোর্টফোলিও

পোর্টম্যান্টো ⇒ পোর্টম্যান্টো

পোল [পোল্‌] *বি* পুল। ~**সারাত, পুলসিরাত** *বি* মুসলিম ধর্মমতে পরলোকের সাঁকোবিশেষ (একেবারে মৃত্যুর পোলসারাত পার করে দেবে—*দৌবা*)। { *ফা.* পুল پل }

পোল, পোলিং [পোল্‌, পোলিঙ্‌] *বি* যে স্থানে ভোটদান; ভোট গণনা প্রভৃতি নির্বাচন কার্য করা হয়। { *ই.* pole, polling }

পোলা [পোলা] *বি* ১ পুত্র; ছেলে। ২ সন্তান। –**পান** *বি* ছেলেপিলে (আলতু–ফালতু লোকের পোলাপান এলেবিলে পাস করছে—*আআআ*)। { *স.* পুত্র>পো+লা }

পোলাও [পোলাও] *বি* ঘৃতপক্ব অন্ন। { *ফা.* পলাও پلاو, *তুল. স.* পলান্ন }

পোলিও [পোলিয়ো] *বি* শিশুদের পায়ের রোগ যাতে পা পক্ষাঘাতগ্রস্ত হয়। { *ই.* polio }

পোলিং ⇒ পোল

পোলু ⇒ পলু

পোলো[১] ⇒ পলো

পোলো[২] [পোলো] *বি* অশ্বারোহীদের বন্দুক ক্রীড়াবিশেষ; ঘোড়ায় আরোহণপূর্বক হকির মতো এক প্রকার খেলা। **ওয়াটার**~ *বি* জলে সাঁতার কেটে বল খেলা। { *ই.* polo }

পোশ [পোশ্‌] *বি* ১ পরিধানকারী (আগে চলে লালপোশ খাসদরবার—*ভারা*)। ২ যা দিয়ে কোনো কিছু ঢাকা যায় (সরপোশ, বালাপোশ)। ৩ আচ্ছাদন। { *ফা.* পোশ্‌ پوش }

পোশাক [পোশাক্‌] *বি* পরিচ্ছদ; বেশ। { *ফা.* পোশাক پوشاک }

পোশাকি [পোশাকি] *বিণ* ১ পোশাক–সম্বন্ধীয়। ২ সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী। ৩ বিশেষ অনুষ্ঠান উপলক্ষে পরিধেয় (পোশাকি জামা)। ৪ বাহ্য (পোশাকি ভদ্রতা)। ৫ আড়ম্বরপূর্ণ; অভিজাত; বিশিষ্ট (পোশাকি নাম)। ~ **ভদ্রতা** *বি (ব্য.)* লোক দেখানো ভদ্রতা; ভদ্রতার মুখোশ। { *ফা.* পোশাক پوشاک +*বা.* ই }

পোষ[১] [পোশ্‌] *বি* বশ্যতা; অধীনতা স্বীকার; পালকের বশ্যতা। ~**মানা** *বিণ* বশ্যতা স্বীকার করে এমন (একখানি পোষ-মানা প্রাণ—*রঠা*)। { *স.* √পুষ্‌+অ(ঘঞ্‌) }

পোষ[২] ⇒ পৌষ

পোষক [পোশক্‌] *বিণ* ১ পোষণকারী; পালক। ২ সহায়ক। ৩ সমর্থক। ৪ পুষ্টিসাধক; পুষ্টিকর। –**তা** *বি* ১ সহায়তা। ২ সমর্থন; অভিন্ন মত পোষণ। ৩ সহায়ক; প্রমাণ। { *স.* √পুষ্‌+অক(ণ্বুল্‌) }

পোষড়া [পোশ্‌ড়া] *বি* পৌষপার্বণ; পৌষ মাসের সংক্রান্তিতে উৎসব (প্রবাসী পুরুষ যত পোষড়ার রবে ছুটি নিয়া ছুটাছুটি বাড়ী আসে সবে—*ঈগু*)। { *স.* পৌষ>পোষ+ড়া }

পোষণ [পোশোন্‌] *বি* পালন। ২ পুষ্টি; বর্ধন। ৩ মনে ধারণ। **পোষণীয়, পোষ্য** *বিণ* ১ পোষণের যোগ্য; পালনীয়। ২ প্রতিপাল্য। { *স.* √পুষ্‌+অন(ল্যুট্‌) }

পোষা [পোশা] *ক্রি* ১ পোষণ করা; পালন করা (নাহি পোষে বাপ মা প্রভাতে না করি তার নাম— *কমু*)। ২ বশে এনে পালন করা (বেজি পোষা)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* পালন করা হয়েছে এমন; প্রতিপালিত; পোষ মেনেছে এমন (পোষা বানর)। ~ **কুকুর** *বি* ১ পোষ মেনেছে এমন কুকুর। ২ *(ব্য.)* একান্ত বশংবদ ব্যক্তি; অত্যন্ত অনুগত লোক; দাসানুদাস। { *স.* √পুষ্> }

পোষানো [পোশানো] *বি* ১ সংকুলান হওয়া; আঁটানো; কুলানো। □ *ক্রি* ১ বনিবনা হওয়া (ওর সঙ্গে আমার পোষাবে না; রমেশের সাথে ঘর করা তার পোষাবে না— *রাখা*)। ২ অন্যের দ্বারা পালন করানো; প্রতিপালন করা। { *স.* √পুষ্> }

পোষানি [পোশানি] *বি* পোষার বা পালনের খরচ; দুধের বদলে প্রতিপালনের ভার দেওয়া। { *স.* পোষ+ *বা.* আনি }

পোষায় *(মবা.)* [পোশায়] *ক্রি* পোহায় (রাত্র পোষায়— *পূগী*)। { *তুল.* পোহায়> }

পোষিণী *(মবা.)* [পোশিনি] *বি* ভরণপোষণকারিণী (তর্পণের ফল লহ দুর্বল পোষিণী— *কমু*)। { *স.* পোষণ+ *বা.* ইয়া> }

পোষিত [পোশিতো] *বিণ* ১ পালিত; প্রতিপালিত। ২ বর্ধিত; পুষ্ট। { *স.* √পুষ্+ত(ক্ত) }

পোষ্টা(–ষ্ট্র) [পোশ্‌টা] *বিণ* ১ পোষক; পোষণকারী। ২ প্রতিপালক। { *স.* √পুষ্+তৃ(তৃচ) }

পোষ্টাই [পোশ্‌টাই] *বিণ* পুষ্টিকর; বলকারক (পোষ্টাই খাদ্য)। □ *বি* পুষ্টি। { *স.* পুষ্ট> *বা.* আই }

পোষ্য [পোশ্‌শো] *বিণ* পালনের যোগ্য; প্রতিপাল্য; পোষণীয়। □ *বি* পালনীয় ব্যক্তিগণ; প্রতিপাল্য লোকেরা; পরের অন্নে পালিত ব্যক্তিবর্গ। ~**পুত্র** *বি* দত্তক পুত্র; নিজের সন্তানরূপে গৃহীত ও প্রতিপালিত অন্যের সন্তান। { *স.* √পুষ্+য(ণ্যৎ) }

পোস্ট, পোষ্ট [পোস্‌ট্] *বি* ১ চিঠি; পুস্তক; কাগজের পুলিন্দা প্রভৃতি এক স্থান থেকে অন্য স্থানে বিলির সরকারি ব্যবস্থা। ২ ডাক (আজকের পোস্টে কোনো চিঠি আছে?)। ৩ খাম; খুঁটি (লাইটপোস্ট)। ৪ পদ (প্রফেসরের পোস্ট)। ~ **অফিস** *বি* ডাকঘর; পত্রাদি প্রেরণের ও প্রাপ্তির স্থান। ~**কার্ড** *বি* ডাকঘরের চিত্রাঙ্কিত পত্র লিখবার নির্দিষ্ট আকার ও ওজনের কাগজবিশেষ। ~ **গ্রাজুয়েট** *বি,বিণ* প্রথম ডিগ্রির পরবর্তী স্তর; বিএ, বিএসসি, বিকম প্রভৃতি উপাধি লাভের পর এমএ, এমএসসি ও এমকম ডিগ্রি (চল বড়ু রসতত্ত্ব শিখিব পোস্ট-গ্রাজুয়েট ক্লাসে— *সদ*)। ~**মাস্টার** *বি* ডাকঘরের ভারপ্রাপ্ত প্রধান কর্মচারী। **বুক**~ *বি* ডাকে পাঠাবার জন্য পুস্তকের বা পত্রপত্রিকাদির মুখ খোলা পুলিন্দাবিশেষ; ডাকে পাঠাবার মুদ্রিত কাগজ ও পত্রিকার প্যাকেট। **বেয়ারিং** ~ *বি* ১ বিনা মাসুলে বা ডাকটিকেট ছাড়া যা ডাকে প্রেরণ করা হয় এবং প্রাপককে যার জন্য দ্বিগুণ মাসুল দিতে হয়। ২ *(ব্য.)* অন্যের উপর নির্ভরশীলতা (খাওয়া দাওয়া বেয়ারিং পোস্টে চলছে)। **ভিপি** ~, **ভিপি** *বি* যা প্রাপককে মূল্য দিয়ে নিতে হয়। **ল্যাম্প**~ *বি* রাস্তায় প্রোথিত আলোর থাম বা খুঁটি। { *ই.* lamp post }

পোস্টার [পোস্‌টার্] *বি* প্রাচীরপত্র (ডালিয়া পোস্টার লিখছে বড় বড় কাগজ বড় বড় হরফ— *আআআ*; সিনেমা পোস্টারে যেমন— *সৈশা*)। { *ই.* poster }

পোস্ত[১] [পোস্‌তো] *বি* ১ আফিম ফলের বীজ বা বিচি। ২ পশুর চামড়া। { *ফা.* পুস্‌ত پوست }

পোস্ত[২], **পোস্তা** [পোস্‌ত্, পোস্‌তা] *বি* ১ দেহের বাঁধন (মেরে পোস্তা উড়িয়ে দিয়েছে— *দ্বিরা*)। ২ গঞ্জ; আড়ত; বিক্রয়স্থল। ৩ দেয়াল বাঁধ ইত্যাদি দৃঢ় করবার জন্য গাঁথনি বা ঠেকনা। { *ফা.* পুস্‌ত پوست }

পোহ, পোহো [পোহো] *বি* পুত্র। { *স.* পোত> }

পোহানো, পোয়ানো [পোহানো, –য়ানো] *ক্রি* ১ ভোর হওয়া; সকাল হওয়া (রাত পোহানো)। ২ কাটানো; যাপন করা; অতিবাহিত করা (জীবন পোহানো)। ৩ সেবন করা (আগুন পোহানোর জন্য ঘর জ্বালিয়ে আগুন করে দিতে হবে— *শাআ*)। ৪ সহ্য করা (ঝামেলা পোহানো)। { *স.* প্র+√ভা=প্রভা>পোহা+*বা.* আনো,> }

পৌচ ⇒ পৌছ

পৌছ, পৌচ [পৌছ, –চ] *বি* ১ নাগাল; লাগ (তার পৌছ পাওয়া গেল না)। ২ গন্তব্যস্থলে উপস্থিতি (পৌছ সংবাদ)। { *তুল. হি.* পহুঁচনা }

পৌছন, পৌছনো ⇒ পৌছা

পৌছা, পঁহুছা [পৌউছা, পোঁহুছা] *ক্রি* উপস্থিত হওয়া (এত ক্ষণে পৌছে গেছে)। ২ নাগাল পাওয়া (হাতে পৌছেনি)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**নো, পৌছনো, পঁহুছন, পঁহুছন** *ক্রি* ১ পৌছা। ২ নির্দিষ্ট স্থানে রেখে আসা (জিনিসটা বাড়ি পৌছে দিও)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *তুল. হি.* পহুঁচনা }

পৌগণ্ড ⇒ পোগণ্ড

পৌণ্ড্র ⇒ পুণ্ড্র

পৌত্তলিক [পোউত্‌তোলিক্] *বিণ* পুতুলপূজক; মূর্তিপূজাকারী। ~**তা** *বি* মূর্তির উপাসনা। { *স.* পুত্তলিকা+ অ(অণ্) }

পৌটেক *(মবা.)* [পোউটেক] *বিণ* পোয়াটাক (পোটেক চালের অন্ন— *কমু*)। { পোয়াটাক> }

পৌত্র [পৌউত্‌ত্রো] *বি* ছেলের ছেলে; পুত্রের পুত্র বা তৎস্থানীয় ব্যক্তি; নাতি। **পৌত্রী** *বি* পুত্রের কন্যা বা তৎস্থানীয় নারী; নাতনি। { *স.* পুত্র+ অ(অণ্) }

পৌনঃপুনিক [পোউনোপ্‌পুনিক্] *বিণ* পুনঃপুন ঘটে এমন; বারংবার সংঘটিত হয় এমন। ~ **দশমিক** *বি* আবৃত্ত দশমিক; recurring decimal। ~**তা, পৌনঃপুন্য** *বি* বারংবার সংঘটন; বারংবার ঘুরে আসা; পুনঃপুন অনুবর্তন (কোনো বিষয়ে তোমার অত্যন্ত পৌনঃপুন্য আছে— *অচিসে*)। { *স.* পুনঃ+পুনঃ+ইক(ঠঞ্) }

পৌনর্ভব [পোউনর্‌ভবো] *বি* বিধবা বা স্বামী পরিত্যক্তা কর্তৃক পুনরায় বিবাহিত স্বামীর ঔরসে জাত পুত্র। { *স.* পুনর্ভূ+অ(অণ্) }

পৌনে [পোউনে] *বিণ* একপাদ বা সিকি কম; চারি ভাগের তিন ভাগ (পৌনে একসের)। { *স.* পাদোন> }

পৌর [পোউরো] *বিণ* ১ পুরবাসী; নাগরিক (পৌরজন)। ২

নগর বা পুর-সংক্রান্ত; মিউনিসিপ্যাল (পৌরসভা)। ৩ নাগরিক হিসেবে প্রাপ্য (পৌর অধিকার)। -সভা *বি* মিউনিসিপ্যালিটি; মিউনিসিপ্যাল কর্পোরেশন। -স্ত্রী *বি* পুরনারী; অন্তঃপুরবাসিনী। {*স.* পুরস+অ(অণ্)}

পৌরব [পোউরব্] *বিণ* পুরুরাজের বংশে উৎপন্ন; পুরুবংশীয়। {*স.* পুরু+অ(অণ্)}

পৌরাঙ্গনা [পোউরাঙ্‌গনা] *বি* পুরনারী; অন্তঃপুরবাসিনী। {*স.* পৌর+ অঙ্গনা}

পৌরাণিক [পোউরানিক্] *বি* পুরাণ সংক্রান্ত। □ *বিণ* পুরাতন; প্রাচীন (কালক্রমে ঐ পৌরাণিক পুতুলকে বিবাহ করে—*রঠা*)। ২ পুরাণের বিষয়বস্তু অবলম্বনে রচিত (পৌরাণিক নাটক)। ৩ পুরাণ। {*স.* পুরাণ+ইক(ঠক)}

পৌরাণিকী [পোউরানিকি] *বিণ স্ত্রী.* পুরাণের সঙ্গে সম্পর্কযুক্ত (পৌরাণিকী মেয়েটির হাত থেকে রক্ষা পাওয়া গেল বটে—*রঠা*)। {*স.* পৌরাণিক+ঈ(ঙীপ্)}

পৌরুষ [পোউরুশ্] *বি* ১ পুরুষজনোচিত ভাব ধর্ম বা আচার-ব্যবহার। ২ পুরুষকার (আমার শাস্ত্র অনিত্য পৌরুষের পরিবর্তনসহ—*রাব*)। ৩ তেজ; বীর্য; পরাক্রম; বীরত্ব (দৃঢ় পৌরুষ বাদশাজাদার—*মামো*)। ৪ পুরুষত্ব। ৫ পুরুষের রতিশক্তি। {*স.* পুরুষ+অ(অণ্)}

পৌরুষেয় [পোউরুশেয়ো] *বিণ* ১ পুরুষ সম্পর্কিত। ২ মনুষ্য রচিত; মনুষ্যকৃত। {*স.* পুরুষ+এয় (ঢক)}

পৌরোহিত্য [পোউরোহিত্‌তো] *বি* ১ পুরোহিতের কর্ম বা বৃত্তি; যাজন ক্রিয়া; পুরোহিতগিরি। ২ সভাপতিত্ব; নেতৃত্ব। {*স.* পুরোহিত+য(যক্)}

পৌর্ণমাসী [পোউর্‌নোমাশি] *বি* ১ পূর্ণিমা তিথি; যে তিথিতে চাঁদের ষোলোকলা পূর্ণ হয় (আজ দীর্ঘ পৌর্ণমাসী যাপিয়াছি নির্জন বাসরে—*মোম;* সেই অন্ধকারের মধ্যে হজরত মুহম্মদ মুস্তফা (সা.) পৌর্ণমাসী শারদীয় শশধরের ন্যায় প্রকাশ পাইয়াছিলেন—*আর*)। ২ বৈষ্ণবশাস্ত্রে কৃষ্ণলীলা সংঘটয়িত্রী যোগমায়ার একটি রূপ। ৩ বৈষ্ণব সাহিত্যে বর্ণিত বর্ষীয়সী নারী। {*স.* পূর্ণমাস+অ(অণ্)+ ঈ(ঙীপ্)}

পৌর্ব [পোউরবো] *বিণ* পূর্বগত; পূর্বকালের; বিগত। ২ পূর্বদিকের। ৩ প্রাচ্য। **পৌর্বী** *বিণ স্ত্রী.*। -দেহিক, -দৈহিক *বিণ* ১ পূর্বদেহসম্বন্ধীয়। ২ পূর্বজন্মগত। {*স.* পূর্ব+অ(অণ্)}

পৌর্বাপর্য [পোউরবাপরজো] *বি* ১ পূর্ব ও পর সম্বন্ধ। ২ অনুক্রম; আনুপূর্বিক। {*স.* পূর্বপর+য(ষ্যঞ)}

পৌর্বাহ্নিক [পোউরবানহিক্] *বিণ* ১ দ্বিপ্রহরের পূর্বকালীন; প্রাতঃকালীন। ২ পূর্বাহ্ন-সংক্রান্ত। {*স.* পূর্বাহ্ন+ইক(ঠঞ)}

পৌষ, পউষ [পোউশ্] *বি* বাংলা বৎসরের নবম মাস। -পার্বণ *বি* পৌষ-সংক্রান্তি উপলক্ষে পিষ্টকাদি ভোজনের উৎসব; পৌষমাসে পিঠা ভক্ষণ-উৎসব। **পৌষা, পৌষে** *বিণ* ১ পৌষ-সংক্রান্ত। ২ পৌষ মাসে জাত। {*স.* পুষ্য+অ(অণ্)}

পৌষালি, পৌষালী [পোউশালি] *বিণ* ১ পৌষ মাসে জন্মে বা প্রস্তুত হয় এমন। ২ পৌষমাস সম্বন্ধীয় (কুয়াশা জড়ানো ঢুলু ঢুলু পৌষালি প্রহর—*সাহ*)। {*স.* পুষ্য+অ(অণ্)+*বা.* আলি}

পৌষ্টিক [পোউশ্‌টিক্] *বি* ১ পুষ্টিকর; বলকারক। ২ পুষ্টিসাধক কাজ। {*স.* পুষ্টি+ইক(ঠঞ)}

প্যাঁ [প্যাঁ] *অব্য* শিশুর ক্রন্দন ধ্বনি; বাচ্চার কান্নার শব্দ। {*ধ্বন্যা.*}

প্যাঁক [প্যাঁক্] *বি* হাঁস এবং হাঁসের ডাক। {*ধ্বন্যা.*}

প্যাঁকাটি ⇒ পেঁকাটি

প্যাঁচ ⇒ পেঁচ

প্যাঁচা ⇒ পেঁচা

প্যাঁচাও, প্যাঁচাল, প্যাঁচালো ⇒ পেঁচাও

প্যাঁচানো ⇒ পেঁচানো

প্যাঁটরা ⇒ পেটরা

প্যাঁড়া ⇒ পেড়া[১] ও পেড়া[২]

প্যাঁদানো ⇒ পেঁদানো

প্যাকবন্দি [প্যাক্‌বোন্‌দি] *বিণ* বাক্স বা অপর কোনো আধারে বিশেষভাবে আবদ্ধ। {*ই* packed+বন্দি}

প্যাকাটি ⇒ পেঁকাটি

প্যাকিং [প্যাকিঙ্] *বি* ১ কোনো কিছুর ভিতরে বিশেষভাবে বদ্ধ বা আবদ্ধকরণ। ২ মোড়ক; মোড়ানো অবস্থা। {*ই* packing}

প্যাকেট [প্যাকেট্] *বি* পুলিন্দা; পুটলি; কাগজ বা কাপড় দ্বারা আবৃত নাতিবৃহৎ বস্তু যা সহজে বহনযোগ্য। {*ই* packet}

প্যাক্ট [প্যাকট্] *বি* চুক্তি (সবাই প্যাক্টের সূত্রে গোষ্ঠীবদ্ধ—*নীই*)। {*ই* pact}

প্যাখম ⇒ পেখম

প্যাচপ্যাচ, পচপচ [প্যাচ্‌প্যাচ্, পচ্‌পচ্] *অব্য* জলকাদায় চলবার শব্দ বা জলকাদায় একাকার হয়ে যাবার ভাব (রাস্তাঘাট কাদা প্যাচপ্যাচ করছে)। **প্যাচপেচে, পচপচে** *বিণ* প্যাচপ্যাচ করে এমন। {*ধ্বন্যা.*}

প্যাটরা ⇒ পেটরা

প্যাটার্ন [প্যাটারন্] *বি* ছাঁচ; আদর্শ; নমুনা; দৃষ্টান্ত; আদল (তারা মহাকাব্যের প্যাটার্নকে অনুসরণ করেছিলেন—*কাআমা*)। {*ই* pattern}

প্যাড়া ⇒ পেড়া[১] ও পেড়া[২]

প্যাডেল [প্যাডেল্] *বি* পায়ের চাপ দিয়ে চাকা ঘুরিয়ে যন্ত্র বা যান চালাবার পাদান। {*ই* paddle}

প্যানইসলামবাদ [প্যানইস্‌লাম্‌বাদ] *বি* বিশ্ব মুসলিম ঐক্যে বিশ্বাস। **প্যানইসলামবাদী** *বিণ* বিশ্ব মুসলিম ঐক্যে বিশ্বাসী (সমাজের এক অংশে ধর্মীয় দৃষ্টিভঙ্গী থেকে ইংরেজ শাসন বিরোধী যে মনোভাবের সূচনা হয় তার পরিণতি দেখা দেয় প্যানইসলামবাদী ভাবধারার প্রসারে—*আনিস*)। {*ই* pan-Islamism}

প্যানপ্যান [প্যান্‌প্যান্] *অব্য* নাকি সুরে কান্নার ভাব; নাছোড়বান্দা হয়ে পুনঃপুন অনুনয়ের ভাবব্যঞ্জক। **প্যানপ্যানানো** *বি* প্যানপ্যান করণ। **প্যানপেনে** *বিণ* প্যানপ্যান করার স্বভাবযুক্ত (ছেলেটা ভারী প্যানপেনে)। {*ধ্বন্যা.*}

প্যানেল [প্যানেল্] *বি* বিশেষ নির্বাচিত কয়েক ব্যক্তিকে সদস্য করে গঠিত দল। {*ই* panel}

প্যান্ট [প্যানট] *বি* ১ ইউরোপীয় পায়জামাবিশেষ (প্যান্ট কোট জুতো মোজা—*অচিসে*)। ২ ইজের। **ফুল–** *বি* গোড়ালি পর্যন্ত লম্বা বিশেষ ধরনের পায়জামা। **হাফ–** *বি* হাঁটু অবধি লম্বিত পায়জামা। { *ই.* pantaloons}

প্যান্টোমাইম [প্যানটোমাইম] *বি* কথা না বলে অঙ্গভঙ্গির দ্বারা গল্প ইত্যাদির কৌতুকাভিনয়; মূকাভিনয় (প্যান্টোমাইমগুলোতেই শিশুরা বেশী আনন্দ পায়—*মুআহা*)। { *ই.* pantomime}

প্যান্ডেল, পেন্ডেল, প্যান্ড্যাল [প্যানডেল্, --, –ড্যা-] *বি* সভামণ্ডপ; উন্মুক্ত স্থানে সভা করার জন্য উপরে চাঁদোয়া ও ভূমিতে আসন ইত্যাদি দ্বারা সজ্জা (প্যান্ডেলে সকলে আসন গ্রহণ করবেন)। { *ই.* pandal; *তা.* pantal}

প্যান [প্যান্] *বিণ* সর্ব। { *ই.* pan}

প্যারা [প্যারা] *বি* লেখায় এক বা একাধিক বাক্য দ্বারা গঠিত অংশ। { *ই.* paragraph}

প্যারী ⇒ পেয়ারি[১]

প্যারেড [প্যারেড্] *বি* ১ আড়ম্বর; সমারোহ (যেন বা প্যারেড কোনো উৎসব—*বিদে*)। ২ সামরিক কুচকাওয়াজ; আনুষ্ঠানিক কুচকাওয়াজ। { *ই.* parade}

প্যালা ⇒ পেলা

প্যাসেঞ্জার [প্যাসেনজার্] *বি* শকট বা কোনোরূপ যানের যাত্রী (যিনি টিকিটের প্যাসেঞ্জার—*অচিসে*)। ☐ *বিণ* যাত্রীবাহী (প্যাসেঞ্জার ট্রেন)। **– ট্রেন** *বি* যাত্রীবাহী ট্রেন বা রেলগাড়ি (প্যাসেঞ্জার ট্রেনে এলাহাবাদ আসিতে বাধ্য হয়—*বিব*)। { *ই.* passenger}

প্র [প্রো] *অব্য* ১ উপসর্গবিশেষ। ২ উৎকর্ষ আধিক্য ব্যাপকতা প্রভৃতি ভাবব্যঞ্জক উপসর্গ। { *স.* উপসর্গবিশেষ}

প্রকট [প্রোকট্] *বিণ* ১ বিশেষরূপে ব্যক্ত; উৎকট (আগে বড় পিছে ছোট বিধির প্রকট—*ভারা*)। ২ প্রকাশ্য; প্রকাশিত (প্রকটে কহিও কথা লোকাচার যত। গোপনে রাখিও মন যথা মনোরথ—*সৈআ*)। ৩ স্পষ্ট; মূর্ত; বিশদ (বেশি প্রকট হয়ে কাজ নেই—*মব*)। **–ন** *বি* প্রকটকরণ বা প্রকাশকরণ। **–লীলা** *বি* কৃষ্ণের বৃন্দাবনে প্রকাশ্য লীলা। **প্রকটিত** *বিণ* ব্যক্ত; প্রকাশিত; স্পষ্ট। { *স.* প্র+√ কট্+অ(অচ্)}

প্রকম্প, প্রকম্পন [প্রোকম্পো, –ম্পন্] *বি* অত্যন্ত কম্পন। **প্রকম্পিত** *বিণ* বিশেষভাবে কম্পিত; প্রকম্পযুক্ত (প্রতাপে ধরাতল প্রকম্পিত হইল)। { *স.* প্র+√কম্প্+অ(ঘঞ্)}

প্রকর [প্রোকর্] *বি* ১ পুষ্পাদির স্তবক। ২ রাশিসমূহ। ৩ সাহায্য; সহায়তা। ৪ কর্মঠ; কর্মপটু। { *স.* প্র+√কৃ+ অ(অপ্)}

প্রকরণ [প্রোকরোন্] *বি* ১ গ্রন্থের পরিচ্ছেদ; বইয়ের অংশবিশেষ। ২ প্রক্রিয়া; পদ্ধতি। ৩ প্রসঙ্গ; আলোচ্য বিষয়। ৪ কোনো বিষয়ের সূত্রসমূহ (পদপ্রকরণ, কারকপ্রকরণ)। { *স.* প্র+√কৃ+অন(ল্যুট্)}

প্রকর্ষ [প্রোকর্শো] *বি* শ্রেষ্ঠত্ব; উৎকর্ষ; উন্নতি; শ্রীবৃদ্ধি; সমৃদ্ধি। { *স.* প্র+√কৃষ্+অ(ঘঞ্)}

প্রকর্ষণ [প্রোকরশোন্] *বি* বিশেষভাবে আকর্ষণ। ২ প্রকর্ষ। ৩ উন্নতি লাভের ইচ্ছায় প্রকৃষ্টরূপে অনুশীলন। **চিৎপ্রকর্ষ** *বি* চিৎ শক্তির বিকাশ; culture। { *স.* প্র+√কৃষ্+ অন(ল্যুট্)}

প্রকল্প [প্রোকল্‌পো] *বি* ১ পরিকল্পনা; উপপত্তি; project। ২ যুক্তিতর্ক সমর্থিত অনুমান বা সিদ্ধান্ত; মত; theory; hypothesis। { *স.* প্র+কল্প}

প্রকাণ্ড [প্রোকানডো] *বিণ* ১ অত্যন্ত বৃহৎ; অতিশয় বড়; মস্ত; বিশাল। ২ বৃক্ষকাণ্ড; গাছের গুঁড়ি। { *স.* প্র+কাণ্ড}

প্রকার, পরকার [প্রোকার্, পরোকার্] *বি* ১ জাতি; শ্রেণি; ধরন (বহু প্রকার মানুষ)। ২ রীতি; প্রণালি (কি প্রকারে)। ৩ প্রভেদ। **প্রকারান্তর** *বি* অন্য প্রকার; অন্য রীতি; ভিন্ন প্রকার। { *স.* প্র+√কৃ+অ(ঘঞ্)=প্রকার, >পরকার (স্বরাগমে)}

প্রকাশ, পরকাশ [প্রোকাশ্, পরোকাশ্] (*পদ্য.*) *বি* ১ দেখানো; প্রকটীকরণ; প্রদর্শন; ব্যঞ্জনা; ব্যক্তকরণ (দুঃখ প্রকাশ)। ২ উদয়; বিকাশ (চন্দ্রের প্রকাশ)। ৩ ফোটা; প্রস্ফুটন (ফুলের প্রকাশ)। ৪ সাধারণের সম্মুখে প্রচার; জাহির (গুপ্তকথা প্রকাশ)। ৫ ছাপিয়ে বিক্রয়ের ব্যবস্থাকরণ (পত্রিকা প্রকাশ)। ☐ *বিণ* ব্যক্ত; বিজ্ঞাত; প্রচারিত (প্রকাশ যে)। **প্রকাশক** *বি, বিণ* প্রকাশকারী। ☐ *বি* যে পুস্তকাদি ছাপিয়ে প্রকাশ করে; publisher। **প্রকাশিকা** *বি স্ত্রী.*। **প্রকাশন, প্রকাশনা** *বি* পুস্তকাদি প্রকাশকরণ। **প্রকাশনীয়** *বিণ* প্রকাশযোগ্য; প্রকাশের উপযুক্ত। **প্রকাশমান** *বিণ* ১ প্রকাশিত হচ্ছে এমন; প্রকাশ পাচ্ছে এরূপ। ২ পরিস্ফুট; বিশদ; স্পষ্ট; ব্যক্ত। **প্রকাশিত** *বিণ* প্রকাশ করা হয়েছে এমন। **প্রকাশিতব্য** *বিণ* ১ প্রকাশযোগ্য। ২ প্রকাশ করতে হবে বা প্রকাশিত হবে এমন। **প্রকাশ্য** *বিণ* ১ প্রকাশযোগ্য; প্রকাশনীয়; প্রকাশের উপযুক্ত (রোদনের কারণ যদি প্রকাশ্য হয় তবে আমার নিকট প্রকাশ কর—*বচ*)। ২ প্রকাশিত হবে এমন (ক্রমশ প্রকাশ্য)। ৩ সাধারণের অধিগম্য (প্রকাশ্য সভা)। ৪ খোলাখুলি; সকলের সম্মুখে কৃত (প্রকাশ্যে আলোচনা)। **প্রকাশ্য দিবালোকে** *ক্রিবিণ* দিনের বেলায় ও সর্বজনের দৃষ্টিগোচরে। **প্রকাশ্যে** *ক্রিবিণ* সাধারণের সম্মুখে (প্রকাশ্যে বলা)। { *স.* প্র+√কাশ্+অ(অচ্)>(স্বরাগম) পরকাশ}

প্রকীর্ণ [প্রোকির্‌নো] *বিণ* ১ ছড়ানো; বিকীর্ণ; বিক্ষিপ্ত। ২ বিবিধ। { *স.* প্র+√কৄ+ত(ক্ত)}

প্রকীর্তি [প্রোকির্‌তি] *বি* প্রচুর যশ; বিপুল খ্যাতি। **–ত** *বিণ* ১ বিশেষভাবে খ্যাতি প্রচার করা হয়েছে এরূপ। ২ অত্যন্ত যশস্বী; বিশেষ খ্যাতিমান। { *স.* প্র+কীর্তি+ তি(ক্তিন্)}

প্রকুতি [প্রোকুতি] (*মবা.*) *বিণ* আকুল (মানিবা তাহান আজ্ঞা নাঃ হৈবা প্রকুতি—*দৌবা*)। { *স.* প্র+√কু+তি(ক্তি)}

প্রকুপিত [প্রোকুপিতো] *বিণ* অত্যন্ত রুষ্ট বা রাগান্বিত। **প্রকুপিতা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√কুপ্+ত(ক্ত)}

প্রকৃত [প্রোকৃতো] *বিণ* সত্য; আসল; যথার্থ; বি.শুদ্ধ; বাস্তবিক। **–ত্ব** *বি* প্রকৃত অবস্থা; সত্যতা। **–পক্ষে, –প্রস্তাবে** *ক্রিবিণ* আসলে; যথার্থভাবে; বস্তুত; বাস্তবিক (কিন্তু প্রকৃত প্রস্তাবে আরবদেশ দুইভাবে বিভক্ত—*আর*)। **প্রকৃতার্থ** *বি* আসল মানে; সত্য অর্থ; অন্তর্নিহিত তাৎপর্য, গূঢ় মর্মার্থ। { *স.* প্র+√কৃ+ত(ক্ত)}

প্রকৃতি [প্রোকৃতি] *বি* ১ স্বভাব; চরিত্র; আচার-আচরণ;

ব্যবহার (মন্দ প্রকৃতি)। ২ স্বভাবগত গুণাগুণ; ধর্ম (বস্তু প্রকৃতি)। ৩ বাহিরের জগৎ; নিসর্গ (প্রকৃতির শোভা)। ৪ সৃষ্টির মূল বা আদি কারণ; আদ্যাশক্তি। ৫ সত্ত্ব, রজঃ, তমঃ—এই তিন গুণের আধার। ৬ সাংখ্যমতে নির্গুণ চৈতন্যময় পুরুষের বিপরীত ত্রিবিধ গুণের জড়তত্ত্ব—পুরুষ সান্নিধ্য দ্বারা এর মধ্যে চৈতন্যের আধান হয়। ৭ প্রজাপুঞ্জ (প্রকৃতি রঞ্জন)। ৮ নারী। ৯ মায়া; অবিদ্যা। ১০ বিভক্তিহীন ধাতু বা শব্দ। ~গত *বিণ* স্বভাবগত; স্বভাবসিদ্ধ। ~জ, ~জাত, ~সিদ্ধ *বিণ* ১ স্বাভাবিকভাবে জাত; স্বভাবজাত। ২ নৈসর্গিক; প্রাকৃতিক। ~ পূজা *বি* বৃক্ষ পর্বতাদি জড় প্রকৃতির আরাধনা। ~বাদ *বি* ১ প্রকৃতি দ্বারাই দুনিয়ার সৃষ্টি ও ধ্বংস নিয়মে সাধিত হয়—এই মতবাদ। ২ জড়বাদ। ৩ শব্দের মূল ও অর্থের বিচার। ~বিরুদ্ধ *বিণ* স্বভাবগত নয় এমন; অস্বাভাবিক। ~স্থ *বিণ* ১ স্বাভাবিক অবস্থাপ্রাপ্ত। ২ ধাতস্থ। ৩ শান্ত (তার মন প্রকৃতিস্থ ছিল না—*রঠা*)। { *স.* প্র+√কৃ+তি(ক্তি)}

প্রকৃষ্ট [প্রোকৃশ্‌টো] *বিণ* ১ উত্তম; শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; পরম। ২ প্রশস্ত। **প্রকৃষ্টা** *বিণ স্ত্রী*। ~তা, ~ত্ব *বি* ১ শ্রেষ্ঠত্ব। ২ প্রশস্ততা। { *স.* প্র+√কৃষ্‌+ত(ক্ত)}

প্রকোপ [প্রোকোপ্‌] *বি* প্রাবল্য; আধিক্য (রোগের প্রকোপ)। ২ অধিক ক্রোধ। ~ন, ~ণ *বি* ১ উত্তেজনা। ২ ক্রুদ্ধকরণ; রাগানো। ৩ বৃদ্ধিকরণ; বাড়ানো। **প্রকোপিত** *বিণ* ১ রাগান্বিত; ক্রুদ্ধ। ২ উত্তেজিত। ৩ বাড়ছে এমন; বৃদ্ধিপ্রাপ্ত। { *স.* প্র+√কুপ্‌+অ(ঘঞ্)}

প্রকোষ্ঠ [প্রোকোশ্‌ঠো] *বি* ১ ঘর; কক্ষ; কোঠা (অট্টালিকার প্রত্যেক প্রকোষ্ঠ—*রঠা*)। ২ দরজার পার্শ্বস্থ কোঠা বা ঘর। ৩ মহল (উদার নয়ন ব্যাহত প্রকোষ্ঠ মাঝে—*রবা*)। ৪ কনুই থেকে মণিবন্ধ অবধি অংশ (তাঁহার অনাবৃত প্রকোষ্ঠে হীরকমণ্ডিত চুড় এবং বিচিত্র কারুকার্য খচিত পরিচ্ছদ—*বচ*)। { *স.* প্র+√কুষ্‌+থ(থন্‌)}

প্রকৌশল [প্রোকোউশল্‌] *বি* শক্তির প্রয়োগ ও নিয়ন্ত্রণ-সংক্রান্ত ফলিত বিজ্ঞান; প্রযুক্তিবিদ্যা; engineering। **প্রকৌশলী** *বি* প্রকৌশলের বিভিন্ন শাখায় কাজ করেন এমন ব্যক্তি; engineer (পূর্ত প্রকৌশলী; যন্ত্র প্রকৌশলী)। { *স.* প্র+কৌশল}

প্রক্রিয়া [প্রোক্‌ক্রিয়া] *বি* কার্যসাধনের নিমিত্ত বিশেষ প্রণালি; প্রবহমান ধারা (সাংস্কৃতিক প্রক্রিয়া)। { *স.* প্র+√কৃ+অ(শ)}

প্রক্ষাল [প্রোক্‌খালো] *ক্রি* প্রক্ষালন বা ধৌত করা। { *স.* প্র+√ক্ষালি+অ}

প্রক্ষালক [প্রোক্‌খালক্‌] *বিণ* প্রক্ষালনকারী; ধৌতকারী। { *স.* প্র+√ক্ষালি+অক(ণ্বুল্‌)}

প্রক্ষালন [প্রোক্‌খালোন্‌] *বি* ধৌতকরণ; ধৌতকার্য (এই ঘটে যে জল আছে তাহাতেই পাদ-প্রক্ষালন সম্পন্ন হইবে—*ঈবি*)। **প্রক্ষালিত** *বিণ* ধৌত; ধোয়া। { *স.* প্র+√ক্ষালি+অন(ল্যুট্‌)}

প্রক্ষিপ্ত [প্রোক্‌খিপ্‌তো] *বিণ* ১ নিক্ষিপ্ত; ছুড়ে ফেলা (নানা ভঙ্গীতে উৎক্ষিপ্ত বিক্ষিপ্ত প্রক্ষিপ্ত করিয়া—*রঠা*)। ২ ভিতরে স্থাপন; অন্তর্নিবেশিত। ৩ মূল রচনায় অন্য কারো লেখা ঢুকানো হয়েছে এমন; interpolated। { *স.* প্র+√ক্ষিপ্‌+ত(ক্ত)}

প্রক্ষেপ [প্রোক্‌খেপ্‌] *বি* ১ নিক্ষেপ; ক্ষেপণ। ২ অন্তরে স্থাপন। ৩ রচনার মধ্যে প্রক্ষিপ্ত অংশ; interpolation। ~ক *বি,বিণ* প্রক্ষেপ করে যে; প্রক্ষেপণকারী। ~ণ *বি* প্রক্ষিপ্তকরণ। ~ণীয় *বিণ* প্রক্ষেপণের যোগ্য। { *স.* প্র+√ক্ষিপ্‌+অ(ঘঞ্)}

প্রক্ষোভ [প্রোক্‌খোভ্‌] *বি* ভাবাবেগ; আবেগ; উচ্ছ্বাস; emotion। { *স.* প্র+√ক্ষুভ্‌+অ(ঘঞ্)}

প্রক্ষ্বেড়ন [প্রোক্‌খেড়ন্‌] *বি* লৌহময় বাণ; নারাচ অস্ত্র। ~ধারী *বিণ* লৌহময় বাণধারী; নারাচ অস্ত্রধারী (প্রক্ষ্বেড়নধারী বীর—*মদ*)। { *স.* প্র+√ক্ষ্বিড়্‌+অন(ল্যুট্‌)}

প্রখর [প্রোখর্‌] *বিণ* ১ তীব্র; কড়া (ঘরের বাহির হইলে জানিতে কারণ। প্রখর নূপুর দিয়া কন্যার চরণ—*দৌবা*)। ২ অত্যন্ত ধারালো। **প্রখরা** *বিণ স্ত্রী*। ~তা, ~ত্ব *বি* তীক্ষ্ণতা; তীব্রতা (প্রখরতা গোপন করিয়া রাখিবেন, স্পষ্ট কথাগুলার ধারটুকু একটু নরম করে দিবেন—*রঠা*)। { *স.* প্র+খর; *প্রাদি*}

প্রখ্যাত [প্রোক্‌খ্যাতো] *বিণ* প্রসিদ্ধ; বিখ্যাত; যশস্বী। { *স.* প্র+√খ্যা+ত(ক্ত)}

প্রখ্যাপন [প্রোক্‌খাপন্‌] *বি* প্রচার করা; ঘোষণাকরণ। **প্রখ্যাপক** *বিণ* প্রচারক; ঘোষণাকারী। **প্রখ্যাপিত** *বিণ* ঘোষিত; প্রচারিত। { *স.* প্র+√খ্যা+অন(ল্যুট্‌)}

প্রগণ্ড [প্রোগনডো] *বি* বাহুর যে অংশ কাঁধ থেকে কনুই পর্যন্ত থাকে; কনুই থেকে কাঁধ অবধি বাহুর নাম। { *স.* প্র+গণ্ড}

প্রগত [প্রোগতো] *বিণ* ১ প্রস্থান করেছে এমন। ২ প্রস্থিত; মারা গেছে এরূপ; মৃত। ৩ পৃথগ্‌ভূত। ৪ বিযুক্ত। { *স.* প্র+√গম্‌+ত(ক্ত)}

প্রগতি [প্রোগোতি] *বি* ১ অগ্রগতি; উন্নতি; সমৃদ্ধি; অভ্যুদয়। ২ ক্রমোন্নতি (সাধারণ লোকের কাছে প্রগতি আর সভ্যতায় কোন পার্থক্য নেই—*মোচৌ*)। ৩ (*গণিত.*) সংখ্যায় নিয়মিত ক্রমবৃদ্ধি; নিয়মিতভাবে ক্রমবর্ধমান সংখ্যাশ্রেণি; progression। ~পন্থি/পন্থী, ~শীল *বি* বর্তমানের পরিবর্তন ও উৎকর্ষ সাধনের ইচ্ছা যাঁরা পোষণ করেন (শেষ আশায় নিরাশ হয়ে কাবুলের প্রগতিপন্থীরা নির্জীব হয়ে পড়লেন—*সৈমু*)। { *স.* প্র+√গম্‌+তি(ক্তিন্‌)}

প্রগমন [প্রোগমোন্‌] *বি* প্রস্থান; দূরে চলে যাওয়া; দূরে গমন। { *স.* প্র+√গম্‌+অন(ল্যুট্‌)}

প্রগল্‌ভ [প্রোগল্‌ভো] *বিণ* ১ দাম্ভিক; অহঙ্কারী (নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রগল্‌ভে পশিল দম্ভী—*মদ*)। ২ ধৃষ্ট; নির্লজ্জ। ৩ সপ্রতিভ; অকুণ্ঠিত; দ্বিধাহীন; নির্ভীক; অত্যন্ত সাহসী। ৪ নিঃসংকোচে বা নির্লজ্জভাবে কথা বলে এমন (ইতি এতটা প্রগল্‌ভ হতে পারেন—*মঙ্গ*)। ~তা *বি* ঔদ্ধত্য; নির্লজ্জতা; অশিষ্টতা। { *স.* প্র+√গল্‌ভ্‌+অ(অচ)}

প্রগাঢ় [প্রোগাঢ়ো] *বিণ* ১ অত্যন্ত গাঢ় (নীল আকাশের প্রগাঢ় নীলিমা যেন গো সবলে চিরি—*সদ*)। ২ নিবিড়। ৩ গভীর। ~তা *বি* নিবিড়তা; গভীরতা; অতিশয় গাঢ়তা। { *স.* প্র+√গাহ্‌+ত(ক্ত)}

প্রগ্রহ, প্রগ্রাহ [প্রোগ্রোহো, -গ্রাহো] *বি* ১ (অশ্বাদির) লাগাম; বলগা। ২ বাঁধার দড়ি; বন্ধনরজ্জু। { *স.*

প্র+√গ্রহ্+অ(অপ্), অ(ঘঞ্)}

প্রঘাত [প্রোঘাত্] *বি* ১ প্রচণ্ড আঘাত (এ দুস্তর পারাবারের প্রথম তরঙ্গমালার প্রঘাতে আর আমায় কে রক্ষা করিবে —*বচ*)। ২ রণ; সংগ্রাম। {*স.* প্র+√হন্+অ(ঘঞ্)}

প্রচণ্ড [প্রোচন্‌ডো] *বিণ* ১ প্রখর; তীব্র; কড়া; অত্যন্ত উগ্র। ২ দুর্ধর্ষ। ৩ প্রবল। ৪ ভীষণ; ভয়ানক। ৫ অসহনীয়; অসহ্য। ~**তা** *বি* ১ প্রখরতা। ২ উগ্রতা। ৩ উষ্ণতা। ~**মূর্তি** *বিণ* উগ্রমূর্তি; ভয়ঙ্কর মূর্তি। {*স.* প্র+√চণ্ড+অ(অচ্)}

প্রচয়, প্রচায় [প্রোচয়্, –চায়্] *বি* ১ চয়ন; সংগ্রহ। ২ সঞ্চয়; জমা। ৩ রাশি; সমূহ; স্তূপ। ৪ উন্নতি; আধিক্য; বৃদ্ধি। {*স.* প্র+√চি+অ(অচ্), প্র+√চি+অ(ঘঞ্)}

প্রচল [প্রোচল্] *বিণ* ১ প্রচলিত; চালু; প্রবর্তিত। ২ প্রচলিত বা চালু রীতি। {*স.* প্র+√চল্+অ(অচ্)}

প্রচলন[১] [প্রোচলোন্] *বি* ১ প্রবর্তন; যা চালু করা হয়েছে। ২ চলন; প্রচল; চলছে এমন। ৩ প্রচার। **প্রচলিত** *বিণ* ১ প্রচলন বা প্রবর্তন করা হয়েছে এমন। ২ প্রবর্তিত। ৩ চালু; চলিত। {*স.* প্র+√চল্+অন(ল্যুট্)}

প্রচায় ⇒ প্রচয়

প্রচার [প্রোচার্] *বি* ১ ঘোষণা; সর্বসাধারণকে জানানো। ২ প্রকাশ। ৩ বিজ্ঞপ্তি। ৪ চালু করার উদ্দেশ্যে বিজ্ঞপ্তি দান। ৫ রটনা। ৬ প্রচলন। ~**ক** *বিণ* প্রচার করে এমন; প্রচারকারী। ~**ণ, ~ণা** *বি* প্রচার; প্রচারের কাজ। **প্রচারিত** *বিণ* প্রচার করা হয়েছে এমন; রটনাকৃত; সর্বসাধারণ্যে বিজ্ঞাপিত বা ঘোষিত। {*স.* প্র+√চর্+অ(ঘঞ্)}

প্রচার্য [প্রোচার্‌জো] *বিণ* প্রচারযোগ্য; প্রচারের উপযুক্ত। (কি তার প্রচার্য প্রথা—*মামো*)। {*স.* প্রচার+য(যৎ)}

প্রচিত [প্রোচিতো] *বিণ* ১ চয়িত; সংগৃহীত। ২ সঞ্চিত; জমাকৃত। ৩ রাশীকৃত; স্তূপীকৃত; বৃদ্ধিপ্রাপ্ত। {*স.* প্র+√চি+ত(ক্ত)}

প্রচীয়মান [প্রোচিয়োমান্] *বিণ* উপচীয়মান; বর্ধমান; বৃদ্ধিপ্রাপ্ত; সমৃদ্ধি বা উন্নতিপ্রাপ্ত। {*স.* প্র+√চি+মান(শানচ্)}

প্রচুর [প্রোচুর্] *বিণ* ১ প্রয়োজনানুরূপ; যথেষ্ট; পর্যাপ্ত। ২ (অর্থান্তরে) অনেক; বহু; ঢের; প্রভূত; প্রয়োজনাতিরিক্ত। **প্রাচুর্য** *বি*। {*স.* প্র+√চুর+অ}

প্রচেতা, প্রচেতাঃ [প্রোচেতা, –তাহ্] *বিণ* ১ প্রশস্তচিত্ত; জ্ঞানবান; পণ্ডিত; বিজ্ঞ (দিগ্বিজয়ীদিগের নেতা ! চিদ–রসায়ন প্রচেতা—*মদ*)। ২ হৃষ্ট; আনন্দিত; সুখী; প্রশান্তচিত্ত। □ *বি* ১ হিন্দু জলদেবতা বরুণ। ২ সমুদ্র (কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে প্রচেতঃ—*মদ*)। ৩ এক জাতীয় প্রজাপতি। {*স.* প্র+চেতাঃ}

প্রচেষ্টা [প্রোচেশ্‌টা] *বি* ১ প্রয়াস; বিশেষ চেষ্টা। ২ অধ্যবসায়। ৩ প্রচুর উদ্যম। {*স.* প্র+চেষ্টা}

প্রচ্ছদ [প্রোচ্ছদ্] *বি* আবরণ; আচ্ছাদন; ঢাকনি। ~**পট** *বি* ১ আবরণের কাপড়; ঢাকার কাগজ। ২ বইয়ের মলাট। {*স.* প্র+√ছাদি+অ(ঘ)}

প্রচ্ছন্ন [প্রোচ্ছন্‌নো] *বিণ* ১ আবৃত; ঢাকা (অরণ্যমেঘের তলে প্রচ্ছন্ন অনল—*রঠা*)। ২ গুপ্ত (খবরের কাগজ প্রভৃতি চাপা দিয়া প্রচ্ছন্ন করিয়া রাখিতে—*রঠা*)। ৩ লুক্কায়িত (সে প্রতিদিন প্রচ্ছন্নভাবে ঐ বিষয়ের অনুসন্ধান করিত—*ঈবি*)। ~**তা** *বি* গোপনতা; গোপনের ভাব; আবরণ। ~**বেশ** *বি* ছদ্মবেশ (আমি প্রচ্ছন্ন বেশে পর্যটন করিয়া প্রজাগণের অবস্থা প্রত্যক্ষ করিব—*ঈবি*)। **প্রচ্ছাদন** *বি* ১ আবরণ। ২ উত্তরীয় বস্ত্র; চাদর; উড়ানি। ৩ আবরণ বস্ত্র। ৪ আস্তরণ বস্ত্র। **প্রচ্ছাদিত** *বিণ* আবৃত; ঢাকা; আচ্ছাদিত। {*স.* প্র+√ছাদি+ত(ক্ত)}

প্রচ্ছায় [প্রোচ্‌ছায়্] *বি* ঘন ছায়া; ছায়াচ্ছন্ন স্থান (প্রচ্ছায় তমসা–তীরে শিশু কুশলব ফিরে—*রঠা*)। **প্রচ্ছায়া** *বি* ১ (*জ্যোবি*) গ্রহণের সময়ে চাঁদ বা সূর্যের উপর পৃথিবী বা চন্দ্রের গাঢ় ছায়া; umbra। ২ (*আল.*) অমঙ্গলের আশঙ্কা (বুকে তার নতুন প্রচ্ছায়া—*রখা*)। {*স.* প্র+ছায়া}

প্রছন্ন (*মবা.*) [প্রছন্‌নো] *বিণ* প্রসন্ন; খুশি (যেবে প্রছন্ন তোতে হইল কুমার—গোবিন্দ গীত)। {*স.* প্রসন্ন>}

প্রজ [প্রোজ্] *বি* পতি; স্বামী। {*স.* প্র+জন্+অ(ড)}

প্রজন [প্রোজন্] *বি* (গবাদি পশুর) গর্ভ সঞ্চার। **অতি–** *বি* জনসংখ্যার অতিরিক্ত বৃদ্ধি; জনবৃদ্ধি; over population। {*স.* প্র+√জন্+অ(ঘঞ্)}

প্রজনন [প্রোজনন্] *বি* ১ সন্তান সৃষ্টি বা উৎপাদন বা প্রসব। ২ জন্মদান (নতুন শিশু জীবন জন্ম দেওয়াই প্রজনন—*আআ*)। **প্রজনিকা** *বি* মাতা। **অভি–** *বি* জনসংখ্যা বিস্ফোরণ। {*স.* প্র+√জনি+অন(ল্যুট্)}

প্রজন্ম [প্রজন্‌মো] *বি* ১ অভিন্ন সময়ে জন্মগ্রহণকারী ব্যক্তি বা বিশেষ কোনো প্রাণী (বর্তমান প্রজন্ম, ভবিষ্যৎ প্রজন্ম); generation। {*স.* প্র+জন্ম}

প্রজা [প্রোজা] *বি* ১ রাষ্ট্রের বা জমিদারির অন্তর্গত জনগণ; রায়ত। ২ জনসাধারণ। ৩ ভাড়াটে। ৪ প্রাণিবর্গ। ৫ সন্তান–সন্ততি (প্রজাবতী)। ~**তন্ত্র** *বি* জনসাধারণের ভোটে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রশাসন ব্যবস্থা বা শাসিত রাষ্ট্র; republic। ~**তন্ত্রী** *বিণ* প্রজাতন্ত্রের আইনসমূহ দ্বারা শাসিত; প্রজাতন্ত্র আছে যে রাষ্ট্রে। ~**পতি** *বি* ১ এক জাতীয় বিচিত্র বর্ণের পক্ষযুক্ত ষট্‌পদী পতঙ্গ। ২ হিন্দু পুরাণমতে জীববর্গের স্রষ্টা, বিধাতা (প্রজাপতির নির্বন্ধ)। ৩ ব্রহ্মা। ৪ পুরাণোক্ত মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, ও নারদ নামক ব্রহ্মার দশজন মানসপুত্র। ~**বতী** *বিণ* ১ সন্তানযুক্ত; সন্তানবতী। ২ ভ্রাতৃবধূ। **প্রজাবিলি** *বি* খাজনার বিনিময়ে প্রজাকে জমির চাষবাস ও ভোগদখলের অধিকার দান। ~**বৃদ্ধি** *বি* ১ বংশবৃদ্ধি। ২ জনসংখ্যা বৃদ্ধি। ~**রঞ্জক** *বিণ* প্রজাহিতকর কাজ করেন যে রাজা; যে রাজা বা রাষ্ট্রপতি প্রজাদের নিকট প্রিয়। ~**শক্তি** *বি* প্রজাগণের সম্মিলিত ক্ষমতা। **কোরফা/কোর্ফা**~ *বি* কোনো প্রজার অধীনে নির্দিষ্ট শর্তে আবদ্ধ প্রজা; দরপ্রজা। **খুদকস্তা/খোদকস্তা** ~ *বি* যে প্রজা নিজেই জমি চাষ করে। **নাতিয়ান** ~ *বি* খাজনা দিতে অপারগ প্রজা। **পাইকস্তা** ~ *বি* যে প্রজার বসতবাড়ি অন্য কোনো জমিদারি এলাকার মধ্যে অবস্থিত। {*স.* প্র+√জন্+ অ(ড)+আ}

প্রজাত [প্রোজাতো] *বিণ* উৎপন্ন; প্রসূত। **প্রজাতি** *বি* উপজাতি। {*স.* প্র+√জন্+ত(ক্ত)}

প্রজায়িনী [প্রোজায়িনি] *বি* মাতা; জননী; সন্তান প্রসব করেছে যে নারী; সন্তান প্রসবকারিণী। { *স.* প্র+√জন্+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

-প্রজ্ঞ [প্রোগ্‌গোঁ] *বিণ* প্রজ্ঞাযুক্ত; জ্ঞানবান; বিচক্ষণ; পণ্ডিত (স্থিতপ্রজ্ঞ)। { *স.* প্র+√জ্ঞা+অ(ক)}

প্রজ্ঞা [প্রোগ্‌গাঁ] *বি* ১ উৎকৃষ্ট বুদ্ধি। ২ প্রগাঢ় জ্ঞান; তত্ত্বজ্ঞান। **-চক্ষু** *বি* ১ জ্ঞানচক্ষু। ২ প্রগাঢ় তত্ত্বজ্ঞান অর্জনের ক্ষমতা। **-ত** *বিণ* ১ বিশেষভাবে অবগত। ২ অত্যন্ত বিখ্যাত। **-ন** *বি* ১ বিশেষ জ্ঞান; বুদ্ধি। ২ সম্যক জ্ঞান। ৩ চিহ্ন। **-পক** *বি, বিণ* বিশেষভাবে প্রচারকারী বা ঘোষণাকারী বা জ্ঞাপনকারী। **-পন** *বি* notification-এর পরিভাষা। **-পারমিত** *বিণ* পরমজ্ঞানসমৃদ্ধ (প্রজ্ঞা-পারমিত রূপ মণিকার অনুপম ঐশ্বর্য— *সুদ*)। **-পারমিতা** *বিণ* ১ জ্ঞানের পরাকাষ্ঠা। ২ দেবীরূপে কল্পিতা (তুমি শিল্পী, হেরিয়াছ নারীমুখে প্রজ্ঞাপারমিতা— *মোম*)। ☐ *বি* জ্ঞানের পরিপূর্ণতা। **-বান** *বিণ* তত্ত্বজ্ঞানী; পণ্ডিত। { *স.* প্র+√জ্ঞা+অ(ক)}

প্রজ্বলন [প্রোজ্‌জলোন্] *বি* ১ অত্যন্ত জ্বলন। ২ অত্যন্ত ঔজ্জ্বল্য বা দীপ্তি; প্রদীপন। **প্রজ্বলন্ত** *বিণ* জ্বলছে এমন; জ্বলন্ত (প্রজ্বলন্ত যৌবনের শিখা— *রঠা*)। **প্রজ্বলিত** *বিণ* জ্বলন্ত; দীপ্তিময়; প্রদীপ্ত। **প্রজ্বালন** *বি* আগুন জ্বালানো; প্রজ্বলিতকরণ। **প্রজ্বালিত** *বিণ* ভালোভাবে জ্বালানো হয়েছে এমন। { *স.* প্র+√জ্বল্+অন(ল্যুট্)}

প্রটেস্ট্যান্ট, প্রটেস্টান্ট [প্রোটেস্‌ট্যান্ট] *(অপ্র) বি* খ্রিস্টান ধর্ম সম্প্রদায়বিশেষ (কয়েক ঘণ্টার মধ্যে ত্রিশ হাজার প্রটেস্টান্টের প্রাণ চলে যায়— *শও*)। { *ই.* protestant}

প্রণত [প্রোনতো] *বিণ* প্রণাম বা নমস্কার করেছে এমন। ☐ *বি* ১ যে নত হয়েছে। **প্রণতি** *বি* সালাম; নমস্কার; শ্রদ্ধানিবেদন। ২ নত অবস্থা। { *স.* প্র+√নম্+ত(ক্ত)}

প্রণব [প্রোনব্] *বি* ১ ওঁকার; হিন্দুগণ ওঙ্কার উচ্চারণ করে ঈশ্বরের পূজা বা আরাধনা করে (পল্লবে ওঠে প্লাবনের রোল; কল্লোল ওঠে প্রণবে মিশি— *সদ*)। ২ হিন্দুমতে আদি ধ্বনি। ৩ বিষ্ণু। { *স.* প্র+√নু+অ(অপ্)}

প্রণয় [প্রোনয়্] *বি* ১ প্রেম; অনুরাগ; ভালোবাসা। ২ প্রীতি। ৩ সৌহার্দ্য। ৪ বন্ধুত্ব; মিত্রতা। **-শালিনী** *বিণ* প্রণয়বতী; প্রণয়িনী (মেহের উন্নিসা প্রণয়শালিনী; মতি বিবি এ স্থলে কেবলমাত্র স্বার্থপরায়ণা— *বচ*)। **-শালী** *পুং*। { *স.* প্র+√নী+অ(অচ্)}

প্রণয়ন [প্রোনয়ন্] *বি* রচনা; নির্মাণ; তৈরি; প্রস্তুত। { *স.* প্র+√নী+অন(ল্যুট্)}

প্রণয়ী(-য়িন্) [প্রোনোয়ি] *বি* ১ প্রেমপাত্র। ২ অনুরক্ত ব্যক্তি; প্রেমের যোগ্য পুরুষ বা নায়ক। ☐ *বিণ* প্রেমিক; প্রেমপাত্র; প্রণয়াস্পদ। **প্রণয়িনী** *স্ত্রী*। { *স.* প্রণয়+ইন্(ইনি)}

প্রণাম, পরণাম *(মবা.)*, **পন্নাম** *(মবা.)* [প্রোনাম্, পরনাম্, পননাম্] *বি* ১ হিন্দু ব্যবহারে নমস্কার। ২ প্রণতি; হস্ত বা মস্তক দ্বারা গুরুজনের চরণ স্পর্শ করে অভিবাদন (ধর্মের আমিনি পাত্র দূরেত পনাম ছত্র; দেব আজ্ঞা লএ পন্নাম করিত— *রাপ*)। **দণ্ডবৎ–** *বি* লাঠির ন্যায় মাটিতে শুয়ে প্রণাম। **সাষ্টাঙ্গ–** *বি* মস্তক, চক্ষু, হাত, বক্ষঃস্থল, জানু, ও পা— মাটিতে বিস্তৃত করে বাক্য ও মনঃসংযোগে প্রণতি। { *স.* প্র+√নম্+অ(ঘঞ্)}

প্রণামি, প্রণামী [প্রোনামি] *বি* ১ হিন্দুদের প্রতিমা পুরোহিত প্রভৃতিকে আরাধনা বা প্রণামের সময়ে যে দক্ষিণা দেওয়া হয়। ২ নজরানা; সালামি। ৩ প্রণামের সময়ে দেয় শ্রদ্ধা বা সম্মান প্রদর্শনের জন্য দেয় অর্থ বা উপহার (যা করেছেন তার জন্য কত প্রণামী লাগবে বলুন— *প্রেমি*)। { *স.* প্রণাম+বা ই, ঈ}

প্রণালি, প্রণালী [প্রোনালি] *বি* ১ নর্দমা; পানিপ্রবাহ নিষ্কাশনের নালা; জলনালি। ২ *(ভূগো.)* দুটি সাগর বা মহাসাগরকে সংযোগকারী সংকীর্ণ জলভাগ; strait; channel। ৩ পদ্ধতি; রীতি। ৪ কার্যক্রম; কর্মপদ্ধতি। { *স.* প্র+√নল্+অ(ঘঞ্)+ঈ(ঙীপ্)}

প্রণাশ [প্রোনাশ্] *বি* ধ্বংস; বিনাশ; মৃত্যু; লয়। { *স.* প্র+√নশ্+অ(ঘঞ্)}

প্রণিধান [প্রোনিধান্] *বি* ১ বিশেষভাবে মনোনিবেশ; অভিনিবেশ। ২ ধ্যান। ৩ অর্পণ; প্রদান; স্থাপন। { *স.* প্র+নি+√ধা+অন(ল্যুট্)}

প্রণিধি [প্রোনিধি] *বি* ১ অনুচর; সহচর; প্রতিনিধি; দূত। ২ প্রণিধান; ধ্যান; অভিনিবেশ। ৩ প্রার্থনা; আবেদন। { *স.* প্র+নি+√ধা+ই(কি)}

প্রণিপাত [প্রোনিপাত্] *বিণ* প্রণাম। ☐ *বি* ভূমিতে শুয়ে পড়ে প্রণতি। { *স.* প্র+নি+√পত্+অ(ঘঞ্)}

প্রণিহিত [প্রোনিহিতো] *বিণ* ১ অভিনিবিষ্ট; একাগ্র। ২ সমাহিত; সমাধিস্থ। ৩ অর্পিত; প্রদত্ত। ৪ স্থাপিত; প্রতিষ্ঠিত। { *স.* প্র+নি+√ধা+ত(ক্ত)}

প্রণীত [প্রোনিতো] *বিণ* রচিত; কৃত; প্রস্তুত; নির্মিত; লিখিত। { *স.* প্র+√নী+ত(ক্ত)}

প্রণেতা [প্রোনেতা] *বিণ* প্রণয়নকারী; প্রস্তুতকারী; রচয়িতা; নির্মাতা। { *স.* প্র+√নী+তৃ(তৃচ্)}

প্রণোদন [প্রোনোদন্] *বি* ১ প্রেরণা বা উৎসাহ দান। ২ প্ররোচনা। ৩ নিয়োজন। **প্রণোদনা** *বিণ* অনুপ্রেরণা; প্ররোচনা। **প্রণোদিত** *বিণ* প্রণোদন-প্রাপ্ত বা প্রদত্ত; প্রেরণা বা উৎসাহ বা প্ররোচনা পেয়েছে এমন (আত্মপ্রকাশের প্রণোদনায় যাদের অনীহা ঘুচল, তারা বরণমালা দিলে গদ্যের গলায়— *সুদ*)। **প্রণোদিত** *বিণ* প্রণোদন প্রাপ্ত বা প্রদত্ত; প্রেরণা বা উৎসাহ বা প্ররোচনা পেয়েছে এমন। { *স.* প্র+√নুদ্+ণিচ্+অন(ল্যুট্)}

প্রতনু [প্রোতোনু] *বিণ* পাতলা; সরু; মিহি; সূক্ষ্ম (যমুনার প্রতনু সলিল— *মোম*)। { *স.* প্র+√তন্+উ}

প্রতপ্ত [প্রোতপ্‌তো] *বিণ* উত্তপ্ত; অত্যন্ত তপ্ত (সকলে রক্তচেলী পরিহিতা ভৈরবীর প্রতপ্ত স্বর্ণসন্নিভ বর্ণ দর্শনে বিস্ময় মানিল— *ইহো*)। { *স.* প্র+√তপ্+ত(ক্ত)}

প্রতর্ক [প্রতর্ক্] *বি* ১ সন্দেহ; ধারণা; অনুমান (তার বিরুদ্ধে নাস্তিকের প্রতর্ক খাটে না— *সুদ*)। ২ বিচার; সিদ্ধান্ত (প্রতর্কেও সংশয়বাদী বটে— *সুদ*)। **প্রতর্ক্য** *বিণ* সিদ্ধান্ত বিচার বা অনুমান দ্বারা ঠিক করা যায় এমন। { *স.* প্র+তর্ক}

প্রতান [প্রোতান্] *বি* ১ বিস্তার; প্রসার। ☐ *বিণ* লতার আঁশ। { *স.* প্র+√তন্+অ(ঘঞ্)}

প্রতাপ, পরতাপ *(মব্য)* [প্রোতাপ্, পরতাপ্] *বি* ১ পরাক্রম; বীরত্ব; প্রবল শক্তি; প্রচণ্ড ক্ষমতা। ২ প্রভাব; তেজ। ৩ উষ্ণতা; উত্তাপ। **প্রতাপী** (-পিন্) *বিণ* প্রতাপযুক্ত। {*স.* প্র+√তপ্+অ(ঘঞ্)}

প্রতারক [প্রোতারক্] *বি* জুয়াচোর; প্রবঞ্চক; ফেরেববাজ; শঠ; ধূর্ত। {*স.* প্র+√তারি+অক(ণ্বুল্)}

প্রতারণা, প্রতারণ [প্রোতারনা, -তারোন্] *বি* প্রবঞ্চনা; ছলনা; ঠকামি; শঠতা; জুয়াচুরি। **প্রতারিত** *বিণ* প্রবঞ্চিত। **প্রতারিতা** *বিণ স্ত্রী.*। {*স.* প্র+√তারি+অন(ল্যুট্)+আ(টাপ্)}

প্রতি [প্রোতি] *অব্য* ১ উপসর্গবিশেষ। ২ উপর; বিষয়ে (খেলার প্রতি টান)। ৩ দিকে (খরের প্রতি আকর্ষণ)। ৪ প্রত্যেক; সমগ্র (প্রতিদিন)। ৫ পরিবর্ত; বদল (প্রতিনিধি, প্রতিদান)। ৬ পাল্টা; বিপরীত (প্রতিহিংসা)। ৭ সমীপ; নিকটবর্তী (প্রতিবাসী)। ৮ বিপরীত; উল্টা; বিরুদ্ধ; বিরোধী; শত্রুতা (প্রতিকূল)। ৯ অনুরূপ; সদৃশ (প্রতিমূর্তি, প্রতিকৃতি)। ১০ উদ্দেশ্য (তার প্রতি উক্তি)। ১১ তুল্য; সমান (প্রতিযোগিতা)। {*স.* উপসর্গবিশেষ}

প্রতিকর্তা [প্রোতিকরতা] *বি,বিণ* প্রতিকারকারী; যে অপকারীর অপকার করে বা শোধ তোলে, প্রতিশোধ গ্রহণকারী। {*স.* প্রতি+√কৃ+তৃ(তৃচ্)}

প্রতিকর্ম [প্রোতিকরমো] *বি* ১ প্রতিকার। ২ প্রসাধনী। ৩ প্রতিক্রিয়া। ৪ বিধান। {*স.* প্রতি+√কৃ+মন(মনিন্)}

প্রতিকর্ষ [প্রোতিকরশো] *বি* আকর্ষণ; টান। {*স.* প্রতি+√কৃষ্+অ(ঘঞ্)}

প্রতিকায় [প্রোতিকায়] *বি* প্রতিমূর্তি; প্রতিকৃতি। {*স.* প্রতি+কায়}

প্রতিকার, প্রতীকার *(বিরল)* [প্রোতিকার্] *বি* ১ প্রতিবিধান। ২ প্রতিশোধ; প্রতিহিংসা বা অন্যায়কারীর অনিষ্টসাধন। ৩ দমন; সংযমন। ৪ নিবারণ; নিষেধ; নিষিদ্ধকরণ। **-ক** *বিণ* প্রতিকারকারী; প্রতিবিধানকারী; প্রতিশোধ গ্রহণকারী। **প্রতিকার্য, প্রতিকরণীয়** *বিণ* প্রতিকার করা প্রয়োজন এমন; প্রতিবিধান করতে হবে এরূপ। {*স.* প্রতি+√কৃ+অ(ঘঞ্)}

প্রতিকাশ, প্রতীকাশ *(বিরল)* [প্রোতিকাশ্] *বি* সদৃশ; তুল্য (দেখা মানুষ . . . . . ভবভক্তি মিলিত হয়ে দিলে একটি ভাবের প্রতিকাশ— *অঠা*)। {*স.* প্রতি+√কাশ্+অ(অচ্)}

প্রতিকূল [প্রোতিকুল্] *বিণ* ১ বিরুদ্ধ; বিরোধী। ২ বিপরীত; উল্টা। ৩ বিপক্ষ; শত্রু। ৪ বাম। ৫ বৈরিতাযুক্ত; শত্রুতাপূর্ণ। ৬ অননুকূল। **-তা** *বি* বিরুদ্ধতা; বিপক্ষতা। {*স.* প্রতি+কূল}

প্রতিকৃত [প্রোতিকৃতো] *বিণ* ১ প্রতিকার করা হয়েছে এমন। ২ উপশমিত; প্রতিবিহিত। ৩ দমিত; নিবারিত। {*স.* প্রতি+√কৃ+ত(ক্ত)}

প্রতিকৃতি [প্রোতিকৃতি] *বি* ১ প্রতিমূর্তি; কারও দেহের ছবি। ২ প্রতিকার; প্রতিবিধান। {*স.* প্রতি+√কৃ+তি(ক্তি)}

প্রতিক্রম [প্রোতিক্রম্] *বি* বিপরীতক্রম; উল্টা দিক থেকে আরম্ভ। {*স.* প্রতি+ক্রম}

প্রতিক্রিয়া [প্রোতিক্রিয়া] *বি* ১ প্রয়োগের ফলে যে ক্রিয়া শুরু হয় (বিষের প্রতিক্রিয়া); reaction। ২ উত্তেজনাদির শেষে উপস্থিত অবসন্নতা (ব্যর্থ আন্দোলনের প্রতিক্রিয়া)। ৩ প্রগতিবিরোধী কার্য। ৪ প্রতিবিধান। **-শীল** *বিণ* প্রগতিবিরুদ্ধ; reactionary। {*স.* প্রতি+ক্রিয়া}

প্রতিক্ষণ [প্রোতিকখন্] *ক্রিবিণ* ১ ক্ষণে ক্ষণে; প্রতি মুহূর্তে। ২ সর্বদা। {*স.* প্রতি+ক্ষণ}

প্রতিগমন [প্রোতিগমোন্] *বি* প্রত্যাগমন; ফিরে আসা; প্রত্যাবর্তন। ~ **করা** *ক্রি* ফিরে আসা বা যাওয়া। {*স.* প্রতি+গমন}

প্রতিগ্রহ [প্রোতিগ্‌গ্রোহো] *বি* ১ দান গ্রহণ (কাহারও অন্ন গ্রহণ বা দান প্রতিগ্রহ করেন না— *রঠা*)। ২ প্রদত্ত বা দেয় বস্তু (আপন পুত্রের নিমিত্ত পরিগ্রহ করিয়াছে— *ঈবি*)। ৩ স্বীকার। ৪ প্রতিজ্ঞা; অঙ্গীকার। ৫ *(জ্যোশা)* বিরুদ্ধ বা প্রতিকূল গ্রহ। **-ণ** *বি* ১ দান গ্রহণ; দত্ত বস্তু গ্রহণ। ২ স্বীকার। **-ণীয়** *বিণ* প্রতিগ্রহণের উপযুক্ত। **প্রতিগ্রহীতা** *বিণ* দান গ্রহণকারী। {*স.* প্রতি+√গ্রহ্+অ(অপ্)}

প্রতিগ্রাহ [প্রোতিকগ্রাহো] *বি* ১ স্বীকার; সম্মতি; গ্রহণ; অঙ্গীকার। ২ দান গ্রহণ। **প্রতিগ্রাহিত** *বিণ* ১ স্বীকারিত। ২ দান গ্রহণ করতে সম্মত করানো হয়েছে এমন। **প্রতিগ্রাহী** (-হিন্) *বি,বিণ* যে দান গ্রহণ করে; দান গ্রহণকারী। **প্রতিগ্রাহ্য** *বিণ* দান হিসেবে গ্রহণ করার যোগ্য; দানরূপে গ্রহণীয়। {*স.* প্রতি+√গ্রহ্+অ(অচ্)}

প্রতিঘ [প্রোতিঘো] *বি* ১ বাধা; প্রতিবন্ধক। ২ ক্রোধ; রাগ। ৩ বিরুদ্ধ; প্রতিকূল। {*স.* প্রতি+√হন্+অ(ড)}

প্রতিঘাত [প্রোতিঘাত্] *বি* প্রত্যাঘাত; আঘাতের বদলে আঘাত দান। **-ন** *বি* বধ; সংহার; ধ্বংস; নাশ। **প্রতিঘাতী** (-তিন্) *বিণ* বধকারী; হননকারী; সংহারকারী। **প্রতিঘাতিনী** *স্ত্রী.*। {*স.* প্রতি+হন্+অ(ঘঞ্)}

প্রতিচক্ষু [প্রোতিচোকখু] *বি* চশমা। {*স.* প্রতি+চক্ষু}

প্রতিচিত্র [প্রোতিচিত্রো] *বি* চিত্র, নকশা প্রভৃতির অবিকল নকল; blue print। {*স.* প্রতি+চিত্র}

প্রতিচ্ছায়া [প্রোতিচছায়া] *বি* ১ প্রতিবিম্ব; ছায়া। ২ প্রতিকৃতি; প্রতিমূর্তি। ৩ সাদৃশ্য; প্রতিরূপ। {*স.* প্রতি+ছায়া}

প্রতিজিহ্বা [প্রোতিজিওভা] *বি* আলজিভ; উপজিহ্বা; গলনালির মুখে জিহ্বার মতো ক্ষুদ্র মাংসখণ্ড। {*স.* প্রতি+জিহ্বা}

প্রতিজ্ঞা [প্রোতিগ্‌গাঁ] *বি* ১ সংকল্প। ২ শপথ; অঙ্গীকার; প্রতিশ্রুতি; ওয়াদা। ৩ *(জ্যা.)* প্রতিপাদ্য সম্পাদ্য বা উপপাদ্য বিষয়। **-ত** *বিণ* ১ অবধারিত; নিশ্চয়কৃত। ২ সংকল্পিত। ৩ অঙ্গীকৃত। ৪ প্রতিশ্রুত; স্বীকৃত। ৫ সিদ্ধান্ত করা হয়েছে এমন; প্রস্তাবিত। **~পত্র** *বি* অঙ্গীকারপত্র; প্রতিজ্ঞার লিখিত দলিল; একরারনামা। **~বাক্য** *বি* প্রতিজ্ঞা করা হয়েছে এমন বাক্য (তাদৃশ্য প্রতিজ্ঞাবাক্য নিঃসৃত হইয়াছিল— *ঈবি*)। **প্রতিজ্ঞেয়** *বিণ* ১ প্রতিজ্ঞার বিষয় এমন। ২ প্রতিশ্রুতিযোগ্য। {*স.* প্রতি+√জ্ঞা+অ(ক)}

প্রতিদত্ত [প্রোতিদত্‌তো] *বিণ* প্রতিদান হিসেবে দেওয়া হয়েছে এমন; দানের বদলে দান করা হয়েছে এমন; প্রতিদানরূপে প্রদত্ত; প্রত্যর্পিত। {*স.* প্রতি+√দা+ত(ক্ত)}

প্রতিদান [প্রোতিদান] *বি* ১ দানের বদলে দান। ২ ফেরত; প্রত্যর্পণ। ৩ পরিশোধ। { *স.* প্রতি+√দা+অন(ল্যুট্‌)}

প্রতিদিন [প্রোতিদিন] *ক্রিবিণ* দিন দিন; প্রত্যহ; রোজ। { *স.* প্রতি+দিন}

প্রতিদিষ্ট [প্রোতিদিশ্‌টো] *বিণ* অধিকতর ক্ষমতাবান আদেশ দ্বারা ফিরিয়ে নেওয়া হয়েছে এমন। { *স.* প্রতি+√দিশ্‌+ত(ক্ত)}

প্রতিদেয় [প্রোতিদেয়ো] *বিণ* প্রতিদানের উপযুক্ত বা বিষয়ীভূত। { *স.* প্রতি+√দা+য(যৎ)}

প্রতিদ্বন্দ্ব, প্রতিদ্বন্দ্বিতা [প্রোতিদন্‌দো, –দোন্‌দিতা] *বি* ১ প্রতিপক্ষতা; পরস্পরের দ্বন্দ্ব বা কলহ বা বিরোধ। ২ প্রতিযোগিতা। ৩ অপরের সঙ্গে শক্তিপরীক্ষা বা সমকক্ষতা। *তুল.* প্রতিযোগিতা। **প্রতিদ্বন্দ্বী**(–দ্বিন্‌) *বি,বিণ* প্রতিদ্বন্দ্বকারী; প্রতিযোগী। **প্রতিদ্বন্দ্বিনী** *বিণ স্ত্রী.*। { *স.* প্রতি+দ্বন্দ্ব, দ্বন্দ্বিতা}

প্রতিধ্বনি [প্রোতিদ্‌ধোনি] *বি* ১ শব্দ প্রতিহত হয়ে যে ধ্বনির সৃষ্টি করে। ২ সদৃশ শব্দ। ৩ *(আল.)* নকল; অন্যের উক্তির সদৃশ বা সমর্থক উক্তি। **–ত** *বিণ* প্রতিধ্বনি দ্বারা অনুরণিত। ২ প্রতিধ্বনি সৃষ্ট হয়েছে এমন। { *স.* প্রতি+ধ্বনি}

প্রতিনিধি [প্রোতিনিধি] *বি* ১ মুখপাত্র; প্রতিভূ; নায়েব। ২ জামিন। ৩ কারও পরিবর্তে কাজ করার জন্য নিযুক্ত ব্যক্তি; কায়েম মকাম। ৪ বদলি। ৫ অনুকল্প। **–ত্ব** *বি* প্রতিনিধির কাজ বা কার্যফল। { *স.* প্রতি+নিধি}

প্রতিনিবর্তন ⇒ প্রতিনিবৃত্ত

প্রতিনিবৃত্ত [প্রোতিনিবৃত্‌তো] *বিণ* ১ প্রত্যাবৃত্ত; ফিরে এসেছে এমন (কেনই বা আমি বনবাস হইতে প্রতিনিবৃত্ত হইলাম—*ঈবি*)। **প্রতিনিবৃত্তি, প্রতিনিবর্তন** *বি* ১ প্রত্যাবর্তন; ফিরে আসা। ২ নিরস্ত হওয়া। { *স.* প্রতি+নি+√বৃৎ+ত(ক্ত)}

প্রতিনিয়ত [প্রোতিনিয়োতো] *ক্রিবিণ* সর্বদা; সদাসর্বদা; নিরন্তর। { *স.* প্রতি+নিয়ত}

প্রতিপক্ষ [প্রোতিপোক্‌খো] *বি* ১ শত্রুপক্ষ। ২ বাদী। { *স.* প্রতি+পক্ষ}

প্রতিপত্তি [প্রোতিপোত্‌তি] *বি* সম্মান; মর্যাদা। ২ প্রতিষ্ঠা। ৩ প্রভাব। ৪ শক্তি; ক্ষমতা। ৫ প্রমাণ; proof; নিশ্চয়াত্মক হেতু। **–শীল** *বিণ* প্রতিপত্তিসম্পন্ন। { *স.* প্রতি+√পদ্‌+তি(ক্তি)}

প্রতিপদ [প্রোতিপদ] *বি* শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি। **–স্থান** *বি* পৃথিবীর অপর পিঠের বিপরীত স্থান (প্রতিপদ স্থান হল পায়ের তলা বরাবর পৃথিবীর অপর পিঠের বিপরীত স্থান—*শাফ*)। { *স.* প্রতি+√পদ্‌+ক্বিপ্‌}

প্রতিপদে ⇒ পদ

প্রতিপন্ন [প্রোতিপন্‌নো] *বিণ* ১ প্রমাণসিদ্ধ; যুক্তিতর্ক দ্বারা সমর্থিত (তাহা কোনও মতে প্রতিপন্ন হইতে দেন না—*ঈবি*; এই সকল বর্ণিত বৃত্তান্তানুসারে প্রতিপন্ন হইতেছে যে—*আর*)। ২ অবধারিত। ৩ প্রাপ্ত। ৪ প্রতিশ্রুত। { *স.* প্রতি+√পদ্‌+ত(ক্ত)}

প্রতিপাদক ⇒ প্রতিপাদন

প্রতিপাদন [প্রোতিপাদোন্‌] *বি* ১ অবধারণ; সিদ্ধান্ত গ্রহণ। ২ নির্ণয়; নির্ধারণ; নিরূপণ। ৩ মীমাংসা। ৪ সম্পাদনা। ৫ প্রতিপন্নকরণ। **প্রতিপাদক** *বিণ* প্রতিপাদনকারী; নিরূপক; অবধারক। **প্রতিপাদনীয়, প্রতিপাদ্য** *বিণ* প্রতিপাদনের উপযুক্ত বা যোগ্য। **প্রতিপাদিত, প্রতিপাদিত্য** *(বিরল) বিণ* প্রতিপাদন করা হয়েছে এমন; অবধারিত; নিরূপিত (ভাগ্যগুণে সৎপাত্রে প্রতিপাদিত্য ও সৎপরিবারে প্রতিষ্ঠিতা—*ঈবি*)। { *স.* প্রতি+পাদন}

প্রতিপাদল ⇒ প্রতিপালন

প্রতিপালন [প্রোতিপালোন্‌] *বি* ১ পালন; পোষণ; লালন (সন্তান প্রতিপালন)। ২ রক্ষণ; রাখা (প্রতিশ্রুতি প্রতিপালন)। ৩ রক্ষণাবেক্ষণ (রাজ্যের বা প্রজার প্রতিপালন)। **প্রতিপালক** *বি,বিণ* পালনকর্তা; প্রতিপালনকারী। □ *বিণ* রক্ষণাবেক্ষণকারী। **প্রতিপালিকা** *বিণ স্ত্রী.*। **প্রতিপালনীয়, প্রতিপাল্য** *বিণ* ১ প্রতিপালন করতে হবে এমন; পোষণ বা রক্ষণের যোগ্য (তাহাকে নিতান্তই অবশ্য প্রতিপাল্য একটি অকর্মণ্য ছোট ভাইয়ের মতো গ্রহণ করা—*রঠা*)। ২ প্রতিপালনের উপযুক্ত। **প্রতিপালিত** *বিণ* পোষিত ও পালিত; লালনপালন করা হয়েছে এরূপ। **প্রতিপালিতা** *বিণ স্ত্রী.*। { *স.* প্রতি+পালন}

প্রতিপোষক ⇒ প্রতিপোষণ

প্রতিপোষণ [প্রোতিপোশোন্‌] *বি* ১ সমর্থন; support। ২ সাহায্য; সাহায্যকরণ। **প্রতিপোষক** *বিণ* ১ সমর্থনকারী; সমর্থক। ২ প্রতিপোষণকারী; সহায়ক। { *স.* প্রতি+পোষণ}

প্রতিফল [প্রোতিফল্‌] *বি* ১ দুষ্কর্মের জন্য উপযুক্ত ফল। ২ প্রতিশোধ; শাস্তি; সাজা। { *স.* প্রতি+√ফল+অ(অচ্‌)}

প্রতিফলন [প্রোতিফলোন্‌] *বি* ১ আয়নাপ্রভৃতিতে পতিত আলোকের প্রত্যাবর্তন; reflection; প্রতিবিম্বন। { *স.* প্রতি+√ফল্‌+অন(ল্যুট্‌)}

প্রতিবচন [প্রোতিবচোন্‌] *বি* ১ প্রত্যুত্তর; জবাবের জবাব (কলম কষে বসে বসে প্রতিবাদের প্রতিবচন—*রঠা*)। ২ উত্তর; জবাব। ৩ প্রতিকূল বাক্য; বিরুদ্ধ কথা। ৪ সদৃশ কথা; সমানার্থক বাক্য। ৫ প্রতিধ্বনি; অনুরূপ শব্দ। { *স.* প্রতি+বচন}

প্রতিবদ্ধ [প্রোতিবদ্‌ধো] *বিণ* ব্যাহত; বাধাপ্রাপ্ত। { *স.* প্রতি+বদ্ধ}

প্রতিবন্ধ [প্রোতিবন্‌ধো] *বি* অন্তরায়; বাধা। **–ক** *বিণ* বাধাজনক; বাধাযুক্ত (আপনাদের টাকা পাইবার কোনো প্রতিবন্ধক দেখিতেছি না—*ঈবি*)। □ *বি* বাধা; অন্তরায়। **প্রতিবন্ধী** *বিণ* বাধাযুক্ত; বিকলাঙ্গ; বিকল; অক্ষম; বাধাজনক (মানসিক প্রতিবন্ধী)। { *স.* প্রতি+√বন্ধ্‌+অ(ঘঞ্‌)}

প্রতিবল [প্রোতিবল্‌] *বিণ* ১ সমান শক্তিমান; সমান ক্ষমতাবান। ২ বিপক্ষের সৈন্য। { *স.* প্রতি+বল}

প্রতিবস্তূপমা [প্রোতিবোস্‌তুপমা] *বি (আল.)* অর্থালঙ্কার বিশেষ, যা দিয়ে উপমান ও উপমেয়ের সাদৃশ্য বোধগম্য হয়। { *স.* প্রতিবস্তু+উপমা}

প্রতিবাক্য [প্রোতিবাক্‌কো] *বি* ১ উত্তর; জবাব। ২

প্রত্যুত্তর; জবাবের জবাব। ৩ বিরুদ্ধবাক্য; প্রতিকূল বাক্য। { স. প্রতি+বাক্য }

প্রতিবাত [প্রোতিবাত্] *ক্রিবিণ* বায়ুর বিরুদ্ধ দিক; যে দিক থেকে বায়ু প্রবাহিত হয় সেদিকে (প্রতিবাতে কাঁপে দেহ অসার তরুর—*সদ*)। { স. প্রতি+বাত }

প্রতিবাদ [প্রোতিবাদ্] *বি* ১ কোনো উক্তির বিরুদ্ধে বলা। ২ আপত্তি জানানো। ৩ খণ্ডনের নিমিত্ত বিরুদ্ধ যুক্তি; বিতর্ক। **প্রতিবাদী** (–দিন্) *বি, বিণ* ১ বিরুদ্ধবাদী। ২ আসামি; বিবাদী। ৩ প্রতিপক্ষ। ৪ যে প্রতিবাদ করে। **প্রতিবাদিনী** *বিণ স্ত্রী*। { স. প্রতি+√বদ্+অ(ঘঞ্) }

প্রতিবাসী (–সিন্) [প্রোতিবাশি] *বি, বিণ* পড়শি; প্রতিবেশী; নিকট বা পাশাপাশি বাসকারী (কোনও প্রতিবাসীর বংশরচিত দ্বার সবলে উদ্‌ঘাটিত করিয়া—*বচ*)। **প্রতিবাসিনী** *বিণ স্ত্রী*। { স. প্রতি+√বস্+ইন্(ণিনি) }

প্রতিবিধান [প্রোতিবিধান্] *বি* ১ প্রতিকার; নিবারণ; বাধাপ্রদান; নিবারণের উপায় (কোনও প্রতিবিধান করিতে পারিতেন না—*ঈবি*)। ২ প্রতিশোধ। ৩ দমন। { স. প্রতি+বিধান }

প্রতিবিধিৎসা [প্রোতিবিধিত্‌সা] *বি* প্রতিবিধানের বা প্রতিকারের ইচ্ছা। **প্রতিবিধিৎসিতে**—'প্রতিবিধিৎসা করতে' অর্থে মাইকেল মধুসূদন কর্তৃক সৃষ্ট ক্রিয়াপদ। { স. প্রতি+বিধিৎসা }

প্রতিবিপ্লব [প্রোতিবিপ্‌লব্] *বি* কোনো বিপ্লবকে ব্যর্থ করে দেওয়ার জন্য পরবর্তীকালের রাজনৈতিক পরিবর্তন; বিপ্লববিরোধী কাজ। { স. প্রতি+বিপ্লব }

প্রতিবিম্ব [প্রোতিবিম্‌বো] *বি* আয়না প্রভৃতিতে পতিত বা প্রতিফলিত মূর্তি; প্রতিচ্ছায়া; ছায়া। **~ন** *বি* প্রতিফলন; reflection। **প্রতিবিম্বিত** *বিণ* ১ প্রতিফলিত। ২ প্রতিফলিত হয়েছে এমন। { স. প্রতি+বিম্ব }

প্রতিবিহিত [প্রোতিবিহিতো] *বিণ* প্রতিবিধান বা প্রতিকার বা নিবারণ করা হয়েছে এমন। { স. প্রতি+বিহিত }

প্রতিবেদন [প্রোতিবেদোন্] *বি* ১ বিবরণী। ২ অভাব-অভিযোগ জ্ঞাপন। ৩ রিপোর্ট; report। { স. প্রতি+বেদন }

প্রতিবেশ, প্রতীবেশ *(বিরল)* [প্রোতিবেশ্] *বি* ১ নিকটবর্তী আবাসসমূহ। ২ পারিপার্শ্বিক অবস্থা। ৩ পরিপার্শ্ব; environment। ৪ প্রতিবাসীদের গৃহ। { স. প্রতি+বেশ }

প্রতিবেশী (–শিন্) [প্রোতিবেশি] *বি, বিণ* ১ পড়শি; প্রতিবাসী। ২ নিকটবর্তী স্থানে বসবাসকারী। **প্রতিবেশিনী** *বিণ স্ত্রী*। { স. প্রতি+√বিশ্+ইন্(ইনি) }

প্রতিবোধ, প্রতিবোধন [প্রোতিবোধ্, –বোধোন্] *বি* ১ বিকাশ; প্রকাশ। ২ জাগরণ। ৩ সান্ত্বনা; জ্ঞান; প্রবোধ। { স. প্রতি+বোধ, বোধন }

প্রতিভা [প্রোতিভা] *বি* ১ তীক্ষ্ণবুদ্ধি; অনন্যসাধারণ বুদ্ধি। ২ প্রত্যুৎপন্নমতিত্ব। ৩ নির্মাণক্ষম বুদ্ধি বা প্রজ্ঞা; উদ্ভাবনী বুদ্ধি। ৪ অসাধারণ সৃজনীশক্তি। ৫ প্রভা; ঔজ্জ্বল্য; দীপ্তি। **~শালী** *বিণ* প্রতিভার অধিকারী; প্রতিভাযুক্ত; প্রতিভা আছে এমন। **~শালিনী** *স্ত্রী*। { স. প্রতি+√ভা+অ(অঙ্) }

প্রতিভাত [প্রোতিভাতো] *বিণ* ১ প্রকাশিত (মায়া মরীচিকার মতো অত্যন্ত অস্পষ্ট প্রতিভাত হইল—*রঠা*)। ২ স্পষ্টরূপে উক্ত বা প্রকাশিত। ৩ জ্ঞাত; অবগত। ৪ আলোকিত; উদ্ভাসিত। ৫ প্রতিফলিত হয়েছে এমন। { স. প্রতি+√ভা+ত(ক্ত) }

প্রতিভাস [প্রোতিভাশ্] *বি* দীপ্তি; ঔজ্জ্বল্য (বিন্দু বিন্দু জীবনের দীপ্তি পেয়ে চন্দ্র আর নক্ষত্রের এই প্রতিভাস—*রখা*)। **প্রতিভাসিত** *বিণ* দীপ্ত; উজ্জ্বল; আলোকিত। { স. প্রতি+√ভাস্+অ(ঘঞ্) }

প্রতিভূ [প্রোতিভু] *বি* ১ জামিন (কিন্তু তাঁহার যে সকল কর্মকারক কলিকাতায় কয়েদ ছিল হে সাহেবকে তাহাদের প্রতিভূস্বরূপ আটক করিয়া রাখিলেন—*ঈবি*)। ২ প্রতিনিধি। { স. প্রতি+√ভূ+ক্বিপ্ }

–প্রতিম [প্রোতিম্] *বিণ* তুল্য; সদৃশ; ন্যায়; মতো (বারিদপ্রতিম স্বনে—*মদ*)। { স. প্রতি+√মা+অ(ক) }

প্রতিমা [প্রোতিমা] *বি* ১ প্রতিকৃতি; প্রতিমূর্তি (কবরগুলো কারো কিংবা কিছুর প্রতিমা দেয় না, বলে মাত্র–আমি কবর—*অঠা*)। ২ মাটি ইত্যাদি দিয়ে নির্মিত মূর্তি। ৩ দেবমূর্তি; দেববিগ্রহ। { স. প্রতি+√মা+অ(ক)+আ(টাপ্) }

প্রতিমান [প্রোতিমান্] *বি* ১ প্রতিমূর্তি; প্রতিচ্ছবি (আনন্দ সুন্দর তনু স্বপনের অতিথিনী কামনার পূর্ণ প্রতিমান—*মোম*)। ২ হস্তীর দুই দন্তের মধ্যস্থান। ৩ ওজন করবার বাটখারা। { স. প্রতি+মান }

প্রতিমুখ [প্রোতিমুখ্] *বি* অভিমুখ; সম্মুখ দিকে। { স. প্রতি+মুখ }

প্রতিমুহূর্ত [প্রোতিমুহুর্‌তো] *ক্রিবিণ* সর্বদা; প্রতিক্ষণ। { স. প্রতি+মুহূর্ত }

প্রতিমূর্তি [প্রোতিমুরতি] *বি* ১ প্রতিকৃতি; প্রতিচ্ছবি। ২ অনুরূপ বা সদৃশ মূর্তি। ৩ কল্পিত মূর্তি; প্রতিমা। { স. প্রতি+মূর্তি }

প্রতিযোগ [প্রোতিজোগ্] *বি* ১ বিরোধ। ২ প্রতিদ্বন্দ্বিতা। ৩ শত্রুতা। { স. প্রতি+যোগ }

প্রতিযোগী (–গিন্) [প্রোতিজোগি] *বি, বিণ* ১ প্রতিদ্বন্দ্বী। ২ সমকক্ষ। ৩ বিপক্ষ। ৪ পরস্পর ক্ষমতা বা শক্তি পরীক্ষাকারী। ৫ বিরোধী। **প্রতিযোগিনী** *বি স্ত্রী*। **প্রতিযোগিতা** *বি* প্রতিদ্বন্দ্বিতা; বিরুদ্ধতা। { স. প্রতি+যোগী }

প্রতিরক্ষা [প্রোতিরোক্‌খা] *বি* প্রতিরোধ; বাধাদান; defence (যে প্রাকৃতিক প্রতিরক্ষা ব্যবস্থার দ্বারা এদেশ ছিলো সুরক্ষিত—*মুআরা*)। { স. প্রতি+রক্ষা }

প্রতিরুদ্ধ ⇒ প্রতিরোধ

প্রতিরূপ [প্রোতিরুপ্] *বি* ১ প্রতিমূর্তি; প্রতিকৃতি। ২ প্রতিবিম্ব। ৩ সাদৃশ্য। ☐*বিণ* তুল্য। { স. প্রতি+রূপ }

প্রতিরোধ [প্রতিরোধ্] *বি* ১ নিরোধ। ২ নিবারণ। ৩ বাধাদান। ৪ প্রতিবন্ধ। ৫ আটক। ৬ ব্যাঘাত। **–ক, প্রতিরোধী** (–ধিন্) *বিণ* প্রতিরোধকারী; নিবারণকারী। **প্রতিরোধিত, প্রতিরুদ্ধ** *বিণ* প্রতিরোধ করা হয়েছে এমন। { স. প্রতি+রোধ }

প্রতিলিপি [প্রোতিলিপি] *বি* লেখা ছবি প্রভৃতির হুবহু

নকল; copy। {স. প্রতি+লিপি}

প্রতিলোম [প্রোতিলোম্] *বিণ* ১ উল্টা; বিপরীত। ২ বিরুদ্ধ; প্রতিকূল। ~ **বিবাহ** *বিণ* নিম্নবংশীয় পুরুষের সহিত উচ্চ বংশীয়া স্ত্রীলোকের বিবাহ। {স. প্রতি+লোম}

প্রতিশব্দ [প্রোতিশব্‌দো] *বি* ১ সমার্থক শব্দ; synonym। ২ প্রতিধ্বনি; অনুরূপ ধ্বনি। {স. প্রতি+শব্দ}

প্রতিশয়, প্রতিশয়ন [প্রোতিশয়্, -য়োন্] *বি* প্রত্যাদেশ কামনা করে মন্দির প্রভৃতিতে ধরনা বা হত্যা দেওয়ার কার্য। {স. প্রতি+শয়, শয়ন}

প্রতিশোধ [প্রোতিশোধ্] *বি* অন্যায়কারীর ক্ষতিসাধন; শত্রু নির্যাতন; হিংসার পরিবর্তে হিংসা; প্রতিহিংসা। (খাইব, কিন্তু আগে এ যন্ত্রণার প্রতিশোধ করিব—*বচ*)। {স. প্রতি+শোধ}

প্রতিশ্রুত [প্রোতিস্‌স্রুতো] *বিণ* ১ প্রতিজ্ঞাবদ্ধ। ২ প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন। {স. প্রতি+√শ্রু+ত(ক্ত)}

প্রতিশ্রুতি [প্রোতিস্‌স্রুতি] *বি* প্রতিজ্ঞা; অঙ্গীকার; নিশ্চয়াত্মক স্বীকৃতি। ~**শীল** *বিণ* ভবিষ্যৎ উন্নতির সম্ভাবনা আছে এমন। {স. প্রতি+√শ্রু+তি(ক্তি)}

প্রতিষিদ্ধ ⇒ প্রতিষেধ

প্রতিষেধ [প্রোতিশেধ্] *বি* ১ নিবারণ; বারণ (অন্যের প্রবেশ প্রতিষেধ পূর্বক অবস্থিতি করিতে লাগিলেন—*ঈবি*)। ২ নিষেধ। ৩ বর্জন (সর্ব প্রকার আহার প্রতিষেধ করিয়াছি—*ঈবি*)। **প্রতিষিদ্ধ** *বিণ* প্রতিষেধ করা হয়েছে এমন; নিবারিত; বারিত; নিষিদ্ধ (এইরূপে প্রতিষিদ্ধ হইয়া উপমন্যু ভিক্ষান্ন ভক্ষণ করেন না—*ঈবি*)। **প্রতিষেদ্ধা** *বি, বিণ* নিষেধকারী; নিবারণকারী; নিবারক। ~**ক** *বিণ* ১ নিবারক; নিষেধকারী (ঈশ্বর জ্ঞান এই বিশ্বাসের প্রতিষেধক হয় না—*বচ*)। ২ বিষক্রিয়ানাশক ঔষধ। {স. প্রতি+√সিধ্+অ(ঘঞ্)}

প্রতিষ্টম্ভ [প্রোতিশ্‌টম্‌ভো] *বি* বাধা; নিষেধ; বারণ; প্রতিবন্ধ। {স. প্রতি+√স্তম্‌ভ্+অ(ঘঞ্)}

প্রতিষ্ঠা [প্রোতিশ্‌ঠা] *বি* ১ মর্যাদা; গৌরব; প্রতিপত্তি (জাবালির প্রতিষ্ঠা নষ্ট হইয়াছে—*রাব*)। ২ সংস্থাপন (বিদ্যালয় প্রতিষ্ঠা)। ৩ উৎসর্গ (বৃক্ষ প্রতিষ্ঠা)। ৪ উদযাপন। ৫ অবস্থান; স্থিতি। ~**তা**(-তৃ) *বি, বিণ* প্রতিষ্ঠাকারী; যে প্রতিষ্ঠা করে (প্রতিষ্ঠাতৃগণের চেষ্টায় সমস্ত শেয়ারই বিলি হইয়া গিয়াছে—*রাব*)। ~**ত্রী** *বি, বিণ স্ত্রী*। **প্রতিষ্ঠিত** *বিণ* ১ প্রতিষ্ঠা করা হয়েছে বা প্রতিষ্ঠা লাভ করেছে এমন; প্রসিদ্ধ। ২ বদ্ধমূল। {স. প্রতি+√স্থা+অ(অঙ)+আ(টাপ্)}

প্রতিষ্ঠান [প্রোতিশ্‌ঠান্] *বি* ১ সংস্থাপন। ২ অবস্থান; স্থিতি। ৩ সংগঠন; সংস্থা; সমিতি। ৪ সংস্থার গৃহ। {স. প্রতি+স্থান}

প্রতিষ্ঠাপন [প্রোতিশ্‌ঠাপোন্] *বি* ১ সংস্থাপন; প্রতিষ্ঠা। ২ অর্পণ; প্রদান। ৩ উৎসর্গ; উদ্দেশ্যে দান। **প্রতিষ্ঠাপয়িতা**(-তৃ) *বি, বিণ* প্রতিষ্ঠাকারী; স্থাপনকারী; স্থাপয়িতা। **প্রতিষ্ঠাপয়িত্রী** *বি, বিণ স্ত্রী*। **প্রতিষ্ঠাপিত** *বিণ* প্রতিস্থাপন করা হয়েছে এমন। {স. প্রতি+স্থাপন}

প্রতিসংহার [প্রোতিশঙ্‌হার্] *বি* সংবরণ; নিবারণ; দমন; নিবর্তন (অতএব শরাসনে যে শর-সন্ধান করিয়াছেন, আশু তাহার প্রতিসংহার করুন—*ঈবি*)। **প্রতিসংহৃত** *বিণ* প্রতিসংহার করা হয়েছে এমন; নিবর্তিত। {স. প্রতি+সংহার}

প্রতিসর [প্রোতিশর্] *বিণ* বৃত্তাকার; মালার ছড়ার মতো (খাদ্যোতের ব্যূহ প্রতিসরে মেরে তরুবরে রত্ন কিরীট পরিয়া—*মদ*)। {স. প্রতি+√সৃ+অ(অচ্)}

প্রতিসরণ [প্রোতিশরোন্] (*বিজ্ঞান*.) *বি* এক স্বচ্ছ পদার্থ থেকে অন্য পদার্থে ঢুকলে আলোকরশ্মির স্বাভাবিক গতিপথের যে পারিবর্তন হয়; reflection (আলোক রশ্মির বাঁকিয়া যাওয়ার নাম প্রতিসরণ—*আত্ম*)। **প্রতিসৃত** (*বিজ্ঞান*.) *বিণ* প্রতিসরণযুক্ত; পরাবর্তিত। {স. প্রতি+ সরণ}

প্রতিসর্গ [প্রোতিশর্‌গো] *বি* ১ সৃষ্টি। ২ প্রলয়। {স. প্রতি+সর্গ}

প্রতিসারণ [প্রোতিশারোন্] *বি* দূরীকরণ। **প্রতিসারিত** *বিণ* ১ অপসারিত; দূরীকৃত। {স. প্রতি+√সারি+ অন(ল্যুট্)}

প্রতিসারী(-রিন্) [প্রোতিশারি] *বিণ* প্রতিকূলগামী; বিরুদ্ধাচারী। {স. প্রতি+সারী}

প্রতিসৃত ⇒ প্রতিসরণ

প্রতিহত [প্রোতিহতো] *বিণ* ১ প্রতিঘাতপ্রাপ্ত। ২ ব্যাহত; বাধাপ্রাপ্ত। ৩ আহত। ৪ নিবারিত। ৫ বিফলীকৃত। {স. প্রতি+√হন্+ত(ক্ত)}

প্রতিহনন [প্রোতিহনোন্] *বি* হত্যাকারীকে হনন বা বধ। {স. প্রতি+হনন}

প্রতিহন্তা [প্রোতিহন্‌তা] *বি, বিণ* প্রতিহননকারী; হত্যাকারীর বধকর্তা। {স. প্রতি+হন্তা}

প্রতিহর্তা [প্রোতিহর্‌তা] *বি, বিণ* ১ প্রত্যাঘাতকারী; প্রতিঘাতকারী। ২ বাধাপ্রদানকারী; নিবারণকারী; নিবারক। {স. প্রতি+√হৃ+তৃ(তৃচ্)}

প্রতিহার, প্রতীহার (*বিরল*) [প্রোতিহার্] *বি* ১ পরিহার; ত্যাগ; বর্জন। ২ সদর দরজা; সিংহদ্বার। {স. প্রতি+√হৃ+ অ(ঘঞ্)}

প্রতিহারী(-রিন্), **প্রতীহারী** (বিরল) [প্রোতিহারি] *বি* দৌবারিক; দারোয়ান। **প্রতিহারিণী** *বি স্ত্রী*। {স. প্রতি+হার+ইন্(ইনি)}

প্রতিহার্য [প্রোতিহারজো] *বিণ* বর্জনীয়; ত্যাগের উপযুক্ত; পরিহারযোগ্য। {স. প্রতি+√হৃ+য(ণ্যৎ)}

প্রতিহিংসা [প্রোতিহিঙ্‌শা] *বি* ১ শত্রু-নির্যাতন। ২ প্রতিশোধ। ৩ হিংসার বদলে হিংসা। {স. প্রতি+হিংসা}

প্রতীক [প্রোতিক্] *বি* ১ অবয়ব। ২ চিহ্ন; নিদর্শন; সংকেত; symbol। ৩ প্রতিমা; প্রতিমূর্তি। ☐ *বিণ* বিরুদ্ধ; প্রতিকূল। ~**বাদ**, ~**তা**, **প্রতীকীবাদ** *বি* সাহিত্যে সংকেতের সাহায্যে ভাব প্রকাশের পদ্ধতি; symbolism। {স. প্রতি+√ই+ ঈক(ঈকন্)}

প্রতীকার ⇒ প্রতিকার

প্রতীকী [প্রোতিকি] *বিণ* সাংকেতিক; symbolic (তার ধ্বনি প্রতীকী হিল্লোল . . . .তটে আনে কতো ঐশ্বর্যের তরী—*শারা*)। {স. প্রতীক+ঈ}

প্রতীক্ষা [প্রোতিক্‌খা] *বি* ১ অপেক্ষা; ইনতিজার। ২ আশা;

প্রত্যাশা। ৩ যা ঘটতে পারে সে বিষয়ের জন্য অপেক্ষা (অধীর চিত্তে প্রতীক্ষা করিতে লাগিল—*শারা*)। **প্রতীক্ষমাণ** *বিণ* প্রতীক্ষাকারী; প্রত্যাশা করে এমন। **প্রতীক্ষমাণা** *বিণ স্ত্রী*। **প্রতীক্ষিত** *বিণ* প্রতীক্ষা করা হয়েছে বা হচ্ছে এমন। **প্রতীক্ষ্য** *বিণ* ১ প্রতীক্ষার উপযুক্ত। ২ পূজ্য। **প্রতীক্ষ্যমাণ** *বিণ* অপেক্ষা করা হচ্ছে এমন; অপেক্ষমাণ। **প্রতীক্ষ্যমাণা** *বিণ স্ত্রী*। {স. প্রতি+ঈক্ষ}

প্রতীচী [প্রোতিচি] *বি* ১ পশ্চিম দিক। ২ পৃথিবীর পশ্চিম দিকে অবস্থিত দেশসমূহ। ☐ *বিণ* পাশ্চাত্য; পশ্চিম দিক সংক্রান্ত। **প্রতীচ্য** *বিণ* ১ পাশ্চাত্য; পশ্চিম দিকের দেশ সংক্রান্ত (সিংহকারক প্রতীচ্য বিদ্বান, অস্থি কুড়ায়ে সিংহে দিয়েছে প্রাণ—*সদ*)। ২ পশ্চিম দিকস্থ। {স. প্রত্যচ্+ঈ(ঙীপ)}

প্রতীতি [প্রোতিতি] *বি* ১ জ্ঞান; বোধ; উপলব্ধি (সেরূপও প্রতীতি হইতেছে না—*ঈবি*)। ২ ধারণা; বিশ্বাস (কেহ পুনরায় বহির্গত হইয়াছে কোনও ক্রমে সেরূপ প্রতীতি হইতেছে না—*ঈবি*)। **প্রতীত** *বিণ* জ্ঞাত; অবগত; প্রতীতি জন্মেছে এরূপ। **পরতীত** *(মবা.) বি* 'প্রতীত' শব্দের মধ্য স্বরাগমের রূপ (সেই এসে মোরে বলে নহিলে নহিতাম পরতীত—*চদা*)। {স. প্রতি+√ই+তি(ক্তি)}

প্রতীত্যসমুৎপাদ [প্রোতিত্‌তোশমুত্‌পাদো] *বি* (বৌদ্ধমতে) রূপ বেদনা সংজ্ঞা সংস্কার বিজ্ঞান—এই পঞ্চ স্কন্দ নামে কতকগুলি পদার্থকে আশ্রয় করে সেগুলো থেকে অন্য বস্তুর উৎপাদন বা উৎপত্তি (এমন কি কেউ কখনও প্রতীত্যসমুৎপাদের চেষ্টায় মাথা ঘামাত কিনা সন্দেহ—*সুদ*)। {স. প্রতীত্য+সমুৎপাদ}

প্রতীপ [প্রোতিপ্] *বিণ* ১ *(জ্যা.)* সম্পূর্ণ বিপরীত দিকে অবস্থিত (বিপ্রতীপ কোণ)। ২ প্রতিকূল; উল্টা; বিপরীত। ৩ এক প্রকার কাব্যালঙ্কার। ৪ শান্তনুর পিতা। {স. প্রতি+অপ; বহু}

প্রতীবাদ ⇒ প্রতিবাদ

প্রতীয়মান [প্রোতিয়োমান্] *বিণ* অনুভূত বা জ্ঞাত; বোধগম্য; আপাতদৃষ্ট। {স. প্রতি+√ই+মান(শানচ্)}

প্রতীর [প্রোতির্] *বি* তীর; তট; কূল (তটিনী প্রতীর, সারি সরসী সাগরে—*সদগ*)। {স. প্র+√তীরি+অ(অচ্)}

প্রতীহার ⇒ প্রতিহার

প্রতুল [প্রোতুল্] *বি* ১ প্রাচুর্য (সাহেব লোক অনুগ্রহ করিয়া যথেষ্ট মর্যাদা করিয়া অধিকারের প্রতুল করিয়া দিয়া রাজ্যে বিদায় করিয়া দিলেন—*রামু*)। ২ বাহুল্য; বৃদ্ধি। ৩ প্রচুর। {স. প্র+তুল}

প্রত্ন, প্রতন [প্রোত্‌নো, প্রোতন্] *বিণ* পুরাতন; প্রাচীন; পুরা (মানুষের পতন প্রকৃতি—*বুব*)। **–তত্ত্ব, –তত্ত্ববিদ্যা** *বি* ১ পুরাতত্ত্ব; প্রাচীনকালের মুদ্রা বা অট্টালিকা প্রভৃতির ধ্বংসাবশেষ বিচার করে তৎকালীন ইতিহাস আবিষ্কার। **–তত্ত্ববিদ, –বিৎ** *বি* যে প্রত্নতত্ত্বে অভিজ্ঞ। **–তত্ত্বীয়** *বিণ* প্রত্নতত্ত্বসম্বন্ধীয়। {স. প্র+ত্ন(ত্নপ্); স্বরাগমে প্রতন}

প্রত্যক্ষ [প্রোত্‌তোক্‌খো] *বিণ* ১ চাক্ষুষ; সাক্ষাৎ; ইন্দ্রিয়গোচর; দৃশ্য; দৃষ্ট। ২ স্পষ্ট। ☐ *বি* ১ ইন্দ্রিয়গ্রাহ্য জ্ঞান। ২ স্পষ্ট। ৩ ইন্দ্রিয় দ্বারা অনুভূত বিষয় দর্শন। **–কারী** *বিণ* প্রত্যক্ষ করেছে এমন। **–ত** *অব্য* সম্মুখে; সাক্ষাৎভাবে। **–দর্শন** *বি* স্বচক্ষে দর্শন। **–দর্শী** *বিণ* স্বচক্ষে দর্শনকারী। **–প্রমাণ** *বি* ১ সাক্ষাৎপ্রমাণ। ২ চাক্ষুষ সাক্ষী। **–ফল** *বি* ১ কারণ থেকে সরাসরি উদ্ভূত ফল। ২ যে ফলের কারণ স্পষ্ট। **–ভূত** *বিণ* প্রত্যক্ষ হয়েছে এমন (নিত্য প্রত্যক্ষভূত সত্যের বিপরীত—*মআ*)। **প্রত্যক্ষী** (–ক্ষিন্) *বিণ* প্রত্যক্ষ করে এমন; প্রত্যক্ষকারী; সাক্ষাৎদ্রষ্টা। **প্রত্যক্ষীকরণ** *বি* চোখে দেখা। **প্রত্যক্ষীকৃত** *বিণ* অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ হয়েছে এমন; সাক্ষাৎদৃষ্ট। **প্রত্যক্ষীভূত** *বিণ* পূর্বে সাক্ষাৎ দৃষ্ট ছিল না এখন সাক্ষাৎ হয়েছে এমন। {স. প্রতি+অক্ষি; অব্যয়ী}

প্রত্যঙ্গ [প্রোত্‌তঙ্‌গো] *বি* প্রতি অঙ্গ; প্রতিটি অবয়ব; অঙ্গের অঙ্গ; উপাঙ্গ। {স. প্রতি+অঙ্গ}

প্রত্যন্ত [প্রোত্‌তন্‌তো] *বিণ* ১ প্রান্তবর্তী। ২ সীমান্তের আশেপাশে। ৩ নিকটবর্তী; সমীপস্থ। ☐ *বি* ১ প্রান্তদেশ। ২ সীমান্তবর্তী অঞ্চল। **–পর্বত** *বি* বৃহৎ পর্বতের নিকটস্থ ক্ষুদ্র পর্বত। {স. প্রতি+অন্ত; *প্রাদি*}

প্রত্যবয়ব [প্রোত্‌তোবয়ব্] *বি* প্রত্যঙ্গ; প্রত্যেক অঙ্গ। {স. প্রতি+অবয়ব; *অব্যয়ী*}

প্রত্যবায় [প্রোত্‌তোবায়্] *বি* ১ অনিষ্ট; ক্ষতি; লোকসান (কর্তব্য কর্মে উপেক্ষাবশত প্রত্যবায়গ্রস্ত হয়—*ঈবি*)। ২ দোষ; অপরাধ। ৩ পাপ। {স. প্রতি+অব+√ই+অ(অচ্)}

প্রত্যবেক্ষণ, প্রত্যবেক্ষা [প্রোত্‌তোবেক্‌খন্, –ক্‌খা] *বি* ১ অনুসন্ধান; খোঁজ। ২ পর্যবেক্ষণ; নিরীক্ষণ। ৩ গবেষণা; তত্ত্বানুসন্ধান। ৪ বিচার। ৫ তত্ত্বাবধান; পরিচালনা; পরিদর্শন। **প্রত্যবেক্ষিত** *বিণ* তত্ত্বাবধিত; পর্যবেক্ষিত (স্বপ্রত্যবেক্ষিত পুস্তকালয়ে স্থাপন করিলেন—*ঈবি*)। {স. প্রতি+অবেক্ষণ; অবেক্ষা}

প্রত্যভিজ্ঞা, প্রত্যভিজ্ঞান [প্রোত্‌তোভিগ্‌গাঁ, –ন্] *বি* পুনর্জ্ঞান; পূর্বের জানাশুনা সম্বন্ধে চেতনা; আগের জানাশোনাকে চেনা বা স্বীকার। {স. প্রতি+অভি+√জ্ঞা+অ(অঙ্)+আ(টাপ্), অন(ল্যুট্)}

প্রত্যভিবাদ ⇒ প্রত্যভিবাদন

প্রত্যভিবাদন, প্রত্যভিবাদ *(বিরল)* [প্রোত্‌তোভি-বাদোন্, –বাদ্] *বি* প্রতি নমস্কার; সালামের জবাবে সালাম। {স. প্রতি+অভিবাদন, অভিবাদ}

প্রত্যভিযোগ [প্রোত্‌তোভিজোগ্] *বি* পাল্টা অভিযোগ বা নালিশ; নালিশের বিরুদ্ধে নালিশ; counter-charge। {স. প্রতি+অভিযোগ}

প্রত্যয় [প্রোত্‌তয়্] *বি* ১ প্রতীতি; বিশ্বাস; নিঃসন্দিগ্ধতা; নিশ্চয়াত্মক ধারণা (পরস্পরে এ প্রত্যয়—*সদ*)। ২ *(ব্যা.)* যে শব্দাংশ নামপদ বা ধাতুর শেষে যুক্ত হয়ে বিশেষ অর্থ নির্দেশ করে (তদ্ধিত প্রত্যয়, কৃৎপ্রত্যয়)। **–ন** *বি* প্রত্যয়করণ; প্রত্যয়িত করা। **–হন্তা** *বিণ* বিশ্বাস নষ্ট করে এমন; বিশ্বাসঘাতক। **প্রত্যয়িত** *বিণ* বিশ্বস্ত; বিশ্বাসের পাত্র। **প্রত্যয়ী** (–য়িন্) *বিণ* ১ বিশ্বাসী। ২ বিশ্বাস করে এমন; বিশ্বাসকারী। {স. প্রতি+√ই+অ(অচ্)}

প্রত্যর্থী *(–র্থিন্)* [প্রোত্‌তোর্‌থি] *বি, বিণ* প্রতিবাদী; আসামি (অর্থী প্রত্যর্থী চাপরাশি কনস্টেবলে চারিদিক লোকারণ্য —*রঠা*)। ২ শত্রু; অরি। ৩ বিপক্ষ; বিরুদ্ধ পক্ষ। {স.

প্রতি+অর্থী}

প্রত্যর্পণ [প্রোত্তরপোন] *বি* ১ ফেরত দান (তাহাকে প্রত্যর্পণ করিতে উদ্যত হইল—*রঠা*)। ২ প্রতিদান। **প্রত্যর্পিত** *বিণ* ফেরত দেওয়া হয়েছে এমন। **প্রত্যর্পিতা** *স্ত্রী.*। { *স.* প্রতি+অর্পণ}

প্রত্যহ [প্রোত্তোহো] *অব্য, ক্রিবিণ* প্রতিদিন; দিন দিন; রোজ রোজ। { *স.* প্রতি+অহ; *অব্যয়ী.*}

প্রত্যাখ্যান [প্রোত্তাক্খান্] *বি* ১ গ্রহণ না করা; ফেরত প্রদান; অগ্রাহ্যকরণ। ২ উপেক্ষা; অবজ্ঞা; অনাদর; ত্যাগ। **প্রত্যাখ্যাত** *বিণ* বর্জিত; প্রত্যাখ্যান করা হয়েছে এমন (বাংলা কবিতার পদলালিত্য এ গ্রন্থে প্রত্যাখ্যাত —*সুঠা*)। { *স.* প্রতি+আখ্যান}

প্রত্যাগত [প্রোত্তাগতো] *বিণ* ফিরে এসেছে এমন; প্রত্যাবর্তন করেছে এমন; প্রত্যাবৃত্ত (প্রত্যাগত পথিকেরা মাঠের পথ দিয়া ঘরের মুখে চলিয়াছে—*রঠা*)। **প্রত্যাগমন** *বি* ফিরে আসা; প্রত্যাবর্তন। { *স.* প্রতি+আগত}

প্রত্যাঘাত [প্রোত্তাঘাত্] *বি* আঘাতের বদলে আঘাত। { *স.* প্রতি+আঘাত}

প্রত্যাদেশ [প্রোত্তাদেশ্] *বি* ১ ঐশীবাণী; আল্লাহর আদেশ; ওহি (যে সমস্ত স্বর্গীয় প্রত্যাদেশ ছিল—*শেআ*)। ২ দেবতার আদেশ। ৩ পূর্বের আদেশ বাতিলকরণ। ৪ অগ্রহণ; প্রত্যাখ্যান। ৫ খণ্ডন; নিরাকরণ। **প্রত্যাদিষ্ট** *বিণ* প্রত্যাদেশ পেয়েছে এমন। **প্রত্যাদেষ্টা** *বিণ* প্রত্যাদেশ দান করে এমন; প্রত্যাদেশ দানকারী। { *স.* প্রতি+আদেশ}

প্রত্যানয়ন [প্রোত্তানয়োন্] *বি* ফিরিয়ে আনা; আবার আনা; পুনরায় আনয়ন (অযোধ্যায় প্রত্যানয়নের জন্য নানা প্রকার চেষ্টা করিলেন—*রাব*)। **প্রত্যানীত** *বিণ* প্রত্যানয়ন করা হয়েছে এমন (তৎক্ষণাৎ তাহাকে গৃহে প্রত্যানীত করিলেন—*ঈবি*)। { *স.* প্রতি+আনয়ন}

প্রত্যাবর্তন [প্রোত্তাবরতোন্] *বি* ফিরে আসা; প্রত্যাগমন (সকলেই তাহার প্রত্যাবর্তনের আশা ছাড়িয়া দিয়াছিল —*শাকা*)। **প্রত্যাবৃত্ত** *বিণ* প্রত্যাবর্তন করেছে এমন; পুনরাগত। **প্রত্যাবৃত্তি** *বি* ফেরত গতি; বিপরীত গতি। { *স.* প্রতি+ আবর্তন}

প্রত্যায়ক [প্রোত্তায়ক্] *বি, বিণ* বিশ্বাস উৎপাদক; বিশ্বাস উৎপাদনকারী; প্রত্যয় সৃষ্টিকারী। **প্রত্যায়ন** *বি* বিশ্বাস বা প্রত্যয় উৎপাদন; attestation। **প্রত্যায়িত** *বিণ* বিশ্বাসযোগ্য হিসাবে সুপারিশকৃত; attested। { *স.* প্রতি+√ই+ণিচ্+অক(ণুল্)}

প্রত্যালীঢ় [প্রোত্তালিঢ়ো] *বি* (তীর নিক্ষেপের সময় লক্ষ্য স্থির করার জন্য) বাম পা প্রসারিত ও ডান পা সংকুচিত করে বসা। { *স.* প্রতি+আ+লিহ্+ত(ক্ত)}

প্রত্যাশা, পিত্যেশ, পিত্যেস [প্রোত্তাশা, পিত্তেশ্, –] *বি* ১ আশা; কামনা। ২ সম্ভাবনা; সম্ভাবিত বিষয়ের জন্য অপেক্ষা; প্রতীক্ষা। **প্রত্যাশিত** *বিণ* ১ প্রত্যাশা করা হয়েছে এমন। ২ সম্ভাবিত। **প্রত্যাশিতা** *বিণ স্ত্রী.* (অয়ি নিত্য প্রত্যাশিতা—*রঠা*)। **প্রত্যাশী**(–শিন্) *বিণ* প্রতীক্ষাকারী; কামনাকারী; প্রত্যাশাকারী (যেন অনেক যত্ন অনেক সেবার সে প্রত্যাশী—*অচিসে*)। **প্রত্যাশায়** *ক্রিবিণ* আশায়; ভরসায় (আছে কোন গানের প্রত্যাশে —*সদ*)। { *স.* প্রতি+আশা}

প্রত্যাসত্তি [প্রত্তাশত্তি] *বি* ১ নৈকট্য; নিকটবর্তিতা। ২ (ন্যায় দর্শনে) প্রত্যক্ষীভূত সম্বন্ধ। { *স.* প্রতি+আ+√সদ্+তি(ক্তি)}

প্রত্যাসন্ন [প্রোত্তাশন্নো] *বিণ* নিকটবর্তী; সন্নিহিত; অতি আসন্ন। { *স.* প্রতি+আসন্ন}

প্রত্যাহত [প্রোত্তাহতো] *বিণ* ১ বাধাপ্রাপ্ত; বিফলীকৃত; ব্যাহত; বারিত; নিবারিত। ২ সংকুচিত। { *স.* প্রতি+আহত}

প্রত্যাহরণ, প্রত্যাহার [প্রোত্তাহরোন্, –তাহার্] *বি* পুনর্গ্রহণ; ফিরিয়ে নেওয়া (বই হইতে মনটাকে এক মুহূর্তে প্রত্যাহরণ করিতে পারিলেন না—*রঠা*)। **প্রত্যাহৃত** *বিণ* প্রত্যাহার করা হয়েছে এমন। {প্রতি+আহরণ, আহার}

প্রত্যুক্তি [প্রোত্তুক্তি] *বি* জবাব; উত্তর; উক্তির উত্তরে উক্তি। { *স.* প্রতি+উক্তি}

প্রত্যুত [প্রোত্তুতো] *অব্য* ১ বরং; পরন্তু। ২ পক্ষান্তরে; অন্যপক্ষে (অরণ্যে সে সকল সুখভোগের সম্পর্ক ছিল না, প্রত্যুত সকল বিষয়ে সবিশেষ ক্লেশ ঘটিয়া উঠিয়াছিল —*ঈবি*)। { *স.* প্রতি+উত}

প্রত্যুৎপন্ন [প্রোত্তুত্পন্নো] *বিণ* সঙ্গে সঙ্গে জাত; সেই মুহূর্তে বা তৎক্ষণাৎ উৎপন্ন। **–মতি** *বি* উপস্থিত বুদ্ধি; দরকারের সঙ্গে সঙ্গে জাত বুদ্ধি। ☐ *বিণ* উপস্থিত বুদ্ধি আছে এমন। **–মতিত্ব** *বি* উপস্থিত বুদ্ধি ব্যবহারের শক্তি; তৎক্ষণাৎ খেলে এমন বুদ্ধি (কবিত্বশক্তি তাহাদের কম নহে কিন্তু প্রত্যুৎপন্নমতিত্বের অভাব—*কাআউ*)। { *স.* প্রতি+উৎপন্ন}

প্রত্যুত্তর [প্রোত্তুত্তর্] *বি* উত্তরের উত্তর; জবাবের পরিবর্তে জবাব; মুখের উপর কথা। { *স.* প্রতি+উত্তর}

প্রত্যুত্থান [প্রোত্তুত্থান্] *বি* আগত ব্যক্তির সম্মানার্থে উঠে দাঁড়ানো। **প্রত্যুত্থিত** *বিণ* প্রত্যুত্থান করেছে এমন। { *স.* প্রতি+উত্থান}

প্রত্যুদাহরণ [প্রোত্তুদাহরোন্] *বি* বিরুদ্ধ দৃষ্টান্ত; যে দৃষ্টান্ত দেওয়া হয়েছে তার বিরোধী দৃষ্টান্ত। { *স.* প্রতি+উদাহরণ}

প্রত্যুদ্গমন, প্রত্যুদ্গম [প্রোত্তুদগমোন্] *বি* ১ অভ্যর্থনাবিশেষ; সম্মানিত ব্যক্তিকে কিছু দূর অগ্রসর হয়ে অভ্যর্থনা অথবা বিদায়কালে কিছু পথ সঙ্গে গমন। ২ অগ্রসর হয়ে সংবর্ধনা। { *স.* প্রতি+উদ্+√গম্+অন(ল্যুট্)}

প্রত্যুপকার [প্রোত্তুপকার্] *বি* উপকারের বদলে উপকার। **প্রত্যুপকর্তা, প্রত্যুপকারী**(–রিন্) *বিণ* উপকারীর উপকার করে এমন। **প্রত্যুপকৃত** *বিণ* উপকারের পরিবর্তে উপকারপ্রাপ্ত; প্রত্যুপকারপ্রাপ্ত। { *স.* প্রতি+উপকার}

প্রত্যুষ, প্রত্যূষ [প্রোত্তুশ্] *বি* ভোর; প্রভাত; উষাকাল। { *স.* প্রতি+√উষ্+অ(ক)}

প্রত্যেক [প্রোত্তেক্] *বিণ, সর্ব* এক এক করে; প্রতিটি; প্রতিজন; হরেক। { *স.* প্রতি+এক}

প্রথম [প্রোথম্] *বিণ* ১ আদিম; আদি (প্রথম যুগ)। ২ শুরু; আরম্ভকাল (প্রথম দশা)। ৩ পরম; প্রধান (প্রথম কথা)। ৪ জ্যেষ্ঠ; বড় (প্রথম কন্যা)। ৫ সবার আগে আছে যা (প্রথম রাশি, প্রথম সারি)। ৬ সর্বাপেক্ষা উত্তম; সর্বোচ্চ (দৌড়ে প্রথম হওয়া)। **প্রথমা** *বিণ স্ত্রী*। ~**ত/তঃ** *অব্য ক্রিবিণ* ১ প্রথমে; আগে; অগ্রে। ২ প্রধানত। { *স.* √প্রথ্+ অম(অমচ)}

প্রথা [প্রোথা] *বি* রীতি; ব্যবহার; চালু আচার-আচরণ (পাপ প্রথা করিয়া বর্জন—*সদ*)। □ *বিণ* নিয়ম; প্রণালি; পদ্ধতি। { *স.* √প্রথ্+অ(অঙ)+আ(টাপ্)}

প্রথিত [প্রোথিতো] *বিণ* বিখ্যাত; খ্যাতিযুক্ত; প্রসিদ্ধ। ~**নামা** *বিণ* ১ প্রসিদ্ধ নামবিশিষ্ট। ২ খ্যাতিমান। ~**যশা**, ~**যশাঃ** *বিণ* প্রচুর খ্যাতিসম্পন্ন; সুবিখ্যাত। { *স.* √প্রথ্+ত(ক্ত)}

–**প্রদ** [প্রোদো] *বিণ* দান করে এমন; দানকারী (সুখপ্রদ)। –**প্রদা** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√দা+অ(ক)}

প্রদক্ষিণ [প্রোদোক্খিন্] *বি* ১ মধ্যে রেখে চতুর্দিকে বেষ্টন; পরিক্রমণ (স্পেস স্টেশন ২৪ ঘণ্টার মধ্যে ১৫/১৬ বার সমস্ত পৃথিবীকে প্রদক্ষিণ করবে—*শাফ*)। ২ পবিত্র কাবাগৃহ বামে রেখে তার ডান দিক থেকে সাতবার চারদিকে পরিভ্রমণ বা তওয়াফ। ২ হিন্দু আচার বা নিয়ম মতে প্রতিমা বা পূজনীয় ব্যক্তিকে ডান দিকে রেখে পরিভ্রমণ। ৪ উপাসনা; পূজা; অর্চনা; বন্দনা। □ *বিণ* অত্যন্ত অনুকূল। { *স.* প্র+দক্ষিণ}

প্রদত্ত [প্রোদত্তো] *বিণ* দানকৃত; দান করা হয়েছে এমন; সমর্পিত। { *স.* প্র+√দা+ত(ক্ত)}

প্রদমিত [প্রোদোমিতো] *বিণ* নিবারিত; শাসিত; দমিত; সংযমিত; নিবারণ বা সংযত করা হয়েছে এমন। { *স.* প্র+দমিত}

প্রদর [প্রোদর্] *বি* এক প্রকার স্ত্রীরোগ; লিকুরিয়া। { *স.* প্র+√দৃ+অ(অপ্)}

প্রদর্শক [প্রোদরশক্] *বিণ* দেখায় এমন; প্রদর্শনকারী; নির্দেশক (পথ প্রদর্শক)। **প্রদর্শিকা** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√দৃশ্+ণিচ্+অক(ণ্বুল)}

প্রদর্শন [প্রোদরশন্] *বি* ১ উত্তমরূপে বা যথাযথ দর্শন; পর্যবেক্ষণ। ২ দেখানো; দর্শন করার কাজ; প্রকাশ করা (উপেক্ষা প্রদর্শন)। **প্রদর্শনী** *বি* নানাবিধ বস্তু বা ক্রীড়া কৌতুকাদি দেখানো হয় যেখানে (কৃষি ও শিল্প প্রদর্শনী) মেলা; exhibition; নিশানা (অধীয়মান পত্রে প্রদর্শনী প্রদানপূর্বক পুস্তকখানি মুড়িয়া—*দীমি*)। **প্রদর্শিত** *বিণ* দেখানো হয়েছে এমন। { *স.* প্র+√দৃশ্+ণিচ্+অন(ল্যুট্)}

প্রদর্শনশালা [প্রোদরশন্] *বি* জাদুঘর; যে ভবনে নানাবিধ বিশেষত্বপূর্ণ বা প্রাচীন বস্তু দেখানো হয়। { *স.* প্রদর্শন+ শালা}

প্রদাতা, **প্রদাত্রী** ⇒ প্রদান

প্রদান [প্রোদান্] *বি* উত্তমরূপে দান; অর্পণ; বিতরণ। **প্রদাতা**, **প্রদায়ক**, **প্রদায়ী** *বি* প্রদানকারী। **প্রদাত্রী**, **প্রদায়িকা**, **প্রদায়িনী** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√দা+অন(ল্যুট্)}

প্রদাহ [প্রোদাহো] *বি* ১ জ্বালা; যন্ত্রণা; টাটানি। **প্রদাহী** (–হিন্) *বিণ* প্রদাহ সৃষ্টি করে এমন। { *স.* প্র+√দহ্+ অ(ঘঞ)}

প্রদিষ্ট [প্রোদিশ্টো] *বিণ* ১ উপদেশপ্রাপ্ত। ২ স্থির; নির্দিষ্ট; নির্দেশপ্রাপ্ত। { *স.* প্র+√দিশ+ত(ক্ত)}

প্রদীপ, **পিদিম** [প্রোদিপ্, পিদিম্] *বি* ১ দীপ। ২ আলো। ৩ (*আল.*) আলোকস্বরূপ; উজ্জ্বলকারী; গুণবান; শ্রেষ্ঠ ব্যক্তি। **প্রদীপক** *বিণ* ১ উজ্জ্বল করে এমন; উজ্জ্বলকারক। ২ প্রকাশক। ৩ উদ্দীপনা সৃষ্টি করে এমন; উদ্দীপক। **প্রদীপন** *বি* ১ প্রকাশকরণ। ২ উজ্জ্বলকরণ। ৩ উদ্দীপন; উত্তেজন। **প্রদীপ্ত** *বিণ* ১ তীব্রভাবে উজ্জ্বল; ভাস্বর। ২ জ্বলন্ত; উদ্দীপ্ত। **প্রদীপ্তি** *বি* ১ তীব্র উজ্জ্বলতা (সূর্যাস্তের বর্ণচ্ছটা ঐশ্বর্যের প্রদীপ্তি ছড়ায়—*বিদে*)। ২ জ্বলন্ত অবস্থা। { *স.* প্র+√দীপ্+অ}

প্রদৃপ্ত [প্রোদৃপ্তো] *বিণ* ১ তেজঃপূর্ণ। ২ অত্যন্ত অহঙ্কৃত; গর্বিত; দর্পযুক্ত। ৩ উদ্ধত; অবিনীত। { *স.* প্র+দীপ্ত}

প্রদেয় [প্রোদেয়ো] *বিণ* দেয়; প্রদানযোগ্য। **প্রদেয়া** *বিণ স্ত্রী*. যাকে পাত্রস্থ করতে হবে। { *স.* প্র+দেয়}

প্রদেশ [প্রোদেশ্] *বি* ১ দেশের বা রাষ্ট্রের অংশ; province। ২ অঞ্চল (মেরু প্রদেশ)। ~**বাৎসল্য** *বিণ* দেশের কোনো অংশের প্রতি প্রীতি প্রদর্শন (কেহ কেহ বলেন যে, কোনরূপ প্রদেশ বাৎসল্যের প্রশ্রয় দেওয়া কর্তব্য নহে—*প্রচৌ*)। { *স.* প্র+√দিশ্+অ(ঘঞ)}

প্রদেহ [প্রোদেহো] *বি* প্রলেপ; মলম। {*প্র* +√দিহ্+ অ(ঘঞ)}

প্রদোষ [প্রোদোশ্] *বি* ১ রাত্রি (রবিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে—*রঠা*; প্রদোষে আনলো অধৈর্য মুক্তি—*সৈআজা*)। ২ সন্ধ্যা; সায়ংকাল। ~**কাল** *বি* সায়ংকাল; সন্ধ্যাকাল (প্রদোষকালে—গুরুকুল প্রত্যাগমনপূর্বক—*ঈবি*)। { *স.* প্র+দোষ}

প্রদ্যুম্ন [প্রোদুমনো] *বি* ১ কামদেব। ২ রুক্মিণী ও কৃষ্ণের পুত্র। { *স.* প্র+দ্যুম্ন; *বহু*}

প্রদ্যোত [প্রোদ্দোত্] *বি* ১ দীপ্তি; উজ্জ্বলতা (স্ফুরিত প্রসূনে আর প্রদ্যোত রতন—*সদ*)। ২ আভা। ৩ রশ্মি; কিরণ। { *স.* প্র+√দ্যুৎ+অ(ঘঞ)}

প্রধান [প্রোধান্] *বিণ* মুখ্য (প্রধান বিচারপতি); শ্রেষ্ঠ। □ *বি* ১ নায়ক; নেতা; সর্দার; মোড়ল। ২ জগদীশ্বর; পরমেশ্বর। ৩ আদি প্রকৃতি। **প্রধানা** *বি স্ত্রী*। **প্রধানতা**, **প্রাধান্য** *বি* শ্রেষ্ঠত্ব। **প্রধানত**, **প্রধানতঃ** *ক্রিবিণ* প্রধানভাবে; মুখ্যত; সর্বাগ্রে। { *স.* প্র+√ধা+অন(ল্যুট্)}

প্রধূমিত [প্রোধুমিতো] *বিণ* ১ প্রবলভাবে ধূমায়িত। ২ জ্বলনোন্মুখ; জ্বলে উঠবার অবস্থা। **প্রধূমিতা** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√ধূম্+ইত(ইতচ্)}

প্রনষ্ট [প্রোনশ্টো] *বিণ* ১ সম্পূর্ণরূপে নষ্ট; একেবারে ধ্বংসপ্রাপ্ত। ২ বিনাশপ্রাপ্ত; বিনষ্ট। { *স.* প্র+নষ্ট}

প্রপঞ্চ [প্রোপন্‌চো] *বি* ১ প্রবঞ্চনা (কত মুখ কতজন বেতাল ভৈরবগণ ভাঙ্গ খেয়ে ভোজনে প্রপঞ্চ—*ভারা*)। ২ ভ্রম। ৩ মায়া (এ প্রপঞ্চে তবে কেন বঞ্চাইছ দাসে, কহ তা দাসেরে—*মদ*)। ৪ বিস্তার। ৫ সংসার (চঞ্চল হইনু এ প্রপঞ্চ দেখি—*মদ*)। ৬ সমূহ। ৭ অসত্য (বিচিত্র সংসার প্রপঞ্চরূপে প্রকাশমান হইয়াছে—*ঈবি*)। ~**ময়** *বি* মায়াময়; ছলনাময়। **প্রপঞ্চিত** *বিণ* ১ বিস্তীর্ণ; প্রসারিত;

ব্যস্ত। ২ ভ্রান্তিযুক্ত; ভ্রমপূর্ণ। { স. প্র+√পনচ্+অ(ঘঞ্) }
প্রপতন [প্রোপতোন্] *বি* ১ বিশেষভাবে পতন; মৃত্যু; মরণ; ধ্বংস; বিনাশ। ২ অধোগমন। { স. প্র+পতন }
প্রপন্ন [প্রোপন্‌নো] *বিণ* ১ শরণাপন্ন; আশ্রয়প্রার্থী; শরণাগত; আশ্রিত (নিদ্রাতুর নীরবতা আচম্বিতে চমকি অমনই রহস্যের ঘটাটোপকীর্ণ করে প্রপন্ন জগতে—*সুদ*)। ২ প্রাপ্ত। { স. প্র+√পদ্+ত(ক্ত) }
প্রপা, প্রপান [প্রোপা, প্রোপান্] *বি* যেখানে পানি পাওয়া যায়। ২ জলসত্র। { স. প্র+√পা+অ(ক), অন(ল্যুট্) }
প্রপাত [প্রোপাত্] *বি* ১ নির্ঝরের পতন স্থান (হিমস্নাত আলোর প্রপাত—*মাউ*)। ২ জলপ্রপাত। ৩ ভৃগু। ৪ জলধারার উচ্চস্থান থেকে নিম্নস্থানে বেগে পতন। { স. প্র+√পত্+অ(ঘঞ্) }
প্রপান ⇒ প্রপা
প্রপিতামহ [প্রোপিতামহো] *বি* পিতামহের পিতা। **প্রপিতামহী** *বি স্ত্রী.*। { স. প্র+পিতামহ }
প্রপেলার [প্রোপেলার্] জাহাজ প্রভৃতির যন্ত্রবিশেষ; চালনচক্র (জাহাজের প্রপেলারের বিদঘুটে শব্দ, না অন্য কিছু—কেন জানি হঠাৎ ঘুম ভেঙ্গে গেল—*শও*)। { ই. propeller }
প্রপৌত্র [প্রোপোউত্‌ত্রো] *বি* নাতির ছেলে; পৌত্রের পুত্র; প্রতিনপ্তা। **প্রপৌত্রী** *বি স্ত্রী.* নাতির মেয়ে; পৌত্রের কন্যা। { স. প্র+পৌত্র }
প্রফুল্ল [প্রোফুল্‌লো] *বিণ* ১ বিকশিত; প্রস্ফুটিত (প্রফুল্ল কমলসমূহের সৌরভে—*ঈবি*)। ২ আনন্দিত (তাহাকে প্রফুল্ল করিতে চেষ্টা করে—*শাকা*)। ~**তা** *বি* প্রসন্নতা। **প্রফুল্লিত** *বিণ* আনন্দিত। { স. প্র+ফুল্ল }
প্রফেসর, প্রোফেসর, প্রোফেসার [প্রোফেসর, –, –সা–] *বি* অধ্যাপক; কলেজের বা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পর্যায়ের শিক্ষক। **প্রফেসারি** *বিণ* অধ্যাপনা; কলেজাদিতে শিক্ষাদান (কোনও কালে প্রফেসারি করে নাই—*রাব*)। { ই. প্রফেসর+বা. ই }
প্রবংশ [প্রোবঙ্‌শো] *বি* জাতি; race। { স. প্র+বংশ }
প্রবক্তা [প্রোবক্‌তা] *বিণ* শাস্ত্র-ব্যাখ্যাতা; সুবক্তা (তিনি যে প্রবক্তাদের শেষ বংশধর—*সুদ*)। { স. প্র+বক্তা }
প্রবচন [প্রোবচোন্] *বি* ১ প্রবাদ। ২ বহু প্রচলিত কথা বা বাক্য। ৩ ব্যাখ্যান। ৪ বাগ্মিতা বা ভাষণ-গৌরব। ৫ চিরন্তন সত্য ও তথ্য; জন্মানুক্রমিক অভিজ্ঞতাজাত আপ্তবাক্য; folksayings। **প্রবচনীয়** *বিণ* উত্তমরূপে বাচ্য। { স. প্র+বচন }
প্রবঞ্চক ⇒ প্রবঞ্চন
প্রবঞ্চন, প্রবঞ্চনা [প্রোবন্‌চোন্, –চনা] *বি* প্রতারণা; জুয়াচুরি; ঠকামি। **প্রবঞ্চক** *বি* প্রবঞ্চনাকারী; প্রতারক; ঠক। **প্রবঞ্চিত** *বিণ* ঠকাচ্ছে এমন; প্রতারিত। { স. প্র+বঞ্চন, বঞ্চনা }
প্রবণ [প্রোবন্] *বিণ* ১ ঝোঁকযুক্ত (ভাবপ্রবণ)। ২ আসক্ত। ৩ উন্মুখ; আগ্রহযুক্ত। ৪ নত; ক্রমনিম্ন। ৫ অনুকূল। ৬ নিপুণ। ~**তা** *বি* গতি; আভিমুখ্য (একপ্রকার সহজ প্রবণতা ছিল—*রঠা*)। { স. √প্রু+অন(ল্যুট্), ব আগম }
প্রবন্ধ [প্রোবন্‌ধো] *বি* ১ পূর্বাপর যুক্তিপূর্ণ রচনা; নিবন্ধ; essay (সকলে না বুঝে এহি ফারসির ভাব, পয়ার প্রবন্ধে রচ এই পরস্তাব—*সৈআ*)। ২ প্রকৃষ্ট বন্ধ। ৩ শুরু; আরম্ভ। ৪ কৌশল; ফন্দি (জহর খিলায়া তাকে প্রবন্ধে মারিমু—*হেমা*)। ৫ সুশোভিত; সুসজ্জিত (বিহার করিয়া যথা উদ্যান প্রবন্ধ। বিস্মরিয়া সব দুঃখ জন্মিবে আনন্দ—*দৌবা*)। ~**কার** *বি, বিণ* প্রবন্ধ-লেখক। { স. প্র+√বন্ধ্+অ(ঘঞ্) }
প্রবর [প্রোবর্] *বিণ* ১ শ্রেষ্ঠ (পণ্ডিতপ্রবর)। ২ গোত্র; বংশ। ৩ গোত্র বা বংশ বা কুলের প্রবর্তনকারী। { স. প্র+বর }
প্রবর্ত [প্রোবর্‌তো] *বিণ* প্রবৃত্ত; উদ্যোগী (সর্বদা বিবাদ করতে প্রবর্ত—*রামু*)। { স. প্র+বর্ত }
প্রবর্তক ⇒ প্রবর্তন
প্রবর্তক [প্রোবর্‌তোক্] *বি, বিণ* প্রচলনকারী; প্রবর্তনকারী। ২ প্রবণতা বা ঝোঁক সৃষ্টিকারক; প্রবৃত্তিদায়ক। { স. প্র+√বর্তি+অক(ণ্বুল্) }
প্রবর্তন [প্রোবর্‌তোন্] *বি* ১ প্রচলন; প্রচলিতকরণ। ২ শুরু করা; আরম্ভকরণ। ৩ সূচনা; আরম্ভ; উপক্রম। ৪ প্রেরণা; সৃষ্টি; নিয়োজন। **প্রবর্তনা** *বি* ১ প্রচলন; প্রবর্তন। ২ প্রবৃত্তি দান; প্রবণতা সৃষ্টি। ৩ প্রেরণা; উৎসাহ। ৪ উত্তেজনা; উদ্দীপনা। **প্রবর্তয়িতা** *বিণ* প্রচলনকারী; প্রবর্তনকারী। { স. প্র+বর্তন }
প্রবর্তমান [প্রোবর্‌তোমান্] *বিণ* কোনো কার্য সম্পাদনে প্রবৃত্ত হয়েছে এমন, কোনো কাজে প্রবৃত্ত হচ্ছে এমন। { স. প্র+বর্তমান }
প্রবর্ধমান [প্রোবর্‌ধোমান্] *বিণ* বাড়ন্ত; ক্রমশ বৃদ্ধি পাচ্ছে এমন (প্রবর্ধমান মধ্যবিত্ত শ্রেণীর সমর্থন সংগ্রহে তাদের সময় লাগেনি—*সুদ*)। { স. প্র+বর্ধমান }
প্রবল [প্রোবল্] *বিণ* ১ অত্যন্ত শক্তিশালী। প্রচণ্ড; তীব্র; অত্যন্ত; সুপ্রচুর (প্রবল বন্যা)। **প্রবলা** *বিণ স্ত্রী.* (পিসিমা যতই প্রবলা হউন—*রঠা*)। ~**তা, প্রাবল্য** *বি* বলবত্তা; শক্তিমত্তা। { স. প্র+বল }
প্রবসন [প্রোবশোন্] *বি* স্বদেশ ত্যাগ করে অন্য দেশে স্থায়ীভাবে বসবাসের জন্য গমন; emigration। { স. প্র+√বস্+অন(ল্যুট্) }
প্রবসিত [প্রোবোশিতো] *বিণ* প্রবসন করেছে এমন; স্বদেশ ত্যাগ করে বিদেশে স্থায়ীভাবে বসবাস করছে এমন। { স. প্র+√বস্+ত(ক্ত) }
প্রবহ [প্রোবহো] *বি* ১ প্রবাহ; স্রোত। ২ পুরাণে কথিত সপ্ত বায়ুর একটি। ~**ণ** *বি* প্রবাহিত হওয়া; বয়ে যাওয়া। ~**মান** *বিণ* ১ প্রবাহিত হচ্ছে এমন। ২ চলছে এমন; চলমান। { স. প্র+√বহ্+অ(অচ্) }
প্রবাদ, পরবাদ (*মবা.*) [প্রোবাদ্, পরবাদ্] *বি* ১ বহুকাল থেকে প্রচলিত উপদেশমূলক জ্ঞানগর্ভ উক্তি; জনশ্রুতি; proverb। ২ নিন্দা; কুৎসা; অপবাদ। { স. প্র+√বদ্+অ(ঘঞ্), স্বরাগমে পরবাদ }
প্রবাল, পবাল (*ব্র.,মবা.*) [প্রোবাল্, পবাল্] *বি* ১ সামুদ্রিক কীটজাত লালবর্ণের রত্নবিশেষ; পলা; বিদ্রুম (নীলের কোলে শ্যামল সে দ্বীপ প্রবাল দিয়ে ঘেরা—*রঠা*)। ২ কিশলয়; কচি পাতা; নব পল্লব; অঙ্কুর। ~**কীট** *বি* একপ্রকার সামুদ্রিক কীট, যাদের হাড় থেকে প্রবাল জন্মে।

–দ্বীপ *বি* প্রবালকীটের হাড় দিয়ে প্রস্তুত দ্বীপ। –ফল *বি* রক্তচন্দন। { *স.* প্র+√বল্+অ(ণ)}

প্রবাস, পরবাস [প্রোবাশ্, পরোবাস্] *বি* ১ বিদেশে অবস্থান। ২ বিদেশ। –ন *বি* বিদেশে প্রেরণ; নির্বাসন। **প্রবাসী**(–সিন্), **পরবাসী** *বিণ* প্রবাসে বাস করে এমন; বিদেশে বাসকারী (চলে এসো ঘরে পরবাসী—*রঠা*)। **প্রবাসিনী** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√বস্+অ(ঘঞ্)}

প্রবাহ [প্রোবাহো] *বি* স্রোত; অবিচ্ছিন্ন গতি। **প্রবাহিণী** *বিণ স্ত্রী.* ১ স্রোতযুক্ত। ২ নদী (স্রোতহীন প্রবাহিণী পবন বিহনে—*মদ*)। **প্রবাহিত** *বিণ* প্রবাহযুক্ত; চলমান; বহমান। **প্রবাহী**(–হিন্) *বিণ* স্রোতযুক্ত; প্রবহমানা। { *স.* প্র+√বহ্+অ(ঘঞ্)}

প্রবিষ্ট[প্রোবিশ্টো] *বিণ* প্রবেশ করেছে বা ভিতরে গিয়েছে এমন। **প্রবিষ্টা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√বিশ্+ত(ক্ত)}

প্রবীণ[প্রোবিন্] *বিণ* ১ বৃদ্ধ; যথেষ্ট বয়স্ক। ২ বিজ্ঞ; জ্ঞানী। ৩ বহুদর্শী; অভিজ্ঞ। ৪ নিপুণ; দক্ষ; কুশলী। ৫ আনন্দিত; খুশি। **প্রবীণা** *বিণ স্ত্রী.*। –তা, –ত্ব *বি* বিজ্ঞতা; বহুদর্শিতা। { *স.* প্র+বীণা; প্র+√বীণি+অ(অচ্)}

প্রবীর[প্রোবির্] *বি* ১ শ্রেষ্ঠ বীর। ২ মহাভারতে উক্ত রাজা নীলধ্বজ ও জনার পুত্র। □ *বিণ* ১ প্রধান; শ্রেষ্ঠ। ২ অত্যন্ত শক্তিমান। { *স.* প্র+বীর}

প্রবুদ্ধ [প্রোবুদ্‌ধো] *বিণ* ১ উদ্বুদ্ধ; জাগরিত; চেতনাপ্রাপ্ত (রুদ্ধ প্রতাপ হে যুদ্ধবীর, আজি প্রবুদ্ধ নব বলে—*নই*)। ২ জ্ঞানলাভ করেছে এমন; জ্ঞানপ্রাপ্ত। ৩ অত্যন্ত বিজ্ঞ; প্রকৃষ্ট জ্ঞানী। { *স.* প্র+√বুধ্+ত(ক্ত)}

প্রবৃত্ত [প্রোব্রিত্‌তো] *বিণ* ১ নিযুক্ত; ব্যাপৃত (আর কখনও সে দস্যুবৃত্তি বা অন্যবিধ কোন দুষ্কর্মে প্রবৃত্ত হয় নাই—*ঈবি*)। ২ আরম্ভ হয়েছে এমন; আরব্ধ। { *স.* প্র+বৃত্ত}

প্রবৃত্তি [প্রোব্রিত্‌তি] *বি* ১ স্পৃহা; আকাঙ্ক্ষা; ইচ্ছা; অভিরুচি। ২ প্রবণতা। ৩ নিযুক্তি; ব্যাপৃত হওয়া। –মার্গ *বি* ভোগের পথ; ইন্দ্রিয় সেবার পথ। { *স.* প্র+√বৃত্+তি(ক্তি)}

প্রবৃদ্ধ [প্রোবৃদ্‌ধো] *বিণ* ১ অতিশয় বৃদ্ধ। ২ অত্যন্ত বৃদ্ধিযুক্ত। □ *বি* বিশাল; বিস্তৃত। – কোণ *বিণ (জ্যা.)* দুই সমকোণের চেয়ে বড় কিন্তু চার সমকোণ অপেক্ষা ছোট কোণ; ১৮০ ডিগ্রির বড় কিন্তু ৩৬০ ডিগ্রির ছোট কোণ। { *স.* প্র+√বৃধ্+ত(ক্ত)}

প্রবেট[প্রোবেট্] *বি* আদালতে যে উইলি রেজেস্ট্রি হয়েছে তার নকল; আদালতে উইলের মঞ্জুরি। { *ই.* probate}

প্রবেশ [প্রোবেশ্] *বি* ১ অভ্যন্তরে গমন। ভিতরে যাওয়া। ২ ঢুকবার অধিকার; দখল (প্রবেশ নিষেধ)। □ *বিণ* ঢোকা। –ক *বিণ* চাকরি ইত্যাদিতে প্রবেশকারী (প্রবেশক পদ)। □ *বি* ১ গ্রন্থের ভূমিকা। ২ নাটকের দুই অঙ্কের মধ্যে ভবিষ্যৎ নির্দেশক কথাবস্তু। –ন *বি* ১ প্রবেশ। ২ ঢুকানো। ৩ প্রবেশের প্রধান পথ; সদর দুয়ার; সিংহদ্বার। –মান *বিণ* প্রবেশ করেছে এমন (বৌটি ঘোমটা খুলিয়া কৌতূহলের সহিত প্রবেশমান ট্রেনখানির দিকে চাহিয়াছিল—*বিব*)। **প্রবেশিকা** *বিণ স্ত্রী.* ১ প্রবেশকারিণী। ২ যা দ্বারা প্রবেশ করা হয় এমন (প্রবেশিকা পরীক্ষা বিদ্যালয়ের শেষ পরীক্ষা যাহাতে উত্তীর্ণ হইলে বিশ্ববিদ্যালয় বা কলেজে গমন করা সম্ভব। ম্যাট্রিকুলেশন, স্কুল ফাইনাল, মাধ্যমিক প্রভৃতি পরীক্ষা)। ৩ প্রাথমিক পাঠ্য বই (ব্যাকরণপ্রবেশিকা)। □ *বি* টিকিট। **প্রবেশিত** *বিণ* ঢোকানো হয়েছে এমন। **প্রবেশ্য** *বিণ* ভিতরে যাওয়ার উপযুক্ত; প্রবেশযোগ্য। **প্রবেষ্টা** *বি* যে প্রবেশ করে; প্রবেশকারী (প্রবেষ্টা তাহার কিছুই দেখিতে পাইলেন না—*বচ*)। **প্রবিষ্ট** *বিণ* প্রবেশ করেছে এমন। { *স.* প্র+বেশ; স্বরাগমে পরবেশ *(পদ্য., মবা.)*}

প্রবোধ [প্রোবোধ্] *বি* ১ সান্ত্বনা; আশ্বাস; যে বাক্য দিয়ে কষ্ট নিবারণের চেষ্টা করা হয়। ২ বিকাশ। ৩ নিদ্রা থেকে জাগরিত হওন; জাগরণ। –ন *বি* ১ প্রবোধদান। ২ জাগানো; জাগরিতকরণ। **প্রবোধিত** সান্ত্বনাপ্রাপ্ত; প্রবোধপ্রাপ্ত। { *স.* প্র+বোধ}

প্রব্রজিত [প্রোব্রোজিতো] *বিণ* ১ প্রব্রজ্যা গ্রহণ করেছে এমন। ২ নির্বাসিত; বনবাসী। **প্রব্রজিতা** *স্ত্রী.* ভিক্ষুণী; সন্ন্যাসিনী। { *স.* প্র+√ব্রজ্+ত(ক্ত)}

প্রব্রজ্যা [প্রোব্রোজ্‌জা] *বি* সন্ন্যাস (তারপর আমি যখন প্রব্রজ্যা গ্রহণ করি তখন কাশীতে একটি বৃদ্ধ পূজারী ব্রাহ্মণের কাছে গান শিক্ষা করি—*প্রচৌ*)। ২ সন্ন্যাস ধর্ম গ্রহণ করে ভ্রমণ। ৩ প্রবাস; বিদেশগমন। { *স.* প্র+√ব্রজ্+য(ক্যপ্)+আ(টাপ্)}

প্রব্রাজন [প্রোব্‌ব্রাজোন্] *বি* নির্বাসন; স্বদেশ থেকে বহিষ্কার। **প্রব্রাজিত** *বিণ* নির্বাসিত। { *স.* প্র+ব্রাজন}

প্রভঞ্জন [প্রোভন্‌জোন্] *বি* ১ ঝড়-ঝঞ্ঝা; প্রবল বায়ু (প্রভঞ্জন সম ভীম পরাক্রমে—*মদ*; আমি প্রভঞ্জনের উল্লাস—*নই*)। ২ বায়ু। □ *বিণ* নাশক; ভঞ্জনকারী। { *স.* প্র+√ভন্‌জ্+অন(ল্যুট্)}

প্রভব [প্রোভব্] *বি* ১ কারণ; হেতু। ২ উৎপত্তিস্থান; জন্মস্থান। ৩ প্রভাব; শক্তি। ৪ উৎপত্তি; জন্ম। { *স.* প্র+√ভূ+অ(অপ্)}

প্রভা [প্রোভা] *বি* ১ দীপ্তি; দ্যুতি; কিরণ। ২ তেজ; উজ্জ্বলতা; ঔজ্জ্বল্য। ৩ প্রকাশ; বিকাশ। –কর *বি* সূর্য; ভাস্কর। –কীট *বি* জোনাকি পোকা। –বান *বিণ* দীপ্তিময়; উজ্জ্বল; তেজোময়। –বতী *বিণ স্ত্রী.*। –রুণ *বিণ* সূর্যের ন্যায় উজ্জ্বল বা দীপ্তিমান (প্রভারুণ বর্ণ আঁখি সুচারু নির্মল—*সৈআ*)। { *স.* প্র+√ভা+অ(অঙ)+ আ(টাপ্)}

প্রভাত [প্রোভাত্] *বি* প্রাতঃকাল; সকাল; সুবেহ; ফজর। □ *বিণ* প্রভাযুক্ত। –ফেরি, –ফেরী *বি* প্রভাতে উদ্বোধনী সঙ্গীত গেয়ে জনগণকে জাগরিতকরণ (একুশে ফেব্রুয়ারির প্রভাতফেরি)। { *স.* প্র+ভাত}

প্রভাতি ⇒ প্রভাতী

প্রভাতি, প্রভাতী [প্রোভাতি] *বিণ* ১ ভোরবেলার; প্রভাতকালীন। ২ প্রভাতে যে সঙ্গীত গান করা বা স্তব পাঠ করা হয় (এসেছিলে শুধু গাইতে প্রভাতী—*অধ*)। { *স.* প্রভাত+ *বা.* ই, ঈ}

প্রভাব [প্রোভাব্] *বি* ১ প্রতাপ; প্রভুত্ব। ২ ক্ষমতা। ৩ মহিমা। **প্রভাবান্বিত** *বিণ* ১ প্রভাবসম্পন্ন। ২ প্রভাবিত। **প্রভাবিত** *বিণ* অন্যের প্রতাপে মোহাচ্ছন্ন বা বশীভূত। { *স.* প্র+ভাব}

প্রভিন্ন [প্রোভিন্‌নো] *বিণ* ১ পার্থক্যবিশিষ্ট। ২ প্রকাশিত;

{স. প্র+ভিন্ন}

প্রভু [প্রোভু] *বি* ১ মনিব। ২ পতি; স্বামী; ভর্তা। ৩ রাজা। ৪ আল্লাহ; ঈশ্বর; ভগবান। ৫ মহামানব। ৬ অতিসম্মানিত ব্যক্তি। ৭ নেতা; নায়ক; পরিচালক। **~তা, ~ত্ব** *বি* ১ প্রভুর ভাব; প্রভুশক্তি। ২ কর্তৃত্ব; অধ্যক্ষতা; আধিপত্য। **~পত্নী** *বি* মনিবের স্ত্রী। **~পরায়ণ, ~ভক্ত** *বিণ* মনিবের প্রতি অনুরক্ত বা আসক্ত; বিশ্বাসী। **~পরায়ণতা, ~ভক্তি** *বি* প্রভুর প্রতি শ্রদ্ধা ও অনুরাগ। **~পাদ** *বি* বৈষ্ণবদিগের ধর্মগুরুর নাম উল্লেখের পূর্বে সম্মান প্রদর্শনের জন্য ব্যবহৃত শব্দ। **~শক্তি** *বি* ১ রাজশক্তি। ২ প্রভাব। ৩ প্রতাপ। {স. প্র+√ভূ+উ(ডু)}

প্রভূত [প্রোভুতো] *বিণ* ১ প্রচুর; অনেক (তদ্দ্বারা প্রভূত অর্থাগম হইতে লাগিল—*ঈবি*)। ২ উদ্ভূত; উৎপন্ন। {স. প্র+ভূত}

প্রভৃতি [প্রোবৃতি] *বিণ* ইত্যাদি। □ *অব্য* অবধি। {স. প্র+√ভৃ+তি(ক্তিন্)}

প্রভেদ [প্রোভেদ্] *বি* পার্থক্য; ফারাক; বিভিন্নতা। {স. প্র+ভেদ}

প্রমত্ত [প্রোমত্‌তো] *বিণ* ১ অত্যন্ত মত্ত (আয় প্রমত্ত, আয়রে আমার কাঁচা—*রঠা*)। ২ প্রবলভাবে আসক্ত। ৩ অসাবধান; অসতর্ক। ৪ ভ্রান্তিযুক্ত; প্রমাদযুক্ত। **~তা** *বি* মত্ততা; অত্যাসক্তি; ভাবে বিভোর অবস্থা। {স. প্র+মত্ত}

প্রমথ [প্রোমথো] *বি* হিন্দুদেবতা শিবের অনুচর (প্রমথের দল ছিল এতদিন শান্ত কৃষক হইয়া—*নই*)। {স. প্র+√মথ্+অ(অচ)}

প্রমথন [প্রোমথোন্] *বি* ১ আলোড়ন; বিলোড়ন। ২ মর্দন; দলন; পেষণ। ৩ নির্যাতন; পীড়ন। ৪ পরাভব; পরাজয়। ৫ বশে আনয়ন; দমন। ৬ বধ; হত্যা। **প্রমথিত** *বিণ*। {স. প্র+√মথ্+অন(ল্যুট্)}

প্রমথেশ [প্রোমোথেশ্] *বি* শিব; মহাদেব। {স. প্রমথ+ঈশ}

প্রমদা [প্রোমোদা] *বি* ১ সুন্দরী রমণী; মনোহারিণী রমণী (কোন প্রমদার সুধার ভারে টুপটুপে তোর দল—*সদ*)। ২ চতুর্দশ অক্ষরের ছন্দবিশেষ। {স. প্র+√মদ্+অ(অচ)+আ(টাপ্)}

প্রমা [প্রোমা] *বি* ১ যথার্থ জ্ঞান (দার্শনিকের তথাকথিত প্রমা তার ক্ষেত্রে অন্ধবিশ্বাসের নামান্তর—*সুদ*)। ২ স্থিরবোধ; নিশ্চয়বোধ। {স. প্র+√মা+অ(অঙ)}

প্রমাই [প্রোমাই] *বি* পরমায়ু; জীবন (খোদার হুকুমে তার পুরিল প্রমাই—*হেমা*)। {স. পরমায়ুঃ>}

প্রমাণ, পরমাণ, পরমান (*পদ্য.*) [প্রোমান্, পরমান্, –] *বি* ১ সত্যাসত্য নির্ণয়ের উপায়; যা দিয়ে নিশ্চয়জ্ঞান লাভ হয়। ২ সাক্ষ্য; দলিল; নজির। □ *বিণ* ১ মাপা যায় এমন; পরিমাণ। ২ পুরা মাপের; পূর্ণ বয়স্কের পরবার মতো বড় (প্রমাণ শার্ট)। **~ত, ~তঃ** *অব্য ক্রিবিণ* প্রমাণস্বরূপ; প্রমাণ অনুসারে। **~পঞ্জি** *বি* অবলম্বিত বা সম্বন্ধযুক্ত পুস্তকাদির তালিকা। **~পত্র** *বি* ১ দলিল। ২ প্রশংসাপত্র; সার্টিফিকেট। **–সই** *বিণ* দৈর্ঘ্যে প্রস্থে পূর্ণ পরিমাণ; সাধারণ লোকের চলে এমন (প্রমাণসই ধুতি)। **~সাপেক্ষ** *বিণ* প্রমাণ দিয়ে যার সত্যতা নির্ণয় করার প্রয়োজন হয়। **~সিদ্ধ** *বিণ* যথার্থ বা সত্য বলে প্রমাণিত; কোনো বিশেষ প্রমাণ দ্বারা সত্যতা প্রমাণিত হয়েছে এমন। **প্রমাণিত, প্রমাণীকৃত** *বিণ* প্রমাণ প্রদর্শনপূর্বক সত্যরূপে নির্ণীত; মীমাংসিত। {স. প্র+মান}

প্রমাতা [প্রোমাতা] *বিণ* প্রমাণকারী; প্রমাণ করে এমন। {স. প্র+√মা+তৃ(তৃচ)}

প্রমাতামহ [প্রোমাতামহো] *বি* মাতামহের পিতা; নানার বাবা। **প্রমাতামহী** *বি স্ত্রী.*। {স. প্র+মাতামহ}

প্রমাথ [প্রোমাথো] *বি* পীড়ন। ২ ধ্বংস। ৩ মর্দন। ৪ হত্যা। {স. প্র+√মথ্+অ(ঘঞ্)}

প্রমাথী (–থিন্) [প্রোমাথি] *বিণ* ১ মর্দনকারী; পেষণকারী। ২ ধ্বংসকারী। ৩ হত্যাকারী। ৪ বিক্ষোভকারী। **প্রমাথিনী** *স্ত্রী.*। {স. প্রমাথ+ইন(ঘিনুণ্)}

প্রমাদ, পরমাদ (*পদ্য.*) [প্রোমাদ্, পারোমাদ্] *বি* ১ অনবধানতা; অসাবধানতা। ২ ভ্রান্তি; কী করতে হবে সে সম্পর্কে বিচারের অভাব; বিমূঢ়তা। ৩ বিস্মৃতি; ভুলে যাওয়া। ৪ নিদারুণ বিপত্তি; ভয়ানক বিপদ (রাজা মনে মনে প্রমাদ গণলো—*হার*)। {স. প্র+√মদ্+অ(ঘঞ্), স্বরাগমে পরমাদ}

প্রমারা, প্রেমারা [প্রোমারা, প্রে-] *বি* ১ বাজি রেখে তাস খেলাবিশেষ। ২ তাসের একপ্রকার খেলা। {*পো.* primeiro}

প্রমিত [প্রোমিতো] *বিণ* ১ জ্ঞাত; প্রমাণিত; একটি নির্দিষ্ট মানে উন্নীত করা হয়েছে এমন; মানসম্মত। ৩ পরিমিত; পরিমাণযুক্ত (চারি হস্ত প্রমিত)। **প্রমিতি** *বি* ১ প্রমাণ (প্রতর্ক আর প্রমিতির মধ্যে প্রভেদ থাকে না—*সুদ*)। ২ নিশ্চয়তার জ্ঞান; যথার্থ বোধ। ৩ পরিমাণ; মাত্রা (এয়ারোপ্লেনের চেয়েপ্রমিতিতে নিটোল সারস—*জীদা*)। {স. প্র+√মা+ত(ক্ত)}

প্রমীলা [প্রোমিলা] *বি* ১ নিদ্রাবেশ; তন্দ্রা। ২ অবসাদ; অবসন্নতা। ৩ রামায়ণে বর্ণিত ইন্দ্রজিতের পত্নী। {স. প্র+√মীল্+অ+আ(টাপ্)}

প্রমুখ [প্রোমুখো] *বিণ* ১ শ্রেষ্ঠ; উত্তম; প্রধান। ২ প্রথম। □ *অব্য* ইত্যাদি; প্রভৃতি (ব্যাস প্রমুখ কবিগণ)। □ *বি* আরম্ভ; শুরু। {স. প্র+মুখ}

প্রমুখাৎ [প্রোমুখাত্] *অব্য* মুখ থেকে মুখে; মুখের কথা; জবানি (দূতেরপ্রমুখাৎ এই কথা শুনিয়া)। {স. প্রমুখ+আৎ (অপাদানে)}

প্রমুদিত [প্রোমুদিতো] *বিণ* ১ অত্যন্ত আহ্লাদিত; অত্যন্ত প্রফুল্ল (প্রেম প্রমুদিত মুখের উপরে—*রঠা*)। ২ পূর্ণ বিকশিত। {স. প্র+√মুদ্+ত(ক্ত)}

প্রমূর্ত [প্রোমুরতো] *বিণ* সুস্পষ্ট; বিশেষভাবে সুপ্রকাশিত; স্পষ্টভাবে ব্যক্ত। {স. প্র+মূর্ত}

প্রমেয় [প্রোমেয়ো] *বিণ* ১ পরিমাণযোগ্য। ২ পরিমেয়। ৩ প্রমাণসাধ্য। ৪ অবধার্য। {স. প্র+√মা+য(যৎ)}

প্রমেহ [প্রোমেহো] *বি* ১ প্রস্রাবের বা জননেন্দ্রিয়ের এক প্রকার রোগ। ২ বহুমূত্র নামক রোগ। ৩ গনোরিয়া। {স. প্র+√মিহ্+অ(ঘঞ্)}

প্রমোচন [প্রোমোচোন্] *বি* ১ মুক্তকরণ; উন্মোচন। {স. প্র+মোচন}

প্রমোদ [প্রোমোদ্] *বি* ১ আনন্দ; হর্ষ; স্ফূর্তি। ২ বিলাস।

৩ আমোদ; আহ্লাদ। □ *বিণ* আনন্দদায়ক। ~ **কানন, ~ উদ্যান** *বি* আনন্দে সময় কাটানোর জন্য নির্মিত বাগানবাড়ি (প্রমোদউদ্যানে কাঁদে দানবনন্দিনী প্রমীলা—*মদ*; রাজার প্রমোদ উদ্যানে—*মুএ*)। ~**ন** *বি* আনন্দদান। **প্রমোদিত** *বিণ* ১ আনন্দিত; আমোদযুক্ত। ২ হৃষ্ট। ৩ আমোদিত। ৪ আনন্দদায়ক; প্রীতিকর। ~ **ভবন, প্রমোদাগার** *বি* বিলাস-ভবন। ~**মত্ত** *বিণ* আমোদে মত্ত (ওসমানীয়গণ ...প্রমোদে মত্ত হইয়া উঠিলেন—*মমু*)। **প্রমোদী**(*-দিন্*) *বিণ* আনন্দদায়ক; প্রীতিকর। { *স.* প্র+√মুদ্+অ(ঘঞ্) }

প্রযত [প্রোজতো] *বিণ* নিয়ন্ত্রিত; নিয়মিত; নিয়মযুক্ত। ২ বিশুদ্ধ; পবিত্র। { *স.* প্র+√যম্+ত(ক্ত) }

প্রযত্ন [প্রোজত্‌নো] *বি* ১ বিশেষ চেষ্টা; প্রয়াস; অধ্যবসায়। ২ ন্যায়দর্শন অনুযায়ী প্রবৃত্তি নিবৃত্তি ও জীবনকারণ। { *স.* প্র+যত্ন }

প্রয়াগ [প্রোয়াগ] *বি* ১ হিন্দুতীর্থবিশেষ; গঙ্গা যমুনা ও সরস্বতীর সঙ্গমস্থল। ২ ভারতে অবস্থিত এলাহাবাদ। { *স.* প্র+যাগ; *বহু* }

প্রয়াণ [প্রোয়ান্] *বি* ১ গমন; প্রস্থান; যাত্রা (করব প্রয়াণ রসাতলে—*রঠা*)। ২ যুদ্ধযাত্রা। ৩ মৃত্যু (প্রয়াণকাল)। { *স.* প্র+√যা+অন(ল্যুট্) }

প্রয়াত [প্রোয়াতো] *বিণ* গত; প্রয়াণ করেছে এই রূপ। { *স.* প্র+√যা+ত(ক্ত) }

প্রয়াস [প্রোয়াশ্] *বি* ১ যত্ন। ২ অভিলাষ; ইচ্ছা। ৩ পরিশ্রমসহকারে চেষ্টা; উদ্যম; প্রযত্ন। ৪ ক্লেশ; আয়াস; শ্রম। ~**চিহ্নিত** *বিণ* যত্নের নিদর্শন আছে এমন (বিদগ্ধ মনের প্রয়াস-চিহ্নিত—*আশ*)। **প্রয়াসী**(*-সিন্*) *বিণ* ১ পরিশ্রমী; প্রযত্নকারী। ২ ইচ্ছুক; অভিলাষী। **প্রয়াসিনী** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√যস্+অ(ঘঞ্) }

প্রযুক্ত [প্রোজুক্‌তো] *বিণ* ১ নিযুক্ত; প্রয়োগ করা হয়েছে এমন (এই উৎকট হিংসা পাপের প্রবণতা প্রযুক্ত হয় মানবজাতির সংসারে আসিয়া—*ঈবি*)। ২ উল্লিখিত; উদাহৃত। ৩ প্রবর্তিত; অনুষ্ঠিত। ৪ উৎপন্ন। □ *অব্য* জন্য; নিমিত্ত; নিবন্ধন। { *স.* প্র+√যুজ্+ত(ক্ত) }

প্রযুক্তি [প্রোজুক্‌তি] *বি* ১ প্রয়োগ। ২ প্রকৃষ্ট যুক্তি। ৩ শিল্প প্রভৃতিতে প্রয়োগ করার কৌশল; technology। ~**বিদ্যা** *বি* শিল্পবিজ্ঞান। { *স.* প্র+√যুজ্+তি(ক্তি) }

প্রযুজ্যমান [প্রোজুজ্‌জোমান্] *বিণ* প্রযুক্ত হচ্ছে বা প্রয়োগ করা হচ্ছে এমন। { *স.* প্র+√যুজ্+মান(শানচ্) }

প্রযোক্তা [প্রোজোক্‌তা] *বি,বিণ* প্রয়োগকর্তা; প্রয়োগকারী; নিয়োগকারী। ২ অনুষ্ঠানকারী; অনুষ্ঠাতা। { *স.* প্র+√যুজ্+তৃ(তৃচ্) }

প্রযোজক, প্রয়োজক [প্রোজোজোক্, -য়ো-] *বিণ* অনুষ্ঠাতা। □ *বি* ১ যার অর্থে ও উদ্যমে সিনেমা তৈরি হয়; যিনি নাটকাদি অভিনয়ের ব্যবস্থা করেন; রেডিও বা টেলিভিশনে যিনি কোনো অনুষ্ঠানের আয়োজনাদি নির্বাহ করেন; producer। ২ যে টাকা-পয়সা সুদে খাটায়। { *স.* প্র+√যুজ্+অক(ণ্বুল্) }

প্রয়োগ [প্রোয়োগ্] *বি* ১ নিয়োগ; নিয়োজন। ২ দৃষ্টান্ত; উদাহরণ। ৩ ব্যবহার। ৪ উল্লেখ। { *স.* প্র+√যুজ্+অ(ঘঞ্) }

প্রয়োজক [প্রোয়োজক্] *বিণ* ১ যে সকল বিষয় যোজনা বা সংঘটন করে; কর্তা; অনুষ্ঠানকারী। ২ প্রয়োগকর্তা। ৩ প্রবর্তক। { *স.* প্র+যোজক }

প্রয়োজন [প্রোয়োজোন্] *বি* ১ দরকার; আবশ্যক। ২ দরকারি কাজ; আবশ্যকীয় কার্য; জরুরি কাজ। ৩ কারণ; নিমিত্ত; হেতু। ৪ প্রয়োগকরণ; ব্যবহার। **প্রয়োজনীয়** *বিণ* দরকারি; জরুরি। **প্রয়োজনীয়তা** *বি* দরকার; আবশ্যকতা। { *স.* প্র+√যুজ্+অন(ল্যুট্) }

প্রযোজ্য [প্রোজোজ্‌জো] *বিণ* প্রয়োগযোগ্য; ব্যবহারের উপযুক্ত; প্রয়োগ করতে হবে এমন। □ *বি* মূলধন। { *স.* প্র+√যুজ্+য(যৎ) }

প্ররোচক ⇒ প্ররোচনা

প্ররোচন, প্ররোচনা [প্রোরোচোন্, -চনা] *বি* ১ উসকানি; প্রবৃত্তকরণ; উৎসাহদান। ২ উত্তেজনা সঞ্চার; প্রেরণা। **প্ররোচক** *বি,বিণ* প্ররোচনাকারী; উৎসাহদাতা। **প্ররোচিকা** *স্ত্রী*। **প্ররোচিত** *বিণ* প্ররোচনা বা প্রেরণাপ্রাপ্ত। **প্ররোচিতা** *বিণ স্ত্রী*। { *স.* প্র+রোচন, রেচনা }

প্ররোহ [প্রোরোহো] *বি* ১ অঙ্কুর। ২ লতাঙ্কুর; বৃক্ষাদির ঝুরি। ৩ চারাগাছ। ৪ উৎপত্তি। ৫ আরোহণ। { *স.* প্র+√রুহ্+অ(ঘঞ্) }

প্রলপন [প্রোলোপন্] *বি* অর্থহীন উক্তি করা; প্রলাপ বকা; প্রলাপোক্তিকরণ; প্রলাপ। **প্রলপিত** *বিণ* বৃথা উক্ত বা কথিত। { *স.* প্র+√লপ্+অন(ল্যুট্) }

প্রলম্ব [প্রোলম্‌বো] *বি* ১ বৃক্ষের শাখা; বৃক্ষের ঝুরি। ২ লম্বমান পদার্থ; লতিয়ে যায় এমন বস্তু। ~**ন** *বি* ১ লম্বিত হওয়া; লতিয়ে যাওয়া। ২ লম্বা হয়ে বের হয়ে যাওয়া অংশ; ঝোলন; ঝোলা। **প্রলম্বিত** *বিণ* লম্বিত; লম্বমান; ঝুলে পড়েছে এমন; লতিয়েছে এমন। { *স.* প্র+লম্ব }

প্রলয় [প্রোলয়্] *বি* ১ সৃষ্টিনাশ; কেয়ামত। ২ জগতের ব্যাপক ক্ষতি বা ধ্বংস (একটা প্রলয়ের রোখ চাপিয়া গেল—*রঠা*)। ~**ঙ্কর** *বিণ* প্রলয়কারী; অতি ভয়াবহ ও ধ্বংসকারী। ~**ঙ্করী** *বিণ স্ত্রী*। ~**দ** *বিণ* প্রলয় সৃষ্টি করতে পারে এমন (উন্মাদিনী বৈশাখীর প্রলয়দ, নবঘন শ্যাম তড়িৎ-তাড়িৎ মেঘে—*সুদ*)। { *স.* প্র+লয় }

প্রলাপ [প্রোলাপ্] *বি* ১ অর্থহীন কথা; অর্থশূন্য উক্তি (অর্থবিহীন প্রলাপ বচন সম—*রঠা*)। ২ মিথ্যা; ছলনা (যদি ধন ...মুঞি করিয়া প্রলাপ। দুই মত দোষ মানহানি আর পাপ—*সৈআ*)। **প্রলাপী**(-পিন্) *বিণ* প্রলাপকারী; নিরর্থক শব্দ উক্তিকারী। **প্রলাপিনী** *বিণ স্ত্রী*। { *স.* প্র+√লপ্+অ(ঘঞ্) }

প্রলুব্ধ [প্রোলুব্‌ধো] *বিণ* অতিশয় লোভাতুর; খুব লোভযুক্ত (প্রলুব্ধ প্রভাত যবে চাহিল তোমার পানে—*রঠা*)। **প্রলুব্ধা** *বিণ স্ত্রী*। { *স.* প্র+লুব্ধ }

প্রলুব্ধতা [প্রোলুব্‌ধতা] *বি* লোলুপতা। { *স.* প্র+লুব্ধতা }

প্রলেতারিয়া [প্রোলেতারিয়া] *বি* মজুর শ্রেণির জনসাধারণ; অর্থসম্পদে সমাজের নিম্নতম শ্রেণির লোক (পাঠানের ভিতর বুর্জুয়া প্রলেতারিয়ায় যে তফাত সেটুকু সম্পূর্ণ অর্থনৈতিক—*সৈমু*)। { *ই.* proletariat }

প্রলেপ [প্রোলেপ্] *বি* ১ লেপে লাগানো হয় এমন বস্তু (কাদার প্রলেপ)। ২ লেপন; পোঁচ; মাখানো। ৩

লেপনযোগ্য বস্তু; মলম। ~ক *বিণ* প্রলেপকারী; লেপন করে এমন। ~ন *বি* উত্তমরূপে বা প্রকৃষ্টভাবে লেপন; বিলেপন। { *স.* প্র+লেপ}

প্রোলভ [প্রোলোভ্] *বি* অত্যন্ত লোভ; অতিশয় লালসা। { *স.* প্র+লোভ}

প্রলোভন [প্রোলোভোন্] *বি* ১ লোভ দেখানো; লুব্ধ করা; লোভ জন্মানো; লালসা উৎপাদন। ২ লোভজনক বিষয়। ৩ লোভজনকতা (ঐশ্বর্যের প্রলোভন)। **প্রলোভিত, প্রলুব্ধ** *বিণ* লোভ দেখানো হয়েছে এমন; প্রলোভনপ্রাপ্ত। { *স.* প্র+লোভন}

প্রশংসন [প্রোশঙ্শন্] *বি* প্রশংসাকরণ; সাধুবাদ প্রদান; সুখ্যাতি। **প্রশংসনীয়** *বিণ* সুখ্যাতির উপযুক্ত; প্রশংসার যোগ্য। { *স.* প্র+√শন্‌স্+অন(ল্যুট্)}

প্রশংসা [প্রোশঙ্শা] *বি* স্তুতি; সুখ্যাতি; গুণকীর্তন; সাধুবাদ। ~**পত্র** *বি* সুখ্যাতিপূর্ণ পত্র; প্রশংসাযুক্ত লিখন। ~**বাদ** *বি* স্তুতিবাক্য; প্রশংসার কথা। ~য় **পঞ্চমুখ হওয়া** *ক্রি (আল.)* ভূয়সী প্রশংসা করা। { *স.* প্র+√শন্‌স্+অ+আ(টাপ্)}

প্রশংসিত [প্রোশঙ্শিতো] *বিণ* প্রশংসা করা হয়েছে এমন; সুখ্যাতিপ্রাপ্ত। { *স.* প্র+শংসিত}

প্রশমন [প্রোশমন্] *বি* ১ শান্তকরণ; সংযম; সংযতকরণ; বাধাদান। ২ দমন; নিবারণ। ৩ শান্তি। **প্রশমিত** *বিণ* ১ নিবারিত। ২ দমিত। ৩ শান্ত। ৪ *(বিজ্ঞান.)* ক্ষার বা অম্ল নয় এমন। { *স.* প্র+√শম্+অন(ল্যুট্)}

প্রশস্ত [প্রোশস্‌তো] *বিণ* ১ বিস্তৃত; প্রসারিত; চওড়া (প্রশস্ত বুক)। ২ উদার; সংকীর্ণ নয় এমন (প্রশস্তমনাঃ)। ৩ উপযুক্ত; যোগ্যতম (প্রশস্ত সময়)। ৪ প্রশংসিত; প্রশংসনীয়। ৫ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ~**তা, প্রাশস্ত্য** *বি* ১ প্রসারতা। ২ উদারতা। { *স.* প্র+√শন্‌স্+ ত(ক্ত)}

প্রশস্তি [প্রোশোস্‌তি] *বি* ১ প্রশংসা; সুখ্যাতি। ২ গুণকীর্তন; স্তুতি। { *স.* প্র+√শন্‌স্+তি(ক্তি)}

প্রশস্য [প্রোশোস্‌শো] *বিণ* প্রশংসনীয়; প্রশংসার যোগ্য (ভারতবর্ষের সভ্যতা গ্রীস রোমের সভ্যতার মত প্রাচীন হলেও প্রশস্য নয়—*প্রচৌ*)। ~**তা** *বি* প্রশংসা। { *স.* প্র+√শন্‌স্+য(ক্যপ্)}

প্রশাখা [প্রোশাখা] *বি* শাখা থেকে বহির্গত শাখা। { *স.* প্র+শাখা; *প্রাদি.*}

প্রশান্ত [প্রোশান্‌তো] *বিণ* ১ ধীর; স্থির; অতিশয় শান্ত; অচঞ্চল; বিক্ষোভশূন্য; অবিক্ষুব্ধ। ২ অব্যাকুল। ৩ নিবৃত্ত। ৪ শান্তিময়; শান্তিযুক্ত। ~ **মহাসাগর** *বি* একটি মহাসমুদ্রের নাম; Pacific Ocean। **প্রশান্তি** *বি* গভীর শান্ত ভাব; সুস্থিরতা; প্রগাঢ় ধৈর্য; অচঞ্চলতা। { *স.* প্র+শান্ত}

প্রশাসক ⇒ প্রশাসন

প্রশাসন [প্রোশাশোন্] *বি* ১ শাসন কাজ পরিচালনার ব্যবস্থা; সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের শাসন যন্ত্র; কার্যনির্বাহ; administration। ২ শাসন শৃঙ্খলা ও শান্তিরক্ষার কাজ। **প্রশাসক** *বি* কার্য-নির্বাহক; শাসনকার্য পরিচালনার জন্য ভারপ্রাপ্ত ব্যক্তি। **প্রশাসনিক** *বি* রাষ্ট্রের শাসন সংক্রান্ত; administrative (তিনি যথাক্রমে গৌড়, সাতগাঁ ও সোনারগাঁকে তাঁর প্রশাসনিক কর্মস্থলে পরিণত করেন—*মুআরা*)। { *স.* প্র+শাসন}

প্রশিক্ষণ [প্রোশিক্‌খন্] *বি* হাতে কলমে শিক্ষা; training। **প্রশিক্ষক** *বি* হাতে কলমে প্রশিক্ষণ কাজের শিক্ষক। { *স.* প্র+শিক্ষণ}

প্রশিষ্য [প্রোশিশ্‌শো] *বি* শিষ্যের শিষ্য; ছাত্রের ছাত্র (তাঁর পৌত্র ও শিষ্য প্রশিষ্যেরা এই আন্দোলন চালিয়ে যান—*আনিস*)। **প্রশিষ্যা** *স্ত্রী.*। { *স.* প্র+শিষ্য}

প্রশ্ন [প্রোস্‌নো] *বি* ১ জিজ্ঞাস্য; সওয়াল (প্রশ্ন করা)। ২ বিষয় জিজ্ঞাসা (প্রশ্ন করা হয়েছে, কঠিন প্রশ্ন)। ৩ খোঁজার বা অনুসন্ধানের বিষয়। ~**কর্তা**(–তৃ) *বি* যে ব্যক্তি প্রশ্ন করে; পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা; paper-setter। ~**কর্ত্রী** *বি স্ত্রী.*। ~**পত্র** *বি* পরীক্ষায় জিজ্ঞাসিত বিষয়যুক্ত পত্র। ~**মালা** *বি* জিজ্ঞাসা বিষয়ের সমষ্টি; প্রশ্নসমূহ। **প্রশ্নোত্তর** *বি* প্রশ্ন ও তার উত্তর; সওয়াল ও জবাব। { *স.* √প্রচ্ছ্+ন(নঙ্)}

প্রশ্রয় [প্রোস্‌স্রয়্] *বি* ১ আশকারা; লাই; নাই; অনেক আদর (প্রশ্রয় দিয়ে মাথায় তোলা হয়েছে)। ২ বিনয়; নম্রতা। **প্রশ্রিত** *বিণ* ১ আশকারা প্রাপ্ত। ২ আদরপ্রাপ্ত; আদৃত। ৩ বিনীত; নম্র। { *স.* প্র+√শ্রি+অ(অচ্)}

প্রশ্বাস [প্রোশ্‌শাশ্] *বি* ১ নাকের সাহায্যে ফুসফুসে গৃহীত বায়ু। ২ শ্বাসকার্য; ফুসফুসে বায়ুগ্রহণ। { *স.* প্র+শ্বাস}

প্রষ্টব্য [প্রোশ্‌টোব্‌বো] *বিণ* জিজ্ঞাসার যোগ্য; জিজ্ঞাস্য। { *স.* √প্রচ্ছ্+তব্য}

প্রষ্টা [প্রোশ্‌টা] *বি,বিণ* জিজ্ঞাসা করে এমন; প্রশ্নকর্তা; প্রশ্নকারী। { *স.* √প্রচ্ছ্+তৃ(তৃচ্)}

প্রসক্ত [প্রোশক্‌তো] *বিণ* ১ প্রবলভাবে আসক্ত। ২ সংলগ্ন। ৩ সতত; অবিরত। **প্রসক্তি** *বি* গভীর আসক্তি। { *স.* প্র+সক্ত}

প্রসঙ্গ [প্রোশঙ্‌গো] *বি* ১ আলোচ্য বিষয়; প্রস্তাব। ২ সংশ্লিষ্ট পূর্বকথা; আনুষঙ্গিক তথ্য; আলোচনা (মেঘনাদবধ প্রসঙ্গ)। ৩ সঙ্গতি সম্পর্ক (আলোচনা প্রসঙ্গ)। ~**ক্রমে**, ~**ত** *ক্রিবিণ* আলোচ্য বিষয়ের অংশ হিসেবে বা তৎসূত্রে। **প্রসঙ্গান্তর** *বি* অন্য প্রসঙ্গ। { *স.* প্র+√সন্‌জ্+অ(ঘঞ্)}

প্রসঞ্জন [প্রোশন্‌জন্] *বি* উল্লেখন; প্রসঙ্গকরণ; প্রস্তাব করণ (সে গুহ্যতত্ত্ব প্রসঞ্জনে ঋষিদেরও জিহ্বাস্তম্ভ ঘটে—*কেম*)। ২ অবসর দান। { *স.* প্র+√সন্‌জ্+অন(ল্যুট্)}

প্রসন্ন [প্রোশন্‌নো] *বিণ* ১ হৃষ্ট; সন্তুষ্ট; খুশি; আনন্দিত; তৃপ্ত। ২ দয়াবান; সদয়; অনুকূল। ৩ নির্মল (প্রসন্ন সলিল)। ৪ উজ্জ্বল; শান্ত; ক্ষোভহীন; স্থির; প্রফুল্ল (প্রসন্ন হাসি)। **প্রসন্না** *বিণ স্ত্রী.*। ~**তা** *বি* ১ প্রফুল্লতা। ২ আনন্দ; হর্ষ; সন্তোষ। ৩ স্বচ্ছতা; নির্মলতা। { *স.* প্র+√সদ্+ত(ক্ত)}

প্রসব [প্রোশব্] *বি* ১ সন্তান উৎপাদন; জন্ম দেওয়া; গর্ভবিমোচন। ২ সৃষ্টি; জন্ম। ~**বেদনা** *বি* সন্তান জন্মের সময়ে প্রসবজনিত বেদনা। **প্রসবিতা**(–তৃ); **প্রসবী** (–বিন্) *বি,বিণ* যে প্রসব বা জন্মদান করে; প্রসবকারী; জন্মদানকারী। **প্রসবিত্রী, প্রসবিনী** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√সূ+অ(অপ্)}

প্রসর [প্রোশর] *বি* ১ বিস্তার; ব্যাপ্তি। ২ যাওয়া; গমন; বেগ। □ *বিণ* প্রশস্ত; বিস্তৃত (প্রসর জামা পায়জামা—*রঠা*)। **–ণ** *বি* ১ ব্যাপ্তি; বিস্তার (বাহু প্রসরণে ফেলাইয়া দূরে সবে—*মদ*)। ২ ইতস্তত ভ্রমণ। ৩ বিপক্ষ সৈন্যদলকে বেষ্টন। { *স.* প্র+√সৃ+অ(অপ্)}

প্রসর্পণ [প্রোশরপোন] *বি* ইতস্তত গমন; চলন (জীবনের প্রসর্পণ হয়তো বা পথে—*সুদ*)। { *স.* প্র+√সৃপ্+অন(ল্যুট্)}

প্রসাদ [প্রোশাদ] *বি* ১ হর্ষ; আনন্দ (এইরূপে বহেন জাহ্নবী আবার প্রসাদে—*মদ*)। ২ অনুগ্রহ; প্রসন্নতা (ডঃ মুঃ এনামুল হকের প্রসাদে আমরা জানিতে পারিয়াছি—*মুশ*)। ৩ হিন্দুদের দেবতাকে নিবেদিত, ভোজ্যসামগ্রী বা গুরুজনের ভুক্তাবশিষ্ট। ৪ তবররক। ৫ সৌম্য; কাব্যাদির মনোহর প্রাঞ্জলতা গুণ। { *স.* প্র+√সদ্+অ(ঘঞ্); *স.* প্রসাদ>(স্বরাগমে, পরসাদ)}

প্রসাদন, প্রসাদনা [প্রোশাদোন, –দনা] *বি* খুশি করা; সন্তোষ বিধান; তুষ্টিবিধান। { *স.* প্র+সাদন, সাদনা}

প্রসাদাৎ [প্রোশাদাত] *অব্য, ক্রিবিণ* দয়ায়; অনুগ্রহে; অনুগ্রহের ফলে। **প্রসাদিত** *বিণ* তুষ্টি বিধান করা হয়েছে এরূপ। **প্রসাদি, প্রসাদী** *বিণ* ১ হিন্দুদের দেবতাকে নিবেদন করা হয়েছে এমন; গুরুজন কর্তৃক ভক্ষিত। ২ প্রসাদ বলে মনে করা হয় এমন; ভুক্তাবশিষ্ট (তুমি যাঁহার প্রসাদি ফুল লইয়া ঐ স্বচ্ছ হৃদয়ে মালা পরিতে সে পুষ্পাভরণা কোথায়—*বচ*)। { *স.* প্রসাদ+(হেত্বর্থে পঞ্চমীর একবচন) আৎ}

প্রসাধক [প্রোশাধোক] *বি, বিণ* বেশভূষা করে যে। **প্রসাধিকা** *স্ত্রী*। **প্রসাধনী** *বি* ১ চিরুনি। ২ সাজসজ্জার জন্য প্রয়োজনীয় দ্রব্য; অঙ্গরাগ। **প্রসাধিত** *বিণ* ১ প্রসাধন করা হয়েছে এমন। ২ কৃত; সম্পাদিত। { *স.* প্র+সাধক}

প্রসাধন [প্রোশাধোন] *বি* ১ দেহসজ্জা সম্পাদন; বেশবিন্যাস (তখনো বুঝি তার সান্ধ্যপ্রসাধন শেষ হয়নি—*নই*)। ২ সাজ; সাজসজ্জা; অঙ্গরাগ। ৩ অলঙ্করণ; চিত্রণ। ৪ সুচারুরূপে সম্পাদন। { *স.* প্র+√সাধি+অন(ল্যুট্)}

প্রসার [প্রোশার] *বি* ১ বিস্তৃতি; বিস্তার; বিস্তারিত হওয়া; বিস্তার লাভ (ব্যবসায়ের প্রসার)। ২ নির্গম; নির্গমন; বের হওয়া। **প্রসারিত** *বিণ* ১ বিস্তার লাভ করেছে এমন। –তা (অশু.)। **প্রসারিয়া** *ক্রি* প্রসারিত করে (প্রসারিয়া লও কর্মভূমি—*সদ*)। **প্রসারী** (–রিন্) *বিণ* ১ বিস্তার লাভ করে এমন। ২ ব্যাপক। ৩ বিস্তারিত হয় এমন। **প্রসারিণী** *বিণ স্ত্রী*। **প্রসার্যমাণ** *বিণ* ১ বিস্তারের উপযুক্ত। ২ বিস্তারিত করা যায় এমন; প্রসারমাণ। { *স.* প্র+√সৃ+ অ(অচ্)}

প্রসিক্ত [প্রোশিক্‌তো] *বিণ* সম্পূর্ণ সিক্ত। { *স.* প্র+সিক্ত}

প্রসিদ্ধ [প্রোশিদ্‌ধো] *বিণ* বিখ্যাত; খ্যাতনামা; মশহুর; ব্যাপকভাবে জ্ঞাত বা পরিচিত। **প্রসিদ্ধা** *বিণ স্ত্রী*। **প্রসিদ্ধি** *বি* ১ খ্যাতি; ব্যাপকভাবে পরিচিতি। ২ প্রবাদ; জনশ্রুতি। { *স.* প্র+√সিধ্+ত(ক্ত)}

প্রসীদ [প্রোশিদো] *ক্রি* প্রসন্ন বা সদয় হও; দয়া করো; প্রসন্ন হও (প্রসীদ হে সখা—*মোম*)। { *স.* প্র+√সদ (অনুজ্ঞায় মধ্যম পু. একব)}

প্রসুপ্ত [প্রোশুপ্‌তো] *বিণ* গাঢ় নিদ্রায় মগ্ন; গভীর নিদ্রায় আচ্ছন্ন; সুষুপ্ত। **প্রসুপ্তি** *বি* গভীর বা গাঢ় নিদ্রা। { *স.* প্র+সুপ্ত}

প্রসূ [প্রোশু] *বি* প্রসবকারিণী; জন্ম দেয় যে; প্রসবিনী; প্রসূতি; মাতা (হেন বীরপ্রসূনের প্রসূ ভাগ্যবতী—*মদ*)। **–ত** *বিণ* ১ সম্যকরূপে জাত; উৎপন্ন। ২ গর্ভজাত; ভূমিষ্ঠ। **–তা** *বিণ স্ত্রী* ১ উৎপন্না; জাতা; ভূমিষ্ঠা। ২ সন্তান প্রসব করেছে এমন। **–তি** *বি* মাতা; জননী; উৎপাদনকারিণী; প্রসবিত্রী; পোয়াতি (এমন সময় দাসীরা এসে প্রসূতিকে খবর দিলে—*অঠা*)। { *স.* প্র+√সূ+ক্বিপ্}

প্রসূন [প্রোশুন] *বি* ১ ফুল; পুষ্প (পূজার প্রসূন যাচে—*জউ*)। ২ মুকুল। ৩ ফল। { *স.* প্র+√সূ+ত(ক্ত)}

প্রসৃত [প্রোস্‌সৃতো] *বিণ* ১ বের হয়েছে এমন; নির্গত। ২ বিস্তৃত; প্রসারিত। **প্রসৃতি** *বি* নির্গমন; নিঃসরণ। ২ বিস্তৃতি। { *স.* প্র+√সৃ+ত(ক্ত)}

প্রসেক [প্রোশেক] *বি* নিষেক; সেচন; বিচ্যুতি। { *স.* প্র+√সিচ্+অ(ঘঞ্)}

প্রস্ত [প্রোস্‌তো] *বি* ১ একসঙ্গে কাজে লাগে বা একত্র থাকে এমন জিনিসের সমষ্টি বা একত্র থাকে এমন জিনিসের সমষ্টি; দফা; সেট (থালা ঘটিবাটি একপ্রস্ত—*মদ*)। ২ ভাঁজ; তা; লেপ। ৩ পোশাকাদির সমষ্টি (এক প্রস্ত জামা কাপড়)। { *স.* প্রস্থ>}

প্রস্তর [প্রোস্‌তর] *বি* ১ পাথর; শিলা; পাষাণ; উপল। ২ মণি। **প্রস্তরীভূত** *বিণ* প্রস্তরে পরিণত; শিলীভূত। { *স.* প্র+√স্তৃ+অ(অচ্)}

প্রস্তাব [প্রোস্‌তাব] *বি* ১ আলোচ্য বিষয়; প্রসঙ্গ। ২ কথা; আলোচ্য বিষয় উপস্থাপন। ৩ আলোচনার জন্য যা উত্থাপন করা হয়। ৪ গ্রন্থাদির পরিচ্ছেদ বা অধ্যায়। **–ক** *বিণ* প্রস্তাব উত্থাপক; প্রস্তাবকারী। **–না** *বি* ১ সূচনা; শুরু; ভূমিকা। ২ নাটকের সূচনায় নাটকের বিষয় সম্পর্কে আলাপ। **প্রস্তাবিত** *বিণ* ১ প্রস্তাব করা বা উত্থাপন করা হয়েছে এমন। ২ উত্থাপিত; উল্লিখিত। ৩ প্রস্তাব বা আলোচনার বিষয়রূপে গৃহীত। { *স.* প্র+√স্তু+অ(ঘঞ্)}

প্রস্তুত [প্রোস্‌তুত] *বিণ* নির্মিত; তৈরি; সম্পাদিত। ২ উদ্যোগ বা আয়োজন সম্পূর্ণীকৃত (যেতে প্রস্তুত)। **প্রস্তুতি** *বি* প্রস্তুত হওয়া; প্রস্তুতকরণ। ২ প্রস্তুতের অবস্থান ভাব। { *স.* প্র+√স্তু+ত(ক্ত)}

প্রস্থ[১] [প্রোস্‌থো] *বি* ১ পর্বতের উপরিস্থ সমভূমি; পর্বতের সানুদেশ। ২ বিস্তার; চওড়া মাপ। ৩ পরিমাণবিশেষ। ৪ সমতল ভূমি; উঁচুনিচু নয় এমন ভূমি (ইন্দ্রপ্রস্থ)। { *স.* প্র+√স্থা+অ(ক)}

প্রস্থ[২] [প্রোস্‌থো] *বিণ* ১ সেট (set); প্রস্ত। ২ টা; খানা (দুই প্রস্থ কাপড়)। { *স.* প্র+√স্থা+অ(ক)}

প্রস্থান [প্রোস্‌থান] *বি* ১ যাত্রা; প্রয়াণ। ২ চলে যাওয়া। **প্রস্থিত** *বিণ* চলে গেছে এমন; চলিত; গত। { *স.* প্র+√স্থা+অন(ল্যুট্)}

প্রস্থাপিত [প্রোস্‌থাপিতো] *বিণ* প্রেরিত; পাঠানো হয়েছে এরূপ। { *স.* প্র+স্থাপিত}

প্রস্ফুট, প্রস্ফুটিত [প্রোস্‌ফুটো, প্রোস্‌ফুটিতো] *বিণ* সম্পূর্ণ বিকশিত; সম্পূর্ণরূপে ব্যক্ত। **প্রস্ফুটিতা** *বিণ স্ত্রী*। **–ন** *বি* প্রস্ফুটিত হওয়া; বিকাশ। { *স.* প্র+√স্ফুট্+অ(অচ্), +ত(ক্ত)}

প্রস্ফুরণ [প্রোসফুরন] *বি* ঈষৎ স্পন্দন; সামান্য কম্পন। **প্রস্ফুরিত** *বিণ* ঈষৎ স্পন্দিত; সামান্য কম্পিত; প্রস্ফুরণবিশিষ্ট। { *স.* প্র+√স্ফুর্+অন(ল্যুট্)}

প্রস্রবণ [প্রোসস্রবন] *বিণ* ১ ঝরনা; নির্ঝর; ঝরছে এমন। ২ স্রবণ; ক্ষরণ। { *স.* প্র+√স্রু+অন(ল্যুট্)}

প্রস্রাব [প্রোস্স্রাব্] *বি* ১ মূত্র। ২ মূত্রত্যাগ। { *স.* প্র+√স্রু+অ(ঘঞ্)}

প্রস্রুত [প্রোসস্রুতো] *বিণ* ঝরছে বা ক্ষরিত বা নিঃসরণ হচ্ছে এমন; নিঃসৃত। { *স.* প্র+√স্রু+ত(ক্ত)}

প্রস্বান [প্রোশশান্] *বি* রব; শব্দ; ধ্বনি (তোমার শাণিত তলওয়ারে সেথা বজ্রের প্রস্বান—*ফজ্রা*)। { *স.* প্র+√স্বন্+অ(ঘঞ্)}

প্রস্বাপন [প্রোশ্‌শাপোন্] *বিণ* ১ নিদ্রা আনয়নকারী; নিদ্রাজনক। ২ নিদ্রা সৃষ্টিকারী পৌরাণিক অস্ত্র। □ *বি* গাঢ় নিদ্রা। { *স.* প্র+√স্বপ্+ণিচ্+অন(ল্যুট্)}

প্রহত [প্রোহতো] *বিণ* আঘাতপ্রাপ্ত; আঘাত করে বা ঘা দিয়ে যা বাজানো হয় এমন (দুই দিকে প্রবল নদীপ্রবাহ দুর্গমূল প্রহত করিত—*বচ*)। { *স.* প্র+√হন্+ত(ক্ত)}

প্রহর [প্রোহর্] *বি* ১ তিন ঘণ্টা ব্যাপী সময়; এক প্রহর। ২৪ ঘণ্টায় আট প্রহর। ২ দিনরাতের এক-অষ্টমাংশ; যাম { *স.* প্র+√হৃ+অ(অপ্)}

প্রহরণ [প্রোহরন] *বি* ১ অস্ত্র (শীঘ্র হস্তে ত্যক্ত প্রহরণ ভূমি হইতে উত্তোলন করিয়া—*বচ*)। ২ প্রহার; আঘাত (স্বীয় শরীর বর্মাবৃত করত প্রাণান্তক প্রহরণসমূহ গ্রহণ করিলেন —*মোহ*)। { *স.* প্র+√হৃ+অন(ল্যুট্)}

প্রহরা [প্রোহরা] *বি* পাহারা; রক্ষণাবেক্ষণ। { *স.* প্রহর+ *বা.* আ}

প্রহরী(-রিন্) [প্রোহোরি] *বি* পাহারা দেয় যে; পাহারাওয়ালা; প্রতিহারী; চৌকিদার। **প্রহরিণী** *বি স্ত্রী.*। { *স.* প্রহর+ইন(ইনি)}

প্রহর্তা [প্রোহর্‌তা] *বিণ* প্রহারকারী যোদ্ধা। { *স.* প্র+√হৃ+তৃ(তৃক্)}

প্রহসন [প্রোহোশন্] *বি* ১ হাস্যরসপ্রধান নাটক। ২ ব্যঙ্গ; বিদ্রূপ। { *স.* প্র+√হস্+অন(ল্যুট্)}

প্রহার [প্রোহার্] *বি* ১ মার (প্রহার করা)। ২ নিগ্রহ। ৩ দুঃখ; আঘাত; শাস্তি (আপনি জানত স্ত্রীলোকের ব্যবহার সতিনী লইলে পতি বড়োই প্রহার—*ভারা*)। **প্রহৃত** *বিণ* ১ মার খেয়েছে এমন। ২ আঘাত-পেয়েছে এমন; আঘাতপ্রাপ্ত; প্রহারপ্রাপ্ত। ৩ নিগৃহীত; অত্যাচারিত। { *স.* প্র+√হৃ+অ(ঘঞ্); স্বরাগমে—পরহার}

প্রহৃষ্ট [প্রোহৃশ্‌টো] *বিণ* অত্যন্ত আনন্দিত বা হর্ষযুক্ত। { *স.* প্র+√হৃষ্+ত(ক্ত)}

প্রহেলিকা [প্রোহেলিকা] *বি* বোঝা কঠিন এমন প্রশ্ন; কূট প্রশ্ন (তুই সত্যসত্যই একটি মস্ত প্রহেলিকা—*নই*)। ২ ধাঁধা। ৩ হেঁয়ালি। { *স.* প্র+√হেল্+ই(ইন্)+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

প্রহ্লাদ [প্রোল্‌হাদ্] *বি* ১ হিরণ্যকশিপু নামক দানবরাজের পরম বিষ্ণুভক্ত পুত্র। ২ অত্যন্ত আনন্দ। ৩ (বিদ্রূপে) অধার্মিক; ভক্তিহীন ব্যক্তি। **আহ্লাদে পেল্লাদ** *বি* পিতামাতার অত্যন্ত সোহাগে সর্বদা আরামে আলস্যে আহ্লাদে বিগলিত সন্তান। { *স.* প্র+√হ্লাদ্+অ(ঘঞ্)}

প্রাইজ [প্রাইজ্] *বি* পুরস্কার; উপহার; পারিতোষিক (আমাদের উৎসাহ দেবার জন্যে ফি পয়ার পিছু একটি করে সন্দেশ—প্রাইজ দিতেন—*কাসি*)। { *ই.* prize}

প্রাইভেট [প্রাইভেট্] *বিণ* ১ নিজস্ব; গোপনীয়; ব্যক্তিগত (প্রাইভেট বুঝে গিয়া চার্ট এনে—*মীম*)। ২ নিজে নিজে; ব্যক্তিগতভাবে; অপরের সাহায্য ব্যতিরেকে (ভাবছি মাষ্টারী করে প্রাইভেট পড়ব—*কাই*)। { *ই.* private}

প্রাইমারি, প্রাইমারী [প্রাইমারি] *বিণ* প্রাথমিক। □ *বি* প্রাথমিক পাঠ্য। { *ই.* primary}

প্রাংশু [প্রাঙ্‌শু] *বিণ* উন্নত; উঁচু; দীর্ঘকায়; লম্বা (শাল-প্রাংশু মহাভুজ)। **-লভ্য** *বিণ* উচ্চস্থান থেকে লভ্য। (বলা বাহুল্য, ডেপুটির এম.এ. পাশ করা ছেলে কন্যাদায়িকের পক্ষে খুব প্রাংশুলভ্য ফল—*রঠা*)। { *স.* প্র+অংশু; *বহু*}

প্রাক, প্রাক্ [প্রাক্] *অব্য* ১ পূর্ববর্তী; আগের (প্রাক-রবীন্দ্রযুগ)। ২ পূর্বদিকস্থ প্রাচ্য। **প্রাক্কলন** *বি* গণনাপূর্ব; কোনো ব্যাপারে সম্ভাব্য খরচের হিসাব। **প্রাক্কাল** *বি* পূর্ববর্তী সময়; প্রারম্ভিক বা সূচনা কাল। **প্রাক্কলিক, প্রাক্কালিন** *বিণ* পূর্ববর্তী সময়ের। { *স.* প্র+√অন্চ্+ক্বিন্}

প্রাকটিস, প্র্যাকটিস [প্রাকটিস্, প্র্যা-] *বি* ১ ক্রমাগত চর্চা বা অভ্যাস (সাঁতারের প্রাকটিস)। ২ স্বাধীন বৃত্তি বা পেশা অবলম্বন (ওকালতিপ্রাকটিস, ডাক্তারিপ্র্যাকটিস)। { *ই.* practice}

প্রাকাম্য [প্রাকাম্‌মো] *বি* ১ ভোগেচ্ছা পূর্ণ করার ক্ষমতা (ব্যক্তি স্বরূপ প্রাকাম্যের প্রকারান্তর—*সুদ*)। ২ যথেচ্ছা-চারিতা। ৩ যোগ দ্বারা প্রাপ্ত ঐশ্বর্যবিশেষ। { *স.* প্রকাম+য(ষ্যঞ্)}

প্রাকার [প্রাকার্] *বিণ* প্রাচীর; দেয়াল (রুদ্ধ করার অন্ধপ্রাকার বন্ধন অপসারি—*নই*; লুপ্ত করি পুরাতন বর্ষান্তের প্রাচীন প্রাকার—*সুমো*)। { *স.* প্র+√কৃ+অ(ঘঞ্)}

প্রাকৃত[১] [প্রাকৃতো] *বিণ* ১ প্রকৃতিজাত; স্বাভাবিক। ২ প্রজাসম্বন্ধীয়। ৩ লৌকিক। ৪ অমার্জিত; সামান্য; আভিজাত্যশূন্য; সাধারণ। □ *বি* প্রাচীন ভারতীয় আর্যভাষার রূপান্তরবিশেষ (মাগধী প্রাকৃত)। { *স.* প্রকৃতি+অ(অণ্)}

প্রাকৃত[২] [প্রাকৃত্] *বিণ* নীচ; ইতর। { *স.* প্রকৃতি+অ(অণ্)}

প্রাকৃতিক [প্রাকৃতিক্] *বিণ* প্রকৃতি সংক্রান্ত; নৈসর্গিক (আমাদের ভালোবাসা প্রাকৃতিক—*বিদে*)। □ *বি* জড় পদার্থ বিষয়ক। { *স.* প্রকৃতি+ইক(ঠঞ্)}

প্রাক্কাল [প্রাককাল্] *বি* পূর্ববর্তী কাল। **প্রাক্কালে** *ক্রিবিণ* ঠিক পূর্বে। { *স.* প্রাক্+কাল}

প্রাক্তন [প্রাকতোন্] *বিণ* ১ পূর্বকালের; ভূতপূর্ব। ২ পুরাতন। ৩ হিন্দু বিশ্বাস মতে জন্মান্তরের; পূর্ব জন্মে করা হয়েছে এমন (প্রাক্তনের ফল ত্বরা ফলিবে এ পুরে; প্রাক্তনের গতি, হায়, কার সাধ্য রোধে—*মদ*)। □ *বি* অদৃষ্ট; ভাগ্য; হিন্দু বিশ্বাস মতে পূর্বজন্মজাত বিষয়। { *স.* প্রাক্+তন(ট্যু, তুট্)}

প্রাখর্য [প্রাখর্‌জো] *বি* প্রখরতা; তীক্ষ্ণতা। { *স.* প্রখর+

য(ষ্যঞ্)}

প্রাগল্‌ভ্য [প্রাগাল্‌ভো] *বি* ১ উদ্ধত ভাব; ঔদ্ধত্য; প্রগল্‌ভতা। ২ প্রেম প্রভৃতি বিষয়ে লজ্জাহীনতা। ৩ ধৃষ্টতা। ৪ তেজস্বিতা। { *স.* প্রগল্‌ভ+য(ষ্যঞ্)}

প্রাগ্‌ভাব [প্রাগ্‌ভাব্] *বি (দর্শন.)* (কোনো পদার্থের) জন্মলাভের বা উৎপন্ন হওয়ার পূর্বে তার অস্তিত্বহীনতা। { *স.* প্রাক্+ভাব}

প্রাগৈতিহাসিক [প্রাগোইতিহাশিক্] *বিণ* যে যুগ থেকে ইতিহাস জানা যায় তার পূর্বকালের (প্রাগৈতিহাসিক সেই আদিমের তীরে ফিরে যাই—*সৈহা*)। { *স.* প্রাক্+ঐতিহাসিক}

প্রাগজ্যোতিষপুর [প্রাগজোতিশ্‌পুর্] *বি* আসামের কামরূপ কামাখ্যার প্রাচীন নাম; প্রাগজ্যোতিষপুর জলপাইগুড়ি থেকে বার্মা সীমান্ত পর্যন্ত বিস্তৃত ছিল। { *স.* প্রাক্+জ্যোতিষ+পুর}

প্রাগুক্ত [প্রাগুক্‌তো] *বিণ* পূর্বে উক্ত বা উল্লিখিত। { *স.* প্রাক্+উক্ত}

প্রাগ্‌দেশ [প্রাগ্‌দেশ্] *বি* পূর্ববর্তী অংশ; প্রথম অংশ। { *স.* প্রাক্+দেশ}

প্রাগ্রসর [প্রাগ্‌রোশর্] *বিণ* বিশেষরূপে অগ্রসর (সে পথেরই যাত্রী তুমি শত পান্থ গেছে বিস্ফোরণে; প্রাগ্রসর পদরেখা যার পরে আঁকি অবিরত—*সুদ*)। { *স.* প্র+অগ্রসর}

প্রাঙ্গণ [প্রাঙ্‌গন্/–গোন্] *বি* উঠান; অঙ্গন; চত্বর। { *স.* প্র+অঙ্গন}

প্রাঙ্‌মুখ [প্রাঙ্‌মুখ্] *বিণ* পূর্বদিকে মুখ এমন; পূর্ব মুখ (প্রাঙ্‌মুখে উপবেশন ও বদন প্রক্ষালনপূর্বক—*ঈবি*)। { *স.* প্রাক্+মুখ; *বহু*}

প্রাচী [প্রাচি] *বি* ১ পূর্বদিক। ২ পূর্বদিকের দেশসমূহ (জাগে প্রাচীন প্রাচী—*রঠা*)। { *স.* প্র+√অন্‌চ্+ক্বিন্}

প্রাচীন [প্রাচিন্] *বিণ* ১ পুরাতন; বহুকাল পূর্বের। ২ প্রৌঢ়োত্তর বৃদ্ধ। ৩ অনাধুনিক; সেকেলে। ৪ অভিজ্ঞ। **প্রাচীনা** *বিণ স্ত্রী.*। **–তা, –ত্ব** *বি*। { *স.* প্রাচ্+ঈন(খ)}

প্রাচীর [প্রাচির্] *বি* দেয়াল; পাঁচিল; প্রাকার। { *স.* প্র+আ+√চি+র}

প্রাচুর্য [প্রাচুর্‌জো] *বি* ১ প্রয়োজনানুরূপতা; বেশিও নয় কমও নয়; অভাবশূন্যতা। ২ বাহুল্য; প্রচুরতা; আধিক্য। { *স.* প্রচুর+য(ষ্যঞ্)}

প্রাচ্য [প্রাচ্‌চো] *বিণ* ১ পূর্বদিকস্থ; এশীয়। ২ পূর্বদেশীয়। ৩ ইউরোপের পূর্বস্থ দেশসমূহ। { *স.* প্রাচ্+য(যৎ)}

প্রাজন [প্রাজোন্] *বি* পাচন বাড়ি; নড়ি; পশু তাড়ানোর বা চালানোর দণ্ডবিশেষ। { *স.* প্র+√অজ্+ই(ণিচ্)+অন(ল্যুট)}

প্রজেক্ট [প্রোজেক্‌ট] *বি* পরিকল্পনা (আধুনিক শিক্ষাবিদের 'প্রোজেক্ট' বা কর্ম পরিকল্পনা পদ্ধতির সাথে ইকবালের মতবাদের আশ্চর্য মিল—*আহ*)। { *স.* project}

প্রাজাপত্য [প্রাজাপোত্‌তো] *বি* ১ হিন্দুদের অষ্টবিধ বিবাহ-পদ্ধতির অন্যতম। ☐ *বিণ* প্রজাপতি সংক্রান্ত। { *স.* প্রজাপতি+য(যৎ)}

প্রাজ্ঞ [প্রাগ্‌গোঁ] *বিণ* বিজ্ঞ; পণ্ডিত; জ্ঞানবান; প্রজ্ঞাযুক্ত (তুমি শাস্ত্রজ্ঞ মেধাবী, বুদ্ধিমান ও পরম প্রাজ্ঞ—*ঈবি*)। **প্রাজ্ঞা, প্রাজ্ঞী** *বিণ স্ত্রী.*। **–তা** *বি* পাণ্ডিত্য; বিজ্ঞতা। { *স.* প্রজ্ঞা+অ(ণ)}

প্রাঞ্জল [প্রান্‌জল্] *বিণ* ১ পরিষ্কার; স্বচ্ছ (চোখ খোলা রাখলে দুদিকে বিস্তর প্রাঞ্জল উদাহরণ দেখতে পাওয়া যায়—*সৈমু*)। ২ সরল; সহজবোধ্য; সুখবোধ্য (তাহার ভাষা বিশুদ্ধ প্রাঞ্জল ও মর্মস্পর্শী—*সৈমু*)। { *স.* প্র+√অন্‌জ্+অল(অলচ্)}

প্রাণ [প্রান্] *বি* ১ জীবন; হায়াত। ২ ফুসফুসস্থিত যে বাতাস শ্বাসরূপে গৃহীত; প্রাণবায়ু। ৩ হৃদয়; মন; চিত্ত; অন্তঃকরণ। **–কান্ত** *বি* ১ জীবিতেশ্বর; প্রাণনাথ; প্রাণেশ্বর; হৃদয়েশ্বর। ২ স্বামী। ৩ প্রেমাস্পদ; প্রণয়পাত্র। **–কৃষ্ণ** *বি* ১ জীবনতুল্য প্রিয় কৃষ্ণ। ২ পরম আদরের ব্যক্তি। **–গত** *বিণ* ১ হৃদয়গত। ২ আন্তরিক; অকৃত্রিম। **–গতিক** *বিণ* ১ জীবন-সম্বন্ধীয়; জীবনযাত্রা সংক্রান্ত। ২ দৈহিক; শারীরিক। **–ত্যাগ** *বি* ১ মৃত্যু; মরণ। ২ জীবন-বিসর্জন; দেহত্যাগ। **– থাকা** *ক্রি* বেঁচে থাকা; বাঁচা। **–দণ্ড** *বি* ১ মৃত্যুদণ্ড। ২ অপরাধহেতু মৃত্যুরূপ চরম শাস্তি। **–দ, –দা** *বি* প্রাণদানকারী; জীবনদাতা (প্রাণদা, দাও নব প্রাণ—*নই*)। **–দাতা** *বিণ* জীবন রক্ষাকারী; জীবনরক্ষক। **–দাত্রী** *স্ত্রী.*। **–দান** *বি* ১ জীবন বাঁচানো। ২ মৃত্যু বা সাংঘাতিক বিপদ থেকে রক্ষা। **– দেওয়া** *ক্রি* ১ জীবন বাঁচানো। ২ স্বেচ্ছায় মৃত্যুবরণ বা দেহত্যাগ করা। **–ধারণ** *বি* জীবিত থাকা; বেঁচে থাকা। **–ন** *বি* জীবনধারণ (তাহা প্রাণের মধ্যে প্রাণন ও মনের মধ্যে মননকে . . . দ্বিগুণিত করে—*রঠা*)। **–নাথ** *বি* ১ পতি; স্বামী। ২ জীবনস্বামী। **–নাশ** *বি* হত্যা। **– নেওয়া/লওয়া** *ক্রি* হত্যা করা। **–পণ** *বি* প্রয়োজনে জীবন বিসর্জন করেও কার্য সিদ্ধির সংকল্প (ডাকি প্রাণপণ চীৎকার করি—*রঠা*)। **–পতি** *বি* প্রাণাপেক্ষা প্রিয় স্বামী। **–পাখি** *বি* পিঞ্জরাবদ্ধ পাখির মতো দেহগত প্রাণ। **–পূর্ণ** *বিণ* জীবন্ত; সজীব। **–প্রতিম** *বিণ* প্রাণতুল্য; প্রাণপ্রিয়। **–প্রতিষ্ঠা** *বি* জীবন্তকরণ; প্রাণসঞ্চার। **–প্রদ** *বিণ* জীবন দানকারী; শক্তিদায়ক। **–প্রাচুর্য** *বিণ* প্রাণের আধিক্য। **–প্রিয়** *বিণ* প্রাণের তুল্য প্রিয়; জীবনবন্ধু; জীবনাধিক প্রিয়। **–বঁধু** *বি* প্রাণের প্রিয়। **–বল্লভ** *বি* প্রাণনাথ; প্রাণপতি। **–বান, –বন্ত** *বি* ১ প্রাণময়; সজীব। ২ স্ফূর্তিযুক্ত। ৩ সহৃদয়; হৃদয়বান; সদাশয়। ৪ সক্রিয়। **–বায়ু** *বি* প্রাণ, অপান, সমান, উদান, ও ব্যান—এই পাঁচ প্রকার নিশ্বাস-প্রশ্বাস। **–বিয়োগ** *বি* মৃত্যু; মরণ; দেহত্যাগ। **–বিসর্জন** *বি* মৃত্যুবরণ; দেহত্যাগ। **–ময়** *বিণ* জীবন্ত; স্ফূর্তিযুক্ত; সজীব; হৃদয়বান; উদার; জীবন-লক্ষণপূর্ণ; জীবনসর্বস্ব। **–ময়ী** *বিণ স্ত্রী.*। **–ময় কোষ** *বি* দেহের পঞ্চপ্রাণ ও পঞ্চবায়ুযুক্ত কোষ। **– যাওয়া** *ক্রি* মৃত্যু হওয়া; দেহত্যাগ করা। **–শূন্য, –হীন** *বিণ* ১ মৃত্যু। ২ জীবনশূন্য; জড়। ৩ উদ্যমশূন্য; উদাসীন; নির্দয়। **–শূন্যা, –হীনা** *বিণ স্ত্রী.*। **–সংশয়, –সঙ্কট** *বি* মৃত্যুর ভয়ে বিপদাপন্ন জীবন। **–সংহার** *বি* হত্যা; বধ। **–সঞ্চার** *বি* ১ মৃতদেহে জীবন আনয়ন; অচেতন দেহে চৈতন্যসৃষ্টি। ২ উৎসাহ বা প্রাণদান। **–হন্তা(-ন্তৃ)** *বিণ* প্রাণবধকারী; ঘাতক; হত্যাকারী।

~হন্ত্রী *বিণ স্ত্রী*। ~হর, ~হারক, ~হারী *বিণ* ১ জীবন নাশকারী। ২ মারাত্মক; সাংঘাতিক। ~হরা, ~হারিকা, ~হারিণী *বিণ স্ত্রী*। ~হরা *বি* প্রসিদ্ধ মিষ্টান্নবিশেষ। ~হীন *বিণ* ১ মৃত; নিষ্প্রাণ; নির্জীব। ২ নির্দয়। **প্রাণান্ত** *বি* মৃত্যু; মরণ; জীবনের অবসান। **প্রাণে মারা** *ক্রি* ১ মৃত্যু ঘটানো। ২ হত্যা করা। **প্রাণের প্রিয়** *বি* প্রাণাপেক্ষা প্রিয়; প্রাণাধিক। { *স.* প্রাণ+অন্ত}

প্রাণাত্যয় [প্রানাত্‌তয়্] *বি* ১ মৃত্যু; মরণ (প্রিয়তমের প্রাণাত্যয় স্থির করে—*ঈবি*); মৃত্যুকাল। { *স.* প্রাণ+ অত্যয়}

প্রাণাধিক [প্রাণাধিক্] *বিণ* প্রাণাপেক্ষা বেশি প্রিয়। **প্রাণাধিকা** *বিণ স্ত্রী*। { *স.* প্রাণ+অধিক; ৬তৎ }

প্রাণান্ত [প্রানান্‌তো] *বি* মৃত্যু; মরণ; জীবনের অবসান (প্রাণান্তেও তাহাতে প্রবৃত্ত হইতে পারিব না—*ঈবি*)। ~ **পরিচ্ছেদ** *বি* ১ মৃত্যুতে যার অবসান; আমৃত্যু। ২ অসাধারণ পরিশ্রম; সীমাহীন কষ্ট। { *স.* প্রাণ+অন্ত; ৬তৎ }

প্রাণায়াম [প্রানায়াম্] *বি* যোগসাধনের অঙ্গ; শ্বাসগ্রহণ (পূরক) শ্বাসধারণ (কুম্ভক) ও শ্বাসত্যাগের (রেচক) যৌগিক অনুশীলনের নাম প্রাণায়াম। { *স.* প্রাণ+আ+ √যম্+অ(ঘঞ)}

প্রাণিত [প্রানিতো] *বিণ* জীবনযুক্ত; প্রাণবিশিষ্ট; জীবন-সঞ্চারিত। { *স.* প্রাণ+ইত(ইতচ্)}

প্রাণী (-ণিন্) [প্রানি] *বি* ১ যে জীবের প্রাণ আছে; জীবনযুক্ত বা সচেতন জীব। ২ লোক (এই বাড়িতে মাত্র একটি প্রাণী আছে)। ৩ প্রাণ; জীবন; মন (তোর দুঃখ দেখি ময়না মোর প্রাণী দহে—*দৌবাখা*)। ~-জগৎ, **প্রাণিজগৎ** *বি* জীবজগৎ; সকল প্রাণী; সমস্ত জীব। ~-তত্ত্ব, ~-বিদ্যা, **প্রাণিতত্ত্ব, প্রাণিবিদ্যা** *বি* জীবজন্তু-সম্বন্ধীয় বিজ্ঞান; প্রাণী বিষয়ক বিদ্যা। ~-হিংসা, **প্রাণিহিংসা** *বি* জীবজন্তু হত্যাকরণ; জীবহত্যা; প্রাণবধ। { *স.* প্রাণ+ইন্(ইনি)}

প্রাণেশ, প্রাণেশ্বর [প্রানেশ্, -শশর্] *বি* ১ জীবনের স্বামী; প্রাণপতি; প্রাণপ্রিয়। ২ স্বামী। ৩ প্রণয়াস্পদ; প্রেমিক। { *স.* প্রাণ+ঈশ, ঈশ্বর; ৬তৎ }

প্রাণোৎসর্গ [প্রানোত্‌শরগো] *বি* জীবনদান; জীবন-বিসর্জন; মৃত্যুবরণ; কোরবানি। { *স.* প্রাণ+উৎসর্গ; ৬তৎ }

প্রাত [প্রাতো] *বি* প্রাতঃকাল; সকাল (প্রাতে এই ঔষধ খাইবে)। { *স.* প্রাতঃ> }

প্রাতঃ [প্রাতহ্] *অব্য* ১ প্রভাত; সকাল বেলা। ২ সূচনা; আরম্ভ; শুরু; সূচনাকাল। ~**কাল** *বি* প্রভাত; সুবেহ; সকাল বেলা। ~**কালীন** *বিণ* প্রাতঃকালের; সকাল বেলার (প্রাতঃকালীন ভ্রমণ)। ~**কৃত্য, ~ক্রিয়া** *বিণ* ১ প্রাতকালে করণীয় কর্ম। ২ মলমূত্র ত্যাগ, উপাসনা ইত্যাদি। ~**প্রণাম** *বি* সকালবেলায় অভিবাদন। ~**সন্ধ্যা** *বি* ১ প্রত্যুষ; উষাকাল। ২ হিন্দুদের প্রাতঃকালীন সন্ধ্যাবন্দনা বা উপাসনা। ~**স্নান** *বি* সূর্যোদয়ের সময়ে স্নান; সকালে গোসল। ~**স্মরণীয়** *বিণ* প্রভাতে স্মরণযোগ্য; পুণ্যশ্লোক। { *স.* প্রাতর্}

প্রাতরাশ, প্রাতর্ভোজন [প্রাতোরাশ্, প্রাতোর্‌ভোজোন্] *বি* নাশতা; প্রাতঃকালের প্রথম ভোজন বা আহার; breakfast (প্রাতরাশের পর চিঠিপত্র লেখা শেষ—*মব*)। { *স.* প্রাতর্+আশ, ভোজন}

প্রাতিকূল্য [প্রাতিকূল্‌লো] *বি* বিরোধিতা; প্রতিকূলতা। { *স.* প্রতিকূল+য(ষ্যঞ)}

প্রাতিপদিক [প্রাতিপোদিক্] *বি* ১ (*ব্যা.*) বিভক্তিশূন্য বিশেষ্য পদ বা বিশেষণ পদ। ২ প্রতিপদ সংক্রান্ত। { *স.* প্রতিপদ+ইক(ঠঞ)}

প্রাতিভাসিক [প্রাতিভাসিক্] *বিণ* আপাত প্রতীয়মান; বাস্তবে নয় এমন; বাস্তব বলে প্রতীয়মান (পৃথিবী চ্যাপ্টা, এটি হচ্ছে প্রাতিভাসিক সত্য; আর পৃথিবী গোলাকার এটি হচ্ছে বৈজ্ঞানিক সত্য—*প্রচৌ*)। { *স.* প্রতিভাস+ ইক(ঠঞ)}

প্রাতিস্বিক [প্রাতিশ্‌শিক্] *বিণ* স্বকীয়; ব্যক্তিগত; অসামান্য; অসাধারণ (প্রাতিস্বিক আদান-প্রদানের সাধারণ্যই মধ্যস্থ—*সুদ*)। { *স.* প্রতি+স্ব+ইক(ঠঞ)}

প্রাতিহার, প্রাতিহারক, প্রাতিহারিক [প্রাতিহার্, -হারক্, -হারিক্] *বি* ১ প্রতিহারী বা দ্বাররক্ষকের কাজ। ২ বাজিকর। ৩ মায়াবী; জাদুকর। { *স.* প্রতি+হার, হারক, হারিক}

প্রাত্যহিক [প্রাত্‌তোহিক্] *বিণ* ১ দৈনিক; প্রতিদিনের; প্রতিদিবসীয় (দেশীয় সংবাদপত্রের মধ্যে এই প্রভাকরই প্রথম প্রাত্যহিক—*বচ*)। ২ প্রত্যহ সংঘটিত হয় এমন; প্রতিদিন পালনীয়। **প্রাত্যহিকী** *বিণ স্ত্রী*। { *স.* প্রত্যহ+ ইক(ঠঞ)}

প্রাথমিক [প্রাথোমিক্] *বিণ* আরম্ভকালীন; প্রারম্ভ সূচনাকালের; আদ্য। { *স.* প্রথম+ইক(ঠঞ)}

প্রাদি [প্রাদি] *বি* প্র আদিতে আছে যার; প্র, পরা, অপ, সম্, নি, অব, অনু, নির্, দুর্, বি, অভি, অধি, সু, উৎ, পরি, প্রতি, অপি, অতি, উপ, আ—এই বিশটি তৎসম উপসর্গ। ~**সমাস** *বি* উপসর্গযোগে যে তৎপুরুষ সমাস নিষ্পন্ন হয় (প্রবচন, পরিপুষ্ট, বিচ্যুত)। { *স.* প্র+আদি; বহু }

প্রাদুর্ভাব [প্রাদুর্‌ভাব্] *বি* ১ প্রকটন; প্রকাশ; আবির্ভাব (স্ত্রীশক্তি পরাভূত হইয়া একান্ত পুং-শক্তির প্রাদুর্ভাব হয়—*রঠা*)। ২ ভয়ানক প্রকাশ; ভীতিপ্রদ আবির্ভাব। ৩ ব্যাপক আবির্ভাব; সুপ্রচুর প্রকাশ। ৪ ভীতিকর প্রাচুর্য বা বাহুল্য (রোগের প্রাদুর্ভাব, মশার প্রাদুর্ভাব)। **প্রাদুর্ভূত** *বিণ* ১ আবির্ভূত; প্রকাশিত; প্রকটিত। ২ প্রবল ভীতিকর রূপে আবির্ভূত; ব্যাপকভাবে প্রকটিত বা প্রকাশিত। { *স.* প্রাদুস্+√ভূ+অ(ঘঞ)}

প্রাদেশিক [প্রাদেশিক্] *বিণ* ১ প্রদেশ সংক্রান্ত। ২ প্রদেশে জাত বা উৎপন্ন। ৩ প্রদেশে নিহিত। ৪ প্রদেশে নিবেদিত (প্রাদেশিক মনোভাব)। **প্রাদেশিকতা** *বি* ১ প্রাদেশিক বৈশিষ্ট্য। ২ ভাষার প্রদেশিক বিকার। ৩ নিজ প্রদেশের প্রতি পক্ষপাত; অন্য প্রাদেশের প্রতি শত্রুতা বা ঈর্ষা। { *স.* প্রদেশ+ইক(ঠঞ)}

প্রাধান্য [প্রাধান্‌নো] *বি* ১ শ্রেষ্ঠত্ব। ২ নেতৃত্ব; নায়কত্ব। ৩ প্রভুত্ব; কর্তৃত্ব; আধিপত্য। ৪ প্রাবল্য; আতিশয্য। ৫ আধিক্য; অতিরেক; বেশি। { *স.* প্রধান+য(ষ্যঞ)}

প্রান্ত [প্রান্‌তো] *বি* সীমা; ধার; কিনারা। ~**বর্তী** *বি* প্রান্তে

অবস্থিত; প্রান্তস্থিত; প্রান্তস্থ। { *স.* প্র+অন্ত}

প্রান্তর [প্রানতর্] *বি* ১ মাঠ। ২ জনবসতি প্রভৃতি নেই এমন বিস্তৃত ভূমি। { *স.* প্র+অন্তর}

প্রান্তিক, প্রান্তীয় [প্রানতিক্, -তিয়ো] *বিণ* ১ প্রান্তবর্তী (প্রান্তিকের গ্রাম—*সাহ*)। ২ প্রান্তসংক্রান্ত। { *স.* প্রান্ত+ ইক(ঠঞ), ঈয়(ছ)}

প্রাপক [প্রাপোক্] *বি, বিণ* ১ যে পায়। ২ যে অন্যকে লাভ করিয়ে দেয়। { *স.* প্র+√আপ্+অক(ণ্বুল)}

প্রাপণ [প্রাপোন্] *বি* পাওয়া; প্রাপ্তি; লাভ। { *স.* প্র+√আপ্+ অন(ল্যুট)}

প্রাপণীয় [প্রাপোনিয়ো] *বিণ* প্রাপ্য; লভ্য; প্রাপ্তিযোগ্য। { *স.* প্র+√আপ্+অনীয়(অনীয়র)}

প্রাপিত [প্রাপিতো] *বিণ* পাওয়ানো হয়েছে এমন। { *স.* প্র+√আপ্+ই(ণিচ)+ত(ক্ত)}

প্রাপ্ত [প্রাপতো] *বিণ* পাওয়া গিয়েছে এমন; লব্ধ। **–কাল** *বিণ* মুমূর্ষু; মরণোন্মুখ। **~বয়স্ক, –বয়াঃ** *বিণ* ১ উপযুক্ত বয়স পেয়েছে এমন; বয়ঃপ্রাপ্ত; পূর্ণবয়স্ক। ২ সাবালক। **প্রাপ্তব্য** *বিণ* প্রাপ্য; পাওয়ার উপযুক্ত; প্রাপ্তিযোগ্য; পাওয়া উচিত এমন। **~ব্যবহার** *বিণ* বিষয়কর্ম করার উপযুক্ত বয়স সম্পন্ন। **~যৌবন** *বিণ* যৌবনকাল লাভ করেছে এমন। **~যৌবনা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√আপ্+ ত(ক্ত)}

প্রাপ্তি [প্রাপ্‌তি] *বি* ১ পাওয়া। ২ আয়; উপার্জন। { *স.* প্র+√আপ্+তি(ক্তি)}

প্রাপ্য [প্রাপ্‌পো] *বিণ* ১ পাওয়ার উপযুক্ত; লভ্য। ২ পাওনা। { *স.* প্র+√আপ্+য(ণ্যৎ)}

প্রাবর [প্রাবর্] *বি* প্রাচীর; বেড়া। { *স.* প্র+√বৃ+অ(ঘঞ)}

প্রাবরণ, প্রাবার [প্রাবরোন্, প্রাবার্] *বি* উত্তরীয় বস্ত্র; চাদর; আবরণ বস্ত্র (মুকুতার সিঁথি রাখিয়াছে আবরিয়া জরীর প্রাবারে—*মোম*)। { *স.* প্র+আ+√বৃ+অন(ল্যুট), অ(অণ)}

প্রাবল্য [প্রাবোল্‌লো] *বি* ১ প্রবলতা; আধিক্য। ২ প্রভাব; শক্তি; প্রাচুর্য। { *স.* প্রবল+য(ষ্যঞ)}

প্রাবাদিক [প্রাবাদিক্] *বিণ* প্রবাদ সম্পর্কিত; লোকপ্রসিদ্ধি; সুবিদিত (লক্ষ্মী সরস্বতীর প্রাবাদিক কোন্দল ভিত্তিহীন —*মোম*)। { *স.* প্রবাদ+ইক(ঠঞ)}

প্রাবার ⇒ প্রাবরণ

প্রাবাসিক [প্রাবাশিক্] *বিণ* ১ বিদেশে অবস্থানকালীন। ২ প্রবাস সংক্রান্ত। { *স.* প্রবাস+ইক(ঠঞ)}

প্রাবীণ্য [প্রাবিন্‌নো] *বি* ১ প্রবীণতা; বার্ধক্য; বিজ্ঞতা। ২ বহুদর্শিতা; অভিজ্ঞতা। ৩ পটুতা; নৈপুণ্য। { *স.* প্রবীণ+ য(ষ্যঞ)}

প্রাবৃট, প্রাবৃট্‌(প্রাবৃষ্) [প্রাবৃট্] *বি* বর্ষাকাল; বর্ষাঋতু (মেঘের তুমি জন্মদাতা প্রাবৃট তব প্রসাদ যাচে—*সদ*)। **প্রাবৃষিক, প্রাবৃষা** *বিণ* বর্ষাকালীন; বর্ষাকাল সম্বন্ধীয়। { *স.* প্র+আ+√বৃষ্+ক্বিপ্}

প্রাবৃত [প্রাবৃতো] *বিণ* ১ আচ্ছাদিত; ঢাকা। ২ বেষ্টিত; ঘেরা। **প্রবৃত্তি** *বি* ১ বেড়া; ঘের। ২ আবরণ; আচ্ছাদন। { *স.* প্র+আ+√বৃ+ত(ক্ত)}

প্রাবৃষ্, প্রাবৃষিক, প্রাবৃষা ⇒ প্রাবৃট

প্রাবেশন [প্রাবেশন্] *বি* শিল্পভবন। {প্র+অ+√বিশ্+ অন(ল্যুট)}

প্রাভাতিক [প্রাভাতিক্] *বিণ* সকালবেলার; প্রভাতকালীন। { *স.* প্রভাত+ইক(ঠঞ)}

প্রামাণিক [প্রামানিক্] *বিণ* ১ প্রমাণসিদ্ধ; বিশ্বাসযোগ্য। ২ প্রধান; অধ্যক্ষ। ৩ পণ্ডিত; জ্ঞানী। ৪ সমাজপতি। ☐ *বি* ১ হিন্দু পদবিবিশেষ। ২ নাপিত। ৩ *(ব্য.)* নেতা; মোড়ল। **প্রামাণিকতা** *বি* বিশ্বস্ততা; বিশ্বাসযোগ্যতা। { *স.* প্রমাণ+ ইক(ঠক)}

প্রামাদিক [প্রামাদিক্] *বিণ* ভুল-ভ্রান্তি বা প্রমাদ সম্বন্ধীয়। { *স.* প্রমাদ+ইক(ঠক)}

প্রামাণ্য [প্রামান্‌নো] *বি* প্রামাণিকতা। ☐ *বিণ* প্রামাণিক; বিশ্বাসযোগ্য; দলিলসিদ্ধ (এই গ্রন্থ সর্বশ্রেষ্ঠ এবং সর্বাপেক্ষা প্রামাণ্য বা authority রূপে বিবেচিত হয়—*এও*)। { *স.* প্রমাণ+য(ষ্যঞ)}

প্রাযুক্তিক [প্রাজুকতিক্] *বিণ* প্রযুক্তি বিষয়ক; প্রযুক্তি বিষয়ে দক্ষ; নিপুণ; অভিজ্ঞ বা বিশারদ; technologist। { *স.* প্রযুক্তি+ইক(ঠঞ)}

প্রায়[1] [প্রায়্] *ক্রিবিণ* ১ সাধারণত; সচরাচর (প্রায় এইরূপ ঘটে থাকে)। ২ ঘন ঘন; অল্পকাল বাদে; বারংবার; অনেক সময়ে; অধিকাংশ ক্ষেত্রে (প্রায় সেখানেই যাই)। { *স.* প্র+√ই+অ(অচ); প্র+√অয়্+অ(ঘঞ)}

প্রায়[2] [প্রায়্] *বিণ* ১ সদৃশ; তুল্য; মতো; ন্যায় (আগতপ্রায়)। ২ কাছাকাছি; নিকটবর্তী; সামান্য কম (প্রায় প্রতিদিন)। { *স.* প্র+√ই+অ(অচ)}

প্রায়[3] [প্রায়্] *বি* ১ অনশনে মৃত্যু। ২ মৃত্যু আকাঙ্ক্ষা করে অনশন (প্রায়োপবেশন)। ৩ প্রাচুর্য; বাহুল্য। { *স.* প্রায়ঃ}

প্রায়শ, প্রায়শঃ [প্রায়োশো, -শহ্] *অব্য, ক্রিবিণ* প্রায়ই; সাধারণত; সচরাচর; ঘনঘন; বারবার (প্রায়শ এখানে আসি)। { *স.* প্রায়+শস্}

প্রায়শ্চিত্ত [প্রায়োশ্‌চিত্‌তো] *বি* ১ পাপক্ষয়ের জন্য অনুষ্ঠান; স্বেচ্ছায় যে শাস্তিগ্রহণ করা হয়; কাফফারা। ২ চিত্তের বিশুদ্ধতা সাধন। { *স.* প্রায়ঃ(পাপ)+চিত্ত; বহু}

প্রায়িক [প্রায়িক্] *বিণ* ১ নিকটবর্তী; কাছাকাছি। ২ সাধারণ; common। { *স.* প্রায়+ইক(ঠঞ)}

প্রায়োগিক [প্রায়োগিক্] *বিণ* প্রয়োগসংক্রান্ত; প্রযুক্তি-সম্পর্কিত; ফলিত; applied। { *স.* প্রয়োগ+ইক(ঠঞ)}

প্রায়োপবিষ্ট ⇒ প্রায়োপবেশ

প্রায়োপবেশ, প্রায়োপবেশন [প্রায়োপোবেশ্, -বেশোন্] *বি* মৃত্যুবরণ করার ইচ্ছায় অনশনে থাকা; এরূপভাবে উপবেশন। **প্রায়োপবিষ্ট** *বিণ* প্রায়োপবেশন করেছে এমন। { *স.* প্রায়+উপবেশ, উপবেশন}

প্রারব্ধ [প্রারবধো] *বিণ* আরব্ধ হয়েছে এমন; শুরু হয়েছে এমন (প্রারব্ধ কর্ম)। ☐ *বি* ১ ফলতে চলেছে এমন পাপ ও পুণ্য। ২ পাপ ও পুণ্যের ফল। ৩ ভাগ্য; অদৃষ্ট। { *স.* প্র+আরব্ধ}

প্রারম্ভ [প্রারম্‌ভো] *বি* আরম্ভ; সূত্রপাত; উপক্রম; ভূমিকা।

প্রারম্ভিক *বিণ* আরম্ভকালীন; শুরুকৃত কাজের। { *স.* প্র+আরম্ভ}

প্রার্থক [প্রারথক] *বিণ* প্রার্থনা করে এমন; যাচঞাকারী প্রার্থনাকারী; প্রার্থী। **প্রার্থিকা** *বিণ, স্ত্রী.*। { *স.* প্র+ই+√অর্থ+ অক(ণুল্)}

প্রার্থন, প্রার্থনা [প্রারথন, –না] *বি* আবেদন; যাচ্ঞা; মোনাজাত। **প্রার্থনীয়, প্রার্থয়িতব্য** *বিণ* প্রার্থনার যোগ্য; আবেদনের যোগ্য (কোনও বিষয়েই আমার আর প্রার্থয়িতব্য নাই—*ঈবি*)। **প্রার্থয়িতা**(–তৃ), **প্রার্থী**(–র্থিন্) *বিণ* প্রার্থনাকারী; যাচঞাকারী; যাচক; আবেদক। **প্রার্থয়িত্রী, প্রার্থিনী** *বিণ স্ত্রী.*। **প্রার্থিত** *বিণ* প্রার্থনা করা হয়েছে এমন; যাচিত; ঈপ্সিত; অভিলষিত। **প্রার্থিতা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√অর্থ+ই(ণিচ্)+অন(ল্যুট্), +আ(টাপ্)}

প্রাশন [প্রাশোন্] *বি* ভোজন; আহার (অন্নপ্রাশন)। { *স.* প্র+√অশ্+অন(ল্যুট্)}

প্রাশস্ত্য [প্রাশোস্তো] *বি* ১ প্রশস্ততা; উৎকর্ষ; শ্রেষ্ঠত্ব। ২ বিস্তৃতি; বিস্তার। { *স.* প্রশস্ত+য(ষ্যঞ্)}

প্রাশ্নিক [প্রাস্নিক্] *বিণ* ১ প্রশ্ন করে এমন; প্রশ্নকারী। ২ প্রশ্ন শুনে মীমাংসাকারী। { *স.* প্রশ্ন+ইক(ঠক্)}

প্রাস [প্রাশ্] *বি* বল্লমজাতীয় ক্ষেপণাস্ত্র–বিশেষ (সহস্র সহস্র তীক্ষ্ণাগ্র প্রাস তোমর প্রভৃতি বিবিধ শস্ত্র সমস্ততঃ পতিত হইতে লাগিল—*ঈবি*)। { *স.* প্র+√অস্+অ(ঘঞ্)}

প্রাসঙ্গিক [প্রাশোঙ্গিক্] *বিণ* প্রসঙ্গক্রমে বা কথাপ্রসঙ্গে উপস্থিত বা উপস্থাপিত (ইহা প্রাসঙ্গিক বটে)। { *স.* প্রসঙ্গ+ইক(ঠক্)}

প্রাসাদ [প্রাশাদ্] *বি* ১ বিরাট অট্টালিকা; বালাখানা; হর্ম্য। ২ রাজভবন। **–কুক্কুট** *বি* পায়রা; কবুতর। { *স.* প্র+আ+√সদ+অ(ঘঞ্)}

প্রাস্থানিক [প্রাস্থানিক্] *বিণ* ১ প্রস্থান সংক্রান্ত; বিদায়–সম্বন্ধীয়। ২ বিদায় কালের উপযুক্ত। ৩ বিদায়কালীন। { *স.* প্রস্থান+ইক(ঠক্)}

প্রাহরিক [প্রাহোরিক্] *বিণ* প্রহর সংক্রান্ত। { *স.* প্রহর+ইক(ঠক্)}

প্রাহসনিক [প্রাহোশোনিক্] *বিণ* ১ প্রহসন সংক্রান্ত। ২ প্রহসনে অভিনয় করে এমন। { *স.* প্রহসন+ইক(ঠক্)}

প্রাহ্ণ [প্রান্হো] *বি* প্রাতঃকাল; পূর্বাহ্ণ (আমরা প্রাহ্ণে ও অপরাহ্ণে শীতল বায়ু সেবন করিতাম—*ঈবি*)। { *স.* প্র+অহন্; *প্রাদি*}

প্রিজম [প্রিজম্] *বি* তেশিরা কাচ; ত্রিভুজ আকৃতির স্বচ্ছ কাচ। { *ই.* prism}

প্রিতম [প্রিতম্] *বিণ* প্রিয়তম (তোরি মত নদী আমি নিরবধি কাঁদিরে প্রিতম লাগি—*নই*)। { *স.* প্রিয়তম}

প্রিন্টার [প্রিন্টার্] *বি* মুদ্রাকর; যে লোক ছাপাখানায় পুস্তকাদি ছাপায় বা মুদ্রণকার্য করে। { *ই.* printer}

প্রিন্টিং প্রেস [প্রিন্‌টিঙ্ প্রেস্] *বি* ছাপাখানা; যেখানে পুস্তকাদি ছাপা হয় (প্রিন্টিং প্রেসে পুস্তকাদি ছাপা হয়)। { *ই.* printing press}

প্রিন্সিপাল, প্রিন্সিপ্যাল [প্রিন্‌সিপাল্, –প্যাল্] *বি* মহাবিদ্যালয়ের বা কলেজের অধ্যক্ষ (আজ কলেজে নতুন প্রিন্সিপ্যাল এলেন—*শাহ*)। { *ই.* principal}

প্রিভি কাউন্সিল [প্রিভিকাউন্‌সিল্] *বি* গ্রেট ব্রিটেনের সর্বোচ্চ আদালত। { *ই.* Privy Council}

প্রিমিয়াম [প্রিমিয়াম্] *বি* বিমার কিস্তি (জীবন বীমা কোম্পানীকে প্রিমিয়াম দিয়ে যায় মাসে মাসে —*ওহ*)। { *ই.* premium}

প্রিয় [প্রিয়ো] *বি* ১ ভালোবাসার পাত্র। ২ স্বামী বা প্রণয়ীকে সম্বোধন। ৩ বন্ধু। □ *বিণ* ১ প্রীতিভাজন। ২ প্রেমাস্পদ; স্নেহের পাত্র। ৩ কাম্য; আকাঙ্ক্ষিত (প্রিয় সামগ্রী, প্রিয়জন)। **প্রিয়া** *বি, বিণ স্ত্রী.*। **–ংবদ** *বিণ* মধুরভাষী। **–ংবদা, –ম্বদা** (*অশু.*) *বিণ স্ত্রী.* মধুরভাষিণী; প্রিয় কথা বলে এমন (নারী) (উত্তরিলা প্রিয়ম্বদা কাদম্বা যেমতি মধুস্বরা—*মদ*)। **–কার, –কারক, –কারী** (–রিন্) *বিণ* প্রিয় কার্য করে এমন। **–কারিণী** *বিণস্ত্রী.*। **–চিকীর্ষা** *বি* প্রিয় কার্য করবার আকাঙ্ক্ষা। **–চিকীর্ষু** *বিণ* প্রিয় কার্য করতে ইচ্ছুক। **–জন** *বি* ১ প্রিয় ব্যক্তি; ভালোবাসার পাত্র। ২ আত্মীয়স্বজন। ৩ বন্ধু। **–তম** *বিণ* সর্বাপেক্ষা প্রিয়। **–তমা** *বিণ স্ত্রী.*। **–দর্শন** *বিণ* সুদর্শন; সুন্দর। **–দর্শী** (–র্শিন্) *বিণ* সকলকে প্রীতির চোখে দেখে এমন। □ *বি* সম্রাট অশোকের উপাধি। **–পাত্র** *বিণ* ১ প্রীতিভাজন। ২ স্নেহপাত্র। ৩ প্রেমপাত্র। **–পাত্রী** *বিণ স্ত্রী.*। **–বচন, –বাক্য** *বি* মধুর কথা; মনোরঞ্জক বাক্য। **–বাদী** *বিণ* মিষ্টভাষী। **–বিয়োগ** *বি* প্রিয়জনের মৃত্যু; প্রিয় পাত্রের সঙ্গে বিচ্ছেদ। **–ভাষী** (–ষিন্) *বিণ* মধুরভাষী। **–ভাষিণী** *বিণ স্ত্রী.*। **–সখ, –সখা** *বি* বন্ধু। **–সখী** *বিস্ত্রী.*। **–সমাগম** *বি* ১ প্রিয়জনের সঙ্গে মিলন বা সাক্ষাৎ। ২ প্রীতিভাজন ব্যক্তির আগমন বা উপস্থিতি। { *স.* √প্রী+অ(ক)}

প্রিয়ঙ্কর [প্রিয়ঙ্‌কর্] *বিণ* প্রিয়কারী; প্রিয় বা হিতকর কার্য। **–ঙ্করী** *বিণ স্ত্রী.*। □ *বি* শ্বেত কণ্টকারী। ২ অশ্বগন্ধা। { *স.* প্রিয়+√কৃ+অ(খচ্)}

প্রিয়ঙ্গু [প্রিয়োঙ্‌গু] *বি* শ্যামালতা; সুগন্ধি লতাবিশেষ। { *স.* প্রিয়+অঙ্গ>}

প্রীণন [প্রিনন্] *বি* প্রীতিসম্পাদন; তৃপ্তিজনন। **প্রীণিত** *বিণ* প্রীতি সম্পাদিত। { *স.* √প্রী+ই(ণিচ্)+অন(ল্যুট্)}

প্রীত [প্রিতো] *বিণ* সন্তুষ্ট; তৃপ্ত; আহ্লাদিত; খুশি। □ *বি* ১ (*প্রাবা., পদ্য.*) প্রেম; ভালোবাসা; পিরিত (কুলকলঙ্কিনী হইনু করিয়া প্রীত—*চদা*)। ২ আনন্দ বিধান (শ্রীরামের প্রীতে—*কৃও*)। { *স.* √প্রী+ত(ক্ত)}

প্রীতি [প্রিতি] *বি* ১ সন্তোষ; তৃপ্তি; খুশি। ২ প্রেম; ভালোবাসা। ৩ বন্ধুত্ব। **–উপহার** *বি* প্রীতিজ্ঞাপক উপঢৌকন। **–ভাজন** *বিণ* স্নেহপাত্র; প্রণয়াস্পদ। **–ভোজ, –ভোজন** *বি* আনন্দজ্ঞাপক ভোজ। **–সম্ভাষণ** *বি* প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক কথাবার্তা। **–সূচক** *বিণ* প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক। { *স.* প্রী+তি(ক্তি)}

প্রীয়মাণ [প্রিয়োমান্] *বিণ* প্রীতি অনুভব করছে এমন; সন্তুষ্ট। { *স.* √প্রী+মান(শানচ্)}

প্রুফ [প্রুফ্] *বি* কোনো কিছু ছাপা বা মুদ্রণের পূর্বে সংশোধন (ভালরূপ প্রুফ শুদ্ধ করিতে জানি না—*ঈবি*)। { *ই.* proof}

প্রুফশিট [প্রুফ্‌শিট্] *বি* যে কাগজ ছাপানোর জন্য

সংশোধন করা হবে (প্রুফশিটে তার দশগুণ পড়ে চাপা— *রঠা*)। { ই proof sheet }

প্রেক্ষক [প্রেক্‌খক্] *বিণ* ১ দর্শক। ২ পরিদর্শক; পর্যবেক্ষক। **প্রেক্ষিকা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+√ঈক্ষ+অক(ণ্বুল্) }

প্রেক্ষণ [প্রেক্‌খন্] *বি* ১ দর্শন; দৃষ্টি। ২ চোখ; নয়ন। **প্রেক্ষণিক** *বিণ* পরিদর্শক; পর্যবেক্ষক (ঘন ঘন দিয়ে করতালি পরিতৃপ্ত প্রেক্ষণিক বাহিরায় মদনাগ্নি জ্বালি আনগ্ন নাগরী সাথে— *সুদ*)। **প্রেক্ষণীয়** *বিণ* দর্শনীয়; পর্যবেক্ষণীয়। { *স.* প্র+√ঈক্ষ+অন(ল্যুট্) }

প্রেক্ষা [প্রেক্‌খা] *বি* ১ বিশেষভাবে দর্শন; পর্যবেক্ষণ। ২ পর্যালোচনা; উত্তমরূপে বিচার। ৩ নৃত্য বা অভিনয় দর্শন। **প্রেক্ষাগার, প্রেক্ষাগৃহ** *বি* ১ রঙ্গালয়; থিয়েটার। ২ মানমন্দির; observatory। { *স.* প্র+√ঈক্ষ+অ+আ(টাপ্) }

প্রেক্ষিত [প্রেক্‌খিত্] *বিণ* ১ দর্শন বা প্রেক্ষণ করা হয়েছে এমন। ২ পটভূমিকা (পরিপ্রেক্ষিত)। { *স.* প্র+√ঈক্ষ+ত(ক্ত) }

প্রেত [প্রেত্] *বি* ১ ভূত; ভূতযোনি; জ্বিন; পিশাচ। ২ মৃত ব্যক্তির আত্মা। **~কর্ম, ~ক্রিয়া, ~কার্য, ~কৃত্য** *বি* হিন্দুদের অন্ত্যেষ্টিক্রিয়া মৃতের দাহন ও সপিণ্ডীকরণ প্রভৃতি কার্য; অন্ত্যেষ্টিক্রিয়া (সিন্ধু তীরে লইছে তনয়ে প্রেতক্রিয়া হেতু— *মদ*)। **~তর্পণ** *বি* হিন্দুসমাজে মৃতের তৃপ্তির জন্য জলদান। **~দেহ** *বি* মৃত জীবের সূক্ষ্ম শরীর। **~নদী** *বি* হিন্দুমতে বৈতরণী। **~পক্ষ** *বি* চান্দ্র আশ্বিনের কৃষ্ণপক্ষ। **~পুরী, ~লোক** *বি* হিন্দুমতে যমালয়। **~মূর্তি** *বি* প্রেতের বা প্রেতের মতো দেহ বা আকৃতি। **~যোনি** *বি* ভূত; পিশাচ। **প্রেতিনী** *বি স্ত্রী.* পেতনি; মৃত স্ত্রীলোকের আত্মা। { *স.* প্র+√ই+ত(ক্ত) }

প্রেতাত্মা [প্রেতাতৃতাঁ] *বি* মৃতের আত্মা; প্রেত। { *স.* প্রেত+আত্মা; ৬তৎ }

প্রেতাশৌচ [প্রেতাশোউচ্] *বি* হিন্দুমতে মৃতের জন্য অশৌচ। { *স.* প্রেত+অশৌচ }

প্রেতিনি [প্রেতিনি] *বি* পেত্নী; মৃত স্ত্রীলোকের আত্মা। { *স.* প্রেত+ *বা.* ইনি }

প্রেপ্সু [প্রেপ্‌শু] *বিণ* পেতে ইচ্ছুক; লাভ করতে অভিলাষী। { *স.* প্র+√আপ্+স(সন্)+উ }

প্রেম [প্রেম্] *বি* ১ প্রণয়; ভালোবাসা। ২ প্রীতি। ৩ স্নেহ। **প্রেমোদ্গম** *বি* প্রেমের জন্ম; প্রেমের উন্মেষ (নব দম্পতির প্রেমোদ্গম দৃশ্য— *রঠা*)। { *স.* প্রিয়+ইমন্(ইমনিচ্) }

প্রেমারা ⇒ প্রমারা

প্রেমিক [প্রেমিক্] *বি,বিণ* ১ যে পুরুষ ভালোবাসে; অনুরাগী। ২ প্রণয়ী; আশেক। ৩ অনুরক্ত; ভক্ত। **প্রেমিকা** *বিণ স্ত্রী.*। { *স.* প্রেমন্+ই+ক }

প্রেমী(-মিন্) [প্রেমি] *বিণ* প্রেমযুক্ত; প্রেমিক; অনুরক্ত। { *স.* প্রেমন্+ইন্(ইনি) }

প্রেয় [প্রেয়ো] *বিণ* প্রিয়; বাঞ্ছিত; ইপ্সিত। { *স.* প্রেয়স্ }

প্রেয়সী [প্রেয়োশি] *বিণ* প্রিয়া; প্রেমপাত্রী; প্রিয়তমা (তেমনি আমারে পরশিতে যদি ভীরু প্রেয়সীর মতো— *সিদ্ধা*)। { *স.* প্রেয়স্+ঈ(ঙীপ্) }

প্রেরক ⇒ প্রেরণ

প্রেরণ [প্রেরন্] *বি* ১ পাঠিয়ে দেওয়া; পাঠানো। ২ নিয়োগ। **প্রেরক, প্রেরয়িতা**(-তৃ) *বি,বিণ* প্রেরণকারী। **প্রেরিকা, প্রেরয়িত্রী** *বি,বিণ. স্ত্রী.*। **প্রেরিত** *বিণ* পাঠানো হয়েছে এমন। { *স.* প্র+√ঈর+ই(ণিচ্)+অন(যুচ্) }

প্রেরণা [প্রেরোণা] *বি* ১ উৎসাহ উদ্দীপনা প্রবৃত্তি ইত্যাদির সঞ্চার। ২ বিশেষ কোনো কর্মসম্পাদনের জন্য মানুষের অন্তরের শক্তি। ৩ ঐশ বা দৈব শক্তি। ৪ প্রবল উচ্ছ্বাস বা প্রবৃত্তি। { *স.* প্রেরণ+আ(টাপ্) }

প্রেরয়িতা, প্রেরয়িত্রী ⇒ প্রেরণ

প্রেরিত [প্রেরিতো] *বিণ* ১ পাঠানো হয়েছে এমন। ২ প্রেরণাপ্রাপ্ত। { *স.* প্র+√ঈর্+ই(ণিচ্)+ত(ক্ত) }

প্রেষ [প্রেশ্] *বি (বিজ্ঞান.)* চাপ; pressure। { *স.* প্র+√ইষ্+ই(ণিচ্)+অ(অচ্) }

প্রেষক ⇒ প্রেষণ

প্রেষণ, প্রেষণা [প্রেশোন্, -শোনা] *বি* ১ প্রেরণ; পাঠানো; deputation। ২ হিন্দু সমাজে মন্ত্রাদি পাঠ করে আনুষ্ঠানিকভাবে নিয়োগ। ৩ প্রবৃত্তি; উৎসাহ; প্রেরণা। **প্রেষক** *বিণ* প্রেষণ করে এমন প্রেরক। **প্রেষিকা** *বিণ স্ত্রী.*। **প্রেষণীয়** *বিণ* প্রেরণযোগ্য। **প্রেষিত** *বিণ* ১ প্রেরিত। ২ প্রেরণা বা উৎসাহ প্রাপ্ত। ৩ নিয়োজিত। **প্রেষিতা** *বিণ স্ত্রী.*। **প্রেষ্য, প্রৈষ্য** *বিণ* প্রেরণীয়; পাঠাবার যোগ্য। □ *বি* ভৃত্য; দাস; অনুচর। ২ দূত। **প্রেষ্যা** *বি. স্ত্রী.* দাসী; চাকরানি। { *স.* প্র+√ঈষ্+ই(ণিচ্)+অন(ল্যুট্), +আ(টাপ্) }

প্রেষণী (*মবা.*), **প্রেষিণী** (*মবা.*) [প্রেশোনি, প্রেশিনি] *বি* দাসী; চাকরানি; দূতী। { *স.* প্রেষণীয়া> }

প্রেষ্ঠ [প্রেশ্‌ঠো] *বিণ* প্রিয়তম; অতিশয় প্রিয়। **প্রেষ্ঠা** *বিণ স্ত্রী.*। { *স.* প্রিয়+ইষ্ঠ(ইষ্ঠন্) }

প্রেস [প্রেস্] *বি* ছাপাখানা। { ই press }

প্রেসক্রিপশন [প্রেস্‌ক্রিপ্‌শন্] *বি* ডাক্তার বা চিকিৎসক কর্তৃক রোগীর জন্য কৃত ব্যবস্থাপত্র (ডাক্তারের প্রেসক্রিপ্‌শন নিয়ে যে কোনো ওষুধের দোকানে গেলে— *মুআহা*)। { ই prescription }

প্রেসিডেন্ট [প্রেসিডেন্‌ট্] *বি* ১ সভাপতি; সদর; রইস। ২ রাষ্ট্রপতি; রাষ্ট্রপ্রধান। { ই president }

প্রেসিডেন্সি, প্রেসিডেন্সী [প্রেসিডেন্‌সি] *বি* ১ সভাপতিত্ব; সভাপতিত্ব করার কাজ (সে মোল্লা, প্রেসিডেন্টের জানে কি— *আমআ*)। ২ ব্রিটিশ শাসনামলে বঙ্গদেশের একটি বিভাগের নাম (প্রেসিডেন্সি বিভাগ)। { ই presidency }

প্রোক্ত [প্রোক্‌তো] *বিণ* বিশেষরূপে উক্ত, কথিত বা বর্ণিত। { *স.* প্র+√বচ্+ত(ক্ত) }

প্রোক্ষণ [প্রোক্‌খন্] *বি* সেচন। **প্রোক্ষিত** *বিণ* সেচন করা হয়েছে এমন; সিঞ্চিত। { *স.* প্র+√উক্ষ্+অন(ল্যুট্) }

প্রোগ্রাম [প্রোগ্‌গ্রাম্] *বি* কর্মসূচি; অনুষ্ঠানসূচি; অনুষ্ঠানের কর্মসমূহের বিষয়ানুক্রমিক তালিকা (প্রোগ্রাম বিলানো— *অচিসে*; কোলিয়ার জন্য রহিয়াছে একদিনের প্রোগ্রাম— *শামা*)। { ই programme }

প্রোজ্জ্বল [প্রোজ্‌জল্] *বিণ* বিশেষরূপে উজ্জ্বল (কিরণছটায় প্রোজ্জ্বল অতি— *রঠা*)। { *স.* প্র+উজ্জ্বল }

প্রোত [প্রোতো] *বিণ* ১ সূত্রে গ্রথিত; নিবদ্ধ; নিবেশিত। ২ খচিত; মধ্যে মধ্যে স্থাপিত। { *স.* প্র+√বে+ত(ক্ত) }

প্রোৎসাহ [প্রোত্‌শাহো] *বি* বিপুল উৎসাহ; প্রেরণা দান; প্রযত্ন; উত্তেজনা। **প্রোৎসাহক** *বিণ* প্রোৎসাহদাতা; প্রবল উৎসাহ বা প্রেরণা দানকারী। **প্রোৎসাহন** *বি* প্রবল উৎসাহ বা প্রেরণা দান। **প্রোৎসাহিত** *বিণ* ১ প্রচুর উৎসাহ বা প্রেরণাপ্রাপ্ত। ২ প্রোৎসাহসমন্বিত। **প্রোৎসাহিতা** *বিণ স্ত্রী.*। { *স.* প্র+উৎসাহ }

প্রোথিত [প্রোথিতো] *বিণ* পোঁতা হয়েছে এমন; মাটিতে পোঁতা বা নিহিত। { *স.* √প্রোথ্+ত(ক্ত) }

প্রোদ্ভিন্ন [প্রোদ্‌ভিন্‌নো] *বিণ* বিদীর্ণ করে নির্গত; উদ্‌গত; বিকশিত; প্রস্ফুটিত (প্রোদ্ভিন্নযৌবন)। { *স.* প্র+উদ্ভিন্ন }

প্রোন্নত [প্রোন্‌নতো] *বিণ* অত্যন্ত উচ্চ। { *স.* প্র+উন্নত }

প্রোপাগান্ডা, প্রোপ্যাগান্ডা [প্রোপাগান্‌ডা, –প্যা–] *বি* প্রচার; প্রচারণা (সত্যকে জয়যুক্ত করিতে হইলে তার প্রচার বা প্রোপ্যাগাণ্ডা করা দরকার—*আমো*)। { *ই.* propaganda }

প্রোফেসর, প্রোফেসার ⇒ প্রফেসর

প্রোষিত [প্রোশিতো] *বিণ* বিদেশগত; বিদেশস্থিত; প্রবাসী (মনের শান্তির জন্য ও প্রোষিত পতির মঙ্গল কামনায় অজু করিয়া নামাজ পড়িতে বসিল—*নর*)। **~ভর্তৃকা** *বি* ১ যে স্ত্রীর স্বামী বিদেশে থাকে; বিদেশগত পতি-বিরহে কাতরা পত্নী। **~ভার্য, ~পত্নীক** *বি* বিদেশগতা পত্নীর বিরহে কাতর পতি। { *স.* প্র+√বস্+ত(ক্ত) }

প্রৌঢ় [প্রোউঢ়ো] *বিণ* ১ যৌবন ও বার্ধক্যের মধ্যবর্তী বয়সপ্রাপ্ত; আধাবয়সী; প্রবীণ। ২ যথাশাস্ত্র বিবাহিত। **প্রৌঢ়া** *বিণ স্ত্রী.*। **প্রৌঢ়তা, প্রৌঢ়ত্ব** *বি* প্রৌঢ়াবস্থা; প্রৌঢ়ের ভাব (প্রৌঢ়তার সীমায় এসে—*অচিসে*)। { *স.* প্র+√বহ্+ত(ক্ত) }

প্লক্ষ [প্লোক্‌খো] *বি* পৌরাণিক সপ্তদ্বীপের একটি (জম্বুদ্বীপ প্লক্ষ আর শাক শাল্মলী—*সৈআ*)। ২ পাকুড় গাছ; অশ্বত্থ বৃক্ষ। { *স.* প্লক্ষ+অ(ঘঞ্) }

প্লব [প্লোবো] *বি* ১ লম্ফ; লম্ফন। ২ সাঁতার দেওয়া; সন্তরণ। ৩ ঝম্প; ঝাঁপ। ৪ ভেলা; উড়ুপ। ৫ ব্যাঙ; ভেক। ৬ জলচর পক্ষী। **~গতি** *বি* লাফ দিয়ে চলতে অভ্যস্ত ব্যাং, খরগোশ প্রভৃতি প্রাণী। **~গ, ~ঙ্গ, ~ঙ্গম** *বি* বানর; সূর্যের সারথি (ঝুপ করে নেবে পড়লেন . . . প্লবঙ্গের মত লাফিয়ে—*অঠা*)। **~চর** *বি* হাঁস প্রভৃতি উভচর পাখি। **প্লবতা** *বি* ভাসার শক্তি। **প্লবন** *বি* ১ ভাসন। ২ সন্তরণ। ৩ লাফ দিয়ে গমন। **~মান** *বিণ* ভাসমান; ভাসছে এমন। { *স.* √প্লু+অ(অচ্) }

প্লাকার্ড [প্লাকারড্] *বি* প্রকাশ্যে প্রদর্শিত লিখিত বা মুদ্রিত ঘোষণাপত্র; প্রাচীরপত্র; বিজ্ঞাপনপত্র (বিরাট প্লাকার্ডখানা তাতে লেখা ছিল—*শাহ*)। { *ই.* placard }

প্লাটফরম, প্ল্যাটফরম [প্লাট্‌ফরম্, প্ল্যা–] *বি* ১ রেলস্টেশনে গাড়ি ভিড়ানোর বা যাত্রীদের রেলগাড়িতে চড়ানোর জন্য প্রস্তুত উচ্চ স্থান (গাড়ি থেকেই দেখতে পাই রোদ্দুর প্লাটফর্মের ছাওয়ার বাইরে আড়নয়নে গাড়ির দিকে তাকিয়ে আছে—*সৈমু*)। ২ মঞ্চ। { *ই.* platform }

প্লাটিনাম [প্লাটিনাম] *বি* শ্বেতবর্ণ ধাতুবিশেষ যা রাসায়নিক বাসনপত্র এবং অলঙ্কার প্রস্তুতে ব্যবহৃত হয়। { *ই.* platinum }

প্লান, প্ল্যান [প্লান্, প্ল্যা–] *বি* ১ পরিকল্পনা; ফন্দি (জড় পদার্থ নিয়ে একটা কিছু গড়তে হলে আগে হতেই একটা প্ল্যান এবং এসটিমেট করতে হবে—*প্রচৌ*)। ২ নকশা। ৩ ষড়যন্ত্র। { *ই.* plan }

প্লানচেট, প্ল্যানচেট [প্লান্‌চেট্, প্ল্যা–] *বি* প্রেতলিপি যন্ত্র। { *ই.* plancate }

প্লাসটার, প্ল্যাসটার [প্লাস্‌টার, প্ল্যা–] *বি* ১ পলস্তারা; প্রলেপ। ২ দেয়ালে লাগাবার চুন বা সিমেন্ট ও বালির পলস্তারা। ৩ পটি; মলমের প্রলেপ। { *ই.* plaster }

প্লাব, প্লাবক ⇒ প্লাবন

প্লাবন, প্লাব [প্লাবোন্, প্লাবো] *বি* বন্যা; নদ্যাদির জলের ব্যাপক স্ফীতি। **প্লাবক** *বি* ১ প্লাবনকারী; প্রবল বন্যাকারী। ২ প্লাবনকর। **প্লাবিত** *বিণ* ১ বন্যায় ডুবে গেছে এমন। ২ জলমগ্ন। ৩ *(আল.)* ডুবে বা ভেসে গেছে এমন (জ্যোৎস্নায় চারিদিক প্লাবিত—*শাকা*)। **প্লাবিতা** *বি* প্লাবিত করার শক্তি। **প্লাবী** *বিণ* প্লাবক; প্লাবনকারী; প্লাবিতকারী। { *স.* √প্লু+ই(ণিচ্)+অন(ল্যুট্); √প্লু+ই(ণিচ্)+অ(অচ্) }

প্লাস[১] [প্লাস্] *বি* তার বাঁকানোর জন্য বা কোনো কিছু শক্ত করে ধরার কাজে ব্যবহৃত সাঁড়াশিবিশেষ। { *ই.* pliers }

প্লাস[২] [প্লাস্] *(গণিত.)* যোগচিহ্ন। { *ই.* plus }

প্লিডার, প্লীডার [প্লিডার্] *বি* উকিল; ব্যবহারাজীব (ঠিক যেন একজন হাইকোর্টের প্লীডার প্লীড কচ্ছেন—*কাসি*)। **প্লিডারি** *বি* ওকালতি। { *ই.* pleader }

প্লিহা, প্লীহা [প্লিহা] *বি* ১ পাকস্থলীর বামভাগে অবস্থিত দেহাংশবিশেষ; পিলে; spleen। ২ প্লীহাবৃদ্ধি রোগ। { *স.* √প্লিহ্+অন(কনিন্)> }

প্লুত [প্লুতো] *বিণ* প্লাবিত; সম্পূর্ণ সিক্ত বা ভিজা (কালের গতি প্লুত বলে তাকে সে চেনে না—*সুদ*)। ☐ *বি* ১ স্বরবিশেষ; ত্রিমাত্রিক ধারা; মাত্রাবিশিষ্ট; স্বর। ২ অশ্বের স্বচ্ছন্দ চলনভঙ্গি। **~গতি** *বি* ১ লম্ফ দিয়ে গমন (নিজেকে সংযত করে প্লুতগতি কল্পনার রাশ ধরে—*ওয়ালি*)। ২ লম্ফ দিয়া গমনকারী জীব। { *স.* √প্লু+ত(ক্ত) }

প্লেগ [প্লেগ্] *বি* ইঁদুরের মাধ্যমে ছড়ায় এমন এক প্রকার সংক্রামক মারাত্মক রোগ ও তজ্জনিত মড়ক বা মহামারী (প্লেগের প্লাবন কুলি পল্লীতে নিল সে সেবাব্রত—*সদ*)। { *ই.* plague }

প্লেট[১] [প্লেট্] *বি* থালা, রেকাবি, বরতন, ডিশ প্রভৃতি বাসন (প্লেটে আলু ভাজা—*সৈহা*)। { *ই.* plate }

প্লেট[২] [প্লেট্] *বি* জামার স্থানে যে ক্ষুদ্র ভাঁজ বা কাপড়ের পট্টি দেওয়া হয় (আমরা কামিজের প্লেট ও কাফ এবং বুট জুতো ধারণ করি—*প্রচৌ*)। { *ই.* plait }

প্লেটোনিক, প্লাটনিক [প্লেটোনিক্, প্ল্যাটোনিক] *বিণ* গ্রিক দার্শনিক প্লেটো বা তাঁর দার্শনিক মতবাদ সম্পর্কিত। **~ লাভ** *বি* প্লেটোনিক প্রেম; স্বর্গীয় বা অপার্থিব প্রেম। { *ই.* platonic }

প্লেন[১] [প্লেন্] *বিণ* মসৃণ; তেলতেলে; সমতল। { *ই.*

plain}

প্লেন[২] [প্লেন] *বিণ* সাদাদিধে। { *ই.* plain}

প্লেন[৩], **এরোপ্লেন** [প্লেন্, অ্যারোপ্লেন্] *বি* উড়োজাহাজ; বিমানপোত (অগণ্য প্লেন, অগণন এয়োরোড্রোম—*জীদা*)। { *ই* plane, aeroplane}

ফ

ফ [ফ] বাংলো বর্ণমালার বাইশতম ব্যঞ্জনবর্ণ। এটি প-বর্গের দ্বিতীয় বর্ণ। এটি মহাপ্রাণ অঘোষ ওষ্ঠ্য স্পর্শ বর্ণ। বাংলাদেশের কোনো কোনো অঞ্চলে এটা শিসজাত দন্তোষ্ঠ্য বর্ণরূপে উচ্চারিত হয়।

ফইজাত, ফইজৎ ⇒ ফজিহত

ফইড়, ফৈড়, ফইড়া, ফৈড়া [ফোইড়্, –, –ড়া, –] *বি* পাখা; পালক। { *ফা.* পর پر }

ফইলা, ফয়লা, ফায়লা [ফোইলা, ফয়লা, ফা–] *বি* কর্মচারীবৃন্দ; গোমস্তা; আমলা। { *আ.* ফায়াল فعال ; *তুল.* আমলা–ফয়লা}

ফওজ ⇒ ফৌজ

ফওরান, ফৌরান [ফওরান্, ফোউ–] *ক্রিবিণ* ১ শীঘ্র; তাড়াতাড়ি (মাইয়েৎকে ফওরান দফন করা—*আমআ*)। ২ তখনি; তৎক্ষণাৎ। { *আ.* ফাওরান্ فورا }

ফক [ফক্] *ক্রিবিণ* ১ হঠাৎ; ফস করে (ফক করে বলে ফেলা)। ২ ফাঁক পেয়ে; ফাঁক দিয়ে। { *স.* *ধ্বন্যা.*}

ফকফক [ফক্‌ফক্] *অব্য* ১ খুব ফর্সা বা সাদার ভাবসূচক (ফক্‌ফকে সাদা ডিম—*আহ*)। ২ কথা বলতে দন্তহীন মাড়ির ফাঁক বা বিরল দাঁতের ফাঁক দিয়ে হাওয়া বের হওয়ার যে শব্দ। { *ধ্বন্যা.*}

ফকরা [ফক্‌রা] *বি* ভিখারি; ফকির–ফকরা। { *আ.* ফুকারা فقراء *বহুব*}

ফকির, ফকীর [ফোকির্] *বি* ১ সংসারত্যাগী; মুসলমান ভিক্ষুক বা সন্ন্যাসী বা সাধু পুরুষ (একজন বিশিষ্ট ফকিরের শিষ্যত্ব গ্রহণ করেন—*মুশ*)। ২ মরমি সাধক। ৩ নিঃস্ব; দরিদ্র; সর্বহারা (সকালবেলা আমিররে ভাই ফকির সন্ধ্যাবেলা—*নই*)। **ফকিরনি, ফকিরনী** *স্ত্রী.* ভিখারিনি (পথেঘাটে ফকিরনী হইতে সম্ভ্রান্ত মহিলারা সবাই কালো রং এর বোরখায় ঢাকা—*শামা*)। **ফকিরি, ফকীরি** *বি* ১ সন্ন্যাসবৃত্তি; ফকির বা সাধুদের বৃত্তি (ফকিরি করতে চাও সে ভালো—*রঠা*)। ২ ভিক্ষাবৃত্তি। □*বিণ* ফকির বিষয়ক। { *আ.* ফকীর্ فقير }

ফক্কড়, ফক্কর [ফক্‌কড়্, –র্] *বিণ* ১ ফাজিল; বাচাল; প্রগল্‌ভ (ফক্কড় ড্যাবলা মেয়ে—*অচিসে*)। □*বিণ* ১ প্রবঞ্চক; শঠ; ফেরেববাজ। ২ ধড়িবাজ; ধূর্ত; ফিকরাবাজ। ৩ অন্তঃসারশূন্য। ৪ কৌতুকী; বিদূষক। **ফক্কুড়ি, ফক্করি, ফক্কড়ি** *বি* ফাজলামি; ইয়ারকি; বাচালতা (যে কখনো সাধু–সন্ন্যাসী দেখেনি তার কাছে গিয়ে এইসব ফক্কুড়ি কর—*প্রচৌ*)। { *আ.* ফিরকাতুন فقرت }

ফক্কা, ফক্কাঃ, ফোক্কা [ফক্‌কা, –কাহ্, ফোক্‌কা] *বিণ* ১ ফাঁকা; শূন্য (ভাবছে কেন, শেষ দাঁড়াবে যা তা ফক্কাঃ—*অঠা*)। ২ ভুয়া; জাল। ৩ মিথ্যা (এ ভবমাঝে সবই ফক্কা—*দ্বিসে*)। { *স.* ফক্কিকা>}

ফক্কিকা [ফোক্‌কিক্কা] *বি* ১ ফাঁকি; বঞ্চনা; প্রতারণা। ২ কূটপ্রশ্ন। ৩ কূটতর্ক। **ফক্কিকার, ফক্কিকারি** *বি* ১ ফাঁকি; প্রতারণা (একটা বছর আগে এলেও কিছু কিছু নমুনা পেতেন। এখন ফক্কিকার—*মব*)। ২ ফাঁকিবাজি। { *স.* √ফক্ক্+অক(ণ্বুল্)+আ(টাপ্)}

ফক্কুড়ি ⇒ ফক্কড

ফখর [ফখর] *বি* অহঙ্কার; গর্ব; গৌরব (ফখর করি না কিছু—*আহা*)। { *আ.* ফখর فخر }

ফঙ্গবেনে, ফঙ্গবানি [ফঙ্‌গোবেনে, –বানি] *বিণ* ১ ভঙ্গুর; ঠুনকো। ২ হালকা; অসার। { *স.* ভঙ্গ>ফঙ্গ; ভঙ্গপ্রবণ}

ফচকে, ফচকিয়া [ফোচ্‌কে, –কিয়া] *বিণ* ১ ফাজিল; বাচাল (ফচকে ছুঁড়ি ফুলের কুঁড়ি—*দীমি*)। ২ ফক্কড়া (আমি চালাক ও ফচকিয়া নই—*ঈবি*)। ৩ লঘুপ্রকৃতি; চটুল। **ফচকেমি, ফচকিয়ামি** *বি* ১ বাচালতা (আমার চালাকি ও ফচকিয়ামি আইসে না—*ঈবি*)। ২ ফচকের ভাব (সেই পান খাওয়া লাল দাঁতের হাসি—সেই ফচকেমি—*অচিসে*)। { *আ.* ফিস্‌ক فسق }

ফচফচ [ফচ্‌ফচ্] *অব্য* ১ বাচালতা; প্রগল্‌ভতা। ২ ক্রমাগত বিরক্তিকর ও অবান্তর কথা বলা। { *ধ্বন্যা.*}

ফজর [ফজোর্] *বি* ১ উষাকাল; প্রাতঃকাল; প্রত্যুষ (ফজর সময়ে উঠি—*কমু*)। ২ সুবেহ সাদেক অর্থাৎ সূর্যোদয়ের এক ঘণ্টা বিশ মিনিট পূর্বে পূর্বাকাশে আলোর রেখা প্রকাশ পাওয়ার সময় থেকে সূর্যোদয়ের প্রাক্কাল। { *আ.* ফজর فجر }

ফজল, ফযল [ফজ্‌ল] *বি* দানশীলতা; অনুগ্রহ; শ্রেষ্ঠত্ব। { *আ.* ফদ্‌ল فضل }

ফজলি, ফজলী [ফোজ্‌লি] *বি* চাঁপাই নবাবগঞ্জ ও পশ্চিমবঙ্গের মালদহ অঞ্চলের এক প্রকার প্রসিদ্ধ ও সুস্বাদু বড় আকারের আম। { *আ.* ফদ্‌লী فضلى }

ফজিলত, ফযিলত [ফোজিলত্] *বি* ১ শ্রেষ্ঠতা; উৎকর্ষ; গুণপনা; সম্মান (শুক্রবারের ফজিলৎ সম্বন্ধে তিনি জীবনে কত বয়ানই তো করেছেন—*আফ*)। ২ সমৃদ্ধি। ৩ বরকত। { *আ.* ফদ্বীলত فضيلة }

ফজিহত, ফইজাত, ফৈজত [ফোজিহত্, ফোইজত্,–] *বি* ১ কলঙ্ক; অপযশ; বদনাম। ২ অসম্মান; অপমান (লাঠিসোঠা কত মারে, ফজিহত করে শুনাইয়া—*সৈহা*)। ৩ ভর্ৎসনা; তিরস্কার। ৪ কলহ; ঝগড়া। ৫ হাঙ্গামা। { *আ.* ফদ্বিহাত فضيحة }

ফজুল [ফোজুল্] *বিণ* ১ অতিরিক্ত (রেখো না পানপাত্র বেকার; উপচে পড়ুক সুখ ফজুল—*নই*)। ২ অনাবশ্যক

(এক মসজিদের আযান যতদূর যায়; তার মধ্যে আর একটা মসজিদ দেওয়া নিতান্তই ফজুল—*কাই*)। {*আ.* ফদুল فضول }

ফট [ফট্] *অব্য* ১ কোনো কিছু ফাটবার শব্দ। ২ সত্বরতাজ্ঞাপক (ফট করে বলে ফেলো দেখি)।-- *অব্য* ১ ক্রমাগত ফাটবার আওয়াজ। ২ চটি জুতার শব্দ। □ *ক্রিবিণ* দ্রুত (ফট ফট করে কথা বলা)। **ফটা**~ *ক্রিবিণ* ফটফট করে। {*ধ্বন্যা.*}

ফটক [ফটোক্] *বি* সিংহদ্বার; সদর দরজা; বহির্দ্বার; দেউড়ি (মুসলমানেরা যখন তাঁর প্রাসাদের ফটকে পৌঁছলো—*মুআরা*)। ~**ওয়ালা** *বিণ* ফটকবিশিষ্ট; দেউড়ি আছে এমন (একটা লাল ইটের লোহার ফটকওয়ালা বাড়ী—*বিব*)। {*হি.* ফাটক}

ফটকা, ফাটকা [ফট্কা, ফা–] *বি* ১ জিনিসপত্রের বাজারদরের অনিশ্চিত হ্রাসবৃদ্ধির সুযোগ নিয়ে এক প্রকার জুয়া ব্যবসা (কড়ি ফটকা চিড়া দই—*ভারা*)। ২ ঝুঁকিদার ব্যবসা বা তাতে টাকা নিয়োগ করা। ~**গিরি** *বি* ফক্করের কাজ; যে-কাজে কোনো সার নেই। ~**বাজ** *বিণ* বিক্রয় মূল্যের হ্রাসবৃদ্ধি হয় এরূপ। □ *বি* পণ্যদ্রব্যের বাজারে জুয়া ব্যবসা যার অভ্যাস। {*হি.* ফট}

ফটকি-নাটকি ⇒ ফষ্টিনষ্টি

ফটকিরি, ফিটকিরি, ফিটকারি [ফট্কিরি, ফি–, ফিট্কারি] *বি* কষায় স্বাদযুক্ত রাসায়নিক লবণবিশেষ; alum। {*স.* স্ফটিকারি> ফিটকিরি}

ফটিং [ফোটিঙ্] *বি* পাখিবিশেষ (একটা ফটিং পাখি শিষ দিতে দিতে—*অঠা*)। {*ধ্বন্যা.*}

ফটিক [ফোটিক্] *বিণ* ১ স্ফটিক; স্বচ্ছ; পরিষ্কার; নির্মল। ২ স্বচ্ছ পাথরবিশেষ। ~**চাঁদ** *বি* ১ কলঙ্কহীন চাঁদ। ২ ফুলবাবু; ফিটফাট গোছের তরুণ যুবক। ~**জল** *বি* ১ স্বচ্ছ পানি। ২ চাতক পাখি—যে বৃষ্টির পানি ভিন্ন অন্য পানি পান করে না বলে কবিপ্রসিদ্ধি (সে তৃষা ফটিকজলের তৃষা—*সদ*)। {*স.* স্ফটিক>}

ফটো, ফটোগ্রাফ [ফটো, –গ্রাফ] *বি* আলোকচিত্র; ক্যামেরায় তোলা ছবি। **ফটোগ্রাফার** *বি* আলোকচিত্রী। {*ই.* photo, photograph}

ফড় [ফড়্] *বি* ১ গরুর গাড়ির দুই পাশে বাঁধা বাঁশ বা লম্বা কাঠ। ২ কপন খেলার ছয় পণ গুটি। {*হি.* ফড়}

ফড়নবিস [ফড়্নবিশ্] *বি* মারাঠি ভাষায় রাজস্ব বিভাগের প্রধান কর্মচারীর উপাধি। {*মারাঠি,* ফড়+ *ফা.* নবীস نویس }

ফড়ফড় [ফড়্ফড়্] *অব্য* ১ বস্ত্রাদি ছিঁড়বার শব্দবিশেষ। ২ কাগজ, পালক প্রভৃতি নড়ার শব্দবিশেষ (বাতাসে কাগজগুলো ফড়ফড় করে উড়ছে)। ৩ কানে পিঁপড়া বা কোনো পোকা প্রবেশ করলে যে শব্দ হয়। □ *বি* ১ ব্যস্ততার ভাব। ২ বকবক; অনবরত বাজে কথা বলা। ~ **করা** *ক্রি* ১ অনবরত কথা বলা। ২ বকবক করা। **ফড়ফড়ি রাম** *বি* (*আল.*) ছ্যাবলা (সমবয়সীরা বলে 'ফড়ফড়িরাম—*সুরা*)। {*ধ্বন্যা.*; *স.* স্ফট্> *বা.* ফড়}

ফড়া [ফড়া] *বি* ১ শাখা। ২ হস্তপদ ইত্যাদি অঙ্গ-প্রত্যঙ্গ। ৩ পদ, পা (অঙ্গ ছিঁড়িল. . . হাতেতে রহিল ফড়া—*কমু*)। {*আ.* ফরা فرع }

ফড়িং, ফড়িঙ [ফোড়িঙ্] *বি* ১ লম্বা ঠ্যাংবিশিষ্ট পতঙ্গবিশেষ। ২ উচ্চিংড়া। **ফড়িংগা, ফড়িঙ্গা** *বি* ঝিল্লিকা; ঝিঁঝি পোকা; পতঙ্গবিশেষ। {*স.* পতঙ্গ; *পা.* পটঙ্গ>}

ফড়ে, ফড়িয়া [ফোড়ে, ফোড়িয়া] *বি* ১ ফেরিওয়ালা; বাড়ি বাড়ি যারা বিভিন্ন দ্রব্য ফেরি করে বিক্রি করে; পাইকারি দরে ক্রয় করে খুচরা দরে বিক্রয়কারী; পাইকার (পুকুরের ধারে ফড়েদের ঘর, তারা পেয়ারা গাছ জমা নিয়েছে—*অঠা*)। {*হি.* ফড়িয়া}

ফণ, ফণা [ফন্, ফনা] *বি* সাপের উদ্যত চ্যাপটা মাথা; চক্র; চক্কর। ~**কর**, ~**বান**, ~**ভৃৎ** *বি* সাপ; ফণাধর; ভুজঙ্গ। ~**মণি** *বি* সাপের মাথার উজ্জ্বল মণি (ফণিরাজ ফণিমণি কঙ্কণের কনকনি নানা অলঙ্কার ঝলমল—*ভারা*)। **ফণাধর** *বি* ফণাধারী সাপ; সরীসৃপ। {*স.* √ফণ্+অ(অচ্)}

ফণী(-ণিন্) [ফোনি] *বি* ফণাধারী; সাপ; নাগ; সরীসৃপ; ভুজঙ্গ। **ফণিনী** *স্ত্রী.* (দলিত ফণা ফণিনী যেমন ফণা তুলিয়া দাঁড়ায়—*বচ*)। **ফণিজা** *বি* ফণি-মনসার গাছ। ~**প্রিয়** *বি* বায়ু; বাতাস। ~**ফেন** *বি* অহিফেন। ~**ভুক** *বি* ১ সর্পভক্ষক। ২ গরুড়। ~**ভূষণ, ফণিভূষণ** *বি* ১ ফণী যাঁর গলার ভূষণ; শিব। ২ সর্পাকৃতি হস্তালঙ্কারবিশেষ; সর্পবলয় (এক হাতে শোভে ফণিভূষণ একহাতে শোভে মণিকঙ্কণ—*ভারা*), শিব। ~**মণ্ডল** *বি* ১ আকৃতিবিশিষ্ট কর্ণভূষণ (এক কানে শোভে ফণিমণ্ডল এক কানে শোভে মণিকুণ্ডল—*ভারা*)। ২ সাপের কুণ্ডলী। ~**মনসা** *বি* সাপের ফণার মতো চ্যাপটা পাতাহীন একপ্রকার কাঁটাগাছ; ঝাঁপিগাছ (ফণিমনসার ঝোপে ভরা রৌদ্রদগ্ধ প্রান্তরের—*বিব*)। ~**রাজ** *বি* সর্পরাজ; অনন্ত (ফণিরাজ ফণমণি কঙ্কণের কনকনি—*ভারা*)। ~**ন্দ্র**, ~**শ্বর** *বি* হিন্দুমতে সর্পরাজ বাসুকি। ২ নাগরাজ; সর্পরাজ। {*স.* ফণ+ ইন্(ইনি)}

ফতহুম মুবিন [ফত্হুম্ মুবিন্] *বি* স্পষ্ট বিজয় (প্রতিশ্রুত সে জয়ের দিন মহাগৌরবে এল ফতহুম মুবিন—*ফআ*)। {*আ.* ফাতহুম মুবিন فتح مبين }

ফতুই ⇒ ফতুয়া

ফতুয়া[১], **ফতুই** [ফোতুয়া, ফোতুই] *বি* ক্ষুদ্রাকৃতি গলাকাটা জামাবিশেষ (জামার মধ্যে গায়ে সাদা মলমলের একটি ফতুয়ামাত্র—*জাফর*)। {*আ.* ফুতুহী فتوحى , فوطة }

ফতুয়া[২] ⇒ ফতোয়া

ফতুর [ফোতুর্] *বিণ* ১ নির্ধন; নিঃস্ব; রিক্ত; সর্বস্বান্ত (দান-খয়রাত করিতে গেলে ফতুর হইতে হইবে—*রঠা*)। ২ নিঃশেষ। {*আ.* ফুতুর فتور }

ফতে, ফতেহ্ [ফতে, –হ্] *বি* ১ জয়; বিজয়; বিপক্ষের পরাভব (একা মর্দ যায় ময়দান করতে ফতে—*অঠা*)। ২ সিদ্ধি; সফলতা। ~ **করা** *ক্রি* জয় করা (তোমরা বাক্যবাণে শুধু ফতে কর্তে চাও লড়াই—*দ্বিসে*)। {*আ.* ফাতাহু فتح }

ফতো, ফোতো [ফতো, ফো–] *বিণ* ১ পরপুষ্ট; অপরের দান বা অনুগ্রহে বাবুগিরি করতে অভ্যস্ত। ২ অন্তঃসারহীন; অসার; অপদার্থ। **~ নবাব, ফতোবাবু, ফতো কাপ্তেন** *বি* যার বাহ্যিক আচরণ নবাব বা বাবুর মতো কিন্তু অন্তঃসারহীন (ফতোবাবু নয়; দস্তুরমতো সাহেব—*অচিসে*)। { *আ.* ফৱত فوت }

ফতোয়া, ফতুয়া, ফতওয়া [ফতোয়া, –তু–, ফত্ওয়া] *বি* ইসলাম ধর্মশাস্ত্রসম্মত সিদ্ধান্ত বা রায় বা লিখিত ব্যবস্থা বা মীমাংসা; শাস্ত্রনির্দেশ (তাঁহাকে কাফের বলিয়া ফৎওয়া জারি করিনে—*ওয়া*; মাটি দিল ফতুয়া মতন জানাজা পড়িয়া—*মৈগী*)। **~বাজ** *বি* ফতোয়া জারি করতে ওস্তাদ। { *আ.* ফতৱা فتوى }

ফনি *(মবা.)*, **ফনী** *(মবা.)* [ফোনি] *বি* চিরুনি (দাণ্ডাই আউল কেশে সিতা না করিব পাশে ভাঙ্গা ফনী না রাখিব ঘরে—*সৈআ*)

ফন্দি, ফন্দী, ফন্দ *(মবা.)* [ফোনদি, –, ফন্‌দো] *বি* ১ ফাঁদ; চাতুরী; প্রতারণা; ছল (বুঝিতে নারিনু বিধির ফন্দ —*ভারা*)। ২ কূটকৌশল (শিখাও আমারে কবিতা লেখার ফন্দি—*রখা*)। ৩ মতলব। **~-ফিকির** *বি* ছল; চাতুরী; কৌশল (দেশের মঙ্গলামঙ্গলের চিন্তা হইতে তাহাদিগকে দূরে রাখার জন্য ফন্দিফিকিরে থাকিত—*ওয়ালি*)। **~বাজ** *বিণ* ১ কৌশলী; ফন্দি আঁটায় দক্ষ ব্যক্তি। ২ মতলববাজ; চক্র। { *ফা.* ফন্দি فند }

ফপর-দালাল, ফোপর-দালাল [ফপোরদালাল্, ফো–] *বি (ব্য.)* অযাচিতভাবে গায়ে পড়ে যে লোক অন্যের ব্যাপারে মোড়লি করে। **ফপর-দালালি, ফোপর-দালালি** *বি* ফপরদালালের মতো ব্যবহার (সব তাতেই ফফর-দালালি—*নই*; পরের জায়গায় ফোপর-দালালি আর নয়—*মব*)। { *হি* ফপর+ *আ.* দালাল دلال }

ফযল ⇒ ফজল

ফয়তা[১]**, ফৈত্তা** [ফয়্‌তা, ফোইত্‌তা] *বি* ১ ইসলাম ধর্মশাস্ত্র অনুযায়ী মৃত ব্যক্তির আত্মার সদ্‌গতি প্রার্থনা উপলক্ষে ভোজ বা ফকির মিশকিনকে খাওয়ানো। ২ পীরের দরগায় শিরনি দান ও ভক্তি নিবেদন (দরগায় গিয়ে ফয়তা দেবা—*দীসে*)। { *আ.* ফাতিহা>ফয়তা فاتحة }

ফয়তা[২] [ফয়্‌তা] *বি* ১ ইসলাম ধর্মশাস্ত্র অনুযায়ী কাজির রায় (এই পক্ষপাতহীন ফয়তা ঘাড় পাতিয়া লইলে—*ঈবি*)। ২ শাস্ত্রীয় বিধান। { *আ.* ফতৱা فتوى }। ⇒ ফতোয়া

ফয়দা, ফায়দা [ফয়্‌দা, ফা–] *বি* ১ মঙ্গল; উপকার; সুফল; লাভ (তুমি হররোজ ওখানে ওখানে ফিরে বেড়াও —তাতে মোর আর লেড়কা-বালার কি ফয়দা—*প্যামি*; শরীরকে এভাবে কাহিল করাতে কি ফায়দা—*ওআ*)। ২ সুবিধা; সুযোগ। ৩ আবশ্যক। { *আ.* ফাইদাহ فائدة }

ফয়লা, ফায়লা ⇒ ফইলা

ফয়সালা, ফায়সালা [ফয়্‌সালা, ফা–] *বি* ১ মীমাংসা; মিটমাট; নিষ্পত্তি (মালিকানা স্বত্বের ফয়সলা করার জন্য প্রস্তুত হল—*জহা*)। ২ রায়; বিচারফল (গা-ময় তিলক ছাব দিয়া যেন সদর দেওয়ানী আদালতের ফয়সালা বেরুলেন—*দীমি*)। **~ করা** *ক্রি* ১ নিষ্পত্তি করা। ২ মিটমাট করা। { *আ.* ফইসল فيصل ; *ফা.* ফইসলাহ فيصلة }

ফরই, ফরন্ত, ফরিঅ *(মবা.)* [ফরই, ফরন্‌তো, ফরিয়] *ক্রি* স্ফূর্তি পায়। { *স.* স্ফুরতি}

ফরকএ *(মবা.)* [ফর্‌কএ] *ক্রি* আস্ফালন করে (যেই ছাও উড়ির বাসাতে ফরকএ—*দৌবা*)। { *আ.* ফরক فرق }

ফরকানো, ফরকান [ফর্‌কানো] *ক্রি* ১ আস্ফালন করা (বাঘা দিল বীরাঙ্ক বিস্তার করি মুখ, ফলা ফরকিয়া সেন হইল সম্মুখ—*ঘচ*)। ২ ফাঁক করা। □ *বি* উক্ত সকল অর্থে। { *আ.* ফরক فرق (হঠাৎ ঘৃণা বা ক্রোধের উদ্রেক হওয়া অর্থে)}

ফরজ, ফরয, ফর্য *(মবা.)* [ফরোজ্, –, ফর্‌জ্] *বি* ১ ইসলামি ধর্মমতে অবশ্য করণীয় কাজ বা অনুষ্ঠান (জানিও উচিত ফর্য তৌহিদ অবধি—*সৈআ*)। ২ জরুরি কাজ (ফরজ ফেলিয়া নকল লইয়া টানাটানি)। ৩ অবশ্য করণীয়। { *আ.* ফরদ্ فرض }

ফরজন্দ, ফরযন্দ, ফ্রজন্দ [ফর্‌জন্‌দ্, –, ফ্রজনদ্] *বি* ১ সন্তান; আওলাদ (ফেরেস্তার ফরজন্দ কিংবা পরীর গঠন—*ফগ*)। ২ বংশধর (একে এই বলে অহে ফরজন্দ আদম—*হেমা*; পৃথিবী পূর্ণিত হৌক তোমার ফ্রজন্দে—*হেমা*)। { *ফা.* ফরজান্দ فرزند }

ফরফর [ফর্‌ফর্] *বি* ১ কাপড় কিংবা কাগজ ইত্যাদি পাতলা বস্তুর বাতাসে ওড়ার শব্দ। ২ পতঙ্গ বা প্রাণীর দ্রুত নড়ার শব্দ (ফড়িং ফরফর করছে, অল্প পানির মাছ ফরফর করে)। ৩ অতিরিক্ত ও অবান্তর কথা বলা (লোকটা ভীষণ ফরফর করে)। ৪ দ্রুততা; ত্বরা। **ফরফরানি** *বি* ১ চাঞ্চল্য। ২ ফরফর করার ভাব। ৩ নিশানাদি ওড়ার শব্দ। **ফরফরে** *বিণ* ফরফর করে এমন; অতিরিক্ত ও অবান্তর কথা বলে এমন; বাচাল; চঞ্চল; চটপটে। { *ধ্বন্যা.*}

ফরম, ফর্ম [ফরম্] *বি* ১ নির্দিষ্ট নিয়মানুযায়ী ছাপানো বিবরণপত্র, রসিদ ইত্যাদির আদর্শ লেখ্য। ২ দরখাস্ত। { *ই.* form}

ফরমা ⇒ ফর্মা

ফরমাই, ফরমাইশ, ফরমাইস, ফরমাজ ⇒ ফরমাশ

ফরমান[১] [ফরমান্] *বি* ১ হুকুম; আদেশ (সরকার তাঁহার নিরপেক্ষ নীতি অনুসারে ফরমান জারি করিলেন—*আমআ*; আমরা হুকুম-বর্দার তাঁর, পাইয়াছি ফরমান—*নই*)। ২ হুকুমনামা; আদেশপত্র (খলিফার ফরমান পাঠ করে—*মুর*)। ৩ হুকুমত; শাসন (হবে দুনিয়াতে আবার ইসলামী ফরমান জারি—*নই*)। ৪ বাণী; সংবাদ; খবর (ধরণীর হাতে দিল যারা আনি' ফসলের ফরমান—*নই*)। **~-বরদার, ফরমা-বরদার** *বিণ* ১ অনুগত; আজ্ঞাবহ; হুকুমপালনকারী (তবে আমি হব তেরা ফরমাবরদার—*সৈহা*; বড় বড় হাকিমান হুকুমের তাবেদার ফরমা-বরদার দিনকে রাত কচ্ছেন, রাতকে দিন কচ্ছেন—*মীম*)। **~-বরদারি** *বি*। **ফরমানি** *বি* আনুগত্য; আদেশমান্যতা (বাহ বাহ বলি ডাকেন ফরমানি—*কমু*)। **ফরমানো** *ক্রি* হুকুম করা; আদেশ দেওয়া (ফরমানী মহারাজ মনসবদার —*ভারা*)। **না-ফরমানি** *বিণ* আদেশ অমান্যকারী।

{*ফা.* ফরমান فرمان }

ফরমানো, ফরমান² [ফরমানো] *ক্রি* হুকুম করা; আদেশ দেওয়া। ২ উক্ত অর্থে। {*ফা.* ফরমান فرمان }

ফরমাশ, ফরমায়েশ, ফরমাইশ, ফরমাজ, ফরমাই [ফরমাশ্, -য়েশ্, -ইশ্, -জ্, -ই] *বি* ১ আদেশ; নির্দেশ; হুকুম; আজ্ঞা; order (ভাইর ফরমায়েশ শুনতে উদ্গ্রীব হয়ে থাকতাম—*রাখা*; তোমাদের ফরমাজ মত কাজ করবার সাধ্যি আমার *নেই—বিব*; অনুগত হইয়া তারা মানিবে ফরমাই—*মৈগী*)। ২ কোনো কিছু ক্রয়ের বা সরবরাহের নির্দেশ (সমস্ত সামগ্রির ফরমাইস দিলেন—*রাব*; শামলা ফর্মাশ দিতে হইবে—*রঠা*)। ৩ আবদার; বায়না (আর একজন আসবেন আর এক ফরমাইস নিয়ে—*সুবা*)। **ফরমায়েশি, ফরমাশি** *বিণ* হুকুমে করা হয়েছে এমন; নির্দেশিত। {*ফা.* ফরমাইশ فرمايش }

ফরয ⟹ ফরজ

ফরসা, ফরশা, ফর্সা [ফর্‌শা] *বিণ* ১ গৌরবর্ণ (রং একেবারে ফিটফিটে ফর্সা—*দ্বিসে*)। ২ অন্ধকারশূন্য; আলোকোজ্জ্বল (রাত পোহাল ফরসা হল ফুটলো কত ফুল—*দীমি*)। ৩ নির্মল; পরিষ্কার; সাদা (ফরসা কাপড়)। ৪ উজ্জ্বল; নির্মেঘ (বর্ষাকালে ফর্সা আকাশ—*ঈবি*)। ৫ নিঃশেষ; সাবাড়; খতম (কলেরায় গ্রাম একেবারে ফর্সা হয়ে গেছে)। ৬ জটিলতাহীন; স্পষ্ট (প্যাঁচ না রেখে যা বলবার ফর্সা করে বলে দাও)। ৭ শূন্য (সেনাবাহিনী আসায় জনতার মিছিল এক মুহূর্তে একেবারে ফরসা)। {*স.* স্ফর>স্ফার>}

ফরসি, ফুরসি [ফোর্‌শি, ফু-] *বি* দীর্ঘ নলযুক্ত হুঁকা; গুড়গুড়ি, ফরাসের যোগ্য হুঁকা। {*আ.* ফরশী فرش }

ফরাগত, ফরাকত [ফরাগত্, -ক-] *বি* ১ উন্মুক্ত বা ফাঁকা জায়গা। ২ অভাবমুক্ত; স্বাচ্ছন্দ্য; সাচ্ছল্য (ফরাগতে মাতাপিতা সংহতি রাখএ—*সৈআ*)। ৩ অবকাশ; অবসর; ছুটি (ইসা খাঁ গালিচায় ফরাগৎ মত বসিয়া একটু আরাম বোধ করিলেন—*ইহো*) ⎕ *বিণ* চওড়া; প্রশস্ত; বিস্তৃত পরিসর। {*আ.* ফরাগত فراغة }

ফরাজ, ফরায়েজ [ফরাজ্, -য়েজ্] *বি* মৃত ব্যক্তির সম্পত্তি বণ্টন সম্বন্ধীয় বিশেষ ইসলামি শাস্ত্র; ইসলামি দায়ভাগ। ~ **করা** *ক্রি* ইসলামি শাস্ত্র অনুযায়ী মৃতের সম্পত্তি তাঁর উত্তরাধিকারীদের মধ্যে নির্ধারিত অংশে ভাগ করে দেওয়া। {*আ.* ফরায়েদ্ فرائض }

ফরাজি, ফরায়েজি [ফরাজি] *বি* ১ হাজি মুহম্মদ শরিয়তুল্লাহর মতানুসারী ব্যক্তি। ২ ইসলাম অনুসারে যাঁরা ফরজ বা অবশ্যপালনীয় নির্দেশ মেনে চলেন। ৩ ব্রিটিশ বিরোধী ফরাজি আন্দোলনে যাঁরা ব্রিটিশ অধিকৃত ভারতবর্ষকে দারুল-হরব মনে করতেন। {*আ.* ফরায়েদি فرائضى }

ফরাশ, ফরাস [ফরাশ্] *বি* ১ মেঝে বা তক্তপোষে পাতবার জন্য কার্পেট বা বিছানা (সরাইখানার ভিতরে সারা মেঝে জুড়িয়া ফরাস পাতা—*আকউ*; ফরাশ বিছিয়ে বসি না কেন—*প্রচৌ*)। ২ ঘরের আসবাবপত্র ঝাড়ামোছা; আলো জ্বালা, শয্যা বিছানো ইত্যাদি কাজে নিয়োজিত চাকর বা ভৃত্য (যম বাতি নিবিয়ে দেবার জন্য থেকে থেকে ফরাশ পাঠায়—*রঠা*)। {*আ.* ফরাশ فراش }

ফরাসি, ফরাস *(মবা.)* [ফরাশি, -শ্] *বি* ১ ফ্রান্স দেশের অধিবাসী (ঈঙ্গরেজ, ওলন্দাজ, ফিরিঙ্গ, ফরাস—*ভারা*)। ২ ফ্রান্স দেশের ভাষা। ⎕ *বিণ* ফ্রান্স দেশীয়; ফ্রান্স সম্বন্ধীয়। **-ডাঙ্গা** *বি* ১ ফরাসিদের স্থান। ২ কলকাতার অদূরে গঙ্গাতীরবর্তী ফরাসিদের দ্বারা অধিকৃত নগরবিশেষ (ফরাসডাঙ্গার ধুতি)। {*প্রাচীন ই.* Frencise}

ফরি, ফরী [ফোরি] *বি* ঢাল (খড়্গ আর ফরী—*কৃও*)। {*স.* ফলক>}

ফরিক, ফরিকার, ফরিকাল, ফরিকালি [ফোরিক্, -কার্, -কাল্, -লি] *(মবা.) বি (পদ্য.)* সৈন্যদল; বাহিনী; সেনাসমূহ (রায়বাঁশ তবকী ফরিকাল—*কমু*; ধানুকী বন্দুকী ঢালী রায়বেঁশে ফরিকালি—*রাব*)। {*আ.* ফারীক فريق }

ফরিয়াদ, ফরয়্যাদ [ফোরিয়াদ, ফরয়্যাদ্] *বি* ১ প্রার্থনা; বিচার প্রার্থনা (আমরা শুনেছি ভীত আত্মার সকরুণ ফরয়্যাদ—*নই*)। ২ অভিযোগ; নালিশ (ফরিয়াদ করে নিশি দিনমান সারা হিন্দুস্থান—*আজহ*)। ৩ মামলা; মোকদ্দমা; আদালতে অভিযোগ। ৪ সাহায্য-প্রার্থনা; দোহাই দেওয়া। **ফরিয়াদি** *বি* বাদী; বিচারপ্রার্থী; আদালতে অভিযোগকারী (স্বয়ং ধর্ম ছাড়া তার আর কোনো ফরিয়াদি অবশিষ্ট নাই—*রঠা*)। {*আ.* ফরয়াদ فرياد }

ফরেব ⟹ ফেরেব

ফরোখত [ফরোখত্] *বি* বিক্রয় (খরিদ ফরোখত অর্থাৎ কেনা বেচনা যে না হইবে তাহাও নহে—*মীম*)। {*ফা.* ফুরখত فروخت }

ফর্দ, ফরদি [ফর্‌দো, ফোর্‌দি] *বি* ১ তালিকা; ফিরিস্তি (মুখে মুখে সাংসারিক কাজের বিরাট ফর্দ দাখিল করে কহিল—*শচ*; ভাবীকালের ফর্দ রচনায় কৃপণতা প্রকাশ করায়—*রঠা*)। ২ খণ্ড বা টুকরা; ফালি (রাংতার চাদর যেন এক ফরদি—*রঠা*)। {*আ.* ফর্দ فرد }

ফর্দা [ফরদা] *বিণ* ১ ফাঁকা; মুক্ত; খোলা; উন্মুক্ত। ২ প্রসারিত; বিস্তৃত (ছোকো না রাতের রূপ—থাক ফর্দা—*মোম*)। ৩ খোলা স্থান; উন্মুক্ত প্রান্তর (খিল-খোলা ফর্দাতে যাব চলে—*সদ*)। **—ফাঁই** *বিণ* ছিন্নভিন্ন ও ব্যবহারের অযোগ্য। {*আ.* ফর্দ فرد }

ফর্ম ⟹ ফরম

ফর্মা, ফরমা [ফর্‌মা] *বি* ১ পুস্তকাদির যতগুলো পৃষ্ঠা (৮, ১৬ ইত্যাদি) একসঙ্গে ছাপা হয় (১০ ফর্মার বই)। ২ ছাঁচ (একটা কাঠামো বা ফর্মা বাঁধা গেলো—*অঠা*)। {*পো.* forma; *ই.* forme}

ফর্মালিটি [ফর্‌মালিটি] *বি* লৌকিকতা (আপনি বড্ড ফর্মালিটি করছেন—*আআআ*)। {*ই.* formality}

ফর্শা, ফর্সা ⟹ ফরসা

ফল [ফল্] *বি* ১ গাছ প্রভৃতিতে জাত শস্য বা বীজাধার (আম, জাম ইত্যাদি)। ২ লাভ; কোনো কাজের পরিণাম (কি ফল লভিনু হায়—*মদ*)। ৩ নির্ধারণ; সিদ্ধান্ত; সমাধান (অঙ্কের ফল)। ৪ নিষ্পত্তি। ৫ শাস্তি; দণ্ড (পাপের ফল)। ৬ রায়; মীমাংসা (মোকদ্দমার ফল)। ৭ সন্তান। ৮ ফলা। ৯ উপকার (ঔষধের ফল)। **~কথা** *বি*

মোট কথা; শেষ কথা; সারবস্তু বা সার কথা; কোনো বিষয়ে নিষ্পত্তিকর বাক্য। **~কর** *বি* ১ বৃক্ষলতাদিতে উৎপন্ন ফল উপভোগের জন্য প্রদত্ত কর। ২ ফলের বাগান। □ *বিণ* ১ ফলবান (ফলকর বৃক্ষ)। ২ উপকার হয় এমন; উপকারী; উপকারক; ফলপ্রদ; সুফলদায়ক। **–ত, ফলতঃ, ফলে** *ক্রিবিণ* ১ মোটের উপর; ফলস্বরূপ; আসলে; প্রকৃতপক্ষে; বস্তুত। ২ পরিণামে। **~ত্রয়** *বি* ১ ত্রিফলা। ২ মরিচ, শুঁঠ ও পিপুল—এই তিন রকম ফল। **ফলদ, –দায়ক, –প্রদ** *বিণ* ফল দান করে এমন; ফলদাতা (হোক পুষ্পহীন, কিন্তু ফলদ—*অচিসে*)। ২ সিদ্ধিদায়ক। **~দর্শী** *বিণ* দূরদর্শী; পরিণামদর্শী; ভবিষ্যৎদর্শী। **~দর্শিতা** *বি*। **~ দেওয়া** *ক্রি* ১ উপকার পাওয়া। ২ ফল ধরা। **~ দেখা** *ক্রি* প্রথম ঋতুমতী হওয়া। **ফলন** *বি* ১ বৃক্ষাদিতে ফল জন্মানো; উৎপাদন। ২ ফলা; সংঘটন; সত্যে পরিণত হওয়া। **ফলন্ত** *বিণ* ফল ধরেছে এমন (গাছ); ফলবান; ফলবন্ত; ফলশালী (মালী না থাকলেও ফলন্ত বীজ গাছ হ'য়ে বাড়তে থাকে—*অঠা*)। **~পাকান্ত** *বিণ* ফল পাকলে মরে যায় এমন উদ্ভিদবিশেষ। **~প্রসূ** *বিণ* ফল প্রদান করে এমন; ফলদায়ক; হিতকারী; উপকারক। **~প্রাপ্তি** *বি* ফললাভ; কার্যে সিদ্ধিলাভ। **–বান, –শালী**(*–লিন্*) *বিণ* ১ কৃতকার্য; সফল; চরিতার্থ। ২ ফলপূর্ণ; ফলন্ত; ফলযুক্ত। **–বতী, –শালিনী** *স্ত্রী*। **–ভাগী** *বিণ* কোনো কাজের পরিণামভাগী; ফলের অংশীদার। **~ভাগিনী** *স্ত্রী*। **~ভোগ** *বি* কৃতকর্মজনিত সুখ–দুঃখের উপলব্ধি। **~ভোগী**(*–গিন্*) *বিণ* কৃতকর্মের ফলভোগকারী। **~শ্রুতি** *বি* ১ শ্রুতিফল (পুণ্যকাহিনী শ্রবণে যে ফল পাওয়া যায়, তা-ই ফলশ্রুতি (মহাভারত কিংবা গীতা শ্রবণের শ্রুতিফল হচ্ছে পুণ্যলাভ; অতএব ফলশ্রুতি হচ্ছে পুণ্যার্জন কিংবা ধর্মভাবের উন্মেষ)। ২ (*আল.*) ফলাফল; পরিণাম; তাৎপর্য। ৩ প্রভাব। **~শ্রেষ্ঠ** *বি* আম; আমগাছ। { *স.* √ফল্+অ(অচ্)}

ফলই, ফলুই, ফলি [ফোলোই, –লু–, ফোলি] *বি* চিতলজাতীয় ছোট মৎস্যবিশেষ; ফলিমাছ। { *স.* ফলকী>}

ফলক [ফলোক্] *বি* ১ ফলা; তীরের সূক্ষ্মাগ্রভাগ। ২ ধোপার পাট। ৩ পাটা; পট্ট; পাটার মতো চওড়া; পাত (হরিণের শিঙ কাঠের ফলক গায়ের কাপড়কত কি'তে রেখা টানছে তারা—*অঠা*)। ৪ ললাটের অস্থি বা হাড়। ৫ ঢাল (নিষঙ্গের সঙ্গে পৃষ্ঠে দুলিল ফলক—*মদ*)। **~পাণি** *বি* ঢালী। **~লিপি** *বি* চওড়া কাষ্ঠখণ্ডাদিতে লিখিত পরিচয়–লিপি; name-plate (দ্বারে ফলকলিপি পড়িলাম—*বচ*)। { *স.* ফল+ক(কন্)}

ফলকী [ফলোকি] *বি* ১ ফলি মাছ। ২ ঢালী। { *স.* ফলক+ইন(ইনি)}

ফলঙ্গ [ফলোঙ্‌গো] *বি* উল্লম্ফন; লাফ (ফলঙ্গে লঙ্ঘিতে পারে ত্রিশ হাত খানা—*ঘচ*)। { *হি* ফলঙ্গ}

ফলত [ফলোতো] *ক্রিবিণ* বস্তুত; বাস্তবিকপক্ষে, সংক্ষেপে। { *স.* ফলতঃ>}

ফলদ, ফলন ⟹ ফল

ফলনা, ফলানা [ফল্‌না, কলানা] *বি* অমুক লোক (ফলনার বাপ)। **ফলনি** *স্ত্রী*। { *আ.* ফলানা فلانا }

ফলন্ত ⟹ ফল

ফলশি, ফলশী [ফোল্‌শি] *বি* আমশি; শুষ্ক আম। { *স.* ফল+শুষ্ক>}

ফলসা, ফালসা [ফল্‌শা, ফা-] *বি* অম্লমধুর স্বাদ যুক্ত কৃষ্ণলোহিতবর্ণ ক্ষুদ্র গোলাকার ফলবিশেষ (ফলসার রস—*রঠা*)। **ফলসাই, ফালসাই** *বিণ* ফলসাজাতীয়; ফলের রংবিশিষ্ট (আমি খাটের উপর থেকে ফালসাই রং এর শাড়ী তুলে নিলাম—*রখা*)। { *ফা.* ফলসা فالسه }

ফলা[1] [ফলা] *বি* ১ ফলক; অস্ত্রের তীক্ষ্ণ প্রান্ত। ২ ঢাল (ফলা ফরকাইয়া সেন হইল সম্মুখ—*ঘচ*)। ৩ যুক্তাক্ষরে সংযুক্ত ব্যঞ্জনবর্ণের চিহ্ন (র–ফলা, ম–ফলা ইত্যাদি)। { *স.* ফলক>}

ফলা[2] [ফলা] *ক্রি* ১ উৎপন্ন হওয়া; জন্মানো। ২ ফলবান হওয়া। ৩ সত্য হওয়া; সফল হওয়া (আমার কথা ফলবে)। □ *বিণ* ১ ফল প্রসবকারী; ফল উৎপন্ন করে এমন (দোফলা গাছ)। ২ ফলন্ত। **ফলানো** *ক্রি* ১ জন্মানো; উৎপাদন করা। ২ (*ব্য.*) জাহির করা; বাহাদুরি দেখিয়ে বলা। ৩ অতিরঞ্জিত করে প্রকাশ করা (জিনিসটাকে ফলিয়ে বলবার লোভ করব না—*রঠা*)। **রং ফলানো** *ক্রি* ১ অতিরঞ্জিত করা। ২ বর্ণ পরিস্ফুট করা; রং ফুটানো। { √ফল্+আ}

ফলাও, ফালাও [ফলাও, ফা–] *বিণ* ১ বিস্তীর্ণ; প্রশস্ত; প্রসারিত; ঢালাও (ওর বুদ্ধি ছিল ফলাও—*রঠা*)। ২ অতিরঞ্জিত (সে তার জ্ঞানটুকু আর একটু ফলাও প্রচার করল)। ৩ প্রচুর; পরিপূর্ণ; সমৃদ্ধ। { *আ.* ফলাহ্ فلاح =সমৃদ্ধি}

ফলাকাঙ্ক্ষা [ফলাকাঙ্‌খা] *বি* কৃতকর্ম ফলের আশা পোষণ। { *স.* ফল+আকাঙ্ক্ষা}

ফলাগম [ফলাগম] *বি* ফলের উৎপাদন সময়; ফল ধরার সময়। { *স.* ফল+আগম}

ফলান, ফলানো ⟹ ফলা[2]

ফলানা ⟹ ফলনা

ফলান্বেষণ [ফলানেনশন] *বি* ১ ফলের অনুসন্ধান। ২ কার্যসিদ্ধির আশা। { *স.* ফল+অন্বেষণ}

ফলাফল [ফলাফল্] *বি* কর্মের শুভাশুভ বা মঙ্গলামঙ্গল পরিণাম; সাফল্য বা অসাফল্য; সিদ্ধি বা প্রসিদ্ধি। {ফল+অফল}

ফলার ⟹ ফলাহার

ফলারি [ফলারি] *বি* ফলের অর্থাৎ ফল গাছের বাগান; orchard। **ফল–~** *বি* নানা প্রকার ফল ; নানা প্রকার ফল ও শাকসবজি। { *স.* ফল+অরি}

ফলাশন [ফলাশন] *বি* ১ টিয়া পাখি। { *স.* ফল+অশন}

ফলাহার, ফলার [ফলাহার, ফলার] *বি* ১ ভাত ছাড়া অন্যান্য নিরামিষ দ্রব্য—দই, চিড়া, দুধ, মিষ্টান্ন, বিভিন্ন প্রকার ফল ইত্যাদি ভোজ্যবস্তু। ২ উক্তরূপ ভোজ্য দ্রব্যাদি আহার (ঠাকুরদাসকে পেট ভরিয়া ফলার করাইলেন—*ঈবি*)। **ফলাহারী, ফলারে** *বিণ* ফলারপ্রিয়; ফলার করতে অভ্যস্ত এমন; ফল ভোজনকারী (ফলারে বামুন)। { *স.* ফল+আহার}

ফলি, ফলী ⇒ ফলই

ফলিত [ফোলিতো] *বিণ* ১ ফলবান; ফলযুক্ত। ২ সফল; সিদ্ধযুক্ত, সত্যরূপে প্রমাণিত। ৩ পরীক্ষা বা গবেষণা দ্বারা প্রমাণিত বা সিদ্ধ। ৪ প্রক্রিয়ামূলক; applied (ফলিত রসায়ন)। ~ **জ্যোতিষ** *বি* গ্রহ-নক্ষত্রের গতি দ্বারা ভূত ভবিষ্যৎ জানার শাস্ত্রবিশেষ; astrology। ~**বিজ্ঞান** *বি* ব্যবহারিক বিজ্ঞান; গবেষণায় সিদ্ধ বিজ্ঞান (আমাদের অনেক অভিজ্ঞতা ফলিত বিজ্ঞানের তোয়াক্কা রাখে না—*সুদ*)। **ফলিতা** *বিণ স্ত্রী.* রজঃস্বলা নারী। **ফলিতার্থ** *বি* সারাংশ; প্রধান অংশ। {*স.* ফল+ইত(ইতচ্)}

ফলুই ⇒ ফলই

ফলোদয় [ফলোদয়] *বি* ১ ফলোৎপত্তি। ২ যশ লাভ; সফলতা; উদ্দেশ্যসিদ্ধি। {*স.* ফল+উদয়}

ফলোন্মুখ [ফলোনমুখ] *বিণ* দ্রুত ফল দেবে এমন। {*স.* ফল+উন্মুখ}

ফলোপজীবী [ফলোপোজিবি] *বি* যে ফল বিক্রি করে জীবিকা নির্বাহ করে। {*স.* ফল+উপজীবী}

ফলোপধায়ক, ফলোপধায়ী [ফলোপোধায়োক্, -ধায়ি] *বিণ* ফলজনক; ফল উৎপাদক (তিনি শিক্ষা দিবার অত্যুৎকৃষ্ট ও ফলোপধায়ক প্রণালী জানিতেন—*ঈবি*)। **ফলোপধায়িনী** *স্ত্রী.*। {*স.* ফল+উপধায়ক, উপধায়ী}

ফল্গু [ফোলগু] *বি* ১ গয়ার মধ্য দিয়ে প্রবাহিত অন্তঃসলিলা নদীর নাম। ২ বসন্ত কাল। ৩ আবীর; ফাগ। □ *বিণ* ১ তুচ্ছ; অসার। ২ সুন্দর; মনোরম। ৩ অন্তরে প্রবাহিত অথচ বাহিরে অপ্রকাশ্য এমন। ~**ধারা**, ~**প্রবাহ** *বি* ১ যে ধারা বাহিরে প্রকাশিত নয়। ২ লোকসমাজে প্রচারিত নয় এমন ভাব বা কর্মপদ্ধতি। {*স.* ফল+উ(গ্ আগম)}

ফল্গুন [ফোলগুন] *বি* ১ ফাল্গুন মাস। ২ অর্জুন। {*স.* ফল্গুনী+অ(অণ্)}

ফল্গুনী [ফোলগুনি] *বি* পূর্ব-ফল্গুনী ও উত্তর-ফল্গুনী নামক নক্ষত্রদ্বয়। {*স.* ফল্গুন+ঈ(ঙীষ্)}

ফল্গূৎসব [ফোলগুতশব] *বি* দোলযাত্রা; হোলি বা ফাল্গুন মাসে আবির খেলার উৎসব। {*স.* ফল্গু+উৎসব}

ফস [ফশ] *অব্য* ১ অসতর্কভাবে; অসাবধানবশত (তাই সে ফস করে নীতিকথা বললে—*অঠা*)। ২ আকস্মিক; শীঘ্র। ~**কথা, ফাশকথা** *বি* এমন কথা যা বলার নয়; অযথাবাক্য। ~ ~ *অব্য* শিথিলতাব্যঞ্জক শব্দবিশেষ (তোমার পায়ের জুতা ফসফস করে)। {*ধ্বন্যা.*; *আ.* ফাহিশাহ فاحشة }

ফসকা, ফস্কা [ফশ্কা] *বিণ* আলগা; শিথিল; ঢিলা (বজ্র আঁটুনি ফস্কা গেরো—*প্রবাদ*)। **ফসকানো, ফস্কানো** *ক্রি* ১ পিছলানো (মন্তর আওড়াতে কথা ফসকায়—*অঠা*)। ২ হাতছাড়া হয়ে যাওয়া; আয়ত্তের বাইরে চলে যাওয়া (শিকার ফসকে যাওয়া)। {*আ.* ফস্খ فسخ }

ফস্টি, ফটকি, ফষ্ঠি [ফোশটি, -টকি, -শ্ঠি] *বি* রঙ্গরস (জ্যেষ্ঠ মাসে, ফষ্ঠি করি ষষ্ঠী পালা সারে—*দীমি*)। ~**নষ্টি**, ~-**নাটকি** *বি* ফাজলামি; ইয়ারকি; লঘু হাস্য-পরিহাস; রঙ্গরস; হাসিতামাশা; (ধর্মের নাম করে সাতরকম ফষ্টিনষ্টি—*মুচৌ*)। {*স.* হাস্য>হাস্যি>ফস্যি> ফষ্টি, 'নষ্টি' অনুচর শব্দ}

ফসফরাস, ফসফোরাস [ফস্ফরাস্, -ফো-] *বি* সহজে দাহ্য মৌলিক পদার্থবিশেষ; অন্ধকারে দীপ্তিমান পদার্থবিশেষ। {*ই.* phosphorus}

ফসল[১] [ফশোল্] *বি* ১ ক্ষেতে উৎপন্ন শস্য (এবারে দেশে ভালো ফসল হয়েছে)। ২ ফল; কোনো কিছু আবিষ্কারের সুফল (সায়েন্সের শেষ ফসল যাতে তারা পায়—*রঠা*)। ৩ শস্য সংগ্রহের সময়। **ফসলি, ফসলী** *বিণ* ১ ফসল-সংক্রান্ত (এক ফসলি ক্ষেত)। ২ ফসল তোলার কাল থেকে গণনা করা হয় এমন। **ফসলি/ফসলী সন** *বি* ১৫৫৬ খ্রিস্টাব্দে (৯৬৩ হিজরি) আকবর বাদশাহ কর্তৃক তাঁর রাজ্যে প্রবর্তিত অব্দ। আকবর ১৫৭৫ সনে বঙ্গবিজয় করেন। তাঁর প্রবর্তিত সন সমগ্র বাংলাদেশে ১৬১৭ সন থেকে চালু হয়। {*আ.* ফস্ল فصل }

ফসল[২] [ফশোল্] *বি* ১ অল্প দর; কম মূল্য। ২ ক্রয়-বিক্রয়ে লোকসান বা ক্ষতি (আসলে কিনিয়া মাল ফসলে বিকায়—*পৃগী*)। {*আ.* ফস্ল فصل }

ফসাদ [ফশাদ্] *বি* ঝগড়া; গণ্ডগোল। **ঝগড়া—** *বি* ঝগড়া; ফ্যাসাদ; হাঙ্গামা। {*আ.* ফসাদ্ فساد }

ফস্কা, ফস্কান, ফস্কানো ⇒ ফসকা

ফাইন [ফাইন্] *বি* জরিমানা। □ *বিণ* মিহিন; সুন্দর (ফাইন সুতার কাপড়)। {*ই.* fine}

ফাই-ফরমাশ [ফাই-ফরমাশ] *বি* ছোটখাট হুকুম তামিল (নির্মলা চায় অপূর্ব দাদা তাহাকে ফাই-ফরমাস করে—*বিব*)। {*ফা.* ফরমাইশ فرمایش }

ফাইল [ফাইল্] *বি* ১ শৃঙ্খলার সাথে গুছিয়ে রাখা কাগজপত্রের তাড়া বা নথির গোছা। ২ তালিকা (ধরা রইলো না মনের ফাইলে গাঁথা হয়ে—*অঠা*)। {*ই.* file}

ফাউ ⇒ ফাও

ফাউগ ⇒ ফাগ

ফাউড়া, ফাবড়া (*মবা.*) [ফাউড়া, ফাব্ড়া] *বি* ক্ষুদ্র লগুড়; খেঁটে; ছোট লাঠি (লইয়া ফাউড়া ঢেলা যায় সঙ্গে করে খেলা; তার হয় জীবন সংশয়—*কমু*)। {*স.* পর্ব>}

ফাউন্টেন পেন [ফাউনটেন্পেন] *বি* ঝরনা কলম; একবার কালিতে পূর্ণ করলে যে কলমে দীর্ঘক্ষণ লেখা যায়। {*ই.* fountain-pen}

ফাও, ফাউ [ফাও, -উ] *বি* আসল পরিমাণের অতিরিক্ত কিছু; মূল্যের বদলে প্রাপ্যবস্তুর চেয়ে বাড়তি সামান্য কিছু। □ *বিণ* ১ অতিরিক্ত; উপরি। ২ তুচ্ছ; সামান্য (শুধু তাই নয় তিনি কিছু ফাউও দিয়েছেন—*মুম*)। {*স.* স্ফার; *হি.* ফাও}

ফাওড়া [ফাওড়া] *বি* লম্বা বাঁটযুক্ত চওড়া কোদালি (ফাওড়া কোদালি লেহ; বাগানে চলিয়া যাহ—*সৈহা*)। {*হি.* ফাওড়া}

ফাঁই [ফাঁই] *বি* ১ শূন্য; ফাঁক। ২ উধাও। **ফটাম** ~ *অব্য* ছেঁড়া বা বিদীর্ণ হওয়ার শব্দ। {*ধ্বন্যা.*}

ফাঁই ফাঁই [ফাঁইফাঁই] *অব্য* বস্ত্রাদি ফালি ফালি করে ছেঁড়ার শব্দ। {*ধ্বন্যা.*}

ফাঁক [ফাঁক] *বি* ১ তফাত; অন্তর; ব্যবধান। ২ ফাটল; উন্মুক্ততা; ছিদ্র। ৩ সুযোগ; সুবিধা। ৪ অবকাশ; অবসর

(ফাঁক পেলে)। ৫ শূন্য বা নিঃশেষ (পকেট ফাঁক)। ৬ শূন্যতা (তহবিলের ফাঁক পূর্ণ হল ধনপতির—*অঠা*)। ৭ বিচ্ছেদ; লঙ্ঘন; বাদ (একদিনও ফাঁক যায় না)। ৮ লুণ্ঠন (সিন্দুক ফাঁক করা)। ~ **করা** *ক্রি* ১ খোলা। ২ শূন্য বা খালি করা; ছিদ্র করা। ৩ বিদারণ করা। ৪ রাষ্ট্র করা; প্রচার করা; প্রকাশ করে দেওয়া (গোপন কথা ফাঁক করা)। ~**তাল**, ~**তাল্লা** *বি* ১ হঠাৎ পাওয়া সুযোগ বা সুবিধা (গোলমালে ফাঁকতালে পালিয়েছি কেমন—*রঠা*)। ২ বাজনার তালবিশেষ। ~ **পাওয়া** *ক্রি* ১ অবসর পাওয়া। ২ সুযোগ পাওয়া। ~ ~ *বিণ* বিচ্ছিন্ন; আলাদা; ছাড়া ছাড়া (ফাঁক ফাঁক হয়ে বসো)। **ফাঁকে পড়া** *ক্রি* ১ ফাঁকিতে পড়া। ২ বঞ্চিত হওয়া; প্রতারিত হওয়া। **ফাঁকে ফাঁকে** *ক্রিবিণ* কাজের অবসরে; মধ্যে মধ্যে; দূরে দূরে; আড়ালে আড়ালে (অমন ফাঁকে ফাঁকে থাকলে কেমন করে চলে?)। ~ **ফুকুর** *বি* (ফাঁক ফুকুরে প্রকৃতি নিসর্গ তাঁর হৃদয়দুর্গ দখল করে নিয়েছিলো—*আশ*)। { *স.* √ফক্ক> *আ.* ফরক فرق }

ফাঁকা [ফাঁকা] *বিণ* ১ উন্মুক্ত; অনাবৃত; খোলা। ২ শূন্য। ৩ জনশূন্য; নির্জন। ৪ অসার; ভিত্তিহীন; মিথ্যা; বাজে (ফাঁকা কথায় কান দিও না)। ৫ অপ্রত্যাশিতভাবে কিছু পাওয়া (সে বছরে ফাঁকা পেনু কিছু টাকা—*রঠা*)। ~ **আওয়াজ** *বি* ১ গুলিশূন্য বন্দুকে শুধু বারুদের জন্য যে শব্দ হয়। ২ *(ব্য.)* বৃথা আস্ফালন; বাজে কথার হাঁকডাক (অমন ফাঁকা আওয়াজ সবাই করতে পারে)। ~ ~ **ঠেকা** *ক্রি* শূন্যপ্রায় বা জনহীন বোধ হওয়া; কোনো কিছুর অভাব অনুভব করা (বাড়িকটা কেমন ফাঁকা ফাঁকা ঠেকছে)। { *আ.* ফরক فرق >ফাঁক+ *বা.* আ}

ফাঁকার *(মবা.)* [ফাঁকার] *বি* সাদা তিল। {খনার বচনে, *অমু*}

ফাঁকি, ফাকি [ফাঁকি, ফা–] *বি* ১ প্রতারণা; ছলনা; বঞ্চনা; ঠকামি; চাতুরী; ধাপ্পা; ধোঁকা (ফাঁকি দিয়ে টাকাগুলো নিয়ে গেলো)। ২ কর্তব্যকর্মে অবহেলা (অফিসের কাজে ফাঁকি দেওয়া ওর স্বভাব)। ৩ কূটবিতর্ক (ন্যায়ের ফাঁকি; এখানে রাজা সেই একটা ফাঁকি চাল আনবে—*রঠা*)। ৪ মিহি চূর্ণ গুঁড়া (ফাঁকি ধূপ)। ~**জুঁকি**, ~**জুঁখি** *বি* প্রবঞ্চনা; শঠতা; মিথ্যা আচরণ (ফাঁকিজুকি দিয়ে আর কদ্দিন চলবে?)। **ফাঁকিতে পড়া** *ক্রি* ১ লোকসান দেওয়া। ২ প্রতারিত হওয়া। ~**বাজ** *বিণ* ফাঁকি দিতে অভ্যস্ত বা পটু; প্রতারক (ফাঁকিবাজ লোক দিয়ে কাজ হয় না)। ~**বাজি** *বি* ফাঁকিবাজের বৃত্তি বা কাজ। { *স.* ফক্কিকা> }

ফাঁড় [ফাঁড়] *বি* ১ কলসি ইত্যাদির মধ্য বেষ্টন। ২ উদর; পেট (এ ফাঁড় আর ভরবে না)। { *স.* ফণ্ড> }

ফাঁড়া [ফাঁড়া] *বি* ১ রিষ্টি বা গ্রহদোষ, জ্যোতিষ গণনানুযায়ী মৃত্যুযোগ বা কঠিন বিপদের সম্ভাবনা (অমনি করে ফাঁড়া কাটিয়ে কোন রকমে বেঁচে আছি—ওহ)। ~ **উতড়ানো**, ~ **কাটানো** *ক্রি* বিপদ উত্তীর্ণ হওয়া; প্রাণসংকট মুহূর্ত কেটে যাওয়া। ~**গর্দিশ** *বি* বিপদ–আপদ (নানাবিধ মুশকিল যাবতীয় ফাড়া গর্দিশ এবং তার চেয়ে প্রচুরতর আনন্দের ভিতর দিয়ে—*সৈমু*)। { *স.* পীড়া> }

ফাঁড়ি, ফাঁড়ী [ফাঁড়ি] *বি* পুলিশ–ঘাঁটি; থানার শাখা; চৌকি। ~**দার** *বি* ১ ফাঁড়ির বড় কর্তা। ২ দারোগা। ৩ চৌকিদার। { *স.* ঘাঁটি> }

ফাঁত, ফাঁৎ [ফাঁত] *ক্রিবিণ* দীর্ঘ–নিশ্বাস ত্যাগ সম্পর্কে বলা হয় (লোকটা ফাঁৎ করে নিঃশ্বাস ফেলল)। ~ **করা** *ক্রি* বিশেষ শব্দ করা (চাষা ফাঁত করে রাস্তায় নাক ঝেড়ে ওদিকে আর তাকায় না—*সৈমু*)। ~ ~ *ক্রিবিণ* ফাঁকা ফাঁকা লাগা; শূন্যবোধ হওয়া (সকলের অভাবে প্রাণটা ফাঁৎ ফাঁৎ করছে)। { *ধ্বন্যা.* }

ফাঁদ, ফান্দ, ফান [ফাঁদ, ফানদ, ফান] *বি* ১ পশুপাখি ধরার যন্ত্রবিশেষ (ফাঁদ পেতে পাখি ধরা)। ২ *(আল.)* কৌশল; ছল; ফন্দি; চক্রান্ত (বাতাসে পাতিয়া ফাঁদ ধরে দিতে পারি চাঁদ—*ভারা*)। ৩ ব্যাস; বৃত্তের ভিতরের আয়তন (বড় ফাঁদের বাসা)। ~ **পাতা** *ক্রি (আল.)* কারও অনিষ্ট সাধনের জন্য কৌশল বা চক্রান্তজাল বিস্তার করা। **ফাঁদে পা দেওয়া** *ক্রি (আল.)* চক্রান্ত না বুঝে শিকার যেমন জালে পড়ে তেমনি অজ্ঞাতসারে কোনো বিপদের মধ্যে পড়া। { *ফ.* ফন্দ فند }

ফাঁদা, ফান্দা, ফেন্দ *(মবা.)* [ফাঁদা, ফানদা, ফেনদ] *ক্রি* ১ আরম্ভ করা; শুরু করা; সূচনা করা; পত্তন করা (ব্যক্তিগতভাবে ব্যবসায় ফাঁদিয়া বসে—*ওয়ালি*)। ২ (বুদ্ধি) আঁটা; কৌশলজাল পাতা (মামলার ফাঁদ ফাঁদলে —*রঠা*)। ৩ লম্ফ প্রদান করা; লাফানো (পার হল ত্বরিত কুরঙ্গ চলে ফেন্দে—ঘচ)। ৪ স্থির করা (মতলব ফাঁদা)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* স্পন্দন>ফাঁদন> ফাঁদ+আ}

ফাঁদানি, ফাঁদানী [ফাঁদানি] *ক্রি* ফাঁদ পাতা (এই ত নিত্য নূতন ফাঁদ—নূতন ফাঁদানী—*মীম*)। {ফাঁদ+আনি, আনী}

ফাঁদালো, ফাঁদাল [ফাঁদালো] *বিণ* ১ ফাঁদযুক্ত; জটিল ফাঁদ (যে ফাঁদ খুব ফাঁদাল, . .সেই ফাঁদেই রোখ বেশী—*মীম*)। ২ বিস্তৃত মুখবিশিষ্ট (ফাঁদালমুখো জালা)। ☐ *বি* যার ভিতর অনেকটা ফাঁকা (ফাঁদালো হাঁড়ি)। { *স.* ফাঁদ+আলো}

ফাঁদি [ফাঁদি] *বিণ* ১ বিস্তৃত; বিস্তারযুক্ত। ২ ফাঁদালো। ~ **কথা** *বি* বেহুদা কথা; আড়ম্বরপূর্ণ বাজে কথা। {ফাঁদ+ই}

ফাঁপ, ফাঁফ [ফাঁপ, –ফ] *বি* স্ফীতি; ফোলা বা ফাঁপা বস্তু। ~ **ধরা** *ক্রি* ফুলে ওঠা; ফেঁপে ওঠা। { *প্রা.* ফংফ>ফাঁপ}

ফাঁপর, ফাপর, ফাঁফর [ফাঁপোর, –, ফো–] *বি* ১ সমস্যা; বিপদ; বিপাক; মহাচিন্তা; নিরুপায় (এসে ফাঁপরে পড়ে গেলাম—*ইখা*)। ২ মনের অস্বস্তি বা শূন্যতা (তাহার বুকের ফাঁপর সে মিটাইবে কি দিয়া—*কাআও*)। ৩ হতবুদ্ধিকর অবস্থা (ফাঁপরে পড়িয়ে কবি ফ্যাল ফ্যাল চায়—*হেব*)। ৪ উদর ফুলে ওঠা (জল খেয়ে রাবণারে হইলি ফাঁপর—*কৃও*)। ☐ *বিণ* বিপন্ন; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ় (পালাইতে না পেরে ফাঁপর হৈল হর—*ভারা*; শুনিয়া আজ্জিজ মর্দ হইল ফাফর—*ফগা*)। { *প্রা.* ফংফ>ফাঁপ+র}

ফাঁপা [ফাঁপা] *ক্রি* ১ স্ফীত হওয়া; ফুলে ওঠা বায়ু দ্বারা পূর্ণ হওয়া (পেট ফাঁপা)। ২ ধনবান হওয়া; বিত্তশালী

হওয়া (চোরা বাজারে কারবার করে লোকটা ফেঁপে উঠেছে)। □ *বিণ* ১ শূন্যগর্ভ (সোনার বালার ভিতরটা ফাঁপা) ২ বায়ুপূর্ণ (বলটা ফাঁপা)। **ফাঁপানো, ফাঁপান** *ক্রি* ১ ফুলানো; বায়ুপূর্ণ করা; স্ফীত করা। ২ অতিরঞ্জিত বা প্রশংসা দ্বারা গর্বিত করা (স্তোকবাক্যে লোকটাকে ফাঁপিয়ে তোলা হয়েছে)। □ *বিণ* বায়ুপূরিত। ~ **ঢেঁকির শব্দ বড়**—ভিতরে যার কিছু নেই তার বাইরের শব্দ কিছু বেশি রকম। { *প্রা.* ফংফ>ফাঁপ+আ}

ফাঁফর ⇒ ফাঁপর

ফাঁশি ⇒ ফাঁসি

ফাঁস[১], **ফাঁশ**[১] [ফাঁশ্] *বি* ১ ইচ্ছানুযায়ী শক্ত বা শিথিল করা যায় এমন রজ্জু বা দড়ির বাঁধন; ফাঁসি (কার হাতে কেরয়াল কারু হাতে ফাঁস—*কমু*)। ২ প্রকাশ (সম্বন্ধটা ফাঁস ক'রে দিলে—*নই*)। ৩ ফাঁদ; জাল। ~**কল** *বি* ১ ফাঁদ। ২ চাল; চক্রান্ত; কৌশল; জাল (উলটে ওরা তোমারই ফাঁসকলে পড়েছে—*রঠা*)। { *স.* পাশ>}

ফাঁস[২], **ফাঁশ**[২] [ফাঁশ্] *বিণ* ১ আলগা; শিথিল। ২ ব্যক্ত; প্রকাশিত; রাষ্ট্র (আসলে কথাটা ক্রমেই ফাঁস হইয়া পড়িতেছে—*সুরা*)। { *ফা.* ফাশ فاش }

ফাঁসা [ফাঁশা] *ক্রি* ১ ধ্বসে পড়া; খুলে যাওয়া; ফেটে পড়া বা ভগ্ন হওয়া (হাঁড়ির তলা ফেঁসে গেছে)। ২ পণ্ড বা বিফল হওয়া; ব্যর্থ হওয়া (বিয়ের আয়োজন সব ফেঁসে গেল)। ৩ গোপন বিষয় প্রকাশিত হওয়া (ওদের ষড়যন্ত্র ফেঁসে গেল)। ৪ বিপদে জড়িয়ে পড়া (লোকটা চক্রান্তে ফেঁসে গেছে)। ৪ বিচ্ছিন্ন হওয়া (বস্ত্রাদির বুনন ফেঁসে যাওয়া)। □ *বি* উক্ত সকল অর্থে। **ফাঁসানো/ফাঁসান** *ক্রি* ১ বিপদে ফেলা বা জড়িত করা (নিরীহ লোকটাকে চক্রান্তের মধ্যে ফাঁশিয়ে দিল)। ২ ছিন্ন করা; চেরা। ৩ পণ্ড করা; বিফল করা। { *স.* পাশ>ফাঁস+ *বা.* আ}

ফাঁসি, ফাঁসী, ফাঁশি [ফাঁশি] *বি* ১ আত্মহত্যা; গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মহনন; উদ্বন্ধন। ২ বন্ধন-রজ্জু (আমি পরের ঘরে কিনব না তোর ভূষণ বলে গলায় ফাঁসি—*রঠা*)। ৩ আত্মহননের জন্য গলায় পরার ফাঁস। ৪ গলায় ফাঁস লাগিয়ে মৃত্যুদণ্ড। ~**কাঠ** *বি* যে কাঠ থেকে ফাঁসির দড়ি লাগানো হয়। { *স.* পাশ>ফাঁস, ফাঁশ+ *বা.* ই, ঈ}

ফাঁসুড়ে, ফাঁসুড়িয়া [ফাঁশুড়ে, -ড়িয়া] *বি* কৌশলে গলায় ফাঁস লাগিয়ে পথচারীদিগকে হত্যা করে এমন নরঘাতী দস্যু (শিমলিয়া বালিঘাটা ফাঁসুড়ের ভয়—*কমু*)। { *স.* ফাঁস+ *বা.* উড়িয়া>উড়ে}

ফাকা [ফাকা] *বি* ১ উপবাস (সাতরোজ ফাকা আছে তবু নাহি খায়—*সৈহ*; ভুখাফাকা)। ২ দারিদ্র্য; অভাব-অনটন। { *আ.* ফাকাহ فاقة }

ফাঁকি ⇒ ফাঁকি

ফাক্কা [ফাক্কা] *বি* ১ বিবর্ণ বা ম্লানাভাব; বিবর্ণতা; ম্লানিমা (মুখে উড়ে ফাক্কা—*রাসে*)। ২ ফেনা; ফেকো; শুকনা থুথু। { *স.* ফক্কিকা>}

ফাগ, ফাউগ, ফাগু, ফাগুয়া [ফাগ্, ফাউগ্, ফাগু, ফাগুয়া] *বি* ১ আবীর (উহাতে কে যেন ফাগ ছড়াইয়া দিয়াছে; আইল ফাল্গুন মাস ফাগুর বিহার—*দৌবাখা*; সিন্দূর বদলে দিব ফাউগের গুঁড়ি—*বিগু*)। ২ উৎসব-বিশেষ; হোলি। { *স.* ফল্গু>, *তুল. হি* ফাগুয়া}

ফাগুন ⇒ ফাল্গুন

ফাজলামো ⇒ ফাজলামি

ফাজলামি, ফাজলামো [ফাজ্‌লামি, -মো] *বি* বাচালতা; প্রগল্‌ভতা; ধৃষ্টতা (যা-যা ফাজলামো নয়—*অচিসে*)। { *ফা.* ফাদিল فاضل + *বা.* আমি}

ফাজিল, ফাযিল, ফাজেল, ফাযেল [ফাজিল্, -, -জেল্, -] *বিণ* ১ বাচাল; বখাটে (আমার এক ফাজিল বন্ধু বলেছেন—*নই*)। ২ জমা অপেক্ষা খরচের বাহুল্য (জমা ওয়াশীল ফাজিল হাতচিঠে—*অঠা*)। ৩ পণ্ডিত, বিদ্বান (সংস্কৃত বিদ্যায় ফাজিল নহেন—*ঈবি*)। ৪ অতিরিক্ত; উদ্বৃত্ত; অবশিষ্ট (নিকাশ করিয়া লেনদেনি ফাজিল কিছুতে কমে না আর—*নই*; সেই ধানের আযিম সাগরিদগণকেই সমান বাঁটিয়া দেয়—*আমআ*)। { *আ.* ফাদিল فاضل }

ফাট [ফাট্] *বি* ১ চির; ফাটল; বিদারণ (মাটির ঘরে ফাট ধরেছে—*অঠা*)। ২ ফাঁক। **ফাটন** *বি* ফেটে যাওন; বিদারণ; চিড় খাওয়া। **ফাটল** *বি* ফাটা স্থান; ছিদ্র; ইটের গাঁথুনির বা জমির মধ্যস্থ ফাঁক (থর-থরিয়ে ফাটল ধরে দুই পাড়ে তার—*রখা*)। { *স.* স্ফট>}

ফাটক [ফাটোক্] *বি* ১ কারাগার; জেলখানা; হাজত; গারদ (ফাটকে আটক যত—*ভারা*)। ২ কারাদণ্ড; জেল (একজন মোক্তারকে এই আইনে ছয়মাস ফাটক দিয়াছিল—*দীমি*)। ৩ সিংহদ্বার; সদর দরজা; ফটক। ~ **খাটা** *ক্রি* জেল খাটা; কারাদণ্ড ভোগ (আমি যে একমাস ফাটক খেটে এলেম—*মীম*)। { *হি* ফাটক}

ফাটকি-নাটকি [ফাট্‌কি-নাট্‌কি] *বি* ১ অল্প দামের অকিঞ্চিৎকর দ্রব্য। ২ তুচ্ছ বা বাজে বিষয়। ৩ তামাশা; কৌতুক। { ⇒ ফষ্টি}

ফাটন, ফাটল ⇒ ফাট

ফাটা [ফাটা] *বি* ১ বিদারণ। ২ বিদীর্ণ স্থান; ফাটল। □ *বিণ* বিদীর্ণ। □ *ক্রি* বিদীর্ণ হওয়া; ছিন্নবিচ্ছিন্ন হওয়া; খাওয়া (ফুটি হেন মাটি ফাটে—*ভারা*)। **ফাটানো** *ক্রি* বিদীর্ণ করা; ফাঁড়া; চেরা। ~**ফাটি** *বি* ১ উভয় পক্ষের দ্বন্দ্ব ও আঘাতে পরস্পর আহতকরণ (মাথা ফাটাফাটি কাণ্ড)। ২ সংকটজনক অবস্থা; প্রবল দ্বন্দ্ব (এমন শক্ত কাজে হাত দিয়েছ, ফাটাফাটি বেধে যাবে)। { *স.* স্ফট্> *প্রা.* ফট্ট> ফাট্+আ}

ফাটকা ⇒ ফটকা

ফাড্ডিঅ (*প্রাবা.*) [ফাড্‌ডিঅ] *অক্রি* ফেড়ে (ফাড্ডিঅ —চর্যাপদ)। { *স.* √স্ফাটি> *প্রা.* √ফাড়>}

ফাড় [ফাড়্] *বি* চওড়া; প্রস্থ। { *স.* স্ফাত অথবা প্রস্থ}

ফাড়া [ফাড়া] *ক্রি* চেরা; ছেঁড়া; বিচ্ছিন্ন করা; বিদীর্ণ করা (রাবণের পৃষ্ঠ মাংস থাকে থাকে ফাড়ে—*কৃব*; চালের ফাড়িয়া খড় জ্বালিয়া—*কমু*)। **ফাড়ানো, ফাড়ান** *ক্রি* অন্যের দ্বারা চেরানো। { *স.* √স্ফুট্>}

ফাণি ⇒ ফানি

ফাণ্ট [ফান্‌ট্] *বি* ১ ক্বাথ; মাড়ি। ২ পাইন; কলাই দ্রব্য। ৩ অনায়াসে প্রস্তুত। { *স.* √ফন্+ত(ক্ত)}

ফাগু = ফল্গু

ফাৎ [ফাত্] *অব্য* ১ হঠাৎ আগুন জ্বালাসূচক শব্দ। ২ ফুৎকার শব্দ। { *ধ্বন্যা.* }
ফাৎনা ⇒ ফাতনা
ফাতনা, ফেতনা [ফাত্না, ফ্যা–] *বি* মাছ ধরার জন্য ছিপের সুতায় বাঁধা শোলা বা পালকের ডাঁটা (তাহার বড়শীর ফাতনা নড়িয়া উঠিল—*শাকা*)। { *স.* পত্র> }
ফাতরা, ফাৎরা [ফাত্রা] *বি* ১ কলাগাছের পাতার সাথে শুকনা খোল (কলার ফাতরা)। □ *বিণ* ১ বাজে; হালকা; খেলো। ২ অসার। ৩ ফাজিল; বাচাল; ধাপ্পাবাজ (তোমার তো বড় ফাতরা লোকের সঙ্গে কারবার দেখছি)। **ফাতরামি** *বি* ফাজলামি; ধাপ্পাবাজি; দুষ্টামি; ছেলেমানুষি (ফাতরামি কোরো না বলছি)। { *স.* পত্র> }
ফাতহ [ফাত্‌হ্] *বি* বিজয়। **ফাতহাম মুবিনা** *বি* স্পষ্ট বিজয় (এই [হুদায়বিয়ার] সন্ধি হইতে ইসলামের প্রকাশ্যে বিজয়ের আরম্ভ, ইহাই কোরআন পাকের ফাতহাম মুবীনা—*হাব্য*)। { *আ.* ফাতাহ্ فتح }
ফাতেহা [ফাতেহা] *বি* ১ কুরআনের প্রথম সুরা; আল-ফাতিহা। ২ মৃতব্যক্তির আত্মার কল্যাণের জন্য সুরা ফাতিহা ইত্যাদি পড়ে প্রার্থনা ও দরিদ্র ভোজনাদি অনুষ্ঠান (করিব ফাতেহা আদি কান্দিব বিস্তর—*হেমা*)। { *আ.* ফাতিহাহ্ فاتحة }
ফানটা [ফান্‌টা] *বি* শরবতবিশেষ; মুখরোচক পানীয় বিশেষ। { *ই* fanta }
ফানস ⇒ ফানুস
ফানা [ফানা] *বি* ১ লয়; ধ্বংস (যেদিন ইস্রাফিলের শিঙ্গায় সব হবে আখের ফানা—*পাকা*)। ২ আত্মহারা; তন্ময়; পাগল (তোমার রূপে দেখ্যা কাজী হইয়াছে ফানা—*শাস*)। ~ **হওয়া** *ক্রি* লয় হওয়া; ধ্বংস হওয়া (এ দুনিয়া ফানা হবে কিছু রবে না—*মাগা*)। { *আ.* ফানা فنا }
ফানি, ফাণি, ফেনি [ফানি, –, ফেনি] *বি* ফেনি বাতাসা। ২ আখের ঘন গুড়। { *স.* √ফন্+ই(ণিচ্)>অথবা *স.* ফেন> }
ফানুশ, ফানুস [ফানুশ্] *বি* ১ বেলুন; যা বাষ্পের সাহায্যে আকাশে উড়তে পারে (আমরা যখন উড়িয়েছিলুম ফানুষ—*রঠা*)। ২ দীপাবরণ (একটা পতঙ্গ আসিয়া ফানুসের চারিপাশে শব্দ করিয়া ঘুরে বেড়াইতেছে—*বচ*)। ৩ লণ্ঠন। { *আ.* ফানুস فانوس }
ফান্ড, ফাণ্ড [ফান্‌ড্] *বি* ১ তহবিল; কোষ। ২ পুঁজি। { *ই* fund }
ফান্দ ⇒ ফাঁদ
ফান্দা ⇒ ফাঁদা
ফাপর, ফাফর ⇒ ফাঁপর
ফায়সালা ⇒ ফয়সালা
ফায়ার [ফায়ার্] *বি* আগুন। □ *ক্রি* বন্দুক প্রভৃতি ছোড়া; কামান দাগা। ~ **করা** *ক্রি* বন্দুক ছোড়া। { *ই* fire }
ফায়দা, ফয়দা [ফায়্‌দা, ফ–] *বি* ১ মঙ্গল; উপকার; সুফল লাভ (কোনো ফায়দা নেই)। ২ সুবিধা; সুযোগ (ফায়দা লোটা)। ৩ আবশ্যক। { *আ.* ফাইদাহ্ فائدہ }
ফাযিল, ফাযেল ⇒ ফাজিল
ফার (*মবা.*) [ফার্] *বি* ১ বিদীর্ণ; বিদারণ। ২ ফালা ফালা (জগদল পাথর বিন্দিয়া কৈল ফার—*ঘচ*)। ৩ দূরীকরণ; অপসারণ (তিমিরে তিমির কৈল ফার—*কীর্তনানন্দ*)। { *স.* স্ফুট্>ফার }
ফরক ⇒ ফারাক
ফারকত, ফারখৎ ⇒ ফারখত
ফারখত, ফারখৎ, ফারখতি, ফারখতাখতি, ফারকত [ফারখত্, –, –খোতি, –খতাখোতি, ফার্‌কত্] *বি* ১ ছাড়পত্র; ত্যাগপত্র (যৌবনের আখিরি করিয়া ফারখতি লইতে পারি নাই—*বচ*)। ২ তালাকনামা; document of discharge (যমের যমজ জামাতৃকে লিখে দিয়ে ফারখত—*নই*)। ৩ সম্বন্ধচ্ছেদ (সত্যের সহিত ফারখতাখতি করিয়া আদালতে ঢুকতে হয়—*প্যামি*)। { *আ.* ফারিগ্+খত্ فارغ + خط }
ফারফোর [ফার্‌ফোর্] *বি* ছিদ্রময় গড়ন (কপাটি বটে, কিন্তু—ফারফোরের কাজ . . . যাকে বলে জালির কাজ—*প্রচৌ*)। { *ই* perforated }
ফারম ⇒ ফার্ম
ফারসি, ফার্সি [ফার্‌শি] *বি* ১ পারস্যদেশের ভাষা (তুরকী আরবী পড়ে ফারসী মিশালে—*ভারা*)। □ *বিণ* পারস্য দেশ সম্বন্ধীয়; পারস্যদেশীয়। { *ফা.* ফার্সী فارسی }
ফারাক, ফরক, ফারাগ (*অপ্র*) [ফারাক্, ফরক্, ফারাগ্] *বি* ১ পার্থক্য; প্রভেদ (আমি দিশি বিদেশীতে কোন ফারাক দেখতে পাইনে—*সৈমু*; ব্রাণ্ডি আর হুইস্কির নেশার মধ্যে ফারাক আছে—*শও*)। ২ ব্যবধান; তফাত (উভয়ের আসমান-জমীন ফরক—*ঈবি*)। □ *বিণ* ১ আলাদা; স্বতন্ত্র; বিচ্ছিন্ন; পৃথক। ২ দূর। { *আ.* ফরক্ فرق }
ফারা ফারা [ফারাফারা] *বি* (মগের ভাষায়) হে খোদা হে খোদা (ফারা ফারা বোলি মগে—*পূগী*)। { *অমৃ.* }
ফারেস [ফারেস্] *বি* পারস্যদেশ (আরবের প্রাণ ফারেসের গান—*নই*)। { *আ.* ফারিস فارس }
ফার্ন [ফার্‌ন্] *বি* উদ্ভিদবিশেষ; ঢেঁকি শাক (নদীর তীরে ছোট ফার্নের ঝোপ—*বিব*)। { *ই* fern }
ফার্নিচার [ফার্‌নিচার্] *বি* আসবাবপত্রবিশেষ (ফার্নিচারগুলো আজ পাঠিয়ে দেবার কথা ছিল—*মঈন*)। { *ই* furniture }
ফার্ম, ফারম [ফার্‌ম্] *বি* ব্যবসায় প্রতিষ্ঠান; কোম্পানি (সে একটা ঔষধের ফার্মে কাজ নিয়েছে)। { *ই* firm }
ফার্স [ফার্‌স্] *বি* প্রহসন { *ই* farce }
ফার্স্ট এইড [ফার্‌স্‌ট্ এইড্] *বি* প্রাথমিক চিকিৎসা (ডাক্তার আসিয়া পৌঁছার আগে রোগীর প্রাণ বাঁচানোর ব্যবস্থাকে ফার্স্ট এইড বা প্রাথমিক চিকিৎসা বলা হয়—*আআ*)। { *ই* first aid }
ফাল১ [ফাল্] *বি* ১ লাঙলের মুখের লৌহখণ্ড যদ্দ্বারা ভূমি বিদীর্ণ করা হয়; লাঙলের ফলা (লাঙ্গলের মুখে চাই ফাল। তবে ত মেদিনী ফাড়ে—*মীম*)। ২ ফলকাস্ত্র; ফলা। { *স.* ফাল; লাঙ্গল }
ফাল২ [ফাল্] *বি* লাফ; লম্ফ। ~ **মারা**, ~ **দেওয়া** *ক্রি* আস্ফালন করা; বিস্তার; প্রসারণ (বহু ফাল করিআ—*বচন্দা*)। { *স.* লম্ফ>লাফ>(ধ্বনি বিপর্যয়ে) ফাল }
ফাল৩ ⇒ ফালা

ফালতু, ফালতো [ফাল্‌তু, -তো] *বিণ* ১ বেশি; বাড়তি; অতিরিক্ত (ফালতো কোন খরচা লাগবে না—*সৈমু*; কথাটা হয়তো ফালতু নয়—*আআআ*)। ২ বাজে অনাবশ্যক; বৃথা (অপরাহ্ণ আর সন্ধ্যার মাঝখানে দিনের একটা পোড়ো জমির মতো ফালতো অংশ আছে—*রঠা*; ফালতু টানটোন রেখাপাতে অনর্থপাতের শঙ্কায় আড়ষ্ট হয়ে থাকতেন—*কেম*)। {*হি* ফাল্‌তু}

ফালসা, ফালসাই ⇒ ফলসা

ফালা, ফাল্লা [ফালা, ফাল্‌লা] *বি* ১ খণ্ড; ফালি; লম্বা টুকরা (কাপড়ের ফালা)। ২ লম্বভাবে কাটা ছেঁড়া; ছেদ (আঁচলটাতে প্রকাণ্ড একটা ফালা—*অচিসে*)। ~ **দেওয়া** *ক্রি* লম্বালম্বি কাটা (কাপড়ডায় ফালা দিলে কেমন করে—*দীমি*)। ~ ~ **করা** *ক্রি* লম্বা লম্বা টুকরা করে ছিন্ন করা বা ছেঁড়া। {*স.* √ফল্‌>√ফাল্‌+আ}

ফালাও ⇒ ফলাও

ফালি [ফালি] *বি* ১ ক্ষুদ্র ফালা। ২ লম্বা সরু টুকরা (নারকেল ফালি চন্দ্রকলার মত করে কাটা—*অঠা*)। {*স.* √ফল্‌>√ফাল্‌+ই}

ফালুদা [ফালুদা] *বি* দুধের সরের তৈরি মিষ্টান্ন বা ক্ষীরবিশেষ (ফিরে এল হাতে এক থালা ফালুদা নিয়ে—*সৈমু*)। {*ফা.* ফালুদাহ پالوده }

ফাল্গুন, ফাগুন [ফাল্‌গুন্‌, ফাগুন্‌] *বি* ১ বাংলা বৎসরের একাদশ মাস; বসন্তকালের প্রথম মাস; ফাল্গুন মাস। ২ তৃতীয় পাণ্ডব অর্জুন। **ফাল্গুনি** *বি* অর্জুন। **ফাল্গুনী** *বি* ফাল্গুন মাসের পূর্ণিমা; বাসন্তী পূর্ণিমা। {*স.* ফল্গুনী+অ(অণ্‌)>ফাল্গুন, >*বা.* ফাগুন}

ফাস্ট[১] [ফাস্‌ট্‌] *বিণ* ১ উচিত অপেক্ষা অগ্রগামী (তোমার ঘড়ি পনেরো মিনিট ফাস্ট)। {*ই* fast}

ফাস্ট[২], **ফাস্টো** [ফাস্‌ট্‌, ফাশ্‌টো] *বিণ* ফার্স্ট; সর্বোচ্চ; শীর্ষ (এই ফাস্ট ক্লাশ?—*অচিসে*)। {*ই* first}

ফাস্ট-এইড [ফাস্‌ট্‌এইড্‌] *বি* প্রাথমিক চিকিৎসা। {*ই* first-aid}

ফি[১], **ফী**[১] [ফি] *বিণ* প্রত্যেক; প্রতি (তুমি ফি শনিবারে বাড়ি যাও, তোমার ছুটি হবে না—*বিব*)। {*আ.* ফি فی }

ফি[২], **ফী**[২], **ফিস** [ফি, -, ফিশ্‌] *বি* ১ পারিশ্রমিক; দর্শনী; দক্ষিণা (ডাক্তারের ফি, উকিলের ফি; চিকিৎসা করেন, ফি নেন—*কাও*)। ২ বেতন; মাহিনা (স্কুল কিংবা কলেজের ফিস)। ৩ প্রবেশমূল্য (পরীক্ষার ফি)। ৪ কর; মাসুল (কোর্ট-ফি)। {*ই* fee}

ফিক [ফিক্‌] *বি* ১ পেশি সংকোচনজাত আকস্মিক বেদনা; স্নায়ুর আক্ষেপ (ফিক ব্যথা)। □ *অব্য* লঘু হাস্য প্রকাশসূচক (ফিক করে হাসা)। ~~ *অব্য* পুনঃপুন মৃদু হাস্যের ভাবসূচক। {*ধ্বন্যা.*}

ফিকা[১], **ফেকা** [ফিকা, ফেকা] *বি* ইসলামি শরিয়তের আইন; আইনের জ্ঞান; জ্ঞান। {*আ.* ফিক্‌হ্‌ فقه }

ফিকা[২], **ফিকে** [ফিকা, -কে] *বিণ* ১ অনুজ্জ্বল; ফেকাসে; হালকা। ২ অসার; অকিঞ্চিৎকর; বাজে (এ কারণটি তাহার কাছে এমনই ফিকা বলিয়া মালুম হইয়াছিল—*কাআও*)। ৩ পানসে; বিস্বাদ; জলো (ঘোলের চেয়ে দই ফিকে—*বচ*)। {*স.* অপক্ব>*প্রা.* অপিক্ক>পিকী>}

ফিকাহ [ফিকাহ্‌] *বি* ইসলামি শরিয়তের আইন ব্যাখ্যা; আইনের তাৎপর্য বিশ্লেষণজাত সিদ্ধান্ত। {*আ.* ফিক্‌হ্‌ فقه }

ফিকির [ফিকির্‌] *বি* ১ কার্যোদ্ধারের উপায় চিন্তা। ২ উপায়; ব্যবস্থা; কৌশল; চেষ্টা; ফন্দি; মতলব (ঘায়েল করবার ফিকিরে ছিল—*মুচৌ*)। ৩ ছলনা; ছল; প্রতারণা (কত ফিকিরে লোক পয়সা আনে—*বিব*)। {*আ.* ফিকির فكر }

ফিকে ⇒ ফিকা[২]

ফিঙা ⇒ ফিঙে

ফিঙে, ফিঙা, ফিঙ্গে [ফিঙে, -ঙা, ফিঙ্‌গে] *বি* ১ এক প্রকার কৃষ্ণবর্ণ ক্ষুদ্র পাখি (ডাকিল ফিঙা—*মদ*)। ২ 'y' অক্ষরের মতো কাঠের টুকরা। ৩ পাথর ছোড়ার জন্য রজ্জু নির্মিত যন্ত্র। {*স.* ফিঙ্গক>}

ফিঙ্গক [ফিঙ্‌গক্‌] *বি* ফিঙে পাখি। {*স.* ফিঙ+√গৈ+অ(ক)+ক(কন্‌)}

ফিঙ্গে ⇒ ফিঙে

ফিচেল, ফিচাল *(বিরল)* [ফিচেল্‌, -চাল্‌] *বিণ* ১ ধূর্ত; শঠ; প্রবঞ্চক; ফন্দিবাজ; ধড়িবাজ। ২ ফাজিল; বাচাল; লম্পট। {*আ.* ফাসিক فاسق ; *আ.* ফাদ্বিল فاضل ; *তুল.* মারাঠি ফিসরা—বিশ্বাসঘাতক, বেঈমান; ধূর্ত}

ফিট[১] [ফিট্‌] *বি* মূর্ছা; তড়কা; অজ্ঞান অবস্থা (লোকটার ফিট হয়েছে)। {*ই* fit}

ফিট[২] [ফিট্‌] *বি* ১ সংযোগ; সংযুক্তি (গাড়ির ইঞ্জিন ফিট করা)। ২ মাপসই বা সুসঙ্গত হওয়া (গায়ের জামাটি তো বেশ ফিট করেছে)। □ *বিণ* ১ উপযুক্ত; যোগ্য (আমি যাকে ফিট বলে দেব, সাহেব তাতেই রাজী হবে—*কাই*)। ২ সুসজ্জিত; পরিপাটি (ফিট বাবু)। ৩ মানানসই। ~ **ফাট** *বি* পরিষ্কার-পরিচ্ছন্ন; পরিপাটি; কেতাদুরস্ত; tip-top। {*ই* fit}

ফিট [ফিট্‌] *বি* ১২ ইঞ্চি দীর্ঘ মাপ। {*ই* feet}

ফিটকারী, ফিটকিরি, ফিটকিরী ⇒ ফটকিরী

ফিটন, ফেটিং, ফেটিন [ফিটন্‌, ফেটিঙ্‌, -টিন্‌] *বি* এক প্রকার চার চাকার ঘোড়ার গাড়ি (বাবুর ফিটন প্রস্তুত—*কাস্নি* ফেটিং চোড়ে ঘুরছে মোড়ে—*অমৃব*)। {*ই* phaeton}

ফিটফিটে [ফিট্‌ফিটে] *বিণ* অত্যন্ত উজ্জ্বল; খুব সাদা (রং ফিটফিটে ফরসা—*দিসে*)। {*ধ্বন্যা.*}

ফিতনা [ফিত্‌না] *বি* প্রলোভন; দাঙ্গা; ধর্মীয় নির্যাতন; বিশৃঙ্খলা; গৃহযুদ্ধ; শিরক। {*আ.* ফিতনা فتنه }

ফিতা, ফিতে [ফিতা, -তে] *বি* ১ কাপড়ের তৈরি লম্বা ও চ্যাপটা ফালি। ২ কাপড়ে লাগানোর লেস। {*পো.* fita}

ফিৎরা ⇒ ফেৎরা

ফিদবি [ফিদ্‌বি] *বিণ* অনুগত; বশংবদ। {*আ.* ফিদ্‌ভী فدوى }

ফিদিয়া [ফিদিয়া] *বি* কোরবান; বন্দীর উদ্ধার মূল্য। {*আ.* ফিদিয়াহ্‌ فدية }

ফিনকি, ফিনকী [ফিন্‌কি] *বি* ১ অগ্নিকণা; স্ফুলিঙ্গ (ফিনকি ছুটে ভারত জুড়ে আগুন গেল লেগে—*হেম*)। ২ বেগে নির্গত সূক্ষ্ম ধারা (ফিনকি দিয়া রক্ত ছুটিয়াছে, আর তারই সেই ভেজাচুলের ফিনকীর ঝাপ্টা আমাদিগকে

এমন ভিজিয়ে দিচ্ছে—*নই*)। {*স.* স্ফুলিঙ্গ>}

ফিনফিন [ফিন্‌ফিন্] *অব্য* অতি পাতলা কাপড়, কাগজ বা অন্য বস্তুর দ্রুত স্পন্দনের ভাবসূচক (প্রজাপতির পাখার মতো ফিনফিন করতে অবাক রোদ্দুরে—*শাকা*)। **ফিনফিনে** *বিণ* সূক্ষ্ম; মিহি; সরু; পাতলা (ফিনফিনে ধুতি)। {*ই.* fine}

ফিনাইল [ফিনাইল্] *বি* দুর্গন্ধ ও জীবাণু নষ্টকারী এক প্রকার তরল পদার্থ। {*ই.* phenyl}

ফিনিক [ফিনিক্] *বি* দীপ্তি; ঔজ্জ্বল্য; উজ্জ্বলতা; প্রভা (জ্যোৎস্নায় ফিনিক ফুটেছে)। {*স.* স্ফুলিঙ্গ>}

ফিরকা ⇒ ফেরকা

ফিরকি [ফির্‌কি] *বি* জানালার খিলবিশেষ, স্ক্রু দিয়ে ঢিলাভাবে আঁটা থাকে বলে সহজে ঘুরতে ফিরতে পারে। {*হি*}

ফিরঙ্গ, ফেরঙ্গ [ফিরঙ্গো, ফে-] *বিণ* ইউরোপীয়। ~-ব্যাধি *বি.* ফিরিঙ্গিদের দ্বারা আনীত যৌন রোগ; গরমি; উপদংশ; syphilis। {*পো.* francez; *ফা.* ফিরঙ্গী فرنگی }

ফিরঙ্গি, ফিরঙ্গিন [ফিরঙ্গি, -গিন্] *বি* ফিরঙ্গ দেশের পুরুষ। {*পো.* francez; *ফা.* ফিরঙ্গী فرنگی }

ফিরত ⇒ ফেরত

ফিরতি [ফির্‌তি] *বিণ* ফেরত; প্রত্যাগত; ফিরে আসে এমন (ফিরতি বাস কতক্ষণ পরপর আসে—*অচিসে*)। □*বি* ফেরার সময়। □*ক্রিবিণ* ফেরার সময়ে। { ফির্+তি}

ফিরদউস ⇒ ফেরদৌস

ফিরদউসি ⇒ ফেরদৌসি

ফিরনি, ফিরনী [ফির্‌নি] *বি* চালের গুঁড়া ও দুধমিশ্রিত পায়েসবিশেষ (চালের ফিরনী—*নই*)। {*ফা.* ফিরনী فرنی }

ফিরা, ফিরাফিরি, ফিরানো ⇒ ফেরা[১]

ফিরাই, ফেরাই [ফিরাই, ফেরাই] *বি* ১ নববধূর শ্বশুর গৃহ থেকে পিতৃগৃহে প্রত্যাবর্তন অনুষ্ঠান। ২ তাসখেলায় তুরুপ না করলে যে বদ রঙের তাস দিয়ে পিট নেওয়া যায়। {√ফির্+আই }

ফিরি ⇒ ফেরি

ফিরিঙ্গি, ফিরিঙ্গী [ফিরিঙ্গি] *বি* ফরাসি তথা ইউরোপীয় জাতি (ফিরিঙ্গী তাল-তলার নেটিব—*সৈমু*)। টৈস ~ *বি* ইউরোপীয় ও ভারতীয় মিশ্রণজাত বর্ণসংকর জাতি-বিশেষ। {*পো.* francez; *ফা.* ফিরঙ্গী فرنگی }

ফিরিশতা ⇒ ফেরেশতা

ফিরিস্তা ⇒ ফিরস্তি

ফিরিস্তি, ফিরিস্তা [ফিরিস্‌তি, -তা] *বি* ১ ফর্দ; তালিকা (একটা লম্বা ফিরিস্তি দেয় মহাজন—*শাহ*)। ২ সূচিপত্র। ৩ নির্ঘণ্ট। {*ফা.* ফিহ্‌রিস্ত فهرست }

ফিরে [ফিরে] *বিণ* ১ পরবর্তী (ফিরে বারে দেখা যাবে)। □*ক্রিবিণ* পুনরায়; আবার (ফিরে বস)। {*হি.* ফির্}

ফিরোজ ⇒ ফিরোজা

ফিরোজা, ফিরোজ, ফিরোজী [ফিরোজা, -জ, -জি] *বিণ* ১ নীলাভ (অপলক চোখে চাহি আকাশের ফিরোজা পর্দা-পানে—*নই*; ফিরোজ রঙের চুড়ি পরিলে . . . মানাইবে—*রঠা*; রঙীন ফিরোজী পেশোয়াজ তুমি—*সদ*)। □*বি* এক প্রকার নীলাভ মণি। {*ফা.* ফিরোজাহ্ فیروزه }

ফিল, ফীল, পিল [ফিল্, -, পিল্] *বি* ১ হাতি। ২ দাবা খেলার গজ। {*ফা.* ফিল فیل , >পিল}

ফিলটার [ফিল্‌টার্] *বি* ১ ছাঁকনি। ২ বিচার-ক্ষমতা; ভালোমন্দ বোঝার শক্তি (আর তীক্ষ্ণবুদ্ধির ফিল্টার যদি আপনার থাকে—*সৈমু*)। ~ করা *ক্রি* ১ ছাঁকনি দিয়ে ছাঁকা। ২ ভালোমন্দ বিচার করা; গুণাগুণ পরীক্ষা করা (পয়সার পর্যাপ্তি রূপগুণ সবার দোষ ফিলটার করে পাত্রটিকে বিয়ের সভায় হাজির করে—*অঠা*)। {*ই.* filter}

ফিলসফি, ফিলজফি [ফিলোসোফি, -জো-] *বি* দর্শনশাস্ত্র; দর্শনতত্ত্ব (তুমি তো ফিলজফিতে এম.এ. পাস করেছ—*রাব*)। {*ই.* philosophy}

ফিলহাল [ফিল্‌হাল্] *বি* বর্তমান অবস্থা; হালফিল। □*ক্রিবিণ* বর্তমানে; আজকাল; সম্প্রতি। {*আ.* ফিলহাল্ فی الحال }

ফিল্ড [ফিল্‌ড্] *বি* মাঠ; (খেলার) মাঠ; (ধানের) ক্ষেত। **ফিল্ডিং মারা** *(অশি.) ক্রি* প্রেম করা; সুযোগ গ্রহণ করা। {*ই.* field}

ফিল্ডমার্শাল [ফিল্‌ড্‌মার্‌শাল্] *বি* সেনাবিভাগের সর্বোচ্চ অধিনায়ক। {*ই.* Field Marshal}

ফিল্ম, ফিল্‌ম [ফিলম্] *বি* ১ ছায়াছবি; চলচ্চিত্র (কোন ফিল্মের দর্শক ওরা—*নই*)। ২ ফটোগ্রাফ তোলার কাজে প্রয়োজনীয় একপ্রকার পাত। ~ স্টুডিও, ~ স্টুডিয়ো *বি* চলচ্চিত্র নির্মাণ-গৃহ (ফিল্ম-স্টুডিয়োতে ঢুকতেও তার আপত্তি নেই—*অচিসে*)। {*ই.* film}

ফিস ⇒ ফি

ফিসফিস [ফিশ্‌ফিশ্] *অব্য* মৃদু বা চাপা স্বরবাচক; চুপিচুপি কথা বলবার শব্দ। **ফিসফিসানি** *বি* চাপা বা মৃদুস্বরে বাক্যালাপ; কোনো গোপন বিষয়ে অনুচ্চ স্বরে আলোচনা; ষড়যন্ত্রমূলক কথাবার্তা। {*ধ্বন্যা.*}

ফিসাবিলিল্লাহ [ফিসাবিলিল্‌লাহ্] *বি* আল্লাহর রাস্তায়। {*আ.* ফীসাবীলিল্লাহ্ فی سبیل الله }

ফিসির ফিসির [ফিসির্ ফিসির্] *অব্য* ১ কানে কানে বা চুপে চুপে কথা বলা; কান-কথা। ২ ক্রমাগত ফিস ফিস শব্দ। {*ধ্বন্যা.*}

ফী[১] ⇒ ফি[১]

ফী[২] ⇒ ফি[২]

ফীল ⇒ ফিল

ফুই [ফুই] *বিণ* ফোঁটা ফোঁটা বৃষ্টি। {*ধ্বন্যা.*}

ফুঁ [ফুঁ] *বি* ১ ফুৎকার; মুখ থেকে বেগে নির্গত বায়ু। ২ লঘুতম চাপ বা আঘাত (ফুঁটুকু সয় না—*পূগী*)। **এক ফুঁয়ে ওড়ানো/উড়ানো** *ক্রি (আল.)* সহজে বা অনায়াসে বিপক্ষের চেষ্টা ব্যর্থ করা। {*ধ্বন্যা.* ফুৎ>}

ফুঁক, ফুক [ফুঁক্, ফুক্] *বি* ১ মন্ত্রোচ্চারণের সঙ্গে ফুৎকার (এছন পড়িয়া ফুক দিল তালাবেতে—*সৈহা*)। ২ ফুঁ (শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ—*হেম*)। ঝাড় ~

করা *ক্রি* *(আল.)* মন্ত্র বা ইসম পড়ে ফুঁক দিয়ে রোগ সারানো বা জিনের আছর বা প্রভাব দূর করা। {*ধ্বন্যা.* ফুৎ>}

ফুঁকা, ফোঁকা [ফুঁকা, ফোঁ-] *ক্রি* ১ ফুঁ দেওয়া; বাঁশিতে ফুঁ দিয়ে বাজানো। ২ ফুৎকার করা। ৩ অপব্যয় করা; উড়িয়ে দেওয়া। ৪ ধূমপান করা। **শিঙ্গা ~, শিঙা ~** *(আল.)* মারা যাওয়া। {*ধ্বন্যা.* ফুৎ>}

ফুঁড়া ⇒ ফোঁড়া

ফুঁপান, ফুঁপানো ⇒ ফোঁপানো

ফুঁপা [ফুঁপা] *বি* ফুঁপানো; গুমরে কাঁদা; রাগে-ক্ষোভে-দুঃখে চাপা গর্জন। {*ধ্বন্যা.*}

ফুঁপি [ফুঁপি] *বি* বস্ত্রপ্রান্ত; খুঁট (কাপড়ের ফুঁপিটা সাপের ফণার মতো আর উদ্যত হয়ে রইল না—*অঠা*)। {*স.* পুষ্প>ফুঁপ+ই}

ফুঁসা ⇒ ফোঁসা

ফুক ⇒ ফুঁক

ফুকচি, ফুচকি [ফুক্‌চি, -চ্‌কি] *বি* উঁকি (অন্ধকার ঘরে তো কুকুরও ফিরে ফুকচি দেয় না—*জউ*)। **~ মারা, ~ দেওয়া** *ক্রি* উঁকি দেওয়া। {*অমূ.*}

ফুকর, ফোকর [ফুকর্‌, ফো-] *বি* ১ ছিদ্র; গর্ত; রন্ধ্র। ২ খোপ। {*স.* ভূক>ভুকর>ফুকর>ফোকর}

ফুকরই *(ব্র.)* [ফুকরই] *ক্রি* উচ্চকণ্ঠে ডাকে (সবজন তেজিয়া আগুসারি ফুকরই—*বিপ*)। {*হি.* ফুকার}

ফুকরানো, ফুকরনো, ফোকরানো [ফুক্‌রানো, -রনো, ফোক্‌রানো] *ক্রি* ১ উচ্চৈঃস্বরে আহ্বান করা বা ডাকা; হাঁকা (ঘটিরাম ফরিয়াদি হাজির? বলে ফুকরাতে লাগলো—*দীমি*; নকিব লোকেরা জয়ধ্বনি ফোকারিতেছে—*রাম*)। ২ চিৎকার করা; ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদা। {*হি.* ফুকার}

ফুকরি *(মবা.)* [ফুক্‌রি] *অক্রি* উচ্চকণ্ঠে ডেকে (রাই রাই করি ফুকরি ফুকরি—*চদা*)। {ফুকারিয়া>}

ফুকা, ফুকো [ফুকা, -কো] *বি* বেশি দুধ বের করার জন্য গাভীর যোনিতে যে ফুৎকার দেওয়া হয় (ফুকা দেওয়া)। □ *বিণ* ফাঁপা অথচ হালকা। {*স.* ফুৎকার>}

ফুকার [ফুকার্‌] *বি* ১ চিৎকার (ফুকারি কণ্ঠে ঘন বিষাণ—*গোমো*)। ২ ডাক; আহ্বান। ৩ চিৎকার করে রোদন। {*হি.* ফুকার}

ফুকারা *(মবা.)* [ফুকারা] *ক্রি* উচ্চৈঃস্বরে ডাকা (কে নিবে কে নিবে ফুকারে পথে—*চদা*)। {*হি.* ফুকার}

ফুকো ⇒ ফুকা

ফুগাইতে *(ব্র.)* [ফুগাইতে] *ক্রি* খুলতে (কঞ্চুক ফুগাইতে পহু ভেল ভোর—*বিপ*)। {*মৈথিলি.* ফুজল(শিথিল)>}

ফুঙ্গি, ফঙ্গি, ফুঙি [ফুঙ্‌গি, ফ-, ফুঙি] *বি* ব্রহ্মদেশীয় বৌদ্ধ সন্ন্যাসী বা পুরোহিত (প্রোফেসার আর পুড়ছে ফুঙি, পুড়ছে শমস-উল-উলামা—*সদ*)। {*বর্মী.* ফুঙ্গী}

ফুচকে [ফুচ্‌কে] *বিণ* পুচকে; অতি ক্ষুদ্র। {*স.* পুচ্ছ>পুচ+কিয়া>}

ফুচকি ⇒ ফুকচি

ফুট[১] [ফুট্‌] *বি* ১ মাপের একক বিশেষ; ১২ ইঞ্চি; গজের এক তৃতীয়াংশ। ২ পাদমূল। **~নোট** *বি* পাদটীকা (যদি কোটেশ্যন বা ফুটনোটের প্রয়োজন হয়, তবে কোন ভাষা হইতে দিব, তাহাও লিখিবেন—*বচ*)। {*ই.* foot}

ফুট[২] [ফুট্‌] *বি* ১ ফুটন্ত অবস্থায় তরল পদার্থ থেকে উত্থিত বুদ্বুদ। ২ ফোটার অবস্থা। ৩ ফাট; চিড়; বিদার। ৪ বিবাদ। **~ফাট** *বি* ১ ফোটার শব্দ। ২ বারুদের তৈরি বিদারণ শব্দ; বন্দুকাদির গুলির আওয়াজ। ৩ হজম না হওয়ার দরুন পেটের ভিতর এক প্রকার শব্দ। {*ধ্বন্যা.*; *স.* স্ফুট>}

ফুট[৩] [ফুট্‌] *বিণ* প্রস্ফুটিত; বিকশিত। ২ বিদীর্ণ। {*স.* স্ফুট>}

ফুট[৪] [ফুট্‌] *বি* ছোট দাগ; ফোঁটা; বিন্দু (এক ফুট পানী—*বচ*)। **~ ~** *বি* ১ ছোট ছোট দাগ (তার গায়ে ফুট ফুট আছে)। ২ ছোট ছোট দাগযুক্ত (ফুট ফুট পাখিটা)। {*স.* স্ফুট>}

ফুটকলাই, ফুটকড়াই [ফুট্‌কলাই, -ড়াই] *বি* ভাজা মটর বা কলাই। {*স.* স্ফুট>ফুট+কলাই}

ফুটকি, ফুটকী [ফুট্‌কি] *বি* জলের বা তরল পদার্থের বিন্দু; ক্ষুদ্র ফোঁটা। {*স.* স্ফুট>ফুট+কি(সাদৃশ্যে)}

ফুটন [ফুটন্‌] *বি* ১ প্রস্ফুটিত হওয়া; বিকশিত হওয়া। ২ আগুনের উত্তাপে তরল পদার্থ ফোটার ফলে বুদ্বুদবিশিষ্ট হওয়া। {*স.* √স্ফুট>}

ফুটন্ত [ফুটন্‌তো] *বিণ* ১ প্রস্ফুটিত; বিকশিত (ফুটন্ত চাঁপার কলি—*অমৃব*)। ২ আগুনের তাপে ফুটছে এমন। **ফুটনোন্মুখ** *বিণ* ফোটো-ফোটো; ফুটতে যাচ্ছে এমন। {*স.* √স্ফুট>ফুট+*বা.* অন্ত}

ফুটপাথ, ফুটপাত [ফুট্‌পাথ্‌, -ত্‌] *বি* শহরের বড় বড় রাস্তার দুই পাশে পায়ে চলার জন্য নির্দিষ্ট পথ বা স্থান বা প্লাটফর্ম। {*ই.* footpath}

ফুট-ফরমাশ, ফুট-ফরমাজ, ফুট-ফরমাইশ [ফুট্‌ফরমাশ্‌, -মাজ, -মাইশ্‌] *বি* ছোটখাটো আদেশ (ফুট-ফরমাজ করি—*অসিসে*)। {ফুট[৪]+*ফা.* ফরমায়েশ فرمائش}

ফুটফুট[১] ⇒ ফুট[৪]

ফুটফুট[২] [ফুট্‌ফুট্‌] *অব্য* স্বচ্ছ ঔজ্জ্বল্য বা নির্মলতার ভাবপ্রকাশক (জ্যোৎস্না ফুটফুট করছে)। **ফুটফুটে** *বিণ* ১ গৌরবর্ণ ও সুশ্রী (ফুটফুটে মেয়েটি)। ২ উজ্জ্বল; সাদা (ফুটফুটে জ্যোৎস্না) {*স.* ফুটফুট+ইয়া>ফুটফুটে; *ধ্বন্যা.*}

ফুটবল [ফুট্‌বল্‌] *বি* পা দিয়ে খেলার জন্য বায়ুপূর্ণ গোলক; পাদকন্দক; পাদগোণ্ডুক। {*ই.* football}

ফুটভাষী [ফুট্‌ভাশি] *বিণ* স্পষ্টবক্তা। {*স.* স্ফুট>ফুট+*স.* ভাষা+ইন্‌(ণিনি)}

ফুট, ফুটিআঁ *(মবা.)* [ফুট্‌, ফুটিয়াঁ] *অক্রি* বিদীর্ণ হয়ে; ফুটে (মোর ফুট জায়িবে বুক; বুক না জাএ ফুটিআঁ—*বচদা*)। {*স.* √স্ফুট>*বা.* √ফুট>}

ফুটয় *(ব্র.)* [ফুটয়] *ক্রি* ফোটে; প্রস্ফুটিত হয় (ফুটয় পারিজাত—*জ্ঞাদা*)। {*স.* √স্ফুট>}

ফুটল *(ব্র.)* [ফুটল] *ক্রি* ১ ফুটল; প্রস্ফুটিত হলো (ফুটল মাধবীলতা—*বিপ*)। ২ বিঁধা। {*স.* √স্ফুট}

ফুটা[১]**, ফুটো** [ফুটা, -টো] *বি* ছিদ্র; রন্ধ্র। □ *বিণ* ১ সচ্ছিদ্র; রন্ধ্রযুক্ত (ফুটা ছাদে পানি পড়ে)। ২ বিদ্ধ (এই ছেঁড়া তাম্বু

ফুটা করিয়া—*বচ*)। {*স.* স্ফুট>ফুট+আ, ও}

ফুটা[২] ⇒ ফোটা

ফুটানি, ফুটুনি [ফুটানি, –টুনি] *বি* ১ জাঁক; আড়ম্বর প্রকাশ; অশোভন বাবুগিরি (এসব ফুটুনির কোন মানেই হয় না—*রামা*)। ২ অহঙ্কার; গর্বপ্রকাশ; বড়াই; যে অতিশয় গর্বিত। □ *বিণ* অতিশয় মুখর। **~র ডিবিয়া, ~ কি ডিবিবয়া** *বি* ভ্যানিটি ব্যাগ (সকাল বেলা উঠে দেখেন ফুটানির ডিবিয়া নেই—*হুউ*)। **~রাম** *বিণ* ১ অতিশয় গর্বিত। ২ অতিশয় মুখর। **দাঁত~** *বি* কোনো বিষয়ে প্রবেশলাভ; হস্তক্ষেপ। {ফুটা+আনি, উনি}

ফুটানো ⇒ ফোটানো

ফুটি [ফুটি] *বি* পক্বতা হেতু ফেটে যায় এমন কাঁকুড়; ফলবিশেষ; বাঙ্গি। **~ফাটা** *বিণ* ফুটির মতো অত্যন্ত বিদীর্ণ। {*স.* স্ফুটি>}

ফুটিল [ফুটিল] *ক্রি* (অতীতকালে) ফুটল; প্রস্ফুটিত হলো (ফুল ফুটল)। {*সাধু বা.* √ফুট+ইল}

ফুটুস [ফুটুশ্] *বিণ* অনুপস্থিত; পলাতক (কাজের বেলায় নিজেই কিন্তুক ফুটুস—*শাজা*)। {*ধ্বন্যা.*}

ফুট্টই (*প্রাবা.*) [ফুট্‌টই] *ক্রি* ভেঙে যায় (চর্যাপদ)। {√ফুট্>}

ফুড়ুক, ফুড়ুত [ফুড়ুক, –ত্] *অব্য* ১ হঠাৎ উড়ে যাওয়ার সময়ে পাখির ডানার শব্দ। ২ হুঁকার তামাক টানার শব্দ। **~ ফাঁই** *বি* উড়ু উড়ু ভাব (বাঁধা থেকেও কিনা ফুড়ুকফাঁই—*অচিসে*)। {*ধ্বন্যা.*}

ফুৎকার [ফুত্‌কার্] *বি* ১ ফুঁ; মুখ থেকে নির্গত বায়ু। ২ ফুসফুস শব্দ। **~ করে/করিয়া** *ক্রিবিণ* অনায়াসে; অবলীলাক্রমে (ফুৎকার করিয়া বৃষ্টি পুনঃ কর বিশ্ব সৃষ্টি—*ভারা*)। {*স.* ফুৎ+√কৃ+অ(ঘঞ্)}

ফুফা, ফুপা (*অশু.*) [ফুফা, –পা] *বি* ফুফুর স্বামী; পিতার বোনের স্বামী; পিসা। **ফুফু** *বি স্ত্রী.* পিতার ভগ্নী; পিসি; পিতৃস্বসা। **~তো** *বি* পিসতুতো; পিসাতো। {*হি.* ফুফু, *পুং* ফুফা}

ফুয়ল (*ব্র.*) [ফুয়ল] *বিণ* ১ স্খলিত; খসে পড়ছে এমন (ফুয়ল বসন হিয়া ভুজে রহু সাঠি—*বিপ*)। ২ আলুলায়িত; এলায়িত (ফুয়ল কবরী বান্ধয়ে—*বিপ*)। {*স.* √স্ফুর্ বা √স্ফুল্>}

ফুরকনা [ফুরকনা] *বি* ফুসকুড়ি। **ফুরকনি** *বি* অতি ক্ষুদ্র ফুসকুড়ি। {*স.* স্ফোটক>}

ফুরকান, ফোরকান [ফুর্‌কান্, ফো–] *বি* মুসলিমদের মূল ধর্মগ্রন্থ; কোরানের অপর নাম; সত্য ও মিথ্যার মধ্যে ফারাক বা প্রভেদ নির্দেশ করে এমন গ্রন্থ। {*আ.* ফুরকান فرقان}

ফুরফুর [ফুর্‌ফুর্] *অব্য* ১ মৃদু বায়ু সঞ্চরণের ভাবব্যঞ্জক (বাতাস যেমন ফুরফুর করিয়া সর্বত্র বহিয়া যাইতেছে—*এআ*)। ২ ওড়ার জন্য স্বল্প পালকযুক্ত ডানার সঞ্চালনজনিত লঘুশব্দ; হালকা পদার্থের ওড়ার শব্দ। **ফুরফুরানো** *ক্রি* ১ ফুরফুর শব্দ করা। ২ ঐরূপ শব্দে উড়তে থাকা। ৩ ওড়ার চেষ্টা করা। **ফুরফুরে** *বিণ* ১ ফুরফুর করে এমন। ২ মৃদুমন্দ ও মনোরম; লঘু ও মনোহর; মৃদুগতিসম্পন্ন (ফুরফুরে হাওয়া)। {*ধ্বন্যা.*}

ফুরয়ে (*মবা.*) [ফুরয়ে] *ক্রি* ১ ফুরায়; সমাপ্ত হয়। ২ ব্যক্ত বা প্রকাশিত হয়; স্ফুরিত হয় (না ফুরয়ে বাণী—*কশে*)। {*স.* √স্ফুর্>}

ফুরসত, ফুরসৎ, ফুরসুত, ফুরসুৎ [ফুর্‌শত্, –, –শুত্, –] *বি* অবসর; ছুটি; অবকাশ (ফুরসৎ থাকত না—*প্রেমি*)। **~মাফিক** *বি* অবকাশমতো; অবসরমতো (ফুরসৎমাফিক আমাকে একবার বললেন—*সৈমু*)। {*আ.* ফুরসত فرصة}

ফুরসি, ফুরসী ⇒ ফরসি

ফুরসুত, ফুরসুৎ ⇒ ফুরসত

ফুরানো, ফুরনো [ফুরানো, –রনো] *ক্রি* ১ শেষ হওয়া; অবসান হওয়া (দিন ফুরায়, টাকা ফুরায়)। ২ ব্যয়িত হওয়া; ফুরিয়ে যাওয়া। ৩ সমাধা হওয়া; সমাপ্ত হওয়া। ৪ নির্ধারণ বা নির্ণয় বা স্থির করা; চুক্তি করা (রাজমিস্ত্রী আনিয়া বাটীর নকসা দেখাইয়া ফুরান করিয়া দিলেন—*ভব*; ফুরাঞা না দেহ তোকে—*বচ*)। {*স.* √পূরি>}

ফুর্ণা [ফুর্‌না] *বি* ফুটানি (তথাপি মামুদা বেটা মুখে মারে ফুর্ণা—*ঘচ*)। {*স.* স্ফুরণ>}

ফুর্তি [ফুর্‌তি] *বি* ১ আনন্দ; হর্ষ; উল্লাস। ২ অশিষ্ট আমোদ-প্রমোদ (লোকটা ফুর্তি করেই জীবনটা কাটাল)। {*স.* স্ফূর্তি>}

ফুল [ফুল্] *বি* ১ পুষ্প; কুসুম; প্রসূন। ২ পুষ্পাকৃতি অলঙ্কার; রেশম, উল ইত্যাদিতে বোনা পুষ্পাকৃতি কারুকাজ। ৩ জরায়ু ও গর্ভস্থ সন্তানের নাভির সঙ্গে সংযুক্ত পুষ্টি সরবরাহকারী অংশ; অমরা; placenta। **~ওয়ারি** *বি* ফুলবাগান (শোভান্বিত ফুলওয়ারি—*রাম*)। **~ওয়ালা** *বি* পুষ্পবিক্রেতা। **~ওয়ালি/ওয়ালী** *স্ত্রী.*। **~কপি** *বি* পুষ্পাকৃতি কপি যা সবজিরূপে ব্যবহৃত হয়। **~কাটা** *বি* ফুল তোলা; পুষ্পাকৃতি নকশায় শোভিত (অপু ফুলকাটা একটা মাঝারি জামবাটিতে দুধ খাইতে ভালবাসে—*বিব*)। **~কারি** *বি* বস্ত্রাদিতে ফুলের নকশা; বাটিক; বুটির কাজ। **~কোঁচা** *বি* ধুতিতে চুনট করে কোঁচায়ে কোঁচার উপরিভাগকে যে পুষ্পাকৃতি দেওয়া হয়। **~খড়ি** *বি* লেখার খড়িমাটি; চা-খড়ি; chalk। **~চন্দন** *বি* হিন্দুমতে সাদর সংবর্ধনাজ্ঞাপক ফুল ও চন্দন (তোমার মুখে ফুলচন্দন পড়ুক)। **~চাং** *বি* কাঁড়; শৌখিন মাচা যা ঘরের চালার সাথে ঝুলিয়ে রাখা হয় (একপাশে আছে ফুলচাং বাঁধা—*জউ*)। **~ছড়ি** *বি* পুষ্প বা পুষ্পশাখার অনুকরণে কারুময় সরু যষ্টিবিশেষ। **~জাগানো** *বিণ* ফুল ফোটানো (ফুল-জাগানো দখিন হাওয়া—দিল-জাগানো দক্ষিণতা—*সদ*)। **~জাল** *বি* পুষ্পস্তবক (পুঞ্জে ঋতুরাজে আজি ফুলজালে ধরণী—*মদ*)। **~ঝাঁপা** *বি* কানের অলঙ্কারবিশেষ; কানপাশা (ফুলঝাঁপা দুই কানে—*বআমি*)। **~ঝারি** *বি* পুষ্পকুঞ্জ; ফুলের ঝোপ (সুরভী নেশায় মশগুল-করা মধুভরা ফুলঝারি—*মোম*)। **~ঝুরি** *বি* ১ আতশবাজিবিশেষ; যা থেকে পুষ্পরাশির ফোয়ারার মতো অগ্নিস্ফুলিঙ্গ বের হয় (ফুলঝুরি জ্বালিয়ে খেলে চললো সে—*অঠা*; অল্পক্ষণের জন্য হাসিয়ে আর কাঁদিয়ে ফুলঝুরির মত শেষ হয়ে যাবে—*রহ*)। **~টুকি, ~টুকী** *বি* মধুপায়ী একপ্রকার ক্ষুদ্র পাখি (ফাঁদ ভাঙ্গা

ফুলটুকি ফুলে মধু খায়—*মাগা*)। ~**টুঙ্গি ঘর** *বি* পুকুরের মধ্যে নির্মিত ধনীদের গ্রীষ্মবাসের জন্য একরূপ বিলাসগৃহ; তুঙ্গে নির্মিত ঘর; টুঙ্গি বা টঙ্গি; ফুলে সজ্জিত টুঙ্গিঘর অথবা ফুলশয্যার জন্যে নির্মিত টুঙ্গিঘর—রূপকথায় বর্ণিত; জলটঙ্গী (ফুলটুঙ্গি ঘরে কন্যা সিঞ্চা কাপড় ছাড়ে—*পূগী*)। ~**টুসি** *বি* ফুল যেমন অল্প আঘাতে ঝরে পড়ে তেমনি সামান্য আঘাতে বা শোকে যে নারী কাতর হয়ে পড়ে। ~ **তোলা** *ক্রি* ১ গাছ থেকে পুষ্প চয়ন করা; সূচিকর্ম দ্বারা বস্ত্রাদিতে পুষ্পাকৃতি নকশা বয়ন করা। ~**তোলা** *বিণ* পুষ্পাকৃতি কারুকর্মবিশিষ্ট। ~**দানি**, ~**দান** *বি* পুষ্পাধার; যে পাত্রে ফুল সাজিয়ে রাখা হয় (গোলামের ফুলদানীতে যদি এ মুকুলের ঠাঁই হয়—*নই*; ফুলদানের কাটা ফুল সব টাটকা হয়ে উঠল—*প্রচৌ*)। ~**দার** *বি* ১ পুষ্পের ন্যায় নকশাযুক্ত। ২ সপুষ্প; পুষ্পযুক্ত। ~ **দেওয়া** *ক্রি* পুষ্প উপহার দেওয়া। ~**দোল** *বি* হিন্দুমতে বৈশাখী পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের পুষ্পদোল উৎসব (কত বসন্তে তার ফুলদোলের স্মৃতি সব কথা জড়িয়ে থাকে—*অঠা*)। ~**ধনু**, ~-**ধনুঃ**, ~**বাণ**, ~**শর** *বি* ১ হিন্দুমতে ফুলে তৈরি কামদেবের ধনু; মদনের পুষ্পবাণ বা কুসুমশর। ২ (হিন্দু পুরাণে) কামদেব; মদন; কন্দর্প (আইলা ধাইয়া ফুল-ধনুঃ—*মদ*; এই ছলে ফুলধনু হানে ফুলবাণ—*ভারা*)। ~**স্ত** *বিণ* পুষ্পিত; ফুলময় (শরতের ফুলস্ত অঙ্গনে—*শাহো*)। ~ **পড়া** *ক্রি* প্রসবের পর গর্ভপুষ্প গর্ভচ্যুত হওয়া। ~**বড়ি** *বি* কলাই, ডাল, ইত্যাদির হালকা সাদা বড়ি। ~**বাতাসা** *বি* ফুলের মতো সুন্দর ও হালকা বাতাসা। ~**বাবু** *বি* শৌখিন ব্যক্তি। □*বিণ* ১ ফুল যে বাবু; সমগ্রভাবে বেশভূষায় নিখুঁত; শৌখিন। ২ *(ব্য.)* অতিরিক্ত বিলাসী ও পরিচ্ছন্ন; সুন্দর বেশভূষা পরিহিত ব্যক্তি। ~**শয্যা** *বি* ১ বিবাহের পর পুষ্পভূষিত বিছানায় বর-বধূর একত্রে প্রথম রজনী যাপনের জন্য অনুষ্ঠানবিশেষ। ২ কুসুমাবৃত সুখশয্যা। **ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া** *(আল.)* সামান্য কারণে কাতর বা পীড়িত হওয়া বা কষ্ট পাওয়া। { *স.* ফুল্ল>*প্রা.* ফুল}

ফুল[২] [ফুল্] *বিণ* ১ সম্পূর্ণ মাপবিশিষ্ট; নির্দিষ্ট অঙ্গ সম্পূর্ণ আবৃত হয় এমন মাপের (ফুলশার্ট)। ২ পুরা মূল্যের (ফুলটিকিট)। { *ই* full}

ফুল[৩] [ফুল্] *বি, বিণ* বোকা; নির্বোধ। { *ই* fool}

ফুলকা, ফুলকো [ফুল্‌কা, –কো] *বি* ১ মৎস্যাদির কানকোর নিম্নস্থ চিরুনির মতো শ্বাসযন্ত্রবিশেষ (পাঁজরা দুটো ওঠানামা করে, ডাঙায় ওঠানো মাছের ফুলকোর মতো—*গুমা*)। ২ ফোলানো বস্তুর উপরের পাতলা আবরণ বা আচ্ছাদন বা ছাল (লুচির ফুলকা)। □*বিণ* ফুলানো; স্ফীত। { ফুল+কা}

ফুলকি, ফুল্কি [ফুল্‌কি] *বি* স্ফুলিঙ্গ; অগ্নিস্ফুলিঙ্গ; অগ্নিকণা (আগুনের ফুলকি ছিটাচ্ছে কেউ—*রাখা*)। □*বিণ* ঈষৎ; মৃদু; মুচকি (ফুলঝুরিতে ফুলকি হাসির রাশি—*সদ*)। { *স.* স্ফুলিঙ্গ>}

ফুলকো ⟹ ফুলকা

ফুলঝুরি ⟹ ফুল[১]

ফুলন ⟹ ফোলন

ফুলন্ত ⟹ ফুল[১]

ফুলরি ⟹ ফুলুরি

ফুলল ⟹ ফুলেল

ফুলস্কেপ, ফুলস্ক্যাপ [ফুল্‌স্‌কেপ্, –ক্যাপ্] *বিণ* দৈর্ঘ্য ১৬.৫" এবং প্রস্থে ১৩.৫" ইঞ্চি মাপের কাগজ (একখানা ফুলস্ক্যাপ কাগজ নিন—*সৈমু*)। { *ই* foolscap}

ফুলা, ফুলান, ফুলানো ⟹ ফোলা

ফুলা *(মবা.)* [ফুলা] *ক্রি* ফুল ধরা; পুষ্প প্রস্ফুটিত হওয়া। { ফুল+আ}

ফুলি, ফুলী [ফুলি] *বিণ* ফুলের ন্যায় (নার্গিসফুলী আঁখ—*নই*)। { ফুল+ই}

ফুলিল *(প্রাবা.)* [ফুলিল্] *ক্রি* ফুল হলো (চর্যাপদ)। { ফুল+ইল}

ফুলী ⟹ ফুলি

ফুলুট, ফ্লুট [ফ্লুট, ফ্লুট্] *বি* মুরলী; একপ্রকার বাঁশি (ঢোল, বেহালা, ফুলুট, মোচোং ও সেতারের রং বাজল —*কাসি*)। { *ই* flute}

ফুলুরি, ফুলরি [ফুলুরি, –লো–] *বি* তেলে-ভাজা বেসনের বড়া। { *স.* ফুল্ল (স্ফীত)>ফোলা+বাড়ি= ফুলাড়ি>ফুলারি, *তুল. হি.* ফুলৌরি}

ফুলেল, ফুলল [ফুলেল্, ফুলল্] *বিণ* ১ পুষ্পময়; ফুলে-ভরা; কুসুমিত (দোয়েল শ্যামা লহর তোলে কৃষ্ণচূড়ার ফুলেল শাখায়—*নই*)। ২ পুষ্পগন্ধে আমোদিত; ফুলের গন্ধযুক্ত। ৩ ফুলের মতো রমণীয় (ফুলল্ হবে আকাশ —*মোম*)। ৪ পুষ্পসার মিশ্রিত (ফুলেল তেল—*অচিসে*)। { ফুল+তেল>}

ফুল্ল [ফুল্‌লো] *বিণ* ১ প্রফুল্ল; উৎফুল্ল (শিথিলবসনার ফুল্ল কপোলে লাজ-শোণিমা বিদীর্ণ প্রায় দাড়িম্বের মত হিঙ্গুল হয়ে ফুটল—*নই*)। ২ বিকশিত; ফুটন্ত; প্রস্ফুটিত (তার ফুল্ল যৌবন গেছে—*সৈমু*)। ৩ কুসুম; পুষ্প; প্রসূন। ~**বিভা** *বি* বিকশিত সৌন্দর্য (ফুলরাজীর এই ফুল্লবিভা দম্পতীর মনে প্রেমের আভা জ্বালাইয়া দিল—*ইহো*)। ~**লোচন** *বি* মৃগবিশেষ। □*বিণ* প্রফুল্ল নয়ন। { *স.* √ফুল্ল+অ(অচ)}

ফুল্লিঅ *(প্রাবা.)* [ফুল্‌লিয়] *ক্রি* ফুল ধরেছিল; পুষ্প প্রস্ফুটিত হয়েছিল (দোহাকোষ)। { *স.* ফুল্ল>ফুল+ইঅ}

ফুস [ফুশ্] *বি* ১ তৃণবিশেষ। ২ তুচ্ছ; অসার। { *হি* ফিস}

ফুসকুড়ি, ফুস্কুড়ি [ফুশ্‌কুড়ি] *বিণ* ছোট ফোঁড়া। { *স.* স্ফোটক+*বা. ই* (স্ফোটকি>(বর্ণবিপর্যয়ে) ফুসকুড়ি)}

ফুসফুস[১] [ফুশ্‌ফুশ্] *বি* শ্বাস-প্রশ্বাসের যন্ত্র; lungs। ~**প্রদাহ** *বি* নিউমোনিয়া রোগ। { *স.* ফুপ্‌ফুস>}

ফুসফুস[২] [ফুশ্‌ফুশ্] *অব্য* মৃদু শব্দে কথোপকথন; ফিসফিস শব্দব্যঞ্জক। ~-**গুজগুজ** *বি* আড়ালে কোনো গোপন বিষয়ের মৃদু আলাপচারিতা। { *ধ্বন্যা.*}

ফুসমন্তর [ফুশ্‌মন্‌তোর] *বি* ১ ফাঁকির মন্ত্র (ভূত কি ভাগে ফুসমন্তর ফুঁতে—*নই*)। ২ গোপন উপদেশ। ৩ ফুসলানোর মন্ত্র। { *স.* ফুস+মন্ত্র}

ফুসলনো ⟹ ফুসলানো

ফুসলানো, ফুসলনো, ফোসলানো [ফুশ্‌লানো,

–ল–, ফো–] *ক্রি* ১ আপন স্বার্থের জন্য কাকেও কুপরামর্শ দিয়ে নীতিবিগর্হিত কর্মে প্রবৃত্ত করা; বিপথগামী হবার জন্য কুমন্ত্রণা দেওয়া। ২ স্বমতে আনার জন্য গোপনে পরামর্শ বা মন্ত্রণা দেওয়া; নিজের দলে টানার জন্য মন্ত্রণা দেওয়া। {*হি* ফুসলানা}

ফুসুর ফাসুর [ফুশুরফাশুর] *বি* চাপা গলায় কথোপকথন (নাগর নিয়ে ফুসুরফাসুর—*আউ*)। {*ধ্বন্যা.*}

ফুস্কুড়ি ⟹ ফুসকুড়ি

ফেউ [ফেউ] *বি* ১ শৃগাল; 'ফেউ' রবকারী ক্ষিপ্ত শৃগাল (মাঠের ওপাশে ডাকিতেছে ফেউ—*বআমি*)। ২ বাঘের পিছন থেকে চিৎকার করে এমন শৃগাল। ৩ অনুসরণকারী (হিটলারের ফেউ মুসোলিনি—*সৈমু*)। ~ **লাগা** *ক্রি* পশ্চাতে লেগে থেকে ক্রমাগত উত্ত্যক্ত বা বিরক্ত করা। {*ধ্বন্যা.*}

ফেঁকড়া, ফ্যাঁকড়া [ফ্যাঁক্‌ড়া] *বি* ১ প্রশাখা; গাছের ডাল। ২ মূল বিষয় থেকে উৎপন্ন ফেসাদ; ঝঞ্ঝাট। ৩ মূল বিষয়ের আনুষঙ্গিক বিঘ্ন বা বাধা। {*ও.* ফাঁকড়া; *স.* ফর্করিক; *আ.* ফিক্‌রাহ فقرة }

ফেঁকাসিয়া, ফেঁকাসে ⟹ ফেকাসে

ফেঁকো ⟹ ফেকো

ফেকা ⟹ ফিকা[১]

ফেকাসে, ফ্যাকাসে, ফ্যাকাশিয়া [ফ্যাকাশে, –, –শিয়া] *বিণ* ১ ফিকা; পাণ্ডুবর্ণ; বিবর্ণ; ঔজ্জ্বল্যশূন্য; অনুজ্জ্বল; দীপ্তিহীন (রঙটি বাপু বড় ফ্যাকাসে—*বচ*; মুখে আতঙ্ক মেখে ফ্যাকাসে চোখে তার দিকে তাকায়—*সজ*)। ২ রক্তশূন্য। {*হি* ফীকা+সা}

ফেকো, ফেঁকো [ফেকো, ফেঁ–] *বি* ১ উপবাসহেতু অথবা দীর্ঘক্ষণ ক্রমাগত কথা বলার ফলে কণ্ঠনালির শুষ্কতাহেতু মুখ থেকে নির্গত শুষ্ক থুতু (ফাঁকর হইনু দেখে মুখে উঠে ফেঁকো—*ভারা*)। {*আ.* ফাকাহ فاقه }

ফেচফেচ, ফ্যাচফ্যাচ [ফ্যাচ্‌ফ্যাচ্] *ক্রিবিণ* বিরক্তিজনক অযথা বাক্য প্রয়োগ (অকারণে এত ফেচফেচ করিতেছি —*ঈবি*)। {*ধ্বন্যা.*}

ফেচাং[১] [ফ্যাচাঙ্] *বি* ফেসাদ; ঝঞ্ঝাট; হাঙ্গামা (হাজার 'ফেচাং'–এর দলিল নজির পেশ করব—*নই*)। {*ধ্বন্যা.*}

ফেচাং[২]**, ফ্যাচাং** [ফ্যাচাঙ্] *বি* ১ ফেঁকড়া। ২ আনুষঙ্গিক বাধা বা ফেসাদ। {*ধ্বন্যা.*}

ফেছক [ফেছক্] *বি* পাপ; অন্যায় (কোন প্রকার ফেছক্ কাজে লিপ্ত হইবে না—*আখাঁ*)। {*আ.* ফিসক فسق }

ফেজ, ফেজ্ [ফেজ্] *বি* টুপিবিশেষ (তুর্কি নূর ও মাথার ফেজ—*নই*)। {*তু.* ফেজ}

ফেটা, ফ্যাটা [ফ্যাটা] *বি* কাপড়ের ফালি; পটি; জড়ানো কাপড়বিশেষ (মাথায় লাল খেরুয়ার ফ্যাটা—*অঠা*)। {*স.* পট>}

ফেটানো, ফ্যাটানো [ফ্যাটানো] *ক্রি* ফেনানো; নেড়ে স্ফীত করা। {*স.* ফাণ্ট>ফাঁট>ফেট+আনো}

ফেটি, ফেটী [ফেটি] *বি* ১ ক্ষুদ্র পাগড়ি। ২ কাপড়ের পটি; ব্যান্ডেজ। ৩ সুতার একত্রবদ্ধ গোছা। {*স.* ফটা, পট্ট>}

ফেটিং, ফেটিন ⟹ ফিটন

ফেতনা, ফেৎনা [ফ্যাত্‌না] *বি* ১ অনিষ্ট; ক্ষতি। ২ গণ্ডগোল; হাঙ্গামা। ~–**ফছাদ** *বি* ঝগড়াবিবাদ; হাঙ্গামা; ষড়যন্ত্র (ফেৎনা–ফছাদ ইত্যাদি সংঘটিত হইবে—*আখাঁ*)। {*আ.* ফিতনাহ فتنة }

ফেতরা, ফেৎরা, ফিতরা [ফ্যাত্‌রা, –, ফিত্‌রা] *বি* রমজান মাসের শেষে রোজা ভঙ্গের দিন দরিদ্রদিগকে মুসলিমদের দেওয়া গম, চাল বা টাকা–পয়সা (পুণ্য চাঁদে ফিত্‌রার পুণ্য আয়োজন—*শাহো*)। {*আ.* ফিত্‌রাহ فطرة }

ফেন [ফ্যান্, সমাসবদ্ধ পদে 'ফেনো'] *বি* ১ ফেনা; গাঁজ; বায়ুমিশ্রিত তরল পদার্থ; বুদ্বুদ। ২ মাড় (ভাতের ফেন)। ~**দুগ্ধা** *বি* দুধে প্রস্তুত পিষ্টকবিশেষ। ~**নিভ** *বিণ* ফেনার মতো; ফেনার মতো কোমল ও সাদা। **দুগ্ধ–নিভ** *বিণ* দুধের ফেনার মতো সাদা; দুধের মতো সাদা। {*স.* স্ফায়+ন(নক্)}

ফেনক [ফেনক্] *বি* ১ সাবান। ২ পেখম (ফেনক ধরিয়া নাচে ময়ূর ময়ূরী—*কমু*)। {*স.* ফেন+ক(কন্)}

ফেনা [ফ্যানা] *বি* ১ দুধ, সাবান বা সাগর থেকে উদ্ভূত বুদ্বুদ। ২ ফেন; গাঁজ। ~**নো** *ক্রি* ১ ক্রমাগত নেড়ে ফেনিল করে তোলা; ফেটানো। ২ অতিরঞ্জিত করে তোলা; কথা বাড়িয়ে তোলা। □ *বিণ* অতিরঞ্জিত; ফাঁপানো; বাড়ানো। □ *বি* অতিরঞ্জন। ~**সমান** *বিণ* ফেনানো হচ্ছে এমন। ~**য়িত** *বিণ* ফেনাযুক্ত হয়েছে এমন; বুদ্বুদযুক্ত; ফেনিল। {*স.* ফেন+*বা.* আ}

ফেনি, ফেণী, ফেণি [ফেনি] *বি* ১ বড় আকারের বাতাসা। ২ চিনি সংযোগে প্রস্তুত খাদ্যদ্রব্যবিশেষ (দধি খায় ফেনী তথি করি মটমটি—*কমু*)। {*স.* ফেন+*বা.* ই, ঈ}

ফেনিকা [ফেনিকা] *বি* মিষ্টান্নবিশেষ; খাজা। {*স* ফেন+*বা.* ইকা}

ফেনি–বাতাসা ⟹ বাতাসা

ফেনিল [ফেনিল্] *বিণ* ১ সফেন; ফেনাবিশিষ্ট; বুদ্বুদযুক্ত (ফেনিল তালরসও খাইয়াছিলেন—*রাব*)। ২ ফেনায়িত। {*স.* ফেন+ইল(ইলচ্)}

ফেফাতুড়া, ফেফাতুড়ি, ফেফাতুরা [ফেফাতুড়া, –তুড়ি, –তুরা] *(মবা.)* *বিণ* ১ হতভম্ব; হতবুদ্ধি; দিশাহারা (ফেফাতুরা হইয়া ফুল্লরা পাছে মরে—*কমু*)। □ *বি* শোক; আঘাত (ফেফাতুড়ি পাইয়া ফুল্লরা মৈল ঘরে—*কমু*)। {ফাঁফর>}

ফেব্রুয়ারি, ফেব্রুআরি [ফেব্‌রুয়ারি] *বি* ইংরেজি সনের দ্বিতীয় মাস। ২৮ দিনের মাস তবে লিপইয়ারে ২৯ দিন হয়। **একুশে/২১শে** ~ *বি* ভাষা–আন্দোলনের ঐতিহাসিক শহীদ–দিবস। ২০০০ সাল থেকে জাতিসংঘ ঘোষিত 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি তারিখে ঢাকা শহরে মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ১৪৪ ধারা ভঙ্গ করে ছাত্রজনতার প্রতিবাদ মিছিলের দিন। তৎকালীন পূর্ব পাকিস্তানের মুসলিম লীগ সরকার এই মিছিলে গুলি চালায়। এতে শহীদ হন রফিক উদ্দিন আহমেদ, শফিউর রহমান, আবদুল জব্বার, আবুল বরকত প্রমুখ। {*ই* February}

ফের [ফের্] *বি* ১ সংকট; দায়; বিভ্রাট (আজ আবার কি ফেরে পড়লাম)। ২ বিঘ্ন; ব্যাঘাত; গণ্ডগোল (...আর কিছু না করিও ফের—*কমু*)। ৩ বদল; পরিবর্তন (রকম

ফের)। ৪ বেড়; বেষ্টন। ৫ রহস্য (তোমার এ ফের দুর্বোধ্য)। ৬ ছল; ছলনা; কৌশল (কথার ফের)। ৭ ওজনের দাঁড়িপাল্লা দুইটির পার্থক্য বা অন্তর (তোমার পাল্লায় ফের আছে, ঠিক করে নাও)। □ *ক্রিবিণ* পুনরায়; আবার (ফের এসেছো, তোমার লজ্জা নাই)। **~ফার** *বি* ১ ছলাকলা; ঘোরপ্যাঁচ (মোরে পরিচয় দেহ ছাড় ফেরফার —*ভারা*)। **অদৃষ্টের ~, গ্রহের ~, কপালের ~** *বি* ভাগ্য-বিপর্যয়। **হের~** *বি* অদল-বদল; বদল; পরিবর্তন। { *তুল. হি.* ফের—পুনরায় ফিরে আসা}

ফেরকা, ফিরকা [ফেরকা, ফি-] *বি* দল; ধর্ম সম্প্রদায়ের অন্তর্গত উপসম্প্রদায় (আমরা কোন ফেরকা ... ধার ধারি না—*জহা*)। **~বন্দী** *বি* দলে ভাগ হয়ে যাওয়া। { *আ.* ফিরকাহ্ فرقة }

ফেরত, ফিরত [ফেরোত, ফি-] *বি* প্রত্যর্পণ। □ *বিণ* ১ ফিরিয়ে দেওয়া হয়েছে এমন; প্রত্যর্পিত; গ্রহণ করা হয়নি এমন। ২ প্রত্যাগত; ফিরেছে এমন (বিলাত-ফেরত)। ৩ পাল্টা; প্রত্যাবর্তনকারী। **ফেরতা** *বিণ* প্রত্যাগত (আমরা বিলাত-ফেরতা ক ভাই—*দ্বিরা*)। □ *বি* ১ বেষ্টন; এক পরতের উপর অন্য এক পরত (ফেরতা দিয়ে কাপড় পরা)। ২ পরিবর্তন; বদল (হাত ফেরতা)। □ *ক্রিবিণ* ফেরার সময়ে; প্রত্যাবর্তনকালে (বাজার ফেরতা দেখা করবো)। { *হি.* ফিরতা}

ফেরদৌস, ফিরদউস [ফেরদোউস্, ফি-] *বি* ইসলামি বিশ্বাস অনুযায়ী অন্যতম জান্নাত; বেহেস্ত বা স্বর্গের নাম (ফিরদউসে ছিল বাসা—*মুশ*)। **~-আলা** *বি* প্রধান ও সর্বোচ্চ বেহেস্ত (ফিরদৌস-আলা হ'তে লালা ফুলের সুরভি আসে—*নই*)। { *আ.* ফিরদাউস্ فردوس }

ফেরদৌসি, ফিরদউসি [ফেরদোউসি, ফি-] *বিণ* ১ সর্বোচ্চ বেহেশতের অধিবাসী বা অধিবাসযোগ্য। □ *বি* শাহনামা নামক মহাকাব্য রচয়িতা ইরানের খ্যাতনামা কবি। { *আ.* ফিরদাউস্ فردوس }

ফেরা[১], ফিরা [ফেরা, ফি-] *ক্রি* ১ প্রত্যাবর্তন করা; ফিরে আসা বা ফিরে যাওয়া। ২ দিকে যাওয়া; অভিমুখী হওয়া। ৩ পশ্চাদ্দিকে যাওয়া; ঘোরা (পিছনে ফেরা)। ৪ অবস্থাগত দিকের পরিবর্তন হওয়া (কপাল ফেরা)। ৫ নিবৃত্ত হওয়া (মন ফেরা)। ৬ ভ্রমণ করা (দেশে ফেরা)। ৭ অবস্থার প্রতিকূলতা হেতু নানা জায়গায় ঘোরা (এখন সে পথে পথে, দ্বারে দ্বারে ফিরছে)। ৮ বিফল মনোরথ হয়ে প্রত্যাবর্তন করা (দরজা থেকে ফিরে যাওয়া)। **ফেরানো, ফিরানো** *ক্রি* ১ প্রত্যাবর্তিত করা; ফিরিয়ে দেওয়া। ২ প্রার্থনা কিংবা অনুরোধ উপেক্ষা করে বিদায় করা (ভিখারি ফেরানো)। ৩ বদলানো (হুঁকায় পানি ফেরানো)। ৪ নতুন করে লাগানো (কলি ফেরানো)। ৫ আঁচড়ানো; বিন্যাস করা (চুল ফেরানো)। **ফেরাফিরি, ফিরাফিরি** *বি* ১ উপর্যুপরি ফেরত বা বদল; বার বার পরিবর্তন। ২ অদল-বদল; একটার পরিবর্তে আর একটার আদান-প্রদান। { √ফির্+আ; *তুল. হি.* ফেরনা}

ফেরা[২] [ফেরা] *বি* মাপার পাত্রবিশেষ (সুরকির ফেরা)। { *হি.* ফের}

ফেরাই ⇒ ফিরাই

ফেরার [ফেরার] *বিণ* পলাতক; নিখোঁজ; লুক্কায়িত (আসামী ফেরার হইলে শেষে আমি মারা যাইব—*মীম*)। **ফেরারি** *বি* পলাতক; নিখোঁজ (ফেরারী আসামী হয়েই কাটিয়ে দিলাম—*নই*; অকালপক্ব চুলে কলপ লাগালে অনায়াসে ফিরে আসে ফেরারী যৌবন—*শারা*)। { *আ.* ফিরার فرار }

ফেরি[১], ফেরী, ফিরি [ফেরি, -, ফি-] *বি* ১ রাস্তায় বা বাড়ি বাড়ি ঘুরে পণ্য বিক্রয় (কার দ্বারে স্বপনের ফিরি—স্বপন-ব্যাপারী আমি—*মোম*; রাস্তায় রাস্তায় ফেরী কার —*ওআ*)। ২ কীর্তন বা যাত্রার গায়ক-গায়িকাদের প্রদত্ত পুরস্কার। ৩ টহল গান। *তুল.* **প্রভাতফেরি**—সকাল বেলা শোভাযাত্রা বা মিছিল করে সমস্বরে গান করা। ৪ পুনরায় (ঐছে ফেরি রসনা পাওব আর—*ঈবি*)। **ফেরিওয়ালা** *বি* রাস্তায় বা বাড়ি বাড়ি পণ্যদ্রব্য ফেরি করে বেড়ায় যে। { √ফির্+*বা.* ই}

ফেরি[২], ফেরি-নৌকা [ফেরি, ফেরিনৌকা] *বি* খেয়ানৌকা; খেয়াঘাট পারাপারের নৌকা। { *ই.* ferry+*বা.* নৌকা}

ফেরু [ফেরু] *বি* শৃগাল; ফেউ (হাতী ঘাল হবে ফেরু যায়?—*নই*; যাবে কোথায় ভীরু ফেরুপাল—*আকআ*)। { *স.* ফে+√রু+উ(ডু)}

ফেরেব, ফরেব [ফেরেব্, ফ-] *বি* প্রবঞ্চনা; জুয়াচুরি; জাল; শঠতা। **~ফন্দি** *বি* ধূর্তামি; কারসাজি (কোনো ফেরেবফন্দি নেই—এতে—*অচিসে*)। **~বাজ** *বিণ* প্রবঞ্চক; জালিয়াত; দাগাবাজ; ঠগ (তাই হলি সব সেরেফ আজ কাপুরুষ আর ফেরববাজ—*নই*)। **~বাজি** *বি* জালিয়াতি; ফেরেববাজের কর্ম বা বৃত্তি। { *ফা.* ফেরেব فريب }

ফেরেশতা, ফিরিশতা [ফেরেশ্তা, ফিরি-] *বি* আল্লাহর আজ্ঞাবহ জ্যোতির্ময় সত্তা। { *ফা.* ফিরিশ্তাহ্ فرشته }

ফেল [ফেল্] *বিণ* ১ অনুত্তীর্ণ; অকৃতকার্য (পরীক্ষায় ফেল হওয়া)। ২ ব্যর্থ; অসফল। ৩ দেউলিয়া (ব্যাংক ফেল হওয়া)। ৪ নিষ্ক্রিয় (হার্ট ফেল)। ৫ ঠিক সময়ে উপস্থিত হতে অসমর্থ (গাড়ি ফেল হওয়া)। ৬ নষ্ট; বন্ধ (ব্যবসায় ফেল পড়া)। **~-করা** *বিণ* অনুত্তীর্ণ (আমি ফেল-করা ছেলে বলে—*রঠা*)। { *ই.* fail}

ফেলজামিন, ফিয়াল জামিন [ফেল্জামিন, ফিয়াল্-] *বি* সচ্চরিত্র থাকার অঙ্গীকারে জামিন। { *আ.* ফেয়েল দামিন فعل ضامن }

ফেলনা, ফ্যালনা [ফ্যাল্না] *বিণ* তুচ্ছ; অকিঞ্চিৎকর; অকেজো; ফেলে দেবার যোগ্য। { *স.* √ক্ষিপ্>*প্রা.* √ফেল্ল>*বা.* √ফেল্(ফ্যাল্)+না}

ফেল ফেল ⇒ ফ্যাল ফ্যাল

ফেলল (*ব্র.*) [ফেলল] *ক্রি* ফেলল (মোতিহার টুটি ফেলল —*বিপ*)। { *বা.* √ফেল্+অতীত কালে ল বিভক্তি}

ফেলশানি, ফেলসানি, ফিয়ালশানী [ফেল্শানি, -, ফিয়াল্-] *বি* ১ ব্যভিচার। ২ অবৈধ সংসর্গজাত গর্ভপাত। { *আ.* ফেয়েলশানী فعل شنيع }

ফেলা [ফ্যালা] *ক্রি* ১ নিক্ষেপ করা; ফেলে দেওয়া; পতিত করা। ২ ছোড়া; ক্ষেপণ করা। ৩ সমাপ্ত করা; শেষ করা; চুকানো; নিষ্পন্ন করা (করে ফেলা)। ৪ ত্যাগ করা; ছাড়া (তাকে একা ফেলে আসা উচিত হয়নি)। ৫ নিঃসরণ করা

(দীর্ঘ নিঃশ্বাস ফেলা)। ৬ অকস্মাৎ কিছু করা (বলে ফেলা)। ৭ নির্ধারণ করা; নির্দিষ্ট করা (তারিখ ফেলা, দিন ফেলা)। ☐ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **ফেলো কড়ি মাখো তেল**—নগদ অর্থ, শ্রম ইত্যাদির বিনিময়ে দ্রব্য গ্রহণের উপদেশ। ~**ছড়া**, ~**ফেলি** *বি* ১ অপ্রয়োজনীয় অংশের ইতস্তত বিক্ষেপ; অযত্নে ছড়ানো। ২ অপব্যয়; অমিতব্যয়; নির্বিচারে ব্যয়। {√ফেল্‌+আ}

ফেলো [ফেলো] *বি* ১ বৃত্তিপ্রাপ্ত গবেষক। ২ কোনো প্রতিষ্ঠানের সদস্য। ৩ সঙ্গী; সহচর। ৪ বিশ্ববিদ্যালয়ের পরিচালক সমিতির সভ্য (পাঠ্যপুস্তক নির্বাচনের জন্য ফেলোদের নিয়ে একটি বিশেষ কমিটি নিযুক্ত করেন—*কাআমা*)। {ই fellow}

ফেসাদ, ফ্যাসাদ [ফ্যাশাদ্‌] *বি* ১ ঝঞ্ঝাট; বিপদ; বিঘ্ন; গণ্ডগোল; ঝামেলা (সাধ করিয়া পুলিশের ফ্যাসাদে জড়াইয়া পড়িবে—*শেহ*)। ২ কলহ; হাঙ্গামা; ঝগড়া; বিবাদ। **ফ্যাসাদে** *বিণ* ঝগড়াটে; হাঙ্গামাপ্রিয়; কলহপ্রিয়। {আ. ফাসাদ্‌ فساد}

ফৈজত ⇒ ফজিহত

ফোঁকল [ফোঁকোল্‌] *বি* গর্ত; ফাঁক; ছিদ্র (পাঁচিলের ফোঁকল গলে—*নই*)। {স. ভুক>ভুকর>ফুকর>ফোকর>}

ফোঁকা ⇒ ফুঁকা

ফোঁটা [ফোঁটা] *বি* ১ টিপ; তিলক। ২ তরল দ্রব্যের বিন্দু (শিশিরের ফোঁটা)। ৩ ক্ষুদ্র বিন্দুবৎ চিহ্নবিশেষ। ৪ ক্ষুদ্র; ছোট (এক ফোঁটা মেয়ে)। {স. স্ফুট অথবা স্ফোট>}

ফোঁড়, ফোড় [ফোঁড়, ফো-] *বি* ১ ছিদ্র; রন্ধ্র। ২ বেঁধন; বিঁধ। ৩ সুঁইয়ের ঘাই (ঘন ফোঁড়ের কাঁথা দেন—*দমি*; মাথা নীচু করি ফোঁড় তুলে চলে—*বআমি*)। **এফোঁড়-ওফোঁড়** *বিণ* এপিঠ-ওপিঠ করে বিদ্ধ; পারাপার করে বিদ্ধ। **ভুঁইফোঁড়** *বিণ* ১ ভূমি ফুঁড়ে ওঠে এমন। ২ হঠাৎ ধনী; বুনিয়াদি ঘরের নয় এমন। ৩ পূর্বাপর সম্পর্ক নেই এমন (ভুঁইফোঁড় সভ্যতা)। {স. স্ফোটন>}

ফোঁড়া, ফোড়া, ফুঁড়া [ফোঁড়া, ফো-, ফুঁ-] *ক্রি* ভেদ করা; বিদ্ধ করা; বিদীর্ণ করা। **ফোঁড়াফুঁড়ি** *বি* বিদ্ধকরণ ইত্যাদি। {স. স্ফুট>}

ফোঁত, ফোঁৎ [ফোঁত্‌] *অব্য* নাক ঝাড়ার শব্দ। {*ধ্বন্যা.*}

ফোঁপর ⇒ ফোঁপল

ফোঁপরা, ফোপরা [ফোঁপ্‌রা, ফো-] *বিণ* ১ ফাঁপা; শূন্যগর্ভ (ফোঁপরা ঢেঁকির নেইক লাজ—*নই*)। ২ ঝাঁঝরা; ছিদ্রবহুল। ৩ ফুসফুস (মাছের ফোপরা)। {হি. ফোঁপর}

ফোঁপল, ফোঁপর, ফোপল [ফোঁপোল্‌, ফোপোর্‌, ফোপোল্‌] *বি* নারকেলের অভ্যন্তরস্থ বীজের অংশ যা অঙ্কুরোদ্‌গমের সময়ে বৃদ্ধি পায়। {হি ফোঁপী (রন্ধ্রযুক্ত)}

ফোঁপল-দালাল, ফোঁপর-দালাল ⇒ ফপর দালাল

ফোঁপানো, ফুঁপানো [ফোঁপানো, ফুঁ-] *ক্রি* ১ গুমরে কাঁদা। ২ চাপা গর্জন করা। ৩ রাগে ফোঁস ফোঁস করা। **ফোঁপানি, ফুঁপানি** *বি* গুমরানি; ফোঁপানি; ফোঁসফোঁসানি। {*ধ্বন্যা.*}

ফোঁস [ফোঁশ্‌] *অব্য* ১ নৈরাশ্য বা দুঃখজনিত আবেগে নিঃশ্বাস ফেলার শব্দ। ২ সর্প-গর্জন। ~ **করা** *ক্রি* ১ ফণা বা চক্র ধারণ করা। ২ দংশন করতে প্রস্তুত হওয়া। ৩ হঠাৎ বিরক্তি বা উষ্মা প্রকাশ করা। ~ ~ *বি* ফোঁস ফোঁস শব্দকরণ। ~**ফোঁসানো** *বি* অবিরাম ফোঁস ফোঁস শব্দ করা। ~**ফোঁসানি** *বি* ফোঁস ফোঁস শব্দকরণ। {*ধ্বন্যা.*}

ফোঁসা, ফুঁসা [ফোঁশা, -ফুঁ-] *ক্রি* ১ ফোঁস ফোঁস করা। ২ আক্রোশবশে গর্জন করা। উক্ত সকল অর্থে। **ফোঁসানো** *বি* ১ ফোঁস ফোঁস শব্দ। ২ দংশন করতে প্রস্তুত হওয়া। **ফোঁসানি, ফুঁসানি** *বি* ১ ফোঁস ফোঁস শব্দ। ২ আক্রোশে চাপা গর্জন। {*ধ্বন্যা.* ফোঁস+আ}

ফোকট [ফোকোট্‌] *বি* ফাঁকতাল (ফোকটে দু-পয়সা মারার তালে থাকে—*সৈমু*)। {অমূ.}

ফোকর ⇒ ফুকর

ফোকরানো ⇒ ফুকরানো

ফোকলা, ফোগলা [ফোক্‌লা, -গ্‌-] *বিণ* দন্তহীন। {ফাঁক>ফোক+লা}

ফোকলোর *বি* বিশেষ কোনো গোষ্ঠী বা সম্প্রদায়ের ঐতিহ্যিক সংস্কৃতি (artistic communication in a small group—Dan Ben Amos); লোকসংস্কৃতি; লোককৃতি। {ই. Folklore}

ফোটন [ফোটোন্‌] *বি* আলোর কণা; কণারূপী আলো (যখন কণারূপে আলো প্রকাশিত হয় তখন একে বলে ফোটন—*শাফ*)। {ই. photon}

ফোটা, ফুটা [ফোটা, ফু-] *ক্রি* ১ বিকশিত বা প্রস্ফুটিত হওয়া (ফুল ফোটা, মুখে হাসি ফোটা)। ২ উদিত হওয়া (আকাশে তারা ফোটা)। ৩ প্রকাশিত হওয়া; ব্যক্ত হওয়া (ছেলের মুখে কথা ফুটছে)। ৪ অগ্নুত্তাপে বুদ্বুদযুক্ত হওয়া (পানি ফোটা)। ৫ ফেটে যাওয়া (খই ফোটা)। ৬ সিদ্ধ হওয়া (চাল ফোটা)। ৭ উন্মুক্ত হওয়া; উন্মীলিত হওয়া (চোখ ফোটা)। ৮ বিদ্ধ হওয়া (কাঁটা ফোটা)। ☐ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **কথা ফোটা** *ক্রি* অর্থবহ শব্দ উচ্চারিত হওয়া। **চোখ ফোটা** *ক্রি* ১ কোনো বিশেষ প্রাণীর জন্মের কয়দিন পর চক্ষু উন্মীলিত হওয়া বা দৃষ্টিশক্তি পাওয়া। ২ (*আল.*) ভুল ধারণা দূরীভূত হয়ে কারও মধ্যে যথার্থ ধারণা বা জ্ঞানের আবির্ভাব হওয়া (এতদিনে তার চোখ ফুটেছে)। **জ্যোৎস্না ফোটা** *ক্রি* চাঁদের কিরণ বিচ্ছুরিত হওয়া; চন্দ্রালোক উদ্ভাসিত হওয়া। **তারা ফোটা** *ক্রি* আকাশে তারকারাজির আবির্ভাব হওয়া। **বিয়ের ফুল ফোটা** *ক্রি* (*আল.*) বিবাহের সম্ভাবনা দেখা দেওয়া। **মুখে খই ফোটা** *ক্রি* খই ফোটার মতো চটপট দ্রুত কথা বলা। {স. স্ফুট>; স. স্ফোট> *বা.* √ফোট্‌+আ}

ফোটানো, ফুটানো [ফোটানো, ফুটানো] *ক্রি* ১ প্রস্ফুটিত বা বিকশিত করা। ২ ব্যক্ত বা প্রকাশিত করা। ৩ আগুনের উত্তাপে কোনো বস্তু বা পদার্থ সিদ্ধ করা। ৪ উৎকর্ষ বিধান করা। **দাঁত ফোটানো** *ক্রি* ১ দাঁত দিয়ে কামড় বসানো। ২ (*আল.*) বোধগম্য করা; কঠিন বিষয়ে প্রবেশ লাভ করা। {*বা.* ফোটা+আন, আনো}

ফোটো, ফটো, ফটোগ্রাফ [ফোটো, ফটো, ফটোগ্‌গ্রাফ্‌] *বি* আলোকচিত্র; ফটোগ্রাফ যন্ত্রের সাহায্যে গৃহীত ছবি (রবীন্দ্রনাথের পাশে ঝুলতো তোমার ফটোগ্রাফ—*শারা*)। {ই. photograph}

ফোড় ⇒ ফোঁড়

ফোড়ন [ফোড়োন্] *বি* ১ ব্যঞ্জনাদি সুস্বাদু করার জন্য গরম তেলের উপর দেয় লঙ্কা, তেজপাতা, জিরা ইত্যাদি মশলা; সম্বরা। ~ **কাটা**, ~ **দেওয়া** *ক্রি* কথার মধ্যে টিপ্পনী কাটা বা মন্তব্য করা (আমি যা বলেছি তার ওপর ফোড়ন দিতে যেও না—*সুরা*)। { *স.* স্ফোটন> }
ফোড়া[1] ⇒ ফোঁড়া
ফোড়া[2] [ফোড়া] *বি* ১ স্ফোটক। ২ ব্রণ। **বয়স**—~, **বস**~ *বি* যৌবনকালে মুখে উদ্‌গত ব্রণ। **বিষ**~ *বি* দুষ্টব্রণ; প্রদাহযুক্ত ফোড়াবিশেষ। **লোম**~ *বি* লোমকূপ ভেদ করে উদ্‌গত ফোড়া। { *স.* স্ফোটক> }
ফোত ⇒ ফৌত
ফোতো ⇒ ফতো
ফোন [ফোন্] *বি* দূরালাপনী; আলাপনী; টেলিফোন। { *ই* telephone }
ফোপর-দালাল ⇒ ফপর-দালাল
ফোপরা ⇒ ফোঁপরা
ফোপল ⇒ ফোঁপল
ফোমেন্ট [ফোমেন্ট্] *বি* গরম পানির সেঁক। { *ই* foment }
ফোয়ারা [ফোয়ারা] *বি* প্রস্রবণ; উৎস। { *আ.* ফোব্বারাহ فوارة }
ফোরকান ⇒ ফুরকান
ফোরজারি [ফোরজারি] *বি* জাল; জালিয়াতি। { *ই* forgery }
ফোরম্যান [ফোর্‌ম্যান্] *বি* যন্ত্র পরিচালনার তত্ত্বাবধায়ক কর্মচারীবিশেষ। { *ই* foreman }
ফোরাত [ফোরাত্] *বি* ইরাক দেশীয় প্রসিদ্ধ নদী (ফোরাতের কূলে কূলে দীনের দুন্দভি বাজিয়া উঠিল—*হবা*)। { *আ.* ফুরাত্ فراط }
ফোলন, ফুলন [ফোলোন্, ফুলন্] *বি* ১ স্ফীত হওয়া। ২ স্ফীতি। { *স.* √স্ফার্>√ফুল্+অন }
ফোলা, ফুলা [ফোলা, ফু—] *ক্রি* ১ স্ফীত হওয়া (ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল—*রঠা*)। ২ ফুলে বা ফেঁপে ওঠা। ৩ স্থূল বা মোটা হওয়া। ৪ *(আল.)* ধনবান হওয়া। ৫ স্বাস্থ্যোন্নয়ন হওয়া। ৬ গর্বিত হওয়া। ৭ ব্যবসা-বাণিজ্যে উন্নতি লাভ করা। ৮ শোথ রোগে ফুলে ওঠা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **ফোলানো, ফুলানো, ফুলনো** *ক্রি* ১ স্ফীত করা। ২ ফাঁপিয়ে তোলা। ৩ *(আল.)* অতি প্রশংসাদি দিয়ে অহঙ্কৃত করে তোলা; বাড়িয়ে তোলা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √স্ফার্>√ফুল্+আ }
ফোস্‌কা, ফোস্কা [ফোশ্‌কা] *বি* অগ্নিদাহ বা ঘর্ষণজনিত জলপূর্ণ স্ফোটকবিশেষ (ওটা তো জুতোর ফোস্কা—*সুরা*)। { *স.* স্ফোটক> }
ফোসলানো ⇒ ফুসলানো
ফোস্কা ⇒ ফোসকা
ফৌজ, ফওজ [ফৌউজ্, ফওজ্] *বি* ১ সৈন্যদল (গাঁয়ে এল কোম্পানীর ফৌজ—*আইশা*)। ২ অনেক লোকজন। **ফৌজদার** *বি* ১ সেনানায়ক। ২ নায়ক। ৩ কোতোয়াল। ৪ ম্যাজিস্ট্রেট। ৫ (মোগল আমলে) আঞ্চলিক শাসক ও রাজস্বগ্রাহক সর্বোচ্চ কর্মচারী। **ফৌজদারি** *বি* খুন-জখম; মারপিট ইত্যাদি সম্পর্কিত মামলা বা মোকদ্দমা। □ *বিণ* ১ খুন-জখম ইত্যাদি সম্বন্ধীয়। ২ শাসন-সংক্রান্ত। **ফৌজদারি আদালত** *বি* ম্যাজিস্ট্রেটের বিচারালয়; মারপিট খুন-জখম চুরি-ডাকাতি ইত্যাদি সংক্রান্ত বিচারালয়। **ফৌজদারিতে সোপর্দ করা** *ক্রি* ফৌজদারি আদালতে বিচারের জন্য প্রেরণ করা। **ফৌজি** *বিণ* সামরিক; জঙ্গি। { *ফা.* ফৌজ فوج }
ফৌত, ফোত [ফৌউত্, ফোত্] *বিণ* ১ মৃত; গত; নষ্ট (দুজন ঘোড়সওয়ার জখম, আর একজন ফৌত হয়েছে—*গৌচ*)। ২ উত্তরাধিকারহীন হয়ে মৃত; নির্বংশ। □ *বি* দেউলিয়া; ফতুর; সর্বস্বান্ত (এরা তো কিছুদিন পরে ফোত হবেন—*বিব*)। **ফৌতি** *বিণ* মৃত ব্যক্তির; মৃত ব্যক্তি সম্পর্কিত। { *আ.* ফৌত فوت }
ফ্যাঁকড়া ⇒ ফেঁকড়া
ফ্যাঁকাসে ⇒ ফেকাসে
ফ্যাক্স [ফ্যাক্‌স্] *বি* বৈদ্যুতিক যন্ত্রের মাধ্যমে দূরবর্তী স্থানে পত্রের অনুলিপি প্রেরণের কৌশল। { *ই* fax }
ফ্যাচফ্যাচ ⇒ ফেচফেচ
ফ্যাচাং ⇒ ফেচাং[2]
ফ্যাটা ⇒ ফেটা
ফ্যান-চাটা [ফ্যান্‌চাটা] *বিণ* উচ্ছিষ্টভোজী; অতিশয় অনুগত (লোকটা জমিদার জোতদারদের ফ্যান-চাটা—*আমআ*)। { *স.* ফেন+ *বা.* চাটা }
ফ্যানসা [ফ্যান্‌শা] *বিণ* ফেনযুক্ত; মাড়যুক্ত (উড়ছে ধোঁয়া ফ্যানসা ভাতে—*সদ*)। { *স.* ফেন+ *হি.* সা }
ফ্যা-ফ্যা [ফ্যাফ্যা] *অব্য* ১ নিষ্কর্মা বা বেকারের নিরর্থক বাক্যব্যয়সূচক ধ্বনি; বকবক। ২ দ্বারে দ্বারে দয়া/কৃপা ভিক্ষা চেয়ে ঘুরে বেড়ানো। ৩ বৃথা অনুরোধ কিংবা দুঃখ প্রকাশক; নিষ্ফল প্রার্থনাসূচক। ৪ দারিদ্র্যের ভাব (লোকটা ফ্যা ফ্যা করে ঘোরে)। ৫ চাকরি খুঁজে বেড়ানো। (অফিসে অফিসে ফ্যা ফ্যা করে ঘুরছে)। { *ধ্বন্যা.* }
ফ্যাবা [ফ্যাবা] *বি* চিৎকার (কথা কয় যেন বোকা ছাগলে ফ্যাবা মারে—*দীমি*)। { *ধ্বন্যা.* ভ্যাভ্যা(?)> }
ফ্যামিলি [ফ্যামিলি] *বি* পরিবার। ~-**প্ল্যানিং** *বি* পরিবার পরিকল্পনা; family planning। { *ই* family }
ফ্যালনা ⇒ ফেলনা
ফ্যালফ্যাল [ফ্যাল্‌ফ্যাল্] *অব্য* অসহায় বা বিমূঢ় দৃষ্টির ভাবব্যঞ্জক; বিস্ময়-বিমূঢ় চাহনির ভাব; শূন্যদৃষ্টি। □ *ক্রিবি* শূন্যদৃষ্টিতে; অর্থহীনভাবে; অসহায় দৃষ্টিতে (ফাঁপরে পড়িয়া কবি ফ্যাল ফ্যাল চায়—*হেব*)। { ভেলভেল> ? }
ফ্যাশন, ফ্যাশান [ফ্যাশন্, ফ্যাশান্] *বি* ১ কেতাদুরস্ত রীতি; পছন্দ মাফিক চালচলন; শৌখিন রীতি। ২ প্রচলন; রেওয়াজ; প্রথা; পদ্ধতি (চুল না আঁচড়ানোই ফ্যাশন হয়ে দাঁড়ায়—*ওহ*)। ৩ ঢং; রকম; ধরন; বিশেষ প্রকার। ৪ বাবুগিরি। { *ই* fashion }
ফ্যাসাদ ⇒ ফেসাদ
ফ্রক [ফ্রোক্] *বি* বালিকাদের ঘাগরাজাতীয় একপ্রকার পোশাক (শিউলিমণি ফ্রক পরেছে)। ~**কোট** *বি* ঘাগরা জাতীয় কোটবিশেষ (তার গায়ের ফ্রককোটের বয়েস বোধ হয় তার চাইতেও বেশী—*প্রচৌ*)। { *ই* frock }

ফ্রজন্দ ⟹ ফরজন্দ
ফ্রি, ফ্রী [ফ্রি] *বিণ* অবৈতনিক। ২ মূল্য দিতে হয় না এমন। ৩ স্বাধীন; মুক্ত। { *ই* free}
ফ্রিজ [ফ্রিজ্] *বি* ১ হিমায়নযন্ত্র; রেফ্রিজারেটর। { *ই* refrigerator}
ফ্রিজ হওয়া [ফ্রিজ্ হওয়া] *ক্রি* ১ পানি জমে বরফ হওয়া। ২ স্থির হয়ে থাকা। { *ই* freeze}
ফ্রেন্ড [ফ্রেন্ড্] *বি* ১ বন্ধু; দোস্ত (ফ্রেন্ডরা সাধ্যমত ডিফেণ্ড কত্তে লাগলেন—*প্যামি*)। ২ সাথি; সহচর। { *ই* friend}
ফ্রেম [ফ্রেম্] *বি* ছবি, চশমা, দর্পণ ইত্যাদিতে বাঁধিয়ে বা আটকিয়ে রাখার জন্য সেগুলোর চারধারের বেষ্টনীবিশেষ; কাঠামো; খাঁচা। { *ই* frame}
ফ্রোক্ত [ফ্রোক্তো] *বি* বিক্রয়; বেচা (দেশ বিদেশের মহাজন লোক গতায়াত করিয়া খরিদ ফ্রোক্ত করে—*রাম*)। { *ফা.* ফুরুখত فروخت }
ফ্লাট, ফ্ল্যাট [ফ্লাট্, ফ্ল্যাট্] *বি* ১ বহুতল ভবনের কয়েকটি কামরা নিয়ে নির্মিত স্বয়ংসম্পূর্ণ বাসোপযোগী অংশ। ২ চ্যাপটা তলাবিশিষ্ট নৌকা। ৩ স্টিমারঘাটের ভাসমান প্লাটফর্ম। ৪ গাদাবোট; ইঞ্জিনবিহীন মালবাহী জাহাজ-বিশেষ। ৫ নিরুপায়; হতাশ। ৬ চিৎপাত। { *ই* flat}
ফ্লানেল [ফ্লানেল্] *বি* পশমের কোমল কাপড়বিশেষ। { *ই* flannel}
ফ্লাশ [ফ্লাশ্] *বি* তাসের একপ্রকার খেলা; তাস দিয়ে জুয়া খেলা (তারপর চা এবং তাস ব্রিজই ভাল, তা না তো ফ্লাশ—*বিদে*)। { *ই* flush}
ফ্লাস্ক [ফ্লাস্ক্] *বি* দীর্ঘক্ষণ গরম বা ঠাণ্ডা রাখার পাত্রবিশেষ (ফ্লাস্কের কণ্ঠ ভরে ধারা চা নিয়ে এসেছে—*অচিসে*)। { *ই* flask}
ফ্লু [ফ্লু] *বি* সংক্রামক সর্দিজ্বর; ইনফ্লুয়েঞ্জা, রোগবিশেষ (আমি ভালো করেই জানতুম ফ্লু ওষুধে সারে না—*সৈমু*)। { *ই* flu}
ফ্লুট ⟹ ফ্লুট

ব

ব[১] [ব] প-বর্গের তৃতীয় বর্ণ এবং তেইশতম ব্যঞ্জন বর্ণ। এটি অল্পপ্রাণ ঘোষ ওষ্ঠ্য স্পৃষ্ট ধ্বনি। প-বর্গের অন্তর্ভুক্ত হওয়ায় এটি বর্গীয় ব নামে পরিচিত। আর একটি 'ব' আছে। তাকে অন্তঃস্থ 'ব' বলা হয়। সেটি সংস্কৃতে 'ইংরেজি *w*'-র মতো উচ্চারিত হয়। বাংলায় দুটোই 'ব' রূপে উচ্চারিত এবং যুক্তবর্ণের অংশ হলে তা অনুচ্চারিত থাকে কিংবা যুক্ত ব্যঞ্জনটির দ্বিত্ব ঘটায়। যেমন—স্বামী, স্বাদ, বিশ্ব, বিল্ব।
ব[২] [ব] *বি* বটাদি বৃক্ষের কাণ্ড থেকে যে মূল ঝুলে পড়ে (গাছটির এক একটা 'ব' কেটে নিয়ে নিয়ে জ্বালানি করেছে—*মুআহা*)। { *বৈদিক স.* ব্রয়>}
বঅন [বয়ন্] *(মবা.) বি* বদন; মুখ (নির্ম্মল কমল বঅনে —*বচদা*)। { *স.* বদন>}
বআ, বয়া [বআ] *ক্রি* ১ বওয়া। ২ বহন করা। ৩ উচ্ছন্নে যাওয়া। { *স.* √বহ্>}
বই[১], **বহি**[১] [বোই, বোহি] *বি* ১ পুস্তক; গ্রন্থ (পাঠ্যবই)। ২ খাতা (হিসাবের বই)। **বই দপ্তর** *বি* বই ও খাতাপত্র (বই দপ্তর বগলে লইয়া সে তাহার দিদির পিছনে পিছনে —*বিব*)। **বই পড়া** *ক্রি* অধ্যয়ন করা; গ্রন্থ পাঠ করা। **বই পড়ানো** *ক্রি* অধ্যয়ন করা; গ্রন্থ পাঠ করা। **বই বাঁধা** *ক্রি* ১ ছাপানো কাগজগুলোর পৃষ্ঠা ঠিকমতো সাজিয়ে গ্রন্থের আকারে সেলাই করা। ২ কাগজ, কাপড় বা চামড়া দিয়ে গ্রন্থের মলাট আবৃত করা। **বই বের করা** *ক্রি* পুস্তক ছেপে প্রকাশ করা। **বই বের হওয়া** *ক্রি* বই ছাপা হবার পর বাজারে বাজারে বিক্রীত হতে থাকা। **বইয়ের পোকা** *বি* গ্রন্থকীট; পুস্তকপাঠে অতি মাত্রায় আসক্ত ব্যক্তি। **বই লেখা** *ক্রি* গ্রন্থ রচনা করা। { *আ.* ব্হী وحی }
বই[২], **বৈ, বহি**[২] *(মবা.)* [বোই] *অব্য* ১ বিনা; ব্যতীত; ছাড়া; ভিন্ন (উপায় নাই ইহা বই—*অঠা*; দোষ-বহি গুণ কারো না করে কখন—*বৃদা*)। ২ বাদে; পরে (বৎসরেক বহি হইল ঝগড়া—*কমু*)। **বইকি, বৈকি** *অব্য* ১ নিশ্চয়তা আগ্রহ ইত্যাদি সূচক শব্দ (খাটো বই কি)। ২ অস্বীকার বা না-সূচক। **বই তো নয়, বৈ ত-নয়**—মাত্র; কেবল। { *স.* ব্যতীত>}
বই[৩] [বোই] *বিণ* ব্যাপ্ত; বিস্তৃত (কলঙ্ক বাপা হবে দেশ বই —*ঘচ*)। { *স.* √বহ্>}
বই[৪] [বোই] *বি* কচুর লতা। { *বৈদিক স.* ব্রয়>}
বইঠা, বৈঠা, বোঠে [বোইঠা, –, বোঠে] *বি* নৌকার মুখচওড়া ছোট দাঁড়; কাঠ দ্বারা নির্মিত পাতলা দাঁড় যা না বেঁধে হাতে করে বাইতে হয় (পাঁচ পীরেরই শিনি মেনে, চলরে টেনে বইঠা হেনে—*সদ*; মন-মাঝি তোর বৈঠা নে রে—*লোকগান*)। { *স.* বহিত্র>}
বইন [বোইন্] *বি স্ত্রী.* বোন; ভগিনী। { *স.* ভগিনী> *অপভ্র.* ভইন>}
বউ, বৌ [বোউ] *বি স্ত্রী.* ১ বধূ; পত্নী; গিন্নি। ২ কুলবধূ (ঘরের বউ)। ৩ কনে; নববধূ (নতুন বউ)। ৪ পুত্রবধূ বা তৎস্থানীয়া। **বউ-কথা-কও** *বি* কোকিলজাতীয় সুপরিচিত পাখি; পাপিয়া কিংবা তার কণ্ঠরব (আজকে কেবল বউ-কথা-কও ডাকে—*রঠা*)। **বউকাঁটকি** *বি* ১ *স্ত্রী.* যে শাশুড়ি পুত্রবধূকে নির্যাতন করে ও খোঁটা দেয়। □ *বিণ* বধূর পক্ষে কন্টকতুল্য শাশুড়ি। **বউগড়া** *বি* নববধূর স্বামীর ঘরে এলে যে আচার অনুষ্ঠিত হয় (বউগড়া লইল মায় পিড়িতে বসিয়া—*মৈগী*)। **বউঝি, বউ-বেটি** *বি স্ত্রী.* বধূ ও কন্যা বা কন্যা শ্রেণির যুবতী স্ত্রীলোক। **বউটুবানি** *বি* পাটক্ষেতে বা নল বনে হয় এমন এক ধরনের লতা ও তার ফুল (পাট মেরে সে যে নিড়াইয়া দিবে বউ-টুবানীর চারা—*জউ*)। **বৌঠান** *বি* বড় ভাইয়ের

স্ত্রী—হিন্দু সমাজে জ্যেষ্ঠ ভ্রাতার বধূকে এইরূপ সম্বোধন করা হয় (তা খদ্দর পরাইলেই তো পারেন বৌঠান—*রঠা*)। **বউড়ি, বউড়ী** *বি স্ত্রী.* অল্পবয়স্কা বৌ; বালিকাবধূ (ঝিউড়ির খেই আর বউড়ির পাঁজ গো—*সদ*)। **বউদিদি, বৌদি** *বি স্ত্রী.* জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী; ভাবি। **বউভাত, বৌভাত** *বি* নববধূর ছোঁয়া অন্ন বরের আত্মীয় স্বজন কর্তৃক গ্রহণের আচারবিশেষ; বিবাহ-উত্তর ভোজ; পাকস্পর্শ; ওয়ালিমা (বিবাহে বউভাতের নিমন্ত্রণে উপস্থিত ছিলেন—*রঠা*)। **বউমা, বৌমা** *বি স্ত্রী.* পুত্রবধূ বা কনিষ্ঠ ভ্রাতার বধূ। {*স.* বধূ>*প্রা.* বহু>}

বউনি১ [বোউনি] *বি* ১ বহন করার মজুরি বা পারিশ্রমিক। {*স.* বহন>+*বা.* ই}

বউনি২ [বোউনি] *বি* ১ দিনের প্রথম বিক্রয়। ২ ব্যবসায়ে দিনের প্রথম বিক্রয়লব্ধ মূল্য (এখনো সকাল বেলা বউনি হয়নি—*বিব*)। ~ **করা** *ক্রি* নগদ মূল্যে দিনের প্রথম বিক্রয় কার্য করা। {*স.* বর্ধনী>}

বউনি৩, **বউনী** [বোউনি] *বি* অগ্রিম প্রাপ্তি; বায়না। {*আ.* বয় (অগ্রিম) بيع + *ফা.* আনাহ انه }

বউল১, **বোল** [বোউল্, বোল্] *বি* ১ আম্র ইত্যাদির মুকুল (বউল ঝরে ফলেছে আজ থোলো থোলো আম—*নই*)। ২ বকুল ফুল। {*স.* মুকুল>}

বউল২, **বউলা, বোলো** [বোউল, –লা, বোলো] *বি* খড়মস্থ মুকুলাকৃতি কাষ্ঠখণ্ড যা পায়ের দুই আঙুলে চেপে ধরে চলতে হয় (খড়মের বউলের মত জিনিসটা নাকি টেলিগ্রাফের কল—*বিব*)। {*স.* মুকুল>}

বউলি, বউলী ⇒ বৌলি

বওয়া ⇒ বহা

বওয়া, বহা [বওয়া, বহা] *ক্রি* ১ বহন করা (বহিবারে দাও শকতি—*রঠা*)। ২ প্রবাহিত হওয়া (পূর্বের সমুদ্র হতে ধীরে বওয়া সমীরের বিশ্রান্ত পাখাতে—*আগ*)। ৩ সহ্য করা (দুঃখ বওয়া)। ৪ ধারণ করা। ৫ অতিবাহিত হওয়া; অতিক্রান্ত হওয়া (দিন বয়ে যায়)। ৬ কর্মক্ষম থাকা; চালু থাকা; তাচ্ছিল্যভাব প্রকাশ (না এলো তো বয়েই গেলো)। **বয়ে যাওয়া** *ক্রি* ১ ক্ষতি না হওয়া (তুমি এলে না, তাতে আমার বয়েই গেল)। ২ অসৎসঙ্গে বখাটে হয়ে যাওয়া (ছেলেটা বয়ে গেছে)। **বওয়ানো, বহানো** *বি, বিণ* উক্ত সকল অর্থে। ❑ *ক্রি* ১ প্রবাহিত করা (রক্তের ধারা বয়ে যায়)। ২ বহন করানো (পালকি বওয়ানো)। {*স.* বহ>}

বওয়াট, বওয়াটে ⇒ বখাটে

বংগ (*অশু.*) = বঙ্গ

বংগদেশ (*অশু.*) = বঙ্গদেশ

বংগাব্দ (*অশু.*) = বঙ্গাব্দ

বংগাল (*অশু.*) ⇒ বঙ্গাল

বংশ১ [বঙ্শো] *বি* ১ পুরুষানুক্রম; পুরুষ-পরম্পরা; কুল। ২ গোষ্ঠী; গোত্র। ৩ ছেলেমেয়ে; পুত্রকন্যা; সন্তান-সন্ততি। ~**ক্ষয়**, ~**নাশ**, ~**লোপ** *বি* বংশের সন্তান-সন্ততির মৃত্যুতে বংশের বিলোপ। ~**গত** *বিণ* বংশানুক্রমে লব্ধ বা প্রাপ্ত কুলের বৈশিষ্ট্য বা নিয়মস্বরূপ (বংশগত প্রথা)। ~**গতি** *বি* পুরুষ-পরম্পরায় দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যসমূহের সংক্রমণ; heridity। ~**গৌরব** *বি* বংশের মর্যাদা; কুলগর্ব; যাতে বংশের মানমর্যাদা বৃদ্ধি পায়। ~**জ** *বিণ* ১ বংশে জাত বা উৎপন্ন। ২ সদ্‌বংশীয়; সৎকুলোদ্ভব। ৩ মৌলিক; কুলভ্রষ্ট কুলীন। ~**ধর** *বি* সন্তান; বংশরক্ষাকারী। ~**পরম্পরা** *বি* বংশানুক্রম; বংশধরদের ধারাবাহিকতা। ~**বৃদ্ধি** *বি* বংশের সন্তান-সন্ততির সংখ্যা বাড়া। ~**মর্যাদা** *বি* বংশের প্রাপ্য সম্মান; আভিজাত্য। ~**রক্ষা** *বি* সন্তান জন্মদানের মাধ্যমে বংশের ধারাবাহিকতা বজায় রাখা। ~**লতা** *বি* শাখা প্রশাখাক্রমে বিন্যস্ত বংশের পুরুষ-পরম্পরায় নামের তালিকা। **বংশে বাতি দেওয়া** *ক্রি* বংশধররূপে বংশ বাঁচিয়ে রাখা। {*স.* √বম্‌+শ}

বংশ২ [বঙ্শো] *বি* ১ বাঁশ। ২ বাঁশি। ৩ মেরুদণ্ড; পিঠের দাঁড়া। ~**দণ্ড** *বি* বাঁশের লাঠি। ~**পত্র** *বি* বাঁশের পাতা; বাঁশপাতা। ~**মণ্ডপ** *বি* বাঁশ দিয়ে তৈরি মণ্ডপবিশেষ (বংশমণ্ডপ মধ্যে একটা কোমল মাংসযুক্ত নৃত্যশীল ছাগবৎস—*বচ*)। ~**লোচন, বংশরোচনা** *বি* বাঁশের অভ্যন্তরে উৎপন্ন শর্করা জাতীয় বস্তু, যা ওষুধ হিসাবে ব্যবহৃত হয়; manna of the bamboo। ~**শলাকা** *বি* বাখারি; বাঁশের সরু কাঠি বা শলা। {*স.* √বম্‌+শ}

বংশাঙ্কুর [বঙ্শাঙ্কুর্] *বি* বাঁশের কোঁড়া। {*স.* বংশ+অঙ্কুর; ৬তৎ}

বংশানুক্রম [বঙ্শানুক্‌ক্রোম্] *বি* বংশপরম্পরা; বংশধারা; পুরুষানুক্রম; পুরুষপরম্পরা। **বংশানুক্রমিক** *বি* বংশ-পরম্পরাগত; পুরুষপরম্পরাগত। {*স.* বংশ+অনুক্রম; ৬তৎ}

বংশানুচরিত [বঙ্শানুচোরিত্] *বি* বংশের পুরুষানুক্রমিক ইতিবৃত্ত। {*স.* বংশ+অনুচরিত; ৬তৎ}

বংশাবতংস [বঙ্শাবোতঙ্শো] *বি* ১ বংশের অলঙ্কারস্বরূপ ব্যক্তি; বংশের শ্রেষ্ঠ ব্যক্তি। ২ গুণী ব্যক্তি; প্রখ্যাত ব্যক্তি; কুলভূষণ; কুলচূড়ামণি। {*স.* বংশ+অবতংস; ৬তৎ}

বংশাবলি, বংশাবলী [বঙ্শাবোলি] *বি* বংশ-তালিকা; কুলজি; কুলপঞ্জি। {*স.* বংশ+আবলি; ৬তৎ}

বংশী১ [বোঙ্শি] *বিণ* বংশজাত (চন্দ্র-সূর্য-বংশী সপ্ত দিক অধিকার—*কাদৌ*)। {*স.* বংশ+অ(অচ)+ঈ(ঙীব্)}

বংশী২ [বোঙ্শি] *বি* বাঁশি; মুরলী; বেণু (বংশী দংশিল মোর কানে—*চদ*)। ~**ধর**, ~**ধারী** (–রিন্) *বি* ১ যে বংশী ধারণ করে। ২ শ্রীকৃষ্ণ। ~**ধ্বনি** *বি* বাঁশির আওয়াজ বা সুর। ~**বট** *বি* বৃন্দাবনস্থ যে বটগাছের নিচে শ্রীকৃষ্ণ বাঁশি বাজাতেন। ~**বদন**, ~**বয়ান** *বি* ১ যে বংশী বাজায়। ২ শ্রীকৃষ্ণ (ঐ দেখ আসছে আয়ান বংশীবয়ান—*গান*)। {*স.* বংশ+অ(অচ)+ঈ(ঙীব্)}

বংশীয়, বংশ্য [বোঙ্শিয়ো, বোঙ্শো] *বিণ* ১ বংশজাত; কুলোদ্ভব; কুলে জাত বা উৎপন্ন। ২ বংশ সম্বন্ধীয়। {*স.* বংশ+ঈয়(ছ), য(যৎ)}

বংশীয়াল [বোঙ্শিয়াল্] *বিণ* বংশীবাদনে দক্ষ। {*স.* বংশী+*বা.* ওয়াল}

বংশ্য ⇒ বংশীয়

বঃ [বহ্] *বি* বকলম শব্দের সংক্ষিপ্ত রূপ। {বকলম>}

বইচ = বইঁচি

বইঁচি, বৈঁচি [বোঁইচি] *বি* একপ্রকার অম্লমধুর ক্ষুদ্র গোলাকার বন্য ফল বা তার গাছ (বইঁচি বনের বিরহে

বাউরি বাতাস বহে—*নই*)। { *স.* বিকঙ্কত> }

বঁটি, বঁটী, বণ্টিকা [বোঁটি, –, বোন্‌টিকা] *বি* মাছ তরকারি ইত্যাদি কোটার অস্ত্রবিশেষ (আপনি ধরিল রাজা হিরাধার বঁটী—*ঘচ*)। **বঁটিঝাঁপ** *বি* গাজন উৎসবে বঁটির উপর ঝম্প প্রদান। { *মুণ্ডারি* বঈন্‌টি }

বঁড়শি, বঁড়শী ⇒ বড়শি

বঁদিয়া, বঁদে ⇒ বুঁদিয়া

বঁধু, বঁধুয়া [বোঁধু, –য়া] (*পদা.*) *বি* প্রেমাস্পদ; প্রণয়ী; বন্ধু; নাগর; প্রিয়; বল্লভ (বঁধু কি আর বলিব আমি—*চদা*; বঁধুয়া অসময়ে কেন হে প্রকাশ—*রঠা*)। { *স.* বন্ধু> }

বঁমচুলি, বমচুলি (*মবা.*) [বোমচুলি, বো–] *বি* ব্রহ্মচুল; টিকি (রাইখ বঁমচুলি—*মাগান*)। { *স.* ব্রহ্মচুল> }

বক, বগ [বক্, –গ্] *বি* ১ মাছ শিকারে পটু বক্রগ্রীবা ও দীর্ঘ চঞ্চুবিশিষ্ট এক জাতীয় উভচর পাখি। ২ 'বক' নামের পৌরাণিক অসুর/রাক্ষস বকাসুর। **~চর** *বি* পুকুরের জলসন্নিহিত বর্গাকার তীরাংশ। **~ দেখানো** *ক্রি* (*আল.*) বকের গলা ও মুখের মতো হাত বাঁকিয়ে বিদ্রূপ করা। **~ধার্মিক** *বিণ* ভণ্ড; বকের মতো ধার্মিকতার ভান করে এমন। **~ধ্যান** *বি* কপটধ্যান (বকধ্যানে আছে ঘোড়া চোর—*কমু*)। **~বৃত্তি** *বি* ভণ্ডামি; কপটতা। □ *বিণ* ধূর্ত; ভণ্ড। **~ব্রতী** *বিণ* ১ ভণ্ড; কপট। ২ প্রবঞ্চনাকারী। **~যন্ত্র** *বি* ১ পাতনযন্ত্র; যে যন্ত্রে কোনো পদার্থের অংশ বাষ্পীভূত বা চোলাই করে পৃথক করা হয়; retort; still (অনেক হিন্দু যুবকই বাড়ীতে বকযন্ত্রে মদ চোয়াইতে লাগিল —*ইহো*)। ২ রোগীর বক্ষ পরীক্ষার যন্ত্রবিশেষ; স্টেথোস্কোপ। { *স.* √বঙ্ক্‌+অ(অচ্) }

বকঠুঁটো [বকঠুঁটো] *বি* গাংদাড়া চিংড়ি। { বক+ঠোঁট+ইয়া> }

বকনা [বক্‌না] *বি স্ত্রী.* মাদি–বাছুর; যে গাভীর এখনও বাছুর হয়নি; অল্পবয়স্কা গাভী (এসেছিল বকনা গরু পর গোয়ালে জাবনা খেতে—*বা.*)। { *স.* বষ্কয়ণী> }

বকবক [বক্‌বক্] *অব্য* ক্রমাগত বৃথা বাক্যব্যয়; বিরক্তিকর অনর্গল কথা। **~ করা, বকবকানো, বকর–বকর করা** *ক্রি* অনর্গল কথা বলা; ক্রমাগত বৃথা বাক্যব্যয় করা; বাচালতা করা (আপনি যদি প্রধান অতিথি হন, তবে আপনাকে বকর বকর করতে হবে বেশি—*সৈমু*)। **বকবকানি** *বি* ক্রমাগত বিরক্তিকর কথাবার্তা; বৃথা বাক্যব্যয়; বিরক্তিজনক বাচালতা। { *ধ্বন্যা.* }

বকবকম, বকবকুম, বকবাকুম [বক্‌বকম্, –কুম্, –বাকুম্] *বি* পারাবত–কণ্ঠধ্বনি; পায়রার ডাক (পায়রা যেন করছে শুধু বকবকম—*রঠা*)। { *ধ্বন্যা.* }

বকবৃত্তি, বকব্রতী ⇒ বক

বকম [বকম্] *বি* এক প্রকার গাছ বা তার কাঠ; এর কাঠে নানা রং তৈরি হয়। { *হি* বক্কম }

বকযন্ত্র [বকজন্‌ত্রো] *বি* ১ পাতনযন্ত্র; যে যন্ত্রে কোনো পদার্থের অংশ বাষ্পীভূত বা চোলাই করে পৃথক করা হয়। ২ রোগীর বক্ষ পরীক্ষার যন্ত্রবিশেষ; স্টেথোস্কোপ। { *বা.* বক+*স.* যন্ত্র }

বকরা [বক্‌রা] *বি* ছাগ; ছাগল (লাখো 'বকরা'র বদলে সে পার চলে না পুলসেরাত—*নই*)। **বকরি, বকরী** *বি স্ত্রী.* ছাগি; ছাগলি (বকরী জবাই যথা—*কমু*)। { *আ.* বক্‌রাহ্ بقره }

বকরিদ, বকরীদ [বোক্‌রিদ্] *বি* ঈদুজ্জোহা; মুসলমানদের অন্যতম ঈদ (ঈদ এল বকরীদ—*নই*)। **বকরিদি, বকরীদি** *বিণ* বকরি ঈদ সম্বন্ধীয় (বকরীদি চাঁদ করে ফরয়াদ্ দাও দাও কোরবানী—*নই*)। { *আ.* বক্‌রাহ্ بقره + *আ.* ঈদ عید }

বকলম [বকলোম্] *বি* ১ লিখতে অক্ষম এমন ব্যক্তির পরিবর্তে যে লেখে বা সই করে (প্রায় বকলমে কাজ চলে—*দীমি*)। ২ এক বস্তুর অন্তরালে অন্য বস্তুর স্বরূপ গোপন। { *আ.* বকলম্ بقلم }

বকলশ ⇒ বকলস

বকলস, বকলশ, বগলস [বক্‌লস্, –শ্, বগ্‌লস্] *বি* কোমরবন্ধ ফিতা প্রভৃতি আটকানোর খিল (জুতো জোড়াটিতে রূপোর বকলস্ দেওয়া ছিল—*কাসি*; বকলশ–আঁটা কুকুরের মতো—*বুব*; পায়ে রূপার বগলসওয়ালা ইংরেজী জুতা—*প্যামি*)। { *ই.* buckles }

বকশি, বকসি, বক্সী, বখশী [বোক্‌শি, –, –, –খ্‌–] *বি* ১ তুর্কি–মোগল আমলের বেতন বন্টনকারী রাজকর্মচারী; paymaster (রায় বক্সী মদন গোপাল মহামতি—*ভারা*; আমি বখশী রাজার—*ভারা*)। ২ খাজনা আদায়কারী কর্মচারী। ৩ সেনাধ্যক্ষ। ৪ একটি পদবি। { *ফা.* বখ্‌শী بخشی }

বকশিশ, বকসিস ⇒ বখশিশ

বকশী, বকসী = বকশি

বকা[১] [বকা] *ক্রি* ১ অনাবশ্যকভাবে বেশি কথা বলা; বকবক করা; বাচালতা করা (রাঁধুনিকে ব'কে এবং গিন্নীর উপর রেগে—*দ্বিরা*)। ২ ভর্ৎসনা করা; ধমক দেওয়া। ৩ গালি দেওয়া; গালমন্দ বলা। □ *বি* উক্ত সকল অর্থে। **~নো** *ক্রি* ১ অধিক বা বৃথা কথা বলানো। ২ গলানো; প্রতিবাদ বা তর্ক করবার জন্য আগ্রহ দেখানো (সে বিষয়ে আমাদের মাথা বকাবার দরকার নেই—*প্রচৌ*)। ৩ উক্ত সকল অর্থে। **~বকি** *বি* ১ তর্কবিতর্ক। ২ গালাগালি; কলহ; বচসা। ৩ তিরস্কার; ভর্ৎসনা। { *স.* √বুক্ক (কথনে)>, তুল. *হি* বক্‌না; অথবা *স.* √বচ্‌+আ }

বকা[২] ⇒ বখা

বকাট ⇒ বখাট

বকাণ্ড প্রত্যাশা, বকাণ্ড–ন্যায় [বকান্‌ডো প্রোত্‌তাশা, –ন্যায়্] *বি* (*আল.*) নিষ্ফল আশা; বক কর্তৃক বৃষের দোদুল্যমান অণ্ড লাভের আশার মতো নিষ্ফল প্রত্যাশা। { *স.* বক+অণ্ড+প্রত্যাশা, ন্যায় }

বকান, বকানো, বকাবকি ⇒ বকা[১]

বকামি, বকামো ⇒ বখাট

বকাল, বক্কাল [বকাল্, বক্‌কাল্] *বি* ১ ঔষধরূপে ব্যবহৃত গাছগাছড়া বা এর ছাল। ২ বেনে মসলাবিশেষ; বণিক দ্রব্যবিশেষ (কেহ বেচয়ে বকাল—*কমু*; সখাল বক্কাল কত মিছরী মিশাইয়া—*ঘচ*)। **বকালি** *বি* বেনে; ঔষধের গাছগাছড়া বা উপাদান বিক্রয়কারী। { *আ.* বক্কাল بقال, *হি* বক্কাল, *বা.* বক্কাল }

বকুনি [বোকুনি] *বি* ১ তিরস্কার; ভর্ৎসনা; ধমক (মেদিনী

ফাটিয়া যায় বকুনির চোটে—ঈগু)। ২ বকবকানি; অনর্গল কথা বলা (নয় গো এ নয় ভালবাসার বকুনি—*সদ*)। { *স.* √বাক্>+ *বা.* উন+ই}

বকুল [বোকুল্] *বি* এক জাতীয় সুগন্ধি ফুল বা তার গাছ। { *স.* √বচ্+উল(ঘুল)}

বকেয়া[1] [বকেয়া] *বিণ* ১ বাকি, যা পাওনা রয়েছে; অবশিষ্ট (বকেয়া হিসাব চুকিয়ে দেরে বছর–শেষের শেষ দিনেতে—*সদ*; বকেয়া খাজনা সব আদায় করবে—*আইশা*)। ২ পুরনো (বাস্তুটি বিষম বকেয়া—*দীমি*)। ৩ প্রাচীন (বাতিল হল বকেয়া কেতাব—*সদ*)। ~ **খাজনা** *বি* আগের বা গত সনের সে সমস্ত খাজনা বাকি পড়েছে। ~ **বাকি** *বি* আগের বা গত সনের বাবত যে বাকি পড়েছে। { *আ.* বাকী باقی }

বকেয়া[2] ⟹ বখেয়া।

বকৌলি [বিকোউলি] *বি* বন্যা (ছুটিয়া চলেছে মরুবকৌলি নীল দরিয়ার পানি—*নই*)। { *অমূ.*}

বক্কাল ⟹ বকাল

বক্কেশ্বর [বক্কেশ্শর্] *বিণ* হাবা; বোকা (তিনি একটা পয়লা নম্বরের বক্কেশ্বর—*সৈমু*)। { তুচ্ছার্থে চলতি ও আঞ্চলিক; বক্ক<বোকা; বক্ক+ঈশ্বর; ৬তৎ }

বক্ত, বখ্‌ত, বখৎ [বক্ত্, বখত্, –] *বি* ১ ভাগ্য; অদৃষ্ট; নসিব (বক্তগুণে হানিফা মিলিল—*সৈহ*; বখতের লেখাকে পারে মুহূর্তে তাহা—*আজ*)। ২ মুসলিম উপাধি। { *আ.* বখত্ بخت }

বক্তব্য [বক্তোব্বো] *বিণ* ১ বক্তৃতা; কথ্য; কথনীয়; বলতে হবে এমন। ২ আলোচ্য। ৩ বলবার উপযোগী। ৪ উল্লেখনীয়; উল্লেখ্য। { *স.* √বচ্+তব্য}

বক্তা[1] [বক্তা] *বিণ* ভাগ্যবান; সৌভাগ্যের অধিকারী। { *ফা.* বখ্তার(=অধিকারী) بختار }

বক্তা[2] [বক্তা] *বিণ, বি* ১ বক্তৃতাকারী; যে ভাষণ দেয়। ২ উক্তিকারী; যে বলে। ৩ বাকপটু; বাগ্মী। { *স.* √বচ্+তৃ(তৃচ্)}

বক্তার [বক্তার] *বি, বিণ* ১ অলৌকিক আবেশের প্রভাবে বক্তৃতা করে এমন। ২ ভর্ৎসনা বা গালাগালি করে এমন (একটু বক্তার বটে কিন্তু বদমাশ তো নয়—*অঠা*)। ৩ বাচাল; বাকপটু। { *স.* বক্তৃ>}

বক্তিমে [বোক্তিমে] *(ব্য.)* *বি* ভাষণ; বক্তৃতা (আমিও তোর বক্তিমের সায় দিচ্ছি—*নই*)। { *স.* √বচ্+ত্রিম= বক্তিম>}

বক্তৃতা [বোক্ত্রিতা] *বি* ১ ভাষণ; সভায় কোনো বিষয়ে কিছু বলা। ২ বাক্‌পটুতা। ৩ বাগ্‌বিন্যাস। ~**কার** *বি, বিণ* বক্তা; ভাষণদানকারী। ২ বাক্‌পটু (দুনিয়া আর যে জন্য সৃষ্টি হোক, বক্তৃতাকারের গলা সাধবার জন্য হয়নি—*প্রচৌ*)। { *স.* বক্তৃ+তা(তল্)}

বক্ত্র [বক্‌ত্রো] *বি* মুখ; বদন। { *স.* √বচ্+ত্র(ত্রন্)}

বক্র [বক্‌ক্রো] *বিণ* ১ বাঁকা; সরল নয় এমন; অসরল; অসমান (বক্র রেখা)। ২ কুটিল (বক্র কটাক্ষ)। ৩ বাঁক; মোড়। ~**গ্রীব** *বিণ* ঘাড় বাঁকা এমন (মন্দুরা ত্যজিয়া বাজী রাজী বক্রগ্রীব—*মদ*)। ~**ণ** *বি* বক্রীকরণ; বাঁকা করা বা হওয়া; বাঁকানো। ~**দৃষ্টি** *বিণ* টেরা। ❑*বি* কটাক্ষ।

বক্রিমা *বি* ১ বক্রতা। ২ শঠতা; কুটিলতা। { *স.* √বনচ্+ র(রক্)}

বক্রী[1] *(ক্রিন্)* [বোক্‌ক্রি] *বিণ* ১ বাকি; অবশিষ্ট। ২ প্রতিকূল; বাম; বিরূপ। { *স.* বক্র+ইন্}

বক্রী[2] ⟹ বাকি।

বক্রীকৃত [বোক্‌ক্রিকৃতো] *বিণ* বাঁকা করা হয়েছে এমন; কুটিলীকৃত। { *স.* বক্র+ঈ(চ্বি)+√কৃ+ত(ক্ত)}

বক্রীকরণ [বোক্‌ক্রিকরোন্] *বি* বাঁকানো। { *স.* বক্র+ ঈ(চ্বি)+√কৃ+অন}

বক্রোক্তি [বক্‌ক্রোক্‌তি] *বি* ১ কাব্যের অলঙ্কারবিশেষ; শ্লেষ; ব্যঙ্গার্থক অলঙ্কার। ২ ব্যঙ্গোক্তি; শ্লেষপূর্ণ কথা। ৩ বাঁকা করে অথবা রস দিয়ে যা বলা হয়। ৪ প্রচ্ছন্ন নিন্দাবাদ। { *স.* বক্র+উক্তি; *কর্মধা.*}

বক্ষ, বক্ষঃ [বোক্‌খো, –খোহ্] *বি* ১ বুক। ২ হৃদয়; অন্তর; মন; চিত্ত। **বক্ষঃস্থল** *বি* ১ বুকের পাটা; বুকের উপরিভাগ। ২ হৃদয়, অন্তর। **বক্ষস্পন্দন, বক্ষঃস্পন্দন** *বি* বুকের দুরু দুরু ভাব বা কম্পন; বুক ধড়ফড়ানো। **বক্ষ–কোষ্ঠক** *বি* গ্যালারি (রোহিণী অন্যান্য স্ত্রী–লোকদের সঙ্গে বক্ষ-কোষ্ঠকে বসেছিল—*রাসা*)। **বক্ষপঞ্জর, বক্ষঃপঞ্জর** *বি* বুকের হাড়; পাঁজরা। **বক্ষপট** *বি* বক্ষস্থল; বুকের পাটা (সাহস বিস্তৃত বক্ষপট—*রঠা*)। **বক্ষবন্ধনী** কাঁচুলি; নারীবক্ষের অন্তর্বাস বিশেষ। { *স.* বক্ষঃ/বক্ষস্; বচ্+ অস্(অসুন্)}

বক্ষোজ, বক্ষোরুহ [বোক্‌খোজ্, –রুহো] *বি* স্তন। { *স.* বক্ষস্+√জন্+অ(ড), √রুহ্+অ(অক)}

বক্ষ্যমাণ [বোক্‌খোমান্] *বিণ* বলা হবে বা আলোচিত হবে এমন; বলার আকাঙ্ক্ষা রয়েছে এমন; বক্তব্য (স্মৃতি–বিস্মৃতি নিয়ে সূক্ষ্ম বিচার–বিশ্লেষণ বক্ষ্যমাণ আলোচনায় অবান্তর—*ওহ*)। { *স.* √বচ্+মান (স্যমান)}

বক্সী ⟹ বকশি।

বখরা [বখ্‌রা] *বি* ভাগ; অংশ (আমিও অর্ধেক বখরা দিতে রাজি হয়েছিলাম—*কাসি*)। ~**দার** *বি* অংশীদার; ভাগীদার। ~**দারি** *বিণ* অংশীদারি। { *ফা.* বখরা بخرا }

বখশ [বখশ্] *বি* রুহের মাগফেরাতের ক্রিয়া (কোরাণ তেলাওয়াত করে তাঁর রুহের মাগফেরাতের জন্যে বখশ দিতে পারে—*হাই*)। { *ফা.* বখশ بخش }

বখশিশ, বকশিশ, বকশিস, বকসিস [বোখ্‌শিশ্, –ক–, –, –] *বি* পুরস্কার; ইনাম; পারিতোষিক (এক আধ টুকরা কোন প্রিয় শিষ্যকে বকশিশ করেন—*বচ*; বখশিস পাবে, খুব মেহনাত করেছ—*মশা*; বকসিস করেন পুন চড়নের ঘোড়া—*ঘচ*)। { *ফা.* বখ্‌শীশ্ بخشیش }

বখা, বকা [বখা, –কা] *বি* ১ অধঃপাতে যাওয়া; কুসংসর্গে নষ্ট হওয়া; দুশ্চরিত্র হওয়া। ❑*বিণ* ১ অধঃপাতে গিয়েছে এমন; দুশ্চরিত্র; নষ্ট। ২ বাচাল; ফাজিল (ধর্মসাধনের পথে চলতে গিয়ে মানুষ বক–ধার্মিক হয়ে উঠেছে—*অঠা*)। ❑*বি* অধঃপতন (সেই ভাবের বকা দেখা দিয়েছে—*অঠা*)। { *স.* √বহ্>বখ+*বা.* আ}

বখাটে, বকাটে, বওয়াটে, বয়াটে [বখাটে, বকাটে, বওয়াটে, বোয়াটে] *বি* ১ কুসংসর্গে নষ্ট হয়েছে এমন;

অধঃপাতে গিয়েছে এমন; দুশ্চরিত্র; বয়ে যাওয়া (পাড়ার মৌতাতি বুড়ো ও বওয়াটে ছোঁড়ারা—*কাসি;* যৎসামান্য ইংরেজী খাঙ্গলা পড়েই বয়াটে হয়ে যায়—*আজা*)। **বখানো, বকানো** *ক্রি* নষ্ট করা; অধঃপতনে নিয়ে যাওয়া; বখাটে করা (ছেলেটাকে বখিয়েছে)। **বখামি, বকামি, বখামো, বকামো** *বি* ১ দুশ্চরিত্র বা অধঃপতিত লোকের আচরণ বা ভাব; নষ্টামি। ২ ফাজলামি; বাচালতা। **বখে যাওয়া** *ক্রি* দুশ্চরিত্র হওয়া; কুসংসর্গে নষ্ট হওয়া; অধঃপাতে যাওয়া। {*স.* √বহ্ (প্রবাহিত = কুপথে যাওয়া)>}

বখিল [বোখিল] *বিণ* ১ কৃপণ; ব্যয়কুণ্ঠ (বখিল কবির চিন্তা মনে ভাবি কষ্ট—*সৈআ*)। ২ অভাবগ্রস্ত; শূন্য; রিক্ত (বখিল না হয় তায় অখিল ভরিয়া যায়—*ঈগু*)। **বখিলি** *বি* কৃপণতা (আমা সবে বখিলি করিয়া হৈলুঁ নষ্ট—*সৈআ*)। {*আ.* বখীল بخيل}

বখেড়া [বখেড়া] *বি* ১ বাধা; প্রতিবন্ধক; বিঘ্ন। ২ ঝঞ্ঝাট (যদি ইতিমধ্যে কোনো বখেড়া লেগে গিয়ে থাকে—*সৈমু*)। ৩ ঝগড়া; কলহ (খামকা বখেড়া বাঁধার কম্ম বন্ধ করে দিলুম—*সৈমু*)। {*স.* ব্যাঘাত>}

বখেয়া, বকেয়া [বখেয়া, বকেয়া] *বি* সেলাইয়ের রীতিবিশেষ। {*ফা.* বখিয়াহ্ بخيه}

বগ, বগচর ⟹ বক

বগদুল [বোগদুল] *বি* পাখিবিশেষ; বাদুড় (বগদুল পাখী হইয়া থাক রাজ্যের ভিতর—*মাগান*)। {*আঞ্চ.; মবা.*}

বগয়রহ [বগয়রহ্] *অব্য* গয়রহ; ইত্যাদি; অপরাপর; প্রভৃতি। {*আ.* ব্‌গায়রহ وغيره}

বগল [বগল] *বি* ১ বাহুমূলের নিচের অংশ; কক্ষ; কাখতলি; armpit (স্কুল ফেরা সুবোধ ছেলেটি বগলে কয়টি বই—*আগ*)। ২ পার্শ্ব। ৩ সামীপ্য; নৈকট্য; নিকট (খুঁটীর বগলে বসাইয়া গেল ঘৃতের হাঁড়ী—*মাগান*)। **~দাবা** *বি* ১ বাহুমূলে চেপে ধারণ। ২ গোপনে অপহরণ। ৩ আয়ত্তে আনয়ন। **~দাবা করা** *ক্রি* (*আল.*) আয়ত্তে আনা; করতলগত করা। **~ বাজানো** *ক্রি* ১ আনন্দ প্রকাশার্থে বগলে হাত পুরে চাপ দিয়ে শব্দ করা। ২ (*আল.*) বিজয়ের জন্য উল্লাস প্রকাশ করা। {*ফা.* বগল بغل}

বগ্‌ [বগ্‌] = বক। **বগী** *স্ত্রী*।

বগলস ⟹ বকলস

বগলা [বগোলা] *বি* হিন্দুপুরাণে উক্ত দশ মহাবিদ্যার একজন দেবী। {*স.* বগলা}

বগলি [বোগ্‌লি] *বি* ছোট থলি; বটুয়া (তাহার জামার বগলিতে একখানি পত্র দেখিতে পাইলেন—*ঈবি*)। {*ফা.* বগ্‌লী بغلى}

বগা [বগা] *বি* (*ব্য.*) বক (শুকনা বিলে বগা চরে—*ডাক*)। {*স.* বক>*প্রা.* বগ+*বা.* আ}

বগি[১], **বগী**[১] [বোগি] *বি* চার চাকাবিশিষ্ট হালকা ঘোড়ার গাড়ি (এরা আপন হাতে হাঁকিয়ে বগী গড়ের মাঠে হাওয়া খাবে - *ঈগু*)। {*ই.* buggy}

বগি[২], **বগী**[২] [বোগি] *বি* যাত্রীবাহী রেলগাড়ির এক একটি স্বতন্ত্র অংশ (একটি বগি লাইনচ্যুত হয়েছে)। {*ই.* bogie}

বগি[৩], **বগী**[৩] [বোগি] *বি* ১ বকের গ্রীবার আকৃতির কান-উঁচু কাঁসার পাত্রবিশেষ (বগিথালা)। □ *বিণ* উঁচু। {*স.* বক্র>বগ্‌গ>বগ+ই, ঈ}

বগি[৪] [বোগি] *বি* ছোট থলি; বটুয়া। {*ফা.* বগলী بغلى}

বগুনা, বোগনো [বোগুনা, বোগ্‌নো] *বি* পিতলের মুখ চওড়া হাড়িবিশেষ। {*স.* বহুগুণ>}

বগুলা [বোগুলা] *বি* বক (দেখিলুম মীননাথ বল শক্তি নাই বগুলাটি ঘুরে জেন আহার ধ্যায়াই—*শেফ*)। {*স.* বক>বগ+উল+আ}

বঙ্ক [বঙ্‌কো] *বিণ* ১ বাঁকা; বঙ্কিম (আড় আঁখি বঙ্ক দৃষ্টি ক্রমে ক্রমে হএ—*সৈআ*)। ২ কুটিল (দারুণ বঙ্ক বিলোকন ঘোর—*বিপ*)। □ *বি* ১ নদীর বাঁক। ২ বাঁকমল (অঙ্গদ বলয় শঙ্খ ভুবন মোহন বঙ্ক—*কমু*)। {*স.* √বঙ্ক্+অ(ঘঞ্)}

বঙ্কা (*প্রাব্য.*) [বঙ্‌কা] *বিণ* বাঁকা (করয়ে মুখ বঙ্কা—*বিপ*)। {*স.* বঙ্ক+আ}

বঙ্কিম [বোঙ্‌কিম্] *বিণ* ১ বক্র; বাঁকা; আকাবাঁকা; ঈষৎ বক্র। ২ কুটিল। **~বিহারী** *বি* শ্রীকৃষ্ণ। **বঙ্কিমা** *বি* বাঁক (সে যেন খোলা কৃপাণের বঙ্কিমা—*বুব*)। {*স.* বক্রিমন্>*প্রা.* বংকিম>}

বঙ্খুর [বোঙ্‌খুর] *বিণ* বক্রদেহ; বক্রাঙ্গ (বামন বঙ্খুর পতি কৈতে লাজ পায়—*ভারা*)। {*স.* বক্রিমন>}

বঙ্গ[১] [বঙ্‌গো] *বি* রাং; টিন; tin। {*স.* √বঙ্গ্+অ(অচ)}

বঙ্গ[২] [বঙ্‌গো] *বি* ১ প্রাচীন ভারতবর্ষের উত্তর-পূর্বস্থ একটি জনপদের নাম। ২ বাংলাদেশের প্রাচীন নাম। ৩ ব্রিটিশ শাসন আমলের বাংলাভাষীপ্রদেশ, ইংরেজিতে যা 'বেঙ্গল' নামে অভিহিত হতো। **~জ** *বিণ* বাংলাদেশে জাত বা উৎপন্ন। □ *বি* বাঙালি বৈদ্য/কায়স্থের একটি শ্রেণি। **~দেশ** *বি* ১ বাংলাদেশের প্রাচীন নাম। ২ ব্রিটিশ শাসন আমলের বাংলাভাষী প্রদেশ ইংরেজিতে যা 'বেঙ্গল' নামে অভিহিত হতো। **বঙ্গাব্দ** *বি* বাংলা সন। **বঙ্গীয়** *বিণ* ১ বাংলাদেশ বা বাংলা ভাষাসংক্রান্ত। ২ বাংলাদেশে জাত বা উৎপন্ন। {*স.* বঙ্গ}

বঙ্গাল, বঙ্গালী ⟹ বাঙ্গাল।

বচ[১] [বচ] *বি* বচন; বাক্য। {*স.* বচঃ>}

বচ[২] [বচ] *বি* ঔষধে ব্যবহার্য এক প্রকার ঝাল কন্দ। {*স.* বচা>}

বচন [বচোন্] *বি* ১ বাক্য, কথা, উক্তি। ২ জ্ঞানগর্ভ উক্তি; প্রবচন (খনার বচন)। ৩ কথন। ৪ (*ব্য.*) যা দিয়ে পদের একত্ব বোঝা যায়, পদের একত্ব বা বহুত্বজ্ঞাপক বিভক্তি। **~প্রপঞ্চ** *বি* প্রবঞ্চনাপূর্ণ কথা; কথার ছলাকলা (রাজার এইরূপ নিরপেক্ষ ও সদ্বিবেচনাপূর্ণ বচনপ্রপঞ্চ শ্রবণগোচর করিয়া—*ঈবি*)। **~বদ্ধ** *বিণ* প্রতিশ্রুত; অঙ্গীকৃত; প্রতিজ্ঞাবদ্ধ (এইরূপ রাজাকে বচনবদ্ধ করিয়া—*ঈবি*)। **~বাগীশ** *বিণ* বাকপটু; কেবল কথায় ওস্তাদ কিন্তু কাজে নয়। **বচনীয়** *বিণ* ১ বলার যোগ্য; বাচ্য; কথনযোগ্য। ২ নিন্দার যোগ্য। **বচনীয়তা** *বি* নিন্দা; অপবাদ। {*স.* √বচ্+অন(ল্যুট)}

বচসা [বচোশা] *বি* ১ কথা কাটাকাটি; তর্কাতর্কি (গাঁজাখোর সম্প্রদায়ের সহিত তাহার একটু বচসা হইল—*বিব*)। ২ ঝগড়া; কলহ। { *স.* বচস্+আ(স্বার্থে)}

বচা [বচা] *বি* বাক্য। ~**বচ** *বি* ১ বাদানুবাদ; তর্কবিতর্ক; বাকযুদ্ধ; ঝগড়া; বচসা (হীনসহ বচাবচ নাহি প্রয়োজন—*কাদা*)। { *স.* √বচ>বচ+*বা.* আ}

বচ্ছর, বছর [বচ্‌ছোর্, বছোর্] *বি* বৎসর; বয়স। **বচ্ছরে, বছরিয়া** *বিণ* বয়স্ক বা বয়স্কা; বয়সযুক্ত (কেবল এক একশ' বচ্ছুরে বুড়ী—*দমি*; কোটর-চক্ষু বারো বছরিয়া আকালের কঙ্কাল—*সদ*)। { *স.* বৎসর>*প্রা.* বচ্ছর>বছর}

বজনিশ, বজনিস [বজ্‌নিশ্] *বিণ* অবিকল; যথাযথ; হুবহু (সাচ্চা ঝুটা যায় না বোঝা হায়রে কি বজনিশ নকল—*রজসে*)। { *আ.* বিজিনসিহি بجنسه }

বজবজ [বজ্‌বজ্] *অব্য* আবর্জনাদি পচিবার পর বুদ্বুদযুক্ত অবস্থার ভাবপ্রকাশক (পচা বজবজ)। { *স.* বুদ্বুদ>}

বজর ⇒ বজ্র।

বজরা [বজ্‌রা] *বি* ১ বৃহৎ নৌকাবিশেষ; ভড়। ২ ধনীদের ভ্রমণবিলাসের উপযোগী নৌকা; কাঠের কামরা ও ছাদযুক্ত বৃহৎ নৌকাবিশেষ। { *ই* barge}

বজা[১] ⇒ বয়দা।

বজা[২] [বজা] *বিণ* যথাযথ। □ *ক্রিবিণ* যথাস্থানে; কায়দা-মাফিক। { *ফা.* বজা بجا }

বজা আনা [বজাআনা] *ক্রি* সম্পন্ন করা; হাসিল করা (দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের ঐ বড় ইনাম—*ভারা*)। { *ফা.* বজালানা بجالا }

বজাজ [বজ্জাজ] *বি* কাপড়ের ব্যবসায়ী (কোন স্থানে পশ্চিমীয় বজাজেরা দোকান দিয়াছে—*রাম*)। { *ফা.* বাজ্জাজ بزاز }

বজায় [বজায়] *বিণ* ১ কায়েম; বলবৎ; অক্ষুণ্ণ; রক্ষিত (স্বজাতির হক রাখতে বজায় সইছে তারা নির্যাতন—*সদ*)। ২ প্রতিষ্ঠিত (তিনি আমার যমকে বজায় করিয়া দেন—*দীমি*)। { *ফা.* বজা بجا }

বজ্জ, বজ্জর ⇒ বজ্র

বজ্জাত, বজ্জাৎ [বজ্‌জাত্] *বি* চালাক; ধূর্ত; বদমাশ; দুর্বৃত্ত; দুষ্ট; দুর্জন; অসৎকর্মকার; মন্দ জন্মের লোক; অন্যের ক্ষতি করার মানসিকতাসম্পন্ন ব্যক্তি (লেড়কা... বেতমিজ ও বজ্জাত হল—*প্যামি*; তুমি বড় বজ্জাৎ—*দীমি*)। **বজ্জাতি** *বি* বদমায়েশি; দুর্বৃত্তপনা; দুষ্টামি (জাতের নামে বজ্জাতি সব—*নই*)। { *ফা.* বদ্‌জাত بدزات }

বজ্র, বজর (*পদ্যে*), **বজ্জর, বজ্জ** (*প্রাবা.*) [বজ্‌রো, বজর্, বজ্‌জর্, বজ্‌জো] *বি* ১ বাজ; অশনি; কুলিশ; সশব্দে বিদ্যুৎপ্রকাশ (পিয়াস লাগিয়া জলদ সেবিনু বজর পড়িয়া গেল—*চদা*; বজ্জর পড়ুক চতুর্মুখের মাথায়—*ভারা*)। ২ ইন্দ্রের অস্ত্র। ৩ হীরক। ৪ (*জ্যোশা.*) মানবদেহে বজ্রসূচক × এরূপ চিহ্ন। ৫ শূন্যতা। ৬ প্রচণ্ড; নিদারুণ; অসহ্য (বুকে পৃষ্ঠে মারে দেবী বজ্র চাপড়—*বিগু*; করিয়া কৌতুকে ফুড়ে বজ্জ নখে—*রাপ*)। □ *বিণ* অত্যন্ত কঠিন; দৃঢ়। **বজ্র আঁটুনি ফসকা গেরো** ⇒ আঁটুনি। **বজ্রকঠিন** *বিণ* বজ্রের মতো কঠিন, অত্যন্ত দৃঢ় (প্রভু আমায় বেঁধেছে যে বজ্রকঠিন ডোরে—*রঠা*)। **বজ্রকণ্ঠ** *বি, বিণ* বজ্রের শব্দের সঙ্গে তুলনীয় গম্ভীর ও জোরালো কণ্ঠ বা কণ্ঠযুক্ত। **বজ্রকীট** *বি* ১ তীক্ষ্ণ দন্তকীটবিশেষ। বজ্রকুল; বাউল; বজ্রী; বৌদ্ধ তন্ত্রসাধক সম্প্রদায়। ২ দন্তহীন দীর্ঘজিহ্ব কীটভুক স্তন্যপায়ী আঁশযুক্ত জীববিশেষ; pangolin। **বজ্রগম্ভীর** *বিণ* বজ্র শব্দের মতো গম্ভীর। **বজ্রগর্ভ** *বিণ* গুরুগম্ভীর (বজ্রগর্ভ মেঘের মত ধীর শান্ত গতিতে নিজ নিজ পথে চলে গেল—*নই*)। **বজ্রচিহ্ন** *বি* × এইরূপ চিহ্ন। **বজ্রধর, বজ্রপাণি, বজ্রী** *বি* ইন্দ্র (জীমূতবাহন বজ্রী ভীম বজ্র করে—*মদ*)। **বজ্রধ্বনি, বজ্রনাদ, বজ্রনির্ঘোষ** *বি* বজ্রপাতের শব্দ। **বজ্রনখ** *বি* তীক্ষ্ণনখ (বজ্রনখ দিয়া শিব জোনি ছেদ কৈল—*রাপ*)। **বজ্রপাত** *বি* বাজপড়া; বজ্রের পতন। **বজ্রবাঁটুল** *বি* বেঁটে অথচ শক্তিসামর্থ্যে সমৃদ্ধ। **বজ্রমণি** *বি* হীরা (হীরক থাকে বল বজ্রমণি সে বজ্রের মতো দুর্জয়—*অঠা*)। **বজ্রমুষ্টি** *বি* অত্যন্ত দৃঢ় (বজ্রমুষ্টিতে তার হাত ধরে টেনে নিয়ে গেলুম গেটের বাইরে—*জুয়া*)। **বজ্রযান** *বি* তান্ত্রিক বৌদ্ধ মতবিশেষ; শূন্যতাযান। **বজ্রলেপ** *বি* দুর্ভেদ্য প্রলেপবিশেষ; পারদাদি স্বাল দেবার সময়ে যে দুর্ভেদ্য আবরণ ব্যবহার করা হয়। **বজ্রলেপময়** *বিণ* দুর্ভেদ্য (নিঃসন্দেহ রামের হৃদয় বজ্রলেপময়—*ঈবি*)। **বজ্রশলাকা** *বি* বজ্রপাতজনিত ধ্বংস থেকে রক্ষার জন্য ছাদে বা সৌধচূড়ায় যে লৌহশলাকা স্থাপন করা হয়; lightning conductor। **বজ্রশায়ক** *বি* বজ্রতুল্য দৃঢ় তীর বা বাণ (সজল আকাশে উঠিয়াছি তাই বজ্রশায়ক ইন্দ্রচাপ—*নই*)। **বজ্রাগ্নি** *বি* বিদ্যুৎ (মার্জনা তোমার গর্জমান বজ্রাগ্নি শিখায়—*রঠা*)। **বজ্রাঘাত** *বি* ১ বাজপড়া; অশনিসম্পাত; বজ্রপতন। ২ (*আল.*) আকস্মিকভাবে প্রাপ্ত অতি আঘাত (বিনা মেঘে বজ্রাঘাত)। **বজ্রাদপি** *ক্রিবিণ* বজ্র থেকেও অধিক (তাহারা অন্যায় অসত্যের প্রতি বজ্রাদপি কঠোর—*ইহো*)। **বজ্রাসন** *বি* যোগের এক প্রকার আসন। **বজ্রাহত** *বিণ* ১ বজ্রাঘাতপ্রাপ্ত। ২ অপ্রত্যাশিত শোক বা আঘাত পেয়ে ব্যাকুল। { *স.* √বজ্+র(রন্)}

বজ্রী ⇒ বজ্র

বঞ্চক ⇒ বঞ্চন[২]

বঞ্চন[১] (*প্রাবা.*) [বন্‌চন্] *বি* অতিবাহন; যাপন; ক্ষেপণ (তান সঙ্গে বহুদিন করিল বঞ্চন—*শ্রীন*)। { *স.* √বঞ্চ্+অন(ল্যুট্)}

বঞ্চন[২], **বঞ্চনা** [বন্‌চন্, বনচোনা] *বি* প্রতারণা; শঠতা; শাঠ্য; ঠকামি। **বঞ্চক** *বি, বিণ* প্রতারক; ঠক; শঠ; বঞ্চনাকারী। **বঞ্চিত** *বিণ* ১ বঞ্চনা করা হয়েছে এমন; প্রতারিত। ২ শূন্য; বিহীন; বিরহিত। { *স.* √বঞ্চ্+অন(ল্যুট্),+আ(টাপ্)}

বঞ্চব (*ব্র.*) [বন্‌চবো] *ক্রি* অতিবাহিত করব (বঞ্চব ইহ দিন রজনী—*বিপ*)। **বঞ্চনি** (*প্রাবা.*) *ক্রি* কাটানি। **বঞ্চিমো** (*প্রাবা.*) *ক্রি* কাটাব। **বঞ্চিলোঁ** (*প্রাবা.*) *ক্রি* ১ যাপন করলাম। ২ কাটালাম। { *স.* √বঞ্চ্>}

বঞ্চহ (*প্রাবা.*) [বন্‌চহ্] *ক্রি* ১ ব্যর্থ বা নিষ্ফল করো; বৃথা

অতিবাহিত করো (বঞ্চহ রাধা প্রথম যৌবনে—*বচদা*)। ২ ভোগ বা উপভোগ কর (বঞ্চহ রজনী)। { *স.* √বঞ্চ> }

বঞ্চা [বন্‌চা] *ক্রি* ১ *(পদ্য.)* প্রতারিত করা। ২ বিরহিত করা; বিহীন বা শূন্য করা। ৩ অতিবাহন করা; যাপন করা (বঞ্চএ মৃতের প্রায়—*দৌবা*)। ৪ বাস করা (আমি বঞ্চি একাকিনী—*চদা*)। ৫ উক্ত সকল অর্থে। { *স.* √বঞ্চি+ *বা.* আ}

বঞ্চিত ⟹ বঞ্চন[2]

বঞ্চুক [বোন্‌চুক্] *বিণ* প্রতারণা বা বঞ্চনাকারী। { *স.* √বঞ্চ+উক}

বঞ্চে *(প্রাবা.)* [বন্‌চে] *ক্রি* বঞ্চনা করে; অতিবাহিত করে—*বচ*)। { *স.* √বঞ্চ> }

বঞ্জুল [বোন্‌জুল্] *বি* ১ অশোক বৃক্ষ বা তার ফুল (চাহিয়া বঞ্জুল বনে কী জানি পড়িবে মনে—*রঠা*)। ২ স্থলপদ্ম। ৩ পক্ষীবিশেষ। ৪ বেত; বেতস (নিবাস তব বঞ্জুল মঞ্জুলে—*মদ*)। { *স.* √বঞ্চ+উল(উলচ্) }

বট[1] [বট্] *বি* ১ দীর্ঘজীবী বৃক্ষবিশেষ; ন্যগ্রোধ (বৃক্ষ এ বট, শূন্য বুকেতে কত কি যে কথা—*জউ*)। ২ মূল্য; দাম (ঔষধ খেয়ে, ভাল যে হয়ে বট দিও তবে পাছে—*চদা*)। { *স.* √বট্+অ(অচ্) }

বট[2] *(মবা.)* [বট] *ক্রি* হও (একা দেখি কুলবধূ কে বট আপনি—*ভারা*)। { *স.* √বৃৎ>*প্রা.* √বট্ট> *বা.* √বট}

বট[3] [বট] *বি* জবাইকরা গরু-ছাগলের আঁতড়ি বা নাড়ি। { *আঞ্চ.* }

বট[4] *(মবা.)* [বট] *বিণ* ১ নির্বোধ; মূঢ়। ২ মূর্খ। { *স.* বাট>*প্রা.* বটি> }

বটক [বটোক্] *বি* ১ বড়া। ২ বড়ি। ৩ কড়ি। ৪ এক তোলা ওজন। { *স.* বট+ক(কন্) }

বটকিরি, বটখিরি, বৈঠকিরি [বোট্‌কিরি, –খি–, বোইঠ্‌কিরি] *বি* ১ উপহাস। ☐ *বিণ* মজলিসি রঙ্গ-রসিকতা। { *স.* বর্কর>; বৈঠক+ই> }

বটকেরা, বটখেরা [বট্‌কেরা, –খে–] *বি* ঠাট্টা-তামাশা; হাসি-ঠাট্টা; রংতামাশা।

বটব্যাল [বটোব্‌ব্যাল্] *বি* ব্রাহ্মণের উপাধিবিশেষ (একটি প্রাচীন স্থাননাম থেকে এই পদবির জন্ম)। { *স.* বটব্যাল}

বটা [বটা] *ক্রি* হওয়া। { *স.* √বৃত্>*প্রা.* বট্ট>বা. বট+আ}

বটানি ⟹ বোটানি

বটি [বোটি] *ক্রি* হই। { *স.* √বৃৎ>*প্রা.* √বট্ট> *বা.* বট+ই}

বটিকা, বটী [বোটিকা, বোটি] *বি* ১ বড়ি; গুটি; গুলি। ২ টুকরা; খণ্ড (নহে তোর মাংস আজি বটী বটী করি—*হেমা*)। { *স.* বটক+আ(টাপ্) }

বটিস [বোটিশ্] *ক্রি* হস। { *স.* √বৃৎ>বট্ট> }

বটী ⟹ বটিকা

বটু, বটুক [বোটু, বোটুক্] *বি* ব্রাহ্মণজাতীয় বালক (আমরা তিন বটু তেতালার ঘরে তিন দিনের জন্য আবদ্ধ হইলাম—*রঠা*)। { *স.* √বট+উ; *স.* বটু+ক(কন্) }

বটুয়া [বোটুয়া] *বি* কাপড়ের তৈরি এক প্রকার থলে। { *স.* বট=শণসূত্র; *ও.* বটুয়া}

বটে[1] [বটে] *অব্য* ১ সত্যই, প্রকৃতই (হ্যাঁ একজন জ্ঞানী বটে)। ২ তাই নাকি—বিস্ময় বা সংশয়সূচক প্রশ্নে (বটে, এত সাহস)। ৩ শাসনে, ভীতি প্রদর্শনে কিংবা ব্যঙ্গ বিদ্রূপে প্রযুক্ত (বটে, এত স্পর্ধা?)। ৪ ব্যঙ্গ-বিদ্রূপে (বীর বটে, যোদ্ধা বটে)। *(স.* √বৃৎ>*প্রা.*√বট্ট>*বা.* বট+এ}

বটে[2] [বটে] *ক্রি* হয়; সত্য হয় (যা রটে তা বটে—*প্রবাদ*)। –**ন** *ক্রি* হন (আমি জিজ্ঞাসা করলুম, লোকটি কে বটেন?—*সৈমু*)। { *স.* √বৃৎ>*প্রা.*√বট্ট> *বা.* বট}

বটেক *(প্রাবা.)* [বটেক্] *বি* এক কড়া (দরে নাহি বাড়ে এক বট—*কমু*; চার কাকে বটেক জানি। তিন ক্রান্তি বট বাখানি—*শুভঙ্কর*)। ☐ *বিণ* অতি তুচ্ছ। {√বট+এক}

বটেন ⟹ বটে[2]

বটের [বটের্] *বি* তিতিরজাতীয় পাখি; ভাটুই পাখি; লাব। { *স.* বর্তক> }

বট্‌ঠাকুর [বট্‌ঠাকুর্] *বি* ভাশুর; স্বামীর বড় ভাই। {বড়>বড্>বট্+ঠাকুর}

বঠিয়া *(মবা.)* [বোঠিয়া] *অসক্রি* বসে; বসিয়া (থাক অতিথ ছেছ্‌ড়া বঠিয়া—*মাগান*)। { *হি* বৈঠ্‌বা>বৈঠিয়া> }

বডি ⟹ বডিস

বডিস, বডি, বডী [বোডিস্, বোডি, –] *বি* স্ত্রীলোকের জামা বা অন্তর্বাস বিশেষ, কাঁচুলি (আরসীর নিকটে গিয়া গায়ের বডীটি ভাল করিয়া কসিয়া বান্ধিলেন—*মীম*)। { *ই* bodice}

বড্ড [বড্‌ডো] *বিণ, ক্রিবিণ* ১ বড়; বৃহৎ; বিশাল; অতিশয়; অত্যন্ত; খুব (বড্ড অভাব; বড্ড ভালো; বড্ড ভালোবাসি)। ২ অপ্রয়োজনীয়; বাজে (বড্ড কথা কয়)। –**ই ত/তো** *(ব্য.)* অতি সামান্য (আহা, তাহলে বড্ডই তো অন্যায় হয়েছে)। { *স.* বড্র>*প্রা.* বড্ড}

বড়[1], **বড়ো** [বড়ো] *বিণ* ১ বৃহৎ; বিশাল; মস্ত; প্রকাণ্ড (বড় বাড়ি)। ২ প্রশস্ত; বিস্তৃত (বড় মাঠ)। ৩ দীর্ঘ (বড় গাছ)। ৪ স্ফীত; স্থূল; মোটা (বড় পেট, বড় পাত্র)। ৫ অত্যন্ত; অতিশয়; খুব বেশি (বড় কষ্টে পড়েছি)। ৬ বয়সে অধিক; মানে শ্রেষ্ঠ (বড় ছেলে, বড় বাবু)। ৭ সম্ভ্রান্ত; অভিজাত; মর্যাদাসম্পন্ন; উচ্চ (বড় পরিবার)। ৮ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট; গণ্যমান্য (বড় লোক)। ৯ উচ্চপদস্থ; অধিষ্ঠিত (বড় সাহেব)। ১০ ধনবান; ধনী (বড় মানুষ)। ১১ মহৎ; উদার; বিশাল (বড় মন)। ১২ নিদারুণ; ভীষণ; খুব খারাপ (বড় দুঃসংবাদ)। ১৩ আসল; প্রকৃত (বড় কথা)। ১৪ দক্ষ; কুশলী; অভিজ্ঞ; খ্যাতিসম্পন্ন (বড় ডাক্তার)। ১৫ আশান্বিত; গর্বিত; অহঙ্কৃত (বড় মুখ)। ☐ *ক্রিবিণ* অত্যন্ত; খুব; অতিশয় (লোকটা আমাকে বড় মানে)। ☐ *অব্য* ১ নেহাত; নিতান্ত; খুব; একেবারে (বড় মন্দ নয়)। ২ তুচ্ছ; সামান্য (বড় ত চাকরি তোমার!)। ৩ বিস্ময়ব্যঞ্জক; অপ্রত্যাশিত ভাবসূচক (সে যে বড় এলো)। ☐ *বি* ধনী বা ঐশ্বর্যশালী ব্যক্তি (বড়র পিরীতি বালির বাঁধ—*ভারা*)। ~**ঈ** *(প্রাবা.)*, ~**য়ি** *বিণ* অতি; অতিশয় (আপনী ছাওয়াল বুঝি বড়ই কাঙ্গালিঞি—*বচদা*)। ~ **একটা** *ক্রিবিণ* প্রায়; অধিক; বিশেষ (বড় একটা ঘটে না)। ~ **কথা** *বি* ১ স্পর্ধাব্যঞ্জক বা অহঙ্কারপূর্ণ উক্তি (ছোটো মুখে বড় কথা)। ২ গুরু বা প্রধান বাক্য। ৩ প্রধান বিষয় (এটা হলো বড় কথা)। ~ **করা** *ক্রি* বাড়িয়ে তোলা; উন্নত করা। ~ **কুটম্ব, ~ কুটুম** *বি* শালা বা সম্বন্ধী; স্ত্রীর

ভাই। ~ **গলা** *বি* ১ উচ্চকণ্ঠ (বড় গলা করিস কেন?)। ২ গর্ব; অহঙ্কার (বড় গলায় বলতে পারি)। ~ **গলা করে বলা** *ক্রি* গর্ব করে বলা। ~ **চাল** *বি* ধনী বা উচ্চপদস্থ লোকের চাল-চলন। ~-**ছোট/ছোটো** *বি* ১ উচ্চ-নীচ। ২ ধনী-গরিব। ৩ বয়সে জ্যেষ্ঠ বা কনিষ্ঠ। ~**জোর** *বিণ* উর্ধ্ব পক্ষ; খুব বেশি করে ধরলে (বড় জোর পাঁচশো লোক হবে)। ~**ঠাকুর, বটঠাকুর** *বি* (স্ত্রী কর্তৃক স্বামীর বড় ভাইকে বোঝাতে) ভাশুর। ~ **তরফ** *বি* (ধন, মান ও বয়সে) বংশের বর্ষীয়ান পরিবার। ~ **তামাক** *বি* গাঁজা। ~**ত্ব** *বি* মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, জ্যেষ্ঠত্ব। ~ **দরের** *বিণ* উচ্চস্তরের (বড় দরের নেতা)। ~**দিন** *বি* ১ পঁচিশে ডিসেম্বর; যিশুখ্রিস্টের জন্মদিন; Christmas (day)। ২ একুশে জুন বা আষাঢ় মাসের ৭ তারিখ; বৎসরের দীর্ঘতম দিন। ~ ~ **কথা** *বি* অহঙ্কার বা আত্মম্ভরিতাপূর্ণ উক্তি। **বড়ফট্টাই** *বি* বৃথা আত্মশ্লাঘাপ্রকাশ। ~**বাবু** *বি* অফিসের প্রধান কেরানি; head clerk। ~**মানুষ**, ~**লোক** *বি* ধনী বা ঐশ্বর্যশালী ব্যক্তি। ~**মানুষি**, ~**মানষি** *বি* ১ ধনীর মতো আচরণ (বড়মানুষি ধারণা)। ২ ধনী ও পদস্থ লোকের মতো (বড়মানষি চাল)। ~**মানুষিয়ানা** *বি* বড়লোকের চালচলন (তিনি বড় মানুষিয়ানা কিছুই বোঝেন না—*রঠা*)। ~ **মিঞা** *বি* বয়স্ক ব্যক্তি সম্পর্কে সম্মানসূচক শব্দ। ~**লাট** ⇒ লাট। ~**মুখ** *বি* প্রচুর আশা; অনেক উৎসাহ। ~ **হওয়া** *ক্রি* ১ বয়োবৃদ্ধ হওয়া; বয়স বাড়া। ২ বৃদ্ধি পাওয়া। □ *বি* মহৎ, প্রসিদ্ধ বা ধনী হওয়া। {*স.* বড্র>বড্ড>}

বড়² [বড়] *বি* খড়ের তৈরি মোটা দড়ি (কাপড় উসাস করে যেন মরায়ের বড়—*কমু*)। {*স.* বড্র>বড্ড>বড় (মোটা অর্থে)}

বড়ঈ ⇒ বড়¹

বড়লাট, বড়োলাট [বড়োলাট্] *বি* ব্রিটিশ আমলের Governor General। {*বা.* বড়+*ই.* lord}

বড়বড় [বড়্‌বড়্] *অব্য* ক্রমাগত অর্থহীন কথা বলা বা প্রকাশ। **বড়বড়ানি, বড়বড়ানো** *বি* ক্রমাগত অর্থহীন কথা উচ্চারণ; বকুনি। **বড়বড়ে, বড়বড়িয়া** *বিণ* বাক্যবাগীশ; প্রলাপোক্তি উচ্চারণ। {*ধ্বন্যা.*}

বড়বা [বড়োবা] *বি স্ত্রী.* ১ ঘোটকী। ২ পুরাণোক্ত অগ্নিমুখী সিন্ধুঘোটকী। ৩ অশ্বিনী নক্ষত্র। {*স.* বল+ব+আ(টাপ্)}

বড়বাগ্নি, বড়বানল [বড়োবাগ্নি, -নল্] *বি* ১ সমুদ্রস্থ অগ্নিবিশেষ। ২ বড়বার মুখ হতে নির্গত অগ্নি। {*স.* বড়বা+অগ্নি, অনল; *মধ্য.*}

বড়বি [বড়োবি] *বি* বড় বিবি ("কিয়ের লাইগো বড়বি এইতো আমি")। {বড়ো বিবি>}

বড়শি, বঁড়শি, বড়শী, বরশী [বোড়্‌শি, বোঁ-, বো-, বোর্‌শি] *বি* লোহার বাঁকা ও আলযুক্ত কাঁটা যাতে মাছের টোপ গাঁথা হয় (সফরী আহার করিতে বড়শী লাগিল মুখে—*চন্দ*; তোমার প্রেমের বরশী ফুটেছে অন্তরে—*মোক*)। ~ **গাঁথা** *ক্রি* (*আল.*) কায়দায় বা আয়ত্তে পাওয়া। ~**যন্ত্র** *বি* বড়শিতুল্য আলযুক্ত বেঁধনযন্ত্রবিশেষ (জানয়ে অনেক তন্ত্র এড়য়ে বড়শীযন্ত্র বিনা অপরাধে পশু মারে—*কমু*)। {*স.* বড়িশী; বড়িশ}

বড়হর [বড়োহর্] *বি* ১ ফলবিশেষ (বড়হর খিরিনী খাজুর আর তাল—*সৈআ*)। {*মবা.*}

বড়/বড়ো হাজরি [বড়ো হাজ্‌রি] *বি* ভারতে আগত সাহেবদের ভাষায় মধ্যাহ্ন ভোজন সামগ্রী। (*তুল.* **ছোট/ছোটো হাজরি** breakfast, luncheon)। {*আ.* হাজরি حضری}

বড়া¹ [বড়া] *বি* ১ পিষ্ট বা মথিত খাদ্যদ্রব্যের তেল বা ঘিয়ে ভাজা ফুলকো পিষ্টকবিশেষ (মাছের ডিমের বড়া ঘৃতে দেয় ভাত—*ভারা*)। ২ তদনুরূপ পদ্ধতিতে তৈরি মিঠাইবিশেষ (তাল-বড়া দাও তাদের পাতে—*সদ*)। {*স.* বটক>*প্রা.* বডঅ>}

বড়া² [বড়া] *বি* আঁটি (আমের বড়া)। {*আঞ্চ.*}

বড়াই¹ [বড়াই] *বি* ১ গর্ব; অহঙ্কার; জাঁক; বড়র ভাব (তোমার কাছে বড়াই—*নই*)। ২ উচ্চ প্রশংসা; মহিমা; গৌরব (জ্ঞান কর্ম নিন্দি কহে ভক্তির বড়াই—*কমু*)। {*স.* বড্র>*প্রা.* বড্ড>*বা.* বড়+আই}

বড়াই², বড়ায়ি, বড়ায়ী, বড়াইবুড়ি [বড়াই, -য়ি, -, বড়াইবুড়ি] *বি স্ত্রী.* ১ বড় আয়ি; মাতামহী (তার পিসি রাধার বড়ায়ি—*বচদা*)। ২ বৃন্দাবনের বৃদ্ধা নারী যিনি রাধা-কৃষ্ণের মিলন ঘটিয়েছিলেন (আপনার মাথা খেয়ে ঘরের বাহির হয়, আইলাম বড়ায়ের সাথে—*জ্ঞাদা*)। ৩ অতিবৃদ্ধ রমণী (হাতে পায়ে কাঁপে বুড়ী কোথার বড়াই বুড়ী—*কমু*)। {*স.* বৃদ্ধ আর্যিকা>; বড্র আর্যিকা>}

বড়াল [বড়াল্] *বি* বাঙালি হিন্দুর পদবি বিশেষ। {*স.* বটব্যাল>}

বড়ি¹, বড়ী¹ [বোড়ি] *বিণ* ১ অতিশয়; অত্যন্ত; বড় (এ বড়ি সাহস তোর—*বিপ*; আজলী বাঁধা তোঁ আকালী বড়ী—*বচদা*)। ২ উৎকৃষ্ট; উত্তম (সহজে সুন্দরী তার দেশ করে বড়ি—*ঘচ*)। ৩ ছোট বড়া। {বড়+ই}

বড়ি², বড়ী² [বোড়ি] *বি* ১ বটিকা; গুলি (ঔষধের বড়ি)। ২ পিষ্ট ডাল প্রভৃতির দ্বারা প্রস্তুত শুষ্ক পিণ্ড (সুন্দরীগণ বড়ি লাখে বা সুস্বাদু ভোজ্য প্রস্তুত করিয়া থাকেন—*বচ*)। ৩ ছোট বড়া। {*স.* বটী>}

বড়িশপ্রায় [বোড়িশপ্রায়] *বি* বড়শির মতো; কণ্টকতুল্য (যিনি তোমার কণ্ঠ প্রবিষ্ট হইয়া বড়িশপ্রায় ক্লেশকর হইবেন—*ঈবি*)। {*স.* বড়িশ+প্রায়}

বড়ী ⇒ বড়ি¹ ও বড়ি²

বড়ু [বোড়ু] *বি* ব্রাহ্মণ; ব্রাহ্মণপুত্র (বড়ুচণ্ডীদাস কয়—*বচদা*)। {*স.* বটু>*প্রা.* বড়ু>}

বড়ুই ⇒ বাড়ই

বড়ুয়া¹, বরুয়া¹ [বোড়ুয়া, বোরুয়া] *বি* ১ পদস্থ বা সম্মানিত ব্যক্তি; ধনী (একে কুলনারী, ...তাহে বড়ুয়ার বধূ—*চদা*)। ২ চট্টগ্রামের বৌদ্ধদের ও অহমিয়া হিন্দুদের পদবি; আসামের কোনো কোনো মুসলমানের পদবি। {*স.* বড্র>বড়+উয়া (বড় ঘর অর্থে); (>বোরো)}

বড়ুয়া², বরুয়া² [বোড়ুয়া, -রু-] *বি* ১ ব্রাহ্মণকুমার। ২ কুমার; ছোকরা (কালিকার বড়ুয়া জগা—*কক*)। {*স.* বটু>বড়ু>*বা.* আ}

বড়ে, বোড়ে [বোড়ে] *বি* দাবা খেলার সবচেয়ে ছোট গুটি

(পৃথিবীর দাবা খেলায় এখন আমরা বড়ের জাত—*প্রচৌ*; বোড়ে দিয়ে বন্দী করে আমার ঘোড়া গজহর—*নই*)। **বড়ে/ বোড়ে টেপা** *ক্রি* ১ *(আল.)* গুটি চালা (কেহ বা বড়ে টেপেন কেহ বা তাস পেটেন—*প্যামি*)। ২ *(আল.)* চাল চালা; কৌশল প্রয়োগ করা (বিষ্ণুপুরের মিন্সের দেখ বড়ে টেপার গুণ—*হেব*)। ৩ *(আল.)* অনুচরকে ইঙ্গিত করা। **বড়ের চাল, বোড়ের চাল** *বি* ১ দাবা খেলায় গুটির চাল। ২ *(আল.)* কৌশল প্রয়োগ। {*স.* বটিকা>}

বড়ো ⟹ বড়১

বণিক [বোনিক্] *বি* সওদাগর; বেনে; ব্যবসায়ী; ক্রয়-বিক্রয়কারী। *স্ত্রী.* **বণিকিনী** (নাগর আপনি হৈলা বনিকিনী কৌতুক করিয়া মনে—*চদা*)। ~**বৃত্তি** *বি* ১ ব্যবসায়; বাণিজ্য; সওদাগরি। ২ সর্ববিষয়ে কেবল টাকা পয়সা বা লাভ-লোকসান খতিয়ে দেখার মনোবৃত্তি। {*স.* √বণ্+ইজ(ইজি)>বণিজ, ১মা *একব*}

বণিজ, বণিজার ⟹ বনিজ

বণিতা ⟹ বনিতা

বণ্টক ⟹ বণ্টন

বণ্টন [বনটোন্] *বি* বিভাজন; বাঁটা; অংশে ভাগ করে বিতরণ। **বণ্টক** *বিণ* বিভাজক; বণ্টনকারী। □ *বি* বিভাজন; বিতরণ (ডালকুত্তাদের মাঝে করহ বণ্টক—*রঠা*)। **বণ্টিত** *বিণ* বণ্টন করা হয়েছে এমন। {*স.* √বণ্ট+অন(ল্যুট্)}

বণ্টিকা [বোনটিকা] *বি* বঁটি। {*মু.* বইনটি>}

বণ্ঠ [বন্ঠো] *বিণ* ১ বেঁটে; খর্বাকার। ২ অবিবাহিতা। {*স.* বণ্ঠ}

বণ্ড, বণ্ডা [বন্ডো, বন্ডা] *বি* ১ লেজশূন্য; বেঁটে; বেঁড়ে। ২ শিশ্ন। {*স.* বণ্ড(ছিন্নত্বক)>}

বৎ [বত্] *অব্য* তুল্য; সদৃশ; ন্যায় (পশুবৎ)। {*স.* বতি> (প্রত্যয়ের মতো ব্যবহৃত হয়)}

বতক [বতক্] *বি* হংসী; মাদি হাঁস। {*হি* বর্তক>}

বতর [বতোর্] *বি* জমিতে ফসল বোনার উপযুক্ত সময়; জো, বীজ বপনের মতো জমির অবস্থা (এখন চৈতালি আর আউসের বতরে যদি আল্লার দয়া হয়, তবেই যে রক্ষা—*কাআও*)। {*আঞ্চ.*}

বতান *(প্রাবা.)* [বতান্] *ক্রি* বলা; কথা (গুরু যাহা বতাইবে—*গোবিন্দগীত*)। {*তুল.হি.* বতানা}

বতারিখ [বতারিখ্] *ক্রিবিণ* তারিখ অনুযায়ী বা অনুসারে; তারিখে। {*ফা.* ব-তারীখ تاريخ }

-বতী ⟹ -বান

বত্ত [বত্তো] *ক্রি (মবা.)* বেঁচে থাকা। **বেঁচে বত্তে থাকা** *ক্রি* বেঁচে থাকা। {*স.* √বৃৎ>*প্রা.* বত্ত}

বত্রিশ [বোত্রিশ্] *বি* ১ ৩২ সংখ্যা। □ *বিণ* ৩২ সংখ্যক। ~ **নাড়ি ছেঁড়া ধন** *বিণ* প্রিয় সন্তান। **বত্রিশে** *বিণ* বত্রিশের পূরক। {*স.* দ্বাত্রিংশৎ>}

বৎস [বত্শো] *বি* ১ বাছা—স্নেহ সম্বোধনে। ২ বাছুর; বাচ্চা গরু (ধেনু-বৎস একস্থানে বৃষ খুরে ক্ষিতি টানে—*ভারা*)। ৩ পশুশাবক। ~**তর** *বি* এঁড়ে বাছুর। ~**তরী** *বি স্ত্রী.* স্ত্রী বাছুর; বকনা বাছুর। **বৎসা, বৎসে** *বি স্ত্রী.* বাছা—স্নেহ সম্বোধনে প্রযুক্ত। {*স.* √বদ্+স}

বৎসর, বছর, বচ্ছর [বত্শোর্, বছোর্, বচ্ছোর্] *বি* বারোমাসকাল; বর্ষ; অব্দ; সন। {*স.* বৎসর> *প্রা.* বচ্ছর}

বৎসল [বত্শল্] *বিণ* স্নেহপূর্ণ; অনুরক্ত; অপত্য নির্বিশেষে স্নেহপরায়ণ (সে সব জীবেরে কৃষ্ণ বৎসল হইয়া—*বৃদা*)। **বৎসলা** *স্ত্রী.* (পাদপদ্মে দেহ স্থান সেবকবৎসলা—*কমু*)। ~**তা, বাৎসল্য** *বি* স্নেহ; অনুরাগ (আত্মীয়রা বাৎসল্য বিছিয়ে আহ্বান করেন—*মব*)। {*স.* বৎস+ল(লচ্)}

বৎসাদনী [বত্শাদোনি] *বি* গুড়ুচি; গুলঞ্চ নামক লতা গাছ। {*স.* বৎস+অদন+ঈ(ঙীপ্)}

বদ [বদ্] *বিণ* ১ মন্দ; খারাপ (বদলোক)। ২ রুক্ষ; কর্কশ (বদমেজাজ)। ৩ অসৎ; অসাধু; দুষ্ট (বদখেয়াল)। ৪ অন্যায়; অন্যায্য; অনুচিত (বদরাগী)। ৫ দূষিত; জীবাণুযুক্ত বা রোগগ্রস্ত (বদরক্ত)। ৬ অন্য; ভিন্ন (বদ রঙের তাস)। ~ **কথা** *বি* কুকথা; খারাপ কথা (বদকথা যত বাড়াবাড়ি হয় ততই বেড়ে উঠে—*মীম*)। ~ **কাম** *বি* কুকর্ম; অপকর্ম; ব্যভিচার (করিলাম বদকাম বদনাম শেষে—*ভারা*)। ~**কার** *বিণ* কুক্রিয়াশীল; কুকর্মে রত এমন। □ *বি* কুকর্ম; খারাপ কাজ; ব্যভিচারী (মনে পড়ে শুধু অসংখ্য বদকার—*ফআ*)। ~**কারী** *বি*। ~**খত**, ~**খদ** *বিণ* ১ বিশ্রী (ঐসব বদখত মূর্তি টাঙিয়ে দিয়েছি—*মব*; ফরাসী মাষ্টার্ডে বদ্খদ্ মিষ্টি মিষ্টি ভাব—*সৈমু*)। ২ (হাতের লেখা) খারাপ এমন। ৩ বেয়াড়া; দুষ্ট; অবাধ্য; অসৎ। ~**খাসলত** *বি* কু-অভ্যাস; খারাপ রীতিনীতি; খারাপ স্বভাব। ~**খেয়াল** *বি* ১ খারাপ অভিপ্রায়; কুপ্রবৃত্তি (পাহাড় ডিঙোবার বদখেয়াল হয়েছে—*প্যামি*)। ২ খারাপ আচরণ; কুনীতি। ~**খেয়ালি** *বিণ*। ~**জবান, বদজোবান** *বি* কুবাক্য; অশিষ্ট কথা; গালাগালি (অভদ্রোচিত, বদজবান, লাজবান, যা কখনও শুনি নাই—*মীম*; রাগিলেই বদজোবান আরম্ভ করিতেন—*বচ*)। ~**দোয়া** *বি* অভিশাপ; অপরের অনিষ্টের জন্য যে দোয়া। ~**নসিব** *বি* ১ দুর্ভাগ্য; মন্দভাগ্য (দুজনার হবে বুলন্দ নসিব, লাখে লাখ হবে বদনসিব?—*নই*)। ~**নাম** *বি* দুর্নাম; অখ্যাতি; অপযশ; নিন্দা (না বুঝিয়া করে কাম শেষে হয় বদনাম—*মীম*)। ~**নিয়ত** *বি* অসদভিপ্রায়; দুরভিসন্ধি। □ *বিণ* উদ্দেশ্য খারাপ এমন। ~**ফাল** *বি* দুর্ভাগ্যের চিহ্ন (সারা গায়ে জাগে কলুষিত বদফাল—*ফআ*)। ~**বখত** *বি* দুর্ভাগ্য; মন্দভাগ্য (হিন্দের বদ্বখত—*নই*)। □ *বিণ* দুর্ভাগা; হতভাগা। ~**বখতি** *বি* ১ দুর্ভাগ্য; ভাগ্যহীনা। ২ দুঃসময়। ~**বু**, ~**বো** *বি* দুর্গন্ধ; খারাপ গন্ধ (তখন ময়লা কাঁথার ভুটকা বদবুতে তাঁর বমি আসিবার উপক্রম হইল—*আমআ*)। ~**ভ্যাস** *বি* খারাপ অভ্যাস (এটা কিন্তু হরিপদর ভারি বদভ্যাস—*সুরা*)। ~**মতলব** *বি* খারাপ উদ্দেশ্য (কোনো বদমতলব নাই তো?—*কম*)। ~**মাশ**, ~**মাইশ**, ~**মায়েশ** *বিণ* ১ অসচ্চরিত্র; ইন্দ্রিয়পরায়ণ (ওটা একটা বদমাস, তোমাকে ভেবেছে বস্তির ঝি—*অচিসে*)। ২ দুষ্ট; দুর্বৃত্ত (বেটা যেরূপ বদমায়েশ—*রঠা*)। ~**মাশি**, ~**মায়েশি**, ~**মাইশি** *বি* ১ চরিত্রহীনতা; অসচ্চরিত্রতা; ইন্দ্রিয়-সেবা। ২ দুষ্টামি;

অপকর্ম (ইতিহাস এরূপ অনেক প্রকার বদমাইসি করিয়া থাকে—*বচ*)। ~**মেজাজ** *বি* উগ্র মেজাজ; রুক্ষ স্বভাব। ~**মেজাজি** *বি, বিণ* মেজাজ খুব উগ্র; রগচটা; সহজে চটে যায় এমন। ~**রং, ~রঙ** *বি* ১ খারাপ রং; ফিকে রং। ২ বিবর্ণ বা বেরং তাস। ~**রক্ত** *বি* ১ দূষিত রক্ত। ২ *(আল.)* হীনবংশ। ~**রসিক** *বিণ* রসজ্ঞানহীন; তাৎপর্য জানে না বা বুঝতে পারে না এমন (বদরসিক সঙ্গীরা এত উজান ঠেলতে রাজী নন—*মব*)। ~**রাগ** *বি* অন্যায় বা অন্যায্য ক্রোধ। ~**রাগী** *বিণ* কোপন-স্বভাব; রগচটা; অল্পতে রেগে যায় এমন। ~**রীতি** *বি* খারাপ নিয়ম; কুরীতি (রূপের তরে হানাহানি তার চেয়ে কি বদ্‌রীতি—*সদ*)। ~**রুচি** *বি* কুরুচি; নিম্নস্তরের রুচি। □*বিণ* কুরুচিসম্পন্ন; পছন্দসই নয় এমন (এমন বে-শরম বদরুচি পোষাক দেখতে পাইনি—*মব*)। ~**রোখা** *বি* কোপনস্বভাব; রুক্ষ মেজাজ (মাগী ত বড় বদ্‌রোকা—*মীম*)। ~**সলা, ~শলা** *বি* কুপরামর্শ (তারই বদ্‌সলা, বদ্ পরামর্শতেই বিবাদ নিষ্পত্তি হচ্ছে না—*মীম*)। ~**সুরত, ~ছুরত** *বিণ* কুৎসিত; বিশ্রী (মেয়েটি আমার বড় বদছুরত—*মুই*)। ~**হজম** *বি* পরিপাক ক্রিয়ার গোলমাল। ~**হজমি** *বি* অজীর্ণ রোগ। ~**হাল** *বি* দুরবস্থা; খারাপ অবস্থা; সঙ্কটজনক অবস্থা (নাজেহাল বদহাল করে একেবারে গঙ্গা পার করে দেওয়া তাঁর ইচ্ছা—*মীম*)। {*ফা.* বদ্ بد}

বদন [বদোন্] *বি* ১ মুখ (বদনে রদন লড়ে—*ভারা*)। ২ মুখমণ্ডল; আনন (বদনে উদএ হইছে ... ধার—*সৈসু*; গোরের উপরে তবে রাখিয়া বদন—*দৌবা*)। ৩ মুখগহ্বর। **বদনা** *বিণ স্ত্রী.* বদন বা মুখবিশিষ্ট (মলিনবদনা মরি মিহির বিরহে—*মদ*)। ~-**ইন্দু, ~চন্দ্রমা** *বি* চন্দ্রমুখ; চাঁদের মতো বদন। ~**মদিরা, বদনামৃত** *বি (ব্য.)* থুথু। {*স.* বদ+অন(ল্যুট্)}

বদনা [বদ্‌না] *বি* নল ও প্রশস্ত মুখবিশিষ্ট জলপাত্র বিশেষ; ধাতু বা মাটির ঘটিবিশেষ (বদনায় ধুয়ে সাফ করে নিলেন—*মীম*)। **বদনা বিয়ে** *বি* বৃষ্টি আনার জন্য গীত গান (আমরা তখন কুমারী মেয়েরা বদনা বিয়ের গানে। সারা মাঠখানি ভরিয়া দিতাম বাদল বিরহী তানে—*জউ*)। {*স.* বর্ধনী>; *হি* বধনা>}

বদর[১], **বদরিকা, বদরী** [বদোর্, -রিকা, বদোরি] *বি* কুলগাছ বা তার ফল (মিষ্ট কিছু আনিহ বদর—*ভারা*)। {*স.*√বদ্+অর(অরচ), +ক(কন্)+আ(টাপ্), +ঈ(ঙীষ্)}

বদর[২] [বদোর্] *বি* ১ পীরবিশেষ—মুসলমান মাঝিমাল্লারা নির্বিঘ্ন জলযাত্রার কামনা করে যাঁর নাম স্মরণ করে। ২ পূর্ণচন্দ্র। {*আ.* বদ্‌র্ بدر}

বদরিকা ⟹ বদর[১]

বদরিকাশ্রম [বদোরিকাস্‌স্রম্] *বি* হিমালয়স্থ হিন্দুতীর্থ। {*স.* বদরিকা+আশ্রম}

বদরিনাথ [বোদ্‌রিনাথ্] *বি* বদরি শৈলের তীর্থপতি দেববিগ্রহ। {*স.* বদরী+নাথ; ৬তৎ}

বদরী ⟹ বদর[১]

বদল [বদোল্] *বি* ১ পরিবর্তন; বিনিময় (মোর পরমায়ু লৈয়া চিরদিন থাক জিয়া, আমি মরি তোমার বদলে—*কমু*)। ২ পরিবর্তন (ভোল বদল; রং বদল)। **বদলানো** *ক্রি* ১ পরিবর্তন করা (বদলিয়া মাল পুনহি মুঝে দেল—*বিপ*)। ২ পরিবর্তিত হওয়া (লোকটার স্বভাব বদলে গেছে)। ২ বিনিময় করা (মালা বদলানো)। **বদলাবদলি** *বি* পরস্পর বিনিময়; অদলবদল। **বদলি, বদলী** *বি* ১ বিনিময়; পরিবর্তন। ২ স্থানান্তরে নিয়োগ; এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে নিয়োগ (বদলি হওয়া)। □*বিণ* ১ প্রতিনিধি। ২ অন্য কর্মস্থানে নিযুক্ত। ৩ অন্যের পরিবর্তে সাময়িকভাবে নিযুক্ত। {*আ.* বদল بدل}

বদস্ত [বদস্ত্] *ক্রিবিণ* ১ হাত দিয়ে। ২ হাতে হাতে। {*ফা.* ব-দস্ত بدست}

বদস্তুর [বদোস্‌তুর্] *ক্রিবিণ* যথারীতি; যথানিয়ম; নিয়মানুসারে (কাননগো দপ্তর সাবেক বদস্তুর আমাদের খুড়া মহাশয়ের—*রাম*)। {*ফা.* বদস্তুর بدستور}

বদা[১] ⟹ বয়দা

বদা[২] [বদা] *ক্রি* বাজি রাখা (শুনিয়া স্বামীর পদে রাজার রমণী বাদে—*রজসে*)। {*হি* বদ্‌না}

বদান্য [বদান্‌নো] *বিণ* ১ দানশীল; দাতা; উদার (তিনি অতি বদান্য পুরুষ ছিলেন—*শেআ*)। ২ মধুরভাষী; প্রিয়ভাষী। ৩ সুবক্তা। ~**তা** *বি*। {*স.* বদ্+আন্য}

বদাবদ *(মবা.)* [বদাবদ্] *বি* তর্কবিতর্ক, শাস্ত্র ইত্যাদি নিয়ে বচসা (প্রভুর সহিত কার হৈল বদাবদ—*কৃক*)। {*স.* বদ+অ(অচ্)+বদ্+অ(অচ), আ(আক্) আগম}

বদি, বদী [বোদি] *বিণ* ১ মন্দ; খারাপ; অহিত (নেকী-বদী কাম যত জীবনের লিখিয়া রাখিছ অঙ্ক কষি—*জউ*)। ২ মন্দ বা খারাপ কাজ করে এমন; পাপী। নেকি *বিপ.*। {*ফা.* বদী بدی}

বদিয়াতি, বেদাতি [বোদিয়োতি, বেদাতি] *বি* মন্দকাজ; অন্যায় কাজ ও অনিষ্টকর কাজ (একে দুঃস্বপ্ন তায় দেবতার এই বদিয়তী—*কেম*)। {*আ.* বিদাত্ بدعت}

বদী ⟹ বদি

বদৌলতে [বদোউলতে] *অব্য* জন্য; কৃপায় (ভাওয়াইয়া গান আব্বাসউদ্দীনের বদৌলতে আজ সারা দেশে সমাদৃত—*হুউ*)। {*আ.* বদৌলত بدولت *ফা.* دولت (বদৌলতে—অশুদ্ধ প্রয়োগ)}

বদ্দি ⟹ বৈদ্য

বদ্দু [বোদ্‌দু] *বি* মরুবাসী বেদুইন (তুলেছে তোমার বদ্দু আকাশ মরুপ্রান্তরে খিমা—*ফআ*)। {*ফা.* বদ্দু بدو}

বদ্ধ [বদ্‌ধো] *বি* বাঁধা; আবদ্ধ; বাঁধানো (প্রতিজ্ঞাবদ্ধ)। □*বিণ* ১ রুদ্ধ; বন্ধ (বদ্ধ কারা)। ২ অবরুদ্ধ; গতিহীন (বদ্ধপুকুর, বদ্ধস্রোত)। ৩ বন্দী; আটক (পিঞ্জিরাবদ্ধ)। ৪ যুক্ত; একত্রিত (বদ্ধাঞ্জলি)। ৫ ন্যস্ত; স্থির (বদ্ধদৃষ্টি)। ৬ বিন্যস্ত; একের পর এক সজ্জিত বা স্থাপিত (শ্রেণিবদ্ধ)। ৭ দৃঢ় ও অনমনীয় (বদ্ধ ধারণা)। ৮ নিরেট; সম্পূর্ণ (বদ্ধপাগল)। ~**কালা** *বিণ* কানে কিছুই শুনতে পায় না এমন। ~**চিত্ত** *বিণ* চিত্ত কোনো কিছুতে আকৃষ্ট বা স্থির হয়েছে এমন। ~**জীব** *বিণ* সংসারচক্রে আবদ্ধ, সংসারে অত্যাসক্ত। ~**দৃষ্টি** *বি* স্থির বা অপলক দৃষ্টি; অনিমেষ লক্ষ্য। □*বিণ* স্থির দৃষ্টিসম্পন্ন; অপলক

দৃষ্টিতে চেয়ে আছে এমন। ~**পরিকর** *বিণ* ১ *(আল.)* কোমর বেঁধেছে এমন। ২ দৃঢ়সংকল্প; কোনো কাজ করার জন্য কোমর বেঁধে লেগেছে এমন। ~**পাগল** *বিণ* সম্পূর্ণ পাগল। ~**মুষ্টি** *বিণ* ১ দৃঢ়মুষ্টি; মুষ্টি বদ্ধ করেছে এমন। ২ কৃপণ। ~**মূল** *বিণ* ১ মূল বা শিকড় মাটিতে দৃঢ়রূপে প্রোথিত আছে এমন। ২ দৃঢ়; অনড় (সে ধারণা আমার মনে বদ্ধমূল হইয়া গিয়াছিল—*রঠা*)। **বদ্ধাঞ্জলি** *বিণ* যুক্তকর; হাত জোড় করেছে এমন; জোড়হস্ত। {*স.* √বধ্+ত(ক্ত)}

ব-দ্বীপ [বদিপ্] *বি* নদীর মোহনাস্থিত প্রায় ব-অক্ষরের আকারবিশিষ্ট যে দ্বীপ; delta। {*বা.* ব+ *স.* দ্বীপ}

বধ [বধ্] *বি* হত্যা; হনন (তোমারে লাগিবে মোর বধ—*কমু*)। ~**ক**, **বধী** *বিণ* হত্যাকারী; ঘাতক (আমি ত বধক তুমি সে সাধক—*সৈআ*)। ~**য়ে** *(পদ্য.)* *ক্রি* বধ করে (বদনে বদন দিয়া বধয়ে পরাণ—*বিপ*)। **বধার্থ** *বিণ, ক্রিবিণ* বধের নিমিত্ত। **বধোদ্যত** *বিণ* হত্যা করতে উদ্যত। **বধোদ্যতা** *স্ত্রী.*। **বধ্য**, **বধার্হ** *বিণ* বধের যোগ্য এমন; হত্যার উপযুক্ত এমন। **বধ্যভূমি**, ~**স্থলী**, ~**স্থান** *বি* বধ করার স্থান। {*স.* √হন্+অ(অপ্)}

বধওঁ [বধওঁ] *ক্রি* বধ বা হত্যা করি (যবেঁ আন করোঁ তাক বধওঁ ব্রাহ্মণ—*বচদা*)। {*স.* বধ(নামধাতু)+*প্রাবা.* ওঁ}

বধির [বোধির্] *বিণ* কালা; শুনতে পায় না এমন। ~**তা**, ~**ত্ব** *বি*। **বধিরা** *স্ত্রী.* (হে নিষ্ঠুর বধিরা উর্বশী—*রঠা*)। {*স.* বধ্+ইর(কিরচ্)}

বধূ [বোধু] *বি স্ত্রী.* ১ পত্নী; স্ত্রী; বনিতা। ২ নতুন বৌ; কনে; নব বিবাহিতা স্ত্রী; ছেলে বা তৎস্থানীয়ের পত্নী। ৩ কুলবালা (গৃহবধূ)। ৪ মহিলা। ~**জন** *বি স্ত্রী.* ১ বিবাহিতা যুবতী নারী। ২ সধবা নারী। ৩ যুবতী বা নারীগণ (গোপ-বধূজন বিকশিত যৌবন—*রঠা*)। {*স.* √বহ্+উ}

বধূটী [বোধুটি] *বি স্ত্রী.* অল্পবয়স্কা বধূ; বউড়ি; বালিকা-বধূ। {*স.* বধূ+ *বা.* টী}

বধূৎসব [বোধুত্‌শব্] *বি* পুষ্পোৎসব; বধূর প্রথম রজোদর্শনহেতু উৎসব। **বধূধন** *বি স্ত্রী.* স্ত্রীধন। **বধূপক্ষ** *বি* কন্যাপক্ষ। **বধূমাতা** *বি স্ত্রী.* বউমা; পুত্র বা তত্তুল্য আত্মীয়ের বধূ। {*স.* বধূ+উৎসব}

বধোদ্যত, **বধোদ্যতা**, **বধ্য**, **বধ্যভূমি** ⇒ বধ

বন [বন্, বোন্, সমাসবদ্ধ পদে কখনো কখনো 'বনো' (যেমন—বনোগোচর্, বনোচর্)] *বি* অরণ্য; জঙ্গল; কানন; কুঞ্জ; গহন; বিপিন। ~**কদলী** *বি* কাঠকলা। ~**কন্দ** *বি* বুনো ওল। ~**কপোত** *বি* ঘুঘু। ~**কর** *বি* অরণ্যাদি থেকে প্রাপ্ত সরকারের রাজস্ব। ~**কার্পাসী**, ~**কাপাসি** *বি* বনে জাত কার্পাস। ☐ *বিণ* বন্য কার্পাসের মতো (বন-কাপাসী হাসি কুড়াইয়া টানা দিতই তাঁতে দিন রাতি—*সদ*)। ~**কুক্কুট**, ~**মোরগ** *বি* যে মোরগ গৃহপালিত নয় এবং বনে বিচরণ করে। ~**খণ্ড** *বি* ১ বনভূমি (বনখণ্ডে থাকে অলি কমলেত বশ—*সৈআ*)। ~**গহন** *বি* নিবিড় ঘন বন। ~**গোচর** [বনোগোচর্] *বি* ১ অরণ্যচারী ব্যাধ। ২ অরণ্যবাসী; অসভ্য লোক। ~**চর**, **বনেচর** [বনোচর্, বনেচর্] *বি* ১ বনে বিচরণ করে যে (আমি বনচর ছিলাম, আবার বনচর হইব—*বচ*)। ২ বন্যজন্তু; ব্যাঘ্র ইত্যাদি। ~**চাঁড়াল** *বি* গুল্মবিশেষ। ~**চারী** *(~রিন্)* [বনোচারি] *বি* যে অরণ্যে বিচরণ করে বা বাস করে। ~**জ**, ~**জাত** *বিণ* বনে জাত বা উৎপন্ন বা উদ্ভূত (বনজ সম্পদ)। ~**জঙ্গল** *বি* ঝোপঝাড়পূর্ণ স্থান। ~**দেবী** [বনোদেবি] *বি স্ত্রী.* বনের অধিষ্ঠাত্রী দেবী। ~**নিবাসিনী** *বিণ স্ত্রী.* বনে বসবাস করে এমন (বননিবাসিনী দাসী নমে রাজপদে—*মদ*)। ~**পথ** [বনোপথ্] *বি* বনের অভ্যন্তরস্থ পথ। ~**পাল** [বনোপাল্] *বি* বনের রক্ষক বা তত্ত্বাবধায়ক। ~**ফুল** [বনোফুল্] *বি* বনে জাত ফুল; স্বভাবজাত ফুল। ~**বরা** *বি* বুনো শূকর (ভয়ে ধরে বনবরা, ভল্লু, হরিণ—*ঘচ*)। ~**বাদাড়** *বি* ঝোপ-ঝাড়; ক্ষুদ্র বন ও বনসদৃশ ঝোপ। ~**বাস** [বনোবাশ্] *বি* ১ অরণ্যে বসবাস। ২ অরণ্যে নির্বাসন। ~**বাসী** [বনোবাশি] *বিণ* অরণ্যে বাস করে এমন। ~**বাসিনী** *স্ত্রী.*। ~**বিড়াল** *বি* যে বিড়াল বনে বাস করে; খাটাশ। ~**বিবি** *বি* বনদেবী। ~**বিহারী** [বনোবিহারি] *বিণ* অরণ্যে বিচরণ করে এমন। ☐ *বি* শ্রীকৃষ্ণ। ~**ভুঁই** [বনোভুঁই] *বি* বনভূমি; অরণ্য এলাকা (এসেছিলি পাখী এ বনভূঁই—*নই*)। ~**ভোজ**, ~**ভোজন** *বি* চড়ুইভাতি; সঙ্ঘবদ্ধভাবে বনে বা রম্যস্থানে গিয়ে রন্ধন ও প্রীতিভোজন; picnic। ~**মল্লিকা** [বনো-মোল্‌লিকা] *বি* কাঠমল্লিকা নামক লতা; পুষ্পবিশেষ। ~**মানুষ** *বি* অরণ্যচর নরাকৃতি লাঙ্গুলহীন বানরবিশেষ; গরিলা, শিম্পাঞ্জি ইত্যাদি। ~**মালা** [বনোমালা] *বি* ১ বনফুলে গাঁথা মালা (বাসি হল বনমালা—*গিসে*)। ২ বিবিধ কুসুমে গাঁথা আজানুলম্বিত মালা (উড়ে বনমালা বায়ুচঞ্চল—*রঠা*)। ~**মালী** [বনোমালি] *বি, বিণ* বনমালা ধারণকারী (বিশ্বের বনমালী আপনাতে ছিল আপনি মগন—*নই*)। ☐ *বি* শ্রীকৃষ্ণ (মধুর মুরলী পূরে বনমালী রাধা রাধা বলি গান—*চদা*)। ~**রাজি**, ~**রাজী** *বি* বনানী; বনশ্রেণি। ~**শোভিনী** *বি স্ত্রী.* ১ কুসুম; পুষ্প (কেনে লো হরিলি ভূষণ লতার বনশোভিনী?—*মদ*)। ২ বনের শোভাবর্ধনকারিণী; বনের ভূষণস্বরূপিণী (হিমানীতে যথা কুসুম রতনহীন বনশোভিনী লতা—*মদ*)। ~**স্থ** *বি* ১ বনে অবস্থিত। ২ বনে জাত। ৩ বানপ্রস্থ ধর্মাবলম্বী (বনস্থ বলিতে নাহি লয় চিতে কৈলাস নামেতে ঘর—*ভারা*)। ~**স্পতি** [বনোস্‌পোতি] *বি* ১ যে বৃক্ষে ফুল ধরে না অথচ ফল হয়; অশ্বত্থ বট ইত্যাদি বৃক্ষ (বনস্পতি গঙ্গাজলে ছিন্নমূল ভেসে চলে—*সদ*)। ২ প্রকাণ্ড গাছ; অশ্বত্থ বট প্রভৃতি। **বনীকরণ** *(পরি.)* বনে পরিণত করা; বনসৃষ্টি; বনায়ন। {*স.* √বন্+অ(ঘ)}

বনতি [বোন্‌তি] *বি* মনের মিল। *তুল.* বনিবনা (মনের ও মতের মিল)। {*স.* বন+ *বা.* তি}

বনদা [বনদা] *বি* বন্ধন (দ্বিগুবর গ্রন্থি বনদা করে—*মাগা*)। {*স.* বন্ধন>}

বনবন[১] [বন্‌বন্] *অব্য* দ্রুত ঘূর্ণনের ভাবপ্রকাশ। {*ধ্বন্যা.*}

বনবন[২] [বন্‌বন্] *বি* কৃমি দমনকারী সুমিষ্ট ঔষধবিশেষ। {*ই.* bonbon}

বনয়ারি, **বনয়ারী** ⇒ বনোয়ারি।

বনসাই [বন্‌সাই] *বি* চীনদেশে উদ্ভূত এবং জাপানে বিকশিত এক ধরনের শোভাবর্ধক উদ্ভিদ, যা বিশেষ প্রক্রিয়ার মাধ্যমে বিভিন্ন প্রজাতির বৃক্ষকে ক্ষুদ্রতর আকারের মধ্যে রেখে টবে পালন করা হয়। {*চী.* পুংসাই; *ই.* bonsai}

বনা [বনা] *বি* ১ মনের ও মতের মিল হওয়া (যাহাতে যাহাতে বনে—*চদা*)। ২ পরিণত হওয়া; পরিগণিত হওয়া; সাদৃশ্য হওয়া (দণ্ড কম গুলু ধরে যে হুবহু দণ্ডী বনে যায়—*অঠা*)। { *স.* বন+ *বা.* আ; *তুল. হি.* বন্‌না}

বনাত [বনাত্] *বি* পশমি কাপড় (শ্রীমন্তর মাথায় বনাতের ভাঁজ-করা কাল টুপী—*মাউ*)। **~ওয়ালা, বোনাতওয়ালা** *বিণ* রেশমি বস্ত্র পরেছে এমন (ফোটা রাঙ্গা বোনাতওয়ালা টুলো ভট্টাচার্য্য দেখলেই তর্ক কর্ত্তে যাই—*কাসি*)। { *হি.* বনাৎ}

বনানো[১]**, বনান**[১] [বনানো] *ক্রি* ১ নির্মাণ করা; প্রস্তুত করা (আদমীতে বনাইয়া জীউ দেয় জোরে—*ভারা*) : *তুল.* **বোনা** (বয়ন)। ২ রচনা করা (বেণী বনাই চাঁচর কেশে—*বিপ*)। **বনায়ত** *(প্রাবা.) ক্রি* বিন্যাস করে সাজিয়ে দেওয়া (সহচরী মেলি বনায়ত বেশ—*বিপ*)। **বনায়ল** *(প্রাবা.) ক্রি* রচনা করলো; সজ্জিত করলো (বেনী বনায়ল চাঁচর কেশে—*বিপ*)। { *তুল. হি.* বনানা}

বনানো[২]**, বনান**[২] [বনানো] *ক্রি* সদ্ভাব বজায় রাখা; মিল করা; মতে বা চালচলনে খাপ খাওয়ানো (বনিয়ে চলা)। {বনা+ আনো}

বনানী [বনানি] *বি* বিশাল বন; মহাবন; সুবিস্তৃত অরণ্য (স্তব্ধ শরৎ দুপুরের ঘন বনানীর মধ্যে ঘুঘুর ডাক শুনিয়াছে—*বিব*)। { *স.* বন+ *বা.* আনী, সংস্কৃত অরণ্যানী-র অনুকরণে}

বনান্ত [বনান্‌তো] *বি* বনের প্রান্তভাগ। □*বি* পড়ন্ত (জানাইয়া দিল মোরে বসুধার বনান্ত বেলায়—*শাহো*)। { *স.* বন+ অন্ত; ৬তৎ }

বনান্তর [বনান্‌তর] *বি* অন্য বন। { *স.* বন+ অন্তর; *নিত্য.* }

বনাবনি, বনিবনাও, বনিবনাত, বনাবন্তি [বনাবোনি, বোনিবনাও, -বনাত, -বোন্‌তি] *বি* মনে-মতে মিলমিশ; সদ্ভাব; বনিবনা (তাদের মধ্যে বনাবনি নেই)। {বনা+অবনা+ই; বনা+বনতি}

বনাম [বনাম্] *অব্য* ১ বিরুদ্ধে; বিরুদ্ধ পক্ষে (মোহামেডান স্পোর্টিং বনাম আবাহনী দল)। ২ ওরফে; alias; নামান্তর। { *ফা.* বনাম بنام }

বনারস [বনারস্] *বি* কাশী। **বনারসি, বনারসী** *বিণ* বনারসীতে উৎপন্ন। □*বি* 'বনারসী' নামক উৎকৃষ্ট শাড়ি। { *স.* বারাণসী>(বর্ণবিপর্যয়ে) বনারসী}

বনি[১] [বোনি] *বিণ* সজ্জিত (আগুনে কুসুমে বনি রাই—*গোদা*)। □*ক্রিবিণ* ১ সাজ করে। ২ প্রস্তুত বা তৈরি হয়ে। { *হি.* বনি}

বনি[২] [বোনি] *বি* জাতি; সম্প্রদায়; বংশ (বনি ইসরাইল, বনি আদম)। { *আ.* বনি بنی }

বনিক ⇒ বণিক

বনিজ, বণিজ [বোনিজ্] *বি* হাট (পুষ্পের বনিজে যেন গুঞ্জে অলিকুল—*কাদৌ*)। **বনিজার, বণিজার** *বি* বণিক (যবে বনিজার মিলিয়া পশার বিকিকিনি করে বাটে—*সৈআ*; চিতাওর দেশ হইতে এক বণিজার—*সৈআ*)। { *স.* বণিজ>}

বনিত [বোনিতো] *বিণ* ১ প্রার্থিত। ২ সেবিত। { *স.* বন্+ইত(ইতচ্)}

বনিতা, বণিতা [বোনিতা] *বি স্ত্রী.* ১ স্ত্রী; পত্নী (নও নারী ছিল মোহাম্মদের বণিতা—*হেমা*)। ২ নারী; ভার্যা (সে জগতের বনিতাই হচ্ছে স্বর্গ—*প্রচৌ*)। ৩ প্রিয়া; প্রেয়সী। { *স.* বন(যাচ্ঞা)+ইত(ইতচ্)+আ(টাপ্)}

বনিয়াদ, বুনিয়াদ, বনেদ [বোনিয়াদ্, বু-, বোনেদ্] *বি* ১ ভিত্তি; মূল (তার বনেদ খুব পাকা হয়—*প্রচৌ*)। ২ উৎপত্তি (যে না জানে বনেদ তোর—*ঘচ*; এর বুনিয়াদ স্থাপিত হবে অতীত কৃষ্টি ও ঐতিহ্যের উপর—*আহ*)। **বনিয়াদি, বুনিয়াদি, বনেদি** *বিণ* ১ সুপ্রতিষ্ঠিত; স্থায়ীভাবে স্থাপিত; বহুকাল যাবৎ প্রতিষ্ঠিত (বুনিয়াদি আদি মিস্তিরি—*সদ*)। ২ প্রাচীন ও সম্ভ্রান্ত; প্রাচীন ঐতিহ্যবাহী (বিখ্যাত বনিয়াদী ধনীর বংশে—*রঠা*; বংশ যে বনেদী তাতে সন্দেহ নেই—*মউ*)। ৩ ভিত্তিস্বরূপ (বুনিয়াদি গণতন্ত্র)। **বনেদিআনা** *বি* ভদ্রতা; সম্ভ্রান্ত লোকের আচরণ (বনেদিআনা নয়—*মব*)। **বনেদিপনা** *বি* বংশগৌরব বা বড়লোকি দেখানো (কেউ কেউ নিজেদের বনেদিপনা জাহির করে—*আই*)। { *ফা.* বুনিয়াদ بنیاد }

বনী[১] [বোনি] *বি* বন। { *স.* বন+ইন্(ইনি)}

বনী[২] *(মবা.)* [বোনি] বোন; ভগিনী। { *স.* ভগিনী>বহিনী>বনী}

বনীকরণ [বোনিকরোন্] *বি* বনে পরিণত করা; বন সৃষ্টি; afforestation। { *স.* বন+ঈ(চ্বি)+করণ}

বনেচর ⇒ বন

বনেট [বনেট্] *বি* ইউরোপীয় মহিলা কর্তৃক পরিহিত এক প্রকার টুপি যা চিবুকের নিচে ফিতা দিয়ে আটকানো হয় (মা দুর্গা মুকুটের পরিবর্তে বনেট পরেন—*কাসি*)। **বনেটি** *বি* মশালযুক্ত লম্বালাঠি। { *ই.* bonnet}

বনেদ, বনেদি, বনেদী ⇒ বনিয়াদ।

বনোয়ারি, বনোয়ারী, বনয়ারি, বনয়ারী [বনোয়ারি] *বি* শ্রীকৃষ্ণ। □*বিণ* বনবিহারী; বনে বিচরণকারী (কত ঝাটমল, পীরু, বনোয়ারী, পরান শিলার করবী যূথী—*সদ*)। { *স.* বনমালী>}

বনোসা [বনোশা] *বি* নীল রঙের ফুলবিশেষ (নার্গিস আর গুলবনোসার দেখবে যেথায় সুনীল দল—*নই*)। { *ফা.* গুলবনোসা گلبناس }

-বন্ত [বন্‌তো] যুক্ত, বিশিষ্ট, সম্পন্ন ইত্যাদি অর্থসূচক প্রত্যয় (জ্ঞানবন্ত, ভাগ্যবন্ত)। { *স.* -বৎ(বতুপ্)}

বন্দ[১] [বন্‌দো/বন্‌দ্] *বি* ১ দৈর্ঘ্য-প্রস্থের সমষ্টির পরিমাণ (পঁচিশের বন্দ যেন ঘর একখানা—*কৃত্তি*)। ২ খণ্ড; অংশ (জমি দিবে মাপিয়া বন্দে যেন প্রজা লয়—*কমু*)। ৩ রুদ্ধ; অবরুদ্ধ। ৪ ছুটি। ৫ ধর্মঘট। { *ফা.* বন্দ্ بند }

বন্দ[২] [বন্‌দো] *ক্রি* বন্দনা করো; আরাধনা করো। **~হ** *(ব্র., প্রাবা.) ক্রি* বন্দনা করো (বন্দহ নন্দকিশোর—*বিপ*)। { *স.* √বন্দ্}

বন্দক [বন্‌দক্] *বি,বিণ* বন্দনা করে এমন; বন্দনাকারী; প্রমাণকারী। { *স.* √বন্দ্ (স্তুতি)+অক(ণ্বুল্)}

বন্দন ⇒ বন্দনা

বন্দনা, বন্দন [বন্‌দোনা, বন্‌দন্] *বি* ১ স্তব; স্তুতি (বন্দনা-গান রচিলা কুমার—*রঠা*)। ২ প্রমাণ। ৩ পূজা; অর্চনা। **বন্দনীয়, বন্দ্য** *বি* বন্দনার উপযুক্ত; প্রণম্য; পূজনীয়।

বন্দনীয়া, বন্দ্যা স্ত্রী। {স. √বন্দ্+অন(যুচ্)+আ(টাপ্), √বন্দ্+অন(ল্যুট্)}

বন্দর [বন্‌দর্] *বি* সমুদ্র বা নদীর তীরবর্তী স্থান যেখানে জাহাজ বা নৌকা নোঙর করা হয়। {*ফা.* বন্দর بندر }

বন্দা[১] ⇒ বান্দা

বন্দা[২] *(পদ্য.)* [বন্‌দা] *ক্রি* বন্দনা করা; প্রণাম করা। {স. √বন্দ্+*বা.* আ}

বন্দি ⇒ বন্দী।

বন্দিত [বোন্‌দিতো] *বিণ* বন্দনা করা হয়েছে এমন; অর্চিত; প্রশংসিত। **বন্দিতা** *স্ত্রী.*। {স. √বন্দ্+ত(ক্ত)}

বন্দিনী ⇒ বন্দী[১] ও বন্দী[২]

বন্দিশালা ⇒ বন্দী[১]।

বন্দী[১], **বন্দি** [বোন্‌দি] *বি* ১ কয়েদি; কারাগারে আটক অবরুদ্ধ ব্যক্তি (এই বন্দী আমার প্রাণেশ্বর—*বচ*)। ২ অবরুদ্ধ; আটক; কারারুদ্ধ (বন্দী হওয়া)। ৩ বদ্ধ (বাক্স-বন্দী)। **বন্দিনী** *স্ত্রী.*। **~শালা, ~ঘর** *বি* কারাগার; জেল; কয়েদখানা (যত আইসে সদাগর রাখ তারে বন্দিঘর—*কমু*)। {স. √বন্দ্+ই(ইন্), ঈ(ঙীষ্); *ফা.* বন্দী بندی }

বন্দী[২] (-ন্দিন্) [বোন্‌দি] *বিণ* ১ চারণ; বৈতালিক; বন্দনাগায়ক বা পাঠক; বন্দনাকারী। **বন্দিনী** *স্ত্রী.*। {স. √বন্দ্+ইন্ (ণিনি)}

বন্দুক [বোন্‌দুক্] *বি* যে আগ্নেয়াস্ত্র দ্বারা গুলি ছোড়া হয় (বন বেড়ি বড় গোলা বন্দুকে ছুটে গুলি—*ঘচ*)। **~চি, ~বাজ** *বিণ* বন্দুকচালক; গোলন্দাজ (আক্রিদি যদি হতাম আমি রে আজ বন্দুকবাজ তীক্ষ্ণ তীরন্দাজ—*সদ*)। **~মারা** *ক্রি* বন্দুক দিয়ে শিকার করা। **বন্দুকের আওয়াজ** *বি* গুলি ছুড়বার আওয়াজ (সেখান হইতে বন্দুকের আওয়াজ শুনিবারও কোনো সম্ভাবনা ছিল না—*রঠা*)। **বন্দুকের আওয়াজ করা** *ক্রি* গুলি ছোড়া (একটা বন্দুক তুলিয়া স্ফীত পাল লক্ষ্য করিয়া বন্দুকের আওয়া করিয়া দিল—*রঠা*)। {তু. বন্দূক}

বন্দে [বন্‌দে] *ক্রি* বন্দনা করি; প্রণাম বা অর্চনা করি। **~মাতরম্** *ক্রি* মাতাকে বন্দনা করি, বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' উপন্যাসের অন্তর্গত একটি গানের কলি। {স. √বন্দ্>}

বন্দে বন্দে [বন্‌দে –] *ক্রিবিণ* প্রতি খণ্ডে (বন্দে বন্দে প্রজা যেন ....—*কমু*)। {*ফা.* বন্দ بند }

বন্দেগি, বন্দেগী [বন্‌দেগি] *বি* ১ বান্দার আনুগত্য; দাস্যভাব (বান্দা যাহারা বন্দেগী ছাড়া কি দিবে তাহারা শাহন্‌শাহ্—*নই*)। ২ সশ্রদ্ধ অভিবাদন; সালাম (বন্দেগী করিবে বান্দা জমিনে ঠুকিয়া—*ভারা*)। ৩ বান্দা বা গোলামের কর্ম। ৪ এবাদত; প্রার্থনা (চব্বিশ ঘণ্টাই যাহারা ...এবাদত বন্দেগীতে ব্যস্ত—*আমআ*)। {*ফা.* বন্দেগী بندگی }

বন্দো *(পদ্য.)* [বন্‌দো] *ক্রি* বন্দনা করি (এ হরি বন্দো তুয়াপদ—*বিপ*)। {স. √বন্দ্>}

বন্দোবস্ত, বন্দবস্ত [বন্‌দোবস্‌তো] *বি* ১ ব্যবস্থা। ২ আয়োজন (জীবাণু বোমার নিখুঁত বন্দোবস্ত—*মব*)। ৩ শৃঙ্খলা; পারিপাট্য। ৪ জমির মালিকানার শর্তাদিসহ ব্যবস্থা; জমির দখল সম্পর্কিত শর্ত; নির্দিষ্ট শর্তে জমির পত্তনি ব্যবস্থা। {*ফা.* বন্দ-ও-বস্ত بندوبست }

বন্দ্য[১] [বন্‌দো] *বিণ* বন্দনীয়; বন্দনার যোগ্য এমন। **~বংশ** *বি* ১ মান্য বা সম্ভ্রান্ত বংশ (পরম কুলীন স্বামী বন্দ্যবংশ খ্যাত—*ভারা*)। ২ বন্দ্যোপাধ্যায় বংশ। {স. √বন্দ্+য(ণ্যৎ)}

বন্দ্য[২], **বন্দ্যা** ⇒ বন্দনা

বন্দ্যোপাধ্যায় [বন্‌দোপাদ্‌ধ্যায়্] *বি* বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ; বাঁড়ুজ্জে; Banerjee। {স. বন্দ্য+উপাধ্যায়}

বন্ধ [বন্‌ধো] *বি* ১ বন্ধনী; বাঁধবার উপকরণ (কোমরবন্ধ, কেশবন্ধ)। ২ বন্ধন; বাঁধন (থাকিয়া রাজার আগে বন্ধ কর দূরে—*কমু*)। ৩ বাধা; রোধ (স্রোতবন্ধ)। ৪ সংযোগ। ৫ গ্রন্থন; রচনা (সেতুবন্ধ)। ৬ আবেষ্টন (ভুজবন্ধ)। ৭ ছুটি; অবকাশ (গ্রীষ্মের বন্ধ)। ৮ দৈনিক কাজের অবসান বা সমাপ্তি (অফিস বন্ধ হয়েছে)। ☐ *বিণ* ১ রুদ্ধ (বন্ধ দ্বার)। ২ রহিত; আড়ি (কথা বন্ধ করা)। ৩ কাজ স্থগিত আছে এমন (দোকান বন্ধ)। ৪ অচল; নিশ্চল; গতিহীন (বন্ধ করো না পাখা—*রঠা*)। ৫ বাধাপ্রাপ্ত; বাধাগ্রস্ত (বন্ধ স্রোত)। ৬ আটক; বন্দী। **~খানা** *বি* কারাগার। {স. √বন্ধ্+অ(ঘঞ্)}

বন্ধক [বন্‌ধোক্] *বি* ১ ঋণের জামিনস্বরূপ কোনো বস্তু জমা রাখা (বাড়িখানা বন্ধক রেখে টাকা এনেছি)। ২ ঋণের জামিনস্বরূপ গচ্ছিত বস্তু (গয়না বন্ধক দেওয়া)। **~গ্রহীতা** *বি, বিণ* যে দ্রব্যাদি বন্ধক রেখে ঋণ দেয়। **~দাতা** *বি, বিণ* দ্রব্যাদি বন্ধক দিয়ে যে ঋণ গ্রহণ করে। **বন্ধকি, বন্ধকী** *বিণ* ১ বন্ধকরূপে প্রদত্ত; যে বস্তু বন্ধক রেখে ঋণ গৃহীত হয়। ২ বন্ধক সংক্রান্ত। ☐ *বি স্ত্রী.* যে নারী পরপুরুষের নিকট বদ্ধ থাকে; কুলটা। {স. √বন্ধ্+অক(ণ্বুল্)}

বন্ধন [বন্‌ধন্] *বি* ১ বাঁধন; দড়ি দিয়ে বন্ধন। ২ অবরোধ; আটক; কয়েদ (কারাগারে বন্ধন)। ৩ আবেষ্টন; বদ্ধভাব (বেণী-বন্ধন)। ৪ নির্মাণ; গ্রন্থন (সেতু-বন্ধন)। ৫ নিয়ন্ত্রণ; সংযম; নিরোধ। ৬ সম্পর্ক স্থাপন; সংযোজন (বিবাহ-বন্ধন)। ৭ ক্ষতাদি বাঁধার পটি। **~দশা** *বি* আটক অবস্থা; কয়েদ। **~হীন** *বিণ* মুক্ত; স্বাধীন। **বন্ধনাগার** *বি* কারাগার; ফাটক। **বন্ধনালয়** *বি*। {স. √বন্ধ্+অন(ল্যুট্)}

বন্ধনী [বন্‌ধোনি] *বি* ১ যে উপকরণ দ্বারা বাঁধা হয়; যা দ্বারা বাঁধা হয়। ২ ব্র্যাকেট; ( ), { }, [ ]—এসব চিহ্ন। **~য়** *বিণ* বন্ধনের যোগ্য। {স. বন্ধন+ঈ(ঙীপ্)}

বন্ধান [বন্‌ধান্] *বি* ১ বন্দোবস্ত; ব্যবস্থা (আমি ইহার একটা বন্ধান করিতে চাহি—*রাম*)। ২ দেহের গঠন বা বাঁধন। ৩ চেহারা। {স. √বন্ধ্+*বা.* আন}

–বন্ধী [বোন্‌ধি] *বিণ* বাঁধা; আবদ্ধ (প্রতিবন্ধী)। {স. √বন্ধ্+ইন্(ণিনি)}

বন্ধু [বোন্‌ধু] *বি* ১ মিত্র; সখা; সুহৃদ। ২ হিতৈষী; কল্যাণকামী ব্যক্তি। ৩ স্বজন। ৪ প্রণয়ী; প্রিয়জন। ৫ বান্ধুলী পুষ্প (সুরঙ্গ-অরুণ বন্ধু অধর আনয়—*কমু*)। **~নী, বান্ধবী** *স্ত্রী.*। **~ত্ব, ~তা** *বি*। **~য়া** *বি* বন্ধু; প্রণয়ী (এত সাধের বন্ধুয়া আমায় দেখিলে না চায় ফিরিয়া)। {স. √বন্ধ্+উ}

বন্ধুক, বন্ধূক, বন্ধুজীব, বন্ধুজীবক, বন্ধুলি, বন্ধুলী [বোন্‌ধুক্, –, –জিব্, –জিবক্, –লি, –] *বি* রক্তবর্ণ ফুল বা তার গাছ; বাঁধুলি ফুল বা গাছ (স্বর্ণ বর্ণ তনু চঞ্চু জিনিয়া বন্ধূক—*সৈআ*; অঙ্গের বন্ধূক ঘটা আজানুলম্বিত

জটা—কম্বু; সিংহগ্রীব বন্ধুজীব অবরেশ তুল—কৃও)। **বন্ধুকবন্ধু** *বি* সূর্য (অধর বন্ধুকবন্ধু বদন শারদ ইন্দু—কমু)। { *স.* বন্ধু+ক(কন)}

বন্ধুর [বোনধুর] *বিণ* ১ ভূমি বা ক্ষেতের অসমান তলবিশিষ্ট; অসমতল; উঁচুনিচু; এবড়োখেবড়ো।২ বধির। ~**তা** *বি*। { *স.* √বন্ধ্+উর(উরচ্)}

বন্ধুলি, বন্ধুলী ⇒ বন্ধুক

বন্ধূক = বন্ধুক

বন্ধ্য [বন্‌ধো] *বিণ* ১ নিঃসন্তান; সন্তানহীন। ২ ফলহীন; নিষ্ফল। ৩ বন্ধনযোগ্য; বাঁধার উপযোগী এমন। **বন্ধ্যত্ব, বন্ধ্যতা** *বি*। **বন্ধ্যা** *বিণ স্ত্রী* ১ বাঁঝা; সন্তান হয় না এমন। ২ বন্ধনযোগ্যা স্ত্রী। **বন্ধ্যাসুত** *বি* বন্ধ্যার পুত্রসন্তানের মতো মিথ্যা বস্তু; অসম্ভব বস্তু। { *স.* √বন্ধ্+য(ণ্যৎ)}

বন্ন (*মবা.*)[বন্‌নো] *বি* ১ বর্ণ; অক্ষর। ২ রং; বর্ণ (নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন্—*রূপ*)। { *স.* বর্ণ>*প্রা.* বন্ন>}

বন্নক [বন্‌নোক্] *বি* রং; বর্ণ (কোন বা বন্নক তুমি ..... আইছ চুরি—*জউ*)। { *স.* বর্ণক>*প্রা.* বন্নক}

বন্য [বোন্‌নো] *বিণ* ১ বনজাত; বনে উৎপন্ন; বুনো (বন্য বৃক্ষ)। ২ বনে বাস করে বা বিচরণ করে এমন (বন্য পশু)। ৩ অসামাজিক; বনে বাস করার যোগ্য এমন; জনসমাজের অনুপযুক্ত এমন (বন্য স্বভাব)। ৪ বনসম্পর্কিত। ~**বৃত্তি** *বিণ* বন্য ফলমূল খেয়ে বাঁচে এমন। **বন্যা** *স্ত্রী*। { *স.* বন+য(যৎ)}

বন্যা[২] [বোন্‌না] *বি* প্লাবন; বান। { *স.* বন (জল)+য(যৎ)+আ(টাপ)}

বন্যা[১] ⇒ বন্য।

বপন [বপোন্] *বি* ১ রোপণ; বোনা (আমি বৃথাই স্বপন করেছি বপন—*রঠা*)। ২ বয়ন। { *স.* √বপ্+অন(ল্যুট্)}

বপা [বপা] *ক্রি* রোপণ করা; বোনা; বপন করা। { *স.* √বপ্+*বা.* আ}

বপু[বোপু] *বি* দেহ; শরীর; কায়া। { *স.* √বপ্+উস্>বপুস্>*পা.* বপু}

বপুষ্মান[বোপুশ্‌মান] *বি* প্রকাণ্ড বা বিশাল শরীরবিশিষ্ট। **বপুষ্মতী** *স্ত্রী.* (বপুষ্মতী মেদমন্থরা সুবিশালা স্ত্রী—*অচিসে*)। { *স.* বপুস্+মৎ(মতুপ্)}

বপ্তব্য [বপ্‌তোব্‌বো] *বিণ* বপনযোগ্য। { *স.* √বপ্+তব্য}

বপ্তা (-প্তৃ) [বপ্‌তা] *বিণ* বপনকারী; বীজ বপন করে এমন। { *স.* √বপ্+তৃ(তৃচ)}

বপ্র [বপ্‌প্রো] *বি* ১ ভূমি; ক্ষেত্র। ২ পরিখা খননের ফলে যে মাটির স্তূপ সৃষ্টি হয়; প্রাকার; parapet। ৩ পর্বতের সানুদেশ। ~**ক্রীড়া**, ~**কেলি**, ~**ক্রিয়া** *বি* শিং বা দাঁত দ্বারা পর্বতের সানুদেশ বা উপত্যকা খননরূপ খেলা। (বপ্রকেলি কুতূহলে মত্ত করিগণ—*বিচ*)। { *স.* √বপ্+র(রন্)}

বব [বব] *বিণ* নারীর মাথার চুলের বিশেষ ধরনের ছাঁট (ববকাট)। { *ই* boob}

বভ্রুবাহন [বোব্‌ভ্রুবাহোন্] *বি* অর্জুন ও চিত্রাঙ্গদার পুত্র। { *স.* √ভৃ+উ(কু)=বভ্রু+বাহন, বহু}

ববমবম ⇒ বম

বম[২] [বম্] *বি* যুগন্ধর; গাড়ির দীর্ঘ কাষ্ঠদণ্ড। { *ই* beam}

বম[১], **বমবম, ববমবম**[বম্, --, ববম -] *অব্য* গালবাদ্য ধ্বনি। **বমভোলা** *বি* হিন্দুদেবতা ভোলানাথ, শিব। □ *বিণ* চারিদিকে কি ঘটছে সে সম্বন্ধে উদাসীন। { *ধ্বন্যা.*}

বমচুলি ⇒ বঁমচুলি

বম ভোলানাথ [বম্ ভোলানাথ্] *বি* 'বম' বা 'বোম' শব্দকারী হিন্দুদেবতা ভোলানাথ; শিব। {বম+ভোলানাথ}

বমন [বমোন্] *বি* ১ বমি; ন্যক্কার। ২ উদ্‌গিরণ; নিঃসরণ। **বমনীয়** *বিণ* বমনের উপযুক্ত; বমনযোগ্য। { *স.* √বম্+অন(ল্যুট্)}

বমবম ⇒ বম

বমাল ⇒ বামাল

বমি [বোমি] *বি* ১ বমন; উদ্‌গিরণ। ২ উদ্‌গীর্ণ বস্তু; বমিত বস্তু। ~**ত** *বিণ* উদ্‌গীর্ণ; বমি করে ফেলা হয়েছে এমন। ~~~ **ভাব** *বি* বমনেচ্ছা। **গা** ~~~ **করা** *বি* বার বার বমিভাব হওয়া। { *স.* √বম্+ই}

বম্বার্ড[বোম্‌বারড্] *বি* কামান দেগে বিধ্বস্তকরণ (কম্বক্তো সম্বরাসুরে না করি বম্বার্ড—*সদ*)। { *ই* bombard}

বম্বু [বোম্‌বু] *বি* বাঁশ (কোমর বেঁধে বম্বু কাঁধে তুলে—*নই*)। { *ই* bamboo}

বম্বেটে, বম্বাটে ⇒ বোম্বেটে

বম্ভ (*মবা.*) [বম্‌ভো] *বি* ব্রহ্ম (জঅ জঅ ধম্ম হুঙ্কারিয়া বম্ভ রাখিলেন কম্মের পিঠি—*রূপ*)। ~**তেল** *বি* ব্রহ্মতালু; মাথার চাঁদি (বম্ভলে ভেদ করিএ—*রূপ*)। { *স.* ব্রহ্ম>}

বয়[১] [বয়্] *বি* বিক্রয়। ~**নামা** *বি* বিক্রয়ের দলিল। { *আ.* বাইনামাহ بیع نامه }

বয়[২] [বয়্] *বি* গন্ধ। { *ফা.* বূ بو }

বয়[৩] [বয়্] *বি* হোটেল ইত্যাদির ভৃত্য; বালভৃত্য; বালকভৃত্য বা পরিচারক (বিদেশে যাইতেছেন একটা ভাল বয় রাখিবেন—*মাউ*)। { *ই* boy}

বয়ঃ [বয়োহ্, সমাসবদ্ধ পদে প্রায় ক্ষেত্রেই পরপদের প্রথম বর্ণের দ্বিত্ব উচ্চারণ, যেমন—বয়োশ্‌শোন্‌ধি] *বি* ১ বয়স। ২ আয়ু; জীবনকাল। ৩ সাবালকত্ব; যৌবন। ~**ক্রম** *বি* বয়স (তাহার সতেরো-আঠারো বৎসর বয়ঃক্রম—*রঠা*)। ~**প্রাপ্ত** *বিণ* সাবালক; যৌবনপ্রাপ্ত; প্রাপ্তবয়স্ক। ~**প্রাপ্তা** *স্ত্রী*। ~**সন্ধি** *বি* শৈশবের শেষ ও যৌবনের আরম্ভ; কৈশোর। ~**সন্ধিকাল** *বি* বাল্যের শেষ ও যৌবনের আরম্ভকাল। ~**সন্ধিস্থল** *বি* বাল্যের শেষ ও যৌবনের আরম্ভকাল (সে এতদিন যে একটা বয়ঃসন্ধিস্থলে অস্বাভাবিকভাবে দীর্ঘকাল আসিয়াছিল—*রঠা*)। ~**স্থ**, **বয়স্থ** *বিণ* ১ বয়ঃপ্রাপ্ত। ২ কিশোর; যুবক। ৩ মধ্যবয়স্ক; মাঝবয়সী; প্রৌঢ়। ৪ প্রবীণ; বৃদ্ধ। ~**স্থা**, **বয়স্থা** *বি স্ত্রী* বয়ঃপ্রাপ্তা। □ *বিণ স্ত্রী* ১ যুবতী; বিবাহের উপযুক্তা; সোমত্ত (তাহার বয়স্থা মেয়েকে পাত্রস্থ করিতে পারাই যে তাহার প্রধান কর্তব্য—*কাআও*)। ২ পৌঢ়া; মধ্যম বয়সী নারী; মধ্যবয়স্কা। ৩ বৃদ্ধা; প্রবীণা। { *স.* √বী+অস(অসুন্)}

বয়কট [বয়্‌কট্] *বি* ১ বর্জন; পরিহার; ত্যাগ (ইউরোপের মোহ কাটাতে হলে ইউরোপীয় বসন বয়কট করাই শ্রেয়—*প্রচৌ*; কংগ্রেস ও মুসলীম লীগ এই কমিশন বয়কট

করিয়াছিল—*মুশ*)। ২ একঘরে করা। আয়ারল্যান্ডে বয়কট নামক এক ঘৃণ্য প্রশাসককে বর্জন করা থেকে এই শব্দের উদ্ভব। *তুল.* মিরজাফরি। { *ই* boycott }

বয়জা ⇒ বয়দা

বয়ড়া ⇒ বহেড়া

বয়দা, বয়জা, বদা [বয়্‌দা, -জা, বদা] *বি* ডিম (সারসের বয়জা এয়ছা অতি কোথা পাবে— *সৈহা*)। { *আ.* বয়্‌দাহ بيضه }

বয়ন[১] [বয়োন্] *বি* বোনা (বস্ত্র বয়ন)। { *স.* বপন>*প্রা.* বঅন> }

বয়ন[২], **বয়ান** [বয়োন্, -য়ান্] *বি* মুখ; বদন (প্রিয়া চেয়ে আছে শিশুর বয়ানে—*মোম*)। **শশি বয়না** *বিণ* চন্দ্রমুখী; শশিবদনা (ফিরে মুখে দিঠি পরলি শশিবয়না—*বিপ*)। { *স.* বদন>*প্রা.* বঅণ> }

বয়নাক্কা ⇒ বায়নাক্কা

বয়নামা ⇒ বয়[২]

বয়নী [বয়নি] *বিণ* বদনী; মুখযুক্ত; মুখী। *পু.* **বয়ন**। { *স.* বদনা> }

বয়রা [বয়্‌রা] *বিণ* বধির; কালা (বালুদুয়ারের বয়রা মফিজ শেখ—*বআমি*)। □ *বি* বহেরা ফল বা তার গাছ। { *স.* বধির> }

বয়ল [বয়ল্] *বি* বলদ; ষাঁড়। ~**গাড়ি** গরুর গাড়ি; বলদ বাহিত শকট। { *স.* বলীবর্দ>বয়ল }

বয়লা [বয়্‌লা] *বি* বলয়; বালা; কঙ্কণ; মণ্ডল; করভূষণ বিশেষ (কেন রাখ নাই চুড়ি ও বয়লা আপন মনের মতো?—*জউ*)। { *স.* বলয়> }

বয়লার [বয়্‌লার্] *বি* ১ পানি ফুটিয়ে বাষ্প তৈরির যন্ত্র। ২ সিদ্ধ করার পাত্র বিশেষ। { *ই* boiler }

বয়স, বয়েস [বয়োশ্, -য়েশ্] *বি* ১ বয়ঃক্রম; আয়ুষ্কাল (বয়স ছিল আট—*রঠা*; বিধর তোর বএসে—*বচদা*)। ২ অধিক বয়ঃক্রম; পরিণত বয়স (বয়স হয়েছে এখনও দুষ্টুমি গেল না)। ৩ যৌবনপ্রাপ্ত; সাবালকত্ব; বয়ঃপ্রাপ্তি (বয়সকাল)। **বয়সকাল** *বি* সাবালকত্ব; যৌবনকাল; পরিণত বয়স। **বয়সকালে** *ক্রিবিণ* যৌবনকালে। -**ফোড়া, বয়সফোড়া** *বি* যৌবনকালে মানুষের মুখমণ্ডলে যে ফোড়া ওঠে; বয়োব্রণ। **বয়স হওয়া** *ক্রি* সাবালক হওয়া; পরিণত বয়স বা বৃদ্ধ হওয়া। **বয়সা** *বি* যৌবনারম্ভে বালক–বালিকার কণ্ঠস্বরের বিকৃতি বা পরিবর্তন (তাতেই চেঁচিয়ে ধরালি বয়সা—*নই*)। **বয়সী** *বি* বয়সবিশিষ্ট (সবার আমি সমান বয়সী যে—*রঠা*)। □ *বিণ* ১ সমবয়স্ক। ২ বয়ঃস্থ (বয়সী লোক)। **বয়সিনী** *স্ত্রী.*। **বয়সের গাছপাথর নেই**—অপরিমিত বয়স। **বয়সোচিত** *বিণ* বয়সের উপযোগী এমন (আমার বয়সোচিত কর্তব্যক্ষেত্রের মধ্যে গিয়া পড়িলে—*রঠা*)। **আধাবয়সী** *বিণ* অর্ধেক বয়স অর্থাৎ যৌবনকাল গত হয়েছে এমন। { *স.* বী+অস্(অসুন্)=বয়স }

বয়স্ক [বয়োশ্‌কো] *বিণ* ১ বয়সযুক্ত (অল্পবয়স্ক)। ২ সাবালক; বয়ঃপ্রাপ্ত। ৩ অধিক বয়স হয়েছে এমন। **বয়স্কা** *স্ত্রী.*। { *স.* বয়স্+ক(কপ্) }

বয়স্য [বয়োশ্‌শো] *বি* সমবয়সী বা একই বয়সের সখা বন্ধু বা সহচর (তাহলে বয়স্য তুমি দেবতাদের দেশের দ্বারপ্রান্তে পৌঁছে গেলে?—*রাসা*)। **বয়স্যা** *স্ত্রী.*। { *স.* বয়স্+য(যৎ) }

বয়স্বী (-স্বিন্) [বয়োশ্‌শি] *বি, বিণ* ১ পূর্ণবয়স্ক; পরিণতবয়স্ক; adult। { *স.* বয়স্+বিন্ }

বয়া [বয়্‌য়া] *বি* ১ নদী বা সমুদ্রে চড়ার অবস্থান নির্দেশক বৃহৎ পিপা (স্টীমার পার হইয়া যাইবার পর গঙ্গাবক্ষের বয়া যেমন করিয়া দুলিতে থাকে—*নই*)। ২ জলে পতিত ব্যক্তির ভেসে থাকার উপকরণ বিশেষ; লাইফবয়। { *ই* buoy }

বয়াটে ⇒ বখাটে

বয়ান[১] ⇒ বয়ন[২]

বয়ান[২] [বয়ান্] *বি* ১ বর্ণনা; বিবরণ (তার পরে শুনলাম তার অপরাধের বয়ান—*শও*)। ২ দলিলাদির বিশেষ ভাষা। { *আ.* বয়ান্ بيان }

বয়াম, বয়েম, বৈয়াম [বয়্‌য়াম্, বোয়েম্, বোইয়াম্] *বি* কাচ চীনামাটি ইত্যাদির তৈরি এক প্রকার পাত্র। { *পো.* boiao }

বয়ার [বয়ার্] *বি* বন্য মহিষ (আস্তাবলে যে বয়ারদ্বয় আছে—*দীমি*)। ২ শূকর; বরাহ; শুয়ার। { *স.* বরাহ>(বর্ণ বিপর্যয়ে) বহার>বয়ার }

বয়েত[১], **বয়েৎ, বয়েদ** [বয়েত্, -, -দ্] *বি* ১ কবিতাংশ; দুই চরণের কবিতা; আরবি ফারসি বা উর্দু কবিতার শ্লোক (কখনও ফারসী বয়েত আওড়াইতে থাকে—*রঠা*; হাত নেড়ে সুর করিয়া মসনবির বয়েৎ পড়িতেছেন—*প্যামি*)। ২ বাণী (কোরানেতে বয়েদ আছে, দুনিয়াটা ক্যাবল মিছে—*দীমি*)। ৩ গান; জারিগান—পূর্ববঙ্গে প্রচলিত (হিঁদুর পূজায় মুসলমানে বয়াৎ গাহেন গায়—*জউ*)। --**বাজি** *বি* কবির লড়াই (শুরু হল মুশাইরা বয়েৎ-বাজি—*সৈমু*)। { *আ.* বায়্‌ত بيت }

বয়েত[২] [বয়েত্] *বি* শিষ্যত্ব গ্রহণ; দীক্ষাগ্রহণ; মুরিদ হওয়া (উক্ত পীর সাহেবের হাতে বয়েত হন; কেন তাঁহার হাতে প্রথম বয়েৎ হইলেন—*গোমো*)। { *আ.* বায়‘আত بيعت }

বয়েদ ⇒ বয়েত[১]

বয়েম ⇒ বয়াম

বয়েল, বৈল [বয়েল্, বোইল্] *বি* বলদ; ষাঁড়; যে গরু গাড়ি টানে। ~ **গাড়ি** *বি* গরুর গাড়ি। { *স.* বলীবর্দ> বইল্ল> *হি* বয়ল> }

বয়োগুণ, বয়োধর্ম [বয়োগুন্, -ধর্‌মো] *বি* বয়সের স্বাভাবিক গুণ; যৌবনের ধর্ম। { *স.* বয়ঃ+গুণ, ধর্ম }

বয়োজীর্ণ [বয়োজির্‌নো] *বিণ* বহু বছরের বয়সে জীর্ণ বা ক্ষয়প্রাপ্ত (বয়োজীর্ণ পুরাতন খর্জুর বৃক্ষও—*পূগী*)। { *স.* বয়ঃ+জীর্ণ }

বয়োজ্যেষ্ঠ [বয়োজেশ্‌ঠো] *বিণ* বয়সে বড়; অধিক বয়স্ক। { *স.* বয়ঃ+জ্যেষ্ঠ }

বয়োধিক [বয়োধিক্] *বিণ* বয়োজ্যেষ্ঠ; প্রবীণ। **বয়োধিকা** *স্ত্রী.* (বাগ্‌বিদগ্ধা বয়োধিকা গলদেশে অঞ্চল দিয়া দণ্ডবৎ হইলেন—*বচ*)। { *স.* বয়ঃ+অধিক }

বয়োবৃদ্ধ [বয়োবৃদ্‌ধো] *বিণ* ১ বয়সে বড় এমন। ২ বুড়া; বুড়ো। **বয়োবৃদ্ধা** *স্ত্রী.*। **বয়োবৃদ্ধি** *বি* বয়সের বাড়;

বয়সহেতু বৃদ্ধি। { স. বয়ঃ+বৃদ্ধ}

বয়োব্রণ [বয়োব্‌ব্রোনো] *বি* সাধারণত কিশোর বয়সে গালে মুখে যে ব্রণ হয়। { স. বয়ঃ+ব্রণ}

বর [বর্] *বি* ১ কারো নিকট থেকে প্রার্থনীয় বা লব্ধ বস্তু বা বিষয় (কৃপা করি যদি মোরে দিলে বর দান—*কমু*)। ২ আশীর্বাদ। ৩ বিবাহের পাত্র। ৪ স্বামী (ইচ্ছিলে হেন বরে হইবে বিভূতিভূষণা—*কমু*)। ৫ অনুগ্রহসূচক বা করভঙ্গির দ্বারা প্রদর্শিত অনুগ্রহব্যঞ্জক মুদ্রা (বরাভয় কর ত্রিনয়নধর মাথায় মানিক বর—*ভারা*)। □ *বিণ* ১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট (হে বর নাগর—*মোম*)। ২ ঈপ্সিত; অভীষ্ট। ৩ সুন্দর; মনোহর (কুঞ্জশোভা বরগুঞ্জ মালা দোলে গলে—*মদ*)। ~**কনে**, ~**বধূ** *বি* বিবাহের পাত্র ও পাত্রী; স্বামী ও স্ত্রী। ~**কর্তা** *বি* বরের পিতা বা পিতৃস্থানীয় অভিভাবক। ~**চন্দন** *বি* ১ দেবদারু। ২ অগুরু। ~**দ** *বিণ* ১ বরদাতা; অভীষ্টদাতা। ২ উদার; দানশীল (তোমার বরদহস্ত বিতরিছে ঐশ্বর্য্য সম্ভার—*সদ*)। ৩ যিনি বর দান করেন (হে বরদ। আমাকে বর দাও—*বচ*)। ~**দা** *বিণ* *স্ত্রী.* ১ বরদাত্রী (তিনি বরদা ও নমস্যা—*সুদ*)। □ *বি* *স্ত্রী.* ১ হিন্দুদেবী সরস্বতী (হে বরদে, তব বরে চোর রত্নাকর কাব্যরত্নাকর কবি—*মদ*)। ২ হিন্দুদেবী দুর্গা। ~**স্ত্রী** *বিণ* বিবাহের পূর্বেই পতিকর্তব্য সম্পর্কে শিক্ষাপ্রাপ্তা (অতি ঘরন্তী না পায় ঘর অতিবরন্তী না পায় বর—*প্রবাদ*)। ~**পক্ষ** *বি* বরের স্বজন; বিবাহের পাত্র পক্ষের ব্যক্তিগণ। ~**পণ** *বি* বিবাহে কন্যাপক্ষ কর্তৃক বরপক্ষকে দেয় অর্থ। ~**পুত্র** *বি* ১ দেবতার বরে বা আশীর্বাদে উৎপন্ন পুত্র। ২ দেবতার অনুগৃহীত ব্যক্তি (লক্ষ্মীর বরপুত্র)। ~**প্রদ** *বিণ* বর প্রদানকারক; অভীষ্ট পূর্ণ করে এমন। ~**বর্ণিনী** *বি* ১ *স্ত্রী.* সুন্দরী ভার্যা। ২ শ্রেষ্ঠা নারী। ~**মাল্য** *বি* ১ বধূর বরকে প্রদেয় মালা। ২ বিজয়জ্ঞাপক মালা। ~**যাত্রা** *বি* বিবাহের উদ্দেশ্যে আত্মীয়স্বজন সহ বরের কন্যাগৃহে যাত্রা বা গমন। ~**যাত্রী** (–ত্রিন্), ~**যাত্র** *বি* যারা বিবাহের সময়ে বরের সঙ্গে কন্যাগৃহে যাত্রা করে (কোন বিবাহে না এরূপ বরযাত্র জোটে—*বচ*)। ~**য়িতা** *বি* ১বরণকারী। ২ স্বামী; পতি। ~**য়িত্রী** *স্ত্রী.*। ~**যুবতী**, ~**রামা** *বি* *স্ত্রী.* সুদর্শনা যুবতী বা নারী। **বরের ঘরের মাসি কনের ঘরের পিসি**—বিবদমান উভয় পক্ষের সাথেই যার সম্পর্ক আছে; উভয়পক্ষের সাথেই যে সদ্ভাব বজায় রাখে এবং উভয়কে উভয়ের বিরুদ্ধে উস্কে দেয়। **নিত**~ *বি* বিবাহে বরের বা পাত্রের প্রধান সঙ্গী। { স. √বৃ+অ(অপ্)}

বরই [বরোই] *বি* এক প্রকার টক–মিষ্ট ফল; কুল (ছিলিমে তামাক সাজিয়ে বসত গিয়ে বাড়ীর সামনের বরই গাছের নীচে—*শাহ*)। { স. বদরিকা> *প্রা.* বোরী>বরই}

বরং [বরোঙ্] *অব্য* ১ অপেক্ষাকৃত ভালো বা শ্রেষ্ঠ; যুক্তিসঙ্গত। ২ পক্ষান্তরে; তার বদলে (বরং তুমিই যাও)। { স. বরম্}

বরক [বরক্] *বিণ* ১ বরণকারী। ২ নির্ধারক; মনোনয়নদাতা। ৩ আচ্ছাদক। { স. √বৃ+অক(ণ্বুল)}

বরকত, বরকৎ [বরকত্] *বি* ১ প্রতুলতা; প্রাচুর্য; শ্রীবৃদ্ধি। ২ সৌভাগ্য। ৩ কল্যাণকর শক্তি (ইহা কোরবানীর গোশ্‌ত...বরকতই আলাদা—*কাই*; মুরুব্বীদের দোয়ার বরকতে—*আহা*)। { আ. বরকত بركت }

বরকন্দাজ [বরক্‌নদাজ্] *বি* ১ বন্দুকধারী সিপাই বা রক্ষী (পাইক বরকন্দাজের দল—*রঠা*)। ২ দেহরক্ষী। **বরকন্দাজি, বরকন্দাজী** *বি* ১ বন্দুকধারী সিপাহির বৃত্তি; গুলি ছোঁড়ার কাজ (বরকন্দাজী ও তলোয়ার-বাজী—*রাম*)। ২ দেহরক্ষীর পেশা বা কাজ। { আ. বরক برق (অস্ত্র)+ *ফা.* আন্দাজ انداز (ধারী)}

বরকবারী, বরকবারি [বরক্‌বারি] *বি* ১ চাকরিতে বহাল হওয়া। ২ চাকরিতে পাকা বা স্থায়ী হওয়া (যদি আপনি যাইয়া তাহাদের সহিত সাক্ষাৎ করেন তবে বুঝি আপনার বরকবারি হইতে পারে—*রাম*)। { আ. বর بر + আকবার اكبر }

বরকর্তা ⇒ বর

বরখত (*ব্র.*) [বরখত্] *ক্রি* বর্ষণ করছে (শশধর বরখত আগি—*বিপ*)। **বরখন্তি** (*ব্র.*) বর্ষণ করছে। **বরখন্তিয়া** (*ব্র.*) *বি* ১ বর্ষণ; ধারা পতন (ভবন ভরি বরখন্তিয়া—*বিপ*)। { স. বর্ষতি}

বরখাস্ত [বরখাস্‌তো] *বি* ১ কর্মচ্যুত; ছাঁটাই; বরতরফ। ২ ভঙ্গ; ছুটি (কাছারি বরখাস্ত হইলে যাবতীয় লোক তাঁকে প্রশংসা করিতে লাগিল—*প্যামি*)। ৩ অপগত; দূরীভূত; অতীত। ~ **করা** *ক্রি* চাকরি বা দায়িত্ব থেকে অপসারণ করা; ছাড়িয়ে দেওয়া (তুমি নাকি সুবাদার আমিরদের বরখাস্ত করেছ—*আকআ*)। ~ **হওয়া** *ক্রি* কর্মচ্যুত হওয়া। **বরখাস্তি** *বিণ* কাজের অযোগ্য বলে পরিত্যক্ত বা অপসারিত (বরখাস্তি জমি)। { *ফা.* বরখাস্‌ৎ برخاست }

বরখেলাপ, বরখেলাফ, বরখিলাফ [বর্‌খেলাপ্, –ফ্, –খিলাফ্] *বি* ১ অন্যথা; ব্যতিক্রম; প্রতিকূল আচরণ (হুকুমের বরখেলাফ; এই পাপ হাদিসের বরখেলাপ—*সজ*)। ২ পূর্বাপর বিরুদ্ধ (কথার বরখেলাপ করা)। { *ফা.* বর+খিলাফ برخلاف }

বরগা[১] [বরগা] *বি* ছাদের নিচে কড়ির উপরিস্থিত কাঠ বা লোহা যা ছাদের ভার রক্ষা করে। *তুল.* **কড়ি**~। ~ **গোনা** *ক্রি* ১ ছাদের দিকে চেয়ে বৃথা সময় নষ্ট করা। ২ (*আল.*) আশায় বৃথা প্রতীক্ষা করা। { *পো.* verga>; *তুল.* *হি.* বরগা}

বরগা[২], **বরগাদার** ⇒ বর্গা

বরচন্দন ⇒ বর

বরজ[১] [বরোজ্] *বি* ছাউনি দেওয়া ও ঘেরাও করা পানের ক্ষেত (বরজে সজারু পশি বারুইর যথা—*মদ*)। { আ. বুর্জ برج }

বরজ[২] (*মবা.*) [বরজ] *বি* ব্রজ (তাহে অব্রত বরজ সমাজ—*বিপ*)। { স. ব্রজ}

বরঞ্চ [বরোন্‌চো] *অব্য* বরং; তুলনায় অপেক্ষাকৃত যথার্থ বোঝাবার জন্য ব্যবহৃত (বরঞ্চ বাজে খরচ অনেক হইতে লাগিল—*রঠা*)। { স. বরং+চ}

বরট, বরটা [বরোট্, –টা] *বি* ১ বোলতা। ২ রাজহংসী। { স. √বৃ+অট(অটন্)}

বরড়া (*মবা.*) [বরোড়া] *বি* বহেড়া। { স. বিভীতকী> হি বহেড়া>}

বরণ[১] ⇒ বর্ণ

বরণ [বরোন] *বি* ১ সসম্মানে নিয়োগ; সাদরে গ্রহণ; সম্মানের সাথে অভ্যর্থনা (গুরুবরণ, পতিবরণ, সম্পাদকরূপে বরণ)। ২ দেবতা, বর প্রভৃতিকে নানা উপকরণে অর্চনা বা অভ্যর্থনা। ৩ মহৎ উদ্দেশ্যে কোনো কষ্ট স্বেচ্ছায় স্বীকার বা ভোগ (কারাবরণ) ।৪ প্রার্থনা। ৫ মনোনয়ন; নির্বাচন। ~ডালা *বি* বরণের উপকরণে সজ্জিত ডালা। **বরণীয়** *বি* ১ বরণের উপযুক্ত; বরণযোগ্য (গৃহহীন সন্ন্যাসীর ত্যাগ যতই মোহনীয় হউক না কেন বরণীয় নয়—*এআ*)। ২ যাচ্ঞার যোগ্য; প্রার্থনীয়। **বরণীয়া** *স্ত্রী*। { *স.* √বৃ+অন(ল্যুট্)}

বরণ্ড [বরন্‌ডো] *বি* ১ বারান্দা। ২ কোড়া। ৩ ব্রণ। **বরণ্ডালি** *বি* সারিকা। ~**ক** *বি* গোল। { *স.* √বৃ+অণ্ড}

বরত *(মবা.)* [বরত্] *বি* ব্রত (বার বরত নহি ছিল রিমি *(জে তপসী—রূপ)*। { *স.* ব্রত>(স্বরভক্তির ফলে) বরত}

বরতন, বর্তন [বর্‌তন্] *বিণ* থালা; পাত্র; বাসন; প্লেট (হাত মুখ মুছিয়া বরতনের ঢাকনি উঠাইলেন—*আমআ*)। { *হি* বরতন}

বরতরফ [বর্‌তরোফ্] *বিণ* পদচ্যুত; বরখাস্ত। **বরতরফি** *বি* কর্মচ্যুতি। { *ফা.* বর্‌তরফ برطرف }

বরদ, বরদা ⇒ বর

বরদার [বর্‌দার্] *বি* ১ বাহক; বহনকারী (আসাবরদার)। ২ পালক; হুকুম তামিলকারী; ভৃত্য; চাকর (হুকুম-বরদার)। { *ফা.* বরদার> بردار }

বরদাস্ত, বরদাশ্‌ত [বর্‌দাস্‌ত্] *বি* ১ সহ্যকরণ (একদিনে এত হাঙ্গামা গোলযোগ বরদাস্ত করবেন কি করে—*মীম*)। ২ সহ্য (জাম্বুবানের আর বরদাস্ত হইল না—*অঠা*)। ৩ সহিষ্ণুতা। ~ **করা** *ক্রি* সহ্য করা (সেপাইয়ারা এ বেয়াদবী বরদাশ্‌ত করিলেন না—*মাউ*)। { *ফা.* বরদাশ্‌ত برداشت }

বরন ⇒ বর্ণ

বরনারী [বরোনারি] *বি স্ত্রী.* ১ শ্রেষ্ঠা রমণী। ২ অতি সুন্দরী নারী। { *স.* বর+নারী}

বরনাহ *(ব.)* [বরোনাহো] *বি* সুন্দর নাগর (কত কত অনুনয় করু বরনাহ—*বিপ*)। { *স.* বর+নাথ>নাহ; অথবা নাগর<নাগ<নাহ}

বরন্তী ⇒ বর

বরপুত্র, বরপ্রদ ⇒ বর

বরফ [বরোফ্] *বি* ১ তুষার। ২ জমাট-বাঁধা হিমশীতল পানির খণ্ড। { *ফা.* বর্ফ برف }

বরফট্টাই, বারফট্টাই [বর্‌ফট্‌টাই, বা-] *বি* বড়াই; মিথ্যা বা বৃথা অহংকার। { *স.* বহ্বাস্ফোট> }

বরফি [বোরোফি] *বি* ছানা, ক্ষীর ইত্যাদি দ্বারা প্রস্তুত চতুষ্কোণ মিঠাই। { *হি* বরফী}

বরবটি [বরবোটি] *বি* শিমজাতীয় কলাই বিশেষ; মহামাষ। { *স.* বর্বটী> }

বরবর্ণিনী ⇒ বর

বরবাদ [বরবাদ] *বিণ* ১ নষ্ট; বিধ্বস্ত; উৎপন্ন (তেরি ঘর কিয়া বরবাদ পয়মাল—*নই*)। ২ বিকল; নিরর্থক (আজিকে মুসলমানে শিরাজীর জলসা বরবাদ হবে নাকি—*নই*)। ৩ অপব্যয়িত; অব্যয়িত (আজিও পাথর কাটিয়া করেছি জিন্দেগী বরবাদ—*নই*)। { *ফা.* বরবাদ برباد }

বরমাল্য, বরযাত্রা, বরযাত্রী, বরযুবতী, বরয়িতা, বরয়িত্রী, বররামা ⇒ বর

বরশা ⇒ বর্শা

বরশী ⇒ বড়শি

বরষ ⇒ বর্ষ

বরষণ, বরখন ⇒ বর্ষণ

বরষা ⇒ বর্ষা

বরষাত [বরশাত্] *বি* বৃষ্টিধারা (হৃদয়ে যখন ঘনায়ে শাঙন চোখে নামে বরষাত—*নই*)। **বরষাতি, বর্ষাতি** *বি* ১ ছাতা। ২ বৃষ্টির জল নিরোধক আলখাল্লা জাতীয় কোট; রেন-কোট। ৩ বর্ষাকালীন ফসল; বর্ষাকালে উৎপন্ন শস্যাদি ও ফলমূল। { *স.* বর্ষা> }

বরসরোজিনী [বরোসরোজিনি] *বি* মনোহর পদ্ম (বরসরোজিনী ধনী তুমি হে তার স্বজনী—*মদ*)। { *স.* বর+সরোজিনী}

বরহ [বরহ্] *ক্রি* বরণ কর (স্বরূপ আমাকে যদি মনে নাহি লয় আর তিনজন আছে বরহ নিশ্চয়—*হেমা*)। { *স.* বর, বরণ> }

বরহক [বরহক্] *বি* সত্য (এয়ছাই ছুরত দিল খোদায় বরহক—*স্বহা*)। { *ফা.* বর بر + *আ.* হক حق }

বরা[1] [বরা] *ক্রি* বরণ করা; বিবাহ করা। { *স.* √বৃ> }

বরা[2] [বরা] *বি* বরাহ; শূকর (ধরণী লোটায়ে কান্দে মহা আর্ত্ত বরা—*কমু*)। { *স.* বরাহ> }

বরা[3] *(মবা.)* [বরা] *ক্রি* বর্ষণ করা (যদি বরে মাঘের শেষ ধন্য রাজার পুণ্য দেশ—*খব*)। { *স.* √বৃষ্> }

বরাঅ ⇒ বরাহ

বরাই [বরাই] *বি স্ত্রী.* বড়-মা (এই লিখন দিস তোর বরাইর বরাবর—*মাগান*)। {বড়+আই(<*স.* আর্যিকা)}

বরাক [বরাক্] *বি, বিণ* ১ নীচ ব্যক্তি; জঘন্য মনোভাবাপন্ন (আমাকে ধরিতে পারে কেমন বরাক—*সৈআ*)। ২ তাম্বুল বিক্রেতা (পসরা ছুঁইতে করহ সাধ বরাকের দানী সোনায় সাধ—*জ্ঞান*)। □ *বিণ* ১ শোচনীয়। ২ নিরপরাধ। **বরাকী** *বিণ স্ত্রী.* ১ হতভাগিনী; দীনা। ২ নিরপরাধা। { *স.* √বৃ+আক(ষাকন্)}

বরাখুরে [বরাখুরে] *বিণ* ১ বরাহের ক্ষুরের ন্যায় যার পায়ের গড়ন। ২ কু-লক্ষণাক্রান্ত (দু এক গণ্ড মূর্খ—বরাখুরে ভদ্রসন্তান মাইনে করা নিযুক্ত হয়েছে—*কাসি*)। { *স.* বরাহ+ *বা.* খুরিয়া}

বরাঙ্গ [বরাঙ্‌গো] *বি* ১ শ্রেষ্ঠ অবয়ব; সুন্দর দেহ (উলঙ্গ বরাঙ্গ যথা মানসের জলে—*মদ*)। ২ মস্তক। ৩ উপস্থ; গুহ্যদেশ। □ *বিণ* উত্তমাঙ্গবিশিষ্ট। **বরাঙ্গী** *স্ত্রী.*। { *স.* বর+অঙ্গ; বহু}

বরাঙ্গনা [বরাঙ্গনা] *বি স্ত্রী.* সুন্দরী বা শ্রেষ্ঠা রমণী; উত্তম স্ত্রী (ললনাকুল ললামভূতা এই ত্রিলোকমোহিনী বরাঙ্গনাকে সৃষ্টি করিয়াছেন—*ইহো*)। { *স.* বর+অঙ্গনা}

বরাট [বরাট্] *বি* ১ অকিঞ্চিৎকর ক্ষুদ্র বা অধম ব্যক্তি (কোন বা বরাট আমি হই অল্পমতি—*কাদা*)। ২ বৈদ্যজাতির উপাধিবিশেষ। ~**ক** *বিণ* ১ অকিঞ্চিৎকর;

ক্ষুদ্র; তুচ্ছ। ২ কড়ি। **বরাটিয়া** *বিণ* অকিঞ্চিৎকর; ক্ষুদ্র; তুচ্ছ (বরাটিয়া চেঙ্গা মুখা আমার ভক্ষণ—*কমু*)। { *স.* বর+√অট্‌+অ(অণ্‌)}

বরাত[১] *(মবা.)*[বরাত্] *বি* বরযাত্রীদল; বিবাহের মিছিল। ২ দায়িত্ব; কার্যভার; বরাতি দায়িত্ব প্রদায়ক; প্রতিনিধিত্ব দাতা। **বরাতি**[১], **বরাতী** *বি* বরযাত্রী। { *স.* বরযাত্র> *হি.* বারাত>}

বরাত[২] [বরাত্] *বি* ১ কপাল; ভাগ্য; অদৃষ্ট (বদনসিবের বরাত খারাব—*নই*)। ২ কর্মভার; দায়িত্ব; অন্যের উপর দায়িত্ব অর্পণ; উৎস; আকর; তথ্যের উৎস/পঞ্জি (অন্য কাহাকেও বরাত দিয়া সে বাড়ী যাইবার পথ দেখিবে—*কাআও*)। ৩ প্রয়োজন (কাজের বরাতে এসেছি তোমার কাছে—*সদ*)। ~**গুণে** *ক্রিবিণ* ভাগ্যবলে; কপালের জোরে। **বরাতিয়া, বরাতে** *বিণ* ভাগ্যবান; ভাগ্য ভালো এমন। **বরাতি**[২] *বি* যাকে দায়িত্ব দেওয়া হয়েছে; প্রতিনিধিত্ব দানকারী (আয় হবি কে বরাতী—*নই*)। *বিণ* ১ ভার বা দায়িত্ব অপরকে দেওয়া হয়েছে এমন। ২ প্রয়োজনীয়। { *আ.* বরাত برات }

বরাত[৩] [বরাত্] *বি* নিকট; সম্মুখ (ধইর‍্যা নেয় কাঙ্গীর বরাতে—*মৈ-গী*)। { *ফা.* বরাবর برابر >}

বরাতী[১] ⇒ বরাত[১]

বরাতী[২] ⇒ বরাত[২]

বরাতি, বরাতী[৩] [বরাতি] *বি* সংবাদবাহক; দূত। { *আ.* বরআবর্দ برات +*বা.* ই}

বরাদ্দ [বরাদ্‌দো] *বিণ* ১ নির্ধারিত; নির্দিষ্ট (সেখানে বরাদ্দ টাকার চেয়ে তাহার বেশী দরকার হইয়াই পড়ে—*রঠা*)। □*বি* ১ নির্ধারিত পরিমাণ অর্থ (রামপ্রসাদ বাবুর মার সপিণ্ডিকরণের বড় ধুম। এক লক্ষ টাকা বরাদ্দ—*কাসি*; তুমি নিশ্চয়ই বেশী সময় বরাদ্দ করিতে চাহিবে—*খাহা*)। ২ নির্ধারণ বা নির্ধারিত অবস্থা (যদি একটা বাগদা চিংড়ি বরাদ্দ করে দেওয়া যায়—*অঠা*)। { *ফা.* বরআবুর্দ برآورد }

বরানুগমন [বরানুগমোন্] *বি* বিবাহের বরের সাথে কনের গৃহে গমন। **বরানুগামী** *বিণ*। { *স.* বর+অনুগমন; ৬তৎ }

বরাবর [বরাবর্] *ক্রিবিণ* ১ সকল সময়ে; প্রতিবারে; চিরদিন; সর্বদা (সে বরাবর আমার সঙ্গে আছে)। ২ সোজা; একটানা (বরাবর নদীপথে যাওয়াই স্থির করিলেন—*রঠা*)। ৩ নিকটে; দিকে; সম্মুখে (যদি বা গোহারি যাই কংসে বরাবর—*ভারা*)। □*বিণ* সমান; তুল্য (বিষ আর অমৃত বরাবর)। **বরাবরি** *অব্য* ১ সন্নিধানে; নিকটে (নারদ কহিল আমি দৈত্য বরাবরি—*কারা*)। ২ সম্মুখে; আগে। □*বি* প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা। **বরাবরি করা**, *ক্রি* প্রতিযোগিতা করা; প্রতিদ্বন্দ্বিতা করা (কার সাধ্য পৃথিবীতে তাহার অগ্রভাগে ভাগাইয়া বরাবরি করিতে—*রাম*)। **বরাবরেষু** *ক্রিবিণ* সমীপে; উদ্দেশ্যে; নিকটে—বাংলা পত্রলিখনে ব্যবহৃত। { *ফা.* বরাবর برابر }

বরাভয় [বরাভয়্] *বি* ১ আশীর্বাদসহ আশ্বাস বা অভয় দান। ২ আশীর্বাদ ও আশ্বাসসূচক করভঙ্গি বা মুদ্রা। { *স.* বর+অভয়}

বরাভরণ [বরাভরোন্] *বি* বিবাহে বরকে প্রদত্ত যৌতুকাদি। { *স.* বর+আভরণ}

বরামদ, বরামোদ [বরামোদ্] *বি* অতিরিক্ত অনুনয়-বিনয়; সাধ্য-সাধনা; খোসামোদ (তোশামোদ, বরামোদ জানে না—*মীম*)। { *ফা.* বর+আমদ برآمد }

বরারোহা [বরারোহা] *বিণ* *স্ত্রী* যে নারীর নিতম্ব সুডৌল ও প্রশস্ত; সুমধ্যমা; নিতম্বিনী; সুন্দরী। { *স.* বর+আরোহা}

বরাসন [বরাশোন্] *বি* ১ শ্রেষ্ঠ সুন্দর বা সম্মানজনক আসন (নাট মন্দিরে বরাসন সাজানোর ভার পড়িল তাহার উপর—*বিব*)। ২ বিবাহের মজলিসে বরের জন্য নির্দিষ্ট আসন। { *স.* বর+আসন}

বরাবরেষু *ক্রিবিণ* [বরাবরেশু] সমীপে; উদ্দেশে; নিকটে—বাংলা পত্রলিখনে ব্যবহৃত। { *ফা.* বরাবর+ *স.* এষু(৭মীর বহুব)}

বরাহ, বরাঅ *(মবা.)* [বরাহো, -অ] *বি* ১ শূকর (বরাঅ-বলৌকা আর কুরঙ্গ শার্দুল—*দৌবা*)। ২ পুরাণ মতে বিষ্ণুর তৃতীয় অবতার। { *স.* বর+আ+√হন্‌+অ(ড),>}

বরিখ *(ব্র.)* [বোরিখ্] *বি* বৎসর; বছর; (দিনে মাসেক বরিখে—*জ্ঞাদা*)। { *স.* বর্ষ>(স্বরাগমে) বরিষ>বরিখ*(ব্র.)*}

বরিখনিয়া *(ব্র.)* [বোরিখোনিয়া] *ক্রি* বর্ষণ করে (মেহ সঘনে বরিখনিয়া—*বলরাম*)। { *স.* √বৃষ্‌>}

বরিখত *(ব্র.)* [বোরিখত] *ক্রি* বর্ষণ করছে (ঠন্ ঠন্ বরিখত বরকন্দাজে—*ভারা*)। { *স.* √বৃষ্‌>}

বরিখন্তিয়া *(ব্র.)* [বোরিখোন্তিয়া] *ক্রি* বর্ষণ করে (ভুবন ভরি বরিখন্তিয়া—*বিপ*)। { *স.* √বৃষ্‌>}

বরিখব *(ব্র.)* [বোরিখব] *ক্রি* বর্ষণ করবে (শশধর বরিখব আগি—*বিপ*)। { *স.* √বৃষ্‌>}

বরিখা *(ব্র.)* [বোরিখা] *বি* বর্ষা। □*ক্রি* বর্ষণ করা। { *স.* √বৃষ্‌>}

বরিয়াতী, বারিয়াতি *(মবা.)* [বোরিয়াতি, বা-] *বি* বরযাত্রী; বরাতি (আমরা বরিয়াতী—*কাদা*)। { *স.* বরযাত্রী>}

বরিষ[১], **বরিষা**[১] [বোরিশ, -শা] *বি* ১ বর্ষ; বৎসর (বরিষ বরিষ সময় গোয়ায়লু—*বিপ*)। { *স.* বর্ষ>(স্বরাগমে) বরিষ}

বরিষ[২], **বরিষা**[২] [বোরিশ, -শা] ২ বর্ষাকাল। □*ক্রি* বর্ষণ করা (বরিষ ধরা মাঝে শান্তির বারি—*রঠা*)। { *স.* √বৃষ্‌>}

বরিষণ ⇒ বর্ষণ

বরিষা ⇒ বরিষ[১] ও বরিষ[২]

বরিষ্ঠ [বোরিশ্‌ঠো] *বিণ* সর্বশ্রেষ্ঠ; প্রধানতম; সর্বাগ্রে বরণীয়। **বরিষ্ঠা** *স্ত্রী*। { *স.* উরু(=বর)+ইষ্ঠ(ইষ্ঠন্)}

বরুণ [বোরুন্] *বি* সমুদ্রের অধিপতি; জলের দেবতা; প্রচেতাঃ। **বরুণানী** *বি* *স্ত্রী.* বরুণের পত্নী। **বরুণালয়** *বি* সমুদ্র। { *স.* √বৃ+উনন্(উনন্)}

বরুয়া ⇒ বড়ুয়া[১]

বরেণ্য [বরেন্‌নো] *বিণ* ১ বরণীয়; মান্য। ২ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট। ৩ প্রার্থনীয়; অভীষ্ট। { *স.* বৃ+এণ্য}

বরেন্দ্র, বরেন্দ্রভূমি [বরেন্‌দ্রো, -ভূমি] *বি* প্রাচীন গৌড় নামক অঞ্চল; উত্তরবঙ্গ; বর্তমান রাজশাহী অঞ্চল। ২ প্রধান রাজা; শ্রেষ্ঠতম ব্যক্তি। { *স.* বর+ইন্দ্র, +ভূমি}

বরোন্মুখ [বরোনমুখ] *বিণ* বরদানে উদ্যত (বরোন্মুখ হইলেন শ্রীগৌরসুন্দর—*বৃন্দা*)। { *স.* বর+উন্মুখ}
বর্গ [বরগো] *বি* ১ জাতি; দল (প্রাণিবর্গ)। ২ সমূহ; গণ (আত্মীয়বর্গ)। ৩ *(ব্যা.)* স্পর্শবর্ণের পাঁচটি শ্রেণির প্রত্যেকটি (ক চ ট ত প বর্গ)। ৪ *(গণিত.)* একই রাশি দুইবার গুণ করার ফল (বর্গফল)। ৫ গ্রন্থের পরিচ্ছেদ। ৬ বর্জন। ৭ ধর্মশাস্ত্রস্থ ধর্ম, অর্থ, কাম, মোক্ষ। **–ক্ষেত্র** *বি* যে চতুষ্কোণ ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমান। **–মূল** *বি (গণিত.)* যে রাশি নিজ দ্বারা গুণিত হয়ে একটি নির্দিষ্ট রাশি উৎপন্ন করে। **বর্গীয়** *বিণ* বর্গসংক্রান্ত। **বর্গীয় বর্ণ** *বি (ব্যা.)* স্পর্শবর্ণ; ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্ণ। { *স.* √বৃজ্+অ(ঘঞ্)}
বর্গা[১], **বরগা**[১] [বরগা] ছাদের নীচে কাঠ বা লোহার বরগা বা দণ্ড যা তীরের উপরে থেকে ছাদের ভার রক্ষা করে। { *পো.* verga>: *তুল. হি.* বরগা}
বর্গা[২], **বরগা**[২] [বরগা] *বি* ভাগে ফসল উৎপাদনের জমি; ঐরূপ জমির বন্দোবস্ত; যে ব্যবস্থায় জমির মালিক ফসলের নির্দিষ্ট ভাগ পেয়ে চাষিকে জমি চাষ করতে দেয় (জমি বর্গা বা আধি দিয়া যে শস্যাদি প্রাপ্ত হন—*নর*)। **~দার, ~ইত** *বি* যে ব্যক্তি পরের জমি ভাগে চাষ করে; ভাগচাষি। **~ দেওয়া** *ক্রি* ফসলের অর্ধেক ভাগ পেয়ে জমির মালিক কর্তৃক চাষিকে জমি চাষ করতে দেওয়া। **–ভাগ** *বি* অর্ধেক ভাগের চুক্তিতে প্রদত্ত জমির ফসলের অংশ (সে লালুকে জমির বর্গাভাগ দেখিয়া শুনিয়া বর্গা ভাগ আনিয়া দিতে বলিল—*কাআও*)। **বর্গি**[১] *বি* জমির মালিকপক্ষ। { *তুল. ও.* বঁরগা}
বর্গি[২], **বর্গী** [বোরগি] *বি* ১ লুণ্ঠনপ্রিয় মহারাষ্ট্রীয় সৈন্যদল (এই পরম স্বর্গকে লুণ্ঠন করিতে না পারিলে আমাদের বর্গী বা লুঠেরা নামটাই বৃথা—*ইহো*)। ২ জমির মালিকপক্ষ। **~রাজ** *বি* শিবাজি (স্বপ্ন দেখি বর্গিরাজ হইল ক্রোধিত—*ভারা*)। **~র হাঙ্গামা** *বি* মারাঠা লুণ্ঠনকারী সৈন্যদের দ্বারা তৎকালীন বঙ্গে যে ব্যাপক লুণ্ঠতরাজ হয় সেই গোলযোগ। ভিন্ন রাজ্যের রাজস্বে চৌথ নামে ভাগ বসায় বলেই মারাঠা সৈন্যবাহিনীর দস্যুরা বর্গি (বর্গা আদায়কারী) নামে খ্যাত। { *স.* বর্গ+ই, ঈ}
বর্গীয়, বর্গ্য ⇒ বর্গ
বর্চঃ [বরচোহ্] *বি* ১ তেজ; দীপ্তি। ২ কান্তি; সৌন্দর্য। ৩ মল; পায়খানা; বিষ্ঠা। **–কুটির** *বি* পায়খানা; ময়লা ত্যাগ করার স্থান। { *স.* √বর্চ+অস্(অসুন্)}
বর্চা [বরচা] *বি* বল্লম; বেঁধনাস্ত্রবিশেষ; বর্শা (বন্দুক নাই বর্চ্চা নাই কেবল খড়্গ ও তীর লইয়া অকুতোভয়ে শার্দ্দূলের প্রতি ধাবমান হইল—*প্যামি*)। { *স.* বর্চঃ>}
বর্জক [বরজোক্] *বিণ* বর্জনকারী। { *স.* √বৃজ্+অক(ণ্বুল্)}
বর্জন [বরজোন্] *বি* ত্যাগ; পরিহার। **বর্জনীয়, বর্জ্য** *বিণ* ত্যাজ্য; ত্যাগযোগ্য; বর্জনের উপযুক্ত। **বর্জনীয়া** *স্ত্রী.*। **বর্জয়িতা** *বিণ* বর্জনকারী; ত্যক্তা। **বর্জিত** *বিণ* ১ পরিত্যক্ত; বর্জন করা হয়েছে এমন (ইংরেজবর্জিত দেশ)। ২ বিরহিত; শূন্য; বিহীন (সুখবর্জিত)। { *স.* √বৃজ্+অন(ল্যুট্)}
বর্জাইস [বরজাইস্] *বি* ছাপার ক্ষুদ্র অক্ষর বা টাইপ (বর্জাইসে ছাপা অভিধান)। { *ই.* bourgeois}
বর্জিত ⇒ বর্জন
বর্ডার [বরডার] *বি* ১ পাড়; বস্ত্র ইত্যাদির প্রান্ত (নীহারনেটের কুয়াশা–মশারি...ওকি বর্ডার তারি?—*নই*)। ২ প্রান্তদেশ (বাংলাদেশের বর্ডার)। { *ই.* border}
বর্ণ, বরন, বরণ [বরনো, বরোন্, –] *বি* ১ রং (কৃষ্ণবর্ণ)। ২ অক্ষর (স্বরবর্ণ)। ৩ জাতি (শূদ্রবর্ণ)। ৪ *(জ্যোশা)* রাশি অনুসারে জাতকের শ্রেণিভেদ (বিপ্রবর্ণ)। **বর্ণগুরু** *বি* ব্রাহ্মণ। **বর্ণচোরা** *বিণ* ১ পাকলেও বর্ণের পরিবর্তন হয় না এমন (বর্ণচোরা আম)। ২ *(আল.)* বাইরে দেখে ভিতরে বোঝা অসম্ভব এমন। ৩ *(আল.)* নিজের আসল পরিচয় গোপন করে এমন। **বর্ণচোরা আম** *বি* ১ যে আম পাকলেও কাঁচার মতো দেখা যায়; রং দেখে কাঁচা টক মনে হলেও প্রকৃতপক্ষে পাকা ও মিষ্ট আম (তেলাকুচো ফল বর্ণচোরা আম রঙ দিয়ে রসের অপদার্থতা লুকিয়ে চললো—*অঠা*)। ২ *(আল.)* বাইরের চালচলন ও আকার দেখে যাকে চেনা যায় না; ছদ্মবেশী। **বর্ণজ্ঞান** *বি* অক্ষর পরিচয়। **বর্ণজ্ঞানহীন** *বিণ* অক্ষরের সঙ্গে পরিচয় নেই এমন; নিরক্ষর। **বর্ণজ্যেষ্ঠ, বর্ণশ্রেষ্ঠ** *বি* ব্রাহ্মণ। **বর্ণজ্যেষ্ঠা, বর্ণশ্রেষ্ঠা** *স্ত্রী.*। **বর্ণদাসী** *বি স্ত্রী.* গণিকা। **বর্ণদ্বিজ, বর্ণব্রাহ্মণ** *বি* যে ব্রাহ্মণ নিম্নবর্ণের হিন্দুদের পৌরোহিত্য করে (গুজরাট এক পাশে গ্রহ বিপ্রগণ বৈসে বর্ণদ্বিগজগণ মঠপতি—*কমু*)। **বর্ণধর্ম** *বি* হিন্দুমতে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র জাতির জন্য নির্ধারিত ধর্মকর্ম। **বর্ণপাত্র** *বি* রং রাখার আধার (বর্ত্তিকা ও বর্ণপাত্র লইয়া আইস—*ঈবি*)। **বর্ণবিশ্লেষণ** *বি* শব্দের বর্ণগুলোকে পৃথকভাবে দেখানো। **বর্ণমালা** *বি* ভাষায় প্রযুক্ত বর্ণসমূহ; alphabet। **বর্ণসংকর** *বিণ* ১ ভিন্ন বর্ণ বা জাতির মাতাপিতা থেকে উৎপন্ন। ২ দো–আঁশলা। **বর্ণসংকরতা, বর্ণসংকরত্ব, বর্ণসাংকর্য** *বি*। **বর্ণহীন** *বিণ* বিবর্ণ; রংশূন্য। **বর্ণাঢ্য** *বিণ* ১ বর্ণে সমৃদ্ধ (বাকী কত আরো লাল নীল বর্ণাঢ্য সভ্যতা—*সাহ*)। ২ জমকালো (বর্ণাঢ্য অনুষ্ঠান)। **বর্ণানুক্রম** *বিণ* বর্ণ পরম্পরাগত। **বর্ণানুক্রমিক** *বিণ* বর্ণ পরম্পরাগত; alphabetic। **বর্ণানুক্রমে** *ক্রিবিণ* বর্ণমালার পরম্পরা অনুসারে; alphabetical order। **বর্ণান্ধ** *বিণ* রঙের পার্থক্য চিনতে পারে না এমন। **বর্ণাশ্রম** *বি* (হিন্দুদের) ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র—এই চার বর্ণের শ্রেণিবিন্যাস। **বর্ণাশ্রম ধর্ম** *বি* ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস—এ চার আশ্রমে পালনীয় নিয়ম। { *স.* √বর্ণ্+অ(অচ)}
বর্ণন ⇒ বর্ণনা
বর্ণনা, বর্ণন [বরনোনা, বরনন্] *বি* ১ বিবরণ; বিবৃতি। ২ ব্যাখ্যা (রূপ ও গুণ সবিস্তারে বর্ণনা করিয়াছে—*বচ*)। ৩ গুণ ও দোষ-কথন। ৪ রং লাগানো। ৫ বিন্যাস। **বর্ণনাকুশল** *বিণ* বর্ণনা করতে নিপুণ বা দক্ষ। **বর্ণনাতীত** *বিণ* ১ বর্ণনার দ্বারা বোঝানো যায় না এমন। ২ অনির্বচনীয়। **বর্ণনাপত্র** *বি* লিখিত বক্তব্য বা জবাব–সংবলিত দলিল বা কাগজপত্র; written statement। **বর্ণনীয়** *বিণ* ১ বর্ণনার উপযুক্ত, বর্ণনা করা যায় এমন (তবে বর্ণনীয়

ব্যক্তির দোষ গুণ উভয়েরই সবিস্তার বর্ণনা করিতে হয়—*বচ*)। ২ বর্ণনা করতে হবে এমন। **অবর্ণনীয়** *বিণ* বর্ণনা করা যায় না এমন। **বর্ণিত** *বিণ* ১ বিবৃত; বর্ণনা করা হয়েছে এমন। ২ রঞ্জিত। { *স.* √বর্ণ্+অন(ল্যুট্)+আ(টাপ্), √বর্ণ+অন(ল্যুট্)}

বর্ণপাত্র, বর্ণবিশ্লেষণ, বর্ণমালা, বর্ণসংকর, বর্ণহীন ⇒ বর্ণ

বর্ণা, বর্ণান, বর্ণানো ⇒ বর্না

বর্ণানুক্রম, বর্ণানুক্রমিক, বর্ণান্ধ ⇒ বর্ণ

বর্ণালি, বর্ণালী [বরনালি] *বি* ১ তেকোনা কাচের ভিতর দিয়ে আলোকরশ্মি নির্গত হলে রংধনুর ন্যায় নানা রঙের যে সমাবেশ দেখা যায়; spectrum (সাজাও বর্ণালী পণ্যে আমার অন্তর—*সাহ*)। ☐ *বিণ* বহুবর্ণময়; জাঁকালো (বর্ণালি অনুষ্ঠান)। { *স.* বর্ণ+*বা.* আলি/আলী}

বর্ণাশ্রম, বর্ণাশ্রমধর্ম ⇒ বর্ণ

বর্ণিক [বোরনিক] *বি* চিত্রকর; বর্ণশিল্পী (এইটুকু জ্ঞান নিয়ে বর্ণিকের কাজ চলে না—*অঠা*)। { *স.* √বর্ণ+ইক}

বর্ণিকা [বোরনিকা] *বি* পেনসিল; খড়ি। { *স.* √বর্ণ+ইক+আ(টাপ্)}

বর্ণিত ⇒ বর্ণনা

বর্ণিনী [বোরনিনি] *বি স্ত্রী.* ১ সুন্দরী নারী; রমণী (বরবর্ণিনী)। ২ লেখিকা। ৩ চিত্রকরী। { *স.* বর্ণ+ইন্(ণিনি)+ঈ(ঙীপ্)}

বর্ণী [বোরনি] *বি* ১ ব্রহ্মচারী। ২ চিত্রকর। ৩ লেখক। { *স.* বর্ণ+ইন্(ণিনি)}

বর্তক [বরতক] *বি* ভারুই বা ভাটই পাখি; ভরদ্বাজ পাখি; quail। { *স.* √বৃৎ+অক(ণ্বুল্)}

বর্তন[1] [বরতোন] *বি* ১ জীবিকা; বৃত্তি। ২ স্থিতি; অবস্থান। { *স.* √বৃৎ+অন(ল্যুট্)}

বর্তন[2], **বৰ্ত্তন** [বরতোন] *বি* ১ পেষণ; বাটন। ২ পিষ্ট বা বাটা দ্রব্য (চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন যতন করিয়া আনে—*চন্দ*)। ৩ স্থাপন। **বর্তনী** *বি* বাটা বা পিষ্ট দ্রব্য। { *স.* √বৃৎ+অন(ল্যুট্)}

বর্তন[3] ⇒ বরতন

বর্তমান [বরতোমান] *বি* ১ উপস্থিতি; উপস্থিত কাল; যে কাল এখন চলছে (তাহার বর্তমান ভবিষ্যৎ উভয়ই খারাপ)। ☐ *বিণ* ১ এখনকার; আধুনিক কালের; উপস্থিত কালের (বর্তমান অবস্থা)। ২ বিদ্যমান; জীবিত; বাঁচা (পিতা বর্তমান থাকতেই সম্পত্তি ভাগ হয়েছে)। ৩ উপস্থিত (দুঃখের কারণ বর্তমান)। { *স.* √বৃত্+মান(শানচ্)}

বর্তা, বর্তানো [বরতা, -নো] *ক্রি* ১ উত্তরাধিকার সূত্রে বা অন্য কোনো সূত্রে প্রাপ্ত হওয়া (বাপের সম্পত্তি ছেলেতে বর্তায়)। ২ বিদ্যমান থাকা; বর্তমান থাকা (আমি চিরকাল বর্ত্তি—*কমু*)। ৩ রক্ষা পাওয়া; বাঁচা; কৃতার্থ হওয়া (একটু পেলেই সে বর্তে যাবে; গদাধর ভাবে আমি বর্ত্তি পলাইলে—*বৃন্দা*)। ☐ *বি* উক্ত সকল অর্থে। **বর্তে থাকা** *ক্রি* বেঁচে থাকা (কল্পনাকে ছেড়ে শুধু ঘটনার মধ্যে বর্তে থাকতে পারে না মানুষের রচনা—*অঠা*)। **বেঁচে-বর্তে থাকা** *ক্রি* কোনো প্রকারে বেঁচে থাকা। { *স.* √বৃত্+*বা.* আ, আনো}

বর্তি, বর্তী, বর্তিক, বর্তিকা [বোর্‌তি, -, -ক, -কা] *বি* ১ বাতি; দীপ; প্রদীপ। ২ প্রদীপের সলতে। ৩ তুলি (বর্ত্তিকা ও বর্ণপাত্র লইয়া আইস—*ঈবি*)। { *স.* √বৃৎ+ণিচ+তি(ক্তি)}

বর্তিত [বোরতিতো] *বিণ* সম্পাদিত; নিষ্পাদিত। { *স.* √বৃৎ+ত(ক্ত)}

বর্তিষ্ণু [বোরতিশনু] *বিণ* স্থিতিশীল; বিদ্যমান। { *স.* √বৃৎ+ইষ্ণু(ইষ্ণুচ)}

বর্তী (-র্তিন্) [বোরতি] *বিণ* ১ স্থিতিশীল আছে এমন; বিদ্যমান। ২ নিকটবর্তী; পরবর্তী; সম্মুখবর্তী। **-বর্তিনী** *স্ত্রী.*। { *স.* √বৃৎ+ইন্(ণিনি)}

বর্তুক [বোরতুক] *বি* ১ বাসন (বর্তুকে রাখ ভাত—*জউ*)। ২ খেলার গোলাকৃতি উপকরণবিশেষ (যেন বা দুইটি বর্তুক লয়ে যে বা পারে খেলিবার—*জউ*)। { *স.* √বৃৎ>}

বর্তুল, বর্ত্তুল [বোরতুল] *বিণ* ১ গোলাকার; বৃত্ত সদৃশ। ২ বাতুল। ☐ *বি* গোলক; গোলাকার বস্তু sphere (বর্ত্তুল মাথায় সূর্য বালি ফেনা অবসর অরুণিমা ঢেলে—*জীদা*)। { *স.* √বৃৎ+উল(উলচ)}

বর্ত্তন = বর্তন

বর্ত্তমান = বর্তমান

বর্ত্তা = বর্তা

বর্ত্তিকা = বর্তিকা

বর্ত্তুল = বর্তুল

বর্ত্ম [বরতোঁ] *বি* ১ পথ; রাস্তা। ২ আচার। ৩ *(আল.)* উপায়। { *স.* √ বৃত্+মন(মনিন্)}

বর্ধক *বি, বিণ* যা বাড়ায়; বর্ধনকারী; বৃদ্ধিকর। { *স.* √বর্ধ্+অক(ণ্বুল্)}

বর্ধকী [বরধোকি] *বি* সূত্রধর; ছুতার; বাড়ই। { *স.* √বৃধ্+অক(ণ্বুল্)+ইন্(ইনি)}

বর্ধন, বর্দ্ধন [বরধোন] *বি* বৃদ্ধি; উপচয়; উন্নতি; বৃদ্ধিপ্রাপ্তি। ☐ *বিণ* ১ বৃদ্ধিকরণ। ২ বৃদ্ধিকর; বৃদ্ধিকারক। **বর্ধক, বর্দ্ধক** *বি, বিণ* যা বাড়ায়; বর্ধনকারী; বৃদ্ধিকর। **বর্ধমান, বর্দ্ধমান** *বি* ১ ভারতের পশ্চিমবঙ্গের একটি জেলা ও শহর। ২ জৈন তীর্থঙ্কর মহাবীর। ☐ *বিণ* ১ বৃদ্ধিশীল; বর্ধিষ্ণু; বাড়ছে এমন (ব্রিটিশ প্রতাপ বর্দ্ধমান—*সদ*)। **বর্ধিত** *বিণ* বৃদ্ধিপ্রাপ্ত; বাড়ানো হয়েছে এমন। **বর্ধিষ্ণু** *বি* বৃদ্ধিশীল; অভ্যুদয়শীল; উন্নতিশীল (এই গ্রামে আমরা সকলের চেয়ে বর্ধিষ্ণু ছিলাম—*রঠা*)। { *স.* √বৃধ্+অন(ল্যুট্, ষ্ণু)}

বর্না, বর্ণা, বর্নান, বর্ণান, বর্নানো, বর্ণানো [বরনা, -, -ন, -নো, -, -] *ক্রি* বর্ণনা করা; ব্যাখ্যা করা (চৌত্রিশ অক্ষরে বর্ণাইয়া কৈল স্তব—*ভারা*)। { *স.* √বর্ণ্+*বা.* আ, আন, আনো}

বর্ফান [বরফান] *বি* ১ বরফরাশি; তুষারস্তূপ। ২ হিমালয়। { *ফা.* বরফন্ برفن }

বর্ব [বরবো] *বি* প্রাচীন ভারতে প্রচলিত একপ্রকার স্বর্ণমুদ্রা (রাজা প্রধান সেনাপতিকে চারি হাজার বর্ব বেতন দিতেন—*রত্নমালা*)। { *স.* বর্ব}

বর্বটী [বরবোটি] *বি* ১ বরবটি নামক শিম জাতীয় সবজি

রাজমাষ; cow-pea। ২ গণিকা। { স. √বর্ব+অট(অটন্) +ঈ(ঙীষ্) }

বর্বণা [বর্‌বনা] *বি* নীলবর্ণ মাছি। { *ধ্বন্যা.* }

বর্বর [বর্‌বর্] *বি* অসভ্য জাতি। □ *বিণ* ১ অসভ্য; অমার্জিত; অশিষ্ট। ২ পাশবিক; পশুত্বব্যঞ্জক; নিষ্ঠুর। ~**তা** *বি* (হেন সহবাসে, হে পিতৃব্য, বর্ব্বরতা কেন না শিখিবে— *মদ*)। { স. √বৃ+বর(বরচ্) }

বর্ম [বর্‌মো] *বি* অস্ত্রাদির আঘাত; প্রতিরোধক; দেহাবরণ; সাঁজোয়া; কবচ; তনুত্রাণ (চর্ম বর্ম অসি— *মদ*)। **বর্মিত**, **বর্মী**(-র্মিন্) *বিণ* বর্মপরিহিত; বর্মধারী; বর্মাবৃত; কবচধারী। { স. √বৃ+মন(মনিন্) }

বর্মণ, **বর্মা**[১] [বর্‌মোন্, বর্‌মা] *বি* হিন্দু ক্ষত্রিয় সম্প্রদায়ের পদবি বিশেষ। { স. বর্ম> }

বর্মা[২], **বার্মা** [বর্‌মা, বা-] *বি* ব্রহ্মদেশ; বর্তমান নাম মিয়ানমার বা ময়ানমার (Myanmar)। □ *বিণ* ব্রহ্মদেশ বা মিয়ানমার সংক্রান্ত বা জাত। **বর্মি** *বি* ব্রহ্মদেশ বা মিয়ানমারের অধিবাসী বা ভাষা। □ *বিণ* ব্রহ্মদেশ বা মিয়ানমার সংক্রান্ত বা জাত; Burmese (বর্মি চাল)। { *ই* Burma }

বর্মা ⟹ বর্মণ

বর্মী ⟹ বর্ম ও বর্মা

বর্য [বর্‌জো] *বিণ* ১ প্রধান; শ্রেষ্ঠ (তার অধিষ্ঠাত্রী সর্বশক্তি বর্য— *কক*)। ২ পূজ্য; বরণীয়। { স. √বর+য(যৎ) }

বর্শা, **বরশা** [বর্‌শা] *বি* সড়কি; বল্লম; যে দণ্ডের একপ্রান্তে তীক্ষ্ণ ফলা থাকে। { স. ব্রশ্চন বা বড়িশ+ *বা.* আ }

বর্ষ, **বরষ** [বর্‌শো, বরোশ্] *বি* ১ বৎসর; বছর। ২ বর্ষণ; বারিপাত; বৃষ্টি। ৩ পুরাণোক্ত জম্বু দ্বীপ বা এশিয়ার ভারত, কুরু, রম্যক, হিরণ্ময়, কেতুমান, হরি, ইলাবৃত, কিম্পুরুষ, ভদ্রাশ্ব নামক নয়টি ভূভাগ। **বর্ষকাল** *বি* এক বৎসর। **বর্ষজীবী** *বি* যে উদ্ভিদ মাত্র এক বছর জীবিত থাকে। □ *বিণ* মাত্র এক বছর জীবিত থাকে এমন। **বর্ষপর্বত** *বি* পুরাণোক্ত এশিয়ার মেরু, হিমবান, হেমকূট, শ্বেত, নীল, নিষধ, শৃঙ্গবান নামক সপ্ত পর্বত। **বর্ষবরণ** *বি* নববর্ষের আগমনে মঙ্গলাচরণ; নতুন বছরকে অভ্যর্থনা বা আবাহন। **বর্ষভোগ্য** *বিণ* এক বৎসর মেয়াদে ভোগ করা যায় এমন। { স. √বৃষ্+অ(অচ্) }

বর্ষণ, **বরষণ**, **বরষন**, **বরিষণ** [বর্‌শোন্, –, –, বোরিশন্] *বি* ১ বৃষ্টিপাত (বর্ষণ-হর্ষ ভরা ধরণীর— *রঠা*)। ২ বৃষ্টি (আজি বর্ষণ-মুখরিত— *রঠা*)। ৩ উপর থেকে ছড়ানো; ধারার আকারে নিচে ফেলা। ৪ প্রচুর নিক্ষেপ বা দান (তোমার কাব্যের পরে করি বরিষণ— *রঠা*)। **বর্ষণস্নাত** *বিণ* বৃষ্টিসিক্ত বা ভেজা (বর্ষণস্নাত বিকেল)। { স. √বৃষ্+অন(ল্যুট্)=বর্ষণ>(স্বরাগমে) বরষণ, বরষন, বরিষণ }

বর্ষা, **বরষা** [বর্‌শা, বরোশা] *বি* ১ বৃষ্টিপাতের কাল; যে ঋতুতে প্রচুর বৃষ্টি হয়। ২ বৃষ্টিপাত (বর্ষার জন্যে কোথাও যেতে পারছি না)। □ *ক্রি* বর্ষণ করা। **বর্ষাকাল** *বি* বর্ষা ঋতু; আষাঢ় ও শ্রাবণ মাস। **বর্ষাতি** *বি* ১ বৃষ্টির পানি থেকে দেহ রক্ষার জন্য আলখাল্লা জাতীয় বড় জামা বা কোটবিশেষ; water-proof coat। ২ ছাতা। □ *বিণ* বর্ষাকালে জাত (বর্ষাতি ফুল)। **বর্ষানো** *ক্রি* ১ বর্ষণ করা। ২ বর্ষণ করানো (যত গর্জায় তত বর্ষায় না)। **বর্ষাপ্লাবিত** *বিণ* বৃষ্টি বা বর্ষার পানিতে মগ্ন। **বর্ষাবাদল** *বি* বৃষ্টি ও বাদল। **বর্ষা-বিধৌত** *বিণ* বৃষ্টিধোয়া (বর্ষাবিধৌত বনরাজির মত শ্যামল— *শেক*)। **বর্ষাস্নাত** *বিণ* বর্ষা বা বৃষ্টির পানিবিধৌত। **বর্ষিত** *বিণ* বৃষ্টিরূপে বা অজস্র ধারায় পতিত। { স. √বৃষ্+অ(অচ্)+আ(টাপ্); বর্ষা> স্বরাগমে বরষা }

বর্ষিষ্ঠ [বোর্‌শিশ্‌টো] *বিণ* ১ অতিবৃদ্ধ। ২ সকলের জ্যেষ্ঠ। { স. বৃদ্ধ+ইষ্ঠ(ইষ্ঠন্) }

-বর্ষী(-র্ষিন্) [বোর্‌শি] *বিণ* বর্ষণকারী; বর্ষণশীল (অগ্নিবর্ষী)। **-বর্ষিণী** *স্ত্রী*। { স. বর্ষ+ইন(ণিনি) }

-বর্ষীয় [বোর্‌শিয়ো] *বিণ* বয়স্ক; বয়সযুক্ত (দ্বাদশবর্ষীয়)। **বর্ষীয়া** *স্ত্রী*। { স. বর্ষ+ঈয়(ছ) }

বর্ষীয়ান [বোর্‌শিয়ান্] *বিণ* ১ অতিশয় বৃদ্ধ। ২ বৃদ্ধতর; অপেক্ষাকৃত বৃদ্ধ। ৩ সকলের জ্যেষ্ঠ। **বর্ষীয়সী** *স্ত্রী* (এইরূপে উভয়ে সেই বর্ষীয়সীর সদনে আবাস গ্রহণ করিলেন— *বিপ*)। { স. √বৃদ্ধ+ইয়স্(ইয়সুন্) }

বর্ষুক [বোর্‌শুক্] *বিণ* বর্ষণকারী। { স. বর্ষ+উক(উকঞ্) }

বর্ষোপল [বর্‌শোপল্] *বি* হিমশিলা; বর্ষিত শিলাখণ্ড; করকা। { স. বর্ষা+উপল }

বর্হ [বর্‌হো] *বি* ময়ূরপুচ্ছ (ময়ূরের বর্হসম ময়ূরের মালা— *সদ*)। **বর্হী** (-র্হিন্) *বি* বর্হ বা ময়ূরপুচ্ছধারী; ময়ূর। { স. √বর্হ্+অ(অচ্) }

বল[১] [বল্] *বি* ১ শক্তি; সামর্থ্য; ক্ষমতা (বাহুবল, ধনবল)। ২ সৈন্য (আপনার বলে তুমি থাক সর্বহিতে— *কমু*)। ৩ সহায়। ৪ রাজা ও বড়ে ভিন্ন দাবা খেলার অন্যান্য ঘুঁটি। ৫ বলরাম (বল হাতে প্রলম্ব বধিলা— *ভারা*)। **~কর**, **~কারক** *বিণ* শক্তিবর্ধক। **~ করা** *ক্রি* জোর করা; শক্তি প্রকাশ করা (বল করি চিত্ত চোরায়ল মোরি— *বিপ*)। **~দ**[১] *বিণ* বলদায়ক; শক্তিদাতা। **~দৃপ্ত**, **~দর্পিত**, **~গর্বিত** *বিণ* ১ ক্ষমতাগর্বিত (বলদৃপ্ত কাঞ্চন বরণ— *সদ*)। ২ শক্তিমত্ত (বলদর্পিত করাঘাত করিতে লাগিলেন— *বচ*)। **~পূর্বক** *ক্রিবিণ* জোর করে; জবরদস্তি করে; সবলে। **~বৎ** *বিণ* ১ বলশালী; শক্তিযুক্ত; প্রবলপরাক্রান্ত। ২ বহাল; প্রচলিত; কার্যকর (আইন বলবৎ থাকা)। **~বত্তা** *বি* শক্তিশালিতা; শক্তিমত্তা। **~বন্ত** *বিণ* ১ বলবান। ২ বলবৎ। **~বর্ধন** *বি* শক্তিবৃদ্ধি। □ *বিণ* শক্তিবৃদ্ধিকর; বলবৃদ্ধিকারক। **~বান** *বিণ* শক্তিশালী; ক্ষমতাবান। **~বতী** *স্ত্রী*। **~বিদ্যা** *(পদার্থ.)* *বি* পদার্থের কর্মশক্তি বিষয়ক বিদ্যা; mechanics। **~বিন্যাস** *বি* ব্যূহ রচনা; যুদ্ধার্থে সেনা স্থাপন। **~শালী** *বিণ* শক্তিমান; বলবান। **~শালিতা** *বি*। **~শালিনী** *স্ত্রী*। **~সঞ্চালন** *বি* সৈন্য চালনা। **~হীন** *বিণ* দুর্বল; নিঃশক্ত। { স. √বল্+অ(অচ্) }

বল[২] [বল্] *বি* ১ খেলার গোলক বা ভাঁটা; ক্রীড়াকন্দুকবিশেষ (ফুটবল, ভলিবল)। ২ পাশ্চাত্য দেশে প্রচলিত নাচ বিশেষের মজলিস। **~নাচ** *বি* পাশ্চাত্যের নাচবিশেষ; যাতে নারী-পুরুষ এক সঙ্গে নাচে; ball dance। { *ই* ball }

বল[৩] [বল্] *বি* হিন্দুদের উপাধি বিশেষ। { স. √বল্+অ(অচ্) }

বলক [বলোক্] *বি* জ্বালে বসানো দুধ ইত্যাদির উথলানো বা ফেঁপে ওঠা (বলক দিয়ে ক্ষীর–সায়রে ছুটেছে পুলক অ–বলগা—*সদ*)। **বলকা** *বিণ* বলক উঠেছে এমন; বলক–যুক্ত (বলকা দুধ)। **এক বলকা দুধ** *বি* মাত্র একবার ফুটে ওঠা দুধ। {*হি* বলক্‌না}

বলকর, বলকরা, বলকারক ⇒ বল১

বলক্ষ [বলোক্‌খো] *বিণ* সাদা; ধবল; শ্বেত (বলক্ষা বরণ কেশ বেশ শেষ বয়ী—*ঘচ*)। **–পক্ষ** *বি* শুক্লপক্ষ (পূজহ বলক্ষপক্ষে—*ঘচ*)। {*স.* অব+ √লক্ষ+অ(অচ), আদ্য অ–লোপে}

বলগর্বিত ⇒ বল১

বলটু ⇒ বোলটু

বলৎকার ⇒ বলাৎকার

বলদ১ ⇒ বল

বলদ২ [বলোদ্] *বি* ১ ষাঁড়; বৃষ; যে ষাঁড়ের মুষ্ক ছিন্ন করা হয়েছে। ২ দামড়া; যে গরু হাল বা গাড়ি টানে। ৩ (*আল.*) নির্বোধ; আহম্মক। **কলুর** –⇒কলু। **চিনির** –⇒চিনি। {*স.* বলীবর্দ>*প্রা.* বলীঅদ্দ>}

বলদর্পিত, বলদৃপ্ত ⇒ বল১

বলদেব, বলভদ্র, বলরাম [বলোদেব্, –ভদ্‌দ্রো, –রাম্] *বি* ১ কৃষ্ণের জ্যেষ্ঠ ও বৈমাত্র ভ্রাতা; হলধর; হলায়ুধ। ২ (হিন্দুপুরাণ মতে) বিষ্ণুর অষ্টম অবতার। {*স.* বল+দেব, ভদ্র, রাম}

বলন১ [বলোন্] *বি* কথন; কথা বলা; ভাষণ। {*স.* √বদ্>*প্রা.* √বোল্ল>*বা.* √বল্; *তুল. হি.* বোল্‌না}

বলন২ [বলোন্] *বি* বৃদ্ধি, পুষ্টি; সুডৌল (মূলাকে জিনিয়া মোটা দন্তের বলন—*মাগা*)। {*স.* √বল্+অন(ল্যুট্)}

বলন৩**, বলনি, বলনী** [বলোন্, –নি, –] *বি* সুডৌল, সুগোল আকৃতি বা আকার (মাজার বলন—*ভারা*; ভুরুর বলনী কামধনু জিনি ইন্দ্রধনুকের আভা—*চদা*)। {*স.* √বল্+*বা.* অন, অনি, অনী}

বলনিসূদন [বল্‌নিশুদন্] *বি* ইন্দ্র। {*স.* বল+নিসূদন}

বলনী ⇒ বলন৩

বলপূর্বক, বলবৎ, বলবত্তা, বলবন্ত, বলবর্ধন, বলবান, বলবিদ্যা, বলবিন্যাস ⇒ বল১

বলভদ্র ⇒ বলদেব

বলভি, বলভী [বলোভি] *বি* ১ ঘরের ছাদ বা চাল। ২ ছাদের উপরস্থ গৃহ; চিলে কুঠরি (কাঁদে সুনির্জন ভবন–বলভি—*মোম*; প্রাসাদা হর্ম্য বলভী—*ঈবি*)। ৩ গৃহচূড়া। ৪ ছাদ বা চালের পাড়। {*স.* √বল্+অভি, +ঈ(ঙীষ্)}

বলয় [বলয়্] *বি* ১ বালা; কঙ্কণ; করভূষণ বিশেষ। ২ মণ্ডল। **বলয়া** *বিণ* বলয়ের আকৃতিবিশিষ্ট। **বলয়িত** *বিণ* ১ বলয়যুক্ত বা বিশিষ্ট। ২ বেষ্টিত; পরিবৃত; বলয়াকারে বেষ্টিত (কত রাঙা হাত মণি–বলয়িত নীলাচপলিত না যায় গোনা—*সদ*)। ৩ বলয়াকৃতি। {*স.* √বল্+অয়(কয়ন্)}

বলরাম ⇒ বলদেব

বলশালী ⇒ বল১

বলশেভিক, বলসেভিক [বল্‌শেভিক্] *বি* ১ ১৯১৭ সালের রুশবিপ্লবে নেতৃত্ব দানকারী রাজনৈতিক দল; রুশ কমিউনিস্ট পার্টি। ২ রুশদেশের প্রাচীন শাসন–ব্যবস্থার উচ্ছেদ করে যারা সাম্যতন্ত্র প্রতিষ্ঠা করেছিল। **–বাদ** *বি* বলশেভিকদের নীতি বা দর্শন (ইসলামের সাম্য ও ন্যায়নীতির আদর্শের কাছে বলশেভিকবাদের ভোগনীতির সাম্য ম্লান হয়ে যায়—*আনিস*)। *তুল.* ম্যানশেভিক। {*রু.* Bolsheviki}

বলসঞ্চালন ⇒ বল১

বলসেভিক ⇒ বলশেভিক

বলস্থিতি [বলোস্‌থিতি] *বি* ১ শিবির; সৈন্য ছাউনি। ২ সৈন্যসমাবেশ। {*স.* বল+স্থিতি}

বলহীন ⇒ বল১

বলা১ [বলা] *বি* ১ কথন (বলা শেষ হয়েছে)। ২ উল্লেখকরণ (এখানে সে কথা বলার দরকার কি?)। ৩ বর্ণন। ৪ জ্ঞাপন (সংবাদ বলা হয়েছে?)। ☐ *বিণ* কথিত; পূর্বে বর্ণিত (সেখানে যাওয়ার কথা বলা ছিল)। ☐ *ক্রি* ১ কহা (কথা বলা)। ২ বিবৃত বা বর্ণনা করা (এবার ঘটনাটি বলো)। ৩ উল্লেখ করা (কে চুরি করেছে, কার কথাই বা বলি!)। ৪ সম্মতি বা অনুমতি দেওয়া (যদি বলো ত যাই)। ৫ জ্ঞাপন করা (সংবাদ বলা)। ৬ বিচার বা বিবেচনা করে দেখা (ধন বলো যৌবন বলো সকলই অনিত্য)। ৭ উপদেশ বা পরামর্শ দেওয়া (এখন কি করি বলুন)। ৮ আদেশ বা অনুরোধ (তাকে এ–কাজটা করতে বলো)। ৯ প্রকাশ বা ব্যক্ত করা (দুঃখের কথা কাকে বলি)। ১০ ডাকা; নিমন্ত্রণ করা; আহ্বান করা (এ সভায় তাকে বলা হয়নি)। ১১ লজ্জা দেওয়া; তিরস্কার করা; নিন্দা করা (যথেষ্ট হয়েছে আর বলো না)। ১২ অনুমতি বা সম্মতি নেওয়া (সাহেবের কাছে বলেই এসেছি)। **বলতে কি**—সত্য বলতে হলে। **– কওয়া** *বি* ১ কথোপ–কথন। ২ বিশেষ করে বলন বা অনুরোধ বুঝানো। ৩ বোঝা–পড়া (পালের সহিত অনেক বলা–কহা করিয়া—*রঠা*)। ৪ জ্ঞাপন। **–নো** *বিণ* উক্ত অর্থে (বলানো বুলি)। ☐ *ক্রি* অন্যকে দিয়ে কওয়ানো (সাহেব দিয়ে বলাতে পারলে ভালো হয়)। **–বলি** *বি* ১ পরস্পর আলাপ–আলোচনা। ২ কথোপকথন। ৩ ক্রমাগত অনুরোধ। **বলো কি?** বিস্ময় প্রকাশক উক্তি (বলো কি! তার এ কাজ?)। {*স.* √বদ্>*প্রা.* বোল্ল>*বা.* √বল্+আ}

বলা২ [বলা] *ক্রি* বৃদ্ধি পাওয়া (লতাটা বলেছে)। **–নো** *ক্রি* বাড়ানো। {*স.* বৃদ্ধি>}

বলাই [বলাই] *বি* বলরাম (শুনিয়া ললিতা হাসি কহে কথা বলাই সাজিল পরে—*চদা*)। {*স.* বলরাম>বল+*বা.* (আদরে) আই}

বলাক [বলাক্] *বি* ক্ষুদ্র বকবিশেষ; কোঁচ বক। **বলাকা** *বি স্ত্রী.* ১ স্ত্রী–বক। ২ বলাকের শ্রেণি। {*স.* বল+আক(আকন্)}

বলাট [বলাট্] *বিণ* বলপূর্বক গমনকারী। ☐ *বি* মুগকলাই। {*স.* বল+√অট্+অ(ঘঞ্)}

বলাৎকার [বলাত্‌কার্] *বি* ১ ধর্ষণ; বলপূর্বক নারীর সতীত্ব হরণ। ২ শক্তিপ্রয়োগ; জোরকরণ। ৩ অত্যাচার; জুলুম; জবরদস্তিমূলক আচরণ (কোন শক্য আমি বলাৎকার করি তারে—*কাদা*; বলৎকার কর বেটা না চিন আমাকে—*হেমা*)। **বলাৎকৃত** *বিণ* ১ ধর্ষিত। ২

বলপ্রয়োগে কাবু করা হয়েছে এমন। **বলাৎকৃতা** *স্ত্রী*। {*স.* বলাৎ+ √কৃ+অ(ঘঞ্)}
বলাধান [বলাধান্] *বি* শক্তি সঞ্চার (তাঁহার শরীরে শতগুণ বলাধান...সঞ্চার হইল—*ঈবি*)। {*স.* বল+ আধান; ৬তৎ}
বলাধিক্য [বলাধিক্‌কো] *বি* বলের আধিক্য; শক্তির প্রাচুর্য। {*স.* বল+আধিক্য; ৬তৎ}
বলাধ্যক্ষ [বলাদ্‌ধোক্‌খো] *বি* সেনাপতি; সৈন্যাধ্যক্ষ। {*স.* বল+অধ্যক্ষ; ৬তৎ}
বলান ⇒ বলা[১], বলা[২]
বলানুজ [বলানুজ্] *বি* কৃষ্ণ। {*স.* বল+অনুজ; ৬তৎ}
বলানো ⇒ বলা[১], বলা[২]
বলান্বিত [বলান্‌নিতো] *বিণ* ১ বল বা শক্তিযুক্ত। ২ সৈন্যযুক্ত। {*স.* বল+অন্বিত; ৩তৎ}
বলাবল [বলাবল্] *বি* ক্ষমতা ও অক্ষমতা; সামর্থ্য ও অসামর্থ্য। {*স.* বল+অবল; দ্বন্দ্ব}
বলাবলি ⇒ বলা[১]
বলাবলেপ [বলাবলেপ্] *বি* নিজের শক্তির অহঙ্কার। {*স.* বল+অবলেপ; ৬তৎ}
বলাসান, বেলসাম [বলাসান্, বেল্‌সাম্] *বি* বিশেষ গাছের গন্ধরস। {*ই.* balsam}
বলাহক [বলাহক্] *বি* ১ মেঘ (বলাহক মধ্যে যেন স্থির সৌদামিনী—*সৈআ*)। ২ পর্বত। {*স.* বারিবাহক>*স.* বলাহক}
বলি[১] [বোলি] *বি* ১ যজ্ঞাদিতে নিবেদনযোগ্য বস্তু; পূজার সামগ্রী। ২ যজ্ঞাদিতে হত্যাযোগ্য প্রাণী; বধ্যপ্রাণী। ৩ উৎসর্গ; ত্যাগ; বিসর্জন। ৪ ভূতযজ্ঞ; ইতর জীবকে খাদ্যদান। ~**দান** *বি* ১ দেবতার উদ্দেশ্যে বলি অর্পণ; দেবোদ্দেশে পশুবধ। ২ মহৎ কাজে উৎসর্গ (আত্ম-বলিদান)। ~**পুষ্ট** *বি* কাক। ~**ভুক** *বি* কাক, চড়াই ইত্যাদি পাখি, যারা ফেলে দেওয়া খাদ্য খেয়ে জীবনধারণ করে। {*স.* √বল্+ই(ইন্)}
বলি[২], **বলী** [বোলি] *বি* ১ মাংসের বা চর্মের কুঞ্চনজাত রেখা (বলি-অঙ্কিত শিথিল চর্ম—*রঠা*)। ২ বার্ধক্যের ফলে গাত্রচর্মের শিথিলতা। ৩ মলদ্বারে অর্শরোগহেতু মাংস-গুটিকা। ~**ত** *বিণ* ১ বলিরেখাযুক্ত; কুঞ্চিত মাংসযুক্ত। ২ শিথিল; লোল। {*স.* √বল্+ই(ইন্)}
বলি (*মবা.*) [বোলি] *বি* কানের মাকড়ি বা অলঙ্কার (লম্বা কর্ণে বলি—*জগজ্জীবন*)। {*হি.* বালি}
বলিয়া ⇒ বলে[১]
বলিয়ে, বলিয়ে-কহিয়ে [বোলিয়ে, -কোহিয়ে] *বিণ* সুবক্তা; বাকপটু; বাগ্মী। {*বা.* √বল্+ইয়ে, √কহ্+ইয়ে}
বলিষ্ঠ [বোলিশ্‌ঠো] *বিণ* অত্যন্ত বলযুক্ত; শক্তিমান; সবল। {*স.* বল+ইষ্ঠ(ইষ্ঠন্)}
বলিহারি [বোলিহারি] *বিণ* ১ চমৎকার (বিদ্যাপতি কৌতুক বলিহারি—*বিপ*)। □ *অব্য* বাহবা; সাবাস। □ *ক্রিবিণ* মোহিত হয়ে (ধন্য হে মুখুয্যে ভায়া বলিহারি যাই—*হেব*)। {*হি.* বলিহারী=বলি(স্বীকার করি)+ হারি(হার মানি)}
বলী[১] [বোলি] *বি* শক্তি বা পরাক্রমশালী লোক; বীর পুরুষ (বলীর পদে দুর্বলেরে কোরো না বলিদান—*রঠা*)। □ *বিণ* বলশালী; শক্তিশালী; বীর (সে আঘাত নিবারিলা বলী এক লম্ফে—*কায়*)। {*স.* বল+ইন্(ইনি)}
বলী[২] ⇒ বলি[২]
বলীক [বোলিক্] *বি* ঘরের চালের ছাঁচ (ছাঁইচ)। {*স.* বল+ঈক(কীকন্)}
বলীন্দ্র [বোলিনদ্রো] *বিণ* বীরশ্রেষ্ঠ; সর্বাপেক্ষা অধিক শক্তিশালী। {*স.* বলী+ইন্দ্র; ৬তৎ}
বলীবর্দ [বোলিবরদো] *বি* বলদ; ষাঁড়; বৃষ। {*স.* বলী+ √বৃধ্+অ(অচ্)}
বলীয়ান [বোলিয়ান্] *বিণ* অত্যন্ত বলবান বা শক্তিশালী। **বলীয়সী** *স্ত্রী.*। (এই প্রেমের শক্তি বলীয়সী হইয়া—*রঠা*)। {*স.* বল+ঈয়স(ঈয়সুন্)}
বলে[১], **বলিয়া** [বোলে, বোলিয়া] *অব্য* ১ সেজন্য; তজ্জন্য; সে কারণে; সেহেতু (তুমি এলে না বলে আমারও যাওয়া হয়নি)। ২ শীঘ্র; দ্রুত; এখনই; এক্ষণি। **বলে আসা** *ক্রি* ১ অনুমতি নিয়ে আসা (মাকে বলে আয়)। ২ সংবাদ দিয়ে আসা (খবরটা বলে আয় তো)। **বলে রাখা** *ক্রি* পূর্ব থেকে জ্ঞাত করানো বা অনুমতি নেওয়া (আগেই বলে রেখেছি)। {*স.* √বদ্>*বা.* √বল্+আ}
বলে[২] [বোলে] *অব্য* ১ শক্তিতে (ছলে বলে কৌশলে)। ২ হিসেবে; রূপে (তাকে ভালো বলেই তো জানি)। ৩ অছিলায়; অজুহাতে (চলে এসেছ এখন কি বলে যাবে?)। {√বল্+এ}
বলৌকা [বলোউকা] *বি* বন্য জন্তুবিশেষ (বরাঅ বলৌকা আর কুরঙ্গ শার্দুল—*দৌবা*)। {*মবা.*}
বল্ক ⇒ বল্কল
বল্কল, বল্ক [বল্‌কল্, বল্‌কো] *বি* বাকল; গাছের ছাল (শাখায় বল্কলে পত্রে উঠি সরসিয়া—*রঠা*)। {*স.* √বল্+ কল(কলন্), √বল্+ক(কক্)}
বল্কা, বলকা [বল্‌কা] *বি* বলক; দুধ ইত্যাদি তরল পদার্থের জ্বাল দেওয়ার সময়ে ফেঁপে ওঠার ভাব (এক বলকা দুধ)। {*স.* উদ্বমন>; *তুল. হি.* বলক্‌না>}
বল্‌গ ⇒ বল্‌গা
বল্‌গা, বল্‌গ [বল্‌গা, -গো] *বি* লাগাম; কোনো কিছুর গতি নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত রশি বা তত্তুল্য বস্তুবিশেষ। **বল্‌গা হরিণ** *বি* তুষারাবৃত দেশে পরিবহনের কাজে ব্যবহৃত হরিণ বিশেষ; reindeer। {*স.* √বল্‌গ+ অ(ঘঞ্)+আ(টাপ্)}
বল্টু ⇒ বোল্টু
বল্মীক, বল্মিক [বোল্‌মিক্] *বি* ১ উই-ঢিপি (বল্মীক মধ্যে প্রাপ্ত হওয়ায় বাল্মীকি নামে খ্যাত হইয়াছে—*বচ*)। ২ উই (বল্মীকের পাখ হয় মরিবার কালে—*সৈআ*)। {*স.* √বল্+কীক(কীকন্), 'ম' আগম}
বল্য [বোল্‌লো] *বি* বলকারক। {*স.* বল+য(যৎ)}
বল্লকী [বল্‌লোকি] *বি* ১ বীণা; বাদ্যযন্ত্রবিশেষ। ২ শল্লকী বৃক্ষ। {*স.* √বল্ল+অক(কুন্)+ঈ(ঙীষ্)}
বল্লব [বল্‌লব্] *বি* ১ গোয়ালা; গোপ। ২ পাচক। **বল্লবী** *স্ত্রী.*। {*স.* বল্ল+ব}
বল্লভ [বল্‌লভ্] *বি* ১ স্বামী; পতি। ২ প্রিয়; প্রণয়ী

(বল্লভের কণ্ঠদেশে স্বহস্ত সংকলিত ললিত মালতী মালা সমর্পণ করিয়া—*ঈবি*)। ৩ পুত্রবৎ প্রিয় (কৃত্তিকা-কুল বল্লভ সেনানী—*মদ*)। **বল্লভা** *স্ত্রী.* ('অর্জিত বল্লভা দেবি ব্রহ্মার জননী')। { *স.* √বল্ল্+অভ(অভচ্)}

বল্লম [বললম] *বি* বর্শা; শূল; কোঁচ; ভল্ল (আজ বেদুইন তা'র ছেড়ে দিয়ে ঘোড়া ছুড়ে ফেলে বল্লম--*নই*)। { *স.* ভল্ল}

বল্লরি ⇒ বল্লরী

বল্লরি, বল্লরী [বল্‌লোরি] *বি* ১ মুকুল; মঞ্জরি; বোল (হাসে বনদেবী বেণীতে জড়ায়ে মাল তাঁর বল্লরী—*নই*)। ২ লতা; ব্রততী (তৃণ—বল্লরীতে মঞ্জুফুল মঞ্জরী—*সদ*)। { *স.* √বল্ল্+অর(অরন্)+ই, ঈ}

বল্লা [বল্‌লা] *বি* বোলতা। **~র চাক** *বি* বোলতার বাসা। { *স.* বরলা>}

বল্লালী [বল্‌লালি] *বিণ* বঙ্গাধিপতি বল্লাল সেন প্রবর্তিত বা কৃত। ☐*বি* বল্লাল সেন প্রবর্তিত কৌলীন্য প্রথা। **~বালাই** *বি* বল্লাল সেন প্রবর্তিত কৌলীন্য প্রথা। {বল্লাল+ইন্(ণিনি)}

বল্লি, বল্লী [বোল্‌লি] *বি* লতা (অপরাজিতার হারে পারিজাত বল্লী—*সদ*)। **~তনু** *বিণ* লতার ন্যায় অঙ্গ এমন; ক্ষীণাঙ্গী; তন্বী (এই লালারুখ বল্লী তনু ফুল্ল কপোল তন্বীদের—*নই*)। **--বিতান** *বি* লতামণ্ডপ; লতাপাতায় আচ্ছাদিত স্থান (বর্ষণ—পুলকিত পুষ্প-আকুলিত এই বল্লীবিতানের আর্দ্র স্নিগ্ধ ছায়ে বসে—*নই*)। { *স.* √বল্ল্+ই(ইন্),+ঈ(ঙীষ্)}

বল্লুকা (*মবা.*) [বোল্‌লুকা] *বি* ১ নদী। ২ বল্লুকা নদী (বল্লুকা সৃজন কৈল গণ্ডীরেখা দিয়া—*রূপ*)। { *স.* √বল্ল্>}

বল্লুর, বল্লূর [বোল্‌লুর] *বি* তৃণভূমি; কুঞ্জবন। ☐*বিণ* অকর্ষিত; পতিত। { *স.* √বল্ল্+উর(উরচ্)}

বশ [বশ্] *বিণ* ১ অধীন; শাসনের অন্তর্গত; আয়ত্ত (বশ হওয়া)। ২ আজ্ঞাধীন; আদেশের অধীন; বশীভূত; অনুগত (বশ করা)। ৩ মোহিত; মুগ্ধ (গুণ দেখে বশ হওয়া)। ☐*বি* ১ অধীনতা; অন্যের ইচ্ছা অনুযায়ী চলা; ইচ্ছানুবর্তিতা; আনুগত্য (বশে আনা)। ২ কর্তৃত্ব; অধিকার; প্রভাব; শক্তি (দৈববশে, মোহবশে)। **~ত, ~তঃ** *অব্য* প্রযুক্ত; হেতু; নিমিত্ত; কারণে (অসুস্থতা বশত)। **~বর্তী** *বিণ* অধীন; অনুগত; বশতাপন্ন। **~বর্তিনী** *স্ত্রী.*। **~বর্তিতা** *বি*। { *স.* √বশ্+অ(অচ)}

বশংগত [বশঙ্‌গতো] *বিণ* বশবর্তী; অধীন। { *স.* বশ(ম্)+গত}

বশংবদ [বশঙ্‌বদো] *বিণ* বশবর্তী; অনুগত; অধীন। { *স.* বশ(ম্)+√বদ্+অ(খচ্)}

বশতঃ ⇒ বশ

বশতা ⇒ বশ্য

বশিতা, বশিত্ব [বোশিতা, বোশিত্‌তো] *বি* ১ যোগলব্ধ ঐশ্বর্য বা শক্তিবিশেষ; বশ করার ক্ষমতা। ২ বশবর্তিতা। ৩ স্বাধীনতা। { *স.* বশিন্+তা(তল্)}

বশিষ্ঠ, বসিষ্ঠ [বোশিশ্‌ঠো] *বি* ব্রহ্মার মানস পুত্রদের অন্যতম। ঋগ্বেদের ঋষিদের একজন। { *স.* বশিন্+ইষ্ঠ(ইষ্ঠন্)}

বশী(-শিন) [বোশি] *বিণ* ১ জিতেন্দ্রিয়। ২ বশ করে এমন। ৩ বশবর্তী। ☐*বি* স্বাধীন। **~করণ মন্ত্র** *বি* যে মন্ত্র দ্বারা অপরকে স্ববশে আনা যায় (কামিনীদিগের এইরূপ মধুমাখা প্রবঞ্চনা বাক্য বিষয়াসক্ত ব্যক্তিদিগের বশীকরণমন্ত্র স্বরূপ—*ঈবি*)। **~কৃত** *বিণ* বশ করা হয়েছে এমন; বশে আনীত। **~কৃতা** *স্ত্রী.*। **~ভবন** *বি* বশ হওয়া। **~ভূত** *বিণ* বশ বা অধীন হয়েছে এমন। **~ভূতা** *স্ত্রী.*। { *স.* বশ+ ইন্(ইনি)}

বশ্য [বোশ্‌শো] *বিণ* ১ বশ করার উপযুক্ত; বশীভূত করা যায় এমন। ২ বশবর্তী। **বশ্যা** *স্ত্রী.*। **~তা, বশতা** *বি* অধীনতা; আনুগত্য; বশবর্তিতা। { *স.* বশ+য(যৎ)}

বষট্ [বশোট্] *বি* দেবতার উদ্দেশ্যে অগ্নিতে আহুতি; হোম। { *স.* √বহ্+অষট্}

বস[১]**, বাস, ব্যস** [বস্, বা-, ব্যাস্] *অব্য* ১ কারণসূচক; যথেষ্ট হয়েছে আর দরকার নেই এইভাব (বস এতেই চলবে)। ২ শেষ হয়েছে, এই শেষ আর নয় (বস এবার ওঠ)। ৩ অমনি; যেই মাত্র (বস লেগে গেল ঝগড়া)। { *ফা.* বস بس }

বস[২] [বস্] *বি* ১ ঊর্ধ্বতন কর্মকর্তা; উপরওয়ালা (অফিসে তিনি আমার বস)। ২ মনিব। ☐*বিণ* তত্ত্বাবধায়ক। { *ই.* boss}

বসই (*ব্র.*, *মবা.*) [বসই] *ক্রি* বসে (হরি বড় গরবী গোপী মাঝে বসই—*বিপ*)। { *স.* বসতি>}

বসত ⇒ বসতি

বসতবাটি, বসতবাড়ি [বশোত্‌বাটি, -ড়ি] *বি* ১ যে বাড়িতে বাস করা হয়।

বসতি, বসতী, বসত [বশোতি, -, বশোত] *বি* ১ বাসস্থান; আবাস; লোকালয় (এখানে বসতি নেই)। ২ বাস; নিবাস; অবস্থান (লোকের বসতি)। { *স.* √বস্+অতি=বসতি}

বসন [বশোন্] *বি* ১ বস্ত্র; কাপড়। ২ পরিধানের কাপড়; পরিধেয় বস্ত্র; বাস। **বসনাঞ্চল** *বি* কাপড়ের আঁচল। **~ভূষণ** *বি* বস্ত্র ও অলঙ্কার। { *স.* √বস্+অন(ল্যুট্)}

বসন্ত [বশোন্‌তো] *বি* ১ শীতের পরবর্তী ঋতু; ফাল্গুন ও চৈত্রমাস; মধুমাস; ঋতুরাজ। ২ সংক্রামক রোগবিশেষ; গুটিকা বা মসূরিকা রোগ; small-pox। ৩ (*সন্*) একটি রাগের নাম। **~তিলক** *বি* সংস্কৃত ছন্দবিশেষ। **~দূত** *বি* কোকিল। **~দূতী** *স্ত্রী.*। **--পঞ্চমী** *বি* শ্রীপঞ্চমী; মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথি। **~বাউরি** *বি* 'বউ কথা কও' পাখি (বসন্ত বাউরি 'বউ কথা কও' বলে থেকে থেকে ডাক দেয়—*অঠা*)। **~বিহার** *বি* বসন্তকালে প্রমোদ ভ্রমণ (একদিন কৃষ্ণ গোপীগণ সমভিব্যাহারে যমুনাতীরে বসন্তবিহার করিতেছিলেন—*প্রচৌ*)। **~সখা** *বি* ১ (হিন্দু পুরাণে) মদন; কামদেব। ২ কোকিল। **বসন্তের কোকিল** *বি* (*আল.*) সুদিনের বন্ধু। **বসন্তোৎসব** *বি* ১ প্রাচীন ভারতে প্রচলিত হিন্দুদের মদনোৎসব। ২ হোলি; দোলযাত্রা। { *স.* √বস্+অন্ত(ঝচ্)}

বসন্ত (*মবা.*) [বসন্‌ত] *ক্রি* বাস করছে (দেহহি বুদ্ধ বসন্ত ণ জাণই—*দোহাকোষ*)। {বস্+অন্ত}

বসন্তী [বশোন্‌তি] *বি* ফিকে হলুদ (বসন্ত বসনখানি নেশার

মতো চক্ষে ধরে—*রঠা*)। { *স.* বসন্ত+ইন্(ণিনি)}

বসন্তোৎসব ⇒ বসন্ত।

বসবাস[1] [বশোবাশ্] *বি* স্থায়ীভাবে বাস; স্থায়ী বসতি; সর্বদা বাস। { *স.* বস+আবাস>বাস}

বসবাস[2] (*মবা.*) [বসবাস] *বি* ছোলা বা মটর ডাল দিয়ে তৈরি বেসম (পিতলের কোন ভাজে বসবাস মাখি—*বংশীবদন*)। { *মবা.*}

বসয় (*মবা.*) [বসয়] *ক্রি* বাস করে (চতুঃষষ্টি কলা বসয় শ্রীকর—*শ্রীন*)। { *স.* বসতি>বসই>বসয়}

বসরা, বোসরা [বোস্‌রা] *বি* বসরা; ইরাকের একটি অঞ্চল ও নগর বিশেষ (দেখা গেল দূর বোসরা নগরী দূর সিরিয়ার মাঝে—*নই*)। { *আ.* বস্‌রাহ بصرة }

বসরাই [বস্‌রাই] *বিণ* ইরাকের প্রসিদ্ধ শহর বসরায় জাত (বসরাই গোলাপ)। { *আ.* বস্‌রাহ بصرة +*বা.* আই}

বসা[1] [বশা] *বি* ১ চর্বি; মেদ। ২ মজ্জা। { *স.* √বস্+অ(অচ্)+আ(টাপ্)}

বসা[2] [বশা] *ক্রি* ১ উপবেশন করা (চৌকিতে বসো)। ২ স্থাপিত বা প্রতিষ্ঠিত হওয়া (চৌকিটা এখানে বসাও)। ৩ সক্রিয় হওয়া; কাজ শুরু হওয়া (এখনই স্কুল বসবে)। ৪ নিবিষ্ট হওয়া (পড়ায় মন বসছে না)। ৫ প্রতীক্ষা করা; অপেক্ষা করা (আর কতক্ষণ বসে থাকবে?)। ৬ ভিতরে ঢোকা; প্রবিষ্ট হওয়া (কাদায় গাড়ির চাকা বসে গেছে)। ৭ অঙ্কিত বা বিদ্ধ হওয়া (জামায় তেলের দাগ বসেছে)। ৮ জমাট বাঁধা; জমে যাওয়া (বুকে সর্দি বসেছে)। ৯ খাপ খাওয়া; মাপসই হওয়া (নতুন চাবিটা তালায় ঠিক বসেছে)। ১০ নেবে যাওয়া (বৃষ্টির দরুন ঘরের মেঝে বসে গেছে)। ১১ শুষ্ক বা রুগ্ণ হওয়া; চুপসানো (চোখ-মুখ বসে গেছে)। ১২ কণ্ঠস্বর ভগ্ন হওয়া; অবরুদ্ধ হওয়া (সর্দিতে গলা বসে গেছে)। ১৩ তলায় জমা; থিতানো (পানির নিচে বালি বসেছে)। ১৪ বাস স্থাপন করা (ভাড়াটে বসা)। ১৫ কোনো কাজে প্রবৃত্ত হওয়া (সভায় বা বিচারে বসা)। ১৬ হঠাৎ কোনো কিছু করা (মেরে বসেছে)। ১৭ উপক্রম বা সম্ভাবনা হওয়া (মরতে বসেছে)। ১৮ দমে যাওয়া; হতোদ্যম হওয়া (পরীক্ষায় ফেল করে একেবারে বসে পড়েছে)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ উক্ত সকল অর্থে। ২ বেকার; কর্মহীন (ছেলেটা ঘরে বসা)। ৩ থেবড়া (বসা নাক)। **বসতে পেলে শুতে চাওয়া** *ক্রি* একটু প্রশ্রয় পেলে আবদার বেড়ে যাওয়া। **বসে থাকা** *ক্রি* অপেক্ষা বা প্রতীক্ষা করা। ২ বেকার থাকা। **বসে বসে** *ক্রি* বহুক্ষণ যাবৎ উপবিষ্ট থেকে বা অপেক্ষা করে। **বসে বসে খাওয়া** *ক্রি* ১ কাজের অভাব বা আলস্যবশত পুঁজি ভেঙে খাওয়া। ২ অন্যের গলগ্রহ হয়ে উদরপূর্তি করা। **বসে যাওয়া** *ক্রি* ১ হতাশ হওয়া; ভগ্নোদ্যম হওয়া। ২ ক্ষতিগ্রস্ত হওয়া; সর্বনাশ হওয়া (ব্যবসায়ে বসে পড়া)। ৩ নাকাল হওয়া; নেমে যাওয়া। ৪ চেপে যাওয়া; বিলীন বা আত্মগোপন করা (সর্দি বসে যাওয়া)। **যেতে~** *ক্রি* ১ ধ্বংস হওয়ার উপক্রম হওয়া। ২ মরণাপন্ন অবস্থায় উপনীত হওয়া। {√বস্+আ}

বসানো, বসান [বশানো] *ক্রি* ১ উপবেশিত করা; উপবিষ্ট করানো। ২ স্থাপন করা (নগর বসায় বীর বনের ভিতরে—*কমু*)। ৩ লাগানো; মারা (কিল বসানো)। ৪ বিঁধানো (কামড় দিয়ে দাঁত বসানো)। ৫ বাস করানো (বাড়িতে ভাড়াটে বসিয়েছে)। ৬ দমিয়ে দেওয়া; হতোদ্যম করা (লোকটাকে বসিয়ে দিয়েছে)। ৭ চাপানো; পড়ানো (উনুনে হাঁড়ি বসানো)। ৮ জমানো। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* উক্ত সকল অর্থে। **বসিয়ে দেওয়া** *ক্রি* ১ নিরুৎসাহ করা; দমিয়ে দেওয়া। ২ সর্বনাশ করা। { *বা.* √বস্+আনো}

বসায়ল (*ব্র., মবা.*) [বসায়ল] *ক্রি* ১ বসাইল। ২ খচিত করল; যুক্ত করল (সিন্দুর সমীপ বসায়ল মতি—*বিপ*)। { *মবা.* √বস্>}

বসিধ (*মবা.*) [বসিধ] *বি* দূত; বার্তাবহ (পুছিতে উচিত হয় পাঠাই বসিধ—*সৈআ*)। { *অমূ.*}

বসু [বোশু] *বি* ১ (হিন্দু পুরাণোক্ত) অষ্ট গণদেবতাবিশেষ; (মহাভারতোক্ত) গঙ্গার আটপুত্র। ২ ধন; অর্থ; ঐশ্বর্য (কাননে বধিয়া পশু উপায় করিতে বসু ফুল্লরা বেচিত মাংস হাটে—*কমু*)। ৩ কিরণ; রশ্মি। ৪ বাঙালি কায়স্থের উপাধিবিশেষ। **~দেব** *বি* ১ ধনাধিপতি কুবের। ২ কৃষ্ণের পিতা। **~ধা, ~ন্ধরা, ~মতী** *বি* *স্ত্রী.* পৃথিবী; ধরা; ধরণী (ভিক্ষা অন্নে বাঁচাব বসুধা—*রঠা*)। **~ধারা** *বি* ১ হিন্দুদের বিবাহ ইত্যাদি অনুষ্ঠানে দেওয়ালে ঘি ঢেলে যে পাঁচ বা সাতটি ধারা দেওয়া হয় (কালো কষির আলপনা দিয়ে বসুধারা ব্রত করে গেল—*অঠা*)। ২ ধনপ্রবাহ। **~ন্ধর** *বি* কুবেরের অনুচর (কুবেরের অনুচর নাম তার বসুন্ধর—*ভারা*)। **~ন্ধরা** *স্ত্রী.* (বসুন্ধরা নামে তার জায়া—*ভারা*)। **অষ্ট~** *বি* অষ্ট গণদেবতা—ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যুষ, প্রভব। { *স.* √বস্+উ}

বসে [বশে] (*মবা.*) *ক্রি* বাস করে (মনমথ বসে রাধামাধবের মনে—*বচদা*)। { *স.* √বস্+*বা.* এ}

বস্তব্য [বস্‌তোব্‌বো] *বিণ* ১ বাসের উপযোগী। { *স.* √বস্+তব্য}

বস্তা [বশ্‌তা] *বি* ১ বড় থলে; ছালা; বোরা (চালের বস্তা)। ২ গাঁট শক্ত করে বাঁধা বস্তা (কাপড়ের বস্তা)। ৩ ঝোলা; প্রচুর পরিমাণে বোঝাই (মাথায় এক বস্তা ঝাঁকড়া চুল—*সুরা*)। **~নি, ~নী** *বি* ছোট বস্তা (গাজীমিয়ার বস্তানী—*মীম*)। **~পচা** *বিণ* ১ বহুদিন বস্তায় থাকার ফলে নষ্ট (বস্তা-পচা চাল)। ২ বহু পুরনো; বাজে ও নীরস। **~বন্দী** *বিণ* গাঁট-বাঁধা; বস্তায় আবদ্ধ। { *ফা.* বস্তা بسته }

বস্তান [বস্‌তান] *বি* আশ্রম; আস্তানা; আখড়া (বড় ঢিবিটার তলায় আছে কোন পীরের বস্তান—*গোহ*)। { *ফা.* বস্তন بستن }

বস্তানি, বস্তানী ⇒ বস্তা।

বস্তি[1], **বস্তী** [বোস্‌তি] *বি* ১ তলপেট; নাভির নিম্নভাগ। ২ মূত্রাশয়; bladder। { *স.* √বস্+তি}

বস্তি[2], **বস্তী** [বোস্‌তি] *বি* ১ শহরের মধ্যে বা শহরের উপকণ্ঠে গড়ে ওঠা ঘন বিন্যস্ত কুটির-শ্রেণি; দরিদ্র পাড়া। ২ লোকালয়; জনপদ; পল্লি; বাসস্থান। { *স.* √বস্+তি> বসতি>}

বস্তী ⇒ বস্তি[2]

বস্তু [বোস্‌তু] *বি* ১ জিনিস; পদার্থ। ২ সার; উত্তম উপাদান (ওর মধ্যে বস্তু বলতে কিছুই নেই)। ৩ সত্য; যথার্থ। ৪ যা ঘটে থাকে বা দেখা যায়। **~গত্যা** *অব্য* বাস্তবিকপক্ষে (একথাটা Zeast-এর ideal হতে পারে কিন্তু বস্তুগত্যা

সত্য নয়—*প্রচৌ*)। ~**ত**, ~**তঃ** *অব্য* বাস্তবিকপক্ষে; যথার্থত; সত্যই; প্রকৃতপক্ষে। ~**তত্ত্ব** *বি* ১ বস্তুসম্পর্কীয় বিদ্যা বা জ্ঞান (তমঃ নাশ করি করে বস্তুতত্ত্ব জ্ঞান—*কৃক*)। ২ ঈশ্বরই সারবস্তু এই জ্ঞান। ~**তন্ত্র** *বি* বাস্তবতাকে বা প্রত্যক্ষ বস্তুকে প্রাধান্য দেওয়া হয় যাতে; realism। ~**তান্ত্রিক**, ~**তন্ত্রী**, ~**তন্ত্রীয়** *বিণ*। ~**বিচার** *বি* বস্তুর বিচার পরীক্ষা। ~**মান** *বি* বস্তু পরিমাণের এক হিসাব। ~**সংক্ষেপ** *বি* ১ কোনো কিছুর সংক্ষিপ্ত রূপ; summary। ২ সারমর্ম; substance। {*স.* √বস্+ তু(তুন)}

বস্ত্র [বস্‌ত্রো] *বি* ১ কাপড় (শীতবস্ত্র)। ২ পরিধেয় কাপড়; বসন। ৩ আচ্ছাদন। {*স.* √বস্+ত্র(ষ্ট্রন)}

বস্ত্রগৃহ, বস্ত্রাবাস, বস্ত্রকুট্টিম [বস্‌ত্রোগৃহো, বসত্রাবাশ, বসত্রোকুটটিম] *বি* তাঁবু। {*স.* বস্ত্র+গৃহ, আবাস, কুট্টিম; ৬তৎ}

বস্ত্রহরণ [বসত্রোহরোন] *বি* ১ পরনের কাপড় জোর করে কেড়ে নিয়ে নগ্ন করা। ২ শ্রীকৃষ্ণের লীলাবিশেষ (বস্ত্রহরণ পালা)। {*স.* বস্ত্র+হরণ; ৬তৎ}

বহ [বহো] *বি* ১ বহনকারী; বাহক (বার্তাবহ)। ২ যাতে চড়ে যাওয়া যায়; বাহন; যান। ৩ পথ; রাস্তা। ৫ বায়ু; বাতাস। □ *বিণ* প্রতিপালনকারী; বাধ্য (আজ্ঞাবহ)। **বহা** *বি স্ত্রী.* নদী; তটিনী (স্রোতোবহা)। {*স.* √বহ্+অ(অচ)}

বহই (*ব্র.*) [বহই] *ক্রি* ১ বহন করে। ২ বয়ে (বহই দিবস সব যাব—*বিপ*)। **বহএ** (*মবা.*) *ক্রি* বহন করে। **বহসি** (*মবা.*) *ক্রি* বহন করিস বা করছিস। **বহঅ** (*মবা.*) *ক্রি* বহন কোরো। **বহাএ** (*মবা.*) *ক্রি* বহন করায়। **বহায়** (*মবা.*) *ক্রি* বহন করাও (ভার বহায় কি কারণে—*বচদা*)। **বহায়িআঁ** (*মবা.*) *ক্রি* বহন করিয়ে। **বহায়িলোঁ** (*মবা.*) *ক্রি* বহন করালাম। **বহিভেঁ** (*মবা.*) *ক্রি* বহন করবে। **বহিল, বহিলাঁ** (*মবা.*) *ক্রি* বহন করবো। **বহী** (*মবা.*) *ক্রি* বহন করি। **বহোঁ** (*মবা.*) বহন করবো। {*স.* √বহ্>}

বহত (*ব্র., মবা.*) [বহত] *ক্রি* ১ বহে। ২ বইছে (আজ্ঞি মলয়ানিল মৃদু মৃদু বহত—*চদা*)। {*স.* √বহ্>}

বহতা [বহোতা] *বিণ* প্রবহমান; বয়ে যাচ্ছে এমন (এ বিশ্বের প্রাণ-স্রোত বহতা তটিনী এক—*আর*)। {*স.* √বহ্>; তুল. *হি.* বহতা}

বহন [বহোন] *বি* ১ নিয়ে যাওয়া (মনুষ্য বহন উপযোগী)। ২ ধারণ; মস্তক পৃষ্ঠ স্কন্ধ ইত্যাদিতে ধারণ। ৩ সহন; সহ্যকরণ (এ দুঃখ বহন কর মোর মন—*রঠা*)। ৪ দায়িত্ব নির্বাহকরণ; বয়ে যাওয়া (গুরুদায়িত্ব বহন)। **বহনীয়** *বিণ* ১ বহনের উপযুক্ত; বহনযোগ্য। ২ ধারণযোগ্য। {*স.* √বহ্+অন(ল্যুট্)}

বহমান [বহোমান] *বিণ* ১ প্রবহমান; প্রবাহিত হচ্ছে এমন। ২ বহন করছে এমন। ৩ বহতা। {*স.* √বহ্+মান(শানচ্)}

বহয়ে (*পদ্য.*) [বহয়ে] *ক্রি* বহে; প্রবাহিত হয় (বহয়ে হিল্লোল—*বিপ*)। {*স.* √বহ্>}

বহর [বহর] *বি* ১ নৌকাশ্রেণি; জাহাজসমূহ; পোতশ্রেণি (সওদাগর বহর বেসাতি বুঝিতে গিয়াছেন—*দমি*)। ২ রণপোতশ্রেণি; নৌশ্রেণি; জলযানসমূহ; fleet (নৌবহর; বেদের নৌকার বহর যাইতেছেলি—*শাকা*)। ৩ ওসার; প্রসার; প্রস্থ; বিস্তার (মাথায় ছোটো বহরে বড়—*রঠা*)। ৪ ঘটা; জাঁকজমক; বাহার (বড় ঘরে হিংসা বিদ্বেষের বহরটাও বড় বেশী—*শেক*)। {*আ.* বাহ্‌র بحر }

বহরি [বহোরি] *বি* বাজপাখি (বহরির শিকার যেন জানওয়ারের পালে—*সৈহা*)। {*হি.* বহরী}

বহল (*ব্র.*) [বহল] অতিবাহিত হলো; বয়ে গেল (অরুণ পূরব দিশ বহল সগর নিশ—*বিপ*)। {*স.* √বহ্>}

বহলি ⇒ বহাল

বহস, বহাস ⇒ বাহাছ

বহা¹ ⇒ বওয়া

বহা² [বহা] *বি* বাহক; বহনকারী (দুলিচ বহা চলে শতে শতে)। {*স.* √বহ্+*বা.* আ}

বহানো, বহান [বহানো] *ক্রি* ১ প্রবাহিত করা। ২ বহন করানো। {*স.* বহ্+*বা.* আনো, আন}

বহাল, বাহাল [বহাল্, বাহাল্] *বি* ১ সুস্থ; অটুট। ২ নিযুক্ত (নতুন লোক বহাল করা—*অঠা*)। ৩ স্থায়ী (চাকুরিতে বহাল থাকিবে—*রাম*)। ৪ বজায় (সুবর্ণবাবু শুভ্রার প্রসঙ্গ বাহাল রেখে বললেন—*কেম*)। ৫ বলবৎ; প্রবর্তন; জারী (নতুন আইন বহাল করা)। ~**তবিয়ত** *বি* ১ সুস্থ শরীর; অটুট স্বাস্থ্য (বহালতবিয়তে শুয়ে শুয়ে তারা আরাম করুন গে—*মব*)। ২ নির্বিঘ্ন জীবন যাপন (বহাল-তবিয়তে থাকা)। **বহালি, বহলি** *বি* কর্মে নিয়োগ সম্বন্ধীয় (রাজত্বের বহালি ফরমান রাজা প্রতাপাদিত্যের নামে হইল—*রাম*)। □ *বিণ* স্থায়ী। {*ফা.* ব ب +*আ.* হাল حال }

বহি ⇒ বই¹ ও বই²

বহিঃ [বোহিহ্] *অব্য* বাহির। ~**স্থ**, ~**স্থিত** ⇒ বহিস্থ। ~**শুল্ক** ⇒ বহিশুল্ক। {*স.* বহিস্>}

বহিত্র [বোহিত্‌ত্রো] *বি* ১ নৌকা; জলযান; পোত (শুককে লইয়া বহিত্রে চড়িয়া চলি গেল চিতাওর—*সৈআ*)। ২ বৈঠা। ৩ দাঁড়। {*স.* √বহ্+ইত্র}

বহিন [বোহিন] *বি স্ত্রী.* ভগিনী; সহোদরা; বোন (তোমরা বহিন দোন বড় পাহলওয়ান—*সৈহা*)। ~**ঝি** *বি স্ত্রী.* বোনের কন্যা। ~**পো** *বি* বোনের পুত্র (গ্রামের সম্বন্ধে মোর হয় বহিন-পো—*ঘচ*)। {*স.* ভগিনী>*হি.* বহিন}

বহিরঙ্গ [বোহিরঙ্গো] *বিণ* ১ বাহ্য; বাইরের। অনাত্মীয়; আত্মীয়তাশূন্য। □ *বি* বাইরের অঙ্গ। {*স.* বহিঃ+অঙ্গ; *বহু*}

বহিরাগত [বোহিরাগতো] *বিণ* ১ বাহির থেকে আগত। ২ বাহির বা বিদেশ থেকে আগত; immigrant। ৩ প্রকাশিত। **বহিরাগমন** *বি* বাইরে আসা; প্রকাশমান হওয়া; প্রকাশিত হওয়া। {*স.* বহিঃ+আগত; *বহু*}

বহিরাবরণ [বোহিরাবোরন] *বি* ১ বাহ্য আবরণ; খোলস। ২ দেহ ঢাকার আচ্ছাদন। ৩ পোশাক। {*স.* বহিঃ+আবরণ}

বহিরিন্দ্রিয় [বোহিরিনদ্রিয়ো] *বি* চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক—এই পঞ্চ ইন্দ্রিয়। {*স.* বহিঃ+ইন্দ্রিয়; *মধ্য.*}

বহির্গত [বোহির্গতো] *বিণ* ১ বাইরে আছে বা বের হয়েছে

এমন। ২ নির্গত। ৩ উদ্গত। **বহির্গতা** *স্ত্রী* (সাধু বুদ্ধি বহির্গতা—*রঠা*)। {*স.* বহিঃ+গত}

বহির্গমন [বোহির্গমোন্] *বি* বাইরে যাওয়া; নির্গমন। {*স.* বহিঃ+গমন; ৭তৎ}

বহির্জগৎ [বোহির্জগোত্] *বি* ১ বাইরের জগৎ; দৃশ্যমান জগৎ। ২ জড় জগৎ। {*স.* বহিঃ+জগৎ; *মধ্য.*}

বহির্দেশ [বোহিরদেশ্] *বি* বাইরের দিক; বাইরের অংশ। {*স.* বহিঃ+দেশ; *মধ্য.*}

বহির্দ্বার [বোহিরদার্] *বি* তোরণ; ফটক; সদর দরজা। {*স.* বহিঃ+দ্বার; *মধ্য.*}

বহির্বাটী [বোহির্বাটি] *বি* বৈঠকখানা; বাহির বাড়ি। {*স.* বহিঃ+বাটী; *মধ্য.*}

বহির্বাণিজ্য [বোহির্বানিজ্‌জো] *বি* ভিন্ন দেশের বা বিদেশের সাথে বাণিজ্য। {*স.* বহিঃ+বাণিজ্য}

বহির্বাস [বোহির্বাশ্] *বি* ১ সন্ন্যাসী বৈষ্ণবরা কৌপীনের উপর যে বস্ত্র পরিধান করে (কটিতটে ডোর ধরি তাহাতে কপীন পরি বহির্বাসে করি আচ্ছাদন—*ভারা*)। ২ উত্তরীয় বস্ত্র। {*স.* বহিঃ+বাস; *মধ্য.*}

বহির্ভাগ [বোহির্ভাগ্] *বি* বাইরের অংশ; বহির্দেশ; বাইরের দিক। {*স.* বহিঃ+ভাগ}

বহির্ভূত [বোহির্ভুতো] *বিণ* ১ বহির্গত। ২ বাইরে অবস্থিত; বহিঃস্থ। {*স.* বহিঃ+ভূত}

বহির্মুখ [বোহির্মুখ্] *বিণ* ১ বাইরের দিকে মুখ করে আছে এমন। ২ বাহ্য বিষয়ে আসক্ত; বিষয়াসক্ত। ৩ বিমুখ; পরাঙ্মুখ। **বহির্মুখা, বহির্মুখী** *স্ত্রী*। {*স.* বহিঃ+মুখ}

বহিশুল্ক, বহিঃশুল্ক [বোহিশুল্‌কো, বোহিশ্–] *বি* পণ্য আমদানি-রপ্তানির উপরে যে শুল্ক ধার্য করা হয়; custom's duty। {*স.* বহিঃ+শুল্ক; *মধ্য.*}

বহিশ্চর [বোহিশ্চর্] *বি* যে বাইরে ঘুরে বেড়ায়। {*স.* বহিঃ+চর; তৎ}

বহিষ্করণ, বহিষ্কার [বোহিশ্‌করোন্, –কার্] *বি* ১ দূরীকরণ; বিতাড়ন; বর্জন। ২ নির্বাসন। ৩ আবিষ্কার। ৪ নিষ্কাশন; বের করে দেওয়া। {*স.* বহিঃ+করণ, কার}

বহিষ্কৃত [বোহিশ্‌কৃতো] *বিণ* ১ বের করে দেওয়া হয়েছে এমন; বিতাড়িত। ২ দূরীকৃত। {*স.* বহিঃ+কৃত}

বহিষ্ক্রান্ত [বোহিশ্‌ক্রান্‌তো] *বিণ* ১ বের হয়ে গিয়েছে এমন। ২ বিদেশে নিষ্ক্রান্ত বা নির্বাসিত। {*স.* বহিঃ+ক্রান্ত}

বহিস্থ, বহিঃস্থ, বহিঃস্থিত [বোহিস্‌থো, –, –থিতো] *বিণ* বাহ্য; বাইরে আছে এমন। {*স.* বহিঃস্থ, বহিঃস্থিত}

বহী (*মবা.*) [বোহি] *অব্য* বই; ব্যতীত (এ বাটে বহী—*বচ*)। {*স.* ব্যতীত>বহী}

বহু[১] [বোহু] *বিণ* ১ অনেক; প্রচুর; অধিক; বেশি; যথেষ্ট (বহু টাকা)। ২ নানা; নানাবিধ; বিবিধ (বহু লোক)। ৩ মহা; প্রকাণ্ড; বিশাল (বহু বলশালী)। ৪ দীর্ঘ (বহুকাল)। ৫ একের অধিক, একাধিক (বহুবিবাহ)। ৬ অতি; খুব; অতিশয়; অত্যন্ত (বহু কষ্ট)। **–কেলে** *বিণ* বহুকালের; প্রাচীন; সেকেলে (এ-রকম রচনাপ্রণালী অত্যন্ত বহুকেলে—*রঠা*)। **–জ্ঞ** *বিণ* ১ বহুবিষয়বিদ; অনেক বিষয় জানে এমন। ২ বহুদর্শী। ৩ অভিজ্ঞ; জ্ঞানী। **–ত** *বিণ* অনেক; বিস্তর; প্রভূত (বহুত মিনতি করি তোয়–*বিগু*)। **–ত/তঃ** *ক্রিবিণ* অনেক প্রকারে। **–তর** *বিণ* ১ আরও বেশি। ২ বহু, অনেক; প্রচুর (দাসদাসী ছিল সঙ্গে সৈন্য বহুতর—*ভারা*)। ৩ অত্যধিক; অত্যন্ত। ৪ বহু প্রকার; বিবিধ। **–তা, –ত্ব** *বি* আধিক্য। **–ত্বক** *বিণ* বহু স্তরবিশিষ্ট। **–ত্র** *অব্য* বহু স্থলে; অনেক স্থানে; অনেক ক্ষেত্রে। **–দর্শী**(–শিন্) *বিণ* ১ বিচক্ষণ; অভিজ্ঞ; অনেক কিছু দেখেছে এমন। ২ অনেক কিছু সম্পর্কে অভিজ্ঞ। ৩ দূরদর্শী। **–দর্শিতা** *বি*। **–দর্শিনী** *বিণ স্ত্রী*। **–দূর** *বি* অনেক দূর; বহু ব্যবধান (বহুদূর থেকে তাকে এখানে আসতে হয়)। □ *বিণ* ১ অনেক দূর অবস্থিত (বহু দূরদেশ)। ২ যথেষ্ট বা অত্যন্ত দীর্ঘ (বহুদূর পথ)। **–দোষ** *বি* অনেক দোষ; বহু দোষযুক্ত। **–ধা** *অব্য* অনেক প্রকারে; বিভিন্ন দিকে; বহু ভাগে (বহুধাবিভক্ত)। **–ধার** *বিণ* অনেক ধারাবিশিষ্ট। **–পত্নীক** *বিণ* একাধিক বা অনেক পত্নী আছে এমন; অনেক বিবাহ করেছে এমন। **–পর্ণা** *বি* ছাতিম গাছ। **–পুত্রবতী** *বিণ* বহু পুত্রের মাতা। **–পুষ্প** *বি* নিমগাছ। □ *বিণ* বহু পুষ্পযুক্ত। **–প্রজ** *বি* শূকর। □ *বিণ* অনেক সন্তান হয় এমন। **–প্রসবিনী** *বিণ স্ত্রী* অনেক সন্তানের জন্মদান করেছে এমন; অনেক সন্তান হয়েছে এমন। **–বচন** *বি* (*ব্যা.*) একের অধিক ব্যক্তি বস্তু বা বিষয়বাচক শব্দ। **–বল** *বি* যার প্রচুর শক্তি বা সৈন্য আছে। **–বল্লভ** *বি* ১ বহু রমণী বা নায়িকার প্রিয়। ২ শ্রীকৃষ্ণ। **–বল্লভা** *বি স্ত্রী*। **–বিদ, –বিৎ** *বিণ* অনেক বিষয়ে জানে এমন। **–বিধ** *বিণ* অনেক রকম; নানা প্রকার। **–বিবাহ** *বি* একাধিক পত্নী গ্রহণ (বহুবিবাহ প্রথা সমর্থন করা উচিত নয়)। **–বিস্তীর্ণ** *বি* দূর পর্যন্ত প্রসারিত। **–বীজ** *বি* যে ফলে অনেক বীজ থাকে। **–বেত্তা** *বিণ* ১ বহুবিদ। ২ অনেক বিষয়ে জানে এমন; বহুদর্শী। ৩ অভিজ্ঞ। **–ব্যয়ী** *বি* অমিতব্যয়ী; যে অত্যধিক খরচ করে। **–ব্রীহি** *বি* ১ বহুশস্যবিশিষ্ট। ২ (*ব্যা.*) সমাস বিশেষ; যে সমাসে দুই বা বহুপদ দ্বারা সমাস হয়ে সমাসঘটিত পদগুলোকে না বুঝিয়ে অন্য কোনো পদ বা বস্তুকে বুঝায় (দশানন; পীতাম্বর)। **–ভঙ্গিম** *বিণ* বহু প্রকার অভিব্যক্তি আছে এমন (প্রতিভাবলে একতরফা একঝোঁক সমজদার বহুভঙ্গিম—*মোচৌ*)। **–ভাগ, –ভাগ্য** *বিণ* অতিশয় ভাগ্যবান। ২ অত্যন্ত সদয় বা অনুকূল অদৃষ্ট। **–ভাগী** *স্ত্রী*। **–ভাষী**(–ষিন্) *বিণ* ১ অনেক ভাষাবিদ; বহু ভাষাভিজ্ঞ; বিভিন্ন ভাষায় কথা বলে এমন। ২ বেশি কথা বলে এমন; বাচাল। **–ভাষিণী** *স্ত্রী*। **–ভুজ** *বিণ* ১ বহু বাহুবিশিষ্ট। ২ (*জ্যা.*) চারটির বেশি বাহু আছে যে ক্ষেত্রের; polygon। **–ভোজী** *বিণ* যে প্রচুর খায়। **–মঞ্জরি** *বি* তুলসী; যে গাছে বহু মুকুল হয়। **–মত** *বিণ* অতি সমাদৃত; অত্যন্ত সম্মানিত। **–মান** *বি* অত্যন্ত সমাদর; প্রভূত সম্মান ও গৌরব। **–মানাস্পদ** *বি* অতিশয় মাননীয় ব্যক্তি বা সম্মানের পাত্র। **–মাত্রিক** *বিণ* বহু ব্যঞ্জনা বা তাৎপর্য সম্পন্ন। **–মার্গ** *বিণ* অনেক পথওয়ালা; অনেক পথযুক্ত। **–মুখ, –মুখী** *বিণ* ১ অনেক মুখযুক্ত। ২ যার নানাদিকে মুখ বা প্রবণতা। ৩ বিভিন্ন বিষয়ে দক্ষতা (বহুমুখী প্রতিভার অধিকারী)। **–মূত্র** *বি* রোগ বিশেষ; মধুমেহ; যে রোগে বার বার প্রস্রাব হয় ও

প্রস্রাবের সঙ্গে শর্করা নির্গত হয়। ~**মূর্তি** *বিণ* অনেক মূর্তিবিশিষ্ট। ☐*বি* হিন্দুদেবতা শিব; বিষ্ণু। ~**মূল**, ~**মূলক** *বি* ১ ঘাসবিশেষ। ২ বটবৃক্ষ। ☐*বিণ* বহুমূল-বিশিষ্ট; অনেক শিকড়যুক্ত। ~**মূল্য** *বিণ* অতিশয় দামি; মহার্ঘ; মূল্যবান; গভীর অর্থপূর্ণ। ~**রন্ধ্র** *বি* অনেক ছিদ্রবিশিষ্ট। ~**রাশিক** *বিণ* অনেক রাশিযুক্ত। ~**রূপ** *বিণ* নানান রকম; বিভিন্ন প্রকার; নানারূপ। ~**রূপী** *বি* কাঁকলাস; গিরিগিটি। ☐*বিণ* নানা রূপ ধারণ করে এমন; বহু রূপে সেজে লোকের চিত্ত বিনোদন করে এমন। ~**শ**, ~**শঃ** *অব্য* ১ অনেকবার। ২ নানাভাবে। ~**শত্রু** *বি* চড়ুই পাখি। ☐*বিণ* অনেক শত্রু বিশিষ্ট। ~**শাখ** *বিণ* অনেক ডালযুক্ত। ~**শিখ** *বিণ* অনেক শিখাবিশিষ্ট। ~**শ্রুত** *বিণ* অনেকবার বেদাদি শ্রবণ করেছেন এমন; সুপণ্ডিত। ~**সন্ততি** *বি* বেউড় বাঁশ। ☐*বিণ* অনেক সন্তানযুক্ত। ~**স্বামিক** *বি* যার অনেক প্রভু বা মালিক। {*স.* √বংহ্+ উ(কু)}

বহু² (*ব্র.*) [বোহু] *ক্রি* বহে; প্রবাহিত হয়; বহুক (মলয় পবন বহু মন্দা—*বিপ*)। {*স.* √বহ্>}

বহু³ (*মবা.*) [বোহু] *বি* বধূ। {*স.* বধূ>}

বহুড়ি, বহুড়ী [বোহুড়ি] *বি* বালিকা বা যুবতী বধূ; বউড়ি (কার বহুড়ি বাসন মাজে—*সদ*)। {*স.* বধূটী>}

বহুত, বহুৎ [বোহুত] *বিণ* ১ অনেক; প্রচুর (তাহাদের বহুত ভাল করিব—*রাম*)। ২ অনেক ভালো (সৈয়দ সাহেব একখানা বহুৎ উমদা গল্প পেশ করেছেন···*সৈমু*)। {*হি.* বহুত}

বহুনি, বহুনী ⟹ বউনি

বহুল¹ [বোহুল্] *বিণ* ১ অনেক; প্রচুর; পর্যাপ্ত। ~**তা**, ~**ত্ব**, **বাহুল্য** *বিণ*। {*স.* বহু+√লা+অ(ক)}

বহুল² [বোহুল্] *বিণ* ১ কালো বর্ণযুক্ত। ২ কালো রং; কৃষ্ণপক্ষ। **বহুলা** *বি স্ত্রী.* গরু; কৃত্তিকা নক্ষত্র। {*স.* বহু+√লা+অ(ক)}

বহুলীকরণ [বোহুলিকরন্] *বি* গুণন; যা বহু ছিল না তাকে বহু সংখ্যকে পরিণত করা। **বহুলীকৃত** *বিণ*। {*স.* বহুল+ঈ(চ্বি)+করণ}

বহেড়া, বয়ড়া [বহেড়া, বয়ড়া] *বি* আয়ুর্বেদশাস্ত্রে ঔষধরূপে ব্যবহৃত কষায় স্বাদবিশিষ্ট ফল (আমলকী হরীতকী ও বয়ড়া মিলে তৈরি হয় ত্রিফলা)। {*স.* বিভীতক>*প্রা.* বহেড়অ>}

বহ্নি [বোন্‌হি] *বি* ১ অগ্নি; আগুন (বহ্নিশিখা)। ২ যজ্ঞাগ্নি। ৩ জঠরাগ্নি। ~**কোণ** *বি* অগ্নিকোণ। ~**গর্ভ** *বি* বাঁশ। ~**গর্ভা** *স্ত্রী.*। ~**জ্বালা** *বি* ১ অগ্নিশিখা; আগুনের আঁচ বা তাপ। ২ (*আল.*) হৃদয়ের জ্বালা; মনের যন্ত্রণা। ~**বিবিক্ষু** *বিণ* আগুনে ঝাঁপ দিবার জন্য ব্যাকুল। ~**ভোগ্য** *বি* ঘৃত। ~**মন্থ** *বি* ১ যা ঘর্ষণ করলে অগ্ন্যুৎপাত হয়। ২ বহ্নি সৃষ্টিকারী বৃক্ষ। ~**মিত্র** *বি* বায়ু। ~**মুখ** *বি* ১ অগ্নি যাদের মুখ; দেবতা। ২ বহ্নিবিবিক্ষু (যেন পতঙ্গ বহ্নিমুখ)। ~**সংস্কার** *বি* মৃতদেহ দাহ; শবদাহ। ~**সখ**, ~**সখা** *বি* বায়ু। {*স.* √বহ্+নি}

বহ্বাড়ম্বর [বওভাড়ম্‌বর্] *বি* অত্যন্ত ঘটা ও জাঁকজমক। {*স.* বহু+আড়ম্বর; *কর্মধা.*}

বহ্বারম্ভ [বওভারম্‌ভো] *বি* ১ বহু আড়ম্বরযুক্ত আরম্ভ। **বহ্বারম্ভে লঘুক্রিয়া**—বহু সমারোহে আরম্ভ করা কাজের অত্যন্ত সামান্য ফল (অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘুক্রিয়া॥ (সংস্কৃত প্রবাদ)—অর্থাৎ ছাগলের যুদ্ধ, মুনিঋষির আয়োজিত শ্রাদ্ধ, প্রভাতকালীন মেঘের আনাগোনা এবং স্বামীস্ত্রীর ঝগড়া প্রভৃতিতে প্রাথমিক সমারোহ থাকলেও বাস্তবে নিষ্ফল)। {*স.* বহু+আরম্ভ}

বহ্বাশী [বওভাশি] *বি* বহুভোজী। {*স.* বহু+√অশ্+ইন্(ণিনি)}

বহ্বাস্ফোট [বওভাশ্‌ফোটো] *বি* আস্ফালন; বাহুল্য; পাঁয়তারা কষা। {*স.* বহু+আস্ফোট; *কর্মধা.*}

বা¹ [বা] *অব্য* ১ বিকল্প; অথবা (যাও বা না যাও; তোমাকেই বা কেমন করে বলি)। ২ পাদপূরণে (আমি নাই বা গেলাম বিলাত—*রঠা*)। ৩ আরও (কত বা আদর; কত বা সোহাগ)। ৪ সম্ভাবনাসূচক; সন্দেহবাচক (হবেও বা)। ৫ প্রশ্নবাচক (তুমিই বা গেলে না কেন?)। ৬ সন্দেহস্থলে নিশ্চয়ার্থজ্ঞাপক (কেনই বা হবে না)। ৭ বিস্ময় বিরক্তি ইত্যাদি জ্ঞাপক (বারে! তামাশা!)। ৮ বেশ; চমৎকার (বা বা বেশ হচ্ছে)। {*ফা.* বা با ; *স.* √বা+ক্বিপ্}

বা², বাঃ [বা] *অব্য* বিস্ময় ও আপত্তিসূচক; আশ্চর্য ও অসম্মতিজ্ঞাপক (বা তা কি হয়?)। {*স.* √বা+ক্বিপ্}

বা³ (*মবা.*) [বা] *বি* বাতাস (গিরীষির বা—*বিপ*)। {*স.* বাত>}

বাঅ (*মবা.*) [বাঅ] *বি* বায়ু (লইত চামরর বাঅ—*রাপ*)। {*স.* বাত>}

বাঅন (*মবা.*) [বাঅন] *বিণ* ৫২; বায়ান্ন। {*স.* দ্বাপঞ্চাশৎ>}

বাআদাব [বায়াদাব] আদব বা সম্মানের সাথে (হাকিম সাহেব মাথা নওয়াইয়া দক্ষিণ হাত উঠাইয়া বাআদাব বলিলেন, খোদাবন্দ আদাব—*মীম*)। {*ফা.* বা با + *আ.* আদাব آداب}

বাই¹ [বাই] *বি* ১ রোগবিশেষ; বায়ুরোগ। ☐*বিণ* ১ বাতিক; ছিট; পাগলামি (শুচিবাই, শুচিবাইগ্রস্ত)। ২ প্রবল শখ; প্রচণ্ড ঝোঁক; নেশা; প্রবল আসক্তি (খেলার বা পড়ার বাই)। {*স.* বায়ু>}

বাই², বাঈ [বাই] *বি* ১ সম্ভ্রান্ত মহিলার নামের শেষে সম্মানসূচক শব্দ—মহারাষ্ট্র, গুজরাট, রাজপুতনা প্রভৃতি অঞ্চলে ব্যবহৃত (লক্ষ্মী বাই)। ২ পেশাদার গায়িকা; নর্তকী। {*স.* ভগিনী>বহিনী>}

বাইক ⟹ সাইকেল

বাইচ, বাইছ [বাইচ্, ~ছ্] *বি* প্রতিযোগিতামূলক নৌকাচালনা (কতগুলি লোক বাইচ খেলিবার আয়োজন করিতেছে—*শহ*)। {*স.* বাজী>বাজি>বাইচ(?)}

বাইচালি (*মবা.*) [বাইচালি] *বি* কৌতুকজনক খেলা (শ্যাম প্রিয়ায় বাইচালি খেলায়—*পূগী*)। {বাইচ+আলি}

বাইজ (*আঞ্চ.*) [বাইজ্] *বি* বাজনা (বাইজ বাজনার পাটিত—*মাগান*)। {*স.* বাদ্য>বাদ্দ>বাজ্জ>}

বাইজি, বাইজী [বাইজি] *বি* পেশাদার সম্ভ্রান্ত বা উচ্চশ্রেণির নর্তকী (বাইজী আসরটি মাত করে দিয়েছিল)। {বাই+জি, জী}

বাইটা ⇒ বেঁটে
বাইড়ান ⇒ বেড়েন
বাইতি [বাইতি] *বি* হিন্দুসমাজের ঢোল-বাদক জাতি। {*স.* বাদিত্রী>}
বাইদ [বাইদ] *বি* বাদা; বন; নাবাল জমি; low land (শরিফের বাইদ তদারক করিয়া আসিতে রোজ তার দুই ঘণ্টা লাগে—*আমজা*)। {*আ.* বাইত بيت }
বাইন[১] [বাইন্] *বি* ১ রস জ্বাল দেওয়ার বৃহৎ চুল্লি বা স্থান (কিছু শুকনো কাঠ আমার বাইনে রেখে আসবি)। ২ ভিয়ান; জ্বাল দিয়ে প্রস্তুতকরণ (গুড় বাইন করবো বলে মনে করেছি)। {*স.* ভর্জন>ভিয়ান>}
বাইন[২], **বাইম** [বাইন্, -ম্] *বি* সর্পাকৃতি মাছবিশেষ; বাইন বা বাইম মাছ (সে বড় একটি বাইন ধরেছে)। {*স.* বর্মি>বাইম>বাইন}
বাইন[৩] [বাইন্] *বি* চাষবাস; বীজবপন (নাবি বাইন)। {*স.* বপন>বাইন}
বাইন[৪] [বাইন্] *বি* ১ বাহানা; বায়না; আবদার (পুত্র মতিলাল বাল্যাবস্থা অবধি আদর পাইয়া সর্বদাই বাইন করিত—*প্যামি*)। ২ অভ্যাস। {*আ.* বয়ানহ্ بيانه }
বাইবেল [বাইবেল্] *বি* খ্রিস্টানদের সর্বপ্রধান ধর্মগ্রন্থ। {*ই.* Bible}
বাইর = বাহির।
বাইল [বাইল্] *বি* ১ তাল নারকেল প্রভৃতির শাখা। ২ কপাটের একদিকের পাল্লা বা বাহু। ৩ বৃক্ষবিশেষ। {*স.* পালি>পাইল>বাইল}
বাইশ [বাইশ্] *বি, বিণ* দুই অধিক বিংশতি; দ্বাবিংশ; ২২ সংখ্যা বা সংখ্যক। **বাইশে, বাইশা** *বিণ* ২২ সংখ্যার পূরক; মাসের বাইশ তারিখ (বাইশে শ্রাবণ)। {*স.* দ্বাবিংশ>}
বাইস[১], **বাস** [বাইশ্, বাশ্] *বি* ক্ষুদ্র কোদালের মতো ছুতারের একটি অস্ত্র। {*স.* বাসি>}
বাইস[২] [বাইশ্] *বি* পাকসাঁড়াশি; কোনো বস্তু এঁটে ধরবার জন্য ব্যবহৃত এক প্রকার যন্ত্র। **-ম্যান** *বি* পাকসাঁড়াশি ব্যবহারকারী শ্রমিক; viceman। {*ই.* vice}
বাইসিকল, বাইসাইকেল ⇒ সাইকেল
বাঈ ⇒ বাই
বাউ [বাউ] বায়ু। {*স.* বায়ু>}
বাউই ⇒ বাবুই
বাউকুড়ানি [বাউকুড়ানি] *বি* ছোট আকারের ঘূর্ণিবায়ু (ধূঁয়া তারি উড়ছে ধূলোয় বাউকুড়ানীর ঠেলায়—*জউ*)। {*স.* বায়ু>বাউ+*বা.* কুড়ানী}
বাউটা, বাওটা [বাউটা, বাওটা] *বি* বাতাসের মতো দ্রুতগামী বাওটা নামক একপ্রকার হরিণ (বার শিঙ্গা বাউটাদি কস্তুরী তুনারু—*ভারা*)। {*স.* বাতায়ু>}
বাউটি, বাউটী [বাউটি] *বি* বলয়জাতীয় অলঙ্কার (দুলে উঠবে তার বাউটী বাজু ঝুমকো—*মাখা*)। {*স.* বাহুত্রাণ>}
বাউণ্ডুলে [বাউন্‌ডুলে] *বিণ* ১ ছন্নছাড়া; ভবঘুরে; পথে পথে ঘুরে বেড়ায় এমন (বাউণ্ডুলের আত্মকাহিনী—*নই*)। ২ ছলনা; প্রহসন; মিথ্যা (বিয়ে না বাউণ্ডুলে?—*অচিসে*)। **-পনা, বাউণ্ডুলিপনা** *বি* ছন্নছাড়ার ভাব; খারাপ কাজে মেতে থাকা (তোমরা এ-রকম বাউণ্ডুলীপনা করতে গিয়েছিলে কেন?—*সৈমু*)। {*স.* বায়ু>বাউ; অথবা, *স.* বাতুল>বাউণ্ডুলে}
বাউনি [বাউনি] *বি* ১ লক্ষ্মীকে গৃহে অচলা করবার পৌষ-পার্বণ বিশেষ (বাউনি বাঁধিয়া—*ইগু*)। ২ যাতে ভর করে লাউ লতাদি উঠতে পারে এমন ডালপাতা বা কাঠি। {*স.* বন্ধনী>}
বাউন্ডারি [বাউন্‌ডারি] *বি* চতুর্দিকের সীমানাচিহ্ন (বাংলাদেশের বাউন্ডারি)। {*ই.* boundary}
বাউরা [বাউরা] *বিণ* ১ পাগল; ক্ষ্যাপা; উদাসীন (বাঞ্চৎ বাউরা হ্যায়—*দীমি*)। ২ বাতুল; অভিলাষী (গৌরব করয়ে বাউরা নিশ্চিত—*সৈআ*)। {√*স.* বাতুল>}
বাউরি, বাউরী [বাউরি] *বি* ১ হিন্দু জাতিবিশেষ (বাউরী, চামার, কাওরা, তেওর, পাটনী, কোটাল, কপালী, মালো—*সদ*)। ২ মাতাল; দুরন্ত (কলাবনের বাউরি বাতাস—*জউ*)। ৩ উন্মাদিনী (হইলা বাউরী নারী—*চদা*)। {*স.* বাতুল>বাউল>বাউর+*বা.* ই, ঈ}
বাউল [বায়ুল্] *বি* ১ ধর্ম বা সাধক সম্প্রদায়বিশেষ; একটি গায়ক সম্প্রদায় (এই ভাবধারার পূর্ণতর অভিব্যক্তি ঘটেছে বাউলগানে—*আনিস*)। ২ সঙ্গীতের সুরবিশেষ ('কোথায় গেলে শুনতে পাব বাউলসুরে মধুর গান?')। ৩ পাগল; ক্ষ্যাপা (ভুজঙ্গে দংশিল ছলে হইয়া মূর্ছিত আউল করএ কেশ বাউল চরিত—*দৌবা*)। {*স.* বৌদ্ধ তান্ত্রিক বজ্রীকুল>বজ্জীউল>বাজুল>বাউল; বাতুল>;}
বাউলি, বাউলী [বাউলি] *বি* ১ জনশূন্যস্থান (যুঝেছিল অগণিত কাফেরের সনে বাউলি প্রান্তর মাঝে ভীষণ বিক্রমে—*কায়*)। ২ বন্ধনের হাঁড়ি ধরবার বেড়ি। **- দিয়ে আসা** *ক্রি* ঘুরে আসা; ছলছুতা করে ঘুরে আসা। **~মারা** *ক্রি* চালাকির সঙ্গে বা ফাঁকি দিয়ে এড়িয়ে যাওয়া। {*স.* বলয়>}
বাউস [বায়ুশ্] *বি* রুই জাতীয় মৎস্যবিশেষ—রং কালচে বলে কালো বা কালি বাউস নামেও পরিচিত। {*স.* রাগুস>}
বাও [বাও] *বি* ১ বাতাস; বায়ু (এয়ছা জোরে বাও ভরে ফুঁ দিল ওস্মর—*সৈহা*)। ২ ভূত প্রেতাদি অপদেবতার প্রভাব। ৩ দূষিত গ্রন্থিস্ফীতিবিশেষ; বাগি। {*স.* বাত>}
বাওটা [বাওটা] *বি* নৌকাদির পাল (কি হইব লাল বাওটা তুইল্যা সাম্পানের উপর—*নই*)। {*স.* বাত>বাও+টা}
বাওড়ি [বাওড়ি] *বিণ* উপাসী; উদভ্রান্ত (বেহুশ বেহালে; বাওড়ী খেয়ালে; তালাশ করিতে ছুটে—*সৈহা*)। {*স.* বাতুল>}
বাওয়া[১] [বাওয়া] *বিণ* জ্রণশূন্য; বাঁকা; শাবক উৎপাদনে অসমর্থ (বাওয়া ডিম)। {*স.* ব্যর্থ>বাথ>বাও(?)+আ}
বাওয়া, বাহা[১] [বাওয়া, বাহা] *ক্রি* ১ নৌকা চালানো; পানি ঠেলে নিয়ে যাওয়া (কোন্ দিকে রে বাইব তরী, অকূল কালো নীরে—*রঠা*)। ২ অতিক্রম করা; চলা; উপরে ওঠা (পথ বাওয়া, সিঁড়ি বাওয়া)। ৩ প্লাবিত করা; ভাসানো (দুকূল বাহিয়া উঠে পড়ে ঢেউ—*রঠা*)। ৪ উপচানো (যাহা বাহিয়া পড়ে তাহা দরিদ্রকে দিবে না কেন—*বচ*)। {*স.* √বহ্+ণিচ্=√বাহ্>বা+আ, য়-শ্রুতি; *ক্রিয়ারূপ*—বাই,

বাও, বায়, বান, অক্রি—বাইতে, বাইলে, বাইয়ে ইত্যাদি}

বাওয়ালি, বাওয়ালী [বাওয়ালি] *বি* ১ যিনি বাঘকে বশ করার মন্ত্র জানেন (আমাদের পবন বড় জবরদস্ত বাওয়ালী—*শেহ*)। ২ সুন্দরবন থেকে কাঠ, মধু ইত্যাদি সংগ্রহ করে জীবিকা নির্বাহ কারী। {বনওয়ালী৮(?)}

বাংগি, বাঙ্গি, বাঙ্গী[১] [বাঙ্‌গি] দুদিকে শিকাতে ভার বইবার বাঁক। ~**দার** *বি* বাঙ্গিতে ভার বহনকারী; ভারবাহক। { *ওরাওঁ* বাংগী; *স.* বিহঙ্গিকা>}

বাংগি[২], **বাঙ্গি**[২] [বাঙ্‌গি] *বি* পাকলে ফেটে যায় এমন শশাজাতীয় ফলবিশেষ। { *আঞ্চ., অমূ.* }

বাংলা[১], **বাঙলা, বাঙ্গালা** [বাঙ্‌লা, –, বাঙ্‌গালা] *বি* ১ বঙ্গদেশ (বাংলার মাটি বাংলার জল)। ২ বঙ্গভাষা (বাংলায় লেখা)। □ *বিণ* বঙ্গভাষায় লিখিত (বাংলা বই)। { *ফা.* বঙ্গালাহ্ بنگاله }

বাংলাদেশ [বাঙ্‌লাদেশ] *বি* ১ স্বাধীন সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ; ব্রিটিশ ভারতের পূর্ববঙ্গ বা সাবেক পূর্ব পাকিস্তান। ২ বঙ্গদেশ। **বাংলাদেশি, বাংলাদেশী** *বি* বাংলাদেশের নাগরিক। { *স.* বঙ্গ>; *তুল. তিব্বতি.* বন্‌জ্(জলাভূমি)>; *ফা.* বঙ্গালহ্ بنگاله }

বাংলো[১], **বাংলা**[২], **বাঙলা** [বাঙলো, –লা, –] *বি* ১ চওড়া বারান্দাযুক্ত এক তলা বাড়িবিশেষ; বিশেষ আদলে তৈরি বাড়ি। ২ গ্রাম বাংলার সম্পন্ন গৃহস্থের বাইরের বৈঠকখানা। ৩ পদস্থ চাকুরেদের সরকারি বাসগৃহ। ৪ মফস্বল পরিদর্শনকালে চাকুরেদের বিশ্রাম ও অবস্থান গৃহ। { *হি.* বাংলা> *ই.* **bungalow**>}

বাঃ [বাহ্] *অব্য* ১ বাহবা। ২ প্রশংসা প্রভৃতি। ৩ বিস্ময়সূচক (বাঃ, তোমার হাতের লেখা তো খুব সুন্দর !; বাঃ, এই বয়সে বিড়ি খাওয়াও শিখে ফেলেছে)। { *হি* ব্বাহ্}

বাঁ, বাঁও [বাঁ, বাঁও] *বি, বিণ* দক্ষিণের বিপরীত; দক্ষিণেতর; বাম (বাঁদিকের পথ দিয়ে সোজা চলে যাও)। { *স.* বাম>}

বাঁই বাঁই [বাঁইবাঁই] *ক্রিবিণ* সোঁ সোঁ করে; বোঁ বোঁ করে (তাকে কাঁধের উপর তুলে নিয়ে বাঁই বাঁই করে ঘুরল ঝাড়া দশমিনিট—*সৈমু*)। { *ধ্বন্যা.* }

বাঁইয়া [বাঁইয়া] *বিণ* ন্যাটা; বাম হস্তে কার্য সম্পাদনকারী। { *স.* বাম> *বা.* বাঁ+ইয়া}

বাঁও[১] ⇒ বাঁ

বাঁও, বাম [বাঁও, বাম্] *বি* সাড়ে তিন (বা চার) হাত পরিমিত গভীরতা। □ *বিণ* ঐরূপ পরিমাণ বিশিষ্ট (দশ বাঁও পানির নীচে)। { *স.* ব্যাম>}

বাঁওড় [বাঁয়োড়্] *বি* ১ নদীর বাঁক (সেদিন বাঁওড়ের ধারে বেড়াইতে গিয়া পাকা বটফলের গন্ধে অনেকদিনের একটি স্মৃতি মনে উদয় হইয়াছিল—*বিব*)। ২ নদীর মুখ যেখানে বেঁকে স্রোত বন্ধ হয় (নতিডাঙ্গার বাঁওড়ে কাহারা মাছ ধরিতেছে—*বিব*)। ৩ নিম্নভূমিতে সঞ্চিত পানি (পাবনী ফোয়ারা জাহ্নবী ধারা, বাঁওড়ের জল সাগরগামী—*সদ*)। ৪ বাদা। {বাঁক+মোড়>(?)}

বাঁক[১] [বাঁক্] *বি* ১ বাঁশের বাঁকা দণ্ড যার দুই প্রান্তে মালপত্র ঝুলিয়ে কাঁধে করে বহন করা হয়; ভার বওয়ার দণ্ড; ভরিয়াটি (যাহা মাথায় যাইতে পারে, বাঁকে লইতে পারে, তাহা নির্দিষ্ট করিয়া দেওয়ার ধুম পড়িয়া গেল—*মীম*)। ২ বক্রতা। ৩ নদী বা রাস্তার মোড়; নদী বা রাস্তা যেখানে বেঁকে যায় (রাস্তার বাঁকে সে দাঁড়িয়েছিল)। ৪ বাঁকানো বাদ্যযন্ত্র। ৫ নৌকার তলার বাঁকা কাষ্ঠখণ্ড। ~**নল** *বি* ফুঁ দিয়ে অগ্নিশিখা বাড়াবার জন্য ব্যবহৃত মুখবাঁকা নল; ফুঁকনি; blowpipe। ~**মল** *বি* পায়ের বক্রাকৃতি গহনাবিশেষ। { *স.* বঙ্ক>}

বাঁক[২] [বাঁক্] *বি* ১ মোরগের ডাক (মোরগে বাঁক দেওয়ার আগেই ঘুম থেকে উঠতে হবে)। { *স.* বঙ্ক(বাঁকা গলার কথা মনে রেখে?)>}

বাঁকা, বেঁকা [বাঁকা, ব্যাঁ–] *বিণ* ১ যা সোজা বা সিধা নয় (বাঁকা বাঁশ, বাঁকা রাস্তা)। ২ কুব্জ; ন্যুব্জ (বাঁকা পিঠ)। ৩ তির্যক; অসরল; কাত (খুঁটিখানা বাঁকা হয়ে গেছে)। ৪ চোরা; গোপন (বাঁকা চাহনি)। ৫ কুটিল; খল; কপট; চক্রী (বাঁকা মন)। □ *ক্রি* ১ বক্র হওয়া; ঘুরে যাওয়া (পথটা ওই দিকে বেঁকে গেছে)। ২ অসম্মত হওয়া; প্রতিকূল বা বিরোধী হওয়া (সে বেঁকে বসেছে)। **বাঁকা কথা** *বি* কুটিল কথা। **বাঁকাচোরা** *বিণ* আঁকাবাঁকা; বিভিন্ন দিকে বাঁকা (সে কি তাদের ভবিষ্যৎ জীবনের বাঁকাচোরা ছবি—*বুব*)। **বাঁকানো** *বি* বাঁকাকরণ। □ *বিণ* বাঁকাকৃত। □ *ক্রি* বাঁকা করা। **বেঁকে বসা, বাঁকিয়া বসা** *ক্রি* বক্রভাবে স্থাপিত হওয়া; পূর্বের মত বদল করা; দৃঢ়তার সাথে অসম্মত হওয়া। **আঁকাবাঁকা** *বিণ* সর্পিল; বহুবক্রতাযুক্ত। **ঘাড় বাঁকানো** *বি* প্রতিরোধের বা প্রতিবাদের ভাব দেখানো। { *স.* বঙ্ক>}

বাঁকারি, বাঁখারি ⇒ বাখারি

বাঁকুড়া [বাঁকুড়া] *বিণ* বাঁকা। □ *বি* পশ্চিম বঙ্গের একটি জেলা ও শহর। { *স.* বঙ্কুর>বাঁকুর>}

বাঁকুয়া [বাঁকুয়া] *বিণ* বাঁকা (বাঁকুয়া পাচনি হাতে—*জ্ঞাদা*)। { *স.* বঙ্ক>}

বাঁচন [বাঁচোন্] *বি* ১ প্রাণে বাঁচা; রক্ষা পাওয়া (বড় বাঁচন বেঁচে গেছি)। ২ জীবন লাভ; পুনর্জীবন প্রাপ্তি। ৩ নিষ্কৃতি বা মুক্তিলাভ; রেহাই পাওয়া। { *স.* √বঞ্চ্> *বা.* √বাঁচ্+অন}

বাঁচা [বাঁচা] *ক্রি* ১ জীবিত থাকা; প্রাণধারণ করা (বেঁচে আছি কোনো মতে)। ২ রক্ষা পাওয়া; নিষ্কৃতি বা পরিত্রাণ পাওয়া। ৩ উদ্বৃত্ত বা বাড়তি হওয়া (এক পয়সাও বাঁচে না)। ৪ না হওয়া বা ঘটা (খরচ বেঁচে গেছে)। ৫ বজায় থাকা; রক্ষিত হওয়া (মান বাঁচা)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**নো** *ক্রি* ১ জীবন দান করা; পুনর্জীবিত করা (এই খাবারটুকু দিয়ে তুমি আমাকে বাঁচিয়েছ)। ২ রক্ষা করা; বিপদ থেকে পরিত্রাণ বা নিষ্কৃতি দান করা (ঐ ভণ্ডটাকে তুমি মিথ্যে সাক্ষ্য দিয়ে বাঁচাতে গেলে কেন?)। ৩ উদ্বৃত্ত বা জমা করা (কত টাকা বাঁচিয়েছ?)। ৪ বজায় রাখা; রক্ষা করা (আমার চাকরিটা বুঝি আর বাঁচানো যায় না)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~**র মতো** ~ *ক্রি* যোগ্য জীবন ধারণ করা। **বাঁচোয়া** *বি* জীবনরক্ষা; রেহাই; নিস্তার; পরিত্রাণ (আমি যে তখন...আর্টিকেলড ক্লাক ছিলুম না, সেটা আমার বাঁচোয়া—*রঠা*)। **বেঁচে বর্তে থাকা** *ক্রি* কোনো রকমে অতি সাধারণভাবে বেঁচে থাকা।

{স. √বঞ্চ>বা. √বাঁচ+আ}

বাঁজা, বাঁঝা [বাঁজা, -ঝা] *বিণ স্ত্রী.* ১ বন্ধ্যা; সন্তান হয় না এমন (বাঁজায় জানে ছেলের বেদনা—*নই*)। ২ ফল ধরে না এমন গাছ। {স. বন্ধ্যা>}

বাঁট[১] [বাঁট] *বি* ছুরি তরবারি প্রভৃতির হাতল; ধারণদণ্ড (ছুরির বাঁট, ছাতার বাঁট)। {স. বণ্ট>; তুল. ই. butt}

বাঁট[২] [বাঁট্] *বি* গো-মহিষাদির বা পশুর স্তনের বোঁটা। {স. বণ্ট>}

বাঁটওয়ারা ⇒ বাটোয়ারা

বাঁটন [বাঁটোন্] *বি* বণ্টন; ভাগ; ভাগ করে বিতরণ। {স. বণ্টন>}

বাঁটা [বাঁটা] *ক্রি* বণ্টন করা; ভাগ করা; ভাগ করে বিতরণ করা। **বাঁটানো** *ক্রি* বণ্টন করানো। ~**বাঁটি** *বি* পরস্পরের মধ্যে বণ্টন; ভাগাভাগি (কোরবানির মাংস বাঁটাবাঁটির কাজ শেষ হয়ে গেছে)। {স. বণ্ট>}

বাঁটা[২] ⇒ বাটা

বাঁটুল ⇒ বাটুল

বাঁটোয়ারা ⇒ বাটোয়ারা

বাঁড়া [বাঁড়া] *বি (অশ্লীল)* পুরুষাঙ্গ; শিশ্ন। {স. বণ্ড>}

বাঁদর, বানর, বান্দর [বাঁদোর্, বানোর্, বান্‌দোর্] *বি* মর্কট; কপি; শাখামৃগ; এক প্রকার জন্তু। **বাঁদরী, বানরী** *বি স্ত্রী.*। ~ **নাচ** *বি* বাঁদরের নাচের মতো উৎকট নাচ; নাজেহাল অবস্থা; দুর্ভোগ (বিশ্বসংসার আমাকে বাঁদর নাচ না নাচিয়ে ছাড়বে না—*সৈমু*)। ~**মুখো** *বিণ* বাঁদরের মতো বিশ্রী মুখবিশিষ্ট। **বাঁদরামি, বাঁদরামো** *বি* শয়তানি; বানরপ্রকৃতি সুলভ আচরণ; বানরের মতো বিকট দুষ্টামি (অনেকে একে ফাজলামী বা বাঁদরামী বলেও অভিহিত করতে পারেন—*নই*)। **বাঁদরে** *বিণ* বানর সুলভ আচরণ; উৎকট দুষ্টামিযুক্ত (প্রকৃত বাঁদুরে হাঙ্গামে বাজারে নানারকম গান উঠলো—*কাসি*)। **বাঁদুরে বুদ্ধি** *বিণ* বানরের মতো দুষ্টামি বুদ্ধি (বাঁদুরে বুদ্ধি খুব আছে)। {স. বানর>}

বাঁদি [বাঁদি] *বি স্ত্রী.* ক্রীতদাসী; দাসী; ঝি; চাকরানি (বাঁদি বলে ফতনা বিবি ফুঁপায় খেলে বাঘা—*ঘচ*)। **বান্দা** *বি পু.*। {ফা. বান্দী بندی}

বাঁদিপোতা, বাঁদীপোতা [বাঁদিপোতা] *বি* বিভিন্ন রঙের ডোরাকাটা একপ্রকার বস্ত্র। {*হি* বান্দিপোতা}

বাঁধ [বাঁধ্] *বি* ১ বাধা; প্রতিবন্ধক; ব্যাঘাত। ২ জলের প্রবাহ রোধ করার জন্য আল বা প্রাচীর; ভেড়ি; dam (বাঁধ ভেঙে দাও, বাঁধ ভেঙে দাও—*রঠা*)। ৩ আটক (তার কোন বাঁধ নেই)। ৪ বন্ধন; আঁটসাঁট ভাব (নিছক শিল্পক্রিয়া থেকেই ঠিকঠাক ছন্দ সুর ছাদ-বাঁধ সমস্তই বেরিয়েছে—*অঠা*)। {স. বন্ধ>}

বাঁধন [বাঁধোন্] *বি* ১ বন্ধন; অবরোধ; আটক (আজ যেন বাঁধন কাটা পড়েছে—*রঠা*)। ২ বাঁধুনি; সুশৃঙ্খল বিন্যাস (কথার বাঁধন, গল্পের বাঁধন, লেখার বাঁধন)। ~ **ছাড়া** *ক্রি* বন্ধন ছিন্ন করা; মুক্ত হওয়া। ~-**ছাড়া** *বিণ* বন্ধন নেই এমন; বন্ধনহীন (আমি যে সেই বৈশাখী মেঘ বাঁধনছাড়া *রঠা*)। ~ **ছেঁড়া** *ক্রি* বন্ধন ছিন্ন করা। ~-**ছেঁড়া** *বিণ* বন্ধন ছিন্ন হয়েছে এমন (কাঁদন-ভরা বাঁধন-ছেঁড়া হাওয়া *রঠা*)। ~-**দার** *বি* যে গান বাঁধে বা রচনা করে। ~**হারা** *বিণ*। {স. বন্ধন>}

বাঁধনি, বাঁধুনি [বাঁধোনি, -ধু-] *বি* ১ বন্ধন; বাঁধাছাঁদা; গ্রন্থি (নিজ হাতে বাঁধা বাঁধনি—*রঠা*)। ২ শৃঙ্খল; সংহতি (কাজের বাঁধনি)। ৩ শৃঙ্খলাপূর্ণ বিন্যাস; সুসঙ্গত সৌষ্ঠব (অনেক কবিতাও দেখি যার বাঁধুনি চমৎকৃত করে কিন্তু মন টানে না—*অঠা*)। {স. বন্ধনী}

বাঁধা[১] [বাঁধা] *বি* বন্ধক; ঋণের জামিন হিসাবে যা গচ্ছিত রাখা হয় (জমি বাঁধা দিয়ে তবে টাকা পেলাম)। {স. বন্ধ>}

বাঁধা[২] [বাঁধা] *ক্রি* ১ বন্ধন করা; গিরা দেওয়া (জিনিসপত্র দড়ি দিয়ে বাঁধো)। ২ রচনা করা; ছন্দোবদ্ধ করা (গান বাঁধা)। □ *বিণ* ১ বদ্ধ; আটক। ২ বরাদ্দ; নির্ধারিত। ৩ নির্মাণ করা (বেড়া বাঁধা)। ৪ বন্দী করা; রোধ করা; থামানো (ট্রাম বাঁধা, নৌকা বাঁধা)। ৫ ঠিকঠাক করা (পাগড়ি বাঁধা, সেতার বাঁধা, তবলা বাঁধা)। ৬ দৃঢ় করা (বুক বাঁধা, গোড়া বাঁধা)। ৭ একত্র করা; সংহত হওয়া (দানা বাঁধা, জোট বাঁধা)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ বদ্ধ; বাঁধা; আটক (বাঁধা সংসারের ঘানিতে, বাঁধা খুঁটায়)। ২ বরাদ্দ; নির্ধারিত (বাঁধা মাইনে)। ৩ বদলানো যায় না এমন; অপরিবর্তনীয় (বাঁধা নিয়ম)। ৪ ইট সিমেন্ট প্রভৃতি দ্বারা পাকা করা (বাঁধা রাস্তা; বাঁধা ঘাট)। **বাঁধাই** *বি* ১ বাঁধার কাজ (বই বাঁধাই)। ২ বাঁধার পারিশ্রমিক (বাঁধাই বাবত দশ টাকা দিচ্ছি)। □ *বিণ* মজুদ; জমা; সঞ্চিত (গোলা ভর্তি ধান বাঁধাই আছে মোড়লের)। ~**কপি** *বি* সবজিবিশেষ; স্ফীতপত্র আহার্য কপিবিশেষ; *Brassica oleracea*। ~ **গৎ**, **বাঁধাবাঁধি** *বি* ১ অপরিবর্তনীয় নিয়ম। ২ নির্দিষ্ট কথা বা সুর। ~**ছাঁদা** *বি* শৃঙ্খলাবদ্ধভাবে বা গুছাইয়া বাঁধা। ~**ধরা** *বিণ* ১ পূর্ব থেকে নির্ধারিত আছে এমন। ২ নূতনত্ববর্জিত। **বাঁধানো** *ক্রি* ১ তৈরি বা নির্মাণ করানো; পাকা করানো (রফিকের আম্মার কবর বাঁধানো হয়েছে)। ২ লাগানো বা আবদ্ধ করা (ছবি বাঁধানো)। ৩ মোড়া; শোভিত করা (হীরা দিয়ে বাঁধানো)। ৪ সুসম্বদ্ধ করা (বই বাঁধানো)। ~**বাঁধি** *বি* সুনির্ধারিত; কড়া নিয়ম; নির্দিষ্ট; ধরাবাঁধা (এক মাসের মধ্যেই যে কাজটি শেষ করতে হবে এমন কোনো বাঁধাবাঁধি নেই)। ~ **রোশনাই** *বি* রাস্তার দুই ধারের আলোকমালা। ~ **শরীর** *বি* স্বাস্থ্যপূর্ণ সবল শরীর। **বাঁধা হুঁকা** *বি* রৌপ্য প্রভৃতি ধাতু দিয়ে মোড়া নারিকেলের হুঁকা (তাঁর বাঁধা হুঁকাটা বেশ সুন্দর)। **কোমর** ~ *ক্রি* কোনো কাজের জন্য প্রস্তুত হওয়া বা উঠে পড়ে লাগা (কাজ হাসিলের জন্য সে কোমর বেঁধেছে)। **চুল** ~ *ক্রি* চুল আঁচড়িয়ে খোঁপা করা বা বেণীবদ্ধ করা। **জমাট** ~ *ক্রি* সংহত হওয়া; গাঢ়বদ্ধ হওয়া; সুসম্বদ্ধ হওয়া; জমে যাওয়া। **জোট** ~, **দল** ~ *ক্রি* সাহস অবলম্বন করা; মন দৃঢ় করা; ধৈর্য ধারণ করা। **হাত-পা** ~ *বি* একান্ত অসহায় অবস্থা। {স. √বন্ধ>√বাঁধ+আ}

বাঁধাল [বাঁধাল্] *বি* কাঙ্গাল; সেতু; সাঁকো; (জমির) আল। {স. √বন্ধ>বা. বাঁধ্+আল}

বাঁধুনি ⇒ বাঁধনি

বাঁধুলি ⇒ বান্ধুলি

বাঁয়া [বাঁয়া] *বি* তবলার সঙ্গে বাঁ হাতে বাজাবার যন্ত্র; ডুগি (বাঁয়া নাই, গোলাবিখিলি নাই, এমন কি একটা খেলো

হুঁকোরও অপ্রতুল—*কাসি*)। ঢাকের ~ *বি* অপ্রয়োজনীয় কিছু; সঙ্গে আছে কিন্তু বিশেষ কিছু কাজে লাগে না। { *স.* বাম>বাঁ+আ }

বাঁশ [বাঁশ্] *বি* তৃণজাতীয় এক প্রকার লম্বা গাছ; বংশ; বেণু। **~গাড়ি** *বি* জমির সীমা নির্দেশ করা বা দখলের উদ্দেশ্যে খুঁটি গাড়া। **(বুকে) ~ ডলা দেওয়া** *ক্রি* যন্ত্রণা দেয়ার জন্য বুকে বাঁশ দ্বারা ডলা। অত্যন্ত যন্ত্রণাদায়ক পীড়ন করা। **~ দেওয়া** *ক্রি* সর্বনাশ সাধন করা; নিদারুণ ক্ষতি করা। **~ বনে ডোম কানা** *(ব্য.)* বাঁশবনে কোন বাঁশটি সর্বোৎকৃষ্ট তা বুঝতে অক্ষম ডোমের মতো অসংখ্য মূল্যবান ও শৌখিন দ্রব্যের মধ্যে উপযুক্তটি বেছে নিতে অক্ষম। { *স.* বংশ> }

বাঁশরি, বাঁশরী [বাঁশোরি] *বি* বাঁশি; মুরলী। { *স.* বংশী> *ব্য.* বাঁশি; পদ্যে বাঁশরী }

বাঁশি, বাঁশী [বাঁশি] *বি* বংশী; বেণু; মুরলী; ফুঁ দিয়ে বাজানোর এক প্রকার বাদযন্ত্র। { *স.* বংশী> }

বাক, বাক্ [বাক্] *বি* ১ উক্তি; বাক্য; শব্দ; কথা। ২ বিদ্যা। **~কলহ** *বি* বাক্যের দ্বারা কলহ বা গালাগালি; ঝগড়া; তর্কাতর্কি। **~চাতুরী, ~চাতুর্য** *বি* বাক্য প্রয়োগের কৌশল; কথার বাহাদুরি; ছলনাপূর্ণ কথা (ছেলেটির বাকচাতুরিতেই সখিনা সব ভুলে গেছে)। **~ছল** *বি* ১ কথার কৌশল; ছলনাপূর্ণ বাক্য। ২ বাগ্‌বিতণ্ডা; তর্কাতর্কি (এইরূপে দুইজনে বাড়িছে বাকছল—*ভারা*)। **~পটু** *বিণ* কথা বলতে নিপুণ বা দক্ষ (বাকপটু ছেলেটি)। **~পারুষ্য** *বি* রূঢ় কথা; কথা বলার কর্কশতা; অপমানজনক উক্তি। কটূক্তি। **~প্রণালি** *বি* কথা বলার রীতি। **~বিতণ্ডা, বাগ্‌বিতণ্ডা** *বি* ঝগড়াঝাটি; বাকযুদ্ধ (... বাকবিতণ্ডা সৃষ্টি হয়—*সৈমুআ*)। **~বিভূতি, বাগ্‌বিভূতি** *বি* বাকপটুতা; বক্তৃতাশক্তি (সভাকবি দিয়ে গেছে বাকবিভূতিকে গালাগাল—*জীদা*)। **~রোধ** *বি* শব্দ উচ্চারণের শক্তিশূন্যতা; স্বরবদ্ধ অবস্থা (তার অবস্থা দেখে আমার বাকরোধ হয়ে এলো)। **~শক্তি** *বি* কথা উচ্চারণের ক্ষমতা। **~সর্বস্ব** *(ব্য.)* *বিণ* কথা বলতে ওস্তাদ কিন্তু কাজ করতে অক্ষম; অপদার্থ। **~সিদ্ধ** *বিণ* যে ব্যক্তির উচ্চারিত কথামাত্রই সত্য হয়। **~সিদ্ধা** *স্ত্রী*। **~স্ফূর্তি** *বি* কথা বাহির হওয়ার কার্য; শব্দ উচ্চারণ (বুড়ির সহসা বাকস্ফূর্তি হইলো না—*শাকা*)। { *স.* √বচ্+ক্বিপ্ }

বাকড় [বাকোড়্] *বি* হাতি। { *স.* বরাক>(বর্ণ বিপর্যয়ে) বাকড় }

বাকম, বাক-বাকম, বাগ্‌বাকম [বাকোম্, বাক্–, বাগ্–] *বি* পায়রার ডাক। { *ধ্বন্যা.* }

বাকল, বাকলা [বাকোল্, বাক্‌লা] *বি* গাছের ছাল; খোসা; ছিলকা। { *স.* বল্কল> }

বাকি, বাকী, বক্রী [বাকি, –, বোক্‌ক্রি] *বি* ১ উদ্বৃত্ত বা অবশিষ্ট অংশ (বাকি কোথা নাহি জানে—*রঠা*)। ২ দেয় বা শোধযোগ্য টাকা (বাকি শোধ করেছো?)। □ *বিণ* ১ অবশিষ্ট; উদ্বৃত্ত; বাড়তি (একটা ভাত টিপিলেই হাঁড়ির সমস্ত ভাতের অবস্থা জানিতে বাকি থাকে না—*ঈবি*)। ২ সম্পাদিত হয়নি এমন; অসম্পন্ন (বাকি কাজ)। ৩ পাওনা; প্রাপ্য (বাকি টাকা আদায় করতে বেরিয়েছিলাম)। ৪ আগামী; ভবিষ্যৎ; ভাবী (বাকি জীবনটা যেন সুখে কাটে)। **~ বকেয়া** *বি* অবশিষ্ট পাওনা (বাকি বকেয়া আদায়—*রঠা*)। { *আ.* বাকী باقی }

বাক্য [বাক্‌কো] *বি* ১ কথা; বচন; উক্তি (মোর বাক্য ধরো)। ২ পরস্পর অন্বয়যুক্ত পূর্ণ মনোভাব প্রকাশক পদসমষ্টি, sentence। **~দান** *বি* অঙ্গীকার; প্রতিশ্রুতি; কথা দেওয়া (তার সঙ্গে কোনোরকম বাক্যদান কোরো না)। **~নবাব, ~বাগীশ, ~বিশারদ, ~বীর** *বিণ* বাকপটু; বাচাল; কথা বলতে ওস্তাদ (সেখানে সে বাক্যবীর, দর্শনের অলিগলি ঘুরে শোনায় প্রচুর কথামৃত—*শারা*)। **~নিঃসরণ** *বি* মুখে কোনো কথা না সরা বা আসা (বাক্য নিঃসরণ করিতে পারিলেন না—*ঈবি*)। **~নিষ্ঠা** *বি* কথা দিয়ে কথা রক্ষা করা (তোমার বাক্যনিষ্ঠা দর্শনে আজ আমি বড় সন্তুষ্ট হইয়াছি—*ঈবি*)। **~বাণ** *বি* তীক্ষ্ণ তীরের মত মর্মভেদী বচন; অত্যন্ত তীক্ষ্ণ কথা (তোমাকে বাক্যবাণে জর্জরিত করল)। **~ব্যয়** *বি* কথা বা কোনোরূপ শব্দ উচ্চারণ (বোরহান বাক্যব্যয় না করে প্রস্থান করল)। **বাক্যালাপ** *বি* কথোপকথন; উক্তি-প্রত্যুক্তি; পরস্পর কথা বলা (আমি এত ব্যস্ত ছিলাম যে তার সাথে বাক্যালাপও করতে পারিনি)। **বাক্যস্থ** *বিণ* কথা রক্ষা করে এমন; প্রতিশ্রুতিতে অটল। ২ অন্যের কথা অনুসরণ করে এমন; কথায় বাধ্য। **~স্ফূর্তি** *বি* কথা বলা; মুখ থেকে শব্দ নির্গমন; মুখে কথা আসা। **~হারা** *বিণ* নীরব; নিস্তব্ধ; শান্ত (বাক্যহারা স্বপ্নভরা রাত—*রঠা*)। **বাক্যাতীত** *বিণ* বাক্যে প্রকাশ করা যায় না এমন (বাক্যাতীত গুণ তব বাক্যে কত কব—*ভারা*)। **বাক্যাড়ম্বর** *বি* কথার আড়ম্বর বা ঘটা। { *স.* √বচ্+য(ণ্যৎ); *তুল.* বাচ্য }

বাক্স, বাকস [বাক্‌শো] *বি* দ্রব্যাদি রেখে তালা বন্ধ করা যায় এমন চতুষ্কোণ আধার; তোরঙ্গ; পেটিকা। **~জাত** *বিণ* বাক্সের মধ্যে রাখা (কাপড়গুলো এতদিন বাক্সজাত অবস্থায় ছিল)। **~বন্দি, ~বন্দী** *বিণ* বাক্সের মধ্যে সংরক্ষিত, বাক্সে রক্ষিত (বাক্সবন্দি ছিল জিনিষটা—*মব*)। **ক্যাশ~** *বি* নগদ টাকাকড়ি রাখার পেটিকা (ক্যাশ বাক্সে কিছু নাই)। **হাত~** *বি* নিত্য প্রয়োজনীয় জিনিস রাখার ছোট পেটিকা (এ জিনিসগুলো এখন হাতবাক্সে রেখে দাও)। { *ই.* box }

বাখড়, বাখড়া [বাখোড়্, বাখ্‌ড়া] *বি* তাল, নারকেল প্রভৃতি গাছের ডাল। { *স.* বাকল>বাকলা> }

বাখান [বাখান্] *বি* ১ ব্যাখ্যান; বর্ণনা; অর্থবিবৃতি (যেন মতে কোরানেতে করিছেন বাখান—*সৈআ*)। ২ প্রশংসা; গুণকীর্তন। ৩ বর্ণনা; প্রশংসাগীতি; বীরগাথা; সাহসিকতা (শ্যামের বাখান এবে শুন মহাজন—*সৈআ*)। **বাখানি** *ক্রি* *(পদ্য.)* বলি; বর্ণনা বা প্রশংসা করি (চমৎকার রাজভৃত্য বাখানি তোমার—*শাহো*)। **বাখানে** *ক্রি* প্রশংসা করা; গুণানুবাদ করে (ঘ্রাণ শেষে পান, ক্রমে নাচ গান, বাখানে সওদাগরে—*সদ*)। { *স.* ব্যাখ্যান> }

বাখরখানি [বাখোরখানি] *বি* বাখর খান নামক শাসনকর্তার নাম অনুসারে বিশেষ প্রণালিতে প্রস্তুত একপ্রকার নোনতা বিস্কুট। { বাখর খান> }

বাখারি, বাখারী, বাঁখারি, বাঁকারি [বাখারি, –, বাঁ–, বাঁকারি] *বি* ১ কাঁধের দুদিকে দুপ্রান্তে ঝুলিয়ে বোঝা বহনের বাঁক বা বাঁশের ফালি (বাখারি দিয়ে বেড়া বাঁধা)। ২ চুন বিশেষ; জোংড়াচূর্ণ; শামুক, ঝিনুক প্রভৃতি দগ্ধ করে তৈরি করা চুনবিশেষ। { *স.* বল্কল>বাকল>বাখর+আরি }

বাগ[১] [বাগ্] *বি* বাগান; উদ্যান (ও বাগে যেওনা বন্ধু পুষ্পবন তোমার অন্তরেই বিদ্যমান—*অঠা*)। ~**বাগিচা** *বি* ছোটবড় বাগান (সে শহরে অনেক বাগবাগিচা আছে)। ~**বান** *বি* মালাকার; মালী; বাগান করে যে, উদ্যানমালিক (এয়ছাই ফুলের আন বানাইল বাগবান, কেহ না দেখিল কোনকালে—*সৈহা*)। ~**বানি** *বি* মালীর কাজ; বাগানের কাজ (কারে বা বাগান বিচে, বাগান মালির কাছে, ভেজিল করিরত বাগবানি—*সৈহা*)। { *ফা.* বাগ باغ }

বাগ[২] [বাগ্] *বি* ১ দিক; পথ (এক বটবৃক্ষ দেখে সেই বাগে পক্ষ বিস্তার করলেন—*অঠা*)। ২ বশ; অধীনতা; শাসন (বাগ মানানো)। ৩ সুযোগ-সুবিধা; আয়ত্তি (তোমাকে বাগে পেয়েছি)। ৪ আয়ত্ত (বাগে পাওয়া)। **বাগে আসা** *ক্রি* আয়ত্তে আসা (তাকে হাত করতে পারলে রইস দুলহা সহজেই বাগে এসে যাবে—*জহা*)। **বাগে পাওয়া** *ক্রি* আয়ত্তে পাওয়া (এবার তাকে বাগে পেয়েছি)। { *স.* বল্গা>*প্রা.* বগ্গা>বাগ}

বাগড়া [বাগ্ড়া] *বি* বাধা; বিপত্তি; ব্যাঘাত; প্রতিবন্ধকতা (কিন্তু ওদিকে এক বিষম বাগড়া পড়ে গেলো—*কাই*)। ~**বাগড়ি** *বি* টানাটানি (আমি একটু বাগড়াবাগড়ি করেছিনু—*প্যামি*)। { *স.* ব্যাঘাত>}

বাগডাশ, বাঘডাশা [বাগডাশ্, বাঘ্‌ডাশা] *বি* বাঘের মতো ডোরাযুক্ত বনবিড়াল। { *স.* ব্যাঘ্র>বাঘ>বাগ+ *স.* রাশি>রাশ>ডাশ, +আ}

বাগডাসা [বাগ্‌ডাসা] *বিণ* আত্মসম্মানবিশিষ্ট; গম্ভীর প্রকৃতির; প্রভুত্বব্যঞ্জক আবরণসম্পন্ন রাশভারি ব্যক্তি। { *স.* ব্যাঘ্র>বাঘ>বাগ+ *স.* রাশি>রাশ>ডাস+আ}

বাগডোর [বাগ্‌ডোর্] *বি* ১ ঘোড়ার লাগাম; রশি; দড়ি (ঘোড়ার বাগডোর হস্তে ধরিয়া ফোরাত নদীর তীরে যাইতে লাগিলেন—*মীম*)। ২ বৃষ, মহিষ প্রভৃতির নাকফোঁড় দড়ি। { *স.* বল্গা>বাগ+ *বা.* ডোর}

বাগদি, বাগদী [বাগ্‌দি] *বি* হিন্দু জাতিবিশেষ (এই পত্রবাহিকা এলোকেশী বাগদীর মারফতেই খুব চুপি চুপি চিঠি পাঠালাম—*নই*)। { *স.* বকদ্বীপ>বক্‌ডী(?)> বাগদী}

বাগধারা ⇒ বাগ্‌ধারা

বাগাড়, বাঘাড় [বাগাড়্, বাঘাড়্] *বি* বৃহৎ আকৃতির এক জাতীয় আড় মাছ। { *স.* বাঘ+আ>বাঘা>বাগা+ *স.* অণ্ড> আড়}

বাগাড়ম্বর [বাগাড়ম্‌বর্] *বি* কথার ঘটা; বড় বড় কথা; কথার আড়ম্বর। { *স.* বাক্+আড়ম্বর}

বাগান[১] [বাগান্] *বি* উদ্যান; যেখানে ফুল-ফলাদি উৎপন্ন হয়, উপবন। ~**বাড়ি, ~বাড়ী** *বি* বাগানঘেরা বাড়ি; বাগান পরিশোভিত প্রমোদভবন। { *ফা.* বাগ্বা (উদ্যানপাল) باغ }

বাগানো, বাগান[২] [বাগানো] *ক্রি* ১ কৌশলে আয়ত্ত করা; বশে আনা (বদমেজাজি ঘোড়াকে বাগানো)। ২ কৌশলে লাভ বা আদায় করা (কাজ বাগানো)। ৩ বিন্যাস বা পাট বা সজ্জিত করা (টেড়ি বাগান)। {বাগ+আনো}

বাগি, বাগী, বাঘী [বাগি, -, -ঘি] *বি* কুচকিতে উপদংশ জনিত দুষ্ট ফোড়া। { *তুল. হি.* বাঘী}

বাগিচা [বাগিচা] *বি* ছোট বাগান; ক্ষুদ্র উদ্যান (চারধারে তার নানান বরণ ফুলে বাগিচার বেড়া—*জউ*)। { *ফা.* বাগিচাহ باغیچه }

বাগিন্দ্রিয় [বাগিন্‌দ্রিয়ো] *বি* যে ইন্দ্রিয়ের সাহায্যে কথা বলা হয়; মুখ; বাগ্‌যন্ত্র। { *স.* বাক্+ইন্দ্রিয়}

বাগীশ, বাগীশ্বর [বাগিশ্, -শর্] *বি* ১ বাক্যবিশারদ; বাচস্পতি; বাক্‌পটু; বাগ্মী (তর্কবাগীশ)। ২ হিন্দু পুরাণোক্ত দেবগুরু বৃহস্পতি। **বাগীশা, বাগীশ্বরী** *বি স্ত্রী.* হিন্দুদেবী সরস্বতী। { *স.* বাক্+ঈশ, ঈশ্বর}

বাগুড়া, বাগুলা [বাগুড়া, -লা] *বি* সুপারি, নারকেল প্রভৃতি গাছের ডালশুদ্ধ পাতা; সুপারি, কলা ইত্যাদি গাছের বৃন্তসহ পাতা। { *স.* বল্কল>বাক্‌লা>বাগড়া>}

বাগুরা [বাগুরা] *বি* জাল; ফাঁদ; পাশ (কোথা বা নিষাদবৃন্দ বিস্তারিত বাগুরা ধরিত কুরঙ্গ শিশু—*কায়*)। { *স.* √বা+র(রক্)+আ(টাপ্), 'গ' আগম}

বাগে এরাম [বাগে এরাম্] *বি* শাদ্দাদ নির্মিত নকল বেহেশত; বাগে এরামের নহর চাহিয়া নামিল যে পূতধারা—*শাহো*)। { *ফা.* বাগ باغ + *আ.* ইরাম ارم }

বাগেবাগ [বাগেবাগ্] *বি* খুশিতে আটখানা; অতিশয় আনন্দিত (দক্ষিণে দোলে আরবী দরিয়া খুশীতে সে বাগেবাগ—*নই*)। { *ফা.* বাগ باغ >}

বাগেশ্রী [বাগেস্‌স্রি] *বি* গানের একটি বিশেষ সুর (আচ্ছা একবার বাগেশ্রী রাগিণীটা আলাপ করতে—*নই*)। { *স.* বাগীশ্বরী>}

বাগ্‌গি, বগি [বাগ্‌গি, বোগি] *বি* ঘোড়ার গাড়ি (এ আস্তাবলে সে বাগ্‌গীখানা অনুসন্ধান করলুম—*সৈমু*)। { *ই.* buggy}

বাগ্‌জাল [বাগ্‌জাল্] *বি* কথার ফাঁদ (এটা যে আমি কেবল ... বাগ্‌জাল বিস্তার করে ভয় দেখাচ্ছি তা নয়—*অঠা*)। { *স.* বাক্+জাল; ৬তৎ}

বাগ্‌ডম্বর [বাগ্‌ডম্‌বর্] *বি* কথার আড়ম্বর বা ঘটা বা সমারোহ; বাগাড়ম্বর। { *স.* বাক্+ডম্বর; ৬তৎ}

বাগ্‌দত্তা, বাগ্‌দত্তা [বাগ্‌দত্‌তা] *বি, বিণ স্ত্রী.* যে কন্যাকে বাক্য দ্বারা দান করা হয়েছে; যে কন্যাকে নির্দিষ্ট পাত্রের সঙ্গে বিবাহ দেওয়ার অঙ্গীকার করা হয়েছে। **বাগ্দান** *বি* কন্যাদানের অঙ্গীকার। { *স.* বাক্+দত্তা; ৩তৎ}

বাগ্‌দেবী, বাগ্‌বাদিনী, বাগ্বাদিনী [বাগ্‌দেবি, -বাদিনি, -] *বি* হিন্দুমতে বাক বা বাণীর অধিষ্ঠাত্রীদেবী সরস্বতী; সরস্বতী দেবী। { *স.* বাক্+দেবী, বাদিনী}

বাগ্‌ধারা, বাগধারা [বাগ্‌ধারা] *বি* বাগ্‌ভঙ্গি; বিশেষ প্রণালিতে বা অর্থে কথা বলা; idiom। { *স.* বাক্+ধারা}

বাগ্‌বিতণ্ডা, বাগ্বিতণ্ডা [বাগ্‌বিতন্‌ডা] *বি* তর্ক; বিতর্ক; ঝগড়া; কলহ। { *স.* বাক্+বিতণ্ডা}

বাগ্‌বিদগ্ধ [বাগ্‌বিদগ্‌ধো] *বিণ* কথায় পণ্ডিত; বাক্যে নিপুণ; বাকচতুর; বাক্‌পটু; কথা বলায় পাণ্ডিত্যসম্পন্ন। **বাগ্‌বৈদগ্ধ্য, বাগ্বৈদগ্ধ্য** *বি* বাকচতুরতা বা নৈপুণ্য বা পটুতা। { *স.* বাক্+বিদগ্ধ; ৭তৎ}

বাগ্মী (-গ্মিন্) [বাগ্‌মি] *বিণ* ভালো বক্তৃতাকারী; বাকনিপুণ; সুবক্তা; বাক্‌পটু। **বাগ্মিতা** *বি*। { *স.* বাচ্+গ্মিন্(গ্মিনি)}

বাগযুদ্ধ [বাগ্‌জুদ্‌ধো] *বি* ঝগড়া; রাগারাগি; তর্কবিতর্ক (তারা বাগযুদ্ধ বেশীক্ষণ চালাতে পারে না—*রাব*)। { *স.* বাক্‌+যুদ্ধ; ৩তৎ }

বাঘ [বাঘ্] *বি* ১ ব্যাঘ্র; শার্দূল। ২ *(আল.)* বাঘের মতো প্রভাবশালী ব্যক্তি (বাংলার বাঘ)। **বাঘিনী, বাঘী** *স্ত্রী.*। ~**ছাল** *বি* বাঘের ছাল বা চামড়া। ~**নখ** *বি* ১ বাঘের নখ। ২ কণ্ঠের অলঙ্কারবিশেষ; গলায় গহনা। ৩ ব্যাঘ্র নখাকৃতি গুপ্ত অস্ত্র। ৪ এক প্রকার গন্ধদ্রব্য। ~**বন্দি** *বি* এক প্রকার খেলা। **বাঘে গরুতে একঘাটে জল খাওয়া** *ক্রি (আল.)* শাসনের দাপটে সকল বিবাদ-বিসংবাদ দূরীভূত হয়ে শান্তি বিরাজ করা। **বাঘের ঘরে ঘোগের বাসা** *বি* প্রবল শক্তিশালী বাঘের ঘরে শত্রুতা সাধনের নিমিত্ত তদপেক্ষা দুর্বল প্রাণী ঘোঘের গুপ্তভাবে অবস্থানের ন্যায় ব্যাপার। **বাঘে ছুঁলে আঠার ঘা** *বি* ১ বাঘের দাঁতে-নখে এমন বিষ যে তা দিয়ে মানুষকে আঘাত করলে নানাস্থানে ক্ষত হয়। ২ *(আল.)* যে বিষয়ে একবার লিপ্ত হলে নানা বিপদে বা ঝঞ্ঝাটে পড়তে হয়। **বাঘের দুধ** *বি* দুষ্প্রাপ্য দ্রব্য বা বস্তু। **বাঘের মাসি** *বি* বিড়াল। { *স.* ব্যাঘ্র> }

বাঘা [বাঘা] *বি* বাঘ। □ *বিণ* ১ বিশাল; বৃহৎ; প্রকাণ্ড; মস্ত বড় (বাঘা কুকুর)। ৩ কড়া; তীব্র টক (বাঘা তেঁতুল)। ৩ রাশভারী; অত্যন্ত গম্ভীর ও ব্যক্তিত্বসম্পন্ন (বাঘা বাঘা ব্যক্তি)। ~**টে** *বিণ* তীব্র; প্রচণ্ড (এই বাঘাটে শীত—*অচিসে*)। ~**ম্বর** *বি* ব্যাঘ্রাম্বর; এক প্রকার বস্ত্র; বাঘের ছালের বস্ত্র (বিচিত্র বসন অঙ্গে শোভে বাঘাম্বর—*সৈআ*)। { বাঘ+আ }

বাঘাড় ⇒ বাগাড়

বাঙাল, বাঙ্গাল, বঙ্গাল [বাঙাল্, বাঙ্‌গাল্, বঙ্‌গাল্] *বি (অশি.)* ১ পূর্ববঙ্গের অধিবাসী। ২ গ্রাম্য ও অমার্জিত লোক (শহরের ছেলেরা এইসব লক্ষণ দেখিয়া আমাদিগকে বাঙাল বলিত—*রঠা*)। □ *বিণ* পূর্ববঙ্গীয় (বাঙাল প্রথা)। { *স.* বঙ্গ>+*বা.* আল }

বাঙালি, বাঙালী [বাঙালি] *বি* বাংলাদেশের মানুষের জাতি-সত্তা। □ *বিণ* ১ বাংলাভাষী। ২ বাংলাদেশী; বাংলাদেশ সংক্রান্ত। { *স.* বঙ্গ> +*বা.* আলি, আলী }

বাঙ্গি [বাঙ্‌গি] *বি* পাকলে ফেটে যায় এমন শশাজাতীয় ফল। { *স.* বিহঙ্গিকা> }

বাঙ্‌নিষ্ঠ [বাঙ্‌নিশ্‌ঠো] *বিণ* কথা দিয়ে কথা রাখে এমন; প্রতিজ্ঞাপালক। **বাঙ্‌নিষ্ঠা** *বি* প্রতিশ্রুতি রক্ষা। { *স.* বাক্‌+নিষ্ঠ }

বাঙ্‌নিষ্পত্তি [বাঙ্‌নিশ্‌পোত্‌তি] *বি* ১ বাক্যোচ্চারণ; মুখ দিয়ে কথা বের হওয়া; কিছু বলা (এমন কথা শোনার পর বাঙ্‌নিষ্পত্তি না করে চলে যাওয়া ভালো)। { *স.* বাক্‌+নিষ্পত্তি; ৬তৎ }

বাঙ্‌মনঃ, বাঙ্‌মনস্ [বাঙ্‌মনোহ্, –মনোস্] *বিণ* বাক্য ও মন (অবাঙ্‌মনসগোচর)। { *স.* বাক্‌+মনঃ, মনস }

বাঙ্‌ময় [বাঙ্‌ময়্] *বিণ* ১ বাক্যাত্মক; শব্দজাত। ২ অলঙ্কারশাস্ত্র। **বাঙ্‌ময়ী** *স্ত্রী.*। { *স.* বাক্‌+ময়(ময়ট্) }

বাঙ্মাত্র [বাঙ্‌মাত্‌ত্রো] *বিণ* কথার কথা; আমার শব্দ বা বাক্য মাত্র। { *স.* বাক্‌+মাত্র; *নিত্য.* }

বাঙ্‌মুখ [বাঙ্‌মুখ্] *বি* বাক্যের সূচনা; অবতরণিকা; মুখবন্ধ। { *স.* বাক্‌+মুখ; ৬তৎ }

বাচ[১] ⇒ বাইচ

বাচ[২]**, বাছ** [বাচ্, –ছ্] *বি* নির্বাচন; বাছাই; পছন্দ। { *স.* নির্বাচন> }

বাচক [বাচোক্] *বিণ* ১ অর্থপ্রকাশক; দ্যোতক। ২ কথক। { *স.* √বচ্‌+অক(ণ্বুল্) }

বাচন [বাচোন্] *বি* ১ কথন; উক্তি। ২ পঠন; পাঠ। ৩ ব্যাখ্যান (এরপর আর ছবি নেই বর্ণনা নেই সুধু কথা দিয়ে বাচন—*অঠা*)। **বাচনিক** *বিণ* বাচন দ্বারা নিষ্পন্ন; মৌখিক (বাচনিক বিবাদ, বাচনিক পাপ)। □ *ক্রিবিণ* মুখে; কথায়। { *স.* √বচ্‌+ণিচ্‌+অন(ল্যুট্) }

বাচবিচার, বাছবিচার [বাচ্‌বিচার্, –ছ্–] *বি* বাছাই বা ভালোমন্দ বিচার (খাওয়া দাওয়াতে তার কোনো বাচবিচারের বালাই নেই)। { *স.* বাচ+বিচার>; নির্বাচন+বিচার> }

বাচস্পতি [বাচোশ্‌পোতি] *বি* ১ বাগ্মী (কথায় বাচস্পতি)। ২ পণ্ডিতের উপাধি (বাচস্পতি মশায়)। { *স.* বাচঃ+পতি }

বাচা [বাচা] *বি* একপ্রকার মাছ। { *স.* বাচ্‌+*বা.* আ }

বাচাটি [বাচাটি] *বি* সামান্য কুঁড়ে ঘর (ছনের কয়েকটা ছোট বাচাটি মাত্র—*আজা*)। { *আঞ্চ.* }

বাচাল [বাচাল্] *বি* যে অকারণে বেশি কথা বলে; প্রগল্‌ভ (মুখর মুখ আর বাচাল নয়ন লাজমুখে আজ যাচে গুণ্ঠন—*নই*)। **বাচালতা** *বি.*। { *স.* √বাচ্‌+আল(আলচ্) }

বাচিক [বাচিক্] *বিণ* ১ বাচনিক; বচনসাধ্য। ২ প্রমুখ। ~**পত্র** *বি* সংবাদপত্র; লিপি। ~**হারক** *বি* যে সংবাদ বহন করে; দূত। { *স.* বাচ্‌+ইক(ঠক্) }

বাচ্চা [বাচ্‌চা] *বি* শিশু; শিশুসন্তান (দুখের বাচ্চা)। ২ সন্তান; শাবক; ছানা (মুরগির বাচ্চা)। □ *বিণ* কমবয়সী; অল্প বয়স (নিতান্তই বাচ্চা)। ~**কাচ্চা, কাচ্চা-** *বি* ছোট ছোট ছেলে-মেয়ে; শিশুসন্তানগণ (তাদের কয়েকটি বাচ্চাকাচ্চা নিয়ে একটি ছোট্ট পরিবার—*কাআমা*) { *স.* বৎস>*প্রা.* বচ্ছ>; *তুল. হি.* বাচ্চা/বাচ্ছা }

বাচ্য [বাচ্‌চো] *বিণ* ১ কথ্য; কথনীয়; বচনীয়; কথনযোগ্য; বলার যোগ্য; বলতে হবে এমন। ২ অভিধেয়। □ *বি (ব্যা.)* ক্রিয়ার সাথে কর্তা প্রভৃতির অন্বয়। **বাচ্যার্থ** *বি* মুখ্য অর্থ; অভিহিত অর্থ। { *স.* √বচ্‌+য(ণ্যৎ) }

বাছ ⇒ বাচ[২]

বাছন, বাছনি, বাছুনি [বাছোন্, –ছোনি, –ছু–] *বি* ১ বাছাই; নির্বাচন; অপকৃষ্ট অংশ বাদ দিয়ে অপেক্ষাকৃত উৎকৃষ্ট অংশ বা অংশসমূহ গ্রহণ (ভালমন্দ কিবা করহ বাছনি—*ভারা*)। ২ মনোনয়ন; রুচি অনুযায়ী গ্রহণ; পছন্দ অনুযায়ী বাছাই। { *স.* বৎস>বাছা+নি=বাছনি }

বাছবিচার ⇒ বাচবিচার

বাছা[১] [বাছা] *বি* ১ বৎস; অল্পবয়সী সন্তান। ২ সন্তান বা অল্প বয়স্কের প্রতি বয়স্ক ব্যক্তির স্নেহ সম্বোধন। { *স.* বৎস>*প্রা.* বচ্ছ>*বা.* বাছা; *তুল. হি.* বাচ্চা }

বাছা[২] [বাছা] *ক্রি* ১ বাছাই বা নির্বাচন করা। ২ পছন্দ করা। ৩ অপকৃষ্ট অংশ থেকে উৎকৃষ্ট অংশ পৃথক করা (ভালোমন্দ বাছা)। ৪ অপ্রয়োজনীয় পদার্থ বা আবর্জনা

দূর করা (চাউল বাছা)। ৫ বাদ দেওয়া (উকুন বাছা)। ~ ~ *বিণ* সেরা সেরা; ভালো ভালো; সর্বোৎকৃষ্ট (বাছা বাছা লোক নিয়ে প্রতিনিধি দলটি গঠন করা হয়েছে)। { *স.* নির্বাচন>বাচন> *বা.* বাছ+আ}

বাছুর [বাছুর্] *বি* গোবৎস; গোশাবক (বাছুরটি দেখতে বেশ সুন্দর)। { *স.* বৎসরূপ>}

বাজ১ [বাজ্] *বি* একজাতীয় শিকারি পাখি; শ্যেন (বাজ পাখিটি মুরগির ছানা নিয়ে গেল)। { *ফা.* বাজ بان }

বাজ২ [বাজ্] *বি* বজ্র; ঠাঠা (তার মাথায় যেন বাজ পড়লো)। { *স.* বজ্র>}

-বাজ৩ [বাজ্] দক্ষ, অভ্যস্ত ইত্যাদি অর্থবাচক ফারসি প্রত্যয় (মামলাবাজ)। **-বাজি** দক্ষতা, অভ্যাস ইত্যাদি অর্থবোধক প্রত্যয় (মামলাবাজি)। { *ফা.* বাজ باز }

বাজখাঁই [বাজ্খাঁই] *বি* অতিশয় গম্ভীর ও কর্কশ (তিনি হঠাৎ বাজখাঁই রকমের আওয়াজ ছাড়িয়া বলিয়া উঠিলেন—*বিব*)। {বাজ খাঁ (ব্যক্তিনাম)+*বা.* আই}

বাজন [বাজোন্] *বি* ১ বাদ্য; বাদ্যধ্বনি। ২ যা বাজে (বাজন নূপুর পায়)। **~দার** *বি* বাদ্যকার; যে বাজায়। { *স.* বাদন>}

বাজনা [বাজ্না] *বি* ১ বাদ্যধ্বনি। ২ বাদ্যযন্ত্র; বাদন (বাজনা বাজানো)। **~ওয়ালা, ~দার** *বি* বাদ্য বা বাদন বৃত্তি যার; পেশার বাদক। {বাজন+আ}

বাজপেয় [বাজ্পেয়ো] *বি* বৈদিক যুগে অনুষ্ঠিত একটি যজ্ঞ। **বাজপেয়ী** *বি* ১ বাজপেয় যজ্ঞ অনুষ্ঠানকারী। ২ হিন্দু সম্প্রদায়ের একটি পদবি। { *স.* বাজ+পেয়; *বহু*}

বাজরা১ [বাজ্রা] *বি* ১ এক প্রকার শস্য। { *স.* বজ্রী>}

বাজরা২ [বাজ্রা] *বি* ১ বড় ঝুড়ি। ২ বাক্স; পেটরা। { *স.* √বোঝ+রা}

বাজা [বাজা] *ক্রি* ১ ধ্বনিত হওয়া (ঘন্টা বাজা)। ২ শব্দ দ্বারা সময় জ্ঞাপিত করা ('প্রহরের পর প্রহর বাজিয়া চলিল')। ৩ সময় জানানো (কটা বাজে রে)। ৪ শুরু হওয়া (ঝগড়া বাজা)। ৫ কর্কশ ও কঠোর অনুভূত হওয়া (কানে বাজা)। ৬ পরীক্ষা করা; আসল নকল নির্ণয় করা (বাজিয়ে নেওয়া)। ৭ কষ্ট লাগা; আঘাত করা (তোর যতখানি ব্যথা বাজে আমার তার চেয়ে কম বাজবে না—*সজ*)। ৮ বিরূপ হওয়া (সামান্য কথা বল্লেও এত বাজে কেন?)। □ *বিণ* বাজে এমন (বাজা ঘড়ি)। { *স.* বাদ্য> *প্রা.* বাজ্জ>√বাজ্>আ}

বাজানো, বাজান১ [বাজানো] *ক্রি* ১ বাদিত করা (ঢাক বাজানো)। ২ হাসিল করা; কৌশল সফল করা (কাজ বাজানো)। ৩ বাধানো; লাগানো (লড়াই বাজানো)। **ঢাক ~** *ক্রি* (*আল.*) গুপ্ত বিষয় জোরেশোরে প্রকাশ করা; মাত্রাতিরিক্ত প্রশংসা প্রচার করা; কারো গুণ মাত্রাতিরিক্তভাবে কীর্তন করা। **নিজের ঢাক নিজে ~** (*আল.*) অতিরিক্ত আত্মপ্রশংসা করা। { *স.* বাদ্য> *প্রা.* বাজ্জ> বাজা}

বাজান২ [বাজান্] *বি* বাবাজান; প্রিয় পিতা (কোঁচার খোটেতে চক্ষু মুছিয়া কহিত বাজান মোরে—*জউ*)। { *ফা.* বাজান بجان }

বাজার [বাজার্] *বি* ১ পণ্য ক্রয়-বিক্রয়ের স্থান; হাট (ঘুটে কুড়াইয়া স্বামী বেচেন বাজারে—*ভারা*)। ২ খরিদ করা জিনিসপত্র; মাছ, তরিতরকারি ইত্যাদি (বাজার এসেছে)। ৩ প্রচুর জনসমাগমের ফলে বিশৃঙ্খলা বা চেঁচামেচি (হট্টগোলের বাজার)। ৪ সুলভ (বাজার সংস্করণের বই)। ৫ দরদাম (পাটের বাজার মন্দা)। ৬ সমাবেশ (বাসী ফুলের বাজার আজি স্মৃতির কাঁটায় ছাওয়া—*নই*)। **~ খরচ** *বি* বাজার থেকে দ্রব্যাদি কেনার খরচ বা অর্থ (আজ বাজার খরচার পয়সা নেই)। **~ গপ** *ক্রি* বেশি গল্প করা (এই বাজার গপ অতীব অপরিহার্য—*সৈমু*)। **~ গরম হওয়া** *ক্রি* দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পাওয়া; পণ্যদ্রব্যের বেশি বিক্রয় হওয়া। **~ চড়া** *ক্রি* পণ্যদ্রব্যের দাম বাড়া। **~দর** *বি* ১ যে দামে পণ্যদ্রব্য বিক্রয় হয় (চাউলের বাজারদর জানো কি?)। ২ সাধারণ (এই বাজারদর চলছে)। **~ নরম বা মন্দা হওয়া** *ক্রি* পণ্যদ্রব্যের দাম বা চাহিদা কমা (বইয়ের বাজার খুব মন্দা)। **~ বসা** *ক্রি* ১ বাজারে কেনাকাটা শুরু হওয়া (সকালের দিকেই বাজার বসে যায়)। ২ নূতন বাজার প্রতিষ্ঠিত হওয়া। ৩ হৈ চৈ শুরু হওয়া (ও ঘরে যেন বাজার বসে গেছে)। **~ সরকার** *বি* কেরানি; বাজারের হিসাবপত্র রাখে যে (তাহাদিগের নিকট বাবু অর্থে কেরানী বা বাজার-সরকার বুঝাইবে—*বচ*)। **বাজারে দাঁড়ানো** *বি* ভালো কাটতি হওয়া (এই সময় তার একখানা বই বাজারে দাঁড়িয়ে গেলো—*লুর*)। { *ফা.* বাজার بازار }

বাজি১, **বাজী** [বাজি] *বি* ১ ইন্দ্রজাল; ভেলকি; ম্যাজিক (বাজিকর)। ২ খেলা; কৌতুক (দৌড়বাজি)। ৩ খেলার দান বা দফা (এক বাজি দাবা)। ৪ আতশবাজি (বাজি পোড়ানো)। ৫ জুয়াখেলায় পণ (বাজি রাখা)। ৬ (*আল.*) জীবন; জীবলীলা; ভবের লীলা (এবার বাজি ভোর হইল—*রাম*)। **~কর, ~গর** *বি* জাদুকর; ঐন্দ্রজালিক, magician (বাজিকরটি খুব মজার খেলা দেখিয়েছে)। **~মাত, ~মাৎ** *বি* প্রতিযোগিতায় ব্যাপকভাবে জয়লাভ; বিরাট সাফল্য লাভ (খেলায় কতখানি বাজিমাৎ করে ফেলেছেন—*হুক*)। **বাজিয়ে** *বিণ* ভালো বাজায় এমন; বাদ্যকর (এখানকার গাইয়ে বাজিয়ে কাব্যকার চিত্রকর—*অঠা*)। **বাজিয়ে দেখা** *বি* পরীক্ষা করে যোগ্যতা দেখা (তাকে আগে বাজিয়ে দেখে তবেই তার ঘাড়ে দায়িত্ব দিও)। { *ফা.* বাজী باجي }

বাজি২ [বাজি] *বি* অশ্ব; ঘোড়া; বাণ। **বাজিনী** *বিস্ত্রী.* স্ত্রী অশ্ব; মাদি ঘোড়া। **বাজীকরণ** *বি* রতিশক্তি বৃদ্ধির ঔষধ বা রতিশক্তি বৃদ্ধিকারী প্রক্রিয়া। **বাজীপাল** *বি* সহিস (সাজাইয়ে বাজীপাল—*মদ*)। { *স.* বাজ+ইন(ইনি)}

বাজী৩ [বাজি] *বি* ধোঁকা; ফাঁকি; শয়তানে বাজী দিল না পেয়ে কোরান—*ভারা*)। { *ফা.* বাজী باجي }

বাজু [বাজু] *বি* ১ বাহু; হাতের উপরের অংশ (নাহি আর বাজুতে কুওত—*নই*)। ২ বাহুভূষণ; বাহুর অলঙ্কার বিশেষ (কৃষাণের বউ পঁইছে বাজু বানায়—*বিদে*)। ৩ চৌকাঠ বা খাটের পাশের লম্বা কাষ্ঠ খণ্ডদ্বয় (খাটের বাজু)। ৪ পক্ষ; ডানা। **~বন্দ, ~বন্ধ** *বি* বাহুভূষণ বিশেষ; বাহুতে পরার অলঙ্কার বিশেষ (সোনাদানা বাজুবন্দ পাইল পুরস্কার—*ঘন*; পৈঁচি বাজুবন্দ—*নই*)। { *ফা.* বাজু بازو }

বাজে [বাজে] *বিণ* ১ অকেজো; মন্দ; খারাপ (বাজে লোক)। ২ অনাবশ্যক; অপ্রয়োজনীয়; ফালতু (বাজে খরচ)। ৩ অসার; মিথ্যা (বাজে কথা)। ৪ নিরর্থক; তুচ্ছ (বাজে কাজ) ৫ অতিরিক্ত; বাড়তি (বাজে পরিশ্রম)। ~ **জমা** *বি* নিজ জমার অতিরিক্ত আয়; অনির্দিষ্ট ও সামান্য বিষয়ে লাভ সঞ্চয় (অভাগীর প্রতি বাজে জমার মালিক—*ভারা*)। ~ **মার্কা** *বিণ* খেলো; খারাপ; অসার; অকেজো। {*আ.* বাদ্ بعض }

বাজেট [বাজেট্] *বি* আয়-ব্যয়ের আগাম হিসাব; আয়-ব্যয় (কৃষকের বাজেটে চিকিৎসা আর লেখাপড়ার জন্য কোনো ব্যয়ের বরাদ্দ সাধারণত দেখা যেত না—*ইখাঁ*)। {*ই.* budget}

বাজেয়াপ্ত, বাজেয়াফত [বাজেয়াপ্‌তো, -ফ্‌-] *বিণ* সরকার ইত্যাদি দ্বারা দখলীকৃত বা অধিকৃত; খেসারতে বা ক্ষতিপূরণে চিরতরে দখল (বিষয়সম্পত্তি বাজেয়াপ্ত—*মামু*)। **বাজেয়াপ্তি** *বি* বাজেয়াপ্তকরণ (দেবোত্তর সম্পত্তি বাজেয়াপ্তির ফলে—*আনিস*)। {*ফা.* বাজ باز + ইয়াফত يافت }

বাজ্জ (*মবা.*) [বাজ্‌জ] *বি* বাজনা (সংখ ঘণ্টা বাজ্জ—*রাপ*)। {*স.* বাদ্য>}

বাঞ্চত [বান্‌চোত্] *বি, বিণ (অশ্লীল)* গালিবিশেষ; নিজের বোনকে ধর্ষণকারী। {*হি.* বাঞ্চত}

বাঞ্ছন, বাঞ্ছা [বান্‌ছোন্] *বি* ইচ্ছা; অভিলাষ; বাঞ্ছা। {*স.* √বান্‌ছ্+অন(ল্যুট্), √বাঞ্ছ্+অ+আ(টাপ্)}

বাঞ্ছনীয় [বান্‌ছোনিয়ো] *বি* অভিলষণীয়; কাম্য; ঈপ্সিত (এহেন ব্যবহার তোমার কাছ থেকে অন্ততঃ বাঞ্ছনীয় ছিল না)। {*স.* √বাঞ্ছ্+অনীয়(অনীয়র)}

বাঞ্ছা [বান্‌ছা] *বি* কামনা; সাধ; ইচ্ছা; অভিলাষ। ~**কল্পতরু** *বি* সকল ইচ্ছা পূর্ণকারী স্বর্গীয় বৃক্ষ বিশেষ; সকল পূর্ণকারী। {*স.* √বাঞ্ছ্+অ+আ(টাপ্)}

বাঞ্ছিত [বান্‌ছিতো] *বিণ* অভিলাষিত; ঈপ্সিত; প্রিয়; কাম্য (আজ কালু হৈব ভাল, এই মতে গেল কাল না পুরিল মনের বাঞ্ছিত—*সৈআ*)। **বাঞ্ছিতা** *বিণ স্ত্রী.*। {*স.* √বাঞ্ছ্+ত(ক্ত)}

বাট[১] [বাট্] *বি* পথ; রাস্তা (যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে—*রঠা*)। {*স.* বর্ত্ম>বট্ট>}

বাট[২] [বাট্] *বি* সোনারুপা ইত্যাদির চাঙড়, তাল বা পিণ্ড; bullion; ingot। {*স.* বট্+অ(অণ্)}

বাটওয়ার ⇒ বাটপাড়

বাটকে [বাট্‌কে] *বি* বাটা মাছ। {*আঞ্চ.*}

বাটদান (*মবা.*) [বাট্‌দান্] *বি* পথ-কর; পথ ব্যবহারের জন্য দেয় কর (বাটদান হাটদান লইগোঁ ব্রজঘরে—*বচ*)। {*স.* বর্ত্ম>*প্রা.* বট্ট>*বা.* বাট+*স.* দান}

বাটখারা [বাট্‌খারা] *বি* পড়েন; দ্রব্যাদি ওজনের জন্য পাথরের বা লোহার খণ্ড (বাটখারা লয়ে মাপিতে শিখেছি কতটা ওজন কার—*জউ*)। {*তুল. হি.* বটখারা}

বাটন, বাঁটা [বাটোন্, বাঁটা] *বি* পিষ্টকরণ; পেষা; মসলাদি পেষা; মশলা বাটা। {*স.* বর্তনী>}

বাটপাড়, বাটপার, বাটওয়ার [বাটপাড়্, -র্, -ওয়ার্] *বি, বিণ* প্রতারক; ঠক; রাহাজানকারী; লুটেরা (রামচন্দ্র বাবু প্রথম শ্রেণীর বাটপাড়—*বচ*)। **বাটপাড়ি, বাটপারি** *বি* বাটপাড়ের বৃত্তি বা পেশা। {*স.* বর্ত্ম>; *তুল. হি.* বাটপারণা}

বাটা[১], **বাঁটা** [বাটা, বাঁ-] *বিণ* পেষণকৃত; পিষ্ট (ডাল বাটা; হলুদ বাটা)। □ *ক্রি* পেষণ করা। {*স.* (উদ্)বর্তন>*প্রা.* (উব্)বট্টন>বট্ট>বাট+আ; *তুল. হি.* বাট্‌না}

বাটা[২] [বাটা] *বি* ১ এক প্রকার থালা; পানের থালা; তাম্বুল করঙ্ক (কেহ এ তাম্বুল জোগাএ সুবর্ণ বাটা ভরি—*শেফ*)। ২ জামাইষষ্ঠীতে জামাতাকে দেয় থালাপূর্ণ খাদ্য। {*স.* (উদ্)বর্তন>প্রা (উব্)বট্টন>বট্ট>বাট+আ}

বাটা[৩] [বাটা] *বি* একজাতীয় সাদা ছোট মাছ (বাটা মাছ ভাজে যেই তেলে—*জীদা*)। {*আঞ্চ.*}

বাটা[৪], **বাট্টা** [বাটা, বাট্‌টা] *বি* ক্রয় বিক্রয়ের সময়ে প্রকৃত মূল্য থেকে যা বাদ যায়; commission; discount। ~ **লাগা** *ক্রি* ভাটা লাগা; হানি হওয়া (কাণ্ড-কারখানার ফলে বাট্টা লেগে গেল তৈমুরিক খান্দানী মর্যাদায়—*জহা*)। {*তুল. হি.* বট্টা}

বাটালি, বাটালী [বাটালি] *বি* কাঠ চাঁচবার অস্ত্রবিশেষ (তার প্রতি অক্ষর বাটালি দিয়ে খোদা—*প্রচৌ*)। {*স.* √বট্+অ(ঘঞ্)=বাট+*বা.* আলি, আলী; *হি.* বট্টালী}

বাটি, বাটী[১] [বাটি] *বি* প্রান্তভাগ উঁচু ক্ষুদ্র বাসন; পেয়ালা; কটোরা (বাটিতে দুধ আনো)। **বাটি চালা** *ক্রি* অজ্ঞাত অপরাধী স্থির করা বা ধরার জন্য মন্ত্রবলে বাটিকে চলমান করা। **জাম**~ *বি* বৃহৎ আকৃতির বাটি। {*তুল. হি.* বট্টা}

বাটিকা [বাটিকা] *বি* ক্ষুদ্র গৃহ; ছোট বাড়ি; বৃক্ষবাটিকা (বৃক্ষ-বাটিকাতে উপস্থিত হইয়া আলবালে জল সেচন আরম্ভ করিলে—*ঈবি*)। {*স.* বাটি+ক(কন্)+আ(টাপ্)}

বাটী[২] [বাটি] *বি* বাড়ি; গৃহ; বাসা; আবাস; বাটিকা; ক্ষুদ্র বাড়ি। {*স.* বট্+অ(ঘঞ্)+ঈ(ঙীষ্)}

বাটুল, বাঁটুল [বাটুল্, বাঁ-] *বি* ১ লৌহ; সিসা বা মাটির গুলি (বিহঙ্গ বাটুলে বিন্ধে—*কমু*)। ২ ক্ষুদ্রাকৃতি গোলগাল মানুষ। {*স.* বর্তুল>}

বাটোয়ারা, বাঁটোয়ারা [বাটোয়ারা, বাঁ-] *বি* বিভাগ; বণ্টন; ভাগ বাটোয়ারা। {*হি.* বটওয়ারা>}

বাড় [বাড়্] *বি* ১ বৃদ্ধি; পুষ্টি (ছেলেটার বাড় নাই)। ২ স্পর্ধা; ঔদ্ধত্য; বাড়াবাড়ি; গ্রাহ্য না করা (বড় বাড় বেড়েছে। ৩ উন্নতি। {*স.* বৃদ্ধি>}

বাড়ই, বাড়ুই [বাড়োই -ড়ু-] *বি* ছুতার; ঘরামি। {*স.* বর্ধকি>*প্রা.* বাড্ডই>}

বাড়তি [বারতি] *বিণ* ১ বৃদ্ধি। ২ উদ্বৃত্ত; প্রয়োজন অপেক্ষা বেশি; অতিরিক্ত; প্রয়োজনাতিরিক্ত। (*স.* বৃদ্ধি>বাড়+*বা.* তি}

বাড়ন[১] [বাড়োন্] *বি* বৃদ্ধি; পুষ্টি। {*স.* বর্ধন>}

বাড়ন[২] [বাড়োন্] *বি* সম্মার্জনী; ঝাঁটা; ঝাড়ন। {*স.* বর্ধনি>}

বাড়ন্ত [বাড়োন্‌তো] ১ বাড়ছে এমন; বর্ধিষ্ণু; বৃদ্ধিশীল। {*স.* বৃদ্ধি>বাড়+*বা.* অন্ত}

বাড়ব [বাড়োব্] *বি* ১ বড়বা অর্থাৎ সিন্ধুঘোটক সম্বন্ধীয়। ২ সমুদ্রোত্থিত অগ্নি, যা সিন্ধুঘোটকের মুখনিঃসৃত অগ্নি বলে ধারণা করা হয়। ~ **বহ্নি, বাড়বাগ্নি** *বি* বাড়বানল;

সমুদ্র গর্ভের অগ্নি (আমি বসুধা বক্ষে আগ্নেয়াদ্রি বাড়ব বহ্নি কালানল—*নই*)। { *স.* বড়বা+অ(অণ্)>}

বাড়া [বাড়া] *ক্রি* ১ বৃদ্ধি পাওয়া (লোক বাড়া)। ২ পরিবেশন করা (ভাত বাড়া)। ৩ উড়ন্ত ঘুড়ির সুতা ছাড়া (বেড়ে প্যাঁচ খেলা)। ৪ ভেঙে যাওয়া (শাখা বেড়েছে)। ৫ সামনে অগ্রসর হওয়া (তুমি আগে বাড়ো)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* অধিক; বেশি (জনক হইতে স্নেহ জননীর বাড়া—*ভারা*)। **বাড়ানো** *ক্রি* ১ বৃদ্ধি করা (দিন বাড়ানো)। ২ অতিরঞ্জিত করা (কারও সম্বন্ধে বাড়িয়ে বোলো না)। ৩ অতিশয় প্রশ্রয় দেওয়া (ছেলেটাকে অত্যন্ত বাড়িয়ে দিয়েছ। ৪ প্রকৃত অপেক্ষা বেশি করে বলা (বয়স বাড়ানো)। ৫ লেখার উপযুক্ত করে কাটা (পেনসিল বাড়া)। □ *বি, বিণ* উক্ত সব অর্থে। **–বাড়ি** *বি* ১ খুব বেশি বাড় (বাড়াবাড়ি হওয়া)। ২ মাত্রাতিরিক্ত সীমা লঙ্ঘন (বাড়াবাড়ি করা)। **পা বাড়ানো** *ক্রি* যেতে উদ্যত হওয়া; প্রস্থানের উদ্যোগ গ্রহণ করা। **হাত বাড়ানো** *ক্রি* পাওয়ার বা ধরার জন্য হস্ত প্রসারণ করা; পাবার লোভে অগ্রসর হওয়া; পাওয়ার জন্য সচেষ্ট বা আগ্রহান্বিত হওয়া। { *স.* √বৃধ্>বাড়+*বা.* আ; *তুল. হি.* বঢ়না}

বাড়ি[1] [বাড়ি] *বি* ১ লাঠি দণ্ড বেত প্রভৃতি দিয়ে আঘাত (উপস্থিত মাথায় বাড়ি কি প্রকারে ঠেকাইবেন তাহারই ফিকির করুন—*মীম*)। ২ ঋণ। ৩ সুদ; বৃদ্ধি। { *স.* বৃদ্ধি> *প্রা.* বড্‌ঢি>*বা.* বাড়ি}

বাড়ি[2], **বাড়ী** [ব্যাড়ি] *বি* ১ আবাসগৃহ; বাসস্থান; বাস্তু সংলগ্ন বেষ্টিত স্থান। ২ উদ্যান; বাগান (বাগানবাড়ি)। **–ওয়ালা** *বি* বাড়ির মালিক (বাড়িওয়ালা খুব ভাল মানুষ)। **–ওয়ালী** *স্ত্রী.*। **–ঘর, ঘর–** *বি* গোটা বাড়ি; সমস্ত ঘর ইত্যাদিসহ বাড়ি। { *স.* বাটী>}

বাণ [বান্] *বি* ১ তীর; শর; শায়ক; ধনুক থেকে ছুড়বার অস্ত্র (কামারেরা বাণ, দশালকি কাটা ও বাটি প্রস্তুত কচ্ছেন—*কাসি*)। ২ একপ্রকার তান্ত্রিক মন্ত্রযুক্ত মারণাস্ত্র (বাণ মারা)। ৩ বাণ নামক রাজা। ৪ বাণভট্ট নামক সংস্কৃত সাহিত্যিক। ৫ অগ্নি। ৬ শব্দ ধ্বনি। **–লিঙ্গ** *বি* শিবলিঙ্গ বিশেষ। { *স.* √বণ্+অ(ঘঞ্)}

বাণকাড়া দুধ [বান্‌কাড়া দুধ] *বি* ১ গরুর বাট থেকে সদ্য গৃহীত দুধ। {বাণ+কাড়া+দুধ}

বাণতৃণ [বান্‌তৃনো] *বি* শরতৃণ। { *স.* বাণ+তৃণ; *কর্মধা.*}

বাণদণ্ড [বান্‌দন্‌ডো] *বি* কাপড় বোনার যন্ত্রবিশেষ। { *স.* বাণ+দণ্ড; *কর্মধা.*}

বাণধি [বানোধি] *বি* তৃণ। { *স.* বাণধি}

বাণপাণি [বান্‌পানি] *বি* যার হস্তে বাণ। { *স.* বাণ+পাণি; *বহু.*}

বাণমোক্ষণ [বান্‌মোক্‌খোন্] *বি* বাণ বর্ষণ। { *স.* বাণ+মোক্ষণ; ৬তৎ}

বাণবার [বান্‌বার্] *বি* বর্ম। { *স.* বান+বার; *বহু.*}

বাণিজ্য [বানিজ্‌জো] *বি* ১ ব্যবসা; পণ্যদ্রব্যাদি ক্রয়-বিক্রয়। ২ বিদেশের সঙ্গে কারবার; সওদাগরি (এ বছর বাণিজ্যে সে প্রচুর লাভ করেছে)। **–দূত** *বি* বিদেশে নিজ দেশের ব্যবসার স্বার্থ দেখার জন্য নিযুক্ত রাষ্ট্রদূত (বাংলাদেশের বাণিজ্যদূতরূপে তিনি চীন সফর করে এলেন)। **–ধানী** *বি* দেশের প্রধান প্রধান শহর বা নগর। { *স.* বণিজ্+অ(অণ্)+য(ষ্যঞ্)}

বাণিয়া⇒বানিয়া

বাণী [বানি] *বি* ১ শব্দ; ভাষা; কথা; উক্তি; ভাষণ। ২ উপদেশপূর্ণ উক্তি (রবীন্দ্রনাথের সেই সব গান বাণী-প্রধান—*মোচৌ*)। ৩ সরস্বতী। { *স.* √বণ্+অ(ঘঞ্)+ই(ইণ্)+ঈ(ঙীষ্)}

বাণ্ডিল ⇒ বান্ডিল

বাৎ [বাত্] *বি* কথা; বাক্যালাপ (যদি আমি খাস হিন্দীতে বাৎ চালাইতে পারিতাম—*রঠা*)। **–চিত, বাতচিত** *বি* আলাপ আলোচনা; কথাবার্তা ('তোমার সাথে মোর থোড়া বাৎচিত আছে')। { *হি.* বাৎ}

বাত[1] [বাত্] *বি* ১ কথা; উক্তি; বাক্য (একটা নামজাদা লোকের বেটী না আনলে আদমির কাছে বহুত সরমের বাত—*প্যামি*)। ২ খবর (ঘরে বসে পুছে বাত—*খব*)। { *স.* বার্তা>*বা.* বাত; *তুল. হি.* বাৎ}

বাত[2] [বাত্] *বি* ১ বায়ু; বাতাস। ২ রোগবিশেষ; রক্তদুষ্টি ব্যাধি। ৩ দেহগত ত্রিধাতুর একটি (বাত পিত্ত কফ)। **–কর্ম** *বি* পাদ; নিম্নাঙ্গের ছিদ্রপথে অপান-বায়ু বা অধোবায়ু নির্গমন বা ত্যাগ। **–রক্ত** *বি* রক্তদুষ্টি হেতু এক প্রকার রোগ। { *স.* √বা+ত(ক্ত)}

বাতগর্ভ [বাত্‌গর্‌ভো] *বিণ* অতিরিক্ত কথা; অলীক কথা (ভ্রমে শূন্য পথে বাতগর্ভ—*মদ*)। { *স.* বাত+গর্ভ; *বহু.*}

বাতলানো, বাৎলানো [বাত্‌লানো] *ক্রি* ১ পথ বলা; ব্যাখ্যা করা। ২ উপদেশ দেওয়া; উপায় বলে দেওয়া (ইমান আমান খাওয়ার কায়দা বাৎলান হয়—*আমআ*)। { *হি.* বাৎলানা; বাংলায় ক্রিয়ার রূপ—বাতলাই, বাতলাও, বাতলায়, বাতলান ইত্যাদি, অসমাপিকা ক্রিয়ার রূপ—বাতলিয়ে, বাতলালে ইত্যাদি}

বাতা [বাতা] *বি* বাখারি; বাঁশ বা কাঠের পাতলা দীর্ঘ ফালি (মনে পড়ে ঘর ছোনের ছাউনি বেড়িয়া চালের বাতা—*জউ*)। { *স.* (বংশ)পট্ট>পাটা>বাতা}

বাতানো[1] [বাতানো] *ক্রি* বাখারি, বাঁশ বা কাঠের পাতলা দীর্ঘ ফালি লাগানো। {বাতা+আনো}

বাতানো[2] [বাতানো] *ক্রি* বলে দেওয়া; নির্দেশ দেওয়া; উপদেশ দেওয়া। {বাত+আনো; ক্রিয়ার রূপ—বাতাই, বাতান, বাতায় ইত্যাদি}

বাতান্বিত [বাতান্‌নিতো] *বিণ* বায়ু দ্বারা পূর্ণ; aerated। { *স.* বাত+অন্বিত; ৩তৎ}

বাতাপি⇒বাতাবি

বাতাবরণ [বাতাবরোন্] *বি* (বাংলামূলক) কথা দ্বারা সৃষ্ট আবরণ; যুক্তিসিদ্ধ কথা; (হিন্দিমূলক) পরিবেশ; কথার জাল। {বাত+আবরণ; ৬তৎ}

বাতাবর্ত [বাতাবর্‌তো] *বি* ঘূর্ণিবায়ু; ঘূর্ণিঝড়। { *স.* বাত+আবর্ত; ৬তৎ}

বাতাবি, বাতাবী, বাতাপি [বাতাপি, –বি, –] *বি* একপ্রকার অত্যন্ত বড় লেবু। { *স.* যবদ্বীপের রাজধানী বাটাভিয়া>?}

বাতায়ন [বাতায়োন্] *বি* ১ ঘরের মধ্যে আলো-বাতাস প্রবেশের পথ; জানালা। ২ গবাক্ষ। **–বর্তিনী** *বি* *স্ত্রী.*

জানালার সন্নিকটবর্তিনী (উপরিতলের বাতায়নবর্তিনী অদৃশ্য শ্রোত্রীগণের কর্ণপথে প্রবেশ করিতে পারে—*রঠা*)। { *স.* বাত(বায়ু)+অয়ন; ৬তৎ }

বাতাস [বাতাশ্] *বি* ১ বায়ু; হাওয়া (ঝড়ো বাতাস)। ২ সংস্রব; প্রভাব (বউটির বাতাস ভালো নয়)। ৩ দূষিত বায়ুর বা বাতাসরূপী অপদেবতার প্রভাব (ছেলেটার বাতাস লেগেছে)। ৪ ব্যজন; পাখা (বাতাস করা)। ~ **করা** *ক্রি* হাওয়া দেওয়া। ~ **খাওয়া** *ক্রি* মুক্তবায়ু বা পাখার হাওয়া উপভোগ করা। ~ **দেওয়া** *ক্রি* ১ *(আল.)* উত্তেজিত করা; আগুন জ্বালানো। ২ বাতাস দিয়ে ঠাণ্ডা করা। **বাতাসের সঙ্গে লড়াই করা** *ক্রি (আল.)* বিনা কারণে ঝগড়া করা। { *স.* বাত>; *তুল. হি.* বতাস}

বাতাসা [বাতাশা] *বি* চিনি বা গুড় দিয়ে প্রস্তুত এক প্রকার মিষ্ট দ্রব্যবিশেষ (পুলকের ফেনা সফেদ বাতাসা শুভ্র চামেলি ফুল—*সদ*)। **ফেনি** ~ *বি* চিনির তৈরি এক প্রকার বড় বাতাসা (মেলা থেকে এক সের ফেনি বাতাসা নিয়ে এসো)। ~ **কাটা** *ক্রি* বাতাসা প্রস্তুত করা। { *ফা.* বাতাশা باتاشا }

বাতাসি, বাতাসী [বাতাশি] *বি* তিন কাঁটাযুক্ত পাবদা জাতীয় এক ধরনের ছোটো মাছ। ☐ *বিণ স্ত্রী.* হালকা-পাতলা গড়নবিশিষ্ট। {বাতাস+ই}

বাতি[১] [বাতি] *বি* ১ দীপ; প্রদীপ; বর্তিকা (বাতিটা জ্বালিয়ে দাও)। ২ আলো; আলোক; আলোকবর্তিকা। ৩ সলতেযুক্ত মোম প্রভৃতির ক্ষুদ্র দণ্ড; candle। ৪ গাছের সরু দীর্ঘ গুঁড়ি বা কাণ্ড। ৫ মোমবাতির মতো দীর্ঘ জিনিস। ~**দান** *বি* দীপাধার। **বংশে** ~ **দেওয়া** *ক্রি* হিন্দু সমাজে কার্তিক মাসে পিতৃপক্ষে পিতৃপুরুষের আত্মার মঙ্গলের জন্য আকাশ-প্রদীপ দান করা। ২ *(আল.)* বংশ লোপ হতে না দেওয়া (বংশে বাতি দেওয়ার মতো কেউ রইল না)। **সাঁঝ**~ **দেওয়া** *ক্রি* সন্ধ্যার সময়ে গৃহে বাতি-জ্বালানো রূপ প্রতিদিনের করণীয় কর্ম করা। **সাঁঝের** ~ *বি* সন্ধ্যাবেলা দেবতার উদ্দেশে জ্বালানো প্রদীপ। { *স.* বর্তি>*প্রা.* বত্তি>}

বাতি *(মবা.)* [বাতি] *বিণ* সামান্য; ক্ষুদ্র; ছোট্ট। { *স.* পত্তী>পাতি>বাতি}

বাতিক [বাতিক্] *বি* ১ বায়ুর প্রকোপ হেতু মানসিক উত্তেজনা; বায়ুরোগ; বাই। ২ পাগলামি; ছিট। ৩ প্রবল ঝোঁক বা শখ (দেশ-বিদেশের ডাকটিকিট সংগ্রহ করার বাতিক)। ☐ *বিণ* ১ বায়ুঘটিত (বাতিক জ্বর)। ~**গ্রস্ত, বাতিকে** *বিণ* বাতিকের ফলে অস্থিরচিত্ত (বাতিকে লোক)। { *স.* বাত(বায়ু)+ইক(ঠক্)}

বাতিল [বাতিল্] *বিণ* ১ অগ্রাহ্য; না-মঞ্জুর; পরিত্যক্ত (দলিল তাদের বাতিল, যারা মানুষকে চায় করতে খাটো—*সদ*)। ২ মিথ্যা; অসার। ৩ নাকচ (তবে বিলকুল বাতিল হবে—*রাব*)। { *আ.* বাত্বিল باطل }

বাতুল, বাতূল [বাতুল্] *বিণ* ১ বায়ু রোগাক্রান্ত। ২ উন্মাদ; পাগল; ক্ষেপা (আমি তত বাতুল নহি—*রোসা*)। **বাতুলতা** *বি* পাগলামি (তাহা অনেকটা বাতুলতারূপে প্রতীয়মান হইত—*রঠা*)। **বাতুলাগার** *বি* পাগলা-গারদ (পৃথিবীর গতি আছে এই কথা বলাতে মহাত্মা গ্যালিলিওকে বাতুলাগারে যাইতে হইয়াছিল—*রোসা*)। { *স.* বাত+ ল(লচ্)+উ(উঙ)}

বাতেন [বাতেন্] *বি* শাস্ত্রসম্পৃক্ত গোপন কথা; যেসব গুণী কথা সর্বসাধারণের নিকট প্রকাশের যোগ্য নয়। **বাতেনি** *বিণ* (তোমরা সে সমস্ত বাতেনী কথা বরদাস্ত করিতে পারিবে না—*আত্মজা*)। { *আ.* বাত্বিন باطن }

বাত্যা [বাত্তা] *বি* প্রবল বায়ুপ্রবাহ; ঝড়; ঝটিকা (গতকাল এ জেলায় প্রচণ্ড বাত্যা বয়ে যায়)। ~**চক্র** *বি* ঘূর্ণিবায়ু। ~**পীড়িত** *বিণ* ঝড়ের মধ্যে পতিত; ঝঞ্ঝাক্লিষ্ট; ঝটিকাহত (বাত্যাপীড়িতদের জন্য এখনও কোনো সাহায্য প্রেরণ করা হয়নি)। ~**বিধ্বস্ত** *বি* ঝড়ে ধ্বংসপ্রাপ্ত (বাত্যা-বিধ্বস্তদের সাহায্য প্রদান করা প্রয়োজন)। { *স.* √বাত্+য+আ(টাপ্)}

বাৎলানো ⇒ বাতলানো

বাৎসরিক [বাত্শোরিক্] *বিণ* প্রতি বর্ষে অনুষ্ঠিত; বার্ষিক; বৎসর-সংক্রান্ত। { *স.* বৎসর+ইক(ঠঞ্)}

বাৎসল্য [বাত্শোল্লো] *বি* স্নেহ; সন্তানের প্রতি পিতামাতার মায়া-মমতা। { *স.* বৎসল+য(ষ্যঞ্)}

বাৎস্যায়ন [বাত্শায়োন্] *বি* কামসূত্র গ্রন্থের প্রণেতা। { *স.* বাৎস্য+আয়ন(ফক্)}

বাথরুম [বাথ্রুম্] *বি* গোসল করার জন্য বিশেষ কামরা; স্নানাগার; গোসলখানা (বাথরুম থেকে বেরিয়ে মুখহাত মুছতে মুছতে—*আত্মজা*)। { *ই.* bathroom}

বাথান [বাথান্] *বি* ১ গোচারণ-মাঠ। ২ গোশালা; যে স্থানে গরু-মহিষকে রাখা হয় (রাত্রে গরুর বাথানে গরু পাহারা দেওয়া—*খাহা*)। ৩ গরুর পাল। { *স.* বাসস্থান>*প্রা.* বাহত্থাণ>বাথান}

বাথানে, বাথানিয়া [বাথানে, -নিয়া] *বিণ* বাথানে রাখা ষাঁড়কে দিয়ে পাল দেওয়ার উপযুক্ত; রজঃস্বলা (গাভীর ক্ষেত্রে); যৌন সঙ্গলিপ্সু (ষাঁড় চাহি বুলে যেন বাথানিয়া গাই—*কমু*)। { *স.* বাথান+ইয়া>বাথানে}

বাথুয়া, বেথো [বাথুয়া, বেথো] *বি* শাকবিশেষ। { *স.* বাস্তুক>*প্রা.* বত্থুআ>বাথুয়া>বেথো}

বাদ[১] [বাদ] *বি* ১ কথন; ভাষণ; উক্তি (সাধুবাদ, অসত্যবাদ, নিন্দাবাদ)। ২ তর্ক (বাদপ্রতিবাদ, বাদবিতণ্ডা)। ৩ বাক্য (অনুবাদ)। ৪ ঝগড়া; কলহ (বাদবিসংবাদ)। ৫ মত; মতবাদ; theory (সাম্যবাদ, সাম্রাজ্যবাদ)। ৬ যথার্থ বিচার। ~**প্রতিবাদ** *বি* তর্কাতর্কি; তর্কবিতর্ক (তাহাদের মধ্যে বাদপ্রতিবাদ শুরু হইল)। ~**বিতণ্ডা** *বি* কথা-কাটাকাটি; তর্কবিতর্ক; ঝগড়া-কলহ (তাদের বাদবিতণ্ডা চরমে উঠল)। ~**বিসংবাদ** *বি* ঝগড়া-ঝাটি; কলহ (তাদের বাদ-বিসংবাদ লেগেই আছে)। { *স.* √বদ্+ই(ণিচ্)+অ(অণ্)}

বাদ[২] [বাদ] *বি* বাধা; বিঘ্ন; শত্রুতা; বৈরিতা। ~ **সাধা** *ক্রি* বিঘ্ন বা বিপদ সৃষ্টি করা; বাধা দেওয়া; শত্রুতা সাধন করা। { *স.* বাধ>}

বাদ[৩] [বাদ] *বি, অব্য* ছাড়; বিয়োগ; বিযুক্ত; ত্যাগ (তার কথা বাদ দাও)। ~**বাকি** *বিণ* অবশিষ্ট (বাদবাকি জিনিসগুলো তুমি পাঠিয়ে দিয়ো)। **বাদসাদ** *বি* ত্যাগ; বাদ; কিছু অংশ ত্যাগ বা বিসর্জন (কিছু বাদসাদ দাও)।

বাদহাটা *(মবা.)* *ক্রি* বাধা দেওয়া; রোধ করা (বড় কেলা বাদহাটা আগুলিয়া পথ—*ভারা*)। {*আ.* বাআদ بعد }

বাদক [বাদোক্] *বি,বিণ* যে বাজায়; বাদ্যকর। **বাদন** *বি* বাজানো। {*স.* √বদ্+ণিচ্+অক(ণ্বুল্)}

বাদল [বাদোল] *বি* ১ মেঘ (পুবে বাদল উঠলো—*অঠা*)। ২ বৃষ্টি; বর্ষা। ৩ দুর্দিন; দুঃসময় (এমন মেঘস্বরে বাদল ঝরঝরে—*রঠা*)। ~**পোকা** *বি* বর্ষাকালের ছোট সবুজ পোকা (বাদল পোকার ঝাঁকের মত কেন এত সি.আই.ডি–র আবির্ভাব হল—*অঠা*)। **বাদলা**[১] *বি* বাদল; মেঘবৃষ্টি। □*বিণ* বর্ষাকালীন; বৃষ্টিসিক্ত; বর্ষাস্নাত; মেঘাচ্ছন্ন; বর্ষণযুক্ত (বাদলা রাত)। **বাদুলে** *বিণ* বাদল সংক্রান্ত; বর্ষাকালের। {*মুণ্ডারি.* বাদর>; *স.* বার্দল(বাত দ্বারা দলন, নিপাতনে সিদ্ধ)>; *তুল.* *হি.* বাদল}

বাদলা[২] [বাদ্‌লা] *বি* জরির সুতা; উক্ত সুতায় উৎপন্ন। **বাদলার কাজ** *বি* জরির সুতা দিয়ে তৈরি নকশা ইত্যাদি। {বাদল+আ}

বাদশাহ, পাদশাহ [বাদ্‌শাহ্, পা–] *বি* মূলে পারস্য-সম্রাট; মহারাজ; রাজাধিরাজ। ~**জাদা** *বি* ১ বাদশাহর ছেলে; রাজপুত্র। ২ *(ব্য.)* ধনীর দুলাল (কী বাদশাহজাদা আমার!)। ~**জাদি/জাদী** *বি* *স্ত্রী.* বাদশার কন্যা; রাজকন্যা।। **বাদশাহি, বাদশাই** *বি* ১ বাদশাহের ঐশ্বর্য ও সম্পদ; সম্রাটের কর্তৃত্ব (তাদেরই আভাস পেলে মনে হয় পাইলাম বাদশাহী—*নই*)। ২ জাঁকজমকময় জীবন; বাদশাহগিরি; ভোগবিলাস (দুদিনের বাদশাহী পেয়ে ধরাকে সরাজ্ঞান করা)। ৩ বাদশাহর কাজ; বাদশাহগিরি; সর্বময় কর্তৃত্ব (বাদশাহী উবে গেছে, ডুবেছে বিলাস—*সদ*)। ৪ সম্রাটের ঐশ্বর্য ও সম্পদ। □*বিণ* বাদশাহ সংক্রান্ত; রাজকীয়। {*ফা.* বাদ্‌শাহ্ بادشاه }

বাদা [বাদা] *বি* ১ জলাভূমি; বাদা নামে পরিচিত সুন্দরবন অঞ্চল (বাদাতে ধান কাটা আরম্ভ হইয়াছে—*প্যামি*)। ২ দক্ষিণবঙ্গের জঙ্গলময় অঞ্চল (কতবার তাহারা দুইজনে সুদূর বাদা মুল্লুকে ধান কাটিতে গিয়াছে—*কাআও*)। {*আ.* বাদিয়াহ باديه }

বাদাড় [বাদাড়্] *বি* জঙ্গল; জংলা অঞ্চল (দুপুরবেলা বনে–বাদাড়ে ঘুরে বেড়িও না)। **বন–**~ *বি* বন–জঙ্গল। {বাদা>বাদাড়}

বাদানুবাদ [বাদানুবাদ] *বি* তর্ক–বিতর্ক; কলহ; কথা কাটাকাটি (তাদের মধ্যে প্রায়ই বাদানুবাদ হয়)। {*স.* বাদ+অনু+বাদ}

বাদাম[১] [বাদাম] *বি* নৌকার পাল (বাদাম লাগাইয়া বন্ধু কই ভাসিয়া যাও—*জউ*)। {*ফা.* বাদ্(বাতাস) باد + বান(রক্ষক) بان }

বাদাম[২] [বাদাম] *বি* বৃক্ষবিশেষ ও তার ফল; almond। **বাদামি, বাদামী** *বিণ* পাটকিলা; পাটকিলে; বাদামের ন্যায় বর্ণযুক্ত; পিঙ্গল; হলুদাভ; ধূসর; বাদামের মতো (ইংরেজী অক্ষরে বাদামী কেতায় নাম খোদা বি.এন.বি. উপরের জোড়া সিংহের আকৃতি—*মীম*)। {*স.* বাতাম্র>}

বাদিত [বাদিতো] *বিণ* ধ্বনিত; শব্দিত। {*স.*√বদ্+ণিচ্+ত(ক্ত)}

বাদিত্র [বাদিত্‌ত্রো] *বি* বাদ্যযন্ত্র; বাজনা (বাজিল চৌদিকে ত্রিদিব বাদিত্র—*মদ*)। {*স.*√বদ্+ণিচ্+ইত্র(ণিত্র)}

বাদিয়া⇒বেদিয়া

বাদী(–দিন্) [বাদি] *বি* রাগ বা রাগিণীর প্রধান সুর। □*বিণ* ১ অভিযোগকারী; অভিযোক্তা; নালিশ করে এমন; ফরিয়াদি (বাদী পক্ষ)। ২ বাধা দান করে এমন। ৩ বক্তা; কথক (সত্যবাদী, প্রিয়বাদী, স্পষ্টবাদী)। ৪ মতাবলম্বী; বিশেষ মতবাদ অনুসারী (বাস্তববাদী, সাম্রাজ্যবাদী)। **বাদিনী** *স্ত্রী.*। **বাদিতা** *বি.*। {*স.* √বদ্+ইন্(ণিনি)}

বাদীপোতা ⇒ বাঁদিপোতা

বাদুড়, বাদুর [বাদুড়্, –র] *বি* চামচিকা অপেক্ষা বৃহৎ স্তন্যপায়ী ও ডানাযুক্ত নিশাচর প্রাণী (আঁধারের শরীরে বিকল বাদুরের নৈশ পাখার দাপট—*আগ*)। ~**চোষা** *বিণ* বাদুরে চুষেছে এমন। ~**ঝোলা** *বিণ* চলন্ত বাস-ট্রেনে বাদুরের মতো ঝুলে থাকা। {*স.* বাতুলি>}

বাদে [বাদে] *অব্য* ১ ব্যতীত; ছাড়া (তুমি বাদে কেউ জানে না)। ২ পরে গেলে; অতীত হলে। ৩ অবর্তমানে (তোমার বাদে কে করবে? তিন দিন বাদে আবার এসো)। {*আ.* বাআদ بعد }

বাদ্য [বাদ্‌দো] *বি* যা বাজানো হয়; বাজনা; বাজনার যন্ত্র। ~**কর** *বি* বাজনদার; বাজিয়ে। ~**ভাণ্ড** *বি* বাদ্যযন্ত্রসমূহ। {*স.* √বদ্+ণিচ্ (=√বাদি)+য(যৎ)}

বাধ [বাধ্] *বি* ১ বাধা; ব্যাঘাত; প্রতিবন্ধ। ২ উপদ্রব; পীড়া। {*স.*√বাধ্+অ(ঘঞ্)}

বাধক [বাধোক্] *বিণ* ১ অন্তরায়; বাধা সৃষ্টিকারী; বাধাজনক; প্রতিবন্ধক। ২ সন্তান উৎপাদন রোধক স্ত্রীরোগ; রজোদোষ। {*স.* √বাধ+অক(ণ্বুল্)}

বাধন [বাধোন্] *বি* পীড়ন; ব্যাঘাত; প্রতিষেধ। {*স.* √বাধ্+অন(ল্যুট্)}

বাধা[১] [বাধা] *বি* ১ প্রতিবন্ধ; অন্তরায়; বিঘ্ন; ব্যাঘাত; নিষেধ (নিয়তির বাধা না মানে—*রঠা*)। ২ লোকবিশ্বাস অনুযায়ী হাঁচি–টিকটিকি জাতীয় দৈবনিষেধের সংকেত (বাধা পড়া)। ৩ প্রতিরোধ (বাধা না মেনে)। {√বাধ্+আ}

বাধা[২] [বাধা] *ক্রি* ১ রুদ্ধ বা বদ্ধ হওয়া; জড়িত বা লিপ্ত হওয়া; আটকানো (কাঁটায় কাপড় বেধে গেছে)। ২ বাধা পাওয়া; প্রতিবন্ধকতা বা বিরোধ সৃষ্টি হওয়া। ৩ রোধ করা (বাধা দেওয়া)। ৪ সংঘটিত হওয়া; লাগা (স্বার্থে স্বার্থে লেগেছে সংঘাত—*রঠা*)। ৫ বন্দী বা ধৃত হওয়া (বেধে আনা)। ৬ বুঝতে অসুবিধে হওয়া। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* আবদ্ধ। **বাধানো** *ক্রি* ঘটানো। ২ আটকানো; বদ্ধ বা আবদ্ধ করা। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। {*স.* √বাধ+অ(ঘঞ্)+*বা.* আ; *স.* বদ্ধ>}

বাধিত [বাধিতো] *বি* ১ অনুগৃহীত; অনুগ্রহপ্রাপ্ত; উপকারের ঋণে বা কৃতজ্ঞতায় বদ্ধ (বাধিত হওয়া বা থাকা)। □*বিণ* বাধাযুক্ত; পীড়িত। {*স.* √বাধ্+*বা.* ইত}

বাধোবাধো, বাধবাধ [বাধোবাধো] *ক্রিবিণ* বেধে যাচ্ছে এমন; সংকোচযুক্ত বা কুণ্ঠাযুক্ত ভাব (বলতে বাধ বাধ ঠেকছে)। {*স.* √বাধ্+অ(ঘঞ্)+√বাধ্+অ(ঘঞ্)}

বাধ্য [বাদ্‌ধো] *বিণ* ১ বশ্য; বশীভূত; আজ্ঞাবহ (বাধ্য ছেলে, নিয়তির বাধ্য, কথার বাধ্য)। ২ নিবারণযোগ্য; নিবারণীয়; নিষেধের। ৩ উপায়হীনতা (একাজ করতে

তুমি বাধ্য)। **বাধ্যতা** *বি*। ~**বাধকতা** *বি* করতেই হবে এমন; পারস্পরিক বশ্যতা; বাধাবাধি।{ *স.* √বাধ্+ য(ণ্যৎ)}

বান¹ [বান্] *বি* এক তক্তার সঙ্গে অন্য তক্তা জোড়া দেওয়ার জন্য যে খাঁজ কাটা হয়।~**চাল** *বিণ* ১ নৌকার তক্তার জোড়া ফাঁক হয়ে যাওয়া। ২ ভণ্ডুল; ফেঁসে যাওয়া; বিপর্যয় ঘটা; ভেস্তে যাওয়া (পরিকল্পনা বানচাল হওয়া)। { *ফা.* বান(রক্ষক) بان }

বান² [বান্] *বি* বন্যা; জলপ্লাবন; নদ-নদীর হঠাৎ প্রচুর জলস্ফীতি বা বৃদ্ধি (সন্ধ্যার আগে থেকেই বানের তাণ্ডবলীলা শুরু হয়)।~ **ডাকা** *ক্রি* বন্যা হওয়া। **বানের পানিতে ভেসে আসা** *ক্রি (আল.)* তুচ্ছভাবে বা মূল্যহীনভাবে পাওয়া; অসাররূপে বিবেচিত হওয়া। **বানের পানিতে ভেসে যাওয়া** *ক্রি* তুচ্ছ বা মূল্যহীন হওয়া; সর্বনাশ হয়ে যাওয়া। ~**ভাসি** *বি* ১ বন্যায় যা ভাসিয়ে আনে। ২ বন্যায় ভাসানো (নদীর বানভাসির পর যেমন বান রেখে যায়—*নই*)। { *স.* বন্যা> }

-**বান** [বান্] যুক্ত বা অন্বিতসূচক প্রত্যয় (রূপবান, বেগবান, ধনবান; গুণবান)। -**বৎ**(তাবৎ)। -**বতী** *স্ত্রী.* (বেগবতী, ফলবতী)।{ *স.* বতুপ্ বা বৎপ্রত্যয় (লিঙ্গভেদে এর রূপান্তর, যথা—বান, বৎ, বতী)}

বানপ্রস্থ [বানপ্রোস্‌থো] *বি* ১ হিন্দুশাস্ত্র অনুসারে তৃতীয় আশ্রম; সংসার ছেড়ে পৌঢ় বয়সে বনে বসবাস করে ঈশ্বরের চিন্তায় অবশিষ্ট জীবন অতিবাহন। □ *বিণ* তৃতীয় আশ্রম অবলম্বনকারী (আমরা বলি, বানপ্রস্থ যৌবনেতেই চলে—*রঠা*)। { *স.* বনপ্রস্থ+অ(অণ্)}

বানর ⇒ বাঁদর

বানস্পত্য [বানোশ্‌পোত্‌তো] *বি* পুষ্প ব্যতীত ফল হয় এমন বট অশ্বত্থ ইত্যাদি গাছ; বনস্পতিসমূহ। { *স.* বনস্পতি+য(ণ্য)}

বানা [বানা] *বি* ১ তাঁত বোনার কাজে ব্যবহৃত সরু খিল। ২ বাঁশের পাতলা সরু চটা দিয়ে প্রস্তুত মাছ আটকানোর বেড়া। { *স.* √বাণি>*প্রা.* বণ্ণ>*বা.* বান+আ}

বানাওট⇒বানোয়াট

বানাত [বানাত্] *বি* এক প্রকার কাপড় (যে রক্তবর্ণ বানাত তক্তপোষে আছে—*বেরো*)। { *ই.* bonnet}

বানান [বানান্] *বি* শব্দের বর্ণ বিশ্লেষণ (১৯৯২ সালে বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম প্রকাশ করে; বাংলা একাডেমী বানান-অভিধান)। { *স.* বর্ণন> }

বানানো [বানানো] *ক্রি* ১ তৈরি করা; গড়া; প্রস্তুত করা (বাড়ি বানানো শেষ হয়েছে)। ২ রাঁধা (রুটি বানানো; কোর্মা বানানো)। ৩ রাঁধবার জন্য কোনো কিছু কোটা (মাংস বানানো, তরকারি বানানো)। ৪ কোনো কিছুর সঙ্গে তুল্য জ্ঞান করা (ভেড়া বানানো)। ৫ কিছুতে পরিণত করা (বোকা বানানো)। □ *বিণ* কৃত্রিম; মিথ্যা। { *তুল. হি.* বনানা; ক্রিয়ার রূপ—বানাই, বানাও, বানান, বানাবে, বানিয়ো ইত্যাদি; অসমাপিকার রূপ—বানিয়ে, বানাতে ইত্যাদি}

বানারসি, বেনারসি [বানারোশি, বে-] *বি* কাশীতে প্রস্তুত শাড়ি (তোমার বানারসীটা খুব সুন্দর)। { *স.* বরুণা+অসি=বারাণসি>(বর্ণবিপর্যয়ে)বানারসি> }

বানি, বানী [বানি] *বি* অলঙ্কার ইত্যাদি প্রস্তুত করবার মজুরি অর্থাৎ বানানোর পারিশ্রমিক। { *স.* √বাণি>*প্রা.* বণ্ণ>*বা.* বান+ই; *তুল. আ.* বাণী بانی }

বানিয়া, বেনিয়া, বেনে [বানিয়া, বে-, বেনে] *বি* ১ ব্যবসাদার; ব্যবসায়ী; দোকানি। ২ অত্যন্ত ব্যবসায়-বুদ্ধিসম্পন্ন ব্যক্তি (তুমি দিন দিন বেনিয়া হয়ে যাচ্ছ)। **বানিয়ানি, বেনেনি** *স্ত্রী.*। { *স.* বাণিজ>*প্রা.* বাণিঅ> বানিয়া, >}

বানীর [বানির্] *বি* বেতগাছ; বেতস লতা; বঞ্জুল। { *স.* √বন্+ঈর(ঈরণ)}

বানু [বানু] *বি* উচ্চবংশীয়া অভিজাত সম্ভ্রান্ত মুসলিম মহিলা। { *ফা.* বানু بانو }

বানুরে [বানুরে] *বিণ* বানরসুলভ; বানরোচিত; বানরের ন্যায় স্বভাববিশিষ্ট। { *স.* বানর+ইয়া> }

বানেয় [বানেয়ো] *বিণ* বনজাত; বনবাসী। { *স.* বানর+ এয়(ঢক্)}

বানোয়াট, বানাওট [বানোয়াট্, বানাওট্] *বিণ* কৃত্রিম; কল্পিত; মিথ্যা (এসবই দেনা না দিবার মতলব বানাওট কথা—*মনসুর*)। { *বা.* বানা+ওয়াট; *তুল. হি.* বনাওট}

বান্ডিল, বাণ্ডিল [বান্‌ডিল্] *বি* একাধিক বস্তুর একত্রে আবদ্ধ অবস্থা; তাড়া; তোড়া; পুলিন্দা (এক বাণ্ডিল কাগজ—*আআআ*)। { *ই.* bundle}

বান্ত [বান্‌তো] *বিণ* বমি করা হয়েছে এমন; বমিত; উদ্‌গীর্ণ। { *স.* √বম্+ত(ক্ত)}

বান্তি [বান্‌তি] *বি* উদ্‌গার; বমি। { *স.* √বম্+তি(ক্তি)}

বান্দর ⇒ বাঁদর

বান্দা [বান্‌দা] *বি* ১ গোলাম; দাস; ক্রীতদাস; একান্ত বাধ্য (যেমন আদেশ বান্দার উপরে—তাই হোক হযরত—*মোম*; বন্দেগী করিবে বান্দা জমিন চুকিয়া—*ভারা*)। ২ ব্যক্তি (শাশুড়ির কান্দে ভর করিয়া দিবার মূলেই এই বান্দা—*মীম*)। ৩ সৃষ্ট মানব; মানুষ (তোমার বান্দার প্রতি সহায় হও, হে খোদা)। ৪ অনুগত লোক; বশীভূত ব্যক্তি (বান্দা হাজির)। ৫ (বিদ্রূপ) সহজ সরল ব্যক্তি (বান্দা বুঝেছে এবার)। **আল্লার**~ *বি* আল্লাহ্ কর্তৃক সৃষ্ট মানুষ। **বান্দি, বান্দী** *বি স্ত্রী.* দাসী; ক্রীতদাসী। { *ফা.* বান্দাহ্ بنده }

বান্ধব [বান্‌ধোব্] *বি* প্রিয়জন; বন্ধুবান্ধব; আত্মীয়স্বজন। **বান্ধবী** *স্ত্রী.*। { *স.* বন্ধু+অ(অণ্)}

বান্ধা [বান্‌ধা] *ক্রি* বাঁধা (দুয়ারে বান্ধা হাতি)। { *স.* বন্ধন> *বা.* √বান্ধ্+আ}

বান্ধুলি, বাঁধুলি [বান্‌ধুলি] *বি* পুষ্পবিশেষ (লাজে বিম্ব বান্ধুলি গমন বনান্তর—*সৈআ*)। { *স.* বন্ধুলি> }

বাপ¹, **বাপস** [বাপ্, বাপ্‌স্] *অব্য* ভয়, বিস্ময়প্রভৃতিসূচক ধ্বনি। { *ধ্বন্যা.* (হয়তো পিতাকে স্মরণ করা থেকে)}

বাপ² [বাপ্] *বি* ১ বাবা; পিতা; জন্মদাতা। ২ পুত্রস্থানীয় ব্যক্তির প্রতি স্নেহ সম্বোধন। ৩ পিতৃস্থানীয় ব্যক্তি বা পিতৃবৎ পূজ্য ব্যক্তি (ধর্মবাপ)। □ *অব্য* ভয় বিস্ময় প্রকাশক শব্দ। ~**কা বেটা** *বিণ* পিতার যোগ্য পুত্র। ~**কা বেটা সিপাইকা ঘোড়া কুচ নেহি তো থোড়া থোড়া**—পিতার গুণ সন্তানে কিছু না কিছু বর্তায়। ~**কেলে** *বিণ*

পৈত্রিক; পিতার আমলের; প্রাচীন (বাপকেলে সম্পত্তি)। ~ **বলা** *ক্রি* একান্ত নতি স্বীকার করা; বশ্যতা স্বীকার করে নেওয়া (দেবে না? বাপ বাপ বলে দেবে)। ~**-মা তোলা** *ক্রি* পিতামাতার উল্লেখ করে গালি দেওয়া। ~-**মা মরা দায়** *বি* বিশেষ দায়; যে বিপদে হীনতা স্বীকার করতে হয়। **-রে, ~রে -** *অব্য* ভয়, বিস্ময়, দুঃখ ইত্যাদি প্রকাশক ধ্বনিবিশেষ (বাপরে বাপ, কী বিরাট দৈত্য)। **বাপান্ত করা** *ক্রি* পিতা ও পূর্বপুরুষের উল্লেখ করে গালাগালি দেওয়া; *তুল.* **চোদ্দ পুরুষ তোলা**। **বাপের জন্মে, বাপের কালে, বাপের বয়সে**—কোনো দিন; কখনও; কোনো কালে (এমন কথা বাপের জন্মেও শুনিনি)। **বাপের বেটা** *বি* পিতার যোগ্য পুত্র; মরদ; বীরপুরুষ। **আপনি বাঁচলে বাপের নাম**—বিপদের সময়ে নিজের ভাবনাই আগে ভাবতে হয়। {*স.* বপ্র (যে বীজ বপন করে)>}

বাপন [বাপোন্] *বি* (অন্যের দ্বারা) বপন, বয়ন বা মুণ্ডন করা হয়েছে এমন। **বাপক** *বি,বিণ* বপনকারী। {*স.* √বপ্+ণিচ(=√বাপি)+অন(ল্যুট্)}

বাপা, বপা [বাপা, বপা] *বি* বাপ; পিতা (সরহ ভণই বপা উজুকট ভাইলা—*চর্যাপদ*)। {*স.* বপ্র>}

বাপাত, বাপাতি [বাপাত্, -তি] *(মবা.) বিণ* বাপকেলে; পিতার কালে। {*বা.* বাপ+আত, আতি}

বাপান্ত, বাপন্ত [বাপান্‌তো, -পোন্‌তো] *বি* বাপ তুলে গালি (উঠতে বসিতে করি বাপান্ত—*রঠা*)। {*বা.* বাপ+অন্ত}

বাপি, বাপী [বাপি] *বি* ১ বড় পুকুর বা দিঘি; জলাশয়। ২ বাপ আদরে বাপি; পিতা। {*স.* √বপ্+ই(ইঞ্), ঈ(ঙীষ্)}

বাপিত [বাপিতো] *বিণ* ১ বপন করা হয়েছে এমন; মুণ্ডিত বা রোপিত; উপ্ত। ২ বাওয়া ধান। {*স.* √বপ্+ণিচ্(=বাপি) +ত(ক্ত)।

বাপী ⟹ বাপি

বাপু [বাপু] *বি* বাছা; স্নেহপাত্রকে সম্বোধনবিশেষ; বাবু; পিতা (কাজটি শেষ করে ফেলো বাপু)। **-জি** *বি* মহাত্মা গান্ধীর সম্মানজনক সম্বোধন। ~-**বাছা করা** *ক্রি* সস্নেহে বাক্য প্রয়োগ করা। {*স.* বপ্র}

বাপুড়া, বাপুড়ী [বাপুড়া, -ড়ি] *(প্রাবা.) বিণ* বেচারা (তঁহি চড়ি নাচঅ ডোম্বী বাপুড়ী—চর্যা)। {*স.* বপ্র> বাপু+ড়া, ড়ী}

বাপুতি [বাপুতি] *বিণ* বাপের; পিতার (বাপুতি সম্পত্তি)। {বাপু+তি}

বাপুর *(মবা.)* [বাপুর্] *অব্য* বৎস; সন্তানের প্রতি স্নেহসূচক সম্বোধন (ভমর বাপুর বিরহে আকুল তুঅ দরশন লাগি—*বিপ*)। {*স.* বপ্র>}

বাপ্তিস্মা [বাপ্‌তিস্‌মা] *বি* বিশেষ প্রক্রিয়ায় খ্রিস্টধর্মে দীক্ষা। {*গ্রি.* baptismos> *ই.* baptism}

বাফতা [বাফ্‌তা] *বি* বস্ত্রবিশেষ; রেশম ও কার্পাস মিশিয়ে প্রস্তুত বস্ত্রবিশেষ। {*ফা.* বাফ্‌তাহ بافته }

বাফোই [বাফোই] *অব্য* বাপরে বাপ; ভয়, বিস্ময় ইত্যাদি ব্যঞ্জক (কান্দেরে বাঙ্গাল ভাই বাফোই বাফোই—*কমু*)। {বাপ>বাফ>}

বাব *(মবা.)* [বাব্] *বি* বিষয়; রাজস্ব (সেলামী কি বাঁশগাড়ী নানা বাবে যত করি না লইব গুজরাট বাসে—*কমু*)। {*ফা.* বাবত باب }

বাবই ⟹ বাবুই

বাবত, বাবদ [বাবোত্, -দ্] *অব্য* জন্য; দরুন; দফা (কোন বাবদে কত টাকা খরচ হয়, তার যথাযথ হিসাব প্রত্যাশা করি)। {*ফা.* বাবত بابت }

বাবদুক [বাবদুক্] *বি* বাচাল; বাক্যবাগীশ। {*স.* √বদ্+য(যঙ্)+উক(উকঞ্)}

বাবরি, বাবরী [বাব্‌রি] *বি* লম্বা কোঁকড়ানো চুল; কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ানো চুল (বাবরি চুল)। ~**-কাটা, -ছাঁটা** *বিণ* বাবরির মতো কুঞ্চিত করে কাটা বা ছাঁটা। {*ফা.* বাবর ببر }

বাবর্চি ⟹ বাবুর্চি

বাবলা [বাব্‌লা] *বি* এক জাতীয় কাঁটাওয়ালা গাছ—যার কাঠে লাঙল ও আঠায় গঁদ প্রস্তুত হয় (বাবলা গাছে হাত লেগে আঙুল গেল ছিঁড়ে—*বচ*)। {*স.* বর্বুর>}

বাবা [বাবা] *বি* ১ পিতা; জনক। ২ পিতার মতো আশ্রয়স্থল। ৩ পুত্র বা পুত্রস্থানীয়কে আদরে ও স্নেহ-সম্বোধনে ব্যবহৃত শব্দ। ৪ সাধু সন্ন্যাসী ও দেবতার প্রতি সম্মানসূচক উপাধি (বাবা বিশ্বনাথ, বাবা নানক)। ৫ বৎস (দড়ি ছেঁড়ে কেন বাবা—*বচ*)। ৬ আদর, অনুনয় ইত্যাদিসূচক সম্বোধন (বাবা-সোনা করা)। ৭ বন্ধু-বান্ধবদের পরস্পরের প্রতি সম্বোধন (কেন গোলমাল কর বাবা)। ৮ বিতৃষ্ণাজনক উক্তি (বাবা! ও পথে আর নয়)। ৯ অধিকতর শক্তিশালী (এ মেয়ে পুরুষের বাবা)। **-গো** *বিণ* দুঃখ, যন্ত্রণা ইত্যাদিসূচক উক্তি (বাবাগো মাগো বলে চিৎকার করতে লাগল)। **-জান, বা'জান** *বি* ১ পিতা। ২ বৎস। ~**-জি, ~জী** *বি* ১ (হিন্দু সমাজে) বৈষ্ণব সাধু সন্ন্যাসী সম্পর্কে সম্ভ্রমপূর্ণ উক্তি (কৃষ্ণদাস বাবাজী)। ২ পুত্রস্থানীয়দের প্রতি আরোপিত সম্মানজনক শব্দ। **-জীবন** *বি* জামাতা বা জামাতৃস্থানীয়ের প্রতি সস্নেহ সম্বোধন। {*স.* বপ্র>; *তু.* বাবা}

বাবাঃ [বাবাহ্] *অব্য* ভয়, বিস্ময়, বিদ্রূপ প্রভৃতি সূচক ধ্বনিবিশেষ, যাতে বাবাকে স্মরণ করা হয় বলে মনে করা যেতে পারে। {*স.* বপ্র>; *তু.* বাবা}

বাবু [বাবু] *বি* ১ পদস্থ বাঙালি হিন্দুর সম্ভ্রমসূচক সাধারণ উপাধি (বাবু দ্বারকানাথ ঠাকুর)। ২ বাঙালি হিন্দু ভদ্রলোকের নামের পরে ব্যবহৃত সম্ভ্রমসূচক সাধারণ উপাধি (শরৎ বাবু, রমেশ বাবু)। ৩ *(প্রাপ্র)* উনিশ শতক ও বিশ শতকের প্রথমার্ধে প্রচলিত প্রধানত হিন্দু সম্প্রদায়ের দাপ্তরিক কর্মচারী (বড়বাবু, ছোটবাবু, টিকিটবাবু)। ৪ হিন্দুসমাজে স্বামী; গৃহস্বামী (বাবু এখনও ঘরে ফেরেননি)। ৪ দৈহিক শ্রমবিমুখ ব্যক্তি (তখন তিনি ঘোর বাবু ছিলেন)। □ *বিণ* শৌখিন; বিলাসী; আয়েশি। **-কালচার** *বি* উনিশ শতকের গোড়ার দিককার কলকাতাকেন্দ্রিক আধুনিক সংস্কৃতি বা কালচার। **-গিরি, ~য়ানা, -য়ানি** *বি* শৌখিন চালচলন; বিলাসী হালচাল (পরের পয়সায় খুব বাবুগিরি করছো)। **-জি, বাবাজি, ~মশাই** *বি*

ভদ্রলোকের প্রতি সম্মানজনক সম্বোধন (বাবুজী শুনুন)। --**বাছা করা** *ক্রি* পুত্রবৎ জ্ঞান করে সস্নেহ-বাক্যে কথা বলা। --**বাছা বলা** *ক্রি* স্নেহ ও আদর করা। { *স.* বপ্র>বপ্‌পা>বাপা>বাপু>বাবু}

বাবুই, বাবই, বাউই [বাবুই, -বো-, বাউই] *বি* ১ বয়নপটু ক্ষুদ্র পাখিবিশেষ (বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই—*রজসে*)। ২ দীর্ঘ দৃঢ় তৃণবিশেষ। **বাবুই-তুলসী** *বি* একপ্রকার তুলসী গাছ। { *স.* বর্বরী>}

বাবুর্চি, বাবর্চি [বাবুরচি, -বো-] *বি* ১ পাচক। ২ মুসলমান পাচক (লক্ষ্ণৌয়ের বাবুর্চির রান্না বিরিয়ানি)। **-খানা** *বি* রান্নাঘর; হেঁসেল; kitchen (বাবুর্চিখানা থেকে খানা নিয়ে এসো)। { *তু.* বাবর্চি}

বাম[১] [বাম্] *বি* ১ বাঁ দিক; ডান দিকের বিপরীত (বাম দিকে চলে যেয়ো)। ২ বামদিক; বামদিকস্থ (বাম আঁখি, বাম হস্ত)। □ *বিণ* ১ বিমুখ; প্রতিকূল (বিধি বাম)। ২ বিপরীত (বামপন্থি)। ৩ সুন্দর (বামলোচনা, বামাক্ষী)। **বামা** *স্ত্রী.*। { *স.* √বা+ম(মন্)}

বাম[২] ⇒ বাঁও[২]

বামন[১], **বামুন** [বামোন, -মু-] *বি* ১ ব্রাহ্মণ; হিন্দু বর্ণব্যবস্থায় চতুর্বর্ণের মধ্যে শ্রেষ্ঠ বর্ণ (সে যে সে বামুন নয়—*শচ*)। ২ পুরোহিত; পূজক। ৩ পাচক। **বামনি, বামনী** *স্ত্রী.*। ~ **গেল ঘর তো লাঙল তুলে ধর**—(*প্রবাদ.*) কর্মচারীদের উপর দৃষ্টি না রাখলে তারা কাজ করে না, সেটি বোঝাতে এ প্রবাদের প্রয়োগ হয়ে থাকে। **-ঠাকুর** *বি* পুরোহিত; পূজক; ব্রাহ্মণজাতীয় পাচক। ~ **শুদ্দুর তফাত** *বি* আকাশ-পাতাল তফাত। **বামনের গরু** *বি* যে ব্যক্তি বা বস্তুর নিকট অতি অল্প ব্যয়ে প্রচুর কাজ পাওয়া যায়। { *স.* ব্রাহ্মণ>}

বামন[২] [বামোন] *বি* ১ বেঁটেলোক; dwarf। ২ হিন্দু পুরাণোক্ত বিষ্ণুর অবতারবিশেষ। ~ **হয়ে চাঁদে হাত**—অসম্ভব প্রয়াস; অযোগ্য লোকের বিরাট কিছু করার চেষ্টা; অসম্ভব বস্তু লাভের বৃথা চেষ্টা। { *স.* বাম+√নী+অ(ড)}

বামপন্থি, বামপন্থী [বাম্‌পোন্‌থি] *বি* আইন সভায় বিরোধীদলীয় সদস্যবৃন্দ। □ *বিণ* প্রগতিশীল। { *স.* বাম+পন্থি, পন্থী}

বামা [বামা] *বি* ১ সুন্দরী রমণী। ২ প্রতিকূলা; বিরুদ্ধাচারিণী; অপ্রসন্না। { *স.* বাম+আ(টাপ্)}

বামাচার [বামাচার্] *বি* হিন্দু সমাজের তান্ত্রিক আচার; স্ত্রী-পুরুষের মিলিতভাবে এক প্রকার তান্ত্রিক সাধনা। মদ-মাংস-মৈথুন প্রভৃতি পঞ্চ 'ম'-কার যুক্ত তান্ত্রিক সাধনা। **বামাচারী** *বি* বামাচার পদ্ধতির সাধক। { *স.* বাম+আচার}

বামাবর্ত [বামাবরতো] *বিণ* বাঁ দিকে যায় এমন; বাঁ দিকে ঘোরে এরূপ। { *স.* বাম+আবর্ত}

বামাল, বমাল [বামাল্, বমাল্] *বি* চোরাই মাল; অপহৃত বস্তু (হঠাৎ বমাল ধরা পড়িয়া অত্যন্ত অপ্রতিভ হইল—*বিব;* বমাল আটক করে রেখেছি—*মীম*)। □ *বিণ* মালসমেত। { *ফা.* বা ب + *আ.* মাল مال }

বামী [বামি] *বি* *স্ত্রী.* স্ত্রী অশ্ব বা মাদি ঘোড়া; গর্দভী; হস্তিনী; শৃগালী (বড়বা নামেতে বামী বাড়বাগ্নিশিখা—*মদ*)। { *স.* বাম+ঈ(ঙীপ্)}

বামুন ⇒ বামন

বামেতর [বামেতর্] *বিণ* ডান; ডাহিন; দক্ষিণ (প্রমীলার বামেতর নয়ন নাচিল—*মদ*)। { *স.* বাম+ইতর}

বাম্ভন (*মবা.*) [বাম্‌ভোন্] *বি* ব্রাহ্মণ (বাম্ভন পণ্ডিত আইল দেব নিরঞ্জন—*রাপ*)। { *স.* ব্রাহ্মণ>}

বায়[১] [বায়্] *বি* ১ বায়ু; হাওয়া; অনিল; বাতাস; পবন; সমীরণ; সমীর (অঙ্গে নিলাজ পুলক ছোটে বায় যেন হায় নরম লতা—*নই*)। ২ গন্ধ; খোশবু। □ *ক্রিবিণ* বাতাসে; হাওয়ায়। { *স.* বায়ু>}

বায়[২] [বায়্] *ক্রি* ১ বোনে (কেহ বায় বস্ত্র—*রাভ*)। ২ বাজে (মৃদঙ্গ মন্দিরা বায় কেহ—*কমু*)। ৩ চালায় (নৌকা বায়)। { *স.* বাদ্য>বাজায়>বায়}

বায়[৩] [বায়্] *বি* ১ বয়ন; বপন। □ *ক্রি* বয়ন করে। { *স.* √বে+অ(অণ্)}

বায়ক [বায়োক্] *বিণ* ১ বাদ্যকর; বাদক। ২ বপনকারক; বয়নকারক। { *স.* বাদক>}

বায়তুলমাল [বায়তুল্‌মাল্] *বি* রাজকোষ; ধনাগার (বায়তুলমাল হইতে ভরণপোষণের জন্য তাঁকে কিছু টাকা বৃত্তি লইতে হইত—*দৌবা*)। { *আ.* বায়তুল্‌মাল্ بيت المال }

বায়তুল্লাহ [বায়তুল্‌লাহ্] *বি* আল্লাহর ঘর; কাবা (বিশ্ব মুসলিম মিলন কেন্দ্র বায়তুল্লা—*মামু*)। { *আ.* বায়তুল্লাহ্ بيت الله }

বায়ন[১] [বায়োন্] *বিণ* বাদ্যকর। { *স.* বাদন>}

বায়ন[২] [বায়োন] *বি* ১ পূজন; সেবন (গায়নে বায়নে মাগো মাগি এই বর—*ভারা*)। ২ পিষ্টকবিশেষ। { *স.* √বায়্+ণিচ্=√বায়ি(সেবন)+অন(ল্যুট্)}

বায়না[১] [বায়্‌না] *বি* ১ আবদার; প্রবল আগ্রহের সঙ্গে বার বার চাওয়া (ছোট খাট কত বায়না ছেলের পারে নাই মিটাবার—*জউ*)। ২ ছল; উছিলা; ওজর; ছুতা। { *ফা.* বাহানাহ بهانه }

বায়না[২] [বায়্‌না] *বি* অগ্রিম মূল্যদান; দাদন; earnest money; মূল্য নির্ধারণ করে কিয়দংশ অগ্রিম দান বা গ্রহণ; মূল্যের কিয়দংশ পূর্বে [illegible] করে ক্রয়ের অঙ্গীকার (জমিটার জন্য গাঙ্গী পাঁচ শত টাকা বায়না [illegible]রেছে)। **-পত্র** *বি* বায়না করা হলো—এরূপ স্বীকৃতিপত্র (বায়না-পত্তর করা হয়েছে)। { *আ.* বয় بيع + *ফা.* নামাহ نامه }

বায়নাক্কা, বয়নাক্কা [বায়্‌নাক্‌কা, বয়্-] *বি* বিস্তৃত বিবরণ; বিস্তারিত বিবরণ; খুঁটিনাটি; ফর্দ; টালবাহানা (পোলাও মাংস বাছতে হয় দেখতে হয় বহুৎ বয়নাক্কা—*সৈমু*)। { *স.* বর্ণনাক্রম>}

বায়ব, বায়বীয়, বায়ব্য [বায়োবো, -বিয়ো, বায়োব্‌বো] *বিণ* ১ বায়ু বিষয়ক; বাতাস থেকে উৎপন্ন; বায়ুতুল্য; বায়ুপথে চলে এমন। **বায়ব্য বায়ু** *বি* মৌসুমি বায়ু; monsoon। **বায়ব্যমূল** *বি* যে মূল বা শিকড় শূন্যে বিস্তৃত; বটের ঝুড়ি। **বায়ব্যাস্ত্র** *বি* প্রাচীন অস্ত্র বিশেষ। { *স.* বায়ু+অ(অণ্); +ঈয়, +য(যৎ)}

বায়স [বায়োশ্] *বি* ১ কাক (পক্ষী হইলেই স্পর্ধা করয় বায়সে—*সৈআ*)। ২ অগুরু বৃক্ষ। **বায়সী** *বি* *স্ত্রী.* স্ত্রীজাতীয় কাক। **বায়সান্তক, বায়সারি** *বি* পেচক। { *স.* বয়স্+অ(অণ্)}

বায়স্কোপ [বায়োস্‌কোপ্] *বি* চলচ্চিত্র; ছায়াছবি; সিনেমা। { *ই.* bioscope}

বায়া [বায়া] *বি* স্বত্ব বিক্রয়কারী (আদালতের ভাষা)। { *আ.* বায়ে بایع }

বায়াত্তর, বায়াত্তুরে, বায়াত্তরিয়া ⇒ বাহাত্তর

বায়ু [বায়ু] *বি* ১ বাতাস; হাওয়া; পবন; বাত; অনিল; মরুৎ; মারুত; সমীর; সমীরণ (*হঠাৎ বাতাস বইতে শুরু করল*)। ২ বাই; বাতিক (মনিবের ধন সম্পর্কে নীলকণ্ঠের একটা কৃপণতার বাতিক আছে—*রঠা*)। ৩ দেহমধ্যস্থ ধাতুবিশেষ; দেহস্থ পাঁচটি বায়ু—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান (প্রাণ-বায়ু)। ~**কেতু** *বি* ধূলি। ~**কোণ** *বি* উত্তর ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ (বায়ু কোণের বাতায়নে বসে তাকিয়ে আছি—*সুধী*)। ~**কোষ** *বি* ফুসফুস; শরীরের মধ্যস্থ বায়ু থাকার আধার। ~**গতি** *বিণ* বায়ুর মত দ্রুতগতি। ~**গ্রস্ত** *বিণ* ১ বায়ুরোগাক্রান্ত। ২ বাতিকগ্রস্ত। ~**ঘরট্ট** *বি* বায়ু প্রবাহের দ্বারা চালিত ঘরট্ট। ~**জীবী** *বিণ* কেবল বায়ু আহার পূর্বক জীবন ধারণ করে এমন। ~**তনয়, ~নন্দন** *বি* হনুমান। ~**পথ** *বি* আকাশ। ~**পরিবর্তন** *বি* স্বাস্থ্যলাভার্থ এক স্থান হতে অন্য স্থানে গমন (আমি কহিলাম বায়ু পরিবর্তন—*রঠা*)। ~**প্রবাহ** *বি* বায়ুর স্রোত বা বেগ। ~**বাহিনী** *বি* বায়ুসঞ্চারিণী শিরা। ~**বিজ্ঞান** *বি* আবহবিদ্যা; meteorology (বায়ু-বিজ্ঞান বিষয়ক কতগুলি গ্রন্থ প্রণয়ন করেন—*আকআ*)। ~**ভুক** *বিণ* বায়ু ভক্ষণ করে বেঁচে থাকে এমন; বায়ুভক্ষণকারী। □*বি* সাপ; অহি। ~**মণ্ডল** *বি* ১ পৃথিবীর উপরে আকাশে যতদূর পর্যন্ত বাতাস আছে। ২ আকাশ; শূন্য। ~**মান যন্ত্র** *বি* যে যন্ত্রে বায়ুর চাপ মাপা হয়; barometer। ~**রোগ** *বি* উন্মাদ রোগ; ক্ষিপ্ততা বা পাগলামি রোগ; বাতিক। ~**রোধী** *বিণ* বাতাস প্রবেশ করতে বা বের হতে না পারে এমনভাবে আবদ্ধ; air-tight। ~**সখ, ~সখা** *বি* অগ্নি। ~**সেবন** *বি* খোলা জায়গায় ভ্রমণের দ্বারা বিশুদ্ধ বায়ু গ্রহণ। ~**স্তর** *বি* বায়ুর বিভিন্ন থাক বা পর্যায়। { *স.* √বা+উ(উন্)}

বায়েত, বয়াত [বায়েত্, বয়াত্] *ক্রি* ১ দীক্ষাদান করা (এমাম হোসেন তৎক্ষণাৎ তাহার হস্ত স্পর্শ করিয়া তাহাকে বয়াত করিলেন—*মীম*)। ২ আনুগত্য স্বীকার করা। { *আ.* বাইআত بیعت }

বায়েন [বায়েন্] *বি* বাদ্যকর; বাদক; দক্ষ বাদক। { *স.* বাদন>}

বার[১] [বার্] *বি* ১ সপ্তাহের বিভিন্ন দিন (রবিবার, সোমবার)। ২ নির্দিষ্ট দিন (হাটবার)। ৩ দফা; পালা; পর্যায় (এইবার, প্রতিবার)। ৪ সাধারণ (বারনারী)। ৫ নিবারণ। ৬ নিষিদ্ধ (বার বেলা কাল বেলা সদাসঙ্গে তার—*ভারা*)। ~ ~, **বারংবার, ~ম্বার** *(প্রাপ্র) ক্রিবিণ* পুনঃপুন। { *স.* বাসর>; *ফা.* বার بار >}

বার[২] ⇒ বাহির

বার[৩] [বার্] *বি* ১ বাইরের দিক; বহির্দেশ (এর ভিতর-বার কিছুই বুঝা যায় না, একটু বাইরে যাও)। ২ অতীত (সে এখন কাজের বার হয়ে পড়েছে)। ৩ সাক্ষাৎ; দর্শন; ভেট (গন্ধরাজ পাত্র ভাল, কিন্তু বড় দেমাগে প্রায় তার বার পাওয়া যায় না—*বচ*)। ৪ দেখা করার বা দেখা দেওয়ার অবসর। ৫ দরবার; সভা; সভাধিবেশন; সভাধিষ্ঠান (বার দিয়া বসিয়াছে বীরসিংহ রায়—*ভারা*)। □*বিণ* বাইরের; প্রকাশ্য (তাকে বার দিক দিয়ে নিয়ে যাও)। ~ **করা** *ক্রি* ১ বহিষ্কার করা (ঘাড় ধরে বার করা)। ২ ভিতর থেকে বের করা; গুপ্তস্থান থেকে বের করা। ~**মুখো** *বি* লম্পট। { *স.* বাহির>বাইর>বার}

বার[৪] [বার্] *বি* ১ আইনজীবীদের সম্প্রদায়; আদালতের উকিল-সমষ্টি। ~ **অ্যাসোসিয়েশন** *বি* উকিল-সমিতি। ~ **লাইব্রেরি** উকিলদের বসার জায়গা। { *ই.* bar}

বার[৫] [বার্] *বি* শুঁড়িখানা। { *ই.* bar}

বার[৬] ⇒ বারো

বার[৭] [বার্] *বি* ভার; বোঝা। ~**বরদার** *বি* মুটে; কুলি; মিস্ত্রি; তল্পিবাহক। ~**বরদারি, ~বরদারী** *বি* ১ তল্পিবাহক বা মুটের কাজ; মুটের কাজের জন্য ব্যয়। ২ কর্মচারীদের ভ্রমণের আনুষঙ্গিক ব্যয় (খোরাকি দিতাম, বারবরদারী দিতাম—*মীম*)। { *ফা.* বার بار }

বারই ⇒ বারুই

বারকোশ, বারকোস [বারকোশ্] *বি* কাষ্ঠনির্মিত কানা উঁচু বড় থালা; ট্রে; খুঞ্চা (বারকোশ পরিমাণ থালায় এক কুড়ি কোফতা পোলাও—*সৈমু*)। { *ফা.* বারকস برکس }

বারণ[১] [বারোন্] *বি* নিবারণ; নিষেধ; মানা। **বারক** *বিণ* ১ নিবারক; নিষেধকারী। ২ প্রতিবন্ধক; বাধাসৃষ্টিকারী। **বারণীয়** *বিণ* নিষেধযোগ্য; নিবারণ করা উচিত এমন। **বারিত** *বিণ* ১ নিবারিত। ২ নিষিদ্ধ। { *স.* √বৃ+ণিচ্=√বারি+অন(ল্যুট)}

বারণ[২] [বারোন্] *বি* ১ হস্তী; হাতি। ২ বর্ম; অঙ্কুশ। ~**বল্লভা** *বি* কলাগাছ। { *স.* √বৃ+ণিচ্=√বারি+অন(ল্যুট)}

বারণাবত [বারোনাবত্] *বি* মহাভারতোক্ত নগর বর্তমান প্রয়াগ বা এলাহাবাদ; যেখানে জতুগৃহ দাহ হয়। { *স.* বারণাবত}

বারতা *(পদ্য.)* [বারোতা] *বি* বার্তা, সংবাদ; খবর। { *স.* বার্তা>বারতা (স্বরাগমে)}

বারদরিয়া [বারদোরিয়া] *বি* বাইরের দরিয়া; উন্মুক্ত সমুদ্র; বহিঃসমুদ্র। { *বা.* বার+ *ফা.* দরিয়া دریا }

বারদিগর [বারদিগর্] (আদালতের ভাষায়) অন্য বার; দ্বিতীয় বার; পুনরায়। { *ফা.* বারদিগর باردیگر }

বারদুয়ারি, বারদুয়ারী [বারদুয়ারি] *বি* দ্বাদশ দ্বারবিশিষ্ট; বহুদ্বার বিশিষ্ট দরবার বা সভাগৃহ। { *স.* দ্বাদশদ্বারী>}

বারনারী, বারবধূ, বারবনিতা, বারবিলাসিনী, বারযোষিৎ [বারোনারি, -বোধু, -বোনিতা, -বিলাশিনি, -জোশিত্] *বি* গণিকা; বারাঙ্গনা; বেশ্যা (পরম সমাদর পূর্বক বারনারীর উপর তাপসের আনয়নের ভারার্পণ করিলেন—*ঈবি*)। { *স.* দ্বাদশ>বার+ *স.* নারী, বধূ, বনিতা, বিলাসিনী, যোষিৎ ৬তৎ}

বারফট্টাই [বারফট্‌টাই] *বি* বড়াই; অনর্থক গর্ব প্রদর্শন; বাগাড়ম্বর (অবশ্য বাইরে নিয়ে বারফট্টাই করতেও ছাড়ে না—*নই*)। { *স.* বহ্বাস্ফোট> }

বারবধূ, বারবনিতা ⇒ বারনারী

বারবরদার, বারবরদারি, বারবরদারী ⇒ বার৬

বারবার ⇒ বার১

বারবিলাসিনী ⇒ বারনারী

বারবেলা [বারব্যালা] *বি* লোক-সংস্কার অনুযায়ী দিবসের যে অংশে শুভকার্য করা নিষিদ্ধ (বৃহস্পতিবারের বারবেলা)। { *স.* √বারি>*বা.* বার(=নিষিদ্ধ)+*স.* বেলা (=সময়) }

বারভূঁইয়া ⇒ বারো

বারমতি [বারোমোতি] *বি* ধর্মঠাকুরের পূজা (বার দিনে বা তিথিতে ও বার রকমের উপকরণে অনুষ্ঠেয়)। { *স.* দ্বাদশ>*বা.* বার(বারো)+মতি }

বারমাসি, বারমেসে, বারমাস্যা ⇒ বারো

বারমুখ্যা [বারোমুক্‌খা] *বি* প্রধান গণিকা। { *স.* বার(বারো)+মুখ্যা }

বারয়িতা (-তৃ) [বারোয়িতা] *বিণ* নিষেধ বা বারণ করে এমন; বারক; নিবারণকারী। **বারয়িত্রী** *বিণ স্ত্রী.*। { *স.* √বারি+তৃ(তৃন্) }

বারযোষিৎ ⇒ বারনারী

বারশিঙ্গা [বারোশিঙ্‌গা] *বিণ* হরিণের প্রতিশৃঙ্গে ছয়টি শাখা আছে এমন। { *স.* দ্বাদশ>বার(বারো)+*স.* শৃঙ্গ> শিঙ্গা }

বারা [বারা] *ক্রি* ১ (*পদ্য.*) নিবারণ করা; বাধা দেওয়া। ২ ঢেঁকিতে ধান ভানা। { *আঞ্চ.* }

বারাঙ্গনা [বারাঙ্‌গনা] *বি* বারবধূ; বারনারী; গণিকা; বেশ্যা (স্বাগত স্বাগত বারাঙ্গনা—*সদ*)। { *স.* দ্বাদশ> বার(বারো)+*স.* অঙ্গনা }

বারাণ্ডা ⇒ বারান্দা

বারানসি [বারানোশি] *বি* ১ কাশী; বরুণা ও অসি নদীর মধ্যস্থিত নগরী। ২ কাশীতে প্রস্তুত শাড়ি (সোনার চুমকি দেওয়া নীল বারাণসী—*মোম*)। { *স.* বরুণা+অসী }

বারানি, বারানী [বারানি] *বি* ১ যে স্ত্রীলোক ঢেঁকিতে ধান ভেনে জীবিকা উপার্জন করে (কোন বিরহিণী বারানী বধূর গাড়ীয়াল গেছে চলে দূরান্ত গাজনাতে—*আগ*)। { *আঞ্চ.* বারা+*বা.* আনি }

বারান্তর, বারান্তরে [বারানতর, -রে] *বি* পুনরায়; সময়ান্তরে; অন্য বারে; অন্য সময়ে (এ আপত্তির বিচার বারান্তরে করবো—*প্রচৌ*)। { বার(সময়)+অন্তর, অন্তরে; *নিত্য.* }

বারান্দা, বারাণ্ডা [বারানদা, -ডা] *বি* ১ ঘরের সম্মুখস্থ চত্বর; অলিন্দ; দাওয়া। (*ফা.* বরামদহ্ برامده)

বারাম [বারাম] *বি* আসর; বৈঠক; ইয়ার বন্ধুদের নিয়ে গল্পে মশগুল (তারপরে নেকালিয়া বাহিরে বারাম দিয়া মেলে মর্দ সবাকার সাথে—*সৈহা*)। ~**খানা** *বি* আরাম করবার ঘর; বৈঠকখানা। { *ফা.* বার بار + *আ.* আম عام }

বারাহ [বারাহো] *বি* বরাহ সম্বন্ধীয়; শূকর সম্পর্কিত; বরাহচর্ম নির্মিত পাদুকা। **বারাহী** *বি* যোগিনী বিশেষ। { *স.* বরাহ+অ(অণ্) }

বারি১ [বারি] *বি* ১ পানি; সলিল; বৃষ্টি। ২ জলপাত্র; ঘট; কলসি (পুজিল হেন বারি জোড়া—*কমু*)। ~**কোষ** *বি* অঞ্জলি পরিমিত মন্ত্রপূত পানি (শপথ করার সময়ে ব্যবহার্য)। ~**গর্ভ** *বি* মেঘ। ~**ঘরট্ট** *বি* বায়ুপ্রবাহ দ্বারা চালিত যন্ত্র। ~**চর** *বি* জলচর মৎস্য। ~**চামর** *বি* শৈবাল। ~**জ** *বি* শঙ্খ; শামুক; পদ্ম। ~**তস্কর** *বি* মেঘ; সূর্য। ~**ত্রা** *বি* ছত্র। ~**দ**, ~**ধর**, ~**বাহ**, ~**বাহক** *বি* মেঘ। ~**দুর্গ** *বিণ* দুর্গের চারদিকে গভীর পানি এমন। ~**ধানী** *বি* জলাধার। ~**ধারা** *বি* স্রোত; বৃষ্টিপাত। ~**ধি**, ~**নিধি** *বি* সমুদ্র। ~**নাথ** *বি* বরুণ; সমুদ্র। ~**পর্ণী** *বি* পানা। ~**প্রবাহ** *বি* জলের স্রোত। ~**বরণ** *বি* জলহস্তী। ~**মুক** *বি* মেঘ। ~**যন্ত্র** *বি* কৃত্রিম ফোয়ারা; জল নিক্ষেপ করার যন্ত্র। ~**রথ** *বি* ভেলা। ~**রাশি** *বি* জলরাশি; সমুদ্র। ~**রুহ** *বি* পদ্ম। { *স.* √বারি+ই(ইঞ্) }

বারি২ [বারি] *বি* বাহির (হরিষ বিষাদে বাণী শুনে হল বারি—*ঘচ*)। { *স.* বাহির>বারি }

বারি৩ ⇒ বারী

বারিক [বারিক] *বি* সৈন্যদলের বাসগৃহ। { *ই.* **barrack** }

বারী, বারি৪ [বারি] *বি* ১ হাতি ধরার দাঁড় বা স্থান; খেদা (বাহিরিল বেগে বারী হতে—*মদ*)। ২ জলপাত্র; ঘট; কলসি। { *স.* বার+ঈ, ই }

বারীন্দ্র [বারিনদ্রো] *বি* সমুদ্র (হে বারীন্দ্র, তব পদে এ মম মিনতি—*মদ*)। **বারীন্দ্রাণী** *স্ত্রী.*। { *স.* বারি+ইন্দ্র; তৎ }

বারীশ [বারিশ্] *বি* সমুদ্র (বারীশের কাছে সামান্য বারিবিন্দু বলিয়া উপেক্ষিত হইবার যোগ্য—*কাআও*)। { *স.* বারি+ঈশ; ৬তৎ }

বারুই, বারই [বারুই, -রো-] *বি* পেশাজীবী হিন্দু সম্প্রদায়বিশেষ, যারা পান উৎপাদন ও বিক্রয় করে; তাম্বুলি; তাম্বুলিক (মাদক বারুই, আদরে এ দুই—*ঘচ*)। { *স.* বারুজীবী> }

বারুজীবী [বারুজ্‌জিবি] *বি* বারুই; পান উৎপাদক ও বিক্রেতা হিন্দু সম্প্রদায়বিশেষ। { *স.* বারু+জীব+ইন্(ইনি) }

বারুণ [বারুন্] *বিণ* ১ বরুণ সংক্রান্ত। ২ পানি; জল। ৩ পানি দ্বারা গোসল। { *স.* বরুণ+অ(অণ্) }

বারুণা (*মবা.*) [বারুনা] *বি* ঝাঁটা; সম্মার্জনী (মারিবে তোমাক বারুণার বাড়ি—*মাগান*)।

বারুণী [বারুনি] *বি স্ত্রী.* ১ একপ্রকার মদ। ২ শতভিষা নক্ষত্র। ৩ পশ্চিম দিক। ৪ বরুণের স্ত্রী। ~ **স্নান** *বি* মধুকৃষ্ণা ত্রয়োদশী তিথি উপলক্ষে হিন্দু সম্প্রদায়ের স্নানোৎসব বিশেষ (ওড়াকান্দির বারুণী স্নান)। { *স.* বরুণ+অ(অণ্)+ঈ }

বারুদ [বারুদ] *বি* এক প্রকার বিস্ফোরক চূর্ণ, যা দিয়ে কামান বন্দুক ইত্যাদির গুলি প্রস্তুত হয়। ~**খানা** *বি* যে ঘরে বা গুদামে বারুদ রাখা হয়। { *তু.* বারুদ }

বারেক [বারেক] *ক্রিবিণ* একবার মাত্র। { বার+এক }

বারেন্দ্র [বারেনদ্রো] *বি* ১ বরেন্দ্রভূমি অর্থাৎ রাজশাহী প্রভৃতি উত্তরাঞ্চলের অধিবাসী। ২ বাঙালি ব্রাহ্মণের অঞ্চলভিত্তিক বিভাজন বিশেষ। **বারেন্দ্রী** *স্ত্রী.*। { *স.* বরেন্দ্র+অ(অণ্) }

বারো, বার[১] [বারো] *বি,বিণ* ১২ সংখ্যা বা সংখ্যক; দ্বাদশ (রফিক আমাকে বারোটা বই দিয়েছে)। **–ই/ ১২ই** *বি* মাসের দ্বাদশ দিবস বা তারিখ। **–ইয়ারি, –য়ারি, –য়ারী** *বিণ* বন্ধুস্থানীয় বারো জন বা বহু জনের (বারোয়ারি সম্পত্তি); সমমনা বারো জন বা বহু জনের সমন্বয়ে গঠিত, অনুষ্ঠিত বা গৃহীত (বারোয়ারি পূজা, বারোয়ারি মেলা)। **–ভূঁইয়া, –ভূঁঞা** *বি* দ্বাদশ ভূম্যধিকারী; পাঠান রাজত্বের শেষভাগের কেদার রায়, ঈশা খাঁ, প্রতাপাদিত্য প্রভৃতি বঙ্গের বারো জন বা ততোধিক শক্তিশালী সামন্ত রাজা। **–মাস ত্রিশদিন** *বি* সর্বদা; সর্বক্ষণ। **–মাসি, –মাস্যা** *বি* বিরহিণী নারীর এক বৎসরব্যাপী দুঃখের কাহিনী নিয়ে রচিত কবিতা। **– মাসের তেরো পার্বণ** *বি* পার্বণাধিক্য বোধক—পার্বণ বা উৎসব লেগেই আছে এমন অবস্থা। **–মেসে** *বিণ* বৎসরের সকল সময়েই জন্মে এমন। **– হাত কাঁকুড়ের তেরো হাত বিচি** *বি (ব্য.)* অতিরিক্ত দীর্ঘ। { *স.* দ্বাদশ> }

বারোয়াঁ, বারোয়া, বারোয়ারি [বারোয়া, –য়া, –য়ারি] *বি* একটি রাগিণীর নাম (নকীবের তুরী ফুৎকার আজ বারোয়ার সুরে কাঁদে—*নই*)। { *স.* দ্বাদশ>বারো+ *ফা.* রয়ারী واری }

বারোয়ারি, বারোয়ারী ⇒ বারো

বার্ণিক [বারনিক] *বি* ১ লেখক–লিপিকর যে রং দিয়ে লেখেন বা রং লাগান। ২ চিত্রকর; আক্ষরিক। { *স.* বর্ণ+ ইক(ঠঞ) }

বার্ণিস ⇒ বার্নিশ

বার্তা[১] [বারতা] *বি* সংবাদ; বৃত্তান্ত; খবর; জনশ্রুতি (অনেকের নিকট তাহার তত্ত্ব জিজ্ঞাসা করিয়াছি কিন্তু কেহই কিছু বার্তা বলিতে পারে নাই—*প্যামি*)। { *স.* বৃত্তি+অ(অণ)+আ(টাপ) }

বার্তা[২] [বারতা] *বি* বৃত্তি; কৃষিকার্য ও গবাদি পশুপালন। { *স.* বৃত্তি+অ(অণ)+আ(টাপ) }

বার্তাকু, বার্ত্তাকু [বারতাকু] *বি* বেগুন (যেমন এক বার্তাকুদগ্ধ গুহ মহাশয়ের অন্নরাশির উপর শোভা করিতেন—*বচ*)। { *স.* বার্ত্তাকু }

বার্তিক [বারতিক] *বি* ১ বৈশ্যজাতি; কৃষিকর্মে পটু। ২ গ্রন্থের টীকা বিশেষ। { *স.* বার্তা+ইক(ঠক্) }

বার্ত্তাকু ⇒ বার্তাকু

বার্ধক্য, বার্দ্ধক্য [বারধোককো] *বি* পৌঢ়ত্বের পরবর্তী বয়স; বৃদ্ধাবস্থা; জরা (অকালবার্ধক্য)। { *স.* বৃদ্ধ+ অক(বুঞ)+য(ষ্যঞ) }

বাধ্রীণস [বারধ্রিনস] *বিণ* নাক ফোড়ানো হয়েছে এমন (বাধ্রীণস অশ্ব)। { বৃদ্ধি+নাসিকা; *বহু* }

বার্নিশ, বার্নিস, বার্ণিশ [বারনিশ] *বি* কাঠ, লোহা প্রভৃতি চকচকে করার জন্য বিভিন্ন ধরনের যে রঙের লেপ দেওয়া হয় (টেবিল–চেয়ারগুলো ভালো করে বার্নিশ করা হয়েছে)। { *ই* varnish }

বার্য[১] [বারজো] *বিণ* নিবারণীয়; নিবারণযোগ্য; নিষেধ বা বারণ করা উচিত এমন। { *স.* √বৃ+ণিচ্+য(যৎ) }

বার্য[২] [বারজো] *বিণ* পানি সম্বন্ধীয়। { *স.* বারি+য(যৎ) }

বার্যমান [বারজোমান] *বিণ* নিবারণ করা হচ্ছে এমন। { *স.* বার্য+মান(শানচ্) }

বার্লি [বারলি] *বি* যব; যবের গুঁড়া; যবচূর্ণ। { *ই* barley }

বার্ষিক[১] [বারশিক] *বিণ* ১ বর্ষ সংক্রান্ত; বাৎসরিক। ২ প্রতি বৎসরে অনুষ্ঠানযোগ্য বা দেয় (বার্ষিক উৎসব বা চাঁদা, বার্ষিক পরীক্ষা)। **বার্ষিকী** *বি স্ত্রী.* ১ প্রতি বৎসরে অনুষ্ঠেয় উৎসবাদি (জন্মবার্ষিকী, মৃত্যুবার্ষিকী, প্রতিষ্ঠাবার্ষিকী)। ২ বৎসরে করণীয় অনুষ্ঠানসমূহ। ৩ প্রতি বৎসর ঘটে বা প্রকাশিত হয় এমন; বাৎসরিক। { *স.* বর্ষ+ইক(ঠঞ) }

বার্ষিক[২] [বারশিক] *বিণ* বর্ষাকালীন; বর্ষা ঋতুতে অনুষ্ঠিত। **বার্ষিকী** *বিণ স্ত্রী.*। { *স.* বর্ষা+ইক(ঠঞ) }

বার্হস্পত্য [বারহোশপোত্‌তো] *বি* বৃহস্পতি রচিত শাস্ত্র; নীতিশাস্ত্র; বৌদ্ধশাস্ত্র; চার্বাক ঋষি প্রণীত শাস্ত্র। □ *বিণ* বৃহস্পতি সংক্রান্ত। { *স.* বৃহস্পতি+য(ণ্য) }

বাল[১] [বাল/বালো] *বি* বালক; শিশু (বালসুলভ)। **–ক্রীড়া** *বি* ছেলেখেলা; শিশুকালের খেলা। **–খিল্য** *বি* ১ হিন্দু পুরাণোক্ত ষাট হাজার অঙ্গুষ্ঠপ্রমাণ ঋষি। □ *বিণ* শিশুজনোচিত (বালখিল্য স্বভাব)। **–গর্ভিণী** *বি* প্রথম গর্ভধারিণী গাভী। **–গোপাল** *বি* বালক কৃষ্ণ। **–ঘ্ন** *বি* বালকহন্তা। **–চর্যা** *বি* শিশু সন্তানের পালন। **–চাপল্য** *বি* বালসুলভ বা শিশুসুলভ চাঞ্চল্য। **–বাচ্চা** *বি* ছেলেপুলে; সন্তান। **–বিধবা** *বি* যে মেয়ে বালিকা অবস্থায় বিধবা হয়েছে। **–বৈধব্য** *বি* বাল্যকালে বিধবার অবস্থা। **–রোগ** *বি* শিশুদের রোগ। **–শশী** *বি* শুক্লপক্ষের দ্বিতীয়ার চাঁদ। **–সন্ধ্যা** *বি* উষার নবোদিত সূর্য; বালার্ক **–সুলভ** *বিণ* বালকের পক্ষে স্বাভাবিক। **–সূর্য** *বি* উষার নবোদিত সূর্য; বালরবি। **বালা** *স্ত্রী.*। { *স.* √বল্+অ(ণ) }

বালক [বালোক্] *বি* ১ ছোট ছেলে; শিশু; অল্প বয়সী পুরুষ; তরুণ কিশোর; ষোলো বৎসরের অনধিক ব্যক্তি। ২ অর্বাচীন; নির্বোধ; অপক্ব; অভিজ্ঞতাশূন্য ব্যক্তি। **–সুলভ, বালকোচিত** *বিণ* বালকের পক্ষে স্বাভাবিক; বালক দ্বারা আচরণীয়। **বালিকা** *স্ত্রী.*। { *স.* বাল+ ক(কন্) }

বাল[২] [বাল্] *বি (অশিষ্ট)* পুরুষাঙ্গ বা স্ত্রীযোনির নিকটবর্তী চুল; তুচ্ছতা নির্দেশক গালিবিশেষ। { *হি.* বাল(চুল) }

বালতি[১] [বাল্‌তি] *বি* টবের আকৃতির হাতলবিশিষ্ট জলপাত্র বা জলাধার (ঘরের সামনে এক বালতি পানি রেখে দিও)। { *পো.* balde }

বালতি[২], **বালতী** [বালোতি] *বি* বহু সন্তানবতী, দরিদ্র স্ত্রীলোক; দুঃখিনী নারী। { *স.* বালপত্রিকা> }

বালদো [বাল্‌দো] *বি* তাল, নারকেল, কলা প্রভৃতি গাছের বৃন্তযুক্ত পাতা বা বাইল। { *স.* পালি>পাইল>বাইল> }

বালম ⇒ বালম[২]

বালসা, বালশা [বালশা] *বি* শিশুরোগ; জ্বর ইত্যাদি। **বালসানো, বালশানো** *ক্রি* শিশুর রোগাক্রান্ত হওয়া (খোকা আমার দুদিন ধরে বালসেছে)। { *স.* বাল+ সার(উদরাময়)> }

বালা[১] [বালা] *বি* ১ বালিকা; ষোলো বৎসরের অনধিক বয়সের নারী। ২ কিশোর; তরুণী। ৩ কন্যা। ৪ যুবতী। { *স.* বালক>বাল+আ }

বালা[১] [বালা] *বি* বলয়; হাতের অলঙ্কার (সোনা লতায় গড়ব বালা তোমার দু'খানি সোনার হাতের—*জউ*)। { *স.* বলয়> }

বালাই [বালাই] *বি* ১ আপদ-বিপদ; অমঙ্গল; উৎপাত; দুর্দৈব; সংকট (আপদ-বালাই দূর হয়ে যাক)।২ প্রয়োজন (দিলে দিলে আজ বন্ধকী দেনা নাই দলিল-কবুলিয়তের নাই বালাই—*নই*)। ❑ *অব্য* অকল্যাণকর উক্তির খণ্ডনবাচক শব্দ। ~ **ষাট** *অব্য* অকল্যাণকর উক্তি বা অমঙ্গল খণ্ডনার্থ উচ্চারিত শব্দ। **বালামুসিবত** *বি* বিপদ-আপদ; দুর্যোগ (বালা-মুসিবতের তাবিজকবজ, তুকতাক ইত্যাদি অনেক গুণ কেরামাত হাসিল করেছিলেন তিনি—*আই*)। **আপদ** ~ *বি* বিঘ্ন; অকল্যাণ; বিপদ। **আলাই** ~ *বি* ব্যাধি, অমঙ্গল, আপদ, বিপদ দূর হয়ে যাক (আলাই বালাই এমন কথা বলতে নেই)। **রোগ** ~ *বি* ব্যাধি; অমঙ্গল ইত্যাদি। { *আ.* বালা بلا }

বালাখানা [বালাখানা] *বি* ১ উচ্চ অট্টালিকা; প্রাসাদ (কুঁড়েঘরই গরিবের বালাখানা)। ২ দোতলা বা তদূর্ধ্ব তলার ঘর (সম্মুখে দেখেন কে চাঁদনীসুন্দর নৌবত বাজিয়ে বালাখানার উপর—*ভারা*)। { *ফা.* বালাখানাহ্ بالاخانه }

বালাঞ্চি, বালামচি [বালান্‌চি, -ম্‌চি] *বি* গরু বা ঘোড়ার লেজের চুল; ঘোড়ার কাঁধের লোম বা চুল। { *ফা.* দুমচী دمچى অনুকরণে }

বালাতপ [বালাতপ] *বি* বালসূর্যের কিরণ। { *স.* বাল+আতপ }

বালাপোশ, বালাপোষ [বালাপোশ] *বি* পাতলা লেপের মতো গায়ে দেওয়ার এক ধরনের বস্ত্র (পেটে মোর ভরিয়া তুলো বালাপোষ করগো আমায়—*নই*)। { *ফা.* বালাপোশ بالاپوش }

বালাম[১] [বালাম] *বি* ১ এক জাতীয় সরু ধান। ২ চাউল বহন করার নৌকার সাধারণ নাম। { *ফা.* বলন্দ (উঁচু) بلند > }

বালাম[২] [বালাম্] *বি* পুস্তকের খণ্ড—যাতে আদালতের দলিলাদি লেখা হয়। { *ই.* volume> }

বালার্ক *বি* নবোদিত সূর্য; অরুণ (অই সাগর ভেদিয়া উঠিছে বালার্ক—*কায়*)। { *স.* বাল+অর্ক; *কর্মধা.* }

বালি[১] [বালি] *বি* বালু; বালুকা। ~**র বাঁধ** *বি* অত্যন্ত অল্পক্ষণ স্থায়ী বস্তু বা ব্যাপার (বড়র পিরীতি বালির বাঁধ—*ভারা*)। **চোখের** ~ ⇒ চোখ। { *স.* বালুকা> }

বালি[২] (*ব্র.*) [বালি] *বি,বিণ* অল্পবয়সী নারী; বালিকা; কিশোরী (বালি বিলাসিনী—*বিপ*)। { *স.* বালিকা> }

বালিকা [বালিকা] *বি* ১ শিশুকন্যা; ছোট মেয়ে; অনধিক ষোলো বৎসরের নারী; কিশোরী। ২ অনভিজ্ঞা; অল্পবয়স্কা তরুণী (তুমি এখনও বালিকা, বুঝবে না)। { *স.* বাল+ক(কন্)+আ(টাপ্) }

বালিয়াড়ি [বালিয়াড়ি] *বি* নদী বা সমুদ্রের তীরের উচ্চ বালির স্তূপ; নদীর বালুকাময় উচ্চ তীর; sandune (বালিয়াড়ি জ্বলে যেথায় স্ফটিক প্রভায়—*বিদে*)। { *স.* বালুকা> *বা.* বলি+*বা.* আড়ি }

বালিশ [বালিশ্] *বি* উপাধান; শয়নকালে যে আধারে মাথা রাখা হয়। **কোল**-, **পাশ**- *বি* যে উপাধানে মাথা ছাড়া দেহের অন্য অংশকে আরাম দেওয়ার জন্য রাখা হয়; পার্শ্বস্থিত লম্বা আকৃতির বালিশ (একটা প্রকাণ্ড পাশবালিশ আঁকড়িয়া ধরিয়া নিদ্রার চেষ্টা করিতে লাগিলেন—*রঠা*)। { *ফা.* বালিশ بالش }

বালিশ [বালিশ্] *বিণ* মূর্খ; বুদ্ধিহীন। ২ অজ্ঞ। ৩ শিশু। { *স.* বলিশ+অ(অণ্) }

বালুকা [বালুকা] *বি* বালি। **বালুচর** *বি* বালির পলিতে উৎপন্ন চর। { *স.* √বল্+উক(উকন্) }

বালেন্দু [বালেন্‌দু] *বি* শুক্লা প্রতিপদের চাঁদ (সে বালেন্দু জ্যোতির ন্যায়—*বচ*)। { *স.* বাল+ইন্দু; *কর্মধা.* }

বাল্‌ব [বাল্‌ব্] *বি* কন্দাকৃতি বৈদ্যুতিক বাতিবিশেষ। { *ই.* bulb }

বাল্মীকি, বাল্মীক [বাল্‌মিকি, -মিক্] *বি* সংস্কৃত রামায়ণ রচয়িতা কবি ও মুনি; আদি কবি। **বল্মীক** *বি* উইয়ের ঢিবি। { *স.* বল্মীক+অ(অণ্)+ই(ইঞ্), বল্মীক+ অ(অণ্) }

বাল্য [বাল্‌লো] *বি* শৈশব; ছেলেবেলা; বালক বয়স; ষোলো বৎসর বয়স পূর্ণ না হওয়া পর্যন্ত সময় (বাল্য জীবনটা কত সুখের ছিল)। -**কাল** *বি* বালক বয়স। ~**প্রণয়**, ~**প্রেম** *বি* অপ্রাপ্ত বয়সের ভালোবাসা। ~**বন্ধু**, ~**সখা**, ~**সুহৃদ** *বি* শৈশব থেকে যার সঙ্গে বন্ধুত্ব আছে। ~**বিবাহ** *বি* শৈশবে সংঘটিত বিবাহ, অপরিণত বয়সে কৃত পরিণয়। ~**শিক্ষা** *বি* বালক বয়সের শিক্ষা; প্রাথমিক শিক্ষা। -**সঙ্গী**, ~**সহচর** *বি* শৈশবের সাথি। { *স.* বাল+য(যক্) }

বাশিন্দা, বাসিন্দা, বাশেন্দা [বাশিন্‌দা, -, -শে-] *বি* অধিবাসী (আমি এই দেশেরই একজন বাশেন্দা—*আকউ*)। { *ফা.* বাশিনদহ্ باشنده } । ⇒ বাসিন্দা

বাশুলী, বাসুলী [বাশুলি] *বি* বৌদ্ধতন্ত্রে লেখা এবং চণ্ডীদাস পূজিত দেবী। { *স.* বিশালাক্ষী> }

বাষট্টি [বাশোট্‌টি] *বি,বিণ* ৬২ সংখ্যা বা সংখ্যক। { *স.* দ্বিষষ্টি>*প্রা.* বাসট্‌টি> }

বাষ্প, বাস্প [বাশ্‌পো] *বি* ১ উত্তাপের ফলে তরল পদার্থের বায়বীয় অবস্থা। ২ ধোঁয়া; তাপ। ৩ চোখের জল; অশ্রু (বাষ্পপূর্ণ নয়নে)। ৪ আভাস; অস্পষ্ট প্রকাশ; ইঙ্গিত (ব্যাপারটির বাষ্পও জানতাম না)। ~**পরিপ্লুত** *বি* অশ্রুপূর্ণ (সীতা বাষ্পপরিপ্লুত লোচনে করুণ বচনে বলিলেন—*ঈবি*)। ~**পোত** *বি* বাষ্পচালিত জাহাজ; স্টিমার। ~**যান**, -**রথ**, -**শকট** *বি* বাষ্পচালিত গাড়ি; রেলগাড়ি। -**সলিল** *বি* অশ্রু; চোখের জল (জয়নাবের চক্ষু দুটি বাষ্পসলিলে পরিপূর্ণ হইল—*মীম*)। -**স্তব্ধ** *বিণ* অশ্রুরুদ্ধ (জন্মদাতা পিতার বাষ্পস্তব্ধ চোখ দুটোকে এক বার মনে করো—*হাহা*)। ~**স্নান** *বি* সর্বাঙ্গে গরম ধোঁয়া বা ভাপ প্রয়োগ; (প্রধানত রোগপ্রতিকারকল্পে) অবগাহন। **বাষ্পাকুল** *বিণ* অশ্রুসজল; অশ্রুপূর্ণ। **বাষ্পীয়** *বিণ* বাষ্প সম্বন্ধীয়; বাষ্পের সাহায্যে চালিত। { *স.* √বাধ্+ষ, অথবা, √বা+প, স আগম }

বাস[১] [বাশ্] *বি* গন্ধ; সৌরভ; সুগন্ধ (ভাণ্ডের গায় মদ্য চোয়ায় মিঠা মিঠা বাস তার—*সদ*)। ~**যোগ** *বি* নানা সুগন্ধ দ্রব্যের চূর্ণ। { *স.* √বাস্+অ(অচ্) }

বাস[২] [বাশ্] *বি* বস্ত্র; কাপড়; বসন (বিরহী নারীর নয়নের

জলে ভিজিল বুকের বাস—জউ)। {স. √বস্+অ(ঘঞ)}

বাস৩ [বাশ্] *বি* ১ বাসস্থান (আদিবাস)। ২ অবস্থান (ইংলন্ডে বাস)। ৩ গৃহ; আশ্রয়। {স. √বস্+অ(ঘঞ)}

বাস৪ [বাস্] *বি* যে মোটরগাড়ি অনেক যাত্রী বহন করে। {ই bus}

বাস৫ ⇒ বস

বাস৬ ⇒ বাইস

বাসক১ [বাশোক্] *বি* ১ পুষ্পবিশেষ (সুদর্শন কুব্জা রূপ মঞ্জরী বাসক—*সৈআ*)। ২ ঔষধে ব্যবহৃত এক প্রকার ছোট গাছ; বাসক গাছ। ৩ সৌরভকারী; সুগন্ধকারক। {স. √বাস্+অক(ণ্বুল্)}

বাসক২ [বাশোক্] *বি* শয্যাগৃহ; শয়নকক্ষ (বাসক শয়ন—*রঠা*)। **~সজ্জা, বাসসজ্জা** *বি* নায়কের আগমন প্রত্যাশায় যে নারী স্বীয় দেহ ও বাসগৃহ সাজিয়ে প্রতীক্ষা করে। {স. বাস+ক(কন্)}

বাসন১ [বাশোন্] *বি* ১ সুগন্ধকরণ; সুবাসিতকরণ; ধূপন। ২ বস্ত্র; বাসস্থান; পাত্র। {স. √বাস্+অন(ল্যুট্)}

বাসন২ [বাশোন্] *বি* ১ গৃহস্থালীর কাজে, বিশেষত, ভাত খাওয়ার কাজে ব্যবহৃত মাটি বা ধাতব পাত্রবিশেষ; থালা; জলপাত্র। {*পো.* bacia}

বাসনা১ [বাশোনা] *বি* প্রত্যাশা; কামনা; অভিলাষ; আকাঙ্ক্ষা (তোমাকে দেখিতে বাসনা করি)। **~কুল** *বিণ* কামনায় অধীর। {স. √বাস্+অন(যুচ্)+আ(টাপ্)}

বাসনা২ [বাশ্না] *বি* ১ কলাগাছের শুকনা পাতা বা বাকল। ২ সুগন্ধ; সৌরভ (বিয়েন গাঁথিয়া বাঁধিয়াছে খোঁপা বাসনা দিয়েছে চুলে—*বআমি*)। {স. বাসন>}

বাসন্ত, বাসন্তিক [বাশোন্তো, বাশোন্তিক্] *বি* ১ বসন্ত ঋতু সম্বন্ধীয়; বসন্তকালীন (বাসন্ত সমীর চির বহিছে সস্বনে—*মদ*)। □ *বিণ* বসন্তকালে জন্মে এমন। {স. বসন্ত+অ(অণ্),+ইক(ঠঞ)}

বাসন্তী [বাশোন্তি] *বিণ* বসন্ত সংক্রান্ত; কমলালেবুর বর্ণযুক্ত (সুরলা তাদের সঙ্গে মিশিয়া উৎসবের বাসন্তী বেশে সজ্জিত হইয়া—*ইহো*)। **~ পূজা** *বি* বসন্তকালে অনুষ্ঠিত হিন্দুদের দুর্গাপূজা। **~ রং** *বি* বসন্তের শুকনা পাতার রং; হলদে বা কমলা রং। {স. বসন্ত+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

বাসব [বাশোব্] *বি* দেবরাজ ইন্দ্র (বাসব যাহার করেন পীড়ন সহায় শরণ তুমিই তাহার—*সদ*)। **~দত্তা** *বি* সুবন্ধুকৃত সংস্কৃত গদ্যকাব্যের নায়িকার নাম। {স. বসু+অ(অণ্)}

বাসমতী [বাশ্‌মোতি] *বি* এক প্রকার সুগন্ধি চাল। {স. বাস১+মতী(মৎ+ঈ)} -

বাসর১, বাসরঘর [বাশোর্, -ঘর্] *বি* ১ বরকন্যার বিবাহরাত্রি যাপনের সুসজ্জিত কক্ষ (বাসরে কুসুমশয্যা ত্যজি লজ্জাশীলা কুলবধূ, গৃহকার্য উঠিলা সাধিতে—*মদ*)। ২ সভা (বিবাহ-বাসর)। ৩ বাসর। **বাসরজাগানি** *বি* বাসরে রাত জাগরণ হেতু বরপক্ষের নিকট কন্যাপক্ষের প্রাপ্য অর্থ। {স. বাসগৃহ>}

বাসর২ [বাশোর্] *বি* দিন (জন্মবাসর); বার। **বাসরীয়** *বিণ* দিবসের (রবিবাসরীয়)। {স. √বাসি+অর}

বাসসজ্জা ⇒ বাসক২

বাসা১ [বাশা] *বি* ১ বাসস্থান; আবাসস্থল (চোরের বাসা); নীড় (পাখির বাসা)। ২ অস্থায়ী ভাড়াটে আবাস (বাসা ভাড়া করা)। ৩ আশ্রয় (বাসা নেওয়া)। **~ড়ে, ~ড়িয়া** *বি* ভাড়াটে বা অস্থায়ী বাসিন্দা (যখন সব বাসাড়ে মিলিয়া এক সঙ্গে কয়লার উনুনে আগুন দিত—*বিব*)। {স. বাস>*প্রা.* বাসা}

বাসা২ [বাশা] *ক্রি* ১ বোধ করা; অনুভব করা (ভয় বাসা)। ২ মনে করা; ভালোবাসা (পরান অধিক বাসে—*চদা*)। {স. √বশ্(ইচ্ছা করা)>বাস+আ}

বাসা৩ [বাশা] *বি* বাসক গাছ। {স. বাসক>}

বাসি, বাসী [বাশি] *বিণ* ১ মলিন; শুষ্ক (বাসি হয় গাঁথা মালা পথের ধূলায় লোটে—*নই*)। ২ টাটকা নয় এমন (বাসি ফল)। ৩ পূর্বদিনের বা পূর্বরাত্রের প্রস্তুত (বাসি ভাত)। ৪ গত; পুরনো (সেদিন হয়েছে বাসি—*নই*)। ৫ নতুনত্বহীন (বাসি খবর)। **~ কাপড়** *বি* যে কাপড় আগের রাত্রে বিশেষত শয়নকালে ব্যবহৃত হয়েছে। **~ ঘর** *বি* যে ঘরে সকাল বেলা থেকে ঝাঁট পড়েনি (বাসি ঘরগুলো এখনও ঝাড় দেওয়া হয়নি)। **~দুধ** *বি* পূর্ব দিন দোহন করা বা জ্বাল দেওয়া দুধ। **~পানি, ~জল** *বি* যে পানি পূর্ব দিনে বা রাত্রে তোলা হয়েছে (বাসি পানি পান করানো)। **~ ফুল** বিগত রাতে বা দিনে তোলা ফুল (বাসি ফুল দিয়ে মালা হয় না)। **~ বিয়ে** *বি* হিন্দু বিবাহের পরদিন আচরণীয় অনুষ্ঠানসমূহ। **~ ভাত** *বি* আগের দিন বা রাত্রে রাঁধা ভাত (বাসিভাত খাওয়া)। **~ মড়া** *বি* হিন্দুমতে যে মৃতদেহ মৃত্যু দিনে রাতের মধ্যে দাহ না করে রাখা হয়েছে। **~ মুখ** *বি* সকালে ঘুম ভাঙার পর যে মুখ ধোয়া হয়নি। {স. পর্যুষিত>; স. বাসিত>*প্রা.* বাসিঅ>}

বাসিত [বাশিতো] *বিণ* ১ সুরভিত; সুগন্ধযুক্ত। ২ বস্ত্রাচ্ছাদিত; পুরাতন। {স. √বাস্+ত(ক্ত)}

বাসিন্দা [বাশিন্দা] *বি* বাসকারী; বসবাসকারী; অধিবাসী (সে পুরাতন ঢাকার আদি বাসিন্দা)। {*ফা.* বাশিন্দহ্ باشنده}

-বাসী১ (-সিন্) [বাশি] *বিণ* ১ বাসকারী; বাসিন্দা (পরবাসী)। ২ বাসধারী (চীরবাসী)। **-বাসিনী** *স্ত্রী*। {স. √বস্+ইন(ণিনি)}

বাসী২ ⇒ বাসি

বাসুকি, বাসুকেয় [বাশুকি, -কেয়ো] *বি* সর্পরাজ অনন্ত। {স. বসুক+ই(ইঞ্), এয়(ঢক্)}

বাসুদেব [বাশুদেব্] *বি* বসুদেবের পুত্র শ্রীকৃষ্ণ। {স. বসুদেব+অ(অণ্)}

বাস্তব [বাস্‌তোব্] *বিণ* ১ বস্তু বিষয়ক; প্রকৃত; যথার্থ; সত্তাযুক্ত। ২ ইন্দ্রিয়গোচর। □ *বি* সত্য (কাল্পনিক নয়, বাস্তব)। **~তা, ~বাদ** *বি* ইন্দ্রিয়গোচর জগৎই একমাত্র সত্য—এ মতবাদ; realism। **~বাদী** *বি, বিণ* বাস্তববাদ মানে এমন; যে কল্পনাসর্বস্ব নয়; বস্তুবাদী। **বাস্তবিক** *বিণ* যথার্থ; সত্য; প্রকৃত। □ *ক্রিবিণ* প্রকৃতপক্ষে। {স. বস্তু+অ(অণ্)}

বাস্তব্য [বাস্‌তোব্বো] *বি* বসবাসের উপযুক্ত; বাস করা যায় এমন; বাসযোগ্য। {স. √বস্+ণিচ্+তব্য(তব্যৎ)}

বাস্তু [বাস্‌তু] *বি* বাসস্থান; বহুকালের বসতভূমি; পুরুষানুক্রমে যে বাড়িতে বাস করা হয়। **–কর্ম** *বি* বাসগৃহ-নির্মাণ। **–কার** *বি* বাসগৃহ প্রভৃতির নির্মাতা; civil engineer। **–কলাবিদ** *বি* স্থপতি। **–ঘুঘু** *বি* সুদীর্ঘকাল থেকে গৃহে বসবাসকারী যে দুষ্ট ব্যক্তিকে দূর করা দুরূহ; ঘনিষ্ঠ অথচ দুষ্ট ও সর্বনাশা ব্যক্তি। **–দেবতা, –পুরুষ** *বি* গৃহদেবতা বা বংশের অধিদেবতা; পুরুষানুক্রমে অর্চিত দেবতা। **–বিদ্যা** *বি* স্থাপত্যবিদ্যা। **–ভিটা** *বি* যে ভূমির উপর পুরুষানুক্রমিক বাসগৃহ নির্মিত বা প্রতিষ্ঠিত। **–সাপ** *বি* দীর্ঘকাল যাবৎ বাস্তুভিটায় বাসকারী সাপ—যে গৃহস্থের ক্ষতি করে না। {*স.* √বস্+তু(তুণ্)}

বাস্তুক [বাস্‌তুক্] *বি* বেতুয়া নামক শাক গাছ। {*স.* বাস্তু+ক(কন্)}

–বাহ১ [বাহো] *বিণ* ১ বাহক; বহনকারী (ভারবাহ, সংবাদবাহ)। **–বাহী** *বিণ স্ত্রী*। {*স.* √বহ্+অ(অণ্)}

বাহ২ [বাহো] *বি* অশ্বাদি ভারবাহী পশু। {*স.* √বহ্+অ(অণ্)}

বাহক [বাহোক্] *বিণ* ১ বহন করে এমন। ২ সারথি। **বাহিকা** *বিণ স্ত্রী*। {*স.* √বহ্+অক(ণ্বুল্); √বাহি+অক(ণ্বুল্)}

বাহন [বাহোন্] *বি* ১ যে বহন করে অথবা যা দিয়ে বহন করা হয়; অশ্ব, হস্তী, শিবিকা, রথ ইত্যাদি (ঐরাবত ইন্দ্রের বাহন)। ২ যানবাহন (ভগ্নবাহন)। ৩ মাধ্যম (মাতৃভাষাই শিক্ষার বাহন)। ৪ অনুচর; স্তাবক (ভাগ্নে ছিল মামার বাহন) {*স.* √বহ্+ণিচ(=√বাহি)+অন(ল্যুট্)}

বাহবা, বাহা১ [বাহোবা, বাহা] অব্য প্রশংসাসূচক উক্তি; বিস্ময়, উপহাস প্রভৃতি সূচক উক্তি। **বাহা বাহা** অব্য চমৎকার (অনেক সময়ে ব্যঙ্গার্থে)। {*ফা.* বাহ به }

বাহা২ ⇒ বাওয়া

বাহা৩ [বাহা] *(মবা.)* *ক্রি* বাজানো। {*স.* বাদ্য>বাজ্জ>}

বাহাই [বাহাই] *বি* ইরানের মির্জা হুসেন আলি (১৮১৭–১৮৯২) ওরফে বাহাউল্লাহ প্রবর্তিত ধর্মসম্প্রদায়-বিশেষ। সকল ধর্মের ঐক্য; সর্বজনীন শিক্ষা; বিশ্বশান্তি ও নরনারীর সমানাধিকার এই ধর্মের মূলমন্ত্র। {*ফা.* বাহাই بهائی }

বাহাছ, বাহাস [বাহাস্] *বি* ১ ইসলাম ধর্ম সংক্রান্ত তাত্ত্বিক তর্ক বিতর্ক। ২ যুক্তিতর্ক; বিতর্ক (এখন আর বাহাছ করতে পারব না—*মুহ*)। {*আ.* বাহাছ بحث }

বাহাত্তর, বায়াত্তর [বাহাত্‌তোর, বায়া–] *বি,বিণ* ৭২ সংখ্যা বা সংখ্যক। **বাহাত্তুরে, বাহাত্তরিয়া, বাহাত্তরে, বায়াত্তরে, বায়াত্তরিয়া** *বিণ* ১ বাহাত্তর বছর বয়স্ক শক্তিহীন অকেজো বৃদ্ধ; ভীমরতিগ্রস্ত (বাহাত্তরিয়া বৃদ্ধ মীরজাফর তৎকালে কুষ্ঠরোগে প্রায় চলৎশক্তিরহিত হইয়াছিল—*ঈবি*)। ২ বাজে; খারাপ (বাহাত্তরে গালি ছিল তাহা গেল দূর—*ভারা*)। {*স.* দ্বাসপ্ততি>}

বাহাদুর [বাহাদুর্] *বি* ইংরেজ আমলের সরকারি খেতাবের অংশ। □ *বিণ* ১ বীর; দুঃসাধ্য কর্ম সম্পন্নকারী; কৃতী (যার বদহজমের বালাই নেই সেই ত বাহাদুর—*কেম*)। ২ সাহসী; নির্ভীক (বাহাদুরের মতোই কাজ করেছে)। ৩ কাজ হাসিল করতে জানে বা পারে এমন (বাহাদুর ছেলে)। **বাহাদুরি** *বি* পৌরুষ; কৃতিত্বের গৌরব (আমি বাহাদুরি করিয়া বলিলাম—*ঈবি*)। **বাহাদুরি কাঠ, বাহাদুরী কাঠ** *বি* শাল, সেগুন প্রভৃতি বড় গাছের বৃহৎ গুঁড়ি। {*ফা.* বহাদর بهادر , মূলে মঙ্গোলীয়}

বাহানা [বাহানা] *বি* ১ অছিলা; ছল; ভান; ছুতা; ওজর (বাহানা করিয়া ছোঁয় গো পিরান জাহানার নওরোজের রূপকুমার—*নই*)। ২ বায়না; আবদার; ক্রমাগত প্রার্থনা (ছেলেটা একটা ঘুড়ির বাহানা ধরেছে)। ৩ আপত্তি (টাল বাহানা)। **–বাজ** *বি* ওজর অছিলায় পটু। {*ফা.* বাহানাহ بهانه }

বাহান্ন, বায়ান্ন [বাহান্‌নো, বায়ান্‌নো] *বি,বিণ* ৫২ সংখ্যা বা সংখ্যক। **যাহাঁ – তাহাঁ তিপান্ন**—প্রভেদশূন্য; প্রায় একই; এতটা সম্ভব হলে আরও সামান্য হতে আপত্তি হওয়ার কথা নয় এমন ভাব; বেপরোয়া ভাব। {*স.* দ্বাপঞ্চাশৎ>}

বাহার১ [বাহার্] *বি* ১ শোভা; সৌন্দর্য; জৌলুস; চটক (হলটি নূতন চুনকাম করা হইয়াছে, আলোর বাহারের সুন্দর মানানসই দেখা যাইতেছে—*মীম*)। ২ মজা (সতীনে সতীনে চুলাচুলি করছে আর সবাই বাহার দেখছে)। ৩ সঙ্গীতের রাগিণীবিশেষ (সুর বাহার)। ৪ বসন্তকাল (ইরান মুল্লুক বিরান হল এমন বাহার মরসুমে—*নই*)। **– দেওয়া** *বিণ* শোভা বা সৌন্দর্য বিকশিত করা (জোনাক গুলি ঝাঁকে ঝাঁকে উড়িয়া উড়িয়া বাহার দিয়া ফিরিতেছে—*ইহো*)। **বাহারি** *বিণ* বাহ্যিক সৌন্দর্যময়; মেকি (ও ভারি নতুন ঘোড়া; ওগুলো নেহাতই বাহারী—*গৌচ*)। **গুল–** *বিণ* ফুল তোলা হয়েছে এমন। **পাতা–** *বি* বিবিধ বর্ণের পত্রময় ফলপুষ্পহীন গাছ। **বাহারে, বাহারিয়া** *বিণ* সুন্দর; মনোহর; শোভাযুক্ত (রাস্তাটি যে খুব বাহারে তা বলা যায় না—*সৈমু*)। {*ফা.* বাহার بهار }

বাহার২ [বাহার্] *বি* প্রবাহ। {*স.* প্রবাহ>}

বাহাল ⇒ বহাল

বাহিক [বাহিক্] *বি,বিণ* ১ ভারবাহক; বহনকারী; বাহক। ২ শকট; গরুর গাড়ি প্রভৃতি। {*স.* বাহ+ইক(ঠন্)}

বাহিত [বাহিতো] *বিণ* ১ বহন করা বা আনা হয়েছে এমন। ২ চালিত; প্রবাহিত (আকারের বিচিত্রা দিয়েই রসের বিচিত্রতা বাহিত হয় আর্টের জগতে—*অঠা*)। **বাহিতা** *বিণ স্ত্রী*। {*স.* √বহ্+ণিচ(=√বাহি)+ত(ক্ত)}

বাহিনী [বাহিনি] *বি* ১ সৈন্যদল; দলবাহ (গুর্খাবাহিনী, মার্কিনবাহিনী, গুণ্ডাবাহিনী)। ২ অশ্ব, হস্তী প্রভৃতি। ৩ নদী; যা প্রবাহিত হয় (পীযূষস্তন্য বাহিনী)। {*স.* √বাহ্+ইন(ইনি)+ঈ(ঙীপ্)}

বাহির, বাইর, বের, বার [বাহির্, –ই–, বের্, বার্] *বি* ১ বহির্ভাগ; বাইরের অংশ; বহির্দেশ; সদর; বাহির-বাড়ি; বৈঠকখানা (তখন মেয়েরা সাধারণত বাইরে আসতেন না)। □ *বিণ* ১ নিষ্ক্রান্ত (ঘরের বাহির)। ২ বের করা হয়েছে এমন; নিষ্কাশিত। ৩ নিঃসৃত।

৪ প্রকাশিত। ৫ বিজ্ঞাপিত। ৬ আবিষ্কৃত। ৭ বহিষ্কৃত। ৮ শাসন বা দমন করা হয়েছে এমন। ৯ আয়ত্ত বহির্ভূত। ১০ বাইরে অবস্থিত; বহির্দেশস্থ (বাহির মহল)। **বেরোনো, বাহিরানো** *বি,বিণ* উক্ত অর্থে। □*ক্রি* বহির্গত হওয়া; বাইরে যাওয়া। **বাহিরায়** *ক্রি (পদ্য.)* বহির্গত হয় (বাহিরায় যবে নদী—*মদ*)। **বাহিরিল** *ক্রি (পদ্য.)* বহির্গত হলো। **বাইরে, বাহিরে** *বি* ১ বহির্ভাগে; বহিঃস্থ স্থানে (বাইরে গেছে); অন্য স্থানে; অন্য জায়গায় (ঘরে-বাইরে)। □*অব্য* অতিরিক্ত; বেশি (এর বাইরে কিছু জানি না)। **বাহিরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন**⟹কোঁচা। { *স.* বহিঃ> }

-বাহী(-হিন্) [বাহি] *বিণ* ১ বহন করে এমন; বহনকারী (ভারবাহী); যাত্রীবাহী। ২ প্রবাহিত (সেখান থেকে ব্রহ্মপুত্র দক্ষিণবাহী হয়েছে)। **বাহিনী** *বিণ স্ত্রী*। { *স.* √বহ্+ইন্(ণিনি) }

বাহু [বাহু] *বি* ১ ভুজ; স্কন্ধ থেকে হাতের আঙুল পর্যন্ত অঙ্গ; arm (আজানুলম্বিত বাহু)। ২ কনুইয়ের উপরিভাগ (বাহুতে বাজুবন্ধ)। ৩ চৌকাঠের পার্শ্বদেশ। ৪ ত্রিভুজ ইত্যাদির পার্শ্বদেশ (ত্রিভুজের বাহুদ্বয়)। ৫ দৈহিক শক্তি বা অস্ত্রাদির শক্তি। **~ত্র, ~ত্রাণ** *বি* হস্তাবরক বর্ম। **~বন্ধ** *বি* বাজুবন্ধ (বাহু যদি তেমন করে জড়ায় বাহুবন্ধ—*রঠা*)। **~বল** *বি* গায়ের জোর; দেহশক্তি (খিলজি বাহুবলে বাংলা দখল করেছিলেন)। **~মূল** *বি* বগল। **~যুদ্ধ** *বি* হাতাহাতি; কুস্তি। { *স.* √বহ্+উ(কু) }

বাহুড়ানো [বাহুড়ানো] *(ব্র.) ক্রি* ১ ফিরানো। ২ নিবৃত্ত করা বা প্রতিহত করা। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **বাহুড়াব** *(ব্র.) ক্রি* ফিরাবে (বাহুরাব কোই—*বিপ*)। { *স.* প্রঘূর্ণন>*প্রা.* পাহোলন>বাহোরনা> }

বাহুল্য [বাহুল্‌লো] *বি* ১ আধিক্য; প্রাচুর্য; বাড়াবাড়ি (ব্যয়বাহুল্য, বাগ্‌বাহুল্য, মেদবাহুল্য)। ২ অতিরিক্ত; অনাবশ্যক ব্যাপার (সে কথা বলাই বাহুল্য)। { *স.* বহুল+য(ষ্ণ্য) }

বাহ্য[1] [বাজ্‌ঝো] *বিণ* ১ বাইরের (বাহ্য দৃশ্যে ভুলোনারে মন—*হেব*)। ২ অসত্য; অপ্রকৃত; অপ্রধান (প্রভু কহে এহো বাহ্য আগে কহ আর—*কৃক*)। **~জগৎ** *বি* দৃশ্যমান জড়জগৎ। **~জ্ঞান** *বি* বহির্বিষয়ের জ্ঞান; ইন্দ্রিয় দ্বারা লব্ধ জ্ঞান; চেতনা; সাংসারিক জ্ঞান বা কাণ্ডজ্ঞান। **~দৃষ্টি** *বি* চক্ষু দ্বারা দর্শন; সাধারণ দৃষ্টি (বাহ্যদৃষ্টিতে ব্যাপারটা তো খারাপ)। **~মান** *বিণ* বের হচ্ছে এমন। **বাহ্যিক** *বিণ* ১ বাইরের। ২ আপাত দৃশ্যমান। **বাহ্যেন্দ্রিয়** *বি* চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক—এই পঞ্চ ইন্দ্রিয়। { *স.* বহিঃ+য(ণ্য) }

বাহ্য[2] [বাজ্‌ঝো] *বি* মল; বিষ্ঠা। **~ করা** *ক্রি* মলত্যাগ করা। **~ পাওয়া** *ক্রিবিণ* মলত্যাগের বেগ হওয়া। { *স.* বহিঃ+য(ণ্য) }

বাহ্বাস্ফোট [বাওভাস্‌ফোটো/-ট্] *বি* বাহুতে বা দেহে চাপড় মেরে আস্ফালন বা দম্ভ প্রকাশ; মালসাট। { *স.* বাহু+আস্ফোট }

বি [বি] *অব্য* বিকার, বিশেষ, বৈপরীত্য প্রভৃতি ভাবসূচক উপসর্গ। { *স.* অপি>; এই অর্থে *প্রাবা.* বি/বী : পঞ্চ বি ডাল (চর্যাপদ) }

বিউগল, বিগুল [বিউগাল্, বিগুল্] *বি* ১ রণশিঙ্গা; বাদ্যযন্ত্রবিশেষ (সানাই বিগুল শিঙ্গা বাঁশী—*সৈআ*)। ২ শিঙ্গাজাতীয় ইউরোপীয় বাঁশিবিশেষ, যার বাদ্য সংকেতরূপে ব্যবহৃত হয়। { *ই.* bugle }

বিউটি [বিউটি] *বি* সৌন্দর্য। { *ই.* beauty }

বিউনি[1], **বিউনী**[1] [বিউনি] *বি* বেণী; বিন্যস্ত কেশ; বিনানো চুল; বিনুনি (দুষ্টুমি করে চলে এমন বিউনি গেঁথে দিত—*নই*)। { *স.* বেণী; বেণি> }

বিউনি[2], **বিউনী**[2] [বিউনি] *বি* বীজনী; হাতপাখা। { *স.* বীজন>বিঅনী> }

বিউর [বিউর্] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। { অমূ. }

বিউলি, বিউলী [বিউলি] *বি* খোসাশূন্য মাসকলাই (বিউলির ডাল)। { *স.* বিদলিত>বিঅলিঅ>অথবা, *স.* ব্রীহি>বিরি> }

বি.এ., বি.এসসি., বি.কম. [বিয়ে, বিয়েস্‌সি, বিকম্] *বি* ১ বিশ্ববিদ্যালয় প্রদত্ত যথাক্রমে কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিষয়ক Bachelor of Arts, Bachelor of Science এবং Bachelor of Commerce উপাধিসমূহ। ২ যথাক্রমে স্নাতক কলা, স্নাতক বিজ্ঞান ও স্নাতক বাণিজ্য শ্রেণি। ৩ গ্রাজুয়েট ডিগ্রিধারী শিক্ষিত যুবক (কত বি.এ., এম.এ. দরখাস্ত করবে)। { *ই.* B.A., B.Sc., B.Com. }

বি.এল. [বিয়েল্] *বি* আইন পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার ফলে বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত Bachelor of Law উপাধি। { *ই.* B.L. }

বি.এসসি. ⟹ বি.এ.

বিংশ, বিংশতি [বিঙশো, -তি] *বিণ* কুড়ি সংখ্যার পূরক। **বিংশতি** *বি,বিণ* কুড়ি; বিশ; ২০ সংখ্যা বা সংখ্যক। **~তিতম** *বিণ* কুড়ি সংখ্যার পূরক। **~তিতমী** *বিণ স্ত্রী*। { *স.* বিংশতি(দ্বি+দশৎ+শতি)+অ(ডট্)>বিংশ }

বিংশতি ⟹ বিংশ

বিঃ [বিহ্] *বিণ* বিশেষ শব্দটির সংক্ষিপ্ত রূপ। { *শব্দসংক্ষেপ* }

বিঁড়া, বিঁড়ে ⟹ বিড়া

বিঁড়ি ⟹ বিড়ি

বিঁধ [বিঁধ্] *বি* ছিদ্র; ফোঁড় (বিঁধটা ছোট হয়েছে)। { *স.* √ব্যধ্; *স.* বিদ্ধ>*বা.* বিদ্ধ> }

বিঁধা, বেঁধা [বিঁধা, বেঁধা] *ক্রি* ১ বিদ্ধ হওয়া (কাঁটা বেঁধা)। ২ কন্টক বিদ্ধ হওয়ার মতো তীব্র বেদনা বোধ হওয়া (গণ্ডারের চামড়া, কিছুই বেঁধে না)। ৩ বিদ্ধ করা; ছিদ্র করা। **বিঁধানো, বেঁধানো** *ক্রি* ১ বিদ্ধ করা; ফুটিয়ে দেওয়া; ছিদ্র করা। ২ বিদ্ধ বা ছিদ্র করানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **বিঁধিয়ে বিঁধিয়ে কথা বলা** *ক্রি* বাঁকা বাঁকা কথা বলা; অন্যের মনে ঘা দিয়ে কথা বলা (তুমি বেশ বিঁধিয়ে বিঁধিয়ে কথা বলতে পারো)। { *স.* √ব্যধ্>+*বা.* আ }

বিঁধানো, বিঁধান [বিঁধানো] *ক্রি* ছিদ্র করা (মেয়েটার কান বিঁধানো হয়েছে)। { *স.* √ব্যধ্>+*বা.* আনো, আন; ক্রিয়ারূপ—বিঁধি, বিঁধাও, বিঁধায়, বিঁধান, *অক্রি*—বিঁধিয়ে, বিঁধাতে, বিঁধালে ইত্যাদি }

বিকচ[১] [বিকচ্/-চো] *বিণ* বিকশিত; প্রস্ফুটিত; প্রফুল্ল (করুণা-কিরণে বিকচ নয়ান—*রঠা*)। **বিকচিত** *বিণ* বিকশিত। { *স.* বি+√কচ+অ(অচ)}

বিকচ[২] [বিকচো] *বিণ* ১ কেশহীন; চুলশূন্য; মুণ্ডিত। { *স.* বি(বিগত)+কচ; *বহু* }

বিকচ্ছ [বিকচ্‌ছো] *বিণ* কাছাহীন; কাছা খুলে গিয়েছে এমন (বাবু কন পরি লুঙ্গি বিকচ্ছ তোমাদের দিল তুষিতে —*নই*)। { *স.* বি+কচ্ছ; *বহু* }

বিকট [বিকট্] *বিণ* ১অদ্ভুত ও ভীতিকর (বিকট শব্দ, বিকট চেহারা)। ২ করাল; ভয়ঙ্কর (বিকট দণ্ড)। ৩ বৃহৎ; বিপুল (বিকট উদর)। **বিকটা** *বি স্ত্রী* হিন্দু-দেবতাবিশেষ। **বিকটাকার** *বি* বিকট মূর্তি; ভয়ঙ্কর চেহারা। □ *বিণ* বিকট মূর্তিযুক্ত; ভীতিজনক; ভয়ঙ্কর। { *স.* বি+কট(কটচ্); বি+√কট্+অ(অচ)}

বিকত্থন [বিকত্‌থন্] *বি* আত্মশ্লাঘা; মিথ্যা শ্লাঘা; বৃথা স্তুতি। { *স.* বি+কত্থন}

বি কম ⇒ বি এ

বিকম্প, বিকম্পন [বিকম্‌পো, বিকম্‌পোন্] *বি* কম্পন; স্পন্দন। { *স.* বি+√কম্প্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

বিকম্পিত [বিকোম্‌পিতো] *বিণ* অত্যন্ত কম্পিত; আন্দোলিত; অতিশয় কম্পিত (অনিল বিকম্পিত শ্যামল অঞ্চল—*রঠা*)। { *স.* বি+কম্পিত; *বহু* }

বিকর্ণ [বিকরনো] *বিণ* ১ কর্ণহীন; ছিন্নকর্ণ। ২ দুর্যোধনের এক ভাই। { *স.* বি+কর্ণ; *বহু* }

বিকর্তন [বিকর্‌তন্] *বিণ* ১ ছেদনকারী; বিনাশক। □ *বি* সূর্য। { *স.* বি+কর্তন; *বহু* }

বিকর্ম [বিকর্‌মো] *বি* বিপরীত কর্ম; বিরুদ্ধ কর্ম (কেন তুমি কর কহ এহেন বিকর্ম)। { *স.* বি+কর্ম; *প্রাদি* }

বিকর্ষ [বিকরশো] *বি* বিশেষভাবে আকর্ষণ করা হয় যাকে; বাণ; শর; তীর। { *স.* বি+√কৃষ্+অ(ঘঞ্)}

বিকর্ষণ [বিকরশন্] *বি* ১ উল্টা টান; বিরাগ (আকর্ষণ বিকর্ষণ পুরুষ প্রকৃতি—*রঠা*)। ২ আকর্ষণের বিপরীত; টানের বিপরীত; বিপ্রকর্ষণ; repulsion। { *স.* বি+কর্ষণ}

বিকল, বেকল [বিকল্, বে-] *বিণ* ১ কলাহীন; অঙ্গহীন; অপূর্ণ (বিকলাঙ্গ)। ২ অক্ষম; অবশ (বিকল দেহ)। ৩ অস্থির; স্থৈর্যশূন্য; বিহ্বল; বিমূঢ় (করি দাও হৃদয় বিকল—*রঠা*)। ৪ বিকৃতাঙ্গ (অন্ধ, বধির প্রভৃতি)। ৫ অচল; অকেজো (একটু বুদ্ধি খাটাইয়া দেখ নহিলে সকল বেকল হইয়া যাইবে—*বচ*)। **বিকলতা, বৈকল্য** *বি*। **বিকলা**[১] *বিণ স্ত্রী* ব্যাকুল (চিত্রাঙ্গদা কাঁদে পুত্রশোকে বিকলা— *মদ*)। **বিকলা**[২] *বি (বিজ্ঞান.)* কলা বা মিনিটের ষাট ভাগের এক ভাগ; second। **বিকলাঙ্গ, বিকলেন্দ্রিয়** *বিণ* অঙ্গহীন; কোনো একটি অঙ্গ বা ইন্দ্রিয় নেই এমন অথবা অঙ্গবিশেষ ত্রুটিযুক্ত। { *স.* বি+কলা; *বহু* }

বিকল্প [বিকল্‌পো] *বি* ১ পরিবর্তে কল্পনা; বিপরীত কল্পনা; পক্ষান্তর; বিকল্প ব্যবস্থা; পরিবর্ত। ২ বিবিধ কল্পনা; সন্দেহ; সংশয়। ৩ কোনো শব্দ বা নিয়মের একাধিক রূপ; বিভাষা; alternative। ৪ বাস্তবে যার স্থিতি নেই, কেবল শব্দের দ্বারা বিশ্বাস বা প্রতীতি, যথা— আকাশকুসুম, সোনার পাথরবাটি ইত্যাদি। **বিকল্পিত** *বিণ* বিভাষা-যুক্ত; বিপরীতরূপে কল্পিত বা বিভিন্ন কল্পনাযুক্ত; সন্দেহযুক্ত। { *স.* বি+কল্প; *প্রাদি* }

বিকশল *(ব্র.)* [বিকশল্] *ক্রি* বিকশিত হলো (বিকশল অঙ্গ—*বিপ*)। { *স.* বি+√কশ্>}

বিকশিত [বিকোশিতো] *বিণ* ১ প্রস্ফুটিত; সুপ্রকাশিত; ফুল্ল; প্রস্ফুটিত হয়েছে এমন (নানা পুষ্প বিকশিত—*ভারা*)। ২ প্রকাশিত। { *স.* বি+√কশ্+ত(ক্ত); বি+√কস্+ত(ক্ত)}

বিকানো, বিকনো [বিকানো, -কো-] *ক্রি* ১ বিক্রয় হওয়া; বেচা; বিকিয়ে দেওয়া (জীবন বিকানো)। ২ সমাদৃত হওয়া (নামে বিকানো)। ৩ কাটতি হওয়া; চাহিদা হওয়া (এ মাল বিকাবে)। ৪ নিজেকে নিঃশেষ করে দান করা। { *স.* বিক্রয়>; ক্রিয়ারূপ—বিকাই, বিকাও, বিকায়, বিকান, *অক্রি*—বিকিয়ে, বিকালে, বিকাতে ইত্যাদি}

বিকার [বিকার্] *বি* ১ অস্বাভাবিক অবস্থা; বৈগুণ্য; অস্বাভাবিক পরিবর্তন (তাতে খুড়র মনে বিকার মাত্র জন্মে না—*ঈবি*)। ২ স্বাস্থ্যহীনতা; অসুস্থতা; ব্যাধি; রোগ-বৃদ্ধিহেতু উচ্চারিত প্রলাপ (জ্বর বিকার)। ৩ বিকৃতি; খারাপ হওয়া; পচা। ৪ পরিবর্তনে জাত বস্তু; রূপান্তর; রূপ বদল (স্বর্ণের বিকার)। **বিকারী** (-রিন্) *বিণ* রূপান্তরিত; বিকৃতিযুক্ত। { *স.* বি+√কৃ+অ(ঘঞ্)}

বিকাল, বৈকাল [বিকাল্, বোই-] *বি* অপরাহ্ণ; সূর্যাস্তের পূর্ববর্তী শেষ কয়েক ঘণ্টা। { *স.* বি+কাল}

বিকাশ , বিকাস [বিকাশ্] *বি* ১ প্রকাশ; ব্যক্তকরণ (দন্তবিকাশ)। ২ উন্মেষ; উন্মীলন; উদ্রেক (ভাবের বিকাশ)। ৩ প্রসার; উন্নতি (সাহিত্যের বিকাশ)। ৪ প্রস্ফুটন (পুষ্পের বিকাশ)। **বিকাশন** *বি* প্রকাশন; প্রসারণ; প্রস্ফুটন। **বিকশিত** (ণিজন্ত) *বিণ* প্রকাশিত; প্রস্ফুটিত। **বিকাশোন্মুখ** *বিণ* বিকশিত বা প্রকাশিত হওয়ার পথে এমন। { *স.* বি+√কাশ্+অ(ঘঞ্)}

বিকি [বিকি] *বি* বিক্রয়; বেচা-কেনা। **~কিনি** *বি* বেচা-কেনা; ক্রয়-বিক্রয় (কেহ রঙ্গ চাহে, কেহ করে বিকিকিনি —*সৈআ*)। { *স.* বিক্রয়>}

বিকিনি [বিকিনি] *বি* সাঁতার ও রৌদ্রস্নানের জন্য মেয়েদের একপ্রকার খাটো পোশাকের নাম। { *ই.* bikini}

বিকির, বিকিরণ [বিকির্, -রন্] *বি* বিক্ষেপ; বিস্তারকরণ; ছড়ানো (শিক্ষার বিকিরণ)। **বিকীর্ণ** *বিণ* ছড়ানো হয়েছে এমন; বিক্ষিপ্ত; বিস্তারিত; ছড়ানো (একটি শক্তি কারুণ্য বিশ্বে বিকীর্ণ হইতেছে—*রঠা*)। { *স.* বি+√কৄ+অ(ক) =বিকির, + অন(ল্যুট্)}

বিকীর্যমান [বিকির্‌জোমান্] *বিণ* বিকীর্ণ বা ছড়ানো হয়েছে এমন। { *স.* বি+√কৄ+আন(শানচ্)}

বিকুণ্ঠ, বিকুণ্ঠিত [বিকুন্‌ঠো, বিকুন্‌ঠিতো] *বিণ* বিগত কুণ্ঠা বা লজ্জা এমন; নির্লজ্জ; কুণ্ঠাহীন। { *স.* বি+কুণ্ঠা, কুণ্ঠিত}

বিকুল [বিকুল্] *বিণ* ব্যাকুল (আকুল বিকুল হৈলা পুত্রের কারণ—*রাব*)। **বিকুলি** *বি* ব্যাকুল ভাব; ব্যাকুলতা; ব্যাকুলতা প্রকাশ। { *স.* ব্যাকুল>বিয়াকুল>}

বিকৃত [বিক্‌কৃতো] *বিণ* ১ পচা (বিকৃত মাংস)। ২

দোষত্রুটিবিশিষ্ট; রোগগ্রস্ত (বিকৃতমস্তিষ্ক)। ৩ বিকারপ্রাপ্ত; স্বভাবের বিপরীত; অস্বাভাবিক রূপ বা অবস্থাপ্রাপ্ত। ৪ বিকট; বীভৎস (বিকৃত মূর্তি)। **~কণ্ঠ, ~স্বর** *বি* ভাঙা গলা। □ *বিণ* গলা বা স্বর ভেঙেছে এমন; ভগ্নকণ্ঠ। **~মস্তিষ্ক** *বিণ* ১ পাগল। ২ বিকারগ্রস্ত মস্তিষ্ক। **~রুচি** *বি* ১ কুরুচি। □ *বিণ* বিকৃত রুচিযুক্ত। **বিকৃতাকৃতি** *বি* বিকলাঙ্গ। **বিকৃতি** *বি* ১ বিকৃত ভাব বা অবস্থা; বৈগুণ্য; অস্বাভাবিক অবস্থা। ২ রূপান্তর; বিকার; অস্বাস্থ্য; ব্যাধি। { *স.* বি+√কৃ+ত(ক্ত)}

বিকৃষ্ট [বিক্‌কৃশ্‌টো] *বিণ* আকৃষ্ট; আসক্ত; উদ্ধৃত; উল্টা দিকে আকৃষ্ট; অপ্রিয়। { *স.* বি+কৃষ্ট}

বিকেন্দ্রণ [বিকেন্‌দ্রন্] *বি* বিকেন্দ্রীকরণ; কোনো বিষয়কে কেন্দ্রীয় সরকারের শাসন থেকে প্রাদেশিক বা আঞ্চলিক সরকারের হস্তে প্রদান; decentralization। { *স.* বিকেন্দ্র+অন(ল্যুট্)}

বিকো (*মবা.*) [বিকো] *অব্য* বিক্রয়ের জন্য (বিকো জাও মথুরার হাট—*বচদা*)। { *স.* বিক্রয়ার্থ>}

বিক্রম [বিক্‌ক্রম্] *বি* ১ বল; শক্তি। ২ প্রতাপ; পরাক্রম; বীরত্ব; শৌর্য। **~শালী, বিক্রমী, বিক্রান্ত** *বিণ* শক্তিশালী; পরাক্রান্ত; বীর (পাঁচ হাজার বিক্রান্ত জাঠ সৈন্যসহ আসিয়া শত্রুদলনে প্রবৃত্ত হইলেন—*ইহো*)। { *স.* বি+√ক্রম্+অ(ঘঞ্)}

বিক্রমাদিত্য [বিক্‌ক্রোমাদিত্‌তো] *বি* ১ উজ্জয়িনীর বিখ্যাত রাজা, বলা হয়, তাঁর নবরত্ন সভায় কবি কালিদাস ছিলেন অন্যতম রত্ন। ২ বহু প্রাচীন রাজার উপাধি। { *স.* বি+√ক্রম্+অ(ঘঞ্)}

বিক্রমী ⇒ বিক্রম

বিক্রয়, বিক্রি [বিক্‌ক্রয়্, বিক্‌ক্রি] *বি* মূল্যের বদলে দ্রব্যের স্বত্ব ত্যাগ; বেচা। **বিক্রয়িক, বিক্রয়ী, বিক্রেতা** *বিণ* বিক্রয় করে এমন; বিক্রয়কারী। **বিক্রয়িকা, বিক্রয়িনী** *বিণ স্ত্রী*। **বিক্রীত** *বিণ* বিক্রয় করা হয়েছে এমন। **বিক্রেয়** *বিণ* বিক্রয়যোগ্য; বিক্রয় করা হবে এমন। { *স.* বি+ক্রয়}

বিক্রান্তি [বিক্‌ক্রান্তি] *বি* শক্তি; পরাক্রম। { *স.* বি+√ক্রম্+তি(ক্তি)}

বিক্রি ⇒ বিক্রয়

বিক্রিয়া [বিক্‌ক্রিয়া] *বি* বিকৃতি; বিকার; পরিবর্তন; রূপান্তর (চিত্তবিক্রিয়া)। ২ রাসায়নিক প্রতিক্রিয়া। { *স.* বি+ক্রিয়া}

বিক্রীড়িত [বিক্‌ক্রিড়িতো] *বি* বিবিধ ক্রীড়া; gambling। **শার্দূল~** *বি* সংস্কৃত ছন্দের নামবিশেষ। { *স.* বি+√ক্রীড়্+অ(অচ্)+আ(টাপ্)+ত(ক্ত)}

বিক্রীত, বিক্রেতা, বিক্রেয় ⇒ বিক্রয়

বিক্লব [বিক্‌ক্লব্] *বি* ১ ভয়; ব্যাকুলতা। ২ বিহ্বলতা। ৩ উদাসীনতা। বৈক্লব্য। □ *বিণ* ১ উদাসীন। ২ ভয়ব্যাকুল। ৩ বিহ্বল। { *স.* বি+√ক্লব+অ(অচ্)}

বিক্ষত [বিক্‌খতো] *বিণ* বিশেষভাবে আহত; আঘাতের ফলে উৎপন্ন ক্ষত (ক্ষতবিক্ষত)। { *স.* বি+ক্ষত}

বিক্ষিপ্ত [বিক্‌খিপ্‌তো] *বিণ* ১ ইতস্তত ছড়ানো। ২ ব্যাকুলিত; অস্থির; অব্যবস্থিত (বিক্ষিপ্তচিত্ত)। { *স.* বি √ক্ষিপ্+ত(ক্ত)}

বিক্ষুব্ধ [বিক্‌খুব্‌ধো] *বিণ* ১ ক্ষোভযুক্ত; অত্যন্ত দুঃখিত। ২ বিচলিত; আলোড়িত; অস্থির। { *স.* বি+ক্ষুব্ধ}

বিক্ষেপ [বিক্‌খেপ্] *বি* ইতস্তত ছড়ানো বা নিক্ষেপ; অস্থিরতা। { *স.* বি+√ক্ষিপ্+অ(ঘঞ্)}

বিক্ষোভ [বিক্‌খোভ্] *বি* ১ ক্ষোভ; আলোড়ন; চাঞ্চল্য (সমুদ্রের বিক্ষোভ)। ২ গভীর অসন্তোষজনিত আন্দোলন (ছাত্রবিক্ষোভ)। { *স.* বি+√ক্ষুভ্+অ(ঘঞ্)}

বিখ (*মবা.*, *গ্রা.*) [বিখ্] *বি* বিষ (বিখ তরু ভোগ—*স্থাদা*)। { *স.* বিষ>}

বিখাউজ [বিখাউজ্] *বি* চর্মরোগবিশেষ; eczema। { *স.* খর্জু, *তুল. হি.* খুজ্‌লি}

বিখ্যাত [বিক্‌খ্যাতো] *বিণ* সুপ্রসিদ্ধ; অত্যন্ত খ্যাত; প্রখ্যাত। **বিখ্যাতা** *স্ত্রী*। **বিখ্যাতি** *বি* অতিশয় খ্যাতি; প্রসিদ্ধি। { *স.* বি+খ্যাত}

বিগড়ানো, বিগড়নো [বিগ্‌ড়ানো, -ড়নো] *ক্রি* ১ বিকৃত হওয়া; খারাপ করা (বুদ্ধি বিগড়ানো)। ২ অচল বা বিকল হওয়া (কল বিগড়ানো)। ৩ অসৎ পথে যাওয়া; কুপথগামী করা; অধঃপতিত করা; নষ্ট হওয়া (চরিত্র বিগড়ানো)। ৪ প্রতিকূল হওয়া বা করা; বিরোধী হওয়া (সাক্ষী বিগড়ানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* বি+√ঘট্> *প্রা.* বিঘড়> বিগড়+আনো; *তুল. হি.* বিগড়না; ক্রিয়ারূপ—বিগড়াই, বিগড়াও, বিগড়ায়, বিগড়ান, *অক্রি*—বিগড়িয়ে, বিগড়ালে, বিগড়াতে ইত্যাদি}

বিগত [বিগতো] *বিণ* ১ অতীত; গত (বিগতপ্রাণ)। ২ মৃত; অপগত; নষ্ট। **বিগতা** *স্ত্রী*। **বিগম** *বি* অবসান; সমাপ্তি; শেষ; অপগম; নাশ; ধ্বংস। { *স.* বি+গত}

বিগর্হ, বিগর্হণ [বিগরহো, বিগরহোন্] *বিণ* খারাপ; অনুচিত (নৃপতিকে নিদ্রা হনে জাগাইয়া বন্ধুগণে বুঝিল বিগর্হ হইল কাজ—*সৈআ*)। **বিগর্হণ, বিগর্হণা** *বি* ১ কলঙ্ক; অপবাদ। ২ ভর্ৎসনা; নিন্দা। **বিগর্হিত** *বিণ* ১ অতিশয় কলঙ্কিত; বিশেষ কলঙ্ককর। ২ অতিশয় নিন্দিত; তিরস্কৃত; ভর্ৎসিত। ৩ নিষিদ্ধ; অত্যন্ত কলঙ্কজনক; দূষিত।। { *স.* বি+√গর্হ্, +অন(ল্যুট্)}

বিগলন [বিগলোন্] *বি* ১ গলে যাওয়া; দ্রবণ। ২ ক্ষরণ; স্খলন। **বিগলিত** *বিণ* ১ ক্ষরিত; ঝরে পড়ছে এমন; গলে গেছে এমন; সম্পূর্ণ গলিত বা নিঃসৃত। ২ স্খলিত; শিথিল; শ্লথ; ঢিলা। ৩ একেবারে পচা। **বিগলিতা** *স্ত্রী*। { *স.* বি+গলন}

বিগার [বিগার্] *বি* মতিভ্রম (তাতে নারী-পুরুষে জর্মায় বিগার—*দৌবাখা*)। { *স.* বিকার>}

বিগুণ [বিগুন্] *বিণ* ১ নির্গুণ; গুণহীন; বিকৃত; বিকৃষ্ট; অপকৃষ্ট। ২ গুণাতীত। ৩ বিরুদ্ধ গুণ; প্রতিকূল (বিধি বিগুণ)। ৪ অপকার; ক্ষতি (তাতে কোন বিগুণ করবে না)। বৈগুণ্য *বি*। { *স.* বি (প্রতিকূল/বিকৃত/বিগত) + গুণ}

বিগুল ⇒ বিউগল

বিগ্ন [বিগ্‌নো] *বিণ* ভীত; উদ্বিগ্ন; উৎকণ্ঠিত। { *স.* √বিজ্+ত(ক্ত)}

বিগ্রহ [বিগ্‌গ্রোহো] *বি* ১ দেহ; মূর্তি (রসবিগ্রহ)। ২

দেবমূর্তি; প্রতিমা (বিগ্রহপ্রতিষ্ঠা, বিগ্রহসেবা)।৩ বিবাদ; কলহ; যুদ্ধ (সন্ধিবিগ্রহ)।৪ ব্যাসবাক্য (বিগ্রহবাক্য)।৫ বিস্তার। { *স.* বি+গ্রহ}

বিঘটন [বিঘটোন্] *বি* ১ বিশ্লেষণ; analysis; বিভাগ।২ ব্যাঘাত; বিরোধ।৩ অনিষ্ট; ধ্বংস।৪ বিকাশ; প্রস্ফুটন। { *স.* বি+√ঘট্+অন(ল্যুট্)}

বিঘত, বিঘৎ [বিঘত্] *বি* হাতের বৃদ্ধাঙ্গুলি থেকে কনিষ্ঠাঙ্গুলি পর্যন্ত বিস্তার; আধহাত বা বারো আঙুল পরিমাণ। { *স.* বিতস্তি>}

বিঘা [বিঘা] *বি* ভূমি পরিমাপের একক বিশেষ; ২০ কাঠায় এক বিঘা—যা এক একরের এক-তৃতীয়াংশের প্রায় সমপরিমাণ, তবে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে বিঘার মাপে যথেষ্ট হেরফের লক্ষ করা যায়। ~**কালি** *বি* বিঘার হিসাবে জমির পরিমাণ নির্ণয়। { *স.* বর্গ>বগ্‌গ>বিঘা}

বিঘাত [বিঘাত্] *বি* ১ বিনাশ; নিবারণ; নিরাকরণ (বিঘ্নবিঘাত)।২ আঘাত; প্রহার (শরবিঘাত)।৩ ব্যাঘাত প্রতিবন্ধ (অবিঘাত গতি)। { *স.* বি+√হন্+অ(ঘঞ্)}

বিঘাতক, বিঘাতী (–তিন্) [বিঘাতোক্, বিঘাতি] *বিণ* ১ ব্যাঘাত সৃষ্টি করে এমন; বিঘাত সৃষ্টিকারী।২ বাধাদায়ক; নিবারক; প্রতিবন্ধক; অন্তরায়। { *স.* বি+√হন্+অ(ঘঞ্)+অক(ণ্বুল্), ঈ(ইন্)}

বিঘাতন [বিঘাতোন্] *বি* বিনাশন; প্রতিবন্ধক সৃষ্টি। { *স.* বি+√হন্+অ(ঘঞ্)+অন(ল্যুট্)}

বিঘিনি [বিঘিনি] *বি* (*পদ্য., ব্র.*) বিঘ্ন। { *স.* বিঘ্ন>বিঘিনি (স্বরাগমে)}

বিঘূর্ণন [বিঘুরনন্] *বি* বিশেষভাবে ঘূর্ণন। **বিঘূর্ণিত** *বিণ*। { *স.* বি+ঘূর্ণন}

বিঘোর ⇒ বেঘোর

বিঘোষণ [বিঘোশোন্] *বি* সম্যক বা সর্বত্র ঘোষণা; সর্বসাধারণের ভিতর প্রচার; বিজ্ঞাপন। **বিঘোষিত** *বিণ* ব্যাপকভাবে সর্বত্র প্রচারিত; বিশেষভাবে ঘোষিত। { *স.* বি+√ঘুষ্+ণিচ্+অন(ল্যুট্)}

বিঘ্ন [বিঘনো] *বি* কর্মসিদ্ধির পথে প্রতিবন্ধক; ব্যাঘাত; অন্তরায় (বাধা-বিঘ্ন)। ~**কর** *বিণ* বিঘ্ন সৃষ্টি করে এমন। ~**নাশন**, ~**বিনাশন**, ~**নাশক**, ~**হারী** *বিণ* বিঘ্ন দূরকারী। **বিঘ্নিত** *বিণ* প্রতিহত; ব্যাহত। { *স.* বি+√হন্+অ(ঘঞর্থে ক)}

বিচ, বীচ [বিচ্] *বি* মধ্যে। □ *অব্য* মধ্যে; ভিতরে (পুঁথিসাহিত্যে প্রচলিত)। ~ ~ মে *ক্রিবিণ* মধ্যে মধ্যে; মধ্যস্থানে; মাঝখানে (এরাও বিচ বিচ মে ও কাম করত —*কেম*)। { *হি.* বিচ}

বিচক্ষণ [বিচক্‌খোন্] *বিণ* ১ সুবিবেচক। ২ জ্ঞানী; অভিজ্ঞ; বিদ্বান; পণ্ডিত (তিনি বিচক্ষণ লোক বটে)।৩ দূরদর্শী; বিশদদর্শী।৪ কুশল; দক্ষ (বিচক্ষণ কর্মচারী)। **বিচক্ষণতা** *বি*। { *স.* বি+√চক্ষ্+অন(ল্যুট্)}

বিচঞ্চল [বিচন্‌চল্] *বিণ* বিশেষভাবে চঞ্চল; অতিশয় অস্থির বা অধৈর্য; চঞ্চল (পাখী সম বিচঞ্চল মৃদুল বাতাসে—*সদ*)। { *স.* বি+চঞ্চল}

বিচনী (*মবা.*) [বিচোনি] *বিণ* বেচুনি; বিক্রয়কারিণী; বিক্রেত্রী (খণ্ড বিচনীর কিবা—*বচ*)। { *স.* বিক্রেত্রী >}

বিচয়ন, বিচয় [বিচয়োন্, বিচয়্] *বি* ১ একত্রীকরণ; সংগ্রহ; তুলে একত্র করা; অনুসন্ধান। ২ পুষ্পাদি চয়ন। **বিচিত** *বিণ* একত্রীকৃত; সংগৃহীত; অনুসন্ধিত। { *স.* বি+√চি+অন(ল্যুট্), অ(অচ্)}

বিচরণ [বিচরোন্] *বি* ইতস্তত ভ্রমণ; পর্যটন; চলাফেরা করা; ভ্রমণ করা; বেড়ানো (বিচরে সুখে)। **বিচরিত** *বিণ*। { *স.* বি+√চর্+অন(ল্যুট্)}

বিচরা [বিচরা] *ক্রি* (*পদ্য.*) বিচরণ করা; চলাফেরা করা; ভ্রমণ করা; বেড়ানো (বিচরে সুখে)। { *স.* বিচরণ>}

বিচরানো, বিছরানো [বিচ্‌রানো, বিছ্–] *বি* (*আঞ্চ.*) খোঁজা; অনুসন্ধান করা। { *স.* বিচরণ>}

বিচর্চিকা [বিচোর্‌চিকা] *বি* খোসপাঁচড়া প্রভৃতি চর্মরোগ। { *স.* বি+চর্চিকা}

বিচল ⇒ বিচলিত

বিচলিত, বিচল [বিচোলিতো, বিচল্] *বিণ* ১ চঞ্চল; অস্থির; অধীর; কম্পিত; আলোড়িত; চ্যুত (পিছল পথে বিচল গতি পারব এখন আটকাতে—*সদ*)। ২ উদ্বিগ্ন; ব্যাকুল (এত বিচলিত হলে চলবে কেন?)। **বিচলা**, **বিচলিতা** *বিণ স্ত্রী*। **বিচলন** *বি* চঞ্চলতা; অস্থিরতা; অধৈর্য; আলোড়ন; উদ্বেগ; ব্যাকুলতা; স্খলন। { *স.* বি+√চল্+ত(ক্ত), অ(অচ্)}

বিচার [বিচার্] *বি* ১ বিবেচনা; যুক্তিপ্রয়োগ; গবেষণা (এত বিচার করিতেছেন কেন?—*ঈবি*)। ২ সিদ্ধান্তে উপনীত হওয়া; মীমাংসা; তত্ত্বনির্ণয়; নিষ্পত্তি। ৩ আলোচনা; তর্ক-বিতর্ক (পণ্ডিতে পণ্ডিতে বিচার)। ৪ দোষগুণ অপরাধ ইত্যাদি নির্ণয়; ন্যায়-অন্যায় স্থিরীকরণ (কাব্যবিচার); আসামির বিচার। **বিচারক**, ~**কর্তা**, ~**পতি** *বি* যিনি বিচার করেন; বিচারকারী; জজ; judge; ন্যায়াধীশ। ~**ক্ষম** *বি,বিণ* যিনি সুবিচার করতে পারেন। **বিচারণ, বিচারণা** *বি* বিচার; বিচারকরণ; বিবেচনা। ~**ণীয়, বিচার্য** *বিণ* বিচারযোগ্য; বিচার করতে হবে এমন; বিবেচ্য; বিবেচনাযোগ্য। ~**ফল** *বি* বিচারকের মত, সিদ্ধান্ত বা রায়। ~**বিহীন**, ~**শূন্য** *বিণ* ন্যায়বিচার বিরহিত; অবিবেচক। **বিচারাধীন** *বিণ* বিচার করা হচ্ছে এমন; বিবেচনাধীন; বিচার্য; বিচারণীয়। **বিচারালয়** *বি* বিচার করার স্থান; আদালত; ধর্মাধিকরণ; court। **বিচারিত** *বিণ* বিচার করা হয়েছে এমন। **বিচারী** (–রিন্) *বিণ* বিচারক; বিচারকারী (বিচারী যদ্যপি অবিচারে রত সেও পড়ে এই হ্রদে—*মদ*)। { *স.* বি+√চর্+অ(অচ্)}

বিচারা [বিচারা] *ক্রি* (*পদ্য.*) বিচার বা বিবেচনা করা (বিচারিল মনে)। **বিচারলুঁ** (*ব্র.*) বিচার করলাম। **বিচারি** (*ব্র.*) বিচার করলাম (কিয়ে জাত বিচারি—*বিপ*)। { *স.* বিচার+ *বা.* আ}

বিচালি, বিচুলি [বিচালি, –চু–] *বি* খড়; শস্যহীন শুষ্ক ধান গাছ (বিচালির অভাবে গরুর জাবনা দেওয়া হয় নাই —*প্যামি*)। { *স.* বি+ *স.* তণ্ডুল>চালি, চুলি}

বিচি, বীচি [বিচি] *বি* ১ ফল বা শস্যাদির ক্ষুদ্র আঁটি; বীজ (কাঁঠালের বিচি)। ২ অণ্ডকোষ। ৩ ফোঁড়ার মধ্যকার গুটি (বিচি গালা)। { *স.* বীজ>}

বিচিকিচ্ছি ⇒ বিতিকিচ্ছি

বিচিকিৎসা [বিচিকিত্শা] *বি* সন্দেহ; সংশয়; ভ্রম; ভ্রান্তি। { *স.* বি+চিকিৎস+অ+আ(টাপ্)}

বিচিত [বিচিতো] *বি* ১ বিশেষভাবে চয়নকৃত; চয়িত; চিত; সংগৃহীত; সমাহৃত। { *স.* বি+√চি (চয়ন)+ত(ক্ত)}

বিচিত্র [বিচিত্রো] *বিণ* ১ বিভিন্ন বর্ণযুক্ত। ২ নানারূপে চিত্রিত; নকশাদার। ৩ বিবিধ বিষয়যুক্ত (বিচিত্র জগৎ)। ৪ বিস্ময়কর; আশ্চর্যজনক (বিচিত্র লীলা)। ৫ মনোরম; মনোহর; সুন্দর; সৌন্দর্যময় (বিচিত্র দৃশ্য)। **বিচিত্রা** *স্ত্রী*। **বিচিত্রতা** *বি* নানা বর্ণরূপ (শূন্যে আমায় নিয়ে রচ নিত্য বিচিত্রতা—*রঠা*)। ~**বর্ণ** *বিণ* নানা বর্ণযুক্ত (সাঁঝের পৃথিবীটা বিচিত্রবর্ণ ধারণ করলো)। **বিচিত্রিত** *বিণ* নানা বর্ণে চিত্রিত। **বিচিত্রতা** *স্ত্রী*। { *স.* বি+চিত্র}

বিচিত্রবীর্য [বিচিত্ত্রোবির্জো] *বিণ* ১ আশ্চর্যজনক বীরত্ব বা বিক্রমযুক্ত। ২ মহাভারতে শান্তনু রাজার পুত্র। { *স.* বিচিত্র+বীর্য; *বহু*}

বিচিন্তা [বিচিন্তা] *বি* নানাভাবে চিন্তন। { *স.* বি+চিন্তা}

বিচিন্তন [বিচিন্তন্] *ক্রি* নানাভাবে বিবেচনা করা। { *স.* বি+√চিন্ত্+অন(ল্যুট্)}

বিচিন্তিত [বিচিন্তিতো] *বিণ* নানাভাবে চিন্তিত; সুচিন্তিত; বিশেষভাবে ভাবনা বা বিবেচনা করা হয়েছে এমন। { *স.* বি+√চিন্ত্+ত(ক্ত)}

বিচিন্ত্য [বিচিন্তো] *বিণ* বিশেষভাবে চিন্তনীয়; বিবেচ্য। **বিচিন্ত্যমান** *বিণ* চিন্তার বা বিবেচনার বিষয়। { *স.* বিচিন্ত+য(যৎ)}

বিচূর্ণ, বিচূর্ণিত [বিচুর্নো, –নিতো] *বি* গুঁড়া; যা বিশেষভাবে বা সম্যকরূপে গুঁড়া করা হয়েছে। **বিচূর্ণন** *বি* বিশেষভাবে বা উত্তমরূপে বা সম্যকভাবে চূর্ণকরণ; trituration। { *স.* বি+চূর্ণ/চূর্ণিত}

বিচেতন [বিচেতন্] *বিণ* অচেতন; চেতনাহীন; সংজ্ঞাহীন; বিবেকহীন (প্রাকৃতজনেরাই শোকে মোহে বিচেতন হইয়া থাকে—*ঈবি*)। { *স.* বি+চেতন; *বহু*}

বিচেষ্ট, বিচেষ্টিত¹ [বিচেশ্টো, –টিতো] *বিণ* ১ চেষ্টাহীন; উদ্যমশূন্য; নিশ্চেষ্ট। ২ অলস। { *স.* বি+চেষ্ট, চেষ্টিত}

বিচেষ্টিত² [বিচেশ্টিতো] *বি* বিশেষভাবে চেষ্টা। □*বিণ* অন্বেষিত। { *স.* বি+চেষ্টিত}

বিচ্ছায় [বিচ্ছায়] *বি* ১ ছায়াশূন্যতা। □ *বিণ* ছায়াশূন্য। { *স.* বি+ছায়; *বহু*}

বিচ্ছিত্তি [বিচ্ছিত্তি] *বি* ১ বিচ্ছেদ; বিনাশ; ধ্বংস; শেষ। ২ বিশিষ্টতা; বিচিত্রতা। { *স.* বি+√ছিদ্+তি(ক্তি)}

বিচ্ছিন্ন [বিচ্ছিন্নো] *বিণ* ১ সম্পূর্ণ বা সম্যক ছিন্ন; পৃথককৃত (দেশ থেকে বিচ্ছিন্ন)। ২ বিযুক্ত; বিভক্ত; খণ্ডিত। **বিচ্ছিন্না** *স্ত্রী*। **বিচ্ছিন্নতা** *বি*। { *স.* বি+√ছিদ্+ত(ক্ত)}

বিচ্ছিরি, বিচ্ছিরী [বিচ্ছিরি] *বি* বিশ্রী; কদর্য; কুৎসিত; অশোভন; লজ্জাজনক; জঘন্য; ঘৃণ্য (বিচ্ছিরি ব্যাপার)। { *স.* বিশ্রী>}

বিচ্ছু [বিচ্ছু] *বি* ১ কাঁকড়া বিছা; বৃশ্চিক; বিষাক্ত কীটবিশেষ। ২ বিচ্ছুর মতো ক্ষুদ্র কিন্তু ভয়ঙ্কর; ক্ষুদ্র কিন্তু তীব্র আঘাতদানে সক্ষম। ৩ *(আল.)* অত্যন্ত ধূর্ত ও সর্বনাশা লোক। { *স.* বৃশ্চিক>}

বিচ্ছুরণ [বিচ্ছুরন্] *বি* ১ অনুলেপন; অনুরঞ্জন। ২ (ত্রিপার্শ্ব কাচ ইত্যাদি দ্বারা) আলোকরশ্মির নানা বর্ণে বিশ্লেষণ; আলোক রশ্মির বিকিরণ; dispersion। **বিচ্ছুরিত** *বিণ* অনুলেপিত; রঞ্জিত; বিকীর্ণ; বিচিত্র বর্ণে বিশ্লিষ্ট। { *স.* বি+√ছুর্+অন(ল্যুট্)}

বিচ্ছেদ [বিচ্ছেদ্] *বি* ১ বিয়োগ; ভেদ; বিভেদ; বিভাগ (বিচ্ছেদ চিহ্ন)। ২ বিরহ (প্রিয় বিচ্ছেদ, বিচ্ছেদ বেদনা)। ৩ মনান্তর; ছাড়াছাড়ি (এই নিয়ে শেষ বিচ্ছেদ ঘটে নাকি?)। ৪ বিরতি; বিরাম; বিশ্রাম। **বিচ্ছেদন** *বি* কর্তন; পৃথককরণ। { *স.* বি+√ছিদ্+অ(ঘঞ্)}

বিচ্যুত [বিচচুতো] *বিণ* ১ স্খলিত; পতিত। ২ বিচ্ছিন্ন; ভ্রষ্ট। **বিচ্যুতা** *স্ত্রী*। **বিচ্যুতি** *বি* ১ স্খলন; পতন। ২ ভ্রংশ; বিচ্ছিন্নতা (ক্রটিবিচ্যুতি)। { *স.* বি+√চ্যু+ত(ক্ত)}

বিছন, বেছন [বিছোন, বে–] *বি* ধান্যাদির বীজ। ~ **রাখা** *ক্রি* ভাল বীজ পাবার জন্য পুষ্ট করা (কুমড়ার বিছন রাখা)। { *স.* বীজ>}

বিছর *(ব্র.)* [বিছর] *বিণ* বিস্মৃত; বিগত স্মৃতি (যত বিছরিয়ে তত বিছরন যাই—*বিপ*)। { *স.* বিস্মরণ>; *তুল. হি* বিসরনা}

বিছরণ ⇒ বিছুরন

বিছা [বিছা] *বি* ১ সুপরিচিত বহুপদবিশিষ্ট কীট; বৃশ্চিক (কাঁকড়া বিছা, তেঁতুলে বিছা, গুবরে বিছা)। ২ বৃশ্চিক রাশি। ৩ কটিভূষণবিশেষ; কোমরের বিছা। **বিছার হুল** *বি* বিছার হুলের মতো তীব্র আঘাতসম্পন্ন দংশন (কথা তো নয়, বিছার হুল)। ~**হার** *বি* বৃশ্চিকের আকারে তৈরি কোমরের গহনা। **কাঁকড়া** ~ *বি* যে বৃশ্চিকের দাড়া কাঁকড়ার মতো। **তেঁতুল** ~ *বি* তেঁতুলের বিচির ছড়ার আকারের বৃশ্চিক; কেন্নো জাতীয় বৃশ্চিক। { *স.* বৃশ্চিক>}

বিছাতি *(মবা.)* [বিছাতি] *বি* ১ বিস্তৃতি। ২ ক্ষেতে বীজ ছড়ানো বা বোনা (বৈশাখে বিছাতি কৈল—*শিবায়ন*)। { *স.* বিস্তৃতি>; *তুল. হি* বিছাতি}

বিছানা [বিছানা] *বি* শয্যা; bedding (বিছানা করা, বিছানা পাতা)। { *স.* বিচ্ছাদন>}

বিছানো [বিছানো] *ক্রি* ১ বিস্তার করা; পাতা (মাদুর বিছানো; তোমার মায়াবী নয়নে বিছাও দূর স্বপনের ঘুম—*জউ*)। ২ বিস্তৃত করা; ছড়ানো; বিন্যস্ত করা (কাঁকর বিছানো, কার্পেট বিছানো মেঝে)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* বিস্তার>; ক্রিয়ারূপ—বিছাই, বিছাও, বিছায়, বিছান, *অক্রি*—বিছিয়ে, বিছালে, বিছাতে ইত্যাদি}

বিছুটি, বিছুটী, বিছুতি [বিছুটি, –, –তি] *বি* বুনো গাছ, যা দেহে লাগলে অতিশয় চুলকায় ও জ্বালা করে। **জল–লাগানো** *বি* পানিতে ভিজানো বিছুটি দিয়ে প্রহার—যা অত্যন্ত জ্বালা-যন্ত্রণাদায়ক। { *স.* বৃশ্চিক>}

বিছুরন, বিছরণ [বিছুরন্, বিছরন্] *বি* বিস্মৃত হওয়া; ভুলে যাওয়া (সো কিয়ে বিছুরণ যায়—*বিপ*)। **বিছুরল, বিছুরিল** *(ব্র.)* *ক্রি* বিস্মৃত হলো; ভুলে গেল (বিছুরল গোকুল নাম—*বিপ*)। **বিছুরিনু** *(ব্র.)* *ক্রি* বিস্মৃত হলাম; ভুলে গেলাম; ত্যাগ করলাম; ছেড়ে দিলাম। { *স.* বিস্মরণ>}

বিজন [বিজন্] *বি* নির্জন; জনশূন্য; নিভৃত; গোপন (নির্জন নিদাঘ বেলা বিজন ছায়ায় ছিলুম—*মহী*)। ☐ *বিণ* জনশূন্য স্থান (নিঃসঙ্গ বিপুল তোমার হৃদয় বিজন—*সদ*)। **বিজনতা** *বি* জনহীনতা (পাষাণ প্রাসাদের বিজনতা—*রঠা*)। { *স.* বি(বিরল)+জন; *বহু* }

বিজনন [বিজনোন্] *বি* জন্মদান; জন্ম; প্রসব; উৎপত্তি; সৃষ্টি। { *স.* বি+√জন্+অন(ল্যুট্) }

বিজন্মা (-ন্মন্) [বিজন্মা] *বি,বিণ* জারজ; বেজন্মা; অবৈধ সন্তান। ⟹ বেজন্মা। { *স.* বি+জন্ম; *বহু* }

বিজবিজ [বিজ্‌বিজ্] *অব্য* প্রচুর কীটের একত্র অবস্থানের ভাবসূচক; গিজগিজ; থিকথিক; ঘন সমাবেশের ভাব-প্রকাশক (রিদয় দেখছে কেবল হাঁস আর পালক বিজবিজ করছে—*অঠা*)। { *ধ্বন্যা.* }

বিজয় [বিজয়্] *বি* ১ জয়; জিত; পরাজিতকরণ বা দমিতকরণ। ২ গমন; প্রস্থান; চলে যাওয়া ('গঙ্গাতীরে দেবী করিল বিজয়')। ৩ প্রাধান্য (ধর্মের বিজয়)। ৪ মৃত্যু। **--কুঞ্জর** *বি* যে হাতি রাজার বাহনরূপে ব্যবহৃত হয়। **--গর্ব** *বি* জয় লাভের জন্য গর্ব (সে বিজয়গর্বে মেতে উঠল)। **--দুন্দুভি, --মর্দল** *বি* জয়ঢাক। **--দৃপ্ত** *বিণ* জয়লাভে অহঙ্কৃত। **--লক্ষ্মী** *বি* জয়ের অধিষ্ঠাত্রী দেবী। **বিজয়াবহ** *বিণ* জয়সূচক। **বিজয়ী, বিজেতা** *বিণ* জয়লাভকারী; জয়ী। **বিজয়িনী, বিজেত্রী** *বিণ স্ত্রী.*। **বিজয়োৎসব** *বিণ* বিজয় লাভ হেতু উৎসব; বিজয়া দশমীর উৎসব। **বিজয়োন্মত্ত** *বিণ* বিজয়লাভের জন্য আনন্দে উন্মত্তপ্রায়। **বিজিত** *বিণ* ১ পরাজিত (বিজিত শত্রু)। ২ জয়কৃত; জয় করা হয়েছে এরূপ (বিজিত দেশ)। **বিজিতা** *বিণ স্ত্রী.*। **বিজেয়** *বিণ* জয়সাধ্য; জয়যোগ্য; জয়ের উপযুক্ত। { *স.* বি+√জি+অ(অচ্) }

বিজয় দিবস [বিজয়্‌দিবোস্] *বি* ১ যুদ্ধে জয়লাভের দিন এবং ঐ দিনকে স্মরণ করে অনুষ্ঠিত বার্ষিক অনুষ্ঠান। ২ ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর ঢাকার সোহ্‌রাওয়ার্দি উদ্যানে পরাজিত পাকিস্তান বাহিনীর আত্মসমর্পণ ও বাংলাদেশের বিজয় অর্জনের স্মারক দিবস। { *স.* বিজয়+দিবস; *কর্মধা.* }

বিজয়া [বিজয়া] *বি* ১ দুর্গাদেবী; দুর্গাদেবীর সখী বা কন্যা। ২ সিদ্ধি; ভাং। ৩ যুদ্ধ জয়ের জন্য যাত্রা। ৪ বিসর্জন; হিন্দুদের পূজান্তে প্রতিমা বিসর্জন। **– দশমী** *বি* যে তিথিতে দুর্গা প্রতিমার বিসর্জন দেওয়া হয়। **– সঙ্গীত** *বি* আশ্বিন মাসে পিতৃগৃহ থেকে যাত্রার বেদনাকে অবলম্বন করে রচিত গান। { *স.* বিজয়+আ(টাপ্) }

বিজয়াধূম [বিজয়াধুম্] *বি* গাঁজা। { *স.* বিজয়া+ধূম }

বিজয়ী ⟹ বিজয়

বিজর [বিজর্] *বিণ* বার্ধক্যহীন; জরাশূন্য; চির নবীন। { *স.* বি+জরা; *বহু* }

বিজল, বিজলা [বিজল্] *বি* পিচ্ছিল রসাদি। ☐ *বিণ* লালা বা শ্লেষ্মার মতো পিছল। { *স.* পিচ্ছিল> }

বিজলি, বিজলী, বিজুলি, বিজুলী, বিজুরি, বিজুরী [বিজ্‌লি, –, জু-, –, বিজুরি, –] *বি* ১ বিদ্যুৎ; তড়িৎ; চঞ্চলা; চপলা; সৌদামিনী (থির বিজুরী ঝলসে যেন মনে—*মনির*)। ২ পুষ্পবিশেষ (আটচালার চারিদিকে বাগান, নানাবিধ রঙ্গবিরঙ্গ ফুলের গাছ . . .গোলসর্ব বিজলী কড়কের জীবন্ত ফুটন্ত অনন্ত বাহার—*মীম*)। { *স.* বিদ্যুৎ>*প্রা.* বিজ্জলিয়া> }

বিজল্প [বিজল্‌পো] *বি* ১ জল্পনা; হালকা আলাপ-আলোচনা। ২ অসূয়াপূর্ণ ও কটাক্ষমূলক উক্তি। { *স.* বি+√জল্প্+অ(ঘঞ্) }

বিজাত, বেজাত [বিজাত্, বে–] *বিণ* ১ জারজ; বেজন্মা; অবৈধভাবে জাত। ২ ভিন্ন জাত বা জাতি (তোদের জাত ভগীরথ এনেছে জাত/ জাতবিজাতের জুতা ধোয়া—*নই*)। ⟹ বেজাত। { *স.* বি+√জন্+ত(ক্ত) }

বিজাতি [বিজাতি] *বি* ভিন্ন জাতি; ভিন্ন দেশ বা ধর্মের লোক (বিজাতি-বিদ্বেষ)। **বিজাতীয়** *বিণ* ১ ভিন্ন জাতি সম্পর্কীয় (বিজাতীয় বেশভূষা)। ২ ভীষণ; উৎকট (বিজাতীয় ঘৃণা)। **বিজাতীয়তা** *বি*। **বিজাতীয় ভেদ** *বি* পরস্পর ভিন্ন জাতির মধ্যকার পার্থক্য। { *স.* বি+জাতি }

বিজারক [বিজারোক্] *বি,বিণ* যে জিনিসটি অন্য অবস্থায় আনতে পারে; reducing agent (যে বস্তুটি অক্সিজেন সরাইয়া আনে তাকে বলা হয় বিজারক—*আআ*)। **বিজারণ** *বি* অন্য অবস্থায় আনয়ন (কোন বস্তু হইতে অক্সিজেন সরাইয়া লওয়াকে বিজারণ বলে—*আআ*)। { *স.* বি+জারক }

বিজিগীষা [বিজিগিশা] *বি* জয়লাভের ইচ্ছা। **বিজিগীষু** *বিণ* জয়লাভে ইচ্ছুক। { *স.* বি+√জি+স(সন্)+অ+আ(টাপ্) }

বিজিত ⟹ বিজয়

বিজুত, বেজুত [বিজুত্, বে–] *বি* অসুবিধা; অনভিপ্রেত অবস্থা। ☐ *বিণ* অসুস্থ এমন ভাব। { *স.* বি, *ফা.* বে بے + *বা.* জুত }

বিজুরি, বিজুরী, বিজুলি, বিজুলী ⟹ বিজলি

বিজুরি রেহা *(ব্র.)* [বিজুরি রেহা] *বি* বিদ্যুতের রেখা (নবজলধর বিজুরি রেহা—*বিপ*)। { *স.* বিদ্যুৎ রেখা> }

বিজৃম্ভণ [বিজৃম্‌ভন্] *বি* ১ হাই তোলা। ২ আশা; ইচ্ছা। ৩ প্রসার; বিকাশ; বিস্তার। **বিজৃম্ভিত** *বিণ* বিকশিত; প্রসারিত; বিস্তারিত ব্যাপ্ত। { *স.* বি+√জৃম্ভ্+অন(ল্যুট্) }

বিজেতা, বিজেয় ⟹ বিজয়

বিজোড় [বিজোড়্] *বিণ* ১ জোড়া নয় এমন; জোড়হীন; অযুগ্ম; দুই দিয়ে বিভাজ্য নয় এমন সংখ্যা। ২ বিষম। { *স.* বি+(যোজিত>*প্রা.* জোডিঅ>) *বা.* জোড়) }

বিজ্ঞ [বিগ্‌গোঁ] *বিণ* ১ জ্ঞানযুক্ত; জ্ঞানী; পণ্ডিত। ২ অভিজ্ঞতাসম্পন্ন; অভিজ্ঞ; বিচক্ষণ। **বিজ্ঞা** *বিণ স্ত্রী.*। **বিজ্ঞতা, বিজ্ঞত্ব** *বি*। { *স.* বি+√জ্ঞা+অ(ক) }

বিজ্ঞপ্তি ⟹ বিজ্ঞাপন

বিজ্ঞাত [বিগ্‌গ্যাঁতো] *বিণ* ১ সম্যক বিদিত বা অবগত। ২ বিখ্যাত; প্রসিদ্ধ। { *স.* বি+√জ্ঞা+ত(ক্ত) }

বিজ্ঞান [বিগ্‌গ্যাঁন্, -গাঁন্] *বি* ১ বিশেষ জ্ঞান। ২ ধারাবাহিক পর্যবেক্ষণ ও গবেষণার ফলে কোনো বিষয়ে প্রাপ্ত ব্যাপক ও বিশেষ জ্ঞান; পরীক্ষা, প্রমাণ প্রভৃতি দ্বারা নিরূপিত শৃঙ্খলাবদ্ধ জ্ঞান; science (পদার্থ বিজ্ঞান)। ৩

তত্ত্বজ্ঞান। ৪ সঙ্গীতশিল্পাদি শাস্ত্র (সঙ্গীতবিজ্ঞান)। **বিজ্ঞানী** *বি* বিজ্ঞানবিদ; বৈজ্ঞানিক। { *স.* বি+√জ্ঞা+অন(ল্যুট)}

বিজ্ঞাপন [বিগ্‌গাঁপোন্, বিগ্‌গ্যাঁ–] *বি* ১ বিজ্ঞপ্তি; নিবেদন; বিশেষভাবে জ্ঞাপন; ঘোষণা (সর্বশেষে সমস্ত বিজ্ঞাপন করিলে তিনি তৎক্ষণাৎ সম্মত হইলেন—*ঈবি*)। ২ জনসাধারণকে জানাবার জন্য ঘোষণা বা লেখন। **বিজ্ঞপ্তি** *বি* বিজ্ঞাপন। ২ আরম্ভ; সূচনা। ৩ নিবেদন; জ্ঞাপন। **বিজ্ঞাপনসূচক** *বিণ* সম্মতি জ্ঞাপক (শেষ কথাগুলো শ্রবণ করিয়া মহিষী অনুকূলভাবে বিজ্ঞাপনসূচক মস্তক সঞ্চালন করিলেন—*মীম*)। **বিজ্ঞাপনী** *বি* বিজ্ঞাপন; নোটিশ; ইশতিহার। **বিজ্ঞাপনীয়** *বিণ* বিজ্ঞাপনের উপযুক্ত; বিজ্ঞাপন দ্বারা ঘোষণা বা প্রচার করতে হবে এমন। **বিজ্ঞাপিত** *বিণ* বিজ্ঞপ্তি দিয়ে প্রচারিত (বিজ্ঞাপন চিত্রে বিজ্ঞাপিত বস্তুর স্থান ক্রমশ কমিয়ে আনছেন—*সুদ*)। { *স.* বি+জ্ঞাপন}

বিজ্ঞেয় [বিগ্‌গেঁয়ো] *বিণ* বিশেষভাবে জানতে হবে এমন; বিশেষভাবে জ্ঞাতব্য বা জানার যোগ্য। { *স.* বি+√জ্ঞা+য(যৎ)}

বিজ্বর [বিজর] *বিণ* জ্বর থেকে মুক্ত (একবারে বিজ্বর হইলাম না—*ঈবি*)। { *স.* বি+জ্বর; *বহু*}

বিট[১] [বিট্] *বি* ১ ধূর্ত ব্যক্তি, শঠ লোক (বিট বিদূষক ভেড়ুয়া পাচক বামুন বলেই মানব বড়—*সদ*)। ২ লবণবিশেষ (বিট লবণ)। ৩ মূষিক। ৪ কামশাস্ত্রে নিপুণ; কামুক; লম্পট। ৫ নারঙ্গ বৃক্ষ। ৬ পর্বতবিশেষ। { *স.* √বিট্+অ(ক)}

বিট[২] [বিট্] *বি* এক প্রকার কন্দ। **~পালং, ~পালম** *বি* পালংশাক; বিট। { *ই.* beet}

বিট[৩] [বিট্] *বি* পুলিশ বা অন্য কর্মচারীর পাহারা দেওয়ার এলাকা। { *ই.* beat; *তুল.* বিটপুলিশ}

বিট[৪] [বিট্] *বি* মল; বিষ্ঠা। { *স.* √বিষ্+অ(ক্বিপ)}

বিটকাল ⇒ বিটকেল

বিটকেল, বিটকাল [বিট্‌কেল্, –কাল্] *বিণ* ১ কদর্য; কুৎসিত; বিকট (এত বিটকেলে গন্ধের মধ্যে থাকলে শরীর নষ্ট হয়ে যাবে যে—*শেক*)। ২ পাজি; বদ। { *স.* বিকট>বর্ণবিপর্যয়ে বিটক+*বা.* এল, আল}

বিটঙ্ক [বিটঙ্‌কো] *বি* ১ পায়রা প্রভৃতির থাকার খোপ; বাঁশের মাথায় বাঁধা উঁচু মাচা। ২ পাখি ধরার ফাঁদ। { *স.* বি+√টঙ্ক+অ(ঘঞ)}

বিটপ [বিটপ্] *বি* বৃক্ষাদির শাখা, ডাল বা পল্লব। **বিটপী** (-পিন্) *বি* বৃক্ষ; তরু; গাছ (বিটপীতলে কন্টক শয়নে—*কায়*)। { *স.* √বিট্+অপ(কপন্)}

বিটমাক্ষিক [বিট্‌মাক্‌খিক্] *বি* উপধাতুবিশেষ। { *স.* বিটমাক্ষিক}

বিটলা ⇒ বিটলে

বিটলে, বিটলা, বিটেল [বিট্‌লে, বিট্‌লা, বিটেল্] *বিণ* ভণ্ড; ধড়িবাজ; প্রবঞ্চক; পাজি; দুষ্ট (কেন শাপ দিলি ওরে বিটলা বামন—*ভারা*)। **ভক্ত–** *বিণ* ভণ্ড বা কপট লোক। { *স.* বিট(বঞ্চনা করা)>}

বিটি [বিটি] *বি* কন্যা; মেয়ে; কন্যাস্থানীয়া স্ত্রীলোক। { *প্রা.* বিটী>; *তুল. হি.* বিটিয়া}

বিটেল ⇒ বিটলে

বিড়ঙ্গ [বিড়ঙ্‌গো] *বি* এক প্রকার কৃমিনাশক ফল যা কবিরাজি ঔষধে ব্যবহৃত হয়। { *স.* বিড়+অঙ্গ(অঙ্গচ)}

বিড়বিড়, বিড়ির বিড়ির [বিড়্‌বিড়্, বিড়ির্‌বিড়ির্] *অব্য* অস্পষ্ট ও অনুচ্চ স্বরে উচ্চারিত কথা। { *ধ্বন্যা.*}

বিড়ম্বন, বিড়ম্বনা [বিড়ম্‌বন্, –বনা] *বি* ১ প্রবঞ্চনা; প্রতারণা; ছলনা (বৃথা এ বিড়ম্বনা—*রঠা*)। ২ বৃথা দুর্ভোগ; নিগ্রহ। ৩ অনুকরণ; নকল। **বিড়ম্বিত** *বিণ* প্রবঞ্চিত; ক্লেশপ্রাপ্ত; দুঃখপ্রাপ্ত; অনুকৃত। { *স.* বি+√ডম্ব্+অ(অচ)+অন(ল্যুট), +আ(টাপ)}

বিড়া, বিড়ে, বিঁড়া, বিঁড়ে [বিড়া, –ড়ে, বিঁড়া, –ড়ে] *বি* ১ পাত্রাদি বসানোর জন্য খড়কুটা বা বস্ত্র দ্বারা তৈরি বেষ্টনী (বিড়ার উপরে রাখা কলসি)। ২ মাথায় বোঝা বা ভার বহনের জন্য বস্ত্রাদি নির্মিত বেষ্টনীবিশেষ (মাথার উপরে গামছার বিড়া—*কাআও*)। ৩ পানাদি জড়িয়ে বাঁধা গোছা; ৮০টি বা কুড়ি গণ্ডা পানের গোছা (মিঠা পান মিঠা গুরু চুন পাথরিয়া। রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া —*ভারা*)। { *স.* বীটি/বীটিকা>}

বিড়াল, বেড়াল [বিড়াল্, বে–] *বি* সুপরিচিত লোমশ চতুষ্পদ গৃহপালিত প্রাণীবিশেষ; মার্জার; *Felis catus*। ২ বিড়ালের আকৃতিবিশিষ্ট একই প্রজাতির কয়েকটি বন্যপ্রাণী (বনবিড়াল)। **বিড়ালি, বিড়ালী** *স্ত্রী.*। **বিড়ালতপস্বী** *বি (আল.)* সাধুর বেশে দুষ্ট লোক; ভণ্ড বা কপট ব্যক্তি। **বিড়ালাক্ষী, বিড়ালচোখী** *বিণ* চোখের তারা কালো নয় এমন (স্ত্রীলোক); বিড়ালের চোখের মতো কটা (এই উট-কপালী বিড়ালাক্ষী মায়াবিনীর সহিত—*রাব*)। **বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা** *ক্রি* আসল ঝুঁকি নেওয়া। **বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া** *ক্রি* ভাগ্যক্রমে প্রত্যাশিত সুযোগ লাভ করা। { *স.* √বিড়্+আল(কালন্)}

বিড়ি, বিড়ী, বিঁড়ি [বিড়ি, –, বিঁ–] *বি* ১ ধূমপানের জন্য দেশীয় পদ্ধতির ক্ষুদ্রাকার সিগারেট—যা পূর্বে শাল, টেণ্ডু, তমাল প্রভৃতি পাতার মধ্যে তামাক চূর্ণ মুড়িয়ে তৈরি করা হতো এবং বর্তমানে একই আকারের কাগজে মোড়ানো হয় (আকিজ বিড়ি, কারিকর বিড়ি)। ২ পানের খিলি (এক বিড়ি পান)। { *স.* বীটী>}

-বিৎ, বিদ [বিত্, –দ্] *বিণ* অভিজ্ঞ; পণ্ডিত; জানে এমন; বেত্তা (বিজ্ঞানবিৎ; মনস্তত্ত্ববিদ; ভাষাবিদ)। { *স.* √বিদ্+ক্বিপ্}

বিতঙ [বিতঙ্] *বি* বিশদ বা বিস্তৃত বিবরণ। { *স.* বিস্তারিত>}

বিতংস, বীতংস [বিতঙ্‌শো] *বি* পশুপাখি প্রভৃতি ধরার ফাঁদ, জাল, খাঁচা ইত্যাদি (কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে বীতংসে—*মদ*)। { *স.* বি+√তন্‌স্+অ(ঘঞ)}

বিতণ্ডা [বিতন্‌ডা] *বি* ১ ভিত্তিহীন বিচার; বাজে বিতর্ক। ২ নিজের মত প্রতিষ্ঠিত করার চেষ্টা না করে অন্যের মত খণ্ডনার্থ যে বাগাড়ম্বর। { *স.* বি+√তণ্ড্+অ+আ(টাপ)}

বিতত [বিততো] *বিণ* প্রসারিত; ছড়ানো; বিস্তৃত; বিস্তারিত; ব্যাপ্ত (বেশবাস বিথান বিতত—*রঠা*)। { *স.* বি+√তন্+

ত(ক্ত)}

বিতথ, বিতথ্য [বিতথো, -তোত্থো] *বিণ* অসত্য; অলীক; বৃথা; তথ্যহীন; মিথ্যা। { *স.* বি+তদ্+থ(থল্), তথা+য(যৎ); *বহু.*}

বিতদ্রু[বিতোদ্রু] *বি* প্রাচীন পাঞ্জাবের একটি নদীর নাম। { *স.* বিতদ্রু}

বিতনু [বিতোনু] *বিণ* ১ বিশীর্ণ তনু এমন; ক্ষীণ। ২ রোগা। ৩ কমনীয়। { *স.* বি+তনু; *বহু.*}

বিতন্ত্রী [বিতোনত্রি] *বি* তারহীন বেসুরো বীণা। { *স.* বি+তন্ত্রী; *বহু.*}

বিতরণ [বিতরোন] *বি* ভাগকরণ; বণ্টন; বিলানো। ২ বহু মানুষকে যে দান (খাদ্য বিতরণ করা)। { *স.* বি+√তৃ+অন(ল্যুট)}

বিতরা [বিতরা] *ক্রি (পদ্য.)* দান করা; বিলানো; বিতরণ করা। { *স.* বি+√তৃ+*বা.* আ}

বিতরিত [বিতোরিতো] *বিণ* বণ্টন করা হয়েছে এমন; বণ্টিত; বিলানো দ্রব্য। { *স.* বিতীর্ণ>}

বিতর্ক [বিতর্‌কো] *বি* ১ তর্ক; আলোচনা; বাদানুবাদ। ২ বিচার। ৩ সন্দেহ; সংশয়। ৪ অনুমান। **বিতর্কিকা** *বি* ১ কোনো বিষয়ের উপর আলোচনা বা অল্প পরিমাণ তর্কাতর্কি। ২ তর্ক-বিতর্কের সভা বা আসর বা মজলিস। ৩ সাময়িকপত্রে আলোচনা বা বাদানুবাদ প্রকাশের স্থান। **বিতর্কিত** *বিণ* ১ বিতর্ক হওয়ার সম্ভাবনা আছে এমন; আলোচনা বা বিচার করা হয়েছে এমন; আলোচিত; বিচারিত। ২ সন্দিগ্ধ; অনুমিত। ৩ বিতর্ক আছে এমন (বিতর্কিত ব্যক্তি)। { *স.* বি+√তর্ক+অ(ঘঞ্)}

বিতল [বিতল্] *বি* হিন্দু পুরাণোক্ত দ্বিতীয় পাতাল। { *স.* বি+√তল+অ(ঘঞর্থে ক); *প্রাদি.*}

বিতস্তা [বিতসতা] *বি* পাঞ্জাবের বর্তমান ঝিলম নদীর প্রাচীন নাম। { *স.* বি+√তস্+তা}

বিতস্তি [বিতোস্‌তি] *বি* বিঘত; অর্ধ হস্ত পরিমিতি; বারো অঙ্গুলি পরিমিত মাপ। { *স.* বি+√তস্+তি}

বিতান [বিতান্] *বি* ১ মণ্ডপ; চাঁদোয়াসমূহ; সমষ্টি (বিপণি বিতান)। ২ তাঁবু; চন্দ্রাতপ। ৩ বিস্তার। ৪ ছন্দবিশেষ। ৫ অবকাশ। ৬ শূন্য। ☐*বিণ* তুচ্ছ। **-মূলক** *বি* খশখশ নামক সুগন্ধি তৃণ। **বিতানীকৃত** *বিণ* প্রসারিত; বিস্তৃত; আচ্ছাদিত। { *স.* বি+√তন্+অ(ঘঞ্)}

বিতারিখ, বেতারিখ [বিতারিখ, বে-] *ক্রিবিণ* তারিখমতে; তারিখ অনুসারে। { *ফা.* বে ب + *আ.* তারীখ تاریخ }

বিতিকিচ্ছি, বিতিকিচ্চি [বিতিকিচ্‌ছি, -চ্চি] *বি* ১ অশোভন; নোংরা; কুৎসিত; বিশ্রী; বীভৎস (একটা বিতিকিচ্ছি কাণ্ড)। ২ কিম্ভূতকিমাকার; বিকট (বিতিকিচ্ছি চেহারা)। { *স.* বিচিকিৎস্য>*প্রা.* বিচিকিচ্ছ}

বিতীর্ণ [বিতিরনো] *বিণ* ১ ব্যাপ্ত; প্রসারিত। ২ পার হয়েছে এমন; উত্তীর্ণ। ৩ বিলানো হয়েছে এমন; বিতরিত। { *স.* বি+√তৃ+ত(ক্ত)}

বিতৃণ [বিতৃনো] *বিণ* তৃণহীন। { *স.* বি+তৃণ}

বিতৃষ্ণ ⇒ বিতৃষ্ণা

বিতৃষ্ণা [বিতৃশ্‌না] *বি* বিরাগ; তৃষ্ণাহীনতা; আকাঙ্ক্ষা-শূন্যতা; অনিচ্ছা; অরুচি। **বিতৃষ্ণ** *বিণ* তৃষ্ণাহীন; বীতস্পৃহ; বীতরাগ; উদাসীন; নিষ্কাম; রুচিহীন। { *স.* বি+তৃষ্ণা; *মধ্য.*}

বিতোপন *(মবা.)* [বিতোপন্] *বিণ* সুন্দর (রতন কঙ্কণ অতি বিতোপন—*বচ*)। { *স.* বিতর্পণ>}

বিত্ত [বিত্‌তো] *বি* সম্পত্তি; ধনসম্পদ (হেরি তার মুখ ভরে ওঠে বুক, সে যেন পরম বিত্ত—*রঠা*)। **~কাম, ~বান** *বিণ* সম্পদশালী; অর্থশালী। **~সমাগম** *বি* অর্থলাভ; আয়। **~হীন** *বিণ* দরিদ্র; অর্থহীন। **বিত্তাঢ্য** *বিণ* প্রভূত সম্পদের অধিকারী। { *স.* √বিদ্(লাভ)+ত(ক্ত)}

বিত্তা *(মবা.)* [বিত্‌তা] *বিণ* ধনী (ব্রাহ্মণ বৈষ্ণব বিত্তা—*ঘচ*)। { *স.* বিত্ত+আ}

বিত্তি-বেসাত/বেসাইত *(আঞ্চ.)* [বিত্‌তি-বেশাত্/ বেশাইত্] *বি* কাজকর্ম; ব্যবসা-বাণিজ্য (ধনমান বিত্তি বেসাইত কিছু না রহিল—*পূগী*)। { *স.* বৃত্তি+ব্যবসা>}

বিত্রস্ত [বিত্রোস্‌তো] *বিণ* অতি ত্রাসিত; অতিশয় ভীত; ত্রাসযুক্ত। { *স.* বি+√ত্রস্+ত(ক্ত)}

বিথান [বিথান্] *বিণ* ১ *(পদ্য.)* আলুথালু; বিস্রস্ত; এলোমেলো। ২ স্থানভ্রষ্ট; স্থানচ্যুত। { *স.* বি+স্থান>}

বিথার [বিথার্] *বি (পদ্য.)* বিস্তার; প্রসার (চুলে তার শাওনের মেঘের বিথার—*আসি*)। ☐*বিণ* ১ *(পদ্য.)* ছড়ানো; আলুলায়িত; বিস্তৃত (কেশ বেশ যদি বিথার হইল—*চদা*)। ২ পূর্ণ; ভরা; ব্যাপ্ত; পরিব্যাপ্ত (কোকিলকুল কলরবহি বিথার—*বিপ*)। **বিথারল** *(ব্র.)* *ক্রি* বিস্তারিত করল। { *স.* বিস্তার>}

বিথারা [বিথারা] *ক্রি (পদ্য.)* বিস্তার করা; ছড়ানো। { *স.* বিস্তার>বিথার+*বা.* আ}

বিথারি [বিথারি] *অক্রি (পদ্য.)* বিস্তার ক'রে (দু'হাত বিথারি—*রঠা*)। **বিথারিত** *বিণ* বিস্তৃত; পূর্ণ (বিঘিনি বিথারিত বাট—*বিপ*)। { বিস্তার>}

-বিদ ⇒ -বিৎ

বিদ'আত, বেদাত [বিদ্‌আত, বেদাত্] *বি* ইসলামি শাস্ত্রবিরুদ্ধ কাজ (মূল অর্থ: নতুন, অর্বাচীন, ইসলামোত্তর রীতি)। **বিদ'আতি, বেদাতি** *বিণ* ইসলামি শাস্ত্র বিরোধী কাজ করে এমন; বিদ'আত বিষয়ক ('তিনি বিদ'আতি ফকির সম্প্রদায়ভুক্ত ছিলেন')। { *আ.* বিদ'আত بدعت ; >}

বিদকুটে ⇒ বিদঘুটে

বিদগধ *(পদ্য. মবা.)* [বিদগধ] *বিণ* বিদগ্ধ; পণ্ডিত; রসিক (কত বিদগধ জন—*বিপ*)। { *স.* বি+দগ্ধ; *বহু.*}

বিদগ্ধ [বিদগ্‌ধো] *বিণ* ১ পক্ব; বিপুষ্ট। ২ রসজ্ঞানসম্পন্ন; রসকলাবিদ; রসিক। ৩ চতুর; কুশলী; নিপুণ (সভ্য দেশে সাজা দেওয়ার নানা রকম বিদগ্ধ পদ্ধতি প্রচলিত আছে—*সৈমু*)। ৪ পণ্ডিত; মর্মজ্ঞ; বিদ্বান। **~ সমাজ** *বি* ১ বিদ্বানমণ্ডলী; পণ্ডিতমণ্ডলী। ২ সারস্বত সমাজ। **বিদগ্ধা** *বিণ স্ত্রী.* ১ রসিকা; রসগ্রহণে সমর্থা; চতুরা (ফরাসী দেশের মেয়েরা আর পাঁচটা দেশের মেয়েদের তুলনায় ঢের বেশী বিদগ্ধা—*সৈমু*)। ২ সুরসিক নায়িকা। { *স.* বি (বিশেষভাবে)+দগ্ধ (পক্ব); *বহু.*}

বিদঘুটে, বিদকুটে [বিদ্‌ঘুটে, -কু-] *বিণ* ১ কদর্য; বিশ্রী;

কুৎসিত। ২ কুটিল; জটিল। { স. কূটবিদ(বর্ণবিপর্যয়ে)> বিদ-কুট+এ}

বিদর [বিদর্] *বি* ১ বিদারণ। ২ অতিশয় ভয়। { স. বি+দৃ> }

বিদরা *(পদ্য.)* [বিদরা] *ক্রি* ১ বিদীর্ণ বা ছিন্নভিন্ন হওয়া (বিদরে হিয়া মম বিদেশে—*নই*)। ২ বিদীর্ণ বা ভগ্ন করা। { স. বিদীর্ণ> }

বিদরি, বিদরী [বিদোরি] *বি* ধাতুর উপর নানাবিধ লতাপাতা-কাটা রুপার পাত বসানোর কাজ; ধাতুপাত্রে খোদাই-করা নকশা। { *হি.* বিদরী}

বিদর্ভ [বিদর্‌ভো] *বি* ভারতের মধ্যপ্রদেশের বর্তমান বিদরের প্রাচীন নাম। { স. বি(বিগত)+দর্ভ; *বহু* }

বিদল [বিদল্] *বি* ১ দ্বিধাবিভক্ত; ডাল। ২ বাঁশের চটা; বাঁশের চটা দিয়ে প্রস্তুত কুলা, ডালা ইত্যাদি। □ *বিণ* ১ পত্রশূন্য; দলহীন। ২ বিকশিত। { স. বি+√দল্+অ(ঘঞ্) }

বিদলন [বিদলন্] *বি* ১ সম্পূর্ণভাবে পেষণ; দলন; বিমর্দন; বিদারণ। ২ নিপীড়িতকরণ। ৩ সম্পূর্ণ পরাজিতকরণ। **বিদলিত** *বি* ১ নিষ্পিষ্ট; অতিশয় নিপীড়িত। ২ বিমর্দিত; চূর্ণীকৃত (সংগীত সরস্বতীর পদ্মবন দলিত বিদলিত করিয়া—*রঠা*)। ৩ খণ্ডিত; বিদারিত। { স. বি+√দল্+অ(ঘঞর্থে ক)+অন(ল্যুট্) }

বিদায়[1] [বিদায়্] *বি* ১ স্থানান্তরে যাওয়ার অনুমতি (বিদায় চাওয়া)। ২ দূরীকরণ; বিতাড়ন (বিদায়করণ)। ৩ বিচ্ছেদ (চির বিদায়)। ৪ প্রস্থান (তোমার বিদায়ের পর)। ৫ কর্ম থেকে অবসর (চাকরি থেকে বিদায়)। ৬ কার্যান্তে বা বিদায় কালে পুরস্কার হিসেবে প্রদত্ত অর্থাদি। ৭ প্রস্থিত (বিদায় হওয়া)। **কাঙালি ~** *বি* দরিদ্র ও ভিক্ষুকগণকে অন্নবস্ত্র ও অর্থ দান। **নগদ ~** *বি* ১ *(আল.)* কাজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পারিশ্রমিক প্রদান। ২ *(আল.)* উত্তম-মধ্যম দিয়ে তাড়িয়ে দেওয়া (চোরকে নগদ বিদায় দাও)। { *আ.* বিদাআ وداع }

বিদায়[2] [বিদায়্] *বি* ১ সম্প্রদান; দান। ২ ত্যাগ; বিসর্জন (বিদায় করেছ যারে নয়ন-জলে—*রঠা*)। { স. বি+দায়}

বিদায়ি, বিদায়ী [বিদায়ি] *বি* ১ বিদায়ের কালে দেওয়া অর্থ বা উপহার। □ *বিণ* বিদায় নিচ্ছে এমন; বিদায় গ্রহণকারী। { *আ.* বিদাআ وداع + *বা.* ই}

বিদার [বিদার্] *বি* ১ বিদীর্ণ হওন; বিদারণ (তিমির বিদার উদার অভ্যুদয়—*রঠা*)। ২ যুদ্ধ। ৩ জলপ্রবাহ। **বিদারক** *বিণ* বিদারণকারী; ভেদকারক। **বিদারণ** *বি* ১ বিদীর্ণকরণ; ফুঁড়িয়ে বা ফাটিয়ে ফেলন; ভেদ করা কাজ; ভেদন (এ যে ক্রন্দন কোথা হতে টুটে অন্তর বিদারণ—*রঠা*)। ২ হনন; মেরে ফেলা। **বিদারণ-রেখা** *বি* বিভাগ-রেখা (তাহাতে একটি বিদারণ রেখা পড়িল—*রঠা*)। **বিদারিত** *বিণ* বিদীর্ণ করা হয়েছে এমন; ভেদিত। **বিদারী**(-রিন্) *বিণ* বিদীর্ণ করা যায় এমন; বিদারণকারী; বিদারক। { স. বি+√দৃ+অ(ঘঞ্) }

বিদারা [বিদারা] *ক্রি* *(পদ্য.)* বিদারণ বা ভেদ করা; ফাড়া; চেরা। { স. বিদার+ *বা.* আ}

বিদারিত, বিদারী ⇒ বিদার

বিদাহী(-হিন্) [বিদাহি] *বিণ* প্রদাহ জন্মায় এমন; পোড়ায়; ক্ষয় করে এমন; caustic। { স. বি+√দহ্+ইন্(ণিনি) }

বিদিক [বিদিক্] *বি* ১ দুই দিকের মধ্যভাগ; ঈশান, বায়ু, অগ্নি, নৈর্ঋত প্রভৃতি কোণ। ২ বিপরীত দিক; প্রতিকূল বা ভুল দিক (দিকবিদিক)। **দিক্-~ জ্ঞান** *বি* ১ অনুকূল ও/এবং প্রতিকূল দিক সম্পর্কে জ্ঞান। ২ *(আল.)* ভালো-মন্দ বা শুভ-অশুভের পার্থক্য জ্ঞান। { স. বি+দিক্; *প্রাদি* }

বিদিত [বিদিতো] *বিণ* ১ পরিজ্ঞাত; জানা আছে বা হয়েছে এমন (বিদিত বিষয়)। ২ অবগত; জেনেছে এমন (বিদিত আছি)। ৩ বিশ্রুত; খ্যাত (জগদ্বিদিত)। { স. √বিদ্+ত(ক্ত) }

বিদিশা [বিদিশা] *বি* ভারতবর্ষের প্রাচীন মালব দেশের একটি নগরী (চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা —*জীদা*)। { স. বি+√দিশ্+অ(অচ্)+আ(আপ্) }

বিদীর্ণ [বিদির্‌নো] *বিণ* ১ খণ্ডিত; ভিন্ন। ২ ছিন্ন; ছেঁড়া। ৩ ভগ্ন। ৪ কেটে গেছে এমন। { স. বি+√দৃ+ত(ক্ত) }

বিদুর [বিদুর্] *বি* মহাভারতোক্ত ধৃতরাষ্ট্রের ভ্রাতা। **বিদুরের খুদ** *বি* ১ কুরুরাজ দুর্যোধনের রাজভোগ প্রত্যাখ্যান করে কৃষ্ণ বিদুর প্রদত্ত খুদ দ্বারা প্রস্তুত যে অন্ন ভক্ষণ করেছিলেন। ২ *(আল.)* ধনীর শ্রদ্ধাহীন মূল্যবান দান গ্রহণ না করে দীনজনের সশ্রদ্ধ সামান্য উপহার। { স. √বিদ্+উর(কুরচ্) }

বিদুষী [বিদুশি] *বি* বিদ্যাবতী রমণী; উচ্চশিক্ষিতা; পণ্ডিত মহিলা। **বিদ্বান** *বি পু.*। { স. বিদ্বস্+ঈ(ঙীপ্) }

বিদূর [বিদুর্] *বি* ১ অত্যন্ত দূরবর্তী স্থান বা দেশ (বিদূর ভূমে রত্ন ফসল হয় বুঝি সম্ভব—*সদ*)। □ *বিণ* সুদূর; বহুদূরস্থ; অতিদূরবর্তী। { স. বি+দূর}

বিদূরিত [বিদূরিতো] *বিণ* দূরীকৃত; দূরীভূত; বিতাড়িত; বিমোচিত; দূরে ফেলে দেওয়া হয়েছে বা বিতাড়িত হয়েছে এমন। { স. বি+দূরিত}

বিদূষক [বিদুশক্] *বি* ১ কৌতুকী; ভাঁড়। ২ সংস্কৃত নাটকে রাজার বা নায়কের রঙ্গরস সৃষ্টিকারী অনুচর। □ *বিণ* কুৎসাকারী; নিন্দক; নিন্দুক। { স. বি+√দুষ্+ণিচ্+অক(ণ্বুল্) }

বিদূষণ [বিদুশন্] *বি* ১ নিন্দা; অপবাদ; মিথ্যা কলঙ্ক। ২ দোষ প্রদান। { স. বি+√দূষ্+ণিচ্+অন(ল্যুট্) }

বিদেশ [বিদেশ্] *বি* স্বদেশের বাইরে অবস্থিত দেশ; অন্য দেশ; ভিন্ন রাষ্ট্র; প্রবাস। **বিদেশাগত** *বিণ* বিদেশ থেকে এসেছে এমন। **বিদেশিনী** *বিণ স্ত্রী.* (আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনী—*রঠা*)। **বিদেশীয়, বৈদেশিক** *বিণ* ১ ভিন্ন দেশে উৎপন্ন। ২ ভিন্ন দেশবাসী। ৩ বিদেশ সম্বন্ধীয়। { স. বি+দেশ; *প্রাদি* }

বিদেশি, বিদেশী [বিদেশি] *বিণ* ১ ভিন্ন দেশে উৎপন্ন। ২ ভিন্ন দেশবাসী। ৩ বিদেশ সম্বন্ধীয়। □ *বি* অন্য দেশের নাগরিক। { স. বিদেশীয়> }

বিদেহ [বিদেহো] *বি* ১ বিহার প্রদেশ; মিথিলা। □ *বিণ* নিরবয়ব; দেহহীন; অশরীরী। **বিদেহা** *বিণ স্ত্রী.*। **বিদেহী** *বিণ* দেহশূন্য; দেহবিহীন; অশরীরী; দেহহীন (বিদেহী আত্মা)। { স. বি+দেহ; *বহু* }

বিদ্ধ [বিদ্‌ধো] *বিণ* ১ ছিদ্রিত; ফোঁড়া; বেঁধা; বিদীর্ণ। ২ উৎকীর্ণ। ৩ আহত (বাণবিদ্ধ)। { স. √ব্যধ্+ত(ক্ত) }

বিদ্যমান [বিদ্‌দোমান্] *বিণ* ১ বর্তমান (সব কারণই

বিদ্যমান)। ২ উপস্থিত। ৩ জীবিতাবস্থায় (পিতার বিদ্যমানেই তুমি কর্তৃত্ব করতে চাও)। **বিদ্দমান** *(মব্য.)* বিদ্যমান (ভেকর সঙ্গীত গাঅ উড়িল দেব বিদ্দমানে—*রূপ*)। { *স.* বিদ্‌+মান(শানচ)}

বিদ্যা [বিদ্‌দা] *বি* ১ অধ্যয়নাদিজনিত জ্ঞান। ২ পাণ্ডিত্য। ৩ তত্ত্বজ্ঞান। ৪ দক্ষতা। ৫ শাস্ত্র; শিক্ষণীয় বিষয় (পদার্থবিদ্যা)। **~দাতা** *বি* জ্ঞানদাতা; শিক্ষক; গুরু। **~দাত্রী** *বি স্ত্রী.* সরস্বতী। **~দান** *বি* শিক্ষাদান; জ্ঞানদান; শিক্ষকতা; অধ্যাপনা। **~নিধি, ~সাগর, ~র্ণব** *বি* ১ প্রগাঢ় পাণ্ডিত্য; জ্ঞানরূপ সমুদ্র; অত্যন্ত পণ্ডিত ব্যক্তি। ২ সংস্কৃত পণ্ডিতদের উপাধি। **~নুরাগ** *বি* বিদ্যার প্রতি আসক্তি বা অনুরাগ; বিদ্যার জন্য আগ্রহ। **~নুরাগী** (-গিন্‌) *বিণ* বিদ্যানুরাগবিশিষ্ট; শিক্ষার প্রতি আসক্ত। **~নুরাগিণী** *স্ত্রী.*। **~পীঠ, ~মন্দির** *বি* শিক্ষা গ্রহণের স্থান; বিদ্যালোচনার প্রধান স্থান; বিদ্যালয়। **~বত্তা** *বি* পাণ্ডিত্য; মনীষা। **~বল** *বি* জ্ঞানবল; বিদ্যালাভের ফলে প্রাপ্ত শক্তি। **~বান** *বি* বিদ্বান; সুশিক্ষিত। **~বতী** *বিণ স্ত্রী.*। **~বিনোদ, ~বিশারদ, ~ভূষণ, ~রত্ন, ~লঙ্কার** *বি* ১ সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ। ২ পণ্ডিত ব্যক্তি। **~বিহীন, ~হীন, ~শূন্য** *বিণ* মূর্খ; অশিক্ষিত; জ্ঞানহীন। **~বিহীনা, ~হীনা, ~শূন্যা** *বিণ স্ত্রী.*। **~ব্যবসায়ী**(-য়িন্‌) *বি, বিণ* বেতনভোগী বা বেতন গ্রহণকারী শিক্ষক; যিনি অর্থের বিনিময়ে বিদ্যাদান করেন। **~ভ্যাস** *বি* বিদ্যাশিক্ষা; বিদ্যাচর্চা; বিদ্যা আলোচনা। **~রম্ভ** *বি* শিক্ষারম্ভ; শিক্ষায় হাতেখড়ি; বিদ্যার্জনের সূচনা বা উপক্রম। **~র্জন** *বি* বিদ্যা শিক্ষাকরণ; বিদ্যালাভ। **~লাপ** *বি* বিদ্যাসম্বন্ধীয় আলোচনা। { *স.* √বিদ্‌+য(ক্যপ্‌)+আ(টাপ্‌)}

বিদ্যাধর [বিদ্‌দাধর্‌] *বি* (পুরাণোক্ত) স্বর্গের সঙ্গীতকুশল দেবযোনিবিশেষ। **বিদ্যাধরী** *বি স্ত্রী.*। **বিদ্যাধরী** *বিণ (ব্য.)* অত্যন্ত রূপগুণসম্পন্ন (ব্যঙ্গার্থে—রূপগুণহীনা)। { *স.* বিদ্যা+√ধৃ+অ(অচ্‌); ৬তৎ}

বিদ্যার্থী [বিদ্‌দার্‌থি] *বি* ১ ছাত্র; শিষ্য। ২ বিদ্যা শিক্ষায় অভিলাষী। **বিদ্যার্থিনী** *স্ত্রী.*। { *স.* বিদ্যা+অর্থী; ৬তৎ}

বিদ্যালয় [বিদ্‌দালয়্‌] *বি* ১ বিদ্যাশিক্ষার স্থান। ২ স্কুল; কলেজ। { *স.* বিদ্যা+আলয়; ৬তৎ}

বিদ্যুজ্জিহ্ব [বিদ্‌দুজ্‌জিউভো] *বি* ১ রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। □ *বিণ* বিদ্যুৎরেখা তুল্য সরু ও রক্তবর্ণ জিহ্বা এমন। { *স.* বিদ্যুৎ+জিহ্বা; *বহু*}

বিদ্যুৎ [বিদ্‌দুত্‌] *বি* তড়িৎ; বিজলি; ক্ষণপ্রভা; সৌদামিনী; চঞ্চলা; চিকুর; চপলা। **~কোষ** *বি* ব্যাটারি (টর্চের ব্যাটারি বা বিদ্যুৎকোষ—*আআ*)। **~প্রভ** *বিণ* বিদ্যুতের ন্যায় উজ্জ্বলতাবিশিষ্ট। **~প্রভা** *বিণ স্ত্রী.*। **~স্পন্দ, ~স্ফুরণ** *বি* বিদ্যুতের ফিনকি বা ঝিলিক; বিদ্যুৎকণা। **বিদ্যুদ্গর্ভ** *বিণ* তড়িৎময়; বিদ্যুৎপূর্ণ। **বিদ্যুদ্দাম, বিদ্যুন্মালা** *বি* বিদ্যুতের মালিকার মতো রেখাসমষ্টি। **বিদ্যুদ্দীপ্ত** *বিণ* বিদ্যুতের আলোকে দীপ্ত, উজ্জ্বল ও উদ্ভাসিত। **বিদ্যুদ্দীপ্তি** *বি* বিজলি বা বিদ্যুতের দীপ্তি, আলো বা উজ্জ্বলতা। **বিদ্যুদ্বিকাশ** *বি* বিদ্যুৎ বা তড়িতের প্রকাশ; বিজলিস্ফুরণ। **বিদ্যুদ্বেগ** *বি* বিদ্যুৎ বা বিজলির মতো দ্রুতগতি বা বেগ; তড়িদ্‌গতি। **বিদ্যুল্লতা** *বি* লতার মতো চিকন বিদ্যুৎরেখা (ওরা বিদ্যুল্লতা সম, তবু ওরাই হবে অসিলতা—*নই*)। { *স.* বি+√দ্যুৎ+ক্বিপ্‌}

বিদ্যোৎসাহী(-হিন্‌) [বিদ্‌দোত্‌শাহি] *বি, বিণ* বিদ্যার উন্নতি বিষয়ে উৎসাহদাতা। **বিদ্যোৎসাহিনী** *স্ত্রী.*। { *স.* বিদ্যা+উৎসাহী; *বহু*}

বিদ্যোপার্জন [বিদ্‌দোপার্‌জোন্‌] *বি* বিদ্যালাভ; শিক্ষালাভ। { *স.* বিদ্যা+উপার্জন; ৬তৎ}

বিদ্রাবণ [বিদ্‌দ্রাবোন্‌] *বি* ১ বিতাড়ন। ২ দ্রবীকরণ; তরলীকরণ। **বিদ্রাবিত** *বিণ* ১ বিতাড়িত। ২ তরলীকৃত; দ্রবীকৃত। { *স.* বি+দ্রাবণ}

বিদ্রুত [বিদ্‌দ্রুতো] *বিণ* ১ পলায়িত। ২ তরলীভূত; দ্রবীভূত। { *স.* বি+দ্রুত}

বিদ্রুম [বিদ্‌দ্রুম্‌] *বি* ১ প্রবাল; পদ্মরাগমণি; পলা। ২ কিশলয়; নবপল্লব। { *স.* বি+√দ্রু+ম}

বিদ্রূপ [বিদ্‌দ্রুপ্‌] *বি* শ্লেষ মিশ্রিত উপহাস; পরিহাস; ঠাট্টা; তামাশা। **বিদ্রূপাত্মক** *বিণ* বিদ্রূপপূর্ণ; উপহাসযুক্ত। { *স.* বিদ্রব>}

বিদ্রোহ [বিদ্‌দ্রোহো] *বি* ১ প্রচলিত বা বর্তমান ব্যবস্থার বিরোধিতা। ২ শাসন বা শাসনব্যবস্থার প্রতিকূলাচরণ। ৩ বিরুদ্ধে অভ্যুত্থান; rebellion। ৪ বিরোধিতা; বিদ্বেষ; হিংসা। **বিদ্রোহাচরণ** *বি* বিদ্রোহকরণ; প্রতিকূলতা বা বিরোধিতাকরণ। **বিদ্রোহী**(-হিন্‌) *বিণ* বিদ্রোহকারী; বিরোধী; শাসন অগ্রাহ্যকারী; rebel। **বিদ্রোহিণী** *বিণ স্ত্রী.*। { *স.* বি+√দ্রুহ্‌+অ(ঘঞ্‌)}

বিদ্বজ্জন [বিদ্‌দোজ্‌জন্‌] *বি* বিদ্বান ব্যক্তি; জ্ঞানী; পণ্ডিত। { *স.* বিদ্বৎ+জন; *কর্মধা.*}

বিদ্বৎকল্প [বিদ্‌দত্‌কল্‌পো] *বিণ* পণ্ডিতের সদৃশ; পণ্ডিততুল্য; প্রায় পণ্ডিত; অল্প বিদ্বান। { *স.* বিদ্বৎ+কল্প}

বিদ্বৎকুল, বিদ্বৎসমাজ [বিদ্‌দত্‌কুল্‌, -শমাজ্‌] *বি* পণ্ডিত বা শিক্ষিত সমাজ; সুধীমণ্ডলী। { *স.* বিদ্বৎ+কুল, সমাজ; ৬তৎ}

বিদ্বান [বিদ্‌দান্‌] *বি, বিণ* জ্ঞানী; বিদ্যাবান; পণ্ডিত; শিক্ষিত; সুশিক্ষিত। **বিদুষী** *বিণ স্ত্রী.*। { *স.* √বিদ্‌+বস্‌(কুসু)}

বিদ্বিষ্ট [বিদ্‌দিশ্‌টো] *বিণ* ১ বিদ্বেষের পাত্র; বিদ্বেষভাজন। ২ শত্রু। { *স.* বি+√দ্বিষ্‌+ত(ক্ত)}

বিদ্বেষ [বিদ্‌দেশ্‌] *বি* বৈরিতা; ঈর্ষা; শত্রুতা; হিংসা। **~পরায়ণ** *বিণ* ঈর্ষাযুক্ত; দ্বেষশীল; অন্যের প্রতি বিদ্বেষ পোষণকারী। **~বুদ্ধি** *বি* শত্রুতার ভাব; ঈর্ষার ভাব। **বিদ্বেষানল** *বি* ঈর্ষানল; হিংসার অগ্নি (অচিরেই তাহার প্রতি সকলের বিদ্বেষানল প্রজ্জ্বলিত হইয়া উঠে—*বিসে*)। **বিদ্বেষী**(-ষিন্‌), **বিদ্বেষ্টা** *বি, বিণ* বিদ্বেষকারী; ঈর্ষাকারী; শত্রু। { *স.* বি+√দ্বিষ্‌+অ(ঘঞ্‌)}

বিধ [বিধো] বহুব্রীহি সমাসে উত্তর পদে প্রযুক্ত বিধা শব্দের রূপ; প্রকার; রীতি; রকম (নানাবিধ)। { *স.* √বিধ্‌+অ(অঙ্‌)}

বিধবা [বিধোবা] *বি, বিণ* যে নারীর ধব বা স্বামী মৃত; পতিহীনা; মৃতভর্তৃকা। **~বিবাহ** *বি* বিধবা স্ত্রীলোকের

পুনর্বিবাহ। { স. বি+ধব+আ(টাপ্); বহু }

বিধর্মা [বিধরমা] *বিণ* বিধর্মী; অন্য ধর্মাবলম্বী। { স. বি+ধর্ম+অন(অনিচ্); বহু }

বিধর্মী(-র্মিন্) [বিধোরমি] *বিণ* বিধর্মা; অন্য ধর্মাশ্রয়ী; অন্য ধর্মাবলম্বী। { স. বি+ধর্ম+ইন্(ইনি) }

বিধা [বিধা] *বি* ১ বিধি; বিধান; নিয়ম। ২ প্রকার; ধারা। ৩ ব্যবস্থা; সুবিধা (দ্বিবিধ, সুবিধা)। { স. √বিধ্+অ(অঙ্)+আ(টাপ্) }

বিধাতা (-তৃ) [বিধাতা] *বি* ১ বিধানকর্তা। ২ শাস্ত্রবিহিত নিয়ম ও রীতি-নীতি। ৩ জগদীশ্বর; আল্লাহ। ৪ হিন্দুদেবতা ব্রহ্মা। { স. বি+√ধা+তৃ(তৃচ্) }

বিধান [বিধান] *বি* ১ শাস্ত্রবিহিত নিয়ম (শাস্ত্রীয় বিধান)। ২ রীতি-নীতি। ৩ ব্যবস্থা; সম্পাদনা (হর্ষ বিধান)। ৪ আইন প্রণয়ন (বিধান-পরিষদ)। **-সভা** *বি* আইনসভা; রাষ্ট্র পরিচালনা ও আইন প্রণয়নের জন্য প্রজাসাধারণের প্রতিনিধিসভা; Legislative Assembly; ভারতের প্রাদেশিক আইন পরিষদের নাম (পশ্চিমবঙ্গ বিধানসভা)। { স. বি+√ধা+অন(ল্যুট্) }

বিধায় [বিধায়] *অব্য* বিধান অনুসারে; হেতু; জন্য। { স. বিধা+ ব্য. 'য়' বিভক্তি }

বিধায়ক, বিধায়ী(-য়িন্) [বিধায়োক্, বিধায়ি] *বিণ* ১ বিধানকর্তা; নিয়ামক; ব্যবস্থাকারী। ২ সংঘটনকারী; সম্পাদনকারী। **বিধায়িকা, বিধায়িনী** *বিণ স্ত্রী*। { স. বি+√ধা+অক(ণ্বুল্), ইন্(ণিনি) }

বিধি [বিধি] *বি* ১ ব্যবস্থা; বিধান; নিয়ম (বিধি-নির্দিষ্ট)। ২ বিধানকর্তা; আল্লাহ (বিধি-নির্দেশ)। ৩ ক্রম; প্রণালি (কার্য-বিধি)। ৪ ভাগ্য; অদৃষ্ট; দৈব (বিধি বাম)। ৫ উপায় (বিধি-নির্ধারণ)। ৬ হিন্দুদেবতা ব্রহ্মা। **-জ্ঞ** *বিণ* শাস্ত্রীয় নিয়মাদি জানেন এমন; শাস্ত্রজ্ঞ। **-বদ্ধ** *বিণ* ১ শাস্ত্রদ্বারা নির্মিত; ব্যবস্থাপিত। ২ নিয়মবদ্ধ। ৩ যথাবিধি; formal। **~বিড়ম্বনা** *বি* অদৃষ্টের ছলনা। **-মতো** *বিণ* ১ শাস্ত্রীয় বিধান অনুসারে। ২ উপযুক্ত; যথাযোগ্য (বিধিমতো শাস্তি)। ৩ নিয়মিত; যথাবিহিত। **~লিপি** *বি* ভাগ্য বা অদৃষ্টের লিখন। **~শাস্ত্র** *বি* ১ ধর্মব্যবস্থা-শাস্ত্র। ২ ব্যবহারশাস্ত্র; আইন। **~সম্মত** *বিণ* ১ নিয়মানুযায়ী। ২ শাস্ত্রীয় বিধান অনুসারে। { স. বি+√ধা+ই(কি) }

বিধিৎসা [বিধিত্শা] *বি* বিধান করার ইচ্ছা। **বিধিৎসু** *বিণ* বিধান বা ব্যবস্থা করতে ইচ্ছুক। { স. বি+ √ধা+স(সন্)+অ+আ(টাপ্) }

বিধু [বিধু] *বি* চন্দ্র; চাঁদ; শশাঙ্ক; শশধর। **-বদন, ~মুখ** *বি* ১ চাঁদের মতো মুখ। ☐ *বিণ* চাঁদের মতো সুন্দর মুখযুক্ত। **~বদনা, ~মুখী** *বিণ স্ত্রী*। { স. বি+√ধে+উ(ডু); √ব্যধ্+উ(কু) }

বিধুত, বিধূত [বিধুতো] *বিণ* কম্পিত; আলোড়িত। { স. বি+√ধু/√ধূ+ত(ক্ত) }

বিধুনন, বিধূনন [বিধুনন্] *বি* কম্পন; সঞ্চালন (পক্ষ-বিধূনন)। **বিধুনিত, বিধূনিত** *বিণ* কম্পিত; আলোড়িত (তাই সুরে সুরে বিধুনিত করি অসীম অন্ধকার—*নই*)। { স. বি+√ধু/√ধূ+ণিচ্+অন(ল্যুট্) }

বিধুন্তুদ [বিধুনতুদ্] *বি* চন্দ্রকে যে বেদনা দেয়; রাহু (বিধুন্তুদ আইল কিম্বা চন্দ্র গ্রাসিবার—*সৈআ*)। { স. বিধু+√তুদ্+অ(খশ্), 'ম্' আগম; বহু }

বিধুর [বিধুর্] *বিণ* ১ কাতর (প্রেমে সে বিধুর—*সদ*)। ২ দুঃখিত; ক্লিষ্ট। ৩ বিকল; ভারাক্রান্ত (গন্ধ-বিধুর সমীরণ—*রঠা*)। ৪ বিমূঢ়। ৫ ভীত; ত্রাসিত। **বিধুরা** *বিণ, বি স্ত্রী* ভীতা; ত্রাসিতা (সেই ব্যথাবিধুরার কান্নার সুর বেজে উঠত—*ইখাঁ*)। **~তা** *বি* কাতরতা (একি বিধুরতা হায়রে বিরহী—*সদ*)। { স. বি+ধুর; বহু }

বিধূত ⇒ বিধুত

বিধূনন ⇒ বিধুনন

বিধৃত [বিদ্ধৃতো] *বিণ* ১ বিশেষভাবে ধরা বা গ্রহণ করা হয়েছে এমন; গৃহীত। ২ আশ্রিত; অবলম্বিত। ৩ আক্রমণ করা হয়েছে এমন; আক্রান্ত। ৪ অধিষ্ঠিত; অধিকৃত। { স. বি+√ধৃ+ত(ক্ত) }

বিধেয় [বিধেয়ো] *বি* ১ (*ব্যা.*) উদ্দেশ্য সম্পর্কে যে বাক্যাংশে কিছু বলা হয়; ক্রিয়াপদ ও তার সঙ্গের শব্দসমূহ; predicate। ২ (*দর্শন.*) অজ্ঞাত বা অপরিজ্ঞাত বিষয়। ☐ *বিণ* ১ উচিত; ন্যায়; সঙ্গত; বিধিসম্মত। ৩ করণীয়। { স. বি+√ধা+য(যৎ) }

বিধেয়ক [বিধেয়ক্] *বি* বিধান সভায় উপস্থাপিত আইনের খসড়া; bill। { স. বিধেয়+ক }

বিধ্বংস [বিদ্ধঙশো] *বি* ১ সম্পূর্ণ ধ্বংস; বিনাশ; উৎখাত; বিলোপ। ২ ক্ষয়। **বিধ্বংসিত** *বিণ* ১ সম্পূর্ণরূপে ধ্বংসিত; ক্ষয়প্রাপ্ত। ২ বিনাশিত; বিনষ্ট; অপকৃত; ক্ষতিগ্রস্ত। **বিধ্বংসী** *বিণ* ধ্বংসশীল; সম্পূর্ণরূপে ধ্বংসকারী। { স. বি+√ধ্বন্স্+অ(ঘঞ্) }

বিধ্বস্ত [বিদ্ধস্তো] *বিণ* ১ বিনাশপ্রাপ্ত; সম্পূর্ণরূপে বিনষ্ট। ২ বিনাশিত। ৩ বিলুপ্ত। ৪ চতুর্দিকে বিক্ষিপ্ত। { স. বি+√ধ্বন্স্+ত(ক্ত) }

বিনত [বিনতো] *বিণ* ১ বিশেষরূপে নত; অবনত। ২ বিনয়ী; নম্র। ৩ প্রণত। **বিনতা**[১] *স্ত্রী*। **বিনতি** *বি* ১ নম্রতা; বিনয়। ২ অনুনয়-বিনয়পূর্বক নিবেদন। ৩ প্রণতি। ৪ শিষ্টতা; সুশীলতা। { স. বি+√নম্+ত(ক্ত) }

বিনতা[২] [বিনতা] *বি স্ত্রী* হিন্দু পুরাণোক্ত কশ্যপ মুনির পত্নী এবং অরুণ ও গরুড়ের মাতা। **~নন্দন** *বি* কশ্যপ মুনির পত্নী বিনতার পুত্র অরুণ ও গরুড়। *বিণ* বৈনতেয়। { স. বিনত+আ(টাপ্) }

বিননি, বিননী ⇒ বিনুনি

বিনম্র [বিনম্‌ম্রো] *বিণ* ১ অত্যন্ত নম্র (বিনম্র দীনতা—*রঠা*)। ২ বিনয়াবনত। ৩ কোমল; মৃদু। **বিনম্রা** *স্ত্রী*। **~তা** *বি* অতিশয় নম্রতা। { স. বি+নম্র }

বিনয় [বিনয়্] *বি* ১ নম্র ভাব; নম্রতা। ২ কোমলতা। ৩ শৃঙ্খলা শিক্ষা; discipline। ৪ মিনতি। ৫ শাসন; দমন। **বিনয়াবনত** *বিণ* ১ অতি বিনয়ী। ২ বিনয়-নম্র; বিনয়বশে নত। **বিনয়াবনতা** *বিণ স্ত্রী*। **বিনয়ী**(-য়িন্) *বিণ* বিনীত; শিষ্ট; বিনয়শালী; বিনয়যুক্ত। { স. বি+√নী+অ(অচ্) }

বিনয়ন [বিনয়োন্] *বি* ১ অপনয়ন; নিরাকরণ; অপনোদন। ২ দমন; শাসন। ৩ শিক্ষাদান। ৪ মোচন। { স.

বি+√নী+অন(ল্যুট)}

বিনশ্বর [বিনশশর্] *বিণ* ধ্বংসশীল; অচিরস্থায়ী। অ-*বিপ*.। {*স*. বি+নশ্বর}

বিনষ্ট [বিনশ্টো] *বিণ* ১ ধ্বংসপ্রাপ্ত; বিনাশপ্রাপ্ত। ২ অতীত; গত। ৩ ক্ষয়িত। **বিনষ্টি** *বি* ধ্বংস (লভিলে না বিনষ্টির শেষ স্বর্গলোক—*রঠা*)। {*স*. বি+নষ্ট}

বিনা [বিনা] *অব্য* ব্যতীত; ভিন্ন; ব্যতিরেকে; ছাড়া (বিনা ওজরে সঙ্গে আসে ভালো—*মুচৌ*)। ~ **মেঘে বজ্রপাত** *(আল.)* সহসা অপ্রত্যাশিত ভয়ঙ্কর বিপদ। ~ **মেঘে বর্ষণ**—অপ্রত্যাশিতভাবে বস্তু লাভ। *(মবা., ব্র.)* **বিনি, বিনে, বিনু**; *(প্রাবা.)* **বিন্ন**। {*স*. বিনা}

বিনানো [বিনানো] *ক্রি* ১ বেণী প্রস্তুত করা। ২ জড়িয়ে বেণীর মতো করা। ৩ দীর্ঘ বিলাপ করা; বিস্তারিত খেদোক্তি করা (পতিশোকে রতি কাঁদে বিনাইয়া—*ভারা*)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* জড়িয়ে বেণীর মতো করা হয়েছে এমন। **বিননিয়া, বিনানিয়া** *(মবা.)* *অক্রি* বিনুনি ক'রে। □ *বিণ* বিনুনি যুক্তা (বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়—*ভারা*)। {*স*. বেণীবন্ধন>; ক্রিয়ারূপ—বিনাই, বিনাও, বিনায়, বিনান, *অক্রি*—বিনিয়ে, বিনাতে, বিনালে ইত্যাদি}

বিনামা[1] [বিনামা] *বিণ* ১ নাম নেই এমন; নামহীন। ২ বেনামা। ৩ কল্পিত নামবিশিষ্ট। {*স*. বি+নাম+ *বা*. আ; *বহু*}

বিনামা[2] [বিনামা] *বি* জুতা; চর্মপাদুকা (একদিন পায়ের বিনামা পর্যন্ত ফেলিয়া আসিয়াছিলেন—*মীম*)। {*স*. বি+নাম+ *বা*. আ; *বহু*}

বিনায়ক [বিনায়োক্] *বি* ১ গণনায়ক; হিন্দু দেবতা গণেশ। ২ বৌদ্ধধর্ম প্রচারক বুদ্ধদেব। ৩ গুরু; শিক্ষক। ৪ গরুড়। {*স*. বি+√নী+অক(ণ্বুল্)}

বিনাশ [বিনাশ্] *বি* ১ বিলোপ। ২ উচ্ছেদ; উৎসাদন। ৩ ধ্বংস; নাশ। ৪ মৃত্যু; মরণ। ~**ক** *বিণ* বিনাশকারী; সংহারক; ঘাতক; বিনাশকরণ; ধ্বংসকারক; নাশসাধক; বিনাশকর। ~**ন** *বি* ১ বিনাশকরণ। ২ ধ্বংসকারক; নাশসাধক; বিনাশকর (বিঘ্ন বিনাশন)। **বিনাশিত** *বিণ* বিনষ্ট বা বিনাশপ্রাপ্ত হয়েছে এমন; নিহত। **বিনাশী** (-শিন্) *বিণ* ১ বিনাশক; বিনাশকারী। ২ নশ্বর; বিনাশশীল। **বিনাশিনী** *স্ত্রী*। {*স*. বি+√নশ্+অ(ঘঞ্)}

বিনি ⟹ বিনা

বিনিঃশেষ [বিনিশ্শেশ্] *বিণ* নিঃশেষিত; সম্পূর্ণরূপে শেষ। {*স*. বি+নিঃশেষ}

বিনিঃসরণ [বিনিশ্শরোন্] *বি* বের হওয়া; বহির্গমন; নির্গমন। **বিনিঃসৃত** *বিণ* বহির্গত; নির্গত। {*স*. বি+নিঃসরণ}

বিনিক্ষিপ্ত [বিনিক্খিপ্তো] *বিণ* ১ নিক্ষেপ করা হয়েছে এমন। ২ প্রক্ষিপ্ত। **বিনিক্ষেপ** *বি*। {*স*. বি+নি+ক্ষিপ্ত}

বিনিদ্র [বিনিদ্দ্রো] *বিণ* নিদ্রাহীন; জাগরিত; নিদ্রারহিত। {*স*. বি+নিদ্রা; *বহু*}

বিনিন্দিত [বিনিন্দিতো] *বিণ* বিশেষভাবে নিন্দিত; হীন করা হয়েছে এমন। **বিনিন্দিতা** *বিণ স্ত্রী*। {*স*. বি+নিন্দিত}

বিনিপাত [বিনিপাত্] *বি* ১ বিশেষরূপে নিপাত; অধঃপাত; অধঃপতন। ২ মৃত্যু। ৩ দৈব; উৎপাত; দুঃখ; ক্লেশ। {*স*. বি+নিপাত}

বিনিবর্তন [বিনিবর্তোন্] *বি* ১ ফিরে আসা বা যাওয়া; প্রত্যাবর্তন। ২ বিরতি। ৩ ফিরিয়ে আনা; ফেরানো। **বিনিবর্তিত** *বিণ* নিরস্ত করা হয়েছে এমন; নিরস্তীকৃত। **বিনিবৃত্ত** *বিণ* প্রত্যাবৃত্ত; ফিরেছে এমন; নিরস্ত হয়েছে এরূপ (বনবাস হইতে বিনিবৃত্ত হইলে অনুরাগ শতগুণে প্রগাঢ় হইয়া উঠে—*ঈবি*)। {*স*. বি+নিবর্তিত}

বিনিবারিত [বিনিবারিতো] *বিণ* বিশেষভাবে বারণ করা হয়েছে এমন; নিষিদ্ধ। ২ বাধাপ্রাপ্ত। {*স*. বি+নি+বারিত}

বিনিবেশিত [বিনিবেশিতো] *বিণ* ১ সংস্থাপিত। ২ প্রবেশ করানো হয়েছে এমন। {*স*. বি+নি+বেশিত}

বিনিময় [বিনিময়্] *বি* ১ পরিবর্ত; বদল; বদলে দ্রব্য গ্রহণ। ২ প্রতিদান। {*স*. বি+নি+√মি+অ(অচ্)}

বিনিযুক্ত [বিনিজুক্তো] *বিণ* ১ বিনিয়োগ করা হয়েছে এমন; নিযুক্ত; নিয়োজিত। ২ প্রদত্ত; সমর্পিত; অর্পিত। ৩ প্রেরিত। □ *বি*. যা খাটানো হয়েছে। **বিনিযোক্তব্য** *বিণ* বিনিয়োগের উপযুক্ত। {*স*. বি+নিযুক্ত}

বিনিয়োগ [বিনিয়োগ্] *বি* ১ প্রদান; অর্পণ। ২ প্রেরণ। ৩ প্রয়োগ। ৪ আদেশ; অনুমতি। ৫ টাকা খাটানো। {*স*. বি+নিয়োগ}

বিনিয়োজিত [বিনিয়োজিতো] *বিণ* ১ বিনিয়োগ করা হয়েছে এমন। ২ প্রেরিত। ৩ অর্পিত। ৪ প্রবর্তিত। ৫ নিযুক্ত। {*স*. বি+নিয়োজিত}

বিনির্জিত [বিনির্জিতো] *বিণ* পরাজিত। **বিনির্জয়** *বি*। {*স*. বি+নিঃ+জিত}

বিনির্গত [বিনির্গতো] *বিণ* নিষ্ক্রান্ত; বহির্গত; নিঃসৃত (অতি বিষম অভিসম্পাতবাক্য বিনির্গত হইল—*ঈবি*)। **বিনির্গম, বিনির্গমন** *বি* ১ নিঃসরণ। ২ বহির্গমন; নির্গমন; নিষ্ক্রমণ। {*স*. বি+নির্গত}

বিনির্ণয় [বিনির্নয়্] *বি* ১ নির্ধারণ; নিরূপণ; স্থিরকরণ। ২ বিচারপূর্বক ব্যবস্থাগ্রহণ; সিদ্ধান্ত; রোয়েদাদ; award। **বিনির্ণীত** *বিণ* স্থিরীকৃত; বিশেষভাবে নির্ধারিত বা নিরূপিত। {*স*. বি+নির্ণয়}

বিনির্বৃত্ত [বিনির্বৃত্তো] *বিণ* ১ বিশেষভাবে নিবৃত্ত বা বিরত। ২ সমাপ্ত। ৩ সুখবঞ্চিত। {*স*. বি+নিঃ+√বৃৎ+ত(ক্ত)}

বিনির্মুক্ত [বিনির্মুক্তো] *বিণ* ১ বন্ধনমুক্ত। ২ উদ্‌ঘাটিত। {*স*. বি+নিঃ+মুক্ত}

বিনিশ্চয় [বিনিশ্চয়্] *বি* স্থির সিদ্ধান্ত; সম্যক নির্ধারণ; সন্দেহাতীত বা নিশ্চয়াত্মক সিদ্ধান্ত। **বিনিশ্চিত** *বি* অভ্রান্ত। □ *বিণ* সন্দেহাতীতভাবে স্থিরীকৃত বা নির্ধারিত। {*স*. বি+নিঃ+√চি+অ(অচ্)}

বিনিশ্চল [বিনিশ্চল্] *বিণ* সম্পূর্ণরূপে স্থির বা অচঞ্চল। {*স*. বি+নিঃ+√চল+অ(অচ্)}

বিনীত [বিনিতো] *বিণ* ১ বিনম্র; বিনয়ী; বিনয় আছে এমন। ২ সংযত; শান্ত; শিক্ষিত। ৩ স্থানান্তরে নীত। **বিনীতা** *স্ত্রী*। {*স*. বি+√নী+ত(ক্ত)}

বিনু ⟹ বিনা

বিনুনি, বিননি, বিননী [বিনুনি, বিনোনি, –] *বি* ১ বেণী রচনা (মা তুমি চারগুচির বিনুনি রচনা কর্তে জানো—*বিব*)। ২ বেণী; বিনানো চুল ইত্যাদি। { *স.* বেণীবন্ধন> }

বিনে [বিনে] *অব্য* ব্যতীত; ছাড়া (তো বিনে উনমত কান—*বিপ*)। { *স.* বিনা> }

বিনেতা(–তৃ) [বিনেতা] *বি* ১ নিয়ন্তা। ২শিক্ষক। ৩ শাসক। □*বিণ* ১ বিনয়কারী। ২ নিয়মকর্তা। **বিনেত্রী** *স্ত্রী*। { *স.* বি+√নী+তৃ(তৃচ) }

বিনেয় [বিনেয়ো] *বিণ* বিনীত বা দমন করা যায় এমন। দণ্ডনীয়। { *স.* বি+√নী+য(যৎ) }

বিনোদ [বিনোদ] *বি* ১ তোষণ; সন্তুষ্টিবিধান। ২ আমোদ; আনন্দ; বিহার। □*বিণ* ১ মনোহর; মনোরম (সই ভাল করে বিনোদ বেণী বাঁধিয়া দে—*নই*)। ২ সুন্দর (বিনোদ নাগর)। ~**ন** *বি* ১ আমোদিতকরণ; তুষ্টিসাধন। ২ অপনোদন; দূরীকরণ (শ্রম বিনোদন)। **বিনোদিত** *বিণ* সন্তোষিত; আমোদিত। **বিনোদিয়া** *বিণ (পদ্য.)* আনন্দদায়ক; মনোহর; মনোরম; রমণীয় (বিনোদিয়া বিনোদিয়া বেণীর শোভায়—*ভারা*)। { *স.* বি+√নুদ্+অ(ঘঞ্) }

বিনোদী(–দিন্) [বিনোদি] *বিণ* বিনোদকারী; আনন্দ দানকারী; আনন্দদায়ক। **বিনোদিনী** *বিণ স্ত্রী* ১ প্রমোদিনী, সুন্দরী; সন্তোষদায়িনী (বিদুষী এই আছেন যিনি আমার কালের বিনোদিনী—*রঠা*)। ২ রাধিকা। { *স.* বিনোদ+ইন্(ণিনি) }

বিন্তি, বিন্তী [বিন্‌তি] *বি* একপ্রকার তাস খেলা (তিনি যেরূপ নিরুদ্বিগ্নভাবে বিন্তি খেলিতে লাগিলেন—*রঠা*)। { *পো.* vinte (অর্থ—বিশ) }

বিন্দু [বিন্দু] *বি* ১ কণিকামাত্র; কণা (বিন্দুমাত্র দুঃখ)। ২ তরল দ্রব্যের অত্যল্প ফোঁটা (ঘর্মবিন্দু)। ৩ ক্ষুদ্র চিহ্ন। ৪ *(জ্যা.)* যা দৈর্ঘ্য বিস্তার বোধহীন অবস্থিতির জ্ঞাপকমাত্র; point। ৫ অনুস্বার; ং। ৬ বীর্য; শুক্র ((বিন্দু ধারণ)। –**বিসর্গ** *বি* ১ অনুস্বার ও বিসর্গ; ং ও ঃ। ২ *(আল.)* কোনো কিছুর অতি সামান্য অংশ। ৩ *(আল.)* কোনো ঘটনার অত্যল্প সংবাদ; কিঞ্চিন্মাত্র আভাস। –**মাত্র** *বি* লেশমাত্র; যৎসামান্য; সামান্য মাত্র। { *স.* √বিন্দ্+উ(কু) }

বিন্দেদূতী [বিন্‌দেদুতি] *বি* ১ বৃন্দা নামক রাধিকার দূতী। ২ গুপ্তপ্রেমের দূতী। { *স.* বৃন্দা+দূতী> }

বিন্ধ, বিন্দ *(মবা.)* [বিন্‌ধ, বিন্‌দ] *বি* ছিদ্র; রন্ধ্র (বাঁশীর বিন্দত, মুখ সংযোজিআঁ, সপত কর বাজাএ—*বচদা*)। { *স.* বিদ্ধ> }

বিন্দা, বিন্ধা *(প্রাবা.)* [বিন্‌দা, –ধা] *ক্রি* বিদ্ধ করা; বেঁধা (একে শর সন্ধানে বিন্দহ—*চর্যাপদ*)। { *স.* বিদ্ধ> }

বিন্ধ্য [বিন্‌ধো] *বি* ভারতের একটি পর্বতমালা। ~**বাসিনী** *বি* হিন্দুদেবী দুর্গা। □*বিণ* বিন্ধ্য পর্বত নিবাসিনী। { *স.* বি+√ধ্যৈ+অ(ড), 'ম' আগম }

বিন্ন ⇒ বিনা

বিন্যস্ত ⇒ বিন্যাস

বিন্যাস [বিন্‌নাশ্] *বি* ১ সুন্দরভাবে রচনা, মনোহর সজ্জা (কেশবিন্যাশ)। ২ রক্ষণ; স্থাপন। ৩ গ্রন্থন। **বিন্যস্ত** *বিণ* ১ সুশৃঙ্খলভাবে স্থাপিত। ২ যথাক্রমে রক্ষিত। { *স.* বি+নি+√অস্+অ(ঘঞ্) }

বিপক্ষ [বিপোক্‌খো] *বি* প্রতিপক্ষ; শত্রু; বিরুদ্ধপক্ষ; অনিষ্টকারী। ~**তা** *বি* বৈরিতা; শত্রুতা; প্রতিকূলতা। **বিপক্ষীয়** *বিণ* ১ বিপক্ষভুক্ত। ২ বিপক্ষসম্পর্কীয়। { *স.* বি+√পক্ষ+অ(অচ) }

বিপণ [বিপন্] *বি* বিক্রয়; বেচা। ~**ন** *বি* পণ্য বিক্রয় ব্যবস্থা; পণ্যের বাজার সৃষ্টি; বিক্রয়ের জন্যে পণ্য বাজারে তোলা ও সাজিয়ে রাখা। { *স.* বি+√পণ্+অ(অপ্) }

বিপণি, বিপণী [বিপোনি] *বি* ১ দোকান; পণ্যশালা (সুপ্রসর রাজপথ দুধারে বিপণি—*কায়*)। ২ হাট; বাজার। { *স.* বিপণ+ই(ইন্) }

বিপৎ ⇒ বিপদ

বিপতি *(মবা.)* [বিপোতি] *বি* বিপদে (বিপতি পড়ল রাধা—*বিপ*)। { *স.* বিপত্তি> }

বিপত্তি [বিপোত্‌তি] *বি* ১ আপদ; বিপদ; সঙ্কট। ২ ঝামেলা; ঝঞ্ঝাট। ৩ দুর্দশা; দুরবস্থা। { *স.* বি+√পদ্+তি(ক্তি) }

বিপত্নীক [বিপোত্‌নিক্] *বিণ* স্ত্রী মারা গেছে এমন; মৃতদার। { *স.* বি(বিগত)+পত্নী; বহু }

বিপথ [বিপথ্] *বি* কুপথ; মন্দ পথ; ভুল পথ; অসৎ জীবনযাত্রা প্রণালি। ~**গামী** *বি,বিণ* কুপথগামী; অসৎ পথাবলম্বী। ~**গামিনী** *বিণ স্ত্রী*। { *স.* বি+পথ; বহু }

বিপদ, বিপৎ [বিপদ্, –ত্] *বি* ১ আপদ; বিপত্তি। ২ দুর্দশা; দুরবস্থা। ৩ দুর্ঘটনা। ৪ ঝঞ্ঝাট। **বিপৎকাল, বিপদকাল** *বি* বিপদপূর্ণ সময়; বিপত্তিপূর্ণ সময়। **বিপদগর্ভ** *বিণ* বিপদপূর্ণ; বিপত্তিময়। **বিপদপ্রাজ্ঞ** *বিণ* বিপদ সম্বন্ধে জ্ঞানী (তুমি কখনও বিপদপ্রাজ্ঞ নও—*সুদ*)। **বিপদবহুল** *বিণ* বিপত্তিময়; বিপদপূর্ণ। **বিপদভঞ্জন** *বি,বিণ* যে বিপদ নাশ করে; বিপদ দূরকারী; আপদ মোচনকারী। **বিপৎসংকুল, বিপদসংকুল** *বিণ* বিপদবহুল; সংকটাপন্ন। **বিপদাত্মক** *বিণ* বিপদ আছে এমন; বিপজ্জনক। **বিপদাপদ** *বি* সঙ্কট; আপদ–বিপদ; নানা রকম বিপদ। **বিপদাপন্ন** *বিণ* সংকটাপন্ন; আপদগ্রস্ত; বিপন্ন। **বিপদুদ্ধার** *বি* সংকটমোচন; বিপদ থেকে নিষ্কৃতি। { *স.* বি+√পদ্+ক্বিপ্ }

বিপন্ন [বিপন্‌নো] *বিণ* ১ সংকটাপন্ন; বিপদগ্রস্ত; বিপর্যয়। ২ উল্টা। ৩ উৎকট; উগ্র; বিষম; অস্বাভাবিক। **বিপন্না** *বিণ স্ত্রী*। { *স.* বি+√পদ্+ত(ক্ত) }

বিপরিণত [বিপোরিণতো] *বিণ* ১ উলটপালট হয়েছে এমন; বিপর্যস্ত। ২ পরিবর্তিত। { *স.* বি+পরি+√নম্+ত(ক্ত) }

বিপরিণাম [বিপোরিনাম্] *বি* ১ বিপর্যয়। ২ পরিবর্তন। **বিপরিণামী**(–মিন্) *বিণ* ১ বিপরীত পরিণাম পেয়েছে এমন। ২ পরিবর্তনশীল। ৩ দুর্ভোগগ্রস্ত। { *স.* বি+পরি+√নম্+অ(ঘঞ্) }

বিপরিবর্তন [বিপোরিবর্‌তোন্] *বি* বিশেষ পরিবর্তন; বদলানো; ঘুরানো; ফিরানো। { *স.* বি+পরিবর্তন }

বিপরীত [বিপোরিত্] *বিণ* ১ বিরুদ্ধ; প্রতিকূল; বিপর্যয়। ২ উল্টা। ৩ উৎকট; উগ্র; বিষম; অস্বাভাবিক (বিপরীত ব্যাপার)। **বিপরীতা** *বি,বিণ স্ত্রী* অসতী; কামুকী। { *স.*

বি+পরি+√ই+ত(ক্ত)}
বিপর্যয়, বিপর্যায়, বিপর্যাস [বিপরজয়, -জায়, -জাশ] *বি* ১ উলট-পালট; নিদারুণ বিশৃঙ্খলা; বিপ্লব (বিপুল বিপর্যাস—*অচিসে*)। ২ বিশৃঙ্খল বা বৈপ্লবিক পরিবর্তনমূলক অবস্থা। ৩ বৈপরীত্য; বিরুদ্ধতা। ৪ বিনাশ; ধ্বংস; দুর্দৈব। ৫ সম্পূর্ণ পরিবর্তন; ব্যতিক্রম। **বিপর্যস্ত** *বিণ* ১ বিপর্যয়প্রাপ্ত; উলট-পালট বা নিদারুণ বিশৃঙ্খল অবস্থাপ্রাপ্ত। ২ ছত্রভঙ্গ। ৩ সম্পূর্ণ পরিবর্তিত; ব্যতিক্রান্ত। { *স* বি+পরি+√ই+অ(অচ্),√অয়্+ অ(ঘঞ্), √অস্+অ(ঘঞ্)}
বিপল [বিপল] *বি* কালের সূক্ষ্ম অংশ; এক পলের ষাট ভাগের এক ভাগ; এক সেকেন্ডের পাঁচ ভাগের দুই ভাগ পরিমাণ সময়। { *স.* বি+পল}
বিপশ্চিৎ [বিপোশ্চিত্] *বিণ* বিদ্বান; পণ্ডিত; জ্ঞানী। { *স.* বি+প্র+√চি+ক্বিপ্; বি+√পশ্+চিৎ}
বিপাক [বিপাক্] *বি* ১ দুর্গতি; বিড়ম্বনা; দুর্ভোগ; বিপত্তি (বিষম বিপাক—*সদ*)। ২ মন্দ পরিণাম। ৩ বিসদৃশ কর্মফল। ৪ জীর্ণতা। ৫ পরিপাক। ৬ শরীরে খাদ্যের পরিণাম; metabolism। ৭ রন্ধন। **বিপাকীয়** *বিণ* বিপাক সংক্রান্ত; metabolic। { *স.* বি+√পচ্+অ(ঘঞ্)}
বিপাকিয়া, বিপাক্যা [বিপাকিয়া, বিপাককিয়া] *বিণ* বিপত্তি কারক (এমন বিপাক্যা বাঘ বিশ্বে নাহি দেখি—*রাভু*)। { *স.* বিপাক+ইয়া>বিপাকিয়া, বিপাক্যা}
বিপাশা [বিপাশা] *বি* পাঞ্জাবের বর্তমান বিয়াস নদীর প্রাচীন নাম; the Beas। { *স.* √বিপাশি+অ(অচ্)}
বিপিতা (-তৃ) [বিপিতা] *বি* জন্মদাতা পিতা ভিন্ন মায়ের অন্য স্বামী; সৎবাপ। { *স.* বি+পিতা}
বিপিন [বিপিন্] *বি* অরণ্য; বন; বিটপী (দেখেছিলা দিগন্তের তমাল বিপিনে—*রঠা*)। **-বিহারী** (-রিন্) *বিণ* ১ বনে ভ্রমণকারী। ২ (বিশেষার্থে) বৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ। { *স.* √বেপ্+ইন(ইনন্)}
বিপুল [বিপুল্] *বিণ* ১ সুবৃহৎ; বিশাল; অতি বড়। ২ খুব; অনেক; অতিশয় (বিপুল চেষ্টায় হাসিকে কান্নায় পরিণত করিল—*রাব*)। ৩ গভীর; অগাধ (বিপুল প্রেম)। ৪ প্রশস্ত; চওড়া (বিপুল সাগর)। ৫ মহৎ; উদার; মহান (বিপুল হৃদয়)। **বিপুলা** *বিণ স্ত্রী*। ~**তা** *বি* বিশালতা। { *স.* বি+√পুল্+অ(ক)}
বিপ্র [বিপ্প্রো] *বি* ব্রাহ্মণ; বিদ্বান ব্রাহ্মণ। { *স.* বি+√প্রা+অ(ড)}
বিপ্রকর্ষ [বিপ্প্রোকরশো] *বি* ১ দূরত্ব; ব্যবধান। ২ দূরবর্তী হওয়া। ৩ *(ব্যা.)* স্বরভক্তি; উচ্চারণের সুবিধার জন্য যুক্ত ব্যঞ্জনবর্ণের মধ্যে স্বরধ্বনি আনয়ন। { *স.* বি+প্র+√কৃষ্+অ(ঘঞ্)}
বিপ্রকর্ষণ [বিপ্প্রোকরশোন্] *বি* আকর্ষণের উল্টা; দূরে সরানো; দূরে ঠেলা; বিকর্ষণ। **বিপ্রকৃষ্ট** *বিণ* বিপরীত আকর্ষণ করা হয়েছে এমন; দূরবর্তী। { *স.* বি+প্র+√কৃষ্+অন(ল্যুট্)}
বিপ্রকৃষ্ট [বিপ্রোকৃশটো] *বিণ* ১ বিপরীত দিকে আকৃষ্ট। ২ দূরবর্তী; দূরস্থিত। { *স.* বি+প্র+√কৃষ্+ত(ক্ত)}
বিপ্রতিপত্তি [বিপ্প্রোতিপোত্তি] *বি* ১ বিরোধ; শত্রুতা। ২ বিরুদ্ধ জ্ঞান; বৈসাদৃশ্য (এই উপপাত্তিতে দুটি বিপ্রতিপত্তি উপস্থিত হইতেছে—*ঈবি*)। ৩ সন্দেহ; সংশয়। ৪ ভেদ; পার্থক্য। **বিপ্রতিপন্ন** *বিণ* ১ পৃথক; ভিন্ন; পার্থক্যযুক্ত। ২ সন্দিগ্ধ; সংশয়পূর্ণ। ৩ বিরুদ্ধ জ্ঞানপূর্ণ। { *স.* বি+প্রতিপত্তি}
বিপ্রতীপ [বিপ্প্রোতিপ্] *বিণ* প্রতিকূল; সম্পূর্ণ উল্টা বা বিপরীত। { *স.* বি+প্রতীপ}
বিপ্রযুক্ত [বিপ্প্রোজুক্তো] *বি* সংযোগশূন্য; বিযুক্ত; বিশ্লিষ্ট; বিচ্ছিন্ন। **বিপ্রয়োগ** *বি* ১ বিয়োগ; বিশ্লেষ। ২ বিবাদ; বিরোধ। ৩ ভিন্নভাব; পার্থক্য। ৪ বিরহ; বিচ্ছেদ। { *স.* বি+প্রযুক্ত}
বিপ্রলব্ধ [বিপ্প্রোলবধো] *বিণ* ঠকানো হয়েছে এমন; প্রতারিত; বঞ্চিত; চলিত (থাকুক সে বিপ্রলব্ধ অনন্ত বিয়োগ—*সুদ*)। **বিপ্রলব্ধা** *বিণ স্ত্রী* প্রতারিতা; বঞ্চিতা। □*বি (অল.)* সংকেত-স্থানে নায়কের সাক্ষাৎ লাভে বঞ্চিতা নায়িকা। { *স.* বি+প্র+√লভ্+ত(ক্ত)}
বিপ্রলম্ভ [বিপ্প্রোলমভো] *বি* ১ বিবাদ; কলহ। ২ প্রতারণা; ছলনা। ৩ বিরহ; বিচ্ছেদ। ৪ নায়ক-নায়িকার বিচ্ছেদ বা মিলনাভাব। { *স.* বি+প্র+√লভ্+অ(ঘঞ্)}
বিপ্রলাপ [বিপ্প্রোলাপ্] *বি* ১ বিরুদ্ধবাক্য; বিসংবাদ; মতভেদ নিমিত্ত বিরোধ। ২ অনর্থক ঝগড়া; নিরর্থক কথন। { *স.* বি+প্রলাপ}
বিপ্রসাৎ [বিপ্প্রোশাত্] *বিণ* ১ ব্রাহ্মণকে দান করতে হবে এমন; বিপ্রকে দেওয়া হয়েছে এমন। ২ ব্রাহ্মণায়ত্ত; ব্রাহ্মণাধীন। { *স.* বিপ্র+সাৎ}
বিপ্লব [বিপ্প্লব্] *বি* ১ দেশের শাসনব্যবস্থা বা সমাজব্যবস্থায় দ্রুত ও আমূল পরিবর্তন। ২ বিদ্রোহ; revolution। ৩ উপদ্রব। ৪ ব্যাপক ধ্বংস বা বিনাশ। **বিপ্লবী** (-বিন্) *বি, বিণ* ১ বিপ্লব করেন যিনি; বিপ্লব সংঘটনে চেষ্টিত বা ইচ্ছুক। ২ বিপ্লবের সমর্থক বা সংঘটক। { *স.* বি+√প্লু+অ(অপ্)}
বিপ্লাবন [বিপ্প্লাবোন্] *বি* ১ ক্ষতি; হানি (পামরেরা বুদ্ধি ও বিদ্যার অহঙ্কারে প্রতিকূল তর্ক দ্বারা ধর্মমূল সনাতন বেদশাস্ত্রের বিপ্লাবনে উদ্যত হইয়াছে—*ঈবি*)। ২ বিপর্যয়; নাশ; ধ্বংস। { *স.* বি+প্লাবন}
বিপ্লুত [বিপ্প্লুতো] *বিণ* ১ উপদ্রুত। ২ বিপর্যস্ত। ৩ নষ্ট; দূষিত। ৪ বিহ্বল; ব্যাকুল (ভয়বিপ্লুত)। ৫ প্লাবিত; জলব্যাপ্ত (বাষ্পবিপ্লুত নয়ন)। { *স.* বি+√প্লু+ত(ক্ত)}
বিফল [বিফল্] *বিণ* নিরর্থক; বৃথা; ব্যর্থ; নিষ্ফল; অসিদ্ধ; অকৃতকার্য। **-তা** *বি* ব্যর্থতা; নিষ্ফলতা; অকৃতকার্যতা (হেথা যারে মনে হয় শুধু বিফলতায়—*রঠা*)। { *স.* বি+ফল; *বহু*}
বিবক্ষা [বিবোকখা] *বি* ১ বলবার বাসনা; বলবার ইচ্ছা। ২ বাসনা; অভিলাষ। **বিবক্ষিত** *বিণ* ১ বলতে ইচ্ছা করে এমন। ২ বক্তব্য; উদ্দিষ্ট। **বিবক্ষু** *বিণ* বলতে ইচ্ছুক। { *স.* √বচ্+স(সন্)। অ+আ(টাপ্)}
বিবৎসা[1] *বি* বাস করার ইচ্ছা। { *স.* √বস্+স(সন্)+অ+আ(টাপ্)}
বিবৎসা[2] *বি, বিণ* বৎসহীনা। { *স.* বি+বৎস+আ(টাপ্)}
বিবদমান [বিবদোমান্] *বিণ* বিবাদরত; বিবাদ করছে এমন; বিবাদকারী; কলহকারী। **বিবদমানা** *স্ত্রী*। { *স.*

বি+√বদ্+মান(শানচ)}

বিবমিষা [বিবোমিশা] *বি* বমনেচ্ছা; বমন করার ইচ্ছা; বমির ভাব। **বিবমিষু** *বিণ* বমনেচ্ছু। { *স.* √বম্+স(সন্)+অ+আ(টাপ্)}

বিবর [বিবর্] *বি* গর্ত; গহ্বর; ছিদ্র; রন্ধ্র; বিল (যারা বর্বর হেথা বাঁধে ঘর বিবরের ফণী লয়ে—*নজ*; সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়—*ভারা*)। { *স.* বি+√বৃ+অ(অচ)}

বিবরণ[1] [বিবরন্] *বি* ১ ব্যাখ্যান। ২ বৃত্তান্ত। □*বিণ* বর্ণনা; বিবৃতি। **বিবরণী** *বি* বিবরণপূর্ণ লিপি; বিবরণ সংবলিত পুস্তক। { *স.* বি+√বৃ+অন(ল্যুট)}

বিবরণ[2] ⇒ বিবর্ণ

বিবরা *(পদ্য.)* [বিবরা] *ক্রি* বিবরণ দেওয়া; স্পষ্টভাবে ব্যাখ্যা করা (বল মোরে বিবরিয়া ছদ্মবেশ রাখি—*মদ*)। { *স.* বিবর+*বা.* আ}

বিবর্জন [বিবরজন্] *বি* পরিত্যাগ; বিসর্জন; সম্পূর্ণ বর্জন। **বিবর্জিত** *বিণ* ১ সম্পূর্ণভাবে পরিত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত; বিসর্জিত। ২ রহিত। **বিবর্জিতা** *বিণ স্ত্রী.*। { *স.* বি+বর্জন}

বিবর্ণ, বিবরণ [বিবরনো, বিবরোন্] *বিণ* বর্ণ নষ্ট হয়েছে এমন; বর্ণহীন; মলিন; ফ্যাকাসে; বিকৃতবর্ণ। **বিবর্ণা** *স্ত্রী.*। **বিবর্ণতা** *বি* বর্ণবিকৃতি; হীনবর্ণ (মানুষের কাছে থেকে মানবের হৃদয়ের বিবর্ণতা ভয় শেষ হবে—*জীদা*)। { *স.* বিবর্ণ(বি+বর্ণ)>*বা.* বিবরণ (স্বরাগমে)}

বিবর্ত [বিবরতো] *বি* ১ ঘূর্ণন; আবর্তন। ২ পরিবর্ত; বদল। ৩ ভ্রমণ; পরিভ্রমণ। ৪ পরিবর্তিত অবস্থা; অবস্থান্তর প্রাপ্তি; পরিণতি; পরিণাম। ৫ বিশেষরূপে স্থিতি। ৬ *(দর্শন.)* এক বস্তুর অন্য বস্তুরূপে প্রতীয়মান হওয়া; মায়াময়রূপে স্থিতি। ৭ ভ্রম; ভুল। ~**বাদ** *বি* ১ হিন্দু দর্শনের মায়াবাদ। ২ বিবর্তনবাদ। { *স.* বি+√বৃৎ+অ(ঘঞ্)}

বিবর্তন [বিবরতন্] *বি* ১ পরিবর্তন; রূপান্তর; বদলানো। ২ ঘূর্ণন; আবর্তন। ৩ ভ্রমণ। ৪ প্রত্যাবর্তন; ফিরে আসা। ~**বাদ** *বি* ক্রমবিকাশবাদ; Theory of Evolution। { *স.* বি+√বৃৎ+অন(ল্যুট)}

বিবর্তিত [বিবোরতিতো] *বিণ* ১ ঘূর্ণিত; আবর্তিত। ২ পরিবর্তিত; রূপান্তরিত। ৩ ফিরিয়ে আনা হয়েছে এরূপ। ৪ প্রত্যাবর্তিত। { *স.* বি+√বৃৎ+ণিচ(=√বর্তি)+ত(ক্ত)}

বিবর্ধক [বিবরধক্] *বিণ* বৃদ্ধিসাধনকারী; বিবর্ধনকারী। { *স.* বি+বর্ধক}

বিবর্ধন [বিবরধন্] *বি* বিশেষভাবে বৃদ্ধিসাধন; বাড়িয়ে তোলা; সম্যক বৃদ্ধিকরণ। **বিবর্ধিত** *বিণ* ১ সম্যক বৃদ্ধিপ্রাপ্ত। ২ ছিন্ন; খণ্ডিত। { *স.* বি+বর্ধন}

বিবর্ধিত *বিণ* ১ সম্যক বৃদ্ধিপ্রাপ্ত। ২ ছিন্ন; খণ্ডিত। { স. বি+√বৃধ্+ত(ক্ত)}

বিবশ [বিবশ্] *বিণ* ১ অবাধ্য; বশহীন; অবশ। ২ বিহ্বল; বিভোল; আত্মহারা (বসন্তের চুম্বনেতে বিবশ দশ দিক—*রঠা*)। ৩ অচেতন; নিশ্চেষ্ট। **বিবশা** *স্ত্রী.* (বরষণ লোভে বিবশা ধরণী—*সদ*)। { *স.* বি+√বশ্+অ(অচ); *বহু*}

বিবসন, বিবস্ত্র [বিবশন, বিবসত্রো] *বিণ* উলঙ্গ; নগ্ন; বস্ত্রহীন (মুক্তবেণী বিবসনে—*রঠা*)। **বিবসনা, বিবস্ত্রা** *বিণ স্ত্রী.* (বিশাল ভবের মাঝে বিবসনা বেশে—*রঠা*)। { *স.* বি+বসন, বস্ত্র; *বহু*}

বিবসিনী *(মবা.)* [বিবোশিনি] *বিণ* বিবসনা; নগ্না; বিবস্ত্রা; বসনহীনা (জলে বিবসিনী—গোআনী—*বচ*)। { *স.* বি+বসন+ *বা.* ইনী; *বহু*}

বিবস্বান [বিবশ্শান্] *বি* সূর্য; রবি; ভাস্কর। { *স.* বিবস্+বৎ(বতুপ্)}

বিবা [বিবা] *বি* বিয়ে; বিবাহ; পরিণয় (বিবা দেহ ত্রিলোচনে—*রাভ*; সাজুর সাথেই ঠিক কইরাছি ছেলের বিবা—*জউ*)। { *স.* বিবাহ>}

বিবাগ [বিবাগ্] *বি* ঔদাসীন্য। ২ ভোগ-বিলাসে বিমুখতা। ৩ সংসার ত্যাগ; প্রব্রজ্যা। ৪ বৈরাগ্য হেতু দেশত্যাগ। **বিবাগী** *বিণ* ১ ঘরছাড়া; সংসারত্যাগী (বিবাগী কর অবাধ পানে পথ কেটে যাই অজানাদের দেশে—*রঠা*)। ২ উদাসীন। ৩ দেশত্যাগী। ৪ ভোগবিলাসে বিমুখ। { *স.* বি+রাগ>; *বা.* বাগ অর্থাৎ আয়ত্ত}

বিবাদ [বিবাদ্] *বি* ১ ঝগড়া; বিরোধ; কলহ। ২ নালিশ; মোকদ্দমা। ৩ তর্কাতর্কি; বিতণ্ডা। ৪ লড়াই; যুদ্ধ; মারামারি। ~**প্রিয়** *বিণ* ঝগড়াটে; ঝগড়া করতে ভালোবাসে এমন; কলহপ্রিয়। { *স.* বি+√বিদ্+অ(ঘঞ্)}

বিবাদী[1] (~দিন্) [বিবাদি] *বি* ১ মামলা-মোকদ্দমায় প্রতিপক্ষ। ২ সঙ্গীতে রাগ বা রাগিণী বিশেষের বর্জনীয় সুর। □*বিণ* ১ বিরোধী। ২ বিবাদ বা ঝগড়ার কারণ ঘটায় এমন; বিবাদকারী। **বিবাদিনী** *বিণ স্ত্রী.*। **বিবাধ** *(মবা.)* *বি* বিবাদ (কুটুম্ব বিবাধ—*বিপ*)। { *স.* বি+√বদ্+অ(ঘঞ্)}

বিবাদী[2] [বিবাদি] *বি, বিণ* বিবাদের বস্তু; বিবাদের বিষয়; কলহবিষয়ক; বিতর্কিত (বিবাদী এলাকা)। { *স.* বিবাদ+ইন্(ণিনি)}

বিবাধ ⇒ বিবাদ

বিবাস ⇒ বিবাসন

বিবাসন, বিবাস [বিবাশোন্, বিবাশ্] *বি* ১ দেশান্তর; প্রবাস (বিদেশ বিবাসে যদি পুত্র মারা যায়—*মৈগী*)। ২ নির্বাসন; স্বদেশ থেকে বহিষ্করণ। **বিবাসিত** *বিণ* নির্বাসিত; দেশান্তরিত। { *স.* বি+√বস্+অ(ঘঞ্), অন(ল্যুট)}

বিবাহ [বিবাহো] *বি* দারপরিগ্রহ; পরিণয়; পাণিগ্রহণ। **বিবাহিত** *বিণ* বিবাহ করেছেন এমন; পরিণীত। **বিবাহিতা** *স্ত্রী.*। { *স.* বি+√বহ্+অ(ঘঞ্)}

বিবি [বিবি] *বি* ১ মুসলমান মহিলার সাধারণ পদবি। ২ স্ত্রী; বধূ; পত্নী (অমুকের বিবি)। ৩ ইউরোপীয় রমণী (সাহেব-বিবি)। ৪ কর্ত্রী। ৫ রমণীমূর্তি চিহ্নিত তাসবিশেষ। □*বিণ* সাজসজ্জা ও আরামপ্রিয়; বিলাসিনী (বিবি সাজা)। ~**জান** *বি* বধূর প্রতি প্রিয় সম্ভাষণ; প্রেয়সী নারী (বিবিজান চলে যান লবেজান করে—*ঈগু*)। ~**য়ানা** *বি* বিলাসিতা বা সাজসজ্জা। { *ফা.* বীবী بیوی }

বিবিক্ত [বিবিক্তো] *বিণ* ১ জনহীন; গোপন; নিভৃত। ২ স্বতন্ত্র; আলাদা; পৃথক। ৩ একাকী; অসম্পৃক্ত; একা; নিঃসঙ্গ। ৪ একাগ্র; তন্ময়; একনিষ্ঠ। ৫ বিশুদ্ধ; অবিমিশ্র;

খাঁটি। -সেবী(-বিন্) *বিণ* বিজনে বা নির্জনে বাস করেন এমন; নির্জন স্থানে বাসকারী। { *স.* বি+√বিচ্+ত(ক্ত)}

বিবিক্ষা [বিবিক্‌খা] *বি* প্রবেশ করার ইচ্ছা। **বিবিক্ষু** *বিণ* প্রবেশ করতে ইচ্ছুক; প্রবেশেচ্ছু (জয়ের নেশায় রক্তগোলাপ দেখে তুমি বিবিক্ষু একেলে বিসংবাদে—*শ্যারা*)। { *স.* √বিশ+স(সন্)+অ+আ(টাপ্)}

বিবিধ [বিবিধো] *বিণ* নানা প্রকার; বহুবিধ; হরেক রকম। { *স.* বি+বিধ; বহু}

বিবুধ [বিবুধো] *বি* ১ পণ্ডিত; জ্ঞানী; বিদ্বান। ২ দেব; দেবতা। { *স.* বি+√বুধ্+অ(ক)}

বিবৃত [বিবৃতো] *বিণ* ১ বর্ণিত। ২ প্রসারিত; বিস্তৃত। ৩ প্রকটিত; প্রকাশিত। ৪ ব্যাখ্যাত; বিশদীকৃত। ৫ উন্মুক্ত; খোলা। **বিবৃতাক্ষ** *বিণ* আয়তলোচন। **বিবৃতি** *বি* ১ বিবরণ; বর্ণনা। ২ মতামত প্রকাশ। ৩ ব্যাখ্যা। ৪ উন্মোচন। ৫ বিস্তার; প্রসারণ। { *স.* বি+√বৃ+ত(ক্ত)}

বিবৃত্ত [বিবৃত্‌তো] *বিণ* ১ ঘূর্ণিত; আবর্তিত। ২ প্রত্যাবৃত্ত; ফিরে আসা। ৩ ফিরেছে এমন; পরাবৃত্ত। **বিবৃত্তি** *বি* চক্রবৎ ঘূর্ণন বা আবর্তন। { *স.* বি+√বৃত্+ত(ক্ত)}

বিবৃদ্ধি [বিবৃদ্‌ধি] *বি* বিশেষরূপে বৃদ্ধি। **বিবৃদ্ধ** *বিণ*। { *স.* বি+√বৃধ্+তি(ক্তি)}

বিবেক [বিবেক্] *বি* ১ মানুষের অন্তর্নিহিত শক্তি—যার দ্বারা ন্যায়-অন্যায়, ভালোমন্দ, ধর্মাধর্ম বিচার করা যায়। ২ ন্যায়-অন্যায়ের বোধ; বিবেচনা; বিচার। ৩ ঔদাসীন্য; বৈরাগ্য। ৪ তত্ত্বজ্ঞান; পরমজ্ঞান। ~**বুদ্ধি** *বি* ন্যায়-অন্যায় বিষয়ক বিচার; বিবেক অনুমোদিত বুদ্ধি। ~**হীন** *বিণ* বিবেক নেই এমন; হিতাহিত জ্ঞানশূন্য। **বিবেকী** (-কিন্) *বিণ* হিতাহিত জ্ঞান আছে এমন; ন্যায়-অন্যায়ের বোধ আছে এমন; বিবেকযুক্ত। { *স.* বি+√বিচ্+ অ(ঘঞ্)}

বিবেচক ⇒ বিবেচনা

বিবেচনা [বিবেচনা] *বি* ১ বিশেষভাবে বিচার; বিশেষভাবে চিন্তা করে বিচার। ২ বিচক্ষণতা। ৩ অন্যের সুখ-সুবিধার প্রতি লক্ষ্য। **বিবেচক** *বিণ* উৎকৃষ্ট বিচারক্ষম; বুদ্ধি বিবেচনার গুণসম্পন্ন। **বিবেচনীয়**, **বিবেচ্য** *বিণ* বিবেচনার যোগ্য; বিচার্য। **বিবেচিত** *বিণ* বিবেচনা বা বিচার করা হয়েছে এমন; চিন্তা-ভাবনার দ্বারা নিরূপিত। { *স.* বি+√বিচ্+অন(লুট্)+আ(টাপ্)}

বিব্রত [বিব্রোতো] *বিণ* ১ দিশেহারা; ব্যতিব্যস্ত। ২ বিপন্ন; বিপদগ্রস্ত (আমরা একটু বিব্রত বোধ করছি—*বর*)। { *স.* বি+ব্রত}

বিভক্ত [বিভক্‌তো] *বিণ* ১ ভাগ করা হয়েছে এমন; বণ্টিত। ২ বিভিন্ন; খণ্ডিত; পৃথককৃত; বিশ্লিষ্ট। **বিভক্তি** *বি* ১ বিভাগ; বিভাজন; বণ্টন। ২ (*ব্যা.*) পুরুষ, কারক, বচন, কালপ্রভৃতি সূচকপ্রত্যয়, যা দিয়ে সংখ্যা ও কারক বোঝায়। { *স.* বি+√ভজ্+ত(ক্ত)}

বিভঙ্গ [বিভঙ্‌গো] *বি* ১ রচনা; বিন্যাস। ২ খণ্ড; ছেদ। ৩ রকম; ভঙ্গি। ৪ ভেঙেছে এমন বস্তু; ভাঙন। **বিভঙ্গি**, **বিভঙ্গী** *বি* ১ হাবভাব; ভঙ্গি (ভাঙ্গ বিভঙ্গি বিলাস—*বিপ*)। ২ রকম; প্রকার। { *স.* বি+√ভন্‌জ্+অ(ঘঞ্)}

বিভজনীয় [বিভজোনিয়ো] *বিণ* বিভাগযোগ্য; বণ্টনীয়; বিভাজ্য। { *স.* বি+√ভজ্+অনীয়(অনীয়র)}

বিভজ্যমান [বিভোজ্‌জোমান্] *বিণ* ভাগ করা হচ্ছে এমন। { *স.* বি+√ভজ্+য(যৎ)+মান(শানচ্)}

বিভব [বিভব্] *বি* ১ ধন; সম্পত্তি; ঐশ্বর্য (নিষ্প্রভ আজি করেছে তাহারে তোমার বিভব—*নই*)। ২ প্রভুত্ব; ক্ষমতা। ৩ মহত্ত্ব; মহৎ ভাব। ৪ ঔদার্য; উদারতা। { *স.* বি+√ভূ+অ(অপ্)}

বিভা [বিভা] *বি* ১ আলোক; কিরণ; প্রভা; দীপ্তি। ২ সৌন্দর্য। -**কর**, -**বসু** *বি* ১ সূর্য; ভাস্কর। ২ অগ্নি। □ *বিণ* প্রভাকর; দীপ্তিজনক। { *স.* বি+√ভা+ক্বিপ্}

বিভাগ [বিভাগ্] *বি* ১ বণ্টন। ২ কোনো বৃহৎ প্রতিষ্ঠানের প্রধান অংশ; department (শিক্ষাবিভাগ)। ৩ কোনো দেশের জেলা সমষ্টি; division (ঢাকা বিভাগ)। □ *বিণ* অংশ; খণ্ড। **বিভাগীয়** *বিণ* ১ বিভাগ সম্পর্কিত। ২ কোনো প্রতিষ্ঠান বা দেশের বিশেষ বিভাগে নিযুক্ত; বিভাগস্থ; departmental; divisional। { *স.* বি+√ভজ্+অ(ঘঞ্)}

বিভাজক ⇒ বিভাজন

বিভাজন [বিভাজোন্] *বি* ভাগকরণ; অংশ নিরূপণ। **বিভাজক** *বিণ* ১ ভাগ করেন এমন; ভাগকারী। ২ ভাজক। □ *বি* যে সংখ্যা দ্বারা ভাগ করা হয়; divisor। **বিভাজিকা** *বিণ* স্ত্রী। **বিভাজ্য** *বিণ* ১ ভাগযোগ্য; ভাগ করা যায় এমন; বণ্টনীয়; ভাগ করতে হবে এমন। ২ (*গণিত*) নির্দিষ্ট কোনো রাশি দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না এমন। *বিণ* **বিভাজ্যতা**। { *স.* বি+ভাজন}

বিভাব [বিভাব্] *বি* অলঙ্কারশাস্ত্রে যে বিষয়ের সন্নিবেশ-হেতু রসের উৎপত্তি হয় (কিন্তু মেয়ের রং ও ফুলের রং ক্ষণস্থায়ী, প্রকৃতিরও সকল রূপরঙ্গ তার বিভাব ও অনুভাব মাত্র—*প্রচৌ*)। **বিভাবক** *বিণ* উদ্ভাবক। { *স.* বি+√ভাবি+অ(অচ্)}

বিভাবন, **বিভাবনা**[1] [বিভাবোন্, -বোনা] *বি* ১ বিবেচনা; চিন্তন। ২ অনুভবকরণ। ৩ অবধারণ; নিরূপণ; নির্ধারণ। ৪ প্রকাশন; প্রকাশকরণ; প্রকটন; খ্যাপন। **বিভাবনীয়**, **বিভাব্য** *বিণ* চিন্তনীয়; বিভাবনযোগ্য। **বিভাবিত** *বিণ* ১ বিশেষরূপে চিন্তিত; বিবেচিত। ২ অনুভূত; অবধারিত; নিরূপিত। ৩ বিশেষভাবে অভিনিবিষ্ট বা তদ্গত ভাবাবিষ্ট (কৃষ্ণভাবে বিভাবিত)। { *স.* বি+ভাবন, ভাবনা}

বিভাবনা[2] *বি* ১ বিভাবন। ২ অলঙ্কারবিশেষ—কারণ বিনা কার্যোৎপত্তি বুঝালে এই অলঙ্কার হয় (যেমন—বিনা মেঘে বজ্রপাত)। { *স.* বি+√ভূ+ণিচ্+অন(যুচ্)+আ(টাপ্)}

বিভাবনীয় ⇒ বিভাবন

বিভাবরী [বিভাবোরি] *বি* রাত্রি; শর্বরী (গোপন স্বপন লয়ে কাটে বিভাবরী—*রঠা*; হেরিবে মোদের সে মধু মিলন মহাকাল বিভাবরী—*আক্য*)। { *স.* বিভা(দীপ্তি)+আবরী (আবরণ করে যে); ৬তৎ}

বিভাবসু ⇒ বিভা

বিভাবিত, **বিভাব্য** ⇒ বিভাবন

বিভাষা [বিভাশা] *বি* ১ ভিন্নদেশীয় ভাষা। ২ সংস্কৃত ব্যাকরণে বিকল্প (alternative) অর্থে প্রযুক্ত পদ। { *স.* বি+ভাষা}

বিভাস [বিভাশ্] *বি* একটি রাগিণীর নাম (হৃদয় আমার বিভাস রাগে কি গান ধরেছে—*রঠা*)। {সং. বি+√ভাস্+অ(অচ্)}

বিভাসা [বিভাশা] *বি* দীপ্তি; আলোক। {সং. বি+ভাস+আ(টাপ)}

বিভাসিত [বিভাশিতো] *বিণ* উদ্ভাসিত; আলোকিত; প্রকাশিত (চারিদিক এখন রোদে বিভাসিত—*মব*)। {সং. বি+√ভাস্+ত(ক্ত)}

বিভিন্ন [বিভিননো] *বিণ* ১ নানাপ্রকার; হরেক রকম। ২ অন্য রকম; ভিন্নপ্রকার। ৩ বিভক্ত। **~তা** *বি* ভিন্ন রকম। {সং. বি+ভিদ+ত(ক্ত)}

বিভীতক, বিভীতকী [বিভিতক্, –তোকি] *বি* বয়ড়া; বহেড়া গাছ ও ফল। {সং. বি(বিগত)+ভীত; বহু. +ঈ(ঙীষ্)}

বিভীষণ [বিভিশন্] *বি* ১ রামায়ণোক্ত রাবণের ছোট ভাই। ২ (*আল.*) গৃহশত্রু। ☐ *বিণ* ভয়ঙ্কর; অতি ভীষণ। **~বাহিনী** *বি* দেশের বহিঃশত্রুপক্ষের সঙ্গে যোগদানকারী ব্যক্তিগণ; fifth column। **গৃহশত্রু বা ঘরের শত্রু** ~ *বি* যে লোক দেশের বা পরিবারের বা প্রতিষ্ঠানের আপন লোক হয়েও নিজ দেশের পরিবারের বা প্রতিষ্ঠানাদির শত্রুতা করে। {সং. বি+ভীষণ}

বিভীষিকা [বিভিশিকা] *বি* ১ ভয় দেখানো; ভীতি প্রদর্শন। ২ ভীতি; ভীষণ আতঙ্ক; ভীষণ ভয় (বিভীষিকার ছায়া নেমে আসে তাদের মুখে চোখে—*নীহ*)। ৩ ভীষণ বা ভয়ঙ্কর দৃশ্য; ভীতিজনক দৃশ্য। {সং. বি+√ভী+ণিচ(√ভীষ)+অক(ণ্বুল্)+আ(টাপ)}

বিভু [বিভু] *বি* ১ পরমেশ্বর; ঈশ্বর। ২ প্রভু (আর্য তুমি বীর্যে বিভু ঝঞ্ঝা তব উত্তরীয়—*সদ*)। ৩ হিন্দুদেবতা ব্রহ্মা/বিষ্ণু। **~তা, ~ত্ব** *বি* প্রভুত্ব। {সং. বি+√ভূ+উ(ডু)}

বিভূঁই [বিভুঁই] *বি* বিদেশ; ভিন্ন দেশ। {সং. বি(ভিন্ন)+ভূমি>}

বিভূতি [বিভুতি] *বি* ১ ঈশ্বরের ঐশ্বর্য; ভগবানের শক্তি। ২ ভস্ম; ছাই (বিভূতি ভূষিত দেহ—*মদ*)। ৩ সমৃদ্ধি; উন্নতি। ৪ সম্পত্তি; ধন। ৫ অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা—এই অষ্ট বিভূতি বা ঐশ্বর্য। **~ভূষণ** *বি* ১ ছাই বা ভস্ম যার অলঙ্কার। ২ হিন্দুদেবতা শিব। {সং. বি+√ভূ+তি(ক্তি)}

বিভূষণ[1] [বিভুশন্] *বিণ* আভরণহীন; ভূষণহীন; নিরলঙ্কার। **বিভূষণা** *স্ত্রী.*। {সং. বি(বিগত)+ভূষণ}

বিভূষণ[2] [বিভুশন্] *বি* ১ আভরণ; অলঙ্কার; ভূষণ। ২ শোভা; সৌন্দর্য। **বিভূষিত** *বিণ* অলঙ্কৃত; বিশেষরূপে শোভিত। **বিভূষিতা** *স্ত্রী.*। {সং. বি(বিশিষ্ট)+ভূষণ}

বিভেদ [বিভেদ্] *বি* ১ বিভিন্নতা; প্রভেদ; পার্থক্য। ২ বিদারণ। ৩ দলাদলি; শত্রুতা; মনোমালিন্য। ৪ বিভাগ; ভাগ। **~ক** *বিণ* বিভেদ সৃষ্টি করে এমন; বিভেদকারী; পৃথককারী। **~ন** *বি* বিভেদ সৃষ্টিকরণ; ভেদসৃষ্টি; বিয়োজন। {সং. বি+ভেদ}

বিভোর [বিভোর্] *বিণ* বিহ্বল; অভিভূত; আত্মহারা (নিদ্রাবিভোর [illegible] বাসনা ওই মুখ পানে চেয়ে—*রঠা*)। {সং. [illegible] বিভোল>বিভোর}

বিভোল [illegible] বিহ্বল [illegible]—*মাশা*)।

{সং. বিহ্বল>}

বিভ্রম [বিব্‌ভ্রম্] *বি* ১ ভুল; ভ্রান্তি; ভ্রম। ২ বিলাস; লীলা (কেউ কেউ বা ভঙ্গিতে একটু বিভ্রম আসলে—*হুজিসে*)। ৩ সংশয়; সন্দেহ। ৪ প্রণয়ে মানসিক বিমূঢ়তা বা চাঞ্চল্য। ৫ শোভা। **বিভ্রান্ত** *বিণ* ১ ভ্রান্তপথে গত; ভ্রমযুক্ত; বিভ্রমযুক্ত। ২ বিমূঢ়। **বিভ্রান্তি** *বি* ১ ভ্রান্তি; ভুল। ২ বিভ্রান্ত হওয়ার ভাব বা অবস্থা। ৩ বিপ্রান্ত [illegible]। {সং. বি+ভ্রম}

বিভ্রমণ [বিব্‌ভ্রোমোন্] *বি* উড্ডন (আমার [illegible] আকুলতা জিজীবিষু প্রজাপতির বিভ্রমণ—[illegible])। {সং. বি+ভ্রমণ}

বিভ্রাট [বিব্‌ভ্রাট্] *বি* ১ সঙ্কট; আপদ; বিপদ। ২ কামেলা; গোলযোগ; হাঙ্গামা; ঝঞ্ঝাট। ৩ দুর্ঘটনা। {সং. বি+√ভ্রজ+ক্বিপ}

বিম, বীম [বিম্] *বি* লৌহ বা কাষ্ঠ নির্মিত কড়ি; কড়িকাঠ। {ই. beam}

বিমত [বিমত্] *বি* ১ বিরুদ্ধ মত। ২ অসম্মতি। **বিমতি** (*মবা.*) **বিমতী** (*মবা.*) *বি* ১ কুবুদ্ধি (বিমতি ছাড়—*বচদা*)। ২ অস্বীকার; অসম্মতি (কি কারণে তোঞ করসি বিমতী—*বচদা*)। {সং. বি+মত; বহু.}

বিমৎসর [বিমত্‌শর্] *বিণ* হিংসাশূন্য; অহিংসক। {সং. বি+মৎসর}

বিমথিত [বিমোথিতো] *বিণ* বিধ্বস্ত; যা ধ্বংস বা বিনষ্ট হয়ে গেছে। {সং. বি+মথিত}

বিমনস্ক, বিমনা [বিমনোশকো, বিমনা] *বিণ* ১ অন্যমনা; অন্যমনস্ক। ২ উদ্বিগ্নচিত্ত; উদ্বেগাকুল; ব্যাকুল; চঞ্চল। ৩ দুঃখিত; ক্লিষ্ট। ৪ বিষণ্ণ (বিমনা না হও বালা শুন হিত সার—*কাদৌ*)। **বিমনীকৃত, বিমনীভূত** *বিণ* দুঃখিত। {সং. বি+মনস্ক, মনাঃ}

বিমন্দ্রিত [বিমন্‌দ্রিতো] *বিণ* ধ্বনিত; বিশেষভাবে ধ্বনিত (চারিদিক বিমন্দ্রিত শত শত কণ্ঠের ঐক্য সঙ্গীত—*মব*)। {সং. বি+মন্দ্রিত}

বিমরিষ [বিমরিশ্] *বি* (*মবা.*) ১ বিমর্ষ; বিচার; পরামর্শ (রাধা কার বিমরিষে—*বচদা*)। **বিমরিষে** *ক্রি* বিচার করে (বেড়াই মনে বিমরিষে—*বচদা*)। {সং. বিমর্ষ>}

বিমর্দ, বিমর্দন [বিমরদো, –দন্] *বি* ১ চূর্ণন। ২ মন্থন। ৩ ঘর্ষণ। ৪ পেষণ। ৫ বিনাশ; ধ্বংস। **বিমর্দক, বিমর্দনক** *বিণ* ১ নিষ্পেষক। ২ বিমর্দনকারী। **বিমর্দিত** *বি* ১ দলিত; মথিত। ☐ *বিণ* ১ পিষ্ট। ২ ঘৃষ্ট। ৩ চূর্ণিত। {সং. বি+√মৃদ+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

বিমর্শ, বিমর্শন [বিমরশো, –শন্] *বি* ১ বিতর্ককরণ; তর্ক। ২ বিশেষ বিবেচনা; বিচার। ৩ তথ্য নিরূপণ। ৪ যুক্তি দিয়ে পরীক্ষাকরণ। {সং. বি+√মৃশ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

বিমর্ষ [বিমরশো] *বি* ১ অসহন। ২ অসন্তোষ। ৩ দুঃখিত; বিষণ্ণ; মনমরা; ম্লান। **~তা** *বি* বিষণ্ণতা; ম্লানতা (আছে একটা রঙিন বিষণ্ণতা—*অচিসে*)। {সং. বি+√মৃষ+অ(ঘঞ্)}

বিমল [বিমল্] *বিণ* ১ নির্মল; ময়লাহীন। ২ স্বচ্ছ। ৩ অকলঙ্ক; নিষ্কলঙ্ক। ৪ পূত; পবিত্র; নিষ্পাপ। **বিমলা** *স্ত্রী.*। **~তা** *বি* ১ নির্মলতা। ২ স্বচ্ছতা। ৩ পবিত্রতা। {সং. বি(বিগত)+মল; বহু.}

বিমা, বীমা [বিমা] *বি* ক্ষতিপূরণার্থ চুক্তি [illegible] প্রাপ্তির আশায় নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট [illegible]

insurance। ~পত্র *বি* বিমাবিষয়ক অঙ্গীকারপত্র; policy। { *ফা.* বীমাহ্ بیمه }

বিমাতা [বিমাতা] *বি* মায়ের সপত্নী; গর্ভধারিণী ছাড়া পিতার অন্য স্ত্রী; সৎমা। { *স.* বি+মাতা (বিরুদ্ধ)+মাতৃ }

বিমান [বিমান] *বি* ১ উড়োজাহাজ; হাওয়াই জাহাজ; আকাশগামী যান; ব্যোমযান; aeroplane; air-ship। ২ আকাশ। **~ঘাঁটি** *বি* বিমানাঙ্গন; বিমানবন্দর; aerodrome। **~পথ** *বি* যে পথে নিয়মিতভাবে উড়োজাহাজ চলাচল করে; airway। **~ পরিবহন** *বি* উড়োজাহাজে করে এক স্থান থেকে অন্যস্থানে যাত্রী ও মালপত্র নিয়ে যাওয়া; air-transport। **~বালা** *বি* উড়োজাহাজের মহিলা কর্মচারী যিনি আরোহীগণের খাদ্য ও পানীয় পরিবেশন ও অন্যান্য সুখ-সুবিধার দিকে লক্ষ্য রাখেন; air-hostess। **~বাহিনী** *বি* বিমানবল; বিমানশক্তি; যে সামরিক বাহিনী উড়োজাহাজের সাহায্যে যুদ্ধ করে; airforce। { *স.* বি+মান; বহু. }

বিমাননা [বিমানোনা] অপমান; তিরস্কার। **বিমানিত** অপমানিত। { *স.* বি+√মানি+অন(যুচ্)+আ(টাপ) }

বিমার, বেমার [বিমার, ব্যা-] *বি* পীড়া; রোগ; ব্যাধি (বেমার রোজ জেয়াদা মালুম হচ্ছে—...)। ☐*বিণ* পীড়িত। **বিমারি, বিমারী** *বি* পীড়া; রোগ (শরীরে কোন বিমারি ঢুকছে—ওআ)। **বিমারিস্তান** *বি* হাসপাতাল (বিমারিস্তানে রোগীর পাশে পাশে অবস্থান করে ও তাদের শুশ্রূষা করার—আম)। { *ফা.* বীমার بیمار }

বিমিশ্র [বিমিস্স্রো] *বিণ* সম্পৃক্ত; যুক্ত; মিশ্রিত (এই বিমিশ্র এবং কলুষিত—বচ)। { *স.* বি-মিশ্র }

বিমুক্ত [বিমুক্‌তো] *বিণ* ১ মুক্ত; পরিত্রাণপ্রাপ্ত; মুক্তিপ্রাপ্ত; স্বাধীন (স্বাধীন বিমুক্ত দুই পুরানো প্রতিবেশী—মব)। ২ পরিত্যক্ত। ৩ মোক্ষলাভ করেছে এমন; মোক্ষপ্রাপ্ত। **বিমুক্তি** *বি* ১ বন্ধনমোচন। ২ দুঃখ নিবৃত্তি। ৩ মোক্ষ; মুক্তি। { *স.* বি+মুক্ত }

বিমুখ, বৈমুখ [বিমুখ, বোই] *বিণ* ১ স্পৃহাহীন; নিবৃত্ত; নিরস্ত (স্বার্থমগ্ন যে জন বিমুখ বৃহৎ জগৎ হতে—*রঠা*)। ২ নারাজ; অপ্রসন্ন; প্রতিকূল; বিরুদ্ধ; বিরোধী। ৩ নারাজ; অপ্রসন্ন; প্রতিকূল; প্রার্থনা পূর্ণ না হওয়া। **বৈমুখ্য** *বি*। { *স.* বি/বৈ (বিরুদ্ধ)+মুখ; বহু. }

বিমুগ্ধ [বিমুগ্‌ধো] *বিণ* ১ বিশেষ মুগ্ধ। ২ মোহগ্রস্ত; মোহপ্রাপ্ত। **বিমুগ্ধা** *স্ত্রী*। **~তা** *বি* ১ মুগ্ধতা। ২ মোহগ্রস্ততা। { *স.* বি+মুগ্ধ }

বিমূঢ় [বিমুঢ়ো] *বিণ* ১ হিতাহিত জ্ঞানশূন্য; কর্তব্যজ্ঞানহীন; অজ্ঞান। ২ হতবুদ্ধি; বিহ্বল (কাঞ্চন এক মুহূর্তের জন্য বিমূঢ় হইয়া পড়িয়াছিল—*শাকা*)। ৩ মোহাচ্ছন্ন; সম্পূর্ণ মুগ্ধ। ☐*বি* মূর্খ। **~তা** *বি* ১ মূর্খতা; অজ্ঞতা। ২ বিহ্বলতা { *স.* বি+মূঢ় }

বিমূর্ত [বিমুর্‌তো] *বিণ* ১ মূর্তিহীন; নিরবয়ব। ২ ভাবমূলক; ভাবময়; abstract। { *স.* বি(বিগত)+মূর্তি; বহু. }

বিমৃষ্ট [বিমৃশ্‌টো] *বিণ* বিবেচিত; বিচিন্তিত; বিচারিত। { *স.* বি+√মৃশ্+ত(ক্ত) }

বিমৃষ্যকারী, বিমৃশ্যকারী [বিমৃশশোকারি] *বিণ* বিশেষ চিন্তা করে কাজ করে এমন। **বিমৃষ্যকারিতা, বিমৃশ্যকারিতা** *বি* কোনো কাজের পূর্বে বিশেষভাবে চিন্তাকরণ। { *স.* বিমৃষ্য/বিমৃশ্য+কারী }

বিমোচন [বিমোচন্] *বি* ১ মুক্তকরণ। ২ উদ্ধার; বন্ধনমোচন (রোগীর রোগ দূর হয় বন্দীবিমোচন—*বিগু*)। ৩ মুক্তি। { *স.* বি+মোচন }

বিমোহ [বিমোহো] *বি* মোহাচ্ছন্নতা; চিত্তের জড়তা; বিমুগ্ধতা। **~ন** *বি* ১ মুগ্ধকরণ; ভুলানো। ২ মোহজনক; মুগ্ধকারী। **বিমোহিত** *বিণ* মুগ্ধ; মোহগ্রস্ত; বিহ্বল (তোমাকে দেখিয়া বিমোহিত হইয়াছি—*রাব*)। { *স.* বি+মোহ }

বিম্ব [বিম্‌বো] *বি* ১ ছায়া; প্রতিবিম্ব। ২ সূর্য ও চন্দ্রের মণ্ডল। ৩ তেলাকুচা ফল (বিম্বফল জিনি তার শোভা—*সদ*)। ৪ বুদ্বুদ। **বিম্বাগত, বিম্বিত** *বিণ* প্রতিফলিত। **বিম্বাধর, বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ** *বি* পাকা তেলাকুচা ফলের ন্যায় রক্তবর্ণ ঠোঁট। ☐*বিণ* তেলাকুচা ফলের মতো লাল ঠোঁটবিশিষ্ট। **বিম্বাধরা, বিম্বোষ্ঠা, বিম্বৌষ্ঠা** *স্ত্রী*। **বিম্বু** *(মবা.)* *বি* জলবিম্ব (পরভুর আসন বিম্বু সবিতে না পারে—*রাপ*)। **বিম্বুপাত** *বি* বিশ্বব্রহ্মাণ্ডের প্রতিষ্ঠা বা সৃষ্টি (ন ছিল বিম্বুপাত—*রাপ*)। **বিআএল** *(প্রাবা.)* প্রসব করল (বলদ বিআএল—*চর্যাপদ*)। { *স.* √বী+ব(বন্) }

বিয়ৎ [বিয়ত্] *বি* আকাশ। { *স.* বি+√যম্+ক্বিপ্ }

বিয়ন্ত [বিয়ন্‌তো] *বিণ* সদ্য প্রসব করেছে এমন; সদ্য প্রসবকারিণী। { *বা.* বিয়ন+ত }

বিয়া, বিয়ে [বিয়া] *বি* বিবাহ; পরিণয় (সেই সে উহারে করাইতে পারে বিয়া—*বিগু*)। { *স.* বিবাহ>বিভা>বিহা> }

বিয়াই ⇒ বেহাই

বিয়াকুল ⇒ ব্যাকুল

বিয়ান[১] ⇒ বিহান[১]

বিয়ান[২], **বিয়েন** [বিয়ান্, -য়েন্] *বি* প্রসব; জন্মদান; গর্ভবিমোচন। **এক বিয়েন/বিয়েনে** *বিণ* একবার প্রসব করেছে যে (গরু প্রভৃতি)। { *স.* √বী(গর্ভ গ্রহণ বা ক্ষেপণ করা)>*বা.* বি+আন, এন }

বিয়ানো, বিয়ান[৩] [বিয়ানো] *ক্রি* প্রসব করা। ☐*বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √বী+আনো }

বিয়াবান [বিয়াবান] *বি* শূন্য ময়দান; মরুভূমি; জনমানব-শূন্য স্থান (বিয়াবানে এলি গুল ভুলি—*নই*)। { *ফা.* বীয়াবান بیابان }

বিয়ারিং ⇒ বেয়ারিং

বিয়াল্লিশ, বেয়াল্লিশ [বিয়াল্‌লিশ্, বে-] *বি, বিণ* ৪২ সংখ্যা বা সংখ্যক। { *স.* দ্বিচত্বারিংশৎ, দ্বাচত্বারিংশৎ> }

বিযুক্ত, বিযুত [বিজুক্‌তো, বিজুত] *বিণ* ১ বিশ্লিষ্ট; সংযোগশূন্য; বিচ্ছিন্ন; পৃথক। ২ *(গণিত.)* বাদ দেওয়া বা বিয়োগ করা হয়েছে এমন। { *স.* বি+√যুজ্+ত(ক্ত) }

বিয়ে, বে [বিয়ে, বে] *বি* বিবাহ; পরিণয়। **বিয়ে-থাওয়া** *বি* বিবাহাদি অনুষ্ঠান (একটা বিয়েথাওয়া দিয়ে দাও—*রঠা*)। **বিয়ের পানি গায়ে লাগা** *ক্রি* বিয়ের আলোচনা শুনলে কন্যা শীঘ্রই যৌবনবতী হয় এরূপ সংস্কার; বিয়ের সম্ভাবনা হওয়া। **বিয়ের ফুল ফোটা** *(আল.)* বিয়ে আসন্ন এমন; বিয়ের সম্ভাবনা হওয়া। { *স.* বিবাহ> }

বিয়েন ⇒ বিয়ান[২]

বিযোড় [বিজোড়্] *বিণ* জোড়া নয় এমন; অযুগ্ম; দুই দ্বারা বিভাজ্য নয় এমন। { বি+জোড় }

বিয়োগ [বিয়োগ্] *বি* ১ বেদনা (কোন খেনে দূর হৈবে মনের

বিয়োগ— *দৌবা*)। ২ বিরহ; বিচ্ছেদ। ৩ অভাব-শূন্যতা। ৪ মৃত্যু; মরণ। ৫ *(গণিতে)* এক সংখ্যা বা রাশি থেকে অন্য সংখ্যা বা রাশি বাদ দেওয়া; ব্যবকলন। **বিয়োগান্ত** *বিণ* শেষে বিচ্ছেদ বা মৃত্যু ঘটে এমন; (নায়ক-নায়িকার) বিচ্ছেদে যার সমাপ্তি (বিয়োগান্ত নাটক)। **বিয়োগী** (-গিন্) *বিণ* বিরহী; বিরহযুক্ত; বিচ্ছেদযুক্ত; সংযোগহীন। **বিয়োগিনী** *বিণ স্ত্রী*। ~**বিধুর** *বিণ* বিয়োগজনিত দুঃখে কাতর (বিয়োগবিধুর আত্মীয়— *আখা*)। { *স.* বি+√যুজ্+ অ(ঘঞ্) }

বিয়োজিত [বিয়োজিতো] *বি* বিযুক্ত; বিচ্ছিন্ন করা হয়েছে এমন। □ *বিণ* ১ পৃথককৃত; বিশ্লিষ্ট (আমি পুত্র ও প্রেয়সী উভয়ের সহিত বিয়োজিত হইয়াছি— *ঈবি*)। ২ বিরহিত। { *স.* বি+ যোজিত }

বিরক্ত [বিরক্‌তো] *বিণ* ১ আসক্তিহীন; অনুরক্তিহীন; অনুরাগশূন্য; বিরাগী; নিঃস্পৃহ; উদাসীন। ২ জ্বালাতন; অপ্রসন্ন; অসন্তুষ্ট। { *স.* বি+√রন্‌জ্+ত(ক্ত) }

বিরক্তি [বিরোক্‌তি] *বি* অসন্তোষ; বিরাগ; বিরক্ত হওয়ার ভাব। { *স.* বি+√রন্‌জ্+তি(ক্তি) }

বিরচন [বিরচন্] *বি* ১ প্রণয়ন; নির্মাণ; রচনা (আনন্দলোক করি বিরচন— *রঠা*)। ২ লিখন। ৩ গ্রথন। { *স.* বি+√রচ্+ অন(ল্যুট্) }

বিরচিত [বিরোচিতো] *বিণ* ১ প্রণীত; কৃত; নির্মিত; প্রস্তুত; তৈরি। ২ লিখিত। ৩ গ্রথিত। { *স.* বি+√রচ্+ ত(ক্ত) }

বিরজা [বিরজা] *বি* ১ হিন্দুদের শ্রীক্ষেত্র। ২ রাধিকার জনৈক সখীর নাম। ৩ বৈষ্ণবশাস্ত্রে কথিত নদীবিশেষ, যা উত্তীর্ণ হয়ে বৈকুণ্ঠ যেতে হয়। ~**ধাম** *বি* হিন্দুদের জগন্নাথক্ষেত্র। { *স.* বি+রজ+আ(টাপ্) }

বিরত [বিরতো] *বিণ* নিবৃত্ত; ক্ষান্ত। **বিরতা** *বিণ স্ত্রী*। **বিরতি** *বি* ১ ক্ষান্তি; নিবৃত্তি; নিরস্ত হওয়া। ২ বিরাম; অবসর (সেথায় বিপুল বিরতি— *রঠা*)। ৩ অবসান। { *স.* বি+√রম্+ত(ক্ত) }

বিরমাণ *(ব্র.)* [বিরমানো] *বি* প্রিয়; বল্লভ; স্বামী (রাজা শিবসিংহ...লছিমাদেবী বিরমান— *বিপ*)। { *স.* বিরমণ> }

বিরয়ানী ⇒ বিরানি

বিরল [বিরল্] *বিণ* ১ অনিবিড়; ফাঁকবিশিষ্ট (বিরল পল্লব)। ২ খুব কম; অত্যল্প (জনবিরল)। ৩ কদাচিৎ দেখা যায় এমন (এমন লোক বিরল বটে)। ৪ নির্জন বা জনমানবশূন্য স্থান (বসিয়া বিরলে— *চদা*)। ~**তা** *বি* নির্জনতা (হাজার লোকে নজর পাড়ে একটুকু নাই বিরলতা— *রঠা*)। { *স.* বি+√রা+অল(কলচ্) }

বিরস [বিরশ্] *বিণ* ১ রসশূন্য; সারহীন (পিপাসা পাইলে সেই বিরস বারিই পান করিতে হয়— *ঈবি*)। ২ ম্লান; আনন্দহীন (বিরসবদনা)। ৩ বিস্বাদ (ঠান্ডা চায়ের মত বিরস— *আতাউর*)। { *স.* বি (বিগত)+রস; বহু }

বিরহ [বিরহো] *বি* ১ বিচ্ছেদ। ২ অভাব; শূন্যতা। ৩ শৃঙ্গার রসের একটি বিশিষ্ট অবস্থা। ~**বিধুর** *বি* বিচ্ছেদকাতর; বিরহকাতর (বিরহ-বিধুর নয়নসলিলে মিলন মধুর লাজে— *রঠা*)। **বিরহিত** *বিণ* ১ বিযুক্ত। ২ বিহীন। **বিরহী** (-হিন্) *বিণ* বিরহকাতর; বিচ্ছেদপীড়িত; বিরহ-বিধুর। **বিরহী-কাজরী** *বি* বিরহের সঙ্গীত বা সুর (বিরহী কাজরী মোর হিয়ায় বাজে— *শাহো*)। **বিরহিণী** *বিণ স্ত্রী*। **বিরহিয়া** *বিণ* বিরহী (ও যেন তাহার গোপন ব্যথার বিরহিয়া এক কবি— *জউ*)। { *স.* বি+√রহ্+ অ(অচ্) }

বিরাগ [বিরাগ্] *বি* ১ ঔদাসীন্য; নিঃস্পৃহতা; অনুরাগের অভাব। ২ বিতৃষ্ণা; বিরক্তি। **বিরাগী** (-গিন্) *বিণ* ১ উদাসীন; আসক্তিহীন; নিঃস্পৃহ। ২ বিরাগযুক্ত। ৩ বিরক্ত। **বিরাগিণী** *বিণ স্ত্রী*। ~**ভাজন** *বিণ* বিরক্তি জন্মায় এমন; বিরাগের পাত্র এরূপ। { *স.* বি+√রন্‌জ্+অ(ঘঞ্) }

বিরাঙ *(মবা.)* [বিরাঙ্] *বি* গর্জন (বাঘা দিল বিরাঙ বিস্তার করি মুখ— *ঘচ*)। { *মবা.; অমূ.* }

বিরাজ [বিরাজ্] *বি* শোভাযুক্ত হয়ে অবস্থিতি; শোভাসহকারে অবস্থান। □ *ক্রি (পদ্য.)* প্রকাশ পাওয়া; বিরাজ করা; শোভা পাওয়া (ত্রিভুবনে তোমাদের প্রত্যক্ষ বিরাজে— *রঠা*)। ~**মান, বিরাজিত** *বিণ* ১ শোভিত; উদ্ভাসিত; দীপ্ত। ২ শোভমান হয়ে অবস্থিত। ৩ প্রকাশিত; দৃষ্টিগোচর। { *স.* বি+√রাজ্+ক্বিপ্ }

বিরাজিত ⇒ বিরাজ

বিরাট[1] [বিরাট] *বিণ* ১ বিশাল; প্রকাণ্ড; সুবৃহৎ। ২ সর্বব্যাপী। ~**ত্ব** *বি* বিশালত্ব (লণ্ডনের বিরাটত্বই মনকে ঘাবড়ে দেয়— *মুআহা*)। **বিরাড়** *(মবা.)* *বি* রাজা (বীর যমরাড় বুঝিয়া বিরাড়— *ঘচ*)। { *স.* বি+√রাজ্+ ক্বিপ্ }

বিরাট[2] [বিরাট] *বি* ১ উত্তরার পিতার নাম। ২ প্রাচীন রাজ্যবিশেষ; মৎস্যদেশ। { *স.* বি+√রাজ্+ ক্বিপ্ }

বিরান [বিরান্] *বিণ* জনমানবহীন; পরিত্যক্ত; বসতিশূন্য; ধ্বংসপ্রাপ্ত (ইরান মুলুক বিরান হল এমন বাহার মরসুমে — *নই*)। ~ **পাথার** *বি* জনমানবহীন সমুদ্র। ~ **প্রান্তর** *বি* নির্জন মাঠ (বিরান পাথারে তাঁবু গেড়ে পড়ে আছি— *মুচৌ*)। **বিরানা** *বিণ* জনশূন্য; নিঃসম্পর্ক; বেগানা (বিরানা মানুষ— *অচিসে*)। { *ফা.* ৱীরান ویران }

বিরানব্বই, বিরানব্বুই [বিরানবোই, -বু-] *বি, বিণ* ৯২ সংখ্যা বা সংখ্যক। { *স.* দ্বিনবতি> }

বিরানি, বিরিয়ানি, বিরয়ানী [বিরানি, বিরিয়ানি, বিরোয়ানি] *বি* মাংস সহযোগে প্রস্তুত একপ্রকার পোলাও; গোশত-পোলাও; মাংস-পোলাও (বিরয়ানী মুরগী মুসল্লম থেকে মিঠা টুকরা মোরব্বা— *সৈমু*; রোস্ট, বিরিয়ানি আর পুডিং— *ওহ*)। { *ফা.* বিরআনী بریانی }

বিরাবান [বিরাবান্] *বি* মরুভূমি। { *ফা.* ৱীরানাহ ویرانه }

বিরাম [বিরাম্] *বি* ১ বিশ্রাম; অবসর বিনোদন (অসীম বিরাম নিকেতন— *রঠা*)। ২ বিরতি; ক্ষান্তি। ৩ অবসান; সমাপ্তি। ৪ অবসর। ৫ নিবৃত্তি। { *স.* বি+√রম্+ অ(ঘঞ্) }

বিরাশি, বিরাশী [বিরাশি] *বি, বিণ* ৮২ সংখ্যক বা সংখ্যা। ~ **সিক্কা ওজন** *বি* ৮২টি রুপার মুদ্রার সমান অর্থাৎ ৮২ তোলা ওজন; পাকা ওজন। ~ **সিক্কা ওজনের চাপড়** *বি* প্রবলতম চপেটাঘাত। { *স.* দ্ব্যশীতি> }

বিরিখ *(মবা.)* [বিরিখ] *বি* বৃক্ষ; গাছ (বিরিখের ফল— *বচদা*)। { *স.* বৃক্ষ> }

বিরিঞ্চি [বিরিন্‌চি] *বি* হিন্দুদেবতা ব্রহ্মা। { *স.* বি+ √রচ্+অ(অচ্)+ই(ইন্) }

বিরিয়ানি ⇒ বিরানি

বিরুদ্ধ [বিরুদ্‌ধো] *বিণ* ১ বিপরীত; উল্টা। ২ পরিপন্থী;

প্রতিকূল। ৩ বিরোধী। ~তা *বি* ১ প্রতিকূলতা। ২ বিরোধিতা। **বিরুদ্ধাচরণ** *বি* বিপক্ষতা; শত্রুতা; প্রতিকূলতা। **বিরুদ্ধে** *ক্রিবিণ* বিপক্ষে; শত্রুপক্ষে। { *স.* বি+√রুধ্+ত(ক্ত)}

বিরূপ [বিরুপ] *বিণ* ১ রূপহীন; কুরূপ। ২ অপ্রসন্ন; বিমুখ; অসন্তুষ্ট (বিরূপ হওয়া)। ~তা, ~ত্ব **বৈরূপ্য** *বি* বিমুখতা। { *স.* বি+রূপ; *বহু*}

বিরূপাক্ষ [বিরুপাক্‌খো] *বি* বিরূপ অক্ষি যার; হিন্দুদেবতা শিব। { *স.* বিরূপ+অক্ষি; *বহু*}

বিরেচক [বিরেচক্] *বি* জোলাপ; যা খেলে জলের মতো মল নিঃসৃত হয়। ☐ *বিণ* দাস্তকর; মল নিঃসারক। **বিরেচন** *বি* ১ ভেদ; মল নিঃসারণ। ☐ *বিণ* মল-নিঃসারক; দাস্তকারী। { *স.* বি+√রিচ্+অক(ণ্বুল)}

বিরোচন [বিরোচন্] *বি* ১ সূর্য। ২ চন্দ্র। ৩ অগ্নি। ৪ হিন্দু পুরাণোক্ত একজন দৈত্য; বলির পিতা। { *স.* বি+√রুচ্+অন(ল্যুট)}

বিরোধ [বিরোধ্] *বি* ১ কলহ; বিবাদ; ঝগড়া। ২ শত্রুতা। ৩ যুদ্ধ। ৪ পরস্পর বিপরীতভাব বা বৈপরীত্য বা বিরুদ্ধতা। ৫ অনৈক্য; অবনিবনা। ~ক *বিণ* বিরোধকারী; প্রতিবন্ধক। **বিরোধাভাস** *বি* ১ অর্থালঙ্কারবিশেষ। ২ যে অর্থালঙ্কারে যথার্থ বিরোধ না থাকলেও আপাতত বিরোধের প্রতীতি হয় (যথা—অচক্ষু সর্বত্র চান অকর্ণ শুনিতে পান—ভারা)। **বিরোধিত** *বিণ* প্রতিকূলতা বা বিরোধিতা করা হয়েছে এমন; বিরোধযুক্ত। **বিরোধী** (-ধিন্) *বিণ* ১ বিরোধিতা করে এমন; বিরোধকারী; বিরুদ্ধ আচরণকারী। ২ শত্রু; বিপক্ষ। ৩ বিরুদ্ধ; প্রতিকূল। **বিরোধিনী** *স্ত্রী*। **বিরোধিতা** *বি* বিপক্ষতা; শত্রুতা। { *স.* বি+√রুধ্+অ(ঘঞ্)}

বিল[১] [বিল্] *বি* ছিদ্র; গুহা; গর্ত। { *স.* √বিল্+অ(ক)}

বিল[২] [বিল্] *বি* স্রোতহীন বিশাল জলাশয়; বাওড় (ঝিলের ঝিনুক বিলের শালুক ছিল মোর সঙ্গিনী—*নই*)। { *স.* √বিল্+অ(ক)}

বিল[৩] [বিল্] *বি* ১ বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদত্ত বিক্রীত দ্রব্যের বর্ণনা ও হিসাবযুক্ত কাগজ। ২ হুন্ডি। ৩ আইন পরিষদে উপস্থাপিত আইনের খসড়া। { *ই.* bill}

বিলকুল [বিল্‌কুল্] *বিণ* ১ স্রেফ; একদম (সতর্কবাক্যগুলো বিলকুল ভুলে মেরে দিয়েছি—*মব*)। ২ সম্পূর্ণ; সমস্ত; সমুদয়; বেবাক (পুড়ে দিল ঐ দুশমন সব বিলকুল সাফ হো গিয়া—*নই*)। { *আ.* বিলকুল্ بالکل }

বিলক্ষণ [বিলোক্‌খোন্] *বিণ* ১ বিপরীত; পৃথক; বিভিন্ন; আলাদা (অগ্নি ও জল হচ্ছে স্বরূপ বিলক্ষণ)। ২ অসাধারণ। ☐ *ক্রিবিণ* খুব ভালো রকম; অসামান্য (আমরা উপদেশ দিতে বিলক্ষণ পটু—*ঈবি*)। ☐ *অব্য* যথেষ্ট হয়েছে; বেশ হয়েছে; বিস্ময় বিরক্তি প্রভৃতি বোধক; আচ্ছা বেশ (বিলক্ষণ এখন যাও তো)। { *স.* বি+লক্ষণ; *বহু*}

বিলঙ্ঘন [বিলঙ্‌ঘন্] *বি* উল্লঙ্ঘন। **বিলঙ্ঘনীয়, বিলঙ্ঘ্য** *বিণ* অতিক্রমণযোগ্য। **বিলঙ্ঘিত** *বিণ* অতিক্রান্ত। { *স.* বি+লঙ্ঘন}

বিলজ্জ [বিলজ্‌জো] *বিণ* নির্লজ্জ; লজ্জাহীন। ~মান *বিণ* বিশেষ ভাবে লজ্জিত। { *স.* বি+লজ্জা; *বহু*}

বিলনো ⇒ বিলানো

বিলপন [বিলপন্] *বি* পরিতাপ; বিলাপ; ক্রন্দন। **বিলপমান** *বিণ* বিলাপ করছে এমন। { *স.* বি+√লপ্+অন(ল্যুট)}

বিলপা, বিলাপা [বিলোপা, -লাপা] *ক্রি* (*পদ্য*) বিলাপ করা। { *স.* বি+√লপ্+*বা.* আ}

বিলম্ব [বিলম্‌বো] *বি* ১ গৌণ; দেরি (পৌঁছাতে বিলম্ব হবে)। ২ লম্বমান। ~ন *বি* ১ দেরিকরণ; দেরি। ২ ঝুলন। **বিলম্বিত** *বিণ* ১ ধীর গতিযুক্ত; বিলম্বযুক্ত। ২ লম্বমান; ঝুলানো হয়েছে এমন (পিঙ্গল আভায় দীপ্ত জটা বিলম্বিত—*রঠা*)। **বিলম্বিতা** *বিণ স্ত্রী* (শ্রুখগতি মদালসা বিলম্বিত বেণী—*নই*)। **বিলম্বী** (-ম্বিন্) *বি, বিণ* দেরি করেছে এমন; বিলম্বকারী। ☐ *বিণ* ঝুলানো; বিলম্বিত। { *স.* বি+√লম্ব্+অ(অচ্)}

বিলম্বাহ (*মবা.*) [বিলম্‌বাহ্] বিলম্ব করাও (তিল এক হরি বিলম্বাহ)। { *স.* বিলম্ব>}

বিলয়[১] [বিলয়্] *বি* ১ নাশ; প্রলয়। ২ ধ্বংস; বিনাশ। ~ন *বি* বিনাশন; ধ্বংস। { *স.* বি+লয়}

বিলয়[২] [বিলয়্] *বিণ* তালহীন; লয়শূন্য। { *স.* বি+লয়}

বিলসই (*মবা., ব্র.*) [বিলশই] *ক্রি* ইচ্ছা করে (সুপুরুখ বিলসই—*বিপ*)। **বিলসব** (*ব্র.*) বিলাস করবে (কা সঙ্গে বিলসব—*বিপ*)। **বিলসয়ে** (*ব্র.*) বিলাস করে (বহুবিধ বিলসয়ে—*বিপ*)। { *স.* বিলসতি>}

বিলসন, বিলসিত [বিলশন্, বিলোশিতো] *বি* ১ লীলা; হাবভাব। ২ খেলা; ক্রীড়া। ৩ স্ফুরণ; প্রকাশ; প্রকটন; বিকাশ। ৪ শোভা; সৌন্দর্য। **বিলসিত** *বিণ* ১ ক্রীড়িত; লীলায়িত। ২ শোভিত। ☐ *বি* ১ প্রকাশিত; প্রকটিত। ২ স্ফুরিত। { *স.* বি+√লস্+অন(ল্যুট), ত(ক্ত)}

বিলসা [বিলশা] *ক্রি* ১ লীলাভরে চলা; বিহার করা। ২ বিলাস করা; হাবভাব প্রকাশ করা (দ্যুলোকে ভূলোকে বিলসিছে—*রঠা*)। { *স.* বিলাস+*বা.* আ}

বিলাত[১] [বিলাত্] *বি* অনাদায়; পাওনা আদায় না হওয়া। ~ **বাকি** *বি* যে অনাদায়ী টাকা আদায় করা যাবে না; bad debt। { *স.* বিলয়>, তুল. *হি* বিলট্‌না}

বিলাত[২], **বিলেত** [বিলাত্, বিলেত্] *বি* ১ ইংলন্ড। ২ ইউরোপ। ~**ফেরত**, ~**ফেরতা** *বিণ* ইংলন্ড বা ইউরোপ ঘুরে এসেছে এমন। **বিলাতি, বিলিতি** *বিণ* ১ বিলাতে উৎপন্ন বা প্রচলিত (নানাবিধ বিলাতি জিনিস বিক্রীত হইত—*ঈবি*)। ২ বিদেশ থেকে আমদানিকৃত; বিদেশাগত। **বিলাতি কুমড়া** ⇒ কুমড়া। **বিলাতি-বেগুন** *বি* টম্যাটো। **বিলাতিয়ানা** *বি* বিলাতি চাল-চলন ও হাবভাব। { *আ.* বিলায়ৎ, বিলায়েত ولايت }

বিলানো, বিলনো [বিলানো, -লনো] *ক্রি* বণ্টন করা; দান বা বিতরণ করা। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* বিতরণ>; ক্রিয়ারূপ—বিলাই, বিলাও, বিলান, বিলায়, *অক্রি* বিলিয়ে, বিলাতে, বিলালে ইত্যাদি}

বিলাপ [বিলাপ্] *বি* কাতরোক্তি; খেদোক্তি; শোকপ্রকাশ; ক্রন্দন। **বিলাপী** (-পিন্) *বিণ* খেদ প্রকাশকারী; বিলাপকারী; ক্রন্দনকারী; শোকগ্রস্ত (কেঁদে যায় বিলাপী—*মন*)। **বিলাপিনী** *বিণ স্ত্রী*। { *স.* বি+√লপ্+অ(ঘঞ্)}

বিলাপিনী ⇒ বিলাপ

বিলাপী ⇒ বিলাপ

বিলাস [বিলাশ্] *বি* ১ শৌখিনতা; সুখভোগ; আরাম; বাবুগিরি। ২ কেলি; লীলা; আমোদ; বিহার। ৩ বিকাশ;

শোভা; সৌন্দর্য। ৪ লীলায়িত ভঙ্গি; হাবভাব (স্ফুরিত অধর প্রান্তে হাসির বিলাস—*রঠা*)। ~**কানন** *বি* প্রমোদবন; প্রমোদোদ্যান। **বিলাসিতা** *বি* বিলাসপূর্ণ চালচলন; বাবুগিরি; শৌখিনতা। **বিলাসিনী** *বি স্ত্রী* ১ বিলাস-পরায়ণা। ২ নারী। ৩ বারাঙ্গনা; বেশ্যা। **বিলাসী** *বিণ* শৌখিন; বিলাসপরায়ণ; সুখভোগে রত; আরামপ্রিয় (সুখনে সবার কাছে করিয়া বিলাসী—*মদ*)। {স. বি+√লস্+অ(ঘঞ)}

বিলি১ [বিলি] *বি* ১ বিতরণ (ডাক বিলি)। ২ বিনামূল্যে দান (সব কিছু বিলি করে দিয়েছি)। ৩ বন্দোবস্ত; ব্যবস্থা; খাজনার বদলে জমি দেওয়া (জমা বিলি)। ৪ শৃঙ্খলা; নিয়ম (এদের কাজের কোন বিলি-ব্যবস্থা নেই)। ৫ বণ্টন; দায়িত্ব অর্পণ (কাজের বিলি)। {হি. বিলানা>}

বিলি২ ⇒ বিলিখন

বিলিখন, বিলেখন, বিলি৩ [বিলিখন্, -লে-, বিলি] *বি* ১ বিদারণ; খনন। ২ আঁচড়ানো; চুলে হাত বুলানো (কেউ চুল বিলি দিয়ে উপরি সুখ দিচ্ছেন—*মৈমী*)। **বিলিখিত** *বিণ* বিলিখন করা হয়েছে এমন। {স. বি+লিখন, লেখন}

বিলিপ্ত [বিলিপ্‌তো] *বিণ* প্রলিপ্ত। {স. বি+লিপ্ত}

বিলিয়ন [বিলিয়ন্] *বি* একশত কোটি (ফ্রান্স, মার্কিন যুক্তরাষ্ট্রে ১,০০০,০০০,০০০)। {ই. billion}

বিলীন [বিলিন্] *বিণ* ১ বিলয়প্রাপ্ত; মিলিয়ে গেছে এরূপ (যখন বিলীনভাবে ছিনু ওই বিরাট জঠরে—*রঠা*)। ২ সম্পূর্ণ লুপ্ত; অন্তর্হিত; অদৃশ্য। {স. বি+লীন}

বিলীয়মান [বিলিয়োমান্] *বিণ* ১ বিলীন হয়ে যাচ্ছে এমন। ২ লুপ্ত বা অন্তর্হিত বা অদৃশ্য হচ্ছে এরূপ। {স. বি+√লী+আন(শানচ্)}

বিলুণ্ঠন [বিলুন্‌ঠন্] *বি* ১ গড়াগড়ি দেওয়া। ২ লুণ্ঠনকরণ; অপহরণ। **বিলুণ্ঠিত** *বিণ* গড়াগড়ি দিচ্ছে এমন; অপহৃত। **বিলুণ্ঠিতা** *স্ত্রী*। {স. বি+লুণ্ঠন}

বিলুপ্ত [বিলুপ্‌তো] *বিণ* ১ অন্তর্হিত; বিলোপপ্রাপ্ত। ২ বিলীন। **বিলুপ্তি** *বি*। {স. বি+লুপ্ত}

বিলেপ, বিলেপন [বিলেপ্, বিলেপন্] *বি* ১ লেপা; পোঁচ দেওয়া; মাখানো। ২ লেপন করা হয় এমন। {স. বি+√লিপ্+অ(ঘঞ), অন(ল্যুট্)}

বিলোকন [বিলোকোন্] *বি* অবলোকন; দর্শন; আগ্রহের সঙ্গে দর্শন। **বিলোকিত** *বিণ* দৃষ্ট; অবলোকিত। {স. বি+√লোক্+অন(ল্যুট্)}

বিলোচন [বিলোচোন্] *বি* ১ দর্শন; দেখা। ২ শিবের চোখ; চক্ষু; নয়ন। {স. বি(বিকৃত)+লোচন; বহু}

বিলোড়ন [বিলোড়ন্] *বি* ১ মন্থন; আলোড়ন। ২ আন্দোলন। **বিলোড়িত** *বিণ* আলোড়িত; মথিত (তারা সব আজ রাতে বিলোড়িত জাহাজের খোল—*জীদা*)। {স. বি+√লোড়্+অন(ল্যুট্)}

বিলোপ, বিলোপন [বিলোপ্, -পন্] *বি* ১ সম্পূর্ণ লোপ। ২ বিনাশ; ধ্বংস। ৩ মৃত্যু। ৪ অন্তর্ধান; তিরোভাব। {স. বি+√লুপ্+অ(ঘঞ), অন(ল্যুট্)}

বিলোভন [বিলোভন্] *বি* ১ লোভনীয় জিনিস। ২ বিরুদ্ধ; প্রাতিকূল। ৩ প্রাতিলোম। ৪ সঙ্গীতে সুরের অবরোহণ। {স. বি+√লুভ্+অন(ল্যুট্)}

বিলোল [বিলোল্] *বিণ* ১ চঞ্চল; কম্পিত; চপল (অপাঙ্গে বিলোল কটাক্ষ স্ফুরিত করিয়া—*রাব*)। ২ লোলুপ; অতিলোভী (বিলোল নয়নে চাহে)। ৩ এলোমেলো; বিশৃঙ্খল (বিলোল কবরী)। {স. বি+√লুল্+অ(অচ্)}

বিল্ডিং [বিল্‌ডিঙ্] *বি* ইটের তৈরি বাড়ি; পাকা বাড়ি। {ই. building}

বিল্ব [বিল্‌লো] *বি* শ্রীফল; বেলফল বা গাছ। ~**স্তনী** *বিণ* বেলসদৃশ দৃঢ় ও সুগোল স্তনবিশিষ্ট। {স. √বিল্+ব(বক্)}

বিশ [বিশ্] *বি, বিণ* কুড়ি; ২০ সংখ্যা বা সংখ্যক। ~ **বাঁও পানি** *বি* বিষম বিপাক। {স. বিংশতি, বিংশ>}

বিশদ [বিশদ্] *বিণ* ১ সুস্পষ্ট; স্পষ্ট (বিশদ ব্যাখ্যা)। ২ ধবল; সিত; শুভ্র; সাদা (বিশদ বস্ত্র বিশদ উত্তরীয়—*মদ*)। ৩ নির্মল। ~**তা** *বি* ১ স্পষ্টতা। ২ শুভ্রতা। ৩ নির্মলতা। {স. বি+√শদ্+অ(অচ্)}

বিশরাম (*মবা; পদ্য*) [বিশরাম্] *বি* বিশ্রাম (নাহি বিশরাম—*বিপ*)। {স. বিশ্রাম>(স্বরাগমে) বিশরাম}

বিশল্য [বিশোল্‌লো] *বিণ* ১ শল্যশূন্য। ২ যন্ত্রণাশূন্য; বেদনাহীন। ৩ ভাবনাহীন; চিন্তাহীন; নিশ্চিন্ত। ~**করণী** *বি* রামায়ণোক্ত এক প্রকার বেদনা দূরকারী পাতা। **বিশল্যা** *বিণ স্ত্রী* প্রসববেদনাশূন্যা। □ *বি* একপ্রকার ব্যথা দূরকারী লতা; গুলঞ্চ। {স. বি+শল্য}

বিশা১ ⇒ বিশে

বিশা২ (*মবা*) [বিশা] *বি* ২০ তোলা (বিশা দরে ছেনা কিনি—*কমু*)। {স. বিংশ>}

বিশাই [বিশাই] *বি* হিন্দু-দেবতা বিশ্বকর্মা (কারুকার্যের জন্যে বিশাই-এর হাতিয়ার—*সদ*)। {স. বিশ্বকর্মা>}

বিশাখ১ [বিশাখ্] *বি* হিন্দুদেবতা কার্তিকেয়। {স. বি+শাখা+অ(অণ্)}

বিশাখ২ [বিশাখ্] *বিণ* শাখাশূন্য। **বিশাখা** *বিণ স্ত্রী*। {স. বি+শাখা; বহু}

বিশাখা১ [বিশাখা] *বি* ১ রাধিকার একজন সখী। ২ সাতাশ নক্ষত্রের একটি (বিশাখা কি নীহারিকা তায় রে—*সদ*)। {স. বিশাখ+আ(টাপ্)}

বিশাখা২ ⇒ বিশাখ২

বিশারদ [বিশারদ্] *বি* পাণ্ডিত; অভিজ্ঞ; জ্ঞানসম্পন্ন (সর্বশাস্ত্রে বিশারদরূপে গুণে বিদগ্ধ—*দৌবা*)। □ *বিণ* ১ পারদর্শী। ২ দক্ষ; নিপুণ। {স. বি(বিপরীত)+শারদ (প্রতিভাহীন); অর্থাৎ প্রতিভাশূন্যতার বিপরীত= প্রতিভাবান; বহু}

বিশাল [বিশাল্] *বিণ* ১ প্রকাণ্ড; বৃহৎ; বিস্তীর্ণ। ২ অতিশয় উদার (বিশালহৃদয়)। ~**তা**, ~**ত্ব** *বি* ১ বিস্তীর্ণতা; প্রকাণ্ডতা। ২ অতিশয় উদারতা। **বিশালী** *বিণ স্ত্রী*। **বিশালাক্ষী** *বিণ স্ত্রী* ১ চোখ আয়ত বা টানা-টানা এমন; আয়তলোচনযুক্তা। ২ পরমা সুন্দরী। {স. বি+শাল}

বিশিখ [বিশিখ্] *বি* ১ বাণ (অরির সন্ধান করি বামনে বিশিখ জুড়ি লোরের কাটায় শরাসন—*কাদৌ*)। ২ তোমর নামক অস্ত্র। ৩ শরগাছ। ৪ শিখাহীন। {স. বি+শিখা; বহু}

বিশিষ্ট [বিশিশ্‌টো] *বিণ* ১ বিশেষপ্রকার; অসাধারণ; অত্যন্ত (বিশিষ্ট ভদ্রলোক)। ২ যুক্ত; সমন্বিত; সংবলিত (গুণবিশিষ্ট)। ৩ প্রসিদ্ধ; মর্যাদাসম্পন্ন (বিশিষ্ট সাহিত্যিক)। ~**তা** *বি* ১ অতিশয় শিষ্টতা। ২ অসাধারণতা। {স. বি+শিষ্ট}

বিশীর্ণ [বিশির্নো] *বিণ* বিশেষভাবে শীর্ণ; অতিশয় শুষ্ক; অত্যন্ত কৃশ; অতীব জীর্ণ (বিমল বিশীর্ণ রেখা—*রঠা*)।

বিশীর্ণা *বিণ স্ত্রী.*। **–তা, –ত্ব** *বি* অতিশয় জীর্ণতা; অত্যন্ত শুষ্কতা। { *স.* বি+শীর্ণ}

বিশুদ্ধ [বিশুদ্‌ধো] *বিণ* ১ পবিত্র। ২ নির্মল; নিষ্কলঙ্ক; অতিশুদ্ধ। ৩ অমিশ্র। ৪ খাঁটি। ৫ দোষহীন; নির্দোষ। **–তা, বিশুদ্ধি** *বি* নির্মলতা; পবিত্রতা (অভিমানের বিশুদ্ধতা রক্ষা করা—*রঠা*)। { *স.* বি+শুদ্ধ}

বিশুষ্ক [বিশুশ্‌কো] *বিণ* ১ খুব শুষ্ক; রসহীন (বিশুষ্ক তালু গগন জিহ্বা—*সদ*)। ২ ম্লান; নিষ্প্রভ। **–তা** *বি* ১ শুষ্কতা; শুষ্কভাব; অত্যন্ত রসহীনতা। ২ ম্লানিমা। { *স.* বি+শুষ্ক}

বিশৃঙ্খল [বিস্‌স্রিঙ্‌খল] *বিণ* ১ এলোমেলো; শৃঙ্খলহীন; বিপর্যস্ত। ২ নিয়মবদ্ধ নয় এমন; নিয়মহীন। ৩ উচ্ছৃঙ্খল। **–তা, বিশৃঙ্খলা** *বি* ১ ব্যবস্থাহীনতা। ২ উচ্ছৃঙ্খলতা। { *স.* বি(বিগত)+শৃঙ্খলা; *বহু.*}

বিশে, বিশা [বিশে, –শা] *বি, বিণ* মাসের বিংশতি দিবস বা দিবসের; মাসের কুড়ি তারিখ বা কুড়ি তারিখের। { *স.* বিংশতি>}

বিশেষ [বিশেশ্] *বি* ১ প্রকর্ষ; উৎকর্ষ; আতিশয্য; আধিক্য। ২ ভেদাভেদ; প্রভেদ; বৈলক্ষণ্য; তারতম্য (মানুষে মানুষে নাই যে বিশেষ—*সদ*)। ৩ রকম; প্রকার (অবস্থা বিশেষ)। ৪ বৈচিত্র্য (যৌবন মোর দিনে দিনে শেষ। কাহাঞিঁ না বুঝে দৈবে এ বিশেষ—*বচদা*)। □ *বিণ* ১ বিশিষ্ট; অসাধারণ (বিশেষ লোক)। ২ বিলক্ষণ; জরুরি; খুব বেশি (বিশেষ দরকার)। **–ক** *বিণ* ১ বৈশিষ্ট্যজ্ঞাপক; বিশেষকারক। ২ প্রভেদকারী; প্রভেদক। **–জ্ঞ** *বিণ* ১ সুপণ্ডিত। ২ বিশেষ বিষয়ে জ্ঞানী; কোনো বিষয়ে যে উত্তমরূপে জানে; expert। **–ত** *অব্য, ক্রিবিণ* ১ বিশেষ করে; বিশেষভাবে। ২ অধিকন্তু। ৩ প্রধানত। **–ত্ব** *বি* বিশেষ গুণ; অসাধারণত্ব; বৈশিষ্ট্য; বিশেষ ভাব। { *স.* বি+√শিষ্+অ(ঘঞ)}

বিশেষণ [বিশেশন্] *বি* ১ (*ব্যা.*) যে পদ বিশেষ্যের বা সর্বনামের গুণ ভাব অবস্থাদি নির্দেশ করে। ২ গুণ বা দোষ নির্দেশক; প্রশংসাসূচক শব্দ। ৩ বিশেষ ধর্ম। ৪ চিহ্ন। ৫ বিশেষিতকরণ (বিশেষণে সবিশেষ কহিবারে পারি—*ভারা*)। **বিশেষিত** *বিণ* ১ বিশেষণের সাহায্যে নির্ণীত। ২ পৃথককৃত। { *স.* বি+√শিষ্+অন(ল্যুট্)}

বিশেষত, বিশেষতঃ [বিশেষতো, –তহ্] বিশেষ করে। { *স.* বিশেষ+তস্(তসি)}

বিশেষোক্তি [বিশেশোক্‌তি] *বি* সাহিত্যে অলঙ্কারবিশেষ; কারণ সত্ত্বেও কাজের অভাব ঘটলে যে অলঙ্কার হয় (যথা: যদি করি বিষ পান তথাপি না যায় প্রাণ অনলে সলিলে মৃত্যু নাই—*ভারা*)। { *স.* বিশেষ+উক্তি}

বিশেষ্য [বিশেশ্‌শো] *বি* (*ব্যা.*) ব্যক্তি প্রাণী বস্তু দ্রব্য জাতি ক্রিয়া গুণ বা ভাবের সংজ্ঞাবাচক শব্দ। □ *বিণ* গুণাদি দ্বারা পৃথক করে নির্দিষ্ট করা যায় এমন। { *স.* বি+√শিষ্+য(ণ্যৎ)}

বিশোক [বিশোক্] *বি* ১ অশোক বৃক্ষ বা ফুল। □ *বিণ* শোকরহিত শোকশূন্য; অশোক। **বিশোকা** *বিণ স্ত্রী.*। { *স.* বি+শোক}

বিশোধক ⇒ বিশোধন

বিশোধন [বিশোধন্] *বি* ১ বিশুদ্ধকরণ। ২ সংশোধন। ৩ সম্যকরূপে শোধন। **বিশোধক** *বিণ* বিশুদ্ধ করে এমন; বিশোধনকর। **বিশোধনীয়, বিশোধ্য** *বিণ* বিশোধনযোগ্য; বিশুদ্ধ করার উপযুক্ত। **বিশোধিত** *বিণ* বিশুদ্ধ করা হয়েছে এমন; পরিষ্কৃত। { *স.* বি+শোধন}

বিশোধিত, বিশোধ্য ⇒ বিশোধন

বিশোষণ [বিশোশোন্] *বি* শুষ্ককরণ; বিশেষভাবে শোষণ; তরল পদার্থ শুষে স্বীয় অঙ্গীভূতকরণ; absorption। **বিশোষিত** *বিণ* বিশেষভাবে শোষণ করা হয়েছে এমন; বিশেষভাবে শোষিত। { *স.* বি+শোষণ}

বিশ্রব্ধ [বিস্‌স্রোব্‌ধো] *বিণ* ১ বিশ্বস্ত। ২ প্রশান্ত (নিভৃত বিশ্রব্ধ মুগ্ধ দুইখানি হিয়া—*রঠা*)। ৩ নির্ভীক; নিঃশঙ্ক। ৪ বিশ্রান্ত; বিগতশ্রম। ৫ প্রগাঢ়; গাঢ়; সুগভীর। ৬ দৃঢ়। { *স.* বি+√শ্রন্‌ভ্+ত(ক্ত)}

বিশ্রম্ভ [বিস্‌স্রোম্‌ভো] *বি* ১ স্বচ্ছন্দ ভ্রমণ। ২ বিশ্বাস। ৩ প্রমোদকালীন বিবাদ; কেলিকলহ। ৪ প্রণয়; প্রেম। **বিশ্রম্ভালাপ** *বি* ১ প্রণয়ালাপ। ২ বিশ্বস্ত আলাপ। { *স.* বি+√শ্রন্‌ভ্+অ(ঘঞ)}

বিশ্রান্ত [বিস্‌স্রান্‌তো] *বিণ* ১ অতিশয় শ্রান্ত। ২ বিরত; নিবৃত; নিবৃত্ত; ক্ষান্ত। ৩ বিগত শ্রম। ৪ যে বিশ্রাম করেছে। **বিশ্রান্তি** *বি* ১ বিরতি। ২ বিশ্রাম; জিরানো; শ্রম অপনোদন। { *স.* বি+√শ্রম্+ত(ক্ত)}

বিশ্রাম [বিস্‌স্রাম্] *বি* ১ নিবৃত্তি; বিরতি; বিরাম। ২ শ্রম দূরীকরণ; জিরানো। { *স.* বি+√শ্রম্+অ(ঘঞ)}

বিশ্রী [বিস্‌স্রি] *বিণ* কদাকার; কুৎসিত; শ্রীহীন। □ *বি* লজ্জাকর; জঘন্য; অশ্লীল। { *স.* বি+শ্রী; *বহু.*}

বিশ্রুত [বিস্‌স্রুতো] *বিণ* প্রখ্যাত; বিখ্যাত; প্রসিদ্ধ। **বিশ্রুতি** *বি* প্রসিদ্ধি। { *স.* বি+√শ্রু+ত(ক্ত)}

বিশ্লিষ্ট ⇒ বিশ্লেষ

বিশ্লেষ [বিশ্‌শ্লেশ্] *বি* ১ বিয়োগ; বিচ্ছেদ; অসংযোগ। ২ পৃথক। ৩ বিভাগ। ৪ বিকাশ। **বিশ্লিষ্ট** *বিণ* ১ দেহের অঙ্গপ্রত্যঙ্গাদি পরস্পর পৃথক করে পর্যবেক্ষণ ও বিচার করা হয়েছে এমন। ২ বিযুক্ত; বিচ্ছিন্ন; অসংযুক্ত। ৩ পৃথগীকৃত। **–ণ** *বি* পৃথককরণ; বিচ্ছেদকরণ; ব্যবচ্ছেদন; উপাদান স্থিরীকরণ। **বিশ্লেষিত** *বিণ* যা বিশ্লিষ্ট করা হয়েছে। { *স.* বি+√শ্লিষ্+অ(ঘঞ)}

বিশ্ব [বিশ্‌শো] *বি* জগৎ। □ *বিণ* সমস্ত; সমুদয়; সকল; সব; যাবতীয় (বিশ্বমানব)। **–কর্মা** *বি* হিন্দু দেবতাবিশেষ, যিনি শিল্পের দেবতারূপে খ্যাত। **–কোষ** *বি* জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখার আলোচ্য বিষয় নিয়ে সংকলিত এবং সাধারণত একাধিক খণ্ডে বর্ণানুক্রমিকভাবে বিন্যস্ত গ্রন্থবিশেষ; encyclopedia। **–চরাচর** *বি* সমগ্র দৃশ্যমান জগৎ। **–জন** *বি* মানব জাতি; মানব সাধারণ; পৃথিবীর সমস্ত মানুষ। **–জনীন** *বিণ* ১ জগদ্ব্যাপী। ২ বিশ্বের মঙ্গলজনক; সর্বজনহিতকর। ৩ সকল মানুষ সম্পর্কীয়। **–জিৎ** *বি* ১ যিনি বিশ্বকে জয় করেছেন। ২ যজ্ঞবিশেষ। **–ত/তঃ** *অব্য* সর্বত; সর্বত্র। **–দেব** *বি* ১ অগ্নি; আগুন। ২ হিন্দুমতে গণদেবতা। **–নাথ** *বি* ১ জগদীশ্বর; কাশীর বিখ্যাত শিবলিঙ্গ। ২ হিন্দুদেবতা শিব। **–নিখিল** *বি* সমগ্র জগৎ। **–নিন্দক, –নিন্দুক** *বি* যে সব কিছুর নিন্দা করে; প্রত্যেকের নিন্দাকারী (তাহারা বিশ্বনিন্দক—*রঠা*)। **–পা** *বি* ১ জগতের পালক; পরমেশ্বর; খোদা; আল্লাহ্‌তালা। **–পাতা** *বি, বিণ* বিশ্বপিতা; জগৎপালক। **–প্রেম** *বি* সর্বজনের প্রতি সমান ভালোবাসা বা প্রীতি। **–প্রেমিক** *বিণ* বিশ্বের সর্বজনকে ভালোবাসে এমন। **–বকাটে, –বখাটে** *বিণ* চরম দুষ্ট লোক; সর্বাপেক্ষা দুষ্টচরিত্রের লোক। **–বাসী** *বি* ১ বিশ্বের সমগ্র মানবজাতি; জগতের

জনগণ। ২ জগদ্বাসী। ~**বিদ্যালয়** *বি* সর্বপ্রকার বিদ্যাশিক্ষার জন্য সর্বোচ্চ প্রতিষ্ঠান; university। ~**বিধাতা** *বি* সৃষ্টিকর্তা; পরমেশ্বর; আল্লাহ।~**বিমোহন**, ~**বিমোহী**(-হিন্) *বিণ* সমস্ত জগৎ মুগ্ধকারী; ভুবন–মোহন।~**বিমোহিনী** *বিণ স্ত্রী*।~**বিলোপ** *বিণ* বিশ্বকে মুছে দেয় এমন। ~**বিশ্রুত** *বিণ* জগৎবিখ্যাত; জগতের সর্বত্র প্রসিদ্ধ; ভুবনবিখ্যাত। ~**ব্যাপী** *বিণ* পৃথিবীর সব জায়গায় বিস্তৃত; সকল স্থানে বর্তমান।~**মৈত্রী** *বি* জগতের সকলের সঙ্গে বন্ধুত্ব বা মিত্রতা; universal friendship। ~**ম্ভরা** *বিণ স্ত্রী*. বিশ্বের ধারক; জগতের আশ্রয়; পৃথিবী। ~**রূপ** *বি* ১ ঈশ্বর। ২ অনন্ত রূপ। ৩ সমগ্র জগৎ যাঁর রূপ বা আকৃতি।~**সংসার**⇒বিশ্বনিখিল। ~**সাহিত্য** *বি* ১ সকল দেশ বা সকল যুগের উপযোগী যে সাহিত্য। ২ জগতের সাহিত্য; বিশ্ববিখ্যাত গ্রন্থ। **বিশ্বাশ্লেষী** *বিণ* বিশ্ব পরিব্যাপক বা বিশ্ব মিলন সংঘটক (তিনি বিশ্বাশ্লেষী আন্তর্জাতিকতার মহিমা কীর্তন করিতে থাকেন—*মুশ*)। { *স.* √বিশ্+ব(ক্বন্)}

বিশ্বসিত [বিশ্শোশিতো] *বিণ* ১ বিশ্বাসের পাত্র। ২ বিশ্বাসকারক। ৩ বিশ্বাস করেছে বা করা হয়েছে এমন। { *স.* বি+√শ্বস্+ত(ক্ত)}

বিশ্বস্ত[বিশ্শস্তো] *বিণ* ১ বিশ্বাসের উপযুক্ত; বিশ্বাসকারী; বিশ্বাসী। ২ বিশ্বাসভাজন। ~**তা** *বি* বিশ্বাসযোগ্যতা। –**সূত্রে** *ক্রিবিণ* বিশ্বাসযোগ্য ব্যক্তি থেকে; বিশ্বাসযোগ্য ঘটনা বা কারণ থেকে। { *স.* বি+√শ্বস্+ত(ক্ত)}

বিশ্বামিত্র [বিশ্শামিত্ত্রো] *বি* খ্যাতনামা ঋষি। { *স.* বিশ্ব+মিত্র; *বহু*}

বিশ্বাস [বিশ্শাশ্] *বি* ১ সত্য বলে বিবেচনা; প্রত্যয় (বিশ্বাসকর)। ২ নির্ভর; আস্থা; ভরসা (তোমার উপর বিশ্বাস নাই)। ৩ শ্রদ্ধা। –**ঘাতক**, –**ঘাতী**, –**হন্তা** *বি* প্রতারক; অবিশ্বাসী; বিশ্বাসভাজন হয়েও যে অবিশ্বাসের কাজ করে; বেইমান। ~**ঘাতিকা**, ~**ঘাতিনী**, ~**হন্ত্রী** *বিণ স্ত্রী*। ~**ভাজন** *বিণ* বিশ্বাসের বা আস্থার পাত্র; নির্ভরযোগ্য। **বিশ্বাসী**(-সিন্) *বিণ* আস্থা স্থাপন করা যেতে পারে এমন। ☐ *বি* যে বিশ্বাস করে। **বিশ্বাস্য** *বিণ* বিশ্বাসযোগ্য; নির্ভর করার উপযুক্ত। { *স.* বি+√শ্বস্+অ(ঘঞ্)}

বিশ্বেশ্বর [বিশ্শেশ্শর্] *বি* ১ বিশ্বপতি; আল্লাহ। ২ বিশ্বের ঈশ্বর; জগৎকর্তা। ৩ কাশীর শিব। **বিশ্বেশ্বরী** *বি স্ত্রী*. ১ জগতের ঈশ্বরী; জগৎকর্ত্রী। ২ হিন্দু দেবী দুর্গা। { *স.* বিশ্ব+ঈশ্বর; *বহু*}

বিষ[১] ⇒ বিস

বিষ[২] [বিশ্] *বি* ১ গরল; হলাহল; যে পদার্থ দেহে প্রবেশ করলে অসুস্থতা ঘটে বা মরণ হয়। ২ দ্বেষ; হিংসা (মানুষের মনে বিষ যে কত সে তো দেখিলে—*রঠা*)। ৩ অত্যন্ত বিরক্তিকর ব্যক্তি বা বস্তু (সে তার দুচোখের বিষ)। ~**কন্যা** *বি* নিয়মিত বিষ সেবন দ্বারা অন্যের হত্যাকারীরূপে সৃষ্ট বালিকা। ~**কুম্ভ** *বি* ১ গরলের কলসি; বিষপূর্ণ কলসি। ২ হিংসাপূর্ণ হৃদয়বিশিষ্ট ব্যক্তি (বিষকুম্ভ পয়োমুখ)। ~**ক্রিয়া** *বি* বিষের পরিণাম; বিষের প্রভাব; দেহে বিষের প্রতিক্রিয়ায় যে অসুস্থতা ঘটে বা মরণ হয়। ~**ঘ্ন** *বিণ* বিষক্রিয়া নষ্টকারী (আছে সাথে বিষঘ্ন ঔষধি—*মোম*)। ~**চক্ষে** *ক্রিবিণ* কুনজরে (শশী বিষচক্ষে দেখিতেন—*রঠা*)। ~**জড়া** কঠোর দণ্ড দিয়ে সংশোধন করা। ~**ণ** *বি* বিষপ্রয়োগ; বিষপ্রদান। ~**দ** *বি* বিষদান করে যে; বিষদাতা। ~**দন্ত**, ~**দাঁত** *বি* ১ সাপের যে দন্তমূলে বিষের থলি থাকে। ২ তেজের বা অহঙ্কারের মূল কারণ। ~**দাঁত ভাঙা** *ক্রি* অনিষ্ট করার শক্তি নষ্ট করা। ~**দিগ্ধ** *বিণ* বিষে জর্জরিত; বিষমিশ্রিত (এই শোক ও ক্ষোভ বিষদিগ্ধ শল্যের ন্যায়—*ঈবি*)। ~**দিগ্ধা** *বিণ স্ত্রী*। ~**দষ্ট** *বিণ* হলাহলপূর্ণ; বিষাক্ত। ~**দৃষ্টি**, ~**নয়ন** *বি* ১ কুনজর। ২ অতিশয় বিদ্বেষ বা শত্রুতা। ৩ হিংসাপূর্ণ দৃষ্টি; হিংসা দৃষ্টি। ~ **নয়নে বা** ~ **দৃষ্টিতে পড়া** *ক্রি* কুনজরে পড়া; বিরাগভাজন হওয়া। ~ **নাই তার কুলোপানা চক্কর**, ~ **নাই কুলোপানা চক্র** (*আল.*) অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন। ~**নাশক** *বিণ* বিষঘ্ন। ~**প্রয়োগ** *বি* হত্যা করার উদ্দেশ্যে দেহে বিষ প্রবেশ করানো। ~**ফল** *বি* যে ফলে বিষ থাকে; বিষাক্ত ফল। ~**বিদ্যা** *বি* বিষের চিকিৎসাশাস্ত্র; দেহাদি হতে বিষ দূর করার বিদ্যা। ~**বৃক্ষ** *বি* ১ যে বৃক্ষের ফল বিষময়। ২ যা লালন করলে নিজেরই সর্বনাশ হয়। ৩ যে আশ্রিত ব্যক্তি আশ্রয়দাতার সর্বনাশ সাধন করে। ~**বৈদ্য** *বি* ওঝা; বিষক্রিয়ার চিকিৎসা জানে যে। ~ **মারা** *ক্রি* ১ বিষ নষ্ট করা। ২ তেজ খর্ব করা। ~**মুখ** *বি* বিষযুক্ত মুখ। ☐ *বিণ* কটুভাষী। ~**হর** *বিণ* বিষঘ্ন; বিষ নাশ করে এমন। ~**হরা** *বিণ স্ত্রী*। ~**হরী** *বি স্ত্রী*. হিন্দুদেবী মনসা। { *স.* √বিষ্+অ(ক)}

বিষণ ⇒ বিষাণ

বিষণ্ণ [বিশন্নো] *বিণ* ১ দুঃখিত; দুঃখপ্রাপ্ত; ক্ষুণ্ণ। ২ ম্লান; মলিন (একাকী বিষণ্ণ তরুচ্ছায়ে—*রঠা*)। ৩ বিষাদযুক্ত; অপ্রসন্ন। **বিষণ্ণা** *স্ত্রী*। ~**তা** *বি* ম্লানতা। { *স.* বি+√সদ্+ত(ক্ত)}

বিষধর [বিশোধর্] *বি* সর্প; যে প্রাণীর বিষ আছে (সুর শুনে ছুটে এল পাতালতলের বিষধর বিষধরী রাশি রাশি—*নই*)। ☐ *বিণ* বিষ ধারণ করে এমন; সবিষ। { *স.* বিষ+ধর}

বিষফোঁড়া [বিশ্ফোঁড়া] *বি* যন্ত্রণাদায়ক ফোঁড়াবিশেষ। { *স.* বিস্ফোটক>}

বিষম [বিশম্] *বি* খাদ্য বা পানি পেটে যাওয়ার সময়ে শ্বাসনালিতে প্রবেশ করলে হঠাৎ যে শ্বাসরোধ ও হিক্কা হয় (বিষম লাগা, বিষম খাওয়া)। ☐ *বিণ* ১ দুঃসহ; দারুণ; খুব; অত্যন্ত; অতিশয়; বেজায় (তবে বলব বিষম বাহাদুর—*মব*)। ২ সাংঘাতিক; ভীষণ; উৎকট (ব্যাপারটা দাঁড়িয়েছে একটা বিষম তর্কে—*প্রচৌ*)। ৩ অসমান; ছোট বড় (বিষম বস্তুদ্বয়)। ৪ বন্ধুর; তরঙ্গায়িত; অসমতল (বিষম পথ)। ৫ অযুগ্ম; অযুক্ত; বিজোড়; কঠিন (বিষম রাশি)। ৬ অত্যন্ত কঠিন; অতিশয় দুরূহ (বিষম সমস্যা)। ~ **জ্বর** *বি* ১ দীর্ঘকাল স্থায়ী থাকে যে জ্বর। ২ অত্যন্ত বেশি জ্বর। { *স.* বি+সম; *বহু*}

বিষয় [বিশয়্] *বি* ১ ভোগ্য পদার্থ; যা ইন্দ্রিয়গণকে আকৃষ্ট করে (বিষয় বাসনা)। ২ ধন; সম্পত্তি (বিষয়–আশয়)। ৩ আলোচ্য বা বর্ণনীয় বস্তু (বক্তৃতার বিষয়)। ৪ বিস্তৃত অঞ্চল; জেলা। ৫ অধিকারভুক্ত জায়গা। ~–**আশয়** *বি* ধনসম্পত্তি; অর্থসম্পদ। ~**ক** *ক্রিবিণ* সংক্রান্ত; সম্বন্ধীয়; বিষয়ে। ~**কর্ম** *বি* ১ সাংসারিক বা সম্পত্তিগত ব্যাপার। ২ জমিদারি রক্ষণাবেক্ষণ বা পরিচালনার কাজ। ~**তৃষ্ণা**, ~**বাসনা**, ~**লালসা** *বি* ধনপিপাসা; সাংসারিক সুখভোগের অভিলাষ। ~**পরায়ণ**, **বিষয়াসক্ত** *বিণ* ১ ভোগ্যবস্তুর

প্রতি আসক্ত; ধনসম্পত্তির প্রতি অনুরক্ত। ২ অত্যন্ত সংসারী। ৩ মোহাবিষ্ট; মোহাচ্ছন্ন। –বস্তু *বি* বর্ণনীয় বিষয়, subject matter। –এষণা, –বৈরাগ্য *বি* ধনসম্পত্তিতে অনাসক্তি। –বুদ্ধি *বি* বৈষয়িক জ্ঞান; সাংসারিক এবং সম্পত্তি পরিচালনায় সুবুদ্ধি। –সূচি *বি* আলোচ্য বিষয় বা বিষয়সমূহের ধারাবাহিক তালিকা। **বিষয়ান্তর** *বি* প্রসঙ্গান্তর; আলোচনার এক বিষয় থেকে অন্য বিষয়। **বিষয়াসক্তি** *বি* ধনসম্পত্তি প্রভৃতির আকর্ষণ; বিষয়সম্পত্তি ও ভোগবিলাসের প্রতি অনুরক্তি। **বিষয়ী** *বি* আত্মা; চেতনা; ইন্দ্রিয়। ◻ *বিণ* ১ ধনী; সম্পত্তিশালী। ২ বিষয়াসক্ত। **বিষয়ীভূত** *বিণ* আলোচনায় সম্পর্কিত; বিষয়ের অন্তর্গত। { স. বি+√সি+অ(অচ্)}

বিষয়ী –> বিষয়

বিষাক্ত [বিশাক্‌তো] *বিণ* বিষপূর্ণ; বিষমিশ্রিত; বিষযুক্ত। { স. বিষ+অক্ত, ৩তৎ}

বিষাণ [বিশান্‌] *বি* ১ পশুর শিং। ২ পশুর শৃঙ্গের ন্যায় নির্মিত বাদ্যযন্ত্র; শিঙ্গা (আমার রচনা সেই সংগ্রামের অজেয় বিষাণ — *আহা*)। ৩ শূকর, হস্তী প্রভৃতির বৃহৎ দন্ত। { স. √বিষ্+আন(শানচ্)}

বিষাদ [বিশাদ্‌] *বি* ১ স্ফূর্তিশূন্যতা; বিষণ্ণতা। ২ আশাভঙ্গের ক্ষোভ; খেদ। ৩ দুঃখ। **বিষাদিত, বিষাদী** *বিণ* বিষাদবিশিষ্ট। **বিষাদিতা, বিষাদিনী** *বিণ স্ত্রী*। { স. বি+√সদ্+অ(ঘঞ্)}

বিষানো, বিষনো [বিশানো, শনো] *ক্রি* ১ বিষাক্ত হওয়া। ২ অত্যন্ত যন্ত্রণাপূর্ণ হওয়া; টাটানো। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { স. বিষ+বা. আনো; ক্রিয়ারূপ— বিষাবে, বিষাত, বিষাল, বিষায়; অক্রি— বিষিয়ে, বিষালে, বিষাতে ইত্যাদি}

বিষুব [বিশুব্‌] *বি* যে সময়ে দিন ও রাত্রি সমান হয়। –বৃত্ত *বি* নিরক্ষ বৃত্তের সমান্তরাল কাল্পনিক বৃত্ত; equinoctial। –রেখা *বি* মেরুদ্বয় থেকে সমদূরবর্তী ভূগোলক বেষ্টনকারী কল্পিত রেখা; equator। –লম্ব *বি* ক্রান্তি; বিষুববৃত্ত থেকে গ্রহনক্ষত্রের কৌণিক দূরত্ব বা অন্তর। { স. বিষু+ব}

বিষ্কম্ভক [বিশ্‌কম্‌ভক্‌] *বি* সংস্কৃত নাটকে কোনো অঙ্কের সূচনায় যে অংশে নাটকে প্রদর্শিত হয়নি এমন ঘটনা বর্ণিত হয়। { স. বি+√স্কন্‌ভ্‌+অক(ণ্বুল)}

বিষ্টব্ধ [বিশ্‌টব্‌ধো] *বিণ* ১ বাধাপ্রযুক্ত; বাধাযুক্ত। ২ জড়তাযুক্ত; স্তম্ভীভূত। ৩ প্রতিরুদ্ধ; বাধাপ্রাপ্ত। { স. বি+√স্তন্‌ভ্‌+ত(ক্ত)}

বিষ্টম্ভ [বিশ্‌টম্‌ভো] *বি* ১ রোধ; বাধা; প্রতিবন্ধ; আটক। ২ জড়তা। { স. বি+√স্তন্‌ভ্‌+অ(ঘঞ্)}

বিষ্টিভদ্রা [বিশ্‌টিভদ্‌দ্রা] *বি (জ্যোশা)* হিন্দু জ্যোতিষশাস্ত্র মতে যাত্রা বা শুভকার্যের জন্য একটি অশুভ যোগ। { স. বিষ্টি+ভদ্রা}

বিষ্টু (*মবা.*) [বিশ্‌টু] *বি* বিষ্ণু (ব্রহ্মা বিষ্টু ন ছিল — *রাপ*)। { স. বিষ্ণু>}

বিষ্ঠা [বিশ্‌ঠা] *বি* মল; গু; পুরীষ। { স. বি+√স্থা+অ(ক)+আ(টাপ)}

বিষ্ণু [বিশ্‌নু] *বি* ১ হিন্দু ত্রিত্ববাদের ত্রয়ীর অন্যতম। ২ হিন্দু পুরাণ মতে জগতের পালনকর্তা নারায়ণ নামক দেবতা। –প্রিয়া *বি* ১ লক্ষ্মী। ২ শ্রীচৈতন্যের স্ত্রী। { স. √বিষ্+নু}

বিষ্য [বিশ্‌শো] *বিণ* বিষ প্রয়োগের উপযুক্ত। { স. √বিষ্+য}

বিস [বিশ্‌] *বি* মৃণাল; পদ্মাদির ডাঁটা। { স. বিস>প্রা. বিস>}

বিসংকুল, বিসঙ্কুল [বিশঙকুল্‌] *বিণ* জটিল; গোলমেলে (ঐকালে জনসমাজে ধর্ম ও দণ্ডনীতিবিষয়ক বিষম বিসংবাদ দ্বারা সাতিশয় বিসঙ্কুল ছিল— *ঈবি*)। { স. বি+সংকুল}

বিসংগত, বিসঙ্গত [বিশঙ্‌গতো] *বিণ* ১ সংগত নয় এমন; বেখাপ; অসংগত। ২ বেসুরা। { স. বি+সংগত}

বিসংবাদ, বিসম্বাদ [বিশঙবাদ্‌] *বি* ১ বিরোধ; ঝগড়া; কলহ। ২ অমিল; বৈলক্ষণ্য। ৩ মতানৈক্য; মতভেদ। **বিসংবাদিত** *বিণ* ১ বিবাদিত; বিরোধিত; বিসংবাদের বিষয়ীভূত। ২ বিতর্কিত। **অবিসংবাদিত** *বিপ*। **বিসংবাদী** (–দিন্‌) *বিণ* ১ বিবাদী; বিরোধী; বিরুদ্ধবাদী। ২ বিসংবাদপ্রবণ। **অবিসংবাদী** *বিপ*। { স. বি+সম্‌+বাদ}

বিসকর্মা (*মবা.*) [বিসকরমা] *বি* বিশ্বকর্মা (বিসকর্মা ভোগর গুআ খাএ— *রাপ*)। { স. বিশ্বকর্মা>}

বিসকুট, বিস্কুট [বিস্‌কুট্‌] *বি* ময়দাদির দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ। { ই. biscuit}

বিসঙ্কুল –> বিসংকুল

বিসঙ্গত –> বিসংগত

বিসদৃশ [বিশোদৃশো] *বিণ* ১ অন্যপ্রকার; অন্যরকম (সে কথাটা পদ্যে লিখতে লাগে একটু বিসদৃশ — *রঠা*)। ২ বিপরীত; উল্টা। ৩ সামঞ্জস্যহীন (মালার কাছে এই সব কখনই খুব বিসদৃশ মনে হয় নাই— *শাখা*)। –তা *বি* সামঞ্জস্যহীনতা (এরই বিসদৃশতা আমার মনকে প্রথমেই প্রবল বেগে আকর্ষণ করলে — *রঠা*)। { স. বি+সদৃশ}

বিসমিল্লা, বিসমিল্লাহ [বিস্‌মিল্‌লাহ্‌] *বি* ১ আল্লাহর নামে; আল্লাহর নাম স্মরণ করে কার্যারম্ভ (মুসলমানের কর্মমন্ত্র বিস্‌মিল্লাহ—*এআ*)। ২ সূচনা; আরম্ভ; শুরু। **বিসমিল্লায় গলদ** *বি* গোড়ায় গলদ; শুরুতেই ভুল বা ত্রুটি। { আ. বিসমিল্লাহ بسم الله }

বিসরণ[১] [বিশরোন্‌] *বি* ১ বিস্তার; প্রসার। ২ উদ্ভব। ৩ প্রবাহ। { স. বি+√সৃ+অন(ল্যুট্)}

বিসরণ[২] –> বিস্মরণ

বিসরা [বিশরা] (*ব্র., মবা.*) *ক্রি* বিস্তৃত করা বা হওয়া; বিস্মরণ করা; ভুলে যাওয়া। **বিসরল** (*মবা., ব্র.*) *ক্রি* বিস্মৃত হলে; ভুলে গেল। **বিসরী, বিসরি** *অক্রি* (*ব্র.; মবা.*) বিস্মৃত হয়ে; ভুলে গিয়ে (তোহে বিসরি মন *বিপ*)। **বিসরান** (*ব্র.; মবা.*) *ক্রি* ভুলে যাওয়া; বিস্মৃত হওয়া। **বিসোঁরিআ** (*ব্র.; মবা.*) *অক্রি* ভুলে গিয়ে (পাছু থাক বিসোঁরিআ— *রাপ*)। **বিসরিত** (*ব্র.*) *বিণ* বিস্মৃত (যত গুণ বিসরিত ভেলা— *বিপ*)। { স. বিস্মরণ>}

বিসর্গ [বিশরগো] *বি* ১ বর্ণবিশেষ। ২ ত্যাগ; বিসর্জন। ৩ সৃষ্টি; জন্ম; উৎপত্তি; উদ্ভব। { স. বি+√সৃজ্+অ(ঘঞ্)}

বিসর্জন [বিশরজোন্‌] *বি* ১ পরিত্যাগ; ত্যাগ। ২ হিন্দুদের পূজার শেষে প্রতিমা নদ্যাদিতে নিক্ষেপ। **বিসর্জনীয়** *বিণ* ত্যাগের উপযোগী; বিসর্জনযোগ্য (যা কিছু জীর্ণ বিসর্জনীয়— *অচিসে*)। **বিসর্জিত** *বিণ* ত্যাগ করা বা বিসর্জন দেওয়া হয়েছে এমন। **বিসর্জিতা** *বিণ স্ত্রী*। { স. বি+√সৃজ্+অন(ল্যুট্)}

বিসর্জা [বিশরজা] *ক্রি (পদা.)* বিসর্জন করা; ত্যাগ করা। { স. বি+√সৃজ্+বা. আ}

বিসর্জিত ⟹ বিসর্জন

বিসর্প [বিশর্‌পো] *বি* চর্মের প্রদাহ রোগ; ক্ষত বিষাক্ত হওয়া। { *স.* বি+√সৃপ্+অ(ঘঞ্) }

বিসর্পণ, বিসর্প [বিশর্‌পোন্, –পো] *বি* ১ প্রসারণ; ব্যাপন। ২ ধীরে সঞ্চরণ বা চলাফেরা। ৩ বিস্তৃত বা প্রসারিত হওয়া। ৪ পিছানো; পিছিয়ে যাওয়া। **বিসর্পিত** *বিণ* ধীরে সঞ্চারিত; বিস্তৃত; ছড়ানো (ঘর ভরে অন্ধকার বিসর্পিত —*বুদ্ধ*)। **বিসর্পী**(–র্পিন্) *বিণ* বিসর্পণশীল; বিসর্পণ করে এমন; ধীরে সঞ্চরণশীল। **বিসর্পিণী** *বিণ স্ত্রী* (বেণী বিসর্পিণী আধুনিকা— *মব*)। { *স.* বি+সর্পণ, সর্প }

বিসর্পিল [বিশোর্‌পিল্] *বিণ* আঁকাবাঁকা (জীবনের কত বিসর্পিল রুক্ষ পথে —*আর*)। { *স.* বি+সর্পিল }

বিসা (*মবা.*) [বিশা] *বি* বিশ্বকর্মা (বিসার উপরে পরভুর —*রাপ*)। { *স.* বিশ্বকর্মা> }

বিসার (*মবা.*) [বিশার্] *বি* ১ প্রসার; বিস্তার। ২ প্রবাহ। **বিসারিত** *বিণ* ১ বিস্তারিত; প্রসারিত (এই প্রান্ত অবধি বিস্তারিত —*মব*)। ২ প্রবাহিত। **বিসারী** *বিণ* বিস্তৃতিশীল; বিস্তারণশীল; প্রসারী। **বিসারিণী** *বিণ স্ত্রী*। { *স.* বিস্তার> }

বিসূচিকা [বিশুচিকা] *বি* কলেরা; ওলাউঠা নামক মারাত্মক সংক্রামক রোগ। { *স.* বি+√সূচ্+ই(ইন্)+ক(কন্)+আ(টাপ্) }

বিসৃত [বিস্‌সৃতো] *বিণ* ১ স্থানান্তরিত। ২ প্রসারিত; ব্যাপ্ত; বিস্তৃত। { *স.* বি+√সৃ+ত(ক্ত) }

বিসৃষ্ট [বিস্‌সৃশ্‌টো] *বিণ* ১ পরিত্যক্ত; বিসর্জন দেওয়া হয়েছে এমন; বিসর্জিত। ২ নিক্ষিপ্ত। ৩ পাঠানো হয়েছে এমন; প্রেরিত। { *স.* বি+√সৃজ্+ত(ক্ত) }

বিসেখী (*প্র.*) [বিশেখি] *ক্রিবি* বিশেষ করে (গিরিনী শ্রবণে বিসেখী)। { *স.* বিশেষ> }

বিস্কুট [বিস্‌কুট্] *বি* ময়দাদির দিয়ে প্রস্তুত পাতলা পিষ্টকজাতীয় খাদ্য। { *ই.* biscuit }

বিস্ত [বিশ্‌তো] *বি* মোহর বা এক ভরি স্বর্ণ। { *স.* √বিস্+ত(ক্ত) }

বিস্তর [বিস্‌তর্] *বিণ* অনেক; খুব; ঢের; প্রচুর; দেদার (প্রত্যেক কামরার দেওয়ালে বিস্তর ফটো— *শনা*)। ☐ *বি* ১ বিশেষ বর্ণনা। ২ বর্ণনার আধিক্য। ৩ বাক্যসমূহ। ৪ বিস্তার; প্রসার। { *স.* বি+√স্তৃ+অ(অচ্) }

বিস্তার [বিস্‌তার্] *বি* ১ চওড়া; প্রস্থ (টিনে ঘোড়া চারি আঙ্গুল বিস্তার দর্পণ —*বচ*)। ২ প্রসারণ। ৩ প্রসার; ব্যাপ্তি; বিস্তৃতি; পরিসর। **বিস্তারিত, বিস্তৃত** *বিণ* ১ ব্যাপক। ২ প্রসারিত। ৩ ছড়ানো; বিছানো। ৪ সবিশেষ। **বিস্তার্য** *বিণ* ১ বিছাতে হবে এমন। ২ বিস্তারের যোগ্য। **বিস্তীর্ণ** *বিণ* বিশাল; বিরাট। **বিস্তৃতি** *বি* বিস্তার; ব্যাপ্তি; প্রসার; বিসার। { *স.* বি+√স্তৃ+অ(ঘঞ্) }

বিস্তীর্ণ, বিস্তৃত, বিস্তৃতি ⟹ বিস্তার

বিস্ফার, বিস্ফারণ [বিশ্‌ফার্, –রোন্] *বি* ১ স্ফূর্তি। ২ কম্পন। ৩ বিস্তার। ৪ প্রসারণ। ৫ বিকাশন। **বিস্ফারিত** *বিণ* ১ বিস্তারিত; প্রসারিত (মেয়েটি বিস্ফারিত চোখে তাহাকে নিরীক্ষণ করিতেছিল— *শাখা*)। ২ কম্পিত। ৩ বিকশিত। { *স.* বি+√স্ফুর্+অ(ঘঞ্), +অন(ল্যুট্) }

বিস্ফারিত ⟹ বিস্ফার

বিস্ফুরণ [বিশ্‌ফুরন্] *বি* ১ সঞ্চালন; কম্পন। ২ দীপ্তি পাওয়া; হঠাৎ প্রকাশিত বা প্রকটিত হওয়া। **বিস্ফুরিত** *বিণ* ১ স্ফীত। ২ বর্ধিত। ৩ দীপ্ত। ৪ কম্পিত; বিকম্পিত। { *স.* বি+স্ফুরণ }

বিস্ফুরিত ⟹ বিস্ফুরণ

বিস্ফুলিঙ্গ [বিশ্‌ফুলিঙ্‌গো] *বি* অগ্নিকণা; স্ফুলিঙ্গ (ঘর্ঘরিয়া রথচক্র নিমেষে উগারি বিস্ফুলিঙ্গ— *মদ*)। { *স.* বি+স্ফুলিঙ্গ }

বিস্ফোট, বিস্ফোটক [বিস্‌ফোট্, –ফোটক্] *বি* ফোড়া; বিষফোড়া। { *স.* বি+√স্ফুট্+অ(ঘঞ্), +ক }

বিস্ফোটিত [বিস্‌ফোটিতো] *বিণ* প্রস্ফুটিত (মেয়েটির ও কি বিস্ফোটিত স্বাস্থ্য— *আক*)। { *স.* বি+√স্ফুট্+ত(ক্ত) }

বিস্ফোরক ⟹ বিস্ফোরণ

বিস্ফোরণ [বিশ্‌ফোরোন্] *বি* হঠাৎ সশব্দে ফেটে যাওয়া; explosion। **বিস্ফোরক** *বিণ* ১ সহজে জ্বলে ওঠে বা ফাটে এমন। ২ মারাত্মক ধ্বংসকারী দাহ্য পদার্থ দিয়ে তৈরি এমন; explosive। { *স.* বি+√স্ফুর্+ণিচ্+অন(ল্যুট্) }

বিস্ময় [বিশ্‌শয়্] *বি* ১ আশ্চর্য; চমৎকৃত ভাব। ২ সংশয়। ~**কর,** ~**জনক, বিস্ময়াবহ** *বিণ* বিস্ময় উৎপাদন করে এমন; আশ্চর্যজনক। ~**বিহ্বলতা** *বি* বিস্ময়ের দরুন অভিভূত হওয়ার ভাব (দৃষ্টিতে বিস্ময়-বিহ্বলতা —*কম*)। **বিস্ময়ান্বিত, বিস্ময়াপন্ন** *বিণ* চমৎকৃত; আশ্চর্যান্বিত; বিস্মিত (বিস্ময়াপন্ন হইয়া মনে মনে কহিতে লাগিলেন— *ঈবি*)। **বিস্ময়াবিষ্ট, বিস্ময়াভিভূত** *বিণ* বিস্ময়ে বিহ্বল; বিস্ময়মগ্ন (তাহারা কবির দার্শনিকত্বে বিস্ময়াভিভূত না হইয়া থাকিতে পারে নাই— *মুশ*)। { *স.* বি+√স্মি+অ(অচ্) }

বিস্মরণ [বিশ্‌শঁরোন্] *বি* স্মৃতিনাশ; স্মৃতিলোপ; ভুলে যাওয়া; বিস্মৃতি (যেখানে ঘুম মানে বিস্মরণ— *অচিসে*)। { *স.* বি+স্মরণ }

বিস্মাপন [বিশ্‌শাঁপোন্] *বি* বিস্ময় সৃষ্টি বা উৎপাদন। { *স.* বি+√স্মি+ণিচ্+অন(ল্যুট্) }

বিস্মিত [বিশ্‌শিঁতো] *বিণ* বিস্ময়াপন্ন; আশ্চর্যান্বিত; বিস্ময়যুক্ত; অবাক; চমৎকৃত। **বিস্মিতা** *বিণ স্ত্রী*। { *স.* বি+√স্মি+ত(ক্ত) }

বিস্মৃত [বিস্‌সৃতো] *বিণ* ১ বিস্মৃতিযুক্ত; ভুলে গেছে এমন। ২ মনে নেই এমন (কবিবর কবে কোন্ বিস্মৃত বরষে —*রঠা*)। **বিস্মৃতা** *বিণ স্ত্রী*। **বিস্মৃতি** *বি* স্মৃতিলোপ; বিস্মরণ (যে গেছে সে চলে যাক বিস্মৃতির তীরে —*রঠা*)। { *স.* বি+√স্মৃ+ত(ক্ত) }

বিস্রংস, বিস্রংসন [বিস্‌স্রোঙ্‌শো, –শন্] *বি* ১ বিচ্যুতি; পতন; স্খলন (বিস্রংস শৈথিল্য দায়হীনতা— *অচিসে*)। ২ ক্ষরণ। **বিস্রংসী** (–সিন্) *বিণ* ১ পতিত হচ্ছে এমন; পতনশীল। ২ ক্ষরিত হচ্ছে এমন; ক্ষরণশীল। ৩ স্খলনশীল। { *স.* বি+√স্রন্‌স্+অ(ঘঞ্), অন(ল্যুট্) }

বিস্রস্ত [বিশ্‌শ্রোস্‌তো] *বিণ* ১ স্খলিত (বুকের পরে টেনে দিল বিস্রস্ত বসন— *আসি*)। ২ পতিত; ভ্রষ্ট; চ্যুত। ৩ ক্ষরিত। { *স.* বি+স্রন্‌স্+ত(ক্ত) }

বিস্রুত [বিস্‌স্রুতো] *বিণ* ১ প্রবাহিত। ২ স্খলিত; বিচ্যুত। ৩ ক্ষরিত; নিঃসৃত। ৪ পরিস্রুত। **বিস্রুতি** *বি* বিস্রুত হওয়া। { *স.* বি+√স্রু+ত(ক্ত) }

বিস্বাদ [বিশ্‌শাদ্] *বিণ* ১ খেতে ভালো লাগে না এমন। ২ স্বাদশূন্য (বেদনা বিস্বাদ দিনে— *আর*)। { *স.* বি+স্বাদ }

বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম [বিহগ, বিহঙ্‌গ, বিহঙ্‌গম্] *বি*

পক্ষী; পাখি (না গাহে বিহগ—*রঠা*)। □*বিণ* বাণ। **বিহগী, বিহঙ্গী, বিহঙ্গমী**[১] *বিণ স্ত্রী*। { *স.* বিহায়স্+√গম্+অ(ড), অ(খচ),+ম(মুম)}

বিহঙ্গমা, বিহঙ্গমী [বিহঙ্গমা, -গোমি] *বি* ব্যাঙ্গমা; বাংলা রূপকথায় কথিত একপ্রকার কাল্পনিক পাখি (সাঁঝের বিহঙ্গমা—*আসি*)। **বিহঙ্গমী, ব্যাঙ্গমী** *বিণ স্ত্রী*। { *স.* বিহঙ্গম+আ(টাপ), ঈ(ঙীষ)}

বিহঙ্গিনী, বিহঙ্গিকা [বিহঙ্গিনি, বিহঙ্গিকা] *বি স্ত্রী* পক্ষিণী; স্ত্রী পাখি। { *স.* বিহঙ্গ+ইনী, বিহঙ্গী+ক+আ(টাপ)}

বিহড়া *(মবা.)* [বিহড়া] *ক্রি* বিচ্ছিন্ন বা পৃথক হওয়া বা করা। **~ইল, বিহড়িল** *ক্রি* বিচ্ছিন্ন করল (শৈশবের নেহা....বিহড়াইল—*বচদা*; বিহড়িল অষ্টধাতু আয়িল তাহার—*বচ*)। { *স.* বিঘট>*প্রা.* বিহড>+ *বা.* আ}

বিহত [বিহতো] *বিণ* ১ বিনষ্ট; বিনাশপ্রাপ্ত। ২ ব্যাহত; বাধাপ্রাপ্ত। ৩ ভগ্ন; খণ্ডিত; চূর্ণিত। □*বি* নিহত; বিনাশিত। { *স.* বি+হত}

বিহন *(মবা.)* [বিহন্] *ক্রিবিণ* বিহনে; ব্যতীত; ভিন্ন। { *স.* বিহীন>}

বিহনে [বিহনে] *অব্য* ব্যতীত; অভাবে; বিনা। { *স.* বিহীন>}

বিহরণ [বিহরণ] *বি* ১ ভ্রমণ; বিচরণ। ২ বিহার। ৩ অপহরণ। { *স.* বি+√হৃ+অন(ল্যুট্)}

বিহরা [বিহরা] *ক্রি (পদা.)* বিহার করা। **বিহরত, বিহরই** *ক্রি (মবা., পদা.)* বিহার করছে বা করে; সানন্দে বিচরণ করে; কেলি করে (বিহরই নওল কিশোর—*বিপ*)। { *স.* বি+√হৃ>*প্রা.* বিহর>}

বিহসলি *(ব্র.)* [বিহশলি] *ক্রি* হাসল (বিহসলি থোরি—*বিপ*)। **বিহসন** *বি* মৃদু হাস্য। **বিহসি** *অক্রি* অল্প হাস্য করে (বিহসি পালটি নেহারি—*বিপ*)। **বিহসিত** *বিণ* মৃদু হাস্য বিশিষ্ট। □*বি* মৃদু হাসি। { *স.* বি+√হস্>}

বিহা *(মবা.)* [বিহা] বিয়ে; বিবাহ (বিহা করিতে না জুআও—*বচদা*)। { *স.* বিবাহ>}

বিহাই ⇒ বেহাই

বিহান[১]**, বেহান, বিয়ান, বেয়ান**[১] [বিহান্, বে-, বিয়ান্, বে-] *বি* প্রভাত; সকাল; প্রাতঃকাল (কখন যে গেছে বিহানে—*রঠা*)। **~বেলা** *বি* সকালবেলা; প্রভাতকাল। { *স.* বিভাত>}

বিহান[২]**, বেয়ান**[২] [বিহান্, বেয়ান্] *বি* বৈবাহিক সম্পর্কসূত্রে বর ও কনের পিতা ও মাতা কিংবা ভাই ও বোনের পারস্পরিক সম্বোধন ও আত্মীয়তা। { *স.* বৈবাহিক>}

বিহার[১] [বিহার্] *বি* ভারতের প্রদেশবিশেষ। { *স.* বি+√হৃ+অ(ঘঞ্)}

বিহার[২] [বিহার্] *বি* ১ ক্রীড়ার জন্য বিচরণ (কোন দূরনদী সৈকত বিহার—*রঠা*)। ২ ক্রীড়া। ৩ রতিক্রীড়া। ৪ বৌদ্ধমঠ। { *স.* বি+√হৃ+ অ(ঘঞ্)}

বিহারি, বিহারী[১] [বিহারি] *বিণ, বি* ১ ভারতের বিহার প্রদেশের অধিবাসী। ২ বিহার প্রদেশ সম্পর্কিত। ৩ বিহারে জাত। □*বি* ১৯৪৭ সালের দেশবিভাগের পর ভারতের বিহার থেকে পাকিস্তানে অভিবাসিত শরণার্থী। { *স.* বিহার+ *বা.* ই, ঈ}

বিহারী[২] (-রিন্) [বিহারি] *বিণ* বিহারকারী; বিচরণশীল। **বিহারিণী** *বিণ স্ত্রী*। { *স.* বি+√হৃ+অ(ঘঞ্)+ইন(ণিনি)}

বিহি *(ব্র.)* [বিহি] *বি* বিধি; বিধাতা (কো বিহি নিরমিল বালা—*বিপ*)। { *স.* বিধি>}

বিহিত [বিহিতো] *বি* ১ যথোপযুক্ত ব্যবস্থা। ২ বিধান। ৩ প্রতিকার; প্রতিবিধান (রাজা বাবুরা এর একটা বিহিত করুক—*সজ*)। □*বিণ* অনুষ্ঠিত; কৃত; সাধন করা হয়েছে এমন। ২ উচিত; কর্তব্য; যথাবিধি; নিয়মমতো; নিয়মমাফিক (তাহার যে প্রতিভা ছিল তাহার বিহিত প্রয়োগ হইলে—*বচ*)। { *স.* বি+√ধা+ত(ক্ত)}

বিহিতক [বিহিতক্] *বি* আইন; act। { *স.* বিহিত+ক}

বিহীন [বিহিন্] *বিণ* অভাববিশিষ্ট; বর্জিত; বিরহিত; ত্যক্ত। **বিহীনা** *বিণ স্ত্রী*। **-তা** *বি*। { *স.* বি+√হা+ত(ক্ত)}

বিহুনে, বিহুন্নে *(প্রাবা.)* [বিহুনে, বিহুন্নে] *ক্রিবিণ* বিনা; ব্যতীত (নিংদ বিহুনে সুইনা জইসে—*চর্যাপদ*)। { *স.* বিহীন>}

বিহ্বল [বিওভল্] *বিণ* বিভোল; বিবশ; আত্মহারা; অভিভূত; অচেতন। **বিহ্বলা** *বিণ স্ত্রী*। **-তা** *বি* অবসন্নতা; আত্মহারার ভাব। { *স.* বি+√হ্বল্+অ(অচ্)}

বীক্ষণ [বিকখন্] *বি* ১ নিরীক্ষণ; বিশেষভাবে দর্শন। ২ যার সাহায্যে বিশেষভাবে দেখা যায়। **বীক্ষণীয়** *বিণ* দর্শনীয়; দর্শনযোগ্য; বীক্ষণসাধ্য। **বীক্ষমাণ** *বিণ* দর্শন করছে এমন। **বীক্ষিত** *বিণ* নিরীক্ষিত; বিশেষভাবে দৃষ্ট। **বীক্ষ্যমাণ** *বিণ* বীক্ষিত বা নিরীক্ষিত হচ্ছে এমন। { *স.* বি+√ঈক্ষ্+অন(ল্যুট্)}

বীচ *(মবা.)* [বিচ] *বি* বীজ। **-চারা, -তা** *বি* ধান প্রভৃতি শস্যের চারা তৈরি করার ভূমিখণ্ড। { *স.* বীজ>}

বীচি[১] [বিচি] *বি* ছোট আঁটি; বীজ। ২ অণ্ডকোষ। **-কলা** *বি* বীজপূর্ণ কলা। { *স.* বীজ>}

বীচি[২] [বিচি] *বি* ১ ঢেউ; তরঙ্গ (নাচে যথা সিন্ধুবক্ষে ক্ষুদ্র বীচিমালা—*কায়*)। ২ কিরণ; দীপ্তি; আলোকতরঙ্গ; ray। ৩ আনন্দ; হর্ষ। **-ভঙ্গ** *বি* তরঙ্গ সৃষ্টি; ঢেউ ওঠা। { *স.* √বে+ঈচি(ডিৎ)}

বীজ [বিজ্] *বি* ১ নতুন ফসল উৎপাদনের উদ্দেশ্যে সংরক্ষিত শস্য (গমবীজ)। ২ শস্যাদির আঁটি, অঙ্কুর। ৩ মূল কারণ (কলহের বীজ)। ৪ জীবাণু (রোগের বীজ)। ৫ বীর্য; শুক্র। **-কোষ, -কোশ** *বি* পুষ্পের যে অংশে বীজ থাকে; পুষ্পবীজের আধার। **-ঘ্ন** *বিণ* বীজাণু ধ্বংসকারী; জীবাণুনাশক; disinfectant। **-বারক** *বিণ* জীবাণুর উৎপত্তি নিবারণকারী; antiseptic। { *স.* বী+√জন+অ(ড)}

বীজগণিত [বিজগোণিত্] *বি* গণিতশাস্ত্রের একটি শাখা। { *স.* বীজ+গণিত}

বীজঘ্ন ⇒ বীজ

বীজন [বিজন্] *বি* ১ চামর; পাখা (ঝর্মর পল্লবদল করিয়া বীজন—*রঠা*)। ২ বাতাস করার কাজ; ব্যজন। ৩ চক্রবাক। **বীজিত** *বিণ* বাতাস দেওয়া হয়েছে এমন; কৃতব্যজন। **বীজিতা** *বিণ স্ত্রী*। { *স.* √বীজ+ই(ণিচ্) (=বীজি)+অন(ল্যুট্)}

বীজবারক ⇒ বীজ

বীজাণু [বিজানু] *বি* জীবাণু; অতি ক্ষুদ্র ও সূক্ষ্ম মূল বীজ; আদিবীজ; germ। { বীজ+অণু; ৬তৎ}

বীজীপুরুষ [বিজিপুরুশ্] *বি* ১ আদি পুরুষ। ২ যা থেকে

বংশবিশেষের সূত্রপাত। { স. বীজ+ইন্(ইনি)+পুরুষ}
বীট[১] [বিট্] *বি* এক প্রকার কন্দ; পালং জাতীয় শাকের কন্দ। { *ই.* beet}
বীট[২] [বিট্] *বি* কনস্টেবল পিয়ন পাহারাওয়ালা প্রভৃতির টহল দেওয়ার সীমা (পথে বীট পুলিশের পোষাকের নিষ্প্রাণ শাদায়—*শাখা*)। { *ই.* beat}
বীটী ⇒ বিটি
বীড়া ⇒ বিড়া
বীণ ⇒ বীন[১]
বীণা [বিনা] *বি* এক প্রকার তারযুক্ত বাদ্যযন্ত্র (মোর বীণা ওঠে কোন সুরে বাজে—*রঠা*)। ~**নিন্দিত**, ~**বিনিন্দিত** *বিণ* বীণার ধ্বনি থেকেও যে ধ্বনি মধুর। ~**নিন্দিতা**, ~**বিনিন্দিতা** *বিণ স্ত্রী.*। ~**পাণি** *বি* ১ বীণা পাণিতে (হাতে) যার। ২ পুরাণোক্ত বাগ্‌দেবী; সরস্বতী দেবী। { *স.* √বী+ ন+আ(টাপ্)}
বীত [বিতো] *বিণ* বিগত; অপগত; অতীত; নিবৃত্ত। ~**কাম** *বিণ* কামনাবর্জিত; নিঃস্পৃহ। ~**নিদ্র** *বিণ* বিনিদ্র; নিদ্রাহীন; জাগ্রত। ~**ভয়** *বিণ* ভয়হীন; ভয়মুক্ত; নির্ভয়। ~**রাগ** *বি* বিরক্ত (সাংসারিক বিষয়ে নিরতিশয় বীতরাগ হইয়া বিবেচনা করিতে লাগিলেন—*ঈবি*)। □ *বিণ* আসক্তিহীন; অনাসক্ত। ~**শোক** *বিণ* শোকবিহীন; শোকমুক্ত (আমি কিয়ৎ অংশে বীতশোক ও আশ্বাসিত হইয়াছি—*ঈবি*)। ~**শ্রদ্ধ** *বি, বিণ* শ্রদ্ধা দূর হয়েছে এমন; শ্রদ্ধাহীন; আস্থাহীন (নীলকরদের অত্যাচারে বীতশ্রদ্ধ হয়ে তিনি চাকরি ছেড়ে দেন—*সৈমু*)। ~**স্কন্ধ** *বিণ* স্কন্ধহীন (স্ফীতকণ্ঠ বীতস্কন্ধ সংগীতের শরীরী সপ্তম —*বুব*)। ~**স্পৃহ** *বিণ* ১ বিরক্ত। ২ বীতরাগ। ৩ স্পৃহাহীন; উদাসীন। { *স.* বি+√ই+ত(ক্ত)}
বীতংস ⇒ বিতংস
বীতিহোত্র [বিতিহোত্‌ত্রো] *বি* ১ অগ্নি; অনল (জাগিছে সুগ্রীব মিত্র বীতিহোত্ররূপী—মদ)। ২ সূর্য; দিবাকর; ভাস্কর। { *স.* √বী+তি(ক্তিন্)+হোত্র}
বীথি, বীথী, বীথিকা [বিথি, -, -কা] *বি* ১ সারি; পঙ্‌ক্তি; শ্রেণি (বেদনায় তরু বল্লরী বীথি নড়ে—*সদ*)। ২ উভয়পার্শ্ব; বৃক্ষশ্রেণি দ্বারা সুশোভিত পথ; avenue। { *স.* √বিথ্+ ই(কিন্), ঈ(ঙীষ্), ক(কন্)+আ(টাপ্)}
বীন[১], **বীণ** [বিন্] *বি* বাদ্যযন্ত্রবিশেষ; বীণা। ~**কার** *বি* বীণা বাজায় যে; বীণাবাদক (তোমার বীণায় সব তার বাজে ওহে বীনকার—*রঠা*)। { *স.* বীণা>}
বীন[২] [বিন্] *বি* শিমজাতীয় ফল বিশেষ; শিম। { *ই.* bean}
বীপ্সা [বিপ্‌শা] *বি* ১ ব্যাপ্তি; ইচ্ছা। ২ যা পুনঃপুন ঘটে। { *স.* বি+√আপ্+স(সন্)+অ+আ(টাপ্)}
বীবর [বিবর্] *বি* উত্তর আমেরিকার মূষিকজাতীয় উভচর চতুষ্পদ জন্তুবিশেষ। { *ই.* beaver}
বীভৎস [বিভত্‌শো] *বিণ* ১ অতিশয় কদর্য; ঘৃণ্য; বিকৃত (আয়নায় নিজের মুখ দেখেছি বীভৎস—*রাখা*)। ২ পাপাত্মা; পাপী। □ *বি* ঘৃণা বা জুগুপ্সা উৎপাদক রস। ~**তা** *বি* কদর্যতা। { *স.* √বধ্+স(সন্)+অ(ঘঞ্)}
বীম ⇒ বিম
বীমা ⇒ বিমা
বীর [বির্] *বি* ১ বলবীর্যশালী পুরুষ। ২ কাব্যের রসবিশেষ। ৩ বীর্যবান; বলবান; শূর; সাহসী; শক্তিমান। □ *বিণ* ১ তেজস্বী। ২ শ্রেষ্ঠ; প্রধান। ৩ যুদ্ধকুশল; রণনিপুণ। ~**ত্ব** *বি*। ~**কুঞ্জর** *বি* বীরপ্রধান; শূরশ্রেষ্ঠ (পশিল বীরকুঞ্জর—মদ)। ~**কুলর্ষভ** *বি* শূরশ্রেষ্ঠ (অভিমানে মহামানী বীরকুলর্ষভ—মদ)। ~**ধর্ম** *বি* বীরের ধর্ম; বীরোচিত কাজ (বীরপুরুষ পদে পদে বীর ধর্ম পালন করিয়া গিয়াছিলেন —*মামু*)। ~**নারী** *বি স্ত্রী.* ১ শৌর্যবতী; বীর্যবতী। ২ বীরপত্নী; বীরাঙ্গনা। ~**প্রসবিনী**, ~**প্রসূ** *বিণ* বীর পুত্রের জননী; বীর সন্তান প্রসবকারিণী। ~**বর** *বি* শূরশ্রেষ্ঠ; শ্রেষ্ঠবীর। ~ **বৌলী** *বি* বীর পুরুষের কর্ণালঙ্কারবিশেষ; কুণ্ডল (তিন কেলে বুড়ো ...... কানে আমলকী পান্নার বীরবৌলী—*অঠা*)। ~**ভদ্র** *বি* হিন্দু পুরাণমতে শিবের একজন অনুচরের নাম; শূরপ্রধান। ~**ভোগ্যা** *বিণ স্ত্রী.* বীরের অধিকার বা ভোগের উপযুক্তা (বীরভোগ্য বিপরীত তুমি ললিতে কঠিনে—*রঠা*)। { *স.* √বীর্+অ(অচ্)}
বীর-উত্তম [বিরউত্‌তম্] *বি* ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাববিশেষ। মর্যাদা-ক্রম: **বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীর-বিক্রম, বীর-প্রতীক**। { *স.* বীর-উত্তম; *বহু*}
বীরখণ্ডি, বীরখণ্ডী [বিরখোন্‌ডি] *বি* তিল ও গুড় দ্বারা প্রস্তুত মিঠাইবিশেষ। { *স.* বীরখণ্ড+ *বা.* ই}
বীর-প্রতীক [বিরপ্রোতিক্] *বি* ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাববিশেষ। মর্যাদা-ক্রম: **বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীর-বিক্রম, বীর-প্রতীক**। { *স.* বীর-প্রতীক; *বহু*}
বীর-বিক্রম [বিরবিক্‌রম্] *বি* ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাববিশেষ। মর্যাদা-ক্রম: **বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীর-বিক্রম, বীর-প্রতীক**। { *স.* বীর-বিক্রম; *বহু*}
বীরশ্রেষ্ঠ [বিরস্রেশ্‌ঠো] *বি* ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব ও সাহসিকতার জন্য সরকার প্রদত্ত খেতাববিশেষ। মর্যাদা-ক্রম: **বীরশ্রেষ্ঠ, বীর-উত্তম, বীর-বিক্রম, বীর-প্রতীক**। { *স.* বীর+শ্রেষ্ঠ; *বহু*}
বীরা [বিরা] *বিণ* ১ বীর্যবতী; পরমা; শ্রেষ্ঠা; উৎকৃষ্টা। □ *বি* ১ পতিপুত্রবতী নারী। ২ আমলকী। { *স.* বীর+আ(টাপ্)}
বীরাঙ্গনা [বিরাঙ্‌গনা] *বি* ১ বীরনারী; বীর্যবতী বা সাহসী নারী (আমি বুঝলাম সে বীরাঙ্গনা আফগানের মেয়ে—*নই*)। ২ ১৯৭১ সালে সংঘটিত বাংলাদেশের মুক্তিযুদ্ধে যুদ্ধাহত অথবা হানাদার পাকিস্তানি বাহিনী কর্তৃক নির্যাতিত নারী। ৩ বীরপত্নী। { *স.* বীর+অঙ্গনা; *বহু*}
বীরাচার [বিরাচার্] *বি* হিন্দু তান্ত্রিক সাধনার পদ্ধতি বিশেষ। **বীরাচারী**(-রিন্) *বিণ* বীরাচারমতে সাধনা করে এমন। { *স.* বীর+আচার; ৬তৎ}
বীরুধ [বিরুধ্] *বি* বৃক্ষ; লতা। { *স.* বি+√রুধ্+ক্বিপ্}
বীরেশ্বর [বিরেশ্‌শর্] *বি* শ্রেষ্ঠ বীর; বীরশ্রেষ্ঠ; সর্বোত্তম বীর। { *স.* বীর+ঈশ্বর; ৬তৎ}
বীর্য [বির্‌জো] *বি* ১ শৌর্য; বীরত্ব; পরাক্রম; বিক্রম; তেজ; শক্তি। ২ রেত; শুক্র। ~**বত্তা** *বি* বীরত্ব। ~**বন্ত** *বিণ* বলবান; বিক্রমশালী। ~**বান**, ~**শালী** *বিণ* বীরত্ব যুক্ত বা সম্পন্ন। ~**বতী**, ~**শালিনী** *বিণ স্ত্রী.*। { *স.* বীর+য(ষ্যঞ্)}

বু[১] [বু] *বি* মুসলিম পরিবারের বড় বোনকে যে শব্দে ডাকা হয়; জ্যেষ্ঠা ভগিনী বাচক শব্দ। { *হি.* বুয়া> }

বু[২] [বু] *বি* গন্ধ (বদবু)। { *ফা.* বু بو }

বুইল (*মধ্য.*) [বুইলো] ১ বলল। ২ বললে (সতা আখে বুইল —*চন্দ্রী*)। { *প্রা.* √বল> }

বুঁচকি ⇒ বোঁচকা

বুঁদ[১] [বুঁদ] *বিণ* বিভোর; চুর; অভিভূত; বিহ্বল (ভাবে বুঁদ হয়ে —*মোম*)। { *স.* মুদ> }

বুঁদ[২], **বুঁদি** [বুঁদ, বুঁদি] *বি* ১ ক্ষুদ্র বিন্দু; ছোট ফোঁটা; বৃষ্টির ছোট ছোট ফোঁটা। ২ ভুড়ভুড়ি। { *স.* বিন্দু> }

বুঁদিয়া, **বুঁদে** [বুঁদিয়া, বুঁদে] *বি* বটিকা আকৃতির মিঠাই। { *স.* বটিকা>; *স.* বিন্দু+*বা.* ইয়া> }

বুক[১] [বুক] *বি* ১ বক্ষস্থল। ২ ছাতি (বুক বাড়িয়েছে কার সোহাগে— *ভারা*)। ৩ অন্তর; হৃদয় (বুক ভরা)। ~ **চাপড়ানো** *ক্রি* শোক প্রকাশপূর্বক বারংবার বুকে চাপড় মারা। ~ **চিতিয়ে চলা** *ক্রি* অসঙ্কুচিত হয়ে অগ্রসর হওয়া; সাহসের সঙ্গে অগ্রসর হওয়া। ~**জল** *বি* বুক পর্যন্ত ডুবে যায় এমন গভীর জল। ~ **ঠোকা** *ক্রি* সাহস বা ভরসা প্রকাশ করা; বুকে আঘাত করে সাহস দেখানো। ~ **দশ হাত হওয়া**, ~ **ফুলে ওঠা** *ক্রি* আনন্দিত হওয়া; গর্বিত বা অহংকৃত হওয়া। ~ **দিয়া পড়া**, ~ **দেওয়া** *ক্রি* সর্বান্তঃকরণে সাহায্য করা। ~ **পাতা** *ক্রি* দুঃখ-কষ্ট সহ্য করতে প্রস্তুত থাকা। ~ **ফাটা** *ক্রি* দুঃখে হৃদয় ফেটে যাওয়া; প্রচণ্ড দুঃখ বা শোক পাওয়া (বুক ফাটা কান্না)। ~ **ফাটে তো মুখ ফোটে না** *ক্রি* মনের গোপন কথা প্রকাশ করার তীব্র ইচ্ছা সত্ত্বেও মুখে না বলা। ~ **ফোলানো** *ক্রি* অহংকার প্রকাশ করা। ~ **বাঁধা** *ক্রি* ১ সাহসে ভর করা। ২ বিপদে ধৈর্য ধারণ করা। ~ **ভাঙ্গা** *বিণ* প্রবল দুঃখবাচক (বুক ভাঙা কান্না)। ২ দুঃখে-শোকে মর্মান্তিক কষ্ট পাওয়া। ~ **শুকানো** *ক্রি* ভয় ইত্যাদির জন্য হৃদয়ে শুষ্কতা অনুভব করা; নিরুৎসাহ বোধ করা। **বুকে ঢেঁকির পাড় পড়া** *ক্রি* তীব্র আতঙ্কে প্রবল বেগে হৃৎপিণ্ডের স্পন্দন হওয়া। **বুকে পিঠে করে মানুষ করা** *ক্রি* অত্যন্ত আদরে ও যত্নে লালন করা। **বুকে বসে দাড়ি উপড়ানো** *ক্রি* আশ্রয়দাতা বা প্রতিপালকের অনিষ্ট সাধন করা। **বুকে বাঁশ ডলা**, **বুকে বাঁশ দেওয়া** *ক্রি* বাঁশ দ্বারা বুক দলন করা; কঠিন শাস্তিবিশেষ। **বুকের পাটা** *বি* ১ বুকের প্রসার; ছাতি। ২ (*আল.*) শক্তি; সাহস; দুঃসাহস। **বুকের রক্ত চুষে খাওয়া** *ক্রি* (*আল.*) নির্যাতন করে ক্রমশ মৃত্যু ঘটানো। **বুকের রক্ত দেওয়া** *ক্রি* প্রাণপণে জীবন দেওয়া; সর্বান্তঃকরণে জীবন বিসর্জন দেওয়া; আত্মত্যাগ করা। **বুকে হাত দিয়ে বলা** *ক্রি* আন্তরিকতা বা সাহসের সঙ্গে বলা; বিবেকের নির্দেশ মেনে চলা। { *স.* বুক্ক; বক্ষঃ> }

বুক[২] [বুক] *বি* ১ আগাম মূল্য দিয়ে আসন সংরক্ষণ বা সিট রিজার্ভ করা। ২ জাহাজে বা রেলে মালপত্র চালান দেবার ব্যবস্থা। ৩ বইপুস্তক। ~**কিপিং** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাব-রক্ষণ। ~**পোস্ট** *বি* পুস্তক, খবরের কাগজের মোড়ক ইত্যাদি মুখ-খোলা অবস্থায় কম মাশুলে ডাকযোগে পাঠানোর ব্যবস্থা। ~**শেলফ** *বি* বইয়ের তাক। ~**স্টল** *বি* বইয়ের দোকান; রেল স্টেশন প্রভৃতি খোলা জায়গায় বইয়ের দোকান। { *ই.* book }

বুকড়ি, **বুকড়ী** [বুকড়ি] *বি* আছাঁটা মোটা চাল (স্ত্রীলোকের সৌন্দর্য রূপ বুকড়ি চাউলের ভাত প্রণয় কলা পাতে ঢালিতে ঢালিতে ঠাণ্ডা হইয়া যায়—*বচ*)। ❑ *বিণ* অশোভনরূপে বড় ও মোটাসোটা। { *তুল. হি.* বগড় }

বুকনি [বুকনি] *বি* ১ গুঁড়া; কণা; ক্ষুদ্র টুকরা। ২ মিছরির ক্ষুদ্র ক্ষুদ্র দানা। ৩ টুকরা মন্তব্য বা ফোড়ন; রসালো অথবা চটুল কথার টুকরা; এক ভাষার মধ্যে অন্য ভাষার প্রয়োগ। { *স.* বুক্ক+অন = বুক্কন>*প্রা.* বুক্কই>; *তুল. হি.* বুকনী }

বুকি [বুকি] *বি* বোকা বা বুদ্ধিহীন নারী। **বোকা** *পু.*। { *বা.* বোকা+ই(স্ত্রীপ্রত্যয়) }

বুক্ক [বুকেকো] *বি* ১ বুক; হৃৎপিণ্ড। ২ বোকা পাঁঠা। **বুক্কা** *স্ত্রী.*। { *স.* √বুক্ক+অ(অচ্) }

বুক্কুশী [বুককুশি] *বি* পিশাচী; প্রেতিনী (যে বেশে বসেছো ঘাটে বুক্কুশী বলবে—*ঘচ*)। { *স.* পুক্কশী> }

বুগবুগি [বুগবুগি] *বি* ভুড়ভুড়ি (গ্যাসের বুগবুগি —*হার*)। { *ধ্বন্যা.* }

বুজকুড়ি [বুজকুড়ি] *বি* ভুড়ভুড়ি; বুদ্বুদ। { বুদ্বুদ>বুজ+গুড়ি>কুড়ি }

বুজদিল [বুজদিল] *বিণ* ভীরু; কাপুরুষ (বুজদিল ঐ দুশমন সব বিলকুল সাফ হো গিয়া—*নই*)। { *ফা.* বুজদিল بزدل }

বুজরুক [বুজরুক] *বিণ* ১ (*ব্য.*) অলৌকিক বা দৈবশক্তির ভানকারী; পাণ্ডিত্যের ভান করে এমন; কুটিল (প্রথম পরিচয়ে শ্যামবাবুকে বুজরুক সাব্যস্ত করিয়াছিলেন—*রাব*)। ২ প্রতারক; ঠগ। **বুজরুকি**, **বুজরুগি**, **বুজরুকী** *বি* ১ পাণ্ডিত্যের বা অলৌকিক শক্তির ভান; চালিয়াতি; ছলনা; ভান (ঐন্দ্রজালিক শক্তির বুজরুকী— *আখা*)। ২ প্রতারণা। { *ফা.* বুজুর্গ بزرگ }

বুজা, **বুজানো** ⇒ বোজা

বুজি [বুজি] *বি* বাঙালি মুসলিম সমাজে বড় বোনকে ডাকা আদরের সম্বোধন; বু। { *হি.* বুয়া>বু+জি }

বুজুর্গ [বুজুরগো] *বি* মহান; সম্মানিত; মুরব্বি; সাধু। **বুজুর্গি** *বিণ* মাহাত্ম্য; আভিজাত্য। { *ফা.* বুজুর্গ بزرگ }

বুর্জুয়া, **বুর্জোয়া** [বুরজুয়া, -জো-] *বি* মধ্যবিত্ত শ্রেণি। ❑ *বিণ* মধ্যবিত্ত ও প্রাচীনপন্থি (ওমর বুর্জুয়া কবির বিদগ্ধ পংক্তিতে আপন বক্তব্য প্রকাশ করেছেন —*সৈমু*)। { *ফ.* bourgeois }

বুঝ [বুঝ] *বি* ১ বোধ; বিচার; জ্ঞান (বুঝ সুঝ আছে বলতে হবে)। ২ প্রবোধ; সান্ত্বনা (বুঝ মানা)। ৩ বোধ; জ্ঞান (অবুঝে বুঝাবো কত বুঝ নাহি মানে —*প্রবাদ*)। ~**সমঝ** *বি* বিচার-বিবেচনা (রীতিমতো বুঝ সমঝ থাকা দরকার —*মব*)। **বুঝই** (*ব্র.*) *অক্রি* বুঝতে (বুঝে ন বুঝ ইহ রস বোল —*বিপ*)। { *স.* √বুধ্> }

বুঝনু, **বুঝণু** (*মধ্য.*) [বুঝনু] *ক্রি* বুঝলাম (না বুঝনু কৈছন কেলী —*বিপ*)। **বুঝয়** (*মধ্য.*) *অক্রি* বুঝতে (বুঝয় না পারি—*বিপ*)। { *স.* √বুধ্> }

বুঝা, **বুঝানো** ⇒ বোঝা[২]

বুঝি [বুঝি] *ক্রি* অনুমান করি; অনুভব করি; বোধ করি। ❑ *অব্য* বোধ হয়; সম্ভবত; অনুমান; হয়তো (তাই বুঝি)।

{√বুঝ্+ই}

বুট১ [বুট্] *বি* এক ধরনের মজবুত জুতা যা পরলে পায়ের গোড়ালির উপর অংশ আবৃত থাকে (যে বুট এবং ম্যাকিন্টশ পরিয়া কালেকাটা রোডের ধারে—*রঠা*)। {ই. boot}

বুট২ [বুট্] ⇒ ছোলা২

বুটি, বুটী [বুটি] *বি* বস্ত্রাদিতে সুচে-তোলা ফুল। ~**দার** *বিণ* বুটিযুক্ত; বুটি দ্বারা মণ্ডিত। {তুল. হি. বুটা}

বুড় ⇒ বুড়া২

বুড়নো ⇒ বুড়া১

বুড়বক [বুড়্বক্] *বিণ* নিরেট মূর্খ; একান্ত নির্বোধ (তুই লাজ্জা পাচ্ছিস কেনরে বুড়বক—*সৈমু*)। {তুল. হি. বুড়বক}

বুড়া১ [বুড়া] *ক্রি* ১ নিমজ্জিত হওয়া; ডোবা; জলমগ্ন হওয়া (জেলে ডিঙ্গা বুড়ে—*কমু*)। ২ ভরে যাওয়া (জঙ্গলে বুড়েছে)। ~**নো, বুড়নো** *ক্রি* ১ ডোবানো। ২ ভরে দেওয়া বা যাওয়া। {স. বুড়্>}

বুড়া২, **বুড়ো, বুড়** [বুড়া, বুড়ো,] *বি* বৃদ্ধ ব্যক্তি। ☐ *বিণ* ১ প্রবীণ। ২ অতি পুরনো; প্রাচীন (বুড়া বট গাছ)। ৩ অতিশয় বয়স্ক (বুড়া খোকা)। ৪ পরিপক্ব; জেঠা; ফাজিল; অকালপক্ব (বুড়ো মেয়ে)। ~ **আঙ্গুল** *বি* অঙ্গুষ্ঠ; বৃদ্ধাঙ্গুলি। ~ **আঙুল দেখানো** *ক্রি* ফাঁকি দেওয়া। **বুড়ি**২, **বুড়ী** *বিণ, বি* স্ত্রী। **বুড়াটে, বুড়ুটে, বুড়োটে** *বিণ* ১ বৃদ্ধ সদৃশ; বুড়ার মতো। ২ প্রায় বুড়ো। **বুড়াপনা, বুড়োপনা, বুড়ামি, বুড়োমি, বুড়োমো** *বি* পাকামি; জেঠামি; বৃদ্ধ না হয়েও তদ্রূপ আচরণ বা ব্যবহার। **বুড়ি ছুঁয়ে থাকা** *ক্রি* নামমাত্র নিয়ম পালন করা। **বুড়ো মেরে খুনের দায়** (*আল.*) সামান্য অপরাধে গুরুতর ফল ভোগ করা। **বুড়ো শালিকের ঘাড়ে রোঁ** — বৃদ্ধ বয়সে শিশু বা যুবকের মতো আচরণ। **বুড়োহাড়** *বি* অভিজ্ঞ লোক। {স. বৃদ্ধ> প্রা. বুড্ড>}

বুড়ি১ [বুড়ি] *বি* পাঁচগণ্ডা বা সিকিপণ। ~**কিয়া, ~কে** *বি* বুড়িসম্বন্ধীয় গণনাপদ্ধতি। {স. বোড্রী>}

বুড়ি২, **বুড়ী, বুড়ুটে, বুড়ো** ⇒ বুড়া২

বুঢ়া [বুঢ়া] *বিণ* বৃদ্ধ; প্রবীণ (যুবা যুবতীর সে দেশে ভিড় সেথা যেতে নারে বুঢ়া পীর—*নই*)। {স. বৃদ্ধ>; তুল. হি. বুড্ঢা}

বুত [বুত্] *বি* মূর্তি। ~**পরস্ত** *বিণ* মূর্তি উপাসক (বুতপরস্ত আরব ইসলাম বরণ করল—*আশ*)। {ফা. বুত بت }

বুতাম ⇒ বোতাম

বুদ্দু [বুদ্দু] *বি, বিণ* মরুবাসী আরব (আশেপাশে যতেক ছিল বুদ্দু বেদুঈন জাত—*রই*)। {আ. বুদবী بدوى }

বুদ্ধ [বুদ্ধো] *বি* বৌদ্ধধর্মের প্রবর্তক ও প্রচারক; সিদ্ধার্থ; গৌতম। ☐ *বিণ* ১ জাগরিত; উদ্বোধিত। ২ জ্ঞানপ্রাপ্ত; প্রজ্ঞাপ্রাপ্ত। ৩ জ্ঞানী। ~**ত্ব** *বি* বুদ্ধের ভাব; বোধিলাভের অবস্থা। {স. √বুধ্+ত(ক্ত)}

বুদ্ধি [বুদ্ধি] *বি* ১ ধী; বোধ; বিচারশক্তি; মনীষা। ২ পরামর্শ; মন্ত্রণা; যুক্তি (বুদ্ধি দেওয়া)। ৩ মতলব; ফন্দি; কৌশল (বুদ্ধি বের করতে হবে)। ৪ মনোবৃত্তি (পাপবুদ্ধি)। ৫ জ্ঞান। ~**কৌশল** *বি* বুদ্ধির দ্বারা উদ্ভাবিত উপায় বা কৌশল; চতুরতা। ~**গম্য** *বিণ* জ্ঞানগোচর; বুদ্ধির সাহায্যে [illegible] ~**চাতুর্য** *বি* বুদ্ধিকৌশল; বুদ্ধির নৈপুণ্য; বুদ্ধির প্রাখর্য; চতুরতা। ~**জীবী** (-বিন্) *বিণ* ১ সমাজ ও সংস্কৃতি সচেতন এবং জ্ঞান বিজ্ঞানে দক্ষ সুশিক্ষিত মানুষ, যারা বুদ্ধির বলে বা বুদ্ধির কাজ দিয়ে জীবিকা নির্বাহ করে। ২ জ্ঞান বা বুদ্ধিকৌশলে কাজ সম্পাদন করে এমন। ~**তে বৃহস্পতি** *বিণ* হিন্দু পুরাণোক্ত দেবগুরু বৃহস্পতির মতো অত্যন্ত বুদ্ধিমান; মহাপণ্ডিত। ~**নাশ, ~ভ্রংশ, ~লোপ, ~হানি** *বি* বুদ্ধির লোপ; বুদ্ধিশূন্যতা। ~**বৃত্তি** *বি* বুদ্ধিশক্তি; মানসিক শক্তি। ~**ভ্রম** *বি* মতিভ্রান্তি; বুঝবার ভুল। ~**ভ্রষ্ট** *বিণ* বুদ্ধি ভ্রংশ হয়েছে এমন। ~**মত্তা** *বি* বিজ্ঞতা; ধী-শক্তি; বুদ্ধিশালিতা; মনীষা। ~**মান** *বিণ* ১ জ্ঞানবিশিষ্ট; বুদ্ধিসম্পন্ন; বুদ্ধিযুক্ত; জ্ঞানী। ২ চালাক; চতুর। ~**মতী** *বিণ* স্ত্রী। ~**র গোড়ায় ধোঁয়া দেওয়া** *ক্রি* বিবেচনা বা চিন্তা করতে বসা। ~**র ঢেঁকি** *বিণ* নির্বোধ; নিতান্ত স্থূলবুদ্ধি। ~**শুদ্ধি** *বি* বিচার-বিবেচনা। ~**হত** *বিণ* হতবুদ্ধি; লুপ্তবুদ্ধি (রিক্তহস্তে গৃহস্থ দাঁড়ায়ে বুদ্ধিহত ভারা)। {স. √বুধ+তি(ক্তি)}

বুদ্ধি (*মধ্য.*) [বুদ্ধি] *অক্রি* জেনে; বুঝে (বুদ্ধি নাও তোনে পাও—*হর*)। {স. √বুধ+তি(ক্তি)>}

বুদ্ধীন্দ্রিয় [বুদ্ধিনদ্রিয়ো] *বি* জ্ঞানেন্দ্রিয়; যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞান লাভ করা যায়। {স. বুদ্ধি+ইন্দ্রিয়}

বুদ্ধু [বুদ্ধু] *বিণ* (*ব্য.*) বোকা; মূর্খ (স্পর্শ পেলে বুদ্ধু হত বুদ্ধদেরি বুনিয়াদে—*সদ*)। {স. বুদ্ধ>}

বুদ্বুদ, বুদবুদ [বুদ্বুদ্] *বি* পানির ভুড়ভুড়ি; জলবিম্ব। **বুদ্বুদন, বুদবুদন** *বি* বুদ্বুদোদগম; ভুড়ভুড়ি উঠা; effervescence। **বুদ্বুদী, বুদবুদী** (-দিন্) *বিণ* বুদ্বুদ নিঃসরণ করে এমন। {স. ধ্বন্যা.}

বুধ [বুধ্] *বি* ১ সপ্তাহের একটি বার; সাতদিনের একটি; বুধবার। ২ একটি গ্রহের নাম; Mercury। ৩ জ্ঞানী; বোধশক্তিসম্পন্ন ব্যক্তি। ৪ পণ্ডিত; বিদ্বান; জ্ঞানী; প্রতিভাধর ব্যক্তি। ৫ (হিন্দু পুরাণে) চন্দ্রের পুত্র। {স. √বুধ্+অ(ক)}

বুধী (*মধ্য.*) [বুধি] *বি* বুদ্ধি। {স. বুদ্ধি>}

বুনট, বুনাট [বুনোট্, -নাট্] *বি* ১ বয়নকাজ; বয়নকৌশল। ২ বয়নের পারিশ্রমিক; বয়নমূল্য। ৩ বস্ত্রাদির বুনন বা জমিন। {তুল. হি. বুনাবট}

বুনন, বুনান [বুনন্, -নান্] *বি* ১ বীজরোপণ; বপন। ২ বস্ত্রাদি প্রস্তুতকরণ; বয়ন। {স. বপন>বয়ন>; তুল. হি. বুননা}

বুনা, বুনান, বুনানো ⇒ বোনা

বুননি, বুনানি, বুনুনি [বুনোনি, -নানি, -নুনি] *বি* ১ কাপড়ের জমিন; কাপড়ের বুনন (বুনুনি সাদায় কালোতে—*রঠা*)। ২ বয়নকাজ; বোনা। ৩ বয়নের পারিশ্রমিক বা মূল্য। {স. বপন>বয়ন>; তুল. হি. বুননা}

বুনানো, বোনা [বুনানো, বোনা] *ক্রি* ১ বপন করা; সুবিন্যস্তরূপে ছড়িয়ে দেওয়া। ২ বয়ন করা। {স. বপন>}

বুনিয়াদ, বুনিয়াদি, বুনিয়াদী ⇒ বনিয়াদ

বুনো [বুনো] *বিণ* ১ আদিবাসী। ২ অসভ্য; বর্বর; অমার্জিত। ৩ জংলি; বনবাসী; বন-জঙ্গলে বাস করে এমন। ৪ বন্য; বনে উৎপন্ন; বনজাত। {স. বন্য>}

বুন্দা (*মধ্য.*) [বুনদা] *বি* বৃষ্টির বড় বড় ফোঁটা। {তুল. হি. বুন্দ}

বুবু [বুবু] *বি* (বাঙালি মুসলমান সমাজে কথ্যভাষায়) বড়

বোন। {হি বুবু}

বুভুক্ষা [বুভুক্‌খা] *বি* ক্ষুধা; ভোজন করার ইচ্ছা। **বুভুক্ষিত, বুভুক্ষু** *বিণ* ১ ভোজনেচ্ছু। ২ ক্ষুধিত; ক্ষুধার্ত। {স. √ভুজ্‌+স(সন্‌)+অ+আ(টাপ্‌)}

বুম্বুক *(প্রাবা.)* [বুম্‌বুক্‌] *বি* স্ফীতি (বুম্বুকে উথলে জল ঝাঁট মার পাণী—বচ)। {স. √বিম্বক>}

বুরজোয়া ⇒ বুর্জোয়া

বুররাক ⇒ বোরাক

বুরা [বুরা] *বিণ* মন্দ; খারাপ (বুরা না মানো তো একটা কথা বলি)। {হি বুরা}

বুরুচ ⇒ ব্রোচ

বুরুজ [বুরুজ্‌] *বি* ১ মিনারের উপরের অংশ; গম্বুজ (বারো বুরুজ উদয় হবে—জউ)। ২ দুর্গপ্রাকার; দুর্গপ্রাকারের উপরের কক্ষ যেখানে সশস্ত্র প্রহরী থাকে। ৩ এক প্রকার তাসখেলা। {আ. বরুজ برج ; তুল. ই. bastion}

বুরুল [বুরুল্‌] *বি* তিন যব পরিমাণ; বুড়ো আঙুলের প্রস্থ; প্রায় এক ইঞ্চি পরিমাণ। {বুড়া আঙুল>}

বুরুশ [বুরুশ্‌] *বি* পশুর লোম ইত্যাদিতে তৈরি মার্জনী। {ই. brush}

বুরোক্রাটিক [বুরোক্রাটিক্‌] *বিণ* আমলাতান্ত্রিক (এই মনোভাবকেই না বুরোক্রোটিক মনোভাব বলে—*প্রচৌ*)। {ফ. bureaucratic}

বুর্জোয়া, বুরজোয়া [বুর্‌জোয়া] *বি* মধ্যবিত্ত শ্রেণির লোক; পুঁজিবাদী বা ধনতান্ত্রিক ব্যবস্থার ফলে সৃষ্ট উচ্চবিত্ত বা ধনিক শ্রেণির লোক। □ *বিণ* মধ্যবিত্ত শ্রেণির মনোভাবসম্পন্ন (উদীয়মান বুর্জোয়া শ্রেণীর পক্ষে সেই সঞ্চিত মূলধন ... স্বাধীনভাবে নিযুক্ত করা সম্ভব নয়—*আনিস*)। {ফ. bourgeois}

বুলক, বুলাক [বুলক্‌, বুলাক্‌] *বি* নাকের অলঙ্কারবিশেষ (নাকেতে বুলক, গলায়দ হাসুলী—জউ)। {ফা. বুলাক بلاق }

বুলন্দ [বুলন্‌দ্‌] *বিণ* উচ্চ (প্রাণের বুলন্দ দরওয়াজার—*নই*)। ~**নসিব** *বিণ* সৌভাগ্য (দুজনার হবে বুলন্দনসিব, লাখে লাখে হবে বদনসিব এ নহে বিধান ইসলামের—*নই*)। {ফা. বুলন্দ بلند }

বুলবুল, বুলবুলি [বুলবুল্‌, বুলবুলি] *বি* মিষ্টি সুরের এক জাতীয় পাখি (বুলবুলের মতো তার দৃষ্টি থাকে গোলাপ কুঞ্জের দিক—*মোচৌ*)। {ফা. বুলবুল بلبل }

বুলভারি [বুল্‌ভোরি] *বি* শহরের প্রধান রাস্তা; এভিন্যু (এ রাস্তা কাবুলিদের বুলভার—*সৈমু*)। {ফ. boulevard}

বুলা *(মবা.)* [বুলা] *ক্রি* ভ্রমণ করা; বিচরণ করা; ঘুরে বেড়ানো (ঘুরিয়া ঘুরিয়া বুলে—*গোদা*)। {প্রা. √বোল্লা>}

বুলাক ⇒ বুলক

বুলানো ⇒ বোলানো

বুলি [বুলি] *বি* ১ কথা; শব্দ; বাক্য; বোল; ভাষা; dialect (ফরাসি বুলি)। ২ মুখস্থ ভাষা বা গৎ (বুলি আওড়ানো)। ৩ অস্পষ্ট কথা; আঞ্চলিক ভাষা; উপভাষা (শিশুর বুলি)। {হি বোলী}

বুলেট [বুলেট্‌] *বি* বন্দুকের গুলি; ছররা (গোটা কয়েক শুভেচ্ছা বুলেটের গতিতে এসে ঠোকর খেলো মীনার মস্তিষ্কে—*নীহা*)। {ই. bullet}

বুসা [বুসা] *বি* চুম্বন (সত্যই মহাবীর তুই, বুসা দেই তোকে আয়—*নই*)। {ফা. বুসাহ্‌ بوسه }

বুস্তাঁ, বুস্তান, বোস্তান [বুস্‌তাঁ, -তান্‌, বোস্‌-] *বি* ফুলের বাগান (হে ধ্যানী তোমার মন বুস্তান গুলান—*ফআ*)। {ফা. বুস্তান بستان }

বৃংহণ [বৃংহণ্‌] *বি* হাতির ডাক। □ *বিণ* বলকর; পুষ্টিকর। {স. √বৃন্‌হ্‌+অন(ল্যুট্‌)}

বৃংহিত [বৃঙহিত্‌] *বি* হাতির গর্জন; হাতির চিৎকার। □ *বিণ* ১ বৃদ্ধিপ্রাপ্ত; বর্ধিত। ২ পুষ্ট। {স. √বৃন্‌হ্‌+ত(ক্ত)}

বৃক [বৃকো] *বি* ১ নেকড়ে বাঘ। ২ শৃগাল। ৩ কাক। ৪ জঠরানল; জঠরাগ্নি। ৫ ক্ষত্রিয়। **বৃকোদর** *বি* ১ মহাভারতোক্ত মধ্যম পাণ্ডব ভীম। ২ নেকড়ে বাঘের মতো উদর যার। {স. √বৃক্‌+অ(ক)}

বৃক্ক [বৃক্‌কো] *বি* তলপেটের যে যন্ত্র থেকে মূত্র আলাদা করে; কিডনি; kidney। {স. বৃক্ক, তুল. বুক্ক(বুক)}

বৃক্ষ [বৃক্‌খো] *বি* গাছ; শাখী; বিটপী; দ্রুম; মহীরুহ; তরু; পাদপ। ~**চ্ছায়** *বি* বৃক্ষসমূহের ছায়া। ~**চ্ছায়া** *বি* গাছের ছায়া। ~**বাটিকা** *বি* বাগান-বাড়ি। **বৃক্ষাগ্র** *বি* গাছের আগা; তরুশির। {স. বৃক্ষ (<√ব্রশ্চস্‌)}

বৃত [বৃতো] *বিণ* ১ কোনো কাজের জন্য শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করা হয়েছে এমন (সাহিত্য সম্মিলন সভার সভাপতি পদে বৃত হইয়াছিলাম—*রঠা*)। ২ সসম্মানে গৃহীত বা নিযুক্ত। ৩ প্রার্থিত। ৪ আবৃত। ৫ আচ্ছাদিত। {স. √বৃ+ত(ক্ত)}

বৃতি [বৃতি] *বি* ১ কাঁটার বেড়া (ওই যে ফুটেছে ফুল বৃতিপাশে বিচিত্র বরণ—*মোচৌ*)। ২ বেড়া। ৩ বেষ্টনী। ৪ বরণ। ৫ নিয়োগ; নিযুক্তি। ৬ প্রার্থনা; আবেদন। ৭ আবরণী। ৮ বেষ্টন। ৯ গোপন। ১০ পুষ্পের বহিরাবরণ। {স. √বৃ+তি(ক্তি)}

বৃত্ত [বৃত্‌তো] *বি* ১ *(জ্যা.)* একই সমতলে অবস্থিত একটি বিন্দু অন্য একটি বিন্দু থেকে সর্বদা সমান দূরে থেকে যে গোলাকার ক্ষেত্র সৃষ্টি করে; circle। ২ চরিত্র। ৩ শাস্ত্রোক্ত আচার। ৪ ছন্দ; যেসব ছন্দে সাধারণ অক্ষরের সংখ্যা গ্রহণে ছন্দের পরিমাণ স্থির করতে হয় সেগুলোকে বৃত্তছন্দ বলে। ৫ কচ্ছপ। □ *বিণ* ১ বর্তুল; গোলাকার। ২ জাত; উৎপন্ন। ৩ আবৃত; আচ্ছাদিত। ৪ অভ্যস্ত; অভ্যাস দ্বারা আয়ত্ত। ৫ নিযুক্ত; কার্যরত। ~**কলা** *বি* দুই ব্যাসার্ধের দ্বারা সীমাবদ্ধ বৃত্তাংশ। ~**খণ্ড** *বি* বৃত্তের যে অংশটি একটি সরল রেখা ও তদ্দ্বারা কর্তিত পরিধি খণ্ডের অন্তর্গত। ~**গন্ধি** *বি* কবিত্বপূর্ণ গদ্য রচনা। ~**পুষ্প** *বি* শিরীষ কদম্ব প্রভৃতি গোলাকার পুষ্প। ~**বান** *বিণ* ১ চরিত্রবান। ২ আচারবান। ৩ গোলাকার। ~**স্থ** *বিণ* ১ সচ্চরিত্র। ২ বৃত্তক্ষেত্রে স্থিত। **বৃত্তাংশ** *বি* বৃত্তের অংশ। **বৃত্তানুবর্তী** *বিণ* আচারনিষ্ঠ। {স. √বৃত্‌+ত(ক্ত)}

বৃত্তা *(মবা.)* [বৃত্‌তা] *বিণ* বৃত্তিভোগকারী (ব্রাহ্মণ বৈষ্ণব বৃত্তা—ঘচ)। {স. বৃত্তি>বৃত্ত+বা. আ}

বৃত্তান্ত [বৃত্‌তান্‌তো] *বি* ১ বিবরণ; বর্ণনা। ২ বার্তা; সংবাদ। ৩ বিষয়; ব্যাপার। ৪ ঘটনা। **সর্ব-দর্শী** *বি* যিনি সকল ব্যাপার জানেন। {স. বৃত্ত+অন্ত; বহু}

বৃত্তাভাস [বৃত্‌তাভাশ্‌] *বি* ১ প্রায় গোলাকার ক্ষেত্র (অবশ্য দুটো সম্পূর্ণ সভ্যতা ব্যষ্টির বৈপরীত্য ও কালাবর্তের বৃত্তাভাস—*সুদ*)। {স. বৃত্ত+আভাস}

বৃত্তি [বৃত্‌তি] *বি* ১ ধর্ম; প্রকৃতি (মনোবৃত্তি)। ২ প্রবৃত্তি;

স্বভাব (মানুষের যাযাবর বৃত্তি আমাদের কৌতূহল জাগায়—*আশ*)। ৩ উপজীবিকা; ব্যবসায় (চৌর্যবৃত্তি)। ৪ আচরণ; ব্যবহার। ৫ যে ছন্দ অক্ষর সংখ্যা দ্বারা স্থির হয়। ৬ নির্দিষ্ট সময়ের জন্য বা নির্দিষ্ট সময় অন্তর অর্থ সাহায্য; scholarship; stipend (বৃত্তি পরীক্ষা, ছাত্রবৃত্তি)। ৭ টীকা-টিপ্পনী; ব্যাখ্যান। ~**কার** *বি* ব্যাখ্যাতা। ~**চ্ছেদ** *বি* উপজীবিকা হরণ বা তার লোপ। ~**গবেষক** *বি* বৃত্তি বা সরকারি অনুদান নিয়ে গবেষণা করেন যিনি। ~**দান** *বি* জীবিকা-নির্বাহের জন্য ভূমি বা অর্থ সাহায্য দান (এই সমস্ত সংগ্রহ ও তরজমার কাজে মাসিক মোটা বৃত্তি দিয়ে নিয়োগ করেছিলেন—*আম*)। ~**ভোগী** *বি* যে নিয়মিত অর্থসাহায্য পায়। { *স.* √বৃত্+তি(ক্তি)}

বৃত্য [বৃত্তো] *বিণ* শ্রদ্ধেয়; বরণীয়; বরেণ্য। { *স.* √বৃ+য}

বৃত্র [বৃত্রো] *বি* হিন্দু পুরাণোক্ত শক্তিশালী অসুর। ~**হা, বৃত্রারি** *বি* বৃত্রসংহারক দেবরাজ ইন্দ্র। { *স.* √বৃৎ+র(রক) তুল. *পহলবি,* বেতরো—সর্পরূপী অসুর}

বৃথা [বৃথা] *অব্য, ক্রিবিণ* অকারণ; নিষ্কারণ; বিনা কারণে; নিরর্থক; অনর্থক; নিষ্ফল; মিথ্যা; অলীক (আমি বৃথা অভিসারে এ যমুনা পারে এসেছি—*রঠা*)। ~ **মাংস** *বি* হিন্দুমতে দেব-দেবীকে উৎসর্গ করা হয়নি এমন পশুর মাংস। { *স.* √বৃ+থা}

বৃদ্ধ [বৃদ্‌ধো] *বিণ* ১ বুড়া; বুড়ো; প্রবীণ (বয়সে বৃদ্ধ)। ২ বৃদ্ধিপ্রাপ্ত; বয়োজ্যেষ্ঠ। ৩ প্রাচীন; বহু বৎসরের। ৪ মুরুব্বি। ৫ অভিজ্ঞ; প্রবুদ্ধ (জ্ঞানবৃদ্ধ)। **বৃদ্ধা** *স্ত্রী*। ~**কাক** *বি* দাঁড়কাক। ~**গঙ্গা** *বি* বুড়িগঙ্গা। ~**ত্ব** *বি* বার্ধক্য; বৃদ্ধাবস্থা। ~**নাভী** *বিণ* স্থূলোদর; ভুঁড়ি। ~ **প্রপিতামহ** *বি* প্রপিতামহের পিতা। ~ **প্রপিতামহী** *বি স্ত্রী* প্রপিতামহের পত্নী। ~**স্য**—বৃদ্ধের; বুড়ালোকের (বৃদ্ধস্য তরুণী ভার্যার অন্তরবিদারী বেদনা—*কাআমা*)। ~**স্য তরুণী ভার্যা** *বি* বৃদ্ধের তরুণী স্ত্রী। **বৃদ্ধা** *বিণ স্ত্রী* বুড়ি; প্রবীণা। { *স.* √বৃধ+ত(ক্ত)}

বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ [বিদ্‌ধাঙ্‌গুলি, -গুশ্‌ঠো] *বি* বুড়া আঙুল; অঙ্গুষ্ঠ; হাতের বা পায়ের বুড়া আঙুল। ~ **দেখানো/প্রদর্শন** *ক্রি* ফাঁকি দেওয়া (চাকরটি সুযোগ পেলেই মনিবকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখায়। { *স.* বৃদ্ধ+অঙ্গুলি, অঙ্গুষ্ঠ; *কর্মধা.*}

বৃদ্ধি [বৃদ্‌ধি] *বি* ১ আধিক্য; প্রাচুর্য। ২ বাড়; বিস্তার। ৩ উন্নতি। ৪ সুদ। ~**জীবী** *বিণ* সুদখোর। ~**শ্রাদ্ধ** *বি* মৃতের জন্য অনুষ্ঠিত হিন্দুদের আভ্যুদয়িক শ্রাদ্ধ। **বৃদ্ধোক্ষ** *বি* বুড়া ষাঁড়। { *স.* √বৃধ+তি(ক্তি)}

বৃন্ত [বৃন্‌তো] *বি* ১ পাতা ফুল ও ফল যে দণ্ডের সঙ্গে সংলগ্ন থাকে; বোঁটা। ২ স্তনাগ্র; চুচুক। ৩ জলপাত্র রাখবার বিড়া। ~**চ্যুত** *বিণ* বোঁটা থেকে খসে পড়েছে এমন। { *স.* √বৃ+ত(ক্ত), 'ন' আগম}

বৃন্তাক [বৃন্‌তাক্] *বি* বেগুন; তরকারিবিশেষ; বেগুন গাছ। { *স.* বৃন্তাক}

বৃন্দ [বৃন্‌দো] *বি* ১ কয়েকজন; সমূহ; গণ। ২ কতকগুলো। □ *বিণ* শত কোটি সংখ্যা বা সংখ্যক। { *স.* √বৃ+দ, 'ন' আগম}

বৃন্দা [বৃন্‌দা] *বি* ১ তুলসী গাছ। ২ হিন্দুপুরাণে রাধিকার দূতী বা সখী; রাধিকার নামান্তর। { *স.* বৃন্দ+আ(টাপ্)}

বৃন্দাবন [বৃন্‌দাবোন্] *বি* রাধা ও কৃষ্ণের প্রেমের লীলাক্ষেত্র; যমুনা তীরবর্তী মথুরার নিকটবর্তী হিন্দুদের তীর্থস্থান। { *স.* বৃন্দা+বন}

বৃন্দার [বৃন্‌দার্] *বিণ* সুন্দর; মনোজ্ঞ। ২ অতি যশস্বী। ৩ সর্বপ্রধান। { *স.* বৃন্দ+আ+√রা+অ(ক)}

বৃশ্চিক [বৃশ্‌চিক্] *বি* ১ বিছা। ২ রাশিচক্রের অষ্টম রাশি। ৩ শূককীট, শুয়াপোকা। ~**দংশন** *বি* ১ বিছার কামড়। ২ *(আল.)* তীব্র হৃদয়দাহ; ভীষণ মর্মবেদনা। { *স.* √ব্রশ্চ+ইক(কিকন্)}

বৃষ, বৃষভ [বৃশো, বৃশভ্] *বি* ১ ষণ্ড; ষাঁড়; বলদ; বলীবর্দ (ব্যাঘ্রে বৃষভে ঘটাবে সমন্বয়—*সদ*)। ২ *(জ্যো.)* রাশিচক্রের একটি রাশি। **বৃষকাষ্ঠ** *বি* হিন্দুদের বৃষোৎসর্গ নামক শ্রাদ্ধে ব্যবহৃত ষাঁড় বাঁধার খুঁটি। ~**ধ্বজ,** ~**বাহন** *বিণ* হিন্দুদেবতা শিব। **বৃষস্কন্ধ** *বিণ* ১ ষাঁড়ের স্কন্ধের মতো স্থূল ও প্রশস্ত স্কন্ধ এমন। ২ অত্যন্ত শক্তিশালী। **বৃষোৎসর্গ** *বি* হিন্দুদের দ্বারা অনুষ্ঠিত একপ্রকার শ্রাদ্ধ, যাতে ষাঁড় উৎসর্গ করা হয়। { *স.* √বৃষ+অ(ক), অভ(অভচ্)}

বৃষল [বৃশল্] *বি* ১ শূদ্র। ২ অশ্ব। □ *বিণ* ১ পাপী। ২ অধার্মিক। ৩ পতিত। **বৃষালী** *বি স্ত্রী.* ১ শূদ্রা। ২ অবিবাহিতা ঋতুমতী কন্যা। ৩ বন্ধ্যা; যে নারীর সন্তান হয় না। ৪ মৃতবৎসা; যে নারীর সন্তান বাঁচে না। ৫ ঋতুমতী। ৬ কুলটা; অসতী; ব্যভিচারিণী নারী। { *স.* বৃষ+√লা+অ(ড)}

বৃষ্টি [বৃশ্‌টি] *বি* বর্ষণ; মেঘ থেকে পানি পড়া। ~**ক্লান্ত** *বিণ* মেঘাচ্ছন্ন; মেঘাচ্ছাদিত (বৃষ্টিক্লান্ত বহুদীর্ঘ লুপ্ততারা শশী—*রঠা*)। ~**পাত** *বি* মেঘ হতে জল বর্ষণ। ~**বিন্দু** *বি* বৃষ্টির পানির ফোঁটা। ~**মানযন্ত্র** *বি* যে যন্ত্র দ্বারা কত ইঞ্চি বৃষ্টি হলো তা মাপা হয়। ~**স্নাত** *বি* বৃষ্টির পানিতে ধৌত। { *স.* √বৃষ+তি(ক্তি)}

বৃষ্ণি [বৃশ্‌নি] *বি* ১ যদুবংশ; যাদব। ২ কৃষ্ণ। ৩ জ্যোতি। ৪ ইন্দ্র। ৫ বায়ু। ৬ মেঘ। ৭ অগ্নি। □ *বিণ* ১ বিধর্মাবলম্বী। ২ পাষণ্ড। { *স.* √বৃষ+নি}

বৃষ্য [বৃশ্‌শো] *বিণ* ১ বীর্য বৃদ্ধি করে এমন। ২ **বাজীকর**। □ *বি* মাষকলাই। **বৃষ্যা** *বি* ১ শতাবরী। ২ আমলকী। { *স.* √বৃষ+য(ক্যপ)}

বৃস *(প্রাবা.)* [বৃস] *বি* বৃষরাশি (... মাস বিসরাশি—*রাপ*)। { *স.* বৃষ>}

বৃহৎ [বৃহত্] *বিণ* ১ মস্ত বড়; প্রকাণ্ড; বিরাট; বিস্তৃত। ২ উদার; মহৎ। ৩ সমারোহপূর্ণ। **বৃহতী** *বিণ স্ত্রী.* মহতী। □ *বি* ১ ক্ষুদ্রাকৃতি বেগুনজাতীয় গাছ ও তার ফল। ২ উত্তরীয় বস্ত্র। **বৃহত্তর** *বিণ* অধিকতর বিস্তৃত; বিশালতর। { *স.* √বৃহ+অৎ(অতি)}

বৃহস্পতি [বৃহশ্‌পোতি] *বি* ১ সপ্তাহের দিন বা বারবিশেষ; বৃহস্পতিবার। ২ একটি গ্রহের নাম; Jupiter। ৩ হিন্দু পুরাণোক্ত দেবগুরু। { *স.* বৃহৎ(বাক)+পতি; ৬তৎ}

বুহিত [বুহিত্] *বি* নৌকা; তরণী; বাণিজ্য তরী (জীবন সংশয় দেখি হারায়ে বুহিত—*কম*)। { *স.* বহিত্র>}

বে[১] ⇒ বিয়ে

বে[২] [বে] *অব্য* ১ বিহীন; বিনা; ব্যতীত; ছাড়া। ২ অভাব; বিরোধ; নিন্দা; বৈপরীত্য ভাব প্রকাশক শব্দ। ~**আইন,** ~**আইনি** *বিণ* ১ আইনের বাইরে; আইনের বিরুদ্ধে। ২ অবৈধ। ~**আক্কেল** *বিণ* জ্ঞানহীন; বুদ্ধিহীন; নির্বোধ; কাণ্ডজ্ঞানহীন। ~**আদব,** ~**য়াদব** *বি* অভদ্র; শিষ্টাচারহীন; অশিষ্ট। ~**আদবি,** ~**য়াদবি** *বি* অভদ্রতা; অশিষ্টাচার

(আবদুল্লা তাহার সহিত বেআদবী করে—*আব্বা*)। ~**আন্দাজ** *বি* বেহিসাব; পরিমাণ সম্বন্ধে যার জ্ঞান নেই। ~**আবরু** *বিণ* ১ বেপর্দা। ২ শ্লীলতাহীন; সম্ভ্রম বা সম্মানহীন। ☐ *বি* অপমান; অসম্মান। ~**ইজ্জত** *বিণ* ১ অসম্মানিত। ২ অপমানিত। ~**ইজ্জতি** *বি* মানহানি; অপমান। ~**ইমান, ~ঈমান** *বিণ* ১ বিশ্বাসঘাতক; নিমকহারাম। ২ ধর্ম-বিশ্বাসহীন। ~**ইমানি, ~ঈমানি** *বি* বিশ্বাসঘাতকতা। ~**এক্তিয়ার** *বিণ* ১ এলাকার বাইরে এমন; এলাকা-বহির্ভূত। ২ ক্ষমতাহীন। ৩ উপায়হীন। ৪ বেসামাল (গোলাপী নেশায় একটুখানি বে-এক্তিয়ার হয়ে—*সৈমু*)। ৫ অধিকার-বহির্ভূত। ~**ওজর** *বিণ* অজুহাত নেই এমন; আপত্তিহীন। ~**ওফা** *বিণ* অকৃতজ্ঞ; নিমকহারাম; প্রতিজ্ঞা ভঙ্গকারী (বেওফা বদজাত এরা খারাবি করিল তেরা—*সৈহা*)। ~**ওয়ারিশ, ~ওয়ারিশি** *বিণ* ১ অভিভাবকহীন। ২ স্বত্বাধিকারশূন্য; দাবিদার নেই এমন। ~**কবুল** *বিণ* অস্বীকৃত; অসম্মত। ~**কসুর** *বিণ* দোষশূন্য; অপরাধহীন; নিরপরাধ; নির্দোষ (বেকসুর খালাস)। ~**কসুর খালাস** *বি* নির্দোষ বলে মুক্তিলাভ। ~**কায়দা** *বিণ* অসুবিধা; উপায়হীন; নিরুপায়; অনায়ত্ত (বড় বেকায়দায় পড়িয়াছিলেন—*মামু*)। ~**কার** *বিণ* ১ অযথা; অকারণ। ২ কর্মহীন; জীবিকাশূন্য। ~**কুব**=বেয়াকুব। ~**কুবি** *বি* বোকামি; নির্বুদ্ধিতা; মূর্খতা। ~**খরচ, ~খরচা** *ক্রিবিণ* বিনা খরচে; ব্যয় ব্যতিরেকে। ~**খাপ, ~খাপ্পা** *বিণ* মিল হয় না বা মানায় না এমন; বেমানান। ~**গতিক** *বিণ* নিরুপায়; উপায়হীন; অসহায়; প্রতিকারহীন। ~**গোছ** *বিণ* অগোছালো; এলোমেলো। ~**চাল** *বিণ* ১ আচার-ব্যবহারে শোভনীয় নয় এমন। ২ চরিত্রহীন। ~**জুত, বিজুত** *বি* ১ অসুবিধা। ২ মনের মতো না হওয়া অবস্থা; অবাঞ্ছিত। ~**টাইম** *বি* অসময়। ☐ *বিণ* নির্দিষ্ট সময়ের আগে বা পরে। ~**ঠিক** *বিণ* অসত্য; ভ্রমপূর্ণ; ঠিক নয় এমন (তৌহিদের বাণী ভুল হয়ে গেছি বিমনা বেঠিক—*আজই*)। ~**ঢক, ~ঢপ** *বিণ* বেমানান; ছাঁচের সাথে মেলে না এমন; কদাকার; কুশ্রী। ~**তদবির** *বি* তদবিরের বা তত্ত্বাবধানের অভাব। ~**তমিজ** *বিণ* ১ অশিষ্ট। ২ বেআদব; শিষ্টাচারজ্ঞানবর্জিত। ৩ অনভিজ্ঞ। ~**তর** *বিণ* ১ অসুস্থ; অপ্রকৃতিস্থ; পাগল। ২ বিসদৃশ; বিপরীত; বিরুদ্ধ। ~**তরিবত** *বিণ* অশিক্ষিত; শিক্ষার বা শিষ্টাচারের অভাব আছে এমন। ~**তার** *বিণ* ১ বিস্বাদ। ২ তারবিহীন। ~**তার বার্তা** *বি* যে তারবিহীন যন্ত্রের সাহায্যে দূরবর্তী স্থানের সংবাদ প্রদান করা হয়; রেডিও। ~**তার যন্ত্র** *বি* বিনা তারে বিদ্যুৎ প্রবাহের সাহায্যে শব্দ প্রেরিত ও গৃহীত হয় যে যন্ত্রে; রেডিও। ~**তাল, ~তালা** *বিণ* ১ তালহীন; তালভঙ্গ। ২ কোনো তালজ্ঞান নেই এমন। ৩ অনুপযুক্ত। ~**দখল** *বিণ* ১ অধিকারহীন; অধিকারচ্যুত। ২ নিজস্ব জিনিস অপরের হাতে চলে যাওয়া। ~**দখলি** *বিণ* অন্যায়ভাবে অধিকার করা হয়েছে এমন। ~**দম** *বিণ* ১ দম ফুরিয়ে গেছে এমন। ২ শ্বাসরোধকর। ৩ নিঃশ্বাস ফেলারও অবসর পাওয়া যায় না এমন; নিরবকাশ। ৪ শ্বাস ও প্রাণবায়ু বের করে দেয় এমন মারাত্মক। ৫ নিঃশ্বাস নেওয়ার জন্যও থামে না এমন। ~**দল** *বি* বিপক্ষ। ☐ *বিণ* দলছাড়া। ~**দলীয়** *বিণ* ১ অদলভুক্ত। ২ শত্রুপক্ষের। ~**দস্তুর** *বিণ* ১ রীতি-বিরুদ্ধ। ২ নিয়মকানুনবহির্ভূত। ~**দাগ** *বিণ* ১ দাগহীন। ২ চিহ্নিত করা হয়নি এমন। ৩ নিষ্কলঙ্ক; কালিমাহীন। ~**দীন** *বিণ* ১ ধর্মহীন (আসিতে পারে না হেথা বেদীন—*নই*)। ২ সত্যধর্মে অবিশ্বাসী। ~**দরেগ** *বিণ* নির্মম; করুণাহীন। ~**ধড়ক** *বিণ* অপরিমিত; বেজায়। ~**নাম** *বিণ* নামহীন; অপরিচিত। ☐ *বি* ১ প্রকৃত মালিকের বদলে অন্য লোকের নাম। ২ নাম গোপন করা। ~**নামি, ~নামা** *বিণ* লেখকের নাম গোপন করা হয় এমন; নামহীন (বেনামি চিঠি)। ~**পর্দা** *বিণ* ১ পর্দা সম্পর্কে সচেতন নয় এমন। ২ উন্মুক্ত। ৩ ঘোমটাহীন; বেআবরু। ৪ লজ্জাহীন। ~**পরোয়া** *বিণ* নির্ভীক; ভয়হীন; কোনো কিছুই গ্রাহ্য করে না এবং বাধা-নিষেধ মানে না এমন। ~**ফজুল** *বিণ* মিছামিছি; শুধু শুধু (খামাখা বেফজুল খরচ গেল—*শও*)। ~**ফাঁস** *বিণ* ১ অসংযত। ২ বন্ধনহীন। ৩ অশ্লীল; নগ্ন। ☐ *বি* গোপন তথ্যাদি প্রকাশ। ~**ফায়দা** *বিণ* ১ লাভ নেই এমন। ২ বৃথা; নিষ্ফল। ~**বন্দেজ** *বিণ* ব্যবস্থাহীন; শৃঙ্খলাশূন্য। ~**বন্দোবস্ত** *বিণ* ১ ব্যবস্থাশূন্য; ঠিক হয়নি এমন। ২ শৃঙ্খলাশূন্য; বিশৃঙ্খল। ~**বাক** *বিণ* সবগুলো; সমস্ত; নিঃশেষ। ~**মক্কা, ~মওকা** *বিণ* ১ অসঙ্গত। ২ অসংযত। ৩ অশোভন (এমন বেমক্কা ভাবে হরতাল শুরু করতো না—*ওয়ালীউল্লাহ*)। ~**মতলব** *বি* অনিচ্ছা। ~**মনাসিব** *বিণ* উচিত নয় এমন; অনুচিত। ~**মানান** *বিণ* ১ মানায় না এমন; বেখাপ্পা। ২ অশোভন। ~**মালুম** *বিণ, ক্রিবিণ* জানার মধ্যে নয় এমন; অজ্ঞাতে; অগোচরে। ~**মেরামত** *বি* ১ মেরামত করা হয়নি বা হয় না এমন অবস্থা। ২ মেরামত করা হয়নি এমন। ~**আরাম, ব্যারাম** *বি* রোগ ব্যাধি শারীরিক বা মানসিক অবস্থা খারাপ হওয়া (মাটিতে শুলে ব্যায়ারাম হবে বিবি, খাটে উঠে আয়—*অচিসে*)। ~**য়াকুফ, ~য়াকুব** *বিণ* বোকা; নির্বোধ; জ্ঞানহীন (বেঅকুফের শিরোমণি—*ঈবি*)। ~**রসিক** *বিণ* রস বোঝে না এবং রস করে না এমন; অরসিক। ~**শক** *ক্রিবিণ* অবশ্যই; নিশ্চয়ই; সত্যই; নিঃসন্দেহে। ~**শম** *বিণ* বেশ; যথেষ্ট (তোমার বাড়ি, আমার বাড়ি, মধ্যে বেশম দূর—*জউ*)। ~**শরম** *বিণ* ১ লজ্জা নেই এমন; নির্লজ্জ। ২ বেহায়া। ৩ বেয়াদব। ~**শরা** *বিণ* ১ শরিয়ত বা ইসলামের বিধান বহির্ভূত কাজ করে এমন; বিধান মানে না এমন (বেশরা ফকির)। ~**শুমার** *বিণ* অসংখ্য; প্রচুর (বেসুমার বাতি আসমানের অত বড় ছাতি ছাইয়া আছে—*আ হা*)। ~**সরকারি** *বিণ* সরকারের আওতার বাইরে এমন; সরকারের নয় এমন। ~**সামাল** *বিণ* ১ সামলিয়ে গুছিয়ে থাকতে পারে না এমন। ২ অসাবধান; অসংলগ্ন। ~**সুর, ~সুরো** *বিণ* ১ ভুল সুর। ২ শ্রুতিকটু। ~**হদ, ~হদ্দ** *বিণ* ১ অত্যন্ত; খুব। ২ অসীম। ~**হাত** *বিণ* অন্যের হাতে চলে যাওয়া; হাতছাড়া; নিজের অধিকারের বাইরে যাওয়া; অধিকার-বহির্ভূত। ~**হায়া** *বিণ* লজ্জাশরম নেই এমন; নির্লজ্জ। ~**হায়াপনা** *বি* নির্লজ্জ ব্যবহার; লজ্জাহীন আচরণ। ~**হিসাব** *বিণ* ১ হিসাবশূন্য। ২ অবাধ; নির্বাধ; মুক্তহস্ত। ৩ অসতর্ক; অসাবধান। ৪ সংখ্যাতীত; অসংখ্য; সুপ্রচুর। ~**হিসাবি** *বিণ* ১ হিসাব করে চলে না এমন। ২ অপরিণামদর্শী। ~**হুঁশ, ~হোশ** *বিণ* ১ অচৈতন্য; বেখেয়াল। ২ অজ্ঞান; জ্ঞান হারানো। ৩ মূর্ছিত। ~**হুদা** *বিণ* ১ বে-আদব; বেহায়া; ব্যবহার খারাপ এমন। ২ অনর্থক; বাজে। ~**হেড** *বিণ* মতিভ্রষ্ট; বিচার-বিবেচনাহীন; উন্মুক্ত; কাণ্ডজ্ঞানশূন্য (বেহেড মাতাল) {ফা. বে. ...}

বেঅ, বে [বেঅ, বে] *(প্রাবা.)* *বি* বেদ (বেঐ—*চর্যাপদ*)। {*স.* বেদ>}

বেআকুল [বেয়াকুল] *(মবা.)* *বিণ* ব্যাকুল (আকুল পরাণ মোর, বেআকুল মন, বাঁশীর শবদে মোর আউলাইলো বাঁধন—*বচদা*)। {*স.* ব্যাকুল>}

বেআলি *(মবা.)* [বেয়ালি] *বি* অমিল; গরমিল; ঝগড়া (পোয়ে ঝিয়ে হয় বেআলি—*ডাকের বচন*)। {*ফা.* বে بی + *বা.* আলি(মিল)}

বেউড় বাঁশ [বেউড় বাঁশ] *বি* কাঁটাযুক্ত বাঁশ; বেড়া দেওয়ার জন্য জন্য ব্যবহৃত বাঁশ (বেউড় বাঁশের বাঁশী যে আমার যেতে নারে ততদূর—*জউ*)। {*স.* বেষ্ট>বেউড়+*বা.* বাঁশ}

বেউফা, বেওফা [বেওফা] *বিণ* অকৃতজ্ঞ; নিমকহারাম; প্রতিজ্ঞা ভঙ্গকারী (বেওফা বদজাত এরা খারাবি করিল তেরা—*সৈহা*)। {*ফা.* বে بی + *আ.* ব়ফা وفا }

বেউল [বেউল] *(মবা.)* *বিণ* ব্যাকুল (বেউল হইনু অতি —*চদা*)। {*স.* ব্যাকুল>}

বেওয়া, ব্যাওয়া [ব্যাওয়া] *বি* বিধবা নারী; পতিহীনা (বেওয়ারিশ বেওয়া মলে এঁরা তার উত্তরাধিকারী হয়ে বসেন—*কাসি*)। {*ফা.* বেব়হ্ بیوه }

বেওয়ারিশ ⇒ বে[২]

বেঁকা ⇒ বাঁকা

বেঁজি, বেঁজী ⇒ বেজি

বেঁটে[১]**, বাইটা** [বেঁটে, বাইটা] *বিণ* ১ খাটো; ছোট; খর্বকায় (জনতার পুরোভাগে একটি বাইটা লোক আমলাদের সাথে তর্ক করিতেছে—*আমআ*)। ২ বামন। **বেঁটে-খাটো** *বিণ* খর্বকায় (বেঁটেখাটো মানুষটা)। {*স.* বণ্ঠ>}

বেঁটে[২] [বেঁটে] *অক্রি* ১ বেঁটে; পিষে; পেষণ করে। ২ ভাগবাঁটোয়ারা করে; বণ্টন করে। {*স.* বণ্ঠ>+*বা.* ইয়া>}

বেঁড়ে [বেঁড়ে] *বিণ* ১ লেজশূন্য; লেজকাটা। ২ বেঁটে; খাটো; ছোট; খর্বকায়। {*স.* বণ্ড>}

বেঁধা ⇒ বিঁধা

বেঁয়ে [বেঁয়ে] *বিণ* ন্যাটা; বাঁ হাতে কাজ করে এমন (লোকটা বেঁয়ে—বাঁ হাতে বল করে)। {*স.* বাম>বাঁ+*বা.* ইয়া> }

বেকত *(ব্র.)* [বেকতো] *বিণ* ব্যক্ত; প্রকাশিত; খোলা; অনাবৃত (বেকত অঙ্গ—*বিপ*)। ~**য়** *(ব্র.)* *ক্রি* ব্যক্ত বা প্রকাশ করে (বেকতয় হৃদয় লুকাওয়ে লাজে—*বিপ*)। {*স.* ব্যক্ত}

বেকল ⇒ বিকল

বেকসুর, বেকায়দা, বেকার, বেকুব, বেকুবি ⇒ বে[২]

বেখরচা ⇒ বে[২]

বেখাপ, বেখাপ্পা ⇒ বে[২]

বেগ[১] [বেগ] *বি* ১ দ্রুতগতি; গতির পরিমাণ (ঘণ্টায় তিরিশ মাইল)। ২ স্রোত। ৩ মূত্রাদি ত্যাগের ইচ্ছা (প্রস্রাবের বেগ)। ৪ কষ্ট (বেগ দেওয়া)। ৫ প্রকোপ; প্রাবল্য; আধিক্য। ~**বান** *বিণ* ১ শীঘ্রগামী; দ্রুতগতিযুক্ত। ২ খরস্রোত; অত্যন্ত প্রবাহযুক্ত। ৩ দমন করা কঠিন এমন; দুর্দমনীয়। ~**বতী** *স্ত্রী.*। **বেগার্ত** *বিণ* অতিশয় বেগপূর্ণ (বেগার্ত নদীর বাঁক—*বিদে*)। **বেগিত, বেগী**(*-গিন্*) *বিণ* বেগে চালিত; বেগযুক্ত। {*স.* √বিজ্+অ(ঘঞ্)}

বেগ[২] [বেগ্] *বি* ১ সম্ভ্রান্ত মুসলমানদের উপাধি। ২ মোগল জমিদার। ~**ম** *স্ত্রী.*। {*তু.* বেগ (<বক) بیگ ; *তুল.* আইবক; বারবক; উজবক}

বেগতিক [বেগোতিক্] *বি,বিণ* নিরুপায়; বেকায়দা; বিপজ্জনক অবস্থা (আমি বেগতিক দেখে গাড়ি থেকে নেমে ছুটলুম—*রাব*)। {*স.* বি+গতিক>; *ফা.* বে بی + *স.* গতিক}

বেগনি ⇒ বেগুনি

বেগম [বেগম্] *বি* ১ বিবাহিত মুসলিম মহিলা; মুসলিম নারীর নামের শেষাংশ। ২ মুসলমান রানী বা সম্রাজ্ঞী বা সুলতানা। **বেগ** *পু.*। {*তু.* বেগ (<বক) بیگ ; *স্ত্রী.* বেগম بیگم }

বেগর [বেগর্] *অব্য* বিনা; ব্যতীত; ছাড়া (বেগর মেহনতে রুজি দিল এতকাল—*সৈহা*)। {*আ.* বেগ়ম بغير }

বেগানা [বেগানা] *বি* অনাত্মীয়; নিকট সম্পর্কহীন (বেগানা স্ত্রীলোক হয়ত এই নিশুতি রাতে হঠাৎ বিপদে পড়েছে)। {*ফা.* বেগানাহ্ بیگانه }

বেগার, ব্যাগার [ব্যাগার্] *বি* পারিশ্রমিকবিহীন কাজ; কম বেতন বা অনিয়মিত বেতনে বাধ্যতামূলক পরিশ্রম (বেগার সময় চলে ক্ষয়ে ক্ষয়ে—*হার*)। ~ **ঠেলা,** ~ **খাটা** *ক্রি* অনিচ্ছাকৃতভাবে কাজ করা। □ *বিণ* অনিচ্ছাকৃত-ভাবে করত এমন। **ভূতের** ~ *বি* বৃথা পরিশ্রম। **ভূতের** ~ **খাটা** ⇒ ভূত। **বেগারি** *বিণ* শ্রমিক; মজুর (বেগারী বেতন পায়—*ঘচ*)। {*ফা.* বেগার بیگار }

বেগার্ত, বেগিত, বেগী ⇒ বেগ[১]

বেগুন [বেগুন্] *বি* এক প্রকার তরকারি; বার্তাকু। **তেলে-বেগুনে জ্বলে ওঠা** *ক্রি* অত্যন্ত ক্রুদ্ধ হওয়া। {*স.* বাতিঙ্গন>বাইগন>বেগন>}

বেগুনি, বেগুনী, বেগনি [বেগুনি, -, -গো-] *বিণ* বেগুনে রঙের মতো লালচে আভাযুক্ত গাঢ় নীল রংবিশিষ্ট (লজ্জা এসে আমার আকর্ণ বেগুনী করে দিলে—*রাব*)। □ *বি* বেসম মেখে তেলে ভাজা বেগুনের ফালি; খাদ্যবিশেষ। {*স.* বাতিঙ্গন>*বা.* বেগুন+ই, ঈ}

বেগোছ ⇒ বে[২]

বেগোড় [বেগোর্] *বিণ* গোড়া নেই এমন; ভিত্তিহীন (বেগোড় মাটিতে প্রাসাদ দেউল দেব গড়ি—*সদ*)। {*ফা.* বে بی + *বা.* গোড়া; বহু}

বেঘুম [বেঘুম্] *বিণ* অনিদ্র; ঘুম আসেনি এমন (ত্রিযামা যামিনী বেঘুম শয়নে একা একা বসে জাগি—*জউ*)। {*ফা.* বে بی + *বা.* ঘুম}

বেঘোর, বেঘোরে, বিঘোর [বেঘোর্, -রে, বিঘোর্] *বি* ১ অসহায় অবস্থা (অন্ধ হইয়া বেঘোরে পড়িয়া ছিল—*শাকা*)। ২ অচেতন অবস্থা। {*বা.* বিঘোর>}

বেঙ, ব্যাঙ, ব্যাঙ্গ [ব্যাঙ্, -, ব্যাঙ্গো] *বি* ভেক; মণ্ডূক। ~ **তড়কা** *বি* ব্যাঙের মতো লাফ। **বেঙাচি, বেঙ্গাচি, বেঙাছি** *বি* ব্যাঙের (লেজ যুক্ত) বাচ্চা। **বেঙের/ব্যাঙের আধুলি/সিকি** *বি* গরিব লোকের অতি সামান্য অর্থ বা সঞ্চয়। **বেঙের ছাতা, ব্যাঙের ছাতা** *বি* ছাতার আকারের ছোট উদ্ভিদবিশেষ; ছত্রাক। **বেঙের/ব্যাঙের লাথি** *বি* হীন বা নগণ্য লোক কর্তৃক অপমান। **ব্যাঙর ব্যাঙর করা**

ক্রি বহুক্ষণ ধরে বিরক্তিকর ভাষা ব্যবহার; অবিরত বাজে বকবক করা। **ব্যাঙের সর্দি** *(আল.) বি* অসম্ভব ব্যাপার। { *স.* ব্যাঙ্গ> }

বেঙাচি, বেঙ্গাচি ⇒ বেঙ

বেঙ্গমা, ব্যাঙ্গমা [ব্যাঙ্‌গোমা] *বি* রূপকথার এক প্রকার পাখি যে মানুষের মতো কথা বলতে পারে। **বেঙ্গমী** *স্ত্রী.*। { *স.* বিহঙ্গম> }

বেচঈন [বেচোইন্] *বিণ* অস্থির (বলিল হাতেমতায়ী অনিবার্য মৃত্যু একদিন দেখা দেবে জিন্দেগীতে কেন তুমি হও বেচঈন—*ফআ*)। { *ফা.* বে بے + *হি* চঈন }

বেচা [ব্যাচা] *ক্রি* বিক্রি করা। ~**কেনা, কেনা~** *বি* ক্রয়-বিক্রয়। { *স.* বি+√ক্রী>বিকা> }

বেচানো [ব্যাচানো] *ক্রি* জিনিসপত্র বিক্রয় করানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। { *বা.* বেচা+আনো; ক্রিয়ারূপ—বেচাই, বেচাও, বেচান; *অক্রি*—বেচাতে, বেচালে, বেচিয়ে ইত্যাদি }

বেচারা, বেচারি [ব্যাচারা, ব্যাচারি] *বিণ* শান্তশিষ্ট; নিরীহ; গোবেচারা; উপায়হীন ব্যক্তি। { *ফা.* বে بے + চারাহ্ چاره }

বেছন, বিছন [বেছোন, বি–] *বি* ধান্যাদির বীজ। **বেছন রাখা** *ক্রি* ভালো বীজ পাবার জন্য পুষ্ট করা। { *স.* বীজ> }

বেজন্মা [বেজন্‌মা] *বিণ* অবৈধ সন্তান; জারজ। { *ফা.* বে بے *স.* জন্ম>+*বা.* আ }

বেজা [বেজা] *বিণ* সীমাতিরিক্ত; অনুচিত। { *ফা.* বে بے + জায় جای }

বেজাত [বেজাত্] *বি* ১ অন্যজাত। ২ জাতিচ্যুত। □*বিণ* অবৈধ বা জারজ। { *ফা.* বে بے + *আ.* যাত ذات ; *ফা.* বে بے + *স.* জাত }

বেজান [বেজান্] *বিণ* মৃত; মৃতপ্রায় (তারি লাগি কন্যা জাগে বন্দী ঘরে উন্মনা বেজান—*আজহা*)। { *ফা.* বে بے + জান جان }

বেজায় [বেজায়্] *বিণ* খুব; বেশি; অত্যন্ত (বাহিরে সে বেজায় মুখচোরা—*বিব*)। { *ফা.* বে بے +জায় جای }

বেজার, ব্যাজার [ব্যাজার্] *বিণ* ১ বিরক্ত; অসন্তুষ্ট (তোর মুখ দেখে মনে হল তুই বড্ড বেজার—*সৈমু*; বাপদাদা ব্যাজার হলে সংসারে কোনদিন উন্নতি হয় না—*শাহ*)। ২ অপ্রসন্ন। ৩ ক্রুদ্ধ। { *ফা.* বেজার بیزار }

বেজি, বেজী, বেঁজি, বেঁজি [বেজি, –, বেঁ, –] *বি* নকুল; নেউল; mongoose। { *স.* বৈদ্য>বেজ্জ> }

বেজুত ⇒ বিজুত

বেঞ্চ, বেঞ্চি [বেন্‌চ, বেন্‌চি] *বি* একাধিক লোকের বসার জন্য কাঠ ইত্যাদি নির্মিত লম্বা উঁচু আসনবিশেষ। { *ই* bench }

বেটন[১], **বেটম** [বেটন্, –ম্] *বি* দীর্ঘ পুরু কাষ্ঠফলক যা নানা কাজে ব্যবহৃত হয়। { *ই* batten }

বেটন[২] [ব্যাটোন্] *বি* পুলিশ কর্তৃক ব্যবহৃত ব্যাটন নামে পরিচিত লাঠি। { *ই* baton }

বেটা, ব্যাটা [ব্যাটা] *বি* পুত্র; ছেলে; পুরুষ। ~**ছেলে** *বি* ১ পুরুষ জাতীয় ছেলে; পুত্রসন্তান। ২ পুরুষ মানুষ। ~**ছেলে, ~র ছেলে** *বি* অবজ্ঞাসূচক গালি (পশ্চিম বঙ্গের আঞ্চলিক ভাষায়)। **বাপের ~** *বি* পিতার যোগ্য বা উপযুক্ত পুত্র। *স্ত্রী.* **বেটি** *বি*। { *স.* বটু>; *তুল. হি* বেটা/বিটি }

বেটাইম ⇒ বে[২]

বেটি, বেটী [বেটি] *বি* কন্যা; মেয়ে। { *স.* বটু>; *তুল. হি* বেটা/বিটি }

বেটিল [বেটিল্] *(প্রাবা.) ক্রি* বেষ্টন করল; ঘিরল (বেটিল হাক—*চর্যাপদ*)। **বেটিআ** *অক্রি* বেষ্টন করে। { *স.* √বৃৎ> }

বেঠিক ⇒ বে[২]

বেড়, ব্যাড় [বেড়্, ব্যাড়্] *বি* ১ বেষ্টন। ২ ঘের; পরিধি। ~ **দেওয়া** *ক্রি* বেষ্টন করা; ঘেরা; ঘিরে দেওয়া; সীমাবদ্ধ করা (অন্ধকারটা যেন ছাড়াতে পারছে না সাথে সাথে বেড় দিয়ে চলেছে—*সজ*)। { *স.* √বেষ্ট>বেড় }

বেড়া[১] [ব্যাড়া] *ক্রি* বেষ্টন করা; ঘেরা। { *স.* √বেষ্ট>বেড়+আ }

বেড়া[২] [ব্যাড়া] *বি* বেষ্টনী; যা দিয়ে বেষ্টন বা ঘেরাও করা হয় (একটা বেড়া পার হলেই নিদ্রার মুল্লুক—*শাও*)। □*বিণ* চারদিকে ব্যাপ্ত (বেড়া আগুন)। ~**পাক** *বি* বেড়ার আবর্ত; বেড়াজাল (মোকদ্দমার বেড়াপাকে ফেলিয়া—*এআ*)। { *স.* √বেষ্ট>বেড়+আ }

বেড়ানো [ব্যাড়ানো] *ক্রি* ১ ঘোরা; ভ্রমণ করা; ঘুরে বেড়ানো। ২ বিচরণ করা; পদচারণা করা; হাঁটা; উদ্দেশ্যহীনভাবে চলাফেরা করা। **বেড়ানে, বেড়ানিয়া** *বি পু.*। **বেড়ানি** *বিস্ত্রী.* (পাড়াবেড়ানি)। **বেড়াএ** *(মবা.)* বেড়ায়। **বেড়াম্ৰিএ** *(মবা.)* বেড়াই (তোর পাছে বেড়াম্ৰিএ)। **বেড়াম্ৰিবোঁ** *(মবা.)* বেড়াব। **বেড়ান্ত** *(মবা.) ক্রি* বেরায় (একত্র বেড়ান্ত—*বিগু*)। { *স.* √বৃৎ (বর্তন)>; ক্রিয়ারূপ—বেড়াই, বেড়াও, বেড়ান, বেড়ায়; *অক্রি*—বেড়াতে, বেড়ালে, বেড়িয়ে ইত্যাদি }

বেড়াল ⇒ বিড়াল

বেড়ি, বেড়ী [বেড়ি] *বি* আবদ্ধ রাখার বালাজাতীয় শিকল; লৌহবেষ্টনী; হাত-পা বাঁধার শৃঙ্খল (বেড়ী পায়ে মেগে খায়—*ভারা*)। **হাত~** *বি* বাউলি। **হাতে ~ পড়া** *ক্রি* অপরাধের দরুন গ্রেফতার হওয়া বা বন্দী হওয়া। ~**বাঁধ** *বি* বন্যা রোধকল্পে নদী বা বিলের পাড়ে তৈরি সুদীর্ঘ বাঁধ। { *স.* বেষ্টনী>; *তুল. হি* বেঢ়ী }

বেড়ে [বেড়ে] *বিণ* ১ খুব ভালো; বেশ সুন্দর। ২ অতি উত্তম। { *তুল. হি* বঢ়িয়া }

বেড়েন, বাইড়ান [বেড়েন্, বাইড়ান্] *বি* ১ লাঠির আঘাত বা বাড়ি। ২ ঠেঙানি। { বাড়ি+আন }

বেডোল, বেডৌল [বেডোল্, –ডোউল্] *বিণ* ডৌল নেই এমন; কুশ্রী; খারাপ গঠন এমন। { *ফা.* বে بے + *হি* ডোল }

বেঢং, বেঢঙ্গ ⇒ বে[২]

বেঢপ, বেঢক [বেঢপ্, –ক্] *বিণ* ১ অপ্রাসঙ্গিক (বেঢপ বিদ্যাবাগীশ দলের যেরূপ গুণকীর্তন করিলাম—*ঈবি*)। ২ আকার বা গড়ন ভালো নয়; সামঞ্জস্যহীন অবয়ব; আকৃতি অসঙ্গতি; এবড়োখেবড়ো। { *ফা.* বে بے + *হি* ঢব }

বেঢ়ল, বেঢ়লি *(মবা.)* [বেঢ়ল্] *ক্রি* বেষ্টন করল; ঘিরল (ভুজযুগ মোরি বঢ়ল—*বিপ*)। **বেঢ়লি** *স্ত্রী.* (দামিনী

বেড়লি—*কাদা*)। { *স.* √বেষ্ট> }

বেড়া [বেড়া] (*মবা., ব্র*) *ক্রি* বেষ্টন করা; ঘেরা। { *স.* √বেষ্ট> }

বেণা ⇒ বেনা

বেণি, বেণী [বেনি] *বি* ১ বিনুনি; বিনানো চুল (কার বেণী কার খোঁপা—*ভারা*)। ২ পানির প্রবাহ (ত্রিবেণী)। ~**সংহার** *বি* ১ কেশবন্ধন; চুল বাঁধা। ২ একটি সংস্কৃত নাটকের নাম। { *স.* √বেণ্+ই(ইন্), ঈ(ঙীষ্) }

বেণিয়া ⇒ বানিয়া

বেণী ⇒ বেণি

বেণীর [বেনির] *বি* ১ রিঠা গাছ। ২ রিঠা গাছের ফল। { *স.* বেণি> }

বেণু [বেনু] *বি* ১ বংশ; বাঁশ (বেণুবন সমীরণ হাহাকার করে—*নই*)। ২ বাঁশি (বিরহশীর্ণা গিরি ঝরনার তীরে পাহাড়ী বেণু হাতে ফেরে সুর ভাঁজি—*নই*)। ~**ক** *বি* ২ পাঁচনবাড়ি। ~**কা** *বি* ১ বাঁশি (বেণুকা বাজায়ে পথে এনে হায় কোথা তুমি লুকাইলে—*নই*)। ২ বাঁশবন। ~**বন** *বি* বাঁশঝাড়; বাঁশবন। ~**রব** *বি* বাঁশির সুর; ধ্বনি। { *স.* √বেণ্+উ }

বেণ্ডুয়া (*মবা.*) [বেনড়ুয়া] *বি* ১ বিড়ে। ২ শিকে (দুগুটি বেণ্ডুয়া—*বচদা*)। { বেড়+উয়া }

বেত [বেত্] *বি* ১ বেত্র; কঞ্চি। ২ বেত্রাঘাত (যত পায় বেত না পায় বেতন, তবু না চেতন মানে—*রঠা*)। ~ **মারা**, ~ **লাগানো** *ক্রি* বেত দিয়ে প্রহার করা; বেতানো। **বেতানো** *ক্রি* বেত দিয়ে মারা। { *স.* বেত্র> }

বেতদবির ⇒ বে^২

বেতন [বেতোন্] *বি* মাহিনা; মাশোহারা; পারিশ্রমিক; মজুরি; ভাড়া; দাম; কর্ম-মূল্য। ~**গ্রাহী**, ~**ভুক**, ~**ভোগী** *বিণ* টাকা বা বেতন নিয়ে কাজ করে এমন। { *স.* √বী+তন(তনন্) }

বেতমিজ, বেতমীয ⇒ বে^২

বেতর, বেতরিবত ⇒ বে^২

বেতল [বেতল্] *বি* ফুলগাছবিশেষ (হিতল বেতল ফুলের বনে ফুল ঝুর ঝুর করে—*জউ*)। { *আঞ্চ.* }

বেতস [বেতশ্] *বি* বেতগাছ (নদীতীরবর্তী বেতস যে কুব্জভাব অবলম্বন করে সে কি স্বেচ্ছাবশতঃ সেইরূপ করে—*ঈবি*)। ~**বৃত্তি** *বি* ১ বেত গাছের মতো নমনীয়তার ভাব বা নমনশীলতা। ২ (*আল.*) ব্যক্তিত্বসম্পন্ন লোকের সামনে নত হয়ে থাকার স্বভাব। ~ **লতা** *বি* বেত গাছ। { *স.* √বে+অস(অসচ্) }

বেতাগ [বেতাগ্] *বিণ* লক্ষ্যহীন; লক্ষ্যভ্রষ্ট। { *ফা.* বে بی +তাগ(<তাক) }

বেতালো ⇒ বেত

বেতাব [বেতাব্] *বিণ* ১ অশান্ত; চিন্তান্বিত; ব্যাকুল। ২ নিস্তেজ; শক্তিহীন; দুর্বল (বেতাব আমি বিমারির হালে—*ফঅ*)। { *ফা.* বে بی + তাব تاب }

বেতার ⇒ বে^২

বেতাল^১ [বেতাল্] *বি* ১ প্রেতাত্মা। ২ যে মৃতদেহে ভূতের আবেশ হয়েছে (শব প্রেতাত্মা কর্তৃক আবিষ্ট হলে মানুষ হয় না, বেতাল হয়—*প্রচৌ*)। ৩ হিন্দুমতে দেবতা শিবের একজন অনুচরের নাম। { *স.* বে+√তল্+অ(ঘঞ্) }

বেতাল^২, **বেতালা** ⇒ বে^২

বেতো [বেতো] *বিণ* বাতরোগে ভুগছে এমন; বাত-ব্যাধিগ্রস্ত। { *স.* বাত+ *বা.* উয়া=বেতুয়া>বেতো }

বেত্তা [বেত্‌তা] *বিণ* কোনো বিষয়ে জ্ঞানী বা জ্ঞানসম্পন্ন বা অভিজ্ঞ (ইতিহাসবেত্তা)। { *স.* √বিদ্+তৃ(তৃচ্) }

বেত্র [বেত্‌ত্রো] *বি* ১ বেতগাছ। ২ বেতের লাঠি; বেত। ~**দণ্ড** *বি* ১ বেত দিয়ে তৈরি ছড়ি। ২ বেত্রাঘাত নামে শাস্তি। ~**ধর** *বিণ* বেত্রদণ্ড ধারণকারী। ~**বতী** *বিণ স্ত্রী.* বেত হাতে নিয়ে আছে এমন। □ *বি* প্রাচীন মালব দেশের একটি নদী। **বেত্রাঘাত** *বি* বেতের ছড়ি বা বেত দিয়ে প্রহার। **বেত্রাহত** *বিণ* বেত দ্বারা প্রহৃত। { *স.* √বী+ত্র }

বেথুয়া, বেথো [বেথুয়া, বেথো] *বি* শাকবিশেষ; *Chenopodium album*। { *স.* বাস্তুক> }

বেদ [বেদ্] *বি* ঋক্ সাম যজুঃ অথর্ব— এই চারটি ভাগে বিভক্ত হিন্দুদের প্রাচীনতম শাস্ত্র ও সাহিত্য। ~**জ্ঞ**, ~**বিদ** *বিণ* বেদ সম্বন্ধে বিশেষ জ্ঞান আছে এমন। ~**বাক্য** *বি* (*আল.*) অভ্রান্ত; অবিসংবাদিত সত্য; নিশ্চিত প্রমাণ। ~**ব্যাস** *বি* ব্যাস নামের যে ঋষি বেদের বিভাগকর্তা। ~**মাতা** *বি* গায়ত্রী মন্ত্র। { *স.* √বিদ্+অ(ঘঞ্) }

বেদআত ⇒ বেদাত

বেদখল ⇒ বে^২

বেদন [বেদোন্] *বি* ১ বেদনা; কষ্ট। ২ বোধ; অনুভূতি; জ্ঞান। ৩ বিবাহ; দান। ~**শীলতা** *বি* স্বভাবগত বেদনাবোধ (মানুষের ভেতরের বেদনশীলতা আর তা...আত্মার ব্যাপার—*মোচৌ*)। **বেদনা** *বি* ১ অনুভূতি; বোধ। ২ কষ্ট; যন্ত্রণা। ৩ দুঃখ। **বেদনার্ত** *বিণ* দুঃখক্লিষ্ট (দাওয়ায় বসিয়া বুড়ী বেদনার্ত কণ্ঠে আবার ডাকিল—*শাকা*)। **বেদনীয়** *বি* জ্ঞেয়; জ্ঞাতব্য। □ *বিণ* অনুভবযোগ্য; অনুভবনীয়। { *স.* √বিদ্+অন(ল্যুট্) }

বেদম ⇒ বে^২

বেদর, বেদস্তুর ⇒ বে^২

বেদাগ ⇒ বে^২

বেদাঙ্গ [বেদাঙ্‌গো] *বি* শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ—বেদের এ ছয়টি অঙ্গ; ছয় প্রকার শাস্ত্র। { *স.* বেদ+অঙ্গ }

বেদাত, বেদআত [বেদ্‌আত] *বি* (শাস্ত্রে অনুক্ত) নতুন রীতির প্রচলন। { *আ.* বিদ'আত بدعت }

বেদানা [বেদানা] *বি* ফলবিশেষ; ক্ষুদ্রবীজবিশিষ্ট ডালিম-জাতীয় সুস্বাদু ফল। { *ফা.* বে بی + দানাহ دانہ }

বেদান্ত [বেদান্‌তো] *বি* ১ বেদব্যাসের রচিত দর্শনশাস্ত্র (সুফির শিরাজ করবে বিরাজ বেদান্তের এই ভিতে—*সদ*)। ২ বেদের জ্ঞানকাণ্ড। ৩ উপনিষদ। **বৈদান্তিক** *বিণ*। ~**বাদ** *বি* বেদান্ত দর্শনের মত। ~**বাদী**(-দিন্), **বেদান্তী** (-ন্তিন্) *বিণ* বেদান্তবাদ মানে এমন। { *স.* বেদ+অন্ত }

বেদাশ্রয় [বেদাস্‌স্রয়্] *বি* হিন্দুশাস্ত্রে যাকে আশ্রয় বা অবলম্বন করে বেদ রচিত হয়েছে; হিন্দুদেবতা বিষ্ণু। { *স.* বেদ+আশ্রয়; ৬তৎ }

বেদি, বেদী, বেদিকা [বেদি, -, -কা] *বি* ১ বসার জন্য বা বক্তৃতা দেওয়ার জন্য নির্মিত উচ্চ ভূমি বা মঞ্চ; পীঠ;

platform। ২ হিন্দুদের যজ্ঞ বা পূজার জন্য প্রস্তুত উচ্চভূমি। { স. √বিদ্+ই, ঈ(ঙীষ্)}

বেদিত [বেদিতো] *বিণ* ১ নিবেদন করা হয়েছে এমন; নিবেদিত। ২ জানান হয়েছে এমন; জ্ঞাপিত। { স. √বিদ্+ণিচ্+ত(ক্ত)}

বেদিতব্য [বেদিতোব্‌বো] *বিণ* জ্ঞাতব্য। { স. √বিদ্+তব্য}

বেদিয়া, বেদে, বাদিয়া [বেদিয়া, বেদে, বাদিয়া] *বি* যাযাবর; সাপুড়ে জাতিবিশেষ, বিষবৈদ্য। { স. বৈদ্য> বাইদিয়া>বাইদ্যা>; আ. বাদিয়াহ্(যাযাবর) بادية }

বেদী ⇒ বেদি

বেদীন ⇒ বে[২]

বেদুইন, বেদুঈন, বেদুয়িন [বেদুইন্] *বি* আরবের একটি যাযাবর জাতি (ইহার চেয়ে হতেম যদি আরব বেদুইন—*রঠা*)। { আ. বেদুঈন্ بدوين , বদুবী بدوى }

বেদে ⇒ বেদিয়া

বেদ্য [বেদ্‌দো] *বি* জ্ঞাতব্য; জ্ঞেয়। *বিণ* ১ আখ্যাত। ২ পরিণেয়। { স. √বিদ্+য(ণ্যৎ)}

বেধ [বেধ্] *বি* ১ গভীরতা; স্থূলতা। ২ বিঁধ; ছিদ্র। ৩ বিদ্ধকরণ। ৪ হিন্দুমতে বিবাহের শুভকর্মে যে গ্রহকে অশুভ বলে মনে করা হয়। **~ক** *বিণ* ১ বিদ্ধকারী। ২ মণিমুক্তা ছিদ্র করে এমন। **~ন** *বি* বিদ্ধকরণ। **~নী, ~নিকা** *বিণ* শলাকা; সুচ; ছুঁচ। **~নীয়, বেধ্য** *বিণ* ১ বেধনযোগ্য। ২ বেধনসাধ্য। ৩ লক্ষ্য। **বেধা** *বিণ* বেধক। { স. √বিধ্+অ(ঘঞ্)}

বেধড়ক ⇒ বে[২]

বেনা, বেণা [বেনা] *বি* এক প্রকার সুগন্ধ তৃণ; খসখস। **~/উলু বনে মুক্তা/মুক্তো ছড়ানো** *ক্রি* অপাত্রে বা অনুপযুক্ত ব্যক্তিকে মূল্যবান বস্তু দেওয়া। **~র মূল** *বিণ* বেনা নামক তৃণের শিকড়; উশীর। { স. বীরণ>}

বেনাম, বেনামা, বেনামী ⇒ বে[২]

বেনারস [বেনারশ্] *বি* শহরবিশেষ; বারাণসী শহর; কাশী। **বেনারসি** *বিণ* বারাণসী বা কাশীতে তৈরি একটি বিশেষ ধরনের শাড়ি। { স. বরুণা+অসি=বারাণসী> ই. Benares>}

বেনিয়া, বেনে, বেণে [বেনিয়া, বেনে, –] *বি* ১ ইংরেজ কোম্পানির দেশীয় দালাল; মুৎসুদ্দি। ২ ব্যবসাদার; ব্যবসায়ী; দোকানি। ৩ (*অল.*) অত্যন্ত ব্যবসাবুদ্ধিসম্পন্ন ব্যক্তি। { স. বণিক>বেনে>; ই. banian, banyan}

বেনিয়ান [বেনিয়ান্] *বি* ১ ইংরেজি কোম্পানির দেশীয় দালাল; বানিয়া; মুৎসুদ্দি। ২ গেঞ্জির মতো খাটো প্রকপ্রকার জামা; ছোট কোর্তা। { স. বণিক>; ই. banyan}

বেনে ⇒ বানিয়া

বেনো [বেনো] *বিণ* বান বা বন্যাসম্পর্কিত (বেনো গাঙ্গে মোর ভাটা তাতেই সন্তোষ—*ঈগু*)। **~জল** *বি* বানের পানি; বন্যার জল। { স. বন্যা>বান+উয়া>বেনো}

বেপথু, বেপন [বেপোথু, –পন্] *বিণ* ১ কম্পন; শিহরণ (বেপথু লতা যাচে মধুপের দরশন—*নই*; বেপথু শীতের ভীরু পায় হাঁটা—*হার*)। ২ কম্পমান; কম্পিত; শিহরিত; আন্দোলিত। **বেপথুমান** *বি* কম্পমান; শিহরিত; আন্দোলিত। { স. √বেপ্+অথু(অথুচ্)}

বেপমান [বেপোমান্] *বিণ* কম্পমান; কাঁপছে এমন; শিহরিত; আন্দোলিত (বিশ্বাসের বৃন্তে বেপমান—*সুদ*)। **বেপমানা** *বিণ স্ত্রী*। { স. √বেপ্+মান(শানচ্)}

বেপরদা, বেপর্দা ⇒ বে[২]

বেপরোয়া ⇒ বে[২]

বেপার [ব্যাপার] *বি* ১ ক্রয়-বিক্রয়। ২ ব্যবসা-বাণিজ্য। ৩ ব্যবসায়ের লাভ। ৪ ঘটনা; ব্যাপার; বিষয়। **বেপারি, বেপারী, ব্যাপারী** *বি* ব্যবসায়ী; বণিক; কারবারি; সওদাগর (ঘাটে লাগত ফিরতি নৌকা ... বেপারিদের নিয়ে—*অঠা*)। { স. ব্যাপার>}

বেপালট [বেপালট্] *বি* বিপদ; অবস্থার বিপর্যয় (ওরা বেপালটে পড়েছে—*দীমি*)। { তুল. স. বিপর্যস্ত}

বেফাঁস, বেফায়দা, বেবন্দোবস্ত ⇒ বে[২]

বেবহা, বেবাহা [বেবোহা, –বাহা] *বিণ* ১ অমূল্য। ২ অতি উত্তম (দরকার বেবহা রাস্তা বেবহা মাঠ—*শও*)। { ফা. বে بى বহা بها }

বেবাক [বেবাক] *বিণ* সমস্ত; কিছু বাকি নেই এমন (বেবাক লোকগুলোর দিকে তাকিয়ে শুধু ভাবছেন—*শও*)। { ফা. বে بى +আ. বাক় باق }

বেভার ⇒ ব্যবহার

বেভুল [বেভুল্] *বি* ভুল; ভ্রান্তি। { স. বিহ্বল>}

বেমতলব, বেমনাসিব, বেমানান ⇒ বে[২]

বেমার ⇒ বিমার

বেমালুম, বেমেরামত ⇒ বে[২]

বেয়াই ⇒ বেহাই

বেয়াকুল ⇒ ব্যাকুল

বেয়াড়া [বেয়াড়া] *বিণ* ১ অভ্যাস ও ব্যবহার খারাপ এমন। ২ যাকে বশে আনা কঠিন; একরোখা (লোকটা ভারি বেয়াড়া)। ৩ বিশ্রী; বেঢপ; বেঢং। ৪ খারাপ; মন্দ; বদ। { ফা. বে بى +বা. দাঁড়া=বেদাঁড়া>বেয়াড়া}

বেয়াধি ⇒ ব্যাধি

বেয়ান ⇒ বেহান

বেয়ান্দাজ, বে-আন্দাজ, বেআন্দাজি [বেআন্দাজ্, –, –জি] *বিণ* পরিমাণ করা যায় না এমন; অপরিমেয়; অচিন্তনীয়; অননুমেয়। { ফা. বে بى + আন্দাজ় انداز }

বেয়ারা[১] [বেয়ারা] *বি* বাহক; পিয়ন। { ই. bearer}

বেয়ারা[২] ⇒ বেহারা

বেয়ারাম ⇒ বে[২]

বেয়ারিং, বিয়ারিং [বেয়ারিঙ্] *বিণ* ১ বিনা মাশুলে পাঠানো হয়েছে এমন (একটি পয়সা খরচ কত্তে পারে না কেবল বেয়ারিং ইয়ারকি দিতে আসেন—*দীমি*)। ২ বিনা মাশুলে; বিনা খরচায়। ৩ অন্যের খরচে। { ই. bearing}

বেয়াল্লিশ, বিয়াল্লিশ ⇒ [বেয়াল্লিশ্, বি-] *বি, বিণ* ৪২ সংখ্যা বা সংখ্যক। { স. দ্বাচত্বারিংশৎ/দ্বিচত্বারিংশৎ>}

বেয়োনেট, বেয়নেট [বেয়োনেট্] *বি* বন্দুকের সঙ্গিন। { ই. bayonet}

বের ⇒ বাহির

বেরং, বেরঙ, বেরঙ্গ [বেরঙ্, –, –গো] *বি* ১ অন্য রং।

২ বিকৃত রং। রং-বেরং⇒রং২। { স. বি+রঙ্গ}

বেরন১ [ব্যারোন] *বি* ভাজি; ভাজা (বেগুন বেরন)। { *ফা.* বিরিয়ান بریان }

বেরন, বেরুন২ [ব্যারোন্, –রু–] *বি* ১ ধান কাটার পারিশ্রমিক হিসেবে মজুরকে প্রদত্ত ধানের ভাগ। ২ মজুরি; খাটুনি। { *ফা.* বেরূন بیرون }

বেরনো, বেরুনো [বেরোনো, –রু–] *ক্রি* ১ বের হওয়া। ২ ঘোরাফেরা করা। **বেরিয়ে যাওয়া** *ক্রি* ১ স্থান ত্যাগ করা; বের হয়ে যাওয়া; চলে যাওয়া। ২ কূল ত্যাগ করা। { *স.* বহির্গমন>; ক্রিয়ারূপ—বেরই, বেরও, বেরয়, বেরন, বেরস; *অক্রি*—বেরিয়ে, বেরতে, বেরলে ইত্যাদি}

বেরসিক ⇒ বে২

বেরাদার [বেরাদার] *বি* ১ ভাই; ভ্রাতা। ২ বন্ধু। ৩ জ্ঞাতি; আত্মীয়-স্বজন (দশ বিশ বেরাদারে কমু)। ভাই-**বেরাদর** *বি* জ্ঞাতি-গোষ্ঠী; আত্মীয়-স্বজন। { *ফা.* বিরাদর برادر }

বেরাম ⇒ বে২

বেরাল, বেড়াল ⇒ বিড়াল

বেরি *(প্র.)* [বেরি] *বি* বেলা; সময় (মরণক বেরি—*বিপ*)। ~**এক** *ক্রিবিণ* বারেক; একবারে (বেরিএক কর ধনী—*বিপ*)। ~ **বেরি**২ বার বার; পুনঃপুন (কতয়ে বেরি বেরি রচব শেজরি—*বলরাম দাস*)। { *স.* বেলা}

বেরিবেরি২ [বেরিবেরি] *বি* শোথজাতীয় রোগ যাতে হাত পা ফুলে যায়। { *সিংহলি.*>*ই* beriberi }

বেরুণ *(মবা.)* [বেরুন] *বি* মজুরি (প্রকারে প্যালিল পেটে করিয়ে বেরুণ—*ঘচ*)। **বেরুনিয়া** *বি* মজুর (মহাবীর কাটে বন শুনি বেরুণিয়াগণ আইসে তারা নানা দেশ হৈতে—*কমু*)। { *ফা.* বেরূন بیرون }

বেরেষের কাঠ [বেরেশের কাঠ] *বি* হিন্দু শ্রাদ্ধে বৃষোৎসর্গের স্মারক; বৃষচিহ্নিত কাষ্ঠ খণ্ড; বৃষকাষ্ঠ। { *স.* বৃষ+কাষ্ঠ>}

বেল১**, বেলা, বেলি** [বেল্, –লা, –লি] *বি* বেলফুল; স্নিগ্ধ গন্ধযুক্ত এক প্রকার সাদা ফুল; মল্লিকা। { *স.* মল্লিকা> মল্লি> বল্লি(?)>বেলি>; *স.* বল্লী>*প্রা.* বেল্লি>}

বেল২ [বেল] *বি* খোলযুক্ত একপ্রকার ফল; শ্রীফল। ~**শুঁঠ** *বি* খণ্ডিত ও শুকনা বেল ফল। ~ **পাকলে কাকের কী** *(প্রব.)* যা উপভোগ করা অসম্ভব তার প্রতি লোভ করা নিরর্থক। **ন্যাড়া/ নেড়া একবারই ~ তলায় যায়** *(প্রব.)* একবার যে বিষয়ে বিপন্ন হয় মানুষ তা ভীতির সাথে এড়িয়ে চলে। { *স.* বিল্ব>}

বেল৩ [বেল] *বি* ঘণ্টা (বেল বাজানো)। { *ই* bell}

বেল৪ [বেল] *বি* গাঁট (বেল-বাঁধা পাট)। { *ই* bale}

বেল৫ [বেল] *বি* নকশাকাটা জালের ফিতা। ~**দার** *বিণ* নকশাকাটা ফিতাযুক্ত (বেলদার কাপড়)। { *ফা.* বেল بیل ; *স.* বল্লী>}

বেল৬ [বেল] *বি* আসামিকে শর্ত আরোপ করে জামিন দেওয়া। { *ই* bail}

বেল৭ [বেল] *বি* কাচের লণ্ঠনবিশেষ; ফানুস। { *ই* bell}

বেলক *(মবা.)* [বেলক্] *বি* এক প্রকার অস্ত্র (তবক বেলক টাঙ্গী—*কমু*)। { *ফা.* বেলক্ بیلک }

বেলগ [বেলগ্] *বিণ* পৃথক। { *স.* বিলগ্ন>}

বেলচা [বেল্চা] *বি* ১ লম্বা হাতলযুক্ত এক প্রকার কোদাল; শাবল; shovel; কোদালের মতো এক-প্রকার খনন যন্ত্র। ২ বালি ইত্যাদি তোলার যন্ত্র। { *ফা.* বেল بیل + *ফা.* চাহ چه }

বেলদার [বেল্দার] *বি* ১ খনক; যারা কোদাল দিয়ে মাটি কেটে জীবিকা অর্জন করে। ২ যারা ঝাড়-লণ্ঠন সাজায়। □ *বিণ* জরির বা সুতার জালিবিশিষ্ট। ~**নি** *বি স্ত্রী*। { *ফা.* বেল بیل + *ফা.* দার دار }

বেলদার ⇒ বেল৫

বেলন, বেলুন, বেলনা [বেলন্, বেলুন্, বেল্না] *বি* ১ রুটি লুচি ইত্যাদি বেলবার গোল লম্বা কাঠের তৈরি জিনিস। ২ সিলিন্ডার; cylinder; লম্বা পাশের দিকে গোল আকৃতির বস্তু। **বেলনাকার** *বিণ* বেলনের মতো গোল ও লম্বা। { *স.* বেল্লন>}

বেলমুক্তা ⇒ বেলমোক্তা

বেলমোক্তা, বেলমুক্তা [বেল্মোক্তা, –মু–] *ক্রিবিণ* সর্বসমেত; মোটমাট; চুক্তিকৃত পূর্ণ মূল্যে। { *আ.* বিলমুকাত্তিয়াহ بالمقاطعة }

বেলা১**, বেল, বেলি** [বেলা, –ল্, –লি] *বি* বেলফুল; স্নিগ্ধ গন্ধযুক্ত এক প্রকার সাদা ফুল; মল্লিকা। { *স.* মল্লিকা> মল্লি> বল্লি(?)>বেলি>; *স.* বল্লী>*প্রা.* বেল্লি>}

বেলা২ [ব্যালা] *বি* ১ সমুদ্রের তীর বা তটভূমি। ২ সাগরের জোয়ারভাঁটা। ৩ সীমা। ~**ভূমি** *বি* সমুদ্রের তটভূমি বা একপ্রকার সাদা ফুল। { *স.* √বেল্+অ(অচ)}

বেলা৩ [ব্যালা] *ক্রি* বেলন দিয়ে রুটি বানানো (ময়দা বেলে রুটি তৈরি করা)। { *স.* বেল্ল>}

বেলা৪ [ব্যালা] *বি* ১ সময় (বেলা চারটা)। ২ দিবাভাগ (বেলা যে পড়ে এলো—*রঠা*))। ৩ বিলম্ব; দেরি (বেলা করা, বেলা হওয়া)। ৪ ব্যাপ্তি; বিস্তৃতি (জীবনের বেলা)। ৫ সুযোগ; অবসর (এক বেলা)। ৬ বয়স (সেই ছোট বেলা থেকে)। ৭ সম্বন্ধে (পরের বেলায়)। ~ **করা** *ক্রি* দেরি করা। ~ **করে আসা** *ক্রি* দেরি করে আসা। ~ **পড়া, ~ যাওয়া** *ক্রি* বিকেল বা সন্ধ্যা হওয়া। ~ **হওয়া** *ক্রিবিণ* ১ সময় পেরিয়ে যাওয়া। ২ বিলম্ব হওয়া। ~**বেলি** *ক্রিবিণ* দিবা ভাগ বা দিন থাকতে থাকতে। { *স.* √বেল্+অ(অচ)+ আ(টাপ্)}

বেলা৫ [ব্যালা] *বি* সমুদ্রতট; সাগরতীর; বেলাভূমি। { *স.* √বেল্+অ(অচ)+ আ(টাপ্)}

বেলাওল [বেলায়োল্] *বি* পূর্বাহ্ণের রাগিণীবিশেষ। { *তুল. হি* বিলাবল}

বেলাল১ *(মবা.)* [বেলাল্] *বি* বেল গাছের (তুলি বেলাল সিকড়—*রাপ*)। { *স.* বিল্ব>বেল+ *বা.* আল}

বেলাল২ [বেলাল] *বি* ১ হজরত মুহম্মদের (সা.) বিশ্বাসী ভক্ত হাবসি শিষ্য ও ইসলামের প্রথম মুয়াজ্জিন। { *আ.* বিলাল بلال }

বেলি১**, বেল, বেলা** [বেলি, –ল্, –লা] *বি* বেলফুল; স্নিগ্ধ গন্ধযুক্ত এক প্রকার সাদা ফুল; মল্লিকা। { *স.* মল্লিকা> মল্লি> বল্লি(?)>বেলি>; *স.* বল্লী>*প্রা.* বেল্লি>}

বেলি২ *(মবা., ব্র.)* [বেলি] *বি* বেলা; সময়; কাল (গোধূলি

সময় বেলি—*বিপ*)। { *স.* বেলা> }

বেলিফ [বেলিফ্] *বি* ১ নাজির—যিনি জমির তত্ত্বাবধায়ক। ২ যে পেয়াদা অপরাধীকে ধরে এবং জরিমানার টাকা আদায় করে। { *ই* bailiff }

বেলুন১ [বেলুন্] *বি* ফানুস; গ্যাসপূর্ণ থলি—যা আকাশে উড়ানো হয়। { *ই* balloon }

বেলুন২ ⇒ বেলন

বেলে [বেলে] *বিণ* ১ বালিপূর্ণ; বালুকাময় (বেলে মাটি)। ২ টাকি মাছের ন্যায় একরূপ মাছ যা সাধারণত বালিময় জায়গায় থাকে। –**মাটি** *বি* বালুকাময় মাটি। –**পাথর** *বি* মাটির তৈরি পাথর। –**খেলা, এক্কে–** *বিণ* খেলায় নেওয়া হয়েছে এমন ছোট বালক–বালিকা, যাদের বিশেষ খাটাখাটি করতে হয় না বা শাস্তি পেতে হয় না; খেলায় মিছামিছি গৃহীত। { *স.* বালি+ *বা.* ইয়া=বালিয়া> }

বেলেল্লা [বেলেল্লা] *বিণ* ধর্ম ও নীতিহীন; নির্লজ্জ; লম্পট; কাণ্ডজ্ঞানহীন; উচ্ছৃঙ্খল (মনুটা যেমন বাঁদর বেলেল্লা শোফিও তেমনি আফনাতুস কাহরা মেয়ে—*নই*)। –**পনা, –গিরি** *বি* উচ্ছৃঙ্খল ব্যবহার; নীতিহীন আচরণ। { *ফা.* বে بی + *আ.* লিল্লাহ্ لله }

বেলেস্তারা [বেলেস্‌তারা] *বি* ফোসকা উঠার জন্য ব্যবহৃত একপ্রকার প্রলেপ। { *ই* blister }

বেলেহাজ [বেলেহাজ] *বিণ* ১ অশিষ্ট; অভদ্র। ২ অমনোযোগী; কাণ্ডজ্ঞানহীন। { *ফা.* বে بی + *আ.* লেহাজ لحاظ }

বেলোয়ারি, বেলোয়ারী [বেলোয়ারি] *বিণ* ১ উৎকৃষ্ট স্বচ্ছ কাচে প্রস্তুত (বেলোয়ারী চুড়ি চিনের সিঁদুর রঙিন খেলনা হাঁকিয়া হাঁকিয়া চলে—*জউ*)। ২ স্ফটিক। { *ফা.* বিল্লৌরী بلوری > }

বেল্ট [বেল্‌ট্] *বি* কটিবন্ধ। { *ই* belt }

বেল্লিক [বেল্‌লিক্] *বিণ* ১ নির্লজ্জ (যত বেল্লিক কাণ্ড—*মীম*)। ২ লম্পট; মাতাল। { *স.* ব্যলীক(কামুক)> }

বেল্লিত [বেল্‌লিতো] *বিণ* ১ কম্পিত। ২ লুণ্ঠিত। ৩ দোলিত। ৪ বক্র। { *স.* √বেল্ল্+ত(ক্ত) }

বেশ১ [বেশ্] *বি* সজ্জা; বস্ত্র; পোশাক। –**বিন্যাস** *বি* সাজসজ্জা বা প্রসাধন-ক্রিয়া। –**ভূষা** *বি* পোশাক-পরিচ্ছদ; বসন-ভূষণ। –**কেশী** (*–শিন্*) *বিণ* পোশাক বা বেশ ধারণকারী। { *স.* √বিশ্+অ(ক্ত) }

বেশ২ [বেশ্] *বিণ* ১ ভালো; উত্তম; চমৎকার। ২ অনেক; খুব; যথেষ্ট (সে বেশ খেতে পারে)। □ *ক্রিবিণ* সম্মতি বা অনুমতিজ্ঞাপক (বেশ, যাও)। –**কম** *বিণ* অল্পবিস্তর; অল্পাধিক (আর মিথ্যারও বেশ কম আছে—*আমআ*)। –**করা** *ক্রি* অন্যের ভয় না করে নিজের খেয়াল খুশিমতো কাজ করা (বেশ করেছে)। { *ফা.* বেশ بیش }

বেশক ⇒ বে২

বেশর, বেসর [ব্যাশোর্] *বি* নাকের অলঙ্কার; নথ (নাকের বেশর নথ—*জউ*)। { *স.* বেশধর>*প্রা.* বেসহর> }

বেশরম ⇒ বে২

বেশরা ⇒ বে২

বেশি, বেশী [বেশি] *বি* প্রাচুর্য; আধিক্য। **কম–** *বিণ* অল্পবিস্তর; অল্পাধিক। { *ফা.* বেশী بیش }

বেশুমার ⇒ বে২

বেশ্ম [বেশ্‌শোঁ] *বি* গৃহ; নিকেতন; বাড়ি; ভবন। { *স.* √বিশ্+মন(মনিন্) }

বেশ্যা [বেশ্‌শা] *বি* পতিতা; বারাঙ্গনা; গণিকা; দেহোপজীবিনী; রূপোপজীবিনী। –**বৃত্তি** *বি* গণিকার ব্যবসা। –**লয়** *বি* গণিকার গৃহ; বেশ্যাবাড়ি। { *স.* √বিশ্+য(ণ্যৎ)+আ(টাপ্) }

বেষ্ট [বেশ্‌টো] *বি* ১ বেড়; বেড়া; বেষ্টনী; বেষ্টন। ২ পরিধি। ৩ বৃক্ষবিশেষের নির্যাস। –**ক** *বিণ* বেষ্টনকারী; বেড়। –**ন** *বি* ঘেরা; জড়ানো; পরিধি। –**নী** *বি* যার দ্বারা ঘেরা হয়; বেড়া; প্রাচীর। –**বংশ** *বি* বেউড় বাঁশ। **বেষ্টিত** *বিণ* ঘেরাও করা হয়েছে এমন। { *স.* √বেষ্ট্+অ(ঘঞ্) }

বেসন, বেসম, ব্যাসম [ব্যাশোন্, –ম্, –] *বি* ডালের গুঁড়া। { *স.* পেষণ>; *তুল.* *হি* বেসন }

বেসর ⇒ বেশর

বেসরকারি ⇒ বে২

বেসাত [ব্যাশাত্] *বি* ১ পুঁজি। ২ ব্যবসা (হাসি খুসির বেসাত ওরা করছে সারাক্ষণ—*জউ*)। ৩ ব্যবসায়ের পণ্যদ্রব্য (রওয়ানা দিলেন আনতে ঘরে বাণিজ্যের বেসাত—*রই*)। ৪ পণ্যদ্রব্য ক্রয়–বিক্রয়। ৫ দোকানদারি। **বেসাতি, বেসাতী** *বি* ১ ব্যবসায়; কেনাবেচা; দোকানদারি (মিছার বেসাতি করি ভবের নদীতে ফিরিছে কতই ভাগ্যবানের তরী—*জউ*)। ২ দোকানদার; পসারি; বেনে; ফেরিওয়ালা। ৩ খরিদ; ক্রয়। ৪ বিক্রয়। ৫ পণ্য। { *আ.* বসাত্ بساط }

বেসামাল ⇒ বে২

বেসার [বেশার্] *বি* পিষ্ট বা বাঁটা মসলা (সরস বেসার—*ঘচ*)। { *স.* বেসবার> }

বেসারি, বেসালি (*মবা.*) [বেশারি, –লি] *বি* দুগ্ধজাত; দুধ রাখার কেঁড়ে বা ভাঁড় (চুলাতে রাখি বেসালি—*চদা*; সুপ দিল বেসারির পরে—*রাভ*)। { *পো.* vasilha }

বেসুর, বেসুরা, বেসুরো ⇒ বে২

বেহদ্দ ⇒ বে২

বেহাই, বিহাই, বেয়াই, বিয়াই [বেহাই, বি–, বেয়াই, বি–] *বি* বৈবাহিক; পুত্র বা কন্যার শ্বশুর। –**ন, বেয়ান** *বি* স্ত্রী। { *স.* বৈবাহিক> }

বেহাগ [বেহাগ্] *বি* সঙ্গীতের একটি রাগিণী। { *তুল.* *হি* বিহাগ, বেহাগ }

বেহাত ⇒ বে২

বেহান১, বেহানবেলা ⇒ বিহান

বেহান২ ⇒ বেহাই

বেহায়া ⇒ বে২

বেহার১ ⇒ বিহার

বেহার২ (*মবা.*) [বেহার্] *বি* বিশ্রামের স্থান (পরভুর কনক বেহার—*রাপ*)। { *স.* বিহার> }

বেহারা, বেয়ারা [বেহারা, –য়া–] *বি* ১ যানবাহক; পালকি-বাহক; কাহার। ২ পিয়ন; চাপরাশি। { *ই* bearer }

বেহারিব (*মবা.*) [বেহারিবো] *ক্রি* বহাল বা নিযুক্ত করব (আন ভারী বেহারিব জাহিব মথুরার রাজ—*বচদা*)। { *ফা.*

বহাল بحال বেহাল>}

বেহাল [বেহাল্] *বিণ* অবস্থা খারাপ হয়েছে এমন। {*ফা.* বে بی +*আ.* হাল حال }

বেহালা [বেহালা] *বি* তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। {*পো.* viola}

বেহিসাব, বেহুদা, বেহুশ, বেহেড ⇒ বে[2]

বেহড়া *(মবা.)* [বেহুড়া] *বি* পাগলিনী (বেহড়া যুবতী—*মৈগী*)। {*স.* বাতুলা>বেহুলা>বেহড়া}

বেহুলা [বেহুলা] *বি* লোককাহিনীর চাঁদ সওদাগরের সতী-সাধ্বী পুত্রবধূ। {*স.* বিপুলা>}

বেহেস্ত, বেহেশ্‌ত, বিহিশ্‌ত, ভেস্ত [বেহেশ্‌ত্, –, বিহিশ্‌ত্, ভেস্‌তো] *বি* মৃত্যুর পর পুণ্যবানদের বাসস্থান; স্বর্গ। ২ *(আল.)* সর্ববিধ সুখের স্থান। {*ফা.* বিহিশ্‌ত্ بهشت }

বৈ[1] ⇒ বই

বৈ[2] [বোই] *অব্য* ১ পাদপূরক শব্দ। ২ ভিন্ন; বিনা; ছাড়া। {*স.* ব্যতীত>}

বৈঁচি ⇒ বঁইচি

বৈঁঠি [বোঁইঠি] *বি* বঁটি। {*ওরাও.* বৈঠি}

বৈঁতিক [বঁইতিক্] *বি* মাছ ধরার বৃহৎ জাল (মাঝিরা বৈঁতিক জাল ফেলিয়া ইলিস মাছ ধরে—*রাব*)। {*স.* বহিত্র>}

বৈকর্তন [বোইকরতোন্] *বি* ১ হিন্দুপুরাণ মতে সূর্যের পুত্র শনি। ২ কর্ণ। □ *বিণ* ১ সূর্যবংশীয়। ২ সৌর। {*স.* বিকর্তন+অ(ষঞ)}

বৈকল্পিক [বোইকোল্‌পিক্] *বিণ* ১ বিকল্পে হয় এমন। ২ সন্দেহযোগ্য। ৩ একটির পরিবর্তে অন্যটি। **বিকল্প** *বি*। {*স.* বিকল্প+ইক(ঠক্)}

বৈকল্য [বোইকোল্‌লো] *বি* ১ অচল হওয়ার অবস্থা; বিকলতা; অঙ্গহীনতা। ২ ব্যাকুলভাব; বিহ্বলতা। **বিকল** *বিণ* । {*স.* বিকল+য(ষ্যঞ্)}

বৈকাল [বোইকাল্] *বি* বিকাল বেলা। **বৈকালি, বৈকালী** *বি* হিন্দুমতে দেবতার বৈকালিক ভোগ। {*স.* বৈকালিক>}

বৈকালিক [বোইকালিক্] *বিণ* ১ বিকাল সম্বন্ধীয়; অপরাহ্ণ সংক্রান্ত; বিকাল বেলার। ২ হিন্দুমতে দেবতার উদ্দেশ্যে অপরাহ্ণকালে নিবেদিত। **বৈকালিকী** *স্ত্রী.*। **বৈকালীন** *বিণ* বিকাল সম্বন্ধীয়; বিকালের; অপরাহ্ণ সংক্রান্ত। {*স.* বিকাল+ইক(ঠঞ্)}

বৈকি, তা বৈকি [বোইকি, তা–] *অব্য* নিঃসন্দেহে।

বৈকুণ্ঠ [বোইকুন্‌ঠো] *বি* ১ বিষ্ণুলোক; গোলোক। ২ স্বর্গ। **–নাথ, –পতি** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। {*স.* বিকুণ্ঠ+অ(অণ্)}

বৈক্লব্য [বোইকক্লোব্‌বো] *বি* ১ চিত্তচাঞ্চল্য (আমি বনবাসী স্নেহবশতঃ আমারও ঈদৃশ বৈক্লব্য উপস্থিত হইতেছে—*ঈবি*)। ২ অস্থিরতা। ৩ কাতরতা। ৪ বিহ্বলতা। **বিক্লব** *বিণ*। {*স.* বিক্লব+য(ষ্যঞ্)}

বৈগুণ্য [বোইগুন্‌নো] *বি* ১ ত্রুটি; ভুল (সেই বৈগুণ্যবশতঃ তাহার সাধনা বিফল হইল—*ঈবি*)। ২ গুণহীনতা। ৩ বিরোধিতা; প্রতিকূলতা; শত্রুতা। {*স.* বিগুণ+য(ষ্যঞ্)}

বৈচক্ষণ্য [বোইচোক্‌খোন্‌নো] *বি* ১ দক্ষতা; নিপুণতা; বিচক্ষণতা। ২ অভিজ্ঞতা। ৩ পারদর্শিতা। ৪ পাণ্ডিত্য। **বিচক্ষণ** *বিণ*। {*স.* বিচক্ষণ+য(ষ্যঞ্)}

বৈচিত্ত্য [বোইচিত্‌তো] *বি* মতিভ্রম; চিত্তের ভাবান্তর বা গতিপ্রকৃতি (প্রেমবৈচিত্ত্য)। **বিচিত্ত** *বিণ*। {*স.* বিচিত্ত+য(ষ্যঞ্)}

বৈচিত্র্য [বোইচিত্‌ত্রো] *বি* ১ বিচিত্রতা। ২ বিভিন্নতা। ৩ সৌন্দর্য। ৪ চমৎকারিত্ব। **বিচিত্র** *বিণ*। {*স.* বিচিত্র+য(ষ্যঞ্)}

বৈজয়ন্ত [বোইজয়োন্‌তো] *বি* ১ হিন্দুমতে ইন্দ্রপুরী (বৈজয়ন্ত ধামে—*মদ*)। ২ ইন্দ্রের রাজধানী; ইন্দ্রের প্রাসাদ। ৩ ইন্দ্রের পতাকা। **বৈজয়ন্তী** *বি স্ত্রী.* ১ পতাকা; ধ্বজা (আমি বিশ্ব-তোরণে বৈজয়ন্তী, মানব বিজয় কেতন—*নই*)। ২ সিঁড়ি। ৩ কণ্ঠ থেকে জানু পর্যন্ত লম্বা পঞ্চবর্ণময়ী মালা। **বিজয়-বৈজয়ন্তী** *বি* জয়পতাকা; জয়ধ্বজা। {*স.* বি+√জি+অন্ত(ঝ)}

বৈজয়িক [বোইজোয়িক্] *বিণ* বিজয়সম্বন্ধীয়; জয়সূচক। **বিজয়** *বি*। {*স.* বিজয়+ইক(ঠন্)}

বৈজাত্য [বোইজাত্‌তো] *বি* ১ বিজাতীয়ের ভাব; বিজাতীয়তা। ২ বৈলক্ষণ্য। ৩ স্বভাবের বৈপরীত্য। **বিজাতি** *বিণ*। {*স.* বিজাত+য(ষ্যঞ্)}

বৈজ্ঞানিক [বোইগ্‌গাঁনিক্] *বিণ* ১ বিজ্ঞান সম্বন্ধীয়। ২ বিজ্ঞান সম্বন্ধে বিশেষভাবে জ্ঞাত এমন; বিজ্ঞানে নিপুণ; কৃতী বা কুশলী বিজ্ঞানী; বিজ্ঞানবিদ। **বৈজ্ঞানিকী** *বিণ স্ত্রী.*। **বিজ্ঞান** *বি*। {*স.* বিজ্ঞান+ইক(ঠক্)}

বৈঠক [বোইঠক্] *বি* ১ সভা; আসর; মজলিস। ২ বসা; উপবেশন। ৩ হুকা রাখবার পাত্র বা আধার। **–খানা** *বি* বসবার ঘর; মজলিস ঘর। **বৈঠকি** *বিণ* বৈঠকের উপযুক্ত। **ডন–** *বি* ওঠা-বসা করবার ব্যায়াম। {*স.* বাট্যালক>; *স.* উপবিষ্ট>*প্রা.* উব্বইট্‌ঠ>*হি.* বইঠ>*বা.* বৈঠ+ক}

বৈঠকিরি ⇒ বটকিরি

বৈঠা[1] *(ব্র.)* [বোইঠা] *ক্রি* বসে। **বৈঠত** *(ব্র.)* *ক্রি* বসে (ধনী কত বেরি বৈঠত—*বিপ*)। **বৈঠনু** *(ব্র.)* *ক্রি* বসলাম (বৈঠনু হরি করি পীঠ—*বিপ*)। **বৈঠনি** *(ব্র.)* *ক্রি* (বৈঠনি শয়ন সমীপে—*বিপ*)। **বৈঠবি** *(ব্র.)* *ক্রি* বসবে (পহিলহি বৈঠবি—*বিপ*)। **বৈঠায়ব** *(ব্র.)* *ক্রি* বসাব (করে ধরি বৈঠায়ব কোর—*বিপ*)। **বৈঠায়ল** *(ব্র.)* *ক্রি* বসাল (পালটি বৈঠায়ল—*বিপ*)। **বৈঠিয়া** *(ব্র.)* *অক্রি* বসে। **বৈঠে** *(ব্র.)* *ক্রি* উপবেশন করে; বাস করে। {*তুল. হি.* বৈঠনা}

বৈঠা[2] ⇒ বইঠা

বৈড়াল [বোইড়াল্] *বিণ* বিড়ালসংক্রান্ত; বিড়ালসম্বন্ধীয়। **বিড়াল** *বি*। **–ব্রত** *বি* ভণ্ডামি; বাইরে সাধু সেজে গোপনে অসৎ কাজ করা। {*স.* বিড়াল+অ(অণ্)}

বৈণ [বোইনো] *বিণ* ১ বেণুজীবী—যারা বাঁশ দিয়ে জিনিসপত্র তৈরি করে; ডোম। ২ বাঁশ দিয়ে নির্মিত দ্রব্যাদি। **বৈণিক** *বিণ* ১ বীণাবাদক। ২ বীণাসম্বন্ধীয়। □ *বি* হিন্দু পুরাণের নারদ। {*স.* বেণু+অ(অণ্)}

বৈতংসিক [বোইতোঙ্‌শিক্] *বিণ* বীতংস অর্থাৎ জাল বা ফাঁদের সাহায্যে পাখি ধরে যারা বিক্রয় করে। **বীতংস** *বি*। {*স.* বীতংস+ইক(ঠক্)}

বৈতনিক [বোইতোনিক্] *বিণ* বেতন অর্থাৎ টাকা নিয়ে

কাজ করে এমন; বেতনভোগী। বেতন *বি*। {*স.* বেতন+ইক(ঠক)}

বৈতরণী [বোইতোরোনি] *বি* ১ উড়িষ্যার একটি নদী। ২ হিন্দুপুরাণ মতে যমদ্বারের নদী। ~ **পার করা** *ক্রি* *(আল.)* মেরে ফেলা; হত্যা করা। ~ **পার হওয়া** *ক্রি* *(আল.)* মৃত্যুমুখে পতিত হওয়া; স্বর্গে যাওয়া। {*স.* বি+তরণ+অ(অণ্)+ই(ইঞ)+ঈ(ঙীপ্)}

বৈতস [বোইতশ] *বিণ* বেতসম্বন্ধীয় বা সম্পর্কিত। {*স.* বেতস+অ(অণ্)}

বৈতান, বৈতানিক [বোইতান, -তানিক] *বিণ* ১ (হিন্দু ধর্মে বিহিত) যজ্ঞীয়; যজ্ঞসম্বন্ধীয়। ২ হোম যজ্ঞ। ৩ হোমের নৈবেদ্য। {*স.* বিতান+অ(অণ্), ইক(ঠক্)}

বৈতাল[১] [বোইতাল] *বিণ* বেশ্যা; পতিতা; পাপিষ্ঠা; নীতিহীনা; দুরাচারিণী। {*আ.* বত্তাল بطال}

বৈতালিক[১], **বৈতাল**[২] [বোইতালিক, বোইতাল] *বি* স্তুতি-পাঠক; স্তুতি পাঠ করে যারা রাজা-রানীদের নিদ্রাভঙ্গ করে; বন্দী (জাগিয়া উঠি বৈতালিক গাহিছে জয়গান— *রঠা*)। **বৈতালিকী**[১], **বৈতালী** *স্ত্রী.*। {*স.* বি(বিবিধ)+তাল+অ(অণ্)+ইক(ঠক)}

বৈতালিক[২], **বৈতাল**[৩] [বোইতালিক, বোইতাল] *বিণ* বেতাল-সংক্রান্ত। {*স.* বেতাল+অ(অণ্)+ইক(ঠক), বেতাল+অ(অণ্)}

বৈতালিকী [বোইতালিকি] *বি* গানবিশেষ; স্তুতি-পাঠক যে গানের সাহায্যে রাজাদের ঘুম ভাঙায়। {*স.* বৈতালিক+ঈ(ঙীপ্)}

বৈদগ্ধ, বৈদগ্ধ্য [বোইদগ্‌ধো] *বি* ১ পাণ্ডিত্য (এদেশে একালে শিক্ষিত লোকদের মধ্যে চিত্রবিদ্যার বৈদগ্ধ্য এবং আলেখ্য ব্যাখ্যানে নিপুণতা অতিশয় বিরল— *প্রচৌ*)। ২ রসিকতা; রসবোধ। ৩ চতুরতা; নিপুণতা; চাতুর্য। **বৈদগধি, বৈদগধী** *(পদ্য.) বি* রসবোধ; রসিকতা (তুমি কল্যানিধি জান না যা বৈদগধী—*ঈবি*)। **বিদগ্ধ** *বিণ*। {*স.* বিদগ্ধ+অ(অণ), য(ষ্যঞ)}

বৈদর্ভ[বোইদরভো] *বিণ* ১ ভারতের মধ্যপ্রদেশস্থ আধুনিক বিদর প্রদেশ সম্বন্ধীয়। ২ বিদর্ভ দেশোৎপন্ন। □ *বি* ১ বিদর্ভরাজ। ২ বাকচাতুর্য। **বৈদর্ভী** *বিণ স্ত্রী.* সংস্কৃত রচনার রীতিবিশেষ। {*স.* বিদর্ভ+অ(অণ্)}

বৈদান্তিক [বোইদানতিক] *বিণ* ১ বেদান্ত দর্শনে পণ্ডিত; বেদান্তে অভিজ্ঞ। ২ জড় জগৎ মিথ্যা—এরূপ ধারণাবাচক (বৈদান্তিক হাসি)। ৩ বেদান্ত মতাবলম্বী। ৪ বেদান্ত বিষয়ক। **বেদান্ত** *বি*। {*স.* বেদান্ত+ইক(ঠক)}

বৈদিক [বোইদিক] *বিণ* ১ বেদসংক্রান্ত; বেদবিহিত; বেদসম্মত। ২ বেদ সম্বন্ধে বিশেষভাবে জ্ঞাত; বেদজ্ঞ। □ *বি* ব্রাহ্মণের শ্রেণিবিশেষ। **বেদ** *বি*। {*স.* বেদ+ইক(ঠক)}

বৈদূর্য [বোইদুরজো] *বি* মণিবিশেষ; নীলকান্তমণি। {*স.* বিদূর+য(ষ্যঞ)}

বৈদেশিক ⇒ বিদেশ

বৈদেহ[বোইদেহো] *বিণ* ১ বিদেহ বা মিথিলার অধিবাসী। ২ মিথিলাসম্পর্কীয়। ৩ মিথিলায় জাত। □ *বি* মিথিলার রাজা জনক। **বৈদেহী** *বি* বিদেহ-রাজ জনকের কন্যা সীতা। **বিদেহ** *বি*। {*স.* বিদেহ+অ(অণ্)}

বৈদ্য [বোইদদো] *বি* ১ যিনি চিকিৎসাশাস্ত্রে পারদর্শী; চিকিৎসক; কবিরাজ। ২ বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ। ৩ বিদ্বান; পণ্ডিত। ~**ক**, ~**-শাস্ত্র** *বি* ১ আয়ুর্বেদ। ২ চিকিৎসাশাস্ত্র। ~**নাথ** *বি* হিন্দুমতে শিব; দেওঘরের শিব। ২ অভিজ্ঞ চিকিৎসক। ৩ বিহারের অন্তর্গত হিন্দুদের তীর্থস্থান। ~**শালা** *বি* হাসপাতাল বা চিকিৎসালয়। ~**সংকট** *বি* চিকিৎসক সংকট; বহু চিকিৎসকের চিকিৎসায় আরোগ্য লাভে বিঘ্ন সৃষ্টি। {*স.* বিদ্যা+অ(অণ্)}

বৈদ্যুত, বৈদ্যুতিক[বোইদদুত, -তিক] *বিণ* বিদ্যুৎবিষয়ক; বিদ্যুৎপূর্ণ; তড়িৎসম্বন্ধীয়। {*স.* বিদ্যুৎ+অ(অণ), ইক(ঠক)}

বৈধ[বোইধো] *বিণ* বিধানসম্মত; বিধিমতো; আইনমাফিক; ন্যায্য; উচিত; ন্যায়। ~**তা** *বি*। {*স.* বিধি+অ(অণ্)}

বৈধব্য [বোইধোবভো] *বি* বিধবার অবস্থা; পতিহীনতা। □ *বি, বিণ* বিধবা। {*স.* বিধবা+য(ষ্যঞ)}

বৈধর্ম্য [বোইধরমো] *বি* ১ ধর্ম সম্বন্ধে বিরুদ্ধ মনোভাব পোষণ করা। ২ নাস্তিকতা; ধর্মে বিশ্বাস না করা। ৩ ধর্মবিরোধিতা। ৪ প্রভেদ; বৈষম্য; পার্থক্য। **বিধর্ম** *বি*। {*স.* বিধর্ম+য(ষ্যঞ)

বৈধুর্য [বোইধুরজো] *বি* বিষণ্ণতা; বিধুরতা। {*স.* বিধুর+য(ষ্যঞ)}

বৈধৃতি [বোইদধৃতি] *বি* হিন্দুমতে যোগবিশেষ। {*স.* বিধৃতি+অ(অণ্); *বহু.*}

বৈনতেয় [বোইনতেয়ো] *বি* ১ হিন্দুপুরাণ মতে গরুড় (বিহঙ্গ কুলে বৈনতেয় যথা—*মদ*)। ২ বিনতার পুত্র। ৩ অরুণ। {*স.* বিনতা+এয়(ঢক)}

বৈপরীত্য[বোইপোরিততো] *বি* ১ বিপরীত বা উল্টাভাব। ২ বিপর্যয়। ৩ বিরুদ্ধতা। **বিপরীত** *বিণ*। {*স.* বিপরীত+য(ষ্যঞ)}

বৈপিত্র, বৈপিত্রেয়[বোইপিত্রো, -ত্রেয়ো] *বি* একমাতার গর্ভে ভিন্ন পিতার ঔরসে জাত সন্তান। **বৈপিত্রী, বৈপিত্রেয়ী** *বি স্ত্রী.* এক মাতার গর্ভে ভিন্ন পিতার ঔরসজাত কন্যাসন্তান। {*স.* বিপিতৃ>বিপিত্র+অ(অণ্), এয়(ঢক)}

বৈপ্লবিক [বোইপ্‌প্লোবিক] *বিণ* ১ বিপ্লব সম্বন্ধীয়; বিপ্লব সংক্রান্ত। ২ বিপ্লবাত্মক। ৩ দ্রুত পরিবর্তনশীল। **বিপ্লব** *বি*। {*স.* বিপ্লব+ইক(ঠক)}

বৈফল্য [বোইফোললো] *বি* বিফলতা; ব্যর্থতা। **বিফল** *বিণ*। {*স.* বিফল+য(ষ্যঞ)}

বৈবর্ণ্য, বৈবর্ণ *(অশুপ্র)* [বোইবরনো] *বি* বিবর্ণতা; রঙশূন্যতা; ম্লানিমা। **বিবর্ণ** *বিণ*। {*স.* বিবর্ণ+য(ষ্যঞ)}

বৈবস্বত [বোইবোশশতো] *বি* ১ হিন্দু পুরাণমতে সপ্তম মনু। ২ সূর্যপুত্র। ৩ যম। ৪ শনি। {*স.* বিবস্বত+অ(অণ্)}

বৈবাহিক[বোইবাহিক] *বিণ* ১ বিবাহ সম্পর্কীয়। ২ বিবাহ বিষয়ক। ৩ বিবাহযোগ্য; বিবাহের উপযোগী। □ *বি* পুত্র বা কন্যার শ্বশুর; বেহাই; বেয়াই। **বিবাহ** *বি*। **বৈবাহিকী, বৈবাহিকা** *বি স্ত্রী.* বেহাইন। {*স.* বিবাহ+ইক(ঠঞ)}

বৈভব [বোইভব] *বি* ১ ঐশ্বর্য; ধন; সম্পদ ('দিল্লীশ্বরের সেই অতুল বৈভব, বিপুল প্রতাপ আজ স্তিমিতপ্রায়')। ২ মহিমা। ৩ সামর্থ্য। ৪ বাহুল্য। ৫ বিভূতি। ৬ শক্তি। {*স.*

বিভু+অ(অণ্); স. বিভব+অ(অণ্)}
বৈভাষিক [বোইভাশিক্] *বিণ* বৈকল্পিক; বিকল্পে হয় এমন। □*বি* বৌদ্ধদর্শনে কথিত মতবিশেষ। {*স.* বিভাষা+ইক(ঠক্)}
বৈমনস্য [বোইমনোশ্শো] *বি* ১ মনোমালিন্য। ২ দুঃখ। ৩ অন্যমনস্কতা। ৪ উদ্বেগ। {*স.* বিমনস্+য(ষ্যঞ)}
বৈমাত্র, বৈমাত্রেয় [বোইমাত্ত্রো, -ত্রেয়ো] *বিণ* বিমাতার সন্তান। {*স.* বিমাতা+অ(অণ্),+এয়(ঢক্)}
বৈমানিক [বোইমানিক্] *বি* বিমানচালক; পাইলট। □*বিণ* ১ বিমান সম্বন্ধীয়। ২ বিমানচারী। {*স.* বিমান+ইক(ঠক্)}
বৈমুখ, বৈমুখ্য ⇒ বিমুখ
বৈয়ম ⇒ বয়াম
বৈয়র্থ্য [বোইঅর্‌থো] *বি* ব্যর্থতা। {*স.* ব্যর্থ+য(ষ্যঞ)}
বৈয়াকরণ [বোইয়াকরোন্] *বিণ* ১ ব্যাকরণে পণ্ডিত; ব্যাকরণ-বিশারদ; ব্যাকরণবিদ। ২ ব্যাকরণ সম্পর্কীয়। **ব্যাকরণ** *বি*। {*স.* ব্যাকরণ+অ(অণ্)}
বৈয়াঘ্র [বোইয়াগ্‌ঘ্রো] *বিণ* ১ বাঘসংক্রান্ত। ২ বাঘের চামড়া দ্বারা আচ্ছাদিত। {*স.* ব্যাঘ্র+অ(অণ্)}
বৈয়াম ⇒ বয়াম
বৈয়াসক, বৈয়াসিক [বোইয়াশক্, -শিক্] *বিণ* ১ ব্যাসসম্পর্কীয়। ২ ব্যাসপ্রণীত। **বৈয়াসকি** *বি* ব্যাসের পুত্র শুকদেব। **বৈয়াসকী, বৈয়াসিকী** *বি স্ত্রী.* ব্যাসপ্রণীত সংহিতা। {*স.* ব্যাস+অ(অণ্), ইক(ঠঞ)}
বৈর [বোইরো] *বি* ১ শত্রুতা। ২ বিরোধ। ৩ বিদ্বেষ। **~নির্যাতন** *বি* শত্রুর প্রতি প্রতিহিংসা গ্রহণ; শত্রুর প্রতি অত্যাচার (বৈরনির্যাতনের অভিপ্রায়ে তাহার অনুসন্ধান করিতে যাই—*ঈবি*)। **~সাধন** *বি* শত্রুতা সাধন; শত্রুতাকরণ। **বৈরী** *বিণ* শত্রু; বিদ্বেষী। **বৈরিতা** *বি* শত্রুতা; বিদ্বেষ। {*স.* বীর+অ(অণ্)}
বৈরাগী(-গিন্) [বোইরাগি] *বি* ১ সংসারে বীতস্পৃহ; সন্ন্যাসী (বৈরাগী সে কণ্ঠী বাঁধা—*সদ*)। ২ বৈষ্ণব। **বৈরাগ্য, বৈরাগ** *বি* ১ সংসারে অনাসক্তি বা উদাসীনতা। ২ বিষয়ভোগে উদাসীনতা বা অনাসক্তি বা বীতস্পৃহা (বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়—*রঠা*)। {*স.* বি+রাগ+অ(অণ্)+ইন(ইনি)}
বৈরাট [বোইরাট্] *বিণ* বিরাট বা বিশাল সম্পর্কিত। {*স.* বিরাট+অ(অণ্)}
বৈরাতী *(মবা.)* [বোইরাতি] *বি* বরযাত্রী (পঞ্চ বৈরাতী তথানি আনিল ডাক দিয়া—*মাগান*)। {*স.* বরযাত্রী>}
বৈরি *(মবা.)* [বোইরি] *ক্রিবিণ* অতিশয়; অত্যন্ত (দুঃখ লাগে বৈরি—*বিগু*)। {বড়ই>}
বৈরী ⇒ বৈর
বৈরূপ্য [বোইরুপ্‌পো] *বি* ১ বিরূপভাব। ২ বিরূপতা। ৩ বিকৃতি। **বিরূপ** *বিণ*। {*স.* বিরূপ+য(ষ্যঞ)}
বৈল, বৈলগাড়ী ⇒ বয়েল
বৈলক্ষণ্য [বোইলোক্‌খোন্নো] *বি* ১ বিভিন্নতা। ২ প্রভেদ (তাহার যেন বৈলক্ষণ্য না হয়—*ঈবি*)। ৩ ভাবান্তর। ৪ অসাধারণতা। ৫ বিশেষত্ব। **বিরূপ** *বিণ*। {*স.* বিলক্ষণ+য(ষ্যঞ)}
বৈশদ্য [বোইশোদ্‌দো] ব ১ বিশদ ভাব। ২ স্পষ্টতা। ৩ নির্মলতা। ৪ শুভ্রতা। **বিশদ** *বিণ*। {*স.* বিশদ+য(ষ্যঞ)}
বৈশম্পায়ন [বোইশম্‌পায়োন্] *বি* ব্যাস-শিষ্য মুনিবিশেষ। তিনি ব্যাসরচিত মহাভারতের বক্তা। {*স.* বৈশম্পায়ন}
বৈশাখ [বোইশাখ্] *বি* বাংলা সন বা বৎসরের প্রথম মাস। **বৈশাখী**[1] *বিণ স্ত্রী.* বিশাখা নক্ষত্রযুক্তা। {*স.* বিশাখা+অ(অণ্)}
বৈশাখী[2] [বোইশাখি] *বিণ* ১ বৈশাখ মাস বিষয়ক। ২ বৈশাখ মাসে উৎপন্ন বা জাত। ৩ বৈশাখ মাসে অনুষ্ঠেয়। ৪ বৈশাখ মাসের। **কাল~, কালবোশেখি** *বি* বৈশাখ মাসের অপরাহ্ণে যে প্রবল ঝড় আসে। {*স.* বৈশাখ+ঈ(ঙীপ্)}
বৈশালী [বোইশালি] *বি* উত্তর বিহারে অবস্থিত প্রাচীন বিখ্যাত নগরী। {*স.* বৈশালী}
বৈশিষ্ট্য [বোইশিশ্‌টো] *বি* ১ বিশেষত্ব; বিশিষ্টতা। ২ অসাধারণত্ব। ৩ বৈলক্ষণ্য। ৪ প্রভেদ; পার্থক্য। **বিশিষ্ট** *বিণ*। {*স.* বিশিষ্ট+অ(অণ্)+য(ষ্যঞ)}
বৈশেষিক [বোইশেশিক্] *বি* কণাদ রচিত দর্শনশাস্ত্র। **বিশেষ** *বিণ*। {*স.* বিশেষ+ইক(ঠক)}
বৈশ্য [বোইশ্‌শো] *বি* ১ হিন্দু বর্ণাশ্রম প্রথায় চার বর্ণের তৃতীয় বর্ণ—কৃষিকাজ ও ব্যবসা-বাণিজ্য যাদের বৃত্তি। ২ ব্যবসায়ী সম্প্রদায়। **বৈশ্যা** *বি স্ত্রী.*। {*স.* বিশ+য(ষ্যঞ)}
বৈশ্বানর [বোইশ্‌শানর্] *বি* ১ অগ্নি; আগুন। ২ হিন্দুমতে অগ্নিদেবতা *(বৈশ্বানর সম তেজস্বী—মদ)*। {*স.* বিশ্বানর+অ(অণ্)}
বৈষম্য [বোইশোম্‌মো] *বি* পার্থক্য; প্রভেদ; অসমতা; বৈসাদৃশ্য (উভয়ের জীবনের প্রেরণার মধ্যে ভীষণ বৈষম্য বিদ্যমান—*এআ*)। **বিষম** *বিণ*। {*স.* বিষম+য(ষ্যঞ)}
বৈষয়িক [বোইশোয়িক্] *বিণ* বিষয়-সংক্রান্ত। **বিষয়** *বিণ*। {*স.* বিষয়+ইক(ঠক্)}
বৈষ্ণব [বোইশ্‌নব্] *বি* বিষ্ণুর উপাসক; ধর্মসম্প্রদায়বিশেষ। □*বিণ* ১ বিষ্ণু সম্পর্কীয়। ২ বিষ্ণুভক্ত। **বৈষ্ণবী** *বি, বিণ স্ত্রী.*। {*স.* বিষ্ণু+অ(অণ্)}
বৈসা [বইসা] *ক্রি* বসা। **বৈস** *ক্রি* বস। **বৈসল** *(ব্র.) ক্রি* বসল (বৈসল মধু পাশ—*বিপ*)। **বৈসন্ত** *(মবা.) ক্রি* বসেন (তোমা সঙ্গে সদায় বৈসান্ত—*শ্রীন*)। **বৈসায়** *(ব্র.) ক্রি* বসায় (নিয়রে বৈসায়—*বিপ*)। {*স.* √বিশ্> √বস্}
বৈসাদৃশ্য [বোইশাদৃশ্‌শো] *বি* বৈষম্য; প্রভেদ; বিসদৃশতা; পার্থক্য। **বিসদৃশ** *বিণ*। {*স.* বিসদৃশ+য(ষ্যঞ)}
বৈহাসিক [বোইহাশিক্] *বিণ* পরিহাস সম্বন্ধীয়। □*বি* ১ বিষ্ণু। ২ ভাঁড়; বয়স্য; বিদূষক। {*স.* বিহাস+ইক(ঠক্)}
বোঁ [বোঁ] *অব্য* ১ প্রবল বেগের গতির শব্দ। ২ খুব জোরে কোনো কিছুর ঘোরার শব্দ; বেগে ঘূর্ণন; ধাবন। {*ধ্বন্যা.*}
বোঁচ ⇒ বঁইচি
বোঁচকা, বোচকা [বোঁচ্‌কা, বো-] *বি* কাপড় দিয়ে বাঁধা পোটলা; গাঁটরি; বোঝা (একজনের পিঠে বোচকার মত বাঁধা একটা ছোট্ট ছেলে—*জুআ*)। **বুচকি** *বি* ছোট বোঁচকা; পুঁটলি। {*তু.* বোকচহ্ بقچه, বোগচহ بغچه}
বোঁচা, বোচা [বোঁচা, বো-] *বিণ* ১ নাক থ্যাবড়া বা খাঁদা এমন। ২ বিকলাঙ্গ। ৩ ধারহীন; ভোঁতা। ৪ ছিন্নকর্ণ (কাণ

হুইল বোঁচা—ঘচ)। { স. ব্যবচ্ছেদ>প্রা. বোচ্ছেঅ> }
বোঁট ⇒ বোঁটা
বোঁটা, বোঁট [বোঁটা, -ট্] *বি* ১ বৃন্ত; ডাঁটা (এক বোঁটায় আমরা দুইটি ফুল—*বচ*)। ২ স্তনের অগ্রভাগ (গাইয়ের বোঁট)। { স. বৃন্ত>প্রা. বোন্ট> }
বোঁদে ⇒ বুঁদিয়া
বোকড়া, বোগড়া [বোকড়া, বোগড়া] *বিণ* ১ দন্তহীন (বোকড়াদাঁতি)। ২ মোটা; স্থূলদেহ। { *তুল. মারাঠি.* কবশা (দন্তহীন হস্তি); স. বিকরাল }
বোকা [বোকা] *বিণ* আহাম্মক; নির্বোধ; বুদ্ধি কম এমন। □*বি (ব্য.)* পাঁঠা; ছাগল। ~**চণ্ডী**, ~**রাম**, ~**কান্ত**, ~**পাঁঠা** *বিণ* অত্যন্ত বোকা; বোকার সেরা বা শ্রেষ্ঠ (নিতান্ত অকর্মণ্য বোকাচণ্ডী বলিয়া স্থির হয়—*এআ*)। ~**টে** *বিণ* বোকার মতো; কতকটা বোকা। ~**মি**, ~**মো** *বি* আহাম্মকি; নির্বুদ্ধিতা; বোকার ভাব। { স. বুক্ক, *তুল.প্রা.* বোক্কড়(ছাগ)>; *তুল. ডাচ.* bok (goat) }
বোগনা, বৌগনা [বোগ্‌না, বোউগ্-] *বি* বাঁকানো কাঁধযুক্ত ধাতু পাত্রবিশেষ। { স. বক> }
বোঙ্গা [বোঙ্গা] *বি* ১ কোল জাতির লোকদের ঈশ্বর বা দেবতা। ২ কোল জাতীয় লোকদের দেবতা ও পূর্বপুরুষদের উদ্দেশে পূজা অনুষ্ঠান। বুঙ্গি *স্ত্রী.* দেবী। { *কোল.* বোঙ্গা }
বোচকা ⇒ বোঁচকা
বোচা ⇒ বোঁচা
বোজা, বুজা [বোজা, বু-] *ক্রি* ১ নিমীলিত করা; বন্ধ করা; খোলা না রাখা। ২ ভরে যাওয়া; ভরাট হওয়া। **বোজানো, বুজানো** *ক্রি* ১ মুদ্রিত করানো। ২ ভরাট হওয়া। ৩ নিমীলিত করানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। { স. √মুদ্র> }
বোঝা[১] [বোঝা] *বি* ১ ভার; মোট। ২ দায়িত্ব। ~**ই** *বি* ১ ভার স্থাপন। ২ পূর্ণ ভরতি (বোঝাই নৌকা)। { স. বাহ্য> }
বোঝা[২], **বুঝা** [বোঝা, বু-] *ক্রি* ১ বোধ করা; অনুভব করা; উপলব্ধি করা। ২ জানা। ৩ বিচার-বিবেচনা বা পরীক্ষা করে জানা। **বুঝে সুঝে চলা** *ক্রি* বিবেচনা করে চলা; বুদ্ধি করে চলা। **বোঝানো, বুঝানো** *ক্রি* ১ উপলব্ধি করানো। ২ ব্যাখ্যা করে বলা। ৩ সান্ত্বনা বা প্রবোধ দেওয়া। **বোঝাপড়া, বুঝাপড়া** *বি* মীমাংসা; নিষ্পত্তি। { স. √বুধ্> }
বোট [বোট্] *বি* নৌকা; তরী; বজরা। **জালি**- *বি* পানসি; ছোট নৌকা। **লাইফ**- *বি* ছোট নৌকা; জাহাজ ডুবে গেলে বা নষ্ট হয়ে গেলে যাত্রীদের জীবনরক্ষা করবার জন্য যে নৌকা ব্যবহার করা হয়; জীবনতরী। **জ্যাং**- *বি* ১ জাহাজের পশ্চাতে বাঁধা নৌকা। ২ নিত্যসঙ্গী; অনুচর; অনুসারী। { ই. boat }
বোটকা [বোট্‌কা] *বিণ* ১ পাঁঠার গায়ের গন্ধের ন্যায় উৎকট গন্ধযুক্ত; বিশ্রী গন্ধ (বাঘের গায়ের বোটকা গন্ধের মত—*মুআহ্*)। ২ উৎকট; বিশ্রী গন্ধ। { বোকা+টিয়া> (বর্ণবিপর্যয়ে) বোটকা }
বোটানি, বটানি [বোটানি] *বি* উদ্ভিদবিদ্যা (সাইকলজি এবং সোশিয়লজি যে বোটানির অন্তর্ভুক্ত একথা তো কোন কেতাবে কোরানে লেখে না—*প্রচৌ*)। { ই. botany }
বোটে ⇒ বইঠা
বোঠান ⇒ বউ
বোঠে ⇒ বইঠা
বোড়া [বোড়া] *বি* সর্পবিশেষ। { স. বোড়> }
বোড়ে, বোড়ে টেপা, বোড়ের চাল ⇒ বড়ে
বোঢ়া [বোঢ়া] *বি* ১ বাহক, বহনকারী। ২ বিবাহকর্তা। { স. √বহ্+তৃ(তৃচ)=বোঢ়> }
বোত, বুত [বোত, বুত্] *বি* প্রতিমা; মূর্তি। ~**খানা** *বি* প্রতিমাগার; যেখানে বহু মূর্তি আছে (বোতখানা যত ছিল তামাম তুড়িয়া দিল—*সৈহা*)। ~**পরস্ত** *বি,বিণ* মূর্তি-পূজক। ~**পরস্তি** *বি* মূর্তিপূজা। { ফা. বুত بت }
বোতল [বোতোল্] *বি* বড় শিশি; সরু মুখবিশিষ্ট কাচের পাত্র। { *পো.* botella; ই. bottle }
বোতাম, বুতাম [বোতাম্, বু-] *বি* জামা প্রভৃতির খোলা অংশ আটকাবার এক প্রকার গুটিকা (বোতাম আঁটা জামার নিচে শান্তিতে শয়ান—*রঠা*)। { *পো.* botaô, ই. button }
বোদা[১] [বোদা] *বিণ* স্বাদহীন; বিস্বাদ (এখানকার জল, হুজুর বোদা পানসে—*অচিসে*)। { স. বিস্বাদ>(?) }
বোদা[২], **ভোদা** *(অশি.) বি* যোনি; স্ত্রীঅঙ্গ। { *আঞ্চ.* }
বোদাল [বোদাল্] *বি* বোয়াল মাছ। { স. বোদাল }
বোদ্ধা, বোদ্ধ [বোদ্‌ধা, বোদ্‌ধ্] *বিণ* ১ সমঝদার; বুঝতে সমর্থ। ২ বুদ্ধি দ্বারা গ্রহণকারী। **বোদ্ধব্য** *বিণ* জ্ঞেয়; বুঝতে হবে বা বোঝা উচিত এমন। { স. √বুধ্+তৃ(তৃচ) }
বোধ [বোধ্] *বি* ১ অনুভূতি; উপলব্ধি (দুঃখবোধ)। ২ জ্ঞান; বুদ্ধি (বোধগম্য)। ৩ প্রবোধ; সান্ত্বনা। ৪ চেতনা। ৫ ধারণা; অনুমান; আন্দাজ (বোধ হয়)। ~**ক**, ~**য়িতা** *বিণ* ১ সূচক; জ্ঞাপক। ২ চেতনাদানকারী; প্রবুদ্ধকারী; সান্ত্বনাদাতা। ৩ বোধদানকারী; জ্ঞানদানকারী। **বোধিকা**, ~**য়িত্রী** *স্ত্রী.*। ~**গম্য** *বিণ* জ্ঞেয়; অর্থ বোঝা যায় এমন; বোধ্য। ~**ন** *বি* ১ জ্ঞান; অবগতি; জাগরণ; চৈতন্য। ২ হিন্দুমতে দুর্গাপূজার আগে দেবীর জাগরণের আয়োজন। ৩ উদ্দীপন। ৪ উদ্বোধন। ৫ বোধসম্পাদন। ~**শোধ** *বি* সহজবুদ্ধি; জ্ঞানবুদ্ধি; বুদ্ধিশুদ্ধি। **বোধাতীত** *বিণ* বুদ্ধির অতীত; জ্ঞানের অতীত; বোঝা যায় না বা জানা যায় না এমন; অজ্ঞেয়; দুর্জ্ঞেয়; জ্ঞাতব্য। **বোধিত** *বিণ* ১ প্রবোধিত; বুঝানো হয়েছে এমন; বোধপ্রাপ্ত। ২ জাগরিত। ৩ উদ্বোধিত। ৪ চেতনাপ্রাপ্ত। **বোধিতব্য** *বিণ* বিজ্ঞাপ্য; জ্ঞাতব্য। **বোধোদয়** *বি* জ্ঞানের উদ্রেক; চেতনার আবির্ভাব। **বোধ্য** *বিণ* বুঝতে পারা যায় এমন (অন্য কোন বোধ্য ভাষাতে যদি ধর্মচর্চা না থাকে—*সৈমু*)। { স. √বুধ্+অ(ঘঞ্) }
বোধি [বোধি] *বি* ১ প্রজ্ঞা; সহজ জ্ঞান; intuition। ২ পরম জ্ঞান; তত্ত্বজ্ঞান। ৩ সমাধিবিশেষ। ৪ অশ্বত্থ গাছ; বোধিদ্রুম। ~**দ্রুম**, ~**বৃক্ষ** *বি* যে অশ্বত্থ বৃক্ষের তলায় শাক্যসিংহ বুদ্ধত্ব লাভ করেছিলেন। ~**সত্ত্ব** *বি* বৌদ্ধশাস্ত্রে বর্ণিত বুদ্ধত্বের অব্যবহিত পূর্ববর্তী অবস্থা। { স. √বুধ্+ই(ইন্) }

বোধিকা, বোধিত, বোধিতব্য, বোধ ⇒ বোধ

বোন [বোন্] *বি* ভগিনী; ভগ্নি; সহোদরা। **-ঝি** *বি* ভগ্নির কন্যা। **-পো** *বি* ভগ্নির পুত্র। **বোনাই** *বি* ভগ্নিপতি; বোনের স্বামী। {*স.* ভগিনী>বইন>বোন}

বোনা, বুনা [বোনা, বু-] *ক্রি* ১ শস্য রোপণ করা (ধান বোনা)। ২ বয়ন করা (মনির কোমল আঙুলের স্পর্শ দিয়া ইহা বোনা—*রঠা*)। □*বি* শস্য রোপণ; বপন। □*বিণ* বয়নকৃত; বোনা হয়েছে এমন। {*স.* বপন>*বুনন*>বোনা}

বোবা [বোবা] *বিণ* ১ বাকশক্তিহীন; মূক (বোবা নামক নির্বাক জীবদের বোধ হয় এমনি সৌভাগ্য ছিল—*ওহ*)। ২ নির্বাক। ৩ চাপা; প্রকাশের অসাধ্য (বোবা কান্না)। **-কালা** *বিণ* মূক ও বধির। {*ধ্বন্যা.*}

বোমা¹, বোম¹ [বোমা, বোম্] *বি* ১ বিস্ফোরক ধাতু দিয়ে তৈরি গোলকবিশেষ; মারাত্মক বিস্ফোরক অস্ত্র। ২ আতশবাজিবিশেষ। **বোমাবাজ** *বিণ* বোমা নিক্ষেপ করে এমন (বোমাবাজ সৈন্যও ধরা পড়িতেছে—*মব*)। **বোমাবাজি** *বিণ* বোমা নিক্ষেপ করার কাজ। **বোমারু** *বিণ* বোমা নিক্ষেপ করা যায় এমন; বোমা নিক্ষেপক (বোমারু বিমান)। {*পো.* bomba, *ই.* bomb}

বোমা²[বোমা] *বি* পানি তোলার নল বা যন্ত্র; পাম্প। {*ই.* pump}

বোমা³ [বোমা] *বি* সূক্ষ্মাগ্র যন্ত্র যা দিয়ে বস্তা ছিদ্র করে মালের নমুনা বের করা হয়। {*ই.* pump}

বোমারু ⇒ বোমা¹

বোম্বাই [বোম্‌বাই] *বি* ১ ভারতের সাবেক প্রদেশ। ২ ভারতের অন্যতম প্রধান নগর, বর্তমান নাম মুম্বাই। ৩ বোম্বেতে জাত বা উৎপন্ন। ৪ বড়; বৃহৎ (বোম্বাই মুলা)। {*মারাঠি.* মুম্বাই>বোম্বে}

বোম্বাটে, বোম্বেটে, বম্বাটে, বম্বেটে [বোম্‌বাটে, -বেটে, -বাটে, -বেটে] *বি* ১ জলদস্যু (ওলন্দাজ দিনেমার্ট বোম্বেটে জাহাজ—*অঠা*)। ২ সাংঘাতিক লোক; বেপরোয়া ব্যক্তি। {*পো.* bombardeiro}

বোয়া ⇒ বয়া

বোয়াল [বোয়াল্] *বি* এক প্রকার বৃহৎ মাছ। **রাঘব-** *বি* বোয়ালজাতীয় বৃহদাকার মৎস্য। □*বিণ* ১ (*আল.*) সর্বগ্রাসী। ২ (*আল.*) অর্থগৃধ্নু; অন্যের সম্পদ গ্রাসে তৎপর। {*স.* বোদাল>বোআল>}

বোর [বোর্] *বি* কুলের আঁটির মতো ধাতব দানা; সোনারুপার নির্মিত দানা। {*স.* বদর>}

বোরকা, বোরখা [বোর্‌কা, -খা] *বি* ১ মুসলিম নারী কর্তৃক ব্যবহৃত আপাদমস্তক আবৃত এক প্রকার ঢিলেঢালা পোশাক; পর্দা-পরিচ্ছদ। ২ আবরণ; ঘেরাটোপ (পাষাণ কবর বোরকা খোল দেখব তোমায় সুন্দরী—*সদ*)। {*আ.* বুরকা برقع}

বোরহান [বোর্‌হান্] *বি* ১ দলিল; প্রমাণ (ও যে বিশ্বের চির সাচ্চারই বোরহান—*নই*)। ২ নগ্ন। {*আ.* বুরহান برهان}

বোরহানি [বোর্‌হানি] *বি* ১ টক দইয়ের সঙ্গে বিটলবণ, গোলমরিচ, জিরা ইত্যাদি মিশিয়ে তৈরি হজম সহায়ক পানীয়। {*ফা.* বুরহানী برهانی}

বোররাক, বোরাক, বুররাক [বোর্‌রাক্, বোরাক্, বু-] *বি* পক্ষবিশিষ্ট স্বর্গীয় অশ্ব—এর মুখ নারীর মতো, শরীরের বাকি অংশে ঘোড়ার আকৃতিবিশিষ্ট; যে বিদ্যুৎ-গতি স্বর্গীয় বাহন মে'রাজ রাত্রিতে হজরত মুহম্মদ (সা.)-কে বহন করে উর্ধ্বলোকে আরোহণ করেছিল (সেবহ রসুলে অতি বোরাক বাহন গতি জিব্রাইল যাহার যোগান—*কাদৌ*; এমনি যে কোন নীরব নিশীতে এল বোররাক বহিয়া জ্যোতি—*ফআ*; রাখ বেঁধে তাজী বুররাক—*গোমো*)। {*আ.* বুরাক براق}

বোরা [বোরা] *বি* ১ চটের থলি; ছালা; বস্তা। ২ রশি-নির্মিত থলি বিশেষ। {*হি.* বোরা}

বোরো [বোরো] *বি* বৈশাখে কাঁটা হয় এমন ধানবিশেষ। {*স.* বোরব>}

বোর্ড [বোর্‌ড্] *বি* ১ কাষ্ঠফলক; ফলক; পাটা; তক্তা (ব্লাকবোর্ড)। ২ স্থায়ী সমিতি; পরিষদ; পর্ষদ; মন্ত্রণাসভা (ইউনিয়ন বোর্ড)। **ইউনিয়ন-** *বি* গ্রামের উন্নতির জন্যে প্রতিষ্ঠিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানবিশেষ। **জেলা-** *বি* জেলার উন্নতি বিধানের জন্যে স্থাপিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানবিশেষ; ডিস্ট্রিক্ট বোর্ড। **পিস-, পিচ-** *বি* তক্তার মতো শক্ত কাগজের ফলকবিশেষ। **ব্লাক-** *বি* কালো রঙে রঞ্জিত পুরু তক্তাবিশেষ যাতে চক দিয়ে লেখা যায়। {*ই.* board}

বোল¹ ⇒ বউল

বোল² [বোল্] *বি* ১ বাক্য; কথা; বুলি; বচন; ভাষা। ২ ধ্বনি; অস্পষ্ট কথা (শিশুর বোল)। ৩ বাদ্য (চরণে নূপুর বোল—*সুমো*)। ৪ বাজনার গৎ। ৫ মন্ত্র জ্ঞান (নও বোল লিখিয়া—*মাগান*)। **-চাল** *বি* ১ বাগাড়ম্বরপূর্ণ কথাবার্তা। **-বোলা** *বি* ১ হাঁকডাক। ২ প্রভাব; প্রতিপত্তি; প্রতাপ; শক্তি। ৩ নামডাক। {*প্রা.* বোল্ল>}

বোল³ [বোল্] *বি* ১ ক্ষার ও পানি। ২ ফেনা। ৩ গন্ধরস (কাপড় কাচে ক্ষার আর বোলে—*ক্ষেমানন্দ*)। {*স.* √বা+ল; *ফা.* বোল بول}

বোল⁴ (*ব্র.*) [বোলো] *ক্রি* বলো; বোলো (না বোল বচন—*বিপ*)। **-ই** (*প্রাবা.*) *ক্রি* বলে (বিরুআ বোলই—*চর্যাপদ*)। **-ত** (*ব্র.*) *ক্রি* বলে (বোলত মধুরিম বাণী—*বিপ*)। **-তহুঁ, -তহি** (*ব্র.*) *ক্রি* বলছে। **-হিঁ** (*ব্র.*) *ক্রি* বলে। **-তহুঁ** বলি। **-ব** (*ব্র.*) বলব (কি বোলব হাম—*বিপ*)। **-এ** *ক্রি* বলে। **-ও** *ক্রি* বলছি। **-সি** *ক্রি* বলছিস; বলছ। **-হ** *ক্রি* বলছ। **-ইআঁ** *ক্রি* জানিয়ে; বলে কয়ে। **বোলাইলেঁ** *ক্রি* ঘোষণা করলে (তবেঁ বোলাইলেঁ সতী—*বচদা*)। **বোলাইলোঁ** *ক্রি* আহবান করলাম (একেঁ একেঁ সখিজন সম্ভাক বোলাইলোঁ—*বচদা*)। {*স.* √বদ্>*প্রা.* বোল্ল>}

বোলটু, বল্টু, বোল্টু [বোল্‌টু] *বি* মজবুত করে আটবার লোহা; শলাকাবিশেষ; পেরেকজাতীয় ছিটকানি। {*ই.* bolt}

বোলতা [বোল্‌তা] *বি* বিষাক্ত হুলবিশিষ্ট পতঙ্গবিশেষ। **-র চাকে খোঁচা দেওয়া** *ক্রি* শত্রুকে উত্তেজিত করা; নিজের দুর্ব্যবহারে হিংস্র জনতাকে খেপানো। {*স.* বরটী>}

বোলন (*মবা.*) [বোলন] *বি* বল্লভ; প্রিয়; নাগর (বোলন

রসিক বিলাসিনী—*বিপ*)। { *স.* বল্লভ> }

বোলন্ত, বলিলেন্ত (*মবা.*) [বোলন্‌ত, বোলিলেন্‌ত] *ক্রি* বললেন (শুনি বোলন্ত নৃপতি, ভীমক এহেন বলিলেন্ত —*শ্রীন*)। { *স.* √বদ্>*প্রা.* বোল্ল> }

বোলবোলা [বোল্‌বোলা] *বি* প্রতাপ। ☐ *বিণ* খুব ভালো; সমৃদ্ধ (অবস্থা বোলবোলা বলে তার বোলবোলাও বেশি)। { *হি.* বোলবোলা }

বোলা (*মবা.*) [বোলা] *বি* কথা (বোলা এক বোলোঁ—*বচদা*)। **বোলাবুলি, বুলাবুলি** *বিণ* উত্তরপ্রত্যুত্তরকারী; উত্তর প্রত্যুত্তর করতে করতে (বুলাবুলি রাধিকা পাইল নিজ ঘর—*বচদা*)। { *প্রা.* বোল্ল> }

বোলানো[1] [বোলানো] *ক্রি* ১ ডাকা। ২ ডেকে পাঠানো। ৩ জবাব দেওয়া; সাড়া দেওয়া (ডাকিলে বোলান না দেও অভরসা পাই—*বিগু*)। ৪ কথা বলানো। ☐ *বি* ১ ডাকা। ২ সাড়া; উত্তর। { *প্রা.* বোল্ল>; ক্রিয়ারূপ—বোলাই, বোলাও, বোলায়, বোলাস, বোলান ইত্যাদি }

বোলানো[2], **বুলানো** [বোলানো, বু–] *ক্রি* ১ লঘু বা আলতোভাবে ছুঁয়ে যাওয়া (তুলি বোলানো)। ২ মনোযোগহীন হয়ে দেখা (চোখ বুলানো)। ৩ লঘুভাবে চালনা। ☐ *বি, বিণ* আন্তরিকতাহীনভাবে সঞ্চালন। **চোখ** ~ *ক্রি* তাচ্ছিল্যভরে বা অমনোযোগের সাথে পড়া; উপর দিয়ে দেখে যাওয়া। **মাথায় হাত** ~ *ক্রি* ১ সান্ত্বনা বা প্রবোধ দেওয়া; শান্ত করা। ২ (বিদ্রূপে) ফাঁকি দিয়ে বা প্রতারণা করে চুরি করা। { *প্রা.* বোল্ল>; ক্রিয়ারূপ—বুলাই/বোলাই, বুলাও/বোলাও, বুলায়/বোলায়, বুলাস/বোলাস, বুলান/বোলান; *অক্রি*—বুলিয়ে, বুলাতে, বুলালে ইত্যাদি }

বোল্টু ⇒ বোলটু

বোসরা ⇒ বসরা

বৌ, বৌঠান, বৌদি, বৌভাত, বৌমা ⇒ বউ

বৌগনা ⇒ বোগনা

বৌদ্ধ [বোউদ্‌ধো] *বি* ১ বুদ্ধদেবের মতাবলম্বী। ☐ *বিণ* ১ বুদ্ধদেব সম্পর্কীয়। ২ বুদ্ধদেব প্রবর্তিত ধর্ম গ্রহণকারী। ৩ বুদ্ধদেব কর্তৃক প্রবর্তিত বা প্রচারিত। { *স.* বুদ্ধ+অ(অণ্) }

বৌয়াড়ী, বৌয়ারী, বৌহারী (*মবা.*) [বোউয়াড়ি, –রি, বউহারি] *বি* বৌ; বধূ (কোণের বৌয়াড়ী—*কমু*; মুঞি কুলের বৌহারী—*চদা*)। { *স.* বধূটী>বহুড়ী> }

বৌলি, বউলি, বউলী [বৌউলি] *বি* মুকুলাকৃতি কর্ণভূষণবিশেষ (বরনে উজ্জ্বলি কনক বউলি শোভিছে তোর কুণ্ডলে—*কমু*)। { *স.* মুকুল>*প্রা.* মউল> *বা.* বউল+ *বা.* ই }

বৌছি, বউচি [বোউচি] *বি* এক ধরনের গ্রামীণ খেলা। { বৌ+ *ধ্বন্যা.* ছি/চি }

ব্যক্ত [বেক্‌তো] *বিণ* ১ প্রকাশ পেয়েছে এমন; প্রকাশিত। ২ স্পষ্টীকৃত; প্রকট। { *স.* বি+√অন্‌জ্+ত(ক্ত) }

ব্যক্তি [ব্যাক্‌তি] *বি* ১ একক লোক; মানুষ। ২ বিশেষ; অসামান্য; ব্যষ্টি; individual। ৩ অভিব্যক্তি; প্রকাশ; প্রকটন। **~ক, ~গত** *বিণ* ১ নির্দিষ্ট কোনো ব্যক্তির বৈশিষ্ট্যের অন্তর্গত (কোন আচরণই স্থানিক কালিক ও ব্যক্তিক প্রভাব নিরপেক্ষ নয়—*আশ*)। ২ ব্যক্তিবিশেষ বিষয়ক। **~তন্ত্র, ~বাদ** *বি* অহংবাদ; স্বাতন্ত্র্যবাদ; যে নীতিতে সমাজ অপেক্ষা ব্যক্তিকে বেশি প্রাধান্য দেওয়া হয়। **~তা** *বি* ব্যক্তির বিশেষত্ব। **~ত্ব** *বি* ব্যক্তিবিশেষের বৈশিষ্ট্য; স্বপ্রাধান্য (মানুষ্যসমাজে individualism *বা* ব্যক্তি-স্বাতন্ত্র্যের তেমন কোন স্থানই নেই—*আশ*)। **~স্বাতন্ত্র্য** *বি* ব্যক্তির নিজস্ব মত ও প্রাধান্য। { *স.* বি+ √অন্‌জ্+তি(ক্তি) }

ব্যক্তীকৃত [বেক্‌তিকৃতো] *বিণ* ১ ব্যক্ত করা হয়েছে এমন। ২ প্রকাশিত। { *স.* ব্যক্ত+ঈ(চ্বি)+√কৃ+ত(ক্ত) }

ব্যগ্র [ব্যাগ্‌গ্রো] *বিণ* ১ আগ্রহযুক্ত; আগ্রহান্বিত। ২ ব্যাকুল; ব্যস্ত; আকুল। ৩ চকিত; ত্রস্ত। ৪ উৎসুক; কৌতূহলী। **~তা** *বি* ১ আকুলতা। ২ আগ্রহ। ৩ ঔৎসুক্য। { *স.* বি+ অগ্র; *বহু* }

ব্যঙ্গ[1] [ব্যাঙ্‌গো] *বিণ* ১ বিকৃতাঙ্গ; বিকলাঙ্গ। ২ অঙ্গহীন। ৩ ভেক; ব্যাঙ। { *স.* বি+অঙ্গ; *বহু* }

ব্যঙ্গ[2] [ব্যাঙ্‌গো] *বি* উপহাস; বিদ্রূপ। **~প্রিয়** *বিণ* ঠাট্টা বা বিদ্রূপ করতে ভালোবাসে এমন। **~বাণী** *বি* উপহাসবাক্য। বিদ্রূপবাক্য। **ব্যঙ্গার্থ** *বি* ১ বিদ্রূপসূচক অর্থ। ২ বিদ্রূপপূর্ণ অর্থ। **ব্যঙ্গোক্তি** *বিণ* ১ শ্লেষপূর্ণ উক্তি; বক্রোক্তি। ২ বিদ্রূপ বা উপহাসাত্মক বাক্য। { *স.* বি+অঙ্গ; *বহু* }

ব্যঙ্গ্য [ব্যাঙ্‌গো] *বিণ* ১ ব্যঞ্জনার মাধ্যমে বুঝতে হয় এমন। ২ নিগূঢ়; গূঢ়ার্থক; তাৎপর্যপূর্ণ। **ব্যঙ্গ্যার্থ** *বি* প্রতীয়মান অর্থের অন্তর্নিহিত কোনো গভীরতর অর্থ; বাক্যের ব্যঞ্জনাবৃত্তির মাধ্যমে বোধগম্য হয় এমন অর্থবিশেষ। **ব্যঙ্গোক্তি** *বি* ১ বক্রোক্তি। ২ (*অল.*) বিদ্রূপাত্মক উক্তি। ৩ ব্যঞ্জনাময় বাক্য। { *স.* বি+√অন্‌জ্+য(ণ্যৎ) }

ব্যজন [ব্যাজোন্] *বি* ১ বাতাস; বীজন। ২ পাখা; যা দিয়ে বাতাস করা হয়। **ব্যজনী** *বি* বাতাস করার পাখা; চামর; তালবৃন্ত; তালপাখা (পবন যাদের ব্যজনী দুলায় হইয়া আজ্ঞাবাহী—*নই*)। { *স.* বি+√অজ্+অন(ল্যুট্) }

ব্যঞ্জক [ব্যান্‌জোক্] *বিণ* দ্যোতক; সূচক; প্রকাশক; বোধক। { *স.* বি+√অন্‌জ্+অক(ণ্বুল্) }

ব্যঞ্জন [ব্যান্‌জোন্] *বি* ১ (*ব্যা.*) 'ক' থেকে 'হ' পর্যন্ত বর্ণ; ব্যঞ্জনবর্ণ। ২ বিশিষ্টতাসূচক চিহ্ন; লক্ষণ। ৩ প্রকাশক। ৪ রন্ধন করা তরকারি। **~সন্ধি** *বি* (*ব্যা.*) স্বরবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের বা ব্যঞ্জনবর্ণের সাথে ব্যঞ্জনবর্ণের সন্ধি বা মিলন। **অন্ন–** *বি* ভাত ও রান্না করা তরকারি। { *স.* বি+ √অন্‌জ্+অন(ল্যুট্) }

ব্যঞ্জনা [ব্যান্‌জোনা] *বি* ১ প্রকাশনা। ২ (*অল.*) শব্দের গূঢ়ার্থ প্রকাশক গুণ। ৩ শব্দের বা বাক্যের ব্যঙ্গ্যার্থের দ্যোতনা। **ব্যঞ্জিত** *বিণ* ১ ব্যঞ্জনার সাহায্যে অভিব্যক্ত। ২ বোধিত; সূচিত; দ্যোতিত। { *স.* বি+√অন্‌জ্+ই(ণিচ্)+ অন্(যুচ্)+আ(টাপ্) }

ব্যাডমিন্টন [ব্যাড্‌মিন্‌টন্] *বি* জাল, র‍্যাকেট ও পালকের বলের সাহায্যে এক প্রকার খেলা (সমীর ব্যাডমিন্টনের র‍্যাকেট হাতে বাহির হইয়া গেল—*বিব*)। { *ই.* badminton }

ব্যতিক্রম [বেতিক্‌ক্রোম্] *বি* ১ ব্যত্যয়; নিয়ম-কানুনের অন্যথা। ২ কোনো কিছুর বৈপরীত্য। **ব্যতিক্রান্ত** *বিণ* ১ ব্যতিক্রমবিশিষ্ট। ২ ব্যতিক্রম বা লঙ্ঘন করা হয়েছে

এমন। { *স.* বি+অতি+√ক্রম+অ(ঘঞ্)}

ব্যতিব্যস্ত [বেত্তিব্যাস্‌তো] *বিণ* ১ অত্যন্ত ব্যস্ত; খুব ব্যাকুল। ২ উত্ত্যক্ত। ৩ বিব্রত। { *স.* বি+অতি+ব্যস্ত}

ব্যতিরিক্ত [বেতিরিক্‌তো] *বিণ* ১ অতিরিক্ত। ২ ভিন্ন; বাদে; ব্যতীত। { *স.* বি+অতি+√রিচ্+ত(ক্ত)}

ব্যতিরেক [বেতিরেক] *বিণ* ১ বিভিন্নতা; স্বাতন্ত্র্য; ভেদ। ২ রাহিত্য; অভাব। □ *বি* ১ অতিক্রান্তি; অতিক্রম। ২ কাব্যের অর্থালঙ্কারবিশেষ, যাতে উপমান অপেক্ষা উপমেয় অধিক প্রাধান্য লাভ করে। **ব্যতিরেকী** *বিণ* ১ প্রভেদ; পৃথককারী। ২ অভাবযুক্ত। { *স.* বি+অতি+√রিচ্+অ(ঘঞ্)}

ব্যতিহার, ব্যতীহার [বেতিহার্] *বি* ১ পরিবর্তন; বিনিময়। ২ একাধিক ব্যক্তির একই সময়ে অভিন্ন আচরণ। ~ **বহুব্রীহি** *বি (ব্যা.)* সমাসবিশেষ; পরস্পর ক্রিয়াবিনিময় বোঝাতে এই সমাস হয়; যেমন—লাঠালাঠি; হানাহানি। { *স.* বি+অতি+√হৃ+অ(ঘঞ্)}

ব্যতীত [বেতিতো] *বিণ* অতীত; বিগত; অতিবাহিত। □ *অব্য* বিনা; ছাড়া; ভিন্ন; বাদে। { *স.* বি+অতি+√ই+ত(ক্ত)}

ব্যতীপাত [বেতিপাত্] *বি* ১ উৎপাত। ২ ভূমিকম্প প্রভৃতি মহাবিপত্তিসূচক দুর্যোগ বা দুঃসময়। ৩ অশুভ যোগ। { *স.* বি+অতি+√পত্+অ(ঘঞ্)}

ব্যতীহার ⇒ ব্যতিহার।

ব্যত্যয় [ব্যাত্‌তয়্] *বি* অন্যথা ভাব; বিপরীত ভাব; বৈপরীত্য; ব্যতিক্রম; নিয়মাদি লঙ্ঘন (তাহাদের মধ্যে যে ব্যত্যয় ঘটিয়াছে যে-ক্রটি-বিচ্যুতি হইয়াছে —*কাআউ*; আজও স্বভাবের নিয়মের কোনরূপ ব্যত্যয় হয় নাই—*রঠা*)। { *স.* বি+অতি+√ই+অ(অচ্)}

ব্যত্যাস [ব্যাত্‌তাশ্] *বি* ব্যত্যয়, বৈপরীত্য; ব্যতিক্রম; অন্যথা ভাব। **ব্যত্যস্ত** *বিণ* ১ বিপরীত অবস্থাপ্রাপ্ত। ২ ব্যতিক্রান্ত। ৩ ঢেরা চিহ্নের মতো বিপরীত ভাবে উপস্থাপিত; corssed। { *স.* বি+অতি+√অস্+অ(ঘঞ্)}

ব্যথা [ব্যাথা] *বি* ১ ক্লেশ; দুঃখ; কষ্ট; বেদনা। ২ প্রসব বেদনা। **বেথা** *(মবা.) বি* ব্যথা (হিআত্র বেথা—*রূপ*)। ~**হত** *বিণ* বেদনাক্রান্ত। **ব্যথিত** *বিণ* ১ ব্যথাপ্রাপ্ত; দুঃখিত। ২ সন্তপ্ত। **ব্যথিতা** *স্ত্রী*। **ব্যথী**(-থিন্) *বিণ* বেদনাযুক্ত; ব্যথিত; বেদনাক্লিষ্ট। **ব্যথিনী** *স্ত্রী*। { *স.* √ব্যথ্+অ(অঙ্)+আ}

ব্যধিকরণ [বেধিকরোন্] *বিণ* ভিন্ন ভিন্ন স্থানে অবস্থিত। ~ **বহুব্রীহি** *বি* যে বহুব্রীহি সমাসে ব্যাসবাক্যের পদদুটো এক বিভক্তির না হয়ে ভিন্ন ভিন্ন বিভক্তির হয় (যথা—দণ্ড পাণিতে যার)। { *স.* বি+ অধিকরণ}

ব্যপদেশ [ব্যাপোদেশ্] *বি* ১ ছল; আছিলা; ছুতা; ওজর। ২ নামোল্লেখ। ৩ ইঙ্গিত; ইশারা; সংকেত। ৪ প্রয়োজন; দরকার। **ব্যপদিষ্ট** *বিণ* ব্যপদেশযুক্ত; ছলছুতাবিশিষ্ট। **ব্যপদেষ্টা** *বি, বিণ* ১ কপটতা করে যে; কপট। ২ ভান বা ছল করে যে; ভানকারী; ছলকারী। ৩ নামোল্লেখকর্তা। { *স.* বি+অপ+√দিশ্+অ(ঘঞ্)}

ব্যপনয়ন [ব্যাপোনয়োন্] *বি* ১ অস্বীকার; প্রত্যাখ্যান। ২ সরিয়া ফেলা; অপসারণ। ৩ প্রত্যাখ্যান। **ব্যপনীত** *বিণ* ব্যপনয়ন, অস্বীকার, প্রত্যাখ্যান বা অপসারণ করা হয়েছে এমন। { *স.* বি+অপনয়ন}

ব্যপহরণ [ব্যাপোহরোন্] *বি* আমানতের খেয়ানত; স্বীয় তত্ত্বাবধানে রক্ষিত অন্যের অর্থাদি আত্মসাৎ করা; defalcation। { *স.* বি+অপহরণ}

ব্যবকলন [ব্যাবোকলোন্] *বি* বিয়োজন; বিয়োগ; বাদ দেওয়া; subtraction। **ব্যবকলিত** *বিণ* বাদ দেওয়া হয়েছে এমন। { *স.* বি+অব+√কল্+অন(ল্যুট্)}

ব্যবচ্ছেদ [ব্যাবোচ্‌ছেদ্] *বি* ১ বিশ্লেষণ; পরীক্ষার জন্য খণ্ড খণ্ড করে ভাগ করা বা পৃথক করা; dissection। ২ ভেদ; খণ্ড; বিভাগ। **শব**— *বি* ১ অপঘাত বা দুর্ঘটনায় মৃত শবের মৃত্যুর কারণ নির্ণয়ার্থে শল্যকরণ পরীক্ষা; ময়নাতদন্ত; post-mortem। ২ চিকিৎসাবিদ্যার্থীদের শিক্ষার জন্য মৃতদেহ কেটে দেখা। { বি+অবচ্ছেদ}

ব্যবচ্ছিন্ন [ব্যাবোচ্‌ছিন্‌নো] *বিণ* ব্যবচ্ছেদ বা বিশ্লেষ করা হয়েছে এমন। { *স.* বি+অবচ্ছিন্ন}

ব্যবধা ⇒ ব্যবধান

ব্যবধান, ব্যবধা, ব্যবধি [ব্যাবোধান্, -ধা, -ধি] *বি* ১ আড়াল; অন্তরাল (আকাশ ও মর্ত্য-মাটির ব্যবধান বিরাট—*বর*)। ২ দূরত্ব। ৩ তিরোধান। ৪ আবরণ। **ব্যবহিত** *বিণ*। { *স.* বি+অব+√ধা+অন(ল্যুট্), অ(অঙ্)+আ(টাপ্), +ই(কি)}

ব্যবসা ⇒ ব্যবসায়

ব্যবসাদার [ব্যব্‌শাদার্] *বিণ, বি* যে ব্যবসা করে; ব্যবসায়ী। { *স.* ব্যবসায়>ব্যবসা+ *ফা.* দার دار }

ব্যবসায়, ব্যবসা [ব্যাবোশায়্, ব্যাব্‌শা] *বি* ১ জীবিকা; বৃত্তি; পেশা। ২ তেজারতি; কারবার; বাণিজ্য (শুরু করে দৈনিক ব্যবসা—*বুব*)। ৩ যত্ন; উদ্যম; চেষ্টা। ৪ অভিপ্রায়; ইচ্ছা; উদ্দেশ্য। ৫ অনুসন্ধান। ৬ ব্যবহার; আচরণ। **ব্যবসায়ী** *বি, বিণ* ১ ব্যবসাদার। ২ সওদাগর; বণিক (তাহাদের ব্যবসায়ী মন কী জানে কাব্যের মর্ম—*রঋা*)। ৩ বিশেষ কর্মে নিপুণ। ৪ উদ্যমী; উদ্যোগী। ৫ স্বার্থসন্ধানী চিন্তাভাবনা (ব্যবসায়ী মনোবৃত্তি)। **ব্যবসিত** *বিণ* ১ চেষ্টাযুক্ত; উদ্যত; চেষ্টান্বিত। ২ স্থিরীকৃত। ৩ অনুষ্ঠিত। ৪ পরিকল্পিত। { *স.* বি+অব+√সো+অ(ঘঞ্)}

ব্যবসিত [ব্যাবোশিতো] *বিণ* ১ চেষ্টাযুক্ত। ২ পরিকল্পিত। ৩ বাঞ্ছিত; অভিপ্রেত। { *স.* বি+অবসিত}

ব্যবস্থা [ব্যাবোস্‌থা] *বি* ১ জোগাড়; আয়োজন; বন্দোবস্ত (খাবারের ব্যবস্থা)। ২ আইন; রীতি। ৩ শাস্ত্রীয় বিধি; বিধান; সমাজনিয়ম (ব্যবস্থানুযায়ী)। ৪ যথোপযুক্তভাবে স্থাপন। ৫ কার্যবিধি। ৬ স্থিতি। ৭ স্থিরতা। ৮ শৃঙ্খলা। ~ **দেওয়া** *ক্রি* ১ রোগ হলে ঔষধ বা পথ্যাদি খাবার উপদেশ বা জোগাড়। ২ পাপাদির প্রায়শ্চিত্ত সম্বন্ধে শাস্ত্রীয় নির্দেশ দেওয়া। ~**পত্র** *বি* রোগের চিকিৎসা-সংক্রান্ত নির্দেশ-পত্র; prescription। ~**ন** *বি* অবস্থিতি; অবস্থান। ~**শাস্ত্র** *বি* আইনশাস্ত্র; স্মৃতিশাস্ত্র; ধর্মাচারবিধায়ক শাস্ত্র। **ব্যবস্থিত** *বিণ* ১ ব্যবস্থা করা হয়েছে এমন। ২ পৃথককৃত। ৩ বিষয়রূপে স্থিত; অবস্থিত। ৪ স্থিরীকৃত। ৫ নিযুক্ত। { *স.* বি+অব+√স্থা+অ(অঙ্)}

ব্যপস্থাপক ⇒ ব্যবস্থাপন

ব্যবস্থাপন [ব্যাবোস্‌থাপোন্] *বি* নিয়ম-প্রণয়ন; বিধি-নির্ধারণ; আইন প্রণয়ন। □ *বিণ* সংস্থাপন। **ব্যবস্থাপক** *বি, বিণ* ১ আইন গঠনকারী। ২ নিয়ামক; বিধানকর্তা; আইনকর্তা। ৩ সংস্থাপক। **ব্যবস্থাপিকা** *স্ত্রী.*। **ব্যবস্থাপিত** *বিণ* ব্যবস্থাপন করা হয়েছে এমন। { *স.* বি+অব+স্থাপন}

ব্যবহর্তব্য, ব্যবহর্তা ⇒ ব্যবহার

ব্যবহার [ব্যাবোহার্] *বি* ১ আচরণ (আত্মীয়ের ন্যায় ব্যবহার)। ২ বাণিজ্য। ৩ বিষয়কর্ম। ৪ আইন (ব্যবহারজীবী)। ৫ প্রয়োগ। ৬ রীতি; প্রথা; আচার; বিধি; কর্তব্য। ৭ পোশাকের কাজে নিয়োগ (টুপি ব্যবহার)। □ *বিণ* মামলা-মোকদ্দমা। **ব্যবহর্তা** *বি* বিচার। □ *বিণ* ব্যবহারকারী। **–দেশক** *বি* অ্যাটর্নি সলিসিটর প্রভৃতি আইনজীবী। **–শাস্ত্র** *বি* ১ আইনশাস্ত্র; স্মৃতিশাস্ত্র। ২ আইনগ্রন্থ। **ব্যবহারাজীব, –জীবী** *বি* উকিল; মোক্তার; ব্যারিস্টার; আইনজীবী; attorney; solicitor। **ব্যবহারিক, ব্যাবহারিক** *বিণ* ১ ব্যবহারের জন্য আবশ্যক বা দরকারি; কাজে লাগে এমন; applied। ২ আইন সংক্রান্ত; আইনবিষয়ক। ৩ আইনজ্ঞ। ৪ বিষয়কর্ম সম্পর্কিত; সাংসারিক। ৫ রীতিমাফিক; প্রথানুযায়ী। ৬ অবাস্তব হলেও ব্যবহারের ক্ষেত্রে মূল্য আছে এমন। **ব্যবহার্য, ব্যবহর্তব্য** *বিণ* ১ ব্যবহার করতে হবে এমন। ২ ব্যবহারের উপযুক্ত। **ব্যবহৃত** *বিণ* ব্যবহার করা হয়েছে এমন; আচরিত; অনুষ্ঠিত। { *স.* বি+অব+√হৃ+অ(ঘঞ্)}

ব্যবহিত [ব্যাবোহিতো] *বিণ* ১ ব্যবধানে বা দূরত্বে অবস্থিত; দূরত্বযুক্ত (তিন সখীতে মিলিয়া কি কথোপকথন করিতেছে লতাবলয়ে ব্যবহিত হইয়া কিঞ্চিৎক্ষণ শ্রবণ ও অবলোকন করি—*ঈবি*)। ২ অন্তর্হিত। ৩ আবৃত; আচ্ছাদিত। { *স.* বি+অবহিত}

ব্যভিচার [বেভিচার্] *বি* ১ নারী-পুরুষের অবৈধ যৌন সম্বন্ধ। ২ কদাচার; অন্যায় ব্যবহার; গর্হিত আচরণ। ৩ স্খলন। ৪ অন্যথাচরণ। **ব্যভিচারী** *বিণ* ১ ব্যভিচার করে এমন; পরদারগামী; অবৈধ নারী সম্ভোগকারী। ২ অন্যথাচারী। □ *বি* যে ব্যভিচার করে। **ব্যভিচারিণী** *স্ত্রী.*। { *স.* বি+অভিচার}

ব্যয় [ব্যায়্] *বি* ১ খরচ (আয়ের চেয়ে ব্যয় বেশি)। ২ ধ্বংস; অপচয় (প্রাণ ব্যয়)। ৩ ক্ষয়; ক্ষতি (শক্তি ব্যয়)। ৪ প্রয়োগ; ব্যবহার; নিয়োগ (বুদ্ধি ব্যয়)। **–কুণ্ঠ** *বিণ* খরচে কুণ্ঠিত; কৃপণ। **–কুণ্ঠতা** *বি* কৃপণতা; কার্পণ্য। **–ন** *বি* প্রাপ্য প্রদান; খরচ; ব্যয়; disbursement। **–বহুল** *বিণ* ১ বেশি খরচ করায় এমন; ব্যয়সাধ্য। ২ প্রচুর অর্থব্যয় না করলে প্রাপ্তি অসম্ভব এমন। **–বহুলতা, –বাহুল্য** *বি* অধিক ব্যয়। **–সাধ্য, –সাপেক্ষ** *বিণ* অধিক ব্যয় দ্বারা শুধু সম্ভব এমন; অধিক খরচ করায় এমন। **ব্যয়িত** *বিণ* ১ খরচ হয়েছে এমন (বুড়ো শূন্য দেখায় তাকে ব্যয়িত—*আচিসে*)। ২ গত। **ব্যয়ী** *বিণ* ১ খরচকারী; ব্যয়কারী। ২ ব্যয়শীল। { *স.* বি+√ই+অ(অচ্)}

ব্যর্থ [ব্যার্‌থো] *বিণ* ১ বৃথা; বিফল; নিষ্ফল (কি হবে ব্যর্থ রাতের প্রহর গুণে—*ফজা*)। ২ নিষ্প্রয়োজন; নিরর্থক। ৩ অকৃতকার্য; অসিদ্ধ। **–কাম** *বিণ* নিষ্ফল; অকৃতকার্য। **–তা** *বি* বিফলতা; অকৃতকার্যতা। { *স.* বি+অর্থ, বহু}

ব্যষ্টি [বেশ্‌টি] *বি* ১ পৃথক পৃথক বা নিজ নিজ ভাব। ২ সমষ্টির বিপরীত; পৃথক পৃথক বা ভিন্ন ভিন্ন ব্যক্তি (তার বিশ্বাস ছিল যে ব্যষ্টির অসুখ সারলেই সমষ্টির স্বাস্থ্য ফিরবে—*সুদ*)। { *স.* বি+√অশ্+তি(ক্তিন্)}

ব্যস ⇒ বস[1]

ব্যসন [ব্যাশোন্] *বি* ১ কাম ও ক্রোধ থেকে উৎপন্ন দোষ (আমি মৃগয়া ব্যসনে ক্ষণকালের জন্যও আসক্ত—*ঈবি*)। ২ পাপ। ৩ নেশা; মাদক সেবন। ৪ অমঙ্গল; অশুভ। ৫ বিপদ। ৬ দুঃখ; মনস্তাপ; কষ্ট। ৭ ধ্বংস। **ব্যসনী** *বিণ* ১ ব্যসনানুরক্ত; ব্যসনযুক্ত। ২ বিপন্ন। { *স.* বি+√অস্+অন(ল্যুট্)}

ব্যস্ত [ব্যাস্‌তো] *বি* অস্থির; ব্যগ্র; উৎকণ্ঠিত; ব্যাকুল; উদগ্রীব। □ *বিণ* ১ ব্যাপৃত; নিযুক্ত (কর্মব্যস্ত)। ২ বিভক্ত; বিক্ষিপ্ত। ৩ ত্বরান্বিত। **ব্যস্তি–** *বিণ* অত্যধিক ব্যস্ত। **–তা** *বি* অস্থিরতা; ব্যগ্রতা। **–বাগীশ** *বিণ* অতিরিক্ত ব্যস্ত; কর্মসম্পাদনে অস্থিরতা প্রদর্শনকারী (আমি নিজে ব্যস্তবাগীশ, সব কাজ তড়িঘড়ি করা আমার অভ্যাস—*রঠা*)। **–সমস্ত** *বিণ* ১ অতিব্যস্ত; ব্যতিব্যস্ত; অস্থির। ২ অতি ত্বরান্বিত। { *স.* বি+√অস্+ত(ক্ত)}

ব্যাওয়া ⇒ বেওয়া

ব্যাং ⇒ ব্যাঙ

ব্যাংক, ব্যাঙ্ক [ব্যাঙ্‌ক্] *বি* অর্থ ও অলংকারাদি গচ্ছিত রাখার এবং যারা গচ্ছিত রাখে তাদের প্রয়োজনমতো তা দেওয়ার প্রতিষ্ঠানবিশেষ। { *ই* bank}

ব্যাকরণ [ব্যাকরোন্] *বি* ১ কোনো ভাষার শব্দ ও পদবিন্যাসের স্বরূপ, কাঠামো, রীতি ও বিশ্লেষণ সম্পর্কিত বিদ্যা বা গ্রন্থ। ২ শব্দের ব্যুৎপত্তিবিষয়ক শাস্ত্র। { *স.* বি+আ+√কৃ+অন(ল্যুট্)}

ব্যাকুল [ব্যাকুল্] *বিণ* অতিশয় আকুল; বিকল; অস্থির; উৎকণ্ঠিত; উদগ্রীব; ব্যগ্র। **ব্যাকুলা** *স্ত্রী.*। **ব্যাকুলতা** *বি* অস্থিরতা; উৎকণ্ঠা। **ব্যাকুলিত** *বিণ* ব্যাকুল; আকুল (অন্তরে বাহিরে সেই ব্যাকুলিত মিলনেই—*রঠা*)। **বিয়াকুল** *(মবা.)*, **বেয়াকুল** *(মবা.)* *বিণ* ব্যাকুল (আকুল পরাণ মোর বিয়াকুল মন—*বচদা*)। **আকুলি-বিকুলি** *বি* ব্যাকুল হয়ে সনির্বন্ধ অনুরোধ। **ব্যাকুলিতা** *স্ত্রী.*। { *স.* বি+আকুল}

ব্যাকৃতি [ব্যাকৃকৃতি] *বি* ১ বিকৃত যে আকৃতি। ২ ব্যাকরণ। ৩ বর্ণনা; বিবরণ; ব্যাখ্যান। **ব্যাকৃত** *বিণ*। { *স.* বি+আকৃতি}

ব্যাখ্যা [ব্যাক্‌খা] *বি* ১ বর্ণনা; বিশদ বিবরণ। ২ টীকা-টিপ্পনী। ৩ অর্থ বা মানে প্রদান। **–ত** *বিণ* ব্যাখ্যা করা হয়েছে এমন; বিবৃত; বিস্তারিতভাবে কথিত। **–তা** *বিণ* ব্যাখ্যাকারী বা বর্ণনাকারী; টীকাকার। **–ন** *বি* ১ অতিরঞ্জন; ফলাও করে বর্ণনা করা। ২ বর্ণনা। ৩ টীকা। **ব্যাখ্যেয়** *বিণ* ১ ব্যাখ্যা করতে হবে এমন। ২ ব্যাখ্যার যোগ্য; বর্ণনীয়। { *স.* বি+আখ্যা}

ব্যাগ [ব্যাগ্] *বি* থলি; বস্ত্র বা চর্ম-নির্মিত পেটিকা। { *ই* bag}

ব্যাগার ⇒ বেগার
ব্যাঘাত [ব্যাঘাত্] *বি* অন্তরায়; বাধা; বিঘ্ন; প্রতিবন্ধ। –**ক** *বিণ* ১ ব্যাঘাতকারী; বিঘ্নসম্পাদক। ২ প্রতিবন্ধক। { *স.* বি+আ+√হন্+অ(ঘঞ্) }
ব্যাঘ্র [ব্যাগ্‌ঘ্রো] *বি* ১ বাঘ; শার্দূল; হিংস্র পশুবিশেষ। ২ শ্রেষ্ঠ; প্রধান; বলশালী। **ব্যাঘ্রী** *স্ত্রী.*। { *স.* বি+আ+√ঘ্রা+অ(ক) }
ব্যাঘ্রনখ [ব্যাগ্‌ঘ্রোনখ্] *বি* বাঘের নখরের আকৃতি বিশিষ্ট অস্ত্র। { *স.* ব্যাঘ্র+নখ }
ব্যাঙ, বেঙ, ব্যাঙ্গ [ব্যাঙ্, –, –গো] *বি* ভেক; মণ্ডূক। – **তড়কা** *বি* ব্যাঙের মতো লাফ। **ব্যাঙাচি, বেঙাচি** *বি* ব্যাঙের বাচ্চা। **ব্যাঙের আধুলি/সিকি** *বি (আল.)* গরিব লোকের অতি সামান্য অর্থ বা সঞ্চয়। **ব্যাঙের ছাতা** *বি* ছাতার মতো দেখতে ছোট আকারের অপুষ্পক উদ্ভিদবিশেষ; ছত্রাক। **ব্যাঙের লাথি** *বি (আল.)* হীন বা নগণ্য লোক দ্বারা অপমান। **ব্যাঙর ব্যাঙর করা** *ক্রি (আল.)* অনেকক্ষণ ধরে বিরক্তিকর কথা বলে চলা; অবিরত বাজে বকবক করা। **ব্যাঙের সর্দি** *(আল.)* অসম্ভব ব্যাপার। { *স.* ব্যঙ্গ> }
ব্যাঙ্ক ⇒ ব্যাংক
ব্যাঙ্গ ⇒ ব্যাঙ
ব্যাঙ্গমা ⇒ বেঙ্গমা
ব্যাচ [ব্যাচ] *বি* দল (আমাদের ব্যাচ সর্বোৎকৃষ্ট)। { *ই* batch }
ব্যাজ[1] [ব্যাজ্] *বি* ১ বিলম্ব; দেরি (শীঘ্র করি শালে দেও না করিও ব্যাজ—*সৈআ*)। ২ বিঘ্ন; বাধা; অন্তরায়। ৩ কপটতা। ৪ সুদ; বৃদ্ধি। –**নিন্দা** *বি* একজনের নিন্দা দ্বারা অপরের নিন্দা জ্ঞাপন (অর্থালঙ্কারবিশেষ; এই ব্যাজনিন্দা হচ্ছে ভারতচন্দ্রের কথা—*প্রচৌ*)। –**স্তুতি** *বিণ* ১ ছলপূর্ণ স্তুতি; কপট প্রশংসা। □ *বি (আল.)* কাব্যের অলঙ্কার বিশেষ; নিন্দাচ্ছলে স্তুতি ও স্তুতিচ্ছলে নিন্দা করা হলে বলা হয় (যেমন—অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ/ কোন গুণ নাই তার কপালে আগুন—*ভারা*)। **ব্যাজোক্তি** *বি* ১ ছলপূর্ণ কথা। ২ *(আল.)* স্পষ্টরূপে প্রকাশিত বিষয়ের ছল দ্বারা গোপন। { *স.* বি+√অঞ্জ্+অ(ঘঞ্) }
ব্যাজ[2] [ব্যাজ্] *বি* তকমা; দল পেশা নির্দেশক চিহ্ন। { *ই* badge }
ব্যাজার ⇒ বেজার
ব্যাজোক্তি ⇒ ব্যাজ[1]
ব্যাট [ব্যাট্] *বি* ক্রিকেট খেলার বল চালনা করবার জন্যে ব্যবহৃত কাষ্ঠফলকবিশেষ (ননী তাহার হাতে নিজের ব্যাটখানা দিয়া তাহাকে বল মারিতে বলিল—*বিব*। { *ই* bat }
ব্যাটা ⇒ বেটা
ব্যাটারি [ব্যাটারি] *বি* বিদ্যুৎ-ধারক যন্ত্রবিশেষ (সারাদেহে যেন এইমাত্র কে ইলেকট্রিক ব্যাটারির শক্ লাগাইয়া দিয়াছে—*বিব*)। { *ই* battery }
ব্যাটালিয়ন [ব্যাটালিয়ন্] *বি* সৈন্যবাহিনী; সামরিক স্থলবাহিনী—কতকগুলো কোম্পানি নিয়ে একটি ব্যাটালিয়ন হয় (বেলুচি রেজিমেন্টের প্রথম ব্যাটালিয়ন যাত্রা করলে এই দেশে আসবার জন্যে—*নই*)। { *ই* battalion }
ব্যাড় ⇒ বেড়
ব্যান্ড [ব্যান্‌ড্] *বি* ১ ঐকতান বাদনের দল। ২ ঐকতান বাদন; নানা রকম যন্ত্রের ঐকতান বাদ্য (ফ্রান্সের মধুর ব্যাণ্ডের তালে তালে—*নই*)। –**পার্টি** *বি* ঐকতানবাদকদল (ব্যান্ডপার্টির চারজন যাহারা শহরে বাজনা বাজিয়ে—*শাহ*)। –**মাস্টার** *বি* ঐকতান বাদকদলের প্রধান পরিচালক নেতা বা শিক্ষক। { *ই* band }
ব্যান্ডেজ [ব্যান্‌ডেজ্] *বি* ক্ষতস্থান বন্ধনের পট্টি (ব্যান্ডেজটা বেঁধে নিই নিজেই—*নই*)। { *ই* bandage }
ব্যাত্ত ⇒ ব্যাদান
ব্যাদড়া, বেদাঁড়া [ব্যাদ্‌ড়া, বেদাঁড়া] *বিণ* ১ অশিষ্ট; দুষ্টু; বেয়াড়া (কাজেই শিশু যদি তা গিলতে আপত্তি করে তা হলে সে যে ব্যাদড়া ছেলে—*প্রচৌ*)। ২ কুৎসিত। { *ফা.* *ফা.* বে بے + *বা.* দাঁড়া> }
ব্যাদত্ত ⇒ ব্যাদান
ব্যাদান [ব্যাদান্] *বি* ১ খোলা; উদ্‌ঘাটন (আঁধার ব্যাদান গুহার মাঝারে চলিনু তাহার পিছে—*রঠা*)। ২ বিস্তার। ৩ প্রসারণ। **ব্যাত্ত, ব্যাদত্ত** *বিণ* ১ উদ্‌ঘাটিত। ২ প্রসারিত। ৩ বিস্তৃত। { *স.* বি+আদান }
ব্যাধ [ব্যাধ্] *বি* ১ শিকারি জাতিবিশেষ। ২ পশুপক্ষী বধকারী; কিরাত। { *স.* √ব্যধ্+অ(ণ) }
ব্যাধি, বেয়াধি [ব্যাধি, বেয়াধি] *বি* অসুখ; পীড়া; রোগ (বেয়াধি কেমনে ছুটে—*চদা*)। **ব্যাধিত** *বিণ* রোগগ্রস্ত; রোগাক্রান্ত। **ব্যাধিমন্দির** *বি* ১ রোগের ঘর; রোগের বাসা (শরীরং ব্যাধিমন্দিরম্—*প্রব.*)। ২ শরীর; দেহ। { *স.* বি+আ+√ধা+ই(কি); বহু }
ব্যান[1] [ব্যান্] *বি* শরীরস্থ পঞ্চ বায়ুর অন্যতম। { *স.* বি+√অন্+অ(ঘঞ্) }
ব্যান[2] [ব্যান্] *বি* নিষিদ্ধকরণ (বিস্তর ছবি ব্যান করলে শেষটায় ভালো ছবি বেরোবে—*সৈমু*)। { *ই* ban }
ব্যান্নন [ব্যান্‌নন্] *বি* রাঁধা তরকারি; ব্যঞ্জন। { *স.* ব্যঞ্জন> }
ব্যাপক [ব্যাপোক্] *বিণ* ১ ব্যাপ্তিযুক্ত; ব্যাপনশীল; কালব্যাপী; স্থানব্যাপী; বহুদূর বিস্তৃত। ২ বহু বিষয়ের উপর প্রভাব বিস্তার করে এমন। **ব্যাপিকা** *বি* ১ ধিঙ্গি স্ত্রীলোক। ২ প্রগলভা; চঞ্চলা নারী। ২ ব্যাভিচারিণী; দুশ্চরিত্রা। { *স.* বি+√আপ্+ অক(ণ্বুল্) }
ব্যাপন [ব্যাপোন্] *বি* ১ প্রসারণ; বিস্তার; ব্যাপ্তি। ২ আবরণ; আচ্ছাদন। { *স.* বি+√আপ্+অন(ল্যুট্) }
ব্যাপা [ব্যাপা] *ক্রি* বিস্তৃত হওয়া; ছড়ানো; ব্যাপ্ত হওয়া; স্থান জুড়ে অবস্থান করা। □ *বি, বিণ* বিস্তৃত; ছড়ানো; ব্যাপ্ত। { *স.* বি+√আপ্+ *বা.* আ }
ব্যাপাদন [ব্যাপাদোন্] *বি* হত্যা; বধ। **ব্যাপাদিত** *বিণ* নিহত; বিনাশিত। { *স.* বি+আ+√পদ্+ণিচ্+অন(ল্যুট্) }
ব্যাপার [ব্যাপার্] *বি* ১ বাণিজ্য; ব্যবসায় (চলিত সিংহল দ্বীপে করিতে ব্যাপার—*সৈআ*)। ২ বিষয় (ব্যাপার কি?)। ৩ ঘটনা (ভীষণ ব্যাপার)। ৪ ক্রিয়া; অনুষ্ঠান (বিবাহ

ব্যাপার)। ৫ নিয়োগ। { *স.* বি+আ+√পৃ+অ(ঘঞ্) }
ব্যাপিকা ⇒ ব্যাপক
ব্যাপারী, বেপারি, বেপারী [ব্যাপারি] *বি* ব্যবসায়ী; বণিক; কারবারি; সওদাগর। { *স.* ব্যাপার+ইন্(ণিনি) }
ব্যাপী(-পিন্) [ব্যাপি] *বিণ* ১ ব্যাপ্তিশীল; ব্যাপক প্রসারী (বহুদূরব্যাপী)। ২ আবরক। **ব্যাপিনী** *স্ত্রী.*। { *স.* বি+√আপ্+ইন্(ণিনি) }
ব্যাপৃত [ব্যাপৃত্রিতো] *বিণ* নিয়োজিত; নিযুক্ত; রত। **ব্যাপৃতা** *স্ত্রী.*। **ব্যাপৃতি** *বি* নিযুক্ত হওয়ার ভাব; রত থাকার ভাব। { *স.* বি+আ+√পৃ+ত(ক্ত) }
ব্যাপ্ত [ব্যাপ্‌তো] *বিণ* ১ প্রসারিত; বিস্তৃত। ২ আচ্ছন্ন। ৩ পূরিত; পরিপূর্ণ। **ব্যাপ্তি** *বি* ১ প্রসার; বিস্তৃতি। ২ আবরণ। { *স.* বি+√আপ্+ত(ক্ত) }
ব্যাবর্তন [ব্যাবর্‌তোন্] *বি* ১ আবর্তন; প্রত্যাবর্তন। ২ আবর্তিতকরণ। ৩ মোচড়। **ব্যাবর্তিত** *বিণ* ১ আবর্তিত; প্রত্যাবর্তিত। ২ প্রত্যাবৃত্ত। ৩ মোচড়ানো হয়েছে এমন। **ব্যাবৃত্ত** *বিণ* ১ নিরাকৃত। ২ অংশীকৃত; খণ্ডিত। ৩ প্রত্যাবৃত্ত; নিবৃত্ত; নিবারিত। **ব্যাবৃত্তি** *বি* প্রত্যাবর্তন; নিবৃত্তি। { *স.* বি+আ+√বৃৎ+অন(ল্যুট্) }
ব্যাবহারিক = ব্যবহারিক ⇒ ব্যবহার
ব্যাবৃত্ত, ব্যাবৃত্তি ⇒ ব্যাবর্তন
ব্যাভার [ব্যাভার্] *বি* ১ ব্যবহার (এমত ব্যাভার না বুঝি তাহার—*চন্দ*)। ২ অভ্যাস। { *স.* ব্যবহার> }
ব্যাম [ব্যাম্] *বি* বাঁও; প্রসারিত বাহুদ্বয়ের একটির আঙুলের অগ্রভাগ থেকে অপরটির আঙুলের অগ্রভাগ পর্যন্ত মাপ; চার হাত পরিমাণ। { *স.* বি+আ+√মা+অ(ক) }
ব্যামো [ব্যামো] *বি* রোগ; পীড়া; ব্যাধি (তাহার ব্যামো সারিবার নহে—*রঠা*)। { *স.* ব্যামোহ> }
ব্যামোহ [ব্যামোহো] *বি* ১ অতিমুগ্ধতা; বিমূঢ়তা; চিত্তবৈকল্য। ২ অজ্ঞানতা। ৩ ব্যাধি। { *স.* বি+আ+√মুহ্+অ(ঘঞ্) }
ব্যায়রাম [ব্যায়্‌রাম্] ⇒ বে[২]। **ব্যায়ারামি, ব্যারামি** *বি,বিণ* পীড়িত; রোগগ্রস্ত। { *ফা.* বে بے + *বা.* আরাম }
ব্যায়াম [ব্যায়াম্] *বি* ১ বিশেষরূপে অঙ্গ সঞ্চালন; শ্রমসাধন ব্যাপার; স্বাস্থ্যরক্ষার জন্য পরিশ্রম। ২ কুস্তি। { *স.* বি+আ+√যম্+অ(ঘঞ্) }
ব্যারাক [ব্যারাক্] *বি* ১ সেনানিবাস (অস্ত্রাগারে আগুন ধরাইয়া দিয়া নিজেদের ব্যারাক ত্যাগ করে—*ওয়ালি*)। ২ বিরাট ও বেঢপ অট্টালিকা। { *ই* barrack }
ব্যারিস্টার [ব্যারিশ্‌টার্] *বি* ইংল্যান্ড থেকে আইন পাস করা উকিল; উচ্চ শ্রেণির ব্যবহারাজীব। **ব্যারিস্টারি** *বি* ব্যারিস্টারের কাজ। { *ই* barrister }
ব্যাল [ব্যাল্] *বি* ১ হিংস্র জানোয়ার। ২ সর্প; সাপ। ৩ চিতাবাঘ; শ্বাপদ। ৪ দুর্দান্ত হস্তী। **ব্যালী** *স্ত্রী.*। ~**গ্রাহ, ~গ্রাহী** *বি* সাপুড়ে। ~**মৃগ** *বি* চিতাবাঘ। { *স.* ব্যাল }
ব্যালট পেপার [ব্যালোট্ পেপার্] *বি* ভোটদানের পত্র; নির্বাচনে ভোট দেওয়ার জন্য নির্দিষ্ট কাগজ, যাতে চিহ্ন দিয়ে বা নাম লিখে ভোট দেওয়া হয় (আমার ভোটাধিকার নেই, জীবনের নির্বাচন কেন্দ্রে আমি ব্যালট পেপার হারিয়ে ফেলেছি—*শারা*)। { *ই* ballot paper }
ব্যালেন্স, ব্যাল্যান্স [ব্যালেন্‌স্, ব্যালা-] *বি* ১ ভারসাম্য (সহজে এরা হাতে ব্যালেন্সের খেলা দেখাচ্ছে—*আহা*)। ২ দাঁড়িপাল্লা; ওজন করার যন্ত্র। { *ই* balance }
ব্যালেরিনা [ব্যালেরিনা] *বি* পেশাদার নর্তকী (আমাদের ছোট খুপরিতে ভোর আসে ব্যালেরিনার মতো নিপুণ বিন্যাসে—*শারা*)। { *ই* ballerina }
ব্যালোল [ব্যালোল্] *বিণ* ১ ব্যাকুল; আকুল। ২ অতিশয় চঞ্চল। ৩ বিলোল। { *স.* বি+আ+√লুল্+অ(ঘঞ্) }
ব্যাস [ব্যাশ্] *বি* ১ বৃত্তের কেন্দ্র ভেদ করে উভয়পার্শ্বে যে সরলরেখা পরিধি স্পর্শ করে। ২ বৃত্তের সর্বাধিক প্রস্থ। ৩ বিস্তার। ৪ বিভাগ। ৫ বেদমন্ত্রসমূহের বিভাজক; বেদব্যাস। **ব্যাসার্ধ** *বি* ব্যাসের অর্ধাংশ; বৃত্তের পরিধি থেকে কেন্দ্র পর্যন্ত প্রসারিত সরলরেখা। { *স.* বি+√অস্+অ(ঘঞ্) }
ব্যাসকূট [ব্যাশ্‌কুট্] *বি* ১ বেদব্যাসের রচনার দুর্বোধ্য শ্লোক। ২ দুর্বোধ্য লেখা (প্রবর্ধমান জ্ঞানবিজ্ঞানের প্রত্যেক বিভাগ ব্যাসকূটের রঙ্গভূমি—*সুদ*)। { *স.* ব্যাস+কূট }
ব্যাসক্ত [ব্যাশক্‌তো] *বিণ* ১ অতিশয় আসক্ত (সাতিশয় ব্যাসক্ত আছেন—*ঈবি*)। ২ সংলগ্ন। **ব্যাসক্তি** *বি* ১ বিশেষ আসক্তি। { *স.* বি+আ+√সন্‌জ্+ত(ক্ত) }
ব্যাসবাক্য [ব্যাশ্‌বাক্‌কো] *বি (ব্যা.)* সমাসবদ্ধ পদসমূহের ব্যাখ্যাকারী বাক্য। { *স.* ব্যাস+বাক্য }
ব্যাসম ⇒ বেসন
ব্যাহত [ব্যাহোতো] *বিণ* ১ বাধা পাওয়া; বাধাপ্রাপ্ত। ২ বিফলীকৃত। ৩ নিবারিত। { *স.* বি+আ+√হন্+ত(ক্ত) }
ব্যাহৃতি [ব্যাহৃতি] *বি* ১ হিন্দুদের মন্ত্রাঙ্গবিশেষ; গায়ত্রী; মন্ত্রের 'ভূর্ভুবঃ স্বঃ' গায়ত্রী মন্ত্রটির এই আদি অংশটিকে ব্যাহৃতি বলে। ২ উক্তি। { *স.* বি+আ+√হৃ+তি(ক্তি) }
ব্যুৎক্রম [ব্যুত্‌ক্রম্] *বি* ১ ক্রম বৈপরীত্য; ক্রম বিপর্যয়। ২ অনিয়ম; ব্যতিক্রম। **ব্যুৎক্রান্ত** *বিণ* ব্যুৎক্রমযুক্ত। { *স.* বি+উৎ+√ক্রম্+অ(ঘঞ্) }
ব্যুৎপত্তি [বুত্‌পোত্‌তি] *বি* ১ শাস্ত্রে বিশেষ পাণ্ডিত্য। ২ জ্ঞান; বোধ; অভিজ্ঞতা। ৩ পারদর্শিতা। ৪ বিশেষ উৎপত্তি। ৫ *(ব্যা.)* শব্দের প্রকৃতিপ্রত্যয়াদি বিশ্লেষণপূর্বক গঠন বিচার। **ব্যুৎপন্ন** *বিণ* ১ শাস্ত্রজ্ঞান সম্পন্ন। ২ জ্ঞানী। ৩ *(ব্যা.)* প্রকৃতিপ্রত্যয়াদির সাহায্যে উৎপন্ন। **ব্যুৎপাদক** *বিণ* ব্যুৎপত্তিদানকারী। **ব্যুৎপাদিকা, ব্যুৎপাদিত** *বিণ স্ত্রী.* ব্যুৎপন্ন হয়েছে এমন; প্রকৃতি প্রত্যয়াদির সাহায্যে উৎপাদিত। **ব্যুৎপাদ্য** *বিণ* ব্যুৎপত্তি নির্ণয় করতে হবে এমন। { *স.* বি+উৎপত্তি }
ব্যূঢ়[১] [বুঢ়ো] *বিণ* ১ বিবাহিত। ২ বিন্যস্ত; সংস্থাপিত। ৩ প্রসারিত; স্ফীত; বিস্তৃত (ব্যূঢ় বক্ষস্থল)। **ব্যূঢ়োরস্ক** *বিণ* বিশাল বক্ষস্থলযুক্ত (ব্যূঢ়োরস্ক বৃষস্কন্ধ শালপ্রাংশু মহাবাহু—*সৈমু*)। { *স.* বি+ঊঢ় }
ব্যূঢ়[২] ⇒ ব্যূহ
ব্যূহ [বুহো] *বি* ১ সৈন্যসমাবেশ; যুদ্ধের জন্য কৌশল সহকারে সৈন্যবিন্যাস। ২ সেনাসমূহ। ৩ গঠন; নির্মাণ। ৪ দেহ। **ব্যূহিত, ব্যূঢ়** *বিণ* ব্যূহাকারে বিন্যস্ত। { *স.* বি+ঊহ্ }

ব্যোম [ব্যোম্] *বি* ১ অম্বর; আকাশ; শূন্য। ২ *(আল.)* ফাঁকি। ~**কেশ** *বি* হিন্দু দেবতা শিব; মহাদেব। ~**চর** *বি* ১ গগনবিহারী; যাঁরা আকাশে বিচরণ করেন (ব্যোমচর নমিলা চৌদিকে সভয়ে—*মদ*)। ২ গ্রহ-নক্ষত্রাদি। ৩ পাখি। ~**যাত্রা** *বি* শূন্যে ভ্রমণ; বিমানে চড়ে শূন্যে ভ্রমণ। ~**যান** *বি* আকাশযান; বিমান; এরোপ্লেন। { *স.* √ব্যে+মন(মনিন্)}

ব্রঙ্কাইটিস [ব্রোঙ্‌কাইটিস্] *বি* বায়ুনালির প্রদাহ রোগ; শ্বাসনালির শ্লৈষ্মিক ঝিল্লির বিকারজনিত শিরঃপীড়া, স্বরভঙ্গ, গাঢ় শ্লেষ্মা ও কাসি, গলা ঘড়ঘড়, বুকে বেদনাবোধ, শ্বাসকষ্ট প্রভৃতি লক্ষণজনিত ব্যাধি। { *ই.* bronchitis}

ব্রজ [ব্রোজো] *বি* ১ গমন। ২ পথ (অধীর ভূধর ব্রজ, ভীমের গর্জনে—*মদ*)। ৩ গোষ্ঠ। ৪ হিন্দুশাস্ত্রে কৃষ্ণের বাল্যলীলাভূমি রূপে বর্ণিত মথুরার নিকটবর্তী গ্রামবিশেষ। ~**কিশোর**, ~**মোহন**, ~**সুন্দর** *বি* শ্রীকৃষ্ণ। ~**কিশোরী**, ~**দুলাল** *বি* শ্রীকৃষ্ণ। ~**ধাম** *বি* বৃন্দাবন; গোকুল। ~**বুলি** *বি* বৈষ্ণব পদাবলি সাহিত্যে ব্যবহৃত মিশ্র ভাষাবিশেষ। ~**ভাষা** *বি* ব্রজবুলি। ~**লীলা** *বি* ব্রজধামে শ্রীকৃষ্ণের রসলীলা। ~**সুন্দরী** *বি* রাধিকা। **ব্রজাঙ্গনা** *বি* ১ ব্রজের রমণী। ২ গোপনারী। ৩ রাধা। **ব্রজেশ্বর** *বি* শ্রীকৃষ্ণ। **ব্রজেশ্বরী** *বি স্ত্রী.* শ্রীরাধা। { *স.* √ব্রজ্+অ(ঘঞ্)}

ব্রজ্যা [ব্রোজ্‌জা] *বি* পর্যটন; ভ্রমণ। (তুল. বৌদ্ধ প্রব্রজ্যা) { *স.* √ব্রজ্+য(ক্যপ্)+আ(টাপ্)}

ব্রণ [ব্রোন্] *বি* ১ বয়স-ফোঁড়া; যৌবনাগমনে মুখে ওঠা ক্ষুদ্র ফোঁড়া বা ফুস্কুড়ি। ২ ক্ষত; ঘা। { *স.* √ব্রণ্+অ(অচ্)}

ব্রত [ব্রোতো] *বি* ১ ধর্মানুষ্ঠান; পাপক্ষয় ও পুণ্যলাভের ইচ্ছায় অনুষ্ঠিত ধর্মকার্য। ২ নিয়ম; সংযম। ৩ তপস্যা। ~**চারী** *বিণ* ব্রত আচরণ করে এমন। ~**ধারী**, **ব্রতী** *বিণ* ব্রতকারী; তপস্বী (ত্রিশ ক্রোর ব্রতী পুত্রের মাতা—*সদ*)। ~**ধারিণী**, **ব্রতিনী** *স্ত্রী.* { *স.* √বৃ+অত(অতক্)}

ব্রততি, **ব্রততী** [ব্রোতোতি] *বি* ১ লতা; বল্লি (ব্রততী যেমতি বিশাল রসাল মূলে—*মদ*)। ২ লতার মতো বিস্তার বা বিস্তৃতি (ব্রততিবালা)। { *স.* প্র+√তন্+তি(ক্তি) (প্র>ব্র)}

ব্রততী ⇒ ব্রততি

ব্রতধারী, **ব্রতী** ⇒ ব্রত

ব্রহ্ম[১](-ন্) [ব্রোম্‌হো] *বি* ১ হিন্দুমতে পরমপুরুষ; পরমেশ্বর; অনন্ত; অনাদি; অদ্বিতীয় পুরুষ। ২ বিধাতা। ৩ বেদ। ৪ ব্রাহ্মণ (ব্রহ্মহত্যা)। ৫ ব্রহ্মদেশ; Burma। ~**চর্য** *বি* ব্রহ্মচারীর করণীয় ব্রত; মৈথুন ও অন্যান্য ভোগবাসনা বর্জিত সংযত জীবনযাপন। ~**চর্যাশ্রম** *বি* হিন্দু শাস্ত্রানুসারে জীবনের প্রথমাংশে ব্রহ্মচারীর অবস্থা। ~**চারী** *বিণ* ব্রহ্মচর্য পালনকারী। □ *বি, বিণ* উপনয়নের পর যে ব্রাহ্মণ-সন্তান গুরুগৃহে থেকে অধ্যয়ন করে। ~**চারিণী** *স্ত্রী.*। ~**জ্ঞ** *বিণ, বি* যার ব্রহ্মজ্ঞান হয়েছে। ~**জ্ঞান** *বি* পরমাত্মা জ্ঞান; ব্রহ্মের স্বরূপসম্বন্ধীয় জ্ঞান; তত্ত্বজ্ঞান। ~**জ্ঞানী** *বি, বিণ* ১ ব্রহ্মজ্ঞানসম্পন্ন। ২ ব্রাহ্মধর্মাবলম্বী। ~**ডাঙ্গা** *বি* উচ্চে অবস্থিত উর্বরতাহীন জমি। ~**ণ্য** *বিণ* ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়। □ *বি* ১ হিন্দুদেবতা নারায়ণ। ২ ব্রহ্মতেজ। ~**তালু** *বি* মাথার চাঁদি। ~**তেজ** *বি* ১ ব্রহ্মজ্ঞানজনিত তেজ; ব্রাহ্মণ্য। ২ ব্রাহ্মণের শক্তি। ~**ত্র**, ~**ত্রা** *বি* ব্রহ্মোত্তর। ~**ত্ব** *বি* ব্রহ্মের বা ব্রহ্মতুল্য ভাব বা পদ। ~**দৈত্য**, ~**পিশাচ**, ~**রাক্ষস** *বি* হিন্দুমতে ব্রাহ্মণের প্রেতযোনি (আমরা নব্য হিন্দুর দল পরস্পরের মধ্যে তাহাকে ব্রহ্মদৈত্য বলিয়া ডাকিতাম—*রঠা*)। ~**নাভ** *বি* হিন্দুমতে বিষ্ণু। ~**পাতক** *বি* ব্রাহ্মণ হত্যারূপ পাপ। ~**পুরী**, ~**লোক** *বি* ১ ব্রহ্মার বাসস্থান। ২ স্বর্গ। ৩ পুরাণোক্ত সপ্তলোকের মধ্যে উচ্চতম লোক। ~**বাদী** *বি, বিণ* ১ বেদাধ্যায়ী। ২ ব্রহ্মজ্ঞানী। ৩ ব্রহ্মবিদ্যার বক্তা। ৪ বৈদান্তিক। ~**বাদিনী** *স্ত্রী.*। ~**বিদ্যা** *বি* ব্রহ্মজ্ঞান বিষয়ক শাস্ত্র। ~**বৈবর্ত** *বি* অষ্টাদশ পুরাণের অন্যতম। ~**রন্ধ্র** *বি* ব্রহ্মতালুর কেন্দ্র বা কেন্দ্রবর্তী ছিদ্র (তখন মাথাটি রিম ঝিম করে ব্রহ্মরন্ধ্র বুঝি ফেটেই পড়ে—*মোম*)। ~**র্ষি** *বি* ঋষি ব্রাহ্মণ। ~**লোক** *বি* ব্রহ্মার বাসস্থান; লোকবিশেষ। ~**শাপ** *বি* ব্রাহ্মণের অভিশাপ। ~**শির**, ~**শিরা** *বি* পুরাণোক্ত অস্ত্রবিশেষ। ~**সংহিতা** *বি* চৈতন্যদেব কর্তৃক রচিত দাক্ষিণাত্য থেকে আনীত বৈষ্ণব গ্রন্থবিশেষ। ~**সঙ্গীত** *বি* ব্রহ্মের উপাসনামূলক সঙ্গীত। ~**সাবর্ণি** *বি* হিন্দু পুরাণ অনুসারে দশম মনু। ~**সূত্র** *বি* ১ বেদব্যাস কর্তৃক বেদান্ত সূত্র। ২ উপবীত; পৈতা। ~**স্ব** *বি* ব্রাহ্মণের সম্পত্তি। ~**হত্যা** *বি* ১ ব্রাহ্মণ-বধ। ২ হিন্দুমতে মহাপাপ। { *স.* √বৃন্‌হ্+মন(মনিন্)}

ব্রহ্ম[২], **ব্রহ্মদেশ** [ব্রোম্‌হো, -দেশ্] *বি* বাংলাদেশের দক্ষিণ-পূর্বস্থ দেশবিশেষ; বর্তমান নাম মিয়ানমার; ব্রহ্মদেশ; Burma; Myanmar। { *স.* ব্রহ্ম>, +দেশ}

ব্রহ্মপুত্র [ব্রোম্‌হোপুত্‌ত্রো] *বি* আসাম ও বাংলাদেশের মধ্যবর্তী নদবিশেষ। { *স.* ব্রহ্ম+পুত্র}

ব্রহ্মা [ব্রোম্‌হা] *বি* হিন্দুমতে সৃষ্টিকর্তা; জগৎস্রষ্টা; বিধাতা; কমলাসন; চতুরানন; প্রজাপতি; হিরণ্যগর্ভ; বিরিঞ্চি; স্বয়ম্ভু; লোকপিতামহ। ~**ণী** *বি স্ত্রী.* ব্রহ্মার পত্নী বা শক্তি। ~**রণ্য** *বি* বেদাধ্যয়নের জন্য উৎকৃষ্ট পৌরাণিক স্থান। ~**স্ত্র** *বি* অতিশয় ক্ষমতাশালী অস্ত্র (নারিকেলের হুঁকাটাই শীতের বিরুদ্ধে লড়বার তাদের একমাত্র ব্রহ্মাস্ত্র—*আফ*)। ~**ণ্ড** *বি* বিশ্বজগৎ; সৃষ্টি। **ব্রহ্মোত্তর** *বি* ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর-ভূমি। { *স.* ব্রহ্মন্>}

ব্রহ্মাণ্ড ⇒ ব্রহ্মা

ব্রহ্মারণ্য, **ব্রহ্মাস্ত্র** ⇒ ব্রহ্মা

ব্রহ্মোত্তর ⇒ ব্রহ্মা

ব্রাণ্ডি ⇒ ব্রান্ডি

ব্রাত্য [ব্রাত্‌তো] *বি* পতিত; সংস্কারহীন; ব্রতভ্রষ্ট (আড্ডা যখন গুরুচণ্ডাল সকলের জন্যই অবারিত দ্বার তখন এরাই বা আমাকে ব্রাত্য করে রাখবে কেন?—*সৈমু*)। □ *বিণ* আচারভ্রষ্ট। { *স.* ব্রাত(ব্যাধ আদি)+য(ষ্যঞ্)}

ব্রাদার [ব্রাদার্] *বি* ভাই (কি জানো ব্রাদার)। { *ই.* brother}

ব্রাহ্ম, **ব্রাহ্মধর্ম** [ব্রাম্‌হো, -ধরমো] *বি* রাজা রামমোহন রায় কর্তৃক প্রতিষ্ঠিত দেবেন্দ্রনাথ ঠাকুর প্রভৃতি কর্তৃক

প্রচারিত একেশ্বরবাদী ধর্মসম্প্রদায় ও তার অনুসারী। ☐*বিণ* ১ ব্রহ্মজ্ঞানী। ২ ব্রহ্মসম্বন্ধীয়। **ব্রাহ্মবিবাহ** *বি* ১ ব্রাহ্মধর্মের নিয়মানুযায়ী বিবাহ। ২ বরকে আহ্বান করে সালঙ্কারা কন্যাদান। **ব্রাহ্মমুহূর্ত** *বি* সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী এক ঘন্টা বিশ মিনিট কাল। **ব্রাহ্মসমাজ** *বি* ব্রাহ্মধর্মাবলম্বী সম্প্রদায়। **ব্রাহ্মসমাজী** *বিণ* ১ ব্রাহ্মসমাজগত। ২ ব্রাহ্ম-সমাজভুক্ত। {*স.* ব্রহ্মন্+অ(অণ্)}

ব্রাহ্মণ [ব্রামহন্] *বি* ১ যিনি ব্রহ্মকে জানেন; হিন্দুমতে উচ্চবর্ণের লোক। ২ আর্যদের চারবর্ণের প্রথম বর্ণ। ৩ বিপ্র; বামুন। ৪ বেদের অংশবিশেষ। ৫ পুরোহিত ব্রাহ্মণ; পাচক ব্রাহ্মণ। **ব্রাহ্মণী** *স্ত্রী*। **– সমাজ** *বি* ব্রাহ্মণ সম্প্রদায়। {*স.* ব্রহ্মন্+অ(অণ্)}

ব্রাহ্মণ্য [ব্রামহোনো] *বি* ১ ব্রাহ্মণের ধর্ম। ২ ব্রাহ্মণত্ব। ৩ ব্রাহ্মণসমূহ। {*স.* ব্রাহ্মণ+য(যৎ)}

ব্রাহ্মিকা [ব্রামহিকা] *বি* ১ ব্রাহ্ম মহিলা। ২ ব্রাহ্মের স্ত্রী। {*স.* ব্রাহ্ম+ইক(ঠন্)+আ(টাপ্)}

ব্রাহ্মী [ব্রাম্‌হি] *বি* ১ ব্রহ্মার শক্তি; মাতৃকাবিশেষ। ২ লিপি; ভারতের প্রাচীন লিপি বিশেষ। ৩ তিক্ত শাকবিশেষ। ☐*বিণ* ব্রহ্মজ্ঞা; ব্রহ্মসম্বন্ধীয়া। {*স.* ব্রাহ্ম+ঈ(ঙীপ্)}

ব্রিচ অব কন্ট্রাক্ট [ব্রিচ্ অব্ কন্ট্রাক্ট্] *বি* চুক্তিভঙ্গ অপরাধ। {*ই.* breach of contract]

ব্রিচ অব ট্রাস্ট [ব্রিচ্ অব্ ট্রাস্ট্] *বি* চুক্তিভঙ্গ অপরাধ। {*ই.* breach of trust}

ব্রিজ [ব্রিজ্] *বি* ১ তাস খেলাবিশেষ (ব্রিজের টেবিলে সে যোগ দিতে পারিল না; কারণ ব্রিজ খেলা সে জানে না—*বিব*)। ২ সাঁকো; পোল; সেতু। {*ই.* bridge}

ব্রিটিশ [ব্রিটিশ্] *বি* ব্রিটেনের অধিবাসী। ☐*বিণ* ১ ব্রিটেনে উৎপন্ন বা নির্মিত। ২ গ্রেট ব্রিটেন সম্বন্ধীয়। {*ই.* British}

ব্রীড়া [ব্রিড়া] *বি* লজ্জা (দেখি অন্নদার ক্রীড়া শিবের হইল ব্রীড়া—*ভারা*)। **–নত** *বিণ* লজ্জায় আনত (ব্রীড়ানত দেহ—*সৈআআ*)। **~নতা** *স্ত্রী*। {*স.* √ব্রীড়্+অ(ঘঞ্)+আ(টাপ্)}

ব্রীড়িত [ব্রিড়িতো] *বিণ* ১ লজ্জিত। ২ লজ্জাযুক্ত। {*স.* √ব্রীড়্+ত(ক্ত)}

ব্রীহি [ব্রিহি] *বি* ধান্যবিশেষ; আউশ ধান। {*স.* √বৃহ্+ই}

ব্রুচ ⇒ ব্রোচ

ব্রেক [ব্রেক্] *বি* চাকা প্রভৃতি রোধকারী যন্ত্র; গতিরোধক যন্ত্র (সঙ্গে সঙ্গেই ব্রেক চেপে পিছন ফিরে তাকালেন—*নীই*)। {*ই.* brake}

ব্রোচ, ব্রুচ [ব্রোচ, ব্রু–] *বি* বস্ত্রাদি আঁটার সেফটিপিনজাতীয় অলঙ্কারবিশেষ; যে কোনো পোশাক আঁটার কারুকার্য করা পিনজাতীয় বস্তু। {*ই.* brooch}

ব্র্যাকেট [ব্র্যাকেট্] *বি* ১ বন্ধনীচিহ্ন, যথা— ( ), { }, [ ]। ২ এক কোঠা; সমপর্যায়। ৩ ঘরের দেয়াল সংলগ্ন তাক বা আলনাবিশেষ। {*ই.* bracket}

ব্র্যান্ডি, ব্রাণ্ডি [ব্র্যান্‌ডি] *বি* আঙুর ফলের রস থেকে প্রস্তুত মদবিশেষ। {*ই.* brandy}

ব্লটিং, ব্লটিং পেপার [ব্লটিঙ্, –পেপার] *বি* চোষকাগজ; শোষক কাগজ। {*ই.* blotting}

ব্লাউজ [ব্লাউজ্] *বি* মেয়েদের জামাবিশেষ। {*ই.* blouse}

ব্লু [ব্লু] *বি* নীল। **~ব্ল্যাক** *বিণ* নীল-কৃষ্ণ বর্ণ (ব্লু-ব্ল্যাক কালি)। {*ই.* blue; blue-black}

ব্লুপ্রিন্ট [ব্লু–প্রিন্ট্] *বি* নীল কাগজে সাদা রঙে মুদ্রিত নকশা ও পরিকল্পনা। {*ই.* blue print}

ব্লু–ফিল্ম [ব্লু–ফিল্‌ম্] *বি* যৌনসঙ্গম-সর্বস্ব চলচ্চিত্র। {*ই.* blue film}

ব্লু–বুক [ব্লু–বুক্] *বি* সরকার প্রকাশিত বিশেষ কোনো তথ্য সম্বলিত পুস্তক। {*ই.* blue book}

ব্ল্যাকবোর্ড [ব্ল্যাক্‌বোর্ড্] *বি* স্কুল-কলেজে ব্যবহৃত কাঠের তৈরি কালো রঙের আয়তাকার ফলক, যার উপরে খড়ি-মাটি বা চক দিয়ে লেখা বা ছবি আঁকা হয়। {*ই.* black board}

[দ্রষ্টব্য : ১। নিম্নলিখিত তৎসম শব্দ এবং সেগুলো থেকে উৎপন্ন শব্দের আদ্য 'ব'-বর্ণ বর্গীয় 'ব' : **বদ্ধ, বধির, বন্ধ, বন্ধক, বন্ধন, বন্ধনী, বন্ধু, বন্ধুক, বন্ধুজীব, বন্ধুজীবক, বন্ধুর, বন্ধুলী, বন্ধ্য, বন্ধ্যা, বল (=শক্তি), বলদ, বলদেব, বলনিসূদন, বলভদ্র, বলরাম, বলাৎকার, বলাধান, বলাধিক্য, বলাধ্যক্ষ, বলান্বিত, বলাবল, বলি (=যজ্ঞাদিতে নিবেদ্য বস্তু), বলিষ্ঠ, বলী, বলীবর্দ, বলীয়ান, বল্য, বহিঃ, বহিরঙ্গ, বহিরাগত, বহিরিন্দ্রিয়, বহু, বহুল, বহ্বাড়ম্বর, বহ্বায়াস, বহ্বারম্ভ, বাধক, বাধা (=প্রতিবন্ধ), বাধ্য, বান্ধব, বাল্য, বাহু, বাহুল্য, বাহ্য (=বাহিরের), বাহ্বাস্ফোট, বীভৎস, বুদ্ধ, বুদ্ধি, বুধ, বুভুক্ষা, বুভুক্ষু, বোদ্ধা, বোধ, বোধি, বোধিকা, বোধিনী, বৌদ্ধ, ব্রহ্ম, ব্রহ্মণ্য, ব্রহ্মত্র, ব্রহ্মন্, ব্রহ্মপুত্র, ব্রহ্মা, ব্রাহ্ম, ব্রাহ্মণ, ব্রাহ্মী।**

২। নিম্নলিখিত তৎসম শব্দ এবং সেগুলো থেকে উৎপন্ন শব্দের আদ্য 'ব'-বর্ণ বর্গীয় 'ব' এবং অন্তঃস্থ 'ব' দুইই হয়: **বকুল, বড়বা, বণিক, বণিজ, বধ, বধূ, বধ্য, বন্দী (=চারণ), বর্বর, বহি, বাহক, বলি (=মাংসের কুঞ্চনজাত রেখা) বাড়ব, বাণ, বাণিজ্য, বাদরায়ণ, বার্হস্পত্য, বাল, বালক, বালখিল্য, বালা, বালার্ক, বালিকা, বালি/বালী (=বানররাজ), বালুকা, বালেন্দু, বাল্য, বাষ্প, বিড়াল, বিন্দু, বিম্ব, বিল (=গর্ত, গুহা), বীজ, বৃংহণ, বৃংহিত, বৃহৎ, বৃহন্নলা, বৃহস্পতি, বৈড়াল।**

৩। বাংলায় বর্গীয় ব ও অন্তঃস্থ ব-এর মধ্যে উচ্চারণে পার্থক্য নেই। তবে সন্ধির ব্যাপারে শব্দের আদ্য 'ব' বর্গীয় কি না, তা জানার প্রয়োজন হয়।]

ভ

ভ[১] 'প' বর্গের চতুর্থ এবং চব্বিশতম ব্যঞ্জনবর্ণ। এটি মহাপ্রাণ (aspirated), অঘোষ (voiced), ওষ্ঠ্য (bilabial), ঘৃষ্ট(plosive) ধ্বনি। বাংলাদেশের কোনো কোনো অঞ্চলে এটা শিসজাত দন্তৌষ্ঠ্য(labio-dental fricative) ধ্বনি।

ভ[২] [ভ] *বি* ১ নক্ষত্র। ২ গ্রহ। **~গোল, ~চক্র, ~মণ্ডল** *বি (জ্যোবি)* রাশিচক্র। { *স.* √ভা+অ(ড)}

ভআ, ভওয়া *(ব্র.)* [ভয়া, ভওয়া] *ক্রি* হওয়া (কুসুম হার ভইল ভার হৃদয় তার দহিছে—*রঠা)*। ভঅ—হয়। **ভঅল, ভএল, ভইল, ভৈল, ভেল, ভইলী, ভৈইলা, ভয়িলা, ভেলা**—হলো। **ভৈইলি, ভৈয়িলি, ভৈলি, ভেলি**—হলে। ভৈগেল, ভৈগেলা—হয়ে গেল (মহাতেজে ভইল জন—*রাপ;* ভৈ গেল নিরাশা—*বিপ)*। { *স.* √ভূ>}

ভঁআ *(মবা.)* [ভয়াঁ] *ক্রি* হয়ে (মাঝে যমুনা ত বর বাত ভআঁ—*বচদা)*। { *স.* √ভূ>}

ভইন, ভইনী *(মবা.)* [ভোইন্, ভোইনি] *বি* ১ বহিন; ভগিনী। { *স.* ভগিনী>}

ভইষ, ভইস, ভঁইষ, ভঁইস [ভোইশ্, -, ভোঁ, -] *বি* মহিষ। **ভইষা, ভঁইষা, ভইসা, ভঁয়সা, ভয়সা** *বিণ* ১ মহিষসংক্রান্ত (ভয়সা ঘি, ভইষা গাড়ি)। { *স.* মহিষ>, *তুল. হি.* ভঁইস}

ভওয়া ⇒ ভআ

ভংত [ভঙ্‌তো] *বি* কাঁসর (কাসা ভংত বাড়ি মারে বাজায় হৈমর শিং—*পূগী)*। { *স.* কং ম>}

ভঁ, ভঁ-ভঁ ⇒ ভোঁ

ভঁইষ, ভঁইস ⇒ ভইষ

ভক, ভক ভক [ভক্, ভক্‌ভক্] *অব্য* ধূম, দুর্গন্ধ, বমি প্রভৃতির হঠাৎ প্রচুর নির্গমসূচক শব্দ (ভক করে বমি করা; মুখে ভক্ ভক্ করে গন্ধ পেয়েছি—*গিসে)*। ২ প্রচুর দমকা বায়ু নিঃসরণ (ভক ভক করে ধোঁয়া বের হওয়া)। { *ধ্বন্যা.*}

ভকত ⇒ ভক্ত

ভকতি ⇒ ভক্তি

ভকা ⇒ ভখা

ভকিল [ভোকিল্] *বি* উকিল (আমি একজন ভকিল, বার বৎসর প্র্যাকটিস করেছি—*রাম)*। { *আ.* ৱকীল وکیل }

ভক্ত, ভকত [ভক্‌তো, ভকত্] *বি, বিণ* ১ ভক্তিমান; যার ভক্তি বা অনুরাগ আছে। ২ সেবক। ৩ অনুগত (শক্তের ভক্ত নরমের যম—*প্রব.)*। **ভক্ত-বৎসল** *বিণ* ভক্তের প্রতি স্নেহপরায়ণ। **ভক্ত-বাঞ্ছাকল্পতরু** *বিণ* ভক্তের সকল বাঞ্ছা পূর্ণ করেন এমন। **ভক্ত-বিটেল** *বিণ* কপট বা ভণ্ড ভক্ত। **ভক্তাগ্রগণ্য** *বিণ* শ্রেষ্ঠ বা প্রধান ভক্ত। **ভক্তাধীন** *বিণ* ভক্তের বশীভূত। { *স.* √ভজ্+ত(ক্ত), (স্বরাগমে)ভকত}

ভক্তি, ভকতি [ভোক্‌তি, ভকোতি] *বি* ১ আরাধ্যের প্রতি অনুরাগ। ২ মান্য ব্যক্তির প্রতি শ্রদ্ধা (কৃষ্ণচন্দ্র ভক্তি আশে ভারত সরস ভাষে—*ভারা)*। **ভক্তি-গ্রন্থ** *বি* ভক্তি উৎপাদক গ্রন্থ। **ভক্তিচিহ্ন** *বি* ভক্তির লক্ষণ। **ভক্তি-তত্ত্ব** *বি* ভক্তিবিষয়ক তথ্য; শাস্ত্র বা বিজ্ঞান। **ভক্তিপথ** *বি* ভক্তিবলে পরমতত্ত্বে পৌঁছাবার উপায়; সুফিদের তরিকা। **ভক্তিবাদ** *বি* দার্শনিক মতবাদ বিশেষ; যে মতবাদে জ্ঞান ও কর্ম ব্যতিরেকে শুধু ভক্তি দ্বারা সাধনা করলেই পরম তত্ত্বে পৌঁছা যায়; ভক্তিতত্ত্ব। **ভক্তি-বিহ্বল** *বিণ* বিপুল ভক্তিতে আত্মহারা। **ভক্তি-বিহ্বলতা** *বি*। **ভক্তিভরে** *ক্রিবিণ* ভক্তির সাথে; তাজিমের সঙ্গে। **ভক্তিভাজন** *বিণ* শ্রদ্ধাস্পদ। □*বি* ভক্তি করার যোগ্য পাত্র। **ভক্তিমান** *বিণ* ভক্তিযুক্ত; যার অন্তরে ভক্তির উদ্রেক হয়েছে। **ভক্তিমতী** *স্ত্রী.*। **ভক্তি-মার্গ** *বি* সাধনার পন্থাবিশেষ। *তুল.* **জ্ঞানমার্গ, কর্মমার্গ**। **ভক্তিমূলক** *বিণ* শ্রদ্ধাসূচক। **ভক্তিযোগ** *বি* ১ ভক্তির দ্বারা আরাধনা। ২ ভক্তিবাদ; শুধু ভক্তি দ্বারা পরমেশ্বর লাভের সাধনা; সাধনার একটি প্রকার। **ভক্তিরস** *বি* ১ অলঙ্কার শাস্ত্রোক্ত নবরসের অন্যতম। ২ ভক্তিরূপ রস। { *স.* √ভজ্+তি(ক্তি)= ভক্তি(স্বরাগমে) ভকতি}

ভক্ষ [ভোক্‌খো] *বিণ* খাদ্য; আহারীয়। **~ক** *বি, বিণ* খায় এমন; খাদক; ভোজনকারী। **~ণ** *বি* ভোজন; খাদ্যগ্রহণ; আহার। **~ণীয়** *বিণ* ভক্ষণযোগ্য; ভোজ্য। **ভক্ষিত** *বিণ* খাওয়া হয়েছে এমন; ভুক্ত। **ভক্ষ্য** *বিণ* ভক্ষণীয়। □*বি* খাদ্যদ্রব্য (ভক্ষ্যকেরে কুশল করত্তি ভক্ষ্যদানে—*কাদৌ)*। **~দ্রব্য** *বি* ভোজনসামগ্রী; ভোজ্যবস্তু। **ভক্ষ্যসামগ্রী** *বি* খাবার জিনিস; ভোজ্য বস্তু। **ভক্ষ্যাবশেষ** *বি* ভুক্তাবশিষ্ট দ্রব্য। **ভক্ষ্যাভক্ষ্য** *বি* খাদ্যাখাদ্য; যা ভক্ষ্য আর যা অভক্ষ্য। □*বিণ* আহারের উপযুক্ত ও অনুপযুক্ত। { *স.* √ভক্ষ্+অ(ঘঞ্)}

ভখা, ভকা [ভখা, -কা] *(মবা.) ক্রি* ভক্ষণ করা; খাওয়া। { *স.* ভক্ষ>ভকখ>ভক/ভখ্+আ}

ভগ [ভগো] *বি* ১ ঐশ্বর্য, বীর্য, যশ, শ্রী, জ্ঞান, ও বৈরাগ্য —এই ছয়টি ভগ বা গুণ—এই ছয় গুণের অধিকারীই ভগবান। ২ সৌভাগ্য; সৌন্দর্য। ৩ মাহাত্ম্য। ৪ ধর্ম। ৫ মোক্ষ। ৬ যোনি। ৭ গুহ্যদেশ। ৮ সূর্য। ৯ চাঁদ। ১০ পূর্বফল্গুনী নক্ষত্র। **ভগাঙ্কুর** *বি* যোনিমুখ। { *স.* √ভজ্+অ(ঘ)}

ভগণ [ভগন্] *বি (জ্যো.)* কোনো গ্রহ কর্তৃক মেষ প্রভৃতি দ্বাদশ রাশির চারদিকে একবার পরিভ্রমণ। { *স.* ভ+গণ}

ভগন্দর [ভগন্‌দর্] *বি* মলদ্বারের বা গুহ্যদ্বারের নালি ঘা; fistula। { *স.* ভগ+√দারি+অ(অচ্)}

ভগবতী ⇒ ভগবান

ভগবদ্‌গীতা [ভগবদ্‌গিতা] *বি* সংস্কৃত মহাকাব্য মহাভারতের অংশবিশেষ, যেখানে কুরুক্ষেত্র যুদ্ধের প্রারম্ভে অর্জুনের প্রতি কৃষ্ণের উপদেশাবলি বিবৃত হয়েছে; গীতা। { *স.* ভগবৎ+গীতা}

ভগবদ্দত্ত [ভগবদ্‌দত্‌তো] *বিণ* ১ ঈশ্বরপ্রদত্ত। ২ ঐশ্বরিক। { *স.* ভগবদ্+দত্ত}

ভগবদ্ভক্ত [ভগবদ্‌ভক্‌তো] *বিণ* ঈশ্বরের প্রতি ভক্তিমান।

২ ঈশ্বরের অনুরাগী। { *স.* ভগবৎ+ভক্ত}

ভগবন [ভগোবন্] *বি* হে প্রভু (সম্বোধনসূচক)। { *স.* ভগ+বৎ(বতুপ্), সম্বোধনে}

ভগবৎ [ভগোবত্] *বি* ভগবান; ঈশ্বর। { *স.* ভগ+বৎ(বতুপ্)}

ভগবান [ভগোবান্] *বি* ১ পরমেশ্বর। ২ ঐশ্বর্য, বীর্য, যশ, শ্রী, জ্ঞান, ও বৈরাগ্য—এ ছয়টি ভগ বা গুণ সম্পন্ন ব্যক্তি। □ *বিণ* মান্য; পূজ্য; দেবতুল্য। □ *বি* ষড়গুণের অধিকারী। **ভগবতী** *স্ত্রী.*। { *স.* ভগবৎ+১*মা. একব*}

ভগিনী, ভগ্নি, ভগ্নী [ভোগিনি, ভোগ্‌নি, –] *বি* সহোদরা বোন। **–পতি** *বি* ভগিনীর স্বামী। { *স.* ভগ+ইন(ইনি)+ঈ(ঙীপ্)=ভগিনী>ভগ্নি}

ভগীরথ [ভোগিরথ্] *বি* সূর্যবংশীয় নৃপতি, যিনি লক্ষাকে এনে সগর বংশ উদ্ধার করেন বলে মহাভারতে বলা হয়েছে। **ভাগীরথী** *বি* গঙ্গা নদীর অপর নাম। { *স.* ভগীরথ}

ভগোল [ভগোল্] *বি* রাশিচক্র। { *স.* ভ+গোল}

ভগ্ন [ভগ্‌নো] *বিণ* ১ ভাঙা। ২ ছিন্ন; খণ্ডিত; চূর্ণীকৃত। ৩ বিজিত; বিফলীকৃত। ৪ ক্ষান্ত; নিবৃত্ত। ৫ স্বাস্থ্যহীন। ৬ হতাশ। **–কণ্ঠ** *বিণ* গলাভাঙা; বিকৃতস্বর। **–চিত্ত** *বিণ* ভগ্নহৃদয়; নিরাশ; দুঃখে অবসন্ন। **–দর্প** *বিণ* হতগর্ব; দর্প চূর্ণ হয়েছে এমন। **–দূত** *বি* যে দূত যুদ্ধে পরাজয়ের সংবাদ আনে; ভগ্নপাইক (ভগ্নদূত কহে গিয়া রাজা লঙ্কেশ্বরে—*কৃত্তি*)। **–দেহ** *বিণ* স্বাস্থ্যহীন। **–পাইক** ভগ্নদূত (ভগ্নপাইক করে গিয়া নৃপে নিবেদন—*কমু*)। **–প্রায়** *বিণ* প্রায় ভেঙে গেছে এমন। **–শ্রী** *বিণ* হতশ্রী; নষ্টশ্রী। **–স্তূপ** *বি* স্তূপাকার ধ্বংসাবশেষ। **–হৃদয়** *বিণ* হতাশ; মনমরা; নিরুদ্যম। **ভগ্নাংশ** *বি* ১ ভাঙা জিনিসের খণ্ড। ২ *(গণিত)* পাটিগণিতের অঙ্কবিশেষ; একের অংশ বিষয়ক অঙ্ক; fraction। **ভগ্নাঙ্ক** *বি* একের অংশঘটিত অঙ্ক; ভগ্নাংশ। **ভগ্নাবশেষ** *বি* যে কোনো জিনিসের ভেঙে যাওয়া বা ধ্বংসের পরে যা পড়ে থাকে। □ *বিণ* ভগ্নাবশিষ্ট। **ভগ্নাবস্থা** *বি* জীর্ণ অবস্থা; ধ্বংসপ্রাপ্ত দশা। □ *বিণ* জীর্ণ; ভগ্নদশা-প্রাপ্ত। **ভগ্নোদ্যম** *বিণ* উদ্যম ব্যর্থ হয়েছে এমন; হতাশ; ভগ্নোৎসাহ। { *স.* √ভনজ্+ত(ক্ত)}

ভগ্নি, ভগ্নী ⇒ ভগিনী

ভঙ্গ [ভঙ্‌গো] *বি* ১ ভাঙা; ভাঙন। ২ পরাজয়। ৩ সমাপ্তি; শেষ (সভা ভঙ্গ)। ৪ বিভাগ; বিদারণ (বঙ্গভঙ্গ)। ৫ ঢেউ; তরঙ্গ (পর্বতপ্রমাণ ভঙ্গ বহিনু পরাণ করি হাতে—*কমু*)। ৬ ভঙ্গি (গতিহীন সোজা দাঁড়িয়ে গতি দেয় artist ভঙ্গি বা ভঙ্গ দিয়ে—*অঠা*)। ৭ বাধা; প্রতিবন্ধক। ৮ রচনা। ৯ বিফলতা। ১০ হানি; নাশ (স্বাস্থ্যভঙ্গ)। **–কুলীন** *বি* যে-কুলীন বংশে কৌলীন্য প্রথা ভঙ্গ করা হয়েছে। **–পয়ার** *বি* পয়ার ছন্দের প্রকারভেদ; চার চরণের পয়ারবিশেষ। **–প্রবণ** *বিণ* সহজে ভেঙে যায় এমন; ভঙ্গুর; পলকা; ঠুনকো; brittle। { *স.* √ভনজ্+অ(ঘঞ)}

ভঙ্গা [ভঙ্‌গা] *বি* ভাঙ; সিদ্ধি। { *স.* ভঙ্গ+আ(টাপ্)}

ভঙ্গি, ভঙ্গী [ভোঙ্‌গি] *বি* ১ ঢঙ; ধরন; রকম; ভাব; ভাঁজ; তরঙ্গ; ঢেউ (ভাবভঙ্গি দেখে পায় হাসি—*রঠা*)। ২ কুটিলতা; কুঞ্চন (মুখভঙ্গি)। ৩ অঙ্গভঙ্গি। ৪ রঙ্গ; কৌতুক। **–মা** *বি* ভঙ্গি; ধরন। **–মান** *বিণ* ১ সৌন্দর্যময়। ২ ঢেউ-খেলানো; তরঙ্গিত। **–য়ান** *(মবা.) বিণ* পলায়নপর (পশ্চাৎ হইল যুদ্ধে ক্ষত্রি ভঙ্গিয়ান—*কাদা*)। { *স.* √ভনজ্+ই(ইন), ইন(ইনি)}

ভঙ্গিল [ভোঙ্‌গিল্] *বিণ* ১ ভঙ্গপ্রবণ। ২ ভাঁজবিশিষ্ট (ভঙ্গিল পর্বত)। { *স.* ভঙ্গ+ইল(ইলচ্)}

ভঙ্গুর [ভোঙ্‌গুর্] *বিণ* সহজেই ভেঙে যায় এমন; ঠুনকো; ক্ষণস্থায়ী; brittle (ভঙ্গুর জীবন)। **ক্ষণ–** *বিণ* ক্ষণস্থায়ী; অচিরস্থায়ী (বালির প্রাসাদ ক্ষণভঙ্গুর)। { *স.* √ভনগ্+উর(ঘুরচ্)}

ভঙ্গ্য [ভঙ্‌গো] *বিণ* ভাঙার যোগ্য বা উপযুক্ত। { *স.* ভঙ্গ+য(যৎ)}

ভঙ্গ্যান *(মবা.)* [ভঙ্‌গ্যান্] *বি* ভাঙন; যুদ্ধে শত্রুসৈন্যের ভাঙন বা পলায়ন (সে ভিতে ভঙ্গ্যান—*কৃও*)। { *স.* ভঙ্গ্য+*বা.* আন}

ভচক্র [ভচক্‌ক্রো] *বি* রাশির চক্র বা মণ্ডল। { *স.* ভ+চক্র}

ভচ্চা, ভর্চা *(মবা.)* [ভচ্‌চা, ভর্‌চা] *ক্রি* ভর্ৎসনা বা তিরস্কার করা (ভচ্চিতে লাগিল কেহে বর্তি আইলে ছার; জ্বলা দেবী ভচ্চিল বিস্তরে—*শ্রীন*)। { *স.* √ভর্ৎস্>}

ভজকট [ভজোকটো] *বি* ঝামেলা; গোলমেলে ব্যাপার; ফ্যাসাদ; ঝঞ্ঝাট (ওসব বারো ভজকট আমার ছাই মনেও থাকে না—*নই*)। { *স.* বিঘ্ন>+কষ্ট>}

ভজন [ভজোন্] *বি* ১ ঈশ্বর বা দেবদেবীর স্তুতি বা মহিমা-কীর্তন (ভজন পূজন সাধন আরাধন সমস্ত থাক পড়ে—*রঠা*)। ২ প্রার্থনামূলক সঙ্গীত। ৩ সেবা। **ভজনা** *বি* ১ আরাধনা; উপাসনা। ২ পরিচর্যা; সেবা। **ভজনালয়** *বি* উপাসনার গৃহ বা ঘর। **ভজমান** *বিণ* ১ উপাসনারত। ২ বিভাজক। **ভজমানা** *স্ত্রী.*। **ভজা** *ক্রি* ভজন করা; উপাসনা করা। □ *বিণ* ভজে এমন; ভজনকারী (কর্তাভজা, পীরভজা)। □ *বি* ভজহরি শব্দের অতি পরিচয়ার্থক সংক্ষেপ (কোথা গেল ভাই ভজা হিন্দু ধর্ম ধ্বজা—*রঠা*)। **ভজ্যমান** *বিণ* ১ উপাসনা করা হয় এমন। ২ খণ্ড বা ভাগ করা যায় এমন; বিভজ্যমান। { *স.* √ভজ্+অন(ল্যুট্)}

ভজানো [ভজানো] *ক্রি* ১ উপাসনা করানো; ভজনা করানো। ২ পরামর্শ দিয়ে স্বমতে আনা; ফুসলানো (সাহেব সুবো ভজাতে ওস্তাদ)। ৩ প্রমাণ দিয়ে প্রতিপন্ন করা; সত্যতা প্রমাণিত করা (জ্যামিতির মূল্যানুসন্ধান করে এক দল ভাবুক উপরন্তু ভজতে চেয়েছেন যে শুধু স্বতঃসিদ্ধ ও স্বীকার্যের সংক্ষেপ তথা অন্তঃসঙ্গতি যথেষ্টই নয়—*সুদ*)। { *স.* ভজ+*বা.* আনো; ক্রিয়ারূপ—ভজাই, ভজাও, ভজায়, ভজান, বজাস; *অক্রি*—ভজিয়ে, ভজালে, ভজাতে ইত্যাদি}

ভজিআঁ *(মবা.)* [ভজিয়াঁ] *অসক্রি* অনুনয়-বিনয় করে (মোএ বুইলোঁ ভজিআঁ—*বচ*)। { *স.* √ভজ্+*বা.* ইআঁ}

ভঞ্জক [ভনজক্] *বি,বিণ* ১ যে ভাঙে; ভঞ্জনকারী। ২ নিবারণকারী; নিবারক। { *স.* √ভনজ্+অক(ণ্বুল্)}

ভঞ্জন [ভনজন্] *বি* দূরীকরণ; নিরসন (সন্দেহ ভঞ্জন)।

□*বিণ* দূরকারী; নিবারক; নিরসনকারী (বিপদভঞ্জন)। **ভঞ্জা** *ক্রি* ১ ভঞ্জন করা; ভাঙা। ২ ঘুচানো; দূর করা (লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে—*মদ*)। { *স.* √ভনজ্+অন(ল্যুট্)}

ভটকে, ভড়কে [ভোট্‌কে, -ড়্-] *ক্রিবিণ* ঘাবড়ে গিয়ে; বিচলিত হয়ে (অবিশ্রান্ত বিশ্রামে ভাদুড়ি মশাই ভটকে উঠেছিলেন—*কেম*)। { *স.* ভীত+*বা.* আন=ভীতকান> ভড়কানো>}

ভটচায্যি ⇒ ভট্টাচার্য

ভটচায্যির পুঁথি [ভট্‌চাজ্‌জির পুঁথি] *বি* প্রয়োজনীয় জিনিস; প্রিয়বস্তু। { *স.* ভট্টাচার্য>+পুথি>}

ভটভট [ভট্‌ভট্] *অব্য* শূন্য কলসিতে পানি ভরবার সময়ে বায়ু বহির্গমনের শব্দ; বুদ্বুদাদি ফুটে বা ফেটে বায়ু বের হওয়ার শব্দ। **ভটাভট** *অব্য* ১ বার বার ভটভট শব্দ। ২ ঘুষি মারার শব্দ। { *ধ্বন্যা.*}

ভট্ট [ভট্‌টো] *বি* ১ ভাট; রাজা প্রভৃতির স্তব পাঠ করে যে; স্তুতিপাঠক। ২ পণ্ডিত। ৩ দর্শনশাস্ত্রবিদ। ৪ ব্রাহ্মণের উপাধিবিশেষ। **–পল্লি** *বি* পণ্ডিতগণের গ্রাম; পশ্চিমবঙ্গে অবস্থিত ভাটপাড়া। { *স.* ভট্+ত(তন্)}

ভট্টাচার্য, ভটচায্যি [ভট্‌টাচারজো, ভট্‌চাজ্‌জি] *বি* ১ বাঙালি ব্রাহ্মণের উপাধিবিশেষ। ২ পণ্ডিত; অধ্যাপক; ভট্ট। { *স.* ভট্ট+আচার্য}

ভট্টার [ভট্‌টার] *বিণ* মাননীয়; পূজ্য। **–ক** *বি* ১ পণ্ডিত; আচার্য। ২ নৃপতি; রাজা। ৩ রবি (বার)। ৪ দেব; দেবতা। ৫ মুনি; ঋষি। **ভট্টারিকা** *স্ত্রী.*। **–ক মঠ** *বি* দেবতার মঠ। { *স.* ভট্ট+√ঋ+অ(অণ্)}

ভট্টি [ভোট্‌টি] *বি* প্রখ্যাত সংস্কৃত কবি; ভট্টি কাব্যের রচয়িতা। **ভট্টিনী** *বি* ১ ব্রাহ্মণী। ২ রাজার মহিষী ভিন্ন অন্য রানী। { *স.* ভট্ট+ই(ইন্)}

ভড়[১] [ভড়্] *বি* মালবাহী বড় নৌকাবিশেষ (জগন্নাথের ঘাটে মহাজনদের গাধাবোট ভড় ডিঙ্গি—*অঠা*)। { *স.* বহিত্র>বহর>}

ভড়[২] [ভড়্] *বি* ১ বর্ণসঙ্কর জাতিবিশেষ। ২ হিন্দুর উপাধিবিশেষ। { *স.* ভট>}

ভড়ং [ভড়ঙ্] *বি* বাহ্য আড়ম্বর; অন্তঃসারশূন্য ঘটা; চাল; বুজরুকি (ধর্মের ভড়ং ছাড় কপট তপের এ ভান—*নই*)। { *স.* ডম্বর>}

ভড়ক [ভড়ক্] *বি* বাইরের জাঁকজমক; ভড়ং। **ভড়কালো** *বিণ* জমকালো; জাঁকজমকপূর্ণ। { *স.* ডম্বর>}

ভড়কানো [ভড়্‌কানো] *ক্রি* চমকানো; হঠাৎ ভয় পেয়ে পশ্চাৎপদ হওয়া; থেমে যাওয়া। **ভড়কি** *বি* সহজেই ঘাবড়ে দেয় এমন কিছু। { *স.* ভ্রষ্ট বা ভীত>ভড়, +*বা.* কানো; ক্রিয়ারূপ—ভড়কাই, ভড়কাও, ভড়কায়, ভড়কাস, ভড়কান; *অক্রি*—ভড়কিয়ে, ভড়কালে, ভড়কাতে ইত্যাদি}

ভড়ভড় [ভড়্‌ভড়্] *অব্য* অনুকার শব্দ; পচা কাদায় পা দিলে বা পানি ভরা হুঁকা টানলে যে শব্দ হয়। **ভড়ভড়ানো** *ক্রি*। **ভড়ভড়ানি** *বি*। { *ধ্বন্যা.*}

ভণা ⇒ ভনা

ভণিত [ভোনিতো] *বিণ* কথিত; রচিত। □*বি* কথন। **ভণিতা** *বি* ১ কবিতায় কবির আত্মপরিচয়সূচক পদ (তার কবি-নাম বা ভনিতা হচ্ছে—*এও*)। ২ (*ব্য.*) আড়ম্বরপূর্ণ কথারম্ভ; আসল কথা বলার আগে বিশাল এক ভূমিকা ফাঁদার প্রবণতা। **ভণিতি** *বি* বাক্যকৌশল। { *স.* √ভণ্+ত(ক্ত)}

ভণ্ড [ভন্‌ডো] *বি* ১ শঠ; কপট; ভানকারী। ২ ভণ্ডতা; ভণ্ডত্ব। **ভণ্ডন** *বি* প্রতারণা; প্রবঞ্চনা। **ভণ্ডানো** *ক্রি* প্রবঞ্চনা করা; ঠকানো। **ভণ্ডামো, ভণ্ডামি** *বি* কপটতা; ছল; চাতুরী। **লণ্ড–** *বিণ* নষ্ট (সব লণ্ডভণ্ড হয়ে গেছে)। { *স.* √ভণ্ড+অ(অচ্)}

ভণ্ডুল [ভোন্‌ডুল্] *বিণ* ব্যর্থ; বিফল; পণ্ড; নষ্ট। { *প্রা.* ভণ্ডুল(কলহ)}

ভদন্ত [ভদন্‌তো] *বিণ* সম্ভ্রান্ত; মান্য। □*বি* বৌদ্ধ সন্ন্যাসীদের প্রতি সম্ভ্রমসূচক আহ্বান বা সম্বোধন। { *স.* √ভন্দ্+অন্ত(ঝচ্)}

ভদ্র [ভদ্‌দ্রো] *বিণ* ১ শিষ্ট; মার্জিতরুচি; সভ্য; সাধু; উচ্চ সমাজের অন্তর্গত। ২ সুন্দর; মনোহর। □*বি* ১ কল্যাণ; মঙ্গল; সৌভাগ্য। **–কালী** *বি* হিন্দু দেবী কালীর রূপবিশেষ। **–তা** *বি* সৌজন্য; আদব-কায়দাসম্মত ভদ্র আচরণ। **–ত্ব** *বি* ভদ্রতা; সম্ভ্রমশীলতা। **–সন্তান** *বি* ভদ্রবংশের লোক। **–স্থতা** *বি* ১ মঙ্গল (আর এখানে থাকার ভদ্রস্থতা নাই—*ঈবি*)। ২ ভদ্রতা (তাহার ভদ্রস্থতা নাই—*ঈবি*)। ৩ ভদ্র ব্যবহার (আমি যেটুকু বিলিতি ভদ্রস্থতা শিখেছি তার চোদ্দ আনা এক পাদরী সাহেবের কাছ থেকে—*সৈমু*)। **ভদ্রা** *বিণ স্ত্রী.* ১ কল্যাণী; মঙ্গলময়ী (ভদ্রা যিনি—ভরা নদী বেয়ে আসেন তিনি—*অঠা*)। ২ সুশীলা। □*বি* ১ ভদ্র নারী। ২ সুভদ্রা। ৩ তিথিবিশেষ। **ভদ্রানী** *বি* হিন্দুদেবতা শিবের স্ত্রী; দুর্গা। **ভদ্রাম** *বি* লাল রঙের চুনি; মূল্যবান মণিবিশেষ (হীরা মণি মাণিক্য মুক্তা গজমণি পুষ্পরাগ গোমেজ ভদ্রাম নানা জাতি—*সৈআ*)। **ভদ্রাসন** *বি* ১ বাস্তুভিটা; বসতবাটী। ২ সিংহাসন। **ভদ্রে**—ভদ্রমহিলার উদ্দেশ্যে সম্বোধন। { *স.* √ভন্দ্+র(রন্)}

ভনভন [ভন্‌ভন্] *অব্য* মশা মাছি প্রভৃতির গুঞ্জন। **ভনভনানো** *ক্রি* ভনভন শব্দ করা। **ভনভনানি** *বি* ভনভন শব্দ; গুঞ্জনধ্বনি (চারিদিকে মাছির ভনভনানি—*আরু*)। { *ধ্বন্যা.*}

ভনা, ভণা, ভন (*পদ্য.*) [ভনা, –, ভন্] *ক্রি* বলা; প্রচার করা (মন দিয়া শুনে যাহা গুরুদেব ভনে—*মৈগী*; কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান—*কাদা*; ভনয়ে বিদ্যাপতি—*বিপ*)। { *স.* √ভণ্>}

ভন্তে, ভান্তে [ভন্‌তে, ভা–] *বি* (সম্বোধনে) অবশ্যমান্য; বৌদ্ধ ভিক্ষুর প্রতি সম্বোধনে ব্যবহৃত; ভদ্রে (গণপতি বলতে লাগলেন ভন্তেগণ শুনুন—*রাসা*)। { *স.* ভদন্ত>}

ভব [ভবো] *বি* ১ সংসার; ইহলোক; জগৎ। ২ উৎপত্তি; জন্ম; সত্তা। ৩ প্রাপ্তি। ৪ কল্যাণ; মঙ্গল। □*বিণ* উৎপন্ন; সম্ভূত। **–কারা** *বি* সংসার রূপ কারাগার। **–ঘুরে** *বিণ* উদ্দেশ্যহীনভাবে সর্বত্র ঘুরে বেড়ায় এমন (সেই পুরাতন ভবঘুরে জয়নাল বয়াতি আবার পথে বেরুল—*হেহো*)। **–তারণ** *বিণ* সংসারযন্ত্রণা থেকে মুক্তিদাতা। **–তারিণী** *বিণ স্ত্রী.* সংসার-দুঃখ থেকে মুক্তিদাত্রী; মোক্ষদাত্রী। **–দম**

দুনিয়া দমনকারী (দমনিয়া ভবদম দুরন্ত শমনে—*মদ*)। **~ধাম** *বি* জগৎ; দুনিয়া; ইহলোক (তাহাদের মনে বিশ্বাস —ভবধামে তাহারাই রূপবান বিদ্বান—*মীম*)। **~পার** *বি* সংসার রূপ সমুদ্র উত্তরণ; ভববন্ধন থেকে মুক্তি। **~পারাবার, ~সমুদ্র, ~সাগর**— ভবরূপ সাগর। **~বন্ধন** *বি* সংসার-রূপ বন্ধন। **~ভার** *বি* সংসারের দুঃখ-কষ্টের বোঝা। **~লীলা** *বি* জীবনের কাজ; জীবনযাত্রা; সংসারের খেলা। **~লীলা সাঙ্গ করা** *ক্রি (আল.)* মারা যাওয়া। **ভবসিন্ধু** *বি* সংসাররূপ সমুদ্র। { *স.* √ভূ+অ(অচ)}

ভবতী [ভবোতি] *বিণ স্ত্রী.* পূজনীয়া; মান্যা। **ভবৎ** *ক্লী.*। **ভবান** *পু.*। { *স.* √ভূ+অৎ(শতৃ)=ভবৎ+ঈ(ঙীষ্)}

ভবদীয় [ভবোদিয়ো] *বিণ* আপনার; তোমার/আপনার সম্পর্কে বা সংক্রান্ত (আপনি সিন্ধুনদ অতিক্রম করিবা মাত্রই আমরা ভবদীয় বিজয় বৈজয়ন্তী মূলে একত্র হইব—*ইহো*)। { *স.* √ভূ+অৎ(শতৃ)=ভবৎ+ঈয়(ছস্)}

ভবন [ভবন] *বি* ১ গৃহ; বাসস্থান (বঙ্গভবন, কলাভবন)। ২ উৎপত্তি; হওয়া (দ্রবীভবন)। { *স.* √ভূ+অন(ল্যুট্)}

ভবাদৃশ [ভবাদৃশো] *বিণ* আপনার মতো; আপনার তুল্য; তোমার ন্যায়। { *স.* ভবৎ+√দৃশ+ক্বিপ্}

ভবানী [ভবানি] *বি* শিবপত্নী; হিন্দুদেবী দুর্গা। **ভব** *পু.*। **~পতি** *বি* শিব; মহাদেব। { *স.* ভব+ঈ(ঙীষ্)}

ভবার্ণব [ভবারনব] *বি* সংসাররূপ সমুদ্র; সংসারসমুদ্র। { *স.* ভব+অর্ণব; *কর্মধা.*}

ভবি ⇒ ভবী

ভবিতব্য [ভবিতোব্‌বো] *বিণ* ঘটবেই এমন; অনিবার্য; অবশ্যম্ভাবী (ভবিতব্যের কথা কে বলিতে পারে—*ঈবি*)। **~তা** *বি* ভাগ্যলিপি; অদৃষ্ট; তকদির; অবশ্যম্ভাবিতা (ভবিতব্যতা যখন খণ্ডে না তখন চোখ তো তোমার কেহই বাঁচাইতে পারিত না—*রঠা*)। { *স.* √ভূ+তব্য}

ভবিতা [ভোবিতা] *বিণ* উৎপত্তির কারণ; উৎপত্তিজনক। **ভবিত্রী** *স্ত্রী.*। { *স.* √ভূ+তৃ(তৃন্)}

ভবিষ্ণু [ভোবিশ্‌নু] *বিণ* ১ ভবিষ্যতে ঘটবে এমন; ভাবী। ২ সৃষ্ট হবে এমন; উৎপত্তিশীল। { *স.* √ভূ+ইষ্ণু(ইষ্ণুচ্)}

ভবিষ্য [ভোবিশ্‌শো] *বিণ* ১ অনাগত; পরে ঘটবে এমন (অন্ধভাবে অন্ধকারে কোন এক ভবিষ্য অমঙ্গল আবছা আবছা বুঝতে পেরে—*সৈমু*)। ২ ভাবী; আগামীকালে ঘটবে এমন (ভবিষ্য কবিদিগের উপজীব্য হইবেক—*ঈবি*)। ৩ আগামী; ভবিষ্যৎ ('ভবিষ্য জ্ঞান নাহিক তোমার কিছুই যবে')। **~ তহবিল** *বি* চাকরিজীবীদের সঞ্চিত অর্থসম্পদ যা চাকুরির কাল শেষ হলে দেওয়া হয়; provident fund। **~বাণী** *বি* ভবিষ্যতে কী ঘটবে সে সম্বন্ধে উক্তি। **~সূচনা** *বি* ভবিষ্যতে যা ঘটবে তার পূর্বলক্ষণ; পূর্বাভাস। { *স.* √ভূ+স্যৎ(স্যতৃ) =ভবিষ্যৎ> ভবিষ্য}

ভবিষ্যৎ [ভোবিশ্‌শত] *বিণ* পরে ঘটবে এমন; ভাবী। ☐*বি* ১ আগামী সময়; পরিণাম (তার ভবিষ্যৎ আদৌ আশাপ্রদ নয়)। ২ আগামী দিনের সুফল বা কুফল (আজ যা করছে তার ভবিষ্যৎ আছে)। **ভবিষ্যদ্বক্তা, ~বক্তা** *বি* ভবিষ্যতে কী ঘটবে তা যিনি বলতে পারেন। **ভবিষ্যদ্বাণী, ~বাণী** *বি* ভবিষ্যতে কী ঘটবে সে সম্বন্ধে উক্তি। { *স.* √ভূ+ স্যৎ(স্যতৃ)}

ভবী [ভোবি] *বি* ১ যে জিদ ধরেছে; নাছোড়বান্দা (এত সহজে ভবী ভুলবার নয় মিষ্টি বের কর—*নীই*)। ২ হিন্দু দেবী ভবানী; দুর্গা (আমি ভবানী ভাবিয়া করিতে প্রণাম হেরি বাগদিনী ভবী গো—*নই*)। { *স.* √ভূ+অ(অচ)+ ঈ(ঙীষ্)}

ভব্য [ভোব্‌বো] *বিণ* ১ ভদ্র; শান্ত; মার্জিতরুচি (ভব্যজন নগরের শোভা—*কমু*)। ২ সাধু; সৎ। ৩ মঙ্গলজনক; কল্যাণকর। **ভব্যা** *স্ত্রী.*। **~তা** *বি* ভদ্রতা; আদব; সভ্যতা (ভব্যতার গণ্ডি মাঝে শান্তি নাহি মানি—*রঠা*)। **ভব্যিযুক্ত** *(কথ্য) বিণ* ভব্যতাবিশিষ্ট; শান্তশিষ্ট। { *স.* √ভূ+য(যৎ)}

ভভম, ভভম্ভম, ভভম্তম [ভভম, ভভম্‌বম, -ভম] *অব্য* শিঙ্গা বাজার শব্দ (ভভম্তম ভভম্ভম শিঙ্গা ঘোর বাজে—*ভারা*)। { *ধ্বন্যা.*}

ভমর [ভমর] *বি* ভ্রমর; মধুকর। **ভমরী** *স্ত্রী.*। { *স.* ভ্রমর>}

ভম্পেয়ার, ভাম্পায়ার [ভমপেয়ার, ভামপা-] *বি* রক্তচোষা বাদুড়বিশেষ (একে একে রাজ্যগুলি গরাস করিয়া শেষে ভম্পেয়ার সম রক্ত খাইবেক—*ইহো*)। { *ই.* vampire}

ভয় [ভয়] *বি* ভীতি; শঙ্কা; ত্রাস; ডর; আতঙ্ক। **~ঙ্কর, ~ংকর** *বিণ* ভীতিপ্রদ; ভয়জনক; ভীষণ। **~ঙ্করী, ~ংকরী** *স্ত্রী.*। **~ করা, ~ খাওয়া, ~ পাওয়া** *ক্রি* ভীত হওয়া; ভয় বোধ করা। **ভয়াকুল, ~কাতর, ~কাতুরে** *বিণ* ভীত-বিহ্বল; সহজে ভীত। **~ক্লিষ্ট** *বিণ* ভয়ার্ত। **~ক্লিষ্টা** *স্ত্রী.*। **~চকিত** *বিণ* সন্ত্রস্ত; ভয়ে চমকিত। **~জন্মানো** *ক্রি* ভীত হওয়া বা শঙ্কিত করা। **~জারি** *বি* ভীতি প্রদর্শন; ভয় দেখানো (ভয় দিয়ে কভু হয় নাকো জয় সময় গিয়েছে ভয়জারির—*গোমো*)। **~ডর** *বি* ভয়-ভাবনা। **~ত্রাসে, ~তরাসে** *বিণ* স্বভাবত ভীরু; সহজেই ভয় পায় এমন (ভয়-তরাসে ব্যক্তি; ভয়-তরাসে ছিল যে সব চেয়ে—*সদ*)। **~নাশন** *বিণ* ১ ভয়নাশকারী। ২ ভয়নিবারক। **~নাশিনী** *বি, বিণ স্ত্রী.* শঙ্কানিবারিণী; ভয় দূরকারিণী। **~ ভাঙা, ~ ভাঙ্গা** *ক্রি* ভীতি দূর করা বা হওয়া। **~শূন্য** *বিণ* নির্ভীক; ভয়রহিত। **ভয়ে কেঁচো** *বিণ* সম্পূর্ণ পৌরুষহারা; ভয়ে জড়সড়। **ভয়ে ভয়ে** *ক্রিবিণ* ত্রস্তভাবে; ভীত হয়ে (ভয়ে ভয়ে কথাটা পাড়লাম)। { *স.* √ভী+অ(অচ)}

ভয়রোঁ [ভয়রোঁ] *বি* ভৈরবী রাগিণী (সানাইয়া ভয়রোঁ বাজায় নিদমহলায় জাগল শাহজাদী—*নই*)। { *স.* ভৈরবী>}

ভয়দ [ভয়োদ] *বিণ* ভীতিপ্রদ; ভীষণ; ভীতিজনক। { *স.* ভয়+√দা+অ(ক)}

ভয়ষা, ভয়সা ⇒ ভইষ

ভয়াকুল [ভয়াকুল] *বিণ* ভয়ে আকুল (চিন্তিত ভয়াকুল —*রঠা*)। { *স.* ভয়+আকুল; ৩তৎ}

ভয়াতুর, ভয়ার্ত [ভয়াতুর, ভয়ারতো] *বিণ* ভয়-কাতর; ভয়ে কাতর; ত্রস্ত; আতঙ্কিত। { *স.* ভয়+আতুর, আর্ত; ৩তৎ}

ভয়ানক [ভয়ানক] *বিণ* ১ ভয়ঙ্কর; ভয়াবহ। ২ খুব; অত্যন্ত (ভয়ানক টাকার খাঁই)। ☐*বি (আল.)* কাব্যের

একটি রস; ভয় যার স্থায়ী ভাব। { স. √ভী+ আনক}

ভয়াবহ[ভয়াবহো] *বিণ* ভয়ঙ্কর; ভয়ানক; ভীষণ (ভয়াবহ ব্যাপার)। { স. ভয়+আবহ; ৬তৎ }

ভয়ার্ত ⇒ ভয়াতুর

ভয়াল [ভয়াল্] *বিণ* ১ ভীষণ (কি ভয়াল অরণ্যানি ভাবিলে শিহরে প্রাণী—*রঙ্গসে*)। ২ ভয়ঙ্কর; ভীতিকর (মৃত্যু চলেছে এলায়িত কেশে ভয়াল বদন ঢাকি—*জউ*)। { স. ভয়+ বা. আল}

ভর [ভর্] *বি* ১ ভার; চাপ। ২ অবলম্বন; নির্ভর (পরের সাহায্যে ভর করে তাকে চলতে হয়)। ৩ আবির্ভাব; অধিষ্ঠান (কবিরাজের ধারণা, মেয়েটার উপর জিনের ভর)। ৪ আধিক্য (মানভরে কথাই বলে না)। ৫ *(পদার্থ.)* বস্তুমাত্রা। ☐ *বিণ* সকল; সমস্ত (ভর সংসার; দিনভর)। ২ ভরা; পূর্ণ; পরিপূর্ণ (ভরপেট, ভর-দুপুর)। ৩ পরিমিত; পরিমাণ (সের ভর)। { স. √ভৃ+অ(অচ)}

ভরই[ভরোই] *(ব্র.)* পূর্ণ করে (ক্ষণে ক্ষণে বসন ধূলি তনু ভরই—*বিপ*)। { স. √ভৃ> স. ভরতি> ভরই}

ভরছন[ভরছন্] *বি* লাঞ্ছনা; ভর্ৎসনা (হয় গজের গরজন সোনার তরজন; পয়োধি ভরছন লাজে—*ভারা*)। { স. ভর্ৎসন> ভর্ছন> (স্বরাগমে) ভরছন}

ভরণ [ভরোন্] *বি* ১ পূরণ; পূর্ণকরণ। ২ প্রতিপালন; খাদ্যাদি দান (ভরণ-পোষণ)। ৩ বেতন; মাইনা। { স. √ভৃ+অন(ল্যুট্)}

ভরণদান ⇒ দান[১]

ভরণী [ভরোনি] *বি (জ্যোবি)* একটি নক্ষত্রের নাম। { স. √ভৃ+অন(ল্যুট্)+ঈ(ঙীপ্)}

ভরত[১] [ভরোত্] *বি* ১ হিন্দুপুরাণ মতে কৈকেয়ীর পুত্র; রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা; ঋষিদেবের পুত্র; মহাযোগী জড়ভরত; শকুন্তলার পুত্র। ২ নাট্যশাস্ত্রকার মুনিবিশেষ। ৩ নাট্যশাস্ত্র। ৪ নট। ৫ তাঁতি। ৬ ব্যাধ; শিকারি। ৭ ভরতের বংশ। **-বচন, -বাক্য** *বি* নাটকের শেষে নটের মুখে শুভ কামনা; স্তব; স্তুতি (যাঁরা সমাজের সম্মুখে জীবনের শুধু নান্দী ও ভরতবচন পাঠ করেন—*প্রচৌ*)। { স. √ভৃ+অত(অতচ্)}

ভরত[২] [ভরোত্] *বি* পাখিবিশেষ; ভারুই পাখি। { স. ভরদ্বাজ>}

ভরতা, ভর্তা [ভর্তা] *বি* আলু, বেগুন, কচু ইত্যাদি সেঁকে বা পুড়িয়ে কিংবা সিদ্ধ করে তেল মশলাযোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। { তুল. হি. ভরতা}

ভরতি, ভর্তি [ভোরতি] *বি* ১ পূরণ। ২ ভরপুর; পরিপূর্ণ (ব্যাগ ভরতি হওয়া বা করা)। ৩ নিযুক্ত; বহাল (কাজে ভর্তি হওয়া)। ৪ অধ্যয়নার্থ প্রবিষ্ট; দাখিল (কলেজে ভর্তি হওয়া)। { স. √ভৃ> বা. ভর+তি=ভরতি>ভর্তি}

ভরদ্বাজ [ভরোদ্দাজ্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত ঋষিবিশেষ; দ্রোণের পিতা। ২ একজাতীয় পাখি; ভারুই পাখি। ৩ গোত্রবিশেষ। ৪ বাজপাখি। { স. ভরদ্বাজ}

ভরন[ভরোন্] *বি* তামা দস্তা ও রাং-মিশ্রিত নিকৃষ্ট কাঁসা। { স. বর্তক, ই. bronze}

ভরনা[ভরনা] *বি* ১ ঠেস; ভর; ভার (মহাকাল নিয়ে এল অশ্রু ভরনা—*মোম*)। ২ নির্ভর। ৩ ভার সইবার শক্তি। { স. √ভৃ> বা. √ভর+না}

ভরন্ত [ভরোনতো] *বিণ* ভরপুর; পূর্ণ (তার পৃষ্ঠে কুঞ্জ যেন ভরন্ত ডাবরী—*কৃও*)। {√ভর+অন্ত}

ভরপুর [ভরপুর্] *বিণ* পূর্ণ; পরিপূর্ণ (গন্ধে ভরপুর)। { ভরা+পুরা>}

ভরপেট [ভরপেট্] *বিণ* পেট ভরে এমন (ভরপেট খাবার)। ☐ *ক্রিবিণ* পেট ভরে; উদর পূর্ণ করে (ভরপেট খাওয়া)। { ভরা+পেট}

ভরভর ⇒ ভুরভুর

ভরম [ভরোম্] *বি* ১ ভ্রান্তি; ভ্রম। ২ সম্ভ্রম; মর্যাদা (ভরম রাখা, মানমর্যাদা রাখা)। **~ রাখা** *ক্রি* মান-মর্যাদা রাখা (তোমার আমার রাখতে ভরম করেছে তাই ধরম ঘট—*সদ*)। **শরম~, সরম~** *বি* লজ্জা ও সম্ভ্রম (সরমভরম গেল উদরের লেগে—*ভারা*; তোমার ভুবন নটে নেচে বেড়াই ভুলে শরম ভরম লাজ—*নই*)। { স. ভ্রম> (স্বরাগমে) ভরম}

ভরযুয়ান, ভরযোয়ান *(মবা.)* [ভরজুয়ান্, -জো-] *বিণ* পূর্ণ যৌবনসম্পন্ন (কি করিম ভরযুয়ান হইয়া)। { স. বর+যৌবন}

ভরসা [ভরশা] *বি* আস্থা; নির্ভর; বিশ্বাস। ২ অবলম্বন; আশ্রয়স্থল (আল্লাহ ভরসা)। ৩ আশা; আশ্বাস; সান্ত্বনা; অভয় (ভয়ও নেই ভরসাও নেই)। ৪ সাহস; নির্ভয়তা (পূর্বাপর ভরসা দিয়া অবশেষে আমার সর্বনাশ করিলে —*ঈবি*)। { তুল. হি. ভরোসা; স. ভর+ বা. সা (সাদৃশ্যার্থক)}

ভরা[১] [ভরা] *ক্রি* ১ পূর্ণ করা; ভর্তি করা (কলসে পানির ভরা)। ২ পূর্ণ হওয়া (খাল পানিতে ভরে গেছে)। ৩ আচ্ছন্ন বা পরিব্যাপ্ত হওয়া (আনন্দে হৃদয় ভরে গেল)। ☐ *বিণ* পূর্ণ; বোঝাই (ভরা নদী, ধানভরা মাঠ; ভরা যৌবন; তাহার কলিকাতা ত্যাগের পর ভরা গাঙ্গে ভাটা আসিল—*সৈমু*)। { স. √ভৃ>}

ভরা[২] [ভরা] *বি* ১ বোঝা; ভার (আম্মার সালভরা করিলেক চুরি—*শেফ*)। ২ নৌকাবিশেষ; বজরা; ভড় (ভরা পূর্ণ করিয়া যত বেসাতি তুই নিবি এমন ধন আমি দিব—*দমি*)। ৩ বোঝাই নৌকা (প্রবঞ্চনার বিকিকিনি করে ভরা কৈলে ভারি—*রাসে*)। **~ডুবি** *বি* ১ নানা দ্রব্যে বোঝাই নৌকা ডুবে যাওয়া; মালবোঝাই নৌকার নিমজ্জন (আমি ভরা তরী করি ভরাডুবি—*নই*)। ২ *(আল.)* সর্বনাশ; মহাবিপদ (তোর ভরা ডুবে একবার চাহিয়া দেখিস না—*দমি*)। **~ভরতি** *বি* ১ পরিপূর্ণতা। ২ *(আল.)* ভাগ্যের সুপ্রসন্নতা (দিব্যি ভরা ভরতি হয়ে উঠেছে—*অচিসে*)। { বা. √ভর+আ}

ভরাট [ভরাট্] *বি* পূরণ; পূর্তি। ☐ *বিণ* ভরা; পূর্ণ; পূরিত। { স. ভরা+বৃত্ত>; বা. ভরা+ট}

ভরানো [ভরানো] *ক্রি* ১ পূর্ণ বা বোঝাই করানো ২ পরিব্যাপ্ত বা আচ্ছন্ন করানো। { বা. √ভর+আনো; ক্রিয়ারূপ—ভরাই, ভরাও, ভরায়, ভরাস, ভরান; *অক্রি*—ভরিয়ে, ভরালে, ভরাতে ইত্যাদি]

ভরি, ভরী [ভোরি] *বি* ওজনবিশেষ; তোলা (সিকি ভরি সোনা)। **–টাক** *বিণ* কমবেশি এক ভরি পরিমাণ (ভরিটাক আফিঙ্গ গলদেশের অধোভাগে যেন তেন প্রকারেণ প্রেরণ করিলাম—*বচ*)। { ভর+ই, ঈ}

ভরিত [ভোরিতো] *বিণ* ১ পূর্ণ; ভরা; পূরিত। ২ প্রতিপালিত; পালিত; পোষিত; বর্ধিত। ৩ ভরবিশিষ্ট। □ *বি* সবুজ রং। { *স.* √ভৃ+ইত(ইতচ)}

ভর্গ [ভরগো] *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ সূর্যের তেজ। { *স.* √ভৃজ্+অ(ঘঞ)}

ভর্জন [ভরজোন] *বি* ভাজা; ভাজার কাজ। { *স.* √ভ্রস্‌জ্+অন(ল্যুট)}

ভর্জিত, ভৃষ্ট [ভোরজিতো, ভৃশটো] *বিণ* ভাজা হয়েছে এমন (ভর্জিত চিংড়ি একচেটে করিবার উপক্রম করিল —*রঠা*)। { *স.* √ভৃজ্+ত(ক্ত)}

ভর্তব্য [ভরতোববো] *বিণ* ভরণ-পোষণকারী; প্রতিপাল্য। { *স.* √ভৃ+তব্য}

ভর্তা[১] [ভরতা] *বি* ১ (উদর) ভরণ করে যে; স্বামী; পতি (না পৌঁছিতে আমার ভর্তা—*অঠা*)। ২ প্রভু; রাজা। □ *বিণ* পালন ও পোষণকারী। **ভর্ত্রী, ভর্ত্রিণী** *বি স্ত্রী.* ভার্যা; পত্নী (কি কাজে তুষিব তোমায় ভর্ত্রিণী শুভে—*মদ*)। □ *বিণ* পালনকর্ত্রী। { *স.* √ভৃ+তৃ(তৃচ)}

ভর্তা[২] ⇒ ভরতা

ভর্তি, ভরতি [ভোরতি] *বি* পূরণ। □ *বিণ* ১ ভরপুর; পরিপূর্ণ (ব্যাগ ভরতি হওয়া বা করা)। ২ নিযুক্ত; বহাল (কাজে ভর্তি হওয়া)। ৩ অধ্যয়নার্থ প্রবিষ্ট; দাখিল (কলেজে ভর্তি হওয়া)। { *স.* √ভৃ>*বা.* ভর+তি= ভরতি>ভর্তি}

ভর্তৃ, ভর্তৃ [ভোরতৃ] *বি* স্বামী (পুরুষের এইক্ষণে বড় স্পর্ধা হইয়াছে ভর্তৃগণ স্ত্রীকে আর মানে না—*বচ*)। **ভর্তৃদারক** *বি* (সংস্কৃত নাটকে) রাজপুত্র; রাজার ছেলে। **ভর্তৃদারিকা** *বি স্ত্রী.* রাজকন্যা; রাজার মেয়ে। **ভর্তৃহীনা** *বি স্ত্রী.* স্বামীহীনা (জন্মেছিস ভর্তৃহীনা জবালার ক্রোড়ে—*রঠা*)। { *স.* √ভৃ+ তৃ(তৃচ)}

ভর্ত্রী ⇒ ভর্তা

ভর্ৎসক ⇒ ভর্ৎসন

ভর্ৎসন, ভর্ৎসনা [ভরত্‌শোন, -না] *বি* ১ তিরস্কার। ২ নিন্দা। ৩ ধমক; তর্জন। ৪ আক্ষেপ; খেদ। **ভর্ৎসক** *বিণ,বি* তিরস্কারকর্তা; নিন্দক; ভর্ৎসনাকারী। { *স.* ভর্ৎস্+অন(ল্যুট), অন(যুচ্)+আ(টাপ্)}

ভর্ৎসিত [ভোরত্‌শিতো] *বিণ* তিরস্কৃত; ভর্ৎসনাপ্রাপ্ত; ধমক দেওয়া হয়েছে এমন। **ভর্ৎসিতা** *স্ত্রী.*। { *স.* √ভর্ৎস্+ত(ক্ত)}

ভর্ৎসিলা [ভোরত্‌শিলা] *ক্রি* তিরস্কার করল; ভর্ৎসনা করল (মনে হয় বিধি তোরে ভর্ৎসিলা কৌশলে—*সদ*)। { *স.* √ভর্ৎস্>}

ভল (*ব্র.*) [ভল] *বিণ* ভালো (ভল তুঅ কলা—*বিপ*)। {ভাল>}

ভলকা [ভলকা] *বি* হলকা; বেগে উদ্গিরণ (ভলকা দিয়ে যেমন রেলের ইঞ্জিন ধুঁয়া ছাড়ে—*সজ*)। { *আ.* হল্‌ক حلق >}

ভলান্টিয়ার [ভলান্‌টিয়ার] *বি* স্বেচ্ছাসেবক; স্বেচ্ছায় ও বিনা পারিশ্রমিকে সেবামূলক বা সামরিক কাজে অংশগ্রহণকারী ব্যক্তি। { *ই.* volunteer}

ভল্ল, ভল্লি, ভল্লম, বল্লম [ভল্‌লো, ভোল্‌লি, ভল্‌লম্, ব-] *বি* ১ বর্শাজাতীয় অস্ত্র (কার হস্তে ভল্লি, ভিন্দিপাল খড়্গ চর্ম—*সৈআ*)। ২ ঘাতক। ৩ ভালুক। { *স.* √ভল্ল্+অ(অচ), >}

ভল্লুক, ভল্লূক, ভাল্লুক, ভালুক [ভোল্‌লুক্, -, ভা-, ভালুক] *বি* অত্যন্ত শক্তিশালী লোমশ হিংস্র পশুবিশেষ; ঋক্ষ। **ভল্লুকা, ভল্লুকী** *স্ত্রী.*। -**জ্বর** *বি* ক্ষণিক স্থায়ী কম্পজ্বর। { *স.* √ভল্ল্+উক, ঊক}

ভষক [ভশক] *বি* কুকুর (ভষক দেখিয়া যেন পলায় মূষক —*কৃও*)। { *স.* √ভষ্+অক}

ভষল [ভশল] (*মবা.*) *বি* ভ্রমর (যবেঁ ভুখিল ভষলে—*বচ*)। { *স.* ভ্রমর>*প্রা.* ভসল>}

ভস [ভশ্] *অব্য* বালু বা মৃত্তিকাদির শিথিল হয়ে ধসে পড়ার ভাব বা শব্দ। { *ধ্বন্যা.*}

ভসকা, ভস্কা, ভ্যাসকা, ভেসকা [ভশ্‌কা, -, ভ্যা-, -] *বিণ* ১ পানসে; জলবৎ। ২ শিথিল; আলগা; আঁট নেই এরূপ। { *স.* ভস্ম>(ভস্মতুল্য)}

ভসম ⇒ ভস্ম

ভস্ত্রা [ভসত্রা] *বি* ১ জাঁতা (কামারের); হাপর। ২ মশক; ভিস্তি। { *স.* √ভস্+ত্র+আ}

ভসভস [ভশ্‌ভশ্] *অব্য* ক্রমাগত বায়ু নিঃসরণের শব্দসূচক। { *ধ্বন্যা.*}

ভস্ম(-স্মন), ভসম (*মবা.*) [ভশ্‌শোঁ, ভশম্] *বি* ছাই। **ভস্মক** *বি* ১ রোগবিশেষ। ২ রৌপ্য। ৩ সুবর্ণ। **ভস্মসাৎ** *অব্য* ভস্মীভূত; ছাই হয়ে যাওয়া (মানুষে যা আত্মসাৎ করতে পারে না তাই ভস্মসাৎ করতে চায়—*প্রচৌ*)। **ভস্মস্তূপ** *বি* ছাইয়ের গাদা। **ভস্মাচ্ছন্ন, ভস্মাচ্ছাদিত, ভস্মাবৃত** *বিণ* ছাইঢাকা। **ভস্মাধার** *বি* ছাই রাখার পাত্র; ashtray। **ভস্মান্ত** *বিণ* ছাইয়ে পরিণত। **ভস্মাবশেষ** *বি* দগ্ধ পদার্থের যা পড়ে থাকে। **ভস্মিত, ভস্মীভূত** *বিণ* ১ ভস্মে পরিণত; ছাইয়ে পরিণত। ২ বিনষ্ট; সম্পূর্ণ বিনাশিত। **ভস্মীকরণ** *বি* ভস্মে পরিণতকরণ। **ভস্মীকৃত** *বিণ* ভস্ম করা হয়েছে এমন; ছাইয়ে পরিণত করা হয়েছে এমন। **ভস্মে ঘি ঢালা**—নিরর্থক চেষ্টা। { *স.* √ভস্+মন(মনিন)}

ভা [ভা] *বি* ১ জ্যোতি; দীপ্তি; প্রভা; উজ্জ্বলতা। ২ আলোক; আলো। ৩ কিরণ; রশ্মি। { *স.* √ভা+অ(অঙ)+আ(টাপ্)}

ভাই [ভাই] *বি* ১ ভ্রাতা; সহোদর। ২ ভ্রাতৃতুল্য ব্যক্তি; বন্ধু-বান্ধবী বা নাতিকে সম্বোধন। **-ঝি** *বি* ভাইয়ের মেয়ে; ভ্রাতুষ্পুত্রী। **-পো** *বি* ভ্রাতুষ্পুত্র; ভাইয়ের ছেলে। **-ফোঁটা** *বি* হিন্দুদের মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ; ভ্রাতৃদ্বিতীয়ায় বোনের দ্বারা ভাইয়ের কল্যাণ কামনায় তার কপালে ফোঁটা দান উৎসব (শশী ভাই-ফোঁটা দিতেছেন—*রঠা*)। **-বেরাদর** *বি* আপনজন; আত্মীয়-স্বজন। { *স.* ভ্রাতৃ> *স.* ভ্রাতা>*প্রা.* ভাই}

ভাইজ, ভাউজ, ভাজ [ভাইজ্, -উ-, ভাজ্] *বি* বয়োজ্যেষ্ঠ ভ্রাতৃবধূ; ভ্রাতৃজায়া (সকল ভাউজের সঙ্গে আমার দ্বন্দ্ব বাজে—*ক্ষেদা*; এ আমাদের ননদভাজের ঘরোয়া গোপন চিঠি—*নই*)। { *স.* ভ্রাতৃজায়া>}

ভাইয়া [ভাইয়া] *বি* ভ্রাতা; ভ্রাতৃতুল্য জন। { *স.* ভ্রাতা>

হি. ভাইয়া}

ভাইসরয় [ভাইস্‌রয়] *বি* রাজপ্রতিনিধি (এই সময়ের মধ্যে দিল্লীর সম্রাট বাংলাদেশে ভাইসরয় নিযুক্ত করতেন—*মুআরা*)। { *ই.* viceroy}

ভাউ ⇒ ভাও

ভাউজ ⇒ ভাইজ

ভাঁউরি, ভাঁওরি *(মবা.)* [ভাঁউরি, ভাঁওরি] *বি* ভ্রামরী (চাক ভাঁওরিতে—*ঘচ*)। { *স.* ভ্রামরী>}

ভাউলিয়া, ভাউলে, ভাওয়ালিয়া [ভাউলিয়া, ভাউলে, ভাওয়ালিয়া] *বি* ঘরওয়ালি নৌকাবিশেষ; house-boat (বাবুরা বোট, বজরা, পিনসে ও ভাউলে ভাড়া করে সং দেখতে যেতেন—*কাসি*)। { *স.* বহল>}

ভাও, ভাউ [ভাও, ভাউ] *বি* ১ অবস্থা; ভাব; হালচাল (ভাও বুঝে কাজে নামা; এহিমত পথিক মনেতে করি ভাও—*হেমা*)। ২ দর; দাম; মূল্য; rate ('ময়ূর সবাইকে জাঁকালো পোষাক আর হীরে জহরতের ভাউ বাংলাতে লাগলেন')। ৩ পদ্ধতি; কৌশল (কাজের ভাও)। { *স.* ভাব, *ফা.* বহা ﺑﻬﺎ }

ভাওর [ভাওর] *বি* ১ গোশালা। ২ অস্থায়ী কুঁড়েঘর। { *স.* ভাণ্ডঘর>} ?

ভাওলি [ভাওলি] *বি* খাজনার পরিবর্তে জমিদারকে যে শস্য দেওয়া হয়। { *হি.* ভাৱলী>}

ভাং, ভাঙ, ভাঙ্গ [ভাঙ, –, ভাঙগ্] *বি* ১ সিদ্ধিগাছ। ২ সিদ্ধিগাছের পাতায় প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ (ভাংয়ের শরবত)। { *স.* ভঙ্গা>}

ভাংচি, ভাঙচি, ভাঙ্গচি [ভাঙ্‌চি, –, –ঙগ্–] *বি* বিয়ের সম্বন্ধ ভেঙে দেওয়ার জন্য মিথ্যা ত্রুটি দোষের কথা বানিয়ে বলা বা শক্ত করে তোলার জন্য গোপন উপদেশ; ভাঙানি; কুমন্ত্রণা (ভাঙচি দেওয়া)। { *স.* ভঙ্গ>+ *বা.* চি}

ভাংটা, ভাঙটা, ভাঙ্গটা [ভাঙ্‌টা, –, –ঙগ্–] *বি* খুচরা টাকা পয়সা; ভাংতি। { *স.* ভঙ্গ>ভাং+ *বা.* টা}

ভাঁওতা [ভাঁওতা] *বি* ধাপ্পা; চালবাজি; ফাঁকি; শঠতা (কথার ভাঁওতা। এতদিন টাকা খেয়ে শুধু ভাঁওতা দিয়েছে—*শাহ*)। { *তুল. হি.* ভাঙতা}

ভাঁওর [ভাঁওর] *বি* ১ চিহ্ন; নিদর্শন; লক্ষণ। ২ ঠাওর; নির্ধারণ। ৩ জলাবর্ত (ক্ষণেকে ভাঁওরে ফেলে সমুদ্রের নীর—*সৈআ*)। **ভাঁওরা** *বি* হাবভাব (শোনো একবার কথার ভাঁওরটা শোনো—*অঠা*)। **ভাঁওরানো** *বি* ঠাওরানো; ঠাহর করা। □ *ক্রি* তুলনা করা। { *স.* ভাব>; *আঞ্চ.*}

ভাঁগিন *(মবা.)* [ভাঁগিন] *বিণ* ভগ্ন (ভাঁগিন নেহাপুণী বোড়াইতে শকতা—*বচ*)। { *স.* ভঙ্গ>}

ভাঁজ [ভাঁজ] *বি* পাট; তা; মোড়া। ২ চিহ্ন; সাড়া–শব্দ (বাড়ির লোকের কোনো ভাঁজ পাওয়া যাচ্ছে না)। ৩ ভাব; ইঙ্গিত (কথার ভাঁজ)। { *স.* √ভন্‌জ্>; *আঞ্চ.*}

ভাঁজা [ভাঁজা] *বি* পাট করা; ভাঁজে ভাঁজে রাখা। □ *ক্রি* ১ অভ্যাস বা অনুশীলন করা (সুর ভাঁজা)। ২ কসরৎ করা (মুগুর ভাঁজা; কেবল তলোয়ার ভেঁজেই কাল কাটালে—*দীমি*)। ৩ তাসের বিন্যাস নষ্ট করা (তাস ভাঁজা)। ৪ (বুদ্ধি প্রভৃতি) আঁটা; স্থির করা (মতলব, ফন্দি–ফিকির প্রভৃতি) স্থির করা। { *স.* √ভন্‌জ্> *প্রা.* ভংজ> *বা.* ভাঁজ+আ}

ভাঁট [ভাঁট] *বি* ঘেঁটুফুল ও তার গাছ (ভাঁট ফুলের এই নট দেউলে রঙীন প্রজাপতি দলে—*নই*)। ~**ফুল** *বি* ঘেঁটুফুল (বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়—*জীদা*)। { *স.* ভাণ্ডীর>}

ভাঁটা[১] [ভাঁটা] *বি* বাটুল; খেলার বল; ডাণ্ডাগুলির গুলি (মগজ যখন বেজায় ভারি, যেন লোহার ভাঁটা—*মোম*)। { *স.* বীটা>}

ভাঁটা[২] ⇒ ভাটা

ভাঁটি ⇒ ভাটি

ভাঁড়[১] [ভাঁড়] *বি* ক্ষুদ্র মাটির ভাণ্ড (ভাঁড়ে যদি জল খায় —*দারা*)। { *স.* ভাণ্ড>*প্রা.* ভংড>}

ভাঁড়[২] [ভাঁড়] *বি* নাপিতের যন্ত্রপাতি রাখবার আধার। { *স.* ভাণ্ডি>}

ভাঁড়[৩] [ভাঁড়] *বি* বিদূষক; ভাঁড়ামি করা যার কাজ। { *স.* ভণ্ড>*প্রা.* ভংড>*বা.* ভাঁড়}

ভাঁড়[৪] [ভাঁড়] *বি* ভাঁড়ার; কোষ; ভাণ্ডার। **ভাঁড়ে মা ভবানী**—শূন্য ভাণ্ডার। { *স.* ভাণ্ডার>}

ভাঁড়ানো [ভাঁড়ানো] *ক্রি* ১ প্রতারণা করা; প্রতারণা করবার ইচ্ছায় গোপন করা (নাম ভাঁড়ানো; সহজে এড়াইতে বা ভাঁড়াইতে পারা যায় না—*ঈবি*)। ২ ভুলানো (ভাল ভাঁড়াইয়া শিব পালাইয়া গেল দূর—*বিগু*)। **ভাঁড়াভাঁড়ি** *বি* পুনঃপুন প্রতারণা; ক্রমাগত প্রবঞ্চনা। **ভাঁড়াই, ভাঁড়ামি, ভাঁড়ামো** *বি* ১ প্রতারণা; শঠতা; প্রবঞ্চনা; ছলনা। ২ ভাঁড়ের আচরণ; স্থূল রসিকতা। { *স.* ভাণ্ড>*প্রা.* ভংড > ভাঁড় + *বা.* আনো; ক্রিয়ারূপ—ভাঁড়াই, ভাঁড়াও, ভাঁড়ান, ভাঁড়ায়; *অক্রি*—ভাঁড়াতে, ভাঁড়ালে, ভাঁড়িয়ে ইত্যাদি}

ভাঁড়ার ⇒ ভাণ্ডার

ভাঁড়ারী ⇒ ভাণ্ডারী

ভাক [ভাক্] *বিণ* অংশীদার; পাত্র; যুক্ত (পুণ্যভাক, পাপভাক)। { *স.* √ভাজ্+ক্বিপ্=ভাক্}

ভাক্ত [ভাক্‌তো] *বিণ* ১ অপ্রধান; ভক্তের বিদ্রূপাত্মক বিকৃতি। ২ কপট; ভণ্ড (ভাক্ত সুফি)। ৩ ভাত-সম্বন্ধীয়। { *স.* ভক্ত+অ(অণ্)}

ভাখ *(ব্র.)* [ভাখ্] *বি* ভাষ; কথা (ডাহুকী কলকল ভাখ —*বিপ*)। **ভাখা** *(ব্র.)* ভাষা; বোল বা বুলি। **ভাখি, ভাখী** *বি* ভাষা; কথা (মিছ নাহি ভাখি—*বিপ*)। { *স.* ভাষা>}

ভাগ [ভাগ্] *বি* ১ বাটোয়ারা (জমিদারিভাগ)। ২ টুকরা; হিস্‌সা (সহস্র ভাগ)। ৩ কালাংশ (দিবাভাগ)। ৪ প্রদেশ; অঞ্চল; স্থান (ভূ–ভাগ)। ৫ অংশ; বখরা (আমার ভাগ)। ৬ ভাগ্য; অদৃষ্ট (মহাভাগ)। ৭ *(গণিত.)* বিভাজন; division। ~**ধেয়** *বি* ১ ভাগ; অংশ। ২ কর; রাজস্ব; উত্তরাধিকারী। ~**ফল** *বি (গণিত.)* এক রাশিকে অন্যান্য রাশি দিয়ে ভাগ করলে যে ফল পাওয়া যায়। ~**বাটোয়ারা** *বি* বিভিন্ন অংশে ভাগ করে বণ্টন। ~**রা** *বি* অন্যের জমি ফসলের অর্ধাংশ বা চুক্তিমতো কিছু অংশ পাওয়ার জন্য চাষ করার পদ্ধতি; বর্গা (এমন বহুলোক আছে যারা ভাগরায় চাষ করে—*অচিসে*)। ~**শেষ** *বি (গণিত.)* ভাগ করবার পর যা অবশিষ্ট থাকে। ~**হর** *বিণ* অংশগ্রহণকারী;

অংশগ্রাহী। ~হর *বিণ* ১ অংশগ্রহণ। ২ ভাগ করার প্রণালি। **ভাগের মা গঙ্গা পায় না** *(প্রব.)* ভাগাভাগির কাজ প্রায় সময়ই পণ্ড হয়ে যায় এমন; কাজের পূর্ণ দায়িত্ব কোনো একজনের উপর না থাকলে প্রায়ই তা সুসিদ্ধ হয় না এমন। { *স.* √ভজ্+অ(ঘঞ্) }

ভাগ২ *(মব.)* [ভাগ] *বি* ভাগ্য; অদৃষ্ট (আজু রজনী হাম ভাগে গোমায়িলু—*বিপ*)। { *স.* ভাগ্য> }

ভাগউ *(ব্র.)* [ভাগউ] *ক্রি* দূরে যাক (ভাগউ সব দুখ—*বিপ*)। **ভাগল** *(ব্র.)* পালিয়ে গেল। { *স.* ভগ্ন> }

ভাগনা, ভাগনে ⇒ ভাগিনেয়

ভাগবত [ভাগোবত্] *বি* ১ শ্রীমদ্ভাগবত নামক পুরাণ গ্রন্থ। □ *বিণ* ১ ভগবদ্‌বিষয়ক। ২ ভগবদ্ভক্ত; বৈষ্ণব। { *স.* ভগবৎ+অ(অণ্) }

ভাগা১ [ভাগা] *বি* অংশ; পৃথক পৃথক ভাগ। { *স.* ভাগ+*বা.* আ }

ভাগা২ [ভাগা] *ক্রি* ১ ভঙ্গ দেওয়া (স্বপ্ন জড়িমা পলকে ভাগিল—*রঠা*)। ২ পলায়ন করা (জল্লাদ পেয়াদা দুজনেই ভাগল—*অঠা*)। { *স.* ভগ্ন> }

ভাগাড় [ভাগাড়্] *বি* ১ মৃত গরু-মহিষাদি ফেলার নির্দিষ্ট স্থান (সব আছে তবু শবের মতন ভাগাড়ে পড়িয়া কেন? —*নই*)। ২ পতিত জমি। **ভাগাড়ে গোরু পড়া** *(প্রব.)* ভাগাড়ে মরা গরু থাকলে মাংসের লোভে যেমন শকুন চারদিকে উড়তে থাকে তেমনি লোভজনক বস্তু লাভের আশায় বহু লোকের ভিড়। { *অমূ.* }

ভাগানো [ভাগানো] *ক্রি* ১ তাড়ানো; পালাতে বাধ্য করা। ২ কুমন্ত্রণা দিয়ে কাউকে কর্মস্থল থেকে বের করে আনা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *হি.* ভাগ+*বা.* আনো; ক্রিয়ারূপ—ভাগাই, ভাগাও, ভাগায়, ভাগান; *অক্রি*—ভাগিয়ে, ভাগালে, ভাগাতে ইত্যাদি }

ভাগাভাগি [ভাগাভাগি] *বি* নিজেদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা; নিজেদের মধ্যে বন্টন বা বেঁটে নেওয়া। { ভাগ+আ+ভাগ+ই }

ভাগি [ভাগি] *বি (ব্র.)* ভাগ্য; অদৃষ্ট (হামারি আছল কত পূরবক ভাগি—*বিপ*)। { *স.* ভাগ্য>ভাগ্গ>ভাগ+*বা.* ই }

ভাগিনা ⇒ ভাগিনেয়

ভাগিনেয়, ভাগনে, ভাগ্নে, ভাগিনা [ভাগিনেয়ো, ভাগনে, –, ভাগিনা] *বি* ভগিনীর পুত্র। **ভাগিনেয়ী, ভাগিনী, ভাগ্নি** *স্ত্রী.*। { *স.* ভগিনী+এয়(ঢক্) }

ভাগী১ (–গিন্) [ভাগি] *বিণ, বি* অংশী; অংশীদার (দুঃখের বা সম্পদের ভাগী)। **ভাগিনী** *বিণ স্ত্রী.*। { *স.* √ভজ্+ইন্(ইনি) }

ভাগী২ (–গিন্) [ভাগি] *বিণ* ১ গ্রহণকারী; গ্রাহী (পাপভাগী)। **ভাগিনী** *বিণ স্ত্রী.*। { *স.* √ভজ্+ইন্(ঘিনুণ্) }

ভাগী৩ *(ব্র.)* [ভাগি] *বিণ* ভাগ্যবান (সো পাওয়ে বহুভাগী—*বিপ*)। { *স.* ভাগ্য> }

ভাগীরথী [ভাগিরোথি] *বি* (হিন্দু পুরাণমতে ভগীরথ কর্তৃক আনীত বলে গঙ্গার একটি নাম ভাগীরথী) গঙ্গা; জাহ্নবী; গঙ্গানদীর শাখা নদীবিশেষ। { *স.* ভগীরথ+অ(অণ্)+ঈ(ঙীপ্) }

ভাগেল [ভাগেল্] *বি* যুদ্ধে পরাজিত দলের পৃষ্ঠপ্রদর্শন; পলায়নপর অবস্থা (টিকিতে না পারে কেহ হইল হারেল। কুফর লস্কর বিচে পড়িল ভাগেল—*সৈহা*)। { *হি.* ভাগ+*বা.* এল }

ভাগ্নে, ভাগ্নি ⇒ ভাগিনেয়

ভাগ্য [ভাগ্‌গো] *বি* অদৃষ্ট; তকদির; কপাল; নসিব; নিয়তি (ভাগ্যদোষ, ভাগ্যফল)। ~**ক্রমে**, ~**গুণে**, **ভাগ্যে** *ক্রিবিণ* সৌভাগ্যবশত; শুভ অদৃষ্ট হেতু। ~**গণনা** *বি* জ্যোতিষের সাহায্যে অদৃষ্টের শুভাশুভ নির্ণয়। ~**গুণ** *বি* সৌভাগ্য। **ভাগ্যচক্র** *বি* চক্রবৎ ঘূর্ণ্যমান অদৃষ্ট; পরিবর্তনশীল ভাগ্য। ~**দেবতা**, ~**বিধাতা(তৃ)** *বি* ১ অদৃষ্টের নিয়ন্তা (ইংরেজগণই আফগানিস্তানের ভাগ্যবিধাতা হইয়া বসিল —*মমু*)। ২ ভাগ্যের দেবতা। ~**দেবী**, ~**বিধাত্রী** *বি স্ত্রী.*। ~**ফল** *বি* নির্দিষ্ট ভবিষ্যৎ শুভাশুভ। ~**বন্ত**, ~**মন্ত** *বিণ* ভাগ্যবান; খুশনসিব; সৌভাগ্যশালী (পাষাণ গাঁথা প্রাসাদ পরে আছেন ভাগ্যবন্ত—*রঠা*)। ~**বল** *বি* ভাগ্যের জোর; বরাতের জোর; সৌভাগ্য। ~**বান** *বিণ* সৌভাগ্যশালী; খুশনসিব। ~**বতী** *স্ত্রী.*। ~**বিপর্যয়** *বি* অবস্থার বৈপ্লবিক পরিবর্তন; দুর্ভাগ্য। ~**লিখন**, ~**লিপি** *বি* অদৃষ্টের লিখন; তকদির। ~**হীন** *বিণ* হতভাগ্য; বদনসিব; অভাগা। ~**হীনা** *স্ত্রী.*। ~**হীনতা** *বি* দুরদৃষ্টের অবস্থা; দুর্ভাগ্যের দশা। **ভাগ্যোদয়** *বি* সৌভাগ্যের বা সুদিনের সঞ্চার; সৌভাগ্যের উদয় বা আবির্ভাব। { *স.* √ভজ্+য(ঘ্যণ্) }

ভাগ্যি [ভাগ্‌গি] *বি* ১ ভাগ্য। ২ শুভ অদৃষ্ট; ভাগ্য। □ *অব্য* সৌভাগ্যের বিষয় (কী ভাগ্যি! ভাগ্যি দেখা হলো)। ~**মান** *বিণ* ভাগ্যবান; সৌভাগ্যশালী। ~**মানী** *স্ত্রী.*। **পড়া~**, **পোড়া~** *বি* পোড়া কপাল; মন্দভাগ্য (ওমা ওমা পরাভাগ্যি উকিলের ওঁচা—*হেব*)। ~**স** *অব্য* সৌভাগ্যের বিষয়; ভাগ্য ভালো তাই (ভাগ্যিস খাওনি; চাকরীটা পেয়েছিল যে ভাগ্যিস—*অচিসে*)। { *স.* ভাগ্য> }

ভাঙ, ভাঙ্গ ⇒ ভাং

ভাঙচি, ভাঙ্গচি ⇒ ভাংচি

ভাঙটা, ভাঙ্গটা ⇒ ভাংটা

ভাঙড়, ভাঙ্গড়, ভাংগড় [ভাঙোড়্, ভাঙ্‌গোড়্, –] *বিণ* ভাং বা সিদ্ধিখোর; মাদকসেবী (ভাঙ্গড়ের নাহি যম—*ভারা*)। { ভাং+খোর> }

ভাঙন১, **ভাঙ্গন**১ [ভাঙোন্, ভাঙ্‌গোন্] *বি* ১ ধস; ধসন; ধসা; ভেঙে পড়া; নদীর পাড় ধসার ভাব (পদ্মার ভাঙন)। ২ *(আল.)* অবনতির সূচনা; পতনের সূত্রপাত ('মুঘল শক্তির তখন ভাঙন ধরেছে')। ৩ মাছবিশেষ। { *স.* ভঙ্গ> }

ভাঙন২, **ভাঙ্গন, ভাঙনা** [ভাঙোন্, –ঙ্‌গোন্, ভাঙ্‌না] *বি* মাছবিশেষ। { *স.* ভঙ্গান }

ভাঙর, ভাঙ্গর *(মব.)* [ভাঙোর্, ভাঙ্‌গোর্] *বি* ভাতিজা; ভাইপো (কোঙার ভাঙর সাথে যামান কৃপাণ হাতে—*কমু*)। { *স.* ভাই+কোঙর(=পুত্র)>ভাঙর }

ভাঙা, ভাঙ্গা [ভাঙা, ভাঙ্‌গা] *ক্রি* ১ ভগ্ন করা; চূর্ণ হওয়া (পাথর ভেঙ্গে কাটছে যেথা—*রঠা*)। ২ অকল্যাণ বা নিচু হওয়া; হীন করা; দুরবস্থায় পড়া (কপাল ভাঙা)। ৩ ভগ্নহৃদয় হওয়া বা করা; হতাশ হওয়া বা করা (মন ভাঙা)। ৪ দূর হওয়া; ঘুচানো (ঘুম বা মান ভাঙা)। ৫ পণ্ড

করা; ছিন্ন হওয়া (বিবাহের সম্বন্ধ ভাঙা)। ৬ বিস্তার বা বিশদ করে বলা (কথাটা সে ভেঙে বলল না)। ৭ কাজের উপযুক্ত না থাকা; বিকৃত হওয়া (তার গলা ভেঙেছে)। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* ১ ভগ্ন; জীর্ণ; ধ্বংসপ্রাপ্ত (ভাঙা দেউলের দেবতা—*রঠা*)। ২ ভাঙে এমন (হাড়ভাঙ্গা খাটনি)। ৩ দুর্বল; রুগ্ন (ভাঙা স্বাস্থ্য)। ৪ হতাশ; উৎসাহহীন (ভাঙা বুক)। ৫ মন্দ; অমঙ্গলজনক (ভাঙা কপাল)। ৬ অকার্যকর; বিকৃতি; অবরুদ্ধ (ভাঙা স্বর; ভাঙা গলা)। ৭ অশুদ্ধ (ভাঙা উর্দু)। **ভাঙা কপাল জোড়া লাগা** *ক্রি* ভাগ্য পুনরায় প্রসন্ন হওয়া; ভাগ্য ফেরা। **ভাঙাচুরা, ভাঙাচোরা** *বিণ* টুটাফুটা; ভগ্ন ও চূর্ণ। **ভাঙা ভাঙা** *বিণ* ১ প্রায় ভঙ্গ। ২ বিকৃত (ভাঙা ভাঙা ইংরেজি)। ৩ আধো আধো (ভাঙা ভাঙা কথা)। **ভাঙা ভাগতি** *বি* পূর্ণ সংখ্যা ও তার ভগ্নাংশ। **ঘর ভাঙা** *ক্রি* ১ পরিবারের একতা নষ্ট হওয়া; সংসারে পরস্পরের সদ্ভাব নষ্ট করা। ২ স্বামী-স্ত্রীর বিবাহিত জীবন ধ্বংস হওয়া। **মাথায় কাঁঠাল ভাঙা/ভাঙ্গা** *ক্রি (আল.)* অন্যকে ঠকিয়ে স্বার্থ উদ্ধার করা, আদায় করা, বা কোনো বিষয়ে লাভবান হওয়া। **ভেঙে পড়া বা আসা** *ক্রি* ছোট বড় আবাল-বৃদ্ধ-বনিতা সকলে সপ্রচুর সংখ্যায় সমবেত হওয়া (চোখের নিমিষে ভেঙ্গে আসে বণিকপাড়া—*কমু*)। **ভাঙে/ভাঙ্গে তো মচকায় না** *ক্রি (আল.)* ভেঙেও ভাঙে না; প্রাণ যায় অবস্থা তবু বিনীত হয় না। **ভাঙানো, ভাঙ্গানো** *ক্রি* ১ ভাঙা; ভগ্ন করানো। ২ দূর করা (ঘুম বা মান ভাঙানো)। ৩ ভাংচি বা পরামর্শ দিয়ে বিরোধী করা; বিচ্ছেদ ঘটানো (মন ভাঙানো, ঘর ভাঙানো)। ৪ খুচরা মুদ্রা করা (টাকা ভাঙানো)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **ভাঙানি, ভাঙ্গানি** *বি* ১ খুচরা মুদ্রা; রেজগি। ২ ভাংতি। □*বিণ* ১ *(আল.)* নিন্দা বা দোষ ত্রুটির কথা বলে কোনো চুক্তি বা সম্বন্ধ নষ্ট করে এমন। ২ *(আল.)* কুমন্ত্রণা দিয়ে বিচ্ছেদ ঘটায় এমন। **ভাঙানে, ভাঙ্গানে** *পু*। **কান ভাঙানি** *বি (আল.)* গোপনে মিথ্যা কথা বলে কারো বিরুদ্ধে কাউকে উত্তেজিত করা। {*স.* ভঙ্গ>}

ভাঙ্গি [ভাঙ্‌গি] *বিণ* সিদ্ধিখোর; ভাংপায়ী (একে বুড়া তাহে ভাঙ্গী ধুতুরায় ভোল—*ভারা*)। {ভাঙ্গ+ই}

ভাজ ⇒ ভাইজ

ভাজক [ভাজোক্] *বিণ (গণিত.)* ভাগকারী। □*বি (গণিত.)* যে রাশি দিয়ে ভাগ করা যায়; divisor। {*স.* √ভজ্‌+অক(ণ্বুল্)}

ভাজন[১] [ভাজোন্] *বি* ১ পাত্র; ব্যক্তি (ভক্তিভাজন)। ২ ভাগকরণ; বিভাজন; খণ্ড খণ্ড করণ। ৩ আশ্রয় (কৈল দৈব দুঃখের ভাজন—*কমু*)। {*স.* √ভজ্‌+অন(ল্যুট্)}

ভাজনা [ভাজ্‌না] *বি,বিণ* যাতে ভাজা হয় (ভাজনা খোলা)। {√ভাজ্‌+না}

ভাজা [ভাজা] *ক্রি* গরম তেলে বা ঘিয়ে রান্না করা; বালির সাহায্যে বা কেবল উত্তাপে পাক করা (মাছ লুচি মুড়ি বেগুন প্রভৃতি ভাজা)। □*বিণ* ভাজা হয়েছে এমন; ভর্জিত (ভাজা মাছ)। ~ ~ *বিণ* ১ প্রায় ভাজা হয়েছে এমন; ভর্জিত প্রায়। ২ *(আল.)* সন্তপ্ত (নানান শোকে কলিজা ভাজা)। ~**ভুজি** ভাজা ভুনা সুস্বাদু খাদ্যদ্রব্য (ভাজাভুজি হত পাঁচটা ছটা—*রঠা*)। ~ **মাছ উলটে খেতে জানে না**—অতি সরল ও নেহাত নিরীহ প্রকৃতির ব্যক্তি সম্বন্ধে করা উক্তি; কপট ও ধূর্তলোক সম্পর্কেও বলা হয়। **তেলে** ~ *বি* বেসম দিয়ে প্রস্তুত তেলে ভাজা খাবারবিশেষ। **হাড়** ~ ~ **হওয়া** *ক্রি* অত্যন্ত সন্তপ্ত বা জ্বালাতন হওয়া। {*স.* √ভ্রস্‌জ্>*প্রা.* ভজ্জ>*বা.* √ভাজ্‌+আ}

ভাজাং ⇒ ভুজং

ভাজি [ভাজি] *বি* ভাজা তরকারি। {√ভাজ্‌+ই}

ভাজিত [ভাজিতো] *বিণ* ভাগ করা হয়েছে এমন; বিভক্ত। {*স.* √ভজ্‌+ণিচ্(=√ভাজি)+ত(ক্ত)}

ভাজ্য [ভাজ্‌জো] *বিণ* ১ ভাগার্হ; বিভাগযোগ্য; divisible। ২ *(গণিত.)* যে রাশিকে অন্য রাশি দিয়ে ভাগ করা হয়; divisible। {*স.* √ভাজ্‌+ণিচ্(=√ভাজি)+য(যৎ)}

ভাট [ভাট্] *বি* ১ একটি জাতি বা সম্প্রদায়। ২ বিবাহাদির ব্যাপারে যারা বংশচরিত কীর্তন করে (শেষে পাঠলী দেশের রাজার ভাট সোনার কৌটায় সোনার প্রতিমা রাজকন্যার ছবি নিয়ে এল—*অঠা*)। ৩ স্তুতিপাঠক (ভাটেরে দিল গজ ঘোড়া—*কমু*)। ৪ স্তুতি বা বন্দনাকারী। ৫ চারণকবি। ~-**শালিক** *বি* গুয়েশালিক। ~**কবিতা** *বি* চারণ-কবিদের ছড়া। {*স.* ভট্ট>}

ভাটক [ভাটোক্] *বি* ভাড়া; কেরায়া (যে গৃহে তাঁহার বিপণি ছিল, তাহার ভাটকদানে অসমর্থ হওয়াতে—*ঈবি*)। {*স.* √ভট্‌+অক(ণ্বুল্)}

ভাটা, ভাঁটা [ভাটা, ভাঁ-] *বি* ১ সমুদ্র বা নদীতে চন্দ্রসূর্যের আকর্ষণজনিত সাধারণ জলস্ফীতির বা বৃদ্ধির হ্রাস; জোয়ারের বিপরীত; ebb-tide। ২ *(আল.)* অবনতি, হ্রাস; কমতি; ক্রমপতনশীল; পতনের দিকে গতি (বয়সে ভাটা পড়া; আয়ে ভাটা পড়া)। {*তুল. অ.* ভাটী}

ভাটানো [ভাটানো] *ক্রি* ১ ভাটা পড়া (যখন আসবে জোয়ার উজিয়ে যাবে ভাটিয়ে যাবে ভাটার বেলা—*রাম*)। ২ শেষ হয়ে আসা বা যাওয়া। □*বি* কমের দিকে যাওয়া (বেলা ভাটিয়ে গেল)। {ভাটা+আনো}

ভাটি[১], **ভাঁটি**[১] [ভাটি, ভাঁ-] *বি* ১ ইট চুন ইত্যাদি পোড়াবার চুলা। ২ ধোপার কাপড় সিদ্ধ করার বড় হাঁড়ি (ভাটি দেওয়া)। ৩ মদ চোলাই করার পাত্র বা স্থান (যখন করেছ মানা বন্ধুরা সব আসলে ভাঁটি—*নই*)। ~**খানা** *বি* মদ প্রস্তুত করবার ঘর বা স্থান; মদ চোলাই করার কারখানা, মদের দোকান (বেরিয়ে ভাঁটিখানা থেকে বলল হেঁকে বৃদ্ধ পীর—*নই*)। {*স.* ভ্রষ্ট>*প্রা.* ভট্ঠ>}

ভাটি[২], **ভাঁটি**[২] [ভাটি, ভাঁ-] *বি* ১ নদী প্রভৃতির ক্ষয়িষ্ণু জলের স্রোতের দিক বা নিম্নগতি। ২ অবনতি; নিচু দিকে গতি। ৩ অবসান; পড়ন্ত বেলা (হইল দুপুর ভাটি—*কমু*)। ৪ হ্রাস (জোয়ারের পানি যে নারীর বয়স যাবৎ না পড়ে ভাটি ভুঞ্জ রতি রস—*কাদৌ*)। ৫ পরাজয়। □*বিণ* ১ গত; অপসৃত (এখন সারথি ভাটি—*পাকা*)। ২ অল্প; মৃদু (ক্ষীর রান্ধে জ্বাল দিয়া ভাটি—*কমু*)। ৩ দক্ষিণ (ভাটি

অঞ্চল)। ৪ নিম্নদিক। ~ **গাঙ** *বি* যে নদীতে ভাটা পড়েছে। ~ **দেওয়া** *ক্রি* ভাটার অনুকূলে অর্থাৎ ভাটার টানের সঙ্গে সঙ্গে নৌকা বাইতে দেওয়া (ভাটে দিয়ে বলে বাটে চলিবে সত্বর—*ঘচ*)। ~ **পড়া** *ক্রি* যৌবনের পর প্রৌঢ় অবস্থায় উপনীত হওয়া (যদিও এখন জমিরের বয়সে ভাটি পড়িয়াছে—*কাআও*)। ~ **বেলা** *বি* বৈকাল বেলা। **উজান** ~ *বি* ১ পানির হ্রাস-বৃদ্ধি; জোয়ার-ভাঁটা। ২ উন্নতি-অবনতি (জীবনের উজান-ভাঁটি)। {তুল. অ. ভাটী}

ভাটিয়াল[১] [ভাটিয়াল] *বিণ* দক্ষিণ দেশীয় (ভাটিয়াল সুর)। {ভাটি+আল}

ভাটিয়াল[২] ⇒ ভেটেল

ভাটিয়ালি, ভাটিয়ালী, ভাটিয়ারী [ভাটিয়ালি, –, –রি] *বি* ১ লোকসঙ্গীতের সুরবিশেষ। ২ উক্ত সুরে গাওয়া গান; ভাটার টানে নৌকা চলাকালীন মাঝিরা যে সুরে গান গায় (উজান বাওয়ার গান এবার গাসনে ভাটিয়ালি—*নই*)। {স. ভর্তৃহারিকা>ভাটিয়ারি>}

ভাটুয়া [ভাটুয়া] *বি* ভাট; ঘটক (কন্যার বিয়ার ল্যাগা ভাটুয়া পাঠাইল—*মৈগী*)। {ভাট+উয়া}

ভাড়া [ভাড়া] *বি* ১ কেরায়া; নির্দিষ্ট কাল ব্যবহারের জন্য দেয় অর্থ (বাড়িভাড়া; রেলের ভাড়া)। ২ মাশুল (মালের ভাড়া)। ৩ মূলধন; সম্বল (তাহা যদি কাটা গেল ফুরাইল ভাড়া—*কাদা*)। ~ **করা** *ক্রি* ভাড়া দেওয়ার শর্তে অন্যের জিনিস নির্দিষ্ট সময়ের জন্য নেওয়া। ~ **খাটা** *ক্রি* মজুরি নিয়ে পরের কাজ করা। ~**টে**, ~**টিয়া** *বিণ* ১ ভাড়া করা বা দেওয়া যায় এমন (ভাড়াটে লেখক)। ২ ঠিকা। ৩ মজুরির বিনিময়ে অসত্য বা অন্যায় কিছু করে এমন (ভাড়াটে গুণ্ডা)। ☐*বি* ভাড়া বাড়িতে যে বাস করে; tenant। {স. ভাটক>প্রা. ভাডঅ>}

ভাণ [ভান্] *বি* ১ এক অঙ্কে যে নাটক শেষ হয়; সংস্কৃত রূপক নাটিকা (সেটা নাটক কি রূপক কি ভাণ তা ঠিক বলতে পারব না—*রঠা*)। ২ ছল; জ্ঞান; বোধ। ৩ ভাব; বাণী (ভণয়ে বিদ্যাপতি তখনক ভাণ—*বিপ*)। ☐*বিণ* তুল্য; সদৃশ (গতি গজ রাজক ভাণে—*বিপ*)। {স. √ভণ্+অ(ঘঞ)}

ভাণা [ভানা] *ক্রি* বলা (কবি বিদ্যাপতি ভাণ)। {স. ভাণ+*বা.* আ}

ভাণিকা [ভানিকা] *বি* হাস্যরসাত্মক একাঙ্ক নাটিকা। {স. √ভণ্+অ(ঘঞ)+ক+আ}

ভাণ্ড [ভান্‌ডো] *বি* ১ পাত্র; ভাঁড়। ২ বাদ্যযন্ত্র। ৩ পুঁজি। ৪ দেহ (গুরু না ভজিলে ভাণ্ড শৃগালে না খায়—*মাগান*)। ৫ নাপিতের অস্ত্রাদি রাখবার ক্ষুদ্র পেটরা। ~**পুট** *বি* নাপিত; ক্ষৌরকার। **ভাণ্ডাগার** *বি* ধনাগার; ভাঁড়ার। {স. √ভণ্ড্+অ(ঘঞ)}

ভাণ্ডানো [ভানড়ানো] *ক্রি* (*মবা.*) ভাঁড়ানো; প্রতারণা বা প্রবঞ্চনা করা; ঠকানো (কি বলিয়া ভাণ্ডাই সে সকল জনে—*কমু*)। {স. √ভণ্ড্+*বা.* আনো; ক্রিয়ারূপ—ভাণ্ডাই, ভাণ্ডাও, ভাণ্ডায়, ভাণ্ডান; *অক্রি*—ভাণ্ডালে, ভাণ্ডাতে, ভাণ্ডিয়ে ইত্যাদি}

ভাণ্ডার, ভাঁড়ার [ভান্‌ডার্, ভাঁড়ার্] *বি* ১ ধন খাদ্য বা অন্য বস্তু যেখানে সঞ্চিত থাকে; ধনাগার; ভাঁড়ার (ভাঁড়ার ঘর; ভাণ্ডার দ্বার খুলেছে জননী অন্ন যেতেছে লুটিয়া—*রঠা*)। ২ পুঁজি; কোষ। {স. ভাণ্ডাগার>}

ভাণ্ডারী(–রিন্), **ভাঁড়ারি** [ভানড়ারি, ভাঁড়ারি] *বি* ১ ভাণ্ডার রক্ষক; ধনরক্ষক (হানিফের বাক্য শুনি চলিল ভাণ্ডারী—*হেমা*; কখন খেটেল কখন ভাঁড়ারী—*ভারা*)। ২ ভৃত্য; অনুচর। {স. ভাণ্ডার+ইন্(ইনি), >}

ভাণ্ডি [ভান্‌ডি] *বি* তাড়া (তাসের ভাণ্ডি)। {ই. bundle}

ভাণ্ডীর [ভান্‌ডির্] *বি* ১ বটগাছ। ২ ভাঁট বা ঘেঁটুগাছ। {স. ভাণ্ডীর}

ভাত[১] [ভাতো] *বিণ* ১ আলোকিত; দীপ্ত; উদ্ভাসিত। ২ প্রকাশিত; প্রতিভাত। **ভাতি** *বি* দীপ্তি; প্রভা; দ্যুতি ('নিশিথে প্রদীপ ভাতি')। {স. √ভা+ত(ক্ত)}

ভাত[২] [ভাত্] *বি* রাঁধা চাল; খাওয়ার যোগ্য সিদ্ধ করা চাল; অন্ন। ~**কাপড়** *বি* অন্ন-বস্ত্র; খাদ্য ও পরিধেয় বস্ত্র। ~ **ছড়ালে কাকের অভাব হয় না** (*প্রব.*) পয়সা থাকলে বা জোগাতে পারলে ভৃত্যের অভাব হয় না। ~ **বাড়া** *ক্রি* ভোজনপাত্রে অন্ন সাজিয়ে দেওয়া (ছোট্ট থালায় হয় নাকো ভাত বাড়া—*সদ*)। **ভাতুড়ে, ভাতুড়িয়া** *বিণ* পরের অন্নে পালিত; অন্নদাস; গলগ্রহ। **ভেতো** *বিণ* ১ ভাতই প্রধান খাদ্য এমন; ভাত খেতে ভালোবাসে এমন; অন্নপ্রিয় (ভাত বিনে বাঁচিনে আমরা ভেতো বাঙ্গালী—*ঈগু*)। ২ (*আল.*) দুর্বল; ভিতু; ভীরু। **ভাতে মারা** *ক্রি* (*আল.*) অন্ন না দিয়ে বা জীবিকার উপায় বন্ধ করে জব্দ করা। **ভাতে ধুনো দেওয়া** *ক্রি* প্রতারিত করা; ঠকানো। **ভাতের কাঁড়ি** *বি* এক রাশ অন্ন। {স. ভক্ত>}

ভাতা[১] [ভাতা] *বি* ১ প্রতিভাত হওয়া; আলোকিত হওয়া; দীপ্তি পাওয়া। ২ প্রকাশ পাওয়া। {স. √ভা+ত(ক্ত)= ভাত+*বা.* আ}

ভাতা[২] [ভাতা] *বি* অতিরিক্ত বেতন; বাড়তি বেতন; বৃত্তি; খাদ্যমূল্য বৃদ্ধি বা পরিদর্শনাদি কাজের জন্য কর্মচারীদের নিয়মিত বেতনের অতিরিক্ত যে অর্থ দেওয়া হয়; allowance। {স. ভৃতি>}

ভাতার [ভাতার্] *বি* স্বামী; পতি; ভরণ করায় যে; ভর্ত বা ভাত দেয় যে। ~**কামড়া** *বি,বিণ স্ত্রী.* স্বামীর উপর প্রতিপত্তিশালিনী; স্বামীকে আঁকড়িয়ে রাখে যে (তুই যে ভাতার কামড়া তুই আবার অন্য নোকলে দিবি—*দীমি*)। ~**খাকি**, ~**খাগি** *বিণ,বি* ১ (*অশি.*) স্বামীকে খেয়েছে এমন; রাঁড়। ২ বিবাহিতা নারীকে বিধবা বলে দেওয়া গালি। **ভাতারি** *বিণ* ভাতার ধরে এমন; ভাতাররূপে গ্রহণকারিণী। {স. ভর্তৃ/ভর্তা>+*বা.* আর}

ভাতাসি [ভাতাশি] *বি* অধিক খাওয়ার ফলে খাদ্যে অরুচি; ক্রমাগত একই খাদ্য খাওয়ায় খেতে স্পৃহার অভাব; অরুচি (মারে কি তোর ভাতাসি লাগে না—*অচিসে*)। {ভাত+আ+সি}

ভাতি [ভাতি] *বি* ১ শোভা; দীপ্তি (বৃদ্ধের নয়নপল্লবে স্বর্গের ভাতি ফুটে উঠল—*শেক*)। ২ প্রকার; রকম; সাদৃশ্য (নানা পক্ষী জলচর গড়ে নানা ভাতি—*ভারা*)। {স. √ভা+তি(ক্তি)}

ভাতিজা [ভাতিজা] *বি* ভাইয়ের ছেলে; ভাইপো (গাড়ীতে

ছিল ভাতিজা মামুন মিঞা—*ইখাঁ*)। **ভাতিজি, ভাতিজী** *স্ত্রী.* (ভাতিজি আমার নিজের কথা এড়িয়ে যাচ্ছে—*আরু*)। { *স.* ভ্রাতৃজ> }

ভাদর [ভাদোর্] *বি* ভাদ্র মাস (ভরা বাদর মাহ ভাদর—*বিপ;* শাওনে যাহারে পেলে না তাহারে কি ভাদরে পাইবে দেখা—*নই*)। **ভাদুরে** *বিণ* ভাদ্র মাস সম্বন্ধীয়; ভাদ্রমাসে উৎপন্ন। **ভাদুরে তাল, ভাদ্দুরে তাল** *বি* ১ ভাদ্র মাসের পাকা তাল। ২ (*আল.*) পাকা তাল গাছ থেকে পড়লে যেমন শব্দ হয়, তেমনি শব্দযুক্ত কিল লাথি ইত্যাদি (পিঠের উপর মস্ত একটা লাথি মেরে বললাম—তাহলে এমনি করে তোর পিঠে ভাদুরে তাল ফেলাই—*নই*)। { *স.* ভাদ্র> }

ভাদাল [ভাদাল্] *বি* গাঁদাল; গন্ধ-ভাদাল; এক প্রকার ঔষধি। { *স.* গন্ধভদ্রা>গন্ধভাদাল> }

ভাদোই [ভাদোই] *বিণ* ভাদ্র মাসের। □ *বি* ভাদ্র মাসে উৎপন্ন ফসল (এবার চাষীরা ভাদোই খুব ভালই পেয়েছে—*অচিসে*)। { *স.* ভাদ্র> }

ভাদ্দর ⇒ ভাদ্র

ভাদ্দর বউ [ভাদ্‌দোর্ বোউ] *বি* কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী। { *স.* ভাদ্রবধূ> }

ভাদ্দুরে, ভাদুরে [ভাদ্‌দুরে, ভাদুরে] *বিণ* ভাদ্রমাসীয়; ভাদ্রমাস সম্বন্ধীয়; ভাদ্রমাসে উৎপন্ন। { *স.* ভাদ্র> *বা.* ভাদ্দর, ভাদ্দুর+ *বা.* ইয়া>এ }

ভাদ্র, ভাদ্দর [ভাদ্‌দ্রো, ভাদ্‌দোর্] *বি* বাংলা বৎসরের পঞ্চম মাস। **ভাদ্রপদ** *বি* ভাদ্র মাস। **ভাদ্রপদা** *স্ত্রী.*। **ভাদ্রবধূ, ভাদ্রবৌ, ভাদ্দরবউ** *বি* কনিষ্ঠ ভ্রাতার স্ত্রী (ভিখারীকে একটি পয়সা দিতে ভাসুর ভাদ্রবৌ সকলে নারাজ—*জীদা*)। { *স.* ভাদ্র> *বা.* ভাদ্দর }

ভান[১] [ভান্] *বি* ছল; কৃত্রিম আচরণ; কপটতা (অসুখের ভান করা)। { *ফা.* √বাহানহ্ بہانہ }

ভান[২] [ভান্] *বি* ১ দীপ্তি; শোভা। ২ জ্ঞান। ৩ ভাব (চিত চঞ্চল ভান—*বিপ*)। { *স.* √ভা+অন(ল্যুট্) }

ভানা [ভানা] *ক্রি* ভাঙা; ধান কুটে চাল প্রস্তুত করা; শস্যের তুষ বা খোসা ছাড়িয়ে রাখা। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* ভগ্ন>ভান+ *বা.* আ }

ভানাকুটা [ভানাকুটা] *ক্রি* ১ ধান ভানা ও চাল কোটা। ২ অতিরিক্ত কথা বলা; কথার কেঁড়েলি করা (সবাসনে সদাই একথা ভানা কুটা—*ঘচ*)। { ভানা+কুটা }

ভানু [ভানু] *বি* ১ সূর্য। ২ সৌন্দর্য, কান্তি। ৩ কিরণ; রশ্মি (জানু ভানু কৃপাণু শীতের পরিত্রাণ—*কমু*)। ৪ প্রভু; রাজা। ৫ গন্ধর্ববিশেষ। ~**বার** *বি* রবিবার। ~**মতী** *বিণ স্ত্রী.* কান্তিমতী; সুন্দরী। □ *বি* ১ দুর্যোধনের মহিষী। ২ বিক্রমাদিত্যের মহিষী। ৩ হিন্দুপুরাণ মতে ভোজ রাজার কন্যা ইন্দ্রজাল-নিপুণা ভানুমতী; জাদুবিদ্যায় দক্ষ এক পৌরাণিক নারী। ~**মতীর খেল, ~মতীর ভেলকি** *বি* ১ ভোজ রাজতনয়া ভানুমতী প্রবর্তিত ইন্দ্রজাল। ২ জাদুবিদ্যা; ভোজবাজি; কুহকবিদ্যা (ভানুমতীর ভেল্কী দেখাইয়া কার্যোদ্ধার—*আখাঁ*)। ~**মান** *বিণ পু.* দীপ্তিশালী; কান্তিমান। □ *বি* দিবাকর; সূর্য। { *স.* √ভা+নু }

ভান্তে = ভন্তে ⇒ ভন্তে

ভাপ, ভাপরা [ভাপ্, ভাপরা] *বি* ১ উত্তাপ; বাষ্প। ২ গরম সেক (সে কাপড়ে ফুঁ পাড়িয়া চোখে তাপ দিতে লাগিল—*বিব*)। { *স.* বাষ্প> }

ভাপসা, ভেপসা, ভ্যাপসা, ভ্যাঁপসা [ভাপ্‌শা, ভ্যা-, -, ভ্যাঁ-] *বিণ* ১ বায়ু চলাচল রহিত স্থানসুলভ দুর্গন্ধ (ভাপসা গন্ধ; সেই ভ্যাঁপসা গন্ধ অন্ধ গলির মাঝে—*জউ*)। ২ অবরুদ্ধ বাষ্প বা তাপের সদৃশ; গুমট { *স.* বাষ্প>ভাপ+ *বা.* সা }

ভাপা [ভাপা] *ক্রি* বাষ্পে পরিণত হওয়া; ভাপযুক্ত হওয়া। □ *বিণ* ভাপে সিদ্ধ। -**নো** *ক্রি* ১ ভাপ দেওয়া। ২ বাষ্পের উত্তাপে সিদ্ধ করা; ভাপযুক্ত করা (ভাপা পিঠা)। □ *বি, বিণ* উক্ত উভয় অর্থে। { *স.* বাষ্প>ভাপ+ *বা.* আ }

ভাব [ভাব্] *বি* ১ জন্ম; সৃষ্টি; উৎপত্তি। ২ সত্তা; অভাবের বৈপরীত্য। ৩ ভক্তি; পরম তত্ত্ব (ভাবের গান)। ৪ অভিপ্রায় (মনোভাব)। ৫ মনের অবস্থা (ভাবান্তর)। ৬ প্রকৃতি (অসুর ভাব, তার ভাবই ঐ)। ৭ অবস্থা; প্রবণতা (ভাবগতিক ভালো ঠেকছে না)। ৮ মর্ম; নিগূঢ় অর্থ (কবিতার ভাব)। ৯ অনুভূতির গাঢ়তা; emotion। ১০ চিন্তা; ধ্যান। ১১ ধরন; রকম; প্রকার (এমনভাবে)। ১২ প্রেম; প্রীতি; প্রণয় (তাদের মধ্যে ভাব আছে : সেই দুই তাপিত মতি ভাবেতে ব্যাকুল—*দৌবা*)। ১৩ (*ব্যা.*) ক্রিয়ার প্রকার; mood। ~ **করা** *ক্রি* আলাপ করা; বন্ধুত্ব স্থাপন করা। ~**গত** *বিণ* মনোভাববিষয়ক নিগূঢ় অর্থ সংক্রান্ত; চিন্তাধারা সম্বন্ধীয়। -**গতিক**, -**ভঙ্গি** *বি* রকম-সকম; প্রবণতা; চালচলন; ধরন-ধারণ। -**গর্ভ** *বিণ* নিগূঢ় অর্থপূর্ণ; ভাবপূর্ণ; ভাবাত্মক (ভাবগর্ভ আলোচনা)। ~**গ্রাহী**(-হিন্) *বিণ* মর্মজ্ঞ; অন্তরের গূঢ় ভাব গ্রহণ করেন এমন। -**ঘন** *বিণ* নিবিড় ভাবময়; জমাট বাঁধা (ভাবঘন ভাষা)। ~**চোর** *বি, বিণ* যে ব্যক্তি অন্য লেখকের ভাব বা অভিপ্রায়কে আপন রচিত বা উদ্ভাবিত বলে প্রকাশ করে; plagiarist। ~**চ্ছবি** *বি* ভাবচিত্র; ভাবময় ছবি (বাংলা কাব্য ও অসংলগ্ন ভাবচ্ছবির অনিকাম সংঘট্ট—*সুঠা*)। -**দ্যোতক** *বিণ* ভাবব্যঞ্জক; ভাব-প্রকাশক। ~**প্রবণ** *বিণ* ভাবাবেগে চালিত; আবেগযুক্ত। ~**প্রবণতা** *বি*। ~**বিলাসী**(-সিন্) *বিণ* কল্পনাপ্রিয়; কল্পনা-রাজ্যে বিচরণ করতে ভালোবাসে এমন। ~**ব্যঞ্জক**, ~**সূচক** *বিণ* অর্থপ্রকাশক; ভাবময় (ভাবব্যঞ্জক মূর্তি)। ~**ভঙ্গি**, ~**ভঙ্গী** *বি* মনোভাব; মনোভাব ও ভাববাচক অঙ্গচালনা। ~**ভোলা** *বিণ* ভাবাবেশে আত্মবিস্মৃত। ~**মূর্তি** *বি* চিন্তা ও অনুভূতির পরিপূর্ণ রূপ; কল্পনা দিয়ে তৈরি মূর্তি। ~**য়িত্রী** *বিণ* ভাবুক; যে কল্পনা-রাজ্যে নানা পরিকল্পনা করে থাকে (মুখ্যত ভাবয়িত্রী হলেও কারয়িত্রী পরিকল্পনাতেও তিনি অদ্বিতীয়—*সুঠা*)। ~ **লাগা** *ক্রি* ভাবাবেশ হওয়া (ভাব লেগে চাঁহ বুড়ো যেন মূর্চ্ছিত হন—*অঠা*)। ~**শুদ্ধি** *বি* ভাবের পবিত্রতা; পবিত্র চিন্তা। **ভাবাত্মক** *বিণ* ভাবময়; ভাবব্যঞ্জক; ভাবপূর্ণ। **ভাবানুষঙ্গ** *বি* এক বিষয়ে চিন্তা করার সময়ে সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্বন্ধে চিন্তা; Association of ideas। **ভাবান্তর** *বি* মনের অবস্থার পরিবর্তন; মানসিক অবস্থান্তর (আমায় দেখিলেই তোমার ভাবান্তর উপস্থিত হয়—*ঈবি*)। **ভাবাবেশ** *বি* ১ ভাবোদয়;

ভাবের আবির্ভাব। ২ ভাবজনিত বিহ্বলতা। **ভাবাভাস** *বি* ১ অস্পষ্ট ভাব; ভাবের ইঙ্গিত। ২ ভাবাল্পতা। **ভাবার্থ** *বি* মর্ম; নিগূঢ় অর্থ। **ভাবের ঘরে চুরি**—আসল উদ্দেশ্য পণ্ড করে শুধু বাইরের ঠাট বজায় রাখার প্রবণতা। **ভাবোচ্ছ্বাস** *বি* ভাবের বেগ; প্রবল আবেগ বা ভাব; তীব্র অনুভূতিসহ প্রেম ও কল্পনা শক্তির সংযোগ। **ভাবোদয়, ভাবোন্মেষ** *বি* ভাবোদ্রেক; ভাবের সঞ্চার। **ভাবোদ্দীপক** *বিণ* ভাবের উদ্রেককারী; ভাব সঞ্চারকারী। **ভাবোদ্দীপন** *বি* ভাবের সঞ্চার বা উদ্রেক। **ভাবোন্মত্ত** *বিণ* ভাববিহ্বল; ভাবে অভিভূত। **ভাবোন্মাদ** *বি* ভাববিহ্বলতা; ভাবজনিত মত্ততা। □ *বিণ* ভাবে উন্মত্ত; ভাবে মাতোয়ারা। { *স.* √ভূ+অ(ঘঞ্) }

ভাবক [ভাবোক্] *বিণ* ১ স্মরণকারী; ভাবুক; চিন্তক (শতেক ভাবক তোর হোক কদাচিত—*দৌবা*)। ২ উৎপাদক। { *স.* √ভূ+ণিচ(=√ভাবি)+অক(ণ্বুল) }

ভাবকানি [ভাবকানি] *বি* ভাবের পসরা (কাশীতে বেচিতে আমি আইলাম ভাবকানি—*কৃক*)। { ভাবক+আনি }

ভাবন [ভাবোন্] *বি* ১ চিন্তন। ২ কল্পনা বা ধ্যান কার্য। ৩ সৃজন; সৃষ্টি; সৃষ্টিকর্তা; স্রষ্টা। ৪ প্রসাধন; বেশবিন্যাসকরণ। ৫ ঔষধাদির শোধন বা সংস্কার। **ভাবনি, ভাবনী** *বি* ভাবন-প্রিয় নারী; অতিরিক্ত বেশবিন্যাসে অনুরাগিণী নারী। { *স.* √ভাবি+অন(ল্যুট্) }

ভাবনা [ভাবনা] *বি* ১ চিন্তা। ২ মানসিক উদ্বেগ; দুশ্চিন্তা। ৩ কবিরাজি ঔষধ প্রস্তুত করার প্রক্রিয়াবিশেষ। { *স.* √ভূ+অন(যুচ)+আ(টাপ্) }

ভাবা¹ [ভাবা] *ক্রি* ১ চিন্তা করা। ২ বিবেচনা করা। ৩ সংকল্প করা; স্থির করা। ৪ দুশ্চিন্তা করা। ৫ অনুমান করা। ৬ গণ্য করা (বিদেশি ভাবা)। ৭ উদ্ভাবন বা বের করা (একটা উপায় ভাবা)। ৮ মনে করা (তুমি কি আমার কথা ভাবো)। □ *বি* উক্ত সকল অর্থে। **-গোনা** *বি* চিন্তা-ভাবনা (স্বামী-স্ত্রীতে প্রায়ই এখন মেয়ের বিয়ের ভাবাগোনা হতে লাগল—*শেক*)। **-নো** *ক্রি* ১ চিন্তিত বা উদ্বেগযুক্ত বা অস্থির করা। □ *বি* উক্ত অর্থে। { *স.* ভাব+*বা.* আ }

ভাবা² [ভাবা] *বি* প্রবঞ্চনা; ধোঁকা (কামিনী কুহকে পড়ি খায় যেই ভাবা—*ঈগু*)। { ভ্যাবা>ভাবা }

ভাবাত্মক, ভাবান্তর, ভাবাবেশ, ভাবাভাস, ভাবার্থ ⇒ ভাব

ভাবালু [ভাবালু] *বিণ* ভাব বা কল্পনাবিলাসী; ভাবপ্রবণ; কল্পনাপ্রবণ বা প্রিয়; sentimental (কৃপালু, দয়ালু ইত্যাদির অনুকরণে গঠিত)। **-তা** *বি*। { *স.* ভাব+আলু (আলুচ্) }

ভাবি ⇒ ভাবী²

ভাবিক [ভাবিক্] *বিণ* ১ উদ্দীপক; প্রেরণাদায়ক। ২ প্রাকৃতিক; স্বাভাবিক। ৩ ভাবযুক্ত; ভাববিশিষ্ট। ৪ ভাবী; ভবিষ্যৎকালিক। { *স.* ভাব+ইক(ঠক্) }

ভাবিজি ⇒ ভাবীজান

ভাবিত [ভাবিতো] *বিণ* ১ চিন্তিত; চিন্তাগ্রস্ত। ২ উদ্বিগ্ন; উদ্বেগাকুল (ভাবিত হওয়া; মহাভাবিত হয়ে বসে আছেন—*অঠা*)। ৩ ঘটিত। ৪ পবিত্রীকৃত। ৫ বাসিত; যুক্ত। { *স.* √ভূ+ণিচ্(=√ভাবি)+ত(ক্ত) }

ভাবিনী¹ [ভাবিনি] *বি* ১ ভাবময়ী নারী; হাবভাববিশিষ্টা নারী (বিবহার্থী ব্রাহ্মণকুমাররাও ভাবিনী ভার্যার অদর্শনবার্তা শ্রবণগোচর করিয়া ম্লান বদনে তথায় উপস্থিত হইল—*ঈবি*)। ২ প্রেমিকা। { *স.* √ভূ+ইন(ইনি)+ঈ(ঙীপ্) }

ভাবিনী² ⇒ ভাবী¹

ভাবী¹ (-বিন্) [ভাবি] *বিণ* ১ ভবিষ্যৎ; আগামী (ভাবী কাল; নিশীথের গর্ভে ভাবী ঊষার ন্যায়—*রঠা*)। ২ হবু; ভবিষ্যতে হবে এমন (ভাবী ভগ্নিপতি)। **ভাবিনী** *স্ত্রী.*। { *স.* √ভূ+ইন(ইনি) }

ভাবী², **ভাবি** [ভাবি] *বি* বড় ভাইয়ের স্ত্রী; ভ্রাতৃজায়া; বৌদি। { *হি* ভাবী }

ভাবীজান, ভাবিজি, ভাবিজী [ভাবিজান, -জি, -] *বি* সম্মানিতা ভ্রাতৃবধূ (সময় কাটবে বলে ভাবিজীর কাছ হতে দু'চারটে বই আর মাসিকপত্র এনেছি—*নই*)। { *হি* ভাবীজী }

ভাবুক [ভাবুক্] *বিণ* ১ চিন্তা করে বোঝার ক্ষমতা আছে এমন; চিন্তাশীল। ২ কল্পনাপ্রবণ; ভাবপ্রবণ। **-তা** *বি*। { *স.* √ভূ+উক(উকঞ্) }

ভাবুনে [ভাবুনে] *বিণ* ১ যে সাজগোজ করতে খুব ভালোবাসে এমন; প্রসাধনপ্রিয় (ঢের দেখেছি, তোর মত এমন ভাবুনে দেখিনি—*রঠা*)। ২ রঙ্গরসপ্রিয়; কৌতুকপ্রিয়। ৩ কপটতাপ্রিয়; ভাবগোপনকারী। **ভাবুনী** *স্ত্রী.*। { *স.* ভাবন+*বা.* ইয়া>এ }

ভাবোচ্ছ্বাস, ভাবোদয়, ভাবোদ্দীপক, ভাবোদ্দীপন, ভাবোন্মত্ত, ভাবোন্মাদ, ভাবোন্মেষ ⇒ ভাব

ভাব্য [ভাব্‌বো] *বিণ* ১ অবশ্যম্ভাবী; ভবিতব্য; অনিবার্য। ২ চিন্তনীয়; ভাবনাযোগ্য। ৩ সাধ্য; নিষ্পাদ্য। { *স.* √ভূ+য(ণ্যৎ) }

ভাব্যমান [ভাব্‌বোমান্] *বিণ* ক্ষমতাবান (দেখি এ ভাব্যমান, কাছে ছিল হনুমান—*গচ*)। { *স.* √ভূ+য(ণ্যৎ)+মান(শানচ্) }

ভাম [ভাম্] *বি* ১ খাটাশজাতীয় জন্তু, এক ধরনের বনবিড়াল। ২ দীপ্তি। ৩ কিরণ। ৪ কোপ (মানিনী ভামিনী কি হে ভামের গুমরে পাখরূপ ঘোমটায় ঢেকেছে বদনে—*মদ*)। { *স.* √ভাম্+অ(ঘঞ্) }

ভামিনী, ভামী [ভামিনি] *বি* *স্ত্রী.* কোপনস্বভাবা স্ত্রীলোক; কোপনা নারী। ২ নারী (অনেক ভামিনী রূপের গৌরবে পা মাটিতে দেন না—*বচ*)। { *স.* √ভাম্ (ক্রুদ্ধ অর্থে)+ইন(ণিনি)+ঈ(ঙীপ্) }

ভামুর [ভামুর্] *বিণ* বাঁকা (সেই কেমন দুই হাতে ভামুর করে আনা—*অচিসে*)। { ভাঁজ> }

ভায়¹ [ভায়্] *ক্রি* ১ (*পদ্য.*) দীপ্ত হয় বা প্রকাশ পায়; শোভা পায় (তাহার রূপের ভায় তারা ত ফুটেনি হায়—*সদ*)। ২ (*পদ্য.*) ভালো লাগে (কাজল কাল চোখের কোণে ঈষৎ হাসি ভায়—*সদ*)। □ *বি* দীপ্তি; প্রভা; উজ্জ্বলতা; শোভা (তাহার রূপের ভায় তারা ত ফুটেনি হায়—*সদ*)। { *স.* √ভাস্> }

ভায়² [ভায়্] *বি* ভাব; পদ্ধতি; ক্রম (ভায়ে ভায়ে)। { *স.* ভাগ>*প্রা.* ভাঅ>ভায় }

ভায়রা, ভায়রা-ভাই [ভায়্‌রা, -ভাই] *বি* স্ত্রীর ভগ্নিপতি;

শ্যালিকার স্বামী। □ *বিণ* সমধর্মী, সমগুণসম্পন্ন; ভ্রাতৃতুল্য (এই গুর্খা আর তাদের ভায়রা ভাই গাড়োয়াল এই দুটো জাতই যুদ্ধের সময় কি রকম ভীষণ হয়ে উঠে—*নই*)। {*স.* ভ্রাতৃ>*প্রা.* ভায়র+*বা.* আ, +ভাই}

ভায়া [ভায়া] *বি* ভাই; ভ্রাতৃসদৃশ ব্যক্তি। {*স.* ভ্রাতা>}

ভায়াদ [ভায়াদ্] *বি* ভ্রাতৃ; দায়াদ; জ্ঞাতি ভ্রাতা; সম্পত্তির অংশ-ভাগী উত্তরাধিকারী। **ভায়াদি** *বিণ* জ্ঞাতিসম্বন্ধীয়। {*স.* ভ্রাতৃ+দায়াদ>}

ভার [ভার] *বি* ১ ওজন (গুরুভার)। ২ বোঝা (ভারবাহক)। ৩ উদ্বেগ; উৎকণ্ঠা; চাপ (ঋণের ভার, বেদনার ভার)। ৪ দায়িত্ব; দায় (ভারপ্রাপ্ত কর্মচারী)। ৫ পুঞ্জ; সমূহ; রাশি (কুসুমভার, কেশভার)। ৬ ভারযষ্টি; বাঁক (খেজুর রসের ভার কাঁধে ছিল তার)। ৭ ভারী বোঝাবিশিষ্ট; অধিক ওজনযুক্ত (বইগুলো বড্ড ভার মনে হচ্ছে)। ৮ রুগ্ণ; অসুস্থ। □ *বিণ* ১ দুঃসহ; দুর্বহ (জীবন ভার হয়ে উঠেছে)। ২ অপ্রসন্ন; বেজার (মুখ ভার করে থাকা)। ৩ রুগণ; অসুস্থ (শরীরটা ভার ভার লাগা)। ৪ দুঃসাধ্য; কঠিন (সংসার চালানো ভার, তাকে চেনা ভার)। **–কেন্দ্র** *বি (পদার্থ.)* বস্তুর ভারের মধ্যবিন্দু; centre of gravity। **–গ্রস্ত** *বিণ* ভারাক্রান্ত (এই ভারগ্রস্ত ভাঙা সংসারটিকে চালাইবার—*রঠা*)। **–বাহ, –বাহক, –বাহী** *বিণ, বি* যে বোঝা বহন করে; বোঝা বহনকারী; ভারী। **–যষ্টি** *বি* ভার বহনের বাঁক। **–সহ** *বিণ* ভার সইতে পারে এমন। **–সাম্য** *বি* দুই দিকের ভারের সমতামূলক সামঞ্জস্য; balance। **–হীন** *বিণ* হালকা; ওজনহীন। {*স.* √ভৃ+অ(ঘঞ্)}

ভারই ⇒ ভারুই

ভারত [ভারোত্] *বি* ১ ভারতবর্ষ, ভারত রাষ্ট্র। ২ ভরতের সন্তান। ৩ বেদব্যাস রচিত ভরত বংশচরিতমূলক কাব্য মহাভারত। □ *বিণ* ভরতবংশীয়। **–বর্ষ** *বি* ১ ভারত মহাসাগরের উত্তরে হিমালয়ের দক্ষিণস্থ দেশ—বর্তমান ভারত বা ইন্ডিয়া। ২ ব্রিটিশ শাসন আমলের অবিভক্ত ভারত, অর্থাৎ বর্তমান ভারত, পাকিস্তান, বাংলাদেশ, শ্রীলঙ্কা প্রভৃতি দেশ। □ *বিণ* ভারতবর্ষীয়। **–বাসী** (-সিন্) *বিণ, বি* ভারত রাষ্ট্রের বা ভারতবর্ষের অধিবাসী। **– মহাসাগর** *বি* ভারতের দক্ষিণে অবস্থিত সমুদ্র; Indian Ocean। **ভারতীয়, –বর্ষীয়** *বিণ* ১ ভারতের অধিবাসী। ২ ভারতে উৎপন্ন। ৩ ভারতবর্ষ সম্বন্ধীয়। {*স.* ভরত+অ(অণ্)}

ভারতী [ভারোতি] *বি* ১ হিন্দুর বিদ্যাদেবী সরস্বতী। ২ বাণী; কথা; বাক্য। ৩ সন্ন্যাসীর উপাধিবিশেষ। ৪ খবর; সংবাদ (লহনা লোকের মুখে শুনিল ভারতী—*কমু*)। {*স.* ভারত+ঈ(ঙীপ্)}

ভারতীয় ⇒ ভারত

ভারদ্বাজ [ভারোদ্দাজ্] *বি* ১ দ্রোণাচার্য। ২ ভরত পাখি। □ *বিণ* ভরদ্বাজবংশীয়। {*স.* ভরদ্বাজ+অ(অণ্)}

ভারবাহ, ভারবাহক, ভারবাহী ⇒ ভার

ভারভুর ⇒ ভুরিভুরি

ভারমুখ [ভারমুখ্] *বি* তিক্তস্বাদযুক্ত মদবিশেষ (সোমনাথ বললেন আমার জন্য পেগ নয় ভারমুখ—*প্রসন্ন*)। {*ই* vermouth}

ভারা [ভারা] *বি* উচ্চস্থানে বসে কাজ করার মাচা বাঁশ কাঠ ইত্যাদি দিয়ে নির্মিত মঞ্চবিশেষ। **– –** *বি* বোঝা বোঝা; বহু ভারা পরিমাণ (রাশি রাশি ভারা ভারা ধান কাটা হল সারা—*রঠা*)। {*স.* √ভৃ+অ(ঘঞ্)+*বা.* আ}

ভারাক্রান্ত [ভারাক্‌ক্রান্‌তো] *বিণ* ১ ভারগ্রস্ত। ২ চিন্তা বা দুঃখের ভারে বিপর্যস্ত (ভারাক্রান্ত চিত্তে, মনটা হয়ে উঠে অকারণে ভারাক্রান্ত—*নীই*)। {*স.* ভার+আক্রান্ত; ৩তৎ}

ভারার্পণ [ভারারপোন্] *বি* ভার বা দায়িত্ব দান। **ভারার্পিত** *বিণ* ভারপ্রাপ্ত। {*স.* ভার+অর্পণ}

ভারালো [ভারালো] *বি* ভারী (ধারালো পায়ের খেলা ভারালো বলের মুখে—*বিদে*)। {*স.* ভার+*বা.* আলো}

ভারি[1], **ভারী** [ভারি] *বিণ* খুব; অত্যন্ত; অতিশয়; অত্যধিক (ভারি আশ্চর্য; ভারি সুন্দর)। {*স.* ভার+*বা.* ই, ঈ}

ভারিক [ভারিক্] *বিণ* ভারবাহক; ভারী। {*স.* ভার+ইক(ঠক)}

ভারিক্কি, ভারিক্কী, ভারিক্কে [ভারিক্‌কি, –, –কে] *বিণ* গাম্ভীর্যপূর্ণ; রাশভারী; গম্ভীরপ্রকৃতি (ভারিক্কী উপযুক্ত সাজগোজ—*মুচৌ*)। **ভারিক্কি-ভরা** *বিণ* গম্ভীর প্রকৃতি-বিশিষ্ট (ভুঁড়িটা মোটা হয়, চালচলন ভারিক্কী ভরা—*সৈমু*)। {*স.* ভারিক+*বা.* কি/ইয়া>ভারিক্কি/–ক্কে}

ভারিভুরি, ভারভুর [ভারিভুরি, ভারভুর্] *বি* ১ জাঁক; সমারোহ; আড়ম্বর (তব ভারিভুরি ভাঙ্গিব মুরারি—*চদ*)। ২ দম্ভ; অহঙ্কার। {*স.* ভার+*বা.* ই+ *অনু.* ভুরি}

ভারী[1] ⇒ ভারি

ভারী[2] (–রিন্) [ভারি] *বিণ* ১ অতিরিক্ত ওজনের গুরুভার; বেশি ভারযুক্ত। ২ দায়িত্বপূর্ণ। কর্তব্যভারযুক্ত (ভারী কাজ)। ৩ ভার বহন করে এমন (ভারী ভার নামাইয়া ঘাম মুছিতে লাগিল—*ইহো*)। {*স.* ভার+ইন্(ইনি)}

ভারুই, ভারই [ভারুই, –রো–] *বি* ভরতপক্ষী। {*স.* ভরদ্বাজ>}

ভার্নাকুলার [ভার্‌নাকুলার্] *বি* দেশীয় বা স্থানীয় ভাষা (গণমনের এই রুদ্ধ ও অতৃপ্ত আকাঙ্ক্ষা ভার্নাকুলারে লোকগাথায় কাহিনীতে তৃপ্তি খুঁজেছিল—*আম*)। {*ই* vernacular}

ভার্যা [ভারজা] *বি* পত্নী; স্ত্রী। **–নী** *বি স্ত্রী.* (যাকে স্বামী দয়া করে সেই যে ভার্যানী—*সৈআ*)। {*স.* √ভৃ+য(ণ্যৎ)+আ(টাপ্)}

ভাল[1] [ভাল্] *বি* ১ ললাট; কপাল। ২ ভাগ্য; অদৃষ্ট। {*স.* ভা+√লা+অ(ক)}

ভালকে বাঁশ [ভাল্‌কে বাঁশ্] *বি* এক প্রকার বাঁশ (এই যে লাঠি ভালকে বাঁশের আমার বাপের বাবার হাতের—*জউ*)। {ভালুকের প্রিয় বাঁশ?}

ভালা [ভালা] *বিণ* ভালো (সুগন্ধ তাম্বুল ভালা চম্পক চৌছর মালা—*কাদৌ*)। {ভাল[2]+আ}

ভালাই [ভালাই] *বি* কল্যাণ; মঙ্গল; হিত (ভালাই করিলে ভাল হয় আলবত—*সৈহা*)। {*হি.* ভালাই}

ভালাবুরা [ভালাবুরা] *বি* ভালোমন্দ। {*হি* ভালাবুরা}

ভালি, ভালী *(মবা.)* [ভালি] *বিণ* ভালো (সে নাগরী ভালী—*বচ*)। {ভাল[2]+ই}

ভালুক, ভালূক, ভাল্লুক ⇒ ভল্লুক

ভালে [ভালে] *ক্রিবিণ* কপালে; ভাগ্যে; সৌভাগ্যক্রমে

(ভালে সে না পাইল মোরে—*গোরক্ষ বিজয়*)। {*স.* ভাল[১]+*বা.* এ}

ভালো, ভাল[২] [ভালো] *বিণ* ১ উত্তম (ভালো খাবার)। ২ হিতকর; কল্যাণকর (ভালো ঔষধ)। ৩ সৎ (ভালো লোক)। ৪ নিরীহ; গো-বেচারা (ভালো মানুষ)। ৫ শোভন; উচিত (ভালো দেখায় না)। ৬ পটু; দক্ষ (ভালো কারিগর)। ☐*বি* মঙ্গল; কল্যাণ; উপকার (পরের ভালো দেখতে পারে না; তোমার ভালো হোক)। ☐ *অব্য* আচ্ছা; বেশ (ভালো, তাই হোক; রোস মনে করি কি, কথা হচ্ছিল ভাল, বল না হে মন্ত্রী—*অঠা*)। ~ **আপদ, ~ জ্বালা** *অব্য* কষ্ট, বিরক্তি, অসুবিধা ইত্যাদি ব্যঞ্জক বাক্যাংশ। ~ **কথা** *বি* হিতকথা; উত্তম উপদেশ। ☐ *অব্য* ভাগ্যক্রমে বা হঠাৎ স্মরণে আসার ভাবব্যঞ্জক (ভালো কথা, তোমার বাড়ি তৈরির কি হলো ?)। ~ **করা** *ক্রি* ১ উপকার করা। ২ চিকিৎসা করে রোগ মুক্ত করা। ~ **থাকা** *ক্রি* ১ সুস্থ থাকা। ২ মনের সুখে থাকা। ~ **দেখানো** *ক্রি* সুন্দর দেখানো। ~ **মনে** *ক্রি, বিণ* সরল মনে; প্রসন্ন চিত্তে। ~**মন্দ** *বি* কল্যাণ-অকল্যাণ; শুভাশুভ; মঙ্গল-অমঙ্গল। ~**রে** ~ *অব্য* বিরক্তি বা অসন্তোষসূচক উক্তি : মজা মন্দ নয় ইত্যাদি অর্থবোধক। ~ **লাগা** *ক্রি* ১ সুস্বাদু বোধ হওয়া। ২ সুস্থ বোধ হওয়া; উপভোগ্য হওয়া। ~ **হওয়া** *ক্রি* ১ রোগমুক্ত হওয়া। ২ অসৎ পথ ছেড়ে সৎপথে চলা; খারাপ থেকে ভালো হওয়া। ~**য় ~য়** *অব্য* নিরাপদে (এখন ভালোয় ভালোয় ফিরে এসো এই দোয়া করি)। ~**র নিকুচি করা** *ক্রি* ১ ভালোর দফা রফা করা। ২ বিরক্তি প্রকাশক শপথ-বাক্য হিসেবে উচ্চারণ করা। **মন্দের** ~ *বিণ* নানারূপ অমঙ্গলের মধ্যে অপেক্ষাকৃত কম অমঙ্গলজনক। {*স.* ভদ্র>*প্রা.* ভল্ল>*বা.* ভালো}

ভালোবাসা [ভালোবাশা] *ক্রি* ১ কারো প্রতি অনুরক্ত হয়ে প্রীতিযুক্ত বা আসক্ত হওয়া। ২ পছন্দ করা (আমি কবিতা পড়তে ভালবাসি)। ৩ শ্রদ্ধা করা; ভক্তি করা। ☐*বি* ১ প্রেম; অনুরাগ; আসক্তি। ২ বন্ধুত্ব। ৩ শ্রদ্ধা; ভক্তি। ৪ স্নেহ; প্রীতি। ৫ পছন্দ; টান। {*বা.* ভালো+ *স.* বাসনা>*বা.* বাসা}

ভালোমানছত [ভালোমানছত] *বি* ভেট; উপহার; সম্মানী (খানাপিনা ও ভালমানছত অর্থাৎ নজরানার ব্যবস্থা করেছে')। {*তুল.* ভালমানুষি>}

ভালোমানুষি [ভালোমানুশি] *বি* ঘুষ। {ভালোমানুষ+ই}

ভাশুর, ভাসুর [ভাশুর] *বি* স্বামীর বড় ভাই (ভিখারীকে একটি পয়সা দিতে ভাসুর ও ভাদ্রবৌ সকলেই নারাজ —*জীদা*)। ~**-ঝি** *বি* ভাশুরের মেয়ে। ~**-পো** *বি* ভাশুরের ছেলে। ~ **ভাদ্রবৌ সম্পর্ক** ১ দুজনের মধ্যে বিশেষ কোনো কারণে কথাবার্তা বন্ধ থাকা সম্পর্কে বলা হয় (হিন্দু সমাজে কনিষ্ঠ ভ্রাতার স্ত্রীর ভাশুরের ছায়াও মাড়াইতে নাই)। ২ (*আল.*) শত্রু সম্পর্ক থাকার জন্য পরস্পরের ছায়া না মাড়ানো। {*স.* ভ্রাতৃশ্বশুর>}

ভাষণ, ভাষ [ভাশোন্, ভাশ্] *বি* ১ উক্তি; বাক্য; বচন। ২ বিবৃতি; বক্তৃতা (সভাপতির ভাষণ)। ৩ টীকা; ভাষ্য। ৪ ধারা (কাজের ভাষ—*বচ*)। ৫ শ্রদ্ধা (সেতো ভাষা নাহি তোরে—*বচ*)। **ভাষক** *বিণ* বক্তা; কথক। **ভাষিকা** *স্ত্রী*। **ভাষিক** *বিণ* ভাষা-সম্পর্কীয়। {*স.* √ভাষ+ অন(ল্যুট্), √ভাষ্>}

ভাষা [ভাশা] *বি* ১ ভাবপ্রকাশক উক্তি বা সংকেত (বোবার ভাষা, চোখের ভাষা, পাখির ভাষা)। ২ নির্দিষ্ট কোনো দেশ বা অঞ্চলের অধিবাসীদের বা কোনো জাতি বা সম্প্রদায়ের মনের ভাব প্রকাশ করতে ব্যবহৃত শব্দাবলি ও তার প্রয়োগ-কৌশল (ইংরেজি ভাষা, বাংলা ভাষা, ঢাকার ভাষা)। ৩ নিজস্ব ভাব প্রকাশের রীতি (প্রমথ চৌধুরীর ভাষা)। ৪ উক্তি; কথা (ভাষা শুনে গা জ্বলে)। ৫ সংস্কৃত ভিন্ন অন্যান্য কথিত বা চলতি বাংলা হিন্দি প্রভৃতি ভাষা (প্রেমদাস রচিল ভাষায়)। ৬ প্রকাশ (ওরে সুখেই দুখ দুখেই সুখ ডাকের কথা আছে ভাষা—*রায়*)। ~**জ্ঞান** *বি* ভাষা সম্বন্ধে দক্ষতা বা পাণ্ডিত্য; ভাষা সম্বন্ধে জ্ঞান। ~**তত্ত্ব** *বি* ভাষার উৎপত্তি, বিবর্তন প্রভৃতি সংক্রান্ত বিজ্ঞান। ~**তত্ত্বজ্ঞ,** ~**তত্ত্ববিদ** *বিণ, বি* ভাষা-বিজ্ঞানী। ~**তীত** *বিণ* ভাষা দ্বারা বর্ণনা বা প্রকাশ করা যায় না এমন; অবর্ণনীয়; অনির্বচনীয় (ভাষার মধ্যে তলিয়ে গিয়ে খুঁজিনে তাই ভাষাতীত—*রঠা*)। ~**ন্তর** *বি* অনুবাদ; তর্জমা। ~**ন্তরিক** *বি* দোভাষী; interpreter। ~**ন্তরিত** *বিণ* অনূদিত; অনুবাদিত। ~**ভাষী(-ষিন্)** *বিণ* কোনো একটি ভাষা বলে এমন; কোনো একটি ভাষা ব্যবহারকারী। {*স.* √ভাষ্+অ+ আ(টাপ্)}

ভাষক, ভাষিক, ভাষিকা, ভাষিত ⇒ ভাষ

ভাষী(-ষিন্) [ভাশি] *বিণ* ভাষা ব্যবহারকারী; বলে এমন; ভাষক; কথক (মৃদুভাষী, বাংলাভাষী)। **ভাষিণী** *স্ত্রী*। {*স.* ভাষা+ইন(ণিনি)}

ভাষ্য [ভাশ্শো] *বি* ব্যাখ্যা; সূত্রের ব্যাখ্যা বা ব্যাখ্যাপুস্তক (কুরআনের ভাষ্য)। ☐*বিণ* কথনীয়। ~**কার** *বিণ, বি* ব্যাখ্যাকারী; টীকাকার। {*স.* √ভাষ্+য(ণ্যৎ)}

ভাস[১] [ভাশ্] *বি* ১ দীপ্তি; প্রভা (নখ ইন্দু ভাসে দূরে গেল অন্ধকার—*কমু*)। ২ শোভা; কান্তি। ৩ ভাস নামক প্রাচীন সংস্কৃত নাট্যকার। ~**ন্ত** *বিণ* ভাসছে এমন; ভাসমান; ভাসা-ভাসা (ভাসন্ত দুটি চোখ)। ☐*বি* ১ সূর্য। ২ চন্দ্র। ~**মান** *বিণ* ১ শোভমান; শোভাযুক্ত; দীপ্তিমান। ২ ভাসছে এমন। {*স.* √ভাস্+অ(ঘঞ)}

ভাস[২] [ভাশ্] *বি* ১ শকুন। ২ পানকৌড়ি। ৩ মোরগ; কুক্কুট। {*স.* √ভাস্+অ(ঘঞ)}

ভাসসি [ভাশ্শি] *বি* শৃঙ্খলা; সুশৃঙ্খলা (কাজের ভাসসি নাই—*রাপ*)। {*স.* ভাষ্য>ভাস্স+ই}

ভাসা [ভাশা] *ক্রি* ১ পানির উপর ভর করে থাকা (পানিতে নৌকা ভাসে)। ২ বায়ুস্তরের উপরে অবস্থিত হওয়া (আকাশে মেঘ ভাসে)। ৩ না ডোবা (কাগজ পানিতে ভাসে)। ৪ উদিত হওয়া; মনেপড়া (মনে ভেসে ওঠা)। ৫ প্লাবিত হওয়া (বন্যায় গ্রামখানি ভেসে গেছে, চোখের পানিতে তাহার বুক ভেসে গেল)। ☐*বি* উক্ত সব অর্থে। ☐*বিণ* ১ প্লাবিত। ২ ভাসন্ত; ভাসমান। ~-~ *বিণ* ১ অগভীর; অতি অল্প; যৎসামান্য (তার ইংরেজি জ্ঞান ভাসা-ভাসা)। ২ ডোবা নয় এমন; কোটরগত নয়; ঢল ঢল (ভাসাভাসা চোখ)। {*স.* √ভাস্+*বা.* আ}

ভাসান [ভাশান্] *বি* ১ পানিতে বিসর্জন। ২ বেহুলা প্রভৃতির বিষয় অবলম্বনে রচিত লোকগীতিকা; বেহুলার স্বামী সাপে কাটা লখিন্দরকে জলে ভাসিয়ে দেওয়া সংক্রান্ত কিংবদন্তী (ভাসানের গান শুনে কতবার ঘর আর খড় গেল ভেসে—*জীদা*)। {√ভাসা+আন}

ভাসানো [ভাশানো] *ক্রি* ১ ভাসতে দেওয়া (নৌকা ভাসানো)।২ ডুবিয়ে দেওয়া।৩ প্লাবিত করা (কেঁদে বুক ভাসানো)। {√ভাসা+আনো; ক্রিয়ারূপ—ভাসাই, ভাসাও, ভাসান, ভাসায়; *অক্রি*—ভাসিয়ে, ভাসাতে, ভাসালে ইত্যাদি}

ভাসুর¹ ⇒ ভাশুর

ভাসুর² [ভাশুর্] *বি* আভাময়; দীপ্তিযুক্ত; স্ফটিক। {*স.* √ভাস্+উর(ঘুরচ)}

ভাসুরক [ভাশুরক্] *বি* ভাশুর (এ কোন ভাসুরক এসে উপস্থিত হল হে—*অঠা*)। {*স.* ভ্রাতৃশ্বশুর>}

ভাসুর-ঝি ⇒ ভাশুর-ঝি

ভাসুর-পো ⇒ ভাশুর-পো

ভাস্কর [ভাশ্‌কর্] *বি* ১ দিবাকর; সূর্য। ২ অগ্নি। ৩ প্রস্তরাদি থেকে যে মূর্তি ইত্যাদি নির্মাণ করে; sculptor (শত ভাস্কর রচে বুদ্ধের শত জনমের রূপ—*সদ*)। **ভাস্করাচার্য** *বি* দ্বাদশ শতাব্দীর বিখ্যাত ভারতীয় গাণিতিক ও জ্যোতিষী। **ভাস্কর্য** *বি* ভাস্কর শিল্প; প্রস্তরাদি খোদাই করে বা তা দিয়ে মূর্তি নির্মাণের কাজ; sculpture। {*স.* ভাস্+√কৃ+অ(ট)}

ভাস্বতী ⇒ ভাস্বর

ভাস্বর, ভাস্বান [ভাশ্‌শর্, -শান্] *বিণ* ১ দীপ্তিমান; দ্যুতিমান; আলোকিত; উজ্জ্বল (সূর্যের ভাস্বর শিখা শত—*জাআ*)। ২ তেজস্বী। **ভাস্বতী** *স্ত্রী*। {*স.* √ভাস্+বর(বরক্), বৎ(বতুপ্)}

ভিক ⇒ ভিখ

ভিক্টোরিয়া ক্রস [ভিক্টোরিয়া ক্রোস্] *বি* ইংরেজ রাজত্বকালে যুদ্ধে বীরত্ব ও সাহসিকতার পরিচয় দানের জন্য প্রদত্ত পদকবিশেষ (আমাদের মধ্যে ভিক্টোরিয়া ক্রস প্রভৃতি পুরস্কার দেওয়া হল—*নই*)। {*ই.* Victoria Cross}

ভিক্ষা [ভিক্‌খা] *বি* ১ যাচ্ঞা; প্রার্থনা (আমি যখন তাঁর দুয়ারে ভিক্ষা নিতে যাই—*রঠা*)। ২ দান; দাতার অনুগ্রহে লভ্য বস্তু। ~**চর্যা**, ~**বৃত্তি** *বি* ভিক্ষুকের পেশা। ~**জীবী** (-বিন্) *বি,বিণ* ভিক্ষুক; ভিক্ষা বৃত্তিতে জীবিকানির্বাহ করে এমন। ~**জীবিনী**, **ভিক্ষোপজীবিনী** *বিণ স্ত্রী*। ~**ন্ন** *বি* ভিক্ষালব্ধ অন্ন বা খাদ্য বস্তু। ~**পাত্র**, ~**ভাণ্ড** *বি* ভিক্ষা দ্বারা প্রাপ্ত বস্তু রাখার আধার। ~**পুত্র** *বি* যে ব্রাহ্মণকুমার উপনয়নকালে কোন নারীর নিকট ভিক্ষা নিয়ে তাকে মা বলে গ্রহণ করে। ~**মা** *বি* ব্রাহ্মণের উপনয়নের সময়ে যে নারীর নিকট ভিক্ষা নিয়ে তাকে মা বলে গ্রহণ করা হয়। ~**র্থী** *বিণ* ভিক্ষা চায় এমন; ভিক্ষুক; যাচক। ~**র্থিনী** *স্ত্রী*। **ভিক্ষিত** *বিণ* যাচিত; প্রার্থিত; ভিক্ষালব্ধ। {*স.* √ভিক্ষ্+অ+আ(টাপ্)}

ভিক্ষু [ভিক্‌খু] *বি* ১ চতুর্থাশ্রমী সন্ন্যাসী; শ্রমণ। ২ ভিখারি। ৩ পরিব্রাজক। ~**ণী** *স্ত্রী*। ~**তা** *বি* ভিক্ষুধর্ম; সংসার বাসনা ত্যাগ। {*স.* √ভিক্ষ্+উ}

ভিক্ষুক [ভিক্‌খুক্] *বিণ,বি* ১ ভিখারি; অন্নের জন্য যে অপরের উপর নির্ভর করে। ২ ভিক্ষাপ্রার্থী; প্রার্থী। **ভিক্ষুকাশ্রম** *বি* সন্ন্যাসাশ্রম। {*স.* ভিক্ষু+ক(কন্)}

ভিখ, ভিক [ভিখ্, -ক্] *বি* ভিক্ষা; দান (নেয়নি মাগিয়া ভিক—*নই*)। {*স.* ভিক্ষা>}

ভিখারি, ভিখিরি [ভিখারি, -খি-] *বিণ,বি* ভিক্ষাজীবী; ভিক্ষুক; প্রার্থী। **ভিখারিনী** *স্ত্রী*। ~ **বিদায়** *বি* ভিক্ষুককে দান-খয়রাত দিয়ে বিদায় করার কাজ (কোন রবিবারেই ভিখারী-বিদায় ব্যাপারটা বিনা গোলমালে নিষ্পন্ন হয় না—*বিব*)। {*স.* ভিক্ষাকারী>}

ভিজন [ভিজন্] *বি* সিক্তকরণ। {*স.* অভ্যঞ্জন> *বা* √ভিজ্+আ}

ভিজা¹, **ভিজে, ভেজা**¹ [ভিজা, -জে, ভেজা] *ক্রি* ১ সিক্ত বা আর্দ্র হওয়া (বৃষ্টিতে ভিজে যাওয়া, ঘামে ভেজা)। ২ নরম বা দয়ার্দ্র বা করুণাপরবশ হওয়া (মন ভেজা)। □ *বিণ* ১ পানিতে সিক্ত বা বাষ্পযুক্ত; আর্দ্র (ভিজাবায়ু বয়—*মোম*)। ২ সিক্ত (ঘামে ভেজা জামা)। ~ **জুলজুল** *বি* বৃষ্টিতে বা ঘামে ভিজে জড়সড় অবস্থা (সুন্দরীর বনে বাঘ ভিজে জুলজুল—*জীদা*)। ~ **বিড়াল**, ~ **বেড়াল** *বি* (*আল.*) দেখতে জলে ভিজা অবস্থায় বিড়ালের মতো হলেও প্রকৃতপক্ষে অনিষ্টকারী দুষ্ট লোক; হিংস্র প্রকৃতিযুক্ত কুমতলববাজ (অমন একটি হিংসুটে ভিজে বেড়াল আমরা আরি দেখি নাই—*সুবি*)। ~ **ভাতে দই** যে জিনিস খেতে বিস্বাদ; মুখরোচক নয়। {*স.* অভ্যঞ্জন> √ভিজ্+আ}

ভিজানো, ভেজানো [ভিজানো, ভে-] *ক্রি* ১ পানিতে ডুবিয়ে রাখা। ২ সিক্ত করা। {ভিজা+আনো; ক্রিয়ারূপ—ভিজাই, ভেজাই, ভিজাও, ভেজাও, ভেজায়, ভিজায়, ভেজান, ভিজান; *অক্রি*—ভিজিয়ে, ভিজালে, ভিজাতে ইত্যাদি}

ভিজিট [ভিজিট্] *বি* চিকিৎসককে প্রদেয় দর্শনী; ফি (ডাক্তারের পারিশ্রমিক ভিজিট লাগে না—*হাই*)। {*ই* visit}

ভিজিটর [ভিজিটর্] *বি* ১ সাক্ষাৎপ্রার্থী (অফিসে আজ না আসতে পারলে কয়েকটা ভিজিটর ফিরে যাবে—*সৈমু*)। ২ মেহমান; আগন্তুক। ৩ পরিদর্শক। {*ই* visitor}

ভিট [ভিট্] *বি* ১ ভিটা। ২ মেটে ঘরের মেঝে। **ভিটায় ঘুঘু চরানো** ⇒ ভিটা। {*স.* ভিত্তি>ভিত}

ভিটকিলামি, ভিটকিলিমি [ভিট্‌কিলামি, -লি-] *বি* ভণ্ডামি; বিটলামি। {বিটকেল+আমি}

ভিটরে [ভিট্‌রে] *বিণ* ধড়িবাজ; দুষ্ট (লাফিয়ে ডিঙনু দেয়াল দেখি এক ভিটরে শেয়াল—*নই*)। {বিটকেলে>}

ভিটা, ভিটি, ভিটে [ভিটা, ভিটি, -টে] *বি* ১ পৈতৃক বাস্তুভূমি; জমিন থেকে অপেক্ষাকৃত উঁচু করে প্রস্তুত যে ভূমিতে বাসগৃহ নির্মিত হয়। ২ ঘরের ভিত্ত; পোতা। ~ **কামড়ে পড়ে থাকা** *ক্রি* প্রতিকূল অবস্থায়ও বাস্তুভূমি কিছুতেই ত্যাগ না করা (সকল অত্যাচার সহ্য করে সে ভিটে কামড়ে পড়ে আছে)। ~**মাটি** *বি* বাস্তুভিটা। ~**মাটি উৎসন্ন করা** *ক্রি* বাস্তুভিটা উচ্ছেদ করা; সমূলে ধ্বংস করা; বাস ত্যাগ করানো। ~**মাটি চাটি করা** *ক্রি* বাসগৃহ একেবারে ধ্বংস করা; বাস্তুভিটের মাটি পর্যন্ত লোপ করে

সমভূমি করা। ~য় ঘুঘু চরানো বা সরিষা বোনা *ক্রি* *(আল.)* সর্বস্বান্ত বা উৎসন্ন করা; উচ্ছেদ সাধন বা সর্বনাশ করা। { *স.* ভিত্তি>ভিট্টি>ভিটি>ভিটা}

ভিটামিন [ভিটামিন্] *বি* খাদ্যপ্রাণ; খাদ্যমধ্যস্থ জীবনীশক্তি বর্ধক উপাদান। { *ই.* vitamin}

ভিটি, ভিটে ⇒ ভিটা

ভিড় [ভিড়্] *বি* ১ বহুলোকের বিশৃঙ্খলভাবে একত্র সমাবেশ; নিবিড় লোকসমাগম; জনতা (ভিড় জমিয়েছে)। ২ বহু ব্যাপারের একত্র সমাবেশ বা অবস্থিতি (কাজের ভিড়)। ~ভাড় *বি* অত্যধিক ভিড়। ~ **ভাঙা** *ক্রি* জনতা অতিক্রম করা (খেলার নেশায় ভিড় ভাঙো মাঠ চযে— *বিদে*)। ~ন *বি* দল; জামাত; সঙ্ঘ (যাহার ভিড়নে রহে যোল শত তাজি— *কমু*)। { *স.* মিল>}

ভিড়া, ভেড়া [ভিড়া, ভে-] *ক্রি* ১ লগ্ন হওয়া; নৌকা প্রভৃতি তীরে লাগা (কূলে ভেড়া)। ২ নিকটে আসা; ঘেঁষা (সে কাছেই ভেড়ে না)। ৩ মিলিত হওয়া (দলে ভেড়া)। ৪ দলে যোগ দেওয়া (মন্দ কাজে ভিড়ে যেয়ো না)। **ভিড়ানো, ভেড়ানো** *ক্রি* ১ লগ্ন করা (ঘাটে নৌকা ভিড়ানো)। ২ মিলিত করানো; মিশানো (দলে ভিড়ানো)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। { *তুল. হি.* ভিড়না}

ভিড়ি *(মবা.)* [ভিড়ি] *অক্রি* ঘিরে; বেষ্টন করে (বাহু ভিড়ি— *বচদা*)। { *স.* বেষ্টন>বেষ্ট>বেড়>ভিড়+ই}

ভিণ্ডিবাল [ভিন্‌ডিবাল্] *বি* গুরুভার দণ্ডাস্ত্রবিশেষ। { ভিন্দিপাল>}

ভিত [ভিত্] *বি* ১ ভিত্তি; বুনিয়াদ; গৃহের বা দেয়ালের যে অংশ মাটির নিচে থাকে; foundation (উন্নত চরিত্রের দ্বারাই তাঁরা সমাজের ভিতকে নাড়াতে পেরেছিলেন— *কাআমা*)। ২ ঘরের ভূমি থেকে মেঝে পর্যন্ত অংশ; plinth (তাহার ভিত পাকা— *সামসু*)। ৩ *(পদ্য.)* দিক; পাশ (চারিভিতে)। ৪ উন্নত ভূমি। ৫ তীর। { *স.* ভিত্তি>}

ভিতর, ভেতর [ভিতর্, ভে-] *বি* মধ্য; অভ্যন্তর (ঘরের ভিতর, মনের ভিতর, সপ্তাহের ভিতর)। □*বিণ* ভিতরের; অন্তর্বর্তী (ভিতরমহল, ভিতরদিক)। **ভিতর-বাড়ি, ভেতর-বাড়ি** *বি* অন্দর মহল; অন্তঃপুর। **ভিতর বাহির এক**— অকপট; মনে মুখে পার্থক্য নেই এমন। **ভিতর বুদে** *বিণ* যে মনের কথা খুলে বলে না; চাপা। **ভিতরে-ভিতরে** *অব্য* বাইরে রাষ্ট্র না করে; তলে-তলে; গোপনে। { *স.* অভ্যন্তর>}

ভিতাভিতি [ভিতাভিতি] *ক্রিবিণ* চারদিকে, নানাদিকে; দিকে দিকে (ভিতাভিতি যম পালাবার লাগিল— *মাগান*)। { *স.* ভিত+আ+ভিত+ই}

ভিতু, ভীতু [ভিতু] *বিণ* ১ সহজেই ভয় পায় এমন। ২ দুর্বল; কাপুরুষ; সাহসশূন্য। { *স.* ভীত+ *বা.* উ>}

ভিত্ত [ভিত্‌তো] *বি* টুকরা; খণ্ড। { *স.* √ভিদ্+ত(ক্ত)}

ভিত্তি [ভিত্‌তি] *বি* ১ ভিত; বুনিয়াদ (ভিত্তি স্থাপন)। ২ দেয়াল; প্রাচীর (ভিত্তিগাত্র)। ৩ মূল; হেতু; কারণ (ভিত্তিহীন)। ৪ খণ্ড; টুকরা। ~কা *বি* প্রাচীর; দেয়াল। ~**চোর** *বি* সিঁধেল চোর। ~**প্রস্তর** *বি* ১ বুনিয়াদের প্রথম প্রস্তরখণ্ড বা ইট। ২ ভিত্তি স্থাপনের স্মারক প্রস্তর ফলক; foundation stone। ~**ভূমি** *বি* যে জায়গাব্যাপী ভিত নির্মাণ করা হয়; পত্তন। ~**মূল** *বি* বুনিয়াদের যে অংশ মাটির তলায় থাকে; বুনিয়াদের গোড়া। ~**হীন** *বিণ* অমূলক; মিথ্যা (ভিত্তিহীন সংবাদ)। { *স.* √ভিদ্+তি(ক্তি)}

ভিদভিদে [ভিদ্‌ভিদে] *বিণ* ভাব গোপনকারী; অসরল। { ভিদভিদ+ইয়া>}

ভিদা [ভিদা] *ক্রি* ১ ছেদন করা; বিদীর্ণ করা; ভেদকরণ। ২ পৃথক করা। □*বি* উক্ত সকল অর্থে। { *স.* √ভিদ্ + *বা.* আ}

ভিদ্য [ভিদ্‌দো] *বিণ* ভেদযোগ্য; ভেদ করা যায় এমন। ~**মান** *বিণ* ভেদ বা বিদীর্ণ করা হচ্ছে এমন। { *স.* √ভিদ্+য(ক্যপ্)}

ভিন ⇒ ভিন্ন

ভিনদেশ [ভিন্‌দেশ্] *বি* বিদেশ; অন্যদেশ। **ভিনদেশি, ভিনদেশী** *বিণ* অন্যদেশি; বিদেশি (ভিনদেশী বুঝি এক বণিক কুমার— *নই*)। { *স.* √ভিদ্+ত(ক্ত)=ভিন্ন>ভিন+ *স.* √দিশ্+অ(ঘঞ্)=দেশ}

ভিনিগার [ভিনিগার্] *বি* সিরকা; টক তরল জিনিসবিশেষ (হেল ভিনিগার বেতলে শ্যাম্পেন ঈর্ষাবলে— *সদ*; একটা ছোট ভিনিগারের শিশি আছে— *সৈশা*)। { *ই.* vinegar}

ভিন্দিপাল [ভিন্‌দিপাল্] *বি* প্রাচীন কালে ব্যবহার্য নিক্ষেপযোগ্য এক প্রকার যুদ্ধাস্ত্র (ভিন্দিপাল, তূণ, শর, মুদ্গর, পরশু— *মদ*)। { *স.* ভিন্দৎ+√পালি+অ(অণ্)}

ভিন্ন, ভিন [ভিন্‌নো, ভিন্] *বিণ* ১ পৃথক; অন্য (ভিন্ন কথা; দু'একটি লোক ভিন গাঁয়ে যায়— *সদ*)। ২ স্বতন্ত্র; আলাদা (ভিন্ন ভাবে)। ৩ খণ্ডিত; বিদীর্ণ; ছিন্ন (ছিন্নভিন্ন)। ৪ বিচ্যুত; পৃথগ্ন (ভিন্ন হওয়া)। □*অব্য* ছাড়া; বিনা (আল্লাহ ভিন্ন সব অস্থায়ী)। □*বি* ভিন্নতা। **ভিন্নক্রম** *বি* ১ কাব্যদোষবিশেষ। ২ ক্রম বজায় রাখা হয়নি এমন। **ভিন্নতা, ভিন্নত্ব** *বি* আলাদা বা পৃথক করা বা হওয়ার ভাব। **ভিন্ন বর্ণ** *বি* ১ অন্য জাতি। ২ অন্য রং। **ভিন্ন বৃত্তি** *বি* আলাদা জীবিকা বা ব্যবসা। **ভিন্নভাষী** *(-ষিন্)* *বিণ* নিজের মাতৃভাষা ছাড়া অন্য ভাষায় ভাব প্রকাশ করে এমন ব্যক্তি (তোমারে সম্ভাষ করে ভিন্নভাষী আর এক কবি— *মোম*)। **ভিন্নমতাবলম্বী** (-ম্বিন্) *বিণ* বিরুদ্ধ মত পোষণকারী। ২ পৃথক সংস্কারবিশিষ্ট। **ভিন্নমতাবলম্বিনী** *স্ত্রী*। **ভিন্নরুচি** *বিণ* আলাদা রুচিযুক্ত; পৃথক প্রবৃত্তিবিশিষ্ট। **ভিন্নার্থ** *বি* পৃথক তাৎপর্য; অন্য প্রয়োজন; স্বতন্ত্র ব্যাখ্যা। □*বিণ* স্বতন্ত্র ব্যাখ্যাবিশিষ্ট; অন্য তাৎপর্য বা উদ্দেশ্য আছে এমন। { *স.* √ভিদ্+ত(ক্ত)}

ভিপি, ভি.পি.পি. [ভিপি, ভিপিপি] *বি* ডাকে প্রেরিত যে দ্রব্যের মূল্য গ্রাহকের নিকট প্রাপ্য। { *ই.* V.P.P.=value payable post}

ভিমরাজ [ভিম্‌রাজ্] *বি* ১ ফিঙেজাতীয় চূড়াযুক্ত নীলবর্ণ বৃহৎ পাখিবিশেষ। ২ প্রসিদ্ধ কবিরাজি তেলবিশেষ। { *স.* ভৃঙ্গরাজ>}

ভিমরুল, ভীমরুল [ভিম্‌রুল্] *বি* বোলতা অপেক্ষা বড় একজাতীয় পীতবর্ণ বিষধর পতঙ্গ; hornet। **ভিমরুলের চাক** *বি* দলবদ্ধ ভিমরুল কর্তৃক নির্মিত বাসা। **ভিমরুলের চাকে খোঁচা দেওয়া**— ভিমরুলের চাকে খোঁচা দিলে

যেমন দলবদ্ধ ভিমরুলের দ্বারা আক্রান্ত হতে হয় তেমনি কোনো দৃঢ়মূল বিশ্বাস বা সংস্কারে আঘাত দিয়ে একতাবদ্ধ জনমণ্ডলীর বিরাগভাজন হওয়া; নিজের আচরণ দিয়ে প্রবল ও ব্যাপক শত্রুতা ও উত্তেজনা সৃষ্টি করা। { *স.* ভৃঙ্গরোল> }

ভিম্মি ⇒ ভিরমি

ভিয়ান, ভিয়েন [ভিয়ান্, –য়ে–] *বি* ১ তৈরি; মনে মনে গড়ন; কল্পনা (মন যদি মোর ভিয়ান করিস—*রাসে*)। ২ মিষ্টান্নাদি পাক (রসগোল্লা ভিয়ান করা)। ৩ ছোঁয়া; স্পর্শ (নীলাম্বরীর বাহার দেখে রঙের ভিয়ান লাগল—*সদ*)। { *স.* ভর্জন> }

ভিয়োলা [ভিয়োলা] *বি* বেহালার মতো এক প্রকার বৃহৎ বাদ্যযন্ত্রবিশেষ (ভিয়োলার শব্দ স্রোত কেঁপে গেলো স্থির মৌন ঘরে—*বিদে*)। { *ই* viola }

ভিরকুটি, ভিরকুটী [ভির্কুটি] *বি* ১ ভ্রূভঙ্গি; ভ্রূকুটি; ভেংচানি। ২ স্পর্ধা। ৩ দুষ্টামি। ৪ ভ্রূকুটি দিয়ে ভয় দেখানো। ~ **মেরে থাকা** *ক্রি* সংজ্ঞাশূন্যতার ভান করা। { *স.* ভ্রূকুটি> }

ভিরমি, ভির্মি, ভীম্মি [ভিরমি, –, ভিম্‌মি] *বি* ১ হঠাৎ মাথা ঘোরা; মূর্ছা; জ্ঞানহারা অবস্থা (ভির্মি লাগা, ভির্মি যাওয়া)। ২ ভয়ে মূর্ছিত হওয়ার ভাব (মোদের বোরকা দেখিলে ছেলেরা ওদের জুজুবুড়ী বলে ভীম্মি খায়—*নই*)। ৩ ঘূর্ণি রোগবিশেষ। ~ **খাওয়া** *ক্রি* ১ মূর্ছিত হওয়া (হঠাৎ বিকট দর্শন জোড়া ঘোড়া দেখে ভিরমি গিয়েছিলুম—*সৈমু*)। ২ মাথা ঘুরে পড়ে চৈতন্য লোপ পাওয়া। { *স.* ভ্রমি> }

ভিল, ভীল, ভিল্লা [ভিল্, –, –লা] *বি* ভারতের একটি আদিম জাতি। **ভিল্লী** *স্ত্রী*। { *স.* ভিল্ল> }

ভিলেন [ভিলেন] *বি* (নাটকাদিতে) খলনায়ক। *বিপ.* হিরো; hero। { *ই* villain }

ভিষক [ভিশক্] *বি* চিকিৎসক; বৈদ্য। ~**প্রিয়া** *বি* গুলঞ্চলতা; গুড়ুচি। { *স.* √ভিষজ্+ক্বিপ্=ভিষজ্ ১মা একব }

ভিসা [ভিশা] *বি* ভিন্ন রাষ্ট্রের নাগরিককে স্বরাষ্ট্রে প্রবেশের ও স্বল্পকাল অবস্থানের অনুমতিপত্র। { *ই* visa }

ভিস্ত [ভিস্‌তো] *বি* বেহেশ্‌ত; স্বর্গ (নবীর সাফাত পায় অনন্তকালে ভিস্তে যায় যদি পড়ে মনস্তাপ করি—*হেমা*)। { *ফা.* বিহিশ্‌ত্ بهشت }

ভিস্তি, ভিস্তী [ভিস্‌তি] *বি* ১ মশক; পানি বহনের জন্য চর্মনির্মিত এক প্রকার থলি। ২ মশকে করে পানি বহনকারী; মশকে পানি সরবরাহকারী; ভিস্তিওয়ালা। { *ফা.* বিহিশ্‌তী بهشتی }

ভীড়ন [ভিড়ন্] *বি* যুদ্ধ (ভীড়নে বলিল চঙ্গ বাইস হাজার—*কমু*)। { *স.* মিলন> }

ভীত [ভিতো] *বিণ* ভয় পেয়েছে এমন; ভয়প্রাপ্ত; ত্রস্ত; শঙ্কিত। **ভীতা** *স্ত্রী*। ~**চিত্ত** *বিণ* ভয়ে আবিষ্ট চিত্ত; চিত্তে ভয়জাত বিহ্বলতা। { *স.* √ভী+ত(ক্ত) }

ভীতি [ভিতি] *বি* ১ ভয়; শঙ্কা; ত্রাস। ২ আশঙ্কা। ~**কর**, ~**জনক**, ভীতিপ্রদ *বিণ* শঙ্কাজনক; ভয় উৎপাদক। ~**গ্রস্ত**, ~**বিহ্বল** *বিণ* ভয়ে অভিভূত; ভয়ে কাতর। { *স.* √ভী+তি(ক্তি) }

ভীতু ⇒ ভিতু

ভীনে (*মবা.*) [ভিনে] *অব্য* ভিন্নভাবে। ~ ~ (*মবা.*) *অব্য* পৃথক পৃথক; ভিন্ন ভিন্ন (হাটের বাটের দান চাহে ভীনে ভীনে—*বচ*)। { *স.* ভিন্ন> }

ভীম [ভিম্] *বিণ* ভীষণ; ভয়ঙ্কর; প্রচণ্ড (ভীম বিক্রম)। □*বি* ১ শিব; রুদ্র (ধূমাবতী দেখে ভীম সভয় হইল—*ভারা*)। ২ দ্বিতীয় পাণ্ডব। ৩ দময়ন্তীর পিতা ভীমসেন। ৪ দানববিশেষ। ৫ গন্ধর্ববিশেষ। **ভীমা** *বিণ স্ত্রী.* (পরাক্রমে ভীমা ভীমা সমা—*মদ*)। **ভীমা**, ~**কর্মা** *বি* অতি কর্মী; কর্মবীর। ~**কান্ত** *বিণ* একই সঙ্গে ভীষণ ও চিত্তাকর্ষক। ~**খণ্ডা** *বি* ভীষণ খাঁড়া (ভীম খণ্ডা হাতে বাহিরেন হুহুঙ্কারে—*মদ*)। ~**দর্শন** *বিণ* দেখতে ভীষণ; দেখে ভয়ের উদ্রেক হয় এমন। ~**নাদ** *বি* ভীষণ শব্দ; হুঙ্কার (ভীমনাদে কাঁপে ত্রিভুবন—*ভারা*)। ~**পরাক্রম**, ~**বিক্রম** *বিণ* অতি বলশালী। ~**পলশ্রী**, ~**পলাশি** *বি* একটি রাগিণী (নৌবতে বাজিবে গো ভীমপলাশী—*নই*)। ~**শাসন**, ~**শাসক** *বিণ* জবরদস্ত শাসক। □*বি* যম; মৃত্যুদূত। { *স.* √ভী+ ম(মক্) }

ভীমরতি, ভীমরথী [ভিম্‌রোতি, –থি] *বি* ১ বয়স সাতাত্তর বছর সাতমাস সাতরাত পূর্ণ হওয়ার অবস্থা। ২ অতিশয় বার্ধক্যবশত বুদ্ধি-ভ্রংশতা; datage (বুড়োর ভীমরতি ধরা)। { *স.* ভীমরাত্রী> }

ভীমরুল ⇒ ভিমরুল

ভীমা ⇒ ভীম

ভীর (*মবা.*) [ভির্] *বিণ* ভীরু; কাপুরুষ। { *স.* ভীরু> }

ভীরু [ভিরু] *বিণ* ১ ভীত স্বভাব; ভিতু; ভয়শীল; সহজে ভয় পায় এমন। ২ দুর্বল; কাপুরুষ; সাহসশূন্য। ~**তা** *বি*। ~**ক** *বিণ* ভয়শীল; ভীরু। { *স.* ভী+রু(ক্রু) }

ভীষণ [ভিশন্] *বিণ* ১ ভয়াল; ভীতিপ্রদ; ভয়ঙ্কর। ২ সাংঘাতিক; অতিশয় (ভীষণ গরম)। **ভীষণা** *স্ত্রী*। ~**তা** *বি*। ~ **আকার, ভীষণাকার** *বি,বিণ* ভয়ানক আকৃতি বিশিষ্ট। ~**দর্শন** *বিণ* দেখতে ভয়ানক; দেখে ভয় হয় এমন। { *স.* √ভী+ণিচ্=√ভীষি+অন(লুট্) }

ভীষ্ম [ভিশ্‌শোঁ] *বি* মহাভারতের রাজা শান্তনু ও গঙ্গার পুত্র এবং কৌরব ও পাণ্ডবদের পিতামহ। □*বিণ* ভীষণ; ভীতিকর (কী ভীষ্ম অদৃশ্য নৃত্যে মাতি উঠে—*রঠা*)। **ভীষ্মের প্রতিজ্ঞা** *বি* ১ (ভীষ্মের প্রতিজ্ঞার মতো) অতি দৃঢ় ও অটল প্রতিজ্ঞা। ২ যা অবশ্যই করা হবে; যে কথার নড়চড় হয় না। { *স.* √ভী+ম(মক্), স্ আগম }

ভুও ⇒ ভুয়া

ভুঁই [ভুঁই] *বি* ১ ভূমি; ক্ষেত্র; মাটি। ২ দেশ (বিভূঁই)। ৩ স্থান; ঠাঁই। ~**কদম** *বি* ফুলবিশেষ (সুরের নেশায় নুয়ে পড়ে ভুঁইকদম তার পায়ে—*নই*)। ~**কুমড়া** *বি* এক প্রকার কুমড়া। ~**চাপা** *বি* এক প্রকার সুগন্ধ ফুল। ~**ফোড়**, ~**ফোড়া** *বিণ* ১ ভূমি ভেদ করে ওঠে এমন; হঠাৎ উদিত বা আবির্ভূত; অর্বাচীন; পূর্বাপর সম্বন্ধশূন্য; আভিজাত্যহীন (ভুঁইফোড় বড়লোক; ভুঁইফোড়া তত্ত্ব যেন ভূমিতলে খোঁজে—*রঠা*)। ২ হঠাৎ ধনী। ৩ কল্পিত; ভিত্তি নেই এমন (এটা ভুঁইফোড়ের লক্ষণ নয় তাও বলতে

পারি না—রক)। □*বি* ছত্রাকজাতীয় উদ্ভিদবিশেষ। ~**মালী** *বি* ঝাড়ুদার শ্রেণির হিন্দু সম্প্রদায়ের পদবি। { *স.* ভূমি> }

ভুঁইয়া, ভূঁইয়া [ভুঁইয়া] *বি* ১ ভৌমিক; ভূস্বামী; প্রাচীন জমিদার বা সামন্তরাজ (বার ভুঁইয়া)। ২ পদবিবিশেষ (আবদুর রশীদ ভুঁইয়া)। **বারো** ~ *বি* মধ্যযুগে বঙ্গদেশের বারোজন বিখ্যাত জমিদার। { *স.* ভৌমিক> }

ভুঁকা, ভুকা [ভুঁকা, ভু-] *ক্রি* বিদ্ধ হওয়া; প্রবেশ করা (ভুঁকিল কুশের কাঁটা—*কমু*)। { *তুল. হি.* √ভোংক্ }

ভুঁড়া[1], **ভুঁড়ে, ভুঁড়ো** [ভুঁড়া, -ড়ে, -ড়ো] *বিণ* ১ ভুঁড়িওয়ালা; পেটমোটা; ভুঁড়িযুক্ত (বড় ভুঁড়ো পেট—*ভারা*)। ২ মোটাসোটা কুৎসিত ব্যক্তি। ~ **শেয়াল** *বি* পেটমোটা শেয়াল (বিদ্রূপে স্থূলাকার স্থূলোদর কুরূপ ব্যক্তি)। { *স.* ভূরি> }

ভুঁড়া[2] [ভুঁড়া] *বি* ধান ইত্যাদি রাখবার খড়ের পাত্রবিশেষ। { *স.* পুল> }

ভুঁড়া[3] [ভুঁড়া] *বিণ* গুঁড়া (ভুঁড়া চূর্ণ)। { *হি* বূরা }

ভুঁড়ি [ভুঁড়ি] *বি* মোটাপেট; নাদাপেট; স্থূল উদর। { *স.* ভূরি> }

ভুঁড়ে, ভুঁড়ো ⇒ ভুঁড়া[1]

ভুঁদো ⇒ ভোঁদা

ভুঁয়েস [ভুঁয়েশ্] *বি* মৃত্তিকার গহ্বরবাসী জন্তুবিশেষ (আর জন বলে ভাই সাপ মেনে নয়, ভুঁয়েসের গা এটা একথা নিশ্চয়—*ভারা*)। { *স.* ভূমিশয়> }

ভুক ⇒ ভুখ

ভুকা ⇒ ভুখা

ভুক, ভুকভুক [ভুক্, ভুক্‌ভুক্] *অব্য* ১ সরুমুখ পাত্র থেকে তরল পদার্থের প্রবেশ অথবা নির্গমনের শব্দ। ২ কুকুরের শব্দ। { *ধ্বন্যা.* }

ভুক্ত [ভুক্‌তো] *বিণ* ১ ভোজন করা হয়েছে এমন। ২ অন্তর্গত (দলভুক্ত, সমাজভুক্ত)। ~**পূর্ব** *বিণ* পূর্বে ভোগ করা হয়েছে এমন। ~**ভোগী** *বিণ* পূর্বে কোনো বিষয় ভোগ করেছে বা সেজন্য কষ্ট পেয়েছে এমন। **ভুক্তাবশেষ, ভুক্তাবশিষ্ট** *বি* ভোজের পর পাতে যা পড়ে থাকে; উচ্ছিষ্ট। □*বিণ* ঝুটা; এঁটো। { *স.* √ভুজ্+ত(ক্ত) }

ভুক্তন [ভুক্‌তন্] *বি* ১ ত্রুটি পূরণ। ২ প্রাপ্য বা মূল্য আদায়করণ। ৩ ভোগ। { *স.* √ভুজ্+অন(লুট্) }

ভুক্তাবশিষ্ট, ভুক্তাবশেষ ⇒ ভুক্ত

ভুক্তি [ভুক্‌তি] *বি* ১ অন্তর্গত; অন্তর্গত হওয়া; ভিতরে অবস্থান; entry। ২ ভোজন। ৩ ভোগ; উপভোগ। ৪ দখল। ৫ প্রাচীন জনপদ। { *স.* √ভুজ্+তি(ক্ত) }

ভুখ, ভুক [ভুখ্, -ক্] *বি* ১ ক্ষুধা; উদরে খাদ্যাভাবজনিত অবস্থা (কি করে দেহের সুখ পিঞ্জরায় থেকে লাগে ভুক—*আঠা*; ভুকপিয়াসা—*ভারা*)। ২ তীব্র বাসনা। ৩ হেতু; খাতির (গতির ভুখে চলিস রুখে—*সদ*)। **ভুকপিয়াস** *বি* ক্ষুধা-তৃষ্ণা; ক্ষুৎ-পিপাসা (ভুখ পিয়াস ভুলে যাব—*মোহ*)। **ভুখা** *বিণ* ক্ষুধার্ত; ক্ষুৎপীড়িত। **ভুখ-মিছিল, ভুখামিছিল** *বি* ক্ষুধার্ত জনগণের খাদ্যাভাব প্রতিকারের জন্য শোভাযাত্রা (নগরীর পথে ভুখা মিছিলের আড়ম্বর) hunger march। { *স.* বুভুক্ষা>ভুক্ষা> }

ভুখল, ভুখিল [ভুখল্, -খি-] *বিণ* ক্ষুধিত (ভুখল জন —পীতাম্বর, ভুখল বাঘিনী—*কমু*)। **ভুখলি** *বিণ স্ত্রী.* অন্নাভাবে কৃশা। { ভুখ+অল, ইল }

ভুখালু [ভুখালু] *বিণ* ক্ষুধার্ত (যদি সে ভুখালু হয় তথাপি না কায়—*সৈআ*)। { ভুখ+আলু }

ভুখিল ⇒ ভুখল

ভুগলামি, ভুইগলামি [ভুগ্‌লামি, ভুইগ্-] *বি* ধূর্ততা; শঠতা। { ভোগা>ভোগল+আমি }

ভুগা ⇒ ভোগা

ভুগানো ⇒ ভোগান

ভুগুতি [ভুগুতি] *বি* ভোজ্য বস্তু; আহার্য (ভুগুতি বঞ্চিত হইল সিদ্ধ মনস্কাম—*সৈআ*। { *স.* ভুক্তি> }

ভুগ্ন [ভুগ্‌নো] *বিণ* ১ বক্র; বাঁকা। ২ ভগ্নস্বাস্থ্য। { *স.* √ভুজ্+ত(ক্ত) }

ভুচকুনি ⇒ ভোচকানি

ভুচরা [ভুচ্‌রা] *বি* কাঁঠালের ভুতি। { *স.* বৃন্ত> }

ভুজ [ভুজ্] *বি* ১ হস্ত; বাহু। ২ (*জ্যা.*) যে সরলরেখা কোনো ক্ষেত্রের সীমা নির্দেশ করে; কোনো ক্ষেত্রের সীমা নির্দেশকারী সরলরেখা (ত্রিভুজ)। ৩ ভূর্জপত্র। □*বিণ* ভুজবিশিষ্ট। ~**কোটর** *বি* কক্ষ; বগল। ~**দণ্ড** *বি* শক্ত সুদৃঢ় বাহু (পুরুষের)। ~**পাশ,** ~**বন্ধ,** ~**বন্ধন** *বি* আলিঙ্গন; বাহুবেষ্টন; বাহুবন্ধন (শহরটি জড়িয়ে ধরে আছে ভুজবন্ধের মত করে—*নই*)। ~**বল** *বি* বাহুবল; দেহের শক্তি। ~**মধ্য** *বি* ১ ক্রোড়; কোল। ২ বক্ষঃস্থল। ~**লতা** *বি* লতার মতো কমনীয় ও সুন্দর বাহু (বিশেষত নারীর)। ~**শির** *বি* স্কন্ধ। ~**স্তম্ভ** *বি* বাহুচালনার শক্তিরহিত (ভুজস্তম্ভ কণ্ঠরোধ ব্যাসের হইল—*ভারা*)। **ভুজাকুণ্ঠ** *বি* হাতের নখ। **ভুজাগ্র** *বি* হাত; হস্ত; কর। **ভুজাদল** *বি* হাত। **ভুজান্তর, ভুজান্তরাল** *বি* ১ অন্যবাহু। ২ বক্ষঃস্থল। { *স.* √ভুজ্+অ(ঘঞ্) }

ভুজংভাজাং [ভুজঙ্‌ভাজাঙ্] *বি* অসত্য বা অকিঞ্চিৎকর যুক্তিতর্কাদি দ্বারা বুঝ বা প্রবোধ (ভুজং ভাজাং দিয়া টানা)। { *স.* ভুজঙ্গ>? }

ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম [ভুজগ্, -জঙ্‌গো, -জঙ্‌গম্] *বি* সর্প; সাপ; অহি (অঙ্গদ বলয় হইল ভুজঙ্গমগণ—*কমু*)। **ভুজগী, ভুজঙ্গী, ভুজঙ্গিনী** *স্ত্রী.* (পথিকের পদস্পর্শে কাল ভুজঙ্গিনী উঠে যথা গরজিয়া—*কায়*)। **ভুজগেন্দ্র, ভুজগপতি** *বি* হিন্দুপুরাণ মতে শঙ্খ নামক অষ্টনাগের শেষ নাগ। **ভুজঙ্গজননী** *বি* মনসা। { *স.* ভুজ+√গম্+অ(ড), অ(খচ্)—'ম্' (মুম্) আগম }

ভুজঙ্গপ্রয়াত [ভুজঙ্‌গোপ্রোয়াতো] *বি* সংস্কৃত পদ্যের ছন্দবিশেষ; একটি সংস্কৃত ছন্দের নাম (ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে—*ভারা*)। { *স.* ভুজঙ্গ.প্রয়াত }

ভুজা[1] [ভুজা] *ক্রি* ভোগ করা। { *স.* √ভুজ্+*বা.* আ }

ভুজা[2] [ভুজা] *বি* যা ভাজা হয়েছে (ভাজাভুজা)। { *স.* ভাজা> }

ভুজা[3] [ভুজা] *বি স্ত্রী.* বাহু; ভুজ (দশভুজা)। { *স.* √ভুজ্+

আ(টোপ)}
ভুজালি, ভোজালি, ভোজলি [ভুজালি, ভো-, ভোজোলি] *বি* এক প্রকার ছোট তরবারি; নেপালি খড়্গবিশেষ; কুকরি (ভোজলি হাতে কোন মারাঠা ডাকাত—*মুচৌ*)। {*স.* ভুজপালিকা>}
ভুজিষ্য [ভুজিশ্‌শো] *বি* চাকর। {*স.* √ভুজ্+ইষ্য(কিষ্যন্)}
ভুজুং, ভুজুং ভাজুং ⇒ ভোজং
ভুঞা, ভুইঞা, ভূঞা [ভুআঁ, ভুইআঁ, ভুআঁ] *বি* ১ অধিপতি; ভূস্বামী। ২ পদবি। **ভুঞি, ভুই** *(মবা.)* *বি* ভূমি; মাটি। ভুঞে—মাটিতে (তুলিয়া আছাড়ে ভুঞে—*কমু*)। {*স.* ভূমি>}
ভুঞ্জন [ভুন্‌জন্] *বি* উপভোগ (শুধু নীরবে ভুঞ্জন—*রঠা*)। {*স.* √ভুঞ্জ+অন(ল্যুট)}
ভুঞ্জা [ভুন্‌জা] *ক্রি* ১ *(পদ্য.)* ভোগ করা (ভুঞ্জিব অশেষ ক্লেশ না পাব জ্ঞানের লেশ—*ভারা*)। ২ *(পদ্য.)* ভোজন বা আহার করা। **-নো** *ক্রি* উপভোগ করানো; ভোজন করানো (আর শান্ত ভুঞ্জান দুজনকেই—*সদ*)। **ভুঞ্জিত** *বিণ* ভুক্ত; ভোগ বা উপভোগ করা হয়েছে এরূপ; ভোজন করা হয়েছে এমন। {*স.* √ভুজ>*প্রা.* √ভুঞ্জ+*বা.* আ}
ভুটভাট, ভুটভুট [ভুট্‌ভাট্, -ভুট্] *অব্য* অজীর্ণতার জন্য পেটের মধ্যে সৃষ্ট শব্দ। {*ধ্বন্যা.*}
ভুটান [ভুটান্] *বি* ভারতের উত্তর-পূর্বে অবস্থিত হিমালয়ের পাদদেশস্থ দেশবিশেষ। {*স.* ভোটাঙ্গ>}
ভুটি, ভুটী [ভুটি] *বি* কম্বল; মোটা কাপড়বিশেষ। {ভোট+ই, ঈ}
ভুট্টা [ভুট্‌টা] *বি* শস্যবিশেষ; মকাই; maize। {*স.* বৃত্তক>}
ভুড়, ভুড়া, ভুরা [ভুড়্, -ড়া, -রা] *বি* ভেলা (কলা গাছ কেটে ভুড় বেঁধে নিয়ে রাখালেরা ভেসে চলে—*বআমি*)। {*স.* ভেলক>}
ভুড়ভুড় [ভুড়্‌ভুড়্] *অব্য* ক্রমাগত বুদ্বুদ ফাটার আওয়াজ। **ভুড়ভুড়ি** *বি* ১ বুদ্বুদ; মাছ প্রভৃতির শ্বাস ত্যাগের ফলে যে বুদ্বুদ হয়। ২ গাঁজলা। **ভুড়ভুড়ি ভাঙা** *বি* বুদ্বুদ ওঠা; গাঁজলা ওঠা। {*স.* বুদবুদ>; *ধ্বন্যা.*}
ভুড়া ⇒ ভুড়
ভুত ⇒ ভূত
ভুতি, ভুতুড়ি [ভুতি, ভুতুড়ি] *বি* ১ কাঁঠালের ভিতরে অখাদ্য অংশ যা কোষের সঙ্গে জড়িত থাকে (কতকগুলি খাসা খাজা কাঁঠাল, কতকগুলির বড় আটা, কতকগুলি কেবল ভুতুড়ি সার গরুর খাদ্য—*বচ*)। ২ নাড়িভুঁড়ি। {*স.* বুক্ত>}
ভুতুড়ে, ভুতুরে [ভুতুড়ে, -রে] *বিণ* ১ ভূতপ্রেতসংক্রান্ত (ভুতুড়ে গল্প)। ২ ভূত দ্বারা কৃত (ভুতুড়ে কাণ্ড)। ❑ *বি* ভূত-প্রেত নিয়ে যে ব্যক্তির কারবার; ভূত নিয়ে যার কাণ্ডকারখানা; ভূতের ওঝা। {*স.* ভূত+উড়িয়া>উড়ে}
ভুনা [ভুনা] *ক্রি* ভাজা (কলিজা কাবাব সম ভুনে মরু রোদ্দুরে—*নই*)। ❑ *বিণ* ভাজা হয়েছে এমন (ভুনা মাছ)। {*হি* ভর্জন>}
ভুনা-খিচুড়ি, ভুনি খিচুড়ি [ভুনাখিচুড়ি, -, ভুনি-] *বি* চাল ডাল ঘিয়ে অল্প ভেজে যে খিচুড়ি রান্না করা হয় (এমন বাদল দিনে ভূনাখিচুড়ী ও কোর্মার সারবত্তা ও উপকারিতা সম্বন্ধে কোমর বেঁধে অকাট্য যুক্তিতর্কপ্রদর্শন—*নই*)। {*স.* ভর্জন>ভুনা/ভুনি+খিচুড়ি}
ভুনি [ভুনি] *বি* ১ হিন্দু বিধবাদের পরিধেয় পাড়হীন মোটা তসরের ধুতিবিশেষ। ২ সূক্ষ্ম রেশমি কাপড়; গরদের শাড়ি (শত শত একজায় গুজরাটে তন্তুবায় ভুনি ধুতি আদি বুনে গড়া—*কমু*)। {*স.* ক্ষৌম>খুমি>ভুনি}
ভুবঃ, ভুবর্লোক [ভুবোহ্, ভুবোর্‌লোক্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত সপ্ত স্বর্গের একটি। ২ অন্তরীক্ষ। {*স.* √ভূ+অস্(অসুন্)=ভুবঃ, +লোক}
ভুবন [ভুবন্] *বি* ১ বিশ্বজগৎ; হিন্দু পুরাণে কথিত সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল; চতুর্দশ লোক। ২ পৃথিবী। ৩ আবাস (গেলা সবে যে যার ভুবন—*বিগু*)। ৪ দেশ (ছ'মাসের পরে যাবে গৌড় ভুবন—*ঘচ*)। **--কানা** *বিণ* ১ অন্ধত্ব জগৎজোড়া এমন; সম্পূর্ণ অন্ধ। ২ অন্ধকারময় বিশ্ব এমন (সবাই বলে, সে গিয়েছে ভুবন-কানা তাই—*রঠা*)। **-ত্রয়** *বি* ত্রিভুবন; হিন্দুমতে স্বর্গ, মর্ত্য ও পাতাল। **-পাবন** *বিণ* জগতের পরিত্রাতা। **-বিখ্যাত** *বিণ* বিশ্ব-বিখ্যাত; জগৎপ্রসিদ্ধ। **-বিজয়ী, -জয়ী** *বিণ* সমস্ত জগৎ জয় করেছে এমন; বিশ্ববিজয়ী। **-মোহন** *বিণ* বিশ্বমুগ্ধকারী; সর্বজনমুগ্ধকর। **-মোহিনী** *স্ত্রী.*। **ভুবনেশ্বর** *বি* ১ হিন্দুমতে ত্রিভুবনের অধিপতি; ঈশ্বর। ২ উড়িষ্যার অন্তর্গত হিন্দু তীর্থবিশেষ। ৩ হিন্দুদের উড়িষ্যার তীর্থের শিবলিঙ্গ। **ভুবনেশ্বরী** *বি স্ত্রী.* হিন্দুমতে দশমহাবিদ্যার একজন। {*স.* ভূ+অন(ক্যুন)}
ভুবর্লোক ⇒ ভুবঃ
ভুয়া, ভুয়ো [ভুয়া, -য়ো] *বিণ* সারহীন; অসার; শূন্যগর্ভ; অন্তঃসারশূন্য। ❑ *বি* অলীক; মিথ্যা। **আচাভুয়া** *বি* অলীক; মিথ্যা; অবিশ্বাস্য। **আচাভুয়ার ছা** *বি* অলীক জন্তুর শাবক। {*স.* বৃস>*প্রা.* বুহ>}
ভুর [ভুর্] *বি* ১ ছল; বুজরুকি; আড়ম্বর (ভাঙ্গা গেল যত ভুর চাতুরী হৈল চর—*ভারা*)। ২ ভুল; ভ্রম (হায় কি হল দেশের দশা, রিপন রাজার ভুরে—*হেব*)। ৩ সম্ভ্রম; বুজুর্গি। **~ করা** *বিণ* অবিন্যস্ত; আগোছালো (বিদিশার চুল আজ বুকের উপর ভুর করা—*অচিসে*)। **~ভাঙ্গা, -ভাঙা** *ক্রি* ১ ভুল ভাঙা (পরিচয় দিলেই ভুর ভাঙ্গিয়া যাইবে—*ঈবি*)। ২ সম্ভ্রম নষ্ট হওয়া (খসে পড়ে শোলার শাঁখা ভেঙ্গে গেল ভুর—*ঘচ*)। {*স.* ভ্রম>ভুর}
ভুরভুর, ভরভর [ভুর্‌ভুর্, ভর্‌ভর্] *অব্য* (ধ্বন্যাত্মক) ভরপুর; (গন্ধাদি দ্বারা) পরিপূর্ণ বা আমোদিত হওয়ার ভাবব্যঞ্জক। ❑ *বিণ* প্রায় পরিপূর্ণ (চোখের জলে আঁখি ভরভর—*রঠা*)। **ভুরভুরে** *বিণ* পরিপূর্ণ; ভরপুর; সুগন্ধের সঙ্গে সম্পৃক্ত এমন (বেশ ভুরভুরে গন্ধটা—*বিব*)। {*ধ্বন্যা.*}
ভুরা[১], **ভুরো** [ভুরা, -রো] *বি* ১ ভেলা। ২ অপরিষ্কৃত; অপরিচ্ছন্ন চিনি। ৩ মাত কেটে তৈরি শুকনো ও বালির মতো ঝুরঝুরা গুড় (আটপণে আধসের আনিয়াছি চিনি। অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি—*ভারা*)। {*ফা.* বূরহ্ بوره}
ভুরা[২] ⇒ ভুড়
ভুরি ⇒ ভূরি
ভুরু, ভুরূ ⇒ ভ্রু

ভুরো ⟹ ভুরা¹

ভুল [ভুল্] *বি* ১ ভ্রম; ভ্রান্তি; প্রমাদ (প্রবন্ধটি ভুলে ভরা)। ২ বিস্মৃতি; বিস্মরণ; মনে না থাকা (ঘর বন্ধ করতে ভুল হয়ে গেছে)। ৩ প্রলাপ; মিথ্যা বকা। □ *বিণ* ১ ভ্রান্ত; অযথার্থ ধারণা (শত্রুকে মিত্র বলে ভুল করা)। ২ বেঠিক; ঠিক বা নির্ভুল নয় এমন (ভুল অঙ্ক)। **–চুক, –ভ্রান্তি** *বি* নানা প্রকার ভুল; বিবিধ ভ্রান্তি। **~ভাঙা** *ক্রি* ভুল ধারণা দূর হওয়া। **ঠিকে ~** *বি* ১ যোগ দিতে ভুল। □ *বিণ* করতে অভ্যস্ত থাকা সত্ত্বেও ভুল করে এমন। {*স.* ভ্রম> ভুল্ল>ভুল}

ভুলা, ভুলানো, ভুলানি, ভুলানে, ভুলুনে ⟹ ভোলা

ভুলো [ভুলো] *বিণ* ১ প্রায়ই ভুল করে বা ভুলে যায় এমন; ভুলে যাওয়া স্বভাববিশিষ্ট (সে একটা ভুলো হাবা; ভুলো মন)। ২ আনাড়ি। □ *বি* 'ভোলা' নামের বিকৃত কথ্যরূপ। {ভুল+উয়া= ভুলুয়া>ভুলো}

ভুশ, ভুস [ভুশ্] *অব্য* পানি কাদা প্রভৃতি ভেদ করে ওঠার শব্দ (ভুস করে ভেসে ওঠা)। {*ধ্বন্যা.*}

ভুশণ্ডি, ভুশণ্ডি, ভুষণ্ডি, ভুশুণ্ডি, ভূষণ্ড [ভুশোনডি, –, –, –শু–, ভুশনডো] *বি* ১ হিন্দু পুরাণে উল্লিখিত ত্রিযুগদর্শী কাক। ২ *(ব্য.)* দীর্ঘজীবী; বহুদর্শী; বিষয়বুদ্ধি-কুশল ব্যক্তি (তিনি ভুশণ্ডির কাক হয়ে বসে আছেন)। **ভুষণ্ডির কাক** *বি (আল.)* যে বহু বছর এবং মৃত্যুর বয়স হওয়া সত্ত্বেও জীবিত আছে; অন্যায়ভাবে দীর্ঘজীবী। {*স.* ভূষণ ও মণ্ডিত শব্দের সংমিশ্রণে জাত}

ভুশুড়ি, ভুষুড়ি [ভুশুড়ি] *বি* কাঁঠালের ভূতি। **~ ভাঙা** *ক্রি* ১ ক্রমাগত কাঁঠালের কোয়া বের করা। ২ ভূরিভোজন করা; প্রচুর পরিমাণে তৃপ্তিপূর্বক আহার করা। **গল্পের ~ ভাঙা** *ক্রি* ক্রমাগত বলে যাওয়া। {*স.* বুস্ত>}

ভুষা, ভুষো ⟹ ভুসা

ভুষি ⟹ ভুসি

ভুষুড়ি ⟹ ভুশুড়ি

ভুষ্টিনাশ [ভুশ্‌টিনাশ্] *বি* ১ নাশ; ধ্বংস; অপব্যয় (টাকার ভুষ্টিনাশ)। ২ সর্বনাশ (কাজের ভুষ্টিনাশ)। {গোষ্ঠী+ নাশ>}

ভুস ⟹ ভুশ

ভুসঙ্গ [ভুশঙ্‌গো] *বি* ছাই; ভস্ম (হারাজ ভুসঙ্গ মাখিবে—*মাগান*)। {*স.* ভস্ম>ভসম>ভসঙ্গ>ভুসঙ্গ}

ভুসা, ভুষা, ভুসো, ভুষো [ভুশা, –, –শো, –] *বি* কাজল; প্রদীপের শিখায় প্রস্তুত কালি বা ঝুল (এদেশে বাচ্চাদের সাজিয়ে গুজিয়ে কপালের একপাশে খানিকটে ভুসো মাখিয়ে দেয়—*সৈমু*; ভুষো মাখা পাঞ্জাখালি—*সদ*)। **~কালি** *বি* ভুসা থেকে তৈরি কালি (দেখতে দেখতে ভুসো কালির মতো রাতের রঙ ক্রমে ফিকে হতে হতে—*অঠা*)। {*স.* ভস্ম>}

ভুসি, ভুষি [ভুশি] *বি* শস্যের চোকলা বা খোসা। ২ গরুর খাদ্যবিশেষ। **~মাল** *বি* ১ বাজে বা আবর্জনারূপ বস্তু; রদ্দিমাল। ২ কলাই প্রভৃতি শস্য (ভুসিমালের ব্যবসা)। {*স.* বুস>}

ভূ [ভু] *বি* ১ পৃথিবী; ভূমণ্ডল। ২ স্থল; ভূমি; স্থান (ভূভাগ)। ৩ পাতাল। ৪ হিন্দু পুরাণোক্ত সপ্তলোকের অন্যতম। ৫ আধার। **–কম্প, –কম্পন** *বি* ভূমিকম্প; আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত ইত্যাদির কারণে পৃথিবীর অভ্যন্তর ভাগের আলোড়নের ফলে তার উপরিভাগে যে কম্পন অনুভূত হয়; earthquake। **–গর্ভ** *বি* পৃথিবীর অভ্যন্তর; মাটির তলার অংশ। **–গোল** *বি* পৃথিবীর ও তার উপরিস্থ বিভিন্ন দেশের বিবরণ; geography। **~চক্র** *বি* ভূবেষ্টনরেখা। **~চর** *বিণ* মাটিতে চরে যেসব প্রাণী; স্থলচর। **~চিত্র** *বি* মানচিত্র। **–ছায়া** *বি* ১ পৃথিবীর ছায়া—গ্রহণকালে যা চন্দ্রে পড়ে। **~তত্ত্ব, ~বিদ্যা** *বি* পৃথিবীর উৎপত্তি পরিণতি বিষয়ক বিজ্ঞান; ভূপৃষ্ঠে ও তার অভ্যন্তরস্থ স্তরগুলি সংক্রান্ত বিজ্ঞান; geology। **~তল** *বি* পৃথিবীর পৃষ্ঠ; পাতাল। **~দেব** *বি* পৃথিবীর শ্রেষ্ঠ ব্যক্তি; ব্রাহ্মণ। **–ধর, ~ভৃৎ** *বি* পর্বত। **–প, –পতি, –পাল** *বি* নৃপতি; রাজা। **~পতিত** *বিণ* ভূপৃষ্ঠে পতিত; মাটির উপরে পড়েছে এমন। **–পর্যস্ত** *বিণ* ভূমিতে বিক্ষিপ্ত; ভূবিপর্যস্ত (ভূপর্যস্ত মাধবী লতা—*রঠা*)। **~পাতিত** *বিণ* ভূপৃষ্ঠে পতিত; মাটির উপর নিক্ষিপ্ত। **~পুত্র** *বি* মঙ্গলগ্রহ। **~বলয়** *বি* ভূমণ্ডল; ভূপরিধি। **–-বিদ্যা** *বি* পৃথিবীপৃষ্ঠ ও তার নিচের স্তরগুলি সম্পর্কে বিবিধ জ্ঞান যে শাস্ত্রে পাঠ করা যায়; geology। **~ভার** *বি* ১ পৃথিবীর ভার। ২ পৃথিবীতে যে বিপুল পাপ জমছে তার ভার। **~ভারত** *বি* পৃথিবী ও ভারতবর্ষ; সমগ্র পৃথিবী। **~মণ্ডল** *বি* পৃথিবী নামক গ্রহ। **~লতা** *বি* কেঁচো। **~লুণ্ঠিত** *বিণ* ভূমিতে পড়ে গড়াগড়ি দিয়েছে বা দিচ্ছে এমন; ধরাশায়ী; ধুলায় পড়েছে এমন। **~লোক** *বি* পৃথিবী (গেয়ে ধেয়ে যাক দ্যুলোক ভূলোক —*রঠা*)। **~শয্যা** *বি* ভূমিরূপ শয্যা। **~সম্পত্তি** *বি* জমিজমা; স্থাবর সম্পত্তি। **~স্বর্গ** *বি* ১ পৃথিবীর ভিতর উৎকৃষ্ট স্থান। ২ *(আল.)* কাশ্মীর। **~স্বামী(–মিন্)** *বি* জমিদার; জমির মালিক। {*স.* √ভূ+ক্বিপ্}

ভুঁই ⟹ ভুঁই

ভূঁইয়া ⟹ ভুঁইয়া

ভূঁদি [ভুঁদি] *বিণ স্ত্রী.* ১ স্থূলদেহী নারী। ২ স্থূল উদরযুক্ত নারী। **ভোঁদা** *পু.*। {*হি.* ভোন্দু>ভোঁদা>}

ভূখন *(ব্র.)* [ভুখন্] *বি* ভূষণ; অলঙ্কার। {*স.* ভূষণ>}

ভূগোল, ভূচর ⟹ ভূ¹

ভূঞা ⟹ ভুঞা

ভূত, ভুত [ভুত্] *বি* ১ হিন্দু মতে দেবযোনিবিশেষ; শিবের অনুচর (ভূত নামা)। ২ প্রেত; পিশাচ (ভূতে পাওয়া)। ৩ জীব; প্রাণী (সর্বভূত)। ৪ হিন্দুমতে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুসমূহের মূল উপাদান পঞ্চভূত অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ও ব্যোম। ৫ কাণ্ডজ্ঞানহীন (গেঁয়ো ভূত)। ৬ অতীত; যে কাল চলে গেছে (ভূতকাল, ভূত-ভবিষ্যৎ)। □ *বিণ* হয়েছে এমন; সংঘটিত; পরিণত। **–গত** *বিণ* বিলীন। **~গ্রস্ত** *বিণ* ভূত প্রভৃতি দ্বারা আক্রান্ত। **~চতুর্দশী** *বি* কার্তিক মাসের কৃষ্ণ চতুর্দশী তিথি। **~চালা** *বি* লোকবিশ্বাসে মন্ত্রাদি দ্বারা ভূতপ্রেত বশ করা ও প্রয়োজনমতো তাদের কাজে লাগানো (ভূতচালা চণ্ডীমণ্ডপে বাসা পেলেন; ভূত আসবার প্রোগ্রাম স্থির হলো—*কাসি*)। **~ ছাড়ানো, ~ ঝাড়ানো, ~ নামানো**

ক্রি ১ ভূতের প্রভাব থেকে মুক্ত করা। ২ অসৎ প্রভাব থেকে মুক্ত করা। ~**নাথ** *বি* হিন্দুদেবতা শিব। ~**পূর্ব** *বিণ* পূর্বে; প্রাক্তন (ভূতপূর্ব পরিচালক)। ~**প্রেত** *বি* প্রেতযোনিসমূহ। ~**বলি,** ~**যজ্ঞ** *বি* জীবকে অন্নদানরূপ যজ্ঞ। ~**বিদ্যা** *বি* ভূতাবেশজনিত রোগবিজ্ঞান; science of diseases caused by evil spirit। ~**ভবিষ্যৎ** *বি* অতীত ও বর্তমান। ~**ভাবন** *বি* প্রাণীদের সৃষ্টিকর্তা বা পালনকর্তা। ~**ময়** *বিণ* পঞ্চভূত দ্বারা গঠিত; পাঞ্চভৌতিক। ~**যোনি** *বি* ১ হিন্দুমতে প্রেতরূপে জন্ম। ২ ভূত, পিশাচ ইত্যাদি। ~**শুদ্ধি** *বি* হিন্দু বিশ্বাস মতে পূজাদি দ্বারা ভূতাবেশ। ~**সঞ্চার** *বি* ভূতাবেশ। ~**সঞ্চারী** *বি* দাবানল। **ভূতাবাস** *বি* ১ শরীর; দেহ। **ভূতাবিষ্ট** *বিণ* ভূতগ্রস্ত এমন; ভূতে পেয়েছে এমন। **ভূতাবেশ** *বি* ভূতের আক্রমণ; ভূতে পাওয়া। **ভূতার্ত** *বিণ* ভূতাবিষ্ট। **ভূতে ধরা, ভূতে পাওয়া** *ক্রি* প্রেতাত্মা দ্বারা আক্রান্ত হওয়া। **ভূতের বাপের শ্রাদ্ধ** *বি* অত্যন্ত বিশৃঙ্খলা; বাজে কাজে টাকা নষ্ট। **ভূতের বেগার খাটা, ভূতের বোঝা বওয়া** *ক্রি* অনর্থক পরিশ্রম করা। **ভূতের মুখে রাম নাম** *বি* (হিন্দু সমাজে প্রচলিত) স্বভাব-বিরুদ্ধ কথা বা বাক্য। **ঘাড়ে ভূত চাপা** *বি* কুবুদ্ধির উদয় হওয়া। { *স.* √ভূ+ত(ক্ত)}

ভূতল ⇒ ভূ[১]

ভূতার্থ [ভুতারথো] *বি* বাস্তব; যথার্থ; সত্য। { *স.* ভূত+অর্থ}

ভূতি [ভুতি] *বি* ১ হিন্দুমতে অণিমা, মহিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিতা, বশিতা, কামাবশায়িতা নামের অষ্টৈশ্বর্য বা আট বিভূতি। ২ বিভূতি। ৩ সিদ্ধি। ৪ উৎপত্তি। ৫ উৎকর্ষ। ৬ বৈশ্য জাতির উপাধি। ~**কর্ম** *বি* আভ্যুদয়িক কর্ম। ~**কাম** *বি* ধনসম্পদের অভিলাষী। { *স.* √ভূ+তি(ক্তি)}

ভূতিয়া [ভুতিয়া] *বিণ* ভূতসংশ্লিষ্ট; প্রেতজাতীয় (মহাদেব হুকুম দিলেন ভূতিয়া ফৌজকে যজ্ঞনাশ কর—*অঠা*)। { *স.* ভূত+ *বা.* ইয়া}

ভূতুড়ে ⇒ ভূতুড়ে

ভূধর, ভূপ, ভূপতি, ভূপতিত, ভূপাতিত, ভূপাল ⇒ ভূ

ভূপালি, ভূপালী [ভূপালি] *বি* সঙ্গীতের একটি রাগিণী। {ভূপাল+ই, ঈ}

ভূভার, ভূভূৎ, ভূমণ্ডল ⇒ ভূ

ভূম [ভুম্] *বি* ১ ভূমি। ২ ক্ষেত্র; তল (সমভূমি)। ৩ দেশ। প্রদেশ (বীরভূম)। { *স.* ভূমি>}

ভূমা[১] [ভুমা] *বি* ১ বহুত্ব; বিপুলতা। ২ (হিন্দুমতে) সর্বব্যাপী পুরুষ; মহান বিরাট পুরুষ; পরমাত্মা। ৩ ভূমি। □ *বিণ* বহুল; প্রচুর; পূর্ণ (ভূমানন্দ)। ~**বাদী** *বিণ* পরমাত্মায় বিশ্বাসী (তেমনই রিনেসেনসের ভূমাবাদীরা—*সুধা*)। { *স.* বহু+ইমন(ইমনিচ্)}

ভূমা[২] [ভুমা] *বি* ভূমি (রাজ্য গড়ে সাম্রাজ্যের মত কোনো ভূমা চায়—*জীদা*)। { *স.* ভূমি>}

ভূমি, ভূমী *(বিরল)* [ভুমি] *বি* ১ পৃথিবী। ২ ভূ-পৃষ্ঠ; মাটি। ৩ মেঝে (ভূমিশয্যা)। ৪ জমি; ক্ষেত্র (রণভূমি)। ৫ দেশ। ৬ আকর; আধার। ৭ ত্রিভুজের অধোরেখা; শীর্ষবিন্দুর বিপরীত দিকের বাহু; base of a triangle। ~**কম্প** *বি* ভূকম্প; ভূমির আন্দোলন। ~**কুষ্মাণ্ড** *বি* ভুঁইকুমড়া। ~**গর্ভ** *বি* ভূপৃষ্ঠের ভিতরে বা তলের স্থান; পৃথিবীর অভ্যন্তর। ~**জ** *বিণ* ভূজাত; মাটিতে বা ক্ষেতে উৎপন্ন। ~**জীবী** *বি* কৃষক। ~**পিশাচ** *বি* তালগাছ। ~**রুহ, ভূমীরুহ** *বি* বৃক্ষ। ~**শয্যা** *বি* মাটিতে শয্যা; মেঝেতে বিছানা; অনাদৃত ভূমিতলে পতন বা শয্যা গ্রহণ। ~**সাৎ** *অব্য, বিণ* ভূপতিত; ভূমিতে পতিত। ~**সাৎ করা** *ক্রি* মাটির সাথে মিশানো। { *স.* √ভূ+মি}

ভূমিকা [ভুমিকা] *বি* ১ গ্রন্থাদির মুখবন্ধ; সূচনা; পূর্বাভাস; অবতরণিকা। ২ অভিনয়ে অংশ; যে চরিত্রের অভিনয় করতে হবে; role; part (শাজাহানের ভূমিকায় শিশির ভাদুড়ী)। ৩ ক্ষেত্র; তল। { *স.* ভূমি+ক(কন্)+আ(টাপ্)}

ভূমিষ্ঠ [ভুমিশ্‌ঠো] *বিণ* ১ প্রসূত (তার একটি পুত্রসন্তান ভূমিষ্ঠ হয়েছে)। ২ ভূলুণ্ঠিত; ভূপতিত। **ভূমিষ্ঠা** *বিণ স্ত্রী*। { *স.* ভূমি+√স্থা+অ(ক)}

ভূমী ⇒ ভূমি

ভূমীন্দ্র [ভুমিনদ্রো] *বি* রাজা; ভূপতি। { *স.* ভূমি+ইন্দ্র}

ভূম্যধিকারী (-রিন্) [ভুমমোধিকারি] *বি* জমিদার; ভূস্বামী। **ভূম্যধিকারিণী** *বি স্ত্রী*। { *স.* ভূমি+অধিকারী}

ভূয়ঃ [ভুয়োহ্] *অব্য, ক্রিবিণ* পুনঃপুন। □ *বি* প্রাচুর্য; বাহুল্য; আধিক্য। **ভূয়সী** *বিণ স্ত্রী* প্রচুর; বহুল; অনেক (ভূয়সী প্রশংসা)। **ভূয়োদর্শন, ভূয়োদর্শিতা** *বি* প্রচুর দেখা ও শোনার মাধ্যমে অর্জিত অভিজ্ঞতা। **ভূয়োভূয়, ভূয়োভূয়ঃ** *অব্য, ক্রিবিণ* পুনঃপুন; বার বার (অপর পক্ষের ভূয়োভূয়ঃ আপত্তিতেও কর্ণপাত করিত না—*রঠা*)। { *স.* বহু+ঈয়স্}

ভূয়িষ্ঠ [ভুয়িশ্‌ঠো] *বিণ* প্রচুর; অনেক; প্রভূত; বহুল; বহু; অতিশয়; অত্যধিক। { *স.* বহু+ইষ্ঠ(ইষ্ঠন্)}

ভূয়োদর্শন, ভূয়োদর্শিতা, ভূয়োভূয়ঃ ⇒ ভূয়ঃ

ভূরি [ভুরি] *বিণ* অনেক; প্রচুর; অতিশয়; অত্যধিক (ভূরি ভূরি প্রমাণ)। ~**ভোজন** *বি* ১ গুরুতর আহার (ইহার কর্তৃপক্ষ আমাকে শুধু ভূরিভোজনে পরিতৃপ্ত করিতেন তাহা নহে—*শেহ*)। ২ বহু লোককে খাওয়ানো। ~**শ** *অব্য, ক্রিবিণ* প্রচুর; অনেক বার। { *স.* √ভূ+রি(ক্রিন্)}

ভূর্জ [ভুরজো] *বি* এক প্রকার কোমল বল্কলবিশিষ্ট গাছ। ~**পত্র** *বি* উক্ত গাছের বাকল (প্রাচীনকালে যা কাগজের পরিবর্তে ব্যবহৃত হতো)। ~**পাত** *বি* ভূর্জ বৃক্ষের বাকল (ভূর্জপাতে কাজল মসী দিয়া—*রঠা*)। { *স.*; *তুল. জ.* bircha; *তুল. ই.* birch}

ভূর্লোক [ভুরলোক্] *বি* মর্ত্যলোক; ভূলোক। { *স.* ভূ+লোক}

ভূশণ্ডি, ভূষণ্ড, ভূষণ্ডি ⇒ ভুশণ্ডি

ভূষ *(মবা.)* [ভুশ্] *বিণ* বিফল; বৃথা; নষ্ট; বিনষ্ট (আমি না করিলে সকলি হয় ভূষ—*ঘচ*)। { *স.* ভস্ম>}

ভূষণ, ভূষা [ভুশন্, ভুশা] *বি* ১ অলঙ্কার; গহনা; গয়না; সাজ-সজ্জা (দিনু আজি হার ভূষা, রত্ন আভরণ যা আছে আমার—*কায়*)। ২ শোভা; সৌন্দর্য। ৩ অলঙ্কৃতকরণ। **ভূষণপ্রিয়** *বিণ* অলঙ্কার ভালবাসে এমন; সাজসজ্জা করতে পছন্দ করে এমন। **ভূষিত** *বিণ* অলঙ্কৃত; সজ্জিত;

পরিশোভিত। **ভূষিতা** *স্ত্রী*। { *স.* √ভূষ্+অন(যুচ্), অ(অচ্)}

ভূষণাই [ভুশনাই] *বি* ভূষণা পরগনায় প্রস্তুত দামি কাপড়বিশেষ (বনাত মখমল পটু ভূষণাই খাসা—*রাসে*)। {ভূষণা+আই}

ভূষা ⇒ ভূষণ

ভ্রূকুটি, ভ্রূকুটী ⇒ ভ্রূ

ভৃগু [ভৃগু] *বি* ১ পর্বতের উপরিস্থ সমতলভূমি। ২ অতি উচ্চ খাড়া পাহাড়। ৩ অতিউচ্চ স্থান। ৪ প্রপাত। ৫ হিন্দু পুরাণোক্ত জনৈক মুনি। **~পতি** *বি* ভৃগুবংশের সর্বশ্রেষ্ঠ; পরশুরাম। **~পদচিহ্ন** *বি* (হিন্দু পুরাণে বর্ণিত) বিষ্ণুর বক্ষস্থ ভৃগু মুনির পদাঘাতের চিহ্ন। **~মান** *বি* সানুদেশ বিশিষ্ট (কৈলাস শিখর-শিরে ভীষণ শিখর ভৃগুমান—*মদ*)। { *স.* √ভ্রস্জ্+উ(কু)}

ভৃঙ্গ [ভৃঙগো] *বি* ১ ভ্রমর (গুরু ভৃঙ্গতুল্য, শিষ্য পতঙ্গ সমান—*সৈআ*)। ২ ফিঙে পাখি। ৩ লম্পট। ৪ বৃক্ষবিশেষ। **~প্রিয়া** *বি* মাধবীলতা। **~রাজ** *বি* ১ ভ্রমরশ্রেষ্ঠ। ২ ভীমরাজ পাখি। ৩ কেশের হিতকর শাকবিশেষ (ভৃঙ্গরাজ তৈল)। **~রোল** *বি* ভিমরুল। { *স.* √ভৃ+গ(গন্)}

ভৃঙ্গার [ভৃঙগার] *বি* ১ গাড়ু; ঝারি; পানির পাত্রবিশেষ (মধুর ভৃঙ্গারে কেন কর মদ্যপান—*নই*; ভৃঙ্গারের ভালে রাখে ঔষধ গুলিয়া—*হেমা*)। ২ অভিষেক-পাত্র (সফল মানস মানি আনি ভৃঙ্গারের পানি মলাদূর করে রম্ভাবতী—*কমু*)। ৩ ভৃঙ্গরাজ। { *স.* √ভৃ+আর(আরন্)}

ভৃঙ্গারিকা [ভৃঙগারিকা] *বি* ঝিঁ ঝিঁ পোকা। { *স.* ভৃঙ্গার+ক+আ(টাপ্)}

ভৃঙ্গী(–ঙ্গিন্), ভৃঙ্গি [ভৃঙগি] *বি* শিবানুচরবিশেষ (নন্দি-ভৃঙ্গি)। { *স.* ভৃঙ্গ+ঈ(ঙীষ্)}

ভৃত [ভৃতো] *বিণ* বেতনাদি দ্বারা পালিত সেবক। ২ ভরা; পূর্ণ। **~ক** *বিণ* বেতন গ্রহণকারী; বেতনভুক চাকর। □ *বি* বেতন। { *স.* √ভৃ+ত(ক্ত)}

ভৃতি [ভৃতি] *বি* ১ বেতন; মজুরি। ২ পালন; ভরণপোষণ। ৩ পূরণ। ৪ ভৃত্য (কহে আনি তব ভৃতি—*কমু*)। **~ভুক** *বিণ* বেতন গ্রহণকারী; বৃত্তিভুক। { *স.* ভৃ+তি(ক্তিন্)}

ভৃত্য [ভৃত্তো] *বি* বেতনভুক; চাকর; নফর। **ভৃত্যা** *বি স্ত্রী.* দাসী। { *স.* √ভৃ+য(ক্যপ্)}

ভৃশ [ভৃশ] *বিণ* ১ বহুল; সাতিশয়। ২ বার বার। { *স.* √ভৃশ্+অ(ক)}

ভৃষ্ট ⇒ ভর্জিত

ভেউ, ভেউ ভেউ [ভেউ, ভেউভেউ] *অব্য* ১ আকুল ক্রন্দনধ্বনি। ২ কুকুরের ডাক। { *ধ্বন্যা.*}

ভেউর, ভেঁউড় [ভেউর্, ভেঁ-] *বি* ১ ভেরী। ২ বৃহৎ বংশীবিশেষ (হুলাহুলি নৌকা বাহে বহুল বাজান। দুন্দুভি ভেউর ঢোল মেঘের গর্জন—*কাদৌ*; কুচের নাকারা বাজে ভেউর করনাল—*সৈহা*)। { *স.* ভেরী>}

ভেংচা [ভ্যাঙচা] *ক্রি* ভেংচানো। { *স.* ভঙ্গি>}

ভেংচানো [ভ্যাঙচানো] *ক্রি* উপহাস বিরক্তি প্রভৃতি সূচক বিকৃত মুখভঙ্গি করা। □ *বি* উক্ত অর্থে। **ভেংচি, ভেঙচি** *বি* উপহাসাদিসূচক বিকৃত মুখভঙ্গি। { *স.* ভঙ্গি+*বা.* আনো; ক্রিয়ারূপ—ভেংচাই, ভেংচাও, ভেংচায়, ভেংচান; *অক্রি*—ভেংচিয়ে, ভেংচালে, ভেংচাতে ইত্যাদি}

ভেঁউড় ⇒ ভেউর

ভেঁপু [ভেঁপু] *বি* বাঁশিবিশেষ (তালপাতার ভেঁপু; ছেলেরা আঁটি ঘষে ভেঁপু করে বাজায়—*কাসি*)। { *ধ্বন্যা.*}

ভেক[১] [ভেক্] *বি* মণ্ডূক; ব্যাঙ। **ভেকী** *স্ত্রী*। **~ভুক** *বি* সাপ। { *স.* √ভী+ক(কন্)}

ভেক[২], **ভেখ** [ভেক্, –খ্] *বি* সন্ন্যাসীর বা বৈরাগীর সাজ বা বৃত্তি। ২ ছদ্মবেশ; ভোল (আচ্ছা ভেক ধরেছে যা হোক—*নই*)। ৩ পরিচ্ছদ। **~ধারী** *বিণ* ১ সংসারত্যাগী; বৈরাগী। ২ ছদ্মবেশী; ভণ্ড; প্রতারক। { *স.* বেশ>}

ভেকট, ভেকটি, ভেকুট *(মবা.)* [ভেকট্, ভেকটি, ভেকুট্] *বি* ভেটকি মাছ (কাতলা ভেকুট—*ভারা*)। { *স.* ভেকট>}

ভেকসিন, ভ্যাকসিন [ভ্যাক্‌সিন্] *বি* টিকার ঔষধ (এ দিকে যে ভেকসিন নেই—*বোখা*)। { *ই.* vaccine}

ভেকা, ভেকো, ভেকুয়া [ভেকা, –কো, –কুয়া] *বিণ* কিংকর্তব্যবিমূঢ়; হতবুদ্ধি; হতভম্ব (ভেবাচেকা লাগিল ভুলিয়া হইনু ভেকো—*ভারা*; তোমার ব্যানের দৌরাত্ম্যে আমি আরো ভেকো হয়েছি—*দীমি*)। { *স.* ভেক+*বা.* আ, *বা.* উয়া>ও}

ভেকান্সি, ভ্যাকান্সি [ভ্যাকান্‌সি, –] *বি* কর্ম খালি; শূন্যপদ (একটা ভেকেন্সি আছে—*রাব*)। { *ই.* vacancy}

ভেকাসন [ভেকাশোন্] *বি* যোগাসনবিশেষ। { *ই.* ভেক+আসন}

ভেকুয়া, ভেকো ⇒ ভেকা

ভেখ ⇒ ভেক[২]

ভেঙানো, ভেঙ্গানো [ভ্যাঙানো, –ঙ্গানো] *ক্রি* মুখভঙ্গি করা; ভেংচানো (বক্তৃতায় কিছু কিচমিচ করিতে হয়, কিছু লম্ফঝম্প করিতে হয়, দুই একবার মুখ ভেঙ্গাইতে হয়—*বচ*)। { *স.* ভঙ্গি+*বা.* আনো; ক্রিয়ারূপ—ভেঙাই, ভেঙ্গাই, ভেঙাও, ভেঙ্গাও, ভেঙায়, ভেঙ্গায়, ভেঙান, ভেঙ্গান, ভেঙাস, ভেঙ্গাস; *অক্রি*—ভেঙিয়ে, ভেঙ্গিয়ে, ভেঙালে, ভেঙ্গালে, ভেঙাতে, ভেঙ্গাতে ইত্যাদি}

ভেজা ⇒ ভিজা[১] ও ভিজা[২]

ভেজানো[১] [ভেজানো] *ক্রি* ১ সিক্ত করা; আর্দ্র করা। ২ কোমল বা নরম করা; দয়ার্দ্র বা করুণাপরবশ করা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *বা.* ভেজা+আনো; ভেজাই, ভেজাও, ভেজায়, ভেজান, ভেজাস; *অক্রি*—ভেজাতে, ভেজালে, ভেজিয়ে ইত্যাদি}

ভেজানো[২], **ভেজান**[২] [ভ্যাজানো] *ক্রি* (কপাট দুয়ার প্রভৃতি) খিল না দিয়ে বন্ধ করা। □ *বি, বিণ* উক্ত অর্থে। □ *বি* প্রবেশ করানো; লাগানো। { *বা.* ভেজা+আনো; ভেজাই, ভেজাও, ভেজায়, ভেজান, ভেজাস; *অক্রি*—ভেজাতে, ভেজালে, ভেজিয়ে ইত্যাদি}

ভেজাল [ভ্যাজাল্] *বিণ* ১ মিশ্রিত; মেকি; খাঁটি নয় এমন (ভেজাল দুধ, ভেজাল ঘি)। □ *বি* ১ উৎকৃষ্ট দ্রব্যের সঙ্গে নিকৃষ্ট দ্রব্যের মিশ্রণ (ভেজাল দেওয়া)। ২ ঝামেলা; উৎপাত; উপদ্রব; বিশৃঙ্খলা (কী ভেজালে পড়ে গেলাম)।

{হি মেলজোল}

ভেট [ভেট্] *বি* ১ সওগাত; নজরানা; উপঢৌকন; উপহার (ঘৃত মধু ক্ষীর দধি ভেট পাহ নিরবধি—*কমু*)। ২ সাক্ষাৎ; মিলন; দর্শন; মোলাকাত (হুসেন থমেক দিয়া করি আইলা ভেট—*হেমা*)। {হি ভেট, ভেট্না}

ভেটকানো, ভ্যাটকানো [ভ্যাট্‌কানো] *ক্রি* ভেটকি মাছের মতো দাঁত বের করে বিদ্রূপের বা নির্বোধের হাসি হাসা। {স. ভেকট>ভেটক+আনো}

ভেটকি [ভেট্‌কি] *বি* মাছবিশেষ (ভেটকি মাছের মত চেহারা—*নই*)। ~ **মাছের মতো মুখ করা** *ক্রি* মুখ বিকৃত করা। {স. ভেকট>(বর্ণবিপর্যয়ে)ভেটকি}

ভেটা[১] [ভেটা] *ক্রি*১ সাক্ষাৎ করা; মিলিত হওয়া; মোলাকাত করা (হুসেনের শিশু কন্যাকে লইল লুটি। ঝাটে করি আনি দেহ রাজা গিয়া ভেটি—*হেমা*)। ২ ভেট বা উপঢৌকন পাঠানো (পঞ্চশ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে—*কৃও*)। □*বি* উক্ত অর্থে। {ভেট+আ}

ভেটা[২] *(মবা.)* [ভেটা] *বি* ভাঁটা; খেলার বল (গড়ায়া দিব সোনার ভেটা—*কমু*)। {স. বৃত্ত>}

ভেটেরা, ভাট্টারি [ভেটেরা, ভাট্‌টারি] *বিণ* সরাইরক্ষক; ভাতের তথা আহার্যের দোকানদার। **–খানা** *বি* ১ সরাই; চটি। ২ হোটেল; ভাতের বা খাদ্যের দোকান। {হি ভাটিয়ারা>}

ভেটেল, ভাটিয়াল [ভেটেল্, ভাটিয়াল্] *বিণ* যে নৌকা ভাটার মুখে যায় (ভেটেল পানসি—*প্যামি*)। {ভাটি+আল>ভাটিয়াল, >ভেটেল}

ভেড়া[১] [ভ্যাড়া] *বি*১ মেষ। ২ ব্যক্তিত্বহীন লোক। ভেড়ি, ভেড়ী *স্ত্রী*। ~ **করে রাখা** *ক্রি* পূর্ণ আয়ত্তে এনে কমজোর করে রাখা; সম্পূর্ণ বশে রাখা। **–কান্ত, ভ্যাড়াকান্ত** *বি* বোকার সেরা; আহাম্মক; নির্বোধ (ভ্যাড়াকান্ত, ভ্রান্তকান্ত বন্য বরাহবৎ বন বিচরণে ক্ষান্ত হলেন না—*দীমি*)। **–বানানো** *ক্রি* স্বামীকে সম্পূর্ণ বশে রাখা। **–র গোয়ালে আগুন লাগা** *ক্রি* প্রতিকার করার জেনা নেই অথচ অনর্থক কোলাহল হৈ-হল্লা। **–র পাল** *বি* ব্যক্তিত্বহীন লোক; যারা স্বাতন্ত্র্য রক্ষা করে চলতে পারে না বা জানে না; একজন যেদিকে যায় না বুঝে সবেই সেদিকে যায়। **ভেড়ুয়া, ভাড়ুয়া, ভেড়ো** *বি,বিণ*১ *(ব্য.)* ভীরু; মেষের প্রকৃতিযুক্ত পুরুষ; কাপুরুষ (বিট বিদূষক ভেড়ুয়া পাচক বামন বলেই মানব বড়—*সদ*; কাপুরুষ ভেড়ো নাম দিয়েছিলেন—*রাব*)। ২ *(ব্য.)* স্ত্রৈণ; স্ত্রীর বশীভূত। ৩ বাইজির দলের বাদ্যকর। **ভেড়ে** *বিণ* অপদার্থ; নির্বোধ; ভীরু; কাপুরুষ; স্ত্রৈণ। **ভেড়ের ভেড়ে** *বি* অধমের শেষ; অত্যন্ত ভীরু; সেরা স্ত্রৈণ। {স. ভীরু>ভেরা>ভেড়া}

ভেড়া[২], **ভেড়ানো** ⇒ ভিড়া

ভেড়ি [ভেড়ি] *বি* জলরোধের জন্য বাঁধ; পানি যাতে বের হয়ে না যায়, তার জন্য নির্মিত মাটির বাঁধবিশেষ (ভেড়ি যতই মজবুত করিয়া গাঁথা হউক না ইহা কাঁচা মাটির গাঁথুনি—*লোহ*)। {স. বেষ্টনী>বেড়ি>ভেড়ি}

ভেণ্ডার ⇒ ভেন্ডার

ভেতো ⇒ ভাত[২]

ভেত্তা [ভেত্‌তা] *বি,বিণ* ভেদক, ভেদকারী; ভেদকারক; ছিদ্রকারী। {স. √ভিদ্+তৃ(তৃচ)}

ভেদ [ভেদ্] *বি* বিদারণ; ছেদন (লক্ষ্যভেদ)। ২ পার্থক্য; ফারাক; বিরোধ (মতভেদ, বেদবুদ্ধি)। ৩ বিচ্ছেদ; মনোভঙ্গ; মনান্তর (ভেদ সৃষ্টি করা)। ৪ স্বাতন্ত্র্য (ভেদজ্ঞান)। ৫ রাজনৈতিক উপায়; ভিন্ন ভিন্ন দলের মধ্যে কলহ সৃষ্টি (ভেদনীতি)। ৬ প্রকাশ (রহস্য ভেদ করা)। ৭ ব্যাখ্যান (অর্থভেদ)। ৮ পরিবর্তন; বদল (বুদ্ধিভেদ)। ৯ বিশেষ; প্রকার; রকম; ধরন (রূপভেদ, অর্থভেদ)। ১০ দাস্ত; রেচন (ভেদবমি)। ১১ ভিতরের কথা; রহস্য (সে ভেদ আমি পিতার স্থানে পাইয়াছিলাম তাহা এক্ষণে তোমাদিগকে জ্ঞাত করা উপযুক্ত—*তামি*)। **~ক, ভেদী** *বি,বিণ* বিদারক; ছিদ্রকারী; উদ্‌ঘাটক; তত্ত্বাবিষ্কারক; তাত্ত্বিক। **–জ্ঞান, –বুদ্ধি** *বি* স্বাতন্ত্র্যজ্ঞান; পার্থক্যবোধ; বৈষম্যবোধ; সমদর্শিতার অভাব। **–ন** *বি* বিদারণ; ভেদকরণ। **–নীয়, ভেদ্য** *বিণ* ভেদনযোগ্য; ভেদনসাধ্য। ~ **প্রত্যয়** *বি* জাগতিক পদার্থসমূহ পৃথক এই জ্ঞান। **–-বিসংবাদ** *বি* ঝগড়া-বিবাদ (হৃত স্বাধীনতা পুনরুদ্ধারের জন্য ভেদ-বিসম্বাদ ভুলিয়া—*ওয়ালি*)। **ভেদা–** *বি* বৈষম্য। **ভেদিত** *বিণ* ভেদ করা হয়েছে এমন। {স. √ভিদ্+অ(ঘঞ্)}

ভেদবমি [ভেদ্‌বোমি] *বি* ওলাওঠা; বিসূচিকা; কলেরা রোগ। {ভেদ+বমি}

ভেদা, ভ্যাদা [ভ্যাদা] *বি* ১ মেনি মাছ; রয়না মাছ। ২ নির্বোধ প্রকৃতির লোক। {স. ভদ্র>}

ভেন্ডার, ভেণ্ডার [ভেন্‌ডার্] *বি* পণ্য বিক্রেতা; ফেরিওয়ালা। {ই vendor}

ভেপসা ⇒ ভাপ

ভেবড়ানো [ভ্যাব্‌ড়ানো] *ক্রি* ১ ভয়, বিস্ময় প্রভৃতিতে বিহ্বল বা হতবাক হওয়া বা করা। □*বি,বিণ* উক্ত অর্থে। **ভেবড়ে যাওয়া** *ক্রি* হতভম্ব হওয়া; চিন্তাকুল হওয়া (আমি এই ব্যাপার দেখে ভেবড়ে গিয়েছিলাম—*প্রচৌ*)। {√ভেবড়া+আনো; ক্রিয়ারূপ---ভেবড়াই, ভেবড়াও, ভেবড়ায়, ভেবড়ান; *অক্রি*—ভেবড়িয়ে, ভেবড়াতে, ভেবড়ালে ইত্যাদি}

ভেবা, ভ্যাবা [ভ্যাবা] *বিণ*১ হাবলা; বোকা। ২ বিহ্বল; হতভম্ব। ~ **গঙ্গারাম** *বি* সম্পূর্ণ নির্বোধ লোক; হাঁদা। **–চেকা** *বি* হতবুদ্ধিতা; হতবুদ্ধি বা বিহ্বল অবস্থা। **–চেকা খাওয়া/লাগা** *ক্রি* কিংকর্তব্যবিমূঢ় হওয়া; বিমূঢ় হওয়া; হতভম্ব হওয়া। **ভেবান** *বি* ছাগল ভেড়ার ডাক। {*ধ্বন্যা.* হাবা>ভ্যাবা}

ভেমো [ভেমো] *বিণ* বোকা (তুই গুওড়া বড় ভেমো আমি আর শুনতে চাই না—*দীমি*)। {হাবা>}

ভেয়ান ⇒ ভিয়ান

ভেরন, ভেরেণ্ডা, ভ্যারেণ্ডা [ভেরন্, ভ্যারেন্‌ডা, –] *বি* ভেরেণ্ডা গাছ; রেড়ি গাছ। {স. এরণ্ড>}

ভেরি, ভেরী [ভেরি] *বি* ঢাক; পটহ; বাদ্যযন্ত্রবিশেষ (বাজএ রণশিঙ্গা খমক ভেরি—*রাপ*)। {স. √ভী+রি(ক্রিন্)+ঈ(ঙীষ্)}

ভেরুয়া [ভেড়ুয়া] *বি* ভেলা (কষ্টের ভেরুয়া বান্দি সমুদ্রে

ভাসিনু—*সৈআ*)। { *স.* ভেল+ *বা.* উয়া> }

ভেরে আসা [ভেরে আশা] *ক্রি* ভার হয়ে আসা; জড়িয়ে আসা; ভারী হয়ে ওঠা (চোখ ঘুমে ভেরে আসে—*রঠা*)। **ভেরে যাওয়া** *ক্রি* ভারী হয়ে যাওয়া; ভারী হওয়ায় ক্লান্তিবোধ (মায়ের হাত ভেরে যাবে—*অঠা*)। { *স.* ভার=√ভৃ+অ(ঘঞ) }

ভেরেণ্ডা [ভ্যারেন্‌ডা] *বি* এরণ্ড গাছ; রেড়ি গাছ (কাঁচের মতন পাখা এ ঘাসের গায়ে ভেরেণ্ডা ফুলের নীল বুলাতেছে—*জীদা*)। ~ **ভাজা** *ক্রি* ১ নিরর্থক কাজে সময় কাটানো (আমরা বসে বসে কি ভেরেণ্ডা ভাজব—*বজলু*)। ২ বেকার থাকা; কিছু উপার্জন না করা। { *স.* এরণ্ড> }

ভেল[১], **ভেলি** [ভেল, ভেলি] *ক্রি* হলো (সকলি গরল ভেল—*চদা*)। **ভেলি** *স্ত্রী.* (ধনি মন্দির বাহির ভেলি)। { *স.* √ভূ> (*ব্র.*) অতীত কালে প্রথম *পু. একব* }

ভেল[২] [ভেল] *বিণ* কৃত্রিম; ভেজাল (ভেল দুধ)। ❑ *বি,বিণ* মিশ্রিত (পিপুল পাতের পানে খিলি বানাইল, এলাচ লবঙ্গ গুয়া ভেল করে দিল—*দীমি*)। { *স.* মেল> }

ভেলক [ভেলক্] *বি* ভেলা; ডোঙ্গা। { *স.* √ভী+র(রন্)+ক(কন্), (র>ল) }

ভেলকি, ভেল্কি, ভেল্কী [ভেলকি] *বি* ১ জাদু; ভোজবাজি; ইন্দ্রজাল; magic (শাস্ত্রকে ডিঙ্গিয়ে গেল তার ভেলকি—*রঠা*; চেয়ে রবে ফেলফেল ভেল্কীর প্রায়—*ভারা*; লাগ ভেলকি লাগ, চোখে মুখে লাগ)। ২ ধোঁকা। ~**বাজি** *বি* জাদুর খেলা; ভোজবাজি; ম্যাজিক। ~ **লাগা** *ক্রি* ভেলকি দেখে অবাক হওয়া। { *স.* ভ্রমকৃতি> }

ভেলভেল, ভ্যালভ্যাল [ভ্যালভ্যাল] *বিণ* শূন্যদৃষ্টি; ফ্যালফ্যাল দৃষ্টি; নির্নিমেষ দৃষ্টি; বিস্ময় বা বিমূঢ় দৃষ্টি (বীরগণ চায় ভেলভেল—*কমু*)। { ফ্যালফ্যাল> }

ভেলসা, ভ্যালসা [ভ্যাল্‌শা] *বিণ* নরম; নানাদ্রব্য মিশ্রিত করে নরম করা হয়েছে এমন (ভেলসা তামাক; যেমন গাঁজার ভ্যালসা—*দীমি*; মিঠে কড়া ভ্যালসা অম্বরি—*কাসি*)। { ভেল(কৃত্রিম)+সা(সাদৃশ) }

ভেলা[১] [ভ্যালা] *বি* কলাগাছ কাঠ ইত্যাদি একত্র বেঁধে প্রস্তুত জলযান (অকূল মাঝে ভাসিবে কে গো ভেলার ভরসায়—*রঠা*)। –**য় সাগর পার হওয়া** *ক্রি* সাধ্যাতীত কাজে সফল হওয়া। { *স.* ভেল, ভেলক> }

ভেলা[২] [ভ্যালা] *বি* একপ্রকার ফল বা তার বীজ, যার রসে কাপড় চিহ্নিত করা হয়। { *স.* ভল্লাতক> }

ভেলি, ভেলী [ভেলি] *বি* মিছরির মতো পিণ্ডাকার গুড়; ঝোলা নয় এমন গুড়; ভেলি গুড়। { বালুয়া> বেলে> }

ভেল্কি, ভেল্কী ⇒ ভেলকি

ভেশ (*মবা.*) [ভেশ্] *বি* বেশ; পোশাক; সাজসজ্জা (যাহার যেমত যোগ্য সাজিল বিশেষ নানা রঙ্গ অঙ্গরাগ পরিধান ভেশ—*কাদৌ*)। { *স.* বেশ> }

ভেষজ [ভেশজ] *বি* ওষুধ; রোগনাশক গাছ–গাছড়া (গ্রীক পণ্ডিতদের চিকিৎসা ও ভেষজ গ্রন্থগুলি আরবীতে অনূদিত হয়—*আম*)। – **দ্রব্য** *বি* যেসব গাছ–গাছড়া ও লতাপাতা থেকে ওষুধ তৈরি হয়। **ভেষজাঙ্গ** *বি* ওষুধের অনুপান। { *স.* ভেষ+√জি+অ(ড) }

ভেসকা ⇒ ভসকা

ভেসাল [ভ্যাশাল্] *বি* জেলেদের মাছ ধরার একপ্রকার জাল (ভেসাল মেলে জেলের ছেলে ঢুলছে ঘুমে হায়—*জউ*)। { ভাসা+আল> }

ভেস্ত [ভেস্‌তো] *বি* বেহেশ্‌ত; স্বর্গ (ভেস্ত নাজেল হৌক—*জউ*)। **ভেস্তে যাওয়া** *ক্রি* পণ্ড বা নষ্ট হওয়া; ফেঁসে যাওয়া; উলট–পালট হওয়া (সব আয়োজন ভেস্তে গেছে)। { *ফা.* বিহিশ্‌ত بهشت }

ভেস্তা [ভেস্‌তা] *বিণ* বিপর্যস্ত; পণ্ড; নষ্ট (সাত নকলে আসল ভেস্তা)। –**নো** *ক্রি* ১ বিপর্যস্ত করা; নষ্ট হওয়া। ❑ *বি,বিণ* উক্ত অর্থে। { *স.* ভ্রষ্ট> }

ভৈরো [ভোঁইরো] *বি* ১ সঙ্গীতের রাগবিশেষ। ২ প্রভাত যা গাওয়া হয়। { *স.* ভৈরব> }

ভৈক্ষ ⇒ ভৈক্ষ্য

ভৈক্ষ্য, ভৈক্ষ [ভোইক্‌খো] *বিণ* ১ ভিক্ষা দ্বারা প্রাপ্ত; ভিক্ষালব্ধ। ❑ *বি* ১ সন্ন্যাসাশ্রম; ভিক্ষুধর্ম; সন্ন্যাস। ৩ ভিক্ষা; ভিক্ষান্ন; ভিক্ষাসমূহ। **ভৈক্ষ্যচর্যা** *বি* ভিক্ষাবৃত্তি। **ভৈক্ষ্যজীবী** (–বিন্) *বি* ভিক্ষুক; যে ভিক্ষা দ্বারা জীবিকা অর্জন করে। { *স.* ভিক্ষা+য(ষ্যঞ), অ(অণ্) }

ভৈন [ভোইন্] *বি* ভগিনী; বোন (মা ভৈন কি নাই তোর ওরে লক্ষ্মীছাড়া—*পূগী*)। { *স.* ভগিনী> }

ভৈরব [ভোইরব্] *বি* ১ হিন্দুদেবতা শিব বা শিবের রুদ্রমূর্তি। ২ নদবিশেষ। ৩ সঙ্গীতের একটি রাগিণী। ৪ ভয়ঙ্কর কোলাহল (পালে পালে শৃগাল আইল অসংখ্য কুক্কুর। লঙ্কা পুরিল ভৈরবে—*মদ*)। ❑ *বিণ* ভয়ঙ্কর; ভীষণ (ভৈরব গর্জন; সে চিতা–বহ্নি অতি ভৈরব—*রঠা*)। **ভৈরবী** *বি স্ত্রী.* ১ হিন্দু পুরাণোক্ত দশ মহাবিদ্যার অন্যতম মূর্তি। ২ শৈব সম্প্রদায়ের সন্ন্যাসিনী। ৩ সঙ্গীতের একটি রাগিণী (যাঁর সুরের দৌড় শুধু ঋষ পর্যন্ত পৌঁছায় তিনিও জানেন যে, ভৈরবীর সময় হচ্ছে সকাল আর পুরবীর বিকাল—*প্রচৌ*; কণ্ঠে বাজে ললিত ভৈরবী কুহরে যেমন পাখী—*জউ*)। ❑ *বিণ* প্রচণ্ড; ভীষণ; ভয়ঙ্করী। **ভৈরবী চক্র** *বি* তান্ত্রিক সাধনার এক প্রকার পদ্ধতি বা আসন। ২ তান্ত্রিক সাধকদের একত্রে সাধন–পদ্ধতি অনুযায়ী মদ্য পান। { *স.* ভীরু+অ(অণ্) }

ভৈল (*মবা.*) [ভোইলো] *ক্রি* হলো (আকুল গোকুললোক ভৈল—*চদা*)। { *স.* √ভূ+ *বা.* ইল(অতীতকালের বিভক্তি) }

ভৈষজ ⇒ ভৈষজ্য

ভৈষজ্য, ভৈষজ [ভোইশজ] *বি* ১ ঔষধ; চিকিৎসা। ২ আয়ুর্বেদীয় চিকিৎসা। **ভৈষজ উদ্যান** *বি* যে বাগানে আয়ুর্বেদীয় বৃক্ষলতাদি উৎপন্ন হয়। { *স.* ভেষজ+য(ঞ্য), অ(অণ্) }

ভো [ভো] *অব্য* সম্বোধনসূচক শব্দ (ভো রাজন, ভো নভোমণ্ডল)। { *স.* ভোঃ }

ভোঁ[১] [ভোঁ] *অব্য* ১ মক্ষিকাদির পাখার শব্দ (মশাগুলি ভোঁ ভোঁ করছে)। ২ হুইসল (কলের ভোঁ বাজা)। ৩ ঘূর্ণন ইত্যাদির শব্দ। ৪ দ্রুত বেগসূচক আওয়াজ। ~**দৌড়** দ্রুতবেগে পলায়ন। { *ধ্বন্যা.* }

ভোঁ[২] [ভোঁ] *বিণ* বিভ্রান্ত; বিহ্বল; বিভোর (একটা তুরীয় অবস্থাতে গিয়ে পৌঁছে আনন্দে ভোঁ হয়ে বসে থাকে—

অঠা)। {*স.* ভ্রম>ভোম>ভোঁ}

ভোঁটকা [ভোঁটকা] *বি* এক প্রকার দুর্গন্ধ (মদের ভোঁটকা গন্ধে কামরা ভরে গেল—*জয়েন*)। {বোটকা>}

ভোঁতড়া, ভোঁদড়া, ভুতুড়ি [ভোঁতড়া, ভোঁদড়া, ভুতুড়ি] *বি* দেহের বর্জনীয় অংশ—নাড়িভুঁড়ি। {*স.* বৃন্ত> *বা.* ভুঁতি>}

ভোঁতা [ভোঁতা, ভো-] *বিণ* ১ চালাক নয় (সায়েব ভোঁতা, না ঘড়েল ডিপ্লোম্যেট ঠিক বুঝতে পারলুম না—*সৈমু*)। ২ ধারশূন্য (ভোঁতা তীর মচকানো ধনুক নিয়ে কে কবে লক্ষ্য ভেদ করেছে—*অঠা*; তোরা কি সুখ পাস এমন বেদিলের মতন বেদশা খায়ে ভোতা ছুরি রগড়ে—*নই*)। **ভোঁতা মুখ ~ করা** *ক্রি* স্তব্ধ করা; বার বার লজ্জা দেওয়া। {*স.* ব্যাহতা>ভোঁতা}

ভোঁদড় [ভোঁদোড়] *বি* উদ্বিড়াল জাতীয় জন্তু; উদ্‌বিড়াল; উদ। {*স.* উদ্র>}

ভোঁদা, ভুঁদো [ভোঁদা, ভুঁদো] *বিণ* ১ স্থূলকায়; মোটা; মাংসল। ২ স্থূলবুদ্ধি; নির্বোধ। □ *বি (অশি.)* স্ত্রীযোনি। **ভোঁদাই** *বিণ* স্থূলবুদ্ধি সম্পন্ন। **ভুঁদি** *স্ত্রী.*। {*হি* ভোংদু}

ভোঁস ভোঁস [ভোঁশ্‌ভোঁশ্] *অব্য* (অনুকার) নিশ্বাস-প্রশ্বাসের শব্দ; নিদ্রাকালে নাসিকা গর্জন। {*ধ্বন্যা.*}

ভোক, ভুক [ভোক্, ভু-] *বি* ক্ষুধা; ভুখ (ভোকেতে না খায় ভাত পিয়াছেতে নীর—*গরীব*)। {*স.* বুভুক্ষা>}

ভোক্তব্য [ভোক্‌তোব্‌বো] *বি* ভক্ষণীয়; ভক্ষ্য। □ *বিণ* উপভোগযোগ্য; উপভোগ্য। {*স.* √ভুজ্+তব্য}

ভোক্তা [ভোক্‌তা] *বি, বিণ* ১ যে ভোগ করে; উপভোগকারী (যাঁরা শান্তিদাতা তাঁহারাই ভোক্তা—*মীম*)। ২ যে ভোজন করে; ভক্ষক। □ *বিণ* ১ ভোগী (পাত্র ভেদে দর্শক শ্রোতা ও ভোক্তার ওপরে কলাসমূহের প্রতিক্রিয়া এক এক রকম হয়ে থাক—*অঠা*)। ২ ধর্মভক্ত। **ভোক্ত্রী** *স্ত্রী.*। {*স.* √ভুজ্+তৃ(তৃচ)}

ভোগ [ভোগ্] *বি* ১ সুখ দুঃখ ইত্যাদির অনুভূতি (সুখভোগ)। ২ ক্লেশাদি সওয়া; দুর্ভোগ; ভোগান্তি (রোগভোগ; এতো ভোগও কপালে ছিল)। ৩ উপভোগ (বিষয় ভোগ, ভোগে আসা)। ৪ ইন্দ্রিয় সেবা (ভোগবিলাস)। ৫ (হিন্দুদের) দেবতাকে নিবেদিত ভোজ্য বস্তু; নৈবেদ্য। ৬ সাপ। ৭ সাপের ফণা। **~গৃহ** *বি* ১ বাসগৃহ; শয়নগৃহ। ২ হিন্দু দেবতার ভোগ দেওয়ার ঘর। **~তৃষ্ণা, ~পিপাসা** *বি* সুখ বা বিষয় ভোগের প্রবল ইচ্ছা। **~দখলকার, ~দখলিকার** *বিণ* ভোগ দখল করার পূর্ণ অধিকার রয়েছে এমন (পুত্র-পৌত্রাদিক্রমে ভোগদখলাধিকার—*মব*)। **~দেহ** *বি* মরণের পর যে সূক্ষ্ম দেহ কর্মফল ভোগ করে। **~পাল** *বি* ধনরক্ষক। **~বিলাস** *বি* সুখ ও ঐশ্বর্য ভোগ। {*স.* √ভুজ্+অ(ঘঞ্)}।

ভোগবতী [ভোগোবোতি] *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত পাতালে প্রবাহিত গঙ্গা নদী। {*স.* ভোগবৎ+ঈ(ঙীপ্)}

ভোগা[১] [ভোগা] *বি* ফাঁকি; ধোঁকা; প্রতারণা; প্রবঞ্চনা (ভোগা দেওয়া; তা আমাকে ভোগা দিয়ে ওর কি লাভ—*কাই*)।

ভোগা[২], **ভুগা** [ভোগা, ভু-] *ক্রি* দুঃখ কষ্ট রোগ ইত্যাদি ভোগ করা; ক্লেশ বা দুঃখ পাওয়া। □ *বি* উক্ত অর্থে। **ভোগানো** *ক্রি* দুঃখ দেওয়া। □ *বি* উক্ত অর্থে। **ভোগানি** *বি* দুঃখভোগ; ব্যথা দুঃখ কষ্ট যন্ত্রণা পাওয়া (এই ভোগানিতে বাছা আমার দুর্বল হয়ে গেছে—*সুবি*)। **ভোগান্তি** *বি* চরম ক্লেশ। **ভোগানে** *বি* ভোগায় এমন; কষ্টদায়ক। **ভোগান্ত, ভোগান্তি** *বি* দুর্ভোগ। {*স.* √ভুজ্+অ(ঘঞ্)+*বা.* আ}

ভোগানে [ভোগানে] *বিণ* ভোগায় এমন, কষ্টদায়ক। {*স.* ভোগ+*বা.* আনি>আনে}

ভোগান্ত, ভোগান্তি [ভোগান্‌তো, –তি] *বি* দুর্ভোগ; দুঃখভোগ; ভোগের শেষ; নিদারুণ বা কষ্টদায়ক ভোগ (ভোগান্তির একশেষ)। {*স.* ভোগ+*বা.* অন্ত, আন্তি}

ভোগায়তন [ভোগায়োতন] *বি* সুখদুঃখাদি ভোগের আধার দেহ। {*স.* ভোগ+আয়তন}

ভোগার্হ [ভোগার্‌হো] *বিণ* ১ উপভোগের যোগ্য; ভোগের উপযোগী। ২ সম্পত্তি; ধন। {*স.* ভোগ+অর্হ}

ভোগাসক্ত [ভোগাশক্‌তো] *বিণ* ঐহিক সুখে অনুরক্ত; ভোগ-বিলাসে সংসক্ত। **ভোগাসক্তি** *বি* ভোগ-বিলাসের প্রতি আসক্তি। {*স.* ভোগ+আসক্ত}

ভোগী (–গিন্) [ভোগি] *বিণ* ভোগ করে এমন; বিলাসী; সুখী। □ *বি* ১ গ্রামের প্রধান; রাজা। ২ নাপিত। ৩ সাপ। ৪ অশ্লেষা নক্ষত্র। **ভোগিনী** *বিণ স্ত্রী.*। {*স.* ভোগ+ইন্(ইনি)}

ভোগৈশ্বর্য [ভোগোইশ্‌শর্‌জো] *বি* সুখ সম্পদ। {*স.* ভোগ+ঐশ্বর্য; *দ্বন্দ্ব.*}

ভোগোত্তর [ভোগোত্‌তর] *বি* ভোগের জন্য প্রদত্ত ভূমি। {*স.* ভোগ+উত্তর; *তুল.* দেবোত্তর}

ভোগ্য [ভোগ্‌গো] *বিণ* ভোগের উপযুক্ত, উপভোগের যোগ্য। **ভোগ্যা** *স্ত্রী.*। {*স.* √ভুজ্+য(ণ্যৎ)}

ভোচকানি, ভুচকুনি [ভোচ্‌কানি, ভুচ্‌কুনি] *বি* অত্যধিক ক্ষুধার ফলে সংজ্ঞাহারা অবস্থা; অবসন্নতা। {*স.* বুভুক্ষা>ভুক্ষা>ভুক্>ভোচ+ক+আনি, উনি}

ভোজ[১] [ভোজ্] *বি* ভোজনোৎসব; বহুলোকের একত্রে আহার; জিয়াফত। ২ বিপুল আহার্য বস্তুর সমাবেশ (এ যে দেখছি রীতিমত ভোজ); ভোজনকারী। {*স.* ভোজ্য>}

ভোজ[২] [ভোজ্] *বি* ১ প্রাচীন ভারতের মালব দেশের অন্তর্গত রাজ্য; ঐ দেশের জনৈক ইন্দ্রজালবিদ্যায় পারদর্শী রাজা। **~বাজি, ~বাজী, ~বিদ্যা** *বি* জাদুর খেলা; ইন্দ্রজাল (নানারকম ভোজবাজিতে বিশ্বাস কবিদের রচনায় সুস্পষ্টভাবে প্রকাশ পেয়েছে—*আনিঅ*)। {*স.* √ভুজ্+অ(ঘঞ্)}

ভোজং, ভুজুং, ভাজুং [ভোজঙ্, ভুজুঙ্, ভাজুঙ্] *বি* কুমন্ত্রণা; কুপরামর্শ। {বুঝন>}

ভোজন [ভোজোন্] *বি* ১ ভক্ষণ; আহার। ২ ভোজ; জিয়াফত (বনভোজন)। ৩ খাওয়ানো (কাঙ্গালি ভোজন)। ৪ ভোজ্য দ্রব্য। **~পটু** *বিণ* অত্যধিক আহার্য গ্রহণে বা অধিক ভোজনে সমর্থ; ভোজনবিশারদ। **~পাত্র** *বি* খাবার থালা; বরতন; প্লেট; বাসন। **~বিলাসী** *বিণ* খাদ্য বা খাওয়ার ব্যাপারে শৌখিন; পেটুক। **~শালা, ভোজনাগার** *বি* খাবার ঘর; হোটেল; যে স্থানে আহার্য গ্রহণ করা হয়। {*স.* √ভুজ্+অন(ল্যুট্)}

ভোজপুরি, ভোজপুরী [ভোজ্‌পুরি] *বিণ* ১ ভোজপুর নামক স্থানে উৎপন্ন। ২ ভোজপুরের অধিবাসী বা বাসিন্দা; ভোজপুর থেকে আগত (ভোজপুরি দারোয়ান)। {*স.* ভোজপুর+*বা.* ই, ঈ}
ভোজবাজি, ভোজবাজী ⇒ ভোজ²
ভোজবিদ্যা [ভোজ্‌বিদ্‌দা] *বি* ইন্দ্রজাল; ভেলকি; জাদুর খেলা; ম্যাজিক। {*স.* ভোজ+বিদ্যা}
ভোজয়িতা [ভোজোয়িতা] *বিণ* খাওয়ায় এমন; আহার্য প্রদানকারী। **ভোজয়িত্রী** *বিণ স্ত্রী.*। {*স.* √ভুজ্‌+ণিচ্‌+তৃ(তৃচ)}
ভোজরি [ভোজ্‌রি] *বি* স্বর্ণকারের বেঁধনযন্ত্র। {ভুজালি>}
ভোজলি, ভোজালি ⇒ ভুজালি
ভোজী (–জিন্‌) [ভোজি] *বিণ* খায় এমন; ভোজনকারী (তৃণভোজী)। **ভোজিনী** *বিণ স্ত্রী.*। {*স.* √ভুজ্‌+ইন(ণিনি)}
ভোজ্য [ভোজ্‌জো] *বি, বিণ* ১ ভোজনযোগ্য খাদ্য; খাবার। ২ হিন্দু সমাজে মৃত পিতৃপুরুষের তৃপ্তির জন্য দেয় অন্নাদি। {*স.* √ভুজ্‌+য(ণ্যৎ)}
ভোট¹ [ভোট্‌] *বি* ভুটান দেশ। □ *বিণ* ভুটান দেশীয় (ভোট কম্বল)। **–কম্বল** *বি* ভুটানি বা তিব্বতি কম্বল (মন্ত্রীর গলায় রাজার দেওয়া কণ্ঠমালা পণ্ডিতের গায়ে রাণীর দেওয়া ভোটকম্বল—*অঠা*)। {*স.* ভোট}
ভোট² [ভোট্‌] *বি* নির্বাচনে জ্ঞাপিত মত। **ভোটার** *বি* ভোটদাতা। **ভোটাভুটি** *বি* ভোটদানের ব্যাপার। {*ই* vote}
ভোড়ং, ভোরঙ্গ [ভোড়ঙ্‌, -রঙ্‌গো] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (তার পশ্চাৎ এক শ ঢোল; সানাই ভোড়ং ও ভেঁপু—*কাসি*)। {*ধ্বন্যা.*}
ভোতা ⇒ ভোঁতা
ভোদা [ভোদা] *(অশি.) বি* যোনি; স্ত্রীযৌনাঙ্গ। {*আ.* বুদ্‌য়াহ بضعة }
ভোম, ভোঁ [ভোম্‌, ভোঁ] *বিণ* বিহ্বল; চুর; মাতোয়ারা; মাতাল; মত্ত (মদ খেয়ে ভোম হয়ে আছে)। {*স.* ভ্রম>}
ভোমর¹ [ভোমোর্‌] *বি* কাঠ ছিদ্র করবার যন্ত্রবিশেষ; তুরপুন; drill। {*স.* ভ্রমরক>}
ভোমর², ভোমরা ⇒ ভ্রমর
ভোমা [ভোমা] *বিণ* ১ নির্বোধ; বোকা। ২ হতভম্ব; হতবুদ্ধি। {*স.* ভম্ব>}
ভোর¹ [ভোর্‌] *বি* ১ উষা; প্রত্যুষ; ভোরবেলা (ভোর বেলা)। ২ প্রভাত; নিশাবসান (রাত ভোর হলো)। ৩ অবসান; সমাপ্তি (নিশিভোর)। ৪ সম্পূর্ণ; শেষ (এবার বাজী ভোর হইল—*রাসে*)। {*স.* √ভৃ>}
ভোর² [ভোর্‌] *বিণ* বিভোর; মত্ত; অভিভূত; তন্ময় (চণ্ডীদাসে কয় ব্যাধি সমাধি নয় দেখিয়া হইনু ভোর—*চদা*)। {*স.* বিহ্বল>ভোল>ভোর}
ভোর³ [ভোর্‌] ব্যাপী; সমগ্র (জীবনভোর, রাতভোর); পরিমিতি (তোলাভোর) প্রভৃতি অর্থজ্ঞাপক শব্দ যা প্রত্যয়ের মত ব্যবহৃত হয়। {*স.* √ভৃ>}
ভোরঙ্গ [ভোরঙ্‌গো] *বি* বাদ্যযন্ত্রবিশেষ (খনখন বাজে ভোরঙ্গ ভমভম—*অঠা*)। {*ধ্বন্যা.*}
ভোরা, ভোরি [ভোরা, ভোরি] *বিণ* মত্ত; বিভোর (দুহু মুখ হেরি দুহুঁ ভোরি—*জ্ঞাদা*)। {ভোর²+আ, ই}
ভোরাই [ভোরাই] *বি* ১ প্রত্যুষে আবৃত্তি বা গান করার উপযুক্ত স্তব বা গান। □ *বিণ* প্রভাতী (আলপনা দেয় আলতো বাতাস ভোরাই সুরে মনভোলা—*সদ*)। {ভোর+আই}
ভোরি ⇒ ভোরা
ভোল¹ [ভোল্‌] *বি* ১ সাজ; বেশ; পরিচ্ছদ (ভোল বদল্যানো)। ২ ছদ্মবেশ (ভোল ধরা)। ৩ ছলনা; ছল; বেশ পরিবর্তন; ভোল পালটানো (সামান্য বেশ্যার ভোলে অজামিল মুনি—*ঘচ*)। {*স.* ভ্রম>; ভেলকি>ভোলা}
ভোলা, ভুলা [ভোলা, ভু–] *ক্রি* ১ ভুল করা (রাস্তা ভোলা)। ২ মুগ্ধ হওয়া (ছবি দেখে ভোলা)। ৩ বিস্মৃত হওয়া (কাজ করতে ভোলা)। □ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ সহজে ভুলে যাওয়া। □ *বিণ* ১ বিস্মৃত। ২ আত্মবিস্মৃত। ৩ বিহ্বল; বিভোর। ৪ সহজে ভুলে যায় এমন। **ভোলানো, ভুলানো** *ক্রি* ১ মুগ্ধ করা। ২ অন্য দিকে আকৃষ্ট করে শান্ত করা। ৩ স্তোকবাক্যে প্রবঞ্চনা করা বা ঠকানো (ভুলিয়ে কাজ সারা)। □ *বি* ১ উক্ত সকল অর্থে। ২ যা দিয়ে ভুলানো যায়। **ভোলানাথ** *বি* (হিন্দু দেবতা) শিব। **ভোলানি, ভুলানি, ভুলুনি, ভুলানে** *বি, বিণ স্ত্রী.* যে মোহিত করে; যে ভুলায়। **ভোলানে, ভুলুনে** *বি, বিণ পু.* যে ভুলায়। **ভোলী** *বিণ স্ত্রী.* বিহ্বল। {*স.* বিহ্বল>*বা.* ভোল+আ}
ভৌত, ভৌতিক [ভোউতো, –তিক্‌] *বিণ* ১ পদার্থ বা ভূতসম্পর্কিত। ২ ভুতুড়ে। ৩ পঞ্চভূত সংক্রান্ত; material। {*স.* ভূত+অ(অণ্‌), ইক(ঠক্‌)}
ভৌম [ভোউমো] *বি* ১ আকাশ; অম্বর। ২ মঙ্গল গ্রহ। □ *বিণ* ভূমিজাত; ভূমি থেকে উৎপন্ন। ৪ ভূমিসম্পর্কিত। **–জল** *বি* ভূগর্ভস্থ পানি। **ভৌমী** *বিণ* ১ ভূমি হতে উদ্ভূতা; রামায়ণ অনুযায়ী ভূমি–উদ্ভূতা সীতা। ২ ভূমিজাতা বা প্রসূতা। ৩ ভূমিসম্পর্কীয়া। {*স.* ভূমি+অ(অণ্‌)}
ভৌমিক [ভোউমিক্‌] *বি* ১ ভূম্যধিকার, ভূস্বামী। ২ উপাধিবিশেষ (চিত্তরঞ্জন ভৌমিক)। {*স.* ভূমি+ইক(ঠক্‌)}
ভ্যা [ভ্যা] *অব্য* ১ ছাগলের ডাক; ভেড়ার ডাক। ২ ক্রন্দন ধ্বনি। {*ধ্বন্যা.*}
ভ্যাংচানো ⇒ ভেংচানো
ভ্যাঁপসা ⇒ ভাপ
ভ্যাকসিন ⇒ ভেকসিন
ভ্যাকান্সি ⇒ ভেকান্সি
ভ্যাজাল ⇒ ভেজাল
ভ্যাদা ⇒ ভেদা
ভ্যান ভ্যান, ভ্যাদ ভ্যাদ, ভ্যানর ভ্যানর [ভ্যান্‌ভ্যান্‌, ভ্যাদ্‌ভ্যাদ্‌, ভ্যানোর্‌ভ্যানোর্‌] *অব্য* ১ মশামাছির একটানা বিরক্তিকর গুঞ্জন (মাছি ভ্যান ভ্যান করছিল—*শও*)। ২ ক্রমাগত অনভিপ্রেত অনুরোধ ধ্বনি (একশ বার কানের কাছে ভ্যান ভ্যান করছ কেন?)। {*ধ্বন্যা.*}
ভ্যানিটি ব্যাগ [ভ্যানিটি ব্যাগ্‌] *বি* মেয়েদের হাতব্যাগ বা থলে (ভ্যানিটি ব্যাগ হাতে ঝুলিয়ে বেরিয়ে আসে রেহানা—*নীই*)। {*ই* vanity bag}
ভ্যাপসা ⇒ ভাপ

ভ্যাবলা ⇒ হাবলা

ভ্যাবা, ভ্যাবাগঙ্গারাম, ভ্যাবাচেকা ⇒ ভেবা

ভ্যালসা ⇒ ভেলসা

ভ্যালা [ভ্যালা] *বিণ* বিদ্রূপ বিরক্তি প্রশংসা প্রভৃতিতে 'ভালো' শব্দের বিকৃত রূপ; বলিহারী; ভালো; সাবাস; বেড়ে (ভ্যালা মোর ভাই)। {*স.* ভদ্র>ভাল>}

ভ্যাসকা ⇒ ভসকা

ভ্যাস্তা ⇒ ভেস্তা

ভ্রংশ [ভ্রোঙ্‌শো] *বি* ১ নাশ; ধ্বংস (বুদ্ধিভ্রংশ)। ২ চ্যুতি; পতন; স্খলন (জাতিভ্রংশ)। **–ন** *বি* ১ ভ্রংশ; চ্যুতি; পতন; স্খলন। ২ ভ্রষ্টকরণ। **ভ্রংশিত** *বিণ* ১ বিচ্যুত; স্খলিত; অধঃপতিত। ২ বিনষ্ট; বিধ্বস্ত। {*স.* √ভ্রন্‌শ্‌+অ(ঘঞ)}

ভ্রম [ভ্রোমো] *বি* ১ ভ্রান্তি; ভুল। ২ বিস্মৃতি। ৩ ঘূর্ণি; আবর্ত। ৪ মিথ্যাজ্ঞান; মায়া; ধাঁধা। ৫ ছুতোরের কুঁদ যন্ত্র। ৬ কুম্ভকারের চক্র। **~নিরসন** *বি* ভুল সংশোধন বা অপনোদন। **~প্রমাদ** *বি* ভুলত্রুটি; দোষ; ভুল। **~বশত** *ক্রিবিণ* ১ ভুল ধারণার বশবর্তী হয়ে। ২ ভুল করে; ভুল হেতু; ভুলের জন্য। **~সংকুল, ~সঙ্কুল** *বি* ভুলে ভরা। {*স.* √ভ্রম্‌+অ(ঘঞ)}

ভ্রমণ [ভ্রোমোন্‌] *বি* ১ বেড়ানো; পর্যটন। ২ ঘূর্ণন। **~কারী** *বিণ* ঘুরে বেড়ায় এমন; পরিব্রাজক; পর্যটক। **~ বৃত্তান্ত** *বি* পর্যটন কাহিনী। {*স.* √ভ্রম্‌+অন(ল্যুট)}

ভ্রমমাণ [ভ্রোমোমান্‌] *বি,বিণ* পর্যটনশীল; যে বা যা ঘুড়ে বেড়াচ্ছে। {*স.* √ভ্রম্‌+মান(শানচ)}

ভ্রমর, ভোমরা, ভোমর [ভ্রোমোর্‌, ভোম্‌রা, ভোমোর্‌] *বি* মৌমাছি; মধুপ; মধুকর; অলি; ভৃঙ্গ; ষট্‌পদ; দ্বিরেফ (ভোমরার পাখা পরাগে হলুদ আজ; অঙ্গে মধুমাখা—*নই*)। ২ কামুক। ৩ কাঠ ছিদ্র করার যন্ত্র। **ভ্রমরী** *বিস্ত্রী*। **ভ্রমরকৃষ্ণ** *বিণ* ভ্রমরের মতো খুব গাঢ় ও উজ্জ্বল কৃষ্ণবর্ণ। {*স.* √ভ্রম্‌+অর, >}

ভ্রমরক [ভ্রমরক্‌] *বি* ১ ললাটের চূর্ণকুন্তল বা অলকগুচ্ছ। ২ মৌমাছি; মধুকর। ৩ ভ্রমর। {*স.* √ভ্রম্‌+অর+ক(কন্‌)}

ভ্রমসি (*মবা.*) [ভ্রমসি] *ক্রি* ভ্রমণ করছ (বনে ভ্রমসি সেই অভ্যাসে—*কমু*)। {*স.* √ভ্রম্‌>}

ভ্রমা [ভ্রোমা] *ক্রি* ঘুরে বেড়ানো; ভ্রমণ করা; চলা (ভ্রমি আমি একাকিনী—*মদ*)। **ভ্রমানো** *ক্রি* ঘুরানো; ভ্রমণ করানো। {*স.* √ভ্রম্‌+*বা.* আ}

ভ্রমাত্মক [ভ্রোমাত্‌তক্‌] *বিণ* ভ্রান্তিময়; ভুলে পূর্ণ। {*স.* ভ্রম+আত্মক; ৩তৎ}

ভ্রমান্ধ [ভ্রোমান্‌ধো] *বিণ* ভুলবশত দৃষ্টি আচ্ছন্ন হয়েছে এমন। {*স.* ভ্রম+অন্ধ; ৩তৎ}

ভ্রমি[1], **ভ্রমী** [ভ্রোমি] *বি* ঘূর্ণিজল; আবর্ত। {*স.* √ভ্রম্‌+ই(ইন্‌), ইন(ঘিনুণ)}

ভ্রমি[2] [ভ্রোমি] *বি* ভিরমি (রাজসভার শোভা দেখে ভ্রমি গিয়েছে—*দীমি*)। {*স.* √ভ্রম্‌+ই(ইন্‌)}

ভ্রমিক [ভ্রোমিক্‌] *বিণ,বি* ভ্রমণকারী; পর্যটক (ভ্রমিক মুখে শুনি প্রশংসা বহুল—*খাহা*)। {*স.* √ভ্রম্‌+ই+ক(কন্‌)}

ভ্রমী ⇒ ভ্রমি[1]

ভ্রষ্ট [ভ্রোশ্‌টো] *বিণ* ১ পতিত। ২ চ্যুত; বিচ্যুত (ছিন্নমালার ভ্রষ্ট কুসুম—*রঠা*)। ৩ ধর্মবিরুদ্ধ। ৪ দোষযুক্ত। ৫ ব্যভিচারী; নষ্ট। **ভ্রষ্টা** *বিণ স্ত্রী*। **~তা** *বি* উক্ত সকল অর্থে।

ভ্রষ্টাচরণ, ভ্রষ্টাচার *বি* ১ অধার্মিকতা। ২ পাপানুষ্ঠান। **ভ্রষ্টাচারী** (রিন্‌) *বি* আচার বা ধর্ম থেকে ভ্রষ্ট। **ভ্রষ্টাচারিণী** *স্ত্রী*। {*স.* √ভ্রন্‌শ্‌+ত(ক্ত)}

ভ্রাতা [ভ্রাতৃতৃ] *বি* ১ ভাই; সহোদর বা বৈমাত্রেয় ভাই। ২ সহোদর স্থানীয় ব্যক্তি; ভাইয়ের তুল্য ব্যক্তি। {*স.* √ভ্রাজ্‌+তৃ(তৃন্‌)}

ভ্রাতুষ্পুত্র [ভ্রাতুশ্‌পুত্‌ত্রো] *বি* ভাইয়ের ছেলে; ভাইপো। **ভ্রাতুষ্পুত্রী** *বি স্ত্রী*। {*স.* ভ্রাতুঃ+পুত্র}

ভ্রাতৃ [ভ্রাতৃতৃ] *বি* ভাই। **~জায়া, ~বধূ** *বি* ভাইয়ের স্ত্রী; বৌদি; ভাবী। **~ত্ব** *বি* ভায়ের অধিকার; ভ্রাতৃভাব। **~দ্বিতীয়া** *বি* (হিন্দু সমাজে প্রচলিত) কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়াতে ভগ্নি কর্তৃক মঙ্গল কামনায় ভাইয়ের কপালে তিলক দান; ভাইফোঁটা। **~প্রেম, ~স্নেহ** *বি* ভাইয়ের প্রতি মমতা; ভাইয়ের প্রতি ভালোবাসা। **~ব্য** *বি* ভাইপো। **~ভাব** *বি* ভাই ভাই ভাব; সোহার্দ্যের ভাব। {*স.* √ভ্রাজ্‌+তৃ(তৃন্‌)}

ভ্রাত্রীয় [ভ্রাতৃত্রিয়ো] *বিণ* ১ ভ্রাতৃসম; ভ্রাতার তুল্য। ২ ভ্রাতৃসম্পর্কীয়। {*স.* ভ্রাতৃ+ঈয়(ছ)}

ভ্রান্ত [ভ্রান্‌তো] *বিণ* ভুল করেছে এমন; ভ্রমযুক্ত; ভুলযুক্ত; দিকভ্রান্ত; পথভ্রান্ত। {*স.* √ভ্রম্‌+ত(ক্ত)}

ভ্রান্তি [ভ্রান্‌তি] *বি* ১ মিথ্যা বা ভুল ধারণা। ২ ভ্রম; ভুল; error; delusion। ৩ বিস্মৃতি; বিস্মরণ। **~জনক, ~প্রদ** *বিণ* ভ্রমোৎপাদক; ভ্রম উৎপাদন করে এমন। **~বশত** *ক্রিবিণ* ভ্রমহেতু; ভ্রান্তির কারণে। **~মান** *বিণ* ভ্রান্তিযুক্ত। □*বি* কাব্যের অর্থালঙ্কারবিশেষ। **~মূলক** *বিণ* ভ্রমাত্মক। {*স.* √ভ্রম্‌+তি(ক্তি)}

ভ্রামক [ভ্রামোক্‌] *বিণ* ১ চালক। ২ ভ্রমজনক; ভ্রান্তিযুক্ত। ১ ঘূর্ণয়িতা। {*স.* √ভ্রম্‌+অ(ঘঞ)+অক(ণ্বুল)}

ভ্রামর [ভ্রামোর্‌] *বি* ১ মধু। ২ চুম্বক পাথর; অয়স্কান্তমণি। □*বিণ* ভ্রমরজাত; ভ্রমর থেকে উৎপন্ন। ২ ভ্রমরসংক্রান্ত। **ভ্রামরী** *বি স্ত্রী*, ১ হিন্দুদের দেবী দুর্গা। ভ্রমর সম্পর্কীয়। **ভ্রামরী মিত্রতা** *বি* সম্পৎকালের বন্ধুত্ব; মধুযুক্ত পুষ্পের সঙ্গে ভ্রমরের মিত্রতাবৎ সম্পর্ক। {*স.* ভ্রমর+অ(অণ্‌)}

ভ্রাম্যমাণ [ভ্রাম্‌মোমান্‌] *বিণ* ১ ঘুরানো হচ্ছে এমন; ভ্রমণ করানো; ঘূর্ণ্যমান। ২ ভ্রমণশীল; ঘুরে বেড়ায় এমন; পথিক (ভ্রাম্যমাণ গ্রন্থাগার)। {*স.* √ভ্রম্‌+ণিচ্‌(=√ভ্রামি)+মান (শানচ)}

ভ্রু, ভ্রূ, ভুরু [ভ্রু, -, ভুরু] *বি* চক্ষুর উপরিস্থ ও কপালের নিম্নস্থ লোমসমূহ। **ভ্রুকুঞ্চন, ভ্রূকুঞ্চন, ভ্রুকুটি, ভ্রূকুটি, ভ্রুভঙ্গ, ভ্রূভঙ্গ, ভ্রুভঙ্গি, ভ্রূভঙ্গি** *বি* ক্রোধ, বিরক্তি ইত্যাদি প্রকাশের জন্য ভ্রুকুঞ্চন বা সংকোচন বা সংকুচিতকরণ। **ভ্রুক্ষেপ, ভ্রূক্ষেপ** *বি* ১ দৃষ্টিনিক্ষেপ; দৃষ্টিপাত। ২ গ্রাহ্যকরণ। **ভ্রুবিলাস, ভ্রূবিলাস, ভ্রুবিভ্রম, ভ্রূবিভ্রম** *বি* মনোহর বা সুন্দর ভ্রুভঙ্গি (ভ্রূবিলাস শেখে নাই করা সেই নারী—*রঠা*)। **ভ্রুমধ্য, ভ্রূমধ্য** *বি* দুই ভ্রুর মধ্যস্থল। **ভ্রুলতা, ভ্রূলতা** *বি* লতার মতো বক্র ও সুন্দর ভ্রু। **ভ্রুলতা, ভ্রূলতা** *বি* লতার মতো বক্র ও সুন্দর ভ্রু। **ভ্রুসংকেত, ভ্রূসংকেত** *বি* ভ্রুকুঞ্চন দ্বারা ইঙ্গিত;

ভ্রূসংকোচন দ্বারা ইশারা। {স. ভ্রম্‌+উ, উ(ভ্রু); স. ভ্রু>বা. ভুরু}

ভ্রূকুণ্ডা, ভ্রকুণ্ডা [ভ্রূকুন্‌ডা] *বি* একপ্রকার তৃণ যার ছোট ছোট বীজ বস্ত্রাদিতে লেগে থাকে। {স. ভ্রূ+কুণ্ডা}

ভ্রূণ [ভ্রূনো] *বি* গর্ভস্থ সন্তান। ~**ঘ্ন**, ~**হা** *বিণ* ভ্রূণ হত্যাকারী; গর্ভস্থ সন্তানের ঘাতক বা বধকারী। ~**জীব** *বি* গর্ভস্থ সন্তান (ভ্রূণজীব হত্যার সন্তাপ—*সদ*)। ~**হত্যা** *বি* গর্ভপাত; গর্ভস্থ সন্তানকে বধ; গর্ভ নষ্টকরণ। **ভ্রূণায়মানতা** *বি* সন্তান উৎপাদনের ক্ষমতা (বিদিশার মাঝে আছে সেই প্রতিশ্রুতি। সেই ভ্রূণায়মানতা—*অচিসে*)। {স. √ভ্রূণি+অ(অচ্‌)}

ম

ম [ম] বাংলা ব্যঞ্জনবর্ণমালার পঁচিশতম বর্ণ এবং প-বর্গের পঞ্চম বর্ণ। এটি স্বল্পপ্রাণ ঘোষ ওষ্ঠ্য নাসিক্য (unaspirated voiced bilabial nasal) ধ্বনি।

মই[১] [মোই] *সর্ব* আমি (এবেঁ মই বুঝিল সদগুরু বোহেঁ—*চর্যাপদ*)। {মুই>মই}

মই, মৈ [মোই] *বি* ১ বাঁশ বা কাঠ দিয়ে তৈরি সিঁড়ি। ২ চষা জমিতে মাটির ঢেলা ভাঙবার বাঁশের তৈরি যন্ত্র; harrow। ~ **দেওয়া** *ক্রি* মই দিয়ে চষা ক্ষেতের ঢেলা মাটি গুঁড়া করা। **গাছে তুলে দিয়ে ~ কেড়ে নেওয়া** *ক্রি* উৎসাহ দিয়ে কর্মে প্রবৃত্ত করে অসহায় অবস্থায় ফেলে সরে দাঁড়ানো। **পাকা ধানে ~ দেওয়া** *ক্রি* লাভের মুখে সমূহ ক্ষতি করা। ~ **দেওয়া** *ক্রি* মই দিয়ে চষা ক্ষেতের ডেলা মাটি গুঁড়া করা। {স. মদী>}

মইলন *(মবা.)* [মোইলন] *বিণ* মলিন; ম্লান (কপালের সিন্দুর মইলন দেখিন—*মাগান*)। {স. ম্লান>মইলন}

মইষা [মোইশা] *বিণ* ১ মহিষের সদৃশ। ২ মহিষীর দুধ থেকে উৎপন্ন। {স. মহিষ>+বা. আ}

মইসা, মইসে, মসে [মোইশা, –শে, মোশে] *বি* কাপড়-চোপড়ে তিলাপড়া অবস্থা। {স. মসি>মসিআ>মইসা>}

মউ, মৌ [মোউ] *বি* মধু। ~**চাক** *বি* মৌমাছি যে মোম-নির্মিত বাসায় মধু সঞ্চয় করে; মধুচক্র। ~**মাছি** *বি* মধু সংগ্রহকারী পতঙ্গবিশেষ; মধুমক্ষিকা। ~**লোভী** *বি* মধুপ্রিয় ব্যক্তি বা প্রাণী। {স. মধু>মহু>মউ, >}

মউচাক ⇒ মউ

মউজ, মৌজ, মওজ [মোউজ্‌, –, মওজ্‌] *বি* ১ তরঙ্গ; ঢেউ (দরিয়ার বড় মৌজ হইয়াছে—*প্যামি*)। ২ নেশাগ্রস্ত অবস্থা; নেশাখোরের পরিণতি; বিভোরতা (মউজ করে শারাব পিউ—নই; সে হর্দম খুশীর মৌজ—*নই*)। ৩ আনন্দ; উল্লাস। ৪ মহাসমারোহ। ~ **করা** *ক্রি* আনন্দ উল্লাস করা (ওরা সারা রাত ধরে মউজ করে ফিরে যাচ্ছে—*জহা*)। {আ. মওজ موج}

মউড় [মোউড়্‌] *বি* হিন্দুসমাজে বিয়ের সময়ে ব্যবহৃত মাথার টোপর; কন্যার মাথার সোলার মুকুট (সিঁথি মউড়)। {স. মুকুট>}

মউড়গা, মউড়গাতনা *(মবা.)* [মউড়্‌গা, –তনা] *বি* ছাদনাতলা; বিবাহের আসর। {স. মুকুট+ফা. গাঁহ্‌ گاه}

মউত, মৌত, মওত [মোউত, –, মওত্‌] *বি* মৃত্যু (তবে বুঝি মউত হতো খুব সুখের—মুই; আন্দাজ হয় মৌত নজদিগ—*প্যামি*)। ~ **কবুল করা** *ক্রি* মৃত্যু হতে পারে যে পরিশ্রমে তেমন পরিশ্রম করা (মওত কবুল করে করেছি—*হার*)। **মওতে টানা** *ক্রি* মৃত্যু নিকটবর্তী হওয়া (এ বয়সে এত মেহনত করছ, মওতে টানছে দেখতে পাচ্ছি)। {আ. মওত موت}

মউতাত ⇒ মৌতাত

মউনি [মোউনি] *বি* মন্থনদণ্ড (ঘোল মউনি)। {স. মন্থনী>}

মউমাছি ⇒ মউ

মউয়া, মউল [মোউয়া, মোউল্‌] *বি* ১ মহুয়া; মধুর স্বাদ; গাছ বা তার ফল। ২ বউল; মুকুল। {স. মুকুল>}

মউর [মউর্‌] *বি* ময়ূর। {স. ময়ূর>}

মউরলা ⇒ মৌরলা

মউরি, মউরী ⇒ মৌরী

মউল ⇒ মৌল[১] ও মৌল[৩]

মউলোভী ⇒ মউ

মওকল, মোয়াক্কাল [মওকল্‌, মোয়াক্‌কাল] *বি* ভারপ্রাপ্ত; মিকাইল ফিরিস্তা (পবন উপরে আছে মওকল যে সেই ফিরিস্তার তরে আজ্ঞা কৈল সে—*হেমা*)। {আ. মুওক্কল موكل}

মওকা [মওকা] *বি* উপযুক্ত সময়; সুযোগ (এই মওকায় কিছু রোজগারের ব্যবস্থা করব নাকি—*মব*; নুরুন্নাহার এতক্ষণে কথা বলার মওকা পায়—*আজা*)। {আ. মওকা موقع}

মওজ ⇒ মউজ

মওজুদ, মজুদ, মজুত, মৌজুত [মওজুদ্‌, মোজুদ্‌, –ত্‌, মোউজুত্‌] *বিণ* ১ জমা; সঞ্চিত (মজুদ টাকা কে কোথায় কোন পথে নিয়া যায় তার আর সন্ধান পাওয়া যায় না—*মীম*)। ২ বিদ্যমান; বর্তমান (শিক্ষিত কন্যা মজুত—*কেম*; আগুন মওজুদ রহিয়াছে—*মোব*)। ~ **তহবিল** *বি* ভবিষ্যতের জন্য সঞ্চিত করা অর্থাদি; অর্থাদি সঞ্চিত করে রাখা হয়েছে যে তহবিলে। {আ. মওজুদ موجود}

মওড়া ⇒ মহড়া

মওত ⇒ মউত

মওন [মওন্‌] *বি* মন্থন। {স. মন্থন>}

মওয়া [মওয়া] *ক্রি* মন্থন করা; মথা। {স. √মথ্‌>}

মওয়াজ্জমা, মোয়াজ্জমা [মওয়াজ্‌জমা, মো–] *বিণ* সম্মানিত; শ্রেষ্ঠ (হাজি সাহেব মক্কা মওয়াজ্জমা মদিনা

মনাওয়ারা...বহু পবিত্রস্থান দর্শন করিয়া আসিয়াছিলেন —*কাই*)। { *আ.* মুয়াজ্জামাহ; *তুল.* মদিনা মনোয়ারা معظمه }

মওয়াজ্জল [মওয়াজ্‌জল] *বিণ* বিলম্বে দেয় এমন। **মহর** ~ *বি* পরবর্তীকালে দেয় মহর বা স্ত্রীধন। { *আ.* মহর মু'আজ্জাল مهر معجل }

মওলবী ⇒ মৌলবি

মওলা ⇒ মহলা

মওলানা ⇒ মৌলানা

মওসুম ⇒ মৌসুম

মকতব, মক্তব, মকতবখানা [মক্‌তব্‌, -, -খানা] *বি* মুসলমান বালক-বালিকাদের প্রাথমিক বিদ্যালয় বা বিদ্যালয়গৃহ (চৌবাড়ী ও পাঠশালা ও মকতবখানা—*রাম*)। { *আ.* মক্‌তব مكتب +, *ফা.* খানহ্‌ خانه }

মকদুর [মোক্‌দুর্‌] *বি* শক্তি; ক্ষমতা (বেটার এত মকদুর —*মদ*)। { *আ.* মকদূর مقدور }

মকদ্দমা, মোকদ্দমা, মকর্দমা [মকোদ্‌দমা, মো-, মকোর্‌-] *বি* ১ মামলা; আদালতে দায়েরকৃত নালিশের বিচার। ২ বিষয়; ব্যাপার (একদিনের মকদ্দমা; সাহেব বেঞ্চের উপর বসিয়া কয়েকটা মারপিটের মকদ্দমা ফয়সালা করিলেন—*প্যামি*)। { *আ.* মুকদ্দামাহ مقدمة }

মকফাইট [মক্‌ফাইট্‌] *বি* কৃত্রিম যুদ্ধ (এ মকফাইটে কোন সেনানীর বুদ্ধি হয়নি লয়—*নই*)। { *ই.* mockfight }

মকবরা, মকবেরা, মাকবেরা [মক্‌বরা, -বে-, মাক্‌বেরা] *বি* সমাধি-ভবন; কবর; গোর। { *আ.* মাকবরাহ مقبرة }

মকবুল [মোক্‌বুল্‌] *বি* ১ আল্লাহ যা গ্রহণ করেছেন; স্বীকৃতি (আল্লাহ্‌র দরগায় তবে হইবে মকবুল—*ফগ*; আল্লার মকবুল হইবে বেহেশেতে চলিয়া যাবে—*সৈহা*)। ২ প্রিয়; কবুল করে যে। { *আ.* মকবুল مقبول }

মকবেরা ⇒ মকবরা

মকমক [মক্‌মক্‌] *অব্য* ১ ভেকের ডাক; ব্যাঙের কণ্ঠনিঃসৃত শব্দ। ২ অবরুদ্ধ; ক্রোধে গর গর করছে এমন শব্দ (রাগে মকমক করা)। { *ধ্বন্যা.* }

মকমকি, মকমকী [মক্‌মোকি] *বি* ব্যাঙের ডাক (হড়মড়ী মেঘের ভেকের মকমকী—*ভারা*)। { *ধ্বন্যা.* }

মকমল, মখমল [মক্‌মল্‌, -খ্‌-] *বি* কোমল ও মিহি কাপড়; velvet (কৃষ্ণ মকমলে হীরকের কার্য যেন নয়নরঞ্জন—*কায়*)। { *ফা.* মখমল مخمل }

মকম্মল [মকম্‌মল্‌] *বিণ* পূর্ণাঙ্গ; কার্যে পরিণত (ডিক্রি মকম্মল করা)। { *আ.* মুকম্মল مكمل }

মকর [মকোর্‌] *বি* ১ কুমিরের মতো জলজন্তু; হিন্দু বিশ্বাসে গঙ্গা দেবীর বাহন; ঘড়িয়াল। ২ রাশিচক্রের দশম রাশির নাম। ৩ কন্দর্পের পতাকা চিহ্ন। ৪ হিন্দুদের মধ্যে সখীর পাতানো নাম (মকর, গঙ্গাজল)। **–কুণ্ডল** *বি* মকরমুখো কর্ণভূষণ; কানের অলঙ্কারবিশেষ। **~কেতন, ~কেতু, ~ধ্বজ**[1] *বি* যাঁর পতাকায় মকর আছে; হিন্দুদেবতা কন্দর্প; মদন। **–ক্রান্তি, ~ক্রান্তিবৃত্ত** *বি* বিষুববৃত্ত বা নিরক্ষরেখার ২৩°২৭ দক্ষিণস্থ সমাক্ষরেখা; দক্ষিণায়না-ন্তবৃত্ত; Tropic of Capricorn। **~ধ্বজ**[2] *বি* পারদ ও গন্ধকঘটিত কবিরাজি ওষুধবিশেষ (কোকিলের ডিমের সঙ্গে মকরধ্বজ মাড়িয়া খাই—*রাব*)। **~বাহন** *বি* হিন্দুদেবতা বরুণ। **~বাহনা** *স্ত্রী.*। **~বাহিনী** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত গঙ্গা দেবী। **–ব্যূহ** *বি* মকরাকারে সৈন্য সমাবেশের পদ্ধতিবিশেষ। **~সংক্রান্তি** *বি* সূর্যের মকররাশিতে গমন; মাঘ মাসের শেষ দিন। { *স.* মুখ+√কৃ+অ(ক); *স.* নক্র>নকর>মকর }

মকরন্দ [মকোরন্‌দো] *বি* ১ ফুলের রেণু; পুষ্পমধু (মকরন্দ লোভে মাতি শিলীমুখবৃন্দ আইল ধাইয়া—*মদ*)। ২ কুন্দ ফুলের গাছ। { *স.* মকর+√দা+অ(ক) }

মকরাকর ⇒ মকরালয়

মকররি [মকোর্‌রোরি] *বিণ* চিরস্থায়ী ভূমি বন্দোবস্ত। { *আ.* মুকররী مقررى }

মকরালয়, মকরাকর [মকোরালয়, -রাকর] *বি* মকরের আলয়; সাগর (দেখিলেন দূরে সাগর—মকরালয়—*মদ*)। { *স.* মকর+আলয়, আকর }

মকরিকা [মকোরিকা] *বি* ললাটে মকরের আকারে রচিত পত্রাবলি; একপ্রকার ললাটিকা; চন্দন প্রভৃতি দ্বারা কপালে আঁকা মকরাকৃতি চিত্র। { *স.* মকরী+ক(কন্‌)+আ(টাপ্‌) }

মকরুহ [মোক্‌রুহ্‌] *বিণ* ১ ইসলামি শরিয়ত মোতাবেক যা অপছন্দনীয় বা পরিহার্য (কি কি জন্তু মকরুহ তার তালিকা দেওয়া হয়েছে—*সৈমু*)। ২ সামান্য ত্রুটিপূর্ণ; অপছন্দ; বর্জনীয়। { *আ.* মাকরুহ্‌ مكروه }

মকর্দম, মুকদ্দম [মকোর্‌দম, মুকদ্‌দম] *বি* অগ্রণী; নেতা (মকর্দম আর তামাম প্রজার ছের ছালামত আল্লাহ রাকিবেন সবার—*গরীব*)। { *আ.* মুকদ্দম مقدم }

মকর্দমা ⇒ মকদ্দমা

মকশো, মক্স [মক্‌শো] *বি* চর্চা; অভ্যাস; অনুশীলন (ঘরে ঘরে নিশিরাতে বক্তৃতার মক্স চলেছে—*মব*)। **~ করা** *ক্রি* ১ অনুশীলন করা। ২ হাতের লেখা অভ্যাস করা; হুবহু নকল করা। { *আ.* মশ্‌ক مشق }

মকসুদ, মকসূদ [মোকসুদ্‌] *বি* ১ উদ্দেশ্য; লক্ষ্য; মতলব। ২ অভিপ্রায়; ইচ্ছা (মনের মকসুদ হাসিক করেন—*কম*)। { *আ.* মাকসুদ مقصود }

মকসেদ, মকসদ [মক্‌সেদ্‌, মক্‌সদ্‌] *বি* ১ উদ্দেশ্য (মকসেদ হাসিল—*আ. হা*)। ২ গন্তব্যস্থান। { *আ.* মাকসাদ مقصد }

মকাই, মক্কা [মকাই, মক্‌কা] *বি* ভুট্টা; এক প্রকার শস্য; maize। { *হি.* মকাই }

মকান [মকান্‌] *বি* বাড়ি; ঘর; আবাসস্থল। { *আ.* মাকান مكان }

মকাম [মকাম্‌] *বি* ১ গৃহ; স্থান; মহল; মোকাম (মুবারক মকামে রসুল করিমর ইবাদত—*এও*)। ২ ঠিকানা। { *আ.* মকাম مقام }

ম-কার [মকার্‌] *বি* 'ম' এই বর্ণ। { *তুল. স.* পঞ্চ 'ম'কার }

মকার-সাধন [মকার্‌শাধোন্‌] *বি* হিন্দু তন্ত্র সাধন অনুযায়ী পঞ্চ মকার সাধন। মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা ও মৈথুন—

এই পঞ্চ মকার। আদ্য অক্ষর 'ম' বলেই উক্ত পাঁচটির অভ্যাস পঞ্চ 'ম'কার প্রতীকে পরিব্যক্ত। {*স.* ম+কার+সাধন}

মকুট ⇒ মুকুট

মকুফ ⇒ মকুব

মকুব, মকুফ, মোকুব, মৌকুফ [মোকুব, -ফ-, -ব, মোউকুফ] *বি* ১ নিষ্কৃতি; রেহাই; অব্যাহতি; মাফ; মুক্তি (খাই-খরচাও মওকুফ হয়ে যায়—*মব;* দেরেশি পরার আইন মকুব হয়ে গিয়েছে—*সৈমু*)। ২ স্থগিত; বরখাস্ত; মুলতবি। {*আ.* মৱকুফ موقوف }

মক্কর [মক্‌কর্] *বি* ১ লীলা (পুথিতে যে কিছু নহে, সব কিছু আল্লার মক্কর—*সৈহা*)। ২ ছলনা; ভান (এত মক্করও জান)। {*আ.* মকর مكر }

মক্কা¹, মক্‌কা [মক্‌কা] *বি* আরব দেশের অন্যতম প্রধান নগর এবং মুসলমানদের প্রধান তীর্থস্থান; হজরত মুহম্মদ (সা.)-এর জন্মস্থান। কাবা এখানেই অবস্থিত। {*আ.* মক্কাহ مكة, পূর্বনাম বক্কা}

মক্কা² ⇒ মকাই

মক্কি [মোক্‌কি] *বি* হযরত মুহম্মদের (সা.) আবির্ভাবের পূর্বে মক্কায় প্রচলিত এবং কোরানের অন্তর্গত সুরাসমূহ। {*আ.* মক্কি مكى }

মক্কেল [মক্‌কেল্] *বি* মামলা মোকদ্দমার ব্যাপারে উকিলের সাহায্য গ্রহণকারী। {*আ.* মুৱক্কিল موكل }

মক্তব ⇒ মকতবখানা

মক্ষিকা, মক্ষিক, মক্ষী [মোক্‌খিকা, মোক্‌খিক্, মোক্‌খি] *বি* মাছি (মধু ভাণে যথা মক্ষিক—*মদ*)। {*স.* মক্ষিকা>মচ্ছিয়া>মাছি}

মক্ষ ⇒ মকশো

মখ [মখ্] *বি* যজ্ঞ (আমি আইনু মখস্থান—*কমু*)। {*স.* √মখ্+অ}

মখদম, মখদুম [মখ্‌দম, মোখ্‌দুম] *বি* শিক্ষক; সম্মানার্হ ব্যক্তি; সেবিত ব্যক্তি। {*আ.* মখ্‌দূম مخدوم }

মখমল ⇒ মকমল

মখলুক [মোখ্‌লুক্] *বি* সৃষ্টজগৎ (মখলুকের খিদমতে দেয় তার সর্বস্ব বিলিয়ে—*ফআ*)। **মখলুকাত** *বি* সমগ্র সৃষ্টজগৎ (উমর-স্মৃতির আতশী দেবনা মখলুকাতের ভিতে—*ফআ*)। {*আ.* মখ্‌লূক مخلوق ; বহুব মখলূকাত مخلوقات }

মগ¹ [মগ্] *বি* এক প্রকার হাতলওয়ালা ছোট পাত্র। {*ই.* mug}

মগ² [মগ্] *বি* ব্রহ্মদেশের/আরাকানের অধিবাসী; আরাকানের বাসিন্দা। **মগের মুলুক, মগের মুল্লুক** *বি* ১ ব্রহ্মদেশ বা আরাকান রাজ্য। ২ *(আল.)* অরাজক রাষ্ট্র; যে রাজ্যে আইনের শাসন সুপ্রতিষ্ঠ নয়; যেখানে যথেচ্ছাচার হয়। {*বর্মি.* মঙ (শ্রী/জনাব)}

মগড়া [মগ্‌ড়া] *বিণ* একগুঁয়ে; বোকা; নির্বোধ (ছেলে এমনি মগড়া যে এদিকে মনই বসে না তার—*শাআ*)। {*স.* মকর>}

মগজ [মগোজ্] *বি* ১ মস্তিষ্ক; brain (মগজে গজিয়ে উঠে আক্কেল—*রঠা*)। ২ সারবস্তু; মজ্জা; শাঁস (মল্লিকা ফুল হাসছে হরি হাওয়ায় মগজ মন—*সদ*)। ~ **খালি করা** *ক্রি* বকবক করা; না থেমে বকে যাওয়া। ~ **খেলানো** *ক্রি* বুদ্ধি বা মস্তিষ্ক চালনা করা। {*ফা.* মগ্‌জ مغز }

মগডাল [মগ্‌ডাল্] *বি* শীর্ষ; শাখা; বৃক্ষের সর্বপেক্ষা উঁচু শাখা (গাছের মগডালে থোলো থোলো বন ধুঁধুল ফল—*বিব*)। {*তুল. হি.* মঙ্গরা (মাথা)}

মগদ *(অপ্র)* [মগোদ্] *বি, বিণ* প্রাচীন মগধ (বিহার) রাজ্য। □ *বি* মগধবাসী; (তুচ্ছার্থে) নির্বোধ (পৃথিবীতে মোর সম নাহিক মগদ। বিনা অপরাধে কেনু হেন নারী বধ—*সৈআ*)। {মগধ>}

মগধ [মগোধ্] *বি* প্রাচীন ভারতের রাজ্যবিশেষ—আধুনিক ভারতের দক্ষিণ বিহার অঞ্চল নিয়ে এটি গঠিত ছিল। {*স.* মগধ}

মগন *(পদ্য.)* [মগোন্] *বিণ* মগ্ন; বিভোর (তখন মগন ছিলাম গহন ঘুমের ঘোরে—*রঠা*)। {*স.* মগ্ন>মগন (স্বরভক্তিতে)}

মগর, মগরা [মগ্‌রা] *বি* মকর; পায়ের এক প্রকার অলঙ্কার (পায়ে মগর খাগ—*বচ*)। {*স.* মকর>}

মগরিব, মগরেব [মগ্‌রব্, মগ্‌রেব্] *বি* ১ সূর্যাস্তের স্থান বা কাল (মগরেব বেলা ডাকিলে যখন শান্তি নেমেছে সারাটি প্রাণে—*মোম*)। ২ সূর্যাস্তের অব্যবহিত পরে যে নামাজ পড়া হয় (মগরেবের নামাজ পড়ে—*আআআ*)। **মগরেবি** *বিণ* সূর্যাস্তকালীন; পাশ্চাত্য; পশ্চিমের (ওগো মগরেবী ঈদের চাঁদ—*নই*)। {*আ.* মাগরিব مغرب }

মগরুর [মগ্‌রুর্] *বিণ* আত্মম্ভরী; অহঙ্কারী (যে লোক নির্দোষ সে কিছুতেই এত মগরুর হইতে পারে না—*আমআ*)। {*আ.* মাগরুর مغرور }

মগরেব ⇒ মগরিব

মগাই [মগাই] *বিণ* মগদেশে প্রস্তুত, মগ দেশীয় (মগাই সুপারী বোঝাই তাতে—*পাকা*)। {মগ+আই}

মগ্ন [মগ্‌নো] *বিণ* ১ ভিতরে প্রবিষ্ট; ডুবে যাওয়া; ডোবা; নিমজ্জিত (মগ্ন এ তরী তব বিস্মৃতি-বালুকা-তলে—*নই*)। ২ বিভোর; তন্ময় (ধ্যানমগ্ন)। **মগ্না** *বিণস্ত্রী.*। ~**গিরি** *বি* সমুদ্রগর্ভস্থ পর্বতবিশেষ; মৈনাক। ~**চৈতন্য** *বি* নিজের যে সক্রিয় মন সম্বন্ধে মানুষ সচেতন থাকে না; subconsciousness। ~**প্রায়** *বি* প্রায় ডুবে গেছে এমন (কিয়ৎক্ষণ পরে অর্ণবপোত মগ্নপ্রায় হইল—*ঈবি*)। {*স.* √মস্‌জ্+ত(ক্ত)}

মঘবতী [মঘোবোতি] *বি স্ত্রী.* ইন্দ্রপত্নী; শচী। {*স.* মঘবৎ+ঈ(ঙীপ্)}

মঘবা, মঘবন [মঘ্‌বা, -বন্] *বি* ইন্দ্র; দেবতাদের রাজা। **মঘোনী** *স্ত্রী.* শচী; ইন্দ্রপত্নী। {*স.* মহ্+অন(কনিন্)}

মঘবান [মঘোবান্] *বি* ইন্দ্র; দেবতাদের রাজা। **মঘবতী** *স্ত্রী.* শচী; ইন্দ্রপত্নী। {*স.* মঘ+বৎ(বতুপ্)}

মঘা [মঘা] *বি* হিন্দুমতে একটি অশুভ নক্ষত্র। {*স.* √মঙ্‌ঘ্+অ(অচ্)+আ(টাপ্)}

মঘোনী ⇒ মঘবা

মঙ্গল [মঙ্‌গোল্] *বি* ১ শুভ; ভালো; উপকার; কল্যাণ (মঙ্গল কামনা)। ২ সৌরজগতের একটি গ্রহের নাম; Mars; কুজ নামক গ্রহ। ৩ সপ্তাহের একটি বারের নাম। ৪ হিন্দু দেবদেবীর মাহাত্ম্য বিষয়ক কাব্য বা পালা গান (চণ্ডীমঙ্গল, মনসামঙ্গল)। □ *বিণ* শুভ; শুভদায়ক; মঙ্গলজনক (মঙ্গলদীপ নিবিয়া আঁধার শুধু—*রঠা*)। **~কামনা, মঙ্গলাকাঙ্ক্ষা** *বি* কল্যাণ কামনা; শুভ কামনা; হিতাকাঙ্ক্ষা। **~কামী, মঙ্গলাকাঙ্ক্ষী** *বিণ* শুভার্থী; হিতাকাঙ্ক্ষী; কল্যাণকামী। **~গীত** *বি* ১ শুভগীত। ২ হিন্দু দেবদেবীর মাহাত্ম্যজ্ঞাপক গান। **~ঘট** *বি* হিন্দু সমাজে ব্যবহৃত কল্যাণসূচক পূর্ণঘট। **~চণ্ডী, ~চণ্ডিকা** ⇒ চণ্ডী। **~দায়ক** *বিণ* কল্যাণপ্রদ; শুভদ; হিতকর। **~দায়িকা** *বিণ স্ত্রী*। **~ময়** *বিণ* মঙ্গলকর; শুভকারক। □ *বি* পরমেশ্বর। **~ময়ী** *বিণ স্ত্রী*। **মঙ্গলা** *বিণ স্ত্রী* ১ মঙ্গলদায়িনী; শুভঙ্করী। ২ (হিন্দুধর্মে) দুর্গাদেবী। **~সমাচার** *বি* কুশল সংবাদ; শুভসংবাদ। **মঙ্গলাচরণ, মঙ্গলাচার** *বি* ১ শুভানুষ্ঠান। ২ কর্মারম্ভে মঙ্গলসূচক অনুষ্ঠান। **মঙ্গলা~** *বি* শুভাশুভ; হিতাহিত। **মাঙ্গল্য** *বি, বিণ* মাঙ্গলিক। { *স.* √মনগ্+অল(অলচ্)+অ(অচ্) }

মচ [মচ্] *অব্য* অন্ধকার; কাঠ ইত্যাদি পাতলা জিনিস ভাঙার শব্দ; মচকানোর শব্দ। **~~** *অব্য* পুনঃপুন মচ শব্দ। **~মচানি** *অব্য* বার বার মচমচ শব্দ (অকস্মাৎ ভারী জুতার মচমচানিতে তার সুখতন্দ্রা টুটে যায়—*আজা*)। **~মচে** *বিণ* ১ অল্প চাপে ভাঙে এমন; ক্ষণভঙ্গুর। ২ নরম হয়ে যায়নি এমন (মচমচে মুড়ি)। ৩ মচমচ ধ্বনি বা শব্দ করে এমন। { *ধ্বন্যা.* }

মচকানো [মচ্‌কানো] *ক্রি* দুমড়ে যাওয়া; দুমড়ানো; ভাঙার মতো হওয়া (পা মচকানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **মচকানি** *বি* হঠাৎ মোচড় লাগা অবস্থা। **ভাঙবে তবু মচকাবে না**—কোনো অবস্থাতেই ক্ষতি স্বীকার বা আপোস করবে না। { √মচকা+আনো; *তুল. হি* মচকানা }

মচলি, মছলি *(মবা.)* [মোচলি, –ছ্–] *বি* মঞ্চ; মাচা; মাচান (একদিকে মচলির ধরিল দুসন—*হেমা*; মছলি সাজাইয়া—*মাগান*)। { *স.* মঞ্চ> }

মচ্ছ, মচ্ছি [মচ্‌ছো, মোচ্‌ছি] *বি* মৎস্য; মাছ। { *স.* মৎস্য> }

মচ্ছব, মোচ্ছব [মচ্‌ছব্, মোচ্‌ছব্] *বি* ১ বিরাট উৎসব; মহোৎসব (অত বড় মচ্ছবে মাথা সেঁধুতে ভয় পাই)। ২ বৈষ্ণব সম্প্রদায়ের মিলনোৎসব। { *স.* মহোৎসব> }

মচ্ছর [মচ্‌ছর্] *বি* মশা; মশক; দংশনকারী (হাতিকে মারিতে পারে ভেজিয়া মচ্ছর—*সৈহা*)। { *হি.* মচ্ছর }

মছনদ ⇒ মসনদ

মছলত [মছ্‌লত্] *বি* ১ তাৎপর্য; প্রকৃত অর্থ; সৎ পরামর্শ (ইহার মছলত কহ করিয়া পছন্দ—*সৈহা*)। ২ পরামর্শ; আলোচনা (আজিজ মছলত করে জেলেখার সাতে—*ফগ*)। { *আ.* মুসলিহাহ مصلحة }

মছলন্দ ⇒ মসলন্দ

মছলা, মসলা [মছ্‌লা] *বি* সমস্যা; প্রশ্ন ইত্যাদি সম্পর্কিত শাস্ত্রীয় বিধান; ইসলামধর্মীয় আদেশ নিষেধ (দীনের কোন মছলা অর্থাৎ...শরীয়তের কোন আদেশ নিষেধ—*আখাঁ*)। { *আ.* মাসআলাহ مسألة }

মছলি[১] [মোছ্‌লি] *বি* মাছ; মৎস্য। { *স.* মৎস্য>মচ্ছ> মচ্ছি> *হি.* মছলি }

মছলি[২] ⇒ মচলি

মছল্লা [মছোল্‌লা] *বি* জায়নামাজ; নামাজ পড়ার জন্যে চাটাই বা বস্ত্রখণ্ড। { *আ.* মুসল্লা مصلی }

মজকুর, মজুকুর [মোজ্‌কুর্, মোজুকুর্] *বি* লিখিত বিবরণ; উল্লিখিত বিবৃতি। □ *বিণ* পূর্বোক্ত; পূর্ববর্ণিত; উল্লিখিত। **মজকুরি** *বি* যে পরোয়ানা জারি করে; process-server। **মজকুরি তালুক** *বি* যে অধীন তালুকের খাজনা জমিদার মারফত আদায় করা হয়। { *আ.* মায্‌কূর مذکور }

মজদুর ⇒ মজুর

মজনু, মজনুন [মোজ্‌নু, –ন্] *বিণ* প্রেমিক; পাগল; বিরাগী (মজনুন হয়ে এসেছি এখানে প্রণয়ের দুরাশায়—*আহা*)। { *আ.* মাজনূন مجنون }

মজবুত, মজবুদ [মোজ্‌বুত্, –দ্] *বিণ* ১ শক্ত; কঠিন (মজবুত কাঠ)। ২ নিপুণ; দক্ষ; পারদর্শী (আড্ডা দিতে মজবুত)। ৩ দীর্ঘস্থায়ী; টেকসই (জুতা জোড়া বেশ মজবুত)। ৪ পাকা; পটু (কাজকর্মে মজবুত ছিল—*রঠা*)। ৫ দায়িত্বভার গ্রহণ ও বহনের পক্ষে উপযুক্ত (খুড়র ঘাড় বড় মজবুদ—*ঈবি*)। **মজবুতি** *বি* শক্তি; দৃঢ়তা (মজবুতিতে আপন মুলুকে কর্তৃত্ব করিব—*রাম*)। { *আ.* মাদ্‌বুত مضبوط }

মজজুব, মজযুব, মজুব [মোজ্‌জুব্, –, মোজুব্] *বিণ* ঐশী প্রেমে বেহুঁস; আকৃষ্ট (মজযুব পীরের দামন না ধরিয়া কেহ যমিরের রওশনী ও রুহের তরক্কী হাসেল করিতে পারে না—*আমআ*)। { *আ.* মজ্‌জুব مجذوب }

মজলিশ, মজলিশি, মজলিশী ⇒ মজলিস

মজলিস, মজলিশ *(বিরল)* [মোজ্‌লিশ্] *বি* ১ আসর; আড্ডা; বৈঠক; সভা (সন্ধ্যায় পুরুষদের জন্য মজলিস বসিত—*আমআ*)। ২ সমিতি; সঙ্ঘ (তমুদ্দুন মজলিস)। **মজলিসত্ব** *বি* মজলিসের গুণ (আজকাল মজলিসের নাম দেয় বটে, কিন্তু তাতে মজলিসত্ব নেই—*অঠা*)। **মজলিসি, মজলিশি, মজলিসী** *বিণ* মজলিস সম্বন্ধীয়; মজলিসে যে বাক্যালাপ বা গান বাজনার সাহায্যে আনন্দ দিতে পারে (সে মজলিস নেই, মজলিশি লোকও নেই—*অঠা*)। { *আ.* মজলিস مجلس }

মজলুম [মোজ্‌লুম্] *বিণ* অত্যাচারিত; উৎপীড়িত (মজলুমের এ ফরিয়াদ আর কাকে কব—*নই*)। { *আ.* মজলুম مظلوم }

মজহব ⇒ মজহাব

মজহাব, মযহাব, মজহব [মজ্‌হাব্, –, মজ্‌হব্] *বি* ইসলাম ধর্মীয় চর্যাপদ্ধতি; বিশেষ মত ও পথ অবলম্বী দল; সম্প্রদায়; সঙ্ঘ; দল (মজহাব গঠন দ'ওরে ছাড়িয়া সব এক হও মিলিয়া মিশিয়া—*ইহে*)। **মজহাবি** *বিণ* মজহাব-সংক্রান্ত (তিনি শুধু মজহাবী ব্যাপারের ইমামই ছিলেন না—*মামু*)। { *আ.* মায্‌হাব مذهب }

মজা[১] [মজা] *বি* স্বাদ। ২ আনন্দ; আরাম; আমোদ; কৌতুক;

তামাশা; রঙ্গ। ৩ ঠাট্টা; উপহাস। ৪ কৌতুককর বা আনন্দজনক (আপনি ত বড় মজার লোক— *ঈদি*)। ৫ ক্লেশ; দুঃখ; লাঞ্ছনা (মজা টের পাইয়ে দেব)। ~ **উড়ানো** *ক্রি* আমোদ ও আহ্লাদে সময় কাটানো। ~ **করা** *ক্রি* কৌতুক করা; অন্যকে নিয়ে তামাশা করা। ~ **টের পাওয়া** *ক্রি* বিপদাপন্ন হওয়া; কষ্ট পাওয়া; বিপত্তি উপলব্ধি করা। ~**দার** *বিণ* সুস্বাদ। ২ কৌতুকজনক; আমোদজনক। ~ **দেখা** *ক্রি* অন্যের বিপদে কৌতুক বা আমোদ উপভোগ করা। ~ **দেখানো, ~ টের পাওয়ানো** *ক্রি* বিপদে বা অসুবিধায় ফেলে জব্দ করা। ~ **মারা, ~ লোটা** *ক্রি* আনন্দ-আমোদ বা কৌতুক ভোগ করা। { *ফা.* মজহ্ مزه }

মজা² [মজা] *ক্রি* ১ মজে যাওয়া; মুগ্ধ বা তন্ময় হওয়া (প্রেমে মজা); অনুরক্ত বা আসক্ত হওয়া (নেশায় বা রূপে মজা)। ২ বুজে যাওয়া (পুকুর মজিয়া ডোবায় পরিণত হইয়াছে— *বিব*)। ৩ অতি পক্ব হওয়া (আমটা মজে গেছে)। ৪ উপভোগ্য হওয়া (চাটনিটা এখনও মজেনি)। ৫ পরিণত বা পূর্ণতাপ্রাপ্ত হওয়া (ফলটা মজেনি)। ৬ বিপদগ্রস্ত বা বিনাশপ্রাপ্ত হওয়া (নিজ কর্মদোষে রাজা মজিলা আপনি— *মদ*)। ▫ *বি* উক্ত সকল অর্থে। ▫ *বিণ* ১ অতিরিক্ত পক্ব (মজা কলা)। ২ জলহীন ও পাঁকে পূর্ণ (মজা দিঘি)। ~**নো** *ক্রি* ১ নিমজ্জিত করা; ডুবানো; জলমগ্ন করা। ২ মোহিত করা; মুগ্ধ করা। ৩ ফলাদি পাকানো। ৪ বিপদাপন্ন করা; সমূহ ক্ষতি করা। ▫ *বি* উক্ত সকল অর্থে। **কুল ~নে** *বিণ* কুল কলঙ্কিতকারী। **কুল~নি** *বিণ স্ত্রী*। **কুল ~নো** *ক্রি* বংশ কলঙ্কযুক্ত করা; কুলে কলঙ্ক লেপন করা। **দয়ে ~নো, দহে ~নো** *ক্রি* অতলে ডুবিয়ে দেওয়া; বিষম বিপদে ফেলে সর্বনাশ করা। { *স.* √মস্জ্> }

মজুকুর ⇒ মজকুর

মজুত, মজুদ ⇒ মওজুদ

মজুন্দার ⇒ মজুমদার

মজুব ⇒ মজযুব

মজুমদার, মজুন্দার [মোজুম্দার্, -ন্দার্] *বি* ১ দলিলপত্র রক্ষক; recordkeeper। ২ রাজস্বের হিসাবপরীক্ষক। ৩ কুল পদবিবিশেষ (বামুন বলেই পূজব কি সেই ঘরের কুমরীর মজুন্দারে— *সদ*)। { *আ.* মজমুআ'হদার مجموعة + *ফা.* দার دار }

মজুর, মজদুর [মোজুর্, মোজ্দুর্] *বি* দৈহিক পরিশ্রম দিয়ে জীবিকা অর্জনকারী; শ্রমিক; শ্রমজীবী (শ্রমজীবী মেহনতী মজদুর— *ফআ*)। { *ফা.* মজ্দূর مزدور }

মজুরা [মোজুরা] *বি* মজুরি; পারিশ্রমিক; অর্থোপার্জনজনিত যে কাজ (দুটো পদাবলী মুখস্থ করেই মজুরা করতে বেরোন— *কাসি*)। { *ফা.* মজ্দূর مزدور + *বা.* আ }

মজুরি, মজুরী [মোজুরি] *বি* ১ পারিশ্রমিক (উচিত মজুরি দিতে কর অনুমতি— *বচদা*)। ২ মজুরের বা শ্রমজীবীর কাজ। { *ফা.* মজ্দূরী مزدوری }

মজ্জন [মজ্জন্] *বি* নিমজ্জন; পানিতে ডোবা; অবগাহন (ধুলো পায়ে কেমন হল সমুদ্র মজ্জন— *অঠা*)। **মজ্জমান** *বিণ* ডুবে যাচ্ছে এমন; ডুবন্ত। **মজ্জমানা** *বিণ স্ত্রী* (কোন মজ্জমানা কামিনী সুন্দরীকে তীরে টানিয়া তুলিব— *রঠা*)। { *স.* √মস্জ্+অন(ল্যুট্) }

মজ্জা [মজ্জা] *বি* ১ হাড়ের ভিতর চর্বিজাতীয় নরম পদার্থ। ২ কোনো বস্তুর সার অংশ। ~**গত, অস্থি~গত** *বিণ* অস্থি-মজ্জার সঙ্গে অবিচ্ছেদ্যরূপে জড়িত; অন্তর্নিহিত; জন্মগত; সংশোধনের অযোগ্য (মজ্জাগত দোষ)। { *স.* √মস্জ্+অ(অচ্)+আ(টাপ্) }

মঝু (*ব্র.*) [মোঝু] *সর্ব* আমার (আজু মঝু শুভদিন ভেল দেহা— *ঈদি*)। { *স.* মহ্যম্; *স.* মম>*প্রা.* মজঝু> }

মঞ্চ [মন্চো] *বি* ১ টোং; মাচা; উচ্চস্থান; বেদি; platform। ২ পুস্তক রাখার আধার; bookshelf (মেহগিনীর মঞ্চ জুড়ে পঞ্চ হাজার গ্রন্থ— *রঠা*)। { *স.* √মন্চ্+অ(অচ্) }

মঞ্চক [মন্চক] *বি* পালঙ্ক। { *স.* √মন্চ্+অ(অচ্)+ক }

মঞ্জন [মন্জন্] *বি* ১ মাজন; মাজা ক্রিয়া; মেজে সাফ করা। ২ মাজন; যে দ্রব্য দিয়ে মাজা হয়; মিশি। { *স.* √মৃজ্+অন(ল্যুট্) }

মঞ্জর (*মবা*) [মন্জর্] *বিণ* সুন্দর (কান্দে টিটিয়া মঞ্জুর— *মাগান*)। { *স.* মঞ্জু> }

মঞ্জরা [মন্জরা] *ক্রি* অঙ্কুরিত বা মুকুলিত হওয়া। { *স.* √মঞ্জ+অর+*বা.* আ }

মঞ্জরি, মঞ্জরী [মন্জোরি] *বি* ১ মুকুল; শিষ; নবপল্লব (নবপল্লবমঞ্জরি, পুষ্পমঞ্জরি)। ২ অঙ্কুর। **মঞ্জরিত** *বিণ* ১ মুকুলিত; মঞ্জরিযুক্ত (পরিপূর্ণ দেহ মঞ্জরিত বল্লরীর মত— *রঠা*)। ২ অঙ্কুরিত। { *স.* √মঞ্জ+অরি, +ঈ(ঙীপ্) }

মঞ্জিমা [মোনজিমা] *বি* সৌন্দর্য; মনোহারিতা; সুদৃশ্যতা; শোভা। { *স.* মঞ্জু+ইমন(ইমনিচ্) }

মঞ্জিল, মঞ্জিলা, মনজিল [মোন্জিল্, -লা, -ল্] *বি* ১ প্রাসাদ; বাসভবন। ২ অবতরণ-স্থান; পান্থনিবাস; সরাইখানা (মঞ্জিলে মঞ্জিলে যায় প্রবাসে করিয়া— *হেমা*; চল বাপ পা চালিয়ে চল মনজিলে পৌঁছতে রাত হয়ে যাবে— *আজ্ঞা*)। ৩ গৃহের তল বা তলা (দোমঞ্জিলা বাড়ি)। ৪ গন্তব্যস্থান; লক্ষ্যস্থল (জানা নেই রাত্রি শেষের মঞ্জিল— *হার*)। ৫ সমাধি; কবর (বহিনে মঞ্জিল দিয়া রাখিলেন গোরে— *গরীব*)। { *আ.* মন্জিল منزل }

মঞ্জিষ্ঠা [মোন্জিশ্‌ঠা] *বি* রক্তবর্ণ লতাবিশেষ (পলাশ মঞ্জিষ্ঠাবন পুষ্পবন হেল— *সৈআ*)। ~ **রাগ** *বি* ১ মঞ্জিষ্ঠা লতার রং। ২ পূর্বরাগবিশেষ (মঞ্জিষ্ঠা রাগ হল পাকা রঙের ভালবাসা বা অনুরক্তি যাই বল— *অঠা*)। { *স.* মঞ্জু+ইষ্ঠ(ইষ্ঠন্)+আ(টাপ্) }

মঞ্জীর [মোন্জির্] *বি* নূপুর; পায়ের একপ্রকার অলঙ্কার (ভেঙে দিবে অন্তর মঞ্জীরের ক্লিষ্ট নিক্বণ— *সদ*)। { *স.* √মঞ্জ+ঈর(ঈরন্) }

মঞ্জু [মোন্জু] *বিণ* মনোহর; সুন্দর; মধুর; মনোজ্ঞ (মঞ্জু কুঞ্জবনে— *মদ*)। ~**কেশী** *বিণ* সুকেশী; মনোহর কেশযুক্ত (ফাটে বুক জটাজূট হেরি তব শিরে, মঞ্জুকেশি— *মদ*)। ~**গমনা** *বি* হংসী। ▫ *বিণ* সুন্দর চলনবিশিষ্ট নারী। ~**ঘোষ, ~শ্রী** *বি* বৌদ্ধ ও জৈন দেবতার নাম। ~**ভাষিণী** *বিণ স্ত্রী* সুবচনী; কথা মিষ্ট এমন (বীণাগুঞ্জিত মঞ্জুভাষিণী, কমলকুঞ্জাসনা— *রঠা*)। { *স.* √মন্জ্+উ(উন্) }

মঞ্জুর, মনজুর [মোনজুর] *বি* গৃহীত; সম্মতিপ্রাপ্ত; অনুমোদিত (মঞ্জুর করিল দাই বাত হাতেমের—*মোহা*)। **মঞ্জুরি** *বি* ১ অনুমতি; অনুমোদন। ২ স্বীকৃতি। **না-মঞ্জুর** *বিণ* অগ্রাহ্য; বাতিল এমন; অনুমোদন লাভ করেনি এমন; অননুমোদিত। { *আ.* মনজূর منظور }

মঞ্জুল, মঞ্জুলা [মোনজুল্, -লা] *বিণ* সুন্দর; সুদর্শন; মনোহর; মধুর; মনোজ্ঞ (কত মঞ্জুল রাগিণী—*রঠা*; মঞ্জুলা বিধুর যৌবনকুঞ্জে যেন ও নূপুর বাজে—*নই*)। ☐ *বি* কুঞ্জবন; নিকুঞ্জ (নিবাস তব বঞ্জুল মঞ্জুলে—*মদ*)। ৩ সংকলন গ্রন্থ (কাব্য/গল্পমঞ্জুষা)। { *স.* মঞ্জু+ল(লা)+আ(টাপ)}

মঞ্জুষা, মঞ্জূষা *(বিরল)* [মোনজুশা] *বি* ১ বেত্রাদি-নির্মিত ঝাঁপি; পেটিকা; পেটরা; casket (মহার্ঘ মঞ্জুষা খোলা—*আ/আ/আ*)। ২ পার্বত্য লতাবিশেষ; মঞ্জিষ্ঠা। { *স.* √মসজ্+উষ(উষন্)+আ(টাপ্)}

মট [মট্] *অব্য* কঠিন দ্রব্য ভাঙার শব্দ। ~~ *অব্য* বারবার ভাঙার শব্দ। { *ধ্বন্যা.* }

মটকা১ [মট্‌কা] *বি* ১ শীর্ষ; চূড়া; মস্তক। ২ ঘরের চালের মধ্যভাগ। ৩ ছোট আকারের গোলাকার ধানের গোলা। ৪ গতিশীল ভঙ্গিবিশেষ; চোখ ইত্যাদির বিশেষ ভঙ্গি। ৪ কপট নিদ্রা; ঘুমের ভান। ~ **মারা** *ক্রি* ১ কাঁচা ঘরের শীর্ষস্থ ফাঁক বন্ধ করা। ২ নিদ্রার ভান করে শুয়ে থাকা। { *স.* মট্টক>মটক+আ}

মটকা২ [মট্‌কা] *বি* মোটা রেশমের কাপড়বিশেষ (মটকার পাঞ্জাবি)। { মোটা+অ>; তুল. হি মোটকা)}

মটকা৩, মটকি, মটকী [মট্‌কা, মোটকি, –] *বি* মৃত্তিকা নির্মিত ছোট বড় আধার; মাটির তৈরি জালা (গুড়ের মটকা বা মটকি)। { *স.* মৃত্তিকা>}

মটকানো [মট্‌কানো] *ক্রি* মট করে শব্দ হয় এমন ভাবে ভাঙা বা মোচড়ানো বা দুমড়ানো (আঙুল ঘাড় বা গাছের ডাল মটকানো)। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। { মটকা+আনো}

মটকি, মটকী ⇒ মটকা৩

মটন, মাটন [মটন্, মাটোন্] *বি* মেষ বা ভেড়ার মাংস। **মটন-চপ** *বি* মশলা সংযোগে ভেড়ার মাংসের তৈরি এক প্রকার খাবার। { ই mutton}

মটমট [মট্‌মট্] *অব্য* ক্রমাগত মট শব্দ। { *ধ্বন্যা.* }

মটর১ [মটর্] *বি* ১ কড়াই শুঁটি; কড়াই শুঁটির দানা। ২ ডালবিশেষ। { বাটুল>}

মটর২ ⇒ মোটর

মটাৎ [মটাত্] *অব্য* বাঁশ ইত্যাদি ভাঙার সময়ে মট মট শব্দ (লগিটা মটাৎ করে বেঙ্গে দুইভাগ হয়ে যায়—*আই*)। { *ধ্বন্যা.* }

মটুক [মোটুক্] *বি* শিরোভূষণ; মুকুট (মাথায় আনারসী মটুক পরে সভা আলো করে বসে আছেন—*অঠা*)। { *স.* মুকুট>(বর্ণ-বিপর্যয়ে) মুটুক>}

মঠ১ [মঠ্] *বি* ১ আশ্রম; আখড়া। ২ হিন্দু মন্দির। ৩ টোল; বিদ্যালয়। **–ধারী, মঠাধ্যক্ষ** *বি* মঠের অধ্যক্ষ; মোহান্ত। **~ধারিণী, মঠাধ্যক্ষা** *বিস্ত্রী*। { *স.* মঠ+অ(ঘঞ্)}

মঠ২ [মঠ্] *বি* মঠের বা মন্দিরের আকারবিশিষ্ট চিনিতে প্রস্তুত মিষ্টান্ন। { *স.* মঠ>}

মডেল [মডেল্] *বি* ১ প্রতিরূপ; নকল; নমুনা। ২ ভাস্কর ও শিল্পীদের নিকট যে ব্যক্তি বিশেষ ভঙ্গিতে অবস্থান করে। ৩ ধরন; ছাঁচ; মানদণ্ড; আদর্শ। ৪ বিজ্ঞাপনের জন্য যারা পত্রিকা ও প্রচার মাধ্যমে পোজ দেন বা অভিনয় ও কণ্ঠ দান করেন (এটাই পরবর্তীকালে পৃথিবীর মানচিত্র অঙ্কনে মডেল হিসাবে গৃহীত হয়—*আম*)। { ই model}

মড়ক [মড়োক্] *বি* মহামারী; কলেরা, প্লেগ প্রভৃতি রোগে কোনো অঞ্চলে অনেক লোকের মৃত্যু (মড়ক এসে হাড় ছড়ালো—*রখা*)। { *স.* মরক>}

মড়মড় [মড়্‌মড়্] *অব্য* ১ কাঠ ইত্যাদি শক্ত জিনিস ভাঙার শব্দ। ২ শুকনো পাতায় চাপ পড়লে যে শব্দ হয় (এমন সময় মরা পাতার মড়মড় আওয়াজ কানে এলো—*রক*)। **মড়মড়ে** *বিণ* শক্ত; রসশূন্য; খেতে মড়মড় শব্দ হয় এমন (মড়মড়ে ভাজা)। { *ধ্বন্যা.* }

মড়া [মড়া] *বি* শব; লাশ; মৃতদেহ; মৃত শরীর। **~খেকো, ~খেগো** *বিণ* অতি কৃশ; অস্থিচর্মসার (মড়াখেকো একটা নেড়ি কুত্তা—*হচিসে*)। **~র উপর খাঁড়ার ঘা** বিপন্ন ও মৃতপ্রায় ব্যক্তির উপর অত্যাচার। **বাসি~** *বি* মৃত্যুর দিন যে মৃতদেহের অন্ত্যেষ্টিক্রিয়া হয়নি। { *স.* মৃত>*প্রা.* মড *বা.* মড়+আ}

মড়াচে [মড়াচে] *বিণ* পরপর কয়েকটি সন্তান হয়ে মরে যাওয়ার পর জীবিত সন্তান সম্পর্কে (এই ক্ষ্যাপাই মায়ের মড়াচে ঝোকদার ছেলে—*নই*)। { *স.* মৃত>*বা.* মড়া+*স.* শাবক>ছা=মড়া+ছা+ইয়া=মড়াছে>মড়াচে}

মড়াৎ [মড়াত্] *বি, অব্য* মরা ডাল ভাঙার শব্দবিশেষ (একটা ডালে লাফ দিয়েছি অমনি মড়াৎ—*হুউ*)। { *ধ্বন্যা.* }

মড়িঘর [মোড়িঘর্] *বি* হাসপাতালাদিতে যে ঘরে মৃতদেহ রাখা হয়; লাশঘর; লাশের মর্গ; morgue। { মৃত>মড়+ই=মড়ি, খড়ির জন্য ঘর (ষতৎ)}

মড়িপোড়া [মোড়িপোড়া] *বি* হিন্দুদের মধ্যে শবদাহ কাজে সাহায্যকারী পতিত ব্রাহ্মণ। { মৃত>মড়+আ=মড়া+ই=মড়ি। পোড়ানিয়া>পোড়াইয়া—মড়া পোড়ায় যে, উপপদ তৎ}

মড়ুঞ্চে, মড়াঞ্চে [মোড়ুনচে, মড়ানচে] *বিণ* সন্তান হয়ে বাঁচে না এমন; মৃতবৎসা। **~ পোয়াতি** *বি* যে স্ত্রীলোকের সন্তান হয়ে বাঁচে না। **~ নাম** *বি* মড়ুঞ্চে পোয়াতির সন্তানের নাম; যেমন—এককড়ি, পচা, ফেলা, দুখু। { *বা.* মরা+ছা(<বৎস)+ইয়া>মড়াঞ্ছিয়া>মড়াঞ্চে> মড়ুঞ্চে; *স.* মৃতাপত্যা>}

মণ ⇒ মন

মণি [মোনি] *বি* ১ গহনা হিসেবে ব্যবহৃত দামি পাথর; মূল্যবান প্রস্তর; বহুমূল্য রত্ন। ২ আদরসূচক (খুকুমণি, সোনামণি)। ৩ বংশকে উজ্জ্বল করে যে শ্রেষ্ঠ ব্যক্তি। **~কাঞ্চনযোগ** *বি* সোনার সঙ্গে মণির সংযোগের মতো শোভন ও উপযুক্ত; অতি সুন্দর মিলন। **~কার** *বি* জহুরি; রত্নবণিক; মণি প্রভৃতি কেটে পালিশ করে যে। **~কুট্টিম** *বি* মণি বসানো গৃহতল; রত্ননির্মিত মেঝে; পাথর বসানো হয়েছে এমন মেঝে। **~কুন্তলা** *বিণ* মণি শিরে এমন (কুন্তল এখানে শির অর্থে) (ফণিনী মণিকুন্তলা—*মদ*)। **~কোঠা** *বি* মণি দ্বারা তৈরি ঘর। **~দীপ** *বি* ১ মণিময়

প্রদীপ। ২ অতিমূল্যবান স্মরণযোগ্য বস্তু (তোমার হাতের সেই বেদনার রাত্রিই ত আমার জীবন গহনে একমাত্র মণিদীপ—*জুঅা*)। ~**দীপ্ত** *বিণ* রত্নের আভায় উজ্জ্বল (রবিহীন মণিদীপ প্রদোষের দেশে—*রঠা*)। ~**বর্ণা** *বিণ* মণিমুক্তার উজ্জ্বল বর্ণবিশিষ্ট (ও মণিবর্ণা দেহ—*হাহা*)। ~**মণ্ডিত**, ~**ময়** *বিণ* রত্নখচিত; মণিদ্বারা খচিত বা প্রস্তুত। ~**মাণিক্য** *বি* নানা প্রকার মূল্যবান মণি ও রত্ন। ~**মালা** *বি* মণির মালা; মণিময় হার; রত্নময় হার। ~**রাগ** *বি* হিঙ্গুল। ~**হারা ফণী** *বি* ১ মাথার মণি হারানোর ফলে অস্থিরচিত্ত সাপ। ২ অতিপ্রিয় বস্তু বা ব্যক্তিকে হারানোর ফলে অস্থির ব্যক্তি। { *স.* √মণ্+ই(ইন)}

মণিকর্ণিকা [মোনিকোর্‌নিকা] *বি* ১ কাশীস্থ হিন্দু তীর্থবিশেষ (মণিকর্ণিকার জল স্পর্শ কিংবা অবগাহন করে—*ক্যাসি*)। ২ মণিময় কর্ণের অলঙ্কারবিশেষ। { *স.* মণি+কর্ণিকা}

মণিপুরি [মোনিপুরি] *বিণ* ১ হিন্দুদের কাশীস্থ তীর্থবিশেষ। ২ মণিপুর নিবাসী। ৩ মণিপুরে উৎপন্ন। { *স.* মণি+পুর+ই}

মণিবন্ধ [মোনিবন্‌ধো] *বি* হাতের কবজি (রুম ঝুমঝুম মঞ্জীর বাজে কঙ্কণ মণিবন্ধে—*নই*)। { *স.* মণি+বন্ধ}

মণিযোনি [মোনিজোনি] মণির উৎপত্তিস্থল (মণিযোনি খানি যত, দিব হে তোমারে—*মদ*)। { *স.* মণি+যোনি}

মণিহারী ⇒ মনিহারী

মণ্ড [মন্‌ডো] *বি* ১ মাড়; ক্বাথ; ফেন। ২ সারভাগ। { *স.* √মণ্ড্+অ(অচ)}

মণ্ডন [মন্‌ডন্] *বি* ১ সাজসজ্জা; প্রসাধন; অলঙ্করণ (তোমার গমন শুনি করিনু মণ্ডন—*কাদা*)। ২ ভূষণ; অলঙ্কার। **মণ্ডিত** *বিণ* অলঙ্কৃত; ভূষিত; সজ্জিত; খচিত (হাকিম বাবু গজদন্তমণ্ডিত যষ্টিমুণ্ড ঘুরাইতে ঘুরাইতে… উপস্থিত—*মীম*)। **মণ্ডিতা** *বিণ* *স্ত্রী*। { *স.* √মণ্ড্+অন(ল্যুট)}

মণ্ডপ [মন্‌ডোপ্] *বি* ১ উপরে ছাদযুক্ত চারদিকে খোলা প্যান্ডেল; ছাদযুক্ত বড় প্রাঙ্গণ বা চত্বর। ২ হিন্দুদের মন্দির (চণ্ডীমণ্ডপ)। ৩ উৎসবাদির জন্য নির্মিত চাঁদোয়া ঢাকা স্থান; প্যান্ডাল (বিবাহমণ্ডপ, সভামণ্ডপ)। □ *বিণ* মণ্ড পানকারী। { *স.* √মণ্ড্+পা+অ(ক)}

মণ্ডল[১] [মন্‌ডোল্] *বি* ১ গোলক; গোল আকৃতিবিশিষ্ট বস্তু (সৌরমণ্ডল)। ২ চক্র; পরিধি (দিঙ্‌মণ্ডল)। ৩ সঙ্ঘ (সচিবমণ্ডল)। ৪ স্থান (ভূমণ্ডল)। ৫ বৃহৎ রাজ্য। ৬ অঞ্চল (ব্রজমণ্ডল)। ৭ মোড়ল। **মণ্ডলাকার** *বিণ* গোল; গোলাকার (মুখমণ্ডল চতুর্গুণ মণ্ডলাকার করিয়া বলে—*রঠা*)। **মণ্ডলাধীশ, মণ্ডলেশ্বর** *বি* সুবিস্তীর্ণ রাজ্যের অধিপতি; সম্রাট; রাজচক্রবর্তী। { *স.* √মণ্ড্+অল+অ(অচ)}

মণ্ডল[২] [মন্‌ডোল্] *বি* মোড়ল; সর্দার; মাতব্বর; পদবিবিশেষ। { *স.* √মণ্ড্+অল+ অ(অচ)}

মণ্ডলী [মন্‌ডোলি] *বি* ১ সমূহ (জনমণ্ডলী)। ২ বৃত্ত (মণ্ডলী করা)। { *স.* মণ্ডল+ঈ(ঙীষ্)}

মণ্ডা[১], **মোণ্ডা, মণ্ডিত** [মন্‌ডা, মো-, মোন্‌ডি] *বি* ১ সন্দেশজাতীয় ছানার মিষ্টান্নবিশেষ। ২ গুটিকাকৃতি মিঠাইবিশেষ। { *স.* মণ্ডল>}

মণ্ডা[২] [মন্‌ডা] *ক্রি* (*পদ্য*) মণ্ডিত বা সজ্জিত করা; ভূষিত বা অলঙ্কৃত করা। { *স.* √মণ্ড্+*বা.* আ}

মণ্ডি ⇒ মণ্ডা[১]

মণ্ডূক [মোনডুক্] *বি* ব্যাঙ; ব্যাং; ভেক (ক্ষুধিত ভুজঙ্গে ধায় ধরিতে মণ্ডূক—*ঘচ*)। **মণ্ডূকী** *বি* *স্ত্রী*। { *স.* √মণ্ড্+উক}

মণ্ডূর [মোনডুর্] *বি* লোহার খাদ; লোহার মরিচা। { *স.* √মণ্ড্+উর}

মৎ [মত্] *সর্ব* আমার; মদীয় (মৎপ্রণীত, মৎকৃত)। **মদীয়** *বিণ* আমার; মৎ সম্পর্কিত। { *স.* অস্মদ্ শব্দ+৬ষ্ঠী একব}

মত[১] [মত্] *বি* ১ অভিমত; মানসিকভাব; ধারণা; বোধ; প্রতীতি (এ সম্বন্ধে তার মত জানা দরকার)। ২ সম্মতি; সমর্থন; অনুমতি; অনুমোদন (এ কাজে আমার মত আছে)। ৩ সিদ্ধান্ত; নির্ধারণ; মীমাংসা; বিশ্বাস (ধর্মমত, দার্শনিক মত)। ৪ ধারা; প্রণালি; পদ্ধতি; রীতি (হোমিওপ্যাথি মতে চিকিৎসা)। ৫ বিধি; বিধান; নিয়ম (মুসলমানি মতে বিবাহ)। ~ **দেওয়া** *ক্রি* সম্মত হওয়া; অনুমোদন করা; সম্মতি দেওয়া। ~**দ্বৈধ** *বি* মতের অমিল; মতানৈক্য; দ্বিমত (এ বিষয়েও মতদ্বৈধ ছিল—*আনিস*)। ~**বাদ** *বি* যুক্তি, প্রমাণ ইত্যাদি দিয়ে গৃহীত দার্শনিক বৈজ্ঞানিক বা নীতিবিষয়ক ধারণা বা সিদ্ধান্ত; theory। ~**বিরোধ**, ~**ভেদ** *বি* মতানৈক্য; অমিল; মতান্তর। ~ **নেওয়া** *ক্রি* ১ অনুমতি বা সম্মতি গ্রহণ করা। ২ পরামর্শ গ্রহণ করা। **মতান্তর** *বি* ভিন্নমত; মতের অমিল; স্বতন্ত্র অভিমত। **মতাবলম্বন** *ক্রি* মত গ্রহণ; মতানুসরণ; মত মানা। **মতাবলম্বী** *বিণ* মতানুবর্তী; মতগ্রহণকারী; মতানুসরণকারী। **মতাবলম্বিনী** *বিণ* *স্ত্রী*। **মতা~** *বি* মত এবং অমত; সম্মতি ও অসম্মতি। { *স.* √মন্+ত(ক্ত)}

মতলব, মৎলব [মত্‌লব্] *বি* ১ ইচ্ছা; অভিসন্ধি; উদ্দেশ্য (দেলের মতলব কহ—*সৈহ*; মৎলব ছাড়া দুনিয়ার কে কি করিয়া থাকে—*ইহো*)। ২ ফন্দি; কূট কৌশল (মতলব আঁটা, গোপন মৎলব—*রঠা*)। ~**বাজ, মতলবি** *বিণ* ফন্দিবাজ; কৌশলী; স্বার্থপর (তাঁহার মতলববাজ সহচরবৃন্দ—*মামু*)। ~ **হাসিল করা**, ~ **হাসিল হওয়া** *ক্রি* গূঢ় উদ্দেশ্য সফল করা; স্বার্থসিদ্ধ হওয়া। { *আ.* মত্‌লব مطلب }

মতান্তর, মতাবলম্বন, মতাবলম্বী, মতামত ⇒ মত[১]

মতি[১] [মোতি] *বি* ১ বুদ্ধি (কুমতি)। ২ স্মৃতি; স্মরণশক্তি (মতিভ্রম)। ৩ প্রবৃত্তি; ইচ্ছা; অভিপ্রায় (ধর্মে মতি)। ৪ মন (হরষিত মতি—*কাদা*)। ~**গতি** *বি* মনের গতি; মনোভাব; অভিপ্রায় ও চেষ্টা। ~**চ্ছন্ন** *বিণ* কুবুদ্ধিসম্পন্ন; দুর্মতি। □ *বি* বুদ্ধি নাশ; বুদ্ধিভ্রংশ। ~**ভ্রংশ**, ~**ভ্রম**, ~**হীনতা** *বি* স্মৃতিনষ্ট; বুদ্ধিনাশ। ~**ভ্রষ্ট**, ~**হীন** *বিণ* স্মৃতি বা বুদ্ধি নষ্ট হয়েছে যার। ~**মান** *বিণ* ১ বুদ্ধিমান; সুধী। ২ অনুরক্ত; একাগ্রচিত্ত (তোহে মতিমান সুমতি মধুসূদন—*বিপ*)। ~**মতী** *বিণ* *স্ত্রী*। ~**স্থৈর্য** *বি* ১ স্থিরতা। ২ সংকল্পের দৃঢ়তা। { *স.* √মন্+তি(ক্তিন)}

মতি[২] (*অপ্র.*), **মোতি** [মোতি] *বি* মোতি; মুক্তা (শিশির তাহারে মতির মালায় সাজায় সারাটি রাত্রি—*জউ*) { *স.*

মৌক্তিক>}

মতিচুর, মতিচূর, মোতিচুর [মোতিচুর্] *বি* মোতির ন্যায় দানাবিশিষ্ট ঘৃতপক্ব মিঠাইবিশেষ; মিহিদানা। {স. মক্তি+ স. চূর্ণ>}

মতিহারি [মোতিহারি] *বি* ভারতস্থ বিহারের অন্তর্গত অঞ্চল। ◻ *বিণ* মতিহারিতে জাত; মতিহারি তামাক। {মতিহার+ই}

মতুয়া [মোতুয়া] *বিণ* মত্ত; মাতোয়ারা। ◻ *বি* উনিশ শতকের মাঝামাঝি হরিচাঁদ ঠাকুর (১২১৮–১৮৭৮) কর্তৃক প্রতিষ্ঠিত ধর্মসম্প্রদায়। {স. মত্ত>}

মতো, মত², মতন [মতো, –, মতোন্] *বিণ* ১ তুল্য; সদৃশ (বাঘের মত ভয়ঙ্কর, ফুলের মত সুন্দরী, দিগন্তের মতন উদার সে এখন—*রবি*)। ২ অনুযায়ী; অনুরূপ; ন্যায়; অনুসারী (মনের মতো জিনিস, কথা মতো কাজ)। ৩ যোগ্য; উচিত (ভদ্রলোকের মতো ব্যবহার)। ◻ *বি* প্রকার (নানামতে)। ◻ *অব্য* জন্য; নিমিত্ত। {স. মত>}

মৎকুণ [মত্কুন্] *বি* ১ ছারপোকা। ২ উকুন। ৩ ডাঁশ। ৪ দাড়িগোঁফহীন পুরুষ; মাকুন্দ। {স. মৎকুন}

মত্ত [মত্তো] *বিণ* ১ নেশাগ্রস্ত; মাতাল। ২ উন্মত্ত; পাগল; খেপা (মত্তহস্তী)। ৩ প্রমত্ত; গর্বিত; উল্লসিত; আত্মহারা; বিহ্বল (যৌবনমদমত্ত, ভোগমত্ত, ধনমত্ত)। ৪ অত্যন্ত আসক্ত; অনুরক্ত বা নিবিষ্ট ('অনেকের মত কবিতা রচনায় মত্ত হইয়া ক্লাসের পড়াশুনা বিসর্জন দেন নাই')। **মত্তা** *বিণ স্ত্রী.* (যামিনী জ্যোৎস্নামত্তা—*রঠা*)। ~**তা** *বি*। {স. √মদ+ত(ক্ত)}

মৎত্রজ্জম [মত্ত্রোজ্জম্] *বি* মুতরজিম; যে তর্জমা করে; অনুবাদক (আমি যখন তরজমা করি তিন চারখান ডিক্সেনারী নেই আর একটা কথা মৎত্রজ্জমকে জিজ্ঞাসা করি—*দীমি*)। {আ. মুতরজিম مترجم }

মৎফরেক্কা [মত্ফরেক্কা] *বিণ* বিবিধ (আদালতে নম্বর-ওয়ালী ও মৎফরেক্কার তদ্বির কত্তে হলে ভবানীপুরেই বাসার ঠিকানা হয়—*কাসি*)। {আ. মুতাফার্‌রিকাহ متفرقة }

মৎসর [মত্শর্] *বি* ১ ঈর্ষা; অসূয়া; পরশ্রীকাতরতা (নিজের মৎসর নিয়ে নিশানের পরে সূর্য এঁকে চোখ মেরেছিল তার নীলিমার সূর্যের দিকে—*জীদা*)। ২ ক্রোধ। ◻ *বিণ* ১ পরশ্রীকাতর; অসূয়াপরবশ; ক্রুদ্ধ। ২ কৃপণ। **মৎসরী** (–রিন্) *বিণ* ঈর্ষাকারী; লোভী; নীচ; ক্রুদ্ধ; খল; পরশ্রীকাতর। {স. √মদ্+সর+অ(অচ্)}

মৎস্য [মত্শো] *বি* ১ মাছ। ২ হিন্দুপুরাণোক্ত বিষ্ণুর প্রথম অবতার। ৩ একটি হিন্দু পুরাণের নাম। ৪ (*জ্যোবি.*) রাশিচক্রের একটি রাশির নাম; দ্বাদশ রাশির অন্যতম। ৫ একটি প্রাচীন রাজ্যের নাম; বিরাট দেশ (আধুনিক ভারতে জয়পুরের নিকট)। **মৎসী** *বিণ স্ত্রী.*। ~**করণ্ডিকা** *বি* মাছের চুপড়ি; খালুই। ~**গন্ধা, মৎস্যোদরী** *বি* পুরাণোক্ত ঋষি ব্যাসের মাতার নাম; সত্যবতী। ~**জীবী** (–বিন্) *বি* মাছ ধরে জীবিকা নির্বাহকারী; জেলে; ধীবর। ~**ন্যায়, ~–নীতি, মাৎস্যন্যায়, মাৎস্যনীতি** *বি* মাছের মতো পরস্পর হানাহানি; হত্যা ও অরাজকতা। ~**রঙ্গ** *বি* মাছরাঙা নামক পাখি (হেরি যথা শফরীরে স্বচ্ছ সরোবরে পড়ে মৎস্যরঙ্গ—*মদ*)। {স. √মদ+স্য(স্যন্)}

মৎস্যাশী (–শিন্) [মত্শাশি] *বিণ* মাছ খায় এমন; মৎস্যভোজী; মাছখেকো। {মৎস্য+√অশ+ইন(ণিনি)}

মথন [মথোন্] *বি* ১ মন্থন; ঘোটন; বিলোড়ন। ২ দলন; পীড়ন; ধ্বংসকরণ। ◻ *বিণ* বিনাশকারী; দলনকারী; পীড়নকারী। **মথিত** *বিণ* বিলোড়িত; আন্দোলিত; মথন করা হয়েছে এমন। ◻ *বি* নির্জল দধি। **মথ্যমান** *বিণ* মন্থন করা হয়েছে এমন। {স. √মথ+অন(ল্যুট্)}

মথা [মথা] *ক্রি* (*পদ্য*) মথন বা মন্থন করা। {স. √মথ+ বা. আ}

মথিত, মথ্যমান ⇒ মথন

মথুরা [মোথুরা] *বি* ভারতের একটি নগরী—এখানে কৃষ্ণের হাতে রাজা কংসের মৃত্যু হয়। {স. মথুরা}

মদ [মদ্] *বি* ১ দম্ভ; গর্ব; অহঙ্কার (শক্তি–মদমত্ত)। ২ প্রমত্ততা। ৩ বিহ্বল ভাব। ৪ কস্তূরী (মৃগমদ)। ৫ মদ্য; সুরা। ৬ প্রমত্তকর রস (মহুয়ার মদ)। ৭ হাতির গণ্ডদেশ থেকে ক্ষরিত স্রাব। ~**কল** *বিণ* মত্ততার জন্য মধুর অস্ফুট শব্দ করে এমন (মদকলকরী যথা পশি নলবনে—*মদ*)। ◻ *বি* মত্তহস্তী। ~**খোর** *বিণ* মদ্যপ; মদপায়ী; সুরাপায়ী; মাতাল। ~**গর্ব** *বি* মত্ততাহেতু অহঙ্কার; দাম্ভিকতা। ~**মত্ত, মদোন্মত্ত** *বিণ* ১ সুরাপানের ফলে মাতাল। ২ অহঙ্কারে উন্মত্ত। ৩ প্রমত্ত (উড়িয়ে দেবে মদোন্মত্ত হাওয়া—*রঠা*)। ~**মত্তা, মদোন্মত্তা** *বিণ স্ত্রী.*। ~**মত্তহস্তী** *বি* যে হাতির গণ্ডস্থল থেকে মদস্রাব নিঃসৃত হচ্ছে। ~**রত** *বিণ* মদমত্ত (পীর শরাবের পথ মদরত যবে আন পথে যাবে শিষ্য কি—*নই*)। ~**শালা** *বি* শরাবখানা (ঐ হাফিজের মতো আমাদেরও পথ প্রেম-শিরাজীরই মদশালা—*নই*)। **মদাত্যয়** *বি* মদ্যপান জাত ব্যাধি। **মদান্ধ** *বিণ* অহঙ্কারে অন্ধ। **মদালস** *বিণ* মদ্যপানের ফলে বিহ্বল; আবেশে বিবশ (ঝেড়ে মুছে ফেলে সে মন থেকে এ মদালস—*আজা*)। **মদালসা** *বিণ স্ত্রী.*। {স. √মদ+অ(অপ)}

মদক [মদক্] *বিণ* আফিমঘটিত। ◻ *বি* তন্দ্রাকর ঔষধবিশেষ। {স. মোদক>}

মদত, মদৎ, মদদ [মদত্, –, –দ্] *বি* ১ সাহায্য; সহায়তা। ২ সহযোগিতা (সংসারের গাজীগণ মদত যে চায়—*হেমা*; মদদ মাগেন দীনের নবী—*রই*)। ~**গার** *বিণ* সাহায্যকারী; সহায়তাকারক (একা মর্দ যায় ময়দান করতে ফতে ইয়ার মদদগার কেউ নাই সাতে—*অঠা*)। ~**গারি** *বি* সাহায্যদান; সহায়তাকরণ। ~**মাশ, ~–ই–মাশ** *বি* ধর্ম ও জ্ঞান প্রচারে নিযুক্ত পীর ফকির ও আলিমদের ভরণ পোষণের জন্য বাদশাহি আমলে নিষ্কর বা অল্প করে প্রদত্ত জমি (সম্প্রাপ্ত মুগল–মানদেরকে মদদ-ই-মশ ও জায়গীর মঞ্জুর করেন)। {আ. মদদ্ مدد }

মদন [মদোন্] *বি* হিন্দুপুরাণোক্ত প্রেমের দেবতা; কন্দর্প; কামদেব; অনঙ্গ; অতনু; মন্মথ; মনোভব; মনসিজ; পঞ্চশর; স্মর; পুষ্পধন্বা; মকরকেতন; রতিপতি। ◻ *বিণ* মত্ততাজনক; মাতাল করে এমন। ~**গোপাল, ~মোহন** *বি* কৃষ্ণ। **মদনোৎসব** *বি* বসন্তোৎসব; হিন্দুদের হোলি উৎসব—যাতে রং খেলা হয়। {স. √মদি+অন(ল্যুট্)}

মদাত্যয়, মদান্ধ, মদালস ⇒ মদ

মদিনা মনোয়ারা [মোদিনা মনোয়ারা] *বি* আরব দেশের অন্যতম প্রধান নগরী এবং বিশ্ব মুসলিমের তীর্থস্থান; হজরত মুহম্মদ (সা.) মক্কা থেকে হিজরত করে এখানে আসেন এবং তাঁর সমাধিও এখানে অবস্থিত (সেখানে থেকে যাবে পুণ্যভূমি মদিনা মনোয়ারায় — *এও*)। { *আ.* মদীনাহ্ মুনব্বরাহ্ مدينة منورة }

মদির [মোদির্] *বিণ* মত্ততা সৃষ্টি করে এমন; মত্ততাজনক; মোহকর (হয় গো মদির অধীর সুখে — *সদ*)। **মদিরা** *বি* মদ; মদ্য; সুরা; বারুণী। **মদিরাক্ষী, মদিরেক্ষণা** *বি, বিণ* মত্তনয়না; সুলোচনা নারী (কে ও উন্মনা মদিরেক্ষণা ওড়না উড়িল সর্কি মিনারে —*মোম*)। { *স.* √মদ+ইরা(কিরচ্) }

মদীয় ⇒ মৎ

মদো, মোদো [মোদো] *বিণ* ১ মদের মতন; মদের ন্যায় (মদো গন্ধ)। ২ মদখোর; মদাসক্ত। { *স.* মদ+*বা.* উয়া>ও }

মদোন্মত্ত ⇒ মদ

মদ্গুর [মোদ্গুর্] *বি* মাগুর মাছ। { *স.* মদ্+উর(উরচ্) }

মদ্দ, মদ্দা, মদ্দানি ⇒ মর্দ

মদ্য [মোদ্দো] *বি* ১ প্রমত্ততাজনক রস। ২ মদিরা; মদ; সুরা; বারুণী। { *স.* মদ+য(যৎ) }

মদ্যপ, মদ্যপায়ী (-য়িন্) [মোদ্দপ্, -পায়ি] *বিণ* মদ খায় এমন; মদখোর; মাতাল। { *স.* মদ্য+প, ইন্(ইনি) }

মদ্র [মদ্রো] *বি* ১ পাঞ্জাবের অন্তর্গত একটি প্রাচীন দেশ (মদ্র দেশ নরপতি নাম তার অশ্বপাত — *কমূ*)। **~ক** *বিণ* মদ্রদেশজাত। { *স.* √মদ+র(রক্) }

মধু [মোধু] *বি* ১ ফুলের মিষ্ট রস; মউ; মকরন্দ। ২ পুষ্প থেকে যে মিষ্ট রস মৌচাকে সঞ্চিত হয়। ৩ মিষ্টদ্রব্য। ৪ মদ; সুরা। ৫ বসন্তকাল (ফুলকুল বিরসবদনা মধুর বিরহে যবে তাপি বনস্থলী — *মদ*)। ৬ চৈত্রমাস (মধুমাস)। ৭ মাধুর্য; মধুরতা। ৮ (*আল.*) আয় করার সুযোগ-সুবিধা (মধু ফুরিয়েছে)। ☐ *বিণ* ১ মধুর মতো স্বাদযুক্ত। ২ মধুর; মাধুর্যময় (মধুকণ্ঠ)। **~ক** *বি* ১ যষ্টি মধু। ২ মহুয়ার ফল। ৩ অশোক (বাম হাতে যার কমলার ফুল, ডাহিনে মধুক মালা— *সদ*)। **~কণ্ঠ** *বিণ* মিষ্ট স্বরযুক্ত; মিষ্টভাষী। **~কর, ~প, ~পায়ী** (-য়িন্), **~ব্রত, ~ভুৎ, ~মক্ষিকা, ~লিট, ~লিহ, ~লেহী**(-হিন্) *বি* ভ্রমর; ভোমরা; মধুমক্ষিকা; মৌমাছি (মধুকর যেমন ফুল হইতে বিন্দু বিন্দু করিয়া মধু আহরণ করে — *হবা*; গুঞ্জরিত মধুপের মত — *মনির*)। **~করী** *বি স্ত্রী*। **~কৈটভ** *বি* হিন্দু পুরাণ অনুসারে বিষ্ণু দ্বারা নিহত মধু ও কৈটভ নামক অসুরদ্বয়। **~কোষ, ~ক্রম, ~চক্র, ~চ্ছত্র, ~জালক** *বি* মৌচাক। **~গন্ধী** *বিণ* মিষ্ট গন্ধযুক্ত (ছবি আঁকা মধুগন্ধী চন্দনের পাখা — *মব*)। **~গোলক** *বি* লাড্ডু বা নাড়ু (আমাদের পূর্বদেশে মধুগোলক খুব সাধারণ খাদ্য — *রাসা*)। **~জীব, ~জীবী** *বি* মৌমাছি (নিকুঞ্জে গুঞ্জরি অলি, ধাইল চৌদিকে মধুজীবী — *মদ*)। **~চন্দ্র** *বি* বিয়ের পর বরবধূ যে প্রমোদ-বিহারে যায়; honeymoon। **~নিশি, ~যামিনী, ~রাত্রি** *বি* ১ বসন্তকালের রাত্রি। ২ আনন্দ রাত্রি। **~প** *বি* মধুকর; ভ্রমর (গুঞ্জরি ওঠে বিশ্ব মধুপ—আসিল মোহাম্মদ— *নই*)। **~পর্ক** *বি* ঘৃত, দধি, মধু—এই সমস্ত দ্রব্য মিশ্রিত বস্তু যা হিন্দুরা দেবতার নৈবেদ্য হিসাবে ব্যবহার করে (মাল্য আভরণ গন্ধচন্দন, আর দিল মধুপর্ক— *বিগু*)। **~পিঙ্গল** *বিণ* সুন্দর পিঙ্গল; সুন্দর হরিতাভ; পাটল (মেঘের গায়ে গায়ে মধুপিঙ্গল আলো পড়েছে — *অঠা*)। **~পুরী** *বি* মথুরা নগরী। **~বন** *বি* ১ বৃন্দাবনের একটি বন। ২ মথুরার অন্তর্গত একটি বন। **~বর্ষী** (-র্ষিন্) *বিণ* মধুবর্ষণকর; অতিশয় মধুর। **~মক্ষিকা** *বি* মৌমাছি। **~মতী** *বি* ১ মধুক্ষরা। ২ বাংলাদেশের একটি বিখ্যাত নদী। **~মতীপুরী** *বি* মৌচাক (যথা শিলীমুখবৃন্দ, ছাড়ি মধুমতী পুরী, উড়ে ঝাঁকে ঝাঁকে আনন্দে গুঞ্জরি মধুকালে — *মদ*)। **~ময়** *বিণ* ১ মধুপূর্ণ। ২ সুমধুর। **~মাধব** *বি* চৈত্র ও বৈশাখ মাস। **~মাধবী** *বি* মদ্য; মদ; সুরা। **~মান** *বিণ* মধুর; মধুময় (আলো বায়ু নদীজল ওরুলতা মধুমান — *মোম*)। **~মালা শাড়ি** *বি* একপ্রকার শাড়ি (শপথ করে মধুমালা শাড়ি আনিবে দুলির তরে— *জউ*)। **~মাস** *বি* চৈত্র মাস। **~মেহ** *বি* বহুমূত্র রোগ; diabetes। **~সখ** *বি* কোকিল। **~সূদন** *বি* হিন্দু পুরাণ অনুযায়ী বিষ্ণু—যিনি মধু নামক দৈত্যকে বধ করেছিলেন। **~স্বর** *বি* ১ মিষ্ট কণ্ঠস্বর। ২ কোকিল। **মধূত্থ** *বি* মোম (এ হৃদয় মধূত্থবর্তিকা *মোম*)। **মধূত্থবর্তিকা** *বি* মোমবাতি (মধূত্থবর্তিকায় আলোকে লেখা রহিত করিতে হইল — *ঈবি*)। { *স.* √মন্+উ }

মধুর [মোধুর্] *বিণ* ১ অত্যন্ত মিষ্ট। ২ মনোহর; প্রীতিদায়ক। **মধুরা** *বিণ স্ত্রী*। **~ত্ব, মধুরিমা, মাধুর্য, মাধুরী** *বি*। **মধুরেণ সমাপয়েৎ**—মিষ্টি দিয়ে শেষ করা। { *স.* মধু+র }

মধূত্থ, মধূত্থবর্তিকা ⇒ মধু

মধূৎসব [মোধুত্শব্] *বি* বসন্তোৎসব; বসন্তকালে অনুষ্ঠিত যে উৎসবে রং খেলা হয়; হোলি উৎসব। { *স.* মধু+উৎসব }

মধ্য [মোদ্ধো] *বি* ১ মাঝ; মাঝামাঝি স্থল (চক্ষের মধ্য)। ২ মাজা; কোমর; কটি; শরীরের মাঝামাঝি স্থান (ক্ষীণমধ্য)। ৩ কেন্দ্র (ভূমধ্য)। ৪ ভিতর; অভ্যন্তর (দেহমধ্যে, পকেটমধ্যে)। ৫ ফাঁক; অন্তরাল; অবসর; বিশ্রাম (ইতিমধ্যে)। ৬ সঙ্গীতের একটি তাল। ৭ ভিতরের অন্তর্বর্তী। ☐ *বিণ* ১ মধ্যবর্তী; মাঝের; প্রান্ত থেকে সমদূরবর্তী; কেন্দ্রস্থ (মধ্যরাত্র, মধ্যবিন্দু)। **~গ** *বিণ* মধ্যবর্তী; মাঝের। **~গা** *বিণ স্ত্রী*। **~ন্দিন/দিন** *বি* দিবসের মধ্যভাগ; মধ্যাহ্ন; দুপুর বেলা। **~দেশ** *বি* ১ মধ্যভাগ; মধ্যবর্তী স্থান; ভিতর। **~পদলোপী** (-পিন্) *বিণ* (*ব্যা.*) যে সমাসে মধ্যবর্তী পদের লোপ হয় (সমাস—যেমন, কাষ্ঠনির্মিত আসন—কাষ্ঠাসন)। **~প্রদেশ** *বি* ১ মধ্যস্থল। ২ ভারতের একটি প্রদেশ। **~বয়স্কা** *স্ত্রী*। **~বর্তিতা** *বি* ১ সালিসি; মধ্যস্থতা। ২ মাঝে অবস্থান। **~বর্তী** (-র্তিন্) *বিণ* ১ মাঝে বা ভিতরে স্থিত; মাঝামাঝি স্থানে বা অভ্যন্তরে অবস্থিত। ২ মধ্যস্থ; সালিস। **~বর্তিনী** *বিণ স্ত্রী*। **~বিত্ত** *বি* ধনী ও দরিদ্রের মাঝামাঝি অবস্থাযুক্ত (আমার মধ্যবিত্ত কৌতূহল ভেতরে অস্বোয়াস্তি জমা করতে থাকে— *শও*)। **~বিত্ততা** *বি* মধ্যবিত্ত অবস্থা (এই ধূসর মধ্যবিত্ততা যেন তার আত্মাকেও আক্রমণ করতে উদ্যত— *বুব*)। **~বিধ** *বিণ* মধ্যম প্রকার। **~ম** *বিণ* ১ মাঝারি; কমও নয় বেশিও নয়; ভালোও নয় মন্দও নয় এই রকমের (মধ্যম গোছের)। ২ মাঝামাঝি স্থানে স্থিত

(মধ্যমাঙ্গুল)। ৩ মেজ; দ্বিতীয় (মধ্যম ভ্রাতা)। ☐ *বি* ১ কটিদেশ (সুমধ্যমা)। ৫ 'মা' নামক স্বরগ্রামের চতুর্থ স্বর (ভালবাসায় কি বিরাট শান্ত স্নিগ্ধতা আর করুণ গাম্ভীর্য ঠিক ভৈরবী রাগিণীর কড়ি মধ্যমের মত — *নই*)। **–মণি** *বি* গ্রথিত বা খচিত মণিগণের মধ্যস্থলে সর্বশ্রেষ্ঠ মণি; হারের মধ্যস্থিত শ্রেষ্ঠ রত্ন। **–ম পাণ্ডব** *বি* মহাভারতোক্ত ভীম। **–মবয়স্ক** *বিণ* প্রৌঢ়, মাঝবয়সী। **–মবয়স্কা** *বিণ* *স্ত্রী*। **–মা** *বি* মাঝের আঙ্গুল; হাতের সর্বাপেক্ষা দীর্ঘ আঙ্গুল। **–মান** *বি* সংগীতের একটি তাল। **–যুগ** *বি* বাংলাদেশের ইতিহাসে মোটামুটিভাবে ১১শ ১২শ শতাব্দী; middle age। **–যুগীয়, –যুগী** *বিণ* মধ্যযুগের। **–রাত্র** *বি* রাতের মধ্যভাগ; দুপুর রাত; নিশীথ। **–রেখা** *বি* ১ (*ভূগো.*) যে কল্পিত বৃত্তাকার রেখা উত্তর ও দক্ষিণ দিকে বিস্তৃত হয়ে নভোমণ্ডলকে পূর্ব ও পশ্চিমে সমান দুই অংশে বিভক্ত করে; meridian। **–স্থ** *বি* সালিস; পক্ষপাতহীন মীমাংসা। ☐ *বিণ* মধ্যস্থলে স্থিত; মধ্যবর্তী। **–স্থতা** *বি*। **–স্থল** *বি* অভ্যন্তর ভাগ; কেন্দ্র; মাঝখান। **মধ্যা** *বিণ স্ত্রী* মধ্যবর্তিনী; মধ্যস্থিতা। **মধ্যে** *ক্রিবিণ* ১ মধ্যস্থলে; অভ্যন্তরে; ভিতরে (মনের মধ্যে)। ২ অবসরে; ফাঁকে অবকাশে; বিশ্রামে। ৩ সময় অতিবাহিত হওয়ার আগে (সন্ধ্যার মধ্যে, বারোটার মধ্যে)। ৪ অতিক্রম না করে (বিশ টাকার মধ্যে)। ৫ কিছু কাল পূর্বে (মধ্যে বেশ ভালোই ছিলাম)। **মধ্যে পড়া** *ক্রি* ভিতরে পড়া (গর্তের মধ্যে পড়া); ডাকাত প্রভৃতির দ্বারা পরিবেষ্টিত হওয়া (ডাকাতের মধ্যে পড়া); প্রবেশ করা (নৌকা বিলের মধ্যে পড়ল); মধ্যস্থতা করা (মধ্যে পড়ে গোলমাল মিটানো)। **মধ্যে মধ্যে** *ক্রিবিণ* মাঝে মাঝে; কিছু পর পর (তিনি মধ্যে মধ্যে এখানে বক্তৃতা করেন); কখনো কখনো ('এখানে এখন বেশ গরম, তবে মধ্যে মধ্যে বৃষ্টি হচ্ছে বলেই রক্ষা'), কোথাও কোথাও; স্থানে স্থানে (পদ্মার মধ্যে মধ্যে বড় বড় চর আছে)। { *স.* √মন্+যক্>মধ্য+অ(অচ্)}

মধ্যা ⇒ মধ্য

মধ্যাহ্ন [মোদ্ধান্হো] *বি* মধ্যদিন; দিনের মধ্যভাগ; দুপুর বেলা; দ্বিপ্রহর। **–তপন** *বি* দিবা দ্বিপ্রহরের প্রখর সূর্য। **–ভোজন** *বি* দুপুরের আহার; দিনের বেলার প্রধান আহার। { *স.* মধ্য+অহ্ন}

মধ্যে ⇒ মধ্য

মধ্বাসব [মোদ্ধাশব্] *বি* মধু থেকে উৎপন্ন সুরা। { *স.* মধু+আসব; *মধ্য*}

মন[1] [মোন্] *বি* ১ চিত্ত; অন্তরিন্দ্রিয়; হৃদয় (মন বসা)। ২ স্মৃতি; স্মরণ (মনে পড়া)। ৩ বোধ (আমার মনে হয়)। ৪ ইচ্ছা; প্রবৃত্তি (মন চায় না, মন যায় না)। ৫ নিষ্ঠা; আন্তরিকতা (মন দিয়ে কাজ করা)। ৬ পছন্দ (মনের মতো বউ)। ৭ অভিনিবেশ; একাগ্রতা (তার লেখাপড়ায় বেশ মন আছে)। ৮ আকাঙ্ক্ষা; সংকল্প (মন করা, বিলেত যেতে মন করা)। **– ওঠা, – উঠা** *ক্রি* মনের মতো হওয়ার জন্য খুশি হওয়া; আশা মেটা; তুষ্ট হওয়া (গয়না দেখে গিন্নির মন ওঠেনি)। **– করা** *ক্রি* ১ সংকল্প করা; ইচ্ছা করা (কোন চৌকিতে বসলেই উঠি উঠি মন করে — *অঠা*)। ২ সম্মত হওয়া। **– কর্ষণ** *বি* চিত্তের উৎকর্ষ সাধন (কষ্টের মধ্যেই নিজের মন কর্ষণের কিছুটা ব্যবস্থা করে নিতে হবে — *জ.শ্র.*)। **–কলা খাওয়া** *ক্রি* কল্পনায় বাঞ্ছিত বস্তু উপভোগ করা। **–কল্প** *বি* মনের কথা; মনের ইচ্ছা (মনকল্প তোমার কি মতে আমি জানি — *কাদো*)। **– কষা** *ক্রি* ১ চিত্ত দৃঢ় করা। ২ মন পরীক্ষা করা। **– কষাকষি** *বি* পরস্পরের প্রতি মনে বিরূপতা ও বিরোধিতা; পরস্পর মনোমালিন্য, পরস্পর অবনিবনা (প্রবীণ নবীনদের মধ্যে... মনকষাকষি আরম্ভ হইয়াছিল — *যামু*)। **– কাড়া** *ক্রি* মুগ্ধ করা; মন ভুলানো। **– কেমন করা** *ক্রি* মন ব্যথিত বা ভারাক্রান্ত হওয়া; ব্যাকুল হওয়া; কান্না পাওয়া। **– খারাপ হওয়া** *ক্রি* দুঃখিত বা বিষণ্ণ হওয়া। **–খোলা** *বিণ* অকপট; সরল; উদার। **– খোলা** *ক্রি* মনের কথা অকপটে খুলে বলা। **–গড়া** *বিণ* অলীক; কাল্পনিক; কল্পনাপ্রসূত; বানানো (এ তোমার মনগড়া কথা — *ইবি*)। **– গলা** *ক্রি* হৃদয় বিগলিত হওয়া; দয়ার্দ্র হওয়া। **– চলা** *ক্রি* চিত্তধাবিত হওয়া (দেহ চলে ত মন চলে না)। **–চোর, –চোরা, মনোচোর** *বি, বিণ* যে মন চুরি করে; চিত্তচোর; হৃদয়হারক; প্রণয়পাত্র (ভালো না বাসিতে দাস হয়ে মনোচোর — *রঠা*)। **–ছল** *বিণ* মনকে যে ছলনা করে; ছলনাময়ী (মনছল যে মহ নির্যাত চঞ্চলা আসি)। **– ছোটা, – ছুটা** *ক্রি* প্রবল ইচ্ছা হওয়া। **– জানা** *ক্রি* অপরের মনের কথা জানা; অন্তরের ভাব বা অভিপ্রায় অবগত হওয়া। **– টলা** *ক্রি* পূর্বসংকল্প বা অভিপ্রায় শিথিল হওয়া; মতের নড়চড় হওয়া; বিচলিত হওয়া; চিত্তবিকার ঘটা (রূপ দেখে মুনির মন পর্যন্ত টলে)। **– টানা** *ক্রি* চিত্ত আকর্ষণ করা (এখন আর গ্রামের দিকে মন টানে না)। **–ঢালা** *বিণ* সম্পূর্ণ আন্তরিক। **– ঢালা** *ক্রি* সমর্পণ করা; গাঢ়ভাবে মনোনিবেশ করা। **– থাকা** *ক্রি* অন্তরের টান থাকা; ইচ্ছা থাকা। **– থেকে** *ক্রিবিণ* ১ আন্তরিকভাবে; আন্তরিকতার সাথে। ২ নিজের কল্পনা থেকে। **– দমা** *ক্রি* উদ্যম নষ্ট হওয়া; হতাশ হওয়া। **– দেওয়া** *ক্রি* ১ মনোযোগী হওয়া; মন লাগানো। ২ ভালোবাসা। **– দেওয়া নেওয়া, – দেয়া নেয়া** *বি* চিত্ত বিনিময়; একে অন্যকে ভালোবাসা। **–পবন** *বি* ১ মনরূপ বাতাস; মনঃপ্রাণ; প্রাণ ও প্রাণবায়ু। ২ পবন বা বায়ুর ন্যায় দ্রুতগামী বা স্বেচ্ছাবিহারী মন (মনপবনের নাও)। **–পবনের দাঁড়** *বি* রূপকথার কল্পিত মনপবন নামক অতিদ্রুতগামী নৌকার দাঁড়। **– ফেরানো** *ক্রি* ঝোঁক নিবারণ করা; কোনো কিছু হতে নিবৃত্ত করা। **– বসা, – লাগা** *ক্রি* চিত্তস্থির হওয়া; ভালো লাগা (কাজে মন বসেছে)। **– ভার হওয়া** *ক্রি* বিরক্ত হওয়া; অপ্রসন্ন হওয়া। **–ভোলা** *বিণ* ভুলো; কিছু মনে থাকে না এমন; আত্মবিস্মৃত। **– ভোলানো, – ভুলানো** *ক্রি* চিত্তমুগ্ধ করা; মন হরণ করা। **–ভোলানে** *বিণ* মনোমুগ্ধকর। **–মরা** *বিণ* বিমর্ষ; উৎসাহহীন (চাউনিটা মনমরা — *অচিসে*)। **– মাতানো**[1] *ক্রি* অপরের মন আনন্দে অভিভূত করা; চিত্তমুগ্ধ করা। **–মাতানো**[2]**, মনমাতানে** *বিণ* মন মত্তকারী; যে মনকে আনন্দে মাতিয়ে দেয়; মনোমুগ্ধকর। **– মানা** *ক্রি* বোধ বা প্রবোধ মানা; সান্ত্বনা পাওয়া। **– যাওয়া** *ক্রি* মন বসা (বিশ্বকর্মার আর কাজে মনই যাচ্ছে

না—*অঠা*)। ~ **জোগানো, ~ যোগানো** *ক্রি* পরের খুশিমতো কাজে করে সন্তুষ্ট করা; চাটুকারিতা দ্বারা খুশি করা। ~ **জোগানো কথা** *বিণ* খুশি করার জন্য বলা কথা; তোষামোদসূচক বাক্য। ~ **রক্ষা** *বি* কোনোরূপে মনঃক্ষুণ্ন না হয় তার উপায় করা; চাটুকারিতা বা প্রিয় কাজ করে সন্তোষ বিধান। ~ **রাখা** *ক্রি* মন রক্ষা করা; অন্যের ইচ্ছা অনুযায়ী চলে তাকে খুশি করা। ~ **লাগা** *ক্রি* মনে বসা; আগ্রহ অনুরাগ বা উৎসাহ বোধ করা (পড়ায় মন লাগে না)। ~ **লাগানো** *ক্রি* মন যাতে বসে তা করা; মনোযোগ দেওয়া; মনোনিবেশ করা। ~ **সরা** *ক্রি* মন বসা; ভালো লাগা; ইচ্ছা হওয়া; প্রবৃত্তি হওয়া। ~ **হওয়া** *ক্রি* ইচ্ছা হওয়া; প্রবৃত্তি হওয়া। ~ **হরা** *ক্রি* মন চুরি করা; চিত্ত হরণ করা। ~ **হারানো** *ক্রি* মন বশে না থাকা; আত্মহারা হওয়া। **মনে আনা** *ক্রি* ভাবা; স্মরণ করা; মনে স্থান দেওয়া (ও কথা মনে আনতে নেই)। **মনে আসা, মনে ওঠা, মনে উঠা** *ক্রি* মনে পড়া; স্মরণ হওয়া; স্মৃতিপথে উদিত হওয়া। **মনে করা** *ক্রি* স্মরণ করা; চিন্তা করা; সংকল্প করা। **মনে করে** *ক্রিবিণ* স্মরণ করে, ভেবে; অভিপ্রায় নিয়ে; উদ্দেশ্যে (কি মনে করে সে হঠাৎ চলে গেল সেই জানে)। **মনে জাগা** *ক্রি* স্মরণ হওয়া; খেয়াল হওয়া; মনে উদিত হওয়া। **মনে জানা** *ক্রি* অনুভব বা উপলব্ধি করা। **মনে থাকা** *ক্রি* বিস্মৃত না হওয়া; স্মরণ থাকা। **মনে দাগ কাটা, মনে দাগ থাকা** *ক্রি* স্মৃতি স্থায়ী হওয়া; হৃদয়ে জাগরূক থাকা; বেদনার ছাপ থাকা। **মনে ধরা** *ক্রি* মনের মতন হওয়া; পছন্দসই হওয়া। **মনে পড়া** *ক্রি* স্মরণ হওয়া। **মনে পুষে রাখা** *ক্রি* মনে করে রাখা; না ভোলা। **মনে-প্রাণে** *ক্রিবিণ* ঐকান্তিকভাবে; সর্বান্তঃকরণে। **মনে মনে** *ক্রিবিণ* বাইরে প্রকাশ না করে; নিজের মনে ও অপরের অজ্ঞাতে; কল্পনায়। **মনের আগুন** *বি* শোক ও দুঃখজনিত মনের তীব্র যন্ত্রণা; অন্তর্দাহ। **মনের কালি, মনের ময়লা** *বি* ১ মনোমালিন্য; বিবাদ-বিসংবাদ। ২ বিদ্বেষ; ঈর্ষা। ৩ গোপন পাপ; গোপনে কৃত পাপকার্য। **মনের গোল** *বি* ১ সন্দেহ; সংশয়। ২ দ্বিধা; ইতস্তত ভাব। **মনের জোর** *বি* মানসিক বল; মনের দৃঢ়তা। **মনের ঝাল মিটানো** *ক্রি* মনের গোপন বিরূপতা প্রকাশ করা; পুষে রাখা বিদ্বেষ বা ক্রোধের বহিঃপ্রকাশ করা। **মনের বিষ** *বি* গোপন হিংসা বিদ্বেষ বা শত্রুতা। **মনের মতো** *বিণ* পছন্দমাফিক; পছন্দসই; ইচ্ছার অনুরূপ। **মনের মানুষ** *বি* আপন পছন্দ মতো মানুষ; প্রেমপাত্র। **মনের মিল** *বি* সদ্ভাব; সম্প্রীতি; ঐক্য। **মনে রাখা** *ক্রি* স্মরণ রাখা। **মনে লওয়া, মনে হওয়া** *ক্রি* বোধ বা ইচ্ছা হওয়া। **মনে লাগা** *ক্রি* পছন্দ হওয়া। **আপন মনে** *ক্রিবিণ* মনে মনে; নিজের মনে; স্বাগত। { *স.* মনস্, মনঃ> }

মন[২], **মণ** [মোন্] *বি* ৪০ সের ওজন। ~ **কষা** *বি (গণিত.)* মনের দাম থেকে সেরের দাম প্রভৃতি বের করার শুভঙ্করী নিয়ম। ~ **কিয়া** *বি (গণিত.)* মন হিসাবের তালিকা; মনবিষয়ক গণিত। ~ **কে** *ক্রিবিণ* মনপ্রতি; প্রত্যেক মনে; প্রতি মন। { *স.* মান; *আ.* মন من }

মনঃ [মনহ্ (সন্ধিস্থলের ক্ষেত্রে পরপদের প্রথম বর্ণের দ্বিত্ব উচ্চারণ)] *বি* মন। ~ **কল্পিত** *বিণ* মনগড়া; কল্পনায় সৃষ্ট। ~ **কষ্ট** *বি* মনোদুঃখ; মনোবেদনা; মনের কষ্ট। ~ **ক্ষুণ্ন** *বিণ* পছন্দসই; মনোমতো; সন্তোষজনক; মনোনীত। ~ **প্রাণ** *বি* সমগ্র চিত্ত; সমস্ত অন্তঃকরণ; সমস্ত মন; আন্তরিকতা। ~ **সংযোগ** *বি* মনোযোগ; মনোনিবেশ। ~ **সমীক্ষণ** *বি* মানব-মনের প্রকৃতি ও প্রবণতার বিশ্লেষণ; ফ্রয়েড আবিষ্কৃত অর্ধচেতন মানসের বিশ্লেষণ ও বিচার পদ্ধতি; psycho-analysis। ~ **স্থ, মনস্থ** *বিণ* মনে স্থিত; অভিপ্রেত; সংকল্পিত। □ *বি* ইচ্ছা; অভিপ্রায়; সংকল্প; প্রতিজ্ঞা। { *স.* মনস্(মনঃ) }

মনঃশিলা [মনোশ্‌শিলা] *বি* একপ্রকার রক্তবর্ণ পাহাড়ি উপধাতু; মনছাল। { *স.* মনঃ+শিলা }

মনঃস্থ ⇒ মনঃ

মনকির-নকির [মোন্‌কির্-নোকির্] *বি* দুই ফেরেশ্‌তা যাঁরা মৃত ব্যক্তিদের কবরের মধ্যে তাদের ধর্মবিশ্বাস ও কার্যাদি সম্বন্ধে জিজ্ঞাসা করেন। { *আ.* মন্‌কির্ منكر নকীর نكير }

মনক্কা, মুনাক্কা [মোনোক্‌কা, মুনা-] *বি* কিশমিশ অপেক্ষা বড় শুষ্ক আঙুরবিশেষ। { *আ.* মুনক্কী منقى }

মনচোর, মনচোরা ⇒ মন[১]

মনছাল [মোন্‌ছাল্] *বি* একপ্রকার রক্তবর্ণ ধাতু। { *স.* মনঃশিলা> }

মনজিল ⇒ মঞ্জিল

মনজুর ⇒ মঞ্জুর

মনন [মনোন্] *বি* ১ চিন্তন; অনবরত অনুচিন্তন। ২ অনুমান; ধারণা; বোধ; সংকল্প; প্রতিজ্ঞা। ~ **দৈন্য** *বি* চিন্তার দৈন্য (বঙ্কিমের মনন-দৈন্য এখানে—*আশ*)। ~ **শীল** *বি* চিন্তাশক্তিসম্পন্ন; চিন্তাশীল; ভাবুক; intellectual। **মননীয়** *বিণ* মননযোগ্য; চিন্তনীয়; ভাবিবার যোগ্য। { *স.* √মন্+অন(ল্যুট্) }

মনমথ ⇒ মন্মথ

মনমোহন ⇒ মনোমোহন

মনশ্চক্ষু [মনোশ্‌চোক্‌খু] *বি* মন রূপ চক্ষু; অন্তর্দৃষ্টি; কল্পনা। { *স.* মনঃ+চক্ষু, *কর্মধা.* }

মনশ্চাঞ্চল্য [মনোশ্‌চান্‌চোল্‌লো] *বি* চিত্তচাঞ্চল্য; মনের উদ্বেগ। { *স.* মনঃ+চাঞ্চল্য }

মনসব [মনসব্] *বি* উচ্চপদ। ~ **দার** *বি* জায়গিরপ্রাপ্ত সেনাপতির উপাধি (আপনি দশহাজারী মনসবদার—*আকেউ*)। ~ **দারি, ~ দারী** *বি* মনসবদারের পদ বা কার্য (আলমগীরের দরবারে বড়ো বড়ো মনসবদারী পাইলেন —*ওয়া*)। { *আ.* মনসব منصب }

মনসা [মনোশা] *বি* ১ হিন্দু পুরাণোক্ত সর্পমাতা নাগদেবী; বিষহরী। ২ সিজ নামক গাছ। ~ **মঙ্গল** *বি* হিন্দু দেবী মনসার মাহাত্ম্য ও কাহিনী বিষয়ক কাব্যগ্রন্থ। { *স.* মনস্+অ(অচ্)+আ(টাপ্) }

মনসিজ [মনোশিজ্] *বি* মদন; কামদেব; কন্দর্প (পুষ্পের কলিকা যেন মনসিজ শর নিদয়া হইয়া মোরে হানেন অন্তর—*দৌবা*)। { *স.* মনস্+√জন্+অ(ড) }

মনসুখ [মনসুখ্] *বিণ* বাতিল; রহিত। { *আ.* মানসূখ منسوخ, বিপরীত নাসিখ ناسخ রহিতকারী }

মনসুন, মনসূন [মনসুন্] *বি* মৌসুমি বায়ু; গ্রীষ্মকালে ভারত মহাসাগরে উত্থিত দক্ষিণ-পশ্চিমমন কোণ থেকে আগত বাষ্পযুক্ত বায়ু (সমুদ্র পার হয়ে মনসূন এলো আকাশে মেঘের পাখা ছড়িয়ে—*বুব*)। {*ই.* monsoon; *আ.* মরসিমী موسمی }

মনস্কাম, মনস্কামনা [মনোশ্‌কাম্, -মোনা] *বি* বাসনা; আন্তরিক কামনা; ইচ্ছা। {*স.* মনস্+কামনা}

মনস্তাপ [মনোস্‌তাপ্] *বি* ১ মানসিক কষ্ট; মনোদুঃখ (তাহে মহাপাত্রের বাড়িল মনস্তাপ—*ঘচ*)। ২ অনুশোচনা। {*স.* মনস্+তাপ}

মনস্তুষ্টি [মনোস্‌তুশ্‌টি] *বি* মনের সন্তোষ; চিত্তের তৃপ্তি। {*স.* মনস্+তুষ্টি}

মনস্থ ⇒ মনঃ

মনস্বী (-স্বিন্) [মনোশ্‌শি] *বিণ* উদারচেতা; মহামনা; ধীরচেতা; প্রশস্তচিত্ত; স্থিরচিত্ত। **মনস্বিনী** *বিণ স্ত্রী.*। **মনস্বিতা** *বি*। {*স.* মনস্+বিন্(বিনি)}

মনহুস [মন্‌হুশ্] *বিণ* অশুভ; অমঙ্গলজনক; মন্দ; অভিশপ্ত; হতভাগ্য (মনহুস দিন—*তাহো*)। {*আ.* মনহুস منحوس }

মনাগুন [মনাগুন্] *বি* প্রেমজনিত চিত্তদাহ (মনাগুনের জ্বালায়, অম্বল শূলের জ্বালায় ভেদ আছে—*অঠা*)। {মন+আগুন}

মনাছিব, মুনাছিব ⇒ মুনাসিব

মনান্তর [মনান্‌তর্] *বি* মনোমালিন্য; ঝগড়া (তাঁহাদের সহিত কথান্তর উপস্থিত হইয়া ক্রমে বিলক্ষণ মনান্তর ঘটিয়া উঠিল—*ঈবি*)। {*স.* মনস্>মন+অন্তর; *নিত্য.*}

মনাসিব ⇒ মুনাসিব

মনিঅর্ডার ⇒ মানিঅর্ডার

মনিব, মুনিব [মোনিব্, মু-] *বি* প্রভু; নিযুক্তকারী ব্যক্তি। {*আ.* মুনীব منیب }

মনিব্যাগ ⇒ মানিব্যাগ

মনিষ, মুনিষ [মোনিশ্, মুনিশ্] *বি* ১ দৈনিক পারিশ্রমিক নিয়ে যারা গৃহস্থ বাড়িতে কাজ করে। ২ কুলি; মজুর। ~**খাটা** *ক্রি* মনিষরূপে কাজ করে জীবিকা উপার্জন করা। {*স.* মনুষ্য>}

মনিষ্যি [মোনিশ্‌শি] *বি* মনুষ্য; মানুষ (তিনি খানদানী মনিষ্যি—*রাব*)। {*স.* মনুষ্য>}

মনিহারি, মণিহারী, মনোহারি [মোনিহারি, -, মনো-] *বিণ* কাগজ-কলম, খেলনা, কাচের চুড়ি, প্রসাধন সামগ্রী, শৌখিন জিনিস প্রভৃতি খুচরা দ্রব্যের বিক্রেতা অথবা সেই সম্পর্কীয়। {*স.* মণিকার>মণিআ+*বা.* হার}

মনীষা [মোনিশা] *বি* প্রজ্ঞা; তীক্ষ্ণবুদ্ধি; প্রতিভা (মনীষার স্ফুরণ এখন অতীতের কাহিনী—*বর*)। **মনীষী**(-ষিন্) *বিণ* ১ মনীষাসম্পন্ন; তীক্ষ্ণধী। ২ জ্ঞানী; বিদ্বান; পণ্ডিত। **মনীষিণী** *বিণ স্ত্রী.*। **মনীষিতা** *বি* বুদ্ধিমত্তা; মনীষীসুলভ ভাব। {*স.* মনস্+ঈষা}

মনু [মোনু] *বি* ১ হিন্দু পুরাণ মতে ব্রহ্মার চতুর্দশ পুত্র—বৈবস্বত মনু; আদি মানব। ২ হিন্দু শাস্ত্রপ্রণেতা মনু। ~**জ** *বি* মনুর সন্তান; মানুষ; আদমি। ~**জেন্দ্র** *বি* নৃপতি; রাজা। ~**সংহিতা** *বি* স্মার্ত মুনি মনু প্রণীত আইনশাস্ত্র। মনুরচিত হিন্দু স্মৃতিশাস্ত্র। {*স.* √মন্+উ}

মনুমেন্ট [মোনুমেন্‌ট্] *বি* কীর্তিস্তম্ভ (তাঁদের রক্ষিতার বাড়ীগুলি আজও মনুমেন্টের মতো তাঁদের স্মরণার্থে রয়েছে—*কাসি*)। {*ই.* monument}

মনুষ্য [মোনুশ্‌শো] *বি* নর; মানুষ; মানব। **মনুষী** *বি স্ত্রী.*। ~**কৃত** *বিণ* মানুষের দ্বারা সম্পাদিত; মনুষ্য-রচিত। ~**চরিত** *বি* মানবস্বভাব। ~**জন্ম** *বি* মানবজন্ম; মনুষরূপে জন্মগ্রহণ। ~**ত্ব** *বি* মানবতা; মানুষের থাকা উচিত এমন সদ্‌গুণ (প্রতিভা তোমার মনুষ্যত্বের স্পর্ধা—*এআ*)। ~**ত্ববর্জিত** *বিণ* মনুষ্যত্ববিহীন; মানবোচিত গুণশূন্য; অমানুষ; পশুতুল্য। ~**ধর্মা** *বিণ* মানবোচিত গুণে পূর্ণ। ~**লোক** *বি* নরলোক; পৃথিবী; মর্ত্যলোক। ~**বাস** *বি* লোকালয়। **মনুষ্যোচিত** *বিণ* মানবোচিত; মানুষের জন্য যা উচিত বা শোভন। {*স.* মনু+য(যৎ), 'ষ'(যুক্) আগম}

মনোগত [মনোগতো] *বিণ* মানসিক; অন্তরের; মনের অধিকারগত। {*স.* মনঃ+গত; ২তৎ}

মনোজ [মনোজ্] *বি* কাম; কন্দর্প (তনু মোর মনোজ শরে দমিছে—*ভারা*)। □ *বিণ* মনে উৎপন্ন। {*স.* মনঃ+√জন্+অ(ড)}

মনোজগৎ [মনোজগত্] *বি* মনোরূপ ভুবন; অন্তর্জগৎ; ভাবজগৎ; সমস্ত মানসিক ব্যাপার। {*স.* মনঃ+জগৎ}

মনোজব [মনোজব্] *বিণ* মনের সমান শীঘ্রগামী। {*স.* মনঃ+জব}

মনোজ্ঞ [মনোগ্‌গোঁ] *বিণ* মনোহর; সুন্দর; চিত্তাকর্ষক (সাহিত্য সম্বন্ধে মনোজ্ঞ আলোচনা—*ইখাঁ*; মেঘ মাঝে মূর্তিখানি মনোজ্ঞ তোমার—*সদ*)। **মনোজ্ঞা** *স্ত্রী.*। ~**তা** *বি*। {*স.* মনঃ+√জ্ঞা+অ(ঘঞর্থে ক)}

মনোদুঃখ [মনোদুক্‌খো] *বি* শোক; মনের দুঃখ; মনস্তাপ; মনোবেদনা; মানসিক যন্ত্রণা। {*স.* মনঃ+দুঃখ; ৬তৎ}

মনোনয়ন [মনোনয়োন্] *বি* নির্বাচন; বাছাই; পছন্দকরণ। {*স.* মনঃ+নয়ন; ৩তৎ}

মনোনিবেশ [মনোনিবেশ্] *বি* মনোযোগ। {*স.* মনঃ+নিবেশ; ৬তৎ}

মনোনীত [মনোনিতো] *বিণ* পছন্দ করা হয়েছে এমন; মনোনয়নপ্রাপ্ত। ~**তা** *বিণ স্ত্রী.*। {*স.* মনঃ+√নী+ত(ক্ত)}

মনোবাঞ্ছা [মনোবান্‌ছা] *বি* অভীষ্ট; মনোস্কাম; মনের সাধ। {*স.* মনঃ+বাঞ্ছা}

মনোবিকলন শাস্ত্র [মনোবিকলন্‌শাস্‌ত্রো] *বি* মানব মনের প্রকৃতি বিশ্লেষণ ও বিচার (পরীক্ষালব্ধ মনোবিকলন শাস্ত্রের ব্যাপক প্রয়োগ করে ফ্রয়েড এই সিদ্ধান্তে পৌঁছেছিলেন—*সুদ*)। {*স.* মনঃ+বিকলন+শাস্ত্র}

মনোবিচ্ছেদ [মনোবিচ্‌ছেদ্] *বি* মনোমালিন্য; মনান্তর, ঝগড়া; কলহ। {*স.* মনঃ+বিচ্ছেদ; ৬তৎ}

মনোবিজ্ঞান, মনোবিদ্যা [মনোবিগ্‌গ্যান্, মনোবিদ্‌দা] *বি* মনের প্রকৃতি শক্তি বৃত্তি ইত্যাদিবিষয়ক বিজ্ঞান; মনোবিশ্লেষণ তত্ত্ব; mental science; psychology। {*স.* মনঃ+বিজ্ঞান, বিদ্যা; ৬তৎ}

মনোবিবাদ [মনোবিবাদ্] *বি* মনান্তর; মনোমালিন্য; ঝগড়া; কলহ। {*স.* মনঃ+বিবাদ; ৬তৎ}

মনোবৃত্তি [মনোবৃত্‌তি] *বি* স্মরণ চিন্তন অনুধ্যানাদি মানসিক ক্রিয়া; মনোভাব; চিত্তবৃত্তি। {*স.* মনঃ+বৃত্তি}

মনোবেদনা, মনোব্যথা [মনোবেদোনা, মনোব্যাথা] *বি* মনের কষ্ট; মনোদুঃখ; অন্তর্যাতনা। {*স.* মনঃ+বেদনা, ব্যথা; ৬তৎ}

মনোভঙ্গ [মনোভঙ্‌গো] *বি* নৈরাশ্য; নিরুৎসাহ; বিষণ্ণতা; বিষাদ। {*স.* মনঃ+ভঙ্গ}

মনোভব [মনোভব্] *বি* মদন; মন্মথ; কাম (মনোরম মনোভব সরস মধুর—*দৌলত*)। {*স.* মনঃ+ভব; ৭তৎ}

মনোভাব [মনোভাব্] *বি* মনের অবস্থা; মনের গতি; মানসিক অবস্থা; ইচ্ছা; বাসনা। {*স.* মনঃ+ভাব; ৬তৎ}

মনোভার [মনোভার্] *বি* হৃদয়ভার; মনোবেদনা; অভিমানাদিজনিত মানসিক ক্লেশ (নামাতে পারি যদি মনোভার—*রবি*)। {*স.* মনঃ+ভার; ৬তৎ}

মনোমত, মনমতো [মনোমতো, মনমতো] *বিণ* ইচ্ছানুরূপ; পছন্দসই; মনের মতো (দিতে হবে যা আছে আমার সংগ্রহ করা, যা আমার মনোমত—*রবি*)। {*স.* মনঃ+মত; ৬তৎ}

মনোমদ [মনোমদ্] *বি* দম্ভ; মিথ্যাগর্ব; অহঙ্কার। {*স.* মনঃ+মদ; ৬তৎ}

মনোময় [মনোময়্] *বিণ* মন দ্বারা সৃষ্ট; মানস; কাল্পনিক; মানসিক; মনঃস্বরূপ। ~ **কোষ** *বি* আত্মার তৃতীয় আবরণ। {*স.* মনঃ+ময়; *কর্মধা*}

মনোমালিন্য [মনোমালিন্‌নো] *বি* মনের মলিনতা; মনান্তর; ঝগড়া; কলহ। {*স.* মনঃ+মালিন্য; ৬তৎ}

মনোমোহন [মনোমোহোন্] *বিণ* মনোহারী; চিত্তাকর্ষক; মনোজ্ঞ; সুন্দর। **মনোমোহিনী** *বি স্ত্রী*। {*স.* মনঃ+মোহন}

মনোযোগ [মনোজোগ্] *বি* ১ মনোনিবেশ; অভিনিবেশ; প্রণিধান; একাগ্রতা; অবহিতচিত্ততা; মনঃসংযোগ। **মনোযোগী**(–গিন্) *বিণ* মন দিয়েছে এমন; অভিনিবিষ্ট (কাজে অত্যন্ত মনোযোগী হইয়া উঠিল—*শাক্ত*)। **মনোযোগিতা** *বি*। {*স.* মনঃ+যোগ}

মনোরঞ্জক [মনোরন্‌জোক্] *বিণ* মনোহর; চিত্তাকর্ষক; মনের সন্তোষ বিধায়ক। **মনোরঞ্জিকা** *স্ত্রী*। {*স.* মনঃ+রঞ্জক}

মনোরঞ্জন [মনোরন্‌জোন্] *বি* চিত্তের সন্তোষ সাধন; মনের আনন্দ দান। ☐ *বিণ* মনের আনন্দ বিধায়ক; মনোরঞ্জক। **মনোরঞ্জিনী** *বি স্ত্রী* মনোরঞ্জনকারিণী; চিত্তবিনোদনকারিণী। {*স.* মনঃ+রঞ্জন}

মনোরথ [মনোরথ্] *বি* ১ ইচ্ছা; বাসনা; অভিলাষ (নিজ মনোরথ কথা এবে কহ শুনি—*সৈআ*)। ২ সংকল্প। ~**গতি** *বি* যথেচ্ছ গমন শক্তি। ☐ *বিণ* মনের মতো দ্রুতগতিসম্পন্ন। {*স.* মনঃ+রথ}

মনোরম [মনোরম্] *বিণ* সুন্দর; মনোজ্ঞ; রমণীয়। **মনোরমা** *বিণ স্ত্রী*। {*স.* মনঃ+রম}

মনোরাজ্য [মনোরাজ্‌জো] *বি* মনোরূপ রাজ্য; হৃদয়-রাজ্য; মনের ভুবন; মনোজগৎ; ভাবগজৎ। {*স.* মনঃ+রাজ্য}

মনোলোভা [মনোলোভা] *বিণ স্ত্রী* দেখে মন মুগ্ধ হয় এমন; মনোমুগ্ধকর; মনোহারিণী; চিত্তহারিণী (ফুলের হাসি মনোলোভা—*নই*)। {*স.* মনঃ+লোভা}

মনোহত [মনোহতো] *বিণ* নিরাশ; হতাশ; হৃদয়ে আঘাত প্রাপ্ত। {*স.* মনঃ+হত}

মনোহর [মনোহর্] *বিণ* অতি সুন্দর; চিত্তাকর্ষক। **মনোহরা** *বি* সন্দেশবিশেষ। ☐ *বিণ* মনোহরণকারিণী; অতি মনোরমা। ~**ণ** *বিণ* হৃদয় মুগ্ধকর। ~**শাহি, ~সাহি** *বি* মনোহর শাহ প্রবর্তিত কীর্তনের সুরবিশেষ। {*স.* মনঃ+হর}

মনোহারী১(–রিন্) [মনোহারি] *বিণ* ১ মোহনীয়; চিত্তাকর্ষী; অতিসুন্দর। **মনোহারিণী** *বিণ স্ত্রী*। {*স.* মনঃ+হারী}

মনোহারী২ ⇒ মনিহারি

মন্টেসরি, মন্টেসরী [মনটেসরি] *বি* রোমবাসিনী শিক্ষাবিদ ডাক্তার মারিয়া মন্টেসরি, যিনি ১৯০০ খ্রিস্টাব্দে অল্পবয়স্ক বালক বালিকাদের জন্য বিশেষ শিক্ষা পদ্ধতি প্রবর্তন করেন। ঐ পদ্ধতিকে মন্টেসরি পদ্ধতি বলা হয় (কিন্ডার গার্টেন ও মন্টেসরী পদ্ধতিতে এদের শিশুরা লেখাপড়া শেখে—*মুজাহো*)। {*ই.* Montessori}

–মন্ত [মনতো] যুক্ত, বিশিষ্ট, সম্পন্ন প্রভৃতি অর্থবাচক প্রত্যয় (বুদ্ধিমন্ত, লক্ষ্মীমন্ত)। {*স.* মৎ>*প্রা.* মংত>*বা.* মন্ত}

মন্তব্য [মনতোব্‌বো] *বি* অভিমত; টীকা। {*স.* √মন্+তব্য}

মন্তর [মনতোর্] *বি* মন্ত্র (বাতাস যেন বদলে গেছে বদলে গেছে মন্তরে—*সদ*)। {*স.* মন্ত্র>}

মন্তা(ন্তৃ) [মনতা] *বি, বিণ* মননকর্তা; পরামর্শদানকারী। {*স.* √মন্+তৃ(তৃচ্)}

মন্তেক [মনতেক্] *বি* তর্ক বিদ্যা বা শাস্ত্র; logic (এবং বাংলা মন্তেক করাই অধিকতর পক্ষপাতী—*মুর*)। {*আ.* মন্তিক منطق}

মন্ত্র [মন্‌ত্রো] *বি* ১ হিন্দুদের দেবপূজা প্রভৃতিতে ব্যবহৃত পবিত্র বাক্য বা শব্দ (বিবাহের মন্ত্র, সাপের মন্ত্র ইত্যাদি)। ২ হিন্দু বিশ্বাসে ত্রাণকারী শব্দ বা শব্দসমূহ (শিবমন্ত্র, মন্ত্রজপ)। ৩ বেদ বা বেদাংশ। ৪ কর্মের মূলনীতি (অহিংসা মন্ত্র)। ৫ মন্ত্রণা; উপদেশ; যুক্তি; যুক্তি–পরামর্শ। ৬ রহস্য। ~**কুশল** *বিণ* পরামর্শদানে নিপুণ। ~**গুপ্তি** *বি* মন্ত্রণার অপ্রকাশ; মন্ত্রণার বা যুক্তি পরামর্শের গোপনীয়তা রক্ষা। ~**গূঢ়** *বি* গুপ্তচর; spy। ~**গৃহ** *বি* মন্ত্রণাগৃহ; মন্ত্রণাভবন; পরামর্শগৃহ। ~**গ্রহণ** *বি* ১ দীক্ষা গ্রহণ। ২ পরামর্শ গ্রহণ। ৩ কোনো কার্যাদি সাধনের ব্রত গ্রহণ। ~**জিহ্ব** *বি* অগ্নি। ~**তন্ত্র** *বি* মন্ত্রাদি; নানাবিধ মন্ত্র। ~**দাতা** *বি, বিণ* দীক্ষাগুরু; পরামর্শদাতা। ~**দাত্রী** *বি, বিণ স্ত্রী*। ~**পূত** *বিণ* মন্ত্রের দ্বারা শোধিত বা পবিত্রীকৃত। ~**বল, ~শক্তি** *বি* মন্ত্রের ক্ষমতা। ~**বিৎ/বিদ** *বিণ* ১ মন্ত্রজ্ঞ; মন্ত্রজ্ঞাতা। ~**মুগ্ধ** *বিণ* মন্ত্রের প্রভাবে বা রূপ, গুণ, ব্যক্তিত্ব ইত্যাদিতে বশীভূত। ~**মুগ্ধা** *বিণ স্ত্রী*। ~**শিষ্য** *বি* ১ কোনো ব্যক্তি কর্তৃক দীক্ষিত শিষ্য। ২ একান্ত অনুগামী ব্যক্তি। ~**সাধন** *বি* মন্ত্রের দ্বারা সিদ্ধিলাভের চেষ্টা; মন্ত্রের দ্বারা সিদ্ধি লাভের উপায়। ~**সাধক** *বিণ* যে মন্ত্র দ্বারা সাধনা করে; মন্ত্রে সিদ্ধিকামী। ~**সিদ্ধ** *বিণ* মন্ত্রের সাধনায় সফলকাম; মন্ত্রজপ করে সিদ্ধিপ্রাপ্ত; মন্ত্রোপাসনায় সিদ্ধিপ্রাপ্ত। {*স.* √মন্ত্র্+অ(অচ্)}

মন্ত্রণ, মন্ত্রণা [মনত্রোন্, –না] *বি* ১ গুপ্ত পরামর্শ; অপরের

সাথে কোনো বিষয়ে আলোচনা। ২ যুক্তি; কর্তব্য সম্পর্কে উপদেশ বা পরামর্শ (মন্ত্রণা দেওয়া)। **মন্ত্রণাগৃহ** *বি* পরামর্শের জন্য (প্রধানত গুপ্ত) স্থান। **মন্ত্রণাদাতা** *বিণ* পরামর্শ দান করে এমন; পরামর্শদানকারী। **মন্ত্রণীয়** *বিণ* মন্ত্রণা করার উপযুক্ত। **মন্ত্রিত** *বিণ* ১ মন্ত্রণা দ্বারা স্থির করা হয়েছে এমন। ২ পরামর্শ দ্বারা নির্ধারিত। { *স.* √মন্ত্র+অন(লুট্), আ(টাপ্)}

মন্ত্রী(-ন্ত্রিন্) [মোনত্রি] *বি* ১ রাজার বা রাষ্ট্রপতির পরামর্শদাতা; উজির; সচিব; অমাত্য (রাজা কৃষ্ণচন্দ্র রায়, অতিবড় মন্ত্রী— *রাজু*)। ২ রাষ্ট্রশাসনের কোনো বিশেষ বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী (অর্থমন্ত্রী, শিক্ষামন্ত্রী)। ৩ দাবার ঘুঁটিবিশেষ। ☐ *বিণ* মন্ত্রণাদাতা। **মন্ত্রিণী** *বিণ স্ত্রী*। **মন্ত্রিত্ব** *বি* মন্ত্রীর পদ বা কাজ। { *স.* √মন্ত্র্+ইন(ইনি)}

মন্থ [মনথো] *বি* ১ ছাতু মিশ্রিত পানীয়। ২ মন্থন; বিলোড়ন। ৩ মন্থন দণ্ড। ৪ নেত্রমল। ৫ চক্ষু রোগবিশেষ। { *স.* √মন্থ+অ(ঘঞ্)}

মন্থন [মনথোন্] *বি* আলোড়ন; মথিতকরণ (সমুদ্রমন্থন)। ২ বিনাশ; দলন। **মন্থনী** *বি* ১ মন্থনদণ্ড; যার দ্বারা মন্থন কার্য সম্পাদিত হয়; মউনি। ২ মন্থনপাত্র। **মন্থিত** *বিণ* আলোড়িত; মথিত (উঠেছিল মন্থিত সাগরে—*রঠা*)। **মন্থী**(-ন্থিন্) *বিণ* মন্থনকারী। { *স.* √মন্থ+অন(লুট্)}

মন্থর [মনথোর্] *বিণ* ১ অলস; দীর্ঘসূত্রী; অদ্রুত; ধীর (মন্থরগামী)। ২ ধীরগামী; মন্দগামী। ৩ নত; নম্র। **~তা** *বি* (আষাঢ় মাসে মেঘের মতন মন্থরতায় ভরা—*রঠা*)। **মন্থরা** *বিণ স্ত্রী* মন্থর শব্দের স্ত্রীলিঙ্গরূপ। ☐ *বি স্ত্রী* রামায়ণোক্ত রাজা দশরথের পত্নী কৈকেয়ীর কুব্জা দাসী। { *স.* √মন্থ্+অর(অরন্)}

মন্দ [মন্দো] *বি* খারাপ; অননুকূল (মন্দ বস্তু, মন্দ ভাগ্য)। ☐ *বিণ* ১ ক্রূর; অসৎ (মন্দলোক)। ২ ধীর; অলস (শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ মন্দ সঞ্চার—*ঈবি*)। ৩ অসুস্থ; পীড়িত (শরীর মন্দ)। ৪ ক্ষীণ; ভোঁতা (মন্দবুদ্ধি, মন্দধী)। **~তা, ~ত্ব, মান্দ্য** *বি*। **মন্দা**[1] *বিণ স্ত্রী*। **~গতি** *বি* ১ ধীর বা মন্থর গতি। ☐ *বিণ* ধীরগতিযুক্ত (মন্দগতি চলত রচি দীর্ঘ করুণ গাথা—*রঠা*)। **~গামী**(-মিন্) *বিণ* ধীরে চলে এমন; মন্থরগতিসম্পন্ন। **~গামিনী** *বিণ স্ত্রী*। **~চারি** *বিণ* মন্দ বাক্য; খারাপ কথা (কথায় কথায় তোমার কাজের নসল্লা ধরছি; হামেশা মন্দচারি কইছি—*আমআ*)। **~ নয়** ১ খারাপ না; মোটামুটি ভাব। ২ (*ব্যং*) বিলক্ষণ; খুব ভালো অর্থাৎ খুব খারাপ। **~বুদ্ধি** *বিণ* ১ দুষ্টবুদ্ধিসম্পন্ন; কুবুদ্ধিযুক্ত। ২ অল্পবুদ্ধিযুক্ত; স্থূলবুদ্ধি। **~ভাগ, ~ভাগ্য** *বি* মন্দ বা খারাপ অদৃষ্ট। ☐ *বিণ* ১ দুরদৃষ্ট। **~ভাগা, ~ভাগ্যা, ~ভাগিনী** *বিণ স্ত্রী*। **~ভাষী** *বিণ* মৃদুভাষী (মন্দভাষী ইন্দু, সখা সিন্ধু তুমি বন্দনীয়—*সদ*)। **~ ~** *ক্রিবিণ* ধীরে ধীরে। **মন্দের ভালো** *বিণ* অনেক মন্দের মধ্যে অপেক্ষাকৃত কম মন্দ, তেমন ভালো না হলেও কিছু ভালো। { *স.* √মন্দ+অ(অচ্)}

মন্দন [মনদোন্] *বি* (*বিজ্ঞান*) বেগের ক্রমিক হ্রাস; retardation। { *স.* √মন্দ+অন(লুট্)}

মন্দর [মনদর্] *বি* হিন্দুপুরাণ অনুসারে সমুদ্র মন্থনকালে মন্থনদণ্ডরূপে ব্যবহৃত পর্বত (মন্দর আপনি অচল হইল হেরি উক্ত কূর্মযুগে—*মদ*)। { *স.* √মন্দ+অর(অরন্)}

মন্দা[1] ⇒ মন্দ

মন্দা[2] [মনদা] *বি* ১ মন্দ। ২ অবনতি; হ্রাস। ৩ পণ্য দ্রব্যের মূল্য বা ক্রয়-বিক্রয়ের হ্রাস; depression (মন্দার সময়)। ৪ (*মবা*) খারাপ লোক; দুষ্টলোক (অধর নীরস মধু কবুলহি মন্দা—*বিপ*)। ☐ *বিণ* পণ্যদ্রব্যের চাহিদা কম; মূল্যের অবনতি (বাজার মন্দা)। { *স.* মন্দ+*দা*, অ}

মন্দাকিনী [মনদাকিনি] *বি* হিন্দুপুরাণ অনুসারে স্বর্গের গঙ্গা নদী। { *স.* মন্দ+√অক+ইন(ণিনি)+ঈ(ঙীপ্)}

মন্দাক্রান্তা [মনদাকক্রানতা] *বি* ১ সংস্কৃত ছন্দের নাম। ২ শ্রুতিমধুর পদ্য ছন্দের ন্যায় (জীবনতরী বহে যেত মন্দাক্রান্তা তালে—*রঠা*)। { *স.* মন্দ+আক্রান্তা}

মন্দাগ্নি [মনদাগনি] *বি* অগ্নিমান্দ্য; ক্ষুধার অপ্রাচুর্য (ছেলেরা শারীরিক ও মানসিক মন্দাগ্নিতে জীর্ণশীর্ণ হয়ে—*প্রচৌ*)। { *স.* মন্দ+অগ্নি; *কর্মধা*}

মন্দার[1] [মনদার্] *বি* ১ স্বর্গের উদ্যানস্থ বৃক্ষ; স্বর্গের পুষ্পবিশেষ (পূর্ণ পুষ্ট মন্দার মুকুল—*সদ*)। ২ মাদার গাছ। { *স.* √মন্দ+আর(আরন্)}

মন্দির [মোনদির্] *বি* ১ দেবালয়; পূজা বা উপাসনার গৃহ। ২ গৃহ; ভবন; বাড়ি (যার যে মন্দিরে গেলা পরম তাপিত—*দৌবা*)। { *স.* √মন্দ+ইর(কিরচ্)}

মন্দিরা [মোনদিরা] *বি* করতালজাতীয় কাঁসা বা পিতল নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ; cymbals। { *স.* মঞ্জীর>}

মন্দীভূত [মোনদিভুতো] *বিণ* মৃদু হয়ে আসছে এমন; ক্ষীণতাপ্রাপ্ত; হ্রাসপ্রাপ্ত; বেগ বা তেজ কমে এসেছে এমন। { *স.* √মন্দ+ঈ(চ্বি)+ভূ+ত(ক্ত)}

মন্দুরা [মোনদুরা] *বি* ১ অশ্বশালা; ঘোড়াদের থাকার স্থান (মন্দুরা ত্যজিয়া বাজীরাজী বক্রগ্রীব—*মদ*)। { *স.* মন্দ+উর(উরচ্)+আ(টাপ্)}

মন্দোদরী [মনদোদোরি] *বি* রামায়ণোক্ত রাবণের মহিষী। { *স.* মন্দ+উদর+ঈ(ঙীষ্)}

মন্দ্র [মনদ্রো] *বি* ১ গম্ভীর শব্দ; বাদ্যযন্ত্র; মৃদঙ্গ (বিপুল গভীর মধুর মন্দ্রে কে বাজাবে সেই বাজনা—*রঠা*)। ☐ *বিণ* গম্ভীর; গাম্ভীর্যপূর্ণ। **~ভাষে** *ক্রিবিণ* গম্ভীর ভাষায় (বলিছেন মন্দ্রভাষে নাগদলে ডাকি—*সদ*)। **মন্দ্রিত** *বিণ* গম্ভীর শব্দে ধ্বনিত বা নিনাদিত (মন্দ্রিত তব ভেরী—*রঠা*) { *স.* √মন্দ+র}

মন্মথ, মনমথ(*মবা*) [মনমথো] *বি* হিন্দু দেবতা কামদেব; কন্দর্প; প্রেমের দেবতা। **~প্রিয়া, ~মোহিনী** *বি* কামপত্নী; রতি দেবী। **~বন্ধু** *বি* চন্দ্র। **~সুহৃদ** *বি* বসন্ত। { *স.* মন্মথ, >মনমথ(স্বরাগমে)}

মন্যা, মন্যি [মোননা, মোননি] *বি* অভিশাপ (শাপমন্যি)। { *স.* √মন্+য(ক্যপ্)+আ(টাপ্), >}

মন্যু [মোননু] *বি* ১ ক্রোধ; রোষ; রাগ। ২ শোক। ৩ দৈন্য। ৪ যজ্ঞ। ৫ দর্প; অহঙ্কার। { *স.* √মন্+যু(যুচ্)}

মন্বন্তর [মনোনতর] *বি* ১ হিন্দু পুরাণ মতে চতুর্দশ মনুর মধ্যে এক এক মনুর অধিকার কাল। ২ ব্যাপক দুর্ভিক্ষ বা আকাল (ছিয়াত্তরের মন্বন্তরে সবই গেছে—*আইশা*)। { *স.* মনু+অন্তর; *নিত্য*}

মফস্বল, মফঃস্বল [মফোসশল্] *বি* ১ শহর বহির্ভূত স্থান;

গ্রাম। ২ কাপড়ের পাড় বা জমির নক্সার বিপরীত দিক। {আ. মুফস্সল مفصل }

মফিদ [মোফিদ্] *বিণ* উপকারী; যাতে ফায়দা আছে এমন (গরীব এতিম মিসকিনে দে যা কিছু মফিদ—*নই*)। {আ. মুফীদ مفيد }

মফেল, মহফেল, মহফিল [মফেল্, মহোফেল্, –ফিল্] *বি* আসর; মহফিল (মলুদের মফিল ছেড়ে উঠল তেড়ে যতেক মুসলমান—*জউ*)। {আ. মহফিল محفل }

মবলগ [মবলগ্] *বি* ১ নগদ। ২ মোট (মবলগ পঁচিশ টাকা)। {আ. মবলগ مبلغ }

ম–ম [মম] *ক্রিবিণ* ভুর ভুর; মৌ মৌ (কাইরোর রান্নার খুশবাইয়ে রাস্তা মম করেছে—*সৈমু*)। {মধু মধু>}

মম [মমো] *বিণ (পদ্য.)* আমার। {স. মম}

মমতা, মমত্ব [মমোতা, মমোত্তো] *বি* ১ আপন জ্ঞান বা বোধ। ২ মায়া। ৩ আসক্তি। {স. মম+তা(তল্)}

মমলেট [মমলেট্] *বি* দুধে ফেটিয়ে ডিম দ্বারা প্রস্তুত একপ্রকার ভাজা খাদ্য; অমলেট (যখন খুশী রেস্তোরায় ঢুকে মমলেট কাটলেট হুকুম দিতে লজ্জা করে—*সৈমু*)। {ফ. omelet}

মমি, মমী [মোমি] *বি* পচনরোধক ঔষধে রক্ষিত প্রাচীন মিশরের রাজাদের শব (মিশরের মমী ঘিরিয়া নেচেছে রাতের পিশাচ দল—*জউ*)। {ই. mummy; ফা. মূমিয়া موميا }

মমিন ⇒ মোমিন

মমী ⇒ মমি

মযহাব ⇒ মজহাব

–ময় [ময়্] ১ প্রত্যয়বিশেষ; ব্যাপী প্রভৃতি অর্থসূচক; পরিপূর্ণ; যুক্ত; সমন্বিত; বিশিষ্ট (দয়াময়, জলময়, রাজ্যময়, করুণাময়)। ২ তৈরি (স্বর্ণময়)। **–ময়ী** *স্ত্রী*। {স. ময়ট্>}

ময়ঙ্ক [ময়োঙ্কো] *বি* চন্দ্র (নয়ান ফটিক নব ময়ঙ্ক আকার—*সৈআ*)। {স. মৃগাঙ্ক>}

ময়দা [ময়্দা] *বি* গমের মিহি চূর্ণ; আটার চেয়ে মিহি ও পরিষ্কার গুঁড়া। {ফা. ময়দাহ্ ميده }

ময়দান [ময়্দান্] *বি* মাঠ; প্রান্তর (তোমার নামের মাহাত্ম্য প্রচার হয় ময়দানে মসজেদে—*রখাঁ*)। {আ. ময়দান্ ميدان }

ময়না¹ [ময়্না] *বি* শালিকজাতীয় সুকণ্ঠ পাখি। **~র বুলি** *বি* মানুষের কণ্ঠধ্বনির অনুরূপ ময়নার ডাক; *(আল.)* শেখানো কথা। {স. মদনসারিকা>}

ময়না² [ময়্না] *বি* ১ রাজা মানিকচন্দ্রের যাদুকরী স্ত্রী ময়নামতীর নাম। ২ ডাকিনী বা খলস্বভাবা নারী (ময়নাবুড়ি)। {স. মদনসারিকা>}

ময়না³, মায়না [ময়্না, মা–] *বিণ* (অপমৃত্যু হলে) অনুসন্ধেয়। **~তদন্ত** *বি* আকস্মিক দুর্ঘটনাজনিত মৃত্যু বা খুনের পর শব–ব্যবচ্ছেদ দিয়ে পরীক্ষা; postmortem। {আ. মুআয়িনা معاينة }

ময়মুরুব্বি [ময়্মুরুব্‌বি] *বি* অভিভাবক; গুরুজন; সহায়ক; রক্ষক (ওজন–ভারী ময়মুরুব্বি ওজনভারী রাত—*রহ*)। {আ. মুরব্বী مربى }

ময়রা [ময়্রা] *বি* মোদক, মিঠাই প্রভৃতি প্রস্তুতকারক ও বিক্রেতা। **~নি, ~নী** *বি স্ত্রী*। {স. মোদক>}

ময়লা [ময়্লা] *বি* ১ বিষ্ঠা; মল; আবর্জনা (ময়লার গাড়ি)। ২ মালিন্য; মলিনতা; বিষণ্ণতা (মনের ময়লা)। ▢ *বিণ* ১ অপরিচ্ছন্ন; মলযুক্ত (ময়লা ঘা)। ২ অনুজ্জ্বল; ফর্সা নয় এমন; অগৌর (রং ময়লা)। ৩ কুটিল; খারাপ; মন্দ (ময়লা মন)। **~টে** *বিণ* সামান্য ময়লা। {তুল. স. মল}

ময়ান [ময়ান্] *বি* লুচি ইত্যাদি তৈরি করার জন্য ময়দা মাখতে যে ঘি দেয়া হয়। {স. মোদন>প্রা. মোঅণ>}

ময়াল [ময়াল্] *বি* একপ্রকার বৃহদাকার সাপ; অজগর; python (ময়াল সাপের ঢুকা ঠেলে নাগবালারা আসে—*সদ*)। {স. মহাকাল>}

ময়ূখ [মোয়ুখ্] *বি* কিরণ; আলো; জ্যোতিঃ; রশ্মি। **~মালী** *বি* সূর্য। {স. √মা+উখ}

ময়ূর [মোয়ুর্] *বি* একজাতীয় বিচিত্র রঙের নৃত্যপরায়ণ পক্ষী; শিখী; কলাপী; বহী; শিখণ্ডী। **ময়ূরী** *বিণ স্ত্রী*। **~কণ্ঠী** *বিণ* বিচিত্র রঙের (ময়ূরকণ্ঠী উত্তরীয় গলে—*মোম*)। **~পঙ্খি, –পঙ্খী** *বি* ময়ূরের আকৃতিবিশিষ্ট নৌকা। **~পুচ্ছধারী** *বিণ* ১ ময়ূরের ন্যায় পুচ্ছবিশিষ্ট। ২ যা নয় তা হওয়ার ভান করে এমন (সব গেরুয়া এক নয় ময়ূর পুচ্ছধারী বায়সের সংখ্যাই অধিক—*শেক*)। **ময়ূরাক্ষী** *বিণ* ময়ূরের মতো চোখ এমন (রাতের ময়ূরাক্ষী তুমি—*সদ*)। {স. √মী+ঊর(ঊরন্)}

মর¹ [মরো] *বিণ* মরণশীল; বিনাশশীল; নশ্বর; অচিরস্থায়ী (ক্ষণিকের মর অলকায়—*বিদে*)। **~জগৎ** *বি* অনিত্য সংসার। {স. √মৃ>}

মর² [মর্] *অব্য* ক্রোধ, বিরক্তি, অধীরতা ইত্যাদিসূচক অব্যয়; গোল্লায় যা; অধঃপাতে যা (মরগে, মরুকগে)। {√মর্>}

মরকত [মরকত্] *বি* মূল্যবান সবুজ বর্ণের মণি; পান্না; emerald (হীরা মরকত মণি—*কায়*)। {স. মরক (মারীভয়)+√ত্রৈ+অ(ড)}

মরকুটে, মুরকুট্টে [মর্‌কুটে, মরকুটটে] *বিণ* মরা; মরা মরা; শুকনা (গাছ সতেজ হবে বলে মরকুটে ডালগুলি কেটে দেয়—*দীমি*)। {স. মর্কট+বা. ইয়া>}

মরক্কো [মরোক্‌কো] *বি* ১ আফ্রিকা মহাদেশের অন্তর্গত একটি দেশ। ২ মরক্কোর এক প্রকার পাকা চামড়া (একটি মরক্কোর পকেট কেস বার করে—*প্রচৌ*)। {আ. মরক্কো مركو }

মরগেজ ⇒ মর্টগেজ

মরচে ⇒ মরিচা

মরজান [মরজান্] *বি* বৃহদাকার মোতি (আমার মাথায় তাজ দেখেছিলি দূর মরজান মোতি–বাহার—*মোম*)। {আ. মারজান مرجان }

মরজি, মর্জি [মোর্‌জি] *বি* ইচ্ছা; খেয়াল; খুশি (এক্ষণে তার যেরূপ মর্জি হয়—*ঈবি*)। **মর্জিমাফিক** *বি* ইচ্ছানুযায়ী (শিক্ষকের মর্জিমাফিক কাজ করিয়া ক্লাসে উপস্থিত হইতে হইবে—*হাকিম*)। {আ. মরদী مرضى }

মরণ [মরোন্] *বি* মৃত্যু; বিনাশ; জীবনের সমাপ্তি। **– আর**

কি *অব্য* লজ্জা, সংশয়, ভর্ৎসনা প্রভৃতি ব্যঞ্জক উক্তিবিশেষ। ~**কাঠি** *বি* রূপকথায় বর্ণিত কাঠি যার স্পর্শে রাজকন্যা মৃতের মতো অচেতন হয়ে পড়ে (*বিপ.* জিয়নকাঠি) (মরণকাঠি জিয়নকাঠি দেখছি গো তোর হাতেই দুই—*সদ*)। ~ **কামড়**, ~ **আঘাত** *বি* ১ সর্বশেষ ও কঠিনতম আঘাত (তরুণীরে করে মরণ আঘাত—*তাহো*)। ২ চরম শত্রুতা। ~ **পাখা ওঠা** *ক্রি (আল.)* ১ যে অহঙ্কারমূলক বৃদ্ধি মৃত্যুর কারণ হয়ে দাঁড়ায়। ২ এমন বাড়াবাড়ি করা যার ফলে সর্বনাশ হতে পারে। ~ **বাঁচন** *বি* জীবন-মৃত্যু (এখন মরণ বাঁচন তোমার হাতে ভাবনা কিবা আর—*রঠা*)। ~ **বাড়** *বি* নিদারুণ যে অহঙ্কার পতন আনে। ~**লোভী** *বিণ* মরণের প্রতি লোভ এমন; মরণাকাঙ্ক্ষী (হায়রে মরণলোভী—*রঠা*)। ~**শীল** *বিণ* নশ্বর; অচিরস্থায়ী। **মরণাকাঙ্ক্ষী** *বিণ* মৃত্যুর জন্য আকাঙ্ক্ষী। **মরণাপন্ন, মরণোন্মুখ** *বি* মুমূর্ষু; মৃত্যুদশাগ্রস্ত; শীঘ্রই মারা যাবে এমন। **মরণাশৌচ** *বি* হিন্দুসমাজে প্রচলিত মৃতাশৌচ; আত্মীয়ের মৃত্যুজনিত অশৌচ। {*স.* √মৃ+ অন(ল্যুট্)}

মরত [মরত্] (মর্ত্যের পদ্যরূপ) *বি* মর্ত্য; পৃথিবী। ~**ভবন** *বি* ধরণী; মরজগৎ; নশ্বর পৃথিবী। {*স.* মর্ত্য>}

মরতবা, মর্তবা [মরত্‌বা] *বি* ১ গুণ; সম্মান; মর্যাদা; পদমর্যাদা; মাহাত্ম্য; ধাপ; গুণগত গুরুত্ব; মূল্য (বাদশা বাইচ্যা থাকতে হারি বাবার মাজারের মরতবা নষ্ট করে কোন ব্যাডা—*আই*)। ২ শ্রেষ্ঠত্ব। ৩ বার দফা। {*আ.* মরতবাহ مرتبة }

মরতা [মরতা] *বি* ধুলা, শুষ্কতা ইত্যাদি কারণে যে ঘাটতি হয় বা ওজনে কমতি ঘটে তা (পান মরতা বাদ দিয়ে সোনার ওজন ঠিক করা হয়)। {*স.* √মৃ>*বা.* মর্+*বা.* তা}

মরদ [মরোদ্] *বি* ১ পুরুষ; ব্যাটা ছেলে; যে ব্যক্তির পুরুষোচিত গুণ আছে; শক্তিশালী ব্যক্তি; বীর পুরুষ (এমন জোয়ান মরদ—*শাকা*)। ২ যুবক। ৩ পতি; স্বামী। ~ **কা/কি বাত** *বি* বীর পুরুষের কথা বা প্রতিজ্ঞা যার ব্যতিক্রম হয় না বা যা নিষ্ফল হয় না। ~**বাচ্চা, মরদের বাচ্চা** *বি* বীরের যোগ্য পুত্র; সাহসী ও বীর্যবানের সাহসী পুত্র। **মরদামি** *বি* পুরুষের গুণ; পুরুষোচিত সাহস; পৌরুষ (সাবাস হিম্মত তেরা সাবাস মরদামি—*সৈহ*)। **মরদান** *বি* বীর পুরুষগণ (খোদায় রাখিল নাম সাহে মরদান ত্রিভুবনে বীর নাহি আলীর সমান—*হেমা*)। **মরদানা** *বি* পুরুষমহল। *তুল.* **জানানা** *বি* নারীমহল; অন্দরমহল। {*ফা.* মরদ مرد }

মরন্ত [মরোনতো] *বিণ* মরণাপন্ন; মৃত্যুশয্যায় আছে এমন (ছেলেটা মরন্ত তবু ছুটি দেবে না—*অচিসে*)। {*স.* √মৃ>*বা.* √মর্+*বা.* অন্ত}

মরম[১] [মরোম্] *(পদ্য.)* *বি* মর্মস্থান; অন্তর; মর্ম; তাৎপর্য (সেই মরমে আছো আমি মরমে মরে আছি—*শেফ*)। {*স.* মর্ম>*বা.* (স্বরাগমে) মরম}

মরম[২] *(মবা.)* [মরম] *ক্রি* মরব (মাতৃহত্যা নরকেতে পাচিয়া মরম—*শ্রীন*)। {*স.* √মৃ>*বা.* √মর্>মরিব>}

মরমর[১] [মরোমরো] *বিণ* মৃতপ্রায়; মৃতবৎ; মরণাপন্ন। {*স.* √মৃ>*বা.* √মর্+ও-√মর্+ও}

মরমর[২], **মর্মর** ⇒ মর্মর

মরমি, মরমী [মরোমি] *বিণ* ১ আধ্যাত্মিক। ২ সহানুভূতিসম্পন্ন; দরদযুক্ত; দরদি (মরমি বন্ধু)। □ *বি, বিণ* অধ্যাত্মবিষয়ক উপলব্ধির (তত্ত্ব) মানুষ; মর্ম উপলব্ধিকারী; মরমিয়া বা অজ্ঞেয় অতীন্দ্রিয় তত্ত্বের আলোচক; mystic। {*স.* মর্মী>মরমি, মরমী}

মরমিয়া [মরোমিয়া] *বি, বিণ* ১ ধর্মাদির বাইরের আড়ম্বর বর্জনপূর্বক তার মর্মোদ্‌ঘাটনে প্রচেষ্টাকারী; mystic। ২ সাধারণ বুদ্ধির অতীত গূঢ় ঐশ্বরিক তত্ত্ববিষয়ক (মরমিয়া তত্ত্ব); যিনি অতীন্দ্রিয় বিষয় সম্পর্কে জ্ঞান রাখেন; অতীন্দ্রিয় বিষয়বোধে সমর্থ ব্যক্তি (মরমিয়া সাধক)। {মরম+ইয়া}

মরশুম ⇒ মৌসুম

মরষা, মরসা *(মবা.)* [মরশা] *ক্রি* ক্ষমা করা; মার্জনা করা। **মরষিআঁ** *(মবা.)* *অক্রি* (দোষ বা অপরাধ) ক্ষমা করে (সব মরষিয়া তাক জিঅ বনমালী—*বচ*)। **মরষিল, মরিসিল** *(মবা.)* ক্ষমা করলাম (সব মরষিল রাধা—*বচ*)। **মরষিহ** *(মবা.)* *ক্রি* মার্জনা বা ক্ষমা করছ। **মরসিব** *(মবা.)* ক্ষমা করবে *(বচদা)*। {*স.* √মর্ষ>}

মর্সিয়া, মরসিয়া [মোরশিয়া] *বি* ১ মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান (ত্যাগ চাই, মর্সিয়া ক্রন্দন চাহি না—*নই*)। ২ মহররমের শোকগান (ইসলামী সঙ্গীতের ক্ষেত্রে হামদ নাত মর্সিয়া ইত্যাদি কবিতা—*কামো*)। {*আ.* মর্সিয়াহ مرسية }

মরসুম ⇒ মৌসুম

মরহাবা ⇒ মারহাবা

মরহুম [মর্‌হুম্] *বিণ* আল্লাহর রহমত (দয়া) প্রাপ্ত; মৃত; স্বর্গীয়; লোকান্তরিত (মরহুম আবদুল করিম সাহিত্য বিশারদ)। **মরহুমা** *বিণ স্ত্রী.*। {*আ.* মরহুম مرحوم }

মরা [মরা] *ক্রি* ১ প্রাণত্যাগ করা; দেহত্যাগ করা। ২ বিপদগ্রস্ত বা বিনষ্ট হওয়া (চাকরিটা না পেলে বেচারা মরবে)। ৩ মানসিক কষ্ট পাওয়া (ভেবে মরছি)। ৪ শুকিয়ে যাওয়া; মজে যাওয়া (নদীটা একেবারেই মরে গেছে)। ৫ হ্রাস পাওয়া; কমে যাওয়া (ব্যথা মরা)। ৬ নির্জীব হওয়া; কোনোক্রমে বেঁচে থাকা (লোকটা অভাবে মরে আছে)। ৭ লুপ্ত হওয়া; শেষ হয়ে যাওয়া (বাতাস আলো গেল মরে—*রঠা*)। ৮ প্রেমে আত্মবিস্মৃত হওয়া; কলঙ্কিনী হওয়া (ও রমা দিদি তাই বুঝি তুমি মরেছ—*শচ*)। ৯ নষ্ট হওয়া (রঙ জ্বলে গেলো, ধোপ মরে গেলো—*অঠা*)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~ **কটাল** ⇒ কটাল। ~ **কান্না** *বি* বাড়িতে কেউ মারা গেলে আত্মীয়-স্বজন যেরূপ উচ্চরোলে কাঁদে সেরূপ ক্রন্দন। ~ **গাঙ**, ~ **নদী** *বি* মজা নদী; শুষ্ক নদী। ~ **ধার** *বি* যে ধার বা তীক্ষ্ণতা নষ্ট হয়ে গেছে। ~**পেট**, ~**নাড়ি** *বি* বহুদিন ধরে অর্ধাহার বা অনাহারে হজমশক্তি নষ্ট হওয়ার ফলে অধিক আহার গ্রহণ করতে ও তা পরিপাক করতে অসমর্থ পাকস্থলী। □ *বিণ* অল্প আহারেই পেট ভরে যায় এমন। ~**মাস** *বি* খুশকি; মরা চামড়া। ~ **মুখ দেখা** *ক্রি* কঠিন শপথ করা। ~**স্রোত** *বি* যে স্রোত পানির

অপ্রতুলতাবশত অতি ধীরে বয় বা যে নদী শুষ্কপ্রায় হয়ে যাওয়ায় স্রোতহীন (পদ্মার মরাস্রোত শীতলতার আহ্বান প্রসারিত করে কোন দূর পানে চলে যাবার তাগিদে—সজ)। ~**হাজা** *বিণ* শীর্ণ; ক্ষীণ; ক্ষয়প্রাপ্ত; শুষ্ক; মৃত। ~**র বাড়া গাল নেই** ১ যার উপরে আর মন্দবাক্য নেই; যতোরকম অমঙ্গল হতে পারে তার মধ্যে মৃত্যুর তুল্য আর কিছু নয়। ২ চরম তিরস্কার। {স. √মৃ>বা. √মর+ আ}

মরাই, মরায় [মরাই, -য়] *বি* ধানের গোলা (উঠানে তোর শূন্য মরাই মড়ার মতো পড়ে—নজ; মরায়ের পাশে চড়ুই শালিক নাচে—সদ)। {স. মরাল>}

মরাঞ্চে ⇒ মড়াঞ্চে

মরাঠা ⇒ মারাঠা

মরানো [মরানো] *ক্রি* ১ মারতে অর্থাৎ শুকিয়ে ফেলা; জ্বাল দিয়ে জলীয় অংশ শুকিয়ে ফেলা (দুধ মরিয়ে ক্ষীরে পরিণত করতে)। ২ মেরে ফেলা। {মরা+আনো}

মরায় ⇒ মরাই

মরাল [মরাল্] *বি* রাজহাঁস; এক শ্রেণির বড় হাঁস; flamingo; swan (কোথায় জলে মরাল চলে মরালী তার পিছে পিছে—সদ)। **মরালী** *বিণ স্ত্রী*। ~**গামিনী** *বি, বিণ স্ত্রী*, রাজহংসীর মতো মন্থর ও মনোহর গতিযুক্তা। {স. √মৃ+আল(আলচ্)}

মরি ⇒ মরি মরি

মরিচ, মরীচ [মোরিচ্] *বি* ১ ক্ষুদ্র কাল ফল; ঝাল মসলাবিশেষ; গোল মরিচ; প্রধানত সবজি তরকারি চাটনি ইত্যাদিতে ব্যবহৃত। ২ লঙ্কা (কাঁচা মরিচ, শুকনা মরিচ)। **জিরা**~ *বি* জিরা ও গোল মরিচ। **গোল**~ *বি* বৃন্তযুক্ত ক্ষুদ্র ঝাল ফল যা ভেষজরূপেও ব্যবহৃত হয়। **কামরাঙ্গা**~ *বি* কামরাঙ্গার মতো সবুজ ও লাল রঙের প্রচুর ঝালবিশিষ্ট মাঝারি আকারের মরিচ রূপে ব্যবহৃত শুকনা লঙ্কা। {স. √মৃ+ইচ}

মরিচা, মরচে, মর্চে [মোরিচা, মোরচে, -] *বি* জং; লৌহমল (মরিচা ধরা, মরিচা পড়া; প্রাণশক্তির অভাব ঘটে বলে তাতে জীবনে মর্চে পড়ে—মোম)। {ফা. মূরচহ مورچه}

মরিমরি, মরি [মোরিমোরি, মোরি] *অব্য* এক প্রকার বিস্ময়, বিদ্রূপ বা আনন্দসূচক ধ্বনি; মরতে রাজি; মরণেও সুখ। {প্রা. হমারি>}

মরিয়া, মরীয়া [মোরিয়া] *বিণ* মৃত্যুবরণে প্রস্তুত; হতাশ হওয়ার ফলে বিপদ সম্বন্ধে বেপরোয়া (আমিও মরিয়া হয়ে শুরু করলাম পরীক্ষা নিরীক্ষা—রাখা)। {বা. √মর+ইয়া, ঈয়া}

মরিযাদ [মোরিজাদ্] (*পদ্য.*) *বি* মর্যাদা; সম্ভ্রম; সম্মান (খোয়াল কুল মরিযাদ—অন্দা)। {স. মর্যাদা>(স্বরাগমে) মরিযাদ}

মরীচ ⇒ মরিচ

মরীচি [মোরিচি] *বি* ১ হিন্দু পুরাণোক্ত ব্রহ্মার মানসপুত্র (মরণের দূতী মরীচি নাগিনী আগুনের হাম্মামে অবগাহি উঠে—শাহে)। ২ রশ্মি; কিরণ; প্রভা। ~**মায়া** *বি* মরীচির মায়া; মরীচিকার ভ্রান্তি; মিথ্যা আশা (তৃষ্ণা-আতুর হরিণীর চোখে কি হবে হানিয়া মরীচিমায়া—মোম)। ~**মালী** *বি* সূর্য; রবি; ভাস্কর (যেথায় প্রখর মরীচিমালীর জ্বলে হুতাশন জ্বালা—জউ)। {স. √মৃ+ঈচি}

মরীচিকা [মোরিচিকা] *বি* ১ মৃগতৃষ্ণিকা; মরুভূমিতে সূর্যের কিরণে জল ভ্রান্তি। ২ (*আল.*) বৃথা আশার ছলনা; ধোঁকা (মরীচিকার মতো সমস্ত আশাই শূন্যে মিলিয়ে গেল)। {স. মরীচি+ক(কন্)+আ(টাপ্)}

মরীয়া ⇒ মরিয়া

মরু [মোরু] *বি* ১ জল উদ্ভিদ জীবশূন্য বালুকাময় স্থান। ২ পানি ও বৃক্ষলতাহীন সুবিশাল প্রান্তর। ~**জাহাজ** *বি* উট। ~**ঝড়** *বি* মরুভূমিতে বালুকা ঝড়; সাইমুম। ~**দ্বীপ** *বি* মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদি পূর্ণ স্থান; oasis। ~**বক, মরূবক** *বি* ১ মরু বা বালুকাময় স্থানে জাত ফলগাছ (আমোদিত মরুবক সুগন্ধি মালতী—সৈআ)। ২ ব্যাঘ্র। ~**ভূ**, ~**ভূমি**, ~**স্থল**, ~**স্থলী** *বি* মরুময় বা বিস্তীর্ণ বালুকাময় স্থান (ভারত এখন মরুভূ-সমান—কায়)। ~**সম্ভব** *বিণ* মরুভূমিতে জাত বা উৎপন্ন। ~**সাইমুম** *বি* মরুভূমির লু হাওয়া; প্রচণ্ড উত্তপ্ত বায়ু-বিশেষ (কখনও বা মরু সাইমুম ও মরুঝটিকার সম্মুখীন—গোমো)। ~**সাগর** *বি* বালুর সাগর (সেই অবলুপ্ত সমুদ্রেরই শেষ চিহ্ন মরুসাগর জর্দান অঞ্চলে—মোব)। {স. √মৃ+উ}

মরুত, মরুৎ [মোরুত্] *বি* বায়ু; বাতাস (বাড়ির মেয়েদিগকে সূর্যচন্দ্র মরুৎগণের দুষ্প্রবেশ্য অন্তঃপুরে—রঠা)। {স. √মৃ+উৎ(উতি)}

মরুদ্বীপ ⇒ মরূদ্যান

মরুয়ত [মোরুয়ত্] *বি* মনুষ্যত্ব; মানবোচিত ব্যবহার (টাকাই তোমাদের ধর্ম কর্ম, টাকাই তোমরা চেন, খাতির মরুয়ত নাই—মীম)। {আ. মরুওয়ৎ مروة}

মরুয়া (*মবা.*) [মোরুয়া] *বি* বাবুই তুলসী (দামিনী মরুয়া ফুল ফুটে—কমু)। {স. মরুবক>}

মরূদ্যান, মরুদ্বীপ [মোরুদ্দান, -দ্দিপ্] *বি* মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদি পূর্ণ স্থান; oasis। {স. মরু+উদ্যান, দ্বীপ}

মরূবক, মরুবক (*মবা.*) [মরুবক্] *বি* ১ বাঘ (পশু হস্তিগণ মরুবক—কাদা)। ২ একপ্রকার কাঁটা গাছ। ৩ জাম্বীর; জম্বীর। {স. মরু+√বা+অ(ক)+ক(কন্)}

মর্কট [মর্কট্] *বি* ১ ক্ষুদ্রাকৃতি বানর। ২ মাকড়সা। **মর্কটী** *বি স্ত্রী*। ~**জাল**, ~**বাস** *বি* মাকড়সার জাল (না রাখ মর্কট জাল ধরে—সৈআ)। ~**বৈরাগী** *বি* ভণ্ড বৈরাগী। ~**বৈরাগ্য** *বি* লোক দেখানো ভানকৃত বৈরাগ্য; সংসারে অনাসক্তির ভান করে যে; ভণ্ডামি। {স. √মর্ক+অট(অটন্)}

মর্গ [মর্গো] *বি* যে ঘরে শনাক্ত করার জন্য শব রাখা হয়; লাশঘর (মর্গের অন্ধকারে কত মৃত্যু জীবনের হিসেব না দিয়েই ইতিহাসের আড়াল হোল—আগু)। {ই. morgue}

মর্চে ⇒ মরিচা

মর্জি [মোর্জি] *বি* ইচ্ছা; খেয়াল; খুশি। ~**মাফিক** *বিণ* ইচ্ছানুযায়ী। {আ. মরদ্বী مرضى}

মর্জিয়া [মোরজিয়া] *বি* ডুবুরি; যে নিমজ্জিত হয়েছে (মর্জ্জিয়া ডুবিলে মাত্র পায় ভাগ্যফল —*সৈআ*)। {*স.* √মস্‌জ্‌>+*বা.* ইয়া}

মর্টগেজ, মরগেজ [মর্‌ট্‌গেজ, মর্‌গেজ] *বি* বন্ধক; রেহান; ঋণ গ্রহণের জামিনস্বরূপ সম্পত্তি বন্ধক রাখা। **মর্টগেজি** *বিণ* ঋণ গ্রহণের জামিনস্বরূপ দায়বদ্ধ। {*ই.* mortgage}

মর্টার [মর্‌টার্‌] *বি* ১ এক রকম কামান; গোলা ইত্যাদি ছোড়ার যন্ত্র। ২ হামানদিস্তা; খল। ৩ দালান তৈরির জন্য সিমেন্ট, সুরকি, বালি ইত্যাদির মসলা বা মিশ্র। {*ই.* mortar}

মর্ত, মর্ত্য [মর্‌তো] *বি* ১ মনুষ্যলোক; পৃথিবী; মরলোক; সংসার; ইহলোক। ২ মানুষ। ⊡ *বিণ* মরণশীল; অচিরস্থায়ী; নশ্বর। **~ধাম, ~ভূমি, ~লোক** *বি* মনুষ্যলোক; পৃথিবী (এই মর্তভূমে বিরাজিত স্বর্গলোক)। **~লীলা** *বি* মানবজীবন; মনুষ্যজীবনের কার্যকলাপ; জন্মমৃত্যুর ব্যাপার। {*স.* √মৃ+ত(ক্ত), য(যৎ)}

মর্তবা ⇒ মরতবা

মর্তমান [মরতোমান্‌] *বি* এক জাতীয় কলা; বর্মাদেশের মার্তাবান দ্বীপ থেকে যে কলার প্রজাতি আনা হয়েছে (চারি পাশে মর্তমান, চম্পা, কাঁঠালি রম্ভা —*বচ*)। {*ই.* martaban}

মর্তুকাম [মোর্‌তুকাম্‌] *বিণ* মরতে ইচ্ছুক; মরণাভিলাষী। {*স.* মর্তুম্‌+কাম}

মর্দ, মদ্দ [মর্‌দো, মদ্‌দো] *বি* ১ মরদ; ব্যাটাছেলে; পুরুষ। ২ যুবক; জোয়ানলোক। ৩ স্বামী; পতি (মর্দ বউ দুইজনেই সমান)। ⊡ *বিণ* বীর পুরুষ; সাহসী। (এই তো মর্দ মানুষের কথা; ঘোড়ায় চড়িয়া মর্দ হাঁটিয়া চলিল)। **মর্দা, মদ্দা** *বিণ* পুরুষ জাতীয়। **মাদি** *স্ত্রী*। **মর্দানা** *বি* পুরুষ। ⊡ *বিণ* পুরুষের; পুরুষোচিত; পুরুষের যোগ্য। **মর্দানি, মদ্দানি** *বি স্ত্রী* পুরুষ প্রকৃতির নারী (নিন্দার্থে)। **মর্দামি, মদ্দামি** *বি* ১ পুরুষোচিত ভাব। ২ পুরুষত্ব; পৌরুষ; শৌর্য; বীরত্ব; বাহাদুরি। {*ফা.* মার্দ مرد}

মর্দন [মরদোন্‌] *বি* ১ দলন; পিষ্টকরণ; পীড়ন; নির্যাতন; অত্যাচার; পেষণ। ২ দলনকারী; দমনকারী; পীড়নকারী (শত্রুমর্দন, দনুজমর্দন)। **মর্দিত** *বিণ* দলিত; মর্দিত; পিষ্ট। **মর্দিতা** *বিণ স্ত্রী*। {*স.* √মৃদ্‌+অন(ল্যুট্‌)}

মর্দল [মরদল্‌] *বি* মাদল; ঢোল; খোলের মতো বাদ্যযন্ত্র। {*স.* মর্দ+√লা+অ(ক)}

মর্দা, মর্দানা, মর্দানি, মর্দানী ⇒ মর্দ

মর্দিনী ⇒ মর্দী

মর্দী [মোরদি] *বি,বিণ* মর্দনকারী; দমনকারী। **মর্দিনী** *বি,বিণ স্ত্রী* মর্দনকারিণী; দমনকারিণী (মহিষমর্দিনী)। {*স.* মর্দ+ইন্‌}

মর্ম, মর্ম্ম [মরমো] *বি* ১ প্রাণ স্থান; শরীরের বিশেষ বিশেষ সন্ধিস্থল যেখানে আঘাত লাগলে প্রাণনাশ হতে পারে (মর্মস্থল, মর্মস্থান)। ২ হৃদয় (মর্মপীড়া, মর্মভেদী)। ৩ উদ্দেশ্য; ইচ্ছা (এই মর্মে)। ৪ তাৎপর্য; মূলভাব; সার (সারমর্ম)। ৫ নিগূঢ় অর্থ; রহস্য; গুপ্ততত্ত্ব (মর্মোদ্ধার)। **~কথা** *বি* মনের কথা; হৃদয়ের কথা; নিগূঢ় অর্থ; গুপ্ত রহস্য। **~গ্রহণ, ~গ্রহ, ~ধারণ, মর্মাবধারণ** *বি* তাৎপর্যবোধ; মূলভাব উপলব্ধি; অনুধাবন (আপনি যাহা বলিলেন আমি তাহার মর্মগ্রহ করিতে পারিয়াছি—*ঈবি*)। **~গ্রাহী** *বিণ* মর্মগ্রহণকারী; তত্ত্বগ্রহণকারী। **~ঘাতী, ~তুদ, ~ভেদী, মর্মান্তিক** *বিণ* ১ হৃদয়বিদারক; মারাত্মক; নিদারুণ (মর্মঘাতী আঘাত; ওদের ঝগড়াঝাঁটির মধ্যে বড়দের মাথা গলান মর্মান্তিক বেকুফি —*মই*)। ২ অত্যন্ত করুণ (মর্মান্তিক নীরবতা করুক বিস্তার —*রঠা*)। **মর্মজ্ঞ** *বি* রহস্যজ্ঞ; যিনি মর্ম বা তাৎপর্য জানেন। **~পীড়া, ~বেদনা, ~ব্যথা** *বি* হৃদয়বেদনা; মানসিক কষ্ট বা যন্ত্রণা। **~ব্যথক** *বিণ* তীব্র বেদনাদায়ক; মর্মে আঘাতকারী (নিজ সম্বন্ধীয় মর্মব্যথক ভূত ভবিষ্যৎ চিন্তা অন্তর্হিত হইল—*বচ*)। **~মুকুর** *বি* মনের দর্পণ; মনের আয়না (বস্তুতঃ খাদিজা ছিলেন হযরতের মর্মমুকুর—*গোমো*)। **~স্থল, ~স্থান** *বি* দেহমধ্যস্থ প্রাণকোষ; হৃদয়; হৃদয়ের কোমলতম ও নিগূঢ়তম স্থান। **~স্পর্শী** (-র্শিন্‌), **~স্পৃক** (-স্পৃশ্‌) *বি* হৃদয় স্পর্শকারী; যা মন গলায়; হৃদয়দ্রাবক; touching। ⊡ *বিণ* হৃদয়বিদারক। **মর্মাঘাত** *বি* হৃদয়ে আঘাত; হৃদয়ে বেদনা; মানসিক আঘাত। **মর্মাবগত** *বিণ* অবগত মর্ম; তাৎপর্য বা মর্ম জেনেছে। **মর্মার্থ** *বি* গূঢ় অর্থ; তাৎপর্য; প্রকৃত অর্থ। **মর্মাহত** *বিণ* মনে দারুণ আঘাত প্রাপ্ত; মর্মপীড়িত। **মর্মী**(-র্মিন্‌) *বিণ* মর্মজ্ঞ; গূঢ় রহস্য উপলব্ধি করেছে এমন; মরমি। **মর্মোক্তি** *বি* মর্মের উক্তি; মনের কথা (কাতরোক্তি যত গভীর, যতই হৃদয়বিদারক হউক না কেন তাহা বাঙ্গালীর মর্মোক্তি—*বচ*)। **মর্মোদ্‌ঘাটন, মর্মোদ্ভেদ** *বি* রহস্যভেদ; স্বরূপার্থপ্রকাশ। {*স.* √মৃ+মন(মনিন্‌)}

মর্মর১, মর্ম্মর১, মরমর১ [মরমর] *বি* অনুকার শব্দ; শুষ্ক পত্রাদির মরমর ধ্বনি (মৃদুল বাতাসে মর্মর ভাসে—*সদ*; শুষ্ক পত্র ঝরার মরমর শব্দ —*মাহ.*)। {*ধ্বন্যা.*}

মর্মর২, মর্ম্মর২ [মরমর] *বি* মার্বেল পাথর; marble। {*ফা.* মরমর مرمر}

মর্মাঘাত, মর্মান্তিক, মর্মাবগত, মর্মাবধারণ, মর্মার্থ, মর্মাহত, মর্মী, মর্মোদ্‌ঘাটন, মর্মোদ্ভেদ ⇒ মর্ম

মর্যাদা [মোরজাদা] *বি* ১ সম্মান (মর্যাদা দান)। ২ সম্ভ্রম; গৌরব (বংশমর্যাদা)। ৩ সীমা (মর্যাদা লঙ্ঘন)। ৪ ন্যায়সঙ্গত নীতি; সদাচারসম্মত নিয়ম (মর্যাদাপূর্ণ ব্যবহার)। ৫ নজর; সেলামি; দক্ষিণা (পীরের মর্যাদা)। {*স.* মরি+আ+√দা+অ(অঙ্‌)+আ(টাপ্‌)}

মর্শুম ⇒ মরশুম

মর্ষ, মর্ষণ [মরশো, মরশন্‌] *বি* ১ ক্ষমা; সহ্যকরণ। ২ নাশকরণ; ধ্বংস সাধন। **মর্ষিত** *বিণ* ক্ষমা বা সহ্য করা হয়েছে এমন; ক্ষমিত; ক্ষান্ত; নাশিত; ধ্বংসিত। {*স.* √মৃষ্‌+অ(ঘঞ্‌), অন(ল্যুট্‌)}

মর্সিয়া, মরসিয়া [মোরশিয়া] *বি* ১ মৃত্যু উপলক্ষে রচিত শোকসূচক গান বা গাথা; আহাজারি (শোক বিলাপ); জারিগান (ত্যাগ চাই, মর্সিয়া ক্রন্দন চাহি না—*নজ*)। ২ মহররমের শোকগান (ইসলামী সঙ্গীতের ক্ষেত্রে হামদ নাত মর্সিয়া ইত্যাদি কবিতা —*কাম্যো*)। {*আ.* মর্সিয়া مرثية}

মর্সুম ⇒ মরসুম

মল[১] [মল্] *বি* পদবলয়; চরণালঙ্কার; নূপুর। { *স.* বলয়> }

মল[২] [মল্] *বি* ১ ময়লা। ২ বিষ্ঠা। ৩ মরিচা; গাদ; ক্লেদ; কাইট; ক্বাথ। ৪ কলঙ্ক; পাপ। **~ত্যাগ** *বি* বিষ্ঠাত্যাগ। **~দূষিত** *বিণ* মল দ্বারা অপবিত্র; ময়লা বা আবর্জনা মিশ্রিত। **~দ্বার** *বি* গুহ্যদেশ; পায়ু। **~নালি** *বি* মলদ্বারের উপরের নালি। **~ভাণ্ড** *বি* বৃহদন্ত্র; উদরের অন্ত্রের যে নির্দিষ্ট অংশে মল থাকে। { *স.* √মল্+অ(অচ্) }

মলকুল মওত ⇒ মালিকুল মউত

মলন [মলন্] *বি* মর্দন; পেষণ; গরু দিয়ে ধান মাড়ানো। { *স.* √মল্+অন(ল্যুট্) }

মলম [মলোম্] *বি* প্রলেপ; লেপে প্রয়োগ করার ওষুধ। { *আ.* মরহম্ مرهم }

মলমল [মল্‌মল্] *বি* মসলিন কাপড়; মিহি সুতার কাপড়-বিশেষ (ভাঁজ করা মলমলের পাগড়ি—*রবি*)। **মলমলি** *বিণ* মলমল দিয়ে তৈরি (কারো গায়ে ফুলদার লক্ষ টাকার মলমলি চাদর—*অঠা*)। { *ফা.* মল্‌মল্ ململ }

মলমাস [মল্‌মাশ্] *বি* অধিমাস; অতিরিক্ত চান্দ্রমাস। এটি দুই অমাবস্যা দিয়ে যুক্ত ও রবি সংক্রান্তি বর্জিত। মলমাসে হিন্দুদের পূজাপার্বণ এবং সর্বপ্রকার শুভকার্য নিষিদ্ধ। সৌর বছরের সঙ্গে চান্দ্র বছরের সামঞ্জস্য বিধানের জন্য কয়েক বছর পরপর এই মলমাস গণনা হতে বাদ দেওয়া হয়। { *স.* মল+মাস }

মলম্বা [মলম্‌বা] *বিণ* সোনার পাত দিয়ে মোড়া গিলটি (মলম্বা অম্বরে তাম্র এত শোভা যদি ধরে—*মদ*)। { *আ.* মুলম্মা ملمع }

মলয় [মলয়্] *বি* ১ ভারতের পশ্চিমঘাট নামক পর্বত শ্রেণি। ২ দক্ষিণ দিক থেকে প্রবাহিত স্নিগ্ধ বায়ু। ৩ মালাবার দেশ; মালয়; যবদ্বীপ। **~জ** *বিণ* মলয় পর্বতে উৎপন্ন। ☐ *বি* ১ চন্দন। ২ দখিনা বাতাস; মলয়ানিল; মলয় বাতাস। **~পবন, ~ বায়ু, ~ মারুত, মলয়ানিল** *বি* মলয় পর্বত থেকে আগত বায়ু; দক্ষিণ সমীর। **মলয়াচল** *বি* মলয় পর্বত। { *স.* √মল্+অয়(কয়ন্) }

মলা[১] [মলা] *ক্রি* মর্দন করা; দলন করা; ডলা (শাক মলা, কান মলা)। ☐ *বি* উক্ত অর্থে। **~ই** *বি* ডলন; মর্দন (ডলাই মলাই)। **~নো** *ক্রি* মর্দন করানো; ডলানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √মৃদ্>*প্রা.* মল+*বা.* আ }

মলা[২] [মলা] *বি* মল; ময়লা; মলিনতা; মালিন্য (মনের মলা)। { *স.* মল+*বা.* আ }

মলাট [মলাট্] *বি* পুস্তকাদির বহিরাবরণ; মলিনতা থেকে রক্ষা করার জন্য গ্রন্থাদির উপরের আবরণ। { *স.* মলপট্ট> }

মলি (*মবা.*) [মোলি] *বি* (দেহের) ময়লা (বিজয় জয়াতে মেলি তুলিল গৌরীর মলি—*কমু*)। { *স.* মল+ই }

মলিদা [মোলিদা] *বি* পালিশ করা পাতলা ও নরম পশমি শীতবস্ত্র (মলিদা রং মেঘের মায়া—*সদ*)। { *ফা.* মলীদহ্ ماليده }

মলিন [মোলিন্] *বিণ* ১ ফর্সা নয় এমন; ময়লা; অগৌর (মলিন দেহবর্ণ)। ২ অপরিচ্ছন্ন; ময়লাযুক্ত (মলিন বস্ত্র)। ৩ ম্লান; অনুজ্জ্বল (মলিন বর্ণ)। ৪ কলঙ্কিত (ধূলি দ্বারা মলিন)। ৫ বিষণ্ণ; দুঃখিত; ম্লান (মলিন মুখ)। **মলিনা** *বিণ স্ত্রী.*। **~তা, ~ত্ব, মলিনিমা**(-মন্), **মালিন্য** *বি* বিষণ্ণতা; ম্লানভাব (রবির ললাট হতে মুছে নেয় গোধূলির মলিনিমা—*নই*)। { *স.* মল+ইন(ইনচ্) }

মলুদ শরিফ/শরীফ [মোলুদ্‌শোরিফ্] ⇒ মিলাদ। *বি* মিলাদশরিফ (আজকে হবে মলুদ শরীফ কাজীর মোল্লার বাড়ী—*জউ*)। { মীলাদ ميلاد +শরীফ شريف }

মল্ল [মল্‌লো] *বি* কুস্তিগির; বলী; খালি হাতে কুস্তি করে যুদ্ধ করে যে; পালোয়ান; wrestler। **~ভূমি** *বি* মল্লগণের রণভূমি; যেখানে কুস্তিযুদ্ধ করা হয়। **~যুদ্ধ** *বি* ১ বাহুযুদ্ধ, কুস্তি; wrestling। ২ হিন্দুর পদবিবিশেষ। ৩ পায়ের গহনা। { *স.* √মল্ল+অ(অচ্) }

মল্লার [মল্‌লার্] *বি* সঙ্গীতের একটি রাগ (মেঘমল্লার)। **মল্লারী** *বি স্ত্রী.* সঙ্গীতের একটি রাগিণী। { *স.* মল্লারী> }

মল্লি ⇒ মল্লিকা

মল্লিক [মোল্‌লিক্] *বি* ১ মালিক, রাজা; রাজপুত্র; উচ্চপদস্থ রাজকর্মচারী (সৈয়দ মল্লিক সেখ মোগল পাঠান—*ভারা*)। ২ উপাধিবিশেষ। ৩ বাঙালির পদবিবিশেষ। ৪ কিছুটা ধূসর রঙের হাঁস—এর পা ও ঠোঁট সামান্য লাল। { *আ.* মলিক ملك }

মল্লিকা, মল্লি, মল্লী [মোল্‌লিকা, মোল্‌লি, –] *বি* বেলিফুল; বেলফুল। **কাঠ~** *বি* গন্ধহীন মল্লিকাবিশেষ। **মল্লিনাথ** *বি* সুপ্রসিদ্ধ সংস্কৃত টীকাকার। { *স.* মল্লি+ক(কন্)+আ(টাপ্) }

মশক[১] [মশোক্] *বি* মশা; দংশনকারী এবং রক্তশোষক এক জাতীয় ক্ষুদ্র পতঙ্গ। { *স.* √মশ্+অ(অচ্)+ক(কন্) }

মশক[২], **মস্ক** [মশক্, মস্‌ক্] *বি* ভিস্তি; জল বহনের এক প্রকার চামড়ার থলি (এক মস্কার জল ভরি আনিল সত্বর—*হেমা*)। { *ফা.* মশ্‌ক مشك }

মশকারা, মস্কারা, মস্করা [মশ্‌কারা, –, –করা] *বি* পরিহাস; ঠাট্টা; তামাশা (আপনি মশকারা কচ্ছেন—*মুই*; খালেদের মস্কারায় কোন স্বাদ নাই—*ওয়ালি*)। ☐ *বিণ* হালকা; শিথিল; অদৃঢ়; ফসকা (গিরা)। { *আ.* মস্‌খরাহ্ مسخره }

মশগুল, মসগুল [মোশ্‌গুল্] *বিণ* মগ্ন; আবিষ্ট; বিভোর; বিহ্বল (সাধনাতেই মশগুল—*এও*; আমি চাই শুধু মশগুল হাওয়া—*সদ*)। { *আ.* মশ্‌গূল مشغول }

মশমশ, মসমস [মশ্‌মশ্] *অব্য* অনুকার শব্দবিশেষ (জুতার মশমশ ধ্বনি)। { *ধ্বন্যা.* }

মশলা, মশল্লা ⇒ মসলা

মশহুর [মশ্‌হুর্] *বিণ* বিখ্যাত; খ্যাতিমান (হাদিস কোরান কাবিলিয়াতের জন্য তিনি মশহুর—*আমআ*)। { *আ.* মশ্‌হুর مشهور }

মশা [মশা] *বি* মশক; দংশনকারী রক্তশোষক পতঙ্গবিশেষ। **~ মারতে কামান দাগা** *ক্রি* (*আল.*) সামান্য বা ক্ষুদ্র কাজে বিপুল আয়োজন করা। { *স.* মশক> }

মশাই ⇒ মশায়

মশান, মসান [মশান্] *বি* ১ শ্মশান; যেখানে হিন্দুদের মৃতদেহ দাহ করা হয়। ২ বধ্যভূমি; যেখানে শূলে চড়িয়ে বা অন্য উপায়ে হত্যা করা হয়। { *স.* শ্মশান> }

মৈলান (*মধ্য.*) [মোইলান্] *বিণ* মলিন (কপালের সিন্দুর মৈলান—*মাগান*)। { *স.* ম্লান> }

মশায়, মশাই [মশায়্, মশাই] মহাশয়; জনাব; হুজুর ইত্যাদি। ~ ~ **করা** *ক্রি* হুজুর হুজুর করা; চাটুকারিতা বা তোষামোদ করা। { *স.* মহা+আশয়> }

মশারি, মশারী [মশারি] *বি* মশার কামড় থেকে পরিত্রাণ লাভের জন্য ছাদ ও চতুষ্পার্শ্ববিশিষ্ট সূক্ষ্ম ছিদ্রযুক্ত বস্ত্র নির্মিত যে আচ্ছাদন শয্যার উপর খাটানো হয়। { *স.* মশহরী>; *স.* মশক+অরি>মশারি }

মশাল, মসাল [মশাল্] *বি* দীর্ঘ স্থূল বর্তিকা; ছোট লাঠির মাথায় জড়ানো তেল মাখানো নেকড়া প্রভৃতি দিয়ে প্রস্তুত বড় আলো। **মশালচি** *বি* মশাল বহনকারী; আলোবাহক; মশালধারী ব্যক্তি। { *আ.* মশ্আল مشعل }

মসগুল ⇒ মশগুল

মসজিদ, মসজেদ [মোশ্জিদ্, -জেদ্] *বি* মুসলমানদের উপাসনালয়; সিজদার ঘর। { *আ.* মস্জিদ مسجد }

মসনদ, মছনদ [মস্নদ্] *বি* সিংহাসন; রাজাসন (সরফরাজকে হত্যা করে মসনদ অধিকার করলেন—*আলিস*)। **মসনদি** *বিণ* ১ মসনদ সম্পর্কীয়। ২ সরকারি; রাজকীয়। { *আ.* মসনদ مسند }

মসনবি [মস্নোবি] *বি* ১ প্রতি দুই লাইনের অন্তে মিলযুক্ত ছন্দবিশেষ; ঐ ছন্দে রচিত পুস্তক। ২ জালালুদ্দিন রুমি রচিত দার্শনিক মরমি কাব্যগ্রন্থ (হাত নেড়ে সুর করিয়া মসনবির বয়েৎ পড়িতেছেন—*প্যামি*)। { *আ.* মছনবী مثنوی }

মসনে ⇒ মসীনা

মসমস ⇒ মশমশ

মসরুফ [মশরুফ্] *বিণ* ব্যস্ত; নিয়োজিত; ব্যতিব্যস্ত (দুনিয়ার ফেকেরে মসরুফ আছি—*আমআ*)। { *আ.* মস্রুফ مصروف }

মসলত [মস্লত্] *বি* ১ উপদেশ; পরামর্শ (এনার মসলতে কাম করলে মোদের দফা রফা হইতো—*প্যামি*)। ২ চিন্তা। { *আ.* মুস্লিহাত مصلحت }

মসলন্দ, মছলন্দ [মস্লনদো] *বি* ১ উৎকৃষ্ট শ্রেণির এক প্রকার মাদুর (সেই মছলন্দের পরে হাতেম নাইয়া বসিয়া—*সৈহা*)। ২ কারুকার্যমণ্ডিত মোটা অথচ নরম কম্বলবিশেষ (ঘরের মাঝখানে মছলন্দ শয্যার উপর রাজা বসিয়া আছেন—*ঠাঠা*); লেখকের আসন। **মছলন্দি** *বিণ* ১ মছলন্দ-পাতা। ২ রাজকীয় জাঁকজমকপূর্ণ (বাবুকে নির্মিত সিংহাসনরূপ মছলন্দী মসনদে বসাইলে পরে—*ভর*)। { সিদ্ধা মৎস্যেন্দ্রনাথ>মছলন্দ; *আ.* মসনদ্ مسند }

মসলা, মশলা, মসল্লা, মশল্লা [মশ্লা, –, মশ্শোলা, –] *বি* ১ ব্যঞ্জনাদি মুখরোচক করার জন্য ব্যবহৃত উপকরণ (রান্নার মসলা, পানের মসলা)। ২ বি কোনো দ্রব্য প্রস্তুতের উপকরণ (ইটের মসলা)। { *আ.* মস্‌লিহ্ مصالح *বহুব* }

মসলিন [মস্লিন্] *বি* অতি কোমল ও সূক্ষ্ম কার্পাস বস্ত্রবিশেষ; মলমল (ঢাকাই মসলিন)। সম্ভবত প্রাচীন ব্যাবিলনের মসৌলে নির্মিত সূক্ষ্ম মসৃণ বস্ত্রসদৃশ ঢাকায় তৈরি বস্ত্রের নামে হয় মসলিন। { *আ.* মরসিলী موصلی ; *ফ.* mousseline }

মসল্লা ⇒ মসলা

মসান ⇒ মশান

মসায়েল [মস্‌য়েল্] *বি* ১ সমস্যা; প্রশ্ন। ২ প্রশ্নের উত্তর; বিধান। ৩ ধর্মীয় বিধান (এসব ক্ষেত্রে তার মসায়েল আছে—*মুত্তা*)। { *আ.* মসাইল مسائل *বহুব; একব* مسالة মাসআলাহ্ }

মসাল ⇒ মশাল

মসি, মসী [মোশি] *বি* ১ লেখার জন্য ব্যবহৃত কালি। ২ (ঘরের মাকড়সার) ঝুল। ৩ কলঙ্ক; কালো দাগ। ~**জীবী** (–বিন্) *বি, বিণ* লেখক; কর্ণিক; কেরানি (তিনি নিরীহ মসিজীবী মাত্র ছিলেন না—*সৈমু*)। ~**নিন্দিত**, ~**লাঞ্ছিত** *বিণ* কালিও হার মানে এমন কালো; অতিশয় কালো। ~**ময়** *বি* কালিমাখা। □ *বিণ* ঘোর কৃষ্ণবর্ণ। { *স.* √মস্+ই, ঈ }

মসিন, মসীন [মোসিন্] *বি* অত্যাচার; উৎপীড়ন (মসীন করিবে রাজা—*কমু*)। { *অমূ* }

মসিনা, মসীনা, মসনে [মোশিনা, –, মোশ্নে] *বি* তৈলপ্রদ বীজ বিশেষ; তিসি। { *স.* মসৃণা> }

মসিবত, মুসিবত [মোসিবত্, মু–] *বি* বিপদ; দুঃখ; কষ্ট (পেরেশান হও কাহে থোড় মসিবতে—*সৈহা*)। { *আ.* মুসীবত مصيبة }

মসিহ, মসীহ [মোসিহ্] *বি* ১ হজরত ঈসা (আ.) (আসিল কি ফিরে এতদিনে সেই মসীহ মহামানব—*নই*)। ২ আল্লাহর বাণীবাহক; বাণী প্রচারক; নবী। { *আ.* মসীহ্ مسيح }

মসী ⇒ মসি

মসীনা ⇒ মসিনা

মসুর, মসূর, মসুরি [মোশুর, –, -রি] *বি* গোলাপি রঙের একপ্রকার কলাই বা ডাল। { *স.* √মস্+উর; ঊর,+ *বা.* উরি }

মসূরী, মসূরিকা [মোশুরি, -রিকা] *বি* বসন্ত নামক এক ধরনের প্রাণঘাতী রোগ; গুটিবসন্ত। { *স.* √মস্+উর+ঈ; +ক(কন্)+আ(টাপ্) }

মসৃণ [মোস্সৃন্] *বিণ* ১ চিক্কণ; তেলতেলে। ২ স্নিগ্ধ; কোমল। ~**তা** *বি*। { *স.* মস্+√ঋণ+অ(ক) }

মস্ক১ ⇒ মশক১

মস্ক২, মশক [মশক্] *বি* মৃগনাভি; কস্তুরী (আর মস্ক ও মৃসব্বর মেশান ইরানী তামাকের খোশবয়—*কাসি*)। { *ফা.* মুশক; মিশ্ক مشك }

মস্করা, মসকারা ⇒ মশকারা

মস্ত১ [মস্‌তো] *বিণ* ১ উচ্চ; প্রকাণ্ড; মহৎ; বিরাট (মস্ত গাছ, মস্ত বাড়ি, মস্ত লোক)। ২ বিস্তৃত; বিশাল (মস্ত নদী)। ৩ মূল্যবান (মস্ত কথা)। □ *ক্রিবিণ* অত্যন্ত; অতিশয় (খুব মস্ত বড়)। □ *বি* মস্তক (ছিন্নমস্তা, মস্তে ধরা)। { *স.* √মস্+ত(ক্ত) }

মস্ত২, মস্তা [মস্‌তো, মস্‌তা] *বিণ* নেশাগ্রস্ত; মাতাল; মোহান্ধ; মত্ত। { *ফা.* মস্ত مست }

মস্তক [মস্‌তক্] *বিণ* ১ মাথা; মুণ্ড; শির; মুড়া। ২ অগ্রভাগ;

চূড়া; আগা; ডগা। { স. মস্ত+ক(কন্) }

মস্তান, মাস্তান [মস্‌তান্, মা-] *বি, বিণ* ১ ঐশীপ্রেমে মত্ত; ভাবে উন্মত্ত; দেওয়ানা; বিবাগী; প্রেমপাগল (তার লেখা গজল পড়ে তামাম দেশ মস্তান হয়ে উঠল—*মুহ*)। ২ নেশাগ্রস্তের ন্যায় হিতাহিত জ্ঞান বিবর্জিত ব্যক্তি; ছিনতাইকারী; চরিত্রহীন; ভীতিপ্রদর্শন দ্বারা উদ্দেশ্য সিদ্ধকারী; মহিলাদের উত্ত্যক্তকারী; উপদ্রবকারী; মদ্যপ; গুণ্ডা; বদমাশ। **মস্তানি, মাস্তানি** *বি* ১ মস্তানের কাজ; ডাকাতি; হত্যা; জুলুম; ছিনতাই; ধর্ষণ; নারীনির্যাতন; উৎপীড়ন দ্বারা বিরক্তি উৎপাদন বা উত্ত্যক্ত করা প্রভৃতি অসামাজিক কার্য। ২ গুণ্ডাগিরি। ৩ দাদাগিরি; অবাঞ্ছিত মাতব্বরি। { *ফা.* মস্ত مست +আন ان }

মস্তাহাব, মোস্তাহাব [মস্‌তাহাব্, মো-] *বিণ* পছন্দনীয়; উত্তম (প্রতি অঙ্গ ডাহিন হইতে সব ধোয়... তারে মোস্তহাব কয়—*হেমা*)। { *আ.* মস্তাহ্‌বে مستحب }

মস্তিষ্ক [মোস্‌তিশ্‌কো] *বি* ১ মগজ; ঘিলু। ২ বুদ্ধি; ধীশক্তি। **–হীন** *বিণ* বুদ্ধিহীন; নির্বোধ; মূর্খ। { *স.* মস্তিষ্ক }

মস্যাধার [মোশ্‌শাধার] *বি* দোয়াত; মসি বা কালি রাখবার পাত্র। { *স.* মসি+আধার }

মহক [মহক্] *বি* সুগন্ধ (ফুলের খোশবুই ছোটে মগজে মহক উঠে, ভ্রমরা আকুল তার বাসে—*সৈহা*)। { *ফা.* মহক مهك }

মহকুমা [মহকুমা] *বি* ১ জেলার একটি প্রশাসনিক অংশ। ২ বিচারালয়। **—হাকিম** *বি* মহকুমার শাসনকর্তা; S.D.O। { *আ.* মহ্‌কমাহ محكمة }

মহকূফ ⇒ মকুব

মহড়া, মোহরা, মওড়া, মোহড়া [মহোড়া, মোহোরা, মওড়া, মোহোড়া] *বি* ১ অগ্রভাগ (দইয়ের মহড়া)। ২ বিপক্ষের বা শত্রুপক্ষের অগ্রবর্তী সেনাদল (মহড়া ফেরানো)। ৩ অভিনয়াদির প্রস্তুতি; মহলা; rehearsal (সবাইকে এই মহড়ায় যোগ দিতে হইল—*শামা*)। ৪ কড়ি দিয়ে কাগজ ইত্যাদি মসৃণ ও চকচকে করা। ৫ সামনা-সামনি কথোপকথন; মুখোমুখি হওয়া। ❑ *বিণ* আড়ম্বরের সঙ্গে প্রদর্শন (পাটের মহড়া)। **– নেওয়া** বিপক্ষ দলের সম্মুখে থেকে লড়াই করা (এই গোটা পনের লোকের মহড়া নিতে পারব না—*আকউ*)। { *আ.* মুহারবাহ محاورة }

মহৎ, মহান [মহোত্, মহান্] *বিণ* ১ উদার; শ্রেষ্ঠ; মহামতি; উন্নত (মহৎলোক)। ২ বড়; বৃহৎ; বিশাল (মহৎ অরণ্য)। ৩ অতিশয়; অত্যধিক; অত্যন্ত; প্রবল; প্রচণ্ড (মহৎ ভয়)। ৪ গুরু (মহৎ ভার); প্রচুর ওজঃগুণসম্পন্ন (মহৎ ভাব)। ❑ *বি* উদার চরিত্র বা উন্নত হৃদয়সম্পন্ন ব্যক্তি। **মহতী** *বি স্ত্রী.* বিরাট; বৃহৎ (আপনার মহতী সেনা ব্যতীত ইসলামের মর্যাদা—*ইহো*)। **মহত্তত্ত্ব** *বি* সাংখ্যের চতুর্বিংশতি তত্ত্বের বুদ্ধি নামক দ্বিতীয় তত্ত্ব। **মহত্তম** *বিণ* সবচেয়ে মহৎ। **মহত্তর** *বিণ* অধিকতর মহৎ। **মহত্ত্ব** *বি* মহৎ ভাব; মহৎ গুণ। **মহদাশয়** *বিণ* উন্নত মনযুক্ত; সদাশয়। { *স.* √মহ্+অৎ(অতি) }

মহত্ত (*মবা.*) [মহত্ত] *বি* ১ মহত্ত্ব; মহানুভবতা। ২ মান; মর্যাদা; সম্ভ্রম (মহত্ত রাখ মোর—*বিপ*)। { *স.* মহত্ত্ব> }

মহতাব, মাহাতাব [মহতাব্, মাহাতাব্] *বি* ১ আতসবাজি। ২ চাঁদ। ৩ জ্যোৎস্না। ৪ চাঁদের। ৫ রকেট। { *ফা.* মহ্‌তাব مهتاب }

মহদাশ্রয় [মহোদাস্‌স্রয়্] *বি* মহতের আশ্রয়। { *স.* মহদ্+আশ্রয় }

মহনীয় [মহোনিয়ো] *বি* ১ মান্য; শ্রদ্ধেয়; পূজ্য; পূজনীয় (মহনীয় ব্যক্তি)। ❑ *বিণ* মহৎ। { *স.* √মহ্+অনীয়(অনীয়র্) }

মহন্ত, মোহন্ত, মহান্ত, মোহান্ত [মহোন্‌তো, মোহন্‌তো, মহান্‌তো, মোহা-] *বি* ১ কৃষ্ণভক্ত; সংসারবিরাগী; সন্ন্যাসী; মোহমুক্ত। ২ হিন্দুদের মঠাধ্যক্ষ; মঠস্বামী; যে সন্ন্যাসী মন্দিরাদি পরিচালনা করেন। { *স.* √মহ্+অন্ত(ঝচ্), > }

মহফিল ⇒ মহফেল

মহব্বত [মহোব্‌বত্] *বি* প্রেম; প্রীতি; স্নেহ; ভালোবাসা; বন্ধুত্ব (যে মহব্বত দেখালো তোমায় বিশ্বপতি—*জুআ*)। { *আ.* মুহব্বত محبت }

মহম্মদ ⇒ মুহম্মদ

মহরত, মহরৎ, মোহরত [মোহোরত্] *বি* ১ নতুন সূচনা; শুরু বা আরম্ভ; পত্তন; সূত্রপাত; প্রস্তুতি (খাতা মহরত করা)। ২ উদ্বোধন; কর্মসূচনা; কার্যারম্ভ (বংশীলাল অলকা ষ্টুডিওতে 'বন বিহঙ্গের' প্রথম মহরৎ সম্পন্ন করলেন—*প্রেমি*)। ৩ নৈপুণ্য; দক্ষতা। { *আ.* মহারত مهارة }

মহরম, মোহররম, মুহররম [মোহরম্, -হর্-, মুহররম্] *বি* আরবি চান্দ্রবৎসরের প্রথম মাস (মহরমের চাঁদ)। ❑ *বিণ* এ মাসের দশ তারিখে হজরত মুহম্মদ (সা.)-এর দৌহিত্র ইমাম হোসেন কারবালা প্রান্তরে এজিদ সৈন্য কর্তৃক শহীদ হওয়ার স্মৃতি উদযাপনমূলক পর্ব। { *আ.* মুহররম محرم }

মহর্লোক [মহোর্‌লোক্] *বি* হিন্দু পুরাণোক্ত সাতটি লোকের চতুর্থ লোক। { *স.* মহান+লোক; *কর্মধা.* }

মহর্ষি [মহোর্‌শি] *বি* ঋষিশ্রেষ্ঠ; বড় ঋষি। { *স.* মহান+ঋষি; *কর্মধা.* }

মহল[১] [মহোল্] *বি* ১ গৃহ; বাড়ি; বাড়ির অংশ (অন্দরমহল)। ২ ভূসম্পত্তির বা জমিদারির অংশ; তালুক (খাসমহল)। { *আ.* মহল محل }

মহল[২] [মহোল্] *বি* সমাজ; সঙ্ঘ; শ্রেণি (সাংবাদিক মহল)। { *আ.* মহল محل }

মহলা [মহোলা] *বিণ* মহলবিশিষ্ট (চার মহলা বাড়ি)। ❑ *বি* শিক্ষার পরিচয়; অভ্যাস; চর্চা; মহড়া (মহলা দেওয়া; কাগজ বার করবার মহলামাত্র—*প্রেমি*)। **–নবিশ** *বি* ১ মহলের হিসাব রক্ষক; মহল্লার লিপিকার; জেলা প্রশাসক। ২ হিন্দু পদবিবিশেষ। { *আ.* মহল محل + *বা.* আ }

মহল্লা [মহোল্‌লা] *বি* শহর বা নগরের অংশ; গ্রাম; অঞ্চল; পাড়া (সৈয়দ মহল্লা; সেই সব অঞ্চল মুসলমান মহল্লা বলিয়া ঘোষিত হইবে—*আমআ*)। { *আ.* মহল্লাহ محلة }

মহা[১] [মহা] *বিণ* ১ প্রচণ্ড; প্রবল; ভীষণ (মহারাগ;

মহাস্ফূর্তি)। ২ বিশাল; বিরাট; প্রকাণ্ড (মহাস্রোত)। ❑ বি, বিণ অতিশয়; খুব (মহাপাজি, মহাচালাক)। { স. মহৎ> }

মহা² [মহা] কর্মধারয় ও বহুব্রীহি সমাসে পূর্বপদ হিসেবে ব্যবহৃত হলে 'মহৎ' ও 'মহতী' স্থানে 'মহা' হয় (মহাসভা, মহামানব)। ⇒ মহা¹। { স. মহৎ> }

মহাকবি [মহাকোবি] *বি* ১ মহাকাব্য-রচয়িতা। ২ অসাধারণ প্রতিভাবান কবি; শ্রেষ্ঠ কবি। { স. মহৎ+কবি }

মহাকরণ [মহাকরোন্] *বি* প্রধান সরকারি দপ্তর; সচিবালয়; secretariat। { স. মহা+করণ }

মহাকর্ষ [মহাকরশো] *বি (পদার্থ.)* জড় বস্তুর পারস্পরিক আকর্ষণ; gravitation; মাধ্যাকর্ষণ। { স. মহা+√কর্ষ> }

মহাকাব্য [মহাকাবো] *বি* পুরাণ বা ইতিহাস থেকে বৃত্তান্ত নিয়ে রচিত দেবতা, রাজা বা বীরকে নায়ক করে বিশেষ নিয়মে ও রীতিতে রচিত কাব্য; যে কাব্যে জীবন ও জগৎ ব্যাপকভাবে চিত্রিত হয়; epic। { স. মহা-কাব্য; *কর্মধা.* }

মহাকায় [মহাকায়] *বিণ* অতি বৃহদাকার; বৃহৎ শরীরবিশিষ্ট (মহাকায় মহাদন্ত যাহার নাহিক অন্ত সেবক বৎসল ভগবান— *কমু*)। ❑ *বি* অতিশয় বৃহৎ হস্তী। { স. মহা+কায়; *বহু* }

মহাকাল [মহাকাল] *বি* ১ শিব; রুদ্র; ভৈরব (মহাকালের মন্দির)। ২ অনন্তকাল; ভাবীকাল; উত্তরকাল (তাদের কীর্তির রেখা মহাকাল করেনি বিলীন—*সুমো*)। **মহাকালী** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত মহাকালের পত্নী; আদ্যাশক্তি। { স. মহা+কাল; *কর্মধা.* }

মহাকাশ, মহাশূন্য [মহাকাশ্, –শুন্নো] *বি* মহাশূন্য; বায়ুমণ্ডলের ঊর্ধ্বে অনন্ত আকাশ; space। ~ **পোশাক** *বি* মহাশূন্যে ও গ্রহাদিতে পরিভ্রমণের উপযোগী করে প্রস্তুত পোশাকবিশেষ; space-suit। ~ **বিমান, মহাশূন্য যান** *বি* মহাশূন্য ভ্রমণ ও গ্রহাদিতে যাওয়ার উপযোগী যানবিশেষ; space-ship। ~ **যাত্রী** *বি* নভোচারী; মহাশূন্য পরিভ্রমণের জন্য যাত্রাকারী; spaceman। { স. মহান্+আকাশ, শূন্য; *কর্মধা.* }

মহাকুষ্ঠ [মহাকুশ্‌ঠো] *বি* প্রাণঘাতী কুষ্ঠ রোগবিশেষ। { স. মহা+কুষ্ঠ; *কর্মধা.* }

মহাকোশল [মহাকোশল্] *বি* দক্ষিণ ভারতের একটি প্রাচীন রাজ্য। { স. মহা+কোশল; *কর্মধা.* }

মহাগুরু [মহাগুরু] *বি* ১ শ্রেষ্ঠ গুরুজন। ২ হিন্দু বিশ্বাসে পিতা-মাতা, দীক্ষাদাতা বা স্বামী। { স. মহান্+গুরু }

মহাচ্ছায় [মহাচ্ছায়] *বি* বটবৃক্ষ। ❑ *বিণ* বিপুল ছায়াযুক্ত। { স. মহা+ছায়া> }

মহাজন [মহাজোন্] *বি* ১ অত্যন্ত ধার্মিক ব্যক্তি; সাধু ব্যক্তি; মহৎ ব্যক্তি। ২ বড় ব্যবসায়ী বা ব্যাপারী; আড়তদার; বণিক; উত্তমর্ণ; সুদ নিয়ে ঋণ দেয় যে; উত্তমর্ণ কুসীদজীবী। ৩ বৈষ্ণব পদকর্তা। **মহাজনি, মহাজনী** *বিণ* ১ মহাজনগিরি; ব্যবসায় কর্ম; তেজারতি (তাহা হইলে সেই বাণিজ্যের করব মহাজনি – *রঠা*)। ২ তেজারতি বা কুসীদজীবী সংক্রান্ত। { স. মহান্+জন }

মহাজ্ঞান [মহাগ্গ্যান্] *বি* ১ শ্রেষ্ঠ বা পরম জ্ঞান। ২ মৃতকে পুনরুজ্জীবিত করার বিদ্যা। **মহাজ্ঞানী** (-নিন্) *বিণ* পরম জ্ঞানবান। { স. মহা+জ্ঞান; *কর্মধা.* }

মহাঢ্য [মাহাঢ্ঢো] *বি* বিরাট ঐশ্বর্যশালী; মহাধনী। { স. মহা+আঢ্য; *কর্মধা.* }

মহাতপা, মহাতপাঃ [মহাতপা, –পাহ্] *বি, বিণ* অতি কঠোর তপস্বী; উগ্রতাপস। { স. মহা+তপঃ> }

মহাতেজা(ঃ), মহাতেজস্বী [মহাতেজাহ্, –তেজোশ্‌শি] *বিণ* ১ অতিশয় তেজস্বী; অতীব শৌর্যসম্পন্ন। ২ অতিশয় দীপ্তিশালী। ৩ অগ্নি। { স. মহা+তেজ> }

মহাতৈল, মহাতেল [মহাতোইলো, –তেল্] *বি* মানব দেহের তেল বা চর্বি। { স. মহা+তৈল, *বা.* তেল; *কর্মধা.* }

মহাত্মা [মহাত্তাঁ] *বিণ* ১ অতি মহৎ; উদারহৃদয়; মহানুভব; মহাপ্রাণ। ২ বদান্য। { স. মহান+আত্মা; *কর্মধা.* }

মহাদেব [মহাদেব্] *বি* শিব; মহেশ্বর। { স. মহা+দেব }

মহাদেবী [মহাদেবি] *বি* ১ হিন্দুদেবী ভগবতী; মহেশ্বরী; দুর্গাদেবী। ২ রাজার প্রধানা মহিষী; পাটরানী। { স. মহা+দেবী; *কর্মধা.* }

মহাদেশ [মহাদেশ্] *বি* অনেকগুলো দেশযুক্ত বৃহত্তম ভৌগোলিক বিভাগ (এশিয়া মহাদেশ)। { স. মহা+দেশ }

মহাদ্রাবক [মহাদদ্রাবোক্] *বি* ১ গন্ধকের আরক। ২ গলানোর জন্য ব্যবহার্য রাসায়নিক বস্তুবিশেষ। { স. মহা+দ্রাবক; *কর্মধা.* }

মহান ⇒ মহৎ

মহানগরী [মহানগোরি] *বি* অতি বৃহৎ নগর; রাজধানী। { স. মহা+নগরী; *কর্মধা.* }

মহানন্দ [মহানন্‌দো] *বি* অত্যন্ত বা গভীর আনন্দ; পরমানন্দ। ❑ *বিণ* অতিশয় আনন্দিত। { স. মহা+আনন্দ }

মহানবমী [মহানবোমি] *বি* শারদীয় দুর্গা পূজার নবমী তিথি। { স. মহা+নবমী; *কর্মধা.* }

মহানরক [মহানরোক্] *বি* অতিশয় ক্লেশদায়ক নরক বা স্থান। { স. মহা+নরক; *কর্মধা.* }

মহানস [মহানশ্] *বি* রন্ধনগৃহ; রান্নাঘর। { স. মহা+অনস্> }

মহানাদ [মহানাদ্] *বি* ভয়ঙ্কর শব্দ; অতি উচ্চধ্বনি; বিপুল শব্দ। ❑ *বিণ* ১ অতি উচ্চ ধ্বনিযুক্ত। ২ গম্ভীর নাদকারী (সিংহাদি পশু)। ৩ বর্ষণোন্মুখ; বর্ষণকারী। { স. মহা+নাদঃ; *বহু* }

মহানিদ্রা [মহানিদ্দ্রা] *বি* মৃত্যু; মরণ; চিরনিদ্রা। { স. মহা+নিদ্রা; *কর্মধা.* }

মহানিম [মহানিম্] *বি* নিমসদৃশ বৃক্ষ। { স. মহা+নিম }

মহানিশা [মহানিশা] *বি* রাতের মধ্যভাগ; গভীর রাত; নিশীথ। { স. মহা+নিশা; *কর্মধা.* }

মহানীল [মহানিল্] *বি* ১ গাঢ় নীল বর্ণ। ২ সিংহলে জাত নীলকান্তমণি। { স. মহা+নীল }

মহানুভব, মহানুভাব [মহানুভব্, –ভাব্] *বিণ* উদারচিত্ত; উদারস্বভাব। **মহানুভবতা** *বি* উদার হৃদয়; উদারতা; সংকীর্ণতামুক্ত মনোভাব (তবু হানিফের মহানুভবতাকে সে অপুরস্কৃত রাখবে না—*আচিসে*)। { স. মহা+অনুভব, অনুভাব; *বহু* }

মহান্ত [মহানতো] *বি* ভক্তিযুক্ত কৃষ্ণভক্ত। { স. মহন্ত> }

মহাপক্ষী [মহাপোকখি] *বি* পেঁচা; পেচক। { স. মহা+পক্ষী }

মহাপঙ্ক [মহাপঙ্‌কো] *বি* ১ গভীর কর্দম। ২ মহাপাপ। ৩ কামাসক্তি। { *স.* মহৎ+পঙ্ক}

মহাপদ্ম [মহাপদ্‌দো] *বি, বিণ* শতকোটি লক্ষ সংখ্যক; নাগ-বিশেষ। { *স.* মহা+পদ্ম}

মহাপরিচালক [মহাপোরিচালক্] *বি* কোন প্রতিষ্ঠানের একাধিক পরিচালকের উপরের পদাধিকারী ব্যক্তি; Director-General। { *স.* মহা+পরিচালক; *কর্মধা.* }

মহাপাতক [মহাপাতোক্] *বি* জঘন্যতম পাপ; মহাপাপ। **মহাপাতকী** *বি, বিণ* মহাপাপী। { *স.* মহা+পাতক; *কর্মধা.* }

মহাপাত্র [মহাপাত্‌ত্রো] *বি* ১ প্রধানমন্ত্রী বা অমাত্য; Prime Minister; মহামাত্র (কেবা তার মহাপাত্রে কোন অধিকারী—*কমু*)। ২ উপাধি। { *স.* মহা+পাত্র; *কর্মধা.* }

মহাপুরাণ [মহাপুরান্] *বি* বেদব্যাস রচিত অষ্টাদশ পুরাণ। মহাপুরাণগুলোর নাম—ব্রহ্ম, ব্রহ্মাণ্ড, গরুড়, পদ্ম, শিব, ভারত, বামন, কূর্ম, নারদ, মার্কণ্ডেয়, মৎস্য, স্কন্দ, অগ্নি, ব্রহ্মবৈবর্ত, বরাহ, লিঙ্গ, বিষ্ণু, ভবিষ্যৎ। { *স.* মহা+পুরাণ; *কর্মধা.* }

মহাপুরুষ [মহাপুরুশ্] *বি* ১ শ্রেষ্ঠ পুরুষ; সাধু ব্যক্তি; মহাত্মা। ২ অলৌকিক শক্তিসম্পন্ন পুরুষ। { *স.* মহা+পুরুষ; *কর্মধা.* }

মহাপ্রতিহার, মহাপ্রতীহার [মহাপ্‌প্রোতিহার্] *বি* পুররক্ষকদের প্রধান ও তাদের সেনাপতি। { *স.* মহা+প্রতিহার, প্রতীহার; *কর্মধা.* }

মহাপ্রভু [মহাপ্‌প্রোভু] *বি* ১ হিন্দুমতে পরমেশ্বর। ২ শ্রীচৈতন্য। ৩ উড়িষ্যার পুরীতে প্রতিষ্ঠিত হিন্দুদেবতা জগন্নাথ। { *স.* মহা+প্রভু; *কর্মধা.* }

মহাপ্রয়াণ, মহাপ্রস্থান [মহাপ্‌প্রোয়ান্, –স্‌থান্] *বি* ১ মৃত্যু। ২ মৃত্যুর উদ্দেশ্যে প্রস্থান; শেষ যাত্রা। { *স.* মহা+প্রয়াণ, প্রস্থান}

মহাপ্রলয় [মহাপ্‌প্রোলয়্] *বি* ১ সৃষ্টি বিনাশ। ২ মহাবিপদ। ৩ বিরাট ওলট–পালট; তুমুল ঝগড়া (দুই সতীনে মহাপ্রলয় শুরু করেছে)। { *স.* মহা+প্রলয়; *কর্মধা.* }

মহাপ্রস্থান ⇒ মহাপ্রয়াণ

মহাপ্রাণ [মহাপ্‌প্রান্] *বিণ* ১ উদারহৃদয়; মহানুভব। ২ দীর্ঘজীবী। ৩ (*ব্যা.*) অধিক প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত। ❑ *বি* (*ব্যা.*) মহাপ্রাণ বর্ণ; প্রতি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ বর্ণগুলো; aspirated। **মহাপ্রাণা** *স্ত্রী.*। { *স.* মহা+প্রাণ}

মহাপ্রাণী [মহাপ্‌প্রানি] *বি* জীবাত্মা। { *স.* মহা+প্রাণী; *বহু.* }

মহাফল [মহাফল্] *বি* ১ বিল্বফল; বেল গাছ ও তার ফল। ২ সুমহৎ পরিমাণ। ❑ *বিণ* মহৎফলবিশিষ্ট। **মহাফলা** *বি, বিণ স্ত্রী.*। { *স.* মহা+ফল}

মহাফা ⇒ মাহফা

মহাফেজ [মহাফেজ্] *বি* সরকারি কাগজপত্র রক্ষক বা হেফাজতকারী; record-keeper। **~খানা** *বি* দলিলপত্র সংরক্ষিত করে রাখার কক্ষ; archive। { *আ.* মুহাফিজ্ محافظ }

মহাবন [মহাবোন্] *বি* বিশাল ঘন অরণ্য। { *স.* মহা+বন}

মহাবল [মহাবল্] *বিণ* অতিশয় বলশালী বা শক্তিশালী। ❑ *বি* পবন; বায়ু। { *স.* মহা+বল; *বহু.* }

মহাবাক্য [মহাবাক্‌কো] *বি* ১ মহাজন বা মহাপুরুষের জ্ঞানগর্ভ বাণী বা বাক্য। ২ মহাসংকল্প জ্ঞাপক বাক্য। { *স.* মহৎ+বাক্য; *কর্মধা.* }

মহাবাহু [মহাবাহু] *বিণ* ১ অতিশয় বাহুবলসম্পন্ন; মহাবলশালী (মহাবাহু ওমর ছিলেন তাঁর দক্ষিণহস্ত—*হব্য*)। ২ দীর্ঘবাহুবিশিষ্ট। { *স.* মহা+বাহু; *বহু.* }

মহাবিক্রম [মহাবিকক্রম্] *বি* প্রবল পরাক্রম (মহাবিক্রমে ঝাঁপিয়ে পড়ল)। { *স.* মহা+বিক্রম}

মহাবিদ্যা [মহাবিদ্‌দা] *বি* ১ পরাবিদ্যা; ঈশ্বর বিষয়ক জ্ঞান। ২ কালী, তারা, ষোড়শী, বগলা, ভুবনেশ্বরী, মাতঙ্গী, ভৈরবী, ছিন্নমস্তা, কমলা, ধূমাবতী—দুর্গার হিন্দু পুরাণোক্ত এই দশটি মূর্তি; দশমহাবিদ্যা। ৩ শ্রেষ্ঠবিদ্যা। ৪ (*ব্যঙ্গ.*) চুরিবিদ্যা; চৌর্যবিদ্যা। { *স.* মহৎ+বিদ্যা; *কর্মধা.* }

মহাবিভ্রাট [মহাবিভ্রাট্] *বি* ১ মহা দায় (মহাবিভ্রাটে পড়ে গেলাম)। ২ বিষম গোলযোগ বা বিশৃঙ্খলা (মহাবিভ্রাট ঘেপে গেল)। { *স.* মহা+বিভ্রাট; *কর্মধা.* }

মহাবিষ [মহাবিশ্] *বি* দ্বিমুখ সর্প। { *স.* মহা+বিষ; *বহু.* }

মহাবিষুব [মহাবিশুব্] *বি* মেষ রাশিতে সূর্যের সংক্রমণ কাল; দিন ও রাত্রির সমান হওয়ার সময়; চৈত্র সংক্রান্তি। { *স.* মহা+বিষুব; *কর্মধা.* }

মহাবীর [মহাবির্] *বিণ* অতিশয় বীর্যবান বা বিক্রমশালী। ❑ *বি* ১ রামায়ণোক্ত হনুমান। ২ সুবিখ্যাত জৈন ধর্ম প্রচারক **বর্ধমান মহাবীর**। **মহাবীর্য** *বি* অতিশয় বীরত্ব (মহাবীর্যের পরীক্ষা)। { *স.* মহা+বীর; *কর্মধা.* }

মহাবৃহতী [মহাবৃহোতি] *বি* বড় বেগুন। { *স.* মহা+বৃহতী}

মহাবেগ [মহাবেগ্] *বি* অতি দ্রুত বেগ বা গতি (মহা বেগে চলা)। **~বান** *বিণ* অত্যন্ত বেগযুক্ত। **~বতী** *বিণ স্ত্রী.*। { *স.* মহা+বেগ}

মহাবৈদ্য [মহাবোইদ্‌দো] *বি* ১ শ্রেষ্ঠ চিকিৎসক। ২ (*বা.*) হাতুড়ে চিকিৎসক; যম। { *স.* মহা+বৈদ্য; *বহু.* }

মহাবোধ [মহাবোধ্] *বি* ১ মহাবোধসম্পন্ন। ২ বৌদ্ধধর্ম প্রচারক। **মহাবোধি** *বি* বুদ্ধদেব। { *স.* মহা+বোধ; *বহু.* }

মহাব্যাধি [মহাবাধি] *বি* ১ দুরারোগ্য রোগ। ২ কুষ্ঠরোগ। ৩ ক্যানসার, এইডস প্রভৃতি দুরারোগ্য ব্যাধি। { *স.* মহা+ব্যাধি; *কর্মধা.* }

মহাব্যোম [মহাবেযাম্] *বি* নভোমণ্ডল; মহাশূন্য; মহাকাশ (মহাব্যোম জুড়ে বেড়ায় আশ্রয়হারা পাখী—*নই*)। { *স.* মহা+ব্যোম; *কর্মধা.* }

মহাব্রণ [মহাবব্রোন্] *বি* দুষ্টব্রণ; দুষ্টক্ষত। { *স.* মহা+ব্রণ}

মহাব্রাহ্মণ [মহাব্রাম্‌হোন্] *বি* ১ হিন্দুসমাজে নিন্দিত ব্রাহ্মণ; নিকৃষ্ট ব্রাহ্মণ। ২ অগ্রদানী ব্রাহ্মণ; অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পাদনকারী ব্রাহ্মণ। { *স.* মহা+ব্রাহ্মণ; *কর্মধা.* }

মহাভয়ঙ্কর, মহাভয়ংকর [মহাভয়োঙ্‌কর্] *বি* অত্যন্ত ভীতিপ্রদ; ভয়ানক। ❑ *বিণ* ঘোর (মহাভয়ঙ্কর দুর্যোগ)। **মহাভয়ঙ্করা, মহাভয়ঙ্করী** *বিণ স্ত্রী.*। { *স.* মহা+ভয়ঙ্কর, ভয়ংকর; *কর্মধা.* }

মহাভাগ [মহাভাগ্] *বি, বিণ* ১ অত্যন্ত সৌভাগ্যবান। ২ মহান; মহাশয়; সদগুণসম্পন্ন ব্যক্তি (হে মহাভাগ, আপনার পূজা করিব ইচ্ছা হইয়াছে—*বচ*)। **মহাভাগা** *বিণ স্ত্রী.*। { *স.* মহা+ভাগ্য>}

মহাভাব [মহাভাব্] *বি* প্রেম ভক্তি প্রভৃতির সর্বোচ্চ অবস্থা; বৈষ্ণবতত্ত্বের রাধাভাব; কৃষ্ণপ্রেম। {*স.* মহা+ ভাব; *কর্মধা.*}

মহাভারত [মহাভারোত্] *বি* ১ বেদব্যাস রচিত কুরু-পাণ্ডবের কাহিনী বিষয়ক সংস্কৃত মহাকাব্য ও তার অনুবাদ গ্রন্থ। ২ (*আল.*) অত্যন্ত বিরাট কাহিনী (তোমার মহাভারত শোনার সময় নেই এখন)। ~ **অশুদ্ধ হওয়া** *ক্রি* বিশেষ বা বৃহৎ কোনো দোষ হওয়া (এতে আর মহাভারত অশুদ্ধ হবে না)। ~ **আরম্ভ করা** *ক্রি (ব্য.)* অতি বিস্তৃত ভূমিকাসহ কোনো বিরাট কাহিনী শুরু করা (আবার তোমার মহাভারত আরম্ভ করলে?)। {*স.* মহা+ভারত; *কর্মধা.*}

মহাভিক্ষু [মহাভিকখু] *বি* বৌদ্ধ ধর্মপ্রচারক; বুদ্ধদেব। {*স.* মহা+ভিক্ষু; *বহু*}

মহাভুজ [মহাভুজ্] *বিণ* ১ দীর্ঘ ও শক্তিশালী বাহুযুক্ত। ২ মহাবল; মহাবীর। {*স.* মহা+ভুজ; *বহু*}

মহাভুল, মহাভ্রম [মহাভুল্, মহাভ্রোমো] *বি* বিষম বা মস্ত ভুল। {*স.* মহা+*বা.* ভুল, *স.* ভ্রম}

মহাভৈরব [মহাভোইরব্] *বি* মহাদেব; শিব। {*স.* মহা+ ভৈরব; *বহু*}

মহামণ্ডল [মহামনডোল্] *বি* বিরাট সঙ্ঘ বা সমবায়। বৌদ্ধ ভিক্ষু পরিষদ। {*স.* মহা+মণ্ডল; *কর্মধা.*}

মহামতি, মহামনাঃ, মহামনা [মহামোতি, -মোনাহ্, -মোনা] *বিণ* ১ উদারহৃদয়; অতি উন্নতচরিত্র; মহানুভব (মহামতি আকবর; আরবে তোমার সেই মহামনা পুত্রের গুণে চিরশান্তি বিরাজিত হইবে—*শেআর*)। ২ অতিশয় বুদ্ধিমান। {*স.* মহা+মতি, মনস্; *বহু*}

মহামনস্বী(-স্বিন্) [মহামনোশ্শি] *বিণ* অত্যন্ত প্রতিভাসম্পন্ন; মহামনা; অতি প্রশস্তচিত্ত। **মহামনস্বিনী** *বিণ স্ত্রী*। {*স.* মহা+মনস্বী; *বহু*}

মহামহিম [মহামোহিম্] *বিণ* ১ অতিশয় মহান; মহাসম্মানিত; প্রচুর মহিমাসম্পন্ন (মহামহিম বিচারক সাহেব)। ২ প্রতাপবান। {*স.* মহা+মহিমা}

মহামহিমান্বিত [মহামোহিমান্নিতো] *বিণ* অতিশয় গৌরবান্বিত। **মহামহিমান্বিতা** *বিণ স্ত্রী*। {*স.* মহা+ মহিমান্বিত; *বহু*}

মহামহোপাধ্যায় [মহামহোপাদ্ধ্যায়্] *বি* ১ ইংরেজ আমলে সংস্কৃতজ্ঞ পণ্ডিতকে সরকার প্রদত্ত উপাধিবিশেষ। ২ অত্যন্ত শ্রদ্ধেয় আচার্য। □ *বিণ* ১ পণ্ডিতাগ্রগণ্য (মহামহো-পাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী)। ২ (*ব্য.*) জ্ঞানশূন্য। {*স.* মহামহ+ উপাধ্যায়; মহান+মহৎ+উপাধ্যায়, *তুল.* শামসুলউলেমা}

মহামাংস [মহামাঙশো] *বি* নরমাংস; মনুষ্য মাংস। {*স.* মহা+মাংস; *কর্মধা.*}

মহামাত্য [মহামাত্তো] *বি* প্রধানমন্ত্রী; Prime Minister। {*স.* মহা+অমাত্য; *বহু*}

মহামাত্র [মহামাত্ত্রো] *বি* ১ প্রধানমন্ত্রী। ২ ধনবান ব্যক্তি। ৩ মাহুত (কতিপয় কৃষ্ণকায় মহামাত্র সমভিব্যহারে উপকূল সন্নিহিত এক উন্নত হরিত প্রদেশের প্রান্তভাগে উপস্থিত হইলেন—*ঈবি*)। {*স.* মহা+মাত্র; *বহু*}

মহামানী(-নিন্) [মহামানি] *বিণ* ১ সম্মানিত; অতি গৌরবযুক্ত। ২ অতিশয় মান্য। ২ গর্বিত; অতিশয় অভিমানী (অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ—*মদ*)। **মহামানিনী** *বিণ স্ত্রী*। {*স.* মহা+মানী; *বহু*}

মহামায়া [মহামায়া] *বি* ১ অবিদ্যা; হিন্দু পুরাণোক্ত অবিদ্যারূপিণী দেবী; মায়াদেবী। ২ প্রকৃতি। ৩ দুর্গাদেবী ভগবতী। ৪ লক্ষ্মী (উর মহামায়া দেহ পদছায়া—*ভারা*)। {*স.* মহা+মায়া; *বহু*}

মহামার = মহামারী

মহামারী, মহামারি [মহামারি] *বি* ১ মহাগণ্ডগোল; গোলযোগ; বিশৃঙ্খলা (খারিজি সহিতে আজি কর মহামার—*হেমা*; সে এক মহামারি কাণ্ড)। ২ বহু প্রাণীর মৃত্যু হয় এমন সংক্রামক ব্যাধি। {*স.* মহা+মারী, >}

মহামুনি [মহমুনি] *বি* ঋষিশ্রেষ্ঠ; শ্রেষ্ঠ মুনি; গৌতম বুদ্ধ। {*স.* মহা+মুনি; *কর্মধা.*}

মহামূল্য [মহামুললো] *বিণ* ১ খুব দামি। ২ দুর্মূল্য। ৩ অতি উচ্চ শ্রেণির (হস্তলিখিত মহামূল্য পুথি)। {*স.* মহা+মূল্য}

মহামৃগ [মহামৃগো] *বি* হাতি। {*স.* মহা+মৃগ; *কর্মধা.*}

মহামোহ [মহামোহো] *বি* ১ অজ্ঞানতা; বিষয়-বাসনা থেকে উৎপন্ন মোহ। ২ সংসারের মায়া। {*স.* মহা+মোহ}

মহাযজ্ঞ [মহাজোগ্গোঁ] *বি* হিন্দুশাস্ত্রোক্ত বেদাধ্যয়ন, হোম, অতিথিসেবা, তর্পণ ও জীবগণকে খাদ্যদান— এই পাঁচ প্রকার যজ্ঞ। {*স.* মহা+যজ্ঞ}

মহাযশ, মহাযশা, মহাযশাঃ [মহাজশ, -শা, -শাহ্] *বিণ* অতিশয় যশস্বী; অতি কীর্তিমান। {*স.* মহা+যশঃ>}

মহাযাত্রা [মহাজ্জাতত্রা] *বি* মহাপ্রয়াণ; মৃত্যু। {*স.* মহা-যাত্রা; *কর্মধা.*}

মহাযান [মহাজান্] *বি* দার্শনিক নাগার্জুন কর্তৃক প্রতিষ্ঠিত বৌদ্ধ সম্প্রদায়বিশেষ। {*স.* মহা+যান; *কর্মধা.*}

মহাযুদ্ধ [মহাজুদ্ধো] *বি* ব্যাপক ও ভীষণ সংগ্রাম। {*স.* মহা+যুদ্ধ; *কর্মধা.*}

মহাযোগী(-গিন্) [মহাজোগি] *বি* ১ শ্রেষ্ঠ যোগী। ২ যার চিত্ত বাহ্য জগতের প্রভাব থেকে মুক্ত (গজমুখ লম্বোদর মহাযোগী পরম সুন্দর—*ভারা*)। {*স.* মহা+যোগী}

মহারজত [মহারজোত্] *বি* স্বর্ণ। {*স.* মহা+রজত}

মহারণ্য [মহারোন্নো] *বি* অতি বৃহৎ ও নিবিড় অরণ্য; গহন কানন। {*স.* মহা+অরণ্য; *কর্মধা.*}

মহারত্ন [মহারতনো] *বি* ১ শ্রেষ্ঠ রত্ন; অতি মূল্যবান মণি। ২ হীরক, পদ্মরাগ, নীলকান্ত, মরকত ও মুক্তা— এই পাঁচটি রত্ন মহারত্ন নামে খ্যাত। {*স.* মহা+রত্ন; *কর্মধা.*}

মহারথ, মহারথী(-থিন্) [মহারথ, -রোথি] *বি* অত্যন্ত যুদ্ধনিপুণ বীর; শ্রেষ্ঠ বীরযোদ্ধা। {*স.* মহা+রথ, রথী}

মহারহস্য [মহারহোশশো] *বি* ১ অতিগোপন কথা; গুপ্ত বিষয়। ২ অতি নিগূঢ় তত্ত্ব বা তথ্য। {*স.* মহা+রহস্য}

মহারাজ [মহারাজ] *বি* ১ শক্তিশালী রাজা; সম্রাট। ২ হিন্দুসমাজের সন্ন্যাসীর উপাধি, সাধারণভাবে সন্ন্যাসীকে সম্বোধন করতে ব্যবহৃত শব্দ। **মহারাজ্ঞী** *বি স্ত্রী.* রাজমহিষী; সম্রাটপত্নী। {*স.* মহা+রাজা; *কর্মধা.*}

মহারাজা [মহারাজা] *বি* হিন্দু সামন্ত রাজা; বড় জমিদারের উপাধি, খেতাব ইত্যাদি অর্থে ব্যবহৃত (মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর)। **মহারানী, মহারাণী** *বি*

স্ত্রী। –ধিরাজ *বি* সম্রাট; অনেক দেশ ও বহু রাজার উপর যাঁর প্রভুত্ব; রাজচক্রবর্তী। { *স.* মহা+রাজা }

মহারাণী ⇒ মহারাজা ও মহারানা

মহারাত্রি [মহারাতত্রি] *বি* ১ অর্ধরাত্রির পরের দুই মুহূর্ত। ২ মহাপ্রলয়ের রাত্রি- কালরাত্রি। { *স.* মহা+রাত্রি }

মহারানা, মহারাণা [মহারানা] *বি* সাবেক উদয়পুরের রাজার উপাধি। ম রানী, মহারাণী *স্ত্রী*। { *স.* মহা+রাজা>রানা }

মহারাষ্ট্র [মহারাশট্রো] *বি* মারাঠাদের বাসভূমি; ভারতের অন্যতম রাজ্য। { *স.* মহা+রাষ্ট্র }

মহারাষ্ট্রি, মহারাষ্ট্রী [মহারাশ্‌ট্রি] *বি* ১ একটি প্রাকৃত ভাষা। ২ মহারাষ্ট্রের অধিবাসী; মারাঠি। { *স.* মহা+রাষ্ট্র+ বা ই, ঈ }

মহারাষ্ট্রীয় [মহারাশ্‌ট্রিয়ো] *বিণ* ১ মহারাষ্ট্র সম্বন্ধীয়। ২ মহারাষ্ট্রে জাত বা উৎপন্ন; মারাঠি। { *স.* মহা+রাষ্ট্র+ ঈয়(ছ) }

মহারুদ্র [মহারুদ্‌দ্রো] *বি* পুরাণোক্ত মহাদেব বা শিবের প্রলয়মূর্তি বা সংহার মূর্তি। { *স.* মহা+রুদ্র }

মহারোগ [মহারোগ] *বি* দুরারোগ্য ব্যাধি (মহারোগে পড়ে গেছি)। **মহারোগী**(–গিন্‌) *বিণ*। **মহারোগিণী** *বিণ স্ত্রী*। { *স.* মহা+রোগ; *কর্মধা* }

মহারৌরব [মহারোউরব] *বি* হিন্দুমতে মৃত্যুর পর মহাপাপীদের সর্বাধিক যন্ত্রণাভোগের স্থান; নিকৃষ্টতম নরকবিশেষ। { *স.* মহা+রৌরব; *কর্মধা* }

মহার্ঘ, মহার্ঘ্য, মহার্হ [মহারঘো, -, মহারহো] *বিণ* ১ অত্যন্ত দামি; মহামূল্য। ২ দুর্মূল্য (পেঙ্গাশিনী সীতা তুমি লো মহার্ঘ রত্ন—*মদ*)। –তা, **মহার্ঘ্যতা** *বি*। { *স.* মহা+ অর্ঘ, অর্ঘ্য, অর্হ; *কর্মধা* }

মহার্ণব [মহারনব] *বি* মহাসমুদ্র; মহাসাগর। { *স.* মহা+ অর্ণব; *কর্মধা* }

মহার্হ ⇒ মহার্ঘ

মহাল [মহাল] *বি* জমিদারির অংশ; তালুক; ভূ-সম্পত্তি। { *আ.* মহাল محال }

মহালজ্জা [মহালজ্‌জা] *বি* অতিশয় লজ্জা। { *স.* মহা+ লজ্জা; *কর্মধা* }

মহালয়া [মহালয়া] *বি* শারদীয় দুর্গাপূজার পূর্ববর্তী অমাবস্যা তিথি। { *স.* মহা+আলয়া }

মহাশক্তি [মহাশোক্‌তি] *বি* ১ বিপুল পরাক্রম। ২ দেবী দুর্গা; আদ্যাশক্তি। □ *বিণ* অতি পরাক্রান্ত। { *স.* মহা+ শক্তি; *কর্মধা* }

মহাশঙ্খ [মহাশঙ্‌খো] *বি* ১ মৃতের মাথার খুলি। ২ মনুষ্য অস্থি। ৩ খুব বড় শঙ্খ। □ *বিণ* দশ লক্ষ কোটি সংখ্যা বা সংখ্যক। { *স.* মহা+শঙ্খ; *কর্মধা* }

মহাশয় [মহাশয়] *বিণ* ১ উদারহৃদয়; মহাত্মা; মহামনা (মহাশয় ব্যক্তি)। ২ (*ব্য.*) নীচ; হীন; খারাপ। □ *বি* শ্রদ্ধেয়; হিন্দু ব্যক্তির প্রতি ভদ্রতাসূচক বা শ্রদ্ধাজ্ঞাপক সম্বোধনবিশেষ (গুরুমহাশয়)। **মহাশয়া** *বি, বিণ স্ত্রী*। { *স.* মহা+আশয়; *কর্মধা* }

মহাশূন্য ⇒ মহাকাশ

মহাশ্মশান [মহাশ্‌শান] *বি* লোকালয় থেকে দূরে অবস্থিত হিন্দুদের মৃতদেহ সৎকারের বৃহৎ শ্মশান। { *স.* মহা+ শ্মশান; *কর্মধা* }

মহাশ্বেতা [মহাশ্‌শেতা] *বি* ১ সরস্বতী দেবী। ২ সংস্কৃত কাদম্বরী গ্রন্থের উপনায়িকার নাম। { *স.* মহা+শ্বেতা; *বহু* }

মহাষ্টমী [মহাশটোমি] *বি* শারদীয় দুর্গোৎসবের অষ্টমী তিথি। { *স.* মহা+অষ্টমী }

মহাসত্ত্ব [মহাশত্‌তো] *বিণ* ১ অত্যন্ত শক্তিশালী; মহাবলশালী (সর্বত্রই যখন শৈথিল্য এবং সে শৈথিল্য যখন নিন্দিত হয় না তখন আপনাকে নিয়মব্রত বদ্ধ করা মহাসত্ত্বলোকের দ্বারাই সম্ভব—*রঠা*)। ২ মহাশয়; সদাশয়। ৩ উন্নতমনা। □ *বি* বৃহৎকায় জীব। { *স.* মহা+সত্ত্ব; *কর্মধা* }

মহাসভা [মহাশভা] *বি* ১ বিরাট বা বহুলোকের সভা; সঙ্ঘ। ২ রাষ্ট্রের প্রতিনিধিমূলক ব্যবস্থাপক সভা। { *স.* মহা+সভা; *কর্মধা* }

মহাসমারোহ [মহাশমারোহো] *বি* ১ বিরাট আয়োজন; প্রচুর আড়ম্বর। ২ অতিশয় ধুমধাম বা জাঁকজমক (মহাসমারোহে সম্পন্ন হলো)। { *স.* মহা+সমারোহ; *কর্মধা* }

মহাসমুদ্র, মহাসাগর, মহাসিন্ধু [মহাশমুদ্‌দ্রো, -শাগোর, -শিন্‌ধু] *বি* পৃথিবীকে বেষ্টনকারী জলভাগের প্রধান বিভাগ; অতি বৃহৎ সমুদ্র। { *স.* মহা+সমুদ্র, সাগর, সিন্ধু; *কর্মধা* }

মহাসাধক [মহাশাধোক্] *বি, বিণ* শ্রেষ্ঠ সাধক; কৃচ্ছ্রতা সাধনকারী। { *স.* মহা+সাধক; *কর্মধা* }

মহাসিন্ধু ⇒ মহাসমুদ্র

মহাস্থবির [মহাসথোবির্] *বি* প্রধান বৌদ্ধ সন্ন্যাসীর উপাধিবিশেষ; মহাথেরো। { *স.* মহা+স্থবির; *কর্মধা* }

মহি ⇒ মহী

মহিম [মোহিম] *বি* যুদ্ধ; সংগ্রাম (রামজীর কুদরতে মহিম হৈল ফতে—*ভারা*)। { *আ.* মুহিম্ম مهم }

মহিমময় [মোহিমময়] *বিণ* মহিমাপূর্ণ; মহিমান্বিত; গৌরববিশিষ্ট। **মহিমময়ী** *স্ত্রী*। { *স.* মহিমন্+ময়(ময়ট্) }

মহিমা [মোহিমা] *বি* ১ শক্তি। ২ মাহাত্ম্য; মহত্ত্ব; গৌরব; মর্যাদা; সম্মান; উৎকর্ষ। **মহিমা কীর্তন** *বি* গৌরব বর্ণন; মাহাত্ম্যকথন; যশঃকীর্তন। **মহিমান্বিত** *বিণ* মহিমাযুক্ত; গৌরববিশিষ্ট। **মহিমান্বিতা** *স্ত্রী*। **মহিমাব্যঞ্জক** *বিণ* মহিমা প্রকাশক; গৌরবসূচক। **মহিমার্ণব** *বি* সমুদ্রের মতো অপরিমেয় মহিমাপূর্ণ বা অসীম গৌরবযুক্ত ব্যক্তি। { *স.* মহৎ+ইমন্(ইমনিচ্) }

মহিলা [মোহিলা] *বি* ১ সম্ভ্রান্ত নারী। ২ যেকোনো নারী বা স্ত্রীলোক। { *স.* √মহ্+ইর(কিরচ্), ইল+আ(টাপ্) }

মহিষ, মোষ [মোহিশ, মোশ] *বি* ১ বং কালো লম্বা শিংযুক্ত গো-জাতীয় পশু। ২ মহিষাসুর। **মহিষী** *স্ত্রী*। –**মর্দিনী** *বি স্ত্রী* হিন্দুপুরাণোক্ত মহিষাসুর বধকারিণী দেবী দুর্গা (মহিষমর্দিনীরূপ ধরিলা চণ্ডিকা—*কম*)। **মহিষাসুর** *বি* পৌরাণিক মহিষরূপধারী অসুরবিশেষ। { *স.* √মহ্+ ইষ(টিষচ্)=মহিষ>মোষ }

মহিষী [মোহিশি] *বি স্ত্রী* ১ রাজার বিবাহিতা পত্নীদের মধ্যে প্রধানা; রাজ্ঞী। ২ স্ত্রীজাতীয় মহিষ। { *স.*

√মহ্+ইষ(ইষচ)-ঈ(ঙীষ)}

মহী, মহি [মোহি] *বি* পৃথিবী; ভূ; মেদিনী; ধরণী; ধরা; অবনী; উর্বী; ক্ষিতি; ধরিত্রী; ক্ষৌণী; বসুধা; বসুন্ধরা (সৃজিলে সপ্ত মহী এ সপ্ত ব্রহ্মাণ্ডে—দৈঅ)। **~তল** *বি* ভূতল; ভূমিতল। **~ধর** *বি* পর্বত; ভূধর। **~নাথ, ~ন্দ্র, মহীপ, ~পতি, ~পাল** *বি* রাজা; নৃপতি; ভূপতি। **~রুহ** *বি* বৃহৎ বৃক্ষ; গাছ (তুঙ্গতর মহীরুহবৃহ পুড়ি—মদ)। **~লতা** *বি* কেঁচো (সাপ যেন হইল মহীলতা—কমু)। **~সুত** *বি* ১ মঙ্গলগ্রহ। ২ নরকাসুর। **~সুতা** *বি স্ত্রী*, সীতা। {*স.* মহি+ঈ(ঙীষ), মহি}

মহীয়সী ⇒ মহীয়ান

মহীয়ান [মোহিয়ান্] *বি* অতি মহান; সুমহান। **~য়সী** *স্ত্রী*। {*স.* মহৎ+ঈয়স(ঈয়সুন্)}

মহুয়া [মোহুয়া] *বি* ১ একজাতীয় বৃক্ষ; মউল গাছ (মহুয়া ফুলের মধু)। ২ মউল ফল। {*স.* মধুক>মহুঅ>মহুয়া}

মহুরি¹ [মোহুরি] *বি* ১ মুখবায়ু দিয়ে ফুলিয়ে যে বাদ্যযন্ত্র বাজাতে হয়। ২ বাঁশরি; মুরলী। {*স.* মধু>মহু>মহু+ বা. রী}

মহুরি² [মোহুরি] *বি* মশলাবিশেষ; মৌরি (মহুরী মরিচ লবঙ্গ প্রভৃতি মশলা—ভারা)। {মৌরি>}

মহুরি³ [মোহুরি] *বি* লেখক; কেরানি (উকিলের মহুরি)। {*আ.* মহারবির محرر}

মহেন্দ্র [মহেনদ্রো] *বি* ১ দেবরাজ ইন্দ্র। ২ একটি পর্বত; পূর্বঘাট পর্বতশ্রেণি। **মহেন্দ্রাণী** *বি স্ত্রী*, ইন্দ্রাণী; ইন্দ্রপত্নী; শচীদেবী। **~নগরী, ~পুরী, ~ভবন** *বি* ইন্দ্রপুরী; অমরাবতী; দেবরাজ ইন্দ্রের নগরী। {*স.* মহা+ইন্দ্র}

মহেশ, মহেশ্বর, মহেশান [মহেশ্, –শশর্, –শান্] *বি* মহাদেব; শিব। **মহেশী, মহেশ্বরী, মহেশানী** *স্ত্রী*। **মহেশপুরী** *বি* কৈলাসপুরী। {*স.* মহা+ঈশ; ঈশ্বর; ঈশান}

মহেষ্বাস [মহেশশাস্] *বি, বিণ* মহাযোদ্ধা; ধনুর্বিদ্যায় বিশেষ পারদর্শী; মহাধনুর্ধর। {*স.* মহা+ইষু+আস, বহু}

মহেস (*মধ্য.*) [মহেশ্] *বি* মহেশ; শিব (মহেস করিব বিভা—রাপা)। {*স.* মহেশ>}

মহোৎসব [মহোত্‌শব্] *বি* ১ বিরাট উৎসব; নৃত্য বাদ্য গীত ভোজ ইত্যাদির বড় অনুষ্ঠান। ২ বৈষ্ণব, বাউল, কর্তাভজা, মতুয়া প্রভৃতি ধর্মসম্প্রদায়ের কীর্তন ও ভোজের উৎসব; মচ্ছব। {*স.* মহা+উৎসব; *কর্মধা.*}

মহোৎসাহ [মহোত্‌শাহো] *বি* ১ অতিশয় উদ্যম বা উৎসাহ। ২ মহৎ চেষ্টা। □ *বিণ* অতিশয় উদ্যমশীল। {*স.* মহা+উৎসাহ; *কর্মধা.*}

মহোদধি [মহোদোধি] *বি* মহাসমুদ্র; মহাসাগর। {*স.* মহা+উদধি; *কর্মধা.*}

মহোদয় [মহোদয়] *বিণ* ১ মহাশয়; মহাত্মা; মহানুভব। ২ অত্যন্ত ঐশ্বর্যশালী বা সমৃদ্ধ। ৩ অত্যুচ্চ; অত্যুন্নত। **মহোদয়া** *স্ত্রী*। {*স.* মহা+উদয়; *কর্মধা.*}

মহোদর [মহোদর্] *বিণ* মস্ত বড় উদর আছে এমন; বৃহৎ উদর বা পেটবিশিষ্ট। **মহোদরী** *স্ত্রী*, দুর্গা দেবী (মহামায়া মহেশ মহিলা মহোদরী—ভারা)। **মন্দোদরী** *বিপ*। {*স.* মহা+উদর, বহু}

মহোদ্যম [মহোদদম্] *বি* অতিশয় উদ্যোগ বা চেষ্টা। □ *বিণ* অতিশয় উদ্যমশীল; মহোৎসাহী। {*স.* মহা+উদ্যম; *কর্মধা.*}

মহোন্নতি [মহোননোতি] *বি* অতিশয় শ্রীবৃদ্ধি; অত্যুন্নতি। **মহোন্নত** *বিণ*। **মহোন্নতা** *স্ত্রী*। {*স.* মহা+উন্নতি; *কর্মধা.*}

মহোপকার [মহোপোকার্] *বি* পরম উপকার; অত্যন্ত বড় উপকার। **মহোপকারী** *বিণ* পরম হিতসাধক। **মহোপকারিণী** *স্ত্রী*। {*স.* মহৎ+উপকার; *কর্মধা.*}

মহোরগ [মহোরগ্] *বি* বৃহৎ সর্প; অজগর (মহোরগ ললাটে যেমনি মণি—মদ)। {*স.* মহা+উরগ; *কর্মধা.*}

মহৌষধ [মহোউশধ্] *বি* যে ওষুধ উৎকৃষ্ট বা অব্যর্থ। {*স.* মহা+ঔষধ; *কর্মধা.*}

মহৌষধি, মহৌষধী [মহোউশোধি] *বি* ১ রোগনিবারক উৎকৃষ্ট উদ্ভিদ। ২ রাতে দীপ্তিময় তৃণলতা। ৩ দূর্বা। {*স.* মহা+ওষধি; ওষধী; *কর্মধা.*}

মা¹ [মা] *বি* ১ মাতা; গর্ভধারিণী; জননী। ২ মাতৃস্থানীয়া নারীর প্রতি সম্বোধন (খুড়িমা, ফুফুমা)। ৩ কনে বা কনেস্থানীয়া নারীকে সম্বোধন (কাঁদিস্‌নে মা, আয় মা, শুনে যা)। □ *অব্য* বিস্ময়, ভয় ইত্যাদি সূচক (মাগো! ওমা! কী ভয়ানক!)। **~মরা** *বিণ* মাতৃহীন বা মাতৃহীনা। **~য়ের জাত** *বি* নারীজাতি। {*স.* মাতৃ>*প্রা.* মাআ>*বা.* মা; √মা+ক্বিপ্}

মা² [মা] *বি* (*সদ্*) স্বরগ্রামের মধ্যম বা চতুর্থ সুর। {*স.* মধ্যম>}

মাই [মাই] *বি* (*কথ্য.*) ১ স্তন; পয়োধর। ২ স্তন্য; মায়ের দুধ (কোন কোন মাতা ছোট ছেলেটিরে জাগায়ে দিতেছে মাই—জউ)। **~ খাওয়া** *ক্রি* (*কথ্য.*) স্তন্যপান করা। **~ ছাড়া** *ক্রি* (*কথ্য.*) স্তন্য ত্যাগ করা। **~ ছাড়ানো** *ক্রি* (*কথ্য.*) বিশেষ কোনো কারণে স্তন্যপায়ী শিশুকে তার মাতৃস্তন্য পান থেকে নিবৃত্ত করা। **~ দেওয়া** *ক্রি* (*কথ্য.*) স্তন্য পান করানো। **~ ধরা** *ক্রি* (*কথ্য.*) ১ স্তনবৃন্ত মুখে করা। ২ স্তন্য পান আরম্ভ করা। **~পোষ** *বি* শিশুদের দুধ খাওনোর চুষিযুক্ত বোতল। {*স.* মাতা>*প্রা.* মাই}

মাইক [মাইক্] *বি* ধ্বনিবর্ধক যন্ত্রবিশেষ; মাইক্রোফোনের সংক্ষিপ্ত রূপ। {*ই.* microphone}

মাইঞা ⇒ মাইয়া

মাইজ ⇒ মাজ

মাইন [মাইন্] *বি* স্থলে বা জলের তলায় বা সমুদ্রের উপরে ভাসমান বিস্ফোরক (আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন—নই)। {*ই.* mine}

মাইনদার, মাইন্দার [মাইনদার্] *বি* ১ মাসিক বেতনভুক ভৃত্য। ২ যে ভৃত্য মাসে মাসে বেতন বা মাহিনা পায়; মাহিনাধারী। **মাইনদারি** *ক্রি* ভৃত্যগিরি করা; চাকরি করা (হয়তো স্বামী কিম্বা ছেলে এখনও কাছারিতে মাইনদারি করে—অচিসে)। {*ফা.* মহীনাদার مهینا دار মাহিয়ানাহদার ماهیانه دار}

মাইনর, মাইনার [মাইনর্, –নার্] *বিণ* নিম্ন মাধ্যমিক (মাইনর পরীক্ষা)। □ *বি* ১ নাবালক; নাবালিকা; নাবালেগ; নাবালেগা। ২ তুচ্ছ; ক্ষুদ্র। {*ই.* minor}

মাইনা, মাইনে [মাইনা, –নে] *বি* মাসিক বেতন (বড় ঘর

আর ছোট মাইনেতে বনিবনা— *অচিসে*)। ~ **পত্তোর** *বি* মাসিক বেতনাদি (মাইনে পত্তোর দেয় ফ্যাক্টরি থেকে— *মব*)। { *ফা.* মইনা مهينا }
মাইনার ⇒ মাইনর
মাইন্দার ⇒ মাইনদার
মাইপোশ, মাইকোশ [মাইপোশ্, -কো-] *বি* গুপ্ত বাক্স সহ তক্তপোশ। { *অমূ.* }
মাইপোষ ⇒ মাই
মাইফেল [মাইফেল্] *বি* নাচগানের আসর বা জলসা; নৃত্যগীতের মজলিশ; মহফিল (নীলের ফরাশে দ্যাখো বসেছে তারার মাইফেল আজো—*শধা*)। { *আ.* মহ্ফিল محفل }
মাইয়া, মায়্যা, মাইঞা [মাইয়া, -য়্যা, -ঞা] *বি (আঞ্চ.)* ১ মেয়ে ('অবুঝ মাইয়া কতা একটা কইছে')। ২ মায়ের জাতি; নারীজাতি; স্ত্রীলোক (মাইয়াগুলাই গোলমালের মূল)। ~**মুখা**, ~**মুখো** *বিণ* ১ *(আল.)* স্ত্রীর মুখ চেয়ে কাজ করে এমন (তোমার মত মাইয়ামুখা দেখিনি)। ২ *(আল.)* নির্বোধ; স্ত্রীলোকের কথামতো চালিত। ~**লোক** *বি* স্ত্রীলোক (আরে ভাই, মাইয়ালোকের কথা বাদ দাও)। { *স.* মাতৃক>; *আঞ্চ.* }
মাইয়াত, মাইয়ত [মাইয়াত্, -য়েত্] *বি* মৃত ব্যক্তি (কেউ মাইয়াতের গোছলের ব্যবস্থা করে—*ইখাঁ*)। { *আ.* মাইয়িত ميت }
মাইরি [মাইরি] *অব্য* ১ শপথ করতে ব্যবহৃত শব্দ। ২ বিরক্তি বা ক্রোধসূচক; যিশু খ্রিস্টের মা মেরির নামে দিব্যি বা তাঁর দোহাই (বিধু কহিল মাইরি প্যার, আমি বুঝি এখানে একলা বসিয়া থাকিব—*রঠা*)। { *পো.* Maria (*তুল.* ই Mary) }
মাইল[১] [মাইল] *বি* ১৭৬০ গজ; আধক্রোশ মতো। ~-**পোস্ট** *বি* মাইল নির্দেশক স্তম্ভ (মাইলপোস্টে ত দেখতে পাচ্ছি—*অচিসে*)। { *ই.* mile }
মাইল[২] [মাইলো] *(আঞ্চ.)* *ক্রি* ১ মারলো। ২ আঘাত করলো ('তার কথা আমার বুকে শেল মাইল')। { *আঞ্চ.* }
মাইলানি *(আঞ্চ.)* [মাইলানি] *বি* মালিনী। { *স.* মালিনী> }
মাইলেজ, মাইলিজ [মাইলেজ্, -লি-] *বি* মাইল অনুসারে ভাড়ার বা ভাতার হার। { *ই.* mileage }
মাউই, মাওই, মাঐ, মাউই মা *(কথ্য.)* [মাউই, মাওই, -, -মা, মাউই মা] *বি* ভাই বা বোনের শাশুড়ি (পাঁচ গণ্ডা ছাড়িনু মাউই—*ঘচ*)। { *স.* মাতৃক> *প্রা.* মাউঅ>মাউই; মাতৃবৎ>মাওই }
মাউগ, মাগ [মাউগ্, মাগ্] *(কথ্য.)* *বি স্ত্রী.* ১ পত্নী। ~**পোলা** *বি* স্ত্রী পুত্র (সে মাউগপোলা নিয়ে কোথায় দাঁড়াবে?)। *তুল.* মাগ-মিনসে। ২ বেশ্যা; উপপত্নী; ভ্রষ্টা নারী; ছিনাল নারী। { *স.* মাতৃগ্রাম> *প্রা.* মাউগগাম> *বা.* মাউগ>মাগ }
মাউসা, মৌসা, মেসো [মাউশা, মোউশা, মেশো] *বি* মাসির স্বামী; মেসো; খালার স্বামী; খালু। **মাসী** *স্ত্রী.*। { *স.* মাতৃস্বসৃ> *প্রা.* মাউসী>মাউসা }
মাঐ, মাঐমা ⇒ মাউই
মাওই ⇒ মাউই
মাওরা, মাওড়া [মাওরা, -ড়া] *বিণ* মা মরা; মা-হারা; মাতৃহীন (দুটো দুটো মেয়ে যে বরে খেয়েছে মাওড়া মেয়ে নইলে সে বরের বিয়ে হয় না—*দীমি*)। { মা-মরা> }
মাওলা, মওলা [মাওলা, ম-] *বি* আল্লাহতায়ালা; জগদীশ্বর (তুমি আমাদের মাওলা হে প্রভু—*গোমো*)। { *ফা.* মওলা مولا }
মাওলানা, মওলানা [মাওলানা, মও-] *বি* ১ ইসলাম ধর্মশাস্ত্রে বিশেষজ্ঞ ব্যক্তি। ২ (সম্মানসূচক সম্বোধনে) আমাদের প্রভু। { *আ.* মওলানা مولنا }
মাওলুদ ⇒ মিলাদ
মাওলি [মাওলি] *বি* মাঙ্গলিক; সৌজন্যমূলক দান বা বখশিস। { *স.* মাঙ্গলিক> }
মাংনা ⇒ মাগনা
মাংস [মাঙশো] *বি* গোশত; প্রাণীর দেহের হাড় ও চামড়ার মধ্যবর্তী শরীরের অংশবিশেষ। ~ **কষা** *ক্রি* অল্প আঁচে মসলা সহযোগে মুখরোচক করে ভাজা (তাড়াতাড়ি মাংসটা কষে নাও)। ~**পেশি** *বি* দেহের যে মাংসপিণ্ড সঞ্চালন-ক্রিয়া সাধন করে (মাংসপেশির আক্ষেপ)। ~**ভোজী(-জিন), মাংসাদ, মাংসাশী(-শিন্)** *বিণ* মাংস ভোজনকারী; মাংসখাদক। ~**ল** *বিণ* ১ মাংসবহুল (মাংসল দেহ)। ২ মোটা। **মাংসিক** *বিণ* মাংসে ব্যবসায়ী; কসাই। { *স.* √মন্+স }
মাকড়, মাকড়সা, মাকসা [মাকোড়্, -শা, মাক্শা] *বি* এক প্রকার অষ্টপদী কীট; উর্ণনাভ; লূতা; spider। **মাকড়শার জাল** *বি* কীট পতঙ্গাদি ধরার জন্য মাকড়সা নিজ দেহনিঃসৃত লালা দিয়ে যে সূক্ষ্ম জাল রচনা করে; লূতাতন্তু। { *স.* মর্কট> *প্রা.* মক্কড়>মাকড়, +*বা.* সা.> }
মাকড়ি, মাকড়ী [মাকড়ি] *বি* কানে পরার এক প্রকার গহনা। { *স.* মকর>মাকড়ি }
মাকনা [মাক্না] *বি* যে হাতির দাঁত ওঠেনি অথবা যার দাঁত খুব ছোট। { *স.* মৎকুণ> *প্রা.* মক্কুণ> *বা.* মাকনা }
মাকবেরা ⇒ মকবরা
মাকসা ⇒ মাকড়
মাকাল, মাকাল ফল [মাকাল্, -ফল্] *বি* ১ বাহ্যত দেখতে সুন্দর কিন্তু অন্তঃসারশূন্য ফলবিশেষ (স্বর্ণকান্তি মাকাল যেমতি মোহে ক্ষুধাতুর প্রাণে—*মদ*)। ২ *(আল.)* সুদর্শন অথচ নির্গুণ ব্যক্তি। { *স.* মহাকাল> }
মাকু [মাকু] *বি* তাঁত বোনার কাজে ব্যবহৃত এক প্রকার যন্ত্র; shuttle। ~ **ইঁদুর** *বি (ব্য.)* দুষ্টবুদ্ধি প্রণোদিত ব্যক্তি (মাকুইঁদুরের গণেশ তুমি হে ছুটাছুটি টোপর দিনই—*সদ*)। { *ফা.* মাকু ماكو }
মাকুন্দ, মাকুন্দা, মাকুন্দে [মাকুন্দো, -দা, -দে] *বি, বিণ* যে বয়স্ক পুরুষের গোঁফ-দাড়ি ওঠেনি (মাকুন্দ বলে বিনা ব্লেডে গোঁফ কামাতাম—*সৈমু*; রহিলি তুইরে হয়ে মাকুন্দা বাঙালী—*নই*)। { *স.* মৎকুণ> *প্রা.* মক্কুণ> }
মাকুল [মাকুল্] *বিণ* যথার্থ; ন্যায্য; ন্যায়সঙ্গত; উপযুক্ত (মোরে কেন করিবে কবুল আমা হৈতে জৈগুণ মাকুল—*সৈহা*)। { *আ.* মা'কুল معقول }
মাক্ষিক, মাক্ষীক [মাকখিক্] *বিণ* মাছি বিষয়ক। □ *বি* ১ মধু। ২ একপ্রকার খনিজ দ্রব্য। { *স.* মক্ষিকা+অ(অণ্) }

মাখন, মাখম [মাখোন্, -ম্] *বি* দুধ থেকে উৎপন্ন স্নেহ পদার্থ; ননি; নবনী; নবনীত। { *স.* মৃক্ষণ>মকখন>মাখন}

মাখনা১ [মাখ্না] *বি* জলজ উদ্ভিদবিশেষের ফল; কণ্টোপদ্ম। { *স.* মাখান্ন>}।

মাখনা২ [মাখ্না] *বি* 'মাখন' নামে আদরে বা তুচ্ছার্থে উচ্চারিত 'মাখনা'। {মাখন+আ}

মাখম ⟹ মাখন

মাখা১ [মাখা] *ক্রি* ১ লেপন করা; লেপা (পাউডার মাখা)। ২ মর্দন করা (আটা মাখা)। ◻ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **~নো** *ক্রি* ১ লেপন করা (তেল মাখানো)। ২ মর্দন করানো (চাকর দিয়ে তেল মাখানো)। ◻ *বি* লেপন করানো (ময়দা মাখানো)। **~মাখি**১ *বি* ১ দহরম মহরম; মেশামেশি; অন্তরঙ্গতা; ঘনিষ্ঠতা (কাহারো সহিত মাখামাখি করিতে পারিত না—*রঠা*)। ২ একে অন্যকে বা পরস্পর লেপন (আবির মাখামাখি)। **~মাখি**২ (*ব্য*) *বি* ভালোবাসার বাড়াবাড়ি (অত মাখামাখি ভালো না)। {√মাখ্+আ; *স.* ম্রক্ষ>*বা.* √মাখ্}

মাখা২ [মাখা] *বিণ* লিপ্ত; জড়িত (লক্ষ যুগের সঙ্গীতে মাখা সুন্দর ধরাতল—*রঠা*)। {√মাখ্+আ}

মাগ (*অশি.*) [মাগ্] *বি স্ত্রী.* ১ স্ত্রী; পত্নী (দিব্বি মাগটি পেয়েছ, দেখতে নাকি পরমা সুন্দরী—*মীম*)। ২ স্ত্রীলোক। { ⟹ মাউগ}

মাগধ [মাগোধ] *বিণ* মগধদেশীয়; মগধদেশের। ◻ *বি* স্তুতিপাঠক। **মাগধি, মাগধী** *বি স্ত্রী.* ১ মগধের রাজকন্যা। ২ মগধের প্রাচীন ভাষা; একটি প্রাকৃত ভাষার নাম। ৩ জুঁইফুল। ◻ *বিণ* মগধ সংক্রান্ত। **অর্ধমাগধি, অর্ধমাগধী** *বি* ১ শিলালিপিতে ব্যবহৃত মাগধি ভাষা। ২ প্রাকৃতবিশেষ। { *স.* মগধ+অ(অণ্)}

মাগন, মাঙন, মাঙ্গন [মাগোন্, -ঙোন্, -ঙ্গোন্] *বি* যাচ্ঞা বা ভিক্ষা কার্য। { *স.* √মার্গ>*প্রা.* মগ্গ, *বা.* মাগ+অন}

মাগনা, মাঙনা, মাংনা [মাগ্না, -ঙ্না, -] *বিণ* ১ বিনামূল্যে পাওয়া; ভিক্ষা দ্বারা প্রাপ্ত বা লব্ধ। ◻ *ক্রিবিণ* বিনা পয়সায়; বিনামূল্যে (গাড়ি ঘোড়া মাংনা দিয়ে যেতে হবে—*মব*)। **~ পাওয়া** *ক্রি* বিনামূল্যে প্রাপ্ত (মাগনা পেয়েছ কি না)। { *স.* √মার্গ>*প্রা.* √মগ্গ>*বা.* √মাগ্+অন, মাগন+আ}

মাগফেরাত, মাগফিরাত [মাগফেরাত্, -ফি-] *বি* ১ ক্ষমা; নিষ্কৃতি (এই প্রেমময়ী রমণী আল্লাহ্‌র কাছে সিরাজের মাগফেরাতের জন্য মুনাজাত করতেন—*সেমুআ*)। ২ আল্লাহ্‌র ক্ষমা ভিক্ষা করা (সবার রুহের মাগফেরাতে উঠাইয়া দুই হাত—*রই*)। { *আ.* মাগফিরত مغفرة }

মাগা, মাঙা, মাঙ্গা [মাগা, -ঙা, -ঙ্গা] *ক্রি* ১ যাচ্ঞা করা; চাওয়া (বর মাগা)। ২ ভিক্ষা করা। ◻ *বি* প্রার্থনা করা; মোনাজাত করা (মাগিবে দুয়ারে দুয়ারে—*রঠা*)। **মাগানো, মাঙানো** *ক্রি* ভিক্ষা যাচ্ঞা বা প্রার্থনা করানো। { *স.* √মার্গ>*প্রা.* √মগ্গ>*বা.* মাগা}

মাগি, মাগী [মাগি] *বি* ১ (*অশি.*) প্রাপ্তবয়স্কা স্ত্রীলোক; সাধারণ নারী (মাগী যেন ষাঁড়—*বচ*)। ২ বেশ্যা; গণিকা। **~বাড়ি** *বি* বেশ্যালয়; গণিকাগৃহ। { *স.* মাতৃগ্রাম> *প্রা.* মাউগগাম>*বা.* মাউগ>মাগ+ঈ}

মাগুর [মাগুর্] *বি* জিওল জাতীয় মাছ। { *স.* মদ্গুর>}

মা-গোঁসাই [মাগোঁসাই] *বি স্ত্রী.* ১ গোস্বামী-পত্নী। ২ গোঁসাই মা; মা-ঠাকুরানী (মা-গোঁসাই জানে কি হবে)। { *স.* গোস্বামী>গোঁসাই}

মাগ্‌গি, মাগ্গি [মাগ্‌গি] *বি* দুর্মূল্য; মহার্ঘ; পূর্বাপেক্ষা অনেক অধিক মূল্য হওয়া। **~ গণ্ডার বাজার** *বি* দুর্মূল্যতার দিন বা কাল; যে বাজারে সব দ্রব্যই মহার্ঘ (আজকাল মাগ্‌গি গণ্ডার বাজারে সবই অগ্নিমূল্য)। **~ ভাতা** *বি* জিনিস-পত্রাদির দাম বাড়ার জন্য কর্মচারীদের বেতন ছাড়াও প্রদত্ত বাড়তি অর্থ; dearness allowance। { *স.* মহার্ঘ>*প্রা.* মহগ্ঘ}

মাগ্গি ⟹ মাগ্‌গি

মাঘ [মাঘ্] *বি* মাসবিশেষ; বাংলা বর্ষপঞ্জিতে দশম মাস। **মাঘী** *বিণ* মাঘ মাসে জাত; মাঘ মাস সম্পর্কিত; মাঘ মাসের (বাছাই করিয়া করিবে সেজন মাঘী মটরের চাষ—*জউ*)। **মাঘী পূর্ণিমা** *বি* ১ মাঘ মাসের পূর্ণিমা। ২ মঘা পক্ষে যুক্ত পূর্ণিমা তিথি। { *স.* √মঘা+অ(অণ্)}

মাঙন ⟹ মাগন

মাঙনা ⟹ মাগনা

মাঙা ⟹ মাগা

মাঙ্গন১ [মাঙ্গোন্] *বি* চাওয়া; প্রার্থনা; জমিদার কর্তৃক প্রজাগণের নিকট থেকে খাজনার অতিরিক্ত বা অন্যায়পূর্বক গৃহীত অর্থ (কখন মুচিরাম প্রজাদিগের নিকট মাঙ্গন মাথট লায়ন নাই—*বচ*)। { *স.* √মার্গ>*প্রা.* √মাগ্গ>*বা.* মাগা; √মাগ্+অন>মাগন>মাঙ্গন}

মাঙ্গন২ ⟹ মাগন

মাঙ্গলিক, মাঙ্গল্য, মঙ্গল্য [মাঙ্গোলিক্, -গোল্লো, মঙ্গোল্লো] *বি* মাঙ্গল্য দ্রব্য; মঙ্গলাচার (আজকের দিনে হিন্দু মুসলমানের সব মাঙ্গলিকেই সুপারির প্রয়োজন হয়—*সৈমু*)। ◻ *বিণ* ১ শুভপ্রদ; শুভদায়ক। ২ মঙ্গলজনক। { *স.* মঙ্গল+ইক(ঠঞ্), য(ষ্যঞ্), য(য্য)}

মাঙ্গা১ [মাঙ্গা] *বিণ* দুর্মূল্য; মহার্ঘ (আজকাল সব কিছু মাঙ্গা হয়ে গেছে)। **মাঙ্গি গণ্ডা, মাগ্‌গি গণ্ডা** *বি* দুর্মূল্য (এ মাঙ্গি গণ্ডার বাজারে অভাব অভিযোগে মানুষ জনের কি হালটা হয়েছে—*সজ*)। (আঞ্চলিক)। { *স.* মহার্ঘ>}

মাঙ্গা২ ⟹ মাগা

মাচা, মাচান [মাচা, মাচান্] *বি* ১ বাঁশ কাঠ ইত্যাদির দ্বারা নির্মিত উঁচু স্থান (তখন লোকদের আশ্রয় নিতে হয় মাচার উপর—*শাহ*)। ২ মঞ্চ (এজলাসের প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন—*বচ*)। **মাচিয়া, মাইচা** *বি* উঁচু আসন; বাঁশ বা বেতের তৈরি চেয়ার (অনেকেই মাচিয়া পাতিয়া বিশ্রাম করে)। { *স.* মঞ্চ>}

মাছ [মাছ্] *বি* মৎস্য; fish। **~রাঙা, ~রাঙ্গা** *বি* মৎস্যভুক এক জাতীয় সুদর্শন পাখি; মৎস্যরঙ্গ; king fisher। **~রাঙার কলঙ্ক** *বি* দোষ অনেকেই করে কিন্তু দোষী বলে পরিচিত হয় শুধু মাছরাঙা; (*আল.*) সকলের অপরাধ উপেক্ষা করে একজনকে দোষী বা অপরাধী সাব্যস্ত করা। **মাছুয়া, মেছো** *বি* মৎস্যজীবী; জেলে; ধীবর। ◻ *বিণ* ১

মৎস্য-সংক্রান্ত। ২ মাছখেকো; মৎস্যভুক (মেছো কুমির, মেছো বাঘ)। মেছুনি, মেছোনি *স্ত্রী*। **মাছের টোপ গেলা** *ক্রি* কাজে সিদ্ধিলাভ। **মাছের তেলে ~ ভাজা** *ক্রি* (*আল*.) কোনো কাজের লাভ থেকে সে কাজ চালানো। {*স*. মৎস্য>*প্রা*. মচ্ছ>*বা*. মাছ}

মাছুতা ⇒ মেচেতা

মাছি [মাছি] *বি* ১ মক্ষিকা; সুপরিচিত বিরক্তিকর ও বিপত্তিকর ক্ষুদ্র পতঙ্গবিশেষ (মাছির ভনভনানি)। ২ লক্ষ্য স্থির করার জন্য বন্দুকের নলের উপরিস্থ চিহ্ন। **~ মারা** *ক্রি* নির্বোধের মতো প্রয়োজনীয়-অপ্রয়োজনীয় সবটাই নকল করা (মাছিমারা কেরানি; যারা মাছিমারা নকল করতে চান—*প্রচৌ*)। **~মারা কেরানি** *বি* বুদ্ধি-বিচারহীন নকলনবিস (তার মতো মাছিমারা কেরানি দিয়ে কোনো কাজ হয় না)। {*স*. মক্ষিকা>*প্রা*. মচ্ছিঅ>মাছি}

মাছিতা, মাছেতা ⇒ মেচেতা

মাজ, মাইজ [মাজ্, মাইজ্] *বিণ* ১ অভ্যন্তর; মধ্য; মাঝ (মাজ দরিয়া)। ২ সার; মজ্জা। ৩ মধ্যস্থিত অংশ (কলার মাইজ, কচুর মাজ)। ৪ ভাতের ভিতরের অল্প অসিদ্ধ অংশ (ভাতের মাজ আছে এখনো)। **মাইজলা** *বি*, *বিণ* ১ মধ্যস্থ। ২ মধ্যের; মাঝারি। **মাজুয়া, মেজো** *বি* মধ্যম। {*স*. মধ্যম>*প্রা*. মজ্‌ঝিম>*বা*. মাঝি>মাঝ>মাজ}

মাজন[১] [মাজোন্] *বি* পুনঃপুন ঘর্ষণ ক্রিয়া; ঘষে পরিষ্কার করা (দাঁতমাজা)। {*স*. মার্জন>*প্রা*. মজ্জণ>}

মাজন[২] [মাজোন্] *বি* দাঁত মাজবার গুঁড়া (দাঁতের মাজন)। {*স*. মঞ্জন>}

মাজমা, মজমা [মাজ্‌মা, মজ্‌–] *বি* জমায়েত; মানুষের একত্র সমাবেশ। {*ফা*. মাজ্‌মা مجمع }

মাজরা[১] [মাজ্‌রা] *বি* ব্যাপার; ঘটনা; case (মাজরাটা বলো তো)। {*ফা*. মাজরা مجرا }

মাজরা[২], **মাজরা পোকা** [মাজ্‌রা, –পোকা] *বি* ধানের ক্ষতিকর পোকা—এ পোকার আক্রমণে ধানের সাদা শিষ বের হয়। {মাজ+রা, +পোকা}

মাজহাব ⇒ মজহাব

মাজা[১], **মাঝা** (*অবা*.) [মাজা, মাঝা] *বি* কোমর; কটি; দেহের মধ্যাংশ (মাজায় গোঁজা রাম কাটারী চক চকাচক ধার—*জউ*)। {*প্রা*. মধ্য>মজ্‌ঝ> মাজ, মাঝ–আ}

মাজা[২] [মাজা] *ক্রি* ঘর্ষণ দ্বারা পরিষ্কার করা; ঘষে উজ্জ্বল করা; পরিষ্কার করা (পালিতা তোমার নারী নবকাহা জিনি তলোয়ার ধারালো মাজা—*সদ*)। **মাজন** *বি*। **মাজিত** *বিণ*। **~ঘষা** *ক্রি* খুব ভালো করে মাজা; পরিমার্জন করা (লেখাটা যে ভাবে আছে তাতে চলবে না, মাজাঘষা করতে হবে)। ২ (*বা*.) প্রসাধনের সাহায্যে সৌন্দর্য বৃদ্ধি করা (আর ভাই মেজে–ঘষে রূপ হয় না)। {*স*. √মৃজ্>, √মার্জ+ণিচ্ (√মার্জি)>}

মাজানো [মাজানো] *ক্রি* পরিমার্জিত করা। ☐ *বি*, *বিণ* ১ উত্তমরূপে পরিমার্জিত করানো। ২ উক্ত সকল অর্থে। {মাজ+আনো; ক্রিয়ারূপ—মাজাই, মাজাও, মাজায়, মাজাস, মাজান; *অক্রি* মাজিয়ে, মাজালে, মাজাতে ইত্যাদি}

মাজার, মাযার [মাজার্] *বি* গুরুস্থানীয় সম্মানিত ব্যক্তির সমাধিস্থল বা কবর; জিয়ারতের স্থান (পীরের মাজারে অনুষ্ঠিত উরস শরীফ—*আনিস*; রসুলে আকরমের মাযার—*মামু*)। **~ শরিফ** *বি* পবিত্র সমাধি ক্ষেত্র। {*আ*. মাজার مزار }

মাজিস্ট্রেট ⇒ ম্যাজিস্ট্রেট

মাজুন [মাজুন্] *বি* হেকিমি (হাকিমি) ঔষধবিশেষ। {*আ*. মা'জুন معجون }

মাজুফল [মাজুফল্] *বি* বড় বড় বৃক্ষে উৎপন্ন কীট দ্বারা প্রস্তুত এক প্রকার কোষ যা বস্ত্রাদি পরিষ্কারে ব্যবহৃত হয়। {*ফা*. মাজু ماجو ; *স*. মায়াফল>মাজুফল}

মাজুর [মাজুর্] *বিণ* অক্ষম; অসহায়। {*আ*. মাজুর معذور }

মাজুল [মাজুল্] *বিণ* কর্মচ্যুত; বরখাস্ত। {*আ*. মা'জুল معزول }

মাজুষ (*অবা*.) [মাজুশ্] *বি* মান্দাস; কলাগাছের তৈরি ভেলা; ভেলা। {মঞ্জুষ>}

মাঝ [মাঝ্] *বি* ১ মধ্য; মধ্যস্থ (মাঝের ঘর, বৎসরের মাঝ)। ২ ভিতর (নাহি জগমাঝ—*বিপ*; আমার হিয়ার মাঝে লুকিয়ে ছিলে দেখতে তোমায় পাইনি—*রঠা*)। ☐ *বিণ* মাঝপথ। **~খান** *বি* মধ্যভাগ; মধ্যস্থল (সে মাঝখানে পড়ে মার খাচ্ছে; মাঝখানে তুমি দাঁড়ায়ে জননী—*রঠা*)। **~ত** (*ব্র*.) *ক্রিবিণ* মধ্যে; মাঝে (বৃন্দাবন মাঝত—*বপ*)। **মাঝামাঝি** *বিণ* ১ মাঝখানে; মধ্যবর্তী (মাঝামাঝি জায়গা)। ২ মাঝারি; মধ্যম রকম (মাঝামাঝি অবস্থা)। ☐ *ক্রিবিণ* মধ্যভাগে বা প্রায় মধ্যভাগে (মাঝামাঝি দিয়ে হেঁটে যাওয়া)। **মাঝে** *বি* ভিতরে। ☐ *ক্রিবিণ* কিছুকাল পূর্বে (মাঝে সে এসেছিল)। **মাঝে মাঝে** *ক্রিবিণ* কখনো কখনো; কিছুদিন অন্তর অন্তর; মধ্যে মধ্যে; কিছুকাল পর পর (মাঝে মাঝে সে আসে)। {*স*. মধ্য>*প্রা*. মজ্‌ঝ>*বা*. মাঝ}

মাঝা[১], **মেঝো** [মাঝা, মেঝো] *বিণ* মধ্যম; দ্বিতীয় (মাঝো ভাই)। {*স*. মধ্যম>*প্রা*. মজ্‌ঝিম>*বা*. মাঝ, মেঝো}

মাঝা (*অবা*.) ⇒ মাজা[১]

মাঝার (*পদ্য*.) [মাঝার্] *বি* মধ্য; ভিতর; অভ্যন্তর; মধ্যস্থল (হিয়ার মাঝারে)। {*স*. মধ্য>*প্রা*. মজ্‌ঝআর>}

মাঝারি, মাঝারী [মাঝারি] *বিণ* ১ মধ্য রকমের; মাঝামাঝি ধরনের (মাঝারি জিনিস)। ২ খুব বেশিও নয় খুব কমও নয় (মাঝারি ধরনের পরিপাটি)। ☐ *বি* (*প্র*.) কটিদেশ (মাঝারি খিনি—*বিপ*)। {*স*. মধ্যমাকৃতি>*প্রা*. মঝারি>}

মাঝি[১], **মাঝী**[১] [মাঝি] *বি* নৌ-চালক; কর্ণধার; নৌকা চালনাকারী (মদের মত হাল সামলাও মাঝি—*হজ*.)। **~গিরি** *বি* মাঝির কাজ; কর্ণধারের কাজ (তোমার দ্বারা মাঝিগিরি চলবে না)। **~মাল্লা** *বি* মাঝি ও তার সহকর্মী মাল্লারা (কাণ্ডারী এ তরীর পাকা মাঝিমাল্লা—*নই*; শুনতে কি পাও দূর ওপারের গান? মাঝি মাল্লার দল!—*ফজু*)। **ঘাট~** *বি* পাটনি; যে মাঝি খেয়া নৌকা পারাপার করে; গুদারা নৌকার মাঝি। **দাঁড়ি~** *বি* যে সমস্ত লোক দাঁড় টানে ও হাল ধরে। {*স*. মধ্য>, প্রধান বা মোড়ল অর্থে সাঁওতাল পুরুষকে মোড়ল বা মাঝি বলা হয়।

সম্ভবত সাঁওতালি শব্দ, নৌকার প্রধান অর্থে প্রচলিত। ⇒ মাঝি২}

মাঝি২, মাঝী২ [মাঝি] *বি* সাঁওতাল পল্লির প্রধান ব্যক্তি বা মোড়ল; কুলির সর্দার; মধ্যস্থতাকারী। **–য়ান, মেঝেন** *স্ত্রী*। {সাঁওতালি মাঝি}

মাঝি৩ [মাঝি] *বি* মৎস্যজীবী; মৎস্য-ব্যবসায়ী; জেলে (পদ্মানদীর মাঝি—মানিক বন্দ্যোপাধ্যায়)। {⇒মাঝি১}

মাঞ্জা [মানজা] *বি* সুতা মজবুত ও ধারালো করবার জন্য কাচচূর্ণ ইত্যাদি দিয়ে তৈরি আঠা (ঘুড়ির সুতার মাঞ্জা; সুতোর মাঞ্জা হলো—*অচিসে*)। {স. √মার্জি>}

মাঞ্জিষ্ঠ [মানজিশঠো] *বিণ* রক্তবর্ণ; মঞ্জিষ্ঠার বর্ণযুক্ত। {স. মঞ্জিষ্ঠা+অ(অণ)}

মাঞ্জুরী *(মবা.)* [মানজুরি] *বি* মাদুর; মাজুরি; ঝেঁওলা (পুরে ভ্রমে মঞ্জুরী বিকান—*কমু*)। {স. মন্দুরা>; স. মুঞ্জ>}

মাটি১ [মাটি] *বিণ* ১ মাটির ভিতরে উৎপন্ন বা জাত (মাটি কলাই)। ২ মাটি দিয়ে তৈরি (মাটকোঠা)। **–কলাই** *বি* চীনাবাদাম। **–কোঠা** *বি* মাটি দিয়ে তৈরি একাধিক তলযুক্ত ঘর। {স. মৃত্তিকা>}

মাট২ [মাটো] *বিণ* কম (মাট হবে বিলি হয়—*প্যামি*)। {স. মন্দ>}

মাটা১ *(মবা.)* [মাটা] *বি* মেথি। **–শাক** *বি* মেথির শাক (মাটা শাক জিরা লঙ্গ বাটি—*দ্বিব*)। {স. মেথি>}

মাটা২ [মাটা] *বিণ* ১ মাজা; মসৃণকৃত। ২ কারুকার্যশূন্য; সাদাসিধা (সাদামাটা)। {স. মসৃণ>মারা>মাটা}

মাটাপালাম [মাটাপালাম] *বি* ১ একপ্রকার মোটা থান কাপড়। {তে. মাটাপোল্লাম>}

মাটাম [মাটাম] *বি* ১ সমকোণ কিনা তা স্থির করার যন্ত্রবিশেষ; try square। ☐*বিণ* সমকোণে বিন্যস্ত (উঠলাম তক্তার উপর মাটামভাবে সোজা—*দ্বিরা*)। **–সই** *বিণ* সমকোণে সজ্জিত বা বিন্যস্ত। {তুল. ও. মটাম}

মাটি, মাটী [মাটি] *বি* ১ মৃত্তিকা (মাটির ঘর)। ২ ভূতল; পৃথিবীর উপরিভাগ (মাটিতে দাঁড়ানো)। ৩ ভূসম্পত্তি; জমি (তিন বিঘা মাটির উপর বাড়ি)। ৪ নির্ভরস্থল; আশ্রয়; ভর দেওয়ার উপায় (পায়ের তলায় মাটি না থাকা)। ☐*বিণ* পণ্ড; নিষ্ফল; নষ্ট; বিনষ্ট; বিধ্বস্ত (সকলই তোর হবে মাটি—*রঠা*)। **– করা** *ক্রি* ব্যর্থ করা; নষ্ট করা (আমার সব মাটি করে ফেললে)। **– কাটা, – কোপানো, – কোবানো** *ক্রি* কোদাল দিয়ে মাটি খোঁড়া বা কোপানো। **– কামড় দিয়ে থাকা** *ক্রি* প্রবল বিরুদ্ধতার মধ্যেও অবিচলিত থাকা। **– কামড়ানো** *ক্রি* সহ্য করে থাকা (মাটি কামড়ে থাকো, আখেরে ফল পাবে)। **– কামড়ে পড়ে থাকা** *ক্রি* নাছোড়বান্দা হয়ে লেগে থাকা (মাটি কামড়ে পড়ে থাকলে সব কিছুই হয়)। **– খাওয়া** *ক্রি* *(আল.)* অনুচিত কাজ করা; যার জন্য পরে অনুশোচনা করতে হয় এমন কাজ করা। **মাটিতে পা না পড়া** *ক্রি* *(আল.)* অত্যন্ত গর্বিত হওয়া। **– তোলা** *ক্রি* ১ মাটি উপরে তুলে স্তূপ করা। ২ *(আল.)* পঙ্কোদ্ধার করা। **– দেওয়া** *ক্রি* *(আল.)* কবর দেওয়া; গোর দেওয়া; দাফন করা। **– নেওয়া** *ক্রি* ১ কুস্তি ইত্যাদিতে উপুড় হয়ে পড়ে মাটি আঁকড়ে থাকা। **– ফেলা** *ক্রি* মাটি ফেলে নিচু জমি উঁচু করা। **– মাখা** *ক্রি* ১ মাটিতে পানি দিয়ে কাদা করা। ২ গায়ে কাদা মাখা। **– মাটি** *অব্য* ১ *(আল.)* আলস্য বোধ (গা মাটি মাটি করা)। ২ মাটির মতো (মাটি মাটি গন্ধ)। **– মাড়ানো** *ক্রি* *(আল.)* নিকটবর্তী স্থান দিয়ে গমনাগমন করা। ☐*বি* আগমন বা পদার্পণ করা (উনি এ অঞ্চলের মাটি মাড়ান না)। **মাটির দর** *বি* *(আল.)* অতি সস্তা; অকিঞ্চিৎকর মূল্য (মাটির দরে বিক্রি হওয়া)। **মাটির দরে কেনা** *ক্রি* অত্যন্ত সস্তায় কেনা (বাড়িটি একেবারে মাটির দরে কেনা হয়েছে)। **মাটির মানুষ** *বি* *(আল.)* অতি সহিষ্ণু ভালো মানুষ; শান্ত প্রকৃতির নিরীহ লোক (তার মত মাটির মানুষ আর নাই)। **গা – – করা** *ক্রি* *(আল.)* আলস্য বা জড়তা বোধ করা; শরীর ম্যাজম্যাজ করা। **সাজি–** *বি* ক্ষার মিশ্রিত মৃত্তিকা। **হাড় বা দেহ – করা** *ক্রি* *(আল.)* অত্যধিক শ্রমে জীবনপাত করা; কঠোর পরিশ্রম করা। {স. মৃত্তিকা>প্রা. মট্টিআ>বা. মাটি}

মাটিয়া ⇒ মেটে

মাটো [মাটো] *বিণ* অনুজ্জ্বল (মাটো রং)। {মাটি+উয়া>; স. মন্দ বা মৃদু>}

মাঠ১ [মাঠ] *বি* ১ প্রান্তর; ময়দান; খেলার নির্দিষ্ট স্থান (লড়াইয়ের মাঠ)। ২ বৃহৎ ক্ষেত্র বা ভূভাগ (মাঠের পরে মাঠ)। ৩ ক্ষেত; কৃষিক্ষেত্র (মাঠের কাজ)। ৪ গবাদি পশুর চরবার ভূমি; পশুচারণ ক্ষেত্র (রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে)। **–ঘাট** *বি* সমস্ত স্থান; সকল জায়গা (মাঠঘাট ভরা ঐশ্বর্য পানি)। **মাঠে মারা যাওয়া** *ক্রি* অস্থানে পড়ে নষ্ট হওয়া; একেবারে নিষ্ফল হওয়া (আমাদের গত রাত্রির দানের কীর্তির সিদ্ধান্তটা একেবারে মাঠে মারা গেল—*শেহা*)। **মেঠো, মাঠুয়া** *বিণ* প্রান্তরজাত (মেঠো ফসল)। {স. বর্ত্ম>বাঁট>}

মাঠ২ ⇒ মাট

মাঠা১ [মাঠা] *বি* মাখনশূন্য ঘোল। {স. মৃষ্ট>; তুল. হি. মঠ্‌ঠা>}

মাঠা২ [মাঠা] *বিণ* জমকালো নয় এমন; কারুকার্যশূন্য; plain (সাদামাঠা কাজেই ভালো মানাবে)। {⇒ মাটা২}

মাঠান১ [মাঠান] *বি* চাষের উপযোগী জমি; কর্ষণযোগ্য মাঠ (মাঠান জমি)। {মাঠ+আন}

মাঠান২ [মাঠান] *ক্রি* ১ মেজে-ঘষে মসৃণ করা। ২ কাটা। {⇒ মাটা২}

মাঠান৩ [মাঠান] *বি* মা ঠাকরুণ; মাতঠাকুরানী; শ্রদ্ধেয়া বয়স্কা নারীর প্রতি সম্বোধনবিশেষ। {মাতঠাকুরানী>}

মাড়১ [মাড়] *বি* ১ ভাতের ফেন। ২ কাপড়ে লাগানোর জন্যে চাল অ্যারারুট প্রভৃতির মণ্ড (ইহাতে একটু রং নষ্ট এবং অনেকখানি মাড় আছে—*প্রচৌ*)। {স. মণ্ড>}

মাড়২ [মাড়] *বি* ১ লোকজনের বিশ্রাম ঘর। ২ কুঁড়েঘর। ৩ অতি ছোট গ্রাম। {স. মণ্ডপ>}

মাড়ওয়ারি, মাড়োয়ারি, মারোয়াড়ি, মাড়োয়াড়ি [মাড়ওয়ারি, –, –রোয়াড়ি, –ড়ো–] *বিণ* ১ মাড়ওয়ার বা রাজপুতনা অঞ্চলের। ২ *(আল.)* অর্থব্যয়ে কৃপণ (তোর হাত থেকে পয়সা গলবে? তুই তো একটা মাড়োয়ারি)

☐*বি, বিণ* মাড়ওয়ারের বা রাজপুতনার অধিবাসী। ☐*বি* মাড়ওয়ার অঞ্চলে কথিত ভাষা। { *হি* মাড়ওয়ার+ *বা* ই}

মাড়া [মাড়া] *ক্রি* মর্দন করা; পিষ্ট করা বা পেষণ করা (আখ মাড়া)। –**ই, –নি** *বি* পেষাই (ধানমাড়াই, আখমাড়াই)। –**নো** *ক্রি* ১ পদদলিত করা; পিষ্ট বা মর্দিত করা (রাজকুমারী তাকে অনেক সময় মাড়িয়ে চলে যান—*অঠা*)। ২ পদার্পণ করা; আসা বা যাওয়া (ওপথ আর মাড়াসনে)। **ছায়া –নো** *ক্রি* সম্পর্ক রাখা (শ্বশুরবাড়ির ছায়া মাড়ায়নি)। { *স.* √মৃষ্ট>*প্রা.* √মড্ড>মাড়+আ}

মাড়ি[1] [মাড়ি] *বি* ১ মাড়; ফেন; মণ্ড। ২ তাল কাঁঠাল ইত্যাদির ঘন রস। { *স.* মণ্ড>}

মাড়ি[2], মাঢ়ি [মাড়ি, –ঢ়ি] *বি* দন্তমূল আবরণকারী কোমল মাংস; gum (মাড়ি ফোলা)। { *স.* মাঢ়ি/মাঢ়ী>}

মাড়ুয়া[1] [মাড়ুয়া] *বি* এক প্রকার শস্য; জৈ-জাতীয় শস্যবিশেষ। { *তুল. হি.* মুড়ুয়া}

মাড়ুয়া[2], মেড়ো[1] [মাড়ুয়া, মেড়ো] *বি, বিণ* (*আল.* অবজ্ঞার্থে) মাড়ওয়ারের অধিবাসী; উত্তর–ভারতীয় লোক; অবাঙালি; রুচিহীন স্বার্থবাজ; নির্বোধ ব্যক্তি। { *হি* মাড়ওয়ার>}

মাড়ুয়াবাদী, মেড়ো[2] [মাড়ুয়াবাদি, মেড়ো] *বি, বিণ* ১ যারা মাড়ুয়া খায়। ২ মাড়ওয়ারের ভাষায় কথা বলে এমন। ☐*বি* ১ সাধারণভাবে হিন্দুস্তানি। ২ মাড়ুয়া বা মাড়ওয়ারের অধিবাসী। { *হি* মাড়ওয়ার>}

মাড়োয়াড়ি ⇒ মাড়ওয়ারি

মাঢ়ী ⇒ মাড়ি

মাণ (*মবা.*) [মান] *বি* মাপ; ওজন (কাঁচি দিয়া কৈল মাণ ষোল রতি দুই ধান—*কমু*)। { *স.* (পরি)মাণ>}

মাণবক [মানোবক্] *বি* ১ ছোকরা; ছোট ছেলে; বালক। ২ ছোট মানুষ; বামন। { *স.* মনু+অ(অণ্)+ক(কন্)}

মাণিক ⇒ মানিক

মাণিকা [মানিকা] *বি* আট পাল পরিমাণ। { *স.* মা+ অক(অকচ্)+আ(টাপ্)}

মাণিক্য [মানিককো] *বি* পদ্মরাগ মণি; রক্তবর্ণ মণিবিশেষ; চুনি; মানিক; ruby। { *স.* মণিক+য(ষ্যঞ্)}

মাত[1], মাৎ [মাত্] *বিণ* মগ্ন; মাতোয়ারা; মুগ্ধ; বিভোর (নবীন ধানের আঘ্রাণে আজি অঘ্রাণ হ'ল মাৎ—*নই*)। { *স.* মত্ত>}

মাত[2], মাৎ [মাত্] *বি* ১ বিপক্ষদলের পরাজয়; জিত (সকলেই সকলকে মাৎ করতে চান—*প্রচৌ*; সস্তায় বাজার মাৎ—*হার*)। ২ দাবা খেলায় রাজার বন্দী অবস্থা। { *আ.* মাত مات }

মাত[3] [মাত্] *বি* অসার ভাগ। ☐*বিণ* তরল বা ঝোলাগুড় (মাতগুড়)। { *স.* মস্ত>}

মাত[4], মাতঃ [মাতো, মাতহ্] *বি* মাতৃশব্দের সম্বোধনের রূপ; হে মাতঃ; মাগো; ওগো মা (যেমতি মাতঃ বসিলা আসিয়া বাল্মীকির রসনায়—*মদ*)। { *স.* মাতঃ>}

মাইতওয়ারা ⇒ মাতোয়ারা

মাতঙ্গ[1] [মাতঙগো] *বি* হস্তী; হাতি (চঞ্চল মাতঙ্গ বাজী চতুরঙ্গ দল সাজি—*সৈআ*)। **মাতঙ্গী, মাতঙ্গিনী** *স্ত্রী*। { *স.* মতঙ্গ+অ(অণ্)}

মাতঙ্গ[2] [মাতঙগো] *বি* ১ চণ্ডাল। ২ মুনিবিশেষ। { *স.* মাতঙ্গ+অ(অণ্)}

মাতঙ্গী [মাতোঙগি] *বি* হিন্দুপুরাণোক্ত দশমহাবিদ্যার একটি মূর্তি (পথ আগুলিয়া সতী মাতঙ্গী হইয়া—*ভারা*)। { *স.* মাতঙ্গ+ঈ(ঙীষ্)}

মাতন [মাতোন্] *বি* আনন্দে মত্ত হওয়া; উৎসাহের সঙ্গে প্রবৃত্ত হওয়া; মত্ততা; মাতলামি (শালের বনের মাতন হলো শুরু—*রঠা*)। ২ গেঁজে ওঠা। { *স.* মত্ত>}

মাতবর ⇒ মাতব্বর

মাতব্বর, মাতবর [মাতোব্বর, মাত্‌বর] *বি, বিণ* পল্লির মোড়ল; সর্দার; প্রধান ব্যক্তি; গণ্যমান্য ব্যক্তি। ☐*বিণ* ১ বয়োবৃদ্ধ; মুরব্বি। ২ বিশ্বস্ত (মাতবর উকিল)। **মাতব্বরি, মাতবরি** *বি* ১ মাতব্বরের বৃত্তি; মাতব্বরের কাজ বা পদ। ২ (*ব্য.*) মাতব্বরের মতো ব্যবহার; মোড়লিপনা (তোমাদের বিনা মাতব্বরিতে বহাল তবিয়তে বেড়াতে পারি—*মব*; গায়ে পড়িয়া কাহারো উপর মাতবরী জাহির করিতে চাহিতেন না—*মোব*)। { *আ.* মুত'বর معتبر }

মাতম [মাতোম্] *বি* ১ শোক। ২ মহররমের সময়ে বুক চাপড়িয়ে যে শোক করা হয় (ওঠে আসমান জমিনে মাতম কাঁদে মানবতা : হায় হোসেন—*ফআ*)। – **লেবাস** *বিণ* শোকবস্ত্র (মাতমি লেবাস ফেলে আজ পরো মাল্লার নীল সাজ—*ফআ*)। { *আ.* মাতম ماتم }

মাতলা ⇒ মাথা

মাতলামি, মাতলামো [মাত্‌লামি, –মো] *বি* মাতালের ব্যবহার (মানুষ একান্ত মাৎলামিতে গিয়ে পৌঁছায়—*অচিসে*)। { *স.* মত্ত>মাতাল+আমি, আমো}

মাতলি, মাতুলি [মাতোলি, –তু–] *বি* ইন্দ্রের সারথি (মাতলির বেগে আসে শিরস্ত্রাণ মেঘ—*বিদে*)। { *স.* মতল+ই(ইঞ্)}

মাতা[1], মাতৃ [মাতা, মাতৃ] *বি* ১ মা; আম্মা; জননী। ২ গর্ভধারিণী। ৩ মাতৃ বা কন্যাস্থানীয়া নারী (শ্বশ্রূমাতা, বধূমাতা)। **মাতাপিতা, মাতৃপিতৃ, পিতামাতা** *বি* জনক–জননী; মা–বাপ। **মাতামহ** *বি* মাতার জনক; মায়ের বাবা; নানা। –**মহী** *স্ত্রী*। { *স.* √মা+তৃ(তৃচ্)}

মাতা[2] [মাতা] *ক্রি* ১ মেতে ওঠা; মত্ত হওয়া; ক্ষেপে যাওয়া (হাতিটা মেতে উঠেছে)। ২ অতি উৎসাহ ও আগ্রহের সঙ্গে মনোনিবেশ করা; বিভোর হওয়া (খেলায় মাতা)। ৩ গেঁজে ওঠা (খেজুরের রস মাতা)। –**নো** *ক্রি* ১ বিভোর করা; মত্ত করা। ২ মোহিত করা। ৩ উত্তেজিত করা (সাহিত্য ও দর্শনেই ... সুধী সমাজকে মাতিয়ে তুলেছিল —*আকআ*)। ৪ ক্ষেপিয়ে তোলা। গাঁজিয়ে তোলা। ☐*বিণ* মত্ত, বিভোর বা উল্লসিত করা হয়েছে এমন। –**মাতি** *বি* ১ পুনঃপুন মাতালের মতো ব্যবহার (তুমি খুব বেশি মাতামাতি করেছো)। ২ দুরন্তপনা; দুর্দান্তপনা; দাপাদাপি। ২ বাড়াবাড়ি (এসব ব্যাপারে মাতামাতি না করাই ভালো)। **মেতে ওঠা** *ক্রি* লতা গাছের অতিরিক্ত মেতে ওঠা বা বিস্তৃত হওয়া (সার দিলে গাছগুলো সহজেই মাতবে)। { *স.* মত্ত>মাত+ *বা.* আ}

মাতাল, মাতলা [মাতাল্, মাত্‌লা] *বিণ* ১ মদ খাওয়ার ফলে মত্ততাযুক্ত; মদ্যাসক্ত। ২ মুগ্ধ; বিভোর; আত্মহারা

(মাদল বাজিয়ে এল বাদলমেঘ মাতলা হাওয়া এল বনে- *নই*)। ❑ *বি* মদের নেশায় বিভোর ব্যক্তি। { *স.* মত্ত>মাত+আল; *তুল. হি.* মত্‌ওয়ালা}

মাতি, মাতিয়া (*ব্র.*) [মাতি, মাতিয়া] *বিণ* মত্ত (মধু মাতিয়া নব কোকিল---*বিপ*)। ❑ *অক্রি* মত্ত হয়ে। { *স.* মত্ত>}

মাতুঃষ্বসা, মাতুঃস্বসা, মাতৃষ্বসা [মাতুশ্‌শশা, -, মাতৃশ্‌শশা] *বি* মাসি; খালা; মায়ের বোন; মাতার ভগিনী স্থানীয়া স্ত্রীলোক। { *স.* মাতৃ+স্বসৃ>}

মাতুয়া [মাতুয়া] *বি* গোঁড়ামি; যুক্তিহীন মতবাদ (দৃঢ় করে তাই বিশ্বাস করো কিন্তু মাতুয়ার (dogmatism) বৃদ্ধি করো না---*সৈমু*)। { *স.* মত্ত>মাত+ *বা.* উয়া}

মাতুল [মাতুল] *বি* মামা; মায়ের ভাই; মাতার ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। ~**কুল** *বি* মামার বংশ (রাজপুতেরা মুসলমানের মাতুলকুল হইয়া দাঁড়াইয়াছে---*ইহো*)। -**ত্ব** *বি* মামার সম্পর্ক (রাজপুতেরা এই মাতুলত্বের দাবীর জন্যই সর্বজাতীয় হিন্দু অপেক্ষা প্রতিষ্ঠা এবং প্রাপ্তি বেশি লাভ করিয়াছে---*ইহো*)। ~**কন্যা**, ~**পুত্রী** *বি স্ত্রী.* মামাতো বোন। ~**পুত্র** *বি* মামাতো ভাই। **মাতুলানি, মাতুলানী, মাতুলা, মাতুলি** *বি স্ত্রী.* মাতুলের পত্নী; মামি। **মাতুলালয়** *বি* মামার বাড়ি। { *স.* মাতৃ>+ (কুল>) উল}

মাতুলি ⇒ মাতলি

মাতৃ [মাতৃ] ⇒ মাতা। ~**ক** *বিণ* মাতা থেকে আগত; মাতৃ সম্বন্ধীয় (নদীমাতৃক বাংলাদেশ)। -**কা** *বি* ১ মাতা; ধাত্রী; মাতার মাতা। ২ অ, আ, ক, খ প্রভৃতি বর্ণ। ৩ পদ্মা, গৌরী, শচী, বিজয়া, সাবিত্রী, জয়া ইত্যাদি ষোড়শ দেবী। -**ঘাতক**, ~**ঘাতী** (-তিন্‌), -**হন্তা** (-ন্তৃ) *বিণ* মাতার প্রাণ হরণকারী। -**দায়** *বি* হিন্দুসমাজে মৃতা জননীর শ্রাদ্ধাদি কর্তব্য কর্ম। ~**দুগ্ধ**, -**স্তন্য** *বি* মাতার স্তনজাত দুগ্ধ। -**পক্ষ** *বি* মাতৃকুলজাত আত্মীয়। ~**পাণি** *বি* মাতার হস্ত (সে যে মাতৃপাণি স্তন হতে স্তনান্তরে লইতেছে টানি---*রঠা*)। -**পূজা**, ~**সেবা** *বি* জননীর সেবা; মাতার পরিচর্যা। -**বৎ** *অব্য* ১ মাতার ন্যায়; মায়ের মতো; জননীতুল্য। ~**বিয়োগ** *বি* মায়ের মৃত্যু; মাতার দেহত্যাগ। ~**ভক্ত** *বিণ* মায়ের প্রতি ভক্তিযুক্ত। ~**ভক্তি** *বি* জননীর বা মায়ের প্রতি শ্রদ্ধা। ~**ভাষা** *বি* স্বজাতীয় ভাষা; মায়ের মুখ থেকে বাল্যকাল হতে যে ভাষা শিক্ষা করা হয় (মাতৃসম মাতৃভাষা---*ঈগু*)। ~**ভূমি** *বি* স্বদেশ; জন্মভূমি; motherland। ~**শ্রাদ্ধ** *বি* হিন্দুসমাজে মৃত জননীর প্রেতকৃত্য। ~**ষ্বসা** *বি* মাতার ভগিনী; খালা; মাসি। -**ষ্বস্রীয়**, ~**ষ্বসেয়**, ~**ষ্বস্রেয়** *বি* খালাতো ভাই; মাসতুতো ভাই। ~**ষ্বস্রীয়া**, -**ষ্বস্রীয়ী**, ~**ষ্বসেয়ী**, ~**ষ্বস্রেয়া**, -**ষ্বস্রেয়ী** *বি স্ত্রী.* খালাতো বোন; মাসতুতো বোন। ~**সমা** *বি* মাতৃতুল্য; মায়ের সমান। ~**স্তব**, ~**স্তোত্র** *বি* মাতার প্রতি প্রযুক্ত ভক্তিমূলক শ্লোকসমূহ। -**হত্যা** *বি* মাতাকে বধ; জননীর প্রাণ নাশ-করণ। -**হীন** *বিণ* মাতার মৃত্যু হয়েছে এমন; মা-হারা; মা-মরা। ~**হীনা** *স্ত্রী.*। { *স.* মা+তৃ(তৃচ্‌)}

মাতোয়ারা, মাতওয়ারা, মাতোয়ালা [মাতোয়ারা, -, -লা] *বিণ* ১ মত্ত; মাতাল (আগুদলে মাতোয়ারা মাতঙ্গের যূথ---*ঘচ*)। ২ বিহ্বল; বিভোর; আত্মহারা (রবিশশী গ্রহতারা তারি প্রেমে মাতোয়ারা---*কায়*; মানব স্বচক্ষে দেখিতেছে তত্রাচ অন্ধ, তত্রাচ অজ্ঞান, তত্রাচ মদমত্তে বিষয়ভোগে মাতওয়ারা---*মীম*)। { *তুল. হি.* মতওয়ালা}

মাতোয়ালি, মাতোয়ালী, মুতওল্লী [মাতোয়ালি, -, মুতোয়োল্‌লি] *বি* মুসলমানদের ধর্মার্থ বা লোকসেবার্থে প্রদত্ত সম্পত্তির অথবা নাবালেগ ও তার সম্পত্তির তত্ত্বাবধায়ক; অছি; অভিভাবক। { *আ.* মুতাওয়াল্লী متولى }

মাত্তা [মাত্‌তা] *বি* দ্রব্যসম্ভার; সম্পদ (হাতি ঘোড়া মাত্তা আসাব লশ্‌কর। উটগাড়ী ভেরা ভেরী আছিল বিস্তর---*ফগ*)। **মাল**-~ *বি* ১ জিনিসপত্র। ২ (*আল.*) নিষিদ্ধ দ্রব্য। { *আ.* মতা متاع }

মাত্র [মাত্‌ত্রো] *বি* পরিমাণ; মোট; সাকল্য (দশ টাকা মাত্র)। ❑ *অব্য* ১ কেবল; শুধু (মাত্র সে-ই জানে)। ২ তৎক্ষণাৎ; সঙ্গে সঙ্গে (আমি যাওয়ামাত্র)। ৩ পর্যন্ত (কথামাত্র বলা হলো না)। { *স.* √মা+ত্র(ত্রন্‌)}

মাত্রা [মাত্‌ত্রা] *বি* ১ পরিমাণ (তাপের মাত্রা)। ২ অল্প পরিমাণ; dose; একেবারে গ্রহণীয় পরিমাণ (দুই মাত্রা ঔষধ)। ৩ সীমা (মাত্রাহীন নির্যাতন)। ৪ অক্ষরের মাথার উপরের রেখা (মাত্রাহীন ও মাত্রাযুক্ত অক্ষর)। ৫ উচ্চারণ কালের পরিমাণ (দীর্ঘমাত্রা; হ্রস্বমাত্রা)। ৬ সঙ্গীতাদিতে তালের ভাগ বা পরিমাণ (চারমাত্রার তাল)। ৭ (*গণিত.*) আয়তন; দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ; dimension। ~**চ্ছন্দ** *বি* পদ্যে স্বরের উচ্চারণ কাল পরিমিত ছন্দ। -**বৃত্ত** *বি* ধ্বনির লঘু গুরু উচ্চারণের উপর নির্ভরশীল পদ্যের ছন্দবিশেষ। ~**বোধ** *বি* ঔচিত্যজ্ঞান; পরিমাণের যথার্থতা সম্বন্ধে সচেতনতা (লোকটির মাত্রাবোধ নেই)। ~**বোধ বা** ~**জ্ঞান না থাকা** *ক্রি* কোনো বিষয়ের পরিমাণজ্ঞান না থাকা (তোমার কোন মাত্রাজ্ঞান নেই, কেবল বকেই যাচ্ছো)। **মাত্রিক** *বিণ* মাত্রাযুক্ত; যথামাত্রিক ছন্দ। { *স.* √মা+ত্র(ত্রন্‌)+আ(টাপ্‌)}

মাৎলামি = মাতলামি

মাৎসর্য, মাৎসর্য্য [মাত্‌শোর্‌জো] *বি* ঈর্ষা; হিংসা; পরশ্রীকাতরতা (ইংরেজী পড়িলে অনেকের মনে মাৎসর্য হয়---*প্যামি*)। { *স.* মৎসর+য(ষ্যঞ্‌)}

মাৎস্য [মাত্‌শো] *বিণ* মৎস্য সংক্রান্ত। ❑ *বি* হিন্দু পুরাণের নামবিশেষ। { *স.* মৎস্য+অ(অণ্‌)}

মাথট [মাথোট] *বি* চাঁদাস্বরূপ মাথা পিছু সংগৃহীত অর্থ (ইহার উপর মাথট আছে বাড়তি আছে কমতি আছে--*জউ*)। { *স.* মস্তক>*প্রা.* মত্থঅ>*বা.* মাথা+ট}

মাথা [মাথা] *বি* ১ মস্তক; শির। ২ আগা (আঙুলের মাথা)। ৩ সূচনা; আরম্ভ; কিনারা (রাস্তার মাথায়)। ৪ শীর্ষ; শীর্ষস্থানীয়; চূড়া (গাছের মাথা, গ্রামের মাথা)। ৫ অগ্রভাগ (নৌকার মাথা, কলমের মাথা)। ৬ মস্তিষ্ক (মাথা গরম)। ৭ প্রধান ব্যক্তি; সর্দার বা মোড়ল (গাঁয়ের মাথা)। ৮ ঝোঁক; প্রবণতা; উত্তেজনার মুহূর্ত (রাগের মাথায় বলা)। ৯ বুদ্ধি; ধীশক্তি; বোধশক্তি (মাথা খাটানো; অঙ্কে মাথা আছে)।

□ *অব্য* নিষ্ফলতা (লেখা পড়া করে হবে তোমার মাথা)। ~ **আঁচড়ানো** *ক্রি* চুল আঁচড়ানো; কেশবিন্যাস করা। ~ **উঁচু করা** ⇒ মাথা তোলা। ~ **ওড়ানো/উড়ানো** *ক্রি* ১ মস্তক চূর্ণ করা; হত্যা করা। ২ অস্তিত্ব ধূলিসাৎ করা। **~ওয়ালা** *বিণ* বুদ্ধিমান; চতুর। ~ **করা** *ক্রি* ক্ষতি করার সামর্থ্য না থাকা (সে আমার মাথা করবে)। ~ **কাটা** *ক্রি* সম্ভ্রমহানি করা (ওতে আমার মাথা কাটা গেল নাকি)। ~ **কাটা যাওয়া** *ক্রি* খুব লজ্জা পাওয়া; মাথা হেঁট হওয়া। ~ **কোটা**, ~ **খোঁড়া** *ক্রি* ১ অসহ্য দুঃখে মাটি প্রভৃতিতে বার বার মাথা ঠোকা। ২ *(আল.)* বিশেষভাবে অনুরোধ করা। ~ **কোটাকুটি করা** *ক্রি* সাধ্য-সাধনা করা (এ ব্যাপারে শত মাথা কোটাকুটি করলেও কাজ হবে না)। ~ **খাও** *বি* নারীসুলভ দিব্যি; শপথবিশেষ (মাথা খাও, সত্যি করে বল—*রঠা*)। ~ **খাওয়া** *ক্রি* ১ সর্বনাশ করা। ২ নষ্ট করা; বিগড়ে দেওয়া (লাই দিয়ে ছেলের মাথা খাওয়া)। ~ **খারাপ** *বি* ১ উন্মাদ; পাগল (লোকটার মাথা খারাপ)। ২ বাতুলতা বা পাগলামি অর্থে (মাথা খারাপ নাকি, ওখানে আর যাই?)। □ *বিণ* খ্যাপাটে। ~ **খারাপ করা বা হওয়া** *ক্রি* দুশ্চিন্তা হেতু অস্থির হওয়া (গাড়ি কিনে আমার মাথা খারাপ হতে চললো)। ~ **খেলানো বা খাটানো** *বি* মস্তিষ্ক বা বুদ্ধি চালনা করা (মাথা খাটাও, অঙ্ক মিলে যাবে)। **~গরম** *বিণ* ১ বদমেজাজি। ২ কোপনস্বভাব। ~ **গরম করা** *ক্রি* ১ ক্রুদ্ধ হওয়া; রাগ করা (মাথা গরম করো না)। ২ অস্থিরচিত্ত হওয়া। ~ **গরম হওয়া** *ক্রি* ১ ক্রোধ সৃষ্টি হওয়া; রাগ করা। ২ বায়ুবৃদ্ধি রোগে আক্রান্ত হওয়া; অস্থিরচিত্ত হওয়া (মাথা গরম না করে ঠাণ্ডা মেজাজে কাজ করা)। ~ **গলানো** *ক্রি* ১ চিন্তা করা (এ নিয়ে মাথা গলানোর অবকাশ নেই)। ২ অনধিকার চর্চা করা (অন্যের ব্যাপারে মাথা গলাতে এসো না)। ~ **গুঁড়া করা** *ক্রি* খুব মারা; অত্যন্ত প্রহার করা। ~ **গুনতি করা** *ক্রি* লোকসংখ্যা গণনা করা। ~ **গুলিয়ে দেওয়া** *ক্রি* হতবুদ্ধি করা (অঙ্কটি আমার মাথা গুলিয়ে দিয়েছে)। ~ **গোঁজা** *ক্রি* কোনো রকমে আশ্রয় বা বাসের স্থান পাওয়া। ~ **ঘষা** *বি* চুলে মাখার জন্য বা কেশতেলে মিশানোর জন্য সুগন্ধ মসলাবিশেষ (মাথাঘষা দিয়ে মাজা চুলের লাবণ্য—*অঠা*)। ~ **ঘামানো** *ক্রি* বৃথা মস্তিষ্ক বা বুদ্ধি চালনা করা (এ ব্যাপারে মাথা ঘামিয়ে লাভ নেই)। ~ **চাড়া দেওয়া** *ক্রি* প্রবল হয়ে ওঠা। ~ **চুলকানো** *ক্রি* উত্তর দিতে না পারায় বা মন স্থির করতে না পারায় মাথায় অঙ্গুলি সঞ্চালন করা। ~ **ঠাণ্ডা করা** *ক্রি* উত্তেজনা দূর করে শান্ত হওয়া। ~ **ঠোকাঠুকি হওয়া** *ক্রি* অপ্রত্যাশিতভাবে দেখা হওয়া (বহুদিন পরে সেদিন ওর সাথে মাথা ঠোকাঠুকি হলো)। ~ **তোলা**, ~ **উঁচু করা** *ক্রি* ১ সতেজ হয়ে ওঠা; প্রফুল্ল রূপ ধারণ করা। ২ উন্নতি করা। ৩ গৌরব সহকারে আত্মমর্যাদা জাহির করা। ৪ বিদ্রোহী হওয়া। ৫ বিপদাদি অতিক্রম করা। ৬ হীন অবস্থা থাকা সত্ত্বেও আত্মগৌরব জাহির করতে চেষ্টা করা। □ *বি* অভ্যুত্থান লাভ করা। ~ **দেওয়া** *ক্রি* ১ প্রাণ উৎসর্গ করা। ২ কর্মসম্পাদনের দায়িত্ব গ্রহণ করা। ৩ মনোযোগ দেওয়া। ~ **ধরা** *ক্রি* মাথায় যন্ত্রণা বোধ করা। □ *বি* মাথা ব্যথা; শিরঃপীড়া; headache (ওর মাথা ধরার রোগ আছে)। ~ **নিচু করা** *ক্রি* হার স্বীকার করা (মাথা নিচু করা ওর স্বভাব নয়)। ~ **নেই তার ~ ব্যথা** *(আল.)* অকারণ উদ্বেগ; বিনা কারণে দুশ্চিন্তা ভোগ। ~ **নোয়ানো** *ক্রি* নতি স্বীকার করা। ~ **পাগলা** *বিণ* উন্মাদ প্রকৃতির; পাগলাটে। **~পিছু** *ক্রিবিণ* জনপ্রতি; প্রত্যেক জন হিসেবে। ~ **পেতে নেওয়া** *ক্রি* গ্রহণ করা; সম্পূর্ণ স্বীকার করা; শিরোধার্য করা (তার কথা সে মাথা পেতে নিয়েছে)। ~ **বিকানো**, ~ **বাঁধা দেওয়া** *ক্রি* সম্পূর্ণ অধীনতা স্বীকার করা। **~ব্যথা** *বি* ১ শিরঃপীড়া; মাথার যন্ত্রণা। ২ গরজ; দায়-দায়িত্ব। ~ **ভাঙা/ভাঙ্গা** *ক্রি* বার বার অনুরোধ করে নিষেধ করা। ~ **মাটি করা** *ক্রি* চিন্তাশক্তি নষ্ট করা। ~ **মাটি হওয়া** *ক্রি* বুদ্ধি লোপ পাওয়া। ~ **মোটা** *বিণ* স্থূলবুদ্ধি; বোকা; নির্বোধ। **মাথায় আসমান ভেঙে পড়া, মাথায় আকাশ ভেঙে পড়া** *ক্রি* অতিমাত্রায় বিচলিত হওয়া; চরম বিপদে পড়া। **মাথায় আসা** *ক্রি* বোধগম্য হওয়া; বুঝতে পারা। **মাথায় ওঠা** *ক্রি* প্রশ্রয় পেয়ে স্পর্ধিত হওয়া। **মাথায় করা** *ক্রি* ১ মাত্রাতিরিক্ত আদর করা; অতিশয় প্রশ্রয় দেওয়া। ২ অতিশয় সম্মান বা শ্রদ্ধা বা ভক্তি করা। **মাথায় কাঁঠাল ভাঙা** *ক্রি* প্রবঞ্চনাপূর্বক আদায় করা। **মাথায় গোবর পোরা** *বিণ* নির্বোধ। **মাথায় ঘোল ঢালা** *ক্রি* অপদস্থ বা জব্দ করা। **মাথায় চড়া** *ক্রি* অত্যন্ত প্রশ্রয় পেয়ে অবাধ্যের চূড়ান্ত হওয়া। **মাথায় ঢোকা** *ক্রি* বুঝতে পারা; বোধগম্য হওয়া। **মাথায় বজ্রাঘাত হওয়া** *ক্রি* আকস্মিকভাবে বিপদগ্রস্ত হওয়া। **মাথায় মাথায়** *ক্রিবিণ* কানায় কানায়। **মাথায় রাখা** *ক্রি* ভক্তি বা যত্ন করা। **মাথায় হাত দেওয়া** *ক্রি* বিস্ময়, সর্বনাশ ইত্যাদির জন্য অবাক হওয়া বা নিদারুণ দুঃখ বোধ করা (ফসলের করুণ অবস্থা দেখে কৃষকরা মাথায় হাত দিয়ে বসেছে)। **মাথায় হাত বুলানো** *ক্রি* ঠকিয়ে বা ভুলিয়ে স্বার্থ সিদ্ধি করা; কৌশলে বা ফাঁকি দিয়ে অধিকার করা। **মাথার উপর কেউ না থাকা** *ক্রি* অভিভাবক, পরিচালক বা বুদ্ধিদাতা না থাকা। **মাথার উপরে শকুন ওড়া** *ক্রি* আসন্ন মৃত্যুর লক্ষণ দেখা দেওয়া। **মাথার খুলি** *বি* করোটি। **মাথার ঘাম পায়ে ফেলা** *ক্রি* কঠোর দৈহিক পরিশ্রম করা। **মাথার ঘায়ে কুকুর পাগল** *ক্রি* বিষম বিপদে পড়ে প্রায় পাগলের মতো অবস্থা হওয়া। **মাথার ঘি বা ঘিলু** *বি* ১ মাথার ভিতরের নরম পদার্থ। ২ মস্তিষ্ক; মগজ; বুদ্ধি। **মাথার চুল বিকিয়ে যাওয়া** *ক্রি* বিপুল দেনায় পড়া; নিদারুণ ঋণগ্রস্ত হওয়া। **মাথার ঠাকুর** *বি* শ্রদ্ধেয় ব্যক্তি। ~ **ঠিক না থাকা** *ক্রি* বুদ্ধি স্থির না থাকা। **মাথার দিব্যি** *বি* শপথ; হলফ। **মাথাল, মাথাইল, মাতলা** *বি* রৌদ্র ও বৃষ্টি থেকে রক্ষাহেতু বাঁশের চটা ও পত্রাদি নির্মিত মস্তকাবরণ বিশেষ; রৌদ্র ও বৃষ্টি থেকে রক্ষাহেতু বাঁশের কাঠামোয় তৈরি পাতার ছাউনি দেওয়া ছাতা; টোকা। □ *বিণ* ১ বুদ্ধিমান। ২ প্রধান। ~ **হেঁট করা** *ক্রি* লজ্জায় মাথা নত করা; নতি স্বীকার করা। **কাঁচা ~** *বি* ১ জীবিত ব্যক্তির মাথা। ২ তরুণ বয়সের মস্তিষ্ক বা বুদ্ধি। ৩ *(আল.)* কাঁচা বুদ্ধি; অপরিপক্ব বুদ্ধি, অপরিণত বুদ্ধি। **ঘাড়ে দুটো ~**

থাকা ক্রি দুঃসাহসী হওয়া। **পাকা**~ বি ১ প্রবীণ ব্যক্তির মাথা। ২ (আল.) পরিপক্ব বা পরিণত বুদ্ধি; অভিজ্ঞ ব্যক্তি। {স. মস্তক>প্রা. মথঅ>বা. মাথা}

মাথাল ⇒ মাথা

মাথি, মেথি [মাথি, মে-] বি তাল, খেজুর প্রভৃতির বৃক্ষশীর্ষের ভিতরের কোমল অংশ যা খাওয়া যায় (সুপারি গাছের কচি মেথি চুয়ে পানি পড়িতেছে ঝরি—বন্দে)। {বা. মাথা+ই}

মাথুর [মাথুর্] বিণ মথুরা-বিষয়ক। ❑ বি কৃষ্ণের মথুরাসংক্রান্ত লীলা; কীর্তন গানে শ্রীকৃষ্ণের মথুরা-গমনে রাধার বিরহাবস্থা। {স. মথুরা+অ(অণ্)}

মাদক [মাদোক্] বিণ মত্ততা জন্মায় এমন (মাদক দ্রব্য)। ❑ বি মত্ততা সৃষ্টিকারী দ্রব্যবিশেষ; নেশার দ্রব্য (মাদক সেবন)। **~তা** বি মত্ততা বা নেশা উৎপাদন শক্তি। **~সেবন** বি মাদকদ্রব্য পান; মত্ততা সৃষ্টিকারী দ্রব্য ভক্ষণ। **~সেবী**(-বিন্) বিণ নেশাখোর; মাদকদ্রব্য পানকারী বা ভক্ষণকারী। {স. √মদ্+ণিচ্(=√মাদি)+অক(ণ্বুল্)}

মাদন [মাদোন্] বিণ ১ মত্ততা সৃষ্টিকারক। ২ মদনের বাণবিশেষ। {স. √মদ+ণিচ্ (=√মাদি)+অন(ল্যুট্)}

মাদরাসা ⇒ মাদ্রাসা

মাদল [মাদোল্] বি মৃদঙ্গবিশেষ; ঢোলের মতো বাদ্যযন্ত্র। {স. মর্দল>}

মাদলী ⇒ মাদুলি

মাদা [মাদা] বিণ তেজবীর্যহীন ব্যক্তি; দুর্বল (শরীরটে ছিল মাদা; তার উপর সেদিন পড়েছিল একটু বেশি শীত—প্রচৌ)। ২ মাদি; নরের বিপরীত। **মাদি, মাদী** স্ত্রী। {ফা. মাদাহ্ ماده}

মাদানি [মাদানি] বি ১ মদিনাবাসী। ২ যার পূর্বপুরুষ মদিনাবাসী ছিলেন। ❑ বিণ মদিনার সাথে সম্বন্ধযুক্ত। {আ. মদনী مدنی}

মাদার১ [মাদার্] বি কাঁটাবিশিষ্ট এক ধরনের গাছ (মাদার গাছ সেখানে মাদার গাছই ... আম নয় জাম নয়—অঠা)। {স. মন্দার>}

মাদার২ [মাদার্] বি ১ মা; মাতা। ২ কেন্দ্র। **~জাদ, ~যাদ** বি সহোদর। **~টিংকচার, টিংচার** বি হোমিওপ্যাথিক ঔষধের মূল আরক। {ফা. মাদার مادر; ই mother}

মাদি, মাদী [মাদি] বিণ ১ স্ত্রী জাতীয় জন্তু (মাদি হাতি)। ২ ধাড়ি। {ফা. মাদাহ্ ماده মাদীন্ مادین মাদীনাহ্ مادینه}

মাদিয়ান, মাদিয়ানা, মাদোয়ান [মাদিয়ান্, -য়ানা, মাদোয়ান্] বি ১ মাদা ঘোড়া; গর্দভী। ❑ বিণ (ব্য.) স্ত্রীসুলভ; মেয়েলি ঢঙের (মানুষের এ রকম মাদিয়ানা চাল দেখে মর্দমী আজকাল বাস্তবিকই লজ্জায় মুখ দেখাতে পারছে না—নই)। {ফা. মাদিয়ান مادیان মাদীন مادین মাদীনাহ্ مادینه}

মাদুর [মাদুর্] বি তৃণ নির্মিত একপ্রকার পাটি। {মন্দরা; মুস্ত>মুথা>মাথুর>মাদুর}

মাদুলি, মাধুলী, মাদলি [মাদুলি, -ধু-, মাদলি] বি ১ ধাতুনির্মিত ক্ষুদ্র মাদলাকৃতি কবচ। ২ স্বর্ণনির্মিত কণ্ঠভূষণবিশেষ। {স. মাদল (মাদল আকৃতি বলে)>ই,ঈ}

মাদৃশ [মাদৃশো] বিণ আমার মতো (ঈদৃশ স্থানে মাদৃশ জনের এতদনুযায়ী ফললাভের সম্ভাবনা কোথায়—ঈবি)। {স. অস্মদ্+√দৃশ্+ক্বিপ্}

মাদোয়ান ⇒ মাদিয়ান

মাদ্রাজ, মান্দ্রাজ [মাদ্‌দ্রাজ্, মান্-] বি ভারতের সাবেক প্রদেশবিশেষ, বর্তমান তামিলনাড়ু। **মাদ্রাজি** বিণ ১ মাদ্রাজ সংক্রান্ত। ২ মাদ্রাজে জাত। ❑ বি মাদ্রাজের অধিবাসী। {তা. মান্দ্রাজ}

মাদ্রাসা, মাদরাসা [মাদ্‌দ্রাসা] বি ১ বিদ্যা শিক্ষা কেন্দ্র। ২ মুসলমান ধর্ম ও সংস্কৃতি সংক্রান্ত উচ্চ শিক্ষা কেন্দ্র; কলেজ। {আ. মাদরাসাহ্ مدرسة}

মাধব [মাধোব্] বি ১ কৃষ্ণ; হিন্দুদেবতা বিষ্ণু (মাধব হাম পরিণাম নিরাশা—বিপ)। ২ বসন্তকাল। ৩ বৈশাখ মাস। **মাধবী, মাধবিকা** বি স্ত্রী. ১ এক জাতীয় চিরহরিৎ লতা। ২ মাধবের পত্নী। **~কুঞ্জ** বি মাধবী লতায় আচ্ছাদিত স্থান। {স. মধু+অ(অণ্)}

মাধবি (প.) [মাধোবি] বি বৈশাখ মাসে (মাধবি মুকুলিত মালতী ফুল—বিপ)। {স. মাধব+ই}

মাধাই [মাধাই] বি মাধব; কৃষ্ণ (মাধব সোঙরিতে সুন্দরী ভেলি মাধাই—বিপ)। **মেধো** বি মাধব (তুচ্ছার্থে বা আদরে), (মেধো, এদিকে আয়)। {স. মাধব>}

মাধুক [মাধুক্] বিণ পুষ্পমধুজাত পণ্য ব্যবসায়ী। {স. মধু+ক=মধুক+অ(অণ্)}

মাধুকরী [মাধুকোরি] বি মধুকরের নানা পুষ্প থেকে মধু আহরণের মতো নানা স্থান থেকে সংগ্রহবৃত্তি। **~বৃত্তি** বি ১ মধুকরের মতো বিভিন্ন গৃহে ভিক্ষাগ্রহণ রূপ বৃত্তি। ২ পরের ভাব, তথ্য প্রভৃতি আত্মসাৎ করে নিজের নামে চালিয়ে দেওয়া। {স. মধুকর+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

মাধুকী [মাধুকি] বি মৌল ফুলের মধু থেকে উৎপাদিত মদ। {স. মাধুক+ঈ(ঙীপ্)}

মাধুর [মাধুর্] বিণ মধুর রস থেকে উৎপন্ন। ❑ বি মল্লিকা ফুল। {স. মধুর+অ(অণ্)}

মাধুরী [মাধুরি] বি ১ মধুরতা; মাধুর্য। ২ শোভা; সৌন্দর্য (তদীয় রূপলাবণ্যের মাধুরী দর্শনে মুনিজনেরও মন মোহিত হয়—ঈবি)। **~ময়** বিণ মাধুর্যপূর্ণ (প্রেমের পিরীতি মাধুরীময়—বচদা)। {স. মধুর+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

মাধুর্য [মাধুরজো] বি ১ মাধুরী; মনোহারিতা (চরিত্র-মাধুর্য)। ২ মনোহারিতা; রমণীয়তা। ৩ লাবণ্য; সৌন্দর্য। ৪ কাব্যের একটি গুণ। {স. মধুর+য(য্যঞ্)}

মাধ্যন্দিন [মাদধোনদিন্] বিণ মধ্যাহ্ন সময়ের। **~রেখা** বি মধ্যাহ্নকালীন সূর্যগতিসূচক পথ (মাধ্যন্দিন রেখা ও পৃথিবীর পরিধি নির্ণয় করবার জন্য খলিফার আদেশে বৈজ্ঞানিকগণ গবেষণা শুরু করে—আকআ)। {স. মধ্যন্দিন+অ(অণ্)}

মাধ্যম [মাদধোম্] বি যার মধ্যস্থতা বা সহায়তায় কোনো কাজ সাধিত হয়; medium। **মাধ্যমিক** বিণ মধ্যবর্তী; মধ্যস্থ। ❑ বি বৌদ্ধ মতবাদবিশেষ। **মাধ্যমিক শিক্ষা** বি ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার যে স্তর; secondary education। **মাধ্যমে** ক্রিবিণ মারফতে; মধ্যস্থতায়। {স. মধ্য+ম(মণ্)}

মাধ্যাকর্ষণ [মাদধাকর্শোন্] *বি* জড় পদার্থের পরস্পর আকর্ষণ শক্তি; ভূ-কেন্দ্রের দিকে জড়পদার্থের আকর্ষণ; অভিকর্ষ; মহাকর্ষ; gravitation । { স. মধ্য+আকর্ষণ+অ(অণ্) }

মাধ্যাহ্নিক [মাদধান্নিক্] *বিণ* মধ্যাহ্ন কালের; মধ্যাহ্ন সম্পর্কিত (মাধ্যাহ্নিক বিশ্রাম) । { স. মধ্যাহ্ন+ইক(ঠঞ্) }

মাধ্ব [মাদ্‌ধো] *বিণ* দার্শনিক মধ্বাচার্য প্রবর্তিত বা সম্পর্কিত । { স. মধ্ব+অ(অণ্) }

মাধ্বী১ [মাদ্‌ধি] *বি* ১ মধু থেকে উৎপন্ন মদবিশেষ । ২ মহুয়া । ৩ দ্রাক্ষা; আঙুর । **মাধ্বীক** *বি* ১ আঙুর, মহুয়া বা মধু থেকে উৎপন্ন মদ । ২ মধু । { স. মধু+ঈ(ঙীপ্) }

মাধ্বী২ [মাদ্‌ধি] *বি* ১ মধ্বাচার্য কর্তৃক প্রবর্তিত বৈষ্ণব সম্প্রদায় । ২ বৈষ্ণবাচার্য মধ্বাচার্য সম্পর্কিত (মাধ্বী দর্শন) । { স. মধ্ব+অ(অণ্)+ঈ(ঙীপ্) }

–মান [মান্]—যুক্ত অর্থবাচক সংস্কৃত প্রত্যয় 'মৎ' (বুদ্ধিমান, ধীমান) । –মতী *স্ত্রী* (বুদ্ধিমতী) । { স. মৎ(=মান্) প্রত্যয় }

মান১ [মান্] *বি* ১ মাত্রা; মাপার উপকরণ । ২ ওজনকরণ; মাপকরণ । ৩ (*সং*) তালের বিরাম বা মাত্রা । ৪ (*গণিত*) প্রকৃত মূল্য; value । ৫ উৎকর্ষের বা অপকর্ষের পরিমাণ; standard । **~চিত্র, ~চিত্রাবলি** *বি* অঞ্চল, দেশ প্রভৃতির অবস্থান, আয়তনাদি জ্ঞাপক নকশা; ম্যাপ । **~দণ্ড** *বি* ১ দাঁড়িপাল্লা । ২ বিচারের মাপকাঠি । **~মন্দির** *বি* গ্রহ-নক্ষত্র পর্যবেক্ষণ করবার গৃহ; observatory । **ঘন~** *বি* (*গণিত*) আয়তন; volume । { স. √মা+অন(ল্যুট্) }

মান২ [মান্] *বি* ১ সম্মান; তাজিম; মর্যাদা; সম্ভ্রম (মান দেওয়া) । ২ গৌরব (মান রাখা) । ৩ সমাদর । ৪ পূজা । **~-ইজ্জত** *বি* মানসম্ভ্রম (মান ইজ্জত আর রইল না) । **~ খোয়ানো, ~ খুয়ানো** *ক্রি* মান হারানো (তার কাছে টাকা চেয়ে মান খোয়াতে পারব না) । **মানদ** *বিণ* সম্মানদানকারী (হে মানদ ! আমায় টিকিট দাও, যে ভাব দাও—বচ) । **মানদা** *স্ত্রী* । **~ দেওয়া** *ক্রি* সম্মান দান করা । **মানন, মাননা** *বি* সম্মান বা আদরকরণ (একে মানে মোর গীত যে করে মাননা, আমি পূর্ণ করি তার মনের কামনা—*ভারা*) । **~নীয়** *বিণ* সম্মানীয়; সম্মানার্হ । **~নীয়া** *স্ত্রী* । **~নীয়েষু** *বি, বিণ* শ্রদ্ধেয় ব্যক্তির নিকট পত্র লেখার পাঠবিধি । **~নীয়াসু** *স্ত্রী* । **~পত্র** *বি* ১ সংবর্ধনার জন্য প্রদত্ত প্রশংসাসূচক ও শ্রদ্ধাজ্ঞাপক অভিনন্দনপত্র; সম্মাননাপত্র । ২ উপাধি-বিষয়ক পত্র । **~ রাখা** *ক্রি* সম্মান রক্ষা করা । **~হানি** *বি* সম্মানের লঘুতা বিধান; মর্যাদার ক্ষতি; defamation (মানহানির মকদ্দমা) । **~হীন** *বিণ* ১ সম্মানশূন্য; মর্যাদাহীন । **মানের গুড়ে বালি** –মান-ইজ্জত নষ্ট (চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি—হেম) । { স. √মান্+অ(অচ্) }

মান৩ [মান্] *বি* ১ বিমর্ষতা; বিষণ্ণতা; অসন্তোষ (মান করা) । ২ গর্ব; দম্ভ; অভিমান (মানিনি মান নিবার—*চদা*; অতি মান ভালো নয়) । **~ করা** *ক্রি* ১ অভিমান করা । ২ প্রণয়কোপ প্রদর্শন করা । **~কলি** *বি* ভালোবাসার ঝগড়া; স্ত্রী–পুরুষের অভিমানজনিত কলহ । **~ভঞ্জন** *বি* অভিমানে নিরসন (একদিন মানভঞ্জন যাত্রা হইতেছে—বচ) । **~ভঞ্জন পালা** *বি* কৃষ্ণ কর্তৃক রাধিকার মানভঞ্জনবিষয়ক গীতি–কাব্য । **~ ভাঙা** *ক্রি* প্রণয়ী-প্রণয়িনীর অভিমান দূর হওয়া । { স. √মান্+অ(অচ্) }

মান৪, **মানকচু** [মান্, মান্‌কোচু] *বি* এক প্রকার কন্দ যা রেঁধে খাওয়া হয় । { স. মাণক> }

মানই (*ব্র.*) [মানোই] *ক্রি* বোধ করা (স্বপ্নে অনুমতি স্বপ্নে মানই ভীত—*বিপ*) । { স. √মান্> }

মানচিত্র ⇒ মান১

মানত, মানৎ [মানোত্] *বি* মানসিক; মনোবাসনা সিদ্ধির জন্য সদকা, ভোগ বা বলিদান কিংবা বিশেষ ইবাদত পূজা ইত্যাদি করার সংকল্প (মন্দিরে মানত, অন্ধ তুমিই বলো না ভক্তিক্ষেত্রে অজগরের ছথ উচাটন –*বিদে*) । { অ. মন্নৎ [illegible] }

মানদ ⇒ মান২

মানদণ্ড ⇒ মান১

মানদা, মানন, মাননা, মাননীয়, মানপত্র ⇒ মান২

মানব [মানোব্] *বি* ১ মানুষ; মনুষ্য; আদমি; নৃ; নর । ❑ *বিণ* ১ মনুসম্পর্কীয় । ২ মনু কর্তৃক প্রণীত (মানবধর্ম শাস্ত্র) । **মানবী** *স্ত্রী* । **মানবক, মাণবক** *বি* ক্ষুদ্রাকৃতি মানব; বেঁটে লোক; বালক; মূঢ় (মানবকদের ক্লান্তে সাঁকো—*জীদা*) । **~তা, ~ত্ব** *বি* মানুষের গুণ; মনুষ্য ধর্ম; মনুষ্যত্ব; মানবের ভাব; humanity । **~লীলা** *বি* মানব-জীবন যাপনকালে কার্যকলাপ । **~লীলা সংবরণ করা** *ক্রি* মারা যাওয়া; মৃত্যু হওয়া । **~সমাজ** *বি* ১ মনুষ্যসমূহ । ২ সকল মানুষকে নিয়ে তৈরি সমাজ; human society । **~হৃদয়** *বি* ১ মানুষের হৃদয় । ২ মনুষ্যত্বপূর্ণ মন । ৩ মানবোচিত অনুভূতি বা বোধ । **মানবীয়** *বিণ* মনুষ্যোচিত; মানুষের পক্ষে স্বাভাবিক (মানবীয় গুণ) । **মানবোচিত** *বিণ* মানুষের যোগ্য বা উপযুক্ত । { স. মনু+অ(অণ্) }

মানভঞ্জন ⇒ মান৩

মানমন্দির ⇒ মান১

মানস [মানোশ্] *বি* ১ মন; হৃদয়; চিত্ত (কবিমানস) । ২ ইচ্ছা; অভিলাষ; মকসুদ (কৃচ্ছ্রের শেষে বিধি পুরাল মানস—*সদা*) । ৩ চিত্তবোধ । ৪ হিমালয় প্রদেশস্থ সরোবরবিশেষ (মানস সরোবর) । ❑ *বিণ* ১ মানসিক (মানসপাপ) । ২ কল্পনায় গঠিত; কাল্পনিক; কল্পজাত (মানসমূর্তি) । **~তা** *বি* মনের প্রবৃত্তি ও প্রাধান্য; হৃদয়ের প্রবণতা । **~নেত্র, ~লোচন** *বি* ১ মনশ্চক্ষু; মানসিক দৃষ্টি; অন্তর্দৃষ্টি । ২ কল্পনা; অনুমান । **~পুত্র** *বি* মন বা কল্পনা থেকে জাত পুত্র; ঔরসজাত পুত্র নয় তবে মানস-জাত। তা সঙ্গে শাস্ত্র আছে এমন পুত্রপ্রতিম কেউ । **~কন্যা** *স্ত্রী* । **~প্রতিমা** *বি* মনে যে মূর্তি কল্পনা করা হয়েছে । **~সরোবর** *বি* কৈলাস পর্বতের নিকটবর্তী হ্রদের নাম । **~সিদ্ধি** *বি* আশার সফলতা; আকাঙ্ক্ষাপূরণ; প্রার্থিত বস্তু লাভ; ইষ্টলাভ । **মানসাঙ্ক** *বি* না লিখে মনে মনে কষতে হয় এমন অঙ্ক । **মানসিক** *বিণ* ১ মন সংক্রান্ত । ২ কল্পনাপ্রসূত বা জাত । ৩ মানত । **মানসিকী** *স্ত্রী* । **মানসী** *বি, বিণ স্ত্রী* ১ মনঃকল্পিতা; মনোজাতা (মানসমূর্তি) । ২ মনে মনে প্রেয়সীরূপে কল্পিত হয় যে (কবির মানসী) । { স. মনস্+অ(অণ্) }

মানা[1] [মানা] *বি* বারণ; নিষেধ (তোমাকে না মানা করলাম)। { *আ.* মানাআ منع }

মানা[2] [মানা] *ক্রি* ১ সম্মান করা; মান্য করা (গুরুজনকে মানা)। ২ বিশ্বাস করা (পরকাল মানা)। ৩ বোধ করা (অদৃষ্ট মানা)। ৪ স্বীকার করা; বোঝা (দোষ মানা)। ৫ গ্রাহ্য করা (বাধা মানা)। ৬ পালন করা (কথা মানা)। ৭ স্থির বা নির্দেশ করা (কাউকে মুরব্বি মানা)। ৮ উক্ত সব অর্থে। □ *বি* মানানো। **মানানো** *ক্রি* ১ মান্য বা সম্মান করানো। ২ সম্মত করানো। ৩ স্বীকার করানো। ৪ গ্রাহ্য করানো। ৫ পালন করানো। ৬ বিশ্বাস করানো। ৭ নির্দিষ্ট করানো। ৮ রাজি করানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √মান্+ *বা.* আ}

মানান[1] [মানান্] *বি* ১ উপযুক্ততা; যোগ্যতা; ঔচিত্য। ২ শোভা। ৩ সৌন্দর্য। □ *বিণ* ১ শোভন; সুন্দর; মানানসই। ২ উপযুক্ত; যোগ্য (মানানসই বর)। **–সই, –সহি** *বিণ* ১ ঠিকমতো। ২ ভালো বা সুন্দর বা শোভন দেখায় এমন। ৩ উপযুক্ত; যোগ্য। {মানান+সহি, সই}

মানানো[1], **মানান**[2] [মানানো] *ক্রি* ১ শোভন হওয়া; যথোপযুক্ত হওয়া; খাপ খাওয়া; to match; সুসঙ্গত বা সামঞ্জস্যপূর্ণ হওয়া; মাপমতো হওয়া (সুন্দর মানিয়েছে)। □ *বি, বিণ* উক্ত অর্থসমূহে। {মান+আনো}

মানিঅর্ডার, মনিঅর্ডার [মানিঅর্‌ডার্, মো–] *বি* ডাক যোগে যে টাকা প্রেরণ করা হয়; পোস্ট অফিসের মাধ্যমে প্রেরিত টাকা। { *ই.* money order}

মানিক, মাণিক [মানিক্] *বি* ১ মাণিক্য; এক প্রকার মূল্যবান পাথর; চুনি। ২ স্নেহ ও আদরের সম্বোধন (মানিক আমার, ধন আমার)। **–জোড়** *বি* ১ বকজাতীয় পাখি। ২ *(ব্য.)* দুই জন ঘনিষ্ঠ বন্ধু বা দুষ্ট লোক যারা প্রায়ই একত্রে থাকে। { *স.* মাণিক্য>}

মানিত [মানিতো] *বিণ* মানা বা শ্রদ্ধা করা হয় এমন; সম্মানিত; পূজিত; অর্চিত। { *স.* √মান্+ত(ক্ত)}

মানিব্যাগ, মনিব্যাগ [মানিব্যাগ্, মো–] *বি* টাকা পয়সা রাখার ছোট থলি যা পকেটে রাখা চলে। { *ই.* money bag}

মানী(–নিন্) [মানি] *বিণ* ১ সম্মানিত; সম্ভ্রান্ত (মানীর অপমান বজ্রতুল্য)। ২ অভিমানী; অহঙ্কারী (পণ্ডিতমানী)। **মানিনী** *বিণ* ১ মান্য; সম্মানীয়া; শ্রদ্ধেয়া। ২ গর্বিণী। ৩ অতি অল্পেই অভিমান করে এমন নারী; অভিমানিনী। ৪ প্রণয়ে কোপবতী। { *স.* মান+ইন্(ইনি)}

মানুষ [মানুশ্] *বি* ১ মানব; মনুষ্য; লোক; জন; নৃ; নর; আদমসন্তান। ২ ব্যক্তি (মনের মানুষ)। □ *বিণ* ১ মনুষ্য সম্পর্কীয়; মানবীয়। ২ মানবীয় গুণসম্পন্ন (মানুষের মতো মানুষ)। ৩ লালন পালন দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত (ছেলে মানুষ করা)। ৪ লায়েক; বয়ঃপ্রাপ্ত; সাবালক (মানুষ হওয়া)। **মানুষী** *স্ত্রী.*। **মানুষিক** *বিণ* ১ মনুষ্যকৃত; মানুষ দ্বারা রচিত বা সম্পন্ন। ২ মনুষ্য সম্পর্কিত; মনুষ্য সম্বন্ধীয়। **– করা** *ক্রি* প্রতিপালন করা। **– হওয়া** *ক্রি* ১ প্রতিপালিত হওয়া। ২ মানুষের উপযুক্ত গুণসম্পন্ন হওয়া। **মানুষের মতো –** *বি* আদর্শ ব্যক্তি (মানুষের মতো মানুষ হও)। { *স.* মনু+য=মনুষ্য 'ষ' আগম}

মানে [মানে] *বি* ১ তাৎপর্য; মূল ভাব; বক্তব্য; অর্থ (কথার মানে, মানে বই)। ২ উদ্দেশ্য; লক্ষ্য; অভিপ্রায়; কারণ (এ কথার মানে কি?)। **–-মতলব** *বি* ১ অর্থ; তাৎপর্য; নিগূঢ় অর্থ (শব্দের মানে-মতলবে বোধগম্যতা—*মুর*)। ২ উদ্দেশ্য; মকসুদ। { *আ.* মা'না معنى }

মানোয়ার [মানোয়ার্] *বি* ১ যুদ্ধ-জাহাজ; রণতরী। **মানোয়ারি** *বিণ* ১ যুদ্ধজাহাজে নিযুক্ত; নৌসেনা (মানোয়ারি গোরা)। ২ যুদ্ধে ব্যবহৃত হয়ে থাকে এমন (মানোয়ারি জাহাজ)। { *ই.* man of war>মানোয়ার}

মান্দার [মান্‌দার্] *বি* মাদার গাছ; শিমুল বৃক্ষ। { *স.* মন্দার>}

মান্দাস [মান্‌দাশ্] *বি* ভেলা; কলাগাছ দিয়ে প্রস্তুত ভেলা (কলা গাছের মান্দাস)। { *স.* মঞ্জুষা>}

মান্দ্য [মান্‌দো] *বি* ১ অল্পতা; ঘাটতি; অভাব (ক্ষুধামান্দ্য)। ২ আলস্য; জড়িমা। ৩ ক্ষয়ক্ষতি; হানি; লোকসান। { *স.* মন্দ+য(যক)}

মান্দ্রাজ ⟹ মাদ্রাজ

মান্ধাতা [মান্‌ধাতা] *বি* হিন্দু পুরাণোক্ত সূর্যবংশীয় প্রসিদ্ধ রাজা (মান্ধাতারও ধাত্রী তুমি—*সদ*)। **মান্ধাতার আমল** *বি* মান্ধাতার শাসনকাল; অতি প্রাচীনকাল (মান্ধাতারি আমল থেকে চলে আসছে এমনি রকম—*রঠা*)। { *স.* মাম+√ধে+তৃ(তৃচ্)}

মান্না[1] [মান্‌না] *বি* ১ আহার্যবিশেষ (আহারের জন্য আকাশ হতে রাশি রাশি মান্না পড়িতে আরম্ভ করিল—*কাই*)। ২ মিষ্ট রসবিশেষ; মধু। { *আ.* মন্ন من }

মান্না[2] [মান্‌না] *বি* মান্না; হিন্দু কুলোপাধি বা পদবি বিশেষ। { *স.* মান্য>}

মান্য [মান্‌নো] *বিণ* ১ শ্রদ্ধেয়; সম্মানযোগ্য; মাননীয়; শ্রদ্ধা ও সম্মান লাভের উপযুক্ত (মান্য ব্যক্তি)। ২ স্বীকার করবার যোগ্য (এ উক্তি সর্বদা মান্য)। □ *বি* ১ সম্মান; সমাদর (মান্য করা)। ২ সম্মানসূচক অর্ঘ্য (মান দেওয়া)। ৩ পালন (কথা মান্য করা)। **মান্যা** *স্ত্রী.*। **–গণ্য** *বিণ* সম্মানার্হ; গণ্যমান্য; সম্ভ্রান্ত। **–বর** *বিণ* অতিশয় মাননীয়; অত্যন্ত শ্রদ্ধেয়। **–বরেষু** *বি* শ্রদ্ধেয় গণ্যমান্য সম্মানিত ব্যক্তির সম্বোধনে ব্যবহৃত পাঠবিশেষ। **–মান** *বিণ* পূজ্যমান। { *স.* √মান্+য(যৎ)}

মাপ[1] [মাপ্] *বি* পরিমাপ; আয়তন; ওজন (মাপ করা, দেহের মাপ)। **মাপক** *বিণ* পরিমাপকারী; মাপকারী। **–কাঠি** *বি* পরিমাণ করার দণ্ড; মানদণ্ড; standard। **–জোখ, –জোপ** *বি* পরিমাণ ওজন ইত্যাদির নির্ণয় (বিজ্ঞানে মাপজোখও করা চাই, বিনা আঁকে যে সত্য পাওয়া যায় তা বৈজ্ঞানিক সত্য নয়—*প্রচৌ*)। **–সই, –সহি** *বিণ* ঠিক ঠিক; ছোটও নয় বড়ও নয়; পরিমাপমতো; পরিমাণ অনুসারে (ছোট মানুষের মাপসই খাওয়ার পাত্র—*মব*)। { *স.* √মা+ণিচ্(=√মাপি)+অ(অক)}

মাপ[2], **মাফ** [মাপ্, –ফ্] *বি* ১ দোষ-মার্জনা; অপরাধক্ষমা (তার বহুৎ কসুর, মাফ কিছুতেই নয়—*মোম*)। ২ রেহাই; অব্যাহতি (টাকা মাপ করা)। { *আ.* মাআফ معاف }

মাপক ⟹ মাপ[1]

মাপন [মাপোন্] *বি* ১ মাপকরণ। ২ পরিমাণ; measurement। **মাপনী** *বি* পরিমাপক। { *স.* √মাপি+

অন(ল্যুট)}

মাপা [মাপা] *ক্রি* ১ পরিমাপ করা; ওজন করা। ২ জরিপ করা। □*বি* মাপন। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। ~**জোখা** *বিণ* ১ নির্দিষ্টভাবে মাপা হয়েছে এমন। ২ একান্ত পরিমিত। □*বি* মাপন। **মাপানো** *ক্রি* ১ অন্যের দ্বারা পরিমাণ করানো। ২ অদৃষ্ট বলে স্থির করা (আল্লাহ তাঁর ভাগ্যে এই মাপিয়েছেন)। □*বি,বিণ* উক্ত সব অর্থে। { *স.* √মা+ণিচ্(মাপি)+আ}

মাফ ⇒ মাপ[২]

মাফিক [মাফিক] *বিণ* ১ অনুসারী; অনুসারে (মিল মাফিক লোক পাইলে মানিকজোড় হয়—*প্যামি*)। ২ অনুযায়ী; মতন; ঠিক (কথামাফিক কাজ)। ~**সই**, ~**সহি** *বিণ* মাপ অনুযায়ী (বাবা যে অনেক ঘুরে তোমার মাফিকসই জিনিষ এনেছিলেন—*কেম*)। { *আ.* মুৱাফিক موافق }

মা-বাপ [মাবাপ] *বি* ১ মাতা-পিতা। ২ প্রতিপালক; স্নেহশীল, ক্ষমাশীল এবং অসাধারণ ক্ষমতাসম্পন্ন ব্যক্তি (হুজুর মা বাপ, গরিবের প্রতি দয়া করুন)। { *স.* মাতা+বপ্র(>*প্রা.* বপ্প)>}

মাবুদ, মা'বুদ [মাবুদ] *বি* উপাস্য; পূজনীয়; ইবাদতের যোগ্য। { *আ.* মা'বূদ معبود }

মাভৈ, মাভৈঃ [মাভোই] *ক্রি* ১ ভয় কোরো না; ভীত হওয়ার কারণ নেই। □*বিণ* অভয়ব্যঞ্জক (মাভৈঃ বাণীর ভরসা নিয়ে—*রঠা*)। { *স.* মা+ভৈঃ}

মামড়ি, মামড়ী [মামড়ি] *বি* ক্ষত নিরাময়ের পূর্বে গঠিত শুষ্ক চর্মের আবরণ। {মড়ামাস>}

মামদো, মামুদা [মামদো, মামুদা] *বি,বিণ* বাংলাদেশের লোকবিশ্বাস অনুযায়ী প্রেতযোনিপ্রাপ্ত মুসলমান; ইসলাম ধর্মাবলম্বী ভূত (মামদো ভূত)। { *আ.* মহম্মদ محمد +*বা.* ঈয়>}

মামলত [মামলত] *বি* ১ ব্যাপারসমূহ; উদ্দেশ্য; মতলব (মামলত হাসিল করা)। ২ অর্থকড়ি; টাকা-পয়সা (ওসব বড়মানুষি করতে গেলে মামলত চাই)। { *আ.* মু'অমিলাত معاملات }

মামলা [মামলা] *বি* ১ মকদ্দমা; কেস। ২ ব্যাপার; বিষয় (মাত্র একটা রাতের মামলা—*মব*)। ~**বাজ** *বিণ* মকদ্দমা করতে পটু; বিবাদপটু। ~-**মকদ্দমা** *বি* নালিশ; মকদ্দমা। ~ **রুজু করা** *ক্রি* বিচারার্থ কাছারিতে নালিশ করা (কন্যাপক্ষ বিবাহ-বিচ্ছেদের মামলা রুজু করিতে চাহিলেন—*শচ*)। { *আ.* মু'অমিলাহ معاملة }

মামা[১], **মামু** [মামা, মামু] *বি* মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি; মাতুল। **মামি, মামী, মামানি** *বি. স্ত্রী.* মামার স্ত্রী; মাতুলানী (মামানী এবং বুবুজানেরা আসলেই পুরণ কথা, পুরণ ভালবাসা উথলে উঠে—*মীম*)। **মামাতো, মামাত** *বি* নিজের অথবা পতি বা পত্নীর মামার সন্তানরূপে সম্পর্কযুক্ত (মামাতো ভাই)। ~**শ্বশুর** *বি* স্বামী বা স্ত্রীর মামা। **মামার ভাতে থাকা** *ক্রি* আদরের অন্নে প্রতিপালিত হওয়া। **মামিশাশুড়ি, মামীশাশুড়ী** *বি. স্ত্রী.* মামাশ্বশুরের স্ত্রী। { *স.* মামক>মাম+আ; *তুল. হি.* মামা}

মামা[২] [মামা] *বি* ঝি; চাকরানি (আবদুল্লাহর মাতাও রান্না-ঘর হইতে নিষ্কৃতি পাইলেন—রাবিয়ার মামা সেখানে তাঁহার স্থান গ্রহণ করিলেন—*কাই*)। { *ফা.* মামা ماما }

মামু ⇒ মামা[১]

মামুর [মামুর] *বিণ* লোকজনে ভরা; আবাদ (মামুর হইল মোর...খানা—*ভারা*)। { *আ.* মা'মূর معمور }

মামুলি ⇒ মামুলী

মামুলি, মামুলী [মামুলি] *বিণ* ১ প্রথানুযায়ী; গতানুগতিক (ঘটকালি করতে হলে ইনিয়ে বিনিয়ে বানিয়ে নানা কথাই বলা হচ্ছে মামুলি দস্তুর—*প্রচৌ*)। ২ চিরাচরিত; চিরকালীন (মামুলি স্বত্ব)। ৩ অতি সাধারণ; অকিঞ্চিৎকর; অতিসামান্য (এমনি নির্লজ্জের মত এসেই আঁধার পথের মামুলী মিলনেই আমার প্রিয়ার অবমাননা করি—*নই*)। { *আ.* মাআমূলী معمولی }

মাযার ⇒ মাজার

মায় [মায়] *অব্য* ১ পর্যন্ত; অবধি (চুলের ফ্যাসন থেকে সাহিত্য মায়—*বুব*)। ২ সহিত; সঙ্গে; সমেত (জায়গা জমি মায় ঘর বাড়ি)। { *আ.* মাআ مع }

মায়না[১] ⇒ ময়না[৩]

মায়না[২] ⇒ মাহিয়ানা

মায়া [মায়া] *বি* ১ ইন্দ্রজাল; কুহক; জাদু (মায়ার মায়া কে বুঝে জগতে—*মদ*)। ২ কাপট্য; ছলনা; ছদ্মবেশ। ৩ অবিদ্যা; অজ্ঞান; সত্ত্বরজস্তমোযুক্তা প্রকৃতি। ৪ মমতা; স্নেহ; স্নেহের আকর্ষণ (তার মায়া ত্যাগ করা মুশকিল)। ৫ ভ্রান্তি; মোহ (মায়াময় সংসার)। ~ **কাটানো** *ক্রি* মোহ বা স্নেহের বন্ধন ত্যাগ করা (পৃথিবীর মায়া কাটানো কষ্টকর)। ~**কানন** *বি* জাদুবলে রচিত উপবন। ~**কান্না** *বি* কান্নার ভান; কান্নার ছল; কপট কান্না। ~**ঘোর** *বি* মোহের প্রভাব (মায়াঘোরে পড়ে আছি এ সংসারে)। ~**ডোর**, ~**পাশ**, ~**রজ্জু** *বি* স্নেহের বন্ধন। ~**দণ্ড** *বি* জাদুদণ্ড। ~ **পড়া** *বি* মমতা (অনেকদিন যেখানে বাস যাদের সঙ্গে ঘরকন্না, মায়া পড়ে তাদের উপর—*অঠা*)। ~**বদ্ধ** *বিণ* মোহঘোরে সংসারে বাঁধা; স্নেহমমতার ডোরে সংসারে আসক্ত। ~**বাদ** *বি (দর্শন.)* জগৎ মিথ্যা, ব্রহ্ম সত্য—এই মতবাদ। { *স.* ময়+অ(ণ)+আ(টাপ)}

মায়াবাদী(-দিন্) [মায়াবাদি] *বিণ* মায়াবাদ মানে বা বিশ্বাস করে এমন (লালচাঁদও এই মায়াবাদী দর্শনের প্রভাব এড়াতে পারছে না—*আনিস*)। ~**বিদ্যা** *বি* জাদুবিদ্যা। **মায়াবী**(-বিন্) *বি,বিণ* ঐন্দ্রজালিক; জাদুকর (মায়াবী আর শিল্পী এ দুয়ের মধ্যে পরিষ্কার ভেদ অনেকদিন করেনি মানুষ—*অঠা*)। □*বিণ* ১ প্রতারক; ঠক, শঠ; ভানকারী; কপটচারী। ২ মায়াযুক্ত। ~**বিনী** *স্ত্রী.*। ~**ময়** *বিণ* ১ ছলনাপূর্ণ; কপটতাপূর্ণ। ২ মায়া দ্বারা আচ্ছন্ন। ~**ময়ী** *স্ত্রী.*। ~**মরীচিকা** *বি* অলীক মোহ (মায়ামরীচিকার মতো অত্যন্ত অস্পষ্ট প্রতিভাত হইল—*রঠা*)। ~**মুক্ত** *বিণ* মোহ দূর হয়েছে এমন; মোহ থেকে মুক্ত। ~**রথ** *বিণ* অলীক রথ; জাদুর শক্তিতে সৃষ্ট যান। ~**রাজ্য** *বি* মায়াসৃষ্ট রাজ্য; অলীক বা স্বপ্নরাজ্য। **মায়িক, মায়ী** (য়িন্) *বিণ* ১ ঐন্দ্রজালিক; জাদুকর। ২ মায়াময়; মায়ার দ্বারা আচ্ছন্ন। { *স.* মায়াবাদ+ইন(ইনি)}

মায়েনমার, মায়ানমার [মায়েনমার, মায়া-] *বি* বর্মা বা

বার্মার বর্তমান নাম; ব্রহ্মদেশ। {*বার্মিজ.* Myanmar}

মার[1] [মার্] *বি* মরণ; মৃত্যু; বিনাশ; ধ্বংস (সত্যের মার নেই)। {*স.* √মৃ+ই(ণিচ)=(√মারি)+অ(অণ্)}

মার[2] [মার্] *বি* ১ কন্দর্প; অনঙ্গ; মদন; কামদেব; হিন্দুমতে প্রেমের দেবতা। ২ মারণ; বধ; হত্যা। ৩ বৌদ্ধমতে বুদ্ধদেবের তপস্যায় বিঘ্ন সৃষ্টিকারী দেবতা। **মারক** *বি* মারী; মড়ক; ধ্বংস। ☐*বিণ* বধকারী; ধ্বংসকারী; নাশক। {*স.* √মারি+অ(অণ্)}

মার[3] [মার্] *বি* প্রহার বা আঘাত করা (মার খাওয়া, মার দেওয়া)। **–কাট, –মার কাটকাট** *বি* ১ মারামারি; কাটাকাটি। ২ অত্যন্ত কঠোরতা; শাসানি, ধমকানি ইত্যাদি। ৩ অত্যধিক ব্যস্ততা; হৈ চৈ। ☐*বিণ* বড় জোর; বেশির পক্ষে (মেরে কেটে এর দাম শ' টাকা হতে পারে)। **–কুটে, –কুটো** *বিণ* মারমুখী; মারার স্বভাব এমন। **~খাওয়া** *ক্রি* প্রহৃত হওয়া। **–খেকো** *বিণ* প্রায়ই মার খায় এমন। **~ দেওয়া** *ক্রি* প্রহার করা। **–ধর** *বি* ১ মার। ২ প্রহার করণ; প্রহার। **~পিট** *বি* ১ খুব বেশি প্রহার। ২ মারামারি। ৩ দাঙ্গা। **–মুখো** *বিণ* মারে আর কি এমন ভাব; প্রহার করতে উদ্যত; প্রহারোদ্যত (হঠাৎ এ ধরনের মারমুখো হলে কেন?)। **~মুখী** *স্ত্রী*। **~মূর্তি** *বিণ* সংহারের মূর্তি। {*স.* √মারি>*বা.* √মার্}

মারক ⇒ মার[2]

মারকিন ⇒ মার্কিন

মারণ [মারোন্] *বি* ১ হত্যা; বধ; হনন। ২ কারও মৃত্যুর জন্য তন্ত্রোক্ত অভিচার (মারণমন্ত্র)। ৩ *(বিজ্ঞান.)* ধাতু ও ধাতব পদার্থাদি ভস্মীকরণ। **মারণাস্ত্র** *বি* সম্পূর্ণভাবে বিনাশ করে যে অস্ত্র (সাংঘাতিক মারণাস্ত্র হলো পরমাণবিক বোমা—*শাফ*)। **মারিত** *বিণ* ১ হত; বিনাশিত। ২ ভস্ম করা হয়েছে এমন। {*স.* √মৃ+ণিচ+অন(ল্যুট্)}

মারপ্যাঁচ, মারপেঁচ [মারপ্যাঁচ্] *বি* কূটকৌশল; ফাঁদ; জাল; কুটিলতা। **কথার ~** *বি* শব্দের কূটকৌশল; কথার জটিল কায়দা। {*হি.* মারপেঁচ}

মারফত[1], **মারফৎ** [মারফত্] *অব্য* মাধ্যম; দ্বারা (তার মারফত টাকাটা পাবে; প্রধানত গদ্যের মারফতেই ব্যক্ত হয়েছে—*কাআমা*)। **–দার** *বি* মাধ্যম; যার মারফত আদান-প্রদান করা হয়। {*আ.* মা'রিফত معرفة}

মারফত[2], **মারফতি** ⇒ মারেফাত

মারবেল, মার্বেল [মারবেল্] *বি* ১ পাথরবিশেষ; মর্মর পাথর। ২ পাথর, কাঁচ প্রভৃতি দিয়ে তৈরি খেলার ছোট গুটিকা। {*ই.* marble}

মারয়ারী = মারওয়ারি

মারহাট্টা [মারহাট্টা] *বি* ১ মহারাষ্ট্র দেশ। ২ মহারাষ্ট্রের অধিবাসী; মারাঠা। ৩ মহারাষ্ট্র দেশীয়; মহারাষ্ট্র দেশের; মহারাষ্ট্র দেশ সম্পর্কিত। {*স.* মহারাষ্ট্র>}

মারহাবা, মার্হাবা, মরহাবা [মারহাবা, –, ম–] *অব্য* জোকার; জয়ধ্বনি; অভিনন্দনজ্ঞাপক ধ্বনি; প্রশংসাসূচক উক্তি; শাবাশ; খোশ আমদেদ ইত্যাদি (মারহাবা আফরীন শাবাশ বলে উচ্চ কণ্ঠে কবির তারিফ করছে—*সৈমু*)। {*আ.* মারহাবা مرحبا}

মারা [মারা] *ক্রি* ১ হত্যা বা বধ করা (পাখি মারা)। ২ প্রহার করা (শিশুকে মারা)। ৩ আঘাত বা হত্যার উদ্দেশ্যে প্রয়োগ করা (ছুরি মারা)। ৪ নষ্ট বা নাশ করা (বিষ মারা, জাত মারা)। ৫ শুকানো (রস মারা)। ৬ প্রবেশ করানো; ঢুকানো (পেরেক মারা)। ৭ জোড়া দেওয়া; লাগানো (তালি মারা)। ৮ বন্ধ করা (ফাঁক মারা)। ৯ লুঠ বা অপহরণ করা (পকেট মারা)। ১০ আত্মসাৎ করা (টাকা মারা)। ১১ বঞ্চিত করা (ভাত মারা)। ১২ ছাড়া; জোরে ডাকা (হাঁক মারা)। ১৩ রুদ্ধ করা (পথ মারা)। ১৪ ধারণ করা; আঁটসাঁট হওয়া (মাল-কোঁচা মারা)। ১৫ হঠাৎ পাওয়া (লটারিতে টাকা মারা)। ১৭ দেওয়া (উঁকি মারা)। ১৮ প্রচুর খাওয়া (লুচি মাংস মারা)। ১৯ তৃপ্তির সঙ্গে ভোগ করা; উপভোগ করা (স্ফূর্তি মারা)। ☐*বি* উক্ত সকল অর্থে। ☐*বিণ* ১ নিহত; হত (গুলিতে মারা বাঘ)। ২ আঁটা হয়েছে এমন (পেরেক মারা জুতা)। ৩ বধকারী; হত্যাকারী (বাঘ-মারা)। ৪ অসৎ উপায়ে প্রাপ্ত (মারা টাকা)। ৫ মৃত; নষ্ট; অপহৃত (মারা যাওয়া)। **~ পড়া, ~ যাওয়া** *ক্রি* ১ প্রাণত্যাগ করা। ২ নষ্ট বা ধ্বংস হওয়া (ব্যবসায়ে সে মারা পড়বে)। **~মারি** *বি* ১ পরস্পর প্রহার। ২ লড়াই; যুদ্ধ; দাঙ্গা। **পেটে –, ভাতে ~** *ক্রি* ১ অনাহারে দুর্বল করে বিনষ্ট করা। ২ খাদ্য সংগ্রহের উপায় নষ্ট করে দেওয়া। **প্রাণে ~** *ক্রি* হত্যা করা। **মটকা ~** *ক্রি* ঘুমের ভান করা। **মাঠে ~ যাওয়া** *ক্রি* সম্পূর্ণ নিষ্ফল হওয়া; বৃথা নষ্ট হয়ে যাওয়া। **মার্কা–** *বিণ* দাগি; চিহ্নিত। **মুখ ~** *ক্রি* মিষ্ট দ্রব্যাদি অত্যধিক খাওয়ার ফলে অরুচি হওয়া। **লাফ ~** *ক্রি* লম্ফ দেওয়া; লাফানো। {*স.* √মৃ+ই(ণিচ্)= (√মারি)+অ(অণ্)+*বা.* আ}

মারাঠা, মরাঠা [মারাঠা, মরাঠা] *বি* মহারাষ্ট্র রাজ্যের অধিবাসী; মহারাষ্ট্রনিবাসী। ☐*বিণ* মহারাষ্ট্রীয়। **মারাঠি, মরাঠী** *বি* মহারাষ্ট্র রাজ্যের অধিবাসী বা ভাষা। ☐*বিণ* মহারাষ্ট্রসংক্রান্ত; মহারাষ্ট্রীয়। {*স.* মহারাষ্ট্র>*বা.* মারহাট্টা>মারাঠা, মরাঠা}

মারাত্মক [মারাত্তোঁক্] *বিণ* ১ অত্যন্ত ভয়াবহ; সাংঘাতিক। ২ জীবন নাশকারী। {*স.* মার+আত্মক}

মারী [মারি] *বি* সংক্রামক রোগে ব্যাপক মৃত্যু; মড়ক (ওরে ও সাগরপারী দেশে দেশে তুমি অচিরে ছড়াবে মারী—*সদ*)। {*স.* √মৃ+ই(ণিচ্)+ঈ(ইন্)}

মারিত ⇒ মারণ

মারী[1] ⇒ মারি

মারী[2] [মারি] *বি* পাকিস্তানে রাওয়ালপিণ্ডির নিকটবর্তী শৈল-নিবাস। {*স.* মারী>?}

মারীচ [মারিচ্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত রাম কর্তৃক নিহত রাক্ষস; তাড়কা রাক্ষসীর পুত্র। ২ কশ্যপ ঋষি। {*স.* মরীচি+অ(অণ্)}

মারুত[1] [মারুত্] *বি* বাতাস; বায়ু; অনিল; হাওয়া; ঊনপঞ্চাশ বায়ু (মদির খোসবুর মাদকতায়...মলয় মারুতকে মাতিয়ে তুলেছিল—*নই*)। **মারুতি** *বি* হিন্দু পুরাণ মতে পবনপুত্র হনুমান; পবননন্দন বানর। {*স.* মরুৎ+অ(অণ্)}

মারুত[2], **মারূত** [মারুত্] *বি* জনৈক ফিরিশতা বা রাজার নাম (হারুত-মারুত এক সঙ্গে উল্লিখিত হয়ে থাকে)। {*আ.* মারুত ماروت}

মারুলি *(মবা.)* [মারুলি] *বি* পথ (কারও মারুলি দিয়া কেহ নাহি যায়—*মগা*)। {*স.* মার্গ>}

মারেফাত, মারফত [মারেফাত্, মার্‌ফত্] *বি* মরমি সাধনা; আল্লাহকে সম্যকভাবে জানার জন্য সাধনা; তত্ত্বজ্ঞান (হে মারেফাতের ধ্যানী মুসাফির—*ফআ*)। **মারফতি** *বিণ* তত্ত্বজ্ঞান সম্পর্কীয়; মারফত বিষয়ক (সে কথা মারফতি ব্যাপার—মউ)। **মারফতি গান** *বি* পরমতত্ত্ব-বিষয়ক গান; মরমি গান; বাউল ইত্যাদি গান। {*আ.* মা'রিফত معرفة }

মারোয়া [মারোয়া] *বিণ* প্রহারোদ্যত; মারমুখী; মারতে উদ্যত। □*বি* রাগিণীর নাম। {মার+উয়া>ওয়া}

মারোয়াড়ী = মাড়ওয়ারি

মার্কণ্ড, মার্কণ্ডেয় [মারকন্‌ডো, -ডেয়ো] *বি* ১ একজন মুনির নাম। ২ ঐ মুনি প্রণীত পুরাণ। ~ **চণ্ডী** *বি* মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীর মাহাত্ম্যজ্ঞাপক কাব্য। {*স.* মৃকণ্ড+অ(অণ্), এয়(ঢক)}

মার্কা [মারকা] *বি* চিহ্ন; নিশানা; ছাপ। ~ **মারা** *বি* চিহ্নিত। □*বিণ* দাগি (মার্কামারা চোর)। {*পো.* marca; তুল. *ই.* mark}

মার্কিন, মারকিন [মার্‌কিন্] *বি* ১ একপ্রকার মোটা সুতি কাপড় (স্বামীর পরনে মার্কিনের তবন—*মীম*)। ২ আমেরিকার যুক্তরাষ্ট্র। ৩ উক্ত দেশবাসী। □*বিণ* উক্ত দেশে প্রস্তুত; উক্ত দেশ সংক্রান্ত; উক্ত দেশের। {*ই.* American>Markin}

মার্কেট [মার্‌কেট্] *বি* বাজার। {*ই.* market}

মার্গ [মার্‌গো] *বি* ১ পথ; রাস্তা। ২ উপায়; কৌশল। ৩ সাধনপদ্ধতি (ওসব হচ্ছে ভিন্ন ভিন্ন সাধনার মার্গ—*রাব*)। ৪ গুহ্যদ্বার; মলদ্বার। ৫ সঙ্গীতের বিশুদ্ধ শাস্ত্রীয় প্রণালি। ~**সঙ্গীত** *বি* ধ্রুপদী গান; শাস্ত্রীয় সঙ্গীত; classical music। {*স.* √মার্গ্+অ(অচ্)}

মার্গণ, মার্গ্য [মার্‌গন্, মার্‌গো] *বি* ১ প্রার্থনা; যাচ্ঞা। ২ অন্বেষণ; অনুসন্ধান। ৩ প্রণয়; প্রেম। {*স.* মার্গ+অন(ল্যুট্), য(ণ্যৎ)}

মার্গশির, মার্গশীর্ষ [মার্‌গোশির্, -র্‌শো] *বি* যে মাসের পূর্ণিমা মৃগশিরা নক্ষত্রযুক্ত; অগ্রহায়ণ মাস। {*স.* মার্গ+শির, শীর্ষ}

মার্গাখ্যায়ী [মার্‌গাক্‌খায়ি] *বি* আধ্যাত্মিক পথ প্রদর্শক (...গৌতম নিজেকে কেবলমাত্র মার্গাখ্যায়ী বলে অভিহিত করেন—*রাসা*)। {*স.* মার্গ+আখ্যায়ী}

মার্চ[১] [মার্‌চ্] *বি* খ্রিস্টীয় সালের তৃতীয় মাস। {*ই.* March}

মার্চ[২] [মার্‌চ্] *বি* ১ তালে তালে পা ফেলে চলা (বাহবা ট্রেঞ্চের ভিতর একটা ব্যাটালিয়ন মার্চ হচ্ছে—*নই*)। ২ সৈন্যদের কুচকাওয়াজ। {*ই.* March}

মার্জক ⇒ মার্জন

মার্জন [মার্‌জন্] *বি* ১ প্রক্ষালন; মাজা; পরিষ্কারকরণ; পরিষ্করণ (খাটপালঙ্ক বাসন কোসনকে শোধন এবং মার্জন করা—*রঠা*)। ২ শোধন; বিশুদ্ধিকরণ। ৩ দোষ ক্ষালন; অপরাধ মুক্তি। **মার্জক** *বিণ* মার্জন বা পরিষ্কার করে এমন। **মার্জনা** *বি* ১ ক্ষমা; মাফ (ত্রুটি মার্জনা করা)। ২ প্রক্ষালন; পরিষ্করণ; শোধন; ক্ষালন। **মার্জনী** *বি* ১ যা দিয়ে পরিষ্কার করা যায়। ২ সম্মার্জনী; ঝাড়ু; বুরুশ। **মার্জনীয়** *বিণ* ক্ষমার উপযুক্ত; ক্ষমার্হ। {*স.* √মার্জ্/মার্জি+অন(ল্যুট্)}

মার্জার [মার্‌জার্] *বি* বিড়াল (মার্জার-পত্নী মহাশয়াও সেটা স্বীকার করতে নারাজ—*নই*)। **মার্জারী** *স্ত্রী.*। {*স.* √মৃজ্+আর(আরন্)}

মার্জিত [মার্‌জিতো] *বিণ* ১ মার্জন করা হয়েছে এমন; প্রক্ষালিত; পরিষ্কৃত। ২ ত্রুটিশূন্য; দোষমুক্ত। ৩ চর্চা দ্বারা উৎকর্ষপ্রাপ্ত; সংস্কৃত। ৪ সভ্য; সুরুচিসম্পন্ন। **মার্জিতা** *স্ত্রী.*। ~**বুদ্ধি** *বিণ* চর্চার দ্বারা উৎকর্ষ প্রাপ্ত; বুদ্ধিযুক্ত। ~**রুচি** *বিণ* সুরুচিসম্পন্ন। {*স.* √মার্জ্+ত(ক্ত)}

মার্জিন [মার্‌জিন্] *বি* পৃষ্ঠায় লেখার চার পাশে যে অংশটুকু ফাঁকা রাখা হয়। {*ই.* margin}

মার্তণ্ড [মার্‌তন্‌ডো] *বি* সূর্য; রবি (আকাশের মতো আমারও মর্মভেদ করে এমনি কোটি কোটি তারা জ্বলছে উজ্জ্বলতায় সেগুলো মার্তণ্ডের চেয়েও উত্তপ্ত—*নই*)। {*স.* মৃতণ্ড+অ(অণ্)}

মার্দব [মার্‌দবো] *বি* মৃদুতা, কোমলতা; মৃদুতা ও কোমলতায় পূর্ণ। {*স.* মৃদু+অ(অণ্)}

মার্বেল ⇒ মারবেল

মার্হাবা ⇒ মরহাবা

মাল[১], **মালো** [মাল্, -লো] *বি* ১ জাতিবিশেষ। ২ সাপের ওঝা। ৩ সাপুড়ে। ৪ হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। ~**বৈদ্য** *বি* সর্পবিষের চিকিৎসা করে যে; সাপের ওঝা। {*স.* মল্ল>}

মাল[২] [মাল্] *বি* উন্নত ক্ষেত্র; উঁচু জমি। ~**ভূমি** *বি* যে উন্নত বিশাল ক্ষেত্রের চারদিকের ভূমি যথেষ্ট নিচু। {*স.* √মা+র(রন্)>(নিপাতনে)}

মাল[৩] [মাল্] *বি* কুস্তিগির; মল্লযোদ্ধা; বাহুযোদ্ধা। ~**কোঁচা**, ~**কাছা** *বি* দুই পায়ের মধ্য দিয়ে পেছনে গোঁজা ধুতি লুঙ্গি প্রভৃতির কোঁচা (তহবন্দ উল্টাইয়া মালকাছা মারে—*আমআ*)। ~**সাট** *বি* ১ মালকোঁচা। ২ আস্ফালন; তাল ঠোকা। {*স.* মল্ল>}

মাল[৪] [মাল্] *বি* মদ (মাল খেয়ে ওরা বে-সামাল হয় মোরাকাসি আর হাঁচি—*নই*)। ~**টানা** *ক্রি* *(ব্য.)* মদ খাওয়া; মদ্য পান করা। {*ফা.* মাল مال }

মাল[৫] *(পদ্য.)* [মাল্] *বি* মালা (মুকুতার মাল—*কমু*)। {*স.* মাল্য>*প্রা.* মল্ল>মাল}

মাল[৬] [মাল্] *বি* ১ ক্রয়বিক্রয়ের দ্রব্য; ব্যবসায়ের জিনিস; পণ্যদ্রব্য (দোকানের মাল)। ২ জিনিসপত্র; দ্রব্য; পদার্থ (মাল-গাড়ি)। ৩ ধনসম্পদ (সামলায় মাল মালওয়ালা—*নই*)। ৪ রাজস্ব; খাজনা; কর (মালগুজার)। ৫ সরকারের খাজনা দেওয়া জমি। ~ **কাটা** *ক্রি* পণ্যদ্রব্য বিক্রি হওয়া। ~**ক্রোক** *বি* অস্থাবর সম্পত্তি আটক। ~**খানা** *বি* ১ বহু মূল্যবান ধনসম্পদ রাখার কক্ষ; ধনাগার; ধনকোষ। ২ খাজনাখানা (আঁটা আঁটি সেই গড়ে থাকে মালখানা—*ভারা*)। ~**গাড়ি**, ~**গাড়ী** *বি* বিবিধ দ্রব্য বহনকারী যান; মালবহনকারী রেলগাড়ি। ~**গুজার** *বি* যে রাজস্ব বা খাজনা দেয়; জমির মালিক। ~**গুজারদার** *বি* যে মালগুজারি বা খাজনা দেয়। ~**গুজারি** *বি* ভূমিকর;

খাজনা; রাজস্ব (হাল গরু ক্রোক আকালের কালে করিতেও মালগুজারি—*সদ*)। ~**গুদাম** *বি* যে ঘরে নানাবিধ মালপত্র রাখা হয়। ~**জমি** *বি* যে জমির খাজনা স্থির করা হয়েছে। ~**জামিন** *বি* ১ সম্পত্তির জামিন বা প্রতিভূ। ২ জমিন হিসেবে গচ্ছিত সম্পত্তি। ~**দার** *বিণ* সম্পদশালী; ধনবান; ধনী। ~**পত্র** *বি* জিনিসপত্র; নানা দ্রব্য। ~**মসলা** *বি* উপাদান; উপকরণ; কোনো দ্রব্য প্রস্তুত করতে যে সমস্ত দ্রব্যের প্রয়োজন হয় (যিনি সভ্য হবেন তিনি সভ্যতার মালমসলা নিজের খরচেই যোগাবেন—*রঠা*)। ~**মাত্তা** *বি* ১ ধনসম্পদ; জিনিসপত্র। ২ অস্থাবর সম্পত্তি। { *আ.* মাল্ مال }

মালউন ⇒ মালাউন

মালকোষ, মালকোষ [মাল্‌কোশ্] *বি* সঙ্গীতের একটি রাগ। { *স.* মালকৌশ> }

মালঝাঁপ [মাল্‌ঝাঁপ্] *বি* বাংলা ছন্দের নাম; ত্রিপদী ছন্দবিশেষ। { *স.* মল্ল+ঝম্প> }

মালঞ্চ [মালোন্‌চো] *বি* পুষ্পোদ্যান; ফুলবাগান (আমি তব মালঞ্চের হব মালাকর—*রঠা*)। { *স.* মালা+পঞ্চ> *প্রা.* মালাঅংচ>মালঞ্চ }

মালতী [মালোতি] *বি* ১ এক প্রকার ফুল বা লতা। ২ চামেলি ফুল। ৩ একটি সংস্কৃত ছন্দের নাম। { *স.* √মল্+অত(অতচ্)+ই(ইন্), +ঈ(ঙীষ্) }

মালপুয়া, মালপোয়া, মালপো [মাল্‌পুয়া, –পোয়া, –পো] *বি* ময়দা বা চালের গুঁড়ায় তৈরি ঘিয়ে বা তেলেভাজা লুচিজাতীয় মিষ্ট খাবারবিশেষ (আমি মালপোর লাগি তপ্সী বাঁধিয়া—*নই*)। { *স.* মাল+পূপ> }

মালব [মালোব্] *বি* ১ মধ্য ভারতের প্রাচীন জনপদ বা দেশ। ২ সঙ্গীতের একটি রাগের নাম। { *স.* মালব+অ(অণ্) }

মালভূমি [মাল্‌ভূমি] *বি* উচ্চ সমতলভূমি (গোলান মালভূমি)। { *স.* মাল+ভূমি }

মালয়[১] [মালয়্] *বি* ১ চন্দন বৃক্ষ। ২ মলয় পর্বত থেকে উৎপন্ন। { *স.* মলয়+অ(অণ্) }

মালয়[২] [মালয়্] *বি* দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশবিশেষ। □*বিণ* মালয় দেশ, সে দেশের অধিবাসী বা ভাষা সংক্রান্ত। { *ই.* Malay }

মালসা [মাল্‌শা] *বি* ১ হাঁড়িজাতীয় মাটির পাত্রবিশেষ (এক ছিলিম তামাক সাজাইয়া মালসা হইতে আগুন উঠাইল—*কাআও*)। ২ মাটির তৈরি বড় সরা; তুষের আগুন রাখার পাত্র। { মালা+সা(সাদৃশ্যার্থে) }

মালসি[১] [মাল্‌সি][১] *বি* মাটির তৈরি ক্ষুদ্র সরা। { মালসা> }

মালসি[২]**, মালসী** [মাল্‌সি] *বি* ১ সঙ্গীতের একটি রাগিণী। ২ কবিগানের অংশরূপে প্রচলিত শ্যামা সঙ্গীতবিশেষ। { *স.* মালশ্রী> ? }

মালা[১] [মালা] *বি* ১ হার; মাল্য; পুষ্পনির্মিত মাল্য (বিদায় বেলার মালাখানি—*রঠা*)। ২ বহুবচন প্রকাশক শব্দ (অনুষ্ঠানমালা); শ্রেণিসমূহ (তরঙ্গমালা, কথামালা)। ~**কর, –কার** *বি, বিণ* ১ পুষ্পমাল্য রচনাকারী; মালী (আমি তব মালঞ্চের হব মালাকর—*রঠা*)। ২ হিন্দু বাঙালি জাতিবিশেষ। **মাল্যচন্দন, ~চন্দন** *বি* পূজনীয় বা সম্মানিত ব্যক্তিকে হিন্দু পদ্ধতিতে বরণ করার উপকরণ; ফুলের মালা ও চন্দন। ~**বদল** *বি* হিন্দু বিয়েতে বর ও কনের পরস্পর মালা বিনিময়। ~ **জপা** *ক্রি* রুদ্রাক্ষ প্রভৃতি গুটিকা দ্বারা রচিত মালার দানা গণনা করে ঈশ্বরের নাম জপ করা; তসবিহ্ পড়া। { *স.* মা+√লা+অ(ক)+আ(টাপ্) }

মালা[২]**, মালো** [মালা, –লো] *বি* ধীবর; জেলে; হিন্দু সম্প্রদায়বিশেষ। { *আ.* মাল্লাহ্ ملاح }

মালা[৩] [মালা] *বি* নারকেলের বাটির আকারের অর্ধেক খোল। { *স.* মল্লক>মল্লয়> *বা.* মালিয়া>মালা }

মালাই [মালাই] *বি* দুধের সর। ~ **কারি/কারী** *বি* মিষ্টিবিশেষ; ময়মনসিংহে তৈরি এক রকম মিষ্টি। ~ **বরফ** *বি* বরফে জমানো দুধে তৈরি মিষ্টি খাবারবিশেষ। { *ফা.* বালাই بالائی }

মালাইচাকি [মালাইচাকি] *বি* মানুষের জানুর বা হাঁটুর চক্রাকার অস্থি (ওটা নাকি লখিন্দরের মালাইচাকি—*অঠা*)। { *স.* মালাচক্র> }

মালাউন, মালউন [মালাউন্, মাল–] *বিণ* ১ লানতপ্রাপ্ত; অভিশপ্ত; বিতাড়িত; কাফের (অনাচারে কার সরদার মুসলিম অভিমানে ছাড়িয়ে গেল চিরতরে মালাউনকে—*শাহে*; মালাউনের ছুড়ির খোঁচায়—*মুচৌ*)। ২ শয়তান। ৩ মুসলমান কর্তৃক ভিন্ন ধর্মসম্প্রদায়ের লোককে দেয় গালিবিশেষ। { *আ.* মল্‌'উন' ملعون }

মালাদীপক [মালাদিপক] *বি* দীপক নামক অর্থ অলঙ্কারের মালা। { *স.* মালা+দীপক }

মালাবার [মালাবার্] *বিণ* ১ দক্ষিণ ভারতের একটি প্রদেশ। ২ উক্ত প্রদেশ সম্বন্ধীয়। ৩ উক্ত প্রদেশের অধিবাসী। { *স.* মলয়বার> }

মালাম [মালাম্] *বিণ* পদচিহ্নবিশিষ্ট (মালাম পাথরে দুইয়ে শুয়ে—*মৈগী*)। □*বি* পদচিহ্ন; পায়ের ছাপ (আলীর মালামের পাথ্থর—*মৈগী*)। { মাল(মল্ল)+আম(আমি) }

মালামাল [মালামাল] *বি* মাল; জিনিসপত্র। □*বিণ* পরিপূর্ণ; ভরা। { *আ.* মালামাল مالامال }

মালিক[১]**, মালেক** [মালিক্, মালেক্] *বি* ১ অধিকারী। ২ প্রভু; স্বামী; অধীশ্বর; কর্তা; সৃষ্টিকর্তা (দীন দুনিয়ার মালিক তুমি)। **মালিকানা** *বি* ১ অধিকার; স্বামিত্ব; প্রভুত্ব (বাপের কাছ থেকে পাওয়া দুইখানা ঘরের মালিকানা—*শাহ*)। ২ প্রভুর প্রাপ্য ধনসম্পত্তি। **মালিকি** *বি* মালিকত্ব; মালিকানা। □*বিণ* ১ মালিক সংক্রান্ত। ২ মালিকানা সংক্রান্ত। { *আ.* মালিক مالك }

মালিক[২] [মালিক্] *বি* ১ মালী। ২ মালাকার জাতি। □*বিণ* ফুলের মালা তৈরি করে এমন। { *স.* মালা+ইক(ঠক) }

মালিকা [মালিকা] *বি* ক্ষুদ্রমালা; ছোট হার (মালিকা পরিলে গলে—*কারা*)। { *স.* মালা+ইক(ঠক)+আ(টাপ্) }

মালিকানা, মালিকি, মালিকী ⇒ মালিক

মালিকুল মউত, মালেকুল মউত [মালিকুল্‌মউত্, মালেকুল্–] *বি* যে ফেরেশতা জীবের প্রাণ সংহার করেন; মৃত্যুর ফেরেশতা; আজরাইল (পক্ষ মেলিয়া মালিকুল মউত আঁটিল কাটিতে ছুরি—*নই*; শিবাজীর প্রতি মালেকুল মউতের জিহ্বার ন্যায়... তরবারি প্রসারণ করিয়া—*ইহো*)। { *আ.* মালাকুল্ মব্রত ملك الموت }

মালিনী [মালিনি] *বি* দুর্গা; মন্দাকিনী; নদীবিশেষ; ছন্দবিশেষ। □ *বিণ* মাল্যশোভিতা। { *স.* মালা+ইন্(ইনি)+ঈ(স্ত্রীপ্)}

মালিন্য [মালিন্‌নো] *বি* কালিমা; মলিনতা। { *স.* মলিন+য(ষ্যঞ)}

মালিশ, মালিস [মালিশ্] *বি* ১ মর্দন; পেষণ। ২ যে ঔষধ মর্দন করে লাগাতে হয় (মালিশ মাখিয়াছে প্রতি গিঁঠে গিঁঠে কাৎ হয়ে বিছানাতে—*জউ*)। ~ **দেওয়া** *ক্রি (আল.)* শাস্তি দেওয়া। { *ফা.* মালিশ مالش }

মালী(–লিন্) [মালি] *বি* ১ মাল্যরচনাকারী; মালাকর। ২ বেতনের বিনিময়ে বাগানের কাজে নিযুক্ত ব্যক্তি; উদ্যানরক্ষক; উদ্যানপালক। ৩ একটি হিন্দু জাতি। □ *বিণ* মালাধারী; মাল্যবিশিষ্ট। **মালিনী**[১] *স্ত্রী.* { *স.* মালা+ইন্(ইনি)}

মালুঞ্চা *(মবা.)* [মালুন্‌চা] *বি* ১ মালী। ২ মালাকার। ৩ মালঞ্চের মালিক (পশ্চিম গেলা মালুঞ্চার বাড়ি—*রাপ*)। { *স.* মালঞ্চ> }

মালুম [মালুম্] *বি* ১ অনুভব; বোধ; উপলব্ধি। ২ জ্ঞাত; অনুভূত (নীল কি কালো স্পষ্ট মালুম হয় না)। ~ **করা** *ক্রি* কোনো কিছু বুঝতে বা অনুভব করতে পারা। ~ **কাঠ,** ~ **কাষ্ঠ** *বি* জাহাজের মাস্তুল—যা বহুদূর থেকে দেখা যায়। ~ **হওয়া** *ক্রি* বোধগম্য হওয়া; অনুভূত হওয়া। { *আ.* মালুম معلوم }

মালেকুল মউত ⇒ মালিকুল মউত

মালো [মালো] *বি* ১ হিন্দু জেলে সম্প্রদায়ের পদবিবিশেষ। ২ মৎস্যজীবী; ধীবর। { *স.* মল্ল> }

মালোপমা [মালোপমা] *বি (আল.)* এক প্রকার কাব্যালঙ্কার। { *স.* মালা+উপমা}

মাল্য [মাল্‌লো] *বি* ১ হার; মালা। ২ পুষ্পমালা। ~**বান,** ~**বৎ** *বিণ* মাল্যধারী। □ *বি* রামায়ণে উক্ত একটি পর্বত। ~**বতী** *স্ত্রী.* { *স.* √মল্+য(ণ্যৎ)}

মাল্লা [মাল্‌লা] *বি* ১ নৌকাদির চালক; নাবিক (মাঝিমাল্লা)। ২ নৌকার দাঁড়ি; নাবিক বা মাঝির অন্যান্য সহযোগী। { *আ.* মল্লাহ্ ملاح }

মাল্লি *(মবা.)* [মাল্‌লি] *বি* মস্ত বস্তা বা থলে (সাত হাত ওসার মাল্লি—*মাগা*)। { মারুল্লি> }

মাশুক [মাশুক্] *বি* প্রেমাস্পদ; প্রেমিক; প্রণয়াস্পদ (আশেক হও অনুক্ষণ তোমার মাশুকের অনুরাগে—*মুশ*)। { *আ.* মাশুক্ معشوق }

মাশুল ⇒ মাসুল

মাশুল, মাসুল[১] [মাশুল্] *বি* ভাড়া; শুল্ক; খরচ (ডাক মাশুল); মূল্য; দণ্ড (যে অন্যায় করেছ তার মাশুল তোমাকে দিতে হবে)। { *আ.* মাহ্‌সূল محصول }

মাষ, মাস[২] [মাশ্] *বি* ১ ডালবিশেষ; মাষকলাই নামক কলাইবিশেষ। ২ পরিমাণ নির্ণয় করা হয় যা দিয়ে; মাষা (তথি ফগে মসুর কাপাস মাষ ধান—*কমু*)। ~**কলাই** *বি* কলাইবিশেষ। { *স.* √মষ্+অ(ঘঞ)}

মাষা [মাশা] *বি* স্বর্ণাদির ওজন নির্ধারক বস্তু; ৮ বা ১০ তোলা (করিছেন কি কর্ম কুবের ভাণ্ডারে নাই একমাষা স্বর্ণ—*অঠা*)। { *স.* মাষক:-*প্রা.* মাসঅ> *বা.* মাষা}

মাষ্টার ⇒ মাস্টার

মাস[১] [মাশ্] *বি* ১ বছরের বারো ভাগের এক ভাগ। ২ (স্থূল হিসেবে) ৩০ দিন। ~**কাবার** *বি* মাসের শেষ; মাসের পূর্তিদিবস। ~**কাবারি** *বি* ১ মাসান্তে করার যোগ্য। ২ একমাসের উপযুক্ত। ৩ এক মাসের জন্য বরাদ্দ। ~**মাহিনা** *বি* মাসের বেতন; এক মাস কাজ করার জন্য পারিশ্রমিক। ~**হারা,** ~**হরা** *বি* প্রতিমাসে যে ভাতা বা বৃত্তি দেওয়া হয়। { *স.* √মস্+অ(ঘঞ)=মাস}

মাস[২] ⇒ মাষ

মাস[৩] [মাশ্] *বি* মাংস; গোশ্‌ত (মুচিরামেরও চেহারা ফিরিতে লাগিল গালে মাস লাগিল—*বচ*)। **হাড় ~ আলাদা করা** *ক্রি (আল.)* নিদারুণ প্রহারে হত্যা করা; সাংঘাতিক প্রহার করা। **হাড় মাসে জড়িত** *বিণ (আল.)* অবিচ্ছেদ্য; বিচ্ছেদশূন্য। { *স.* মাংস> *প্রা.* মাস}

মাসকাতি [মাশ্‌কাতি] *বিণ* ১ মাসকাত শহর সংক্রান্ত; মাসকাত শহরে প্রস্তুত এমন। ২ হালুয়া বা মিষ্টান্নবিশেষ (ছোট বেলায় দেখিয়াছি খলে আম্মারা মাসকাতি হালুয়া তৈরী করিতেন—*শামা*)। { *আ.* মাসকৃতী مسقطی }

মাসতুতো, মাসতুত [মাশ্‌তুতো] *বিণ* নিজের অথবা স্বামী বা পত্নীর মেসোর বা খালুর সন্তানরূপে সম্পর্কিত (মাসতুতো বোন)। **চোরে চোরে ~ ভাই** *(আল.)* সমমনা দুষ্ট লোকের অভিন্ন চিন্তা বা কাজ। { *স.* মাতৃস্বস্রীয়> }

মাসশ্বশুর [মাশ্‌শোশুর্] *বি* খালু শ্বশুর; স্বামীর বা পত্নীর মেসো বা খালু। **মাসশাশুড়ি** *স্ত্রী.*। **মাসাশ, মাশাস** *বি* পতি বা পত্নীর মাসি/খালা (বিদ্যার মাশাস মোর—*ভারা*)। { *স.* মাসি+শ্বশুর> }

মাসহরা, মাসহারা ⇒ মাস[১]

মাসা ⇒ মাষা

মাসান্ত [মাশান্‌তো] *বি* মাসের শেষ বা শেষ দিন; মাসকাবার। { *স.* মাস+অন্ত}

মাসাশ ⇒ মাসশ্বশুর

মাসি, মাসী, মাসিমা, মাসিমাতা [মাশি,–, –মা, –মাতা] *বি* খালা; মায়ের বোন। { *স.* মাতৃস্বসৃ> }

মাসিক [মাশিক্] *বিণ* ১ মাস–সংক্রান্ত। ২ প্রতি মাসে ঘটে এমন; প্রতি মাসে দেয় এমন (মাসিক বেতন)। □ *বি* ১ হিন্দুদের প্রতিমাসে করণীয় শ্রাদ্ধ। ২ প্রতিমাসে প্রকাশিত পত্রিকা। ৩ স্ত্রীরজঃ; স্ত্রীলোকের রক্তস্রাব; হায়জ। { *স.* মাস+ইক্(ঠঞ)}

মাসী ⇒ মাসি

মাসুম [মাসুম্] *বিণ* নিষ্পাপ; পাপহীন; পবিত্র (আমার মাসুম বংশধর—*তালিম*)। { *আ.* মা'সুম معصوم }

মাসুর ⇒ মাশহুর

মাসুল, মাশুল [মাশুল্] *বি* ১ শুল্ক; কর; ভাড়া (তুলার মাশুল আদায়ে নিযুক্ত করিয়া দিল—*রঠা*)। ২ জিনিসপত্র পাঠাইতে যে খরচ আদায় করা হয়। { *আ.* মাহ্‌সুল محصول }

মাসোয়ারা [মাশোয়ারা] *বি* প্রতিমাসে যে ভাতা বা বৃত্তি দেওয়া হয়। { *আ.* মুশাহিরাহ مشاهره }

মাস্ক [মাস্‌ক্] *বি* মুখোশ। { *ই.* mask}

মাস্টার, মাষ্টার [মাস্‌টার্] *বি* ১ বিদ্যালয়-শিক্ষক। ২

অধ্যক্ষ; প্রধান (পোস্টমাস্টার; স্টেশন–মাস্টার)। **মাস্টারি** *বি* শিক্ষকতা। ~**গিরি** *বি* ১ শিক্ষকতা। ২ নির্দেশকের কাজ। --**প্লান** *বি* মহাপরিকল্পনা; প্রতিষ্ঠান ইত্যাদিতে দীর্ঘ মেয়াদে বাস্তবায়নযোগ্য পরিকল্পনা। {*ই* master}

মাস্তুল [মাস্‌তুল্] *বি* নৌকা জাহাজ প্রভৃতিতে স্থাপিত পাল খাটানোর কাষ্ঠদণ্ড। {*পো.* mastro}

মাস্যা [মাস্‌সা] *বিণ* মাস–সম্পর্কিত (বারমাস্যা)। {মাস+উয়া>}

মাস্বা (*মবা.*) [মাসসা] *বি* মেসো; মাসির স্বামী। (সম্বন্ধে তুমি মাস্বা—*নরসিং*)। {মাস+উয়া>মাসুয়া>মাস্বা}

মাহ[১], **মাহা**[১] [মাহো, –হা] *বি* মাস; বছরের বারো ভাগের এক ভাগ (এ ভরা বাদর, মাহ ভাদর—*বিপ*)। {*ফা.* মাহ্ ماه ; *স.* মাস}

মাহ[২], **মাহা**[২] [মাহো, –হা] (*ব্র.*) *অব্য* মাঝে; ভিতরে (হৃদয়মাহ মঝু জাগসি—*রঠা*)। {*স.* মধ্য>মজ্ঝ>মাহ}

মাহগির [মাহ্‌গির্] *বি* ধীবর; জেলে (মাহগির বুঝি দজলার বুকে ফেলে জ্যোৎস্নার জাল—*ফগ*)। {*ফা.* মাহীগীর ماهیگیر }

মাহতাব, মাহাতাব [মাহ্‌তাব্, মাহা–] *বি* চাঁদ (আফতাব ঘোরে মাথার উপরে মাহতাব ফেলে দাগ—*ফআ*)। {*ফা.* মহ্‌তাব مهتاب }

মাহবরা [মাহ্‌বরা] *বি* অভ্যাস। {*ফা.* মুহাব্বরাহ্ محاوره}

মাহয়ারি [মাহ্‌আরি] *বিণ* মাসিক; প্রতি মাসের। {*ফা.* মাহ্‌ৱারি ماهواری}

মাহালী (*মবা.*) [মাহালি] *বি* মক্ষিকা। {*মবা.* মাহালী}

মাহা⇒মাহ[১] ও মাহ[২]

মাহাজনিক [মাহাজোনিক্] *বিণ* ১ মহাজনোচিত। ২ মহাজন সম্পর্কিত। ৩ বাণিজ্য সম্বন্ধীয়। **মহাজনিকী** *স্ত্রী.*। {*স.* মহাজন+ইক(ঠক)}

মাহাতাব⇒মাহতাব

মাহাত্ম্য [মাহাত্‌তোঁ] *বি* ১ মহত্ত্ব; মহানুভবতা। ২ মহিমা; গৌরব। ৩ মহীয়সী কীর্তি। {*স.* মহাত্মন্+য(ষ্যঞ)}

মাহাদান, মাহাদাণে (*মবা.*) [মাহাদান্, মাহাদানে] *বি* শুল্ক (মোকে মাঁগে মহাদাণে—*বচ*)। **মাহাদানী** *বিণ* প্রধান শুল্ক আদায়কারী (তোঞে ন জানসি মোঞে মাহাদানী—*বচ*)। {*স.* মহাদান>}

মাহাফা, মহাপ [মাহাফা, মহাপ্] *বি* ডুলি (নায়রী আইল মাহাফায় চড়ি—*পূগী.*)। {*আ.* মুহাফাহ محافه }

মাহিনা, মাইনে, মায়না, মাহিয়ানা [মাহিনা, মাইনে, মায়্‌না, মাহিয়ানা] *বি* মাসে দেয় বেতন; পারিশ্রমিক (আট টাকা মাহিয়ানা হইয়াছে—*বিপ*)। {*ফা.* মাহ্‌আনহ্ ماهیانه মাহানহ্ ماهانه }

মাহিষ [মাহিশ্] *বিণ* ১ মহিষ সম্বন্ধীয়। ২ মহিষদুগ্ধজাত; ভয়সা। ৩ মহিষী সম্বন্ধীয়। {*স.* মহিষ+অ(অণ)}

মাহিষ্য [মাহিশ্‌শো] *বি* ১ হিন্দুদের একটি শ্রেণি। ☐ *বিণ* মহিষ বা মহিষী সম্পর্কীয়। {*স.* মহিষ+য(ষ্যঞ)}

মাহুত [মাহুত্] *বি* হাতি চালায় যে; হস্তিচালক (ঐরাবতের চালায় মাহুত শুধু বুদ্ধির ছলে—*নই*)}। **মাহুতি, মাহুতী** *বি* গজারোহী সৈন্য (তার সৈন্য ধায় অশ্ব ঢালি মাহুত—*ভারা*)। {*স.* মহামাত্র>+*বা.* ই, ঈ}

মাহুর, মাহুর [মাহুর্] *বি* বিষধর সাপ (গরল মাহুর দুয়া আনি দেহ—*কমুচ*)। {*হি.* মাহুর}

মাহেন্দ্র [মাহেন্‌দ্রো] *বিণ* মহেন্দ্র সম্বন্ধীয়; দেবরাজ ইন্দ্র সম্পর্কিত। ~**ক্ষণ** *বি* (*জ্যোবি*) শুভযোগ (মাহেন্দ্রক্ষণে যাত্রারম্ভ)। {*স.* মহেন্দ্র+অ(অণ)}

মাহে রমজান [মাহে রম্‌জান] *বি* রোজার মাস (মাহে রমজান এসেছে যখন, আসিবে শবে কদর—*নই*)। {*ফা.* মাহে ماه +*আ.* রমদ্বান رمضان }

মাহেশ [মাহেশ্] *বি* শিবোপাসক; শিব সম্বন্ধীয়। **মাহেশী** *স্ত্রী.* *বি* মহেশ্বরী; দুর্গা দেবী। {*স.* মহেশ+অ(অণ)}

মিইয়ে যাওয়া [মিইয়ে যাওয়া] *ক্রি* অবসাদগ্রস্ত হওয়া; অবসন্ন হওয়া; ম্রিয়মাণ হওয়া (সেই বিজ্ঞান চর্চা অনেক মিইয়ে গেলেও—*আকআ*)। {*স.* √মিদ্>}

মিউ, মিউমিউ [মিউ, মিউমিউ] *অব্য* বিড়ালের ডাক। {*ধ্বন্যা.*}

মিউজিয়াম [মিউজিয়াম্] *বি* জাদুঘর (ছোট খাটো মিউজিয়াম তো বেশুমার—*হাই*)। {*ই* museum}

মিউনিসিপাল, ম্যুনিসিপ্যাল [মিউনিসিপাল্, –প্যাল্] *বি* পৌরনগরের বিধিবদ্ধ কার্যসভা সম্বন্ধীয়। ~ **কর্পোরেশন** *বি* বৃহৎ নগরে প্রতিষ্ঠিত মিউনিসিপ্যালিটির বৃহৎ সংস্করণ। (ঢাকা মিউনিসিপাল কর্পোরেশন) {*ই* municipal}

মিউনিসিপ্যালিটি, ম্যুনিসিপ্যালিটি [মিউনিসিপ্যালিটি] *বি* ১ স্বায়ত্তশাসনসম্পন্ন নগর বা গ্রাম সমষ্টি। ২ পৌর সঙ্ঘ; নগর বা শহর তত্ত্বাবধানের জন্য বা রক্ষণাবেক্ষণের জন্য নাগরিকগণের প্রতিনিধিবর্গ নিয়ে সংগঠিত সঙ্ঘ (১৮৬৯ সালের ১লা এপ্রিল কুষ্টিয়াতে মিউনিসিপ্যালিটী স্থাপিত হয়—*সৈমু*)। {*ই* municipality}

মিউমিউ ⇒ মিউ

মিঃ, মি. [মিস্‌টার্] *বি* ১ জনাব; সাহেব; মহাশয় অর্থবোধক। ইংরেজি মিস্টার-এর সংক্ষিপ্ত রূপ। ২ শ্রীযুক্ত; নামের পূর্বে ব্যবহৃত ভদ্রতাসূচক শব্দ বিশেষ (মিঃ আজহার)। **মিসেস, মিস্ট্রেস**[১] *বি* *স্ত্রী.* সাহেবা; মহোদয়া; মহাশয়া। **মিস্ট্রেস**[২] *বি* *স্ত্রী.* শিক্ষয়িত্রী। {*ই* Mr.}

মিকাডো [মিকাডো] *বি* জাপান সম্রাটের উপাধি। {*জা.* মিকাডো (দেবতার প্রতিনিধি)}

মিক্যা (*মবা.*) [মিক্যা] *অব্য* দিকে; অভিমুখে (একটিবার আমার মিক্যা চাও—*পূগী*)। {মুখে(দিকে অর্থে)>}

মিগ[১] (*মবা.*) [মিগ] *বি* ১ মৃগ; হরিণ। **মিগী** *স্ত্রী.* (মিগীক পরভু হুঁকার পাড়িল—*রাপ*)। {*স.* মৃগ>}

মিগ[২] [মিগ্] *বি* জেট বিমান; বোমা বহন করে শত্রুর উপর আকাশ থেকে নিক্ষেপের উপযুক্ত বিমান। {*ই* MIG}

মিচকে, মিসকে, মিসকি [মিচ্‌কে, মিস্‌কে, –কি] *বিণ* বাইরে ভালো মানুষ কিন্তু ভিতরে দুষ্ট; শঠ; ধূর্ত (ব্যাটা মিচকে যেন কিছুই জানে না—*সৈশা*)। ~ **শয়তান** *বি* ধূর্ততায় শয়তানিতে কিংবা দুষ্টামিতে পাকা। {*স.* মিশ্র(আলাপপটু)+এ>}

মিছকিন, মিছকীন [মিছ্‌কিন্] *বি* দরিদ্র; নিঃস্ব; পার্থিব সম্বলহীন (ফকীর মিছকীনদের এলাকা ভাগ করা

ছিল—*ইখাঁ*)। { *আ.* মিসকীন مسكين }

মিছরি, মিসরি, মিশ্রী [মিছ্‌রি] *বি* স্ফটিকের মতো দানা বাঁধা চিনি (মজা মস্তবান মিছরি খাসা ক্ষীর খণ্ডা—*ঘচ*)। ☐ *বিণ* মিসর দেশজাত বা মিসর সম্বন্ধীয়। **মিছরির ছুরি** *বি (আল.)* মিষ্টি করে বলা নির্মম কথা; মুখে মধু অন্তরে বিষ এমন ব্যক্তি। { *আ.* মিসুরি مصرى }

মিছা, মিছে [মিছা, -ছে] *বি* মিথ্যা কথা (সে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর—*ভারা*)। ☐ *বিণ* ১ অমূলক (মিছা ভাবনা)। ২ নিষ্ফল; বৃথা (মিছা কাজ)। ☐ *ক্রিবিণ* ১ অনর্থক; বিনা কারণে; অকারণে (মিছা দিন গেল)। **~মিছি** *ক্রিবিণ* ১ বিনা কারণে; মিথ্যা করে। ২ অনর্থক; অকারণে। ৩ বৃথা; বিনা লাভে। **~ কান্না** *বি* অকারণে ক্রন্দন; নিষ্ফল ক্রন্দন। { *স.* মিথ্যা>*প্রা.* মিচ্ছা>*বা.* মিছা}

মিছিল, মিসিল [মিছিল্‌] *বি* ১ শোভাযাত্রা (একুশের মিছিল, মহরমের মিছিল); পঙ্‌ক্তি; সারি। ২ মকদ্দমা ও তৎসম্বন্ধীয় নথিপত্র। ৩ সিজিল (সিজিল-মিসিল হয়ে থেকো); বিন্যাস; সাজানো (তোমার কাজে সিজিল মিছিল নাই)। ৪ সমান; সমকক্ষ ব্যক্তি (আল্লাহ্‌ বেমিছিল, তাঁর সমান কেউ নাই)। { *আ.* মিছল مثل }

মিজরাব, মেজরাপ [মিজ্‌রাব্‌, মেজ্‌রাপ্‌] *বি* সেতার বাদন কালে দক্ষিণ তর্জনীর মাথায় যে তারের বেষ্টনী লাগানো হয় (কেহ সেতারার মেজরাপ হাতে দেয়—*প্যামি*)। { *আ.* মিদ্‌রাব مضراب }

মিজান, মিযান [মিজান্‌] *বি* ১ দাঁড়ি-পাল্লা; তুলাদণ্ড; ওজন করার যন্ত্রবিশেষ। ২ ইসলামি শাস্ত্রমতে পরকালে মানুষের ভালোমন্দ বিচারের জন্য বিশেষ তুলাদণ্ড। { *আ.* মিজান ميزان }.

মিঞা, মিঞাসাহেব ⇒ মিয়া

মিট [মিট্‌] *বি* ১ বিবাদের নিষ্পত্তি। ২ মীমাংসা। ৩ মিল; সামঞ্জস্য। **~মাট** *বি* আপোস-নিষ্পত্তি; মীমাংসা; রফা। { *স.* মিত্র>; *স.* মিল>}

মিটমিট [মিট্‌মিট্‌] *অব্য* স্তিমিত বা ক্ষীণ আলোক বিচ্ছুরণের ভাবসূচক। ☐ *বি, অব্য* আধবোজা চাহনির ভাবব্যঞ্জক (বাচ্চাটা মিটমিট করে তাকাচ্ছে)। **মিটমিটে** *বিণ* ১ মিটমিট করে এমন; মৃদু; ক্ষীণ; স্তিমিত। ২ প্রচ্ছন্ন; অপ্রকাশিত (এই সমস্ত ভালোমানুষ ছেলেরাই মিটমিটে শয়তান—*রঠা*)। **মিটমিটে ডাইনি বা শয়তান** *বি* নিরীহ ভালো মানুষের ভানকারী ডাইনি বা শয়তান। **মিটিমিটি** *ক্রিবিণ* মিটমিট করে (আকাশের ঐ মিটিমিটি তারার সাথে—*মোকা*)। ☐ *বিণ* মৃদু; মৃদুমৃদু (মিটিমিটি হাসি)। { *স.* মিল্‌>মিট্‌; *দ্বিরুক্তি*}

মিটার [মিটার্‌] *বি* ১ মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্যের এককবিশেষ (মেট্রিক প্রণালীতে দৈর্ঘ্যের এককের নাম মিটার (metre)—*আআ*); ৩৯.৩৭ ইঞ্চি। ২ বিদ্যুৎ গ্যাস ইত্যাদি ব্যয়ের পরিমাণ মাপক যন্ত্রবিশেষ। { *ই.* metre }

মিটি *(মবা.)* [মিটি] *বি* মাটি; মৃত্তিকা (তিলক মিটি গোলহি দূর—*বিপ*)। { *স.* মৃৎ অথবা মৃত্তিকা>}

মিটিং, মীটিং [মিটিঙ্‌] *বি* ১ সভা (ফুলবাবুরা বললে মিটিং করে—*মোম*)। ২ জনসভা। { *ই.* meeting}

মিঠা, মিঠে [মিঠা, -ঠে] *বিণ* ১ মিষ্টস্বাদযুক্ত; মিষ্ট (মিঠা আম)। ২ আরামদায়ক (শীতের মিঠা রৌদ্রে আমাদের মজলিস বসিয়া গেল—*শেহ*; কোথাও পাকা ফলের মিঠা বাস আসছে—*অঠা*)। ৩ স্বাদ (মিঠা পানি)। ৪ মধুর (মিঠা গুড়)। **~কড়া** *বিণ* মধুর অথচ ঝাঁজালো। **মিঠেল** *বিণ* মিষ্ট; মধুর (মিঠেল সোনালি রোদে)। { *স.* মিষ্ট>*প্রা.* মিট্‌ঠ>}

মিঠাই, মেঠাই [মিঠাই, মে-] *বি* ১ মিষ্ট খাবার; মিষ্টান্ন। ২ ডালের তৈরি এক প্রকার নাড়ু। **~ওয়ালা** *বি* মিঠাই বিক্রেতা। **মিঠানি** *বি* ১ মিষ্টান্ন। ২ মিষ্টরস (টিটের টিটানি খেতের মিঠানি সকলি জানি—*চদা*; লজ্জা মিশিয়ে হাসিতে একটু মিঠানি দিল তুফানি—*অচিসে*)। {মিঠা+আই}

মিঠে ⇒ মিঠা

মিডিয়াম, মিডিয়ম [মিডিয়াম্‌, -য়াম্‌] *বি* ১ মাধ্যম। ২ প্ল্যানচেটে আনীত প্রেতযোনি যে ব্যক্তির মাধ্যমে উত্তর দেয়। ৩ মধ্যস্থ। { *ই.* medium}

মিড়, মীড় [মিড়্‌] *বি (সং)* ক্রমোচ্চ স্বরে আরোহণ অথবা ক্রমনিম্ন স্বরে অবরোহণ; তাম্বুরার তারে ঘা দিলে যে ক্রমোচ্চ বা ক্রমনিম্ন সুর ধ্বনিত হয় (তোমার বুকের তারে মীড় টেনে কোমল স্বর বের করতে হয়—*প্রচৌ*)। **~টানা** *বিণ* স্বর বা সুরের আরোহ বা অবরোহপ্রাপ্ত (দেহতপ্ত মীড়টানা বীণার তারের মতো চরম ব্যাকুলতায় বাজিয়া উঠিল—*রঠা*)। { *স.* মিল অথবা √মৃদ্‌>}

মিত[১] [মিতো] *বিণ* পরিমিত; সামান্য পরিমাণ; সংযত। **~বাক, ~বাচ, ~ভাষী(-ষিন্‌)** *বিণ* ১ স্বল্পভাষী; সংযতবাক। ২ অনুমিত (মলয়জ পবন সহিতে ভেল মিত—*জ্ঞাদা*)। **~ব্যয়** *বি* পরিমিত ব্যয়; আয় বুঝে ব্যয়। **~ব্যয়ী(-য়িন্‌)** *বিণ* আয় অনুসারে ব্যয় করে এমন; পরিমিতভাবে ব্যয়কারী; হিসাবি। **~ভোজন, মিতাশন, মিতাহার** *বি* পরিমিত আহার বা ভোজন; সংযত ভোজন। **~ভোজী(-জিন্‌); মিতাশী(-শিন্‌); মিতাহারী** *বিণ* পরিমিত বা সংযতভাবে ভোজনকারী। **মিতাচার** *বি* সংযত আচরণ। **মিতাচারী** *বি* সংযমী। **মিতাচারিণী** *স্ত্রী.*। { *স.* √মি+ত(ক্ত)}

মিত[২] [মিতো] *(মবা.) বি* মিত্র; সুহৃদ; বন্ধু (মলয়জ পবন সহিতে ভেল মিত—*জ্ঞাদা*)। **~বর** *বি* বিয়ের সময়ে বরের সহযাত্রী হয় এবং পাশে থাকে এমন বালক; মিতবর। **~কনে** *বি* বিয়ের সময় কনের পার্শ্ববর্তিনী সখী। { *স.* মিত্র>*প্রা.* মিত্ত>}

মিতব্যয়, মিতব্যয়ী, মিতভোজন ⇒ মিত[১]

মিতা, মিতে [মিতা, -তে] *বি* ১ বন্ধু সখা; সুহৃদ। ২ অভিন্ন নামধারী অর্থে সম্বোধনে ব্যবহৃত। **মিতিন, মিতিনী** *স্ত্রী.* (ঠাকুরানী ঠাকুরঝি নাতিনী মিতিনী—*ভারা*)। **মিতালি, মিতালী** *বি* সখ্য; মিত্রতা; বন্ধুত্ব। { *স.* মিত্র>}

মিতাক্ষর ⇒ মিত্রাক্ষর

মিতাক্ষরা [মিতাক্‌খরা] *বি* বিজ্ঞানেশ্বর রচিত হিন্দু উত্তরাধিকার আইন-বিষয়ক একটি গ্রন্থ। *তুল.* দায়ভাগ। { *স.* মিত+অক্ষরা}

মিতাচার ⇒ মিত[১]

মিতালি ⇒ মিতা

মিতি [মিতি] *বি* ১ পরিমিতি; পরিমাপ; *(জ্যা.)* পরিমাণ

নির্ধারণ। ২ জ্ঞান। { *স.* √মি/মা+তি(ক্তিন্) }

মিত্তিকা *(মবা.)* [মিত্‌তিকা] *বি* মাটি (গঙ্গার মিত্তিকা —*রাপ*)। { *স.* মৃত্তিকা> }

মিত্তু *(মবা.)* [মিত্‌তু] *বি* মৃত্যু; মরণ। { *স.* মৃত্যু> }

মিত্র [মিত্‌ত্রো] *বি* ১ বন্ধু; সখা; সুহৃদ। ২ সূর্য; রবি; ভাস্কর। ৩ বাঙালি হিন্দুর পদবিবিশেষ। **মিত্রা** *স্ত্রী*। ~**তা**, **মিত্রত্ব** *বি* বন্ধুত্ব; সৌহার্দ। { *স.* √মিদ্+ত্র(ত্রক) }

মিত্রাক্ষর, মিতাক্ষর [মিত্‌ত্রাকখর্, মিত্তাকখর্] *বি* যে ছন্দে অন্ত্যমিল থাকে। { *স.* মিত্র+অক্ষর }

মিথিলা [মিথিলা] *বি* ১ প্রাচীন বিদেহ; আধুনিক বিহারদেশ; ত্রিহুত। ২ রাজ্যবিশেষ। { *স.* মথ্+ইল(ইলচ্)+আ(টাপ্) }

মিথুন [মিথুন্] *বি* ১ স্ত্রী ও পুরুষ একত্রে; যুগল (হংসমিথুন)। ২ স্ত্রী-পুরুষের মিলন বা সংযোগ; স্ত্রীসংসর্গ। ৩ *(জ্যোবি)* রাশিচক্রের একটি রাশি। { *স.* √মিথ্(সঙ্গম)+উন(উনন্) }

মিথ্যা, মিথ্যে [মিত্‌থা, –থে] *বিণ* ১ অসত্য; সত্য নয় এমন। ২ অযথার্থ; বেঠিক; অমূলক; কল্পিত; কাল্পনিক (মিথ্যা কাহিনী)। ৩ অনর্থক; নিষ্ফল; বৃথা (মিথ্যা আশা)। □ *বি* অসত্য কথা (সে মিথ্যা বলে)। □ *ক্রিবিণ* অকারণে; বিনা কারণে; অযথা; বৃথা (মিথ্যা ভেবে কাজ নেই)। ~**চরণ**, ~**চার** *বিণ* ১ মিথ্যাবাদী। ২ কপট; ছলযুক্ত। ~**চারী** (–রিন্) *বিণ* ১ মিথ্যাবাদী। ২ কপট; ছলযুক্ত। ~**চারিণী** *স্ত্রী*। ~**পবাদ** *বি* অহেতুক নিন্দা; অন্যায়ভাবে বা মিথ্যা দোষারোপ। ~**বাদ**, ~**ভাষণ** *বি* ১ মিথ্যা কথা; অসত্য বাক্য। ২ মিথ্যা উক্তি। **মিথ্যাবাদী** (–দিন্); **মিথ্যাভাষী**(–ষিন্) *বিণ* মিথ্যা কথা বলে এমন; অসত্যভাষী। ~**বাদিনী**, ~**ভাষিণী** *স্ত্রী*। ~**র জাহাজ**, ~**র ঝুড়ি**, ~**র সরাই** *বি* ভীষণ মিথ্যাবাদী বা অসত্যভাষী লোক। ~**সাক্ষী**(–ক্ষিন্) *বি* যে সাক্ষী সাক্ষ্যদান কালে আদালতের জেরায় মিথ্যা কথা বলে; সাজানো সাক্ষী। **মিথ্যুক** *বিণ* মিথ্যাবাদী; মিথ্যা কথা বলে এমন। { *স.* √মিথ্+য+আ }

মিথ্যে ⇒ মিথ্যা

মিনতি [মিনোতি] *বি* ১ বিনীত প্রার্থনা; আবেদন (মিনতি মম শুন হে সুন্দরী—*রঠা*)। ২ অনুরোধ; উপরোধ (মাধব বহুত মিনতি করি তোয়—*বিপ*)। □ *বিণ* বিনয়; বিনতি; অনুনয় (মিনতিপূর্বক)। **কাকুতি**– *বি* বিশেষ বিনীত অনুরোধ জ্ঞাপন। { *আ.* মিন্নত منت + *স.* বিনতি> }

মিনমিন [মিন্‌মিন্] *অব্য* দুর্বলতার লক্ষণ প্রকাশ; ক্ষীণ শব্দসমূহ। **মিনমিনে** *বিণ* ১ মিন মিন করে এমন (মিনমিনে ব্যক্তি)। ২ দেখতে সরল কিন্তু ভিতরে ভিতরে বেশ দুষ্ট (চুপচাপ থাকলে হবে কি, আসলে লোকটা মিনমিনে শয়তান—*ওহ*)। □ *বি* ক্ষীণতা বা দুর্বলতার ভাবব্যঞ্জক; নিরীহভাব প্রকাশক (মিনমিনে স্বভাব)। { *স.* মিন্মিন (খোনা)> }

মিনসা, মিনসে, মিনষে, মিন্সে [মিন্‌শা, –সে, –, –] *বি* ১ সাবালক মানুষ; বয়ঃপ্রাপ্ত পুরুষ (আ মরণ ! মুখ পোড়া মিনষে বলে কি—*রক*)। ২ স্বামী; পতি; বর। **মাগি, মাগী** *স্ত্রী, বি* স্ত্রী। { *স.* মনুষ্য> }

মিনা, মিনে [মিনা, –নে] *বি* ১ ধাতুর উপর মসৃণ পদার্থের কলাই; এনামেল। ~**কার** *বি* যে এনামেলের কলাই করে। ~**কারী** *বি* ১ মিনাকারের কাজ বা ব্যবসায়। ২ মিনা করে যে। { *ফা.* মীনা مینا }

মিনার [মিনার্] *বি* ১ অট্টালিকাদির স্তম্ভাকৃতি উঁচু চূড়া; minaret (প্রাসাদ-মিনার)। ২ মসজিদ সংলগ্ন উচ্চ স্তম্ভ যার উপর উঠে আজান দেওয়া হয়।। **শহীদ** ~ *বি* শহীদদের স্মৃতিতে নির্মিত উঁচু স্তম্ভ (কেন্দ্রীয় শহীদ মিনার)। **মিনারা** *বিণ* উঁচু স্তম্ভ; আজান দেওয়ার জন্য মসজিদ সংলগ্ন উঁচু স্তম্ভ। { *আ.* মিনার منار }

মিনি[১] ⇒ বিনা

মিনি[২] [মিনি] *বিণ* ছোট; ক্ষুদ্র। ~**বাস** ছোট বাস। { *ই* mini }

মিনিট [মিনিট্] *বি* ১ সময়ের পরিমাপ; ৬০ সেকেন্ড সময়। ২ অতি অল্প সময় (এক মিনিট দাঁড়াও)। **মিনিটে মিনিটে** *অব্য* ক্ষণে ক্ষণে; প্রতি মুহূর্তে। { *ই* minute }

মিনিস্টার [মিনিস্‌টার্] *বি* উজির; মন্ত্রী (আমার বাবা যদি মিনিস্টার হতেন বেশ হতো—*শাহ*)। { *ই* minister }

মিস্তি ⇒ মিহনত

মিম্বার [মিম্‌বার্] *বি* খোতবা পড়বার সময়ে ইমামের তিন তাকবিশিষ্ট দাঁড়ানোর স্থান (কাবার মিম্বার হোতে দুনিয়ার দূরান্তের প্রান্ত ঈদগাহে সমস্বরে মন্দ্রিত—*শাহো*)। { *আ.* মিন্‌বর منبر }

মিযান ⇒ মিজান

মিয়াঁ, মিঞা, মিঞা সাহেব, মিয়া সাহেব [মিয়াঁ, –, –শাহেব্, –] *বি* ১ জনাব, সাহেব, মহাশয়, বাবু প্রভৃতির প্রতিশব্দ। ২ প্রভু; প্রধান; সর্দার; মণ্ডল। ৩ মুসলমান ভদ্রলোকের নামের পূর্বে বা পরে ব্যবহৃত শব্দ (এই তল্লাটে এক মিয়া সাহেব একটি মুরগী পুষেছিল—*অঠা*)। **মিয়াজি** *বি* ওস্তাদ; শিক্ষক। { *ফা.* মিয়াঁ میان, + সাহেব صاحب }

মিয়াদ, মেয়াদ [মিয়াদ্, মে–] *বি* ১ নির্দিষ্ট সময়; ধার্য কাল (তারপর বেলা শেষে প্রবাসে মিয়াদ ফুরায়—*আজই*)। ২ কারাদণ্ড; কয়েদ; জেল। **মেয়াদি, মেয়াদী, মিয়াদি** *বিণ* নির্দিষ্ট সময়; নির্দিষ্ট কাল; পরিমাণযুক্ত (মিয়াদি পাট্টার মেয়াদ ফুরাইয়াছে—*বচ*)। { *আ.* মী'আদ میعاد }

মিয়ানো [মিয়ানো] *ক্রি* ১ নরম হওয়া; কড়কড়ে বা শক্ত না থাকা (মুড়ি মিইয়ে যাওয়া)। ২ অবসাদগ্রস্ত বা নির্জীব হওয়া; নিরুদ্যম বা নিরুৎসাহ হয়ে পড়া (লোকটা ভারী মিইয়ে পড়েছে)। ৩ মন্দীভূত হওয়া; ম্রিয়মাণ হওয়া (উৎসাহ মিইয়ে যাওয়া)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* ১ নরম হয়ে গিয়েছে এমন। ২ নির্জীব; নিরুৎসাহ; উৎসাহশূন্য; নিশ্চেষ্ট; নিরুদ্যম। ৩ মন্দীভূত। { *স.* ম্রিয়মাণ>অথবা মৃদু>ম্যাদা>মিদানো>; ক্রিয়ারূপ—মিয়াই, মিয়াও, মিয়ায়, মিয়ান; *অক্রি*—মিয়াতে, মিয়ালে, মিয়ায়ে ইত্যাদি }

মির, মীর [মির্] *বি* আমির-এর সংক্ষিপ্ত রূপ; রাজা; দলপতি; নেতা; সম্ভ্রান্ত ব্যক্তি; সৈয়দ বংশীয়; মুসলিম উপাধি (মীর মশাররফ হোসেন)। **মিরজা, মির্জা** আমিরজাদা-এর সংক্ষিপ্তরূপ; রাজপুত্র; সম্ভ্রান্ত ব্যক্তির পুত্র। { *আ.* আমীর امیر }

মিরগেল, মৃগেল [মিরগেল্, মৃগেল্] *বি* রুই জাতীয় এক রকম মাছ; মিরকামাছ। {*স.* মৃগল>}

মিরধা, মিরদা, মৃধা [মিরধা, --দা, মৃধা] *বি* ১ দশজন গদাধারী পদাতিক সৈন্যের নেতা; জমিদারি ব্যবস্থায় পাইকদের সর্দার। ২ বাঙালি হিন্দু-মুসলমানের পদবি বিশেষ। {*ফা.* মীরদা مرضى }

মিরবহর, মীরবহর [মিরবহোর্] *বি* ১ প্রধান নৌ-সেনাপতির উপাধি; আমীর-উল-বহর। ২ বাঙালি হিন্দু-মুসলমানের পদবি বিশেষ। {*ফা.* মীরবহর میربحر }

মির মুনশি, মীরমুনশী [মির্ মুন্শি] *বি* প্রধান সেক্রেটারি; প্রধান কেরানি। {*ফা.* মীর মুনশী میرمنشی }

মিরাশ, মিরাস [মিরাশ্] *বি* ১ ওয়ারিসি সম্পত্তি; পুরুষানুক্রমিকভাবে ভোগ করা হয় এমন বিষয় সম্পত্তি (তালুক মিরাশ অনেক ছিলো—*শাআ*)। ২ পূর্বপুরুষের সম্পত্তি। **মিরাশি, মিরাসি** *বিণ* উত্তরাধিকার-সূত্রে পাওয়া গেছে এমন। □*বি* গায়ক। {*আ.* মিরাছ میراث }

মিরিতি *(মবা.)* [মিরিতি] *বি* মৃত্যু; মরণ (মিরিতি তুলে তেলিইয়া পিরিতি—*চদা*)। {*স.* মৃত্যু>}

মির্জা, মীর্জা ⇒ মীর

মির্জাই ⇒ মেরজাই

মিল[১] [মিল্] *বি* ১ মিলন। ২ সামঞ্জস্য। ৩ সাদৃশ্য। ৪ সদ্ভাব। ৫ সঙ্গতি; ঐক্য; খাপ খাওয়ার ভাব। ৬ কবিতার এক চরণের অন্ত্যধ্বনির সঙ্গে অপর চরণের অন্ত্যধ্বনির সমতা। ~**জুক** *বি* যোগ; ঐক্য; সঙ্গতি (নকসার সঙ্গে তার জীবনের মিলজুক নাই—*ওয়ালি*)। ~**মিলাও**, ~**মিশ** *বি* সদ্ভাব; বনিবনা। {*স.* √মিল্>}

মিল[২] [মিল্] *বি* ১ কল-কারখানা। ২ দ্রব্য উৎপাদনের যন্ত্রাগার। {*ই* mill}

মিলন[১] ⇒ মেলা[৩]

মিলন[২] [মিলন্] *বি* ১ যোগ; সংযোগ; সন্ধি; সদ্ভাব স্থাপন। ২ ঐক্য; অন্তরের মিল; প্রীতি। ৩ সঙ্গতি; খাপ খাওয়ার ভাব। ৪ ঝগড়ার পর সন্ধি বা পুনরায় সদ্ভাব। **মিলনান্ত** *বিণ* উপসংহারে নায়ক-নায়িকার মিলন সাধন হয়েছে এমন। {*স.* √মিল্+অন(ল্যুট্)}

মিলমিলা ⇒ মিলমিলে

মিলমিলে, মিলমিলা [মিল্মিলে, —লা] *বি* হাম। {দ্রুত মিলিয়ে যায় বলেই সম্ভবত কুসংস্কার-প্রসূত এ নাম দেওয়া হয়েছে}

মিলমিশ ⇒ মিল[১]

মিলয় *(ব্রজ.)* [মিলয়] *ক্রি* মেলে; মেলিয়া (তবহি মিলয় আঁখি—*বিপ*)। **মিলে** *(ব্র.)* *ক্রি* মেলে। {*স.* √মিল্>}

মিলা, মিলানো ⇒ মেলা[৩]

মিলাদ, মওলুদ, মৌলুদ [মিলাদ্, মওলুদ্, মোউলুদ্] *বি* ১ হজরত মুহম্মদের (সা.) জন্ম-বৃত্তান্ত বিষয়ক বক্তৃতা বা ওয়াজ-মহফিল (মওলুদ ও ওয়াজের মজলিছ—*আখা*)। ২ জন্মকাল। {*আ.* মীলাদ میلاد ; মওলিদ مولد }

মিলানো [মিলানো] *ক্রি* ১ একত্র, মিলিত বা সংযুক্ত করানো। ২ সামঞ্জস্য রক্ষা করানো; খাপ খাওয়ানো। ৩ মিল করানো। ৪ জোটানো। ৫ তুলনা করানো। ৬ গলানো (লবণটা পানিতে মিলিয়ে নাও)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* √মিল্>+*বা.* আনো; ক্রিয়ারূপ- মিলাই, মিলাও, মিলায়, মিলান; *অক্রি*—মিলিয়ে, মিলাতে, মিলালে ইত্যাদি}

মিলিত [মিলিতো] *বিণ* ১ সমবেত; একত্র উপস্থিত (বহুদিন পর সকলে একসঙ্গে মিলিত হলাম)। ২ সংযুক্ত; মিশ্রিত। ৩ প্রাপ্ত। ৪ সাক্ষাৎকৃত। **মিলিতা** *স্ত্রী*। {*স.* √মিল্+ত(ক্ত)}

মিলিশিয়া [মিলিশিয়া] *বি* স্থায়ী সৈন্যবাহিনীর অন্তর্ভুক্ত নয় অথচ নিয়মিত যুদ্ধবিদ্যা শিক্ষাপ্রাপ্ত রণনিপুণ নাগরিক দল (প্রতিটি মনসবদার...একটি মিলিশিয়া বাহিনীর ভরণপোষণ করতেন--*মুআরা*)। {*ই.* militia}

মিল্লত, মিল্লাত [মিল্লত্, -লাত্] *বি* ১ ধর্ম (ইব্রাহিমী মিল্লত)। ২ সম্প্রদায়। ৩ জাতি (মুসলিম মিল্লত)। {*আ.* মিল্লাত ملة }

মিশ[১] [মিশ্] *বি* ১ মিশ্রণ। ২ সংযোগ; মিল। ~ **খাওয়া** *ক্রি* ১ খাপ খাওয়া বা মেলা। ২ বনিবনা হওয়া। {*স.* মিশ্র> মিশ্রণ> মিশ}

মিশ[২] [মিশ্] *বিণ* ঘোর; গভীর; গাঢ়; ঘন (মিশকালো)। {*স.* মশী/মসী>}

মিশ[৩] ⇒ মিস[২]

মিশন [মিশন্] *বি* ১ ধর্মপ্রচার। ২ ধর্ম প্রচারের উদ্দেশ্যে যে ব্যক্তিগণকে প্রেরণ করা হয়। ৩ ধর্মপ্রচার সঙ্ঘ বা সমিতি। ৪ বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত লোকদল (আমাদের মিশনের নেতা বসরা পৌঁছিয়া আমাদের জন্য অপেক্ষা করিয়া আছেন--*শামা*)। {*ই* mission}

মিশনারি [মিশোনারি] *বি* ধর্মপ্রচারক। □*বিণ* ১ ধর্মপ্রচার-সংক্রান্ত। ২ ধর্মপ্রচার সঙ্ঘ কর্তৃক পরিচালিত (ইংরাজী শিক্ষা বিস্তারের দায়িত্ব গ্রহণ করেছিলেন খৃষ্টান মিশনারীরা —*আনিস*)। {*ই* missionary}

মিশমিশ, মিশমিশে ⇒ মিস

মিসর ⇒ মিশর

মিশা ⇒ মেশা

মিশি ⇒ মিসি

মিশুক [মিশুক্] *বিণ* মিশতে পটু এমন; অপরের সঙ্গে আলাপ করতে নিপুণ; সামাজিক। {*স.* √মিশ্র> *বা.* মিশ+ উক}

মিশ্র [মিস্স্রো] *বিণ* ১ মিশ্রিত; সংযুক্ত; অপরের সঙ্গে মিশ্রিত করা হয়েছে এমন। ২ অবিশুদ্ধ; খাঁটি নয় এমন। ৩ *(গণিত.)* জটিল; যৌগিক; টাকা পয়সা পাউন্ড শিলিং প্রভৃতি অর্থ পরিমাণ সংক্রান্ত। □*বি* ১ মিশ্রিতকরণ। ২ মিলন। ৩ সংযোগসাধন। ৪ ভেজাল; ভালো জিনিসের সঙ্গে খারাপ জিনিসের মিশ্রণ। ৫ মিশ্রিত পদার্থ। ৬ ব্রাহ্মণের উপাধি। ~**ণ** *বি* ১ মিশ্রিতকরণ। ২ মিলন। ৩ সংযোগ সাধন। ৪ ভেজাল। **মিশ্রিত** *বিণ* ১ মিশানো হয়েছে এমন। ২ ভেজাল দেওয়া হয়েছে এমন। {*স.* √মিশ্র্+অ(অচ্)}

মিশ্রী ⇒ মিছরি

মিষ্ট[মিশ্‌টো] *বিণ*১ মধুর মতো স্বাদযুক্ত। ২ সুমধুর (মিষ্ট মধুর)। ৩ প্রীতিদায়ক; প্রীতিপ্রদ। ~তা *বি*। **মিষ্টান্ন, মিষ্টি** *বি* ১ মিঠাই; মিষ্টিযুক্ত খাবার; পায়স; ক্ষীর। ২ রসগোল্লা; ক্ষীরমোহন। **মিষ্টিমুখ** *বি* ১ যৎসামান্য মিষ্টান্ন ভোজন। ২ মধুর কথা; কোমল ভাষা (মিষ্টি মুখে বলা)। {*স.* √মিষ্‌+ত(ক্ত)}

মিষ্টার ⇒ মিস্টার

মিষ্টি ⇒ মিষ্ট

মিস[১], **মিশ** [মিশ্] *বিণ* ঘোর মিসির মতো (মিসকালো রং)। ~**কালো** *বিণ* ঘোর কালো; মিসির মতো কালো (যেন ডাকাতের মিসকালো মাথার ঝাঁকড়া বাবরী চুল—*মঈনুদ্দীন*)। ~ ~ *অব্য* ঘোর কৃষ্ণবর্ণের ভাবসূচক (কাল মিসমিস করছে)। ~**মিসে**, ~**মিশে** *বিণ*. গাঢ় কৃষ্ণবর্ণ; ঘোর কালো রং (মিসমিসে কালো)। ❑ *বিণ, ক্রিবিণ* ঘোর (মিসমিসে কালো রং)। {*স.* মসী>}

মিস[২] [মিস্] *বিণ* অবিবাহিতা বালিকা বা স্ত্রীলোকের আখ্যা; কুমারী (মিস পারভিন)। {*ই.* miss}

মিসওয়াক [মিস্‌ওয়াক্] *বি* দাঁতন। {*আ.* মিসৱাক مسواك}

মিসকাল[মিস্‌কাল্] *বি* ১ সোনার ওজনবিশেষ। ২ চার মাসা ও সাড়ে তিন রতি পরিমাণ। {*আ.* মিছ্‌কাল্ مثقل}

মিসকিন[মিস্‌কিন্] *বি,বিণ* নিঃস্ব; অতি দরিদ্র; নিরুপায়। অতি দরিদ্র ব্যক্তি। {*আ.* মিস্‌কীন مسكين}

মিসমার [মিস্‌মার্] *বি* সর্বনাশ; চূর্ণবিচূর্ণ; সম্পূর্ণ ধ্বংস (নাসারা চায় আমাদের সব আস্তানা মিসমার করে দিতে—*আজা*)। {*আ.* মিসমার مسمار}

মিসর, মিশর [মিশর্] *বি* যুক্ত আরব সাধারণতন্ত্র; Egypt। **মিসরি, মিশরি, মিশ্রী** *বি* ১ মিসর বা ইজিপ্ট দেশজাত বড় দানাযুক্ত চিনিবিশেষ। ❑ *বিণ* মিসরদেশীয়। {*আ.* মিস্‌র مصر}

মিসি [মিশি] *বি* হীরাকস; তামাকচূর্ণ প্রভৃতি দিয়ে তৈরি দাঁতের মাজন (আমি নিজে মিশি বেচি—*সদ*)। {*ফা.* মিসী مسى}

মিসিবাবা [মিসিবাবা] *বি* অবিবাহিতা প্রভুকন্যা। {*ই.* Miss+ *ফা.* বাবা بابا}

মিসেস[মিসেস্] *বি* বিবাহিত স্ত্রীলোকের উপাধিবিশেষ; মুসাম্মাৎ; সাহেবা; শ্রীযুক্তা (মিসেস মাকসুদা খানম)। {*ই.* mistress শব্দটির সংক্ষিপ্ত রূপ Mrs.}

মিস্টার, মিষ্টার[মিস্‌টার্] *বি* ভদ্রলোকের উপাধিবিশেষ; জনাব; সাহেব; মহাশয়; শ্রীযুক্ত; বাবু। {*ই.* mister, Mr.}

মিস্টিসিজম, মিষ্টিসিজম [মিস্‌টিসিজম্] *বি* অতীন্দ্রিয়বাদ (ভ্রম আর মিষ্টিসিজমের নিদারুণ শুষ্কতায়—*আসি*)। {*ই.* mysticism}

মিস্ট্রেস[১], **মিস্ট্রেস**[২] ⇒ মিঃ

মিস্ত্রি, মিস্ত্রী, মিস্তিরি [মিস্‌ত্রি, -, মিস্‌তিরি] *বি* ১ কারিগর; যন্ত্রশিল্পী। ২ সর্দার কারিগর (রাজা কারিগর বিশ্বকর্মা দুনিয়ার আদি মিস্ত্রী—*সদ*)। **ছুতার** ~ *বি* সূত্রধর; কাঠের কাজ করে যে। **রাজ**~ *বি* ইট, বালি, সিমেন্ট, সুরকি ইত্যাদির সাহায্যে অট্টালিকা নির্মাণ করে যে; অট্টালিকা নির্মাতা; mason। {*পো.* mestre}

মিহনত [মিহ্‌নত্] *বি* শ্রম; পরিশ্রম। **মেহনতি** *বিণ* পরিশ্রমী। **মিনতি, মিন্তি** *বি* শ্রমিক; কুলি। {*আ.* মিহ্‌নত محنة}

মিহরাব[মিহ্‌রাব্] *বি* মসজিদের কাবামুখী কুলুঙ্গি। {*আ.* মিহ্‌রাব محراب}

মিহি [মিহি] *বিণ* ১ সূক্ষ্ম; অতি সরু। ২ পাতলা (মিহি কাপড়)। ৩ সরু (মিহি চাল)। ৪ অতি ক্ষুদ্র (মিহিদানা)। ৫ মৃদু মৃদু স্বরযুক্ত; কোমল (মিহি সুর)। ~**দানা** *বি* এক প্রকার মিষ্টান্ন; মতিচুর। {*ফা.* মিহীন مهين}

মিহির [মিহির্] *বি* সূর্য; ভাস্কর; রবি; তপন (স্মরিয়া পুরহর দম্পতি জুড়ি কর মিহিরে কৈল অর্ঘ্যদান—*কমু*)। {*ফা.* মিহির مهر}

মীটিং ⇒ মিটিং

মীঠ (*ব্র.*) [মিঠ্] *বিণ* মিষ্ট; মিষ্টি; মিঠা (লাগিল মীঠ—*বচদা*)। {*স.* মিষ্ট>}

মীড় ⇒ মিড়

মীন [মিন্] *বি* ১ মাছ; মৎস্য (জন্মায় পাড়ি অগাধ জলের মীন—*সদ*)। ২ হিন্দুমতে বিষ্ণুর অবতার। ৩ (*জ্যোবি*) রাশিচক্রের দ্বাদশ রাশি। ~**কেতন**, ~**ধ্বজ** *বি* কামদেব; কন্দর্প। **মীনাক্ষী** *বিণ* ১ মাছের মতো সুন্দর নয়নযুক্তা। ২ দাক্ষিণাত্যে প্রসিদ্ধ মীনাক্ষী দেবী। {*স.* √মী+ন(নক্)}

মীমাংসক ⇒ মীমাংসা

মীমাংসা[মিমাঙ্‌শা] *বি*১ বিবাদ, সমস্যা প্রভৃতির সমাধান। ২ জটিলতা; সন্দেহ; অমিল প্রভৃতি দূর করা। ৩ নিষ্পত্তি; সিদ্ধান্ত। ৪ জৈমিনি মুনি প্রণীত একটি দর্শন শাস্ত্র। **মীমাংসক** *বিণ*১ মীমাংসা দর্শনে পণ্ডিত। ২ মীমাংসাকারী; নিষ্পত্তিকারী। **মীমাংসিকা** *স্ত্রী*। **মীমাংসিত** *বিণ* মীমাংসা করা হয়েছে এমন; বিচারকৃত; বিচারিত; নিষ্পত্তি করা হয়েছে এমন। {*স.* √মান্+সন্+অ+আ(টাপ্)}

মীযান ⇒ মিজান

মীর ⇒ মির

মীরবহর ⇒ মিরবহর

মীর মুনশী ⇒ মির মুনশি

মীলন[মিলন্] *বি* নিমীলন, বোজা; মুদ্রিতকরণ। **মীলিত** *বিণ*। {*স.* √মীল্+অন(ল্যুট্)}

মু (*মবা.*)[মু] *বি* মুখ (তো ঝাড়ির মু—*ধর্মরাজের গীত*)। {*স.* মুখ>}

মুই, মুঞি (*প্রাবা.*) [মুই, -ঞি] *সর্ব* আমি (নিরয়ে ভখিমু মুই; মুঞি অভাগিনী—*বচদা*)। {*স.* বয়ম>}

মুকখু, মুখখু, মুখু[মুক্‌খু, -খ্‌-, -খু] *বিণ* মূর্খ; নিরক্ষর। {*স.* মূর্খ>}

মুকট, মুকটি, মুটকি (*মবা.*) [মুকট্, -টি, মুটকি] *বি* মুষ্টি; ঘুষি; কিল (বজ্র মুকটি শিরে মারে; মুটকি মারিস মুণ্ডে—*কমু*)। {*স.* মুষ্টি>মুটকি>বর্ণবিপর্যয়ে মুকটি}

মুকতি ⇒ মুক্তি

মুকদ্দমা ⇒ মকদ্দমা

মুকরর, মুকররর [মুকরর, মুকর্‌রর্] *বিণ* নির্দিষ্ট। **মুকররি, মুকররির** *বি* নির্দিষ্ট খাজনায় স্থায়ীভাবে প্রাপ্ত ভূমি বা জমি। {*ফা.* মুকর্‌ররী مقررى}

মুকানো ⇒ মুখান

মুকাবিলা ⟹ মোকাবিলা
মুকুট [মুকুট্] *বি* কিরীট; উষ্ণীষ জাতীয় মস্তক-ভূষণ; শিরোভূষণ; বরের ও কনের টোপর। { *স.* √মস্ক্+উট}
মুকুতা ⟹ মুক্তা
মুকুতি ⟹ মুক্তি
মুকুন্দ [মুকুন্‌দো] *বি* ১ হিন্দুমতে মোক্ষদাতা। ২ বিষ্ণু। { *স.* মুক+√দা+অ(ক)}
মুকুর [মুকুর্] *বি* দর্পণ; আরশি; আয়না (শাড়ি খুলে পরি আর বারে বারে মুখ মুকুরে নেহারি—*নই*)। { *স.* মুখ+√রা+অ(ক)}
মুকুল [মুকুল্] *বি* ১ কুঁড়ি; কোরক; কলিকা। ২ আমের মউল/বউল। ৩ স্ফুটনোন্মুখ অবস্থা। **মুকুলিকা** *বি* ছোট কুঁড়ি (মুকুলিকা-বালিকা বয়সী—*রঠা*)। **মুকুলিত** *বিণ* ১ অর্ধমুদ্রিত। ২ আধফুটন্ত বা পূর্ণ বিকাশ প্রাপ্ত হয়নি এমন। **মুকুলিল** *ক্রি (পদ্য.)* মুকুলিত হলো। **মুকুলোদ্‌গম** *বি* কুঁড়ির উৎপত্তি। { *স.* √মুচ্+উল(ঘুলক)}
মুকেরি [মুকেরি] *বি* মধ্যযুগে বাংলাদেশে মুসলমান সম্প্রদায়বিশেষ (বলদ বাহিয়া কেহ বলায় মুকেরি—*কমু*)। { *অমু.*}
মুক্ত [মুক্‌তো] *বিণ* ১ অব্যাহতিপ্রাপ্ত; নিষ্কৃতিপ্রাপ্ত। ২ মোহহীন; উদার (মুক্তপ্রাণ)। ৩ মোক্ষপ্রাপ্ত; ত্রাণপ্রাপ্ত। ৪ আরোগ্যপ্রাপ্ত। ৫ উন্মোচিত; খোলা। ৬ অবাধ; অবারিত। ৭ বদ্ধ নয় এমন। ৮ পরিষ্কৃত; সাফ। ☐ *বি* অসংকোচ; স্পষ্ট। **মুক্তা**[২] *স্ত্রী.*। **-কচ্ছ** *বিণ* কাছাখোলা। **-কণ্ঠে** *ক্রিবিণ* ১ উচ্চকণ্ঠে। ২ অসংকোচে। ৩ স্পষ্ট কথায়। **-কেশ** *বি* খোলা চুল। ☐ *বিণ* চুল খোলা এমন। **-কেশা, -কেশী** *বিণ স্ত্রী.* আলুলায়িত কেশবিশিষ্টা (মুক্তকেশী শোকাবেশে তুমি—*মদ*)। **-ছন্দ** *বিণ* ছন্দের বাঁধাধরা নিয়ম বর্জিত। **-বেণী** *বিণ* চুল দিয়ে বিনুনি বাঁধেনি এমন (মুক্তবেণী গঙ্গা—*সদ*)। **মুক্তায়িত** *বিণ* মুক্তি থেকে উৎপন্ন (কী মুক্তি কী মুক্তায়িত শান্তি—*বুব*)। **-হস্ত** *বিণ* ১ বদান্য; দানশীল। ২ খরচে; ব্যয়শীল। **-হস্ততা** *বি*। **-হৃদয়** *বিণ* উদারহৃদয়; খোলামন (সাধ্যাতীত চেষ্টা করিয়াও মুক্ত হৃদয়ে প্রকৃত মনের কথা পিতাকে বুঝাইতে পারিলেন না—*মীম*)। { *স.* √মুচ্+ত(ক্ত)}
মুক্তা[১], **মুকুতা** *(পদ্য.)* [মুক্‌তা, মুকুতা] *বি* মোতি; মুক্তির বা ঝিনুকের মধ্যকার রত্নবিশেষ। { *স.* √মুক্ত+আ(টাপ্)}
মুক্তি, মুকতি *(পদ্য.)*, **মুকুতি** *(পদ্য.)* [মুক্‌তি, -কোতি, -কুতি] *বি* ১ স্বাধীনতা। ২ পরিত্রাণ। ৩ মোক্ষ। ৪ অবসান। ৫ হিন্দুমতে জীবজন্ম পরিগ্রহ থেকে অব্যাহতি। ৬ নিষ্কৃতি; রেহাই। ৭ অবরোধ বা বন্ধন থেকে উদ্ধার। ৮ আরোগ্যলাভ। ৯ মোহ বাসনাদির সমাপ্তি। ☐ *বিণ* স্বাধীন। **-নামা** *বি* ছাড়পত্র। **-পত্র** *বি* মুক্তির নির্দেশসূচক লিপি। **-বাহিনী, -ফৌজ, -যোদ্ধা** *বি* দেশের মুক্তির জন্য যাঁরা যুদ্ধ করেন; দেশকে হানাদার মুক্ত করার জন্য যাঁরা যুদ্ধে রত হন; বাংলাদেশকে পাকিস্তানি হানাদারদের হাত থেকে মুক্ত করার জন্য যাঁরা ১৯৭১-এ লড়াই করেছিলেন। **-যুদ্ধ** *বি* রাজনীতিক আর্থনীতিক সামাজিক তথা সার্বিক মুক্তি বা স্বাধীনতার জন্য যে যুদ্ধ। **-সংগ্রাম** *বি* স্বাধীনতা ও সামাজিক মুক্তির জন্যে যে আন্দোলন। **-স্নান** *বি* চন্দ্রসূর্যের গ্রহণ-মুক্তি উপলক্ষে হিন্দুদের স্নান। { *স.* √মুক্+ তি(ক্তি); (মধ্যস্বরাগম বা স্বরভক্তির ফলে মুকতি/মুকুতি}
মুখ [মুখ্] *বি* ১ মুখগহ্বর। ২ মুখমণ্ডল। ৩ বাচনশক্তি (উকিল বেটার মুখ নেই)। ৪ বাক্যনিঃসরণ; ভোজ্য গ্রহণের দ্বার। ৫ গৃহাদির প্রবেশপথ (গুহামুখ)। ৬ মোহনা (নদীর মুখ)। ৭ সম্মুখ অংশ। ৮ অভিমুখ। ৯ প্রগল্‌ভতা; বেয়াদবি; ধৃষ্টতা। ১০ মানমর্যাদা। ১১ আশা। ১২ আরম্ভ; সূত্রপাত। ১৩ বাক্য; ভাষা; বাক-প্রণালি। ১৪ কবল; আক্রমণ (বিপদের মুখে, বাঘের মুখে)। **-আলগা** *বিণ* ১ অসংযতভাবে ভালো-মন্দ যা মুখে আসে তাই বলে এমন (যদি কোন মুখ আলগা লোক অগ্রপশ্চাৎ না ভাবিয়া অম্লান বদনে বলিয়া বসেন—*ঈবি*)। ২ মুখাগ্রে কিছুই আটকায় না এমন। **-উজ্জ্বল করা** *ক্রি* গৌরবমণ্ডিত করা। **-কমল** *বি* পদ্ম ফুলের মতো সুন্দর মুখ। **-খারাপ করা** *ক্রি* অশ্লীল বাক্য বলা। **-খিচানো** *ক্রি* ১ ভেংচানো। ২ মুখভঙ্গি সহকারে তিরস্কার করা। **-খিস্তি করা** *ক্রি* অশ্লীল গালাগালি করা। **-খোলা** *ক্রি* ১ নীরবতার পর কথা বলা। ২ অনিচ্ছুকভাবে প্রকৃত বা গোপন কথা প্রকাশ করতে বাধ্য হওয়া। **-গোঁজ করা** *ক্রি* অভিমান হেতু মুখের চেহারা বিকৃত করা। **-চন্দ্র** *বি* চাঁদের ন্যায় সুন্দর মুখ। **-চন্দ্রিকা** *বি* জ্যোৎস্নার মতো সুন্দর মুখ; শুভদৃষ্টি; রুসুমাত। **-চলা** *ক্রি* অনর্গল কথা বলা; ভোজন করা বা তিরস্কার করা। **-চাওয়া** *ক্রি* সহায়তা লাভের প্রত্যাশী হওয়া। **-চুন করা** *ক্রি* ভয় বা লজ্জায় মুখ ম্লান হওয়া। **-চোরা** *বিণ* লাজুক; অল্প কথা বলে এমন (বাহিরে সে বেজায় মুখচোরা—*বিব*)। **-চ্ছটা, -চ্ছবি** *বি* মুখের সৌন্দর্য; চেহারা; মুখের অবয়ব। **-ছোট করা** *ক্রি* অপ্রতিভ করা; কথা বলার সাহস খর্ব করা; লজ্জা পাওয়া। **-ছোটা** *ক্রি* মুখ থেকে প্রচুর গালি ও বক্তৃতা বের করা। **-ছোটানো** *ক্রি* ১ প্রচুর গালিগালাজ করা। ২ অবাধে কথা বলা। **-ঝামটা** *বি* মুখবিকৃতি সহ গঞ্জনা। **-টিপে হাসা** *ক্রি* রহস্যজনকভাবে হাসা। **-তুলতে না পারা** *ক্রি* লজ্জাজনিত কারণে সঙ্কুচিত হওয়া। **-তুলে চাওয়া, -তোলা** *ক্রি* প্রসন্ন দৃষ্টিপাত করা। **-থাকা** *ক্রি* সম্মান বজায় থাকা। **-থুবড়ে পড়া** *ক্রি* হুমড়ি খেয়ে পরা; স্থবির হয়ে পড়া। **-দেখা** *ক্রি* ১ আয়না প্রভৃতিতে মুখের ছায়া দেখা। ২ বিয়েতে পাত্রীর মুখ দেখে টাকা বা অলঙ্কার প্রদান করা। **-নিঃসৃত** *বিণ* মুখ থেকে বহির্গত (মুখনিঃসৃত ধ্বনি সৃষ্টি করে—*আশ*)। **-পত্র, -পাত** *বি* ১ ভূমিকা; প্রস্তাবনা। ২ দলের কর্ম বা আদর্শজ্ঞাপক প্রচারপত্র বা পত্রিকা। **-পাত্র** *বি* কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধিরূপে যিনি কথা বলেন। **-পোড়া** *বি* ১ এক প্রকার গালি। ২ হনুমান। **-ফসকানো** *ক্রি* হঠাৎ করে কিছু বলে ফেলা। **-ফোটা** *ক্রি* মুখ থেকে কথা বের হওয়া। **-ফোড়** *বিণ* ১ স্পষ্টবক্তা। ২ দুর্মুখ। **-ফোলানো** *ক্রি* মুখ গোমড়া করা। **-বদলানো** *ক্রি* স্বাদ বদলানো। **-বন্ধ করা, -বোজা** *ক্রি* কথা না বলা; নীরব বা মৌন থাকা। **-ব্যাদান** *বি* ১ হা করণ; বড় করে হা করা কার্য

(একটা বিকট মুখ ব্যাদানের মতো—*অচিসে*)। ২ বিকৃত মুখভঙ্গি। **~ভঙ্গি** *বি* মনোভাবব্যঞ্জক মুখের নানা বিন্যাস। **~ ভার করা** *ক্রি* মুখ গম্ভীর করা। **~মণ্ডল** *বি* কপাল থেকে চিবুক সমেত সমস্ত মুখ। **~ মারা** *ক্রি* ১ সম্ভ্রম নষ্ট করা। ২ নীরব বা মৌন করে দেওয়া। ৩ অতিরিক্ত মিষ্ট দ্রব্যাদি বা ঘৃতাদিযুক্ত খাদ্যসামগ্রী ভোজনের ফলে অরুচি সৃষ্টি। ৪ বস্ত্রের প্রান্ত বা থলের মুখ সেলাই করে বন্ধ করা। **~ মিষ্টি** *বিণ* মধুর ভাষী; মিষ্টভাষী। **~ রক্ষা** *বি* সম্মান রক্ষা; মর্যাদা রাখা। **~ রাখা** *ক্রি* সম্মান বা মর্যাদা বাঁচানো। **~রুচি** *বি* ১ মুখের সৌন্দর্য বা শোভা। ২ মুখের স্বাদ বাড়ানোর উপাদান। **~রোচক** *বিণ* সুস্বাদু। **~ লাগা** *ক্রি* ১ মুখ কুটকুট করা। ২ নজর লাগা; তুকতাক কার্যকর হওয়া। **~শশী** *বি* চন্দ্রের ন্যায় সুন্দর মুখ। **~ শুকিয়ে আমসি হওয়া** *ক্রি* ভয়, ব্যাধি, উদ্বেগ ইত্যাদি হেতু মুখের রুগ্ন অবস্থা। **~ শুকানো** *ক্রি* ভয় বা রোগহেতু মুখের চেহারা ম্লান হওয়া। **~শুদ্ধি** *বি* ১ মুখের দুর্গন্ধনাশক দ্রব্য। ২ ভোজনের পর চিবানোর জন্য স্বাদযুক্ত মসলা। **~শ্রী** *বি* মুখের সৌন্দর্য বা শোভা। **~-সর্বস্ব** *বিণ* কর্মক্ষমতাহীন বাকপটু। **~সাট, ~সাপট** *বি* ১ ধমক। ২ বাকচাতুর্য; অহঙ্কৃত উক্তি (মুখ সাপটে দড়—*হেব*)। **~ সামলানো** *ক্রি* ১ সাবধান হয়ে কথা বলা। ২ গালাগালি বা অশোভন কথা পুনর্বার বলা থেকে সাবধান করে দেওয়া (মুখ সামলে কথা বলা)। **~ সিটকানো** *ক্রি* ঘৃণা, বিতৃষ্ণা প্রভৃতি কারণে মুখ বিকৃত করা। **~ সেলাই করে দেওয়া** *ক্রি* মৌন বা নির্বাক থাকতে বাধ্য করা। **~স্থ** *বিণ* কণ্ঠস্থ; যথাযথ আবৃত্তি করার জন্য স্মৃতিতে ধারণ করা। **~ হওয়া** *ক্রি* ১ ফোড়া থেকে রক্ত, পুঁজ প্রভৃতি বের হওয়ার ছিদ্র হওয়া। ২ গালি দেওয়ার প্রকৃতি হওয়া। **মুখাঙ্গরাগ** *বি* মুখের প্রসাধন (যেহেতু বীর পুরুষের মুখাঙ্গরাগ তাহার শোণিত—*গিসে*)। **মুখে আগুন** *বিণ* হিন্দু সম্প্রদায়ে প্রচলিত মরণ কামনাসূচক তিরস্কার। **মুখে আনা** *ক্রি* উচ্চারণ করা। **মুখে আসা** *ক্রি* বলার ইচ্ছা হওয়া। **মুখে খই ফোটা** *ক্রি* প্রগল্‌ভভাবে কথা বলা। **মুখে জল আসা** *ক্রি* আহারে প্রবল লোভ হওয়া। **মুখে জল দেওয়া** *ক্রি* ১ উপবাসের পর সামান্য আহার করা। ২ মৃত্যুকালে পানি পান করানো। **মুখে দড়** *বি* বাকপটু; কলহদক্ষ। **মুখে দেওয়া, মুখে ফেলা** *ক্রি* ১ খাওয়া। ২ খাওয়ানো; ভোজন করানো। **মুখে ফুল চন্দন পড়া** *ক্রি* ধন্য হওয়া; শুভ কামনার জন্য প্রশংসা করা। **মুখে মুখে** *ক্রিবিণ* ১ শুধু কথা বলে। ২ মৌখিক-ভাবে। **মুখের উপর** *ক্রিবিণ* ১ সামনাসামনি। ২ সঙ্গে সঙ্গে। **মুখের ভয়ে** *ক্রিবিণ* তিরস্কারের বা গঞ্জনার ভয়ে। **মুখের মতো** *বিণ* যথোপযুক্ত। { *স.* খন্‌+অ(অচ), 'মু'(মুট্‌) আগম}

মুখটি[১] [মুখ্‌টি] *বি* মুখের ঢাকনা বা ছিপি। { *স.* মুখপট্টি> }

মুখটি[২], **মুখুটি** [মুখোটি, মুখুটি] *বি* প্রধান; মুখ্য; মুখোপাধ্যায়। { *স.* মুখ+*বা.* টি}

মুখতসর [মুখ্‌তোসর্‌] *বিণ* বাহুল্যবর্জিত; সংক্ষিপ্ত। { *আ.* মুখতাসার مختصر }

মুখন ⇒ মুখান

মুখবংশ [মুখবঙশো] *বি* মুখ্য বা প্রধান বংশ; কুলীন (গোত্রের প্রধান পিতা মুখবংশজাত—*ভারা*)। { *স.* মুখ্য+বংশ}

মুখবন্ধ [মুখোবন্‌ধো] *বি* ভূমিকা; অবতরণিকা; গ্রন্থারম্ভে গ্রন্থ সম্পর্কে বক্তব্য। { *স.* মুখ+বন্ধ}

মুখর [মুখর্‌] *বিণ* ১ বাচাল; বেশি কথা বলে এমন। ২ কটুভাষী। ৩ ধ্বনিবহুল; শব্দায়মান (মুখর নূপুর)। **মুখরা** *স্ত্রী.*। **~তা** *বি* ১ বাচালতা; অতিভাষণ। ২ ধ্বনিবহুলতা। **মুখরিত** *বিণ* ধ্বনিত; গুঞ্জিত; শব্দায়মান। **মুখরিতা** *স্ত্রী.*। { *স.* মুখ+র}

মুখস্থ [মুখস্‌থো] *বিণ* কণ্ঠস্থ; স্মৃতি থেকে বলা যায় এমন। { *স.* কণ্ঠস্থ শব্দের সাদৃশ্যে গঠিত; মুখ+স্থ}

মুখা ⇒ মুখো

মুখাগ্নি [মুখাগ্‌নি] *বি* হিন্দুদের শবদাহকালে শাস্ত্রবিধি অনুসারে শবের শিরঃস্থানে (মুখে নয়) অগ্নি দান বা স্পর্শ। { *স.* মুখ+অগ্নি; *কর্মধা.* }

মুখানো, মুখান, মুখনো, মুখন [মুখানো, –, –খ–, –] *ক্রি* উন্মুখ বা উৎসুক বা ব্যগ্র বা উৎসাহী হওয়া। □ *বি* উক্ত অর্থে। { *স.* মুখ+*বা.* আনো}

মুখাপেক্ষা [মুখাপেক্‌খা] *বি* পরের অনুগ্রহের বা সাহায্যের আশা; পরের উপর ভরসা। **মুখাপেক্ষী**(-ক্ষিন্‌) *বিণ* অন্যের সাহায্যের উপর নির্ভরশীল। **মুখাপেক্ষিণী** *স্ত্রী.*। **মুখাপেক্ষিতা** *বি* অপরের সাহায্যের প্রত্যাশা। { *স.* মুখ+অপেক্ষা; ৬তৎ }

মুখাবয়ব [মুখাবয়ব্‌] *বি* মুখের আকার; মুখের চেহারা। { *স.* মুখ+অবয়ব}

মুখামুখি, মুখোমুখি [মুখামুখি, –খো–] *ক্রিবিণ* পরস্পরের দিকে মুখ করে; সামনাসামনি; সম্মুখে। □ *বিণ* ১ পরস্পর সম্মুখীন। ২ অভিমুখে। □ *বি* ১ পরস্পরের মুখের দিকে নিবদ্ধ দৃষ্টি; বিয়েতে শুভদৃষ্টি। ২ ঝগড়া; কলহ; বাকযুদ্ধ। { *স.* মুখ+*বা.* আ+*স.* মুখ+*বা.* ই; –ও + –ই}

মুখামৃত [মুখামৃতো] *বি* ১ থুতু। ২ মহামানবের বাণী। ৩ অধরসুধা। ৪ মিষ্টি কথা। { *স.* মুখ+অমৃত; ৬তৎ }

মুখি[১], **মুখী**[১] [মুখি] *বি* কচু ওল প্রভৃতির কন্দ—যা তরকারি হিসেবে খাওয়া যায়। { *স.* মুখ+*বা.* ই}

মুখি[২] [মুখি] *বি* অতৎসম শব্দের ক্ষেত্রে বহুব্রীহি সমাসনিষ্পন্ন উত্তরপদে মুখ শব্দ স্ত্রীলিঙ্গে মুখি হয় (পোড়ারমুখি, কালামুখি)। { *স.* মুখ+*বা.* ই}

মুখী[২] [মুখি] *বিণ* তৎসম শব্দের ক্ষেত্রে বহুব্রীহি সমাস নিষ্পন্ন উত্তরপদে মুখ শব্দ স্ত্রীলিঙ্গে মুখী হয় (চন্দ্রমুখী)। { *স.* মুখ+ঈ}

মুখী[৩](-খিন্‌) [মুখি] *বিণ* ১ অভিমুখী (ঘরমুখী)। ২ মুখবিশিষ্ট (বিরসমুখী)। **মুখিনী** *স্ত্রী.*। { *স.* মুখ+ইন}

মুখুজ্জে ⇒ মুখোপাধ্যায়

মুখুটি ⇒ মুখটি

-মুখো, -মুখা [মুখো, –খা] *বিণ* বাংলা বহুব্রীহি সমাসে উত্তরপদে মুখ শব্দের রূপ (ঘরমুখো, পোড়ারমুখো)। **-মুখি, -মুখী** *স্ত্রী.* (পোড়ারমুখি, কালামুখি)। { *স.* মুখ+*বা.* ও, আ}

মুখোপাধ্যায়, মুখুজ্জে [মুখোপাদ্‌ধ্যায়, মুখুজ্‌জে] *বি*

বাঙালি ব্রাহ্মণের একটি পদবি। {স. মুখ+উপাধ্যায়, >}
মুখোমু. ⇒ মুখামুখি
মুখোশ, মুখোস [মুখোশ্] *বি* ১ মুখাবরণ; নকল মুখ; কৃত্রিম মুখ; musk (কতমতো পরিয়া মুখোস মাগিছ সবার পরিতোষ—*রঠা*)। ২ *(আল.)* কপটতা। ~ **খোলা** *ক্রি (আল.)* স্বরূপ প্রকাশ করা; প্রকৃত রূপ প্রকাশিত হওয়া। {স. মুখ+কোষ>}
মুখ্য [মুক্‌খো] *বিণ* প্রধান; শ্রেষ্ঠ; অগ্রগণ্য (মুখ্যমন্ত্রী); আদি। {স. মুখ+য(যৎ)}
মুগ [মুগ্] *বি* এক প্রকার ডাল। {স. মুদ্গ>}
মুগধ ⇒ মুগ্ধ
মুগা [মুগা] *বি* ১ এক প্রকার রেশমকীট। ২ মুগাকীটের লালা দিয়ে সৃষ্ট মুগ বর্ণ মোটা রেশম; মুগা রেশমের তৈরি কাপড় (কত বেসরের নীলা আর চুনী কণ্ঠেতে মুগা কানের মতি—*সদ*)। {মুগ+আ}
মুগুর [মুগুর্] *বি* ১ কাঠ লোহা প্রভৃতি দিয়ে তৈরি হাতুড়ি। ২ গদা (মুগুর ভাঁজা)। **ইটা**~ *বি* ক্ষেতে চাষ করার সময়ে বড় মাটির খণ্ড বা টুকরা ভাঙার হাতুড়ি। {স. মুদ্গর>}
মুগ্ধ, মুগধ *(পদ্য.)* [মুগ্‌ধো, মুগধো] *বিণ* ১ মোহগ্রস্ত; বিহ্বল; আত্মহারা; বিভোর (শরতের মুগ্ধ গগনের ছোঁয়া পেয়ে...)। ২ বশীভূত। ৩ মূঢ়; নির্বোধ; মূর্খ (মুগ্ধবোধ)। ৪ সরল। ~**স্বভাবা** *বিণ স্ত্রী.* ১ মুগ্ধপ্রকৃতিসম্পন্না। ২ রমণীয় স্বভাব; সরলা (কার সাধ্য মুগ্ধস্বভাবা তপস্বি-কন্যাদিগের সহিত অশিষ্ট ব্যবহার করে—*ঈবি*)। **মুগ্ধা** *বি স্ত্রী.* ১ বিহ্বলা। ২ সরলা বালিকা। ৩ নায়কের প্রতি একান্ত বিশ্বাসপরায়ণা নায়িকা। **মুগ্ধতা** *বি* মুগ্ধ বা মোহগ্রস্তের ভাব। {স. √মুহ্+ত(ক্ত)}
মুঘল, মোগল [মুঘল্, মোগল্] *বি* ১ মঙ্গোলিয়া নামক দেশের অধিবাসী। ২ উপমহাদেশীয় মুসলমানদের শ্রেণিবিশেষ (শেখ, সৈয়দ, মোগল, পাঠান)। **মোগলাই, মুঘলাই** *বিণ* ১ মুঘল বা মোগলদের মধ্যে প্রচলিত। ২ মোগলসুলভ। ৩ মোগল সম্পর্কিত। **মোগলাই/মুঘলাই খানা** *বি* মোগলদের খাদ্য। {ফা. মোগল্ مغل}
মুণ্ডা *(মবা.)* [মুণ্ডা] *বিণ* মুখযুক্ত; মুখবিশিষ্ট (হাড়ি দিল মহাবীরে করি উভমুণ্ডা—*কমু*)। {স. মুখ+বা. আ=মুখা>}
মুচ, মোচ, মোছ [মুচ্, মোচ্, মোছ্] *বি* গোঁফ; গুম্ফ। {স. শ্মশ্রু>শমশ্রু>}
মুচকানো, মচকানো [মুচ্‌কানো, মচ্-] *ক্রি* বাঁকানো; বিকৃত করা (ঠোঁট মুচকানো)। {√মুচকা, √মচকা+আনো}
মুচকি [মুচ্‌কি] *বিণ* ঈষৎ; সামান্য; বদ্ধ ঠোঁটে ঈষৎ প্রকাশিত (মুচকি হাসির সুধার বৃষ্টি চলছে আজি জগৎ জুড়ে—*রঠা*)। **মুচকি হাসা, মুচকিয়ে হাসা** *ক্রি* মুখ টিপে হাসা; নীরবে মৃদু হাস্য করা। {স. মুখকুঞ্চন>}
মুচকুন্দ[১] [মুচ্‌কুন্‌দো] *বি* চাঁপা ফুলবিশেষ। {স. মুচকুন্দ}
মুচড়ানো ⇒ মোচড়
মুচমুচ [মুচ্‌মুচ্] *অব্য* সামান্য মচমচ শব্দ। {ধ্বন্যা.}
মুচলম, মুছলম, মুছল্লম [মুচ্‌লম্, -ছ্-, মুছল্‌লম্] *বিণ* সমস্ত; সমগ্র; আস্ত গোটা, সম্পূর্ণ। {আ. মুসল্লম مسلم}
মুচলেকা, মুসলেকা [মুচ্‌লেকা, -স্-] *বি* ১ শর্ত মানার এবং না মানলে আইনগতভাবে দণ্ডভোগ করার লিখিত অঙ্গীকারপত্র; bond (তাহাদিগকে মুচলেকায় আবদ্ধ করিয়া সাধারণ নাগরিক হিসাবে জীবিকার্জনের সুযোগ দান করিয়াছিলেন—*ওয়ালি*)। ২ আইন বা হুকুম মোতাবেক চলার নির্দেশনামা। {তু. মুচল্‌কা مچلکا}
মুচি[১]**, মুছি**[২] [মুচি, -ছি] *বি* ১ ধাতু গলাবার জন্য ব্যবহৃত পাত্র। ২ ক্ষুদ্র সরা। ৩ অতি ক্ষুদ্র কচি নারকেল। {স. মুষা; প্রা. মোচিঅ}
মুচি[২]**, মুচী** [মুচি] *বি* চর্মকার (শুচি হয়ে মুচি হয়—*কৃক*); যারা মৃত পশুর চামড়া ছাড়িয়ে নেয়। **মুচিনী** *স্ত্রী.*। {পহ্লবি. মোচক (জুতা)>; আ. মুজী موزى}
মুচুকুন্দ [মুচুক্‌কুন্‌দো] *বি* ১ স্বর্ণ চাঁপা বা তার গাছ। ২ মান্ধাতা রাজার পুত্র। ৩ মুনিবিশেষ। ৪ দৈত্যবিশেষ। {স. মুচুকুন্দ}
মুচ্ছুদ্দী, মুচ্ছুদ্দী ⇒ মুৎসুদ্দি
মুছলমান ⇒ মুসলমান
মুছল্লম ⇒ মুচলম
মুছা ⇒ মোছা
মুছি ⇒ মুচি[১]
মুছি[২] [মুছি] *বি* কাঁঠাল, কলা ইত্যাদির নবজাত ফল; ছোট সরা; সোনা গলানোর ছোট মৃৎপাত্রবিশেষ; পিঠা তৈরি করার ঢাকনি। {স. মুষা>প্রা. মোচিঅ>}
মুজতাহিদ [মুজ্‌তাহিদ্] *বি* ১ শাস্ত্রীয় বিধান সম্বন্ধে মতামত দানে সক্ষম এমন জ্ঞানী ও পণ্ডিত ব্যক্তি (তা সে নির্দেশ মুজতাহীদ ইমাম গাউস কুতুব মৌলবী মুশায়ের রাজা মন্ত্রী পাদরী পুরুত যার কাছ থেকেই আসুক না কেন—*আনিস*)। □ *বিণ* চেষ্টাশীল; উদ্যোগী। {আ. মুজ্‌তাহিদ مجتهد}
মুজদা [মুজ্‌দা] *বি* সুসংবাদ (খুশীর মুজদা পাঠালো তার—*তাহো*)। {ফা. মুঝদহ্ مژده}
মুজরা, মুজরো [মুজ্‌রা, -রো] *বি* ১ পারিশ্রমিকের বদলে নাচ-গান করা। ২ প্রাপ্য টাকার ছাড়; রাজস্ব মওকুব। ৩ সম্মান প্রদর্শন। {আ. মুজরা مجرا}
মুজরিম [মুজ্‌রিম্] *বি* আসামি; দোষী; অপরাধী; culprit। {আ. মুজরিম مجرم}
মুজাদ্দিদ [মুজাদ্‌দিদ্] *বিণ* ধর্মসংস্কারক—মুসলমানি বিশ্বাস মতে হাজার বছরে একজন ধর্মসংস্কারকের আবির্ভাব হয় (জ্ঞানের প্রেমের নিশান তুলেছে হাজার সালের মুজাদ্দিদ—*ফআ*)। {আ. মুজাদ্‌দিদ مجدد}
মুজাহিদ [মুজাহিদ্] *বিণ* ১ জিহাদকারী। ২ বীর সৈনিক (দাও সাড়া দাও মুজাহিদ সেনা—*ফআ*)। {আ. মুজাহিদ مجاهد}
মু'জিযা ⇒ মোজেজা
মুঝে *(মবা., ব্র.)* [মুঝে] *সর্ব* আমাকে। {তুল. হি. মুঝকো}
মুঞি ⇒ মুই
মুঞে ⇒ মুয়ে
মুঞ্জ [মুন্‌জো] *বি* এক প্রকার তৃণ; মুঞ্জ নামক এক প্রকার ঘাস। {স. √মুঞ্জ্+অ(অচ্)}
মুঞ্জরা, মুঞ্জরী, মুঞ্জরিত ⇒ মঞ্জরা, মঞ্জরি, মঞ্জুরিত।
মুট ⇒ মুঠ

মুটমুট [মুটমুট] *অব্য* শুষ্ক ও সহজে ভঙ্গুর বস্তুর ভাঙার শব্দ। **মুটমুটে** *বিণ*। **মুটুর মুটুর** *অব্য* সহজে ভঙ্গুর বস্তু কোমলভাবে ভাঙার শব্দ। {*ধ্বন্যা.*}

মুটে, মুটিয়া [মুটে, মুটিয়া] *বি* যে মোট বহন করে জীবিকা অর্জন করে; মোট বহনকারী; কুলি; ভারিক। **মুটে-মজুর** *বি* ১ গরিব শ্রমিক। ২ অতি সাধারণ শ্রমজীবী। {মোট+ইয়া, মোটিয়া>মুটে, *তুল. হি.* মোটিয়া, *তুল. তা.* মুট্টে}

মুঠ, মুট [মুঠ, -ট্] *বি* ১ হাতের মুষ্টি; কবল। ২ দা, তরবারি প্রভৃতির বাঁট; হাতল। ৩ এক মুষ্টি পরিমাণ। {*স.* মুষ্টি>}

মুঠা, মুঠি, মুঠো [মুঠা, -ঠি, -ঠো] *বি* ১ মুষ্টি সংকুচিত করতল। ২ কবল। ৩ হাতল। ৪ মুষ্টি পরিমিত চাল। {*স.* মুষ্টি>}

মুড [মুড্] *বি* মেজাজ; মনের ভাব (অফিস প্রধানের আজ মাথা ধরেছে কাজ করার মুড নেই—*ওহ্*)। {*ই.* mood}

মুড় [মুড়্] *বি* মুণ্ড; মাথা; মস্তক (বুড় ছাগলের মুড়—*কমু*)। **মাথা--** *বি* মূল বা আগা। {*স.* মুণ্ড>}

মুড়কি, মুড়কী [মুড়্কি] *বি* গুড় বা চিনির রসে জারিত বা মাখানো খই (উড়কি ধানের মুড়কি)। **মুড়ি--** *বি* ১ মুড়ির সঙ্গে মিশ্রিত মুড়কি। ২ (*আল.*) অতি সাধারণ বা নিতান্ত অকিঞ্চিৎকর ভোজ্য দ্রব্য। {ম(মধু)+উড়কি}

মুড়নো ⇒ মুড়ানো

মুড়মুড় [মুড়্মুড়্] *অব্য* মৃদু মড়মড় ধ্বনি। **মড়মড়ে** *বিণ* মুড়মুড় শব্দ করে এমন। {*ধ্বন্যা.*}

মুড়া[১], মুড়ো[১] [মুড়া, -ড়ো] *বি* ১ মাছের মাথা; মুণ্ড। ২ আগা; অগ্রভাব। ৩ সীমা; প্রান্ত। {*স.* মুণ্ড>}

মুড়া[২], মুড়ো[২] [মুড়া, -ড়ো] *বিণ* ১ মুণ্ডিত; নেড়া; ন্যাড়া; ক্ষৌরীকৃত মস্তক। ২ ক্ষয়প্রাপ্ত; শাখাশূন্য (ঐ যে মুড়ো তাল গাছ খোয়াইয়ের পারে—*অঠা*)। ৩ নির্জলা (মুড়া মাখন)। ~ **খ্যাংরা**, ~ **ঝাঁটা** *বি* অধিক ব্যবহারে ক্ষয়প্রাপ্ত ঝাঁটা। {*স.* মুণ্ডিত>মুণ্ডা>*বা.* মুড়া}

মুড়া[৩] ⇒ মোড়া[২] ও মোড়া[৩]

মুড়ানো, মুড়নো, মোড়ানো [মুড়ানো, -ড়-, মোড়া-] *ক্রি* ১ মুণ্ডিত বা ন্যাড়া করা বা করানো। ২ অগ্রভাগ বা বাড়তি ডালপালা ছেঁটে ফেলা বা ফেলানো। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। □*ক্রি* বেষ্টন করা; আবৃত করা (কাগজ দিয়ে মুড়ানো/মোড়ানো)। {*স.*√মুণ্ড>; ক্রিয়ারূপ—মুড়াই/মোড়াই, মুড়াও/মোড়াও, মুড়ায়/মোড়ায়, মুড়ান/মোড়ান, *অক্রি*—মুড়িয়ে, মোড়ালে/মুড়ালে, মোড়াতে/মুড়াতে ইত্যাদি}

মুড়ি[১] [মুড়ি] *বি* ১ মুণ্ড; মাথা (মুড়িঘণ্ট)। ২ প্রথম প্রান্তের অংশ। ~**ঘণ্ট** *বি* মাছের মুড়া দিয়ে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। {*স.* মুণ্ড>}

মুড়ি[২] [মুড়ি] *বি* ১ বস্ত্রাদির ভাঁজ করা প্রান্তদেশ। ২ আবরণ; আচ্ছাদন; ঢাকনা (কাঁথা মুড়ি দেওয়া)। {*স.* মুণ্ড>}

মুড়ি[৩] [মুড়ি] *বি* গরম বালিতে চাল ভেজে প্রস্তুত খাদ্যবিশেষ; ফাঁপা হালকা ভাজা চাল। {*ধ্বন্যা.* মুড়মুড়>}

মুড়ি[৪] [মুড়ি] *বি* সংক্ষিপ্ত প্রতিলিপি বা মুখপাত। **চেক--** *বি* সংক্ষেপে লিখিত চেকের বিবরণ। {*স.* মুণ্ড>+ই}

মুণ্ড, মুণ্ডু [মুন্ডো, -ডু] *বি* মাথা; মস্তক। ~ **ঘুরে যাওয়া** *ক্রি* ১ হতবুদ্ধি হয়ে যাওয়া। ২ রূপমুগ্ধ হওয়া। **মাথা--** *বি* সামান্য পরিমাণ (মাথা-মুণ্ডু কিছুই না বোঝা)। ~**চ্ছেদ**, ~**ছেদন** *বি* মস্তক কর্তন। ~**পাত** *বি* ১ শিরশ্ছেদ। ২ (*আল.*) সর্বনাশ। ৩ অভিশাপ। ~**মালা** *বি* নরমুণ্ডসমূহ দিয়ে গাঁথা মালা। ~**মালিনী** *স্ত্রী*। {*স.* মুণ্ড>}

মুণ্ডন [মুন্ডন্] *বি* ১ কেশ কামিয়ে ফেলা; ন্যাড়া করা। ২ অগ্রভাগ বা বাড়তি ডালপালা ছেঁটে ফেলা। **মুণ্ডিত** *বিণ* কামানো; মুণ্ডন করা হয়েছে এমন। **মুণ্ডিতকেশ** *বিণ* মাথা নেড়া করা হয়েছে এমন। {*স.* মুণ্ড্+অন(ল্যুট্)}

মুণ্ডু ⇒ মুণ্ড

মুত [মুত্] *বি* প্রস্রাব; মূত্র। {*স.* মূত্র>}

মুতওল্লি, মোতোয়ালি [মুতোয়োল্লি, মোতোয়ালি] *বি* ধর্মীয় অথবা দাতব্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক (দ্বিতীয় ব্যক্তি হুগলী ইমামবাড়ীর মুতওল্লী সৈয়দ কেরামত আলী—*সৈমু*)। {*আ.* মুতৱল্লী متولى }

মুতফরাক্কা, মোতফরাক্কা [মুত্ফরাক্কা, মোত্-] *বিণ* ১ নানাপ্রকার বিধি। ২ অতি সামান্য; নগণ্য। ৩ শৃঙ্খলাবদ্ধ নয় এমন। {*আ.* মুতাফারিরক্বাহ متفرقة }

মুতা, মুতানো ⇒ মোতা

মুতাবেক ⇒ মোতাবেক

মুৎসুদ্দি, মুচ্ছুদ্দি, মুচ্ছদ্দি [মুত্সুদ্দি, -চ্ছু-, -চ্ছ-] *বি* ১ ভারপ্রাপ্ত কর্মচারীবিশেষ; agent। ২ প্রধান কেরানি। ৩ প্রতিনিধি। ৪ বংশীয় পদবি। {*আ.* মুতসদ্দী متصدى }

মুথা, মুথো [মুথা, -থো] *বি* গন্ধশিকড়বিশিষ্ট তৃণ। {*স.* মুস্ত>}

মুদই (*ব্র.*) [মুদোই] *ক্রি* আবৃত করে; মুদ্রিত করে (মুদই দুই আঁখি—*বিপ*)। **মুদব** (*ব্র.*) ঢাকবে; মুদ্রিত করবে। **মুদয়ে** (*ব্র.*) মুদ্রিত করে; ঢাকে (মুদয়ে দুই আঁখি—*বিপ*)। **মুদন** (*ব্র.*) ঢাকন। {*স.* √মুদ্>}

মুদা [মুদা] *ক্রি* ১ চক্ষু মুদ্রিত করা; বোজা; নিমীলিত করা। ২ চোখ ঢাকা (ব্রহ্মা পলকের জন্য আনন্দে অবশ হয়ে চক্ষু মুদিলেন—*অঠা*)। {*স.* √মুদ্>}

মুদারা [মুদারা] *বি* সঙ্গীতের তিনটি স্বরগ্রামের দ্বিতীয়টি (এসুধা সংগীত স্বর তরঙ্গে তরঙ্গে উদারা মুদারা তারা ঘুরিয়া ফিরিয়া—*কায়*)। {*স.* মন্দ্র>}

মুদি ⇒ মুদী

মুদি, মুদী [মুদি] *বি* দোকানে চাল, ডাল, তেল, লবণ প্রভৃতি বিক্রয়কারী। ~**খানা** *বি* মুদির দোকান। {*তুল. হি* মোদী}

মুদিত[১] [মুদিতো] *বিণ* হৃষ্ট; আনন্দিত; আহ্লাদিত। {*স.* √মুদ্+ত(ক্ত)}

মুদিত[২] [মুদিতো] *বিণ* মুদ্রিত; বোজা অবস্থাপ্রাপ্ত; নিমীলিত (মুদিত নয়ন—*মদ*)। {*স.* মুদ্রিত>}

মুদ্গ [মুদ্গো] *বি* মুগ ডাল। {*স.* √মুদ্+গ(গক্)}

মুদ্গর [মুদ্গর] *বি* মুগুর; গদা (কাড়িয়া লইতে উমর আসিয়া হানিফের পৃষ্ঠে মারে মুদ্গর কসিয়া—*হেমা*)। {*স.* মুদ্+গর}

মুদ্দই [মুদ্দোই] *বি* ১ বাদী; ফরিয়াদি; অভিযোগকারী (দুই এক কথা যদি আনয়ে ভাবিয়া মধ্যস্থ মুদ্দই হয়ে দেয়

ভুলাইয়া—*ভারা*)। ২ শত্রু। { *আ.* মুদ্দাই مدعی }

মুদ্দত, মুদ্দৎ [মুদ্দত্] *বি* ১ মেয়াদ; নির্দিষ্ট সময়। ২ বহুকাল; বহুদিন (অনেক মুদ্দৎ আগে একদা তৈমুম নামদার আশ্চর্য—*ফআ*)। **মুদ্দতি** *বিণ* যা নির্দিষ্ট সময়ের জন্য বলবৎ থাকে; মেয়াদা। { *আ.* মুদ্দত مدة }

মুদ্দাফরাশ, মুদ্রোফরাশ ⇒ মুর্দা

মুদ্রণ [মুদ্দ্রন্] *বি* ১ মুদ্রিতকরণ; নিমীলন। ২ ছাপানোর কাজ; ছাপাই; printing। ৩ ছাপ দিয়ে গঠন। { *স.* মুদ্রি+অন(ল্যুট্) }

মুদ্রা [মুদ্দ্রা] *বি* ১ টাকা-পয়সা প্রভৃতি; coin। ২ অর্থ। ৩ সিলমোহর। ৪ ছাপ; impression। ৫ হিন্দুদের দেবপূজা কালে বিবিধ ভঙ্গিতে করবিন্যাস। ৬ নাচের সময়ে অঙ্গভঙ্গি। ৭ মদের চাট। ৮ করতলে বা পদতলে বিশেষ চিহ্ন। **–কর** *বি* ছাপাখানার যে ব্যক্তি পুস্তকাদি ছাপার দায়-দায়িত্ব বহন করে। **–কর প্রমাদ** *বি* ছাপার ভুল; মুদ্রণে ভুলত্রুটি। **–ক্ষর** *বি* ছাপবার টাইপ; মুদ্রণের সিসা ইত্যাদি নির্মিত অক্ষর। **–ঙ্কন** *বি* সিল প্রভৃতির ছাপ। **–ঙ্কিত** *বিণ* ছাপযুক্ত; মোহরাঙ্কিত। **–দোষ** *বি* একই বাচনভঙ্গি বা স্বভাবগত বাগভঙ্গি; অঙ্গভঙ্গি করার কুঅভ্যাস। **–বিজ্ঞান** *বি* ধনতত্ত্ব। **–যন্ত্র** *বি* ছাপাকল বা যন্ত্র; printing machine। { *স.* √মুদ্+র(রক্)+আ(টাপ্) }

মুদ্রাশঙ্খ [মুদ্দ্রাশঙ্খো] *বি* সীসকভস্ম; অগ্নিদগ্ধ সিসার ছাই। { *স.* মৃদ্দারশৃঙ্গক; *ফা.* মুর্‌দহ্ সঙ্গ مرده سنگ }

মুদ্রিত [মুদ্‌দ্রিতো] *বিণ* ১ ছাপানো হয়েছে এমন; ছাপা; মুদ্রাঙ্কিত। ২ নিমীলিত। { *স.* মুদ্রি+ত(ক্ত) }

মুনকির–নকির [মুনকিরনোকির্] *বি* যে দুই ফেরেশতা মৃত্যুর পর কবরে ধর্মবিশ্বাসের পরীক্ষা নেয় বলে মুসলমানরা বিশ্বাস করে। { *আ.* মুনকর + নাকির منکر + نکیر }

মুনফা ⇒ মুনাফা

মুনশি, মুন্সি [মুন্‌শি] *বি* ১ কেরানি; যিনি লেখার কাজ করেন; লেখক। ২ বিদ্বান ব্যক্তি। **–গিরি** *বি* মুনশির পেশা বা কর্ম। **–য়ানা** *বি* ১ পাণ্ডিত্য; নৈপুণ্য; দক্ষতা; পটুতা। ২ রচনায় নিপুণতা; রচনা কৌশল। **খাস–** *বি* ব্যক্তিগত কেরানি; প্রাইভেট সেক্রেটারি। **মির–** *বি* ১ প্রধান কেরানি। ২ চিফ সেক্রেটারি। { *আ.* মুন্‌শী منشی }

মুনসেফ, মুন্সেফ [মুন্‌সেফ্] *বি* ইনসাফ করেন যিনি; নিম্ন দেওয়ানি আদালতের বিচারক। **মুনসেফি, মুনসেফী** *বি* মুনসেফের পেশা বা পদ বা চাকুরি। **মুনসেফি, মুন্সেফী** *বিণ* মুনসেফের এলাকাভুক্ত (মুনসেফি আদালত)। { *আ.* মুন্‌সিফ منصف }

মুনাক্কা ⇒ মনক্কা

মুনাজাত, মোনাজাত [মুনাজাত্, মো–] *বি* প্রার্থনা; আরাধনা; আবেদন (আমরা দুহাত তুলে ওদের জন্য মুনাজাত করি—*আহা*)। { *আ.* মুনাজাত مناجاة }

মুনাফা, মুনফা [মুনাফা, –নোফা] *বি* ক্রয়-বিক্রয়ের লাভ; লভ্যাংশ। { *আ.* মুনাফি منافع }

মুনাফাখোর [মুনাফাখোর] *বি* লাভ করার নেশায় মত্ত; profiteer। { *আ.* মুনাফা منافع }

মুনাফেক, মুনাফিক, মোনাফেক [মুনাফেক্, –ফিক্, মোনাফেক্] *বিণ* কপট; প্রবঞ্চক; ভণ্ড (কপট বা মোনাফেক সাজিয়া সত্য গোপন করা—*আখাঁ*; মুনাফেক সাথে খাতির জমাতে কেউ বা বলিয়া দিল—*আজহ়*)। **মুনাফেকি, মোনাফেকি** *বি* প্রতারণা; শঠতা; কপটাচার (মোনাফেকী আর মিথ্যাচার—*সুফী জুলফিকার*)। { *আ.* মুনাফিক্ منافق }

মুনাসিব, মোনাসিব [মুনাসিব্, মোনা–] *বিণ* ১ পছন্দসই; মনোমত; ইচ্ছানুযায়ী। ২ যোগ্য; উপযুক্ত। { *আ.* মুনাসিব مناسب }

মুনি [মুনি] *বি* ঋষি; তপস্বী; যোগী (মুনিগণ ধ্যান ভাঙি—*রঠা*)। { *স.* √মন্+ই }

মুনিব ⇒ মনিব

মুনিয়া [মুনিয়া] *বি* বিভিন্ন বর্ণের এক প্রকার অতি ক্ষুদ্র পক্ষী। { মন+ইয়া> }

মুনিষ ⇒ মনিষ

মুন্সী ⇒ মুনশি

মুন্সেফ ⇒ মুনসেফ

মুফত, মুফৎ [মুফত্] *ক্রিবিণ* মাগনা; বিনামূল্যে; বিনা পয়সায়; অমনি (মুফত বিয়ে করেনি সে। পুরো চার চারটে টাকা মোহরানা দিয়ে এক একটা বিয়ে করেছে—*জরা*)। { *ফা.* মুফ্‌ত مفت }

মুফতি [মুফ্‌তি] *বি* মুসলমান আইন ব্যাখ্যাকারী; ইসলাম শাস্ত্রীয় ব্যবস্থা-নির্দেশক। { *আ.* মুফতী مفتی }

মুবারক, মোবারক [মুবারক্, মো–] *বি* শুভ; শুভলক্ষণ-যুক্ত; কল্যাণময়; পবিত্র (মুবারক মকামে রসুল করিমের মাযারে বসে আল্লার ইবাদত বন্দেগীতে জীবনের বাকী অংশটা কাটিয়ে দেবে—*ওয়া*)। { *আ.* মুবারক مبارک }

মুমিন ⇒ মোমিন

মুমুক্ষা [মুমুক্‌খা] *বি* মোক্ষলাভেচ্ছা; মুক্তি বা পরিত্রাণ লাভের ইচ্ছা। **মুমুক্ষু** *বিণ* মোক্ষকামী; মুক্তিলাভেচ্ছু (মুমুক্ষু আমারও মনে বহুবার এসেছে প্রত্যয়—*আর*)। { *স.* √মুচ্+স(সন্)+অ+আ(টাপ্) }

মুমূর্ষু [মুমুর্‌শু] *বিণ* ১ মরণাপন্ন; মরণোন্মুখ; মৃত্যুকাল আসন্ন এমন। **মুমূর্ষা** *বি* মৃত্যুর ইচ্ছা; মরণেচ্ছা; মরণ কামনা। { *স.* √মৃ+স(সন্)+উ }

মুয়াজ্জল [মুয়াজ্‌জল্] *বিণ* দাবি করা মাত্র দেয়। **মহর ~** *বি* চাওয়ামাত্র দেয় মহর বা স্ত্রীধন। { *আ.* মু'আজ্জল معجل }

মুয়াজ্জিন [মুয়াজ্‌জিন্] *বি* ১ যিনি আজান দেন। ২ নামাজের সময়ে মসজিদের মিনার থেকে উচ্চস্বরে নামাজের সময় ঘোষণাকারী। { *আ.* মু'আযিন مؤذن }

মুয়াল্লিম [মুয়াল্‌লিম্] *বি* শিক্ষক; নির্দেশক; যিনি হজ্জের সময়ে হজযাত্রীদের করণীয় নির্দেশ করেন। { *আ.* মুআল্লিম معلم }

মুয়ে, মুএ্র (*মবা.*) [মুয়ে, –য়েঁ] *বি* মুখে (মুয়ে আগুন)। { *স.* মুখে> }

মুরগা ⇒ মোরগ

মুরগি, মুর্গি, মুরগী [মুরগি] *বি পুং, স্ত্রী.* কুক্কুট; কুক্কুটী। ~ **পোষা ভালোবাসা** *বি (বা.)* স্বার্থপূর্ণ ভালোবাসা; যে ভালোবাসা প্রকৃত নয় (মুরগি-পোষা ভালবাসায় হাঁফিয়ে ওঠা)। *পুং.* **মোরগ**। { *ফা.* মরগাহ (পাখি) مرغه }

মুরছা, মূরছা ⇒ মূর্ছা

মুরজ [মুরজ] *বি* এক প্রকার বাদ্যযন্ত্র; মৃদঙ্গ; খোল। { *স.* মুর+√জন্+অ(ড)}

মুরজা [মুরজা] *বি* কুবেরের স্ত্রীর নাম। { *স.* মুরজ+আ}

মুরৎ [মুরত্] *বি* ১ মূর্তি; প্রতিমা (মানুষের মনের আঙ্গিনায় যে অসংখ্য মুরৎ আল্লাকে আড়াল করিয়া দাঁড়াইল—*গোমো*)। ২ আকৃতি; চেহারা। { *স.* মূর্তি<স্বরাগমে মুরতি>মুরত্}

মুরত ⇒ মুরদ

মুরতি, মূরতি ⇒ মূর্তি

মুরতাদ [মুরতাদ্] *বিণ* স্বধর্ম, স্বমত বা স্বদল ত্যাগ করেছে এমন। *বি* যে ব্যক্তি নিজ ধর্ম ত্যাগ করে ভিন্ন ধর্ম গ্রহণ করেছে। { *আ.* মুরতাদ مرتد }

মুরদ, মুরোদ, মুরোত, মুরত [মুরোদ, –, –ত্, –] *বি* ১ ক্ষমতা; শক্তিসামর্থ্য। ২ পৌরুষ। { *আ.* মরুওত مروة }

মুরব্বি, মুরব্বী, মুরুব্বি, মুরুব্বী [মুরোব্‌বি, –, –রু–, –] *বি* ১ অভিভাবক। ২ পৃষ্ঠপোষক। ৩ রক্ষক। ৪ উপদেশক; উপদেষ্টা; সহায়ক। ~**য়ানা** *বি (বা.)* মুরব্বির ব্যবহার বা আচরণ; মাতব্বরি; খবরদারি; অভিভাবকত্ব। { *আ.* মুরব্বী مربی }

মুরলা [মুরলা] *বি* ১ নর্মদা নদী। ২ ভারতের কেরলা রাজ্যের একটি নদী। { *স.* মুর+√লা+অ(ক)+আ(টাপ্)}

মুরলী [মুরোলি] *বি* বাঁশি (নীরব রবাব বীণা মুরজ মুরলী—*মদ*)। ~**ধর** *বি* কৃষ্ণ। { *স.* মুর+√লা+অ(ক)+ঈ(ঙীষ্)}

মুরশিদ ⇒ মুর্শিদ

মুরাকবা ⇒ মোরাকাবা

মুরারি [মুরারি] *বি* 'মুর' নামের দৈত্যের অরি বা শত্রু; কৃষ্ণ—মুর নামক দৈত্যকে নিহত করেন যিনি। { *স.* মুর+অরি}

মুরি [মুরি] *বি* নালা; জলনালি; নর্দমা। { *অমু.*}

মুরিদ [মুরিদ্] *বি* ১ মুসলমান ভক্ত বা শিষ্য; সাধক। ২ পীরের শিষ্য। { *আ.* মুরিদ্ مرید }

মুরুব্বি, মুরুব্বী ⇒ মুরব্বি

মুরোত ⇒ মুরদ

মুর্গি ⇒ মুরগি

মুর্তজা [মুরতজা] *বিণ* ১ যার উপর আল্লাহ রাজি। ২ চতুর্থ খলিফা হজরত আলীর উপাধি বিশেষ (আসে মুর্তজা সিপাহসালার—*রুহ*)। { *আ.* মুরতজা مرتضی }

মুর্দা [মুর্দা] *বি* শব; মৃতদেহ; মড়া। ~**ফরাশ**, ~**ফরাস, মুর্দাফরাশ, মুর্দোফরাশ** *বি* যে মৃতদেহ বহন করে বা পোড়ায়; শব দাহনকারী ডোম (তুই কি পাগল না মুর্দাফরাশ—*অচিসে*)। { *ফা.* মুর্দহ مرده }

মুর্শিদ, মুরশিদ [মুর্‌শিদ্] *বিণ* আধ্যাত্মিক গুরু; পীর; পথপ্রদর্শক (দুর্যোগ রাত্রির মুর্শিদ ধরিয়াছিলেন ইহাকে—*গোমো*)। **মুর্শিদি, মুরশিদি** *বি* ১ আধ্যাত্মিক; অধ্যাত্মসম্পর্কীয়। ২ মরমি লোকগীতি। { *আ.* মুরশিদ مرشد }

মুল, মূল [মুল্] *বি* দাম; মূল্য (হেরি অকালের ফুল শুধাইল কত মূল—*রঠা*)। { *স.* মূল্য>}

মুলতবি, মুলতবী, মুলতুবি [মুলতোবি, –, –তু–] *বি* একটি নির্দিষ্ট সময় পর্যন্ত স্থগিত; অন্য সময়ের জন্য রেখে দেওয়া (কিছুদিনের জন্য আড়াআড়ি মুলতবি রাখিব—*ঈবি*)। { *আ.* মুলতবী ملتوی }

মুলতান[১] [মুলতান্] *বি* সঙ্গীতের একটি রাগিণীর নাম (দুপুরে যে ধরেছিল দীপক তান বেলাশেষে গাহিবে সে মুলতানে গান—*নই*)। { *স.* মূলস্থান>}

মুলতান[২] [মুলতান্] *বি* পশ্চিম পাঞ্জাবের একটি জেলা ও শহর। **মুলতানি** *বিণ* মুলতানে জাত বা উৎপন্ন (মুলতানি গরু)। { *স.* মূলস্থান>}

মুলতুবি, মুলতুবী ⇒ মুলতবি

মুলা[১]**, মূলা, মুলো** [মুলা, –, –লো] *বি* এক প্রকার কন্দ; তরকারিবিশেষ; radish। { *স.* মূলক>}

মুলা[২] ⇒ মুলানো

মুলাকাত, মোলাকাত [মুলাকাত, মো–] *বি* সাক্ষাৎ; ভেট। { *আ.* মুলাকাত ملاقاة }

মুলানো, মুলা[২] [মুলানো, মুলা] *ক্রি* ১ দর করা। ২ ক্রয় করা; কেনা। { *তুল. হি.* মোলানা; ক্রিয়ারূপ—মুলাই, মুলাও, মুলায়, মুলান, মুলাস; *অক্রি*—মুলিয়ে, মুলাতে, মুলালে ইত্যাদি}

মুলিবাঁশ [মুলিবাঁশ্] *বি* ফাঁপা সরু বাঁশবিশেষ। { মুরলী বাঁশ>}

মুলুক, মুল্লুক [মুলুক্, মুল্–] *বি* দেশ; বৃহৎ এলাকা (নীলকর বেইনদের জুলুমে মুলুক খাক হইয়া গেল—*প্যামি*)। { *আ.* মূলক ملك }

মুশকিল, মুস্কিল [মুশকিল্] *বি* ১ বিপদ; সংকট; বিপত্তি; বাধা; বিঘ্ন। ২ অসুবিধা। ~**আসান/আহসান** *বি* বিপদ বা অসুবিধা কেটে যাওয়া; বিপদ নিবারণ বা মোচন। { *আ.* মুশকিল مشکل }

মুশতারা [মুশ্‌তারা] *বি* বৃহস্পতি; Jupiter (নিয়ে যায় ঐ পারাবিন মুশতারা—*মোম*)। { *আ.* মশতারী مشتری }

মুশল ⇒ মুষল

মুশায়রা, মুসায়রা [মুশায়রা] *বি* আমন্ত্রিত কবিদের স্বরচিত কবিতা আবৃত্তি করার আসর (মুশায়রায় উর্দু কবিরা সকলেই উপস্থিত)। { *ফা.* মুশায়রা مشاعره }

মুস্কিল ⇒ মুশকিল

মুষড়ানো, মুষড়নো [মুশ্‌ড়ানো, –ড়–] *ক্রি* ১ হতাশ; নিরুৎসাহ বা নিরুদ্যম বা বিষণ্ণ হয়ে পড়া। ২ প্রায় শুষ্ক বা বিবর্ণ বা ম্লান হওয়া। ৩ মনমরা হওয়া; মিইয়ে বা দমে যাওয়া (কেমন মুষড়ে গিয়ে মুখ হাঁড়ি করে বসে রইল—*সুরা*)। □ *বি* উক্ত সকল অর্থে। { *স.* মুষিত>; *স.* মর্ষণ>; *স.* মৃয়মান/ম্রিয়মাণ>}

মুষল, মুশল [মুশল্] *বি* ১ মুগুর; মুদ্গর। ২ ঢেঁকির মোনা; হামানদিস্তার ডাটি। ৩ উদূখলের মর্দক বা পেষণদণ্ড। ~**ধার**, ~**ধারা** *বি* অত্যন্ত মোটা ধারা; অজস্র ধারা; প্রচুর (তার মধ্যে মুষল ধারে বৃষ্টি—*অচিসে*)। { *স.* √মুষ্+অল}

মুষা [মুশা] *বি* ধাতু গলাবার পাত্র বিশেষ। {*স.* √মুষ্+অ(ক)+আ(টাপ্)}

মুষ্ক [মুশ্‌কো] *বি* অণ্ডকোষ; পুং যৌনাঙ্গের অণ্ডথলি। **~শূন্য** *বিণ* খোজা; নপুংসক। {*স.* √মুষ্+ক(কক্)}

মুষ্টামুষ্টি [মুশ্‌টামুশ্‌টি] *বি* কিলাকিলি; পরস্পর ঘুষাঘুষি; মুষ্টি প্রহার; মুষ্টিযুদ্ধ। {*স.* মুষ্টি+*বা.* আ+মুষ্টা+*স.* মুষ্টি}

মুষ্টি [মুশ্‌টি] *বি* ১ মুঠা; মুঠি। ২ কিল; ঘুষি (মুষ্টি প্রহার)। ৩ মুঠ; বাঁট; হাতল; hilt (তরবারির মুষ্টি)। ৪ মুঠা পরিমাণ; মুঠাপূর্ণ; এক মুঠোয় যে পরিমাণ ধরে (এক মুষ্টি চাল)। **~বদ্ধ** *বিণ* আঙুল মুড়ে রাখা হয়েছে এমন; মুঠোবাঁধা। **~ভিক্ষা** *বি* প্রতি গৃহ বা জনের নিকট থেকে এক মুঠা পরিমিত দ্রব্য (চাউল ইত্যাদি) ভিক্ষা। **~মেয়** *বিণ* ১ মুষ্টিপরিমাণ। ২ সামান্য; অল্প পরিমাণ; অল্পমাত্র। ৩ অল্পসংখ্যক (যে কজন মুষ্টিমেয় শিক্ষিত ব্যক্তি আছে—*বর*)। **~যুদ্ধ** *বি* ঘুষাঘুষি; ঘুষির সাহায্যে লড়াই। **~যোগ** *বি* টোটকা; দ্রুত ফলদানকারী ঔষধ। **মুষ্ট্যাঘাত** *বি* কিল মারা; ঘুষি দ্বারা প্রহার। {*স.* √মুষ্+তি(ক্তি)}

মুসম্মৎ, মোসাম্মাৎ, মোসম্মৎ [মুসম্‌মত্, মোসাম্‌মাত্, মোসাম্‌মত্] *বি* ১ মুসলমান মহিলাদের নামের উপাধি (মোসাম্মাৎ মাকসুদা খানম)। ২ শ্রীযুক্তা; Mrs.। {*আ.* মুসাম্মত مسماة}

মুসল ⇒ মুষল

মুসলমান, মুছলমান, মুসলিম, মোসলেম [মুসল্‌মান্, –ছ–, মুস্‌লিম্, মোস্–] *বি* হজরত মুহম্মদ (সা.) কর্তৃক প্রবর্তিত ইসলাম ধর্মাবলম্বী সম্প্রদায় বা ব্যক্তি। ❑ *বিণ* ১ ইসলাম ধর্মে বিশ্বাসী। ২ ইসলাম ধর্ম বা মুসলমান সম্পর্কিত। **মুসলমানি** *বি* ১ মুসলমানদের রীতি। ২ খৎনা; সুন্নৎ; ত্বকচ্ছেদ। ৩ মুসলমান ধর্মাবলম্বিনী নারী। ❑ *বিণ* মুসলমানের ধর্ম সংক্রান্ত। {*আ.* মুসলিম مسلم ; *ফা.* মুসলমান مسلمان}

মুসল্লি, মুসুল্লি [মুসোল্‌লি, –সু–] *বিণ* নামাজি; যে 'সালাত' বা নামাজ পড়ে। {*আ.* সালাত صلات ; মুসল্লি مصلی = নামাজি}

মুসা [মুসা] *বি* ১ ইহুদিদের ধর্মবিধানদাতা। ২ তৌরাত কিতাবপ্রাপ্ত প্রসিদ্ধ নবি। {*আ.* মুসা موسی}

মুসাফা [মুসাফা] *বি* সাক্ষাৎ কালে করমর্দন। {*আ.* মুসাফাহ্ مصافح}

মুসাফির, মোসাফির [মুসাফির্, মো–] *বি* সফরকারী; পথিক; আগন্তুক; পর্যটক। **~খানা** *বি* সরাই; পান্থশালা; ধর্মশালা। **মুসাফিরি** *বি* পথ চলা কাজ অর্থে (একটানা মুসাফিরির ধাক্কায় মন তখন এমনি বিকল হইয়া গিয়াছিল —*সৈমু*)। {*আ.* মুসাফির مسافر}

মুসাবিদা, মুসাবেদা [মুসাবিদা, –বে–] *বি* খসড়া; draft। {*আ.* মুসাব্বিদা مسوده}

মুসিবত, মুসীবত [মুসিবত্] *বি* বিপদ; দুর্যোগ; দুঃসময়। {*আ.* মুসিবত مصيبة}

মুস্তফি, মোস্তাফি [মুসতোফি, মোস্‌তাফি] *বি* উপাধি বিশেষ; হিসাব-পরীক্ষক। {*আ.* মুস্তফি مصطفی}

মুহম্মদ, মোহাম্মদ [মুহম্‌মদ, মোহা–] *বি* ১ ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মুহম্মদ (সা.)। ২ মুসলমানদের নামের পূর্বে বা পরে ব্যবহৃত শব্দ। ❑ *বিণ* প্রশংসিত। {*আ.* মুহম্মদ محمد}

মুহরি¹, মুহুরি¹ [মুহোরি, –হু–] *বি* ১ নর্দমা; নালা; মুরি; জলনালি। ২ নর্দমার উপরিস্থ ধাতু নির্মিত ঝাঁঝরি। ৩ প্যাঁচের মুখে আঁটবার ধাতু দ্রব্য; nut। ৪ জামার হাতার প্রান্তদেশের ঘের। {*হি.* মোহরী}

মুহরি², মুহুরি² [মুহোরি, –হু–] *বি* ১ এক প্রকার কেরানি। ২ উকিল প্রভৃতির কাজের সহায়ক লেখক। **~গিরি** *বি* কেরানির বৃত্তি বা পেশা। {*আ.* মুহার্‌রির محرر}

মুহাজির, মোহাজের [মুহাজির্, মো–] *বিণ* দেশ ত্যাগ করেছে এমন; উদ্বাস্তু; আশ্রয়সন্ধানী। {*আ.* মুহাজির مهاجر}

মুহুঃ [মুহু] *অব্য* ১ ঘন ঘন; বার বার; বারংবার; পুনরায়; পুনঃপুন। ২ সদা। **মুহুর্মুহু** *অব্য* বারে বারে; পুনঃপুন; ঘনঘন। {*স.* মুহুস্>}

মুহূর্ত [মুহুর্‌তো] *বি* ১ দিনরাতের ৩০ ভাগের এক ভাগ; আটচল্লিশ মিনিট। ২ অতি অল্প সময়। **মুহূর্তেক** *বিণ ক্রিবিণ* ১ এক মুহূর্ত কাল। ২ অত্যল্প কাল। **এই মুহূর্তে** *ক্রিবিণ* এখনই; এক্ষুনি; অবিলম্বে; একটুও বিলম্ব না করে। {*স.* √হুর্চ্ছ+ত(ক্ত), 'মু' (মুট্) আগম}

মুহ্যমান [মুজ্‌ঝোমান্] *বিণ* দুঃখ বা শোকে কাতর। ❑ *বি* ১ যে মুষড়ে পড়েছে। ২ মোহগ্রস্ত; আচ্ছন্ন। **মুহ্যমানা** *স্ত্রী*। {*স.* মুহ্+আন, 'ম' আগম; *স.* মুহ্যন্}

মূক [মুক্] *বিণ* বাকশক্তি রহিত; বোবা; কথা বলতে পারে না এমন। **মূকী** *স্ত্রী*। **~তা** *বি* বাকশক্তিহীনতা। {*স.* √মূ+ক(কক্)}

মূঢ় [মুঢ়ো] *বিণ* ১ বিবেচনাশূন্য; অবিবেচক; জড়; নিষ্ক্রিয়। ২ আহম্মক; মূর্খ; নির্বোধ। ৩ মোহগ্রস্ত; মুগ্ধ; মোহপ্রাপ্ত; মোহাবিষ্ট। **মূঢ়া** *স্ত্রী*। **–তা** *বি* বোকামি; আহম্মকি। {*স.* √মুহ্+ত(ক্ত)}

মূত্র [মুত্‌ত্রো] *বি* প্রস্রাব; পেচ্ছাব। **~কৃচ্ছ্রতা** *বি* মূত্রত্যাগে কষ্ট হয় এমন রোগ। **–নালি** *বি* মূত্রাশয় থেকে প্রস্রাব নির্গত হবার পথ। **মূত্রাশয়** *বি* উদর মধ্যস্থ মূত্রথলি; বস্তি। {*স.* √মূত্র+অ(অচ্)}

মূর্খ [মুরখো] *বিণ* ১ বোকা; নির্বোধ; আহম্মক। ২ অশিক্ষিত; অজ্ঞ; অভিজ্ঞতাশূন্য। **মূর্খা** *স্ত্রী*। **–তা** *বি* মূঢ়তা; নির্বুদ্ধিতা; আহম্মকি। {*স.* √মুহ্+খ}

মূর্ছনা [মুরছোনা] *বি* ১ সঙ্গীতের স্বরগ্রামের ওঠানামার পর্যায় বা ক্রম; সুরের সুমধুর কম্পন; সুরের এক ধরনের অলঙ্কার। ২ প্রতিফলন। ৩ ঔষধের এক প্রকার সংস্কার। {*স.* √মূর্চ্ছ+অন(ল্যুট্)+আ(টাপ্)}

মূর্ছা, মুরছা [মুরছা, মুরোছা] *বি* ১ অচৈতন্য; অজ্ঞান অবস্থা; মোহপ্রাপ্তি। ২ মোহ; জ্ঞানাভাব। **মূর্ছাগত** *বিণ* মূর্ছিতের মতো নীরব নিঝুম। **মূর্ছাতুর** *বিণ* মূর্ছিতের ন্যায়। **মূর্ছান্বিত** *বিণ* মূর্ছিতের মতো নিঃসাড়। **মূর্ছাভঙ্গ** *বি* মোহ বা অচৈতন্য অবস্থা থেকে পুনরায় চেতনাপ্রাপ্তি। **মূর্ছিত** *বিণ* ১ মূর্ছাগত; মোহগ্রস্ত; মোহপ্রাপ্ত; লুপ্তচৈতন্য; অচেতন; জ্ঞানহারা। ২ প্রতিফলিত। **মূর্ছিতা** *স্ত্রী*। {*স.* √মূর্ছ্+অ+আ(টাপ্)}

মূর্ত [মুরতো] *বিণ* ১ সাকার; মূর্তি বা শরীর ধারণ করেছে

এমন; মূর্তিমান। ২ স্পষ্ট; প্রত্যক্ষ। { *স.* √মূর্ছ্+ত(ক্ত)}

মূর্তি, মুরতি[মুরতি, মুরোতি] *বি* ১ দেহ। ২ আকৃতি; রূপ। ৩ প্রতিমা। { *স.* √মূর্ছ্+তি(ক্তি)=মূর্তি>মুরতি (স্বরাগম)}

মূর্তিপরিগ্রহ [মুরতিপোরিগ্গোহো] *বি* মূর্তিধারণ। ~**পূজা** *বি* সাকার উপাসনা; প্রতিমা পূজা। ~**মন্ত, ~মান** *বিণ* ১ মূর্তিযুক্ত; দেহধারী; আকৃতিবিশিষ্ট; সাকার। ২ স্পষ্ট; প্রত্যক্ষ। ~**মতী** *স্ত্রী*। { *স.* মূর্তি+পরিগ্রহ}

মূর্ধন্য [মুরধোন্নো] *বিণ* ১ মস্তকজাত। ২ মূর্ধায় উচ্চার্য বর্ণসমূহ ঋ ট ঠ ড ঢ ণ র ষ। ৩ শ্রেষ্ঠ; মোড়ল। { *স.* মূর্ধন্+য(যৎ)}

মূর্ধা [মুরধা] *বি* মস্তক; মাথা। { *স.* মুহ্+অন্(কনিন্)}

মূল [মুল্] *বি* ১ শিকড়; গাছের গোড়ার অংশ (বৃক্ষমূল)। ২ কন্দজাতীয় উদ্ভিদ। ৩ আদি। ৪ আদি হেতু। ৫ উৎপত্তিস্থান; উৎস। ৬ পুঁজি। ৭ ভিত্তি। ৮ যে রাশি নিজে গণিত হয়ে অন্য রাশি উৎপন্ন করে, তা ঐ উৎপন্ন রাশির মূল। ▢ *বিণ* ১ প্রথম। ২ আসল। **মূলক** *বি* এক প্রকার কন্দ; মুলা। ~**কারণ** *বি* ১ আদিকারণ; আসল কারণ। ২ প্রকৃত হেতু। ~**গত** *বিণ* ১ শিকড়–স্বরূপ; আদি কারণ স্বরূপ; ভিত্তি স্বরূপ; ভিত্তিমূল। ২ মৌলিক; মূল সম্বন্ধীয়। ৩ বিচ্ছেদশূন্য; অবিচ্ছেদ্য। ~ **গায়েন** *বি* ১ যাত্রাদলের প্রধান গায়ক। ২ গায়ক দলের নেতা। ~**চ্ছেদ, ~চ্ছেদন** *বি* ১ গোড়া কেটে ফেলা। ২ সম্পূর্ণ ধ্বংসসাধন। ~**ত** *ক্রিবিণ* ১ মূলে। ২ বাস্তবিক বা প্রকৃতপক্ষে; বস্তুত। ~**তত্ত্ব** *বি* মৌলিক বিষয় বা তত্ত্ব যার উপর অন্যান্য তত্ত্ব বা জ্ঞান–বিজ্ঞান গড়ে ওঠে। ~**ধন** *বি* ১ ব্যবসাতে নিয়োজিত টাকা বা সম্পদ। ২ পুঁজি। ~**নীতি** *বি* ১ মৌলিক নীতি। ২ প্রধান বা প্রকৃত নীতি। ~**ভিত্তি** *বি* গোড়াপত্তন; প্রধান ভিত। ~ **প্রকৃতি** *বি* ১ বিশ্বের আদিকারণ। ২ আদ্যাশক্তি। ~**মন্ত্র** *বি* ১ প্রধান সংকল্প বা অভিলাষ। ২ প্রধান মন্ত্র। ৩ বীজমন্ত্র। ~**সূত্র** *বি* ১ প্রধান হেতু বা উৎস। ২ আদি কারণ। **মূলাকর্ষণ** *বি* গোড়া বা শিকড় ধরে টানা। **মূলাধার** *বি* ১ প্রধান আধার বা আশ্রয় স্থান। ২ গুহ্যদ্বার ও লিঙ্গের মধ্যবর্তী স্থান। **মূলী** *বিণ* শিকড়যুক্ত; মূলবিশিষ্ট। ▢ *বি* গাছ। **মূলীভূত** *বিণ* ১ মূলগত। ২ ভিত্তিস্বরূপ। ৩ প্রধান বা আদি কারণ স্বরূপ। **মূলে** *ক্রিবিণ* ১ গোড়ায়; প্রথমে। ২ আদৌ; একেবারেই; মোটে। **মূলোচ্ছেদ** *বি* ১ সমূলে বিনাশ। ২ মূলোৎপাটন। ৩ মূলসহ উচ্ছেদ। **মূলোৎপাটন** *বি* ১ সমূলে বিনাশ। ২ নির্মূলীকরণ; মূলোচ্ছেদ। { *স.* √মূ+ল(ক্ত); √মূল্+অ(অচ্)}

মূলক [মুলোক্] *বিণ* বহুব্রীহি সমাসে পরপদ রূপে 'মূল' থাকলে তা 'মূলক' হয় (শান্তিমূলক)। { *স.* √মূল্+ক(কপ্)}

মূলা [মুলা] *বি* একটি নক্ষত্রের নাম। { *স.* √মূল্+অ(অচ্)+আ(টাপ্)}

মূল্য [মুল্লো] *বি* ১ যা দ্বারা ক্রেতার নিকট পণ্য দ্রব্যের চাহিদা ও মান নিরূপিত হয়; দাম। ২ পারিশ্রমিক; বেতন। ৩ ভাড়া; মাশুল। ৪ মান। ~**বান** *বিণ* ১ দামি; বহুমূল্য। ২ মহৎকর্মক্ষম; উন্নত কর্মের যোগ্য। ~**হীন** *বিণ* ১ অকিঞ্চিৎকর; হেয়। ২ দাম দিয়ে নেওয়ার অযোগ্য এমন। **মূল্যাবধারণ, মূল্যায়ন** *বি* দাম স্থির করা; মূল্য নির্ধারণ করা। { *স.* মূল+য(যৎ)}

মূষ, মুষা [মুশ্, –শা] *বি* ১ স্বর্ণ ইত্যাদি ধাতু দ্রবীভূত করার পাত্র। ২ মুচি। ৩ মূষিক; ইঁদুর। { *স.* √মূষ্+অ(অচ্), +আ(টাপ্); *ফা.* মূশ موش }

মূষিক [মুশিক্] *বি* ইঁদুর। **মূষিকা** *স্ত্রী*। { *স.* √মূষ্+ইক(কিকন্)}

মৃগ [মৃগো] *বি* ১ হরিণ। ২ পশু। মৃগী *স্ত্রী*। **মৃগচর্ম** *বি* হরিণের চামড়া। ~**তৃষা, ~তৃষ্ণা, ~তৃষ্ণিকা** *বি* মরীচিকা। ~**নয়না, ~নেত্রা, ~লোচনা, মৃগাক্ষী** *বিণ* হরিণের চোখের মতো সুন্দর চোখযুক্ত। ~**নাভি, ~মদ** *বি* কস্তুরী। ~**য়া** *বি* হরিণ শিকার; বন্য পশুপাখি শিকার (রাজা মৃগয়ায় বেরিয়েছেন)। ~**রাজ, মৃগেন্দ্র** *বি* পশুরাজ সিংহ। ~**শিরা, ~শীর্ষ** *বি* একটি নক্ষত্রের নাম। **মৃগী** *বি স্ত্রী* ১ হরিণী। ২ রোগবিশেষ। { *স.* √মৃগ্+অ(অচ্)}

মৃগাঙ্ক [মৃগাঙ্কো] *বি* চন্দ্র; চাঁদ; শশধর; **শশাঙ্ক**। ~**শেখর** *বি* হিন্দুদেবতা শিব; চন্দ্রচূড়। { *স.* মৃগ+অঙ্ক; *বহু.*}

মৃগেল, মিরগেল [মৃগেল্, মিরগেল্] *বি* রুইজাতীয় মাছের নাম; মিরগা মাছ; মৃগাল { *স.* মৃদ্গ>}

মৃণাল [মৃনাল্] *বি* ১ পদ্মের নাল বা ডাঁটা। ২ পদ্মের সাদা রঙের ভোজনযোগ্য কন্দ। { *স.* √মৃণ্+আল(কালন্)}

মৃণালিনী [মৃনালিনি] *বি স্ত্রী* পদ্মিনী; পদ্মের ঝাড়; পদ্ম। { *স.* মৃণাল+ইন(ইনি)+ঈ(ঙীপ্)}

মৃণ্ময়, মৃন্ময় [মৃনময়] *বিণ* মাটির তৈরি; মৃত্তিকা নির্মিত; মেটে। **মৃণ্ময়ী, মৃন্ময়ী** *স্ত্রী*। { *স.* √মৃদ্+ময়(ময়ট্)}

মৃৎ [মৃত্] *বি* মাটি; মৃত্তিকা। ~**পাত্র** *বি* মাটির বাসন। ~**ভাণ্ড** *বি* মাটির ভাঁড়। { *স.* √মৃদ্+ক্বিপ্}

মৃত [মৃতো] *বিণ* প্রাণহীন; নিষ্প্রাণ; মারা গিয়েছে এমন। ~**ক** *বি* ১ হিন্দুসমাজে আত্মীয় স্বজনের মৃত্যুর পর যে অশৌচ পালন করা হয়। ২ শব; মৃতদেহ। ~**কল্প, ~প্রায়** *বি, বিণ* মরমর অবস্থা; যেকোনো সময়ে মৃত্যু হতে পারে এমন; মুমূর্ষু; মরণাপন্ন। ~**দার** *বি, বিণ* যার স্ত্রী মারা গিয়েছে; বিপত্নীক। ~**পুত্রা** *বি, বিণ* যার সন্তান বাঁচে না; মৃতবৎসা। ~**বৎসা** *বি, বিণ* যে নারীর সন্তান জীবিত থাকে না। **মৃতাশৌচ** *বি* মৃত্যুর পর যে অশৌচ পালন করা হয়। ~**সঞ্জীবনী** *বি* যা মৃতকে পুনরায় জীবন দান করে। { *স.* √মৃ+ত(ক্ত)}

মৃত্তিকা [মৃত্তিকা] *বি* ১ মাটি। ২ ভূমি; ভূতল। { *স.* √মৃদ্+তিক(তিকন্)+আ(টাপ্)}

মৃত্যু [মৃত্তু] *বি* ১ মরণ; প্রাণত্যাগ। ২ হিন্দু পুরাণ মতে মরণের আদি দেবতা যম। ৩ ধ্বংস। ~**ঞ্জয়** *বিণ* মরণকে জয় করেছে এমন; মৃত্যুঞ্জয়ী। ▢ *বি* হিন্দু দেবতা শিব। { *স.* √মৃ+ত্যু(ত্যুক্)}

মৃদঙ্গ [মৃদঙ্গো] *বি* দুই দিকে চামড়ায় ছাওয়া সাধারণত মৃত্তিকা নির্মিত এক প্রকার বাদ্যযন্ত্র; মুরজ; খোল; পাখোয়াজ। **মৃদঙ্গী** *বিণ* মৃদঙ্গ–বাদক। { *স.* মৃদ্+অঙ্গ(অঙ্গচ্)}

মৃদু [মৃদু] *বিণ* ১ নরম; সুকুমার; কোমল। ২ আলতো। ৩ হালকা। ৪ মন্থর; অদ্রুত। ৫ ক্ষীণ; অনুজ্জ্বল; নিষ্প্রভ। ৬ অনুচ্চ; চুপিচুপি; চাপা। ৭ শান্ত; ঠাণ্ডা; উত্তেজনাশূন্য। ৮

তীক্ষ্ণতাশূন্য; ভোঁতা। ৯ অপ্রখর। ১০ সিক্ত; আর্দ্র। ~তা *বি*। ~গণ *বি (জ্যোবি)* চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী নক্ষত্র চতুষ্টয়। ~গমনা *বিণ স্ত্রী* ধীরে চলে এমন; মন্থর গতিবিশিষ্টা। □ *বি* ১ মৃদুগামিনী স্ত্রীলোক। ২ হংসী। ~**পানি** *বিণ* প্রায় লবণ ক্ষার বর্জিত পানি। ~**তা** *বি* ১ ধীরতা। ২ কোমলতা। ~**মধুর**, ~**মন্দ** *বিণ* ১ লঘু ও ধীর। ২ কোমল; মন্থর। □ *ক্রিবিণ* ধীরে ধীরে; মন্থর গমনে। ~**ল** *বিণ* ১ কোমল; সুকুমার। ২ ধীর। ৩ স্নিগ্ধ। { *স.* √মৃদ্+উ(কু)}

মৃন্ময় ⇒ মৃণ্ময়

মে [মে] *বি* খ্রিস্টীয় মাসের নাম; খ্রিস্টীয় বৎসরের পঞ্চম মাস। { *ই* May}

মেও, ম্যাও [ম্যাঁও] *অব্য* বিড়ালের ডাক। □ *বি* তানপুরার বাদ্যধ্বনি। ~ **ধরা** *ক্রি* ১ দায়িত্ব গ্রহণ করা। ২ বিপদের ঝুঁকি নেওয়া। { *ধ্বন্যা.*}

মেওয়া [ম্যাওয়া] *বি* বেদানা, ডালিম, আঙ্গুর, বাদাম প্রভৃতি ফল। **সবুরে ~ ফলে**—ধৈর্য ধরে অপেক্ষা করলে পরিণামে শুভ ফল পাওয়া যায়। { *ফা.* মীৱাহ میوه }

মেকি, মেকী [মেকি] *বিণ* নকল; জাল; কৃত্রিম; যা খাঁটি নয় (মেকি টাকা)। { *আ.* মকর مکر }

মেখলা [মেখলা] *বি* ১ কোমরে পরার গয়না; কটিভূষণ, চন্দ্রহার, গোট ইত্যাদি গয়না। ২ কটিবন্ধ; তরবারির খাপের জন্য বেল্ট। { *স.* √মি+খল+আ(টাপ্)}

মেঘ [মেঘ] *বি* ১ আকাশে ভাসমান বাষ্পীভূত পানি; জলধর; জীমূত; বারিদ; নীরদ; পয়োদ; ঘন। ২ সঙ্গীতের রাগবিশেষ; মেঘমল্লার। ~ **করা**, ~ **ঘনানো**, ~ **জমা** *ক্রি* আকাশে মেঘ জমা বা পুঞ্জীভূত হওয়া। ~**গর্জন** *বি* মেঘের ডাক; বজ্রনাদ। ~**জাল** *বি* মেঘসমূহ; জমানো মেঘ। ~**ডম্বুর** *বি* ১ মেঘের সমারোহ; ঘনঘটা। ২ শাড়ির প্রকারভেদ। ~**ডম্বুর শাড়ি**, ~**ডুম্বুর শাড়ি** *বি* মেঘবর্ণ বা নীলাম্বরী শাড়ি। **মেঘনাদ** *বি* ১ মেঘগর্জন বা উচ্চ ডাক। ২ রামায়ণোক্ত রাবণপুত্র ইন্দ্রজিৎ। ~**নির্ঘোষ** *বি* মেঘের ডাক; বজ্রনাদ। ~**বাহন** *বি* হিন্দুদেবতা ইন্দ্র। ~**মন্দ্র** *বি* মেঘের গম্ভীর নিনাদ। ~**মল্লার** *বি* সঙ্গীতের একটি রাগ। ~**মেদুর** *বিণ* মেঘে আবৃত হওয়ার ফলে স্নিগ্ধ। **মেঘলা** *বিণ* মেঘাচ্ছন্ন; মেঘাবৃত। **মেঘাড়ম্বর** *বি* ১ মেঘের ঘনঘটা; প্রচুর মেঘের উপস্থিতি। ২ মেঘগর্জন। **মেঘাত্যয়** *বি* ১ মেঘের অভাব বা সমাপ্তি; মেঘশূন্যতা। ২ শরৎকাল। **মেঘাবৃত**, **মেঘাচ্ছন্ন** *বিণ* মেঘে ঢাকা। **জলো ~** *বিণ* বৃষ্টিকারী মেঘ। **ঝড়ো ~** *বি* যে মেঘ থেকে ঝড় বৃষ্টি হয়। **রাঙা ~**, **সিঁদুরে ~** *বিণ* রক্তবর্ণ মেঘ; লাল রঙের মেঘ। { *স.* √মিহ্+অ(অচ্)}

মেচতা, মেছতা [মেচ্‌তা, মেছ্‌তা] *বি* মুখমণ্ডলে উৎপন্ন কালো দাগবিশেষ। { *স.* মেচক>}

মেছুয়া, মেছো [মেছুয়া, মেছো] *বি* ১ মৎস্যবিক্রেতা। ২ ধীবর; জেলে। □ *বিণ* ১ মৎস্য বিষয়ক। ২ মৎস্য খাদক; মাছখেকো (মেছো কুমির)। **মেছুনী** *স্ত্রী*। **মেছোহাটা** *বি* মাছ বিক্রয়ের স্থান; মাছের বাজার বা হাট। { মাছ+উয়া>}

মেজ[১] [মেজো] *বিণ* মধ্যম; দ্বিতীয়; মেঝো; মধ্যের। { *স.* মধ্যম>}

মেজ[২] [মেজ্] *বি* টেবিল (আমরা যদিও পাতিয়াছি মেজে —*রঠা*)। { *ফা.* মেজ্ میز }

মেজবান, মেজমান [মেজ্‌বান্, -মান্] *বি* আপ্যায়ক; অতিথি সৎকারকারী; host। **মেজবানি** *বি* আতিথেয়তা; মেহমানদারি; অতিথির জন্য ভোজের ব্যবস্থা। { *ফা.* মেজ্‌বান میزبان }

মেজমেজ, ম্যাজম্যাজ [ম্যাজ্‌ম্যাজ্] *অব্য* আলস্য বা অসুস্থতার ভাব; জড়তার ভাব। **মেজমেজে, ম্যাজমেজে** *বিণ* জড়তাযুক্ত। { *অনু.*}

মেজাজ [মেজাজ্] *বি* ১ মানসিক অবস্থা বা পরিস্থিতি; মনের হাল। ২ প্রকৃতি; স্বভাব। ৩ ক্রোধ; রোষ; কোপ; উগ্রতা। **মেজাজি** *বিণ* ১ মেজাজবিশিষ্ট; রুক্ষ-প্রকৃতিযুক্ত। ২ দাম্ভিক; গর্বিত। { *আ.* মিজাজ مزاج }

মেঝে [মেঝে] *বি* গৃহতল; floor। { *স.* মধ্য>}

মেঝো, মেজো [মেঝো, -জো] *বিণ* ১ মধ্যমস্থানীয়। ২ মধ্যে অবস্থিত। ৩ দ্বিতীয় বা দ্বিতীয়টি। { *স.* মধ্যম>}

মেট [মেট্] *বি* ১ সর্দার; পাণ্ডা; দলপতি। ২ খালাসিদের সর্দার বা দলপতি। ৩ কয়েদিদের সর্দার। { *ই* mate}

মেটা, মিটা [মেটা] *ক্রি* ১ সম্পন্ন বা সমাপ্ত হওয়া; চুকিয়ে যাওয়া (কাজ মিটেছে)। ২ দূর হওয়া; বিদূরিত হওয়া (অভাব মেটা)। ৩ মিটমাট হওয়া (সাধ মেটা)। ৫ সফল হওয়া (আশা মিটেছে)। **মেটানো, মিটানো** *ক্রি* ১ নিষ্পন্ন হওয়া; চুকানো (কাজটা মেটানো গেল না)। ২ মীমাংসা করা। ৩ দূর করা। ৪ তৃপ্ত করা। □ *বি* উক্ত সকল অর্থে। {√মিট্/মেট্}

মেটুলি, মেটুলী, মেটে[১] [মেটুলি, -, মেটে] *বি* গরু মেষ ছাগলাদি জন্তুর যকৃৎ। { মাটিয়া>}

মেটে[২] [মেটে] *বিণ* ১ মাটি দিয়ে তৈরি। ২ মাটির লেপযুক্ত (রাজবাড়ী তো নয় ইটের পাঁজরের উপরে ছোট বড় গামলা—*অঠা*)। ৩ মাটির মতো (মেটে রং)। ~ **সাপ** *বি* মেটে রঙের বিষহীন সাপ। { মাটিয়া>}

মেঠাই ⇒ মিঠাই

মেঠে [মেঠে] *বি* ১ ধাতুর তৈরি বালা; কড়া। { *অনু.*}

মেঠো [মেঠো] *বিণ* ১ মাঠের; মাঠ সম্পর্কিত (মেঠো পথ দিয়ে গৃহস্থজন আসিছে গ্রামের হাটে—*রঠা*)। ২ মাঠের উপযুক্ত; মাঠের যোগ্য (মেঠো কথা বা বক্তৃতা)। { মাঠ+উয়া}

মেডেল, মেডাল [মেডেল্, -ডাল্] *বি* প্রশংসা; সম্মান; উৎকর্ষ ব বিজয়ের চিহ্নস্বরূপ ধাতব পদকবিশেষ (এখন চলেছে ওর মেডেলগুলো বেচে—*অচিসে*)। ~**ধারী** *বিণ* মেডেল বা পদকপ্রাপ্ত। { *ই* medal}

মেড়া [মেড়া] *বি* ১ লড়াকু ভেড়াবিশেষ; মেষ (কেষ্ট দোলের সময়ে মেড়া পুড়িয়ে খেয়েছিলাম—*কাসি*)। ২ *(আল.)* ভেড়ার মতো মূর্খ ও নির্বোধ ব্যক্তি। { *স.* মেঢ্র>}

মেড়ুয়া, মেড়ুয়াবাদী ⇒ মেড়ো

মেড়ো, মেড়ুয়া, মেড়ুয়াবাদী [মেড়ো, মেড়ুয়া, -বাদী] *বি* মাড়োয়ারি; হিন্দুস্থানি। { মাড়োয়ারি>}

মেঢ্র [মেঢ্‌রো] *বি* ১ পুরুষের লিঙ্গ; শিশ্ন। ২ ভেড়া; মেষ। { *স.* মিহ্+ত্র(ষ্ট্রন্)}

মেথর [মেথোর্/ম্যা-] *বি* বেতন বা অর্থের বিনিময়ে ময়লা

সাফ করে যে, ঝাড়ুদার। **মেথরানী** *স্ত্রী*। ~**গিরি** *বি* মেথরের বৃত্তি বা কাজ। {*ফা.* মিহ্‌তর مهتر }

মেথি[1] [মেথি] *বি* ১ মসলা হিসেবে ব্যবহৃত একপ্রকার বীজ। ২ গন্ধবীজ (কেহ লয় সিথির সিঁদুর কারো লাগে দাঁতের মাজন মেথি—*বজা*)। {*স.* √মেথ্‌+ই(ইন)}

মেথি[2] ⇒ মাথি

মেদ [মেদ্] *বি* চর্বি (আমোদ অগরু মেদ মৃগমদে বেশ—*সৈআ*)। {*স.* √মিদ্‌+অ(অচ্)}

মেদা, ম্যাদা [ম্যাদা] *বিণ* মাদির তুল্য; তেজোহীন; বলবীর্যশূন্য; নির্জীব; অকর্মা। ~**মারা** *বিণ* পৌরুষশূন্য; নির্জীব। {*ফা.* মাদাহ্ ماده }

মেদি ⇒ মেহেদি

মেদিনী, মেদনী (*মবা.*), **মেদনি** (*মবা.*) [মেদিনি, মেদনি, -] *বি* পৃথিবী (মেদনী বিদার দেউ পশিআঁ লুকাও—*বচদা*)। {*স.* মেদ+ইন্‌(ইনি)}

মেদুর [মেদুর্] *বিণ* ১ কোমল; সুস্নিগ্ধ (হাসনুহেনার মদির গন্ধ মেদুর পবনে ভেসে আসে)। ২ মসৃণ; চিক্কণ। ৩ শ্যামল; শ্যামবর্ণ (পূর্ণ মেঘে মেদুর অম্বর—*রঠা*)। ৪ ঘোর; ঘন (মেদুর মেঘে)। {*স.* √মিদ্‌+উর(ঘুরচ্)}

মেধ [মেধ্] *বি* যাগ; যজ্ঞ (অশ্বমেধ, নরমেধ)। {*স.* √মেধ্‌+অ(ঘঞ্)}

মেধা [মেধা] *বি* ১ ধীশক্তি; বোধশক্তি। ২ স্মরণশক্তি; স্মৃতিশক্তি। ~**বী** (-বিন্) *বিণ* ১ ধীমান; বুদ্ধিমান। ২ স্থির বুদ্ধি; অবিচলিত বোধসম্পন্ন। ~**বিনী** *স্ত্রী.*। {*স.* √মেধ্‌+অ(অঙ)+আ(টাপ্)}

মেধ্য [মেদ্‌ধো] *বিণ* পবিত্র; পূত। {*স.* মেধ+য(ণ্যৎ)}

মেনকা [মেনোকা] *বি* ১ হিমালয়পত্নী ও গৌরীজননী। ২ স্বর্গের একজন অপ্সরা। {*স.* √মন্‌+অক(বুন্)+আ(টাপ্)}

মেনি, মেনী [মেনি] *বি স্ত্রী.* বিড়াল; বিড়ালি। ~**মুখো** *বিণ* লাজুক; লজ্জাশীল। {মেনা>}

মেনে [মেনে] *অব্য* কথার মাত্রাবিশেষ; তথাপি কিন্তু প্রভৃতি অর্থব্যঞ্জক। {মানে>}

মেন্দি, মেন্ধী [মেন্‌দি, -ধি] *বি* মেহেদি গাছ; মেহেদি। {*আ.* মেহ্‌দী مهدی , *তুল. হিং.* মেহ্‌দী}

মেম [মেম্] *বি* ১ ইউরোপীয় বা মার্কিন নারী। ২ ইউরোপীয় সজ্জায় ভূষিত নারী। ~**সাহেব** *বি* ১ ইউরোপীয় মহিলা; মেম। ২ ইউরোপীয় পোশাকে সজ্জিতা মহিলা। ৩ ইউরোপীয় কেতাদুরস্ত প্রভুপত্নীর প্রতি দাসদাসীর সম্বোধনবিশেষ। {*ই* madam; ma'am}

মে'মান ⇒ মেহমান

মেম্বর ⇒ মেম্বার

মেম্বার, মেম্বর [মেম্‌বার্, মেম্‌বর্] *বি* সভ্য; সদস্য; member। {*ই* member}

মেয় [মেয়ো] *বিণ* পরিমাণযোগ্য; পরিমেয়; অনুমানের উপযুক্ত; জ্ঞানের যোগ্য (মুষ্টিমেয়)। {*স.* √মা+য(যৎ)}

মেয়াদ, মেয়াদি ⇒ মিয়াদ

মেয়ে [মেয়ে] *বি* ১ কন্যা। ২ বালিকা। ৩ নারী; স্ত্রীলোক (মেয়েমানুষ)। ~**লি**, ~**লী** *বিণ* নারীসুলভ; নারী জাতির পক্ষে যা স্বাভাবিক (মেয়েলি স্বভাব)। ~**লিপনা** *বি* নারীসুলভ আচরণ; স্ত্রীলোকের পক্ষে স্বাভাবিক হাবভাব (এসব ব্যাপারে মেয়েলিপনা চলে না)। {*স.* মাতৃকা>}

মেরজাই [মের্‌জাই] *বি* ফতুয়া জাতীয় জামা (থান ধুতি পরে মেরজাই পরে এক ভদ্রলোক বসে আছেন—*অঠা*)। {*ফা.* মির্জাই میرزائی }

মেরাপ [মেরাপ্] *বি* দরমা, হোগলা প্রভৃতি দিয়ে তৈরি অস্থায়ী মণ্ডপবিশেষ (ঘাস চাঁচিয়া প্রকাণ্ড বাঁশের মেরাপ বাঁধিয়া সামিয়ানা টাঙানো হইয়াছে—*বিব*)। {*আ.* মিহ্‌রাব্ محراب }

মেরামত [মেরম্‌মত্] *বি* জীর্ণ বস্তুর সংস্কার সাধন (উকিলেরা পূর্বে সমাচার পাইয়া দিব্য এক অট্টালিকা মেরামত করিয়া রাখিয়াছিলো—*রাম*)। **মেরামতি** *বিণ* ১ মেরামত সংক্রান্ত। ২ মেরামত করা হয়েছে এমন। {*ফা.* মরম্মত مرمة }

মেরু [মেরু] *বি* ১ পৃথিবীর সর্বোত্তর ও সর্বদক্ষিণ প্রান্ত (উত্তর মেরু)। ২ সুমেরু পর্বত। ৩ জপমালায় গ্রথিত বীজ বিশেষ। ৪ পিঠের দাঁড়া (মেরুদণ্ড)। ~**দণ্ড** *বি* ১ শিরদাঁড়া; পিঠের দাঁড়া। ~**দণ্ডহীন** *বিণ* ১ মেরুদণ্ডশূন্য। ২ (*ব্য.*) ব্যক্তিত্বহীন। ~**দণ্ডী** (-ণ্ডিন্) *বিণ* মেরুদণ্ডযুক্ত। ~**জ্যোতি** *বি* পৃথিবীর মেরু অঞ্চলের আকাশে যে আলোকচ্ছটা দৃষ্ট হয়; aurora। ~**রেখা** *বি* কোনো ঘূর্ণমান পদার্থের কেন্দ্ররেখা; axis। {*স.* √মি+রু}

মেল[1] [মেল্] *বি* ১ ডাক। ২ যাত্রী ও ডাকবাহী গাড়ি। {*ই* mail}

মেল[2] [মেল্] *বি* ১ মিলন; সামঞ্জস্য। ২ জনতা; উৎসবাদিতে জনসমাগম। ৩ বিবাহাদিতে কুলগত মিল। ~**ক** *বি* ১ সঙ্গ; সহবাস। ২ সমূহ। ▢ *বিণ* মিলনকামী। {*স.* √মিল্‌+অ(ঘঞ্)}

মেলন [মেলন্] *বি* ১ মিলন। ২ অনেক লোকের বিশেষ উদ্দেশ্যে একত্র উপস্থিতি; সভাপ্রভৃতিতে অনেক লোকের উপস্থিতি। {*স.* √মিল্‌+অন(ল্যুট্)}

মেলবন্ধন [মেল্‌বন্‌ধোন্] *বি* ১ কৌলীন্য অর্জন। ২ কৃত্রিম জাত্যভিমান (চেকভের লেখায় সাহিত্যের মেলবন্ধনে জাতিচ্যুতি দোষ ঘটেছে—*রঠা*)। {*স.* মেল+বন্ধন}

মেলা[1] [ম্যালা] *বি* ১ বিশেষ কোনো উপলক্ষে হাট-বাজার অপেক্ষা প্রচুরতর পণ্য ক্রয়-বিক্রয় তৎসহ আমোদ-প্রমোদের অস্থায়ী ব্যবস্থা (রথের মেলা)। ২ অস্থায়ী প্রদর্শনী (শিল্প-মেলা)। ৩ জনসমাগম; সমাবেশ। ৪ সমাজ; সভা (পণ্ডিতদের মেলা)। {*স.* √মিল্‌+ই(ণিচ্)+অ(অঙ)+আ(টাপ্)}

মেলা[2] [ম্যালা] *বিণ* বহু; অনেক; প্রচুর (মেলা ছেলেমেয়ে মাছ দেখিতে জুটিয়াছে—*বিব*)। {*স.* √মিল্‌+ই(ণিচ্)+অ(অঙ)+আ(টাপ্)}

মেলা[3], **মিলা** [মেলা, মি-] *ক্রি* ১ মিলিত হওয়া; একত্রে অবস্থান করা (হেথায় সবারে হবে মিলিবারে—*রঠা*)। ২ খাপ খাওয়া। ৩ সংযুক্ত করা। ৪ মিলন ঘটানো। ৫ মিশ্রিত হওয়া (তেলে জলে মেলে না)। ৬ সংগৃহীত হওয়া; জোটা (বাজারে মাছ না মেলা)। ৭ মিলনযুক্ত হওয়া (পদ্য মেলা)। ৮ সঠিক হওয়া; শুদ্ধ হওয়া (অঙ্কের উত্তর মিলেছে)। ৯ অবশিষ্ট বা ভাগশেষ না থাকা (ভাগ মেলা)।

মেলানো, মিলানো *ক্রি* ১ একত্র মিলিত বা সংযুক্ত

হওয়া। ২ সামঞ্জস্য রক্ষা করানো; খাপ খাওয়ানো। ৩ মিল করানো (পদ্য মেলানো)। ৪ জোটানো। ৫ তুলনা করানো (মিলিয়ে দেখা)। ৬ গলে যাওয়া (পানিতে নুন মিলে যাওয়া)। □ *ক্রি'বিণ* উক্ত সকল অর্থে। **মেলামেশা, মিলামিশা** *বি* পর ্পরে দেখা সাক্ষাৎ বা সাহচর্য; সঙ্গ; সংসর্গ। { *স.* √মিল্ +*বা.* আ}

মেলা[৩] [ম্যালা] *বি* ্লোরম্ভ; যাত্রা (মেলা দিয়েছে)। { *স.* √মিল্>+*বা.* আ}

মেলা[৫] [মেলা] *বি* ১ খোলা; উন্মীলন করা (চোখমেলা)। ২ প্রসারিত করা; বিস্তৃত করানো; বিছানো (রোদে কাপড় মেলা)। □ *বিবিণ* উক্ত সল অর্থে। **মেলানো** *ক্রি* ১ খোলা বা খোলানো; উন্মীলিত করানো। ২ প্রসারিত করা বা করানো। □ *বিবিণ* উক্ত সকল অর্থে। { *স.* √মিল্> +*বা.* আ}

মেলানি, মেলানী *(মবা.)* [মেলানি] *বি* ১ মিলন। ২ বিদায়কালে যে প্রীতিসম্ভাষণ দেওয়া হয়। ৩ বিদায়-উপহার। ৪ ভেট (মেনকা মেলানী ভার দিয়াছে কিঞ্চিৎ —*ভারা*)। {মেলন+ই}

মেশা, মিশা [মেশা, মি–] *ক্রি*১ মিশ্রিত হওয়া (ডালে চালে মেশা)। ২ সংস্রবে যাওয়া। ৩ খাপ খাওয়া; মানিয়ে চলা। □ *বি* উক্ত সব অর্থে। **মেশানো, মিশানো** *ক্রি* ১ একত্র করা। ২ মিলিত করা। ৩ সংস্রবে নেওয়া। ৪ মিল দেওয়া; খাপ খাওয়ানো। ৫ সকল অর্থে। □ *বিণ* মিশ্রিত (জল মেশানো দুধ)। **মেশাল, মিশাল** *বি* মিশ্রণ। { *স.* মিশ্র>}

মেশিন [মেশিন্] *বি* যন্ত্র; কল। ~**গান** *বি* যন্ত্রচালিত কামান বা বন্দুক (কী কিনছো? মেশিনগান? মানুষ মেরোনা না, তারা ত ভাই—*আগা*)। { *ই.* machine}

মেষ [মেশ্] *বি* ১ ভেড়া; মেড়া। ২ *(জ্যোবি)* রাশিচক্রের প্রথম রাশি। **মেষী** *স্ত্রী.*। { *স.* √মিষ্+অ(অচ্)}

মেস [মেস্] *বি* বিভিন্ন ব্যক্তি চাঁদা দিয়ে যেখানে একত্র বাস ও আহার করে; আহার ও বাসের বারোয়ারি স্থান (হাবসী বাগান লেনের মেসটি ছোট কিন্তু বেশ—*প্যামি*)। { *ই.* mess}

মেসো [মেশো] *বি* মাসির স্বামী; খালু। {মাসি+উয়া>}

মেস্ক [মেস্ক্] *বি* ১ কস্তুরী; মৃগনাভি। ২ কস্তুরী থেকে প্রস্তুত সুগন্ধি দ্রব্য (সুগন্ধি গোলাপ মেস্ক আতরের গন্ধে ভরপুর—*শাহো*)। { *আ.* মিশক مشك }

মেহ [মেহো] *বি* ১ প্রস্রাবের পীড়া; বহুমূত্র; প্রমেহ। ২ প্রস্রাব; মূত্র। { *স.* √মিহ্+অ(ঘঞ্)}

মেহগনি [মেহোগোনি] *বি* ১ এক প্রকার গাছ। ২ একপ্রকার দামি কাঠ (মেহগনির মঞ্চ জুড়ি পঞ্চ হাজার গ্রন্থ—*রঠা*)। { *ই.* mahogany}

মেহন [মেহোন্] *বি* ১ প্রস্রাব। ২ পেচ্ছাব কার্য। ৩ লিঙ্গ। { *স.* √মিহ্+অন(ল্যুট্)}

মেহনত, মেহনৎ, মেহন্নত [মেহোনত, –, –ন্নত] *বি* ১ খাটুনি; পরিশ্রম (শিক্ষার জন্য কত মেহনত করেন—*প্যামি*)। ২ দৈহিক শ্রম। **মেহনতি, মেহনতানা** *বি* মজুরি; পারিশ্রমিক; পরিশ্রমের বিনিময়ে অর্থ। □ *বিণ* ১ মেহনতকারী; শ্রমকারী (মেহনতি লোক)। ২ শ্রমসাধ্য (মেহনতি কাজ); পরিশ্রমযোগ্য। { *আ.* মিহ্নত محنة }

মেহমান, মে'মান [মেহোমান, মেহ্–] *বি,বিণ* অতিথি; নিমন্ত্রিত; অভ্যাগত (মেহমান এসেছে; নাতিন দেইখ্যা সকল মে'মান হইলো পরম খোশ—*রই*)। ~**দারি**, ~**দারী** *বি* অতিথিসেবা; আতিথ্য (মেমানদারী দান-খয়রাতে তেমনি ছিল মন—*রই*)। **মেহমানি** *বি* নিমন্ত্রণ; জেয়াফত; অতিথি আপ্যায়ন (পাড়াগাঁয়ের মেহমানিতে দুপুরের খানা শুরু হয় দুপুর অন্তে—*ইখা*)। { *ফা.* মেহমান مهمان }

মেহেদি, মেহেদী, মেহেন্দি, মেন্দি [মেহেদি, –, –ন্দি, মেন্দি] *বি* ১ একপ্রকার চির বসুজ ছোট গাছ; হেনা ফুল; ঐ ফুলের গাছ; ঐ গাছের পাতা। ২ রঙের নামবিশেষ (তার মেহেদী ছোবানো হাতের চেয়েও লাল হয়ে উঠেছিল তার মুখটা—*নই*)। { *আ.* মুহ্ন্নী محنى , *হি.* মেহ্দী}

মেহেরবান [মেহের্বান্] *বিণ* দয়াবান; দয়ালু (এ নির্মাণ মেহেরবান প্রভুর প্রেমের চিন—*সদ*)। **মেহেরবানি, মেহেরবানী** *বি* অনুগ্রহ; দয়া (মরুভূমির মেহেরবানি তুমি মেহের উন্নিসা—*সদ*; মেহেরবানী করে এসব নিয়ে আপনি আর কারো কাছে আলোচনা করবেন না—*নীই*)। { *ফা.* মিহিরবান مهربان }

মৈ ⇒ মই

মৈত্র [মোইত্ত্রো] *বিণ* বন্ধু সম্পর্কিত। □ *বি* হিন্দু ব্রাহ্মণের পদবি বিশেষ। **মৈত্রী, মৈত্র্য** *বি* ১ বন্ধুতা; মিত্রতা; সৌহার্দ্য; সখ্য। ২ সন্ধি। **মৈত্রেয়** *বি* ১ বুদ্ধদেব। ২ একজন প্রাচীন ঋষির নাম। ৩ ব্রাহ্মণের পদবিবিশেষ। □ *বিণ* মিত্র সম্পর্কিত। { *স.* মিত্র+অ(অণ্)}

মৈথিল [মোইথিল্] *বিণ* ১ মিথিলা দেশীয়; মিথিলার অধিবাসী (মৈথিল কবি বিদ্যাপতি)। **মৈথিলী** *বি স্ত্রী.* ১ মিথিলার রাজকন্যা সীতা। ২ ভাষাবিশেষ। { *স.* মিথিলা+অ(অণ্)}

মৈথুন [মোইথুন্] *বি* রতিক্রিয়া; স্ত্রী-পুরুষের যৌন সংসর্গ। { *স.* মিথুন+অ(অণ্)}

মৈনাক [মোইনাক্] *বি* হিমালয় ও মেনকার পুত্র নামে খ্যাত একটি পৌরাণিক পর্বত। { *স.* মেনকা+অ(অণ্)}

মোকদ্দমা ⇒ মকদ্দমা

মোকররি, মোকরারি, মুকরারি, মকররি [মোকররোরি, মোক্রারি, মুক্রারি, মকরোরি] *বিণ* নির্দিষ্ট খাজনার বিনিময়ে দখলীকৃত জমি (কি একটা দলিল কি রদ বদল করে 'ক' আনি জমি সে মোকরারি করে দিল —*অচিসে*)। { *আ.* মুকররর مقرر }

মোকাবিলা, মোকাবেলা, মুকাবিলা [মোকাবিলা, –বে–, মুকাবিলা] *বি* ১ সামনাসামনি বুঝাপরা; মীমাংসা; নিষ্পত্তি (সর্বসমক্ষে মোকাবেলা হবে সেখানে—*মব*; প্রতিকূল অবস্থার মোকাবেলা—*ইখা*)। ২ বিরুদ্ধাচারণ। ৩ হঠকারিতা। { *আ.* মকাবিলাহ مقابلة }

মোকাম [মোকাম্] *বি* ১ আবাস; বাসস্থান (সৈয়দ মোকামে আসি সে উত্তরিলা—*ঘচ*)। ২ আস্তানা; আড্ডা। ৩ বাণিজ্যস্থান; বিপণিকেন্দ্র (ক্রয়-বিক্রয়ের উহা ছিল শ্রেষ্ঠ মোকাম—*মোব*)। { *আ.* মাকাম مقام }

মোকুব ⇒ মকুব

মোক্তা (–ক্ত) [মোক্তা] *বিণ* মোচনকর্তা; মুক্তিদাতা;

পরিত্রাতা। { স. √মুচ্+তৃ(তৃচ্)}

মোক্তার [মোক্‌তার] *বি* ১ একশ্রেণির আইনজীবী। ২ মকদ্দমাদি চালানোর জন্য নিযুক্ত প্রতিনিধি (মোক্তার মহলে কানাঘুষা হতে আরম্ভ হল—*মীম*)। **–নামা** *বি* মোকদ্দমা পরিচালনার জন্য ক্ষমতাদানের দলিল; মোক্তার নিয়োগপত্র; power of attorney। **মোক্তারি** *বি* মোক্তারের কাজ বা বৃত্তি। { *আ.* মুখ্‌তার مختار }

মোক্ষ [মোক্‌খো] *বি* ১ সংসারবন্ধন থেকে মুক্তি। ২ কৈবল্য; নির্বাণ। ৩ নিষ্কৃতি; মুক্তি। ৪ মৃত্যু। **–ণ** *বি* ১ মুক্তি; মোচন; উদ্ধারলাভ। ২ নিঃসারণ; ক্ষরণ (রক্তমোক্ষণ)। **–দ, –দায়ক** *বিণ* ১ মুক্তিদাতা; পরিত্রাণকর্তা। **–দা, –দায়িনী** *বি* ১ দুর্গা দেবী। ২ মুক্তিদানকারিণী। **–ধাম** *বি* মুক্তির স্থান; দুঃখ মোচনের স্থান। **–পদ** *বি* মুক্ত অবস্থা। **–লাভ** *বি* মুক্তি লাভ (মোক্ষলাভের উপায়)। { স. √মোক্ষ্+অ(ঘঞ্)}

মোক্ষম [মোক্‌খোম] *বিণ* ১ প্রবল; সাংঘাতিক; কঠিন; firm। ২ নির্ঘাত (দুই তিনটি ক্রিশ্চান মেয়ে পুঁটির মার এই মোক্ষম যুক্তিপূর্ণ জবাব শুনে খুশি হয়ে বলে উঠেছিল, 'আচ্ছা বলেছিস মাসী'—*নই*)। { *আ.* মুহ্‌কম محكم }

মোগল, মুঘল [মোগোল্, মুঘোল্] *বি* ১ মঙ্গোলিয়া নামক দেশের অধিবাসী। ২ পাকভারতীয় মুসলমানদের শ্রেণিবিশেষ। **মোগলাই** *বিণ* ১ মোগলদের মধ্যে প্রচলিত (এই মোগলাই রান্না ক্রমে ক্রমে ভারতবর্ষের তাবৎ মাংসখেকোদের ভিতর ছড়িয়ে পড়ে—*সৈমু*)। ২ মোগলসুলভ। ৩ মোগল সম্পর্কিত। **মোগলাই খানা** *বি* মোগলদের খাদ্য (রীতিমত মোগলাই খানা হুকুম করিলাম —*রঠা*)। { *ফা.* মুগল مغل }

মোঘ [মোঘো] *বিণ* নিষ্ফল; ব্যর্থ। **অমোঘ** *বিপ*। { স. √মুহ্+অ(ঘঞ্)}

মোচ, মোছ [মোচ্, –ছ্] *বি* ১ কলম ইত্যাদির আগা; নিব। ২ গোঁফ। { স. শ্মশ্রু>}

মোচক ⇒ মোচন

মোচড় [মোচোড়্] *বি* ১ প্যাঁক; আবর্তন। ২ *(আল.)* সুযোগ বা বাগে পেয়ে চাপ দেওয়া। **মোচড়ানো, মুচড়ানো** *ক্রি* মোচড় দেওয়া; বারংবার আবর্তিত করা; বারবার পাকানো। ☐ *বিণ* উক্ত অর্থে। { স. মুক্রুটী>}

মোচন [মোচোন্] *বি* ১ মুক্তিপ্রদান; পরিত্রাণ (মোচন হল বন্দী যত—*সদ*)। ২ উন্মুক্ত করণ; উন্মোচন; উদ্ঘাটন; খোলা (দ্বার মোচন)। ৩ অপনোদন (সে মহাপাপ করব মোচন—*সদ*)। ৪ ত্যাগ; ছেড়ে দেওয়া। **মোচক** *বিণ* মোচনকারী। **মোচনীয়, মোচ্য** *বি* মোচনযোগ্য; ছাড়া পাওয়ার বা ছাড়ানোর উপযুক্ত। **মোচিত** *বিণ* মোচন বা দূর করা হয়েছে এমন। { স. √মোচি+অন(ল্যুট্)}

মোচরস [মোচরশ্] *বি* শিমুল গাছের রস, এ-গাছের রসের আঠা। { স. মোচ+রস ?}

মোচা [মোচা] *বি* ১ কলার মঞ্জরি (মোচার খোলার ন্যায় কতগুলি নৌকা ভাসিতেছিল —*শেহ*)। ২ কলাগাছ। **–র খোল** *বি* কলার মঞ্জরির আবরণ যা দেখতে নৌকার ন্যায় (চিটিটি নদীর ঢেউয়ে মোচার খোলের মত আমার বুকের উপর আছাড় খেতে লাগল—*রক*)। { স. √মুচ্>}

মোচিত, মোচ্য ⇒ মোচন

মোচ্ছব ⇒ মচ্ছব

মোছ ⇒ মোচ

মোছা, মুছা [মোছা, মু–] *ক্রি* ১ ঘষে পরিষ্কার করা; শুষ্ক করা; পোছা (ঘর মোছা)। ২ তুলে ফেলা; অপনোদন করা (কালির দাগ মোছা)। ☐ *বিণ* উক্ত সকল অর্থে। **মোছানো, মুছানো** *ক্রি* ১ অন্যকে দিয়ে পরিষ্কার করানো; শুষ্ক করানো (গা মুছিয়ে দেওয়া)। ২ নিশ্চিহ্ন করানো; তুলে ফেলানো (কালি মোছানো)। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *আ.* মাসহ্ مسح }

মোজা [মোজা] *বি* সুতা, রেশম, পশম, চামড়া প্রভৃতি দিয়ে প্রস্তুত পদাবরণ; stocking। **গরম ~** *বি* পশমি সুতা দিয়ে যে মোজা তৈরি হয়। **ফুল ~** *বি* হাঁটু পর্যন্ত ঢাকা মোজা। **হাত ~** *বি* হাতে ব্যবহারের মোজা; দস্তানা। **হাফ ~** *বি* ছোট বা আধা মোজা। **~র কল** *বি* মোজা বোনার যন্ত্র। { *ফা.* মুজাহ্ موزه }

মোজেজা, মু'জিযা [মোজেজা, মুজিজা] *বি* ১ অলৌকিক ঘটনা; লোকাতীত ঘটনা (মোজেজা বা আলৌকিকের ছাপ আছে—*গোমো*)। ২ নবি রসুলদের দিয়ে সংঘটিত অলৌকিক ঘটনা। { *আ.* মু'জিজাহ্ معجزه }

মোট[১] [মোট্] *বি* সমষ্টি। ☐ *বিণ* ১ সর্বসমেত; সাকল্যে; সাকুল্যে; সমুদয়ে; সমস্ত একত্রে। ২ আসল; সার; মূল; মোদ্দা। **মোট কথা** *বিণ* আসল কথা; সার কথা; সংক্ষিপ্ত কথা। **মোটামুটি** *ক্রিবিণ* ১ স্থূলভাবে। ২ স্থূল হিসেবে; in average। **মোটে** *ক্রিবিণ* ১ সাকল্যে; সাকুল্যে; একুনে; সমুদয়ে (মোটে দশ টাকা)। ২ আদৌ। ৩ সবেমাত্র (মোটে তো পরীক্ষা দিল)। **মোটেই** *ক্রিবিণ* **একেবারেই**; আদৌ। **মোটের উপর** *ক্রিবিণ* স্থূলত; সব মিলে; সবদিক বিচার করলে (মোটের উপর ভালো)। { স. সমষ্টি>}

মোট[২] [মোট্] *বি* ১ বোঝা; ভার; **যথেষ্ট** ওজনযুক্ত মাল। ২ বস্তা; পোঁটলা; গাঁটরি। **~ঘাট** *বি* পোঁটলা-পুঁটলি, গাঁটরিগুলি। **~ বাহক** *বিণ* মুটে; বোঝা বহনকারী। { স. সমষ্টি>; হি মোট}

মোটর, মটর [মোটোর্] *বি* ১ হাওয়া গাড়ি। ২ বিদ্যুৎ-চালিত গতিসঞ্চালক যে যন্ত্র দিয়ে অন্য যন্ত্র চালানো হয়। ☐ *বিণ* গতিসঞ্চালক। { *ই.* motor}

মোটা [মোটা] *বিণ* ১ বেশি মাংসযুক্ত; মাংসল; মেদবহুল (মোটা দেহ)। ২ পুরু; স্থূল; মিহি নয় এমন (মোটা কাপড়)। ৩ ভারী; কর্কশ (মোটা গলা)। ৪ ভোঁতা (মোটা বুদ্ধি)। ৫ মস্ত বড় (মোটা খরচ)। ৬ সাধারণ (মোটা কথা)। ৭ নিপুণতাশূন্য; অসূক্ষ্ম; স্থূল (মোটা কাজ)। **–নো** *ক্রি* মোটা বা স্থূলাঙ্গ হওয়া; শরীরে মেদ মাংস বেড়ে যাওয়া। **~ নজর** ⇒ নজর। **~ সোটা** *বিণ* স্থূলকায়; হৃষ্টপুষ্ট। { মোট+আ}

মোটামুটি, মোটে, মোটেই ⇒ মোট[১]

মোড় [মোড়্] *বি* বাঁক; প্রান্ত (পাহাড়ের মোড়টা সুনসান —*অঠা*)। { স. মুণ্ড>}

মোড়ক [মোড়োক্] *বি* আবরক; পুরিয়া; পুলিন্দা; প্যাকেট। { স. √মণ্ড>মুড়্+অক}

মোড়ল [মোড়োল্] *বি* ১ গ্রামের প্রধান ব্যক্তি। ২ দলের

প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি; সর্দার; পাণ্ডা। ৩ মণ্ডল। **মোড়লি, মোড়লী** *বি* ১ মোড়লের পদ বা কাজ। ২ অনাবশ্যক বা অবাঞ্ছিত কর্তৃত্ব (থাক তোমার মোড়লি করতে হবে না)। {*স.* মণ্ডল>}

মোড়া[১] [মোড়া] *বি* ১ বাঁশ বেত ও দড়ি দিয়ে তৈরি টুলজাতীয় আসনবিশেষ। ২ বেত্রাদি নির্মিত ধান চাল রাখবার আধারবিশেষ। {√মুড়+আ}

মোড়া[২], **মুড়া** [মোড়া, মু–] *ক্রি* ১ আবৃত করা; বেষ্টিত করা; জড়ানো (কাগজে মোড়া)। ২ ভাঁজ করা; সংকুচিত করা। ৩ মোচড়ানো; বাঁকানো; ফিরানো। ৪ পাকানো। □ *বিণ* উক্ত সকল অর্থে। **মোড়ানো**[১] *বি* ১ আবৃত করা বা ঢাকা; বেষ্টিত করা। □ *বিণ* উক্ত সকল অর্থে। □ *ক্রি* ১ ভাঁজ করা; সংকুচিত করা। ২ পাকানো। ৩ মোচড়ানো; বাঁকানো। **মোড়ামুড়ি, মুড়ামুড়ি** *বি* ১ বারবার শরীরকে পাক দেওয়া; মোচড়ামুচড়ি (মোড়ামুড়ি দেওয়া)। ২ *(আল.)* দর কষাকষি। {√মুড়+আ}

মোড়া[৩], **মুড়া** [মোড়া, মু–] *ক্রি* মুড়া করা; সম্পূর্ণ কেটে বা কামিয়ে ফেলা। □ *বি* উক্ত অর্থে। {*স.* মুণ্ডন>}

মোড়ানো ⇒ মোড়া[২]

মোণ্ডা ⇒ মণ্ডা

মোতা[১], **মুতা**[১] [মোতা, মু–] *ক্রি* ১ প্রস্রাব করা; পেচ্ছাব করা। □ *বি* উক্ত অর্থে। **মোতানো, মুতানো** *ক্রি* ১ প্রস্রাব করানো; পেচ্ছাব করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। {*স.* মূত্র>}

মোতা[২], **মুতা**[২] [মোতা, মু–] *বি* শিয়াদের মধ্যে প্রচলিত সাময়িক বিবাহ। {*আ.* মুতআহ متعة }

মোতাবেক, মুতাবেক [মোতাবেক্, মু–] *ক্রিবিণ* অনুসারে; অনুযায়ী। {*আ.* মোতাবেক مطابق }

মোতায়েন [মোতায়েন্] *বিণ* ১ নিযুক্ত; বহাল; রত (একটা নার্স মোতায়েন করে গেল শিয়রে—*মব*)। ২ পাহারারত (এখানেও পুলিশ মোতায়েন—*মাউ*)। {*আ.* মুতাআয়্যিন متعين }

মোতি [মোতি] *বি* মুক্তা; ঝিনুকে উৎপন্ন মূল্যবান উজ্জ্বল বস্তু। ~ম *(মবা.)* *বিণ* মুক্তা নির্মিত। {*স.* মৌক্তিক>}

মোতিচুর ⇒ মতিচুর

মোতিয়া [মোতিয়া] *বি* বেল ফুল জাতীয় ফুল। {মোতি+ইয়া}

মোত্তাকি, মুত্তাকী [মোত্‌তাকি, মুত্‌–] *বিণ* ১ পাপ থেকে বেঁচে থাকে এমন (পরহেজগার মোত্তাকি মানুষ)। ২ ধার্মিক। ৩ খোদাভীরু; খোদাভক্ত। {*আ.* মুত্তাকী متقى }

মোথা [মোথা] *বি* মূল; গোড়া (বাঁশের মোথা)। {*স.* মুস্ত>}

মোদক [মোদক্] *বি* ১ মোয়া; লাড়ু। ২ শর্করা-পক্ব ঔষধ বিশেষ (মোদক দু-চার দলা মুখে না দিলে শরীরটাতে আর ঝিম আসে না—*সৈশা*)। ৩ ময়রা; একটি হিন্দুজাতি। ৪ আনন্দদায়ক। ৫ নেশাকর দ্রব্যবিশেষ। {*স.* √মুদ্+ই(ণিচ)+অক(ণ্বুল)}

মোদিত [মোদিতো] *বিণ* ১ আমোদিত; সুরভিত। ২ আনন্দিত; হর্ষযুক্ত; প্রফুল্ল; বিকশিত। **মোদিতা** *স্ত্রী.*। {*স.* √মুদ্+ই(ণিচ)+ত(ক্ত)}

মোদী (–দিন) [মোদি] *বিণ* ১ আনন্দ দান করে এমন; হর্ষযুক্ত। **মোদিনী** *স্ত্রী.*। {*স.* √মুদ্+ইন্(ইনি)}

মোদের *(পদ্য.)* [মোদের্] *সর্ব* ১ আমাদের। ২ আমাদিগকে। {আমাদের>}

মোদ্দা [মোদ্‌দা] *অব্য* ১ কিন্তু স্থূলত; মোট। ২ আসল; সার; প্রকৃত উদ্দেশ্য (মোদ্দা কথা, আরব তখন আচার বিচারহীন—*রহ*)। {*আ.* মুদ্দআ مدعى }

মোনা [মোনা] *বি* ১ ঢেঁকির মুষল। ২ অগ্রভাগস্থিত লৌহদণ্ড। {*স.* মথন>}

মোনাজাত ⇒ মুনাজাত

মোনাফেক ⇒ মুনাফেক

মোনাসিব ⇒ মুনাসিব

মোম [মোম্] *বি* ১ মৌচাক তৈরির উপাদান; যা দিয়ে মৌচাক তৈরি হয়; মধুথ। ২ প্যারাফিন, চর্বি ইত্যাদি দিয়ে তৈরি পদার্থ। ৩ প্যারাফিন, চর্বি প্রভৃতি দিয়ে তৈরি বাতি (রাত্রিবেলা বহুক্ষণ মোমের আলোর দিকে চেয়ে—*জীদা*)। ~**জামা, ~ঢালা** *বি* মোমের প্রলেপ দেওয়া জল নিবারক বস্ত্র (অভিসারিকাদের চামড়া মোমজামা হতে পারে—*প্রচৌ*)। ~**বাতি** *বি* মোম, চর্বি, প্যারাফিন প্রভৃতি দিয়ে প্রস্তুত দীপ। **মোমের পুতুল** *বিণ* ১ মোমনির্মিত পুতুল (মোমের পুতুল মমির দেশের মেয়ে—*নই*)। ২ *(আল.)* যে অল্প পরিশ্রমে কাতর হয়ে পড়ে (একেবারে মোমের পুতুল আর কি)। {*ফা.* মোম موم }

মোমিন, মোমেন, মুমিন, মমিন [মোমিন্, –মেন্, মুমিন্, মোমিন্] *বি* ১ প্রকৃত ইমানদার; ধর্মনিষ্ঠ মুসলমান; মনেপ্রাণে আল্লাহতে বিশ্বাসী ও তাঁর উপর নির্ভরশীল (মুমিনকে শিক্ষা দেওয়া হয়েছে কেবল জ্ঞান বৃদ্ধির প্রার্থনা—*আহ*; মক্কা পরে যতেক ছিল মমিন কি কমিন—*রহ*)। {*আ.* মু'মিন مؤمن }

মোয় *(মবা.)* [মোঅ্] *সর্ব* ১ আমায়; আমাতে। ২ আমাকে। {মো+য়}

মোয়া [মোয়া] *বি* ১ নাড়ু। ২ মিঠাই। **ছেলের হাতের মোয়া** *বি* *(আল.)* অতি সহজলভ্য বা সহজপ্রাপ্য বস্তু (জাত ছেলের হাতের নয় তো মোয়া—*নই*)। {*স.* মোদক}

মোর *(পদ্য.)* [মোর্] *সর্ব* আমার। {তুল. *হি.* মেরা}

মোরগ, মুরগা [মোরোগ্, মুরগা] *বি* পুরুষ কুক্কুট; দ্বিপদ পাখিজাতীয় প্রাণী। **মুরগি, মুর্গি** *স্ত্রী.*। **মোরগফুল** *বি* মোরগের ঝুঁটির মতো ঘোর লাল রঙের ফুল। **বনমোরগ** *বি* বনে বাস করে এমন মোরগ। {*ফা.* মুর্গ مرغ }

মোরব্বা [মোরোব্‌বা] *বি* চিনির রসে জারিত ফল। {*আ.* মুরব্বাহ مربه }

মোরা *(পদ্য.)* [মোরা] *সর্ব* আমরা। {তুল. আমরা}

মোরাকাবা, মুরাকবা [মোরাকাবা, মুরাকবা] *বি* ১ ধ্যান; গভীর চিন্তা। ২ অভিনিবেশ সহকারে চিন্তন (হেরার গুহায় মোরাকাবালীন খোঁজে যে সত্য প্রেম-রঙিন—*ফআ*)। ৩ সুফি বা সাধু সম্প্রদায়ের মধ্যে প্রচলিত বিশেষ এক তন্ময়তা বা সমাহিত অবস্থা। {*আ.* মুরাকাবাহ مراقبة }

মোরে *(পদ্য.)* [মোরে] *সর্ব* আমাকে। {মোর+এ}

মোলাকাত ⇒ মুলাকাত

মোলায়েম [মোলায়েম্] *বি* নম্র; বিনীত (কথাবার্তায়ও

অত্যন্ত মোলায়েম—মউ)। □ *বিণ* ১ নরম; কোমল; মৃদু; হালকা (শেষ রাত্রের দিকে মোলায়ম মেঘ করেছে—*অচিসে*)। ২ সুললিত (বাপ-মা মেয়ের কালো রঙ দেখে একটা মোলায়েম নামের তলায় সেই নিন্দেটি চাপা দিয়েছে—*রঠা*)। { *আ.* মুলায়িম ملائم }

মোলাহেজা [মোলাহেজা] *বি* মনোযোগের সাথে দেখা; চিন্তা করে দেখা; বিচার-বিবেচনা; পর্যবেক্ষণ (মোলাহেজা কিছু না করিবে দেল—*সৈহা*)। { *আ.* মুলাহিজাহ ملاحظة }

মোল্লা [মোললা] *বি* ১ পরিপূর্ণ জ্ঞানবিশিষ্ট মহাপণ্ডিত ব্যক্তি (মোল্লা জামী, মোল্লা আলী কারী মোল্লা আহমদ জীওন)। ২ আরবি ফারসি ভাষা ও ইসলামি শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। ৩ বংশীয় উপাধিবিশেষ (রফিজ উদ্দিন মোল্লা)। **~গিরি** *বি* মোল্লার কাজ বা কর্ম। **~র দৌড় মসজিদ পর্যন্ত** *বিণ (আল.)* নির্দিষ্ট এলাকার মধ্যে জ্ঞান ও শক্তি সীমাবদ্ধ। { *আ.* মুল্লা ملا }

মোষ ⇒ মহিষ

মোষড়ানো ⇒ মুষড়ানো

মোসলেম ⇒ মুসলমান

মোসাম্মৎ, মোসাম্মাৎ ⇒ মুসম্মাৎ

মোসাহেব [মোসাহেব্] *বি* ১ তোশামুদে; খোশামুদে; চাটুকার; চামচে (মোসাহেব বসিয়া সকল বরাবর—*ভারা*)। ২ সঙ্গী। **মোসাহেবি** *বি* মোসাহেবের বৃত্তি বা কাজ; চাটুকারিতা। { *আ.* মুসাহিব مصاحب }

মোহ [মোহো] *বি* ১ ষড় রিপুর একটি। ২ অজ্ঞতা, অবিদ্যা, মূর্খতা, মূঢ়তা, নির্বুদ্ধিতা, ও ভ্রান্তি। ৩ মুগ্ধতা। ৪ বিবেকশূন্যতা। ৫ মূর্ছা; সংজ্ঞাহীনতা। ৬ মায়া। **~ঘোর, ~তিমির** *বি* ১ অজ্ঞানতারূপ অন্ধকার। ২ মোহজনিত ভ্রান্তি। **~নিদ্রা** *বি* অজ্ঞানতারূপ নিদ্রা; অচৈতন্য বা সংজ্ঞাহীন অবস্থা। **~নিরসন** *বি* অজ্ঞানতা নাশ; মোহ থেকে অব্যাহতি। **~বন্ধন** *বি* মায়ার ডোর বা বাঁধন বা প্রভাব। **~মদ** *বি* অজ্ঞানতা থেকে জাত অহঙ্কার। **~মুগ্ধ** *বিণ* মায়া দিয়ে প্রভাবিত; মোহ দিয়ে আচ্ছন্ন। **~মুদ্গর** *বি* ১ মায়া বা অজ্ঞানতা দূরীকরণের উপযুক্ত মুদ্গর বা মুগুর। ২ শঙ্করাচার্য রচিত একটি গ্রন্থ। { *স.* √মুহ্+অ(ঘঞ্) }

মোহড়া ⇒ মহড়া

মোহতাজ ⇒ মুহতাজ

মোহন [মোহোন্] *বি* ১ সম্মোহন; যে বা যা মুগ্ধ করে। ২ কামদেবের সম্মোহক নামক বাণ। □ *বিণ* ১ মুগ্ধকর। ২ মনোহর; মনোহারী; সুন্দর; চিত্তাকর্ষক। **~ভোগ** *বি* সুজি চিনি প্রভৃতিতে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন; সুজির পায়েস; হালুয়া (মোহনভোগ প্রস্তুত করিয়া ধূমপায়ী তপস্বীর আসনে অর্পিত করিল—*ঈবি*)। **~মালা** *বি* স্বর্ণনির্মিত হারবিশেষ। **মোহনিয়া** *(পদ্য.) বিণ* মুগ্ধকর (স্পোটকে ফেলিল মুক্তা সে মোহনিয়া—*মেম*)। { *স.* √মুহ্+ই(ণিচ্)+অন(ল্যুট্) }

মোহনা ⇒ মোহানা

মোহনিয়া ⇒ মোহন

মোহন্ত ⇒ মহন্ত

মোহর [মোহোর্] *বি* ১ সোনার তৈরি মুদ্রাবিশেষ; স্বর্ণমুদ্রা। ২ সিল বা নামের ছাপ। { *ফা.* মোহর مهر }

মোহরত ⇒ মহরত

মোহররম ⇒ মহররম

মোহা [মোহা] *ক্রি* মোহিত করা। { *স.* মোহ+*বা.* আ }

মোহাদ্দেস, মুহাদ্দিস [মোহাদ্দেস্, মুহাদ্দিস্] *বিণ* ১ হাদিস শাস্ত্রবিদ। ২ হাদিস সংকলক ও সংগ্রাহক (মশহুর মোহাদ্দেসের নিকট হাদিস শিক্ষা লাভ করেন—*আম*)। { *আ.* মুহাদ্দিছ محدث }

মোহানা, মোহনা [মোহানা, -হো-] *বি* ১ জলাশয়াদির পানি যাতায়াতের পথ বা মুখ। ২ নদীর যে অংশ সমুদ্রে পড়েছে। { *হি.* মুহনা }

মোহান্ত ⇒ মহন্ত

মোহাম্মদ, মোহাম্মাদ ⇒ মুহম্মদ

মোহাররম ⇒ মুহররম

মোহি *(মবা.)* [মোহি] *সর্ব* আমাকে (মোহি দেল—*বিপ*)। { মো+হি }

মোহিঅ *(প্রাবা.)* [মোহিঅ] *ক্রি* মোহিত বা মুগ্ধ করে। { দোহাকোষ; *স.* মোহিত> }

মোহিত[1] [মোহিতো] *বিণ* মোহপ্রাপ্ত; অচেতন; আত্মহারা; বিমুগ্ধ; বিভোর। **মোহিতা** *স্ত্রী*। { *স.* √মুহ্+ই(ণিচ্)+ত(ক্ত) }

মোহিত[2] [মোহিতো] *বিণ* ১ মুগ্ধ করা হয়েছে এমন। ২ মোহগ্রস্ত। **মোহিতা** *স্ত্রী*। { *স.* √মুহ্+ই(ণিচ্)+ত(ক্ত) }

মোহিনী [মোহিনি] *বিণ* ১ মুগ্ধকারিণী। ২ পরমা সুন্দরি; অত্যন্ত সৌন্দর্যময়ী রমণী। □ *বি* ১ মুগ্ধকরণ বা সম্মোহন বিদ্যা (কি মোহিনী জান বঁধু—*চদা*)। ২ হিন্দুপুরাণ অনুযায়ী সমুদ্রমন্থনের পর নারায়ণ যে পরমাসুন্দরী নারীর রূপ ধারণ করে অসুরদের অমৃত থেকে বঞ্চিত করেছিলেন। **~ বিদ্যা** *বি* সম্মোহন বিদ্যা। { *স.* √মুহ্+ই(ণিচ্)+ইন(ণিনি)+ঈ(ঙীপ্) }

মোহে *(ব্র.)* [মোহে] আমাকে (কাহে মোহে সন্তাসি না যাসি—*বিপ*)। { মো+হে }

মোহো *(মবা.)* [মোহো] *বি* মোহ (ডাক সুনী মোহো পাএ—*বচদা*)। { *স.* মোহ> }

মোহোর, মোহর *(মবা.)* [মোহোর, মোহর্] *সর্ব* আমার (মোহোর প্রণীত—*শ্রীন*)। { মো+হর, হোর }

মোহ্যমান ⇒ মুহ্যমান

মৌ = মউ

মৌকুফ ⇒ মকুব

মৌক্তিক [মোউকতিক্] *বিণ* মুক্তা বা মুক্তা সম্পর্কিত (কাঞ্চন তার গৌরব আর মৌক্তিক তার প্রাণ—*সদ*)। { *স.* মুক্তা+ইক(ঠক্) }

মৌখরি [মোউখোরি] *বিণ* মুখর বংশজাত। □ *বি* মৌখরি নামক হিন্দু বংশ (যে বংশের কথা 'হর্ষচরিত' গ্রন্থে পাওয়া যায়)। { *স.* মুখর+ই(ইঞ্) }

মৌখর্য [মোউখর্‌জো] *বি* মুখরতা। { *স.* মুখর+য(ষ্যঞ্) }

মৌখিক [মোউখিক্] *বিণ* ১ মুখের কথায় প্রকাশিত বা বাচনিক। ২ কথায় প্রকাশিত হলেও আন্তরিক নয় এমন কথা (মৌখিক মমতা)। ৩ মুখের কথা (মৌখিক ভাষা)। ৪ মুখ সংক্রান্ত। ~ **পরীক্ষা** *বি* মুখে মুখে প্রশ্ন-উত্তরে যে পরীক্ষা; সামনাসামনি পরীক্ষক ও পরীক্ষার্থীর মধ্যে পরস্পর প্রশ্ন ও উত্তরের মধ্যে সীমাবদ্ধ যে পরীক্ষা; viva voce। ~ **সাহিত্য** *বি* লোক-সাহিত্য; oral literature। {*স.* মুখ+ইক(ঠক্)}

মৌচাক ⇒ মউ

মৌচুষকি [মোউচুশ্কি] *বি,বিণ* ১ মধু চুষে খায় যে। ২ এক প্রকার পাখি। {*স.* মধুচোষক>+*বা.* ই}

মৌজ ⇒ মউজ

মৌজা [মোউজা] *বি* ১ গ্রাম (রাঢ় অঞ্চলে চান্দপুর নামক মৌজায় তাঁদের বসতি স্থাপন করেন—*মুআবা*)। ২ কয়েকটি গ্রামের সমষ্টি। ৩ পরগনার বিভাগ বা ভাগ। {*আ.* মাৱদ্ব موضع }

মৌজুদ ⇒ মওজুদ

মৌটুসকি [মোউটুস্কি] *বিণ* মধুরভাষিণী; মধুমুখী; মঞ্জুভাষিণী; মধুস্বরা। {*স.* মধু>মৌ৷ চুষকি>}

মৌটুসি ⇒ মৌচুষকি

মৌড় *(মবা.)* [মোউড়্] *বি* মুকুট; টোপর (মালা মৌড় গড়ে ফুল ধর—*কমু*)। {*স.* মুকুট>}

মৌড়লা *(মবা.)* [মোউড়্লা] *বি* পাগড়ি (মাথায় বসাল দিন রতন মৌড়লা—*ধচ*)। {*স.* মৌলি>}

মৌত ⇒ মওত

মৌতাত, মউতাত [মোউতাত্] *বি* ১ নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য সেবনের বা নেশা করার দুর্নিবার আগ্রহ (কিন্তু ফারসী বয়েতের মৌতাত তখনও কাটে নাই—*জাফর*)। ২ নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য গ্রহণ (ভারতবর্ষীয় খুড়ি এক মৌতাত চড়িয়ে আরাম কত্তে লাগলেন—*কাসি*)। ◻ *বিণ* অভ্যস্ত। {*আ.* মুতাদ معتاد ; *স.* মত্ততা>}

মৌদ্গাল্য [মোউদ্গোল্লো] *বি* মুদ্গল মুনির সন্তান; বংশ বা গোত্র বিশেষ। {*স.* মুদ্গল+য(ষ্যঞ)}

মৌন [মোউনো] *বি* নীরবতা। ◻ *বিণ* নীরব; শব্দহীন (মাতৃ ধৈর্যে মৌনমূক সুখ দুঃখ যত—*রঠা*)। ~**ব্রত** *বি* কথা না বলার নিয়ম বা সংকল্প (মৌনব্রতের মত নীরবে চাহিয়া থাকিত—*রঠা*)। ~**ভঙ্গ** *বি* নীরবতা ত্যাগ। **মৌনাবলম্বন** *বি* কথা বলা বন্ধ করা; নীরবতা পালন; নীরব হয়ে থাকা। **মৌনী** (–নিন্) *বিণ* যে কথা বলা বন্ধ করেছে; নির্বাক (দরবেশ একেবারে মৌনীমুখ—*শেক*)। {*স.* মুনি+অ(অণ্)}

মৌমাছি ⇒ মউ

মৌয়াল [মোউয়াল্] *বি* মধু সংগ্রাহক (মৌয়ালগণ দলের দলে মধুর আশায় এই ব্যাঘ্রসঙ্কুল বনের মধ্যে প্রবেশ করে—*শেহ*)। {মউ+আল}

মৌরলা, মউরলা [মোউরলা] *বি* একজাতীয় ছোট মাছ (কালো বউএর চোখ...মৌরলা মাছ ভাসে—*মব*)। {*স.* মুরলা>}

মৌরসি ⇒ মৌরুসি

মৌরি, মউরি, মউরী [মোউরি] *বি* মসলা রূপে ব্যবহৃত একপ্রকার শস্য (বনতুলসী পুদিনা ও মৌরীর জঙ্গল—*রঠা*)। {*স.* মধুরিকা>মধুরি>মহুরি>মৌরি}

মৌরুসি, মৌরসি [মোউরুশি, –র–] *বিণ* ১ ওয়ারিসসূত্রে প্রাপ্ত; উত্তরাধিকারসূত্রে ভোগদখলকৃত। ২ প্রজন্মক্রমে ভোগ করা হয় এমন (এক পয়সার জায়গাটা মৌরসী করে নিলে—*মব*)। ~**পাট্টা** *বিণ* খাজনার বিনিময়ে পুরুষানুক্রমে জমি ভোগ করার বন্দোবস্ত বা ঐ বন্দোবস্তের দলিল (সাড়ে তিনহাত ভূমির মৌরসী পাট্টা লওয়া কর্তব্য—*দীমি*)। {*আ.* মরূরুছী موروثی }

মৌর্বী [মোউরবি] *বি,বিণ* ১ মূর্বাতৃণ নির্মিত। ২ উহা দ্বারা প্রস্তুত জ্যা; ধনুকের ছিলা। ৩ মূর্বাতৃণ সম্বন্ধীয়। {*স.* মূর্বা+ অ(অণ্)+ঈ(ঙীপ্)}

মৌর্য [মোউর্‌জো] *বি* ১ মুরার সন্তান চন্দ্রগুপ্ত। ২ চন্দ্রগুপ্ত প্রতিষ্ঠিত রাজবংশ কিংবা ময়ূর টোটেমনিষ্ঠ বংশ। {*স.* মুরা+য(ণ্য)}

মৌল[1] [মোউলো] *বিণ* ১ মূল সংক্রান্ত। ২ মূলোৎপন্ন। ৩ আদিম। ◻ *বি* কেবল একজাতীয় পরমাণুর দ্বারা সৃষ্ট পদার্থ; মৌলিক পদার্থ; element। {*স.* মূল+অ(অণ্)}

মৌল[2]**, মউল** [মোউল্] *বি* মুকুল; বউল; বোল। {*স.* মুকুল>}

মৌল[3]**, মউল** [মোউল্] *বি* মহুয়া ফুল; যা থেকে মদ প্রস্তুত হয়। {*স.* মহুয়া>}

মৌলবাদ [মোউলোবাদ্] *বি* ১ ধর্ম বা অন্য কোনো মতবাদের অবিকৃত মূলতত্ত্ব। ২ অন্ধ বা গোঁড়ামিপূর্ণ ধর্মবিশ্বাস। **মৌলবাদী** *বিণ*। {*স.* মৌল+বাদ}

মৌলবি, মওলবি [মোউলোবি, মও–] *বি* ১ মুসলিম পণ্ডিত। ২ ইসলাম ধর্ম সম্বন্ধে অভিজ্ঞ; কারি। ৩ আরবি ও ফারসিতে পণ্ডিত (মৌলবীরা হয়ত জানেন—*সদ*)। ৪ মওলা বা প্রভুর প্রতি ভক্ত ব্যক্তি। {*আ.* মৱলৱী مولوی }

মৌলা, মওলা [মোউলা, মওলা] *বি* ১ আল্লাহ; ঈশ্বর। ২ প্রভু। {*ফা.* মৱলা مولی }

মৌলানা, মওলানা [মোউলানা, মওলানা] *বি* ১ ইসলাম ধর্ম সম্বন্ধে বিশেষজ্ঞ বা পণ্ডিত; মহাজ্ঞানী; আলেম। ২ আমাদের প্রভু (সম্মানে)। {*আ.* মৱলানা مولانا }

মৌলি, মৌলী [মৌউলি] *বি* ১ মুকুট; কিরীট। ২ চূড়া আকারে বাঁধা চুল। {*স.* মূল+ই(ইঞ), +ইন্(ইনি)}

মৌলিক [মোউলিক্] *বিণ* ১ মৌল (একে আরবদের মৌলিক অবদান বলেই ধরে নিয়েছিল—*আকআ*)। ২ মূল সম্পর্কিত। ৩ মূল থেকে জাত। ৪ আদিম; মূল। ৫ মূলগত। ৬ অনন্যপূর্ব; প্রথম উদ্ভাবিত বা সৃষ্ট; নিজস্ব (মৌলিক কবিতা)। ৭ স্বাধীন। ৮ বংশজ; কৌলীন্যহীন; অকুলীন। ৯ কেবল একজাতীয় পরমাণুতে সৃষ্ট। ◻ *বি* উপাধি বিশেষ। ~**তা, ~ত্ব** *বি* স্বকীয়তা। {*স.* মূল+ইক(ঠক্)}

মৌলিন্য [মউলিন্নো] *বি* মৌলিকতা (কোন বিষয়ে জোরের সঙ্গে মৌলিন্য প্রকাশ করিতে পারিলাম না—*রঠা*)। {*স.* মূল+ইন্(ইনি)+য(ষ্যঞ)}

মৌলিল *(প্রাবা.)* [মোউলিলি] *ক্রি* মুকুলিত হলো (নানা তরুবর মৌলিল রে—*চর্যাপদ*)। {*স.* মুকুল>মউল>মৌল+(নাম ধাতুর বিভক্তি)আ>}

মৌলী ⇒ মৌলি

মৌসা ⇒ মউসা

মৌসুম, মওসুম, মরশুম, মরসুম [মোউশুম্, মওশুম্, মোরশুম্, –] *বি* ১ ঋতু; কাল (ফুল ফাল্গুনের এল মরশুম—*নই*)। ২ দক্ষিণ-পশ্চিম দিক থেকে প্রবাহিত বায়ু-স্রোতবিশেষ; যাতে বৃষ্টি হয়। ৩ বর্ষাকাল। ৪ সময়; কাল (হজ্জের মওসুমে সেখানে রীতিমত ভীড় জমতো—*আম*) **মৌসুমি, মরসুমি** *বিণ* ১ বর্ষাকালীন; বৃষ্টি আনে এমন। ২ বিশেষ ঋতুর বা কালের অন্তর্গত। ৩ বিশেষ ঋতুতে উৎপন্ন (মৌসুমি ফল)। { *আ.* মারসুম موسم : *ই* monsoon }

মৌহারী (*মবা.*) [মোউহারি] *বিণ* মনোহর (হাতে মৌহারী বাঁশী—*বচ*)। { *স.* মনোহরা>মনোহারী>মৌহারী}

ম্যাও ⇒ মেও

ম্যাকসি [ম্যাক্‌সি] *বি* মেয়েদের সারাদেহ ঢাকা এক রকম জামা। { *ই* maxi }

ম্যাগাজিন [ম্যাগাজিন্] *বি* ১ সাময়িক পত্রিকা; পাচমিশালি বিষয় (ম্যাগাজিন অনুষ্ঠান)। ২ যেখানে বারুদ জমা রাখা হয়। ৩ অস্ত্রশালা; অস্ত্রভাণ্ডার। { *ই* magazine : *আ.* মাখাজিন্ مخازن ; *বহুব* মখ্‌জন مخزن }

ম্যাঙ্গানিজ [ম্যাঙ্‌গানিজ্] *বি* লৌহসদৃশ ধাতু। { *ই* manganese }

ম্যাচ[1] [ম্যাচ] *বি* দুই দলের ক্রীড়া প্রতিযোগিতা (অন্যান্য স্কুলের ছেলেদের সঙ্গে ম্যাচ হয়—*কাই*)। { *ই* match }

ম্যাচ[2]**, ম্যাচিস** [ম্যাচ, ম্যাচিস্] *বি* দিয়াশলাই। { *ই* matches }

ম্যাজম্যাজ ⇒ মেজমেজ

ম্যাজিক [ম্যাজিক্] *বি* ১ যাদুবিদ্যা। ২ ভোজবাজি (ম্যাজিক লো ম্যাজিক—*অচিসে*)। { *ই* magic }

ম্যাজিস্ট্রেট, মাজিস্ট্রেট, মাজিষ্টর [ম্যাজিসট্রেট্, মাজি–, মাজিস্‌টর্] *বি* ফৌজদারি মকদ্দমার বিচারক (আমি দুদিন বাদে মাথায় পাগড়ি বেঁধে কাছা মেরে জজমাজিষ্টর হয়ে—*নই*)। { *ই* magistrate }

ম্যাজেন্টা [ম্যাজেন্‌টা] *বি* ঈষৎ বেগুনি আভামিশ্রিত লাল রঙবিশেষ। { *ই* magenta }

ম্যাড়ম্যাড় [ম্যাড়্‌ম্যাড়্] *অব্য* মালিন্য ভাবব্যঞ্জক; অনুজ্জ্বল ভাব প্রকাশক : **ম্যাড়মেড়ে, ম্যাড়ম্যাড়ে** *বিণ* ১ মলিন। ২ অনুজ্জ্বল (উজ্জ্বল সোনা ম্যাড়ম্যাড়ে সোনা দুই ধরনের লাবণ্য দেখালো—*অঠা*)। ৩ মাড়যুক্ত (ম্যাড়মেড়ে ভাত)। { মাড়+উয়াচ>মেড়ে> }

ম্যাদা ⇒ মেদা

ম্যানেজার [ম্যানেজার্] *বি* ব্যবস্থাপক; প্রধান কর্মচারী; প্রতিষ্ঠানের কর্তা। { *ই* manager }

ম্যান্ডারিন [ম্যান্‌ডারিন্] *বি* চীনের উচ্চপদস্থ রাজকর্মচারী। { *ই* mandarin }

ম্যাপ [ম্যাপ্] *বি* মানচিত্র; দেশ জমি প্রভৃতির নকশা। { *ই* map }

ম্যালেরিয়া [ম্যালেরিয়া] *বি* শীত উত্তাপ ও ঘামযুক্ত জ্বরবিশেষ। { *ই* malaria }

ম্রক্ষণ [ম্রোক্‌খোন্] *বি* ১ লেপন। ২ মিশ্রণ। { *স.* √ম্রক্ষ্+অন(ল্যুট্) }

ম্রিয়মাণ [ম্রিয়োমান্] *বিণ* ১ মরণাপন্ন। ২ বিষণ্ণ; দুঃখিত; খিন্ন। **ম্রিয়মাণা** *বিণ* *স্ত্রী*। { *স.* √মৃ+মান(শানচ্) }

ম্লান [ম্লান্] *বিণ* ১ মলিন (ম্লান মুখ)। ২ বিশীর্ণ; অতিশয় শীর্ণ বা রোগা (রোগে ম্লান)। ৩ ক্ষীণ; নিষ্প্রভ (ম্লান আলো)। ৪ বিষণ্ণ; দুঃখিত (ম্লান মুখ)। ৫ ক্লান্ত; শ্রান্ত; পরিশ্রান্ত; দুর্বল; রুগ্ণ; রোগগ্রস্ত (ম্লান দেহ)। **~তা, ~ত্ব, ম্লানি** *বি* ম্লান ভাব। **ম্লানাভ** *বিণ* ম্লান আভাযুক্ত (স্তিমিত শিখার মতো ম্লানাভ—*অচিসে*)। **ম্লানায়মান** *বিণ* ম্লান বা নিষ্প্রভ হচ্ছে এমন। **ম্লানিমা** *বি* ম্লান ভাব; মলিনতা। { *স.* √ম্লৈ+ত(ক্ত) }

ম্লেচ্ছ [ম্লেচ্‌ছো] *বি* ১ তুচ্ছার্থে অনার্য জাতি। ২ অহিন্দু। ☐ *বিণ* ১ অনার্যসুলভ। ২ যাবনিক। ৩ কদাচারী; পাপিষ্ঠ। **ম্লেচ্ছাচার** *বি* ১ ম্লেচ্ছের মতো আচার ব্যবহার। ২ কদাচার। { *স.* √ম্লেচ্ছ্+অ(অচ্) }

য, য়

য[1]**, য়**—'য' বাংলা বর্ণমালার ছাব্বিশ সংখ্যক ব্যঞ্জনবর্ণ। এর উচ্চারণ জ–এর মতো। 'য়'–কে বাংলা বর্ণমালায় স্বতন্ত্র বর্ণের মর্যাদা দেওয়া হয়ে থাকে, এবং এটিকে 'হ' বর্ণের পরে আরো কয়েকটি অর্ধব্যঞ্জন–অর্ধস্বর বর্ণের সঙ্গে স্থান দেওয়া হয়ে থাকে ; তবে অভিধানের বর্ণবিন্যাসে এটি 'য' বর্ণের সঙ্গে অভিন্ন গণ্য করা হয়ে থাকে এবং সেই অনুসারে বর্ণানুক্রম ঠিক করা হয়। উচ্চারণকালে 'য়' বর্ণটি যে স্বরবর্ণের সঙ্গে যুক্ত থাকে তার উচ্চারণ প্রাপ্ত হয় (যেমন—য়্+অ=য়; উচ্চারণে অ। যেমন সময়, বিষয় ইত্যাদি শব্দে। য়+আ=য়া উচ্চারণে আ, যেমন দয়া। এরূপ দয়িত; জয়ী; বায়ু ইত্যাদি)। সংস্কৃতে 'য়' বলে কোনো বর্ণ বা ধ্বনি নেই। বাংলা ও অসমিয়া বর্ণমালায় এই বর্ণটি রয়েছে ; এই বর্ণের আদ্যক্ষরবিশিষ্ট কয়েকটি বর্ণ নিম্নরূপ—**য়ুনানী, য়ুরোপ, য়ূসফ, য়ুসুফ** (আর, এই বাজারের পণ্য নয় আমার য়ূসফ—ড. মুহম্মদ এনামুল হক)। এসব স্থলে 'য়ু'-র পরিবর্তে 'ইউ' প্রয়োগও দেখা যায়।

য[2] [জ] *সর্ব* **যত**–র সংক্ষিপ্ত ও সহজ কথ্যরূপ (যতদিন = যদ্দিন)।

যক, যখ [জক্, –খ্] *বি* ১ হিন্দুমতে মাটির নিচে পোঁতা ধন যে রক্ষা করে। ২ যক্ষ। ৩ (*আল.*) খুব কৃপণ লোক (...কের ধন)। ~ **দেওয়া** *ক্রি* প্রাচীন হিন্দুসমাজের প্রথানুসারে একটি জীবিত বালককে মাটির নিচে সঞ্চিত ধনরাশির সঙ্গে পুঁতে রাখা হতো যাতে সে ধনরাশির

রক্ষক হতে পারে। **যকের ধন** *বি* ১ যক দেওয়া ধন। ২ *(আল.)* খুব কৃপণ লোকের ধন। { *স.* যক্ষ> }
যকাত ⇒ জাকাত
য-কার [জ-কার্] *বি* 'য' —এই বর্ণ। { *স.* য+কার }
যকৃৎ[জোকৃকৃত্] *বি* ১ উদরের দক্ষিণ অংশে অবস্থিত যে যন্ত্র পিত্ত নিঃসরণ করে; কলিজা; liver। ২ যে রোগ পিত্তাশয় বৃদ্ধি করে। { *স.* যম+√কৃ+ক্বিপ্ }
যক্ষ [জোক্‌খো] *বি* ১ হিন্দু মতে এক প্রকার দেবযোনি। ২ কুবের; ধনরক্ষক (এক যক্ষকে রক্ষক নিযুক্ত করিয়া পাঠাইলেন—*ঈবি*)। ৩ *(আল.)* অতিশয় কৃপণ ব্যক্তি। **~পতি, ~রাজ** *বি* হিন্দু পুরাণোক্ত ধনদেবতা; কুবের। **~পুরী** *বি* কৈলাস পর্বতের উপরে অবস্থিত কুবেরের রাজধানী; অলকা। **যক্ষী, যক্ষিণী** *স্ত্রী*। { *স.* √যক্ষ+অ(ঘঞ্) }
যক্ষুনি, যক্ষনি [জোক্‌খুনি, -খোনি] *অব্য* 'যখনই' শব্দের চলতি বা কথ্যরূপ এবং অপেক্ষাকৃত জোরসূচক শব্দ। { যখনই> }
যক্ষ্মা [জোক্‌খাঁ] *বি* ক্ষয়রোগ; ক্ষয়কাশ; phthisis। **রাজ~** *বি* মহারোগ যক্ষ্মা যা নিরাময় করা দুঃসাধ্য। { *স.* √যক্ষ্+ম(মন্)=যক্ষ্মন্, ১মা *একব* যক্ষ্মা }
যখন, জখন(*মব.*) [জখোন্] *ক্রিবিণ* ১ যে সময়ে; যে কালে (সূন্য বরে তুম্মি জখন তুল্যাছিলা হাই—*রূপ*)। ২ যেহেতু। **যখনই, যখনি** *ক্রিবিণ* ১ যেই মাত্র; যে মুহূর্তে (যখনই প্রয়োজন হবে আসবে)। ২ যে কোনো সময়ে। **যখনকার** *বিণ* যে সময়ের। **যখনকার যা তখনকার তা**—যে সময়ের কাজ সে সময়ে করা উচিত। **যখন তখন** *ক্রিবিণ* ১ যে কোনো সময়ে; প্রায়ই। ২ ঘন ঘন। ৩ সর্বদা (চাদরেতে যখন তখন গন্ধ রাখার ঘটা—*রঠা*)। □ *বিণ* মৃতপ্রায়; যে কোনো সময়ে মৃত্যু ঘটতে পারে এমন (যখন-তখন অবস্থা)। **যখন যেমন তখন তেমন** *ক্রিবিণ* অবস্থা বুঝে, অবস্থানুযায়ী ব্যবস্থা অবলম্বন করে; when at Rome do as the Romans। { *স.* যৎক্ষণ> }
যছু *(প্র.)* [জোছু] *সর্ব (পদ্য.)* যার (ছোড়লু যছু লাগি—*বিপ*)। { *স.* যস্য> }
যজন [জজোন্] *বি* হিন্দুদের যজ্ঞ পূজাদি কাজ (যজন যাজন অধ্যয়ন অধ্যাপনা এইগুলি ব্রাহ্মণের কাজ)। **যজনীয়, যজ্য** *বিণ* পূজার যোগ্য; পূজনীয়। { *স.* √যজ্+অন(ল্যুট্) }
যজমান[জজ্‌মান্] *বি* ১ হিন্দু সমাজে যে পূজা-যজ্ঞ করে থাকে; যে ব্যক্তি দক্ষিণাদি দিয়ে পূজাদি কর্ম করায় (যে কয় ঘর যজমান আছে তোমাদের বছর তাতে কেটে যাবে—*বিব*)। ২ যার মঙ্গলের জন্য হিন্দুদের পুরোহিত উপাসনা বা প্রার্থনা করেন। **যজমানি** *বি* পৌরোহিত্য; যজমানের বাড়িতে পূজাদি করে জীবিকা নির্বাহ করা। **যজমানী, যজমেনে** *বিণ* পৌরোহিত্যের পেশা; পৌরোহিত্য যার জীবিকা। { *স.* যজ+মান(শানচ্) }
যজানো[জজানো] *ক্রি* ১ পূজা করা বা পৌরোহিত্য করা। ২ বিস্তৃত করা; অনেকের সঙ্গে ছোঁয়াছুয়ি করা। **যজানে** *বি,বিণ* পৌরোহিত্য ব্যবসায়ী (যজানে বামুন)। { *স.* যজ্+আনো; ক্রিয়ারূপ—যজাই, যজাও, যজায়, যজাস, যজান; *অক্রি*—যজাতে, যজালে, যজিয়ে ইত্যাদি }
যজুঃ, যজুর্বেদ [জোজুহ্, জোজুর্‌বেদ্] *বি* হিন্দুদের যজ্ঞ প্রভৃতির নিয়ম সংবলিত গদ্যে লেখা বেদবিশেষ। **যজুর্বেদী** *বিণ* ১ যজুর্বেদজ্ঞ। ২ যজুর্বেদ অনুসারে কাজ করে এমন। **যজুর্বেদীয়** *বিণ* যজুর্বেদ সম্বন্ধীয়। { *স.* √যজ্+উস্(উসি) }
যজ্ঞ [জোগ্‌গোঁ] *বি* ১ দেবতার অনুগ্রহ লাভের জন্য হিন্দুদের বেদবিহিত অনুষ্ঠান; ক্রতু; যাগ; হোম। ২ *(আল.)* বিরাট অনুষ্ঠান; বড় আয়োজন। **~কর্তা** *বি* যাজক; যজমান। **~কুণ্ড** *বি* হোমাগ্নি জ্বালাবার জন্য খোঁড়া গর্ত; যজ্ঞীয় অনলকুণ্ড। **~কৃৎ** *বি* যজ্ঞকর্তা। **~ডুমুর, যজ্ঞিডুমুর, যগডুমুর** *বি* এক জাতীয় ডুমুর। **~ধূম** *বি* যজ্ঞের বা হোমাগ্নির ধোঁয়া। **~পতি** *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু। ২ যজমান। **~পশু** *বি* হিন্দুদের যজ্ঞে বলি দেওয়ার উপযোগী প্রাণী। **~পুরুষ, যজ্ঞেশ্বর** *বি* হিন্দুদেবতা বিষ্ণু; নারায়ণ। **~বেদি** *বি* যজ্ঞস্থানে যে উঁচু মঞ্চ তৈরি করা হয়। **~ভূমি, ~শালা, ~স্থল** *বি* যে স্থানে যজ্ঞ অনুষ্ঠিত হয়। **~রস** *বি* সোমরস। **~সূত্র, যজ্ঞোপবীত** *বি* হিন্দুদের পৈতা। **যজ্ঞাগ্নি, যজ্ঞানল** *বি* হোমানল। **যজ্ঞীয়** *বিণ* যজ্ঞ সংক্রান্ত; যজ্ঞের। **যজ্ঞের ঘোড়া** *বি* ১ বলির ঘোড়া। ২ *(আল.)* অসহায় ব্যক্তি; বিপন্ন ব্যক্তি। (*তুল.* বলির পাঁঠা)। { *স.* √যজ্+ন(নঙ্) }
যৎ[১] [জত্] *বি* গানের একটি তাল। { *স.* যতি> }
যৎ[২] [জত্] *বিণ* ১ যে (যৎকালে)। ২ যা (যদিচ্ছা, যৎসামান্য)। ৩ যার (যৎপরোনাস্তি)। **~কালে** *ক্রিবিণ* যে সময়ে (যৎকালে আমরা তিনজনে পঞ্চবটীতে অবস্থিতি করি—*ঈবি*)। **~কিঞ্চিৎ, ~সামান্য** *বিণ* ১ কিছু। ২ খুব অল্প; সামান্য। **~পরিমাণ** *বিণ* যে পরিমাণ; যতটা; যতখানি। **~পরোনাস্তি** *বিণ* যারপরনাই; অত্যন্ত; অতীব (ধরা পড়িলেই যৎপরোনাস্তি শাস্তিভোগ অবধারিত—*ঈবি*)। { *স.* যদ্> }
যত, যতো[১] [জতো] *ক্রিবিণ* যে পরিমাণে (যত হাসি তত কান্না—*প্রবচন*)। □ *বিণ* ১ যে-সংখ্যক (যত লোক)। ২ যে-পরিমাণ (যত সুখ তত দুখ)। ৩ যা কিছু (যত কথা শুনলে সব মিথ্যা)। ৪ সকল; সমস্ত; যাবতীয় (যত নষ্টের গোড়া)। **~ই** *সর্ব, বিণ, ক্রিবিণ* ১ যত কিছুই (যত কিছুই বলো না কেন)। ২ যতখানিই। ৩ যে পরিমাণে (যতই করিবে দান তত যাবে বেড়ে)। **~কাল, ~ক্ষণ, ~দিন** *ক্রিবিণ* যে কাল পর্যন্ত; যে অবধি; যে পর্যন্ত; যাবৎ। **~কিছু** *সর্ব, বিণ* ১ যা কিছু; সমস্ত। ২ যে পরিমাণ; যতটা। □ *বি* যে কোনো পদার্থ। **~খানি** *সর্ব, বিণ* যে পরিমাণ; যতটা। **~গুলি** *সর্ব, বিণ* যে-কয়টি। **~নষ্টের গোড়া** *বিণ* ১ সমস্ত অনাসৃষ্টি বা অনিষ্টের কারণস্বরূপ। ২ অত্যন্ত অনিষ্টকারী। **~বড় মুখ নয় তত বড় কথা**—ছোটমুখে বড় বড় কথা; অশোভন বা স্পর্ধাযুক্ত উক্তি। **~বার** *ক্রিবিণ* ১ যে কয়েক দফা; যে কয়গুণ; যত সংখ্যা। ২ বহুবার। { *স.* যত্তক> }
যত[২] [জতো] *বিণ* ১ সংযত; নিয়মিত (যতচিত্ত, যতবাক্)। ২ অনুষ্ঠিত। **~ব্রত** *বিণ* ১ যথানিয়মে দৈনন্দিন ধর্মকর্ম পালনকারী। ২ দৃঢ়প্রতিজ্ঞ; দৃঢ়ব্রত। { *স.* √যম্+ত(ক্ত) }
যতন [জতোন্] *বি* ১ যত্ন; চেষ্টা; আদর (যতন করহ না—

হইবে রতন—*কৃম*)। ২ সেবা; শুশ্রূষা; সুখ বা আয়াস দেওয়া (মনের মতন রতন পেলে যতন করি তার—*বচ*)। **যতনে রতন মেলে**—চেষ্টা করলে ভালো ফল লাভ করা যায়। { *স.* যত্ন>(স্বরাগমে)যতন}

যতমান [জতোমান্] *বিণ* যে যত্ন করছে, যত্নবান; যত্নশীল। { *স.* √যত্+মান(শানচ)}

যতাত্মা [জতাত্‌তাঁ] *বি* সংযতমনা; যার মনোবৃত্তি নিজ বশে। { *স.* যত+আত্মা}

যতি[১] [জোতি] *বি* ১ তপস্বী; সন্ন্যাসী; মুনি। ২ পরিব্রাজক। { *স.* √যত+ই(ইন)}

যতি[২] [জোতি] *বি* ১ পাঠকালে শ্বাস গ্রহণ করার জন্য ও অর্থের পারম্পর্য রক্ষার জন্য বিরাম স্থান; দাঁড়ি, কমা, সেমিকোলন ইত্যাদি। ২ সংযম; নিবৃত্তি; বিরাম। ~**চিহ্ন** *বি* পাঠমধ্যে বিরামবোধক চিহ্ন, অর্থাৎ দাঁড়ি, কমা, সেমিকোলন ইত্যাদি। ~**পাত**, ~**ভঙ্গ** *বি* উপযুক্ত স্থানে যতির অভাবে ছন্দের দোষ–ত্রুটি। { *স.* √যম্+তি(ক্তি)}

যতী[১] [জোতি] *বি* যার স্বামী মারা গেছে; বিধবা। { *স.* যতি+ঈ(ঙীষ)}

যতী(–**তিন্**) [জোতি] *বি* ইন্দ্রিয়জয়ী; সন্ন্যাসী। **যতিনী** *বি* *স্ত্রী.* ১ নিষ্ঠার সঙ্গে যিনি বৈধব্য পালন করেন। ২ সন্ন্যাসিনী। ~**স্ত্র** *বি* মুনিশ্রেষ্ঠ; তাপসপ্রবর। { *স.* √যম্+ত(ক্ত)+ইন(ইনি)}

যতেক [জতেক্] *বিণ* (*পদ্য.*) যে পরিমাণ; যে সংখ্যক; যতসব। {যত+ক}

যত্ন [জত্‌নো] *বি* ১ কোনো কিছু পাওয়ার জন্য চেষ্টা। ২ উদ্যম; অধ্যবসায়। ৩ শুশ্রূষা; সেবা (গুরুপদে হয়ে যত্ন ধনরাম কবিরত্ন—*ঘচ*)। ৪ আদর আপ্যায়ন; খাতির (অতিথির যত্ন)। ৫ সাবধানতা; মনোযোগ (শরীরের যত্ন)। ~**পূর্বক** *ক্রিবিণ* সযত্নে; যত্নের সঙ্গে; সাবধানতার সঙ্গে। **যত্নবান**, **যত্নশীল** *বিণ* যত্নের সঙ্গে কোনো কিছু করে থাকে এমন; উদ্যমশীল; চেষ্টান্বিত; সচেষ্ট। ~**বতী**, ~**শীলা** *বিণ* *স্ত্রী.*। { *স.* √যত্+ন(নঙ)}

যত্র [জত্‌ত্রো] *অব্য* ১ যেথায়; যেখানে। ২ যে পরিমাণ; যত। ৩ যে বিষয়ে। ~ **আয় তত্র ব্যয়**—১ যা আয় তাই ব্যয়; যে পরিমাণ আয় সে পরিমাণ ব্যয়; সঞ্চয় বা জমা না হওয়া। ২ যেখানে আয় সেখানেই ব্যয়। ~**তত্র** *ক্রিবিণ* ইতস্তত; যেখানে-সেখানে; সর্বত্র (সুযোগ পাইলে যত্রতত্র লাগায় —*শকো*)। { *স.* যদ্+ত্র(ত্রল)}

যথা [জথা] *অব্য* ১ যেমন; যে রকম; যে প্রকার; যেরূপ (যথা ভীম ভীমসেন কৌরব সমরে—*মদ*)। ২ উচিত; উপযুক্ত; নির্দিষ্ট (তারা যথাস্থানে পৌঁছাল)। ৩ উদাহরণ বা দৃষ্টান্ত স্বরূপ (কবিসম্রাট যথা রবীন্দ্রনাথ)। ৪ যৎ পরিমাণ (যথাকর্তব্য)। ~ **আজ্ঞা** *ক্রিবিণ* কর্তব্যানুসারে যা করা উচিত। ~**কথঞ্চিৎ** *ক্রিবিণ* ১ যে কোনো উপায়ে; যে কোনো রূপে। ২ কষ্টেসৃষ্টে। ~**কর্তব্য** *বিণ*, *ক্রিবিণ* কর্তব্য অনুযায়ী বা অনুসারে; যা করা উচিত তা। ~**কালে**, ~**সময়ে** *ক্রিবিণ* ঠিক সময়ে; উপযুক্ত সময়ে। ~**ক্রম**, ~**ক্রমে** *ক্রিবিণ* ক্রমানুসারে; নিয়মিতভাবে; শৃঙ্খলা রক্ষা করে। ~**জাত** *বিণ* ১ অশিক্ষিত; মূর্খ। ২ নীচ; অসভ্য; বন্য। ~**জ্ঞান** *ক্রিবিণ* জ্ঞানানুযায়ী; জ্ঞানানুসারে। ~**তথা** *ক্রিবিণ* যত্রতত্র; যেখানে–সেখানে। ~**দিষ্ট** *বিণ* যেভাবে আদেশ করা হয়েছে সেভাবে; আদেশানুযায়ী বা অনুসারে। ~**নিয়ম**, ~**বিধি** *ক্রিবিণ* গৃহীত বিধান অনুযায়ী; নিয়মমাফিক; নিয়মমতো। ~**নুপূর্ব** *বিণ*, *ক্রিবিণ* ন্যায়ের সহিত; ন্যায়ানুযায়ী; নিয়মানুসারে। ~**পূর্ব** *বিণ*, *ক্রিবিণ* যথাক্রম; ধারানুযায়ী। ~**ন্যায়** *বিণ*, *ক্রিবিণ* অতীতে বা পূর্বের মতো। ~**পরং**—আগেও যেমন ছিল পরেও তেমনি আছে; অপরিবর্তিত। ~**বৎ** *বিণ*, *ক্রিবিণ* বিধি বা বিধান বা নিয়মানুযায়ী; পূর্বের মতো; অপরিবর্তিত; ঠিক–ঠিক। ~**বিহিত** *বিণ*, *ক্রিবিণ* উপযুক্ত বিধান অনুযায়ী। ~**ভিমত** *বিণ*, *ক্রিবিণ* ইচ্ছামাফিক; ইচ্ছানুরূপে। ~**যথ** *বিণ*, *ক্রিবিণ* উপযুক্তমতো; ঠিকমতো; যথার্থ; যথাযোগ্য; পরম্পরা অনুসারে। ~**যোগ্য** *বিণ* যোগ্যতানুযায়ী; উচিতমতো; উপযুক্তমতো। ~**য়** *ক্রিবিণ* যেখানে। ~**রীতি** *বিণ*, *ক্রিবিণ* প্রচলিত নিয়মমাফিক; দস্তুরমাফিক; গৃহীত আচার অনুযায়ী; প্রথানুযায়ী; রীতিমতো। ~**রুচি** *বিণ*, *ক্রিবিণ* পছন্দমাফিক; রুচি অনুযায়ী। ~**র্থ** *বিণ* ১ খাঁটি; সত্য; প্রকৃত। ২ যোগ্য; উপযুক্ত। □ *বি* যথার্থতা; যাথার্থ্য। ~**র্থত**, ~**র্থতঃ** *ক্রিবিণ* প্রকৃত প্রস্তাবে; প্রকৃতপক্ষে; ন্যায়ত; বস্তুত। ~**র্হ** *বিণ*, *ক্রিবিণ* যথাযোগ্য; যথোচিত। ~**শক্তি**, ~**সাধ্য** *বিণ*, *ক্রিবিণ* ক্ষমতানুযায়ী; যতদূর সাধ্য। ~**শাস্ত্র** *বিণ*, *ক্রিবিণ* গৃহীত শাস্ত্রীয় নিয়মমাফিক; শাস্ত্রের বিধান অনুসারে। ~**সময়ে**, ~**সময়** *ক্রিবিণ* সময়মতো; উপযুক্ত সময়ে বা কালে। ~**সম্ভব** *বিণ*, *ক্রিবিণ* যতখানি সম্ভব তা। ~**সর্বস্ব** *বি* সমস্ত সম্পত্তি; সবকিছু। ~**স্থান** *বি* নির্দিষ্ট জায়গা; উপযুক্ত স্থান (ছানা যথাস্থানে পৌঁছিতে লাগিল —*রঠা*)। ~**স্থিত** *বিণ* প্রকৃত; সত্য। □ *ক্রিবিণ* ঠিকভাবে। { *স.* যদ্+থা(থাল্)}

যথেচ্ছ, যথেচ্ছা (*বিরল*) [জথেচ্‌ছো, –চ্‌ছা] *বিণ*, *ক্রিবিণ* যা ইচ্ছে; ইচ্ছানুযায়ী; ইচ্ছানুসারে; ইচ্ছামতো। **যথেচ্ছাচার** *বি* খুশিমতো ব্যবহার; স্বেচ্ছাচার; অসংযত আচরণ; স্বৈরাচার; উচ্ছৃঙ্খলতা। **যথেচ্ছাচারী**(–রিন্) *বিণ* ইচ্ছামতো ব্যবহার করেন এমন; স্বেচ্ছাচারী; স্বৈরাচারী; উচ্ছৃঙ্খল; অবাধ্য। **যথেচ্ছাচারিণী** *স্ত্রী.*। **যথেচ্ছাচারিতা** *বি*। { *স.* যথা+ইচ্ছা; অব্যয়ী.}

যথেষ্ট [যথেশ্‌টো] *বিণ*, *ক্রিবিণ* ১ প্রচুর; অনেক; খুব; পর্যাপ্ত। ২ দরকারমতো; প্রয়োজনানুরূপ; বাঞ্ছানুযায়ী। { *স.* যথা+ইষ্ট}

যথোক্ত [জথোক্‌তো] *বিণ* যেরূপ বলা হয়েছে। { *স.* যথা+উক্ত}

যথোচিত, যথোপযুক্ত [জথোচিতো, –পোজুক্‌তো] *বিণ* ১ উচিত–রকম; যথাযোগ্য; উপযুক্তরূপ। □ *ক্রিবিণ* উপযুক্তরূপে; যথাযোগ্যভাবে। { *স.* যথা+উচিত, উপযুক্ত}

যদবধি [জদোবোধি] *ক্রিবিণ* ১ যে সময় পর্যন্ত; যে পর্যন্ত ২ যখন থেকে; যে সময় থেকে। { *স.* যদ্+অবধি}

যদর্থে [জদর্‌থে] *অব্য* যে জন্য; যে কারণে; যে উদ্দেশ্যে (দেবরাজ যদর্থে আমাকে আপনার নিকট প্রেরণ করিয়াছেন—*ঈবি*)। { *স.* যদ্+অর্থে}

যদা [জদা] *অব্য* ১ যখন; যে সময়। ২ যেহেতু। ৩ যে পর্যন্ত। { *স.* যদ্+দা}

যদি [জোদি] *অব্য* ১ সন্দেহ, সংশয়জ্ঞাপক (যদি তোর ডাক শুনে কেউ না আসে—*রঠা*)। ২ কার্যকারণ সম্পর্ক বা হেতু জ্ঞাপক (যদি বৃষ্টিতে ভেজ তবে যদি জ্বর দুইই হবে)। ৩ অবধারণ বা বিকল্প জ্ঞাপক (যদি গানটান শুনাও তবে খুব খুশি হই)। ৪ সম্ভাবনাজ্ঞাপক (যদি আজ বেতন পাই তবে একটা কলম কিনব)। ৫ যখন; যেহেতু (এলেই যদি তবে আজকের দিনটা থেকেই যাও)। **–ই, –স্যাৎ** *অব্য* সংশয়াদির দৃঢ়তাবোধক। **–ও, –চ** *অব্য* সত্ত্বেও; যদ্যপি (যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্থরে—*রঠা*)। **– না** *অব্য* না যদি হতো; না হলেও। **–বা** *অব্য* সম্ভাবনা নেই তবুও যদি হয়; যদি দৈবাৎ ঘটে। { *স.* √যৎ+ই}

যদু [জোদু] *বি* ১ হিন্দু পুরাণের রাজা যযাতির জ্যেষ্ঠ পুত্র; পৌরাণিক রাজা। ২ যদুবংশ। ৩ উত্তর ভারতে যমুনা নদীর পশ্চিমে অবস্থিত দেশবিশেষ। **–কুলপতি, –নাথ, –পতি** *বি* কৃষ্ণ। **– বংশ** *বি* কৃষ্ণ যে বংশে জন্মগ্রহণ করেছিলেন। –মধু *বি (আল.)* যে কোনো লোক; ইতরজন। { *স.* যদু}

যদৃচ্ছা [জদৃচ্ছা] *বি* ১ নিজের খেয়াল–খুশি (যদৃচ্ছাচার)। ২ অনায়াস; অক্লেশ (যদৃচ্ছালব্ধ)। ৩ আকস্মিক; দৈবাৎ; স্বতঃসংঘটন। **–ক্রমে** *ক্রিবিণ* অনায়াসে। **–লব্ধ** *বিণ* অনায়াসলব্ধ। { *স.* যদ্+ঋচ্ছা}

যদ্দিন [জদ্দিন] *সর্ব* যতদিন পর্যন্ত; যতকাল পর্যন্ত। {যত+দিন}

যদ্ভবিষ্য [জদ্ভোবিশ্‌শো] *বিণ* ভাগ্যের উপর সম্পূর্ণ নির্ভরশীল ও নিশ্চেষ্ট। { *স.* যদ্+ভবিষ্য; বহু}

যদ্যপি [জোদ্‌দোপি] *অব্য* ১ যদিও। ২ একান্তই; যদি। { *স.* যদি+অপি}

যনি, যনু, জনু *(ব্র.)* [জোনি, জোনু, –] *অব্য* ১ যেন; বোধ হয় (সিন্দুরে মণ্ডিত যনি পঙ্কজ-পাতা; হাসত মধুর সুধা যনু করঙ্গ—*বিপ*)। { *স.* যেন>}

যন্তর ⇒ যন্ত্র

যন্তা (–ন্তৃ) [জনতা] *বি, বিণ* নিয়ামক; সারথি, রথচালক। { *স* √যম্+তৃ(তৃন্)}

যন্ত্র, যন্তর [জনত্রো, জনতর] *বি* ১ যার সাহায্যে কৌশলে এবং নিয়মিত পন্থায় কার্য সাধিত হয়; কল; মেশিন; machine। ২ প্রয়োজনীয় দ্রব্যাদি নির্মাণের হাতিয়ার (ছুতারের যন্ত্র)। ৩ বৈজ্ঞানিক সরঞ্জাম বা উপকরণ (তাপমান যন্ত্র)। ৪ সঙ্গীত ইত্যাদি চারুকলা সাধনার উপকরণ (বাদ্য যন্ত্র)। ৫ দেহের ভিতরের ক্রিয়াসাধক অঙ্গ (শ্বাসযন্ত্র)। ৬ *(জ্যোবি)* গ্রহ–নক্ষত্রের অবস্থান-চিত্র। ৭ *(আল.)* কার্যোদ্ধারের হাতিয়াররূপে ব্যবহৃত ব্যক্তি। ৮ যাতা; পেষণ-যন্ত্র। **যন্ত্রকৌশল** *বি* যন্ত্রী ব্যবহার করবার নিয়ম; কলকৌশল। **যন্ত্রকৌশলী** *বিণ*। **যন্ত্রতন্ত্র, যন্ত্রপাতি** *বি* ১ যন্ত্রসমূহ। ২ শিল্পকার্যের বিবিধ সরঞ্জাম। **যন্ত্রবিদ, যন্ত্রবিৎ** *বি, বিণ* যন্ত্রের গঠন ও প্রয়োগ সম্বন্ধে অভিজ্ঞ ব্যক্তি; যন্ত্রবিদ্যা-বিশারদ; যন্ত্রকৌশলী; mechanic; machinist। **যন্ত্রবিদ্যা, যন্ত্রবিজ্ঞান** *বি* ১ যন্ত্র পরিচালনের বিদ্যা। ২ যন্ত্র নির্মাণের বিদ্যা; mechanics। **যন্ত্রশালা যন্ত্রগৃহ** *বি* যে স্থানে যন্ত্রের সাহায্যে কাজ করা হয়ে থাকে; মেশিনঘর; কারখানা। **যন্ত্রশিল্পী** (ল্পিন্) *বি* যন্ত্র পরিচালনায় যার দক্ষতা আছে; যন্ত্রনির্মাণ কৌশলী; যন্ত্র দ্বারা বস্তু নির্মাণকারী শিল্পী; মেকানিক; ইঞ্জিনিয়ার। **যোগাড়-যন্ত্র** *বি* বিভিন্ন বস্তু সযত্নে আহরণ করার আয়োজন। **যন্ত্রদানব** *বি* যন্ত্ররূপী দৈত্য (যন্ত্রদানব ট্রাকটি লোকটির প্রাণ কেড়ে নিয়েছে)। { *স.* √যন্ত্র+অ(অচ), >}

যন্ত্রক [জনত্রক্] *বি* ১ নিয়ামক। ২ যিনি যন্ত্র প্রস্তুত করেন। ৩ যাতা; পেষণ যন্ত্র; কুঁদ। { *স.* √যন্ত্র্+অক(ণ্বুল্)}

যন্ত্রণ [জন্‌ত্রন্] *বি* ১ দমন; নিয়ন্ত্রণ। ২ পীড়ন; নির্যাতন। ৩ বন্ধন। { *স.* √যন্ত্র্+অন(ল্যুট্)}

যন্ত্রণা [জন্‌ত্রোনা] *বি* পীড়া; যাতনা; ক্লেশ; দুঃখ; বেদনা। **–কর, –দায়ক** *বিণ* দুঃখদায়ক; ক্লেশজনক। **–দায়িকা** *স্ত্রী*। **–দাতা** *বিণ* দুঃখদানকারী। **–দাত্রী** *স্ত্রী*। { *স.* √যন্ত্র+অন(ল্যুট্)+আ(টাপ্)}

যন্ত্রালয় [জনত্রালয়] *বি* ১ যেখানে ছাপার কাজ হয় এবং ছাপার যন্ত্রাদি রাখা হয়; ছাপাখানা; press। ২ কলবাড়ি; যন্ত্রশালা। { *স.* যন্ত্র+আলয়; ৬তৎ}

যন্ত্রিত [জোন্‌ত্রিতো] *বিণ* ১ শাসিত; দমিত। ২ সংযমিত; শৃঙ্খলিত। ৩ বদ্ধ। ৪ মুদ্রিত; ছাপা হয়েছে এমন। ৫ যন্ত্রে নিবেশিত। ৬ যন্ত্রের দ্বারা নিষ্পন্ন। { *স.* √যন্ত্র+ত(ক্ত)}

যন্ত্রী (–ন্ত্রিন্) [জোন্‌ত্রি] *বি, বিণ* ১ যন্ত্র চালনা করেন যিনি; যন্ত্রবিশারদ। ২ শিল্পকার। ৩ কুশল বাদক; বাদ্যযন্ত্রবাদক। ৪ *(আল.)* ষড়যন্ত্রকারী। ৫ যন্ত্রযুক্ত। ৬ যন্ত্রধারী; mechanic, machine-man। { *স.* √যন্ত্র+ইন্(ইনি)}

যব[১] [জব] *বি* ১ গম জাতীয় শস্য; barley। ২ *(জ্যোতি)* বৃদ্ধাঙ্গুষ্ঠের রেখায় যবাকৃতি চিহ্নবিশেষ। ৩ পরিমাণবোধক শব্দ; প্রায় ১/৪ ইঞ্চি পরিমাণ। { *স.* √যু+অ(অপ্)}

যব[২] [জব] *ক্রিবিণ* ১ যখন; যদা। ২ যতদিন; যাবৎ (সখি যব রহঁ জীব—*বিপ*)। **–হুঁ** *(ব্র.)* *ক্রিবিণ* যখনই। {যদা>}

যবক্ষার [জবোক্‌খার] *বি* ১ এক প্রকার তীব্র ক্ষার; carbonate of potash। ২ সোরা; potassium nitrate। **–জান** *বি* নাইট্রোজেন। { *স.* যব+ক্ষার}

যবদ্বীপ [জবোদ্‌দিপ] *বি* ভারত মহাসাগরের একটি দ্বীপ; জাভা। { *স.* যব+দ্বীপ}

যবন [জবোন্] *বি* ১ প্রাচীন গ্রিক জাতি; আইওনিয়া (Ionia)-বাসী গ্রিক। ২ ম্লেচ্ছ। ৩ বিধর্মী। ৪ অহিন্দু বিদেশি; মুসলিম। **যবনী** *স্ত্রী*। **যবনানী** *বি* যবন জাতির লিপিসমূহ। **যাবনিক** *বিণ* যবন সম্বন্ধীয়। { *স.* √যু+অন; *আ.* য়ুনান يونان }

যবনিকা [জবোনিকা] *বি* ১ কানাত; পর্দা; আড়াল। ২ রঙ্গমঞ্চের পট; drop scene (যবনিকা উঠতেই দেখা গেলো মঞ্চ শূন্য—*বজলু*)। **– পতন, –পাত** *বি* ১ নাটকের অভিনয়ের শেষে বিরামসূচক পর্দা পড়া। ২ *(আল.)* সমাপ্ত; শেষ। { *স.* যবনী+ক(কন্)+আ(টাপ্)}

যবরদস্ত ⇒ জবরদস্ত

যবস্থব, যবথব, যবুথবু, জবুথবু [জবোস্‌থবো, জবোথবো, জোবুথোবু, -] *বিণ* ১ দিশাহারা; কিংকর্তব্যবিমূঢ়। ২ অমীমাংসিত; নিষ্পন্ন হয়নি এমন। ৩ জড় ভাবাপন্ন। ☐ *বি* জবুথবুর অবস্থা; স্থগিত অবস্থা। {যুবস্থবির>}

যবাগূ, যাউ [জবাগু, জাউ] *বি* যবের মণ্ড বা ক্বাথ; যবমণ্ড; জাউ। {স. যু+আগূ(আগূচ)}

যবান ⇒ জবান

যবানী ⇒ যমানী

যবিষ্ঠ, যবীয়ান [জোবিশ্‌ঠো, -য়ান্] *বিণ* সকলের অপেক্ষা বয়সে ছোট; কনিষ্ঠ; অতিশয় যুবা বা তরুণ। {স. যুবন+ইষ্ঠ(ইষ্ঠন), ঈয়স্(ঈয়সুন্)}

যবুথবু, জবুথবু ⇒ যবস্থব

যবে [জবে] *অব্য, ক্রিবিণ (পদ্য.)* যেকালে; যে সময়ে; যখন (তুমি যবে ছিলে এ-পুণ্য ভবনে—*রঠা*)। {যব+এ}

যবোদর [জবোদর্] *বি* ১/৮ইঞ্চি। {স. যব+উদর}

যম[১] [জম্] *বি* ১ সকল জীবের প্রাণহরণকারী; মৃত্যুর দেবতা; কৃতান্ত; মহিষ-বাহন; ধর্মরাজ; মৃত্যু; অন্তক; দণ্ডধর; আজবাহিন; মরণ; শমন। ২ ধ্বংসকারী; বিনাশক (ভাতের যম)। **~জয়ী** *বিণ* মৃত্যুকে জয় করতে পারেন এমন; মৃত্যুঞ্জয়; অমর; মৃত্যুশূন্য। **~জাঙ্গাল, ~জাঙাল** *বি* আকাশগঙ্গা; ছায়াপথ; Milky Way। **~দণ্ড** *বি* ১ যমের আয়ুধ বা অস্ত্র; যম কর্তৃক প্রদত্ত শাস্তি; মৃত্যু; মৃত্যুদণ্ড; মরণ; মৃত্যু। ২ মৃত্যুর পরে যমালয়ে পাপের দণ্ড। **~দূত** *বি* ১ মৃত্যুর অনুচর; যমের বার্তাবহ। ২ *(আল.)* মৃত্যুর ন্যায় ভীষণ সংবাদবাহক। ৩ বিকটাকার এবং ভীতি উৎপাদক ভয়ঙ্কর মূর্তি। **~দ্বার** *বি* ১ হিন্দু-বিশ্বাস মতে যমরাজ্যের দ্বার; যে দ্বারের ভিতর দিয়ে পরপারে যাওয়া যায়। ২ মৃত্যু। ৩ নরকের দরজা। **~দ্বিতীয়া** *বি* ভ্রাতৃদ্বিতীয়া; যে তিথিতে ভাইফোঁটা দেওয়া হয়; কার্তিকের শুক্লা দ্বিতীয়া। **~পুকুর** *বি* কার্তিক মাসে অনুষ্ঠেয় হিন্দুদের কুমারী ব্রত। **~পুরী, যমালয়, যমের বাড়ি** *বি* ১ মৃত্যুপুরী; যমালয়। ২ শমন-সদন। ৩ *(আল.)* ভয়ঙ্কর স্থান; যন্ত্রণাগার। **~মাস** *বি* কার্তিক মাস; রোগের প্রাদুর্ভাবহেতু এ মাসে প্রচুর লোকের মৃত্যু হয় এজন্য এ মাসকে 'মরা কার্তিক' হিসেবেও কোনো কোনো অঞ্চলে অভিহিত করা হয়। **~যন্ত্রণা, ~যাতনা** *বি* ১ কষ্ট; মৃত্যুর যাতনা; মৃত্যু যন্ত্রণা। ২ *(আল.)* ভীষণ কষ্ট। **~রাজ** *বি* যম; কৃতান্ত; শমন; দক্ষিণ দিকপাল। **যমান্তক** *বি* মৃত্যুঞ্জয়; শমনজয়ী; শিব। **যমে ধরা** *ক্রি* ১ মরণাপন্ন রোগে আক্রান্ত হওয়া; মৃত্যুগ্রাসে পতিত হওয়া। ২ মরে যাওয়া। ৩ *(আল.)* যমের ন্যায় নির্মম শত্রুর কবলিত হওয়া। **যমের অরুচি** *(ব্য.)* গালিবিশেষ; প্রত্যেকেই মরণশীল কিন্তু এমন ঘৃণিত যাকে যমেও গ্রহণ করে না; যার মৃত্যু নেই। **যমের দোসর** *(আল.)* যমেরই মতো ভয়ঙ্কর ব্যক্তি। **যমের বাড়ি যাওয়া**—তিরস্কার বিশেষ; মরে যাওয়া। {স. √যম্+অ(অচ্)}

যম[২] [জম্] *বি* ১ একাগ্র মনে ঈশ্বরের চিন্তা; সংযমন। ২ অহিংসা, সত্য কথন, ব্রহ্মচর্য ইত্যাদি। {স. √যম্+অ(অচ্)}

যমক [জমোক্] *বিণ* ১ একই গর্ভ থেকে একই সঙ্গে জাত; যমজ। ২ *(আল.)* একই শব্দের ভিন্ন অর্থে পুনরাবৃত্তি (আনা দরে আনা যায় কত আনারস—*ঈগু*)। ৩ যুগ্ম; জোড়া। {স. যম+ক(কন্)}

যমজ [জমোজ্] *বিণ* একই গর্ভজাত এবং একই সময়ে ভূমিষ্ঠ। {স. যম+√জন্+অ(ড)}

যমল [জমল্] *বি* জোড়া; যুগ্ম (জানকী দুই যমল কুমার প্রসব করিলেন—*ঈবি*)। **যমলী গান** *বি* দুজনের এক সঙ্গে গান; duet। {যম+√লা+অ(ক)}

যমানী, যমানিকা, যবানী [জমানি, -কা, জবানি] *বি* এক প্রকার মসলা; জোয়ান। {স. √যম্+অন(ল্যুট্)+ঈ(ঙীপ্), ক(কন্)+আ(টাপ্)}

যমান্তক, যমালয় ⇒ যম[১]

যমিত [জোমিতো] *বিণ* ১ সংযমিত। ২ খণ্ডিত; ছিন্ন। {স. √যম্+ণিচ্+ত(ক্ত)}

যমী(-মিন্) [জোমি] *বিণ* জিতেন্দ্রিয়; সংযমী। {স. যম+ইন্(ইনি)}

যমুনা [জোমুনা] *বি* ১ বাংলাদেশের নদীবিশেষ। ২ উত্তর ভারতের নদীবিশেষ; কালিন্দী। ৩ যমের বোন। {স. √যম্+উন(উনন্)+আ(টাপ্)}

যযাতি [জজাতি] *বি* ১ হিন্দুদের পৌরাণিক রাজা; ইনি শুক্রাচার্যের অভিশাপে জরাগ্রস্ত হয়েছিলেন; তাঁর কনিষ্ঠ পুত্র পিতার জরা গ্রহণ করে নিজ যৌবন পিতাকে দিয়েছিলেন; চন্দ্রবংশীয় রাজাবিশেষ। ২ *(মবা.)* জন্মপত্রিকা; কোষ্ঠী (দুর্বলা গণকগণে প্রভাতে ডাকিয়া আনে লিখে তারা শিশুর যযাতি—*কমু*)। {স. √যা+আয়ু>}

যর ⇒ জর

যরদা ⇒ জরদা

যশ, যশঃ [জশ্, জশোহ্] *বি* সুখ্যাতি; কীর্তি। **যশঃকীর্তন, যশঃখ্যাপন, যশোগান** *বি* প্রশংসা করা; লোকমুখে খ্যাতি প্রচার। **যশস্কর, যশস্য** *বিণ* কীর্তিজনক; সুখ্যাতিজনক (দাপনে তক্ষক নাগে নাই নাগগণ। সহস্রের সঙ্গে কীর্তি যশস্য গাহন—*কাদৌ*)। **যশস্কাম** *বিণ* খ্যাতি কামনা করে এমন; যশোলিপ্সু। **যশোধন, যশোমান, যশস্বী**(-স্বিন্) *বিণ* বিখ্যাত; কীর্তিমান; মশহুর। **যশস্বতী, যশস্বিনী** *স্ত্রী*। **যশোগাথা, যশোগীতি** *বি* গৌরবগাথা; কীর্তির বর্ণনাপূর্ণ সঙ্গীত; খ্যাতিগান। **যশোদ** *বি* ১ খ্যাতি দান করে যা। ২ পারদ। **যশোদা** *বিণ স্ত্রী* খ্যাতিদায়িনী। ☐ *বি* কৃষ্ণের পালিকা মাতা; নন্দের স্ত্রী (নন্দের স্ত্রী)। **যশোভাগ, যশোভাক** *বি* যশের ভাগ বা অংশ (যুদ্ধের যশোভাগ তাঁহারই প্রাপ্য—*এও*)। ☐ *বিণ* কীর্তির অংশীদার। **যশোভাগ্য** *বি* যার অদৃষ্টে যশোলাভ আছে। **যশোমতী** *বি* যশোদা। **যশোরাশি** *বি* বহুখ্যাতি; কীর্তিসমূহ। **যশোহানি** *বি* গৌরবহানি; অখ্যাতি। {স. যশঃ, যশস্>}

যশদ [যশোদ্] *বি* দস্তা। {স. যশদ}

যশোর [জশোর্] *বি* যশোহর; বাংলাদেশের একটি জেলা ও জেলাশহরের নাম। {অমূ; তুল. যশোহর}

যশোরে কই/কৈ, যশুরে কই/ কৈ [জশোরে কোই,

জোশু–] *বি* যশোর জেলার মাথামোটা শীর্ণদেহ কৈ মাছ। □*বিণ* (*আল.*) মাথামোটা ও শীর্ণদেহ ব্যক্তি। {*স.* যশোর+এ+কই>}

যষ্টি [জোশ্‌টি] *বি* ১ ছড়ি দণ্ড; লাঠি। ২ গাছের শাখা। ৩ নৌকার হাল। ৪ হার। **–কা** *বি* লাঠি; একনরী হার। **–প্রাণ** *বিণ* বৃদ্ধ; লাঠি প্রাণের মতো এমন। **–মধু** *বি* মিষ্টিস্বাদযুক্ত বৃক্ষের শিকড়বিশেষ। {*স.* √যজ্‌+তি}

যহিঁ (*ব্র.*)[জহিঁ] *অব্য* যাতে; যত্র; যেখানে (যহিঁ গৌরাঙ্গের সর্ব মোহন বিহায়—*চদা*)। {*স.* যস্মিন্‌>যহিং>যহিঁ}

যহুঁক, যাহুক (*ব্র.*) [জহুক্‌, জাহুক] *সর্ব* যার (যহুঁক বিরহ ভয়ে উরে হার না দেলা—*বিপ*)। {*স.* যস্য>}

যহুর [জোহুর্‌] *বি* প্রকাশ; খ্যাতি (ফেকের হইতে যহুর —*আমজা*)। {*আ.* জুহূর ظهور }

যা[১]**, জা** [জা] *বি* স্বামীর ভাইয়ের স্ত্রী। {*স.* যাতৃ>}

যা[২]**, যাহা** [জা, জাহা] *সর্ব* যে কোনো; যে বস্তু; যে বিষয়। **যা ইচ্ছা তাই, যাচ্ছে তাই** *বিণ* ১ যা ইচ্ছা; খেয়াল অনুযায়ী। ২ খুব কুৎসিত; অতি জঘন্য; বিশ্রী। **যা তা, যা-তা** *বিণ* ১ বাজে; খারাপ; খেলো (যা-তা জিনিস)। ২ ইচ্ছামাফিক (যা-তা কাজ করা)। □*সর্ব,বি* অনির্দিষ্ট মন্দ কিছু (যা তা করা)। **যা রয় সয়**—সঙ্গত বা যুক্তিযুক্ত। **যা হয় হোক**—নির্লিপ্ততার ভাব। **যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন**—খুব অল্প একটু ক্ষতির ভয়ে কর্তব্যকর্মে পশ্চাৎপদ না হওয়া; সামান্য কম-বেশীতে পিছিয়ে না পড়া। {*স.* যৎ>}

যা[৩] [জা] *ক্রি* যাও; গমন করো (তুই যা)। **ঐ–, গেল –** *অব্য* হঠাৎ কিছু ঘটে যাওয়া; অপ্রত্যাশিত বা ভুলজনিত কোনো ঘটনায় বিস্ময় ও ক্ষোভসূচক। {√যা>}

যাই[১] [জাই] *অব্য* ১ যা; যাহা (যাই বললে তাই ত বুঝলাম)। ২ যখনি; যেইমাত্র (যাই গেল সেই বাজ পড়ল)। ৩ যা কিছু (যাই দাওনা কেন, নেব)। {*স.* √যদ্‌>√যা+ই}

যাই[২] [জাই] *ক্রি* ১ গমন করি। ২ ক্রিয়ার সমাপ্তসূচক গৌণ ক্রিয়া (আনন্দে আপনি আপনা ভুলে যাই—*গান*)। **–– –** *ক্রিবিণ* যাবার উপক্রম (কেবল থেকে যাই-যাই করছো, যাচ্ছো না কেন?)। {*স.* √যা+ই, –}

যাউ ⇒ জাউ

যাও [জাও] *ক্রি* ১ (অনুজ্ঞা) গমন করো। ২ প্রতিবাদ তিরস্কার অস্বীকার ঘৃণা প্রভৃতি দ্যোতক অনুজ্ঞা। {*স.* √যা>}

যাওন [জাওয়োন্‌] *বি* প্রস্থান; গমন; যাওয়া। {*স.* √যা+অন}

যাওয়া [জাওয়া] *ক্রি* ১ গমন করা (বাড়িতে যাওয়া)। ২ অবসান হওয়া (অস্ত যাওয়া)। ৩ কেটে যাওয়া (রাত যাওয়া)। ৪ ক্ষতি হওয়া; নষ্ট হওয়া (জীবন যাওয়া)। ৫ ব্যয়িত হওয়া (টাকা যাওয়া)। ৬ কোনো কিছু ঘটা (হারিয়ে যাওয়া, চুরি যাওয়া)। ৭ টেকা (এ ঘড়িটা অনেক দিন যাবে)। ৮ কোনো ক্রিয়া করতে থাকা; শুনে যাওয়া। □*বি* উক্ত সকল অর্থে। **––আসা, আসা –** *বি* ১ যাতায়াত; গমনাগমন। ২ (*আল.*) জন্মমৃত্যু। **যাচ্ছি যাব করা** *ক্রি* গয়ংগচ্ছ করা; শৈথিল্য বা অলসতা দেখানো। **যায়-যায়** *বিণ* মুমূর্ষু। **যেতে বসা** *ক্রি* নষ্ট হবার মতো হওয়া। **জলে –** *ক্রি* (*আল.*) নিষ্ফল হওয়া; ক্ষতিগ্রস্ত হওয়া; কাজে না আসা; বৃথা নষ্ট হওয়া। {*স.* √যা>}

যাঁতা ⇒ জাঁতা

যাঁতি ⇒ জাঁতি

যাঁহা [জাঁহা] *অব্য* ১ যেখানে (যাঁহা যাঁহা বালক ত – *বিপ*)। ২ যেমন; যেইমাত্র (যাঁহা শোনা অমনি দৌড়)। **– বাহান্ন তাঁহা তিপ্পান্ন**—খুব অল্প একটু ক্ষতির ভয়ে কর্তব্যকর্মে পশ্চাৎপদ না হওয়া; সামান্য কম-বেশিতে পিছিয়ে না পড়া। {*তুল.* হি যাঁহা}

যাক[১]**, যাউক** [জাক্‌, জাউক] *ক্রি* ১ গমন করুক (আজ যাক, কাল আসবে)। ২ উপেক্ষায় (যাক, যেতে দাও)। ৩ উদাসীনতায় (যাক গে)। **যাকগে**—'যাক গিয়া'; বিরক্তি বা অবজ্ঞা প্রকাশে (যাকগে, ও কথা বাদ দাও)। {*স.* √যা>}

যাক[২] (*ব্র.*)[জাক] *সর্ব* যার (যাক ... বিনে—*বিপ*)। **–র, যকর** (*ব্র.*) *সর্ব* যার (যাকর মরমে বেঠে—*বিপ*)। {*স.* যস্য>}

যাকু (*মবা.*) [জাকু] *ক্রি* যাক (মরি যাকু সারী শুয়া—*কমু*)। {যাউক>}

যাকে, যাহাকে [জাকে, জাহাকে] *সর্ব* যারে; যাদের; যাহাদিগকে (যাকে দেখতে নারি, তার চলন বাঁকা—*প্রব.*)। **– তাকে, যাহাকে তাহাকে** *সর্ব* অনির্দিষ্ট ও অজ্ঞাত কোনো ব্যক্তিকে। {যা, যাহা+কে}

যাগ [জাগ্‌] *বি* যজ্ঞ; হোম (নিষ্কাম যাগের নির্মল ছবি—*সদ*)। {*স.* √যজ্‌+অ(ঘঞ্‌)}

যাঙ (*মবা.*) [যাঙ] *ক্রি* ১ যাক (ছারে খারে যাঙ এ সব সম্পদ—*চদা*)। ২ যাই। {*স.* √যা>}

যাচক ⇒ যাচন[১]

যাচন[১] [জাচোন্‌] *বি* বিচার করে নেওয়া; পরীক্ষাকরণ; যাচাই। **–দার** *বি* যে যাচাই করে দেখে (যাচনদার মাঝিগণ সহ যাচাইকারী পাটের সন্ধানে ভোরেই পাড়ার উপর নামিয়া পড়িয়াছে—*নর*)। {*স.* √যাচ্‌+অন(ল্যুট্‌)}

যাচন[২]**, যাচনা, যাচ্ঞা** [জাচোন্‌, জাচ্‌না, –] *বি* প্রার্থনা; ভিক্ষা; যাচ্ঞা (আরস্বরে তার যাচনারে নামতো পড়ে যাচ্ছে—*সুদ*)। **যাচক** *বি,বিণ* যাচ্ঞাকারী; প্রার্থী; আবেদনকারী। **যাচনীয়, যাচ্য** *বিণ* প্রার্থনীয়; যাচনার যোগ্য। **যাচমান** *বিণ* প্রার্থনা করছে এমন (পিতার নিকট যাচমান হইলেন—*বচ*)। **যাচিত** *বিণ* প্রার্থিত। **যাচিতা, যাচ্যমানা** *বিণ* স্ত্রী প্রার্থনা করা হচ্ছে এমন। {*স.* √যাচ্‌+অন(ল্যুট্‌)}

যাচা[১] [জাচা] *ক্রি* ১ চাওয়া; প্রার্থনা করা। ২ উপযাচক হওয়া (যেচে যাওয়া)। ৩ সাধাসাধি করা; অনুনয় বিনয় করা (যেচে মান কেঁদে সোহাগ—*প্রব.*)। □*বি,বিণ* উক্ত অর্থে। {*স.* √যাচ্‌+বা. আ}

যাচা[২] [জাচা] *ক্রি* যাচাই করা; পরীক্ষা করা; অনুসন্ধান করা; পরীক্ষা করে দ্রব্যের মূল্য স্থির করা (পেয়ে চোখে বিধিবিধান যাচা—*রঠা*)। **যাচাই** *বি* পরীক্ষা বা অনুসন্ধানের সাহায্যে দ্রব্যাদির গুণাগুণ ও মূল্য ঠিক করা (সোনা যাচাই; মূল্য যাচাই)। **–নো** *ক্রি* পরীক্ষা করানো; যাচাই করানো। □*বিণ* উক্ত সকল অর্থে। {*স.* √যাচ্‌+বা. আ}

যাচিত ⇒ যাচন[১]
যাচ্ছে তাই ⇒ যা
যাচঞা [জাচ্না] *বি* প্রার্থনা (কি যাচঞা করি আমি রামের সমীপে—*মদ*)। {*স.* √যাচ্+ন(নক্)+আ(টাপ্)}
যাচ্চলে [জাচ্চোলে] *অব্য* যাক চলে; বিরক্তি বা বিস্ময় ভাব প্রকাশক অব্যয়। {যাক চলে>}
যাচ্য, যাচ্যমান ⇒ যাচন[২]
যাজন [জাজোন] *বি* (হিন্দু সমাজে প্রচলিত) পৌরোহিত্য; যজ্ঞ সম্পাদন। **যাজক** *বি* ১ পুরোহিত; যজ্ঞকর্তা; যজ্ঞ সম্পাদক; যাজ্ঞিক; ঋত্বিক; ধর্মপ্রচারক। ২ মত্ত হস্তী। **যাজিকা** *স্ত্রী*। **যাজনিক** *বিণ* পৌরোহিত্য সম্বন্ধীয়; যজ্ঞ সংক্রান্ত। ☐*বি* পূজারি; পুরোহিত; priest। **যাজী**(-জিন্) *বিণ* যজ্ঞকর্তা; পূজারি; যাজক; পুরোহিত। **যাজ্য** *বিণ* ১ পৌরোহিত্যের যোগ্য। ২ যজ্ঞ ক্রিয়ার উপযোগী। ৩ যজ্ঞ করা যায় এমন। {*স.* √যজ্+অন(ল্যুট্)}
যাজি, যাজী, যাজিকা ⇒ যাজন
যাজ্ঞবল্ক্য [জাগ্গোঁবল্কো] *বি* হিন্দু ধর্মশাস্ত্র প্রণেতা ঋষি; বিখ্যাত বৈদিক ঋষি। {*স.* যজ্ঞবল্ক+য(ষ্যঞ্)}
যাজ্ঞসেনী [জাগ্গোঁশেনি] *বি স্ত্রী* দ্রৌপদী। {*স.* যজ্ঞসেন+ই(ইঞ্)+ঈ(ঙীপ্)}
যাজ্ঞিক [জাগ্গিক্] *বি* পুরোহিত। ☐*বিণ* ১ যজ্ঞের প্রয়োজনীয় দ্রব্যাদি; যজ্ঞীয়। ২ যজ্ঞের হিতকর। {*স.* যজ্ঞ+ইক(ঠক্)}
যাজ্ঞিকান্ন [জাগ্গিক্ অন্নো] *বি* যজ্ঞের চরু বা পায়েস। {*স.* যাজ্ঞিক+অন্ন}
যাণাইবোঁ (*মবা.*) [জানাইবোঁ] *ক্রি* জানাব (জানাইবোঁ কংসে যেন করএ বিচার—*বচদা*)। {*স.* √জ্ঞা>}
যাজ্য ⇒ যাজন
যাঠা ⇒ জ্যাঠা
যাত[১] [জাতো] *বিণ* ১ অতীত; গত। ২ বিদিত; জ্ঞাত। ৩ লব্ধ; প্রাপ্ত। {*স.* √যা+ত(ক্ত)}
যাত[২] [জাতো] (*মবা.*) *সর্ব* ১ যার (যাত খিধা বসে—*বচদা*)। ২ যাতে; যেখানে (সে পথে না জায়িব যাত দাণী কাহাঞি—*বচদা*)। {*স.* যাত্রা>}
যাতনা [জাতোনা] *বি* ১ দুঃখ; সাংঘাতিক যন্ত্রণা; তীব্র বেদনা (কি যাতনা বিষে বুঝিবে সে কিসে—*কৃম*)। ২ নিপীড়ন (ছেলেটি মাকে বড় যাতনা দিত)। {*স.* যন্ত্রণা>}
যাতব্য [জাতোবেবা] *বিণ* ১ যাওয়ার যোগ্য। ২ অভিযানের বা আক্রমণের উপযুক্ত। ৩ প্রাপ্তব্য। {*স.* √যা+তব্য}
যা-তা ⇒ যা
যাতা(-তৃ) [জাতা] *বি* ১ গমনকারী; গমনকর্তা। ২ স্বামীর ভ্রাতৃপত্নী; জা। ৩ সারথি; রথচালক। ৪ পথিক। {*স.* √যা+তৃ}
যাতায়াত [জাতায়াত্] *বি* গমনাগমন; আসা যাওয়া; গতিবিধি। ~ **খরচা** *বি* গমনাগমনের জন্য খরচা বা ভাতা; রাহা খরচ। {যাত+আয়াত}
যাতি (*মবা.*) [জাতি] *বি* জাতি (যাতি আজি নষ্ট ভৈল—*বচদা*)। {*স.* জাতি>}
যাত্রা [জাত্ত্রা] *বি* ১ গমন (আমাদের যাত্রা হল শুরু—*রঠা*)। ২ প্রস্থান; নির্গমন; বের হওয়া (যাত্রা করা)। ৩ যাপন; অতিবাহন (জীবনযাত্রা)। ৪ উৎসব-বিশেষ (রথযাত্রা)। ৫ বহুলোকের শ্রেণিবদ্ধভাবে গমন; মিছিল (শোভাযাত্রা)। ৬ দৃশ্যপটহীন মঞ্চে নাট্যাভিনয় বা গীতাভিনয়বিশেষ (যাত্রাদল)। ৭ দফা; বার (এ যাত্রা ছেড়েই দিলাম, যাও)। ~**ভঙ্গ** *বি* শুভযাত্রা না হওয়া। ~**র অধিকারী** *বি* যাত্রাদলের পরিচালক বা মালিক। {*স.* √যা+ত্র(ত্রন্)+আ(টাপ্)}
যাত্রিক [জাত্ত্রিক্] *বিণ* ১ যাত্রাকারী; যাত্রী; গমনকারী; পান্থ; পথিক; মুসাফির। ২ যাত্রা সংক্রান্ত; যাত্রার উপযুক্ত; যাত্রার যোগ্য। ☐*বি* ১ তীর্থযাত্রী; তীর্থ ভ্রমণকারী। ২ পথ খরচা; পাথেয়। ৩ যাত্রার সুলক্ষণ। {*স.* যাত্রা+ইক(ঠক্)}
যাত্রী(-ত্রিন্) [জাত্ত্রি] *বি,বিণ* যাতায়াত করে এমন; যাত্রাকারী; গমনকারী; মুসাফির; তীর্থযাত্রী। **যাত্রিণী** *বিণ স্ত্রী*। {*স.* যাত্রা+ইন(ইনি)}
যাথাতথ্য [জাথাতোত্থো] *বি* ১ প্রকৃত তত্ত্ব। ২ যথার্থতা। {*স.* যথাতথা+য(ষ্যঞ্)}
যাথাযথ্য [জাথাজোত্থো] *বি* ঠিক অবস্থা; যাথার্থ্য। {*স.* যথাযথ+ য(ষ্যঞ্)}
যাথার্থ্য [জাথারথো] *বি* সত্য; সত্যতা; হকিকত; স্বরূপ; প্রকৃত তথ্য; যথার্থতা। {*স.* যথার্থ+য(ষ্যঞ্)}
যাদঃপতি [জাদোপ্পোতি] *বি* হিন্দু বিশ্বাস মতে বরুণদেব; জলের অধিপতি; সমুদ্র (যাদঃপতি রোধঃ যথা চলোর্মি আঘাতে—*মদ*)। {*স.* যাদস্+পতি; ৬তৎ}
যাদব [জাদোব্] *বি* কৃষ্ণ; যদুনন্দন। ☐*বিণ* ১ যদুবংশীয়। ২ যদুবংশ সম্বন্ধীয়। **যাদবী** *বি স্ত্রী* ১ হিন্দুদেবী দুর্গা। ২ কুট্টিনী। ৩ সুরা; মদিরা। {*স.* যদু+অ(অণ্)}
যাদু, যাদুকর, যাদুঘর ⇒ জাদু[১]
যাদু[১], **জাদু** [জাদু] *বি* তন্ত্রমন্ত্র; কুহক; মায়া; আকর্ষণ। **যাদুকর, জাদুকর** *বি* যে যাদু দেখায়; মেজিশিয়ান। **যাদুবিদ্যা, জাদুবিদ্যা** *বি* ভোজবাজি; যাদু বিষয়ক কলা। {*ফা.* জাদু جادو }
যাদু[২] [জাদু] *বি* বৎস; আদরের খোকা (আমার যাদুরে); বিদ্রূপে—বাছাধন (এবার টের পাবে যাদু)। {*ফা.* জাদু جادو }
যাদৃশ, যাদৃক(-শ্) [জাদৃশো, -ক্] *বিণ* যেমন; যেপ্রকার; যে রকম। **যাদৃশী** *স্ত্রী*। {*স.* যদ্+√দৃশ্+ক্বিন্}
যাদৃচ্ছিক [জাদৃচ্ছিক্] *বিণ* যথেচ্ছ; ইচ্ছামতো। {*স.* যদৃচ্ছা+ইক(ঠক্)}
যান [জান্] *বি* যার সাহায্যে স্থানান্তরে যাওয়া যায়; বাহন; অশ্ব, হস্তী, নৌকা, শকট, গাড়ি ইত্যাদি। ~**জট** *বি* যানবাহনের অতিরিক্ত ভিড়ের জন্য সাময়িকভাবে যানচলাচল বন্ধ থাকা। ~**বাহ, ~বাহক** *বিণ* গাড়ি টানে এমন। ~**বাহন** *বি* গাড়ি, বাস, ট্রাম ইত্যাদি যা বহন করে বা যাতায়াতের জন্যে ব্যবহৃত হয়। **অর্ণব**~ *বি* সমুদ্রগামী জাহাজ, স্টিমার ইত্যাদি। **অশ্ব**~ *বি* ঘোড়ার গাড়ি; ঘোড়গাড়ি। **আকাশ**~, **ব্যোম**~, **বায়ু**~ *বি* আকাশে উড্ডয়নক্ষম বেলুন বিমান উড়োজাহাজ ইত্যাদি। **বাষ্প**~ *বি* বাষ্পচালিত গাড়ি। {*স.* √যা+অন(ল্যুট্)}

যানা *(মবা.)* [জানা] জানা (এ তীরু ভুবনে যানে—*বচদা*)। { *স.* √জ্ঞা> }
য়ানাহী *(মবা.)* [আনাহি] *অব্য* অন্যে (যা য়ানাহী না জাণে—*বচদা*)। { *হি* আনহী> }
যান্ত্রিক [জানত্রিক] *বিণ* ১ যন্ত্র চালনে দক্ষ; যন্ত্রবিশারদ; যন্ত্রসংক্রান্ত; mechanic; যন্ত্র নির্মাণ করে এমন। ২ যন্ত্রের মতো ছক-বাঁধা; নিষ্প্রাণ। ~**তা** *বি*। **যান্ত্রিকী** *স্ত্রী*। { *স.* যন্ত্র+ইক(ঠক) }
যাপক ⇒ যাপন
যাপন [জাপোন] *বি* কালক্ষেপণ; সময় কাটানো; অতিবাহন (জীবন যাপন, রাত্রিযাপন)। **যাপক** *বিণ* অতিবাহিত করে এমন; যাপনকারী। **যাপনীয়** *বিণ* অতিবাহন করার যোগ্য; যাপ্য। **যাপিত** *বিণ* যাপন করা বা কাটানো হয়েছে এমন; অতিবাহিত। { *স.* √যা+ণিচ(√যাপি)+অন(ল্যুট) }
যাপা [জাপা] *ক্রি* অতিবাহন করা; যাপন করা; অতিক্রমণ করা; কাটানো। { *স.* √যাপি+*বা.* আ }
যাপিত ⇒ যাপন
যাপ্য [জাপ্‌পো] *বিণ* ১ যাপনীয়; যাপনযোগ্য। ২ গোপনীয়। ৩ নিন্দনীয়; নিন্দাযোগ্য। ৪ আবরণীয়। ৫ সম্পূর্ণরূপে আরোগ্য করা যায় না এমন। { *স.* √যা+ণিচ্(=√যাপি)+য(যৎ) }
যাব [জাব] *বি* অলক্তক; আলতা। { *স.* যাবক> }
যাবক [জাবোক] *বি* ১ অলক্তক; আলতা (অঙ্গুলির মাঝে যাবক সাজে মিহির শোভিতজন—*চদা*)। ২ বোরো ধান। ৩ অর্ধপক্ব যব। { *স.* √যু+অ(অপ)+ক(কন্) }
যাবচ্চন্দ্রদিবাকর [জাবোচ্‌চন্‌দ্রোদিবাকর] *ক্রিবিণ* অনন্তকাল; চিরকাল; যতকাল চন্দ্রসূর্য বর্তমান থাকবে। { *স.* যাবৎ+চন্দ্র+দিবাকর }
যাবজ্জীবন [জাবোজ্‌জিবোন] *ক্রিবিণ* চিরজীবন; আমরণ; যতদিন জীবন আছে ততদিন; জীবৎকাল। { *স.* যাবৎ+জীবন }
যাবৎ [জাবোত্] *ক্রিবিণ* ১ যতক্ষণ পর্যন্ত; যতদিন অবধি। ২ পর্যন্ত; ধরে (অনেকদিন যাবৎ)। □ *বিণ* যে পরিমাণ; যত; যা কিছু; সমস্ত (যাবৎ ধন আছে সমস্তই)। **যাবতীয়** *বিণ* সমস্ত; সমুদয়; যত কিছু (যাবতীয় বস্তু)। { *স.* যদ্+বৎ(বতুপ্) }
যাবনাল [জাবনাল] *বি* একপ্রকার শস্য; জনার নামক শস্য। { *স.* যবনাল+অ(অণ্) }
যাবনিক ⇒ যবন
যাবনী [জাবোনি] *বিণ* যবন সম্পৃক্ত; মিশাল (যাবনী ভাষা)। { *স.* যবন+অ(অণ্)+ঈ(ঙীপ্) }
যাম [জাম] *বি* এক প্রহর; সমস্ত দিন রাতের ১/৮ ভাগ সময়; তিন ঘণ্টা। □ *বিণ* যম সম্বন্ধীয় (বিরল)। ~**ঘোষ** *বি* ১ যারা প্রহরে প্রহরে ডাক দেয়; শৃগাল। ২ মোরগ। ৩ ঘড়ি। ~**ঘোষা** *বি* ঘটিকা যন্ত্র। ~**বতী** *বি* ত্রিযামা; রাত্রি; নিশি। **যামার্ধ** *বি* অর্ধপ্রহর; দেড় ঘণ্টা। { *স.* √যা+ম(মন) }
যামল [জামোল] *বি* ১ জোড়া; যুগ্ম; যুগল। ২ তন্ত্রশাস্ত্রবিশেষ। { *স.* যমল+অ(অণ্) }
যামী [জামি] *বি* ১ রাত্রি; নিশি। ২ ধর্মপত্নী; সহধর্মিণী; কুলবধূ (সঙ্গে চারি পাঁচ যামী—*কমু*)। ৩ কন্যা; তনয়া। ৪ দক্ষিণ দিক। **যামিনী** *বি* রাত্রি; রজনী (কেন যামিনী না যেতে—*রঠা*)। **যামিনীনাথ, যামিনীপতি, যামিনী-ভূষণ** *বি* শশী; চন্দ্র। { *স.* যম+অ(অণ্)+ঈ(ঙীপ্) }
যাম্য [জাম্‌মো] *বিণ* ১ দক্ষিণ দিকস্থ; দক্ষিণ দেশীয়। ২ যম সম্পর্কিত। □ *বি* শমনানুচর; যমদূত। ~**বৃত্ত** *বি* কুমেরু; দক্ষিণ মেরু। **যাম্যোত্তর বৃত্ত** *বি* যে বৃত্ত উভয় মেরু ভেদ করে অবস্থিত; মধ্যরেখা; meridian line। { *স.* যামী+য(ণ্য) }
যাযাবর [জাজাবর] *বি, বিণ* যাদের বা যার কোনো নির্দিষ্ট বাসস্থান নেই; যারা নিয়ত ভ্রমণ করে বেড়ায়; যারা এক স্থানে বেশি দিন থাকে না; ভবঘুরে। { *স.* √যা+য(যঙ্)+বর(বরচ্) }
যায়[১] [জায়] *বি* ১ ফর্দ; তালিকা; list (যায় মাফিক)। ২ বাবত; দরুন; জন্য; নিমিত্ত (কিসের যায়ে)। { *স.* যায়> }
যায়[২] [জায়] *ক্রি* ১ গমন করে। ২ গত হয়; শেষ হয়; ফুরায় (দিন যায়)। ৩ বের হয় (প্রাণ যায়)। { *স.* √যা> }
যায়[৩] [জায়] (বিরল) *সর্ব (পদ্য.)* যায়; যাকে; যারে। { *স.* √যা> }
যার [জার] *সর্ব* যে বস্তুর; যে বিষয়ের; যাহার(সাধু রূপ)। ~**তার** *সর্ব* যে-কোনো লোকের; নগণ্য লোকের; অখ্যাত বা অজ্ঞাত লোকের; ভালো মন্দ বিচার করে না এমন লোকের (কি করে-প্রাণ ধরে যার তার হাতে দিই বলত—*শচ*)। ~ **ধন তার নয় নেপোয় মারে দই**—*(আল.)* অত্যন্ত চালাক লোক; ধূর্ত; বাটপাড়; অন্যলোকের পরিশ্রমের সুফল ফাঁকি দিয়ে যে ভোগ করে। ~**পরনাই**—যৎপরোনাস্তি; অত্যধিক; সাতিশয় (সরফরাজ খান ক্রমশঃ যারপরনাই ভীষণ হইয়া উঠিলেন—*ইহো*)। { *স.* যৎ> }
যালিম ⇒ জালিম
যাসনে [জাস্‌নে] *ক্রি* (অবজ্ঞায়) যেয়ো না। { *স.* √যা>+না> }
যাসি *(ব্র.)* [জাসি] *ক্রি* যাচ্ছ (কাহে মোহে সম্ভাষি না যাসি—*বিপ*)। {স. √যা, বর্তমানকাল (লট্) মধ্যম পু *একব*}
যাহা ⇒ যা[১]
যাহিল ⇒ জাহিল
যিগর ⇒ জিগর
যিযিয়া ⇒ জিজিয়া
যিদ ⇒ জিদ
যিনি [জিনি] *সর্ব* (সম্মান প্রদর্শনে) যে ব্যক্তি; যে সম্মানী লোক। **যাঁহারা, যাঁরা** *সর্ব* যে ব্যক্তিবর্গের; যেসব সম্মানিত ব্যক্তির। { *স.* যদ্> }
যিয়াদা [জিয়াদা] *বিণ* অধিক; বেশ। { *ফা.* জ্যিয়াদাহ زیاده }
যিয়াফত ⇒ যেয়াফত
যিয়ারত ⇒ জেয়ারত
যিশু, যীশু [জিশু] *বি* ১ খ্রিস্টধর্মের প্রবর্তক ঈসা নবী। { *পো.* Jesu, *ই.* Jesus }
যুঁই, যূঁই, জুঁই [জুঁই] *বি* ছোট ছোট সাদা রঙের সুগন্ধি ফুলবিশেষ। { *স.* যূথিকা, যূথী> }

যুকতি, যুকুতি ⇒ যুক্তি
যুক্ত [জুক্‌তো] *বিণ* ১ সংযোজিত; সংলগ্ন; একত্র; মিলিত (যুক্তপাণি)। ২ নিয়োজিত; ব্যাপৃত; রত; নিযুক্ত (কর্মে যুক্ত)। ৩ উপযুক্ত; ন্যায্য; অনুমত (যুক্ত দণ্ড)। ৪ পরিমিত; পরিমাণমতো (যুক্তাহার বিহার)।৫ যোগরত। ৬ বিশিষ্ট (অর্থযুক্ত বাক্য)।৭ *(গণিত)* যোগ করা হয়েছে এমন; সংকলিত। **যুক্তা** *স্ত্রী*। ~**কর** *ক্রিবিণ* দুই হাত একসঙ্গে; জোড়হাতে; কৃতাঞ্জলিপূর্বক।❑ *বি* জোড় করা হাত। ~**প্রদেশ** *বি* বর্তমান ভারতের উত্তর প্রদেশ; আগ্রা ও অযোধ্যা প্রদেশ। ~**বেণী** *বি* ১ নদীর সম্মিলন; প্রয়াগে গঙ্গা যমুনা ও সরস্বতী নদীর মিলিত ধারা। ২ বেণীবদ্ধ কেশ; খোঁপা। ~**রাজ্য** *বি* গ্রেট ব্রিটেন ও উত্তর আয়ারল্যান্ড; United Kingdom। ~**রাষ্ট্র** *বি* আমেরিকার সংযুক্ত রাষ্ট্রসমূহ; The United States of America। **যুক্তাক্ষর** *বিণ* মিলিত অক্ষর; সংযুক্ত বর্ণ; একাধিক বর্ণ এক সঙ্গে যুক্ত করে লিখিত ও উচ্চারিত (যথা—ধ্ব)। { *স.* √যুজ্+ত(ক্ত)}
যুক্তি, যুকতি, যুকুতি [জুক্‌তি, –কো–, –কু–] *বি* ১ কারণ; হেতু (যুক্তি প্রদর্শন)। ২ বিচার; ন্যায়; reason (যুক্তিসহ)।৩ পরামর্শ; মন্ত্রণা (ওর সঙ্গে যুক্তি করে দেখা যাক)। ৪ সিদ্ধান্ত (শেষ পর্যন্ত এই যুক্তি করলে)। ৫ ন্যায়ালঙ্কার বিশেষ। ৬ সংযোগ; মিলন। **যুক্তিতর্ক** *বি* কার্যকারণসম্মত বিতর্ক। **যুক্তিদাতা** *বিণ* পরামর্শ দিয়ে থাকেন এমন; মন্ত্রণাদাতা। **যুক্তিপূর্বক** *ক্রিবিণ* পরামর্শ বা মন্ত্রণা বা আলোচনা করে (পরিশেষে যুক্তিপূর্বক মোহনভোগ প্রস্তুত করিয়া ধূমপায়ী তপস্বীর আস্যে অর্পিত করিল—*ঈবি*)। **যুক্তিযুক্ত, যুক্তিসঙ্গত, যুক্তিসম্মত, যুক্তিসহ** *বিণ* উচিত; ন্যায়সঙ্গত; উপযুক্ত; যুক্তিসিদ্ধ। **যুক্তিহীন** *বিণ* অযৌক্তিক; বিচারহীন; হেতুহীন; অন্যায়। **যুক্তিনিষ্ঠ** *বিণ* যুক্তির প্রতি নিষ্ঠাসম্পন্ন। **যুক্তিনিষ্ঠা** *বি* যুক্তির প্রতি নিষ্ঠা বা আসক্তি। **যুক্তিবাদ** *বি* যুক্তিভিত্তিক মতবাদ। **যুক্তিবাদী** *বিণ* যুক্তিবাদ অনুসারী। { *স.* √যুজ্+তি(ক্তি) – যুক্তি> (স্বরাগমে) যুকতি, যুকুতি}
যুগ [জুগ্] *বি* ১ বারো বছর সময়; সত্য ত্রেতা দ্বাপর ও কলি নামক চার যুগ; পৌরাণিক কাল বিভাগ। ২ সময়; কাল; আমল (তাদের যুগে এমন হতো না)। ৩ জোড়; যুগ্ম; যুগল (পদযুগ)।৪ চার হাত পরিমাণবিশেষ।৫ জোয়াল; yoke (যুগন্ধর)। –**ক্ষয়, যুগান্ত** *বি* প্রলয়কাল; যুগের শেষ। ~**ধর্ম** *বি* কাল উপযোগী আচার–ব্যবহার; যুগোচিত ধর্ম; কোনো যুগের ঝোঁক বা বৈশিষ্ট্য। –**ন্ধর** *বি* ১ জোয়ালের সঙ্গে যুক্ত কাঠ; লাঙ্গলের ঈষ; গাড়ির বোম। ২ পর্বতবিশেষ; মেরুর সর্বাপেক্ষা নিকটবর্তী পর্বত। ৩ যুগকে ধারণ করেন যিনি; অনন্যসাধারণ প্রতিভাধর; যুগপ্রবর্তক (মধুসূদন ছিলেন যুগন্ধর)। –**সন্ধি** *বি* এক যুগের সমাপ্তি ও অন্য যুগের আরম্ভকাল; transition। **যুগান্তর** *বি* ১ অন্য বা অপর যুগ। ২ বিশিষ্ট যুগ বা কাল প্রবর্তন (যুগান্তর সৃষ্টি)। ~**যুগান্তর** *বি* যুগের পর যুগ; বহু যুগ। **যুগোপযোগী** *বিণ* নির্দিষ্ট যুগের পক্ষে উপযুক্ত। { *স.* √যুজ্+অ(ঘঞ)}
যুগপৎ [জুগোপত্] *অব্য, ক্রিবিণ* একই কালে; সমকালীন; একই সঙ্গে (এই অন্যোন্যবিমুখ প্রাথমিক সংস্কার দুটো যুগপৎ কার্যকর—*সুদ*)। { *স.* যুগ+পদ}
যুগল [জুগল্] *বি* জোড়া; যুগ্ম; দুটি। { *স.* যুজ্+অল(কলচ)}
যুগানো ⇒ জোগানো
যুগান্ত, যুগান্তর ⇒ যুগ
যুগি, যুগী [জুগি] *বি* হিন্দু সম্প্রদায় বিশেষ। **যুগিনী** *স্ত্রী*। { *স.* যোগী>}
যুগোপযোগী ⇒ যুগ
যুগ্ম [জুগ্‌মো] *বি* যুগল; জোড়া; দুই।❑ *বিণ* ১ সহযোগী (যুগ্ম সম্পাদক)।২ *(গণিত)* যে সংখ্যাকে দুই দিয়ে ভাগ করলে মিলে যায়; জোড় (যুগ্ম রাশি)। { *স.* √যুজ্-ম(মক)}
যুগ্যি [জুগ্‌গি] *বিণ* যোগ্য; উপযুক্ত (তুই কি আমার যুগ্যি? —*অচিসে*)। { *স.* যোগ্য>}
যুজ ⇒ জুজ
যুঝা [জুঝা] *ক্রি* ১ যুদ্ধ করা; লড়াই করা। ২ বাধাবিঘ্নাদি অতিক্রমপূর্বক কৃতকার্যতা লাভের জন্য প্রাণপণে চেষ্টা করা। –**নো** *ক্রি* ১ যুদ্ধ করানো; লড়াই করানো। ❑*বি, বিণ* উক্ত অর্থে। ~**যুঝি** *বি* দ্বন্দ্বে পরস্পরকে পরাজিত করার চেষ্টা; ধস্তাধস্তি; লড়ালড়ি। { *স.* √যুধ্>+*বা.* আ}
যুটি [জুটি] *বি* ১ যুগ্ম; জোড়া; জুটি। ২ সহচরী; সঙ্গিনী। ৩ সমবয়সী; সমবয়স্ক (সমযুটি মেয়েরা)। { *স.* যুতি>}
যুড়ি [জুড়ি] *বি* দুই ঘোড়ার গাড়ি। { *স.* যুগ>}
যুত[1] [জুত্] *বিণ* ১ মিলিত; সংযুক্ত; যুক্ত। ২ চার হাত পরিমাণ। { *স.* √যু+ত(ক্ত)}
যুত[2], **যুৎ** [জুত্] *বি* সুবিধা; সুযোগ; কায়দামাফিক; সুবন্দোবস্ত; সুসঙ্গতি; সুসার; আরাম। ~ **করা** *ক্রি* ১ সুবিধা করা; সুব্যবস্থা করা। ২ বিলি করা। –**সই** *বিণ* সুবিধামতো; কায়দামতো; আরামদায়ক (তেমন যুৎসই নয়—*আরু*)। { *স.* যোক্ত্র>}
যুততে [জুততে] *অক্রি* যাত্রার জন্য গাড়ি প্রস্তুত করতে (যুততে গাড়ী বলতে গিয়ে—*সদ*)। {√যুত্+তে}
যুতা ⇒ জোতা
যুতি [জুতি] *বি* ১ যোগ; মিলন; মিশ্রণ। ২ গাড়িতে ঘোড়া জুড়বার দড়ি বা চর্মরজ্জু। ৩ লাঙল বা জোয়াল যোগ করতে যা ব্যবহৃত হয়।৪ লম্বা শলাবিশিষ্ট নিক্ষেপযোগ্য মাছ শিকারের যন্ত্র যার সঙ্গে লম্বা দড়ি বাঁধা থাকে। { *স.* √যু+তি(ক্তি)}
যুদ্ধ [যুদ্‌ধো] *বি* ১ লড়াই; সংগ্রাম; সমর; রণ; বিগ্রহ; আহব। ২ দ্বন্দ্ব; বলের প্রতিযোগিতা বা লড়াই। **যুদ্ধোত্তর** *বিণ* যুদ্ধ পরবর্তী। ~**নীতি**, ~**রীতি** *বি* রণ–বিষয়ক নিয়মাদি; যুদ্ধের আইন–কানুন; সমরনীতি। ~**বিগ্রহ** *বি* আহব; যুদ্ধ। ~**বিদ্যা** *বি* সমর–বিজ্ঞান; সংগ্রাম–কৌশল; সংগ্রাম সম্পর্কিত জ্ঞান বা শাস্ত্র। ~**বিশারদ** *বিণ* যুদ্ধবিদ্যায় যিনি পারদর্শী; রণনিপুণ; সংগ্রামদক্ষ। ~**যাত্রা** *বি* যুদ্ধের জন্য গমন; অভিযান। **যুদ্ধাজীব** *বিণ, বি* যুদ্ধ করে যে জীবন ধারণ করে; যোদ্ধা; সৈনিক বৃত্তি অবলম্বন করে যে। **যুদ্ধাবসান** *বি* যুদ্ধের শেষ; সংগ্রামের সমাপ্তি;

শান্তির সন্ধি। **যুদ্ধার্থ** *ক্রিবিণ* সংগ্রামের জন্য; যুদ্ধ করার জন্য; রণনিমিত্ত। **যুদ্ধার্থী**(-র্থিন) *বিণ* রণোন্মুখ; সংগ্রামপ্রার্থী; যুদ্ধ করার উপক্রমকারী। **যুদ্ধি** *ক্রি* যুদ্ধ করি; সংগ্রাম করি (বাদশাহী গেছে মুগীও গেল, আর কার লোভে যুদ্ধি—*নই*)। **যুদ্ধোপকরণ** *বি* আয়ুধ; অস্ত্রশস্ত্র, রশদ ইত্যাদি। **যুদ্ধোন্মাদ** *বি* যুদ্ধজনিত উন্মাদনা; যুদ্ধ করার প্রবল বাসনা; রণোন্মত্ততা। □*বিণ* রণোন্মত্ত। {*স.* √যুধ্+ত(ক্ত)}

যুধিষ্ঠির [জুধিশ্‌ঠির] *বি* মহাভারতোক্ত ধর্মপুত্র; পঞ্চপাণ্ডবের জ্যেষ্ঠ পাণ্ডব। □*বিণ* যুদ্ধের সময়ে বুদ্ধি স্থির রাখতে পারেন এমন। {*স.* যুধি+স্থির, *অলুক৭তৎ*}

যুধ্যমান [জুদ্‌ধোমান] *বিণ* সংগ্রামকারী; যুদ্ধ করছে এমন; যুদ্ধরত। {*স.* √যুধ্+মান(শানচ)}

যুনান, য়ুনান [উনান] *বি* গ্রিস দেশের পশ্চিমে অবস্থিত আইওনিয়া দ্বীপসমূহ। **য়ুনানি** *বিণ* ১ গ্রিস সম্বন্ধীয়; যাবনিক। ২ গ্রিক তিব্বি (য়ুনানি দাওয়াখানা)। □*বি* আয়োনিয়ার অধিবাসী; গ্রিক; যবন। **য়ুনানি চিকিৎসা** *বি* গ্রিক চিকিৎসা-শাস্ত্র অনুযায়ী চিকিৎসা; হেকিমি চিকিৎসা; তিব্বি চিকিৎসা। {*আ.* য়ুবনান يونان }

যুব [জুবো] *বি* যৌবনপ্রাপ্ত বা তরুণ অর্থে সমাসে পূর্ব পদরূপে 'যুবা' শব্দের রূপ। {*স.* যুবন্> }

যুবজানি [জুবোজানি] *বি* যুবতী জায়া যার; যুবতী স্ত্রীর স্বামী (পাঁচ পুত্র নৃপতি সবে যুবজানি—*ভারা*)। {*স.* যুবতী+জায়া; *বহু*}

যুবতি, যুবতী ⇒ যুবা

যুবনাশ্ব [জুবোনাশ্‌শো] *বি* সূর্যবংশীয় রাজা; মান্ধাতার পিতা। {*স.* যুবন্+ অশ্ব}

যুবরাজ [জুবোরাজ] *বি* রাজা বর্তমান থাকতে যিনি রাজ্যের ভাবী রাজা বলে স্বীকৃত; রাজ্যের উত্তরাধিকারী ও রাজকার্যের সাহায্যকারী রাজপুত্র; রাজকুমার। {*স.* যুব+রাজ; *কর্মধা.*}

যুবা, যুবক [জুবা, জুবক] *বি,বিণ* ১ প্রাপ্তযৌবন; বিশেষত ১৬ থেকে ৪০ বছর পর্যন্ত বয়সের ব্যক্তি। ২ তরুণ; জোয়ান। **যুবতি, যুবতী, যূনী** *স্ত্রী*। **যুবাকাল, যুবা বয়স** *বি* যৌবনকাল। {*স.* √যু+অন(কনিন্), যুবন্+ক(কন্)}

যুবান(*মবা.*) [জুবান] *বি* জোয়ান; যুবক (সব যুবান রজপুত পাঠান মজবুত—*ভারা*)। {*স.* যুবন্>}

যুযুৎসা [জুজুত্‌শা] *বি* যুদ্ধ করার ইচ্ছা; যুদ্ধাভিলাষ; সংগ্রামের অভিলাষ। **যুযুৎসু**[1] *বিণ* যুদ্ধে ইচ্ছুক; রণেচ্ছু [illegible] (সাঙ্গ হইল যুযুৎসু সব গোত্র দলে—*নই*)। □*বি* হিন্দু পুরাণ [illegible] বৈশ্যকন্যার গর্ভজাত ধৃতরাষ্ট্র তনয়। {*স.* [illegible]যুধ্‌-স(সন্)+অ+আ(টাপ্)}

যুযুৎ[illegible], **জুজুৎ**[illegible] [জুজুত্‌শু] *বি* জাপানি কুস্তি; জাপানি [illegible] {*জা.* জুজুৎসু}

যুযু[illegible] [illegible] *বিণ* যুদ্ধকারী; যুদ্ধে লিপ্ত; যুদ্ধরত (যুয়ু[illegible] [illegible] মিত্র গোত্রগুলিও সন্ধিশর্তে বাধ্য—*আখ*)। {*স.* [illegible]যুধ্+আন(শানচ)}

যুয়ান ⇒ জু[illegible]

যুয়ায় (*মবা.* [illegible]) *ক্রি* যোগ্য বা উপযুক্ত বা উচিত হয় (ইহাতে কি আর পাক করিতে যুয়ায়—*কৃক*)। {*স.* যোগ্য হয়>}

যুলমাৎ [জুল্‌মাত্] *বি,বিণ* অন্ধকার (যুলমাৎ রাতে ঘরে তাহার প্রদীপ জ্বলিতেছে—*গোমো*)। {*আ.* জুলমাত্ ظلمات }

যুঁই ⇒ জুঁই

যূক, যূকা [জুক, -কা] *বি* উকুন; কেশকীট। {*স.* √যু+ক(কন্)}

যূথ [জুথো] *বি* পশু ও পাখির স্বজাতীয়ের পাল; দল (যমদূত সম সাজে কোটালের যূথ—*ঘচ*)। **~চর, ~চারী** *বিণ* যে জন্তু বা পাখি দলবদ্ধভাবে বিচরণ করে। **~পতি, ~নাথ** *বি* বন্য একজাতীয় পশুদলের প্রধান; বন্য গজসমূহের দলপতি। **~ভ্রষ্ট** *বিণ* দলছুট; দলছাড়া। **~ভ্রষ্টা** *স্ত্রী.* (পদ্মাবতী একাকিনী বৃক্ষমূলে বসিয়া যূথভ্রষ্টা হরিণীর ন্যায় বিষণ্ণ বদনে রোদন করিতেছেন—*ঈবি*)। {*স.* √যু+থ(থক)}

যূথী, যূথিকা [জুথি, -কা] *বি* যুঁই ফুল (কেতকী কদম যূথিকা কুসুমে বর্ষায় গাঁথ মালিকা—*নই*)। {*স.* √যূথ্+অ(অচ্)+ঈ(ঙীষ্), √যূথ্+অক(ঠন্)+আ(আপ্)}

যূনী ⇒ যুবা

যূপ [জুপো] *বি* ১ যজ্ঞস্তম্ভ; বলির পশুকে যে কাষ্ঠখণ্ডে বন্ধন করা হয়; হাড়িকাঠ (যূপকাষ্ঠ)। ২ বিজয়স্তম্ভ; জয়স্তম্ভ (পাষাণে খোদিত এক মনোরম মদনের যূপ—*সদ*)। {*স.* √যূ+প}

যূষ [জুশ্] *বি* মাংস, ডাল প্রভৃতির ক্বাথ; ঝোল; সুরুয়া; soup। {*স.* √যূষ্+অ(ক)}

যে [জে] *সর্ব* ১ নির্দিষ্ট বস্তু বা ব্যক্তি (তোমা হতে দূরে যে যায়—*রঠা*)। □*বিণ* কারো সম্পর্কে কথা বলা হয়েছে বা হচ্ছে এমন; উদ্দিষ্ট; উক্ত; উল্লিখিত (যে লোকটা)। □*অব্য* ১ মিশ্র বাক্যে অপ্রধান বাক্যের আরম্ভে (সে বলল যে আমি যাব)। ২ শঙ্কা বা সংশয় প্রকাশে (কী যে হবে! কি যে বলো)। ৩ হেতুনির্দেশে (বেলা যে পড়ে এলো জলকে চল—*রঠা*)। ৪ অবাধ্যতাসূচক কাজের শাসন বা প্রশ্নে (তুমি যে আবার এগুলো খাচ্ছ)। ৫ বিরক্তি প্রকাশে; বিস্ময় বোঝাতে (আবার যে এলে!)। ৬ সম্মতি বা স্বীকৃতি প্রদর্শনে (যে আজ্ঞে); আধিক্য বা প্রাচুর্য-সূচক (যে বৃষ্টি, যে লোক হয়েছিল)। **~ আজ্ঞা** *ক্রি* আদেশ অনুসারে কাজ করা হবে—এ কথা বোঝানো। *তুল.* যো হুকুম। **~ কথা সে কাজ** *ক্রি* কথার খেলাপ না করা; ঠিক কথানুযায়ী কাজ। **~ কেউ, ~ কেহ, ~ সে** *সর্ব* নির্বিশেষে; প্রত্যেকেই; সাধারণ জনও। **~ সেই** *অব্য* কোনো পরিবর্তন হয়নি এমন; যা ছিল তাই; পূর্ববৎ। **~ বা** *সর্ব* যে কেউ; যে কোনোটি বা যে কোনো জন। **~ বিয়ের ~ মন্ত্র** *ক্রি* যে জিনিসের যা নিয়ম। **~ ~** *সর্ব* যারা। {*প্রা.* যে; *স.* যৎ>}

যেই, যাই [জেই, জাই] *ক্রিবিণ* যৎকালে; যে মুহূর্তে; যেমনি (প্রভাত হৈল যেই—*রঠা*)। □*বিণ* যে, যাই। {*স.* যদা>}

যেকেন্দানি, যাঁকান্দানি, জাঁকান্দনী [জেকেন্‌দানি, জাঁকা-, —দোনি] *বি* শ্বাস ওঠা (হঠাৎ তাঁর মনে হইল রোগীর যেকেন্দানি উঠিয়াছে—*আমআ*)। {*ফা.*

জান+কন্দন جان + كندن - বা, ই+ঈ}

যেখান [জেখান] *বি* যত্র; যথায়; যেস্থানে। ~**কার** *বিণ* যেস্থানের। ~ **সেখান** *বি* যততত্র; সর্বস্থান; যেথায় সেথায়। **যেখানে** *ক্রিবিণ* যে অবস্থায়; যে স্থানে। **যেখানে সেখানে** *ক্রিবিণ* স্থান বিচার না করে; যত্রতত্র; সর্বত্র; ইতস্তত। { *স.* যৎস্থান> }

যেতে বসা ⇒ যাওয়া

যেথা [জেথা] *বি* যে স্থান বা জায়গা। ☐ *ক্রিবিণ* যথায়; যেখানে (যেথা যাই)। ~**কার** *বিণ* যে জায়গার। ~**য়** *ক্রিবিণ* যেখানে; যেথা। ~**সেথা** *ক্রিবিণ* যেখানে সেখানে; যত্রতত্র; সর্বত্র; ইতস্তত। { *স.* যত্র> }

যেথায় *(মবা.)* [জেথায়] *অব্য* হেথা; এখানে (যেথায় আগিঞ্জা দিলে কাহ—*বচ*)। { *স.* অত্র> }

যেন [জ্যানো] *ক্রিবিণ* যেরূপ; যেমন। ☐ *অব্য* ১ প্রার্থনায়; কামনায়; অভিলাষ প্রকাশে (আল্লাহ, সে যেন সেরে ওঠে)। ২ অনুমানে (দেখা যাচ্ছে যেন)। ৩ তুলনায়; উপমায় (নির্মল যেন ফুল)। ৪ কল্পনায় (মনে করো যেন বিদেশ ঘুরে—*রঠা*)। ৫ সতর্কীকরণে (বইটা যেন না হারায়)। ৬ স্বীকৃতি জ্ঞাপনে (তাই যেন হলো)। ~ **তেন প্রকারে/ প্রকারেণ**—যেকোনো উপায়ে; যে উপায়ে হোক; যেমন তেমন করে; অসাধুভাবে; যেকোনো ব্যবস্থা অবলম্বন করে (তখন সেই অঙ্গকেই যেন তেন প্রকারেণ রক্ষা করবার জন্য মানুষ বদ্ধপরিকর হয়ে ওঠে—*প্রচৌ*)। { *স.* যদ্, *পুং* ওয়া একব }

যেমতি, যেমত [জেমোতি, জেমতো] *ক্রিবিণ (পদ্য.)* যেমন; যেরূপ; যে প্রকার; যদ্রূপ (আমার পরাণ যেমতি করিছে—*চদা*)। { *স.* যৎ+মত; *তুল. হি.* জৈসা }

যেমন [জ্যামোন] *বিণ* ১ যে রকম; যেপ্রকার (যেমন কুকুর তেমন মুগুর)। ২ যথা; দৃষ্টান্তস্বরূপ। ☐ *ক্রিবিণ* যেইমাত্র; যে মুহূর্তে; সমকালে (যেমন সে এলো অমনি বৃষ্টি)। ☐ *অব্য* বিস্ময় ইত্যাদি ব্যঞ্জক (সেও যেমন)। ~**ই** *বিণ* যে প্রকারেই; যেরূপেই। ~ **তেমন**, ~ **তেমনি** *বিণ* যে কোনো প্রকার; অতি সামান্য (যেমন তেমন জিনিস)। ~ **নেড়া তেমনি নেড়ি**—একই স্বভাবের। **যেমনি** *ক্রিবিণ* যেমন; ঠিক; যে রকম; যখনই; যে মাত্র; যে মুহূর্তে। { *স.* যস্মিন্> }

যেয়াদা ⇒ যিয়াদা

যেয়াফত, জেয়াফত [জেয়াফত] *বি* নিমন্ত্রণ; দাওয়াত (ফাতেহা উপলক্ষে যেয়াফত শেষ হইয়া গেলে—*কাই*)। { *আ.* দ্বিয়াফত ضيافت }

যেহেতু [জেহেতু] *অব্য* যে কারণে; কারণ নির্দেশে। { *স.* যে+হেতু }

যেহ্ন *(মবা.)* [জেন্‌হো] *ক্রিবিণ* যেন (শোভে যেহ্ন বরুণের জাল—*চদা*)। { যেহেন> }

যৈছন, যৈছে [জোইছন্, জোইছে] *(ব্র.)* *ক্রিবিণ* ১ যেরূপ; যে প্রকারে। { *হি* জৈছন, জৈসে }

যো[1] *(ব্র.)* [জো] *সর্ব* যে ব্যক্তি; যিনি; যা। { *স.* যঃ>, যৎ> }

যো[2] ⇒ জো

যোই *(ব্র.)* [জোই] *সর্ব* যে; যা; যেরূপ (যোই করল সেই নাগর—*বিপ*)। { *হি.* জো }

যোক্তা (–ক্তৃ) [জোকতা] *বিণ* যোজনকর্তা; যোগকারী; যোজয়িতা। **যোক্ত্রী** *স্ত্রী*। { *স.* যুজ্+তৃ(তৃচ্) }

যোক্ত্র, যোত্র [জোকত্রো, জোত্‌ত্রো] *বি* লাঙ্গলাদির জোয়াল বাঁধার দড়ি। { *স.* √যুজ্+ত্র(ষ্ট্রন্) }

যোখা, যোঁকা [জোখা, জোঁকা] *ক্রি* পরিমাণ করা; মাপা (যোখল সকল মহীতল—*বিপ*)। { *হি* জুখ }

যোগ [জোগ] *বি* ১ ঐক্য; মিলন (জীবনে জীবন যোগ করা—*রঠা*)। ২ সম্পর্ক; সম্বন্ধ (রক্তের যোগ)। ৩ সংস্রব; সংসর্গ (ওদের সাথে তোমার যোগ রাখা উচিত নয়)। ৪ অবলম্বন; মাধ্যম (ডাকযোগে, নৌকাযোগে)। ৫ হিন্দুদর্শন মতে জীবাত্মা ও পরমাত্মার মিলন; তপস্যা; ধ্যান; সাধনা (যোগ করা, যোগাসন)। ৬ সাধনার পথ; কর্মকৌশল (কর্মযোগ)। ৭ প্রয়োগ; নিবেশ (মনোযোগ)। ৮ শুভকাল (বিবাহযোগ)। ৯ সুবিধা (লাভের যোগ)। ১০ ঔষধ (মুষ্টিযোগ)। ১১ সময় (রাত্রিযোগে)। ১২ সংকলন; সমষ্টি (চার আর তিন যোগ করলে সাত হয়)। ১৩ যোগের চিহ্ন। ১৪ পর্ব; উৎসব। ১৫ পতঞ্জলি রচিত দর্শনশাস্ত্র। ~**ক্ষেম** *বি* অপ্রাপ্ত বস্তুর প্রাপ্তি ও তার রক্ষা; রক্ষণাবেক্ষণ। ~**দান** *বি* উপস্থিত হওয়া; নিযুক্ত হওয়া (নতুন চাকরিতে যোগদান); সহযোগিতা; সংস্রব রাখা। ~**নিদ্রা** *বি* ১ যোগাবস্থায় সুপ্তি; চিত্তের বিষয়ান্তর নিবৃত্তিরূপে নিদ্রা। ২ *(ব্য.)* ঝিমানো। ~**পট্ট** *বি* যোগ পাটা; উত্তরীয়বিশেষ (দিগম্বর বিভূতি ভূষিত কলেবর। গলে যোগপট্ট উপবীত বিষধর—*ভারা*)। ~**ফল** *বি* *(গণিত.)* যোগক্রিয়ার ফল; প্রাপ্ত রাশি। ~**বল** *বি* যোগ প্রভাব বা শক্তি। ~**বাহী**(–হিন্) *বিণ* ১ সংযোগ ঘটে এমন; মাধ্যম; সহায়ক। ২ ঔষধাদির যোগসাধক (মধু, পারদ)। ~**ভঙ্গ** *বি* যোগ থেকে বিরতি; যোগাবসান; ধ্যানাবসান। ~**ভ্রষ্ট** *বিণ* (সিদ্ধি লাভের পূর্বে) যোগমার্গ থেকে বিচ্যুত। ~**মায়া** *বি* হিন্দু শাস্ত্রোক্ত দুর্গা দেবী; মহামায়া; ভগবানের লীলা বিস্তারিণী শক্তি; আদ্যাশক্তি। ~**মার্গ** *বি* যোগের পদ্ধতি বা নিয়ম; যোগ সাধনের পন্থা। ~**রূঢ়** *বিণ* একাধিক শব্দযোগে গঠিত কিন্তু কোনো বিশেষ অর্থজ্ঞাপক (যথা—পঙ্কজ, জলদ, পঞ্চশর)। ~**শাস্ত্র** *বি* যে শাস্ত্র বা গ্রন্থে যোগসাধনার নিয়ম পদ্ধতি ইত্যাদি বিষয়ে লিখিত; পতঞ্জলি প্রমুখ মুনি প্রণীত যোগ বিষয়ক গ্রন্থ। ~**সাজশ** *বি* অন্যায় কাজে গোপনে সহযোগ ও ষড়যন্ত্র। ~**সাধন**, ~**সাধনা** *বি* হিন্দু শাস্ত্রোক্ত যোগাভ্যাস; যম নিয়ম প্রাণায়ামাদি অভ্যাস। ~**সিদ্ধি** *বি* যোগসাধনায় অভীষ্ট প্রাপ্তি; যোগসাধনায় সাফল্য। **যোগাযোগ** *বি* মিলন; ঐক্য; সংঘটন; সামঞ্জস্য; সংস্রব; সংযোগ; সংবাদ; লেনদেন; তত্ত্বাবধান; সহযোগিতা। **যোগারূঢ়** *বি* যোগসাধনায় নিবিষ্টচিত্ত। ☐ *বিণ* যুগোপবিষ্ট। **যোগাসন** *বি* যোগ সাধনায় উপবেশন বা উপবেশনের পদ্ধতি। **যোগে যোগে** *ক্রিবিণ* ১ কোনো সুযোগে; দাঁও মতো। ২ কোনো প্রকারে; কষ্টেসৃষ্টে; কায়ক্লেশে। { *স.* √যুজ্+অ(ঘঞ্) }

যোগাওঁ *(মবা.)* [জোগাওঁ] *ক্রি* সরবরাহ করি; যোগান দিই। **যোগাইবোঁ** *(মবা.)* সরবরাহ করব। { যোগ> }

যোগাড়, জোগাড় [জোগাড়] *বি* ১ উদ্যোগ; আয়োজন;

ব্যবস্থা (রান্নার যোগাড় করা)। ২ উপক্রম (দম নিকলে যাবার যোগাড় হল—*অঠা*)। ৩ সংগ্রহ; আহরণ (মৌমাছি মধু জোগাড় করতে চললো)। ~ **দেওয়া** *ক্রি* ১ কারো কাজের সহায়তা করা। ২ প্রধান কর্মকর্তার হাতের কাছে প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী সরবরাহ করে সাহায্য করা (বাবুর্চির যোগাড় দেওয়া, রাজমিস্ত্রির যোগাড় দেওয়া)। ~**যন্ত্র** *বি* আয়োজনাদি; কোনো কাজ সম্পন্ন করার উপকরণাদি সংগ্রহ। **যোগাড়ে/জোগাড়ে, যোগাড়ি/জোগাড়ি, যোগালে/ জোগালে** *বিণ* ১ সংগ্রহকারী; যিনি যোগাড় করতে ওস্তাদ। ২ সাহায্যকারী (রাজমিস্ত্রির যোগাড়ে)। { *স.* যোগ+ *বা.* আড় }

যোগান, জোগান [জোগান্] *বি* ১ এনে দেওয়া; সরবরাহ। ২ নিয়মিত সরবরাহ (দুধের যোগান)। ~**দার** *বি* সরবরাহকারী; supplier (রুটিখানায় যোগানদারের কাজ করতেন)। { *স.* যোগ+ *বা.* আন }

যোগানিত *(মবা.)* [জোগানিত] *ক্রি* সরবরাহ করত (নগরিয়া যোগানিত—*কমু*)। { যোগান+দিত }

যোগানো, জোগানো [জোগানো] *ক্রি* ১ সরবরাহ করা; প্রয়োজনীয় জিনিসের অভাব পূরণ করা; supply। ২ ক্রমাগত উৎপন্ন হওয়া বা সরবরাহ করা; শেষ হতে না দেওয়া। { *স.* যোগ+ *বা.* আনো; ক্রিয়ারূপ—যোগাই, যোগাও, যোগায়, যোগান, যোগাস/জোগাই, জোগাও, জোগায়, জোগান, জোগাস; *অক্রি*—যুগিয়ে, যোগালে, যোগাতে/জুগিয়ে, জোগালে, জোগাতে ইত্যাদি }

যোগাযোগ, যোগারূঢ়, যোগাসন ⇒ যোগ

যোগিনী [জোগিনি] *বি স্ত্রী.* ১ যে মহিলা যোগসাধন করেন; মায়াবিদ্যায় নিপুণা নারী। ২ হিন্দু পুরাণ অনুসারে দুর্গার ৬৪ জন সখী বা সহচরী; উক্ত সহচরীদের একজন। ৩ তপস্বিনী। ৪ *(জ্যোশা)* একটি তিথি। { *স.* √যুজ্+ ইন(ঘিনুন্)+ঈ(ঙীপ্) }

যোগিয়া [জোগিয়া] *বিণ* ১ যোগীদের মধ্যে প্রাপ্য। ২ যোগী থেকে উদ্ভূত বা জাত। ☐ *বি* একটি রাগিণী। { *স.* যোগ+ *বা.* ইয়া }

যোগী(-গিন্) [জোগি] *বি* ১ যিনি যোগ সাধন করেন; হিন্দু তপস্বী; সন্ন্যাসী বা ধ্যানী। ২ জাতিবিশেষ; যুগি। **যোগিনী** *স্ত্রী.*। ~**ন্দ্র**, ~**শ**, ~**শ্বর, যোগেশ, যোগেশ্বর, যোগেন্দ্র** *বি* হিন্দু যোগীদের মধ্যে শ্রেষ্ঠ; হিন্দু দেবতা মহেশ্বর শিব মহাদেব বা বিষ্ণু। { *স.* √যুজ্+ইন্(ঘিনুণ্) }

যোগ্য [জোগ্‌গো] *বিণ* ১ উপযুক্ত (যোগ্য ব্যবহার); লায়েক (কাজের যোগ্য)। ২ কার্যদক্ষ; সমর্থ (এ কাজের যোগ্য ব্যক্তি বটে)। ৩ উচিত (যোগ্য শাস্তি)। **যোগ্যা** *স্ত্রী.*। ~**তা** *বি* ১ উপযুক্ততা; সুসঙ্গতি। ২ সামর্থ্য; ক্ষমতা। { *স.* যোগ+য(যৎ) }

যোজক [জোজোক্] *বিণ* সংযোগ স্থাপনকারী। ☐ *বি* ১ *(ভূবি.)* যে সংকীর্ণ ভূখণ্ড দুটি বৃহৎ ভূখণ্ডকে যুক্ত করে; isthmus। { *স.* √যুজ্+অক(ণ্বুল্) }

যোজন [জোজোন্] *বি* ১ সংযোজন; একত্রকরণ। ২ সংঘটন। ৩ চার ক্রোশ। ~**গন্ধা** *বি* ১ যে গন্ধ যোজন ব্যাপিয়া বিস্তৃত; মৃগনাভি; মিশক; কস্তুরী। ২ হিন্দু পুরাণোক্ত ব্যাসজননী সত্যবতী; মৎস্যগন্ধা। **যোজনা** *বি* যুক্ত করা; সংযোজন; নিয়োজন; সংঘটন পরিকল্পনা; plan। **যোজনীয়** *বিণ* যোজনার যোগ্য। **যোজিত** *বিণ* সংযুক্ত বা একত্র করা হয়েছে এমন। { *স.* √যুজ্+ অন(ল্যুট্) }

যোজিত ⇒ যোজন

যৌটক [জোটোক্] *বিণ* মিলিত করে এমন; ঘটক। ☐ *বি* মিলন; যোগ। **রাজ~** *বি* রাশি-গ্রহ সবদিক থেকে বরকন্যার শুভ বিধায়ক মিল; শ্রেষ্ঠ যৌটকবিশেষ; চমৎকার মিল। { *স.* √যৌট্> }

যোটা ⇒ জোটা

যোটানো ⇒ জোটানো

যোড় ⇒ জোড়

যোড়া ⇒ জোড়া[১] ও জোড়া[২]

যোড়ানো ⇒ জোড়ানো

যোত ⇒ জোত

যোতা ⇒ জোতা

যোতান ⇒ জোতানো

যোত্র[১] ⇒ যোক্ত্র

যোত্র[২] [জোত্‌ত্রো] *বি* ১ উপায়; পন্থা (যাহার স্বাদ লওনের যোত্র তাহার ছিল না—*তামি*)। ২ সম্পত্তি; সহায়। ৩ অবলম্বন; আশ্রয়। ~**হীন** *বি* ১ অবলম্বনহীন; উপায়হীন (জমিদার কোনও বিষয় কিনিলে যোত্রহীনেরা সুপ্রীম কোর্টে তাঁহার নামে নালিশ করিত—*ঈবি*)। { *স.* √যু+ ত্র(ষ্ট্রন্) }

যোদ্ধা, যোদ্ধৃ [জোদ্‌ধা, জোদ্‌ধৃ] *বি* যে যুদ্ধ বা সংগ্রাম করে; সিপাহি; যুদ্ধকারী; রণকুশলী; সৈনিক। **যোদ্ধৃবর্গ** *বি* যোদ্ধাগণ; সৈনিকগণ। **যোদ্ধৃবেশ** *বি* যুদ্ধকারীর পোশাক; সৈনিকের সাজ। { *স.* √যুধ্+তৃ(তৃচ্) }

যোদ্ধৃ ⇒ যোদ্ধা

যোধ [জোধ্] *বি* ১ যুদ্ধ; লড়াই; রণ। ২ যোদ্ধা; বীর (কোন্ যোধ...রোধিত তাঁহারে—*মদ*)। ~**রাব** *বি* একজন যোদ্ধার প্রতি আর একজন যোদ্ধার স্পর্ধিত আহ্বান (কোথায় সে যোধরাব শ্রুতি বিভীষণ—*হহ*)। { *স.* √যুধ্+অ(অচ্) }

যোধন [জোধোন্] *বি* ১ যুদ্ধ; রণ। ২ যোদ্ধা; সিপাহি; সৈনিক। ৩ যুদ্ধের নিমিত্ত অস্ত্র; যুদ্ধাস্ত্র। ৪ যুদ্ধে পটু; রণপটু। { *স.* √যুধ্+ অন(ল্যুট্) }

যোনি, যোনী [জোনি] *বি* ১ উৎপত্তিস্থান (বীরযোনি স্বর্ণলঙ্কা—*মদ*)। ২ স্ত্রী-চিহ্ন; স্ত্রী-জননেন্দ্রিয়। ৩ জাতি; জন্ম (প্রেতযোনি)। { *স.* √যু+নি }

যোয়ান[১] ⇒ জোয়ান[১]

যোয়ান[২] [জোয়ান্] *বি* মসলা জাতীয় ক্ষুদ্র শস্য। { *স.* যমানী> }

যোয়াল ⇒ জোয়াল

যোশ ⇒ জোশ

যোষা, যোষিৎ, যোষিতা [জোশা, জোশিত্, -তা] *বি* ১ নারী; পত্নী (যোষাগণ মঙ্গলাচরণে প্রবৃত্ত হবেন)। { *স.* √যুষ্+ অ(অচ্)+আ(টাপ্), +ইৎ(ইতি), +আ (টাপ্) }

যো সো করে [জো শো কোরে] *ক্রিবিণ* যেমন তেমন করে; যেমনভাবেই হোক না কেন; যে কোনো উপায়ে; কোনো রকমে। { যো+সো+করে }

যোহর ⇒ জোহর

যোহরা ⇒ জোহরা[১]

যো-হুকুমের দল [জো হুকুমের্ দল্] *বি* স্তাবকের দল; চাটুকারের দল। {যো+হুকুম+দল}

যৌ [জোউ] *বি* গালা; লাক্ষা। {*স.* জতু>}

যৌক্তিক [জোউক্‌তিক্] *বিণ* ১ যুক্তিযুক্ত; যুক্তিসঙ্গত; যুক্তিসিদ্ধ। ২ প্রামাণিক। ৩ যুক্তিকারী। {*স.* যুক্তি+ইক(ঠক)}

যৌগ [জোউগো] *বি,বিণ* রাসায়নিক প্রক্রিয়ায় একাধিক মৌলিক পদার্থ নির্দিষ্ট অনুপাতে সংযুক্ত হয়ে যে তৃতীয় নতুন পদার্থ সৃষ্টি করে তাকে যৌগিক বলে (যৌগিক পদার্থের ক্ষুদ্রতম কণাকে ভাঙ্গিলে উহা আর যৌগ থাকে না—*আআ*)। **যৌগিক** *বি,বিণ* ১ একাধিক মৌলিক পদার্থ দিয়ে গঠিত পদার্থকে যৌগিক বলা হয়; compound (চিনি, লবণ, পানিপ্রভৃতি যৌগিক পদার্থ—*আআ*)। ২ প্রকৃতি প্রত্যয় দিয়ে গঠিত শব্দ। ৩ মিশ্র; জটিল। ৪ যোগ সম্পর্কিত। **যৌগিক ক্রিয়া** *বি (ব্যা.)* অসমাপিকা ক্রিয়ার সঙ্গে অন্য ক্রিয়াপদ যুক্ত হয়ে যে ক্রিয়াপদ গঠিত হয় (যথা—ছেড়ে দাও)। {*স.* যোগ+অ(অণ)}

যৌগপদ্য [জোউগোপোদ্‌দো] *বি* যা যুগপৎ বা একই কালে বা সঙ্গে সংঘটিত হয়। {*স.* যুগপৎ+অ(অণ)+য(ষ্যঞ)}

যৌতুক, যৌতূক (বিরল) [জোউতুক্] *বি* ১ বিবাহে বর-কনেকে যে সব মূল্যবান দ্রব্য দেওয়া হয়। ২ মুখে ভাত বা অন্য কোনো সামাজিক অনুষ্ঠানে প্রদত্ত উপহার। {*স.* যুতক+অ(অণ)}

যৌথ [জোউথো] *বিণ* ১ যুক্ত; একত্রীকৃত; মিলিত। ২ বহুজন মিলে একত্রভাবে কৃত; joint। ~ **কারবার** *বি* অনেকজন মিলিতভাবে যে ব্যবসা করে। {*স.* যূথ+অ(অণ)}

যৌন [জোউনো] *বিণ* ১ যোনি সম্পর্কিত; যোনিগত। ২ যোনিজাত; যোনি থেকে উদ্ভূত; sexual। ৩ স্ত্রী-পুরুষের সঙ্গম সম্পর্কিত; কাম সম্বন্ধীয়। ৪ স্ত্রী-পুরুষের বিবাহ-ঘটিত সম্বন্ধ। {*স.* যোনি+অ(অণ)}

যৌবত [জোউবত্] *বি* যুবতী। **যৌবতী** *(ব্র.) বি* যুবতীরা; তরুণীগণ (বব যৌবতী—*বিপ*)। {*স.* যুবতী+অ(অণ)}

যৌবন [জোউবন্] *বি* তরুণ বয়স; তরুণ অবস্থা; তারুণ্য; যুবা অবস্থা। ~ **কণ্টক** *বি* বয়স ফোঁড়া। ~**বতী** *বি* যুবতী; তরুণী। ~**ভার** *বি* যৌবন-উদ্ভূত দেহের পুষ্টি; পূর্ণ বিকশিত যৌবনের গৌরব। ~ **লক্ষণ** *বি* যৌবনসুলভ শারীরিক পরিবর্তন। ~**সুলভ** *বিণ* যৌবনে বা তরুণ বয়সে যা স্বাভাবিক। **যৌবনাবস্থা** *বি* যৌবন প্রাপ্ত হয়েছে যে সময়ে; যৌবনকাল। **যৌবনি** *বি* যৌবনকাল (পরমা সুন্দরী কন্যা নতুন যৌবনি—*সৈআ*)। **যৌবনোদয়** *বি* যৌবনাবস্থা; যৌবন সমাগম। {*স.* যুবন+অ(অণ)}

যৌবরাজ্য [জোউবোরাজ্‌জো] *বি* যুবরাজের পদ বা কার্য। {*স.* যুবরাজ+য(ষ্যঞ)}

র

র[১]—বাংলা ভাষার ব্যঞ্জনবর্ণবিশেষ। এটি সাধারণ ঘোষ স্বল্পপ্রাণ দন্ত্যমূলীয় কম্পনজাত (voiced unaspirated alveolotrilled) ধ্বনি। ত-বর্গীয় ধ্বনির পূর্বে এটি অনেকটা দন্ত্যরূপে উচ্চারিত হয়।

র[২] [র] *ক্রি* ১ থাক। ২ অপেক্ষা কর (র, একটা কথা বলি)। {রহ্>}

রই [রোই] *ক্রি* ১ রহি; থাকি (সে অবধি সই ভয়ে ভয়ে রই—*রঠা*)। ২ বাস করি (মালিনীর বাসেতেই রই—*গোপাল উড়ে*)। {*বা.* √রহ্>}

রইকাঠ [রোইকাঠ্] *বি* পুকুর ইত্যাদির পানি পরিমাপক কাঠ। {*হি.* রঈ(জলমগ্ন)+*বা.* কাঠ}

রই-খাত [রোইখাত্] *বি* পুকুরের মধ্যস্থ গভীর খাত। {*হি.* রঈ+*বা.* খাত}

রইঘর [রোইঘর্] *বি* ১ নৌকার ছই (রইঘর চাপিয়া বসিয়া সদাগর—*কমু*)। ২ পুকুরের মধ্যস্থ গভীরতম গর্ত। {*স.* রতিগৃহ>; *হি.* রঈ+*বা.* ঘর}

রইরই, রৈরৈ [রোইরোই] *বি* উচ্চ রব বা ধ্বনি; গোলমাল; চেঁচামেচি; চিৎকার; হল্লা; হৈচৈ; হৈহৈ। *(ধ্বন্যা.)*

রইস, রঈস [রোইস্] *বি* ১ নেতা; অভিজাত; সম্ভ্রান্ত ব্যক্তি। ২ ধনী লোক। {*আ.* রইস رئيس }

রও [রও] *ক্রি* অপেক্ষা করো (সাদি সেদিকে রও বলেই দৌড়ে গেল—*অঠা*)। {√রহ্>}

রওজা, রওযা [রওজা] *বি* ১ সমাধি; সমাধিপ্রাঙ্গণ; সমাধি-সংলগ্ন উদ্যান (হজরত ইমাম হোসেনের রওযায় উন্মত্ত জনতা স্রোতের মত চলিয়াছে—*শামা*)। ২ কবর—মৃতের প্রতি সম্মান প্রদর্শনের জন্য রওজা শব্দটি ব্যবহার করা হয় (হজরত মুহম্মদ-এর (সা.) রওজা মুবারক)। ~ **মোবারক, ~ মুবারক** *বি* পবিত্র সমাধি। {*আ.* রর়দাহ روضة }

রওনক [রওনক্] *বি* গৌরব; সৌন্দর্য। {*আ.* রর়নক رونق }

রওনা ⇒ রওয়ানা

রওয়া [রওয়া] *ক্রি* থাকা; রহা। {√রহ্>}

রওয়ানা, রওনা [রওয়ানা, রওনা] *বি* ১ যাত্রা; গমন। ২ প্রেরণ; পাঠানো (গাড়ি রওয়ানা করা)। □ *বিণ* যাত্রার জন্য বহির্গত; প্রেরিত। {*ফা.* রর়ানহ روانه }

রওশন, রোশন, রোশনাই, রৌশনি, রৌশনী, রোশনি [রওশন্, রোশন্, রোশ্‌নাই, রোউশোনি, -, রোশ্‌নি] *বিণ* উজ্জ্বল; আলোকিত; পরিষ্কার। □ *বি* ঔজ্জ্বল্য; আলোক; আলোকসজ্জা। (মধুর আকাশ রোশনিতে ভরি এবার কোথায় জাগবে রবি—*ফআ*; তোমার মর্তের ওই অমর্ত রোশনাই—*হাহ*; তোমার রূপের রৌশনীতে চন্দ্র হল স্নিগ্ধকিরণ—*নই*)। {*ফা.* রর়শন روشن }

রওশন চৌকি, রোশন চৌকি [রওশন্ চোউকি, রোশোন্-] *বি* শানাই, ঢোল ও কাঁসি এই তিনের ঐকতান বাদ্য বা ওই ঐকতান; বাদকদল। {*ফা.* রর়শন روشن +*হি.* চৌকি}

রং১, রঙ১ [রঙ্] *বি* রাং; টিন; সাদা রঙের নরম ধাতুবিশেষ। {*স.* রঙ্গ>}

রং২, রঙ২ [রঙ্] *বিণ* বর্ণ (লাল রং)। ☐*বি* ১ রঞ্জন দ্রব্য; তেল-মিশ্রিত রঞ্জন দ্রব্য। ২ যে পদার্থ রঞ্জন কাজে ব্যবহৃত হয়; দেহবর্ণ; দেহের চামড়ার বর্ণ (তার রং ফরসা)। ৩ যে প্রকার বা চিহ্নের তাসকে যে বারের খেলায় প্রাধান্য দেওয়া হয়; trump; তুরুপ। ৪ ধরন (এটা কোন রঙের কথা)। ৫ আতিশয্য; অতিরঞ্জন (তোমার বর্ণনায় অত্যন্ত রং ফলানো হয়েছে)। ৭ মজা; কৌতুক হাস্যপরিহাস; ঠাট্টা; পরিহাস। ~**কানা** *বিণ* রং (বিশেষ করে লাল রং) বুঝতে পারে না এমন। ~**চং**, ~**চঙ** *বি* নানাবিধ বা চিত্রিত বর্ণযুক্ত; বর্ণবিশিষ্ট। ~**চঙা**, ~**চঙে**, ~**চংগা** *বিণ* নানাবিধ বর্ণবিশিষ্ট; বিচিত্র বর্ণযুক্ত। ~**ঢং** *বি* রং-তামাশা। ~ **তামাশা** *বি* কৌতুক; স্ফূর্তি; হাসি মশকরা। ~**দার** *বিণ* রঙিন; রংযুক্ত। ~**বেরং**, ~ **বেরঙ** *বি* ১ বিচিত্র বর্ণ। ২ নানা রং। ৩ বিবিধ ক্রীড়াকৌতুক ও আমোদপ্রমোদ। ☐*বিণ* নানা বর্ণের; বিচিত্র ধরনের (রঙবেরঙের জনতা)। ~ **ফলানো** *ক্রি* ১ উজ্জ্বল রঙে রঞ্জিত করা। ২ অতিরঞ্জিত করা। ~**মহল** *বি* আনন্দ-নিকেতন; প্রমোদগৃহ। ~**মশাল** *বি* রঙিন আলোর মশাল। {*স.* রঙ্গ>; *ফা.* রঙ رنگ }

রংগিলা ⇒ রঙ্গিলা

রংঢং, রংমহল ⇒ রং২

রংরুট [রঙ্‌রুট্] *বি* সামরিক পুলিস ইত্যাদি বাহিনীতে নতুন শিক্ষানবিশ বা শিক্ষাদানের জন্য ভর্তি; রিক্রুট (নতুন রংরুটদের শিক্ষা দেবার জন্যে করাচীতেই থাকতে হবে—*নই*)। {*ই* recruit}

রংরেজ, রংরেয [রঙ্‌রেজ্] *বি* রংকারক; রঞ্জক। **রংরেজিনী** *স্ত্রী*। {*ফা.* রংরেজ رنگریز }

রক১ [রক্] *বি* রূপকথার কাল্পনিক বৃহৎ পক্ষীবিশেষ। {*আ.* রুখ رخ }

রক২, রোয়াক [রক্, রোয়াক্] *বি* গৃহসংলগ্ন পাকা বাঁধানো স্থান। {*আ.* রিওয়াক رواق }

রকদস্তি (আদালতের পরিভাষা) [রকদোস্‌তি] *বি* জমির চতুঃসীমার বিবরণ। {*ফা.* রকদস্তি رکدستی }

রকবা [রক্‌বা] *বি* জমির পরিমাণ; area। {*আ.* রক্‌বা رقبه }

রকম [রকোম্] *বি* ১ মতো; প্রকার। ২ ধরন; নীতি; ভঙ্গি। ☐*বিণ* প্রায় অনেকটা (চার রকম অংশ)। ~ ~ *বিণ* নানা রকমের; হরেক রকম। **রকমারি**, ~**ওয়ারি** *বিণ* ১ নানা প্রকার; বিভিন্ন ধরনের; বিচিত্র (রকমারি জিনিসপত্র)। ☐*ক্রিবিণ* দফায় দফায়। ~**ফের** *বিণ* একই বস্তু বা বিষয়ের ভিন্নরূপ। ~**সকম** *বি* ভাবভঙ্গি; চালচলন; হাবভাব (তার রকমসকম আমার ভাল লাগে না)। {*আ.* রক্‌ম رقم }

র-কার [রকার্] র এই বর্ণ। {র+কার}

রকেট [রকেট্] *বি* বিশেষ দহনশীল পদার্থে পরিপূর্ণ বেলনাকৃতি যন্ত্রবিশেষ, যার মাধ্যমে ক্ষেপণাস্ত্র, আতশবাজি, মহাকাশযান প্রভৃতি আকাশে উৎক্ষেপণ করা যায়; যুদ্ধাস্ত্রবিশেষ (রকেট বিজ্ঞানের অভাবনীয় অগ্রগতি, যুদ্ধকালীন বৈজ্ঞানিক গবেষণারই অমূল্য অবদান—*আফ*)। {*ই* rocket}

রক্ত [রক্‌তো] *বি* শোণিত; রুধির; দেহে শিরা ধমনি প্রভৃতিতে প্রবাহিত শ্বেত ও লালকণিকায় প্রস্তুত তরল পদার্থ। ☐*বিণ* ১ রক্তবৎ লাল বর্ণবিশিষ্ট; রক্তিম; রাঙা; লাল। ২ রঞ্জিত; রংযুক্ত। ৩ আসক্ত; অনুরক্ত; সংসক্ত। *বিপ.* **বিরক্ত**। ~**আঁখি** *বি* ক্রোধে লাল চোখ; কোপদৃষ্টি। ☐*বিণ* লাল বর্ণের চক্ষুযুক্ত। ~**ক** *বিণ* রক্তিম; লালচে; রক্তবর্ণ। ~**কমল** *বি* ১ রক্তবর্ণ পদ্ম; কোকনদ। ~**করবী** *বি* ১ লাল বর্ণ করবী ফুল। ২ রবীন্দ্রনাথের নাটকের নাম। ~**ক্ষয়ী**(-য়িন্) *বিণ* বহু লোকের রক্তপাত বা বিনাশ ঘটায় এমন; যাতে বহু ব্যক্তি হতাহত হয় এমন (রক্তক্ষয়ী যুদ্ধ)। ~**গঙ্গা** *বি* ১ রক্তের নদী (১৯৭১-এ পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশে রক্তগঙ্গা বইয়ে দেয়); রক্তের স্রোত। ২ সুপ্রচুর রক্তপাত; প্রচুর হত্যা; খুনাখুনি। ~**গরম** *বিণ* উত্তেজিত; ক্রুদ্ধ; রাগান্বিত। ~ **গরম করা** *ক্রি* ১ উত্তেজিত হওয়া বা করা। ২ রাগানো। ৩ ক্রুদ্ধ; রাগান্বিত। ~**চন্দন** *বি* লাল রঙের চন্দন কাঠ। ~**চূর্ণ** *বি* লালবর্ণ গুঁড়া; সিন্দূর। ~**চোষা** *বিণ* রক্ত চুষে খায় এমন। ~**জিহ্ব** *বিণ* লাল রঙের জিভ বিশিষ্ট। ☐*বি* সিংহ। ~**দশনা**, ~**দন্তী** *বি স্ত্রী*. যার দাঁতগুলি রক্তরঞ্জিত। ~**দর্শন** *বি* অস্ত্রাঘাতে হত্যা; রক্তপাত। ~**দুষ্টি**, ~**দোষ** *বি* দেহের রক্তের বিকার; রক্ত বিকৃত বা খারাপ হয়ে যায় যে ব্যাধিতে। ~**নদী** *বি* রক্তের নদী। ~**নিশান** *বি* লালবর্ণ ধ্বজা বা পতাকা। ~**নেত্র** *বিণ* লাল চোখ; রক্তবর্ণ চক্ষু এমন। ~**প**, ~**পায়ী**(-য়িন্) *বিণ* রক্তপান করে এমন; রক্তপানকারী। ☐*বি* রাক্ষস। ~**পা** *স্ত্রী বি,বিণ* ১ রাক্ষসী। ২ জোঁক। ~**পড়া** *বি* শরীরের কোনো ক্ষত থেকে রক্ত বের হওয়া। ~**পল্লব** *বি* অশোক গাছ। ~**পাত** *বি* আঘাত করে রক্ত ঝরানো; রক্তপড়া; অস্ত্রাঘাতে হত্যা। ~**পিণ্ড** *বি* জমাট রক্ত; রক্তের ঢেলা। ~**পিত্ত** *বি* পিত্তবিকারজনিত দূষিত রক্তের প্রাচুর্য; রক্তবমন। ~**পিপাসা** *বি* ১ রক্তপানের ইচ্ছা। ২ খুন বা হত্যা করবার উন্মাদ বাসনা। ~**পিপাসু** *বিণ* ১ রক্তপান করতে ইচ্ছুক। ২ খুন করতে চায় এমন। ~**প্রদর** *বি* রক্তস্রাবযুক্ত স্ত্রীরোগবিশেষ। ~**ফল** *বি* বটবৃক্ষ। ~**ফলা** *বি* তেলাকুচার গাছ। ~**বমন** *বি* রক্তবমি। ~**বাহী**(-হিন্) *বিণ* রক্তস্রোত প্রবাহিত হয় এমন; রক্তবাহক। ~**বীজ** *বি* ১ হিন্দু পৌরাণিক গ্রন্থে উক্ত অসুর বিশেষ যার রক্তবিন্দু মাটি স্পর্শ করলেই তদাকার এক নূতন অসুরের সৃষ্টি হতো। ২ দাড়িম্ব; ডালিম। ~**বীজের ঝাড় বা বংশ** *(আল.)* যার বা যে বংশের বা দলের ধ্বংস নেই বৃদ্ধি আছে। ~**ভাঙা** *বি* জরায়ু থেকে অতিরিক্ত রক্তস্রাব হওয়া। ~**মাংসের শরীর** *(আল.)* জীবদেহ; মানুষের শরীর—যার পক্ষে উত্তেজনাদি স্বাভাবিক। ~**মোক্ষণ** *বি* চিকিৎসার জন্য অস্ত্রোপচারে শোণিত নিষ্কাশন। ~**লোচন** *বিণ* চক্ষু লাল এমন। ~**শোষণ** *বি* চুষে রক্তপান। **রক্ত শুষে নেওয়া** *ক্রি (আল.)* সর্বস্ব আত্মসাৎকরণ; মহাজন কর্তৃক খাতকের রক্তশোষণ। ~**স্রাব** *বি* শরীর থেকে অধিক রক্তপাত। ~**স্রোত** *বি* রক্তের প্রবাহ। ~**স্বল্পতা, রক্তাল্পতা** *বি* রক্তের লাল

কণিকার ভাগ কমে যাওয়া; anaemia। ~ **হওয়া** *ক্রি* শরীরের রক্তহীনতা দূর হয়ে রক্তের পরিমাণ বৃদ্ধি পাওয়া। ~**হীন** *বিণ* রক্তশূন্য; পাণ্ডুর। ☐ *বি* পাণ্ডুরোগগ্রস্ত। ~**হীনতা** *বি*। **রক্তাক্ত** *বিণ* রক্তে মাখা; রক্তরঞ্জিত। **রক্তাতিসার** *বি* যে পেটের অসুখে রক্তস্রাব হয়; আমাশয় রোগ; dysentry। **রক্তাধিক্য** *বি* শরীরে রক্তের আধিক্য। **রক্তাভ** *বি* লাল আভাযুক্ত (রক্তাভ আকাশ)। **রক্তাম্বর** *বি* লাল বর্ণের কাপড়। **রক্তারক্তি** *বি* রক্তের ছড়াছড়ি; খুনাখুনি। **রক্তাল্পতা** ⇒ রক্তস্বল্পতা। **রক্তি** *বি* আসক্তি, অনুরাগ। **রক্তিম** *বিণ* লাল আভাযুক্ত; লালচে। **রক্তিমা** *বি* রক্ত বর্ণতা। **রক্তের অক্ষরে/আখরে (রক্তাক্ষরে) লেখা** *বি* ১ কালির পরিবর্তে রক্ত দিয়ে লেখা। ২ *(আল.)* বহুজীবন নাশ ও ভয়াবহ রক্তপাতের কাহিনীপূর্ণ ইতিহাস। ☐ *ক্রি* ঐরূপ ইতিহাস রচনা করা। **রক্তোৎপল** *বি* লাল পদ্ম; কোকনদ। { *স.* √রন্‌জ্‌+ত(ক্ত)}

-রক্তি [রোকতি] *বি* ১ অনুরাগ; আসক্তি (অনুরক্তি)। ২ কুঁচ। ৩ রতি। { *স.* √রন্‌জ্‌+তি(ক্তি)}

রক্ষ[১] [রোকখো] *বি* রক্ষা। ☐ *বিণ* রক্ষক; রক্ষাকর্তা। { *স.* √রক্ষ্‌+অ(অণ্‌)}

রক্ষ[২] [রোকখো] *ক্রি* রক্ষা করো; বাঁচাও (রক্ষ রক্ষঃ কুলমান এ কাল-সমরে—*মদ*)। { *স.* √রক্ষ্‌+লোট্‌, মধ্যম পু. একব}

রক্ষ[৩], **রক্ষঃ** [রোকখো, –হ্‌] *বি* রাক্ষস (যক্ষ রক্ষ গন্ধর্ব কিন্নর; তুমি রক্ষঃকুল-হন্তা জানকী-জীবন—*বৃদা*)। **রক্ষঃকুল** *বি* রাক্ষস বংশ। **রক্ষঃপুরী** *বি* রাক্ষস-আবাস; লঙ্কানগরী। { *স.* √রক্ষ্‌+অস্‌}

রক্ষক [রোকখোক্‌] *বিণ, বি* ১ রক্ষাকর্তা। ২ ত্রাণকর্তা; বিপদ থেকে রক্ষাকারী। ৩ তত্ত্বাবধায়ক। ৪ রক্ষী; প্রহরী। ৫ বজায় রাখে বা রক্ষা করে এমন (বংশরক্ষক)। **রক্ষিকা** *বি, বিণ স্ত্রী*। { *স.* √রক্ষ্‌+অক(ণ্বুল)}

রক্ষণ [রোকখোন্‌] *বি* রক্ষাকরণ; রক্ষা; রাখা; বজায় রাখা; পালন; তত্ত্বাবধান। ☐ *বিণ* রক্ষক (রাক্ষসকুল-রক্ষণ—*মদ*)। ~**শীল** *বিণ* গোঁড়া; প্রাচীনপন্থি; পরিবর্তনবিরোধী; conservative। **রক্ষণাবেক্ষণ** *বি* রক্ষা ও পালন; দেখাশুনা। **রক্ষণীয়** *বিণ* রক্ষণযোগ্য; রক্ষা করার উপযুক্ত বা যোগ্য; পালনীয়। { *স.* √রক্ষ্‌+অন(ল্যুট্‌)}

রক্ষা[১] [রোকখা/র] *বি* ১ উদ্ধার; পরিত্রাণ; হেফাজত (বিপদে মোরে রক্ষা করো—*রঠা*)। ২ নিস্তার; অব্যাহতি; মুক্তি (ছিনতাই থেকে রক্ষা করা)। ৩ নষ্ট ক্ষয় বা ক্ষতিগ্রস্ত হতে না দেওয়া; সংরক্ষণ। ৪ পালন (কথা রক্ষা)। ৫ বিপন্ন হতে না দেওয়া (পৃষ্ঠ রক্ষা)। ৬ পাহারা; guard (দ্বার রক্ষা)। ~**কবচ** *বি* বিপদ থেকে রক্ষা পাওয়ার জন্য ধারণীয় মন্ত্রপূত কবচ; তাবিজ। ~**কালী** *বি* রোগ মহামারী প্রভৃতি থেকে পরিত্রাণকারিণী হিন্দু দেবী। ~**গৃহ** *বি* সূতিকাগৃহ। ~**মন্ত্র** *বি* ১ যে মন্ত্র জপ করলে বিপদ স্পর্শ করে না; বিপদ ত্রাণকারী মন্ত্র। ২ রক্ষার উপায়। **রক্ষিত** *বিণ* ১ রাখা হয়েছে এমন। ২ ত্রাত; পরিত্রাত। ৩ লালিত; গচ্ছিত; আমানতকৃত। ☐ *বি* (হিন্দুসমাজে) উপাধিবিশেষ। **রক্ষিতা**[১] *বিণ স্ত্রী* পালিতা। ☐ *বি স্ত্রী* উপপত্নী। { *স.* √রক্ষ্‌+অ+আ(টাপ্‌)}

রক্ষা[২] [রোকখা] *ক্রি (পদ্য.)* রক্ষা করা (কে রক্ষিবে তোরে—*মদ*)। { *স.* √রক্ষ্‌}

রক্ষিকা ⇒ রক্ষক

রক্ষিণী ⇒ রক্ষী

রক্ষিতা[১] ⇒ রক্ষা[১]

রক্ষিতা[২] [রোকখিতা] *বিণ* রক্ষাকারী; পরিত্রাতা। **রক্ষিত্রী** *বিণ স্ত্রী*। { *স.* √রক্ষ্‌+তৃ(তৃচ্‌)}

রক্ষী (**ক্ষিন্‌**) [রোকখি] *বি, বিণ* ১ রক্ষক। ২ প্রহরী; guard। **রক্ষিণী** *স্ত্রী*। **রক্ষিসৈন্য** *বি* যে সৈন্যদল আক্রমণাদি থেকে রক্ষা করে। **দেহরক্ষী** (-ক্ষিন্‌) *বি* যে ব্যক্তি বেতনের বিনিময়ে বেতনদাতাকে আক্রমণাদি থেকে রক্ষা করে; bodyguard। { *স.* √রক্ষ্‌+ইন্‌(ণিনি)}

রক্ষ্য [রোক্‌খো] *বিণ* রক্ষণীয়; রক্ষণযোগ্য (আত্মসম্মান অবশ্য রক্ষ্য)। **রক্ষ্যা** *স্ত্রী*। { *স.* √রক্ষ্‌+য(ণ্যৎ)}

রগ [রগ্‌] *বি* শিরা; ললাটের পার্শ্বদেশ বা কপালের উভয় দিকের শিরা। { *ফা.* রগ্‌ رگ }

রগচটা ⇒ চটা[১]

রগড়[১] [রগোড়্‌] *বি* মজা; কৌতুক; রঙ্গ; তামাশা (তাহারা সবাই মিলিয়া হাসিয়া গড়াইয়া পড়িতেছে এ ওর গায়ে, রগড় হইতেছে বেশী—*শামা*)। **রগুড়ে, রগড়িয়া** *বিণ* রঙ্গপ্রিয়; কৌতুককারী; রং-তামাশা করতে দক্ষ। { *স.* রঙ্গ+ *বা.* ড়}

রগড়[২] [রগোড়্‌] *বি* ১ চক্রাদিতে কাঠির ঘর্ষণ বা আঘাত। ২ মর্দন; ডলন; পেষণ। { *স.* দ্রগড়্‌}

রগড়া [রগ্‌ড়া] *বি* পেষণ; মর্দন; ঘর্ষণ। ~**নো** *ক্রি* ঘষা; ঘর্ষণ করা; পেষণ বা মর্দন করা (চোখ রগড়াতে গিয়ে—*আক*)। ☐ *বি বিণ* উক্ত সকল অর্থে। ~**রগড়ি** *বি* ১ পরস্পর রগড়ানি; ক্রমাগত ঘষাঘষি। ২ *(আল.)* দর কষাকষি; নানা বিষয়ে বোঝাপড়া; কোনো কিছু সম্পর্কে অত্যধিক আলোচনা। { *তুল. হি* রগড়না}

রগবৎ, রগবত [রগ্‌বত্‌] *বি* আকর্ষণ; টান (কিছুতেই নামাজের দিকে তার রগবত বাড়াতে পারল না—*আফ*)। { *আ.* রগবত رغبة }

রগরগ [রগ্‌রগ্‌] *অব্য* উজ্জ্বলতা প্রকাশক, বর্ণে উগ্রভাব-ব্যঞ্জক (রগ রগ করা)। **রগরগে** *বিণ* তৈলাক্ত, তেল চকচকে; উগ্রবর্ণ; গাঢ় চকচকে লাল রং (রগরগে লাল)। { *ফা.* রগ্‌ رگ }

রঘু [রোঘু] *বি* হিন্দু পুরাণোক্ত রামচন্দ্রের প্রপিতামহ সূর্যবংশের রাজা। ~**কুল** *বি* রঘুর বংশ। ~**কুলতিলক** *বি* রঘুবংশের শ্রেষ্ঠ ব্যক্তি অর্থাৎ রামচন্দ্র। ~**কুলপতি, ~নন্দন, ~নাথ, ~পতি, ~বর, ~মণি, ~শ্রেষ্ঠ** *বি* রামচন্দ্র। ~**বংশ** *বি* ১ রঘুকুল। ২ কালিদাসের প্রসিদ্ধ কাব্যগ্রন্থ। { *স.* √লন্‌ঘ্‌+উ(কু)}

রঙ ⇒ রং[১] ও রং[২]

রঙচঙ, রঙমহল ⇒ রং[২]

রঙা, রঙ্গা [রঙা, রঙ্‌গা] *বিণ* বর্ণযুক্ত (পাঁচরঙা, একরঙা)। { *স.* রঙ্গ+ *বা.* আ}

রঙিন, রঙ্গিন [রোঙিন্‌, রোঙ্‌গিন্‌] *বিণ* ১ রঞ্জিত, রংবিশিষ্ট; রং করা। ২ বিচিত্রবর্ণে রঞ্জিত বা শোভিত।

{*ফা.* রংগীন رنگین}
রঙিলা ⇒ রঙ্গিলা
রঙ্ক [রঙকো] *বিণ* ১ কৃপণ; ব্যয়কুণ্ঠ (তুমি রঙ্ক নহ—*কাদা*)। ২ গরিব; দরিদ্র। ৩ নিচ। {*স.* √রম্+ক}
রঙ্কু [রোঙকু] *বি* এক প্রকারের হরিণ; এক শ্রেণির বিচিত্র বর্ণের মৃগ। {*স.* √রম্+কু}
রঙ্গ[১] [রঙগো] *বি,বিণ* রং। ☐*বি* ১ রঞ্জক দ্রব্য; dye। ২ নাট্য; নৃত্যগীত; অভিনয়াদি। ৩ ক্রীড়া প্রতিযোগিতা; দ্বন্দ্ব যুদ্ধ (রঙ্গভূমি)। ৪ অস্বাভাবিক হাবভাব বা ভঙ্গি। ৫ নাট্যশালা। ৬ রণক্ষেত্র; মুল্লভূমি; যে স্থানে ব্যায়াম প্রদর্শন করা হয়।৭ রাং ধাতু; টিন। **~মঞ্চ** *বি* অভিনয়যোগ্য মঞ্চ; stage। **~শালা** *বি* অভিনয় গৃহ; প্রেক্ষাগৃহ; থিয়েটার। **~স্থল, ~ভূমি, রঙ্গালয়** *বি* নাট্যশালা; প্রেক্ষাগৃহ; থিয়েটার। **রঙ্গিণী** *বি স্ত্রী.* রঙ্গপ্রিয় নারী; লীলাময়ী (রণরঙ্গিণী)। **রঙ্গী(-ঙ্গিন্)** *বিণ* রঙ্গিণী শব্দের পুংলিঙ্গ। {*স.* √রন্‌জ্+অ(ঘঞ্)}
রঙ্গ[২] [রঙ্গো] *বি* ১ পরিহাস; কৌতুক; তামাশা (রঙ্গ করা)। ২ রগড়; মজা (রঙ্গ দেখা)। ৩ আনন্দ; লীলা; আমোদ (রঙ্গে মাতো)। **~চিঙ্গা** *বি* ১ যে সব ছেলেছোকরা রঙ্গ দেখতে ভালবাসে। ২ চেংড়া ছেলে। **~জ** *বি* সিন্দূর। **~ঢঙ্গ, রঙঢঙ, রংঢং** *বি* ১ রংতামাশা। ২ হাবভাব। **~দার** *বিণ* রঙিন; মজাদার। **~প্রিয়** *বিণ* কৌতুকপ্রিয়। **~প্রিয়তা** *বি* কৌতুকানুরাগ; তামাশার প্রতি আসক্তি। **~ভঙ্গ** *বি* রং-তামাশা; রগড়; কৌতুকজনক অঙ্গভঙ্গি। **~মহল, রঙমহল** *বি* ১ আনন্দ-নিকেতন; প্রমোদগৃহ। ২ মুসলমান বাদশাহদের বিলাসগৃহ বা অন্তঃপুর। **~রস** *বি* হাস্যকৌতুক; আমোদপ্রমোদ। {*ফা.* রঙ্গ رنگ}
রঙ্গক [রঙ্গক্] *বি* রঞ্জক পদার্থ; অদ্রবণীয় রং; অদ্রাব্য রং; pigment। **রঙ্গকার, রঙ্গকারক** *বি* ১ রঞ্জক; রংরেজ। ২ চিত্রকর। {*স.* √রঙ্গ+অক(ণ্বুল)}
রঙ্গন [রঙগন্] *বি* ১ চিত্রকরণ; অঙ্কন। ২ এক প্রকার ফুল। {*স.* √রঙ্গ+অন(ল্যুট্)}
রঙ্গা ⇒ রঙা
রঙ্গানো, রাঙানো [রঙ্গানো, রাঙানো] *ক্রি* ১ রঞ্জিত করা; ছোপানো। ☐*বি,বিণ* উক্ত অর্থে। {*স.* রঙ্গ+*বা.* আনো}
রঙ্গিণী ⇒ রঙ্গ[১]
রঙ্গিত [রোঙগিতো] *বিণ* ভূষিত; অলঙ্কৃত (তরঙ্গ ভঙ্গিত ভুজঙ্গ রঙ্গিত—*ভারা*)। {*স.* রঙ্গ+ইত}
রঙ্গিন ⇒ রঙিন
রঙ্গিমা [রোঙগিমা] *বি* ১ রঙ্গ। ২ সৌন্দর্য; শোভা (হাসিতে রঙ্গিমা)। {*স.* রঙ্গ+ইমন্}
রঙ্গিয়া [রোঙগিয়া] *বিণ* ১ (*পদ্য*) রসিক; তামাশাপ্রিয়। ২ রসিক; রঙ্গপ্রিয়; কৌতুকপ্রিয়; আমুদে। {*স.* রঙ্গ+*বা.* ইয়া}
রঙ্গিলা[১], **রঙিলা**[১] [রোঙগিলা, রোঙিলা] *বিণ* ১ রঙিন। ২ রঞ্জিত; রাঙা (রঙ্গিলা গাই, রঙ্গিলা শাড়ি)। {*স.* রঙ্গ+*বা.* ইল, আ}
রঙ্গিলা[২], **রঙিলা**[২] [রোঙগিলা, রোঙিলা] *বিণ* রঙ্গপ্রিয়; কৌতুককারী; স্ফূর্তিবাজ; আমোদপ্রিয় (শেবজীর রঙ্গিলা মহল—*আসি*)। {*তুল. হি.* রঙ্গীলা}

রচক [রচোক্] *বি* রচনাকারী; রচয়িতা; প্রণেতা (রচকের অধিকার আছে রূপকে ভাঙবে রসের ছাঁচে—*অঠা*)। {*স.* √রচ্+অক(ণ্বুল)}
রচন [রচোন্] *বি* রচনাকরণ; প্রণয়ন। {*স.* √রচ্+ণিচ্+অন(ল্যুট্)}
রচনা [রচোনা] *বি* ১ নির্মাণ; প্রস্তুতকরণ; রচনা। ২ গঠন; বিন্যাস; সাজানো; গ্রন্থন। ৩ সৃষ্টি; সৃজন (বিশ্বরচনা)। ৪ প্রবন্ধাদি। **~কৌশল, ~প্রণালি, ~পদ্ধতি** *বি* রচনার বিশিষ্ট ভঙ্গি; style। {*স.* রচন+আ(টাপ্)}
রচনীয় [রচোনিয়ো] *বিণ* রচনা করতে হবে এমন; রচনাযোগ্য। {*স.* √রচ্+ণিচ্+অনীয়(অনীয়র্)}
রচয়িতা [রচোয়িতা] *বি, বিণ* ১ রচনাকারী; প্রণেতা (বইটির রচয়িতা)। ২ নির্মাণকর্তা; নির্মাতা; স্রষ্টা (বিশ্বরচয়িতা)। **রচয়িত্রী** *বিণ,বি স্ত্রী.*। {*স.* √রচ্+ণিচ্+তৃ(তৃচ্)}
রচা [রচা] *ক্রি* ১ রচনা করা। ২ নির্মাণ করা; তৈরি করা। ৩ সৃষ্টি করা। ☐*বিণ* নির্মিত; কল্পনা-সৃষ্ট; তৈরি। ☐*বি* রচনা। {*স.* √রচ্+*বা.* আ}
রচিত [রোচিতো] *বিণ* ১ রচনা করা হয়েছে এমন। ২ নির্মিত; গঠিত। ৩ গ্রথিত। ৪ কৃত। {*স.* √রচ্+ত(ক্ত)}
রজ ⇒ রজঃ
রজঃ, রজ [রজোহ্, রজো] *বি* ১ ধূলি; রেণু (পদরজ)। ২ পরাগ; পুষ্পরেণু। ৩ নারীর মাসিক ঋতুস্রাব বা রক্তস্রাব। ৪ প্রকৃতির তিনটি গুণের দ্বিতীয়টি (রজোগুণ)। ৫ পাপ। **রজঃকণা** *বি* ধূলি। **রজঃস্বলা** *বিণ স্ত্রী.* ঋতুমতী। **রজোগুণ** *বি* প্রকৃতির ত্রিবিধ গুণের মধ্যমটি যার প্রভাবে দ্বেষ অহঙ্কারাদি জন্মে। **রজোদর্শন** *বি* স্ত্রীলোকের প্রথম ঋতুস্রাব বা রক্তস্রাব। **রজঃপটল** *বি* ধূলিজাল। {*স.* √রন্‌জ্+অস্(অসুন্)}
রজক [রজোক্] *বি* ১ ধোপা। ২ রংকারক; রঞ্জক। **রজকী, রজকিনী** *স্ত্রী.*। {*স.* রন্‌জ্+অক(ণ্বুল্)}
রজত [রজোত্] *বি* রৌপ্য; চাঁদি। ☐*বিণ* সাদা। **~কান্তি** *বিণ* রুপার মতো সুন্দর ও সাদা; শ্বেতশুভ্র; সৌন্দর্যমণ্ডিত। **~গিরি** *বি* (শুভ্র তুষারাচ্ছন্ন বলে) কৈলাস পর্বত। **~জয়ন্তী** *বি* পঁচিশ বছর পূর্তি উৎসব। **~বর্ণ** *বিণ* রুপার মতো শুভ্র; উজ্জ্বল রংযুক্ত। **~বর্ণা** *বিণ স্ত্রী.*। **~শুভ্র** *বিণ* রুপার ন্যায় সাদা (পাহাড়ের গায়ে দৃশ্যমান মনোমুগ্ধকর রজতশুভ্র জলপ্রপাত—*সৈমুআ*)। {*স.* √রঞ্জ্+অত(অতচ্)}
রজন [রজোন্] *বি* তারপিন বা তৈল নিষ্কাশনের পর পড়ে থাকা কাষ্ঠ শুষ্ক করে প্রস্তুত পদার্থ। {*ই.* resin}
রজনী [রজোনি] *বি* রাত্রি; রাত; নিশা; যামিনী। **~কান্ত, ~নাথ** *বি* চন্দ্র। **~গন্ধা** *বি* অতি সুগন্ধ এক প্রকার সাদা ফুল। **~হাস** *বি* শেফালিকা। {*স.* √রন্‌জ্+অনি+ঈ(ঙীয়), 'ন' লোপ}
রজোগুণ, রজোদর্শন ⇒ রজঃ
রজ্জু [রোজ্‌জু] *বি* ১ দড়ি; রশি। ২ বন্ধনী। **~বদ্ধ** *বি* যে বা যা দড়ি দিয়ে বাঁধা আছে। **~বদ্ধা** *বিণ স্ত্রী.*। **সর্পে ~ভ্রম** *বি* নিশ্চল সাপকে রজ্জু বলে ভুল করা। {*স.* √সৃজ্+উ}
রঞ্জক[১] [রন্‌জোক্] *বি* বারুদ। **~ঘর** *বি* ১ বারুদ ঘর। ২

কামান–বন্দুকাদির আগুন দেওয়ার মুখ বা ছিদ্র। { স. √রঞ্জ্+ ণিচ্+অক(ণ্বুল)}

রঞ্জক[২] [রন্‌জক্] *বিণ* ১ রঞ্জনকারী; বস্ত্রাদির রংকারক। ২ অনুরাগজনক। ৩ প্রীতিকর; আনন্দদায়ক। ☐ *বি* রঞ্জন দ্রব্য; রং করার সামগ্রী। **রঞ্জিকা** *বিণ স্ত্রী*। **রঞ্জনী** *বি* আনন্দদায়িনী। **রঞ্জিত** *বিণ* ১ রং করা হয়েছে এমন। ২ সন্তোষিত। ৩ রংবিশিষ্ট। **রঞ্জিতা** *বিণ স্ত্রী*। { স. √রঞ্জ্+ণিচ্+অক(ণ্বুল)}

রঞ্জন [রন্‌জন্] *বি* ১ রংকরণ; ছোপানো। ২ তুষ্টি সম্পাদন; আনন্দপ্রদান (মনোরঞ্জন)। ☐ *বিণ* প্রীতিদায়ক; আনন্দ–জনক (রাজহংসে দেখি এক নয়নরঞ্জন—*বচ*)। **রঞ্জক**[৩] *বিণ* ১ রঞ্জনকারী; বস্ত্রাদির রং কারক। ২ অনুরাগজনক। ৩ প্রীতিকর; আনন্দদায়ক। ☐ *বি* রঞ্জনদ্রব্য; রং করার সামগ্রী। **রঞ্জিকা** *বিণ স্ত্রী*। **রঞ্জনী** *বিণ স্ত্রী* প্রীতি–জনয়িত্রী; আনন্দদায়িনী। **রঞ্জিত** *বিণ* ১ রং করা হয়েছে এমন। ২ সন্তোষিত। ৩ রং বিশিষ্ট। **রঞ্জিতা** *বিণ স্ত্রী*। { স. √রঞ্জ্+ণিচ্(=রঞ্জি)+অন(ল্যুট্)}

রঞ্জনরশ্মি [রন্‌জনরোশ্‌শি] *বি (বিজ্ঞান)* যে আলোকরশ্মি অভেদ্য বস্তু ভেদ করতে পারে। C. W. Röntgen ১৮৯৫ খ্রিস্টাব্দে রঞ্জনরশ্মি বা X-Ray আবিষ্কার করেন ('তাঁহার সুচিকিৎসার জন্য রঞ্জনরশ্মি প্রয়োগের প্রয়োজনীয়তা দেখা দিল')। { ই. Röntgen Rays}

রঞ্জা [রন্‌জা] *ক্রি (পদ্য)* রঞ্জিত করা। { স. √রঞ্জ্+ বা. আ}

রঞ্জিকা, রঞ্জিত ⇒ রঞ্জন

রঞ্জিল [রোন্‌জিলো] *ক্রি (পদ্য)* রঞ্জিত করল। { স. √রঞ্জ্+ বা. ইল}

রঞ্জিনী ⇒ রঞ্জী

রঞ্জী (–ঞ্জিন্) [রোন্‌জি] *বিণ* রঞ্জন করে এমন; রঞ্জক। **রঞ্জিনী** *বিণ স্ত্রী*। { স. √রঞ্জ্+ইন(ণিনি)}

রটই, রটতি *(ব্র.)* [রটোই, রটোতি] *ক্রি* বাজে (কঙ্কণ কিঙ্কিনী রটই—*বিপ*)। **রটতহি** *(ব্র.)* *ক্রি* প্রচার করে; রটে (অনুপম রাধা রাম রচতহি—*বিপ*)। { স. √রট্>}

রটন, রটনা [রটোন্, –না] *বি* ১ প্রচার (কুৎসা রটানো); ঘোষণা। ২ জ্ঞাপন; কথন। ৩ খ্যাতি, প্রসিদ্ধি। **রটিত** *বিণ* ১ প্রচারিত। ২ খ্যাত। ৩ কথিত। { স. √রট্+অন, +আ}

রটন্তী [রটোন্‌তি] *বি* মাঘমাসের কৃষ্ণা চতুর্দশী। { স. √রট্+অন্ত(ঝচ্)+ঈ(ঙীপ্)}

রটা [রটা] *ক্রি* প্রচারিত, ঘোষিত বা রাষ্ট্র হওয়া; বলা; প্রচার বা ঘোষণা বা জ্ঞাপন করা (রাজপ্রসাদ রটে ব্রহ্মময়ী সর্ব ঘটে—*রাসে*)। { স. √রট্+বা. আ}

রটানো [রটানো] *ক্রি* ১ প্রচার বা জ্ঞাপন বা রটনা করা। ২ (মন্দ অর্থে) রাষ্ট্র করা (লোকে কলঙ্ক রটালো)। ৩ প্রার্থনা করা (করপুটে এ সংকটে, কাতর কিঙ্করে রটে, উর ঘটে, পূর অভিলাষ—*ঘচ*)। { স. √রট্+বা. আনো}

রটিত [রোটিতো] *বিণ* ১ প্রচারিত। ২ খ্যাত। ৩ কথিত। { স. √রট্+ত(ক্ত)}

রড [রড্] *বি* ১ লৌহদণ্ড। ২ ডাণ্ডা। { ই. rod}

রড় [রড়্] *বি* দৌড়; ছুট; পলায়ন (বিপাকে চত্তর ছাড়ি প্রজা দিল রড়—*কমু*)। **রড়ারড়ি**—দৌড়াদৌড়ি। {√নড়>লড়}

রণ [রন্/রনো (সমাসবদ্ধ পদে)] *বি* ১ যুদ্ধ; সংগ্রাম; সমর; জঙ্গ; লড়াই। ২ শব্দ; রব; ধ্বনি। ~**কুশল** *বিণ* সংগ্রামপটু; যুদ্ধে পারদর্শী; যুদ্ধবিদ্যায় নিপুণ। ~**কৌশল** *বি* সমরকৌশল; যুদ্ধবিদ্যা; রাজনীতি ইত্যাদি ক্ষেত্রে লক্ষ্য অর্জনের জন্য অবলম্বিত কৌশল। ~**ক্ষেত্র**, ~**স্থল**, **রণাঙ্গন** *বি* যুদ্ধক্ষেত্র। ~**তরঙ্গ** *বি* যুদ্ধরূপ তরঙ্গ; যুদ্ধের ঢেউ। ~**দুর্মদ** *বিণ* যুদ্ধোন্মত্ত; যুদ্ধের আনন্দে অধীর (জনরণদুর্মদ বেদুঈন বীর—*গোমো*)। ~**পণ্ডিত** *বিণ* যুদ্ধকুশল। ~**নীতি** *বি* যুদ্ধ সংক্রান্ত নীতি। ~**পতি** *বিণ* যুদ্ধকুশলী। ~**বেশ** *বি* সৈনিকের বেশ। ~**ভঙ্গ** *বি* লড়াইয়ের ময়দান বা যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন (ইংরেজ রণভঙ্গ দিয়া পলায়ন করিল)। ~**মত্ত** *বিণ* যুদ্ধ করার জন্য বা যুদ্ধ করতে করতে মেতে উঠেছে এমন; যুদ্ধোন্মত্ত। ~**যাত্রা** *বি* যুদ্ধযাত্রা; যুদ্ধ করার জন্য গমন; অভিযান। ~**রঙ্গিণী** *বিণ স্ত্রী* রণমত্তা; রণোন্মত্তা; যুদ্ধপ্রিয় নারী। ~**সজ্জা**, ~**সাজ** *বি* রণবেশ। { স. √রণ্+অ(অপ্)}

রণৎ [রনোত্] *বিণ* ১ শব্দ করছে এমন; শব্দায়মান। ~**কার** *বি* ঝংকার; ঝনৎকার; রণন। { স. √রণ্+ অৎ(শতৃ)}

রণন [রনন্] *বি* ১ শব্দকরণ। ২ ঝংকার; ঝনৎকার। **রণিত** *বিণ* ১ শব্দিত; ধ্বনিত। ২ ঝংকৃত। ☐ *বি* শব্দ; ধ্বনি। { স. √রণ্+ত(ক্ত)}

রণপা, রনপা [রনোপা] *বি* (প্রাচীনকালে ব্যবহৃত) দ্রুত গমনোপযোগী বংশনির্মিত দীর্ঘযুগল যষ্টি বা দণ্ডবিশেষ। { স. রণ+পদ>}

রণাঙ্গন [রনাঙ্‌গন্] *বি* রণক্ষেত্র; যুদ্ধক্ষেত্র; রণস্থল। { স. রণ+অঙ্গন; ৬তৎ}

রণিত [রোনিতো] *বিণ* শব্দিত; ধ্বনিত। { স. √রণ্+ত(ক্ত)}

রণ্ড [রন্‌ডো] *বিণ* বন্ধ্যা; সন্তান হয় না এমন; রাঁড়। ☐ *বি* যে বৃক্ষের বা লতার ফল বা পুষ্প হয় না; ফলহীন বৃক্ষ। ☐ *বিণ* ১ আশ্রয়হীন। ২ ধর্মবিহীন। ৩ বিপত্নীক। { স. √রম্+ড}

রণ্ডা [রন্‌ডা] *বিণ স্ত্রী* ১ বিধবা; পতিহীনা; রাঁড়ি। ২ বন্ধ্যা। ৩ বেশ্যা; গণিকা। { স. √রম্+ড+আ(টাপ্)}

রত [রতো] *বিণ* ১ আসক্ত (ভোগরত)। ২ নিযুক্ত; লিপ্ত (পাঠরত, কর্মরত)। **রতি, রমণ** *বি* **রতা** *স্ত্রী*। { স. √রম্+ত(ক্ত)}

রতন [রতোন্] *বি* রত্ন ('রত্ন' শব্দের কোমল ও কথ্য রূপ)। ~**চুর**, ~**চূর** *বি* হাতের অলঙ্কারবিশেষ। **রতনে ~ চেনে**—অসৎ লোক অসৎ লোককে সহজে চিনতে বা বুঝতে পারে। **যতনে ~ মেলে**—পরিশ্রম শুভফল দান করে। { স. রত্ন>রতন (স্বরাগমে)}

রতি[১] [রোতি] *বি* ১ হিন্দুপুরাণোক্ত মদনের পত্নী। ২ মৈথুন; রমণ। ৩ আসক্তি; প্রেম; অনুরাগ। ৪ আকুলতা; ব্যগ্রতা; গভীর আসক্তি। ~**পতি**, ~**কান্ত** *বি* কন্দর্প; মদন। ~**শক্তি** *বি* মৈথুনের বা রমণের ক্ষমতা। { স. √রম্+ ক্তি(ক্তি)}

রতি[২], **রত্তি** [রোতি, –ত্‌তি] *বি* ১/৯৬ তোলা বা এক

কুঁচ ওজন। □ *বিণ* এক কুঁচের সমান ওজনের। **এক**~ *বিণ* ১ একটি কুঁচের সমান ওজনবিশিষ্ট। ২ অতি সামান্য; বিন্দুমাত্র। ৩ খুব ছোট (একরত্তি মেয়ে)। { *স.* রক্তিকা (কুঁচ), রক্তি> }

রত্ন [রতনো] *বি* ১ মণি-মুক্তাদি; জওহর; জহরত। ২ বহুমূল্য দ্রব্যাদি। ৩ *(আল.)* শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট ব্যক্তি বা বস্তু। ~**খচিত** *বিণ* মণি-মুক্তাদি বসানো। ~**গর্ভ** *বি, বিণ* যার মধ্যে রত্ন আছে। □ *বি* সমুদ্র। ~**গর্ভা** *বিণ স্ত্রী.* ১ *(আল.)* সুসন্তানের জননী; গুণবান সন্তানের জননী। ২ (বিদ্রূপে) কুসন্তানের জননী (মা আমার রত্নগর্ভা একটি মাতাল, একটি জোচ্চোর, একটি চোর—*গিসে*)। □ *বি* পৃথিবী। ~**গিরি** *বি* সুমেরু পর্বত। ~**দ্বীপ** *বি* প্রবাল দ্বীপ; যে দ্বীপে রত্ন আছে; treasure island। ~**প্রভ** *বি* রত্নের মতো উজ্জ্বল; দীপ্তিময়। ~**প্রভা** *বি* মণিমাণিক্যাদির দীপ্তি। □ *বিণ স্ত্রী.* রত্নের মতো দীপ্তিময়ী। ~**প্রসবিনী**, ~**প্রসবিত্রী**, ~**প্রসূ** *বিণ* ১ রত্নপ্রসবকারিণী; রত্নগর্ভা। ২ *(আল.)* সুসন্তানবতী গুণবান সন্তানের জননী। ~**বণিক** *বি* মণিমুক্তার ব্যবসায়ী; মণিকার; জহুরি। ~**ময়** *বিণ* রত্ন দিয়ে নির্মিত; রত্নপূর্ণ; জড়োয়া। ~**ময়ী** *বিণ স্ত্রী.*। **রত্নাকর** *বিণ* রত্নের খনি। □ *বি* ১ সমুদ্র। ২ মহর্ষি বাল্মীকির পূর্বনাম (দস্যু রত্নাকর)। **রত্নাবলি, রত্নাবলী** *বি* ১ রত্নসমূহ। ২ রত্নহার। ৩ একটি সংস্কৃত নাটকের নাম। **রত্নাভরণ, রত্নালঙ্কার** *বি* রত্ন দিয়ে প্রস্তুত অলঙ্কার; জড়োয়া গহনা। { *স.* √রমি+ন }

রত্নি [রোত্নি] *বি* কনুই থেকে মুষ্টিবদ্ধ হস্তাগ্র পর্যন্ত মাপ। { *স.* √ঋ+অত্নি(কত্নিচ্) }

রথ [রথ] *বি* ১ চক্রযুক্ত যান; গাড়ি; শকট। ২ প্রাচীন অশ্বাদি-বাহিত যান। ৩ প্রাচীন যুদ্ধ-শকট বা যান। ৪ হিন্দুদেবতা জগন্নাথের যান (ধামরাইয়ের রথ)। ৫ যে কোনো ধরনের গাড়ি (বাষ্পীয় রথ)। ৬ বিমান; আকাশযান (পুষ্পক রথ)। ~**চক্র, রথাঙ্গ** *বি* রথের চাকা। ~ **টানা** *ক্রি* হিন্দু উৎসব রথযাত্রায় ভক্তদের রজ্জুবদ্ধ রথ টানা। ~ **দেখা ও কলা বেচা** *(আল.)* একই সঙ্গে উপভোগ ও অর্থোপার্জন। ~**যাত্রা** *বি* আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে হিন্দু উৎসব-বিশেষ; হিন্দুদেবতা জগন্নাথের রথ-ভ্রমণ উৎসব। { *স.* √রম্+থ }

রথী(-থিন্) [রোথি] *বি* ১ রথারোহী। ২ যে ব্যক্তি রথে আরোহণ করে যুদ্ধ করে। ৩ যোদ্ধা। ৪ *(আল.)* বীরপুরুষ; সাহসী বা যুদ্ধপটু ব্যক্তি; বিশিষ্ট জন (রথী মহারথী)। { *স.* রথ+ইন(ইনি) }

রথো [রথো] *বিণ* ১ নিতান্ত বাজে; ব্যবহারের অযোগ্য; অব্যবহার্য (রথো মাল)। ২ অকর্মণ্য; নিষ্কর্মা (রথো লোক)। { *আ.* রদ্দী ردی >রদ্দুআ>রথুয়া> }

রথ্যা [রোত্থা] *বি* পথ; রাস্তা; মার্গ; সরণি; সড়ক; রাজপথ। ২ রথসমূহ। { *স.* রথ+য(যৎ)+আ(টাপ্) }

রদ[১] [রদ্] *বিণ* খারিজ; মওকুফ; রহিত; বন্ধ; বর্জিত; প্রত্যাহৃত; পরিবর্তিত; বদল (হুকুম রদ করা বা হওয়া)। □ *বি* খণ্ডন; রহিতকরণ; বন্ধ; বর্জন (নিলাম রদের মামলা)। ~**বদল** *বি* পরিবর্জন ও পরিবর্তন; অদলবদল; উল্টাপাল্টা (তাহাতেও কাটছাট ও রদ-বদল বরাবরই চলিয়া আসিয়াছে—*আখাঁ*)। { *আ.* রদ্দ رد }

রদ[২], **রদন** [রদ্, রদোন্] *বি* দাঁত (দ্বিরদ-রদ-নির্মিত—মদ; রদনে রদনে লড়ে—*ভারা*)। **রদী**[১](-দিন্), **রদনী** *বি* দন্তী; হাতি; দ্বিরদ। { *স.* √রদ্+অ(অচ্), +অন(ল্যুট্) }

রদ্দা [রদ্দা] *বি* ১ (বাহু দিয়ে ঘাড়ে) ঘুষি মারা বা চপেটাঘাত। ২ গলাধাক্কা প্রদান (রদ্দা দেওয়া)। ৩ ফালা কাঠের তক্তা; খণ্ড। ৪ ঘর্ষণ; রগড়ানো। ৫ সারি (পাঁচ রদ্দা গাঁথনি)। { *আ.* রদী ردی *ফা.* রন্দা رنده }

রদ্দি, রদি [রোদ্দি, রোদি] *বিণ* ১ নিকৃষ্ট; খারাপ। ২ অব্যবহার্য; খারিজ; অচল। ~**মাল** *বি* নিকৃষ্ট জিনিস; বাজে জিনিস। ~-**জবাব** *বি* (আদালতের ভাষা) জবাবের খণ্ডন; উত্তরের প্রত্যুত্তর; rejoinder। { *আ.* রদ্দী ردی }

রনপা ⇒ রণপা

রনরন, রনরনি [রনোরন্, -রোনি] *বি* ১ যুদ্ধাস্ত্রের ঘাত-প্রতিঘাতের শব্দ। ২ অলঙ্কারের শিঞ্জন (রনরনি কঙ্কণ কিঙ্কিণী)। ৩ ঝঙ্কার; দীর্ঘ রণন (হৃদয়তন্ত্রে একের মন্ত্রে উঠেছিল রনরনি—*রঠা*)। { *ধ্বন্যা.* }

রনিয়া [রোনিয়া] *অক্রি* ঝঙ্কার দিয়ে (স্বর্ণবীণা তন্ত্রী হতে রণিয়া রণিয়া—*রঠা*)। { *ধ্বন্যা.* রন> }

রন্ধন [রন্ধন্] *বি* রান্না; পাকক্রিয়া। ~**গৃহ**, ~**শালা** *বি* রান্নাঘর; রসুই ঘর। **রন্ধনী, রাঁধুনি, রান্ধনি** *বি* রন্ধনের মসলাদি। □ *বিণ* রন্ধনকারী; রাঁধুনী; পাচিকা (কেহ নাহি ঘরে হইয়া রন্ধনী—*কমু*)। **রন্ধিত** *বিণ* রাঁধা হয়েছে এমন। { *স.* √রধ্+অন(ল্যুট্) }

রন্ধ্র [রন্ধ্রো] *বি* ১ ছিদ্র; গর্ত (রন্ধ্রে রন্ধ্রে ওঠে শব্দের ঝঙ্কার)। ২ ত্রুটি; দোষ। ৩ *(জ্যোশা)* রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থান; বিনাশ স্থান; মারাত্মক স্থল। { *স.* √রধ্+র(রক্), ন্ আগম }

রপট [রপোট্] *বি* ১ পরিশ্রম। ২ হাঁটাহাঁটি। ৩ লাফ; দ্রুতগতি (একই রপটে ভূপতির জটে ধেয়ে ধরে—*ঘচ*)। { *স.* √রফ্> }

রপ্ত, রফত [রপ্‌তো, -ফ-] *বি* আয়ত্ত; কণ্ঠস্থ। □ *বিণ* অভ্যস্ত। { *আ.* রবত্ ربط }

রপ্তানি, রফতানি [রপ্‌তানি, -ফ-] *বি* ১ বিক্রির জন্য পণ্যদ্রব্য বিদেশে প্রেরণ; export। ২ দ্রব্য প্রেরণ (কিছুদিন মা দয়াকরি রপ্তানিটি বন্ধ রাখ—*ঈগু*)। □ *বিণ* বিক্রির জন্য বিদেশে প্রেরিত হচ্ছে বা হয়েছে এমন। { *ফা.* রফ্‌তানী رفتنی }

র-ফলা [রফলা] *বি* বর্ণের নিচে '্র' চিহ্ন। কোনো হস্-যুক্ত বর্ণের শেষে 'র' যুক্ত হলে 'র' র-ফলা হয়ে যায়। { র+ফলা }

রফা [রফা] *বি* ১ আপোস; মীমাংসা; সিদ্ধান্ত; মিটমাট; নিষ্পত্তি (তখন একটা রফা করিতেই হয়—*বক*)। ২ বিনাশ; নাশ; ধ্বংস; শেষ (দফা রফা)। ~**দফা** *বিণ* মীমাংসিত; স্থিরীকৃত। ~**নামা** *বি* নিষ্পত্তিপত্র। **দফা**~ *বি* বিনাশ; ধ্বংস। { *আ.* রিফা رفاء }

রব[১] [রব্] *বি* ১ শব্দ; ধ্বনি; আওয়াজ। ২ গোলমাল। ৩ সাড়া। ৪ জনরব; কথা; গুজব (একটা রব উঠেছে)। ~**দব**

বি জাঁকজমক; প্রভাব–প্রতিপত্তি (কোন এক সময়ে তাদের বাড়িতে খুব রবদব ছিল)। **~রবা** *বি* শোভা; খ্যাতি; প্রতাপ। ☐ *বিণ* সম্পদশালী; ধনৈশ্বর্যে পরিপূর্ণ। **রবাহূত** *বিণ* ১ ভোজের সংবাদ শুনে উপস্থিত হয় এমন; অনিমন্ত্রিত। ২ শব্দ বা গোলমাল শুনে আগত। {*স.* √রু+অ(অপ)}

রব² [রব্] *বি* ঈশ্বর; আল্লাহ; প্রভু; পালয়িতা প্রভু। **ইয়া ~, ইয়া রব্বী**— হে প্রতিপালক; আমার প্রভু! {*আ.* রব্ব رب }

রবাব [রবাব্] *বি* বীণা জাতীয় বাদ্যযন্ত্র (নীরব রবাব বীণা— *মদ*)। {*ফা.* রুবাব رباب }

রবার, রাবার [রবার্, রা-] *বি* রবার নামক বৃক্ষের নির্যাস থেকে প্রস্তুত স্থিতিস্থাপক পদার্থ। {*ই.* rubber}

রবাহূত [রবাহুতো] *বিণ* ১ ভোজের সংবাদ শুনে উপস্থিত হয় এমন; অনিমন্ত্রিত আগন্তুক। ২ কাঙালি; শব্দ বা গোলমাল শুনে আগত। {*স.* রব+আহূত}

রবি¹ [রোবি] *বি* সূর্য; ভাস্কর; আফতাব; দিবাকর; শাম্স (গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে)। ☐ *বিণ* চৈতালি; বসন্তকালের। **~কর, ~রশ্মি** *বি* সূর্যের কিরণ। **~চ্ছবি** *বি* সূর্যের দীপ্তি বা প্রভা বা শোভা। **~তনয়, ~নন্দন, ~সুত** *বি* ১ হিন্দু পুরাণোক্ত সূর্যের পুত্র। ২ শনি; যম; কর্ণ। **~তনয়া, ~নন্দিনী, ~সুতা** *বি স্ত্রী.* হিন্দু পুরাণোক্ত সূর্যের কন্যা যমুনা। **~বর্ষ** *বি (জ্যোবি)* সৌর বৎসর; এক নক্ষত্র থেকে শুরু করে সমুদয় রাশিচক্র পরিক্রমণ শেষে আবার সেই নক্ষত্রে সঞ্চারিত থেকে সূর্যের যে সময় লাগে; সূর্যের রাশিচক্র পরিক্রমণ কাল; প্রায় ৩৬৫ দিন ৬ ঘণ্টা কাল। **~মণ্ডল** *বি* সূর্যের পরিধি। **~মার্গ** *বি* সূর্যের রাশিচক্র পরিক্রমণ পথ। {*স.* √রু+ই}

রবিউল আউয়াল [রোবিউল্ আউওল্] *বি* হিজরি সালের তৃতীয় মাস। {*আ.* রবীউল আউরাল ربيع الاول }

রবিখন্দ [রোবিখন্দো] *বি* বসন্তকালের শস্য; রবিশস্য। {*আ.* রবী ربيع + *আ.* খন্দক خندق }

রবিবার, রবিবাসর [রোবিবার, –বাশোর] *বি* বাইবেলে অনুসারে সপ্তাহের প্রথম বা শুরু দিবস; ভট্টারক বার। {*স.* রবি+বার, বাসর}

রবিশস্য [রোবিশোশ্শো] *বি* বসন্তকালীন ফসল; চৈতালি ফসল; রবিখন্দ; হেমন্তকালে বীজ বুনে যে ফসল বসন্তকালে ঘরে তোলা হয়। {*আ.* রবী ربيع + *স.* শস্য}

রব্ধ [রব্‌ধো] *বিণ* ১ আরব্ধ; আরম্ভ করা হয়েছে এমন; কৃতারম্ভ এমন। {*স.* √রভ্+ত(ক্ত)}

রভস [রভশ্] *বি* ১ প্রবল ভাবাবেগ; আবেশ; প্রবণতা; প্রাবল্য। ২ ঔৎসুক্য। ৩ গভীর দুঃখ বা শোক। ৪ উল্লাস; বেগ (জল-সিঞ্চিত ক্ষিতি-সৌরভ-রভসে— *রঠা*)। ৫ মিলন; সম্ভোগ; কেলি; বিলাস (কত মধু যামিনী রভসে গোয়ায়নু— *বিপ*)। ৬ আকস্মিকতা। {*স.* √রভ্+অস(অসচ্); রভস্+অ(অচ্)}

রম [রম্] *বিণ* রমণীয়; আনন্দদায়ক; মনোরম। ☐ *বি* ১ স্বামী। ২ কন্দর্প। {*স.* √রম্+ণিচ্+অ(অণ্)}

রমক [রমোক্] *বি* ১ রমণকারী। ২ উপপতি। {*স.* √রম্+অক(ণ্বুল্)}

রমজান, রমাযান, রমাদান [রম্‌জান, -মা-, -মাদা-] *বি* হিজরি বছরের নবম মাস; রোজার মাস; এ মাসে শারীরিকভাবে সমর্থ মুসলমান নারী–পুরুষের জন্য ফজরের আজানের কিছু পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত সম্পূর্ণ উপবাস থাকা ফরজ বা অবশ্যকরণীয়। {*আ.* রমদান رمضان , জ্বলন}

রমণ¹ [রমোন্] *বি* ১ ক্রীড়া; খেলা; কেলি। ২ প্রমোদ-বিহার। ৩ মৈথুন; রতিক্রিয়া। {*স.* √রম্+অন(ল্যুট্)}

রমণ² [রমোন্] *বি* ১ পতি; বল্লভ (এ যৌবন ধন দিব উপহার রমণে— *মদ*)। ২ কন্দর্প। ☐ *বিণ* ১ প্রিয়। ২ সন্তোষ বিধানকারী। **রমণী¹** *বি, বিণ স্ত্রী.*। {*স.* √রম্-ণিচ্+অন(ল্যুট্)}

রমণী¹ ⇒ রমণ²

রমণী² [রমোনি] *বি* ১ নারী। ২ সুন্দরী নারী। ৩ স্ত্রী। **~রত্ন** *বি* শ্রেষ্ঠ নারী বা অতি উৎকৃষ্ট নারী। {*স.* রমণ+ঈ(ঙীপ্)}

রমণীয় [রমোনিয়ো] *বিণ* ১ মনোরম; সুন্দর; মনোহর। ২ প্রতি মুহূর্তে নতুন মনোহর রূপ ধারণ করে এমন। {*স.* √রম্+অনীয়(অনীয়র্)}

রমনা [রম্‌না] *বি* ১ ঢাকা শহরের বিখ্যাত অঞ্চল। ২ রম্য স্থান। **~ পার্ক** *বি* ঢাকাস্থ রমনা এলাকায় বিখ্যাত পার্ক বা বাগান। {*স.* √রম্>}

রমযান ⇒ রমজান

রমরমা [রম্‌রমা] *বিণ* ১ সমৃদ্ধ; ধনৈশ্বর্যপূর্ণ; আড়ম্বরপূর্ণ (রমরমা অবস্থা)। ২ জাঁক; জাঁকালো; আড়ম্বর; বর্ধিষ্ণু। *তুল.* **রবরবা, দবদবা**। {*স.* √রম্}

রমা¹ [রমা] *বি* ১ লক্ষ্মী (বাণিজ্যে বসেন রমা— *সদ*)। ২ প্রিয়া; প্রেয়সী। ৩ উপপত্নী। ৪ সুন্দরী বা মনোহরা রমণী। **~কান্ত, ~নাথ, ~পতি, রমেশ** *বি* দেবতা; নারায়ণ; বিষ্ণু। {*স.* √রম্+অ+আ(টাপ্)}

রমা² [রমা] *ক্রি* ১ *(পদ্য.)* খেলা করা; বিহার করা। ২ সম্ভোগ করা। {*স.* √রম্+*বা.* আ}

রমারম [রমারম্] *অব্য* অনায়াসে প্রচুর পরিমাণে কিছু হওয়ার ভাবসূচক; অবাধ আশাতিরিক্ত সাফল্য (বিক্রীও হচ্ছে রমারম— *শাহ*)। ☐ *বি* মাতামাতি। {*স.* √রম্+আ+√রম্}

রমিত [রোমিতো] *বিণ* ১ মৈথুন করা হয়েছে এমন; উপভুক্ত; কৃতরমণ। ২ আনন্দিত; আনন্দময়; শোভান্বিত; ক্রীড়িত। ৩ প্রফুল্ল (বন অতি রমিত হইল ফুল ফুটনে— *মদ*)। **রমিতা** *বিণ স্ত্রী.*। {*স.* √রম্+ই(ণিচ্)+ত(ক্ত)}

রমেশ [রমেশ্] *বি* হিন্দু দেবতা নারায়ণ; বিষ্ণু। {*স.* রমা+ঈশ}

রম্ভা¹ [রম্‌ভা] *বি* ১ কদলী; কলা। ২ কদলীবৃক্ষ। ৩ *(আল.)* শূন্য; কিছুই নয়; ঘোড়ার ডিম। **রম্ভোরু** *বি* ১ যে নারীর ঊরুদেশ রম্ভার ন্যায় স্থূল ও সুন্দর। ২ সুন্দরী নারী। {√রম্ভ+অ(ঘঞ্)+আ(টাপ্)}

রম্ভা² [রম্‌ভা] *বি* ১ গৌরী। ২ অপ্সরী। ৩ বেশ্যা। ৪ গরুর

ডাক। { স. √রঙ্‌+অ(ঘঞ)+আ(টাপ্‌)}

রম্য [রোম্‌মো] *বিণ* ১ রমণীয়; মনোরম; সুন্দর। ২ বলকর; চম্পকবৃক্ষ। **রম্যা** *বিণ স্ত্রী*। ~**ক** *বিণ* রমণীয়; মনোহর। ~**তা** *বি* ১ রমণীয়তা; মাধুর্য। ২ সৌন্দর্য। ~**রচনা** *বিণ* লঘু বিষয় অবলম্বনে হাস্যরসাশ্রিত রচনা বা গ্রন্থাদি; belles lettres। { স. √রম্‌+য(যৎ)}

রয়[1] [রয়্‌] *বি* ১ স্রোত; প্রবাহ। ২ গতিবেগ। **রয়িষ্ঠ** *বিণ* অতিদ্রুতগামী। { স. √রয়্‌+অ(অচ)}

রয়[2] [রয়্‌] *ক্রি* থাকে (না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয়—*বিপ*)। **রয়ে রয়ে** *ক্রি,বি* থেকে থেকে। **রয়ে সয়ে, রয়ে বসে** *ক্রিবি* ধীরে সুস্থে, ব্যস্ত না হয়ে। {*বা.* রহে>রয়}

রয়না[1] [রয়্‌না] *বি* ভেদা বা মেনি মাছ। { স. রোহিত>}

রয়না[2] [রয়্‌না] *বি* রাত্রি; রজনী (রয়না ছোটি অতি ভীরু রমণী—*বিপ*)। { স. রজনী>}

রয়ানি, রয়ানী [রয়ানি] *বি* রাত্রি জেগে মঙ্গল পাঁচালি গীত হতো বলে পাঁচালিগানের অপর নাম 'রয়না' বা 'রয়ানি'। বিজয়গুপ্তের পদ্মাপুরাণ বা মনসার ভাসানও 'রয়ানি' বলে অভিহিত হয়েছে। { স. রজনী>}

রয়ে বসে [রোয়ে বোশে] *ক্রিবিণ* ধীরেসুস্থে। {রওয়া+বসা}

র–র [রর] *বি* থাম থাম; থামবার জন্য ব্যগ্রতাপূর্ণ নির্দেশ বা অনুরোধ। {*ধ্বন্যা.*}

রলা [রলা] *বি* বিশাল গাছের সরু গুঁড়ি। { ই roller; স. নল>}

রশদ ⇒ রসদ

রশনা [রশোনা] *বি* কোমরের অলঙ্কার; কটিভূষণ। { স. √অশ্‌+অন(যুচ)+আ(টাপ্‌)}

রশা [রশা] *বি* মোটা দড়ি; দড়া। { আ. রিশা ریشا }

রশারশি ⇒ রশি

রশি [রোশি] *বি* ১ রজ্জু; দড়ি। ২ জমি জরিপে ব্যবহৃত শিকল বা চেন। **রশা**– *বি* ছোট- বড় দড়ি। { স. রশ্মি>; আ. রিশা رشا }

রশুন, রসুন, রসূন, লশুন, লশূন [রোশুন্‌/ লো-] *বি* পিয়াজের ন্যায় আকারযুক্ত উগ্রগন্ধী শ্বেত কন্দ। { স. রসোন, লশুন}

রশ্মি [রোশ্‌শি] *বি* ১ কিরণ। ২ লাগাম; রাশ (ক্রাইস্ত নির্ভয় মন করি রশ্মি আকর্ষণ—*নসে*)। ৩ নেত্রলোম; পক্ষ্ম। ~**রাগ** *বি* কিরণমালা; সূর্যের আলো (অরুণার রশ্মি রাগে রাঙিয়াছে উষার আকাশ—*শাহো*)। { √অশ্‌+মি}

রস [রশ্‌] *বি* ১ দ্রববস্তু; নির্যাস (লেবুর রস)। ২ স্বাদ; কটু তিক্ত কষায় অম্ল মধুর এসব রসনেন্দ্রিয়গ্রাহ্য গুণ। ৩ নিঃস্রাব; ক্ষরণ (খেজুর রস, ফোড়ার রস)। ৪ জল। ৫ আর্দ্রতা। ৬ শ্লেষ্মা; সর্দি। ৭ অশ্রু। ৮ অতিশয় অনুরাগ (রস ভরে দুঁহু তনু —*চদা*)। ৯ রোগবিশেষ; শোথ বা ফোলা রোগ (রস নামা)। ১০ (*আল.*) শৃঙ্গার, হাস্য, করুণ, বীর, অদ্ভুত, ভয়ানক, বীভৎস, শান্ত, বাৎসল্য —পাঠক বা শ্রোতার মনের উপর অনুরূপ প্রভাব বিস্তারকারী সাহিত্যের এই নয় প্রকার রস। ১১ বৈষ্ণব সাহিত্য ও সাধনার পাঁচ পন্থা—শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর বা উজ্জ্বল রস। ১২ তাৎপর্য; মর্ম (রস গ্রহণ করা)। ১৩ অহঙ্কার (রস বেড়েছে)। ১৪ রসিকতা; কৌতুক (রস করে কথা বলে)। ১৫ উল্লাস। ১৬ ভোগ; সুখ (ও রসে বঞ্চিত—*গোদা*)। ১৭ পুঁজি; অর্থবল (রস ফুরানো)। ১৮ আকর্ষণ; লাভ (কাজে আর রস নেই)। ১৯ (*আয়ু.*) পারদ (রসসিন্দূর)। ~**করা** *বি* রসে পাকানো নারকেলের লাড়ু। ~**কর্পূর** *বি* পারদঘটিত ওষুধ। ~**কলি** *বি* কপালে আঁকা ফুলের আকৃতিবিশিষ্ট তিলক। ~**কষ** *বি* ১ মধুরতা; মাধুর্য; কোমলতা। ২ অতি সামান্য পরিমাণ রস। ~**গর্ভ** *বিণ* সরস; রসযুক্ত। ~**গোল্লা** *বি* চিনির রসে পক্ব ছানার তৈরি গোল সাদা মিঠাই। ~**ঘন** *বিণ* গাঢ় রসপূর্ণ। ~**ঘ্ন** *বিণ* রসের আধিক্য নষ্টকারী। ~**জ্ঞ** *বিণ* রসগ্রাহী; রসিক; মর্মগ্রাহী; সমজদার। ~**জ্ঞা** *বিণ স্ত্রী*। ~**জ্ঞী** *বিণ স্ত্রী*। ~**জ্ঞতা** *বি*। ~**জ্ঞান**, ~**বোধ** *বি* রস উপলব্ধি; রস উপভোগ করার ক্ষমতা। ~**দ, রশদ** *বি* ১ সৈন্যগণের আহার্য সামগ্রী; ration (দুর্গের রশদ ক্রমে ফুরাইয়া গেল—*ইহো*)। ২ খোরাক। ৩ (*আল.*) উপকরণ; সামগ্রী (আনন্দের রসদ)। ৪ প্রয়োজনীয় অর্থ; দরকারমতো টাকাকড়ি ('বিলাতে যেতে চাও ভালকথা, কিন্তু রসদ যোগাবে কে?')। ~**দদার** *বি* যে খাদ্য বা প্রয়োজনীয় দ্রব্যাদি যোগায়। ~**পূর্ণ, রসাত্মক** *বিণ* ১ রসযুক্ত; রসগর্ভ (রসপূর্ণ রচনা)। ২ তরল ও স্বাদু পদার্থে পূর্ণ (রসপূর্ণ খাদ্য)। ~**বড়া** *বি* চিনির রসে পক্ব ডালের বড়া। ~**বড়ি** *বি* পারদ-যোগে প্রস্তুত কবিরাজি ওষুধ; বিষবড়ি। ~**বতী** *বি, বিণ স্ত্রী* ১ রসযুক্ত; সুরসিকা। ২ মনোহরা ও রসিকা নারী। ৩ রান্নাঘর। ~**বাত** *বি* অতিরিক্ত রসহেতু বাতরোগ। ~**বৃদ্ধি, রসাধিক্য** *বি* শ্লেষ্মার আধিক্য বা বৃদ্ধি। ~**বেত্তা** ⇒ রসজ্ঞ। ~**বোধ** ⇒ রসজ্ঞান। ~**ভঙ্গ** *বি* রস উপভোগে বাধা বা অন্তরায় সৃষ্টি। ~**ভোক্তা** *বিণ* রস উপলব্ধিতে পারদর্শী (রসভোক্তাকে মনুষ্যেতর স্তরে অবনীত করে না—*কামো*)। ~**ময়** *বিণ* রসযুক্ত; রসিক; রসভরা (রসভরা রসময় রসের ছাগল—*ঈগু*)। ~**ময়ী** *বিণ স্ত্রী*। ~**মালাই** *বি* ঘন সিরাযুক্ত রসগোল্লার মতো এক প্রকার মিঠাই। ~**মুণ্ডী** *বি* ক্ষুদ্র রসগোল্লার মতো একপ্রকার মিঠাই। ~**রঙ্গ** *বি* আমোদপ্রমোদ; হাস্যকৌতুক; হাসিঠাট্টা। ~**রচনা** *বি* রসাত্মক রচনা। ~**রাজ** *বি* ১ রসিকশ্রেষ্ঠ; সর্বশ্রেষ্ঠ রসিক; উপাধিবিশেষ (কবিরসরাজ তারকচন্দ্র সরকার; রসরাজ অমৃতলাল)। ২ কৃষ্ণ। ৩ পারদ। ~**শালা** *বি* রাসায়নিক গবেষণাগার। ~**সিন্দূর** *বি* গন্ধক ও পারদ একত্রে ভস্মীভূত করে প্রাপ্ত লাল রঙের পদার্থ; হিঙ্গুল। ~**স্থ** *বিণ* (শরীরে) রসের আধিক্যযুক্ত; শ্লেষ্মাক্রান্ত। ~**হীন** *বিণ* নীরস; শুষ্ক। **রসালাপ** *বি* রসিকতাপূর্ণ কথাবার্তা। **রসাস্বাদ, রসাস্বাদন** *বি* ১ রসের স্বাদগ্রহণ। ২ মর্ম উপলব্ধি। { √রস্‌+অ(অচ্‌)}

রসন [রশোন্‌] *বি* ১ রস গ্রহণ বা আস্বাদন। ২ জিহ্বা। { স. √রস্‌+অন(ল্যুট্‌)}

রসনা[1] [রশোনা] *বি* জিহ্বা; যে ইন্দ্রিয় রস আস্বাদন করে (মহাত্মা হোসেন স্বীয় রসনা পুত্রকে চুষিতে দিলেন—*বেরো*)। { স. √রস্‌+অন(ল্যুট্‌)+আ(টাপ্‌)}

রসনা[2] [রসনা] (*মবা.*) *বিণ* রসাল; রসযুক্ত (অধিক

করিয়া দিয়া করহ রসনা—*ভারা*)। { *হি.* রসানা}

রসনেন্দ্রিয় [রশোনেনদ্রিয়ো] *বি* ১ যে ইন্দ্রিয় দিয়ে আস্বাদ গ্রহণ করা যায়; জিহ্বা; জিভ। { *স.* রসনা+ইন্দ্রিয়}

রসম [রশোম্] *বি* ১ প্রচলিত রীতি; নিয়ম। ২ আচার। ~ **ও রেওয়াজ** *বি* প্রচলিত রীতি বা আচার-ব্যবহার। { *আ.* রসম رسم }

রসা[1] [রশা] *বি* পৃথিবী; ধরা; ধরণী (রসাতল)। { *স.* √রস্+অ(অচ্)+আ(টাপ্)}

রসা[2] [রশা] *বিণ* ১ রসযুক্ত; যাতে যথেষ্ট রস আছে (রসা আম)। ২ সামান্য পচা (রসা মাছ)। □ *বি* ১ অল্প ঝোলযুক্ত মাছ বা মাংসের ব্যঞ্জন। ২ সুরুয়া; ঝোল। { *স.* রস+ *বা.* আ}

রসা[3] [রশা] *ক্রি* ১ রসযুক্ত বা ভিজে হওয়া; স্যাঁতসেঁতে (মাটি রসেছে)। ২ অল্প পচা (আমটা রসেছে)। ৩ শ্লেষ্মাযুক্ত হওয়া (শরীরটা রসেছে)। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। ~**নো** *ক্রি* ১ রসযুক্ত করা। ২ আর্দ্র বা রসযুক্ত হওয়া। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **রসিয়ে, রসাইয়া** *ক্রিবিণ* রসযুক্ত করে (গল্পটা রসিয়ে বলবা—*আরু*)। { *স.* রস+ *বা.* আ}

রসাঞ্জন [রশানজন্] *বি* ১ সুর্মা। ২ অ্যান্টিমনি ও গন্ধকযুক্ত খনিজ বস্তু; stebnite। { *স.* রস+অঞ্জন}

রসাতল [রশাতল্] *বি* ১ পাতাল। ২ ভূতল (শুকনা জীবন ঝুঁকে রয়েছে রসাতলের দিকে—*অঠা*)। ৩ অধঃপাত; অধোগতি; ধ্বংস; বিনাশ (রসাতলে যাওয়া)। { *স.* √রস্+ অ(অচ্)+আ(টাপ্)+তল}

রসান [রশান্] *বি* ১ রসসিক্ত-করণ। ২ স্বর্ণাদি ধাতু উজ্জ্বল করা; ধাতব পদার্থ উজ্জ্বল করার উপকরণ (রসান দিলে স্বর্ণের বর্ণ যেমন উজ্জ্বল হয়—*ইহো*)। ৩ তীব্র কৌতুক। ৪ রসযুক্ত বাক্য কথন; ফোড়ন (রসান দিয়ে বলা)। { *স.* রস+ *বা.* আন}

রসানো[3] [রশানো] *ক্রি* ১ রসযুক্ত করা। ২ আর্দ্র বা রসযুক্ত হওয়া। { *স.* রসায়ন>; ক্রিয়ারূপ—রসাই, রসাও, রসায়, রসাস, রসান; *অক্রি*—রসিয়ে, রসালে, রসাতে ইত্যাদি}

রসানি [রশানি] *বি* ১ অল্প বা বেশি পচা অবস্থায় নির্গত রস। ২ নির্যাস। { *স.* রস+ *বা.* আনি}

রসাবেশ [রশাবেশ্] *বি* রসের সঞ্চার; প্রবল আসক্তি (নিখিলের সর্বশেষে মিলনের রসাবেশ—*রঠা*)। { *স.* √রস+আবেশ}

রসাভাষ [রশাভাশ্] *বি* ১ রসপূর্ণ বাক্য বিনিময়। ২ বিশ্রম্ভালাপ। { *স.* √রস+আভাষ; ৬তৎ}

রসাভাস [রশাভাশ্] *বি* ১ প্রকৃত রস নয় কিন্তু রসের অস্পষ্ট প্রকাশ মাত্র; রসের অপকর্ষ। ২ নীচ বা অনুচিত বিষয় বর্ণন। ৩ নিকৃষ্ট বা নিম্নমানের রস। ৪ রস সৃষ্টির অসার্থক প্রয়াস। { *স.* রস+আভাস}

রসায়ন [রশায়োন্] *বি* ১ পদার্থের বিভিন্ন উপাদান এবং তাদের ধর্ম ও সম্বন্ধ বিষয়ক বিদ্যা; কিমিয়া বিদ্যা; chemistry। ২ যে ওষুধ জীবনকাল দীর্ঘ করে এবং রোগ-জরা দূর করে। **রসায়নি** *বিণ স্ত্রী.* রসায়ন সম্পর্কীয় (রসায়নি বিদ্যা)। **রসায়নী**(–নিন্) *বি,বিণ* রসায়নজ্ঞ; রসায়ন শাস্ত্রবিদ; chemist। { *স.* রস+অয়ন}

রসাল [রশাল্] *বিণ* ১ রসযুক্ত; সরস। ২ আম্রবৃক্ষ (রসাল কহিল উচ্চে স্বর্ণ লতিকারে—*মদ*)। { *স.* রস+আ+√লা+অ(ক)}

রসালাপ, রসাস্বাদ, রসাস্বাদন ⇒ রস

রসিক [রোশিক্] *বি,বিণ* মর্মগ্রাহী; রসজ্ঞ (কাব্যরসিক)। □ *বিণ* ১ শৃঙ্গার রসে জ্ঞানযুক্ত (রসিক নাগর)। ২ বিদগ্ধ। ৩ রসিকতাপটু। **রসিকা** *বিণ স্ত্রী.*। ~**তা** *বি* হাস্যপরিহাস। { *স.* রস+ইক(ঠন্)}

রসিত [রোশিতো] *বিণ* ১ আস্বাদিত; গৃহীত স্বাদ। ২ মেঘমন্দ্র; শব্দিত। { *স.* √রস্+ত(ক্ত)}

রসিদ, রসীদ, রশিদ [রোশিদ্] *বি* প্রাপ্তিস্বীকার-পত্র; acknowledgement receipt। { *ফা.* রসীদ رسید }

রসিয়া [রোশিয়া] *বি* রসিক নাগর (অঙ্গনে আওব যব রসিয়া—*বিপ*)। { *স.* রস+ *বা.* ইয়া}

রসিয়ে [রোশিয়ে] *অক্রি* রসযুক্ত করে। { রসাইয়া>}

রসীদ ⇒ রসিদ

রসুই [রোশুই] *বি* রান্না; রন্ধন; পাক (আমরা রাত্রে চিঁড়ে খেয়েছি এখন রসুই করে চারটে ভাত না খেলে আর চলতে পারব না—*মীম*)। রন্ধনশালা অর্থে রসবতী। ~-**ঘর** *বি* পাকশালা; পাকগৃহ; রান্নাঘর; বাবুর্চিখানা। ~**য়া,** ~**য়ে, রসুয়ে** *বিণ* রন্ধনকারী; পাচক। { *তুল. হি.* রসোই}

রসুন[1] [রোশুন্] *ক্রি* থামুন; অপেক্ষা করুন (রসুন, বাঙ্গালায় হস্তীকে কি বলে বলুন দেখি—*বচ*)। {√রহ্>}

রসুন[2] [রোশুন্] *বি* পিঁয়াজের মতো আকারযুক্ত উগ্রগন্ধি শ্বেতকন্দ। { *স.* রসোন/লশুন>}

রসুম [রোসুম্] *বি* ১ পদ্ধতি; প্রণালি; ধারা। ২ মাশুল; শুল্ক। { *ফা.* রসুম رسوم }

রসুমাত, রুসুমাত [রোসুমাত্, রু–] *বি* অনুষ্ঠান; বর-বধূর প্রথম সাক্ষাৎ উৎসব (বিয়ের রসুমাত)। { *আ.* রুসুমাত رسومات }

রসুল, রসূল [রোসুল্] *বি* নবি; পয়গম্বর; আল্লাহর প্রেরিত পুরুষ বা দূত। **রসুলে-খোদা, রসুলে-করিম, রসুল-করীম** *বি* আল্লাহর প্রেরিত পয়গম্বর; মহানুভব দূত হযরত মুহম্মদ (সা.)। { *আ.* রসূল رسول }

রসূল ⇒ রসুল

রসুলুল্লাহ [রোসুলুল্লাহ্] *বি* ১ আল্লাহর প্রেরিত পুরুষ বা দূত। ২ মহানবি হজরত মুহম্মদ (সা.)। { *আ.* রসূল رسول + *আ.* আল্লাহ الله }

রসেন্দ্র [রশেনদ্রো] *বি* পারদ। { *স.* রস+ইন্দ্র}

রসো [রোশো] *ক্রি* ১ থামো; অপেক্ষা করো। ২ বুঝে দেখতে দাও। {√রহ্>}

রসোত্তম [রশোত্‌তম্] *বি* ১ শ্রেষ্ঠ রস। ২ পারদ। ৩ দুগ্ধ। ৪ মুগ ডাল। { *স.* রস+উত্তম}

রসোত্তীর্ণ [রশোত্‌তির্নো] *বিণ* রসের সার্থক পরিবেশন; মনোহর; সার্থক (রসোত্তীর্ণ কাব্য)। { *স.* রস+উত্তীর্ণ}

রসোদ্‌গার [রশোদ্‌গার্] *বি* (বৈষ্ণব সাহিত্যে) অতৃপ্ত মিলনাকাঙ্ক্ষা নিয়ে পূর্বমিলনের কথা স্মরণ ও বর্ণন।

{পারিভাষিক/আলঙ্কারিক শব্দ, *স.* রস+উদ্গার; ৬তৎ}

রসোন ⇒ রশুন

রহ [রহো] *ক্রি (পদ্য.)* অপেক্ষা কর। {√রহ্>}

রহঃ *(মবা.)* [রহহ্] *বিণ* গোপনীয় (রহঃকথা—*বৃদা*)।

রহনি, রহনী *(মবা.)* *বি* একপ্রকার খেলা (আমার কঞ্জেতে বসি রহনি খেলাও—*কমু*)। {*স.* রহ্+অস্(অসুন্)}

রহম, রহমত, রহমৎ [রহোম্, -মত্, -] *বি* করুণা; দয়া; কৃপা; অনুগ্রহ (নামিবে তাহার রহমত এই ধূলির ধরার পর—*নই*; ওরা খোদার রহমত মাগে—*নই*; কর প্রতিকার তব রহমতে—*সুকা*)। {*আ.* রহ্মত رحمة; *আ.* রহ্ম رحم}

রহমান, রাহমান [রহোমান্, রা-] *বিণ* করুণাময়; করুণাময় আল্লাহ্; না চাইতেই যিনি জীবের জীবন ধারণের জন্য প্রয়োজনীয় সব কিছু দান করেছেন। {*আ.* রাহ্মান رحمان}

রহস [রহোশ্] *বি* ১ *(মবা.)* সংস্রব; সংসর্গ; সম্বন্ধ; সহবাস। ২ হাস্যপরিহাস; রঙ্গরস। {*স.* রহস্য>}

রহসি, রহসে [রহোশি, রহোশে] *ক্রিবিণ (প্র.)* নির্জনে; গোপনে (কত পরবোধি না মানে রহসি না করে ভোজন পান—*বিপ*)। {*স.* রহস্>+৭মী একব}

রহস্য [রহোশ্শো] *বি* ১ গূঢ় অর্থ বা তাৎপর্য; মর্ম। ২ গুপ্ত তথ্য যা সহজে বুঝতে পারা যায় না। ৩ রসিকতা; হাস্যপরিহাস। ৪ গোপনীয় (রহস্যকথা)। ~**ঘন** *বিণ* গূঢ় তাৎপর্যপূর্ণ; দুর্বোধ্যতায় আচ্ছন্ন (সে এক রহস্যঘন উপন্যাসের রোমাঞ্চকর প্লট—*কম*)। ~**চ্ছলে** *ক্রিবিণ* রসিকতা করে; ঠাট্টার আশ্রয় নিয়ে। ~**পূর্ণ**, ~**ময়** *বিণ* ১ গূঢ় তাৎপর্যপূর্ণ। ২ দুর্বোধ্য; দুরধিগম্য; দুর্জ্ঞেয়। ~**ভেদ** *বি* গোপন তথ্য উদ্ঘাটন; গুপ্ততত্ত্ব আবিষ্কার। ২ মর্ম বা তাৎপর্য নিরূপণ। **রহস্যালাপ** *বি* ১ গোপনীয় বিষয়ে কথাবার্তা। ২ হাস্যপরিহাসযুক্ত আলাপ। ৩ রসালাপ; সরস কথাবার্তা। **রহস্যোপন্যাস** *বি* ১ গোপন তথ্য উদ্ঘাটিত করে এমন উপন্যাস। {*স.* রহস+য(যৎ)}

রহা, রওয়া [রহা, রওয়া] *ক্রি* ১ থাকা; অবস্থান করা। ২ সবুর করা; অপেক্ষা বা প্রতীক্ষা করা (রও আগে খেয়ে নিই)। ৩ বিরতি দেওয়া (রহিয়া রহিয়া বিপুল উল্লাসে—*রঠা*)। {রহ্, থাক্, আছ্—এ তিনটি অসম্পূর্ণ বাংলা ধাতু}

রহানো [রহানো] *ক্রি* ১ থাকানো বা অবস্থান করানো। ২ অপেক্ষা বা প্রতীক্ষা বা সবুর করানো। ৩ থামানো; নিরস্ত করানো। ৪ আটকানো। {√রহ্+আনো}

রহিত [রোহিতো] *বিণ* ১ বর্জিত; পরিত্যক্ত; বিরহিত; শূন্য। ২ বাতিল; রদ; প্রত্যাহৃত; ফিরিয়ে নেওয়া হয়েছে এমন (আদেশ রহিত করা)। ৩ বন্ধ; নিবৃত্ত (চলাচল রহিত করা)। ৩ প্রতিহত; বাধাপ্রাপ্ত; ব্যাহত। {*স.* √রহ+ত(ক্ত)}

রহিম, রহীম [রোহিম্] *বিণ* ১ দয়ালু; করুণাময়। ২ আল্লাহ্‌র এক গুণনাম (আল্লাহ বড় দয়াল রহিম)। {*আ.* রহীম رحيم}

রা১, রাআ, রাও *(মবা.)* [রা, রাআ, রাও] *বি* রব; সাড়া; শব্দ; ধ্বনি; বাক্যস্ফূর্তি; মুখের কথা (শুনিয়া তোমার রা কাঁপে সবার গা—*কমু*)। ~ **করা**, ~ **কাড়া** *ক্রি* কথা বলা (আমি রা করলাম না—*শও*)। ~ **সরা** *ক্রি* বাক্যস্ফূর্তি হওয়া। {*স.* রব>}

রা২ [রা] বহুবচনসূচক বিভক্তি (শিশুরা)। {বহুবচনার্থক বাংলা প্রত্যয়বিশেষ}

রাই১ [রাই] *বি* রাধিকা। ~**কিশোরী** *বি* কিশোরী রাধিকা। {*স.* রাধিকা>রাহি>রাই}

রাই২ [রাই] *বি* সরিষাবিশেষ; mustard। ~ **কুড়িয়ে বেল** *বি* কণা কণা সংগ্রহ করে বৃহৎ কিছু সৃষ্টি। ~ **খাড়া** *বি* রাই সরিষা গাছের ডাঁটা। {*স.* রাজ্ঞি}

রাই৩ [রাই] *বি* রাজা। {*স.* রাজ>রাআ>রাই}

রাইখস্টাগ [রাইখ্স্টাগ্] *বি* জার্মানির পার্লামেন্ট। {*স.* reichstag}

রাইঙ [রাইঙ্] ⇒ রাইন

রাইঙ, রাইন, রাঙ [রাইঙ্, -ন্, রাঙ্] *বি* বড় হাঁড়ি। {*বা.* আঞ্চলিক}

রাইট [রাইট্] *বি, বিণ* যথার্থ; ঠিক; শুদ্ধ (দশটি অঙ্কের মধ্যে নয়টিই রাইট করেছে—*সুমো*)। □ *বি* অধিকার; স্বত্ব (কপিরাইট)। {*ই.* right}

রাইফেল [রাইফেল্] *বি* দূর পাল্লার বন্দুকবিশেষ (পাশ দিয়ে চলে যাচ্ছে রাইফেল আর মেশিনগানের গুলি—*নই*)। {*ই.* rifle}

রাইয়ত, রায়ত [রাইয়ত্, রায়ত্] *বি* ১ প্রজা। ২ যে প্রজা নিজে চাষ করার বা নিজ স্বার্থে অন্যের দ্বারা চাষ করার জন্য ভূমিস্বত্ব লাভ করে। **রাইয়তি, রায়তি** *বিণ* ১ রাইয়ত সংক্রান্ত। ২ রায়তের প্রাপ্য। ৩ রায়তের দাবিবিশিষ্ট। {*আ.* রাইয়ত رعية}

রাউত *(মবা.)* [রাউত্] *বি* ১ অশ্বারোহী সৈন্য; ক্ষত্রিয়; রাজপুত্র। ২ কুলের উপাধি বিশেষ। {*স.* রাজপুত্র>*প্রা.* রাউত্ত>}

রাও, রাওল [রাও, রাওল্] *বি* ১ রাজা। ২ সম্ভ্রান্ত ব্যক্তিগণকে প্রদত্ত সরকারি খেতাব। {*স.* রাজ>রাও, রাজকুল>রাওল}

রাওয়ারাই *(মবা.)* [রাওয়ারাই] *বি* উচ্চস্বরে (সেন হেতা কাঁদে রাওয়ারাই—*ঘচ*)। {*স.* রব+*বা.* আ=রাওয়া}

রাং১, রাঙ, রাঙ্গ [রাঙ্, -, রাঙ্গ্] *বি* একপ্রকার ধাতু; টিন। ~**ঝাল** *বি* রাং ও সিসামিশ্রিত পাইন, যা দিয়ে ধাতু দ্রব্যাদি বা তাদের ছিদ্রাদি বন্ধ করা হয়। **রাংতা** *বি* রাঙের পাত বা তবক। {*স.* রঙ্গ>}

রাং২, রান [রাঙ্, রান্] নিহত পশু বা পক্ষীর জঙ্ঘা (মুরগির রান)। {*ফা.* রান ران}

রাংচিতা, রাঙচিতা, রাঙ্গচিতা [রাঙ্চিতা, -, রাঙ্গ্-] *বি* এক প্রকার ক্ষুদ্র গাছ। {*স.* রক্তচিত্রক>}

রাঁড় [রাঁড়্] *বি* ১ বিধবা (আমি রাঁড় হয়েছি—*নসে*)। ২ বেশ্যা; গণিকা। ৩ উপপত্নী; অবৈধ স্ত্রী। **কড়ে** ~ *বি* বালবিধবা; অল্প বয়সে যার স্বামী মারা গেছে। ⇒ রাঁড়ি, রাঁড়ী। **রাঁড়ের বাড়ি** *বি* বেশ্যালয়; গণিকা গৃহ। {*স.* রণ্ডা>}

রাঁড়া [রাঁড়া] *বি* ১ নিষ্ফল বৃক্ষ; যে গাছে ফল ধরে না। ২ বন্ধ্যা নারী। ☐ *বিণ* ১ ফলশূন্য; নিষ্ফল। ২ বন্ধ্যা। { *স.* রণ্ডা }

রাঁড়ি, রাঁড়ী [রাঁড়ি] *বি* পতিহীনা; বিধবা { *স.* রণ্ডা> }

রাঁদা [রাঁদা] *বি* রেঁদা শব্দের রূপভেদ; কাঠ মসৃণ করার যন্ত্রবিশেষ। { *ফা.* রান্দাহ رنده }

রাঁধন [রাঁধোন্] *বি* রন্ধন; রান্না; পাককরণ। { *স.* রন্ধন> }

রাঁধনি¹, রাঁধুনি¹, রান্ধুনি, রান্ধনী¹ [রাঁধোনি, –ধু–, রান্‌ধু–, –ন্‌ধো–] *বি* মসলাবিশেষ। { *স.* রন্ধনিকা> }

রাঁধনি², রাঁধুনি², রান্ধুনী², রান্ধনি [রাঁধোনি, –ধু–, –ন্‌ধু–, –ন্‌ধো–] *বি, বিণ* ১ পাচক; পাচিকা। ২ যে রান্না বা পাক করে; পাচক; রন্ধনকারী; রন্ধনকারিণী; পাকানি। { *স.* √রাঁধ+উনি বা অনি }

রাঁধনিয়া [রাঁধোনিয়া] *বি* রাঁধনি; পাচক। { *স.* রন্ধন+ *বা.* ইয়া; *তুল. হি.* রন্ধনীয়া }

রাঁধা, রান্ধা [রাঁধা, রান্–] *ক্রি* রন্ধন করা; রান্না করা; পাক করা। ☐ *বি* রন্ধন। ☐ *বিণ* রান্না করা হয়েছে এমন; রন্ধিত। **রাঁধানো** *ক্রি* রান্না বা পাক করানো। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **~বাড়া** *বি* পাকক্রিয়া ও পরিবেশন। { *স.* রন্ধন>; *বা.* √রাঁধ্+আ }

রাঁধুনি ⇒ রান্ধুনি

রাকা [রাকা] *বি* পূর্ণিমাতিথি; পূর্ণিমা (রাকা শশী); নবঋতুমতী স্ত্রীলোক। **~পতি, রাকেশ** *বি* চন্দ্র। { *স.* √রা+ক+আ(টাপ্) }

রাকাত [রাকাত] *বি* নামাজের অংশবিশেষ। ⇒ **রেকাত**। { *আ.* রক্‌আত ركعة }

রাক্ষস [রাক্‌খোশ্] *বি* ১ নরখাদক জাতি। ২ নিশাচর; কর্বুর। ৩ প্রাচীন অনার্যজাতি। ☐ *বিণ* ১ (*বা.*) পেটুক; ঔদারিক। ২ রাক্ষস্–সম্পর্কীয়। **রাক্ষসী** *বিণ স্ত্রী.*। **~গণ** (*জ্যোশা*) জাতকের তিন প্রকার (দেব, নর ও রাক্ষস) প্রকৃতির একটি। **–বিবাহ** *বি* কন্যাকে বলপূর্বক ধরে এনে বিবাহ। **রাক্ষসী** *বিণ স্ত্রী.* রাক্ষস সম্পর্কিত। **রাক্ষসী বেলা** *বি* (*জ্যোশা*) দিনমানের শেষ এক পঞ্চমাংশ সময়; দিনের শেষ আড়াই ঘণ্টা সময়। **রাক্ষসী মায়া** *বি* ১ রাক্ষসের ইন্দ্রজাল বা ছলনা। ২ মারাত্মক ছলনা। **রাক্ষুসে** *বিণ* ১ রাক্ষসসুলভ; রাক্ষসের উপযুক্ত; রাক্ষস সম্পর্কিত (রাক্ষুসে কাণ্ড)। ২ প্রবল; প্রচণ্ড; অত্যন্ত; অধিক; বিকট (রাক্ষুসে ক্ষুধা)। ৩ বিরাট; প্রকাণ্ড (রাক্ষুসে মুলা)। { *স.* রক্ষস্+অ(অণ্) }

রাখন [রাখোন্] *বি* ১ রক্ষাকরণ। ২ রাখার কাজ। { *স.* √রক্ষ>*বা.* রাখ+অন }

রাখা [রাখা] *ক্রি* ১ স্থাপন বা নিবেশন করা; থোয়া (মাথায় রাখা)। ২ আশ্রয় দান করা (পায়ে রাখা)। ৩ রক্ষা বা ত্রাণ বা উদ্ধার করা (নিরাপদে রাখা)। ৪ পালন করা (ঘোড়া রাখা)। ৫ ধারণ করা (টিকি রাখা, দাঁড়ি রাখা)। ৬ সংরক্ষিত করা বা গচ্ছিত করা (ব্যাংকে রাখা)। ৭ মর্যাদা দান করা (সম্মান রাখা)। ৮ ক্ষতি হতে না দেওয়া (প্রাণ রাখা)। ৯ বন্ধক দেওয়া বা গ্রহণ করা (জিনিস রেখে ঋণ দেওয়া)। ১০ নিয়োগ করা (চাকর রাখা)। ১১ ফেলে আসা (টাকার থলিটা রেখে এসেছি)। ১২ ভোগ করা (মেয়ে মানুষ রাখা)। ১৩ সঞ্চয় বা মজুদ করা (টাকা রাখা)। ১৪ বাধা দেওয়া (ও সব রাখো বাপু)। ১৫ প্রার্থনা রাখা; গ্রাহ্য করা (আমার কথা রাখো)। ১৬ পোষণ করা (মনে দুঃখ রাখা)। ১৭ ছেড়ে যাওয়া (তোমাদের রেখে চিরদিনের মতো যাচ্ছি)। ১৮ বিরত করা (নৌকাটা রাখো)। ১৯ কেনা (টাকা দিয়ে কিছু জিনিস রাখা)। ২০ বন্দোবস্ত নেওয়া (জমি রাখা)। ২১ দেওয়া (নাম রাখা)। ২২ খুশি করা (মন রাখা)। ২৩ কোনো কাজ আগেই করে রাখা। ☐ *বিণ* ১ উক্ত সকল অর্থে। ২ রক্ষা করা হয়েছে এমন; রক্ষিত। ৩ আশ্রিত; আশ্রয়প্রাপ্ত। ৪ রক্ষণোপযোগী; রাখার জন্যই। ৫ ক্রয় করা হয়েছে এমন; ক্রীত। ৬ প্রদত্ত। **কথা ~** *ক্রি* অনুরোধ রক্ষা বা পালন করা। **চোখ বা নজর ~** *ক্রি* সতর্ক দৃষ্টি রাখা; পাহারা দেওয়া (দুষ্ট ছেলেটির দিকে চোখ রেখো)। **নাম ~** *ক্রি* ১ নাম দেওয়া। ২ মর্যাদা বজায় রাখা (এ ছেলে বাপের নাম রাখবে)। **ফেলে ~** *ক্রি* ১ ব্যবহার না করা বা কাজে না লাগানো (ঘড়িটা ফেলে রেখেছ কেন)। ২ অবহেলা করা। **পায়ে ~** *ক্রি* ১ আশ্রয় দান করা। ২ দয়া করা। **মন ~** *ক্রি* ১ তোষামোদ বা চাটুকারিতা করা; তুষ্টি বিধান করা (তাহার মন রেখে কথা বোলো)। **মনে ~** *ক্রি* ভুলে না যাওয়া; স্মরণ রাখা (আমার কথাটা মনে রেখো)। **মাথায় ~** *ক্রি* ১ ভক্তি করা; শ্রদ্ধা বা সম্মান করা; আদর করা (তাঁকে আমি মাথায় করে রাখতাম)। **রেখে ঢেকে বলা, রাখিয়া ঢাকিয়া বলা** *ক্রি* গোপনীয়তা বজায় রেখে কথা বলা। **শ্যাম রাখি কি কুল রাখি** *ক্রি* (*আল.*) উভয় সঙ্কটে পড়া। { *স.* √রক্ষ>*প্রা.* √রক্খ>*বা.* √রাখ্+আ }

রাখানো [রাখানো] *ক্রি* তত্ত্বাবধান করানো, রক্ষা করানো। { √রাখ্+আনো }

রাখাল [রাখাল] *বি* গোরক্ষক; যে গরু চরায়। **~রাজ** *বি* ১ রাখালের রাজা। ২ কৃষ্ণ। **রাখালি, রাখালিয়া** *বি* রাখালের কাজ; রাখালের পারিশ্রমিক বা মজুরি (আমি মেয়ের পিছনে পিছনে রাখালি করে বেড়াই আর কি—*কাআও*)। ☐ *বিণ* ১ রাখালের। ২ রাখাল সম্পর্কিত। **রাখোয়াল** *বি* রাখাল। { *স.* রক্ষপাল; *হি.* রাখ্‌ওয়াল; *বা.* √রাখ্+আল }

রাখি, রাখী [রাখি] *বি* ১ হিন্দুসমাজে শ্রাবণী পূর্ণিমাতে বিপদ থেকে রক্ষা কামনায় প্রিয়জনের দক্ষিণ হস্তের মণিবন্ধে বাঁধা রঙিন মঙ্গলসূত্র; রক্ষাসূত্র। ২ প্রীতিবন্ধনের স্মারকসূত্র (তোমার স্নেহের রাখী হাতে রাক্ষসদের বশ করেছে নরে—*সদ*)। **~পূর্ণিমা** *বি* শ্রাবণ পূর্ণিমা। **~বন্ধন** *বি* শ্রাবণ পূর্ণিমায় প্রিয়জনদের হাতে রাখি বন্ধনের অনুষ্ঠান। { *স.* রক্ষী> }

রাখোয়াল ⇒ রাখাল

রাগ¹ [রাগ্] *বি* ১ ক্রোধ; রোষ; কোপ; গোসা (বড় রাগ হয়েছে)। ২ রং; রঞ্জন দ্রব্য (রক্তরাগ)। ৩ রক্তবর্ণ; রক্তিম। ৪ অনুরাগ; প্রেম; প্রণয়; আসক্তি; মমতা। ৫ (*সন্*) সুরের বিন্যাসের পদ্ধতি-বিভাগ; ভৈরব কৌশিক হিন্দোল দীপক শ্রী ও মেঘ—এই ছয়টি মূল রাগ (ছয় রাগ)। **~ত** *বিণ* ক্রোধান্বিত; রুষ্ট; কুপিত (ছোটটা রাগত হয়ে বড়কে বল্লে—*অঠা*)। **~ পড়া** *ক্রি* ক্রোধ প্রশমিত য
বি

হওয়া বা না থাকা। ~মালা *বি* সঙ্গীতের বিভিন্ন রাগের তালিকা। ~ ~ **মুখ** *বিণ* ক্রুদ্ধ ভাব। ~ **সামলানো** *ক্রি* ক্রোধ দমন করা। ~**সূত্র** *বি* তুলাদণ্ডের সূত্র। **রাগা** *ক্রি* ক্রুদ্ধ হওয়া; রাগ করা; চটা (রেগে আগুন)। □ *বি, বিণ* উক্ত অর্থে। **রাগে গর গর করা** *ক্রি* ক্রোধ সঞ্চারের ফলে মনে মনে অতিশয় ক্ষুব্ধ হওয়া। **রেগেমেগে** *অক্রি* ক্রুদ্ধ হয়ে। **রাগানো** *ক্রি* ক্রুদ্ধ বা রুষ্ট করা; চটানো। {*স.* √রন্‌জ্+অ(ঘঞ্)}

রাগ² [রাগ্] মোটা কম্বল (রাগ মুড়ি দেওয়া)। {*ই.* rug}

রাগবি [রাগ্‌বি] *বি* ডিম্বাকৃতি বল দিয়ে খেলা আমেরিকান ফুটবল খেলা যাতে বল হাত দিয়েও ধরা যায়। {*ই.* **Rugby**}

রাগান্ধ [রাগান্‌ধো] *বিণ* ক্রোধে অজ্ঞান বা জ্ঞানহীন। {*স.* রাগ+অন্ধ; ৭তৎ}

রাগান্বিত [রাগান্‌নিতো] *বিণ* ১ রুষ্ট; ক্রুদ্ধ; ক্রোধযুক্ত। ২ আসক্তিযুক্ত; অনুরাগযুক্ত। {*স.* রাগ+অন্বিত; ৬তৎ}

রাগারাগি [রাগারাগি] *বি* রোষপ্রকাশ; কলহ; ঝগড়াঝাটি। {রাগ+রাগ; *ব্যতিহার বহু*}

রাগারুণ [রাগারুন্] *বিণ* রক্তবর্ণে রঞ্জিত; রক্তিম। {*স.* রাগ+অরুণ}

রাগিণী¹ [রাগিনি] *বি* ১ *(সং)* রাগের পত্নী অর্থাৎ শাখা; এক এক রাগের অন্তর্গত স্বরবিন্যাসের প্রকারভেদ (ছত্রিশ রাগিণী)। ২ সঙ্গীত; সুর (তোমারি রাগিণী জীবন–কুঞ্জে বাজে যেন সদা—*রঠা*)। {*স.* রাগ+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

রাগী(–গিন্) [রাগি] *বিণ* ১ যে অল্পেই ক্রুদ্ধ হয়; ক্রোধী; রোষযুক্ত; কোপন স্বভাববিশিষ্ট। ২ ক্রুদ্ধ; রুষ্ট। ৩ অনুরাগযুক্ত। **রাগিণী**² *স্ত্রী*। {*স.* রাগ+ইন্(ইনি)}

রাঘব [রাঘোব্] *বি* রঘুবংশীয় রামচন্দ্র। ~–**প্রিয়া**, ~–**বাঞ্ছা** *বি* রামচন্দ্রের পত্নী; সীতা (কাঁদেন রাঘববাঞ্ছা আঁধার কুটীরে—*মদ*)। ~–**বোয়াল** *বি* ১ বিশাল বোয়াল মাছবিশেষ। ২ *(আল.)* পরের বা সরকারি সম্পদাদি অন্যায়ভাবে ভোগকারী প্রভাবশালী লোক। ৩ মস্ত বড়। ৪ মস্ত বড় ধনী ব্যক্তি। **রাঘবারি** *বি* রামের শত্রু; লঙ্কারাজ রাবণ। {*স.* রঘু+অ(অণ্)}

রাঙ, রাঙ্গ ⇒ রাং

রাঙচিতা, রাঙ্গচিতা ⇒ রাংচিতা

রাঙতা, রাঙ্গতা ⇒ রাংতা

রাঙা, রাঙ্গা [রাঙা, –ঙ্‌গা] *বিণ* ১ রক্তবর্ণ লাল (রাঙ্গা পা)। ২ গৌরবর্ণ; ফর্সা; সুন্দর (রাঙা বউ, রাঙা মুখ)। ~ **আলু** *বি* এক প্রকার মিষ্টি কন্দ। **রাঙানো** *ক্রি* ১ রক্তিম বা লাল রং করা। ২ লাল বর্ণে রঞ্জিত করা (ক্রমে রাঙিয়ে দিয়ে উঠতো পূর্ব আসমানে—*শাআ*)। ৩ বিচিত্র বর্ণে চিত্রিত করা। ৪ উজ্জ্বল বা দীপ্তিমান করা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। ~ **বাস** *বি* গেরুয়া কাপড়। ~**মাটি** *বি* ১ গিরিমাটি। ২ পার্বত্য চট্টগ্রামের বিখ্যাত স্থান। ~ **মুলা** *বি* ১ লাল রঙের মুলা। ২ *(আল.)* সুন্দর অথচ গুণশূন্য। {*স.* রঙ্গ+*বা.* আ}

রাঙ্গ, রাঙ্গচিতা, রাঙ্গতা, রাঙ্গা ⇒ যথাক্রমে রাং, রাংচিতা, রাংতা ও রাঙা

রাজ¹ [রাজ্] *বি* রাজ্য (স্বরাজ)। {*স.* রাজন্>}

রাজ² [রাজ্] *বি* 'রাজমিস্ত্রি' শব্দের সংক্ষেপ। ~ **মজুর** *বি* যে মজুর রাজমিস্ত্রিকে সাহায্য করে; জোগানদার। {*ফা.* রাজ راز}

রাজ³ [রাজ্] *বি* ১ সমাসে পূর্বপদ হলে বা পরে প্রত্যয়যুক্ত হলে 'রাজন্' শব্দের রূপ রাজ হয় (রাজকন্যা, রাজত্ব)। ২ সরকার; গভর্নমেন্ট (রাজসভা)। ৩ শ্রেষ্ঠ (রাজহাঁস)। {*স.* রাজন্>}

রাজ⁴ [রাজ] ১ সমাসে উত্তরপদ হলে রাজন শব্দের রূপ রাজ হয় (ব্রিটিশ–রাজ)। ২ শ্রেষ্ঠ (গজরাজ)। {*স.* রাজন্>; ৬তৎ}

রাজক [রাজোক্] *বি* সরকার; গভর্নমেন্ট। {*স.* রাজন্+ক(কন্)}

রাজকন্যা [রাজকোন্‌না] *বি* রাজকুমারী; রাজার মেয়ে; শাহজাদি। {*স.* রাজন্+কন্যা; ৬তৎ}

রাজকবি [রাজকোবি] *বি* ১ রাজদরবারে নিযুক্ত সম্মানিত কবি; সভাকবি; poet laureate। ২ দেশের সর্বশ্রেষ্ঠ কবি। {*স.* রাজন্+কবি; ৬তৎ}

রাজকর [রাজ্‌কর্] *বি* রাজস্ব; সরকারকে দেয় খাজনা। {*স.* রাজন্+কর}

রাজকর্ম, রাজকার্য [রাজকর্‌মো, –কার্‌জো] *বি* ১ সরকারি কাজ। ২ রাজ্যশাসন। {*স.* রাজন্+কর্ম, কার্য}

রাজকর্মচারী [রাজকর্‌মোচারি] *বি* ১ রাজা কর্তৃক নিযুক্ত কর্মচারী। ২ সরকারি কর্মচারী; Government servant। {*স.* রাজন্+কর্মচারী}

রাজকার্য ⇒ রাজকর্ম

রাজকীয় [রাজোকিয়ো] *বিণ* রাজা সম্বন্ধীয়; সরকারি; royal (রাজকীয় পোশাক, রাজকীয় ক্ষমতা)। {*স.* রাজন্+ঈয়(ছ)}

রাজকুমার [রাজ্‌কুমার্] *বি* রাজপুত্র; রাজার ছেলে; শাহজাদা {*স.* রাজন্+কুমার; ৬তৎ}

রাজকুমারী [রাজ্‌কুমারি] *বি স্ত্রী.* রাজার মেয়ে; রাজকন্যা। {*স.* রাজন্+কুমারী}

রাজকুল [রাজ্‌কুল্] *বি* ১ রাজবংশ। ২ নৃপতিগণ। {*স.* রাজন্+কুল}

রাজকোষ [রাজ্‌কোশ্] *বি* রাজার বা রাষ্ট্রের ধন–ভাণ্ডার; ট্রেজারি। {*স.* রাজন্+কোষ}

রাজগাঁড় [রাজ্‌গাঁড়্] *বি* উদরের অভ্যন্তরের স্ফোটকবিশেষ। {*স.* রাজন্+গণ্ড>}

রাজগামী [রাজ্‌গামি] *বিণ* উত্তরাধিকারী না থাকায় যা রাজাতে বর্তে। {*স.* রাজন্+√গম্+ইন্(ণিনি)}

রাজগি [রাজ্‌গি] *বি* রাজপদ; রাজত্ব। {*হি.* রাজগী}

রাজগ্রীব [রাজ্‌গ্রিব্] *বি* ফলুই মাছ। {*স.* রাজন্+গ্রীব}

রাজচক্রবর্তী(–র্তিন্) [রাজ্‌চক্‌ক্রোবোরতি] *বি* সম্রাট; রাজা। {*স.* রাজন্+চক্রবর্তী; ৬তৎ}

রাজচ্ছত্র, রাজছত্র [রাজোচ্‌ছত্‌ত্রো, রাজ্‌ছত্‌ত্রো] *বি* পূর্বকালের রাজার মাথার উপর যে ছাতা ধরা হতো। {*স.* রাজন্+ছত্র; ৪তৎ}

রাজটিকা, রাজটীকা, রাজতিলক [রাজ্‌টিকা, –, রাজ্‌তিলক্] *বি* ১ পূর্বকালে রাজ্যাভিষেকের সময়ে নৃপতির ললাটে যে তিলক পরানো হতো। ২ রাজচিহ্ন

(তাঁহার ললাটে যেন একটি অদৃশ্য রাজতিলক পরান ছিল—*রঠা*)। { *স.* রাজন্+তিলক; ৪তৎ }

রাজড়া [রাজ্‌ড়া] *বি* ১ ছোট রাজা; সামন্ত রাজা। ২ রাজার মতো পদমর্যাদাসম্পন্ন (রাজ-রাজড়া)। { *স.* রাজ+*বা.* ড়া; *স.* রাজপ্রায়>রাজপারা>রাজড়া}

রাজতক্ত, রাজতখ্‌ত [রাজ্‌তকত্‌, -খ্‌-] *বি* ১ সিংহাসন; শাহি তখ্‌ত। ২ রাজপদ। { *স.* রাজন্+*ফা.* তখ্‌ত تخت }

রাজতন্ত্র [রাজ্‌তন্‌ত্রো] *বি* ১ রাজার অধীন শাসন-পদ্ধতি বা রাষ্ট্র; monarchy। ২ রাজ্যশাসন নীতি বা ব্যবস্থা। { *স.* রাজন্+তন্ত্র; ৬তৎ }

রাজতিলক ⟹ রাজটিকা

রাজত্ব [রাজোত্‌তো] *বি* ১ রাজ্যপদ; রাজ্যের অধিকার। ২ সর্বময় কর্তৃত্ব (রাজত্ব পেয়ে গেছ আর কি)। { *স.* রাজন্+ত্ব}

রাজদণ্ড [রাজ্‌দন্‌ডো] *বি* ১ রাজার হাতে পদমর্যাদার নিদর্শনস্বরূপ যে দণ্ড থাকে; sceptre। ২ আইন অনুসারে শাস্তি। ৩ (*জ্যোশা*) ললাটস্থ উর্ধ্বরেখা। { *স.* রাজন্+দণ্ড}

রাজদত্ত [রাজ্‌দত্‌তো] *বিণ* রাজা দান করেছেন এমন; রাজা কর্তৃক প্রদত্ত। { *স.* রাজন্+দত্ত; ৬তৎ }

রাজদন্ত [রাজ্‌দন্‌তো] *বি* উপর পাটির মাঝের দাঁত অথবা দু' পাটির সামনের চার দাঁত। { *স.* রাজন্+দন্ত}

রাজদম্পতি [রাজ্‌দম্‌পোতি] *বি* রাজা ও রানি। { *স.* রাজন্+দম্পতি}

রাজদরবার [রাজ্‌দরবার] *বি* রাজসভা। { *স.* রাজন্+*ফা.* দরবার دربار }

রাজদুলাল [রাজ্‌দুলাল্‌] *বি* রাজপুত্র; রাজকুমার। **রাজদুলালি/দুলালী** *বি স্ত্রী.*। { *স.* রাজন্+*বা.* দুলাল}

রাজদূত [রাজ্‌দুত্‌] *বি* ১ রাজা বা সরকার কর্তৃক প্রেরিত দূত; রাষ্ট্রদূত। ২ ভিন্ন রাষ্ট্রের সঙ্গে বিভিন্ন প্রকার যোগাযোগ রক্ষার জন্য নিযুক্ত প্রতিনিধি; ambassador। { *স.* রাজন্+দূত; ৬তৎ }

রাজদ্রোহ, রাজদ্রোহিতা [রাজোদ্‌দ্রোহো, -দ্রোহিতা] *বি* প্রকাশ্যভাবে দেশের রাজা বা সরকারের ক্ষতি করার চেষ্টা বা ষড়যন্ত্র; সরকার উৎখাতের চেষ্টা; রাষ্ট্রদ্রোহিতা। **রাজদ্রোহী**(-হিন্‌) *বিণ* রাজদ্রোহকারী; রাষ্ট্রের বিরুদ্ধাচরণকারী। { *স.* রাজন্+দ্রোহ, দ্রোহিতা; *বহু* }

রাজদ্বার [রাজোদ্‌দার্‌] *বি* ১ রাজার দরবার। ২ আদালত। { *স.* রাজন্+দ্বার; ৬তৎ }

রাজধর্ম [রাজ্‌ধর্‌মো] *বি* ১ রাজার কর্তব্যকর্ম। ২ দেশশাসন ও প্রজাপালন কার্য। { *স.* রাজন্+ধর্ম; ৬তৎ }

রাজধানী [রাজ্‌ধানি] *বি* ১ রাষ্ট্রের প্রধান নগর যেখানে রাজা বা রাষ্ট্রপতি বা তাঁর প্রতিনিধি বাস করেন; রাজ্যের সর্বপ্রধান নগর যে স্থানে উচ্চতম সরকারি কার্যালয় বা সচিবালয় থাকে। ২ রাজ্যশাসনের কেন্দ্র তথা রাষ্ট্রের সর্বপ্রধান নগর। { *স.* রাজন্+ধানী; ৬তৎ }

রাজন্ [রাজন্‌] *বি* হে রাজা; মহারাজ। { *স.* রাজন্+সম্বোধন *একব*}

রাজনন্দন [রাজ্‌নন্‌দোন্‌] *বি* রাজার ছেলে; রাজকুমার। **রাজনন্দিনী** *বি স্ত্রী.* রাজার মেয়ে; রাজকুমারী। { *স.* রাজন্+নন্দন; ৬তৎ }

রাজনামা [রাজ্‌নামা] *বি* ১ রাজাদের পরিচয়-লিপি। ২ কোনো দেশের বা বংশের রাজাদের নামের তালিকা বা বৃত্তান্ত। { *স.* রাজন্+*ফা.* নামহ্‌ نامه }

রাজনিয়ম, রাজবিধান, রাজবিধি [রাজ্‌নিয়োম্‌, -বিধান্‌, -বিধি] *বি* সরকারি আইন। { *স.* রাজন্+নিয়ম, বিধান, বিধি; ৬তৎ }

রাজনীতি [রাজ্‌নিতি] *বি* রাষ্ট্রশাসন বা পরিচালনার নীতি; politics। { *স.* রাজন্+নীতি; ৬তৎ }

রাজনীতিক, রাজনৈতিক [রাজনিতিক্‌, -নোই-] *বিণ* ১ রাজনীতি-বিষয়ক। ২ রাজ্যশাসন ঘটিত। ৩ রাজনীতি যে করে; রাজনীতিক দলের কর্মী। { *স.* রাজন্+নীতিক, নৈতিক}

রাজনীতিজ্ঞ [রাজ্‌নিতিগ্‌গোঁ] *বিণ* রাজনীতি শাস্ত্রে পণ্ডিত; politician। { *স.* রাজন্+নীতিজ্ঞ}

রাজনৈতিক ⟹ রাজনীতিক

রাজন্য [রাজোন্‌নো] *বি* ১ সামন্ত রাজা; করদ রাজা। ২ রাজবংশীয় লোক। { *স.* রাজন্+য(যৎ)}

রাজন্যক [রাজোন্‌নোক্‌] *বি* রাজন্যগণ; রাজন্যবর্গ; নৃপতিগণ। { *স.* রাজন্য+অক(বুঞ্)}

রাজপট্ট [রাজ্‌পট্‌টো] *বি* ১ রাজসিংহাসন; শাহিতখ্‌ত। ২ রাজদণ্ড; সনদ। ৩ এক প্রকার কৃষ্ণবর্ণ রত্ন। { *স.* রাজন্+পট্ট}

রাজপথ [রাজ্‌পথ্‌] *বি* ১ নগরীর প্রধান সড়ক। ২ সর্বসাধারণের প্রধান রাস্তা। { *স.* রাজন্+পথ; পথের রাজা=রাজপথ, অথবা রাজা নির্মিত পথ=রাজপথ}

রাজপাট [রাজ্‌পাট্‌] *বি* রাজসিংহাসন; রাজাসন; শাহি তখ্‌ত। { *স.* রাজন্+পাট; ৬তৎ }

রাজপুত [রাজ্‌পুত্‌] *বি* রাজপুতনার অধিবাসী। **রাজপুতানি** *বি স্ত্রী.*। { *স.* রাজপুত্র>}

রাজপুত্র [রাজ্‌পুত্‌ত্রো] *বি* রাজার ছেলে; রাজকুমার; শাহজাদা। **রাজপুত্রী** *বি স্ত্রী.*। { *স.* রাজন্+পুত্র}

রাজপুরী [রাজ্‌পুরি] *বি* রাজপ্রাসাদ; যে অট্টালিকায় নৃপতি বা দেশের শাসক বাস করেন; শাহিমহল; রাজবাড়ি। { *স.* রাজন্+পুরী}

রাজপুরুষ [রাজ্‌পুরুশ্‌] *বি* ১ সরকারি কর্মচারী। ২ উচ্চপদস্থ সরকারি কর্মচারী। { *স.* রাজন্+পুরুষ}

রাজপুষ্প [রাজ্‌পুশ্‌পো] *বি* নাগকেশর ফুল বা ফুলের গাছ। { *স.* রাজন্+পুষ্প}

রাজপ্রমুখ [রাজ্‌প্রোমুখ্‌] *বি* স্বাধীনতা লাভের পর ভারতের দেশীয় রাজ্যমণ্ডলীর প্রধানরূপে নিয়োজিত সামন্ত নৃপতি। { *স.* রাজন্+প্রমুখ}

রাজপ্রসাদ [রাজ্‌প্রোশাদ্‌] *বি* রাজার অনুগ্রহ বা দান। { *স.* রাজন্+প্রসাদ}

রাজপ্রাসাদ, রাজপুরী, রাজভবন [রাজ্‌প্রাশাদ্‌, -পুরি, -ভবোন্‌] *বি* যে অট্টালিকায় নৃপতি বা দেশের শাসক বাস করেন; শাহি মহল। { *স.* রাজন্+প্রাসাদ, পুরী, ভবন; ৬তৎ }

রাজবংশ [রাজ্‌বঙ্‌শো] *বি* রাজাদের বংশ; রাজা যে বংশে জন্মগ্রহণ করেছেন; শাহি খান্দান। **রাজবংশী** *বি*

তফসিলি সম্প্রদায়ের হিন্দু সম্প্রদায় বিশেষ; হিন্দু জেলে সম্প্রদায়বিশেষ। { স. রাজন্+বংশ}
রাজবংশীয় [রাজবোঙশিয়ো] *বিণ* ১ রাজবংশ জাত। ২ রাজবংশ সম্বন্ধীয়। **রাজবংশীয়া** *বিণ স্ত্রী*। { স. রাজন্+বংশীয়}
রাজবর্ত্ম [রাজবরতোঁ] *বি* রাজপথ (তোমা লাগি রাজবর্ত্ম প্রশস্ত সুগম—*শাহো*)। { স. রাজন্+বর্ত্ম; ৬তৎ }
রাজবন্দী [রাজবোন্দি] *বি* রাজনৈতিক কারণে কারাগারে আটক ব্যক্তি; ভিন্ন মতাবলম্বী হিসেবে কারারুদ্ধ ব্যক্তি; সরকার বিরোধিতা বা রাষ্ট্রদ্রোহিতার কারণে আটক রাজনৈতিক নেতা বা কর্মী। { স. রাজন্+বন্দী}
রাজবল্লভ [রাজবল্লোভ] *বি,বিণ* রাজার প্রিয়পাত্র। { স. রাজন্+বল্লভ; ৬তৎ }
রাজবল্লি, রাজবল্লী [রাজবোল্লি] *বি* উচ্ছে; করলা। □*বিণ* উচ্ছে লতা। { স. রাজন্+বল্লি, বল্লী; ৬তৎ }
রাজবাটী, রাজবাড়ি, রাজবাড়ী [রাজবাটি, –বাড়ি, –] *বি* ১ রাজপ্রাসাদ বা রাজার বাসভবন; রাজমহল; শাহিমহল। ২ যে ভবনে দেশের শাসক বাস করেন। { স. রাজ+বাটী, বাড়ি, বাড়ী (<বাটিকা)}
রাজবালা [রাজবালা] *বি* রাজার মেয়ে; রাজকন্যা; শাহজাদি। { স. রাজন্+বালা; ৬তৎ }
রাজবিদ্রোহ [রাজবিদ্দ্রোহো] *বি* রাজদ্রোহ; রাজার বা সরকারের বিরুদ্ধাচরণ। { স. রাজন্+বিদ্রোহ; ২তৎ }
রাজবিধান, রাজবিধি ⇒ রাজনিয়ম
রাজবিপ্লব [রাজবিপ্প্লব] *বি* রাজ্যশাসনের প্রচলিত নিয়মের পরিবর্তন বা বিপর্যয়। { স. রাজন্+বিপ্লব}
রাজবেশ [রাজবেশ] *বি* রাজপোশাক; নৃপতির পদমর্যাদাসূচক পোশাক; শাহি লেবাস। { স. রাজন্+বেশ}
রাজভক্ত [রাজভক্তো] *বিণ* রাজার প্রতি অনুরক্ত। { স. রাজন্+ভক্ত; ৬তৎ }
রাজভক্তি [রাজভোক্তি] *বিণ* সরকারের অনুগত; রাজার প্রতি অনুরক্তি; সরকারের আনুগত্য। { স. রাজন্+ভক্তি; ২তৎ }
রাজভবন ⇒ রাজবাড়ি
রাজভয় [রাজভয়] *বি* নৃপতি বা সরকারের নিকট থেকে শাস্তি পাওয়ার আশঙ্কা। { স. রাজন্+ভয়; ৫তৎ }
রাজভাষা [রাজভাশা] *বি* ১ রাজার বা শাসক জাতির মাতৃভাষা। ২ সরকারি কাজে ব্যবহৃত ভাষা। { স. রাজন্+ভাষা; ৬তৎ }
রাজভিষক [রাজভিশক্] *বি* রাজার দরবারের চিকিৎসক; রাজ্যের প্রধান চিকিৎসক (তিনি যখন বাগদাদের রাজভিষক—*আম*)। { স. রাজন্+ভিষক্; ৬তৎ }
রাজভৃত্য [রাজভৃততো] *বি* ১ রাজকর্মচারী। ২ রাজার চাকর বা পরিচালক। { স. রাজন্+ভৃত্য; ৬তৎ }
রাজভোগ [রাজভোগ্] *বি* ১ রাজার উপযুক্ত খাদ্য বা ভোগ্য সামগ্রী; শাহিখানা। ২ বৃহৎ আকারের রসগোল্লার ন্যায় মিঠাই। { স. রাজন্+ভোগ; ৬তৎ }
রাজভোগ্য [রাজভোগ্গো] *বিণ* রাজা কর্তৃক উপভোগের উপযুক্ত। **রাজভোগ্যা** *বিণ স্ত্রী*। { স. রাজন্+ভোগ্য}
রাজমজুর ⇒ রাজ[২]
রাজমহিষী [রাজমোহিশি] *বি* পট্টমহিষী; পাটরানি; রাজ্ঞী; মহারানি; রাজার প্রধানা পত্নী। { স. রাজন্+মহিষী}
রাজমান্য [রাজমানো] *বি* প্রজাদের নিকট থেকে রাজা বা জমিদারের প্রাপ্য উপহারাদি। { স. রাজন্+মান্য}
রাজমার্গ [রাজমারগো] *বি* রাজপথ। { স. রাজন্+মার্গ}
রাজমিস্ত্রি [রাজমিস্ত্রি] *বি* রাজ; যে কারিগর ইট–সুরকি–সিমেন্ট যোগে অট্টালিকাদি নির্মাণ করে। { স. রাজন্+*বা.* মিস্ত্রি}
রাজমুকুট [রাজমুকুট্] *বি* ১ রাজচিহ্নযুক্ত বা রাজার পদমর্যাদাসূচক শিরোভূষণ; তাজ। ২ *(আল.)* রাজপদ। { স. রাজন্+মুকুট}
রাজযক্ষ্মা [রাজজোক্খাঁ] *বি* অত্যন্ত কঠিন ধরনের যক্ষ্মারোগ; galloping; phthisis। উগ্রলক্ষণযোগ্য, এক সময়ে যক্ষ্মারোগের চিকিৎসা বা প্রতিষেধক ছিল না। { স. রাজন্+যক্ষ্মা}
রাজযোগ [রাজজোগ] *বি* হিন্দু যোগসাধন পদ্ধতিবিশেষ। { স. রাজন্+যোগ}
রাজযোটক [রাজজোটোক্] *বি (জ্যোশা)* বর–কনের রাশিপ্রভৃতি বিষয়ে শ্রেষ্ঠ সুসঙ্গতি। { স. রাজন্+যোটক}
রাজরাজ [রাজরাজ] *বি* ১ রাজার রাজা; সম্রাট; শাহানশাহ্। ২ কুবের। { স. রাজন্+রাজন্}
রাজরাজড়া [রাজরাজড়া] *বি* ১ নৃপতি ও সামন্ত নৃপতিগণ। ২ *(আল.)* ধনী বা অভিজাত সম্প্রদায়; বড়লোকের দল। { স. রাজন্+রাজন্+*বা.* ড়া}
রাজরাজেশ্বর [রাজরাজেশ্শর] *বি* সম্রাট; শাহানশাহ। **রাজরাজেশ্বরী** *বি স্ত্রী.* সম্রাজ্ঞী। { স. রাজন্+রাজ+ঈশ্বর}
রাজরানি, রাজরানী [রাজরানি] *বি* ১ রাজার রানি; রাজ্ঞী; শাহবানু। ২ *(আল.)* অতুল ঐশ্বর্যশালিনী। { স. রাজন্+(রাজ্ঞী)>রানি}
রাজর্ষি [রাজোর্শি] *বি* ঋষির মতো আচরণ করেন যে রাজা; যিনি রাজা অথচ ঋষি। { স. রাজন্+ঋষি}
রাজলক্ষণ [রাজলকখোন] *বি* ১ রাজশক্তির চিহ্নাদি। ২ ভবিষ্যতে রাজা হবে শরীরের সেরূপ চিহ্নাদি। { স. রাজন্+লক্ষণ; ৬তৎ }
রাজলক্ষ্মী [রাজলোকখি] *বি* হিন্দুমতে রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী; রাজ্যশ্রী। { স. রাজন্+লক্ষ্মী; ৬তৎ }
রাজলেখ, রাজলিখা ⇒ রাজলেখ্য
রাজলেখ্য, রাজলেখ, রাজলিখা [রাজলেকখো, –লেখ, –লিখা] *বি* রাজার স্বাক্ষরিত আদেশপত্র বা সরকারি নির্দেশপত্র; শাহি ফরমান; বাদশার দস্তখতযুক্ত ফরমান। { স. রাজন্+লেখ্য; ৬তৎ }
রাজশক্তি [রাজশোক্তি] *বি* রাষ্ট্রের শক্তি; রাজ্য পরিচালনা ক্ষমতা; রাজ্যের সৈন্যদল; রাজ্য বা সরকারের শাসন–ক্ষমতা। { স. রাজন্+শক্তি; ৬তৎ }
রাজশয্যা [রাজশোজ্জা] *বি* রাজার উপযোগী বিছানা। { স. রাজন্+শয্যা; ৬তৎ }
রাজশফর [রাজশফোর] *বি* ইলিশ মাছ; বড় পুঁটিমাছ। { স. রাজন্+শফর; ৬তৎ }

রাজশাসন [রাজ্‌শাশোন্] *বি* রাজার নির্দেশ। { *স.* রাজন্+শাসন; ৬তৎ }

রাজশেখর [রাজ্‌শেখর্] *বি* রাজচক্রবর্তী; সম্রাট; শাহানশাহ। { *স.* রাজন্+শেখর}

রাজশ্রী [রাজোস্‌স্রি] *বি* হিন্দুমতে রাজ্যের মঙ্গলকারিণী দেবী। { *স.* রাজন্+শ্রী}

রাজস, রাজসিক [রাজোশ্, –শিক্] *বি* গর্ব; খ্যাতি; প্রভুত্ব প্রভৃতিমূলক কর্ম। □ *বিণ* ১ রজো গুণ সম্বন্ধীয়। ৩ রজোগুণবিশিষ্ট। **রাজসী, রাজসিকী** *স্ত্রী*। { *স.* রজস্+অ(অণ্), +ইক(ঠক্)}

রাজসংস্করণ [রাজ্‌শঙোশ্‌কারোন্] *বি* পুস্তকাদির অতীব সুন্দর সংস্করণ বা শ্রেষ্ঠ সংস্করণ; শোভন সংস্করণ। { *স.* রাজন্+সংস্করণ; ৬তৎ }

রাজসদন [রাজ্‌শদোন্] *বি* রাজপ্রাসাদ; রাজার বাড়ি; শাহিমহল। { *স.* রাজন্+সদন; ৬তৎ }

রাজসভা [রাজ্‌শভা] *বি* রাজদরবার। { *স.* রাজন্+সভা}

রাজসভাসদ [রাজ্‌শভাশদ্] *বি* রাজার দ্বারা নিযুক্ত হয়ে যে ব্যক্তি মন্ত্রণাদি দানের জন্য নিয়মিতভাবে রাজসভায় বসেন; রাজদরবারের বিশেষ সদস্য। { *স.* রাজ+সভাসদ্}

রাজসরকার [রাজ্‌শর্‌কার্] *বি* রাজার শাসন বা সভা; শাহি হুকুমত। { *স.* রাজন্+ *ফা.* সরকার سرکار }

রাজসর্প [রাজ্‌শর্‌পো] *বি* বিষধর সর্প; শঙ্খচূড় সাপ। { *স.* রাজন্+সর্প; *কর্মধা.* }

রাজসর্ষপ [রাজ্‌শর্‌শপ্] *বি* রাইসরিষা। { *স.* রাজন্+ সর্ষপ; *কর্মধা.* }

রাজসিংহাসন [রাজ্‌শিঙ্‌হাশোন্] *বি* রাজার আসন; শাহি তখ্ত। { *স.* রাজন্+সিংহাসন}

রাজসিক [রাজোশিক্] *বি* গর্ব; খ্যাতি; প্রভুত্বমূলক কর্ম। □ *বিণ* ১ রাজরাজড়াদের মতো। ২ আড়ম্বরপূর্ণ। **রাজসিকী** *স্ত্রী*। { *স.* রজস্+ইক(ঠক্)}

রাজসূয় [রাজোশুয়ো] *বি* প্রাচীন ভারতে রাজচক্রবর্তী বা সম্রাট হতে হলে যে যজ্ঞ করা হতো। { *স.* রাজন্+√সূ+য(ক্যপ্)}

রাজসেবা [রাজ্‌শেবা] *বি* ১ রাজার পরিচর্যা। ২ রাজার বা সরকারি চাকুরি। { *স.* রাজন্+সেবা; ৬তৎ }

রাজস্থান [রাজোস্‌থান্] *বি* ভারতস্থ রাজপুতনা প্রদেশ। { *স.* রাজন্+স্থান; ৬তৎ }

রাজস্ব [রাজোশ্‌শো] *বি* রাজার প্রাপ্য ধন; খাজনা; রাজকর। ~ **সচিব** *বি* রাজস্ব মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত প্রধান সরকারি কর্মকর্তা; Revenue Secretary। { *স.* রাজন্+স্ব}

রাজহংস, রাজহাঁস [রাজ্‌হঙ্‌শো, –হাঁশ্] *বি* এক জাতীয় উন্নতগ্রীব ও দীর্ঘদেহবিশিষ্ট হংস; মরাল। **রাজহংসী** *বি স্ত্রী*। { *স.* রাজন্+হংস>হাঁস}

রাজহস্তী(–স্তিন্) [রাজহোস্‌তি] *বি* ১ রাজা যে হস্তীতে আরোহণ করেন। ২ রাজাকে বহন করার যোগ্য হাতি। ৩ শ্রেষ্ঠ বা বিশাল হাতি। { *স.* রাজন্+হস্তী; ৬তৎ }

রাজহাঁস ⟹ রাজহংস

রাজা[১] [রাজা] *বি* ১ দেশের অধিপতি; দেশশাসক; বাদশাহ; নৃপতি; নরপতি; ভূপতি। ২ এক প্রকার খেতাব। ৩ *(আল.)* অত্যন্ত ধনী ব্যক্তি। ~-উজির, ~-উজীর *বি* ধনী ও প্রতিপত্তিশালী ব্যক্তিগণ। ~ **উজির মারা** *ক্রি (আল.)* বড় বড় কথা বলে গর্ব প্রকাশ করা; নিজের বাহাদুরি প্রকাশ করা। ~ **করা** *ক্রি* অত্যন্ত ধনবান করা। ~**র হাল** *বি* অতিশয় সুখস্বাচ্ছন্দ্য। {√রাজ্+অন্(কনিন্)}

রাজা[২] [রাজা] *ক্রি (পদ্য.)* বিরাজ করা; শোভমান হয়ে অবস্থান করা; শোভা পাওয়া। { *স.* রাজন্>}

রাজাই[১] *(মবা.)* [রাজাই] *বি* ১ রাজত্ব। ২ রাজসম্মান (স্বদেশে রাজাই পায়—*ভারা*)। { *স.* রাজা+*বা.* ই}

রাজাই[২], **রজাই, রেজাই** [রাজাই, রজাই, রেজাই] *বি* লেপ; তুলাগর্ভ কম্বা। { *ফা.* রদ্বাই رضای }

রাজাকার [রাজাকার্] *বি* ১ স্বেচ্ছাসেবক। ২ *(আল.)* ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে যারা স্বেচ্ছাসেবক নামে পাকিস্তান দখলদার বাহিনীকে সহায়তা করে এবং স্বাধীনতা সংগ্রামের বিরোধিতা ও ক্ষতিসাধন করে। { *আ.* রেদ্বাকার رضاکار }

রাজাজ্ঞা, রাজাদেশ [রাজাগ্‌গাঁ, –দেশ্] *বি* রাজার হুকুম; সরকারি হুকুম বা আদেশ; শাহি ফরমান। { *স.* রাজন্+আজ্ঞা, আদেশ; ৬তৎ }

রাজাধিরাজ [রাজাধিরাজ্] *বি* সম্রাট; সার্বভৌম রাজা; শাহানশাহ; রাজাদের রাজা। { *স.* রাজন্+অধিরাজ}

রাজানুকম্পা, রাজানুগ্রহ [রাজানুকম্‌পা, –গ্‌গ্রোহো] *বি* রাজার অথবা সরকারের দয়া, দান বা উপহার। { *স.* রাজন্+অনুকম্পা, অনুগ্রহ; ৬তৎ }

রাজান্তঃপুর [রাজান্‌তোপ্‌পুর্] *বি* রাজপ্রাসাদের অন্দরমহল। { *স.* রাজন্+অন্তঃপুর; ৬তৎ }

রাজাবলি, রাজাবলী [রাজাবোলি] *বি* কোনো দেশের বা অঞ্চলের রাজাদের ধারাবাহিক বংশপরিচয়। { *স.* রাজন্+আবলি, আবলী}

রাজাসন [রাজাশোন্] *বি* সিংহাসন; রাজার আসন বা পদ; শাহি তখ্ত। { *স.* রাজন্+আসন}

রাজি[১], **রাজী**[১] [রাজি] *বি* ১ শ্রেণি; সারি; দল (তরুরাজি)। ২ সমূহ; গণ; রাশি (পত্ররাজি)। ৩ রেখা (রোমরাজি)। { *স.* √রাজ্+ই(ইঞ্)}

রাজি[২], **রাযী, রাজী**[২] [রাজি] *বিণ* সম্মত; স্বীকৃত; গৃহীত; মেনে নেওয়া হয়েছে এমন (রাজি হওয়া বা রাজি করা; তুমি যদি রাজী হও আমি রাজি তায়—*সৈহ*)। ~**নামা** *বি* মামলা আপস–নিষ্পত্তি করতে ইচ্ছুক বাদী ও বিবাদীর আদালতে সম্মতিসূচক দরখাস্ত; সম্মতি বা স্বীকৃতি পত্র (হিন্দুধর্ম রফা নিষ্পত্তি সূত্রে কত বিপরীত রকম রাজিনামা লিখে দিয়েছে তার ঠিকানা নেই—*রঠা*)। **নিম**~ *বিণ* কিছুটা সম্মত; প্রায় সম্মত; অনিচ্ছা সত্ত্বেও সম্মত। { *আ.* রাদ্বী راضی }

রাজি আল্লাহু আনহু, রাদি আল্লাহু আনহু [রাজি আল্‌লাহু আনহু, –দি–] আল্লাহ তাঁর প্রতি প্রসন্ন হউন (সাহাবিদের নামের পর উচ্চারিত হয়ে থাকে); সংক্ষিপ্ত রূপ—"রা."; রসুলের অনুচর সহচর ও দরবেশদের নামের সঙ্গে উচ্চারিত তাঁদের সদ্‌গতি প্রার্থনাবিশেষ (হযরত ইমাম হোসেন (রা.))। { *আ.* রাদিআল্লাহ আনহু رضی الله عنه }

রাজিত [রাজিতো] *বিণ* ১ শোভিত; ভূষিত; শোভা–

যুক্ত; শোভমান। ২ বিরাজিত; বিরাজমান। {স. √রাজ+ত(ক্ত)}

রাজী[1] ⇒ রাজি[1]

রাজীব [রাজিব্] *বি* পদ্ম; কমল (ও পদ রাজীবযুগ—*মদ*)। **~লোচন** *বি* পদ্মের মতো মনোহর নয়ন; কমল নয়ন। {স. রাজী...}

রাজেন্দ্র [রাজেন্‌দ্রো] *বি* রাজার রাজা; সম্রাট; শাহানশাহ। **রাজেন্দ্রাণী** *বি স্ত্রী.*। {স. রাজন্+ইন্দ্র}

রাজ্ঞী [রাগ্‌গি] *বি* রাজমহিষী; রানি। {স. রাজন্+ঈ(ঙীপ্)}

রাজ্য [রাজ্‌জো] *বি* ১ যে দেশে বা প্রদেশে পৃথক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠিত আছে; রাষ্ট্র; kingdom; state। ২ যে দেশ বা রাষ্ট্র রাজার অধিকারে আছে। ৩ রাজত্ব। ৪ *(আল.)* অনেক; বহু (রাজ্যের দুঃখ, বেদনা বুকে নিয়ে রাজ্যের লোক এসে হাজির)। **~চ্যুত, ~ভ্রষ্ট, ~হারা** *বিণ* নিজরাজ্য থেকে বঞ্চিত। **~পাল** *বি* পৃথক শাসন-ব্যবস্থা সমন্বিত প্রদেশের শাসনকর্তা; লাটসাহেব; governor। **~ভার** *বি* রাজ্যশাসনের দায়িত্ব। **~শাসন** *বি* রাষ্ট্র পরিচালনা বা চালানো। {স. রাজন্+য(যৎ)}

রাজ্যেশ্বর [রাজ্‌জেশ্‌শর] *বি* রাজ্যের বা দেশের অধিপতি; রাজা। **রাজ্যেশ্বরী** *বি স্ত্রী.*। {স. রাজ্য+ঈশ্বর}

রাডার [রাডার্] *বি* অগ্রসরমান কোনো বস্তু, যেমন বিমান ইত্যাদির গতি দিক ও অবস্থান নির্ধারণের ইলেকট্রনিক যন্ত্র। {ই. radar}

রাড় *(মবা.)* [রাড়্] *বিণ* ১ গোঁয়ার। ২ ইতর; নীচ (ব্যাধ গো হিংসক রাড়—*কমু*)। {স. রূঢ়}

রাড়ি [রাড়ি] *বি* ১ বিধবা (যারা রাড়ি তাদের জ্বালা-যন্ত্রণার অন্ত নেই—*বোখা*)। {⇒ রাঁড়, রাঁড়ি}

রাঢ় [রাঢ়্] *বি* ভাগীরথীর পশ্চিম তীরস্থ পশ্চিমবঙ্গের অংশবিশেষ। **রাঢ়ী, রাঢ়ীয়** *বিণ* রাঢ়দেশীয়; রাঢ়ের। {স. রাঢ়}

রাণা ⇒ রানা

রাণী ⇒ রানি

রাণ্ডী *(প্রাপ্র)* [রান্‌ডি] *বি* রাঁড়ি; বিধবা (অবজ্ঞায়)। **~বাজ, রেণ্ডীবাজ** *বিণ* বেশ্যাসক্ত। {স. রণ্ডা+বা. ঈ}

রাত [রাত্] *বি* রাত্রি; রজনী; নিশা; যামিনী; শর্বরী; বিভাবরী; ক্ষণদা। **~ করা** *ক্রি* অধিক রাত্রি পর্যন্ত সময় কাটানো (রাত করে আসা, রাত করে খাওয়া)। **~ কাটানো** *ক্রি* রাত্রি যাপন করা। **~কানা, ~কাণা** *বি* রাতে যে ভালো দেখতে পায় না। **~চোরা** *বি* নিশাচর পাখি; বাদুড়, পেচক প্রভৃতি। **~ জাগা** *বি* অনেক রাত পর্যন্ত না ঘুমানো; বিনিদ্র (রাত জাগা পাখি)। **~দিন** *বি* সব সময়ে; সারাদিন ও সারা রাত; অহর্নিশ। **~বেরাত, ~বিরেত** *বি* রাতের অসুবিধাজনক সময়; গভীর নিশীথ। **~ভর, ~ভোর** *ক্রিবিণ* সারা রাত ধরে; সমস্ত রাত্রি ব্যেপে। **রাতারাতি** *ক্রিবিণ* ১ রাত্রির মধ্যে; রাত্রি থাকতেই। ২ *(আল.)* অল্প দিন বা সামান্য সময়ের মধ্যে (রাতারাতি বড়লোক হয়ে যাওয়া)। {স. রাত্রি>*প্রা.* রাত্তি>রাইত>রাত}

রাতা [রাতা] *বিণ* লাল; ...য় লাল ফুলবিশিষ্ট। {স. রক্ত>*প্রা.* রত্ত>রাত+*বা.* আ}

রাতি *(পদ্য.)* [রাতি] *বি* রাত্রি। {স. রাত্রি>}

রাতিয়া *(পদ্য.)* [রাতিয়া] *বি* রাত। {*বা.* রাত+ইয়া}

রাতী *(মবা.)* [রাতি] *বি* রাত্রি (রাতী পোহাইবোঁ—*বচদা*)। {স. রাত্রি>}

রাতুল [রাতুল্] *বিণ* রক্তবর্ণ; লাল (তনুরুচি জবাফুল জিনিয়া রাতুল স্থূল—*ঘচ*)। {স. রক্ততুল্য>}

রাত্র [রাত্‌ত্রো] *বি* সমাসে উত্তরপদে 'রাত্রি' শব্দের রূপ (অহোরাত্র, ত্রিরাত্র)। {স. রাত্রি+অ(অচ)}

রাত্রি [রাত্‌ত্রি] *বি* রজনী; যামিনী; রাত; নিশা; নিশীথিনী; ক্ষণদা; শর্বরী; বিভাবরী। **~চর** *বিণ* রাত্রিতে বিচরণকারী; রাতে চলাফেরা করে এমন; নিশাচর। □ *বি* রাক্ষস; চোর। **~চারী, ~চরী** *বি, বিণ স্ত্রী.*। **~ জাগরণ** *বি* রাতে ঘুম না যাওয়া; রাত জাগা। **~পুষ্প** *বি* এক প্রকার লাল ফুল। **~বাস** *বি* ১ রাত্রি যাপন বা অতিবাহন; রাত্রিতে থাকা। ২ নিদ্রার জন্য পোশাকবিশেষ; night dress। **~বেলা** *ক্রিবিণ* রাতে; রাত্রিতে; রজনীতে; নিশাসময়ে ('বেলা' অপপ্রয়োগ)। **~মণি** *বি* চন্দ্র; শশধর; নিশানাথ; নিশাকর। {স. √রা+ত্রি(ত্রিপ্)}

রাত্র্যন্ধ [রাত্‌ত্রোন্‌ধো] *বিণ* রাত্রিবেলা যে ভালো দেখতে পায় না; রাতকানা। {স. রাত্রি+অন্ধ}

রাদি আল্লাহু আনহু ⇒ রাজি আল্লাহু আনহু

রাদ্ধ [রাদ্‌ধো] *বিণ* সিদ্ধ; সম্পন্ন; পক্ব। {স. √রাধ্+ত(ক্ত)}

রাধন, রাধনা [রাধোন্, রাধ্‌না] *বি* আরাধনা। {স. √রাধ্+অন(ল্যুট্),+আ}

রাধা [রাধা] *বি* ১ বৃষভানুকন্যা; রাধিকা; আয়ানপত্নী; কৃষ্ণপ্রিয়া (নব অনুরাগিণী রাধা—*বিপ*)। ২ বিশাখা নক্ষত্র। {স. √রাধ্+অ(অচ্)+আ(টাপ্)}

রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, রাধামাধব, রাধারমণ [রাধাকান্‌তো, -নাথ্, -বল্‌লোভ্, -মাধোব, -রমোন্] *বি* কৃষ্ণ। {স. রাধা+কান্ত, নাথ, বল্লভ, মাধব, রমণ}

রাধাকৃষ্ণ [রাধাকৃশ্‌নো] *বি* রাধা ও কৃষ্ণ। {স. রাধা+কৃষ্ণ}

রাধাপদ্ম [রাধাপদ্‌দোঁ] *বি* সূর্যমুখী ফুল। {স. রাধা+পদ্ম}

রাধাবল্লভী [রাধাবল্‌লোভি] *বি* ১ বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। ২ খাদ্যবিশেষ; পুর দেওয়া বড় লুচি। {স. রাধা+বল্লভী}

রাধাষ্টমী [রাধাশ্‌টোমি] *বি* ভাদ্র মাসের শুক্লাষ্টমী; রাধার জন্মতিথি বলে হিন্দু সমাজে পালিত। {স. রাধা+অষ্টমী}

রাধিকা [রাধিকা] *বি* ১ রাধা; শ্রীরাধা (রাধিকা আদেশে—*চদা*)। ২ বিশাখা নক্ষত্র। {স. রাধা+ক(কন্)+আ(টাপ্)}

রাধিকারঞ্জন, রাধিকারমণ [রাধিকারন্‌জোন্, -রমোন্] *বি* শ্রীকৃষ্ণ। {স. রাধিকা+রঞ্জন, রমণ}

রাধেকৃষ্ণ [রাধেকৃশ্‌নো] *অব্য* ১ পুণ্যনাম হিসেবে বৈষ্ণবগণ কর্তৃক উচ্চারিত রাধা ও কৃষ্ণ নামের একটি রূপ। ২ ঘৃণাদি ভাবব্যঞ্জক উক্তি। {স. রাধা>+কৃষ্ণ}

রাধেয় [রাধেয়ো] *বি* (হিন্দু পুরাণ বর্ণিত) অধিরথের পত্নী রাধার পালিত পুত্র কর্ণ। {স. রাধা+এয়(ঢক্)}

রানা[1] [রানা] *বি* ১ উদয়পুরের সাবেক রাজাদের খেতাব। ২ রাজা। {স. রাজন্>}

রানা[2], **রাণা** [রানা] *বি* ১ পুষ্করিণীর বাঁধানো ঘাটের

চাতাল (রানায় বসিয়া মাছ ধরিতেছে)। ২ গৃহ-সংলগ্ন বাঁধানো খোলা জায়গা বা বাইরের বারান্দা (ব্রাহ্মণ পণ্ডিত ঘরের রানায় বসিয়া শাস্ত্রীয় বিচার করিতেছেন, দেখিলাম—*বচ*)। { *ফা.* রান ران }
রানি, রানী, রাণী [রানি] *বি* রাজার স্ত্রী; রাজ্ঞী; রাজবধূ; রাজমহিষী। { *স.* রাজ্ঞী> }
রান্ধনি ⇒ রাঁধনি
রান্ধনী ⇒ রাঁধনি
রান্ধা, রান্ধাবাড়া ⇒ রাঁধা
রান্না [রান্‌না] *বি* ১ রন্ধন। ২ রাঁধা খাদ্য। { *স.* রন্ধন>রাঁধন> +আ }
রান্নাঘর [রান্‌নাঘর] *বি* পাকশালা; রসুইঘর; হেঁশেল। { রান্না+ঘর }
রান্নাবাড়া [রান্‌নাবাড়া] *বি* রাঁধাবাড়া; রন্ধন ও পরিবেশন। { রান্না+বাড়া }
রান্নাবান্না [রান্‌নাবান্‌না] *বি* রন্ধন পরিবেশনাদি। { রান্না+ *অনু.* বান্না }
রাপান *(মবা.)* [রাপানো] *ক্রি* উৎসুক বা ব্যগ্র হওয়া (দেখিতে রাপায়িতা—*বচদা*)। { রাপ+আন }
রাব *(মবা.)* [রাব] *বি* ১ মাতগুড়; চিটাগুড়। ২ শব্দ; রব (শ্রবণ রহল ঐছে শুনইতে রাব—*বিপ*)। { *স.* রব> }
রাবড়ি [রাব্‌ড়ি] *বি* দুগ্ধের ঘন সরে চিনি মিশিয়ে প্রস্তুত এক প্রকার মিষ্টান্ন। { √রাব্‌+ড়ি }
রাবণ [রাবোন্] *বি* রামায়ণোক্ত রাক্ষসরাজ লঙ্কাধিপতি রাবণ। **রাবণের চিতা** *বি* ১ রাবণের মৃতদেহ দাহকারী অনির্বাণ চুল্লি। ২ *(আল.)* অন্তহীন যন্ত্রণা বা মর্মদাহ। { *স.* √রু+ই(ণিচ)+অন(ল্যুট) }
রাবণমুখো [রাবোন্‌মুখো] *বি* উগ্র বা ভয়ঙ্কর মূর্তি; উগ্রচণ্ডী। **রাবণমুখী** *বিণ. স্ত্রী.*। { *স.* রাবণমুখ+ *বা.* ইয়া>ও }
রাবণারি [রাবোনারি] *বি* রাম। { *স.* রাবণ+অরি; ৬তৎ }
রাবণি [রাবোনি] *বি* রাবণের পুত্র ইন্দ্রজিৎ; মেঘনাদ। তুল. দাশরথি। { *স.* রাবণ+ই(ইঞ্) }
রাবণের পুরী [রাবণের পুরি] *বি* রাবণের এক লক্ষ পুত্র ও সওয়া লক্ষ নাতির অনুসরণে বৃহৎ পরিবার এ নামে অভিহিত। { *স.* রাবণ+এর+পুরী }
রাবার ⇒ রবার
রাবি [রাবি] *বি* বর্ণনাকারী; হজরত মুহম্মদ *(সা.)*-এর উক্তি; কর্মের অথবা অনুমোদনের সাক্ষীস্বরূপ; প্রবক্তা (এহ্ইয়া, মালেক প্রভৃতি প্রত্যেক ব্যক্তিই হাদিসের রাবী—*আখাঁ*)। { *আ.* রাবী راوی ; হিব্রু রাব্বী }
রাবিশ [রাবিশ্] *বি* ১ অট্টালিকাদির ভাঙা ইট, বালি প্রভৃতি। ২ আবর্জনা; জঞ্জাল। ৩ *(আল.)* অপদার্থ; নিকৃষ্ট; অকর্মণ্য বা বাজে বিষয় বা ব্যক্তি; নিকৃষ্ট ব্যক্তি বা বস্তু (কোন পেটরায় রাবিস ছাই—*মীম*)। { *ই.* rubbish }
রাম [রাম্] *বি* রামায়ণে বর্ণিত দশরথ-পুত্র রামচন্দ্র; বিষ্ণুর অবতারবিশেষ। □ *বিণ* ১ সুন্দর; রমণীয়; মনোহর। ২ বৃহৎ (রাম ছাগল)। ৩ শ্রেষ্ঠ; সেরা (বোকা রাম, হাঁদারাম)। **~ কহ, ~ বলো**—ঘৃণা বা অবজ্ঞা বোঝাতে ব্যবহৃত শব্দ। **~ না হতে রামায়ণ**—হেতুর পূর্বেই যথাপ্রাপ্তি; কারণের পূর্বেই কার্য সম্পাদন; অসম্ভব ঘটনা; অবাস্তব ব্যাপার। **~** *বি* ঘৃণা নিন্দা বা অবজ্ঞাবোধক উক্তি। **না রাম না গঙ্গা** ধর্মহীন ব্যক্তি; নীরবতা অবলম্বন; কোনো শব্দ উচ্চারণ না করা (না রাম না গঙ্গা তিনি কিছুই বললেন না)। **সে রামও নাই/নেই সে অযোধ্যাও নাই/নেই**—অতীতের সুখশান্তি চিরদিনের জন্য বিলুপ্ত এমন উক্তি। **রামঃ, রামো** *অব্য* ঘৃণা নিন্দা ইত্যাদি বাচক শব্দ। { *স.* √রম্+অ(ঘঞ্) }
রামকান্ত [রাম্‌কান্‌তো] *বি (ব্য.)* উত্তমরূপে প্রহার করার লাঠি বা জুতা (রামকান্ত পেটা করা)। তুল. শ্যামচাঁদ। { *অমূ.* }
রামকেলি, রামকেলী [রাম্‌কেলি] *বি* গানের সুর বা রাগিণীবিশেষ। { রামক্রীড়> }
রামখড়ি [রামখোড়ি] *বি* লিখনকার্যে ব্যবহৃত খড়িমাটি; চক। { রাম (অর্থ সুন্দর)+খড়ি }
রামচন্দ্র [রাম্‌চন্‌দ্রো] *বি* ১ রামায়ণোক্ত রাম। ২ ঘৃণা বা অবজ্ঞা বুঝাতে উচ্চারিত শব্দ। { *স.* রাম+চন্দ্র }
রামছাগল [রাম্‌ছাগোল] *বি* ১ বৃহদাকার ছাগলবিশেষ। ২ *(আল.)* খুব বোকা। { রাম+ছাগল; *কর্মধা* }
রামজামা [রাম্‌জামা] *বি* বড় জামাবিশেষ (চুড়িদার পায়জামা, রামজামা কোমরে দোপাট্টা ও মাথায় বাঁকা টুপী, তার মনোমত পোষাক—*প্যামি*)। { রাম+জামা }
রামটেপা [রাম্‌টেপা] *ক্রিবি* অত্যন্ত জোরে টিপুনি (আনসার নজির সাহেবের কবজিটা ধরে রামটেপা দিয়ে বললে—*নই*)। { রাম+টেপা }
রামঠেলা [রাম্‌ঠ্যালা] *বি* সজোর ধাক্কা (হঠাৎ জাহাঙ্গীরের রামঠেলায় সচকিত হইয়া হারুন উঠিয়া বসিয়া দেখিল—*নই*)। { রাম+ঠেলা; *কর্মধা.* }
রামদা [রাম্‌দা] *বি* বড় দা; বৃহৎ কাটারি। { রাম+দা }
রামদৌড় [রাম্‌দোউড়্] *বি* খুব জোরে দৌড় (একদম রামদৌড়—*শও*)। { রাম+দৌড় }
রামধনু, রামধনুক [রাম্‌ধোনু, —নুক্] *বি* রংধনু; ইন্দ্রধনু; বিরাট ধনুকাকৃতি বিচিত্র বর্ণের প্রতিবিম্ব যা মেঘ থেকে পতিত জলকণাসমূহের উপর সূর্যরশ্মি দ্বারা আকাশে সৃষ্ট হয়। { *স.* রাম+ধনু, ধনুক; ৬তৎ }
রামনবমী [রাম্‌নবোমি] *বি* চৈত্র মাসের শুক্লা নবমী তিথি; রামের জন্মতিথি বলে হিন্দু সমাজে প্রতিপালিত পর্বদিন। { *স.* রাম+নবমী }
রামপাখি, রামপাখী [রাম্‌পাখি] *বি (ব্য.)* মোরগ বা মুরগি। { রাম+পাখি; *কর্মধা.* }
রামভক্ত [রাম্‌ভক্‌তো] *বি* হনুমান। { *স.* রাম+ভক্ত }
রামরাজত্ব [রাম্‌রাজোত্‌তো] *বি* ১ রাম রাজ্য। ২ যা খুশি করবার একচেটিয়া অধিকার। { *স.* রাম+রাজত্ব }
রামরাজ্য [রাম্‌রাজ্জো] *বি* ১ রামের রাজ্য। ২ ন্যায়-সুখ-শান্তি পূর্ণ রাজ্য; অতি সুশাসিত দেশ। ৩ যা ইচ্ছা তাই করা (সে যেন রামরাজত্ব পেয়েছে)। { *স.* রাম+রাজ্য }
রামলীলা [রাম্‌লিলা] *বি* ১ রামচন্দ্রের জীবনে সংঘটিত কীর্তিকর কার্যসমূহ। ২ রামচন্দ্রের জীবনী ও ক্রিয়াকলাপ বিষয়ক যাত্রাভিনয়। { *স.* রাম+লীলা; ৬তৎ }
রামশালিক [রাম্‌শালিক্] *বি* বকজাতীয় পক্ষী। { *স.* রাম+শালিক }

রামশিঙা ⇒ রামশিঙ্গা

রামশিঙ্গা, রামশিঙা [রাম্‌শিঙ্‌গা, –শিঙা] *বি* বড় শিঙ্গা; ফুঁ দিয়ে বাজাতে হয় এমন এক প্রকার বাদ্যযন্ত্র। {রাম+শিঙ্গা; *কর্মধা.*}

রামশ্যাম, রামশ্যামা [রাম্‌শ্যাম্ –মা] *বি* ১ যেকোনো লোক; বাজে লোক (রামশ্যাম সবাই যাবে)। ২ বাজে লোক। { *অ.* রাম+শ্যাম, শ্যামা}

রামা [রামা] *বি* ১ সুন্দরী বা রমণীয়া নারী। ২ সঙ্গীত ও অন্যান্য কলায় নিপুণা নারী। ৩ প্রিয়া; প্রেয়সী (আউলাইল মাথার কেশ দূর বৈল নাস বেশ কান্দে রামা ভূমে দিয়া হাড়ি—*হেমা*)। { *স.* রাম+আ(টাপ্)}

রামাইত ⇒ রামায়েত

রামানুজ [রামানুজ] *বি* ১ হিন্দু পুরাণোক্ত দশরথ-পুত্র রামের ছোট ভাই ভরত, লক্ষ্মণ বা শত্রুঘ্ন। ২ বিশিষ্ট অদ্বৈতবাদ প্রবর্তক দাক্ষিণাত্যবাসী বৈষ্ণব ধর্ম প্রচারক রামানুজ ত্রিপাঠী (জন্ম ১০১৭ খ্রি.)। { *স.* রাম+অনুজ}

রামায়ণ [রামায়োন্] *বি* বাল্মীকি কর্তৃক দশরথ পুত্র রামচন্দ্রের জীবন-কাহিনী অবলম্বনে রচিত মহাকাব্য। { *স.* রাম+অয়ন; ৬তৎ}

রামায়ণকার [রামায়োন্‌কার্] *বি* রামায়ণ-রচয়িতা বাল্মীকি। { *স.* রাম+অয়ন+কার}

রামায়েত, রামাইত [রামায়েত্, –ইত্] *বি* একটি বৈষ্ণব সম্প্রদায়। { *হি* রামাৱত্>}

রাযী ⇒ রাজি

রাযাই ⇒ রেজাই

রায়১ [রায়্] *বি* বিচারকের সিদ্ধান্ত; আদালতের বা বিচারকের বিচার-ফল। { *আ.* রায় رائی }

রায়২ [রায়্] *বি* ১ হিন্দু সম্প্রদায়ের পদবিবিশেষ। ২ রাজা। ৩ রাজার মতো সম্ভ্রান্ত ও প্রভাবশালী ব্যক্তি। ৪ ইংরেজ আমলে সরকার প্রদত্ত সম্ভ্রান্ত ব্যক্তির খেতাব (রায় সাহেব, রায় বাহাদুর)। □ *বিণ* বৃহৎ; দীর্ঘ। ~**জাদা** *বি* ১ রায়ের পুত্র। ২ রাজপুত্র। { *ফা.* রায় رای }

রায়ট [রায়োট্] *বি* দাঙ্গা; দুই দলের মধ্যে হানাহানি; খুনখারাবি। { *ই.* riot}

রায়ত, রায়তী ⇒ রাইয়ত

রায়বাঁশ [রায়্‌বাঁশ্] *বি* দীর্ঘ বংশযষ্টি; বাঁশের বৃহৎ লাঠি (মোটা রায়বাঁশের লাঠি আর কেবল লাল পাগড়ির ভিড়—*অঠা*)। { *স.* রাজবংশ>}

রায়বাঘিনী [রায়্‌বাঘিনি] *বি* ১ বৃহৎ ব্যাঘ্রী। ২ *(আল.)* অতিশয় উগ্র ও ব্যক্তিত্বসম্পন্ন নারী। { *স.* রাজব্যাঘ্রী>}

রায়বার [রায়্‌বার্] *বি* ১ রাজার কীর্তিসমূহ দূত কর্তৃক কথন। ২ রাজার নিকট দূতের বার্তা নিবেদন (অঙ্গদ রায়বার)। ৩ দূত (ভাট পড়ে রায়বার যশ বর্ণাইয়া—*ভারা*)। ৪ বিয়ের ঘটক। { *স.* রাজবার্তা>}

রায়বাস [রায়্‌বাশ্] *বি* লাঠিয়াল (তীরন্দাজ রায়বাস ঢালি পাইক ধায়। শীকার পিছনে ঘোড়া সেপাই পাঠায়—*ফগা*)। { *স.* রাজবংশ>}

রায়বাহাদুর, রায়রায়ান, রায়সাহেব [রায়্‌বাহাদুর্, –রায়ান্, –শাহেব্] *বি* ব্রিটিশ আমলের সরকারি খেতাব। { *ফা.* রায়বাহাদুর, রায়রায়ান, রায়সাহেব رای بهادر–رائی رایان–رای صاحب }

রায়-রায়াঁ [রায়্‌রায়াঁ] *বি* তুর্কি-মোগল আমলে হিন্দু কর্মচারীকে প্রদত্ত সর্বোচ্চ উপাধি; রাজাধিরাজ (সুজা খাঁ নবাবসুত সরফরাজ খাঁ দেয়ান আলমচন্দ্র রায় রায়-রায়াঁ —*ভারা*)। { *ফা.* রায়-রায়ান(রায়াঁ) رائی رایان ; *তুল.* খান-ই-খানান}

রায়বেঁশে [রায়্‌বেঁশে] *বি, বিণ* ১ লাঠিয়াল; রায়বাঁশ নিয়ে নৃত্য (ঘন হান হান হাঁকে রায়বেঁশে লোকে—*ভারা*)। ২ রায়বাঁশ নিয়ে যা করা হয়; রায়বাঁশসহ সম্পন্ন (রায়বেঁশে নাচ)। {রায়বাঁশ+এ}

রাশ১ [রাশ্] *বি* ১ রাশি; স্তূপ; গাদা (এক রাশ তরিতরকারি)। ২ প্রকৃতি; আচরণ (রাশভারী)। ৩ জন্মরাশি (রাশনাম)। ~**ছাড়া** *ক্রি* আকাশপাতাল ভাবা; কল্পনার জাল বিস্তার করা (উৎপত্তি প্রসঙ্গে গবেষকেরা মাঝে মাঝে কল্পনার রাশ ছাড়তেন—*সুদ*)। ~**টানা** *ক্রি* সংযত করা; কঠোর শাসন করা। ~**নাম** *বি* জন্মরাশি অনুসারে নাম। ~-**পাতলা** *বিণ* হালকা; ছেবলা প্রকৃতির (সে রাশ পাতলা লোক)। ~**ভারী** *বিণ* গম্ভীর প্রকৃতির লোক। ~**হালকা** *বিণ* লঘু প্রকৃতি (তাকে দেখে রাশহালকা লোক বলে মনে হয় না)। { *স.* রাশি>}

রাশ২ ⇒ রাস

রাশি [রাশি] *বি* ১ স্তূপ; পুঞ্জ; সমূহ। ২ *(গণিত.)* সংখ্যা; number (এক রাশিকে অন্য রাশি দিয়া ভাগ করা)। ৩ *(জ্যোশা)* জ্যোতিষ চক্রের দ্বাদশ অংশ (মেঘ বৃষ মিথুনাদি)। ৪ *(আল.)* অদৃষ্ট; নসিব; ভাগ্য (সুখ তার রাশিতে নাই)। ~**চক্র** *বি (জ্যোশা)* দ্বাদশ রাশি চিহ্নিত বৃত্ত; ভচক্র; zodiac। ~ ~ *বিণ* প্রভূত; সুপ্রচুর; অসংখ্য (রাশি রাশি ভারা ভারা ধানকাটা হলো সারা—*রঠা*)।

রাশীকৃত *বিণ* স্তূপীকৃত; গাদা দেওয়া (ছাই দিন দিন রাশীকৃত হইয়া উঠিতেছে—*রঠা*)। { *স.* √অশ্+ই(ইন্)}

রাষ্ট্র [রাশ্‌ট্রো] *বি* ১ এক শাসনতন্ত্রাধীন দেশ বা দেশের অংশ; রাজ্য; স্টেট; state। ২ দেশ; প্রদেশ। □ *বিণ* প্রচারিত; ঘোষিত; বিজ্ঞাপিত; রচিত; বিদিত (রাষ্ট্র হওয়া)। ~ **করা** *ক্রি* ১ প্রচার করা; ঘোষণা করা। ২ রটনা করা। ~**দূত** *বি* রাজদূত; অন্যদেশে নিজ দেশের প্রতিনিধিত্বকারী দূত; ambassador। ~**নায়ক** *বি* ১ রাষ্ট্রের শাসক বা পরিচালক। ২ রাষ্ট্রের নেতা; head of the state; রাষ্ট্রপতি; রাষ্ট্রপ্রধান; president। ~**নীতি** *বি* রাজনীতি; রাষ্ট্র পরিচালনের নীতি। ~**নীতিক**, ~**নৈতিক** *বিণ* রাজনীতিমূলক বা বিষয়ক। ~**পতি** *বি* ১ রাষ্ট্রের অধিপতি বা প্রধান; রাজা। ২ সাধারণতন্ত্র-রাষ্ট্রের নির্বাচিত অধিনায়ক; প্রেসিডেন্ট; president। ~**বিপ্লব** *বি* ১ রাষ্ট্রের শাসন ব্যবস্থার আকস্মিক পরিবর্তন বা বিপর্যয়; রাষ্ট্রশাসন ব্যবস্থায় মৌলিক পরিবর্তন। ২ রাষ্ট্রের অভ্যন্তরের অরাজকতা, গৃহযুদ্ধ প্রভৃতি। **রাষ্ট্রিক, রাষ্ট্রিয়, রাষ্ট্রীয়** *বিণ* রাষ্ট্র সংক্রান্ত। { *স.* √রাজ্+ত্র(ষ্ট্রন্)}

রাস১ [রাশ্] *বি* অশ্ববল্গা; লাগাম; রশ্মি (আবার তর্ক, মুখে রাস নেই—*অঠা*)। ~ **আলগা করা**, ~ **ঢিলা করা** *ক্রি (আল.)* শাসন শিথিল করা; যথেচ্ছভাবে চলতে দেওয়া। ~ **টানা** *ক্রি* ১ লাগাম বা বল্গা ধরে টানা। ২ *(আল.)*

সংযত বা নিয়মিত করা। { স. রশ্মি> }

রাস[1], **রাসযাত্রা, রাসলীলা** [রাশ্, –জাত্‌ত্রা, –লিলা] *বি* গোপীগণের সঙ্গে কৃষ্ণের নৃত্যলীলা; কার্তিকী পূর্ণিমায় গোপনারীদের সঙ্গে রাধাকৃষ্ণের নৃত্যোৎসব (এখনও অঙ্গ দোলে প্রাকৃত রাসে—*বিদে*)। ~**পূর্ণিমা** *বি* কার্তিকী পূর্ণিমা। ~**বিহারী** *বি* যিনি রাসমণ্ডলে বিহার করেন; কৃষ্ণ। ~**মণ্ডপ, ~মণ্ডল** *বি* রাধাকৃষ্ণের রাসনৃত্যের জায়গা বা মণ্ডপ। { স. √রস্+অ(ঘঞ) }

রাসযাত্রা, রাসলীলা ⇒ রাস

রাসকেল, রাস্কেল [রাশ্‌কেল্] *বি* দুর্বৃত্ত; পাজি; বদমাশ। { *ই.* rascal }

রাসন [রাশোন্] *বিণ* স্বাদ বা রসনা সম্পর্কিত। { স. রসনা+অ(অণ্) }

রাসভ [রাশোভ্] *বি* গর্দভ; গাধা। **রাসভী** *বি* *স্ত্রী.*। ~**নিন্দিত** *বিণ* ১ গাধাকেও হার মানায় বা লজ্জা দেয় এমন। ২ অত্যন্ত শ্রুতিকটু। { স. √রাস্+অভ(অভচ্) }

রাসায়নিক [রাশায়োনিক্] *বি* রসায়ন শাস্ত্রবিশারদ। ☐ *বিণ* রসায়ন সংক্রান্ত; রসায়ন ঘটিত (অদৃষ্ট পুরুষের রাসায়নিক পরীক্ষাশালা—*রঠা*)। ~ **আকর্ষণ** *বি* পরমাণুগুলোর পরস্পরের প্রতি আকর্ষণ। { স. রসায়ন+ইক(ঠক্) }

রাস্কেল ⇒ রাসকেল

রাস্তা [রাস্‌তা] *বি* ১ পথ; মার্গ; বর্ত্ম। ২ উপায়; ব্যবস্থা (রাস্তা–টাস্তা দেখাও)। ~**খরচ** *বি* রাস্তায় গাড়িপ্রভৃতির ভাড়া ও খাবার খরচ; পাথেয়। ~**ঘাট** *বি* ১ পথঘাট; ছোট বড় রাস্তা। ২ সদর ও গলিপথ। ~ **দেখো** *ক্রি* চলে যাও (এখানে কিছু হবে না, রাস্তা দেখো)। ~ **দেখানো** *ক্রি* ১ পথ দেখানো। ২ উপায় বাতলানো (চলার মতো একটা রাস্তা দেখাও ভাই)। ~ **ধরা** *ক্রি* ১ পথ ধরা; চলতে আরম্ভ করা। ২ (*আল.*) পদাঙ্ক অনুসরণ করা; একই পথ অবলম্বন করা। ~ **বন্ধ** *বি* ১ পথ বন্ধ। ২ কোনো উপায় না থাকা (তার আয়ের সব রাস্তা বন্ধ হয়ে গেছে)। **রাস্তার লোক** *বি* ১ অচেনা লোক; অপরিচিত ব্যক্তি (রাস্তার লোককে একথা বলা যায় না)। ২ পথ চলতি লোক। { *ফা.* রাশ্‌তহ راسته }

রাস্না [রাস্‌না] *বি* পরগাছাজাতীয় লতা; এক ধরনের অর্কিড। ~**মালা** *বি* পরগাছা জাতীয় লতা বিশেষের মালা (জটার পরে জড়িয়ে নিয়ে বিনি সুতার রাস্নামালা —*সদ*)। { স. √রস্+ন+আ(টাপ্) }

রাহমাতুল্লিল আলামিন [রাহোমাতুল্‌লিল্ আলামিন্] *বিণ* ১ সারা বিশ্বের জন্য রহমত বা অনুগ্রহবিশেষ (রাহমাতুল্লিল আলামীনের যে নিশান বরদার—*ফআ*)। ২ মুসলমানগণ হজরত মুহম্মদ (সা.)-কে এ নামে অভিহিত করেন। { *আ.* রাহ্‌মাতুল্লিল আলামিন رحمة للعالمين }

রাহা [রাহা] *বি* ১ রাস্তা; পথ (সাত বৎসরের রাহা শুন সমাচার—*সৈহা*)। ২ উপায়; ব্যবস্থা (মিথ্যানীতির বন্ধ রাহা—*জউ*)। ৩ হিন্দুদের উপাধিবিশেষ। ~**খরচ** *বি* পথখরচ; ভ্রমণকালে গাড়ি ভাড়া ইত্যাদি অবশ্য প্রয়োজনীয় ব্যয়; পাথেয় (আবার কি জোটাতে পারব রাহাখরচ—*হাই*)। { *ফা.* রাহ راه }

রাহাগির [রাহ্‌গির্] *বি* পথিক (চলে যাও রাহাগির নিজের গরজে—*ফজা*)। { *ফা.* রাহ্‌গীর راهگیر }

রাহাজান, রাহযন [রাহাজান্, –জন্] *বি* প্রকাশ্য রাজপথে ছিনতাই বা ডাকাতি করে যে। **রাহাজানি** *বি* ১ ডাকাতের বৃত্তি; ডাকাতি; প্রকাশ্য রাস্তায় ছিনতাই (রাহাজানি করে সরাবের তরে—*সদ*; প্রথম বয়সে খোরাসানের সড়কে রাহাজানি করতেন—*আম*)। ২ অন্যায়; অত্যাচার; অবিচার (রাহাজানি করলে ভক্তি বিশ্বমানব হিসাবে নেবে—*সদ*)। { *ফা.* রাহজান راهزن }

রাহাবর, রাহবর [রাহাবর্, –হো–] *বি* পথপ্রদর্শক; যে পথ দেখিয়ে নিয়ে যায় (নজীবউদ্দৌলার সঙ্গে একজন রাহাবর অর্থাৎ পথপ্রদর্শক ছিল—*তাহো*)। { *ফা.* রাহবর راهبر }

রাহিত্য [রাহিত্‌তো] *বি* অভাব; বিহীনতা। { স. রহিত+য(ষ্যঞ) }

রাহি, রাহী[1] (*প্রাপ্র*) [রাহি] *বি* পথচারী; পথিক; মুসাফির (দিল্লীশ্বর গৌড়ে রাহী রহিয়াছেন—*র.ম.*; মুজাহিদ রাহী আজি হিন্দের মুসলমান—*তাহো*)। { *ফা.* রাহী راهی }

রাহী[2] (*মবা.*) [রাহি] *বি* রাধা (মাধব অনুদিনে খিনি ভেলি রাহী—*বিপ*)। { স. রাধিকা> }

রাহু [রাহু] *বি* (*জ্যোশা*) ১ অষ্টম গ্রহ। ২ পুরাণোক্ত যে অসুর গ্রহণকালে সূর্য বা চন্দ্রকে গ্রাস করে। ৩ পৌরাণিক অসুরবিশেষের ছিন্নমুণ্ড। ৪ (*আল.*) ধ্বংসকারী শত্রু; সর্বনাশসাধনকারী ব্যক্তি (তুমি আমার জীবনে রাহু)। ~**গ্রস্ত** *বিণ* ১ রাহু গ্রাস করেছে এমন। ২ (*আল.*) বিপদগ্রস্ত; অত্যন্ত বিপন্ন; অসৎ লোকের কবলে পতিত। **রাহুর দশা** *বি* ১ (*জ্যোশা*) অত্যন্ত অশুভ সময়। ২ অত্যন্ত ক্ষতিকর ও জীবন সংশয়সূচক অবস্থা বা কাল (রাহুর দশায় পড়েছে)। { স. √রহ্+উ(উণ্) }

রাহুজান ⇒ রাহাজান

রাহুত (*মবা.*) [রাহুত্] *বি* ১ ঘোড়সওয়ার (রাহুত মাহুত সাজাইল হাতী ঘোড়া—*কৃও*)। ২ হিন্দুজাতিবিশেষ (রাহুত মাহুত মাল—*কমু*)। { *হি.* রাওত>রাউত> }

রি, রে [রি, রে] *অব্য* সঙ্গীতে ঋষভ স্বর বোঝাতে সংকেত শব্দ। { স. ঋষভ> }

রিং, রিঙ [রিঙ্] *বি* ১ আংটা; আংটি; অঙ্গুরি; অঙ্গুরীয়। ২ চাবি রাখার কড়া। ৩ টেলিফোন বেজে ওঠার ধ্বনি (আমি রিং করেছিলাম)। ৪ ঘণ্টাধ্বনি। { *ই.* ring }

রিকশা, রিকসা [রিকশা] *বি* মানুষটানা যাত্রীবাহী দ্বিচক্রযান। ~**ওয়ালা** *বি* রিকশাচালক। **অটো**~ *বি* যন্ত্রচালিত রিকশা। **সাইকেল** ~ *বি* সাইকেলের মতো ত্রিচক্রযান। { *জা.* জিন্ রিকশা }

রিকাব ⇒ রেকাব

রিক্ত [রিক্‌তো] *বিণ* ১ শূন্য; খালি; সম্বলহীন (রিক্তহস্ত)। ২ নিঃস্ব; সম্বলশূন্য; অত্যন্ত দরিদ্র। **রিক্তা** *বিণ, স্ত্রী.*।

রিকথ [রিকথ্] *বি* ১ অর্থ; ধন; সম্পত্তি। ২ উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সম্পদ। { স. রিচ্+থ(থক্) }

রিক্রুটিং [রিক্‌রুটিঙ্] *বি* রংরুট; শিক্ষানবিস নতুন সেনা

পুলিশ ইত্যাদি নিয়োগ (তাঁহার বাড়ীর একটা বড় কামরায় রিক্রুটিং-এর আড্ডা বসেছিল—*মাউ*)। { *ই* recruiting }

রিঙ ⇒ রিং

রিজক ⇒ রিজিক

রিজাইন [রিজাইন্] *ক্রি* পদত্যাগ করা; কাজে ইস্তফা দেওয়া। { *ই* resign }

রিজার্ভেশন [রিজার্‌ভেশন্] *বি* পূর্ব সংরক্ষণ; পূর্ব থেকে টিকিট ক্রয় করে গাড়িতে নিজের জন্য জায়গা স্থিরকরণ (দূরের জানি হলে রিজার্ভেশন যেন বাধ্যতামূলক—*আআআ*)। { *ই* reservation }

রিজিক, রিজক, রেজেক [রিজিক্, *–জ–*, রেজেক্] *বি* জীবনোপকরণ; অন্ন–বস্ত্র প্রভৃতি। { *আ.* রিজ্‌ক رزق }

রিঝ, রিঝি[১] *(ব্র.)* [রিঝ্, রিঝি] *বি* হৃদয়; মন; অন্তর (বচন মৃদু মরমর কাঁপে রিঝ থর থর শিহরে—*রঠা*)। { *স.* হৃদ্>রিদ>রিঝ }

রিঝি[২] *(ব্র.)* [রিঝি] *অক্রি* হৃষ্ট বা আনন্দিত হয়ে (বজাওত বীণা সমাধুরী রিঝি—*বিপ*)। { রিঝ+ই }

রিটার্ন [রিটারন্] *বি* ১ ফেরতা (রিটার্ন টিকিট)। ২ নির্দিষ্ট সাময়িক সরকারি বিবরণী, আয়কর হিসাব ইত্যাদি। ~ **টিকিট** *বি* একই সঙ্গে যাওয়া–আসার টিকিট। { *ই* return }

রিঠা[১], **রিঠে**[১] [রিঠা, *–ঠে*] *বি* কাপড় কাচার জন্য ব্যবহৃত এক রকম ছোট ফল। { *স.* অরিষ্ট> }

রিঠা[২], **রিঠে**[২] [রিঠা, *–ঠে*] *বি* রিঠামাছ; ইঁটামাছ। { *স.* অরিষ্ট> }

রিড, রীড [রিড্] *বি* শব্দ উৎপাদনের জন্য হারমোনিয়ামে ব্যবহৃত যন্ত্রাংশ; নলখাগড়া। { *ই* reed }

রিডার [রিডার্] *বি* বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের একটি পদ, বর্তমানের সহযোগী অধ্যাপকের সমতুল্য। { *ই* reader }

রিতু [রিতু] *বি* ঋতু (রিতু বসন্ত—*বিপ*)। { *স.* ঋতু> }

রিনঝিন, রিনিঝিনি, রিমঝিম [রিন্‌ঝিন্, রিনিঝিনি, রিম্‌ঝিম্] *অব্য* তারযন্ত্র বা নূপুর বাজার শব্দ; ঝঙ্কার। { *ধ্বন্যা.* }

রিপিট, রিবিট [রিপিট্, *–বি–*] *বি* ধাতুপাত প্রভৃতি জোড়া দেওয়ার কাজে প্রযুক্ত দুই দিকে মোটা পেরেকবিশেষ। { *ই* rivet }

রিপু[১] ⇒ রিফু

রিপু[২] [রিপু] *বি* ১ শত্রু; দুশমন; বিপক্ষ (রিপুগণ উপহাসে মনে লাগে ভয়—*দৌবা*)। ২ প্রবৃত্তি; ষড়রিপু—কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ ও মাৎসর্য। ~**দমন** *বি* কাম ক্রোধাদি দমন; প্রবৃত্তিদমন (মহৎ ব্যক্তিগণ রিপুদমন করিতে পারেন)। ~**দমী**(–মিন্) *বিণ* শত্রু দমন করে এমন। { *স.* √রপ্+উ(কু) }

রিপোর্ট [রিপোর্‌ট্] *বি* ১ বিবরণী; প্রতিবেদক (কাজের রিপোর্ট)। ২ অনুসন্ধান; পরীক্ষা বা গবেষণা সম্পর্কে লিখিত বিবরণ (পুলিশের রিপোর্ট খুব ভাল নয়—*কাআউ*)। ৩ অভিযোগ; নালিশ (বাড়াবাড়ি করেন তো রিপোর্ট করবো—*অচিসে*)। { *ই* report }

রিপোর্টার [রিপোর্‌টার্] *বি* প্রতিবেদক; সংবাদদাতা; খবরের কাগজের সংবাদ-প্রেরক; সাংবাদিক। { *ই* reporter }

রিপ্লাই [রিপ্‌লাই] *ক্রি* জবাব দেওয়া; reply। ~ **কার্ড** *বি* দ্রুত উত্তর লাভের জন্য প্রেরিত জোড়া পোস্ট কার্ড। { *ই* reply }

রিপ্লে [রিপ্‌লে] *বি* পুনরায় খেলা; replay। **অ্যাকশন** ~ কোনো একটি অংশ বা ভঙ্গি (টিভিতে) আবার দেখানো। { *ই* replay }

রিফাইন [রিফাইন্] *ক্রি* শোধন করা (রিফাইন করা)। **রিফাইন্ড** *বিণ* শোধিত (রিফাইন্ড তেল)। { *ই* refine }

রিফাইনারি [রিফাইনারি] *বি* শোধনাগার; যেখানে তেল ইত্যাদি শোধন করা হয় (জেটির সামনেই ছোট একটা রিফাইনারী, কোম্পানীর লোকদের তেল এখানে পরিশোধিত হয়—*নাহার*)। { *ই* refinery }

রিফিউজি, রিফুজি, রেফুজি [রিফিউজি, রিফুজি, রেফুজি] *বি* উদ্বাস্তু; শরণার্থী। { *ই* refugee }

রিফু, রিপু[৩] [রিফু, *–পু*] *বি* সুচ সুতা দিয়ে বস্ত্রের ছিন্ন অংশ বুনে মেরামত (রিপু করা ধুতি পরি নাহি ভাবে দোষ—*দীমি*)। { *ফা.* রফূ رفو }

রিবিট, রিপিট [রিবিট্, *–পি–*] *বি* ধাতুপাত প্রভৃতি জোড়া দেওয়া কাজে প্রযুক্ত দুই দিকে মোটা পেরেকবিশেষ। { *ই* rivet }

রিভলবার, রিভলভার, রিভলবর [রিভল্‌বার্, *–ভার্, –বর্*] *বি* একবার গুলি ভরে একাধিকবার গুলি ছোড়া যায় এমন পিস্তল; ছোটখাটো আগ্নেয়াস্ত্র (হাতে রিভলভার তো আছেই—*নই*)। { *ই* revolver }

রিম, রীম [রিম্] *বি* কাগজের পরিমাণবিশেষ (১ রিম=২০ দিস্তা=৪৮০ বা ৫০০ তা)। { *ই* ream }

রিমঝিম [রিম্‌ঝিম্] *অব্য* মৃদু বৃষ্টিপাতের শব্দ। **রিমিঝিমি** *ক্রিবিণ* রিমঝিম ধ্বনি করে (রিমিঝিমি বৃষ্টি পড়ে)। { *ধ্বন্যা.* }

রিযক ⇒ রিজিক

রিয়াইত, রেয়াৎ [রিয়াইত্, রেয়াত্] *বি* ১ ক্ষমা; অব্যাহতি। ২ বিবেচনা; শ্রদ্ধা; সুবিধা। { *আ.* রিয়ায়াত رعاية }

রিয়াকারী [রিয়াকারি] *বি* প্রদর্শনের জন্য ধর্মাচরণ; লোক দেখানো ধার্মিকতা। { *ফা.* রিয়াকারী رياكارى }

রিরংসা [রিরঙ্‌শা] *বি* রমণ, সঙ্গম বা রতিক্রিয়ার ইচ্ছা; কাম। **রিরংসু** *বিণ* রমণে বা রতিক্রিয়ায় ইচ্ছুক। { *স.* √রম্+স(সন্)+অ+আ(টাপ্) }

রি রি [রিরি] *অব্য* তীব্র ক্রোধ বা অন্য প্রকার অনুভূতি বোঝানোর জন্য ব্যবহৃত শব্দ (রাগে গা রি রি করছে)। { *স.* √রিষ্> }

রিল, রীল [রিল্] *বি* ১ কাটিম। ২ ববিন। ৩ স্পুল। ৪ সিনেমার ফিল্মের ১০০০ ফিট-এর মতো। ৫ কাঠের নলি যাতে সেলাই করার সুতা জড়ানো থাকে; সুতা গুটানোর চাকতি। ৬ কাঠের চাকতিতে গুটানো সুতা (দেয়াশলাইয়ের

বাক্স, সুতোর রীল এমনি সব টুকি টাকি—*অঠা*)। { *ই* reel }
রিলিফ [রিলিফ] *বি* সাহায্য; সহায়তা (আপনারা সবাই মিলে রিলিফ-কমিটি গঠন করে আমায় এ দুরবস্থা থেকে উদ্ধার করুন—*ওহ*)। { *ই* relief }
রিলে [রিলে] *বি* সম্প্রচার (রিলে স্টেশন); লাগাতার দৌড় প্রতিযোগিতা। { *ই* relay }
রিশওত ⇒ রিসওয়াত
রিশতা [রিশ্‌তা] *বি* সম্বন্ধ; কুটুম্বিতা। ~দার *বি* কুটুম্ব; আত্মীয়। { *ফা.* রিশতাহ رشته }
রিষ, রিষারিষি, রিষারেষি ⇒ রেষ
রিষ্ট, রিষ্টি [রিশ্‌টো, রিশ্‌টি] *বি* ১ পাপ; অমঙ্গল; অকল্যাণ। ২ গ্রহদোষ। **রিষ্টিনাশা** *বিণ* অকল্যাণ নাশকারী (বিশ্ব ললাটদীপ্ত কালো রিষ্টিনাশা হোমের টিপে—*সদ*)। { *স.* √রিষ্‌+ত (ক্ত), তি (ক্তি) }
রিসওয়াত, রিশওত [রিস্‌ওয়াত্‌, রিশ্‌ওত] *বি* ঘুষ (তরবারি যা পারে নাই রিসওয়াত তা পেরেছে—*আজা*)। { *আ.* রিশ্‌ওত رشوة }
রিসালা [রিসালা] *বি* অশ্বারোহী সেনাবাহিনীর অধিনায়ক। { ⇒ **রেশালা** }
রিসি (*মবা.*) [রিসি] *বি* ঋষি (রিসি জে তপসী নহি—*শূন্যপুরাণ*)। { *স.* ঋষি> }
রিসিভার [রিসিভার] *বি* টেলিফোনের শব্দগ্রহণ ও শব্দপ্রেরণ যন্ত্র। { *ই* receiver }
রিস্টওয়াচ [রিশ্‌টওয়াচ] *বি* হাতঘড়ি; যে ঘড়ি মণিবন্ধে বেঁধে রাখা হয় (রিষ্টওয়াচ মাটিতে আছড়াইয়া ভাঙ্গিয়া ফেলিল—*আমআ*)। { *ই* wristwatch }
রিহার্সাল [রিহারশাল্‌] *বি* অভিনয়ের পূর্বে তালিম; মহড়া (সাজাহান নাটকের রিহার্সাল হচ্ছে)। { *ই* rehearsal }
রীত [রিত] *বি* ১ আচার-ব্যবহার; চালচলন (রীত ও চরিত ভালো না)। ২ প্রথা (দেশে দেশে দিয়ে কদভ্যাসের দীক্ষা অমনি রীতে—*সদ*)। { *স.* রীতি> }
রীতি [রিতি] *বি* ১ প্রণালি; পদ্ধতি (রন্ধনরীতি, চিকিৎসারীতি)। ২ প্রথা; ধারা; দস্তুর (সমাজের রীতি)। ৩ প্রকৃতি; স্বভাব; আচরণ (তাহার রীতিই ঐ রকম)। ৪ রচনাশৈলী; স্টাইল; বৈশিষ্ট্য (গদ্যরীতি)। ৫ গতিক; ধরন। ~**নীতি** *বি* আচার-ব্যবহার; রসম ও রেওয়াজ; দস্তুর। ~**বিরুদ্ধ** *বিণ* প্রথা বা নিয়মবিরুদ্ধ; প্রথার পরিপন্থী। ~**মতো** *ক্রিবিণ* ১ রীতি অনুসারে। ২ ভীষণ রকম; ভালোরকম (রীতিমত প্রহার দিয়েছে)। { *স.* √রী+তি(ক্তিন্‌) }
রীম ⇒ রিম
রীল ⇒ রিল
রীষ ⇒ রেষ
-রু [-রু] *বিণ* প্রত্যয় বিশেষ (ঘোড়ারু, সজারু)। { *বা.* প্রত্যয় }
রুই [রুই] *বি* ১ রোহিত মৎস্য; একপ্রকার বড় মাছ। ২ উই পোকা। ~**কাতলা** *বি* ১ বড় মাছ। ২ (*আল.*) সমাজের পদস্থ ও বিত্তশালী লোক; যারা দেশ ও সমাজের রীতিকে উপেক্ষা করে চলতে পারে (রুইকাতলার পেছনে লেগো না)। { *স.* রোহিত>*প্রা.* রোহিঅ> }
রুইতন, রুহিতন [রুইতন্‌, রুহিতন্‌] *বি* খেলার তাসের একটি রং। { *ওল.* ruiten }
রুইদাস, রুহিদাস [রুইদাশ্‌, রুহি-] *বি* ১ চর্মকার; চামার; মুচি। ২ চর্মকার জাতির মধ্যে আবির্ভূত আদি পুরুষ ও মহাপুরুষ; চামারদের আদিপুরুষ; রাজা হরিশ্চন্দ্রের পুত্র রুইদাস। { *স.* রবিদাস> }
রুকসত ⇒ রোখসত
রুকু [রুকু] *বি* নামাজের সময়ে দুই হাঁটুতে ভর করে নত মস্তকে দাঁড়ানো (একাদশে রুকু হয় পিষ্ট কুঁজ করি দ্বাদশে ছজুদ দেয় মছল্লা উপরি—*হেমা*)। { *আ.* রুকু ركوع }
রুক্মিণী [রুকমিনি] *বি* বিদর্ভরাজ ভীষ্মকের কন্যা ও কৃষ্ণের প্রধান পত্নী। { *স.* রুক্ম+ইন(ইনি)+ঈ(ঙীপ্‌) }
রুক্ষ [রুক্‌খো] *বিণ* ১ কর্কশ; নিষ্ঠুর; উগ্র (শুষ্ক রুক্ষ ঋষির চিত্তে—*রঠা*)। ২ খসখসে (রুক্ষ চর্ম); তৈলহীন অচিক্কণ (রুক্ষ কেশ)। ৩ কঠোর কটু শ্রুতি (রুক্ষ ভাষা)। ৪ স্নেহবর্জিত; নিষ্ঠুর (রুক্ষ ব্যবহার)। ৫ ক্রুদ্ধ; উগ্র (রুক্ষ মেজাজ)। ৬ এবড়োখেবড়ো; অসমতল (রুক্ষ পথ)। **রুক্ষতা** *বি* কর্কশতা; উগ্রতা; তৈলহীনতা। ~**ভাষী** *বিণ* কর্কশ ভাষা বলে এমন। { *স.* √রুহ্‌+স(ক্স) }
রুখলী (*ব্র.*) [রুখোলি] *বিণ* রুক্ষ (রুখলী ভুখলী দুখলি দেখলি—*বিপ*)। { *স.* রুক্ষ>রুখল+ঈ }
রুখা[1] ⇒ রোখা[1]
রুখা[2]**, রুখো, রুখ** [রুখা, -খো, -খ্‌] *বিণ* ১ শুকনো; শুষ্ক; শুধু; ব্যঞ্জনাদি বর্জিত (রুখু ভাত)। ২ উশকো-খুশকো; তেলহীন (রুখু মাথা)। ৩ খোরাক দিতে হয় না এমন (রুখু মাইনের ভৃত্য)। { *স.* রুক্ষ> }
রুখা[3] [রুখা] *ক্রিবিণ* রোধ করা; রোখা; প্রহারে উদ্যত হওয়া (একরোখা)। { *স.* √রুষ্‌> }
রুগী ⇒ রোগী
রুগ্‌ণ [রুগ্‌নো] *বিণ* ১ পীড়িত; অসুস্থ। ২ রোগের জন্য দুর্বল বা কাহিল (রুগ্ন স্বাস্থ্য)। **রুগ্‌ণা** *বিণ স্ত্রী.*। **রুগ্‌ণতা** *বি*। { *স.* রুজ্‌+ত(ক্ত) }
রুচা ⇒ রোচা
রুচি [রুচি] *বি* ১ পছন্দ; মার্জিত আচার ও আচরণ (লোকটার রুচি আছে)। ২ দীপ্তি; উজ্জ্বলতা; শোভা; সৌন্দর্য; লাবণ্য (দন্তরুচি, মুখরুচি কত শুচি করিয়াছে শোভা—*কাদা*)। ৩ স্পৃহা; ইচ্ছা; অভিলাষ; ভোজনের আগ্রহ বা প্রবৃত্তি (স্ত্রীর রান্না বিনা অন্নপানে হত না তাঁর রুচি—*রঠা*)। ৪ অনুরাগ; আকর্ষণ; আগ্রহ; আসক্তি। ~**কর** *বিণ* ১ স্পৃহাজনক; আগ্রহজনক। ২ সুস্বাদু; প্রীতিকর; প্রীতিদায়ক। ৩ প্রবৃত্তিদায়ক বা অনুরাগজনক। ~**বাগীশ** *বিণ* (*ব্য.*) অনাবশ্যকভাবে সুরুচি বা সৌন্দর্য সম্পর্কে মাত্রাতিরিক্ত সাবধান। ~**ভেদ** *বি* পছন্দ বা রুচিজ্ঞানের পার্থক্য; কোনটি ভালো কোনটি গ্রহণীয় কোনটি বর্জনীয় ইত্যাদি সম্বন্ধে লোকের মতের বা পছন্দের ভিন্নতা। { *স.* √রুচ্‌+ই(ইন্‌) }
রুচির [রুচির্‌] *বিণ* ১ মনোজ্ঞ; সুন্দর; শোভন; মনোরম; মধুর। ২ দীপ্ত; উজ্জ্বল (কোকনাদ রুচির বয়ান—*কমু*)। **রুচিরা**[1] *বিণ স্ত্রী.*। { *স.* √রুচ্‌+ইর(কিরচ্‌) }

রুচিরা[২] [রুচিরা] *বি* একটি সংস্কৃত ছন্দের নাম। {*স.* রুচির+আ(টাপ্)}

রুচ্য [রুচ্‌চো] *বিণ* রুচিকারক; প্রীতিপ্রদ। {*স.* √রুচ্+য(ক্যপ্)}

রুজ [রুজ্] *বি* গণ্ডদেশ রঞ্জিত করার জন্য ব্যবহৃত প্রসাধন সামগ্রী। {*ই* rouge}

রুজি, রুযি, রুযী [রুজি] *বি* জীবিকা; উপার্জন; উদরান্ন; দৈনন্দিন খাদ্য সংস্থান (বেগার মেহনতে রুজি ছিল এতকাল—*সৈহা*)। **রোজ-দিন-~** *বি* দৈনিক উপার্জন। {*ফা.* রুজী روزی }

রুজু[১], **রুজূ** [রুজু] *বিণ* ১ দাখিল; দায়ের; উপস্থাপিত (একটি প্রার্থনা রুজু করলেন—*রাব*)। ২ ফেরা; প্রত্যাবর্তন (আল্লাহর দিকে মন রুজু করা)। {*আ.* রুজূ রجوع }

রুজু[২] [রুজু] *বিণ* ১ সোজা; খাড়া। ২ সমান; অনুযায়ী; অনুসারী। ৩ সামনাসামনি; সম্মুখবর্তী। ~ **দেওয়া** *ক্রি* মূলের সঙ্গে মিলানো; হিসাবের কোনো দফাকে মূলের অনুসারী করা। {*স.* ঋজু>}

রুজু-রুজু [রুজুরুজু] *বিণ* পরস্পরের সামনাসামনি হয়ে বিতর্কিত বিষয় প্রমাণ করা বা মীমাংসা করা (উঠান থেকে বাইরে বেরুবার দরজাটি সেলের দরজার রুজু রুজু—*অবধূত*)। {*আ.* রুজু رجوع +*আ.* রুজু- رجوع }

রুটা (*মবা.*) [রুটা] *ক্রি* রুষ্ট বা ক্রুদ্ধ হওয়া (দন্তী দেখে রুটে—*ঘচ*)। {*স.* √রুষ্>+*বা.* আ}

রুটি [রুটি] *বি* ১ আটা, ময়দা প্রভৃতি দিয়ে তৈরি খাদ্যদ্রব্য। ২ পাউরুটি; চাপাটি (মাখন রুটি)। ৩ জীবিকা; বৃত্তি; জীবনধারণের উপায় (রুটির বন্দোবস্ত, রুটি মারা)। ~-রুজি *বি* খাদ্য ও জীবিকা। ~ **গড়া** *ক্রি* রুটি তৈরি করা। ~ **বেলা** *ক্রি* চাকি বেলুন দিয়ে রুটি তৈরি করা। ~ **মারা** *ক্রি* (*আল.*) জীবিকা অর্জনের উপায় রোধ করা। {*স.* রোটিকা>}

রুটিন [রুটিন্] *বি* দৈনন্দিন করণীয় কাজের নির্ধারিত পরম্পরা। ~ **বাঁধা** *বিণ* ছকবাঁধা; মেনে চলা হয় এমন। {*ই* routine}

রুঠ (*মবা.*) [রুঠ্] *বিণ* রুষ্ট। ২ রুক্ষ (মোরে রুঠ কাহ্ন—*বচ*)। {*স.* রুষ্ট>}

রুঠা, রুঠো [রুঠা, -ঠো] *বিণ* ১ রুক্ষ, কঠোর; কর্কশ; নীরস। ২ নিষ্ঠুর; নির্দয়; দয়ামায়াহীন (রূপার মায়ের রুঠা কথায় উঠল বুড়ির কাশ—*জউ*)। {*স.* রূঢ়>}

রুণুঝুণু ⇒ রুনুঝুনু

রুণুরুণু ⇒ রুনুঝুনু

রুত [রুত্] *বিণ* ১ ধ্বনিত। ২ ক্রন্দন করে এমন। □ *বি* ১ রব; জীবজন্তুর বিশেষত পাখির ডাক। ২ ক্রন্দন। {*স.* √রু+ত(ক্ত)}

রুদিত [রুদিতো] *বিণ* ১ কাঁদছে এমন; ক্রন্দনরত। ২ ক্রন্দন; রোদন। {*স.* √রুদ্+ত(ক্ত)}

রুদ্ধ [রুদ্‌ধো] *বিণ* ১ প্রতিহত; বাধাপ্রাপ্ত; নিবারিত (রুদ্ধ স্রোত)। ২ বদ্ধ (রুদ্ধদ্বার; শ্বাস রুদ্ধ হয়ে মৃত্যু)। ৩ আটক; বেষ্টিত (কারারুদ্ধ)। ৪ চাপা; গতিহীন (রুদ্ধ ক্রন্দন, রুদ্ধ বাতাস)। **-কক্ষ** *বি* যে ঘরের দরজা-জানালা বন্ধ। **-শ্বাস** *বিণ* ১ শ্বাসবায়ু রুদ্ধ হয়েছে এমন; প্রাণবায়ুর চলাচল বন্ধ এমন। ২ শ্বাসগ্রহণ বা ত্যাগ না করার অবস্থায় উপনীত; বিস্ময়াদির আতিশয্যের ফলে শ্বাস বন্ধ অবস্থা। **-শ্বাসে** *ক্রিবিণ* শ্বাস রুদ্ধকর বেগে (রুদ্ধশ্বাসে ধাবিত হওয়া)। {*স.* √রুধ্+ত(ক্ত)}

রুদ্র [রুদ্‌রো] *বি* হিন্দুদেবতা শিব; শিবের সংহার মূর্তি। □ *বিণ* উগ্র; ভয়ঙ্কর; প্রচণ্ড (হে রুদ্র বৈশাখ)। **রুদ্রজা** *বি* ১ রুদ্র (শিব) হতে জাত কার্তিকাদি। ২ পারদ। **~জটা** *বি* ১ শিবের জটা। ২ লতাবিশেষ। **~তাল** *বি* সঙ্গীতের ছন্দ বা তাল; তাণ্ডব নৃত্যের তাল। **~বীণা** *বি* ১ প্রচণ্ড সুরযুক্ত বীণা। ২ যে বীণার ধ্বনি উদাত্ত (হে রুদ্রবীণা বাজো—*রঠা*)। **-মূর্তি** *বি* ভয়ঙ্কর মূর্তি; সংহারমূর্তি। **রুদ্রাক্ষ** *বি* যে শুষ্ক ফল দিয়ে হিন্দুদের জপের মালা প্রস্তুত হয়। **রুদ্রাক্ষমালা** *বি* রুদ্রাক্ষ দিয়ে তৈরি জপমালা। **রুদ্রাণী** *বি স্ত্রী.* শিবের পত্নী; ভবানী। {*স.* √রুদ্+র(রক্)}

রুধা ⇒ রোধা

রুধির [রুধির্] *বি* ১ রক্ত; শোণিত; খুন; লহু। ২ রক্তবর্ণ। ৩ কুমকুম। **~রঞ্জিত, রুধিরাক্ত** *বিণ* রক্তে মাখা। {*স.* √রুধ্+ইর(কিরচ্)}

রুনুঝুনু, রুণুঝুণু, রুনুরুনু, রুণুরুণু [রুনুঝুনু, -, রুনুরুনু, -] *অব্য* নূপুর, ঘুঙুর প্রভৃতির শব্দ; নূপুরের ঝঙ্কার (আর আমরা বাঈজীদিগের নূপুরের রুনুঝুনু ধ্বনিতে নাচিয়া উঠি—*ইহো*)। {*ধ্বন্যা.*}

রুপা, রূপা, রুপো [রুপা, -, -পো] *বি* রৌপ্য। **রুপার চাকতি** *বি* টাকা। {*স.* রূপ্য>}

রুপালি, রূপালী, রূপালি, রুপোলী [রুপালি, -, -, -পো-] *বিণ* ১ রূপার পাতে মোড়া; রূপারপ্রলেপবিশিষ্ট; রৌপ্যমণ্ডিত। ২ রূপার মতো সাদা। {রুপা+আলি}

রুপি, রুপী [রুপি] *বি* ভারতের মুদ্রার নাম। {*স.* রূপ্য>}

রুপিয়া, রূপিয়া, রুপেয়া, রূপেয়া [রুপিয়া, -, -পে-, -] *বি* খাদমিশ্রিত রূপার তৈরি মুদ্রা; রৌপ্য মুদ্রা; টাকা (রূপ এবং রুপেয়া দুইটাই ওদের সমান কাম্য)। {*স.* রূপ্য>}

রুপোলী ⇒ রুপালি

রুবাই, রুবাঈ [রুবাই] *বি* চতুষ্পদী কবিতা। **-য়াত-ই-ওমর খৈয়াম** *বি* ওমর খৈয়ামের চতুষ্পদীসমূহ। {*আ.* রুবাঈ رباعی }

রুবাইয়াৎ, রুবাঈয়াত, রোবাইয়াৎ [রুবাইয়াত্, -, রো-] *বি* রুবাইসমূহ। {*আ.* রুবাইয়াত رباعیات }

রুম [রুম] *বি* কক্ষ; কামরা। {*ই* room}

রুমঝুম [রুম্‌ঝুম্] *অব্য* বাদ্যযন্ত্র মল বা নূপুরের ধ্বনি। {*ধ্বন্যা.*}

রুমাল, রূমাল, রোমাল [রুমাল্, -, রো-] *বি* ১ মুখের ঘাম ও হাতমুখ মোছার ক্ষুদ্র বস্ত্রখণ্ড। ২ ছোট শালবিশেষ {*ফা.* রূমাল رومال }

রুয়া[১] ⇒ রোয়া[১]

রুয়া[২], **রুয়ো** [রুয়া, -য়ো] *বি* ঘরের চালে যে লম্বা লম্বা মসৃণ করা বাঁশের টুকরা বাঁধা হয়। {*স.* √রুহ্+ণিচ্+*বা.* আ}

রুরু [রুরু] *বি* একপ্রকার মৃগ; মহাকৃষ্ণসার। {*স.*

√রু+রু(ক্রুন্)}

রুল¹ [রুল্] *বি* ১ লাইন; রেখা (রুল টানা)। ২ ছাপাখানার এক লাইনের অক্ষরসমূহ অন্য লাইনের অক্ষরসমূহ থেকে পৃথক রাখার জন্যে সিসাদির পাতলা পাত। ৩ নিয়ম; আইন; নির্দেশ (রুল জারি)। ~ **জারি করা** *ক্রি* প্রধানত আদালত কর্তৃক নির্দেশ বা আদেশ দেওয়া। {ই rule}

রুল², **রুলার** [রুল্, রুলার্] *বি* সরলরেখা টানা বা প্রহারের জন্যে যে দণ্ড ব্যবহার করা হয় (রুল টানা, রুলের গুঁতো)। {ই ruler}

রুলি, রুলী [রুলি] *বি* সরু বালাবিশেষ (রাঙা দুটি হাতে লাল রুলি—*সদ*)। {*তুল. হি.* রোলি}

রুশনী [রুশ্‌নি] *বি* ঔজ্জ্বল্য; আলো (বাতিতে রুশনী থাকলে ভিতরে তেল কতখানি আছে সে খবর নিতে যায় কে—*ইস্মা*)। {*ফা.* রোশনী روشنی }

রুষা ⇒ রোষা

রুষ্ট, রুষিত [রুশ্‌টো, ~শিতো] *বিণ* ক্রুদ্ধ; রাগান্বিত; রোষযুক্ত (তিনি রুষ্ট হইলেন)। **রুষিতা, রুষ্টা** *বিণ স্ত্রী.*। {*স.* √রুষ্+ত(ক্ত)}

রুসুম [রুশুম্] *বি* ১ শুল্ক; ট্যাক্স। ২ প্রথা; দেশাচার; দস্তুর। {*আ.* বহুব রুসুম رسوم ; একব রসম رسم }

রুসুমাত [রুসুমাত্] *বি* বিয়ের পর বরকনের প্রথম সাক্ষাৎ আদি যেসব আচার পালন করা হয়। {*আ.* رسومات }

রুহ [রুহো] *বিণ* জাত (মহীরুহ)। {*স.* √রুহ্+অ(ক)}

রুহানি, রূহানী [রুহানি] *বিণ* অন্তর থেকে উৎপন্ন; আত্মাজাত; আত্মিক; আধ্যাত্মিক (সে শক্তি তাঁর রুহানী শক্তি—*গোমো*)। {*আ.* রূহানী روحانی }

রুহিতন ⇒ রুইতন

রুহ, রূহ [রুহ্, রুহ্] *বিণ* আত্মা; অন্তরাত্মা; অন্তর। {*আ.* রূহ روح }

রূঢ় [রুঢ়ো] *বিণ* ১ কর্কশ; রুক্ষ; কঠোর; অপ্রিয়। ২ উৎপন্ন; জাত। ৩ বিখ্যাত; প্রসিদ্ধ। ৪ ব্যুৎপত্তি বহির্ভূত অর্থপ্রকাশ করে এমন (রূঢ় শব্দ)। {*স.* √রুহ্+ত(ক্ত)}

রূঢ়তা [রুঢ়োতা] *বি* কার্কশ্য; কর্কশতা; কঠোরতা; রুক্ষতা। {*স.* রূঢ়+তা}

রূঢ় পদার্থ [রুঢ়ো পদারথো] *বি (বিজ্ঞান.)* অমিশ্র পদার্থ। {*স.* রূঢ়+পদার্থ}

রূঢ়মূল [রূঢ়োমুল্] *বিণ* বদ্ধমূল; প্রবৃদ্ধ। {*স.* রূঢ়+মূল}

রূঢ়ি [রুঢ়ি] *বি* ১ উৎপত্তি; জন্ম। ২ প্রসিদ্ধি; খ্যাতি। ৩ ব্যুৎপত্তিলব্ধ অর্থ ভিন্ন অন্য অর্থ প্রকাশের শক্তি; বাচ্যার্থ ভিন্ন অর্থবোধ। {*স.* √রুহ্+তি(ক্তি)}

রূপ [রুপ্] *বি* ১ আকৃতি; মূর্তি; শরীর (অরূপেরে রূপ দিক—*রঠা*)। ২ সৌন্দর্য; শোভা; খুবসুরতি (রূপ যেন ফেটে পড়ছে)। ৩ স্বাভাবিক সৌন্দর্য। ৪ বেশভূষা; চেহারা (পথে পথে ঘুরে যা রূপ হয়েছে)। ৫ ধরন; প্রকার; রকম (এরূপ ঘটনা)। ৬ বর্ণ; রং। ৭ স্বরূপ; স্বভাব (স্নেহরূপ বন্ধন)। ৮ *(ব্যা.)* বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু (শব্দরূপ)। ৯ *(দর্শন.)* নেত্রগ্রাহ্য বা প্রত্যক্ষ বিষয়। ~**ওয়ালি** *বি* সুন্দরী; রূপসী; খুবসুরত (ধেয়ানলোক হতে গো যেন রূপ ধরে এলো রূপওয়ালী—*নই*)। ~ **করা** *ক্রি* শব্দমূলের বা ধাতুমূলের সঙ্গে বিভক্তি যোগ করা। ~**কার** *বি* ১ রূপদাতা। ২ শিল্পী। ৩ অভিনয়ে যে ব্যক্তি অভিনেতাদের পোশাক পরায়; সজ্জাকর। ~**কারী** *বি* শিল্পী; রূপদাতা; অভিনেতা (রূপের বাইরের সঙ্গে মিলছে রূপকারী কাজ—*অঠা*)। ~**চাঁদ** *বি* ১ রুপার টাকা (সঙ্গে সঙ্গে রূপচাঁদ বাবাজীকে হাজির করলেন—*মীম*)। ২ অর্থ; ধন; টাকা-পয়সা। **রূপজ** *বিণ* ১ রূপজনিত; রূপজাত। ২ সৌন্দর্যের আকর্ষণ থেকে জাত (রূপজ মোহ)। ~**জীবা**, ~**জীবী**, **রূপোপজীবী** *বি* বেশ্যা; গণিকা। ~**দক্ষ** *বিণ* ১ বেশ ধারণে দক্ষ বা নিপুণ। ২ রূপ সৃষ্টিতে বা রূপদানে পারদর্শী এমন; artist। ~**ধারী** (রিন্) *বিণ* রূপ ধারণ করেছে এমন। ~**বান**, ~**বন্ত** *বিণ* সুন্দর; মনোহর। ~**বতী** *বিণ স্ত্রী.*। ~**মঞ্জরি** *বি* রূপ আছে এমন (সুদর্শন কুব্জা রূপমঞ্জরী বাসক—*সৈম্মা*)। ২ সৌন্দর্যের নবীনতা। ~**মা** *বিণ* রূপ বা সৌন্দর্য দ্বারা সমৃদ্ধ। ~**মাধুরী** *বি* সৌন্দর্যের মাধুর্য বা কোমলতা বা কমনীয়তা। ~**শালি**, ~**শালী** *বি* এক প্রকার ধান (রূপশালী ধান বুঝি এই দেশে সৃষ্টি—*সদ*)। **রূপের জালি** *বি* প্রচুর সৌন্দর্য বা রূপের আধার। **রূপের ধুচুনি** *(বা.)* অত্যন্ত সুন্দর বা মনোহর অর্থাৎ কুরূপ। **রূপের মোহ**, ~**মোহ** *বি* ১ সৌন্দর্যের প্রতি মুগ্ধতা বা অন্ধ আকর্ষণ। ২ রূপ-বিহ্বলতা; রূপ-বিবশতা। {*স.* √রূপ্+অ(অচ্)}

রূপক [রুপক্] *বি* ১ যে অর্থালঙ্কারে উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা করা হয়; যথা—মুখচন্দ্র (বেলাল হতে তাই মোয়াজ্জিন শুধু প্রথা নয়—একাধারে সত্য ও রূপক হয়ে আছে—*নছরু*)। ২ যেসব কাব্য বা নাটকে কোনো তত্ত্বকে রূপ দেওয়া হয়। {*স.* রূপ+ক(কন্)}

রূপকথা [রুপকথা] *বি* ১ উপকথা; fairy tale। ২ অসম্ভব কাল্পনিক কাহিনী। {*স.* উপকথা>}

রূপজীবী, রুপজীবী ⇒ রূপ

রূপণ [রুপন্] *বি* ১ বর্ণন; বর্ণনা। ২ নিরূপণ; নির্ণয়; অবধারণ। ৩ অভিনয়। {*স.* রূপ+অন(ল্যুট্)}

রূপদস্তা [রূপদস্‌তা] *বি* সিসা ও রাঙের মিশ্রণে প্রস্তুত ধাতু; জার্মান সিলভার; pewter। {*স.* রূপ+দস্তা}

রূপস *(মবা.)* [রুপস্] *বিণ* সুন্দর; রূপবান (গড়ে ডিঙ্গা দেখিতে রূপা—*কমু*)

রূপসী [রুপোশি] *বিণ স্ত্রী* রূপবতী; সুন্দরী। {*স.* রূপীয়সী> অথবা রূপস্বী, *স্ত্রী.* রূপস্বিনী>}

রূপা ⇒ রুপা

রূপান্তর [রুপান্‌তর্] *বি* ১ পরিবর্তন। ২ ভিন্নমূর্তি ধারণ; অবস্থান্তর প্রাপ্তি। **রূপান্তরিত** *বিণ* রূপের পরিবর্তন ঘটা (উনুনের পানিটুকু বাষ্পে রূপান্তরিত হলো)। {*স.* রূপ+অন্তর; *নিত্য.*}

রূপায়ণ [রুপায়োন্] *বি* ১ রূপদান। ২ রচনা প্রকাশ। ৩ অভিনয়ে ভূমিকা গ্রহণ; রূপধারণ। {*স.* রূপ+অয়ন}

রূপায়িত [রুপায়িতো] *বিণ* ১ রূপদান করা হয়েছে এমন; প্রকাশিত; মূর্ত। ২ বর্ণনা করা হয়েছে এমন। {*স.* রূপ+অয়িত}

রূপিণী ⇒ রূপী

রূপিত [রুপিতো] *বিণ* ১ রূপযুক্ত; রূপে পরিপূর্ণ। ২ বর্ণনা করা হয়েছে এমন; বর্ণিত। { *স.* রূপ+ইত}

রূপিয়া, রুপোয়া ⇒ রুপিয়া

রূপী[১] (–পিন্) [রুপি] *বিণ* ১ মূর্তিধারী; রূপযুক্ত; আকৃতিবিশিষ্ট। ২ বেশধারী (বহুরূপী)। **রূপিণী** *বিণ স্ত্রী.*। { *স.* রূপ+ইন্(ইনি)}

রূপী[২] [রুপি] *বি* এক জাতীয় লালমুখ বানর। { *স.* রূপ+ইন্(ইনি)}

রূপী[৩] ⇒ রূপ

রূপোপজীবিনী [রুপোপজীবিনি] *বি* বেশ্যা; গণিকা। { *স.* রূপ+উপজীবিনী}

রূপ্য [রুপ্‌পো] *বি* রূপা; রৌপ্য; রজত। { *স.* রূপ+য(যৎ)}

রূহ ⇒ রুহ্

রূহানী ⇒ রুহানি

রে[১] ⇒ রি

রে[২] [রে] *অব্য* ১ স্নেহ বা তুচ্ছতাসূচক ডাক (আয়রে খোকা; রে দুরাত্মা)। ২ বিস্ময় বা খেদ প্রকাশক (হায়রে কপাল)। { *স.* √রু>}

রেউচিনি, রেউচীনী [রেউচিনি] *বি* বৃক্ষবিশেষের মূল, যা রেচক ওষুধরূপে ব্যবহৃত হয়। { *ফা.* রেৱন্দ–ই–চীনী ریوندچینی }

রেউড়ি, রেউড়ী, রেউরী [রেউড়ি, –, –রি] *বি* গুড় দিয়ে পাক করা মিঠাই (রেউরী কদম্ব তিল—*কশে*)। { *হি* রেউড়ী}

রেউল [রেউল] *বি* অন্তঃপুর (তোমার পৃথক রেউল হইবে—*বচ*)। { *স.* রাজকুল>}

রেওয়া [র‍্যাওয়া] *বি* কারবারে হিসাবের কাগজ; সালতামামি। { *ফা.* রেৱা روا }

রেওয়াজ, রিওয়াজ [র‍্যাওয়াজ, রি–] *বি* ১ রীতি; পদ্ধতি; ধরন; চর্চা। ২ প্রচলিত আচার; চলন; চর্চা; রেয়াজ; অনুশীলন (বহু বিবাহ ছিল সে যুগের প্রচলিত রেওয়াজ—*মোব*)। { *আ.* রিৱাজ رواج }

রেওয়ায়েত [র‍্যাওয়ায়েত্] *বি* ১ বর্ণনা; বিবরণ। ২ কোনো ব্যক্তির বাণী বা জীবন সম্বন্ধীয় ঘটনা (যে সকল হাদিস পুস্তক পরবর্তীকালে লিখিত হইয়াছে তাহার অধিকাংশই প্রকৃত ও প্রক্ষিপ্ত রেওয়ায়েৎ সমূহে পরিপূর্ণ—*আখাঁ*)। { *আ.* রিৱায়াত روایة }

রেক[১], **র‍্যাক** [র‍্যাক্] *বি* তাক; আলমারি বা দেয়ালের গায়ে জিনিসপত্র রাখার স্থান (রেক আর খুরপি—*অচিসে*)। { *ই* rack}

রেক[২] [রেক্] *বি* শস্যাদি মাপার পাত্র (১ রেক = ৪ কুনিকা)। { *স.* রেখা>}

রেকাত, রাকাত, রাকআত [রেকাত্, রা–, রাক্‌আত্] *বি* নামাজের অংশবিশেষ; নামাজে সুরা ফাতিহা ও কুরআন পাঠসহ রুকূ এবং সিজদা সম্পন্ন করা (সাধারণত দুই তিন বা চার রাকাত নামাজ একত্রে পড়া হয়)। (জুমার দুই রাকাত নামাজ আদায় করেন—*মাউ*)। { *আ.* রক্‌আত رکعة }

রেকাব[১], **রিকাব, রিকিব** [রেকাব্, রি–, রিকিব্] *বি* ঘোড়ার দুই পাশে ঝুলানো পা–দান (লম্বিত বাজির গায় রূপার রেকাব—*ঘচ*)। ~**দার** *বি* সহিস (পিছেতে রেকাবদার চলিল ওস্মর—*হামজা*)। { *আ.* রিকাব رکاب }

রেকাবি, রেকাবী, রেকাব[২] [রেকাবি, –, রেকাব্] *বি* ছোট থালা; ডিস (বেহেস্ত হইতে আনীত সোনার রেকাবী—*আখাঁ*; এক রেকাবী কাবাব সাথে এক পেয়ালি সিরাজী লাল—*নই*)। { *ফা.* রকাবি رکابی }

রেকি [রেকি] *বি* যুদ্ধাদিতে আক্রমণের পূর্বে শত্রুপক্ষের অবস্থান সম্পর্কে অনুসন্ধান। { *ই* recce}

রেখ [রেখ্] *বি* ১ *(কথ্য)* রেখা; চিহ্ন। { *স.* √লিখ্+অ(অণ্)}

রেখা [রেখা] *বি* ১ চিহ্ন বা দাগ (কররেখা)। ২ ডোরা। ৩ সামান্য চিহ্ন; আভাস (গোঁফের রেখা)। ৪ সারি; শ্রেণি। ৫ *(জ্যা.)* প্রস্থ ও বেধশূন্য দীর্ঘটান; line (সরলরেখা)। ৬ খুব সামান্য অংশ (রেখামাত্র)। ~**গণিত** *বি* জ্যামিতি। –**ঙ্কন** *বি* চিত্রাঙ্কন। –**ঙ্কিত** *বি* রেখাবিশিষ্ট ডোরাকাটা লাইন টানা (আলোক রেখাঙ্কিত পুষ্পবন পথে—*রঠা*)। ~**চিত্র** *বি* ছবির মুসাবিদা; রেখাসহযোগে চিত্রের মোটামুটি অঙ্কন; rough sketch। ~**পাত** *বি* দাগকাটা (তার কথা আমার মনে কোনরকম রেখাপাত করেনি)। **বক্র**~ *বি* আঁকাবাঁকা রেখা। **সরল**~ *বি* যে রেখা একদিকে চলতে থাকে, দিক পরিবর্তন করে না। { *স.* √লিখ্+অ(অণ্)+আ(টাপ্)}

রেচক ⇒ রেচন

রেচন [রেচন্] *বি* ১ দাস্ত; ভেদ। ২ নিঃসারণ। **রেচক** *বিণ* ১ দাস্ত সৃষ্টিকারক; বিরেচক। ২ জোলাপ। ৩ হিন্দু যোগশাস্ত্রে প্রাণায়াম কালে দেহস্থ প্রাণবায়ু নিঃসারণ। **রেচিত** *বিণ* ১ বিরেচিত। ২ ত্যক্ত; বর্জিত। { *স.* √রিচ্+অন(ল্যুট)}

রেজকি, রেজকী ⇒ রেজগি

রেজগি, রেজগী, রেজকি, রেজকী [রেজ্‌গি, –, –কি, –] *বি* ১ টাকার ভাংতি; খুচরা; আধুলি সিকি পয়সা ইত্যাদি (দোকানী যে রেজকী কুড়ায়—*সদ*)। ২ এক টাকার চেয়ে অল্প মূল্যের মুদ্রা। { *ফা.* রিজ্‌গী ریزکی }

রেজা, রেঝা [রেজা, –ঝা] *বি* চাঁদমারি; বিঁধবার লক্ষ্যস্থান (ফোঁটা দিয়া বিন্ধে রেজা/রেঝা—*কমু*)। { *ফা.* রেদা رضا }

রেজাই, রাযাই [রেজাই, রা–] *বি* ১ লেপ; শীতের লেহাফ; বালাপোশ (শীতকালের বহু ব্যবহৃত ময়লা রেজাইটার মত—*রঠা*)। { *আ.* রদ্বাঈ رضائی }

রেজাল্ট [রেজাল্‌ট্] *বি* ফলাফল (রেডক্রস লটারীর টিকেট কিনেছিলুম রেজাল্টটা কি করে জানা যায়—*ওহ*)। { *ই* result}

রেজালা [রেজালা] *বি* জায়ফল, যইত্রি ও শাহি জিরাসহ অন্যান্য মশলা দিয়ে রাঁধা মাংসের তরকারি। { *ফা.* রিদ্বালা رضاله }

রেজিমেন্ট [রেজিমেন্‌ট্] *বি* সৈন্যদল বা বাহিনীর একটি অংশ (বেঙ্গল রেজিমেন্ট)। { *ই* regiment}

রেজিস্ট্রার [রেজিস্‌ট্রার্] *বি* রেজিস্ট্রারির ভারপ্রাপ্ত

কর্মচারী; নিবন্ধক। { *ই.* registrar}

রেজিস্ট্রি¹, রেজিস্টারি [রেজিস্‌ট্রি, রেজিস্‌টারি] *বি* সরকারি বইতে বা খাতায় নামাদি লিখন অথবা দলিলাদির নকল রক্ষণ ও তৎসমুদয় সরকারি মোহরাঙ্কিতকরণ; নিবন্ধন। { *ই.* registration}

রেজিস্ট্রি², রেজিস্টারি [রেজিস্‌ট্রি, রেজিস্‌টারি] *বিণ* রেজিস্ট্রি করা হয়েছে এমন (রেজিস্ট্রি চিঠি)। { *ই.* registered}

রেজেক, রিজিক, রিযক [রেজেক্‌, রিজিক্‌, রিজ্‌ক্‌] *বি* জীবনোপকরণ; খাদ্য; আহার (আল্লা রেজেক জুটিয়ে দেয়—*মুফাখ্‌খার*)। { *আ.* রিজ্‌ক رزق }

রেঞ্জ [রেন্‌জ্‌] *বি* ১ পরিসর; সীমা। ২ বনবিভাগের অঞ্চলবিভাগ (শরণখোলা রেঞ্জ)। { *ই.* range}

রেট [রেট্‌] *বি* ১ হার (পাশের রেট)। ২ দর; দাম; মূল্য। ৩ দস্তুর; প্রথা; রেওয়াজ (এই হলো আজকালকার রেট)। { *ই.* rate}

রেডিও [রেডিয়ো] *বি* বেতার-যন্ত্রবিশেষ। { *ই.* radio}

রেডিওগ্রাম [রেডিয়োগ্‌গ্রাম্‌] *বি* ১ বিদ্যুতের সাহায্যে বিনা তারে রেডিও-টেলিগ্রাফে সংবাদ প্রেরণ ব্যবস্থা। ২ একই যন্ত্রে সংযুক্ত রেডিও ও রেকর্ড প্লেয়ার। { *ই.* radiogram}

রেডিয়েটার [রেডিয়েটার্‌] *বি* মোটরগাড়ির যে যন্ত্রে ইঞ্জিন ঠাণ্ডা রাখার জন্য পানি রাখা হয়; রশ্মি বিকিরণকারী (রেডিয়েটারে জল ঢালার জন্য মোটর একবার দাঁড়িয়েছিল—*সৈয়ু*)। { *ই.* radiator}

রেড়ি, রেড়ী [রেড়ি] *বি* এরণ্ড বা ভেরেণ্ডার গাছ বা তার ফল। **রেড়ির তেল** *বি* ভেরেণ্ডা বীজ থেকে প্রস্তুত তেল; castor oil। { *স.* এরণ্ড>}

রেড়ী ⇒ রেড়ি

রেড়ো [রেড়ো] *বিণ* ১ রাঢ় অঞ্চলের অধিবাসী। ২ অশিক্ষিত; অনভিজ্ঞ (আর কি হাসবি রেড়ো বলে—*হেব*)। { *স.* রাঢ়+উয়া>}

রেণু [রেনু] *বি* ১ কণা; কণিকা; গুঁড়া; চূর্ণ (রেণু করা কাচ)। ২ পরাগ (পুষ্পরেণু)। ৩ ধূলি। { *স.* √রী+ণু}

রেণুকা [রেনুকা] *বি* পরশুরামের মাতা। { *স.* রেণু+ক(কন্‌)+আ(টাপ্‌)}

রেত ⇒ রেতি

রেতঃ [রেতোহ্‌] *বি* ১ পুরুষের শুক্রাণু; বীর্য। ২ পারদ। **~পাত** *বি* বীর্যস্খলন; শুক্রপতন। { *স.* √রী+ অস(অসুন্‌)}

রেতি, রেত [রেতি, রেত্‌] *বি* উখা; লোহাদি ঘষে ক্ষয় করার ক্ষমতাসম্পন্ন যন্ত্র; file। { *হি.* রেতী}

রেদা, র‍্যাঁদা [র‍্যাদা, র‍্যাঁ-] *বি* কাঠ মসৃণ করার জন্য ব্যবহৃত ছুতারের যন্ত্রবিশেষ। { *ফা.* রন্দাহ رنده }

রেনকোট [রেন্‌কোট্‌] *বি* বর্ষাতি; বৃষ্টির মধ্যে বাইরে যাওয়ার পরিধেয় (রেন কোটটা গায়ে জড়িয়ে বৃষ্টির মধ্যেই বেরিয়ে গেলেন—*আজাদ*)। { *ই.* rain-coat}

রেনেসাঁ, রেনেসাঁস [রেনেসাঁ, -সাঁস্‌] *বি* কোনো দেশ বা জাতির ব্যাপক জাগরণ; নবজাগরণ; নবজাগৃতি (রেনেসাঁর যুগ থেকে অন্তত উনিশ শতক পর্যন্ত—*আম*; ইউরোপের রেনেসাঁর একটি ফল দেখা যায় theological criticism-এর বিকাশে—*আনিস*)। { *ফা.* renaissance}

রেপ [রেপ্‌] *বি* বলাৎকার; ধর্ষণ। { *ই.* rape}

রেপার, র‍্যাপার [র‍্যাপার্‌] *বি* পশমের তৈরি ছোট চাদরবিশেষ; গাত্রাবরণ (আমার গায়ের রেপারখানা টানিয়া ছিঁড়িয়া লইয়া গেল—*মীম*)। { *ই.* wrapper}

রেফ [রেফ্‌] *বি* ১ বর্ণের সঙ্গে র্‌ যুক্ত হয়ে ঐ বর্ণের মাথায় যে চিহ্ন (´) রূপে অবস্থান করে (যথা মহার্ঘ)। ২ ভ্রমরাদির মাথার রেফাকার শুঁড় বা লোম (দ্বিরেফ)। { *স.* √রিফ্‌+অ(ঘঞ্‌)}

রেফারি, রেফারী [রেফারি] *বি* খেলার পরিচালক; প্রতিদ্বন্দ্বিতামূলক খেলায় যিনি দুইপক্ষের খেলোয়াড়দের ভুল-ত্রুটি নির্দেশ করেন; মধ্যস্থকারী (রেফারি আর একবার হুইসিল বাজালে—*সৈয়ু*)। { *ই.* referee}

রেবতী [রেবোতি] *বি* ১ *(জ্যোশা)* সাতাশটি নক্ষত্রের একটির নাম। ২ বলরামের পত্নীর নাম। { *স.* রেবত+ঈ(ঙীষ্‌)}

রেবতী-রমণ [রেবোতিরমোন্‌] *বি* ১ চন্দ্র। ২ বলরাম। { *স.* রেবতী+রমণ}

রেবা [রেবা] *বি* নর্মদা নদী। { *স.* √রেব্‌+অ(অচ্‌)+আ}

রেমো [রেমো] *বি* 'রাম' শব্দটির তুচ্ছার্থক বা অতি পরিচিতিবাচক রূপ। **রেমোশ্যামো** *বি* খ্যাতিহীন অবজ্ঞাযোগ্য ব্যক্তি (ও সব রেমোশ্যামের কথায় কান দিও না)। { *স.* রাম+*বা.* ও>}

রেয়াৎ ⇒ রেয়াত

রেয়াত, রেয়াৎ [রেয়াত্‌] *বি* ১ অব্যাহতি দান; রেহাই; ছাড়। ২ খাতির; সম্মান; দয়া; অনুগ্রহ (এতটুকু রেয়াৎ করে না—*বোম্বা*)। { *আ.* রি'আয়ত رعاية }

রেয়ো, রেউয়া [রেয়ো, রেউয়া] *বিণ* রবাহূত; বিনা নিমন্ত্রণে উপস্থিত হয় এমন (ভারী দোকানদার, উড়ে ও বেহারা, রেয়ো ও গুলিখোরেরা কাঙ্গালীর দলে মিশতে লাগলো—*প্যামি*)। { *স.* রব+*বা.* উয়া>}

রে রে রে [রে রে রে] *অব্য* ডাকাত প্রভৃতির ভীতি সৃষ্টিকারী ক্রোধবাচক ডাক বা হাঁক (রে রে রে হাঁক দিয়ে ডাকাত পড়ল)। { *ধ্বন্যা.*}

রেল¹ [রেল্‌] *বি* ১ রেলপথ; লৌহবর্ত্ম। ২ রেলগাড়ি। **~গাড়ি** *বি* রেল-লাইনের উপর দিয়ে যে শকট চলে। **~লাইন** *বি* যে লৌহপথের উপর দিয়ে রেলগাড়ি চলে। **~স্টেশন** *বি* যাত্রীদের সুবিধার জন্য যেসব স্থানে রেলগাড়ি থাকে বা থামে। **~কাটা** *বি* রেল স্টেশনে ব্যবহৃত ঘন্টা (চাপরাসীরা রেলকাটা ঘণ্টার আওয়াজ দিলে—*প্যামি*)। { *ই.* rail}

রেলিং, রেলিঙ, রেল² [রেলিঙ্‌, -, রেল্‌] *বি* লৌহবেষ্টনী; লোহার গরাদ; লোহা বা কাঠের শিকের বেড়াবিশেষ। { *ই.* railing}

রেশ [রেশ্‌] *বি* ১ বাদ্যযন্ত্রাদিতে আঘাতের পর যে শব্দ কিছুক্ষণ হতে থাকে; অনুরণন। ২ যে অনুভূতি উৎপত্তির

পর অনুরণিত হতে থাকে (আনন্দের রেশ)। {স. √রিশ্>}

রেশন [রেশোন্] *বি* ১ সরকার থেকে পরিবারের সকল সদস্যের জন্য নির্দিষ্ট পরিমাণে ও নিয়ন্ত্রিত দামে খাদ্যাদি সরবরাহ। ২ বরাদ্দ পরিমাণ। {ই ration}

রেশম [রেশম্] *বি* ১ গুটি পোকার লালাজাত তন্তু। ২ গুটি পোকার লালাজাত তন্তু থেকে যে সুতা প্রস্তুত হয়। **~কীট** *বি* তুঁত পোকা। **~শিল্প** *বি* রেশম চাষ সম্পর্কিত শিল্প। **রেশমি** *বিণ* রেশমের সুতায় প্রস্তুত। {ফা. রেশম ریشم }

রেশালা, রেসালা, রিসালা [রেশালা, –সা–, রিসালা] *বি* ১ অশ্বারোহী সৈন্যদল। ২ শোভাযাত্রাদিবিশেষ (ঐ রেশালার আগে দুটি চলতি নবত ছিল—*প্যামি*)। **~দার, ~দার, রিসালদার** *বি* অশ্বারোহী সেনাবাহিনীর অধিনায়ক। {আ. রিসালাহ رسالہ }

রেষ, রিষ, রীষ [রেশ্, রিশ্, –] *বি* দ্বেষ; আক্রোশ; ঈর্ষা। **রেষারেষি, রিষারষি, রিষারেষি** *বি* পরস্পর হিংসা বা বিদ্বেষ প্রতিযোগিতা। {স. ঈর্ষা>রিষ}

রেস [রেস্] *বি* ১ দৌড় প্রতিযোগিতা (কোন কুকুর কবে কোন রেস জিতেছে—*মুআহা*)। ২ ঘোড়দৌড়ের বাজি (রেস খেলা; রেসের ঘোড়া)। {ই race}

রেসালা ⇒ রেশালা

রেস্ত [রেস্‌তো] *বি* পুঁজি; টাকাকড়ি; সম্বল; খরচের পর যা বেঁচে থাকে। {ই resto}

রেস্তোরাঁ, রেস্তরাঁ [রেস্‌তোরাঁ] *বি* হোটেলবিশেষ; চায়ের দোকান। {ফ. rsetaurant}

রেহা [রেহা] *বি* ১ (ব্র., মবা.) রেখা; চিহ্ন (মদন ঐষিক যিনি বিজলীর রেহা—*দৌবা*)। ২ কলঙ্ক; দাগ। {স. রেখা>}

রেহাই [রেহাই] *বি* ১ অব্যাহতি; নিষ্কৃতি; মুক্তি (তৌবা করেও পাই যে রেহাই হাত হতে ভাই এই পাপের—*খৈয়াম*)। ২ (আল.) চিরতরে মুক্তিলাভ (গলায় রশি বেঁধে গাব গাছে লটকিয়ে সে রেহাই পেয়েছিল—*আহ*)। {ফা. রিহাঈ رهائی }

রেহান [রেহান্] *বি* বন্ধক (অন্যথায় তাকে বিনা রেহানে কিছুতেই টাকা ধার দিতেন না—*আমআ*)। **~নামা** *বি* বন্ধকি দলিল। {আ. রহ্ন رهن }

রেহেল [রেহেল্] *বি* বইধারক কাঠনির্মিত কাঠামোবিশেষ, যার উপর কোরান শরিফ বা যে কোনো বই রেখে তক্তপোষে বা মেঝেয় বসে পড়া হয় (রেহেলের পর কোরান রাখিয়া পড়ে সুরা-ফাতেহায়—*জউ*)। {আ. রহ্‌ল رحل }

রৈ, রৈ ⇒ রই রই

রৈখিক [রোইখিক্] *বিণ* রেখাসংক্রান্ত; রেখা দিয়ে প্রস্তুত। {স. রেখা+ইক(ঠক্)}

রৈবতক [রোইবোতক্] *বি* গুজরাটস্থ পর্বতবিশেষ; কবি নবীন চন্দ্র সেনের একটি কাব্যের নাম। {স. রেবত+অ(অণ্)+ক(কন্)}

রোঁ, রোঁআ ⇒ রোয়া

রোঁদ[১] [রোঁদ্] *বি* নির্দিষ্ট এলাকায় ঘুরে পাহারা (এ যে সারজন সাহেব, রোঁদ ফিরতে বেরয়েছে—*মদ*)। {ই. round}

রোঁদ[২] [রোঁদ্] *বি* পরিমাণ; প্রস্থ; চক্র (এক রোঁদ কফি খাইয়ে দিও—*সৈমু*)। {ই round}

রোঁয়া, রোঁ, রোঁআ [রোঁয়া, রোঁ, রোঁয়া] *বি* ১ লোম (বুড় শালিকের ঘাড়ে রোঁ)। ২ আঁশ; পক্ষ্ম (চোখের রোঁয়া)। **রোঁয়া ওঠা/উঠা** *বিণ* লোমহীন (রোঁয়া ওঠা কুকুরের সাহচর্যে গ্রীষ্মের গোধূলি হয়তো লাগবে ভাল—*শারী*)। {স. রোম>}

রোক[১] [রোক্] *বি* ১ ক্রয়; নগদ ক্রয়। ২ নগদ টাকা (রোক দেওয়া)। □*বিণ* নগদ (রোক টাকা)। **~শোধ** *বি* নগদ টাকায় দেনা পরিশোধ। {স. √রুচ্+অ(ঘঞ্)}

রোক[২] ⇒ রোখ

রোক[৩] [রোক্] *বি* চাদরের সম্মুখ ভাগ (দোরোকা শাল)। {ফা. রুখ رخ }

রোক[৪] [রোক্] *বি* দাবাখেলায় নৌকা। {ফা. রোখ্ روخ }

রোকড় [রোকড়্] *বি* ১ জমা-খরচের পাকা খাতা (রোকড় বহি)। ২ নগদ (রোকড় বিক্রি)। ৩ সোনা-রুপার গহনাপত্র। {স. রোক>; তুল. হি. রোকড়}

রোকন [রোকোন্] *বি* স্তম্ভ; মৌলিক বিষয় [illegible] {আ. রুকন্ رکن }

রোকসত ⇒ রোখসত

রোকা[১] [রোকা] *বি* ক্ষুদ্রপত্র; চিরকুট; হ্যান্ডনোট (রোকায় আশীর্বাদ জানিবে—*দীমি*)। {আ. রুকআ رقعہ }

রোখ[১], **রোক**[২], **রোকা**[২] [রোখ্, –ক্, রোকা] *বি* ১ ঝোঁক (রোখ চাপা)। ২ তেজ; রাগ (রোখ দেখানো)। ৩ বাড় (গাছটার বেশ রোখ আছে)। {স. রোষ>}

রোখ[২] [রোখ্] *বি* মুখ; সম্মুখ (কেবলার দিকে রোখ করে নমাজ পড়া)। **বে~** *বিণ* পশ্চাৎ; পিঠের দিক। {ফা. রুখ্ رخ }

রোখসত, রোকসত, রুকসত [রোখ্‌সত্, –ক–, রুক্‌সত্] *বি* কর্মাবসানে দেনাপাওনা/লেনদেন মিটিয়ে বিদায় (এক্ষুনি নলে রোকসত হতে চাই—*আক্র*; আমিও রুকসত হই—*বর*)। {আ. রুখসত رخصت }

রোখা[১] [রোখা] *বিণ* রোষযুক্ত; তেজস্বী; জেদি (রোখালোক)। {স. রোষ>রোখ+বা. আ}

রোখা[২], **রুখা** [রোখা, রু–] *ক্রি* ১ ক্রুদ্ধ হওয়া; আক্রমণ বা হামলা করতে প্রস্তুত হওয়া (আছে সে লাঙল আজও রুকলো তাতেই রাজার সেপাই—*নই*)। ২ গতি রুদ্ধ বা বিরত করা; থামানো (ঝড়কে রুখছে কখন কে কবে?—*রখাঁ*)। ৩ আটকানো (ডাকাতের দলকে রোখা)। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। {স. রোষ>}

রোখাল [রোখাল্] *বিণ* ১ জেদি; একরোখা। ২ বাড়ন্ত; তাড়াতাড়ি বেড়ে ওঠে এমন (রোখাল চারা)। {স. রোষ>রোখ+আল}

রোগ [রোগ্] *বি* ১ পীড়া; ব্যাধি; অসুখ; ব্যারাম (রোগে ভুগছে)। ২ কুঅভ্যাস (এটা তার রোগ)। ৩ রোগের মতো যা ক্ষতিকর বা বিরক্তিকর (তোর আসল রোগ আলসেমি)। **রোগাক্লিষ্ট** *বিণ* রোগে কষ্ট পায় এমন; রুগ্ণ; রোগার্ত। ~**গ্রস্ত** *বিণ* রোগাক্রান্ত। ~**জীবাণু** ⇒ জীবাণু। ~**ক্লিষ্ট**, ~**জীর্ণ** *বিণ* রোগের দ্বারা জীর্ণ। ~**প্রতিষেধক** *বি* রোগনিবারক; পূর্ব থেকে যা ব্যবহার করলে রোগ না হওয়ার সম্ভাবনা। ~**ভোগ** *বি* অসুখ-বিসুখে কষ্ট পাওয়া। ~**মুক্ত** *বিণ* আরোগ্যলাভ করেছে এমন; সুস্থ। ~**মুক্তি** *বি* ভালো হওয়া; রোগের হাত থেকে মুক্তি পাওয়া। ~**যন্ত্রণা** *বি* অসুখ বা রোগাক্রান্ত হয়ে কষ্ট পাওয়া। ~**শয্যা** *বি* রোগীর বিছানা। ~**শান্তি** *বি* আরোগ্য লাভ; সুস্থ হওয়া। ~**শোক** *বি* দৈহিক ও মানসিক যন্ত্রণা; রোগ ও প্রিয়জনের মৃত্যুহেতু কষ্ট। ~ **হওয়া, রোগে ধরা, রোগে পড়া** *ক্রি* অসুস্থ বা পীড়িত হওয়া। **রোগা** *বিণ* ১ রোগগ্রস্ত (রোগালোক)। ২ কৃশ; জীর্ণ (রোগা চেহারা)। ৩ দুর্বল। **রোগাটে** *বিণ* দুর্বল; কৃশ; প্রায় রোগগ্রস্ত (রোগাটে ছেলেটা)। {√রুজ্+অ(ঘঞ)}

রোগা-দুবলা [রোগা দুব্‌লা] *বিণ* শীর্ণ ও দুর্বল (যদি সে অতিথি পাঠানের তুলনায় রোগাদুবলা সাড়ে পাঁচফুটী হয়—*সৈমু*)। {*স.* রোগ+*বা.* আ+*স.* দুর্বল+*বা.* আ>}

রোগা-পটকা [রোগাপট্‌কা] *বিণ* শীর্ণ ও দুর্বল (আমি ছিলুম একে রোগাপটকা—*সৈমু*)। {*স.* রোগ+আ+*হি* পটাকা}

রোগী(-গিন্), **রুগি** [রোগি, রু-] *বিণ* ১ ব্যাধিগ্রস্ত; পীড়িত; রুগ্ণ। ২ পীড়িত বা অসুস্থ ব্যক্তি। **রোগিণী** *বি,বিণ*। {*স.* রোগ+ইন(ইনি), >}

রোচক [রোচক্] *বিণ* রুচিকর; ভোজনে আগ্রহবর্ধক (মুখরোচক)। {*স.* √রুচ্+অক(ণ্বুল)}

রোচনা [রোচোনা] *বি* ১ গোরোচনা। ২ রক্ত কহ্লার। ৩ উত্তমা নারী। {*স.* √রুচ্+ই(ণিচ্)+অন(যুচ্)+আ(টাপ্)}

রোচনি, রোচনী [রোচোনি] *বি* ১ পুদিনা শাক। ২ গোরোচনা। ৩ আমলকী। **রোচা, রুচা** *ক্রি* রুচিকর হওয়া; ভালো লাগা (মুখে তার অন্ন রোচে না—*হার*)। {*স.* রোচন+*বা.* ই, ঈ}

রোচা [রোচা] *ক্রি* ভালো লাগা। {*স.* √রুচ্+*বা.* আ}

রোচ্য [রোচ্‌চো] *বিণ* ১ রুচিকর। ২ রুচির যোগ্য বা উপযুক্ত। {*স.* √রুচ্+য(যৎ)}

রোছমত ⇒ রসুমৎ

রোজ[1] [রোজ্] *বি* ১ দিন; তারিখ (সে সাত রোজ কাজ করছে; ওরা রোজ সে কাজে যোগ দিয়েছে)। ২ দৈনিক পারিশ্রমিক বা মজুরি (পাঁচ টাকা রোজে কাজ)। ৩ দৈনিক সরবরাহ বা জোগান (রোজ-করা)। ৪ প্রত্যেকদিন; প্রতিদিন; প্রত্যহ (আলসে নয় সে ওঠে রোজ সকালে—*নই*)। ~ ~ *অব্য* প্রত্যহ; প্রতিদিন; নিত্য (রোজ রোজ তুমি আমায় বিরক্ত কর কেন?)। {*ফা.* রোজ روز}

রোজ[2] [রোজ্] *বি* গোলাপফুল। {*ই* rose}

রোজ কিয়ামত [রোজকিয়ামত্] *বি* ১ মৃত্যুর পর পুনরুত্থানের দিন। ২ শেষ বিচারের দিন। ৩ (*আল.*) অতি কষ্টকর অবস্থা; বিপদ-আপদ (জানের উপর রোজ কেয়ামতের চলছে)। {*ফা.* রোজ روز + *আ.* কিয়ামত قيامة}

রোজগার [রোজ্‌গার্] *বি* আয়; উপার্জন (এই বয়সে বেরিয়েছে নিজের রোজগার নিজে করতে—*বিভ*)। {*ফা.* রোজগার روزگار}

রোজগারি, রোজগেরে [রোজ্‌গারি, -গেরে] *বিণ* আয় করে এমন; উপার্জনকারী (এত বড় সংসারে একজন মাত্র রোজগারী)। {*ফা.* রোজগার روزگار + *বা.* ই, ইয়া>এ}

রোজদার ⇒ রোজাদার

রোজনামচা, রোজনামা [রোজ্‌নাম্‌চা, -নামা] *বি* যে বইতে প্রতিদিনের বিবরণ লেখা হয়; দিনলিপি; diary (এসব জ্ঞানপথের তীর্থযাত্রী ভ্রমণকালে রীতিমতো রোজনামচা রাখতেন—*আম*)। {*ফা.* রোজনামচা, রোজনামা روزنامچه ، روزنامه}

রোজনামা ⇒ রোজনামচা

রোজ-হাসর [রোজ্‌হাশোর্] *বি* মহাপ্রলয়ের দিন (রোজ-হাসরের ময়দানেতে মোরদারা সব জীবন পাবে—*জউ*)। {*ফা.* রোজ روز + *আ.* হাশর حشر}

রোজা[1], **রোযা** [রোজা] *বি* ইসলাম ধর্মীয় বিধি অনুসারে উপবাস; ঊষাকালের সামান্য পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত সব ধরনের আহার ও যৌনমিলন থেকে সম্পূর্ণ বিরতি (এই যে উপবাসী জনগণ, চিরকাল রোজা রাখিবেন—আসে শুভ একতার ক্ষণ—*নই*)। ~ **খোলা** *ক্রি* সমস্ত দিন রোজা রেখে সূর্যাস্তের পর ইফতার করা অর্থাৎ আহার্য গ্রহণ করা। ~**দার** *বি* যে রোজা পালন করে। ~ **রাখা** *ক্রি* ইসলামি নিয়মানুযায়ী রোজা পালন করা। {*ফা.* রোজাহ روزه}

রোজা[2], **রোঝা**[1] [রোজা, -ঝা] *বি* ওঝা; যারা সাপের বিষ নামাবার বা ভূত-প্রেত ছাড়াবার মন্ত্র জানে। {*স.* উপাধ্যায়>ওঝা>}

রোজানা [রোজানা] *বি* দৈনিক বরাদ্দ বা মাহিনা; পারিশ্রমিক (অবশ্য সেইজন্য রোজানা দিতে হইবে—*গোহা*)। {*ফা.* রোজানা روزانه}

রোজিনা [রোজিনা] *বি* ১ দৈনিক পারিশ্রমিক মজুরি বা বৃত্তি (রোজিনাদার)। ২ দৈনিক বরাদ্দ (দুধ রোজিনা দেওয়া)। {*ফা.* রূজীনহ روزينه}

রোঝা[2] ⇒ রোজা[2]

রোটিকা [রোটিকা] *বি* রুটি। {*স.* রোটিকা; তুল. *পো.* roti}

রোড [রোড্] *বি* রাস্তা; রাজপথ। {*ই* road}

রোঢ়া [রোঢ়া] *বিণ* দন্তহীন (মোর পতি রোঢ়া—*কমু*)। {*হি* রোঢ়া}

রোথো, রোতো [রোথো, -তো] *বিণ* রদ্দি; ওঁচা; বাজে বা খারাপ জিনিস। {*আ.* রদ্দী ردی >*বা.* রথুয়া> রোথো}

রোদ, রোদ্দুর [রোদ্, রোদ্‌দুর্] *বি* সূর্যকিরণ (ছাদের উপর বিকাল বেলাকার রোদদুর পড়ে আসে—*রঠা*)। ~ **ওঠা** *ক্রি* বেলা হওয়া; সূর্যালোক প্রকাশ পাওয়া। ~ **পোহানো** *ক্রি* রোদ উপভোগ করা। **রোদে দেওয়া** *ক্রি*

শুকানোর জন্য রোদে মেলে দেওয়া। {*স.* রৌদ্র>, *প্রা.* রোদ্দ>}

রোদন [রোদোন্] *বি* ক্রন্দন; কান্না (রোদন ভরা এ বসন্ত, সখী—*রঠা*)। {*স.* √রুদ্+অন(ল্যুট্)}

রোদসী [রোদোশি] *বি* পৃথিবী ও স্বর্গ; ক্রন্দসী। {*স.* √রুদ্+অস্(অসুন্)+ঈ(ঙীষ্)}

রোদি ⇒ রদি

রোদ্ধা(–দ্ধৃ) [রোদ্ধা] *বিণ* রোধকারী; বাধাদানকারী। {*স.* √রুধ্+তৃ(তৃচ্)}

রোধ [রোধ্] *বি* বাধা; অবরোধ; প্রতিরোধ; বাধা সৃষ্টি (কত কষ্টে করেছিনু অশ্রু বারি রোধ—*রঠা*)। {*স.* √রুধ্+অ(ঘঞ্)}

রোধঃ [রোধোহ্] *বি* কূল; তট; তীর (যাদঃপতি রোধঃ যথা চলোর্মি আঘাতে—*মদ*)। {*স.* √রুধ্+অস্(অসুন্)}

রোধক [রোধক্] *বিণ* প্রতিরোধ করে এমন; বাধা দানকারী; রোধকারী। {*স.* √রুধ্+অক(ণ্বুল্)}

রোধন [রোধোন্] *বি* বাধাসৃষ্টি; রুদ্ধ বা রোধ করা। □ *বিণ* রোধকারী। {*স.* √রুধ্+অন(ল্যুট্)}

রোধা, রুধা [রোধা, রু–] *ক্রি* বাধা দেওয়া; গতি রুদ্ধ করা; প্রতিহত করা; আটকানো (কার সাধ্য রোধে তার গতি—*মধু*)। □ *বি* উক্ত সকল অর্থে। {*স.* √রুধ্+অ(ঘঞ্)+*বা.* আ}

রোধী(–ধিন্) [রোধি] *বিণ* গতি প্রতিহতকারী; রোধকারী; বাধাদানকারী। **রোধিনী** *বিণ স্ত্রী.*। {*স.* √রুধ্+ইন্(ণিনি)}

রোনাজারি [রোনাজারি] *বি* ক্রন্দন (হিমাচল হোতে কন্যা-কুমারী রনিয়া উঠেছে মন রোনাজারি—*শাহো*)। {*হি.* রোনা+*ফা.* জারি زاری}

রোপ ⇒ রোপণ

রোপণ, রোপ [রোপোন্, রোপ্] *বি* ১ বৃক্ষাদির চারা মাটিতে পোতা বা স্থাপন। ২ আরোপ; স্থাপন। {*স.* √রুহ্+ই(ণিচ্)+অন(ল্যুট্), অ(অচ্)}

রোপয়িতা [রোপোয়িতা] *বি* রোপণকারী। {*স.* √রুহ্+ই(ণিচ্)+তৃ(তৃচ্)}

রোপা [রোপা] *ক্রি* রোপণ করা; বোনা; রোয়া (চারাগাছ রোপা)। □ *বিণ* চারা রোপন করে আবাদ করা হয় এমন (রোপা ধান)। {*স.* √রোপি+*বা.* আ}

রোপিত [রোপিতো] *বিণ* ১ রোপণ করা হয়েছে এমন। ২ প্রোথিত। ৩ আরোপিত। {*স.* √রোপি+ত(ক্ত)}

রোবাইয়াৎ ⇒ রুবাইয়্যাৎ

রোম, রোমকূপ, রোমজ, রোমরাজি, রোমশ ⇒ লোম

রোমহর্ষ, রোমহর্ষণ ⇒ লোমহর্ষ

রোমক, রোম্যান [রোমক্, –ম্যান্] *বিণ* ১ রোমসম্পর্কিত। ২ রোমের অধিবাসী; রোমনগরবাসী; রোম্যান। {*ই* <, Roman}

রোমন্থ, রোমন্থন [রোমন্‌থো, –থন্] *বি* ১ চর্বিতচর্বণ; জাবর কাটা; ভুক্ত বস্তু উদ্‌গিরণ করে পুনরায় চর্বণ। ২ পুনঃপুন স্মরণ বা চর্চা (বিগত স্মৃতি রোমন্থন করে লাভ কি)। {*স.* রোগ+√মন্থ্+অ(অণ্), অন(ল্যুট্)}

রোমন্থক, রোমন্থিক [রোমন্‌থক্, –মোন্‌থিক্] *বি* রোমন্থনকারী পশু অর্থাৎ গবাদি পশু। {*স.* রোগ+√মন্থ্+ক, ইক}

রোমন্থন ⇒ রোমন্থ

রোমাঞ্চ, লোমাঞ্চ *(বিরল)* [রোমান্‌চো, লো–] *বি* অনুভূতির আধিক্যে গাত্রলোম খাড়া হওয়া; শিহরণ; লোমহর্ষ। {*স.* রোম/লোম+অঞ্চ(উদ্গম)}

রোমাঞ্চকর [রোমান্‌চোকর্] *বিণ* রোমাঞ্চ সৃষ্টি করে এমন; লোমহর্ষক; শিহরণ জাগায় এমন। {*স.* রোমাঞ্চ+কর}

রোমাঞ্চিত [রোমান্‌চিতো] *বিণ* ১ রোমাঞ্চযুক্ত; রোমহর্ষক (সহসা এক দৈব বাণী শুনিয়া বাদশার দেহ রোমাঞ্চিত হইল—*শেক*)। ২ পুলকিত; পুলকযুক্ত। **রোমাঞ্চিতা** *বিণ স্ত্রী.*। {*স.* রোমাঞ্চ+ইত(ইতচ্)}

রোমান্টিক [রোমান্‌টিক্] *বিণ* হৃদয়বৃত্তি বা প্রেমমূলক; আবেগপ্রধান। {*ই* romantic}

রোমাবলি, রোমাবলী ⇒ লোম

রোমীয় [রোমিয়ো] *বিণ* ১ রোমদেশীয়। □ *বিণ, বি* রোমের অধিবাসী। {রোম+ঈয়(ছ)}

রোমোদ্গম, রোমাঙ্কুর ⇒ লোম

রোম্যান ⇒ রোমক

রোম্যান ক্যাথলিক [রোম্যান ক্যাথোলিক্] *বিণ* খ্রিস্টান ধর্মসম্প্রদায়বিশেষ। {*ই* Roman Catholic}

রোযা ⇒ রোজা

রোয়া[১]**, রুয়া** [রোয়া, রু–] *বি* রোপণ করা; বীজ বপন করা; পোতা। □ *বি, বিণ* উক্ত অর্থে। **রোয়ানো** *ক্রি* রোপণ করানো। □ *বিণ* রোপায়িত। {*স.* √রুহ্+*বা.* আ}

রোয়া[২] [রোয়া] *বি* কোষ; কাঁঠালের রোয়া; কোয়া (কাঁঠালের রোয়া)। {*স.* কোষ>}

রোয়া[৩] [রোয়া] *ক্রি (ব্র.)* রোদন করা; কান্না (মনে মনে রোয়াই—*বিপ*)। **রোয়ে** *ক্রি* কাঁদে। **রোয়সি** *ক্রি* (তুমি) কাঁদ (রোয়সি কাহে—*বিপ*)। {*হি* রোনা>}

রোয়াক, রক [রোয়াক্, রক্] *বি* ১ ঘরের সামনের খোলা জায়গা বা বারান্দা। ২ সামনের খোলা জায়গা বা অঙ্গন (আপন মনে বসে আছে জানালার রকে—*আহ্য*)। ~**বাজ** *বি* রোয়াকে আড্ডাবাজ; যে রোয়াকে বাজে ধরনের আড্ডা দেয়। {*আ.* রৱাক رواق}

রোয়েদাদ [রোয়েদাদ্] *বি* ভাগ-বাঁটোয়ারার বণ্টনের বিবরণ; কার্যবিবরণী। {*ফা.* রুয়েদাদ رویداد}

রোরুদ্যমান [রোরুদ্‌দোমান্] *বিণ* উচ্চস্বরে কাঁদছে এমন; ক্রন্দনশীল (রোরুদ্যমান শিশু—*রঠা*)। **রোরুদ্যমানা** *বিণ স্ত্রী.*। {*স.* √রুদ্+যঙ্(=রোরুদ্য)+মান(শানচ্)}

রোল[১] [রোল্] *বি* অব্যক্ত শব্দ; রব; উচ্চ শব্দ; চিৎকার (কলরোল)। {*স.* রব>}

রোল[২] [রোল্] *বি* নামের ক্রমিক তালিকা (রোল নং)। {*ই* roll}

রোল[৩] [রোল্] *বি* অবদান; ভূমিকা; নাটকে চরিত্রাভিনয়। {*ই* role}

রোলার [রোলার্] *বি* যন্ত্রের গোলাকার অংশবিশেষ; পেষণযন্ত্র। {*ই* roller}

রোশন ⇒ রওশন

রোশনগির [রোশোন্‌গির্] *বি* আলোকসজ্জাকারক; যে প্রাসাদাদিতে বাতি দেয়; মশালচি। {*ফা.* রোশ্নগর روشنگر}

রোশন-চৌকি, রোষণচৌকি *(বিরল)* [রোশোন্‌চোউকি] *বি* বিভিন্ন বাদ্যযন্ত্র সহযোগে ঐকতানবাদ্য (তার পশ্চাৎ একশ ঢোল, চল্লিশটি জগঝম্প ও গুটি ষাইটের ঢাক মায় রোষণচৌকী শানাই ভেড়ং ও ভেঁপু—*প্যামি*)। {*ফা.* রোশনচৌকি روشن چوکی}

রোশনি [রোশ্‌নি] *বি* চোখের আলো; নয়নমণি (চোখের রোশনী রাজকুমারীটি ছিলেন স্বপনচারিণী—*সৈমু*)। {*ফা.* রওশনী روشنی}

রোশাই, রোশানি ⇒ রওশন

রোষ [রোশ্] *বি* ক্রোধ; কোপ; রাগ; গোসা (সমস্ত বাড়ীর রোষই এই মতো পুত্রের উপর—*রক*)। ~**কষায়িত** *বিণ* ক্রোধে আরক্ত; রাগে লাল (রোষকষায়িত লোচন দুর্দ্ধর্ষ আরব—*আখাঁ*)। {*স.* √রুষ্+অ(ঘঞ্)}

রোষণ [রোশোন্] *বি* কোপন। {*স.* √রুষ্+অন(ল্যুট্)}

রোষণচৌকী ⇒ রোশন-চৌকি

রোষা [রোশা] *ক্রি* ক্রুদ্ধ হওয়া; রাগ করা। {*স.* √রুষ্+*বা.* আ}

রোষাগ্নি, রোষানল [রোশাগ্‌নি, রোশানল্] *বি* ক্রোধরূপ অগ্নি; নিদারুণ ক্রোধ। {*স.* রোষ+অগ্নি, অনল; *কর্মধা.*}

রোষাবিষ্ট [রোশাবিশ্‌টো] *বিণ* ক্রুদ্ধ হয়েছে এমন। **রোষাবিষ্টা** *বিণ স্ত্রী.*। {*স.* রোষ+আবিষ্ট; ৩তৎ}

রোষিত [রোশিতো] *বিণ* ক্রোধিত। {*স.* রোষ+ইত(ইতচ্)}

রোষিনি, রুষিনি [রোশিনি, রু-] *বিণ* রুষ্ট; ক্রোধযুক্ত (রোষিনি রাধিকা—*বচ*)। {*স.* রোষ+*বা.* ইন+*বা.* ই}

রোষী (ষিন্) [রোশি] *বিণ* ক্রোধযুক্ত, রুষ্ট। **রোষিণী** *স্ত্রী.*। {√রুষ্+ইন্(ণিনি)}

রোষ্ট ⇒ রোস্ট

রোসো, রোস [রোশো] *ক্রি* ১ (অনুকার) অপেক্ষা করো; থামো; দাঁড়াও (একটু রোসো)। ২ ধৈর্য ধরো (রোস না দুদিন পরেই মজা টের পাবে)। {√রহ্>}

রোসোমৎ [রোস্‌মত্] *বি* মুসলমানি প্রথা অনুযায়ী বিবাহের পর বর ও কনের পরস্পর প্রথম দর্শন ও আচারাদি অনুষ্ঠান। {*আ.* রুসুমাত رسومات}

রোস্ট, রোষ্ট [রোস্‌ট্] *বি* ১ ভাজা মাংসবিশেষ; আস্ত মুরগি বিশেষ প্রক্রিয়ায় ভেজে তৈরি খাদ্যবিশেষ (তুমি দশটি মোরগ নিয়ে পাঁচটির সিককাবাব, পাঁচটির রোষ্ট....পাক করবে—*মীম*)। ২ শুকনা; শুষ্ক (রুটি দুটো দেখছি শুকিয়ে দিব্যি রোষ্ট হয়ে আছে—*নই*)। {*ই.* roast}

রোহ, রোহণ [রোহো, -ন্] *বি* আরোহণ। {*স.* রুহ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

রোহিণী[1] [রোহিনি] *বি* ১ চন্দ্রপত্নী (ইন্দ্রের ইন্দ্রাণী কি বা চন্দ্রের রোহিণী—*দৌবা*)। ২ হিন্দু পুরাণে বলরামের মা। ৩ হিন্দুমতে নববর্ষীয়া কন্যা (রোহিণী দান)। ৪ নক্ষত্রবিশেষ। ৫ লাল রঙের গাভীবিশেষ। {*স.* √রুহ্+ইন(ণিনি)+ঈ(ঙীপ্)}

রোহিণী[2] ⇒ রোহী

রোহিত, রোহিতক [রোহিতো, -তক্] *বি* ১ রুই মাছ। ২ লোহিতবর্ণ। ৩ রক্ত; শোণিত। ৪ পদ্মরাগমণি। ৫ হরিণবিশেষ (মহিষ ছাগ মেষ রোহিত রাজহংস শতেক দিল বলিদান—*কমু*)। {*স.* √রুহ্+ইত(ইতন্)}

রোহিতাশ্ব [রোহিতাশ্‌শো] *বি* ১ হিন্দু পুরাণের রাজা হরিশ্চন্দ্রের পুত্র। ২ অগ্নি। {*স.* রোহিত+অশ্ব}

রোহী (-হিন্) [রোহি] *বিণ* আরোহণকারী; আরোহী। **রোহিণী** *বিণ স্ত্রী.*। {√রুহ্+ইন্(ণিনি)}

রৌদ্র [রোউদ্‌দ্রো] *বি* ১ রোদ; সূর্যকিরণ; সূর্যতাপ। ২ *(অল.)* কাব্যের রসবিশেষ। ৩ হেমন্ত ঋতু। ৪ প্রচণ্ড; ভয়াবহ। ~**দগ্ধ** *বিণ* সূর্যতাপে দগ্ধ বা ঝলসিত। ~**পক্ব** *বিণ* সূর্যতাপে সিদ্ধ। ~ **সেবন করা** *ক্রি* রোদ পোহানো; শরীরে রোদ লাগানো। ~**স্নান** *বি* দেহ নগ্ন করে রোদ লাগানো। **রৌদ্রোজ্জ্বল** *বিণ* সূর্যকিরণে দীপ্তিমান; সূর্যের আলোকে সমুজ্জ্বল (রৌদ্রোজ্জ্বল দিবসে তোমার আসিনি সজল মেঘের ছায়া—*নই*)। {*স.* রুদ্র+অ(অণ্)}

রৌপ্য [রোউপ্‌পো] *বি* ১ একটি ধাতু। ২ রজত; রুপা। {*স.* রূপ্য+অ(অণ্)}

রৌপ্যচূর্ণ [রোউপ্‌পোচুর্‌নো] *বি* রুপার ক্ষুদ্র টুকরাবিশেষ (রৌপ্যচূর্ণ রাতের দিবস আর নয় অক্ষর—*আহা*)। {*স.* রৌপ্য+চূর্ণ}

রৌপ্যজয়ন্তী ⇒ জয়ন্তী

রৌপ্যময় [রোউপ্‌পোময়্] *বিণ* রুপা দ্বারা তৈরি। {*স.* রৌপ্য+ময়(ময়ট্)}

রৌপ্যমুদ্রা [রোউপ্‌পোমুদ্‌দ্রা] *বি* রুপা দিয়ে নির্মিত মুদ্রা; টাকা আধুলি সিকি ইত্যাদি। {*স.* রৌপ্য+মুদ্রা}

রৌপ্যমূল্যে [রোউপ্‌পোমুল্‌লে] *ক্রিবিণ* রুপা বা টাকার বিনিময়ে; রুপা বা টাকা দিয়ে মূল্য প্রদানে। {*স.* রৌপ্য+মূল্য+*বা.* এ}

রৌপ্যালঙ্কার [রোউপ্‌পালঙ্‌কার্] *বি* রুপা দিয়ে নির্মিত অলঙ্কার বা গহনা; রূপার গহনা। {*স.* রৌপ্য+অলঙ্কার}

রৌরব [রোউরব্] *বি* ১ হিন্দুমতে অতি পাপীদের জন্য নির্দিষ্ট নরক। ২ নরক-যন্ত্রণা; অসহনীয় যাতনা (ইহারে উচিত নহে এতেক রৌরব)। {*স.* রুরু+অ(অণ্)}

রৌশন [রোউশন্] *বি* আলো; রোশনাই (রৌশন রাঙা করেছে কে যেন জ্বালায়ে চাঁদের বাতি—*নই*)। {*ফা.* রওশন্ روشن}

রৌশনি, রৌশনী ⇒ রওশন

র‍্যাঁদা ⇒ রেঁদা

র‍্যাপার ⇒ রেপার

র‍্যালি, র‍্যালী [র‍্যালি] কোনো আন্দোলনের সমর্থনে জন সমাবেশ (বয়স্কাউট র‍্যালি)। {*ই.* rally}

ল

ল[1] [ল] বাংলা বর্ণমালার অন্তর্গত অষ্টাবিংশ ব্যঞ্জনবর্ণ বিশেষ। এটা ঘোষ স্বল্পপ্রাণ দন্ত্যমূলীয় পার্শ্বিক (voiced unaspirated alveolo-lateral) এবং তরল (weak) ধ্বনি।

ল[2] [ল] *বি* ১ আইন; নিয়ম-কানুন। ২ আইন পরীক্ষা; উকিল হওয়ার পরীক্ষা (ল পাশ করা)। { *ই* law}

লউসনিয়া [লোউজোনিয়া] *বি* ঈষৎ নীলবর্ণের স্ফটিকতুল্য রত্ন (সে চোখ দুটি লউসনিয়া দিয়ে গড়া— *প্রচৌ*)। { *ই* Lausanne> (?) (পশ্চিম সুইজারল্যান্ডের একটি শহরের নাম)}

লওয়া (*প্রাপ্র*; চলিত প্রচলন **'নেওয়া'**) [লওয়া] *ক্রি* ১ গ্রহণ করা; নেওয়া (টাকা লওয়া, ধার লওয়া)। ২ বলপূর্বক গ্রহণ করা; হরণ করা; কাড়া (উহারে লইয়া যাই পলাইয়া সাগর পারে— *ভারা*)। ৩ বহা; বহন করা (মাথায় লওয়া)। ৪ ধারণ করা (তাবিজ লওয়া)। ৫ অনুসরণ করা (সোজা পথ লওয়া, উপদেশ লওয়া)। ৬ মূল্য দিয়ে গ্রহণ করা; ক্রয় করা (বাজার থেকে জিনিসপত্র লওয়া)। ৭ আদায় করা; উসুল করা (খাজনা লওয়া, জরিমানার টাকা লওয়া)। ৮ ভোজনার্থ গ্রহণ করা (কিছু মিষ্টি লওয়া)। ৯ সম্মত হওয়া; স্বীকার করা (নিমন্ত্রণ বা দাওয়াত লওয়া)। ১০ ঔষধ হিসেবে গ্রহণ করা; প্রতিষেধকরূপে ব্যবহার করা (টীকা লওয়া, জোলাপ লওয়া)। ১১ রন্ধনের জন্য গ্রহণ করা (আজ মাত্র পাঁচ জনের চাউল লইও)। ১২ সঙ্গে রাখা (সে ছাতা লইয়া বেড়াইতে গেল)। ১৩ স্থাপন করা (মাথায় টুপি লওয়া)। ১৪ অবলম্বন করা (ব্রত লওয়া)। ১৫ পরখ বা পরীক্ষা করা (ছাত্রের পড়া লওয়া)। ১৬ উচ্চারণ বা স্মরণ করা (খোদার নাম লওয়া)। ১৭ ঋণ করা; ধার করা (বাঁধা দিয়া টাকা লওয়া)। ১৮ ধারণা হওয়া (মনে লওয়া)। ১৯ সম্বল করা (ছেলেটাকে লইয়াই বাঁচিয়া আছি)। ২০ সংগ্রহ করা (সংবাদ লওয়া)। ☐ *বি*, *বিণ* উক্ত সকল অর্থে। **মনে ~** *ক্রি* পছন্দ হওয়া; গ্রাহ্য হওয়া। **মাথায় করে ~** *ক্রি* মান্য করা; শিরোধার্য করা। **হাতে ~** *ক্রি* কাজের ভার গ্রহণ করা। **~নো** *ক্রি* ১ অপরকে দিয়ে গ্রহণ করানো। ২ ধারণ বা স্থাপন করানো। ৩ স্বীকার করানো। ৪ পরামর্শ বা উৎসাহ দিয়ে প্রবৃত্ত করানো। ☐ *বি*, *বিণ* উক্ত সকল অর্থে। { *স* √লভ্ > *প্রা* √লহ্ >}

লওয়াজিম, লওয়াজিমা, লোয়াজিমা, লওয়াজিমা [লওয়াজিম্, -মা, লোয়াজিমা, লওয়া-] *বি* ১ প্রয়োজনীয় জিনিসপত্র; সঙ্গের জিনিসপত্র (সব লওয়াজিমা রাখো— *আজা*)। ২ জমিদারির কাগজপত্র। { *আ* লওয়াজিম لوازم }

লওহ [লওহ্] *বি* ফলক; তখতা (প্রাণের লওহে কোরান লেখা রুহ্ পড়ে তা রাত্রি দিন— *নই*)। { *আ* লওহ্ لوح }

লংক্লথ [লঙ্‌ক্লথ্] *বি* এক প্রকার খাপি সাদা সুতি বস্ত্র (লংক্লথের ময়লা ও হাতা-ছেঁড়া পাঞ্জাবি গায়ে— *বিব*)। { *ই* long cloth}

লংগরখানা ⇒ লঙ্গরখানা

লক ⇒ লখ

লক আউট [লক্ আউট্] *বি* কর্তৃপক্ষ কর্তৃক কারখানা বন্ধ করা। { *ই* lock out}

লকব [লকব্] *বি* সম্মানসূচক উপাধি বা খেতাব; উপনাম (লকবের সম্পূর্ণ সার্থকতা ঘটিয়েছিল— *মোব*)। **~ধারী** *বিণ* সম্মানসূচক উপাধিধারী (মওলানা লকবধারী ঐ ভণ্ডটা ওপাড়ার অনেক মুরিদকে ভাগাইয়া নিতেছে— *আমআ*)। { *আ* লকব لقب }

লকলক [লক্‌লক্] *অব্য* নমনীয় পদার্থের প্রসারিত ও আন্দোলিত হওয়ার ভাবসূচক অবস্থা (জিহ্বা বা বেত লকলক করা)। **লকলকে** *বিণ* লকলক করছে এমন; লকলককারী। **লকলকানি** *বি* লোভে লকলক করা (তাদের জিবের লকলকানি খুব শিগগিরই আরম্ভ হয়ে যাবে— *সেমু*)। { *ধ্বন্যা*}

লকা ⇒ লক্কা

লকাটে, লকাটিয়া [লকাটে, লকাটিয়া] *বিণ* কৌটা তুল্য (একখানা লকাটে রকম ফেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন— *প্যামি*)। { *ই* locket}

ল-কার [লকার্] *বি* ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত ল-বর্ণ। { *স* ল+কার}

লকার [লকার্] *বি* ব্যাংকে সম্পদ গচ্ছিত রাখার বাক্স। { *ই* locker}

লকুচ, লিকুচ [লকুচ্, লিকুচ্] *বি* ১ ডেউয়া বা মাদার গাছ। ২ ডেউয়া বা মাদার গাছের ফল। { *স* লকচ/লকুচ}

লকেট [লকেট্] *বি* কণ্ঠহারের সঙ্গে সংলগ্ন দোলায়মান পদক; ধুকধুকি। { *ই* locket}

লক্কড় [লক্‌কড়্] *বি* ১ কাঠের কুঁদা; লৌহখণ্ডের তুল্য বস্তু (সেই এক বিরিঞ্চির আমলের ফরাস তাকিয়া, লক্কড় পাল্‌কি গাড়ি— *রাব*)। ২ নিকৃষ্ট বা বাজে জিনিস (লক্কড় মার্কা গাড়ি)। { *তুল* *হি* লক্কড়}

লক্কা, লকা [লক্‌কা, লকা] *বি* ১ একজাতীয় ঘন ও বিস্তৃত পুচ্ছযুক্ত পায়রা; চওড়া লেজবিশিষ্ট কবুতর। ২ (*ব্য*) পোশাকবিলাসী ব্যক্তি; ফুলবাবু; গর্বিত যুবক (লক্কা পায়রা)। { *আ* লিকা لقا }

লক্ষ[1] [লোক্‌খো] *বি* ১,০০,০০০ সংখ্যা; লাখ; একশত হাজার (একলক্ষ টাকা)। ☐ *বিণ* ১ ১,০০,০০০ সংখ্যক; শতসহস্র সংখ্যক। ২ বহু; অসংখ্য; সংখ্যাতীত; অগুনতি (সোনার মধু লক্ষধারে লাগে ঝুরিতে— *রঠা*)। **~ক** *বি*, *বিণ* লক্ষৈক (এহাত আমার লক্ষক দানে— *বচদা*)। **~পতি** *বি* লক্ষ বা তদূর্ধ্ব টাকার মালিক; ধনী। **~ ~** *বিণ* অসংখ্য। { *স* √লক্ষ্+অ(অচ্)}

লক্ষ[2], **লক্ষ্য** [লোক্‌খো] *বি* নজর; দৃষ্টি; খেয়াল (লক্ষ করা, লক্ষ রাখা)। { *স* √লক্ষ্+অ(অচ্), √লক্ষ্+য(যৎ)}

লক্ষ[3] (*মবা*) [লোক্‌খো] *বি* লাক্ষা; গালা (লক্ষের কাঁচুলি)। { *স* লাক্ষা}

লক্ষক [লোক্‌খোক্] *বিণ* লক্ষণা দ্বারা অর্থপ্রকাশক। { *স* √লক্ষ্+অক(ণ্বুল্)}

লক্ষণ [লোক্‌খোন্] *বি* ১ চিহ্ন (দারিদ্র্যের লক্ষণ)। ২ পরিচয় (মহত্ত্বের লক্ষণ)। ৩ নিদর্শন; অভিজ্ঞান (জ্ঞানের লক্ষণ)। ৪ আভাস; ইঙ্গিত; সূচনা (ঝড়ের বা ক্রোধের লক্ষণ)। { *স.* √লক্ষ্‌+অন(ল্যুট্‌)}

লক্ষণা [লোক্‌খোনা] *বি* শব্দের যে বৃত্তিতে মুখ্য অর্থের সঙ্গে সম্বন্ধযুক্ত অন্য অর্থ বোঝায় (যথা : সারা শহর=শহরের সমস্ত লোক—এখানে আধার বলতে আধেয় বোঝাচ্ছে)। { *স.* লক্ষণ+আ(টাপ্‌)}

লক্ষণীয় [লোক্‌খোনিয়ো] *বিণ* লক্ষ করার যোগ্য; দর্শনীয়; দ্রষ্টব্য (ঢাকায় লালবাগের কেল্লার ধ্বংসাবশেষ বিশেষভাবে লক্ষণীয়)। □ *বি* অনুভবযোগ্য; অনুভবনীয়। { *স.* √লক্ষ্‌+অনীয় (অনীয়র)}

লক্ষিএ *(মধ্য.)* [লক্‌খিয়ে] *ক্রি* দেখছি; লক্ষ করছি (স্বরূপে লক্ষি-এ বড়ায়ি—*বচদা*)। { *স.* √লক্ষ্‌>লক্ষ্যে>}

লক্ষিত [লোক্‌খিতো] *বিণ* ১ দৃষ্ট; লক্ষ করা হয়েছে এমন। ২ উদ্দিষ্ট; লক্ষ্যীকৃত; অভীষ্ট। ৩ অনুভূত; উপলব্ধ; জ্ঞাত। ৪ লক্ষণাবৃত্তি দ্বারা অবগত (লক্ষ্মণ আর সীতাকে লক্ষিত করিতে না পারিয়া রোদন করিতে লাগিলেন—*ঈবি*)। ৫ নিশানা করা হয়েছে এমন। **লক্ষিতা** *বিণ স্ত্রী* পরকীয়া নায়িকা। { *স.* √লক্ষ্‌+ত(ক্ত)}

লক্ষ্মণ [লোক্‌খোঁন] *বি* রামানুজ; রামায়ণোক্ত রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা; সুমিত্রাপুত্র। { *স.* লক্ষ্মী+ন; √লক্ষ্‌+মন(মনিন্‌)+অ(অৎ)}

লক্ষ্মী [লোক্‌খি] *বি স্ত্রী* ১ হিন্দু পুরাণোক্ত বিষ্ণুপত্নী এবং ধন ঐশ্বর্য ও সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী। ২ কমলা; রমা; ইন্দিরা; পদ্মা; পদ্মালয়া। ৩ সৌভাগ্য; শোভা; শ্রী; সৌন্দর্য। □ *বিণ* শান্তস্বভাব; সুবোধ (লক্ষ্মী মেয়ে; লক্ষ্মী ছেলে)। **~কান্ত, ~পতি** *বি* হিন্দুদেবতা নারায়ণ। **~ছাড়া** *বিণ* ১ শ্রীভ্রষ্ট। ২ দুর্ভাগ্যযুক্ত; হতভাগ্য। ৩ দুষ্ট; খারাপ। **~জনার্দন, ~নারায়ণ** *বি* ১ হিন্দু দেবদেবী লক্ষ্মী ও নারায়ণ। ২ নবমেঘকান্তি শালগ্রামবিশেষ। **~পুষ্প** *বি* পদ্মরাগ মণি। **~পূর্ণিমা** *বি* হিন্দুদের দুর্গাপূজার অব্যবহিত পরের পূর্ণিমা। **~পেঁচা** *বিণ* দেখতে কুরূপ কিন্তু সুলক্ষণযুক্ত (আমার কাছে যার চেহারা ঠেকলো রূপে লক্ষ্মী তুমি তাকে বললে লক্ষ্মীপেঁচাটি—*অঠা*)। **~বান, ~বন্ত, ~মন্ত** *বিণ* সৌভাগ্যবান; সম্পদশালী। **~বিলাস** *বি* ১ কবিরাজি তেল। ২ জ্বরঘ্ন বটিকাবিশেষ। **~ভাণ্ডার** *বি* যে ভাণ্ডার কখনো শূন্য হয় না; অফুরন্ত ভাণ্ডার। **~মণি** *বি* ছোট ছেলের প্রতি আদরজ্ঞাপক উক্তি (লক্ষ্মীমণি, একটু চুপ করো)। **~শ্রী** *বি* সৌভাগ্য বা সুখসম্পদজনিত শ্রী বা শোভা। **~স্বরূপিণী** *বিণ* লক্ষ্মীদেবীর সকল গুণে গুণান্বিতা; রূপে-গুণে লক্ষ্মীতুল্যা। **~র বাহন** *বি* ১ পেঁচা; পেচক। ২ *(আল.)* অত্যন্ত সম্পদশালী ব্যক্তি। { *স.* √লক্ষ্‌+ঈ, ম্‌(মুট্‌) আগম}

লক্ষ্য [লোক্‌খো] *বি* ১ কামনার বিষয়; কাম্যবস্তু (জীবনে বড় হওয়াই তার লক্ষ্য)। ২ নজর; দৃষ্টি; মনোযোগ। ৩ উদ্দেশ্য। ৪ বেধ্য; তাক; নিশানা; টিপ; target। □ *বিণ* ১ দর্শনযোগ্য; দ্রষ্টব্য; লক্ষণীয়। ২ অনুমেয়; অনুমানযোগ্য। ৩ লক্ষণাশক্তির দ্বারা জ্ঞাত। ৪ উদ্দিষ্ট। ৫ জ্ঞেয়; জ্ঞাতব্য। **~চ্যুত, ~ভ্রষ্ট** *বিণ* ১ উদ্দেশ্য অনুসরণ করে চলতে পারেনি এমন; লক্ষ্যভ্রষ্ট; উদ্দেশ্যচ্যুত। ২ নিশানা ভেদ করতে পারেনি এমন। **~স্থল** *বি* ১ উদ্দিষ্ট স্থান। ২ নিশানা। **~হীন** *বিণ* উদ্দেশ্যশূন্য। **লক্ষ্যীকৃত** *বিণ* ১ লক্ষ্য করা হয়েছে এমন। ২ নিশানা ভেদ করেছে এমন। { *স.* √লক্ষ্‌+য(যৎ)}

লখ, লক, লখলাইন [লখ্‌, লক্‌, লখ্‌লাইন্‌] *বি* মাঞ্জা দেওয়া রেশমের সুতা (একাকী বসিয়া ঘুড়ির লখ তৈরী করিতেছেন—*রঠা*)। { *ফা.* নখ>, + *ই.* line}

লখই *(ব্র.)* [লখই] *অস. ক্রি* লক্ষিতে; দেখতে (লখই ন পারিয়ে—*বিপ*)। { *স.* √লক্ষ্‌>}

লখা *(পদ্য.)* [লখা] *ক্রি* ১ দর্শন করা; লক্ষ করা; দেখা। ২ চিনতে পারা। ৩ নিশানা করতে পারা। ৪ অনুমান করা; ভাবা (কবে শঙ্খ দেখি, হেন মনে লখি, উর্বশী আইলা আপনি—*কমু*)। { *স.* √লক্ষ্‌> *হি.* লখ+*বা.* আ}

লখিমী [লখিমি] লক্ষ্মী (লখিমী চাহিতে দারিদ্র বেড়ল—*জ্ঞাদা*)। { *স.* লক্ষ্মী>}

লখাই, লখিন্দর [লখাই, লোক্‌খিনদর্‌] *বি* ১ চাঁদ সদাগরের পুত্র; লক্ষ্মীন্দর; লক্ষ্মীন্দ্র। ২ মনসামঙ্গলে বেহুলার স্বামী। { *স.* লক্ষ্মীন্দ্র>}

লগ *(ব্র.)* [লগ্‌] *বি* সঙ্গ; লাগ; স্পর্শ (লগ নাহি সরয়ে—*বিপ*)। **লগে** *ক্রিবিণ* সঙ্গে। **লগে লগে** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে। { *স.* লগ্ন>}

লগন ⇒ লগ্ন[১]

লগনসা [লগনশা] *বি* লগ্নকাল। { *স.* লগন-সময়>}

লগবই [লগ্‌বোই] *বি* গাড়ি ইত্যাদির দৈনিক চলাচল ও অন্যান্য তথ্য সংবলিত দলিলপত্র। { *ই.* log-book>}

লগবগ [লগ্‌বগ্‌] *অব্য* ১ ঋজু না থাকার ভাব প্রকাশক। ২ বেত বা কঞ্চির মতো লকলকে বা ছিপছিপে ভাব। **লগবগে** *বিণ* লগবগ করে এমন; দৃঢ় নয় এমন। { *তুল. ধ্বন্যা.* লকলক}

লগা [লগা] *বি* বাঁশের দণ্ডবিশেষ (লগায় বাঁধা জাল হাতছানি দেয়—*অঠা*)। ২ আঁকশি। { *স.* লগ্ন>লগগ>}

লগি, লগী [লোগি] *বি* ১ বাঁশ ইত্যাদির সরু লম্বা দণ্ড যা দ্বারা নৌকা চালানো হয়। ২ সরু ছোট বংশদণ্ড যদ্দ্বারা অগভীর জলে নৌকা ঠেলে নিয়ে যাওয়া হয় (জলের ঢেউ বুঝেই হাল চালাতেন, লগী ধরতেন—*মীম*)। ৩ ছোট বংশদণ্ড বা লগা। **লগিঠেলা করা** *ক্রি (আল.)* কষ্ট করে কোনো প্রকারে আগলে নিয়ে যাওয়া (লগিঠেলা করে সংসার চলে না)। { *স.* লগ্ন>+*বা.* ই}

লগ্গি ⇒ লগি

লগুড়, লগুর [লোগুড়্‌, -র্‌] *বি* ১ মোটা লাঠি; কোঁৎকা; স্থূল যষ্টি বা দণ্ড (যার হাতে তরবারি আছে, সে লগুড় ব্যবহার করে না—*প্রচৌ*)। ২ লৌহনির্মিত দণ্ডবৎ প্রাচীন যুদ্ধাস্ত্র। {√লগ্‌+উল>}

লগে [লগে] *ক্রিবিণ* সঙ্গে। লগে লগে—সঙ্গে সঙ্গে (সর্বদা লগে লগে থাকিস)। { *স.* লগ্ন>}

লগেজ ⇒ লাগেজ

লগ্ন[১], লগন [লগ্‌নো, লগোন্‌] *বি* ১ *(জ্যোশা)* রাশির উদয়কাল। ২ *(জ্যোশা)* সূর্যের এক রাশি থেকে অন্য

রাশিতে সংক্রমণের মুহূর্ত। ৩ (হিন্দু বিশ্বাসে) উপযুক্ত বা শুভ সময় (রাত্রি দশটার লগ্ন বাদ যাইবে না—*বিব*)। **লগ্নপত্র** *বি* জ্যোতিষশাস্ত্র অনুসারে স্থিরীকৃত বিবাহ-লগ্নকাল যে কাগজে লেখা হয়। **লগ্নভ্রষ্ট** *বিণ* অতিক্রান্ত; শুভ সময় অতিবাহিত; উপযুক্ত সময়ে কার্যারম্ভে অক্ষম হওয়া। **লগ্নাচার্য** *বি* জ্যোতিষী। { *স.* √লগ্+ত(ক্ত), লগ্ন>লগন (মধ্যস্বরাগমে)}

লগ্ন[2] [লগ্‌নো] *বিণ* ১ সংযুক্ত; মিলিত; একত্রীকৃত (বক্ষলগ্ন)। ২ আসক্ত; একান্ত অনুরক্ত। **লগ্না** *বিণ* স্ত্রী। { *স.* √লগ্+ত(ক্ত)}

লগ্নক ⇒ লগ্নকা

লগ্নকা, লগ্নক [লগ্‌নোকা, লগনক্] *বি* জামিন (বন-মৃগ যাহার লগ্নকা অরপিয়া বনান্তরে যাই পুনি আইল ফিরিয়া—*সৈআ*)। { *স.* লগ্ন+কা, ক}

লগ্নি, লগ্নী [লোগ্‌নি] *বি* ১ সুদে টাকা খাটানো বা লাগানো (লগ্নি করা)। ২ তেজারতি; মহাজনি (পিসী সমস্ত টাকাই লগ্নী কারবারে লাগাইয়াছিলেন—*ইহো*)। □ *বিণ* সুদে খাটানো হয়েছে এমন (লগ্নি টাকা)। { *হি.* লাগানা>}

লঘি, লঘ্বি, লঘ্‌ঘি, লগ্‌গি [লোঘি, লোঘ্‌ঘি, -, লোগ্‌গি] *বি* নিজকে স্বাভাবিকভাবে হালকা করা; প্রস্রাব করা (লঘি করিবার যথা নূরনবী যায় লঘির প্রকাশ কেহ তথা নাহি পায়—*হেমা*)। { *স.* লঘু>}

লঘিমা [লোঘিমা] *বি* ১ লাঘব; লঘুতা; লঘুর ভাব। ২ হিন্দুমতে যোগলব্ধ যে শক্তি দ্বারা দেহকে ইচ্ছামতো লঘু করা যায়। ৩ অগৌরব। { *স.* লঘু+ইমন(ইমনিচ)}

লঘিষ্ঠ [লোঘিশ্‌ঠো] *বিণ* ১ সবচেয়ে হালকা; অতিশয় লঘু। ২ সর্বাপেক্ষা ক্ষুদ্র (লঘিষ্ঠ সংখ্যা)। ৩ অতিক্ষুদ্র। ৪ সর্বনিম্ন। **লঘিষ্ঠা** *বিণ* স্ত্রী। **~ সাধারণ গুণনীয়ক বা গুণিতক** (সংক্ষেপে ল. সা. গু.) *বি* (*গণিত.*) দুই বা ততোধিক রাশি দ্বারা যে সর্বনিম্ন রাশি নিঃশেষে বিভাজ্য; L.C.M.। { *স.* লঘু+ইষ্ঠ}

লঘীয়ান [লোঘিয়ান] *বিণ* ১ দুইয়ের মধ্যে যা বেশি লঘু বা ক্ষুদ্র। ২ অতিশয় হালকা; লঘুতর। ৩ অত্যন্ত ছোট; ক্ষুদ্রতর। **লঘীয়সী** স্ত্রী। { *স.* লঘু+ঈয়স্, ১*মা একব*}

লঘু [লোঘু] *বিণ* ১ ভারশূন্য; হালকা; অল্পভার ওজনযুক্ত (লঘুভার)। ২ অল্প পরিমিত; সহজে পরিপাক করা যায় এমন; সহজপাচ্য (লঘু ভোজন)। ৩ সামান্য; অত্যল্প; অল্প পরিমাণ (লঘু পাপ)। ৪ ক্ষুদ্র; হ্রস্ব; খর্ব; বামন (লঘুকায়)। ৫ গাম্ভীর্যশূন্য; চিন্তাহীন (জীবন আছিল লঘু প্রথম বয়সে—*রঠা*)। ৬ চিন্তাশক্তিশূন্য (লঘু মস্তিষ্ক)। ৭ মৃদু অথচ দ্রুত ও স্বচ্ছন্দ (লঘু বাতাস, লঘু গতি)। ৮ সহজে বোঝা যায় এমন; সহজবোধ্য (লঘুপাঠ)। ৯ নীচ; হেয়; অবজ্ঞাত (এত লঘু হয় জীব কিসের কারণ—*কাদা*)। ১০ অসার। ১১ অপমানিত। ১২ সূক্ষ্ম; পুঙ্খানুপুঙ্খ; সংকীর্ণ। ১৩ তরল; দ্রব; গলিত; বিগলিত। ১৪ (*ব্যা.*) হ্রস্ব মাত্রাবিশিষ্ট (লঘুস্বর)। **লঘুতা, লঘুত্ব, লাঘব** *বি*। **লঘ্বী, লঘ্বী** *বিণ* স্ত্রী। **~গামী** *বিণ* দ্রুত ও স্বচ্ছন্দে গমনশীল। **~গুরু** *বিণ* ছোট ও বড়। **~গুরু জ্ঞান, ~গুরু বোধ** *বি* বয়সে বা সম্মানে ছোট বড়র মধ্যে পার্থক্য সম্বন্ধে ধারণা; ঐরূপ পার্থক্য অনুসারে আচরণ। **~চিত্ত, ~চেতা** *বিণ* ১ সংকীর্ণহৃদয়; নীচমনা (আমি তুমিতে পার্থক্য করে লঘুচিত্তের লোক—*সৈমু*)। ২ ছ্যাবলা; গাম্ভীর্যশূন্য (বুঝিয়াছি, লঘুচেতাদিগের মনের বন্ধন চাই—*বচ*)। **~পাক** *বিণ* সহজে জীর্ণ হয় এমন; সহজপাচ্য। **~হস্ত** *বিণ* শীঘ্রকারী; ক্ষিপ্রহস্ত। { *স.* √লঙ্ঘ্+ উ(কু)}

লঘূকরণ [লোঘুকরোন্] *বি* ১ এক ধরনের অঙ্ক; ভারী জিনিসকে হালকাকরণ। ২ জটিল বিষয়কে সরলীকরণ। ৩ (*গণিত.*) মিশ্র রাশিকে অমিশ্র এবং অমিশ্র রাশিকে মিশ্র রাশিতে পরিণতকরণ; reduction। **লঘূকৃত** *বিণ* ১ লঘু করা হয়েছে এমন। ২ (*গণিত.*) লঘূকরণ করা হয়েছে এমন। { *স.* লঘু+চ্বি+√কৃ+অন(ল্যুট্)}

লঘ্‌ঘি ⇒ লঘি

লঘ্বি ⇒ লঘি

লঘ্বী, লঘু [লোগ্‌ঘি, লোঘু] *বিণ* ১ ছিপছিপে; তন্বী। ২ সুন্দরী; সুদর্শনা। { *স.* লঘু+ঈ+উ(কু)}

লঙ্কা[1], **লংকা**[1] [লঙ্‌কা] *বি* মসলারূপে ব্যবহৃত ঝাল ফলবিশেষ; মরিচ; মরিচ গাছ (কাঁচা লঙ্কা, শুকনো লঙ্কা)। **~ফোড়ন** *বি* গরম পাত্রে তেলে লঙ্কা ভাজা (হিন্দুস্থান হৌসে লঙ্কা-ফোঁড়ন চড়লে তার চতুর্দিকে সিকি মাইল জুড়ে হাঁচি-কাশি ঘণ্টাখানেক ধরে চলত—*সৈমু*)। **~বাটা** *বি* পানির সঙ্গে পিষ্ট লঙ্কা; পানিসহযোগে যে লঙ্কা পেষণ করা হয়েছে। { *স.* √রম্+ক+আ(টাপ্), সম্ভবত লঙ্কাদ্বীপ থেকে আগত}

লঙ্কা[2], **লংকা**[2] [লঙ্‌কা] *বি* ১ বর্তমান শ্রীলঙ্কা। ২ সংস্কৃত মহাকাব্য রামায়ণে উক্ত দ্বীপ; রাক্ষসরাজ রাবণের রাজ্য। **~কাণ্ড** *বি* ১ রামায়ণোক্ত লঙ্কারাজ রাবণ ও তাঁর আত্মীয়দের যুদ্ধে নিধনপর্ব। ২ (*আল.*) হুলুস্থুল; সাংঘাতিক ঝগড়াঝাটি। **~দাহন** *বি* হনুমান কর্তৃক লঙ্কাপুরীকে অগ্নিসংযোগে দগ্ধকরণ। **~দাহী(-হিন্)** *বি* লঙ্কা দগ্ধকারী; হনুমান। **~ধিপতি, লঙ্কেশ** *বি* লঙ্কারাজ রাবণ। **লঙ্কাফেরত** *বি* ১ হনুমান। ২ (*ব্য.*) বাঁদর। **শ্রী~** *বি* দ্বীপ-রাষ্ট্রবিশেষ। { *স.* √রম্+ক+আ(টাপ্)}

লঙ্গ[1] ⇒ লবঙ্গ

লঙ্গ[2], **লঙ** [লিঙ্‌গ্, লঙ্] *বি* ১ খঞ্জতা (তৈমুর লঙ্গ বা লঙ)। ২ উপপতি; লাঙ, নাং। **লঙ্গড়** *বিণ* খঞ্জ; খোঁড়া। { *ফা.* লঙ্গ لنگ }

লঙ্গর, নঙ্গর [লঙ্‌গোর্, নঙ্‌গর্] *বি* ১ নোঙর; লৌহ অঙ্কুশযুক্ত কাছি বা শিকল যা পানির নিচে ফেলে নৌকা বা জাহাজের গতি রোধ করা হয়। ২ বিনামূল্যে খাদ্য বিতরণ স্থান। { *ফা.* লঙ্গর لنگر }

লঙ্গরখানা, লংগরখানা [লঙ্‌গর্‌খানা] *বি* ১ অন্নসত্র; গরিব লোকদের যেখানে বিনামূল্যে খাদ্য পরিবেশন করা হয় (এই মহানুভব শাসকের লংগরখানা থেকে ... খাদ্য পেতেন—*মুআরা*)। ২ সাধারণের রান্নাঘর; gruel kitchen। { *ফা.* লঙ্গরখানা لنگرخانه }

লঙ্ঘন [লঙ্‌ঘোন্] *বি* ১ উপবাস। ২ লম্ফন; ডিঙানো। ৩ অতিক্রমণ। ৪ পালন না করা; অবাধ্য হওয়া। ৫ অবহেলা; অগ্রাহ্য বা অবজ্ঞাকরণ (সত্যই বচনে ঘট করিলে লঙ্ঘন—*কমু*)। **লঙ্ঘনীয়** *বিণ* লঙ্ঘনযোগ্য; অতিক্রমণীয়। **লঙ্ঘিত** *বিণ* লঙ্ঘন করা হয়েছে এমন। { *স.* √লঙ্ঘ্+

অন(ল্যুট)}

লঙ্ঘা [লঙ্‌ঘা] *ক্রি* লঙ্ঘন বা অতিক্রম করা; পার হওয়া। {*স.* √লন্‌ঘ্+*বা.* আ}

লচপচ [লচপচ] *অব্য* ভেঙে পড়ার ভঙ্গি; দোদুল গমনের ভাব। {*ধ্বন্যা.*}

লছমী, লছিমী *(ব্র.)* [লোছ্‌মি, লোছিমি] *বি* লক্ষ্মী (দিনের পর দিন গেল, উগরানো চাঁদের 'লছমী' আর ফিরিল না—*দমি*)। {*স.* লক্ষ্মী>}

লজঞ্চুস, লজেঞ্চুস, লজেন্স, লবনচুষ [লজোন্‌চুশ্, -জে-, লজেন্‌স্, লবোনচুশ্] *বি* ১ শর্করাদি দ্বারা প্রস্তুত চুষে খাওয়ার যোগ্য শিশুপ্রিয় মিঠাই (তোর জন্য আজ লজেঞ্চুস কিনে রেখেছিলুম—*রঠা*)। {*ই* lozenges}

লজিং [লোজিঙ্] *বি* ১ হোটেল ইত্যাদিতে থাকার জায়গা। ২ জায়গির থাকার ব্যবস্থা (তুমি কি লজিং থাকো?)। {*ই* lodging}

লজিক [লোজিক্] *বি* তর্কবিজ্ঞান; যুক্তিবিদ্যা (ইতিহাসের পর লজিকের ঘণ্টা—*বিব*)। {*ই* logic}

লজিজ [লোজিজ] *বিণ* সুস্বাদু; মুখরোচক (নানা প্রকার চর্ব্য, চুষ্য, লেহ্য, পেয় প্রভৃতি লজিজ ও নফিস খানা ভোজন করাইলেন—*ইহো*)। {*আ.* লযীজ لذيذ}

লজ্জত [লজ্‌জত্] *বি* ১ স্বাদ; মজা; রুচি (রুগ্ণ ব্যক্তির খাওয়ার জিনিসে লজ্জত থাকে না)। ২ আনন্দ; সুখ। ৩ প্রকাশ। ৪ ব্রীড়াযুক্ত মুখ; মুখমণ্ডল (লক্ষ্মীর লজ্জত—*সদ*)। {*আ.* লজ্জত لذّة}

লজ্জমান [লজ্‌জোমান্] *বিণ* ১ লজ্জা বোধ করছে এমন; লজ্জাশীল; লাজুক। **লজ্জমানা** *বিণ স্ত্রী.*। {*স.* √লস্‌জ্+মান(শানচ)}

লজ্জা [লজ্‌জা] *বি* ১ শরম; ব্রীড়া; হ্রী। ২ লাজুকতা। ৩ গোপনীয় বিষয়; জানাজানির ভয়ে সঙ্কোচ; কৃত অন্যায় প্রকাশিত হওয়ার ভয়ে কুণ্ঠা। **~কর, ~জনক** *বিণ* লজ্জার হেতুস্বরূপ; যাতে লজ্জা পেতে হয়; ব্রীড়াজনক। **~বতী লতা** *বি* ১ স্পর্শকাতর লতাবিশেষ; একজাতীয় লতা যার পাতা স্পর্শ করলেই সঙ্কুচিত হয় (এ যে আমার লজ্জাবতী লতা—*রঠা*)। ২ লজ্জাবতী লতার মতো লাজুক যে (একেবারে লজ্জাবতী লতা)। **~বনত** *বিণ* কুণ্ঠা বা সঙ্কোচের জন্য যে মুখ তুলতে পারে না। **~বান, ~শীল** *বিণ* লাজুক। **~বতী, ~শীলা** *বিণ স্ত্রী.*। **~বত্তা, ~শীলতা** *বি*। **~রুণ** *বিণ* লজ্জায় রক্তিম (সুভদ্রার লজ্জারুণ কুসুম কপোল—*রঠা*)। **~লু** *বিণ* লজ্জাশীল; লাজুক; লজ্জাযুক্ত (সুভদ্রা লজ্জালু চোখে হেসে উঠলো—*অচিসে*)। **~হীন, ~শূন্য** *বিণ* লজ্জা নেই এমন; বেহায়া; নির্লজ্জ। **~হীনা, ~শূন্যা** *বিণ স্ত্রী.*। **~হীনতা, ~শূন্যতা** *বি*। **লজ্জিত** *বিণ* লজ্জাযুক্ত; লজ্জাপ্রাপ্ত। **লজ্জিতা** *বিণ স্ত্রী.*। {*স.* √লস্‌জ্+অ+আ(টাপ্)}

লজঝড়, লজঝর, লঝঝড়, লঝঝর [লজ্‌ঝড়, -, -ঝ্‌ঝ-, -] *বিণ* ১ কর্মকুণ্ঠ; অলস; অপদার্থ; অকেজো (মাহবুবকে বই পড়িয়ে পড়িয়ে ভাবিজী একদম লজ্‌ঝর করে তুললেন—*নই*)। ২ গোলমেলে; বাজে; খেলো; অসার (লজ্‌ঝড় কাজ)। ৩ নড়বড়ে; জীর্ণ; লক্কড় (এমন লজ্‌ঝড়ে বাস—*শও*; পচা, লজ্‌ঝর এক বাসায় তুলে—মউ)। {*হি*}

লঞ্চ [লন্‌চ্] *বি* মোটর বা যন্ত্রচালিত ছোট জলযান; motor launch। {*ই* launch}

লট *(মবা.)* [লট্] *বি* রক্ত (ললিতলটলিহী—*কমু*)। {*স.* রক্ত>*প্রা.* রত্ত>লট্ট>}

লটক [লটোক্] *বিণ* চপল; অস্থির; চঞ্চল (লটক-ঝটক চাল)। ☐*বি* অসাধু ব্যক্তি। {*স.* √নট্>}

লটকা [লট্‌কা] *ক্রি* ঝোলা; ঝুলে থাকা; ঝুলানো; ঝুলিয়ে রাখা (লটকা টেরি কাটা চুল—*গুমা*)। {*স.* √নট্>লটক+*বা.* আ}

লটকান[১], **নটকান** [লট্‌কান্, ন-] *বি* ১ লালাভ সবুজ ফলযুক্ত গাছবিশেষ। ২ উক্ত গাছের ফল ও বীজ—এর বীজ পানিতে গুলিয়ে কাপড় লাল রং করা হয় (লটকান রঙ সাড়ী পরে কে বালিকা—*নই*)। {*ই* Latakia(?), তুরস্কের তামাকজাতীয় গাছ}

লটকানো, লটকান[২] [লট্‌কানো] *ক্রি* ঝুলানো; টাঙানো; ঝুলিয়ে রাখা। ☐*বি, বিণ* উক্ত অর্থে। {লটকা+আনো}

লটখট, লটখটী [লট্‌খট্, -খোটি] *বি* ১ ঝঞ্ঝাট; বিঘ্ন; উৎপাত। ২ ক্ষুদ্র বা তুচ্ছ বিষয় নিয়ে উপদ্রব; গোলমাল। {নটখট>}

লটপট, লটরপটর [লট্‌পট্, লটর্‌পটর্] *অব্য* ভূলুণ্ঠিত হওয়ার ও দোলার ভাব (লটপট করে বাঘছাল—*রঠা*)। ☐*বিণ* শ্লথভাবে দুলছে এমন (এমনি বেকায়দার লটপট করে উড়ে আসছে—*অঠা*)। **লটপটে** *বিণ* লটপট করছে এমন। দোদুল্যমান। **লটপটি** *বি* মুরগির গলা ইত্যাদির তরকারি। **লটাপট** *বিণ (পদ্য.)* লটপট করছে এমন (লটাপট জটাজুট—*ভারা*)। {লড়>লট+*অনু.* পট; *তুল.হি.* লৌটপৌট}

লটবহর [লট্‌বহোর্] *বি* সঙ্গের বহু জিনিসপত্র (কিহে, অনেক লটবহর দেখছি যে—*শেক*)। {*ই* lot+*আ.* বহর بحر}

লটরচটর [লটোর্‌চটোর্] *বি* আপাত ব্যস্ততার ভাব (আবদুল্লা লটরচটর করত, অর্থাৎ অচেনা খদ্দের ঢুকলে তার সামনে ব্যস্ত সমস্ততার ভান করত—*সৈমু*)। {*তুল.* লটপট}

লটরপটর ⟹ লটপট

লটা [লটা] *বি* ১ চূর্ণ কুন্তল। ২ কুসুম ফুল। ৩ নাটাকরঞ্জ। ৪ চটক পক্ষী। ৫ কামুকী। **লট, লট্ট** *পু*। {*স.* লট্>}

লটারি [লটারি] *বি* ১ সুরতি খেলা; ভাগ্যপরীক্ষা করার খেলা। ২ অদৃষ্ট পরীক্ষা। {*ই* lottery}

লটুয়া [লোটুয়া] *বিণ* লম্পট; কামুক। {*স.* লম্পট>লট+উয়া}

লড়[১], **লোড়** [লড়, লোড়] *বি* দৌড়; রড় (ফাতেমা শুনিয়া হেন মায়ের বচন। লড় দিয়া এজিদের ধরিল দামন—*হেমা*)। **লড়ে** *ক্রি* দৌড়ে; দৌড়িয়ে (পঞ্চ পুত্র সে রাজার কেহ নাহি পড়ে। গুরুকে দেখিয়া তারা যায় দীর্ঘ লড়ে—*হেমা*)। {*স.* √লড়>}

লড়[২] *(প্রাবা.)* [লড়্] *বি* ১ স্নেহ। ২ দুধের স্নেহ (দুধ মাঝেঁ লড়—*চর্যা*)।

লড়কা, লেড়কা [লড়্‌কা, ল্যাড়্‌কা] *বি* বালক। **লড়কি,**

লেড়কি স্ত্রী। {হি লড়কা>}

লড়চড় ⇒ নড়চড়

লড়ন[1] [লড়োন্] *বি* নড়ন; স্পন্দন; আন্দোলন। {নড়ন>}

লড়ন[2] [লড়োন্] *বি* লড়াই করা; যুদ্ধ করা; কুস্তি। {*স.* রণ>*হি* √লড়্+অন}

লড়া[1] [লড়া] *ক্রি* নড়া; নড়ে যাওয়া। □*বি, বিণ* নড়ে গেছে এমন (বুড়া গরু লড়া দাঁত ভাঙ্গা গাছ গাড়ু—*ভারা*)। {*স.* √নড়্>লড়্+আ}

লড়া[2] [লড়া] *ক্রি* ১ যুদ্ধ করা; প্রবলভাবে বিরুদ্ধাচরণ করা। ২ কারো সাথে শক্তি পরীক্ষা করা। □*বি* উক্ত অর্থে। ~**ই, লড়ুই** *বি* ১ যুদ্ধ; সংগ্রাম; সমর। ২ পরস্পর শক্তিপরীক্ষা। ৩ বিবাদ; শত্রুতা; ঝগড়া (মেয়েরা সব লড়ুই করে মন্দ করেন চড়ুই ভাতি—*নই*)। ৪ প্রতিদ্বন্দ্বিতা (কবির লড়াই)। ~**ইবাজ** *বি* লড়াই করতে অভ্যস্ত (লড়াইবাজ war monger কথাটা খুব চালু—*মব*)। ~**ক, ~কু, ~ক্কু** *বিণ* রণদক্ষ; যোদ্ধা; বীর (লড়াক্কু মোরগ; লড়াকের বংশে জন্ম— *দীমি*)। ~**নো** *ক্রি* যুদ্ধ করানো। □*বি, বিণ* উক্ত অর্থে। ~**য়ে, ~ইয়ে, ~ইয়া** *বিণ* ১ লড়াইকারী; জঙ্গি। ২ যুদ্ধপ্রিয়; যুদ্ধপটু। ৩ সামরিক। ~**লড়ি** *বি* পরস্পর লড়াই; যুঝাযুঝি (সৌন্দর্য উপেক্ষা করিয়া তখন ছন্দ লইয়া লড়ালড়ি করা মোটেই ভাল লাগিতেছে না—*শেহ*)। **লড়িয়ে, লড়ুয়ে** *বি* ১ লড়াইপ্রিয়; যুদ্ধপ্রিয়। ২ লড়াইতে পটু; যুদ্ধপটু; রণনিপুণ। {*স.* √রণ>*হি* √লড়্>*বা.* √লড়্+আ}

লড়ি, লড়ী [লোড়ি] *বি* লাঠি; নড়ি (ডানি করে ভাঙ্গা লড়ি বাম কক্ষে ঝুড়ি—*ভারা*)। **অন্ধের লড়ি বা নড়ি** *বি* একমাত্র অবলম্বন। {*স.* যষ্টি>}

লড়ী[1] ⇒ লুড়ি

লড়ী[2] ⇒ লড়ি

লড্ডু, লড্ডুক [লোড্‌ডু, -ক] *বি* লাড্ডু; নাড়ু। {*স.* লড্ডু}

লঢ়া ⇒ লড়া[2]

লণ্ঠন ⇒ লন্ঠন

লণ্ডভণ্ড [লন্‌ডোভন্‌ডো] *অব্য* বিপর্যস্ত; তছনছ; উলট-পালট; ছারখার; ধ্বংস (কাগজগুলো এমন লণ্ডভণ্ড করার কি দরকার ছিল)। {*স.* √লণ্ড্+ *অনু.* ভণ্ড (যুদ্ধ)}

লণ্ড্রী ⇒ লন্ড্রি

লতা [লতা] *বি* ১ বীরুৎ শ্রেণির উদ্ভিদ—সাধারণত এগুলো তার আকর্ষী বা হালকা সরু কাণ্ড দিয়ে বৃক্ষাদি বা অন্য কোনো আশ্রয়কে জড়িয়ে ধরে থাকে; বল্লরি; ব্রততী; বল্লি। ২ যা লতার মতো দেখতে (বিদ্যুল্লতা, দেহলতা, বাহুলতা)। ৩ ক্রমিক বর্ণনা (বংশলতা)। ৪ নারী; তন্বঙ্গী; কৃশাঙ্গী। ৫ সাপ। ~**কাটি** *বি* শুকনা লতাপাতা (তাহাই পোড়াইয়া খাইবার যোগাড়ে শুকনো লতা-কাটি কুড়াইতেছে—*বিব*)। ~**গৃহ** *বি* লতা-বেষ্টিত কুটির বা কুঞ্জ। ~**মণ্ডপ, ~বিতান** *বি* লতা পল্লব দ্বারা মণ্ডিত মণ্ডপ বা ঘর। ~**নো** *ক্রি* লতার মতো বিস্তৃত হওয়া। □*বি, বিণ* উক্ত অর্থে। ~**ইয়া পড়া** *(প্রাপ্র)*, **নেতিয়ে পড়া** *ক্রি* অবসন্ন হয়ে বসে বা শুয়ে পড়া। ~**ইয়া যাওয়া** *(প্রাপ্র)*, **নেতিয়ে যাওয়া** *ক্রি* লতার মতো মাটির উপর দিয়ে বিস্তৃত হওয়া। ~**নিয়া** *(প্রাপ্র)*, ~**নে** *বিণ* ১ লতার মতো। ২ লতার মতো বিস্তৃত বা বিস্তারশীল। ~**য়িত** *বিণ* লতার মতো বিস্তৃত। {*স.* √লত্+অ(অচ)+আ(টাপ্)}

লতি[1] [লোতি] *বি* কানের নিচের নরম মাংস; কানের লতি। {*স.* লতা+*বা.* ই}

লতি[2] [লোতি] *বি* কচুর লতা যা সবজি হিসেবে খাওয়া যায়। {*স.* লতা+*বা.* ই}

লতিকা [লোতিকা] *বি* ১ ক্ষুদ্র লতা বা বল্লরি। ২ লতা (বেগুনী ফুলে ভরা লতিকা দুটি -*রঠা*)। {*স.* লতা+*বা.* ইকা}

লদপদ [লদ্‌পদ্] *অব্য* লুটানো; শুয়ে পড়া (গাবিন গাই লদপদ করছে ক্লান্তির চোটে—*শও*)। {*অনু.*}

লন্ঠন, লণ্ঠন [লন্‌ঠন্] *বি* কাচের আবরণযুক্ত হাতে বহনযোগ্য প্রদীপবিশেষ; এক প্রকার নিরাপদ আলো। {*ই.* lantern}

লন্ড্রি, লণ্ড্রী [লোনড্রি] *বি* ধোপাখানা; যেখানে কাপড় ধুতে দেওয়া হয় (মুসলমানদের কিছু কিছু দর্জীর দোকান আর লন্ড্রীতে কাপড় ধোলাই করান—*ওহ*)। {*ই* laundry}

লপটানো [লপ্‌টানো] *ক্রি* ১ জড়িত হওয়া। ২ জড়ানো; প্রসারিত করা (মাটিতে পড়িল পক্ষী কাতর হইয়া, ছিন্নপত্রাকার প্রায় ডানা লপটিয়া—*অঠা*)। ৩ ভাঁজ করা (বিছানাটা লপটে রাখা)। □*বি* উক্ত অর্থে। {*স.* লিপ্ত>=লপ্ত>+*বা.* আনো; *তুল. হি* লপটনা}

লপটালপটি, লপটালপটী [লপ্‌টালোপ্‌টি] *বি* লটর-পটর; জড়াজড়ি (সদর রাস্তায় পড়ে এসব লপটালপটী কিসের—*মুচো*)। {*স.* লিপ্ত>লপ+টা, *অনু.* লপটি}

লপেটা [লপেটা] *বি* নাগরা ও পাম্পশুর মাঝামাঝি আকারের শৌখিন পাদুকাবিশেষ (পায়েতে লপেটা শিরেতে তাজ—*সদ*)। {*স.* লিপ্ত>(অর্থ মোড়া, আধা বাঁকানো)}

লপরচপর [লপোর্‌চপোর্] *বি* ১ লেহনচর্বণের শব্দ। ২ ভূরিভোজন। *তুল.* চর্ব্য-চোষ্য-লেহ্য-পেয়। {*ধ্বন্যা.*}

লপসি [লোপ্‌শি] *বি* ১ ডাল ময়দা প্রভৃতির সিদ্ধ তরল মণ্ড। ২ দুগ্ধ বা দধি হতে তৈরি একপ্রকার ঘোল; লাসসি। ৩ জাউ-ভাত। ৪ জেলে কয়েদিকে প্রদত্ত ভাত-তরকারি দ্বারা প্রস্তুত নিকৃষ্ট খাদ্য। {*স.* লপ্সিকা>}

লপ্ত [লপ্‌তো] *বি* একত্র বা একসঙ্গে অবস্থান; অবিচ্ছেদ্য-ভাবে স্থিতি (একলপ্তে ঘরগুলি রহিয়াছে)। {*স.* লিপ্ত>}

লপ্সিকা [লোপ্‌শিকা] *বি* হালুয়া। {*স.* লপ্সিকা}

লফজ, লব্জ [লফ্‌জো, লব্‌জো] *বি* শব্দ; কথা (মাওলানা সাহেব তার দু একটা লফজ ছাড়া আর কিছুই বুঝিলেন না—*আমআ*)। {*আ.* লফ্জ্ لفظ }

লব [লব্] *বি* ১ *(গণিত.)* ভগ্নাংশের উপরের সংখ্যা; বিভাজ্য অঙ্ক; numerator। ২ অতি সূক্ষ্ম কালাংশ। ৩ অত্যল্প; অতি সামান্য; লেশ; কণা। ৪ রামের দ্বিতীয় পুত্র। ৫ লবঙ্গ। ৬ জায়ফল। {*স.* √লূ+অ(অপ)}

লবঙ্গ, লঙ্গ, লঙ [লবোঙ্‌গো, লঙ্‌গো, লঙ্] *বি* মসলারূপে ব্যবহৃত এক প্রকার শুষ্ক ফুল (লবঙ্গ গোলাপ চাম্পা সতবর্গ যুথী—*সৈআ*)। ~**লতা, ~লতিকা** *বি* ১ এক প্রকার ফুল ও তার গাছ। ২ *(আল.)* গুণান্বিতা কোমল-স্বভাবা রমণী। ৩ লবঙ্গবিদ্ধ ঘিয়ে ভাজা ময়দার মিষ্টান্নবিশেষ। **ললিত-লতা** *বি* সুন্দরী কোমলাঙ্গী রমণী

(প্রেতিনীর অঙ্গভঙ্গীকে মৃদুমন্দ মলয়মারুতে দোদুল্যমানা ললিতলবঙ্গলতার লাবণ্যলীলা অপেক্ষাও সুখকরী জ্ঞান করে—*বচ*)। { *স.* √লূ+অঙ্গ}

লবডঙ্ক, লবডঙ্গ [লবোডঙ্‌কো, –ঙ্‌গো] *বিণ* ১ অনভিজ্ঞ; উপযুক্ত জ্ঞানের অভাব আছে এমন (ডিসপেনসারিতে বসে নতুন লবডঙ্গ ডাক্তার আমার দিকে চেয়ে ভাবে—*অচিসে*)। ২ সাপের ফণার মতো বৃদ্ধাঙ্গুষ্ঠ দোলানো। { *স.* নব(নতুন)+ডঙ্ক(হুল—ফণা)>}

লবডঙ্কা, লবডঙ্গা [লবোডঙ্‌কা, –ঙ্‌গা] *অব্য* ১ বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। ২ ফাঁকি; শূন্য; কাঁচকলা দেখানো। { *স.* নব(নতুন)+ডঙ্ক(হুল —ফণা)>+আ}

লবণ [লবোন্] *বি* ১ ক্ষারযুক্ত দ্রব্য। ২ নুন; salt (অগ্নিদাহে গায়ে যেন লাগিল লবণ—*সৈআ*)। ৩ ক্ষারযুক্ত রাসায়নিক বস্তু। ৪ ক্ষার। ৫ হিন্দু পুরাণোক্ত দৈত্যবিশেষ। ৬ ক্ষারযুক্ত; লবণাক্ত; লোনা (লবণজল)। **~পোড়া** *বিণ* অত্যধিক লবণ দেওয়া হয়েছে এমন (লবণপোড়া ডাল)। **লবণাক্ত** *বিণ* ১ লবণমিশ্রিত; লবণযুক্ত; ক্ষারযুক্ত। ২ লোনা। **লবণাত্মক** *বিণ* লোনা; অত্যধিক লবণ মিশানো (পেয় নাই, নদীর জল অসহ্য লবণাত্মক—*বচ*)। **লবণাম্বুধি** *বি* লবণমিশ্রিত সমুদ্র; লোনা জলযুক্ত সাগর। **লবণাম্বুরাশি** *বি* লবণমিশ্রিত জলরাশি; সমুদ্র। **লবণিমা** *বি* লবণের পরিমাণবোধ (রন্ধন শিল্পে লবণিমা ও লাবণ্যের যোজনা একটা বড় রকম ওস্তাদি, সেখানে বেশী লবণ কম লবণ দুয়েতেই বিপদ আছে—*অঠা*)। **লবণিয়া** *বি* ১ লবণ ব্যবসায়ী। ২ লবণ প্রস্তুতকারক; লুনিয়া; নুনিয়া। { *স.* √লূ+অন(ল্যু)}

লবনচুষ ⇒ লজ্‌ঞ্জুস

লবি [লোবি] *বি* ১ প্রবেশ পথ সংলগ্ন হল (হোটেলের লবি); করিডর। ২ পার্লামেন্ট ভবনের মূল অংশের বাইরের হল যেখানে বিভিন্ন জন সদস্যদের সঙ্গে দেখা করেন। ৩ কোনো বিল পাশ করা বা বিরোধিতা জন্য সদস্যদের কাছে তদবিরকারী দল। **লবিং** *ক্রি* সদস্য বা গুরুত্বপূর্ণ ব্যক্তিকে প্রভাবান্বিত করা। { *ই.* lobby}

লবেজান [লবেজান্] *বিণ* ১ ওষ্ঠাগত প্রাণ; পর্যুদস্ত; হয়রান; পেরেশান (রীফ তুরস্ক আরব মিশর পারস্য আফগান সিংহমামার হাতে হইতেছে চিরদিন লবেজান —*গোমো*)। ২ অতিশয় অস্থির বা উৎকণ্ঠিত (বিবিজান চলে যান লবেজান করে—*ঈগু*)। { *ফা.* লবই জান لب جان }

লব্জ ⇒ লফজ

লব্ধ [লব্‌ধো] *বিণ* ১ লাভ করা গেছে এমন; লাভ করার যোগ্য। ২ প্রাপ্ত; উপার্জিত; অর্জিত। **লব্ধা** *বিণ স্ত্রী.*। **~কাম** *বিণ* সফলমনোরথ; বাসনা পূর্ণ হয়েছে এমন। **~কীর্তি** *বিণ* কীর্তিমান; যশস্বী। **~প্রতিষ্ঠ** *বিণ* প্রতিষ্ঠা লাভ করেছেন এমন; খ্যাতিমান; প্রথিতযশা। **~প্রবেশ** *বিণ* ভিতরে ঢুকতে পারছে এমন; প্রবিষ্ট। { *স.* √লভ্+ত(ক্ত)}

লভনীয় ⇒ লভ্য

লভ্য, লভনীয় [লোব্‌ভো, লভোনিয়ো] *বিণ* ১ লাভের যোগ্য বা উপযুক্ত। ২ লাভ হিসেবে পাওয়ার সম্ভাবনা আছে এমন (তদালোচনায় আমাদের যাহা লভনীয় তাহা আমরা বড় সহজে পাই না—*বচ*)। ৩ প্রাপ্য। ৪ প্রাপ্তি (তবে তাতে নিশ্চয়ই বিস্তর লভ্য—*সৈমু*)। **লভ্যা** *বিণ স্ত্রী.*। **লভ্যের অঙ্ক** *বি* লাভের বা আয়ের পরিমাণ। { *স.* √লভ্+য(যৎ), অনীয়(অনীয়র্)}

লম্প ⇒ ল্যাম্প

লম্পট [লম্‌পট্] *বি,বিণ* ১ কামুক; কামপরবশ। ২ পরস্ত্রীগামী; বহুস্ত্রীগামী; লুচ্চা; লোচ্চা। ৩ দুশ্চরিত্র (লম্পট পুরুষ আসে—*কমু*)। **~তা, লাম্পট্য** *বি* লম্পটের কাজ। { *স.* √রম্+অট, 'প' আগম}

লম্পটি–ঝম্পটি [লম্‌পোটিঝম্‌পোটি] *বি* হাবুডুবু খাওয়া (এইভাবে লম্পটি-ঝম্পটি খেয়ে হিম অঙ্গ হনুমান—*অঠা*)। { *অমূ* }

লম্ফ [লম্‌ফো] *বি* লাফ। **~ঝম্ফ** *বি* ১ লাফ ও ঝাঁপ; লাফালাফি। ২ অতিশয় ত্বরা বা চাঞ্চল্য ব্যক্ত করা। ৩ দম্ভপ্রকটন; অহঙ্কারপ্রকাশ। ৪ *(ব্য.)* নিরর্থক উত্তেজনা প্রকাশ। ৫ অনাবশ্যক বা অসার আস্ফালন। ৬ অহেতুক তর্জনগর্জন (যেমন তার গগনবিদারী উচ্চ কণ্ঠ তেমনি লম্ফঝম্প—*আজা*)। ৭ হাঁকডাক; চিৎকার; চেঁচামেচি। **~ন** *বি* লাফ দেওয়া; ডিঙানো; লাফ। { *স.* √লম্ফ্+অ(ঘঞ্)}

লম্ব [লম্‌বো] *বিণ* ১ দীর্ঘ (সুকোমল ডানা দুটি লম্ব গ্রীবা তার—*রঠা*)। ২ দোলায়মান; লম্বভাবে ঝুলছে এমন; লম্বিত। ৩ খাড়া। ৪ সমকোণ সৃষ্টি করে অবস্থিত রেখা। ☐ *বি* ঋজু। **~কর্ণ** *বিণ* দীর্ঘকর্ণযুক্ত। ☐ *বি* লম্বা কানযুক্ত জীব অর্থাৎ গাধা, খরগোশ প্রভৃতি পশু। **~ন** *বি* ১ ঝুলন; দোলন। ২ অবলম্বন। **~মান** *বিণ* দোলায়মান; লম্বা হয়ে ঝুলছে এমন (বৃক্ষে লম্বমান হইয়া ধূমপান করিতেছেন —*ঈবি*)। { *স.* √লম্ব্+অ(অচ)}

লম্বরদার [লম্‌বরদার্] *বি* ১ করদাতাগণের মুখপাত্রস্বরূপ যার উপর অন্যান্য প্রজার নিকট থেকে খাজনা আদায়ের ভার পড়ে। ২ মোড়ল। { *ই.* number+*ফা.* দার دار }

লম্বা [লম্‌বা] *বিণ* ১ দীর্ঘ; ঢ্যাঙ্গা; প্রসারিত বিস্তৃত (দুহাত লম্বা, লম্বা মানুষ, লম্বা পথ)। ২ দীর্ঘ সময় স্থায়ী (লম্বা দিন, লম্বা ঘুম)। ৩ *(আল.)* ধরাশায়ী; মাটিতে শুয়ে পড়া (লম্বা হওয়া)। ৪ অহঙ্কারপূর্ণ; দম্ভভরা (লম্বা কথা)। ☐ *বি* ১ দৈর্ঘ্য (লম্বায় পাঁচ গজ)। ২ ঝুল (লম্বায় খাটো জামা)। **~ই** *বি* ১ দৈর্ঘ্য। ২ ঝুলের মাপ; লম্বা দিকের মাপ। **~ই-চওড়াই** *বি* ১ দৈর্ঘ্য ও প্রস্থের মাপ। ২ দম্ভোক্তি; অহঙ্কারপূর্ণ উক্তি; আস্ফালন (যে তাঁর উপর লম্বাই চওড়াই করিবে—*রাব*)। **~ করা** *ক্রি* ১ প্রসারিত করা; দীর্ঘ করা; বাড়ানো। ২ *(আল.)* খুব প্রহার করা। **~চাল** *বি* অবস্থার অতিরিক্ত সমারোহ বা আড়ম্বর প্রদর্শন। **~টে** *বিণ* ১ লম্বা ধরনের বা ছাঁদের। ২ কিছু পরিমাণে লম্বা। **~ দেওয়া** *ক্রি* দ্রুত ছুটে পালানো; চম্পট দেওয়া। **~ দৌড়** *বি* দীর্ঘপথে একটানা দৌড়। **~লম্বি** *ক্রিবিণ* হাত-পা ছড়িয়ে। { *স.* √লম্ব্+বা, আ}

লম্বিত [লোম্‌বিতো] *বিণ* ১ ঝুলছে এমন; প্রসারিত (আজানুলম্বিত)। ২ দোলিত; দোলানো হয়েছে এমন

(গলায় লম্বিত বাস জোড় হাত বুকে—*ঘচ*)। ৩ পতনোন্মুখ। ৪ ঝুলানো হয়েছে এমন (যদিও নিষেধের নোটিস লম্বিত আছে—*রাব*)। { *স.* √লম্ব+ত(ক্ত)}

লম্বোদর [লম্‌বোদর্‌] *বিণ* ১ লম্বা বা বিস্তৃত উদর এমন; স্থূলোদর। □ *বি* হিন্দুদেবতা গণেশ। { *স.* লম্ব+উদর}

লয় [লয়্‌] *বি* ১ নৃত্য-গীত বাদ্যের তালসাম্য বা তালের নির্দিষ্ট কাল পরিমাণ (যেখানে এই লয় ভঙ্গ হল সেইখানেই ব্যাপারটি নীরস হল—*অঠা*)। ২ বিলীন হওয়া; স্বাতন্ত্র্য লোপ। ৩ বিনাশ; মৃত্যু; ধ্বংস; প্রলয়। **~ করা** *ক্রি* ১ নাশ করা। ২ নিশ্চিহ্ন করা। **~ দেওয়া** *ক্রি* ১ সঙ্গীত বা নৃত্যের সাথে যথাযথভাবে তাল রাখা। ২ সায় দেওয়া; মতে মত দেওয়া। **~নৃত্য** *বি* ১ প্রলয়-নৃত্য; তাণ্ডব। ২ ভাঙচুর; তছনছ। **~হীন** *বিণ* ১ তালহীন; খাপছাড়া। ২ অবিনশ্বর। { *স.* √লী+অ(অচ্‌)}

লরি [লোরি] *বি* চাকাযুক্ত মালবাহী মোটর গাড়ি (লরি নিয়ে গ্রামে এসে পৌঁছলুম—*অচিসে*)। { *ই.* lorry}

ললৎ [ললোত্‌] *বিণ* ১ কম্পমান; কম্পিত। ২ দোলায়মান; দোদুল্যমান। ৩ লেহন করে এমন; লেহনকারী। ৪ লেলিহান। ৫ লোলুপ। { *স.* √লল্‌+অৎ(শতৃ)}

ললন [ললোন্‌] *বি* ১ বিলাস। ২ দোলন; কম্পন। { *স.* √লল্‌+অন(ল্যুট্‌)}

ললনা [ললোনা] *বি* ১ নারী; কান্তা। ২ পত্নী। ৩ জিহ্বা। **~প্রিয়** *বিণ* ১ নারীপ্রিয়। ২ পত্নীপ্রিয়। □ *বি* কদম্ব। { *স.* √লল্‌+অন(ল্যুট্‌)+আ(টাপ্‌)}

ললন্তিকা [ললোন্‌তিকা] *বি* ১ কণ্ঠহার; নাভি পর্যন্ত লম্বিত মালা বা হার। ২ গিরগিটি। { *স.* √লল্‌+অন্তিক+আ(টাপ্‌)}

ললাট [ললাট্‌] *বি* ১ কপাল। ২ ভাগ্য; অদৃষ্ট; নিয়তি; দৈব। ৩ অদৃষ্টলিপি। **~পট, ~পট্ট** *বি* বিস্তৃত ললাট; ললাটের বিস্তার (শিশুর ললাটপটের ন্যায় তুমি নির্মল; তুমি রহস্যময়—*রঠা*)। **~লিখন** *বি* অদৃষ্টের লেখা; ভাগ্যলিপি। **ললাটিকা** *বি* ১ ললাট-ভূষণ; ললাটের অলঙ্কার (বুদ্ধি তার ললাটিকা, চক্ষুর তারায় বুদ্ধি জ্বলে দীপশিখা—*রঠা*)। ২ তিলক। { *স.* √লল্‌+আটি}

ললাম [ললাম্‌] *বি* ১ ললাট-ভূষণ। ২ তিলক। ৩ ভূষণ। ৪ শ্রেষ্ঠ বস্তু। □ *বিণ* ১ রমণীয়। ২ শ্রেষ্ঠ। **~ভূতা** *বিণ* নারীজাতির তিলকস্বরূপ; শ্রেষ্ঠা (ললনাকুল-ললামভূতা এই ত্রিলোক-মোহিনী বরাঙ্গনাকে সৃষ্টি করিয়াছেন—*ইহোশি*)। { *স.* √লল্‌+আম}

ললিত [লোলিতো] *বিণ* ১ সুন্দর; মনোহর; চারু; মনোরম; কমনীয়; কোমল; সুকুমার; মধুর; কান্ত (কলভরে বৃক্ষ সব ললিত লম্বিত—*দৌবা*)। ২ ঈপ্সিত; বাঞ্ছিত (শান্তির ললিত বাণী—*রঠা*)। ৩ সঙ্গীতের রাগবিশেষ (তখন বিদায় বাঁশীর ললিত... কান্না—*নই*)। □ *বি* ১ নারী-নৃত্য; লাস্য। ২ বিলাস। **~কলা** *বি* নৃত্য, চিত্রাঙ্কন, সাহিত্য রচনা প্রভৃতি চারুশিল্প। **ললিতা** *বিণ স্ত্রী.* হিন্দু দেবীবিশেষ। □ *বি* ১ দুর্গা। ২ রাধিকার জনৈক সখী। **ললিতা সপ্তমী** *বি* ভাদ্রমাসের শুক্লা সপ্তমী তিথি। { *স.* √লল্‌+ত(ক্ত)}

লশকর, লস্কর, নস্কর [লশ্‌কর, –, ন–] *বি* ১ সৈন্য (নীল পোশাক-পরা একটা লস্কর রেলিং ধরিয়া ঝুঁকিয়া পড়িয়া জলের মধ্যে কি দেখিতেছে—*বিব*)। ২ ফৌজ; সৈন্যদল (বাদশাহী লস্কর)। ৩ নৌসেনা। ৪ জাহাজের খালাসি। ৫ জাতীয় বা বংশগত উপাধি (লশকর বাড়ি)।

লশকরি, লস্করি, গদাই লশকরী চাল *বিণ* অতি মন্থর গতি (সাঁতার ভুলে মেঘ চলে আজ লস্করী চালে —*সদ*; গদাই লশকরি চাল এখানে চলবে না)। { *ফা.* লশকর لشكر }

লস [লস্‌] *বি* ক্ষতি; লোকসান (ব্যবসাতে লস দিয়েছে)। { *ই.* loss}

লসত, লসৎ [লসত্‌] *বিণ* ১ দীপ্তিযুক্ত। ২ শোভমান (কনক খম্বকার লসত কুহুডাকি—*জ্ঞাদা*)। { *স.* √লস্‌+অৎ(শতৃ)}

লসসি, লাসসি [লোস্‌সি, লা–] *বি* দই ও চিনি দ্বারা প্রস্তুত একপ্রকার পানীয় (পাঞ্জাবীদের হালুয়া, লসসি আরও কত প্রদেশের কত অনবদ্য অবদান—*সৈমু*)। { *হি.* লসসী}

লসিকা, লসীকা [লোশিকা] *বি* ১ (মুখের) লালা। ২ জীবদেহের এক প্রকার বর্ণহীন রস। { *স.* √রস্‌+ইক+আ}

লসিত [লোশিতো] *বিণ* ১ বিলাসিত। ২ শোভমান; শোভিত (লসিত সুন্দর সর্বগাত্র—*জ্ঞাদা*)। ৩ এক লসিত (প্রিয় মিলনে লসিত অন্তর)। { *স.* √লস্‌+ত(ক্ত)}

লস্কর ⇒ লশকর

লহ [লহো] *ক্রি (পদ্য.)* লও, গ্রহণ করো (এ বার আমারে লহ করুণা করে—*রঠা*)। { *বা.* √ল+ *মধ্যম পু. একব অনুজ্ঞায়*}

লহনা [লহোনা] *বি* ১ খাজনা ছাড়া অন্যায্য বাকি পাওনা। ২ লভ্য; পাওনা; প্রাপ্য (লাভের জন্য ব্যবসা করিলাম, সব লহনা বাকি—*বচ*)। ৩ কবিকঙ্কণ রচিত চণ্ডীমঙ্গল কাব্যের একটি নারীচরিত্র। { *স.* লভন> *প্রা.* লহণ>}

লহমা [লহোমা] *বি* মুহূর্ত; ক্ষণ; অত্যল্পকাল (এক লহমার খুশীর তুফান এই তো জীবন—*নই*)। { *আ.* লমহা لمحة > *বা.* লহমা(বর্ণবিপর্যয়ে)}

লহর [লহোর্‌] *বি* ১ ঢেউ; তরঙ্গ; ধারা (কাননের পথে লহর খেলেছে অবিরাম জলধারা—*জউ*)। ২ শ্রেণি; সারি (সাত লহর হার)। { *স.* লহরী>}

লহরি, লহরী [লহোরি] *বি* তরঙ্গ; ঢেউ; ঊর্মি; বীচি (আকাশের পাখি; ঊর্ধ্বে উঠিয়া নতুন লহরী তোল—*নই*)। { *স.* জলং হরতি>}

লহা [লহা] *ক্রি (পদ্য.)* লওয়া; গ্রহণ করা। { √ল>}

লহাই *(মবা., ব্র.)* [লহাই] *বিণ* নতুন (লহাই যৌবন—*গোদা*)। { *স.* নবীন> *ব্র.* নহলী> *বা.* নহাই>লহাই}

লহু[১]**, লহূ**[১] [লোহু] *বি* রক্ত; শোণিত; খুন (লহু দিয়ে গড়া—*জউ*)। { *স.* লোহিত>}

লহু[২]**, লহূ**[২] [লোহু] *(ব্র.) বিণ* লঘু; মৃদু; অত্যল্প (লহু লহু হাস—*বিপ*)। { *স.* লঘু>}

লা[১] [লা] *অব্য* স্ত্রীলোকদের পরস্পরের প্রতি ব্যবহৃত সম্বোধনবাচক শব্দ (সব মুরগি হেসে এ ওর গায়ে ঢলে পড়ে বলতে লেগেছে 'চায় লা চায় লা, দেখতে চায়, দেখতে চায়'—*অঠা*)। { *স.* হলা>}

লা[২] [লা] *বি* নৌকা। {স. নৌ>; *ফা.* নাৱ ناو }
লা[৩] [লা] *অব্য* নঞর্থক উপসর্গবিশেষ (লা-ওয়ারিস, লা-চার)। {*আ.* লা لا }
লা[৪] [লা] *বি* গালা; লাক্ষা। {স. লাক্ষা>}
লাই[১] [লাই] *বি* প্রশ্রয়; অতিরিক্ত আদর (মাস্টার সাবের দয়াতেই বেটা এমন লাই পেয়েছে—*আমআ*)। {স. স্নেহ>নেহ> লেহ>লাই}
লাই[২] [লাই] *বি* ময়দা খই ইত্যাদি থেকে প্রস্তুত মণ্ড; আঠা; গাম; লেই (আর আমার লাই দিয়েছিলেন—*সৈমু*)। {স. লাজা>, তুল. হি. লাই}
লাই[৩] [লাই] *বি* নেশা; মাদকতা (সে সুপারী পানে একটু কিছু লাই আছে—*পুগী*)। {অ. নেশা>লেসা> লেআ>}
লাই[৪] [লাই] *অব্য* জন্য (তিল হইল গোবর্ধনের লাই—*পুগী*)। {লাজি>}
লাইগেশন [লাইগেশন্] *বি* অস্ত্রোপচারের মাধ্যমে মহিলাদের ডিম্বক নিঃসরণের পথ রুদ্ধ করার ব্যবস্থা; মহিলাদের গর্ভরোধক ব্যবস্থাবিশেষ। {ই. ligation}
লাইট [লাইট্] *বি* ১ আলো; বৈদ্যুতিক বাতি। ২ বাতি। ৩ আলো (এঘরে একেবারে লাইট পাওয়া যায় না)। ~**হাউস** *বি* বাতিঘর; জাহাজ ইত্যাদির নিশানার জন্য নির্মিত আলোকস্তম্ভ। {ই. light}
লাইন [লাইন্] *বি* ১ রেখা (লাইন টানো)। ২ সারি; শ্রেণি (ছাত্রদের লাইন করে দাঁড় করানো হলো)। ৩ লৌহপথ (রেল-লাইন)। ৪ পঙ্‌ক্তি; ছত্র (এক লাইনে লেখা)। ৫ পথ; প্রণালি; ধারা (চলার বা কাজের লাইন)। **লাইনি** *বিণ* ছত্রবিশিষ্ট; পঙ্‌ক্তিওয়ালা (জাহাজের টাইপ করা একশ লাইনি দৈনিক কাগজ—*সৈমু*)। {ই. line}
লাইনিং [লাইনিঙ্] *বি* জামার ভিতরের দিকে লাগাবার কাপড়; আস্তর। {ই lining}
লাইফ [লাইফ্] *বি* ১ প্রাণ; জীবন। ২ শক্তি। ৩ জীবনচরিত (শেরে বাংলার লাইফ)। ৪ উৎসাহ-উদ্দীপনা (লাইফ নাই)। ~ **ইন্সিওরেন্স** *বি* জীবনবিমা; life insurance। ~**বেল্ট** *বি* জাহাজ প্রভৃতির দুর্ঘটনায় ডুবন্ত ব্যক্তিদের ভেসে থাকার জন্যে নির্মিত একপ্রকার চক্র; life-belt। ~**বোট** *বি* জাহাজ স্টিমার প্রভৃতিতে রক্ষিত দুর্ঘটনায় পতিত ব্যক্তিদের জীবন রক্ষার্থে ব্যবহৃত একপ্রকার ক্ষুদ্র ও দ্রুতগামী নৌকা; life-boat। {ই life}
লাইব্রেরি ⇒ লাইব্রেরি
লাইব্রেরি, লাইব্রেরী [লাইব্রেরি] *বি* ১ গ্রন্থাগার; পুস্তকাগার; পুস্তক-ভাণ্ডার (লাইব্রেরি হতে হিস্ট্রি আনিয়ে—*রঠা*)। ২ গ্রন্থাগার ও পাঠাগার। ৩ বইয়ের দোকান। {ই. library}
লাইলাক [লাইলাক্] *বি* সুবাসযুক্ত বিদেশি ফুল (অধীর মদির ঘ্রাণ-বিকশিত লাইলাক বাসে—*সুদ*)। {ই. lilac}
লাইলাতুল কদর [লাইলাতুল্‌কদোর্] *বি* ১ সম্মানিত রাত্রি; মর্যাদাযুক্ত গুরুত্বপূর্ণ রাত। ২ ইসলামি শাস্ত্রমতে রমজান মাসের শেষ দশদিনের কোনো একটি বেজোড় রাত; অনেকের মতে সাতাশে রমজানের রাত; যে রাতের ইবাদতের পুণ্য হাজার মাসের ইবাদতের তুল্য (ইহারই মধ্যে লাইলাতুল কদর—মুক্তির মহালোক ভাস্কর—এ*আ*)। {*আ.* লাইলাতুল-কদর ليلة القدر }
লাইসেন্স [লাইসেন্‌স্] *বি* ১ ব্যবসা বা বৃত্তি গ্রহণে সরকারি অনুমতি। ২ বিশেষ বিশেষ অস্ত্র এবং নিষিদ্ধ কোনো দ্রব্য রাখার ও ব্যবহার করার সরকারি অনুমতি। {ই licence}
লাউ [লাউ] *বি* ১ কুমড়াজাতীয় ফল; অলাবু; কদু; তুম্বী। ২ বাদ্যযন্ত্ররূপে ব্যবহৃত লাউয়ের খোল। ~**ডগা** *বি* ১ লাউগাছ বা লাউশাকের অগ্রভাগ। ~**ডগা সাপ** *বি* লাউয়ের লতার মতো সরু ও সবুজ রঙের এক প্রকার সাপ। ~**মাচা** *বি* লাউগাছ লতিয়ে বড় হওয়ার জন্য বংশাদি দ্বারা নির্মিত মাচা; জাংলা। {স. অলাবু>}
লাউঞ্জ, লাউনজ [লাউন্‌জ্] *বি* বিশ্রামস্থান; আরামে সময় কাটানোর স্থান (নিজের সুট ঠিক করা হলে লাউঞ্জে গেল সে—*হেহো*)। □ *ক্রি* ১ আরামে অর্ধশায়িত হয়ে থাকা। ২ অলসভাবে ঘুরে বেড়ানো বা সময় কাটানো। {ই lounge}
লাউড স্পিকার [লাউড্‌স্পিকার্] *বি* বিদ্যুৎ বা ব্যাটারি চালিত শব্দবর্ধক যন্ত্রবিশেষ (লাউডস্পীকারযোগে রেকর্ড সঙ্গীত পরিবেশন করে সারা পাড়ার কান ফাটানো কেন—*ওহ*)। {ই loud speaker}
লাওয়ারিশ, লাওয়ারেশ, লাওয়ারেস [লাওয়ারিশ্, -রে-, -] *বি* ১ বংশধরহীন; দাবিদার বা মালিকশূন্য। ২ দাবিদারশূন্য; উত্তরাধিকারশূন্য (লাওয়ারেশ শবগুলি গ্রাম হইতে করিব—*আখাঁ*)। {*আ.* লাৱারিছ لاوارث (লা=নাই, ওয়ারিস=উত্তরাধিকার)}
লাকড়ি [লাকড়ি] *বি* জ্বালানি কাঠ। {হি. লাকড়ী}
লাক্ষণিক, লাক্ষণ্য [লাক্‌খোনিক্, লাক্‌খোন্‌নো] *বিণ* ১ লক্ষণ-সম্পর্কিত। ২ লক্ষণযুক্ত; লক্ষণবিশিষ্ট। ৩ লক্ষণস্বরূপ। ৪ লক্ষণ বা লক্ষণ বোরা বুঝা যায় এমন। ৫ লক্ষণ সাহায্যে ভবিষ্যৎবক্তা; দৈবজ্ঞ; গণক। {স. লক্ষণ+ইক(ঠক্), য(যৎ)}
লাক্ষা [লাক্‌খা] *বি* ১ এক প্রকার লাল রঙের বৃক্ষনির্যাস। ২ গালা; চাঁচ। ~**তরু** *বি* পলাশ বৃক্ষ। ~**রস** *বি* লাক্ষা থেকে উৎপন্ন তরল রঙের আলতা (লাক্ষারসে পা দুখানি চিত্রিলা হরষে—*মদ*)। {স. √লক্ষ্+অ(অচ্)+আ(টাপ্)}
লাক্ষিক [লাক্‌খিক্] *বিণ* ১ লাক্ষা দ্বারা রঞ্জিত। ২ লক্ষ সংখ্যা সম্বন্ধীয়। {স. লক্ষ+ইক(ঠক্)}
লাক্ষ্যিক [লাক্‌খিক্] *বিণ* লক্ষ্যবিষয়ক। {স. লক্ষ্য+ইক(ঠক্)}
লাখ [লাখ্] *বি* ১ ১,০০,০০০ সংখ্যা। □ *বিণ* ১ ১,০০,০০০ সংখ্যক। ২ বহু; অসংখ্য; অগণিত (সোই কোকিল অব লাখ লাখ ডাকউ—*বিপ*)। ~ **কথার এক কথা** *বিণ* বহু তর্কবিতর্কের মধ্যে প্রকৃত মূল্যবান কথা; সার কথা। **লাখে লাখে, লাখো লাখো** *বিণ* অসংখ্য; সংখ্যাতীত; অগণ্য। {স. লক্ষ>}
লাখেরাজ, লা-খরাজ, নাখেরাজ [লাখেরাজ্, লাখ-, নাখে-] *বি* নিষ্কর জমি; যে জমির জন্যে খাজনা দিতে হয় না। □ *বিণ* নিষ্কর (তার বিস্তর লাখেরাজ সম্পত্তি ছিল—*কাই*)। {আ. লাখরাজ لاخراج (লা=না, নাই, খরাজ=খাজনা)}
লাগ [লাগ্] *বি* ১ নাগাল; সন্ধান (চেষ্টা করেও তার লাগ

পাচ্ছিনে)। ২ স্পর্শ। ৩ নৈকট্য; সমীপবর্তিতা। ৪ সঙ্গ। **~সই** *বিণ* উপযুক্ত; জুতসই; যোগ্য; যথাযোগ্য; যথোচিত (লাগসই কথা বলতে পারছে না—*মব*)। {*স.* লগ্ন> লগ্‌গ>লাগ}

লাগা [লাগা] *ক্রি* ১ সংলগ্ন হওয়া (পায়ে কাদা লাগা)। ২ স্পর্শ করা; ছোঁওয়া (হাত লাগা)। ৩ তীরে ভেড়া; কিনারে আসা (নৌকা তীরে লাগা)। ৪ থামা; বিরত হওয়া (গাড়ি স্টেশনে লাগা)। ৫ নিযুক্ত হওয়া (চাকরিতে বা গৃহ সংস্কারে লাগা)। ৬ আরম্ভ হওয়া (গ্রহণ লাগা)। ৭ কোনো কিছু করতে শুরু করা (ভাত খেতে লাগা)। ৮ বোধ হওয়া (ভালো লাগা)। ৯ কষ্টবোধ হওয়া (মনে খুব লেগেছে)। ১০ সঙ্গত হওয়া; খাপ খাওয়া; জুতসই হওয়া (জামাটা গায়ে লাগল না)। ১১ উপযুক্ত বা সমান হওয়া (সন্দেশ এর কাছে লাগে না)। ১২ দরকার হওয়া (কিনতে টাকা লাগবে)। ১৩ খরচ হওয়া (দশ সের চিনি লেগেছে)। ১৪ ফলপ্রদ হওয়া (ওষুধটা লেগেছে)। ১৫ ঝগড়া হওয়া (জায়ে জায়ে লেগেছে)। ১৬ সমাবেশ হওয়া; বসা (গ্রামে সপ্তাহে দুই দিন বাজার লাগে)। ১৭ কষ্ট দেওয়া (এমনি করে কি কেউ কারো পেছনে লাগে)। ১৮ বিদ্ধ হওয়া (তীরটা বুকে লেগেছে)। ১৯ আঘাত পাওয়া (লাঠিটা মাথায় লেগেছে)। ২০ বোধ হওয়া (ঠাণ্ডা লাগে)। ২১ আটকানো (গলায় কাঁটা লেগেছে)। ২২ মন্দ প্রভাবে পড়া (এঁড়ে লাগা)। ২৩ পছন্দ হওয়া (মেয়েটি চোখে লেগেছে)। **লেগে থাকা** *ক্রি* ১ অসংলগ্ন না হওয়া; পৃথক না হওয়া; আটকে থাকা; জড়িত হওয়া। ২ নাছোড়বান্দার মতো লেগে থাকা। **লাগাও, লাগোয়া** *বিণ* সংযুক্ত; সংলগ্ন; সন্নিহিত; মিলিত (তীর্থস্থানগুলোর লাগাও রকম-রকম কারিগরের এক একটা পাড়া আছে—*রঠা*)। {*স.* √লগ্> *প্রা.* √লগ্‌গ>}

লাগাড় ⇒ নাগাড়

লাগাত, লাগাদ ⇒ নাগাত

লাগাতার [লাগাতার] *বি* ১ একটানা; বিরতিহীন (লাগাতার হরতাল)। {*হি.* লাগাতার}

লাগানো [লাগানো] *ক্রি* ১ নিয়োগ করা (আমার খেয়াল মতো আমি লোক লাগিয়ে ঘর বাঁধলেম—*অঠা*)। ২ সংযুক্ত করা (খামে টিকিট লাগাই)। ৩ লেপন করা (দেওয়ালে মাটি লাগাও)। ৪ স্পর্শ করানো (গায়ে বাতাস লাগায়)। ৫ সেবন করা (পিঠে রোদ লাগানো)। ৬ ভিড়ানো; উত্তরণস্থান স্পর্শ করা (নৌকা লাগাস)। ৭ রোপণ করা; পোঁতা (গাছ লাগাতে হয়)। ৮ প্রহার করা; মারা (লাগিয়ে দিলাম দুই ঘা)। ৯ আরম্ভ করানো; বাধানো (মারপিট লেগে গেছে)। ১০ প্রদান বা ব্যয় করা (চিকিৎসা করাতে কত লাগলো)। ১১ মনে সঞ্চার করা (তাক লাগানো, ভয় লাগানো)। ১২ কারো বিরুদ্ধে গোপনে কিছু বলা (নামে লাগানো)। **লাগানি** *বি* গোপন নালিশ; গোপনে বিরুদ্ধে বলা; কারো অসাক্ষাতে তার বিরুদ্ধে অভিযোগ করা। **লাগানি ভাঙানি** *বি* গোপনে অন্যের নিন্দা করে মন বিষিয়ে দেওয়া। **ঘুম ~** *ক্রি* ঘুমানো; নিদ্রা যাওয়া। **দম ~** *ক্রি* গাঁজা প্রভৃতির ধোঁয়া এক নিশ্বাসে পান করার চেষ্টা। {√লাগ্+ আনো; ক্রিয়ারূপ —লাগাই, লাগাও, লাগায়, লাগান, লাগাস; [illegible] লাগিয়ে, লাগালে, লাগাতে, লেগে ইত্যাদি}

লাগাম [লাগাম্] *বি* ১ ঘোড়ার বল্‌গা; রাস। ২ [illegible] সংযম; check (মুখের লাগাম নেই, যা খুশি তাই বলে)। **~ছাড়া** *বিণ* ১ যথেচ্ছাচারী; স্বেচ্ছাচারী। ২ [illegible] অবারিত। ৩ অসংযম। {*ফা.* লাগাম لگام}

লাগায়েত = নাগাত

লাগাল ⇒ নাগাল

লাগি[১]**, লাগিয়া** [লাগি, -য়া] *অব্য (পদ্য.)* জন্যে; তরে; নিমিত্ত; হেতু; উদ্দেশ্য (সুখের লাগিয়া এঘর বাঁধিনু অনলে পুড়িয়া গেল—*চদা*)। ◻ *অক্রি* যুক্ত হয়ে; মিলিয়ে (লাগিয়া থাকা)। {*হি.* লগ্‌না>}

লাগি[২] [লাগি] *অক্রি (পদ্য.)* লেগে। {√লাগ্>}

লাগেজ, লগেজ [লাগেজ্, লগেজ্] *বি* যাত্রীদের সঙ্গের বোঝা বা মালপত্র (আমাদের লগেজপত্র যথাস্থানে পরিপাটিরূপে মওজুদ রয়েছে—*আকাশা*)। **~ বুক করা** *ক্রি* সঙ্গের মালপত্র বহনের দায়িত্ব মাসুলের বিনিময়ে বিমান রেল বা স্টিমার কোম্পানিকে প্রদান। {*ই.* luggage}

লাগোয়া ⇒ লাগাও

লাঘব [লাঘোব্] *বি* ১ লঘুতা; হ্রাস; অল্পতা; অগৌরব; মর্যাদাহানি; গৌরবহানি; মর্যাদানাশ (যোগী বেশে ক্ষেমা দিল অস্ত্র না ধরিল যতেক লাঘব কৈল সকল সহিল—*সৈআ*)। ২ অবজ্ঞা; তাচ্ছিল্য; উপেক্ষা; লাঞ্ছনা; অপমান (নিদারুণ নরগণ তেজিয়া গৌরব অতিশয় প্রহারএ করিয়া লাঘব—*র‍্যব*)। ৩ ক্ষিপ্রতা; নিপুণতা। **~ করা** *ক্রি* হালকা করা; লঘু করা; হ্রাস করা; কমানো বা কমিয়ে দেওয়া (আমার ভার লাঘব করি নাই বা দিলে সান্ত্বনা—*রঠা*)। {*স.* লঘু+অ(অণ্)}

লাঙল, লাঙ্গল, নাঙল [লাঙোল্, -ঙগোল্, নাঙোল্] *বি* জমি চাষ করার যন্ত্র; হল। **~ চষা** *ক্রি* লাঙল দিয়ে জমি চাষ করা (খেলা লাঙ্গল চষা—*জউ*)। **-~টানা** *বিণ* হল বহন করে এমন; হল দ্বারা জমি চাষ করে এমন (লাঙল-টানা গরু)। **-~দড়ি** *বি* যে দড়ি দিয়ে লাঙলের সঙ্গে জোয়াল বাঁধা হয়। **-~দণ্ড** *বি* লাঙলের মধ্যস্থ কাষ্ঠ; লাঙলের ঈষ। **~ দেওয়া** *ক্রি* লাঙল দিয়ে জমি চাষ করা (এখনও জমিতে লাঙল দেওয়া হয়নি)। **লাঙলা** *বি (ব্য.)* চাষা; গালিবিশেষ। {*স.* √লঙ্গ+অল(কলচ্)>}

লাঙ্গলী [লাঙগোলি] *বি* ১ হলধর; কৃষক। ২ হিন্দু পুরাণের বলরাম। {*স.* লাঙ্গল+ঈ(ঙীষ্)}

লাঙ্গা [লাঙগা] *বিণ* নগ্ন (সহজ নিদালু কাহ্নিল লাঙ্গা—*চর্যা*)। {*স.* নগ্ন>}

লাঙ্গুল [লাঙ্‌গুল্] *বি* লেজ; পুচ্ছ (বৃক্ষাদির উপরে লক্ষ ২ বানর উল্লম্ফন প্রোল্লম্ফন করিতেছে কখন লাঙ্গুল জড়ায়—কখন প্রসারণ করে—*প্যামি*)। **লাঙ্গুলী**(-লিন্) *বিণ* ১ লেজওয়ালা। ২ বানর। {*স.* √লন্‌গ্+ উল(উলচ্)}

লাচাড়ি, নাচাড়ি [লাচাড়ি, না-] *বি* ত্রিপদী ছন্দ; ত্রিপদী ছন্দে রচিত গান। {*স.* নৃত্য>নাচ>লাচ+*বা.* আড়ি}

লাচার, নাচার [নাচার, না-] *বিণ* উপায়হীন; নিরুপায়; সহায়হীন; নিঃসহায় (লোকজন বিনে আছি বড়ই লাচার—*সৈহা*)। **লাচারি**[১]**, নাচারি** *বি* অসহায়তা;

সহায়হীনতা। { *আ.* লা √ + *ফা.* চারহ چاره (লা=না; নাই; চারহ=উপায়)

লাচারি², নাচাড়ি [লাচারি, নাচাড়ি] *বি* একপ্রকার লঘু পয়ার ছন্দ; নাচের সঙ্গে গান ও অভিনয়। { নাচা+আরি, আড়ি}

লাচি, লাছি [লাচি, –ছি] *বি* গোছা; গুচ্ছ (একলাছি পাট—*আমআ*)। { *স.* লাক্ষা>(যা লাক্ষার মতো দৃঢ়ভাবে আঁটা থেকে)}

লাচ্ছি, লাসসি, লাচ্চি [লাচ্‌ছি, লাস্‌সি, লাচ্‌চি] *বি* চিনি মিশ্রিত ঘন দইয়ের পানীয়; ডাল-ময়দা মিশ্রিত সিদ্ধ মণ্ডবিশেষ। { *স.* লপ্সিকা>লপসি>}

লাজ¹ [লাজ্] *বি* খই (তোমার বীরত্বকাহিনী অঞ্জলে পুরে লাজের মত পথে ছড়াতে ছড়াতে—*ক্ষীবি*)। **–বর্ষণ** *বি* (হিন্দুসমাজে প্রচলিত) কোনোও শুভ অনুষ্ঠানে খই ছড়ানো। { *স.* √লাজ্+অ(ঘঞ্)}

লাজ² [লাজ্] *বি* লজ্জা; শরম; হ্রী। **–লজ্জা** *বি* লজ্জা (লাজলজ্জার মাথা খেয়েছো)। **লাজুক** *বিণ* লজ্জাশীল; বলতে ও মিশতে লজ্জাবোধ করে এমন (লাজুক মেয়ে)। **–শোণিমা** *বি* লজ্জায় রক্তিম মুখমণ্ডল; লজ্জায় লাল হয়ে ওঠা (শিথিল-বসনার ফুল্ল কপোল লাজ-শোণিমা বিদীর্ণপ্রায় দাড়িম্বের মতো হিঙ্গুল হয়ে ফুটল—*নই*)। { *স.* লজ্জা>}

লা-জওয়াব [লাজওয়াব্] *বিণ* নিরুত্তর; হতভম্ব; বিমূঢ়, জব্দ (লা-জওয়াব নীরব শ্রোতা সেজেও পরিত্রাণ কোথায় —*ওয়া*)। { *আ.* লা-জবাব لاجواب }

লাঞ্চ [লান্‌চ] *বি* দুপুরের খাবার; মধ্যাহ্নভোজ। **–টেবিল** *বি* মধ্যাহ্ন-ভোজনের টেবিল (ডিনার কি লাঞ্চ টেবিলে বসে খাবার শেষে—*হাই*)। { *ই.* luncheon}

লাঞ্চপ্যাকেট [লানচপ্যাকেট্] *বি* দুপুরের খাবারের বাক্স। { *ই.* luncheon packet}

লাঞ্ছন [লান্‌ছোন্] *বি* ১ কলঙ্ক; চিহ্ন; মার্কা; trade mark; দাগ (শশলাঞ্ছন, ব্যাঘ্রলাঞ্ছন)। ২ পতাকা; নিশান (গরুড়লাঞ্ছন)। ৩ উপাধি; নাম। ৪ অঙ্কন; চিত্রণ। **–মুদ্রা** *বি* সিল মোহর। { *স.* √লাঞ্ছ্+অন(ল্যুট্)}

লাঞ্ছনা [লান্‌ছোনা] *বি* ১ ভর্ৎসনা; খোয়ার; দোষারোপ; বেইজ্জতি; অপমান (ছিন্নশীর্ণ জীবনের শতলক্ষ ধিক্কার লাঞ্ছনা উৎসর্জন করি—*রঠা*)। ২ উৎপীড়ন; নির্যাতন। { *স.* √লাঞ্ছ্+অন(ল্যুট্)+আ(টাপ্)}

লাঞ্ছিত [লান্‌ছিতো] *বিণ* ১ ভর্ৎসিত; তিরস্কৃত; নিন্দিত; অপমানিত; অপদস্থ (রূপ প্রকাশের পূর্বে তিন অবস্থার মধ্য দিয়ে চললো—ঘট্টিত অবস্থা লাঞ্ছিত অবস্থা রঞ্জিত অবস্থা—*অঠা*)। ২ উৎপীড়িত; নির্যাতিত। ৩ কলঙ্কিত। ৪ চিহ্নিত মার্কাযুক্ত; চিত্রিত। ৫ ধ্বজযুক্ত; পতাকাবিশিষ্ট। ৬ নামযুক্ত; উপাধিবিশিষ্ট। **লাঞ্ছিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √লাঞ্ছ্+ত(ক্ত)}

লাট¹ [লাট্] *বি* (ব্রিটিশ শাসনামলে) প্রদেশের সর্বপ্রধান শাসনকর্তা; রাজ্যপাল; গভর্নর (বাংলার ছোটলাট)। ২ সামরিক সর্বাধিনায়ক (জঙ্গি লাট)। ৩ রাজ্যপালের ন্যায় মর্যাদাসম্পন্ন ব্যক্তি। **–বেলাট** *বি* গভর্নর ও তৎতুল্য সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ। **–সাহেব** *বি* ১ গভর্নর; প্রদেশের সর্বপ্রধান শাসনকর্তা; রাজ্যপাল; দেশের সর্বপ্রধান শাসক। ২ (*ব্য.*) হর্তাকর্তা; বিধাতাস্বরূপ; অত্যন্ত ক্ষমতাসম্পন্ন ব্যক্তি (হুকুম দেখ না, যেন লাট সাহেব)। **ছোট–** *বি* প্রদেশের শাসনকর্তা; lieutenant governor। **জঙ্গি–** *বি* প্রধান সেনাপতি; সামরিক বিভাগের সর্বময় কর্তা। **বড়–** *বি* দেশের সর্বপ্রধান শাসনকর্তা; governor general। { *ই.* lord}

লাট², লট [লাট্, –ল] *বি* ১ জমিদারির অংশ (লাটের খাজনা)। ২ নিলামে একসঙ্গে বিক্রয়যোগ্য দ্রব্যসমূহ (সে পাট উঠে কেন লাটে—*নই*)। ৩ নির্ধারিত দিনে দেয় রাজস্ব (লাটের দিন খাজনা হয় না আর—*ঈগু*)। ৪ গুচ্ছ; তাড়া (লাট লাট কাপড়)। **–বন্দী** *বিণ* ১ বাকি খাজনার দায়ে নিলামে বিক্রয়ের জন্য তালিকাভুক্ত (খাজনা দাখিল বিরহে জমিদারি লাটবন্দী হইলে ডাকাইলেন—*ঈবি*)। ২ একসঙ্গে স্তূপীকৃত যে সমস্ত দ্রব্য একটি গোছায় রাখা হয়েছে। { *ই.* lot}

লাট³ [লাট্] *বিণ* ১ পাট-ভাঙা; নষ্ট; বিপর্যস্ত; চটকানো; বিশৃঙ্খলা বা এলোমেলো করা হয়েছে এমন (লাট কাপড়)। ২ ভূমিশায়ী; নির্জীব; শোচনীয় অবস্থাপ্রাপ্ত (মেরে লাট করা)। **– খাওয়া** *ক্রি* উড্ডীয়মান বস্তুর পাক খাওয়া; ঘুরে পড়া (বসন্ত যদি অতঃপর আমাদের অন্তরে লাট খেয়ে যায়—*প্রচৌ*)। { *স.* নষ্ট>}

লাট⁴ [লাট্] *বি* দেশবিশেষ; বর্তমান গুজরাট। **লাটানুপ্রাস** *বি* লাটবাসীদের প্রিয় শব্দালঙ্কারবিশেষ। { *স.* লাট+অ(অণ্)}

লাট⁵ [লাট্] *বি* বিদগ্ধ বা পণ্ডিত ব্যক্তি; বিদ্বান ব্যক্তি; রসজ্ঞ লোক। □ *বিণ* পুরনো; জীর্ণ (কাপড়গুলো বড় লাট হয়েছে)। { *স.* লট্/লাট্+অ(অণ্)}

লাট⁶ [লাট্] *বি* স্তম্ভ (অশোক লাট)। { *হি.* লাঠ>}

লাটা ⟹ লাটাই

লাটাই, লাটায়, লাটা [লাটাই, –য়, লাটা] *বি* নাটাই; যাতে ঘুড়ির সুতা জড়ানো থাকে (শোন মা আমার লাটাই কিন্তু রাখিও যতন করে—*জউ*)। { নাটাই>}

লাটিম, লাটীম, লাট্টু, লাটু [লাটিম্, –, লাট্‌টু, লাটু] *বি* লৌহ শলাকাযুক্ত কাঠের ঈষৎ গোলাকার খেলনাবিশেষ, যা ছোট দড়ির সাহায্যে মাটিতে ঘুরানো হয় (হাতের লাটু এদের প্রাণ গুলিতির গুলি এদের প্রাণ—*নই*)। **লাটুদার** *বিণ* লাটিমের ন্যায় কুণ্ডলী পাকানো (লাটুদার পাগড়ি ফেলিয়া দিয়া, স্বহস্তে মাথায় বিড়া জড়াইলেন—*বচ*)। { *স.* লট্ট>}

লাঠালাঠি [লাঠালাঠি] *বি* ১ লাঠি দ্বারা একে অন্যকে আঘাত বা প্রহার। ২ লাঠির দ্বারা মারামারি। ৩ ঘোরতর বিবাদ। { *স.* যষ্টি>*প্রা.* লট্‌ঠি>*বা.* লাঠি+লাঠি; বহু}

লাঠি [লাঠি] *বি* যষ্টি; অপেক্ষাকৃত কম মোটা বা ছোট দণ্ডবিশেষ; লগুড়। **লেঠেল, –য়াল** *বি,বিণ* লাঠি চালনায় দক্ষ; লাঠি দ্বারা মারামারি করতে পটু (পঞ্চাশ জন লেঠেল আনা হয়েছে)। □ *বি* লাঠি চালনা দ্বারা যারা জীবিকা অর্জন করে। **লেঠেলি, –য়ালি** *বি* লাঠিয়াল বৃত্তি। **লাঠ্যৌষধি** *বি* লাঠি দ্বারা প্রহারই সংশোধনের উপায়; প্রহারই ঈপ্সিত ফল লাভের উপায়। { *স.* যষ্টি>*প্রা.*

লাটাঠি>লাঠি}

লাড্ডু ⇒ লাড়ু

লাড়কা [লাড়্‌কা] *বি* সন্তান (মোর পেটে তোর লাড়কা আছে —*আআআ*)। **লেড়কা** ⇒। {*হি.* লড়কা>}

লাড়ু, লাড্ডু [লাড়ু, লাড্‌ডু] *বি* ১ গোলাকার মিষ্ট খাদ্যদ্রব্যবিশেষ; নাড়ু (তিলের লাড়ু, নারকেলের নাড়ু)। ২ মতিচুর লাড্ডু। ~ **পাকানো** *ক্রি* ১ গোল করে লাড়ু তৈরি করা। ২ *(আল.)* কোনো বিষয়ে জটিলতা সৃষ্টি করা। {*স.* লড্ডু>}

লাত-মানাত [লাত্‌-মানাত্‌] *বি* আরবের বনি সকিফের পূজ্য দুই দেবীবিশেষ (ভয়ে ভূমি চুমে লাত-মানাত-এর ওয়ারেসীন—*নই*)। ~-**উজ্জা** *বি* পৌত্তলিক আরবের কল্পিত আল্লাহর তিন কন্যার নাম। {*আ.* লাত+মানাত لات + منات }

লাথ ⇒ লাথি

লাথি, লাথ [লাথি, লাথ্‌] *বি* পদাঘাত; পা দিয়ে প্রহার করা। ~-**খেকো** *বিণ* ১ যে কুকর্মরত ব্যক্তি সর্বদা পদাঘাত খেতে অভ্যস্ত। ২ *(আল.)* অত্যন্ত হেয়; অতি নীচ। {*হি.* লাত্‌; *ফা.* লকদ্‌ لقد }

লাদ, নাদ [লাদ্‌, না-] *বি* গরু; অশ্ব প্রভৃতির বিষ্ঠা; নাদি। **লাদা, নাদা** *বি* গবাদিপশুর বিষ্ঠা। □ *ক্রি* লাদ ত্যাগ করা; বিষ্ঠা ত্যাগ করা। **লাদি, নাদি** *বি* ক্ষুদ্র প্রাণীর বিষ্ঠা (দাওয়ায় চামচিকার নাদি—*বিব*)। {*হি.* লাদ, >}

লাদা [লাদা] *ক্রি* ভার বা বোঝা চাপানো; মাল বোঝাই করা (কুঞ্জরে লাদিয়া লহ যত আছে ধন—*কমু*)। **লাদাই** *বি,বিণ* বোঝাই (যে জাহাজে কাঁচা তামাক লাদাই করা হয়েছে—*সৈমু*)। {*হি.* লাদ্‌না>}

লা-দাবি [লাদাবি] *বিণ* কোনো দাবি নেই এমন; unclaimed। {*আ.* লা+দাবী لا-دعوى }

লানত, লানৎ, লাহানতি [লানত্‌, –, লাহানোতি] *বি* ১ অভিশাপ (হাজার লানত যে এমন কাজ করে—*সৈহা*)। ২ অপমান; লাঞ্ছনা; ভর্ৎসনা। ৩ শাস্তি (সে সবেরে লাহানতি দিবেক আল্লায়—*সৈসু*)। *তুল.* **মালাউন** *বি, বিণ* লানতপ্রাপ্ত; অভিশপ্ত; কাফের। {*আ.* লানত لعنت }

লান্স-নায়েক, ল্যান্স-নায়েক [লান্‌সনায়েক্‌, ল্যা-] *বি* সৈন্যবিভাগে সিপাহিদের নেতা; হাবিলদারের নিম্নপদ (আমাকে ঐ খেসারতের ক্ষতিপূরণ স্বরূপ লান্স-নায়কের পদে উন্নীত করা হবে—*নই*)। {*ই.* lance+*আ.* লায়েক لائق }

লাফ [লাফ] *বি* লম্ফ। ~-**ঝাঁপ** *বি* ১ লম্ফ-ঝম্প। ২ *(আল.)* অতিশয় ব্যস্ততা বা অস্থিরতা। ৩ *(আল.)* দম্ভপ্রকাশ; আস্ফালন। ~ **দেওয়া**, ~ **মারা** *ক্রি* ১ কিছু ডিঙানোর উদ্দেশ্যে লাফানো। ২ লাফানো। **লাফালাফি** *বি* ১ ক্রমাগত লাফাতে থাকা। ২ *(আল.)* অত্যন্ত ব্যস্ততা; অত্যন্ত উৎসাহ প্রদর্শন। ৩ দম্ভপ্রকাশক আস্ফালন। {*স.* লম্ফ>}

লাফাঙ্গা [লাফাঙ্‌গা] *বি,বিণ* লম্পট; বদমাস। {*হি.* লাফাঙ্গা}

লাফড়া, লাফরা ⇒ লাবড়া

লাফানো [লাফানো] *ক্রি* ১ লাফ দেওয়া। □ *বি* উক্ত অর্থে। **লাফানি** *বি* ১ লাফ দেওয়া; লাফ। ২ ছটফটানি; ব্যস্ততা। ৩ আস্ফালন; দম্ভপ্রকাশ। **লাফানে** *বিণ* লাফায় এমন; লম্ফনশীল। {লাফ+আনো; ক্রিয়ারূপ—লাফাই, লাফাও, লাফায়, লাফান, লাফাস; *অক্রি*—লাফালে, লাফাতে, লাফিয়ে ইত্যাদি}

লাব, লাবক [লাব, লাবক্‌] *বি* পক্ষীবিশেষ; বটের পাখি। {*স.* √লু+অ(অণ্‌)}

লাবড়া, লাফড়া, লাফরা [লাব্‌ড়া, -ফ্‌-, লাফ্‌রা] *বি* বিবিধ তরকারি মিশিয়ে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ (লাফরা খায়েন প্রভু—*বৃদা*)। {*স.* অলাবু>লাবু+ড়া>}

লাবণ [লাবোন্‌] *বিণ* ১ লবণসংক্রান্ত। ২ লবণাক্ত; লোনা; নোনা। {*স.* লবণ+অ(অণ্‌)}

লাবণি ⇒ লাবনি

লাবণিক [লাবোনিক্‌] *বিণ* ১ লবণ সম্বন্ধীয়। ২ লবণ-বিক্রেতা; লবণব্যবসায়ী। ৩ লবণাক্ত। {*স.* লবণ+ইক(ঠক্‌)}

লাবণ্য [লাবোন্‌নো] *বি* চাকচিক্য, সৌন্দর্য; কান্তি; শ্রী; শোভা; লাবনি (লজ্জার মাঝে লাবণ্যের উল্লেখ আনে—*অচিসে*)। ~**ময়** *বিণ* কান্তিযুক্ত; সৌন্দর্যশালী; মাধুর্যমণ্ডিত। ~**ময়ী** *বিণ স্ত্রী*। **লাবণ্যার্জিত** *বিণ* নববধূর মুখ দেখে শ্বশুর-শ্বাশুড়ি যে টাকা প্রদান করেন; গ্রাম্য ভাষায় বউয়ের মুখ-দেখা টাকা। {*স.* লবণ+য(ষ্যঞ্‌)}

লাবনি, লাবণি, লাবনী, লাবণী *(ব্র.)* [লাবোনি] *বি* ১ লাবণ্য। ২ লালিত্য; মাধুর্য; কান্তি (কেশের ছায়ায় মায়া ঘনায়েছে অধর লাবণী পরে—*জউ*)। □ *বিণ* লাবণ্যময় (উলঙ্গ লাবণি তনু—*আকা*)। {*স.* লাবণ্য>}

লাভ [লাভ্‌] *বি* ১ খরচ বাদে আয়; মুনাফা (শতকরা আট টাকা লাভ)। ২ উপস্বত্ব; আয়। ৩ উপকার; সুযোগ-সুবিধা (এ চাকরিতে লাভ নাই)। ৪ প্রাপ্তি (বিদ্যালাভ, ধনলাভ)। ~ **করা** *ক্রি* মুনাফা পাওয়া; প্রাপ্ত হওয়া; অর্জন করা। ~**জনক** *বিণ* আয়প্রদ; লাভ আছে এমন (লাভজনক ব্যবসা)। ~**বান** *বিণ* মুনাফা বা আয় করেছে এমন। ~-**লোকসান** *বি* লাভক্ষতি; লাভক্ষতি উভয় ব্যাপার। **লাভা~** *বি* লাভ ও ক্ষতি; profit and loss। **লাভেমূলে** *ক্রিবিণ* মূলধন ও তার উপস্বত্ব—এই উভয় সম্বন্ধে। {*স.* √লাভ্‌+অ(ঘঞ্‌)}

লাভা [লাভা] *বি* আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতে যে গলিত প্রস্তরাদি নির্গত হয় (লাভা ও অগ্নিশিখা উঠে ছুটে ঊর্ধ্ব আকাশপথে—*নই*)। {*ই.* lava}

লামা[১] [লামা] *বি* তিব্বত দেশের বৌদ্ধ পুরোহিত বা ধর্মযাজক। {*তিব্বতি.* লামা}

লামা[২] [লামা] *ক্রি* নামা; অবতীর্ণ হওয়া; নিচে আসা (গাছ থেকে লামা)। {নামা>}

লাম্পট্য [লাম্‌পোট্‌টো] *বি* ব্যভিচার; লম্পটতা; লম্পটের আচরণ; কামুকতা; বহু নারীতে গমন (যে কেহ আপন স্ত্রী ভিন্ন অন্য স্ত্রীলোকের প্রতি আসক্ত, তাহার অপরাধের নাম লাম্পট্য—বচ)। {*স.* লম্পট+য(ষ্যঞ্‌)}

লাম্বাএ *(মবা.)* [লাম্‌বায়ে] *ক্রি* লম্বিত করে (নেত পড়ী পিন্ধি আগু গাছ লাগবাএ—*বচদা*)। {*স.* লম্বা>}

লায়েক [লায়েক্‌] *বিণ* ১ সাবালেগ; উপযুক্ত (বিয়াব

লায়েক বেটী হইল সেয়ানা—*সৈহা*)। ২ সমর্থ; দক্ষ; পটু (ইংরেজীতে যারা খুব লায়েক—*দীমি*)। ৩ কাজ করার যোগ্য (ভালো, ভালো, তোমার সাহস আছে, সময়ে লায়েক হতে পারবে—*অঠা*)। { *আ.* লায়েক لايق }

লাল[১], লালা [লাল্, –লা] *বি* থুথু; মুখজাত রস (মনুষ্যালয়ের প্রচুর আহারের কথা স্মরণ হইয়া সেই ব্যাঘ্রের মুখে লাল পড়িয়াছিল—*বচ*)। **লালাস্রাব** *বি* লালা ঝরা, লালা নিঃসরণ। { *স.* লালা> }

লাল[২] [লাল্] *বি* ১ রক্তবর্ণ; লোহিতবর্ণ (লাল শাড়ি)। ২ ঘোড়ার খুরের লোহার পাত; নাল। **লালচে** *বিণ* রক্তিম; ঈষৎ রক্তবর্ণ; লাল লাল ভাব (তোমার লালচে চুল—*বুব*)। **–দালান** *বি* কয়েদখানা (আমির আলি যে একদিন লালদালানে যাইবে এটা তারা আগেই জানিত—*আমআ*)। **– পাগড়ি** *বি* লাল পাগড়ি–বাঁধা (পূর্বেকার) পুলিশ। **– পানি** *বি* মদ্য; এক প্রকার নেশাযুক্ত পানীয় (সুন্দরী এক হুরী নিলাম, পেয়ালা নিলেম লাল পানির—*নই*))। **– বাতি জ্বালানো** *ক্রি* ব্যবসায়ে অকৃতকার্য হয়ে ব্যবসা বন্ধ করা বা তুলে দেওয়া (ব্যাংকে লাল বাতি জ্বলেছে)। **–মুখ** *বিণ* রঙিন মুখবিশিষ্ট। ◻ *বি* ১ রক্তবর্ণ বা লালচে মুখ। ২ (*আল.*) মর্কট; বাঁদর। ৩ (*আল.*) ইংরেজ; ইউরোপীয়। **লালিম** *বিণ* লাল আভাযুক্ত (চোখ ঠোঁট বাহু থেকে লালিম কপোল থেকে—*রখাঁ*)। **লালিমা** *বি* লাল আভা; রক্তিমা (কচি অধরে ডালিমের লালিমা—*নছরু*)। **চোখ – করা** *ক্রি* ক্রোধ প্রদর্শন করা; ক্রুদ্ধভাবে তাকানো। { *ফা.* লাল لال ; *তু* লাল; *স.* লোহিত> }

লাল[৩] [লাল্] *বি* প্রিয়; প্রিয়পুত্র; শিশু সন্তান (আম্মা লাল তেরী খুন কিয়া খুনিয়া—*নই*)। { *স.* লালক>; *হি* লাল }

লালচ [লালোচ্] *বি* লালসা; লোভ। { *স.* লালসা> }

লালন [লালোন্] *বি* ১ অত্যন্ত যত্ন সহকারে পালন। ২ নামবিশেষ; প্রসিদ্ধ মরমি কবি লালন শাহ। **~–পালন** *বি* প্রতিপালন; ভরণপোষণ। { *স.* √লল্+অন(ল্যুট্) }

লালমোহন [লাল্মোহোন্] *বি* পান্তুয়ার মতো মিঠাই। { *স.* লাল+মোহন }

লালশাক [লালশাক্] *বি* লাল রঙের শাকবিশেষ। { *স.* লাল+শাক }

লালস [লালোশ্] *বিণ* লোলুপ; লোভী। { *স.* √লস্+য(যঙ্)+অ(অচ্) }

লালসা [লালোশা] *বি* ১ লোলুপতা; লিপ্সা; লোভ; স্পৃহা। ২ লালস; লোভ (তাহারি চরণে শরণের লালসে—*রঠা*)। ৩ ঔৎসুক্য (অসীম লালসা মোর শুনিতে কাহিনী—*মদ*)। { *স.* √লালস+আ(টাপ্) }

লালা[১] [লালা] *বি* ১ পশ্চিমা বা হিন্দুস্থানী (ব্যবসায়ী) কায়স্থের পদবি। ২ মুহুরি; নকলনবিস। { *হি* লালা }

লালা[২] ⇒ লাল[১]

লালা[৩] [লালা] *বি* এক প্রকার পুষ্প (নার্গিস লালা—*নই*); tulip (কস্তুরী কালো পশমি না চুলে বিনায়ে লালার মালা—*মোম*)। { *হি* লালা }

লালাটিক [লালাটিক্] *বিণ* ১ কপাল বা অদৃষ্ট সম্পর্কিত। ২ ভাগ্যলব্ধ; অদৃষ্ট দ্বারা প্রাপ্ত। ◻ *বি* ললাটভূষণ; ললাটের অলঙ্কার। { *স.* ললাট+ইক(ঠক্) }

লালায়িত [লালায়িতো] *বিণ* ১ লুব্ধ; লোলুপ; স্পৃহাযুক্ত; লোভযুক্ত। ২ অত্যন্ত আগ্রহযুক্ত। **লালায়িতা** *বিণ স্ত্রী.*। { *স.* √লালায়্+ত(ক্ত) }

লালি, লালী [লালি] *বিণ* লালিমা; অরুণিমা; লালচে রং (ও কপোলে থাকে ডালিম দানার লালী—*নই*)। { *স.* লাল+*বা.* ই, ঈ }

লালিকা [লালিকা] *বি* ছন্দ ও রচনা–রীতির বিদ্রূপাত্মক অনুকরণ; parody। { *স.* লাল+*বা.* ইকা }

লালিত [লালিতো] *বিণ* প্রতিপালিত; পালন বা লালন করা হয়েছে এমন; পোষিত। **~–পালিত** *বিণ* সযত্নে পালন করা হয়েছে এমন; প্রতিপালিত। { *স.* √লাল্+ত(ক্ত) }

লালিত্য [লালিত্তো] *বি* ১ ললিত ভাব; কমনীয়তা; কান্তি; শ্রী; শোভা। ২ সৌন্দর্য; মধুরতা। ৩ মনোহারিত্ব। { *স.* ললিত+য(ষ্যঞ্) }

লালিমা ⇒ লাল[২]

লালী ⇒ লালি

লাশ, লাস [লাশ্] *বি* শব; মৃতদেহ; মড়া (তাহাদের লাশগুলি নদীতে ফেলিয়া দিয়া তাড়াতাড়ি নৌকা ছাড়িয়া দিল—*ইহো*)। { *ফা.* লাশ لاش }

লা–শরিক [লাশোরিক্] *বিণ* শরিকহীন (লা=না, নাই+শরিক=অংশীদার—লা–শরিক আল্লাহ); অদ্বিতীয়; কোনো অংশীদার নেই এমন (আল্লাহ্ তব লা–শরীক তাঁর গুণে হও গুণবান—*আজহ*)। { *আ.* লা–শরিক لاشريك }

লাস[১] ⇒ লাশ

লাস[২] ⇒ লাস্য

লাস্য, লাস [লাশ্শো, লাশ্] *বি* প্রধানত নারীর নৃত্য বা লীলায়িত ভঙ্গিমা (মালিনীর লাস ভেশ কি কহিমু সর্বশেষ কুলটা বিখ্যাত প্রবঞ্চক—*কাদৌ*)। **~গতি** *বিণ* লীলায়িত ভাব–ভঙ্গিমাপূর্ণ (লাস্যগতি, হাস্যরতি, সিন্ধু তুমি বন্দনীয়—*সদ*)। **~ময়ী** *বিণ* ১ নৃত্যময়ী; নৃত্যরতা। ২ লীলায়িত ভাব–ভঙ্গিমাপূর্ণা; মনোহর ভঙ্গিযুক্তা। { *স.* √লস্+য(ণ্যৎ), > }

লাহা [লাহা] *বি* ১ লাক্ষা; গালা (গাহা চাষ)। ২ স্বর্ণবণিকের পদবি। { *স.* লাক্ষা> }

লাহানতি ⇒ লানত

লাহিড়ী [লাহিড়ি] *বি* বারেন্দ্র ব্রাহ্মণের পদবিবিশেষ। { *স্থাননাম,* লাহিড়(?)> }

লাহু, লেহুঁ (*প্রাবা.*) [লাহু, লেহুঁ] *ক্রি* নও; লও (লাহুরে পাস—*চর্যা*)। { *স.* √লা> }

লাহোরি, লাহুরি, লাহরী [লাহোরি, –হু–, –হো–] *বিণ* লাহোরের অধিবাসী (লাহরী মুলতানী সিন্ধী আর হঙ্গদেশী—*সৈআ*)। { লাহোর+*বা.* ই, ঈ }

লি, লী [লি] এক মাইলের ছয় ভাগের এক ভাগ; ক্রোশের অংশবিশেষ; চীনের দূরত্ব পরিমাপক একক। { *চী.* লি> }

লিকলিক [লিক্লিক্] *অব্য* ১ (অনুকার শব্দ) নমনীয় পদার্থের আন্দোলনের ভাবপ্রকাশক। ২ অত্যন্ত সরু ও লম্বা বস্তুর আন্দোলন–ভঙ্গি প্রকাশক। **লিকলিকে** *বিণ* ১ লিকলিক করছে এমন (মাঠের কিনারে এ পর্যুদস্ত

সুপুরীর লিকলিকে গাছ—*আগ*)। ২ কৃশ; সরু। {*ধ্বন্যা.*}
লিকার [লিকার্] *বি* চা পাতা সিদ্ধ পানি; মদ (চা-বাগানের কুলীরা যে প্রচুর পরিমাণে বিনা দুধ চিনিতে লিকার খায়—*সৈমুআ*)। {*ই.* liquor}
লিকি, নিকি [লিকি] *বি* নিক; উকুনের ডিম বা বাচ্চা। {*স.* লিক্ষা>}
লিকুচ ⟹ লকুচ
লিখন, লেখন [লিখন্, লে-] *বি* ১ লেখা; অক্ষর বিন্যাস বা সাজানো (মুছিয়া ফেলিতে তার সোনার লিখন—*রঠা*)। ২ লিপিবদ্ধকরণ; লিপিকরণ। ৩ চিত্রণ। ৪ অঙ্কন। ৫ যা লেখা হয়েছে; লিখিত বিষয় (কপালের লিখন)। ৬ পত্র; চিঠি; লিপি (তাড়াতাড়ি লিখনটি লুকাইবার চেষ্টা করিল—*রঠা*)। ~**পঠন** *বি* লেখা ও পড়া। ~**পদ্ধতি** *বি* লেখার ধারা; রচনার প্রণালি। **লিখনি, লেখনী** *বি* কলম (লিখনিতে লেখা রানী যত সমাচার—*মৈগী*)। **লিখে দেওয়া** *ক্রি* লেখায় প্রকাশ করা। □ *বি* আইনসিদ্ধভাবে দলিল মারফত দান করা (সম্পত্তি লিখে দেওয়া)। {*স.* √লিখ্+অন(ল্যুট্)}
লিখা ⟹ লেখা[১]
লিখিত [লিখিতো] *বিণ* ১ লেখা হয়েছে এমন। ২ রচিত। ৩ অঙ্কিত; চিত্রিত। ৪ নির্ধারিত; অবশ্যম্ভাবী (ভূঞ্জিবি তো লিখিত ফল—*বচদা*)। {*স.* √লিখ্+ত(ক্ত)}
লিখিতব্য [লিখিতোব্বো] *বিণ* ১ লিখতে হবে এমন; লেখা প্রয়োজনীয় এমন (এক্ষণে তাহার জীবনচরিত লিখিতব্য নহে—*বচ*)। ২ লেখার উপযুক্ত। {*স.* √লিখ্+তব্য}
লিখিয়ে [লিখিয়ে] *বি, বিণ* ১ যে লিখতে পারে (লিখিয়ে-পড়িয়ে লোক)। ২ লেখক। ৩ রচনাকারী। ৪ লেখায় পটু লিপিকুশল। {*স.* √লিখ্+ *বা.* ইয়ে}
লিগ, লীগ [লিগ্] *বি* দল; সঙ্ঘ (তাঁহার সমর্থকরা লীগ থেকে পদত্যাগ করলেন—*আনিস*; মুসলিম লীগ; আওয়ামী লীগ)। **লিগের খেলা** *বি* কোনো সমিতির পরিচালনায় প্রতিদ্বন্দ্বিতামূলক খেলা। {*ই.* league}
লিঙ্গ [লিঙ্গো] *বি* ১ পুরুষের জননেন্দ্রিয়; শিশ্ন। ২ চিহ্ন; ভেখ। ৩ হিন্দুদের শিবলিঙ্গ মূর্তি। ৪ পুরুষত্ব বা স্ত্রীত্ব; sex। ৫ (*ব্যা.*) শব্দের পুরুষ স্ত্রী বা ক্লীব ভেদ। ~**দেহ, ~শরীর** *বি* সূক্ষ্ম দেহ। ~**ধর** *বিণ* ভেকধারী। ~**পুরাণ** *বি* ব্যাস লিখিত শিবলিঙ্গ-মাহাত্ম্য বিষয়ক পুরাণ। {*স.* √লিঙ্গ্+ অ(ঘঞ)}
লিঙ্গায়েত [লিঙ্গায়েত্] *বি* হিন্দু সমাজভুক্ত শিবোপাসক সম্প্রদায়। {*স.* লিঙ্গ>}
লিচু [লিচু] *বি* সুবিখ্যাত সুস্বাদু ক্ষুদ্র ফলবিশেষ। {*চী.* লিচি>}
লিজ, লীজ [লিজ্] *বি* নির্দিষ্ট সময়ের জন্য জমি বাড়ি ইত্যাদি ভাড়া দেওয়া। {*ই.* lease}
লিজ্জে [লিজ্জে] *ক্রি* ধরিবে; লইবে; গ্রহণ করিবে (কুড়োবা কুড়োবা কুড়োবা লিজ্জে—*শুভঙ্কর*)। {*স.* গৃহ্যতে>}
লিটার [লিটার্] *বি* এক কিলোগ্রাম (কেজি) ওজনের পানির আয়তন; মেট্রিক পদ্ধতিতে তরল পদার্থের আয়তনের একক। {*ই.* litre}
লিডার [লিডার্] *বি* ১ নায়ক; দলের নেতা। ২ প্রধানতম; সুদীর্ঘ ও অত্যন্ত প্রয়োজনীয় সম্পাদকীয় মন্তব্য। {*ই.* leader}
লিপস্টিক [লিপ্স্টিক্] *বি* এক ধরনের রক্তিম বিলাসদ্রব্য যা দিয়ে মেয়েরা কৃত্রিমভাবে ঠোঁট রাঙায়; ওষ্ঠরঞ্জিকা (সুন্দরীর ঠোঁটের উপর লিপস্টিক ভার্ট নয়—*সৈমু*)। {*ই.* lipstick}
লিপি [লিপি] *বি* ১ চিঠি (আনসার উদাসভাবে বুঝি বা অন্ধকার আকাশের লিপিতে তারার লেখা পড়বার চেষ্টা করছিল—*নই*)। ২ লিখন; লেখা। ৩ অক্ষর; বর্ণমালা; alphabet (আরবি লিপি)। ~**কর, ~কার** *বি* ১ লেখক। ২ নকলনবিস। ~**কা** *বি* ক্ষুদ্র পত্র; ছোট চিঠি। ~**কলা, ~কৌশল** *বি* ১ সুদৃশ্য অক্ষর লিখন কৌশল বা বিদ্যা; বর্ণবিন্যাস দক্ষতা। ২ লিখবার কায়দা। ~**চাতুর্য** *বি* ১ চিঠি-পত্র লেখার নৈপুণ্য। ২ লিখন-দক্ষতা। ~**প্রমাদ** *বি* নকল করতে ভুল বা ভ্রান্তি। ~**বদ্ধ, ~ভুক্ত** *বিণ* ১ লিখিত; লিখে রাখা হয়েছে এমন। ২ পত্রগত। {*স.* √লিপ্+ই(ইন্)}
লিপ্ত [লিপ্তো] *বিণ* ১ লেপা হয়েছে এমন; প্রলেপ; কৃতলেপন (তৈললিপ্ত)। ২ জড়িত; সংশ্লিষ্ট (ব্যবসায়ে লিপ্ত)। ৩ ব্যাপৃত; নিযুক্ত; রত (কর্মেলিপ্ত)। ৪ সম্মিলিত; সংযুক্ত। ~**পদ, ~পাদ** *বিণ* পাতলা চামড়া দিয়ে পায়ের আঙুলগুলো পরস্পর যুক্ত এমন (যেমন হাঁসের পা)। {*স.* √লিপ্+ত(ক্ত)}
লিপ্যন্তর [লিপ্পোন্তর্] *বি* অনুলিখন; বর্ণান্তর অক্ষরান্তরীকরণ; এক ভাষার বর্ণ অন্য ভাষার বর্ণে লিখন; প্রতিবর্ণীকরণ; transliteration। {*স.* লিপি+ অন্তর; *নিত্য.*}
লিপ্সা [লিপ্শা] *বি* ১ প্রাপ্তির প্রবল আকাঙ্ক্ষা; নিরতিশয় লোভ; প্রচণ্ড স্পৃহা (মদের প্রতি লিপ্সা জাগে—*অচিসে*)। ২ কামনা। **লিপ্সু** *বিণ* ১ প্রবল বাসনাযুক্ত; লিপ্সাযুক্ত ২ লোলুপ; লোভী; গৃধ্নু। {*স.* √লভ্+স(সন্)+অ+ আ(টাপ্)}
লিফট [লিফ্ট্] *বি* বহুতল ভবনে ওঠানামার জন্য বিদ্যুৎচালিত যন্ত্র। {*ই.* lift}
লিভার [লিভার্] *বি* যকৃৎ। ~ **সিরোসিস** *বি* হেপাটাইটিস বা প্রবল জন্ডিসে ক্ষয়প্রাপ্ত যকৃতের মারাত্মক ব্যাধি বিশেষ। **লিভারের দোষ** *বি* যকৃতের ক্রিয়া বিকার। {*ই.* liver}
লিমনেড, লেমনেড [লিমনেড্, লে-] *বি* খনিজ পদার্থযুক্ত অম্লমধুর পানীয়; লেবুর গন্ধযুক্ত অম্লমধুর সোডাওয়াটার (অপু তাহাকে লেমনেড খাওয়াইয়া তাহার ভ্রম ঘুচাইয়া দিল—*বিব*)। {*ই.* lemonade}
লিরিক [লিরিক্] *বিণ* গীতিধর্মী (কবির অকৃত্রিম লিরিক অনুভূতি—*আনিস*)। {*ই.* lyric}
লিলিপুট [লিলিপুট্] *বি* বামন; খর্বাকার (গালিভারের লিলিপুটদের কথা মনে পড়ছে—*হাই*)। {*ই.* lilliput}
লিল্লা, লিল্লাহ [লিল্লা, -লাহ্] *বি* আল্লাহর রাস্তায় দান; আল্লাহকে সন্তুষ্ট করার জন্য কোনো কিছু উৎসর্গ করা (হজ ও জাকাত কোর্বানীর লিল্লায় হবে না পুণ্যের সাধন—*ইহো*)। {*আ.* লিল্লাহ্ لله}

লিস্ট, লিস্টি [লিস্‌ট্, –ট্টি] *বি* তালিকা; ফর্দ (কম্বল কাকে কাকে বিলাতে হবে, লিস্‌টি আগে থেকেই তৈরি—*অচিসে*)। { *ই* list }

লীঢ় [লিঢ়] *বিণ* ১ লেহন করা হয়েছে এমন। ২ আস্বাদিত। { *স.* √লিহ্+ত(ক্ত)}

লীন [লিন্] *বি* ১ মিশে যাওয়া; বিলয়প্রাপ্ত; চিহ্ন না থাকা; সম্মিলিত। □ *বিণ* ১ মিলিত। ২ লুপ্ত; বিলুপ্ত; অদৃশ্য; সংলগ্ন; সংযুক্ত; শায়িত (শয্যাপ্রান্তে লীন তনু ক্ষীণ শশী-রেখা—*রঠা*)। **লীনা** *বিণ স্ত্রী.* (মানসলীনা বাজে বীণা —*সদ*)। **লীনাঙ্গিনী** *বিণ স্ত্রী.* লীন হয়েছে বা মিলে গেছে এমন (শ্যাম দেহে লীনাঙ্গিনী রাধিকার বরণ মাধুরী—*মোম*)। { *স.* √লী+ত(ক্ত)}

লীলা [লিলা] *বি* ১ খেলা; ক্রীড়া; কেলি। ২ শৃঙ্গার রসজনিত অভিব্যক্তি; ভাবভঙ্গি; হাবভাব। ৩ প্রমোদ; বিলাস। ৪ মহাপুরুষ বা কারো কার্যকলাপ (ভবলীলা)। ৫ গূঢ় তাৎপর্যপূর্ণ; ক্রিয়াকলাপ (বিধাতার লীলা বোঝা ভার)। **~কমল, ~পদ্ম** *বি* খেলায় ব্যবহৃত পদ্ম; যে কমল যুবতী হাতে নিয়ে খেলা করে। **~কানন** *বি* প্রমোদ-উদ্যান; প্রমোদকানন। **~ক্ষেত্র, ~ভূমি** *বি* ১ ক্রীড়ার স্থান; খেলার স্থান। ২ জীবনের কর্মভূমি; কার্যকলাপের স্থান। **~খেলা** *বি* ১ ক্রীড়া-কৌতুক; আমোদ-আহ্লাদ। ২ তাৎপর্যপূর্ণ ক্রীড়া বা ক্রিয়াকলাপ। ৩ সারাজীবনের কার্যকলাপ। **~খেলা সাঙ্গ হওয়া** *ক্রি* মৃত্যু হওয়া; জীবনের কার্যকলাপের সমাপ্তি ঘটা। **~চঞ্চল** *বিণ* লীলাভরে চপল বা অস্থির; মধুর চঞ্চলতাপূর্ণ; বিলাসে আন্দোলিত; ক্রীড়ারত। **~বতী** *বিণ স্ত্রী.* ১ লীলাচপলা; বিলাসচঞ্চলা; ভাবভঙ্গিযুক্তা। ২ বিলাসবতী। □ *বি* ১ প্রাচীন বিদুষী ও গণিতজ্ঞ। ২ ভাস্করাচার্য-রচিত সংস্কৃত গণিতগ্রন্থ। **~ময়** *বিণ* ১ লীলাপূর্ণ; ক্রীড়াপরায়ণ। ২ আনন্দময়; পূর্ণানন্দ। ৩ যার কার্যকলাপ মানুষ বুঝতে পারে না; লীলাপূর্ণ বিধাতা। **~ময়ী** *বিণ স্ত্রী.*। **~য়িত** *বিণ* মনোহর হাবভাবযুক্ত (চঞ্চল পবনে লীলায়িত—*রঠা*)। **~য়িতা** *বিণ স্ত্রী.*। **~স্থলী** *বি* লীলাক্ষেত্র (এ ভবভূমি তব লীলাস্থলী—*মদ*)। {*স.* √লী+লা+অ(ক)+আ(টাপ্)}

লু, লূ [লু] *বি* গ্রীষ্মকালের একপ্রকার প্রচণ্ডভাবে উত্তপ্ত বায়ুপ্রবাহ; লূ হাওয়া (লু হাওয়ায় ওড়ে মরুর কাঁকর—*ফআ*; লু হাওয়ায় ছুটে পালাত—*নই*)। { *হি* লূ}

লুই [লুই] *বি* পশুলোমে প্রস্তুত শীতবস্ত্র (তার শীত কি এতই? কাঁথা হলে চলে নিয়ে গেল লুই—*রঠা*)। { *স.* লোমন্>}

লুইপা, লুইপাদ [লুইপা, –পাদ] *বি* বৌদ্ধ সিদ্ধাচার্যগণের মধ্যে আদি আচার্য। { *স.* লোহিত/রোহিতপাদ>}

লুইসগান [লুইসগান্] *বি* এক ধরনের বন্দুক (অনবরত চালিয়ে চালিয়ে আমার লুইস গানটাও আর চলছে না—*নই*)। { *ই* Lewis gun}

লুকনো ⇒ লুকানো

লুকমা, লোকমা [লুকমা, লোক্–] *বি* গ্রাস; নির্দিষ্ট পরিমাণ খাদ্য যা একবারে মুখে দিয়ে গিলতে পারা সম্ভব (ছেলে-মেয়েরা উঠানে খেলিতে খেলিতে বাপ-মার হাতের লুকমা নিতেছিল—*আমআ*)। { *আ.* লুক্‌মাহ্ لقمة }

লুকাওয়ে (*ব্র.*) [লুকাওয়ে] *ক্রি* লুকায় (বেকাতয় হৃদয়ে, লুকাওয়ে—*বিপ*)। **লুকায়নু** (*ব্র.*) *ক্রি* লুকালাম; গোপন করলাম (লুকায়নু হাস—*বিপ*)। **লুকায়ল** (*ব্র.*) *ক্রি* গোপন করলাম। **লুকায়লি** (*ব্র.*) *ক্রি* গোপন করল (আধ লুকায়লি—*বিপ*)। { *স.* √লুক্কায়>*বা.* √লুক>}

লুকানো, লুকনো [লুকানো, লুকোনো] *ক্রি* ১ লুকিয়ে থাকা; আত্মগোপন করা। ২ আড়াল হওয়া; লুকিয়ে পড়া। ৩ প্রচ্ছন্ন বা গুপ্ত থাকা। ৪ গোপন করা; আড়ালে রাখা। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {√লুক্+আনো; ক্রিয়ারূপ—লুকাই, লুকাও, লুকায়, লুকাস, লুকান; *অক্রি*—লুকাতে, লুকালে, লুকিয়ে ইত্যাদি}

লুকি, লুকী (*মবা.*) [লুকি] *বিণ* লুক্কায়িত (শোরী কৈল লুকি; লুকিকায় ... পশু—*কমু*; টালে হয়ে লুকী—*ঘচ*)। { *স.* √লুক্কায়>*বা.* √লুক্+ই, ঈ}

লুকিত [লুকিতো] *বিণ* আত্মগোপন করে আছে এমন (শুনিয়া চন্দ্রানি নাম দশগুণ বাড়ে কাম চকিত লুকিত লোর রাজ—*দৌবাখা*)। { *স.* লুক্কায়িত>}

লুকোচুরি, লুকাচুরি [লুকোচুরি, –কা–] *বি* শিশুসুলভ খেলাবিশেষ, এতে একজন পুলিশ সাজে ও অন্যেরা চোর সেজে ধরা না পড়তে চেষ্টা করে। ২ ছাপাছাপি; গোপন রাখা; গোপনীয়তা (চোরের ধর্ম লুকাচুরি—*বচ*)। { *স.* √লুঞ্চ>+*বা.* √লুক+আ=লুকা+চুরি}

লুক্কায়িত [লুক্‌কায়িতো] *বি* ১ লুকিয়েছে এমন। ২ প্রচ্ছন্ন; গুপ্ত; অপ্রত্যক্ষ; অগোচর। ৩ গোপনে রক্ষিত। ৪ অদৃশ্য; অন্তর্হিত। { *স.* √লুক্কায়্+ত(ক্ত)}

লুঙি[১], **লুঙী** ⇒ লুঙ্গি

লুঙ্গি, লুঙ্গী, লুঙি[২], **লুঙী** [লুঙ্‌গি, –, লুঙি, –] *বি* বাংলাদেশ মায়ানমার শ্রীলঙ্কা মালদ্বীপ প্রভৃতি দেশের পুরুষদের নিত্যব্যবহার্য পরিচিত পোশাক; তহবন; থামি। {*বর্মি* লৌঙ্গি>, *ফা.* লুঙ্গী لونگی }

লুচি [লুচি] *বি* ঘিয়ে-ভাজা ময়দার পাতলা ও ছোট রুটিবিশেষ; পুরি। { *স.* লোচিকা>; *তুল. হি* লুচুই; *মা.* লুচী}

লুচ্চা, লোচ্চা [লুচ্‌চা, লো–] *বি* লম্পট; চরিত্রহীন। **লুচ্চামি** *বি* লম্পটের স্বভাব। { *আ.* লুস্‌স لص }

লুট, লুঠ [লুট্, –ঠ্] *বি* ১ লুণ্ঠন; শক্তিপ্রয়োগে বা বলপূর্বক অপহরণ; ডাকাতি; দস্যুতা। ২ অন্যায়ভাবে গ্রহণ বা আত্মসাৎ (দুহাতে লুট করা)। ৩ (হিন্দু সমাজে প্রচলিত) বিতরণের জন্য দেবতার উদ্দেশে নিবেদিত বাতাসা ভূমিতে ইতস্তত ছড়িয়ে দেওয়া (হরিলুট)। **~তরাজ, ~পাট** *বি* ব্যাপক লুণ্ঠন; ডাকাতি। { *স.* √লুট্, √লুণ্ঠ>}

লুটা, লুটানো ⇒ লোটা[১]

লুটাতি (*মবা.*) [লুটাতি] *বি* লুণ্ঠনকারী; ডাকাত (হেদেরে লুঠাবি তোর কোন দেশে ঘর—*ঘচ*)। { *স.* লুণ্ঠতি >}

লুটাপুটি, লুটোপুটি [লুটাপুটি, –টো–] *বি* ১ ভূমিতলে গড়াগড়ি; লুণ্ঠিত হওয়া। ২ অতিরিক্ত উচ্ছলিত হওয়া। **~ খাওয়া** *ক্রি* মাটিতে পড়ে গড়াগড়ি খাওয়া (হেসে লুটোপুটি খেলেন—*নছরু*)। { *হি* লোটপোট}

লুটেরা, লুটেল ⇒ লুঠেরা

লুটোপুটি ⇒ লুটাপুটি

লুঠ ⇒ লুট

লুঠন [লুঠন্] *বি* গড়াগড়ি; লুণ্ঠিত হওয়া। **লুঠিত** *বিণ* গড়াগড়ি দিচ্ছে এমন। {*স.* √লুন্‌ঠ্+অন(ল্যুট্)+ত(ক্ত)}

লুঠেরা, লুঠেল, লুটেরা, লুটেল [লুঠেরা, –ল্, লুটেরা, লুটেল্] *বি,বিণ* যে লুট করে; লুণ্ঠনকারী; অপহারক; ডাকাত; লুণ্ঠক (এই পরম স্বর্গকে লুণ্ঠন করতে না পারলে আমাদের বর্গী বা লুঠেরা নামটাই বৃথা—*ইহো*)। {*স.* লুট+ *বা.* এরা}

লুড়া ⇒ নুড়া

লুড়ি, লুড়ী, নুড়ি [লুড়ি, –, নু-] *বি* উপলখণ্ড; ক্ষুদ্র প্রস্তরখণ্ড। {*স.* লোষ্ট>}

লুড়িআঁ *(মবা.)* [লুড়িআঁ] *অক্রি* লুট করে (লুড়িআঁ সব পসার পাইলোঁ—*বচদা*)। {*স.* লুণ্ঠ>}

লুডো, লুডু [লুডো, লুডু] *বি* ঘুটি দিয়ে ঘর আঁকা কোটে খেলার ব্যবস্থা। {*ই.* ludu}

লুণ্ঠন [লুন্‌ঠন্] *বি* ১ লুঠ; লুটপাট; বলপূর্বক অপহরণ; অন্যায়ভাবে আত্মসাৎ করা। ২ গড়াগড়ি দেওয়া। **লুণ্ঠক** *বি,বিণ* লুণ্ঠন করে যে; লুণ্ঠনকারী। ২ দস্যু; ডাকাত; চোর; অপহারক। **লুণ্ঠিকা** *বিণ স্ত্রী*। **লুণ্ঠিত** *বিণ* ১ বলপূর্বক অপহৃত; ছিনতাইকৃত। ২ লুঠ করে আনীত দ্রব্য; ছিনতাইকৃত (লুণ্ঠিত দ্রব্য)। ৩ ভূমিতে পতিত; মাটিতে গড়াগড়ি দিচ্ছে এমন। **লুণ্ঠিতা** *বিণ স্ত্রী*। {*স.* √লুণ্ঠ্+অন(ল্যুট্)}

লুণ্ঠিত ⇒ লুণ্ঠন

লুণ্ঠ্যমান [লুনঠোমান্] *বিণ* লুণ্ঠিত বা অবলুণ্ঠিত হচ্ছে এমন (আলস্য মন্থর গমনে লুণ্ঠ্যমান চাদরে অন্তঃপুরে যাত্রা করিলেন—*রঠা*)। {*স.* √লুণ্ঠ্ + ই(ণিচ)+ য+মান(শানচ)}

লুতা ⇒ লূতা

লুন, লুণ [লুন্] *বি* লবণ; ক্ষার; নুন (বুকেতে মারিয়া বাধুকের ঘা তাহাতে লুনের ছিটা—*চদা*)। {*স.* লবণ>}

লুনিয়া, লুণিয়া, নুনিয়া [লুনিয়া, –, নু-] *বিণ* লবণ ব্যবসায়ী বা প্রস্তুতকারী। {*স.* লাবণিক>}

লুনি, লুনী *(মবা.)* [লুনি] *বি* ননি; নবনী; নবনীত (লুনী ... তার—*বচদা*)। {*স.* নবনী>ননি>}

লুপ্ত [লুপ্‌তো] *বিণ* ১ লোপপ্রাপ্ত; বিলীন; বিলয়প্রাপ্ত (লুপ্ত ... কাপের নহবৎ জঙ্গলে আর ... —*সদ*)। ২ ...প্রাপ্ত; বিধ্বস্ত; বিনষ্ট। ৩ লুণ্ঠিত; অপহৃত। ৪ ...; আচ্ছন্ন; ঢাকা। ৫ দৃশ্যমান নয়; ... **–প্রায়** *বিণ* প্রায় বিলীন বা অদৃশ্য। {*স.* √লুপ্+ ত(ক্ত)}

লুপ্তি [লুপ্‌তি] *বি* ১ লোপপ্রাপ্তি; লোপ; ... ২ ধ্বংস; ...; নাশ। ৩ আচ্ছাদন। ৪ অদর্শন; দৃষ্টির ... অবস্থান। **লুপ্তোদ্ধার** *বি* ১ হারানো বিষয় ... বস্তুর উদ্ধার। ২ বস্তুর ...; গোপন ... প্রকাশ (... শুধু ... লুপ্তোদ্ধার— ...)। ৩ বিনাশপ্রাপ্ত বস্তুর ধ্বংস ... করা; ... প্রাপ্ত বিষয়ের অবশিষ্ট উত্তোলন। {*স.* √লুপ্+ ...}

লুফা ⇒ লোফা

লুব্ধ ⇒ লুব্ধ

লুব্ধ, লুবধ [লুবধো] *বিণ* ১ লোলুপ; লোভী; মুগ্ধ (লুব্ধচিত্তে কারিতেছে সদা অধ্যয়ন—*রঠা*)। **লুব্ধা** *বিণ স্ত্রী*। **লুব্ধতা** *বিণ* লোলুপতা; লোভনীয়তা। {*স.* √লুভ্+ ত(ক্ত)}

লুব্ধক [লুবধক্] *বি* ব্যাধ; লম্পট; একটি নক্ষত্রমণ্ডল; sirius. ঐ নক্ষত্রমণ্ডলের সর্বপ্রধান নক্ষত্র। {*স.* লুব্ধ+ ক(কন্)}

-লেম, -লুম, -লাম [লেম্, -লুম্, -লাম্] *ক্রি* বিভক্তির অতীতকালে উত্তম পুরুষের রূপ (করালাম, করলাম, করলেম)। {*বা.* বিভক্তিবিশেষ}

লুলা[১] [লুলা] ⇒ লুলো

লুলা[২] [লুলা] *ক্রি* ১ আন্দোলিত বা আলোড়িত করা। ২ লেলিহান জিহ্বা দ্বারা লেহন করা (ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অবশেষে—*মদ*)। ৩ দোলায়িত হওয়া। **লুলে, লুলয়ে** *ক্রি* দোলে (খোঁপাত লুলয়ে, দোনুত গুলে—*বচদা*)। {*স.* √লুল্>}

লুলিত, লূলিত [লুলিতো] *বিণ* ১ দোলিত; আন্দোলিত; কম্পিত (লুলিত অঞ্চলে -*শাহো*)। ২ সুন্দর; মনোহর; রম্য (দিগন্ত বনানীশিরে উড়ে মুক্ত লুলিত কুন্তল—*শাহো*)। ২ অবলুণ্ঠিত (বাম করে কপোল লুলিত কেশভার —*বিপ*)। {*স.* √লুল্+ত(ক্ত)}

লূ ⇒ লু

লূতা, লুতা, লূতিকা [লুতা, –, –কা] *বি* মাকড়সা। **~তন্তু** *বি* মাকড়সার জাল (এ বিষয়ে আইন ক্রমে সরু হতে হতে শেষটা লূতাতন্তু হয়ে দাঁড়িয়েছে—*প্রচৌ*)। **~জাল** *বি* মাকড়সার জাল; জালজাতীয় বস্তু (পুড়িয়ে দে তুই সেই লূতাজালে দুই হাতে দুই মশাল জ্বালি—*সদ*)। {*স.* √লূ+ত(ক্ত)+আ(টাপ্)}

লে [লে] *বি* স্নেহ; প্রেম; প্রীতি (তার সনে করি লে—*চদা*)। {*স.* স্নেহ>নেহ>লেহ>লে}

লেআ *(মবা.)* [লেয়া] *ক্রি* নেওয়া, লওয়া; গ্রহণ করা। **লেই** *অক্রি* লই; নিয়ে (মুকুর লেই অব করত সিঙ্গার—*বিপ*)। {*স.* √নী/√নে>}

লেই, লাই [লেই, লাই] *বি* কাই; আঠালো মণ্ড; paste (ময়দার লেই দিয়ে হাতে লাগাও তুলো—*নই*)। {*স.* লেপ>}

লেউটা, লেউটিয়া ⇒ নেউটা, নেউটিয়া

লেং, লেঙ, লেঙ্গ, ল্যাং, লেঙ্গি, লেঙ্গী [ল্যাঙ, –, -ঙগ্, ল্যাঙ, লেঙগি, –] *বি* পা; পদ; চরণ; ঠ্যাং (পতনের উঁচু তথা বৈসে লেঙ্গ পাড়ি—*হেমা*)। **~ মারা** *ক্রি* অন্যকে ভূপাতিত করার জন্য কৌশলে পা দিয়ে আঘাত করা; অন্যের পিছনে লাগা; বেমক্কা ফেলে দেওয়া। {*স.* √লঙ্গ্; *ফা.* লঙ্গ [illegible]}

লেংচা[১], **লেঙচা**[১], **ল্যাংচা**[১], **লেঙ্গচা**[১] [ল্যাঙচা, –, –ঙ্গা] *বি* লম্বা আকারের পানতুয়া। {*স.* লোচক>}

লেংচা[২], **লেঙ্‌চা**[২], **ল্যাংচা**[২], **লেঙ্গচা**[২] [ল্যাঙচা, –, -ঙগা-] *বি* ১ খঞ্জ; খোঁড়া। ২ লম্বা পানতুয়া। **লেংচানো** *ক্রি* খুঁড়িয়ে চলা; খোঁড়ানো। {*ফা.* লঙ্গ [illegible]}

লেংটা, লেঙটা, ল্যাংটা, লেঙ্গটা [ল্যাঙ্‌টা, -, -, -ঙ্গ্‌-] *বিণ* উলঙ্গ; নগ্ন; দিগম্বর; অনাবৃত (মেনকা দেখিলা চেয়ে জামাই লেঙ্গটা—*ভারা*)। {*স.* নগ্নট> ল্যাংটা}

লেংটি ⇒ লেঙ্গট

লেংড়া[১], **লেঙরা, ল্যাংড়া, লেঙ্গরা** [ল্যাঙ্‌ড়া, -, -, -ঙ্গ্‌-] *বিণ* খোঁড়া; নেংড়া; খঞ্জ। {*ফা.* লঙ্গ لنگ + *বা.* ড়া}

লেংড়া[২] [ল্যাংড়া] *বিণ* উৎকৃষ্ট শ্রেণির আম। {*ফা.* লঙ্গ لنگ + *বা.* ড়া}

লেক [লেক্] *বি* হ্রদ; বৃহত্তর দিঘি; সরোবর (যে কোন পথের মোড়ে অথবা লেকের ধারে—*আগ*)। {*ই.* lake}

লেকচার [লেক্‌চার্] *বি* ১ বক্তৃতা; ভাষণ (তবে কি আমাদের পথে ঘাটে লেকচার দিতে হবে—*প্রচৌ*)। ২ (*ব্য.*) বাগাড়ম্বর; কথার ঘটা (লেকচার মেরো না); বড় বড় কথা; উপদেশ। **লেকচারার, লেকচরর** *বি* বক্তা; প্রভাষক (লেকচারার তখন ধৈর্য্য প্রাপ্ত হয়ে পুনরপি বলিতে আরম্ভ করিলেন—*বচ*)। {*ই.* lecture}

লেকিন [লেকিন্] *অব্য* কিন্তু (লেকিন আমার সামনে যদি বিবির গায়ে হাত দেয়—*মদ*)। {*আ.* লাকিনা لكن}

লেখ [লেখ্] *বি* লিখন; যা লেখা হয়; লিখিত বিষয়; লিপি (নিরঙ্ক এই নূতন খাতায় নিষ্কলঙ্ক লেখ লেখা—*সদ*)। {*স.* √লিখ্+অ(ঘঞ)}

লেখক [লেখক্] *বি* ১ যে লেখে। ২ গ্রন্থাদির রচয়িতা; গ্রন্থকার। **লেখিকা** *বি স্ত্রী.*। {*স.* √লিখ্+অক(ণ্বুল)}

লেখন ⇒ লিখন

লেখনী [লেখোনি] *বি* ১ যা দিয়ে লেখা হয়; কলম (শুকাইলা লেখনী ভাঙ্গিলা মস্যাধার—*রাব*)। ২ চিত্রাঙ্কনের তুলি। {*স.* লেখন+ঈ(ঙীপ্)}

লেখনীয় [লেখোনিয়ো] *বিণ* ১ লিখনযোগ্য। ২ লেখ্য। ৩ লিখিতব্য। ৪ লিখিত হবে। {*স.* √লিখ্+অনীয়(অনীয়র্)}

লেখা[১] [ল্যাখা] *বি* ১ লিখন। ২ বর্ণবিন্যাস; বিন্যস্ত বর্ণ (হাতের লেখা)। ৩ লেখা। ৪ চিহ্ন (ফিকা হইতে গাঢ় লেখায়, সোনার রঙ হইতে ইস্পাতের রঙ্গে—*রঠা*)। ৫ সংখ্যা (প্রেত ভূত পিশাচের লেখা নাহি জানি—*কমু*)। {*স.* √লিখ+অ(অঙ্)+আ(টাপ্)}

লেখা[২], **লিখা** [ল্যাখা, লিখা] *ক্রি* ১ বর্ণ সাজানো বা বিন্যাস করা; লিপিবদ্ধ করা। ২ পুস্তকাদি রচনা করা। ৩ পত্রাদি রচনাপূর্বক প্রেরণ করা (আমি তাকে লিখব)। ৪ আঁকা (ভাষা ও পুঁথির অক্ষর সৃষ্টি হবার পূর্বে গুহাবাসী মানুষ যে সব ছবি লিখলে—*অঠা*)। ৫ উক্ত সকল অর্থে। **লিখিত** *বিণ*। ~**জোখা** *বি* ১ হিসাব; গণনা (রুই-কাতলা কত যে তার লেখা-জোখা নাই—*হখা*)। ২ সংখ্যা ও পরিমাণ। **লেখানো** *ক্রি* ১ অন্যের দ্বারা লেখার কাজ সম্পাদনা করা। □ *বি বিণ* উক্ত অর্থে। ~**পড়া** *বি* ১ বিদ্যাশিক্ষা; বিদ্যাচর্চা; বিদ্যানুশীলন। ২ লিখনের ও পঠনের কাজ; লিখন ও পঠন (লেখাপড়া জানা)। ৩ বিদ্যা। ৪ আইনানুসারে লিখে সম্পাদন (আমাকে যা যা দিবেন তা কালকেই লেখাপড়া করে দিন—*মীম*)। ~**লেখি** *বি* ১ ক্রমাগত প্রার্থনা বা চিঠিপত্র পাঠানো। ২ কাগজে-কলমে বাদপ্রতিবাদ। ৩ রচনাদির কাজ (তিনি লেখালেখি নিয়েই আছেন)। {*স.* লিখ+অ(অঙ্)+আ}

লেখিকা ⇒ লেখক

লেখিত [লেখিতো] *বি* ১ যা লেখানো হয়েছে। □ *বিণ* অঙ্কিত; চিত্রিত। {*স.* √লিখ্+ই(ণিচ্)+ত(ক্ত)}

লেখ্য [লেক্‌খো] *বিণ* ১ লেখনীয়; লেখার যোগ্য বা উপযুক্ত। ২ লিখতে হবে এমন। ৩ লেখবার নিমিত্ত প্রযুক্ত হয় এমন; কথ্য নয় এমন (লেখ্য ভাষা)। □ *বি* ১ লিখিত চিঠিপত্র; চিত্র; আলেখ্য। ২ দলিল-দস্তাবেজ। **লেখ্যোপকরণ** *বি* কালি কলম কাগজ প্রভৃতি লিখবার উপকরণ ও সরঞ্জাম। {*স.* √লিখ্+য(ণ্যৎ)}

লেঙ, লেঙ্গ ⇒ লেং

লেঙচা, লেঙ্গচা ⇒ লেংচা

লেঙটা, লেঙ্গটা ⇒ লেংটা

লেঙরা, লেঙ্গরা ⇒ লেংড়া

লেঙ্গট, লেঙট [ল্যাঙ্‌গোট্, ল্যাঙোট্] *বি* বস্ত্রখণ্ড বা কৌপিন যা শুধু পুরুষের লজ্জাস্থান আবৃত করে; পুরুষের ক্ষুদ্র অন্তর্বাস; নেংটি। **লেঙ্গটি, লেংটি, নেংটি** *বি* ক্ষুদ্র লেঙ্গট। {*স.* লিঙ্গপট্ট>; *তুল. হি.* লঙ্গোট}

লেঙ্গি, লেঙ্গী ⇒ লেং

লেঙ্গুড়, লেঙুড় [লেঙ্‌গুড়, লেঙুড়] *বি* লেজ; লাঙ্গুল; পুচ্ছ; লেজুড়। {*স.* লাঙ্গুল>}

লেচি, লেচী [লেচি] *বি* লুচি, রুটি প্রভৃতি তৈরি করার বা বেলার জন্য পানি দিয়ে মাখা ময়দা বা আটার ছোট ছোট পিণ্ড। {*স.* লোপত্রী>}

লেজ, ল্যাজ, ন্যাজ [লেজ্, ল্যা-, ন্যা-] *বি* লাঙ্গুল; পুচ্ছ (গরু ল্যাজ নাড়ে—*অচিসে*)। ~**কাটা**, ~**কাটা শিয়াল** *বি* ১ (*আল.*) যার মর্যাদা বা সম্মান নষ্ট বা ক্ষুণ্ণ হয়েছে। ২ যে শিয়ালের লেজ কাটা গিয়েছে। ~**গুটানো** *ক্রি* ১ পরাজিত কুকুরের ন্যায় লেজ গুটিয়ে পলায়ন করা। ২ পরাজয় বরণ করা; পরাজয় স্বীকার করে নেওয়া; পিছু হটা; পশ্চাৎপদ হওয়া। ~ **তুলে দেখা** *ক্রি* ১ স্ত্রী-পুরুষ নির্ণয় করা। ২ (*আল.*) প্রকৃত ব্যাপার বুঝতে চেষ্টা করা। ~ **ধরে যাওয়া**, ~ **ধরে চলা** *ক্রি* প্রভাব-প্রতিপত্তিশালীদের নির্বিচারে অনুসরণ করা। ~ **মোটা হওয়া** *ক্রি* অহঙ্কার বৃদ্ধি পাওয়া। **লেজে খেলানো** *ক্রি* কারও সঙ্গে ক্রমাগত চালাকি করা। **লেজে গোবরে, ল্যাজে গোবরে** *বিণ* অক্ষমতার জন্য বিপর্যস্ত অবস্থায় উপনীত; বিতিকিচ্ছিরি অবস্থা। {*স.* লঞ্জ>}

লেজা[১], **ল্যাজা, ন্যাজা** [ল্যাজা, -, ন্যা-] *বি* ১ মাছের লেজ। ২ শেষ ভাগ; শেষ অংশ। ~**মুড়া/মুড়ো** *বি* (*আল.*) প্রথম থেকে শেষ পর্যন্ত সবকিছু; আগাগোড়া; সমস্ত। {লেজ+আ}

লেজা[২] [লেজা] *বি* বল্লম জাতীয় অস্ত্রবিশেষ। {*ফা.* নিজ্বাহ نیزه}

লেজার [লেজার] *বি* বড় বড় কোম্পানির বিরাট হিসাবের খাতা, যাতে প্রতি বস্তু বা ব্যক্তির নামে হিসাব লেখা থাকে (একদিন হয়েছি কি লেজার ঠিক দিতে দিতে—*রাব*)। { *ই.* ledger}

লেজুড়, নেজুড় [লেজুড়, *নে-*] *বি* ১ লেজ (টিকটিকি নাড়ে লেজুড়—*নই*)। ২ যা পেছনে যুক্ত হয় (সে আপন লেজুড় জুড়িয়ে তার পিছু—*রঠা*)। ৩ *(ব্য.)* খেতাব; উপাধি (নামের পিছনে লেজুড় আছে অনেক)। ৪ মূল বিষয়ের আনুষঙ্গিক সামান্য অথচ গুরুত্বপূর্ণ কোনো বিষয় (একটু লেজুড় আছে এর মধ্যে—*অঠা*)। ৫ অন্যের পালিত বা পোষ্য হওয়া। { *স.* লঞ্জ>*বা.* লেজ+উর}

লেট [লেট্] *বি* বিলম্ব; দেরি (পঞ্চাশ মিনিট লেট—*অচিসে*)। □ *বিণ* বিলম্ব বা দেরি করেছে বা হয়েছে এমন (লেট হওয়া)। ~ **লতিফ** *(আল.)* সব সময়ে সব স্থানে যে বিলম্বে উপস্থিত হয়। { *ই.* late}

লেট খাওয়া [লেট্ খাওয়া] *ক্রি* হতাশ হয়ে অবসন্ন হওয়া। { *হি.* লেটনা}

লেটা ⇒ লেঠা

লেটার-বক্স [লেটার্ বকস্] *বি* ১ ডাকবাক্স। ২ চিঠির বাক্স। { *ই.* letter-box}

লেঠা, ল্যাঠা, লেটা [ল্যাঠা, -, ল্যাটা] *বি* ১ ঝঞ্ঝাট; উৎপাত; ঝামেলা; বিপদ (এত বিষম লেটা—*মীম*)। ২ বিঘ্ন; সংকট। ৩ এক প্রকার মাছ; ন্যাটামাছ। { *মারাঠি.* লঢা>}

লেঠেল ⇒ লাঠিয়াল

লেডি, লেডী [লেডি] *বি* ১ ভদ্রমহিলা। ২ গৃহকর্ত্রী। ৩ নাইট ইত্যাদি পদবিধারী ব্যক্তির স্ত্রীর পদবি। ৪ সম্ভ্রান্ত রমণী। **ফার্স্ট লেডি** (first lady) *বি* রাষ্ট্রপ্রধান পুরুষ হলে তাঁর পত্নী; মহিলা-প্রধান; মুখ্যমহিলা; বেগম-ই-আজম। { *ই.* lady}

লেড়কা, লড়কা [ল্যাড়কা, লড়কা] *বি* বালক; শিশু; ছেলে; অল্পবয়স্ক পুত্র সন্তান। **লেড়কি, লেড়কী** *বি স্ত্রী.* (রাঙা লেড়কীর ভাঙা ভাঙা হাসি—*নই*)। { *হি.* লড়কা}

লেডিকেনি [লেডিকেনি] *বি* ছানা দ্বারা প্রস্তুত প্রসিদ্ধ রসালো মিঠাইবিশেষ। { *ই.* Lady Canning}

লেদ মেশিন [লেদ্ মেশিন্] *বি* ধাতু দ্রব্যাদি নির্মাণের যন্ত্র। { *ই.* lathe machine}

লেড়ে [লেড়ে] *বিণ* মুণ্ডিত মস্তক; নেড়ে। {নেড়া>}

লেতি, লেত্তি [লেতি, লেত্‌তি] *বি* লাটিম বা লাটু ঘুরানোর দড়ি বা নেতি; লাত্তি। { *হি.* লত্‌তী}

লেদা [ল্যাদা] *বি* ১ গোময়; গোবর। { *তুল. হি.* লীদ}

লেদাপোকা [ল্যাদাপোকা] *বি* প্রজাপতি হওয়ার পূর্বে যেসব শূককীট কচি গাছ ও ধান প্রভৃতি গাছের পাতা খেয়ে ক্ষতি করে, কীটবিশেষ। **লেদাবাচ্চা** *বি* স্বল্প বয়সী শিশু। {লেদা+পোকা}

লেদাড়ু, লেদাড়ে, ল্যাদাড়ে, ন্যাদাড়ে [ল্যাদাড়ু, -ড়ে, -, ন্যা-] *বিণ* ১ অলস; চটপটে নয় এমন; দীর্ঘসূত্রী। {লেদা+ড়ু, ড়ে}

লেন [লেন্] *বি* গলি; শহরের সরু রাস্তা। { *ই.* lane}

লেনদেন, লেনাদেনা [লেনদেন্, লেনাদেনা] *বি* ১ আদান-প্রদান; দেওয়া-নেওয়া; প্রদান ও গ্রহণ (চিত্রিত ভাষা কথিত ভাষা অভিনীত ভাষা, এসব যদি এ ওর কাছে লেনাদেনা করে চললো—*অঠা*)। ২ দান ও প্রতিদান; আদান-প্রদান। ৩ কারবার; ব্যবসা-বাণিজ্য। { *হি.* লেনদেন}

লেন্স [লেন্‌স্] *বি* স্পষ্ট করে দেখতে সাহায্যকারী কাচখণ্ড। { *ই.* lens}

লেপ[১] [লেপ্] *বি* ১ প্রলেপ; লেপন; পোঁচ (মাটির লেপ)। ২ লেপে জোড়ার জিনিস; লেই; আঁটার উপকরণ। ~**ক** *বিণ* লেপনকারী; লেপনকর্তা। ~**ন** *বি* ১ লেপ; প্রলেপন; পোঁচ দেওয়া; বিলেপন। ২ যা লেপা যায়। ~**নীয়, লেপ্য** *বিণ* লেপনের যোগ্য বা উপযুক্ত। { *স.* √লিপ্+অ(ঘঞ্)}

লেপ[২]**, নেপ** [লেপ্, নে-] *বি* এক প্রকার তুলাপূর্ণ শীত নিবারক কাঁথা বা গাত্রাবরণ; বালাপোশ; রেজাই। { *আ.* লিহাফ لحاف }

লেপচা [লেপ্‌চা] *বি* পূর্ব হিমালয় অঞ্চলে প্রধানত সিকিমে বসবাসকারী আদিম পার্বত্য জাতিবিশেষ। { *অমৃ.*}

লেপটা, লেপটানো [ল্যাপ্‌টা, -টানো] *ক্রি* ১ জড়িয়ে যাওয়া (সেই লেপটানো আঁটা জামা—*অচিসে*)। ২ লিপ্ত বা জড়িত হওয়া। ৩ লেপা; লেপন করা। {√লেপটা,+আনো}

লেপন, লেপনীয়, লেপ্য ⇒ লেপ[১]

লেপা [লেপা] *ক্রি* নিকানো; লেপন করা; তরল পদার্থের পোঁচ দেওয়া; আবৃত করা; ঢাকা। □ *বি, বিণ* উক্ত অর্থে (ভীষণ অন্ধকার বিশ্বছবিটির উপর লেপা—*অঠা*)। ~**নো** *ক্রি* ১ তরল পোঁচ দেওয়ানো। ২ অপরকে দিয়ে নিকানো বা আবৃত করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √লিপ্+আ}

লেফট-রাইট [লেফ্‌ট্‌রাইট্] *বি* বাম-ডান; সৈন্য বাহিনীর পা মিলিয়ে চলার সংকেত ধ্বনিবিশেষ; মার্চ করা (ঐ পাশে কাদের তালে তালে পা মিলিয়ে চলার শব্দ পাচ্ছি। ঝপ ঝপ লেফট-রাইট লেফট—*নই*)। { *ই.* left-right}

লেফটেন্যান্ট [লেফ্‌টেন্যান্ট্] *বি* উপরওয়ালার পক্ষে কাজ চালাতে নিযুক্ত তাঁর অব্যবহিত নিম্নস্থ কর্মচারী; সহকারী; স্থলবাহিনীতে ক্যাপ্টেনের নিচের কর্মচারী (যেই কোন লেফটেন্যান্ট কাজ দেখতে আসেন—*নই*)। { *ই.* lieutenant}

লেফাফা [লেফাফা] *বি* খাম; চিঠিপত্রের উপরের আবরণবিশেষ; envelope। ~**দুরস্ত,** ~**দোরস্ত** *বিণ* বাইরের আদব-কায়দায় ত্রুটিহীন কিন্তু আসলে ফাঁকিবাজ; কপট (আমি লেফাফাদুরস্ত কাজ চাই—*রাব*)। { *আ.* লিফাফাহ لفافة }

লেবরেটরি [ল্যাব্‌রেটোরি] *বিণ* বিজ্ঞান গবেষণাগার (কালের করাল হস্তে পৃথিবীর এই সর্ব প্রথম লেবরেটরি আজ নিশ্চিহ্ন—*আম*)। { *ই.* laboratory}

লেবাস, লেবাছ [লেবাস্, -ছ্] *বি* পোশাক (মুন্সি সাহেব বয়ান করেন আতসেরি লেবাছ পরে—*জউ*)। ~**পরস্তি/পোরস্তি** *বি* পোশাক-পরিচ্ছদে অনুরক্তি

(লেফাফাদুরস্তি ও লেবাসপোরস্তিই তার কাছে জীবনের প্রথম ও শেষ কথা—*মোচৌ*)। { *আ.* লিবাস لباس }

লেবু, নেবু [লেবু, নে-] *বি* একপ্রকার অম্লরসাত্মক ফল (পাতি লেবু, কমলালেবু)। { *পো.* lima; *ই.* lemon, *ফা.* লিমূন ليمون; *আ.* লাইমূন ليمون }

লেবেল [লেবেল্] *বি* শিশি বোতল বা জিনিসপত্রের উপর লাগানো বস্তুর পরিচয়পত্র (লেবেল লাগিয়ে যাকে পড়তে হয়—*হার*)। { *ই.* label }

লেভি [লেভি] *বি* উৎপন্ন ফসল; ব্যাংক সুদ প্রভৃতির উপর যে নির্দিষ্ট পরিমাণ সরকারকে নির্দিষ্ট মূল্যে প্রদান বাধ্যতামূলক। { *ই.* levy }

লেমনেড ⟹ লিমনেড

লেলা [ল্যালা] *বি* ১ হাবা; ল্যালা। ২ হাবলা; নির্বোধ; হাবা-গোবা এবং মুখ দিয়ে লালা পড়ে এমন ব্যক্তি। { লালা+উয়া=লালুয়া> }

লেলাখেপা, লেলাক্ষেপা, নেলাখ্যাপা [ল্যালাখ্যাপা, -, ন্যা-] *বিণ* ১ বুদ্ধিহীন; পাগলা ধরনের। ২ লেলা ও ক্ষেপা। ৩ আউলিয়া। { লেলা+ক্ষেপা }

লেলানো [ল্যালানো] *ক্রি* আক্রমণের জন্য উত্তেজিত করা বা উসকানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। { লেলা+আনো }

লেলিহ [লেলিহো] *বিণ* লোল জিহ্বার মতো প্রসারিত (একেবারে শত লেলিহ রসনা লেহন করিতে লাগিল দেহ—*সদ*)। { *স.* √লিহ্+য(যঙ্)+অ(অচ্) }

লেলিহান [লেলিহান্] *বিণ* ১ লকলকে জিহ্বাযুক্ত (বিশাল কুণ্ডের লেলিহান অগ্নি শিখাগুলি হাঁ হাঁ করে জ্বলে উঠলো—*শেক*)। ২ পুনঃপুন লেহনকারী। { *স.* √লিহ্+য(যঙ্)+আন(শানচ্) }

লেশ [লেশ্] *বি* অত্যন্ত অল্প পরিমাণ; সামান্য অংশবিশেষ; কণা; রেণু; বিন্দু। **~মাত্র** *বি, বিণ* একটুও; নামমাত্র; অল্প একটু মাত্র। □ *বি* শ্লেষ্মা কফ জাতীয় মুখ-নাক নিঃসৃত তরল পদার্থ; সর্দি। { *স.* √লিশ্+অ(অচ্) }

লেস [লেস্] *বি* ১ ফিতা; জামা-কাপড়ে লাগানোর নকশা করা পাড়। ২ জুতা বাঁধবার ফিতা। { *ই.* lace }

লেহ[১]**, লেহন** [লেহো, -ন্] *বি* চেটে খাওয়া; চাটা; জিভে দিয়ে আস্বাদন। **লেহনীয়, লেহ্য** *বিণ* ১ চেটে খেতে হয় এমন। ২ লেহনযোগ্য; লেহনের উপযুক্ত। **লেহী**(-হিন্) *বিণ* লেহনকারী (চরণলেহী)। { *স.* √লিহ্+অ(ঘঞ্), অন(ল্যুট্) }

লেহ[২]**, লেহা, নেহ, নেহা** [লেহো, -হা, নেহো, -হা] (*পদ্য.*) *বি* ১ প্রেম; প্রীতি; ভালোবাসা; প্রণয় (প্রাণে যুবন লেহা দোল দিয়েছে রে—*সদ*)। ২ স্নেহ; মায়া। { *স.* স্নেহ>নেহ>লেহ, নেহা, লেহা }

লেহাজ [লেহাজ্] *বি* ১ লজ্জা-শরম (অসভ্য হলেও মুসলমান পরিবারে এসে আদব-কায়দা লেহাজ শিখে সভ্য হয়ে যায়—*ইহো*)। ২ শিষ্টাচার; আদব-কায়দা (সে উঠে গলা খাঁকারি দিয়ে লেহাজের সঙ্গে বলে—*আজা*)। { *আ.* লিহাজ় لحاظ }

লেহী, লেহ্য ⟹ লেহ[১]

লৈখিক [লোইখিক্] *বিণ* লেখা-সম্পর্কীয়; লেখনীয়; লেখ্য (লৈখিক চিত্র)। { *স.* লেখ+ইক(ঠক্) }

লৈঙ্গ, লৈঙ্গিক [লোইঙ্গো, -গিক্] *বিণ* ১ লিঙ্গ সম্পর্কীয়। ২ লিঙ্গ পুরাণ। { *স.* লিঙ্গ+অ(অণ্), ইক(ঠক্) }

লো[১] [লো] *অব্য* সমবয়স্কা স্ত্রীলোকদের পরস্পর সম্বোধন-বাচক শব্দ; ওলো (লো সহচরী—*মদ*)। { *স.* ওলো }

লো[২]**, লোতক** (*মবা.*) [লো, লোতক] *বি* অশ্রু; চোখের জল বা পানি (বহে নয়নের লো—*কমু*; নয়নে লোতক ঝরে—*কাদা*)। { *স.* লোত> }

লোআ ⟹ লোহা

লোক [লোক্] *বি* ১ মনুষ্য; জন; ব্যক্তি (ভালো লোক, দুষ্ট লোক)। ২ জনসাধারণ (লোকনিন্দা; লোকসমাজ)। ৩ একই ঐতিহ্যের ধারক ক্ষুদ্র গোষ্ঠী বা সম্প্রদায়; folk। ৪ হিন্দু শাস্ত্রমতে ত্রিলোক; স্বর্গ-মর্ত্য-পাতাল এই তিন লোক (যেও লোকে আমি তোমারি বিরহে ফেলিয়াছি অশ্রুজল—*নই*; স্বর্গলোক, মর্ত্য লোক)। ৫ হিন্দু শাস্ত্রোক্ত ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপঃ, ও সত্য—এই সপ্তলোক। ৬ ভুবন; জগৎ; বিশ্ব (তার নিমন্ত্রণ লোকে লোকে—*রঠা*)। ৭ ভৃত্য; মজুর (লোক খাটানো)। **~কথা, ~কাহিনী** *বি* লোকগল্প; folktale; উপকথা। **~গণনা** *বি* সরকারিভাবে জনসংখ্যা গণনা; আদমশুমারি; জনগণনা, census। **~গল্প** *বি* লোক কাহিনী। **~গাথা** *বি* বহুকালাগত গ্রামীণ জনগণের মধ্যে মুখে মুখে প্রচারিত পালাগান। **~চক্ষু** *বি* ১ জনসাধারণের বা সর্বসাধারণের নজর বা দৃষ্টি। ২ অনুচরবর্গ; ভৃত্যগণ; দলবল; সহচরগণ। **~চরিত্র** *বি* মানবপ্রকৃতি; মনুষ্য স্বভাব। **~জন** *বি* ১ একাধিক লোক; লোকবল। ২ অনুচরবর্গ; ভৃত্যগণ; দলবল; সহচরগণ। **~ত** *অব্য* লোকের দৃষ্টিতে; সমাজের চক্ষুতে বা বিচারে। **~ দেখানো** *বিণ* ১ বাহ্যিক। ২ আন্তরিকতা বর্জিত (লোক দেখানো ভদ্রতা)। **~নাথ** *বি* ১ (হিন্দুমতে) জগদীশ্বর। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ নৃপতি; রাজা। **~নিন্দা** *বি* ১ জনসাধারণ বা জনগণ কর্তৃক নিন্দা। ২ লোকসমাজে প্রচারিত কারো কুৎসা। **~পরম্পরা** *বি* একের পর অন্য লোক; পর্যায়ক্রমে; এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তিতে; পুরুষানুক্রমে। **~পাল** *বি* ১ রাজা। ২ হিন্দু পুরাণোক্ত ইন্দ্রাদি অষ্ট দিকপাল। **~পিতামহ** *বি* হিন্দুমতে ব্রহ্মা। **~প্রবাদ** *বি* লোকসমাজে যা প্রচলিত; জনশ্রুতি। **~প্রশাসন** *বি* প্রজাতন্ত্রের শাসন-ব্যবস্থা; public administration। **~প্রসিদ্ধ** *বি, বিণ* ১ বিখ্যাত; জনগণের মধ্যে খ্যাত। ২ জগদ্বিখ্যাত। **~প্রসিদ্ধি** *বি*। **~বল** *বি* ১ জনবল; জনশক্তি। ২ সাহায্যকারী ব্যক্তিবর্গ। **~বহির্ভূত, ~বাহ্য** *বিণ* ১ মানব সমাজের বহির্ভূত; সাধারণের দৃষ্টি হয় না এমন। ২ সৃষ্টিছাড়া। **~ব্যবহার** *বি* লোকাচার; জনসমাজে প্রচলিত সংস্কার। **~যাত্রা** *বি* সংসার-যাত্রা। **~রঞ্জন** *বি* লোকের প্রীতিসম্পাদন; জনসাধারণের সন্তোষ সাধন। **~লজ্জা** *বি* লোক-নিন্দার জন্য লজ্জা; জনসাধারণের কাছে লজ্জা। **~লশকর, ~লস্কর** *বি* লোকজন; সৈন্যসামন্ত (অনেকে কিছু লোকলস্কর লইয়া আসিয়াছিলেন—*ওয়ালি*)। **~লীলা** *বি* ১ ভবলীলা; মানবলীলা; জীবনকাল। ২ নর-নারীর কার্যকলাপ। **~শিক্ষা** *বি* জনসাধারণের শিক্ষা। **~সংস্কৃতি** *বি* ফোকলোর; লোক-সাহিত্য; লোকশিল্প;

লোক-বিশ্বাস-সংস্কার; লোকাচার; ঐতিহ্যবাহী সমাজের সংস্কৃতি। **-সঙ্গীত** *বি* ঐতিহ্যগত সমাজের (traditional society) বিশেষ সম্প্রদায় বা গোষ্ঠীর গান যেমন বাউল গান; folksong; গ্রামীণ অনক্ষর সর্বসাধারণের মধ্যে প্রচলিত আঞ্চলিক গান। **-সভা** *বি* কোনো দেশের জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিমণ্ডলী যে সভায় আইনপ্রণয়ন করেন; দেশের সর্বোচ্চ আইনসভা; ব্যবস্থাপরিষদ; parliament। **-সমাজ** *বি* মানবসমাজ; মনুষ্য জাতি। **~হাসানো** *ক্রি* জনসাধারণের নিকট বিদ্রূপের পাত্র হওয়া। **~হিত** *বি* জনগণের কল্যাণ; জগতের মঙ্গল। **~হিতৈষী** *বিণ* জনগণের কল্যাণকামী; জগতের মঙ্গলকারী। {*স.* √লোক্+অ(ঘঞ)}

লোকমা [লোক্‌মা] *বি* গ্রাস (দুই চার লোকমা খেয়েছি —*ইখাঁ*)। {*আ.* লুক্‌মাহ لقمة }

লোকসান, নোকসান [লোক্‌শান্‌, নো-] *বি* ১ ক্ষতি (আমার সোনা যায় যাক মহারাজের লোকসান না হয়— *অঠা*)। ২ মূল দর অপেক্ষা কম মূল্য (জীবনভরে করলি লোকসান আজ হিসাব তার খতিয়ে নে—*নই*)। {*আ.* নুকসান نقصان }

লোকসাহিত্য [লোক্‌শাহিত্‌তো] *বি* ফোকলোরের একটি শাখা; লোকগল্প, রূপকথা, লোকগাথা ইত্যাদি; মৌখিক সাহিত্য (oral literature)। {*স.* লোক+সাহিত্য}

লোকাকীর্ণ [লোকাকিরনো] *বিণ* বহুলোকের ভিড়; নরনারীতে পূর্ণ। {*স.* লোক+আকীর্ণ}

লোকাচার [লোকাচার] *বি* সামাজিক রীতি-নীতি বা প্রথা। {*স.* লোক+আচার}

লোকাতিগ ⇒ লোকাতীত

লোকাতীত, লোকাতিগ [লোকাতিত্‌, -গ] *বিণ* অলৌকিক; অসাধারণ; অলোকসামান্য (লোকাতিগ লাবণ্য—*ঈবি*)। {*স.* লোক+অতীত, অতিগ; ৬তৎ}

লোকান্তর [লোকান্‌তর] *বি* ১ ভিন্ন জগৎ বা বিশ্ব; অন্যলোক। ২ পরলোক। ৩ মৃত্যু। **লোকান্তরিত** *বিণ* মৃত; পরলোকগত। **লোকান্তরিতা** *স্ত্রী*। {*স.* লোক+অন্তর}

লোকাপবাদ [লোকাপোবাদ্‌] *বি* ১ লোকনিন্দা; জনসাধারণ থেকে নিন্দা। ২ অখ্যাতি। {*স.* লোক+অপবাদ; ৬তৎ}

লোকাভাব [লোকাভাব্‌] *বি* ১ লোকের অভাব; লোকের ঘাটতি অবস্থা। ২ সহায়তা করার লোকের অভাব। ৩ জনবিরলতা। {*স.* লোক+অভাব; ৬তৎ}

লোকায়ত [লোকায়োতো] *বিণ* ১ প্রাকৃতজনের মধ্যে প্রচলিত বিশ্বাস-সংস্কার-ধারণা ও আচার। ২ প্রাচীন হিন্দু দার্শনিক চার্বাকের মতানুসারী; নাস্তিক; পরলোকে ও ঈশ্বরে অবিশ্বাসী। ৩ ধর্মনিরপেক্ষ (এ মত যে সর্বলোকসামান্য তা প্রাচীন হিন্দুরা জানতেন; এ মতকে তাঁরা লোকায়ত বলেছেন—*প্রচৌ*)। ৪ চার্বাকের মত; নাস্তিক্যবাদ (তুমি নিয়ে চলো আমাকে লোকোত্তরে তোমাকে বন্ধু আমি লোকায়তে বাঁধি—*সুদ*)। **লোকায়তিক** *বিণ* ১ চার্বাকের মতাবলম্বী; নাস্তিক; জড়বাদী (ওই লোকায়তিকদের সকলে সমস্বরে রটিয়েছিলেন—*সুদ*)। ২ চার্বাক। {*স.* লোক+আয়ত}

লোকারণ্য [লোকারোন্‌নো] *বি* অসংখ্য লোকসমাগম; বহু লোকের ভিড় (লোকে লোকারণ্য)। {*স.* লোক+অরণ্য}

লোকালবোর্ড [লোকাল্‌বোর্‌ড্‌] *বি* পাশাপাশি কয়েকটি গ্রামের উন্নতিকল্পে জনগণের প্রতিনিধিগণকে নিয়ে গঠিত সভা। {*ই.* local board}

লোকালয় [লোকালয়্‌] *বি* জনগণের আবাসস্থান; জনপদ; বসতি। {*স.* লোক+আলয়; ৬তৎ}

লোকেশ [লোকেশ্‌] *বি* ১ জগদীশ্বর। ২ হিন্দু শাস্ত্রোক্ত ব্রহ্মা। ৩ রাজা (লোকেশের কণ্ঠে দেহ মালা—*সদ*)। {*স.* লোক+ঈশ; ৬তৎ}

লোকো [লোকো] *বি* কয়লাচালিত রেলইঞ্জিন। **লোকোশেড** *বি* রেলইঞ্জিন রাখার জায়গা। {*ই.* loco}

লোকোত্তর [লোকোত্‌তর] *বিণ* ১ লোকদুর্লভ। ২ অপার্থিব; অলৌকিক। ৩ অসাধারণ। ৪ লোকাতীত। {*স.* লোক+উত্তর; ৬তৎ}

লোচন [লোচোন্‌] *বি* চোখ; চক্ষু; নয়ন; নেত্র (আয়তলোচন, পদ্মলোচন)। {*স.* √লুচ্+অন(ল্যুট্)}

লোচ্চা ⇒ লুচ্চা

লোটন [লোটোন্‌] *বি* ১ মাটিতে গড়াগড়ি দেওয়া। ২ একজাতীয় ঝুঁটিদার পায়রা; নোটন পায়রা। ৩ ঢিলা খোঁপা; শিথিল কবরী-বন্ধন (লোটন খোঁপা)। ৪ পিঠে লম্বা শিথিল বেণী; ঝোলা শিথিল খোঁপা (পিঠের লোটনে শোভে গজমতি হার—*ফগ*)। {*স.* √লুট্+অন(ল্যুট্)}

লোটা[1] [লোটা] *বি* ঘটিবিশেষ (একপ্রকার নলওয়ালা লোটা ব্যবহার করা—*হুউ*)। {*হি.* লোটা}

লোটা[2]**, লুটা, লুঠা** [লোটা, লু-, লুঠা] *ক্রি* ১ লুট বা লুণ্ঠন করা। ২ অন্যায়পূর্বক আত্মসাৎ বা গ্রাস করা (প্রতিষ্ঠানের টাকা লোটা)। ৩ অধিক পরিমাণ আনন্দ লাভ বা উপভোগ করা; ভোগ করা (মজা লোটা)। ৪ ভূলুণ্ঠিত হওয়া; ভূমিতলে গড়াগড়ি দেওয়া। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **লোটানো, লুটানো** *ক্রি* ১ লুঠ বা লুণ্ঠন বা ডাকাতি করানো। ২ মাটিতে গড়াগড়ি দেওয়া বা দেওয়ানো। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। {*স.* √লুণ্ঠ্>}

লোটায়ল (*ব্র.*)**, লুটায়ল** (*ব্র.*) [লোটায়ল, লু-] *ক্রি* লুটি হলো; (মাটিতে) লুটাল (লোটায়ল গোকুল চাঁদ—*বিপ*)। {*স.* √লুণ্ঠ্}

লোড-শেডিং [লোড়্‌শেডিঙ্‌] *বি* বিদ্যুৎ সরবরাহে সাময়িক বিরতি। {*ই.* load-shedding}

লোড়সি (*মবা.*) [লোড়সি] *ক্রি* লুণ্ঠন করছ; লুটে নিচ্ছ (লোড়সি কাহাঞি আহ্মার পসার—*বচদা*)। {*স.* লুণ্ঠ্>লোড়+সি(বর্তমান কালে *মধ্যম পু. একব*)}

লোড় ⇒ লড়

লোড়া ⇒ নোড়া

লোণ (*মবা.*) [লোন্‌] *বি* ১ লবণ; নুন। ২ ঋণ (শোধহ আমার ঋণ লোণ—*কমু*)। {*স.* লবণ>*প্রা.* লোণ}

লোত, লোৎ, লোথ (*মবা.*) [লোত, -, লোথ্‌] *বি* চোরাই মাল; যে বস্তু চুরি গিয়েছে (লোৎ গেছে বাঁধে—*কমু*; হাতে লোথে ধরিয়াছে—*ভারা*)। {*স.* লোপত্র>*প্রা.* লোত্ত>}

লোতক ⇒ লো

লোধ ⇒ লোধ্র

লোধ্র, লোধ [লোদ্‌ধ্রো, লোধ্‌] *বি* একপ্রকার বৃক্ষ—লাল

সাদা দুই রঙেরই হয়। **লোধ্র ফুল** *বি* লোধ্রগাছের ফুল (লোধ্র ফুলের শুভ্ররেণু মাখত মুখে বালা—*রঠা*)। **লোধ্ররেণু** *বি* লোধ্র গাছের ছালের গুঁড়া যা প্রাচীন ভারতের ললনারা মুখে মাখতেন (মুখে তার লোধ্ররেণু লীলাপদ্ম হাতে—*রঠা*)। { *স.* √রুধ্+র}

লোনা [লোনা] *বিণ* লবণাক্ত (আমার অশ্রু লাগিবে না সখি তার চেয়ে বেশী লোনা—*নই*)। □*বি* ১ মাটির লবণ জাতীয় উপাদান হেতু ইট দিয়ে নির্মিত দেয়াল জীর্ণ হওয়া বা লোনা ধরা (লোনা ধরা, লোনা লাগা)। ২ কোনো দেশের মাটিতে বা পানিতে লবণের আধিক্য (লোনায় স্বাস্থ্যহানি হওয়া)। { *স.* লবণ>*বা.* লুন/নুন+আ>লোনা, নোনা}

লোপ [লোপ্] *বি* ১ নাশ; ধ্বংস। ২ অন্তর্ধান; তিরোধান। { *স.* √লুপ্+অ(ঘঞ্)}

লোপাট [লোপাট্] *বি,বিণ* ১ লুট, লুণ্ঠিত (পকেট খুঁজতে গিয়ে দেখি...কামিজটাও লোপাট—*অঠা*)। ২ আত্মসাৎ করা হয়েছে এমন; আত্মসাৎকৃত; গায়েব (সেই টাকাটা লোপাট মেরে রাইফেল কাঁধে করে একদিন পাহাড়ে উধাও হয়ে যাব—*সৈমু*)। ৩ সম্পূর্ণরূপে ব্যয়িত; নিশ্চিহ্ন; লোপপ্রাপ্ত; লুপ্ত; অদৃশ্য; অন্তর্হিত (সভ্যতা বটে, শরীর ধর্ম লোপাট আজ—*বিদে*)। ~ **হয়ে যাওয়া** *ক্রি* নিশ্চিহ্ন হয়ে যাওয়া; লুপ্ত হয়ে যাওয়া। { *স.* লোপ+*বা.* আট}

লোপাপত্তি [লোপাপোত্‌তি] *বি* লোপাট; নিশ্চিহ্ন; লোপ; বিলুপ্তি; ধ্বংস; বিলোপ (রাজশাসনের এককালে লোপাপত্তি হয়—*ঈবি*)। { *স.* লোপ্‌ত্রী>}

লোফা, লুফা [লোফা, লু–] *ক্রি* ১ শূন্য থেকে পতনশীল বস্তুকে মাটিতে পড়ার পূর্বেই ধরে ফেলা (বল লোফা)। ২ আগ্রহের সঙ্গে গ্রহণ করা (এ মাল ক্রেতারা লুফে নেবে)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **লোফালুফি** *ক্রি* কোনো বস্তু একবার শূন্যে নিক্ষিপ্ত করা এবং মাটিতে পড়ার পূর্বেই আবার ধরে ফেলা; পুনঃপুন এরূপ করা। তুল. বাস্কেট বল খেলা। { *স.* √লুপ্>*বা.* লুফ্+আ}

লোবান, লুবান [লোবান, লু–] *বি* ধুনার ন্যায় গন্ধযুক্ত বৃক্ষনির্যাসবিশেষ (গন্ধ তাদের ছড়ায় পবন আতর গোলাপ লোবানিতে—*জউ*)। ~**দানি** *বি* লোবান পোড়ানোর পাত্র (আমার দেহের লুবানদানীতে বাড়াও একটিবার—*জউ*)। { *আ.* লুবান لبان }

লোভ [লোভ্] *বি* ১ লিপ্সা; কামনা; কাম্য বস্তু পাওয়ার প্রবল বাসনা। ২ পরের দ্রব্য আত্মসাৎ করার প্রবৃত্তি। ৩ বিষয়-তৃষ্ণা। ~**ন** *বি* ১ প্রলুব্ধকরণ। ২ প্রলোভন। □*বিণ* লোভজনক; লুব্ধ করে এমন (নয়নলোভন)। ~**নীয়** *বিণ* ১ লোভজনক; লোভ উৎপাদক। ২ চিত্তাকর্ষক। ৩ স্পৃহণীয়; কাম্য। ~**নীয়া** *বিণ স্ত্রী.*। ~**তুর** *বিণ* অতিশয় লোলুপ; লোভ–পীড়িত। ~**তুরা** *বিণ স্ত্রী.*। **লোভাত্তি, লোভিষ্ঠ, লোভিষ্টি** *বি* লোভের আতিশয্য; অতিশয় লোভী (বুড়ো হলে লোভাত্তি হয়, কোন ভাল মন্দ জিনিস সামনে দিয়ে গেলে আর রক্ষে থাকে না—*মদ*)। **লোভানো** *ক্রি* লোভ দেখানো; প্রলুব্ধ করা (আমাকে লোভানো মালামের আদর্শ—*সুদ*)। **লোভিত্ব** *বি* লোলুপ বাসনা; লোলুপতা (এবম্প্রকারে জীবিকা নির্বাহ করাতে তোমার লোভিত্ব প্রকাশ পাইতেছে—*ঈবি*)। **লোভী**(–ভিন্) *বিণ* লোভযুক্ত; লোলুপ; লুব্ধ। **লোভ্য** *বিণ* লোভনীয়; লোভের যোগ্য। { *স.* √লুভ্+অ(ঘঞ্)}

লোভিত [লোভিতো] *বিণ* লোভ দেখানো হয়েছে এমন; প্রলোভিত। { *স.* লোভ+ইত(ইতচ্)}

লোভী, লোভ্য ⇒ লোভ

লোম, রোম [লোম্, রো–] *বি* ১ কেশ। ২ শরীরে জাত সূক্ষ্ম কেশ; মস্তক ও মুখমণ্ডল ভিন্ন অন্যান্য অবয়বের চুল (হাড়ে হাড়ে নাচন তাহার রোমে রোমে লাগছে নাচন—*জউ*)। ৩ পশম (গায়ের রোম খাড়া হয়ে ওঠে—*আআজা*)। ~**কূপ** *বি* লোমের গোড়ার অতি ক্ষুদ্র ছিদ্র; লোমবিবর। ~**জ** *বিণ* লোমজাত; লোম বা পশম থেকে উৎপন্ন; পশমি। ~**রাজি,** ~**রাবলি,** ~**রাবলী** *বি* ১ রোমসমূহ। ২ নাভির ঊর্ধ্বভাগ পর্যন্ত প্রসারিত উদরের লোমসমূহ। ~**শ** *বিণ* লোমযুক্ত; লোমবহুল; লোমে আচ্ছন্ন। { *স.* √লূ+মন(মনিন্)}

লোমফোঁড়া ⇒ ফোঁড়া

লোমহর্ষ, রোমহর্ষ [লোম্‌হর্‌শো, রো–] *বি* শিহরণ; ভয়বিস্ময়াদি হেতু লোম খাড়া হওয়া; গায়ে কাঁটা দেওয়া। ~**হর্ষণ** *বি* ১ লোমহর্ষ; রোমাঞ্চ। ২ শিহরণ; রোমাঞ্চকর। { *স.* লোম+হর্ষ, ৬তৎ}

লোমাঞ্চ, লোমাঞ্চিত ⇒ রোমাঞ্চ

লোমোদ্গম, লোমোদ্ভেদ [লোমোদ্‌গম্, –ভেদ্] *বি* লোম ওঠা। { *স.* লোম+উদ্গম, উদ্ভেদ, ৬তৎ}

লোয়াজিমা ⇒ লওয়াজিমা

লোর [লোর্] *বি* (*পদ্য.*) অশ্রু; চোখের পানি (সে সময়ে তুমি দাঁড়াইও আসি নয়নে না লয়ে লোর—*জউ*)। { *স.* লোত্র>; *স.* লোত>}

লোল [লোল্] *বিণ* ১ চটুল; চঞ্চল; চপলা; বিলোল (লোল ভ্রূভঙ্গি)। ২ ঢিলা (লোলচর্ম); শিথিল; শ্লথ (তারি মাঝখানে কুন্তল লোল খসি পড়ে পায় কুহেলী নিচোল—*মোম*)। ৩ লকলকে দীর্ঘ প্রসারিত ও চঞ্চল (লোল জিহ্বা)। ৪ লোলুপ; লোভাতুর; সতৃষ্ণ; লালসাময় (লোল দৃষ্টি)। **লোলা** *বিণ স্ত্রী.*। **লোলজিহ্ব** *বিণ* লালসাময় বা লোভাতুর বা লকলকে রসনাযুক্ত। ~**জিহ্বা** *বি* যে রসনা লালসাময়, চঞ্চল বা লকলকে। **লোলা** *বি* ১ জিহ্বা। ২ নোলা; শিশুদের দন্তোদ্গমের সময়ে কামড়ানোর জন্য কাষ্ঠনির্মিত দণ্ডবিশেষ। **লোলাঙ্গী** *বিণ স্ত্রী.* শিথিল বা ঢিলা চর্ম এমন (তিনি নিশ্চয়ই লোলাঙ্গী বিগতযৌবনা—*রাব*)। { *স.* √লুল্+অ(অচ্)}

লোলায়মান [লোলায়োমান্] *বিণ* ১ লকলক করছে এমন। ২ আন্দোলিত হচ্ছে এমন; দোলায়মান। { *স.* √লুল্+ই(ণিচ্)+মান(শানচ্)}

লোলিত [লোলিতো] *বিণ* ১ কম্পিত; আন্দোলিত। ২ চঞ্চল। ৩ দুলছে এমন; দোলায়মান। ৪ ঝুলে পড়েছে এমন; শ্লথ; শিথিল। **লোলিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √লুল্+ত(ক্ত)}

লোলুপ, লোলুভ [লোলুপ্] *বিণ* লোভাতুর; অতিশয় লোভী; লালসান্বিত (কাছে ঘেঁষিয়া লোলুপ নেত্রে তাহাকে পর্যবেক্ষণ করিতে লাগিল—*রাব*)। **লোলুপতা** *বি*। { *স.* √লুপ্, √লুভ+য(যঙ্)+অ(অচ্)}

লোষ্ট্র [লোশ্‌ট্রো] *বি* ১ ঢিল; ইট বা পাথরের টুকরা। ২ *(আল.)* মৃৎখণ্ডের ন্যায় সামান্য বা তুচ্ছ দ্রব্য (পরের সামগ্রীকে লোষ্ট্রের মত দেখিবে—*বচ*)। { *স.* √লোষ্ট্‌+অ(ঘঞ্)+√রন্ }

লোহ[1] [লোহো] *বি* ১ লোহা। ২ ধাতুবিশেষ। ৩ রক্ত; লহু; শোণিত (তারি বুকের লোহ—*সদ*)। ৪ লাগাম (অতি রোষে ধরি লোহ করয় চর্বণ—*সৈগ্রা*)। { *স.* লৌহ>; লোহ+অ(অচ) }

লোহ[2] *(মবা.)* [লোহো] *বি (পদ্য.)* চোখের জল; অশ্রু। { *স.* লোত্র> }

লোহ[3] *(মবা.)* [লোহো] *বি* লোভ (লোহ মোহ কাম ক্রোধ দুরত তে আগিঅ—*রাপ*)। { *স.* লোভ> }

লোহা, লোআ [লোহা, -আ] *বি* ১ লৌহ। ২ হিন্দু নারীর সধবা চিহ্নস্বরূপ চুড়ির মতো লৌহময় হাতের চুড়ি; আভরণ; নোয়া (আয়তির চিহ্নমাত্র লোহা একগাছি—*ভারা*)। **লোহালক্কড়** *বি* ১ লোহা কাঠ প্রভৃতি জিনিসপত্র। ২ লোহার বড় ও ভারী জিনিসপত্র। { *স.* লৌহ> বা. লোহ+আ }

লোহার [লোহার] *বি* ১ কর্মকার; কামার। ২ হিন্দু জাতি। { *স.* লৌহকার> }

লোহি [লোহি] *বি* একপ্রকার পশমি চাদর; লুই। { *হি* লোহী }

লোহিত [লোহিতো] *বিণ* রক্তিম; লাল; রক্তবর্ণ। □ *বি* লাল রং। **~ক** *বি* ১ পদ্মরাগ মণি। ২ পিতল। { *স.* লোহ+ইত(ইতচ্) }

লোহু [লোহু] *বি* রক্ত (মাটিতে লোহুর দরিয়া বহিয়া গেল —*হবা*)। □ *বিণ* লাল; রক্তবর্ণ। { *হি.* লহু> }

লৌকতা ⟹ লৌকিক

লৌকিক [লোউকিক্] *বিণ* ১ লোকসম্বন্ধীয়; সাংসারিক; পার্থিব (ইথে কিবা উপহাস, লৌকিক সঁপিনু তব পায়—*ঘচ*)। ২ জনসাধারণ বা পৃথিবী সম্বন্ধীয়। ৩ মানসিক। ৪ সাধারণ। ৫ সামাজিক। **~তা, লৌকতা** *বি* ১ সামাজিকতা। ২ আপ্যায়ন; অভ্যর্থনা। ৩ বিবাহ বা অন্যান্য অনুষ্ঠানে উপহার প্রদান; ব্যাভার। { *স.* লোক+ইক(ঠঞ্) }

লৌল-মর্ম [লোউলোমর্‌মো] *বিণ* চপলহৃদয় (তোর ঐ বেদনারাগ-রঞ্জিত পরশমণির ছোঁওয়া আমারও লৌলমর্মকে... রাঙিয়ে তুলেছে—*নই*)। { *স.* লৌল+মর্ম }

লৌল্য [লোউল্‌লো] *বি* ১ চাঞ্চল্য; চপলতা। ২ লোলতা। ৩ লোলুপতা (রসনালৌল্য)। { *স.* লোল+য(ষ্যঞ্) }

লৌহ [লোউহো] *বি* লোহা। □ *বিণ* লোহার তৈরি। **~কণ্টক** *বি* নোঙর। **~কার** *বি* কামার; কর্মকার। **~বর্ত্ম** *বি* রেললাইন। **~ভাণ্ড** *বি* ১ লোহার পাত্র। ২ হামানদিস্তা। **~মল** *বি* মরিচা। { *স.* লোহ+অ(অণ্) }

লৌহিত্য [লোউহিত্‌তো] *বি* ১ রক্তিমা; লাল রং। ২ ব্রহ্মপুত্র নদ। { *স.* লোহিত+য(ষ্যঞ্) }

ল্যাং ⟹ লেং

ল্যাংচা ⟹ লেংচা

ল্যাংটা ⟹ লেংটা

ল্যাংড়া ⟹ লেংড়া

ল্যাংবোট, ল্যাঙবোট [ল্যাঙ্‌ বোট্] *বি* ১ জাহাজের পিছনে যে সরু ও লম্বা নৌকা বাঁধা থাকে। ২ *(ব্য.)* অনাশ্রিত ব্যক্তি, অনুসরণকারী; নিত্যসঙ্গী; অনুচর; পার্শ্বচর; চামচা। { *ই* longboat }

ল্যাজ ⟹ লেজ

ল্যাঠা ⟹ লেঠা

ল্যাট্রিন [ল্যাট্‌ট্রিন্] *বি* অস্থায়ীভাবে নির্মিত পায়খানা; কাঁচা পায়খানা। { *ই* latrine }

ল্যান্ডস্কেপ [ল্যান্‌ড্‌স্কেপ্] *বি* ১ স্থলভাগের দৃশ্য। ২ স্থলভাগের দৃশ্যের ছবি (অধিকাংশ ছবিই ল্যান্ডস্কেপ —মউ)। { *ই* landscape }

ল্যামিনেশন, লেমিনেশন [ল্যামিনেশন্] *বি* বইপত্রের প্রচ্ছদ বা কাগজের উপর প্লাস্টিকের মসৃণ আস্তরণ বা পালিশ। { *ই* lamination }

ল্যাম্প, লম্প [ল্যাম্‌প্, লম্‌পো] *বি* একজাতীয় ক্ষুদ্র বাতি; কেরোসিন তেলের আচ্ছাদনহীন দীপ; কেরোসিন তেলে প্রজ্বলিত ডিবা। { *ই* lamp }

ল্যাবড়া [ল্যাব্‌ড়া] *বিণ* বাচাল; অপ্রয়োজনে অত্যন্ত বেশি কথা বলে এমন। { *স.* লপন>; তুল. *হি.* লবরা }

ল্যাভেন্ডার, ল্যাবেন্ডার [ল্যাভেন্‌ডার্] *বি* ফুলের তেলে তৈরি সুগন্ধি বিশেষ। { *ই* lavender }

ল্যারিনজাইটিস [ল্যারিন্‌জাইটিস্] *বি* স্বরতন্ত্রের প্রদাহ জনিত রোগবিশেষ। { *ই* laryngitis }

অন্তঃস্থ ব (ব়)

ব়—[অন্তঃস্থ ব (ব়) সংস্কৃতে একটি ধ্বনি এবং দেবনাগরীতে একটি বর্ণ; ফার্সি, উর্দু ও ইংরেজিতে রোমান বর্ণ w ধ্বনিতে এবং সংযুক্ত বর্ণ হিসেবে বাংলায় এই বর্ণের উচ্চারণ অনেকটা পাওয়া যায়। বাংলায় বর্ণ হিসেবে অন্তঃস্থ ব বর্গীয় ব থেকে অভিন্ন। বাংলায় ব-ফলা ভিন্ন শব্দে অন্তঃস্থ ব-আকারে উচ্চারণ ও বর্গীয় ব থেকে অভিন্ন] সংস্কৃত, আরবি, ফারসি, উর্দু, হিন্দি, ইংরেজি প্রভৃতি কয়েকটি ভাষায় অন্তঃস্থ ব (ব়) আছে। সংস্কৃত ভাষায় অন্তঃস্থ ব-এর উচ্চারণ 'ওয়া'—কিন্তু বাংলা ভাষায় এই উচ্চারণ রক্ষিত হয়নি বলে অন্তঃস্থ ব এবং বর্গীয় ব-এর উচ্চারণে সাধারণত কোনো পার্থক্য দেখানো হয় না। আরবী, ফারসি এবং উর্দুতে অন্তঃস্থ ব বাংলায় সাধারণত 'ওয়া' রূপে লিখিত ও উচ্চারিত হয়। ইংরেজির 'W' (উচ্চারণ 'ওয়া') বর্ণটিও অন্তঃস্থ ব-এর মতো উচ্চারিত হয়। বাংলা ভাষায় ঐ সমস্ত ভাষা থেকে গৃহীত শব্দ যেগুলোর আদ্য বর্ণের বা অক্ষরের উচ্চারণ ওয়া, সেগুলোর কয়েকটি এখানে দেখানো হলো। বাংলা শব্দে w (ডব্লিউ), ـو (ওয়াও) প্রভৃতি অন্তঃস্থ ব বাচক বর্ণগুলো 'ওয়া', 'ই',

'উ' প্রভৃতি দ্বারা প্রকাশ করা হয়। যেমন : **ৱকীল** ⇒ উকিল, **ৱকূফ** ⇒ বেকুব, **ৱক্‌ত** ⇒ অক্ত, ওয়াক্ত, **ৱগারা** ⇒ ওগায়রাহ্, **ৱজন** ⇒ ওজন, **ৱজীফা** ⇒ ওজিফা, **ৱসীয়া** ⇒ অছি, **ৱসুল** ⇒ উসুল, **ৱাইন** ⇒ ওয়াইন(wine), **ৱাঃ, ৱাঃ** ⇒ ওয়া, ওয়া, **ৱাইফ** ⇒ ওয়াইফ(wife), **ৱাকিফ** ⇒ ওয়াকিফ, **ৱাগন** ⇒ ওয়াগন(wagon), **ৱাজিব** ⇒ ওয়াজিব, **ৱাটার** ⇒ ওয়াটার (water), **ৱাটারপ্রুফ** ⇒ ওয়াটারপ্রুফ (waterproof), **ৱাপস** ⇒ ওয়াপস, **ৱায়ানডার** ⇒ ওয়ানডার (wonder), **ৱায়ার** ⇒ ওয়ার(war), **ৱারিস** ⇒ ওয়ারিস, **ৱারেন্ট** ⇒ ওয়ারেন্ট(warrant), **ৱালা** ⇒ ওয়ালা, **ৱালিদ** ⇒ ওয়ালিদ, **ৱালী** ⇒ ওয়ালি, **ৱাসিল** ⇒ ওয়াশিল, **ৱাসিলাত** ⇒ অসিলত, **ৱাস্তে** ⇒ ওয়াস্তে, **ৱাহাবী** ⇒ ওহাবি, ওয়াহাবি, **ৱিলায়ত** ⇒ বিলাত, **ৱিরান** ⇒ বিরান, **ৱুইল** ⇒ উইল, ৱেট ⇒ ওয়েট, ইত্যাদি

শ

শ[১] [শ] *বি* বাংলা ভাষার ব্যঞ্জনবর্ণবিশেষ। এটি অঘোষ স্বল্পপ্রাণ; পশ্চাৎদন্তমূলীয় উষ্ম বা শিস ধ্বনি (voiceless, unaspirated, post dental, fricative, sibilant বা spirant sound)।

শ[২], **শ**[৩] [শো] *বি* 'শত' শব্দের কথ্য রূপ (একশ বছর আগে এই ভাষার কি অবস্থা ছিল—*সুচ*)। {*স.* শত>}

শউল [শোউল্] *বি* শোল মাছ। {*স.* শকুল>}

শউর *(মবা.)* [শোউর্] *বি* শ্বশুর। **শউরী** *বি স্ত্রী.* শাশুড়ি। {*স.* শ্বশুর, শ্বশ্রূ>}

শওক, শওখ ⇒ শখ

শওকত, শওকৎ *(বিরল)* [শওকত্] *বি* ক্ষমতা; শক্তি; জাঁকজমক (তার শান-শওকত বেশি)। {*আ.* শৱকত্ شوكة}

শওকীন ⇒ শৌখিন

শওয়াল [শওয়াল্] হিজরি বছরের দশম মাস (শওয়ালের চাঁদ জেগেছে আকাশে)। {*আ.* শৱাল شوال}

শওহর [শওহর্] *বি* স্বামী। {*আ.* শৱহর شوهر}

শক[১] [শক্] *বিণ* মধ্য এশিয়ার একটি প্রাচীন জাতি; শকদেশীয় লোক; Scythian (শক হুনদল পাঠান মোগল এক দেহে হলো লীন—*রঠা*)। ▢ *বি* ১ রাজা শকাদিত্য বা শালিবাহন যিনি শকাব্দ প্রবর্তন করেন। ২ শকরাজ কর্তৃক প্রবর্তিত বছর; শকাব্দ। ৩ কৃষ্ণসাগরের উত্তরস্থ একটি দেশের নাম। ৪ শক দেশের অধিবাসী। **শকাব্দ** *বি* শক নামক রাজা কর্তৃক প্রবর্তিত সাল (বঙ্গাব্দের ৫১৫ বছর আগে থেকে শকাব্দ চালু রয়েছে। খ্রিস্টাব্দ থেকে ৭৮/৭৯ বিয়োগ করলে শকাব্দ পাওয়া যায়)। **শকারি** *বি* শকদের শত্রু; শকবিজয়ী রাজা; বিক্রমাদিত্য। {√শক্+অ(অচ্)}

শক[২] [শক্] *বি* বিদ্যুৎ, শোক দুঃখ ইত্যাদির আকস্মিক (মারাত্মক) আঘাত (সাংঘাতিক শক পেয়েছে)। {*ই.* shock}

শকট [শকোট্] *বি* ১ গাড়ি (বিজয়-শকট—*আকউ*)। ২ কৃষ্ণ কর্তৃক নিহত দৈত্যবিশেষ (শকট ভাঙ্গিয়া বঙ্গি—*ভারা*)। **~চালক** *বি* গাড়োয়ান। **~বাহ্য** *বিণ* শকটে করে বাহনযোগ্য; গাড়িতে বহনের মতো। **~ব্যূহ** *বি* শকটের মতো অগ্রে সূচ্যাকৃতি ও পশ্চাদ্ভাগে স্থূল প্রাচীন ব্যূহবিশেষ। **শকটাক্ষ** *বি* গাড়ির ধুরা; গাড়ির অক্ষদণ্ড; axle। **শকটারি** *বি* হিন্দুপুরাণোক্ত শকট নামক দৈত্য-হন্তা শ্রীকৃষ্ণ। **শকটিকা** *বি* শিশুর খেলার গাড়ি; ছোটগাড়ি। {*স.* √শক্+অট(অটন্)}

শকতা *(মবা.)* [শক্‌তা] *বিণ* সমর্থ; সামর্থ্যযুক্তা (পুনী যোড়াইতে শকতা—*বচদা*)। {*স.* √শক্+ত(ক্ত)+আ; *তুল. হি.* নহী শকতা}

শকতি ⇒ শক্তি

শকর, শক্কর [শকর, শক্‌কর] *বি* চিনি। **~কন্দ** *বি* মিষ্টি আলু। {*ফা.* শকর/শক্কর شکر ; *স.* শর্করা}

শকল [শকল্] *বি* ১ খণ্ড, অংশ। ২ মাছের আঁশ; শল্ক। **শকলী**(-লিন্) *বিণ* আঁশযুক্ত। ▢ *বি* মাছ। {*স.* √শক্+অল(কল)}

শকাব্দ, শকারি ⇒ শক

শকার-বকার [শকারবকার্]—শ ও ব-কারাদ্য শব্দযোগে অশ্লীল গালি। {শ(শালা)+কার+ব(বাঞ্চত)+কার}

শকুন [শোকুন্] *বি* ১ উড়ে বহু দূর যেতে পারে এমন বড় ধরনের পাখি, যা প্রধানত মৃতদেহ খেয়ে বেঁচে থাকে; গৃধ্র। ২ শুভাশুভসূচক চিহ্ন বা লক্ষণ। **~জ্ঞ** *বিণ* লাক্ষণিক; হিন্দুবিশ্বাসে লক্ষণদৃষ্টে শুভাশুভ নির্ণয়ে দক্ষ। **~তত্ত্ব** *বি* পক্ষীর গতিবিধি ও ধ্বনি দ্বারা শুভাশুভ নির্ণয়বিদ্যা (বাবা কোকিলের সম্বন্ধে শকুনতত্ত্ব থেকে কিছুই বললেন না, কেবল একটু কবিত্বের ভান করলেন—*অঠা*)। {*স.* √শক্+উন(উনন্)}

শকুনি [শোকুনি] *বি* ১ শকুন নামক বৃহদাকার পাখি; গৃধ্র। ২ মহাভারতোক্ত দুর্যোধনের কূটবুদ্ধি মাতুলের নাম। **~মামা** *বি (আল.)* দুর্যোধনের মাতুলের ন্যায় যে ব্যক্তি কূটবুদ্ধি দিয়ে গৃহবিবাদ বাধায়। {*স.* √শক্+উনি}

শকুন্ত [শোকুনতো] *বি* ১ ভাস পক্ষী। ২ শকুনি। **~লা** *বি* ১ মেনকা ও বিশ্বামিত্রের কন্যা এবং দুষ্মন্ত রাজার পত্নী। ২ কালিদাসের সুপ্রসিদ্ধ 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকের নায়িকা। ৩ উক্ত নাটক। {*স.* √শক্+উন্ত}

শকুল, সকুল [শোকুল্] *বি* শোল মাছ; শাল মাছ (কবিরা কন্টকহীন আম্রে শকুল মীন খরলোণ দিয়া ঘন কাটি—*কমু*)। **~বদরী** *বি* শোল মাছ দিয়ে কুলের অম্বল (যদি পাই মিঠা ঘোল সকুল বদরী ঝোল তবে খাই গ্রাসে দুই

চারি—*কমু*)। { *স.* √শক্+উর(উরচ্)}

শক্ত[1] [শকতো] *বিণ* ১ সমর্থ; কর্মক্ষম (বৃদ্ধ বয়সেও তিনি বেশ শক্ত)। ২ পটু; দক্ষ; বিচক্ষণ। ৩ বলবান; শক্তিশালী (শক্ত দেহ)। { *ফা.* সখ্‌ত سخت }

শক্ত[2] [শকতো] *বিণ* ১ ভাঙা কঠিন এমন; সহজে ভাঙে না এমন; অনমনীয় (শক্ত লাঠি)। ২ টেকসই (শক্ত কাপড়)। ৩ কঠোর; নির্মম (এই ব্যাপারে তোমায় শক্ত হতে হবে)। ৪ দৃঢ়; অনড়; অবিচলিত; স্থির (শক্ত মন)। ৫ সহজে নড়ে না এমন (শক্ত খুঁটি)। ৬ কৃপণ; ব্যয়কুণ্ঠ (খরচের বেলায় খুব শক্ত)। ৭ রূঢ়; কর্কশ; অপ্রিয়; কড়া (দুচারটি শক্ত কথা শুনিয়ে দিল)। ৮ যা সহ্য করা যায় না; অসহ্য; অসহনীয় (শক্ত বেদনা)। ৯ জটিল; কঠিন; দুর্বোধ্য (আধুনিক কবিতা ভারী শক্ত)। ১০ দুরুত্তর; দুরূহ (শক্ত প্রশ্ন)। ১১ কষ্টসাধ্য; কষ্টকর (চাকরি পাওয়া বেশ শক্ত)। ১২ সমাধান সহজ নয় এমন (শক্ত মামলা)। ১৩ মজবুত; দৃঢ় (ওদের বাঁধন যতই শক্ত হবে খোদের বাঁধন টুটবে—*রঠা*)। ▢ *বি* দুরারোগ্য (শক্ত রোগ)। ~**ঘানি** *বি* (*আল.*) কঠোর প্রকৃতির; জবরদস্ত ব্যক্তি; যে নির্মমভাবে কাজ আদায় করে। **শক্তের ভক্ত নরমের যম**—প্রবলের নিকট বিনীত এবং দুর্বলের নিকট বিক্রম প্রকাশ করে এমন ব্যক্তি। { *স.* √শক্+ত(ক্ত)}

শক্তি, শকতি (*পদ্য.*) [শোক্‌তি, শকোতি] *বি* ১ ক্ষমতা; সামর্থ্য; বল। ২ পরাক্রান্ত স্বাধীন রাষ্ট্র (মিত্রশক্তিবর্গ)। ৩ পৌরাণিক যুদ্ধাস্ত্র (শক্তিশূল)। ৪ স্ত্রী-দেবতা দুর্গা; কালিকা; কমলা। ৫ কর্মদক্ষতাদির মাত্রা; energy; হোমিওপ্যাথি ঔষধের ক্রম (সালফার ৩০ শক্তি)। **শক্তি-উপাসক** *বিণ* দুর্গা কালিকা প্রভৃতি স্ত্রীদেবতার উপাসক। **শক্তি উপাসনা, শক্তিপূজা** *বি* দুর্গা কালিকাপ্রভৃতি স্ত্রীদেবতার উপাসনা। **শক্তিধর** *বিণ* বিপুল ক্ষমতার অধিকারী। ▢ *বি* 'শক্তি' অস্ত্রধারী কার্তিকের এক নাম। **শক্তিমান** (–মৎ), **শক্তিশালী**(–লিন্) *বি, বিণ* শক্তি আছে এমন; বলবান। ▢ *বি* শক্তিমত্তা; শক্তিশালিতা। **শক্তিমত্তা, শক্তিশালিতা** *বিণ স্ত্রী.*। **শক্তিমতী, শক্তিশালিনী** *বিণ স্ত্রী.*। **শক্তিশেল** *বি* রামায়ণোক্ত রাবণের যে মারাত্মক অস্ত্রে লক্ষ্মণ মৃতপ্রায় হন। **শক্তিহীন** *বিণ* নিঃশক্তি; দুর্বল। **শক্তিহীনা** *বিণ স্ত্রী.*। **শক্তিহীনতা** *বি*। { *স.* শক্+তি(ক্তি)}

শক্তু[শোক্‌তু] *বি* ছাতু; যবাদি চূর্ণ (শক্ত পাহাড় হচ্ছে গুঁড়া শক্তু সম পলে পলে—*সদ*)। { *স.* সক্তু>}

শক্য [শোক্‌কো] *বিণ* সাধনযোগ্য; সাধ্য; করতে পারা যায় বা করা সম্ভব এমন (নারিবে অর্জুনেরে কুমারগণ শক্যে —*কাসি*)। **অ–** *বিণ* অসাধ্য। { *স.* √শক্+য(যৎ)}

শক্র [শক্‌ক্রো] *বি* ১ বৌদ্ধ ও হিন্দু পুরাণোক্ত দেবরাজ ইন্দ্র। ২ কুটজবৃক্ষ; কুড়চি গাছ। ৩ অর্জুন গাছ। ৪ *জ্যেষ্ঠা* নক্ষত্র। **শক্রাণী** *বি স্ত্রী.*। ~**জিৎ** *বি, বিণ* ইন্দ্রজিৎ। ~**বাহ** *বি* মেঘ। { *স.* √শক্+র(রক)}

শখ, সখ (*প্রাপ্র*) [শখ্] *বি* ১ আগ্রহ; মনের ঝোঁক (টিকিট জমানোর শখ)। ২ পছন্দ; সাধ (শখের কলম)। ৩ চিত্তবিনোদনের বাসনা (শখ করে করা)। { *আ.* শরক شوق }

শখিন, শখীন, শওকীন, শৌকীন ⇒ শৌখিন

শঙ্কনীয় [শঙ্‌কোনিয়ো] *বিণ* ১ শঙ্কার বা ভয়ের যোগ্য; আশঙ্কার বিষয়। ২ সন্দেহের বিষয়ীভূত; সন্দেহস্থল { *স.* √শঙ্ক+অনীয়(অনীয়র)}

শঙ্কর [শঙ্‌কর] *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ বেদান্তাদির ভাষ্যকার শঙ্করাচার্য। ৩ সামুদ্রিক মৎস্যবিশেষ। ▢ *বিণ* কল্যাণকারী; মঙ্গলময়। **শঙ্করী** *বিণ স্ত্রী.* ১ মঙ্গলকারিণী (আমায় দে মা তবিলদারী আমি নিমকহারাম নই শঙ্করী —*রাম*)। ২ হিন্দুদেবতা শিবের পত্নী; দুর্গাদেবী। { *স.* শম্+√কৃ+অ(ট)}

শঙ্করস্বেদ [শঙ্‌করশেদ] *বি* আমবাত নাশক বাষ্প বা ভাপ। { *স.* শঙ্কর+স্বেদ}

শঙ্কা [শঙ্‌কা] *বি* ভয়; আশঙ্কা; ভীতি; ত্রাস (মুছে আসে কালো রাত শঙ্কার—*আসি*)। ২ সংশয়; সন্দেহ। **শঙ্কিতা** *বিণ*। ~**কুল** *বিণ* ভয়যুক্ত; ভয়ার্ত (যাইতে যাইতে বার বার পিছনে শঙ্কাকুলদৃষ্টি—*শাকা*)। ~**হর, ~হরণ** *বিণ* শঙ্কা দূরকারী; ভয়হারী। ~**হরা, ~হরণী** *বিণ স্ত্রী.*। **শঙ্কিত** *বিণ* শঙ্কাযুক্ত; ভীত। **শঙ্কিতা** *বিণ স্ত্রী.*। **শঙ্কিল** *বিণ* শঙ্কাযুক্ত; আশঙ্কিত; বিপজ্জনক (কভু সংকট দ্বারা শঙ্কিল—*রঠা*)। { *স.* √শঙ্ক+অ+আ(টাপ্)}

শঙ্কু [শোঙ্‌কু] *বি* ১ পৌরাণিক অস্ত্রবিশেষ। ২ শেল; শলাকা; শলা। ৩ কীলক; গোঁজ। ৪ (*জ্যোস্য*) পরিমাণ-কাঠি, যা দ্বারা ছায়া মাপা হতো। ৫ প্রাচীন ভারতের সম্রাট বিক্রমাদিত্যের নবরত্ন সভার এক রত্ন। **শঙ্কুপট্ট, শঙ্কুপট** *বি* সূর্যঘড়ি; sun-dial। { *স.* √শঙ্ক+উ(কু)}

শঙ্খ [শঙ্‌খো] *বি* শামুকজাতীয় সামুদ্রিক প্রাণী। ~**কার** শাঁখারি। ~**চিল** *বি* সাদা বুকের একরূপ চিল। ~**চূড়** *বি* একজাতীয় বিষাক্ত সাপ। ~**চূর্ণী** *বি* হিন্দুবিশ্বাসে সধবা নারীর প্রেত; শাঁখচুন্নি (শঙ্খচূর্ণীর কথ্যরূপ শাকচুন্নি)। ~**ধ্বনি, ~নাদ** *বি* শাঁখ বাজানোর শব্দ। ~**বণিক** *বি* শাঁখারি। ~**বলয়** *বি* শঙ্খ দ্বারা প্রস্তুত বালা; শাঁখা। ~**বিষ** *বি* শেঁকো বিষ। ~**মুখ** *বি* কুমির। ~**লতা** *বি* হিন্দু মন্দিরের নকশাবিশেষ। { *স.* √শম্+খ}

শঙ্খিনী [শোঙ্‌খিনি] *বি* ১ নায়িকার একটি বিশিষ্ট শ্রেণি। ২ শাঁখচুন্নি। ৩ হিন্দু বিশ্বাসে সধবা নারীর বিশেষ শুভলক্ষণ। ৪ তারিফ। { *স.* শঙ্খ+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

শংসন, শংসা [শঙ্‌শোন্, শঙ্‌শা] *বি* ১ প্রশংসা; স্তুতি। ২ উক্তি; কথন; উল্লেখ। ৩ অভিলাষ; ইচ্ছা। **শংসাপত্র** *বি* ১ প্রশংসাপত্র; testimonial। ২ প্রমাণপত্র; certificate। **শংসিত** *বিণ* ১ প্রশংসিত। ২ উক্ত। ৩ ঈপ্সিত। **শংস্য** *বিণ* ১ প্রশংসনীয়। ২ কথনযোগ্য। ৩ কাম্য। { *স.* √শন্‌স্+অন(ল্যুট্), অ+আ(টাপ্)}

শচী, শচি [শোচি] *বি* ১ হিন্দুপুরাণোক্ত দেবরাজ ইন্দ্রের পত্নী (ঐরাবতে দেবকুলপতি সঙ্গে বারাঙ্গনা শচী অনন্তযৌবনা—*মদ*)। ২ বৈষ্ণব ধর্ম প্রচারক শ্রীচৈতন্যের জননী। ~**নন্দন** *বি* শ্রীচৈতন্য। ~**জ, ~পতি, ~বিলাস, ~শ** *বি* হিন্দুপুরাণোক্ত দেবরাজ ইন্দ্র। ~**মাতা** *বি* শ্রীচৈতন্যের মাতা। { *স.* √শচ্+অ(অচ্)+ঈ(ঙীষ্), ই}

শজারু, সজারু *বি* একজাতীয় জন্তু যার সর্বাঙ্গ বড় বড় কাঁটায় আবৃত থাকে; শল্লকী। { *স.* শল্লকী>}

শজিনা, শজনে, শজনা [শোজিনা, শোজ্‌নে, শোজ্‌না]

বি গাছবিশেষ; যার ফুল ও ডাঁটা তরকারিরূপে খাওয়া হয়। ~**ঝাড়া** *বি* তরকারিরূপে ব্যবহৃত শজিনা গাছের ফল; শজিনা ডাঁটা। { *স.* শোভাঞ্জন> }

শটকা, সটকা [শট্‌কা] *বি* ১ গড়গড়া হুঁকার দীর্ঘ নল (শটকার নল কাহারো হাতে—*সদ*)। ২ মাছ ধরার জাল বা ফাঁদযুক্ত বড় কঞ্চি যা জমির ধারে পুঁতে রাখা হয়। ▢ *ক্রি* সরে পড়া; কেটে পড়া। { *হি.* সটক> }

শটকাট [শর্ট্‌কাট্] *বি* সোজা পথ; সাধারণ পথ থেকে অপেক্ষাকৃত সংক্ষিপ্ত পথ (দীর্ঘ রাস্তা মলেও খোঁড়াকে যখন হাঁটতে হয়, যে যতটা পারে শটকাট খোঁজে—*শও*)। { ই short-cut }

শটিকে [শোটিকে] *বি* শতকিয়া-র কথ্য রূপ (প্রভো যুবরাজ শটিকেতে কিঞ্চিৎ কম মজবুত—*দীমি*)। { শতকিয়া> }

শটন [শটোন্] *বি* পচে যাওয়া; পচনক্রিয়া। **শটিত** *বিণ* পচা (শটিত কুঞ্জের মধ্যে যেন তীক্ষ্ণ কদর্য শলকা হানে চক্ষু অবিরাম—*বুব*)। { *স.* √শট+অন(ল্যুট্) }

শটি, শটী [শোটি] *বি* যে গাছের কন্দ থেকে পালো প্রস্তুত হয়। ~ **ফুড** *বি* শটি থেকে প্রস্তুত পালো বা চূর্ণ শ্বেতসার যা সাধারণ শিশুখাদ্য হিসেবে ব্যবহৃত হয়। { *স.* √শট+ই }

শঠ [শঠ্] *বিণ* ১ খল; প্রতারক; ধূর্ত। ২ ক্রূর। ~**তা** *বি*। **শঠামি** *বি* প্রতারণা; ধূর্তামি; চাতুরী (শঠের সাথে শঠামি—*মোহ*)। **শঠে শাঠ্যং সমাচরেৎ**—শঠ লোকের সঙ্গে শঠতা করাই বিধেয়; যে যেমন তার সঙ্গে সেরূপই ব্যবহার বিধেয়। { *স.* √শঠ+অ(অচ্) }

শড়কা [শড়্‌কা] *বি* ঝুড়ির আকৃতি মাছধরা যন্ত্র। { *আ.* শঊকত شوكة }

শড়কি [শোড়্‌কি] *বি* বল্লম; বর্শা { *স.* শল্যক> }

শড়া [শড়া] *ক্রি* পচে যাওয়া। ▢ *বি, বিণ* উক্ত অর্থে। ~**নো** *ক্রি* পচানো; পচিয়ে ফেলা। ▢ *বিণ* উক্ত অর্থে। { *স.* √শদ্>*প্রা.* সড়+*বা.* আ }

শণ [শন্] *বি* একজাতীয় ক্ষুদ্র গাছ; উক্ত গাছের আঁশ; ছন; san hemp। ~**সূত্র** *বি* শণ গাছের আঁশ দ্বারা প্রস্তুত সুতা। **শণের দড়ি** *বি* শণের আঁশ দ্বারা তৈরি দড়ি। **শণের নুড়ি, শণের লুড়ি** *বি* ১ সাদা রঙের শণের আঁশের গোছা। ২ (*আল.*) পাকা চুল। { *স.* √শণ্+অ(অচ্) }

শত [শতো] *বি, বিণ* ১ ১০০ সংখ্যা বা সংখ্যক। ২ নানা; বিভিন্ন; বহু; বিবিধ (শতপ্রকার বাধা)। ▢ *বি* অসংখ্য; সংখ্যাশূন্য; বহু (তোমারেই যেন ভালবাসিয়াছি শতরূপে শতবার—*রঠা*)। ~**ক** *বিণ* শত সংখ্যাবিশিষ্ট। ▢ *বি* ১ একশত; শতসংখ্যা। ২ শতাব্দী (বিশ শতক)। ৩ একশতটি বস্তুর যোগফল বা একত্র সমাবেশ। ৪ একশত শ্লোক বা কবিতাবিশিষ্ট কাব্য (সপ্তাধশতক)। ~**করা** *অব্য* প্রতি একশতে; একশতের হারে। ~**কিয়া** *বি* এক থেকে একশত পর্যন্ত সংখ্যা গণনা। ~**কুটি** *বিণ* শতচ্ছিন্ন (সে নিজের চারিদিকে অনেকখানি অন্ধকার, অনেক দুঃখ শোক অনেক জ্বালা যন্ত্রণা শতকুটি কাঁথার মতো জড়িয়ে নিয়ে চলে যাচ্ছে—*অঠা*)। ~**কোটি** *বিণ* (*আল.*) অসংখ্য। ~**ক্রতু** *বি* হিন্দুপুরাণোক্ত একশত যজ্ঞকারী দেবতা ইন্দ্র। ~**গ্রন্থি** *বিণ* একশত গিঁট আছে যাতে; অসংখ্য গ্রন্থিবিশিষ্ট। ~**ঘ্নী** *বি* যে অস্ত্র একই সময়ে একশত যোদ্ধা হত্যা করতে সমর্থ (দীপ্ত কৃপাণ বিজলী সম উঠুক হুঙ্কারে ধ্বনিয়া—*ইহো*)। ~**চ্ছদ** *বি* ১ পদ্ম (শ্বেতরক্ত নীল পীত শতচ্ছদ—*ভারা*)। ~**ছিন্ন** *বি* বহু স্থানে ছেঁড়া; ছিন্ন; বিচ্ছিন্ন; একেবারে ছেঁড়া। ~**জীবী** *বিণ* শতায়ু। ~**তম** *বিণ* নিরানব্বইয়ের পরের সংখ্যা; শত সংখ্যার পূরক। ~**দল** *বি* পদ্মফুল; কমল। ~**দলবাসিনী** *বি* হিন্দুদেবতা লক্ষ্মী। ~**দ্রু** *বি* পাঞ্জাবের একটি নদী। ~**ধা** *অব্য, ক্রিবিণ* ১ শতরকমে; বহু সংখ্যায় (শতধাবিভক্ত)। ২ শতবার; বহুবার। ~**ধার** *বিণ* শতধার বা প্রান্তবিশিষ্ট; বহুস্রোতে বা ধারায় যুক্ত। ▢ *বি* বজ্র। ~**ধারে** *ক্রিবিণ* অজস্র ধারায়; বহুধারায়। ~**পথ ব্রাহ্মণ** *বি* যজুর্বেদের অন্তর্গত একটি গ্রন্থ। ~**পদী** *বি* ১ অনেকগুলি পা আছে এমন জীব; বৃশ্চিক; বিছা; centipede। ২ কেন্নো। ~**পাদিকা** *বি* বহুপদযুক্ত; বৃশ্চিক। ~**ভিষক, ~ভিষা** *বি* একটি নক্ষত্রের নাম। ~**মারী**(~রিন্) *বি* ১ শতবার পারদ-জারণকারী। ২ উত্তম চিকিৎসক। ৩ (*ব্য.*) শত রোগীকে ভুল ওষুধ প্রয়োগে মেরে যে ডাক্তার হয়েছে; হাতুড়ে চিকিৎসক; খারাপ চিকিৎসক। ~**মুখ** *বিণ* মুখর; অনর্গল কথা বলে এমন (প্রশংসায় শতমুখ হওয়া)। ~**মুখী** *বি* ঝাঁটা। ~**মুখে বলা** *ক্রি* পুনঃপুন বলা; বাচালের মতো বলা। ~**মূলী** *বি* ওষুধরূপে ব্যবহৃত এক প্রকার লতা বা তার শিকড়। ~**রূপা** *বি* সরস্বতী দেবী; ব্রাহ্মণ কন্যা সাবিত্রী। ▢ *বি* শত বা বহু বর্ণে অথবা রূপে পরিশোভিতা। ~**শ** *অব্য, ক্রিবিণ* শতশত করে; বহুবার করে। ~**সহস্র** *বিণ* বহু; প্রচুর সংখ্যা। { *স.* দশ+দশৎ+ত }

শতরঞ্জ, শতরঞ্চ [শতোরন্‌জো, ~চো] *বি* দাবা খেলা। { *আ.* শত্‌রঞ্জ شطرنج ; *স.* চতুরঙ্গ> }

শতরঞ্জি, শতরঞ্চি [শতোরোন্‌জি, ~চি] *বি* মোটা সুতায় একাধিক রঙে প্রস্তুত অনেক লোকের উপবেশনের বৃহৎ চাদর (চৌকিতে একটি শতরঞ্চি পাতা—*আমজা*)। { *আ.* শত্‌রঞ্জী شطرنجى }

শতাংশ [শতাঙ্‌শো] *বি* ১ একশত খণ্ড বা ভাগ। ২ একশত ভাগের ১ ভাগ। { *স.* শত+অংশ }

শতাবধি [শতাবোধি] *বিণ* প্রায় একশত। { *স.* শত+অবধি }

শতাব্দ, শতাব্দী [শতাব্‌দো, ~দি] *বি* একশত বর্ষব্যাপী সময়; শতক; century। { *স.* শত+অব্দ, +ঈ }

শতায়ু, শতায়ুঃ [শতায়ু, ~য়ুহ্] *বিণ* ১ শতজীবী; একশত বর্ষ বাঁচে এমন। ২ দীর্ঘজীবী; সুদীর্ঘকালজীবী। { *স.* শত+আয়ুস্, আয়ুঃ; বহু }

শতেক [শতেক্] *বিণ* ১ একশত। ২ বহুশত; শতশত; বহু; অসংখ্য (শতেক যুগের কবিদল মিলি আকাশে—*রঠা*)। ~**খাকি, ~খোয়ারি** *বিণ স্ত্রী.* গালিবিশেষ; সর্বনাশী; নিতান্ত দুর্দশাগ্রস্ত ও অপমানিতা; যে নারীর অদৃষ্ট বহু দুর্গতি আছে; বহু স্বজন খোয়া গেছে অর্থাৎ মরেছে যে নারীর (তোদের কি না শতেকখোয়ারি ?—*অচিসে*)। { *স.* শত+এক }

শত্তুর ⇒ শত্রু

শত্রু, শত্তুর [শোত্‌ত্রু, শোত্‌তুর্] *বি* ১ অরি; অরাতি; বৈরী; দুশমন; রিপু। ২ বিপক্ষ; প্রতিপক্ষ; বিরুদ্ধ পক্ষ

(দাদা এ লড়াইতে কিন্তু শত্তুরকে খুব জোরে তাড়িয়ে নিয়ে যেতে হবে—*নই*)। **শত্রুঘ্ন** *বিণ* শত্রু ধ্বংসকারী ব্যক্তি। □ *বি* রামায়ণোক্ত সুমিত্রার গর্ভজাত দশরথের চতুর্থ পুত্র। **শত্রুজয়ী, শত্রুজিৎ, শত্রুঞ্জয়** *বিণ* শত্রু-দমনকারী; শত্রু পরাজয়কারী; শত্রুবিজয়ী। **শত্রুতা** *বি* শত্রুর ন্যায় আচরণ; বৈরিতা; প্রতিকূলতা (শত্রুতা করে আমার বদনাম রটিয়েছে)। **শত্রুমিত্রভেদ** *বি* বন্ধু ও শত্রুকে পৃথকভাবে নির্ধারণ, আত্মপর; স্বপক্ষ-পরপক্ষ বিচার (ও তোর শত্রুমিত্রভেদ নাহিরে—*গান*)। **শত্রুর মুখে ছাই** *বি* শত্রুর ইচ্ছা ব্যর্থ হওয়ার কামনা (শত্রুর মুখে ছাই দিয়ে এবারও সে পরীক্ষায় প্রথম হলো)। **শত্রুসংকুল, শত্রুসঙ্কুল** *বিণ* শত্রুপূর্ণ; বহুবিপক্ষের দ্বারা পরিপূর্ণ (শত্রুসংকুল গৃহে আমাকে বাস করতে হচ্ছে)। { *স.* √শদ্+ই(ণিচ)+রু(ক্রুন) }

শনশন [শনশন্] *অব্য* বাতাস বা বায়বীয় পদার্থের অতি শীঘ্রগতিসূচক ধ্বন্যাত্মক শব্দ (শনশন বইছে পবন মন বসে না কাজে)। { *ধ্বন্যা.* }

শনাক্ত, সনাক্ত [শনাক্তো] *বি* নিশানাদিহি; পরিচিত বলে নির্দেশ বা উল্লেখ; চিহ্নিতকরণ। { *ফা.* শিনাখ্ৎ شناخت }

শনি [শোনি] *বি* ১ সৌরমণ্ডলের অন্যতম গ্রহ; Saturn। ২ সপ্তাহের বারবিশেষ। ২ হিন্দু বিশ্বাসে সূর্যপুত্র; *(জ্যোশা)* অশুভ গ্রহ। ৩ *(আল.)* শত্রু; বৈরী; সর্বনাশকারী; ক্ষতিকর (তিনটি ঘর মাটি করার আসল শনিই ঐ নাহার—*মীম*)। ~**বার** সপ্তাহের একটি দিন। ~**র দশা,** ~**র দৃষ্টি** *বি (জ্যোশা)* অতিশয় দুঃসময় বা অশুভ কাল বা দুর্দশা (কালু কপালে করাঘাত করে বললো, এ আমার শনির দশার ফল)। { *স.* √শো+অনি }

শনৈঃ [শনোইহ্] *অব্য, ক্রিবিণ* ক্রমে; ক্রমানুয়ে। ~~ *ক্রিবিণ* ক্রমে ক্রমে; অল্পে অল্পে; ধীরে ধীরে (জ্ঞানবিজ্ঞান চর্চা শনৈঃশনৈঃ উন্নতির পথে অগ্রসর হয়—*আকআ*)। { *স.* শনৈস্ }

শনৈশ্চর [শনোইশ্চর] *বি* ১ শনিগ্রহ। ২ শত্রু; সর্বনাশকারী। ৩ যে আস্তে চলে। { *স.* শনৈঃ+চর; *সুপসুপা* }

শপ, সপ [শপ্] *বি* ১ তৃণাদি দিয়ে নির্মিত বড় মাদুর (গৃহের মেঝেতে শপটি বিছায়ে—*জউ*)। ২ কাতার; সারি। { *স.* সুফ صف }

শপথ, শপতি *(পদ্য)* [শপোথ্, –তি] *বি* প্রতিজ্ঞা; দিব্য; শপথ (শপতি করিয়া বলি দাঁড়াইয়া না রব এ পাপ-ঘরে —*চদা*)। { *স.* √শপ্+অথ, > }

শপ্ত [শপ্‌তো] *বিণ* যাকে অভিশাপ দেওয়া হয়েছে; শাপগ্রস্ত; অভিশপ্ত। { *স.* √শপ্+ত(ক্ত) }

শফর ⇒ সফর

শফরী ⇒ সফর

শব [শব্] *বি* মৃতদেহ; মড়া; লাশ; মুর্দা। ~**দহন,** ~**দাহ** *বি* মড়া পোড়ানো; অগ্নির সাহায্যে মৃতদেহ দগ্ধ করা বা ভস্মীভূতকরণ। ~**দাহস্থান** *বি* শ্মশান; যেখানে মৃতদেহ পোড়ানো হয়। ~**দেহ** *বি* মৃতদেহ; মড়া; লাশ। ~**ব্যবচ্ছেদ** *বি* অস্ত্র দ্বারা মড়া কেটে পরীক্ষা; disection; post-mortem। ~**যাত্রা** *বি* দাহ বা কবরস্থ করার জন্য শ্মশানে বা কবরস্থানের উদ্দেশে মৃতদেহ নিয়ে যাওয়া। ~**যান** *বি* যে গাড়িতে মৃতদেহ বা মৃতদেহপূর্ণ শবাধার বহন করে নিয়ে যাওয়া হয়। ~**সৎকার** *বি* ১ হিন্দুদের মৃতদেহের অগ্নিসংস্কার; শবদাহ। ২ অন্ত্যেষ্টিক্রিয়া। ~**সাধনা** *বি* মৃতদেহের উপর বসে যে তান্ত্রিক সাধনা করা হয়। **শবাধার** *বি* যে আধার বা বাক্সে মৃতদেহ রেখে কবরস্থ করা হয়। **শবানুগমন** *বি* মৃতের প্রতি সম্মান প্রদর্শন বা শোক প্রকাশের উদ্দেশ্যে মৃতদেহের সঙ্গে শ্মশান বা কবরস্থানে গমন। **শবানুযাত্রী**(–ত্রিন্) *বি* মৃতদেহের পশ্চাৎ গমনকারী। **শবাসন** *বি* ১ তান্ত্রিক সাধনায় আসনরূপে ব্যবহৃত মৃতদেহ। ২ যোগ ব্যায়ামের একটি আসন। **শবাসনা** *বি* হিন্দু দেবতা কালী। **শবাহারী** *বি* মৃতদেহ-ভোজী; পিশাচ (শিবা শবাহারী—*মদ*)। { *স.* √শব্+অ(অচ) }

শবনম, শবনাম [শবনম্, শবনাম্] *বি* ১ শিশির; কুজ্ঝটিকা (ভোরের শবনাম তৃণদলে—*ফআ*)। ২ সূক্ষ্ম মসলিন কাপড়। { *ফা.* শবনম شبنم }

শবর [শবর্] *বি* ১ ব্যাধ; কিরাত; নিষাদ (আপন মনের প্রভু নই মোরা অবর শবর জাতি—*সদ*)। ২ ভারতবর্ষের একটি প্রাচীন জাতি। **শবরী** *বি স্ত্রী.*। { *স.* √শব্+অর(অরচ্) }

শবল [শবল্] *বিণ* নানা বর্ণযুক্ত; কর্বুরবর্ণ। **শবলা, শবলী** *বিণ স্ত্রী.* কর্বুরবর্ণা গাভী; বশিষ্টের কামধেনু। { *স.* √শব্+অল(কলচ্) }

শবিনা [শোবিনা] *বি* রাত্রিকালীন; রাত্রিজাগরণ। { *ফা.* শবীনহ্ شبینه }

শবিনা খতম [শোবিনা খতোম্] *বি* এক রাতের মধ্যে এক ব্যক্তি বা একাধিক ব্যক্তির মিলিতভাবে পবিত্র কোরান শুরু থেকে শেষ পর্যন্ত পাঠ করার প্রথা (মসজিদে মসজিদে শবীনা খতমের পরব হয়ে গিয়েছে—*সৈমু*)। { *ফা.* শবীনহ্ شبینه + *আ.* খতম ختم }

শবেকদর [শবেকদোর্] *বি* ১ মর্যাদাপূর্ণ রাত্রি; সম্মানিত রজনী। ২ রমজান মাসের ২১ ২৩ ২৫ ২৭ অথবা ২৯ তারিখের রাত্রি, যে রাত্রিতে পবিত্র কোরান প্রথম অবতীর্ণ হয়েছে (মাহে রমজান এসেছে যখন আসিবে শবে-কদর —*নই*)। { *ফা.* শব شب + *আ.* কদর قدر ; *তুল.* লায়লাতিল কদর }

শবেবরাত [শবেবরাত্] *বি* পাপমুক্তি রজনী; সৌভাগ্য রজনী; চান্দ্র শাবান মাসের চতুর্দশ দিন—এই দিন পিতৃকুলের মুক্তি কামনায় মুসলমানেরা রুটি হালুয়া বিতরণ করেন (শবে-বরাতের রজনীতে গোরস্থানের মৃৎ প্রদীপ যেমন ক্ষণেকের তরে ক্ষীণ আলো দিয়ে নিবে যায়, তেমনি—*নই*)। { *ফা.* শব شب + *আ.* বারআত برائة }

শব্দ [শব্‌দো] *বি* ১ ধ্বনি; আওয়াজ; রব; নাদ। ২ অর্থবাচক ধ্বনি; অক্ষর বা অক্ষরসমষ্টি। ~**কোষ** *বি* অভিধান; dictionary। ~**তরঙ্গ** *বি* শব্দের দ্বারা উৎপন্ন বায়ু হিল্লোল; sound wave। ~**বহ** *বি* ১ বাতাস। ২ আকাশ। □ *বিণ* শব্দবহনকারী। ~**বিদ্যা** ব্যাকরণ। ~**বিন্যাস** *বি*

যথাযথ স্থানে শব্দ স্থাপন করে বাক্য রচনা। **~বেধী** (-ধিন্), **~ভেদী**(-দিন্) *বিণ* শব্দ অনুসরণে লক্ষ্যভেদে সমর্থ। **~ব্রহ্ম** *বি* ১ হিন্দু বিশ্বাসে শব্দরূপ বা শব্দময় ব্রহ্ম। ২ হিন্দু ধর্মগ্রন্থ বেদ। **~শক্তি** *বি* ১ শব্দের অর্থবোধে সহায়ক বৃত্তিসমূহ—অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা। **~শাস্ত্র** *বি* ব্যাকরণাদি শাস্ত্র (তিনি শব্দশাস্ত্রে সুপণ্ডিত)। **~হীন** *বিণ* শব্দশূন্য; নীরব; ধ্বনিশূন্য (শব্দহীন পদক্ষেপ)। **শব্দাতীত** *বিণ* শব্দ দ্বারা প্রকাশ করা যায় না এমন; অনির্বচনীয়। **শব্দায়মান** *বিণ* শব্দ করছে এমন। **শব্দার্থ** *বি* শব্দের মানে। **শব্দালঙ্কার, শব্দালংকার** *বি* রচনা শ্রুতিমধুর করার জন্য বিশেষভাবে শব্দের বিন্যাস অর্থাৎ অনুপ্রাস, যমক, শ্লেষ প্রভৃতি। **শব্দিত** *বিণ* ধ্বনিত; আওয়াজযুক্ত; রববিশিষ্ট; উচ্চারিত। **শব্দেন্দ্রিয়** *বি* কান; কর্ণ। **টু ~** *বি* সামান্যমাত্র আওয়াজ বা ধ্বনি (চারদিকে টু শব্দটি নেই)। {√শব্দ্+অ(ঘঞ)}

শম [শম্] *বি* ১ শান্তি; নিবৃত্তি; উপশম। ২ সংযম। ৩ বাসনার নিবৃত্তি। **শমী**(-মিন্) *বিণ* ১ শমগুণবিশিষ্ট। ২ সংযমী। ৩ শান্ত। {*স.* √শম্+অ(ঘঞ)}

শমন [শমোন্] *বি* ১ হিন্দুমতে মৃত্যুর দেবতা; যম; কৃতান্ত। ২ প্রশমন; শান্তি স্থাপন। ৩ দমন। ৪ হিন্দুদের যজ্ঞার্থ পশুবধ। **শমনীয়** *বিণ* ১ শান্ত করবার উপযুক্ত এমন; প্রশমনযোগ্য। ২ সংযমনী। ৩ দমনযোগ্য; দমনীয়; ধ্বংসযোগ্য। **শময়িতা** *বিণ* ১ উপশম বা নিবারণ করে এমন; উপশমকারী; নিবারক। ২ দময়িতা; দমনকারী। ৩ বিনাশক; বিনাশকারী; হন্তা। **~সদন, ~ভবন** *বি* হিন্দুমতে যমালয়; যমের বাড়ি; যমগৃহ। {*স.* √শম্+ণিচ+অন(ল্যুট)}

শমস-উল-উলামা, শামসুল উলামা [শমস্ উল্ উলামা, শামসুল্-] *বিণ* ১ জ্ঞানীদের সূর্য। আরবি ও ইসলামি বিষয়ে উচ্চশিক্ষিত পণ্ডিতদিগকে ব্রিটিশ সরকার কর্তৃক প্রদত্ত উপাধি (আর পুড়ছে ফুডি, পুড়ছে শামস-উল-উলামা—*সদ*)। {*আ.* শাম্‌সুল 'উলামা' شمس العلماء }

শমসের [শম্‌শের্] *বি* তরবারি; তলোয়ার (তুমি এস বীর হাতে নিয়ে শমসের—*নজ*)। {*ফা.* শম্‌শীর شمشیر }

শমি, শমী [শোমি] *বি* বাবলাজাতীয় গাছ; সাঁই গাছ (শমী কাষ্ঠ দ্বারা হিন্দুদের যজ্ঞাগ্নি প্রজ্বলিত হইত)। **শমী** (-মিন্) *বিণ* ১ শমগুণবিশিষ্ট। ২ সংযমী। ৩ শান্ত। {*স.* √শম্+ই, ইন(ঘিনুণ)}

শমিত [শোমিতো] *বিণ* ১ প্রশমিত; দমিত। ২ বিনাশিত। ৩ নিবারণ করা হয়েছে এমন; নিবারিত। **শমিতা** *বিণ স্ত্রী.*। {*স.* √শম্+ণিচ্+ত(ক্ত)}

শমী ⇒ শমি

শম্পা [শম্‌পা] *বি* বিদ্যুৎ; বিজলি; ক্ষণপ্রভা। {*স.* শম্পা}

শম্ব [শম্‌বো] *বি* ১ যে মুদ্গরের মুখ লৌহ দ্বারা আবৃত। ২ শ্যামা; মুষলাদির মুখের আবরক লৌহবলয়। ৩ বজ্র। {*স.* √শম্+ব}

শম্বর, সম্বর [শম্‌বর্] *বি* ১ প্রশাখাবিশিষ্ট সিং আছে এমন হরিণ। ২ এক প্রকার মাছ। ৩ হিন্দু পুরাণোক্ত অসুর। ৪ জল; পানি। **শম্বরারি, সম্বরারি** *বি* শম্বর নামক অসুরহন্তা কন্দর্প। {*স.* √শম্ব্+অর(অরচ্)}

শম্বুক, শম্বূক [শোমবুক্] *বি* ১ শামুক। ২ রামায়ণোক্ত শূদ্র তাপসবিশেষ। **~গতি** *বি* ১ অতিশয় ধীর বা মৃদুগতি; ধীরগতি; শামুকের মতো অত্যন্ত ধীরগমন। ২ (*আল.*) দীর্ঘসূত্রতা; বিলম্বে কার্যসম্পাদনে অভ্যস্ত। ☐ *বিণ* শামুকের ন্যায় ধীরগতিযুক্ত। {*স.* শম্বু, শম্বু+ক(কন্)}

শম্ভু [শোমভু] *বি* হিন্দুদেবতা শিব; শিবলিঙ্গ; মহাদেব। **~খোঁপা** *বি* মাথার চুড়ায় বাঁধা খোঁপা। {*স.* শম্+√ভূ+উ(ডু)}

শয়খ, শইখ, শেখ [শয়োখ্, -ই-, শেখ্] *বি* ১ বংশীয় উপাধি। ২ মুর্শিদ; পির। ৩ প্রধান সরদার। ৪ সম্মানিত বৃদ্ধ। {*আ.* শয়খ্ شيخ }

শয়তান [শয়্‌তান্] *বি* ১ ইহুদি, খ্রিস্টীয় ও ইসলামি শাস্ত্রোক্ত আল্লাহদ্রোহী দেবদূত বা ফেরেশতা (মানুষের বেশে পাকা শয়তান—*আইশা*)। ২ পাপাত্মা; অতিশয় দুর্বৃত্ত বা দুরাত্মা ব্যক্তি (শয়তান তারা সুখী নয় তারা লোভী তার শয়তান—*নই*)। **~পনা** *বি* শয়তানের কাজ (নরে নিতি নব শয়তানপনা শিখা—*সদ*)। **শয়তানি, শয়তানী** *বি* দুর্বৃত্ততা; বদমায়েশি (কতো শয়তানি জানো তুমি)। ☐ *বি স্ত্রী.* ১ অত্যন্ত দুষ্ট স্বভাবা স্ত্রীলোক (বউ তো নয় পাকা শয়তানি)। ☐ *বিণ* শয়তানবিষয়ক; শয়তানের যোগ্য বা উপযুক্ত। {*আ.* শয়তান شيطان }

শয়ন [শয়োন্] *বি* ১ শোয়া (শয্যায় শয়ন করা)। ২ নিদ্রা; ঘুম (শয়নে স্বপনে নিশি জাগরণে—*রঠা*)। ৩ শয্যা; বিছানা (বৃক্ষ হতে লয়ে টানি পতির শয়ন—*রঠা*)। **~কক্ষ, শয়নাগার, ~গৃহ** *বি* ঘুমানোর জন্য নির্দিষ্ট ঘর। **শয়নীয়** *বি* ১ শয়নযোগ্য; শয়নের উপযোগী; শয়ন করা যায় এমন। ২ পালঙ্ক; বিছানা (কণ্টকিতশয়ন—*সুদ*)। {*স.* √শী+অন(ল্যুট)}

শয়ান, শায়িত [শয়ান্, শায়িতো] *বিণ* শুয়ে আছে এমন; নিদ্রিত (বহুদিন ধরিয়া জড় শয়নে শয়ান রহিয়াছে—*রঠা*)। **শয়ানা, শায়িতা** *বিণ স্ত্রী.*। {*স.* √শী+আন(শানচ্), শী+ই(ণিচ্)+ত(ক্ত)}

শয়ালু [শয়ালু] *বিণ* নিদ্রালু; শয়ন করতে ইচ্ছুক। {*স.* √শী+আলু(আলুচ্)}

শয্যা [শোজ্জা] *বি* ১ বিছানা। ২ যার উপরে শোয়া হয় (ফুলশয্যা)। ৩ শয়ন; শোয়ার স্থান (শয্যাগৃহ)। **~কণ্টক, ~কণ্টকী** *বি* যে রোগে শয্যা কণ্টকতুল্য অসহ্য বোধ হয়। **~ করা** *ক্রি* বিছানা পাতা। **~গত, ~শায়ী**(-য়িন্) *বিণ* অত্যন্ত অসুস্থতাহেতু বিছানা থেকে উঠতে পারে না এমন। **~গতা, ~শায়িনী** *বিণ স্ত্রী.*। **~গার, ~গৃহ** *বি* ঘুমানোর জন্য নির্দিষ্ট ঘর। **~তল** *বি* ১ বিছানার তলদেশ। ২ বিছানার উপরিভাগ (শয্যাতলে শয়নমাত্র নিদ্রাকর্ষণ হইল)। **~তুলুনি** *বি* বরবধূর বাসর শয্যা তোলার জন্য বরের নিকট যে অর্থ আদায় করা হয়। **~ তোলা** *বি* বরবধূর বাসরশয্যা তোলা নামক অনুষ্ঠান। **~ রচনা** *বি* বিছানা পাতা। **~ নেওয়া** *ক্রি* শয্যাশায়ী হওয়া। **~সঙ্গিনী** *বি* পত্নী; স্ত্রী; ভার্যা; বিছানায় সাথি হয় যে নারী। **~সহচর** *বি* শয্যাসঙ্গী; স্বামী। **~সহচরী**। **~স্তরণ** *বি*

বিছানার চাদর। { স. √শী+য(ক্যপ্)+আ(টাপ্)}

শর¹ [শর্] *বি* তীর; বাণ; শায়ক। ☐ *বিণ* এক জাতীয় তৃণ; নল-খাগড়া গাছ। **~ক্ষেপ, ~ক্ষেপণ, ~ত্যাগ, ~নিক্ষেপ** *বি* লক্ষ্য বিদ্ধ করার জন্য ধনুকে যোজনাপূর্বক বাণ ছোড়া; তীর ছোড়া। **~জাল** *বি* ১ বাণসমূহ। ২ একসঙ্গে নিক্ষিপ্ত বহু বাণ। **~বন** *বি* শর নামক তৃণপূর্ণ ভূমি। **~বর্ষণ** *বি* ঘন ঘন বা একই সময়ে বহু বাণ নিক্ষেপ। **~বিদ্ধ** বিণ তীর দ্বারা বিদ্ধ। **শরব্য** *বি* তীরের লক্ষ্য। **~শয্যা** *বি* ১ তীর দ্বারা প্রস্তুত শয্যা; শররচিত শয়ন স্থান (ভীষ্মের শরশয্যা)। ২ যুদ্ধক্ষেত্র (কেন না শুইনু আমি শরশয্যা 'পরি—*মদ*)। **~সন্ধান** *বি* ১ নিক্ষেপের উদ্দেশ্যে ধনুকে তীর স্থাপনা। ২ তীর ছোড়া। **শরাহত** *বিণ* তীর বিদ্ধ হয়ে আহত। { স. √শৃ+অ(অপ্)}

শর² *(বিরল)*, **সর** [শর্] *বি* ১ দধি দুগ্ধাদির সার ভাগ (দুধের মধ্যে শর নাইরে মাখন কেনে হইতে চাও—*পুগী*)। ২ দুগ্ধাদির উপরে যে ঘন ও নরম আবরণ পড়ে। { স. √শৃ+অ(অচ্)>শর; স. √সৃ+অ(অচ্)=সর}

শরচ্চন্দ্র [শরোচ্‌চন্‌দ্রো] *বি* শরৎকালের চাঁদ। { স. শরৎ+চন্দ্র; সংস্কৃতে সমাসের নিয়ম অনুযায়ী শব্দটির চেহারা এ-রকম। তবে শ্রুতিমাধুর্য সৃষ্টি ও প্রাঞ্জলতার যুক্তিতে বাংলা ভাষায় এটি সন্ধিবিহীন "শরৎচন্দ্র" রূপে বহুল প্রচলিত}

শরণ [শরোন্] *বি* ১ আশ্রয়দাতা; রক্ষাকর্তা; রক্ষক (দীনশরণ; শরণ পালন কর হয়ে কৃপান্বিত—*কাসি*)। ২ আশ্রয়; আশ্রয় স্থান রক্ষণ (তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীনজনার—*রঠা*)। ৩ গৃহ। **শরণাগত, শরণাপন্ন, শরণার্থী**(-র্থিন্) *বিণ* আশ্রয়ের জন্য আবেদন করে এমন; আশ্রয়প্রার্থী; refugee (আরেক জন মর্যাদাসম্পন্ন শরণার্থী...হোসেন সাহেবের নিকট আশ্রয় নেন—*মুআরা*)। **শরণাগতা, শরণাপন্না, শরণার্থিনী** *বিণ স্ত্রী*। **শরণ্য** *বি* রক্ষাকর্তা; রক্ষক। ☐ *বিণ* রক্ষণসমর্থ; রক্ষণীয়; আশ্রয় প্রাপ্তির স্থান (সম্রাটদুহিতার পক্ষে প্রেমের আবশ্যক নাই, সুখই একমাত্র শরণ্য—*রঠা*)। **শরণ্যা** *বিণ স্ত্রী*. রক্ষাকর্ত্রী; রক্ষণসমর্থা; রক্ষণীয়া। ☐ *বি* হিন্দু দেবী দুর্গা। { স. √শৃ+অন(অনট্)}

শরণি, শরণী, সরণি, সরণী [শরোনি] *বি* ১ পথ; রাস্তা। ২ শ্রেণি; সারি। ৩ রীতি; প্রণালি (শৃঙ্খলে বাজে তব সম্বোধনী করায় কারায় জাগে তব শরণি—*নই*)। { স. √শৃ+অনি}

শরণ্য, শরণ্যা ⇒ শরণ

শরৎ [শরোত্] *বি* ভাদ্র-আশ্বিন মাসব্যাপী ঋতু (এসেছে শরৎ হিমের পরশ লেগেছে হাওয়ার পরে—*রঠা*)। { স. √শৃ+অদ}

শরদ, সরদ [শরোদ্] *বি* বীণাযন্ত্রবিশেষ; সরোদ। { ফা. সরোদ سرود ; তুল. স. √শৃ+অদ}

শরদিন্দু [শরোদিন্‌দু] *বি* শরৎকালের চাঁদ যা অতিশয় সুন্দর ও উজ্জ্বল; শরৎশশী। **~নিভাননা** *বিণ* শরৎকালের চাঁদের মতো দীপ্ত ও মনোহর মুখমণ্ডলবিশিষ্ট। { স. শরদ+ইন্দু}

শরবত, শরবৎ, সরবত, সরবৎ [শরবত্] *বি* ১ মিষ্ট শীতল পানীয়। ২ চিনি মিছরি ফলের রস ইত্যাদি সমন্বয়ে তৈরি ঠাণ্ডা পানীয়। **শরবতি, সরবতি** *বি* এক প্রকার বড় লেবু। { আ. শরবত্ شربة }

শরভ [শরোভ্] *বি* ১ এক জাতীয় মৃগ। ২ সিংহ অপেক্ষা বলবান প্রাচীন কালের আট পাবিশিষ্ট জন্তু (শরভে শরভে মারে ঢুসাইয়া মুণ্ডে—*কমু*)। ৩ উষ্ট্র। ৪ হস্তিশাবক। ৫ পতঙ্গবিশেষ। ৬ বানরবিশেষ। ৭ শলভ। { স. √শৃ+অভ(অভচ্)}

শরম [শরোম্] *বি* লজ্জা (শরমে সরমা সই মরিলা—*মদ*)। **শরমানো** *ক্রি* লজ্জা পাওয়া। **শরমার্ত** *বিণ* লজ্জিত (ও শরমার্ত অরূপ আনন দেখেছি কোথায় হে বিদেশিনী—*সুদ*)। **শরমিন্দা, শরমেন্দা** *বিণ* লজ্জিত (নিতান্ত শরমিন্দা হইলাম—*আমআ*)। **শরমের ফাঁসি** *বি* লজ্জার ডোর (জলদ গরজে যবে ময়ূরী নাচে সে রবে আমি কেন না কাটিব শরমের ফাঁসি—*মদ*)। **লজ্জা~** *বি* লাজুকতা ও সংকোচ। { ফা. শরম شرم }

শরা¹, **সরা** [শরা] *বি* মৃত্তিকানির্মিত পাত্রবিশেষ; হাঁড়ি, কলসীর ঢাকনিরূপে ব্যবহৃত মাটির তৈরি পাত্র। { স. শরাব, সরাব>*প্রা.* শরাঅ}

শরা² [শরা] *বি* ইসলামি বিধানাবলি। **~র কাজি** *বি* ইসলামের বিধান অনুযায়ী যিনি বিচার করেন। **~শরিয়ত** *বি* ইসলামি কানুন; ইসলাম প্রদত্ত জীবনবিধান (শরা-শরিয়তের ব্যাপারে উপদেশ দেওয়ার জন্য—*কাআমা*)। { আ. শরা شرع ; শরীআত شريعة }

শরাফত, শরাফৎ, সরাফত [শরাফত্] *বি* ১ ভদ্রতা; ভদ্র আচরণ; শরিফের ভাব ও আচরণ (শরাফৎ ও সৌজন্যের প্রতিমূর্তি—*হুউ*)। ২ আভিজাত্য। **শরাফতি, সরাফতি** *বি* ভদ্রতা; সৌজন্য (বেল্লিক তুমি সরাফতি বোঝ না লোকের—*ফআ*)। { আ. শরাফত شرافة }

শরাব¹ [শরাব্] *বি* মাটির সরা; ঢাকনি। { স. শর+√অব+অ(অণ)}

শরাব², **সরাব, শরাপ, সরাপ** [শরাব্, –, –প, –] *বি* ১ মদ্য; সুরা (খোদার প্রেমের শরাপ পিয়ে বেহুস হয়ে রই পড়ে—*নই*)। ২ সুস্বাদু পানীয়; শরবত (সরাব-সাকির গুলিস্তায় আয় বেহেশ্তে কে যাবি আয়—*নই*)। **~খানা** *বি* শুঁড়িখানা; মদের দোকান। **শরাবন-তহুরা** *বি* পবিত্র পানীয়; বেহেশ্তে যে পানীয় পান করতে দেওয়া হবে (কণ্ঠ ভরিয়া কোরেছিস পান শরাবন তহুরায়—*শাহো*; বেহেশ্তের শরাবন তহুরার মিষ্টতা—*আমআ*)। **শরাবি, শারাবি, ~খোর** *বি* ১ যে মদ্য পান করে; মদ্যপায়ী। ২ মাতাল। **~সুরাহি** *বি* সুরা ও সুরাপাত্র (ধূলি বিমলিন পাত্র শরাব-সুরাহী পড়ে আছে জীর্ণ পান্থশালে—*জাআ*)। { আ. শরাব شراب }

শরাসন [শরাশোন্] *বি* ধনু; ধনুক; কার্মুক; কোদণ্ড। { স. শর+আসন}

শরিক ⇒ শরীক

শরিক, শরীক [শোরিক্] *বি* ভাগীদার; অংশী; অংশ আছে যার (ওপরে অন্যতম শরিক রাম বাঁড়ুয্যের বাড়ি—*বিদ*)। **~ হওয়া** *ক্রি* অংশগ্রহণ করা (মেহেরবানি করে শরিক হলে খুশি হবো)। **শরিকান, শরীকান** *বি* একাধিক

ভাগীদার। **শরিকানা, শরীকানা** *বি* শরিকের প্রাপ্য অংশ। **শরিকানি, শরিকি, শরিকানী, শরীকী** *বিণ* এজমালি; অনেকের অংশ আছে এমন; বহু ভাগীদার। {*আ.* শরীক شريك }

শরিফ, শরীফ [শোরিফ্] *বিণ* ভদ্র; মহানুভব; প্রফুল্ল; আনন্দিত; উদার; উচ্চমনা; অভিজাত; পবিত্র; শ্রেষ্ঠ। ☐ *বি* মক্কার শাসনকর্তার উপাধি : **মক্কা–** *বি* পবিত্র মক্কা। {*আ.* শরীফ شريف }

শরিফা [শোরিফা] *বি* আতাফল। {*আ.* শরীফ شريف }

শরিয়ত, শরিয়ৎ, সরিয়ত, সরিয়ৎ [শোরিয়ত্] *বি* ১ ইসলামের বিধি-বিধান (ঈমান একটা শক্তি এবং শরিয়ত উহার ফল—*সৈআও*)। ২ ধর্মাচার ও ধর্মীয় আইন-কানুন। **শরিয়তি, শরীয়তী** *বিণ* ১ ধর্মীয় শরিয়ত সম্পর্কীয়। ২ শরিয়ত মানে এমন; শরিয়ত অনুসারে চলে এমন। {*আ.* শরীয়ত شريعة }

শরীর [শোরির্] *বি* দেহ; বিগ্রহ; কলেবর; কায় (কালামাটির কালাতে ভাই শরীর হইলো কালা—*মাগান*)। **–গত** *বিণ* ১ শারীরিক; দেহসম্পর্কীয়; দেহস্থ। ২ দেহের অভ্যন্তরস্থ। **– গতিক** *বি* দেহের অবস্থা (শরীর গতিক বেশি ভালো না)। **শরীরজ** *বিণ* ১ দেহ থেকে উৎপন্ন; দেহজাত। ২ আত্মজ। ☐ *বি* রোগ। **–পাত** *বিণ* দেহক্ষয়। **শরীরী** (–রিন্) *বি,বিণ* দেহ আছে যার; দেহধারী; দেহবিশিষ্ট; দেহী। ☐ *বি* ১ প্রাণী; জীব। ২ মানুষ। ৩ জীবাত্মা। **শরীরিণী** *বিণ, বি স্ত্রী*। **শারীর** *বিণ*। {*স.* √শৃ+ঈর(ঈরচ্)}

শর্করা [শর্‌করা] *বি* ১ চিনি। ২ কঙ্কর; কাঁকর। ৩ দানা। ৪ রোগবিশেষ; পাথরি। **–বৎ** *বিণ* দানাওয়ালা; দানাযুক্ত; দানাদার। {*স.* √শৃ+কর+আ(টাপ্)}

শর্কি, শর্কী [শোর্‌কি] *বি* পূর্ব দেশীয় (শর্কী সৈয়দ সুলতানদের স্মরণ সাধন জড়েয়া তাজ—*সদ*)। {*আ.* শরকী شرقى }

শর্ট-সাইট [শর্টসাইট্] *বি* দূরে সুস্পষ্ট দেখে না এমন দৃষ্টিশক্তি। **শর্ট সাইটেড** *বিণ* ১ দূর-দৃষ্টিশক্তির অভাবযুক্ত। ২ (*আল.*) দূরদৃষ্টিহীন; অপরিণামদর্শী। {*ই.* short-sight}

শর্ত, সর্ত [শর্‌তো] *বি* চুক্তির নিয়ম বা ধারা; কড়ার; নিয়ম; যে সমস্ত নিয়মে চুক্তি নির্ধারিত হয়। {*আ.* শরত্ شرط }

শর্তা [শর্‌তা] *বি* সুপারি কাটার যন্ত্র; যাঁতি; কাটারি; যা সুপারি কাটার কাজে ব্যবহৃত হয় (সুপারি কাটার শর্তার আওয়াজ বন্ধ করিয়া তিনি বলিলেন—*আমআ*)। {*হি.* সরওতা}

শর্ব [শর্‌বো] *বি* হিন্দুদেবতা শিব; শঙ্কর; মহাদেব; ত্রিপুরারি। **শর্বাণী** *বিস্ত্রী* শিবানী; দুর্গা দেবী। {*স.* √শৃ+ব}

শর্বর [শরবর্] *বি* কামদেব; অন্ধকার। **শর্বরী** *বি স্ত্রী* ১ রাত্রি; রজনী; নিশা; বিভাবরী; যামিনী। ২ বধূ। ৩ নারী। {*স.* √শৃ+বর(বরচ্)}

শর্বরী [শরবোরি] *বি* ১ রাত্রি; রজনী; ক্ষণদা; নিশা; বিভাবরী; যামিনী (শর্বরী পোহাইল যদি হইল বিহান—*হেমা*)। ২ বধূ। ৩ নারী। {*স.* √শৃ+বর(বরচ্)+ঈ(ঙীপ্)}

শর্ম [শর্‌মো] *বি* ১ সুখ; স্বাচ্ছন্দ্য। ২ কল্যাণ; মঙ্গল (আর কিছু করি আমি অসুরের শর্ম)। **শর্মী** *বিণ* সুখী (অস্ত্রে পেয়ে শর্মী হয়ে—*মাগান*)। {*স.* √শৃ+মন্(মনিন্)}

শর্মা [শর্‌মা] *বি* ১ ব্রাহ্মণের পদবি (ঈশ্বরচন্দ্র শর্মা)। ২ স্বয়ং; ব্যক্তি; লোক (এ শর্মা কাউকে ছেড়ে কথা কয় না)। ৩ গৃহস্থ। {*স.* √শৃ+মন্(মনিন্)}

শর্মিষ্ঠা [শোরমিশ্‌টা] *বি* যযাতির দ্বিতীয়া মহিষী। {*স.* শর্মিন্+ইষ্ঠ(ইষ্ঠন্)+আ(টাপ্)}

শর্ষে [শোর্‌শে] *বি* সরিষা। {*স.* সর্ষপ>}

শলভ [শলভ্] *বি* এক জাতীয় পতঙ্গ যা সম্পূর্ণ শস্য বিনষ্ট করে; পঙ্গপাল। {*স.* √শল+অভ(অভচ্)}

শলা[১]**, সলা** [শলা] *বি* ১ শলাকা; সিক; কাঠি (শলায় বিদ্ধ হতেছে সিদ্ধ মন নিষিদ্ধ পক্ষী—*রঠা*)। ২ চিকিৎসার এক প্রকার অস্ত্র; probe। {*স.* শলাকা>}

শলা[২]**, সলা** [শলা] *বি* পরামর্শ; সৎ পরামর্শ (উকিল-মোক্তারদের এমন শলা-পরামর্শ দিয়াছিল যে তাহার জোরেই হাকিমের রায় ফিরিয়া যায়—*দীমি*)। {*আ.* সলাহ্ صلاح }

শলাকা [শলাকা] *বি* ১ শলা; কাঠি; দিয়াশলাই (দীপ-শলাকার অগ্রভাগে আগুন জ্বলছে)। ২ দাঁতনকাঠি। ৩ অস্থি; হাড়। ৪ অঙ্কুর। ৫ শজারুর কাঁটা। {*স.* √শল্+আক+আ(টাপ্)}

শলি, শলী [শোলি] *বি* ধানের মাপবিশেষ। {*স.* শল্য>}

শলিতা [শোলিতা] *বি* প্রদীপের পলিতা। ☐ *বিণ* পলিতা সদৃশ সরু। {*স.* সন্দীপ্ত>*প্রা.* সল্লিত্ত>; *আ.* ফলীতাহ ফতীলাহ فليتة-فتيلة }

শল্ক, শল্কল [শল্‌কো] *বি* ১ (প্রধানত) মাছের আঁশ; বাকল। ২ বল্কল। **শল্কী** (–ল্কিন্) *বিণ* শল্কযুক্ত। ☐ *বি* মাছ। {*স.* √শল্+ক(কন্)}

শল্য [শোল্‌লো] *বি* ১ শলাকা; শল্য। ২ কাঁটা (এই শোক ও ক্ষোভ বিষদিগ্ধ শল্যের ন্যায় তাঁহাকে সতত মর্মবেদনা প্রদান করিতে লাগিল—*ঈবি*)। ৩ বাণ; শর; তীর। ৪ এক ধরনের পৌরাণিক অস্ত্র; শেল। ৫ শজারু। **~ চিকিৎসা** *বি* অস্ত্র চিকিৎসা; দেহে অস্ত্রোপচার (এই রোগীর জন্য শল্য চিকিৎসা একান্ত প্রয়োজন)। **শল্যোদ্ধার** *বি* দেহ থেকে কাঁটা, অস্ত্র, বুলেট প্রভৃতি অস্ত্রোপচারের দ্বারা বের করা। {*স.* √শল্+য}

শল্ল, শল্লক [শল্‌লো, শল্‌লক্] *বি* ১ আঁশ। ২ বল্কল। **শল্লকী** *বি* ১ শজারু। ২ বাবলাগাছ। {*স.* √শল্ল+অ(অচ্), অক(ণ্বুল্)}

শশ, শশক [শশো, শশোক্] *বি* খরগোশ। **শশধর, শশভৃৎ, শশলক্ষণ, শশলাঞ্ছন** *বি* চন্দ্র। **শশবিন্দু** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ একজাতীয় মৃগ। ৩ চন্দ্র। **শশবিষাণ, শশশৃঙ্গ** *বি* ১ খরগোশের শিং। ২ (*আল.*) অসম্ভব বস্তু; আকাশকুসুম কল্পনা। **~বৃত্তি** *বি* খরগোশের ন্যায় পলায়ন করা বা আত্মগোপন করার মনোবৃত্তি (নৈয়ায়িক শশবৃত্তি ইংরেজদের মজ্জাগত না হলে—*সুদ*)। **শশব্যস্ত** *বিণ* খরগোশের মতো অত্যন্ত ত্বরাযুক্ত বা ব্যস্তসমস্ত (সবাই হল শশব্যস্ত অস্ত দেখে গগনে শশি—*মাগান*)। **শশাঙ্ক** *বি* চন্দ্র; চাঁদ; শশধর (কুমুদরঞ্জন শশাঙ্ক—*মদ*)। {*স.* √শশ+অ(অচ্), ক(কন্)}

শশিকর [শোশিকর্] *বি* চন্দ্রালোক; জ্যোৎস্না। { *স.* শশী+ কর; ৬তৎ }

শশিকলা [শোশিকলা] *বি* ১ চন্দ্রের কলা বা অংশ (কিরণ হোথা সলিল শয়নতলে হেসে উঠে শশিকলা— *প্রেম*)। ২ একটি সংস্কৃত ছন্দের নাম। { *স.* শশী+কলা; ৬তৎ }

শশিকান্ত [শোশিকান্‌তো] *বি* ১ কুমুদ ফুল। ২ চন্দ্রকান্তমণি। { *স.* শশী+কান্ত }

শশিপ্রিয়া [শোশিপ্‌প্রিয়া] *বি* রাত্রি (উত্তরিলা শশিপ্রিয়া ত্রিদশ আলয়ে— *মদ*)। { *স.* শশী+প্রিয়া; ৬তৎ }

শশিভূষণ, শশিশেখর [শোশি ভুশন্, -শেখর] *বি* ১ চন্দ্র যাঁর অলঙ্কার বা কিরীট। ২ হিন্দুদেবতা শিব। { *স.* শশী+ভূষণ, শেখর; ৬তৎ }

শশিমুখী [শোশিমুখি] *বি* চন্দ্রবদনা; চন্দ্রমুখী; চাঁদের মতো মনোহর মুখ যে রমণীর; অত্যন্ত সুন্দরী নারী (নীরবিলা শশীমুখী কহিলা যুবক— *কায়*)। { *স.* শশী+মুখী; বহু }

শশী (-শিন্) [শোশি] *বি* চন্দ্র; শশধর; শশাঙ্ক; মৃগাঙ্ক; ইন্দু; চন্দ্রমা; নিশাকর; বিধু; সুধাংশু; হিমাংশু; সুধাকর; সোম (একলা শশী জাগিলে আকাশে বাতায়ন খুলে দিয়ো — *মাগান*)। { *স.* শশ+ইন(ইনি) }

শশ্বৎ [শশ্‌শত্] *অব্য, ক্রিবিণ* ১ সর্বদা। ২ বারংবার; বারবার; পুনঃপুন অবিরত। **শাশ্বত, শাশ্বতিক** *বিণ*। { *স.* শশ+বৎ }

শষ্প, শস্প [শশ্‌পো] *বি* কচি ঘাস (স্রোতস্বিনীর স্বেদবিন্দু জমে, প্রতিবেশী শষ্পে তার সানুদেশ জড়ায়ে— *সুদ*)। ~**শ্যাম** *বিণ* ১ কচি ঘাসে আবৃত হয়ে শ্যামবর্ণবিশিষ্ট (শষ্পশ্যাম কুরুক্ষেত্রে অবিচল নিতেরে সমাধি— *সুদ*)। **শষ্পাবৃত, শস্পাবৃত** *বিণ* কচি ঘাসে ঢাকা। **শষ্পিত, শস্পিত** *বিণ* ১ শষ্প জন্মেছে এমন স্থান (সঘন শষ্পিত তট লভিল সঙ্গিনী— *রঠা*)। { *স.* √শস+প }

শসা [শশা] *বি* ১ কাঁকুড় জাতীয় ফল। ২ ক্ষীরা; ক্ষীরিকা; cucumber। { *স.* শস্য> }

শস্ত্র [শশ্‌ত্রো] *বি* ১ আয়ুধ; অস্ত্র। ২ লৌহনির্মিত যন্ত্রপাতি। ৩ শল্য চিকিৎসার যন্ত্রপাতি; কারিগরি যন্ত্রপাতি। ~**জীবী** (-বিন্); **শস্ত্রাজীব** *বি,বিণ* যুদ্ধ ব্যবসায়ী; অস্ত্র ধরে যুদ্ধ করাই জীবিকা যার; সৈনিক। ~**ধর**, ~**ধারী** (-রিন্), ~**পাণি**, ~**ভৃৎ, শস্ত্রী** (-স্ত্রিন্) *বি,বিণ* ১ যার হাতে অস্ত্র আছে। ২ যোদ্ধা; সৈনিক; অস্ত্রধারী। ~**বিদ্যা** *বি* অস্ত্র চালনা সম্পর্কিত বিদ্যা। { *স.* √শস্+ত্র(ষ্ট্রন্) }

শস্য [শোশ্‌শো] *বি* ১ ফসল; কৃষিজাত ফল বা বীজ। ২ ফলের সার অংশ। ৩ শাস। ~**ক্ষেত্র** *বি* যে ভূমিখণ্ডে শস্য উৎপাদিত হয়। ~**শ্যামল** *বি* সবুজ রঙের শস্যে ভরা। ~**শ্যামলা** *বিণ স্ত্রী*। **শস্যাগার** *বি* গোলা; ধান্যাদি ফসলের সংরক্ষণ-গৃহ; ফসল সঞ্চয়ের ভাণ্ডার; শস্যভাণ্ডার। { *স.* √শস্+য(যৎ) }

শহদ [শহোদ্] *বি* মধু (গাছে বুলবুলি নার্গিস লালা আনারকলির পিয়ে শহদ— *নই*)। { *আ.* শহদ شهد }

শহর, সহর [শহোর্] *বি* ১ বড় নগর। ২ নগর (জাহাঙ্গীর ঢেড়া দিলা সকল শহরে— *ভারা*)। ৩ মহানগর; রাজধানী। ~**তলি**, ~**তলী** *বি* শহরের উপকণ্ঠ; suburb (এই শহর আর শহরতলীর ইতিকথা— *মাগান*)। ~**স্থ** *বিণ* নগরস্থিত, শহরের। **শহুরে** *বিণ* ১ শহরসুলভ; শহর সম্বন্ধীয়। ২ শহরে জাত (শহুরে দধি)। ৩ শহরবাসী; শহরের লোক। { *ফা.* শহর شهر }

শহরৎ, শোহরৎ [শহোরত্] *বি* খ্যাতি; জনশ্রুতি। **ঢোল-শহরত** *বি* ঢোল সহযোগে রাষ্ট্র বা ঘোষণা। { *আ.* শোহ্‌রত شهرت }

শহাদত ⇒ শাহাদৎ

শহিদ, শহীদ [শোহিদ্] *বি* ১ সত্য বা ন্যায়ের জন্য আত্মোৎসর্গকারী ব্যক্তি (ত্রিশ লক্ষ শহীদ)। ২ ধর্মযুদ্ধে নিহত (কারবালার যুদ্ধের সময় জয়নাল রোগে ভুগিতেছিলেন বলিয়া শহিদ হন নাই)। ~ **দিবস** *বি* ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারিতে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে আন্দোলন করতে গিয়ে যাঁরা শহিদ (রফিকউদ্দিন আহমদ, শফিউর রহমান, আব্দুল জব্বার, আবুল বরকত, আবদুস সালাম, আবদুল আউয়াল, অহিউল্লাহ প্রমুখ) হয়েছিলেন, তাঁদের স্মৃতিকে চিরজাগরূক রাখার জন্য ভাষা আন্দোলনের স্মারক দিবস, স্বাধীন বাংলাদেশে যা অন্যতম জাতীয় দিবস; ২০০০ সাল থেকে জাতিসংঘ কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ~ **মিনার** *বি* ১৯৫২ সালের ভাষা আন্দোলনের শহিদদের স্মৃতিরক্ষার জন্য তৈরি স্মৃতিস্তম্ভ (কেন্দ্রীয় শহীদ মিনার)। **শহিদান, শহীদান** *বি* শহিদগণ (মোরা সৈনিক মোরা শহীদান বীর বাচ্চা— *নই*)। **শহিদি, শহীদি, শহীদী** *বিণ* ১ শহিদের যোগ্য; শহিদের অবস্থা (শহীদি দর্জা চাহিনি আমরা চাহিনি বীরের অসি— *নই*)। { *আ.* শহীদ شهيد }

শা[১] ⇒ **শাহ**[২]

শা[২], **শাহ**[২] [শা, শাহ্] *বি* প্রধান; বড় (অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে ব্যবহৃত হয়)। ~**খরচে** *বিণ* যথেষ্ট অর্থ খরচ করে এমন। ~**জিরা** *বি* লম্বা কালো জিরা। ~**দরজা, শাহি-দরজা** *বি* সদর দরজা; সিংহদ্বার। ~**নজর** *বি* বিয়ের পর বর ও কনের শুভ দৃষ্টি এবং এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠান (বিবাহ-উৎসব প্রান্তে পান ও শরবত —তারপর শানজর— *মহাউ*)। { *ফা.* শাহ شاه }

শাই, সাই, শাঁই[৩], **সাঁই** [শাই, -, শা-, -] *বি* ১ বাউল সম্প্রদায়ের গুরু; পরমাত্মা (ও শাই বুঝতে না পাই মনের কথা তোর— *মাগান*)। **শাঁই**[৩] ⇒ । { *স.* স্বামী> }

শাইখ ⇒ শায়খ

শাইল [শাইল্] *বি* শালিধান। { *স.* শালি> }

শাউড়ী ⇒ শাশুড়ি

শাওন [শাওন্] *বি* শ্রাবণ মাস (শাওনে যাহারে পেলে না, তারে কি ভাদরে পাইবে দেখা— *নই*)। { *স.* শ্রাবণ> }

শাঁ [শাঁ] *অব্য* দ্রুত বেগসূচক ধ্বনি বা শব্দ (অন্ধকারে একটা লোক শাঁ করে চলে গেল)। { *ধ্বন্যা.* }

শাঁই[১] [শাঁই] *বি* শমীবৃক্ষ। { *স.* শমী> }

শাঁই[২] [শাঁই] *অব্য* ক্ষিপ্রতা; দ্রুতবেগসূচক শব্দ বা ধ্বনি (শাঁই করে সে দৌড়ে গেল)। ~ ~ *অব্য* ১ প্রবল বেগবোধক (শাঁইশাঁই করে সাইকেলে এসে হাজির হল— *নই*)। ২ শ্লেষ্মাজনিত কণ্ঠের শব্দ। { *ধ্বন্যা.* }

শাঁই[৩], **সাঁই** [শাই] *বি* ১ স্বামী; মালিক; আল্লাহ। ২ বাউলদের গুরু; পরমগুরু। ৩ গোস্বামী; গোঁসাই। { *স.* স্বামী> }

শাঁইখানী; শঙ্খিনী [শাইখানি, শোঙ্খিনি] *বি* দোদেলবান্দা; দুই মুখো (শাইখানী মামানীজান... পুরন ভালবাসা উথলে উঠে— *মীম*)। { *স.* শঙ্খিনী> }

শাঁওল [শাওল] *বি* শ্যামল। { *স.* শ্যামল> }

শাঁখ, শাঁক [শাঁখ, -ক] *বি* ১ শম্বুক জাতীয় সামুদ্রিক জীববিশেষ। ২ শঙ্খ; হিন্দুদের মাঙ্গলিক অনুষ্ঠানাদিতে শঙ্খের যে খোলা ফুঁ দিয়ে বাজানো হ. (হিমালয় তো এককালে সমুদ্রের গর্ভে ছিল, এই শাঁখই তার প্রমাণ— *অঠা*)। { *স.* শঙ্খ> }

শাঁখআলু, শাঁকআলু, শাঁকালু, শাঁখালু [শাখ্আলু, -ক, শাকালু, -খা-] *বি* শাখার আকৃতি বিশিষ্ট একপ্রকার ভক্ষ্য কন্দ। { *স.* শঙ্খ>+আলু }

শাঁখচিল [শাঁখচিল] *বি* শঙ্খচিল; শ্বেতচিল (দুই পাড়ে লোক মাছ ধরে ছিপে গাছে ডাকে শাঁখচিল— *বঞা*)। { *স.* শঙ্খ>+চিল }

শাঁখচুন্নি, শাঁখচুর্নী, শাঁকিনী, শাঁখিনী [শাঁখচুননি, -চুরনি, শাকিনি, -খি-] *বি* হিন্দু সংস্কার মতে প্রেতযোনিপ্রাপ্ত সধবা নারীর আত্মা। { *স.* শঙ্খচূর্ণী> }

শাঁখা [শাঁখা] *বি* শঙ্খনির্মিত বালা যা হিন্দু নারীর সধবা-চিহ্ন। { *স.* শঙ্খ>শাঁখ+ *বা.* আ }

শাঁখারি, শাঁখারী, শাঁকারি [শাঁখারি, -, -কা-] *বি* শঙ্খকার (শাঁকারি করমকার— *ঘচ*)। ২ শঙ্খবণিক; শঙ্খব্যবসায়ী। **শাঁখারিণী** *স্ত্রী.*। **শাঁখের করাত, শাঁকের করাত** *বি* ১ শঙ্খ কাটার করাত; যার দাঁতগুলো এমনভাবে তৈরি যে সামনে টানলেও কাটে পিছনে টানলেও কাটে (শাশুড়ীর কথাগুলি শাঁখের করাত, আসিতেও কাটে যাইতেও কাটে এমনি বরাত— *মাগান*)। ২ (*আল.*) যা থেকে সহজে নিস্তার পাওয়া যায় না; উভয় সঙ্কট। { *বা.* শাঁখা+আরি, আরী }

শাঁড়া ⇒ ষাঁড়া

শাঁস [শাঁশ] *বি* ১ ফলের ভিতরের সার ভাগ (শাঁসটা খেয়ে আঁশটা ফেলে দিসরে— *দ্বিরা*)। ২ ফলের আঁটির বা বীজের ভিতরের কোমল অংশ। ৩ সার অংশ বা বস্তু (তার মগজে একটুও শাঁস নেই)। **শাঁসালো** *বি* ১ শাঁসবিশিষ্ট। ২ সারবান। ৩ (*আল.*) সম্পদশালী; ধনী। { *স.* শস্য> }

শাক, শাগ [শাক, -গ] *বি* ১ রেঁধে খাওয়ার যোগ্য এক ধরনের উদ্ভিদ বা লতাপাতা, যেমন—পালং শাক, নটে শাক, কলমি শাক, পুঁইশাক ইত্যাদি (শাক তুলিতে গিয়েছিলুম ঐ না পুকুর-পারে— *মাগান*)। ২ পুরাণোক্ত একটি দ্বীপ। ৩ সেগুন গাছ। ৪ শকাব্দ। ~ **দিয়ে মাছ ঢাকা** *বি* (*আল.*) গুরুতর অপরাধ সামান্য উপায়ে বা সহজে ঢাকার ব্যর্থ চেষ্টা (আর কেন প্রাণ বিধুমুখি! শাক দে মাছ ঢাক— *মাগান*)। ~**পাতা** *বি* আহার্য লতাপাতা (সেবার দুর্ভিক্ষের সময় অনেকে কেবল শাকপাতা খেয়েই জীবন ধারণ করেছিল)। ~**ভাত, শাকান্ন** *বি* ১ উপকরণশূন্য খাদ্য; ব্যঞ্জন-বর্জিত আহার্য। ২ খুব সাধারণ খাদ্য। ৩ খুব গরিবের খাদ্য। ৪ (বিনয়ে) ভাল খাদ্য-খাবার (আমার বাড়িতে দয়া করে একটু শাকভাত খাবেন)। ~-**শুঁটকি** *বি* শাক ও শুষ্ক মৎস্যের তরিতরকারি। ~-**সবজি** *বি* তরিতরকারি (বাড়ির পেছনে শাকসবজির ক্ষেত)। { *স.* √শক্+অ(ঘঞ) }

শাকান্ন ⇒ শাক

শাকুন [শাকুন্] *বি* ১ হিন্দু সমাজে প্রচলিত পশুপাখির ডাক দ্বারা মঙ্গলামঙ্গল নির্ণয়-শাস্ত্র; কাকচরিত্র গ্রন্থ। ☐ *বিণ* শকুনজ্ঞ; শকুন-শাস্ত্রে পণ্ডিত; পাখির বর শুনে শুভাশুভ বিচারে পারদর্শী; পাখি সংক্রান্ত। **শাকুনিক** *বি, বিণ* ১ যে পাখি বধ করে; ব্যাধ; পাখিঘাতক; পাখি বধকারী। ২ শকুনবিশারদ; শকুনজ্ঞ ব্যক্তি। **শাকুনিকী** *বিণ, বি স্ত্রী.*। { *স.* শকুন+অ(অণ্) }

শাক্ত [শাক্তো] *বি, বিণ* ১ হিন্দু শাস্ত্রানুযায়ী শক্তির (কালী, দুর্গা প্রভৃতি শক্তির) উপাসক। ২ হিন্দু তন্ত্রসাধক (বুড়ী ছিল পরম বৈষ্ণব, বুড়ো ছিল ভারি শাক্ত— *দ্বিরা*)। { *স.* শক্তি+ অ(অণ্) }

শাক্য [শাককো] *বি* ১ একটি ক্ষত্রিয় বংশ। ২ বৌদ্ধধর্মের প্রবর্তক বুদ্ধদেব। ~**মুনি**, ~**সিংহ** *বি* বুদ্ধদেব। { *স.* শাক+য(ষ্যৎ) }

শাখা [শাখা] *বি* ১ গাছের ডাল (বুলবুলি তুই ফুল-শাখাতে দিসনে আজি দোল— *নই*)। ২ বাহু। ৩ অংশ; বেদের অংশবিশেষ (রাজবংশের একটি শাখা)। ৪ প্রধান বস্তু বা বিষয় থেকে উৎপন্ন ক্ষুদ্রতর বস্তু বা বিষয় (শাখানদী)। ~**চ্যুত** *বিণ* ১ গাছের ডাল থেকে পতিত বা স্খলিত। ২ একটি অংশের আলাদা রূপ। ~**নদী** *বি* কোনো বড় নদী থেকে উৎপন্ন ছোট নদী। ~**মৃগ** *বি* বানর (কেহ শাখামৃগ হইয়াছে উঠি আধ্যাত্মিক উঁচু শাখায়— *নই*)। { *স.* √শাখ্+অ(অচ)+আ(টাপ্) }

শাখী(-**খিন্**) [শাখি] *বিণ* ১ বৃক্ষ; গাছ। ২ শাখাবিশিষ্ট; ডালযুক্ত। { *স.* শাখা+ইন্(ইনি) }

শাগ ⇒ শাক

শাগরেদ, শাগরেদ [শাক্রেদ্, -গ্-] *বি* শিষ্য; চেলা; ছাত্র; সহকারী (আজি ওস্তাদে-সাগরেদে যেন শক্তির পরিচয়— *নই*)। **শাগরেদি, শাগরেদী** *বি* শিষ্যত্ব; ছাত্রত্ব; চেলাগিরি। { *আ.* শাগির্দ شاگرد }

শাঙন [শাঙোন্] *বি* শ্রাবণ মাস (শাঙন ঘন সম ঝরু দু'নয়ানে— *বিপ*)। **শাঙনি** *বিণ* শ্রাবণী (ওগো শ্যামলী শাঙনী মেঘ— *সদ*)। { *স.* শ্রাবণ> }

শাঙল [শাঙোল্] *বিণ* শ্যামল। **শাঙলি** *বিণ স্ত্রী.* শ্যামলা গাভী। { *স.* শ্যামল> }

শাঙা [শাঙা] *বিণ* বিধবা বা স্বামী পরিত্যক্তার পুনরায় বিবাহ। { *স.* সঙ্গ> }

শাঙ্কর [শাঙ্কোর্] *বিণ* ১ হিন্দু দার্শনিক ধর্মনেতা শঙ্কর সম্বন্ধীয়। ২ শঙ্করাচার্য প্রণীত (শাঙ্কর ভাষ্য)। { *স.* শঙ্কর+অ(অণ্) }

শাজাদা, শাহজাদা ⇒ শাহ

শাট[১] [শাট্] *বি* ১ পরিধেয় বস্ত্র; ধুতি। **শাটী, শাটিকা** *বি স্ত্রী.* শাড়ি; স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রবিশেষ। { *স.* √শাট্+অ(ঘঞ) }

শাট[২] [শাট্‌, শাঁ-] *বি* সাট; ইঙ্গিত (ভ্রাতৃদল শাটে ইঙ্গিতে ঠারে-বিঠারে কথা বলিয়া পরস্পর সতর্ক হইলেন—*মীম*)। { *স.* সংজ্ঞা> }

শাট[৩] ⇒ শার্ট

শাটার [শাটার্‌] *বি* জানালার খড়খড়ি; ঝিলিমিলি (আমার চৈতন্যের শাটার তখন বিলকুল বন্ধ হয়ে গিয়েছিল—*সৈমু*)। { *ই* shutter }

শাঠ্য [শাঠ্‌ঠো] *বি* শঠতা; ধূর্ততা; প্রতারণা; প্রবঞ্চনা। { *স.* শঠ+য(ষ্যঞ্‌) }

শাড়ি, শাড়ী [শাড়ি] *বি* স্ত্রীলোকের বস্ত্রবিশেষ (চলে নীল শাড়ী নিঙাড়ি নিঙাড়ি পরাণ সহিত মোর—*চদা*)। { *স.* শাটী>*প্রা.* সাডী> }

শাণ ⇒ শান[১]

শাণিত ⇒ শান[১]

শাণ্ডিল্য [শান্‌ডিল্‌লো] *বি* ১ হিন্দুদের গোত্রপ্রবর্তক একজন প্রাচীন মুনি। ২ বিল্বতরু; বেলগাছ। { *স.* শাণ্ডিল+য(ষ্যঞ্‌) }

শাত [শাত্‌] *বিণ* ১ ছেদন করা হয়েছে এমন; ছিন্ন। ২ ধারালো; চাঁচা; তীক্ষ্ণ করা হয়েছে এমন; তীক্ষ্ণীকৃত। **–কুম্ভ** *বি* সোনা; স্বর্ণ। { *স.* √শদ্‌+ই(ণিচ)+অ(অচ) }

শাতন [শাতোন্‌] *বি* ১ পাতন। ২ বিনাশন। ৩ ছেদন; ছিন্নকরণ; কৃশ করা (পক্ষধরের পক্ষ শাতন—*সদ*)। ৪ চাঁচা ৫ শাণ দেওয়া; তীক্ষ্ণকরণ। { *স.* √শদ্‌+ই(ণিচ)+অন(ল্যুট্‌) }

শাদা ⇒ সাদা

শাদি, শাদী, সাদি [শাদি] *বি* ১ বিবাহ; পরিণয়; উদ্বাহ (শাহাজাদীর শাদির দিনে নাচে হাজার বাঁদী—*সদ*)। ২ আনন্দ; উৎসব। { *ফা.* শাদী شادی }

শাদিয়ান, শাদিয়ানা, সাদিনা [শাদিয়ান্‌, –না, শাদিনা] *বি* ১ আনন্দ; আহ্লাদ; আনন্দোৎসব (তাদের শাদিয়ানা শুনে কাবুলের লোক একরকম ভয় পেয়ে গেল—*সৈমু*)। ২ বিবাহ উৎসবের বাদ্য (হঠাৎ সাদিয়ানা বাদ্য বাজিয়া উঠিল—*মাম*)। { *ফা.* শাদিয়ানাহ্‌ شادیانه }

শাদ্বল [শাদ্‌দল্‌] *বি* কচি ঘাসে বা তৃণে আবৃত ভূমি (সিঞ্চিত সরস স্নিগ্ধ নবীন শাদ্বল—*রঠা*)। { *স.* শাদ+বল } { *স.* √শণ্‌+অ(ঘঞ্‌) }

শান[১]**, শাণ** [শান্‌] *বি* ১ কষ্টিপাথর। ২ অস্ত্রাদি তীক্ষ্ণ করার জন্য পাথর বা যন্ত্র। ৩ তীক্ষ্ণকরণ; ধারানো। ৪ ধাতু প্রভৃতি পালিশ করা হয় যে যন্ত্র দ্বারা। ৫ করাত। ৬ ইষ্টকাদি নির্মিত স্থান; সিমেন্টে পাকা মেঝে। ৭ পাষাণ। **~ওয়ালা** *বি* যে শানপাথরে বা যন্ত্রে অস্ত্রাদি তীক্ষ্ণ করার ব্যবসা করে। **~ দেওয়া** *ক্রি* ১ শানযন্ত্রে বা শানপাথরে অস্ত্রাদি ধার দেওয়া। ২ তীক্ষ্ণ করা। **~পাথর** *বি* ১ অস্ত্র তীক্ষ্ণ করার প্রস্তরখণ্ড। ২ যে পাথর-টুকরা ধাতু ইত্যাদি পালিশ করবার কাজে ব্যবহৃত হয়। **~ বাঁধানো** *বিণ* ইট-পাথরের তৈরি; পাকা (শান বাঁধানো ঘাট)। **শানিত, শাণিত** *বিণ* ধারালো বা তীক্ষ্ণ করা হয়েছে এমন; নিশিত (একটা শানিত ছুরি)। { *স.* √শন্‌/শণ্‌+অ(ঘঞ্‌); *আ.* সেহ্‌ন صحن }

শান[২] [শান্‌] *বি* মাহাত্ম্য; মর্যাদা (আল্লাহর শান) মর্যাদা। তুল. শান শওকত। { *আ.* শান شان }

শানকি [শান্‌কি] *বি* মাটির তৈরি থালা। { *আ.* সেহ্‌ন صحن +ই }

শানশওকত, শানশৌকত [শান্‌শওকত্‌, -শোউ-] *বি* ১ গৌরব; জাঁকজমক (কোথায় সে তেজ ইমান; কোথায় সে শানশওকত—*নই*)। ২ প্রতাপ (তবু তোর মাঝে আজো বেঁচে আছে তাঁর শওকত শান—*আজই*)। { *আ.* শান شان + শৱকত شوکت }

শানা[১] [শানা] *বি* বর্ম; সাঁজোয়া (গায়েতে পরিল শানা মাথায় টোপর—*কৃও*)। { *আ.* সেহ্‌ন صحن }

শানা[২] [শানা] *বি* ১ তাঁতযন্ত্রের চিরুনির ন্যায় অংশ। ২ চিরুনি। { *ফা.* শানহ্‌ شانه }

শানা[৩] [শানা] *বি* নদীর বাঁধের তত্ত্বাবধায়ক (শানা উপাধি-ধারী ব্যক্তি এদেশে অনেক আছেন—*হার*)। { *আ.* সেহ্‌ন صحن }

শানা[৪]**, শানানো**[১] [শানা, –নো] *ক্রি* ১ ক্ষুধা আকাঙ্ক্ষা প্রভৃতি শান্ত বা পরিতৃপ্ত হওয়া; মেটা; অবসান হওয়া (এত কমে তার শানে বা শানায় না)। □*বি* উক্ত অর্থে। { *স.* √শম্‌+*বা.* আ }

শানা[৫] [শানা] *ক্রি* শান দেওয়া; ধারালো বা তীক্ষ্ণ করা। □*বি* উক্ত উভয় অর্থে। { *স.* √শন্‌+অ(ঘঞ্‌)+*বা.* আ }

শানাই, সানাই [শানাই] *বি* সুপরিচিত বাদ্যযন্ত্রবিশেষ (বাজলো কিরে ভোরের সানাই—*নই*)। **~য়ের পোঁ ধরা** *(আল.)* কাহারো স্তুতি করা; চাটুকারিতা করা। { *ফা.* শাহনাই شاهنائی }

শানানো[২] [শানানো] *ক্রি* ১ শান দেওয়া। ২ তীক্ষ্ণ করা। □*বি বিণ* শানিত; তীক্ষ্ণীকৃত (যুক্তি শানিয়ে নিচ্ছি)। { *স.* শান[১]+আনো; ক্রিয়ারূপ—শানাই, শানাও, শানায়, শানান; *অক্রি*—শানিয়ে, শানাতে, শানালে ইত্যাদি }

শানিত ⇒ শান[১]

শানে-নজুল [শানেনোজুল্‌] *বি* কোরানের সুরা বা আয়াত বা ওহি অবতীর্ণ হওয়ার কারণ (উহার শানে-নুযুল ও খোলাসা বয়ান করলেন—*আমআ*)। { *আ.* শানেনুজুল شاننزول }

শান্ত [শান্‌তো] *বি* ১ শান্তিযুক্ত; শমপ্রাপ্ত। ২ *(আল.)* চিত্তাবেগবর্জিত রসবিশেষ। □*বিণ* ১ শমগুণযুক্ত। ২ নিবৃত্ত (ক্ষুধা তৃষ্ণা শান্ত করা)। ৩ জিতেন্দ্রিয়। ৪ ধীর; অনুদ্ধত; শিষ্ট (শান্ত প্রকৃতির মেয়ে)। ৬ বিনাশিত। **~ভাব** *বি* হিংসা ক্রোধ দুঃখ শোক প্রভৃতি পরিত্যক্ত মনের অবস্থা; উত্তেজনাবর্জিত মানসিক অবস্থা; মানসিক সৌম্যতা; প্রশান্তি। **~মূর্তি** *বি* ১ শান্তভাবে পূর্ণ আকৃতি। ২ সৌম্যরূপ। □*বিণ* সৌম্যরূপবিশিষ্ট। **~শিষ্ট** *বিণ* নম্র ও ভদ্র; অনুদ্ধত। **~স্বভাব** *বিণ* ধীর; স্থির; নম্র; বিনয়ী; ঔদ্ধত্যশূন্য; অনুদ্ধত। { *স.* √শম্‌+ত(ক্ত) }

শান্তনু [শান্‌তোনু] *বি* মহাভারতোক্ত ভীষ্মের পিতা। { *স.* শান্ততনু> }

শান্তরসাস্পদ [শান্‌তোরশাশ্‌পদো] *বি* যেখানে আসিলে মনে শান্ত রসের উদয় হয় (পুনর্বার এই শান্তরসাস্পদ তপোবনে আসিবে—*ঈবি*)। { *স.* শান্তরস+আস্পদ }

শান্তি [শান্‌তি] *বি* ১ শমগুণ; প্রশান্তি; উৎকণ্ঠাশূন্যতা;

চিত্তস্থৈর্য (মানসিক শান্তি)। ২ লালসা দমন; বিষয়াদি হতে ইন্দ্রিয়ের নিবৃত্তি; স্পৃহ্যরাহিত্য। ৩ নিবৃত্তি; বিরাগ; বিরাম; উপশম (তৃষ্ণার শান্তি)। ৪ উপদ্রবহীনতা; উৎপাতশূন্যতা (শান্তিরক্ষা); অবসান; সমাপ্তি (যুদ্ধশান্তি)। ৫ সন্ধি; যুদ্ধাবসান; বিবাদের মীমাংসা (শান্তিস্থাপন)। ৬ কল্যাণ (শান্তিস্বস্ত্যয়ন); বিশ্রাম (শান্তি লাভের জন্য শয়ন)। **–জল** *বি* হিন্দুদের পূজার মন্ত্রপূত জল যা ভক্তদের কল্যাণের জন্য তাদের শরীরে ছিটিয়ে দেওয়া হয়। **–পাঠ** *বি* শান্তিকামনায় মন্ত্রাদি পাঠ। **–প্রিয়** *বিণ* (স্বভাবত) শান্তি ভালোবাসে বা শান্তি চায় এমন। **–রক্ষক** *বি* শান্তি রক্ষাকারী; উপদ্রব থেকে রক্ষাকর্তা (বিশেষ অর্থে); পুলিশ। **–স্থাপন** *বি* ১ অশান্তি দূরীকরণ; গোলযোগ নিবারণ (বিশেষ অর্থে)। ২ যুদ্ধাদির অবসান করে সন্ধি স্থাপন। **–স্বস্ত্যয়ন** *বি* রোগ–উপদ্রবাদির অবসান কামনায় হিন্দুদের পূজার্চনা। { *স.* √শম্+ তি(ক্তি)}

শান্তিপুরি, শান্তিপুরী [শানতিপুরি] *বিণ* ১ শান্তিপুরে প্রস্তুত; শান্তিপুরে তৈরি উৎকৃষ্ট তাঁতের কাপড় (শান্তিপুরী শাড়ী দিমু গয়না দিমু গায়—*মাগান*)। ২ শান্তিপুরে তৈরি প্রসিদ্ধ তাঁতবস্ত্র। **শান্তিপুরে** *বিণ* শান্তিপুরে প্রচলিত বা উৎপন্ন; শান্তিপুরবাসী। {শান্তিপুর+ই, ঈ}

শান্ত্রিসেপাই [শানত্রিশেপাই] *বি* প্রহরারত সৈনিক; সশস্ত্র প্রহরী (লক্ষ হাজার শান্ত্রী–সেপাই জাগে—*আসি*)। {*ই.* sentry+*ফা.* সেপাহী سپاهی }

শাপ [শাপ্] *বি* অভিসম্পাত; অভিশাপ (অপরাধে শাপ দিও না ওগো আমার গুরো—*মাগান*)। **–গ্রস্ত** *বিণ* ১ অভিসম্পাতের ফলে দুর্গতিপ্রাপ্ত। ২ অভিশপ্ত। **–গ্রস্তা** *বিণ স্ত্রী*। **–ভ্রষ্ট** *বিণ* ১ হিন্দু বিশ্বাসে অভিশাপের ফলে অপেক্ষাকৃত নীচ জন্মপ্রাপ্ত (শাপভ্রষ্ট দেবতা)। **–ভ্রষ্টা** *বিণ স্ত্রী*। **–মন্যি** *বি* অভিশাপ (আমানউল্লাকে শাপমন্যি ও মৌলানাকে মিলিটারি স্ট্র্যাটেজি সম্বন্ধে তালিম দিলেন—*সৈমুআ*)। **–মুক্তি** *বি* অভিশাপ থেকে মুক্তিলাভ। **–মোচন** *বি* অভিশাপ খণ্ডন। **শাপা** *ক্রি* অভিশাপ দেওয়া। **শাপান্ত** *বি* ১ শাপমোচন; শাপভঞ্জ; অভিশাপের অবসান। ২ সর্বপ্রকার অভিশাপ (শাপ–শাপান্ত করা)। **শাপিত** *বিণ* অভিশাপ দেওয়া হয়েছে এমন। { *স.* √শপ্+ই(ণিচ)+ত(ক্ত)}

শাপলা, সাপলা, সাফলা *(বিরল)* [শাপ্‌লা, –, –ফ্–] *বি* বাংলাদেশের জাতীয় ফুল; কুমুদ; *(আঞ্চ.)* নাইল; *Nymphea odorata* (সাফলা ফুলের মালা—জউ; ডালে আমাদের স্বপ্নের শাপলা—*আর*)। {সাপ+ লা>}

শাপা [শাপা] *ক্রি* অভিসম্পাত বা অভিশাপ দেওয়া। { *স.* শাপ+*বা.* আ}

শাপী [শাপি] *বিণ* শাপগ্রস্ত (আয়রে শাপী দুঃখী তাপী আয় কে হবি বরাতী—*নই*)। { *স.* শাপ+ইন্}

শাফা [শাফা] *বি* আরোগ্য; রোগমুক্তি (খোদা যাকে শাফা না দেয় তাকে কে ভাল করিতে পারে—*আমআ*)। **শাফি** *বি* রোগ মুক্তিদাতা; আরোগ্যদাতা। { *আ.* শিফা شفاء }

শাফায়ত, শাফায়ৎ [শাফায়ত্] *বি* সুপারিশ; কেয়ামতে আল্লাহর নিকট নবি–রসুলের সুপারিশ (নেলে কখনও মুসলিম নও, মিছে শাফায়ৎ চাও—*নই*)। { *আ.* শফাআৎত شفاعة }

শাফেয়ী [শাফেয়ি] *বি* ১ সুন্নি ইমাম আবু আব্দুল্লাহ মুহম্মদ ইবন ইদরীস শাফেয়ী। ২ উক্ত ইমামের মজহাব অনুসরণকারী। { *আ.* শাফি' ঈ شافعی }

শাবক, শাব [শাবোক্, শাব্] *বি* বাচ্চা; ছানা। { *স.* √শব+অ+ক(কন্); শব+অ(অণ্)}

শাবর [শাবোর্] *বিণ* ব্যাধ/শবর জাতি সম্বন্ধীয়। { *স.* শবর+অ(অণ্)}

শাবল [শাবোল্] *বি* মাটি খোঁড়ার জন্য অথবা কপাটাদি ভাঙার জন্য লৌহনির্মিত এক প্রকার অস্ত্র (হাতুড়ি শাবল গাঁইতি চালিয়ে ভাঙিলো যারা পাহাড়—*নই*)। { *স.* শর্বলা>}

শাবান [শাবান্] *বি* হিজরি বছরের অষ্টম মাস। { *আ.* শাবান شعبان }

শাবাশ, সাবাস [শাবাশ্] *অব্য* প্রশংসাসূচক ধ্বনি; ধন্য; বলিহারি; মারহাবা (সাবাসে জোয়ান—জউ)। **~ দেওয়া** *ক্রি* প্রশংসা করা। { *ফা.* শাহবাশ شاهباش }

শাবুদ [শাবুদ্] *বি* প্রমাণ; সাক্ষ্য। { *আ.* ছাবুদ ثبوت }

শাব্দ [শাবদো] *বিণ* শব্দসংক্রান্ত। **শাব্দিক** *বিণ* ১ শব্দশাস্ত্রজ্ঞ; শব্দশাস্ত্রে সুপণ্ডিত। ২ বৈয়াকরণ; ব্যাকরণবিদ। ৩ শব্দসম্বন্ধীয়। { *স.* শব্দ+অ(অণ্)}

শাম[১], **সাম** [শাম্] *বি* সন্ধ্যা; সান্ধ্য (শাম হৈলে তেরা আগে হইবে হাজির—*সৈহা*)। { *আ.* শাম شام }

শাম[২] [শাম্] *বি* সিরিয়ার পুরনো নাম (বাণিজ্য 'শাম' 'মোকাদ্দেস' তুই যেন বাপ রোস খাটি—*নই*)। { *আ.* শাম্ شام }

শামর *(ব্র.)* [শামোর্] *বিণ* শ্যামবর্ণ; শ্যামল। **শামরী** *বিণ স্ত্রী.* শ্যামা (শ্যামরী ঝামরী তোর দেহা—*বিপ*)। { *স.* শ্যামল>}

শামলা[১] [শাম্‌লা] *বিণ* শ্যামবর্ণা; প্রায় কালো (শ্যামলা গাই)। { *স.* শ্যামলা>}

শামলা[২] [শাম্‌লা] *বি* ১ (উনিশ শতক অবধি বাংলাদেশে চালু) শালের এক প্রকার পাগড়ি; উষ্ণীষ (উকিলের শামলা)। ২ পাগড়ি ঝুলানো প্রান্তভাগ। ৩ চোগা; ঢোলা জামা। { *আ.* শম্‌লাহ شملة }

শামসুল উলামা ⇒ শমস–উল–উলামা

শামা[১] [শামা] *বি* ১ দীপ; প্রদীপ; বাতি (শামার সম পড়েছে গলে আমার দেহে—*আহ*)। ২ শামাপোকা বা দীপে আকৃষ্ট কীট (শামা পোকার না পোড়ে পাখ—*সদ*)। ৩ লৌহবলয়। **–দান** *বি* বাতিদান; প্রদীপের গাছা; শেজ (মোতিমহলের শামাদানে জ্বলে আলেয়ার আলোশিখা—*মোম*)। { *আ.* শামআ شامی }

শাম্মি, শামী[১], **শামা**[২], **শাঁপি** [শাম্মি, –, –মা, শাঁপি] *বি* ১ লাঠির সরু মুখ; ঢেঁকির মুষলের বা মুদ্গরাদির মুখ শক্ত করার জন্য লাগান লোহার বালা; ferrule। { *ফা.* শামী شامی }

শামিয়ানা, সামিয়ানা, শামীয়ানা [শামিয়ানা] *বি* বস্ত্র নির্মিত অস্থায়ী ছাদবিশেষ; চাঁদোয়া; চন্দ্রাতপ (ডাক পড়বে তার সামিয়ানার নিচে বিয়ের আসরে—*অচিসে*)।

{ ফা. শামিয়ানহ্ شامیانه }
শামি², সামি [শামি] *বি* ১ ইহুদি–আরবি মিশ্র ভাষা; Semetic। ২ লাঠির সরু মুখ। □*বিণ* শাম বা সিরিয়া দেশে উৎপন্ন বা তদ্দেশ সম্পর্কিত। { *আ.* শামী شامی }
শামি কাবাব, শামি কাবাব [শামি কাবাব্] *বি* মাংস ও ডাল দিয়ে প্রস্তুত বড়াবিশেষ; শামদেশীয় কাবাব (আরেক প্লেটে গোটা আষ্টেক ফুল বোম্বাই সাইজের শামীকাবাব —*সৈমু*)। { *আ.* শামী شامی + কবাব کباب }
শামিল, সামিল (*প্রাপ্র*), **সামেল** (*প্রাপ্র*) [শামিল্, –, –মেল্] *বিণ* ১ অন্তর্গত; অন্তর্ভুক্ত (তাহাও খাওয়া পড়ার শামিল সারিয়া লইতে হয়—*রঠা*)। ২ সমান; তুল্য; ন্যায়; সদৃশ (দিলে দিলে মিল এক সামিল—*নই*)। { *আ.* শামিল شامل }
শামুক [শামুক্] *বি* ঝিনুকের মতো শক্ত আবরণযুক্ত জলচর প্রাণীবিশেষ। ~-**চুন** *বি* শামুক পুড়িয়ে তৈরি ক্ষারবিশেষ; পানের সঙ্গে সেব্য চুন। { *স.* শম্বুক> }
শায়ক [শায়োক্] *বি* শর; বাণ; তীর (কি দোষ পাইয়া বিশেষ শায়ক হানিলে—*জউ*)। { *স.* √শী+অক(ণ্বুল্) }
শায়িত [শায়িতো] *বিণ* ১ শয়ন করানো হয়েছে এমন। ২ 'শুয়ে আছেন' অর্থে 'শায়িত' শব্দের প্রয়োগ প্রচলিত কিন্তু ব্যাকরণভাবে শুদ্ধ নয় এমন। **শায়িতা** *বিণ স্ত্রী.*। { *স.* √শী+ণিচ্+ত(ক্ত) }
–**শায়ী**(–য়িন্) [শায়ি] *বিণ* শয়নকারী; শায়িত; শয়ান (শয্যাশায়ী, ভূমিশায়ী)। –**শায়িনী** *বিণ স্ত্রী.*। { *স.* √শী+ইন্(ণিনি) }
শায়েস্তা, সায়েস্তা [শায়েস্‌তা] *বিণ* ১ সুষম; শোভন। ২ শিক্ষাপ্রাপ্ত; শিষ্ট; বিনীত। ৩ শাস্তিপ্রাপ্ত; জব্দ (পুলিসে দিন মশায়, সায়েস্তা হোক—*অচিসে*)। ৩ দমিত; শাসিত। ২ যোগ্য; উপযুক্ত; সঙ্গত (শায়েস্তা জবাব)। { *ফা.* শায়িস্‌তহ্ شایسته }
শারঙ্গ¹, সারঙ্গ, [শারোঙ্‌গো] *বি* বাদ্যযন্ত্রবিশেষ। **শারঙ্গী**(–ঙ্গিন্), **সারঙ্গী** (–ঙ্গিন্) *বি* সারঙ্গীবাদক। { *স.* শা(সা)+রঙ্গী> }
শারঙ্গ² [শারোঙ্‌গো] *বি* ১ চাতক। ২ ময়ূর। ৩ ভৃঙ্গ। ৪ হরিণ। ৫ গজ। **শারঙ্গী** *বি স্ত্রী.*। { *স.* শার(রঙিন)+অঙ্গ; বহু }
শারঙ্গ³, শার্ঙ্গ [শারোঙ্‌গো, শারঙ্‌গো] *বি* বিষ্ণুর বা কৃষ্ণের শৃঙ্গনির্মিত ধনুক। **শার্ঙ্গধর, শার্ঙ্গপাণি** *বি* শ্রীকৃষ্ণ। { *স.* শৃঙ্গ+অ(অণ্)=শার্ঙ্গ> }
শারদ, শারদীয় [শারোদ্, –দিয়ো] *বিণ* শরৎকালীন; শরৎকালের (আজিকে তোমার মধুর মুরতি হেরিনু শারদ প্রভাতে—*রঠা*)। **শারদী, শারদীয়া** *বিণ স্ত্রী.*। ~-**যামিনী** *বি* শরৎকালীন রাত্রি (সে শারদযামিনী—*বিপ*)। **শারদা** *বি* দুর্গাদেবী; দেবী সরস্বতী; বীণাবিশেষ। { *স.* শরদ্+(অণ্)>,+ঈয়(ছ) }
শারি¹, সারি, শারী¹, শারিকা [শারি, –, –, –কা] *বি স্ত্রী.* ১ শালিক; শালিকের পত্নী (সংকট শালিক শারী শুক জলে কাক—*সৈআ*)। ২ শুক। { *স.* শারি+ক(কন্)+আ(টাপ্)> }
শারি², শারী² [শারি] *বি* ১ পাশার গুটিকা। ২ নিন্দাবাদ। ৩ সারিগান। { *স.* শৄ+ই(ইঞ্) }
শারীর, শারীরিক [শারির্, –রিক্] *বিণ* ১ শরীর সম্পর্কীয়। ২ দেহজ; দেহজাত; দেহ থেকে উৎপন্ন। ~**বিদ্যা** *বি* শারীরস্থান ও শারীরবৃত্ত; anatomy and physiology। ~**বৃত্ত,** ~**বৃত্তি** *বি* যে বিজ্ঞানশাস্ত্রে দেহের অঙ্গসমূহের ক্রিয়া সম্পর্কে আলোচিত হয়; physiology। ~**স্থান** *বি* দেহের বিভিন্ন অংশের গঠন ও সংস্থান সম্পর্কিত শাস্ত্র; anatomy। { *স.* শরীর+অ(অণ্) }
শার্কর [শারকর্] *বিণ* ১ শর্করা বা চিনিসম্পর্কিত। ২ শর্করামিশ্রিত; শর্করাযুক্ত। ৩ দানাওয়ালা; দানাদার। ৪ কাঁকরযুক্ত; কাঁকরপূর্ণ। { *স.* শর্করা+অ(অণ্) }
শার্ঙ্গ [শারঙ্‌গো] *বিণ* ১ শৃঙ্গ বা শিং সংক্রান্ত। ২ শৃঙ্গজাত; শৃঙ্গ থেকে উৎপন্ন; শিং দ্বারা নির্মিত। □*বি* শৃঙ্গনির্মিত ধনু। ~**ধর,** ~**পাণি, শার্ঙ্গী** (–র্ঙ্গিন্) *বি* ১ ধনুর্ধর। ২ হিন্দুদেবতা বিষ্ণু। { *স.* শৃঙ্গ+অ(অণ্) }
শার্ট [শার্‌ট্] *বি* পুরুষের সুপরিচিত ফুল বা হাফ–হাতা জামা। **ফুল–** *বি* • মণিবন্ধ পর্যন্ত হাতাওয়ালা শার্ট। **হাওয়াই ~** *বি* কনুই পর্যন্ত হাতাওয়ালা ও কোটের মতো শার্টবিশেষ। **হাফ–** *বি* কনুই পর্যন্ত হাতাওয়ালা শার্টবিশেষ। { *ই.* shirt }
শার্দূল [শারদুল্] *বি* ১ ব্যাঘ্র; বাঘ; (সমাসে উত্তরপদে) শ্রেষ্ঠ (নরশার্দূল)। **শার্দূলী** *বি স্ত্রী.* ব্যাঘ্রী; বাঘিনী (বাহিরিলা আশুগতি দোহে শার্দূলী অবর্তমানে—*মদ*)। ~**বিক্রীড়িত** *বি* সংস্কৃত ছন্দবিশেষ। { *স.* √শৄ+উল(উলচ্) }
শার্শি, শার্সি ⇒ শাসি
শাল¹ [শাল্] *বি* ১ বিখ্যাত শাল গাছ; ওই গাছের মূল্যবান কাঠ (শালবনেরই আঁচল ব্যেপে যেদিন হাওয়া উঠতো ক্ষেপে—*রঠা*)। ২ শোল মাছ। **শালের কোঁড়া** *বি* শালগাছের তেজি চারা। **শালতি** *বি* শালগাছের গুঁড়িতে তৈরি ক্ষুদ্র অথচ ক্ষিপ্রগামী নৌকাবিশেষ। ~**নির্যাস** *বি* ধুনা। ~**প্রাংশু** *বিণ* (দেহ বা অঙ্গ সম্বন্ধে) শালগাছের মতো সুগঠিত ও দীর্ঘকায় (আবদুর রহমান কিন্তু এখন তার শালপ্রাংশু মহাবাহু দিয়ে আমাকে এমনি জড়িয়ে ধরে—*সৈমু*)। { *স.* √শাল্+অ(ঘঞ্) }
শাল² [শাল্] *বি* ১ দীর্ঘ শূল (শালে দেওয়া বা চড়ানো)। ২ অতি করুণ দুঃখ–বেদনা (এ শাল থাকিল বুকে—*চদা*)। { *স.* শল্য> }
শাল³ [শাল্] *বি* দামি পশমি শীত–গাত্রবস্ত্রবিশেষ। ~**ওয়ালা** *বি* শাল বিক্রেতা। ~**কর** *বি* যে ব্যক্তি শাল কাচে ও রিফু কর্মাদি করে। { *আ.* শাল شال }
–**শাল⁴** [শাল্] *বি* ১ গৃহ; আলয় (হাতিশাল)। ২ কারখানা (কামারশাল)। { *স.* শালা> }
শালওয়ার, সালোয়ার [সালোয়ার্] *বি* ঢিলা পাজামাবিশেষ। { *ফা.* শলৱার شلوار }
শালগম [শালগম্] *বি* মূলাজাতীয় গোলাকৃতি কন্দ সবজিবিশেষ, যা ঐ নামের গাছের পরিবর্তিত মূল। { *ফা.* শল্‌গম্ شلغم }
শালগ্রাম [শালগ্রাম্] *বি* বিষ্ণুর প্রতীকরূপে পূজিত গণ্ডকীনদী জাত শিলা। **শালগ্রামের শোওয়া বসা সমান**

(অলস ও স্থূল ব্যক্তি সম্বন্ধে) অলস ও স্থূল ব্যক্তি সর্বদা একইভাবে অবস্থান করে। {স. শালগ্রাম (দেশবিশেষ)>}

শালতি, সালতি [শাল্‌তি] *বি* ১ শালের গুঁড়ি দ্বারা নির্মিত ছোট কিন্তু দ্রুতগামী নৌকা (সালতি সাঁ সাঁ করিয়া চলিয়াছে চারিদিকে জলময়—*প্যামি*)। ২ তালের ডোঙ্গা। {স. শাল+তরি>}

শালা[১] [শালা] *বি* ১ আলয়; আগার; বাড়ি; স্থান (স্তব্ধ দুপুর পাঠশালা পলায়ন—*রঠা*)। ২ ঘর; কক্ষ (ভোজনশালা)। ৩ কারখানা (কামারশালা)। ৪ ভাণ্ডার; সঞ্চয়স্থান (শস্যশালা)। {স. √শল্+অ(ঘঞ)+আ(টাপ্)}

শালা[২] [শালা] *বি* স্ত্রীর ছোট ভাই; সম্বন্ধী। ২ গালিবিশেষ। **শালাজ, ~বৌ** *বি* শালার স্ত্রী। **শালী** *বি* ১ স্ত্রীর ছোট বোন। ২ গালিবিশেষ। {স. শ্যালক>}

শালি [শালি] *বি* সরু হৈমন্তিক আমন ধান (শালি ধানের চিঁড়ে দেবো—জউ)। □*বিণ* শ্লাঘনীয়। {স. √শাল্+ই(ইন্)}

শালিক, সালিক [শালিক] *বি* সুপরিচিত পাখি। {স. শারিকা>}

শালিস, সালিস [শালিশ্] *বি* মধ্যস্থ; তৃতীয় ব্যক্তি (দেশের যত সব ঝগড়া-ফসাদের তাঁরা শালিস করতেন —*হবা*)। **শালিশি, সালিসি** *বি* মধ্যস্থ দ্বারা বিচার; দুই জনের বিবাদ নিষ্পত্তির জন্য যে তৃতীয় ব্যক্তি বা ব্যক্তিগণ নিযুক্ত হন তাঁরা বা তাঁদের বিচার (আদালতে হইতে শালিশা হুকুম দিয়া থাকেন—ভব)। {আ. ছালিছ ثالث }

-শালী(-লিন্) [শালি] *বিণ* যুক্ত; বিশিষ্ট; সম্পন্ন (তিনি একজন অর্থশালী লোক)। **-শালিনী** *বিণ স্ত্রী*। {স. √শাল্+ইন্(ণিনি)}

শালীন [শালিন্] *বিণ* সলজ্জ; লজ্জাশীল; নম্র; ভদ্র; রুচিকর; বিনয়ী; সুন্দর; শোভন। **-তা** *বি*। {স. শালা+ঈন(খ)}

শালু, সালু [শালু] *বি* লাল কাপড়বিশেষ। {আ. শাল شال }

শালুক, শালূক [শালুক্] *বি* ১ কুমুদ ফুল; নাল (ঝিলের ঝিনুক, বিলের শালুক—*নই*)। ২ পদ্মফুলের মূল। {স. √শাল্+উক/ঊক(ঊকণ্)}

শাল্মলি, শাল্মলী, শাল্মল [শাল্‌মোলি, -, -মল] *বি* ১ শিমুলগাছ (হায়, বিধি, ফুলদল দিয়া কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে—*মদ*)। ২ পুরাণোক্ত সপ্তদ্বীপের একটি। {স. √শাল্ + মলি(মলিঞ্), মল(মলচ্)+ ঈ(ঙীষ্)}

শাশবিবি [শাশ্‌বিবি] *বি* শাশুড়ি (শাশবিবি কন, আহা আসে নাই কতদিন হলো মেজলা জামাই—*নই*)। {স. শ্বশ্রূ>শাশ+বিবি بی بی (আঞ্চ. বিবি অর্থ সম্ভ্রান্ত মহিলা)}

শাশুড়ি, শাউড়ী [শাশুড়ি, -উ-] *বি স্ত্রী* স্বামী বা স্ত্রীর মা বা তৎস্থানীয়া; শ্বশ্রূ (শাউড়ীর কথাগুলি যেন বিষের হলা—*মাগান*)। {স. √শ্বশ্রূ>}

শাশ্বত, শাশ্বতিক [শাশ্‌শোতো, -তিক্] *বিণ* নিত্য; অবিনশ্বর; চিরস্থায়ী; অবিনাশী; সুদীর্ঘকাল স্থায়ী। **শাশ্বতী, শাশ্বতিকী** *বিণ স্ত্রী*। {স. শশ্বৎ+অ(অণ্), ইক(ঠঞ)}

শাসক ⇒ শাসন

শাসন [শাশোন্] *বি* ১ দমন (দুষ্টের শাসন); নিগ্রহ; অত্যাচার (দুষ্ট রাজার প্রজাপীড়ন)। ২ সুব্যবস্থার সঙ্গে প্রতিপালন (প্রজা-শাসন)। ৩ পরিচালন; নিয়মন (দেশশাসন)। ৪ রাজ্য-পরিচালনা (ইংরেজ-শাসন)। ৫ নিয়ন্ত্রণ; সংযমন; সংযতকরণ (ইন্দ্রিয় শাসন)। ৬ আদেশপত্র; সনদ (তাম্রশাসন)। ৭ উপদেশ; নির্দেশ; আজ্ঞা; বিধি; অনুশাসন (শাস্ত্রের শাসন)। ৮ তিরস্কার; ভর্ৎসনা; শাস্তিদান (শাসন করা তারেই সাজে সোহাগ করে যে গো—*রঠা*)। **শাসক, ~কর্তা** (-র্তৃ) *বি* ১ যে শাসন করে; প্রশাসক; (জেলা প্রশাসক বা জেলার শাসনকর্তা)। ২ রাজা। ৩ রাজ-প্রতিনিধি। ৪ গভর্নর; প্রদেশপাল। **~তন্ত্র** *বি* শাসনপদ্ধতি; রাজ্যশাসন-প্রণালি; constitution। **শাসনাধীন** *বিণ* শাসকের এলাকাভুক্ত; শাসনের আয়ত্তে এমন। **শাসনীয়, শাস্য** *বিণ* ১ শাসনের উপযুক্ত; শাসনযোগ্য; দমনযোগ্য; দণ্ডনীয়; নিয়ন্ত্রণযোগ্য; সংযমনীয়। ২ শিক্ষণীয়; শিক্ষাযোগ্য। **শাসিত** *বিণ* ১ শাসন করা হয়েছে এমন; দমিত; সংযমিত। **শাসিতা** *বিণ স্ত্রী*। {স. √শাস্+অন(ল্যুট)}

শাসা [শাশা] *ক্রি (পদ্য.)* শাসন করা। {স. √শাস্+বা. আ}

শাসানো [শাশানো] *ক্রি* ১ প্রতিশোধ নেওয়া বা শাস্তি দেওয়ার ভয় দেখানো; শাস্তি বা দণ্ডদানের ভীতি প্রদর্শন করা; হুমকি দেওয়া। ২ উক্ত অর্থে। **শাসানি, শাসানী** *বি* ১ তিরস্কার; প্রতিশোধ গ্রহণের বা শাস্তিদানের ভয় প্রদর্শন (কান্না-ভরা শাসানী শুনতে শুনতে... উত্তপ্ত হয়ে উঠলেন—*বোখা*)। ২ তাড়না; হুমকি। {স. √শাস্+বা. আনো}

শাসি, শার্সি, শার্শি [শাশি, শারশি, -] *বি* জানালার কাঁচের কপাট বা পাল্লা (শাসিতে ছায়া পড়ে কার—*হার*)। {ফ. chassis}

শাসিত ⇒ শাসন

শাসিতা[২](-তৃ) [শাশিতা] *বি* ১ শাসনকর্তা; শাসক। ২ উপদেশক; উপদেষ্টা; শিক্ষাদানকারী; শিক্ষক। {স. √শাস্+তৃ(তৃচ)}

শাস্তর [শাস্‌তোর্] *বি* ১ বিধান; শাস্ত্র (ওসব হিন্দুর শাস্তর —*কাআও*)। ২ গল্প-কাহিনী। {স. শাস্ত্র>}

শাস্তা(-স্তৃ) [শাস্‌তা] *বি* ১ শাসনকর্তা; শাসক। ২ রাজা। ৩ উপদেশদাতা; উপদেষ্টা; ওস্তাদ; শিক্ষক। ৪ বুদ্ধদেব। {স. √শাস+তৃ(তৃচ)}

শাস্তি [শাস্‌তি] *বি* সাজা; দণ্ড; নিগ্রহ; অত্যাচার। **~বিধান** *বি* শাস্তি দেওয়া; দণ্ডদান। {স. √শাস্+তি(ক্তি)}

শাস্ত্র [শাস্‌ত্রো] *বি* ১ যা দ্বারা শাসন বা শিক্ষা দান করা হয়। ২ অনুশাসন গ্রন্থ। ৩ ধর্মগ্রন্থ (ইসলামি শাস্ত্র)। ৪ কোনো বিশেষ বিদ্যা বা বিজ্ঞানসংক্রান্ত গ্রন্থ (গণিতশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র)। ৫ কোনো বিশেষ বিদ্যা বা বিজ্ঞান। **~কার** *বিণ* শাস্ত্ররচনাকারী; ধর্মগ্রন্থ-রচয়িতা। **~চর্চা, শাস্ত্রানুশীল, শাস্ত্রালোচনা** *বি* শাস্ত্রপাঠ ও আলোচনা। **~জীবী** *বি* শাস্ত্রালোচনা যাদের জীবিকার উপায় (শাস্ত্রজীবী সভা-পণ্ডিতগণ—*রাব*)। **শাস্ত্রজ্ঞ, শাস্ত্রজ্ঞানী**(-নিন্);

শাস্ত্রদর্শী(-র্শিন্) *বিণ* শাস্ত্র জানেন এমন। ~বিধি *বি* শাস্ত্রের বিধান বা নির্দেশ বা অনুশাসন। ~**বিহিত, ~সঙ্গত, ~সম্মত, শাস্ত্রানুমত, শাস্ত্রানুমোদিত** *বিণ* শাস্ত্রনির্দিষ্ট; শাস্ত্র অনুযায়ী। **শাস্ত্রার্থ** *বি* শাস্ত্রের তাৎপর্য। **শাস্ত্রী**(-স্ত্রিন্) *বি* ১ শাস্ত্রজ্ঞ; শাস্ত্রে পণ্ডিত। ২ শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ (হরপ্রসাদ শাস্ত্রী)। **শাস্ত্রীয়** *বিণ* ১ শাস্ত্রসম্বন্ধীয়। ২ শাস্ত্রোক্ত; শাস্ত্রে বিহিত। ৩ শাস্ত্রানুমোদিত; শাস্ত্রসম্মত। **শাস্ত্রোক্ত** *বিণ* শাস্ত্রে উল্লিখিত। { *স.* √শাস্+ত্র(ষ্ট্রন্)}

শাস্য ⇒ শাসন

শাহ[১], শা[১] [শাহ্, শা] *বি* ১ বাদশা; নৃপতি (শাহ সিকান্দর)। ২ সাবেক পারস্যরাজের উপাধি (রেজা শাহ)। ~**জাদা, শাহজাদা, শাজাদা** *বি* রাজকুমার; রাজপুত্র; বাদশাহের পুত্র। ~**জাদি, শাহজাদী, শাজাদী** *বি স্ত্রী.* বাদশার কন্যা; রাজকুমারী। ~**জাহান, সাহজাহান** *বি* ১ বিশ্বের সম্রাট। ২ সম্রাট জাহাঙ্গিরের পুত্রের নাম। **শাহানশাহ, শাহানশা** *বি* রাজাধিরাজ; বাদশাহ (শাহানশাহ শাহজাহানের দরবার—*ওয়া*)। **শাহি, শাহী** *বি* ১ রাজকীয়; নৃপতি সম্বন্ধীয়; সরকারি (শাহি ফরমান)। ২ বড়মানুষি; ধনীর ন্যায়; নবাবি (শাহি চালচলন)। { *ফা.* শাহ্ شاه }

শাহাদত[১], শাহাদাৎ[শাহাদত্] *বি* ১ সাক্ষ্য। ২ মুসলমানের আকিদা বা বিশ্বাস অনুযায়ী দ্বিতীয় কালিমা—কালিমায়ে শাহাদত, আল্লাহ এক এবং হজরত মুহম্মদ (স.) আল্লাহর রসুল—এই সাক্ষ্য দান। ~ **অঙ্গুলি** *বি* তর্জনী (তব শাহাদাৎ অঙ্গুলি আজও ফিরদৌসের ইশারা করে—*ফঅ*)। { *আ.* শহাদত شهادة }

শাহাদাত, শাহাদত[২] [শাহাদাত্, -দত্] *বি* শহিদ হওয়া; ধর্ম, ন্যায় ও সত্য রক্ষার বা প্রতিষ্ঠার কাজে নিহত হওয়া। { *আ.* শহাদৎ شهادة }

শাহানা[১], সাহানা[১] [শাহানা] *বিণ* ১ রাজকীয় (বাদশাহ খাতের করে খাবার সামানা করে শাহানা খাবার সরঞ্জাম —*সৈহা*)। ২ জাঁকজমকপূর্ণ (নূতন বিয়ের সময়ে শাহানা পোষাক প্রস্তুত করিয়া বর সাজিয়া মজলিসে বসিয়াছিলেন—*মীম*)। { *ফা.* শাহানহ্ شاهانه }

শাহানা[২], সাহানা[২] [শাহানা] *বি* রাগিণীবিশেষ। { *ফা.* শাহানহ্ شاهانه }

শাহারা *(বিরল)*, **সাহারা** [শাহারা] *বি* ১ আফ্রিকা মহাদেশের সমগ্র উত্তরাংশ ব্যেপে পৃথিবীর বৃহত্তম মরুভূমির নাম। ২ মরুভূমি (দুঃখের সাহারা হৃদয়ের সঞ্চিত রসটুকু নিঃশেষে পান করে বসে আছে—*শেক*)। { *আ.* সহ্‌রা صحراء }

শাহি খেয়াল [শাহিখেয়াল্] *বি* বাদশাহের উপযোগী খেয়াল বা ইচ্ছা (উভয় লোকের শাহী খেয়াল শির হতে মোর যায় চলে—*মুশ*)। { *ফা.* শাহি شاهی + *আ.* খয়াল خيال }

শাহিতক্ত, শাহীতক্ত, শাহী-তখ্‌ৎ [শাহিতক্‌ত্, -, -খ্-] *বি* রাজসিংহাসন (কোন দিন শাহীতক্তের দাবী করে বসবেন—*মীম*)। { *ফা.* শাহীতখ্‌ত شاهیتخت }

শাহিদ, শাহীদ[শাহিদ্] *বি* ১ সাক্ষী; সাক্ষ্যদানকারী। { *আ.* শাহিদ شاهد }

শাহিন [শাহিন্] *বি* সাদা বাজপাখি (শাহীন শিকার তার তুলে যেমন হিকমতে—*ফঅ*)। { *ফা.* শাহীন شاهین }

শাহি নহবত [শাহি নহোবত্] *বি* বাদশাহের প্রধান ফটকে প্রহর বা সময়জ্ঞাপক যে বাদ্য বাজে (বেলা পড়ে এল শাহী নহবত প্রহর ঘণ্টা মহলে বাজে—*মোম*)। { *ফা.* শাহী شاهی + *আ.* নহবত نوبة }

শাহিনামা, শাহীনামা [শাহিনামা] *বি* রাজকীয় আদেশপত্র; ফরমান (তথায় উপস্থিত হইয়া বিশেষ ভক্তিসহকারে শাহীনামাখানি পাঠ করিলেন—*মীম*)। { *ফা.* শাহীনামহ্ شاهینامه }

শাহিপ্রাসাদ, শাহীপ্রাসাদ [শাহিপ্রাশাদ্] *বি* রাজপ্রাসাদ (কি অধিকারে তুমি দখল করে আছো এই শাহী প্রাসাদ —*আকউ*)। { *ফা.* শাহী شاهی + *স.* প্রাসাদ}

শাহিমুকুট, শাহীমুকুট [শাহিমুকুট্] *বি* রাজমুকুট (এমাম হাসান এক্ষণে স্বয়ং মদিনার সিংহাসনে বসিয়া শাহীমুকুট শিরে ধারণ করিয়াছেন—*মীম*)। { *ফা.* শাহী شاهی + *স.* মুকুট}

শাহিরগ [শাহিরগ্] *বি* গ্রীবাদেশের প্রধান রগ; শাহরগ; jugular vein (অধীশ্বরের সান্নিধ্য অনুভব করে নিজের ঘাড়ের শাহীরগ অপেক্ষাও নিকটে—*মাউ*)। { *ফা.* শাহ্‌রগ্ شاه رگ }

শিউরন, শিউরনো ⇒ শিহরন

শিউলি [শিউলি] *বি* শেফালি গাছ; ঐ গাছের ফুল (শিউলি ফোটার লগ্নে মধুর শরৎ তুমি এলে)। { *স.* শেফালি> }

শিং, শিঙ [শিঙ্] *বি* পশুর মাথার দীর্ঘ শক্ত ও তীক্ষ্ণ হাড়বিশেষ; শৃঙ্গ। ~ **দেখানো** *ক্রি* আক্রমণের ভীতি প্রদর্শন। ~ **ভেঙে বাছুরের দলে ঢোকা বা ভেড়া** *ক্রি* বয়স্ক বা প্রাচীন হওয়া সত্ত্বেও আত্মমর্যাদা নষ্ট করে তরুণদের সঙ্গে মেশা। { *স.* শৃঙ্গ> }

শিংশপা [শিঙ্‌শপা] *বি* শিশুগাছ। { *স.* শিংশপা}

শিক ⇒ সিক

শিককাবাব [শিক্‌কাবাব্] *বি* মশলা মাখানো মাংস শিকে গেঁথে গনগনে কয়লার আগুনের উপরে রেখে প্রস্তুত খাদ্য (শিককাবাব করে খাব—*সৈমু*)। { *ফা.* সিককবাব سیخ کباب }

শিকড় [শিকড়্] *বি* মূল; গাছের মূল। ~ **গাড়া** *(আল.) ক্রি* মজবুত হয়ে বসা; নিজেকে দৃঢ়ভাবে স্থাপন করা। { *স.* শিখর/শৃঙ্খল> }

শিকদার[১] [শিক্‌দার্] *বি* ১ 'শিক' পরগনার মতো ভূমিরাজস্ব আদায় এলাকা; zone। ঐ এলাকার রাজস্ব আদায়ের ও প্রশাসনের দায়িত্বে নিযুক্ত কর্মচারীই শিকদার। ২ যারা পূর্বে শিক-বন্দুক বা ছড়ি-বন্দুক ব্যবহার করতো। ৩ শান্তিরক্ষক কর্মচারী। ৪ বংশীয় পদবিবিশেষ। { *আ.* সীখ سیخ + *ফা.* দার دار = سیخدار }

শিকদার[২] [শিক্‌দার্] *বি* বিভাগীয় রাজস্ব আদায়কারী কর্মচারী। { *আ.* শিক شق + *ফা.* দার دار }

শিকনি [শিক্‌নি] *বি* নাসারন্ধ্র থেকে বহির্গত শ্লেষ্মা; পোঁটা। { *স.* শিঙ্ঘাণ> }

শিকম, শিকমা [শিকম্, শিক্‌মা] *বি* পেটের ঘের বা মাপ। { *ফা.* শিকম شکم }

শিকরা, শিকরে [শিক্‌রা, -রে] *বি* শিকারি পাখিবিশেষ; তুর্কি বাজ। { *আ.* শকর شقر }

শিকল, শিকলি *(কথ্য.)* [শিকল্, শিক্‌লি] *বি* ১ (লৌহনির্মিত) শৃঙ্খল; জিঞ্জির (শিকল পরা ছল মোদের —*নই*)। ২ দরজার লৌহনির্মিত শিকল; নিগড়। ~ **কাটা টিয়ে** *ক্রি* আদর লাভ করা সত্ত্বেও যে সব মায়া ত্যাগ করে চলে যায়। { *স.* শৃঙ্খল> }

শিকস্ত [শিকস্‌তো] *বি* পাকা হাতের টানা লেখা; জড়ানো ফারসি ও উর্দু লেখা। { *ফা.* শিকস্ত شکسته }

শিকস্তি [শিকোস্‌তি] *বি* ভগ্ন; ভাঙা; ভাঙ্গা। ~ **জমি** *বি* নদীর তরঙ্গাঘাতে তীরের যে জমি নষ্ট হয়েছে (নদী শিকস্তি)। { *ফা.* শিকস্তী شکستی }

শিকা, সিকা, শিকে, সিকে [শিকা, -, -কে, -] *বি* দ্রব্যাদি সংরক্ষণের জন্য দড়ি বা তারে তৈরি এক রকম ঝুলানো আধার (ঝোলা গুড় তোলা ছিল শিকার উপর —*ঈগু*)। **শিকেয় তুলে রাখা** *ক্রি (আল.)* অনির্দিষ্ট সময়ের জন্য স্থগিত বা মুলতুবি রাখা (এসব শিকেয় তুলে রাখো)। **ভাগ্যে ~ ছেঁড়া** *ক্রি* সৌভাগ্যের উদয় হওয়া। { *স.* শিক্যা> }

শিকায়েত, শিকায়ৎ [শিকায়েত্, -য়ত্] *বি* ১ বদনাম; দোষারোপ; নিন্দা; অপবাদ। ২ অভিযোগ; নালিশ। { *আ.* শিকায়ত شکایة }

শিকার [শিকার্] *বি* ১ অস্ত্রাদির সাহায্যে বনের পশুপাখির প্রাণবধ; মৃগয়া (হামেশা শিকার করে হরিণ জানোয়ার—*সেহ্য*)। ২ মৃগয়ালব্ধ প্রাণী। ৩ *(আল.)* হত্যা; লুণ্ঠন প্রভৃতি দুষ্কর্মের লক্ষ্য কোনো নিরীহ ব্যক্তি; বধ্য প্রাণী। **শিকারি** *বি বিণ* শিকার করে এমন। { *ফা.* শিকার شکار }

শিকেয় তোলা ⇒ শিকা

শিক্ষক [শিক্‌খক্] *বিণ,বি* ১ শিক্ষাদাতা; অধ্যাপক; উপদেষ্টা; গুরু; মাস্টার। ২ শাসনকর্তা। **শিক্ষয়িত্রী, শিক্ষিকা** *বি,বিণ স্ত্রী.*। ~**তা** *বি* শিক্ষকের বৃত্তি বা পদ। { *স.* √শিক্ষ্+অক(ণ্বুল্) }

শিক্ষণ [শিক্‌খন্] *বি* ১ শিক্ষাগ্রহণ; অধ্যয়ন (এ ছাড়া শিক্ষণ বিভাগ আছে—*মব*)। ২ শিক্ষাদান; অধ্যাপনা; তালিম। **শিক্ষণীয়** *বিণ* শেখার বা শেখাবার যোগ্য। { *স.* √শিক্ষ্+অন(ল্যুট্) }

শিক্ষয়িতা [শিকখোয়িতা] *বিণ* শিক্ষাদাতা; শিক্ষক। **শিক্ষয়িত্রী** *স্ত্রী.*। { *স.* √শিক্ষ্+ই(ণিচ্)+তৃ(তৃচ্) }

শিক্ষা [শিক্‌খা] *বি* ১ অভ্যাস চর্চা প্রভৃতির দ্বারা আয়ত্তকরণ (মোটর চালনা শিক্ষা)। ২ বিদ্যাচর্চা; অধ্যয়ন; এলেম। ৩ বিদ্যা বা জ্ঞান লাভ (শিক্ষার হার)। ৪ উপদেশ; নির্দেশ (গুরুর শিক্ষা)। ৫ অভিজ্ঞতা (ব্যবসা সম্বন্ধে শিক্ষা)। ৬ আক্কেল; বুদ্ধি (তিক্ত জ্ঞান বা অভিজ্ঞতা; নিদারুণ শিক্ষা লাভ)। ৭ দণ্ড; শাস্তি (কঠিন শিক্ষা দান)। ৮ বেদমন্ত্রের উচ্চারণ বিষয়ক গ্রন্থ। ~**কর** *বি* রাজ্যমধ্যে শিক্ষাদানের ব্যবস্থা করার জন্য সরকারকে দেয় কর বা খাজনা। { *স.* √শিক্ষ্+অ+আ }

শিক্ষাগুরু, শিক্ষাদাতা [শিক্‌খাগুরু, -দাতা] *বি* শিক্ষক; যিনি বিদ্যা দান করেন। { *স.* শিক্ষা+গুরু, দাতা }

শিক্ষাদীক্ষা [শিক্‌খাদিক্‌খা] *বি* ১ শাস্ত্রপাঠ ও মন্ত্রগ্রহণ। ২ শিক্ষণ ও আচরণ; তালিম; তরবিয়ত। { *স.* শিক্ষা+দীক্ষা; দ্বন্দ্ব. }

শিক্ষাধীন [শিক্‌খাধিন্] *বিণ* শিক্ষানবিস; শিক্ষাগ্রহণরত ব্যক্তি; apprentice। { *স.* শিক্ষা+অধীন }

শিক্ষানবিস, শিক্ষানবিশ [শিক্‌খানোবিশ্] *বি,বিণ* শিক্ষার্থী। { *স.* শিক্ষা+*ই.* novice }

শিক্ষামূলক [শিক্‌খামূলক্] *বিণ* শিক্ষা সংক্রান্ত; শিক্ষা বিষয়ক। { *স.* শিক্ষা+মূলক }

শিক্ষিত [শিক্‌খিতো] *বিণ* ১ শিক্ষাপ্রাপ্ত। ২ বিদ্বান; বিদ্যাবান; পণ্ডিত। ৩ শিক্ষা করা হয়েছে এমন। **শিক্ষিতা** *বিণ স্ত্রী.*। ~**ব্য** *বিণ* শিক্ষণীয়। { *স.* √শিক্ষ্+ত(ক্ত) }

শিখ [শিখ্] *বি* গুরু নানক প্রবর্তিত ধর্ম; উক্ত ধর্মাবলম্বী সম্প্রদায়। { *স.* শিষ্য>*প্রা.* সিক্‌খ> }

শিখণ্ড, শিখণ্ডক [শিখন্‌ডো, -ডক্] *বি* ১ ময়ূরপুচ্ছ (শিখণ্ড তোর মুণ্ডে—*মদ*)। ২ চূড়া। ৩ জুলফি। **শিখণ্ডিক** *বি* কুক্কুট; মোরগ। **শিখণ্ডী**(-ণ্ডিন্) ১ ময়ূর; শিখণ্ড আছে যার (ধন্য তুই পক্ষিকুলে শিখণ্ডী—*মদ*)। ২ মহাভারতোক্ত দ্রুপদ রাজার পুত্রের নাম। ৩ যাকে সম্মুখে রেখে অন্যায় কাজ করা হয় (মীর জাফরকে শিখণ্ডীরূপে সামনে দাঁড় করিয়ে—*ছউ*)। **শিখণ্ডিনী** *বি স্ত্রী.* শিখণ্ডবিশিষ্টা; ময়ূরী (রূপসী দূতী যথা শিখণ্ডিনী—*মদ*)। { *স.* শিখিনম্ অমতি }

শিখন ⇒ শেখা

শিখর [শিখর্] *বি* চূড়া; শীর্ষদেশ; উপরিভাগ। ২ পর্বত শৃঙ্গ। { *স.* শিখা+র }

শিখরী(-রিন্) [শিখোরি] *বি* ১ চূড়া বা শৃঙ্গ আছে যার; পর্বত (মানস সকাশে শোভে কৈলাস শিখরী—*মদ*)। ২ পার্বত্য দুর্গ। ৩ বৃক্ষ; গাছ। ৪ শিখরবিশিষ্ট। **শিখরিণী** *বি স্ত্রী.* ১ চূড়াবিশিষ্ট; পর্বত। ২ একটি সংস্কৃত ছন্দের নাম। { *স.* শিখর+ইন্(ইনি) }

শিখা[1] [শিখা] *বি* ১ চূড়া; শিখর; শীর্ষদেশ। ২ টিকি; চৈতন্য। ৩ আগুনের শিষ বা অগ্রভাগ; ময়ূর। { *স.* √শী+খ+আ(টাপ্) }

শিখা[2] ⇒ শেখা

শিখী(-খিন্) [শিখি] *বি* ময়ূর; শিখণ্ডযুক্ত প্রাণী। **শিখিনী** *বি স্ত্রী.* ময়ূরী (শিখিবৃন্দ অশ্বত্থের সাথে নাচিছে শিখিনী সনে—*কায়*)। **-ধ্বজ, ~বাহন** *বি* দেবসেনাপতি কার্তিকেয়। { *স.* শিখা+ইন্(ইনি) }

শিঙ ⇒ শিং

শিঙ্গা, শিঙা [শিঙ্‌গা, শিঙা] *বি* ফুঁ দিয়ে বাজানোর জন্য শিং বা ধাতু দ্বারা তৈরি এক প্রকার বাদ্যযন্ত্র; বিষাণ; horn; trumpet। ~ **ফোঁকা** *ক্রি* মরা; মারা যাওয়া; শেষ নিঃশ্বাস বের করে দেওয়া; পরলোক গমন করা। ~**বাদন দিন** *বি* কিয়ামতের দিন (ঐ শিঙ্গাবাদন দিন পর্যন্ত অক্ষয়রূপে স্থায়িত্বের উপায় বিধান করুন—*মীম*)। { *স.* শৃঙ্গ> }

শিঙ্গাড়া, শিঙাড়া [শিঙ্‌গাড়া, শিঙাড়া] *বি* ১ মশলা মিশানো আলু, কপি প্রভৃতির পুর দেওয়া ময়দার তৈরি

তেকোনা তেলে ভাজা খাদ্যবিশেষ। ২ পানিফল। { *স.* শৃঙ্গাটক> }

শিঙ্গার [শিঙ্গার] *বি* নায়ক–নায়িকার মিলনসজ্জা বা বেশবিন্যাস। { *স.* শৃঙ্গার> }

শিঙ্গি, শিঙি [শিঙ্গি, শিঙি] *বি* মাথায় দুই দিকে বিযাক্ত কাঁটাযুক্ত মাগুরজাতীয় মৎস্যবিশেষ। { *স.* শৃঙ্গী> }

শিঙ্ঘাণ [শিঙ্ঘান] *বি* নাসামল; নাকের পোঁটা; শিকনি। ২ লৌহমল; মরিচা। { *স.* √শিঙ্ঘ্+আণক> }

শিঞ্জন, শিঞ্জিত[1] [শিন্‌জন্, –জিতো] *বি* নূপুর ইত্যাদির ধ্বনি; অলঙ্কারের শব্দ (গহনার শিঞ্জন নেই প্রেক্ষাকক্ষে —*মব*)। { *স.* √শিঞ্জ্+অন(ল্যুট্), ত(ক্ত) }

শিঞ্জিত[2] [শিন্‌জিতো] *বিণ* মুখর; শব্দকারী (নূপুর-শিঞ্জিত পদ—*রঠা*)। **শিঞ্জিনিকা** *বি* নূপুরের ধ্বনি বা শব্দ। **শিঞ্জিনী** *বি* ১ নূপুর। ২ ধনুর্গুণ বা ধনুকের ছিলা। *স.* √শিঞ্জ্+ত(ক্ত) }

শিটকিনি ⇒ ছিটকিনি

শিট [শিট্] *বি* চওড়া ও পাতলা পাতখণ্ডবিশেষ (কাগজের শিট, টিনের শিট)। { *ই* sheet }

শিটা, শিঠা [শিটা, –ঠা] *বি* গাদ; ক্বাথ; কাইট। { *স.* শিষ্ট> }

শিটি ⇒ সিটি

শিটে ⇒ শিটা

শিঠা ⇒ শিটা

শিত [শিতো] *বিণ* শানিত; ধারালো। { *স.* √শি+ত(ক্ত) }

শিতান ⇒ শিথান

শিতি [শিতি] *বি* ১ শুভ্রবর্ণ; সাদা রং। ২ কালো বা নীলবর্ণ। □ *বিণ* ১ সাদা। ২ কালো; নীল। **~কণ্ঠ** *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ ময়ূর। { *স.* √শি+তি(ক্তি); বহু }

শিথান, শিতান [শিথান্, –তা–] *বি* ১ শিয়রদেশ; শয়নকারীর শীর্ষদেশ; শোয়া অবস্থায় মাথার দিক (মেঘের মতো গুচ্ছ কেশরাশি শিথান ঢাকি পড়েছে ভারে ভারে—*রঠা*)। ২ উপাধান; মাথার বালিশ। ৩ মাথা (শিথানে সিঁদুর)। *বিপ.* পৈথান। { *স.* শিরঃস্থান> }

শিথিল [শিথিল্] *বিণ* ১ শ্লথ। ২ অবসন্ন। ৩ জড়তুল্য; অলস (ফাগুন মাসে অশোক ছায়ে অলস প্রাণে শিথিল গায়ে—*রঠা*)। ৪ বিস্রস্ত; আলুলায়িত। ৫ ঢিলা (শিথিল হয়েছে বাহুবন্ধন—*রঠা*)। **~তা, শৈথিল্য** *বি* আলস্য; অবসন্নতা; ঢিলেমি। { *স.* √শ্লথ্+ইর(কিরচ্) }

শিনি [শিনি] *বি* একপ্রকার জলসেচন যন্ত্র। { *স.* সেচনী> }

শিন্নি ⇒ শিরনি

শিপসরকারি, শিপসরকারী [শিপ্‌শরকারি] *বি* জাহাজের মাল উঠানামার তদারকের কাজ (অনুগ্রহ করে শিপ-সরকারী কর্ম দিলেন—*প্যামি*)। { *ই* শিপ ship *ফা.* সরকার سرکار }

শিপ্রা [শিপ্‌প্রা] *বি* উজ্জয়িনীতে প্রবাহিত চম্বল নদীর শাখাবিশেষ। { *স.* ক্ষিপ্র> }

শিব[1] [শিব্] *বি* ১ হিন্দুদেবতা মহাদেব; মহেশ; ত্র্যম্বক; মহেশ্বর; ধূর্জটি; ঈশান; শঙ্কর; পশুপতি; শম্ভু; ত্রিলোচন; ভোলানাথ; ত্রিনাথ; চন্দ্রশেখর; কৃত্তিবাস; ব্যোমকেশ; নীলকণ্ঠ; আশুতোষ; রুদ্র; পিনাকী; উমাপতি; কাশীশ্বর; গঙ্গাধর। ২ শুভ; মঙ্গল; কল্যাণ। □ *বিণ* ১ শুভদ; মঙ্গলপ্রদ; কল্যাণকর। ২ সুখদ; সুখপ্রদ। ৩ রমণীয়; শোভাযুক্ত। **~ গড়তে বাঁদর গড়া** *ক্রি* খুব ভালো কিছু করতে গিয়ে খারাপ কিছু করা। **~চতুর্দশী** *বি* ফাল্গুন মাসের কৃষ্ণাচতুর্দশী। **~জ্ঞান** *বি* শুভজ্ঞান; সমস্তই মঙ্গল—এই ধারণা। **~ত্ব** *বি* শিবের পদ বা স্থান। **~ত্বপ্রাপ্তি** *বি* মৃত্যু; পরলোকগমন। **~নেত্র** *বি* ধ্যানী শিবের ন্যায় ঊর্ধ্বদৃষ্টি (যার চোখ নেই তিনিই কেবল সৌন্দর্যের দর্শন লাভের জন্য শিবনেত্র হন —*প্রচৌ*)। **~পুরী, ~লোক** *বি* ১ শিবের বাসস্থান। ২ কৈলাশ। ৩ বারাণসী। **~প্রিয়া** *বি* দুর্গাদেবী। **~বাহন** *বি* বৃষ; ষাঁড়। **~রাত্রি** *বি* শিবচতুর্দশীর রাত্রি। **~রাত্রির সলতে** *বি* একমাত্র পুত্র বা বংশধর। **~লিঙ্গ** *বি* প্রস্তর মৃত্তিকাদি দিয়ে গঠিত শিবের লিঙ্গরূপ মূর্তি। **শিবালয়** *বি* শিবমন্দির। **~হীন যজ্ঞ** *বি* প্রধান ব্যক্তিকে বাদ দিয়ে কৃত অনুষ্ঠান। **শিবের অসাধ্য** *বিণ* সর্বতোভাবে ও সর্বজনের পক্ষে অসাধ্য। **শিবা** *বি স্ত্রী.* ১ হিন্দুদেবতা শিবের স্ত্রী; হিন্দুদেবী দুর্গা (শিবার হইল ক্রোধ শিবের বচনে—*ভারা*)। ২ শৃগালী। ৩ মঙ্গলময়ী। **শিবানী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গা। { *স.* √শিব্+অ(অচ্) }

শিবা, শিবানী, শিবালয় ⇒ শিব

শিবিকা [শিবিকা] *বি* পালকি (কেহ শিবিকায় কেহ ধায় রথে—*রঠা*)। { *স.* √শিব+ই(ণিচ্)+অক(ণ্বুল্)+আ(টাপ্) }

শিবির [শিবির্] *বি* ১ ছাউনি; তাঁবু; স্কন্ধাবার; বস্ত্রগৃহ; পটাবাস। ২ সেনা-নিবাস। { *স.* √শী+ইর(কিরচ্) }

শিম, ছিম [শিম্, ছি–] *বি* রান্না করে খাওয়ার যোগ্য ফল ও তরকারিবিশেষ। { *স.* শিম্ব> }

শিমুল, শিমূল [শিমুল্] *বি* তুলাপ্রসূ বৃক্ষবিশেষ; এক প্রকার তুলার গাছ; শাল্মলী। **শিমুল গাছে গা ঘষা** *ক্রি* এমন কাজ করা যাতে নিজের ক্ষতি হয়; অধিকতর শক্তিমান লোকের সঙ্গে বিবাদ বা প্রতিদ্বন্দ্বিতা করতে গিয়ে নিজেই ক্ষতিগ্রস্ত হওয়া। **শিমুল, শিম্বী** *বি* শিমুলের ফল (শিমুলশিম্বী ফুটাইলে বলে—*মদ*)। { *স.* শিম্বলী> }

শিম্ব, শিম্বা, শিম্বি, শিম্বী, শিম্বিকা [শিম্‌বো, –বা, –বি, –, –কা] *বি* ১ শিম। ২ শুঁটি। ৩ শিমগাছ। { *স.* √শম্+ব(কুন্), > }

শিয়র [শিয়র্] *বি* ১ শয়নকারীর মাথার দিক; শিথান (শয়ন শিয়রে প্রদীপ নিবেছে—*রঠা*)। ২ (*আল.*) নিকটবর্তী। **শিয়রে শমন** *বিণ* মরণ ঘনিয়ে এসেছে এমন; মৃত্যু নিকটে এমন। { *স.* শিখর> }

শিয়া, শী'আ [শিয়া] *বি* ১ মুসলমান সম্প্রদায়বিশেষ। ২ এই সম্প্রদায়ের মতে হজরত আলী (রা.) হলেন হজরত মুহম্মদের (সা.) অব্যবহিত খলিফা (শিয়ারা তাকে ভাবত সুন্নি—*আনিস*)। ৩ দল; হজরত আলীর দলভুক্তগণ। { *আ.* শি'আহ شيعة }

শিয়াকুল [শিয়াকুল্] *বি* বন্য কাঁটাগাছবিশেষ; ক্ষুদ্রাকার বন্যফুলের গাছ বা তার ফল। { *স.* শৃগালকেলি> }

শিয়ান (*মবা.*) [শিয়ান্] *বি* বাজ পাখি (আসি তাড়া দিলেক শিয়ান—*কমু*)। { *স.* শ্যেন> }

শিয়াল [শিয়াল্] *বি* শৃগাল; শিবা। ~**কাঁটা** *বি* কাঁটাগাছ বিশেষ। **শিয়ালের যুক্তি** যে যুক্তি পালন করা অসম্ভব জেনেও গৃহীত বা প্রদত্ত হয়। **সব শিয়ালের এক রা**— সমদলভুক্ত সকল ব্যক্তিরই একই রকম মত বা আচরণ। ~**পণ্ডিত** *বি* (রূপকথা থেকে) যে ব্যক্তি মূর্খ কিন্তু অতি চতুর। ~ **ফাঁকি** *বি* ১ মৃত্যুর ভান করে প্রতারণা। {*স.* শৃগাল>}

শির[১] [শির্] *বি* ১ রগ; নাড়ি; অস্থিবন্ধনী। ২ উচ্চরেখা (পাতার শির)। {*স.* শিরা>}

শির[২], **শিরঃ**(–রস্) [শিরো, –রোহ্, সমাসবদ্ধ পদের ক্ষেত্রে বিসর্গের পরবর্তী ধ্বনির দ্বিত্ব] *বি* ১ মস্তক বা মাথা। ২ শীর্ষ; চূড়া; উপরিভাগ; অগ্রদেশ। **শিরঃপীড়া** *বি* মাথার যন্ত্রণা; মাথাধরা; headache (তরুণ সম্প্রদায়ের যে কোন প্রতিনিধিই তার শিরঃপীড়ার কারণ—*রক*)। **শিরজ, শিরোজ, শিরসিজ** *বি* মাথার চুল। **শিরশ্ছেদ, শিরশ্ছেদন** *বি* মস্তকচ্ছেদ। **শিরস্ক, শিরস্ত্র, শিরস্ত্রাণ** *বি* ১ পাগড়ি; উষ্ণীষ (কনক শিরস্ক শিরে—*মদ*)। ২ টুপি; মাথায় পরার বর্মবিশেষ। **শিরে সংক্রান্তি** *বি* আসন্ন বিপদ; উপস্থিত মহাবিপদ। {*স.* √শ্রি+অস্> শিরঃ>}

শিরদাঁড়া [শির্দাঁড়া] *বি* মেরুদণ্ড (যারা দেশের শিরদাঁড়া তাদের শক্ত করতে হবে—*নই*)। {*স.* শিরোদণ্ড>}

শিরনামা, শিরনাম [শির্নামা, –ম্] *বি* ১ নাম-ঠিকানা যা পত্রাদির উপরে লেখা হয়। ২ প্রবন্ধাদির নাম। {*ফা.* সার্নামহ্ سرنامه }

শিরনি, শিরনী, শিরণি, শিরণী, শির্নী, শিন্নী [শির্নি, –, –, –, –ন্নি] *বি* ১ মুসলমান বা হিন্দু কর্তৃক সত্য পীর বা অন্য পীরের উদ্দেশ্যে নিবেদনের জন্য আটা, ময়দা, চিনি, কলা, পায়েস ইত্যাদি দিয়ে তৈরি ভোগবিশেষ। ২ ফিরনি। ৩ মিষ্টান্ন; মিঠাই। {*ফা.* শীরীনী شیرینی }

শিরনী ⟹ শিরনি

শিরপা ⟹ শিরোপা

শিরপেচ [শির্পেচ্] *বি* ১ এক ধরনের পাগড়ি। ২ পাগড়ির সম্মুখে লাগানো সোনারুপার তৈরি মুকুট বা প্রতীকচিহ্ন। {*ফা.* সরপেচ سرپیچ }

শিরশির [শির্শির্] *অব্য* শিহরণ অনুভব করা; শিহরিত হয়ে ওঠা। {*ধ্বন্যা.*}

শিরস্ক, শিরস্ত্র, শিরস্ত্রাণ ⟹ শির

শিরা[১] [শিরা] *বি* ১ রক্তবাহিকা নাড়ি; vein। ২ উচ্চরেখা। ~**ল** *বিণ* শিরাবহুল; শিরাযুক্ত। {*স.* √শৃ+অ(ক)}

শিরা[২] [শিরা] *বি* চিনি বা গুড়জাতীয় কোনো দ্রব্যে পানি দিয়ে জ্বাল দিলে যে তরল মিষ্টদ্রব্য প্রস্তুত হয় (চিনির শিরার মধ্যে গোলাপ ফুলের পাপড়ি সিদ্ধ করিয়া নিলেই হইল—*শামা*)। {*ফা.* শিরাহ شیره }

শিরাজ, সিরাজ [শিরাজ্] *বি* ১ প্রদীপ; বাতি। ২ শ্রেষ্ঠ ব্যক্তি; যার ব্যক্তিত্ব আলোকস্বরূপ। **শিরাজাম-মুনিরা** *বিণ* ১ উজ্জ্বল আলোক দানকারী প্রদীপ। ২ হজরত মুহম্মদ (সা.)-কে আল্লাহ প্রদত্ত উপাধি (ওগো দিল-পেয়ারা শিরাজাম্ মুনিরা—*হায়দার*)। {*আ.* সিরাজ سراج }

শিরাজি, সিরাজি [শিরাজি] *বি* ১ ইরানের শিরাজ নগরে প্রস্তুত দ্রব্য। ২ শিরাজে প্রস্তুত মদ। ৩ মদ্য (শিরাজী পিয়ারে শিরায় শিরায় কেবলই জাগাও নেশা—*নই*)। {*ফা.* শীরাজী شیرازی }

শিরান, শিরানা [শিরান্, –না] *বি* মস্তকের দিক; শিথান (কবরের শিরানে কার বুকের রক্ত দিয়ে লেখা—*নই*)। {*স.* শিরঃস্থান>শিরান (শিথান)}

শিরালি, শিরালী [শিরালি] *বি* শিলাবৃষ্টি মন্ত্রবিশারদ। ২ একশ্রেণির ফকির, এরা শিঙ্গা বাজিয়ে ভিক্ষা করে (কোন শিরালীর বিষাণ বাজে বৃষ্টি শিল তুফান রোলে—*জউ*)। {*স.* শিলা+*বা.* রি>}

শিরি *(মবা.)* [শিরি] *বি* শ্রী; সৌন্দর্য; শোভা (শিরি আঙ্গুরী —*বচদা*)। {*স.* শ্রী>}

শিরিন, শিরীন [শিরিন্] *বিণ* মিষ্ট; মধুর (সুর বেঁধে বীণ সারেঙ্গীতে খুবসে শিরীন শরাব পিয়ো—*নই*)। {*ফা.* শীরীন شیرین }

শিরিনজবান, শিরীনজবান [শিরিন্জবান্] *বি* সুভাষণ; মিষ্টি ভাষণ (শমসের হতে কমজোর নয় শিরিন জবান জান তুমি—*নই*)। □*বিণ* মিষ্টভাষী। {*ফা.* শীরীন شیرین + *ফা.* জুবান زبان }

শিরিশ, শিরিষ[১] [শিরিশ্] *বি* সিদ্ধ গলিত শৃঙ্গাদির আঠা। ~**কাগজ** *বি* যে কাগজে সিরিশের সাহায্যে কাঁচচূর্ণ বা বালি লিপ্ত থাকে। এই কাগজ দিয়ে কাঠ মসৃণ করা হয়। {*ফা.* সিরীশ سریش }

শিরীষ[২] [শিরিশ্] *বি* এক প্রকার বৃক্ষ যার ফুল কোমল বলে প্রসিদ্ধ (শিরীষের মদির গন্ধ—*মাখা*)। ~**কুসুম** *বি* শিরীষ ফুল (শিরীষকুসুম সমীরণ ভরে—*রঠা*)। {*স.* √শৄ+ঈষ(ঈষন্)}

শিরোদেশ [শিরোদেশ্] *বি* মস্তক; শীর্ষ; শিখর; অগ্রভাগ। **শিরোধার্য** *বিণ* ১ মস্তকে ধারণীয়। ২ অবশ্য পালনীয় (যে আজ্ঞা করিবেন তাহাই অসন্দিহানচিত্তে শিরোধার্য করিব —*ঈবি*)। ৩ অতিশয় মান্য। {*স.* শিরঃ+দেশ}

শিরোনাম, শিরোনামা [শিরোনাম্, –মা] *বি* ১ পত্রাদির উপরে লিখিত নামঠিকানা। ২ প্রবন্ধাদির নাম; পত্রিকা বা গণমাধ্যমের প্রধান সংবাদ (সংবাদ শিরোনাম); headline। {*স.* শিরোনামন্>; *ফা.* সার্নামহ سر نامه }

শিরোপা [শিরোপা] *বি* ১ রাজদরবারে (সম্মানার্থে) প্রদত্ত মাথা থেকে পা পর্যন্ত পরিধেয় পোশাক। ২ উষ্ণীষ; পাগড়ি। ৩ (পরিবর্তিত অর্থে) পারিতোষিক; খেতাব; পুরস্কার; চ্যাম্পিয়নশিপ (এমন জরুরী খবর দিলে শিরোপা পাইব—*বচ*)। ~ **লড়াই** *ক্রি* খেতাবের লড়াই; চ্যাম্পিয়নশিপের যুদ্ধ। {*ফা.* সর্আপা سراپا }

শিরোমণি, শিরোরত্ন [শিরোমোনি, -রত্নো] *বি* ১ মস্তকে ধারণযোগ্য রত্ন; শিরোভূষণ। ২ সংস্কৃত পণ্ডিতের একটি উপাধি। ৩ সর্বপ্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি। {*স.* শিরঃ+মণি, রত্ন; ৬তৎ}

শিরোরুহ [শিরোরুহো] *বি* মাথার চুল বা কেশ (স্বেদলিপ্ত শিরোরুহমূলে—*মোম*)। {*স.* শিরঃ+রুহ}

শিল[১] [শিল্] *বি* ১ মসলাদি বাটার প্রস্তরখণ্ড (শিলনোড়া)।

২ হিমশিলা; করকা (শিল পড়া)। ৩ অস্ত্রাদি তীক্ষ্ণ করার শানপাথর। { স. শিলা> }

শিলওয়ার, শলওয়ার, শালওয়ার [শিল্‌ওয়ার, শল্‌-, শাল্‌-] *বি* ঢিলা পাজামাবিশেষ (শিলওয়ার বানাতে কাগজ কাপড় লাগে—*সৈমু*)। { *ফা.* শলওয়ার سلوار }

শিলা [শিলা] *বি* পাথর; করকা; শিলাবৃষ্টি। **~জতু** *বি* ১ শিলীভূত কৃষ্ণবর্ণ জান্তব পদার্থবিশেষ (মধুমোম আর শিলাজতু খুঁজে পাহাড়ের জঙ্গলে—*সদ*)। **~পট্ট** *বি* ১ মসলা বাটার পাথরের তৈরি পাটা। ২ বাটার কাজে ব্যবহৃত প্রস্তরখণ্ড। **~বৃষ্টি** *বি* বৃষ্টির সঙ্গে করকাপাত। **~ময়** *বিণ* প্রস্তর-নির্মিত (শিলাময় দ্বার দেব খুলিল পরশে—*মদ*)। **~রস** *বি* বৃক্ষবিশেষের সুগন্ধি নির্যাস। **~রি** *বি* মন্ত্র পড়ে যারা শিলাবৃষ্টি প্রতিরোধ করে। **~লিপি** *বি* পাষাণে খোদিত লেখন (আলাউদ্দিন হোসেন শাহের শিলালিপি—*সৈমুআ*)। { স. √শিল্‌+অ(ক)+আ(টাপ্‌) }

শিলীন্ধ্র [শিলিন্‌ধ্রো] *বি* ১ কলাগাছ। ২ কলাগাছের মোচা। ৩ ব্যাঙের ছাতা। ৪ একপ্রকার গাছ। **শিলীন্ধ্রা** *বি স্ত্রী*। { স. √শিল্‌+অ(ক)+ঈ(ঙীপ্‌)+√ধৃ+অ(ক) }

শিলীন্ধ্রা [শিলিন্‌ধ্রা] *বি স্ত্রী* ১ কলাগাছ। ২ মাটি। ৩ একজাতীয় পক্ষিণী। { স. শিলীন্ধ্র+আ(টাপ্‌) }

শিলীন্ধ্রী [শিলিন্‌ধ্রি] *বি স্ত্রী* ১ কেঁচো। ২ মৃত্তিকা; মাটি। ৩ ভেকী। ৪ এক প্রকার পক্ষিণী। { স. শিলীন্ধ্র+ঈ(ঙীপ্‌) }

শিলীপদ [শিলিপদো] *বি* গোদ। { স. শিলী+পদ; বহু }

শিলীভূত [শিলিভুতো] *বিণ* প্রস্তরীভূত; শিলায় পরিণত। ☐*বি* ফসিল। { স. শিলা+ঈ(চ্বি)+√ভূ+ত(ক্ত) }

শিলীমুখ [শিলিমুখ্‌] *বি* ১ শর; তীর; বাণ। ২ ভ্রমর। ৩ মৌমাছি (মাতি শিলীমুখবৃন্দ আইল ধাইয়া—*মদ*)। { স. শিলী(শল্য)+মুখ; বহু }

শিলুক *(মবা.)* [শিলুক্‌] *বি* শ্লোক (শিলুক কত শিখিল—*সৈগী*)। { স. শ্লোক> }

শিল্ড [শিল্‌ড্‌] *বি* খেলা ইত্যাদির ট্রফি। { ই. shield }

শিল্প [শিল্‌পো] *বি* ১ কারুকার্য। ২ কল-কারখানা; industry। ৩ চারুকলা; art। ৪ নির্মাণকলা; রচনা-কৌশল (রবীন্দ্র-কাব্যে নির্মাণ-কলা শিল্পোৎকর্ষের চমৎকার নিদর্শন)। **~কলা** *বি* ১ সুকুমার শিল্প। ২ কারুশিল্প। **~কার** *বি,বিণ* শিল্প কর্মচারী; শিল্পী; কারিগর। **~কৌশল** *বি* শিল্পদ্রব্যাদি নির্মাণে দক্ষতা বা নির্মাণের কৌশল। **~বিদ্যালয়** *বি* ১ শিল্পকর্ম শিক্ষার বিদ্যালয়। ২ আর্টস্কুল। ৩ ইন্ডাস্ট্রিয়াল স্কুল। **~রূপ** *বি* ভাব-ভাষা-ভঙ্গি ও সুষমার সমন্বিত রূপ। **~রূপায়ণ** *বি* অঙ্গে এবং অন্তরে সৌন্দর্য সৃষ্টি। **~শালা** *বি* কারখানা। ২ স্টুডিও; industry; studio। **শিল্পিক** *বিণ* ১ শিল্পী। ২ শিল্পগত। **শিল্পী**(-ল্পিন্‌) *বি,বিণ* শিল্পকর্মচারী; শিল্পকার; artist। ২ কারিগর artist। **শিল্পোদ্যোগ** *বি* কলকারখানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার উদ্যোগ বা চেষ্টা। **শিল্পোদ্যোক্তা** *বি* কলকারখানা বা বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার চেষ্টা বা উদ্যোগ গ্রহণ করেন যিনি; entrepreneur। { স. √শীল্‌+প }

শিশ, শীস [শিশ্‌] *বি* জনৈক নবির নাম (চলে গেল হাওয়া 'আদম' 'শিশ' ও 'নূহ' নবি জ্বলিয়া নিভিল কত রবি—*নই*)। { *আ.* শীছ্‌ شيث }

শিশমহল, শীশমহল [শিশ্‌মহোল্‌] *বি* কাচনির্মিত গৃহ (এ যেন বাদশাহজাদার শীশমহলের সুন্দরীদের সাথে লুকোচুরি খেলা—*নই*)। { *ফা.* শীশমহল شیشمحل }

শিশা [শিশা] *বি* ১ কাচ। ২ আরশি; আয়না; মুকুর; দর্পণ। { *ফা.* শীশহ্‌ شیشه }

শিশি [শিশি] *বি* কাচের ছোট বোতল; অতিক্ষুদ্র বোতলাকৃতি কাচাধার। { *ফা.* শীশহ্‌ شیشه }

শিশির [শিশির্‌] *বি* ১ নীহার; শবনম; হিম। ২ শীতকাল। ৩ তুষার (একটি ধানের শিষের উপর একটি শিশিরবিন্দু—*রঠা*)। **~ধৌত, ~সিক্ত, ~স্নাত** *বিণ* শিশিরে সিক্ত (শিশিরসিক্ত ফুল্ল গোলাপের মত রাজকন্যার সদ্যস্নাত রমণীয়মূর্তি—*শেক*)। { স. শিশ্‌+ইর(অচ্‌) }

শিশু[১] [শিশু] *বি* ১ অল্পবয়স্ক বালক বা বালিকা; বাচ্চা ছেলে। ২ শাবক; বাচ্চা (ছাগশিশু)। ☐*বিণ* অতি অল্পবয়স্ক বা অল্পবয়স্কা (শিশুপুত্র, শিশুকন্যা)। **~কাল** *বি* বাল্য; শৈশব। **~ত্ব** *বি* শিশুর ভাব; শৈশব; বালকত্ব। **~পাঠ** *বি* শিশুপাঠ্য গ্রন্থ। **~পাঠ্য** *বিণ* শিশুদের পাঠোপযোগী। **~প্রকৃতি, ~স্বভাব** *বিণ* শিশুসুলভ সরল স্বভাববিশিষ্ট। ☐*বি* শিশুর স্বভাব। **~সাহিত্য** *বি* শিশুদের জন্য রচিত সাহিত্য। **~সুলভ** *বিণ* শিশুতুল্য; শিশুর মতো। **~হৃদয়** *বি* ১ শিশুর ন্যায় সরল হৃদয়। ☐*বিণ* শিশুর ন্যায় সরল অন্তঃকরণবিশিষ্ট। { স. √শো+উ }

শিশু[২] [শিশু] শিংশপা বৃক্ষ, ঐ বৃক্ষের কাঠ; শিশুগাছ। { স. শিংশপা> }

শিশুক, শিশুমার [শিশুক্‌, -মার্‌] *বি* জলজন্তুবিশেষ; শুশুক (সেইখানে শিশুক ডেকে তাড়াইয়া যায়—*জউ*)। { স. শিশু+ক(কন্‌); √মারি+অ(অণ্‌) }

শিশুপাল [শিশুপাল্‌] *বি* কৃষ্ণ কর্তৃক নিহত চেদি বংশীয় রাজাবিশেষ। { স. শিশু+√পালি+অ(অণ্‌) }

শিশ্ন [শিশ্‌নো] *বি* পুরুষের জননেন্দ্রিয়; পুরুষাঙ্গ; লিঙ্গ; পুংলিঙ্গ; উপস্থ। **শিশ্নোদরপরায়ণ** *বিণ* কামপ্রবৃত্তি ও উদরের তৃপ্তিই একমাত্র লক্ষ্য এমন; ইন্দ্রিয়পরায়ণ। { স. √শশ্‌(গমন)+ন(নক্‌) }

শিষ, শীষ, শীস [শিশ্‌] *বি* ১ শস্যমঞ্জরি; ধান্যাদির শীর্ষ (পাকা ধানের শীস—*হাস*)। ২ দীপশিখা (পিদিমের শিষ কালো মুখ আলো দেয় মিটমিট—*জউ*)। { স. শীর্ষ> }

শিষ্ট [শিশ্‌টো] *বিণ* ১ শান্ত; ভদ্র; বিনীত (মুখের ভাব শিষ্ট অতি—*রঠা*)। ২ সুশীল; সুবোধ। ৩ নীতিযুক্ত; সুনীতিসম্পন্ন। ৪ শিক্ষিত। ৫ মার্জিত; cultured। **শিষ্টা** *বিণ স্ত্রী*। **~তা** *বি* ভদ্রতা; নম্রতা; বিনয়। **শিষ্টাচার** *বি* ভদ্র ব্যবহার; নম্র আচরণ। { স. √শাস্‌+ত(ক্ত) }

শিষ্য [শিশ্‌শো] *বি* ১ ছাত্র। ২ চেলা; সাগরেদ। ৩ কারও মত অনুসারে চলে যে; ভক্ত। **শিষ্যা** *বি স্ত্রী*। **~ত্ব** *বি* শিষ্যের ভাব বা পদ। **গুরু—পরম্পরা** *বি* গুরু থেকে শিষ্যে সংক্রমিত হওয়ার ধারা। **মন্ত্র—** *বি* দীক্ষা গ্রহণ করে যে গুরুর শিষ্যত্ব গ্রহণ করেছে। { স. √শাস্‌+য(ক্যপ্‌) }

শিস [শিশ্‌] *বি* ১ ঠোঁট ও জিহ্বার সাহায্যে বংশীধ্বনির

ন্যায় যে ধ্বনি উৎপন্ন হয় (আনমনে শিস দিয়ে ডাকি—*মোমা*)। ২সিটি দেওয়া। {*ধ্বন্যা.*}

শিহরণ, শিহরন [শিহোরোন্] *বি* ১ রোমাঞ্চ। ২ কম্পন। {স. শিহর+অন(ল্যুট্)}

শিহরা [শিহোরা] *ক্রি* ১ শিউরে ওঠা; গায়ে কাঁটা দেওয়া; রোমাঞ্চিত হওয়া। ২ কাঁপা; কম্পিত হওয়া। {স. শিহর+বা. আ}

শিহরানো, শিউরানো [শিহরানো] *ক্রি* ১ রোমাঞ্চিত হওয়া বা করা; শিউরে ওঠা; গায়ে কাঁটা দেওয়া। ২ কাঁপা বা কাঁপানো। {স. শিহর+বা. আনো}

শিহরিত [শিহোরিতো] *বিণ* রোমাঞ্চিত। {স. শিহর+ত(ক্ত)}

শিহালা [শিহালা] *বি* শেওলা; জলজ উদ্ভিদ (গুরুজন জ্বালা জলের শিহালা পড়সী জীয়ল মাছে —*চন্দ*)। {স. শৈবাল>শেওলা>}

শীকর [শিকর্] *বি* ১ বাতাসে বাহিত জলকণা। ২ পানির বিন্দু (সেই শীকর-শীতল নিভৃত গৃহের মধ্যে—*রঠা*)। {স. √শীক্+অর(অরক্)}

শীগগির, শিগগীর ⇒ শীঘ্র

শীঘ্র, শিগগির, শিগগীর [শিগ্‌ঘ্রো, শিগ্‌গির, –] *ক্রিবিণ* সত্বর; ত্বরায়; আশু; ক্ষিপ্র; অবিলম্বে; দ্রুত; তাড়াতাড়ি। □*বিণ* ত্বরিত; দ্রুত। **শীঘ্রগতি, শীঘ্রগামী** *বিণ* দ্রুতগামী। **শীঘ্রতা** *বি*। {স. √শিঘ্+র(রক্)}

শীত [শিত্] *বি* ১ পৌষ ও মাঘ মাস। ২ শীতকাল; হিমঋতু। ৩ পানি। ৪ কর্পূর। ৫ ঠাণ্ডাবোধ; শীতলতা; শৈত্য। □*বিণ* শীতল; ঠাণ্ডা; হিমেল (শীতচন্দন পঙ্কে —*রঠা*)। – **করা, – ধরা, শীতে ধরা, – পাওয়া, – লাগা** *ক্রি* ঠাণ্ডা অনুভব করা; শীতে কাতর হওয়া। ~**কাঁটা** *বি* শীতার্ত হওয়ার ফলে রোমাঞ্চবিশেষ। ~ **কাটা** *ক্রি* ১ শীত ঋতু শেষ হওয়া। ২ শীতবোধ দূর হওয়া। ~ **কাটানো** *ক্রি* শীত ঋতু অতিবাহিত করা; ঠাণ্ডাবোধ দূর করা। ~**কাতুরে** *বিণ* ১ ঠাণ্ডা সহ্য করতে অক্ষম। ২ শীতে কাতর হয়ে পড়ে এমন। ~**প্রধান** *বিণ* ১ শীতের তীব্রতাযুক্ত; বেশি শীত পড়ে এমন। ২ শীত অনেকদিন থাকে এমন। ~**বস্ত্র** *বি* শীত নিবারণ করে এমন পোশাক-পরিচ্ছদ। ~**তাপ, শীতাতপ** *বি* শীত-গ্রীষ্ম; ঠাণ্ডা ও গরম; শৈত্য ও উষ্ণতা (শীতাতপ ক্ষুধাতৃষ্ণার জ্বালা সবাই আমরা সমান বুঝি—*সদ*)। ~**তাপনিয়ন্ত্রিত** *বিণ* তাপনিয়ন্ত্রিত ও শোধিত বাতাসে পূর্ণ; তাপানুকূল (কক্ষ, রেলগাড়ি ইত্যাদি); airconditioned। **শীতাগম** *বি* শীত ঋতুর আগমন। **শীতাধিক্য** *বি* শীতের তীব্রতা। **শীতার্ত, শীতালু** *বিণ* ঠাণ্ডায় বা অতিরিক্ত শীতহেতু অসুস্থ বা কাতর বা পীড়িত (খড়ের মধ্যে শীতার্ত কুকুরের মতো কুণ্ডলি পাকিয়ে সে পড়ে রইলো—*আআআ*)। **শীতোষ্ণ** *বি* ঠাণ্ডা ও গরম; শৈত্য ও উষ্ণতা। {স. শীত+অ(অচ)}

শীতল [শিতল্] *বিণ* ১ শান্ত; ঠাণ্ডা; স্নিগ্ধ (শীতলপাটী পাইয়া তবে শীতল হইল মন—*মৈগী*)। ২ শৈত্যগুণ বিশিষ্ট। ৩ উত্তেজনাশূন্য; উদ্বেগহীন; তৃপ্ত (মনপ্রাণ শীতল হওয়া)। □*বি* হিন্দুমতে গৃহস্থের মঙ্গল কামনায় প্রদত্ত দেবতার সান্ধ্য ভোগ (দেবীর শীতল)। ~**তা** *বি*। ~**পাটি** *বি* বেতের তৈরি ঠাণ্ডা ও মসৃণ মাদুরবিশেষ (উপরের খোলা ছাদে শীতলপাটি পাতিয়া অপু একা বসিয়াছিল—*বিব*)। {স. শীত+ল(লচ্)}

শীতলা [শিতলা] *বি* ১ হিন্দুমতে বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবী। ২ বসন্তরোগ (শীতলায় মারা গেল গোয়ালের গরু —*পূগী*)। □*বিণ* শীত বা শৈত্যযুক্তা। ~ **খোলা, ~ তলা** *বি* শীতলা পূজার বারোয়ারি স্থান। {স. শীতল+আ(টাপ্)}

শীতাংশু [শিতাঙশু] *বি* ১ চন্দ্র; সাদা কিরণ (জ্যোৎস্না) যার। ২ কর্পূর। {স. শীত+অংশু; বহু}

শীতাগম, শীতাতপ, শীতাধিক্য শীতার্ত, শীতালু, শীতোষ্ণ ⇒ শীত

শীৎকার, সীৎকার [শিত্‌কার্] *বি* ১ রমণকালে কাম-উত্তেজিত নারী বা পুরুষের মুখনিঃসৃত আনন্দসূচক ধ্বনি। ২ শিহরণ, রোমাঞ্চ, শীৎকার ইত্যাদি একান্ত শারীরিক ভাব—*প্রচৌ*; জলের গায়ে ফুটবে পুলক আর তার মুখে শীৎকার—*প্রচৌ*))। {স. √শীৎ/সীৎ+কার}

শীধু, সীধু [শিধু] *বি* ১ মধু (কেহ শীধু পানে—*মদ*) ২ ইক্ষুরস থেকে প্রস্তুত মদবিশেষ। {স. √শী/সী+ধু(ধুক্)}

শীর্ণ [শিরনো] *বিণ* ১ শরীর শুকিয়ে গেছে এমন। ২ রোগা; কৃশ; ক্ষীণ; পাতলা; দুর্বল। **শীর্ণা** *বিণ স্ত্রী*। ~**তা** *বি* কৃশতা (সম্বৎসর কাটিয়েছে তারা শীর্ণতার মধ্যে—*অচিসে*)। {স. √শৄ+ত(ক্ত)}

শীর্ষ [শিরশো] *বি* ১ চূড়া; মস্তক; মাথা; উপরিভাগ। ২ আগা; অগ্রভাগ। ৩ টোপর; মুকুট। ৪ সর্বোচ্চ বা প্রধান স্থান। ৪ ত্রিভুজাদির কোণের প্রান্তবর্তী বিন্দু। ~**ক** *বি* ১ মাথার খুলি; মস্তকের উপরিভাগ (নাচিল শীর্ষকচূড়া—*মদ*)। ২ টোপর। ৩ পাগড়ি। ৪ জয়-পরাজয় নির্দেশনপত্র। □*বিণ* শিরোনামযুক্ত। ~**সম্মেলন** *বি* বিভিন্ন দেশের রাষ্ট্র বা সরকার প্রধানদের সম্মেলন। ~**স্থান** *বি* প্রধান স্থান; উপরিভাগ; সর্বোচ্চস্থান। ~**স্থানীয়** *বিণ* সর্বোচ্চ; মাথায় অবস্থিত; সর্বশ্রেষ্ঠ। ~**স্থানীয়া** *বিণ স্ত্রী*। {স. শিরস্>}

শীল[১] ⇒ সিল

শীল[২] [শিল্] *বি* ১ স্বভাব; চরিত্র; আদবকায়দা (শীল যে যাহার অঙ্গ-ভূষণ অঙ্গদ যার বসে—*সদ*)। ২ বংশ-মর্যাদা; সম্ভ্রম। ৩ সৎস্বভাব। ৪ অজগর। ৫ পদবিবিশেষ। □*বিণ* যুক্ত; বিশিষ্ট। ~**তা** *বি* সদাচার। {স. √শীল্+অ(অচ্)}

শীলন [শিলন্] *বি* অভ্যাস; অনুশীলন; চর্চা; আলোচনা। {স. √শীল্+অন(ল্যুট্)}

শীলিত [শিলিতো] *বিণ* অনুশীলন বা চর্চা করা হয়েছে এমন। {স. √শীল্+ত(ক্ত)}

শীশা ⇒ শিশা

শীষ ⇒ শিষ

শু [শু] *বি* সাধারণত ফিতাযুক্ত ও চামড়া দিয়ে তৈরি জুতাবিশেষ; পাদুকা (ফিতাসর্বস্ব স্যান্ডেল নয়—একেবারে পায়ে দিয়ে এলেন); পাদুকা। {ই. shoe}

শুকা ⇒ শোকা

শীলভদ্র [শিল্‌ভদ্‌দ্রো] *বি* নালন্দা বিশ্ববিদ্যালয়ের সুবিখ্যাত অধ্যক্ষ শীলাদিত্য; হর্ষবর্ধনের রাজকীয় উপাধি। {স.

শীল+ভদ্র}

শুঁটকা, শুঁটকো [শুঁট্‌কা, –কো] *বিণ* ১ শুষ্ক ও কৃশ; শুকনা ও শীর্ণ। ২ চুপসানো। **শুঁটকি** *বিণ*। { *স.* শুষ্ক> }

শুঁটকি, শুঁটকী, শুটকি [শুঁট্‌কি, –, শু–] *বিণ* শুকনা মাছ (ও নাও হইতে শুঁটকি মাছের গন্ধ আসিছে ভাসি —*জউ*)। { *স.* শুষ্ক>শুঁটক+*বা.* ই, ঈ}

শুঁটি, শুঁটী [শুঁটি] *বি* কলাই, মটর প্রভৃতির লম্বাকৃতি বীজকোষ (মটরশুঁটি)। { *স.* শিম্বী> }

শুঁঠ [শুঁঠ্] *বি* শুষ্ক আদা। { *স.* শুণ্ঠি> }

শুঁড় [শুঁড়্] *বি* ১ পশুবিশেষের লম্বা ও গোলাকার মুখ বা নাক (হাতির শুঁড়)। ২ লতার আঁকড়ি। { *স.* শুণ্ড> }

শুঁড়ি [শুঁড়ি] *বিণ* শুঁড়ের মতো লম্বা ও সরু। { *স.* শুণ্ড> }

শুঁড়ি, শুঁড়ী [শুঁড়ি] *বি* ১ মদবিক্রেতা; শৌণ্ডিক (শুঁড়ী দোকানে বসে বসে মদ বিক্রয় করে—*সৈমু*)। ২ হিন্দু সম্প্রদায়বিশেষ। **শুঁড়ির সাক্ষী মাতাল** *(আল.)* অসৎ ব্যক্তি অসৎ ব্যক্তিকেই সমর্থন করে। { *স.* শৌণ্ডিক> }

শুঁয়া, শুঁয়ো [শুঁয়া, –য়ো] *বি* অতি সূক্ষ্ম লোম বা ঐরূপ লোমযুক্ত অঙ্গবিশিষ্ট একপ্রকারের পোকা। ২ শূককীট। **শুঁয়াপোকা** *বি* শুঁয়াযুক্ত কীটবিশেষ; শূককীট; প্রজাপতির প্রাথমিক রূপ। { *স.* শূক> }

শুক [শুক্] *বি* ১ টিয়া পাখি। ২ হিন্দুপুরাণ মতে ব্যাসের পুত্র শুকদেব। **শুকী** *স্ত্রী.*। ~**নাস** *বিণ, বি* টিয়াপাখির মতো নাকবিশিষ্ট। { *স.* √শুভ্+ক}

শুকতারা [শুক্‌তারা] *বি* ১ সকালের প্রথম তারা; শুক্রগ্রহ; Venus (তুমিপ্রভাতের শুকতারা—*রঠা*)। ২ সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে এবং সূর্যাস্তের পরে পশ্চিমাকাশে যে নক্ষত্র দীপ্তি পায়। { *স.* শুক্র>+তারা}

শুকনো ⇒ শুকানো

শুকনা, শুকনো [শুক্‌না, –নো] *বিণ* ১ শুষ্ক। ২ রসহীন; নীরস; মাধুর্যহীন; লাবণ্যহীন; জলহীন (শুকনা কথায় চিঁড়ে ভিজে না)। ৩ মলিন; বিষণ্ণ। ৪ অসার; ফাঁকা (শুকনা কথা)। ~ **কথায় চিঁড়ে ভেজে না**— শুধু মুখের কথায় কাজ হয় না। ~ **বরফ** *বি* কঠিন কার্বন-ডাইঅক্সাইড; dry ice (কঠিন কার্বন ডাইঅক্সাইডকে ড্রাই আইস বলা হয়—*আআ*)। { *স.* শুষ্ক> }

শুকনাস ⇒ শুক

শুকর ⇒ শুকুর

শুকা ⇒ শুখা

শুকা[১] [শুকা] *ক্রি* শুকানো। ~**নো** *ক্রি* ১ শুষ্ক করা বা হওয়া। ২ শীর্ণ বা রোগা হওয়া। ৩ (ক্ষতাদি সম্বন্ধে) আরোগ্য হওয়া। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* শুষ্ক> }

শুকুর, শুকর [শুকুর্, –কোর্] *বি* কৃতজ্ঞতা; উপকারীর উপকার স্বীকার; ধন্যবাদ জ্ঞাপন (সর্বত্রে খোদার নাম শুকুর হাজার—*হেমা*)। { *আ.* শুকর شکر }

শুক্ত [শুক্‌তো] *বি* ১ বাসি ব্যঞ্জনবিশেষের ঝোল। ২ আমানি। ৩ সিরকা। □ *বিণ* পর্যুষিত বা বিকৃত হয়ে অম্লযুক্ত। { *স.* √শুচ্+ত(ক্ত)}

শুক্তা, শুক্তো, শুক্তানি, শুক্তনি, শুক্তুনি, সুক্তা, সুক্তো, সুক্তানি, সুক্তনি, সুক্তুনি [শুক্‌তা, –তো, –নি, ...] *বি* ১ তিক্ত স্বাদযুক্ত ব্যঞ্জন। ২ পাটপাতার তৈরি ব্যঞ্জন। { *স.* শুষ্কপত্র>শুক্ত, > }

শুক্তি, শুক্তিকা [শুক্‌তি, –কা] *বি* ঝিনুক (স্বচ্ছ তাহার দীপ্তি হেরি শুক্তিবুকে মুক্তাপ্রায়—*নই*)। ২ শঙ্খ। { *স.* √শুচ্+তি(ক্তি),+ক(কন্)+আ(টাপ্)}

শুক্র [শুক্‌ক্রো] *বি* ১ শুক্রগ্রহ; শুকতারা। ২ দৈত্যগুরু ভার্গব। ৩ তেজ; বীর্য; রেতঃ। ৪ চক্ষুপীড়াবিশেষ। ~**বার, শুক্কুরবার** *বি* জুমাবার। **শুক্রাচার্য** *বি* দৈত্যগুরু শুক্র। { *স.* √শুচ্+র(রন্)}

শুক্ল [শুক্‌ক্লো] *বি* ১ শ্বেত বর্ণ; শুভ্র বর্ণ। ২ রৌপ্য। ৩ চক্ষুপীড়া। ৪ নবনীত; ননি। □ *বিণ* ১ শুদ্ধ; পবিত্র; অকলঙ্ক। ২ শ্বেতবর্ণযুক্ত; ধবল; সিত। **শুক্লা** *বিণ স্ত্রী.* শ্বেতবর্ণা। □ *বি* হিন্দুমতে বাগ্‌দেবী সরস্বতী। ~**কর্মা** *বিণ* ১ শুভ্রকীর্তি। ২ নির্মল চরিত্র। ~**তা,** ~**ত্ব** *বি*। ~**পক্ষ** *বি* পূর্ণিমা তিথিতে যে পক্ষের অবসান হয়। ~**বস্ত্র** *বি* ১ সাদা কাপড়। ২ পাড়হীন কাপড়। ~**মণ্ডল** *বি* চোখের সাদা অংশ। **শুক্লাম্বর** *বি* সাদা কাপড়। □ *বিণ* শ্বেতবস্ত্র পরিহিত। **শুক্লাম্বরা, শুক্লাম্বরী** *বিণ স্ত্রী.* শ্বেতবস্ত্র পরিহিতা (নবশুক্লাম্বরী জ্যোতিঃস্নাত মূর্তিমতী উষা—*রঠা*)। **শুক্লিমা** *বি* শুক্লত্ব; শ্বেতত্ব। { *স.* শুক্র>শুক্ল}

শুখা [শুখা] *(কথ্য)* *বিণ* ১ শুষ্ক। ২ নীরস। ৩ খোরপোষবর্জিত। □ *বি* ১ অনাবৃষ্টি। ২ যে রোগে শিশু ক্রমেই শুকাতে থাকে। ৩ চুন মাখানো শুষ্ক তামাক পাতা; খইনি। ~**রুখা** *বিণ* শুষ্ক ও নীরস। ~**রুখার সময়** *বি* গরমের সময়; গ্রীষ্মকাল। { *স.* শুষ্ক> }

শুখানো ⇒ শুকানো

শুখো ⇒ শুখা

শুঙ্গ, শুঙ্গা[১] [শুঙ্‌গো, –গা] *বি* সরু শুঁড়; শুঁয়া। { *স.* শৃঙ্গ> }

শুঙ্গা[২] [শুঙ্‌গা] *ক্রি* ঘ্রাণ নেওয়া; শোঁকা। { *স.* শিঙ্ঘ্> }

শুচি [শুচি] *বিণ* ১ পবিত্র; শুদ্ধ; পাকসাফ; নির্মল; পরিষ্কার (এসো ব্রাহ্মণ শুচি করি মন—*রঠা*)। ২ নির্মল; পরিষ্কার। ৩ নির্দোষ। ৪ শুভ্র। □ *বি* অগ্নি। ~**তা** *বি* পবিত্রতা; নির্মলতা; পাপ সংস্রব থেকে বিশুদ্ধতা। ~**বাই,** ~**বায়ু** *বি* শুচিতা রক্ষার জন্য যে পাগল বা বাতিকগ্রস্ত (সততা সম্বন্ধেও তাঁর শুচিবায়ু প্রবল ছিল—*রঠা*)। ~**স্মিত** *বিণ* উজ্জ্বল বা বিশুদ্ধ হাস্যময় (কেশবের আশীর্বাদ উদ্ভাসিছে অয়ি শুচিস্মিতা—*সদ*)। ~**স্মিতা** *বিণ স্ত্রী.*। { *স.* √শুচ্+ই(ইন্)}

শুচিরুচি [শুচিরুচি] *বিণ* পবিত্র শোভাযুক্ত (শুচিরুচি মন যেন হীরার মুকুট—*কাদৌ*)। { *স.* শুচি+রুচি}

শুজনি, শুজনী [শুজ্‌নি] *বি* বিছানা ঢাকার নকশাযুক্ত মোটা চাদর। { *স.* শয্যা> }

শুণ্ঠি, শুণ্ঠী [শুন্‌ঠি] *বি* শুকনা আদা; শুঁঠ। { *স.* √শুণ্ঠ্+ই(ইন্)}

শুণ্ড [শুন্‌ডো] *বি* শুঁড়; হাতির শুঁড় (হাতি দেখিতে গিয়া অন্ধ কেবল শুণ্ড দেখিয়াছিল—*বচ*)। **শুণ্ডা** *বি স্ত্রী.* জলহস্তিনী। ২ বেশ্যা। ৩ হাতির শুঁড়। ৪ মদ। ৫ শৌণ্ডিকালয়। **শুণ্ডিকা** *বি* আলজিভ। **শুণ্ডি(-ণ্ডিন্)** *বি* ১ হস্তী (পরিহরি শুণ্ডী ধরিয়া চণ্ডী বাড়িয়া ভাঙ্গিল দণ্ড

--কম্)। ২ শুঁড়ি। {স. √শুণ্ড+অ(ঘঞ)}
শুণ্ডক [শুনডক্] *বি* রণশিঙ্গা। {স. শুণ্ড+ক(কন্)}
শুণ্ডধর [শুনডোধর্] *বি* হস্তী। {স. শুণ্ড+ধর}
শুণ্ডাল [শুনডাল্] হস্তী। {স. শুণ্ড+বা. আল}
শুণ্ডিকা[শুনডিকা] *বি* আলজিভ। {স. শুণ্ডা+ক(কন্)+আ(টাপ্)}
শুণিল (*মবা.*) [শুনিল] *ক্রি* শুনল (তাক না শুণিল—*বচদা*)। {√শুন্>}
শুতায়ল (*ব্র.*) [শুতাঅল] *ক্রি* শোয়াল; শয়ন করাল (সব সখী মেলি শুতায়ল পাশ—*বিপ*)। {স. √শী+ই(ণিচ্)>}
শুতি[1] (*মবা.*)[শুতি] *বি* সুপ্তি; নিদ্রা; শয়ন। {স. সুপ্তি>}
শুতি[2](*ব্র.*), **শুতিয়া** (*ব্র.*)[শুতি, -য়া] *অক্রি* শুয়ে; শয়ন করে (শুতি কানু মুখে আঁচল ঝাঁপাই; এ কপি শুতিয়া ছিনু—*বিপ*)। **শুতিলোঁ** *ক্রি* শয়ন করলাম (কাহ্নের উপর শুতিগোঁ—*বচদা*)। {স. √শী+ই(ণিচ্)>}
শুদ্ধ [শুদ্‌ধো] *বিণ* ১ নির্দোষ। ২ নির্মল। ৩ পবিত্র। ৪ শোধিত। ৫ খাঁটি; ভেজালহীন। ৬ নির্ভুল। ৭ শুচি। ৮ অমিশ্রিত। ৯ বিশুদ্ধ। ১০ আঞ্চলিকতা বর্জিত। **শুদ্ধা** *স্ত্রী.*। ~তা, ~ত্ব *বি*। ~**চিত্ত** *বিণ* পবিত্র হৃদয়বিশিষ্ট। ~**মতি** *বিণ* পবিত্র মন বা হৃদয় সম্পন্ন। ২ আচার-আচরণ পবিত্র এমন। **শুদ্ধাচার** *বি* পবিত্র আচরণ। □*বিণ* আচার-আচরণ পবিত্র এমন। **শুদ্ধাচারী**(-রিন্) *বিণ* ১ সদাচার। ২ সাধুচরিত্র। **শুদ্ধাচারিণী** *বিণ স্ত্রী.* পবিত্র আচরণ এমন (আর্যা একান্ত যুদ্ধাচারিণী বলিয়া অঙ্গীকার করিয়াছেন—*ঈবি*)। **শুদ্ধান্ত** *বি* ১ অন্তঃপুর। ২ অন্তঃপুরস্ত্রী। {স. √শুধ্+ত(ক্ত)}
শুদ্ধি [শুদ্‌ধি] *বি* ১ শোধন। ২ শুদ্ধতা; নির্মলতা; ভুল দূরীকরণ। ৩ সংস্কার দ্বারা ধর্মচ্যুত বা অস্পৃশ্য ব্যক্তিদের উদ্ধারসাধন (বুদ্ধিহারা হইয়াছি শুদ্ধি নাহি পাই—*ভারা*)। ~**পত্র** *বি* গ্রন্থাদির ভ্রমসংশোধন তালিকা। {স. √শুধ্+তি(ক্তি)}
শুদ্ধোদন [শুদ্‌ধোদন্] *বি* বুদ্ধদেবের পিতা। {স. শুদ্ধ+ওদন; বহু}
শুদ্ধোদনি [শুদ্‌ধোদোনি] *বি* শুদ্ধোদনের পুত্র বুদ্ধ। {স. শুদ্ধোদন+ই(ইঞ)}
শুদ্ধাশুদ্ধি [শুদ্‌ধাশুদ্‌ধি] *বি* ১ পবিত্রতা ও অপবিত্রতা। ২ ভ্রমহীনতা ও ভ্রমযুক্ততা; ভুল ও ভ্রমশূন্যতা। {স. শুদ্ধি+অশুদ্ধি}
শুধরানো, শোধরানো [শুধ্‌রানো, শোধ্-] *ক্রি* সংশোধন করা বা সংশোধিত হওয়া। □*বি,বিণ* উক্ত অর্থে। {স. √শুধ্+বা. রা=শুধরা+আনো}
শুধা[1] ⇒ শোধা
শুধা[2], **শুধানো** [শুধা, শুধানো] *ক্রি* ১ (ঋণাদি) পরিশোধ করা (শুধাতে নেই মানা)। ২ খোঁজখবর নেওয়া। **শুধানো** *ক্রি* পরিশোধ করানো। □*বি* উক্ত অর্থে। {স. √শুধ্+বা. আ, আনো}
শুধা[3], **সুধানো** [শুধা, শুধানো] *ক্রি* জিজ্ঞাসা করা; খোঁজ-খবর নেওয়া। **শুধানো** *ক্রি* জিজ্ঞাসা করা। □*বি* উক্ত অর্থে। {স. √শুধ্+বা. আ, আনো}
শুধু [শুধু] *বিণ* খালি; শূন্য (শুধু চোখের দেখা)। ২ না খাওয়া (শুধু মুখে যাওয়া)। □*ক্রিবিণ* কেবল; মাত্র (শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই—*রঠা*)। ~~, **শুধাশুধি** *ক্রিবিণ* অকারণে; বৃথা। {স. শুদ্ধ>}
শুধি (*মবা.*) [শুধি] *বি* শুদ্ধি; পবিত্রতা। □*বিণ* শুদ্ধ; পবিত্র। {স. √শুধ্+তি(ক্তি)=শুদ্ধি>}
শুন, শুনক, শুনি [শুন্, শুনক্, শুনি] *বি* কুকুর। **শুনী** *স্ত্রী.*। {স. শুন্+অ(ক), ক(কন্), ই}
শুনা, শুনানো ⇒ শোনা
শুনানি [শুনানি] *বি* বিচারক কর্তৃক বাদী ও প্রতিবাদীর বক্তব্য শ্রবণ। {√শুন্+আনি}
শুনি, শুনী ⇒ শুন
শুনে থ হওয়া [শুনে থ হওয়া] কিছু শুনে অবাক হওয়া। {শুন্+আ+থ+হওয়া}
শুনো, শুন [শুনো] *বিণ* শুকনো; শুষ্ক (নিম্নে আমার শুনো বালুচরে তোমার চরণ-রেখা—*নই*)। {স. শূন্য/শুষ্ক>}
শুবা, সুবা [শুবা] *বি* প্রদেশ (সুবা বাংলার নবাব)। {আ. সুবাহ صوبه }
শুভ [শুভো] *বি* ১ মঙ্গল; কল্যাণ। ২ সৌভাগ্য। □*বিণ* ১ মঙ্গলজনক; কল্যাণজনক। ২ মঙ্গলসূচক; কল্যাণদায়ক। **শুভা** *বিণ স্ত্রী.*। ~**কর্মা** *বিণ* ভাগ্যবান। ~**ক্ষণ** *বি* ১ কল্যাণ বা মঙ্গলজনক কাল। ২ সময়; সুযোগ; উত্তম সময়; সুবিধা। ৩ অনুকূল মুহূর্ত। ~**গ্রহ** *বি* ১ (*জ্যোশা*) শুভদায়ক বা সুসময়সূচক গ্রহ। ২ যে গ্রহ জাতকের জন্য মঙ্গলজনক। ~**ঙ্কর** *বিণ* মঙ্গলজনক; কল্যাণকর (হে বরদ শুভঙ্কর হে সুন্দর শিব—*সদ*)। □*বি* "শুভঙ্কর" নামক গণিত শাস্ত্রের রচয়িতা। ~**ঙ্করী, শুভংকরী** *বিণ স্ত্রী.* ১ মঙ্গলকারিণী; কল্যাণদায়িনী। □*বি* হিন্দুমতে দুর্গাদেবী (পূজি তারে শুভঙ্করী যিনি শঙ্করী—*মদ*)। ২ শুভঙ্কর-রচিত গণিতবিষয়ক গ্রন্থ। ~**দ** *বিণ* কল্যাণকারী; মঙ্গলকারী (তুমি একদিন শুভদ শারদ প্রাতে মালতী শেফালি তুলে দিলে মোর হাতে—*মোম*)। ~**দা** *বিণ স্ত্রী.*। ~**দৃষ্টি** *বি* ১ কল্যাণকর দৃষ্টি। ২ সুনজর; বিবাহকালে বর-কন্যার পরস্পরকে মুখদর্শন (এইভাবেই আমাদের শুভদৃষ্টি হল—*রক*)। **শুভাকাঙ্ক্ষা, শুভানুধ্যান** *বি* কল্যাণ কামনা; হিতকামনা। **শুভাকাঙ্ক্ষী**(-ঙ্ক্ষিন্), **শুভানুধ্যায়ী** (-য়িন্), **শুভার্থী**(-র্থিন্) *বিণ* কল্যাণকামী; হিতকামী। **শুভাকাঙ্ক্ষিণী, শুভানুধ্যায়িনী, শুভার্থিনী** *বিণ স্ত্রী.*। **শুভাগমন** *বি* ১ মঙ্গলজনক আগমন; যে আগমনে মঙ্গল হয়। ২ (*ব্য.*) অবাঞ্ছিত ব্যক্তির আগমন বা উপস্থিতি (পুলিশ সুপারিন্টেন্ডেন্ট বাহাদুরের শুভাগমন হইয়াছে—*রঠা*)। **শুভার্থী** (-র্থিন্) *বিণ* কল্যাণকামী; হিতকামী। **শুভানন** *বিণ* সুন্দর ও মঙ্গলপ্রদ মুখবিশিষ্ট। **শুভাননা** *বিণ স্ত্রী.*। **শুভানুষ্ঠান** *বি* মাঙ্গলিক কর্ম। **শুভাশীর্বাদ, শুভাশিস** *বি* মঙ্গলকামনাপূর্ণ আশীর্বাদ। **শুভাশুভ** *বি* মঙ্গল ও অমঙ্গল; হিতাহিত; ভালো ও মন্দ। {স. √শুভ্+অ(ক)}
শুভ্র [শুব্‌ভ্রো] *বিণ* ১ সাদা; শ্বেত; শুক্ল; ধবল; নির্মল। □*বি* ১ শ্বেতবর্ণ; শুক্লবর্ণ। ২ অভ্রক। ৩ চন্দন (শুভ্র সমুজ্জ্বল এ তাজমহল—*রঠা*)। **শুভ্রা** *বিণ স্ত্রী.*। ~তা,

~ত্ব *বি*। **~কেশ** *বিণ* পাকাচুলওয়ালা; পক্বকেশবিশিষ্ট। □*বি* ১ সাদা রংযুক্ত হওয়ার অবস্থা; শ্বেতত্ব। ২ পবিত্রতা। **~মৌলি** *বিণ* সাদামুকুটযুক্ত (পাষাণ শুভ্র হিমালয় চূড়ে শুভ্রমৌলি তুষারময়—*নই*)। **শুভ্রাংশু** *বি* ১ যার কিরণ শুভ্র। ২ চন্দ্র। { *স.* √শুভ্+র(রক)}

শুমার, শুমারি, সুমার [শুমার্, –রি, –র্] *বি* ১ গণনা; ইয়ত্তা; সংখ্যা (আদমশুমারি)। ২ সমষ্টিবদ্ধ; মোট (সাজিয়া সুমার হৈল নবলক্ষ সেনা—*ঘচ*)। **~নবিশ, ~নবীশ** *বিণ* গণনকারী; হিসাবরক্ষক (সুমারনবিশ পাইক বরকন্দাজ যে পারে সেই মোচড় দিয়ে দু পয়সা আদায় করে নেয়—*প্রচৌ*)। { *ফা.* শুমার شمار }

শুম্ভনিশুম্ভ [শুমভোনিশুমভো] *বি* ১ হিন্দুপুরাণোক্ত শুম্ভ ও নিশুম্ভ নামের দুই দৈত্য। ২ দেবী দুর্গার সঙ্গে যুদ্ধে নিহত অসুর ভ্রাতৃদ্বয়। { *স.* শুম্ভ+নিশুম্ভ}

শুয়া ⇒ শোয়া

শুয়ার, শুয়োর [শুয়ার্, –য়ো–] *বি* ১ শূকর; বরাহ। ২ গালিবিশেষ। **শুয়ারের বাচ্চা** *বি* গালিবিশেষ। { *স.* শূকর>}

শুরু [শুরু] *বি* ১ আরম্ভ; সূচনা; সূত্রপাত (যাত্রা হলো শুরু—*রঠা*)। ২ মূল; গোড়া। { *আ.* শুরু شروع }

শুরুয়া [শুরুয়া] *বি* ১ ঝোল; রসা। ২ মাংস ইত্যাদির ক্বাথ। { *ফা.* শোরবা شوربا }

শুলকানো [শুল্‌কানো] *ক্রি* জ্বালানো; প্রজ্বলিত করা (আগুন শুলকে দেওয়া)। { *হি.* সুলকানা>}

শুলফা, শুলফো [শুল্‌ফা, –ফো] *বি* মৌরিজাতীয় একপ্রকার সুগন্ধি শাক; এর ফল। { *স.* শতপুষ্প>}

শুলুক-সন্ধান [শুলুকশন্‌ধান্] *বি* ১ কায়দা-কৌশল। ২ খোঁজ-খবর; অন্ধি-সন্ধি (না হলে শিল্পের আগাগোড়া তার পাবার শুলুক-সন্ধান সমস্তই চোখে পড়তো আমাদের—*অঠা*)। { *আ.* সুলূক سلوك + *স.* সন্ধান}

শুল্ক [শুলকো] *বি* ১ বিভিন্ন আমদানি-রপ্তানি পণ্যের উপর স্থাপিত কর বা মাশুল; duty। ২ কর; tax। ৩ বিবাহের পণ; যৌতুক। ৪ মূল্য। **শুল্কোদ্ধরণিক** *বি* শুল্ক আদায়কারী কর্মচারী (কিন্তু ভদ্র, শুল্কদ্ধরণিকের ন্যায় প্রাপ্য অর্পণ করিয়াছে সত্য—*সৈমু*)। { *স.* √শুল্ক+অ(ঘঞ্)}

শুশুক [শুশুক্] *বি* মৎস্যাকার স্তন্যপায়ী জলজন্তুবিশেষ; শিশুক, শিশুমার (শুশুকগুলো এক একবার ভেসে ভেসে উঠতেছে—*প্যামি*)। { *স.* শিশুক>}

শুশুনি, শুশনি, শুষনি [শুশুনি, শুশ্‌নি, –] *বি* পানির ধারে জাত শাকবিশেষ, যা রেঁধে খাওয়া যায় (শুশুনি শাক খাওয়ার—*নই*)। { *স.* সুনিষণ্ণক>}

শুশ্রূষা [শুস্‌স্রুশা] *বি* ১ পরিচর্যা বা সেবা। ২ (সংস্কৃতে) শোনার ইচ্ছা। **~কারিণী** *বি,বিণ স্ত্রী.* সেবিকা; নার্স। **~কারী**(–রিন্) *বি,বিণ পু.*। **শুশ্রূষু** *বিণ* ১ সেবা করতে ইচ্ছুক। ২ পরিচালক। ৩ (সংস্কৃতে) শুনতে ইচ্ছুক। { *স.* √শ্রু+স(সন্)+অ+আ(টাপ্)}

শুষা, শুষানো ⇒ শোষা

শুষির, সুষির [শুশির্] *বি* ১ অগ্নি। ২ ছিদ্র; রন্ধ্র। ৩ ফুঁ দিয়ে বাজাতে হয় এমন বাদ্যযন্ত্র। ৪ ছিদ্রযুক্ত। ৫ ঝাঁজরা। { *স.* √শুষ্/√সুষ্+ইর(কিরচ্)}

শুষ্ক [শুশ্‌কো] *বিণ* ১ শুকনা; শোষিত হয়েছে এমন। ২ নীরস; রসশূন্য। ৩ আকর্ষণহীন। ৪ বিরস; মলিন; বিষণ্ণ (শুষ্ক মুখ)। ৫ তৃষ্ণায় বদ্ধ বা রুদ্ধ (শুষ্ক কণ্ঠ)। ৬ কর্কশ; খরখরে (শুষ্ক স্বর)। **~তা** *বি*। **~জলা** *বি* যে পুকুর বা দিঘির পানি শুকিয়ে গেছে (শুষ্ক জলা দিঘির পাড়ে—*রঠা*)। { *স.* √শুষ্+ত(ক্ত)}

শূক [শুক্] *বি* ১ শস্যাদির সূক্ষ্ম তীক্ষ্ণ আগা; শুঁয়া। ২ অপরিণত অবস্থায় প্রজাপতি। **~কীট** *বি* শুঁয়াপোকা। **~ধান্য** *বি* গম প্রভৃতি যে সব শস্য শুঁয়াবিশিষ্ট। { *স.* √শো>}

শূকর [শুকর্] *বি* শুয়ার; বরাহ। **শূকরী** *বি স্ত্রী.*। { *স.* শূক+√রা+অ(ক)}

শূদ্র [শুদ্‌দ্রো] *বি* ১ হিন্দু সম্প্রদায়বিশেষ; হিন্দু চতুর্বর্ণের চতুর্থটি। **শূদ্রা** *বিস্ত্রী.* শূদ্রজাতীয় রমণী। **শূদ্রী** *বি স্ত্রী.* শূদ্রের পত্নী। **শূদ্রাণী** *বি স্ত্রী.* শূদ্রজাতীয় রমণী বা শূদ্রের পত্নী। { *স.* √শুচ+র(রক্)}

শূনো (*মবা.*), **শূন** (*মবা.*) [শুনো] *বিণ* খালি; শূন্য (মাসের পঞ্চমী কি মোর গুণ কামপুরে মোর হইল শূন—*কাদৌ*, জনহীন শূনো মাঠ—*মই*)। { *স.* শূন্য>}

শূন্য [শুন্‌নো] *বি* ১ '০' এই চিহ্ন; zero; রিক্ততাসূচক চিহ্ন। ২ আকাশ। ৩ অস্তিত্বশূন্য; অনস্তিত্ব; অবিদ্যমানতা। ৪ অভাব; অনটন। □*বিণ* ১ রিক্ত; বিহীন; রহিত (জনশূন্য)। ২ খালি; ফাঁকা; যাতে কিছু নাই (শূন্য কলসি)। **~কুম্ভ** *বি* ১ খালি বা জলহীন কলসি। ২ (*আল.*) বস্তুহীন; অসার। **~গর্ভ** *বিণ* অভ্যন্তরে কিছু নেই এমন; ফাঁপা। □*বি* শূন্যতা। **~তাপূরণ** *বি* ফাঁকা জায়গা পূর্ণ করা। **~দৃষ্টি** *বি* উদাস চাউনি। **~পথ** *বি* আকাশরূপ পথ। **~বাদ** *বি* শূন্যই একমাত্র সত্য এবং তা থেকেই উৎপত্তি ও বিনাশ—এই মত; নাস্তিকতা; বৌদ্ধমত। **~ময়** *বিণ* ফাঁকা; খালি; লোকজন বা অন্য কিছু নেই এমন। { *স.* শূন+য(যৎ)}

শূপকার ⇒ সূপকার

শূয়র, শুয়োর [শুয়োর্] *বি* শূকর; বরাহ; গালিবিশেষ। **শুয়োরে গোঁ** *বি* অতিশয় জেদ; গোয়ার্তুমি (নিন্দায়)। **শুয়োরের পাল বিয়ানো** *ক্রি* অনভীপ্সিত ও গুণহীন প্রচুর সন্তান প্রসব করা। { *স.* শূকর>}

শূর [শুর্] *বি,বিণ* বীর; শক্তিমান; শৌর্যবান; বীর্যশালী; সাহসী। **শূরা** *বি,বিণ স্ত্রী.*। **~সেন** *বি* যদুবংশীয় রাজা; মথুরা ও তার নিকটবর্তী অঞ্চলের নাম। { *স.* √শূর্+অ(অচ্)}

শূর্প, সূর্প [শুর্‌পো] *বি* কুলা; কুলো; শস্যাদি ঝাড়ার বেতের বা বাঁশের তৈরি পাত্রবিশেষ। **~ণখা** *বি* রাবণের ভগ্নী। **শূর্পী, সূর্পী** *বি* ছোট কুলা। { *স.* শূর্প/সূর্প+অ(অচ্)}

শূল [শুল্] *বি* ১ ধারালো অগ্রভাগবিশিষ্ট কাষ্ঠবিশেষ; মাটিতে পোঁতা সরু মুখযুক্ত লোহার ডাণ্ডা (শূলে দেওয়া বা চড়ানো)। ২ ত্রিশূল (শূলপাণি)। ৩ শলাকা। ৪ সিক। ৫ পেটের ব্যথাবিশেষ; আলসারের ব্যথা (শূলব্যথা)। ৬ ব্যথা, বেদনা (দন্তশূল)। **~ঘ্ন** *বিণ* শূলবেদনা-নাশক। **~পক্ব** *বিণ* শলাকাবিদ্ধ করে বাঁধা বা পোড়ানো। **~পাণি, শূলী**(–লিন্) *বি* হিন্দুদেবতা শিব (রুদ্রেশ্বর যথা শূলপাণি—*মদ*)। **শূলে চড়ানো, শূলে দেওয়া** *ক্রি* বধ করার জন্য

তীক্ষ্ণ সূচিমুখ শূলে বসানো। ~মাংস *বি* শলাকা বিদ্ধ করে যে মাংস দগ্ধ করা হয়; শিক কাবাব (আহার সামগ্রীর মধ্যে শূল্যমাংসই অধিকাংশ—*ঈবি*)। **শূলিনী** *বি স্ত্রী.* দেবী দুর্গা। **শূলাগ্র** *বি* শূলের আগা। { *স.* √শূল্+অ(অচ্) }

শূলানো, শূলনো [শুলানো, -ল-] *ক্রি* ব্যথা করা। □ *বি* উক্ত অর্থে। **শূলানি, শূলনি** *বি* বেদনা; কটকটানি। { *স.* √শূল্+ *বা.* আনো, অনো}

শৃগাল ⇒ শিয়াল

শৃঙ্খল [স্রিঙ্‌খল্] *বি* শিকল; জিঞ্জির; নিগড়; রীতি; নিয়ম; বিন্যাস; সুব্যবস্থা। **শৃঙ্খলা** *বি* রীতি; নিয়ম; ধারা; সুব্যবস্থা; সুবিন্যাস। **শৃঙ্খলাবদ্ধ, শৃঙ্খলিত** *বিণ* শিকল দিয়ে বাঁধা; সুশৃঙ্খলাযুক্ত; সুবিন্যস্ত। { *স.* শিঙ্ক+ √ঙ্খল্+অ}

শৃঙ্গ [স্রিঙ্‌গো] *বি* ১ পশুর শিং। ২ পর্বতের চূড়া। ৩ পশুর শিং দিয়ে নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ; শিঙ্গা; বিষাণ; পিচকারি। ~**ধর** *বি* পর্বত। ~**ধ্বনি** *বি* শিঙ্গায় ফুৎকারজনিত শব্দ (নবপ্রসূত পক্ষিশাবক হতে মহাদেবের শৃঙ্গধ্বনি পর্যন্ত সকলই কাতরোক্তি—*বচ*)। { *স.* √শৃ+গ(গন্), 'ন' (নুট্) আগম}

শৃঙ্গবের [স্রিঙ্‌গোবের্] *বি* আদা; রামায়ণোক্ত গুহক-চণ্ডালের নগর (আধুনিক মৃজাপুরের নিকটবর্তী দেশ)। { *স.* শৃঙ্গী+বের}

শৃঙ্গাটক, শৃঙ্গাটিকা [স্রিঙ্‌গাটক্, -টিকা] *বি* ১ পানিফল; পানিতে জন্মে এরূপ ফলবিশেষ। ২ ঘৃতে ভাজা সিঙ্গাড়া। [illegible]+√অট্+অ(অণ্)+ক(কন্),+আ(টাপ্)}

[illegible] *বি* ১ আদিরস; নায়ক-নায়িকার [illegible]তিক্রিয়া; মৈথুন; স্ত্রীপুরুষ সংগম। ৩ [illegible]পূরাদি [illegible] [illegible])। ৪ চন্দনাদি দ্বারা দেহসজ্জা বা প্রসাধন (তোমার মুখেতে দাড়ী ধবল আকার তোমাতে উচিত নহে সুরতি শৃঙ্গার—*হেমা*)। { *স.* শৃঙ্গ+√ঋ+ অ(অণ্)}

শৃঙ্গী১, শৃঙ্গি [স্রিঙ্‌গি] *বিণ* শিঙ্গি মাছ। { *স.* শৃঙ্গ+অ(অচ্)+ ঈ(ঙীষ্)}

শৃঙ্গী২(-ঙ্গিন্) [স্রিঙ্‌গি] *বিণ* ১ শৃঙ্গবিশিষ্ট; শৃঙ্গযুক্ত। ২ পর্বত; অদ্রি; অচল। ৩ বৃক্ষ; গাছ। { *স.* শৃঙ্গ+ইন্(ইনি)}

শেওড়া [শ্যাওড়া] *বি* জংলা গাছবিশেষ। { *স.* শাখোটক>}

শেওলা, শ্যাওলা, শেয়ালা (বিরল), **শেহালা, সেঁওলা** [শ্যাওলা, -, শেয়ালা, -হা-, স্যাওলা] *বি* ১ শৈবাল। ২ একপ্রকার জলজ তৃণ (সবুজ শেওলাতে কোমল হয়েছে পাথরগুলো—*অঠা*)। { *স.* শৈবাল>}

শেকম, শিকম, সেকম [শেকম্, শি-, শে-] *বি* উদর; পেট (দূতীর সেকমে আছে সেই হিরা অমূল্য পাথর—*ফআ*)। { *ফা.* শিকম شکم }

শেকহ্যান্ড [শেক্‌হ্যান্‌ড্] *বি* করমর্দন (প্রথম দিনের পরিচয়ে শেকহ্যান্ড করে ইংরেজী কায়দায় জিজ্ঞেস করলেন হাও ডু ইও ডু—*সৈমু*)। { *ই.* shake-hand}

শেখ, সেখ, শাইখ, শইখ, শয়খ [শেখ্, -, শাইখ্, শোইখ্, সয়খ্] *বি* ১ সম্মানিত বৃদ্ধ। ২ প্রধান; সরদার; গোত্রপ্রধান; নেতা; হজরত মুহম্মদ (সা.) নিজে যাঁকে ইসলাম ধর্মে দীক্ষিত করেছিলেন তিনি বা তাঁর বংশধর। ৩ পীর; মুর্শিদ। ৪ মুসলমানদের বংশীয় পদবিবিশেষ। **শেখজাদা, শেখযাদা, সেখজাদা** *বি* শেখের ছেলে বা পুত্র (বসিল মোগল, সেখজাদা যতজনা—*ঘচ*)। { *আ.* শায়খ شیخ }

শেখর [শেখর্] *বি* ১ কিরীট; শিরোভূষণ। ২ মস্তক-স্থিত মাল্য। ৩ চূড়া। { *স.* √শী+খর}

শেখা, শিখা [শেখা, শি-] *ক্রি* ১ শিক্ষা করা; অভ্যাস করা; চর্চা করা; জ্ঞানলাভ করা। ২ অনুকরণ করা (ছবি আঁকতে শেখা, কথা বলতে শেখা)। ৩ অভিজ্ঞতা বা জ্ঞান লাভ করা। ৪ শিক্ষিত (শেখা জিনিস বা কাজ) ৫ শেখানো; অভ্যস্ত (শেখা বুলি)। { *স.* √শিক্ষ>}

শেখানো, শিখানো [শেখানো, শি-] *ক্রি* ১ শিক্ষা বা জ্ঞান দেওয়া। ২ বানিয়ে বলতে বা মিথ্যা বলতে শিক্ষা দেওয়া। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে (শেখানো সাক্ষী)। {শেখা+ আনো}

শেজ১, সেজ১ [শেজ্] *বি* শয্যা; বিছানা; যার উপর শোওয়া হয় (ফুলসেজ রচনা—*রঠা*)। { *স.* শয্যা>}

শেজ২, সেজ২ [শেজ্] *বি* বাতি; বাতি রাখার জন্য কাচের আবরণীবিশেষ; শামাদান (কাচের সেজ ও বাতি, ডুম টাঙ্গানো—*বিব*)। { *তুল. ই.* shade}

শেঠ [শেঠ্] *বি* ১ বণিক; সওদাগর। ২ ধনী; বড় ব্যবসায়ী (জগৎশেঠ)। ৩ হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। { *স.* শ্রেষ্ঠী>}

শেফালি, শেফালী, শেফালিকা [শেফালি, -, -কা] *বি* সুগন্ধি ক্ষুদ্র পুষ্পবিশেষ বা তার গাছ; শিউলি ফুল বা গাছ। { *স.* শেফ(শয়ন)+অলি, +ঈ(ঙীষ্), ক(কন্)+আ(টাপ্)}

শেভ করা [শেভ্ করা] *ক্রি* দাড়ি কামানো (ওরা কেউ শেভ করেনি, আমি ত করেছি—*আফ*)। { *ই.* shave}

শেভিংস্টিক [শেভিঙ্‌স্টিক্] *বি* দাড়ি কামানোর দণ্ডাকার সাবান (ষ্ট্রপ শেভিংষ্টিক ও ব্রাশ অনেকখানি রাস্তা হাঁটিয়া নদীতে ফেলিয়া দিয়া আসিল—*আমআ*)। { *ই.* shaving stick}

শেমিজ [শেমিজ্] *বি* স্ত্রীলোকের লম্বা ও ঢিলা জামা-বিশেষ। { *ই.* chemise}

শেমুষী, শেমুষি [শেমুশি] *বি* প্রজ্ঞা; বুদ্ধি। □ *বিণ* বুদ্ধিমান; প্রাজ্ঞ (বুদ্ধিমন্ত জীব মাত্রেই যদি শেমুষি হয় তবে তুমি-আমিও তো শেমুষি—*অঠা*)। { *স.* শে+√মুষ্+ অ(ক)+ঈ(ঙীষ্)}

শেয [শেজ্] *বি* ১ শয্যা। ২ ফুলের সাজি। { *স.* শয্যা>}

শেয়াকুল [শেয়াকুল্] *বি* কুলজাতীয় বন্য কাঁটাগাছ। { *স.* শৃগালকোলি>}

শেয়ার [শেয়ার্] *বি* ১ ব্যবসায়ের মূলধনের অংশ। ২ অংশ; ভাগ। ~**মার্কেট** *বি* ব্যবসায় প্রতিষ্ঠানের অংশ যে বাজারে ক্রয়-বিক্রয় করা হয়; ফটকা বাজার। { *ই.* share}

শেয়াল ⇒ শিয়াল

শেয়ালা ⇒ শেওলা

শের, শির [শের, শির্] *বি* ব্যাঘ্র; সিংহ (হরিণ যেথায় বিহার করে আরাম করে শের—*নই*)। ~ **কা বাচ্চা** *বি* ব্যাঘ্রশাবক; *(আল.)* দুঃসাহসী যুবক (অমনি শেরকা বাচ্চা গর্জে উঠল—*আখাঁ*)। ~**-নর** *বি* ১ পুরুষসিংহ। ২

(*আল.*) বীরপুরুষ (মরুপ্রান্তে তাজিতে সওয়ার বিশাল শের নর—*ফআ*)। { *ফা.* শের شیر }

শেরওয়ানি, শেরওয়ানী [শের্ওয়ানি] *বি* হাঁটু পর্যন্ত লম্বা জামা; আচকান (আকণ্ঠ আবদ্ধ করা শেরওয়ানী পরা—*আলীআ*)। { *হি.* শেরওয়ানী}

শেরা ⇒ সেরা

শেরি, শেরী [শেরি] *বি* এক ধরনের মদ (এখনকার ব্রাণ্ডি, শ্যাম্পেন, শেরী, ক্লারেট প্রভৃতি বোতল—*ইহো*)। { *ই.* sherry}

শেরিফ ⇒ শরিফ

শেরেক, শির্‌ক [শেরেক্‌, শির্‌ক্‌] *বি* ১ অংশীকরণ। ২ আল্লাহর সঙ্গে অন্য কাউকে শরিককরণ (শেরেককে দিয়েছে যে ভিতরে স্থান—*জহ*)। ৩ পৌত্তলিকতা। **শেরেকি, শেরেকী** *বি* ১ শেরেক করার কাজ (হজরত বাল্যকাল হইতে শেরেকী হইতে দূরে থাকিতেন—*শেআ*)। ২ কুফরি। { *আ.* শিরক شرك }

শেরে-খোদা, শের-এ-খোদা [শেরেখোদা] *বি* আল্লাহর সিংহ; হজরত আলী (রা.)-র উপাধি। { *ফা.* শের-এ-খোদা شیرخدا }

শেরে বাংলা, শের-এ-বাংলা [শেরেবাংলা] *বি* বাংলার বাঘ; জনপ্রিয় নেতা ও বাংলার সাবেক প্রধানমন্ত্রী এ. কে. ফজলুল হককে প্রদত্ত উপাধি। { *ফা.* শের-এ-বাংলা شیربنگلا }

শেল[১] [শেল্] *বি* এক প্রকার প্রাচীন যুদ্ধাস্ত্র; শূল (শক্তিশেল)। { *স.* শল্য> }

শেল[২] [শেল্] *বি* কামানের গোলা। { *ই.* shell}

শেলফ [শেল্‌ফ্] *বি* আলমারি প্রভৃতির দেরাজ। { *ই.* shelf}

শেষ [শেশ্] *বি* ১ সমাপ্তি; অবসান; খতম; অন্ত (রহস্যের শেষ নেই)। ২ সীমা; প্রান্ত (পথের শেষ)। ৩ ধ্বংস (কারও শেষ দেখা)। ৪ সর্পরাজ; অনন্তনাগ; বাসুকি। ৫ সর্বাপেক্ষা নিম্নস্থান; সবার পশ্চাৎ (শেষ স্থান)। ৬ অবশেষ (কাজের শেষ রাখতে নেই)। ৭ নিষ্পত্তি (বিবাদের শেষ চাই)। ৮ অন্তিম (জীবনের শেষ মুহূর্ত)। □*বিণ* ১ সমাপ্ত (কাজ প্রায় শেষ)। ২ বিনষ্ট; বিধ্বস্ত। ৩ অবশিষ্ট (শেষ কাজটুকু)। ৪ চরম (শেষ সতর্ক বাণী)। ~ **কথা** *বি* আলোচনার ইতিকথা; যার পর আর বলার কিছু নেই। ~ **করা** *ক্রি* ১ সমাপ্ত বা অবসান করা। ২ ধ্বংস বা বিনাশ করা। ~**তক** *ক্রিবিণ* শেষ পর্যন্ত (এই ভেবে শেষতক ফিরেছি আবার—*আহা*)। ~**মেশ** *ক্রিবিণ* অবশেষে; পরবর্তীকালে (১৯৪৪ সালের ঘটনার কথা শেষমেশ ভুলে গিয়েছি—*সৈমুআ*)। ~ **রক্ষা** *বি* কাজের বাকি অংশ যথাযথভাবে সম্পন্ন করতে সক্ষম হওয়া; সর্বশেষ ঝক্কি সামলাতে পারা। **শেষাশেষি** *ক্রিবিণ* প্রায় শেষ হওয়ার সময়ে; শেষদিকে। **শেষোক্ত** *বিণ* সকলের পরে বা অন্তে কথিত বা উল্লিখিত। { *স.* √শিষ্+অ(ঘঞ্)}

শেহালা ⇒ শেওলা

শৈত্য [শোইত্‌তো] *বি* শীতলতা; ঠাণ্ডা-ভাব; উষ্ণতার অভাব। { *স.* শীত+য(ষ্যঞ্)}

শৈথিল্য [শোইথিল্‌লো] *বি* ১ শিথিলতা; আলগা ভাব। ২ অবসন্নতা; অমনোযোগ (ছেলে যেন পড়াশুনায় কিছুমাত্র শৈথিল্য করিতে না পারে—*রঠা*)। ৩ ঢিলেমি; অলসতা; কুঁড়েমি। **শিথিলতা** ⇒ । { *স.* শিথিল+য(ষ্যঞ্)}

শৈব [শোইবো] *বিণ* শিবসম্বন্ধীয়। □*বি* শিবের ভক্ত বা উপাসক। { *স.* শিব+অ(অণ্)}

শৈবলিনী [শোইবোলিনি] *বি* নদী। { *স.* শৈবল+ইন্(ইনি)+ঈ(ঙীপ্)}

শৈবাল, শৈবল (*বিরল*) [শোইবাল্, -বল্] *বি* শেওলা; জলজ তৃণবিশেষ। **শৈবালিত** *বিণ* শৈবালপূর্ণ (শৈবালিত স্তব্ধ হ্রদ—*সুদ*)। { *স.* শৈবাল+ইত(ইতচ্)}

শৈল [শোইলো] *বি* পর্বত; গিরি। □*বিণ* ১ শিলাজাত; পাষাণময়। ২ শিলা বা পর্বত সম্বন্ধীয়। **শৈলজ** *বিণ* পর্বতজাত; পর্বতীয়। **শৈলজা** *বিণ স্ত্রী.*। ~**জায়া** *বি স্ত্রী.* হিমালয়ের স্ত্রী মেনকা। ~**রাজ, শৈলেন্দ্র** *বি* পর্বতশ্রেষ্ঠ হিমালয়। ~**সুতা** *বি স্ত্রী.* উমা; পার্বতী; গৌরী। { *স.* শিলা+অ(অণ্)}

শৈলী [শোইলি] *বি* ১ কৌশল; সংক্ষিপ্ত প্রণালি। ২ আচরণ। ৩ ধারা। ৪ রচনারীতি; style (তার বর্ণনা দেবার মতো ভাষা এবং শৈলী আমার পেটে নেই—*সৈমু*)। { *স.* শীল+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

শৈলেন্দ্র ⇒ শৈল

শৈশব [শোইশব্] *বি* বাল্যাবস্থা; ছেলেবেলা। ~**সঙ্গী** (-ঙ্গিন্) *বি* শিশুকালের সহচর। ~**স্মৃতি** *বি* বাল্যকালের যে সব কথা মনে আছে। **শৈশবাবস্থা** *বি* শৈশব; শিশুকাল; ছেলেবেলা; বাল্যকাল। { *স.* শিশু+অ(অণ্)}

শোঁকা, শুঁকা, শোঁখা, শুঁখা, শোখা [শোঁকা, শুঁ-, শোঁখা, শুঁ-, শোখা] *ক্রি* গন্ধ নেওয়া ([illegible] শোঁকাশুঁকি করে—*মব*)। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। **শোঁকানো** *ক্রি* ঘ্রাণ নেওয়ানো। □*বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √শিঙ্ঘ্> *বা.* √শুঁক্+আ}

শোঁ শোঁ [শোঁশোঁ] *অব্য* বাতাসের প্রবল বেগসূচক শব্দ। { *ধ্বন্যা.*}

শো [শো] *বি* ১ দৃশ্য। ২ সিনেমা; নাটক; প্রদর্শনী (রাতের শোতে যাবেন না আজ—*অচিসে*)। { *ই.* show}

শোক [শোক্] *বি* প্রিয়জনের মৃত্যু ইত্যাদির ফলে দুঃখ। ~**গাথা**, ~**সঙ্গীত** *বি* শোক বা দুঃখপ্রকাশক গান; মর্সিয়া। ~**গ্রস্ত** *বিণ* শোক ভোগ করছে এমন; শোকান্বিত। ~**গ্রস্তা** *বিণ স্ত্রী.*। **শোকাকুল, শোকাতুর, শোকার্ত** *বিণ* শোকে পীড়িত বা কাতর (একাকিনী শোকাকুলা অশোক কাননে—*মদ*)। **শোকানল, শোকাগ্নি** *বি* শোকরূপ অগ্নি; শোক থেকে উৎপন্ন যন্ত্রণা। **শোকাবেগ, শোকোচ্ছ্বাস** *বি* শোকের প্রবল বেগ। **শোকী** (-কিন্) *বিণ* শোকার্ত (মিত্রশোকে শোকী সৌমিত্রী কেশরী—*মদ*)। { *স.* √শুচ্+অ(ঘঞ্)}

শোকর, শুকুর, শুকর, শোকর [শোকর্, শুকুর্, -কর্, শোকর্] *বি* কৃতজ্ঞতা; প্রশংসা; তৃপ্তি বা তুষ্টি প্রকাশ ও তার জন্যে আল্লাহর কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন (শোকর করি খোদা পাকের)। **শোকরানা** *বি* ১ কৃতজ্ঞতা (শোকরানা নামাজ)। ২ আনন্দের বা সুখের কারণ ঘটলে আল্লাহর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ (হামিদা স্বামীদর্শনে মৃতদেহে প্রাণ পাইল এবং দুই রেকাত শোকরানার নামাজ আদায় করিল—*নর*)। { *আ.* শুক্‌র شكر }

শোচন, শোচনা [শোচোন্, শোচনা] *বি* শোক; অনুতাপ বা বিলাপ; অনুশোচনা (কষ্ট পাইলে মহাজনে না করে শোচন—*সৈআ*)। **শোচনীয়, শোচ্য** *বিণ* শোকের যোগ্য বা উপযুক্ত। { *স.* √শুচ্+অন(ল্যুট্), আ(টাপ্)}

শোচিত [শোচিতো] *বিণ* শোক করা হয়েছে এমন। { *স.* √শুচ্+ত(ক্ত)}

শোচ্য ⇒ শোচন

শোণ [শোন্] *বি* ১ রক্তবর্ণ; লাল রং। ২ রক্ত। ৩ একটি নদীর নাম; শোণনদ। ৪ অগ্নি। ৫ লোহিত বর্ণযুক্ত। **শোণা, শোণী** *বিণ স্ত্রী.*। শোণিমা(–মন্) *বি* রক্তিমা; লাল আভা; লালিমা; লালচে (পশ্চিম দিগন্তব্যাপী শোণিমার নীরব একটি নির্ঝর আকাশ থেকে পৃথিবীর উপর পর্যন্ত নেমেছে—*অঠা*)। { *স.* শোণ্+অ(অচ্)}

শোণিত [শোনিতো] *বি* রক্ত; লোহিত; লহু; রুধির। **–ধারা, –প্রবাহ** *বি* রক্তের স্রোত। **–পুঞ্জ** *বি* পুঞ্জীভূত বা স্তূপীকৃত রক্ত (সেই মাংস শোণিতপুঞ্জে পরিণত হইয়াছিল—*গিসে*)। **–মোক্ষণ** *বি* ১ রক্ত বের করে দিয়ে চিকিৎসা। ২ রক্তস্রাব। **–রঞ্জিত, শোণিতাক্ত** *বিণ* রক্তমাখা। **–শোষণ** *বি* ১ রক্ত শুষে নেওয়া। ২ *(আল.)* অন্যায় দাবি আদায়; অন্যায়ভাবে উৎপীড়নের দ্বারা অর্থ আদায়। { *স.* শোণ+ইত(ইতচ্)}

শোণিমা, শোণী ⇒ শোণ

শোথ [শোথ্] *বি* ১ স্ফীতিরোগ। ২ দেহে পানির সঞ্চার হেতু ফোলা রোগ; dropsy (এই পায়ে একটু শোথ দেখা দিয়াছে—*আমআ*)। { *স.* √শু(বৃদ্ধি)+থ(থন্)}

শোধ [শোধ্] *বি* ১ ঋণাদি প্রত্যর্পণ; পরিশোধকরণ (শোধ করা)। ২ অপরাধহেতু প্রতিফল; প্রতিশোধ। ৩ পবিত্রকরণ; শোধন; শুদ্ধি। **~ করা, ~ দেওয়া** *ক্রি* ঋণ পরিশোধ করা; দেনা মেটানো। **~ নেওয়া** *ক্রি* প্রতিশোধ বা প্রতিহিংসা গ্রহণ করা; দাদ তোলা। **~বোধ** *বি* ১ উপযুক্ত বা সমান প্রতিহিংসা গ্রহণ; সমপরিমাণ প্রতিফল প্রদান। ২ পরিশোধ; নিষ্পত্তি। **~ যাওয়া** *ক্রি* পরিশোধ হওয়া। **জন্মের ~** *ক্রিবিণ* জন্মের মতো; চিরদিনের বা শেষবারের মতো। { *স.* √শুধ্+অ(ঘঞ্)}

শোধক [শোধোক্] *বিণ* ১ শোধন করে এমন; সংস্কারক। ২ পাবক। { *স.* √শুধ্+অক(ণ্বুল্)}

শোধন [শোধোন্] *বি* ১ নির্দোষকরণ; শুদ্ধিসম্পাদন (জলশোধন, চরিত্রশোধন)। ২ ভুল দূরীকরণ; সংশোধন। ৩ ঋণ পরিশোধ। { *স.* √শুধ্+অন(ল্যুট্)}

শোধনী [শোধোনি] *বি স্ত্রী.* সম্মার্জনী; ঝাঁটা। □*বিণ* শুদ্ধিকারিকা; পরিমার্জন করে এমন। { *স.* শোধন+ঈ(ঙীপ্)}

শোধনীয়, শোধ্য [শোধোনিয়ো, শোদ্‌ধো] *বিণ* ১ শোধনের যোগ্য বা উপযুক্ত। ২ শোধ করতে হবে এমন। **শোধিত** *বিণ* শোধন করা হয়েছে এমন, শোধ করা হয়েছে এমন। { *স.* √শুধ্+ই(ণিচ্)+অনীয়(অনীয়র্), য(যৎ)}

শোধরানো, শুধরানো, শুধরনো [শোধ্‌রানো, শু–, –র–] *ক্রি* সংশোধন করা; সংশোধিত হওয়া (চরিত্র কিছুটা শোধরানো গেছে), আরোগ্য লাভ করা; সুস্থ হওয়া। □*বি,বিণ* উক্ত অর্থে। { *স.* √শুধরা+আনো, –, অনো}

শোধা, শুধা[১] [শোধা, শু–] *ক্রি* পরিশোধ করা; ঋণাদি প্রত্যর্পণ করা। □*বি* উক্ত অর্থে। { *স.* √শুধ্+*বা.* আ}

শোধিত, শোধ্য ⇒ শোধনীয়

শোনা, শুনা [শোনা, শুনা] *ক্রি* শ্রবণ করা; কর্ণগোচর করা; পালন করা বা মান্য করা। □*বি* উক্ত অর্থে। □*বিণ* শ্রুত (শোনা কাহিনী)। **~ কথা** *বি* শ্রুত কথা; যে ঘটনা কেবল লোকমুখে শ্রুত হয়েছে কিন্তু তা সত্য কিনা জানা নেই। **কথা ~** *ক্রি* আদেশাদি পালন করা বা মান্য করা; ভর্ৎসনা–বাক্য শ্রবণ করা; তিরস্কৃত হওয়া। **শুনানো, শোনানো** *ক্রি* শ্রবণ করানো; পালন করানো বা মান্য করানো; অপ্রিয় কথা বলা। □*বি* উক্ত সকল অর্থে। □*বিণ* শ্রবণ করানো হয়েছে এমন। **শুনে থ হওয়া** *ক্রি* কিছু শুনে অবাক হওয়া। **কথা শুনানো/শোনানো** *ক্রি* আদেশাদি পালন করানো বা মান্য করানো; ভর্ৎসনা করা। { *স.* শ্রু>}

শোভন [শোভোন্] *বিণ* ১ সুন্দর; মনোজ্ঞ; দীপ্ত। ২ শোভাযুক্ত; মানানসই। **শোভনা** *বিণ স্ত্রী.*। **শোভনীয়** *বিণ* শোভা পাওয়ার যোগ্য; শোভন। **শোভনীয়া** *বিণ স্ত্রী.*। { *স.* √শুভ্+অন(ল্যুট্)}

শোভমান [শোভোমান্] *বিণ* শোভা পাচ্ছে এমন; সুন্দর–রূপে বিরাজমান। **শোভমানা** *বিণ স্ত্রী.*। { *স.* √শুভ্+মান(শানচ্)}

শোভা [শোভা] *বি* কান্তি; দীপ্তি; ঔজ্জ্বল্য; মাধুরী; সৌন্দর্য; সৌষ্ঠব; বাহার (শোভাবর্ধন)। **–কর** *বিণ* শোভাদানকারী। **– পাওয়া** *ক্রি* ১ সৌন্দর্য বিস্তার করা; শোভিত হওয়া। ২ মানানো; ভালো দেখানো (ধনীর সকলই শোভা পায়)। **–ময়** *বিণ* শোভাপূর্ণ। **–ময়ী** *বিণ স্ত্রী.*। **–যাত্রা** *বি* বহু লোকের সমারোহের সঙ্গে একত্রে যাত্রা বা গমন; মিছিল; procession। **–যাত্রী**(–ত্রিন্) *বি,বিণ* মিছিলের সঙ্গে গমনকারী; শোভাযাত্রায় যোগদানকারী। **–শূন্য, –হীন** *বিণ* ১ সৌন্দর্যশূন্য। ২ সৌন্দর্যের বা উজ্জ্বলতার বিকাশশূন্য। **শোভিত** *বিণ* শোভাপূর্ণ; ভূষিত। **শোভিতা** *বিণ স্ত্রী.*। **শোভী**(–ভিন্) *বিণ* ১ শোভা দান করে এমন। ২ শোভাপূর্ণ; মনোহর; মনোজ্ঞ; সুন্দর। **শোভিনী** *বিণ স্ত্রী.*। { *স.* √শুভ্+অ(অঙ্)}

শোভাঞ্জন [শোভান্‌জন্] *বি* শজিনার গাছ; শজিনা; horse-radish (শোভাঞ্জন জটাধর—*মদ*)। { *স.* শোভা+√অন্জ+অ(অচ্)}

শোয়া, শুয়া *(কথ্য)* [শোয়া, শু–] *ক্রি* শয়ন করা। □*বি,বিণ* উক্ত অর্থে। **শোয়ানো** *ক্রি* শয়ন করানো। □*বি,বিণ* উক্ত অর্থ। **শোয়াবসা** *বি (আল.)* বসবাস। { *স.* √শী>+*বা.* আ}

শোয়ারী ⇒ সোয়ার

শোয়াস [শোয়াশ্] *বি* শ্বাস (তবে সে বুঝিনু শোয়াস আছে—*চদা*)। { *স.* শ্বাস>(স্বরাগমে ও য়–শ্রুতির ফলে)শোয়াস}

শোর, সোর [শোর্] *বি* উচ্চরব; কোলাহল; চিৎকার; চেঁচামেচি (শোর ওঠে জোরে—*নই*)। **~গোল, –গোল, ~শার** *বি* হৈচৈ; তীব্র গোলমাল; গণ্ডগোল; চিৎকার (রাত ভোর শোরগোল দিল খোশ খেয়ালি—*মোম*)। { *ফা.* শোর شور }

শোরা [শোরা] *বি* যবক্ষার; লবণজাতীয় পদার্থ। { *ফা.* শোরহ্ شوره }

শোল [শোল্] *বি* একপ্রকার মাছ। { *স.* শকুল> }

শোলা ⇒ সোলা

শোষ [শোশ্] *বি* ১ শুষ্কতা; রসশূন্যতা (মুখ শোষ)। ২ পিপাসা। ৩ যক্ষ্মারোগ। ৪ নালি ঘা। { *স.* √শুষ্+ণিচ্+অ(ঘঞ) }

শোষক [শোশোক্] *বি,বিণ* শোষণকারী; শোষণ করে এমন; যে বা যারা অন্যায়ভাবে অপরের ধনসম্পত্তি হস্তগত করে; যে নিজের লাভের জন্য অন্যকে তার প্রাপ্য থেকে বঞ্চিত করে। { *স.* √শুষ্+অক(ণ্বুল্) }

শোষণ [শোশোন্] *বি* ১ রসাকর্ষণ। ২ শুষ্কীকরণ; পানি বা অন্য কোনো তরল পদার্থ শুষে নেওয়া; অপরের ধন-সম্পদ অন্যায়ভাবে হস্তগত করা। **শোষিত** *বিণ* শোষণ করা হয়েছে এমন; রস আকর্ষণ করে নীরস করা হয়েছে এমন; বঞ্চিত। { *স.* √শুষ্+অন(ল্যুট্) }

শোষা, শুষা *(কথ্য)* [শোশা, শু–] *ক্রি* রস জল ইত্যাদি তরল পদার্থ টেনে নেওয়া বা টেনে নিয়ে আত্মসাৎ করা বা পান করা; শুষ্ক করা; আদায় করে আত্মসাৎ করা। □ *বি,বিণ* উক্ত সকল অর্থে। **শোষী**(–ষিন) *বিণ* শুষ্ককারক (অমৃত এনে দিয়েছি প্রাণ পরান শোষী দুঃখ —*সদ*)। **শোষানো, শুষানো** *ক্রি* শোষণ করানো। **শুষী, শোষী**(–ষিন) *বিণ* শুষ্ককারক। { *স.* √শুষ্+ *বা.* আ }

শোষিত ⇒ শোষণ

শোহই *(ব্র.)* [শোহই] *ক্রি* শোভা পায় (হরশির শোহই —*বিপ*)। **শোহন** *(ব্র.)* *বিণ* শোভন; মনোহর (কুঞ্জ অতিশোহন পবন বহে ধীর—*গোদা*)। **শোহাওন, শোহায়ন** *(ব্র.)* সুন্দর (সহজ শোহায়ন শ্রবণক ওর—*গোদা*)। **শোহায়ত** *ক্রি* শোভিত করে (সবহুঁ শোহায়ত নাগর অঙ্গ—*পদকল্পতরু*)। { *স.* √শুভ্> }

শোহরত, শুহরত, শহরৎ [শোহোরত, শু–, শ–] *বি* ঘোষণা; সাধারণ্যে বিজ্ঞপ্তি; প্রচার; প্রসিদ্ধি লাভ (শোহরত দাও নওরাতি আজ—*নই*)। { *আ.* শহরত شهرة }

শোহা *(ব্র.)* [শোহা] *ক্রি* শোভা পাওয়া। { *স.* শোভা> }

শোহায়ল [শোহায়ল] *ক্রি* শোভিত করল (শোহায়ল শ্রবণক ওর—*চদা*)। **শোহিত** *বিণ* শোভিত (কবরি মালতি শোহিতে—*পদকল্পতরু*)। { *স.* শোভিত> }। **শোহে** *ক্রি* শোভা পায় (ঐছন সকল শোহে—*বিপ*)। { *স.* শোভতে> }

শোহিনী [শোহিনি] *বি* একটি রাগিণীর নাম; সোহনী রাগিণী। { *স.* শোভনী> }

শৌক্তিকেয়, শৌক্তেয় [শোউকতিকেয়ো, শোউক্তেয়ো] *বিণ* ১ শুক্তিসম্পর্কিত। ২ মুক্তা। { *স.* শুক্তি+এয়(ঢক্) }

শৌক্ল্য [শোউকলো] *বি* শুক্লতা; শুভ্রতা; শ্বেতত্ব। { *স.* শুক্ল+য(য্যঞ) }

শৌখিন, সৌখিন, সৌখীন [শোউখিন] *বিণ* ১ শখপূর্ণ; বিলাসী; বিলাসযুক্ত (এমন শৌখিন নাম ইতিপূর্বে কখনও শোনা যায় নাই—*রঠা*)। ২ রুচিসম্পন্ন। ৩ মনোহর; মনোজ্ঞ। ৪ শখ আছে এমন (শৌখিন সাবান এবং এসেন্স—*রঠা*)। { *ফা.* শৱকীন شوقين }

শৌচ [শোউচ্] *বি* ১ শুদ্ধি; শুচিতা; পবিত্রতা; শাস্ত্রানুসারে অন্তর ও দেহের শোধন। ২ নির্মলতা। ৩ মল ত্যাগের পর পানি দ্বারা শুদ্ধি সম্পাদন। **শৌচাগার** *বি* মলত্যাগের জন্য ঘর। { *স.* শুচি+অ(অণ্) }

শৌণ্ড [শোউন্ডো] *বিণ* ১ মাতাল; মত্ত। ২ অত্যাসক্ত বা অভ্যস্ত। ৩ প্রসিদ্ধ; বিখ্যাত (রণশৌণ্ড)। **শৌণ্ডিক, শৌণ্ডী**(–ণ্ডিন) *বি* মদ-ব্যবসায়ী; শুঁড়ি। **শৌণ্ডিকালয়** *বি* মদের দোকান। { *স.* শুণ্ডা+অ(অণ্) }

শৌনক [শোউনোক্] *বি* মুনিবিশেষ; পুরাণের ব্যাখ্যাকার। { *স.* শুনক+অ(অণ্) }

শৌনিক[১] [শোউনিক্] *বি* কসাই; ব্যাধ। { *স.* শূনা+ইক(ঠক্) }

শৌভিক [শোউভিক্] *বি* ঐন্দ্রজালিক। { *স.* শোভা+ইক(ঠক্) }

শৌরসেন [শোউরসেন্] *বি* শূরসেন; যদুবংশীয় রাজা; মথুরা অঞ্চল। **শৌরসেনী** *বি,বিণ* শূরসেন দেশের ভাষা; (শৌরসেনী প্রাকৃত)। { *স.* শূরসেন+অ(অণ্) }

শৌরি [শোউরি] *বি* ১ শূর বংশের সন্তান; কৃষ্ণ। ২ শনিগ্রহ। { *স.* শূর+ই(ইঞ) }

শৌর্য [শৌউরজো] *বি* ১ বীরত্ব। ২ সাহস; শক্তি। **~শালী** (–লিন্) *বিণ* ১ বীর; সাহসী; শক্তিশালী। ২ বীরত্বযুক্ত। **শৌর্যশালিনী** *বিণ স্ত্রী.*। { *স.* শূর+য }

শৌল্ক, শৌল্কিক [শোউলকো, –কিক] *বিণ* ১ শুল্ক সম্পর্কিত। □ *বি* শুল্ক আদায় করে যে; শুল্কাধ্যক্ষ। { *স.* শুল্ক+অ(অণ্), ইক(ঠক্) }

শ্মশান [শঁশান্] *বি* শবদাহ স্থান; যেখানে মৃতদেহ পোড়ানো হয়। **~ করে দেওয়া** *ক্রি* বিরান করে দেওয়া; ধ্বংস করা; ছারখার করা। **~কালী** *বি* হিন্দুমতে শ্মশানচারিণীরূপে কল্পিত কালিকামূর্তি। **~চারী** (–রিন্), **~বাসী** (–সিন্) *বিণ* শ্মশানে বিচরণ বা বাস করে এমন। □ *বি* ১ হিন্দুদেবতা শিব; ভূতনাথ। ২ প্রেত। **~চারিণী, ~বাসিনী** *বিণ স্ত্রী.*। **~পুরী, ~ভূমি** *বি* ১ শ্মশান। ২ *(আল.)* জনমানবশূন্য শ্মশানতুল্য স্থান। **~বন্ধু** *বি* যে ব্যক্তি শবানুগমন করে শ্মশানে গিয়ে দাহকার্যে সাহায্য করে। **~বৈরাগ্য** *বি* শ্মশানে পৃথিবীর নশ্বরতা উপলব্ধির ফলে ক্ষণকালীন বৈরাগ্যের উদয়। { *স.* শ্মন্(শব)+শান(শয়ন) }

শ্মশ্রু [শঁস্‌রু] *বি* মুখের দীর্ঘলোম; গোঁফদাড়ি। **~মণ্ডিত, শ্মশ্রুল, ~শোভিত** *বিণ* গোঁফ-দাড়িযুক্ত; শ্মশ্রুতে আবৃত। { *স.* শ্মন্+√শ্রি+উ(ডুন্) }

শ্যাকরা গাড়ি ⇒ ছেকড়া গাড়ি

শ্যাঙল *(ব্র.)* [শ্যাঙল্] *বিণ* শ্যামা; কৃষ্ণবর্ণ (শ্যাঙল ঘন সম—*বিপ*)। { *স.* শ্যামল> }

শ্যাঙাত ⇒ স্যাঙাত

শ্যাম [শ্যাম্] *বিণ* ১ মেঘবর্ণ; কালো রং; কৃষ্ণবর্ণ; ঘন নীল বর্ণ। ২ ফর্সা বা গৌরাঙ্গ এমন। ৩ সবুজ বর্ণ (শ্যাম দূর্বাদল)। ৪ কৃষ্ণ। **~চাঁদ** *বি* শ্রীকৃষ্ণ; *(কৌতু.)* নীলকর সাহেবদের প্রজাপীড়নের চাবুক। **~ রাখি না কুল রাখি** *বি (আল.)* উভয় সংকটে পড়া। **~সুন্দর** *বি* শ্রীকৃষ্ণ। **~সুষমা** *বি* সুন্দর ঘন নীল বা সবুজ বর্ণ (তাহা শ্যাম–

সুষমায় বিকশিত হইয়া উঠে—হবা)। ~ইয়া *অক্রি* শ্যামবর্ণে রঞ্জিত করে (সন্ধ্যা ঘনাইয়া এল শ্যামাইয়া … —সদ)। **শ্যামাঙ্গ** *বিণ* দেহের বর্ণ কালো এমন। **শ্যামাঙ্গা, শ্যামাঙ্গী, ~ঙ্গিনী** *বিণ স্ত্রী*। **~য়মান** *বিণ* শ্যামবর্ণ ধারণ করছে এমন। **~য়মানা** *বিণ স্ত্রী*। { *স.* √শ্যাম+অ(অচ)+আ(টাপ)}

শ্যামক, শ্যামাক [শ্যামোক, –মাক] *বি* একপ্রকার ধান; শ্যামাধান (যাহার আহারের নিমিত্ত তুমি সবদা শ্যামাক আহরণ করিতে—*ঈবি*)। { *স.* শ্যাম, শ্যামা+ক(কন্)}

শ্যামর [শ্যামোর] *বিণ* শ্যামল (শ্যামর ঝামর কুটিল কেশ—*বিপ*)। { *স.* শ্যামল>}

শ্যামল [শ্যামোল] *বিণ* শ্যামবর্ণবিশিষ্ট (শতধৌত শ্বেত নহে শ্যামল চিকুর—*দৌবা*)। **শ্যামলা** *বিণ স্ত্রী*। **~তা, ~ত্ব, শ্যামলিমা**(–মন্) *বি* শ্যাম বা হরিৎ বর্ণত্ব (মুছে যাবে তার চোখের সমুখ থেকে পৃথিবীর সবুজ শ্যামলিমা —*আজা*)। **শ্যামলী** *বি* শ্যামবর্ণ গাভী; গরুর নাম (ওগো শ্যামলী তোমার এ শ্যাম শোভা লুকাবে কোথায়—*নই*)। { *স.* শ্যাম+ল(লচ)}

শ্যামা[১] [শ্যামা] *বি* ১ পরম রূপবতী যুবতী—শীতকালে যার স্পর্শ আরামপ্রদ উষ্ণ এবং গ্রীষ্মকালে সুখদায়ক শীতল। ২ মধ্যযৌবনা নারী। ৩ হিন্দুদেবী কালী। ৪ কৃষ্ণবর্ণা নারী। ৫ শ্যামা নামক পাখি (কোথায় ডাকে দোয়েল-শ্যামা ফিঙে গাছে গাছে নাচেরে—*সদ*)। ৬ যমুনা নদী। ৭ একজাতীয় লতা। **~পোকা** *বি* সবুজ রঙের এক প্রকার পোকা; দীপান্বিতা উৎসবে দীপশিখার প্রতি আকৃষ্ট পোকা (শ্যামাপোকায় না পোড়ে পাখ—*সদ*)। { *স.* শ্যাম+আ(টাপ)}

শ্যামা[২] [শ্যামা] *বি* এক প্রকার ছোট আকারের বুনো ধান। { *স.* শ্যামাক>}

শ্যামাক ⇒ শ্যামক

শ্যামাঙ্গ ⇒ শ্যাম

শ্যামায়মান ⇒ শ্যাম

শ্যাম্পু [শ্যামপু] *বি* মাথার চুল পরিষ্কার করার তরল সাবান। { *ই* shampoo; মূলে তামিল ভাষার শব্দ}

শ্যাম্পেন [শ্যামপেন] *বি* মদবিশেষ (বিয়ের দাওয়াতে নাকি হাজার দেড়েক বোতল শ্যাম্পেন খাওয়া হয়েছে—*সৈমু*)। { *ই* champagne}

শ্যালক, শ্যালা, শ্যাল *(বিরল)* [শ্যালোক, শ্যালা, শ্যাল] *বি* স্ত্রীর চেয়ে বয়সে ছোট তার যে কোনো আপন বা জ্ঞাতি ভাই; শালা। **শ্যালী, শ্যালিকা** *বি স্ত্রী*. স্ত্রীর বোন; শালী; স্ত্রীর ভগিনীস্থানীয়া স্ত্রীলোক। **শ্যালীপতি** *বি* স্ত্রীর ভগিনীপতি বা বোনাই। { *স.* শ্যালক>}

শ্যেন [শেন] *বি* ১ বাজপাখি; শিকারি পাখি। ২ হিন্দুদের যজ্ঞবিশেষ। ☐ *বিণ* শ্বেতবর্ণ; পাণ্ডুবর্ণ। **~চক্ষু, ~দৃষ্টি** *বি* ক্রূর দৃষ্টি; বাজপাখির মতো তীক্ষ্ণ দৃষ্টি। ☐ *বিণ* বাজপাখির মতো তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন। { *স.* শ্যৈ+ইন(ইনচ)+অ(অচ)}

শ্রদ্ধা [স্রোদ্‌ধা] *বি* ১ বিশেষ সম্মান; ভক্তি। ২ আস্থা; বিশ্বাস; নির্ভরতা। ৩ নিষ্ঠা; সশ্রদ্ধ ভক্তি। ৪ স্পৃহা; রুচি; আগ্রহ (খেতে শ্রদ্ধা না হওয়া)। **~ন্বিত, ~বান, শ্রদ্ধালু** *বিণ* শ্রদ্ধাযুক্ত; সশ্রদ্ধ; ভক্তিমান। **~ভাজন, ~স্পদ** *বিণ* শ্রদ্ধার পাত্র। **~ভাজনেষু, ~স্পদেষু** *বিণ* শ্রদ্ধেয় ব্যক্তিকে লিখিত পত্রের আরম্ভে পাঠ। **শ্রদ্ধেয়** *বিণ* শ্রদ্ধার যোগ্য বা উপযুক্ত; সম্মানীয় (শ্রদ্ধেয় যে নয় কোন জ্ঞানি আমরা শ্রদ্ধা করব না তায়—*সদ*)। **শ্রদ্ধেয়া** *বিণ স্ত্রী*। { *স.* শ্রৎ+√ধা+অ(অচ)+আ(টাপ)}

শ্রদ্ধাধান [স্রোদ্দাধান] *বিণ* শ্রদ্ধাযুক্ত; ভক্তিমান। { *স.* শ্রৎ+√ধা+আন(শানচ)}

শ্রব, শ্রবঃ [স্রোবো, স্রোবোহ্] *বি* কর্ণ; কান। { *স.* √শ্রু+অ(অপ্)}

শ্রবণ [স্রোবোন্] *বি* ১ শোনা। ২ কান (সিরেতে উত্তম জটা শ্রবণেতে কোড়ি—*শেফ*)। **~গোচর** *বিণ* কানে আসা; কর্ণকুহরে প্রবেশ করা (সেই কথা শ্রবণ গোচর হইবামাত্র —*ঈবি*)। **~পথ** *বিণ* কর্ণ; কান। **~বহির্ভূত, শ্রবণাতীত** *বিণ* শোনা যায় না এমন। **~বিবর** *বি* কর্ণগহ্বর; কানের ছিদ্র। **~মধুর** *বিণ* শুনতে মধুর; মাধুর্যময় ধ্বনিযুক্ত (তুমি কেন আবার শ্রবণমধুর কলকল তরতর রবে মন ভুলাইতেছ—*বচ*)। **শ্রবণীয়, শ্রব্য, শ্রাব্য** *বিণ* শুনতে পারা যায় এমন; শ্রবণযোগ্য; শোনার উপযুক্ত। **শ্রব্যকাব্য** *বি* পড়া বা শোনার যোগ্য সাহিত্য গ্রন্থ; পাঠ্য বা শ্রোতব্য সাহিত্যপুস্তক। { *স.* √শ্রু+অন(ল্যুট্)}

শ্রবণা [স্রোবোনা] *বি স্ত্রী. (জ্যোশা)* নক্ষত্রবিশেষ। { *স.* √শ্রু+অন(ল্যুট্)+আ(টাপ্)}

শ্রবণীয়, শ্রব্য ⇒ শ্রবণ

শ্রম [স্রোমো] *বি* পরিশ্রম; মেহনত; দৈহিক খাটুনি (শ্রমজীবী)। **~কাতর** *বিণ* পরিশ্রম বা মেহনত করতে কষ্ট বোধ করে এমন। **~জল, ~বারি** *বি* ঘর্ম; ঘাম। **~জীবী**(–বিন্) *বি, বিণ* পরিশ্রম দ্বারা জীবিকা নির্বাহকারী; শ্রমিক; মজুর; মেহনতি মানুষ। **~বণ্টন, ~বিভাগ** *বি* পরিশ্রমের কাজগুলোকে ভাগ করে বিভিন্ন ব্যক্তিকে করতে দেওয়া; বৃহদাকার উৎপাদনের সুবিধার জন্য একটি দ্রব্যের বিভিন্ন অংশ বিভিন্ন শ্রমিক দ্বারা প্রস্তুতকরণ। **~বিমুখ** *বিণ* মেহনত করতে অনিচ্ছুক। **~লব্ধ** *বিণ* মেহনতের দ্বারা প্রাপ্ত বা অর্জিত। **~শীল** *বিণ* পরিশ্রমী; মেহনত করে এমন। **~সাধ্য** *বিণ* পরিশ্রম দাবি করে এমন। { *স.* √শ্রম+অ(ঘঞ্)}

শ্রমণ [স্রোমোন] *বি* জৈন বৌদ্ধ ধর্মাবলম্বী মুণ্ডিতমস্তক গেরুয়া বস্ত্র পরিহিত সন্ন্যাসী; বৌদ্ধ সন্ন্যাসী; ভিক্ষু। **শ্রমণা** *স্ত্রী*। { *স.* √শ্রম্+অন(ল্যুট্)}

শ্রমিক [স্রোমিক] *বি* মজুর; যে শরীর খাটিয়ে খায়; শ্রমজীবী; মেহনতি মানুষ। **শ্রমিকা** *বি স্ত্রী*। { *স.* শ্রম+ইক}

শ্রমী(–মিন্) [স্রোমি] *বিণ* পরিশ্রম করে জীবিকার্জন করে এমন; পরিশ্রমী; মেহনতি; শ্রমশীল। **শ্রমিণী** *বি স্ত্রী*। { *স.* শ্রম+ইন(ঘিনুণ)}

শ্রমোপজীবী(–বিন্) [স্রোমোপোজিবি] *বিণ* পরিশ্রম দ্বারা জীবিকা নির্বাহকারী; শ্রমী; মেহনতি। { *স.* শ্রম+উপ-জীবী; *বহু*}

শ্রয়, শ্রয়ণ [স্রোয়ো, –ন] *বি* আশ্রয়; অবলম্বন; সহায়; নির্ভর। **শ্রিত** *বিণ* আশ্রয় বা সহায়রূপে গ্রহণ করা হয়েছে এমন; অবলম্বিত। { *স.* √শ্রি+অ, অন(ল্যুট্)}

শ্রাদ্ধ [স্রাদ্‌ধো] *বি* ১ হিন্দুধর্ম মতে মৃতের আত্মার কল্যাণ-

কামনায় পিণ্ডদানাদি অনুষ্ঠান। ২ মৃতের উদ্দেশে শ্রদ্ধাপূর্বক অন্নাদি দান। ৩ (*ব্য.*) অপব্যয়; অপচয়; অপরিমিত ব্যয় (টাকাপয়সার শ্রাদ্ধ)। ৪ নিদারুণ ক্ষতি বা ধ্বংস (সে তার শ্রাদ্ধ করে ছাড়ল)। ৫ অব্যবস্থাজনিত শৃঙ্খলাশূন্য; বিসদৃশ বা অবাঞ্ছিত ব্যাপার সৃষ্টি (শ্রাদ্ধ গড়ানো)। **~খাওয়া** *ক্রি* মৃত ব্যক্তির শ্রাদ্ধ উপলক্ষে নিমন্ত্রিত হয়ে আহার করা। *তুল.* (মুসলমানদের) ফয়তা খাওয়া; চল্লিশা বা চেহলাম খাওয়া। **~ গড়ানো** *ক্রি* বিসদৃশ বিশৃঙ্খল ও অবাঞ্ছিত ব্যাপার ঘটা। **~শান্তি** *বি* মৃতের আত্মার উপকারার্থ হিন্দুদের শ্রাদ্ধ অনুষ্ঠান। **শ্রাদ্ধিক** *বিণ* শ্রাদ্ধ সম্পর্কিত। □ *বি* শ্রাদ্ধে দেয় বস্তু। **শ্রাদ্ধীয়** *বিণ* শ্রাদ্ধসম্বন্ধীয়। **ভূতের বাপের শ্রাদ্ধ** *বি* বিশৃঙ্খল ব্যাপার; বৃথা কার্যে অর্থ অপচয়। { *স.* শ্রদ্ধা+অ(অণ)}

শ্রান্ত [স্রান্‌তো] *বি* শ্রমযুক্ত; কর্মক্লান্ত; অবসন্ন। □ *বিণ* বিরত; নিবৃত্ত; শান্ত। **শ্রান্তি** *বি* ১ পরিশ্রম করার ফলে শারীরিক ক্লান্তি ও অবসাদ। ২ পরিশ্রমজাত ক্লান্তি; অতিরিক্ত পরিশ্রমের ফলে কর্মে মন্থরতা বা কর্মনিবৃত্তি। ৩ বিশ্রাম; বিরাম। **শ্রান্তিহীন** *বিণ* ১ পরিশ্রমে ক্লান্তিশূন্য। ২ বিরামহীন; অবিশ্রাম। { *স.* √শ্রম্‌+ত(ক্ত)}

শ্রাবক [স্রাবোক] *বি* ১ যে শোনে; শ্রোতা; শ্রবণকারী। ২ বুদ্ধশিষ্য; গৌতম বুদ্ধের অনুসারী (তোমার মতে ... শ্রাবকরা সব অল্পবুদ্ধিসম্পন্ন কেমন—*রাসা*)। { *স.* √শ্রু+অক(ণ্বুল্‌)}

শ্রাবণ[1] [স্রাবোন্‌] *বি* বাংলা সনের চতুর্থ মাস; শ্রবণা নক্ষত্রে পূর্ণিমার চাঁদ ওঠে যে মাসে। □ *বিণ* শ্রবণা নক্ষত্র সম্পর্কিত। { *স.* শ্রবণা+অ(অণ্‌)}

শ্রাবণ[2] [স্রাবোন্‌] *বিণ* শ্রবণেন্দ্রিয়জনিত বা গ্রাহ্য; কর্ণেন্দ্রিয়সম্পর্কিত (শ্রাবণজ্ঞান)। { *স.* শ্রবণ+অ(অণ্‌)}

শ্রাবিত [স্রাবিতো] *বিণ* শুনানো হয়েছে এমন; শ্রবণ করানো হয়েছে এমন। { *স.* √শ্রু+ই(ণিচ্‌)+ত(ক্ত)}

শ্রিত ⇒ শ্রয়

শ্রী [স্রি] *বি* ১ ঐশ্বর্য; সম্পদ; সৌন্দর্য; লাবণ্য; শোভা (দেহশ্রী, মুখশ্রী)। ২ চেহারা; আকৃতি; রূপ (শ্রী ফিরে যাবে জাতির—*অঠা*)। ৩ ঢং; ভঙ্গি; রূপ (কথার শ্রী)। ৪ হিন্দুদেবী লক্ষ্মী। ৫ হিন্দুদেবী সরস্বতী। ৬ বেশবিন্যাস (শ্রীছাঁদ)। ৭ শ্রদ্ধাসূচক শব্দবিশেষ (শ্রীরাম)। ৮ জীবিত হিন্দু পুরুষের নামের পূর্বে ব্যবহৃত শব্দবিশেষ। ৯ (*সন্*) রাগিণীবিশেষ। **~কণ্ঠ** *বি* হিন্দুদেবতা শিব। **~করণ** *বি* লেখনী; কলম। **~কান্ত, ~নাথ, ~পতি** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ সুন্দর কান্তিযুক্ত। **~কৃষ্ণ** *বি* মহাভারত-বর্ণিত অবতার পুরুষ। **~ক্ষেত্র** *বি* পুরীধাম। **~খণ্ড** *বি* চন্দনকাঠ। **~খণ্ডী** *বি* ১ হিন্দুদের শুভকর্মে পরিহিত বস্ত্র। ২ হিন্দুদের বিয়ের পিঁড়ি। ৩ বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। **~ঘর** (*ব্য.*) জেলখানা বা কারাগার। **~ঘরে যাওয়া** *ক্রি* জেলে যাওয়া। **~চরণ, ~চরণকমল** *বি* পূজ্য বা শ্রদ্ধেয় ব্যক্তিদের চরণ। **~চরণকমলেষু, ~চরণেষু** *বি* গুরুজনের নিকট লেখা পত্রের প্রারম্ভিক পাঠ (প্রধানত হিন্দু রীতির)। **~পতি, ~নিবাস** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। **~পঞ্চমী** *বি* হিন্দুদের সরস্বতী পূজার তিথি; মাঘ মাসের শুক্লাপঞ্চমী। **~পদ, ~পদপঙ্কজ, ~-পদপল্লব, ~পাদপদ্ম** *বি* শ্রীচরণ ⇒ **-চরণ**। **~পর্ণ** *বি* পদ্ম; কমল। **~ফল** *বি* বেল। **শ্রীবৎস** *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু। ২ বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত লোমাবলি। ৩ পুরাণোক্ত একজন রাজা। **~বৎসলাঞ্ছন** *বি* হিন্দুদেবতা বিষ্ণু। **~বৃদ্ধি** *বি* ১ উন্নতি। ২ সমৃদ্ধি। **~ভ্রষ্ট** *বিণ* ১ বিনষ্টসম্পদ; সৌন্দর্যহীন। ২ লক্ষ্মীছাড়া; হতভাগ্য। **~মৎ** *বি* ১ সম্পদশালী; মহিমময়। ২ হিন্দু সাধু সন্ন্যাসী ও পবিত্র গ্রন্থাদির নামের পূর্বে ব্যবহৃত; ভক্তি বা সম্মানসূচক শব্দ (শ্রীমৎ-ভগবৎ-গীতা=শ্রীমদ্ভগবদ্গীতা)। **~মতী** *বিণ স্ত্রী*। **~মতী** *বিণ* ১ ভাগ্যবতী। ২ সুন্দরী; সৌন্দর্যময়ী যুবতী। ৩ রাধিকা। **~মান** *বিণ* সুন্দর; কান্তিযুক্ত; ভাগ্যবান পুত্র বা পুত্রস্থানীয়কে এ রকম সম্বোধন (হিন্দু সমাজে আশীর্বাদের যোগ্য পাত্রের নামের পূর্বে ব্যবহৃত)। **~মন্ত** *বিণ* ভাগ্যবান; ঐশ্বর্যবান। **~মুখ** *বি* সুন্দর বা সৌন্দর্যময় মুখ; পবিত্র মুখ। **~যুক্ত, ~যুত, শ্রীল** *বিণ* ১ মহাশয়; মহোদয়। ২ সম্পদশালী; ঐশ্বর্যবান; ভাগ্যবান। ৩ গণ্যমান্য বা শ্রদ্ধেয় ব্যক্তির নামের পূর্বে হিন্দুসমাজে ব্যবহৃত শব্দ। **~যুক্তা** *বিণ স্ত্রী*। **~সম্পাদক** *বি* যা সৌন্দর্য সাধন করে; সৌন্দর্যসাধক; শোভাবর্ধক। **~হীন** *বিণ* শোভাসৌন্দর্যশূন্য; ভাগ্যহীন। { *স.* √শ্রী+ক্বিপ্‌}

শ্রুত [স্রুতো] *বিণ* ১ শ্রবণ করা হয়েছে এমন (কাহিনী ইহার সবার শ্রুত—*সদ*)। ২ আকর্ণিত। ৩ খ্যাত; প্রসিদ্ধ (শ্রুতকীর্তি)। **~কীর্তি** *বিণ* সুবিখ্যাত। □ *বি* রামের ভাই শত্রুঘ্নের স্ত্রী। **~লিপি** *বি* অন্যের মুখে শুনে যা লেখা হয়; শ্রুতলিখন (শ্রুতলিপির সময়ে নেমে আসার অনুমতি হত—*ইখাঁ*)। { *স.* √শ্রু+ত(ক্ত)}

শ্রুতি [স্রুতি] *বি* ১ শ্রবণ; শোনা (শ্রুতিপথ)। ২ কর্ণ; কান। ৩ শোনা কথা; গুজব (জনশ্রুতি)। ৪ বেদ। ৫ (*সন্*) দুই স্বরের মধ্যবর্তী সূক্ষ্ম স্বরাংশসমূহ। **~-কটু, ~কঠোর** *বিণ* ১ শুনতে খারাপ লাগে এমন; কর্কশ। ২ লালিত্যহীন। **~গম্য, ~গোচর** *বিণ* ১ শোনা যায় এমন; শোনা যেতে পারে এমন; কর্ণগোচর। ২ শ্রুত (যদি শ্রুতগোচর না হতো তার জন্যও কটু কথা শুনতে হতো—*রখাঁ*)। **~ধর** *বিণ* শোনামাত্র স্মরণ রাখা; যে একবার শুনেই স্মৃতিতে ধরে রাখতে পারে। **~পথ** *বি* শ্রবণ করার পথ; কর্ণকুহর; কর্ণবিবর; কানের ছিদ্র। **~ফল** *বি* ১ শোনার ফল বা গুণ; ফলশ্রুতি। ২ শোনার প্রতিক্রিয়া। **~বেধ** *বি* কান বিঁধানো সংস্কার। **~মধুর** *বিণ* শুনতে মধুর এমন; শ্রুতিসুখকর। **~মূল** *বি* ১ কর্ণমূল; কানের গোড়া। ২ যজ্ঞ। { *স.* √শ্রু+তি(ক্তি)}

শ্রূয়মাণ [স্রুয়োমান্‌] *বিণ* শোনা যাচ্ছে এমন; শ্রবণ করা হচ্ছে এমন। { *স.* √শ্রু+মান(শানচ্‌)}

শ্রেঢ়ী [স্রেঢ়ি] *বি* (*গণিত.*) পরস্পর সমান্তর বা সমগুণ সংখ্যাসমূহের বিন্যাস; progression (তার শ্রেঢ়ী অখণ্ড থেকে খণ্ডে শৃঙ্খলা থেকে সংঘাতে—*সুদ*)। { *স.* শ্রেণি>}

শ্রেণি, শ্রেণী [স্রেনি] *বি* ১ সারি; পঙ্‌ক্তি (পিপীলিকা শ্রেণি)। ২ সম্প্রদায়; সমাজ; একই ধর্ম গুণ বা বৃত্তি অবলম্বনকারী লোক (শ্রমিক শ্রেণি)। ৩ দল; পাল; যূথ; সর্বদা একত্র অবস্থান করে যারা (হস্তিশ্রেণি)। ৪ বিভাগ; ক্লাস; গুণানুযায়ী স্থান (দ্বিতীয় শ্রেণি)। **~বদ্ধ** *বিণ* সারি

বাঁধা। ~**বিন্যাস** *বি* বিভিন্ন শ্রেণিতে সাজানো। ~**ভুক্ত** *বিণ* নির্দিষ্ট দলের বা সঙ্ঘের অন্তর্ভুক্ত; দলভুক্ত। { *স.* √শ্রি+ণি(ঈ), ঈ(ঙীষ্) }

শ্রেণিসংগ্রাম, শ্রেণীসংগ্রাম [স্রেনিশঙগ্রাম্] *বি* অধিকার বা প্রাধান্য প্রতিষ্ঠার জন্য সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিরোধ। { *স.* শ্রেণি/শ্রেণী+সংগ্রাম}

শ্রেয়, শ্রেয়ঃ (–য়স্) [স্রেয়ো, –য়োহ্] *বি* ১ মঙ্গল; কল্যাণ; হিত; শুভ। ২ ধর্ম; মুক্তি। □*বিণ* ১ হিতকর; মঙ্গলজনক; কল্যাণকর। ২ প্রশস্ত; প্রশংসনীয়; শ্রেষ্ঠ। ~**কল্প** *বিণ* শুভস্বরূপ; শ্রেষ্ঠতুল্য। **শ্রেয়োবোধ** *বি* কল্যাণ–বোধ; মঙ্গল–চেতনা; হিতাকাঙ্ক্ষা। **শ্রেয়স্কর** *বিণ* হিতকর; কল্যাণজনক। **শ্রেয়স্করী** *বিণ স্ত্রী.*। **শ্রেয়ান** *বিণ* ১ হিতকর; মঙ্গলজনক। ২ শ্রেষ্ঠ; সর্বোৎকৃষ্ট; প্রশস্ত। **শ্রেয়সী** *বিণ* ১ শুভযুক্তা; শুভদা। ২ হরিতকী। **শ্রেয়োলাভ** *বি* কল্যাণ প্রাপ্তি। { *স.* প্রশস্য+ ঈয়স(ঈয়সুন্)}

শ্রেষ্ঠ [স্রেশঠো] *বিণ* অতি উৎকৃষ্ট; উত্তম; প্রধানতম; সর্বপ্রধান। **শ্রেষ্ঠা** *বিণ স্ত্রী.*। ~**তর** (*অশু.*) *বিণ* উত্তমতর; উৎকৃষ্টতর। ~**তরা** *স্ত্রী.*। ~**তম** (*অশু.*) *বিণ* উৎকৃষ্টতম; সর্বোত্তম। ~**তমা** *স্ত্রী.*। **শ্রেষ্ঠতা, শ্রেষ্ঠত্ব** *বি* প্রাধান্য; উৎকর্ষ। { *স.* প্রশস্য+ইষ্ঠ(ইষ্ঠন্)}

শ্রেষ্ঠী(–ষ্ঠিন্) [স্রেশ্ঠি] *বি* ১ ব্যবসায়ী; বণিক; শেঠ। ২ মহাধনী ব্যক্তি; ধনী সওদাগর (সে বাগদাদের এক শ্রেষ্ঠীর মেয়ে— *মুআহ*)। { *স.* শ্রেষ্ঠ+ইন্(ইনি)}

শ্রোণি, শ্রোণী [শ্রোণি] *বি* নিতম্ব; পাছা; কটিদেশ। ~**দেশ** *বি* নিতম্বদেশ (শ্রোণিদেশে ভাতিল মেখলা— *মদ*)। { *স.* শ্রোণ+ই(ইন্), ঈ(ঙীষ্)}

শ্রোতব্য [স্রোতোবেবা] *বিণ* শোনা যায় এমন; শ্রবণযোগ্য; শ্রবণীয়। { *স.* √শ্রু+তব্য}

শ্রোতা (–তৃ) [স্রোতা] *বি, বিণ* যে শ্রবণ করে; শ্রবণকারী। **শ্রোত্রী** *বি স্ত্রী.*। **শ্রোতৃবর্গ, শ্রোতৃমণ্ডলী** *বি* যারা বক্তৃতাদি শ্রবণ করে; audience। { *স.* √শ্রু+তৃ(তৃচ)}

শ্রোত্র [স্রোত্ত্রো] *বি* ১ শ্রবণেন্দ্রিয়; কর্ণ; কান। ২ বেদ; শ্রুতি। { *স.* √শ্রু+ত্র(ত্রন্)}

শ্রোত্রিয় [স্রোত্ত্রিয়ো] *বি* ১ বেদজ্ঞ ব্রাহ্মণ। ২ অকুলীন বা কৌলীন্যহীন ব্রাহ্মণ। { *স.* শ্রোত্র+ইয়(ঘ)}

শ্রৌত [স্রোউতো] *বিণ* শ্রুতি অর্থাৎ বেদ দ্বারা নির্দিষ্ট; বেদানুসারী; বেদ–স্বীকৃত। { *স.* শ্রুতি+অ(অণ্)}

শ্লথ [স্লোথো] *বিণ* ১ শিথিল; অদৃঢ়; ঢিলা (শ্লথ পায়ে বারে বারে চলে যেতে— *অচিসে*)। ২ দীর্ঘসূত্রী; বিলম্বে কাজ করে এমন (সে কাজে বড় শ্লথ)। ৩ মন্থর; ধীর; বিলম্বে কাজ করতে অভ্যস্ত (শ্লথ পায়ে চলি)। ৪ আলুথালু; এলোমেলো; বিশৃঙ্খল; বিস্রস্ত। ~**বদ্ধ** *বিণ* শিথিলভাবে গ্রথিত (শ্লথবদ্ধ কাহিনী)। { *স.* √শ্লথ+অ(তৃ)}

শ্লাঘা [স্লাঘা] *বি* আত্মপ্রশংসা; গৌরব (আমার প্রাণদণ্ড হয় তাহাতে আমি কাতর নহি বরং শ্লাঘা জ্ঞান করিব— *ঈবি*)। **শ্লাঘ্য, শ্লাঘনীয়** *বিণ* ১ প্রশংসার্হ; প্রশংসা–জনক। ২ বাঞ্ছিত; ঈপ্সিত; স্পৃহণীয়। { *স.* √শ্লাঘ+অ+ আ(টাপ্)}

শ্লিপ, স্লিপ [স্লিপ] *বি* চিরকুট; চিট; রোকা (চাকর নির্মলার মার শ্লিপ লইয়া ডাক্তারখানায় ছুটিল— *বিব*)। { *ই* slip}

শ্লিষ্ট [স্লিশটো] *বিণ* ১ সংযুক্ত; যুক্ত; জড়িত; একত্রে মিলিত। ২ আলিঙ্গিত; আলিঙ্গনে আবদ্ধ; শ্লেষালঙ্কারযুক্ত; দুই প্রকার অর্থবাচক; একাধিক অর্থবোধক। { *স.* √শ্লিষ্+ ত(ক্ত)}

শ্লীপদ [স্লিপদো] *বি* গোদ; পায়ের শোথ নামক রোগ; elephantisis (বিপদে শ্লীপদ ভরসা তাহাও শ্লীপদ গিয়াছে ফুলিয়া— *নই*)। { *স.* শ্লী+পদ}

শ্লীল [শ্লিল] *বিণ* ১ ভদ্র; শিষ্ট। ২ রুচিসম্মত; সুরুচিসম্পন্ন। **অশ্লীল** *বিপ.*। **শ্লীলতা** *বি* সম্ভ্রম। ~**তাহানি** *বি* নারীর সম্ভ্রমহানি। { *স.* শ্রী+ল}

শ্লেষ [শ্লেশ্] *বি* ১ যোগ; সংযোগ; সংস্রব; জড়ানো। ২ আলিঙ্গন। ৩ একটি শব্দালঙ্কার (এক শব্দের একাধিক অর্থ)। ৪ বক্রোক্তি; ব্যঙ্গোক্তি; প্রচ্ছন্ন বিদ্রূপ (তীব্র শ্লেষ বাক্যে জর্জরিত করা)। { *স.* √শ্লিষ্+অ(ঘঞ)}

শ্লেষ্মা(–ষ্মন্) [শ্লেশ্শাঁ] *বি* ১ কফ; সর্দি। ২ শিকনি। **শ্লৈষ্মিক** *বিণ* ১ শ্লেষ্মাসংক্রান্ত। ২ শ্লেষ্মাবাহী। **শ্লৈষ্মিক ঝিল্লি** *বি* শ্লেষ্মা উৎপন্নকারী ও নিঃসারণকারী সূক্ষ্ম জালের মতো পর্দা। { *স.* √শ্লিষ্+মন(মনিন্)}

শ্লোক [শ্লোক] *বি* ১ পদ; কবিতা। ২ খ্যাতি (পুণ্যশ্লোক)। **শ্লোকাত্মক** *বিণ* ১ শ্লোকময়। ২ শ্লোকে বা কবিতায় রচিত।

শ্লোগান, স্লোগান [স্লোগান্] *বি* মিছিলের ধ্বনি; দাবি আদায়ের জন্য একসঙ্গে বহু মানুষের ধ্বনি; জিগির। { *ই* slogan}

শ্ব [শহ্] *অব্য* গত কাল; আসছে কাল। **পরশ্ব** *বি* পরশু; গত বা আগামী পরশু। { *স.* শ্বস্>}

শ্বদন্ত [শদনতো] *বি* কুকুরের মতো তীক্ষ্ণ দাঁত। { *স.* শ্বন্+দন্ত; ৬তৎ}

শ্বন, শ্বা [শন, শা] *বি* কুকুর (শ্বন পোষে গৃহরক্ষা শিকারের আশে— *সৈআ*)। { *স.* √শ্বি+অন্(কনিন্)}

শ্ববৃত্তি [শবৃত্তি] *বি* ১ কুকুরের মতো ব্যবহার বা আচরণ। ২ সেবা; পরিচর্যা; চাকরি; পরনির্ভরতা; পরাশ্রয়। ৩ খোশামোদ; চাটুকারিতা। ৪ চাটুকারিতা দিয়ে জীবিকা নির্বাহ। { *স.* শ্বন্+বৃত্তি; ৬তৎ}

শ্বশুর [শোশুর] *বি* স্বামী বা স্ত্রীর পিতা। **শ্বশ্রূ** *বি স্ত্রী.*। ~**ঘর** *বি* স্বামীর বাড়ি। ~**ঘর করা** *ক্রি* স্বামীর বাড়ি গিয়ে সংসার করা। ~**বাড়ি, শ্বশুরালয়** *বি* শ্বশুরের বাসস্থান বা গৃহ। { *স.* শু+√অশ্+উর(উরন্)}

শ্বশ্রূ [শোসস্রু] *বি* স্বামী বা স্ত্রীর মা; শ্বশুরের স্ত্রী; শাশুড়ি। ~**মাতা** *বি* শাশুড়ি। { *স.* শ্বশুর+উ(ঊঙ্)}

শ্বসন [শশোন্] *বি* নিঃশ্বাস প্রশ্বাস গ্রহণ ও ত্যাগ (ছিন্ন বসন রিক্তভূষণ গভীর শ্বসন ভরে— *সদ*)। **শ্বসমান** *বিণ* শ্বাস গ্রহণ ও ত্যাগে নিযুক্ত। **শ্বসনা** *বি* শ্বাস ত্যাগকারিণী (বাষ্পশিখা অনলশ্বসনা— *রঠা*)। **শ্বসিত** *বিণ* ১ শ্বাসরূপে গ্রহণ ও ত্যাগ করা হয়েছে বা হচ্ছে এমন। ২ নিঃশ্বাস–প্রশ্বাস গ্রহণ ও ত্যাগে যুক্ত। **শ্বসিয়া** *অক্রি* শ্বাস ত্যাগ ক'রে (উঠিছে সে শ্বসিয়া শ্বসিয়া— *সদ*)। { *স.* √শ্বস্+ অন(ল্যুট্)}

শ্বা [শা] *বি* কুকুর (কেহ বলে খেলে শিবা শ্বা কঙ্ক শার্দূল— *ঘচ*)। **শুনী** *স্ত্রী.*। ~**দংষ্ট্র, ~দন্ত** *বি* ১ কুকুরের দাঁত। ২ মানুষের মুখগহ্বরে যে দাঁত শক্তদ্রব্য ভাঙতে

বা কাটতে সাহায্য করে। { স. √শ্বি+অন(কনিন্)}

শ্বাপদ [শাপদ্] *বি* ১ যার পা কুকুরের পায়ের মতো। ২ হিংস্র বা শিকারি জন্তু; যেসব পশু মাংস আহার করে দেহ ধারণ করে। ৩ হিংস্র জন্তু সম্বন্ধীয়। ~**সংকুল,** ~**সমাকীর্ণ** *বিণ* হিংস্র জন্তুতে পূর্ণ বা আচ্ছন্ন। { স. শ্বন্+পদ}

শ্বাস [শাশ্] *বি* ১ নিঃশ্বাস। ২ প্রশ্বাস (শ্বাস চলছে না)। ৩ হাঁপানি (শ্বাস রোগ)। ৪ মৃত্যুর পূর্বের কষ্ট। ~ **ওঠা** *ক্রি* মৃত্যুকালে যে কষ্টদায়ক নাভিশ্বাস ওঠে। ~**কর্ম,** ~**কার্য,** ~**ক্রিয়া** *বি* শ্বাস গ্রহণ ও ত্যাগ কার্য। ~**কষ্ট** *বি* ১ শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধাপ্রাপ্তির কষ্ট। ২ মুমূর্ষু অবস্থায় শ্বাস ত্যাগ ও গ্রহণে যে কষ্ট হয়। ~**রোগ** *বি* হাঁপানি প্রভৃতি রোগ। ~**রোধ** *বি* ১ শ্বাসগ্রহণে ও ত্যাগে যে বাধা সৃষ্টি হয়। ২ শ্বাসবন্ধ। **নাভি**~ *বি* মুমূর্ষু অবস্থায় নাভি থেকে কণ্ঠ পর্যন্ত আন্দোলিত করে শ্বাস গ্রহণের কষ্টদায়ক চেষ্টা; মৃত্যুলক্ষণ। **প্রশ্বাস** *বি* গৃহীত ও পরিত্যক্ত শ্বাস। ২ শ্বাস গ্রহণ ও ত্যাগ। { স. √শ্বস্+অ(ঘঞ্)}

শ্বেত [শেত] *বি* সাদা রং। ☐ *বিণ* সাদা; শুভ্র; ধবল; সিত; শুক্ল। ~**কুষ্ঠ** *বি* ধবল রোগ; leprosy। ~**চর্ম** *বি* ১ সাদা চামড়া। ২ ইউরোপীয়—যাদের গায়ের রং সাদা। ☐ *বিণ* সাদা চামড়াযুক্ত। ~**দ্বীপ** *বি* হিন্দুপুরাণ মতে চন্দ্রদ্বীপ; গ্রেট ব্রিটেন। ~**পত্র** *বি* কোনো বিশেষ বিষয়ে জনগণ বা পার্লামেন্টকে অবহিত করার জন্য সরকারি বিবরণী; white paper। ~**প্রদর** *বি* স্ত্রীরোগবিশেষ; স্ত্রীজননেন্দ্রিয়ের ব্যাধি। ~**প্রস্তর,** ~**পাথর** *বি* সাদা রঙের মর্মরপাথর। ~**শুভ্র** *বিণ* অত্যন্ত সাদা। ~**সার** *বি* খাদ্য শস্য বা ফল-মূলাদির শ্বেতাংশ; starch। ~**হস্তী পোষা** *বি* সাদা হাতি; (*ব্য.*) যার পিছনে বিপুল ব্যয় হয়; যা পোষণ করতে সর্বস্বান্ত হতে হয়। **শ্বেতাভ** *বিণ* সাদা আভাযুক্ত; অল্প সাদা। **শ্বেতি, শ্বেতী** *বি* ধবলরোগ। **শ্বৈত্য** *বি* ১ শুক্লতা; শুভ্রতা। ২ নির্মলতা। { স. √শ্বিৎ+অ(অচ্)}

ষ

ষ [শ] বাংলা ব্যঞ্জনবর্ণবিশেষ। 'ট', 'ঠ'-এর সঙ্গে সংযুক্ত থাকা অবস্থায় 'ষ' দন্ত্যমূলীয় প্রতিবেষ্টিত তথা দন্ত্যমূলীয় ধ্বনি। স্বতন্ত্রভাবে 'ষ'-এর উচ্চারণ 'শ'-এর অনুরূপ।

ষট, ষট্ [শট্] *বি,বিণ* ছয় সংখ্যা বা সংখ্যক। { স. ষষ্+ক্বিপ্; সমাসের ক্ষেত্রে পরপদের প্রথমটি ১ম বা ২য় বর্গীয় বর্ণ হলে 'ষষ্' স্থলে 'ষট্' হয়, ৩য় বা ৪র্থ বর্গীয় বর্ণ বা অন্তঃস্থ বর্ণ পরে থাকলে 'ষষ্' 'ষড়্' হয়, ৫ম বর্গীয় বর্ণ পরে থাকলে 'ষষ্' স্থলে 'ষণ্' হয়}

ষট্ক, ষটক [শট্ক, শটোক্] *বি* ১ সংগীতের শেষ ছয় চরণ। ২ ছয় সংখ্যা। ৩ কবিরাজি ছয়টি দ্রব্য। { স. ষষ্+ক(কন্)}

ষট্কর্ণ, ষটকর্ণ [শট্করনো] *বি,বিণ* যা ছয় কর্ণে অনুপ্রবিষ্ট; তৃতীয় ব্যক্তির কর্ণগোচর হয়েছে এমন (নীতিজ্ঞেরা বলেন মন্ত্রণা ষট্কর্ণে প্রবিষ্ট হইলে—*ঈবি*)। { স. ষট্+কর্ণ}

ষট্কর্ম [শট্করমো] *বি* ১ যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ—ব্রাহ্মণের করণীয় এই ছয় প্রকার কাজ। ২ দৃঢ়তা, ধৈর্য, স্থৈর্য, ধৌতি ইত্যাদি যোগশাস্ত্র নির্দেশিত ছয় সাধন। { স. ষষ্+কর্ম; *বহু.*}

ষট্কর্মা [ষট্করমা] *বি* যে ব্রাহ্মণ ছয় কর্মের (যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, ও প্রতিগ্রহ) অনুষ্ঠান করেন। ☐ *বিণ* ষট্কর্মকারী। { স. ষষ্+কর্মন্; *বহু.*}

ষট্কোণ [শট্কোন্] *বি* ১ ছয় কোণযুক্ত; ছকোণা। ২ (*জ্যোতি.*) লগ্ন থেকে ষষ্ঠ স্থান। ৩ হীরক। { স. ষষ্+কোণ; *বহু.*}

ষট্চক্র [শট্চক্‌ক্রো] *বি* যোগশাস্ত্রে দেহের বিভিন্ন ছয়টি চক্র বা স্থান—মূলাধার স্বাধিষ্ঠান মণিপুর অনাহত বিশুদ্ধ ও আজ্ঞা—এই ছয়টি চক্র। { স. ষষ্+চক্র}

ষট্চক্রভেদ [শট্চক্রোভেদ্] *বি* মূলাধারস্থ কুণ্ডলিনী শক্তির দেহের বিভিন্ন চক্র ভেদ করে মস্তকস্থ সহস্রদল পদ্মে উপস্থিতি। { স. ষট্চক্র+ভেদ; ৬তৎ}

ষট্চত্বারিংশ, ষট্চত্বারিংশত্তম [শট্চত্তারিঙ্শো, -শোত্তমো] *বিণ* ছেচল্লিশ সংখ্যক; ছেচল্লিশ সংখ্যার পূরক; ছেচল্লিশ সংখ্যার স্থানীয়। { স. ষট্চত্বারিংশৎ, + অ(ডট্)+তম(তমট্)}

ষট্চত্বারিংশৎ [শট্চত্তারিঙ্শত্] *বি,বিণ* ছেচল্লিশ সংখ্যা বা সংখ্যক। { স. ষষ্+চত্বারিংশৎ}

ষট্ত্রিংশ, ষট্ত্রিংশত্তম [শট্ত্রিঙ্শো, -ত্তমো] *বিণ* ছত্রিশ সংখ্যা; ছত্রিশ সংখ্যার পূরক; ছত্রিশ সংখ্যার স্থানীয়। { স. ষট্ত্রিংশৎ,+অ(ডট্)+তম(তমট্)}

ষট্ত্রিংশৎ [শট্ত্রিঙ্শত্] *বি,বিণ* ছত্রিশ সংখ্যা বা সংখ্যক। { স. ষষ্+ত্রিংশৎ}

ষট্পঞ্চাশ, ষট্পঞ্চাশত্তম [শট্পন্চাশ্, -শোত্তমো] *বিণ* ছাপ্পান্ন সংখ্যক; ছাপ্পান্ন সংখ্যার পূরক বা স্থানীয়। { স. ষট্পঞ্চাশৎ,+অ(ডট্)+তম(তমট্)}

ষট্পঞ্চাশৎ [শট্পন্চাশত্] *বি,বিণ* ছাপ্পান্ন; ৫৬ এই সংখ্যা। { স. ষষ্+পঞ্চাশৎ}

ষট্পদ [শট্পদো] *বিণ* ছয় পা আছে এমন (এই ষট্পদের একখানি না দুখানি না—ছয় ছয় খানি পা—*বচ*)। ☐ *বি* ১ ভ্রমর। ২ ছারপোকা। ৩ উকুন। **ষট্পদা** *বি* গঙ্গাফড়িং। **ষট্পদাতিথি** *বি* ১ আমগাছ। ২ চাঁপা-ফুলের গাছ। **ষট্পদাধার** *বি* কদম্ব গাছ। **ষট্পদানন্দ** *বি* মল্লিকা। **ষট্পদানন্দবর্ধক** *বি* অশোক বৃক্ষ। **ষট্পদী** *বি* ১ ছয় পাবিশিষ্ট ছন্দ বা পদ বা কবিতা। ২ ভ্রমরী। ৩ উকুন। { স. ষষ্+পদ; *বহু.*}

ষট্প্রজ্ঞ [শট্প্রোগ্গোঁ] *বিণ* ধর্ম, অর্থ, কাম, মোক্ষ, লোকাচার, ও তত্ত্বজ্ঞান—এই ছয় বিষয়ে অভিজ্ঞ। ☐ *বি* ১ বৌদ্ধ। ২ কামুক বা লম্পট। { স.ষষ্+প্রজ্ঞা}

ষট্শাস্ত্র [শট্শাস্ত্রো] *বি* ষড় দর্শন। { স.ষষ্+শাস্ত্র}

ষট্ষষ্ঠ, ষট্ষষ্টিতম [শট্শোশ্ঠো, -শোশ্টিতমো] *বি,বিণ*

ছেষট্টি সংখ্যক; ছেষট্টি সংখ্যার পূরক। **ষট্‌ষষ্টি** *বি,বিণ* ৬৬ সংখ্যা; ছেষট্টি সংখ্যক। { *সং* ষট্‌ষষ্টি+, অ(ডট্‌)+ তম(তমট্‌)}

ষট্‌সপ্ততি [শট্‌শপ্‌তোতি] *বি,বিণ* ছিয়াত্তর; ৭৬ সংখ্যা বা সংখ্যক। { *সং* ষষ্‌+সপ্ততি; *কর্মধা*}

ষট্‌সপ্ততিতম [শট্‌শপ্‌তোতিতমো] *বিণ* ছিয়াত্তর সংখ্যার পূরক; ছিয়াত্তর সংখ্যক। { *সং* ষট্‌সপ্ততি, +অ(ডট্‌)+ তম(তমট্‌)}

ষড়ঋতু, ষড়্‌ঋতু [শড়োরিতু, –ড়্‌–] *বি* গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, ও বসন্ত এ ছয়টি ঋতুর একত্র নাম। { *সং* ষট্‌+ঋতু; *কর্মধা*}

ষড়গত, ষড়্‌গত [শড়োগত, –ড়্‌–] *বিণ* ১ স্মৃতিগত; মুখস্থ; রপ্ত; অভ্যস্ত (বেশ ষড়গত আছে—*রাব*)। ২ অবাধ গতি। { *সং* ষষ্‌+গত}

ষড়গুণ, ষড়্‌গুণ [শড়োগুন, –ড়্‌–] *বি* সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়—রাজাদের এই ছয়গুণ বা রাজনীতির এই ছয়টি নীতি। □ *বিণ* ছয় সংখ্যা দিয়ে গুণিত; ছয়গুণ। { *সং* ষষ্‌+গুণ; *বহু*}

ষড়ঙ্গ [শড়োঙগো] *বি* ১ দেহের ছয়টি অংশ বা অবয়ব—মস্তক, হস্তদ্বয়, কটি, ও পদদ্বয়। ২ ছয় বেদাঙ্গ; শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ—বেদের এই ছয়টি অঙ্গ। ৩ ছয়গব্য—গোমূত্র, গোময়, দুগ্ধ, দধি, ঘৃত, ও গোরোচনা। □ *বিণ* ছয় অঙ্গবিশিষ্ট। **ষড়ঙ্গ-ধূপ** *বি* ছয় উপাদানে (চিনি গব্য ঘৃত মধু গুলগুল অগুরু ও শ্বেতচন্দন একত্রে) প্রস্তুত ধূপ। { *সং* ষষ্‌+অঙ্গ, *বহু*)

ষড়ঙ্গক [শড়োঙ্গক] *বি* চিত্রাঙ্কনের ছয়টি অঙ্গ—রূপভেদ, প্রমাণ, ভাব, লাবণ্যযোজন, সাদৃশ্য, বর্ণিকাভঙ্গ। { *সং* ষষ্‌+ অঙ্গ+ক(কন্‌)}

ষড়ঙ্ঘ্রি [শড়োঙ্‌ঘ্রি] *বি* ভ্রমর। { *সং* ষষ্‌+অঙ্ঘ্রি}

ষড়জ, ষড়্‌জ [শড়োজ, –ড়্‌–] *বি* সঙ্গীতে স্বরগ্রামের প্রথম স্বর 'সা'; নাসা, কণ্ঠ, বক্ষঃস্থল, তালু, জিহ্বা, দন্ত —এই ছয় স্থান থেকে উৎপন্ন স্বরবিশেষ (আজকে স্বর ওড়ে ষড়জে রেখাবে—*বিদে*)। { *সং* ষষ্‌+জন্‌+অ(ড)}

ষড়দর্শন, ষড়্‌দর্শন [শড়োদরশন, শড়্‌দরশোন্‌] *বি* সাংখ্য, পাতঞ্জল (যোগ), পূর্বমীমাংসা, উত্তর মীমাংসা (বেদান্ত), বৈশেষিক, ও ন্যায়—ভারতের এই ছয়টি দর্শনশাস্ত্র। { *সং* ষষ্‌+দর্শন; *কর্মধা*}

ষড়দুর্গ, ষড়্‌দুর্গ [শড়োদুরগো, শড়্‌দুরগো] *বি* মহীদুর্গ বারিদুর্গ বৃক্ষদুর্গ নৃদুর্গ ধনুদুর্গ ও গিরিদুর্গ—এই ছয় প্রকার দুর্গ। { *সং* ষষ্‌+দুর্গ; *কর্মধা*}

ষড়ধা, ষড়্‌ধা [শড়োধা, –ড়্‌–] *অব্য* ১ ছয় প্রকারে; ছয় ভাগে; ছয় দিকে। ২ ছয় বার। { *সং* ষষ্‌+ধা}

ষড়বিধ, ষড়্‌বিধ [শড়োবিধো, –ড়্‌–] *বিণ* ছয় প্রকার বা রকম। { *সং* ষষ্‌+বিধ}

ষড়ভুজ, ষড়্‌ভুজ [শড়োভুজ, –ড়্‌–] *বি* ১ চৈতন্যদেব। ২ ছয় হাত যার; ছয়হাতযুক্ত। ৩ জ্যামিতিতে ছয় বাহুবিশিষ্ট ক্ষেত্র। { *সং* ষষ্‌+ভুজ; *বহু*}

ষড়ভুজা, ষড়্‌ভুজা [শড়োভুজা, –ড়্‌–] *বি* ১ খরমুজা ফল। □ *বিণ* ১ ছয় হস্তবিশিষ্ট। ২ ছয় হস্তযুক্তা হিন্দু দেবী। { *সং* ষষ্‌+ভুজা; *বহু*}

ষড়যন্ত্র, ষড়, ষড়্‌যন্ত্র [শড়োজনত্রো, শড়, শড়্‌–] *বি* ১ সম্মুখ ক্ষতি করার ছয় রকমের আভিচারিক উপায়, (তা থেকে) চক্রান্ত; কূটকৌশল; অন্যায়ভাবে ফাঁদে ফেলার জন্য প্রতিকূল ব্যক্তিদের কুমন্ত্রণা বা কৌশলজাল। ২ একাধিক ব্যক্তির কূটপরামর্শ। { *সং* ষষ্‌+যন্ত্র; *কর্মধা*}

ষড়রস, ষড়্‌রস [শড়োরশ, –ড়্‌–] *বি* লবণ, অম্ল, কষায়, কটু, তিক্ত, মধুর—খাদ্যের এই ছয় প্রকার রস বা স্বাদ। { *সং* ষষ্‌+রস}

ষড়রিপু, ষড়্‌রিপু, ষড়বর্গ, ষড়্‌বর্গ [শড়োরিপু, –ড়্‌–, শড়োবরগো, –ড়্‌–] *বি* কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য—এই ছয়টি রিপু বা শত্রু। { *সং* ষষ্‌+রিপু, বর্গ}

ষড়লবণ, ষড়্‌লবণ [শড়োলবোন, –ড়্‌–] *বি* সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চল, উদ্ভিজ্জ, মৃত্তিকাজাত—এই ছয় প্রকারের লবণ। { *সং* ষষ্‌+লবণ; *কর্মধা*}

ষড়শীতি [শড়োশিতি] *বি,বিণ* ছিয়াশি সংখ্যা বা সংখ্যক। **~তম** *বিণ* ছিয়াশি সংখ্যার পূরক। { *সং* ষষ্‌+অশীতি}

ষড়ানন [শড়ানন্‌] *বি* ১ ছয় মুখ যার; কার্তিকেয়। □ *বিণ* ছয় মুখ এমন। { *সং* ষষ্‌+আনন; *বহু*}

ষড়াম্নায় [শড়াম্‌নায়] *বি* ছয় প্রকার তন্ত্রশাস্ত্র। { *সং* ষষ্‌+ আম্নায়; *কর্মধা*}

ষড়ৈশ্বর্য [শড়োইশশরজো] *বি* প্রভুত্ব, পরাক্রম, যশ, সম্পদ, জ্ঞান, বৈরাগ্য—একত্রে এই ছয়টি গুণ। { *সং* ষষ্‌+ ঐশ্বর্য; *কর্মধা*}

ষণ্ড [শন্‌ডো] *বি* ১ ষাঁড়; বৃষ; ঋষভ। ২ নপুংসক। ৩ বৃক্ষ। ৪ প্রহ্লাদের শিক্ষাগুরু। ৫ যোনিরোগবিশেষ। { *সং* √সন্‌+ড}

ষণ্ডা [শন্‌ডা] *বিণ* ১ বলবান; পালোয়ান; বলিষ্ঠ। ২ গোঁয়ার। ৩ গুণ্ডা। **ষণ্ডামি** *বি* ১ গুণ্ডামি। ২ গোঁয়ার্তুমি। { *সং* ষণ্ড+*বাং* আ}

ষণ্ডামর্ক, ষণ্ডামার্ক [শন্‌ডামরকো, –মারকো] *বি* ১ ষণ্ড ও অমর্ক শুক্রাচার্যের দুই পুত্র। ২ (*আল*) বলিষ্ঠ ও গোঁয়ার প্রকৃতির; অতি দুর্বৃত্ত ব্যক্তি। **ষণ্ডামার্কা** *বিণ* (*আল*) ষাঁড়ের মতো গোঁয়ার। { *সং* ষণ্ড+অমর্ক}

ষণ্ঢ [শনঢো] নপুংসক। { *সং* শণ্ঢ>}

ষণ্ণবতি [শনন্‌বোতি] *বি,বিণ* ছিয়ানব্বই সংখ্যা বা সংখ্যক। **~তম** *বিণ* ছিয়ানব্বই সংখ্যার পূরক বা স্থানীয়। { *সং* ষষ্‌+নবতি; *মধ্য*}

ষণ্মাস [শন্‌মাশ্‌] *বি* ছয় মাস; অর্ধ বছর। **ষাণ্মাস্য, ষাণ্মাসিক** *বিণ* ছয় মাসে নিষ্পন্ন হয় এমন। { *সং* ষষ্‌+ মাস; *দ্বিগু*}

ষণ্মুখ [শন্‌মুখ] *বি* ছয় মুখ যার; ষড়ানন কার্তিকেয়। { *সং* ষষ্‌+মুখ; *বহু*}

ষত্ব [শত্‌তো] *বি* (*ব্যা*) 'স'–এর স্থানে 'ষ' হওয়া (ছুটুক রানী যোজন যোজন উড়িয়ে দিয়ে ষত্বণত্ব—*রঠা*)। **~বিধান, ~বিধি** *বি* 'স'–এর স্থলে 'ষ' হওয়ার ব্যাকরণ নির্দিষ্ট নিয়ম। { *সং* ষ+ত্ব}

ষষ্টি [শোশ্‌টি] *বি* ১ ৬০ এই সংখ্যা। ২ ৬০ দিনে পরিপক্ব ধান (ষেটে ধান)। □ *বিণ* ৬০ সংখ্যক। **ষষ্টিক** *বিণ* ১ ৬০ সংখ্যা দ্বারা ক্রীত বা প্রাপ্ত। **~তম** *বিণ* ষাটের পূরক। **ষষ্টিধা** *বিণ* ১ ৬০ রকম। ২ ৬০ বার। { *সং* ষট্‌দশৎ+তি}

ষষ্টিকান্ন [শোশ্‌টিকান্‌নো] *বি* ষেটে ধানের ভাত। { *সং*

ষষ্টিক+অন্ন; *মধ্য.*}

ষষ্টিক্য [শোশ্‌টিক্‌কো] *বি* ষষ্টিক ধান উৎপাদনযোগ্য ক্ষেত্র। {*স.* ষষ্টি+ক(কন্)+য(যৎ)}

ষষ্ঠ [শশ্‌ঠো] *বিণ* ছয় সংখ্যার পূরক। {*স.* ষষ্+অ(ডট্), থ্((থুক্)আগম}

ষষ্ঠাংশ [শশ্‌ঠাঙ্‌শো] *বি* ১ ছয় ভাগের এক ভাগ। ২ রাজকর; রাজস্ব। {*স.* ষষ্ঠ+অংশ}

ষষ্ঠী [শোশ্‌ঠি] *বি* ১ সন্তানের রক্ষয়িত্রী হিন্দুদেবী (এখন ষষ্ঠীর কৃপায় কন্যা না হইয়া পুত্র হইলে রক্ষা—*রঠা*)। ২ *(ব্যা.)* সম্বন্ধপদের বিভক্তি। ৩ তিথিবিশেষ। □ *বিণ* ছয়ের স্থানীয়া। ~ **তৎপুরুষ** *বি (ব্যা.)* ষষ্ঠী বিভক্তিযুক্ত (–র, –এর) পদের সঙ্গে অন্য পদের তৎপুরুষ সমাস। ~**তলা** *বি* ১ হিন্দুদেবী ষষ্ঠীর পূজার স্থান। ২ বট গাছের তলদেশ যেখানে বারোয়ারি ষষ্ঠীপূজা হয়। ~**পূজা** *বি* ১ হিন্দুদেবী ষষ্ঠীর পূজা। ২ সন্তান জন্মের ষষ্ঠ দিবসে অনুষ্ঠেয় হিন্দুদের মঙ্গলকর্মবিশেষ; *(আঞ্চ.)* শাটি উঠানোর অনুষ্ঠান। ~**বাটা** *বি* জামাই ষষ্ঠীর তত্ত্ব। ~**বুড়ি** *বি* ১ দেবী ষষ্ঠী। ২ বহু সন্তানের মা। ৩ জরা রাক্ষসী। ~**ভাগ্য, ষষ্ঠীর কৃপা** *বি* সন্তান–ভাগ্য; অনেক ছেলেমেয়ে হওয়া। {*স.* ষষ্ঠ+ঈ(ঙীপ্)}

ষাইট ⟹ ষাট[১]

ষাঁড় [শাঁড়] *বি* ১ ষণ্ড; বৃষ; ঋষভ। ২ লম্পট পুরুষ। ৩ গোঁয়ার ও অসংযত পুরুষ। □ *বিণ* অসংযত; যথেচ্ছ বিচরণকারী। **ষাঁড়ে ষাঁড়ে লড়াই** *বি (আল.)* দুই প্রবল প্রভাবশালী ব্যক্তি বা দলের লড়াই। **ষাঁড়ের গোবর, ষাঁড়ের নাদ** *বি (আল.)* অকর্মণ্য লোক; ষাঁড়ের গোবর যেরূপ হিন্দুদের ধর্মকার্যে ব্যবহৃত হয় না সেইরূপ; অকর্মণ্য বা বাজে লোক। **গোকুলের ~** *বি (আল.)* বৃন্দাবনের মুক্ত ষাঁড়ের মতো স্বেচ্ছাবিহারী দায়িত্বহীন ব্যক্তি। **ধর্মের ~** *বি* ১ *(আল.)* ধর্মের নামে উৎসর্গ করে ছেড়ে দেওয়া ষাঁড়। ২ *(আল.)* স্বেচ্ছাবিহারী দায়িত্বহীন ব্যক্তি। {*স.* ষণ্ড>}

ষাঁড়া [শাঁড়া] *বিণ* ১ বন্ধ্যা; ফল ধরে না এমন; বাঁঝা। ২ নপুংসক। {*স.* ষণ্ড>+*বা.* আ}

ষাঁড়াষাঁড়ি [শাঁড়াশাঁড়ি] *বি* ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ। **ষাঁড়াষাঁড়ির বান** *বি* ষাঁড়ে ষাঁড়ে লড়াইয়ের ন্যায় গর্জনকারী জলোচ্ছ্বাসযুক্ত বন্যা। {ষাঁড়+ষাঁড়; *বহু.*}

ষাট[১], ষাইট, ষাটি [শাট্, শাইট্, শাটি] *বি, বিণ* ৬০ বা এই সংখ্যা বা সংখ্যক। {*স.* ষষ্টি>}

ষাট[২] [শাট্] *অব্য* উচ্চারিত কোনো অশুভ কাজের প্রতিবিধান বা প্রতিকারের উদ্দেশ্যে ষষ্ঠীদেবীর নাম উচ্চারণ (ষাট ষাট, বেঁচে থাকুক; বালাই ষাট ও কথা বলতে নেই)। {*স.* ষষ্ঠী>}

ষাটগুম্বজ/গম্বুজ মসজিদ [শাটগুমবজ্/গোমবুজ্ মোশ্‌জিদ্] *বি* বাগেরহাটের মহান মুসলিম সাধক খান জাহান আলী ১৪৫০ খ্রিস্টাব্দে এই মসজিদটি নির্মাণ করেন। চৌচালার আকারে নির্মিত এই মসজিদ মুসলিম ও আঞ্চলিক ঐতিহ্যের এক অপরূপ নিদর্শন। {ষাট+গম্বুজ+মসজিদ}

ষাটি ⟹ ষাট[১]

ষাণ, শান [শান্] *বি* ১ পাষাণ। ২ চুন সুরকি ইট বালু সিমেন্ট দিয়ে নির্মিত পাকা করা স্থান (পুকুরের ষাণ নির্মিত পাকা করা স্থান (পুকুরের ষাণ বাঁধানো ঘাট)। {*স.* পাষাণ>}

ষাণ্মাসিক [শান্‌মাশিক্] *বিণ* ১ ছয় মাস পর পর ঘটে বা প্রকাশিত হয় এমন। ২ প্রতি ছয় মাসে করণীয় এমন। (ষাণ্মাসিক শ্রাদ্ধ বা পত্রিকা)। {*স.* ষণ্মাস+ইক}

ষিড়্গ [শিড়্‌গো] *বি* ১ লম্পট। ২ জার। ৩ উপপতি। {*স.* √সিট্+গ(গন্)}

ষেট, ষেটে [শেট্, শেটে] *বি* হিন্দুদের ষষ্ঠীদেবী। **ষেটের বাছা, ষেটের কোলের বাছা** *বি* ষষ্ঠীদেবীর অনুগ্রহপ্রাপ্ত সন্তান। **ষেটেরা** *বি* হিন্দু সমাজে শিশুর জন্মের পর ষষ্ঠ রাতে ষষ্ঠীপূজার মাঙ্গলিক কর্ম। {*স.* ষষ্ঠী>}

ষোড়শ[১] [শোড়োশো/–শ্] *বি* ষোল সংখ্যার পূরক; পনেরো জন বা পনেরোটির ঠিক পরের ব্যক্তি বা বস্তু। **ষোড়শী** *বিণ* ষোলো বছর বয়স্কা। □ *বি* ১ দশ মহাবিদ্যার একজন দেবী বা মহাবিদ্যা। ২ যজ্ঞ পাত্রবিশেষ। {*স.* ষষ্+দশ(ষষ্=ষো, দ=ড়)}

ষোড়শ[২] [শোড়োশো/শ্] *বি* ১ ষোলো সংখ্যা; ১৬। ২ হিন্দু শাস্ত্রবিহিত শ্রাদ্ধে ষোলো প্রকার বস্তুদান। □ *বিণ* ষোলো সংখ্যক। ~ **মাতৃকা** *বি* ষোলোজন মাতৃকার নাম—গৌরী, পদ্মা, শচী, সাবিত্রী, মেধা, জয়া, বিজয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, কুলদেবতা, ও আত্মদেবতা। **ষোড়শোপচার** *বি* হিন্দুদের পূজায় বিহিত ষোলোটি উপকরণ। {*স.* ষষ্+দশ(ষষ্=ষো, দ=ড়)}

ষোড়শক [ষোড়োশক্] *বি* শ্রাদ্ধে যে ষোলো রকমের দান করা হয়—ভূমি, আসন, জল, বস্ত্র, ছাতা, পাদুকা, ধেনু, কাঞ্চন ইত্যাদি। {*স.* ষোড়শ+ক(কন্)}

ষোড়শাংশু ⟹ ষোড়শার্চিঃ

শোড়শাঙ্ঘ্রি [শোড়োশাঙ্‌ঘ্রি] *বি* কাঁকড়া। {*স.* ষোড়শ+অঙ্ঘ্রি}

ষোড়শার [শোড়োশার] *বি* ষোড়শদল পদ্ম। {*স.* ষোড়শ+অর}

শোড়শার্চিঃ, ষোড়শাংশু [শোড়োশারচিহ্, –শাঙ্‌শু] *বি* শুক্রগ্রহ। {*স.* ষোড়শ+অর্চিস্, অংশু}

ষোলো, ষোল [শোলো] *বি, বিণ* ১৬ সংখ্যা বা সংখ্যক। ~ **আনা** *বি* এক টাকা; একশত পয়সা। □ *বিণ* সম্পূর্ণ; পুরোপুরি; সমস্ত। **ষোলোই** *বি* মাসের ১৬ তারিখ। ~ **আনা বাজিয়ে নেওয়া** *ক্রি* সম্পূর্ণভাবে বা সর্বদিক থেকে বিচার করে নেওয়া। ~ **আনা মালিক** *বিণ* সম্পূর্ণ অংশের মালিক। ~**কলা** *বি* ১ চাঁদের ১৬টি অংশ। □ *বিণ* পূর্ণাবয়ব। □ *ক্রিবিণ (আল.)* সম্পূর্ণ; পুরোপুরি (বাপের স্বভাব একেবারে ষোলকলায় পেয়েছে—*শচ*)। {*স.* ষোড়শ>}

ষ্টক ⟹ স্টক

ষ্টীম ⟹ স্টিম

ষ্টীমার ⟹ স্টিমার

ষ্টীল ⟹ স্টিল

ষ্টুপিড ⟹ স্টুপিড

ষ্টেজ ⟹ স্টেজ

ষ্টেট ⟹ স্টেট

ষ্টেশন ⟹ স্টেশন

ষ্টোভ ⇒ স্টোভ

ষ্টোর ⇒ স্টোর

ষ্ট্যাণ্ডার্ড ⇒ স্ট্যান্ডার্ড

ষ্ট্যাম্প ⇒ স্ট্যাম্প

ষ্ট্রিট ⇒ স্ট্রিট

ষ্ঠীবন [ইশ্‌ঠিবন্] *বি* থুতু; থুৎকার; থুতু দেওয়া; নিষ্ঠীবন। { *স.* √ষ্ঠিব্ = অন(ল্যুট্)}

স

স বাংলা বর্ণমালায় পাঁচটি উষ্ম বর্ণের অন্যতম বর্ণ। 'ত' ও 'থ' বর্ণের পূর্বে 'স'-এর ধ্বনি দন্ত্য (dental)। অন্যত্র যুক্তবর্ণে 'স'-এর ধ্বনি অগ্রদন্তমূলীয় (prealveolar)।

স[১] [শ] *বি,বিণ* ১ সহ (সমাসে বিশেষ্যসূচক শব্দের পূর্বে সহ ও সমান শব্দের রূপ); সহিত (সপুত্র)। ২ সমান; অভিন্ন (সতীর্থ; সজাতি)। ৩ সত্তা; সম্ভাবনা; বিদ্যমানতা (সজীব)। ৪ অত্যন্ত; বারবার (সঘন ঘনঘটা)। ৫ স্বার্থে (সঠিক, সক্ষম)। { *স.* সহ/সমান>}

স[২] [শ] *অব্য* ৩ প্রত্যয় বা পরসর্গবিশেষ (মুখোস)। { *বা.* প্রত্যয়বিশেষ}

স[৩] [শ] *ক্রি* সহ্য; সহ্য করা (কত সইবি স দেখি)। { *স.* √সহ্}

স[৪] [শ] *সর্ব* সে (এক স—*চর্যা*)। **হেন স** *অব্য* তেমন (হেন স যৌবন রাধা—*বচদা*)। {সে>}

সঅ (*প্রাবা.*) [সঅ] *বি* ১ স্ব (সঅ সম্বেঅণ সরুঅ—*চর্যা*)। ২ সহ (সঅ মণ্ডল সএল ভাজই—*চর্যা*)। { *স.* স্ব>}

সঅল (*প্রাবা.*) [সঅল] *বিণ* সকল (সঅল বিফারিয়া পুণু সংহারিঅ—চর্যা)। { *স.* সকল>}

সই[১] [শোই] *বি* সখী (শরমে সরমা সই মরিলা—মদ)। { *স.* সখী>}

সই[২] [শোই] *বি* দস্তখত; স্বাক্ষর (নামসই)। { *আ.* সহীহ্ صحيح = ঠিক, নির্ভুল}

সই[৩] [শোই] *বিণ* শায়িত; মধ্যে নিক্ষিপ্ত (ভূতল-সই)। { *স.* শায়ী>}

সই[৪] [শোই] *বিণ* ১ পর্যন্ত; সমান (হাতসই পানি)। ২ যোগ্য; অনুরূপ (পছন্দসই, টেকসই)। { *আ.* শবা شواء }

সই[৫] [শোই] *ক্রি* সহ্য করি (এ জ্বালা সই কী করে)। { *স.* √সহ্>}

সইব, সইবো, সবো [শোইবো, –, শবো] *ক্রি* সহ্য করবো (অন্যায় সইব কেন?)। { *স.* √সহ্>}

সইলান ⇒ সয়লানো

সইস [শোইশ্] ⇒ সহিস। ~ **নওকর** *বি* অশ্বপালক ও চাকর-বাকর (সইস-নওকর সবই জাগিল—*এও*)। { *আ.* সাইস্ سائس }

সওগাত, শওগাত, সওগাদ [শওগাত্, –, –দ্] *বি* উপঢৌকন; উপহার; ভেট (চিনি হলো প্রাচ্য থেকে খৃষ্ট জগতে এক অপূর্ব সওগাত—*আম*; সমস্তই সওগাত দিয়া হর্ষমনে বের হইলেন—*রাব*)। **সওগাতি** *বিণ* উপহার বিষয়ক (ঢাকিও বন্ধু তব সওগাতী রেকাবী তাহাই দিয়ে—*নই*)। { *তু.* সৱগাত سوغات }

সওদা, সওদাপত্র, সওদাপাট [শওদা, –পত্‌ত্রো, –পাট্] *বি* ক্রয়; কেনা; খরিদ; পণ্য বেচাকেনা; বেসাতি (দোকানে দোকানে সওদা করিয়া বেড়াইতেছে—*মাউ*)। { *ফা.* সৱদা سودا }

সওদাগর, সদাগর [শওদাগর্, শদাগর্] *বি* বড় ব্যবসায়ী; বণিক (ইসলামের ঐ সওদা লয়ে এল নবীন সওদাগর—*নই*)। **সওদাগরি, সওদাগরী** *বি* ব্যবসা-বাণিজ্য। ☐ *বিণ* ব্যবসায় সংক্রান্ত (সওদাগরি জাহাজ)। { *ফা.* সৱদাগর سوداگر }

সওদাগর, সওদাপাট ⇒ সওদা

সওয়া[১] [শওয়া] *ক্রি* ১ সহ্য করা। ২ ক্ষমা করা। ৩ সংগ্রহ করা (চল সজনি সইতে যাবি জল—*বচ*)। **সওয়ানো** *ক্রি* সহ্য করানো। { *স.* √সহ্ + *বা.* ওয়া}

সওয়া[২], **সোয়া** [শওয়া, শোয়া] *বি* ১ এক ও এক-চতুর্থাংশ; ১¼ (সওয়া সের)। ২ সোয়াইয়া; সওয়াইয়া; সওয়া-গুণবিষয়ক নামতা। **সওয়াইয়া** *বি* 'সওয়া' বিষয়ক নামতা। { *স.* সপাদ>}

সওয়ানো ⇒ সওয়া[১]

সওয়াব ⇒ সোয়াব

সওয়ার, সওয়ারি, সওয়ারী [সওয়ার্, –রি, –] *বি* অশ্বারোহী, আরোহী, চড়নদার। ☐ *বিণ* চড়া। **সওয়ারি, সোয়ারি** *বি,বিণ* আরোহী; যানবাহনের যাত্রী; পালকি নৌকা ইত্যাদি। { *ফা.* সৱার্ سوار }

সওয়াল, সুওয়াল, সোয়াল [শওয়াল্, শুওয়াল্, শোয়াল্] *বি* ১ প্রশ্ন (বিবি বলে কহি মেরা দোছরা সওয়াল—*সৈহা*)। ২ জেরা (মেজিস্ট্রেট অনেক সওয়াল করিলেন কিন্তু ঠক চাচা হেলবার দুলবার পাত্র নয়—*প্যামি*)। ৩ প্রার্থনা। ৪ ভিক্ষা-বৃত্তি। ~**জবাব** *বি* প্রশ্ন ও উত্তর; মকদ্দমায় উকিলের বাদ-প্রতিবাদ (সওয়াল জবাবে নাকাল করিয়া শেষে দিলে পিঠটান—*সদ*)। { *আ.* সুৱাল্ سوال }

সং, সঙ [শঙ্] *বি* ১ নটের মতো অন্যের কর্ম-আচরণে অসঙ্গতিপ্রদর্শনের জন্যে ব্যঙ্গ-বিদ্রূপকারী অভিনেতাকে সং বলা হয়। ২ কৌতুককর বেশধারী। ৩ কৌতুককারী; বিদূষক; ভাঁড়; অদ্ভুত পোশাকধারী; হাস্য কৌতুককারী অভিনেতা (যাত্রার সং)। ~ **করা** *ক্রি* উপহাসাস্পদ করা; সং সাজানো। ~ **সাজা** *ক্রি* অদ্ভুত পোশাক পরা। { *বা.* স্ব+অঙ্গ>সঙ}

সংকট[১], **সঙ্কট**[১] [শঙ্‌কট্] *বি* ১ কঠিন বিপদ; সমস্যা। ২ অত্যন্ত সংকীর্ণ পথ; দুই পর্বতের মধ্যবর্তী সরু পথ (গিরি-সংকট)। ☐ *বিণ* ১ বিপজ্জনক; দুরারোগ্য; অভেদ্য। ২ আসন্ন; উপস্থিত। ~**সংকুল**, ~ **সঙ্কুল** *বিণ* বিপজ্জনক;

দুর্গম (কোন এক সঙ্কটসঙ্কুল অভিসারে যাত্রা করিয়াছি —*রঠা*)। **~স্থল** *বি* ১ বিপজ্জনক পরিস্থিতি। ২ যোজক। **সংকটাপন্ন, সঙ্কটাপন্ন** *বিণ* ১ ভীষণ বিপদগ্রস্ত; বিপন্ন। ২ মুমূর্ষু অবস্থা (রোগী সঙ্কটাপন্ন অবস্থায়)। **উভয়~** *বি* উভয়দিকে বিপদ। { *স.* সম্+কট(কটচ্)+অ(অচ্)}

সংকট[২], সঙ্কট[২] (বিরল), **শঙ্কট**[শঙ্কট্] *বি* পক্ষিবিশেষ (শঙ্কট শালিক আর ডাহুক জলকাক করগুক বক শ্বেত শুক ঝাঁকে ঝাঁকে—*সৈআ*)। { *স.* সম্+কট(কটচ্)+অ(অচ্)}

সংকর, সঙ্কর [শঙ্কর্] *বি* ১ মিশ্রণ; পরস্পর বিরুদ্ধ পদার্থের একত্র অবস্থান। ২ এক জাতীয় পুরুষ ও অন্য জাতীয় নারীর মিলনে জাত জীব বা ব্যক্তি (বাঙালি একটি সংকর জাতি)। ৩ বিরুদ্ধ পদার্থের মিশ্রণ; hybrid। ৪ একাধিক অলঙ্কারের একত্র সমাবেশ। **~ধাতু** *বি* যৌগিক ধাতু। **সংকরীকরণ** *বি* ১ একত্রীকরণ; যুক্তকরণ; মিশ্রণ (দুই পদার্থের সংকরীকরণে সংকর ধাতুর সৃষ্টি)। ২ জাতিভ্রষ্ট করা। { *স.* সম্+√কৃ+অ(অপ্)}

সংকর্ষণ, সঙ্কর্ষণ[শঙ্করশোন্] *বি* ১ তীব্রভাবে আকর্ষণ (অণু পরমাণুর সংকর্ষ গুণ)। ২ কৃষিকর্ম; জমি কর্ষণ। ৩ শ্রীকৃষ্ণের ভ্রাতা বলরাম। { *স.* সম্+√কৃষ্+অন(ল্যুট্)}

সংকলক ⇒ সংকলন

সংকলন, সঙ্কলন[শঙ্কলন্] *বি* ১ সংগ্রহণ; একত্রীকরণ (মনোমত উপকরণ সামগ্রীসকল সঙ্কলন করিয়া—*ঈবি*)। ২ সংযোগ; মিলন। ৩ অঙ্ক যোগ দেওয়া। **সংকলক, সংকলয়িতা** *বি* ১ সংগ্রহকারী; সংকলনকারী (প্রবন্ধ সংকলক)। ২ সংযোগকারী। **সংকলয়িত্রী** *স্ত্রী.*। **সংকলিত, সঙ্কলিত** *বিণ* সংযোগকৃত; সংকলন করা হয়েছে এমন (রত্ন সঙ্কলিত আভা—মদ)। { *স.* সম্+√কল্+অন(ল্যুট্)}

সংকল্প, সঙ্কল্প[শঙ্কল্পো] *বি* ১ প্রতিজ্ঞা; স্থিরীকৃত কাজ; মানসকর্ম (সংকল্প করেছ যাহা সাধন করহ তাহা—*হেম*)। ২ উদ্দেশ্য; অভিলাষ; নিয়ত (জীবনের সংকল্প)। ৩ সভাদিতে গৃহীত প্রস্তাব; resolution। **~বিকল্প, ~বিকল্প** *বি* অভিলাষ ও সংশয়; অস্থির চিত্তের ভাব। **~সিদ্ধ** *বি* অভীষ্ট লাভ; উদ্দেশ্য হাসিল। **সংকল্পারূঢ়** *বিণ* সংকল্পে দৃঢ়প্রতিজ্ঞ (হিন্দুস্থানের দিকে ক্রমশঃ অগ্রসর হইবার জন্যই বেগম ও মুরলা সংকল্পারূঢ় হইলেন—*ইহো*)। **সংকল্পিত** *বিণ* স্থিরীকৃত; বাঞ্ছিত (সংকল্পিত উদ্দেশ্য সাধন)। { *স.* সম্+√কৢপ্+অ(ঘঞ্)}

সংকাশ, সঙ্কাশ[শঙ্কাশো] *বিণ* ১ সদৃশ; সমপ্রভ; তুল্য (অনল-সংকাশ উগ্রতেজা মহর্ষিগণকে—*রাব*)। ২ নিকটস্থ। { *স.* সম্+√কাশ্+অ(অচ্)}

সংকীর্ণ, সঙ্কীর্ণ[শোঙ্কিরনো] *বিণ* ১ অপ্রশস্ত; সংকুচিত (সংকীর্ণ গিরিপথ)। ২ অনুদার (সংকীর্ণ হৃদয়)। ৩ জনবহুল (জনসংকীর্ণ জায়গা। ৪ মদমত্ত (সংকীর্ণ হস্তী)। □ *বি* ১ সঙ্কট। ২ মিশ্ররাগ। **~চিত্ত, ~চেতা, ~মনা** *বিণ* অনুদার; নীচমনা। **~তা** *বি* ১ অপ্রশস্ততা। ২ অনুদারতা। **সংকীর্ণাত্মা** *বি* অনুদার হৃদয়। **সংকীর্ণাবস্থা** *বিণ* ১ কার্পণ্য। ২ অসচ্ছলতা; দরিদ্রতা। { *স.* সম্+ √কৃ+ত(ক্ত)}

সংকীর্তন [শোঙ্কিরতোন্] *বি* ১ মহিমা বর্ণন; মাহাত্ম্য কথন; গুণকীর্তন। ২ ঈশ্বরের মহিমা বর্ণনাত্মক গান। ৩ উচ্চারণ। **সংকীর্তিত** *বিণ* বর্ণিত হয়েছে এমন; সংস্তুত। { *স.* সম্+কীর্তন}

সংকুচিত, সঙ্কুচিত[শোঙ্কুচিতো] *বিণ* ১ কোঁকড়ানো; হ্রস্বীকৃত। ২ জড়সড়; কুণ্ঠিত (ভয়ে সংকুচিত)। ৩ অপ্রসারিত। ৪ মুদিত; নিমীলিত (সংকুচিত চক্ষু)। { *স.* সম্+√কুচ্+ত(ক্ত)}

সংকুল, সঙ্কুল [শোঙ্কুল্] *বিণ* ১ সমাকীর্ণ; পূর্ণ (বিপদসংকুল)। ২ মিশ্রিত; একত্র (প্রবেশি নন্দন বনে কুমার হরিষ মনে ছয় ঋতু দেখিল সংকুল—*কমু*)। { *স.* সম্+√কুল্+অ(ক)}

সংকুলান, সঙ্কুলান [শোঙ্কুলান্] *বি* পর্যাপ্ত হওয়ার অবস্থা; যাতে কার্যসিদ্ধি হয় এমন অবস্থা; পর্যাপ্তি; প্রয়োজনানুরূপ; চাহিদানুগ অর্থের বা সামগ্রীর ব্যবস্থা থাকা। { *স.* সম্+*বা* √কুলা+আন}

সংকেত, সঙ্কেত[শঙ্কেত্] *বি* ১ ইঙ্গিত; ইশারা; অভিপ্রায় (আমাদেরই বংশের কেহ এই লিখনের সংকেত বুঝিতে পারিবে—*রঠা*)। ২ সূত্র; সন্ধান; খোঁজ। ৩ গুপ্তস্থান; মিলনস্থান। ৪ শব্দার্থ জ্ঞাপক শক্তি। ৫ চিহ্ন; লক্ষণ। { *স.* সম্+√কিৎ+অ(ঘঞ্)}

সংকোচ, সঙ্কোচ [শঙ্কোচ্] *বি* ১ কুণ্ঠা; জড়সড় ভাব (বালিকাসুলভ সংকোচ)। ২ সংক্ষেপ (পদার্থের সংকোচ সাধন)। ৩ বন্ধন। **সংকোচন, সঙ্কোচন** *বি* হ্রস্বীকরণ; সংক্ষেপকরণ (রৌদ্রে অনেক পদার্থেরই সঙ্কোচন হয়)। **~নীয়, সংকোচ্য** *বিণ* সংকোচের উপযুক্ত। **~শূন্য, ~হীন** *বিণ* লজ্জাহীন; অকুণ্ঠ (অর্বাচীনের ন্যায় সংকোচহীন)। { *স.* সম্+√কুচ্+অ(ঘঞ্)}

সংক্রম, সংক্রমণ, সংক্রাম [শঙ্ক্রম্, -ক্রোমোন্, -ক্রাম্] *বি* ১ সঞ্চার; সঞ্চরণ; গমন; সংক্রান্তি। ২ রোগাদির বিস্তার। ৩ গ্রহগণের এক রাশি থেকে অন্য রাশিতে গমন বা সঞ্চার। ৪ সেতু; সোপান। ৫ গিরিপথ। { *স.* সম্+√ক্রম্+অ(ঘঞ্), √ক্রমি+অন(ল্যুট্), √ক্রম্+অ(ঘঞ্)}

সংক্রমিত, সংক্রামিত [শঙ্ক্রোমিতো, -ক্রা-] *বিণ* ১ এক দেহ থেকে অন্য দেহে সঞ্চারিত; প্রবেশিত; নিবেশিত; অন্যত্র প্রবেশিত (কলেরা-সংক্রামিত স্থান)। ২ প্রতিফলিত। { *স.* সম্+√ক্রম্+ত(ক্ত), সম্+√ক্রম্+ই(ণিচ্)+ত(ক্ত)}

সংক্রান্ত [শঙ্ক্রান্‌তো] *বিণ* ১ সম্পর্কিত (অর্থসংক্রান্ত ব্যাপার)। ২ সঞ্চারিত (কলেরা সংক্রান্ত জায়গা)। ৩ প্রাপ্ত (কর্মসংক্রান্ত অর্থ)। ৪ প্রবিষ্ট। ৫ সম্পৃক্ত (পানিসংক্রান্ত জমি)। { *স.* সম্+√ক্রম্+ত(ক্ত)}

সংক্রান্তি [শঙ্ক্রান্‌তি] *বি* ১ সূর্য ও গ্রহাদির এক রাশি থেকে অন্য রাশিতে গমন; সঞ্চার; ব্যাপ্তি। ২ মাসের শেষ দিন (চৈত্রসংক্রান্তি)। ৩ অসময় (এই সংক্রান্তির মাথায় কোথাও যাওয়া যাইবে না)। { *স.* সম্+√ক্রম্+তি (ক্তি)}

সংক্রাম ⇒ সংক্রম

সংক্রামক, সংক্রামী [শঙ্ক্রামোক, শঙ্ক্রামি] *বিণ* ১ সঞ্চারিত হয় এমন; ছোঁয়াচে (সংক্রামক রোগ)। ২

সংস্পর্শে উৎপন্ন (কুসংস্কার সমাজ দেহের সংক্রামক রোগ)। ~ **বিষ** *বি* ১ রোগ সৃষ্টিকারী জীবাণু। ২ ধ্বংসাত্মক বিষ। **সংক্রুদ্ধ** *বিণ* বিশেষভাবে ক্রুদ্ধ (সংক্রুদ্ধ শার্দূল সম প্রচণ্ড প্রতাপে বাহিরিলা দ্বার খুলি— *ইহো*)। { *স.* সম্+ √ক্রম্+অক(ণ্বুল্), ইন্(ণিনি)}

সংক্ষিপ্ত [শোঙ্‌খিপ্‌তো] *বিণ* ১ হ্রস্ব; ছোট। ২ একত্র করা হয়েছে এমন; রাশীকৃত। { *স.* সম্+√ক্ষিপ্+ত(ক্ত)}

সংক্ষুব্ধ [শোঙ্‌খুবধো] *বিণ* ১ অতিশয় ক্ষুব্ধ হয়েছে এমন। ২ আকুল। ৩ আলোড়িত; আন্দোলিত (নিরতিশয় সংক্ষুব্ধ হইয়া উঠিল—*রঠা*)। { *স.* সম্+√ক্ষুভ্+ত(ক্ত)}

সংক্ষেপ [শঙ্‌খেপ্] *বি* ১ অল্পীকরণ; ক্ষুদ্র আকারকরণ। ২ বাহুল্যবর্জিত রূপ (একটু যদি সংক্ষেপে সারো অধিক ক্ষতি হবে না তায় কারো—*রঠা*)। ~**করণ** *বি* সংক্ষেপণ; অল্পীকরণ; কমানো। **সংক্ষেপত, সংক্ষেপতঃ** *ক্রিবিণ* সংক্ষেপে; সংকুচিতভাবে। **সংক্ষেপিত** *বিণ* কমানো হয়েছে এমন। { *স.* সম্+√ক্ষিপ্+অ(ঘঞ্)}

সংক্ষোভ [শঙ্‌খোভ্] *বি* ১ উত্তেজনা; ব্যাকুলতা। ২ আলোড়ন। □ *বিণ* অত্যন্ত ক্ষোভ। { *স.* সম্+√ক্ষুভ্+ অ(ঘঞ্)}

সংখ্যক [শঙ্‌খোক] *বিণ* ১ ক্রম বা সংখ্যার পরিমাণ নির্দেশক (যে সংখ্যক...প্রকাশিত হয়—*বচ*)। ২ বহুব্রীহি সমাসের উত্তর পদরূপে ব্যবহৃত সংখ্যার পূরক। { *স.* সম্+√খ্যা+ক(কপ্)}

সংখ্যা [শোঙ্‌খা] *বি* ১ গণনা। ২ রাশি; number। ৩ অঙ্ক; figure; হিসাব-নিকাশের ক্রম যথা—১, ২, ৩ প্রভৃতি। ৪ বিচার (সাংখ্যেতে কি হবে সংখ্যা আত্মনিরূপণ—*ভারা*)। ~**গরিষ্ঠ** *বিণ* সংখ্যায় সর্বাপেক্ষা বেশি এমন (সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়)। ~**গুরু** *বি* তুলনামূলকভাবে সংখ্যায় যা অপেক্ষাকৃত বড়; majority। **সংখ্যাত** *বিণ* গণিত; গণনা করা হয়েছে এমন; বিচারিত। ~**তীত** *বিণ* গণনা করা যায় না এমন; অসংখ্য; অগণিত। **সংখ্যান** *বি* সংখ্যাকরণ; সংখ্যা নির্ধারণ। ~**ভূয়িষ্ঠ** *বিণ* প্রচুর; বহু সংখ্যক (সেইজন্য উপরের স্তরগুলো অজেয় নয়; বরং সংখ্যাভূয়িষ্ঠ—*সুদ*)। ~**লঘিষ্ঠ** *বিণ* সংখ্যায় যা সর্বাপেক্ষা ক্ষুদ্র বা ছোট। ~**লঘু, সংখ্যাল্প** *বি* যা সংখ্যায় ছোট বা অল্প; minority। { *স.* সম্+√খ্যা+অ(ক)+আ(টাপ্)}

সংখ্যাপন [শোঙ্‌খাপোন] *বি* স্থিরীকরণ। ~**পিত** *বিণ* নির্ধারিত সংখ্যা নির্দিষ্ট করা হয়েছে এমন (সংখ্যাপিত পুস্তক)। **সংখ্যেয়** *বিণ* গণনীয়; সংখ্যা করতে হবে এমন (সংখ্যেয় জনতা)। { *স.* সম্+√খ্যা+অন(ল্যুট্)}

সংগ, সঙ্গ [শঙ্‌গো] *বি* পাথর; প্রস্তর। ~**দিল, সঙ্গদিল** *বিণ* পাষাণপ্রাণ; অত্যাচারী (কেন সে তখন জালিম রাজার প্রাসাদে প্রাসাদে পশি বেছে বেছে ঐ সঙ্গদিলদের কবজ করেনি জান—*নই*)। ~**সার, সঙ্গসার, সঙ্গেসার** *বি* পাথরের আঘাতে মৃত্যু ঘটানো। **সংগে মর্মর, সঙ্গে মর্মর** *বি* মূল্যবান পাথরবিশেষ; মর্মর পাথর (মেঝেতে সঙ্গে মর্মর দিবার ইচ্ছা আছে—*ইহক*)। { *ফা.* সংগ سنگ }

সঙ্‌গঠক [শঙ্‌গঠোক] *বি* গঠনকার, যে গঠনের কাজ করে; যে গঠন করে; organizer (তিনি ছিলেন বড়দরের সমাজ-সংগঠক)। { *স.* সম্+√ঘট্+অন(ল্যুট্)}

সংগঠন [শঙ্‌গঠোন্] *বি* ১ সুসংবদ্ধকরণ; গঠনকরণ; নির্মাণ (পল্লি-সংগঠন)। ২ একত্রকরণ (সমিতি সংগঠন)। ৩ কিছু লোক মিলে গড়ে তোলা দল বা প্রতিষ্ঠান। ৪ পরিপুষ্টিসাধন (শরীর সংগঠন)। **সংগঠিত** *বিণ* সুসংবদ্ধ হয়েছে এমন; সুষ্ঠুভাবে গঠন করা হয়েছে এমন (তাঁরই চেষ্টায় শ্রমিক সমাজ সংগঠিত হয়েছে)। { *স.* সম্+√ঘট্+ অন(ল্যুট্)}

সংগত, সঙ্গত [শঙ্‌গতো] *বিণ* ১ বিভিন্ন বাদ্যযন্ত্রের সুরের মিল (তার সখা ... যখন কীচক রন্ধ্রে মুখ দিয়ে বংশীবাদন করেন তখন সে মৃদঙ্গের সংগত করে—*প্রচৌ*; আর একজন ... তবলায় সংগত করিতেছিল—*রঠা*)। ২ উপযুক্ত; উচিত; সমীচীন (সঙ্গত কারণ)। ৩ মিলিত; যুক্ত। ৪। অনুযায়ী; অনুসারী (ন্যায়সঙ্গত)। □ *বি* গানের সঙ্গে বাজনার মিল (তবলা সঙ্গত)। { *স.* সম্+√গম্+ত(ক্ত)}

সংগতি, সঙ্গতি [শঙ্‌গোতি] *বি* ১ সংস্থান; সঞ্চয়; অর্থ সম্পদ (তাহার নিজের হাতে অল্প কিছু সংগতি ছিল—*রঠা*)। ২ নৈকট্য; সাহচর্য (জিবরিলে বলিলা এহি মৃত্যু অধিপতি আল্লার হুকুমে আইলা আমার সঙ্গতি—*সৈসু*)। ৩ মিলন। ৪ মিল; সামঞ্জস্য (নয়নে নয়নে সঙ্গতি হইলে তৎক্ষণাৎ মুখ ফিরাইয়া লয়—*ঈবি*)। ৫ ব্যবস্থা; উপায় (এখানে অন্যবিধ শয্যার সঙ্গতি নাই—*বিপ*)। ৬ যোগ্যতা; ক্ষমতা। ~**পন্ন**, ~**শালী**, ~**সম্পন্ন** *বিণ* ধনবান; অর্থবান (এক্ষণে আমি বিলক্ষণ সঙ্গতিপন্ন এবং সর্বত্র মান্য ও গণ্য হইয়াছি—*বিপ*)। ~**শূন্য**, ~**হীন** *বিণ* দরিদ্র; সম্বলহীন; অভাবগ্রস্ত (একদা যে সঙ্গতিপন্ন ছিল আজ সে সংগতিহীন)। { *স.* সম্+√গম্+তি(ক্তি)}

সংগম, সঙ্গম [শঙ্‌গম্] *বি* ১ সম্ভোগ; দৈহিক মিলন; সহবাস। ২ একাধিক নদীর অথবা নদী ও সাগরের মিলন স্থান (সাগরসঙ্গম, গঙ্গা যমুনার সঙ্গমস্থল)। { *স.* সম্+√গম্+অ(অপ্)}

সংগিন ⇒ সঙ্গিন

সংগীত, সঙ্গীত [শোঙ্‌গিত্] *বি* গান; গান-বাজনা; গীতবাদ্য; বাদ্যযন্ত্রের সুর লয় ধ্বনি (সংগীত চর্চা)। **সাংগীতিক** *বিণ* সংগীত বিষয়ক। { *স.* সম্+√গৈ+ত(ক্ত)}

সংগুপ্ত [শঙ্‌গুপ্‌তো] *বিণ* বিশেষভাবে গোপনীয়। { *স.* সম্+ √গুপ্+ত(ক্ত)}

সংগৃহীত [শঙ্‌গ্রিহিতো] *বিণ* সংকলিত; সংগ্রহ করা হয়েছে এমন (সংগৃহীত পণ্যসম্ভার)। { *স.* সম্+√গ্রহ্+ত(ক্ত)}

সংগোপন, সঙ্গোপন [শঙ্‌গোপোন্] *বি* ১ সম্পূর্ণ গোপন; লুকানো। ২ আত্মগোপন (সংগোপনে আছে কত জ্ঞানী; কোন সঙ্গোপন রাত্রির বিদ্যুৎস্পন্দন যেন—*বুব*)। **সংগোপনে** *ক্রিবিণ* গুপ্তভাবে; লোকচক্ষুর অগোচরে বা অন্তরালে (সংগোপনে বেদনায় কাঁদে কতজন)। **সংগোপিত, সঙ্গোপিত** *বিণ* গুপ্ত অবস্থায় রক্ষিত; লুক্কায়িত (বাল্মীকি, যত্নপূর্বক এই বিষয় তাহাদের বোধ বিষয় হইতে সঙ্গোপিত করিয়া রাখিয়াছিলেন—*ঈবি*)। { *স.* সম্+√গুপ্+ অন(ল্যুট্)}

সংগ্রহ, সংগ্রহণ [শঙ্‌গ্রোহো, –ন্] *বি* ১ আহরণ; বিক্ষিপ্ত

বস্তু সকল একত্রকরণ (কবিতাসংগ্রহ)। ২ সঞ্চয় (অর্থসংগ্রহ)। ৩ চয়ন (পুষ্পসংগ্রহ)। **সংগ্রহশালা** *বি* ছোট জাদুঘর; শিল্পকর্ম ইত্যাদি রাখার জন্য গৃহ বা ভবন। **সংগ্রহণী** *বি* ১ গ্রহণী রোগবিশেষ। ২ সংগ্রহণের কাজ। **সংগ্রহীতা**(-তৃ), **সংগ্রাহক** *বিণ* সংগ্রহকারী; আহরণকারী। **সংগ্রহিত্রী, সংগ্রাহিকা** *স্ত্রী*। { *স.* সম্+√গ্রহ্+অ(অচ্), অন(ল্যুট্)}

সংগ্রাম [শঙ্‌গ্রাম্] *বি* ১ যুদ্ধ (মোগল–পাঠানে সংগ্রাম)। ২ প্রচেষ্টা। **~শক্তি** *বি* যে শক্তির বলে বিরোধী শক্তির প্রবল বিরোধিতার মুখে টিকে থাকা যায় (জীবনীশক্তিবর্ধক ও সংগ্রামশক্তিপ্রদায়ক—*আশ*)। { *স.* √ সংগ্রাম+ অ(অচ্)}

সংঘ, সঙ্ঘ [শঙ্‌ঘো] *বি* ১ দল; সমূহ (সঙ্ঘবদ্ধ)। ২ সমিতি; প্রতিষ্ঠান (ছাত্রসঙ্ঘ)। ৩ বৌদ্ধ ভিক্ষু সমাজ। **~চারী** *বিণ* দলবদ্ধভাবে বিচরণকারী। □ *বি* মাছ। **~জীবী** *বি, বিণ* শ্রমিক; মজদুর। { *স.* সম্+√হন্+ অ(অপ্)}

সংঘটক [শঙ্‌ঘটোক্] *বি* সংঘটনকারী। { *স.* সম্+√ঘটি+ অক(ণ্বুল্)}

সংঘটন [শঙ্‌ঘটোন্] *বি* ১ মিলন; যোজন; একত্রকরণ (যে রূপে পার ঐ হৃদয়চোর ব্যক্তির সহিত আমার সংঘটন করিয়া দেও—*ঈবি*)। ২ ঘটনা। ৩ গঠন। ৪ সংঘর্ষ। **সংঘটিত** *বিণ* ১ সম্যক ঘটিত; অনুষ্ঠিত (বারিসংঘটিত ঘটে সু–সিন্দূর আঁকি ও সুন্দর পদযুগ···*মদ*)। ২ সাধিত (চক্রান্তকারিগণ কর্তৃক এই ঘটনা সংঘটিত হইয়াছে—*রহিম*)। { *স.* সম্+√ঘট্+অন(ল্যুট্)}

সংঘট্ট, সঙ্ঘট্ট [শঙ্‌ঘট্‌টো] *বি* পরস্পর মিলন; সংঘর্ষ (বাংলা কাব্যও অসংলগ্ন ভাব ছবির অনিকাম সংঘট্ট—*সুদ*)। □ *বিণ* সংঘটিত; সংঘর্ষিত (লটপট জটাজুট সংঘট্ট গঙ্গা—*ভারা*)। { *স.* সম্+√ঘট্ট+অ(ঘঞ্)}

সংঘর্ষ, সংঘর্ষণ [শঙ্‌ঘর্‌শো, –ঘর্‌শন্] *বি* পরস্পর ঠোকাঠুকি; মর্দন; ধাক্কা (গাড়িতে গাড়িতে সংঘর্ষ)। **সংঘৃষ্ট** *বিণ* ঘর্ষিত; ধাক্কাপ্রাপ্ত; বিবদমান। { *স.* সম্+√ঘৃষ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

সংঘাত [শঙ্‌ঘাত্] *বি* ১ পরস্পর আঘাত; সংঘর্ষ। ২ সমষ্টি। ৩ নিবিড়তা। ৪ কোনো গতিশীল বস্তুর অন্য বস্তুর সঙ্গে সংঘর্ষ। { *স.* সম্+√হন্+অ(ঘঞ্)}

সংঘারাম, সঙ্ঘারাম [শঙ্‌ঘারাম্] *বি* বৌদ্ধমঠ বা আশ্রম। { *স.* সঙ্ঘ+আরাম}

সংঘৃষ্ট ⇒ সংঘর্ষ

সংদিল, সঙ্গদিল [শঙ্‌দিল্, শঙ্‌গো-] *বিণ* কঠিন হৃদয়; নিষ্ঠুর (চৌচির হয় সঙ্গদিল হতে পিশাচের কালো ছিনা —*ফজা*)। { *ফা.* সংগদিল سنگدل }

সংচিত্রিত [শঙ্‌চিত্‌ত্রিতো] *বিণ* সম্যকরূপে চিত্রিত (সংকীর্তিত ভাষা যেমন, তেমনি সংচিত্রিত–ভাষাওএকটা ভাষা—*অঠা*)। { *স.* সম্+√চিত্রি+ত(ক্ত)}

সংচূর্ণিত [শঙ্‌চুর্‌নিতো] *বিণ* সম্পূর্ণভাবে চূর্ণ হয়েছে এমন (সংচূর্ণিত হীরক)। { *স.* সম্+√চূর্ণ+ত(ক্ত)}

সহজাত ⇒ সঞ্জাত

সংজ্ঞা [শোঙ্‌গাঁ] *বি* ১ চেতনা; অনুভূতি (রোগীর সংজ্ঞা নাই)। ২ আখ্যা; নাম; definition (ধনবিজ্ঞানের সংজ্ঞা) লাক্ষণিক বা গুণগত পরিচিতি। ৩ জ্ঞান; বুদ্ধি (তখন সে সংজ্ঞা হারাইয়া ফেলিয়াছে—*সৈসু*)। ৪ বিশেষ্যপদ। **সংজ্ঞান** *বি* চেতনা; সম্যক জ্ঞান; সঙ্কেত। **~নাশক, ~বিঘাতক, ~বিঘাতী** (-তিন্) *বিণ* চৈতন্য বিলোপক; জ্ঞান হরণকারী। **~বিঘাতিনী** *স্ত্রী*। **সংজ্ঞার্থ** *বি* পারিভাষিক অর্থ; definition। **~হারা** *বিণ* চেতনারহিত; নিস্তব্ধ; অসাড় (মুগ্ধ জগৎ মৌন দিবা; সংজ্ঞাহারা রাত—*সদ*)। **সংজ্ঞিত** *বিণ* নাম যুক্ত; আখ্যাত; উক্ত; বলা হয়ে থাকে বা আখ্যা দেওয়া হয় এমন। { *স.* সম্+√জ্ঞা+অ(অঙ্)}

সংজ্ঞাপন [শঙ্‌গাঁপোন্] *বি* বিজ্ঞাপন; জানানো। { *স.* √জ্ঞাপি+অন(ল্যুট্)}

সংনমন [শঙ্‌নমোন্] *বি* (বিজ্ঞানে) চাপ প্রয়োগে সংকোচন; compression। **সংনমিত** *বিণ* চাপ প্রয়োগে সংকুচিত করা হয়েছে এমন। { *স.* সম্+√নম্+অন(ল্যুট্)}

সংপুট ⇒ সম্পুট

সংপৃক্ত [শঙ্‌প্রিক্‌তো] *বিণ* ১ সম্বন্ধযুক্ত (অন্ততঃ সে সংস্কার সংপৃক্ত—*আশ*)। ২ সংমিশ্রিত। ৩ সংযুক্ত। ৪ মিলিত। { *স.* সম্+√পৃচ্+ত(ক্ত)}

সংবৎ [শঙ্‌বত্] *বি* ১ রাজা বিক্রমাদিত্য প্রবর্তিত অব্দ (খ্রিস্টাব্দ+৫৬ বা ৫৭ বৎসর)। ২ বছর। { *স.* সংবদ্>}

সংবৎসর [শঙ্‌বত্‌শর্] *বি* পূর্ণ এক বৎসরকাল (সংবৎসর কালেই কার্যটি সম্পূর্ণ হবে)। { *স.* সম্+বৎসর}

সংবরণ, সম্বরণ [শঙ্‌বরোন্, শম্–] *বি* ১ নিবারণ; দমন (ক্রোধ সংবরণ; নৃত্য সংবরণ কর—*রাব*)। ২ সংগোপন (সংবরিয়া ভাব-অশ্রু-নীর, চিত্ত রবে পরিপূর্ণ অখণ্ড গভীর—*রঠা*)। **সংবর, সম্বর** *ক্রি* সংবরণ দমন বা নিবারণ কর। **সংবরা, সম্বরা** *ক্রি* ১ (*পদ্য.*) দমন করা; নিবারণ করা (কে সম্বরে . . . এ তিন ভুবনে—*মদ*)। ২ গুছানো। □ *বি* ১ ফোড়ন দেওয়া। ২ ফোড়ন; সাঁতলানোর মসলা। { *স.* সম্+√বৃ+অন(ল্যুট্)}

সংবর্ত [শঙ্‌বর্‌তো] *বি* অধিক বর্ষণকারী মেঘ; প্রলয় বর্ষণ (এ যেন মহাপ্রলয় সংবর্ত)। **সংবর্তক, সংবর্তন** *বি* প্রলয়কালীন মেঘ; প্রভূত বর্ষণ। { *স.* সম্+√বৃৎ+ অ(ঘঞ্)}

সংবর্তি, সংবর্তিকা [শঙ্‌বোর্‌তি, –কা] *বি* ১ প্রদীপের সলিতাবিশেষ। { *স.* সম্+√বৃৎ+ই(ইন্), অক (ণ্বুল্)}

সংবর্ধক [শঙ্‌বর্‌ধোক্] *বিণ* ১ অতিশয় বৃদ্ধিকারী (শক্তি সংবর্ধক)। ২ সম্মানকারী; সম্মান প্রদর্শনসহ অভ্যর্থনা–কারী; সংবর্ধনাকারী (অতিথি সংবর্ধক)। **সংবর্ধন, সংবর্ধনা** *বি* ১ অতি বৃদ্ধি; বাড়ানো। ২ সম্মানের সঙ্গে অভ্যর্থনা; সম্মাননা। **সংবর্ধিত** *বিণ* সসম্মানে অভ্যর্থিত (এ সভায় সংবর্ধিত মন্ত্রী মহোদয়)। { *স.* সম্+√বৃধ্+ অক(ণ্বুল্)}

সংবলিত, সম্বলিত [শঙ্‌বোলিতো, শম্–] *বিণ* মিশ্রিত; সংযোজিত; সমন্বিত (সংস্কারসংবলিত)। { *স.* সম্+ √বল্+ত(ক্ত)}

সংবহ [শঙ্‌বহো] *বি* ১ বহনকারী। ২ শরীরস্থ পঞ্চ বায়ুর অন্যতম। ৩ মেঘ বহনকারী বায়ুবিশেষ। { *স.* সম্+√বহ্+ অ(অচ্)}

সংবহন [শঙ্‌বহোন্] *বি* বহন; সঞ্চালন; circulation। { *স.* সম্+√বহ্+অন(ল্যুট্)}

সংবাদ [শঙ্‌বাদ্] *বি* ১ খবর; সমাচার; বার্তা। ২ শারীরিক

ও বৈষয়িক অবস্থা (তোমার সংবাদ কী?)। ৩ পরস্পর কথোপকথন (সখীসংবাদ)। –**পত্র** *বি* খবরের কাগজ। –**বহ, ~বাহক, ~বাহী** *বি* ১ এক জায়গা থেকে অন্য জায়গায় যে সংবাদ বহন করে; messenger। ২ ডাকহরকরা। **সংবাদিকা** *বি* খবরের কাগজের স্তম্ভে ভিন্ন ভিন্ন বিষয়ের উপর ক্ষুদ্র ক্ষুদ্র সংবাদ। **সংবাদী** (–দিন্) *বিণ* ১ সম্ভাষী। ২ তুল্য; সদৃশ। □ *বি* সঙ্গীতে মূল সুরের সহায়ক সুর। **সংবাদিনী** *স্ত্রী*। {*স.* সম্+√বদ্+অ(ঘঞ্)}

সংবাহ, সংবাহন [শঙ্‌বাহো, শঙ্‌বাহোন্] *বি* ১ কোনো কিছু বহন। ২ অঙ্গমর্দন; massage। **সংবাহক** *বিণ* ১ ভারাদি বহনকারী। ২ অঙ্গ মর্দনকারী। **সংবাহিকা** *স্ত্রী*. (রক্তসংবাহিকা নাড়ি; পলি সংবাহিকা নদী)। **সংবাহিত** *বিণ* ১ যথাযথভাবে বহন করা হয়েছে এমন। ২ দেহ মর্দন করা হয়েছে এমন; মর্দিত। {*স.* সম্+√বহ্+ণিচ্+অ(ঘঞ্); অন(ল্যুট্)}

সংবিগ্ন ⇒ সংবেগ

সংবিৎ(–বিদ্) [শঙ্‌বিত্] *বি* ১ প্রতিজ্ঞা। ২ চেতনা; জ্ঞান। {*স.* সম্+√বিদ্+ক্বিপ্}

সংবিত্তি [শঙ্‌বিত্‌তি] *বি* ১ অনুভব; অনুভূতি। ২ জ্ঞান; চেতনা। {*স.* সম্+√বিদ্+তি(ক্তি)}

সংবিদা [শঙ্‌বিদা] *বি* কোনো কাজ ইত্যাদি করার জন্য চুক্তি; agreement। {*স.* সম্+√বিদ্+আ(আপ্)}

সংবিদিত [শঙ্‌বিদিতো] *বিণ* জ্ঞাত; অবগত (এ সংবাদ সর্বসংবিদিত)। {*স.* সম্+√বিদ্+ত(ক্ত)}

সংবিধা, সংবিধান [শঙ্‌বিধা, –বিধান্] *বি* ব্যবস্থাপনা; নিয়ম; বিধি; রচনা। ২ অবস্থা বিশেষের উপযোগী হওয়া বা করা (এ অবস্থার সংবিধান কর) ৩ রাষ্ট্রের গঠন ও পরিচালনা পদ্ধতি সংক্রান্ত নিয়মাবলি; রাষ্ট্র গঠনতন্ত্র; শাসনতন্ত্র; constitution। **সংবিধাতা** *বি* ১ বিহিত ব্যবস্থাকারী। ২ আল্লাহ। **সাংবিধানিক** *বিণ* সংবিধান সংক্রান্ত; রাষ্ট্রের শাসনতন্ত্র অনুযায়ী। {*স.* সম্+বি+√ধা+অ(অঙ্), অন(ল্যুট্)}

সংবিভক্ত [শঙ্‌বিভক্‌তো] *বিণ* সম্যকরূপে বিভক্ত; পৃথককৃত। {*স.* সম্+বি+√ভজ্+ত(ক্ত)}

সংবিভাগ [শঙ্‌বিভাগ্] *বি* পৃথককরণ; ভাগকরণ। {*স.* সম্+বি+√ভজ্+অ(ঘঞ্)}

সংবিষ্ট [শঙ্‌বিশ্‌টো] *বিণ* ১ সুপ্ত; নিবিষ্ট; শায়িত। ২ মন্ত্র দিয়ে সম্মোহিত করা হয়েছে এমন; hypnotized। {*স.* সম্+√বিশ্+ত(ক্ত)}

সংবীক্ষণ [শঙ্‌বিক্‌খন্] *বি* পর্যবেক্ষণ; সম্যক দর্শন (দেশসংবীক্ষণ)। {*স.* সম্+বি+√ঈক্ষ্+অন(ল্যুট্)}

সংবৃত [শঙ্‌বৃতো] *বিণ* ১ আচ্ছাদিত; লুক্কায়িত (সংবৃত স্বর)। ২ সংকুচিত (ভয় সংবৃত আত্মা)। **সংবৃতি** *বি* ১ আচ্ছাদন; আবরণ। ২ গোপন (*স.* সম্+√বৃ+ত(ক্ত))}

সংবৃত্ত [শঙ্‌বৃত্‌তো] *বিণ* ১ নিষ্পন্ন; সম্পাদিতা। ২ জাত (বেদনা–সংবৃত্ত অনুভূতি)। **সংবৃত্তা** *স্ত্রী*। **সংবৃত্তি** *বি* ১ সম্পাদন; সংঘটন। ২ উৎপাদন; জন্ম। {*স.* সম্+√বৃৎ+ত(ক্ত)}

সংবেগ [শঙ্‌বেগ্] *বি* ১ উদ্বেগ; ত্রস্তভাব। ২ আবেগ (হৃদয়ের সংবেগ)। ৩ ভয়জনিত ত্বরা বা শীঘ্রতা (ব্যাঘ্র দর্শনে হরিণ শাবকের সংবেগ)। **সংবিগ্ন** *বিণ* আবেগপ্রবণ; উদ্বেলিত (সংবিগ্ন হৃদয়ানুভূতি)। {*স.* সম্+√বিজ্+অ(ঘঞ্)}

সংবেদ, সংবেদন, সংবেদনা [শঙ্‌বেদ্, –দোন্, –না] *বি* ১ জ্ঞান; অভিজ্ঞতা; অনুভব; sensation। **সংবেদনশীল** *বিণ* অনুভূতিপ্রবণ (সংবেদনশীল ব্যক্তি পরদুঃখকাতর)। **সংবেদনশীলতা** *বি* সহানুভূতি; অনুভূতি (তিনি তাঁর স্বভাবদত্ত সংবেদনশীলতা তথা দৃকশক্তির ব্যবহার প্রায় ভুলে গেলেন—*সুদ*)। **সংবেদিত** *বিণ* অনুভব করা হয়েছে এমন; আবদ্ধ (কী এক মোহ তৈরি করছে, দুজনে তার মধ্যে সংবেদিত—*বুব*)। {*স.* সম্+√বিদ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)+আ(টাপ্)}

সংবেদ্য [শঙ্‌বেদ্‌দো] *বিণ* ১ অনুভবযোগ্য। ২ বিজ্ঞাপনীয়; বিজ্ঞাপিত হওয়ার যোগ্য। ৩ জানতে হবে এমন; জ্ঞেয়। {*স.* সম্+√বিদ্+য(ণ্যৎ)}

সংবেশ [শঙ্‌বেশ্] *বি* ১ নিদ্রা; শয়ন। ২ উপবেশন। **সংবেশক** *(বেশক্) বি, বিণ* যে সম্মোহন করে। **সংবেশন** *(বেশন্) বি* ১ সম্মোহন অবস্থা; সম্মোহন; hypnotism। ২ সঙ্গম। **সংবেশিত** *বিণ* ১ শায়িত। ২ সম্মোহিত। ৩ উপবেশিত। {*স.* সম্+√বিশ্+অ(ঘঞ্)}

সংমূঢ় ⇒ সম্মূঢ়

সংযত [শঙ্‌জতো] *বিণ* ১ পরিমিত; নিবৃত্ত। ২ বিনীত (সংযত আচরণ)। ৩ প্রশমিত (লোভ সংযত করা)। ৪ বশীভূত। ~**চিত্ত** *বিণ* ১ শান্ত বা বশীভূত। ~**চিত্ত** *বি* ১ শান্ত বা বশীভূত (সংযত চিত্ত কখনো উচ্ছৃঙ্খলতায় সায় দেয় না)। ২ মন বশীভূত হয়েছে এমন; শান্তমনা। ~**বাক** *বিণ* অল্পভাষী; মিতভাষী (জ্ঞানী লোক সর্বদাই সংযতবাক্)। **সংযতাত্মা** *বিণ* জিতেন্দ্রিয়। □ *বি* দমিত বা বশীভূত বা আত্মদমনে সফল যে আত্মা। **সংযতেন্দ্রিয়** *বিণ* ইন্দ্রিয়–বিজয়ী; সংযমী (সংযতেন্দ্রিয় যোগী)। {*স.* সম্+√যম্+ত(ক্ত)}

সংযম [শঙ্‌জম্] *বি* ১ সংযতকরণ; নিয়ন্ত্রণ (বাক্‌সংযম; প্রাচীন ভাষাগুলির মধ্যে আরবি ভাষাই বোধ হয় সবচেয়ে বেশি সংযম ও প্রকাশশীলতা দাবী করতে পারে—*আকআ*)। ২ দমন; আয়ত্তে আনয়ন (ইন্দ্রিয় সংযম)। ৩ রোধ; প্রতিহতকরণ (বেগ সংযম)। ৪ ব্রত; নিয়ম (একাদশী সংযম পালন)। **সংযমন** *বি* ১ নিয়ন্ত্রণ; বন্ধন (আত্ম–সংযমন; কেশ সংযমন)। ২ নিয়ম পালন। **সংযমিত** *বিণ* সংযত বা নিয়ন্ত্রিত করা হয়েছে এমন (সংযমিত চিত্ত)। **সংযমী**(মিন্) *বিণ* ১ নিয়মনিষ্ঠ (সংযমী সাধু)। ২ সঞ্চয়কারী; মিতব্যয়ী; অর্থব্যয়ে সংযম অবলম্বন করেছেন এমন (সংযমী মানুষই সংসারে উন্নতি করে)। **সংযমিনী** *স্ত্রী*। {*স.* সম্+√যম্+অ(অপ্)}

সংযাত [শঙ্‌জাতো] *বিণ* মিলিতভাবে গত; অনুচর, সহযাত্রী। {*স.* সম্+√যা+ত(ক্ত)}

সংযাত্রা [শঙ্‌জাত্‌ত্রা] *বি* ১ শোভাযাত্রা। ২ সমুদ্র যাত্রা। {*স.* সম্+√যা+ত্র(ত্রন্)+আ(টাপ্)}

সংযান [শঙ্‌জান্] *বি* ১ বিশেষভাবে গমন। ২ সম্মিলন। {*স.* সম্+√যা+অন(ল্যুট্)}

সংযুক্ত [শঙজুক্‌তো] *বিণ* ১ মিলিত; সংলগ্ন; যোগকৃত (হাতলসংযুক্ত)। ২ সংক্রান্ত (ব্যবসাসংযুক্ত হিসাব)। ৩ বিশিষ্ট। **সংযুক্তা**[১] *স্ত্রী*। { *স*. সম্‌+√যুজ্‌+ত(ক্ত)}

সংযুক্তা[২] [শঙজুক্‌তা] *বি* ১ সংযোগকৃতা। ২ নামবিশেষ (আপনি সংযুক্তা বটে; কিন্তু ইতিহাসের নন—*বর*)। { *স*. সংযুক্ত+আ(টাপ্‌)}

সংযোগ [শঙযোগ] *বি* ১ সম্যক যোগ; মিলন; যোগাযোগ (অগ্নিসংযোগ)। ২ সম্পর্ক (তাদের মধ্যে কোন সংযোগ নেই)। ৩ বিবাহ (শুভ সংযোগ)। ~**ধর্মী**(মিন্‌) *বিণ* সংশ্লেষণী; নির্মাণকারী। **বিয়োগধর্মী** *বিপ*। ~**যোগ্য** *বিণ* বিবাহযোগ্য (সম্পূর্ণ হইল যদি দ্বাদশ বৎসর হৈল সংযোগযোগ্য ভাবে নৃপবর—*সৈআ*)। ~**সাধক** *বিণ* ১ একত্রকারী। ২ সংঘটক। **সংযোগিত** *বিণ* সংযোগযুক্ত (সংযোগিত লৌহদণ্ড)। **সংযোগী**(-গিন্‌) *বিণ* ১ সংযোগকারী। ২ উদ্যোগী (তিনি একাজের সংযোগী)। { *স*. সম্‌+√যুজ্‌+অ(ঘঞ্‌)}

সংযোজন, সংযোজনা [শঙজোজোন্‌, -না] *বি* ১ সংঘটন; মিলন; যোগসাধন। ২ আয়োজন; সংগ্রহ (আনন্দিত সদাগর ভেটিল সিংহলেশ্বর ভেট দ্রব্য করে সংযোজন—*কমু*)। **সংযোজক, সংযোজিকা** *বিণ* সংযোগ ঘটায় এমন। **সংযোজিত** *বিণ* একত্রকৃত; সম্মিলিত। **সংযোজিতা** *স্ত্রী*। { *স*. সম্‌+√যুজ্‌+অন, + আ(টাপ্‌)}

সংরক্ষণ, সংরক্ষা [শঙরোকখোন্‌, -রোকখা] *বি* ১ রক্ষণাবেক্ষণ; কারও জন্য বিশেষভাবে রক্ষণ; বিশেষ উদ্দেশ্যে রক্ষণ; reservation; বিশেষভাবে রক্ষণ ও তত্ত্বাবধান। ২ পালন; তত্ত্বাবধান (প্রজা-সংরক্ষণ; অরণ্য সংরক্ষণ)। **সংরক্ষক** *বি,বিণ* পালক; তত্ত্বাবধায়ক (সংরক্ষক এ দুনিয়ার একমাত্র আল্লাহ)। ~**নীতি** *বি* দেশের শিল্পকে বৈদেশিক প্রতিযোগিতা থেকে বাঁচাবার জন্য নির্ধারিত নীতি বা ব্যবস্থা। **সংরক্ষণীয়** *বিণ* সংরক্ষণের যোগ্য (অত্যন্ত গোপনে সংরক্ষণীয়—*রঠা*)। **সংরক্ষিত** *বিণ* রক্ষণাবেক্ষণকৃত; রক্ষা করা হয়েছে এমন (সংরক্ষিত অরণ্য)। **সংরক্ষী**(-ক্ষিন্‌) *বি,বিণ* প্রহরী; রক্ষক (বাগানের সংরক্ষী)। { *স*. সম্‌+√রক্ষ্‌+ অন(ল্যুট্‌), আ(টাপ্‌)}

সংরব্ধ [শঙরবধো] *বিণ* ১ রুষ্ট; রাগান্বিত; ক্রুদ্ধ। ২ আগ্রহান্বিত; আগ্রহযুক্ত। { *স*. সম্‌+√রভ্‌+ত(ক্ত)}

সংরুদ্ধ [শঙরুদ্‌ধো] *বিণ* অবরুদ্ধ; নিরুদ্ধ; সম্যকভাবে রুদ্ধ; প্রতিবদ্ধ। { *স*. সম্‌+√রুধ্‌+ত(ক্ত)}

সংরোধ [শঙরোধ] *বি* অবরোধ; নিরোধ; প্রতিরোধ। { *স*. সম্‌+√রুধ্‌+অ(ঘঞ্‌)}

সংলক্ষিত [শঙলোক্‌খিতো] *বিণ* দৃষ্টিগোচর; বিশেষভাবে লক্ষণীয় (পূর্ববঙ্গীয় কোনরূপ কণ্ঠবিকৃতি সংলক্ষিত হইত না—*বচ*)। { *স*. সম্‌+√লক্ষ্‌+ত(ক্ত)}

সংলগ্ন [শঙলগ্‌নো] *বিণ* ১ সংযুক্ত; নিকটবর্তী (বস্তু সংলগ্ন)। ২ প্রাসঙ্গিক। ৩ তীরস্থ হওয়া; কূলে লাগা (নৌকা অল্প সময়েই ভাগীরথীর অপর পারে সংলগ্ন হইল—*ঈবি*)। { *স*. সম্‌+√লগ্‌+ত(ক্ত)}

সংলাপ [শঙলাপ্‌] *বি* ১ আলাপ; কথোপকথন (ভাষা আছে তাই সংলাপ গেঁথে—*হাহা*)। ২ নাটকের চরিত্রসমূহের পরস্পরের সঙ্গে কথাবার্তা; dialogue। { *স*. সম্‌+√লপ্‌+অ(ঘঞ্‌)}

সংলিপ্ত [শঙলিপ্‌তো] *বিণ* ১ নিযুক্ত; লিপ্ত (বাণিজ্যাদি ব্যাপারে সংলিপ্ত করিল—*বচ*)। ২ অন্তর্ভুক্ত; জড়িত (ইহাতে কোনরূপ ভোগের ভাব সংলিপ্ত নহে—*প্রচৌ*)। ~**তা, সংলেপ** *বি* তন্ময়তা; জড়িত অবস্থা (সংলিপ্ততা কর্মের কাঠিন্য দূর করে)। { *স*. সম্‌+√লিপ্‌+ত(ক্ত)}

সংশপ্তক [শঙশপ্‌তক] *বি,বিণ* ১ নির্ভীক, জয়লাভে দৃঢ়প্রতিজ্ঞ; মৃত্যুপণ করে লড়াই করেন রাজা সুশর্মার যে সৈন্যদল। ২ মহাভারতে বর্ণিত সেনাদল যারা মরণপণ লড়াই করে; কৃষ্ণের বাহিনী; নারায়ণী সেনা। { *স*. সম্‌+শপ্ত+ক(কপ্‌); বহু}

সংশয় [শঙশয়] *বি* ১ সন্দেহ; দ্বিধা; দ্বৈধবোধ (সংশয় চিত্তের দুর্বলতা প্রকাশক)। ২ ভবিষ্যতের ব্যাপারে ভয় (জীবন সংশয়)। ৩ অনিশ্চয়তাবোধ (ভিতরে একটা শব্দ শুনিয়া কেমন যেন সংশয় হইল—*শারা*)। **সংশয়াকুল** *বিণ* ভয়াকুল; সন্দেহবিশিষ্ট (সংশয়াকুল ব্যক্তির উন্নতি সুদূরপরাহত)। **সংশয়িত** *বিণ* সন্দেহযুক্ত; সন্দিগ্ধ; সংশয়ের বিষয় (সংশয়িত সৈন্যদল রণে ভঙ্গ দিল)। **সংশয়িতা** *স্ত্রী*। **সংশয়ান** *বিণ* সন্দিগ্ধ চিত্ত; সন্দেহযুক্ত (তদীয় আকারগত অন্যান্য বৈলক্ষণ্য দর্শনে সংশয়ান হয়ে তিনি সবিশেষ অভিনিবেশ পূর্বক পর্যবেক্ষণ আরম্ভ করিলেন—*ঈবি*)। **সংশয়াত্মক** *বিণ* সন্দেহপূর্ণ (অর্বাচীনের বাক্য প্রায়ই সংশয়াত্মক)। **সংশয়ান্বিত** *বিণ* সন্দিগ্ধ; দ্বিধাযুক্ত (সংশয়ান্বিত মন)। **সংশয়ী**(-য়িন্‌) *বিণ* দ্বিধাযুক্ত চিত্ত; সংশয়কারী (তাড়না খাইয়া সংশয়ীর দল থামিয়া গেল—*রঠা*)। { *স*. সম্‌+√শী+অ(অচ্‌)}

সংশিত [শঙশিতো] *বিণ* ১ সুনিশ্চিত; নির্ধারিত। ২ সম্পন্ন; সম্পাদিত (সংশিত কর্ম)। ৩ নিষ্ঠাবান (সংশিত আত্মার অধিকারী)। ~ **ব্রত** *বি* অবলম্বিত ব্রত। ☐ *বিণ* যথা নিয়মে ব্রতপালনকারী; দৃঢ়প্রতিজ্ঞ। { *স*. সম্‌+√শো+ত(ক্ত)}

সংশুদ্ধি [শঙশুদ্‌ধি] *বি* ১ পরিশোধন; উত্তমরূপে পরিষ্করণ (ওষুধের শিশির সংশুদ্ধি প্রয়োজন)। ২ পাপমুক্ত বা সুপবিত্রীকরণ (চিত্তের সংশুদ্ধিই মুক্তির উপায়)। **সংশোধক** *বিণ* ১ পরিষ্কারক; বিশোধক (সাবানাদি সংশোধক দ্রব্য)। ২ সংস্কারক; নির্ভুলকারক (চরিত্র-সংশোধক)। **সংশোধ** *বি* ১ বিশুদ্ধিকরণ। ২ পবিত্রকরণ; সংস্কার (চরিত্র-সংশোধন)। ৩ ভুলভ্রান্তি দূরীকরণ (লেখা সংশোধন)। **সংশোধিত** *বিণ* ১ বিশুদ্ধিকৃত। ২ নির্ভুলীকৃত; সংশোধন করা হয়েছে এমন। { *স*. সম্‌+√শুধ্‌+তি(ক্তি)}

সংশ্রব, সংস্রব [সংস্রোব] *বি* ১ সংযোগ। ২ সম্পর্ক; সম্বন্ধ। { *স*. সম্‌+√শ্রু/স্রু+অ(অপ্‌)}

সংশ্রয় [শঙস্রয়] *বি* আশ্রয়; অবলম্বন; সহায়; শত্রু-নিপীড়িত রাজার অন্য প্রবলতর রাজার আশ্রয় বা সহায়তা গ্রহণ। **সংশ্রিত** *বিণ* আশ্রিত; আশ্রয় গ্রহণ করেছে এমন। **সংশ্রয়ী** *বিণ* আশ্রয় অবলম্বনকারী। { *স*. সম্‌+√শ্রি+অ(অচ্‌)}

সংশ্রুত [শঙস্রুতো] *বিণ* শ্রুত হয়েছে এমন; জ্ঞাত। { *স*. সম্‌+√শ্রু+ত(ক্ত)}

সংশ্লিষ্ট [শঙশ্লিশ্‌টো] *বিণ* ১ সম্পর্কিত; সংক্রান্ত (মকদ্দমা

সংশ্লিষ্ট)। ২ জড়িত; মিলিত (ব্যবসায়ে সংশ্লিষ্ট হওয়া)। ৩ অন্তর্ভুক্ত; শাখারূপে গৃহীত (সংশ্লিষ্ট বিভাগ)। **সংশ্লেষ** *বি* সংযোগ; মিলন; বিভিন্ন বস্তুর সংযোগে নতুন বস্তু তৈরি; synthesis। **সংশ্লেষণ** *বি* সংযোগ; এক পর্যায়ভুক্তকরণ; যৌগিক পদার্থ তৈরির জন্য বিভিন্ন বস্তুর সংমিশ্রণ। { *স.* সম্‌+√শ্লিষ্‌+ত(ক্ত)}

সংসক্ত [শঙ্‌শক্‌তো] *বিণ* দৃঢ়ভাবে সংযুক্ত। { *স.* সম্‌+√সন্‌জ্‌+ত(ক্ত)}

সংসক্তি [শঙ্‌শোক্‌তি] *বি* ১ দৃঢ় সংযোগ। আসক্তি; অণুপরমাণুসমূহ পরস্পর সংশ্লিষ্ট থাকার জন্য যে আকর্ষণ-শক্তির প্রয়োজন হয়; cohesion। { *স.* সম্‌+√সন্‌জ্‌+তি(ক্তি)}

সংসদ, সংসৎ [শঙ্‌শদ্‌, -ত্‌] *বি* ১ দল; সমিতি; সঙ্ঘ (ছাত্রসংসদ, পল্লিসংসদ)। ২ পরিষদ; রাষ্ট্রের কেন্দ্রীয় বিধান সভা বা পার্লামেন্ট (বাংলাদেশ জাতীয় সংসদ)। **সংসদ-সদস্য, সাংসদ** *বি* পার্লামেন্ট বা আইন পরিষদের সদস্য। { *স.* সম্‌+√সদ্‌+ক্বিপ্‌}

সংসর্গ [শঙ্‌শর্‌গো] *বি* ১ সংস্রব; মেলামেশা; সঙ্গ (সাধু সংসর্গ)। ২ সম্পর্ক (সংসর্গ ত্যাগ করা)। ৩ সহবাস; সঙ্গম (স্ত্রী সংসর্গ)। ~**দোষ** *বি* সঙ্গদোষ। **সংসর্গী** (-র্গিন্‌) *বিণ* সংসর্গ রক্ষাকারী; সহবাসকারী। { *স.* সম্‌+√সৃজ্‌+অ(ঘঞ্‌)}

সংসর্প, সংসর্পণ [শঙ্‌শর্‌পো, -পোন্‌] *বি* সাপের ন্যায় গতি; সম্প্রসারণ; বিস্তার। **সংসর্পী, সংসর্পিত** *বিণ* ক্রম বিস্তার লাভ করে এমন। { *স.* সম্‌+সৃপ্‌+অ(ঘঞ্‌)+অন(ল্যুট্‌)}

সংসার [শঙ্‌শার্‌] *বি* ১ পরিবার; ঘরকন্না; গার্হস্থ্য জীবন (অপুর সংসার)। ২ জগতের মায়াবন্ধন; নশ্বর জগৎ (সংসারবিরাগী)। ৩ ইহলোক; পৃথিবী; দুনিয়া; জগৎ; মর্ত্যলোক (দুইদিনের সংসারের প্রতি এত মায়া কেন)। ৪ বিবাহ (একাধিক সংসার গ্রহণ করা)। ৫ পত্নী (প্রথম সংসারের ছেলে)। ৬ পারিবারিক অবস্থা (সংসার ভালো চলে না)। ~**ত্যাগ** *বি* সংসারের মায়া কাটানো। ~**ত্যাগী** (-গিন্‌) *বিণ* সন্ন্যাসী; বৈরাগী (সংসারত্যাগী জনারণ্যে ফিরে যান না)। ~**ধর্ম, সংসারাশ্রম** *বি* গার্হস্থ্য জীবন; স্ত্রী পুত্র নিয়ে লোকালয়ে বসবাসকরণ। ~ **পাতা** *ক্রি* বিয়ে করে ঘরকন্না শুরু করা (তিনি সংসার পেতে বসলেন)। ~**বন্ধন** *বি* স্ত্রীপুত্র সম্বলিত পার্থিব জগতের আকর্ষণ; মায়াময় জীবনের বন্ধন। ~-**বাসনা**, ~-**কামনা** *বি* সংসার পাতার ইচ্ছা; পার্থিব কামনা। ~**যাত্রা** *বি* গার্হস্থ্য জীবন; স্ত্রীপুত্র নিয়ে জীবনযাত্রা নির্বাহ। ~**লীলা** *বি* বৈচিত্র্যময় জাগতিক জীবনযাত্রার অভিনয়; মানবজন্ম (সংসার-লীলা বোঝা খুব দুরূহ)। ~**স্রোত** *বি* সংসারের গতি; জীবন প্রবাহ। **সংসারাসক্ত** *বিণ* জাগতিক বিষয় বাসনায় লিপ্ত। **সংসারী** *বিণ* সংসারধর্ম পালনকারী; গৃহস্থ। **সংসারিয়ানা** *বিণ* গৃহিণীপনা (কেন না রান্নাঘর মানে ত দস্তুর মত গুছিয়ে বসা সংসারিয়ানা—বুব)। **ঘোর সংসারী** *বিণ* ভোগ সুখে অতিশয় আসক্ত। { *স.* সম্‌+√সৃ+অ(ঘঞ্‌)}

সংসিক্ত [শঙ্‌শিক্‌তো] *বিণ* সম্পূর্ণ ভিজা; পূর্ণভাবে আর্দ্র (রাজপথ সকল মার্জিত ও সুগন্ধ সলিলে সংসিক্ত হইতে লাগিল—ঈবি)। { *স.* সম্‌+√সিচ্‌+ত(ক্ত)}

সংসিদ্ধ [শঙ্‌শিদ্‌ধো] *বিণ* ১ সম্যক সিদ্ধ; উত্তমরূপে সিদ্ধ (সংসিদ্ধ ধান)। ২ স্বভাবসিদ্ধ (সংসিদ্ধ ঔষধী)। ৩ সুসম্পন্ন; সুনিষ্পন্ন (সংসিদ্ধ কর্ম)। ৪ সফল (তিনি একাজে সংসিদ্ধ)। **সংসিদ্ধি** *বি* ১ সফলতা। ২ স্বাভাবিক অবস্থা। ৩ সম্যক নিষ্পাদন। { *স.* সম্‌+√সিধ্‌+ত(ক্ত)}

সংসূচিত [শঙ্‌শুচিতো] *বিণ* সম্যক সূচিত; ব্যক্ত (আদর্শ সংসূচিত হইয়াছে)। **সংসূচন** *বি* ব্যক্তকরণ। { *স.* সম্‌+√সূচ্‌+ত(ক্ত)}

সংসৃতি [শঙ্‌সৃতি] *বি* ১ সঙ্গে গমন। ২ স্রোত (নদীসংসৃতি)। ৩ সংসার। **সংসৃত** *বিণ* ১ সংগমনকারী। ২ প্রবাহিত (পর্বত থেকে সংসৃত)। { *স.* সম্‌+√সৃ+তি(ক্তি)}

সংসৃষ্ট [শঙ্‌স্রিশ্‌টো] *বিণ* ১ সম্পর্কযুক্ত (রহিম তার সঙ্গে সংসৃষ্ট নয়)। ২ সংযোজিত; আসক্ত (মদ্য সংসৃষ্ট ঔষধ)। **সংসৃষ্টি** *বি* ১ সংস্রব; মিলন। ২ (*অল.*) পরস্পর নিরপেক্ষ একাধিক অলঙ্কারের মিলন। { *স.* সম্‌+√সৃজ্‌+ত(ক্ত)}

সংস্করণ [শঙোশ্‌কোরোন্‌] *বি* ১ সংশোধন; মার্জন; উৎকর্ষসাধন; ত্রুটি-বিচ্যুতি দূরীকরণ। ২ পুস্তকের এককালে যত সংখ্যক কপি মুদ্রিত ও প্রকাশিত হয়; edition (প্রথম সংস্করণ)। ৩ সংশোধিত বা বিশেষ প্রয়োজনবশত মুদ্রণ ও প্রকাশন (পকেট সংস্করণ, সুলভ সংস্করণ)। **সংস্কর্তা** *বিণ* সংস্কারক; সংশোধক (তাঁর গ্রন্থাদির সংস্কর্তা তিনি নিজেই)। ☐*বি* পাচক। { *স.* সম্‌+√কৃ+অন(ল্যুট্‌)}

সংস্কার [শঙোশ্‌কার্‌] *বি* ১ শুদ্ধি; শাস্ত্রীয় অনুষ্ঠানাদি দিয়ে শোধন; পতিত অবস্থা থেকে মুক্তি (এই বালকের সংস্কার করিয়াছেন তখন কি না সম্ভব হইতে পারে—ঈবি)। ২ জীর্ণোদ্ধার মেরামত (কাবা গৃহের সংস্কার)। ৩ বিশ্বাস; আজন্ম ধারণা; ঝোঁক (প্রকৃত ব্যক্তিকে হার দিয়াছেন বলিয়া তাঁহার সংস্কার ছিল—ঈবি)। ৪ ভুল সংশোধন; ব্যাকরণাদির শুদ্ধি। ৫ অস্ত্রাদি শানিতকরণ। ৬ প্রসাধন (অঙ্গসংস্কার)। { *স.* সম্‌+√কৃ+অ(ঘঞ্‌)}

সংস্কারক [শঙোশ্‌কারোক্‌] *বিণ* ১ বিশোধক; উৎকর্ষ সাধনকারী। ২ মেরামতকারী। { *স.* সম্‌+√কৃ+অ(ঘঞ্‌)+অক(ণ্বুল্‌)}

সংস্কৃত [শঙোশ্‌কৃত্‌] *বিণ* ১ মার্জিত; সংশোধিত বা পরিমার্জিত করা হয়েছে এমন। ২ সজ্জিত; অলঙ্কৃত। ☐*বি* প্রাচীন ভারতীয় আর্যভাষার প্রমিত সাহিত্যিক রূপবিশেষ; সংস্কৃত ভাষা। **সংস্কৃতজ্ঞ** *বিণ* সংস্কৃত ভাষা ও শাস্ত্রে পণ্ডিত। **সংস্কৃতি** *বি* ১ কৃষ্টি; culture চিৎপ্রকর্ষ (ধর্মীয় সংস্কৃতি)। ২ সংস্কার; শুদ্ধিকরণ। ৩ অনুশীলনে অর্জিত জ্ঞান-বুদ্ধির উৎকর্ষ। **সংস্কৃতিমান, সংস্কৃতিবান** (*অশু.*) *বিণ* কৃষ্টিসম্পন্ন; পরিশীলিত; cultured। **সংস্ক্রিয়া** *বি* সংস্কারকাজ; পরিমার্জন ক্রিয়া। { *স.* সম্‌+√কৃ+ত(ক্ত)}

সংস্থা [শঙোস্‌থা] *বি* ১ প্রতিষ্ঠান; ব্যবস্থা (বাংলাদেশ সড়ক পরিবহন সংস্থা)। ২ সমিতি; সঙ্ঘ (সমাজসংরক্ষণ সংস্থা)। ৩ স্থিতি (ধর্মের সংস্থা)। ৪ জমা; আয় (হিন্দু

শাস্ত্রমতে করদ রাজারা মোট সংস্থার ২০ ভাগের ৭ ভাগ পেতেন)। **সংস্থাগার** *বি* পার্লামেন্ট ভবন (আমরা সংস্থাগারের সামনে পৌঁছিলাম—*রাসা*)। { *স.* সম্+√স্থা+অ(অঙ্)+আ(টাপ্)}

সংস্থান [শঙোস্‌থান্] *বি* ১ ব্যবস্থা; সংগ্রহ (খাদ্য সংস্থান করা)।২ স্থিতি; সঞ্চয় (অর্থ সংস্থান করা)।৩ আশ্রয়স্থান (বহুদ্রব্যের সংস্থান)।৪ সন্নিবেশ; গঠন–কৌশল; বিন্যাস (অঙ্গ-সংস্থান)। { *স.* সম্+√স্থা+অন(ল্যুট্)}

সংস্থাপক [শঙোস্‌থাপোক্] *বি* সংস্থানকারী; প্রতিষ্ঠাতা (ধর্ম–সংস্থাপক)। **সংস্থাপন** *বি* প্রতিষ্ঠা; সন্নিবেশ। **সংস্থাপয়িতা** *বিণ* প্রতিষ্ঠাতা (ধর্ম–সংস্থাপয়িতা)। **সংস্থাপয়িত্রী** *স্ত্রী.*। **সংস্থাপিত** *বিণ* প্রতিষ্ঠিত; স্থাপিত (সরকার-সংস্থাপিত বিদ্যালয়)। { *স.* সম্+√স্থা+ই(ণিচ্)+অক(ণ্বুল্)}

সংস্থিত [শঙোস্‌থিতো] *বিণ* ১ সন্নিবিষ্ট; ব্যবস্থাপিত। ২ আয়োজিত (আয়োজিত (সংস্থিত উৎসব)। ৩ সঞ্চিত (সংস্থিত অর্থ)। ৪ আশ্রিত (এতিমখানায় সংস্থিত দুঃস্থ বালকগণ)। **সংস্থিতি** *বি* ১ সংস্থান; একত্র অবস্থান (সংস্থিতিতে ভাঙন যদি ধরত, তবে কবির ভাষায় শুনিয়ে দিতুম জবাবদিহি—*বিদে*)। ২ আশ্রয়। { *স.* সম্+√স্থা+ত(ক্ত)}

সংস্পর্শ [শঙোস্‌পর্‌শো] *বি* ১ সম্পর্ক; সংযোগ (জনসাধারণ সংস্পর্শমুক্ত)। ২ প্রভাব (ইউরোপীয় সাহিত্যের সংস্পর্শমুক্ত)। { *স.* সম্+√স্পৃশ্+অ(ঘঞ্)}

সংস্পৃষ্ট [শঙোস্‌প্রিশ্‌টো] *বিণ* ১ সংস্পর্শযুক্ত।২ প্রভাবিত (উৎকণ্ঠা–সংস্পৃষ্ট হৃদয়)। { *স.* সম্+√স্পৃশ্+ত(ক্ত)}

সংস্ফুট [শঙোস্‌ফুটো] *বিণ* প্রস্ফুটিত; ফুল্ল। { *স.* সম্+√স্ফুট্+অ(অপ্)}

সংস্মরণ [শঙ্‌শঁরোন্] *বি* সম্যকরূপে স্মরণ। **সংস্মৃতি** *বি* ১ স্মরণ। ২ সংস্কারগত স্মরণ। { *স.* সম্+√স্মৃ+অন(ল্যুট্)}

সংস্রব [শঙ্‌স্রব্] *বি* ১ সম্পর্ক; সম্বন্ধ; ছোঁয়াচ (নেতাদের সংস্রব)। ২ প্রভাব (ধর্মসংস্রবমুক্ত)। ~**চ্যুত** *বিণ* সম্পর্কমুক্ত (হঠাৎ সংস্রবচ্যুত হয়ে গেল—*অচিসে*)। { *স.* সম্+√স্রু+অ(অপ্)}

সংহত [শঙ্‌হতো] *বিণ* ১ সম্মিলিত; সঙ্ঘবদ্ধ; সমবেত (সংহত জনতার প্রতিবাদ)। ২ জমাট; ঘনীভূত; সুদৃঢ় (সংহত বাষ্প)।৩ সম্যক আঘাতপ্রাপ্ত। { *স.* সম্+√হন্+ত(ক্ত)}

সংহতি [শঙ্‌হোতি] *বি* ১ সম্যক মিলন; ঐক্য। ২ সঙ্গী; সাথি (যথা যাও তথা মুই যাইব সংহতি—*বিগু*)। ৩ সঙ্ঘ। ৪ সমূহ। ৫ ঘনীভূত হওয়া। □ *ক্রিবিণ* সঙ্গে (রতিরে সংহতি লহ—*কমু*)। ~**বাদ** *বি* সঙ্ঘবদ্ধ কর্মসাধন মতবাদ; যৌথ মূলধন বিনিয়োগ; সমর্থনকারী সাম্যবাদী মতবাদ; collectivism। { *স.* সম্+√হন্+তি(ক্তি)}

সংহরণ [শঙ্‌হরোন্] *বি* ১ বিনাশ; সংহার (জন্ম, মৃত্যু, সংহরণ এই হলো প্রকৃতির নিয়ম)। ২ সংযতকরণ; প্রত্যাহরণ।৩ সংক্ষেপ বা বাতিল করণ (তিনি অধিকাংশ উমেদারকেই উপক্রমণিকায় আশ্বাস দেন কিন্তু উপসংহারে সেটা সংহরণ করেন—*রঠা*)। **সংহর্তা** *বিণ* সংহারকারী; বিনাশক (স্রষ্টাই বড় সংহর্তা)। **সংহর্ত্রী** *স্ত্রী.*। { *স.* সম্+√হৃ+অন(ল্যুট্)}

সংহর্ষ [শঙ্‌হর্‌শো] *বি* ১ সম্যক আনন্দ। ২ আমোদ–প্রমোদ। ৩ রোমাঞ্চ। { *স.* সম্+√হৃষ্+অ(ঘঞ্)}

সংহার [শঙ্‌হার্] *বি* ১ বিনাশ; ধ্বংস; প্রলয় (সৃষ্টি–সংহার)। ২ অবসান (উপসংহার)। ৩ প্রত্যাকর্ষণ; সংযতকরণ (বাক্য-সংহার)। ৪ সংগৃহীত বস্তু (ভাণ্ডিৎ আহার করে ... সংহার—*ঘন*)। ৫ সংকোচন। **সংহারক** *বিণ* ১ সংহারকারী; বিনাশকারী। ২ প্রতিষেধক (রোগ–সংহারক ঔষধ)। –**মূর্তি** *বি* ধ্বংসকর মূর্তি; অতিশয় ভয়াবহ আকার (চীনা বিপ্লব সংহার মূর্তি ধারণ করে ... নিশ্চিহ্ন করল না—*আকাশা*)। **সংহর্তা**, –**কারী** *বিণ* বিনাশক। { *স.* সম্+√হৃ+অ(ঘঞ্)}

সংহারা [শঙ্‌হারা] *ক্রি* (*পদ্য.*) সংহার করা। { *স.* সংহার+ *বা.* আ}

সংহিত [শোঙ্‌হিতো] *বিণ* মিলিত; সংগৃহীত। { *স.* সম্+√ধা+ত(ক্ত)}

সংহিতা [শোঙ্‌হিতা] *বি* ১ হিন্দুদের পবিত্র ও অবশ্যপালনীয় নির্দেশসমূহ (তোমার গানে পেয়েছি যে ধন সার সে সকল সংহিতার— *সদ*)। ২ সংকলন-গ্রন্থ; বেদের মন্ত্রসমূহ (ঋগ্বেদ সংহিতা)। { *স.* সম্+√ধা+ত(ক্ত)+আ(টাপ্)}

সংহূতি [শোঙ্‌হুতি] *বি* বহু লোকের সমবেত আহ্বান। { *স.* সম্+√হ্বে+তি(ক্তি)}

সংহৃত [শোঙ্‌হৃতো] *বিণ* ১ সঞ্চিত; সংগৃহীত (সংহৃত সম্পদ)। ২ বিনষ্ট; অপহৃত। ৩ সংক্ষিপ্ত; সংকুচিত। **সংহৃতি** *বি* ১ সংগ্রহ (কবিতার সংহৃতি)। ২ সংহার; ধ্বংস (প্রাকৃতিক সংহৃতির কোনো প্রতিকার নেই)। ৩ প্রত্যাকর্ষণ; সংকোচন (অণুপরমাণুর সংহৃতি)। { *স.* সম্+√হৃ+ত(ক্ত)}

সঁপা, সপা [শঁপা, শ–] *ক্রি* ১ সমর্পণ করা (নমস্কার করি কবি শুধাইলা সঁপিয়া আসন—*রঠা*)। ২ বিসর্জন করা (সতীত্ব রতন করিতে রক্ষণ রাজপুত সতী আজিকে কেমন সঁপিছে পরান অনলশিখে—*জ্যোতিরিন্দ্র*)। ৩ আত্মদান করা (কুমুদিনী কায় মন সঁপে শশধরে—*মদ*)। { *স.* সম্+√অর্পি>*প্রা.* সমপ্প>}

সক ⇒ সখ

সকড়ি, সঁকড়ী [শোকড়ি, শোঁ–] *বি* ১ এঁটো; উচ্ছিষ্ট (দেখছিস সকড়ী হাত—*বিব*)। ২ অন্নব্যঞ্জনাদির স্পর্শদুষ্টতা। { *স.* সঙ্কর>}

সকণ্টক [শকন্‌টক্] *বিণ* ১ কাঁটাযুক্ত। ২ বাধাবিপত্তি পরিপূর্ণ (জীবনের সকণ্টক চলার পথে সাহসই একমাত্র বল)।৩ রোমাঞ্চিত; শিহরিত (ভয়ে তার শরীর সকণ্টক–প্রায়)। { *স.* স+কণ্টক; *বহু*}

সকরকন্দ, সকরকন্দ [শকোরকন্‌দো] *বি* মিষ্টি আলু। { *ফা.* শকররন্দ شکرقند }

সকরুণ [শকোরুন্] *বিণ* ১ সদয়; করুণাপূর্ণ; দয়ার্দ্র (সকরুণ প্রার্থনা)। ২ অতিশয় দুঃখপূর্ণ বা বেদনাযুক্ত। { *স.* স+করুণ; *বহু*}

সকর্দম [শকরদম] *বিণ* কাদামাখা (কাদামাখা শরীর)। { *স.* স+কর্দম; *বহু* }

সকর্মক [শকরমক] *বিণ* কর্মের সঙ্গে বিদ্যমান; *(ব্যা.)* যে ক্রিয়ার কর্ম আছে; transitive। { *স.* স+কর্মন্+ক(কপ্) }

সকল [শকোল] *বিণ* ১ সমস্ত; সব; সমুদয় (সকল গর্ব দূর করি দিব তোমার গর্ব ছাড়িব না—*রঠা*)। ২ কলার সঙ্গে বর্তমান। □ *বি* সমস্ত লোক (সকলের তরে সকলে—*কামিনী*)। ~ **দিক দিয়া/দিয়ে** *ক্রিবিণ* সর্বতোভাবে। **সাকল্য** *বি* সকলের সমীপে (সাকল্যে পেশ করা)। { *স.* স+কলা; *বহু* }

সক সক [শক্ শক্] *বি* লোভাতুর লোকের জিভ থেকে উত্থিত শব্দ (জিহ্বা সক সক করা)। { *ধ্বন্যা.* }

সকাণ্ড [সকানডো] *বিণ* কাণ্ড বা শাখা যুক্ত; শর বা বাণসহ। { *স.* স+কাণ্ড; *বহু* }

সকাতর [শকাতোর] *বিণ* বিনীত; ব্যগ্র; অতীব ব্যাকুল; অতিশয় দুঃখ বা কাতরতার সঙ্গে (চিত্ত চঞ্চল সকাতর —*রঠা*)। { *স.* স+কাণ্ড; *বহু* }

সকাম [শকাম] *বি* কামনাযুক্ত; ফলাকাঙ্ক্ষাযুক্ত (সকাম কর্ম)। □ *বিণ* কামনা চরিতার্থ হয়েছে এমন। { *স.* স+ কাম; *বহু* }

সকারাত, ছক্রাৎ [সকারাত, ছকক্রাত] *বি*, কফসমেত উর্ধ্বশ্বাসজনিত মৃত্যু-যন্ত্রণা (তন্দ্রা ছুটিয়া গিয়া মৃত্যু ছক্রাৎ শুরু হইবে—*মাউ*)। { *আ.* সকরাত سكرات }

সকারী [শকারি] *বিণ* ক্রিয়াশীল; সক্রিয়; active। **অকারী** *বিপ.*। { *স.* সকার+ইন(ইনি) }

সকাল, সক্কাল [শকাল্, -ককাল] *বি* ভোরবেলা (সকালে উঠিয়া আমি মনে মনে বলি; সক্কাল বেলাই মারামারি করিতে ছুটিসনি—*অচিসে*)। □ *বিণ* ত্বরা; শীঘ্র (আমার বচনে তুমি চলহে সকাল—*গুণরাজ*)। ~ ~ *ক্রিবিণ* শীঘ্র; তাড়াতাড়ি; অবিলম্বে; বেলা থাকতে থাকতে। { *স.* উষঃ+কাল>; *স.* সুকাল> }

সকাশ [শকাশ] *বি* নিকট; সন্নিধান; সমীপ (আজ কি কহিব যাইয়া তাহার সকাশে—*কম্*)। { *স.* স+কাশ; বহু }

সকুণ্ডল [শকুনডল] *বিণ* কানের কুণ্ডল বা কর্ণাভরণসহ। { *স.* স+কুণ্ডল; *বহু* }

সকুল্য [শকুল্লো] *বিণ* সমকুলোদ্ভব; সগোত্র (সকুল্য ব্যক্তিদ্বয়)। { *স.* সকুল+য(যৎ) }

সকৃৎ [শকৃত্] *অব্য* একবার মাত্র (সকৃৎগর্ভা গাভী)। ২ সর্বদা; নিরন্তর। ~**ফলা** *বিণ* একবার মাত্র ফল দেয় এমন গাছ (যথা কলাগাছ, ধানগাছ)। { *স.* স+কৃৎ }

সকৌতুক [শকোউতুক] *বিণ* কৌতুকযুক্ত (সকৌতুকে চেয়ে আছে)। { *স.* স+কৌতুক; *বহু* }

সক্কর [শককর] *বি* মিষ্টি; চিনি; শর্করা (যেন মিষ্ট ফল ইক্ষু সক্কর চাবায়—*সৈআ*)। { *আ.* সুকর شكر }

সক্কা [সককা] *বিণ* ভিস্তি; পানি বহন করে এমন (সক্কা হৈল বরুষ—*ভারা*)। { *আ.* সক্কা سقا }

সক্কাল ⇒ সকাল

সক্ত [শকতো] *বিণ* আসক্ত; অনুরক্ত; সংলগ্ন। **সক্তি** *বি* আসক্তি; কামনা। { *স.* √সনজ্+ত(ক্ত) }

সক্তু [শোকতু] *বি* যবচূর্ণ; ছাতু (চৈত্র বায়ু তাড়িত সক্তু—*কাণ্ড*)। { *স.* √সচ+তু(তুন্) }

সক্রিয় [শোকক্রিয়ো] *বিণ* ১ ক্রিয়াশীল (সক্রিয় থাকা)। ২ কার্যকর; কাজের সঙ্গে বিদ্যমান (সক্রিয় ব্যবস্থা)। ~**তা** *বি* কার্যকারিতা; কর্মশীলতা (এই কাজে তার সক্রিয়তা প্রশংসার্হ)। { *স.* স+ক্রিয়া; *বহু* }

সক্ষত [শক্খতো] *বিণ* ক্ষতযুক্ত; দোষ আছে এমন। { *স.* স+ক্ষত; *বহু* }

সক্ষম [শকখম] *বিণ* সবল; সমর্থ; শক্তিময়। **অক্ষম** *বিপ.* (তুমি সক্ষম আমি অক্ষম)। ~**তা** *বিণ* সবল অবস্থা; শক্তিযুক্ত অবস্থা; নিপুণতা; ক্ষমতা সামর্থ্য। { *স.* স+ক্ষম }

সক্ষোভ [শক্খোভ] *বি* ক্ষোভযুক্ত অবস্থা; উদ্বেগে চঞ্চল। **সক্ষোভে** *ক্রিবিণ* অত্যন্ত উদ্বেগের সঙ্গে। { *স.* স+ক্ষোভ }

সখ *(প্রাপ্র)*, সক *(প্রাপ্র)*, **শখ** [শখ্, -ক্, –, শখ্] *বি* ১ অভিরুচি; আগ্রহ। ২ উচ্চাশা; যশ (যে হয় সে হয় আজ সংগ্রামে একক পরান হারাই কিম্বা রেখে যাই সক—*ঘচ*)। ৩ ঝোঁক। ৪ আমোদ। ৫ বিলাস। { *আ.* শরক شوق }

সখা [শখা] বন্ধু; সঙ্গী; সহচর; বয়স্য; সুহৃৎ; মিত্র (মোর সখা হইবা তুমি বেহেস্তে নিশ্চয়—*সৈসু*)। ~**বর** *বিণ* শ্রেষ্ঠ সখা (মহম্মদ আল্লাহর রসুল সখাবর—*দৌবা*)। **সখিতা** *বি* সখীভাব; বন্ধুত্ব। **সখী, সখি** *বি স্ত্রী*, বান্ধবী; বন্ধুত্ব। **সখী, সখি** *বি* বান্ধবী; সহচরী (সখিরে বন অতি রমিত হইল ফুল ফুটনে—*মদ*)। **সখীভাব** *বি* ১ সখীর ন্যায় আচরণ। ২ বৈষ্ণব সাধন প্রণালিবিশেষ। **সখীসংবাদ** *বি* মথুরায় শ্রীকৃষ্ণের নিকট বৃন্দা দূতীর বিরহিণী রাধিকার মানসিক অবস্থার বর্ণনা বা ওই বিষয়ক গান; কবিগানের অংশবিশেষ। **সখ্য, সখিত্ব** *বি* বন্ধুত্ব। **সখ্যতা** *(অশু.)*। { *স.* সহ+√খিদ্+ই=সখি; ১মা একব 'সখা' }

সখাওত, সাখাওত [শখায়োত, শা-] *বি* দানশীলতা; উদারতা। □ *বিণ* দানশীলতার গুণে গুণান্বিত; দাতা উদার (বড় সখাওত লাড়কা হইবে জাহানে—*সৈহ*; বড়া ছখাওত মর্দ ইউসুফ জামাল—*ফগ*)। **সখাওতি, সাখাওতি** *বি* দান দাক্ষিণ্য (হাতেম পাইয়া দান করে সাখাওতি কাম—*সৈহা*)। **সখী** *বিণ* দাতা; উদার; দানশীল; মুক্তহস্ত। { *আ.* সখাৱত سخاوة }

সখি, সখিত্ব ⇒ সখা

সখিল [শোখিল] (আরবি সখী শব্দের বিকৃত রূপ) *বিণ* উদার; দয়ালু; সহৃদয় (সখিল বলিয়া আমারে সবাই জানাইলো সম্মান—*সৈআআ*)। **সখিলি** *বি* উদারতা; দয়া (যদি যাও কভু বসরার দেশে জেনে নিও তুমি সখিলি কাহারে বলে—*আহা*)। { *আ.* সখী سخى }

সখী, সখীবর ⇒ সখা

সখেদ [শখেদ্] *বিণ* খেদযুক্ত। **সখেদে** *ক্রিবিণ* দুঃখের সঙ্গে। { *স.* সহ+খেদ }

সগগ [শগগো] *বি* স্বর্গ। { *স.* স্বর্গ> }

সগগল [শগগল] *বিণ* সকল। { *স.* সকল> }

সগড়ি [শগোড়ি] *বি* সকড়ি; এঁটো; স্পৃষ্ট (এমন পোড়া কপাল করেছিলাম ঘর দোর সব সগড়ি হয়ে গেল—*দীমি*)। { ⇒ সকড়ি }

সগর [শগর] *বিণ* বিষযুক্ত। □ *বি* হিন্দুপুরাণ মতে সূর্যবংশীয় রাজাবিশেষ (সগরখাত সাগর-জলে বাঁধিল

সেতু তোমার সন্তানেরা—সদ)। { স. স+গর; বহু }
সগর্ভ [শগরভো] *বিণ* গর্ভযুক্ত। ❑ *বি* সহোদর। **সগর্ভা** *বিণস্ত্রী.* অন্তঃসত্ত্বা; সমান গর্ভসম্ভূতা। ❑ *বি* গর্ভিণী; সহোদরা। { স. স(সহ)+গর্ভ; বহু }
সগুণ [শগুণ] *বিণ* ১ গুণযুক্ত; সুফল; গুণবান (সগুণ লোক)। ২ ছিলাযুক্ত (সগুণ ধনুক)। ৩ সত্ত্ব রজঃ তমঃ —এই তিন গুণযুক্ত। { স. স(সহ)+গুণ; বহু }
সগুণী *(মবা.)* [শগুনি] *বি* শকুন অর্থাৎ পাখি সম্পর্কে অভিজ্ঞ; ব্যাধ (মৌ দেখিলো সগুণী—*বচ*)। { স. শকুন (শাকুনিক)>সগুণ }
সগোত্র [শগোত্ত্রো] *বি,বিণ* একবংশজাত; জ্ঞাতি; আত্মীয়। ❑ *বি* এক মনোধর্মবিশিষ্ট। **সগোত্রা** *স্ত্রী.*। { স. স(সমান)+গোত্র }
সঘন[১] [শঘনো] *বিণ, ক্রিবিণ* ঘন ঘন; খুব নিকট; বারবার; নিরন্তর (সঘন সারি দিয়ে দাঁড়ায় ঘেঁষে—*রঠা*; বরিখার মেঘে যেন বরিষে সঘন—*সজ*)। **সঘনে** *ক্রিবিণ (কাব্যে)* বারেবারে; মুহুর্মুহু (দাদুরী ডাকিছে সঘনে—*রঠা*)। { বা. স+ স. ঘন }
সঘন[২] [শঘনো] *বিণ* মেঘযুক্ত; মেঘাবৃত (সঘন গগন—*রঠা*)। { স. সহ+ঘন }
সঘনে ⇒ সঘন[১]
সঘর [শঘর] *বি* সমতুল্য ঘর; কুলীন; বৈবাহিক সম্বন্ধ স্থাপনের পক্ষে উপযুক্ত বংশ। **অঘর** *বিপ.*। { বা. স+ঘর }
সঙ ⇒ সং
সঙরন *(ব্র.)* [সঙোরন্] *বি* স্মরণ। **সঙরা** *ক্রি* স্মরণ করা; মনে হওয়া। **সঙরি** *(ব্র.) অক্রি* স্মরণ করে। ❑ *ক্রি* স্মরণ করি। { স. স্মরণ> }
সঙিন ⇒ সঙ্গিন
সঙ্কট ⇒ সংকট[১] ও সংকট[২]
সঙ্কটসঙ্কুল ⇒ সংকট[১]
সঙ্কর ⇒ সংকর
সঙ্কর্ষণ ⇒ সংকর্ষণ
সঙ্কলক, সঙ্কলিত ⇒ সংকলন
সঙ্কল্প ⇒ সংকল্প
সঙ্কাশ ⇒ সংকাশ
সঙ্কীর্ণ ⇒ সংকীর্ণ
সঙ্কীর্তন ⇒ সংকীর্তন
সঙ্কুচিত ⇒ সংকুচিত
সঙ্কুল ⇒ সংকুল
সঙ্কুলান ⇒ সংকুলান
সঙ্কেত ⇒ সংকেত
সঙ্কোচ, সঙ্কোচন ⇒ সংকোচ
সঙ্ক্রম, সঙ্ক্রমণ, সঙ্ক্রাম ⇒ সংক্রম
সঙ্ক্রমিত, সঙ্ক্রামিত ⇒ সংক্রমিত
সঙ্ক্রান্ত ⇒ সংক্রান্ত
সঙ্ক্রান্তি ⇒ সংক্রান্তি
সঙ্ক্রামক, সঙ্ক্রামী ⇒ সংক্রামক
সঙ্ক্রুদ্ধ ⇒ সংক্রুদ্ধ
সঙ্গ [শঙ্গো] *বি* ১ মিলন; সংসর্গ (সাধুসঙ্গ)। ২ বন্ধুত্ব। ৩ সম্বন্ধ; সংস্রব। ৪ সংগম। **-চ্যুত** *বি* সঙ্গ হইতে বিচ্ছিন্ন। **-দাতা** *বিণ* বান্ধব; যে সঙ্গ দেয় (জাহাজের সহযাত্রী, সঙ্গদাতা, পথের বান্ধব—*বুব*)। **-দোষ** *বি* মন্দ সংসর্গের দোষ। **-প্রিয়** *বিণ* সাহচর্যপ্রিয় (স্বভাবটা সঙ্গপ্রিয়—*রঠা*)। **সঙ্গী** (-ঙ্গিন) *বিণ* সহচর; বন্ধু; সাথি। **সঙ্গিনী** *স্ত্রী.*। **সঙ্গীলেজুড়** *বিণ* সহচর; বন্ধু (একা একা বেড়ায় তেমন সঙ্গী-লেজুড় নেই—*বিব*)। **সঙ্গে** *অব্য* নিকট; সহিত (যার সঙ্গে যার স্মৃতি... মনে ধরানোর শক্তি ধরা আছে—*অঠা*)। **সঙ্গে সঙ্গে** *অব্য, ক্রিবিণ* ১ সর্বদা একসাথে। ২ তৎক্ষণাৎ; সেই মুহূর্তে (সঙ্গে সঙ্গে উত্তর)। { স. √সন্জ্+অ(ঘঞ্) }
সঙ্গত ⇒ সংগত
সঙ্গতি ⇒ সংগতি
সঙ্গদিল ⇒ সংদিল
সঙ্গম ⇒ সংগম
সঙ্গিন, সংগিন, সঙিন [শোঙ্গিন্, -, -ঙি-] ১ বন্দুকের অগ্রভাগে ফলা বা কিরিচ; bayonet (হাতে নিয়ে সঙ্গীন আলো সেনারা হানা দেয় প্রতিদিন—*মোমা*)। ❑ *বিণ* ১ শক্ত; কঠিন; জটিল (ব্যাপারটা কেমন যেন সঙ্গিন হয়ে উঠেছে—*ওয়ালি*)। ২ ভয়ানক; গুরুতর (সঙ্গিন অবস্থা)। ৩ ভারী। { ফা. সঙ্গীন سنگین }
সঙ্গোপন, সঙ্গোপিত ⇒ সংগোপন
সঙ্ঘ, সংঘ [শঙ্ঘো] *বি* ১ দল; সমূহ (সঙ্ঘবদ্ধ)। ২ সমিতি; প্রতিষ্ঠান। ৩ বৌদ্ধ ভিক্ষু সমাজ। **-চারী** *বি,বিণ* দলবদ্ধভাবে বিচরণকারী। **-জীবী** *বিণ* শ্রমিক; মজদুর। { স. সম্+√হন্+অ(অপ্) }
সঙ্ঘটক ⇒ সংঘটক
সঙ্ঘারাম ⇒ সংঘারাম
সচ *(মবা.)* [শচ] *বিণ* ১ সত্য। ২ সত্যবাদী; খাঁটি (দোকান পাতিল কর্মী কর্মে বড় সচ—*ঘচ*)। { হি. সাচ> }
সচকিত [শচোকিতো] *বিণ* ভয়চঞ্চল; ত্রস্ত (সচকিত চাহনি)। **সচকিতা** *স্ত্রী.*। **সচকিতে** *ক্রিবিণ* ত্রস্তভাবে; আচমকা। { স. স(সহ)+চকিত(ভয়); বহু }
সচঞ্চল [শচন্চল্] *বিণ* অস্থির। { স. স+চঞ্চল; বহু }
সচন্দন [শচন্দন] *বিণ* চন্দনযুক্ত; চন্দনমাখা। { স. স(সহ)+চন্দন }
সচরাচর[১] [শচরাচর] *বিণ* চরাচরের সঙ্গে বিদ্যমান; জগৎ। { স. স+চর+আচর; বহু }
সচরাচর[২] [শচরাচর] *ক্রিবিণ* সাধারণত; প্রায়শ; প্রায়ই (এমন করিয়া সচরাচর মাও ছেলেকে ভালবাসিতে পারে না—*রঠা*)। { স. স(সহ)+চরাচর; বহু }
সচল [শচল্] *বিণ* ১ চলতে সক্ষম; গতিশীল (বৃদ্ধ হলেও সচল)। ২ প্রচলিত; চালু (সচল পদ্ধতি)। **অচল** *বিপ.*। { স. স(সহ)+চল; বহু }
সচি ⇒ শচী
সচিত্র[শচিত্ত্রো] *বিণ* ছবি আছে এমন; চিত্রযুক্ত; চিত্রময় (সচিত্র পত্রিকা)। { স. স(সহ)+চিত্র; বহু }
সচিব[শোচিব] *বি* ১ সরকারের সর্বোচ্চ পদের অফিসার। মন্ত্রণালয়ের প্রধান আমলা; মন্ত্রী (যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র সচিব); অমাত্য; মন্ত্রী; উজির; সহায়; পরামর্শদাতা (সচিব শ্রেষ্ঠ সারণ—*মদ*)। ২ কর্মসম্পাদক; secretary

(কর্মসচিব)। { স. √সচ্+ইব }

সচেতক [শচেতক্] *বি* হুইপ (whip); আইন সভায় দলের শৃঙ্খলা বজায় রাখার ভারপ্রাপ্ত ব্যক্তি; চেতনাদানকারী। { স. স+চেতক; বহু }

সচেতন [শচেতোন্] *বিণ* ১ চেতনাবিশিষ্ট; জীবন্ত; প্রাণবান। ২ সতর্ক; সজাগ; সজ্ঞান (তিনি পুত্রের দোষগুণ সম্বন্ধে সচেতন; সচেতন দৃষ্টি)। **অচেতন** *বিপ.*। { স. সহ+চেতনা; বহু }

সচেষ্ট [শচেশ্‌টো] *বিণ* উদ্যোগী; যত্নবান; চেষ্টিত; চেষ্টান্বিত (সর্বদা সচেষ্ট)। { স. স(সহ)+চেষ্টা; বহু }

সচ্চরিত [শচ্‌চোরিত্] *বিণ* ১ চরিত্র সৎ এমন; সুচরিত্র; সচ্চরিত্র। ২ সদাচরণ; সৎ কাজ। { স. সৎ+চরিত; বহু }

সচ্চরিত্র [শচ্‌চোরিত্‌ত্রো] *বিণ* কলুষতামুক্ত চরিত্রের; সৎ স্বভাব; সদাচারী। **সচ্চরিত্রা** *স্ত্রী.*। ~**তা** *বি*। { স. সৎ+চরিত্র; বহু }

সচ্চিদানন্দ [শোচ্‌চিদানন্‌দো] *বি* ১ হিন্দুমতে নিত্য জ্ঞানময় ও সুখস্বরূপ ব্রহ্ম; যিনি নিত্যজ্ঞানসুখময়। ☐ *বিণ* সর্বদা আনন্দ এমন; সর্বসুখী ও জ্ঞানী (পূর্বের মত সচ্চিদানন্দ হইয়া শুইয়া সিগারেট ফুঁকতে লাগিল—*নই*)। { স. সৎ+চিৎ+ আনন্দ=সত্তা, চেতনা, আনন্দ; *কর্মধা.* }

সচ্ছল [শচ্‌ছল্] *বিণ* ১ সঙ্গতিপন্ন; অভাবশূন্য; অর্থ-সম্পদশালী (সচ্ছল অবস্থা)। ২ অপ্রতিহত গতি (পরিপুষ্ট অন্ত্রতন্ত্র উরুপ্রান্তে গড়ায় সচ্ছল—*বুব*)। ~**তা** *বি* সঙ্গতিসম্পন্ন অবস্থা; প্রাচুর্য। { স. সৎ+চল }

সচ্ছিদ্র, সছিদ্র [শচ্‌ছিদ্‌দ্রো, শছিদ্‌দ্রো] *বিণ* রন্ধ্রবিশিষ্ট; ছিদ্রযুক্ত; দোষযুক্ত। **সচ্ছিদ্রা** *স্ত্রী.*। { স. স(সহ)+ছিদ্র; বহু }

সজদা ⟹ সেজদা

সজন¹ [শজোন্] *বিণ* জ্ঞাতি; স্বজন; আপনজন (আমিও আমার এই বিজনে সঞ্চিত প্রেম সজনে বিতরণ করিতে বাহির হইব—*রঠা*)। ২ সাধু; ভদ্র। ৩ *(পদ্য.)* প্রণয়ী। **সজনী** *স্ত্রী.*। { স. সজ্জন/স্বজন> }

সজন² [শজন্] *বি* ১ জনপূর্ণ স্থান (সজন এ বেলাভূমি সে দিনের মত নহে—*মোম*)। ২ জনসমাজ। ~**তা** *বি* আত্মীয়তা; ভদ্রতা (সজনতার সাফাইটুকু রক্ষা করিয়া —*রঠা*)। { স. স(সহ)+জন; বহু }

সজনী [শজোনি] *বিণ স্ত্রী. (পদ্য.)* সহচরী; সখী; প্রণয়াসক্তা; প্রণয়িনী (সচকিত সজনী শূন্য নিকুঞ্জিত অরণ্য—*রঠা*)। { স. স্বজনী> }

সজল [শজল্] *বিণ* ১ জলপূর্ণ (সজল মেঘ)। ২ ভিজা; আর্দ্র; অশ্রুপূর্ণ (সজল চোখে চেয়ে থাকে)। ~**নেত্রে** *ক্রিবিণ* জলপূর্ণ চোখে; অশ্রুপূর্ণ চোখে (সুতরাং সকলেই সজলনেত্রে এই লোমহর্ষক ব্যাপার প্রত্যক্ষ করিল—*শেক*। { স. স(সহ)+জল; বহু }

সজাগ [শজাগ্] *বিণ* ১ জাগ্রত; নিদ্রাহীন (ভেবেছিলাম পরানপণে সজাগ রব সবে—*রঠা*)। ২ সতর্ক; অবধানযুক্ত; সচেতন (স্বার্থসজাগ ব্যক্তি)। ~ **ঘুম** *বিণ* ঘুমন্ত অবস্থায়ও সতর্ক ও জাগ্রত; লঘু ঘুম। **চোরকে বলে চুরি করতে, গেরস্তকে বলে ~ থাকতে**—যে দুই পক্ষকেই হাতে রাখতে চায়; মুনাফিক; কপটতা যার স্বভাব। { স. সজাগর> }

সজাতি [শজাতি] *বিণ* একজাতীয়; সমশ্রেণিভুক্ত (সজাতি হইয়া থাকি সর্বলোক সনে—*রঠা*)। ☐ *বি* ১ একজাতি। ২ একজাতীয় দম্পতির সন্তান। ৩ একই জাতির অন্তর্ভুক্ত লোক; এক গোষ্ঠী বা সম্প্রদায়ের লোক। **সজাতীয়** *বিণ* একই জাতির অন্তর্ভুক্ত; সমশ্রেণির; একই ধরনের (সজাতীয় ঐতিহ্যবোধ)। **সজাতীয়া** *স্ত্রী.*। **সাজাত্য** *বি* জাতীয়তাবোধ। { স. স(সমান)+জাতি; বহু }

সজারু ⟹ শজারু

সজিনা, শজিনা, শজনে [শোশজিনা, -, শোজনে] *বি* গাছবিশেষ—যার ফুল ও ফল তরকারি রূপে খাওয়া হয় (সজিনা গাছ সব ফুলে ভর্তি—*বিব*)। { স. শোভাঞ্জন> }

সজীব [শোজিব্] *বিণ* সতেজ; জীবন্ত; জীবিত; সচেতন (সজীব গাছ)। **নির্জীব** *বিপ.*। ~**তা** *বি* উদ্যমশীলতা; জীবন্ত অবস্থা; উৎফুল্লতা; প্রাণশক্তি। { স. স(সহ)+জীব; বহু }

সজোর [শজোর্] *বিণ* জোরযুক্ত; শক্তিমান; বেগবান। **সজোরে** *ক্রিবিণ* জোরের সঙ্গে; বেগের সঙ্গে (সজোরে টানা, সজোরে বাতাস বহা)। { স. স(সহ)+ *ফা.* জোর زور }

সজ্জ¹ [শজ্‌জো] *বিণ* সজ্জিত; প্রস্তুত। { স. √সজ্জ্+অ(অচ্) }

সজ্জ² [শজ্‌জো] *বি* ফলমূল শাকসবজি ইত্যাদি (শাক বেগুন কচু মুলা এঁটে থোড় কাঁচকলা নানা সজ্জ—*কমু*)। { *ফা.* সব্‌জী سبزی }

সজ্জন¹ [শজ্‌জন্] *বি* সৎলোক; সাধু ব্যক্তি (অবকাশ মতে আত্মীয়সজ্জনের সহিত সদালাপ করিতেন—*ভব*)। { স. সৎ+জন }

সজ্জন², **সজ্জনা** [শজ্‌জন্, -না] *বি* সজ্জিতকরণ; আয়োজন; সেনা সংস্থাপন। { স. √সজ্জ্+অন(ল্যুট্)+ আ(টাপ্) }

সজ্জা [শজ্‌জা] *বি* ১ বেশভূষা; পোশাক-পরিচ্ছদ (নগ্নশির সজ্জা নাই লজ্জা না ধরে—*রঠা*)। ২ আয়োজন; উপকরণ (রণসজ্জা, গৃহসজ্জা)। ~**গজ্জা** *বি* সাজগোজ। ~**গৃহ** *বি* সাজঘর। **সজ্জিত** *বিণ* সাজ-পোশাক পরিহিত। **সজ্জিতা** *স্ত্রী.*। { স. √সজ্জ্+অ+আ(টাপ্) }

সজ্জীভূত [শোজ্‌জিভুতো] *বিণ* ভূষিত; সজ্জিত করা হয়েছে এমন। { স. সজ্জ+ঈ(চ্বি)+√ভূ+ত(ক্ত) }

সজ্ঞান [শগ্‌গ্যান্] *বিণ* সচেতন; জ্ঞানযুক্ত। { স. স(সহ)+ জ্ঞান; বহু }

সজ্ঞানে [শগ্‌গ্যানে] *ক্রিবিণ* জ্ঞান বা চৈতন্য থাকতে; জ্ঞানত (সজ্ঞানে অন্যায় কেউ করে না)। { স. সজ্ঞান+ *বা.* এ }

সঞে *(মবা.)* [শঞে] *ক্রিবিণ* সঙ্গে; সাথে; হতে; থেকে (যেদিন দেখিব আপন নয়নে তা সঞে কহিতে কথা—*চদা*)। { সঙ্গে> }

সঞ্চয় [শন্‌চয়্] *বি* ১ সংগ্রহ; চয়ন; আহরণ। ২ জমানো; পুঁজিকরণ। ৩ অবস্থান (খিড়কি উত্তর ভাগে ... তার আগে প্রতি বাড়ী কূপের সঞ্চয়—*কমু*)। ~**ন** *বি* সংগ্রহ করার কাজ; নির্বাচিত সংগ্রহ (কাব্য-সঞ্চয়ন)। ~**নী** *বি*

বিবিধ প্রবন্ধ সংবলিত সাময়িক পত্র-পত্রিকা। **সঞ্চিতা, সঞ্চয়িতা** *বি* কবিতা বা গল্প ইত্যাদির সংগ্রহ। **সঞ্চয়ী** (-য়িন্) *বিণ* আহরণকারী; সঞ্চয়কারী; জমাকারী। **সঞ্চিত** *বিণ* রাশীকৃত; আহৃত; জমা করা হয়েছে এমন (সঞ্চিত অর্থ)। **সঞ্চীয়মান** *বিণ* উপচীয়মান; সঞ্চয় হচ্ছে এমন (সঞ্চীয়মান সম্পদের মধ্যে সে সবলে বিরাজ করিত—*রঠা*)। **সঞ্চেয়** *বিণ* সঞ্চয় করার উপযুক্ত; আহরণযোগ্য (সঞ্চেয় বস্তু)। { *স.* সম্+√চি+অ(অচ্)}

সঞ্চরণ [শন্চরন্] *বি* ১ বিচরণ; কম্পন। ২ গমন। ৩ পথ; সেতু। ~**মাণ** *বিণ* সঞ্চরণ করছে এমন; বিচরণশীল (কটা সঞ্চরমাণ মেয়ে মঙ্গলার উপর মুখিয়ে উঠেছে—*অচিসে*)। **সঞ্চরিত** *বিণ* সঞ্চরণকৃত; সঞ্চরণ করছে এমন। { *স.* সম্+√চর্+অন(ল্যুট্)}

সঞ্চলন [শন্চলন্] *বি* ১ বিচরণ; নড়নচড়ন; আন্দোলন; দোলন (অত্যন্ত মন্দগতিতে সঞ্চলন করিতে থাকে—*রঠা*)। ২ প্রচলন। **সঞ্চলিত** *বিণ* আন্দোলিত; প্রচলিত। { *স.* সম্+√চল্+অন(ল্যুট্)}

সঞ্চান (*মবা.*) [শন্চান্] শ্যেন; বাজপাখি (আদি দেব ধর্ম্মরায় হইয়া সঞ্চান—*কমু*)। {*প্রা.* সেচান>}

সঞ্চার, সঞ্চারণ [শন্চার্, -চারোন্] *বি* ১ সংক্রমণ; গতি; গমনাগমন (সর্ব্বতঃ শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ মন্দ সঞ্চার হইতেছে—*ঈবি*)। ২ এক স্থান থেকে অন্য স্থানে গমন; গ্রহাদির ভিন্ন রাশিতে গমন। ৩ প্রসার; ব্যাপ্তি (দিকে দিকে ব্যাকুলতা করিছে সঞ্চার—*রঠা*)। ৪ আবির্ভাব; উদ্রেক; বিস্তার; স্থাপন (শক্তি সঞ্চার; প্রাণ সঞ্চার; বল সঞ্চার)। ৫ প্রচার (হইবেক পূজার সঞ্চার —*ভারা*)। ৬ সঞ্চালন (প্রাণ বা রক্ত সঞ্চার)। **সঞ্চারক** *বি,বিণ* সঞ্চার করে যে; পরিচালক। ☐ *বিণ* প্রসারক; প্রচারক। **সঞ্চারিকা** *বি,বিণ স্ত্রী.* দূতী; যে নারীর ইতস্তত গতিবিধি আছে। **সঞ্চারিত** *বিণ* সঞ্চার হয়েছে বা করেছে এমন (বায়ু সঞ্চারিত হওয়া)। **সঞ্চারী** (-রিন্) *বিণ* ১ সঞ্চরণশীল; বিচরণকারী। ২ ছোঁয়াচে (সঞ্চারী ব্যাধি)। ৩ উদ্রেক করে বা সঞ্চার করে এমন (প্রাণ সঞ্চারী)। ৪ গানের অন্তরা; কলির পরবর্তী কলি। ৫ ব্যভিচারী ভাব; আবেগ। **সঞ্চারিণী** *স্ত্রী.*। { *স.* সম্+√চর্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

সঞ্চালক [শন্চালোক্] *বি,বিণ* পরিচালক; প্রবর্তক। **সঞ্চালিকা** *স্ত্রী.*। { *স.* সম্+√চল্+ই(ণিচ্)+অক(ণ্বুল্)}

সঞ্চালন [শনচালোন্] *বি* ১ পরিচালন (কার্যসঞ্চালন)। ২ আন্দোলন; নড়াচড়া; চলাচল (রক্ত সঞ্চালন)। ৩ সংক্রামণ। { *স.* সম্+√চালি+অন(ল্যুট্)}

সঞ্চালিত [শন্চালিতো] *বিণ* ১ আন্দোলিত; পরিচালিত। ২ সংক্রামিত। { *স.* সম্+√চালি+ত(ক্ত)}

সঞ্চিত, সঞ্চিতা, সঞ্চীয়মান, সঞ্চেয় ⇒ সঞ্চয়

সঞ্জনন, সঞ্জননা [শন্জনোন্, -না] *বি* উৎপাদন; উৎপাদনশক্তি। { *স.* সম্+√জন্+অন(ল্যুট্), +আ(টাপ্)}

সঞ্জাত [শন্জাতো] *বিণ* উদ্ভূত; উৎপন্ন (কর নবজীবন সঞ্জাত—*নই*)। { *স.* সম্+জন্+ত(ক্ত)}

সঞ্জাব [শন্জাব্] *বি* ১ জামা কাপড়ে লাগানো পাড়। ২ আস্তর; lining। { *ফা.* সনজাফ سنجاف }

সঞ্জীব, সঞ্জীবন[১] [শোন্জিব, -বন্] *বি* প্রাণধারণ। { *স.* সম্+√জীবি+ অ(অচ্), অন(ল্যুট্)}

সঞ্জীবন[২] [শোন্জিবন্] *বি* ১ প্রাণ ধারণ; উত্তমরূপে জীবন ধারণ। ২ জীবন সঞ্চার। ৩ প্রাণ রক্ষাকারী; জীবন সঞ্চারকারী। **সঞ্জীবনী** *বি স্ত্রী.* প্রাণরক্ষাকারী বা জীবনদানকারী ঔষধবিশেষ (উশনা কৃশ পানে চিন্তি সঞ্জীবনী—*কমু*)। ☐ *বিণ স্ত্রী.* জীবন সঞ্চারকারিণী। **সঞ্জীবিত** *বিণ* পুনর্জীবিত; পুনরুজ্জীবিত (বিজ্ঞানে এবং দর্শনকে তাঁরাই সঞ্জীবিত করেন—*এও*)। { *স.* সম্+√জীব্+ণিচ্+অন(ল্যুট্)}

সট[১] [শট্] *অব্য* ক্ষিপ্রতাবাচক; অতি দ্রুততাসূচক (সট করে সরে যাওয়া)। *তুল.* **ঝট**। ––– *অব্য* ঝটপট বা দ্রুত পলায়নপর অনেক লোকের অবসৃয়মাণ অবস্থাজ্ঞাপক। { *ধ্বন্যা.* }

সট[২] [সট্] *বি* নিক্ষেপ; ফুটবল খেলার সময় পা দিয়ে বল মারা (ফুটবলী ভাষায় একটা তীব্র সট-এর.... ফলে গোলটি হলো—*সৈমু*)। { *ই.* shot}

সটকা[১] [শট্কা] *বি* ১ নলবিশিষ্ট আলবোলা (এত বিপদেও তিনি সারারাত বাঁধানো চাতালে বসিয়া ধীরভাবে কাঠের নল বসানো সটকাতে তামাক টানিতেছেন—*বিব*)। ২ মাছি ধরার কাঠিকল। { *হি.* সটক>}

সটকা[২] [সট্কা] *ক্রি* পলায়ন করা। **সটকানো** *বি* পলায়ন; ভেগে যাওয়া; অগোচরে সরে পড়া (নিজে সটকান দেওয়া—*অচিসে*)। **সটকান দেওয়া** *ক্রি* পলায়ন করা (ধমক খেয়ে পাড়ার মেয়েরা সটকান দিলে—*অচিসে*)। { *হি.* সটকা}

সটান [শটান্] *ক্রিবিণ* ১ একটানা; সোজাসুজি (কাকেও কিছু না বলে সটান গোসা-ঘরে ঢুকে খিল এঁটে দিল—*হাব*)। ২ লম্বভাবে; টান টান অবস্থায় (রেখা ঘুমিয়ে আছে সটান অঘোরে—*অঠা*)। { *স.* স(সহ)+*বা.* টান}

সটীক [শটিক্] *বিণ* টীকা সম্বলিত; টীকাসহ; ব্যাখ্যাযুক্ত (সটীক অনুবাদ)। { *স.* স+টীকা; বহু.}

সট্টক [সট্টক্] *বি* প্রাকৃত ভাষায় রচিত নাটক। { *স.* সট্টক>}

সঠিক [শঠিক্] *বিণ* যথাযথ; সত্য সত্য; নির্ভুল; ঠিক (সঠিক ঘটনা বল)। ☐ *ক্রিবিণ* ঠিকমতো। **বেঠিক** *বিপ.*। { *হি.* ঠিকসা>; সুঠিক>}

সডাক [শডাক্] *বিণ* ডাকমাশুলসমেত; with postage (মূল্য সডাক পাঁচটাকা)। { *স.* স(সহ)+*বা.* ডাক}

সড় [শড়্] *বি* ষড়যন্ত্র; গুপ্তমন্ত্রণা; গোপন পরামর্শ। ~ **করা** *ক্রি* গোপনে পরামর্শ করা; ষড়যন্ত্র করা (বিদেশের ঔষধ বানানেওয়ালাদের সঙ্গে সড় করে বহুলোকের সর্বনাশ করেছে—*সৈমু*)। ~ **থাকা** *ক্রি* গুপ্ত ষড়যন্ত্রে যোগ থাকা (এ ব্যাপারে তার সড় থাকা স্বাভাবিক)। { *আ.* সির سر }

সড়ক [শড়োক্] *বি* রাজপথ; বড় রাস্তা; মাটি দ্বারা বাঁধা পথ (মাঝে মাঝে দু একঘর চাষী পরিবারের ঘর আছে সড়কের ধারে—*শও*)। { *আ.* শরক شرك }

সড়কি [শোড়্কি] *বি* বর্শা; বল্লম। { *স.* শলাকীয়>}

সড়গড় [শড়্গড়্] *বিণ* মুখস্থ; রপ্ত; আয়ত্ত (চেষ্টা করিলে

কি পাড়ার বই আর অর্থ পুস্তকটাকে সড়গড় করিতে পারে না—*সুরা*)। {*ধ্বন্যা.*}

সড়সড় [শড়্শড়্] *অব্য* সর্পাদির গমনকালে যে অনুকার ধ্বনি সৃষ্টি হয়; দ্রুত গমন বা পিচ্ছিলতাসূচক শব্দ। {*ধ্বন্যা.*}

সড়া [শড়া] *বিণ* পচা; গলিত; নষ্ট (কাকের ঝাঁক এক মাঠের জমিতে নেবে সড়া পেসাদ খেতে আরম্ভ করলে —*অঠা*)। {*ও.* সড়কি}

সড়াক, সড়াৎ [শড়াক্, –ত্] *অব্য* ১ দ্রুত গতিতে কোনো কিছুর সরে যাওয়া বা পিছলে পড়ার কালে যে শব্দ হয় (সড়াৎ করে নীচের একটা মোটা ডালের উপর—*হুউ*)। {*ধ্বন্যা.*}

সড়িঙ্গী ⇒ সড়ঙ্গা

সৎ[1] [শত্] *বি* অস্তিত্ব; বিদ্যমানতা; নিত্যতা (একমাত্র ভৌতিক ভাত খেয়ে মানুষ তার সৎ রক্ষা করতে পারলেও তার চিৎ ও আনন্দ রক্ষা করতে পারে না—*প্রচৌ*)। □ *বিণ* ১ সত্তাযুক্ত; অস্তিত্ববিশিষ্ট। ২ সত্য। ৩ সু; শুভ (সৎকর্ম সৎসাহস)। ৪ সাধু। ৫ বিদ্বান; জ্ঞানী। **সতী** *স্ত্রী.*। *বিপ.* **অ–**। **–কর্ম**(–র্মন্), **–কার্য** *বি* ভালো কাজ; পুণ্য কার্য; সাধারণের হিতকর যে কার্য। **–ক্রিয়া** *বি* ১ শুভ কাজ। ২ হিন্দু শাস্ত্রবিহিত ক্রিয়াকর্ম; সৎকার (পুত্রের সৎক্রিয়া রাজা ইচ্ছেন সাধিতে—*মদ*)। **–প্রসঙ্গ** *বি* উত্তম প্রসঙ্গ; ধর্মীয় বিষয়াদি (ঘন্টা ধরে থাকেন তিনি সৎপ্রসঙ্গ আলোচনায়—*রঠা*)। **–বিজ্ঞাতা** *বিণ* জ্ঞানের যে রূপ দ্বারা প্রশান্তভাব বিজ্ঞাত হয়; প্রশান্ত (মহাসাগরের জল কখনো কি সৎ বিজ্ঞাতার মত হয়েছিল স্থির—*জীদা*)। {*স.* √অস্+অৎ (শতৃ)}

সৎ[2] [শত্] *বিণ* সতিন সম্পর্কিত (সৎ ছেলে)। **– ছেলে, – পো, – বেটা** *বি* সতিনের ছেলে। **– বাপ** *বি* বিপিতা; জননীর অন্য পতি (কে পাড়িবে সৎ বাপ মায়ের কল্যাণে —*ঈগু*)। **– ভাই** *বি* বিমাতার ছেলে। **– বোন** *বি* সৎ মা বা বিমাতার কন্যা। **– মা** *বি* বিমাতা (আনাইব তোমার জননী সৎমার—*কমু*)। **– মেয়ে** *বি* সতিনের মেয়ে। **– শাশুড়ি** *বি* স্ত্রীর সৎ মা; শাশুড়ির সতিন। {*স.* সপত্নী>}

সতত [শতোতো] *ক্রিবিণ* সদা; সর্বদা; নিরন্তর; অনবরত। {*স.* সতত+(অ)অচ; সম্+√তন্+ত(ক্ত)}

সততা [শতোতা] *বি* ন্যায়পরায়ণতা; সাধুতা (সততা ব্যক্তি–চরিত্রের মহৎ গুণ)। {*স.* সত্তা>}

সতন্তর *(মবা.)* [শতন্তর্] *বিণ* স্বাধীন; স্বেচ্ছাচারী (স্বামী দুরুব্বার মোর নহোঁ সতন্তর—*বচদা*)। *স্ত্রী.* **সতন্তরা, সতন্তরী**। {*স.* স্বতন্ত্র>}

সতবর্গ [শত্বরগো] *বি* ফুল গাছবিশেষ (লবঙ্গ গোলাপ চাম্পা সতবর্গ যূথী—*সৈআ*)। {*অমূ.*}

সতর[1] [সতর্] *বি* ১ লজ্জাস্থান আচ্ছাদন। ২ ইসলামি শাস্ত্র মতে পুরুষ ও নারীর দেহের নির্দিষ্ট স্থান পর্যন্ত ঢেকে রাখার নাম (পুরুষের নাভি থেকে হাঁটু পর্যন্ত এবং স্ত্রীলোকের মুখমণ্ডল, হাত ও পায়ের পাতা ব্যতীত সর্বাঙ্গ সতর বা আচ্ছাদনযোগ্য)। {*আ.* সতর ستر }

সতর[2], **সতের, সতেরো** [শতরো, –তে–, –] *বি,বিণ* সপ্তদশ; ১৭ সংখ্যা বা সংখ্যক। {*স.* সপ্তদশ>}

সতর্ক [শতোর্‌কো] *বিণ* হুঁশিয়ারি; সাবধান। **–তা** *বি* সাবধানতা; হুঁশিয়ার। **সতর্কীকরণ** *বি* সাবধান করে দেওয়া। {*স.* স(সহ)+তর্ক}

সতা *(মবা.)* [শতা] *বি* সতিন (গঙ্গা নামে সতা তার তরঙ্গ এমনি—*ভারা*)। **–ই** *বি* বিমাতা (পদ্মা বলে সতাই তুমি জগতের মাতা—*বিগু*)। **–তো, –ত, –লো** *বিণ* বৈমাত্রেয় (সতাতো ভাই)। **–-সতিন** *বিণ* সতিন সম্পর্ক (দুইয়ের যেন সতাসতীন সম্পর্ক—*প্রেমি*)। {*স.* সপত্নী>}

সতাই ⇒ সতিন

সতান্তর [শতানতর] *বি* পলায়িত (মুক্ত দ্বার পাই চোর হইল সতান্তর—*শেফ*)। {*স.* স্বতন্ত্র>}

সতিন, সতীন, সতিনী, সতেন, সতাই [শোতিন, –, তিনি, –তেন্, শতাই] *বি* সপত্নী (এত বলি দু সতেনী করিলা প্রণতি—*ঘচ*; তুমি কাঁদ একাকিনী ওগো মোর প্রিয়ার সতিনী—*নই*)। **–কাঁটা** *বি* কণ্টকরূপ সতিন। **–-ঝি** *বি* সপত্নী কন্যা। **–পো** *বি* সতিনের ছেলে। {*স.* সপত্নী>}

সতী [শোতি] *বিণ* সাধ্বী; পতিব্রতা; স্বামী ভিন্ন অন্য পুরুষে আসক্ত নয় এমন (সতী নারীর পতি যেন পর্বতের চূড়া—*মাগান*)। □ *বি* ১ হিন্দু পুরাণের দক্ষ কন্যা; শিবানী (লুকাইল দশ মূর্তি সতী হইলা সতী—*ভারা*)। ২ স্বামীর মৃত্যুতে সহগামিনী স্ত্রী (সতীদাহ)। **–চ্ছদ** *বি* কুমারী–ঝিল্লি; যোনিমুখের পাতলা পর্দা। **–ত্ব** *বি* যৌন পবিত্রতা; পাতিব্রত্য; সতী স্ত্রীর ধর্ম। **–দাহ** *বি* হিন্দু মতে মৃত স্বামীর চিতায় স্ত্রীর অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুবরণ। **–ধর্ম** *বি* স্বামীর প্রতি নারীর একনিষ্ঠতা বা যৌন পবিত্রতা। **–পনা, –গিরি** *বি (ব্য.)* সতীত্বের ভুয়া গর্ব বা মিথ্যা ভড়ং। **–লক্ষ্মী** *বি* সতীসাধ্বী ও ঘরের লক্ষ্মীস্বরূপা (রাবেয়ার মতো সতীলক্ষ্মী মেয়ে সংসারে বিরল)। **–সাধ্বী** *বি* পতিব্রতা ও অত্যন্ত পতিগতপ্রাণা। **–সাবিত্রী** *বি* হিন্দু মতে সাবিত্রীর মতো সতী। {*স.* সৎ+ঈ(ঙীপ্)}

সতীন ⇒ সতিন

সতীপনা ⇒ সতী

সতীর্থ, সতীর্থ্য [শতির্‌থো] *বি* সহপাঠী; একই সময়ে এক গুরুর কাছে শিক্ষাপ্রাপ্ত। {*স.* স(সমান)+তীর্থ (গুরুঘাট); সতীর্থ+য; *বহু*}

সতীলক্ষ্মী, সতীসাধ্বী, সতীসাবিত্রী ⇒ সতী

সতুন [শোতুন্] *বি* স্তম্ভ; থাম (কর্পূর সতুন ঘর সবর্ণ ইটাল হিরামণি রতন জড়িত অতি ভাল—*সৈআ*)। {*ফা.* সুতূন ستون }

সতুষ [শতুশ্] *বিণ* তুষের সঙ্গে বিদ্যমান; খোসাযুক্ত। {*স.* স+তুষ; *বহু*}

সতৃণ [শতৃনো] *বিণ* তৃণসহ; যেখানে তৃণ আছে (বরষার সতৃণ প্রাঙ্গণে—*আর*)। {*স.* স+তৃণ; *বহু*}

সতৃষ্ণ [শতৃশ্‌নো] *বিণ* ১ তৃষ্ণা বা পিপাসাযুক্ত। ২ আবেদনযুক্ত; লালায়িত; লুব্ধ; অতিশয় আগ্রহযুক্ত (সতৃষ্ণ নয়নে)। {*স.* স(সহ)+তৃষ্ণা; *বহু*}

সতেজ [শতেজ্] *বিণ* তেজি; বলবান; প্রাণপূর্ণ (সতেজ সরস ঘন, এখনো তাহারা—*রঠা*)। {*স.* স+তেজ; *বহু*}

সতেনী ⇒ সতিন

সতেরো, সতের [শতেরো] *বি,বিণ* সপ্তদশ; ১৭ সংখ্যা বা সংখ্যক। {স. সপ্তদশ>}

সৎকর্ম ⇒ সৎ

সৎকার, সৎকৃতি সৎক্রিয়া [শত্‌কার, –কৃতি, –ক্রিয়া] *বি* ১ সম্ম , সমাদর; খাতির; সেবা (অতিথি সৎকার)। ২ অন্তে ‌ ক্রিয়া; মৃতদেহের শেষ কৃত্য (মৃতের সৎকার)। **সৎকৃত** *বিণ* সৎক্রিয়াযুক্ত; সৎকার করা হয়েছে এমন। {স. সৎ+√কৃ+অ(ঘঞ্), তি(ক্তি), অ(শ)+আ(টাপ্)}

সৎকার্য ⇒ সৎ

সৎকৃতি, সৎক্রিয়া ⇒ সৎকার

সত্তম [শত্‌তম্] *বিণ* সর্বোৎকৃষ্ট; শ্রেষ্ঠ; সাধুশ্রেষ্ঠ (অতএব সাবধানে শুনহে সত্তম—*রামেশ্বর*)। {স. সৎ+তম(তমপ্)}

সত্তর [শোত্‌তোর্] *বি, বিণ* ১ ৭০ সংখ্যা বা সংখ্যক। ২ আরবি ভাষায় 'সত্তর' সংখ্যাটি অজস্র অপরিমেয় অসংখ্য বহু অনেক অর্থে ব্যবহৃত—বাংলার মুসলিম সমাজে শাস্ত্রীয় প্রসঙ্গে এ অর্থে 'সত্তর' বহুল ব্যবহৃত। (যেমন এক পয়সা দান করলে সত্তর পয়সা আয় হয়, এক ঘণ্টা জ্ঞানের চর্চা সত্তর ঘণ্টা এবাদতের সমান ইত্যাদি)। {স. সপ্ততি>}

সত্তা [শত্‌তা] *বি* ১ অস্তিত্ব; স্থিতি; বিদ্যমানতা; বর্তমানতা (সৃষ্টির প্রথম হইতে মানুষ একজন সৃষ্টিকর্তার সত্তা উপলব্ধি করিয়া আসিতেছে—*শেআ*)। ২ সাধুতা; শ্রেষ্ঠত্ব। ৩ আমিত্ব বা স্বামিত্ব (আপন সত্তা)। {স. সৎ+তা(তল্)}

সত্ত্ব[১] [শত্‌তো] *বি* ১ সত্তা; নিত্যতা; অস্তিত্ব (অর্থ থাকা সত্ত্বেও অভাবগ্রস্ত)। ২ প্রাণ; আত্মা; চৈতন্য (তার মধ্যে সত্ত্ব নেই)। ৩ বল; শক্তি; তেজ; পরাক্রম। ৪ স্বভাব; প্রকৃতি। ৫ উৎসাহ। ৬ ভ্রূণ (অন্তঃসত্ত্বা)। ৭ সত্ত্ব, রজঃ, তমঃ—প্রকৃতির এই গুণত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ গুণ। ৮ ধন; ঐশ্বর্য। **–গুণ** *বি* মহৎ-প্রবণতা; প্রাকৃতিক গুণত্রয়ের একটি গুণ (সত্ত্বগুণ যে তমোগুণ এবং রজোগুণের মাঝামাঝি একটি পদার্থ একথা সংখ্যাচার্যেরা অবগত নন—*প্রচৌ*)। **সত্ত্বেও** *অব্য* কোনো কিছু হলেও বা ঘটলেও। {স. সৎ+ত্ব}

সত্ত্ব[২] [শত্‌তো] *বি* ফলের রস দ্বারা প্রস্তুত কোনো খাদ্যবস্তু (আমসত্ত্ব)। {স. সত্ত্ব}

সত্য, সত্যি [শোত্‌তো, শোত্‌তি] *বিণ* অমিথ্যা; যথার্থ; বাস্তব; নির্ভুল; সাচ্চা। ☐*বি* ১ অনশ্বরত্ব; নিত্যতা। ২ সত্তা; বিদ্যমানতা। ৩ প্রতিজ্ঞা; শপথ; দিব্য (তিন সত্য করা)। ৪ হিন্দু মতে চার যুগের প্রথম যুগ। ৫ যথার্থ জ্ঞান। ৬ সপ্তলোক বা ভুবনের উপরিস্থিত লোক (সত্যলোক)। ☐*অব্য* নিশ্চয়। **সত্যনারায়ণ** *বি* হিন্দু দেবতাবিশেষ; সত্যপীর নামক লৌকিক দেবতা। **সত্যনিষ্ঠ, সত্যপরায়ণ** *বিণ* সত্যবাদী; সত্যানুসারী। **সত্যপথ** *বি* প্রকৃত পথ; ধর্মের পথ (সত্য পথে চলবে)। **সত্যপির, সত্যপীর** *বি* খাঁটি পির; সত্য পথের সন্ধান যে পির দিতে সক্ষম; হিন্দু মুসলমানের লৌকিক দেবতা বা পির। **সত্যপ্রতিজ্ঞ** *বিণ* দৃঢ়প্রতিজ্ঞাবদ্ধ; স্থিরপ্রতিজ্ঞ। **সত্যপ্রিয়** *বিণ* সত্যনিষ্ঠ; সত্য বলা ও শোনা কামনা এমন। **সত্যফল** *বি* বিল্ব বৃক্ষ; বেল গাছ। **সত্যবাদিতা** *বি* সত্য বলার অভ্যাস। **সত্যবাদী**(–দিন্) *বিণ* সত্য কথা বলেন এমন। **সত্যবাদিনী** *স্ত্রী*। **সত্যবান** *বিণ* সত্যনিষ্ঠ। ☐*বি* হিন্দু পুরাণোক্ত রাজা দ্যুমৎসেনের পুত্র ও সাবিত্রীর স্বামী। **সত্যভঙ্গ** *বি* শপথ রক্ষা না করা। **সত্যভাষী** *বিণ* সত্যবাদী। **সত্যমূলক** *বিণ* মূলে সত্য আছে এমন। **সত্যয়** *বি* অস্তিত্ব; সত্তা (পেনু মৃত্যুর মাঝ সন্ধান আজ সত্যের সত্যয়—*গোমো*)। **সত্যরক্ষা** *বি* প্রতিশ্রুতি রক্ষা করা। **সত্যসন্ধ** *বিণ* সত্যপ্রতিজ্ঞ; স্থিরপ্রতিজ্ঞ। **সত্যাগ্রহ** *বি* ১ সত্য প্রতিষ্ঠার জন্য আগ্রহ (নিত্যের প্রেমে দুষ্কর করো সত্যাগ্রহে লাঞ্ছন বরো—*সদ*)। ২ ধর্মঘট। **সত্যাগ্রহী** (–হিন্) *বিণ* সত্য প্রতিষ্ঠায় আগ্রহী (মোহাম্মদ যে সত্যাগ্রহী দীনের প্রভু—*নই*)। ☐*বি* ধর্মঘটী; যিনি সত্য ও ন্যায্য অধিকার রক্ষার জন্য প্রতিজ্ঞা করেন; যিনি কোনো ন্যায্য দাবি পূরণের জন্য ধর্মঘট করেন বা দুঃখকষ্ট বরণ করেন। **সত্যানুরক্তি** *বি* সত্যের প্রতি আসক্তি (বহুভাষীরা যখন বলেন যে কাব্যের অনুবাদ অসম্ভব, তখন তাঁরা ব্যবসায়িক ধূর্ততারই পরিচয় দেন না, সত্যানুরক্তিও দেখান—*সুদ*)। **তিন সত্য/সত্যি** *বি* দৃঢ় প্রতিজ্ঞা; শপথবিশেষ। {স. সৎ+য(যৎ)}

সত্যানুসন্ধান [শোত্‌তানুশন্‌ধান্] *বি* প্রকৃত তথ্য জানবার জন্যে যে অনুসন্ধান; সত্য উদ্‌ঘাটনের প্রচেষ্টা। **সত্যানুসন্ধিৎসা** *বি* সত্য অনুসন্ধানের ইচ্ছা (কাণ্ডজ্ঞান ও সত্যানুসন্ধিৎসার পরিচয় পাওয়া যায়—*আনিস*)। {স. সত্য+অনুসন্ধান}

সত্যাপন, সত্যাপনা [শোত্‌তাপোন্, –না] *বি* ১ সত্য পণ; প্রতিজ্ঞাকরণ; সত্য করার নাম। {স. √সত্যাপি+অন(ল্যুট্)+আ(টাপ্)}

সত্যাসত্য [শোত্‌তাশোত্‌তো] *বি* সত্য ও মিথ্যা; যথার্থতা বা অযথার্থতা (প্রত্যেক বিষয়েরই সত্যাসত্য বিচার করা ভাল)। {স. সত্য+অসত্য; দ্বন্দ্ব}

সত্যি ⇒ সত্য

সত্যিকার, সত্যিকারের [শোত্‌তিকার্, -কারের্] *বিণ* প্রকৃত; যথার্থ। {স. সত্য>+কার, +এর

সত্র, ছত্র [সত্‌ত্রো] *বি* ১ অন্নাদি দানের বা বিতরণের জায়গা; আশ্রম (বেলা বারটার সময় সত্র হইতে খাইয়া অপু বাড়ী ফিরিল—*বিব*)। ২ যজ্ঞ; ব্রত; সদাচার ব্রত (সত্রের শিখা—*সদ*)। ৩ বিদ্যালয়াদির পরিষদ বা অধিবেশন। ৪ অরণ্য। **–শিখা** *বি* হোমশিখা; যজ্ঞশিখা (মূর্চ্ছি পড়ে সর্প যত সত্রশিখা তর্পিয়া—*সদ*)। {স. √সদ্+ত্র, >}

সত্রাস [শত্রাশ্] *বিণ* ভীত; ভীতিযুক্ত। **সত্রাসে** *ক্রিবিণ* ভীতভাবে; সভয়ে। {স. স(সহ)+ত্রাস; বহু}

সত্বর[১] [শত্‌তর্] *ক্রিবিণ* ১ শীঘ্র; ত্বরায়; জলদি (কোকিলা ডাকিলে তিনি আসেন সত্বরে—*মদ*)। ২ সতর্ক (সত্বর হইয়া রাহি থাক মাঝ নাও—*চদা*)। {স. স(সহ)+ত্বরা; বহু}

সত্বর[২] (*মবা.*) [শত্‌তর্] *বিণ* সাবধান; সতর্ক (সত্বর আঁ রাহি থাক—*বচদা*)। {স. স(সহ)+ত্বরা; বহু}

সদকা, ছদকা [সদ্‌কা] *বি* খয়রাত; সাহায্য দান;

আল্লাহর নামে দান; বিপদ-মুক্তির/পাপমুক্তির জন্য দান (শীঘ্র দাও সদকা অসুস্থ হইলে গাত্র—*সৈআ*)। { *আ.* সদকাহ صدقة }

সদন [শদন] *বি* ১ আলয়; আবাস (অন্যে অন্যে দুই গণে শোভিত সদন বিবিধ বিধানরূপে করাইলা ভোজন—*দৌবা*)। ২ সামীপ্য; নৈকট্য; সকাশ; প্রতি (মুহুর্মুহু চাহি সে মুখ সদন পানে—*মদ*)। ৩ আশ্রম; সমীপ (মুনির সদনে সবে মিলিল আসিয়া—*কাদা*)। { *স.* √সদ্+অন(লুট্) }

সদনুষ্ঠান [শদোনুশ্‌ঠান্] *বি* সৎকর্ম; শুভ অনুষ্ঠান; ধর্মকর্ম (সদনুষ্ঠানে শরিক হওয়া)। { *স.* সৎ+অনুষ্ঠান }

সদভিপ্রায় [শদোভিপ্‌প্রায়্] *বি* ভালো উদ্দেশ্য; সাধু সংকল্প (স্কুল সংস্থাপনের সদভিপ্রায়)। { *স.* সৎ+অভিপ্রায় }

সদমা [সদ্‌মা] *বি* দুঃখ; ক্ষোভ; বিচ্ছেদ-বেদনা; অন্তরে আঘাত (সেজন্য আমার জানে বড় সদমা লেগেছে—*আই*)। { *আ.* সদমাহ صدمة }

সদয় [শদয়্] *বিণ* দয়াপরবশ; দয়ালু; কৃপাযুক্ত; সুপ্রসন্ন; অনুকূল (সদয় ব্যবহার, সদয় আচরণ)। { *স.* স(সহ)+দয়া; *বহু.* }

সদর [শদোর্] *বি* ১ বহির্বাটি; অন্তঃপুরের বাইরে যে ঘর বা বাড়ি (বিপিনের ভাগ্যে সদর হইতে আদর বাড়িতে লাগিল—*রঠা*)। ২ বাইরের অংশ। ৩ জেলার প্রধান শহর; রাজধানী; head quarters। ৪ দেশের সর্বোচ্চ শাসনকর্তার পদবিবিশেষ; president (সদরে রিয়াসত)। ☐*বিণ* ১ খোলা; ফাঁকা (একটু সদর জায়গা হলেই দেখতে পাচ্ছি—*মব*)। ২ শহর সম্পর্কিত (সদর কাছারি)। ২ প্রকাশ্য; প্রধান (সদর দরজা)। ~ **অন্দর** *বি* ১ বাহির ও ভিতর (সদর অন্দরের হাল)। ২ (*আল.*) প্রকাশ্য ও অপ্রকাশ্য। ~ **আমিন** *বি* রাজস্ব বিভাগীয় নিম্নশ্রেণির বিচারক; মুনসেফ; subjudge। ~**আলা, সদরালা** *বি* ১ সাবজজ (বৃদ্ধ সদরআলা রাত্রির অজুহাতে বিদায় লইলেন—*শচ*)। ২ সর্বোচ্চ ক্ষমতার অধিকারী। ~ **কাছাড়ি** *বি* প্রধান কার্যালয় বা অফিস বা দপ্তর। ~ **খাজনা**, ~ **জমা** *বি* সরকারি রাজস্ব (সদর খাজনা আদায়)। ~ **দরজা** *বি* সিংহদ্বার; সিংহ-দরজা; প্রধান দরজা বা gate। ~ **মফস্বল** *বি* শহর ও গ্রাম। ~ **মালগুজার** *বি* যিনি সাক্ষাৎ সম্বন্ধে সরকারি খাজাঞ্চিখানায় খাজনা বা রাজস্ব দাখিল করেন। ~ **মেট** *বি* প্রধান সর্দার; mate (একদিন হাউসের সদর মেট কর্মে জবাব দিলে.... সেই কর্মে ভর্তি করলেন—*প্যামি*)। ~ **মোকাম** *বি* ব্যবসা-বাণিজ্যের বা আইন আদালতের প্রধান কেন্দ্র। **সদরে, সদুরে** *বিণ* প্রকাশ্য; সদর সম্বন্ধীয় (সদুরে কথা)। { *আ.* সদর صدر }

সদরি, সদরিয়া, সদুরি [সদোরি, -য়া, সোদুরি] *বি* কারুকার্য করা বহিরাবরণ; ছোট জামাবিশেষ; সাধারণত যার আস্তিন হয় না (গায়ে ঘন বোতামের ইহুদীদের ন্যায় রঙ্গিন সদরি—*মীম*; তাহার গায়ে অতি শুভ্র একটি পিরহান তাহার উপরে একটি সদরিয়া—*ইহো*)। { *ফা.* সদরী صدری ; *আ.* সদর صدر }

সদরে ⇒ সদর

সদর্থক [শদরথক্] *বিণ* ১ উত্তম বা সৎ অর্থসূচক (এ ব্যাখ্যা সদর্থক)। ২ অস্তিত্ববাচক; হাঁ-বাচক। **কদর্থক** *বিপ.*। { *স.* সৎ+অর্থক }

সদর্প [শদরপো] *বিণ* অহংকৃত; গর্বিত (সদর্প আস্ফালন করা)। **সদর্পে** *ক্রিবিণ* দর্পের সঙ্গে (সদর্পে চলে যাওয়া)। { *স.* স(সহ)+দর্প; *বহু.* }

সদসৎ [শদশত্] *বিণ* ১ ভালো ও মন্দ; সৎ ও অসৎ। ২ অস্তিত্বযুক্ত ও অস্তিত্বহীন। { *স.* সৎ+অসৎ; *দ্বন্দ্ব.* }

সদস্য [শদোশ্‌শো] *বি* সঙ্ঘ, সমিতি, প্রতিষ্ঠান প্রভৃতির সভ্য; member। { *স.* সদস্+য(যৎ) }

সদা [শদা] *অব্য,ক্রিবিণ* সর্বদা; হামেশা; সবসময়ে; চিরদিন। ~**গতি** *বিণ* সব সময়ে গতিশীল। ☐*বি* সূর্য। ~**নন্দ**, ~**নন্দময়** *বিণ* সর্বদা আনন্দময় (সৌদামিনী ঘন সনে ভ্রমে সদানন্দ মনে—*মদ*)। ☐*বি* পরমাত্মা। ~**পুষ্প** *বিণ* সর্বদা ফুলে ফুলে ভরা। ☐*বি* নারকেল গাছ। ~**ফল** (বিরল) *বি* ফলবিশেষ (জামির তুরঞ্জ দ্রাক্ষা মহুয়া বাদাম বেল শ্রীফল সদাফল কলা জাম—*সৈআ*)। ~**ব্রত** *বি* সর্বদা ব্রত; অন্নসত্র। ~**শিব** *বিণ* শান্ত; প্রসন্ন; উদার (তোমার সদাশিব কথা ভয়ানকভাবে খেটেছে ওর উপর —*নই*)। ☐*বি* হিন্দু দেবতা শিব। ~**সর্বদা** *অব্য* সব সময়; হরহামেশা। { *স.* সর্ব+দা; *নিপাতনে সিদ্ধ* }

সদাই, সদায় [শদাই, -য়-] *বি* পণ্যদ্রব্য; বেসাতি; সওদা (হাটের সদাই জলীর বিলেতে দুহাতে ছুঁড়িয়া ফেলি—*জউ*)। { *ফা.* সওদা سودا }

সদাগতি ⇒ সদা

সদাগর ⇒ সওদাগর

সদাচার [শদাচার্] *বিণ* ধর্মসম্মত (সদাচার অনুষ্ঠান)। ☐*বি* সদ্ব্যবহার; সাধু আচরণ। **সদাচারী** (-রিন্) *বি,বিণ* সদাচারসম্পন্ন ব্যক্তি; শাস্ত্রবিহিত আচরণকারী (তিনি সদাচারীকে সমাদর করেন)। **সদাচারিণী** *স্ত্রী.*। { *স.* সৎ+আচার; *কর্মধা.* }

সদাত্মা [শদাত্‌তা] *বিণ* সদাশয়; সাধু। { *স.* সৎ+আত্মা }

সদানন্দ, সদাপুষ্প, সদাফল, সদারত ⇒ সদা

সদালাপ [শদালাপ্] *বি* কলুষমুক্ত কথাবার্তা; সৎ কথাবার্তা (শিক্ষাসংক্রান্ত সদালাপ)। **সদালাপী** *বিণ* সর্বদা সৎ কথা বলে এমন; অমায়িক। { *স.* সৎ+আলাপ; *কর্মধা.* }

সদাশয় [শদাশয়্] *বিণ* দয়ালু; উদারচেতা; মহানুভব (মুহসিনের মতো সদাশয় ব্যক্তি জগতে বিরল)। **সদাশয়া** *স্ত্রী.*। ~**তা** *বি* মহানুভবতা; সহৃদয়তা। { *স.* সৎ+আশয় }

সদাশিব ⇒ সদা

সদিচ্ছা [শদিচ্‌ছা] *বি* সাধু অভিলাষ; মঙ্গল বাসনা; শুভ কামনা। { *স.* সৎ+ইচ্ছা; *কর্মধা.* }

সদিয়াল [শোদিয়াল্] *বিণ* একশত সৈন্যের নেতা (দফাদার জমাদার চলে সদীয়াল—*ভারা*)। { *আ.* শদী شدی +*হি.* য়াল }

সদুত্তর [শদুত্‌তর্] *বি* যথাযথ জবাব; সন্তোষজনক উত্তর (পরীক্ষায় অনেকেই সদুত্তর দিতে পারে না)। { *স.* সৎ+উত্তর; *কর্মধা.* }

সদুদ্দেশ্য [শদুদ্‌দেশ্‌শো] *বি* সৎ সংকল্প; সাধু উদ্দেশ্য; নেক নিয়ত (সদুদ্দেশ্যের অভাবে অভিপ্রায় সিদ্ধ হয় না)। { *স.* সৎ+উদ্দেশ্য; *কর্মধা.* }

সদুপায় [শদুপায়] *বি* ১ সাধু পন্থা; সৎ পথ; ন্যায় পথ; সমাধান (সমস্যার সদুপায়)। ২ সংস্থান; আয়। { *স.* সৎ+উপায়; *কর্মধা.* }

সদুরে ⇒ সদর

সদৃশ [শদৃশো] *বিণ* সমজাতীয়; সমান; তুল্য (তার সদৃশ লোক সমাজে বিরল)। ~**তা** *বি* তুল্যতা; অনুরূপতা; সাদৃশ্য। ~**বিধান** *বি* যা দ্বারা রোগ উৎপন্ন হয় তা দ্বারা চিকিৎসা—এরূপ পদ্ধতিতে চিকিৎসা; হোমিওপ্যাথি। { *স.* সমান+√দৃশ+অ(কঞ) }

সদ্গতি [শদ্‌গোতি] *বি* ১ উত্তম গতি বা পরিণাম; সুব্যবস্থা (মেয়েটির সদ্গতি করা)। ২ মৃত্যু; মুক্তি (আত্মার সদ্গতিপ্রার্থনা)। ৩ (*ব্য.*) অপব্যয়; নষ্ট (শুঁড়ির দোকানে অর্থের সদ্গতি করা)। ৪ (*ব্য.*) ভোজন (মাংস-পরোটার সদ্গতি)। { *স.* সৎ+গতি; *কর্মধা.* }

সদ্‌গুরু [সদ্‌গুরু] *বি* ১ উৎকৃষ্ট বা আদর্শ শিক্ষক। ২ তত্ত্বজ্ঞানী গুরু। { *স.* সৎ+গুরু; *কর্মধা.* }

সদ্‌গোপ [শদ্‌গোপ] *বি* হিন্দু সম্প্রদায়বিশেষ। { *স.* সৎ+গোপ }

সদ্ধর্ম [শদ্‌ধরমো] *বি* ১ সত্য ধর্ম; শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট ধর্ম। ২ বৌদ্ধ ধর্মে উক্ত বুদ্ধ, সঙ্ঘ ও ধর্ম—এ ত্রিরত্নের অন্যতম। { *স.* সৎ+ধর্ম; *কর্মধা.* }

সদ্বিচার [শদ্‌বিচার] *বি* ন্যায়সঙ্গত বিচার; ইনসাফ; সুমীমাংসা। { *স.* সৎ+বিচার; *কর্মধা.* }

সদ্বিবেচক ⇒ সদ্বিবেচনা

সদ্বিবেচনা [শদ্‌বিবেচনা] *বি* উত্তম বিবেচনা; উৎকৃষ্ট মীমাংসা বা নির্ধারণ। **সদ্বিবেচক** *বিণ* উত্তম বিবেচনাকারী; সুবিচারক। { *স.* সৎ+বিবেচনা, বিবেচক }

সদ্বুদ্ধি [শদ্‌বুদ্‌ধি] *বি* শুভবুদ্ধি। { *স.* সৎ+বুদ্ধি; *কর্মধা.* }

সদ্বৃত্ত [শদ্‌বৃত্‌তো] *বি* সাধু স্বভাব বা আচরণ। □ *বিণ* সচ্চরিত্র। **সদ্বৃত্তি** *বি* ১ সৎ কর্ম বা আচরণ। ২ সৎ বা সাধু স্বভাব; সৎ প্রকৃতি। { *স.* সৎ+বৃত্ত, বৃত্তি; *কর্মধা.* }

সদ্ব্যবহার [শদ্‌ব্যাবোহার] *বি* ১ শিষ্টাচার; সদাচার। ২ সদুদ্দেশ্যে সুসংগতভাবে ব্যবহার। { *স.* সৎ+ব্যবহার }

সদ্ভাব [শদ্‌ভাব] *বি* ১ সম্প্রীতি; বন্ধুভাব (তাদের মধ্যে সদ্ভাব বিদ্যমান)। ২ সত্তা; স্থিতি; অস্তিত্ব। ৩ কল্যাণপ্রসূ চিন্তাধারা (সদ্ভাবশতক)। { *স.* সৎ+ভাব }

সদ্ম (–দ্মন) [শদ্‌দোঁ] *বি* আবাস; বাসস্থান; আশ্রম। { *স.* √সদ্+মন(মনিন্) }

সদ্য, সদ্যঃ(–দ্যস্) [শোদ্‌দো, –দোহ্] *অব্য* সেই ক্ষণে; মাত্র; এইমাত্র; টাটকা (উছসি উছলি পড়িছে সদ্য—*রঠা*)। ~**পক্ব** *বিণ* সবেমাত্র পেকেছে এমন; সদ্য রান্না করা হয়েছে এরূপ (সদ্যপক্ব অন্ন)। ~**পাতী**, ~**ঃপাতী** (–তিন্) *বিণ* ওঠার সঙ্গে সঙ্গে পড়ে এমন; অতিশয় ক্ষণস্থায়ী; অত্যন্ত নশ্বর। ~**প্রসূত** *বিণ* এইমাত্র জন্মেছে এমন (সদ্যপ্রসূত শিশু)। ~**বিগত** *বিণ* সম্প্রতি অতীত হয়েছে এমন (সদ্যবিগত কালে সংঘটিত)। ~~~ *অব্য* তন্মুহূর্তে; তৎক্ষণাৎ; সঙ্গে সঙ্গে। ~**স্নাত** *বিণ* এইমাত্র স্নান করেছে এমন। ~**স্নাতা** *স্ত্রী.*। **সদ্যুক্তি** *বি* উত্তম পরামর্শ। **সদ্যোজাগ্রৎ** *বিণ* এইমাত্র নিদ্রা থেকে জাগরিত। **সদ্যোজাত** *বিণ* সদ্য-প্রসূত; নবোৎপন্ন (ধরিত্রীর সদ্যোজাত কুমারীর মতো—*রঠা*)। **সদ্যোজীবী**(–বিন্) *বিণ* ক্ষণস্থায়ী (চলি গেছে বামাদল স্বপনে যেমতি কিম্বা জলবিম্ব যথা সদা সদ্যোজীবী—*মদ*)। **সদ্যোমুক্ত**, –**মুক্ত** *বিণ* ১ বন্ধন থেকে এইমাত্র মুক্ত। ২ মৃত্যুমাত্র মোক্ষপ্রাপ্ত। **সদ্যোমৃত**, –**মৃত** *বিণ* এইমাত্র মৃত্যু হয়েছে এমন। **সদ্যোমৃতা**, ~**মৃতা** *স্ত্রী.*। { *স.* সদ্যস্> }

সধবা [শধোবা] *বি* যার স্বামী বর্তমান; এয়োস্ত্রী। **বিধবা/অধবা** *বিপ.*। { *স.* সহ+ধব+আ(টাপ্); *বহু* }

সধর্মা, সধর্মী(–র্মিন্) [শধরমা, –ধোরমি] *বিণ* ১ একই ধর্মাবলম্বী (অনেক পদার্থই সধর্মী)। ২ একরূপ গুণবিশিষ্ট। **সধর্মিণী** *স্ত্রী.*। **সধর্মিণী, সধর্মচারিণী** *বিণ* সহধর্মিণী; পত্নী; স্ত্রী। { *স.* সমান+ধর্মণ, ইন্(ইনি) }

সন [শন] *বি* বৎসর; সাল; অব্দ (সাধারণত বাংলা বা হিজরি বর্ষগণনায় প্রযুক্ত বৎসরসংখ্যায় 'সন' এবং খ্রিস্টীয় বৎসরসংখ্যায় 'সাল' ব্যবহৃত হয়ে থাকে—যেমন, বাংলা ১৪০০ সন, খ্রিস্টীয় ২০০০ সাল)। ~~**তারিখ** *বি* ঘটনার বৎসর ও তারিখ। ~ ~ *ক্রিবিণ* প্রতি সন; প্রতি বৎসর; ফিসন। ~**হাল** *বি* চলতি বৎসর; বর্তমান বর্ষ। **ফি~** *বি* প্রতিবছর। **বাংলা ~** *বি* বাংলা সৌর বৎসর; বঙ্গাব্দ। **হিজরি ~** *বি* হজরত মুহম্মদের (সা.) মক্কা থেকে মদিনায় গমনের সময় থেকে নির্ধারিত চান্দ্র বৎসর। **সনা, সনী, ~বী** *বিণ* বৎসর সম্বন্ধীয়; বৎসরে বৎসরে; বার্ষিক (তিন সনি বন্দোবস্ত)। { *আ.* সনহ্ سنة }

সনদ, সনন্দ (বিরল) [শনোদ্, শনোন্‌দো] *বি* ১ বাদশাহি হুকুম; দলিল; প্রমাণপত্র (তাহারা সনন্দ পান নাই, ইহা নিশ্চিত—*বচ*)। ২ উপাধিপত্র। ৩ বিশেষ পাঠ সমাপনান্তে প্রাপ্ত উপাধি বা প্রশংসাপত্র; সার্টিফিকেট। { *আ.* সনদ سند }

সনসন ⇒ শনশন

সন সন ⇒ সন

সনহাল, সনা ⇒ সন

সনা[১] (*মবা.*) [শনা] *বি* সোনা (দশ্যন রূপা সনা কজ্জল গোরচনা দুব্বা ধান তত পরে—*রাপ*)। { *স.* স্বর্ণ> }

সনাক্ত ⇒ শনাক্ত

সনাতন [শনাতোন্] *বিণ* ১ নিত্য; চিরস্থায়ী; চিরন্তন (বঙ্গদেশের সনাতন পবিত্র প্রথার মধ্যে নাই—*রঠা*)। ২ চির; বর্তমান; শাশ্বত (নিত্য নিরঞ্জন সত্য সনাতন—*ভারা*)। □ *বি* ১ প্রভু। ২ হিন্দুদেবতা ব্রহ্মা, বিষ্ণু, শিব। ~**ধর্ম** *বি* প্রাচীন, অপরিবর্তনীয় ও চিরস্থায়ী ধর্ম; হিন্দুধর্ম। **সনাতনী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গা; লক্ষ্মী; সরস্বতী। □ *বিবিণ* প্রাচীনপন্থি; হিন্দু; হিন্দু ধর্মাচারে আস্থাবান। { *স.* সনা+তন(ট্যু, তুট্) }

সনাথ [শনাথ] *বিণ* ১ পতির সাথে। ২ প্রভুযুক্ত; অভিভাবক/রক্ষণাবেক্ষণকারী আছে এমন (সনাথ বালক, সনাথ ভৃত্য)। **সনাথা** *বিণ স্ত্রী.* স্বামী বা প্রভু আছে এমন; সধবা। **অনাথ** *বিপ.*। { *স.* স(সহ)+নাথ; *বহু* }

সনাল [শনাল] *বিণ* (পদ্মের) মৃণালযুক্ত (সনাল কমল—

ভারা)। { স. স+নাল; বহু }

সনি [সোনি] *(মব.)* *বিণ* সম; সদৃশ (কনকলতা সনি সুন্দরি সজনিগো— *বিপ*)। { স. সন প্রত্যয়> }

সনির্বন্ধ [শনিরবনধো] *বিণ* আগ্রহাতিশয়যুক্ত; সবিনয়; মিনতিযুক্ত (সনির্বন্ধ আবেদন)। { স. সহ+নির্বন্ধ }

সনী ⟹ সন

সনীড় [শনিড়] *বিণ* ১ পাখির বাসা যুক্ত; নীড়যুক্ত। ২ নিকট। { স. স+নীড়; বহু }

সনে [শনে] *ক্রিবিণ (পদ্য.)* সাথে; সহিত; সঙ্গে (বসাইত ফুলাসনে এ দাসীরে তব সনে— *মদ*)। { তুল. ব্র. সঙে }

সনেট [সনেট] *বি* চোদ্দ অক্ষরবিশিষ্ট চোদ্দ ছত্রের এক প্রকার কবিতা (বন্দী হয়ে সনেটের ক্ষুদ্র কারাগারে— *দেসে*)। { ই sonet }

সনেহ *(মব.)* [সনেহো] *বি* স্নেহ; প্রেম; পিরিত (বড় অনুচিত কৈল প্রথম সনেহে— *বচদা*)। { স. স্নেহ> }

সন্ত [শনতো] *বি* সাধু; সন্ন্যাসী। { স. সন্তঃ=সৎ, ১মা বহুব>; তুল. হি. সংত }

সন্তত [শনতোতো] *বিণ* ১ অতি বিস্তৃত। ২ নিরন্তর। ৩ নিয়ত; সতত। ৪ বহুল। { স. সম্+√তন্+ত(ক্ত) }

সন্ততি [শনতোতি] *বি* ১ সন্তান; পুত্রাদি (তার সন্তানসন্ততি মোট পাঁচটি)। ২ বংশ; গোত্র (আদম সন্ততি মানুষ)। ৩ পঙ্‌ক্তি; শ্রেণি (দীপসন্ততি)। ৪ ধারা; পর্যায়ক্রমে (চিন্তাসন্ততি)। ৫ পারম্পর্য; বিচ্ছেদহীন (ভাবসন্ততি)। ৬ বিস্তার (রোগসন্ততি)। { স. সম্+√তন্+তি(ক্তি) }

সন্তপ্ত [শনতোপতো] *বিণ* ১ উত্তপ্ত; তপ্তকৃত (রৌদ্রসন্তপ্ত মাঠ)। ২ শোকার্ত; মনস্তাপযুক্ত। ৩ জ্বরাদি হেতু উত্তাপযুক্ত। ৪ পথশ্রান্ত। { স. সম্+√তপ্+ত(ক্ত) }

সন্তরণ [শনতরন] *বি* সাঁতার (সন্তরণে উত্তরণ)। **~দক্ষ** *বিণ* সাঁতারে অভিজ্ঞ। { স. সম্+√তৄ+অন(ল্যুট্) }

সন্তর্পণ [শনতোরপন] *বি* সম্যক তৃপ্তিদান; সন্তুষ্টিকরণ। □ *বিণ* তুষ্টিপ্রদ; তৃপ্তিদায়ক। **সন্তর্পণে** *ক্রিবিণ* অতি সাবধানে; অতি যত্নে (কেহ কেহ অতি সন্তর্পণে রওয়ানার উদ্যোগ করিল— *আমআ*)। **সন্তর্পিয়া** *বিণ (পদ্য.)* অতিশয় তুষ্ট করে; শাস্ত্রসম্মতভাবে মৃতের তর্পণ করে (সন্তর্পিয়া সিন্ধু জলে— *মদ*)। { স. সম্+তর্পণ }

সন্তলন ⟹ সন্তোলন

সন্তাগার [শনতাগার] *বি* ১ আশ্রম; সাধু সন্ন্যাসীদের আবাস (আজি এস ভাবের জ্ঞানের সন্তাগারে— *সদ*)। ২ আশ্রম; আখড়া; খানকা; হুজুরা। { সন্ত+স. আগার }

সন্তান [শনতান] *বি* ১ অপত্য; পুত্র; কন্যা। ২ বংশধর (আদম সন্তান)। ৩ ধারা; প্রবাহ। ৪ বিস্তার; ব্যাপ্তি। **~ক** *বিণ* ব্যাপক। □ *বি* ফল; বৃক্ষ (সন্তানকের শ্যামল বিতান হাসে— *সদ*)। **~বতী** *বিণ স্ত্রী.* সন্তানযুক্তা। **~বাৎসল্য** *বি* সন্তানের প্রতি স্নেহ-মায়ামমতা। **~বান** *বিণ* পুত্রকন্যার জন্মদাতা; সন্তান আছে এমন। **~বতী** *স্ত্রী.*। **~সন্ততি** *বি* বংশপরম্পরা; পুত্রকন্যা ও পরবর্তী বংশধরগণ। **~সম্ভাবনা** *বি* অচিরেই সন্তানের জন্ম হবে এমন; অন্তঃসত্ত্বা অবস্থা। **~হীন** *বিণ* আঁটকুড়ে; সন্তান হয়নি এমন; সন্তান ছিল অথচ এখন নেই এমন; নিঃসন্তান। **~হীনা** *স্ত্রী.*। **সন্তানোচিত** *বিণ* সন্তানের উপযুক্ত কর্ম (সন্তানোচিত কর্মের দ্বারাই পিতৃস্নেহ লাভ করা যায়)। **সন্তানোৎপাদন** *বি* বংশধরের জন্মদান। { স. সম্+√তন্+অ(ঘঞ্) }

সন্তাপ [শনতাপ] *বি* ১ অন্তর্দাহ; মনস্তাপ; শোক-জ্বালা (রোদন করিয়া দোহে ভাবিয়া সন্তাপ— *দৌবা*)। ২ উত্তাপ; জ্বরের উত্তাপ (তোমার শরীরের সন্তাপ উত্তরোত্তর প্রবল হইয়া উঠিয়াছে— *ঈবি*)। ৩ অগ্নি ইত্যাদির তাপ। **~ক্লিষ্ট** *বিণ* রোগ, শোক, বা তাপ দ্বারা ক্লিষ্ট। **~ন** *বি* ১ উত্তাপন; তাপদান। ২ তাপদায়ক। **সন্তাপিত** *বিণ* উত্তপ্তকৃত; সন্তপ্ত; পরিতাপযুক্ত। **সন্তাপী**(-পিন) *বিণ* সন্তাপযুক্ত; শোকার্ত; সন্তপ্ত (পুত্রের মৃত্যুতে তিনি সন্তাপী)। { স. সম্+তাপ }

সন্তালন, সন্তলন [শনতালন, -তোলন] *বি* অল্প ভাজা; সাঁতলানো। { স. সম্+ হি. √তল্+অন }

সন্তুষ্ট [শোনতুশটো] *বিণ* পরিতৃপ্ত; খুশি; আনন্দিত; সুপ্রসন্নচিত্ত। **সন্তুষ্টা** *বিণ স্ত্রী.* সন্তোষযুক্তা। **সন্তুষ্টি** *বি* অত্যন্ত তৃপ্তি; অতিশয় আহ্লাদ। { স. সম্+√তুষ্+ত(ক্ত) }

সন্তোষ [শনতোশ] *বি* তৃপ্তি; আনন্দ; হর্ষ; তুষ্টি; খুশি (সন্তোষ সাধন)। { স. সম্+√তুষ্+অ(ঘঞ্) }

সন্ত্রস্ত [শনত্রোসতো] *বিণ* অতিশয় ভীত; ভয়-ব্যাকুল (মাছগুলিও হঠাৎ সন্ত্রস্ত হইয়া সরিয়া পড়িয়াছে— *শাকা*)। **সন্ত্রস্তা** *স্ত্রী.*। { স. সম্+√ত্রস্+ত(ক্ত) }

সন্ত্রাস [শনত্রাশ] *বি* কোনো উদ্দেশ্যে মানুষের মনে ভীতি সৃষ্টি করার প্রচেষ্টা; অতিশয় শঙ্কা বা ভীতি। **~বাদ** *বি* রাজনৈতিক ক্ষমতা লাভের জন্য হত্যা অত্যাচার ইত্যাদি কার্য অনুষ্ঠান-নীতি; terrorism। **~বাদী, সন্ত্রাসিক** *বিণ* রাজনৈতিক ক্ষমতা লাভের জন্য হত্যাকাণ্ড সংঘটনের পক্ষপাতী; terrorist। **সন্ত্রাসিত** *বিণ* শঙ্কিত; ভীত; সন্ত্রস্ত (মৃত্যুভয়ে সকলেই সন্ত্রাসিত)। **সন্ত্রাসিতা** *স্ত্রী.*। **সন্ত্রাসী** (-সিন্) *বি, বিণ* যে বা যারা কোনো উদ্দেশ্য সাধনের জন্য শঙ্কা বা ভীতির সৃষ্টি করে। { স. সম্+ত্রাস }

সন্দ [শনদো] *বি* সন্দেহ; সংশয় (মনে মনে সন্দ— *আসি*)। { স. সন্দেহ> }

সন্দংশ, সন্দংশিকা, সন্দংশী [শনদোঙশো, -শিকা, -শনদোঙশি] *বি* ১ সম্যকরূপে কামড়ে ধরে এমন; আঁকড়ে ধরে এমন সব যন্ত্রপাতি; forceps (সাঁড়াশি, কাটারি, চিমটা, জাঁতি ইত্যাদি)। **সন্দষ্ট** *বিণ* সম্যকরূপে দষ্ট; কামড়ানো হয়েছে এমন। □ *বি* সংলগ্ন। { স. সম্+√দন্শ্+অ(ঘঞ্) }

সন্দর্ভ [শনদরভো] *বি* ১ রচনা ইত্যাদির সংকলন (অভিসন্দর্ভ; রচনা-সন্দর্ভ)। ২ গূঢ়ার্থ; অন্তর্নিহিত ভাব। { স. সম্+√দৃভ্+অ(ঘঞ্) }

সন্দর্শন [শনদরশন] *বি* ১ সম্যক দর্শন; অবলোকন; সাক্ষাৎকার (আপনার সন্দর্শন ও সম্ভাষণানুগ্রহ দ্বারা চরিতার্থ হইলাম— *ঈবি*)। ২ পরীক্ষা; নিরীক্ষা (তিনি এ বিষয় সন্দর্শন করিবেন)। { স. সম্+√দৃশ্+অন(ল্যুট্) }

সন্দল [শনদল] *বি* চন্দনবৃক্ষ; চন্দন (ঘন সন্দল কাষ্ঠ কাফুরের বনে ঘোরে দিলে বেহুঁশ— *ফআ*)। { আ. সন্দল্ صندل }

সন্দিগ্ধ [শোন্‌দিগ্‌ধো] *বিণ* ১ সন্দেহযুক্ত; ভীত (সন্দিগ্ধ লোকদের উপরে সকলে হাড়ে হাড়ে চটিয়া গেল—*রঠা*)। ২ অনিশ্চিত (সন্দিগ্ধ ব্যাপার)। **~তা** *বিণ* সন্দেহের ভাব; সংশয়; ভয়। { *স.* সম্‌+√দিহ্‌+ত(ক্ত)}

সন্দিষ্ট[শোন্‌দিশ্‌টো] *বিণ* আদেশ বা নির্দেশপ্রাপ্ত; আদিষ্ট। { *স.* সম্‌+√দিশ্‌+ত(ক্ত)}

সন্দিহান [শোন্‌দিহান্] *বিণ* সন্দেহযুক্ত; সংশয়িত (বন্ধুর বন্ধুত্ব সম্বন্ধে সন্দিহান হওয়া)। { *স.* সম্‌+√দিহ্‌+আন (শানচ্‌)}

সন্দীপক[শোন্‌দিপক্] *বিণ* উৎসাহক; প্রজ্বালক (সন্দীপক পদার্থ)। { *স.* সম্‌-√দীপি+অক(ণ্বুল্‌)}

সন্দীপন[শোনদিপন্] *বি* ১ প্রজ্বলন; দগ্ধকরণ; উদ্দীপন। ২ উৎসাহিতকরণ; সাহসদান। ৩ প্রজ্বালক (কাষ্ঠ-সন্দীপন)। ☐ *বিণ* প্রেরণাদানকারী; উৎসাহক। **সন্দীপনী** *বিণ* সঞ্জীবনী; উৎসাহদানকারী (ফিরোজা বেগমের সন্দীপনী বাণী শ্রবণে বামাবৃন্দ সকলেই শ্রেণীবদ্ধ হইয়া দীর্ঘ বল্লম প্রহারে শত্রু নিপাত করিতে লাগিলেন—*ইহো*)। **সন্দীপিত, সন্দীপ্ত** *বিণ* ১ প্রজ্বলিত (সন্দীপিত অঙ্গার)। ২ উৎসাহিত। { *স.* সম্‌+দীপন}

সন্দুক ⇒ সিন্দুক

সন্দে(*মবা.*) [শন্‌দে] *বি* সন্দেহ; সংশয় (সন্দে গুচা গেল ভাইরে—*মৈগী*)। { *স.* সন্দেহ>}

সন্দেশ [শন্‌দেশ] *বি* ১ সংবাদ; খবর; আদেশ (তাহার নিকট নিজ প্রভুর সন্দেশ জানাইল—*ঈবি*)। ২ ছানাজাত মিষ্টিবিশেষ। **~বহ, ~হর** *বিণ* সংবাদ বহন করে এমন; দূত (তবে কেন, হে সন্দেশবহ, মলিন বদন তব—*মদ*)। { *স.* সম্‌+√দিশ্‌+অ(ঘঞ্‌)}

সন্দেহ[শন্‌দেহো] *বি* ১ সংশয়; ভয়; আশঙ্কা। ২ কাব্যের অর্থালঙ্কারবিশেষ। **~জনক** *বিণ* সংশয় উদ্রেককারী (সন্দেহজনক কাজ করা)। **~ভঞ্জন** *বি* সংশয়ের নিরসন (তোমার কথায় এ ব্যাপারে আমার সন্দেহভঞ্জন হইল)। **সন্দেহাকুল** *বিণ* সংশয়ব্যাকুল (সন্দেহাকুল চিত্ত)। { *স.* সম্‌+√দিহ্‌+অ(ঘঞ্‌)}

সন্ধান [শন্‌ধান্] *বি* ১ খোঁজখবর; তল্লাশ; অনুসন্ধান; অন্বেষণ (খুনির সন্ধান)। ২ ঠিকানা; হদিস; পাত্তা (ভবঘুরের আবার সন্ধান)। ৩ গোপন পথ; প্রবেশদ্বার (কোথা দিয়া সেথা প্রবেশিতে নাই সন্ধান লব বুঝিয়া—*রঠা*)। ৪ রহস্য; তত্ত্ব (প্রকৃতির সন্ধান)। ৫ যোজনা (শর-সন্ধান)। ৬ সাজসজ্জা (দেখিয়া সন্ধান করি অনুমান আইসে কলিঙ্গনৃপবর—*কমু*)। ৭ মদ তৈরিকরণ; গাঁজানো (মদ্য-সন্ধান); fermentation। ৮ মিলন; মিশ্রণ; সংযোজন (সেয়ানে সেয়ানে সন্ধান)। **~ পুস্তক** *বি* অভিধান বা কোষাদি শ্রেণির গ্রন্থ; reference book। **~সুলুক, সুলুক–** *বি* ১ খোঁজখবর। ২ কলাকৌশল। **সন্ধানিত** *বিণ* সংযোজনীয়; সন্ধান করা হয়েছে এমন। **সন্ধানী**(-নিন্), **সন্ধায়ী**(-য়িন্) *বিণ* খোঁজ-খবর বা সন্ধান করতে উৎসুক এমন; অনুসন্ধানকারী (সন্ধানী লোক বা মন)। **ঘরসন্ধানী বিভীষণ** *বি* যে লোক আপন ঘরের সন্ধান শত্রুর কাছে বলে অনিষ্ট ঘটায়। { *স.* সম্‌+√ধা+অন(ল্যুট্‌)}

সন্ধাভাষা ⇒ সন্ধ্যাভাষা

সন্ধি[শোন্‌ধি] *বি*১ দেহের অঙ্গপ্রত্যঙ্গের গ্রন্থি বা মিলনস্থল; দেহগ্রন্থি (ঊরুসন্ধি)। ২ বিবদমান পক্ষদ্বয়ের রাজনৈতিক চুক্তি সম্পাদন (হুদায়বিয়ার সন্ধি)। ৩ মিলনকাল (যুগসন্ধি)। ৪ সন্ধান; রহস্য (নারীর মায়ার সন্ধি পুরুষে কি জানে—*কৃও*)। ৫ কৌশল; তত্ত্ব (কহিয়া দিব যত আছে সন্ধি—*কমু*)। ৬ (*ব্যা.*) দুই বর্ণের মিলন (স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি)। ৭ সুড়ঙ্গপথ (সন্ধিপথে গমনাগমন)। ৮ সমাবেশ। **~ক্ষণ** *বি* এক সময়ের অবসান অন্য সময়ের আরম্ভ (যুগসন্ধিক্ষণ; সন্ধ্যা হচ্ছে দিনরাত্রির সন্ধিক্ষণ)। **–চোর** *বি* সিঁধেল চোর। **~পূজা** *বি* মহাষ্টমী ও মহানবমীর সন্ধিকালে দুর্গাপূজা। **~বদ্ধ** *বিণ* ১ রাজনৈতিক বা পারস্পরিক চুক্তিতে আবদ্ধ। ২ মিলন। **~বন্ধ** *বি* অঙ্গ-প্রত্যঙ্গের সংযোগ; শিরা (কাননে কাননে ভ্রমণ করিয়া সন্ধিবন্ধ সাল শিথিল হইয়া গিয়াছে—*ঈবি*)। **~বাত** *বি* শরীর সংযোগস্থানে উৎপন্ন বাত রোগ (সন্ধিবাতগ্রস্ত রোগী)। **~বিগ্রহ** *বি* চুক্তিবদ্ধ হওয়া এবং পরে চুক্তিভঙ্গ করা; বন্ধুত্ব ও বিবাদ। **~ভঙ্গ** *বি* ১ চুক্তিভঙ্গ করা (কুরাইশ সম্প্রদায় সর্বপ্রথম সন্ধি ভঙ্গ করে)। ২ গ্রন্থিচ্যুতি; dislocation। **~মুক্ত** *বিণ* সংযোগ ছিন্ন হওয়া; গ্রন্থি বা অস্থিচ্যুত। { *স.* সম্‌+√ধা+ই(কি)}

সন্ধিত [শোন্‌ধিতো] *বিণ* ১ মিলিত; সন্ধিবদ্ধ (সন্ধিত জাতিদ্বয়)। ২ গাঁজানো; মদ্যে রূপান্তরিত; fermented (আঙুর সন্ধিত মদ)। { *স.* সম্‌+√ধা+ই(ণিচ্‌)+ত(ক্ত)}

সন্ধিৎসা [শোন্‌ধিত্‌শা] *বি* সন্ধান করার ইচ্ছা; জানার ইচ্ছা। **সন্ধিৎসু** *বি* অন্বেষণ করতে ইচ্ছুক (অনুসন্ধিৎসু বিজ্ঞানী)। { *স.* সম্‌+√ধা+স(সন্‌)+অ+আ(টাপ্‌)}

সন্ধিস্থল [শোন্‌ধিস্‌থল্] *বি* সংযোগস্থল; জোড়ার স্থান (তাঁর আঙুলগুলি তাঁর হাঁটুর সন্ধিস্থলকে ছাড়িয়ে যাবে—*মুআরা*)। { *স.* সন্ধি+স্থল}

সন্ধুক্ষণ[শোন্‌ধুক্‌খন্] *বি*১ উদ্দীপন; প্রজ্বলন। ২ উত্তেজন; উত্তেজিতকরণ (বৈরসন্ধুক্ষণ)। **সন্ধুক্ষিত** *বিণ* প্রজ্বলিত। ☐ *বি* উত্তেজিত। { *স.* সম্‌+√ধুক্ষ্‌+অন(ল্যুট্‌)}

সন্ধে ⇒ সন্ধ্যা

সন্ধেয় [শন্‌ধেয়ো] *বিণ* সন্ধি করার উপযুক্ত। { *স.* সম্‌+√ধা+য(যৎ)}

সন্ধ্যা, সন্ধ্যে, সন্ধে, সাঁঝ (*কথ্য*) [শোন্‌ধ, -ধে, -, শাঁঝ্] *বি*১ বেলা; সময়; ওয়াক্ত (যে হোসেনের এক সন্ধ্যা আহারের সংস্থান নাই—*মীম*)। ২ দিন ও রাতের মিলনকাল; রাত্রির আরম্ভ; সন্ধ্যাবেলা (বাইরের দিকে তাকিয়ে দেখি যে সন্ধ্যে হয়েছে—*প্রচৌ*; এমন ভরা সাঁঝ—*রঠা*)। ৩ যুগসন্ধি; যুগের অবসান (কলির সন্ধ্যা)। ৪ জীবনের শেষ মুহূর্ত (জীবন-সন্ধ্যা)। ৫ উপাসনা। ৬ পুরা এক দিন-রাত্রি (তিন সন্ধ্যাব্যাপী শয্যায় আছি)। **সন্ধ্যা-আহ্নিক, সন্ধ্যাহ্নিক** *বি* হিন্দু ধর্মমতে সায়ংকালীন ঈশ্বর-বন্দনা; ত্রিসন্ধ্যা উপাসনা (এক বৎসর প্রিয়তম পুত্রকে সন্ধ্যা-আহ্নিক শিখাইলেন—*বচ*)। **সন্ধ্যা করা** *ক্রি* হিন্দুদের সায়ংকালীন উপাসনা করা। **সন্ধ্যাতারা** *বি* সাঁঝের বেলা সর্বাগ্রে উদিত তারা। **সন্ধ্যাত্রয়, ত্রিসন্ধ্যা, তিনসন্ধ্যা** *বি* প্রাতঃকাল, মধ্যাহ্ন এবং সায়ংকাল।

সন্ধ্যাদীপ *বি* সাঁঝের বাতি; সেঁজুতি; সন্ধ্যাবেলায় জ্বালিত দীপ (ঘরে তার সন্ধ্যাদীপ জ্বালা হয় না)। **সন্ধ্যারাগ** *বি* সূর্য অস্তমিত হওয়ার পর রক্তিম আলোকচ্ছটা। **সন্ধ্যালোক** *বি* অস্তগামী সূর্যের শেষ ম্লান আলোকচ্ছটা; twilight (সন্ধ্যালোক তখনও সব আবছা আবছা দেখা যাচ্ছিল)। **সন্ধ্যাসব** *বি* সান্ধ্যকালীন যে মদ পান করা হয় (চেয়ে দেখি সর্দারজীর চোখ সন্ধ্যাসব স্পর্শ না করেই সন্ধ্যাকাশের মত লাল হয়ে উঠেছে—*সৈমু*)। {*স.* সম্+√ধৈ+অ(অঙ্)+আ(টাপ্)}

সন্ধ্যাভাষা, সন্ধাভাষা [শোনধাভাশা] *বি* ১ দুর্বোধ্য ভাষা; যে ভাষার কিছু বোঝা যায় না আর কিছু বোঝা যায় (চর্যাপদের সন্ধ্যাভাষা)। ২ প্রাচীন আর্যাবর্ত ও প্রাচীন বঙ্গদেশের মধ্যবর্তী সন্ধ্যাদেশের ভাষা। ৩ দুই অঞ্চলের সংযোগস্থলে প্রচলিত ভাষা। ৪ ইঙ্গিতময় বা সংকেতময় ভাষা (চর্যাপদ সন্ধ্যাভাষায় রচিত)। ৫ আলো-আঁধারি ভাষা। {*স.* সন্দেহ>সন্ধ্যা+*স.* ভাষা}

সন্নত[শন্নতো] *বিণ* ১ অবনত; নত (সহজ শিশির সন্নত ভোরে—*আহা*)। ২ প্রণত (সন্নত দেহে বারম্বার সেলাম করিতে করিতে—*রঠা*)। **সন্নতি** *বি* ১ বিনয়; নম্র ও ভদ্রভাব। ২ প্রণাম; মিনতি। {*স.* সম্+√নম্+ত(ক্ত)}

সন্নদ্ধ[শন্নদ্ধো] *বিণ* ১ সংবদ্ধ (ঘন সন্নদ্ধ আম্রকানন)। ২ অস্ত্রাদি যুদ্ধসাজে সজ্জিত (সন্নদ্ধ সৈনিক)। ৩ শ্রেণিবদ্ধ। ৪ সাঁজোয়া পরা। {*স.* সম্+√নহ্+ত(ক্ত)}

সন্না [শন্না] *বি* কাঁটাদি তোলার ছোট চিমটা; লোম তোলার জন্যে ব্যবহৃত নাপিতের চিমটাবিশেষ (সন্না দ্বারা ডাক্তার কাঁটা তুললেন)। {*স.* সন্দংশ>}

সন্নাহ[১] [শন্নাহো] *বি* ১ সাঁজোয়া। ২ কবজ। **সন্নাহ্য** *বি* ১ সাঁজোয়ায় সজ্জিত; পোশাক; পরিচ্ছদ। ২ রণহস্তী। {*স.* সম্+√নহ্+অ(ঘঞ্)}

সন্নিকট[শোন্‌নিকট] *বি* ১ সন্নিধি; খুব নিকটে অবস্থিত। □ *ক্রিবিণ* অত্যন্ত কাছাকাছি (সন্নিকট যাওয়া)। **সন্নিকটে** *ক্রিবিণ* খুব নিকটে। {*স.* সম্+নিকট}

সন্নিকর্ষ [শোন্‌নিকরশো] *বি* নৈকট্য; আকর্ষণ; নিকট অবস্থান (ফরাসী বিপ্লবের সন্নিকর্ষে যেমন বর্কএর হিতবুদ্ধি তাঁর সংস্কার চেষ্টাকে দাবিয়েছিল—*সুদ*)। ~**ণ** *বি* সন্নিকটে বা নিকটে অবস্থান; সান্নিধ্য। **সন্নিকৃষ্ট** *বিণ* অতিশয় নিকটবর্তী; সমীপস্থ। {*স.* সম্+নি+√কৃষ্+অ(ঘঞ্)}

সন্নিধান, সন্নিধি [শোন্‌নিধান, -নিধি] *বি* ১ নৈকট্য; নিকটে অবস্থান (বনবাসে পরস্পর সন্নিধানবশতঃ সুখে কাল যাপন হইয়াছিল—*ঈবি*)। ২ আবির্ভাব; আগমন। ৩ আশ্রয়। **সন্নিধাতা** *বিণ* গচ্ছিত রাখে এমন; চোরাই মাল জমা করা হয় এমন। □ *বি (প্রাবা.)* খাজনার হিসাব রেখে যিনি তা সরকারি তহবিলে জমা দিতেন। {*স.* সম্+নি+√ধা+অন(ল্যুট্), ই(কি)}

সন্নিপাত[শোন্‌নিপাত] *বি* ১ সম্যক নাশ; পতন। ২ বাত, কফ, পিত্তের দোষযুক্ত বিকার রোগ; টাইফয়েড। ৩ একত্র মিলন; সমষ্টি। **সন্নিপাতিক জ্বর** *বি* টাইফয়েড। {*স.* সম্+নি+√পাত্+অ(ঘঞ্)}

সন্নিবদ্ধ[শোন্‌নিবদ্‌ধো] *বিণ* ১ দৃঢ়ভাবে গ্রথিত; উত্তমরূপে আবদ্ধ (কাণ্ড দুটি সন্নিবদ্ধ করা হয়েছে)। ২ নিবিষ্ট; সম্যকভাবে অভিভূত (পাঠে সন্নিবদ্ধ চিত্ত)। **সন্নিবিষ্ট** *বিণ* ১ সন্নিকটস্থ (সন্নিবিষ্ট গৃহ)। ২ সংস্থিত; অন্তঃপ্রবিষ্ট। ৩ উপবিষ্ট। ৪ বিন্যস্ত (যুদ্ধে সন্নিবিষ্ট করা)। ৫ সংস্থাপিত। {*স.* সম্+নি+বদ্ধ}

সন্নিবন্ধ, সন্নিবন্ধন [শোন্‌নিবন্‌ধো, -ধন্] *বি* একত্র; সংকলন; গ্রন্থন; শক্ত বন্ধন (সন্নিবন্ধ গল্প)। {*স.* সম্+নি+√বন্ধ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

সন্নিবৃত্ত [শোন্‌নিবৃততো] *বিণ* ১ সম্যক নিবৃত্ত; বিরত। ২ প্রত্যাবর্তিত; প্রত্যাগত। **সন্নিবৃত্তি** *বি* ১ সম্যক বিরতি (সংগ্রামের সন্নিবৃত্তি)। ২ প্রত্যাবর্তন। {*স.* সম্+নি-√বৃৎ+ত(ক্ত)}

সন্নিবেশ [শোন্‌নিবেশ্] *বি* ১ সংস্থাপন। ২ স্থিতি। ৩ সংযোগ (পাঠে মন সন্নিবেশ করা)। ৪ বিন্যাস (সৈন্য সন্নিবেশ করা)। ৫ আশ্রম (সাধু সন্নিবেশ)। **সন্নিবেশিত** *বিণ* সন্নিবিষ্ট করা হয়েছে এমন (সন্নিবেশিত নবগ্রাম)। {*স.* সম্+নি+√বিশ্+অ(ঘঞ্)}

সন্নিভ [শোন্‌নিভো] *বিণ* অনুরূপ; সদৃশ। {*স.* সম্+নি+√ভা+অ(ক)}

সন্নিয়োগ [শোন্‌নিয়োগ] *বিণ* স্থায়ীভাবে নিয়োগ; বহালকরণ; confirmation। {*স.* সম্+নিয়োগ}

সন্নিহিত [শোন্‌নিহিতো] *বিণ* ১ নিকটবর্তী (বিদ্যালয়-সন্নিহিত বটবৃক্ষ)। ২ সংস্থাপিত (সন্নিহিত অট্টালিকা)। {*স.* সম্+নি+√ধা+ত(ক্ত)}

সন্নেসী ⟹ সন্ন্যাসী

সন্ন্যস্ত[শোন্‌নস্‌তো] *বিণ*১ সমর্পিত (সন্ন্যস্ত গুরুদায়িত্ব)। ২ নিক্ষিপ্ত। ৩ সংরক্ষিত। {*স.* সম্+নি+√অস্+ত(ক্ত)}

সন্ন্যাস [শোন্‌ন্যাশ্] *বি* ১ সর্বত্যাগ। ২ সংসারত্যাগপূর্বক ঈশ্বরের চিন্তায় নিমগ্ন থাকার অবস্থা। ৩ হিন্দুধর্মের চতুর্থ আশ্রম—যাতে সংসারত্যাগ বিহিত; ভিক্ষুধর্ম। ৪ সংজ্ঞালোপকারী রোগবিশেষ; apoplexy। ৫ সমর্পণ; সংস্থাপন। **সন্ন্যাসী**(-সিন্), **সন্নেসী** *বি,বিণ* গৃহত্যাগী; ভিক্ষুধর্ম অবলম্বনকারী; বিরাগী (কেন বিয়ে করে তুই কি সন্ন্যাসী হবি নাকি—*অচিসে*)। **অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট**—*(আল.)* বহুজনের কর্তৃত্বের ফলে বিশৃঙ্খল অবস্থা। {*স.* সম্+নি+√অস্+অ(ঘঞ্)}

সন্মার্গ[শন্‌মারগো] *বি* সৎপথ; উপায়; তপস্যাদির বিশিষ্ট ধারা। **সন্মার্গী**(-গিন্) *বিণ* সৎপথের সন্ধান পেয়েছেন এমন; সচ্চরিত্র {*স.* সৎ+মার্গ}

সপ [শপ্] *বি* বড় মাদুর; পাতলা পাটি (ঘরের মেঝেতে সপটি বিছায়ে—*জউ*)। {*আ.* সফ صف}

সপক্ষ [শপোক্‌খো] *বিণ* ১ নিজের পক্ষ সমর্থনকারী; পক্ষাবলম্বী (তিনি সবসময়ে তার সপক্ষে)। ২ ডানাওয়ালা (সপক্ষ পাখি)। **বিপক্ষ** *বিপ.*। ~**তা** *বি* ১ পক্ষপাতিত্ব; পক্ষাবলম্বন। ২ পাখার সঙ্গে বিদ্যমানতা। {*স.* স+পক্ষ; বহু.}

সপত্ন[শপত্‌নো] *বি* শত্রু; অরাতি; বিপক্ষ। {*স.* সপত্নী+অ(অৎ)}

সপত্নী[শপোত্‌নি] *বি* সতিন; এক স্বামীর দুই স্ত্রী পরস্পর সপত্নী। {*স.* স(সমান)+পতি, 'ন' আদেশ; বহু}

সপত্নীক [শপোত্‌নিক্] *বিণ, ক্রিবিণ* স্ত্রীর সঙ্গে; সস্ত্রীক। { *স.* স+পত্নী+ক(কপ্); *বহু* }

সপরিবার [শপোরিবার্] *বিণ* স্ত্রী-পুত্রকন্যাদির সঙ্গে। **সপরিবারে** *ক্রিবিণ* স্ত্রী-পুত্রকন্যা সমভিব্যাহারে। { *স.* স(সহ)+পরিবার; *বহু* }

সপর্যা [শপোর্‌জা] *বি* ১ অর্চনা। ২ সম্মান। ৩ সমাদর। { *স.* √সপর+অ(অচ)+আ(টাপ্) }

সপসপ [শপ্‌শপ্] *অব্য* ১ বাতাস বা সর্পাদি চলার শব্দ। ২ তরল খাদ্য খাওয়ার শব্দ। ৩ আর্দ্রতার ভাবপ্রকাশক। **সপসপে** আর্দ্রকৃত (সপসপে মেঝে)। { *ধ্বন্যা.* }

সপা ⇒ সঁপা

সপাং, সপাৎ [শপাঙ্, -ত্] *অব্য* জোরে বেত বা চাবুক মারার শব্দ। ~ ~ *অব্য* বার বার বেত্রাদি মারার ফলে বহুবার সপাং বা সপাৎ শব্দ; ক্রমাগত সপাং বা সপাৎ ধ্বনি। { *ধ্বন্যা.* }

সপাদ [শপাদ্] *বিণ* ১ পা সংযুক্ত। ২ সিকি ভাগের সঙ্গে; এক এবং এক-চতুর্থাংশ; $1\frac{1}{4}$; সওয়া। { *স.* স+পাদ; *বহু* }

সপাসপ [শপাশপ্] *ক্রিবিণ* বারবার সপ্ শব্দসূচক, রসযুক্ত পদার্থ দ্রুতভোজনের শব্দ। { *ধ্বন্যা.* }

সপিণ্ড [শপিন্‌ডো] *বি* একই বংশ জাত; জ্ঞাতি; সপ্ত পুরুষান্তর্গত জ্ঞাতি; পিণ্ডদানে অধিকারী। । ~**তা** *বি* পিণ্ডদানের অধিকার। { *স.* স+পিণ্ড; *বহু* }

সপিণ্ডন [শপিন্‌ডন্] *বি* হিন্দু শাস্ত্রমতে প্রেতত্ব মোচনার্থে করণীয় শ্রাদ্ধ বা বিশেষ ধর্মীয় অনুষ্ঠান (ক্রমে সপিণ্ডের দিন সংক্ষেপ হয়ে আসতে লাগল—*প্যামি*)। **সপিণ্ডীকরণ** *বি* ১ হিন্দুমতে এক বৎসর অন্তে মৃত আত্মার মুক্তির জন্য যে শ্রাদ্ধ করা হয় (রামপ্রসাদ বাবুর মার সপিণ্ডীকরণের বড় ধুম—*প্যামি*)। ২ হিন্দুমতে পিতৃপিণ্ডের সঙ্গে প্রেতপিণ্ডের মিশ্রণ। { *স.* স+পিণ্ড+ই(ণিচ্)+অন(ল্যুট্) }

সপিনা, সফিনা [শপিনা,–ফি–] *বি* সমন; তলবনামা; আদালতের পরওয়ানা (আদালত হইতে এক সাক্ষীর সপিনা পাইলেন—*রঠা*)। ~ **দেওয়া বা ধরানো** *বি* আদালতের হুকুমনামা জারি করা (এখন আবার সাক্ষ্যের সপিনা ধরাইয়াও কি মুস্কিল—*রঠা*)। { *ই* subpœna }

সপুত্র, সপুত্রক [সপুত্‌ত্রো, –ত্রক্] *ক্রিবিণ* পুত্রের সঙ্গে (পিতা সপুত্র উপস্থিত)। { *স.* স+পুত্র, পুত্রক; *বহু* }

সপ্ত(–প্তন) [শপ্‌তো] *বিণ* সাত সংখ্যক; সাত। **সপ্তক** *বিণ* সাতটির সমষ্টি; সপ্ত সংখ্যক। ☐ *বি* সঙ্গীতে সুরের সংখ্যা; সা রে গা মা পা ধা নি—এই সাতটি সুর (পিয়ানোর সব চাইতে উঁচু সপ্তকের উপর কে যেন অতি হালকাভাবে আঙুল বুলিয়ে গেল—*প্রচৌ*)। ~**চত্বারিংশ,** ~**চত্বারিংশত্তম** *বিণ* সাতচল্লিশ সংখ্যার পূরক বা স্থানীয়; সাতচল্লিশ সংখ্যক। ~**চ্ছদ,** ~**পর্ণ** *বি* ছাতিম গাছ। ~**তন্ত্রী** *বিণ* সাত তারবিশিষ্ট বাদ্যযন্ত্র। ~**তল** *বিণ* সাততলা। ~**তাল** *বি* সাতটি তাল গাছ। ☐ *বিণ* উচ্চতায় বা গভীরতায় সাত তাল পরিমিত। ~**তি,** ~**তিতম** *বিণ* ৭০ সংখ্যা বা সংখ্যক; ৭০ সংখ্যার স্থানীয়। ~**ত্রিংশৎ,** ~**ত্রিংশ,** ~**ত্রিংশত্তম** *বিণ* সাঁইত্রিশ সংখ্যা বা সংখ্যক। ~**দশ**(–দশন্) *বিণ* ১ সতেরো সংখ্যা বা সংখ্যক; ১৭। ২ সতের সংখ্যার পূরক বা স্থানীয়। ~**দশী** *বি, স্ত্রী.* সতেরো বৎসর বয়স্কা; সতেরো স্থানীয়া। ~**দ্বীপ** *বি* হিন্দু পুরাণ মতে জম্বু, কুশ, প্লক্ষ, শাল্মলী, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর—পৃথিবীর এই সাতটি প্রাচীন বিভাগ। ~**দ্বীপা** *বিণ, স্ত্রী.* সপ্তদ্বীপযুক্তা। ☐ *বি* পৃথিবী; ধরা; ধরণী। **সপ্তধা** *অব্য, ক্রিবিণ* ১ সাতভাগে (এই ক্ষেতখানা সপ্তধা বিভক্ত)। ২ সাত প্রকারে। ৩ সাতবার। ~**ধাতু** *বি* রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা শুক্র—শরীরের এই সাত ধাতু। ~**নবতি** *বিণ* সাতানব্বই। ~**নবতিতম** *বিণ* সাতানব্বই সংখ্যক। ~**নবতিতমী** *স্ত্রী.*। ~**পঞ্চাশত্তম** *বিণ* সাতান্ন সংখ্যক। ~**পঞ্চাশত্তমী** *স্ত্রী.*। ~**পদী** *বিণ* সাতটি পা আছে এমন। ☐ *বি* হিন্দু বিবাহে বরবধূর একত্রে সাত পা চলা। ~**পর্ণ** *বি* ছাতিম গাছ। ~**পাতাল** *বি* হিন্দু পুরাণের সাতটি পাতাল বা অধোভুবন যথা—তল, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল। ~**বিংশতি** *বি, বিণ* সাতাশ। ~**বিংশতিতম** *বিণ* সাতাশেরটি, সাতাশ সংখ্যক। *স্ত্রী.* ~**বিংশতিতমী**। **সপ্তম** *বিণ* সাতের পূরক (সপ্তম শ্রেণি)। *স্ত্রী.* **সপ্তমী** (সপ্তমী তিথি)। ~**মধুকর** *বি* বাণিজ্যের সাতটি জাহাজ (সাত সাগরে ভাসবে আমার সপ্তমধুকর—*নই*)। **সপ্তম সুর, সপ্তম স্বর** *বি* ১ (*সন্*) সর্বোচ্চ গ্রামের সুর 'নি'। ২ উচ্চ স্বর (ঝুঁটি বাঁধা উড়ে সপ্তম সুরে পাড়িতে লাগিল গালি—*রঠা*)। **সপ্তমে চড়া** *ক্রি* অতিশয় উগ্র হওয়া (মেজাজ সপ্তমে চড়া)। ~**রক্ত** *বি* করতল, পদতল, অপাঙ্গ, জিহ্বা, তালু, ওষ্ঠ, নখ—শরীরের এই সপ্ত রক্তবর্ণ অংশ। ~**রথী** *বি* মহাভারতোক্ত বালক অভিমন্যুকে বধকারী সপ্তবীর, যথা—দ্রোণ, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, শকুনি, দুর্যোধন, ও দুঃশাসন। **সপ্তর্ষি** *বি* হিন্দু পুরাণের মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ—এই সাতজন ঋষির নামে খ্যাত নক্ষত্রসমূহ; সাতটি নক্ষত্রের সমষ্টি; the great bear। ~**র্ষিমণ্ডল** *বি* আকাশে সপ্তর্ষির অবস্থান স্থান; সপ্তর্ষি নামক নক্ষত্রপুঞ্জের সমবায়। ~**লোক,** ~**স্বর্গ** *বি* পুরাণোক্ত ভূঃ; ভুবঃ; স্বঃ; জন; মহঃ; তপঃ; সত্য—এই সপ্ত ভুবন। ~**শতী** *বি* হিন্দু ধর্মগ্রন্থ চণ্ডী যাতে সাতশত শ্লোক আছে। ~**ষষ্টি** *বিণ* সাতষট্টি; ৬৭। ~**ষষ্টিতম** *বিণ* সাতষট্টি সংখ্যক। ~**ষষ্টিতমী** *স্ত্রী.*। ~**সাগর চুম্বিত চরণা** *বিণ* সাতটি সমুদ্র যার চরণ চুম্বন করে এমন (সপ্তসাগর চুম্বিত চরণা হইলেও আরব ভূমিকে অনুর্বর করিয়া রাখাই যেন বিধাতার ইচ্ছা—*আঁখা*)। ~**সিন্ধু,** ~**সমুদ্র** *বি* হিন্দু পুরাণোক্ত লবণ, ইক্ষুরস, সুরা, ঘৃত, দধি, দুগ্ধ, জল—এই সাত সাগর। ~**সুর,** ~**স্বর** *বি* (*সন্*) ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, ও নিষাদ—এই সাত সুর (সা রে গা মা পা ধা নি)। ~**স্বরা** *বি* জলতরঙ্গ নামক বাদ্য। { *স.* √সপ্+অন(কনিন্) }

সপ্তা ⇒ সপ্তাহ

সপ্তাংশু [শপ্‌তাঙ্‌শু] *বি* অগ্নি। { *স.* সপ্ত+অংশু; *বহু* }

সপ্তাঙ্গ [শপ্‌তাঙ্‌গো] *বি* সাতটি অঙ্গ বা অংশ; রাজ্যের সাতটি অঙ্গ যথা—স্বামী, অমাত্য, সুহৃদ, কোষ, রাষ্ট্র,

দুর্গ, ও বল। { স. সপ্ত+অঙ্গ; বহু }

সপ্তাশীতি [শপ্‌তাশিতি] *বি,বিণ* সাতাশি; ৮৭। ~**তম** সাতাশি সংখ্যক। ~**তমী** *স্ত্রী*। { স. সপ্ত+অশীতি}

সপ্তাশ্ব [শপ্‌তাশ্‌শো] *বি* ১ সাতটি ঘোড়া। ২ সপ্ত অশ্বরূপে সাত দিনের উপর আরূঢ় সূর্য। ৩ সাতটি ঘোড়া দ্বারা বাহিত রথে আরূঢ় সূর্য। { স. সপ্ত+অশ্ব; *কর্মধা.* }

সপ্তাহ, সপ্তা, হপ্তা [শপ্‌তাহো, শপ্‌তা, হপ্‌তা] *বি* সাতদিন (এই রূপে মজুমদার সপ্তাহ যাবত যোগাইলা যত দ্রব্য কি কত তাবত—*ভারা*)। { স. সপ্ত+অহ; তুল. ফা. হফ্‌তাহ্‌ هفته }

সপ্রতিভ [শপ্রোতিভো] *বিণ* ১ প্রতিভান্বিত। ২ অসংকুচিত; ঘাবড়ায় না এমন। ৩ চটপটে; খুব বুদ্ধিমান; smart। { স. স+প্রতিভা; বহু }

সপ্রমাণ [শপ্রোমাণ্‌] *বিণ* প্রমাণ সহিত; প্রমাণিত (কোনো দলিল–অনুসারে সপ্রমাণ করিতে পারে না। —*রঠা*)। { স. স+প্রমাণ; বহু }

সফর¹ [সফোর] *বি* ১ ভ্রমণ; দেশ পর্যটন (সফরে যখনি চলি স্বয়ং ফটাফট ফোটে পটকা চমচম—*সদ*)। ২ যাত্রা (নতুন পানিতে সফর এবার, হে মাঝি সিন্দাবাদ—*ফআ*)। (সফর করে যে—মোসাফির, মুসাফির)। ৩ শহর; নগর (শিবাভট্ট মহানট্ট হস্তিনা নগরী আর যত সফর কহিতে কত পারি—*কমু*)। **সফরি, সবরি, সফরিয়া** *বিণ* ১ বিদেশে ভ্রমণকারী অর্থাৎ বণিক; সফর সম্পর্কিত (দিনেমার এলেমান করে গোলন্দাজী সফরিয়া নানা দ্রব্য আনয়ে জাহাজী—*ভারা*)। ২ বিদেশ থেকে আনীত দ্রব্য (সবরি আম, সবরি কলা)। ৩ সমুদ্র গমন; সমুদ্র যাত্রা; বাণিজ্য সম্পর্কিত। ~**নামা** *বি* ভ্রমণবৃত্তান্ত। { আ. সৃফর سفر }

সফর² [সফোর] *বি* আরবি মাসবিশেষ; চন্দ্র বৎসরের দ্বিতীয় মাস। { আ. সৃফর صفر }

সফরী [শফোরি] *বি* পুঁটিমাছ (সেই চোখ দুটি নহে সফরীর, পদ্ম পাতারো নয়—*জউ*)। ~**নৃত্য** *বি* ১ চপল পায়ে নৃত্য (মেয়েটি সফরী নৃত্য পরিবেশন করিল)। ২ চাঞ্চল্য (এই সফরী নৃত্যের মাঝে তার একটুও অবসর নাই)। **গণ্ডূষ জলে সফরীর ফরফরানি** *বি* ১ অতি অল্প পানিতে পুঁটিমাছের ফরফর করে ঘোরা। ২ (*আল.*) অল্প বিদ্যা অর্জনকারীর বিদ্যা জাহির করার চেষ্টা প্রবল ('গণ্ডূষ জলমাত্রেণ সফরী ফরফরায়তে')। { স. সফরী}

সফল [শফোল্‌] *বিণ* ১ ফলযুক্ত, ফলবান। ২ সার্থক; সুপরিণতিযুক্ত; সিদ্ধ (পরীক্ষায় সফল)। **সফলা** *স্ত্রী*। ~**কাম** *বিণ* কৃতকার্য (সফলকাম হওয়া)। **সফলতা** *বি* সার্থকতা (ব্যবসাতে সফলতা)। **সফলীকৃত** *বিণ* সফল করা হয়েছে এমন। { স. স+ফল; বহু}

সফিন [শোফিন্‌] *বি* তলবনামা (দলপতির প্রোক্লেমেশন জুরির শাসন ও সফিন হতেও ভয়ানক হয়ে পড়লো—*প্যামি*) { ই subpœna }

সফিনা, সপিনা ⇒ সপিনা

সফিনামা [শোফিনামা] *বি* মোকদ্দমায় আপসে দুপক্ষের চুক্তিরূপে লিখিত অঙ্গীকারপত্র যা আদালতে পেশ করা হয়। { আ. শফী شفی + ফা. নামাহ্‌ نامه }

সফেদ [শফেদ্‌/স–] *বি* সাদা; শ্বেতবর্ণ (লাল নীল সিয়া সফেদ চার ফুল দুনিয়ার মাঝারে—*মুম*)। **সফেদি** *বি* শুভ্রতা; ডিমের সাদা অংশ (সুরকীর লালী; চুনের সফেদি; মাকড়সার জাল—*মীম*)। { ফা. সফেদ سفید }

সফেদা [শফেদা] *বি* চাউলের গুঁড়া; গুঁড়া চাল। ২ সাদা রং। ৩ ফলবিশেষ (সফেদা ফল)। ৪ সিসাবিশেষ; white lead; সিসা থেকে তৈরি সাদা রং। { ফা. সফেদী سفیدی }

সফেদি [শফেদি/স–] *বি* শ্বেতত্ব; ডিমের সাদা অংশ; অণ্ডলালা। { ফা. সফেদী سفیدی }

সফেন [শফেন্‌] *বিণ* ১ ফেনাযুক্ত, ফেনিল (সফেন তরঙ্গরাশি —*কায়*)। ২ মাড়যুক্ত (সফেন ভাত)। { স. স+ফেন; বহু }

সব¹ [শব্‌] *বিণ* ১ সকল; সমস্ত; তামাম (ফেলিয়া দিয়াছি আমি যত অলঙ্কার রতন মুকুতা হীরা সব আভরণ—*মদ*)। ২ সর্ব; সর্বলোক; সমস্ত বিষয় (জানি সবই)। ৩ সর্বস্ব; সমস্ত সম্পদ (সব হারিয়ে কাঙাল)। –**চিন**, ~**চিনা** *বিণ* সবার পরিচিত (সবচিন খেলোয়াড়)। ~**জান্তা** *বিণ* ১ সর্বজ্ঞ। ২ (*ব্য.*) কিছু জানে না তবু জানার ভান করে এমন (আরে গবরমেন্ট কি সবজান্তা—*রাব*)। ~**টা**, ~**টুকু** *বিণ* সবকিছু; পুরাপুরি; কিছুই বাদ না দিয়ে (সবটা দিয়ে দেওয়া হয়েছে)। ~**শুদ্ধ**, ~**সুদ্ধ** *বিণ, ক্রিবিণ* সর্বসমেত; সবকিছু মিলিয়ে; মোট (সবশুদ্ধ তিনশত হবে)। **সবাই, সব্বাই** *সর্ব* সকলেই; প্রত্যেকেই (সবাই একত্রে গিয়েছিলাম)। **সবার, সবাকার** *বিণ* প্রত্যেকের; সকলের (এতে সবার সমান অধিকার)। **সবারই, সবারি, সবারী** *বিণ* সকলের (পূজারী পসারি সবারী যে তুমি একাধারে চারি বেদ গীতা ও—*সদ*)। ~ **শেয়ালের এক রা**—(*আল.*) এক পথের অনুসারী; সকলের একই কথা। ~ **হাটের হেটো** *বি* সবজান্তা ধরনের লোক যে সব হাটের খবর রাখে। { স. সর্ব> }

সব² ⇒ সাব²

সবংশ [শবঙ্‌শো] *বিণ* বংশের সঙ্গে; গোষ্ঠীসুদ্ধ; খান্দানের সকলের সঙ্গে। **সবংশে** *ক্রিবিণ* ১ নিজের খান্দানের (সবংশে তিনি অভিজাত)। ২ বংশের সমস্ত ব্যক্তির সঙ্গে (সবংশে নিধন)। { স. স+বংশ; বহু }

সবক, ছবক [সবক্‌, ছ–] *বি* পাঠ; দৈনিক পড়া; শিক্ষা (আট দশটি ছেলে সুরে বেসুরে সবক ইয়াদ করিতে লাগিয়া গিয়াছে—*কাই*; এই ছবক হইতে তিনি তাহা উপলব্ধি করিলেন—*মোব*)। { আ. সবক سبق }

সবজা [শব্‌জা] *বি* সবুজ তৃণ বা গাছপালার রং (সামনে ময়দান সবজা দেখিবারে পায় —*সৈহ*)। { ফা. সব্‌জহ্‌ سبزه }

সবজি, সবজী [শোব্‌জি] *বি* ১ কাঁচা বা সবুজ তরকারি; আনাজ (সবজির বাগান)। ২ নিরামিষ (সবজি রান্না)। ~**বাগ** *বি* তরকারির বাগান। **সবজে** *বিণ* সবুজ রঙের (নীল সবজে বেগুনী—*অচিসে*)। { ফা. সব্‌জী سبزی }

সবদ্যা [শবোদ্‌দা] *বি* সব মিলিয়ে; মোট; একত্রে (সবদা হাল দুই কুড়ি এ নিতেই হবে বোন—*জউ*)। { সব+দিয়া}

সবন [সবোন্‌] *বি* ১ হিন্দুদের যজ্ঞ (হবে রাক্ষস সবনে ভস্ম পাপের আবর্জনা—*সদ*)। ২ যজ্ঞস্নান। ৩ সোমরস পান।

{স. √সৃ+অন(ল্যুট)}

সবর ⇒ সবুর

সবরি/সফরি কলা [শোব্‌রি কলা] *বি* উন্নত জাতের কলাবিশেষ; মর্তমান কলা। {আ. সফরী سفری + বা. কলা}

সবর্ণ [শবর্‌নো] *বিণ* একজাতি বা গোত্রের অন্তর্ভুক্ত (সবর্ণ ব্রাহ্মণ)। □ *বি* ১ সদৃশ বর্ণ বা রং। ২ সমবর্ণ; স্বজাতি। ৩ সমোচ্চার্য বর্ণ (ন, স ইত্যাদি)। {স. স(সমান)+বর্ণ; বহু}

সবল [শবল্] *বিণ* শক্তিশালী (যথেষ্ট শক্তি আছে তাই সবল)। **সবলা** *স্ত্রী*। **সবলে** *ক্রিবিণ* ১ সজোরে; শক্তি প্রয়োগ করে (সবলে আক্রমণ)। ২ দলবলসহ; সসৈন্যে। {স. স(সহ)+বল; বহু}

সবলুট, সবলুঠ, সবলোট, সবলোঠ [সব্‌লুট্, –ঠ্, –লোট্, –ঠ্] *বিণ* সবজান্তা; সকল বিষয়ে দখল আছে এমন (বলতে কি, আমাদের হরি ভাদর খুড়ো একরকম সবলোট গোছের ভদ্দরলোক—*প্যামি*)। ২ সকল প্রকার তুচ্ছ আমোদ-প্রমোদে সবিশেষ অংশগ্রহণকারী; লম্পট প্রকৃতির। {স. সর্ব+লুণ্ঠন>}

সবাই, সবাকার, সবার, সবারী ⇒ সব

সবাক [শবাক্] *বিণ* কথা বলে এমন। ~**চিত্র** *বি* যে সিনেমার অভিনেতা বা অভিনেত্রীর কথা শোনা যায়; টকি বায়োস্কোপ (talkie)। {স. স+বাক্}

সবান্ধব [শবান্‌ধব্] *বি* বান্ধবদের সঙ্গে। {স. স+বান্ধব}

সবিকল্প [শবিকল্‌পো] (*দর্শন.*) *বিণ* জ্ঞাতা ও জ্ঞেয়ে পৃথক জ্ঞান। {স. স+বিকল্প; বহু}

সবিতা(–তৃ) [শোবিতা] *বি* ১ জনয়িতা; প্রসবকারী। ২ সূর্য (বিকশিত সবিতার কিরণ গৌরব—*সদ*)। ৩ হিন্দুমতে ঈশ্বর। ৪ আকন্দ গাছ। **সবিত্রী** *বি স্ত্রী.* জননী; প্রসূতি। **সবিতৃতনয়** *বি* সূর্যপুত্র (শনি বা পৃথিবী)। **সবিতৃমণ্ডল** *বি* সূর্যমণ্ডল (করিয়াছে প্রদক্ষিণ সবিতৃমণ্ডল—*রঠা*)। {স. √সূ+তৃ(তৃচ)}

সবিনয় [শবিনয়্] *বিণ* বিনয়পূর্বক; নম্রভাবে (সবিনয় নিবেদন)। **সবিনয়পূর্বক** (*অশু.*)। {স. স+বিনয়; বহু}

সবিনয়ে [শবিনয়ে] *ক্রিবিণ* অনুনয়-বিনয়ের সঙ্গে। {স. সবিনয়+বা. এ}

সবিরাম [শবিরাম্] *বিণ* বিরতি আছে এমন; সবিচ্ছেদ; থেকে থেকে (সবিরাম যাত্রা)। **অবিরাম** *বিপ.*। ~ **জ্বর** *বিণ* যে জ্বর ছেড়ে যাওয়ার পর আবার আসে; intermittent fever। {স. স+বিরাম; বহু}

সবিশেষ [শবিশেশ্] *বিণ* অসাধারণ (সবিশেষ ব্যক্তির আগমন)। □ *ক্রিবিণ* বিশেষরূপে; বিস্তৃতভাবে (সবিশেষ সমস্ত অবগত হইয়া তদনুযায়ী কার্য করিলে দীর্ঘজীবী হইবে—*ঈবি*)। {স. স+বিশেষ; বহু}

সবিস্তর, সবিস্তার [শবিস্‌তর, -তা–] *বিণ* সমধিক; প্রভূত; প্রচুর; অনেক (সবিস্তর বর্ণনা করিতে হয়—*বচ*)। **সবিস্তার** *বিণ* ব্যাপ্তিযুক্ত; প্রসারযুক্ত; বাহুল্যযুক্ত। **সবিস্তারে** *ক্রিবিণ* বিশদভাবে (সবিস্তারে আলোচিত)। {স. স+বিস্তর/বিস্তার; বহু}

সবিস্ময় [শবিশ্‌শঁয়্] *বিণ* অবাক; আশ্চর্যান্বিত; বিস্মিত। **সবিস্ময়ে** *ক্রিবিণ* বিস্ময়সহকারে; বিস্মিতভাবে (সবিস্ময়ে চাহি মহাযশঃ সৌমিত্রী—*মদ*)। {স. স+বিস্ময়; বহু}

সবীজ [শবিজ্] *বিণ* বীজ আছে এমন। {স. স+বীজ; বহু}

সবুজ [শোবুজ্] *বিণ* ১ বিশেষ বর্ণ; হরিৎ (সবুজ পাতা)। ২ তরুণ; অল্পবয়স্ক (ওরে সবুজ ওরে আমার কাঁচা—*রঠা*)। □ *বি* সবুজ রং। **সবুজাভ** *বিণ* সবুজের ঈষৎ আভাযুক্ত (সবুজাভ ক্ষীণতরু—*হাহা*)। {ফা. সব্‌জ سبز}

সবুর, সবর, ছবর [সোবুর্, সবর্, ছ–] *বি* ১ ধৈর্য; সহ্য (জালিম জুলুম কেলে করিব সবর—*সৈআ*; মহব্বত এলে ছবর করতে বলছে—*ইখাঁ*)। ২ অপেক্ষা; দেরি বা বিলম্বকরণ (প্রলাপ বকে গো কলাপ মেলিয়া মন-ময়ূর আজ দিলের নাই সবুর—*নই*)। □ *বিণ* আস্তে; ধীরে (অত জোরে টেন না, সবুর—*অঠা*)। **সবুরে মেওয়া ফলে** (*আল.*) ধৈর্যে সুফল লাভ হয়। {আ. সবর صبر}

সবে [শবে] *ক্রিবিণ* ১ কেবল; মাত্র (সবে দুই দিন)। ২ এইমাত্র (সবে অন্ধকার হলো)। ৩ মোটে; সর্বসাকুল্যে (সবে একশত টাকা)। ৪ সব জিনিস; সকল বস্তু (আর কি এ সবে সাধ আছে গো—*মাদ*)। □ *বিণ* (*পদ্য.*) সকলে। –**মাত্র** *অব্য* কেবল; এইমাত্র (সবেমাত্র বেড়িয়ে এলাম)। –**ধন নীলমণি** *বিণ* সর্বস্ব ধন; একমাত্র ভরসা সম্বল বা আশ্রয় (সাত ছেলের মৃত্যুর পর সবুজই সবেধন নীলমণি)। {সব+এ}

সবেবরাত, সবেবরাৎ ⇒ শবেবরাত

সবোরোজ [শবোরোজ্] *বি* সব ও রোজ, রাত্রিদিন (দেখিতে না পাই কেবা করে ধূমদাম সবোরোজ হাঁকে হুম হাম খুব ধাম—*ভারা*)। {ফা. শব-ও-রোজ شبوروز}

সব্য [শোব্‌বো] *বি* ১ বাম; বাঁ। ২ ডান; দক্ষিণ (বামকক্ষে নিল মাতা রঙ্গীন চুপড়ি, সব্য করে নিল মাতা শিঙ্গা বেত্র লড়ী—*কমু*)। ~**সাচী**(–চিন্) *বিণ* উভয় হস্তে সমভাবে পারদর্শী (সেই সময় সব্যসাচী বঙ্কিম এক হস্ত গঠন কার্যে এক হস্ত নিবারণ কার্যে নিযুক্ত রাখিয়াছিলেন—*রঠা*)। □ *বি* উভয় হস্তে শর চালনায় সমভাবে নিপুণ; মহাভারতোক্ত অর্জুন। {স. √সৃ+য}

সভক্তি [শভোক্‌তি] *বিণ* ভক্তিযুক্ত; ভক্তির সঙ্গে বর্তমান। {স. স+ভক্তি; বহু}

সভয় [শভয়্] *বিণ* ভয়ার্ত; সন্ত্রস্ত; ভয়যুক্ত; ভীত (সভয় হইল আজি ভয়শূন্য হিয়া—*মদ*)। **সভয়ে** *ক্রিবিণ* ভীত অবস্থায়; ত্রাসের সঙ্গে (সভয়ে বলা)। {স. স+ভয়; বহু}

সভর্তৃকা [শভোর্‌ত্রিকা] *বিণ স্ত্রী.* সধবা; স্বামীর সহিত বর্তমান। {স. স+ভর্তৃ+ক(কপ্)+আ(টাপ্); বহু}

সভা [শভা] *বি* ১ আলোচনার জন্য জনসমাবেশ; সম্মেলন; বৈঠক। ২ সঙ্ঘ; সমিতি; দল; সমাজ (সাহিত্য-সভা)। ৩ পরিষদ; মজলিস (আইনসভা)। ৪ দরবার (রাজসভা)। ~ **আহ্বান করা**, ~ **ডাকা** *বি* সভায় আলোচনার উদ্দেশ্যে সম্মিলিত হওয়ার জন্য আহ্বান করা; সভা সংঘটন করা। ~**কক্ষ**, ~**মণ্ডপ**, ~**স্থল** *বি* সভা করার নির্দিষ্ট ঘর বা স্থান। ~**কবি** *বি* রাজদরবারে নিযুক্ত কবি (আলাওল রোসাঙ্গ মন্ত্রীর সভাকবি ছিলেন)। ~ **করা** *ক্রি*

সভার অনুষ্ঠান বা উদ্যোগ আয়োজন করা। ~**কার** (*মবা.*, বিরল) *বিণ* সকলের। ~**কুট্টিম** *বি* সভার পাকা বাঁধানো সুন্দর মেঝে। ~**খণ্ড** *বি* সভ্য বা সদস্যগণ। ~**জন** *বি* ১ সভার সভ্য বা সদস্য; সভায় উপস্থিত লোকেরা (সভাজন সুশোভিত রাজদরবার)। ২ সর্বজন; সকলে। ~**পতি** *বি* সভার কার্য পরিচালক। ~**নেত্রী** *স্ত্রী.*। ~**ভঙ্গ** *বি* সভার কার্যসমাপ্তি। ~**রম্ভ** *বি* সভার কার্যারম্ভ; সভার শুরু (বিকাল পাঁচ ঘটিকায় সভারম্ভ)। ~**সদ**, ~**সৎ** *বি* সভ্য; দরবারের লোক; সভায় যোগদানকারী ব্যক্তি (রাজসভাসৎ সৈন্য পাহারা—*রঠা*)। ~**সমিতি** *বি* বড়-ছোট সভা (একার্থবোধক সহচর শব্দদ্বয়)। ~**সীন** *বিণ* সভায় উপবিষ্ট বা আগত। ~**স্থ** *বিণ* ১ সভায় আগত। ২ সভায় উপস্থিত (সভাস্থ সকলের নিকট আবেদন)। ৩ সভায় পেশ করা (অভিযোগ সভাস্থ করা)। { *স.* সৎ+√ভা+অ(ক)+আ(টাপ)}

সভারিন, সভারেন [সভারিন্ —রেন্] *বি* ইংলন্ডের মুদ্রাবিশেষ; গিনি। { *স.* sovereign}

সভে [শভে] (কথ্য) *অব্য* ১ সকলে; সকলকে (তোমা সবে কহি—*সৈহা*)। ২ মোটে; সবশুদ্ধ। { *স.* সর্ব>+*বা.* এ}

সভ্য [শোভ্‌ভো] *বি* সভা-সমিতির সদস্য। ☐ *বিণ* ভদ্র; শিষ্ট; সাধুজন; মার্জিত রুচি। **সভ্যা** *স্ত্রী.*। ~**তা** *বি* ১ আদব; লেহাজ; চালচলনের উৎকর্ষ; তমদ্দুন। ২ সভ্য জাতির জীবনযাত্রা নির্বাহের পদ্ধতি; সাহিত্য শিল্প বিজ্ঞান দর্শন ধর্ম ও বিবিধ বিদ্যার অনুশীলনহেতু মন মগজের উৎকর্ষ এবং তদনুযায়ী জীবনযাত্রা; তহজিব; civilization। ~**তাভিমানী**(—নিন) *বিণ* ভদ্রতা; সভ্যতা; শিষ্টতার অধিকারী বলে অহঙ্কারী (এযুগে অনেক সভ্যতাভিমানী ব্যক্তির সাক্ষাৎ মেলে)। ~**তাভিমানিনী** *স্ত্রী.*। ~**নামিক** *বি* (*ব্য.*) নামে মাত্র সভ্য বা ভদ্র; ডাকাত (সভ্যনামিক পাতালে যেথায় নেমেছে লুটের ধন —*রঠা*)। ~**ভব্য** *বিণ* চালচলনে সুসংযত, শান্তশিষ্ট (সভ্যভব্য লোক)। ~**সমাজ** *বিণ* শিক্ষাদীক্ষায় ও আচারব্যবহারে অপেক্ষাকৃত উন্নত সমাজ। { *স.* সভা+য}

সম[১], **সং**[১] [শম্, —ঙ] *অব্য* সমান সম্যক সংযোগ সম্পর্ক সংগত অভিমুখ ইত্যাদি জ্ঞাপক উপসর্গ (সমাদর, সমুচিত, সংবাদ)। { *স.* উপসর্গ 'সম্'}

সম[২] [শমো] *বিণ* ১ যোগ্য; তুল্য; সমান (সমপাত্র মানি তোমা, পরম আদরে অর্পিবেন—*মদ*)। ২ অবন্ধুর (সমতল)। ৩ সমস্ত; সমগ্র। ৪ (*সন্*) তালের মাত্রাবিশেষ (সমতাল, অসমতাল)। ৫ যুগ্ম; একত্র (সমরাশি, সমবাহু)। ৬ অভিন্ন (সমকক্ষ)। **সমা** *স্ত্রী.*। ~**তা** *বি* সাম্য; তুল্যতা (উভয়ের মধ্যে সমতা দেখা যায়)। { *স.* √সম্+অ(অচ)}

সমকক্ষ [শমোকক্‌খো] *বিণ* সমান প্রতিযোগী; তুল্য বলশালী। **সমকক্ষা** *স্ত্রী.*। ~**তা** *বি* তুল্য প্রতিযোগিতা; সমান শক্তিশালী। { *স.* সম+কক্ষ; *কর্মধা.*}

সমকাল [শমোকাল্] *বি* একই সময়। **সমকালিক, সমকালীন** *বিণ* ১ একই কালের। ২ সমসাময়িক। { *স.* সম+কাল; *কর্মধা.*}

সমকেন্দ্রিক [শমোকেন্‌দ্রিক্] *বিণ* একই কেন্দ্রবিশিষ্ট; concentric। { *স.* সম+কেন্দ্রিক}

সমকোণ [শমোকোন্] *বি* (*জ্যা.*) একটি সরলরেখার উপর লম্ব অঙ্কন করলে যে ৯০° পরিমাণের কোণ উৎপন্ন হয়; right angle। **সমকৌণিক** *বিণ* ১ সমকোণ সংক্রান্ত। ২ সমকোণযুক্ত (সমকৌণিক ত্রিভুজ)। { *স.* সম+কোণ}

সমক্ষ [শমোক্‌খো] *বিণ* চোখের সম্মুখে; সামনে (তিনি জগৎসমক্ষে লজ্জিত—*রঠা*)। { *স.* সম্+অক্ষি+অ(অচ্)}

সমগ্র [শমোগ্‌গ্রো] *বিণ* সমস্ত; সম্পূর্ণ; আগাগোড়া। ~**তা** *বি* সম্পূর্ণতা; অখণ্ডতা। { *স.* সম্+অগ্র; *বহু*}

সমঘন [শমোঘনো] *বি* (*জ্যা.*) সমান গুণযুক্ত বা আকৃতি-বিশিষ্ট (ঘন সমঘন কাষ্ঠগুঁড়ি)। { *স.* সম+ঘন; *বহু*}

সমচতুর্ভুজ [শমোচোতুর্‌ভুজ্] *বি* (*জ্যা.*) বর্গক্ষেত্র; যে চতুষ্কোণ ক্ষেত্রের বাহু চারটি সমান এবং কোণ চারটির প্রত্যেকটি সমকোণ। { *স.* সম+চতুর্ভুজ}

সমজ, সমজদারি, সমজানো ⇒ সমঝ

সমজাতি [শমোজাতি] *বি* অভিন্ন বা অনুরূপ জাতি। ☐ *বিণ* এক জাতিভুক্ত। ~**তা**, ~**ত্ব** *বি* একই জাতির পর্যায়ভুক্ত অনুভূতি (তাহাদের মধ্যে সমজাতিত্ব ভাব বিদ্যমান)। **সমজাতীয়** *বিণ* একই জাতি বা শ্রেণির (সমজাতীয় জীবজন্তু)। **সমজাতীয়া** *স্ত্রী.*। **সমজাতীয়তা, সমজাতীয়ত্ব** *বি* সমান জাতীয়তা বোধ। { *স.* সম+জাতি; *কর্মধা.*}

সমঝ, সমজ, সমুজ [শমোঝ্, —জ, —মুজ] *বি* বুদ্ধি; বোধ; উপলব্ধি; বিবেচনা (মজ্জাগত গোলাম সমঝ-শেষ করে দে, শেষ করে দে—*সদ*)। ~**দার** *বিণ* রসজ্ঞ; উপলব্ধিকারী; বিবেচক (সাহিত্যের সার্থকতা তখনই হয় যখন সমঝদার পাঠকের সংখ্যা হয় অসংখ্য—*মুম*)। ~**দারি** *বি* রসজ্ঞতা; উপলব্ধি; বিবেচনা (সমজদারি মানে মূল্যবোধ—*মোচৌ*)। **সমঝানো, সমজানো** *ক্রি* বুঝানো; সতর্ক করা (সে বিশেষ করিয়া সমজাইয়া মতিকে বলিয়া গেল—এখানেই বসে থাকিস—*কাআও*)। { *স.* সম+√বুধ্> *প্রা.* বুঝ>*হি* সমঝ}

সমঞ্জস [শমোন্‌জশ্] *বিণ* ১ সমুচিত; যোগ্য। ২ সমীচীন; যুক্তিযুক্ত। ৩ সদৃশ; তুল্য। ৪ সামান্য; ঠিক; একরূপে। ☐ *বি* ১ মিটমাট; মীমাংসা (কন্দল ভাঙ্গিল সমঞ্জসে—*কমু*)। ২ মিলন (কেননা করিলে সমঞ্জস—*কমু*)। { *স.* সম্+√অঞ্জ্+অস(অসুন্)+অ(অচ্)}

সমতট [শমোতট্] *বি* পূর্ববঙ্গের কুমিল্লা নোয়াখালী প্রভৃতি প্রাচীন বাংলার ভৌগোলিক অঞ্চলবিশেষ (সমতটে পর্তুগিজদের দৌরাত্ম্য ছিল)। { *স.* সম+তট}

সমতল [শমোতল্] *বিণ* বন্ধুর বা উঁচুনিচু নয় এমন ভূমি; যার পিঠ সমান। { *স.* সম+তল; *কর্মধা.*}

সমতা ⇒ সম

সমতীত [শমোতিত্] *বিণ* সম্পূর্ণ অতীত; যে কাল গত হয়েছে; বিগত। { *স.* সম্+অতীত}

সমতুল [শমোতুল্] *বিণ* ১ একই রকম ওজনবিশিষ্ট (পাথর দুটি সমতুল)। ২ সমকক্ষ; সমান। { *স.* সম+তুল}

সমতুল্য [শমোতুল্‌লো] *বিণ* ১ সমান; একই; তুল্যরূপ; সমকক্ষ (বংশমর্যাদায় সমতুল্য)। ২ ওজনে সমান

সমতুল্যা *স্ত্রী.*। { *স.* সম+তুল্য}

সমস্ত ⇒ সোমত্ত

সমদর্শন [শমোদরশন্] *বি* ১ ভেদজ্ঞানশূন্য বা নিরপেক্ষ বিচার বা দর্শন। ২ অপক্ষপাতিত্ব। ৩ তত্ত্বজ্ঞান। **সমদর্শী** (-র্শিন্) *বিণ* ভেদজ্ঞানহীন; তত্ত্বজ্ঞানবিশিষ্ট। { *স.* সম+দর্শন, *কর্মধা.*}

সমদূরবর্তী(-র্তিন্) [শমোদুরোবোর্‌তি] *বিণ* সমান দূরে অবস্থিত। **সমদূরবর্তিনী** *স্ত্রী.*। **সমদূরবর্তিতা** *বি* সমান দূরত্ব। { *স.* সম+দূরবর্তিনী}

সমদৃষ্টি [শমোদৃশ্‌টি] *বি* ১ সমদর্শন; অপক্ষপাত আচরণ (সন্তানদের প্রতি সমদৃষ্টি রাখা)। ২ সমান দর্শনের ক্ষমতা (দুটি চক্ষুই সমদৃষ্টিসম্পন্ন)। { *স.* সম+দৃষ্টি}

সমধিক [শমোধিক্] *বিণ* অতিশয়; অধিক; অনেক বেশি (সমধিক পরিচর্যা)। { *স.* সম্+অধিক}

সমন [শমোন্] *বি* আদালতে হাজির হওয়ার আদেশনামা (সদাশিবের নামে সমন নিয়ে এসেছে—*অচিসে*)। ২ মৃত্যুর আহ্বান। { *ই* summons}

সমনস্ক [শমনোশ্‌কো] *বিণ* মানসসম্ভূত; মনের সঙ্গে মিল আছে এমন; মনোযোগ আনয়ন করে এমন (অন্যমনা সাহিত্য তখন লোকালয়ের মাঝখানে এসে পড়ে সমনস্ক হয়ে উঠে—*রঠা*)। { *স.* স+মনস্ক; *বহু.*}

সমন্তাৎ, সমন্ততঃ (বিরল) [শমোন্‌তাত্, -ততোহ্] *অব্য* সর্বদিকে; সর্বত্র। { *স.* সমন্তস্>, +তঃ(তসি)>}

সমন্ত্রক [শমোন্‌ত্রক্] *বিণ* মন্ত্রযুক্ত; মন্ত্রপূত। { *স.* স(সহ)+মন্ত্রক; *বহু.*}

সমন্বয় [শমোন্‌নয়্] *বি* ১ সংগতি (ভাব-সমন্বয়)। ২ সামঞ্জস্য (উভয়ের মধ্যে সমন্বয় সাধিত হয়েছে)। ৩ বিরোধরহিত; মিলন (বাঙালীর ছেলে ব্যাঘ্রে বৃষভে ঘটাবে সমন্বয়—*সদ*)। **সমন্বিত** *বিণ* যুক্ত; সম্বলিত (মাছ-মাংস সমন্বিত)। **সমন্বিতা** *স্ত্রী.*। { *স.* সম্+অনু+√ই+অ(অচ)}

সমপদস্থ [শমোপদোস্‌থো] *বিণ* সমান পদমর্যাদাশালী (সমপদস্থ কর্মচারী)। **সমপদস্থা** *স্ত্রী.*। { *স.* সম+পদস্থ}

সমপৃষ্ঠ [শমোপ্‌রিশ্‌ঠো] *বিণ* সমতল; উঁচুনিচু নয় এমন।

সমপ্রাণ [শমোপ্‌প্রাণ্] *বি* সমান প্রাণবিশিষ্ট; অন্তরঙ্গ। **সমপ্রাণা** *স্ত্রী.*। ~তা *বি* প্রাণের সমতা। { *স.* সম+পৃষ্ঠ}

সমবয়সী, সমবয়স্ক [শমোবয়োশি, -শ্‌কো] *বিণ* একই বা সমান বয়সের (এই সমবয়সী দেওর-ভাজের মধ্যে —*রঠা*)। **সমবয়স্কা** *স্ত্রী.*। { *স.* সম+বয়সী}

সমবর্তী(-র্তিন্) [শমোবোর্‌তি] *বিণ* সমানভাবে বা একইভাবে অবস্থিত। **সমবর্তিনী** *স্ত্রী.*। **সমবর্তিতা** *বি* সমানভাবে বা সমান দূরে অবস্থিত। **সমবস্থা** *বিণ* একইভাবে অবস্থিত; সদৃশ অবস্থাযুক্ত। { *স.* সম্+√বৃৎ+ইন্(ণিনি)}

সমবস্থ [শমোবস্‌তো] *বিণ* সদৃশ; একই বা অভিন্ন অবস্থাযুক্ত। **সমবস্থা** *বিণ* একইভাবে অবস্থিত; সদৃশ অবস্থাযুক্ত। { *স.* সম+অবস্থা}

সমবাএ ⇒ সমবায়

সমবায় [শমোবায়্] *বি* ১ সম্মিলিত উদ্যোগে কোনো কিছু গড়ে তোলার প্রয়াস (এসব শুনিয়া রাজা করি সমবায়, কুমার কুমারী যথা তথা চলি যায়—*দৌবা*)। ২ দলবদ্ধ (ঢাল খাঁড়া লই সভে হও সমবায়—*মুরারী*)। ৩ সমৃদ্ধ। ৪ সম্মিলিত বা যৌথ কর্মপ্রচেষ্টা; co-operation। **সমবাএ** *(প্রাবা.)* *বি* কর্মপ্রচেষ্টা; যৌথ প্রচেষ্টা (জথেক বালক মিলি করি সমবাএ—*দৌবা*)। ~ **সমিতি** *বি* পরস্পরের সঙ্গে মিলিত প্রচেষ্টায় গঠিত ও পরিচালিত ব্যবসায় সংক্রান্ত বা সমাজ উন্নয়নমূলক প্রতিষ্ঠানাদি। **সমবায়ী**(-য়িন্) *বিণ* নিত্য সম্বন্ধ; সমবায় সম্বন্ধীয়; উপাদান। { *স.* সম্+অব+√ই+ অ(অচ)}

সমবেত [শমোবেত্] *বিণ* ১ সম্মিলিত; যৌথ (সমবেত প্রচেষ্টা)। ২ একত্রিত; একত্রীকৃত; সঞ্চিত। { *স.* সম্+অব+√ই+ত(ক্ত)}

সমবেদনা, সমব্যথা [শমোবেদোনা, -ব্যাথা] *বি* সহানুভূতি; দরদ; দুঃখবোধ। **সমব্যথী**(-থিন্) *বিণ* সমবেদনা বোধকারী; পরদুঃখে কাতর। { *স.* সম+বেদনা, ব্যথা}

সমভাব [শমোভাব্] *বি* ১ একরূপ ভাব; সাম্য (আচরণে সমভাব)। ২ পক্ষপাতহীনতা। { *স.* সম+ভাব}

সমভিব্যাহার [শমোভিব্যাহার্] *বি* ১ সঙ্গ; সাহচর্য। ২ একত্রে অবস্থান বা গমন বা যাত্রা। **সমভিব্যাহারী**(-রিন্) *বি* একত্রে অবস্থানকারী। ☐ *বিণ* সাহচর্য দানকারী; সঙ্গী। **সমভিব্যাহারে** *ক্রিবিণ* একত্রে সঙ্ঘবদ্ধভাবে; সঙ্গে(মন্ত্রী অমাত্য সমভিব্যাহারে রাজা শিকারে চললেন)। { *স.* সম্+অভি+বি+আ+√হৃ+অ(ঘঞ)}

সমভূমি [শমোভুমি] *বি* ১ সমতলভূমি; উঁচুনিচু নয় এমন ভূমি (বাংলাদেশের সমভূমি অঞ্চল)। ২ ভূমি সমান উঁচু। { *স.* সম+ভূমি; *কর্মধা.*}

সমমণ্ডল [শমোমন্‌ডল্] *বি* নাতিশীতোষ্ণমণ্ডল। { *স.* সম+মণ্ডল; *কর্মধা.*}

সমমনা [শমোমনা] *বিণ* অনুরূপ মন এমন; একই মত পোষণ করে এমন। { *স.* সম+মনঃ; *বহু.*}

সমমূল্য [শমোমুল্‌লো] *বি* এক দাম (সমমূল্যে বিক্রি হয়)। ☐ *বিণ* সমান মূল্য বা একই দামবিশিষ্ট। { *স.* সম+মূল্য}

সময় [শোময়্] *বি* ১ কাল; আমল; জমানা। ২ অবকাশ; ফুরসত; অবসর। ৩ বয়স পুরো হওয়া; উপযুক্ত হওয়া (এখনও আমার সময় হয়নি—*রঠা*)। ৪ নির্দিষ্টকাল (গাড়ি আসার সময় হয়েছে)। ৫ সুযোগ; অনুকূল মুহূর্ত; সুবিধা (সময়ের সদ্ব্যবহার)। ৬ ঋতু; মৌসুম (ফুলের সময়)। ৭ বয়স; জীবনকাল (সময় ফুরানো)। ৮ দিনকাল; বর্তমান কাল (সময়টা ভালো যাচ্ছে না)। ৯ সুদিন; ভালো অবস্থা (সে সময়ের বন্ধু বই নয়)। ১০ নিয়ম; রীতি; নির্দেশ। ১১ বেলা। ~**নিষ্ঠ** *বিণ* সময়ানুবর্তী (কাজে সময়নিষ্ঠ, punctual)। ~**নিষ্ঠা** *বি* সময়ানুবর্তিতা। **সময়ে সময়ে, সময় সময়** *ক্রিবিণ* কখনও; মাঝে-মধ্যে। ~**সেবী**(-বিন্), ~**সেবক** *বিণ* সুবিধাবাদী; সময় ও সুযোগ অনুসারে কর্মপন্থা স্থিরকারী। **সময়ান্তর** *বি* অন্য সময়; ভিন্ন সময় (সময়ান্তরে করা)। **সময়োচিত, সময়োপযোগী** *বিণ* কালানুযায়ী; বিশেষ কোনো সময়ের পক্ষে উপযুক্ত (সময়োচিত কার্য করা মঙ্গলকর)। **একতিল ~, তিলমাত্র ~** *বি* সামান্য সময়; অল্পক্ষণ। **মরবার ~ না থাকা**—একটুও ফুরসত বা অবসর না থাকা। { *স.* সম্+√ই+অ(অচ)}

সমর [শমর্] *বি* যুদ্ধ; লড়াই; সংগ্রাম (সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি বীরবাহু চলি যবে গেলা যমপুরে—*মদ*)। ~**পোত** *বি* যুদ্ধে ব্যবহৃত জাহাজ; রণতরী। ~**ভূমি** *বি* রণক্ষেত্র। ~**শায়ী**(–য়িন্), ~**শায়িত** *বিণ* যুদ্ধে নিহত। ~**সচিব** *বি* যুদ্ধমন্ত্রী/যুদ্ধমন্ত্রকের সচিব। ~**সজ্জা** *বি* ১ যুদ্ধের প্রস্তুতি বা আয়োজন। ২ যুদ্ধবাজ। **সমরাঙ্গন** *বি* রণভূমি; যুদ্ধক্ষেত্র। **সমরানল** *বি* যুদ্ধরূপ অনল; যুদ্ধ সংঘটনরূপ অগ্নি। { *স.* সম+√ঋ+অ(অপ্)}

সমরস [শমোরশ্] *বি* সমান সুখ; তুল্য আনন্দানুভূতি। { *স.* সম+রস; *বহু* }

সমরাঙ্গন, সমরানল ⟹ সমর

সমরাশি [শমোরাশি] *বি (গণিত.)* দুই দ্বারা বিভাজ্য সংখ্যা; যুগ্মরাশি (২, ৪, ৬, ৮ ইত্যাদি)। { *স.* সম+রাশি; *কর্মধা.* }

সমরুচি [শমোরুচি] *বিণ* সমান রুচিসম্পন্ন (আমার নিজের মুখে কি ভাল লাগল না লাগল তা নিয়ে দুচার সমরুচি বন্ধুকে নিমন্ত্রণ করা চলে—*অঠা*)। { *স.* সম+রুচি; *বহু* }

সমর্থ [শমোর্‌থো] *বিণ* ১ বলবান; শক্তিশালী (গোরা শক্তসমর্থ চেহারা—*শাকা*)। ২ উপযুক্ত; যোগ্য। ৩ যুক্তিযুক্ত; সঙ্গত। □ *বি* সক্ষম। **সমর্থা** *বিণ স্ত্রী.*। ~**তা, সামর্থ্য** *বি*। { *স.* সম+√অর্থ+অ(অচ্)}

সমর্থক[১] [শমরথোক্] *বি* চন্দন কাঠ। { *স.* সম+√অর্থ+অক(ণ্বুল্)}

সমর্থক[২] [শমোর্‌থোক্] *বিণ* সমর্থনকারী। **সমর্থন** *বি* পোষকতা; পক্ষাবলম্বন। **সমর্থনীয়** *বিণ* সমর্থন পাওয়ার উপযুক্ত। **সমর্থিত** *বিণ* সমর্থন করা হয়েছে এমন; স্বীকৃতিপ্রাপ্ত। { *স.* সম+√অর্থ+অক(ণ্বুল্)}

সমর্পণ [শমোরপণ্] *বি* ১ স্বত্ব ত্যাগ করে দান (কন্যা–সমর্পণ)। ২ অর্পণ; স্থাপন (কর্মভার সমর্পণ)। ৩ বিসর্জন; উৎসর্গ (আত্মসমর্পণ)। **সমর্পক** *বিণ* সম্প্রদানকারী; দাতা। **সমর্পা** *(পদ্য.)* *ক্রি* সমর্পণ করা; দান বা অর্পণ করা। **সমর্পিত** *বিণ* ১ অর্পিত (আপনাকেই এই রাজপুরুষের হস্তে সমর্পিত করিব—*ঈবি*)। ২ দান করা হয়েছে এমন। **সমর্পিতা** *বিণ স্ত্রী.* সমর্পিত করা হয়েছে এমন (সমর্পিত কন্যা)। { *স.* সম+অর্পণ}

সমল [শমল্] *বিণ* মলযুক্ত; ময়লাযুক্ত; মলিন (ফোটে কি কমল কভু সমল সলিলে?—*মদ*)। **সমলা** *বিণ* ময়লাযুক্ত (সমলা যথা কর্দ্দম উদগমে—*মদ*)। { *স.* স+মল; *বহু* }

সমশ্বর [শমোশ্‌শর্] *বি* তুল্য; সদৃশ (ভুবনে নাহিক দেশ তব সমশ্বর—*সৈআ*)। { *ফা.* সমসর سمسر }

সমশ্রেণি, সমশ্রেণী [শমোস্রেণি] *বি* ১ একদল; একসার; একজাতি। □ *বিণ* একই জাতি বা পর্যায়ভুক্ত। { *স.* সম+শ্রেণি, শ্রেণী}

সমষ্টি [শমোশটি] *বি* ১ সাকুল্য; মোট। ২ যোগফল (সংখ্যার সমষ্টি)। ৩ দলের সকলে। { *স.* সম+√অশ্+তি(ক্তি)}

সমসময় [শমোশময়্] *বি* একই সময় বা কাল। { *স.* সম+সময়}

সমসর [শমোশর্] *বি* সমান; সমকক্ষ; তুল্য (জিজ্ঞাসিলে ভক্তিভাবে দিব সদুত্তর নহেত থাকিব কালা বোবা সমসর —*সৈআ*)। *(তুল.)* দোসর, সোসর *বি* সমবয়স্ক সহচর; দোসর; সাথি; সঙ্গী। **একসর** *বি* একাকী; নিঃসঙ্গ। { *ফা.* সমসর سمسر }

সমসাময়িক, সামসময়িক [শমোশামোয়িক্, শামোশ–] *বিণ* একই সময়ের; কালের বা যুগের contemporary। **সমসাময়িকতা, সামসময়িকতা** *বি* একই সময়ে বিদ্যমানতা। { *স.* সম/সাম+সাময়িক, সমসময়+ইক(ঠক্)}

সমসূত্র [শমোশুত্‌ত্রো] *বি* ১ একই উপায় বা পদ্ধতি। ২ একই সুতা বা গ্রন্থিতে বাঁধন। ৩ একই সরলরেখায় অবস্থিত। ৪ *(জ্যা.)* দিকচক্রবালের পূর্ব ও পশ্চিম বিন্দুদ্বয় ভেদকারী কাল্পনিক বৃত্ত। { *স.* সম+সূত্র}

সমস্ত [শমোস্‌তো] *বিণ* ১ যাবতীয়; সকল (সমস্ত লোক)। ২ সম্পূর্ণ। ৩ একত্রীকৃত; সমাহৃত (সমস্ত শস্য)। ৪ *(ব্যা.)* সমাসবদ্ধ (সমস্তপদ)। { *স.* সম্+√অস্+ত(ক্ত)}

সমস্থলী [শমোস্‌থোলি] *বি* গঙ্গা ও যমুনার মধ্যবর্তী ভূভাগ; দোয়াব। { *স.* সম+স্থলী; *কর্মধা.* }

সমস্যমান [শমোশ্‌শোমান্] *বিণ (ব্যা.)* যে পদগুলি সমাসবদ্ধ করা হয়েছে ('দিবালোক' সমাসবদ্ধ পদের 'দিবা' ও 'আলোক' সমস্যমানপদ)। { *স.* সম্+√অস্+য(ক্যপ্)+মান(শানচ্)}

সমস্যা [শমোশ্‌শা] *বি* ১ জটিল ও সংকটময় বিষয়; যার সমাধান করা কষ্টকর (সমস্যার সমাধান)। ২ কঠিন প্রশ্ন। ৩ সমাধানার্থ অসমাপ্ত শ্লোক। ৪ সংকট অবস্থা; অসুবিধা (বর্তমানে আমি সমস্যার মধ্যে আছি) ৫ সংগ্রাম (জীবন–মরণ সমস্যা)। ~**পূরণ** *বি* অসুবিধা বা জটিলতার নিরসনকরণ বা সমাধান (সকল সমস্যা পূরণ করা যায় না)। ~**সংকুল** *বিণ* সমস্যাবহুল (সমস্যাসংকুল পথ)। { *স.* সম্+√অস্+য(ক্যপ্)+আ(টাপ্)}

সমস্বামিত্ব [শমোশামিত্‌তো] *বি* সমান প্রভুত্ব; সমান স্বত্বাধিকারিত্ব। { *স.* সম+স্বামিত্ব; *কর্মধা.* }

সমা [শমা] *বিণ* তুল্য; অনুরূপ; সমান (কেবা আছে সমা কি দিব উপমা—*ভারা*)। □ *বি* বৎসর। { *স.* √সম্+অ(অচ্)+আ(টাপ্)}

সমাংশ [শমাঙ্‌শো] *বি* সমান অংশ; সমান ভাগ। **সমাংশিত** *বিণ* সমানভাগে বিভক্ত। { *স.* সম+অংশ}

সমাকর্ষণ [শমাকরশোন্] *বি* ১ সম্যক সংগৃহীত (সার সমাকর্ষণপূর্বক সঙ্কলিত—*ঈবি*)। ২ সমানভাবে বা সম্যক আকর্ষণ বা প্রকর্ষণ। { *স.* সম+আকর্ষণ; *কর্মধা.* }

সমাকর্ষী(–র্ষিন্) [শমাকোরশি] *বিণ* ১ সম্যক আকর্ষণকারী (পৃথিবীর সমাকর্ষী চন্দ্র–সূর্য)। □ *বি* সুদূরগামী গন্ধ। { *স.* সম+আকর্ষী}

সমাকীর্ণ [শমাকিরনো] *বিণ* ১ পরিব্যাপ্ত; সুদূরপ্রসারিত (সমাকীর্ণ তেপান্তরের মাঠ)। ২ আচ্ছাদিত (কণ্টক–সমাকীর্ণ পথ)। ৩ সংকুল; পরিপূর্ণ। ৪ উৎকণ্ঠাযুক্ত। { *স.* সম+আকীর্ণ}

সমাকুল [শমাকুল্] *বিণ* ১ পরিপূর্ণ; পরিপ্লুত (রসেরূপে আর সৌরভে যার চরাচর সমাকুল—*মোম*)। ২ অতিশয় আকুল; ব্যাকুল (বিয়োগব্যথা সমাকুল হৃদয়)। ৩ সন্দেহযুক্ত (সমাকুল হৃদয়প্রবৃত্তি)। ৪ হতবুদ্ধি। ~**তা** *বি*

১ আকুলতা; ব্যাকুলতা। ২ পরিপূর্ণতা। ৩ ভীতি। ৪ প্রসার। { *স.* সম্+আকুল, আকুলতা}

সমাক্রান্ত [শমাক্‌ক্রানতো] *বিণ* ১ আক্রান্ত (রোগ–সমাক্রান্ত হওয়া)। ২ প্রসারিত; ব্যাপ্ত। ৩ খপ্পরে পড়া। ৪ গৃহীত। **সমাক্রান্তা** *স্ত্রী.*। { *স.* সম্+আক্রান্ত}।

সমাক্ষ [শমাক্‌খো] *বিণ* অক্ষ সমান এমন; একাক্ষিক; co-axial। ~**রেখা** *বি* (*ভূগো.*) সমান অক্ষবিশিষ্ট; নিরক্ষরেখার সমান্তরাল কাল্পনিক রেখা; parallel of latitude। { *স.* সম+অক্ষ}

সমাক্ষর [শমাক্‌খর] *বিণ* সমান বা সমসংখ্যক অক্ষরবিশিষ্ট। { *স.* সম+অক্ষর}

সমাগত [শমাগতো] *বি* ১ সম্যক উপস্থিত; এসেছে এমন (রাত্রি সমাগত)। ২ মিলিত; সংযোজিত (সমাগত জনতা)। **সমাগতা** *বিণ স্ত্রী.* সম্যক এসেছে বা উপস্থিত যে নারী; সমুপস্থিতা (বনতোষিণী সহকারের সহিত সমাগতা হইয়াছে—*ঈবি*)। { *স.* সম্+আগত}

সমাগম [শমাগম] *বি* ১ সম্মেলন; একত্রীভূতকরণ (এজন্মে যে গৃহিণী ও জ্যেষ্ঠপুত্রের সহিত সমাগম হইবে তাহার আর প্রত্যাশা নাই—*ঈবি*)। ২ উপস্থিত (বন্ধু–সমাগম)। ৩ সঞ্চার (ফুলে ফুলে মধু সমাগম)। { *স.* সম্+আগম}

সমাঘ্রাত [শমাগ্‌ঘ্রাতো] *বিণ* উত্তমরূপে ঘ্রাণ নেওয়া হয়েছে এমন। { *স.* সম্+আঘ্রাত}

সমাচার [শমাচার] *বি* ১ খবর; বার্তা; সংবাদ (সালাম দেহ কহ গিয়া এই সমাচার—*সৈহা*)। ২ উত্তম আচার–ব্যবহার; শিষ্টাচার। { *স.* সম্+আচার}

সমাচ্ছন্ন [শমাচ্‌ছোননো] *বিণ* ১ সম্পূর্ণ অভিভূত (আনন্দে মন সমাচ্ছন্ন—*রঠা*)। ২ ঢাকা; আবৃত (মেঘে সমাচ্ছন্ন আকাশ)। **সমাচ্ছন্না** *স্ত্রী.*। ~**তা** *বি* ১ অভিভূতাবস্থা (মোহ–সমাচ্ছন্নতা)। ২ আচ্ছন্নতা; আবৃত অবস্থা। { *স.* সম্+আচ্ছন্ন}

সমাজ [শমাজ] *বি* ১ পরস্পর সহযোগিতা ও সহানুভূতির সঙ্গে বসবাসকারী মনুষ্যগোষ্ঠী। ২ সম্প্রদায় (পণ্ডিত–সমাজ)। ৩ একজাতীয় প্রাণীর দল বা সমাবেশ (পশু–সমাজ)। ৪ সভাসমিতি; পরিষদ (প্রহেলিকা কহে শুক রাজার সমাজে—*কমু*)। ৫ বৈষ্ণবদের সমাধিস্থল। ~**কর্ম** *বি* সমাজের সেবামূলক উদ্যোগ, আদর্শ ও তত্ত্ব এবং তৎসংক্রান্ত শাস্ত্র; social work। ~**কল্যাণ** *বি* সমাজের কল্যাণমূলক চিন্তা, আদর্শ, তত্ত্ব ও প্রয়োগ এবং তৎসংক্রান্ত শাস্ত্র; social welfare। ~**চ্যুত** *বিণ* গোত্র বা সঙ্ঘ থেকে বহিষ্কৃত; একঘরে। ~**জ্ঞতা** *বি* সমাজ সম্বন্ধে চেতনা; সামাজিকতা (দীনবন্ধুর এই অলৌকিক সমাজজ্ঞতা—*বচ*)। ~**তত্ত্ব** *বি* মানবসমাজের উৎপত্তি, গঠন, উৎকর্ষ বিধানসম্পর্কীয় নিয়ম কানুন বা প্রণালি যে শাস্ত্রের বিষয়বস্তু; sociology। ~**তন্ত্র** *বি* ব্যক্তি ও শ্রেণির মালিকানা বিলোপ করে সকলের হিতার্থে উৎপাদনের সহায়ক সকল বস্তু রাষ্ট্রের হাতে ন্যস্ত হওয়া প্রয়োজন—এই মতবাদমূলক শাসনব্যবস্থা বা দর্শন; socialism। ~**তন্ত্রী**(–ন্ত্রিন্) *বিণ* সমাজতন্ত্রমূলক শাসনব্যবস্থায় বিশ্বাসী; socialist। ~**তাত্ত্বিক** *বিণ* সমাজতত্ত্ব সম্বন্ধে জ্ঞানী ব্যক্তি; সমাজবিজ্ঞানী। ~**তান্ত্রিক** *বিণ* সমাজতন্ত্র সম্বন্ধে জ্ঞানী ব্যক্তি। ~**পতি** *বি* সমাজের নেতা বা সংরক্ষক; ব্রাহ্মণের পদবিবিশেষ। ~**বদ্ধ** *বিণ* সমাজে বসবাসকারী। ~**বিজ্ঞান** *বি* সমাজের সাংগঠনিক রীতিনীতি, তত্ত্ব–আদর্শ, সেবা–কল্যাণ প্রভৃতি সংক্রান্ত শাস্ত্র; sociology। ~**বিধি** *বি* সমাজসংরক্ষণের নিয়মাবলি। ~**বিরুদ্ধ**, ~**বিরোধী**(–ধিন্) *বিণ* সমাজের পক্ষে অনিষ্টকর; সমাজের রীতিনীতির বিরুদ্ধাচরণ–কারী (সমাজবিরোধী কার্যকলাপ)। ~**সংস্কার** *বি* সমাজের অসঙ্গতি দূর করে সমাজকে ত্রুটিমুক্তকরণ। ~**সংস্কারক** *বিণ* সমাজকে সুশোভন ও সুশৃঙ্খল–ভাবে সংগঠনকারী। ~**হিতৈষী**(–ষিন্) *বিণ* সমাজবদ্ধ মানুষের মঙ্গল কামনা করেন এমন। { *স.* সম্+√অজ্+অ(ঘঞ্)}

সমাদর [শমাদর] *বিণ* ১ অত্যন্ত যত্ন; অত্যধিক আদর; অতিশয় স্নেহ। □ *বি* ১ সম্মান করা; আদৃত করা (সাধু–সজ্জনের সমাদর করা)। ২ সম্মানার্থে সংবর্ধনা জ্ঞাপন। **সমাদৃত** *বিণ* ১ যত্ন–আদর–স্নেহকৃত। ২ সম্মানিত (সমাদৃত নেতা)। ৩ সেবাপ্রাপ্ত; আদৃত। **সমাদৃতা** *স্ত্রী.*। { *স.* সম্+আদর}

সমাধা, সমাধান [শমাধা, –ন্] *বি* ১ সম্পন্নকরণ (কার্য সমাধা করা)। ২ মীমাংসা; নিষ্পত্তি (বিচার সমাধা হল যবে—*রঠা*)। ৩ প্রতিকার। ৪ সমাপ্তি; শেষ। { *স.* সম্+আ+√ধা+অ(অঙ্)+আ(টাপ্), অন(ল্যুট্)}

সমাধি [শমাধি] *বি* ১ কবর; গোর; মাজার (সমাধিশায়িত)। ২ ধ্যান; গভীর মনোনিবেশ; প্রগাঢ় তন্ময়তা (কোন রঙ্গে ভঙ্গ করি তাহার সমাধি—*মদ*)। ৩ সমাধান; সমাপন (ভোজন সমাধি সবে কৈল আচমন—*কমু*)। ৪ পরমাত্মার সঙ্গে জীবাত্মার মিলন বা ঐক্যভাব। ৫ বিবাদ ভঙ্গকরণ। ৬ নীরবতা অবলম্বন; বাক্‌সংযম। ৭ কাব্যের অলঙ্কার বিশেষ। ~**ক্ষেত্র**, ~**স্থল**, ~**স্থান** *বি* করবস্থান; গোরস্থান; পূর্ণভাবে সমাহিত হওয়ার স্থান। ~**প্রস্তর**, ~**ফলক** *বি* কবরের উপর সংস্থাপিত স্মারকচিহ্ন বা প্রস্তর। ~**ভঙ্গ** *বি* ধ্যানভঙ্গ; সংযমভঙ্গ। ~**মগ্ন**, **সমাধিস্থ** *বিণ* ১ ধ্যানে বা তপস্যায় নিমগ্ন; ধ্যানস্থ। ২ কবরস্থ; সমাহিত। ~**মন্দির** *বি* কবরের উপর নির্মিত স্মৃতিমন্দির বা ভবন; সমাহিত করার স্থানে নির্মিত স্মৃতিসৌধ। ~**স্তম্ভ** *বি* কবরের উপরে স্মৃতিস্তম্ভ। { *স.* সম্+আ+√ধা+ই(কি)}

সমাধ্যায়ী(–য়িন্) [শমাদ্‌ধ্যায়ি] *বি* একসঙ্গে অধ্যয়নকারী; সহপাঠী; সতীর্থ। { *স.* সম+অধ্যায়ী}

সমান [শমান] *বিণ* ১ সমকক্ষ; সদৃশ (কেহ নাহি হারে জিতে সমানে সমান—*সৈহা*)। ২ মতো; তুল্য (পাথরের দেয়ালে পা রাখা যায় না—কাঁচের সমান—*অঠা*)। ৩ সমমূল্যের। ৪ ভারসাম্যযুক্ত (পাথর দুটি সমান)। ৫ একঘেয়েমি; বরাবর (সমানে বসে বা শুয়ে থাকা)। ৬ সোজা (সারি সমান করা)। ৭ সমগুণসম্পন্ন (সমান বুদ্ধিমান)। ৮ নাভিস্থিত বায়ুবিশেষ। **সমানাধিকরণ** *বি* যে গুণ দিয়ে পদার্থের তুল্য অধিকার বোঝায়; একজাতীয় সাধারণ গুণ। □ *বিণ* এক সময়ে বা একই স্থানে অবস্থান; সহবর্তী; (*ব্যা.*) একই বিভক্তিবিশিষ্ট; বিশেষ্য বিশেষণ সম্বন্ধবিশিষ্ট। ~ **সমান** *বিণ* সমকক্ষ; তুল্য; অধিকারী;

সমান শক্তিবিশিষ্ট। **সমানাধিকারী** *বি* জাতিধর্ম নির্বিশেষে সমান ক্ষমতার অধিকারী। **সমানাধিকারবাদ** *বি* সাম্যবাদ। { *স.* **সম**+আ+√অন্+অ(অচ); *বহু* }

সমানুপাত [শমানুপাত্] *বি* সদৃশ; অনুপাতের সমতা (যেমন ২ : ৪ : ৮ : ১৬); proportion। { *স.* সম+অনুপাত}

সমান্তর [শমানতর্] *বিণ (গণিত.)* সমান ব্যবধানযুক্ত। ২ *(গণিত.)* সমান রাশির পার্থক্যযুক্ত (২, ৪, ৬ ইত্যাদি)। { *স.* সম+অন্তর; *বহু* }

সমান্তরাল [শমান্তোরাল্] *বিণ* সর্বত্র এবং সর্বদা সমান দূরত্ববিশিষ্ট; parallel। { *স.* সম+অন্তরাল}

সমাপক [শমাপক্] *বিণ* সমাধাকারী। **সমাপিকা** *বিণ স্ত্রী.* ১ সম্পন্নকারিণী (গৃহকর্ম সমাপিকা)। ২ *(ব্যা.)* বাক্য বা বাক্যের অর্থবোধ সম্পন্নকারিণী ক্রিয়া (সমাপিকা ক্রিয়া)। { *স.* সম্+√আপি+অক(ণ্বুল্)}

সমাপন [শমাপোন্] *বি* ১ সম্পন্নকরণ; সমাপ্তি; শেষ (খননকার্য সমাপন)। ২ উদ্‌যাপন (পর্বাদি সমাপন)। ৩ শেষ (দিবা হল সমাপন—*রঠা*)। **সমাপনীয়** *বিণ* সমাপনযোগ্য। **সমাপ্য** *বিণ* সমাপনযোগ্য; সমাপনীয়। **সমাপিত** *বিণ* নিষ্পাদিত (সমাপিত কর্ম)। ২ সম্পাদিত (সংকলনের কাজ সমাপিত)। **সমাপিত করা** *ক্রি* সম্পাদিত বা নিষ্পাদিত করা। { *স.* সম্+√আপি+অন(ল্যুট্)}

সমাপ্ত [শমাপ্‌তো] *বিণ* সম্যক শেষ; সম্পূর্ণ। ২ বিগত; অতীত। **সমাপ্তি** *বি* সম্পন্ন; সমাধান। ২ অবসান; খতম; শেষ (যুগ-সমাপ্তি)। { *স.* সম্+√আপ্+ত(ক্ত)}

সমাবর্তন [শমাবরতোন্] *বি* ১ পুনরায় আগমন; ফিরে আসা; প্রত্যাবর্তন। ২ হিন্দু শাস্ত্রোক্ত চতুরাশ্রম ব্যবস্থায় শিক্ষা সমাপন ও ব্রহ্মচর্যের পর গুরুগৃহ থেকে প্রত্যাবর্তন। ৩ বিশ্ববিদ্যালয়ের উপাধি গ্রহণ ও বিতরণের সভা; convocation। ~ **উৎসব** *বি* বিশ্ববিদ্যালয়ে উপাধি প্রদানের উৎসব; convocation (বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে লর্ড কার্জন যে অভিভাষণ দিয়েছিলেন—*আনিস*)। **সমাবৃত্ত** *বিণ* প্রত্যাগত; পুনরায় আবর্তিত; ব্রহ্মচর্য পালনের পর গুরুগৃহ থেকে প্রত্যাবর্তন করে গৃহধর্মে প্রবিষ্ট। { *স.* সম+আ+√বৃৎ+অন(ল্যুট্)}

সমাবিষ্ট [শমাবিশ্‌টো] *বিণ* ১ আক্রান্ত; প্রভাবান্বিত (মোহ সমাবিষ্ট)। ২ সন্নিবিষ্ট; একাগ্রচিত্ত। ৩ সমবেত (কক্ষে সমাবিষ্ট সুধীবৃন্দ)। **সমাবিষ্টা** *স্ত্রী.*। { *স.* সম্+আ+√বিশ্+ত(ক্ত)}

সমাবৃত [শমাবৃতো] *বিণ* সম্পূর্ণ আবৃত; আচ্ছাদিত; আচ্ছন্ন (মনে হয় সমাবৃত হয়ে আছি কোন এক অন্ধকার ঘরে—*জীদা*)। ২ বেষ্টিত; ঘেরাও (প্রহরী-সমাবৃত)। { *স.* সম্+আ+√বৃ+ত(ক্ত)}

সমাবেশ [শমাবেশ্] *বি* ১ মিলন; অবস্থান (লোকসমাবেশ)। ২ সংকুলান। ৩ মনঃসংযোগ; অভিনিবেশ (পাঠে মন সমাবেশ)। ৪ সংগ্রহ (অনেক কবিতার সমাবেশ)। ৫ বিন্যাস; সুশৃঙ্খল প্রতিষ্ঠা (সৈন্য সমাবেশ)। ৬ প্রবেশ। **সমাবেশিত** *বিণ* সমাবেশকৃত; সংস্থাপিত; অভিনিবিষ্ট; বিন্যস্ত। { *স.* সম্+আ+√বিশ্+অ(ঘঞ্)}

সমারম্ভ [শমারম্‌ভো] *বি* ১ সাড়ম্বরে শুরু (যাত্রা সমারম্ভ) ২ জাঁকজমক; আড়ম্বর। ৩ সমারোহ; আরম্ভ; ঘটা (বসন্তের সমারম্ভ)। ৪ পর্ব বা অনুষ্ঠান করা। { *স.* সম্+আ+√রভ্+অ(ঘঞ্)}

সমারূঢ় [শমারুঢ়ো] *বিণ* সম্যক উপরে উপবিষ্ট; বিশেষভাবে অধিষ্ঠিত (সামাজিক বৃক্ষে সামাজিক বানর সমারূঢ় দেখিলেই অমনি তুলি ধরিয়া তাহার লেজ শুদ্ধ আঁকিয়া লইতেন—*বচ*)। **সমারূঢ়া** *স্ত্রী.*। { *স.* সম্+আ+√রুহ্+ত(ক্ত)}

সমারোহ [শমারোহো] *বি* ১ আড়ম্বর; জাঁকজমক; শানশওকত; ঘটা (তার সমারোহ ভাব কিছু নেই—*রঠা*)। ২ সম্যক আরোহণ। ৩ অত্যন্ত উন্নতি (ভাগ্যের সমারোহ)। **সমারোহণ** *বিণ* সম্যকভাবে আরোহণ; বিশেষভাবে অধিষ্ঠান। { *স.* সম্+আ+√রুহ্+ই(ণিচ্)+অ(ঘঞ্)}

সমার্থ, সমার্থক [শমারথো, -থক্] *বিণ* সমান বা সদৃশ অর্থযুক্ত; একই মানে বা অর্থবিশিষ্ট। { *স.* সম+অর্থ, অর্থক}

সমালুম [শমালুম্] *বিণ* সম্যক জ্ঞাত হয়েছে এমন; ভালোভাবে জানা (সংস্কৃত কথা বাংলা ভাষার মধ্যে যত সহজে বেমালুম খাপ খায়, গ্রীক ও জার্মান কথা ততই সহজে সমালুম বেখাপ্পা হয়—*প্রচৌ*)। { *স.* স+*আ.* মা'লুম معلوم }

সমালোচক [শমালোচোক্] *বি, বিণ* দোষগুণ সম্যক আলোচনাকারী (সাহিত্য সমালোচক)। **সমালোচিকা** *স্ত্রী.*। { *স.* সম্+আলোচক}

সমালোচন, সমালোচনা [শমালোচোন্, -না] *বি* ত্রুটি-বিচ্যুতি প্রদর্শনপূর্বক আলোচনা (বিশ্বযুদ্ধ যতেক ক্রুদ্ধ সমালোচন—*রঠা*)। ২ সাহিত্য বা শিল্পের দোষগুণের রসজ্ঞ আলোচনা; criticism। **সমালোচক** *বি, বিণ* সমালোচনা করে যে; সমালোচনাকারী; দোষ বা ত্রুটি প্রদর্শক। **সমালোচিকা** *বি, বিণ স্ত্রী.*। **সমালোচনীয়** *বিণ* সমালোচনার যোগ্য বা উপযুক্ত। **সমালোচিত** *বিণ* দোষগুণ সম্বন্ধে সম্যক আলোচনা করা হয়েছে এমন। **সমালোচ্য** *বিণ* সমালোচনার উপযুক্ত; আলোচনার অন্তর্ভুক্ত (সমালোচ্য প্রবন্ধ)। { *স.* সম্+আলোচন, আলোচনা}

সমাস [শমাশ্] *বি* ১ *(ব্যা.)* একাধিক পদের একপদে সংকোচন। ২ সংক্ষেপ। ৩ মিলন। ৪ সংগ্রহ। { *স.* সম্+√অস্+অ(ঘঞ্)}

সমাসক্ত [শমাশোক্‌তো] *বিণ* ১ সম্যক বা অত্যন্ত আসক্ত। ২ সংলগ্ন; সংযুক্ত। ৩ বিশেষভাবে নিবিষ্ট; অভিনিবিষ্ট। **সমাসক্তি** *বি* ১ গভীর আসক্তি। ২ নিবিড় সংযোগ। { *স.* সম+আ+√সন্‌জ্+ত(ক্ত)}

সমাসঙ্গ [শমাশোঙ্‌গো] *বি* ১ অত্যধিক আসক্তি; আকর্ষণ। ২ সম্মিলন; সংযোগ। ৩ মনঃসংযোগ; মনোনিবেশ; অভিনিবেশ। { *স.* সম্+আ+√সন্‌জ্+অ(ঘঞ্)}

সমাসন্ন [শমাশোন্‌নো] *বিণ* ১ অতি আসন্ন; অত্যন্ত নিকটবর্তী। ২ সমাপ্ত। { *স.* সম্+আ+√সদ্+ত(ক্ত)}

সমাসাদিত [শমাশাদিতো] *বিণ* সম্প্রাপ্ত; সমাহৃত। { *স.* সম্‌+আসাদিত}

সমাসীন [শমাশিন্] *বিণ* ১ উপবিষ্ট; আরূঢ় (সিংহাসনে সমাসীন)। { *স.* সম্‌+√আস্‌+ঈন(শানচ্) }

সমাসোক্তি [শমাশোকতি] *বি* ১ (*আল.*) কাব্যের অর্থালঙ্কারবিশেষ; personification। ২ কাব্যের যে অলঙ্কারে প্রাসঙ্গিক বিষয়ে অপ্রাসঙ্গিক বিষয়ের গুণ বা ধর্ম আরোপ করা হয়। { *স.* সমাস+উক্তি; *সুপ্‌সুপা*}

সমাহরণ [শমাহরোন্] *বি* জমানো; সঞ্চয়ন; একত্রীকরণ (একটি বৃক্ষ পাইয়া তাহা হইতে প্রয়োজনীয় কাষ্ঠ সমাহরণ করিলেন—*বচ*)। **সমাহর্তা** *বি,বিণ* ১ সংগ্রহকারী। ২ সরকারি রাজস্ব আদায়কারী কর্মচারী; collector। **সমাহর্ত্রী** *বিণ স্ত্রী.*। { *স.* সম্‌+আ+√হৃ+অন(ল্যুট্) }

সমাহার [শমাহার্] *বি* ১ একত্রীকরণ; মিলন (বিদ্যার পুঞ্জ করিলেন সমাহার—*সদ*)। ২ সংগ্রহ। ৩ সমূহ; সকল। ৪ (*ব্যা.*) দ্বিগু ও দ্বন্দ্ব সমাসবিশেষ। **সমাহারী**(–রিন্) *বিণ* সংগ্রহকারী; আহরণকারী (অমরাবতীর সমাহারী নারী হেলেনের বালালোল—*বিদে*)। { *স.* সম্‌+আ+√হৃ+অ(ঘঞ্) }

সমাহিত [শমাহিতো] *বিণ* ১ চিন্তায় নিমগ্ন; নিবিষ্টচিত্ত; ধ্যানমগ্ন (ভাবমুগ্ধ আইউব নিশ্চল স্থির সমাহিত—*শেক*)। ২ মীমাংসিত। ৩ নিষ্পাদিত। ৪ কবরে স্থাপিত; সমাধিস্থ। ৫ অবহিত। ৬ অবিচলিত; দৃঢ়। ৭ সংযত। **সমাহিতা** *বিণ স্ত্রী.*। { *স.* সম্‌+আ+√ধা+ ত(ক্ত) }

সমাহৃত [শমাহৃতো] *বিণ* ১ একত্রীকৃত; সংগৃহীত। ২ মিলিত। ৩ হ্রস্বীকৃত। ৪ আনয়ন করা হয়েছে এমন। ৫ আয়োজনকৃত। ৬ সম্যকপ্রাপ্ত। **সমাহৃতি** *বি* ১ আহরণ। ২ হ্রস্বীকরণ। ৩ আনয়ন। ৪ সম্মেলন। ৫ প্রাপ্তি। ৬ আয়োজন। { *স.* সম্‌+আ+√হৃ+ত (ক্ত) }

সমিৎ ⇒ সমিধ

সমিতি [শোমিতি] *বি* ১ সঙ্ঘ (ছাত্র সমিতি)। ২ সভা; পরিষদ। { *স.* সম্‌+√ই+তি(ক্তি) }

সমিদ্ধ [শোমিদ্‌ধো] *বিণ* ১ প্রজ্বলিত। ২ উত্তেজিত; উত্তপ্ত। { *স.* সম্‌+√ইন্ধ্‌+ত(ক্ত) }

সমিধ, সমিৎ [শোমিধ্, –ত্] *বি* ১ যজ্ঞীয় কাষ্ঠ (ফল, কুসম, কুশ সমিধ আহরণের নিমিত্ত—*ঈবি*)। ২ ইন্ধন; জ্বালানি। ৩ আগুন (ভোগের সমিধ্ জ্বালিয়া আমরা পুড়িতেছি বারে বারে—*জউ*)। { *স.* সম্‌+√ইন্ধ্‌+ক্বিপ্ }

সমীকরণ [শোমিকরোন্] *বি* ১ তুল্য বা একজাতীয়করণ। ২ (*গণিত.*) জ্ঞাত রাশি থেকে অজ্ঞাত রাশি নিরূপণ; এক রাশি বা রাশিসমূহের সঙ্গে অন্য রাশি বা রাশিসমূহের সমতা বিধান; equation। ৩ (*ব্যা.*) খাঁটি বাংলা ভাষায় দুটি শব্দ একত্র সংযুক্ত হলে দ্রুত উচ্চারণে পূর্ব পদের শেষ বর্ণ ও পর পদের প্রথম বর্ণ অনুরূপ হয়, একে সমীকরণ বলে। { *স.* সম্‌+ঈ(চ্বি)+√কৃ+অন(ল্যুট্) }

সমীক্ষ [শোমিক্‌খো] *বি* ১ সম্যক জ্ঞান। ২ সম্যক দৃষ্টি। ৩ অনুসন্ধান। ৪ বিবেচনা। ৫ সাংখ্যদর্শন। **সমীক্ষণ** *বি* বিশেষভাবে দর্শন; পর্যবেক্ষণ; অন্বেষণ; খোঁজ-খবর করা; আলোচনা। **সমীক্ষা** *বি* ১ জ্ঞান (এক বৎসর মনস্তত্ত্ব হাসপাতালে পর্যবেক্ষণ সমীক্ষা—*সৈমু*)। ২ অন্বেষণ; অনুসন্ধান। ৩ মীমাংসা-দর্শন (পূর্ব এবং উত্তর মীমাংসা)। ৪ বিবেচনা; বিচার। ৫ মীমাংসা; আপোস। ৬ সাংখ্যের বুদ্ধি আদি চতুর্বিংশতি তত্ত্ব। **সমীক্ষিত** *বিণ* ১ সম্যক দৃষ্টি। ২ পর্যালোচিত। ৩ অন্বেষিত; পর্যবেক্ষিত। **সমীক্ষ্য** *বি* সাংখ্য-দর্শন। □*বিণ* বিচার করতে হবে এমন; বিচার্য। **সমীক্ষ্যকারী**(–রিন্) *বিণ* পূর্বাপর পর্যালোচনা-পূর্বক কাজ করে এমন। **সমীক্ষ্যকারিতা** *বি* পরিণাম-দর্শিতা। **সমীক্ষ্যাবাদী**(–দিন্) *বি,বিণ* পূর্বাপর বিবেচনার পক্ষপাতী; যে পূর্বাপর পর্যালোচনাপূর্বক কথা বলে। { *স.* সম্‌+√ঈক্ষ্‌+অ(ঘঞ্)+আ(টাপ্) }

সমীচীন [শোমিচিন্] *বিণ* ১ সঙ্গত। ২ যোগ্য; উপযুক্ত। ৩ উত্তম। ৪ যথার্থ; সত্য। ৫ উচিত। { *স.* সম্যচ্‌+ঈন(খ) }

সমীপ [শোমিপো] *বিণ* সন্নিধান; নিকট। □*বি* (*ব্যা.*) সন্নিধি। **~পাতিত** *বিণ* নিকটে স্থাপিত (সমীপপাতিত আসনের দিকে অঙ্গুলি প্রয়োগ করিয়া কহিলেন, "এই আসনে উপবেশন কর"—*ঈবি*)। **–বর্তী**(–তিন্), **সমীপস্থ** *বি* নিকটবর্তী (সমীপবর্তী বকুল বৃক্ষের স্কন্ধে অশ্ববন্ধন—*ঈবি*)। **–বর্তিনী, সমীপস্থা** *স্ত্রী.*। { *স.* সম্‌+অপ্; *বহু* }

সমীর, সমীরণ [শোমির্, –রন্] *বি* বায়ু; বাতাস। **সমীরিত** *বিণ* বায়ু প্রবাহিত (এখনও সেখানে উষ্ণ নিঃশ্বাস সমীরিত—*রঠা*)। { *স.* সম্‌+√ঈর্‌+অ(অচ), অন(ল্যুট্) }

সমীহ [শোমিহো] *বি* সম্মান প্রদর্শন। ২ সমাদর; খাতির। ৩ শ্রদ্ধাযুক্ত সংকোচভাব; সমীহা; শ্রদ্ধা। { *স.* সম্‌+√ঈহ্‌+অ }

সমীহা [শোমিহা] *বি* ১ চেষ্টা। ২ আকাঙ্ক্ষা; ইচ্ছা। ৩ সন্ধান। { *স.* সমীহ+আ(টাপ্) }

সমুখ, সমুক [শোমুখ্, –ক্] *বি* অভিমুখ; সমক্ষ; সম্মুখ। □*বিণ* ১ মুখোমুখি; সামনে (সমুখে দেখেন চক চাঁদনী সুন্দর—*ভারা*)। ২ নিকট (আমার দ্বারের সমুখ দিয়া সে জন করে আসা যাওয়া—*রঠা*)। { *স.* সম্‌+মুখ=সম্মুখ> }

সমুচয় ⇒ সমুচ্চয়

সমুচা ⇒ সমসা

সমুচা, সমুচয় [শোমুচা, –চয়্] *বিণ* ১ সমুদয়; সমস্ত। ২ আস্ত; অবিভক্ত; গোটা (হিয়া দাঁড়িগোঁফ সমেত আরেকটি সমুচা রবি ঠাকুর বেহেশত থেকে টুকুস করে ঢসকে পড়বেন—*সৈমু*)। { *হি* সমুচা, সমুচয় }

সমুচিত [শোমুচিত্] *বিণ* ১ যথাবিহিত; যোগ্য (সমুচিত সম্মান প্রদর্শন)। ২ ন্যায়সংগত (সমুচিত বিচার)। { *স.* সম্‌+√উচ্‌+ত(ক্ত) }

সমুচ্চ [শোমুচ্‌চো] *বিণ* ১ সমান উচ্চ; উচ্চতায় সমতাযুক্ত (সংসারের সোনার খাঁচায় সংহিতার সমুচ্চ মাচায় মসৃণ তৃপ্তিতে—*বিদে*)। ২ আড়ম্বরপূর্ণ (ভুলাইতে ছদ্মবেশী সমুচ্চ তুচ্ছতা আপনার—*রঠা*)। { *স.* সম্‌+উচ্চ }

সমুচ্চয়, সমুচয় [শোমুচ্‌চয়্, শোমুচয়্] *বি* ১ মিলন; সমাহার। ২ সমূহ; সকল। ৩ চিহ্ন; দাগ। ৪ পরিমাণ। ৫ কাব্যের অলঙ্কারবিশেষ। { *স.* সম্‌+উদ্‌+√চি+অ(অচ্) }

সমুচ্চার [শোমুচ্‌চার্] *বি* শব্দের উচ্চারণ। { *স.* সম্‌+উদ্‌+√চারি+অ }

সমুচ্চারণ [শোমুচ্‌চারোন্] *বি* মিলিত উচ্চারণ। { *স.* সম্‌+উদ্‌+√চারি+অন(ল্যুট্) }
সমুচ্চার্য [শোমুচ্‌চারজো] *বিণ* সম্যকভাবে উচ্চারণযোগ্য। { *স.* সম্‌+উদ্‌+√চারি+য(যৎ) }
সমুচ্ছল [শোমুচ্‌ছল্] *বিণ* উচ্ছ্বসিত; অতিশয় উচ্ছলিত; উথলিত (তার সমুচ্ছল কলকথা—*রঠা*)। { *স.* সম্‌+উচ্ছল }
সমুচ্ছিন্ন [শোমুচ্‌ছিন্‌নো] *বিণ* সম্পূর্ণরূপে উন্মূলিত বা বিনাশিত। { *স.* সম্‌+উদ্‌+√ছিদ্‌+ত(ক্ত) }
সমুচ্ছেদ [শোমুচ্‌ছেদ্] *বি* সম্যক উচ্ছেদ; মূলোৎপাটন। **সমুচ্ছেদন** *বি* সমূলে বিনাশ; উন্মূলন। { *স.* সম্‌+উদ্‌+√ছিদ্‌+অ(ঘঞ্) }
সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায় [শোমুচ্‌ছ্রয়, -ছ্রায়] *বি* সম্যক স্ফীতি; অতিশয় উন্নতি; অতি বৃদ্ধি। **সমুচ্ছ্রিত** *বিণ* অতিশয় স্ফীত বা বৃদ্ধিপ্রাপ্ত; অত্যুন্নত। { *স.* সম্‌+উদ্‌+√শ্রি+অ(অচ্), অ(ঘঞ্) }
সমুচ্ছ্বাস [শোমুচ্‌ছাশ্] *বি* ১ প্রবল শ্বাস-প্রশ্বাস। ২ প্রবল উচ্ছ্বাস। ৩ স্ফীতি। **সমুচ্ছ্বসিত** *বিণ*। { *স.* সম্‌+উদ্‌+√শ্বস্‌+অ(ঘঞ্) }
সমুজ ⇒ সমঝ
সমুজ্জ্বল [শোমুজ্‌জল্] *বিণ* বিশেষভাবে উজ্জ্বল; প্রভা ও দীপ্তিযুক্ত। { *স.* সম্‌+উদ্‌+√জ্বল্‌+অ(অচ্) }
সমুজ্‌ঝিত [সমুজ্‌ঝিতো] *বিণ* সম্পূর্ণরূপে পরিত্যাগ করা হয়েছে এমন; পরিত্যক্ত। { *স.* সম্‌+√উজ্‌ঝ্‌+ত(ক্ত) }
সমুঝা (*মবা.*) [সমুঝা] *ক্রি* বোঝা। **সমুঝনু** *ক্রি* বুঝালাম (সমুঝনু তব হাস—*বিপ*)। **সমুঝব** *ক্রি* বুঝবে (কো ইব সমুঝব—*বিপ*)। **সমুঝাই** *ক্রি* ১ বোঝাও (মোহে সমুঝাই—*বিপ*)। ২ বুঝিয়ে। **সমুঝাল** *ক্রি* বোঝাল। (⇒ সমঝ)
সমুৎকর্ণ [শোমুত্‌করনো] *বিণ* সম্যক উৎকর্ণ; শোনার জন্য অতিশয় ব্যগ্র (সমুৎকর্ণ অরণ্যানী ঊর্ধ্বগ্রীব পর্বতের মালা—*বিদে*)। { *স.* সম্‌+উৎকর্ণ; বহু }
সমুৎকীর্ণ [শোমুত্‌কিরনো] *বিণ* ভালোভাবে খোদিত। { *স.* সম্‌+উৎকীর্ণ }
সমুত্থান [শোমুত্‌থান্] *বি* ১ অভ্যুদয়; সম্যক উত্থান। ২ উদয়। ৩ রোগমুক্তি। { *স.* সম্‌+উত্থান }
সমুত্থিত [শোমুত্‌থিতো] *বিণ* ১ উত্তেজিত হয়েছে এমন। ২ উদ্‌গত। **সমুত্থিতা** *বিণ স্ত্রী.*। { *স.* সম্‌+উত্থিত }
সমুৎপাটন, সমুৎসাদন [শোমুত্‌পাটোন্, -শাদোন্] *বি* মূলোৎপাটন; সম্পূর্ণ ধ্বংস। **সমুৎপাটিত, সমুৎপাদিত** *বিণ* মূলোৎপাটন করে সম্পূর্ণ ধ্বংস করা হয়েছে এমন। { *স.* সম্‌+উদ্‌+√পট্‌+ই(ণিচ্)+অন(ল্যুট্), √সাদি+অন(ল্যুট্) }
সমুৎসুক [শোমুত্‌শুক্] *বিণ* ১ অতিশয় আগ্রহ বা জানার ঔৎসুক্য প্রকাশক। ২ চিন্তাযুক্ত; উৎকণ্ঠিত (সংবাদ পাওয়ার জন্য মা সমুৎসুক)। { *স.* সম্‌+উৎসুক }
সমুদ, সমুদ [শোমুদ্] *বি* আরবদেশের প্রাচীন সম্প্রদায়বিশেষ (মাথা চাড়া দিয়ে কাঁটাবনে জাগে নতুন আদ-সমুদ—*ফঅা*)। { *আ.* ছমূদ ثمود }
সমুদয়, সমুদায় [শোমুদয়, -দায়] *বি* সম্যক উদয়; উত্থান; সমষ্টি। □ *বিণ* সমস্ত; সকল। { *স.* সম্‌+উদ্‌+√ই+অ(অচ্), অ(ঘঞ্) }
সমুদার [শোমুদার] *বিণ* সম্যক উদার; শান্ত (সমুদ্রেরি মত সমুদার—*সদ*)। { *স.* সম্‌+উদ্‌+আ+√রা+অ(ক) }
সমুদিত [শোমুদিতো] *বিণ* ১ সম্যকরূপে উদিত (সমুদিত সূর্যের আলো)। ২ উৎপন্ন (মৃত্তিকাসমুদিত খাদ্য)। ৩ আবির্ভূত। ৪ সম্যক কথিত। { *স.* সম্‌+উদ্‌+√ই+ত(ক্ত) }
সমুদ্‌গত [শোমুদ্‌গতো] *বিণ* ১ উৎপন্ন। ২ মাটি ভেদ করে উৎপন্ন। **সমুদ্‌গম** *বি* ১ উৎপত্তি। ২ উদয়। { *স.* সম্‌+উদ্‌+√গম্‌+ত(ক্ত) }
সমুদ্‌গীর্ণ [শোমুদ্‌গিরনো] *বিণ* উচ্চারিত; উক্ত। { *স.* সম্‌+উদ্‌+√গৃ+ত(ক্ত) }
সমুদ্দুর ⇒ সমুদ্র[২]
সমুদ্ধত [শোমুদ্‌ধতো] *বিণ* ১ উদ্ধত। ২ গর্বিত। ৩ দুর্বিনীত। { *স.* সম্‌+উদ্‌+√হন্‌+ত(ক্ত) }
সমুদ্ধরণ, সমুদ্ধৃতি [শোমুদ্‌ধরোন্, -ধৃতি] *বি* উঠানো; উত্তোলন; অপরের রচনার উদ্ধৃতি বা সংগ্রহ; বমন। **সমুদ্ধৃত** *বিণ* উত্তোলিত; অপরের রচনা থেকে উদ্ধৃত; বমিত। { *স.* সম্‌+উদ্‌+√হৃ+অন(ল্যুট্), তি(ক্তি) }
সমুদ্ধর্তা [সমুদ্‌ধরতা] *বিণ* ১ উদ্ধারকর্তা। ২ মুক্তিদাতা। { *স.* সম্‌+উদ্‌+√হৃ+তৃ(তৃচ্) }
সমুদ্ভব [শোমুদ্‌ভব্] *বি* ১ আবির্ভাব; প্রকাশ (নূতন সন্ন্যাসীর সমুদ্ভব)। ২ জন্ম; উৎপত্তি (গান সে অসপত্ন তব—অমৃত সমুদ্ভব—*সদ*)। ৩ সম্ভাবনা। **সমুদ্ভূত** *বিণ* উৎপন্ন; জাত। { *স.* সম্‌+উদ্‌+√ভূ+অ(অচ্) }
সমুদ্ভাসন ⇒ সমুদ্ভাসিত
সমুদ্ভাসিত [শোমুদ্‌ভাশিতো] *বিণ* ১ সুশোভিত। ২ আলোকিত; উজ্জ্বলীকৃত (সুগন্ধি দীপমালায় প্রতি কক্ষ সমুদ্ভাসিত—*শেক*)। ৩ সুপ্রকাশিত। **সমুদ্ভাসন** *বি* দীপ্তি। { *স.* সম্‌+উদ্‌+√ভাসি+ত(ক্ত) }
সমুদ্‌ভ্রান্ত [শোমুদ্‌ভ্রানতো] *বিণ* ব্যস্তসমস্ত; সম্যক উদ্‌ভ্রান্ত (নহি আর সমুদ্‌ভ্রান্ত ক্ষুধিত নয়ানে—*সদ*)। { *স.* সম্‌+উদ্‌+√ভ্রম্‌+ত(ক্ত) }
সমুদ্যত [শোমুদ্‌দতো] *বিণ* ১ সম্যক উদ্যত। ২ উত্তোলিত; উত্থিত। **সমুদ্যতা** *বিণ স্ত্রী.*। { *স.* সম্‌+উদ্‌+√যম্‌+ত(ক্ত) }
সমুদ্যম [শোমুদ্‌দম্] *বি* ১ সম্যক উদ্যম; চেষ্টা। ২ শুরু; আরম্ভ। { *স.* সম্‌+উদ্‌+√যম্‌+অ(ঘঞ্) }
সমুদ্র, সমুদ্দুর, সুমুদ্দুর, সমুন্দর [শোমুদ্‌দ্রো, শোমুদ্‌দুর, -শু-, শমুন্‌দর] *বি* যে বিশাল জলরাশি ভূমণ্ডল পরিবেষ্টিত করে আছে; সাগর; বারীশ; সিন্ধু; বারিধি; উদধি; অর্ণব; জলধি; রত্নাকর (সমুদ্রসৈকত—*বচ*)। **সমুদ্রকান্তা** *বি* নদী। **সমুদ্রগর্ভ** *বি* সাগরের তলদেশ বা অভ্যন্তরভাগ। **সমুদ্রনেমি, সমুদ্ররসনা, সমুদ্রমেখলা** *বি* পৃথিবী। **সমুদ্রবহ্নি** *বি* সাগরের জলে যে অগ্নি জ্বলে। **সমুদ্রমন্থন** *বি* ১ হিন্দুপুরাণে কথিত দেবাসুরের লক্ষ্মীদেবীকে লাভের জন্য সমুদ্রমন্থন। ২ জটিল পরিণতিযুক্ত ব্যাপার। **সমুদ্রযাত্রা** *বি* সমুদ্রপথে বিদেশগমন। **সমুদ্রযান** *বি* সামুদ্রিক জাহাজ; অর্ণবপোত। **সমুদ্র-সঙ্গম** *বি* নদী ও সমুদ্রের মিলনস্থল (নানা প্রভাব সমুদ্র-সঙ্গমের মতো এক কাব্যে এসে আত্মপ্রকাশ করেছে—*মুএ*)। **সমুদ্রসৈকত** *বি* সমুদ্রের বালুকাবিস্তৃত তীরভূমি। **সমুদ্রে**

ঝাঁপ দেওয়া *ক্রি (আল.)* ভয়ানক বিপদে পড়া। **সমুদ্রে বিন্দুপাত, সমুদ্রে বারিবিন্দু**—১ বিশাল সমুদ্রে এক ফোঁটা পানি পড়লে তা গণনার মধ্যেই আসে না। ২ *(আল.)* প্রয়োজন যেখানে বিপুল পরিমাণের সেখানে অতি অল্প সরবরাহ মূল্যহীন। { *স.* সম্+√উন্দ্+র(রক্)}

সমুন্দ [শোমুনদো] *বি* ১ অতি উৎকৃষ্ট ঘোড়া। ২ যে ঘোড়ার রং হরিদ্রা বর্ণ ও লেজ কালো (সমুন্দের পৃষ্ঠে বীর চলিল লাফিয়ে—*হেমা*)। { *ফা.* সমুন্দ سمند }

সমুন্দর ⇒ সমুদ্র

সমুন্নত [শোমুন্নতো] *বিণ* ১ অতিশয় উচ্চ (সমুন্নত পর্বতশৃঙ্গ)। ২ সমৃদ্ধশালী (সমুন্নত শহর)। ৩ উচ্চপদস্থ (সমুন্নত কর্মচারী)। ৪ উচ্চপদস্থ; মহৎ বা বিশাল (সমুন্নত হৃদয়)। ৫ মর্যাদাবিশিষ্ট। **সমুন্নতি** *বি* ১ মহত্ত্ব; গৌরব। ২ বৃদ্ধি; প্রসার (সমুন্নত এলাকা)। ৩ উন্নতি (সমুন্নতি হওয়া)। { *স.* সম্+উদ্+√নম্+ত(ক্ত)}

সমুন্নয়, সমুন্নয়ন [শোমুন্নয়, –নয়োন] *বি* ১ উন্নতি সাধন। ২ উত্তোলন; উচ্চকরণ; ঊর্ধ্বে নয়ন উৎক্ষেপণ; উদ্ভাবন। { *স.* সম্+উদ্+√নী+অ(অচ্), অন(ল্যুট্)}

সমুপচিত [শমুপোচিতো] *বিণ* বৃদ্ধিপ্রাপ্ত। { *স.* সম্+উপ+√চি+ত(ক্ত)}

সমুপস্থিত [শোমুপোসথিতো] *বিণ* নিকটবর্তী; সমীপে উপস্থিত এমন (দেখ হে আমার বিদায়লগ্ন সমুপস্থিত—*ওহ*)। { *স.* সম্+উপ+√স্থা+ত(ক্ত)}

সমুপেত [শমুপেতো] *বিণ* সমাগত; সমুপস্থিত। { *স.* সম্+উপ+√ই+ত(ক্ত)}

সমুল্লসিত [শমুললোশিতো] *বিণ* অত্যন্ত উল্লাসযুক্ত; অতিশয় উৎফুল্ল। { *স.* সম্+উদ্+√লস্+ত(ক্ত)}

সমুসা, সমুচা [শোমুসা, –চা] *বি* মাংসের বা গোশ্‌তের পুর দেওয়া পিঠাবিশেষ। { *ফা.* সমূসহ্ سموسه }

সমূল [শমুল] *বিণ* ১ মূলসহ। ২ উৎস বা কারণসহ। ৩ সম্পূর্ণ। { *স.* স+মূল; *বহু*}

সমূলক [শমুলক] *বিণ* ১ সহেতুক (অমূলক ও সমূলক কারণে—*রঠা*)। ২ সত্য। **সমূলে** *ক্রিবিণ* মূলসমেত (সমূলে নির্মূল করা)। { *স.* স+মূলক; *বহু*}

সমূহ [শোমুহো] *বি* রাশি। ২ গণ; সমস্ত। ❑ *বিণ (ব্যা.)* প্রচুর; অনেক; অতিশয়; বেজায় (সমূহ ক্ষতি)। ৪ ভয়ানক; চরম (সমূহ বিপদ)। { *স.* সম্+√উহ্+অ(ঘঞ্)}

সমৃদ্ধ [শমৃদধো] *বিণ* ১ ঐশ্বর্যশালী (সমৃদ্ধ পরিবার)। ২ উন্নত (সমৃদ্ধ শহর)। ৩ যথেষ্ট বৃদ্ধিপ্রাপ্ত। **সমৃদ্ধা** *বিণ স্ত্রী.*। **সমৃদ্ধি** *বি* ১ সমুন্নতি। ২ যথেষ্ট। ৩ ঐশ্বর্য। **~শালী** *বিণ* ঐশ্বর্যশালী; সম্পন্ন; সম্পদশালী। { *স.* সম্+√ঋধ্+ত(ক্ত)}

সমেত [শমেত] *বিণ* ১ সাথে; সঙ্গে; সহিত (বোঝাই গাড়িসমেত খাদের মধ্যে পড়িয়া হতভাগ্য বলদ—*রঠা*)। ২ প্রাপ্ত। ৩ উপস্থিত। { *স.* সম্+আ+√ই+ত(ক্ত)}

সমে সমে [শমে শমে] *বি* সঙ্গে সঙ্গে; সাথে সাথে; তালের সমাপ্তিতে (যে সমে সমে মাথা নাড়তে পারে তাকে আদর-কদর করবেন—*সৈমু*)। { *স.* সম+*বা.* এ>}

সম্পৎ ⇒ সম্পদ

সম্পত্তি [শম্‌পোত্‌তি] *বি* ১ ঐশ্বর্য; বিভব। ২ ধন। ৩ বিষয়-আশয়; জায়গা-জমি। ৪ সম্বল। ৫ গৌরব। **~শালী(–লিন্)** *বিণ* ১ সম্পন্ন; বিত্তশালী; ধনী। ২ বাড়ি, জমি ইত্যাদির মালিক। { *স.* সম্+√পদ্+তি(ক্তি)}

সম্পদ, সম্পৎ [শম্‌পদ, –ত্] *বি* ১ ধন; ঐশ্বর্য। ২ উৎকর্ষ (ভাবসম্পদ)। ৩ গৌরব; মহিমা; মর্যাদা। ৪ সম্বল; পুঁজি; সংস্থান। **~শালী** *বিণ* বিত্তশালী; ঐশ্বর্যশালী; ধনী। { *স.* সম্+√পদ্+ক্বিপ্}

সম্পন্ন [শম্‌পন্‌নো] *বিণ* ১ বিত্তশালী; সম্পত্তিশালী (সম্পন্ন অবস্থা)। ২ যুক্ত; সংবলিত (বুদ্ধি বিবেচনা সম্পন্ন)। ৩ নিষ্পন্ন; সম্পাদিত; সমাধা; শেষ; সম্পূর্ণ (কাজ সম্পন্ন হয়েছে)। **সম্পন্না** *বিণ স্ত্রী.* সংগতি আছে এমন (সচরাচর দাসীর অপেক্ষা সম্পন্না—*বচ*)। { *স.* সম্+√পদ্+ত(ক্ত)}

সম্পর্ক [শম্‌পর্‌কো] *বি* ১ সম্বন্ধ; সংযোগ (গ্রাম সম্পর্কে)। ২ আত্মীয়তা (সম্পর্কে চাচা)। ৩ বন্ধুত্ব; সংসর্গ (অসতের সম্পর্ক)। ৪ যোগাযোগ; সংস্রব; আদান-প্রদান (তারা সম্পর্কশূন্য)। **সম্পর্কিত, সম্পর্কী(–র্কিন্)**; **সম্পর্কীয়** *বিণ* সম্পর্কযুক্ত; সংক্রান্ত। **সম্পর্কিতা, সম্পর্কীয়া** *বিণ স্ত্রী.*। { *স.* সম্+√পৃচ্+অ(ঘঞ্)}

সম্পাত [শম্‌পাত্] *বি* ১ পতন (অশনি সম্পাত)। ২ অভিশাপ (গোরক্ষনাথের সম্পাতে ভাণ্ডারে কিছু নাঞি—*জয়*)। ❑ *বিণ* প্রতিফলন; প্রবেশ (আলোকসম্পাত; অতি অপরূপ শোভায় শোভিল জ্যোৎস্নায় সম্পাতে—*মোম*)। { *স.* সম্+√পত্+অ(ঘঞ্)}

সম্পাদক [শম্‌পাদক্] *বিণ* ১ সম্পাদনকারী; নির্বাহক; কর্ম-সচিব। ❑ *বি* ১ সংবাদপত্রাদির প্রধান নীতিনির্ধারক ও পরিচালক; পুস্তকাদির সংকলক; editor। ২ সভাসমিতি, বিদ্যালয় ইত্যাদি অনুষ্ঠানের কার্যনির্বাহক; secretary। **সম্পাদিকা** *বিণ, স্ত্রী.*। **সম্পাদকীয়** *বি* পত্রিকায় সম্পাদকের লিখিত প্রবন্ধ। ❑ *বিণ* সম্পাদকীয় স্তম্ভে যে অভিমতসূচক নিবন্ধ প্রকাশিত হয়; editorial। { *স.* সম্+√পাদি+অক(ণ্বুল্)}

সম্পাদন, সম্পাদনা, সম্পাদকতা [শম্‌পাদোন, –দনা, –দোকতা] *বি* ১ সম্পাদন; সম্পূর্ণকরণ; নিষ্পাদন। ২ সংকলন। ৩ সম্পাদকের কাজ; editing। **সম্পাদিত** *বিণ* সম্পাদনকৃত (নজরুল সম্পাদিত ধূমকেতু)। **সম্পাদ্য** *বিণ* সম্পন্ন বা নিষ্পন্ন করতে হবে এমন; সম্পাদন করতে হবে এমন; সম্পাদনীয়। ❑ *বি (জ্যা.)* সমাধান বা পূরণ করতে হবে এমন প্রতিজ্ঞা; problem। { *স.* সম্+√পাদি+অন, আ(টাপ্), অক(ণ্বুল্)+তা(তল্)}

সম্পাশ [শম্‌পাশ্] *বি, বিণ* সান্নিধ্য; নিকট (কান্দিয়া কহিতে লাগে মায়ের সম্পাশ নাগরিয়া শিশুগণ করে উপহাস—*হেমা*)। { *স.* সম্+পার্শ্ব>}

সম্পুট, সম্পুটক, সংপুট [শম্‌পুট্, –টক, শঙ্‌পুট্] *বি* ১ কৌটা; পুটলি; ছোট পেটিকা; ঠোঙ্গা (অঞ্জন এই আছে সর্বশেষে মণি সম্পুট ভরা—*মোম*)। ২ যুক্তকর (রচিয়া সম্পুট পাণি মৃদুমন্দ সুভাষিণী সম্মুখে রহিলা নারায়ণী—

কম্বু)। **সম্পুটে** *ক্রিবিণ* জোড়হস্তে; যুক্ত করে (সম্পুটে প্রণাম করি বুইলোঁ সব সখিজনে—*বচদা*)। { *স.* সম্+√পুট্+অ(ক)}

সম্পূরক [শম্পুরক্] *বিণ* সম্পূরণকারী। ☐ *বি (জ্যা.)* যে দুই কোণের যোগফল দুই সমকোণের সমান তারা পরস্পর সম্পূরক; supplementary। **সম্পূরক** *বি* ১ সম্পূর্ণকরণ। ২ পরিপূরণ। **সম্পূরিত** *বিণ* সম্পূর্ণ করা হয়েছে এমন; পরিপূরক। { *স.* সম্+√পূর্+অক(ণ্বুল্)}

সম্পূর্ণ [শম্পুরনো] *বিণ* ১ সমস্ত; সমগ্র; গোটা (সম্পূর্ণ বাড়িটির মূল্য)। ২ পরিপূর্ণ। ৩ খতম; সমাপ্ত; নিষ্পাদিত। **সম্পূর্ণতা** *বি* পরিপূর্ণতা (তাহার প্রকৃত সম্পূর্ণতা আছে —*বচ*)। **সম্পূর্ণীভূত** *বিণ* পরিপূর্ণতা প্রাপ্ত (হস্তপদ হৃদয়াদি সর্বাঙ্গ সুগোল; সম্পূর্ণীভূত—*বচ*)। { *স.* সম্+√পূর্+ত(ক্ত)}

সম্পৃক্ত [শম্প্রিক্‌তো] *বিণ* ১ পরস্পর মিলিত; সংযুক্ত। ২ সম্বন্ধযুক্ত; সম্পর্কিত। ৩ গ্রথিত; জড়িত; সংমিশ্রিত। **সম্পৃক্তা** *বিণ স্ত্রী.*। { *স.* সম্+√পৃচ্+ত(ক্ত)}

সম্পেশ [শম্পেশ্] *বি* নিকট; সান্নিধ্য (তৃতীয়খণ্ড মায়া মানে রণজয় বুদ্ধিজ্ঞানে ভাঙ্গি পড়ে বৈরীর সম্পেশ—*হেমা*)। { *স.* শম্+ *ফা.* পেশ پیش }

সম্পোষ্য [শম্পোশ্‌শো] *বিণ* ১ পোষণীয়; পোষণযোগ্য। ২ অভাব দূরীকরণে সক্ষম। { *স.* সম্+√পুষ্+য(ণ্যৎ)}

সম্প্রচার [শম্প্রোচার্] *বি* চারদিকে ঘোষণা বা প্রচার (রেডিও সম্প্রচারকার্যে নিযুক্ত)। **সম্প্রচারিত** *বিণ* ব্যাপকভাবে প্রচারিত; broadcast। { *স.* সম্+প্র+√চর্+অ(ঘঞ্)}

সম্প্রতি [শম্প্রোতি] *অব্য, ক্রিবিণ* ১ আজকাল; অধুনা (প্রভুর যে গতি হইল সম্প্রতি, সেই সে গতি আমার—*সৈআ*)। ২ সবে; এইমাত্র; কেবল; মাত্র (সম্প্রতি পৌঁছেছে)। **সাম্প্রতিক** *বিণ*। { *স.* সম্+প্রতি}

সম্প্রদাতা ⟹ সম্প্রদান

সম্প্রদান [শম্প্রোদান্] *বি* ১ স্বত্বত্যাগপূর্বক দান; সম্পূর্ণরূপে অর্পণ। ২ হিন্দুদের বিবাহানুষ্ঠানে বরের হস্তে কন্যাকে অর্পণ (বাবার অবর্তমানে ওকে সম্প্রদানের পুরোপুরি অধিকার আমারি—*আহ*)। ৩ *(ব্যা.)* কারক-বিশেষ, যাকে স্বত্ব ত্যাগ করে দান করা হয় তাকে সম্প্রদান কারক বলা হয়; dative। **সম্প্রদাতা**(-তৃ) *বি, বিণ* যিনি সম্প্রদান করেন; সম্প্রদানকারী। **সম্প্রদাত্রী** *বি, বিণ স্ত্রী.*। { *স.* সম্+প্র+√দা+অন(ল্যুট্)}

সম্প্রদায় [শম্প্রোদায়] *বি* ১ দল; সমাজ (সুন্নি সম্প্রদায়)। ২ জাতি (হিন্দু সম্প্রদায়)। ৩ গোষ্ঠী; সঙ্ঘ। { *স.* সম্+প্র+√দা+অ(ঘঞ্)}

সম্প্রভাত [শম্প্রোভাত্] *বিণ* প্রতিভাত (যে জলবিম্ব একবার জলস্রোতে সূর্যরশ্মি সম্প্রভাত দেখিয়াছিলাম—*বচ*)। { *স.* সম্+প্র+ভা+ত(ক্ত)}

সম্প্রসারক ⟹ সম্প্রসারণ

সম্প্রসারণ [শম্প্রোশারোন্] *বি* প্রসারিতকরণ; বিস্তার। **সম্প্রসারক** *বিণ* বিস্তার করে এমন; সম্প্রসারণকারী। **সম্প্রসারিত** *বিণ* সম্প্রসারণ করা হয়েছে এমন; বিস্তারিত (সম্প্রসারিত হচ্ছে—*মব*)। { *স.* সম্+প্র+√সৃ+ণিচ্+অন(ল্যুট্)}

সম্প্রসারিত ⟹ সম্প্রসারণ

সম্প্রাপ্ত [শম্প্রাপ্‌তো] *বিণ* ১ উত্তমরূপে লব্ধ; সম্যকপ্রাপ্ত। ☐ *বি* আগত; উপস্থিত; হাজির। **সম্প্রাপ্তি** *বি* ১ সম্যক অর্জন; উপযুক্তপ্রাপ্তি। ২ উপস্থিতি। { *স.* সম্+প্র+√আপ্+ত(ক্ত)}

সম্প্রীতি [শম্প্রিতি] *বি* ১ সদ্ভাব; সৌহার্দ্য; প্রেম; প্রণয়। ২ সন্তোষজনক আচরণ; সুভাব (সামাজিক সম্প্রীতি)। ৩ আনন্দ; সন্তোষ। **সম্প্রীত** *বিণ* ১ প্রীতিযুক্ত। ২ সদ্ভাবযুক্ত। ৩ আনন্দিত; সন্তুষ্ট। { *স.* সম্+√প্রী+তি(ক্তি)}

সম্বৎসর *(অশুপ্র)*, **সংবৎসর** [শম্বত্‌শর্] *বি* পরিপূর্ণ বৎসর (সম্বৎসর কাটিয়াছে তারা শীর্ণতার মধ্যে—*অচিসে*)। **–কাল** *বিণ* পূর্ণ এক বৎসর সময় (এইজন্য স্ত্রীর সম্বৎসরকালে বিশ্রামের অধিকার—*রঠা*)। { *স.* সম্+বৎসর}

সম্বদ্ধ [শম্বদ্‌ধো] *বিণ* ১ মজবুতভাবে বদ্ধ; দৃঢ়রূপে যুক্ত। ২ সম্পর্কবিশিষ্ট। { *স.* সম্+বন্ধ+ত(ক্ত)}

সম্বন্ধ [শম্বন্‌ধো] *বি* ১ সংযোগ; সম্পর্ক (পিতাপুত্র সম্বন্ধ)। ২ সংস্রব; মিল; যোগাযোগ (অসৎ সম্বন্ধ ত্যাগ করা)। ৩ কুটুম্বিতা; আত্মীয়তা (বৈবাহিক সম্বন্ধ)। ৪ বিবাহ বা শাদির প্রস্তাব (সুন্দরী মেয়ের বিয়ের সম্বন্ধ এসে গেছে—*রাখা*)। ৫ *(ব্যা.)* কার্যকারণ, জন্য–জনকতা, স্বত্ব-স্বামিত্ব ইত্যাদি ভাব; possessive case। **সম্বন্ধী** (-ন্ধিন্), **সমুন্দি** *(চলিত) বিণ* সম্বন্ধযুক্ত। ☐ *বি* ১ কুটুম্ব; আত্মীয়। ২ স্ত্রীর ভাই; শ্যালক; স্ত্রীর বড় ভাই (ডেপুটি সাহেব ২৫ টাকা দর্শনী দিয়া সম্বন্ধী পত্নীর মুখ —*নর*)। ৩ গালিবিশেষ; শালা। **সম্বন্ধীয়** *বিণ* ১ সম্পর্কিত। ২ বিষয়ক; সংক্রান্ত। **সম্বন্ধীয়া** *বিণ স্ত্রী.*। { *স.* সম্+√বন্ধ্+অ(ঘঞ্)}

সম্বর, শম্বর [শম্বর্] *বি* ১ একজাতীয় হরিণ (যেখানে বন্য শূকর বা সম্বর হরিণের দল যাতায়াতের সুঁড়ি পথ তৈরী করিয়াছে—*বিব*)। ২ পানি; জল (সম্বর অম্বর)। ৩ হিন্দু পৌরাণিক অসুরবিশেষ। ☐ *ক্রি (পদ্য.)* প্রশমিত করো; সম্বরণ করো (সম্বর তোমার রোষ—*সুকা*)। { *স.* √শম্+অর}

সম্বরণ, সম্বরা[1] ⟹ সংবরণ

সম্বরা[2] [শম্বরা] *বি* তেল ও মশলা দ্বারা ব্যঞ্জনাদি সুস্বাদু করার একপ্রকার প্রক্রিয়া; ফোড়ন। { *স.* সম্ভার>}

সম্বরিয়া [শম্বোরিয়া] *বিণ* সংযত করে (রাজা আপন মন আপনি সম্বরিয়া ঘরের কবাটে খিল দিলেন—*দমি*)। { *স.* সম্বর+ *বা.* ইয়া}

সম্বরু *(ব্র.)* [সমবোরু] *বিণ* আবৃত (অম্বরে দেহ নহি সম্বরু ভেল—*বিপ*)। { *স.* সংবর>}

সম্বর্ধনা ⟹ সংবর্ধনা

সম্বর্ধিত [শম্বোর্‌ধিতো] *বিণ* পরিবর্ধিত; সম্যক বৃদ্ধিপ্রাপ্ত (তাহার ত্রাস ও কৌতূহল দুই সম্বর্ধিত হইল—*বচ*)। { *স.* সম্+√বর্ধি+ত(ক্ত)}

সম্বল [শম্বল্] *বি* ১ পাথেয় (বিশ টাকা আছে তার পথের সম্বল)। ২ জীবিকা অর্জনের উপায় (অন্নের তরে ঘুঁটে বেচা আমার সম্বল—*ভারা*)। ৩ পুঁজি; সংস্থান (এই

ভিটেটুকুই তার সম্বল)। ৪ অবলম্বন; ভরসাস্থল (বৃদ্ধের শেষ সম্বল)। ~**হীন** *বিণ* সর্বহারা; নিঃস্ব (সম্বলহীন পথের ভিখারি)। ~**হীনা** *বিণ স্ত্রী*। { *স.* সম্‌+√বল্‌+অ(ক)}

সম্বলিত ⟹ সংবলিত

সম্বাদপত্র *(প্রাপ্র)* [শম্‌বাদপত্‌ত্রো] *বিণ* খবরের কাগজ; সংবাদপত্র (তাহা সচরাচর সম্বাদপত্র হইতেপ্রাপ্ত—*বচ*)। { *স.* সম্বাদ+পত্র}

সম্বাধ [শম্‌বাধ্‌] *বি* ১ বাধা; বিঘ্ন; বিপদ। ২ ভিড়; অনেকের একত্র সমাবেশ। ৩ সংকট। ৪ সংঘর্ষ। { *স.* সম্‌+√বাধ্‌+অ(অচ)}

সম্বায় [শম্‌বায়] *বিণ* সমবায়; মিলিত (মুনিগণ দেবগণ সম্বায় হইয়া—*কাদা*)। { *স.* সমবায়>}

সম্বিত, সম্বিৎ, সংবিৎ, সংবিদ [শোম্‌বিত্‌, –, শোঙ্‌–, –দ্‌] *বি* ১ জ্ঞান; হুঁশ; বুদ্ধি (এতক্ষণে যেন দীনুর সম্বিত ফিরে এল—*সজ*; ক্ষণেক সংবিৎ পেয়ে লাগিল কান্দিতে —*ভারা*)। ২ প্রতীক্ষা। ৩ সংকেত □ *বিণ* সম্ভাষণ। { *স.* সম্‌+√বিদ্‌+ক্বিপ্‌}

সম্বুদ্ধ [শোম্‌বুদ্‌ধো] *বিণ* জাগরিত; চেতনাপ্রাপ্ত; লব্ধচৈতন্য; উদ্বুদ্ধ। □ *বি* যিনি বোধিপ্রাপ্ত; বুদ্ধদেব। { *স.* সম্‌+√বুধ্‌+ত(ক্ত)}

সম্বোধন [শম্‌বোধন্‌] *বি* ১ আহ্বান। ২ সম্ভাষণ। ৩ ডাক; অভিভাষণ। ৪ ব্যাকরণের পদবিশেষ। **সম্বোধিত** *বিণ*। **সম্বোধনী** *বি* আহ্বান; অভিবাদন (শৃঙ্খলে বাজে তব সম্বোধনী—*নই*)। { *স.* সম্‌+√বোধি+অন(ল্যুট্‌)}

সম্বোধা[১] [শম্‌বোধা] *ক্রি (পদ্য.)* সম্বোধন করা; ডাকা। { *স.* সম্বোধ+*বা.* আ}

সম্বোধা[২] [শম্‌বোধা] *ক্রি* ১ *(পদ্য.)* প্রবোধ দেওয়া; বুঝানো। ২ ভুল বুঝানো। { *স.* সম্বোধ+*বা.* আ}

সম্বোধি[১] [শম্‌বোধি] *বি* সম্যক জ্ঞান; বোধ (ভাব সম্বোধি আত্মা)। **সম্বোধিতা** *বিণ স্ত্রী*. জ্ঞানী; সচেতন (সম্বোধিতা রমণী—*বচ*)। { *স.* সম্‌+√বোধি}

সম্বোধি[২] [শম্‌বোধি] *ক্রি* ১ *(কাব্যে)* সম্বোধন করে; ডেকে (সম্বোধি কহিল তাহারে)। ২ প্রবোধ দেওয়া বা প্রতারণা করা (তবে তাক সম্বোধিব কখন উত্তরে—*বচদা*)। { *স.* সম্‌+√বোধি}

সম্ভব [শম্‌ভব্‌] *বি* ১ জন্ম; উৎপত্তি (কুমারসম্ভবকাব্য)। ২ সম্ভাবনা। ৩ বিশ্বাসযোগ্য (সংবাদ সম্ভবযোগ্য কি?)। □ *বিণ* ১ জাত; সম্ভূত (কস্তুরিসম্ভব সুবাস)। ২ অনুমানযোগ্য (সম্ভব কাল আসবে)। **সম্ভবত, সম্ভবতঃ** *অব্য* হয়তো; অনুমানসাপেক্ষ (সম্ভবত সে আসবে না)। ~**পর** *বিণ* সম্ভাবনাযুক্ত। **সম্ভবাতীত** *বিণ* অসম্ভব; সম্ভাবনাহীন (তার জন্য পরীক্ষায় পাশ করা সম্ভবাতীত)। **সম্ভাব্য-সম্ভব্য** *বিণ* সম্ভবপর (সম্ভাব্য সকল ব্যবস্থা নেওয়া হবে); হয়তো হবে বা ঘটবে এমন (পরীক্ষার সম্ভাব্য তারিখ)। { *স.* সম্‌+√ভূ+অ(অচ)}

সম্ভাবনা, সম্ভাবন [শম্‌ভাবোনা, –বন্‌] *বি* ১ ভবিষ্যৎ সম্বন্ধে ধারণা; ভবিষ্যতে ঘটতে পারে এমন অবস্থা। ২ বিষয়সম্পত্তি; সঙ্গতি (সবেমাত্র নৃপতির সম্ভাবনা এই —*বিচ*)। **সম্ভাবনীয়, সম্ভাব্য, সম্ভব্য** *বিণ* সম্ভবপর; সংঘটনীয়। **সম্ভাবিত** *বিণ* ১ সম্ভবপর হবে আশা করা যায় এমন; expected। ২ সম্মানিত। { *স.* সম্‌+√ভাবি+অন(ল্যুট্‌),+আ}

সম্ভার [শম্‌ভার্‌] *বি* ১ দ্রব্যসামগ্রী (শকটে সম্ভার কত যায় —*রঙ্গসে*)। ২ স্তূপ; রাশি (বস্ত্রসম্ভার)। ৩ উপকরণ। ৪ সম্বল। ৫ আয়োজন (এথা রাজা যুধিষ্ঠির করেন সম্ভার যজ্ঞের—*শ্রীন*)। ৬ সম্বরা; ফোড়ন; ঘি বা তেলে মশলা সাঁতলানো (তরকারিতে সম্ভার দেওয়া)। { *স.* সম্‌+√ভৃ+অ(ঘঞ্‌)}

সম্ভাষণ, সম্ভাষ [শম্‌ভাশোন্‌, শম্‌ভাশ্‌] *বি* ১ আহ্বান; সম্বোধন। ২ আলাপ–আলোচনা; কথাবার্তা। ৩ অভ্যর্থনা; সমাদর (সাদর সম্ভাষণ)। ৪ অভিভাষণ। **সম্ভাষণানুগ্রহ** *বি* সহৃদয় আলাপ আপ্যায়ন (আপনার সন্দর্শন ও সম্ভাষণানুগ্রহ দ্বারা চরিতার্থতাপ্রাপ্ত হইলাম—*ঈবি*)। { *স.* সম্‌+√ভাষ্‌+অ(ঘঞ্‌),+অন(ল্যুট্‌)}

সম্ভাষা [শম্‌ভাশা] *ক্রি (কাব্যে)* সম্বোধনপূর্বক আলাপ করা (দ্বিতীয় সম্ভাষা করে বড় হয়া হীনে—*হেমা*)। { *স.* সম্‌+√ভাষ্‌+*বা.* আ}

সম্ভূত [শোম্‌ভুতো] *বিণ* স্থাপিত; প্রতিষ্ঠিত (যে সমস্ত শিল্প সম্ভূত হয়ে গেছে—*অঠা*)। ২ উৎপন্ন; জাত (বেদনাসম্ভূত অনুভূতি)। **সম্ভূতা** *বিণ স্ত্রী*. । **সম্ভূতি** *বি*। { *স.* সম্‌+√ভূ+ত(ক্ত)}

সম্ভূয়সমুত্থান [শোম্‌ভুয়োশোমুত্‌থান্‌] *বি* ১ সমবেত উত্থাপন। ২ যৌথ ব্যবসায়; সমবায় সমিতি; অংশীদারদিগের মিলিত হয়ে বাণিজ্য। ৩ সমবেত প্রচেষ্টা। { *স.* সম্‌+√ভূ+য+সম্‌+উৎ+√স্থা+অন(ল্যুট্‌)}

সম্ভেদ [শম্‌ভেদ্‌] *বি* ১ কোন গূঢ় রহস্য ভেদ (ইহার সম্ভেদ নবী কহত আপনে এজিদ দোজকি হইল কোন প্রয়োজনে —*হেমা*)। ২ মিলন (ঐছন হোয়ল পাইল সম্ভেদ—*বিপ*)। ৩ অবস্থা (এহেন সম্ভেদ হএ যখনে—*বচ*)। { *স.* সম্‌+√ভিদ্‌+অ(ঘঞ্‌)}

সম্ভোগ [শম্‌ভোগ্‌] *বি* ১ উপভোগ (সমুদ্র সম্ভোগ)। ২ রতিক্রিয়া; যৌন সঙ্গম; সুরত। ৩ হর্ষ। { *স.* সম্‌+√ভুজ্‌+অ(ঘঞ্‌)}

সম্ভ্রম [শম্‌ভ্রোম্‌] *বি* ১ সম্মান; মান–মর্যাদা (সম্ভ্রমশালী, সম্ভ্রমহানি)। ২ আদরযত্ন; মান্যতা; সমাদর। ৩ শ্রদ্ধা (সম্ভ্রম না করেই বলে ফেলা)। ৪ ভদ্রতা (ইতর ব্যক্তির সম্ভ্রম জ্ঞান না থাকা)। ~**শীল** *বিণ* সম্ভ্রম বা সম্মানবোধ আছে এমন। ~**শীলা** *বিণ স্ত্রী*. (তাদের মধ্যে দাঁড়িয়ে আছেন শান্ত সৌম্য বিগতযৌবনা এক সম্ভ্রমশীলা মহিলা—*হেহো*)। { *স.* সম্‌+√ভ্রম্‌+অ(ঘঞ্‌)}

সম্ভ্রান্ত [শম্‌ভ্রান্‌তো] *বিণ* ১ আশরাফ; অভিজাত (সম্ভ্রান্ত পরিবারের লোক)। ২ কুলীন; মান্য ও মর্যাদাশীল (সম্ভ্রান্ত লোক)। ৩ আদরণীয়; সমাদরযোগ্য (সম্ভ্রান্ত অতিথি)। ৪ সম্যক ভ্রান্ত (সম্ভ্রান্ত পথিক)। ~**তন্ত্র** *বি* আশরাফ বা অভিজাত সম্প্রদায় কর্তৃক পরিচালিত রাষ্ট্র শাসন পদ্ধতি; aristocracy। { *স.* সম্‌+√ভ্রম্‌+ত(ক্ত)}

সম্মত [শম্মতো] *বিণ* ১ ইচ্ছুক; রাজি (সম্মত থাকা)। ২ অনুমোদিত (শাস্ত্রসম্মত)। **সম্মতা** *বিণ স্ত্রী*. । **সম্মতি** *বি* ১ অনুকূল মত; সমর্থন; অনুমতি। ২ অভিমত। { *স.*

সম্+√মন্+ত(ক্ত)}

সম্মান [শম্‌মান্] *বি* ১ সশ্রদ্ধ খাতির; সমাদর (সম্মান করা)। ২ মান; ইজ্জত; গৌরব (সম্মান বৃদ্ধি)। **সম্মানন, ~না** *বি* সমাদর প্রদর্শন; সম্মানকরণ (অতিথিদের সম্মাননায় ভোজের আয়োজন—মব)। **সম্মানীয়, সম্মান্য** *বিণ* সম্মানের যোগ্য। **সম্মানিত** *বিণ* ১ গৌরবান্বিত; মান্য (সম্মানিত ব্যক্তি)। ২ মর্যাদাপ্রাপ্ত; সমাদৃত (সম্মানিত পরিবার)। **সম্মানিতা** *বিণ, স্ত্রী*। **সম্মানী** *বিণ* মর্যাদা বা সম্মানের অধিকারী। □ *বি* কাজের জন্য প্রদেয় প্রশংসা বা মর্যাদাসূচক অর্থাদি। { *স.* সম্+√মন্+অ(ঘঞ্)}

সম্মার্জক ⇒ সম্মার্জন

সম্মার্জন [শম্‌মারজন্] *বিণ* পরিষ্কারকরণ; সাফকরণ (উঠান সম্মার্জন করা)। **সম্মার্জক** *বিণ* পরিষ্কার করে এমন; পরিষ্কারক। □ *বি* সম্মার্জনী। **সম্মার্জনী** *বি, স্ত্রী* ঝাড়ু; ঝাঁটা; যা দিয়ে পরিষ্কার করা হয় (সম্মার্জনী হস্তে ছুটিয়া আসিয়া—*রাব*)। **সম্মার্জিত** *বিণ* পরিষ্কৃত; ঝাড়ু দেওয়া হয়েছে এমন। { *স.* সম্+√মৃজ্+অন(ল্যুট্)}

সম্মার্জিত ⇒ সম্মার্জন

সম্মিত [শোম্‌মিতো] *বিণ* ১ তুল্য; মতো; সদৃশ। ২ পরিমাণমতো; পরিমিত। ৩ সমান পরিমাণ। { *স.* সম্+√মা+ত(ক্ত)}

সম্মিলন [শোম্‌মিলন্] *বি* ১ সম্যক মিলন; সংযোগ; union। ২ সম্মেলন; বহু লোকের একত্র সমাবেশ; সাক্ষাৎকার; meeting। **সম্মিলনী** *বি* সঙ্ঘ; সভাসমিতি; পরিষদ। **সম্মিলিত, সংমিলিত** *বিণ* একত্র মিলিত; সংযুক্ত; একত্রিত। **সম্মিলিতা** *বিণ স্ত্রী*। { *স.* সম্+মিলন}

সম্মীলন [শম্‌মিলন্] *বি* ১ সংকোচন। ২ চোখ বোঁজা বা মুদ্রণ। **সম্মীলিত** *বিণ* মুদ্রিত; সংকুচিত। { *স.* সম্+√মীল্+অন(ল্যুট্)}

সম্মুখ, সুমুখ [শোম্‌মুখ, শুমুখ্] *বি* ১ সমক্ষ; সমুখ; অভিমুখ (আমার সম্মুখে)। ২ সামনে অবস্থিত; অভিমুখী; সামনের (সম্মুখ মাঠ, সম্মুখ রাস্তা)। □ *বিণ* ১ সদয়; দয়াবান (তারে তুমি হইয়া সম্মুখ—কমু)। ২ সামনাসামনি; মুখোমুখি (সম্মুখ সমরে পড়ি বীর চূড়ামণি বীরবাহু—*মদ*)। **~বর্তী**(-র্তিন্), **সম্মুখীন** *বিণ* সম্মুখে উপস্থিত; সামনে বর্তমান। **~বর্তিনী** *বিণ স্ত্রী*। **~যুদ্ধ** *বি* হাতাহাতি লড়াই; মুখোমুখি লড়াই। **সম্মুখস্থ** *বিণ* সামনে অবস্থিত। { *স.* সম্+মুখ+অ(অচ্)}

সম্মূঢ়, সংমূঢ় [শোম্‌মুঢো, শঙ্-] *বিণ* ১ নির্বোধ; অত্যন্ত বুদ্ধিহীন বা বোকা; বোধহীন; অজ্ঞান। ২ অতিশয় মোহবিশিষ্ট; বিহ্বল; সম্মোহিত। { *স.* সম্+√মুহ্+ত(ক্ত)}

সম্মেলন [শম্‌মেলন্] *বি* ১ সভা। ২ সম্মিলিত হওয়া। ৩ সভাদিতে জনসমাবেশ। ৪ জনগণকে মিলিতকরণ। { *স.* সম্+√মিল্+অন(ল্যুট্)}

সম্মোহ [শম্‌মোহো] *বি* ১ মুগ্ধকরণ; আবিষ্টকরণ। ২ অত্যন্ত মোহ বা অজ্ঞানতা। **সম্মোহন** *বি* ১ সম্যক মুগ্ধকরণ; fascination। ২ হিন্দুশাস্ত্রে কন্দর্পের বাণবিশেষ। □ *বিণ* মুগ্ধকারী; মোহজনক। **সম্মোহনী** *বিণ স্ত্রী*। **সম্মোহবন্ধ** *বি* প্রেমের বন্ধন; মোহবন্ধন (বাণীর সম্মোহবন্ধ ছিন্ন করে অবজ্ঞার ভরে—*রঠা*)। **সম্মোহিত** *বিণ* পরিপূর্ণভাবে বিমুগ্ধ (বিদ্রোহীর এই অপূর্ব কল্পনা তাকে শুধু আকর্ষণ নয় সম্মোহিত করে বারে বারে—*শেফ*)। **সম্মোহিতা** *বিণ স্ত্রী*। { *স.* সম্+মুহ্+অ(ঘঞ্)}

সম্যক(-ম্যচ্) [শোম্‌মক্] *অব্য, ক্রিবিণ* ১ সম্পূর্ণরূপে; সমগ্রভাবে। ২ উত্তমরূপে; উপযুক্ত বা যোগ্যভাবে। □ *বিণ* ১ সম্পূর্ণ। ২ যোগ্য; সঙ্গত (সম্যক কর্ম প্রচেষ্টা)। **সম্যক আজীব** *বি* ন্যায়সঙ্গতভাবে জীবিকার্জন। { *স.* সম্+√অন্চ্+ক্বিন্}

সম্রাজ্ঞী [শম্‌রাজ্ঞি] *বি* ১ সাম্রাজ্যের অধীশ্বরী। ২ মহারানি বা সম্রাট-মহিষী। { *স.* সম্+√রাজ্+ঈ}

সম্রাজ্ঞী [শম্‌ম্রাগ্‌গি] *বি স্ত্রী* বহু রাষ্ট্রের অধিকারিণী; মহারানি; সম্রাট-পত্নী; empress। **সম্রাট** *পু*। { *স.* সম্+রাজন্+ঈ}

সম্রাট [শম্‌ম্রাট্] *বি* বহু রাষ্ট্র ও জনপদের অধিকারী; রাজাধিরাজ; সার্বভৌম রাজা। **সম্রাজ্ঞী** *স্ত্রী*। { *স.* সম্+√রাজ্+ক্বিপ্ }

সযত্ন [শজতনো] *বিণ* ১ যত্নযুক্ত। ২ আদরযুক্ত; সাদর। ৩ সচেষ্ট। **সযত্নে** *ক্রিবিণ* ১ যত্নসহকারে। ২ চেষ্টাপূর্বক। { *স.* স(সহ)+যত্ন; *বহু*}

সয়তান ⇒ শয়তান

সয়ফুল্লাহ [সয়ফুল্‌লাহ্] *বি* আল্লাহর তরবারি; মহাবীর খালিদ ইবনে ওলিদের উপাধি (সয়ফুল্লাহ আল্লাহর অসি—*হবি*)। { *আ.* সায়ফুল্লাহ্ سيف الله }

সয়লাব [সয়লাব্] *বি* বন্যা; প্লাবন (তা হলে একদিনেই সারা দুনিয়া পানিতে সয়লাব হয়ে যেত—*নই*)। { *আ.* সয়ল سيل + *ফা.* আব آب }

সয়া [শয়া] *বি* ১ সখীর স্বামী; সইয়ের স্বামী; সখা। ২ মিত্র; সখা; বন্ধু। **সই** *স্ত্রী*। { *স.* সখা>}

সয়ানি, সিয়ানি [শয়ানি, শি-] *বিণ* ১ কিশোরী। ২ চতুরা (ইহ কো কহে সয়ানি—*বিপ*)। { *স.* সখা>*বা.* সয়া+*বা.* আনি}

সয়াল[১] [শয়াল্] *বি* সকল; সত্য, ত্রেতা, দ্বাপর, আর কলিকাল (চার যুগে মারিয়াছ যতেক সয়ালে—*হেমা*)। { *স.* সকল>}

সয়াল[২] ⇒ সওয়াল

সর[১] [শর্] *বি* দুগ্ধ বা ক্ষীর প্রভৃতির উপরের পাতলা আবরণবিশেষ। **~পুরিয়া** *বি* দুধের সর দিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। **~ভাজা** *বি* সর ভেজে প্রস্তুত এক প্রকার মিঠাই। { *স.* √সৃ+অ(অচ্)}

সর[২] [শর্] *ক্রি* অনুজ্ঞায় নড়ে বা সরে বসার আদেশ (সর এখান থেকে; কেহে সর জাইতে মোকে বোল গুণনিধি—*বচদা*)। { *স.* √সৃ>}

সরঃ [শরোহ্] *বি* বড় পুকুর; দিঘি; সরোবর; হ্রদ। **~কাক** *বি* হংস। **সরসী** *বি স্ত্রী* দিঘি; সরোবর; বৃহৎ পুষ্করিণী (সরসীর নীল জলে সেথা কি মরাল খেলে—*কায়*)। **সরসীরুহ** *বি* পদ্ম; কমল (প্রস্ফুটিত শারদ সরসীরুহের মন্দান্দোলন—*বচ*)। { *স.* √সৃ+অস্(অসুন্)}

সরকার [শরকার্] *বি* ১ শাসনতন্ত্র পরিচালক। ২ রাজা; শাসনকর্তা; মালিক। ৩ রাজ্য-শাসনবিভাগ; শাসনতন্ত্র; government। ৪ আদায় ও ব্যয়ের হিসাবরক্ষক

কর্মচারী (বাজার সরকার)। ৫ বাদশাহি আমলে রাজকর্মচারীকে প্রদত্ত খেতাববিশেষ। ৬ কুলি-মজুরদের সরদার। ৭ উপাধিবিশেষ। ৮ কবিগানের দলনেতা। —**পরিসত** *বি* সরকারকে অন্ধভাবে সমর্থনকারী। **সরকারি, সরকারী** *বিণ* ১ সরকার সম্বন্ধীয়। ২ রাষ্ট্রের; গভর্নমেন্টের। { *ফা.* সরকার سرکار }

সরগম [শরগম্] *বি* সা রে গা মা-র একটি রূপ। { সা+রে+গা+মা }

সরগরম [শরগরোম্] *বিণ* ১ গুলজার; পরিপূর্ণ (তাদের ছেলে মেয়েতে বাড়ীর উঠান সরগরম—*বিব*)। ২ উদ্দীপনা-যুক্ত। ৩ জমজমাট। { *ফা.* সর গরম سرگرم }

সরজমিন ⇒ সরেজমিন

সরঞ্জাম [সরোন্জাম্] *বি* ১ উপকরণ; উপচার; আসবাব (বাদশাহী সরঞ্জাম যত আছে ধূম ধাম ভূত দিয়া সব লুঠাইব—*ভারা*)। ২ আয়োজন (খেলার সরঞ্জাম)। ৩ অবশেষ। **সরঞ্জামি** *বিণ* আদায়কারীর খরচ বাবদ পাওনা (তিনি অনুমতি দিলেই আপনার ... সরঞ্জামি চুকাইয়া দেওয়া যাইবে—*দীমি*)। **সরঞ্জামে** *ক্রিবিণ* কিছু সংগ্রহ করতে; জোগাড় করতে; অবশেষে (সরঞ্জামে গৌড়ে গতি করিলেন—*রাম*)। { *ফা.* সরআন্জাম سرانجام }

সরট [শরোট্] *বি* টিকটিকি; কৃকলাস। { *স.* √সৃ+অট(অটি) }

সরণ [শরোন্] *বি* ১ পথ; রাস্তা (যাব আজীবন কাল পাষাণ কঠিন সরণে—*রঠা*)। ২ মরিচা; লৌহমল। ❑ *বিণ* গমনশীল। **সরণশীল** *বিণ* অনুসরণ করার উপযুক্ত; অনুধাবনযোগ্য; চলমান (সংসারে যত কিছু সরণশীল পদার্থ আছে বাংলা বই হচ্ছে সকলের চেয়ে সেরা—*রঠা*)। **সরণি, সরণী** *বি* ১ পথ; রাস্তা; সড়ক road; street (যখন আঁধারে ভরিবে সরণী—*রঠা*)। ২ শ্রেণি; সারি; পঙ্‌ক্তি। ৩ প্রণালি; রীতি; পন্থা; table; chart (শরীরিণী স্বপ্ন এ সরণি ও সংজ্ঞা—*সদ*)। { *স.* √সৃ+অন(ল্যুট্) }

সরত (*মবা.*) [শরোত্] *বি* শরৎকাল (সরতর কিআ তুলে বসন্তর মালী—*রাপ*)। { *স.* শরৎ> }

সরতা, সর্তা [শর্‌তা] *বি* জাঁতি; সুপারি কাটার যন্ত্রবিশেষ। { *তুল.* *হি* সরোতা }

সরদ (*মবা.*) [সরদ্] *বিণ* ১ চাপা (দেহ দহিছে সরদ হুতাসন—*সৈআ*)। ❑ *বি* ঠাণ্ডা। { *ফা.* সর্দ سرد }

সরদার, সর্দার [শর্‌দার্] *বি* ১ প্রধান ব্যক্তি; দলপতি (তাহার সরদার চাকর লোকেরা কেহ যাহারা এ সুবা জাতের বিষয়ের জ্ঞাত—*রাম*)। ২ উপাধিবিশেষ। **সরদারি, সর্দারি** *বি* ১ সর্দারের পদ বা কাজ। ২ সরদারের প্রাপ্য দস্তুরি। ৩ মোড়লি; ফোঁপরদালালি (ছড়ি হাতে সর্দারি করে বেড়াচ্ছে—*মোচৌ*)। **সরদারি/সর্দারি দেওয়া** *ক্রি* ১ কাউকে দলপতি করা। ২ দলপতির প্রাপ্য দস্তুরি দেওয়া (এখন আর সরদারি দিতে হয় না রমজানকে—*আই*)। { *ফা.* সরদার سردار }

সরদেয়াল, ছারদেয়াল [সর্‌দেয়াল, ছার্-] *বি* ১ বাড়ির চারিদিকে ঘুরিয়ে যে দেয়াল দেওয়া হয়। ২ প্রাচীর; প্রাকার। { *ফা.* সর্‌দেৱাল سرديوال }

সরন্দীপ [শরোন্‌দিপ্] *বি* রূপকথার দ্বীপবিশেষ; লঙ্কা (দিয়ে দ্বীপ সরন্দীপ জম্বুদ্বীপ লঙ্কা—*সৈআ*)। { *স.* স্বর্ণদ্বীপ> }

সরপুঁটি, সরপুঁঠি [শর্‌পুঁটি, -ঠি] *বি* বড় আকারের পুঁটিমাছবিশেষ (একটা বড় সরপুঁটি মাছ কি করিয়া তাহার ছিপে উঠিয়া গেল—*বিব*)। { সর (<*স.* সরল)+পুঁটি }

সরপুরিয়া ⇒ সর

সরপেচ [সর্‌পেচ্] *বি* পাগড়ির চারিদিকে জড়ানো হয় এমন রেশমি বা জরির ফিতাবিশেষ (ছত্রদণ্ড আড়ানী চামর মোরছল। সরপেচ মোরছা কলসী নিরমল—*ভারা*)। **সরপেঁচ** *বি* নারীদের মস্তক বা কবরী বেষ্টনের পুষ্পমালা। { *ফা.* সর্‌পেচ্ سرپيچ }

সরপোশ, সরপোষ [শর্‌পোশ্] *বি* ঘটি বা বাটির আচ্ছাদনী; পাত্রের ঢাকনি (সরপোষ ঢাকিয়া খানা আনিল খাদেম—*সৈহা*)। { *ফা.* সর্‌পোশ্ سرپوش }

সরফরাজ[১], ছরফরাজ[১] [শর্‌ফরাজ্, ছ-] *বি* ১ বাংলার একজন নবাবের নাম। ২ মোড়ল; নেতা; পরিচালক; কর্তা (রেজা খাঁ মনে করিল আমি এই সময়ে সরফরাজ হইব—*বচ*)। { *ফা.* সর্‌ফরাজ্ سرفراز }

সরফরাজ, ছরফরাজ[২] [শর্‌ফরাজ্, ছ-] *বিণ, ক্রিবিণ* কৃতার্থ; সম্মানিত হওয়া (আপনি এ গরীবের কথা মনে করে এসব পাকচীজ বয়ে এনেছেন তাতে আমি বড়ই সরফরাজ হলাম—*ইহক*)। **সরফরাজি** *বি* বড়াই; মোড়লি; ফোপরদালালি; স্বঘোষিত কর্তাগিরি (বলি কে তোমায় সরফরাজি করতে ডেকেছে—*গৌচ*)। { *ফা.* সর্‌ফরাজ্ سرفراز }

সরফর্দা [সর্‌ফর্‌দা] *বি* সঙ্গীদের সুরবিশেষের নাম (কারফাতে সরফর্দাতে হঠাৎ তোমার কাঁপল গলা খাঁচার পাখি গর্বাতে—*নই*)। **সরফর্দায়** *ক্রিবিণ* সঙ্গীতের সুর লহরিতে (ওরে দূর থেকে মেতে উঠল ভুবন তাই হাওয়া ফেরে ফরফর সরফর্দায়—*সদ*)। { *ফা.* সর্‌পর্দহ্ سرپرده }

সরবত, সরবৎ ⇒ শরবত

সরবন্ধ, সরবন্দ [সর্‌বন্‌ধ্, -দ্] *বি* পাগড়ি; শিরস্ত্রাণ (... দোসালা দিল সরবন্ধ জোড়া—*ঘচ*)। { *ফা.* সর্‌বন্‌দ্ سربند }

সরবর (*প্রাবা.*) [সরোবর্] *বি* ১ সরোবর। ২ কায়পদ্ম (চর্যাপদ)। { *স.* সরোবর> }

সরবরাহ, সরবরা [শর্‌বরাহো, -রা] *বি* জোগানো (মফঃস্বল সরবরা কেমন না জানে—*ভারা*)। **সরবরাহি, সরবরাহকারী** *বিণ* জোগানদার। { *ফা.* সর্‌বরাহ্ سربراه }

সরবস (*ব্র.*) [সরবস] *বি* সর্বস্ব; সমস্ত ধন (দেহক সরবস গেহক সার—*বিপ*)। { *স.* সর্বস্ব> }

সরবসর [শর্‌বশর্] *অব্য, ক্রিবিণ* ১ (*মবা.*) সরাসরি; বরাবর। ২ শেষ (থানাবিথানা মারপিট করিয়া সরবসর আসিয়া মালিখার.... পৌছলে—*রাম*)। { *ফা.* সরবসর سربسر }

সরভাজা ⇒ সর

সরম, শরম [শরোম্] *বি* লজ্জা (খুড়র লজ্জা সরম কম

বটে—*ঈবি*)। ~ **বিভাস** *বিণ* লজ্জায় উজ্জ্বল (নবকিশোরীর সরম বিভাস অফুট হাস—*বেঅা*)। ~**রাঙা**, ~**রাঙা/রাঙ্গা** *বিণ* লজ্জায় আরক্তিম; শরমে লাল বর্ণযুক্ত (খসল হঠাৎ ঘোমটা তোমার সরমরাঙা মুখখানি —*সদ*)। **সরমেন্দা, সরমিন্দা** *বিণ* লজ্জিত (সরমেন্দা হইয়া ফের কহিনু তাহায়—*সৈহা*)। **সরমের বাত** *বি* লজ্জাকর; লজ্জার কথা (একটা নামজাদা লোকের বেটী না আনলে আদমির কাছে বহুত সরমের বাত—*প্যামি*)। { *ফা.* শরম্ شرم }

সরমা [শরোমা] *বি* ১ কুক্কুরী। ২ রামায়ণোক্ত বিভীষণপত্নী। { *স.* √সৃ+অম(অমচ)+আ(টাপ্) }

সরযু, সরযূ [শরোজু] *বি* অযোধ্যার নদীবিশেষ (করিলেন স্নানদান সরযুর জলে—*ভারা*)। { *স.* √সৃ+অযু }

সরল [শরোল্] *বি* ১ সোজা; অবক্র; ঋজু (সরলরেখা)। ২ শালগাছ, দেবদারু প্রভৃতি সরল দীর্ঘদেহ বৃক্ষ। □ *বিণ* ১ অবক্র, সহজ (সরল অঙ্ক)। ২ কুটিলতাশূন্য; অকপট (সরল লোক)। ৩ শান্তশিষ্ট (সরল মন)। ৪ সাধুপ্রকৃতির; উদার (সরল হৃদয়)। ৫ জাঁকজমকহীন; সাদাসিধা (সরল সহজ জীবন)। ~**পুঁটি, সরপুঁটি** *বি* বড় আকারের পুঁটিমাছ। ~**তা** *বি* সারল্য; অকপটতা; সরলভাব। **সরলা** *বিণ স্ত্রী*। **সরলীকরণ** *বি* বিভিন্ন জটিল রাশিকে সহজ করে এক রাশিতে পরিণতকরণ; কোনো বিষয়কে অতি সাধারণভাবে বিবেচনা করা; over simplification। { *স.* √সৃ+অল(কল্) }

সরষে ⇒ শরিষা

সরস [শরোশ্] *বিণ* ১ রসযুক্ত; রসালো (তীক্ষ্ণ শর সরস শরীরে—*মদ*)। ২ সহৃদয়; রসিক; রসিকতায় পরিপূর্ণ (ভারত সরস ভাষে—*ভারা*)। ৩ প্রীতিদায়ক; সৌন্দর্যপূর্ণ (সরস বসন্ত কালে সারী শুক যথা—*মদ*)। □ *বি* সরোবর; হ্রদ। **সরসতা** *বি* মাধুর্য; রসযুক্ততা; রসপূর্ণতা (যে কোন প্রসঙ্গ নিয়ে চলতো কথা, সরসতার অভাব হতো না—*বুব*)। **সরসা** *বিণ স্ত্রী.* রসযুক্তা; রসালো (ধূসর নীরস ধরা হল সরসা—*নই*)। { *স.* স(সহ)+রস }

সরসর [শর্শর্] *অব্য, ক্রিবিণ* বায়ু বা দ্রুতগামী সরীসৃপাদি চলার শব্দ (সরসর করে বাতাস বওয়া)। { *স.* √সৃ> }

সরসিজ [শরোশিজ্] *বি* পদ্ম; সরোবরে উৎপন্ন (আমি ষোড়শীর হৃদি সরসিজ প্রেম উদ্দাম, আমি ধন্যি—*নই*)। { *স.* সরসি+√জন্+অ(ড) }

সরসী ⇒ সরঃ

সরস্বতী [শরোশ্শোতি] *বি* ১ বিদ্যা ও কলার দেবী; বাণী; বীণা-পাণি; সারদা; ভারতী; বাগ্‌দেবী; মহাশ্বেতা (নীরবিলা সরস্বতী কূজনিল পাখী সুমধুরতর স্বরে সে নিকুঞ্জ বনে —*মদ*)। ২ প্রাচীন নদীবিশেষ। { *স.* সরস্+বৎ(বতুপ্)+ঈ(ঙীপ্) }

সরহ [শরোহো] *বি* চর্যাপদের ও দোঁহার কবি সরোজ বজ্র। { *স.* সরোজ> }

সরহদ্দ, সরহদ [শরোহদ্‌দো, শর্‌হদ্] *বি* চতুঃসীমা; চৌহদ্দি; চারদিকের সীমানা (ছাড়ে পাপী কোকাফ যখন সীমা ও সরহদ্দ ভেঙ্গে জনপদে জ্বালাতে আগুন অশান্তির—*ফআ*)। **সরহর্দ** (*বিরল*) *বি* চতুঃসীমা; চৌহদ্দি (বানারসের সরহদ্দে পৌঁছিলেন—*রাম*)। { *ফা.* সর سر + *আ.* হদ্দ حد }

সরা[১], **শরা** [শরা] *বি* ১ মৃৎপাত্রের ঢাকনি; ক্ষুদ্র মৃৎপাত্র; ছোট বাসন (মালসাতে টিকে-তামাক, সরাতে পান চূন—*অচিসে*)। ২ ভিক্ষাপাত্র (সরা হাতে নিয়ে ভিক্ষে করে বেড়াতো—*অচিসে*)। ৩ (*ব্য.*) মৃৎপাত্রের ঢাকনির মতো তুচ্ছ বস্তু (ধলা চামড়ার জানোয়ারেরা ধরাকে সরা জ্ঞান করে—*অঠা*)। ৪ ধূপচি (গাছের উপর সরা জ্বালিয়ে —*বচ*)। **ধরাকে সরা জ্ঞান করা** *ক্রি* (*আল.*) মৃৎপাত্র বা সরার ন্যায় ক্ষুদ্র ও তুচ্ছ মনে করা। { *স.* সরাব>*প্রা.* সরাঅ>*বা.* সরা }

সরা[২] [শরা] *বি* ঝরনা; উৎস (রবি শশী দুই সরা হেন তত্ত্ব জানি! তাহাতে জানহ ভাই মৃত্যু নিসানি—*হেমা*)। { *স.* √সৃ> }

সরা[৩] [শরা] *ক্রি* ১ স্থান বদলানো; পথ ছাড়া (সরে যাওয়া)। ২ নির্গত বা অপসারিত হওয়া (গঙ্গার ধারায় কোথাও চড়া পড়লো না তবেই ধারা সরতে পেলে—*অঠা*)। ৩ মরা; মারা যাওয়া (দুনিয়া থেকে সরা)। ৪ স্ফুরিত হওয়া; বাহির হওয়া (কথা সরা)। ৫ ইচ্ছা করা (কাজ করতে মন সরে না)। ৬ পলায়ন করা (সময় থাকতে সরে পড়া)। ৭ অগ্রসর হওয়া (পা না সরা)। □ *বি* উক্ত সকল অর্থে। **সরানো** *ক্রি* ১ সরিয়ে ফেলা; স্থানান্তরিত করা। ২ (*বা.*) চুরি বা অপহরণ করা (টাকা সরানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* √সৃ+*বা.* আ }

সরা[৪] [শরা] *বি* ১ শরিয়তের আইন-কানুন (মুসলানদিগের সরা অনুসারে, মোকদ্দমার নিষ্পত্তি করেন—*ঈবি*)। ২ আদেশ-নির্দেশ (উৎপত্তি প্রলয় হেতু সেহি মোহম্মদ। কদাচ তাহার সরা না করিবা রদ—*হেমা*)। { *আ.* শরা شرع }

সরাই, সরাইখানা [শোরাই, শোরাইখানা] *বি* পান্থশালা; পথিক নিবাস; চটি; হোটেল ('জীর্ণ ভাঙা সরাইখানা রাত্রি দিবা দুইটি দ্বার')। { *ফা.* সরায়খানহ্ سرای + خانه }

সরাক [শরাক] *বি* জৈন সম্প্রদায়ভুক্ত লোক (সরাক বসে গুজরাটে জীবজন্তু নাহি কাটে—*কমু*)। { *স.* শ্রাবক> }

সরাপ, সরাব[১] ⇒ শরাব

সরাফতি ⇒ শরাফত

সরাব[২] [শরাব্] *বি* মাটির তৈরি পানি রাখার পাত্র। { *স.* সর+√অব্+অ }

সরাবত [শরাবত] *বি* গণ্ডগোল; হাঙ্গামা (হয়তো কোন বেশ্যার বাটিতে গিয়া সোরসরাবত করিয়া তাহার কেশ ধরিয়া টানেন বা মশারি পোড়ান—*প্যামি*)। { *আ.* শহ্‌রত شهرة }

সরাল [শরাল্] *বি* একজাতীয় হাঁস (সরাল, ঘেন্নাল কোথাও উড়ে যাবে না, যেখানকার সেখানে থাকবে অথচ উড়তে পারে না বললে তারা ভারি চটবে—*অঠা*)। { *স.* সরাল> }

সরাসর, সরাসরি [শরাশর্, -শোরি] *ক্রিবিণ* সিধা; মধ্যস্থবিহীন যোগসাধন; মুখোমুখি হওয়া; সোজাসুজি

(দস্যুগণ বরাবর সরাসর সেই প্রান্তরের নিকটবর্তী হইয়া—*ইহো*; তাদের কাছ থেকে এই বিদ্যাটি সরাসরি গ্রহণ করেছিল—*মও*)। { *ফা.* সরাসর سراسر }

সরিক ⇒ শরিক

সরিকানা ⇒ শরিকানা

সরিৎ [শোরিত্] *বি স্ত্রী.* নদী (সরিৎস্রোতে সাগর ঢেউএর ফেনা—*সদ*)। { *স.* √সৃ+ইৎ(ইতি)}

শরিয়ত ⇒ শরিয়ত

সরিষা, সরষে [শোরিশা, শোরশে] *বি* সর্ষপ; রাই; এক প্রকার তৈলপ্রদ শস্য। { *স.* সর্ষপ>}

সরীসৃপ [শোরিসৃসৃপ] *বি* বুকে ভর করে চলে এমন জীব (সরীসৃপ গতি মিলিত তাহারা নিষ্ঠুর অভিযান—*রঠা*)। { *স.* √সৃপ+য(যঙ)+ক্বিপ}

সরু [শোরু] *বিণ* ১ সূক্ষ্ম; ক্ষীণ; কৃশ; শীর্ণ (সরু দেহ)। ২ চিকন; মিহি (সরু চাল)। ৩ সংকীর্ণ; অপ্রশস্ত; বিস্তৃত বা চওড়া নয় এমন (সরু গলি)। ৪ মোলায়েম; সুরেলা (সরু গলা)। { *স.* √সৃ+উ(উন্)}

সরুঅ[1]**, সরুআ**[1]**, সরুয়া, সরায়া** *(মবা.)* [শরুঅ, –আ, –, –] *বিণ* ১ সরু। ২ মিহি (আধমুখ ঢাকিলে সরুঅ বসনে—*বচ*)। ৩ শীর্ণ। { *স.* সরু>}

সরুঅ[2]**, সরুআ**[2]**, সরূঅ, সরাব** *(প্রাবা.)* [সরুঅ, –আ, –অ, –ব] *বি* সরূপ (সহজ সরুআ—*চর্যা*)। { *স.* সরূপ>}

সরূপ [শরুপ] *বিণ* সাদৃশ্য রূপ ও আকৃতিতে সামঞ্জস্যপূর্ণ (সরূপ তোমার রূপের নেশা—*রঠা*)। **সরূপতা** *বি*। { *স.* স+রূপ; বহু }

সরেওয়ার [শরেওয়ার] *ক্রিবিণ* সাজিয়ে গুছিয়ে (সে ব্যক্তি সরেওয়ার কিছু বলিতে পারিল না—*প্যামি*)। { *আ.* শরহ্ شرح + *ফা.* বর ور }

সরেজমিন, সরজমিন [শরেজোমিন্, শর–] *বি* ১ পৃথিবী। ২ ঘটনাস্থল; অকুস্থল; ঘটনাসংঘটন স্থান (সরেজমিনে তদন্ত করা)। □ *বিণ* ঘটনাস্থল সম্পর্কিত (সরেজমিন তদন্ত)। { *ফ.* সরজ়মীন سرزمين }

সরেস [শরেশ] *বিণ* ১ উত্তম; শ্রেষ্ঠ; প্রকৃষ্ট; উৎকৃষ্ট (সরেস নিরেশ মালের বাছবিচার হয়—*সৈমু*)। ২ রসাত্মক; রসপূর্ণ (ম্যাটাসিনি নীলা এমন সরেস—*রঠা*)। ৩ প্রসাদগুণসম্পন্ন; রসালো (লেখাটা বড় সরেস হয়েছে—*রঠা*)। { *স.* সরস>}

সরো [শরো] *বি* সাইপ্রেস গাছ (সরোর মতন সরল তনু টাটকা তোলা গোলাপ ফুল—*নই*)। { *ফা.* সর্ব سرو }

সরোকার [শরোকার] *বি* সম্বন্ধ; দাবি; দখলদারি, অধিকার (তাদের কি সরোকার আছে আমায় যাতা বলবার—*নই*)। { *ফা.* সর্‌রকার سرکار }

সরোজ [শরোজ] *বি* পদ্ম; কমল; পঙ্কজ; শতদল; উৎপল; রাজীব; অরবিন্দ; ইন্দীবর; কোকনদ; কুবলয়; তামরস; পুষ্কর; নলিন; পুণ্ডরীক (বকুল বৃক্ষের তলে একটি যুবতী সুবর্ণ সরোজ সম—*কাও*)। **সরোজিনী** *বি স্ত্রী.* পদ্মের ঝাড়; পদ্মবন; কমলিনী; পদ্মিনী। { *স.* সরস্+√জন্+অ(ড)}

সরোদ [শরোদ্] *বি* বীণার মতো বাদ্যযন্ত্র। { *ফা.* সরদ্ سرود }

সরোবর [শরোবর্] *বি* বড় পুষ্করিণী; দিঘি; হ্রদ; পদ্ম, শাপলা প্রভৃতি ফুলযুক্ত পুষ্করিণী (ফুটিয়াছে সরোবরে কমলনিকর)। { *স.* সরঃ+বর; ৬তৎ }

সরোরুহ [শরোরুহো] *বি* পদ্মফুল (সরোরুহ বিনে যেন ভ্রমর আকুল—*দৌবা*)। { *স.* সরস্+√রুহ্+ক্বিপ্)

সরোরোধঃ [শরোরোধোহ্] *বি* সরোবরের কিনারা বা প্রান্তদেশ বা তীর (সরোরোধঃ সন্নিহিত উপলখণ্ডের উপর উপবিষ্ট—*মদ*)। { *স.* সরঃ+রোধঃ; ৬তৎ }

সরোষ [শরোশ্] *বিণ* রাগান্বিত; ক্রোধযুক্ত; ক্রুদ্ধ। **সরোষে** *ক্রিবিণ* সক্রোধে; ক্রোধের সঙ্গে (সরোষে আস্ফালন)। { *স.* স+রোষ; বহু }

সর্গ [শরগো] *বি* ১ সৃষ্টি; জন্ম; উৎপত্তি। ২ গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। ৩ ত্যাগ; বিসর্জন। ৪ প্রকৃতি; নিসর্গ। ৫ নিয়ম। { *স.* √সৃজ্+অ(ঘঞ)}

সর্জ, সর্জ্জ, শর্জ, শর্জ্জ, শর্জু [শরজো, –, –, –, শোরজু] *বি* শাল গাছ। **–রস** *বি* শাল গাছের নির্যাস; ধুনা। { *স.* √সৃজ+অ (অচ)}

সর্জন, সর্জ্জন [শরজোন্] *বি* ১ সৃষ্টি; উৎপত্তি। ২ বিসর্জন; ত্যাগ। { *স.* √সৃজ+অন(ল্যুট)}

সর্জি, সর্জী, সর্জিকা [শোরজি, –, –কা] *বি* সাজিমাটি; এক প্রকার ক্ষার; সোডা। { *স.* √সৃজ+ই(ইন)}

সর্জ্য[1] [শোরজো] *বি* বিন্যস্ত; পরিচালনা; সজ্জিত করা (ছোলেমানে সেনা সর্জ্য করিয়া সে সুবাও আপন করতল করিলে—*রাম*)। { *স.* √সৃজ+অ(অচ)+য(যৎ)}

সর্জ্য[2] [শোরজো] ধুনা। { *স.* সর্জ+য(যৎ)}

সর্ত ⇒ শর্ত

সর্দার ⇒ সরদার

সর্দি, সর্দী [শোরদি] *বি* ১ শৈত্য; আর্দ্রতা; শীত। ২ কফরোগ; শ্লেষ্মা। **–গরমি, –গর্মি** *বি* ১ তাপ–শৈত্যের আকস্মিক–অমিতপ্রভাবহেতু শ্লেষ্মা থেকে উৎপন্ন পীড়াবিশেষ; sun stroke। { *ফা.* সর্দী سردی }

সর্প [শরপো] *বি* সাপ; অহি; আশীবিষ; উরগ; নাগ; ভুজঙ্গ; ভুজগ; ভুজঙ্গম; সরীসৃপ; ফণী। **সর্পী, সর্পিণী** *বি স্ত্রী.*। **–চয়** *বিণ* সর্পকুল; সর্প জাতি (হংস, জেব্রা, বরুণ, শকুনি, সর্পচয়—*সদ*)। **–দষ্ট** *বিণ* সর্পদংশিত। **–ভুক** *বিণ* সর্পভক্ষণকারী। □ *বি* ১ ময়ূর; শকুন। ২ হিন্দু পুরাণোক্ত গরুড়। **–রাজ** *বি* পুরাণোক্ত নাগরাজ; বাসুকি। **–হা** *বিণ* সর্পহন্তা; সর্পঘাতক। □ *বি* নেউল; নকুল; বেজি। **–ঘাত** *বি* সাপের কামড়; সর্পদংশন। { *স.* √সৃপ্+অ(ঘঞ)}

সর্পিঃ [শোরপিহ্] *বি* ঘৃত (লম্ফঝম্ফ ভূমিকম্প নাগ কর্ম লড়িছে। অগ্নি জ্বালি সর্পিঃ ঢালি দক্ষদেহ পুড়িছে—*ভারা*)। { *স.* সর্পিস্>}

সর্পিল [শোরপিল] *বিণ* ১ চলন্ত সাপের মতো আঁকাবাঁকা; বক্র; serpentine (ভিতরে উঁকি দেবার একটা সর্পিল স্পৃহা—*বুব*)। ২ সর্প সম্বন্ধীয়। { *স.* √সৃপ্+ইল}

সর্পী (–পিন্) [শোরপি] *বিণ* ১ সাপের মত বুকে ভর দিয়ে চলে এমন; সর্পবৎ গমনশীল। **সর্পিণী** *স্ত্রী.*। { *স.* √সৃপ্+ইন(ণিনি)}

সর্ব [শরবো] *বিণ* সমগ্র; সকল; সমুদয়। □*বি* ১ হিন্দুদেবতা শিব; বিষ্ণু। ২ সাইপ্রাস গাছ (উঠিয়াছে সর্বতরু নির্ঝরের কাছে—*রসে*)। **সর্বংসহ** *বিণ* সমস্ত সহ্য করে এমন। **সর্বংসহা** *বিণ স্ত্রী.* সমস্ত সহ্যকারিণী। □*বি* পৃথিবী। **~কনিষ্ঠ** *বিণ* বয়সে সবচেয়ে ছোট। **~কাল** *বি* চিরকাল; সকল সময়। **সর্বগ, ~গামী** (-মিন্) *বিণ* সব স্থানে গমনকারী। **সর্বগা, ~গামিনী** *বিণ স্ত্রী.*। **~গত** *বিণ* সমস্ত স্থানে স্থিত; সর্বব্যাপী। **~গুণনিধি, ~গুণাধার** *বিণ* সর্বগুণে গুণান্বিত; সর্বপ্রকার গুণের অধিকারী। **~গ্রাসী** *বিণ* সবকিছু গ্রাস করে বা খেয়ে ফেলে এমন। **~গ্রাসিনী** *বিণস্ত্রী.*। **সর্বঘ্ন** *বিণ* সমস্ত ধ্বংসকারী; সর্বনাশা (সর্বঘ্ন তিমির তলে অলজ্জ বদ্বীপ—*বুব*)। **~জন** *বি* সকল লোক বা নরনারী। **~জন মনোহরী** *বিণ* সকলকে সন্তুষ্টকারী (এক অনির্বচনীয় সর্বজন মনোহরী রূপ পরিগ্রহ করে—*মোচৌ*)। **~জনীন** *বিণ* ১ সকলের মঙ্গলজনক বা কল্যাণকর। ২ সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত; বারোয়ারি। **সর্বজ্ঞ** *বিণ* সর্ববিষয়ে জ্ঞাত; সবজান্তা। **সর্বত, সর্বতঃ** *অব্য, ক্রিবিণ* সকল রকমে; সবদিকে; সমস্ত বিষয়ে; সম্পূর্ণরূপে (সর্বতঃ শীতল সুগন্ধ গন্ধবহের মন্দ মন্দ সঞ্চার হইতেছে —*ঈবি*)। **~তন্ত্র পক্ষীয়** *বি* ১ সাধারণতন্ত্র সমর্থক (গ্রোশ্যস অর্মিমিয় সাম্প্রদায়িক ও সর্বতন্ত্র পক্ষীয় ছিলেন —*ঈবি*)। ২ স্বতঃসিদ্ধ। **~তোভদ্র** *বি* সর্বসুখকর; কল্যাণকর। □*বিণ.* ১ একপ্রকার চিত্রকাব্য। ২ চারিদিকে দ্বারবিশিষ্ট গৃহ। ৩ *(জ্যোশা)* একপ্রকার মণ্ডল। **~তোভাবে** *ক্রিবিণ* সর্বপ্রকারে। **~তোমুখ** *বিণ* সর্বদিকে মুখ আছে এমন। □*বি* ১ শিব; ব্রহ্মা। ২ আকাশ। ৩ জল। ৪ আত্মা। **~তোমুখা, ~তোমুখী** *বিণ স্ত্রী.*। **~ত্যাগী** *বিণ* সন্ন্যাসী; সমস্ত ত্যাগ করেছে এমন (তোমার মতো সর্বত্যাগীর সংসার-মায়া কি)। **সর্বত্র** *অব্য, ক্রিবিণ* সমস্ত স্থানে; সব দিকে; সকল বিষয়ে। **সর্বথা** *অব্য, ক্রিবিণ* সর্বপ্রকারে; সব রকমে। **~দর্শী** (-শিন্) *বিণ* সব কিছু দেখেন এমন। **সর্বদা** *অব্য, ক্রিবিণ* সব সময়ে। **~দেশীয়** *বিণ* ১ সকল দেশ সংক্রান্ত। ২ সকল দেশের প্রতি প্রযোজ্য। **~নাম** *বি (ব্যা.)* নামের অর্থাৎ বিশেষ্যের পরিবর্তে যে সংজ্ঞা ব্যবহৃত হয় (সে, তার, তাদের ইত্যাদি সর্বনাম)। **~নাশ** *বি* ১ সম্পূর্ণ ধ্বংস; সমস্ত বিনাশ। ২ ভীষণ অনিষ্ট বা ক্ষতি। ৩ মহাবিপদ। **~নাশা, ~নেশে** *বিণ* সর্বনাশ করে এমন (স্বভাব সর্বনেশে—*রঠা*)। **~নাশিয়া** *বিণ* সমূহ ধ্বংসাত্মক; সর্বনাশকারী (দেখি সে মূরতি সর্বনাশিয়া—*রঠা*)। **~নাশিনী** *বিণ, স্ত্রী.*। **~নাশী** *বিণ স্ত্রী.* সর্বনাশ বা সমূহ ক্ষতি করে এমন। **~নিয়ন্তা** *বি* সর্ব বিষয় নিয়ন্ত্রণকারী আল্লাহ; জগদীশ্বর (মানুষের ভাগ্য সেই সর্বনিয়ন্তার হাতে)। **~নিয়ন্ত্রী** *বিণ স্ত্রী.*। **~প্রকার** *বিণ* সব রকম বা ধরন। **~প্রকারে** *ক্রিবিণ* সকল রকমে বা উপায়ে। **~প্রধান** *বিণ* শ্রেষ্ঠ; সর্বোচ্চ স্থানীয়। **~প্রিয়** *বিণ* সকলের প্রিয়। **~বাদিসম্মত** *বিণ* ১ সকল প্রকার মতাবলম্বী সম্মতি দিয়েছে এমন। ২ সকল লোক কর্তৃক স্বীকৃত। **~বাদিসম্মতিক্রমে** *ক্রিবিণ* সকলের সমর্থন অনুসারে; সর্বদলীয় ব্যক্তিগণের অনুমতিক্রমে। **~বাদী** *বিণ* সকল প্রকার মতাবলম্বী। **~বাদিনী** *বিণ স্ত্রী.* সর্বমতবাদিনী। **~ব্যাপী** *বিণ স্ত্রী.* সর্বত্র প্রসারিত; ব্যাপ্ত। **~ব্যাপিনী** *বিণ স্ত্রী.*। **~ভক্ষ, ~ভক্ষ্য** *বিণ* অগ্নি। ২ সমস্ত কিছু ভক্ষণকারী (সর্বভক্ষ আগুনের শিখার মতো হঠাৎ নির্গত হয়—*অচিসে*)। **~ভুক** *বিণ* ১ কিছুমাত্র অবশিষ্ট না রেখে খায় এমন (অনেক পুরোহিত সর্বভুক—*বচ*)। ২ সর্বগ্রাসী; সব কিছু খায় এমন (সব তাতে হাত দেয় মৃত্যু সর্বভুক—*রঠা*)। **~ভূত** *বি* সকল প্রাণী; সব কিছু (সর্বভূতের মঙ্গলার্থ)। **~মঙ্গলা** *বিণ* সকলের মঙ্গলকারিণী। □*বি* দেবী দুর্গা যিনি সর্ব শুভকারিণী। **~মঙ্গল্য** *বিণ* সকলের জন্য মঙ্গলকর। **~মঙ্গল্যা** *বিণ স্ত্রী.*। **~ময়** *বিণ* ১ বিশ্বব্যাপ্ত; সর্বব্যাপী। ২ সর্বাত্মক। □*বি* ১ সর্বেসর্বা। ২ খোদা; জগদীশ্বর। **সর্বময়ী** *বিণ স্ত্রী.*। **~রিক্ত** *বিণ* সম্পূর্ণভাবে রিক্ত; অভাবগ্রস্ত (দরিদ্র সর্বরিক্ত হতভাগ্য মেয়েরা—*মব*)। **~লোক** *বি* ১ সারা জাহান; সমস্ত সৃষ্টি। ২ সকল মানুষ। **সর্বশ, সর্বশঃ** *অব্য, ক্রিবিণ* সর্বপ্রকারে; সর্বরকমে; সবদিক দিয়ে। **~শক্তিমান** *বিণ* সকল শক্তির অধিকারী। □*বি* আল্লাহ; জগদীশ্বর; Omnipotent। **সর্বশী** *বি* সর্বভুক; ছাগী (তবু স্মৃতি নৃত্য করে চিত্ত পরে সুমাংসী সর্বশী—*সদ*)। **~শুচি** *বিণ, বিণ* সুপবিত্র; সর্বদা পবিত্র; অগ্নি (সর্বশুচি বরে সর্বজয়ী বীরবর—*মদ*)। **~শ্রেষ্ঠ** *বিণ* ১ সকলের প্রধান। ২ উৎকৃষ্ট। ৩ সর্বোত্তম। **~শ্রেষ্ঠা** *বিণ স্ত্রী.*। **~সমক্ষে** *বিণ* সকল লোকের সম্মুখে। **~সম্মত** *বিণ* সকলের অনুমোদিত। **~সম্মতিক্রমে** *ক্রিবিণ* সকলের অনুমোদন লাভের ফলে; ঐকমত্যে। **~সহ, সর্বংসহ** *বি* সর্বশুদ্ধ; একত্রে; মোট। □*বিণ* সব কিছু সহ্য করে এমন। **~সহা, সর্বংসহা** *বিণ স্ত্রী.* যে নারী সবকিছু সহ্য বা বরদাস্ত করে (হে শ্যামলা সর্বসহা জননী মৃন্ময়ী—*রঠা*)। **~সাধারণ** *বি* জনসাধারণ; সর্বলোক। **~সিদ্ধি** *বিণ* সমস্ত প্রকার সফলতা লাভ; সকল প্রকার অভীষ্ট পূরণ। **~স্ব** *বি* সকল সম্বল; সকল ঐশ্বর্য; যা কিছু আছে সমস্তই। **~স্বান্ত** *বিণ* সর্বনাশ হয়েছে এমন; সর্বহারা (খরচপত্র করিয়া সর্বস্বান্ত হইয়া ফিরিতেন—*বিব*)। **সর্বাঙ্গ** *বিণ* সমস্ত অঙ্গ; দেহের সমস্ত অংশ (সর্বাঙ্গ কাঁপে মোর রহিয়া রহিয়া—*গান*)। **সর্বাঙ্গসুন্দর** *বিণ* ১ দেহের সমস্ত অংশই যার নিখুঁত। ২ ত্রুটিশূন্য। **সর্বাঙ্গীণ** *বিণ* ১ দেহের সর্বাংশব্যাপী; সর্বদেহ। ২ সমগ্র; সম্পূর্ণ। **সর্বাত্মক** *বিণ* ১ সর্বত্র পরিব্যাপ্ত; সব কিছুতে পরিব্যাপ্ত এমন। ২ নির্বাধ; বাধাশূন্য; অবাধ। **সর্বাদৃত** *বিণ* সর্বত্র সমাদরপ্রাপ্ত; সকলের নিকট আদর পায় এমন; সর্বপ্রিয়। **সর্বাধার** *বি* সকলের আশ্রয়; জগদীশ্বর; আল্লাহ। **সর্বাধিকারী** (-রিন্) *বিণ* ১ সকল বিষয়ে যার অধিকার; সবকিছুর মালিক; সর্বপ্রকার কর্তৃত্ব সম্পন্ন (পিতার সর্বাধিকারী পুত্র আমার সমভি-ব্যাহারে আসিয়াছেন—*ঈবি*)। **সর্বানুভূ** *বি* সর্বান্তর্যামী; যিনি সকলের মধ্যে বিরাজিত (যে পরিমাণে সকলের মধ্যে আমরা সেই পরিমাণে সর্বানুভূকে উপলব্ধি করি—*রঠা*)। **সর্বানুভূত** *বিণ* সকলের উপলব্ধিকৃত; সকলে উপলব্ধি করেছে এমন। **সর্বানুভূতি** *বি* সকল বিষয়ের বোধ বা উপলব্ধি। **সর্বান্তর্যামী** (-মিন্) *বি* জগদীশ্বর;

আল্লাহ্‌তালা। □ *বিণ* সকলের অন্তর জ্ঞাত এমন; সকলের হৃদয়ের কথা জানেন এমন। **সর্বাভরণ** *বি* সমস্ত প্রকার অলঙ্কার; শরীরের সকল অঙ্গের গহনা। **সর্বার্থ** *বি* সমস্ত আকাঙ্ক্ষা বা অভীষ্ট; সমস্ত প্রয়োজন। **সর্বার্থসাধক** *বিণ* সমস্ত প্রকার অভীষ্ট পূরণ করে এমন। **সর্বার্থসিদ্ধি** *বি* সমস্তপ্রকার অভীষ্ট বা প্রয়োজন লাভে সফলতা। **সর্বাশী**(–শিন্) *বিণ* সর্বভুক; সর্বগ্রাসী। **সর্বিস** *বিণ* কুগ্রহ; অলক্ষুণে (কোথাকার সর্বনেশে সর্বিসের ফেরে—*রঠা*)। **সর্বে সর্ব** সকলে; সকল লোক। **সর্বেশ্বর** *বি* হিন্দুদেবতা শিব। □ *বিণ* ১ সকলের প্রভু স্রষ্টা। ২ সার্বভৌম। **সর্বেসর্বা** *বিণ* ১ সর্বোপরি কর্তা; সর্বপ্রধান। ২ সর্বক্ষমতাসম্পন্ন কর্তা। **সর্বোত্তম** *বি* সকলের চেয়ে উৎকৃষ্ট (ঝেড়ে ডিগ্রির সবর্বোত্তম শিখরে পৌঁছবে—*রামা*)। **সর্বোত্তর** *বি* ১ সবচেয়ে উত্তরে অবস্থিত (সর্বোত্তর বাড়িখানা)। ২ সকলের মধ্যে শ্রেষ্ঠ বা প্রধান। **সর্বোপরি** *অব্য* সকলের উপরে; অধিকন্তু। { *স.* √সৃ+ব(বন্)}

সর্ষপ [শরশপ্] *বি* সরিষা; রাই; তৈলপ্রদ শস্য (গোমূত্র সর্ষপে মিলি ক্ষেত্রে রচে সুবর্ণ সাগর—*সদ*)। { *স.* √সৃ+ অপ, 'ষ'(সুক) আগম}

সলওয়া [সল্‌ওয়া] *বি* পাখিবিশেষ (আহারের জন্য দলে দলে সলওয়া-পক্ষী উড়াইয়া আনিয়া ফেলিতে লাগিল —*ইহ*)। { *আ.* সল্‌ৱা سلوای }

সলজ্জ[শলোজ্‌জো] *বিণ* লজ্জিত; লজ্জাযুক্ত; লজ্জাশীল (সলজ্জ হাসি)। **সলজ্জিত** *বিণ* লাজুক; লজ্জাসংযুক্ত (নাহি চল সলজ্জিত—*রঠা*)। { *স.* স+লজ্জা}

সলতে ⟹ সলিতা

সলমা, সলমাচুমকি [সল্‌মা, –চুম্‌কি] *বি* সোনা বা রুপার চকচকে পাকানো তাঁর বা বুটি-দানা (সলমাচুমকির কারুকার্য ও বিবিধ প্রকার জরির ভারে অবনত—*বেরো*)। { *আ.* সলমা سلمی + *বা.* চুমকি}

সলা [শলা] *বি* পরামর্শ; ষড়যন্ত্র (শয়ান সলা দিলে—*শেক*)। ~**মন্ত্রণা** *বি* পরামর্শ; মন্ত্রণা (কাবুল শহরের লোকজনকে বাচ্চার বিরুদ্ধে লড়বার জন্য সলা-মন্ত্রণা দিচ্ছেন—*সৈমু*)। { *আ.* সলাহ্ صلاح }

সলাজ[শলাজ্] *বিণ* ১ লজ্জাযুক্ত; লজ্জার সাথে বর্তমান; লাজুক (সলাজ দৃষ্টি)। { *স.* সলজ্জ>}

সলি[শোলি] *বি* কাঠি; ক্ষুদ্র শলা; শলাকা। { *স.* শলাকা>}

সলিকা [শোলিকা] *বি* ১ প্রতিভা। ২ ভব্যতা। ৩ কর্মে নিপুণতা; হুনর। { *আ.* সলীক়াহ سليقة }

সলিতা, সলতে [শোলিতা, শোল্‌তে] *বি* পলিতা; ক্ষুদ্র বস্ত্রখণ্ডকে পাকিয়ে প্রদীপের জন্য যে পলিতা প্রস্তুত হয় (বস্ত্র আদি দেয় তাতে সলিতা ভরিয়া—*হেমা*)। { *আ.* সলীত়াহ شليطة = জলপাই তেলযুক্ত পলিতা}

সলিল [শোলিল্] *বি* পানি; বারি; জল। ~**ময়** *বিণ* জলময়; জলদ্বারা প্লাবিত। ~**সমাধি** *বি* পানিতে ডুবে মৃত্যু। **সলিলী** *বিণ* জলীয় (মালিত তরঙ্গগণ সলিলী সংগ্রামে—*নসে*)। { *স.* √সল্+ইল(ইলচ্)}

সলীল [শোলিল্] *বিণ* ১ লীলাযুক্ত; সুন্দর ভঙ্গিযুক্ত। ২ কৌতূহলী। { *স.* স(সহ)+লীলা; *বহু*}

সলুক [শোলুক্] *বি* ১ সদ্ভাব (জিন-পরীর সঙ্গে সলুক না থাকিলে মানুষ এত শক্তিমান ও ক্ষমতাশালী হইতে পারে না—*আমআ*)। { *আ.* সুলূক سلوك }

সলুপা, সুলফা [শোলুপা, শুল্‌ফা] (*মবা.*) *বি* শাকবিশেষ (সলুপা নানান ভাঁতি মতুয়া গোষাপ পাতি জালিয়া নায়রি নানা রঙ্গে—*সৈআ*)। { *অমৃ.*}

সল্লভ [শল্‌লভো] *বি* সাধু ব্যক্তির লভ্য (জয় গোপীবল্লভ ভক্ত-সল্লভ দেব-দুর্লভ-বন্দন—*ভারা*)। { *স.* সৎ+ √লভ্+ অ(খল্)}

সশঙ্ক [শশঙ্‌কো] *বিণ* ভয়ার্ত; ভীত; শঙ্কাযুক্ত (সশঙ্ক লঙ্কেশ শূর স্মরিলা শঙ্করে—*মদ*)। **সশঙ্ক, সশঙ্কিত** *বিণ* ভীত; শঙ্কাযুক্ত; ভয়াক্রান্ত। **সশঙ্কে** *ক্রিবিণ* সন্ত্রস্তচিত্তে; ভয়ের সাথে; সভয়ে। { *স.* স+শঙ্কা; *বহু*}

সশব্দ [শশব্‌দো] *বিণ* শব্দযুক্ত; শব্দের সাথে বিদ্যমান (সশব্দ শকট)। **সশব্দে** *ক্রিবিণ* আওয়াজ করে; শব্দ করে (সশব্দে ফাটা)। { *স.* স+শব্দ; *বহু*}

সশস্ত্র [শশোস্‌ত্রো] *বিণ* অস্ত্র দিয়ে সজ্জিত; অস্ত্রশস্ত্রধারী (সশস্ত্র বাহিনী)। { *স.* স+শস্ত্র; *বহু*}

সশিষ্য [শশিশ্‌শো] *বিণ* শিষ্যের সাথে। { *স.* স+শিষ্য}

সসংকোচ [শশঙ্‌কোচ] *বিণ* কুণ্ঠিত; জড়সড় ভাবসম্পন্ন (বরং থাকো মৌন হয়ে সসংকোচ লাজে—*রঠা*)। { *স.* স+সংকোচ; *বহু*}

সসংজ্ঞ [শশঙ্‌গোঁ] *বিণ* সংজ্ঞা বা চেতনাযুক্ত (রাজকন্যা তখন পুনরায় সসংজ্ঞ হইয়া দেখিলেন—*রঠা*)। { *স.* স+সংজ্ঞা}

সসজ্জ, সসজ্জিত [শশোজ্‌জো, –জিতো] *বিণ* সজ্জিত; সজ্জাযুক্ত; বিশেষভাবে সাজসজ্জাযুক্ত (এই বলিয়া সসজ্জ হইয়া প্রস্থান করিলেন—*ঈবি*)। { *স.* স+সজ্জা, সজ্জিত}

সসত্ত্ব [শশত্‌তো] *বিণ* প্রাণযুক্ত। **সসত্ত্বা** *বিণ স্ত্রী.* প্রাণযুক্তা; গর্ভবতী (সসত্ত্বা নারী)। { *স.* স+সত্ত্ব}

সসপেন্ড ⟹ সাসপেন্ড

সসম, শসম, শশুম [শশম্, –, –শু–] *বিণ* ষষ্ঠ; ষষ্ঠতম (সসম সওয়াল জেনে আর কাজ নাই; ছিল যা জানার এখানেই হোক শেষ—*ফআ*)। { *ফা.* শশুম ششم }

সসম্ভ্রম [শশম্‌ভ্রোম্] *বিণ* মান-ইজ্জতের সাথে বিদ্যমান; সম্ভ্রমযুক্ত। **সসম্ভ্রমে** *ক্রিবিণ* সসম্মানে (সসম্ভ্রমে বাঁচিয়া থাকা)। { *স.* স+সম্ভ্রম; *বহু*}

সসম্মান [শশম্‌মান্] *বিণ* সম্মানযুক্ত। **সসম্মানে** *ক্রি-বিণ* সম্মানের সঙ্গে। { *স.* স+সম্মান; *বহু*}

সসাগরা [শশাগরা] *বিণ স্ত্রী.* সাগর সাথে; সাগর ও স্থলভাগ একত্রে; আসমুদ্র (তিনি সসাগরা পৃথিবীর অধীশ্বর—*ঈবি*)। { *স.* স+সাগর+আ(টাপ্)}

সসার [শশার্] *বি* ১ ছোট রেকাবি; তসতরি বা থালা (একখানা সসারে কিছু বরফ আর গোটা কয়েক আঙুর নিয়ে বসল—*সৈমু*)। ২ আধুনিক কল্পবিজ্ঞান গ্রন্থে বর্ণিত অজ্ঞাত বিশ্ব থেকে আগত জ্যোতির্বস্তু; ইউ.এফ.ও.। { *ই* saucer}

সসীম [শোশিম্] *বিণ* সীমাবদ্ধ; সীমাবিশিষ্ট; finite। অসীম *বিপ.*। { *স.* স+সীমা; *বহু*}

সসেমিরা [শশেমিরা] *বিণ* বাহ্যজ্ঞানশূন্য; কিংকর্তব্য-বিমূঢ়; হতভম্ব। {সংস্কৃত কবি কালিদাসের 'দ্বাত্রিংশৎ-পুত্তলিকা' নাটকে উল্লিখিত চারটি রহস্যময় শ্লোকের প্রত্যেকটির আদ্যক্ষরের সমষ্টি}

সসৈন্য [শশোইন্নো] *বিণ* ১ সৈন্যযুক্ত। ২ সৈন্য সহিত। **সসৈন্যে** *ক্রিবিণ* সৈন্যের সাথে; সৈন্য সমভিব্যাহারে (সসৈন্যে আক্রমণ করা)। {*স.* স+সৈন্য; *বহু*}

সস্তা [শস্‌তা] *বিণ* ১ কম দাম; স্বল্পমূল্য (সস্তা দরে মস্ত মজা কিনে নিলে ভাই—*হেব*)। ২ সুলভ। **~য় কিস্তি মাত**—অল্প ব্যয়ে বা পরিশ্রমে কোনো বস্তু বা সাফল্য লাভ। **~র তিন অবস্থা**—কম দামি জিনিস ত্রুটিপূর্ণ ক্ষণভঙ্গুর ও শীঘ্র ধ্বংসশীল। {*ফা.* সুস্ত سوست }

সস্ত্রীক [শস্‌ত্রিক্] *বিণ* স্ত্রীর সাথে একত্রে বা সঙ্গে (সস্ত্রীক যাত্রা)। {*স.* স+স্ত্রী+ক(কপ্)}

সস্নেহ [শস্‌স্নেহো] *বিণ* স্নেহের সঙ্গে; স্নেহযুক্ত; স্নেহপূর্ণ। **সস্নেহে** *ক্রি-বিণ* স্নেহের সঙ্গে। {*স.* স+স্নেহ; *বহু*}

সস্পৃহ [শস্‌পৃহো] *বিণ* লোভী; স্পৃহাযুক্ত (অর্থলাভে সস্পৃহ)। {*স.* স(সহ)+স্পৃহা}

সস্মিত [শোশ্‌মিতো] *বিণ* ঈষৎ হাস্যোদ্ভাসিত; হাসি-হাসি; সহাস্য; মৃদু হাসিযুক্ত (সস্মিত মুখে লক্ষ্মণের দিকে দৃষ্টিপাত করিয়া—*ঈবি*)। {*স.* স+স্মিত; *বহু*}

সহ [শহো] *অব্য* সঙ্গে; সাথে; সহিত (মৃত্তিকাসহ)। □ *বিণ* ১ সহকারী (সহসভাপতি)। ২ সঙ্গে গমনকারী; সঙ্গী (সহযাত্রী)। ৩ সহনশীল (কষ্টসহ মানুষ)। **~কর্মী** *বিণ* সহযোগী; একসঙ্গে একই কর্মসম্পাদনকারী; colleague। **~কার**[১] *বি* সহায়তা; সাহায্য; সহযোগ (ব্যস্ততা সহকারে)। **~কারী** (-রিন্) *বিণ* কাজে সাহায্য করে এমন; সহকর্মী; assistant (সহকারী মিস্ত্রি)। **~কারিণী** *বিণ স্ত্রী*। **~গমন** *বি* একত্রে বা সঙ্গে গমন। **~গামী** (-মিন্), **~গমনকারী** (-রিন্) *বিণ* সঙ্গী। **~গামিনী**, **~গমনকারিণী** *বিণ স্ত্রী*। **~চর**, **~চারী** (-রিন্) *বি, বিণ* সঙ্গে বিচরণ করে এমন; সঙ্গী; সাথি; সখা; বন্ধু। **~চরী**, **~চারিণী** *বি, বিণ স্ত্রী*। **~জাত** *বিণ* ১ একসাথে উৎপন্ন; এক সময়ে জাত; একই মাতার গর্ভ হতে একসঙ্গে প্রসূত। ২ জন্মের সঙ্গে সঙ্গে উৎপন্ন (সহজাত প্রবৃত্তি)। **~ধর্মী** (-র্মিন্) *বিণ* সমান ধর্মযুক্ত। **~ধর্মিণী** *বি স্ত্রী*. ভার্যা; পত্নী। **~পাঠী** (-ঠিন্) *বিণ* এক শ্রেণিতে অধ্যয়নকারী; একই ওস্তাদের ছাত্র। **~পাঠিনী** *বিণ স্ত্রী*। **~মরণ** *বি* (হিন্দুদের মধ্যে পূর্বে প্রচলিত) স্বামীর সাথে এক চিতায় মৃত্যুবরণ। **~মৃতা** *বিণ স্ত্রী*. অনুমৃতা; স্বামীর সহমরণে যায় এমন। **~যাত্রী** (-ত্রিন্) *বিণ* একসঙ্গে গমনকারী; সঙ্গী; সহগামী। **~যায়ী** (-য়িন্) *বিণ* সহগামী; সহযাত্রী। {*স.* √সহ্>}

সহকার[২] [শহোকার্] *বি* আমগাছ (মাধবীলতার কাঁকন পরায়ে সহকারে তরু-শাখে—*নই*)। {*স.* সহ+√কারি+অ(অচ্)}

সহকারী, সহগমন, সহগমনকারী, সহগামী, সহচর, সহচরী ⇒ সহ

সহজ [শহোজ্] *বি* ১ এক জননীর গর্ভজাত; সহোদর; সোদর। ২ স্বভাব (সহজ সাধন)। ৩ (*মবা*) প্রেম (সহজ সহজ সবাই কহয়ে সহজ জানবে কে—*চদা*)। □ *বিণ* ১ সোজা; অকঠিন (সহজ কাজ)। ২ অল্পে যা বোধগম্য হয় (সহজ কথা)। ৩ সরল; অবন্ধুর (সহজ রাস্তা)। ৪ শান্ত; কপটতাহীন (সহজ লোক)। ৫ স্বাভাবিক। **~ জ্ঞান** *বি* ১ সহজাতবুদ্ধি। **~ প্রবৃত্তি** *বি* স্বভাবজাত বা জন্মগত প্রবৃত্তি; instinct। **সহজে** *ক্রিবিণ* ১ বিনা কষ্টে; অনায়াসে (সহজে প্রাপ্য)। ২ সরলভাবে। ৩ বেগ না পেয়ে। ৪ সামান্য কারণে (সহজে বলা)। ৫ অল্পে (সহজে মেটা)। {*স.* সহ+√জন্+অ(ড)}

সহজাত ⇒ সহ

সহজিয়া, সহজি, সহজী [শহোজিয়া, শহোজি, -] *বি* সাধন পদ্ধতিবিশেষ (বৌদ্ধ সহজিয়া, বৈষ্ণব সহজিয়া)। □ *বিণ* ১ স্বাভাবিক; সাধারণ; সহজাত (সে এসে সহসা হাত রেখেছিল মুখে সহজিয়া অনুরাগে—*সুদ*)। {*স.* সহজ+*বা.* ইয়া, ই, ঈ}

সহধর্মিণী, সহধর্মী ⇒ সহ

সহধুরী [শহোধুরি] *বি* সহযোগী; সহকর্মী (তার সাধনালব্ধ স্বাচ্ছন্দ্যে সহধুরীর অভাবে শেষ পর্যন্ত যাতে স্বৈরাচারী না দাঁড়ায়—*সুদ*)। {*স.* সহ+ধুর+ঈ}

সহন [শহোন্] *বি* ১ সহ্যকরণ। ২ ধৈর্যধারণ; সহিষ্ণুতা অবলম্বন (সহনশীল)। ৩ প্রতীক্ষা; অপেক্ষা। □ *বিণ* সহিষ্ণু; সহনশীল। **~যোগ্য** *বিণ* সহ্য করার উপযুক্ত (একরকম সহনযোগ্য হইতে পারিত—*রঠা*)। **সহনাতীত** *বিণ* সহ্য করা যায় না এমন (এ তিরস্কার সহনাতীত হইল—*বচ*)। **সহনীয়** *বিণ* সহ্য করার যোগ্য বা উপযুক্ত; বরদাস্তযোগ্য। **সহনীয়তা** *বি* সহনশীলতা; সহ্য; সহিষ্ণুতা (সহনীয়তার সীমা পার হয়ে গেছে বহুক্ষণে—*সুদ*)। {*স.* √সহ্+অন(ল্যুট্)}

সহবত, সহবৎ, সোহবত [সহোবত্, -, সোহোবত্] *বি* ১ সংসর্গ; সঙ্গ; সাহচর্য; সংসর্গ থেকে প্রাপ্ত জ্ঞান; তরিয়ত (তোমাকে সহবত শিক্ষা দেওয়া আবশ্যক—*রঠা*)। ২ সান্নিধ্য (খুশী হালে আছি আমি বিবির সহবতে—*সৈহা*)। ৩ সভ্যতা; ভব্যতা (আমাদের পাড়াগেঁয়ে ছেলেদের শিক্ষাই বা কি আর সহবতই বা কি—*রঠা*)। ৪ নিয়ম-কানুন; পদ্ধতি (গুছাইয়া খাইতে জানে না বলিয়া দাদামশায় তাকে খাইতে সহবত শিক্ষা দেন—*বিব*)। ৫ যৌন-মিলন। **-দুরস্ত** *বিণ* শালীনতা ও রুচিসম্পন্ন; পরিষ্কার-পরিচ্ছন্ন (সহবতদুরস্ত ভাল কাপড়-জামা পরে হাজির হবার হুকুম হল—*অঠা*)। **সহবতি, সহবতী** *বি, বিণ* ১ (*বিরল*) সর্বদা নিকটে থাকে এমন; অন্তরঙ্গ (চক্রবর্তী গোপাল দেখান সহবতি রায় বকসী মদন গোপাল মহামতি—*ভারা*)। ২ (বিরল) সংক্রান্ত; সম্বন্ধীয় (সহবতী হিসাবনিকাশে বাজে দফা—*ভারা*)। {*আ.* সোহ্‌বত صحبت }

সহবাস [শহোবাশ্] *বি* ১ একত্রে অবস্থান; একসঙ্গে বাস করা (সেই মহাশয়ের সঙ্গে অনেক দিন সহবাস করিয়াছিলাম—*প্যামি*)। ২ সংস্পর্শ; সান্নিধ্য (সহবাসের দ্বারা এক রকম মন অন্য আর এক রকম হইয়া পড়ে—*প্যামি*)। ৩ সঙ্গম; রমণ (স্ত্রী সহবাস)। {*স.* সহ+বাস}

সহমরণ, সহমৃতা, সহযাত্রী, সহযায়ী ⇒ সহ

সহযোগ [শহোজোগ্] *বি* ১ মিলন; সংযোগ (বস্তু সহযোগে

কাজ সম্পন্ন করা)। ২ যোগাযোগ; সম্পর্ক (সহযোগ স্থাপন)। ৩ সহায়তা; সাহায্য (কাজে সহযোগ করা)। ৪ সাহায্য করা; রাজনৈতিক যোগাযোগ (ইংরেজের সাথে সহযোগ)। অ– *বিপ*। **সহযোগী** (–গিন্) *বিণ* ১ সাহায্যকারী। ২ সহকর্মী। **সহযোগিতা** *বি* সহায়তা; সাহায্য (কাজে সহযোগিতা করা)। { *স.* সহ+যোগ}

সহর ⇒ শহর

সহরত ⇒ শোহরত

সহর্ষ [শহরশো] *বিণ* আনন্দিত; হর্ষযুক্ত (সহর্ষ মনে করিতে লাগিলেন—*ঈবি*)। **সহর্ষে** *ক্রিবিণ* আহ্লাদের সঙ্গে; খুশি মনে। { *স.* স+হর্ষ}

সহলে সহলে [শহোলে শহোলে] *বিণ* কোমল স্পর্শে; ধীরে ধীরে (বলিয়া ছলিয়া সহলে সহলে রসিয়া পশিলা ভ্রমরা কমলে—*ভারা*)। { *আ.* সহল্ سهل }

সহসা [শহোশা] *অব্য, ক্রিবিণ* অকস্মাৎ; হঠাৎ; অতর্কিত (রণসজ্জার সজ্জীভূত হউন, সহসা জিগীষা ফলবতী হবে—*দীমি*)। { *স.* সহস্+আ(টা)}

সহস্র [শহোস্রো] *বি* ১ হাজার (এক সহস্র)। ☐ *বিণ* ১ হাজার সংখ্যক (সহস্র বার)। ২ অসংখ্য; অগুনতি; অগণন; নানাবিধ (সহস্র রকম কাজ)। **~কর, সহস্রাংশু** *বি* সূর্য। **~দল** *বি* পদ্ম। ☐ *বিণ* হাজার পাপড়িবিশিষ্ট। **~নয়ন, ~লোচন, সহস্রাক্ষ** *বি* দেবরাজ ইন্দ্র। **~বার** *ক্রিবিণ* অনেকবার। **~ রকম** *বিণ* নানাবিধ, নানা প্রকার। **সহস্রাধিক** *বিণ* হাজারের উপর। **সহস্রাব্দ সহস্রার** *বি* যোগশাস্ত্রোক্ত শিরঃস্থ সহস্রদল পদ্ম। **সহস্রৈক** *বিণ* সহস্রাধিক; এক সহস্র (সহস্রৈক ফণা মেলি আছাড়ি লাঙ্গুল—*রঠা*)। { *স.* সহস্+র}

সহা *(প্রাপ্র)* [শহা] *ক্রি* ১ বরদাস্ত করা (এত জ্বালা প্রাণে সহে না—*গান*)। ২ ক্ষমা বা মাফ করা (অন্যায় সহা)। ৩ সহ্য করা (অন্যায় যে করে আর অন্যায় যে সহে—*রঠা*)। ☐ *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* সহ্য হয় বা হয়ে গেছে এমন (গা–সহা)। **~নো** *ক্রি* সহ্য বা সহন করানো। { *স.* √সহ্>}

সহাধ্যায়ী(–য়িন্) [শহাদ্‌ধায়ি] *বি* ১ সমপাঠী; সহপাঠী। ☐ *বি, বিণ* উক্ত অর্থে। **সহাধ্যায়িনী** *বি স্ত্রী.* সহপাঠিনী। { *স.* সহ+অধ্যায়+ঈ}

সহান ⇒ সহা

সহানুভূতি [শহানুভুতি] *বি* ১ অন্যের দুঃখ–বেদনায় তার সাথে সমান অনুভূতি। ২ সমবেদনা; দরদ। **~শীল** *বিণ* সমবেদনাসম্পন্ন; সমব্যথী; দরদি। { *স.* সহ+অনুভূতি}

সহাবস্থান [শহাবস্‌থান্] *বি* বিরুদ্ধ মতাবলম্বীদের শান্তিপূর্ণভাবে একত্র অবস্থিতি। { *স.* সহ+অবস্থান}

সহায় [শহায়্] *বি* ১ সাহায্যকারী। ২ অবলম্বন (ঘটনাক্রমে তাঁহার অননুভূতপূর্ব সহায় উপস্থিত হইল—*বচ*)। ৩ সহকারী (কাজের সহায়)। ৪ সমর্থক; সমর্থনকারী। **~ক** *বিণ* ১ সাহায্যকারী। ২ সমর্থক; পরিপোষক। **~তা** *বি* সাহায্য; সাহায্যকরণ; সমর্থন। **~সম্পত্তি, ~সম্পদ** *বি* লোকবল ও অর্থবল। { *স.* সহ+√অয়+অ(অচ্)}

সহাস্য [শহাশ্‌শো] *বিণ* হাসিসংযুক্ত; হাস্যরত। **সহাস্যে** *ক্রি–বিণ* হাস্যরত অবস্থায়; হাসতে হাসতে। { *স.* স+হাস্য; বহু}

সহি, সই [শোহি, শোই] *বি* ১ দস্তখত; স্বাক্ষর (এসো তো করি নামটা সহি লম্বা পিটিশনে—*রঠা*)। ২ হাতের আঙুলের ছাপ (টিপসহি)। { *আ.* সহীহ্ صحيح }

সহিংস [শহিঙ্‌শো] *বিণ* হিংসার সাথে; হিংসাযুক্ত (সহিংস বাহবা দিতেছে—*রাব*)। { *স.* স+হিংসা; বহু}

সহিত [শোহিত্] *বি* সংযুক্ত; সমন্বিত (ভক্তি সহিত জ্ঞান)। ☐ *বিণ* (বিরল) সম্যক হিতকর। ☐ *অব্য* সঙ্গে; সাথে (ভাইয়ের সহিত)। { *স.* সহ+ইত(ইতচ্)}

সহিদ ⇒ শহীদ

সহিলি, সহেলী, সহেলি [শোহিলি, শহেলি, –] *বি* চিত্তবিনোদনী; সখী; বান্ধবী (একদিন রাজার এক সহিলি পলায়ন করিয়া কোথায় ছিল তাহার ঠিকানা ছিল না—*রাম*; যুবতী সহেলী বাদী ধরিয়া পাছাড়ি—*ভারা*)। { *হি* সহেলী}

সহিষ্ণু [শোহিশ্‌নু] *বিণ* ১ বরদাস্তকারী; সহনশীল; ধৈর্যধারণকারী; ধৈর্যশীল (আমি ইব্রাহিমকে (আঃ) এক সহিষ্ণু পুত্রের সুসংবাদ দিয়াছি—*শেআ*)। ২ ক্ষমাবান; ক্ষমাশীল (রোষ–সহিষ্ণু চিত্ত)। ৩ প্রতীক্ষাশীল (সহিষ্ণু চিত্তে অপেক্ষা করা)। **সহিষ্ণুতা** *বি*। { *স.* সহ+ইষ্ণু(ইষ্ণুচ্)}

সহিস, সইস [শোহিশ্, –ইশ্] *বি* অশ্বের তত্ত্বাবধায়ক বা পালক। { *আ.* সাইস سائس }

সহিসালামাত [সোহিসালামত্] *বি* খোশহাল; সুখশান্তি (খোদা তোমাকে সহিসালামতে রাখুন, হায়াত দারাজ করুন—*নই*)। { *আ.* সহিহ্‌সালামত صحيح سلامة }

সহুর [শোহুর্] *বি* জ্ঞান; বুদ্ধি; বোধশক্তি (জেলেখা বলেন মোর হইল সহুর। আক্কেল হৈল মেরা দেওয়ানা হৈল দূর—*গরিব*)। { *আ.* শু'উর شعور }

সহুরে ⇒ শহর

সহৃদয় [শরিদয়্, শহৃদয়্] *বিণ* ১ সদাশয়; হৃদয়বান (সহৃদয় ব্যবহার)। ২ সহানুভূতিশীল (সহৃদয় বন্ধু)। ৩ প্রশস্তচিত্ত। ৪ আন্তরিকতাপূর্ণ (সহৃদয় সম্ভাষণ)। ৫ রসবেত্তা; রসজ্ঞ; গুণ গ্রহণ করে যে, বিদ্বান; পণ্ডিত; বিদগ্ধ; গুণগ্রাহী। ৬ বিদ্বান। **সহৃদয়া** *বিণ স্ত্রী.*। **~তা** *বি*। { *স.* স+ হৃদয়; বহু}

সহোদর, সোদর [শহোদর্, শোদর্] *বি* ১ এক মায়ের গর্ভজাত ভাই (সহোদর ভাই)। ২ সুসদৃশ (তিলফুল জিনি নাসা বসন্ত কোকিল ভাষা ভ্রূযুগল চাপ সহোদর—*কমু*)। ৩ নিকট আত্মীয় (কাহ্ন মোর কুটুম্ব সহোদর—*চদা*)। **–প্রতিম** *বিণ* সহোদর ভাইয়ের তুল্য। **সহোদরা** *বিণ স্ত্রী.* এক মায়ের গর্ভজাত ভগিনী। { *স.* সহ+উদর; বহু}

সহ্য[১] [শোজ্‌ঝো] *বি* ১ ধৈর্য (সহ্য নেই তোমার)। ২ সহন; বরদাস্ত (সহ্য করা); ধৈর্যধারণ। ☐ *বিণ* ১ সহনীয়; বরদাস্তযোগ্য (সহ্য হওয়া)। { *স.* সহ্+য(যৎ)}

সহ্য[২] [শোজ্‌ঝো] পশ্চিম ঘাট পর্বতমালার উত্তর ভাগ। **সহ্যাদ্রি** *বি* সহ্য নামক পর্বত। { *স.* √সহ্+য(যৎ)}

সা[১] [সা] *বি* সঙ্গীতে প্রথম স্বর; ষড়্‌জ শব্দের সংক্ষেপ। { *স.* ষড়্‌জ>}

সা³ [শা] *বি* হিন্দুদের সাহা উপাধির কথ্য রূপ। {সাহা>}
সাইকেল, বাইসাইকেল, বাইক [সাইকেল্, বাই–, বাইক্] *বি* পা দ্বারা চালিত দ্বিচক্রযান বিশেষ। {*ই.* bicycle}
সাইকোলজি [সাইকোলোজি] *বি* মনোবিদ্যা; মনস্তত্ত্ব (সাইকোলজি এবং সোশিয়লজি যে বোটানির অন্তর্ভুক্ত একথা তো কোনো কেতাবে কোরানে লেখে না—*প্রচৌ*)। {*ই.* psychology}
সাইক্লোন [সাইক্‌ক্লোন্] *বি* ঘূর্ণিঝড় (মহাপ্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস—*নই*)। {*ই.* cyclone}
সাইজ[শাইজ্] *বি* আকার; মাপ; পরিমাপবিশেষ (জামবাটি সাইজ অ্যাশ ট্রে পোড়া সিগারেট ভর্তি—*সৈমু*)। ~**করা** *ক্রি*। {*ই.* size}
সাইত, সাইদ¹, **সাহিত** [সাইত্, দ্, –হিত্] *বি* আরম্ভ; শুভসূচনা; প্রথম বেচাকেনা (দোকান খোলার পর সাইত করা)। ২ সৌভাগ্য। {*আ.* সা'দ سعد }
সাইদ² [শাইদ্] *বি* সাক্ষী (দশ ভাই বলে যদি না কর এতবার। ঐ দেশের লোক আছে সাইদ তাহার—*ফগ*)। {*আ.* শাহিদ شاهد }
সাইনবোর্ড[সাইন্‌বোর্ড্] *বি* প্রতিষ্ঠানাদির পরিচয়জ্ঞাপক ফলকবিশেষ। {*ই.* signboard}
সাইমুম, সিমূম, সমূম [সাইমুম্, সি–, স–] *বি* মরুভূমির ভয়াবহ ঝড় (খেজুর পাতার প্রাসাদ তোমার বারে বারে গেছে খসি সাইমুম ঝড়ে—*নই*)। {*আ.* সমূম سموم}
সাইরেন [সাইরেন্] *বি* বিপদ–সংকেত (তারই মধ্যে অকস্মাৎ সাইরেনের আর্তনাদে বিদীর্ণ আকাশ থেকে নেমেছে বোমার বৃষ্টি—*প্রেমি*)। {*ই.* siren}
সাইল, শাইল, শালি [শাইল্, –, শালি] *বি* ১ সুগন্ধি ধানবিশেষ (ভুঞ্জে নানা সাইল ভোগ সুগন্ধ বহুল। কর্পূর বাসিত পান সরস তাম্বুল—*কাদৌ*)। ২ শাল বৃক্ষ। ৩ শেফালি (সাইলের ফল খাইয়া মালা করিয়া—*মব*)। {*স.* শালি>}
সাউ[শাউ] *বি* বণিক; সওদাগর; মহাজন। ~**কার** *বি* ১ বড় বণিক। ২ *(ব্যা.)* মাতব্বর। ~**কারি** *বি* ১ মহাজন বৃত্তি। ২ *(ব্যা.)* মাতব্বরি; মুরুব্বিয়ানা। ~**খুড়ি** *বি* সদাগরি; সাধুগিরি (সাগর নদীর সাউখুরি করার চেয়ে গলির নর্দমা সাফ করার দিকেই আমরা নজর দিতে চাই —*প্রেমি*)। {*স.* সাধু>}
সাউদ, সাউধ [শাউদ্, –ধ্] *বি* সাধু; সওদাগর (সাউদ পাড়ার খাঁ–রা কোথায়—*জউ*)। {*স.* সাধু>}
সাউলি[শাউলি] *বি* ১ সামলি মুগের ভাজা পুলি (অড়হর ডাল আর মুগের সাউলি—*অঠা*)। ২ বড়াবিশেষ। {*মারাঠি.* সউলী}
সাএল, সায়েল[সায়েল্] *বি* ১ আবেদনকারী; ভিক্ষুক। ২ প্রশ্নকর্তা। {*আ.* সাইল سائل }
সাওকুড়ি, সাওকুড়ী [সাওকুড়ি] *বি* মাতব্বরি; মুরুব্বিয়ানা (তাদের কিনা সব তাতেই মোড়লী সাওকুড়ী আবার মুখের ওপর চোপা—*নই*)। {*অমূ.*}
সাওয়াব ⇒ সোয়াব
সাং[শাঙ্] *বি* সাকিনের সংক্ষিপ্ত রূপ (সাং নবাবগঞ্জ)। {*আ.* সাকিন ساكن >}
সাংকর্য, সাঙ্কর্য [শাঙ্‌কোর্‌জো] *বি* ১ মিশ্রণ; মিলন; সংকরত্ব (সাংকর্য সাধন)। ২ দো–আঁশলা ভাব। {*স.* সংকর+য}
সাংকেতিক, সাঙ্কেতিক[শাঙ্‌কেতিক্] *বিণ* সংকেত কারক; সংকেতজ্ঞাপক (নিম্নলিখিত সাংকেতিক অক্ষর লেখা আছে—*রঠা*)। □ *বি (গণিত.)* অঙ্ক কষার বিশেষ সংক্ষিপ্ত পদ্ধতি; চলিত নিয়ম; practice। {*স.* সংকেত+ইক(ঠক্)}
সাংখ্য [শাঙ্‌খো] *বি* কপিল মুনি রচিত (হিন্দু) দর্শনশাস্ত্র। {*স.* সংখ্যা+অ(অণ্)}
সাংখ্যিক [শাঙ্‌খিক্] *বিণ* সংখ্যাবিষয়ক। {*স.* সংখ্যা+ইক(ঠক্)}
সাংগীতিক [শাঙ্‌গিতিক্] *বিণ* সংগীত বিষয়ক। {*স.* সংগীত+ইক(ঠক্)}
সাংগ্রামিক [শাঙ্‌গ্রামিক্] *বিণ* ১ যুদ্ধসংক্রান্ত। ২ যুদ্ধে দরকারি। ৩ যুদ্ধে দক্ষ; নিপুণ যোদ্ধা। {*স.* সংগ্রাম+ইক(ঠক্)}
সাংঘাতিক, সাঙ্ঘাতিক *(বিরল)* [শাঙ্‌ঘাতিক্] *বিণ* ভয়ানক; ভীষণ; মারাত্মক। {*স.* সংঘাত+ইক(ঠক্)}
সাংবৎসর, সাংবৎসরিক [শাঙ্‌বত্‌শর্, শাঙ্‌বাত্‌শোরিক্] *বিণ* ১ সম্পূর্ণ বৎসর; বৎসরব্যাপী। ২ বার্ষিক। ৩ বৎসর শেষে করণীয় (সাংবৎসরিক শ্রাদ্ধ)। {*স.* সম্+বৎসর, বাৎসরিক}
সাংবাদিক [শাঙ্‌বাদিক্] *বিণ* ১ সংবাদ সম্পর্কীয়। □ *বি,বিণ* সংবাদপত্রের সম্পাদকীয় বিভাগে কাজ করেন যিনি; সংবাদপত্রে প্রকাশের জন্য সংবাদ সংগ্রাহক। ~**তা** *বি* সাংবাদিকের কাজ বা বৃত্তি। {*স.* সংবাদ+ইক(ঠঞ্)}
সাংযাত্রিক[শাঙ্‌জাত্‌ত্রিক্] *বি* জলপথে ব্যবসা–বাণিজ্য করে যে। {*স.* সংযাত্র+ইক(ঠক্)}
সাংশয়িক [শাঙ্‌শোয়িক্] *বিণ* ১ সংশয় সংক্রান্ত। ২ সংশয়বিশিষ্ট; সন্দেহযুক্ত; সন্দিহান। {*স.* সংশয়+ইক(ঠক্)}
সাংসর্গিক[শাঙ্‌শোরগিক্] *বিণ* ১ সংসর্গজাত; মেলামেশা বা একত্র বাস হতে উৎপন্ন। ২ সংসর্গ সম্পর্কিত। {*স.* সংসর্গ+ইক(ঠঞ্)}
সাংসারিক[শাঙ্‌শারিক্] *বিণ* ১ সংসার বা জীবন সম্বন্ধীয়। ২ সংসারের প্রতি আসক্ত (সাংসারিক লোক)। ৩ বৈষয়িক (সাংসারিক ক্রিয়াকর্ম)। ৪ পারিবারিক (সাংসারিক অবস্থা)। {*স.* সংসার+ইক(ঠঞ্)}
সাঁই¹, **সাই** ⇒ শাঁ
সাঁই² [শাঁই] *বি* ১ স্বামী; প্রভু; গুরু। ২ গোসাঁই; মহাজন। ৩ আল্লাহ (করিম রহিম সাঁই তুমি, তুমি বিনে গতি নাই —*এআ*)। {*স.* স্বামী>}
সাঁই³ [শাঁই] *অব্য* বাতাস চলাচলের অনুচ্চার ধ্বনি (সাঁই সাঁই শব্দ করে সবাই নাভিকুণ্ডলী পর্যন্ত ভরে নিচ্ছে সেই নন্দনকাননের পারিজাত পাপড়ি পোড়ানোর খুশবাই—*সৈমু*)। {*ধ্বন্যা.*}
সাঁইত্রিশ [শাঁইত্‌ত্রিশ্] *বি,বিণ* ৩৭ সংখ্যা বা সংখ্যক। {*স.*

সপ্তত্রিংশৎ>}

সাঁই সাঁই ⇒ শাঁ শাঁ

সাঁওতাল [শাঁওতাল্] *বি* ভারতীয় উপমহাদেশের আদিম জাতিবিশেষ। **–নি/নী** *বি স্ত্রী*। **সাঁওতালি, সাঁওতালী** *বিণ* ১ সাঁওতাল সম্পর্কীয়। ২ সাঁওতালদের মধ্যে প্রচলিত। { *স.* সামন্তপাল>}

সাঁকতি *(প্রাপ্র)* [শাঁকৃতি] *বি* শাঁখ (মোরে সাঁকতির মালা দিতে হবে—*দীমি*)। { *স.* শঙ্খ>}

সাঁকো, সাকো [শাঁকো, শা–] *বি* পুল; সেতু; bridge (সেই সাকো সরু অতি কেসর সমান—*সৈসু*)। { *স.* সংক্রম>}

সাঁচা, সাঁচ্চা, সাচ্চা, সাচা [শাঁচা, –চচা, শাচ্‌চা, শাচা] *বিণ* ১ সত্য; অকৃত্রিম; আসল; খাঁটি (লাগবে লড়াই মিথ্যা এবং সাঁচায়—*রঠা*)। ২ সত্যিকারের; বাস্তবিক (ঝুটার পায়ে শির লুটাবে, এতই ভীরু সাঁচা—*নই*)। ৩ নির্ভেজাল (সে কি আবীর মাখে সাঁচা সরম রঙে রাঙা কপোল 'পরে—*সদ*)। { *স.* সত্য>; *হি* সাচ্চা}

সাঁচি [শাঁচি] *বিণ* ১ আসল; অকৃত্রিম; প্রকৃত; সত্য; খাঁটি (সাঁচি রঙে লাল হল দুই আঁখি—*সদ*)। ২ উৎকৃষ্ট (সাঁচি পান)। { *স.* সত্য>; *হি* সচ্চী}

সাঁজ[১] [শাঁজ্] *বি* ১ সন্ধ্যাকাল (সাঁজের আকাশ)। ২ ওয়াক্ত; বেলা (কেহ কেবল খাতিরে—কেহ বা এক সাঁজ ফলাইবার পেলেই ছাড়েন—*বচ*)। **সাঁঝ** ⇒। { *স.* সন্ধ্যা>}

সাঁজ[২], **সাঁজা** [শাঁজ্, –জা] *বি* ১ সন্ধ্যাপ্রদীপ (সাঁজ বা সাঁজা দেওয়া)। ২ দধির বীজ; দম্বল (সাঁজা দিয়ে দই বসানো)। { *স.* সন্ধান>}

সাঁজাল [শাঁজাল্] *বি* ১ মৃৎপাত্রে খড় ইত্যাদির দ্বারা প্রস্তুত ধোঁয়া। ২ ধোঁয়া তৈরির জন্য স্তূপীকৃত খড় ইত্যাদি (গোহালে সাঁজাল ঠিক করে রাখে—*বআমি*)। { *স.* সন্ধ্যাজ্বাল>}

সাঁজোয়া [শাঁজোয়া] *বি* ১ বর্ম (যোদ্ধারা তারে সাঁজোয়া পরায়—*সদ*)। ২ আবরণ (কাঁটার সাঁজোয়া খোয়ালে হঠাৎ সজারু হইল ছুঁচা—*সদ*)। { *স.* সজ্জা>; *বা.* সাজ+ওয়া}

সাঁঝ, সাঁজ [শাঁঝ্, –জ্] ⇒ সন্ধ্যা। **সাঁঝক** *(প্রাবা)* *বিণ* সন্ধ্যাবেলার। **সাঁঝ নামা** *ক্রি* সন্ধ্যা হওয়া (আর সাঁঝ নামা দীঘির গহনে—*শারা*)। **সাঁঝবাতি, সাঁঝের বাতি** *বি* সন্ধ্যা-প্রদীপ; সন্ধ্যায় যে বাতি জ্বালানো হয়। **সাঁঝা** *(প্রাবা)* *বি* সন্ধ্যা; সন্ধ্যাদীপ। { *স.* সন্ধ্যা>}

সাঁট [শাঁট্] *বি* ১ সংক্ষেপ; সংক্ষিপ্ত বর্ণনা; চুম্বক (সংস্কৃত শাস্ত্রকারেরা এত সাঁটে কথা কন যে—*প্রচৌ*)। ২ ইঙ্গিত; ইশারা; সংকেত (কথার সাঁট)। ~ **বোঝা** *ক্রি* সংকেত উপলব্ধি করা (কথার সাঁট বোঝা)। **সাঁটে সারা** *বিণ* সংক্ষেপে কাজ শেষ করা (কাজ সাঁটে সারা)। { *স.* সংকেত>}

সাঁটা [শাঁটা] *বি* ১ লাগানো; সংলগ্ন করা (কাগজ সাঁটা)। ২ উক্ত সকল অর্থে। □ *বিণ* দৃঢ়বদ্ধ; শক্ত করে লাগানো। □ *ক্রি* সংবদ্ধ করা; আঁটা (সেঁটে বন্ধ করা)। { *হি* সটনা}

সাঁড়াশি, সাঁড়াশী [শাঁড়াশি] *বি* চিমটার ন্যায় যন্ত্র, যা শক্ত করে এঁটে ধরে। { *স.* সন্দংশিকা>সন্দংশী>সাঁড়াশি}

সাঁতরানো [শাঁত্‌রানো] *ক্রি* ১ সাঁতার কাটা; সাঁতার দেওয়া। ২ সন্তরণ। { *স.* সম্+√তৃ>সাঁতরা+আনো; ক্রিয়ারূপ—সাঁতরাই, সাঁতরাও, সাঁতরায়, সাঁতরান ইত্যাদি; *অক্রি*—সাঁতরিয়ে, সাঁতরালে, সাঁতরাতে ইত্যাদি}

সাঁতলানো [শাঁত্‌লানো] *ক্রি* ১ সন্তোলন করা; গরম তেলে মাছ মাংস বা তরিতরকারি সামান্য ভাজা (মাছ সাঁতলাবে তো তেলে দেবে না—*অচিসে*)। ২ ফোড়ন দেওয়া। { *স.* সন্তুলন>; ক্রিয়ারূপ—সাঁতলাই, সাঁতলাও, সাঁতলায়, সাঁতলান; *অক্রি*—সাঁতলাতে, সাঁতলালে, সাঁতলিয়ে ইত্যাদি}

সাঁতার [শাঁতার্] *বি* ১ সন্তরণ; পানিতে ভাসমান অবস্থায় বিচরণ (সাঁতার দেওয়া)। □ *বিণ* সাঁতার দিয়া পার হতে হয় এমন (সাঁতার পানি)। { *স.* সন্তরণ>}

সাঁতারু [শাঁতারু] *বিণ* ১ সন্তরণকারী; সাঁতার কাটে এমন। ২ সন্তরণে দক্ষ বা নিপুণ। { সাঁতার+আরু}

সাঁপি [শাঁপি] *বি* ১ হাড়িকাঠের উপরের গোলাকার কাষ্ঠখণ্ড। ২ ছিপি। { *স.* সর্প>}

সাকল্য, সাকুল্য [শাকোল্‌লো, –কুল্‌লো] *বি* ১ সমগ্রতা; সমষ্টি। ২ সমুদয়। { *স.* সকল+য, >}

সাকার [শাকার্] *বিণ* আকারবিশিষ্ট; মূর্তিমান (মৃত প্রিয়া স্মরণে সাকার—*সদ*)। **সাকারা** *বিণ স্ত্রী*। **~বাদ** *বি* সাকার বা মূর্তি পূজাবিষয়ক মতবাদ। **~বাদী** *বি, বিণ* সাকার বা মূর্তি পূজায় বিশ্বাসী। **সাকারোপাসনা, ~পূজা** *বি* প্রতিমা পূজা। { *স.* স+আকার}

সাকি, সাকী [শাকি] *বি* ১ সুরা পরিবেশনকারী তরুণ বা তরুণী (বন্ধুগো সাকী আনিয়াছে নাকি বরষের সওগাত—*নই*)। ২ প্রেমিকা (এল ফুলের মরসুম শরাব ঢালো সাকী—*নই*)। ৩ সুফি সাধকদের দীক্ষাগুরু। **~দার** *বি* পরিবেশনকারী (বাবুর্চিখানা তদারক করিয়া তদ্বিরকার ও সাকিদারদের যথারীতি উপদেশ দিয়া হালিম সকলকে লইয়া বিদায় হয়—*আমআ*)। { *আ.* সাকী ساقی }

সাকিন, সাকিম, সাং [শাকিন্, –ম্, শাঙ্] *বি* বাসস্থান; ঠিকানা (তার নাম নেই ধাম নেই সাকিন ঠিকানা নেই—*সৈমু*; চলে গেল ঈসা মুসা...ফিরদৌসের দূর সাকিম—*নই*)। { *আ.* সাকিন ساکن }

সাকুল্য ⇒ সাকল্য

সাক্ষর [শাক্‌খর্] *বিণ* ১ অক্ষরযুক্ত; অক্ষরজ্ঞান সম্পন্ন। ২ অল্পশিক্ষিত; শিক্ষাপ্রাপ্ত; literate। **নিরক্ষর** *বিপ*। **–তা** *বি* অক্ষর পরিচয়; literacy। { *স.* স+অক্ষর}

সাক্ষাৎ [শাক্‌খাত্] মোলাকাত; দর্শন (হয়েছে সাক্ষাৎ দোঁহে—*রঠা*)। □ *অব্য, বিণ* ১ আপন; ঘনিষ্ঠ (সাক্ষাৎ চাচাতো ভাই)। ২ প্রত্যক্ষীভূত; জ্ঞাত (জ্ঞান বস্তু কলেবর ভুবনবিখ্যাত; ভূত ভবিষ্যৎ আদি তাহার সাক্ষাৎ—*দৌবা*)। ৩ স্বয়ং (সাক্ষাৎ মালিক আসিয়া হাজির)। ৪ প্রত্যক্ষ; মূর্তিমান (সাক্ষাৎ মৃত্যু)। ৫ তুল্য। ৬ নিকটে; সম্মুখে (বিনয়রূপে মজনু অনাথ দণ্ডবৎ হৈলা তবে মুনির সাক্ষাৎ—*দৌবা*)। ৭ সামনে; সমক্ষে (সাক্ষাতে বলা)। **~কর্তা, ~কারী** (–রিন্) *বিণ* ১ সাক্ষাৎ করে এমন; দর্শনকারী। ২ সাক্ষাৎ করতে আসে এমন। **~সম্বন্ধ** *বি* ১ সরাসরি বা সোজাসুজি সম্বন্ধযুক্ত। ২ প্রত্যক্ষ সম্পর্ক। □ *বিণ* বাইরের সম্বন্ধযুক্ত। { *স.* স+অক্ষ+√অৎ+ক্বিপ্}

সাক্ষী (–ক্ষিন) [শাক্‌খি] *বিণ* ১ কোনো বিষয় বা ঘটনা

প্রত্যক্ষকারী। ২ প্রত্যক্ষদর্শী; স্বয়ংদ্রষ্টা; প্রমাণ (এই মোকদ্দমার সাক্ষী দশজন)। –**গোপাল** *বি* নিষ্ক্রিয় দর্শক (তাহার সহধর্মিণী, তৎকালে, সাক্ষীগোপালস্বরূপ ছিলেন—*ঈবি*)। –**সাবুদ** *বি* ঘটনাদির প্রত্যক্ষকারী এবং প্রমাণাদি, সাক্ষী-প্রমাণাদি (এইভাবে সাক্ষীসাবুদ—দলিল-দস্তাবেজ আরম্ভ হবে—*সৈমু*)। { *স.* সাক্ষাৎ+ইন্(ইনি)}

সাক্ষ্য [শাকখো] *বি* ১ সাক্ষী কর্তৃক আদালতে ঘটনাদির বর্ণনা। ২ সাক্ষীর কাজ। { *স.* সাক্ষিন+য(ষ্যৎ)}

সাখরচে [শাখরচে] *বিণ (বিরল)* অতিব্যয়ী; খরচকারী (গুরুদাস বড় সাখরচে—*প্যামি*)। {সা+ *ফা.* খরচ خرچ}

সাখাওত, সাখাওতি ⟹ সখাওত

সাগর [শাগোর] *বি* সমুদ্র (আমি সাগর পাড়ি দিব আমি সদাগর—*নই*)। ~**ছেঁচা মানিক** *(আল.)* *বি* অতি কষ্টার্জিত বস্তু; দুর্লভ বস্তু (সমস্ত কিছু হারিয়ে একমাত্র সাগর-ছেঁচা মানিক পুত্রের মুখ চেয়েই মা বেঁচে আছে)। –নেমি *বি* পৃথিবী। –**পারী** *বিণ* সাগরযাত্রী; যে সাগরের পাড়ি জমায় (ওরে ভূতে-পাওয়া, ওরে ও সাগর-পারী। দেশে দেশে তুমি অচিরে ছড়াবে মারী—*সদ*)। ~মেখলা *বিণ* ১ সমুদ্রবেষ্টিত। ২ পৃথিবী। –**সঙ্গম** *বি.* সাগরের সঙ্গে নদীর মিলন স্থান। **সাগরাম্বরা** *বিণ* সাগর রূপ বস্ত্র পরিহিতা (ঐ শৈল কিরীটিনী সাগরাম্বরা চটুল ভূমি—*আকসা*)। **সাগরিকা** *বি* সাগর তরঙ্গ, সাগর-দুলালী (সিন্ধু-গতিচ্ছন্দে জাগিল সে নগ্ন-সাগরিকা—*শাহো*)। { *স.* সাগর+অ(অণ্)}

সাগরেদ ⟹ শাগরেদ

সাগু, সাবু [শাগু, –বু] *বি* বৃক্ষবিশেষের মজ্জা থেকে প্রস্তুত দানাদার পালোবিশেষ। {*পো.* sagu; *ই* sago}

সাগ্নিক [শাগ্‌নিক] *বি, বিণ* ১ যজ্ঞাগ্নি সর্বদা প্রজ্বলিত রাখে এমন ব্রাহ্মণ; অগ্নিহোত্রী ব্রাহ্মণ (আমি হোম-শিখা, আমি সাগ্নিক জমদগ্নি—*নই*)। ২ সর্বদা যজ্ঞকারী। { *স.* স+অগ্নি+ক(কপ্)}

সাগ্রহ [শাগ্‌গ্রোহো] *বিণ* ইচ্ছাপ্রণোদিত; আগ্রহশীল; আগ্রহযুক্ত (তোমার সাগ্রহ প্রত্যাশা ক্ষুণ্ণ হয়নি—*রঠা*)। **সাগ্রহে** *ক্রিবিণ* আগ্রহের সঙ্গে। { *স.* স+আগ্রহ}

সাঙল [শাঙোল] *বিণ* শ্যামল (সাঙল বরণ সাঙলাতে—*সদ*)। { *স.* শ্যামল>}

সাঙলা [শাঙোলা] *বিণ স্ত্রী.* ১ দুঃখিত (দেলগীর হইল বিবি আফতাব সমান ছবি, সাঙলা হৈলে শুনিয়া খবর—*সৈহা*)। ২ শ্যামলা; কৃষ্ণবর্ণ। { *স.* শ্যামল>}

সাঙ্কর্ষ ⟹ সাংকর্ষ

সাঙ্কেতিক ⟹ সাংকেতিক

সাঙ্খ্য ⟹ সাংখ্য

সাঙ্খ্যিক ⟹ সাংখ্যিক

সাঙ্গ [শাঙ্‌গো] *বিণ* ১ খতম; সমাপ্ত (বিধি-অনুষ্ঠান সাঙ্গ করিয়া সে এক নিশ্বাসে আবৃত্তি করিতে লাগিল—*বিব*)। ২ অঙ্গবিশিষ্ট। ৩ পূর্ণাঙ্গ। **সাঙ্গি** *বিণ স্ত্রী*। –**তা** *বি*। –**রূপক** *বি* যেরূপকে উপমান ও উপমেয়ের প্রতি অঙ্গের সঙ্গে প্রতি অসঙ্গের সাদৃশ্য দেখানো হয়। { *স.* স+অঙ্গ}

সাঙ্গপাঙ্গ ⟹ সাঙ্গোপাঙ্গ

সাঙ্গা¹ [শাঙ্‌গা] *বি* ১ মধ্যযুগীয় হিন্দু সমাজে প্রচলিত এক ধরনের সাময়িক বিবাহ (*তুল.* নিকাহ)। ২ দলবল; অনুচরবৃন্দ; সঙ্গীরা; অনুবর্তীগণ। {সঙ্গ>}

সাঙ্গা², **সাঙা**² [শাঙ্‌গা, শাঙা] *বি* বাঁশ ইত্যাদির তৈরি আলনা। { *স.* সাঙ্গ+ *বা.* আ}

সাঙ্গাত, সাঙাত [শাঙ্‌গাত্, শাঙাত্] *বি* ১ বন্ধু; সহচর (কি বল ভাই সাঙাত—*নই*)। ২ অসৎ কার্যে সহচর বা সহকর্মী। **সাঙ্গাতনি, সাঙাতনি** *বিস্ত্রী*। { *স.* সঙ্গত>}

সাঙ্গাতি, সাঙাতি [শাঙ্‌গাতি, শাঙাতি] *বি* ১ বন্ধুবান্ধব; মিত্র (পোরার সই সাঙাতিদের সঙ্গে মিলিবার জন্যই তখন আমার মন ছুটিত—*রঠা*)। ২ মিত্রতা; বন্ধুত্ব। {সাঙ্গাত-ই}

সাঙ্গোপাঙ্গ [শাঙ্‌গোপাঙ্‌গো] *বিণ, ক্রিবিণ* অঙ্গপ্রত্যঙ্গ সহ বর্তমান (সাঙ্গোপাঙ্গ অবতীর্ণ হন অবনীতে—*কৃক*, নিত্যানন্দ এবং অদ্বৈত অঙ্গ এবং শ্রীবাস আদি ভক্তগণ উপাঙ্গ, এই মিলে সাঙ্গোপাঙ্গ)। ~ **বেদ** *বি* ঋক যজুঃ এবং সাম অঙ্গ হিসেবে এবং শিক্ষা, কল্প, নিরুক্ত, ছন্দ, ব্যাকরণ, জ্যোতিষ প্রভৃতি উপাঙ্গ হিসেবে বিভক্ত সমগ্র বেদ। { *স.* স+অঙ্গ+উপাঙ্গ; *বহু*}

সাঙ্ঘাতিক ⟹ সাংঘাতিক

সাচন, সাচান [শাচোন্, শাচান্] *বিণ* শ্যেন বা বাজপাখি (সাচন উড়এ জেন গগন উপর—*শেফ*)। { *স.* শ্যেন>}

সাচা [শাচা] *বি* সত্য; অভ্রান্ত। {*হি* সচ্চা}

সাচি [শাচি] *অব্য* বাঁকা; বক্র; তির্যক। **সাচীকৃত** *বিণ* বাঁকা করা হয়েছে এমন; বক্রীকৃত। { *স.* সাচ+ই}

সাচ্চা [শাচ্‌চা] *বিণ* সত্য; খাঁটি (ও যে বিশ্বের চির সাচ্চারই বোরহান-কোরআন—*নই*)। { *স.* সত্য>; *হি.* সাচ্চা}

সাচ্চাই [শাচ্‌চাই] *বি* সত্যতা; বিশুদ্ধি; সত্যাসত্য প্রমাণ। { *হি.* সাচ্চাঈ}

সাছ [শাছ] *বিণ* সত্য; আসল; প্রকৃত (রছুল জানিতে সাছ পাথর করিল গাছ, মুখের বচন অহিক্ষণ—*হেমা*)। { *হি* সাচ্চা}

সাজ [শাজ] *বি* ১ সজ্জা; পোশাক; পরিচ্ছদ। ২ সরঞ্জাম। ৩ গহনাদি। ৪ আচ্ছাদন; আবরণ (সবুজ আর ধানি রঙের সাজে মোড়া আসর—*অঠা*)। ৫ যুদ্ধ বা দাঙ্গা (আগামী রোববার কাসিমপুরের রায়দের সাথে একটা চরের দখল নিয়া আমরার সাজ হইবার কথা আছে—*আমআ*)। ৬ ছাঁচ। ~**গোছ**, ~**গোজ** *বি* সাজসজ্জা; বেশভূষা; পরিধান; পোশাক-পরিচ্ছদের ঘটা বা পারিপাট্য। –**ঘর** *বি* অভিনেতাদের সাজার বা পোশাক-পরিচ্ছদ পরার ও মেকআপ (makeup) নেওয়ার ঘর; greenroom। ~**ন** *বি* বেশভূষা ধারণ; সাজা; সজ্জা গ্রহণ। ~**নি/নী** *বি, বিণ* বেশভূষা ধারিণী; সজ্জা গ্রহণকারিণী; সজ্জা (সৈন্যের সাজনি করিয়া—*রাম*)। ~**ন্ত** *বিণ* সাজে এমন; শোভন; উপযুক্ত; মানানসই। –**সজ্জা** *বি* সাজগোজ; বেশভূষা; পরিধান। –**সরঞ্জাম** *বি* সজ্জা ও উপকরণ। { *ফা.* সাজ ساز}

সাজা¹ [শাজা] *বি* শাস্তি; দণ্ডবিধান (হেথায় নাহিক সমাজ-শাসন নাহি প্রজা আর সাজা—*জউ*)। { *ফা.* সাজা। سزا}

সাজা² [শাজা] *ক্রি* ১ সজ্জিত হওয়া; পোশাক-পরিচ্ছদ

পরে প্রস্তুত হওয়া (ভ্রমণে যাওয়ার জন্য সাজা)। ২ ভান করা (সাধু সাজা)। ৩ তৈরি করা (তামাক সাজা)। □ *বি* উক্ত সকল অর্থে। □ *বিণ* তৈরি করা; খাওয়ার জন্য তৈরি করা হয়েছে এমন (সাজা পানি)। ~**নো** *বি* ১ সজ্জিত করা (কনে সাজানো)। ২ শৃঙ্খলাবদ্ধ করা (সৈন্য সাজানো)। □ *ক্রি* গোছানো (পুস্তক সাজানো)। {সাজ+ আ}

সাজাত্য [শাজাত্‌তো] *বি* সজাতীয়তা; সমজাতিত্ব; একরূপতা। {*স.* সজাতি+য(ষ্যঞ)}

সাজি [শাজি] *বি* ১ টুকরি; চুবড়ি; সংগৃহীত ফুল রাখার ডালাবিশেষ (বাম করে লয়ে সাজি—*রঠা*)। ~**মাটি** *বি* ক্ষারজাতীয় মাটি; চুনা পাথরবিশেষ (সাজিমাটি দিয়ে কাপড় পরিষ্কার করা)। {*স.* সর্জি>}

সাজো, সাজু [শাজো, -জু] *বিণ* ১ টাটকা; তাজা; আজকের (সাজো মিষ্টি)। ২ পুরাতন বা বাসি নয় এমন (সাজো কথা)। ~ **কাপড়** *বি* সদ্য কাচা এবং অব্যবহৃত কাপড় (সাজো কাপড়ে নামাজ পড়া)। ~**বাসি** *বি* এক বেলার মধ্যে কাচা ক্ষারমিশ্রিত পানি দ্বারা সিদ্ধ করা কাপড়চোপড়। {*স.* সদ্য>}

সাজোয়াল [শাজোয়াল্] *বি* তহশিলদার; রাজস্ব আদায়কারী; বর্মপরিহিত রাজকর্মচারী। {সাঁজোয়া +আল}

সাঞ্জোয়া [শান্‌জোয়া] *বি* বর্ম; অস্ত্রাদি; রণসজ্জা (একশ বাহাত্তুর মণি সাঞ্জোয়া পরিল। সাত শত মণের গদা হাতে করি নিল—*হেমা*)। {*স.* সংযোজক>সাঁজোয়া>সাঞ্জোয়া}

সাট[১] [শাট্] *বি* ১ সমস্ত; সব (পাকা তামা বলি ফিরে দিল সাটে—*ভারা*)। ২ সংক্ষেপ। ৩ সংকেত (সাটে লেখা)। {*স.* সংকেত>}

সাট[২] [শটা] *বি* ষড়যন্ত্র; গোপন পরামর্শ (সাট করেছ পারার লোকের সাথে। □ *ক্রি* সাটন; সঞ্চালন (তখন দুই বোনে ফুল বাতাসী চার পাখায় সাটু দিয়া সেই নিঝুম রাতের পাড়ি শূন্যে উড়িল—*দমি*)। {*স.* ষড়যন্ত্র>ষড়>}

সাট[৩] [সাট্] *বি* ১ ছাট; ছিটা। ২ অক্ষরের ছাঁচ। {*ই.* sort}

সাটাসাটি [শাটাশাটি] *বি* শাসন; তিরস্কার (সরকার সাহেব তাদের বাড়ীর আংগিনায় দাঁড়াইয়া সাটাসাটি করিয়া তাদের বাড়ির বাহির করেন—*আমআ*)। {√শাস>}

সাটি, সাটী, শাটি [শাটি] *বি* পাড়যুক্ত শাড়ি কাপড় (নটী বেহুলার মেথুলা সাটি—*অঠা*)। {শাটিকা>}

সাটিন [শাটিন্] *বি* পুরু চিক্কণ ও মসৃণ রেশমি বস্ত্র (পরনে সাটিনের পজামা—*সৈমু*)। {*ই.* satin}

সাড়, সান [শাড়, -ন্] *বি* ১ চেতনা; অনুভূতি; বাহ্য জ্ঞান। ২ স্পর্শবোধ। ৩ ঈষৎ দোলা; স্পন্দন (হোথা লাগল কি ঢেউ তার জাগল কি সাড়—*সদ*)। {*স.* সংজ্ঞা>}

সাড়া [শাড়া] *বি* ১ ধ্বনি; শব্দ (সাড়াশব্দ করা)। ২ জবাব দেওয়া (ডাকে সাড়া দেওয়া)। ৩ শোরগোল; আলোড়ন (সাড়া পড়া)। ৪ রা; শব্দ; রব; হুঁশ (রোগীর মুখে কোনো সাড়া নেই)। ~**শব্দ** *বি* ১ কথার বা নড়াচড়ার শব্দ। ২ উচ্চবাচ্য। ৩ কোনো প্রকার শব্দ। ৪ সচেতনতার চিহ্নসূচক ধ্বনি। {*স.* শব্দ>*প্রা.* সদ্দ>}

সাড়ি, সাড়ী ⇒ শাড়ি

সাড়ে [শাড়ে] *বিণ* অর্ধসহ; অর্ধেকের সাথে বর্তমান (সাড়ে চার)। ~ **চুয়াত্তর** *বি* ১ প্রাপক ভিন্ন অন্যের পত্র খোলার বিষয়ে নিষেধার্থক চিহ্ন বা সঙ্কেত (যুদ্ধে নিহত অসংখ্য ব্রাহ্মণের পৈতার ওজন সাড়ে চুয়াত্তর মণ হওয়ায় ৭৪॥. চিহ্নিত কোনো পত্র প্রাপক-ভিন্ন অন্য লোকে খুললে তাকে ঐ ব্যক্তিদের হত্যার পাপ গ্রহণ করতে হবে, এমন বিশ্বাস)। ২ সমাপ্তি (আমার চিঠির এইখানে আজ সাড়ে চুয়াত্তর—*সদ*)। {*স.* সার্ধ>}

সাত [শাত্] *বি,বিণ* ১ ৭ সংখ্যা বা সংখ্যক (সাত টাকা)। □ *বিণ* বহু, অনেক (সাত শরিকের বাড়ি)। ~**ই, সাতুই** *বি* সপ্তম দিন; সাত তারিখ (সাতই ভাদ্র)। ~**কথার এক কথা**—বহু কথার মধ্যে সার কথা (এতক্ষণ পর সাত কথার এক কথা)। ~ **কথা শুনানো** *ক্রি* বহু কটু কথা বা অপ্রিয় কথা শুনানো। ~ **কাণ্ড রামায়ণ** *বি* ১ সাতটি কাণ্ড অর্থাৎ অধ্যায়ে রচিত রামায়ণগ্রন্থ। ২ *(আল.)* বিরাট গল্প; বৃহৎ ব্যাপার। ~ **খুন মাপ** *(আল.)* গুরুতর অপরাধের শাস্তি না হওয়া; সমস্ত অপরাধ বরদাস্তকরণ (ধনীর সন্তানের সাত খুন মাপ)। ~ **ঘাটের জল/পানি খাওয়া/খাওয়ানো** *ক্রি* বহু বিপদে পড়া বা ফেলা; অত্যন্ত নাকাল হওয়া বা করানো; বিভিন্ন স্থানে চাকরি করা বা করানো। ~ **চড়ে রা করে না/ বেরোয় না**—সমস্ত অত্যাচার মুখ বুজে সহ্য করে অর্থাৎ অত্যন্ত নিরীহ প্রকৃতির লোক। ~ **তবক** *বিণ* সপ্তস্তরবিশিষ্ট; সপ্ত স্তর (সাত তবক আশমান পেরিয়ে যায় ভেসে কোন সুদূর দেশে—*জউ*)। ~ **তাড়াতাড়ি** *বিণ* অতি শীঘ্র (সে রাত্রে আবদুর রহমান আমাকে সাত তাড়াতাড়ি খাইয়ে দিয়ে আপন হাতে বিছানায় শুইয়ে দিল—*সৈমু*)। ~ **নকলে আসল খাস্তা**—বারে বারে নকল করতে করতে সূচনায় যার নকল করা হয়েছিলো তা সম্পূর্ণ বিকৃত হয়ে যায় (পুরাণ কাহিনীগুলি সাত নকলে আসলে খাস্তা হইয়া ইতিহাসের আলখেল্লা পরিয়া...বসিয়াছে—*আখাঁ*)। ~**নরি/নরী হার** *বি* সপ্তপেঁচি কণ্ঠহার; যে কণ্ঠহারে সাতটি প্যাঁচ আছে (পান্না-মণির সাতনরী হার দোলে—*আসি*)। ~ **নলা** *বিণ (আল.)* যে বন্দুক দ্বারা সাতটি গুলি একসঙ্গে ছোড়া যায়। ~**পাঁচ, ~সতের** *বিণ* ১ বিবিধ; বহুপ্রকার। □ *বি* নানা কথা; বহুদিক। ~**পুরু** *বিণ* সপ্তস্তর উঁচু (সাত পুরু গদির তলায় একগাছি চুল—*অঠা*)। ~ **পুরুষে না শোনা** *ক্রি* কখনও না শোনা; বংশানুক্রমে অশ্রুত। ~**বাসি, চোদ্দবাসি** *বিণ* পচা; খাওয়ার অযোগ্য (রাক্ষসী, সাতবাসী পান্তা চৌদ্দবাসী তেঁতুলের অম্বল খাইয়া অসুখ বানাইয়া বসিল—*দমি*)। ~**মা** *বি* সংমা; বিমাতা (বর পাইলা চল তুদ্ধি সাত মা-এর প্যস—*শেফ*)। ~ **রাজার ধন মানিক** *বি* দুষ্প্রাপ্য; কষ্টার্জিত বহুমূল্য সম্পদ। ~**ষট্টি** *বি,বিণ* ৬৭ সংখ্যা বা সংখ্যক। ~ **সতিনের ঘর** *(আল.)* কলহপূর্ণ সংসার (একি সাত সতিনের ঘর যে সারাদিন ছুঁচোর কচকচি লেগেই আছে)। ~ **সমুদ্র তের নদীর পার** *বি* ১ রূপকথার সপ্ত সাগর তের নদী অতিক্রম করে প্রাপ্য স্থান। ২ বহু দূরবর্তী স্থান। **সাতেও নেই পাঁচেও নেই** *(আল.)* সংশ্রবশূন্য।

{স. সপ্ত>}

সাতকাহন [শাত্‌কাহোন্] *বিণ* ১ সাত কাহন সংখ্যক অর্থাৎ ৭×১২৮০=৮৯৬০। ২ *(আল.)* অসংখ্য; অন্তহীন। {সাত+কাহন}

সাতত্য [শাতোত্‌তো] *বি* ১ প্রবহমানতা। ২ নিরন্তরতা। ৩ অবিচ্ছেদ। {স. সতত+য(ষ্যঞ্)}

সাতনরী, সাতনলা, সাতপাঁচ, সাতপুরুষ, সাতষট্টি, সাতসতের ⇒ সাত

সাতা [শাতা] *বি* সাত ফোঁটাযুক্ত তাস। {স. সপ্ত>*বা.* সাত+*বা.*আ}

সাতাইশ ⇒ সাতাশ

সাতাত্তর [শাতাত্‌তোর্] *বি,বিণ* ৭৭ সংখ্যা বা সংখ্যক। {স. সপ্তসপ্ততি>}

সাতান, সাতোয়ান [শাতান্, শাতোয়ান্] *বিণ* সঙ্গতিপূর্ণ; বিত্তশালী (চন্দ্র গোলদার সাতান, ৩/৪ বিঘা নীল অনায়াসে দিতে পারিত—*দীমি*)। {ফা. সাতুয়ান ستوان }

সাতান্ন [শাতান্‌নো] *বি,বিণ* ৫৭ সংখ্যা বা সংখ্যক। {স. সপ্তপঞ্চাশৎ>}

সাতালি [শাতালি] *বিণ* সপ্ত আকাশ স্পর্শকারী; সুউচ্চ (নিদমহলের সাতালি পাহাড় প্রাচীরেতে ঘেরা—*সদ*)। {স. সপ্ততল>+ই}

সাতাশ [শাতাশ্] *বি,বিণ* ২৭ সংখ্যা বা সংখ্যক। **সাতাশে** *বি,বিণ* মাসের ২৭ তারিখ বা তারিখের। {স. সপ্তবিংশতি>}

সাতাশি, সাতাশী [শাতাশি] *বি,বিণ* ৮৭ সংখ্যা বা সংখ্যক। {স. সপ্তাশীতি>}

সাতিশয় [শাতিশয়্] *বিণ* অত্যন্ত; অধিক; খুব বেশি (নগরপাল রাজমহিষীর সাতিশয় প্রিয়পাত্র ছিল—*ঈবি*)। {স. স+অতিশয়}

সাতুই ⇒ সাত

সাতোয়াঁ [শাতোয়া] *বিণ* সপ্তম (রাত্রির বিষাদ ভরা স্বপ্নাচ্ছন্ন সাতোয়াঁ আকাশে—*ফআ*)। {স. সপ্ত>}

সাত্তা [শাত্‌তা] *বিণ* সাত সংখ্যা (তিন সাত্তা একুশ, চার সাত্তা ইত্যাদি)। {স. সপ্ত>}

সাত্ত্বিক [শাত্‌তিক্] *বিণ* ১ সত্ত্বগুণ সম্পর্কিত। ২ সত্ত্বগুণ সম্পন্ন (সাত্ত্বিক লোক)। ৩ ফলাকাঙ্ক্ষাশূন্য; কামনাশূন্য। ৪ সাধু; সৎ (লোকটি সাত্ত্বিক)। ☐*বি* ব্রহ্মা। ~ **ভাব** *বি* স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, কম্প, বিবর্ণতা, অশ্রু, ও মূর্ছা—এই আট প্রকার ভাব। {স. সত্ত্ব+ইক(ঠঞ্)}

সাথ [শাথ্] *বি* ১ সঙ্গ (সাথ নেওয়া, সাথের মানুষ)। ☐*অব্য* ১ সঙ্গে, সাথে (তার সাথে যাও, সাথসাথ যাওয়া)। ২ একত্রে (এক সাথ রওয়ানা করা)। {স. সহিত}

সাথি, সাথী [শাথি] *বি* সহচর; সহগামী; সঙ্গী (সঙ্গচ্যুত সাথীকে ঊর্ধ্বস্বরে ডাক পাড়িতেছে—*রঠা*)। {সাথ+ই, ঈ}

সাথুয়া, সেথুয়া, সেথো [শাথুয়া, শেথুয়া, শেথো] *বি,বিণ* সঙ্গী; সহযাত্রী; সঙ্গের; সহচর (সাথুয়া তাহার পাড়ার দুষ্ট ছেলে)। {*বা.* সাথ+উয়া, >ও}

সাথে [শাথে] *অব্য* সঙ্গে; সাথে (সাথে সাথে চল)। {স. সার্থ>+এ}

সাদ[১] [শাদ্] *বি* ১ অবসন্নতা; আলস্য। ২ বিশুদ্ধতা। ৩ হিংসা; স্পর্ধা (এত বড় তার সাদ তোমা সনে করে বাদ —*ভারা*)। {স. √সদ্+অ(ঘঞ্)}

সাদ[২] [শাদ্] *বি* ১ সাধ; ইচ্ছা; অভিলাষ। ২ গর্ভিণীর স্পৃহা। {স. শ্রদ্ধা>সাধ>সাদ}

সাদন [শাদোন্] *বি* ধ্বংস; বিনাশন; উচ্ছেদ (উৎসাদন)। **সাদিত** *বিণ* ধ্বংসিত; বিনাশিত। {স. সদ্+ই(ণিচ্)+অন(ল্যুট্)}

সাদর [শাদোর্] *বিণ* আদরের সঙ্গে; প্রীতিপূর্ণভাবে; সমাদরে (সাদর অভ্যর্থনা)। **সাদরে** *ক্রিবিণ* আদর পূর্বক; আদর করে। {স. স+আদর}

সাদা, শাদা [শাদা] *বিণ* ১ সফেদ; শুভ্র (কলঙ্কলেশহীন সাদা মেঘপুঞ্জ—*মব*)। ২ শ্বেতবর্ণ; শ্বেতকায় (সাদা আদমি, সাদা দেয়াল)। ৩ জড়তাশূন্য; অকুটিল; সরল (ব্যাপারটা নিতান্ত সাদা—*রঠা*)। ৪ সহজ (সাদা কথা)। ৫ আড়ম্বরহীন; রঙিন নয় এমন (সাদা কাপড়)। ৬ শান্ত; নম্র (সাদা লোক)। ৭ উদার; মহৎ (সাদা দিল; সাদা দয়া—*বুব*)। ৮ অলঙ্কারহীন; অনলঙ্কৃত (সাদা হাত)। ৯ অলিখিত; দাগশূন্য (সাদা কাগজ)। ~**কে কালো এবং কালোকে ~ করা** *(আল.)* *ক্রি* সত্য মিথ্যা বানানো কথা; যা নয় তাই বলা বা করা; নির্জলা মিথ্যা ভাষণ। ~**টে** *বিণ* বিবর্ণ; সাদার ভাব; অল্প সাদা; সাদা সাদা (পাথর চাপা বিবর্ণ সাদাটে ঘাস—*আআআ*)। ~ **দিল** *বি* সরল প্রাণ (সে বড় সাদাদিলের ছেলে—*নীই*)। ~**মাঠা**, ~**মাটা** *বিণ* আড়ম্বরহীন; কারুকার্যশূন্য; নিরাভরণ (কবরটা অত্যন্ত সাদামাটা—*সৈমু*)। ~**র পাতা** *বি* তামাকের পাতা যা চিবিয়ে খাওয়া হয় (সাদার পাতা আনেনি তাই বেজার সবার মন—*জউ*)। ~**সিধা**/~**সিধে** *বিণ* ১ প্রসাধনবিবর্জিত; সরল; শান্ত; নিরীহ (একখানি সাদাসিধে মুখ—*রঠা*)। ২ আড়ম্বরবর্জিত; সাধারণ ধরনের (সাদাসিধা শাড়ি—*রঠা*)। {ফা. সাদহ ساده }

সাদি[১] ⇒ শাদি

সাদি[২], **সাদী** [শাদি] *বিণ* অশ্ব বা গজ বা রথে আরোহণকারী; সারথি (ক্রোধে অন্ধ, কুছলে ভুলিল, লাফে পৃষ্ঠে দুষ্ট সাদী অমনি চড়িল—*মদ*)। {স. সদ্+ই(ইঞ্)}

সাদিক [সাদিক্] *বিণ* সত্যবাদী; বিশ্বস্ত (সাদিক সত্যবাদী বলে তারা ডাকিত নবীরে ভক্তি ভরে—*নই*)। {আ. সাদিক صادق }

সাদিয়ানা, সাদিনা ⇒ শাদিয়ানা

সাদীবর [শাদিবর্] *বিণ* সারথি; অশ্বারোহী (তরঙ্গ সে সাদীবর—*মদ*)। {স. সাদী+বর}

সাদু [শাদু] *অব্য* 'সাধু' শব্দের অঞ্চলবিশেষের কথ্য রূপ; উচিত বা সত্য বলার জন্য প্রশংসাসূচক শব্দ (তা দেখিয়া সর্ব লোকে সাদু সাদু বোলে—*সৈসু*)। {স. সাধু>}

সাদৃশ্য [শাদৃশশো] *বি* ১ অনুরূপতা; একরূপতা; তুল্যতা। ২ আলেখ্য; ছবি; চিত্র। {স. সদৃশ+য(ষ্যঞ্)}

সাধ [শাধ্] *বি* ১ আকাঙ্ক্ষা; ইচ্ছা; স্পৃহা (ললিতার থিয়েটার দেখিবার সাধ লোপ পাইল—*শচ*)। ২ শখ (সাধের তরণী আমার—*বচ*)। ৩ আদরযত্নের (সাধের

ছেলেমেয়ে)। ৪ হিন্দু সমাজে গর্ভিণীর আকাঙ্ক্ষা অনুযায়ী ভোজনের উৎসববিশেষ; দোহদ (সাধ ভক্ষণ; সাধ দেওয়া)। ~-**আরমান** *বি* ইচ্ছা ও আহ্লাদ (মেয়েকে আনে সাধ-আরমান করে—*নই*)। **সাধে** *ক্রিবিণ* সাধ করে; ইচ্ছাকৃতভাবে (সাধে কি বিগড়ায়)। { *স.* শ্রদ্ধা}

সাধক [শাধোক্] *বি,বিণ* ১ সাধনাকারী; উপাসক (সুফি সাধক)। ◻*বিণ* ১ কর্ম সম্পাদনকারী; সাধনকর্তা; সম্পাদক (কর্মসাধক)। ২ সহায়ক। **সাধিকা** *বি,বিণ স্ত্রী.*। { *স.* সাধ্+অক(ণ্বুল্)}

সাধন [শাধোন্] *বি* ১ সাধনা; আরাধনা; অর্চনা (ভজন-পূজন; সাধন-আরাধনা সমস্ত থাক পড়ে—*রঠা*)। ২ পারদাদি শোধন। ৩ সম্পাদন; সিদ্ধি; সাফল্য। ~**স্মৃতি** *বি* সাধনার স্মৃতি; যা দিয়ে কারও সাধনাকে মনে করা যায় (হজের অনুষ্ঠানের সঙ্গে হজরত এব্রাহিমের সাধনস্মৃতি গভীর ও অবিচ্ছেদ্যরূপে সংশ্লিষ্ট—*আখা*)। { *স.* √সাধ্+অন(ল্যুট)}

সাধনা [শাধোনা] *বি* ১ প্রচেষ্টা; আরাধনা (সুফিসাধনা)। ২ অভ্যাস; চেষ্টা; প্রয়াস (সঙ্গীত-সাধনা)। ৩ সাধনার বস্তু (সাধের সাধনা—*রঠা*)। ৪ অনুরোধ; উপরোধ; মিনতি (অনেক সাধনায় সম্মত করানো)। **সাধনীয়** *বিণ* ১ সাধনার উপযুক্ত। ২ নিষ্পন্ন করার যোগ্য। ৩ আরাধ্য। { *স.* √সাধি+অন(যুচ্)+আ(টাপ্)}

সাধর্ম্য [শাধরমো] *বি* ১ সমধর্মিতা; একধর্ম রূপ বৈশিষ্ট্য (লোহা ও কাঠের মধ্যে সাধর্ম্য গুণ অবিদ্যমান)। ২ সমপর্যায়ভুক্ত; সাদৃশ্য। { *স.* সধর্মন্+য(ষ্যঞ্)}

সাধা [শাধা] *ক্রি* ১ সাধনা করা (গান সাধা, গলা সাধা)। ২ সাগ্রহে চাওয়া (টাকা সাধা, ঘুষ সাধা)। ৩ অনুরোধ করা (খাবার সাধা)। ৪ ঘটানো (বাদ সাধা)। ৫ সফল বা পূর্ণ করা (সাধিতে মনের সাদ—*মদ*)। ৬ *(ব্যা.)* ব্যুৎপত্তি প্রদর্শন করা (পদ সাধা)। ৭ ক্রোধ অভিমানাদি নিবৃত্তির জন্য অনুরোধ করা (পায়ের ধরে সাধা)। ৮ সাধনাকৃত (সাধা বাঁশী বেসুর বোলে সেদিন কবির কানে—*নই*)। ৯ চর্চা বা অনুশীলন দিয়ে পরিমার্জিত (কুহু রবে সাধা গলায় কোকিল একবার ডাক দেখিরে—*বচ*)। ১০ যাচিত; অনুরোধকৃত (এক্ষণে সাধা বিবাহের প্রস্তাবে উল্লসিত হইলেন—*নর*)। ◻*বি* ১ সম্পাদন (দিবসে দুপুরে নিদ্রাটি আছে সাধা—*রঠা*)। ২ আদায় (কানাইধন দত্তই ... বার্ষিক সাধা ও আর আর কাজের ভার পেয়েছিলেন —*প্যামি*)। ~**নো** *ক্রি* ১ অন্যকে দিয়ে করানো। ◻*বি* ১ অপরকে দিয়ে অনুরোধ করানো বা করতে বাধ্য করা। ২ উক্ত উভয় অর্থে। ~**সাধি** *বি* অনুনয়-বিনয়; উপরোধ; পুনঃপুন অনুরোধ (সাধাসাধি করে রাজি করানো)। { *স.* √সাধ+*বা.* আ}

সাধারণ [শাধারোন্] *বিণ* ১ বৈচিত্র্যহীন; গতানুগতিক (সাধারণ পোশাক)। ২ সর্বজনীন; সকলের যাতে সমান অধিকার (সাধারণ পাঠাগার)। ৩ প্রতিষ্ঠান প্রভৃতির সকল সদস্যের (সাধারণ সভা)। ৪ আটপৌরে (সাধারণ কাপড়)। ৫ তুচ্ছ; নগণ্য (সাধারণ ছাত্র)। ৬ গুরুত্বহীন (সাধারণ কথা)। ◻*বি* উক্ত সমস্ত নরনারী (সাধারণের জন্য)। **সাধারণী** *বিণ স্ত্রী.*। ~**ত্ব** *বি*। ~**ত**, ~**তঃ** *অব্য* প্রায়শ; সচরাচর (সাধারণত তিনি নিরামিষ খান)। ~**তন্ত্র** *বি* জনসাধারণের ইচ্ছা অনুসারে তাদের দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের দিয়ে পরিচালিত রাষ্ট্র শাসনব্যবস্থা বা এ ব্যবস্থাযুক্ত রাষ্ট্র; Republic। **সাধারণ্য** *বি* ১ বৈচিত্র্যহীনতা (বেদনার বৈশিষ্ট্য আর ভাবনার সাধারণ্যে প্রায় সমান অনুপাতে বিদ্যমান—*সুদা*)। ২ সাধারণের ধর্ম। ৩ জনসাধারণের নিকট বা সম্মুখে (সাধারণ্যে পেশ করা)। { *স.* স+আধারণ}

সাধিকা ⇒ সাধক

সাধিত [শাধিতো] *বিণ* ১ কৃত; সম্পাদিত (সাধিত কর্ম)। ২ প্রমাণসিদ্ধ (সাধিত উপপাদ্য)। ~ **ধাতু** *(ব্যা.)* অন্য ধাতুর বা নাম শব্দের উত্তর প্রত্যয় যোগে যে ধাতু উৎপন্ন হয়। { *স.* √সাধি+ত(ক্ত)}

সাধিত্র [শাধিত্ত্রো] *বি* যন্ত্রপাতি। { *স.* √সাধি+ত্র(ত্রন্)}

সাধু [শাধু] *বিণ* ১ ধার্মিক; ধর্মপরায়ণ (সাধু লোক)। ২ ভদ্ররীতিসঙ্গত; শিষ্ট (সাধু ভাষা)। ৩ উত্তম (সাধু আচরণ) ৪ সুষ্ঠু; উচিত; উপযুক্ত; যথাযোগ্য (সাধু প্রয়োগ)। ৪ সুদখোর। ◻*বি* ১ ফকির; সন্ন্যাসী। ২ বণিক। ~**গিরি** *বি* ধার্মিকতা বা সাধুতার ভান। ~**তা** *বি* ১ সততা। ২ ধার্মিকতা। ~**নি/নী** *বি স্ত্রী.* সাধুর বা সওদাগরের স্ত্রী; সন্ন্যাসিনী। ~**বাদ** *বি* ১ প্রশংসাবাদ; প্রশংসাবাচক শব্দ (যুক্ত কণ্ঠে সাধুবাদ প্রদান করিতে লাগিলেন—*ঈবি*)। ২ সাধু সাধু উক্তি। ~**ভাষা** *বি* মার্জিত লেখা বা ভাষা। **চলতি বা কথ্য ভাষা** *বিপ.*। ~ ~ *বি* বাহবা; প্রশংসা (তোমার গান্ধার নাচগানের জন্যে সাধু সাধু শুনতে চাও —*রাসা*)। ~ **সাবধান** *(আল.)* ভবিষ্যৎ বিপদ সম্পর্কে সতর্ক থাকার ইঙ্গিত; ভাবী বিপদ সম্পর্কে সতর্কীকরণ। { *স.* √সাধ+উ(উণ্)}

সাধ্য, সাধ্যি [শাদ্‌ধো, -ধি] *বি* ১ ক্ষমতা; শক্তি (যত সাধ ছিল সাধ্য ছিল না—*রঠা*)। ২ আয়ত্ত; সামর্থ্য (সাধ্যের অতীত)। ৩ অনুমান দিয়ে নির্ণেতব্য বিষয়। ◻*বিণ* ১ করণীয়; সম্পাদনযোগ্য; সাধনযোগ্য। ২ প্রতিবিধেয় (সাধ্য রোগ)। **সাধ্যতা** *বি* সম্পাদনযোগ্যতা সাধনযোগ্যতা। **সাধ্যবহির্ভূত, সাধ্যাতিরিক্ত, সাধ্যাতীত** *বিণ* অসাধ্য; সাধনের অযোগ্য (সাধ্যাতীত কর্ম)। **সাধ্যমতো, সাধ্যানুযায়ী, সাধ্যানুরূপ** *ক্রিবিণ* যথাশক্তি; ক্ষমতানুযায়ী; যথাসাধ্য (সাধ্যমতো চেষ্টা)। **সাধ্যসাধনা** *বি* চেষ্টাচরিত্র; সাধাসাধি (সাধ্যসাধনার পর সম্মতি লাভ)। { *স.* √সাধি+য(ণ্যৎ, যৎ)}

সাধ্বস [শাদ্‌ধোশ্] *বি* ১ সম্ভ্রম; মর্যাদা। ২ ভয়। { *স.* সাধু+√অস্(ক্ষেপক)}

সাধ্বী [শাদ্‌ধি] *বিণ স্ত্রী.* ১ সতী; পতিব্রতা (সাধ্বী নারী)। ২ সচ্চরিত্রা; সাধুস্বভাবযুক্তা। { *স.* সাধু+ঈ(ঙীষ্)}

সান[১] ⇒ সাড়

সান[২] [শান্] *বি* অবগুণ্ঠন; ঘোমটা। ~**কাড়া** *ক্রি* ঘোমটা দেওয়া। { *ফা.* সয়ন্ سون }

সান[৩] ⇒ শান

সানক [শানোক্] *বি* চীনা মাটি ইত্যাদির থালাবিশেষ। **সানকি, সানকী** *বি* ছোট মাটির থালা বা বাসন (এ বামুনের মেয়ে, এক সানকিতে খায় না—*মীম*)। { *আ.*

সেহ্‌নে صحن = থালা; *ফা.* সেহ্‌নেক صحنك = ছোট থালা}

সানন্দ [শানোনদো] *বিণ* প্রফুল্ল; আহ্লাদিত (সানন্দ ভোজন)। **সানন্দে** *ক্রিবিণ* পরম আনন্দে; আনন্দের সাথে (সানন্দে আহার করা)। {*স.* স+আনন্দ}

সানপেটা [শানপেটা] *বিণ* শান বাঁধানো; ইষ্টকাদি দিয়ে নির্মিত (সানপেটা মেঝে, তারই উপর তক্তপোষ পাতা —*মীম*)। {*আ.* সেহ্‌নে صحن = (বাঁধন মেঝে) + পেটা}

সানা ⇒ শানা

সানাই [শানাই] *বি* বাঁশি; বড় বংশীবিশেষ। {*ফা.* শাহ্‌নাই شاهنای}

সানি, সানী [সানি] *বিণ* পুনর্বার; দ্বিতীয় বার, দ্বিতীয় (এই মোকদ্দমার সানি তজবীজ আবশ্যক—*ঈবি*)। **~আজান** *বি* দ্বিতীয় আজান বা খুতবা শুরু হওয়ার সময়ে ইমামের সম্মুখে যে আজান দেওয়া হয় (সানি আযান হইয়া গেল। এক্ষণে জুমার নামায শুরু হইবে—*কাই*)। **~বাপ** *বিণ* পিতৃতুল্য; গালিবিশেষ (মিনসে যে ওর সানিবাপ, মিনসের লজ্জা করল না...ঐ মেয়ে-বয়সী বৌটাকে নিকে করতে—*নই*)। {*আ.* ছানী ثانی}

সানু [শানু] *বি* ১ অধিত্যকা; পর্বতের উপরিস্থ সমতলভূমি (সানুদেশ)। ২ চূড়া; শিখর। **~মান** *বি* পর্বত (সিন্ধু-সরিত-কান্তার-নদী দুর্জয় সানুমান—*শাহো*)। {*স.* √সন্‌+উ(ঞুণ্)}

সানুকম্প [শানুকম্‌পো] *বিণ* অনুকম্পাযুক্ত; দয়ার্দ্রচিত্ত; সদয় (সানুকম্প হয়ে তার মুখে দেয় বারি—*কমু*)। {*স.* স+অনুকম্প; *বহু*}

সানুগ্রহ [শানুগ্‌গ্রোহো] *বিণ* অনুগ্রহের সঙ্গে। {*স.* স+অনুগ্রহ}

সানুজ [শানুজ] *বিণ* ছোট ভাইয়ের সঙ্গে। {*স.* স+অনুজ}

সানুনয় [শানুনয়] *বিণ* ১ আন্তরিক; হৃদ্যতাপূর্ণ (একান্ত সানুনয় স্নেহের স্বরে—*রঠা*)। ২ মিনতিপূর্ণ (সানুনয় নিবেদন)। **সানুনয়ে** *ক্রিবিণ* অনুনয় করে; বিনয়সহকারে। {*স.* স+অনুনয়; *বহু*}

সানুনাসিক [শানুনাশিক] *বিণ* ১ নাসিকা থেকে উচ্চারিত। ২ নাকি। {*স.* স+অনুনাসিক; *বহু*}

সানুবন্ধ [শানুবনধো] *বি, বিণ* সনির্বন্ধ। □ *বিণ* অনুবন্ধযুক্ত। {*স.* স+অনুবন্ধ; *বহু*}

সানুমান [শানুমান] *বি* ১ পর্বত (সিন্ধু-সরিত-কান্তার নদী দুর্জয় সানুমান—*শাহো*)। □ *বিণ* সানুবিশিষ্ট (সানুমান আম্রকূট কোথা রহিয়াছে—*রঠা*)। {*স.* সানু+মৎ(মতুপ্)}

সানুরাগ [শানুরাগ] *বিণ* আগ্রহান্বিত; অনুরাগযুক্ত (অগত্যা মুচিরাম অন্যান্য বিদ্যা অভ্যাসে সানুরাগ হইলেন—*বচ*)। {*স.* স+অনুরাগ; *বহু*}

সান্টিং [শানটিঙ্] *ক্রি* ১ ইঞ্জিন বা বগির স্থান পরিবর্তন (সান্টিং করছে হয়তো—*অচিসে*)। ২ মার লাগানো (গোটা কতক সান্টিং)। {*ই.* shunting}

সান্ত [শানতো] *বিণ* অন্তবিশিষ্ট; সীমাবদ্ধ; সসীম (তাহাকে অনন্তের আত্মীয় করিয়া নিতান্তই সান্ত করিয়া দেওয়া হইয়াছে—*এআ*)। {*স.* স+অন্ত; *বহু*}

সান্তর [শানতর] *বিণ* ১ ব্যবধানবিশিষ্ট; ফাঁক ফাঁক (সান্তর বৃক্ষ সারি)। ২ সচ্ছিদ্র। {*স.* স+অন্তর; *বহু*}

সান্তারা, সন্তরা [শানতারা, শনতরা] *বি* কমলালেবু জাতীয় একপ্রকার ফল। {*পো.* cintra}

সান্ত্রি, সান্ত্রী [শানত্রি] *বি* প্রহরী; রক্ষী; যে সৈনিক পাহারার কাজ করে (যত সান্ত্রী দাঁড়ায়ে দ্বারে—*রঠা*)। {*ই.* sentry}

সান্ত্বন, সান্ত্বনা [শানতোন্, -না] *বি* ১ প্রবোধ। ২ আশ্বাস বাক্য দিয়ে শান্তকরণ (শোকে সান্ত্বনা)। **সান্ত্বিত** *বিণ* {*স.* √সান্ত্ব+অন(যুচ্), -আ(টাপ্)}

সান্দ্র [শানদ্রো] *বি* ১ বন। □ *বিণ* ১ ঘন; নিবিড় (সান্দ্র বনানী)। ২ প্রগাঢ় (পুঞ্জিত নিঃশব্দ প্রশান্ত দুঃখের মতো সান্দ্র সুনিবিড় অন্ধকার—*অচিসে*)। {*স.* স-√অন্দ্+র(রক্)}

সান্ধা [শানধা] *ক্রি* প্রবেশ করা (অগ্নিজিহ্বা নাম ধর রাবণের চর তেলাপোকা রূপে আসি সান্ধাইল ঘর—*অঠা*)। {*স.* সম্+√ধা=সন্ধা>}

সান্ধিবিগ্রহিক [শানধিবিগ্‌গ্রোহিক] *বি* সন্ধি ও যুদ্ধ বিষয়ে জ্ঞানসম্পন্ন ও তজ্জন্য নিয়োজিত মন্ত্রী; Defence Minister। {*স.* সন্ধিবিগ্রহ+ইক(ঠঞ্)}

সান্ধ্য [শানধো] *বিণ* ১ সন্ধ্যাকালীন; সন্ধ্যাবেলার। ২ সন্ধ্যাসম্পর্কিত। {*স.* সন্ধ্যা+অ(অণ্)}

সান্নিধ্য [শানিধধো] *বি* সামীপ্য; নৈকট্য; নিকটবর্তিতা। {*স.* সন্নিধি+য(ষ্যঞ্)}

সান্নিপাতিক ⇒ সন্নিপাত

সান্বয় [শানয়] *বিণ* ১ অন্বয়ের সাথে; অন্বয়যুক্ত (সান্বয় টীকা)। ২ সম্পর্কিত; সম্পর্কযুক্ত। {*স.* স+অন্বয়}

সাপ [শাপ] *বি* একপ্রকার সরীসৃপ; সর্প; নাগ; অহি; উরগ। **সাপিনী** *বি স্ত্রী.* ১ স্ত্রী সাপ (এই ফুলের ঝাঁপিতে লোভের সাপিনী আছে—*নই*)। ২ সাপ নিয়ে খেলা করে যে নারী (সাপিনী যোগিনী এল ত্বরা করে)। **–ও মরে লাঠিও না ভাঙে** *(আল.)* বিপদ এড়িয়ে কার্যসিদ্ধি করা। **সাপে-নেউলে** *বি* অহি-নকুল সম্পর্ক; *(আল.)* চিরশত্রুতা। **সাপের ছুঁচো গেলা** *(আল.)* নিজের নির্বুদ্ধিতার ফলে বাধ্য হয়ে অনভিপ্রেত কাজে জড়িয়ে পড়া; উভয় সঙ্কটে পড়া (ইঁদুর ভ্রমে দুর্গন্ধময় ছুঁচো গিলতে শুরু করে দাঁতের বক্রতাহেতু বমনে অক্ষমতার জন্য সাপের তা বাধ্য হয়ে গেলা)। **সাপের পাঁচ পা দেখা** *(আল.)* অত্যন্ত স্পর্ধার ফলে অহেতুক বাড়াবাড়ি করা। **সাপের লেজে পা দেওয়া** *(আল.)* দুর্দান্ত লোককে ক্ষেপিয়ে দিয়ে বিপদ সৃষ্টি করা। **সাপের হাঁচি বেদেয় চেনে** *(আল.)* অভিজ্ঞ ব্যক্তি লক্ষণ দেখে বস্তু চিনতে ভুল করে না; অভিজ্ঞ ব্যক্তিকে ফাঁকি দেওয়া যায় না; দুষ্ট লোকের গতিবিধি বুদ্ধিমান ব্যক্তির বুঝতে অসুবিধা হয় না। **সাপের হাঁড়ি** *(আল.)* অতিশয় কোপনস্বভাব নারী (স্ত্রী নয় তো যেন সাক্ষাৎ সাপের হাঁড়ি)। {*স.* সর্প>}

সাপট, সাপোট [শাপোট্] *বি* ১ আস্ফালন; লম্ফঝম্ফ (মুখের সাপটে দড় বিপদে অজ্ঞান—*হেব*)। ২ তাড়ন; ঝাপট; তেজ (গলায় তোমার নাগের নিবীত ঢেউয়ের মেলায় সাপের সাপট—*সদ*)। {*স.* সাটোপ (বর্ণবিপর্যয়ে)>}

সাপটা [শাপ্‌টা] *বিণ* যাতে ইতরবিশেষ নেই; ভালোমন্দ সব একত্রে (ক্রমে বরযাত্রী সাপটা জলপান করে বিদেয় হলেন—*প্যারি*)। ~ **দরে কেনা** *ক্রি* একদামে একসঙ্গে সমস্ত কেনা (সাপটা দরে সাং করিলে খেতাব সিএসআই —*হেব*)। ~ **রান্না** *বিণ* সকলের জন্য এক ধরনের রান্না। {সবটা>}

সাপটানো [শাপ্‌টানো] *ক্রি* ১ জড়িয়ে ধরা; জাপটে ধরা; জাপটানো। ২ জড়িয়ে বা মুড়িয়ে রাখা। □ *বি* উক্ত উভয় অর্থে। {*স.* সম্পুট>সাপটা; ক্রিয়ারূপ—সাপটাই, সাপটাও, সাপটায়, সাপটাস, সাপটান; *অক্রি*—সাপটিয়ে, সাপটালে, সাপটাতে, সাপটে ইত্যাদি}

সাপত্ন, সাপত্ন্য [শাপোত্‌নো] *বি* ১ সপত্নী-পুত্র; সতিনের ছেলে। ২ শত্রু। ৩ শত্রুতা; বৈরিতা। ৪ সপত্নীজাত। □ *বিণ* সপত্নী সম্বন্ধীয়। {*স.* সপত্ন+অ(অণ্), য(য্যঞ্)}

সাপমাসি, সাপমাসী [শাপ্‌মাশি] *বি* সবুজ রঙের পক্ষবিশিষ্ট সর্পাকৃতি ফড়িংবিশেষ (ডানা তুলে সাপমাসী উড়ে যায় আপন মনে—*জীদা*)। {সাপ+মাসি, মাসী}

সাপলা ⇒ শাপলা

সাপুড়া [শাপুড়া] *বি* (*মবা.*) কৌটা (কিনে বীর সাপুড়া —*কমু*)। {*স.* সম্পুট>}

সাপুড়ে, সাপুড়িয়া [শাপুড়ে, -ড়িয়া] *বি* সাপ ধরা বা সাপের খেলা দেখানো যার পেশা (কেহ বলে ডাক দিয়া আন সাপুড়িয়া—*ভারা*; বাবুরাম সাপুড়ে কোথা যাস বাপুরে—*সুনির্মল*)। {সাপ+উড়িয়া>উড়ে}

সাপেক্ষ [শাপেক্‌খো] *বিণ* ১ অপেক্ষাকারী; অপেক্ষাযুক্ত; অন্যের উপর নির্ভরতাসম্পন্ন (সম্মতিসাপেক্ষ)। **সাপেক্ষানুমান** *বি* একাধিক সত্যের পারস্পরিক সম্পর্ক বিচার পূর্বক নূতন তত্ত্ব বা সত্য আবিষ্কার। {*স.* স+অপেক্ষা}

সাপোট ⇒ সাপট

সাফ [সাফ্‌] *বিণ* ১ পরিষ্কার (দোষীর দোষ... হেথায় হয় সাফ—*সদ*)। ২ পরিষ্কৃত (ঘর সাফ করা)। ৩ স্পষ্ট; খোলাখুলি (সাফ বলে দিয়েছে, এসো না)। ৪ কণ্টকশূন্য; নির্বাধ (প্রমোশনের পথ সাফ রাখা)। ৫ নিঃসন্দেহ (সাফ ডাকাতি)। ৬ শর্তশূন্য (সাফ কবলা)। ৭ ধ্বংসপ্রাপ্ত; নিঃশেষ (বুজে দিল এ দুশমন সব বিলকুল সাফ হো গিয়া—*নই*)। □ *বি* নির্মল (সাফ পানি)। ~ **করা** *ক্রি* ১ আবর্জনাশূন্য করা (বদনায় ধুয়ে সাফ করে নিলেন—*মীম*)। ২ নিঃশেষ করা (সামনে পেলেই কাফ টেনে দিয়ে সাফ করতে হয়—*কেম*)। ~-**সাফাই** *বিণ* দায়মুক্ত; পরিষ্কার (সাফ-সাফাই হওয়া যায়—*মব*)। **সাফা** *বিণ* ১ পরিষ্কৃত। □ *বি* মক্কার পাহাড়বিশেষ। **সাফাই** *বি* ১ পরিষ্কারকরণ; দোষমুক্তকরণ (রচনার গোড়াতেই এতখানি ব্যক্তিগত সাফাই হয়তো ঠিক মানানসই হয় না—*সৈমু*)। ২ দোষস্খালন। □ *বিণ* সুদক্ষ (তেছমার খাঁ চারিদিকে নজর করিয়া ছাফাই হাতে অতি ত্রস্তভাবে কাগজগুলি পকেটে রাখিলেন—*মীম*)। **সাফাই গাওয়া** *ক্রি* নিরপরাধ প্রমাণ বা প্রচার করা। ২ নির্দোষ প্রমাণের জন্য যুক্তিপ্রদর্শন করা। ~**সুতরা, ~শুতরা** *বিণ* পরিষ্কৃত; আবর্জনাহীন (কলিকাতা ক্রমে ক্রমে সাফশুতরা হওয়াতে পীড়াও ক্রমে ক্রমে কমিয়া গেল—*প্যারি*; তোমার চিত্তও কিছু সাফসুতরা হলো—*মুচৌ*)। **সাফাইসাক্ষী** *বিণ* নির্দোষ প্রমাণকার্যে নিয়োজিত সাক্ষী। **হাতসাফাই** *বি* হাতের কৌশল; চুরি। {*আ.* সাফ صاف}

সাফলা ⇒ শাপলা

সাফল্য [শাফোল্‌লো] *বি* কৃতকার্যতা; সফলতা (ক্রমে সাফল্য লাভ করা)। {*স.* সফল+য(ষ্যঞ্)}

সাফা [সাফা] *বি* মক্কায় কাবা গৃহের নিকটবর্তী পাহাড়বিশেষ। {*আ.* সাফা صفا}

সাফাত ⇒ সাফায়াত

সাফায়ত, সাফাত, শাফায়াৎ [সাফায়ত্‌, সাফাত্‌, সাফায়াত্‌] *বি* সুপারিশ (সাফায়াত পাল বাঁধা তরণীর মাস্তুল—*নই*)। ২ শেষ বিচারের দিনে আল্লাহর নিকট হজরত মুহম্মদ (সা.)-এর সুপারিশ (নেলে কখনো মুসলিম নও, মিছে সাফায়ত চাও—*নই*; সংসারে সার সেহি নিদানের বন্ধু যাহার সাফাতে পার হৈব ভবসিন্ধু—*হেমা*)। {*আ.* শফা'আত شفاعة}

সাব[১] [শাব্‌] *বিণ* সাহেবের সংক্ষিপ্ত রূপ। {*আ.* সাহিব صاحب}

সাব[২]**, সব** [সাব্‌, সব্‌] *বিণ* অধস্তন; নিম্নস্থ (সাবডেপুটি, সাব-রেজিস্ট্রার, সাব-জজ)। {*ই.* sub}

সাবকাশ [শাবোকাশ্‌] *বিণ* ১ সুযোগবিশিষ্ট; অবকাশ আছে এমন; অবসরবিশিষ্ট। □ *বি* ১ শুভ অবসর; সুযোগ। ২ (*বিরল*) অবকাশ। {*স.* স+অবকাশ; *বহু*}

সাবকুড় [শাবকুড়্‌] *বি* মাটির ঢিবি—যার মাঝখানের গর্তে কাঁকড়া থাকে (এমন সময়ে দেখেন রাজা আসছে রাণী দৌড়ে, সাবকুড় হতে কাঁকড়া ধরে রামছাগলে চড়ে—*নই*)। {সাপ>+কুণ্ড>?}

সাবজজ [সাব্‌জজ্‌] *বি* জজ-এর নিম্নস্থ বিচারক। {*ই.* subjudge}

সাবড়া, সাবড়ানো [শাবড়া, -নো] *ক্রি* ধ্বংস করা; খতম করা; সাবার করা। {*স.* সর্বান্ত>}

সাবধান [শাবধান্‌] *বিণ* ১ হুঁশিয়ার, সতর্ক; মনোযোগ-সম্পন্ন; অবহিত। □ *অব্য* সতর্ক বা অবহিত হওয়া। -**তা** *বি* সতর্কতা। **সাবধানে** *ক্রিবিণ* হুঁশিয়ারির সঙ্গে (সাবধানে পূর্বে ছিল এই স্থানে বীরসিংহ—*ভারা*)। **সাবধানী** *বিণ* অতিশয় সতর্ক (ওরে সাবধানী পথিক—*রঠা*)। {*স.* স+অবধান; *বহু*}

সাবন [শাবোন্‌] *বি* অহোরাত্র; সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা সময়; ত্রিশ অহোরাত্রযুক্ত মাস। {*স.* সবন+অ(অণ্)}

সাবমেরিন [সাব্‌মেরিন্‌] *বি* যুদ্ধে ব্যবহৃত ডুবোজাহাজ। {*ই.* submarine}

সাবয়ব [শাবয়ব্‌] *বিণ* অবয়বযুক্ত, অঙ্গবিশিষ্ট। {*স.* স+অবয়ব}

সাবর্ণ [শাবরনো] *বি* সমান বর্ণবিশিষ্ট; দ্বিতীয় মনু। {*স.* সবর্ণ+অ(অণ্)}

সাবর্ণি [শাবোর্‌নি] *বি* হিন্দু পুরাণোক্ত সূর্যপত্নী সবর্ণার গর্ভজাত পুত্র; অষ্টম মনু। {*স.* সবর্ণা+ই(ইঞ্)}

সাবল [শাবোল্‌] *বি* মাটি খনন করার লৌহদণ্ডবিশেষ।

{ *স.* সর্বলা>}

সাবলীল [শাবোলিল্] *বিণ* ১ লীলাযুক্ত। ২ স্বচ্ছন্দ; সহজ ও অনায়াস (রচনার সাবলীল গতি)। ~**তা** *বি*। { *স.* স+অব+লীলা}

সাবহিত [শাবোহিতো] *বিণ* ১ জ্ঞাত (বিজয়গুপ্ত বলে গাইন হও সাবহিত—*বিগু*)। ২ (বিরল) সাবধান; হুঁশিয়ার (সাবহিত হওয়া)। { *স.* স+অবহিত; *বহু*}

সাবাড় [শাবাড়্] *বিণ* ১ বিনষ্ট; নিঃশেষ (এই নাস্তিককে সাবাড় করিব—*প্যামি*)। ২ সমাপ্ত। ৩ শেষ (এক চুমুকেই সাবাড় করতে পারি—*আরু*)। { *স.* সর্বান্ত>}

সাবান [শাবান্] *বি* সোডা, ক্ষার, চর্বি সহকারে প্রস্তুত ময়লা পরিষ্কারক দ্রব্য। { *আ.* সাবুন صابون ; *পো.* sabao}

সাবালক, সাবালিগ [শাবালোক্, শাবালিগ্] *বিণ* প্রাপ্তবয়স্ক; সতের বৎসরের অধিক বয়সম্পন্ন (যখন দেখি কোন এক সাবালক মেয়ে অত্যল্পকালের নোটিশেই—*রঠা*)। **নাবালক, নাবালিগ** *বিপ.*। **সাবালকি, সাবালকী** *বিণ* সক্ষমতা; উপযুক্ততা (সাবালকী করছে দাবী সব দুনিয়া দাঁড়িয়ে উঠে—*সদ*)। { *ফা.* সা سا + *আ.* বালিগ بالغ }

সাবাস ⇒ শাবাশ

সাবিত্রী [শাবিত্‌ত্রি] *বি* হিন্দু পুরাণোক্ত সূর্যের অধিষ্ঠাত্রী দেবী; ব্রহ্মার পত্নী; সতীর শিরোমণি; সত্যবানের স্ত্রী ও রাজা অশ্বপতির কন্যা। **সতি–** *বিণ* হিন্দু পুরাণোক্ত সাবিত্রীর মতো সতীত্বসম্পন্না। { *স.* সবিতৃ+অ(অণ্)+ঈ(ঙীপ্)}

সাবু, সাগু [শাবু, -গু] *বি* সাগু; সাবুদানা। { *পো.* sagu}

সাবুদ, সাবুত [শাবুদ্, -ত্] *বিণ* ১ দৃঢ় (হানিফা বলেন তেরা ঈমান সাবুদ। লড়িবার কাম...থাকিবে মৌজুদ—*সৈহা*)। ২ প্রমাণীকৃত; প্রমাণ করা হয়েছে এমন (সাবুদ করা)। ☐ *বি* প্রমাণ। { *আ.* ছবুত ثبوت }

সাবেইন, সাবেঈন [সাবেয়িন্] *বিণ* নক্ষত্রপূজক (সাবেঈন তাবেঈন্ হয়ে চিল্লায় জোর ওই ওই নাবে দীন—*নই*)। { *আ.* ছাবেঈন ثابئين }

সাবেক [শাবেক্] *বিণ* পূর্ববর্তী; আগেকার; পূর্বতন (সাবেক আমলের অনেকগুণ—*মব*)। ~**কেলে** *বিণ* আদিকালের; পুরাতন (সাবেককেলে বড়মানুষি চাল—*রঠা*)। **সাবেকি, সাবেকী** *বিণ* পূর্বকালীন; সেকেলে; সনাতন (শাশুড়ী ছিল সাবেকি, দিদির হাতটা মেঝের ওপর রেখে নোরা দিয়ে ছেঁচত—*অচিসে*)। { *আ.* সাবিক় سابق }

সাবেত, সাবিত [শাবেত্, শা–] *বি* ১ প্রমাণ (কি দিয়া তুমি সাবেত করিবা আমি তোমার স্ত্রী—*আমআ*)। ☐ *বিণ* ১ প্রমাণীকৃত; সত্য (একথা সাবেত বটে বুঝে দেখ যদি—*সৈহা*)। ২ মজবুত; একত্রে দৃঢ়ীভূত (মেরা সাথে সাবেত রহিবে বরাবর—*সৈহ*)। { *আ.* ছাবেত ثابت }

সাব্যস্ত [শাব্‌বোস্‌তো] *বিণ* স্থিরীকৃত; নির্ধারিত (সাব্যস্ত হইল চুল শশব্যস্ত টিকি অন্তর্ধান—*সদ*)। { *আ.* ছাবেত ثابت ; *স.* স+ব্যবস্থ>}

সাভিনিবেশ [শাভিনিবেশ্] *বিণ* অভিনিবেশযুক্ত; মনোযোগ সহকারে (তিনি তাহার দিকে সাভিনিবেশ দৃষ্টি নিক্ষেপ করিয়া তৎক্ষণাৎ চিনিতে পারিলেন—*ঈবি*)। { *স.* স+অভিনিবেশ; *বহু*}

সাম[১] [শাম্] *বি* ১ সামবেদ; চতুর্বেদের তৃতীয়টি (অনাদি সাম—*সদ*)। ২ সন্ধি। ৩ তোষণ। { *স.* √সো+মন্(মনিন্)}

সাম[২] ⇒ শাম

সামগ্রিক (*অশুপ্র.*) [শামোগ্‌গ্রিক্] *বিণ* (*বিরল*) সমগ্র বা সম্পূর্ণ। { *স.* সমগ্র+ইক}

সামগ্রী [শামোগ্‌গ্রি] *বি* দ্রব্যসমূহ; জিনিস; দ্রব্য। { *স.* সামগ্র+ঈ(ঙীষ্)}

সামগ্র্য [শামোগ্‌গ্রো] *বি* ১ সমগ্রতা; সাফল্য। ২ ভাণ্ডার। ৩ দ্রব্য; বস্তু। ☐ *বিণ* কারণকলাপ। { *স.* সমগ্র+য(ষ্যঞ্)}

সামঞ্জস্য [শামোন্‌জোশ্‌শো] *বি* ১ উপযুক্ততা; সমীচীনতা। ২ মিল; সঙ্গতি। { *স.* সমঞ্জস+য(ষ্যঞ্)}

সামনা [শাম্‌না] *বি* সম্মুখ (বাড়ির সামনা)। ~**সামনি** *ক্রিবিণ* মুখোমুখি; সম্মুখবর্তী; সামনে। **সামনে** *ক্রিবিণ* সম্মুখদিকে; সম্মুখে। **সামনেকার** *বিণ* সম্মুখের (সামনেকার রাস্তা যেন আজ বন্ধ—*ওয়া*)। { *তুল. হি.* সামনে}

সামন্ত[১] [শামোন্‌তো] *বি* ১ অধীনস্থ নৃপতি। ২ মুখ্য; প্রজা; মোড়ল; গ্রামের প্রধান। ৩ প্রতিবেশী। ৪ হিন্দু পদবিবিশেষ। ☐ *বিণ* অধিনায়ক। ~**তন্ত্র**, ~**চক্র** *বি* সামন্তগণের শাসন; feudal system। { *স.* সমন্ত+অ(অণ্)}

সামবায়িক [শামোবায়িক্] *বিণ* ১ সমবায় সংক্রান্ত। ২ সমবায়বিশিষ্ট। { *স.* সমবায়+ইক(ঠক্)}

সাময়িক [শামোয়িক্] *বিণ* ১ কালীন। ২ কখনো কখনো ঘটে এমন; অল্পসময় স্থায়ী; ক্ষণস্থায়ী (সাময়িক ক্রোধ)। ৩ সময়োচিত; সময়ের উপযুক্ত (সাময়িক বন্দোবস্ত)। ৪ বর্তমান বা সাম্প্রতিক ঘটনাবলি আছে এমন; নির্দিষ্ট সময় ব্যবধানে প্রকাশিত (সাময়িক পত্র)। **সাময়িকী** *স্ত্রী.* *বি* বর্তমান সময়ের ঘটনাবলি বা প্রসঙ্গ; কালোপযোগী বিষয়। { *স.* সময়+ইক(ঠঞ্)}

সামরিক [শামোরিক্] *বিণ* ১ লড়াই সংক্রান্ত; যুদ্ধবিষয়ক। ২ যুদ্ধের উপযুক্ত; যুদ্ধের প্রয়োজনীয়। ৩ যুদ্ধকালীন। ৪ যুদ্ধপ্রিয়; রণনিপুণ (সামরিক জাতি)। { *স.* সমর+ইক(ঠঞ্)}

সামর্থ্য [শামোর্‌থো] *বি* ১ হিম্মত; শক্তি (শারীরিক সামর্থ্য)। ২ উপযুক্ততা; যোগ্যতা; ক্ষমতা। { *স.* সমর্থ+য(ষ্যঞ্)}

সামলা, সামলানো [শাম্‌লা, -নো] *ক্রি* ১ সংযত করা (ক্রোধ সামলানো)। ২ সংবরণ করা (চোখের জল সামলানো)। ৩ স্খলিত বেশ দৃঢ় বদ্ধ করা (কাপড় সামলানো)। ৪ তত্ত্বাবধান করা (ছেলে সামলানো)। ৫ উত্তীর্ণ হওয়া; কাটিয়ে ওঠা (রোগ সামলে ওঠা)। ৬ সতর্কতা অবলম্বন করা (সামলে চলা)। ☐ *বি* উক্ত সকল অর্থে। {√সামলা; ক্রিয়ারূপ—সামলাই, সামলাও, সামলায়, সামলাস, সামলান; *অক্রি*—সামলিয়ে, সামলাতে, সামলালে, সামলে ইত্যাদি}

সামসময়িক ⇒ সমসাময়িক

সামাই [শামাই] *বি* ধারণ-ক্ষমতা; সংবরণ; সীমা পাওয়া (খুশী আর সামাই পায় না—*শাআ*)। { *হি* সমাঈ}

সামাজিক [শামাজিক্] *বি* সভাসদ; সদস্য; সভ্য। ☐ *বিণ*

১ সমাজে বসবাসকারী (রাজা তাহাকে চিনিতে পারিয়া এবং সন্ন্যাসীর স্কন্ধে পুত্র দেখিয়া সামাজিকদিগকে বলিলেন—*ঈবি*)। ২ সমাজ সংক্রান্ত (সামাজিক অনুষ্ঠান)। ৩ মিশুক; রসজ্ঞ (সামাজিক লোক)। ৪ সমাজে প্রচলিত আছে এমন (সামাজিক প্রথা)। **–তা** *বি* ১ লৌকিকতা (সামাজিকতা বর্জিত)। ২ হৃদ্যতাপূর্ণ ব্যবহার। {*স.* সমাজ+ইক(ঠক্)}

সামান [শামান্] *বি* ১ সাজসরঞ্জাম; আসবাবপত্র (কোন দামান কামান তামাম সামান নির্ঘোষে কার নাম পড়ে সাল্লাল্লাহু আলায় হিস্সালাম—*নই*)। ২ জোগাড়; ব্যবস্থা (আর কার কাম নহে যেতে পরীস্থান, জৈগুন যাইয়া ভেজে করিয়া সামান—*সৈহা*)। {*ফা.* সামান سامان }

সামান্তরিক [শামান্‌তোরিক্] *বি (জ্যা.)* চতুর্ভুজ যার বিপরীত বাহু দুইটি পরস্পর সমান্তরাল; parallelogram। {*স.* সমান্তর+ইক}

সামান্য [শামান্‌নো] *বি* সাধর্ম্য; সাধারণ লক্ষণসমূহ। ☐*বিণ* ১ অতিশয়; অল্প (সামান্য খাবার)। ২ সাধারণ (সামান্য লোক)। ৩ গুরুত্বহীন; তুচ্ছ (সামান্য ব্যাপার)। **সামান্যা** *স্ত্রী.*। {*স.* সমান+য(ষ্যঞ্)}

সামান্যকরণ [শামান্‌নোকরোন্] *ক্রি* হ্রস্বীকরণ (এতাদৃশ সামান্যকরণ নিরতিশয় ব্যাপক—*সুদ*)। {সামান্য+করণ}

সামান্যত, সামান্যতঃ [শামান্‌নোতো, –হ্] *অব্য, ক্রিবিণ* সাধারণত; সাধারণভাবে। {*স.* সামান্য+তস্}

সামান্যা [শামান্‌না] *বি* বারবিলাসিনী। ☐*বিণ স্ত্রী.* গুরুত্বহীনা; তুচ্ছা; সাধারণী। {*স.* সামান্য+আ}

সামান্যীকরণ[শামান্‌নিকরোন্] *ক্রি* নিরসনকরণ; সাধারণ লক্ষণাক্রান্তকরণ (সেই শ্রেণী সংরক্ষিত রহস্যের সামান্যীকরণ শিষ্যদের স্কন্ধে চাপিয়ে নিজে ডিয়ালেক্টিক-এর ঐতিহাসিক নিদর্শন সংগ্রহে প্রাণপাত করেছিলেন—*সুদ*)। {*স.* সামান্য+ঈ(চ্বি)+করণ}

সামাল[১] [শামাল্] *বি* ১ রক্ষা; যত্ন (ঠিক সামাল দিতে পারেনি—*ওয়ালি*)। ২ রোধ; সংবরণ (ক্রোধ সামাল করা)। {*তুল. হি.* সম্ভাল>}

সামাল[২] [শামাল্] *অব্য* সাবধান হওয়া বা করার সংকেত (অসুরপুরে সোর উঠেছে জোরসে সামাল সামাল ভাই—*নই*)। {*তুল. হি.* সম্ভাল>}

সামিয়ানা ⇒ শামিয়ানা

সামিল, সামেল ⇒ শামিল

সামীপ্য [শামিপ্‌পো] *বি* সান্নিধ্য; নৈকট্য। {*স.* সমীপ+য(ষ্যঞ্)+অ(অচ্)}

সামুদ্র [শামুদ্‌দ্রো] *বি* ১ দেহের চিহ্নাদি দিয়ে ভবিষ্যতের শুভাশুভ নির্ণয়ের শাস্ত্র। ২ সামুদ্রশাস্ত্র। ☐*বিণ* ১ সমুদ্রসম্পর্কিত। ৩ সমুদ্রজাত। **–বেত্তা** *বিণ* সামুদ্রশাস্ত্রে অভিজ্ঞ; জ্যোতিষী। {*স.* সমুদ্র+অ(অণ্)}

সামুদ্রিক [শামুদ্‌দ্রিক্] *বিণ* ১ সামুদ্রশাস্ত্র ব্যবসায়ী। ২ সমুদ্র সম্পর্কিত। ৩ সমুদ্রজাত। **–বেত্তা** *বিণ* সামুদ্রশাস্ত্রে অভিজ্ঞ; জ্যোতিষী (রাজা সামুদ্রিকবেত্তা পণ্ডিতগণকে আনাইয়া—*ঈবি*)। {*স.* সমুদ্র+ইক(ঠঞ্)}

সামেল ⇒ শামিল

সামোভার [শামোভার্] *বি* চা জ্বাল দেওয়ার বৃহৎ ধাতুনির্মিত পাত্রবিশেষ, এর নিচে কয়লার আগুন থাকে ও নল দিয়ে উত্তপ্ত চায়ের পানি বের করে নেওয়া হয় (তাশকন্দ থেকে এসেছে সামোভার নিয়ে—*সৈমু*)। {*রু.* samovar}

সাম্পান, শামপান [শামপান্] *বি* চট্টগ্রাম অঞ্চলের জলপথে যাতায়াতের উপযোগী একপ্রকার ক্ষুদ্র নৌকা (সাম্পান নিয়ে ফিরছিল তার দয়িতের সন্ধানে—*নই*)। {*চী.* সাঙপাঙ}

সাম্প্রতিক[শামপ্রোতিক্] *বিণ* ইদানীন্তন; আজকালকার; অধুনাতন; আধুনিক। {*স.* সম্প্রতি+ইক(ঠক্)}

সাম্প্রদায়িক [শামপ্রোদায়িক্] *বিণ* ১ দল, গোষ্ঠী বা সম্প্রদায়সম্পর্কিত (সাম্প্রদায়িক অনুষ্ঠান)। ২ সম্প্রদায়গত ভেদবুদ্ধিবিশিষ্ট; communal (সাম্প্রদায়িক মনোভাব)। **–তা** *বি*। {*স.* সম্প্রদায়+ইক(ঠক্)}

সাম্য [শাম্‌মো] *বি* ১ সমদর্শিতা। ২ সমতা (ভারসাম্য)। ৩ সাদৃশ্য। ৪ ক্রোধাদিশূন্য নির্বিকার ভাব। **–বাদ** *বি* ১ রাষ্ট্রের সকল লোকের জাতিধর্ম নির্বিশেষে সমান অধিকার থাকা উচিত—এই মতবাদ। ২ কমিউনিজম; communism। **সাম্যবাদী** (–দিন্) *বিণ* ১ রাষ্ট্রের সকল লোকের সমান অধিকার থাকা উচিত এই মতবাদে বিশ্বাসী। ২ সমান অধিকারবাদে বিশ্বাসী বা সমর্থনকারী; কমিউনিস্ট; communist। {*স.* সম+য(ষ্যঞ্)}

সাম্রাজ্য [শাম্‌রাজ্‌জো] *বি* ১ ক্ষুদ্র রাজ্যাদি সংবলিত বহু বিস্তৃত রাজ্য। ২ সম্রাটের শাসনে যে রাজ্যসমূহ থাকে। **–বাদ** *বি* পররাজ্যের উপর অধিকার বিস্তারের নীতি; imperialism। **–বাদী** (–দিন্) *বিণ* সাম্রাজ্যবাদ সমর্থনকারী; imperialist। {*স.* সম্রাজ্+অ(অণ্)+য(ষ্যঞ্)}

সাযুজ্য [শাজুজ্‌জো] *বি* ১ মিল; সংযোগ (অর্কেস্ট্রায় উক্তি ও উপলব্ধির সাযুজ্য অনুপস্থিত—*সুদ*)। ২ অভেদ; পরমাত্মা ও জীবাত্মার একাত্মতা। {*স.* সযুজ্+য(ষ্যঞ্)}

সায়[১] [শায়্] *বি* ১ অবসান; বিরতি (একটা বক্তৃতা সায় হতে গম্ভীর বাজনা বেজে উঠল হঠাৎ—*মব*)। ২ সন্ধ্যাবেলা। ☐*বিণ* সমাপ্ত; সাঙ্গ। {*স.* √সো+অ(ঘঞ্)}

সায়[২] [শায়্] *বি* সমর্থন; সম্মতি (কাজে সায় থাকা বা দেওয়া)। {*স.* √সো+অ(ঘঞ্)}

সায়ংকাল [শায়োঙ্‌কাল্] *বি* সন্ধ্যার সময়; গোধূলি লগ্ন; দিনাবসানের সময়। {*স.* সায়ং+কাল; ৬তৎ}

সায়ংকৃত্য [শায়োঙ্‌কৃত্‌তো] *বি* সন্ধ্যাকালীন কর্ম বা উপাসনাদি (সায়ংকৃত্য সমাপন করা)। {*স.* সায়ং+কৃত্য}

সায়ংসন্ধ্যা [শায়োঙ্‌শোন্‌ধা] *বি* সন্ধ্যাবেলার উপাসনা। {*স.* সায়ং+সন্ধ্যা; ৬তৎ}

সায়ংসময় [শায়োঙ্‌শোময়্] *বি* সন্ধ্যাকাল। {*স.* সায়ং+সময়}

সায়ক [শায়োক্] *বি* ১ বাণ; তীর; শর (সায়ক বিঁধা পাখী—*নই*)। ২ খড়্গ। ৩ বজ্র। {*স.* সো+অক(ণ্বুল্)}

সায়ন্ত *(বিরল)*, **সায়ন্তন** [শায়োন্‌তো, –তন্] *বিণ* সন্ধ্যাকালীন; সন্ধ্যাবেলার; বেলা শেষের (সায়ন্তের ক্লান্ত ফুলের গন্ধ—*রঠা*)। {*স.* সায়ম্+তন(ট্যুল্, তুট্)}

সায়র [শায়োর্] *বি* ১ সাগর; সমুদ্র (শ্যাম সায়রে যায়

বলাকা জল সহিতে— *সদ*)। ২ সরোবর। { *স.* সাগর>}

সায়া [সায়া] *বি* মেয়েদের শাড়ির নিচে পরিধেয় ঘাগরা; petticoat; অন্তর্বাস। { *পো.* saia}

সায়াহ্ন [শায়ান্‌হো] *বি* সন্ধ্যা; সাঁঝ (সায়াহ্নের শেষ স্বর্ণরেখা— *রঠা*)। **–কৃত্য** *বি* সায়ংকৃত্য; সন্ধ্যাকালীন উপাসনাদি কর্তব্যকর্ম। { *স.* সায়ঃ+অহ্নঃ}

সায়েব ⇒ সাহেব

সায়ের [শায়ের্] *বি* ১ ভ্রমণ (সায়েরে গিয়েছে স্বামী হাবলী আঁধার করে— *ঈমি*)। ২ সফর। ৩ ভিক্ষাকরণার্থে গমন। { *আ.* সায়র سير }

সায়েরে-নাজাবি/নাযাবী [শায়েরে নাজাবি] *বি* (তাসাউফ) সুফিসাধনমার্গের শ্রেষ্ঠ স্থানে গমন বা ভ্রমণ ও তা করতে সমর্থ হওয়া (সায়েরে নাযাবীর ফয়েজ তখনও আমার হাসেল হয় নাই— *আমআ*)। { *আ.* সয়েরে নজাবী سيرنجابى }

সায়েল, সায়িল [সায়েল, সায়ি-] *বি, বিণ* প্রার্থী; ভিক্ষুক; ফকির; মিসকিন (লক্ষ দিরহাম তুমি দেবে লক্ষ্য সায়েলের হাতে— *ফআ*)। { *আ.* সয়েল سائل }

সায়েলি, সায়েলী [সায়েলি] *বি* ভিক্ষাবৃত্তি (ঝুলি কাঁধে নিয়ে সায়েলী কত্তে বেরুই— *কাই*)। { *আ.* সায়েল سائل }

সায়েস্তা ⇒ শায়েস্তা

সার[১] [শার্] *বি* ১ সারি; শ্রেণি (সামনে চেয়ে দেখল রূপা, সার বেঁধে আসছে তারা— *জউ*)। ২ পঙ্‌ক্তি। { *স.* শ্রেণি>}

সার[২] ⇒ স্যার

সার[৩] [শার্] *বি* ১ একমাত্র সম্বল (কেবল ধোওয়া এবং আওয়াজই সার— *রঠা*)। ২ বৃক্ষাদির শক্ত মজ্জা। ৩ তেজ; বীর্য। ৪ উর্বরা বৃদ্ধিকর পদার্থ (সার দেওয়া)। ৫ অবলম্বন। ৬ গূঢ় অর্থ; তাৎপর্য (সারাংশ)। ৭ দুগ্ধাদির সর বা ননি। ☐ *বিণ* ১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট (সার ধর্ম)। ২ প্রকৃত; গূঢ় (সারমর্ম)। **–কুঁড়** *বি* আস্তাকুড়; যেখানে গোবর পচিয়ে সার তৈরি করা হয় (কোথায় ডুবেছিলে, থানায় না সারকুঁড়ে— *নই*)। **–গর্ভ** *বিণ* মূল্যবান; সারযুক্ত। **–গাদা** *বি* সারের স্তূপ; সার তৈরির জন্য স্তূপীকৃত গোময় ইত্যাদি। **–গ্রাহী**(*–হিন্*) *বিণ* ১ মর্মগ্রাহী। ২ শ্রেষ্ঠাংশ গ্রহণ করে এমন। **–তরু** *বি* ১ যে বৃক্ষ জমির উর্বরতা বৃদ্ধি করে। ২ কলাগাছ। **–বস্তু** *বি* সার পদার্থ। **–বান** *বিণ* সারগর্ভ; প্রসাদগুণসম্পন্ন; উৎকৃষ্ট (লেখা হবে সারবান — *রঠা*)। **–ভূত** *বিণ* উৎকৃষ্ট; শ্রেষ্ঠ; সার পদার্থে পরিণত। **– মাটি** *বি* ১ সারযুক্ত মাটি। ২ যে মাটির জমি উর্বরতা বৃদ্ধি করে। **–লৌহ** *বি* ইস্পাত। **–সংগ্রহ** *বি* উৎকৃষ্ট বা শ্রেষ্ঠ অংশ আহরণ; তাৎপর্য বা মূলভাব গ্রহণ। **–হীন, –শূন্য** *বিণ* নিকৃষ্ট; অসার; মজ্জাহীন; তাৎপর্যহীন (সারহীন কথা)। { *স.* √সৃ+অ(ঘঞ্)}

সারং [শারঙ্] *বি* বেহালা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ; সারিন্দা (নয়নে রঙের মায়া দুলে দোদুল কায়া পরানে বাজিছে সারং— *নই*)। { *স.* সারঙ্গ[২]>}

সারক [শারক্] *বিণ* বিরেচক। { *স.* √সৃ+ই(ণিচ)+অক(ণ্বুল্)}

সারঙ [শারঙ্] *বি* (*সংগী.*) রাগবিশেষ; সারিন্দার রাগ (সারঙ রাগে বাজায় বাঁশী নাম ধরে তোর ওই— *নই*)। { *স.* সারঙ্গ[১]>}

সারঙ্গ[১] [শারঙ্গো] *বি* হরিণবিশেষ। ☐ *বিণ* ১ বিচিত্র চক্রচিহ্নযুক্ত। **সারঙ্গা, সারঙ্গী** *স্ত্রী*। { *স.* √সৃ+অঙ্গ(অঙ্গচ)}

সারঙ্গ[২], **সারঙ্গী** [শারঙ্গো, –গি] *বি* ১ সারিন্দা; একপ্রকার বাদ্যযন্ত্র (মখমলেরি বিছানা 'পরে ঘুমায় কোলে সারঙ্গী— *মোম*)। { *তুল. স.* শার্ঙ্গ}

সারণ [শারোন্] *বি* অপসারণ; দূরীকরণ; চালন। { *স.* √সৃ+ই(ণিচ)+অন(ল্যুট)}

সারণি, সারণী [শারোনি] *বি* ১ ছোট নদী। ২ তালিকা; পীঠিকা; নির্ঘণ্ট। { *স.* √সারি+অনি, +ঈ(ঙীষ্)}

সারথি [শারোথি] *বি* ১ রথ চালায় যে; রথচালক। ২ নেতা (সাহিত্য-সারথি)। **সারথ্য** *বি* চালকের বৃত্তি; সারথির পেশা। { *স.* √সৃ+ই(ণিচ)+অথি(অথিন্)}

সারদা ⇒ শারদা

সারবন্দী, সারিবন্দী ⇒ সারি[১]

সারমেয় [শারোমেয়ো] *বি* কুকুর (স্বর্ণের গলাবন্ধ পরুক —সারমেয় নাম তার— *নই*)। **সারমেয়ী** *বি স্ত্রী*। { *স.* সরমা+এয়(ঢক্)}

সারল্য [শারোল্‌লো] *বি* অকপটতা; সরলতা। { *স.* সরল+য(ষ্যঞ্)}

সারস [শারোশ্] *বি* বকজাতীয় একপ্রকার পক্ষী। **সারসী** *বি স্ত্রী*। { *স.* সরস+অ(অণ্)}

সারসন [শারোশন্] *বি* ১ কটিবন্ধ (সারসনে ঝল ঝল ঝলে ঝলিল ভাস্বর অসি মণ্ডিত রতনে— *মদ*)। ২ কোমরের অলঙ্কারবিশেষ। { *স.* স+আরসন}

সারস্বত [শারোশ্‌শোতো] *বি* ১ ভারতের প্রাচীন দেশ বা অঞ্চল। ২ ব্রাহ্মণ সম্প্রদায় বিশেষ। ☐ *বিণ* ১ সরস্বতী দেবী সম্বন্ধীয়; বিদ্যাসম্পর্কিত (কাজেই তার জ্বালায় আমার সারস্বত স্বর্গলোকটির বেড়া রোজ ভাঙতে লাগল — *রঠা*)। ২ বিদ্বান; পণ্ডিত। **–সমাজ** *বি* সাহিত্য-সমাজ; সাহিত্যিকবৃন্দ। ☐ *বিণ* বিদ্বান-সমাজ; শিক্ষিত-সমাজ। { *স.* সরস্বতী+অ(অণ্)}

সারা[১] [শারা] *বিণ* সমগ্র; সম্পূর্ণ; সব; সমস্ত (সারা জনম বাইলাম বৈঠা— *গান*)। { *স.* সর্ব>}

সারা[২] [শারা] *বিণ* ১ ক্লান্ত; হয়রান; অবসন্ন (যাচ্ছে কারা রৌদ্রে সারা— *সদ*)। ২ আকুল; ব্যাকুল (কেঁদে সারা)। ৩ বিপন্ন; বিপদগ্রস্ত; শেষ (একেবারে সারা হওয়া)। { *স.* √সারি>}

সারা[৩] [শারা] *বি* উক্ত সকল অর্থে। ☐ *বিণ* ১ লুক্কায়িত। ২ মেরামত করা হয়েছে এমন। ৩ সাঙ্গ; সমাপ্ত (বাদলের গান হয়নি সারা— *রঠা*)। ৪ পণ্ড; নষ্ট। ☐ *ক্রি* ১ লুকিয়ে রাখা (টাকা সারা)। ২ মেরামত করা (নৌকা সারা)। ৩ খতম করা; সমাপ্ত করা (কাজ সারা)। ৪ আরোগ্য লাভ করা (অসুখ সারা)। ৫ সরিয়ে ফেলা; অপনোদন করা (ভোজ্য বস্তু সারিছে— *ভারা*)। ৬ বিপদে বা দুর্দশায় ফেলা (মদে তাকে সেরেছে)। ৭ দুর্বল করা বা ক্লান্ত করা (রৌদ্রে সারা)। ৮ নষ্ট করা; পণ্ড করা (দফা সারা)। ৯

জীবন নাশ করা; মেরে ফেলা (শোকে সারা)। ১০ সংশোধন করা (ভুল সারা)। ~**নো** *বি* রোগমুক্ত করানো (রোগ সারানো)। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। □ *ক্রি* ১ মেরামত বা সংস্কার করানো। ২ সংশোধন করানো। ৩ শেষ করানো। ৪ শান্ত করানো (কান্না সারানো)। { *স.* √সারি> }

সারাৎসার [শারাত্‌শার] *বিণ* অতি সারবান; শ্রেষ্ঠতম (অন্ধকারের সারৎসারে অনন্ত মৃত্যুর মতো মিশে থেকে —*জীদা*)। { *স.* সারাৎ+সার }

সারানি, সারানী [শারানি] *বি* ভাঁটার সময়ে পানির হ্রস্বতা (এদিকে জোয়ারও এলো, ভাঁটার সারানি পড়লো —*প্যামি*)। { সরা+পানি> }

সারালো, সারাল [শারালো] *বিণ* সারবান; মূল্যবান। { *স.* সার+*বা.* আলো }

সারি[১] [শারি] *বি* শ্রেণি; পঙ্‌ক্তি। { *স.* শ্রেণি> }

সারি[২]**, সারী** [শারি] *বি* মাঝিদের গান (দাঁড়ি মুখে সারি গান লা-শরিক আল্লাহ্‌—*নই*)। ~**বন্দী** *বিণ* শ্রেণিবদ্ধ। ~~ *বিণ, ক্রিবিণ* শ্রেণিবদ্ধ; শ্রেণিবদ্ধভাবে; বহু সারিতে; অনেক শ্রেণিতে। { *স.* শ্রেণি> }

সারি[৩]**, সারিকা** ⇒ শারিকা

সারিগামা, সারেগামা [সারিগামা, -রে-] *বি* 'স্বরগ্রাম' শব্দের সংক্ষিপ্ত রূপ; সা-রে-গা-মা-পা-ধা-নি এই সাতটি সুরের সংক্ষিপ্ত সংজ্ঞা। { সা+রি/রে+গা+মা }

সারিন্দা [শারিন্‌দা] *বি* তারযুক্ত বাদ্যযন্ত্র (কেউ বা গড়েছে সারিন্দা এক কাঠে কেটে নির্ভুল—*জউ*)। { *স.* সারঙ্গ[১]> }

সারী ⇒ সারি

সারূপ্য [শারুপ্‌পো] *বি* সমরূপতা; একরূপতা; সাদৃশ্য (তাদের জীবনবেদে, তাদের শ্রেয়বোধে সারূপ্যের কোনও আভাস মেলে না—*সুদ*)। { *স.* সরূপ+য(ষ্যঞ) }

সারেং[১]**, সারেঙ**[১]**, সারঙ** [শারেঙ, –, শারঙ] *বি* জাহাজ বা নৌযান পরিচালনা করে যে; জাহাজের পরিচালক (বাচ্চা সাহেবকে আমাদের সারেংদের উপর কাপ্তেন করে পাঠিয়ে দিলে—*মাউ*)। { *ফা.* সরহঙ্গ سرهنگ }

সারেং[২]**, সারেঙ**[২] [শারেঙ] *বি* বেহালার মতো এক প্রকার তারের বাদ্যযন্ত্র; সারঙ্গী। { *স.* সারঙ্গ, সারঙ্গী }

সারেঙ, সারেঙ ⇒ সারেং[১] ও সারেং[২]

সারেঙ-সুগনি/সুগনী [শারেঙ্‌ সুগোনি] *বি* (কথ্য) জাহাজের পরিচালক ও তৎ সহকারী (খালাসী থেকে সারেঙ-সুগনী সবাই যেন গোরাদের চুরুটের এবং মদের একটা উৎকট গন্ধ নিয়ে ঘুরে বেড়াচ্ছে)। { *ফা.* সরহঙ্গ سارهنگ }

সারেগামা ⇒ সারিগামা

সারেঙ্গী [শারেঙ্‌গি] *বি* সারিন্দা; সারেং (লু হাওয়া বাজায় সারেঙ্গী-বীণ খেজুর পাতার তারে—*নই*)। { *স.* সারঙ্গ, সারঙ্গী> }

সারেগামা ⇒ সারিগামা

সারেজাহান [শারেজাহান্‌] *বি* সমস্ত দুনিয়া (আর কিছু মোরা নাহি ভাবি যেন সারেজাহানের মালিক ছাড়া—*জউ*)। { *ফা.* সারাজাহান سارا جهان }

সারোদ্ধার [শারোদ্‌ধার] *বি* আসল কথা বা বস্তু সংগ্রহ; তাৎপর্য বা গূঢ় মর্ম বের করা (নিবন্ধাদির সারোদ্ধার করা)। { *স.* সার+উদ্ধার; ৬তৎ }

সার্কাস [সার্‌কাস্‌] *বি* ১ মানুষ ও অন্যান্য জীবজন্তুর বিচিত্র ক্রীড়াকৌতুক ও ব্যায়ামকৌশল প্রদর্শন (সার্কাসের মেয়েগুলো যেন মানুষ নয়—*আগা*)। ২ ঐ উদ্দেশ্যে নির্মিত চক্রাকার আবেষ্টনী। ~ **পার্টি** *বি* সার্কাস প্রদর্শনকারী দল (এমন সময়ে এখানে সার্কাস পার্টি আসছে—*অচিসে*)।

সার্কাসি, সার্কাসী *বিণ* ১ সার্কাস প্রদর্শনের জন্য প্রস্তুত (মরুর সিংহ মার খায় সার্কাসী পিঞ্জরে ঢুকে—*নই*)। ২ সার্কাসের নিয়মানুযায়ী (সার্কাসী কায়দায় হাওয়াতে হাত হেলিয়ে—*অচিসে*)। ৩ সার্কাস সংক্রান্ত। { *ই* circus }

সার্কুলার [সার্‌কুলার্‌] *বি* তথ্যবিজ্ঞপ্তি; ঘোষণা। { *ই* circular }

সার্গম, সারগম [সারগম্‌] *বি* স্বরগ্রামের সংক্ষিপ্ত রূপ (প্রকৃতি তার একতারায় যে সার্গম আলাপ করেন মানুষে শুধু তার নকল করে—*প্রচৌ*)। { সা+রে+গা+মা }

সার্চ [শার্‌চ্‌] *বি* অনুসন্ধানী; তালাশি (এদের কাছ থেকে তালিম নিয়ে যেতে পারত কি করে সার্চ চালাতে হয়—*সৈমু*)। { *ই* search }

সার্চলাইট [সার্‌চ্‌লাইট্‌] *বি* সন্ধানী তীব্র আলো (সার্চলাইটের ঝাঁ ঝাঁ আলো দেখাবে না পথ জানি—*শারা*)। { *ই* search light }

সার্জন [সারজন্‌] *বি* অস্ত্রচিকিৎসক; শল্যচিকিৎসক; অস্ত্রোপচারকারী (যে সার্জন একবার পেট কেটে কাঁচিটা রাখতে পেরেছে—*ওহ*)। { *ই* surgeon }

সার্জেন্ট, সার্জেন [সারজেন্‌ট্‌, –ন্‌] *বি* পুলিশ কর্মচারী, যিনি পদমর্যাদায় কনেস্টবলের উর্ধ্বে অবস্থিত। সেনানীবিশেষ; পেয়াদা। { *ই* sergeant }

সার্ট [শারট্‌] *বি* জামা; পিরান। { *ই* shirt }

সার্টিফিকেট [সারটিফিকেট্‌] *বি* ১ প্রশংসাপত্র। ২ প্রমাণপত্র। ৩ উপাধিপত্র। ৪ সুপারিশপত্র। ~ **হওয়া** *বি* জমি নিলামে ওঠা (জমির সার্টিফিকেট হওয়া)। { *ই* certificate }

সার্থ[১] [শারথো] *বি* ধন; পণ্য। □ *বিণ* ১ ধনবান; সম্পত্তিশালী। ২ অর্থযুক্ত (সার্থ ব্যাখ্যা)। { *স.* স+অর্থ }

সার্থ[২] [শারথো] *বি* ১ বণিকগণ। ২ সঙ্গী; সাথি; সহচর। ৩ জীবসমুদয়। ~**বাহ** *বি* পথপ্রদর্শক বণিক; বণিকদল। { *স.* √সৃ+থ(থক্‌) }

সার্থক [শারথোক্‌] *বিণ* ১ অর্থযুক্ত; অর্থবিশিষ্ট (সার্থক রচনা)। ২ সফল; সাফল্যমণ্ডিত (শ্রম সার্থক)। ৩ চরিতার্থ (সার্থক জিন্দেগি)। ৪ সুসম্পাদিত। ৫ সুসিদ্ধ। ~**তা** *বি* ১ যুক্তিযুক্ততা (কথার সার্থকতা)। ২ সফলতা; চরিতার্থতা (কাজে সার্থকতা লাভ)। ~**নামা** *বিণ* ১ প্রথিতনামা; যশস্বী। ২ সম্পাদিত কাজের সাথে নামের সামঞ্জস্য। { *স.* সার্থ+ক(কপ্‌) }

সার্থবাহ ⇒ সার্থ

সার্ধ [শারধো] *বিণ* সাড়ে (সার্ধ বর্ষ)। { *স.* স+অর্ধ; বহু }

সার্ব [শারবো] *বিণ* সর্বসম্পর্কিত; সকলের জন্য; সর্বহিতকর; ~**জনিক** *বিণ* সর্বজনীন; সকলের হিতকর; সর্বসাধারণের জন্য। ~**জনীন** *বিণ* ১ সকলের মধ্যে

প্রবীণ; সর্বশ্রেষ্ঠ। ২ (অশু.) সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত বা কৃত (সার্বজনীন দুর্গোৎসব)। ~**জাতিক**, ~**রাষ্ট্রিক** *বিণ* সকল জাতি বিষয়ক; আন্তর্জাতিক; international। ~**ভৌম** *বি* ১ সমুদয় ভূমির অধীশ্বর; সম্রাট। ২ সংস্কৃতশাস্ত্রে ব্যুৎপত্তি-হেতু প্রাপ্ত উপাধি (বাসুদেব সার্বভৌম)। □*বিণ* বিশ্বব্যাপী; সর্বাধিকার সম্বন্ধীয়। {*স.* সর্ব+অ(অণ্)}

সার্বভৌম ⇒ সার্ব

সার্ভে [সার্‌ভে] *বি* জরিপ; মাপ (জমি সার্ভে করা)। {*ই.* survey}

সার্ষপ [শারশোপ্] *বিণ* সরিষাজাত; সরিষা সম্বন্ধীয় (সার্ষপ তেল)। {*স.* সর্ষপ+অ(অণ্)}

সার্সি, সার্শী [শারশি] *বি* কাচের দরজা বা জানালা (অনেকগুলো পুতুল সার্শির গায়ে কাগজের বাক্সোতে দাঁড় করানো রয়েছে—*অঠা*)। {*ই.* sash}

সাল[১] [শাল্] *বি* বৎসর; অব্দ। ~**তামামি/তামামী** *বিণ* বৎসরান্ত। □*বি* বৎসরান্তের হিসেব (তামাম সালের সালতামামী হয়নি রে তোর মোটেই—*সদ*)। {*ফা.* সাল سال}

সাল[২], **শাল** [শাল্] *বি* পশমি চাদর। {*ফা.* শাল شال}

সালওয়ার, সালোয়ার, শালোয়ার [সাল্‌ওয়ার্] *বি* বিশেষ ধরনের পাজামা (শুধু সালওয়ার পরিও না—*নই*)। {*ফা.* সলৱার سلوار}

সালঙ্কার, সালংকার [শালোঙ্‌কার্] *বিণ* ১ অলঙ্কারযুক্ত। ২ বাক্যালঙ্কার বা অর্থালঙ্কার সংবলিত। **সালঙ্কারা** *স্ত্রী.*। {*স.* স+অলঙ্কার; *বহু*}

সালতামামি ⇒ সাল

সালতি ⇒ শালতি

সালন, সালুন ⇒ ছালন

সালপাত, শালপাত [শাল্‌পাত্] *বি* শালবৃক্ষের বৃহদাকার পাতা (এক পয়সার সালপাতা কিনিয়া রাখিল ১০/১২ দিন ভাত খাওয়া চলিবেক—*ঈবি*)। {শাল+পাতা}

সালমমিছরি [সাল্‌মমিস্‌রি] *বি* ওষুধে ব্যবহৃত ঈষৎ মিষ্ট মূলবিশেষ। {*আ.* ছালব-ই-মিসরী ثعلبمصری}

সালসা [শাল্‌শা] *বি* রক্ত পরিষ্কারক ঔষধ বিশেষ। {*পো.* salsaparrilha}

সালাত [সালাত্] *বি* ১ নামাজ; ইসলামি বিধান অনুযায়ী ইবাদত বা উপাসনা (ঐ শোন কোন সালাতের ধ্বনি—*নই*)। ২ দরুদ, দোয়া, আশীর্বাদ। {*আ.* সালাত্ صلوة}

সালাদ, সালাত [সালাদ্, –ত্] *বি* তৈল, সির্কা ও নানা প্রকার মশলাসংযোগে প্রস্তুত আহার্য কাঁচা শাক সবজি ফলমূল ইত্যাদি। {*ই.* salad}

সালাম [সালাম্] *বি* ১ শান্তি; নিরাপত্তা। ২ শান্তি কামনা; শুভেচ্ছা প্রকাশ। ৩ অভিবাদনবিশেষ। □*বিণ* শান্তিদাতা। **(আস্) ~ আলায়কুম**—ইসলামি বিধান অনুযায়ী শান্তিকামনা প্রকাশক অভিবাদনবিশেষ; তোমাদের উপর শান্তি বর্ষিত হোক। {*আ.* সালাম سلام}

সালামত [সালামত্] *বি* নিরাপত্তা; শান্তি; সুখ (এসেছো এখানে যদি পাবে না কখনো সালামত—*ফআ*)। **সহি** ~ *বি* সুখ; শান্তি; স্বাস্থ্য; নিরাপত্তা (সহি সালামতে থাকা)। {*আ.* সালামত سلامة}

সালামি, সালামী, সেলামী [সালামি, –, সে–] *বি* ১ নজরানা; প্রদত্ত সম্মানী অর্থ (সে প্রতিপত্তিও আর নাই; বার্ষিক সালামিরও সে প্রতুলতা নাই—*কাই*)। ২ ঘুষ; সংগতপ্রাপ্তির অতিরিক্ত অর্থ। {*আ.* সালামী سلامی}

সালার [সালার্] *বি* অধিনায়ক। **সিপাহ~** *বি* সৈন্যাধ্যক্ষ। {*ফা.* সালার سالار}

সালিয়ানা [শালিয়ানা] *বি* বার্ষিক বৃত্তি; বাৎসরিক খাজনা (সালিয়ানা পরিশোধ করা)। □*বিণ* বাৎসরিক। {*ফা.* সালিয়ানহ سالیانه}

সালিস, সালিশ [শালিশ্] *বি* মীমাংসার্থ মধ্যস্থ ব্যক্তি; মাধ্যম (যাদের সালিশ মানি তারা আবার নতুন এক এক সংখ্যা বলে—*মব*)। **সালিসি, সালিশি** *বি* ১ মধ্যস্থতা; মীমাংসাকারীর কাজ (এই নিয়ে চারজনে করে গেল ভীষণ সালিশী—*জীদা*)। ২ মধ্যস্থ ব্যক্তি দিয়ে বিচার। {*আ.* ছালিছ ثالث}

সালু ⇒ শালু

সালুক ⇒ শালুক

সালুন, সালন [সালুন্, সালো–] *বি* ব্যঞ্জন (সালুনও কিছু আছে—*জাফর*)। {*আ.* সালিম سالم}

সালেক, সালিক [সালেক্] *বি* ১ পথিক। ২ সাধনপথের পথিক বা মুরশিদ, অধ্যাত্মপন্থী; সুফি সাধক (মোকাম্মেল সালেক ও মজযুব পীরের দামন—*আমজা*; আধ্যাত্মিক জগতে এমন ছালেকের আধিপত্য—*কায়*)। {*আ.* সালিক سالك}

সালোক্য [শালোক্‌কো] *বি* ১ হিন্দুমতে ইষ্ট দেবতার সাথে অবস্থানরূপ মুক্তি। ২ মৃত্যু (সালোক্য প্রাপ্তি)। {*স.* সলোক+য(ষ্যঞ্)}

সালোয়ার ⇒ সালওয়ার

সাশ্রয় [শাস্‌স্রয়্] *বি* ১ আশ্রয়ের সাথে বর্তমান। ২ অপচয় থেকে রক্ষা; ব্যয়সাশ্রয়। {*স.* স+আশ্রয়; *বহু*}

সাশ্রু [শাস্‌স্রু] *বিণ* ১ সজল চক্ষু; অশ্রুযুক্ত। ২ কাতর; বেদনার্ত। ৩ মিনতিপূর্ণ (সাশ্রু নয়নে)। {*স.* স+অশ্রু}

সাষ্টাঙ্গ [শাশ্‌টাঙ্‌গো] *বি* হিন্দুমতে জানু, চরণ, হস্ত, বক্ষ, মস্তক, চক্ষু, দৃষ্টি ও বাক্য—এই আটটি অঙ্গ দিয়ে যা করা হয় (সাষ্টাঙ্গ প্রণাম)। ~ **সিজদা** *বি* ইসলামি মতে কপাল, নাসিকা, হস্তদ্বয়, জানুদ্বয় ও পদদ্বয় এই অষ্ট অঙ্গের সাথে কৃত সিজদা। **সাষ্টাঙ্গে** *ক্রিবিণ* আটটি অঙ্গ দিয়ে। {*স.* স-অষ্ট+অঙ্গ; *বহু*}

সাসপেন্ড [সাসপেনড্] *বিণ* সাময়িকভাবে পদচ্যুত (তাকে সাসপেন্ড করা হলো)। {*ই.* suspended}

সাস্না [শাস্‌না] *বি* গবাদি পশুর গলকম্বল। {*স.* √সস্+ন}

সাহঙ্কার, সাহংকার [শাহোঙ্‌কার্] *বিণ* গর্বিত; অহঙ্কারযুক্ত। **সাহঙ্কারে, সাহংকারে** *ক্রিবিণ* অহঙ্কারের সঙ্গে; গর্বিতভাবে। {*স.* স+অহঙ্কার; *বহু*}

সাহচর্য [শাহোচর্‌জো] *বি* ১ সংসর্গ (সাধু সাহচর্য)। ২ সহায়তা (কাজে সাহচর্য দান)। ৩ সঙ্গ (সাহচর্য কামনা)। {*স.* সহচর+য(ষ্যঞ্)}

সাহজিক [শাহোজিক্] *বিণ* স্বাভাবিক; প্রকৃতি বা

স্বভাবসিদ্ধ। { *স.* সহজ+ইক}

সাহস [শাহোশ্] *বি* ১ হিম্মত; উদ্যম। ২ নির্ভীকতা; ভয়হীনতা। **সাহসালি** *বি* সাহসিনী; সাহসসম্পন্না (সাহসালী নারী তুমি বিরোধে আগল—*বিগু*)। **সাহসিক** *বিণ* সাহসযুক্ত (তাহার আলস্য দেখিয়া সাহসিক হইয়াছে—*বচ*)। **সাহসিকতা** *বি* সাহসের কাজ। **সাহসী** (-সিন্) *বিণ* নির্ভীক; সাহসসম্পন্ন। **সাহসিনী** *স্ত্রী.*। { *স.* সহস্+অ(অণ্)}

সাহা [শাহা] *বি* ১ বণিক; সাহুকার। ২ হিন্দুদের উপাধি বা পদবিবিশেষ। { *তুল. হি.* সাহু}

সাহানা [শাহানা] *বি* ১ সঙ্গীতের রাগিণীবিশেষ (বৃষ্টির সাহানা সুর—*আহা*)। ☐ *বিণ* রাজকীয়। { *ফা.* শাহানহ্ شاهانه }

সাহাবি, সাহাবী [সাহাবি] *বি* যে সমস্ত মুসলিম হজরত মুহম্মদের (সা.) সাহচর্য লাভ করেছিলেন (সাহাবীরা আনন্দে জয়ধ্বনি করিয়া উঠিলেন—*হবা*)। { *আ.* সাহাবী صحابی }

সাহায্য [শাহাজ্‌জো] *বি* ১ আনুকূল্য (গরিবকে সাহায্য করা)। ২ সহায়তা; মদদ (কাজে সাহায্য করা)। { *স.* সহায়+য(ষ্যঞ্)}

সাহারা [শাহারা] *বি* মরুভূমি; সাহারা নামক মরুভূমি। { *আ.* সাহ্‌রা صحراء }

সাহিত্য [শাহিততো] *বি* ১ চিন্তাধারা ও কল্পনার সুবিন্যস্ত ও সুপরিকল্পিত লিখিত রূপ (শিশু-সাহিত্য; সমালোচনা-সাহিত্য)। ২ সহিতের ভাব; মিলন। **~কলা, ~শিল্প** *বি* রচনাদির কৌশল। **~চর্চা/চর্চ্চা, সাহিত্যানুশীলন** *বি* রচনা বা নিবন্ধাদি অধ্যয়ন ও প্রণয়নপ্রচেষ্টা। **~জগৎ, সাহিত্যাকাশ** *বি* সাহিত্যিকদের সমাজ ও সীমানা। **~বৃত্তি** *বি* সাহিত্য রচনা দিয়ে জীবিকা নির্বাহ। **~রথী** *বি* খ্যাতনামা সাহিত্যিক। **~সমাজ** *বি* সাহিত্যিক গোষ্ঠী বা সম্প্রদায়। **~সাধক** *বি* সাহিত্য চর্চা ও রচনা করাই যাঁর সাধনা। **~সেবা** *বি* সাহিত্যের চর্চা ও রচনা ও উন্নতিবিধানের চেষ্টা। **~সেবক/সেবী** (-বিন্) *বিণ* ১ সাহিত্যিক। ২ সাহিত্য চর্চা ও রচনা করেন যিনি। **সাহিত্যাচার্য** *বি* সাহিত্যে অত্যন্ত পণ্ডিত। **সাহিত্যিক** *বিণ* সাহিত্যসেবক; সাহিত্যলেখক বা রচনাকারী। **সাহিত্যিকা** *স্ত্রী.*। { *স.* সহিত+য(ষ্যঞ্)}

সাহু, সাহুকার, সাহুকারি ⇒ সাউ

সাহেব [শাহেব্] *বি* ১ সম্ভ্রান্ত ব্যক্তি, মহাশয় (সেখানে কেবল তাসের সাহেব, তাসের বিবি টেক্কা এবং গোলামের বাস—*রঠা*)। ২ কর্তা; প্রভু। ৩ উচ্চ কর্মচারী (বড় সাহেব)। ৪ ইউরোপীয় ইংরেজ। **~-ই-নহবত** *বি* যাকে বাদশাহ সম্মানের উচ্চ চিহ্নস্বরূপ নিজ বাড়িতে নহবৎ বাজানোর অধিকার দিয়েছেন (ফরমানী মহারাজ মনসবদার সাহেব নহবৎ আর কাননগোই ভার—*ভারা*)। **সাহেবান** *বি* সুধীবৃন্দ; সম্ভ্রান্ত ব্যক্তিগণ। { *আ.* সাহিব صاحب }

সাহেবি, সাহেবিয়ানা [শাহেবি, -য়ানা] *বি* ইউরোপীয়দের ন্যায় আচরণ বা চালচলন। ☐ *বিণ* ইউরোপীয়দের মতো। { *আ.* সাহিব صاحب + *বা.* ই, আনা}

সিইয়ে [শিইয়ে] *ক্রি* জুড়ে; গেঁথে; সেলাই করে। { *স.* সীবন>}

সিউলি, সিউলী, শিয়লী [শিউলি, -, শিয়-] *বি* হিন্দু সম্প্রদায়ের যারা খেজুর গাছ হতে রস বের করে এবং ঐ রস দিয়ে গুড় তৈরি করে। { *তুল. হি.* সেব্রলী}

সিং ⇒ শিং

সিংদরজা *(কথ্য)* [শিঙ্‌দরোজা] *বি* প্রধান দ্বার; সিংহমূর্তিযুক্ত দরজা (পাতালপুরীর সিংহদরজায়, উছল ঢেউয়ের পাশে—*সদ*)। { *স.* সিংহ+*বা.* দরজা}

সিংহ [শিঙহো] *বি* ১ পশুরাজ; কেশরী; হিংস্র ও বলশালী পশুবিশেষ। ২ উপাধিবিশেষ (বিক্রম সিংহ)। ৩ রাশিবিশেষ (সিংহ রাশি)। ☐ *বিণ* শ্রেষ্ঠ ব্যক্তি (পুরুষসিংহ)। **সিংহী, সিংহিনী** *স্ত্রী.*। **~কারক** *(বিরল)* *বি* সিংহ তৈরি করে যে (সিংহকারক প্রতীচ্য বিজ্ঞান; অস্থি কুড়ায়ে সিংহে দিয়েছে প্রাণ—*সদ*)। **~দ্বার, ~দরজা** *বি* সিংহের মূর্তিযুক্ত প্রধান দরজা; প্রধান ফটক; সদর দরজা। **~নাদ** *বি* ১ সিংহের গর্জন। ২ বীরত্বসূচক হুংকার (সিংহনাদে আক্রমিলা বীরে—*মদ*)। **~বাহিনী** *বি স্ত্রী.* হিন্দুদেবী দুর্গা, সিংহ যাঁর বাহন। **~বিক্রম** *বিণ* সিংহের ন্যায় বীরত্ব বা পরাক্রম। **~ভাগ** *বিণ* শ্রেষ্ঠ ভাগ; সর্বাপেক্ষা বৃহৎ ভাগ; lion's share। **~শাবক, ~শিশু** *বি* বাচ্চা সিংহ; সিংহের বাচ্চা (বীরসিংহের সিংহশিশু—*সদ*)। **সিংহাসন** *বি* সিংহ চিহ্নিত আসন; রাজাসন (এক সিংহাসনে দোহে করিলা শয়ন—*বিগু*)। **সিংহী, সিংহিনী** *বি স্ত্রী.* স্ত্রীসিংহ (সিংহের সহিতই সিংহিনী সংযোগ—*ইহো*)। { *স.* √হিন্‌স্+ অ(অচ্)}

সিংহল [শিঙহল্] *বি* ভারতের দক্ষিণে অবস্থিত দ্বীপ; লঙ্কাদ্বীপ; শ্রীলঙ্কা; Ceylon। **সিংহলি, সিংহলী** *বি* ১ সিংহল দেশের ভাষা। ২ সিংহল দেশের অধিবাসী। ☐ *বিণ* সিংহ সম্বন্ধীয়। { *স.* সিংহ+√লা+অ(ক)}

সিংহাবলোকন ন্যায় [শিঙহাবোলোকন্ ন্যায়্] *বি* শিকারে যাত্রাকালে সিংহের পুনঃপুন সম্মুখে ও পশ্চাতে দৃষ্টিপাতের মতো কার্য সম্পাদন কালে বারংবার বিগত বিষয়ের পর্যালোচনার নিয়ম। { *স.* সিংহ+অবলোকন+ ন্যায়}

সিংহাসন ⇒ সিংহ

সিঁচা ⇒ সেঁচা

সিঁড়ি, সিঁড়ী [শিঁড়ি] *বি* মই; সোপান। **সিঁড়ি ভাঙ্গা** *ক্রি* কষ্টের সাথে সিঁড়ি দিয়ে ওঠা। { *স.* শ্রেণি/শ্রেণী>}

সিঁথি, সিঁথা, সিঁতি, সিঁতা [শিঁথি, -থা, -তি, -তা] *বি* সীমন্ত-টেড়ি; মাথার চুল দুইভাগে বিন্যস্ত করলে যে সরু রেখা সৃষ্ট হয়। **~পাটি/পাটী** *বি* সিঁথিতে পরার উপযুক্ত অলঙ্কার (সত্যই তুমি সতীকুলের সিঁথিপাটী আদর্শ সহধর্মিণী—*শেক*)। { *স.* সীমন্ত>}

সিঁদ ⇒ সিঁধ

সিঁদুর ⇒ সিন্দূর

সিঁদেল ⇒ সিঁধ

সিঁধ, সিঁদ [শিঁধ, -দ্] *বি* চুরি করার জন্য চোর ঘরের দেয়ালে বা দাওয়ায় যে সুড়ঙ্গ করে। **~ কাটা, ~ দেওয়া**

ক্রি চুরি করার জন্য সুড়ঙ্গ খোঁড়া। ~**কাটি**, ~**কাঠি** *বি* সিঁধ খননে ব্যবহৃত শাবলবিশেষ। **সিঁদেল, সিঁধেল** *বিণ* সিঁধ খননকারী চোর। { *স.* সন্ধি> }

সিক [শিক্] *বি* শলাকা; সরুদণ্ড (জানালার সিক)। ~**কাবাব** *বি* শলাকায় গেঁথে ঝলসানো মাংস (তুমি দশটা মোরগ নিয়ে পাঁচটি সিককাবাব, পাঁচটির রোস্ট করবে—*মীম*)। { *ফা.* সীখ سیخ }

সিকতা [শিক্‌তা] *বি* ১ বালুকা। ২ সমুদ্র-সৈকতের বালু (সিকতাময় তটে গিয়ে উপবেশন করিলেন—*বচ*)। { *স.* সিক+অত(অতচ)+অ(অণ্), প্রত্যয়লোপ }

সিকনি ⇒ শিকনি

সিকলি [শিক্‌লি] *বি* শিকল (ও সিকলি-কাটা টিয়া—*মীম*)। { *স.* শৃঙ্খল> }

সিকস্ত ⇒ শিকস্ত

সিকস্তি ⇒ শিকস্তি

সিকা ⇒ শিকা

সিকায়ৎ ⇒ শিকায়ৎ

সিকি, সিকা, সিকে [শিকি, -কা, -কে] *বিণ* এক-চতুর্থাংশ (বই পড়ার অধিকার যত লোকের আছে বীণা বাজাবার অধিকার তার সিকির সিকি লোকেরও নেই—*প্রচৌ*)। ☐ *বি* ১ চার আনা (২৫ পয়সা) মূল্যের সিকি নামক মুদ্রা। ২ টাকার এক-চতুর্থাংশ বা ২৫ পয়সা মূল্যের মুদ্রা। { *আ.* সিক্কাহ্ سکة }

সিকিয়া [শিকিয়া] *বি* শিকা; শিকে। ~**বাকুয়া**, ~**দণ্ড** *বি* বাঁকদণ্ড (সিকিয়া বাকুয়া দিল—*মাগান*)। { *স.* শিক্য> }

সিকে ⇒ সিকি

সিক্কা [শিক্‌কা] *বি* মুদ্রা; বাদশাহি আমল ও পরবর্তী কোম্পানি আমলের মুদ্রা। { *আ.* সিক্কাহ্ سکة }

সিক্ত [শিক্‌তো] *বিণ* ভেজা; আর্দ্র। ~**তা** *বি* আর্দ্রতা। **সিক্তা** *বিণ স্ত্রী* আর্দ্রীকৃতা। { *স.* √সিচ্+ত(ক্ত) }

সিক্থ [শিক্‌থ] *বি* ১ মোম। ২ এক গ্রাস পরিমাণ অন্ন। { *স.* √সিচ্+থ(থক্) }

সিগন্যাল [সিগন্যাল্] *বি* ১ সংকেত। ২ সংকেতপ্রদর্শক; রেলওয়ের পাখা। ~ **দেওয়া** *বি* ইঙ্গিত করা; ইশারা করা; সংকেত প্রদর্শন করা। { *ই.* signal }

সিগারেট, সিগার [সিগারেট্, সিগার্] *বি* পাতলা কাগজে মোড়া ধূমপানের উপকরণবিশেষ; চুরুট। ~ **ফোঁকা** *ক্রি* চুরুট খাওয়া। { *ই.* cigarette, cigar }

সিঙ্গার [সিঙগার্] *বি* নায়ক বা নায়িকার সজ্জা (সিঙ্গারের বেশবাস পড়ে আছে অনাদৃত—*ফআ*)। { *স.* শৃঙ্গার> }

সিঙ্গারা ⇒ শিঙ্গাড়া

সিঙ্গি, সিংগি [শিঙ্‌গি] *বি* মাছবিশেষ। { *স.* শৃঙ্গী> }

সিঙ্গিচড়া [শিঙ্‌গিচড়া] *বিণ* সিংহে আরোহণকারিণী; দজ্জাল (মাগো মা, মেয়ে নয় যেন সিঙ্গিচড়া ডিঙ্গি—*নই*)। { *স.* সিংহ+*বা.* চড়া }

সিজ, সীজ [শিজ্] *বি* কন্টকবিশিষ্ট চৌসিরা গাছ (মনসা সিজ নাড়া সিজ)। { *স.* সিধ্রক> }

সিজন [সিজন্] *বি* ঋতু। { *ই.* season }

সিজা, সিঝা [শিজা, -ঝা] *ক্রি* পানি ও তাপে সিদ্ধ হওয়া। **সিজানো** পানি ও তাপে সিদ্ধ করা। { *স.* সিদ্ধ> }

সিজিল [সিজিল্] *বি* ১ পারিপাট্য; ব্যবস্থা (শৃঙ্খলা সিজিল কিছু নেই—*নই*)। ২ সেরেস্তার খাতাপত্র। ~ **মিছিল** *বি* গোছগাছ বা আঁটা-বাঁধা (দিনমানে তিনি দোস্তের সংসারে সিজিল মিছিল করিলেন—*নর*)। { *আ.* সিজিল سجل }

সিঞানো [শিয়াঁনো] *বি* সেলাই করা (গরু ও গাধার কাঁচা চামড়াতে সিঞায়ে মেরেছে বিদ্রোহীরে—*সদ*)। ☐ *বি* সেলাইকৃত। { *স.* সীবন> }

সিঞ্চন [শিন্‌চন্] *বি* সেচন; ছিটানো; জলসেক (গীতরসধারা কার সিঞ্চন—*রঠা*)। **সিঞ্চিত** *বিণ* সেচনকৃত (সিঞ্চিত সরস স্নিগ্ধ নবীন শাদ্বল—*রঠা*)। { *স.* সিচ্+অন(ল্যুট্) }

সিট[১], **সীট** [সিট্] *বি* বসবার স্থান (ছাত্রদের সিট)। { *ই.* seat }

সিট[২], **ছিট** [ছিট্] *বি* বিভিন্ন নকশার ছাপযুক্ত কাপড় (সিটের জামা গায় পরে সে সেজেছে আজ নওশা নবীন—*জউ*)। { *স.* চিত্র> }

সিটকানো [শিট্‌কানো] *ক্রি* ঘৃণা বা অবজ্ঞার সঙ্গে নাক কোঁচকানো। **সিটকানি** *বি* ১ ক্ষেপণ। ২ সংকোচন; কুঞ্চন। { *স.* সঙ্কোচন>; ক্রিয়ারূপ—সিটকাই, সিটকাও, সিটকায়, সিটকাস, সিটকান ইত্যাদি; *অক্রি*—সিটকিয়ে, সিটকালে, সিটকাতে ইত্যাদি }

সিটা ⇒ শিটা

সিটি[১], **শিটি** [সিটি, শি-] *বি* সংকেত; বাঁশির শব্দ; ভোঁ বাজা (ঘণ্টা বাজলো না সিটি দিলো না—*অচিসে*)। { *ধ্বন্যা*; তুল. *হি.* সীটী }

সিটি[২] [সিটি] *বি* নগর; বড় শহর (ঢাকা সিটি)। { *ই.* city }

সিটে ⇒ শিটে

সিডিশন [সিডিশন্] *বি* রাজদ্রোহ (কথায় কথায় সেথা সিডিশন, কি জানি কখন জেলের ভয়—*নই*)। { *ই.* sedition }

সিত [শিতো] *বিণ* ১ শুভ্র; সাদা (নীল পীত পিঙ্গল অসিত সিত বাজী—*ঘচ*)। ২ শুক্ল (দুই পক্ষ চন্দ্রের অসিতে সিত হয়—*ভারা*)। ~**কণ্ঠ** *বিণ* ১ সাদা গলা এমন। ২ ডাহুক বা ডাক পাখি। ~**কর** *বি* চন্দ্র। ~**পক্ষ** *বি* ১ শুক্লপক্ষ। ২ রাজহাঁস। ~**পুষ্প** *বি* ১ কাশফুল। ২ টগর। **সিতাংশু** *বি* সাদা আলোয় ভরা চাঁদ। **সিতাভ** *বিণ* ঈষৎ শুভ্র; ঈষৎ প্রফুল্ল (অধরে সিতাভ হাসি—*সুঠা*)। { *স.* সি+ত(ক্ত) }

সিতম ⇒ ছিতম

সিতার, সেতার [শিতার্, সে-] *বি* তিন তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। { *ফা.* সিতার ستار }

সিতারা [সিতারা] *বি* তারকা; নক্ষত্র (চাঁদ-সিতারার ঐতিহাসিক ধারা—*রখাঁ*)। { *ফা.* সিতারহ্ ستاره }

সিতি [শিতি] *বিণ* সাদা কালো বা নীল রং। ~**কণ্ঠ** *বিণ* নীলকণ্ঠযুক্ত। ☐ *বি* ১ হিন্দুদেবতা শিব। ২ ময়ূর। ৩ ডাক বা ডাহুক পাখি। **সীতিমা** *বি* সাদা কালো বা নীল রং। { *স.* শিতি> }

সিথান ⇒ শিথান

সিদরাতুল-মুনতাহা [সিদ্‌রাতুল্ মুন্‌তাহা] *বি* ১

বেহেশতের বৃক্ষ। ২ শেষ কুলক্ষেত্র (তুল. স. কল্পতরু/ অসিপত্র)। ৩ মেরাজের রাতে হজরত মুহম্মদ (সা.)-এর জিবরাইলের সঙ্গে যাত্রার শেষ সীমা; চরম লক্ষ্য (সে সিদারতুল মুনতাহার পথ-ভোলা বুলবুলি—ফঅ)। {আ. সিদরাতুল মুনতাহা سدرة المنتهى}

সিদা, সিধা [শিদা, -ধা] *বি* অপক্ব আহারের সামগ্রী (লোক বুঝি সিদা দেয় ডাল চাল হাড়ি—হগ)। **সিদে** *বি* আহার্য দ্রব্যাদি (প্রত্যেককে একখানা করে নতুন কাপড়, নগদ পাঁচটাকা, একটা সিদে, তাও প্রায় পাঁচ টাকার হবে গো—অচিসে)। {স. সিদ্ধ>}

সিদ্দিকিন, সিদ্দিকীন [সিদ্‌দিকিন্] *বি* বিশ্বস্তগণ (আমি আরেফিন সালেহিন ও সিদ্দিকিনের মোকামাতের বিভিন্ন দায়েরার ভিতর দিয়া যেভাবে এলমে লাদুন্নির ফয়েজ হাসেল করিয়াছি—আমঅ)। {আ. সিদ্দীকীন صديقين}

সিদ্ধ [শিদ্‌ধো] *বিণ* ১ উষ্ণ পানিতে পক্ব; অগ্নির উত্তাপে পাকানো; boiled (সিদ্ধ চাউল)। ২ সফল (সিদ্ধকাম)। ৩ দক্ষ; নিপুণ (সিদ্ধহস্ত)। ৪ অলৌকিক বিদ্যায় ব্যুৎপন্ন; সাধনায় বা তপস্যায় সফলকাম (সিদ্ধপুরুষ)। ৫ জারিত; পরিশোধিত (সিদ্ধ মকরধ্বজ)। ৬ প্রমাণীকৃত (যুক্তিসিদ্ধ সমাধান)। ৭ মন্ত্রাদি পূত অলৌকিক বা অপার্থিব শক্তিসম্পন্ন (সিদ্ধ মন্ত্র)। **~কাম, ~মনোরথ** *বিণ* আশাপূর্ণ হয়েছে এমন; অভীষ্ট লাভে সফল। **~পুরুষ** *বিণ* ১ সাধনায় সফলতা অর্জনকারী ব্যক্তি। ☐ *বি (ব্য.)* অতিরিক্ত জ্ঞানবান বা বেশি চতুর ব্যক্তি। **~রস** *বি* পারদ। **~হস্ত** *বিণ* অতি কৌশলী; অত্যন্ত দক্ষ। {স. √সিধ্+ত(ক্ত)}

সিদ্ধা, সিদ্ধাই [শিদ্‌ধা, -ই] *বিণ* ১ হিন্দু শাস্ত্রমতে যৌগিক সাধনায় সিদ্ধপুরুষ। ২ যোগে সিদ্ধ হওয়ার অবস্থা। ☐ *বি* যোগে সিদ্ধিবিশেষ। স্ব স্ব আঙুলের মূলের বা ভিত্তির মাপে ৮৪ পরিমিত কায়াসাধনায় সিদ্ধপুরুষকে চৌরাশি সিদ্ধা নামে অভিহিত করা হতো। {স. সিধ্+ত(ক্ত)+বা. আ/আই}

সিদ্ধাঙ্গনা [শিদ্‌ধাঙ্‌গনা] *বিণ* ১ স্ত্রী. সিদ্ধ রমণী; সফলমনোরথ নারী (কোন মেঘ শ্যাম শৈলে মুগ্ধ সিদ্ধাঙ্গনা—রঠা)। ☐ *বি* দেবতা, গন্ধর্ব প্রভৃতির মতো সিদ্ধ নামক জাতির স্ত্রীলোক। {স. সিদ্ধ+অঙ্গনা}

সিদ্ধান্ত [শিদ্‌ধান্‌তো] *বি* ১ আপস; মীমাংসা (গণ্ডগোলের একটা সিদ্ধান্ত করা)। ২ নির্ধারণ; মীমাংসা; স্থির। **~বাগীশ** *বি,বিণ* মীমাংসাকারী। ☐ *বি* সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ। {স. সিদ্ধ+অন্ত; বহু}

সিদ্ধার্থ [শিদ্‌ধারথো] *বি* ১ কামনা পূর্তি। ২ বুদ্ধদেব। ☐ *বিণ* সফলকাম। {স. সিদ্ধ+অর্থ; বহু}

সিদ্ধি [শিদ্‌ধি] *বি* ১ মোক্ষলাভ; সাফল্য (সিদ্ধিলাভ)। ২ ভাং; গাঁজাজাতীয় মাদক দ্রব্য (আজি হৈল ইষ্টাদি সিদ্ধি দেহ আনি—ভারা)। ৩ পারদর্শিতা (পড়ালেখায় সিদ্ধিলাভ)। ৪ কৃতকার্যতা; সাফল্য (পরীক্ষায় সিদ্ধিলাভ)। **~খাওয়া** *ক্রি* নেশা করা; ভাং দিয়ে প্রস্তুত শরবতাদি তরলপদার্থ পান করা। **~খোর** *বিণ* ভাঙের শরবত পান করে এমন; গণেশ। **~ঘোঁটা** *ক্রি* ভাং দিয়ে শরবত তৈরি করা। **~দাতা** *বিণ* ১ সফলতাদায়ক (একি তোমার মূর্তি হেরি! একি হেরি সিদ্ধিদাতা—সদ)। ২ হিন্দুদেবতা। **~যোগ** *বি* তিথি ও বারের কল্যাণদানকারী মিলন। **~লাভ** *বি* কৃতকার্যতা অর্জন; সফলতা (নইলে পরে ব্যর্থ আশা? নইলে সুদূর সিদ্ধিলাভ—সদ)। {স. √সিধ্+তি(ক্তি)}

সিদ্ধেশ্বরী [শিদ্‌ধেশ্‌শোরি] *বি* হিন্দু দেবীবিশেষ। {স. সিদ্ধ+ঈশ্বরী}

সিধা[১] [শিধা] *বিণ* ১ অকপট; শান্ত; সহজ (তখনও আমি সিধা ছিলাম—রঠা)। ২ অবক্র; সরল; সোজা (তলোয়ার রাখ সিধা—মোম)। ☐ *ক্রিবিণ* ১ বরাবর; সোজা (সিধা চলা)। ২ অবিলম্বে; বলামাত্র (সিধা কাজ আরম্ভ করা)। ☐ *বি* শায়েস্তা; দুরস্ত (তোমার বন্ধু বাবুকে আমি সিধে করে দিব—রঠা)। {তুল. হি. সীধা}

সিধা[২]**, সিধে** [শিধা, -ধে] *বি* সিদ্ধ করে খাবার যোগ্য চাল-ডাল ইত্যাদি আহার্য সামগ্রী (সিধের চালেই তো মাস চলে যাবে—বিব)। {স. সিদ্ধ>}

সিধানো, সেঁধানো [শিধানো, শৈঁধানো] *ক্রি* প্রবেশ করা। **সিধায়ল** *(ব্র.)*, **সিধারল** *(ব্র.)* গেল; গমন করল (হিম শিখরে সিধায়ল—বিপ)। **সিধারহু** *(ব্র.)* চলে যাও। {সান্ধা>}

সিধি, সিধী *(মবা.)* [সিধি] *বি* সিদ্ধি (মহাসিধী—বচদা)। {স. সিদ্ধি>}

সিধে ⇒ সিধা

সিন [সিন্] *বি* ১ দৃশ্যাবলি। ২ রঙ্গমঞ্চের পর্দা। ৩ নাটকাদির দৃশ্য যবনিকা। {ই. scene}

সিনকোনা, সিঙ্কোনা [সিন্‌কোনা, শিঙ্-] *বি* পেরুভিয়ার সিনকোনা গাছ যার ছালে কুইনাইন তৈরি হয়। {ই. cinchona}

সিনা [সিনা] *বি* বক্ষঃস্থল; ছাতি; বুকের প্রস্থ (সমুদ্র-সিনা ফেড়ে ছুটে চলে কিশতী—ফঅ)। **~কলিজা** *বি* হৃৎপিণ্ড ও যকৃৎ; গরু খাসি ইত্যাদির হৃৎপিণ্ড ও যকৃৎ দ্বারা তৈরি ব্যঞ্জন (তিন থালা সিনা কলিজা, তিন থালা পোলাও—সৈমু)। {ফা. সীনহ্ سینه}

সিনান, স্নান [সিনান্, স্নান্] *বি* গোসল; অবগাহন (অমিয় সাগরে সিনান করিতে সকলি গরল ভেল—চদা)। {স. √স্না+অন(ল্যুট্)>স্নান>স্বরাগমে সিনান}

সিনী [শিনি] *বি* চন্দ্রকান্তি শুভ্রা। **সিনানী** *বি* অমাবস্যা। **সিনীবালী** *বি* প্রতিপদ তিথিযুক্ত অমাবস্যা; শুক্ল কালধারী চতুর্দশী। {স. সিনী(চন্দ্রকলা)}

সিনেট [সিনেট্] *বি* ১ মন্ত্রীসভা। ২ ব্যবস্থাপক সভা। ৩ বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহক সভা। **~হাউস** বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহকদের সভা যে গৃহে অনুষ্ঠিত হয়। {ই. senate}

সিনেমা [সিনেমা] *বি* ছায়াছবি; চলচ্চিত্র; সবাক ছবি। **~স্টার** *বি* চলচ্চিত্র বা ছায়াছবির জনপ্রিয় অভিনেতা বা অভিনেত্রী (কোনটাতে সিনেমা-স্টারদের ছবি—সৈশা)। {ই. cinema}

সিনেহ [সিনেহ্] *বি* স্নেহ; প্রীতি; প্রেম পিরিতি; ভালোবাসা (খত খরিআ সন ভেল সিনেহ—*বিপ*)। { *স.* স্নেহ> }
সিন্ডিকেট, সিণ্ডিকেট [সিন্‌ডিকেট্] *বি* বিশ্ববিদ্যালয় বা কোনোপ্রতিষ্ঠানের পরিচালক সভা। { *ই* syndicate }
সিন্দাল (*মবা.*) [শিন্‌দাল্] *বিণ* সিঁধেল চোর; যে সিঁধ কেটে চুটি করে (তোর পারা নাহি চোর ডাকাত সিন্দান—*ঘচ*)। { *স.* সন্ধি+আল> }
সিন্দুক, সিন্ধুক [শিন্‌দুক্, –ধু–] *বি* বৃহদাকার মজবুত বাক্সবিশেষ। { *আ.* সন্দুক صندوق }
সিন্দূর, সিঁদুর [শিন্‌দুর্, –শিঁদুর্] *বি* এক প্রকার রক্তবর্ণ চূর্ণ; mercuric sulphide (সিন্দূরচর্চিত ভালে—*মদ*)। **চীনা** ~ *বি* উজ্জ্বল সিন্দূর; vermillion। মেটে ~ *বি* অনুজ্জ্বল সিঁদুর; red lead। **সিন্দূরে, সিঁদুরে, সিন্দূরিয়া, সিঁদুরিয়া** *বিণ* রক্তবর্ণযুক্ত; লাল রঙের (সিঁদুরে আম)। { *স.* √স্যন্দ্=উর(উরন্) }
সিন্ধ [শিন্‌ধো] *বি* সিঁধ; সুড়ঙ্গ (দুয়ার না পাও যবে সিন্ধ দিয়া আইস তবে—*সৈআ*)। { *স.* সন্ধি> }
সিন্ধি ⇒ সিন্ধী
সিন্ধি, সিন্ধী [সিন্‌ধি] *বি* ১ সিন্ধু প্রদেশের অধিবাসী। ২ সিন্ধু প্রদেশের আঞ্চলিক ভাষা। □ *বিণ* সিন্ধু প্রদেশে উৎপন্ন (সিন্ধি গরু)। { *স.* সিন্ধু+*বা.* ই }
সিন্ধিয়া [শিন্‌ধিয়া] *বি* গোয়ালিয়রের রাজার উপাধি। { *স.* সিন্ধু> }
সিন্ধু [শিন্‌ধু] *বি* ১ সাগর; সমুদ্র; দরিয়া (হে সিন্ধু, হে বন্ধু মোর, হে চিরবিরহী—*নই*)। ২ পাকিস্তানের বৃহত্তম নদী; সিন্ধু নদ। ২ পাকিস্তানের সিন্ধু নদের অববাহিকায় অবস্থিতপ্রদেশ। ৪ রাগবিশেষ। **–ঘোটক** *বি* অশ্বমুখাকৃতি সামুদ্রিক জন্তু; walrus। { *স.* √স্যন্দ্+উ }
সিন্নি ⇒ শিরনি
সিপ ⇒ ছিপ[১]
সিপাই, সিপাহি, সিপাহী [সিপাই, –হি, –] *বি* ১ সৈনিক। ২ পুলিশ বিভাগের নিম্নপদস্থ কর্মচারী; কনস্টেবল। ৩ প্রহরী। { *ফা.* সিপাহী سپاهی }
সিপারা, ছেপারা [সিপারা, ছে–] *বি* কোরান শরিফের ত্রিশ অংশের এক অংশ। { *ফা.* সিপারহ سپاره }
সিপাহসালার, সেপাহসালার [সিপাহোসালার্, সেপাহ্–] *বি* সেনাপতি; প্রধান সৈন্যাধ্যক্ষ। { *ফা.* সিপাহীসালার سپاهسالار }
সিপাহি, সিপাহী ⇒ সিপাই
সিপি [শিপি] *বি* ঝিনুক (সৃজিল সিপিতে মুক্তা রত্ন বহুমূল—*সৈআ*)। { *স.* সীপ> }
সিপ্রা ⇒ শিপ্রা
সিফত, সিফাৎ [শিফত্, –ফাত্] *বিবিণ* গুণ; মাহাত্ম্য (ছেলে ভালসচ্চরিত্র, সুস্থ, সবল বাস আর কোন সিফাৎ চাইনে—*কাই*)। { *আ.* সিফত صفت }
সিফাই (*মবা.*) [সিফাই] *বি* সৈনিক (বান্দিবারে বেড়ে বীর সিফাই হাজার—*ঘচ*)। { *ফা.* সিপাহী سپاهی }
সিভিল কোর্ট [সিভিল্‌কোর্‌ট্] *বি* দেওয়ানি আদালত বা বিচারালয়। { *ই.* civil court }
সিভিল সার্জন, সিবিল সার্জন [সিভিল সারজোন্, –বি–] *বি* জেলার সর্বপ্রধান সরকারি চিকিৎসক। { *ই* civil surgeon }
সিম ⇒ শিম
সিমসাম ⇒ ছিমছাম
সিমুম, সাইমুম [সিমুম্, সাই–] *বি* মরুভূমির ভয়াবহ বালুর ঝড় (পরাক্রান্ত সিমুমের ঝুঁটি মুঠোয় ভেতর ধরি —*শারা*)। { *আ.* সমুম سموم }
সিমেন্ট [সিমেন্‌ট্] *বি* দালান তৈরির চূর্ণবিশেষ; বিলাতি মাটি। { *ই* cement }
সি–মোরগ, সিমুর্গ [সিমোরোগ, সিমুর্‌গ্] *বি* কাল্পনিক অতি বৃহৎ পক্ষীবিশেষ (পাখা মেলে এল শোকের বিপুল সি-মোরগ—*নই*)। **সিয়ামোরগ** *বি* ১ কৃষ্ণবর্ণ পাখি, সিমুর্গের অপপ্রয়োগ। ২ অশুভদায়ক কাল্পনিক পাখি (ঘন অন্ধকার সিয়ামোরগের মত—*ফআ*)। { *ফা.* সীমুরগ سیمرغ }
সিম্ফনি [সিম্‌ফোনি] *বি* ধ্বনি–সাম্য; ঐকতান (জীবনের মতো ব্যাপ্ত একটি সিম্ফনি ঝরায় ঝর্ণার পানি—*শারা*)। { *ই* symphony }
সিয়া[১] = শিয়া
সিয়া[২] [সিয়া] *বিণ* কালো; কৃষ্ণবর্ণ। □ *বি* লেখার কালি। { *ফা.* সিয়াহ سیاه }
সিয়ান, সেয়ান [শিয়ান্, শে–] *বিণ* ১ বয়স্ক। ২ সজ্ঞান। ৩ সুচতুর; চালাক (ইনি একজন খুব তুখড় সিয়ান ছোকড়া—*ঈবি*)। **সিয়ানা, সেয়ানা** *বিণ* ১ সজ্ঞান। ২ বয়স্ক (সিয়ানা হইল যবে হোশ হৈল তার—*সৈহা*)। ৩ চতুর। { *স.* সজ্ঞান> }
সিয়াবাস [শিয়াবাশ্] *বি* ১ কৃষ্ণবর্ণ পরিচ্ছদ। □ *বিণ* ময়লা বস্ত্র (একখানি বস্ত্র পরি সিয়াবাস পরিহরি—*সৈসু*)। { *ফা.* সিয়াহ سیاه +*স.* বাস }
সিয়ানো [শিয়ানো] *ক্রি* সেলাই করা। □ *বিণ* উক্ত অর্থে। { *স.* সীবন>; ক্রিয়ারূপ—সিয়াই, সিয়াও, সিয়ায়, সিয়ান, সিয়াস; *অক্রি*—সিয়ায়ে, সিয়ালে, সিয়াতে ইত্যাদি }
সিয়াম [শিয়াম্] *বি* রোজা; উপবাস ব্রত (সিয়ামের শেষে নিষ্পাপ ঘন ফুল হয়ে ফোটে আজ—*জাআ*)। { *আ.* সিয়াম صیام ; *একব* সুওম صوم }
সিরকা ⇒ সির্কা
সিরক্কো [শিরক্‌কো] *বি* মরুভূমির প্রচণ্ড ঝড়। { *ই* sirocco }
সিরজন ⇒ সৃজন
সিরজা [শিরজা] *ক্রি* (*পদ্য.*) তৈরি বা নির্মাণ করা। { *স.* √সৃজ্>+*বা.* আ }
সিরসির = শিরশির
সিরা, শীরা [শিরা] *বি* ১ রস; ঝোল (তুতীর ঠোঁটে মিষ্টি ঠেকে তেমনি আজো চিনির সিরা—*নই*)। ২ ধমনি; নাড়ি। { *ফা.* শীরাহ شیره }
সিরাজ [শিরাজ্] *বি* প্রদীপ; আলো (রাজার সিরাজ তুমি —*দৌবা*)। { *আ.* সিরাজ سراج }
সিরাজাম মুনিরা [শিরাজামমুনিরা] *বি* ১ উজ্জ্বলকারী প্রদীপ। ২ তিমির বিনাশক মশাল (দেখো সিরাজাম

মুনিরা জ্বলছে -*ফআ*)। { *ফা.* সিরাজাম মুনিরা سراجا منيرا }

সিরাতুল মুস্তাকিম, সিরাতুল মুস্তাকীম [সিরাতুল্ মুস্‌তাকিম্] *বি* সরল ও সহজ পথ (আল্লাহ্ ও রসুলের প্রদর্শিত সিরাতুল মুস্তাকিমে চলিবার আহ্বান—*মুশ*)। { *আ.* সিরাতুল মুস্তাকিম الصراط المستقيم }

সিরি(*মবা.*) [সিরি] *বি* স্ত্রী। ~**ফল** *বি* শ্রীফল; বেল। { *স.* শ্রী> }

সিরিঞ্জ [শিরিনজ্] *বি* ইনজেকশন দেওয়ার উপযোগী সুচ (অন্য পকেট থেকে সিরিঞ্জ বের করে—*অচিসে*)। { *ই* syringe }

সিরিশ, সিরিস [শিরিশ্] *বি* ১ পশুর হাড় চর্ম শৃঙ্গ ইত্যাদি থেকে তৈরি এক ধরনের আঠা। ~ **কাগজ** *বি* কাচের গুঁড়া ও সিরিশ আঠাসংযুক্ত কাগজ; কাষ্ঠাদি মসৃণ করতে ব্যবহৃত হয় এমন ধারালো কাগজ। { *ফা.* সরীশ سريش }

সির্কা [সির্‌কা] *বি* ইক্ষুরস প্রভৃতি গাঁজিয়ে প্রস্তুত করা অম্লরসবিশেষ। { *ফা.* সির্কহ্ سركه }

সির্নি ⇒ শিরনি

সিল, সীল [সিল্] *বি* ১ মুদ্রাঙ্কন। ২ ঋণের দায়ে সম্পত্তি আটক। ৩ সামুদ্রিক মাছবিশেষ। ~**মোহর** *বি* ছাপ দেওয়ার বস্তু বিশেষ। { *ই* seal }

সিলাপচি, সিলিপচি [শিলাপ্‌চি, -লি-] *বি* হাত ধোয়ানোর পাত্র; চিলমচি (সকলে বসিয়া গিয়াছেন বাঁদরীরা সিলাপচি লইয়া একে একে হাত ধোয়াইতেছে—*ইহ*)। { *তু.* চলবচী }

সিলিং, সিলিঙ [সিলিঙ্] *বি* ১ ভিতর দিকের পাটাতন-করা ছাদ। ২ ঘরের মধ্যে ছাদের ভিতরের দিকের অংশ (ঘরের সিলিঙে কড়া ছিলো না ঝোলাবার—*অচিসে*)। { *ই* ceiling }

সিলেক্ট [সিলেক্‌ট্] *ক্রি* নির্বাচন; নির্ধারণ (সাহেবের অ্যাটিচুড দেখে কিন্তু আমার তখনই মনে হয়েছিলো যে আপনাকেই সিলেক্ট করবেন—*কাই*)। { *ই* select }

সিল্ক [সিল্‌ক্] *বি* ১ রেশম; ক্ষৌম। ২ রেশমি বস্ত্র। { *ই* silk }

সিস, সীস [শিশ্, -] *বি* ১ শীর্ষ; আগা; অগ্রভাগ। ২ মাথা; মস্তক। ৩ সীমন্ত; সিঁথি (সিসের সিন্দুর—*বচদা*)। { *স.* শীর্ষ> }

সিসা, সীসা [শিশা] *বি* একপ্রকার ভারী ধাতু; lead (মরুর সে পথ তপ্ত সিসা চলতে একা পাইনি দিশা ভাই—*নই*)। { *স.* সীস> }

সিসৃক্ষা [শিস্‌রিক্‌খা] *বি* সৃজন করার ইচ্ছা। **সিসৃক্ষু** *বিণ* সৃষ্টি করতে ইচ্ছুক; সৃষ্টিকারী। { *স.* √সৃজ্+স(সন)+অ+আ(টাপ্) }

সিসেম [সিসেম্] *বি* ১ পশ্চিম এশীয় লোকগাথায় পাহাড়ের অধিষ্ঠাত্রী দেবী। ২ আরব্য উপন্যাসে বর্ণিত এমন মন্ত্র বা শব্দ যা উচ্চারণ করলে দরজা আপনি খোলে ও বন্ধ হয়; দ্বার খোলা ও বন্ধ করার মন্ত্র (এতক্ষণে সিসেম খুলল—*শও*)। { *ফা.* সিসেম سيسم }

সীঁথি ⇒ সিঁথি

সীকর ⇒ শীকর

সীট ⇒ সিট

সীতা [শিতা] *বি* ১ রামায়ণোক্ত রামের স্ত্রী; জানকী। ২ জমিতে লাঙল চালানোর রেখা। ~**কুণ্ড** *বি* চট্টগ্রামস্থ হিন্দুদের তীর্থস্থান। ~**পতি** *বি* রামচন্দ্র। ~**ভোগ** *বি* এক প্রকার বিখ্যাত মিষ্টান্ন। ~**দুঃখ** *বি* অতিশয় দুঃখ। ~**শাল,** ~**শালি** *বি* উৎকৃষ্ট জাতীয় ধানের নাম। { *স.* √সি+ত(ক্ত)+আ }

সীৎকার ⇒ শীৎকার

সীদতি(*বিরল*) [শিদোতি] *বিণ* অবসন্ন; বিষাদপূর্ণ (স্বামিগুণ গণি গণি সীদতি অঙ্গনা—*কাদৌ*)। { *স.* শিদ্দৎ شدة (=দুঃখকষ্ট)+*বা.* ই; *স.* √সীদ্-বর্তমানকাল ১ম *পু. একব* }

সীধু [শিধু] *বি* ১ মদ্য। ২ বকুল ফুল (বরিষা নারীর মুখের সীধু—*সদ*)। { *স.* √সীধ্+উ }

সীবন [শিবন্] *বি* সেলাই; সূচিকর্ম। **সীবনী** *বি* সুচ। { *স.* √সিব্+অন(ল্যুট্) }

সীমন্ত [সিমন্‌তো] *বি* ১ মাথা; শির। ২ সিঁথি। ৩ টেরি (অতি যত্নে সীমন্তটি চিরে সিঁদুর বিন্দু আঁক নাই কি শিরে—*রঠা*)। ~**ক** *বি* সিন্দুর। **সীমন্তিত** *বি* বিন্যস্ত কেশধারী; টেরিকাটা; সীমন্তবিশিষ্ট; সিঁথিযুক্ত। **সীমন্তিনী** *বিণ* স্ত্রী, ভার্যা; নারী। □ *বি* সধবা নারী (কি বলিতে চাহ মোরে প্রণয়বিধুরা সীমন্তিনী মোর—*রঠা*)। **সীমন্তোন্নয়ন** *বি* হিন্দু রীতি অনুযায়ী গর্ভিণীর চতুর্থ বা ষষ্ঠমাসের কর্তব্য; হিন্দু সংস্কারবিশেষ। { *স.* সীমন্+অন্ত }

সীমা(-মন্) [শিমা] *বি* ১ প্রান্ত; ধার। ২ অন্ত; অবধি; শেষ (সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর—*রঠা*)। ৩ সমুদ্র উপকূল। ৪ সীমানা; চৌহদ্দি; গণ্ডি। ~**ন্ত** *বি* শেষপ্রান্ত; শেষপ্রান্তে যে প্রদেশ অবস্থিত। ~**বদ্ধ** *বিণ* ১ সংকীর্ণ; অল্প (সীমাবদ্ধ জ্ঞান)। ২ সসীম (সীমাবদ্ধ জিন্দেগি)। □ *বি* পরিমিত (সীমাবদ্ধ ভূ-সম্পত্তি)। ~**সরহদ্দ** *বি* চতুঃসীমা (সীমাসরহদ্দ স্থির—*রঠা*)। { *স.* √সি+মন(মনিন্); সীমন্+আ(টাপ্) }

সীমানা [শিমানা] *বি* ১ প্রান্ত; চৌহদ্দি। ২ জমির বা গ্রামাদির নির্দিষ্ট প্রান্তভাগ; গণ্ডি; অবধি। { *স.* সীমন্> }

সীমিত [শিমিতো] *বিণ* সীমা বা নির্দিষ্ট সীমানা দ্বারা আবদ্ধ; সীমাবদ্ধ। { *স.* √সি+মন(মনিন্)+ত(ক্ত) }

সীস, সীসক [শিশ্, -শক্] *বি* ১ সিসা; ধাতুবিশেষ; lead। ২ পেনসিলের মধ্যকার কালো ও সরু দণ্ড যা দিয়ে রেখা অঙ্কন করা যায়, তবে প্রকৃতপক্ষে এটি গ্রাফাইটিস (সে আনন্দটা এই কাঠপেন্সিলের সীস দিয়ে এঁকে দেখাতে পারছিনে—*নই*)। ৩ পেন্সিলের সীসের ন্যায় কালো বস্তু (পিরীতি কাঞ্চন মধ্যে পড়ি গেল সীস—*সৈআ*)। { *স.* সীস, +ক(কন্) }

সু[২] [শু] *অব্য* ১ ভালো; উত্তম (সুস্বভাব)। ২ সুন্দর মধুর শুভ অধিক অত্যন্ত সহজ উৎকৃষ্টপ্রভৃতি বাচক উপসর্গ। { *স.* উপসর্গবিশেষ }

সুই, সুঁই [শুই, শুঁ-] *বি* সুচ; সূচি। ~**চোর** *বি* লেজের আগায় সুচের মতো পালকবিশিষ্ট এক প্রকার সবুজ পাখি (পুচ্ছ নাচায় সুইচোর পাখী—*বআমি*)। { *স.* সূচি> }

সুইচ [সুইচ্] *বি* বৈদ্যুতিক বাতি ইত্যাদি জ্বালনোর ও

নিভানোর জন্য যে বস্তুটি টিপ দিয়ে অভীষ্ট ফল লাভ করা যায়। { *ই.* suitch}

সুইপার [সুইপার্] *বি* মেথর; ঝাড়ুদার (পৌঁছবামাত্রই মেথর সুইপার আপন আপন কাজে নিযুক্ত হলন—*প্যামি*)। { *ই.* sweeper}

সুঁড়ি [শুঁড়ি] *বিণ* ১ সংকীর্ণ ও বক্র (আবার বনে ঘেরা সুঁড়ি পথ বাহিয়া গিয়া আবার দূরে একটা বাড়ী—*বিব*)। ২ হস্তী; শুণ্ডের ন্যায় আকারবিশিষ্ট। { *স.* শুণ্ডাকৃতি>}

সুঁদরি, সুঁদরী [শুঁদোরি] *বি* সুন্দরবনের বিখ্যাত বৃক্ষবিশেষ বা তার কাঠ। { *স.* সিন্দূর>+ *বা.* ই}

সুঁদি, সুঁদী [শুঁদি] *বি* উৎপল; কুমুদ; শালুক ফুল (ধরণীর নীল আঁখিযুগ যেন আয়রে শালুক সুঁদি—*নই*)। { *স.* সুগন্ধি>}

সুকঠিন [শুকোঠিন্] *বি* খুব কঠিন। ☐ *বিণ* অতিশয় দুরূহ। { *স.* সু+কঠিন}

সুকণ্ঠ [শুকন্‌ঠো] *বি* যার কণ্ঠস্বর মধুর; সুস্বর। { *স.* সু+কণ্ঠ}

সুকতলা, সুখতলা [শুক্‌তলা] *বি* পায়ের আরামের জন্য জুতার ভিতরে যে নরম আরামদায়ক চামড়া থাকে। { *স.* সুখ+ *বা.* তল}

সুকবি [শুকোবি] *বি* মৌলিক কবি; প্রকৃত কবি; যিনি ভালো কবিতা লেখেন। { *স.* সু+কবি; *প্রাদি.*}

সুকর [শুকর্] *বিণ* ১ সহজে করণীয়; সহজসাধ্য। ২ সুখপ্রদ। ☐ *বি* শুভ বা কৌশলী হস্তযুক্ত। **–তা** *বি* সহজসাধ্যতা। { *স.* সু+কর}

সুকর্ম [শুকর্‌মো] *বিণ* শুভকর্ম; সৎকাজ। { *স.* সু+কর্ম}

সুকল্পিত [শুকোল্‌পিতো] *বিণ* উত্তমরূপে পরিকল্পিত বা রচিত। { *স.* সু+কল্পিত}

সুকান [সুকান্] *বি* হাল; helm। { *আ.* সুক্কান্ سكان }

সুকানি, সুকনি, সুখানী [সুকানি, –ক–, –খা–] *বি* কর্ণধার; নৌকা বা জাহাজের হাল ধরে যে (সারেঙ থেকে সুকনি খালাসি—*অঠা*)। { *আ.* সুক্কানী سكانى }

সুকান্ত [শুকান্‌তো] *বিণ* ১ সুশ্রী। ২ সুন্দর কান্তি বা অঙ্গসৌষ্ঠবযুক্ত। { *স.* সু+কান্ত; *বহু*}

সুকীর্তি [শুকিরতি] *বি* ১ সৎকর্মের নিদর্শন। ২ যশ; অবিস্মরণীয়, সুন্দর বা কল্যাণকর কাজ। { *স.* সু+কীর্তি}

সুকুমার [শুকুমার] *বিণ* ১ সুন্দর। ২ অল্পবয়স্ক ও কোমল অঙ্গযুক্ত; মৃদু (এরূপ সুকুমার হইয়াও তপোবন দর্শন–পরিশ্রম স্বীকার করিয়াছেন—*ঈবি*)। **– শিল্প** *বি* সঙ্গীতাদি; চারুশিল্প; ললিতকলা। **সুকুমারী** *বিণ স্ত্রী.* অতিশয় কোমলা বা কোমলাঙ্গী। ☐ *বি* নবমল্লিকা। { *স.* সু+কুমার}

সুকুশল [শুকুশল্] *বি* সুন্দর কৌশলপূর্ণ; নিপুণ কৌশলী (সুকুশল ললিত সে চরণ বিলাসে—*মনির*)। { *স.* সু+কুশল}

সুকৃৎ, সুকৃত ⇒ সুকৃতি

সুকৃতি [শুকৃকৃতি] *বি* ১ সৎকর্ম; মঙ্গলকর্ম। ২ ধর্মবিষয়ক; শুভকর্ম। ৩ সৌভাগ্য। **সুকৃৎ** *বিণ* ১ পুণ্যবান। ২ সৎকর্মচারী। **সুকৃত** *বিণ* ১ সুন্দররূপে সম্পন্ন। ২ সুনির্মিত; সুগঠিত। **–কা** *বিণ* বশবর্তী (কন্দর্প সুকৃতিকা ভুবন প্রকাশ—*সাখা*)। { *স.* সু+কৃতি}

সুকেশা, সুকেশী, সুকেশিনী [শুকেশা, –শি, –শিনি] *বিণ স্ত্রী.* যে মেয়ের চুল সুন্দর (সুকেশিনী মিশ্রকেশী আসি নামিলা—*মদ*)। **সুকেশ** *পু.*। { *স.* সু+কেশ, কেশী, *বা.* কেশিনী}

সুকোমল [শুকোমোল্] *বিণ* অত্যন্ত কোমল; অতিশয় নরম। { *স.* সু+কোমল}

সুকৌশল [শুকোউশল্] *বি* উত্তম বা চমৎকার কৌশল। { *স.* সু+কৌশল}

সুক্তা, সুক্ত, সুক্তো, সুক্তানি [শুক্‌তা, –তো, –, –তানি] *বি* ১ পাটের শুকনা কচি পাতা। ২ এক প্রকার তিক্ত আস্বাদযুক্ত ব্যঞ্জন। **শুক্তানি** *বি* সুক্তার ঝোল। { *স.* শুষ্কপত্র>}

সুখ [শুখ্] *বি* ১ আনন্দ; তৃপ্তি। ২ আরাম; আয়াস। ☐ *বিণ* আরামদায়ক; আনন্দজনক; প্রীতিজনক। **~কর, ~জনক** *বিণ* সুখদায়ক; তৃপ্তিকর; আনন্দবর্ধক। **~দ** *বিণ* তৃপ্তিদায়ক; সুখদানকারী (তুমি জীবনের পথ যতই অতিবাহিত করিবে ততই সুখদ সামগ্রী সঞ্চয় করিবে—*বচ*)। **~বুভুক্ষু/ বুভুক্ষ** *বিণ* সর্বদা আরাম–আয়াসকামী ব্যক্তি (সুখবুভুক্ষের মিটে কিনা চির–আশা—*রঠা*)। **~শয়ন, ~শয্যা** *বি* আরাম দানকারী বিছানা। **~–সংবাদ** *বি* আনন্দ–সংবাদ; শুভ বা সুখবর। **~সূর্য, ~রবি** *বি* সৌভাগ্য বা সুখরূপ সূর্য। **~স্পর্শ** *বিণ* স্পর্শ করলে আরাম বোধ হয় এমন; আনন্দপূর্ণ ও মধুর ছোঁয়া। **~স্বপ্ন** *বি* মধুময় স্বপ্ন। **~স্মৃতি** *বি* বিগত দিনের যেসব ঘটনার কথা মনে করলে হৃদয় পুলকিত হয়। **সুখানুভব, সুখানুভূতি** *বি* হৃদয় পুলকিত করে যে বোধ। **সুখে থাকতে ভূতে কিলায়**—সুখের মর্যাদা না বুঝে স্বেচ্ছায় দুঃখ বরণ করা। { *স.* √সুখ্+অ(অচ্)}

সুখতলা ⇒ সুকতলা

সুখবর [শুখবোর্] *বি* ভালো খবর; শুভ সংবাদ; খুশ–খবর। { *স.* সু+ *ফা.* খবর خبر }

সুখা [শুখা] *বি* ১ বিড়ি সিগারেট তৈরির জন্য কলে–কাটা তামাক; সুর্তি। ২ চুন খয়ের ও তামাকের সুমিশ্রণে মুখে খাওয়ার মতো তামাকবিশেষ। { *তুল. হি.* সুখা}

সুখাএ (*মবা.*) [শুখাএ] *ক্রি* ১ সুখ দান করে। ২ সুখ অনুভব করে (অন্তর সুখাএ মোর—*বচদা*)। { *স.* সুখ>}

সুখাদ [শুখাদ্] *বিণ* সুস্বাদু; টাটকা (সুখাদ গুড় ক্ষুধার অন্ন—*সদ*)। { *স.* সু+খাদ্য>}

সুখাদ্য [শুখাদ্‌দো] *বি* উত্তম আহার্য; স্বাদু ও পুষ্টিকর খাবার। { *স.* সু+খাদ্য; *কর্মধা.*}

সুখান (*মবা.*) [সুখান্] *বিণ* শুষ্ক; শুকনা (সুখান জ্ঞানত বসি কাক কাড়ে রা—*বচদা*)। { *স.* শুষ্ক>শুকনা>}

সুখানুভব, সুখানুভূতি ⇒ সুখ

সুখান্বেষণ [শুখান্‌নেশন্] *বি* সুখ খোঁজা; সুখলাভের চেষ্টা। { *স.* সুখ+অন্বেষণ; ৬তৎ}

সুখাবহ [শুখাবহো] *বিণ* সুখ বহন করে আনে এমন; আরামদায়ক। { *স.* সুখ+আবহ; *বহু*}

সুখাশা [শুখাশা] *বি* সুখবুভুক্ষা; তৃপ্তিলাভের ইচ্ছা। { *স.* সুখ+আশা; ৬তৎ}

সুখাসন [শুখাশোন্] *বি* আরামদায়ক আসন (রূপোর সুখাসনখানির চারিদিকে মায় বাতি বেল লণ্ঠন টাঙ্গান—*প্যামি*)। { *স.* সুখ+আসন; ৬তৎ }

সুখাসীন [শুখাশিন্] *বিণ* আরামে উপবিষ্ট। **সুখাসিনা** *স্ত্রী.*। { *স.* সুখ+আসীন}

সুখিত [শুখিতো] *বিণ* তৃপ্ত; সুখী (নিষ্ঠুর সুখে সুখিত যে আঁখি সে আঁখি আহুতি ওরি—*সদ*)। { *স.* সুখ+ ইত(ইতচ)}

সুখী [শুখি] *বিণ* ১ সন্তুষ্ট; সুখভোগে অভ্যস্ত। ২ বিলাসী। **সুখিনী** *বিণ স্ত্রী.*। { *স.* সুখ+ইন(ইনি)}

সুখের কাঁটা [শুখের কাঁটা] *বি* ১ বিদায় দিতে পারলে সুখ বোধ হয় এমন (যেন আমি উহাদের সুখের কাঁটা—*রঠা*)। ২ সুখের সংসারে কষ্টের সঞ্চারকারী (হালিমাই তার ভাই-ভাবীর সংসারের সুখের কাঁটা)। {সুখ+এর+কাঁটা}

সুখৈশ্বর্য [শুখোইশ্শরজো] *বি* আরামদায়ক ধনসম্পদ; বিত্ত বৈভব ও সুখ; সুখ ও সম্পদ। { *স.* সুখ+ঐশ্বর্য}

সুখোদয় [শুখোদয়্] *বি* সুখের উপলব্ধি; সুখসঞ্চার। { *স.* সুখ+উদয়; *বহু* }

সুখোষ্ণ [শুখোশ্নো] *বিণ* সুখদায়ক উষ্ণতাযুক্ত; যে উষ্ণতা তৃপ্তিদায়ক (বসন্ত শীতান্তে এই সুখোষ্ণ সমীরে হরিতের আস্তপত্র—*মোম*)। { *স.* সুখ+উষ্ণ}

সুখ্যাতি [শুক্খ্যাতি] *বি* সুনাম; যশ; তারিফ; প্রশংসা। { *স.* সু+খ্যাতি}

সুগঠ [শুগঠো] *বিণ (মবা.)* সুন্দর গঠনযুক্ত (অষ্ট অঙ্গ সুগঠ সুন্দর সুলক্ষণ—*দৌবা*)। { *স.* সুগঠন>}

সুগঠন [শুগঠোন্] *বি* উত্তম গঠন; সুন্দর গঠন। **সুগঠনা** *স্ত্রী.*। **সুগঠিত** *বিণ* উত্তম আকারযুক্ত; সুন্দরভাবে নির্মিত। { *স.* সু+গঠন; *বহু* }

সুগত [শুগতো] *বিণ* ১ সুন্দর গতিযুক্ত। ২ বুদ্ধদেব। { *স.* সু+গত}

সুগন্ধ [শুগন্ধো] *বি* সুবাস; খুশবু; সুঘ্রাণ। □*বিণ* মধুর গন্ধযুক্ত (সুগন্ধ বায়ু); সুবাসিত। **সুগন্ধি** *বিণ* ১ মধুর গন্ধযুক্ত; সুরভি (সুগন্ধি বায়ু)। ২ খুশবুদার বস্তু; প্রসাধন। ~**বহ/বাহন** *বিণ,বি* সুগন্ধবহ-বাহন সৌদামিনীসহ ঘন ভ্রমিতেছে মন্দগতি প্রেমানন্দ মনে—*মদ*)। { *স.* সু+ গন্ধ, *বহু* }

সুগভীর [শুগোভির্] *বিণ* অতিশয় গভীর। { *স.* সু+গভীর}

সুগম, সুগম্য [শুগম, -গোম্মো] *বিণ* ১ সহজভেদ্য। ২ সহজে চলাফেরার উপযুক্ত। ৩ অনায়াসলভ্য। { *স.* সু+√গম+অ(খল্), য}

সুগম্ভীর [শুগোম্ভির্] *বিণ* ১ অতিশয় গম্ভীর। ২ অতি গভীর। ৩ ধীর স্থির প্রকৃতি (সুগম্ভীর কণ্ঠস্বর)। { *স.* সু+গম্ভীর}

সুগুপ্ত [শুগুপ্তো] *বিণ* সম্পূর্ণভাবে গুপ্ত। { *স.* সু+গুপ্ত; *সুপ্‌সুপা*}

সুগৃহীতনামা [শুগ্‌গৃহিতোনামা] *বিণ* উচ্চারণে সওয়াব হাসিল হয় এমন নামবিশিষ্ট; পবিত্র নাম; পুণ্যশ্লোক। { *স.* সুগৃহীত+নাম; *বহু* }

সুগোল [শুগোল্] *বি* সম্পূর্ণ গোল। □*বিণ* ১ টোলহীন; নিটোল। ২ সুন্দর গোলাকার। { *স.* সু+গোল}

সুঘটন [শুঘটোন্] *বি* উত্তমরূপে সংযোজন; সুসমাবেশ। { *স.* সু+ঘটন}

সুঙরা ⇒ সোঙরা

সুচ [শুচ্] *বি* সুই; ছুঁচ; সেলাই করার শলাকা। { *স.* সূচি>}

সুচরিত, সুচরিত্র [শুচোরিত্, -ত্ত্রো] *বি* উত্তম চরিত্র; সৎস্বভাব। □*বিণ* সচ্চরিত্র। { *স.* সু+চরিত, *সুপ্‌সুপা*; সু+চরিত্র; *বহু* }

সুচরিতা, সুচরিত্রা [শুচোরিতা, -ত্ত্রা] *বি স্ত্রী.* সৎস্বভাবা। { *স.* সুচরিত+আ, সুচরিত্র+আ}

সুচরিতেষু [শুচোরিতেশু] সুচরিত্রের নিকট চিঠি লেখায় প্রথাসম্মত পাঠ। **সুচরিতাসু** *স্ত্রী.*। { *স.* সু+চরিত, *৭মী বহুব*}

সুচারু [শুচারু] *বিণ* অতিশয় সুন্দর; অতি রমণীয় (কাবার কার্য সুচারুরূপে সম্পন্ন করিয়া আসিতেছিলেন—*শেআ*)। ~**তা** *বি* রমণীয়তা। { *স.* সু+চারু}

সুচালো, ছুঁচালো [শুচালো, ছুঁ-] *বিণ* সুচের মতো তীক্ষ্ণ। {সুচ, ছুঁচ+আলো}

সুচিক্কণ [শুচিক্কন্] *বিণ* ১ অত্যন্ত সরু। ২ পাতলা; ফিনফিনে (সুচিক্কণ শাড়ি)। ৩ খুব চকচকে; অতি উজ্জ্বল। { *স.* সু+চিক্কণ}

সুচিত্র [শুচিত্‌ত্রো] *বিণ* সুন্দর চিত্রবিশিষ্ট; নানা বর্ণে রঞ্জিত। { *স.* সু+চিত্র; *বহু* }

সুচিত্রক [শুচিত্‌ত্রক্] *বি* মাছরাঙা পাখি। { *স.* সু+চিত্রক}

সুচিত্রা [শুচিত্‌ত্রা] *বি* ফুটি; কাঁকুড়। { *স.* সু+চিত্রা}

সুচিত্রিত [শুচিত্‌ত্রিতো] *বিণ* ১ সুন্দররূপে অঙ্কিত। ২ নিপুণতার সঙ্গে বর্ণিত। { *স.* সু+চিত্রিত}

সুচিন্তা [শুচিন্‌তা] *বিণ* মঙ্গল চিন্তা; মহৎ ভাবনা। □*বি* বিচার বিবেচনা। **সুচিন্তিত** *বিণ* ১ সম্যক পর্যালোচিত। ২ বিচার-বিবেচনা পূর্বক নির্ণীত; সুবিবেচিত; খুব ভালোভাবে ভেবে করা হয়েছে এমন (সুচিন্তিত সিদ্ধান্ত)। { *স.* সু+চিন্তা}

সুচির [শুচির্] *বিণ* ১ অত্যন্ত দীর্ঘস্থায়ী (চাহে তিনি লক্ষ শির, লক্ষ প্রাণদান তবে স্বাধীনতা সুচির কল্যাণ—*ইহো*)। ২ চিরতরে (যদি মরি সুচির মরণে—*মোম*)। □*বি* দীর্ঘকাল(সুচিরকাল)। **অচির** *বিপ.*। { *স.* সু+চির}

সুচেতা, সুচেতাঃ [শুচেতা, -তাহ্] *বিণ* ১ উদারচিত্ত; মহৎ হৃদয়; সন্তুষ্টচিত্ত। ২ সহৃদয়; চেতনাযুক্ত; সতর্ক। { *স.* সু+চেতস্}

সুছন্দ, সুছাঁদ [শুছন্‌দো, -ছাঁদ্] *বি* ১ সুন্দর গঠনযুক্ত। ২ সৌন্দর্যপূর্ণ ভাবভঙ্গি। { *স.* সু+ছন্দ, *বা.* ছাঁদ}

সুজন [শুজন্] *বি* ১ সৎলোক; সজ্জন। □*বি,বিণ* ভদ্র। ~**তা** *বি* ভদ্রতা; সৌজন্য। { *স.* সু+জন}

সুজনি, সুজনী [শুজনি] *বি* শয্যার জন্য নকশা করা মোটা চাদরবিশেষ। { *ফা.* সোজ্‌নী سوزنی }

সুজলা [শুজলা] *বিণ* ১ নির্মলসলিলা। ২ পরিপূর্ণ মিষ্ট জলবিশিষ্ট। ৩ নদীবহুল। { *স.* সু+জল; *বহু* }

সুজাত [শুজাতো] *বিণ* ১ সদবংশজাত; কুলীন। ২ বৈধভাবে উৎপন্ন। **সুজাতা** *বিণ স্ত্রী.* সদ্বংশজাতা। □*বি স্ত্রী.* যে বৌদ্ধ রমণী বুদ্ধদেবকে পায়েস খাইয়েছিলেন। { *স.* সু+জাত}

সুজান *(মবা.)* [সুজান্] *বিণ* ১ সজ্জন; সৎলোক। ২ *(ব্র.)* স্বামী; প্রেমিক; নাগর; রসিক নাগর (বর নাগর রসিক

সুজান—*বিপ*)। ৩ বিজ্ঞ; প্রবীণ। ৪ চতুর; সেয়ানা (সো বর নাগর রসিক সুজান—*বিপ*)। { *স.* সুজ্ঞান> }

সুজানিত [শুজানিতো] *বিণ* সুপরিচিতি; ভালভাবে জ্ঞাত (ফজলী আম ও অঞ্চলে সুজানিত ছিল—*ইখাঁ*)। { *স.* সু+ *বা.* জানিত }

সুজি [শুজি] *বি* গম, যব বা চালের অমিহি চূর্ণ; মোটা দানাদার আটা। { *তুল. হি* সুজী }

সুজেয় [শুজেয়ো] *বিণ* অনায়াসে জয়সাধ্য; সহজে জয়ের যোগ্য বা উপযুক্ত। { *স.* সু+জেয় }

সুঝ [সুঝ] *বি* জ্ঞান; বুদ্ধি। { *স.* সু+√শুঝ }

সুঝা (*মবা.*) [শুঝা] *বি* ১ মনোযোগ। □ *ক্রি* মনোনিবেশ করা (না বুঝিলা জথেক জনকে বুঝাইলা না সুঝিলা যথেক জননী সুঝাইলা—*দৌবা*)। { সুঝ+আ }

সুট [সুট্] *বি* কোট-প্যান্ট-টাইয়ের সমন্বয়ে পরিপূর্ণ পাশ্চাত্য পোশাক (এক প্রস্ত সুট বানাবার বাসনা ছিল—*সৈমু*)। –**করা** *ক্রি* মানানো; উপযুক্ত হওয়া (পোশাকটি গায়ে সুট করেছে)। { *ই.* suit }

সুটকেস [সুট্‌কেস্] *বি* কাপড় রাখার ছোট হালকা বাক্স বা পেটিকাবিশেষ। { *ই.* suitcase }

সুটকো [শুট্‌কো] *বিণ* 'শুটকি'র কথ্য রূপ; শুকনা (আমি কোন উনুনমুখো সুটকোর পাকা ধানে মই দিয়েছি—*নই*)। { শুটকি> }

সুঠাম [শুঠাম্] *বিণ* ১ সুন্দর গঠনযুক্ত। ২ পরিপূর্ণ বা মনোহর অঙ্গযুক্ত। { *স.* সু+স্থান>ঠাম }

সুডৌল, সুডোল [সুডোউল্, -ডোল্] *বিণ* ১ টোলহীন। ২ পরিপূর্ণ ও সুন্দর আকারযুক্ত (সুডৌল চেহারা)। { *স.* সু+ *হি* ডৌল }

সুড়ঙ্গ, সুরঙ্গ [শুড়ঙ্‌গো, -র-] *বি* মাটি, পাহাড় বা নদীর নিচ দিয়ে তৈরি (সুঁড়ি) পথ (মালিনী বিদ্যার ঘরে হইল সুড়ঙ্গ—*ভারা*)। { *স.* সুরঙ্গ> }

সুড় সুড় [শুড়্‌শুড়্] *বি* ১ ঈষৎ স্পর্শে শিহরণ বা রোমাঞ্চিত ভাব। ২ ভয়ে কিংবা হুকুমে-হুমকিতে আদেশ মান্য করে নত মস্তকে অধোমুখে স্থান ত্যাগ। **সুড়সুড়ি** *বি* কাতুকুতু (হাসিয়া পায়ের তলে দেয় সুড়সুড়ি—*রঠা*)। { *ধ্বন্যা.* }

সুড়ুত, সুড়ত সুড়ত [শুড়ুত্, শুড়ত্ -] *অব্য* তরল খাদ্য দ্রুত গ্রহণের সময়ে উদ্ভূত শব্দ (খাওয়ার সময় সুড়ত সুড়ত শব্দ হয় তাদের মুখে—*আই*)। { *ধ্বন্যা.* }

সুণ, সুণহু (*প্রাবা., মবা.*) [সুন, সুনহু] *ক্রি* শোনো। **সুণি, সুণিআ, সুণিআঁ, সুণিঞাঁ, সুণী, সুণীএ, সুণে** *অক্রি* শুনে (হরিণী বোনঅ হরিণা সুণ—*চর্যা*)। **সুণিলেঁ** *অক্রি* শুনলে। { *বা.* √শুন> }

সুত [শুতো] *বি* পুত্র; ছেলে (আকাশ আলোর আমরা সুত নূতন যুগের অগ্রদূত—*গোমো*)। **সুতা** *স্ত্রী.*। { *স.* √সু+ত(ক্ত) }

সুতনু [শুতোনু] *বিণ* ১ সুঠাম দেহযুক্ত; ছিমছাম। ২ অতিশয় কৃশাঙ্গ। □ *বি* সুন্দর দেহ। { *স.* √সু+তনু; বহু }

সুতনুকা [শুতোনুকা] *বিণ স্ত্রী.* ছিমছাম সরু সুদীর্ঘ দেহী; তন্বী; সুন্দর অবয়বের অধিকারিণী (মাঠে কিনারে সেই সুতনুকা সুপারীর গাছ—*আগা*)। { *স.* সু+তনু+ক+আ; বহু }

সুতপা, সুতপাঃ [শুতপা, -পাহ্] *বি* উগ্রতপস্বী। □ *বিণ* ১ মহাতপস্বী। ২ সূর্য। { *স.* সু+√তপ্+অস্ }

সুতরাং [শুতরাঙ্] *অব্য* ১ অতএব; কাজেই। ২ অগত্যা। □ *বিণ* অতিশয়। { *স.* সু+তর(তরপ্)+আম(আমু) }

সুতল [শুতল্] *বিণ* সুন্দর তলাবিশিষ্ট। □ *বি* ষষ্ঠ পাতাল। { *স.* সু+তল }

সুতলি, সুতালি [শুতোলি, -তা-] *বি* ১ সরু দড়ি। ২ সুতা। { *স.* সূত্র>সুতা+লি; আলি }

সুতহিবুক [শুতোহিবুক্] *বি* (*জ্যোশা*) বিবাহের জন্য উৎকৃষ্ট যোগ। { *স.* সুতহিবুক }

সুতা[১], **সূতা**[১] (*প্রাপ্র*) [শুতা] *বি স্ত্রী.* কন্যা (প্রাণের দোসরী সূতা বিধি নিল হরি—*দৌবা*)। { *স.* সুত+আ(টাপ্) }

সুতা[২], **সুতো, সূতা**[২] (*প্রাপ্র*) [শুতা, -তো, -তা] *বি স্ত্রী.* নানা ধরনের আঁশ দিয়ে তৈরি সূক্ষ্ম দড়ি, যা বস্ত্রের মূল উপকরণ (রেশমি সুতা, কাপাস সুতা, পাটের সুতা)। { *স.* সূত্র> }

সুতার[১] [শুতার] *বিণ* ১ স্বাদযুক্ত; সুস্বাদু। □ *বি* উৎকৃষ্ট স্বাদ। { *স.* সু+ *বা.* তার }

সুতার[২] [সুতার] *বি* কাঠমিস্ত্রি; সূত্রধর; ছুতার। { *স.* সূত্রধর> }

সুতালি ⇒ সুতলি

সুতিকা [শুতিকা] *বি* ১ আঁতুড়; প্রসবের জন্য গৃহ। ২ প্রসূতির রোগবিশেষ যা প্রসবের পর হতে পারে। { *স.* সুত+ইক+আ }

সুতিক্ত [শুতিক্‌তো] *বিণ* অতিশয় তিতা। { *স.* সু+তিক্ত; *সুপ্‌সুপা* }

সুতি, সুতী [শুতি] *বি* সুতার তৈরি কাপড়, সূত্রনির্মিত কাপড়। { *স.* সূত্র>সুতা+ই,ঈ }

সুতীক্ষ্ণ [শুতিখ্‌নো] *বিণ* অত্যন্ত ধারালো। □ *বি* তীব্র (সুতীক্ষ্ণ বাক্য)। { *স.* সু+তীক্ষ্ণ; *সুপ্‌সুপা* }

সুতীব্র [শুতিব্‌ব্রো] *বিণ* অত্যধিক কড়া বা প্রখর (সুতীব্র বাক্য)। { *স.* সু+তীব্র; *সুপ্‌সুপা* }

সুতুঙ্গ [শুতুঙ্‌গো] *বিণ* ১ অতিশয় উচ্চ। ২ গ্রহের উচ্চ অংশবিশেষ। { *স.* সু+তুঙ্গ }

সুতেলা, সুতেলি (*প্রাবা.*) [সুতেল, সুতেলি] *বিণ* ১ শয়ন করলাম। ২ নিদ্রিত হলাম; সুপ্ত (সুখে সুতেলা—*চর্যাপদ*, হাঁউ সুতেলি মহাসুহ লীড়েঁ—*বচদা*)। { *স.* সুপ্ত> }

সুদ [শুদ্] *বি* কুসীদ; ঋণ গ্রহণ বাবত ঋণের পরিমাণের হিসাবে যে অতিরিক্ত লাভ দেওয়া হয়; interest। ~**কষা** *ক্রি* সুদের হিসাব নির্ণয় করা। –**খোর** *বি* টাকা ধার দেবার জন্য অতিরিক্ত অর্থ আদায়কারী; কুসীদজীবী (তার মত সুদখোর কটা আছে?)। **সুদি, সুদী** *বিণ* সুদবিষয়ক। { *ফা.* সূদ سود }

সুদক্ষ [শুদোক্‌খো] *বিণ* অতিশয় পটু (সুদক্ষ পরিচালক)। { *স.* সু+দক্ষ; *সুপ্‌সুপা* }

সুদক্ষিণ [শুদোক্‌খিন্] *বিণ* ১ উদার স্বভাব। ২ বদান্য। **সুদক্ষিণা** *স্ত্রী.*। { *স.* সু+দক্ষিণা; *সুপ্‌সুপা* }

সুদতী ⇒ সুদন্তী

সুদন্ত [শুদনতো] *বিণ* মনোহর দন্তযুক্ত। □ *বি* ভালো বা

সুন্দর দাঁত। { স. সু+দন্ত; বহু }

সুদন্তী, সুদতী *(প্রাপ্র)* [শুদোন্‌তি, -দোতি] *বি স্ত্রী.* সুন্দর দাঁতবিশিষ্টা। { স. সু+দন্তী,>; *বহু* }

সুদম [শুদম্] *বিণ* অনায়াসে দমনীয়। { স. সু+√দম্+অ(খল্), বহু }

সুদর্শ, সুদর্শন [শুদর্‌শো, -শন্] *বি* ১ দেখতে সুন্দর; মনোহর; দর্শনীয় (সুদর্শন পুরুষ)। ২ বিষ্ণুর চক্র। **সুদর্শনা, সুদর্শনী** *বি স্ত্রী.* অমরাবতী। { স. সু+√দৃশ্+অ(খল্), অন(ল্যুট্); বহু }

সুদাম, সুদামা [শুদাম্, -মা] *বি* ১ শ্রীকৃষ্ণের সখা গোপবালক বিশেষ। ২ কৃষ্ণের ভক্ত ব্রাহ্মণবিশেষ। ৩ মেঘ। ৪ দানশীল; দাতা। ৫ পর্বতবিশেষ। □ *বিণ* নদীবিশেষ। { স. সু+√দা+মন(মনিন্) }

সুদারুণ [শুদারুন্] *বিণ* নিদারুণ। { স. সু+দারুণ }

সুদি [শুদি] *বি* ১ শুক্লপক্ষ। ২ জ্যোৎস্নাপক্ষ। *বিপ.* বদি (অর্থ-কৃষ্ণপক্ষ)। { স. সুদি; *হি.* বদি }

সুদিঠি [শুদিঠি] *বি* সুন্দর দৃষ্টি। { স. সুদৃষ্টি>সুদিট্‌ঠি> }

সুদিন [শুদিন্] *বি* ১ সুখের সময়; শুভদিন (সুদিন আসতে দেরি হয়)। ২ সৌভাগ্যের উদয়। ৩ *(জ্যোশা)* শুভদিন; ভালো সময়। { স. সু+দিন; *প্রাদি* }

সুদীন [শুদিন্] *বিণ* অত্যন্ত দরিদ্র। { স. সু+দীন }

সুদীর্ঘ [শুদির্‌ঘো] *বিণ* খুব লম্বা (সুদীর্ঘ বক্তৃতা)। { স. সু+দীর্ঘ; *সুপ্‌সুপা* }

সুদুঃখিত [শুদুক্‌খিতো] *বিণ* অত্যন্ত দুঃখিত। { স. সু+দুঃখিত; *সুপ্‌সুপা* }

সুদুঃসহ [শুদুশ্‌শহো] *বিণ* অত্যন্ত দুঃসহ; যা প্রায় অসহ্য। { স. সু+দুঃসহ; *সুপ্‌সুপা* }

সুদুরি ⇒ সদরি

সুদুস্তর [শুদুস্‌তর্] *বিণ* ১ অত্যন্ত কষ্টে উত্তরণযোগ্য। { সু+দুস্তর; *সুপ্‌সুপা* }

সুদুস্ত্যজ [শুদুস্‌তজ্] *বিণ* অত্যন্ত কষ্টে ত্যাগ করা যায় এমন। { স. সু+দুস্ত্যজ; *সুপ্‌সুপা* }

সুদুর্বহ [শুদুর্‌বহো] *বিণ* অত্যন্ত গুরুভার বলে বহন করা ভীষণ কঠিন এমন। { স. সু+দুর্বহ, *সুপ্‌সপা* }

সুদুর্লভ [শুদুর্‌লভ্] *বিণ* অত্যন্ত দুষ্প্রাপ্য; পাওয়া অত্যন্ত কঠিন। { স. সু+দুর্লভ }

সুদূর, সুদূরবর্তী [শুদুর্, -রোবোর্‌তি] *বিণ* অত্যন্ত দূরবর্তী; বহুদূরে অবস্থিত। **সুদূরতা** *বি* অতিশয় দূরত্ব (নির্লিপ্ত সুদূরতা—*রঠা*)। **সুদূরপরাহত** *বি* যা ঘটা প্রায় অসম্ভব। **সুদূরিকা** *বি স্ত্রী.* বহুদূরে অবস্থিতা রমণী (সুদূরিকা থাক দূরে নিকটে আস না—*নই*)। { স. সু+দূর, দূরবর্তী, *সুপ্‌সুপা* }

সুদুষ্কর [শুদুশ্‌কর্] *বিণ* সাধন করা অত্যন্ত কঠিন এমন। { স. স+দুঃ+কর; *সুপ্‌সুপা* }

সুদৃঢ় [শুদদ্‌ঢ়ো] *বি* অত্যন্ত কঠিন (সুদৃঢ় বন্ধন)। { স. সু+দৃঢ়; *সুপ্‌সুপা* }

সুদৃশ্য [শুদৃশ্‌শো] *বিণ* ১ সুন্দর। ২ সুদর্শন। { স. সু+দৃশ্য; *সুপ্‌সুপা* }

সুদৃষ্ট [শুদৃশ্‌টো] *বিণ* ভালোভাবে দেখা গেছে এমন। { স. সু+দৃষ্ট; *সুপ্‌সুপা* }

সুদৃষ্টি [শুদৃশ্‌টি] *বিণ* শুভ বা অনুকূল দৃষ্টি; সুনজর; প্রসন্ন দৃষ্টি; ভালোভাবে দেখা হয় এমন। { স. সু+দৃষ্টি }

সুদ্দুর [শুদ্‌দুর্] *বি* শূদ্র। { স. শূদ্র> }

সুদ্ধ [শুদ্‌ধো] *অব্য* ১ সমেত (তার স্মৃতি সুদ্ধ আজ ইংরেজী রাষ্ট্র-ব্যবস্থা থেকে বিলুপ্ত বটে—*সুঠা*)। ২ সবটা মিলিয়ে (ফেনসুদ্ধ ভাত)। ৩ পর্যন্ত (জমিটুকু সুদ্ধ বেচে দিয়েছে)। { স. শুদ্ধ> }

সুধন্বা [শুধন্‌না] *বিণ* ১ শ্রেষ্ঠ বা উত্তম ধনুকধারী। ২ উৎকৃষ্ট ধনুর্ধর। □ *বি* ১ একজন পৌরাণিক হিন্দু রাজা। ২ বিশ্বকর্মা। **সুধন্বী**(-নিন্) *বি* শ্রেষ্ঠ ধনুর্ধর; মহাযোদ্ধা। { স. সু+ধনু; বহু }

সুধর্মা [শুধর্‌মা] *বিণ* ১ শোভনধর্মযুক্ত। ২ অত্যন্ত ধার্মিক। □ *বি* দেবসভা। { স. সু+ধর্ম; *বহু* }

সুধা[১] [শুধা] *বি* ১ অমৃত (বাক্য-সুধা)। ২ জ্যোৎস্না (সুধাকর)। ৩ চুন। ৪ জল; পানি। ~**ংশু** *বি* চাঁদ। ~**কণ্ঠ** *বি* সুমধুর কণ্ঠ (সুধাকণ্ঠে শুনি গান)। □ *বিণ* যার কণ্ঠ অতি মধুর। ~**কর** *বি* চাঁদ (তারকামণ্ডল যেন সুধাকর সনে—*সৈআ*)। ~**কার** *বি* চুনকামকারী। ~**জীবী** *বি* রাজমিস্ত্রি। ~**দ্রব** *বি* চুনে মিশ্রিত জল। ~**ধবলিত** *বি* চুনকামের ফলে সাদা। ~**নিধি** ⇒ সুধাংশু। ~**পাত্র** *বি* সুধা রাখার পাত্র; অমৃত ভাণ্ড। ~**পান** *বি* ১ অমৃত পান। ২ *(ব্য.)* মদ খাওয়া; মদ্যপান। ~**পূর্ণ** *বিণ* ১ অমৃতে পরিপূর্ণ। ২ অতিশয় মধুর। ~**বর্ষী** *বি* চাঁদ। □ *বিণ* অতিশয় স্নিগ্ধ। ~**বাস** *বি* চাঁদ। ~**ময়** *বিণ* অমৃতপূর্ণ। □ *বি* সৌধ; অট্টালিকা। ~**ময়ী** *স্ত্রী.*। ~**মাখা** *বিণ* অমৃতমাখা; অত্যন্ত মধুর বা মিষ্ট। ~**মুখ** *বিণ* মিষ্টিমুখ। ~**মুখী** *বি স্ত্রী.* মধুরভাষী। ~**রস** *বি* অমৃত। ~**সমুদ্র** *বি* সাত সমুদ্রের মধ্যে অন্যতম। ~**সিক্ত** *বিণ* অমৃতে ভরপুর। ~**সিন্ধু** *বি* সুধাসাগর। ~**স্পর্ধী** *বিণ* অমৃতকে পরাজিত করে এমন; তুলনাহীন মধুর। ~**হর**, ~**হৃৎ** *বি* গরুড়। { স. সু+√ধে+অ(অঙ) }

সুধা[২] ⇒ শুধা

সুধানো ⇒ শুধানো

সুধার [শুধার্] *বিণ* অতিশয় ধারালো বা তীক্ষ্ণ। { স. সু+ধার }

সুধারা [শুধারা] *বি* সঠিক ব্যবস্থা (দেশীয় বিচারালয়ের অনেক সুধারা করিলেন—*ঈবি*)। □ *বিণ* মধুর প্রবাহ। { স. সু+ধারা }

সুধী [শুধি] *বি* ১ পণ্ডিত; জ্ঞানী ব্যক্তি (সুধী আল-বেরূনীর নাম শুনেছ—*ওয়া*)। ২ সদ্বুদ্ধিসম্পন্ন ব্যক্তি। □ *বিণ* অতিশয় বুদ্ধিমান। { স. সু+ধী; *বহু* }

সুধীর [শুধির্] *বিণ* ১ অতি শান্তপ্রকৃতির; শান্ত; ধীর; নম্র; বিবেচক। ২ অতি ধীরগতিসম্পন্ন। { স. সু+ধীর; *সুপ্‌সুপা* }

সুধু *(প্রাপ্র)* = **শুধু**

সুন *(প্রাবা.)* [শুন্] *বি* কুকুর (হেনকালে সুন এক বিচিত্র শরীর। লায়লীর পুরী হতে হইল বাহির—*দৌবা*)। { স. শ্বন> }

সুনজর [শুনজোর্] *বি* প্রসন্ন দৃষ্টি; অনুকূল ধারণা। { স. সু+*আ.* নজর্ نظر }

সুনন্দ [শুনন্‌দো] *বিণ* আনন্দজনক। □ *বি* ১ শ্রীকৃষ্ণের

ভাই বলরামের মুষল। ২ রাজগৃহবিশেষ। ৩ হিন্দু পুরাণমতে বলরামের মুষল। { *স.* সু+নন্দ; *সুপ্‌সুপা*}

সুনন্দা [শুনন্দা] *বি* ১ পার্বতী। ২ পার্বতীর একজন সখীর নাম। ৩ নারী। ৪ গোরোচনা। { *স.* সুনন্দ+আ(টাপ্)}

সুনয়ন [শুনয়োন্] *বিণ* ১ সুন্দর চোখযুক্ত। ২ হরিণ। **সুনয়না** *বিণ স্ত্রী.* সুদৃশ্য চোখ সম্পন্না। **সুনয়নী** *স্ত্রী.*। { *স.* সু+নয়ন; *বহু*}

সুনসান [শুনশান্] *অব্য* খালি বা নির্জন নীরব ও নিস্তব্ধ (পাহাড়ের মোড়টা সুনসান, লোক নেই— *অঠা*)। { *স.* শূন্য>;শুষ্ক>}

সুনা, সুন *(মবা.)* [শুনা, –ন্] *বি* ১ শূন্য; খালি। ২ শুকনা ভূমি। { *স.* শূন্য>}

সুনাজমি [শুনাজোমি] *বি* রবি শস্য, আউশ, আখ, বা তামাকের উৎপাদন উপযোগী জমি। { *স.* শুষ্ক>+জমি}

সুনাব্য [শুনাব্‌বো] *বি* যাতে সহজে নৌকা চলাচল করে (সুনাব্য নদী)। { *স.* সু+নাব্য; *সুপ্‌সুপা*}

সুনাভ [শুনাভো] *বিণ* ১ সুন্দর নাভিযুক্ত। ২ মৈনাক পর্বত। { *স.* সু+নাভি; *বহু*}

সুনাম [শুনাম্] *বি* সুখ্যাতি; প্রশংসা; যশ (সুনাম ছড়িয়ে পড়া)। { *স.* সু+নাম}

সুনালী ⇒ সোনালি

সুনাসা, সুনাস [শুনাসা, –শ্] *বিণ* সুন্দর নাসিকা এমন। { *স.* সু+নাসা; *বহু*}

সুনাসিকা, সুনাসিক [শুনাসিকা, –ক্] *বি* সুন্দর নাসিকা। ☐ *বিণ* সুন্দর নাকবিশিষ্ট। { *স.* সু+নাসিকা; *বহু*}

সুনিদ্র [শুনিদ্‌দ্রো] *বিণ* যার নিদ্রা গাঢ়। { *স.* সু+নিদ্রা; *বহু*}

সুনিদ্রা [শুনিদ্‌দ্রা] *বি* গাঢ় নিদ্রা (সুনিদ্রার ব্যাঘাত হলো)। { *স.* সু+নিদ্রা}

সুনিপুণ [শুনিপুন্] *বিণ* অতিশয় দক্ষ বা পারদর্শী। **সুনিপুণা** *স্ত্রী.*। { *স.* সু+নিপুণ; *বহু*}

সুনিভৃত [শুনিব্‌ভৃতো] *বিণ* সম্পূর্ণ গুপ্ত; অপ্রকাশিত; জনহীন। { *স.* সু+নিভৃত; *সুপ্‌সুপা*}

সুনিয়ত [শুনিয়োতো] *বিণ* সুন্দরভাবে নিয়ন্ত্রিত। { *স.* সু+নিয়ত; *সুপ্‌সুপা*}

সুনিয়ন্ত্রণ [শুনিয়নত্রন্] *বিণ* সুন্দররূপে পরিচালন। ☐ *বি* সুষ্ঠু ব্যবস্থা। **সুনিয়ন্ত্রিত** *বিণ* সুন্দরভাবে পরিচালিত বা শাসিত হয়েছে এমন। { *স.* সু+নিয়ন্ত্রণ; *সুপ্‌সুপা*}

সুনিয়ম [শুনিয়ম্] *বি* সুন্দর ব্যবস্থা। { *স.* সু+নিয়ম; *সুপ্‌সুপা*}

সুনির্দিষ্ট, সুনির্ণীত, সুনির্ধারিত [শুনির্‌দিশ্‌টো, –নিতো, –ধারিতো] *বিণ* সুস্পষ্ট বা সুন্দররূপে নিরূপিত। { *স.* সু+নির্দিষ্ট, নির্ণীত, নির্ধারিত; *সুপ্‌সুপা*}

সুনিশ্চয় [শুনিশ্‌চয়্] *বি* সন্দেহহীনতা; উৎকৃষ্টভাবে নির্ধারণ। { *স.* সু+নিশ্চয়; *সুপ্‌সুপা*}

সুনিশ্চিত [শুনিশ্‌চিতো] *বিণ* স্পষ্টভাবে অবধারিত; সম্পূর্ণ সন্দেহহীন। { *স.* সু+নিশ্চিত}

সুনীতি [শুনিতি] *বি* উৎকৃষ্ট নীতি; সৎনীতি। { *স.* সু+নীতি; *সুপ্‌সুপা*}

সুনীল [শুনিল্] *বিণ* অতিশয় নীল; গাঢ় নীলবর্ণ (সুনীল আকাশ)। { *স.* সু+নীল; *সুপ্‌সুপা*}

সুনেহ [শুনেহ্] *বি* গভীর স্নেহ-প্রীতি বা প্রেম (তোহারি সুনেহ—*বিপ*)। { *স.* সু+স্নেহ>}

সুন্দ [শুন্‌দো] *বিণ* ১ একজন অসুরের নাম। ☐ *বি* ১ একটি বানরের নাম। ২ হিন্দু পুরাণোক্ত উপসুন্দের ভ্রাতা। ~-**উপসুন্দের লড়াই** *বি* পৌরাণিক যুদ্ধবিশেষ—প্রচণ্ড শক্তিধর অসুর ভ্রাতৃদ্বয় সুন্দ ও উপসুন্দকে দমন করার জন্য দেবকুলের পক্ষে ব্রহ্মা তিলোত্তমা নামক নারী সৃষ্টি করে দুই ভাইয়ের কাছে পাঠান, তাকে পাওয়ার জন্য দুই ভাইয়ের যুদ্ধ হয় এবং দুই জনই নিহত হয়; *(আল.)* যে যুদ্ধে দুই পক্ষই ধ্বংস হয়; ভয়াবহ গৃহযুদ্ধ। **উপ**~ দৈত্য সুন্দের ছোট ভাই। { *স.* √সুন্দ+অ(অচ)}

সুন্দর [শুনদর্] *বিণ* ১ লাবণ্যময়; মনোহর; উত্তম। ২ সুষ্ঠু; কলামণ্ডিত। ৩ গৌরবর্ণ; রূপবান (সুন্দর পুরুষ)। { *স.* সু+√দ্+অ; সু+√উন্দ্+অর}

সুন্দরবন [শুনদরবোন্] *বি* দক্ষিণ বাংলার গভীর বনবিশেষ; সুন্দরি বা সুঁদরি বৃক্ষবহুল বন। { *স.* সুন্দর বা সুন্দরি+বন}

সুন্দরহানো [শুনদরহানো] *বিণ* সুন্দরমতো (আলু থালু চুলওয়ালা গোঁফের রেখামাত্র দেওয়া সুন্দরহানো এক ছেলে ওর গাড়িতে চিঠি ফেলে দিয়েছিল—*রঠা*)। { *তুল.* সুন্দরহেন}

সুন্দরি, সুন্দরী[১] [শুন্‌দোরি] *বি* সুন্দরবনে জাত একজাতীয় গাছ; সুঁদরি গাছ। { *স.* স্নিদূর>}

সুন্দরী[২] [শুন্‌দোরি] *বি* ১ রূপবতী। ২ রূপবতী রমণী (স্বরে বুঝিতেছি এ প্রশ্ন কোন সুন্দরী করিলেন—*বচ*)। **সুন্দর** *পু.*। { *স.* সু+√উন্দ্+অর+ঈ}

সুন্দা [শুনদা] *বি* এক ধরনের মশলা (এ নায়ের বধূ সুন্দা ও মেথি বাটিতেছে হাসি হাসি—*জউ*)। { *অমূ.*}

সুন্দি, সুন্ধি [শুন্‌দি, –ধি] *বি* ১ শ্বেতপদ্ম। ২ কুমুদ ফুল। { *অমূ.*}

সুন্নত, সুন্নৎ [সুননত্] *বি* ১ হজরত মুহম্মদের (সা.) ধর্মকর্মপদ্ধতি। ২ মুসলিমদের লিঙ্গত্বকচ্ছেদ সংস্কার (সুন্নত দেওয়াই আর কলমা পড়াই—*ভারা*)। ৩ আল্লাহর বিধান। ৪ হজরত মুহম্মদের (সা.) কর্ম পদ্ধতি, যা মুসলিমদের করণীয় ও পালনীয়; হাদিসোক্ত কর্ম ও আচরণ বিধি; হজরত মুহম্মদের (সা.) নির্দেশিত কাজ। { *আ.* সুন্নত سنة }

সুন্নি [সুন্‌নি] *বি, বিণ* মুসলমান সম্প্রদায়বিশেষ যারা চার খলিফা—হজরত আবু বকর (রা.), উমর (রা.), উসমান (রা.), ও আলী (রা.)–কে হজরত মুহম্মদের (সা.) বৈধ উত্তরাধিকারী মনে করেন; আহলে-সুন্নত। { *আ.* সুন্‌নি سنی }

সুপ [শুপ্] *বি* সুরুয়া; ঝোল; ক্বাথ। { *ই* soup}

সুপক্ব [শুপক্‌কো] *বিণ* উত্তমরূপে পেকেছে এমন (সুপক্ব ফল)। ২ ভালোভাবে সিদ্ধ হয়েছে এমন (সুপক্ব অন্ন)। { *স.* সু+পক্ব; *সুপ্‌সুপা*}

সুপচ [শুপচো] *বিণ* সহজে হজম হয় এমন; লঘুপাক। { *স.* সু+√পচ্+অ(অচ্)}

সুপত্র [শুপত্‌ত্রো] *বিণ* ১ সুদৃশ্য পাতাবিশিষ্ট। ২ সুন্দর

পত্রবিশিষ্ট। ৩ সুন্দর বাহনযুক্ত। { *স.* সু+পত্র; *বহু* }

সুপথ, সুপন্থা [শুপথ্, -পন্থা] *বি* সৎপথ; সদুপায় (সুপথে গমন)। { *স.* সু+পথ, পন্থা; *প্রাদি* }

সুপথ্য [শুপোত্থো] *বিণ* রোগীর জন্য উপযুক্ত উত্তম খাদ্য। { *স.* সু+পথ্য; *সুপ্সুপা* }

সুপদ্য [শুপোদ্দো] *ক্রিবিণ* সুন্দর তালে (সুপদ্য বাজে বাদ্য; মাদল মরজাদ্য—*ঘচ*)। { *স.* সু+পদ্য }

সুপরিকৃত [শুপোরিকৃকৃতো] *বিণ* ভালোরূপে পরীক্ষা করা হয়েছে এমন। { *স.* সু+পরিকৃত }

সুপর্ণ [শুপরনো] *বিণ* ১ সুন্দর পাখাবিশিষ্ট। ২ সুন্দর পত্রযুক্ত। □ *বি* ১ গরুড়, মোরগ বা কুক্কুট। ২ স্বর্ণচুর পাখি। **সুপর্ণা, সুপর্ণী** *বি স্ত্রী.* ১ পদ্মিনী। ২ গরুড় মাতা। { *স.* সু+পর্ণ; *বহু* }

সুপর্বা [শুপর্বা] *বিণ* সুন্দরপর্বযুক্ত। □ *বি* বাঁশ। { সু+পর্ব; *বহু* }

সুপাচ্য [শুপাচ্চো] *বিণ* সহজে হজম হয় এমন; লঘুপাক। { *স.* সু+পাচ্য; *বহু* }

সুপাত্র [শুপাত্ত্রো] *বি* ১ উপযুক্ত ব্যক্তি। ২ বিবাহের জন্য যোগ্য বর। **সুপাত্রী** *স্ত্রী.*। { *স.* সু+পাত্র; *প্রাদি* }

সুপারগ [শুপারোগ] *বিণ* অতিশয় পারদর্শী বা সমর্থ (বিচারে সুপারগ ছিলেন—*সৈআ*)। { *স.* সু+পারগ }

সুপারি, সুপুরি [শুপারি, –পু–] *বি* সুপারি ফল বা গাছ; গুবাক; গুয়া; পান খাওয়ার সুপরিচিত উপকরণ; *Areca catechu*। { সূর্পারক(পশ্চিম ভারতের প্রাচীন বন্দরের নাম)> }

সুপারিন্টেন্ডেন্ট [সুপারিনটেন্‌ডেন্‌ট] *বি* তত্ত্বাবধায়ক; পরিচালক; অধ্যক্ষ। { *ই* superintendent }

সুপারিশ, সুপারিস [শুপারিশ্] *বি* কারো অনুকূলে কিছু অনুরোধ; recommendation (সুপারিসের জোরে চাকরি)। { *ফা.* সিফারিশ شفارش }

সুপার্শ্ব [সুপারশো] *বি* সুন্দর পার্শ্বভাগ। { *স.* সু+পার্শ্ব; *বহু* }

সুপুত্র [শুপুত্‌ত্রো] *বি* ১ ভালো বা উত্তম ছেলে। ২ গুণবান ছেলে। **কুপুত্র** *বিপ.*। { *স.* সু+পুত্র; *বহু* }

সুপুরুখ (*ব্র.*) [সুপুরুখ] *বি* ১ সুপুরুষ। ২ সুরসিক; বিদগ্ধ ব্যক্তি। ৩ সজ্জন (সুপুরুখ বিলসই সা বরনারী; সুপুরুখ না ছোড়ই রসবতী নারী; প্রেম করবি অব সুপুরুখ জানি—*বিপ*)। { *স.* সুপুরুষ> }

সুপুরুষ [শুপুরুশ] *বি* সুদর্শন পুরুষ। □ *বিণ* সুন্দর। { *স.* সু+পুরুষ; *বহু* }

সুপ্ত [শুপ্‌তো] *বিণ* ১ নিদ্রিত। ২ অচেতন (সুপ্ত প্রবৃত্তি)। **সুপ্তি** *বি* ১ তন্দ্রা। ২ ঘুম। ৩ স্বপ্ন (সুপ্তির গুণ্ঠন তালা—*সিজা*)। **সুপ্তোত্থিত** *বিণ* নিদ্রা অবস্থা থেকে জাগ্রত। { *স.* √স্বপ্+ত(ক্ত) }

সুপ্রকাশ [শুপ্‌প্রোকাশ] *বিণ* ১ সুন্দর বিকাশ। ২ স্পষ্টরূপে প্রকাশিত। { *স.* সু+প্রকাশ; *সুপ্সুপা* }

সুপ্রণালি [শুপ্‌প্রোনালি] *বি* উত্তম বিধি; উৎকৃষ্ট নিয়ম। { *স.* সু+প্রণালি; *সুপ্সুপা* }

সুপ্রজাবতী [শুপ্রোজাবোতি] *বিণ* অনেক সুসন্তান-প্রসবিনী। { *স.* সু+প্রজাবতী; *বহু* }

সুপ্রতিভা [শুপ্‌প্রোতিভা] *বি* ১ মার্জিত তীক্ষ্ণ বুদ্ধি। ২ অসামান্য বুদ্ধি। { *স.* সু+প্রতিভা; *সুপ্সুপা* }

সুপ্রতিষ্ঠ, সুপ্রতিষ্ঠিত [শুপ্রোতিশ্‌ঠো, -ঠিতো] *বিণ* ১ সুপ্রতিষ্ঠাযুক্ত বা শোভনভাবে স্থাপিত (সুপ্রতিষ্ঠিত শাসন-ব্যবস্থা)। ২ গৌরবসমন্বিত (সুপ্রতিষ্ঠিত সাহিত্যিক)। ৩ সম্মানিত। ৪ অর্থে–বিত্তে–মানে–যশে–প্রভাবে বা প্রতিপত্তিতে সমাজে স্বীকৃত ও সম্মানিত। **সুপ্রতিষ্ঠা** *বি* ১ অতিশয় প্রসিদ্ধি। ২ অত্যধিক সুখ্যাতি। { *স.* সু+প্রতিষ্ঠা, প্রতিষ্ঠিত; *বহু* }

সুপ্রতীক [শুপ্রোতিক্] *বি* ১ হিন্দু পুরাণোক্ত কামদেব। ২ কন্দর্প। ৩ ঈশান কোণের দিগ্‌গজ। □ *বিণ* সুন্দর অবয়ব বা সুদৃশ্য অঙ্গবিশিষ্ট। { *স.* সু+প্রতীক; *বহু* }

সুপ্রতীত [শুপ্রোতিতো] *বিণ* ভালোভাবে জ্ঞাত করানো হয়েছে এমন। { *স.* সু+প্রতীত; *সুপ্সুপা* }

সুপ্রতুল [শুপ্‌প্রোতুল্] *বি* ১ সুপ্রাচুর্য। ২ বরকত। ৩ ভাগ্য। □ *বিণ* প্রচুর; যথেষ্ট (এই হেতু ভাবিয়াছি সব সুপ্রতুল—*ঘচ*)। { *স.* সু+প্রতুল; *সুপ্সুপা* }

সুপ্রভ [শুপ্‌প্রোভো] *বিণ* উজ্জ্বল; দীপ্তিময়। **সুপ্রভা** *স্ত্রী.*। { *স.* সু+প্রভা; *বহু* }

সুপ্রভাত [শুপ্‌প্রোভাত্] *বি* ১ শুভপ্রাতঃকাল। ২ (*আল.*) সৌভাগ্যের উদয়। ৩ অভিবাদনবিশেষ; good morning। □ *বিণ* অতিশয় দীপ্তিশালী। { *স.* সু+প্রভাত; *সুপ্সুপা* }

সুপ্রযুক্ত [শুপ্রোজুক্‌তো] *বিণ* যথাযথভাবে বা সঠিকভাবে ব্যবহার বা প্রয়োগ করা হয়েছে এমন। { *স.* সু+প্রযুক্ত; *সুপ্সুপা* }

সুপ্রয়োগ [শুপ্রোয়োগ] *বি* সঠিক নিয়োগ; উপযুক্ত ব্যবহার। □ *বিণ* ১ উত্তম দৃষ্টান্ত। ২ সুনিযুক্ত; সঠিকভাবে বা উত্তমরূপে প্রযুক্ত বা ব্যবহৃত। { *স.* সু+প্রয়োগ; *সুপ্সুপা* }

সুপ্রলাপ [শুপ্রোলাপ] *বি* (*ব্য.*) অনর্থক বাক্য কথন। { *স.* সু+প্রলাপ; *সুপ্সুপা* }

সুপ্রশস্ত, সুপ্রসারিত [শুপ্‌প্রোশোস্‌তো, –শারিতো] *বিণ* ১ অতিশয় প্রসারিত। ২ অত্যধিক লম্বাচওড়া। ৩ অতি উত্তম। { *স.* সু+প্রশস্ত; প্রসারিত; *বহু* }

সুপ্রসন্ন [শুপ্‌প্রোশোন্‌নো] *বিণ* ১ অনুকূল; অতিশয় সদয় (ভাগ্য সুপ্রসন্ন)। ২ শান্ত; নির্মল (সুপ্রসন্নচিত্ত)। { *স.* সু+প্রসন্ন; *প্রাদি* }

সুপ্রসব [শুপ্রোশব] *বি* সহজে বা নিরাপদে প্রসব। { *স.* সু+প্রসব; *সুপ্সুপা* }

সুপ্রসাদ [শুপ্রোশাদ] *বি* ১ বিশেষ অনুগ্রহ। ২ আত্মতুষ্টি। { *স.* সু+প্রসব; *সুপ্সুপা* }

সুপ্রসিদ্ধ [শুপ্রোশিদ্‌ধো] *বিণ* ১ নামজাদা; মশহুর (সুপ্রসিদ্ধ লোক)। ২ খ্যাতিসম্পন্ন। **সুপ্রসিদ্ধা** *স্ত্রী.*। **সুপ্রসিদ্ধি** *বি* সুখ্যাতি; নামডাক। { *স.* সু+প্রসিদ্ধ; *সুপ্সুপা* }

সুপ্রাপ্য [শুপ্রাপ্‌পো] *বিণ* সহজে পাওয়া যায় এমন; সহজপ্রাপ্য; সুলভ। { *স.* সু+প্রাপ্য; *সুপ্সুপা* }

সুপ্রিম কোর্ট [সুপ্‌প্রিম্ কোরট্] *বি* রাষ্ট্র বা দেশের সর্বোচ্চ আদালত বা বিচারালয়। { *ই* supreme court }

সুপ্রিয় [শুপ্‌প্রিয়ো] (*অশুপ্র*) *বিণ* অত্যধিক আদরণীয়; অতিশয় প্রিয়; beloved। { *স.* সু+প্রিয়; *সুপ্সুপা* }

সুপ্রীত [শুপ্‌প্রিতো] *বিণ* অতিশয় সন্তুষ্ট। { *স.* সু+প্রীত }

সুপ্‌সুপা [শুপ্‌শুপা] *বি (ব্যা.)* সংস্কৃত সমাসবিশেষ, যেখানে পূর্বপদ ও পরপদ উভয়ই সুবন্ত অর্থাৎ বিভক্তিযুক্ত। { *স.* সুপ্+সুপ্+আ}

সুফল [শুফল্] *বি* ১ সুপরিণাম। ২ ভালো ফল। ৩ কার্যসিদ্ধি। □ *বিণ* অধিক ফলোৎপাদক। **কুফল** *বিপ.*। **~প্রদ, ~প্রসূ** *বিণ* কল্যাণকর বা শুভ ফল দান করে এমন। **সুফলা** *বিণ স্ত্রী.* উত্তমরূপে ফলবতী; উৎকৃষ্ট ফলযুক্তা। □ *বি* ১ এক ধরনের দ্রাক্ষা। ২ কলা। { *স.* সু+ফল; *বহু* }

সুফি, সুফী [সুফি] *বিণ* ধার্মিক (*ইঁহাদের একজনের সুফী বলিয়া খ্যাতি ছিল—আমআ*)। □ *বি* মুসলিম মরমি সাধক। { *আ.* সূফী صوفى }

সুফেদ, সফেদ [সুফেদ্, সফেদ্] *বি* সাদা; শ্বেত (সুফেদ তরুর সবুজ তুলি মায়া কাজল ভরে—*সদ*)। { *ফা.* সফেদ سفيد }

সুফেন [শুফেন্] *বি* সাগরের ফেনা। { *স.* সু+ফেন; *সুপ্‌সুপা*}

সুবঙ্কিম [শুবোঙ্‌কিম্] *বিণ* বাঁকা ও মনোহর। { *স.* সু+বঙ্কিম; *সুপ্‌সুপা*}

সুবচন [শুবচোন্] *বি* ১ হিত বাক্য। ২ শোভন উক্তি। { *স.* সু+বচন; *বহু* }

সুবচনী [শুবচোনি] *বি* হিন্দুদের দেবীবিশেষ। □ *বিণ* মিষ্টভাষিণী। { *স.* সুবচন+ঈ}

সুবদন [শুবদোন্] *বি* সুন্দর মুখমণ্ডল। □ *বিণ* সুন্দর মুখমণ্ডলবিশিষ্ট। **সুবদনা, সুবদনী** *বিণ স্ত্রী.* সুন্দরী। { *স.* সু+বদন; *বহু* }

সুবন্ত [সুবন্‌তো] *বিণ* সংস্কৃত শব্দের শেষে সুপ্ বিভক্তি থাকলে তাদের সুবন্ত পদ বলে। { *স.* সুপ্+অন্ত; *বহু* }

সুবন্ধ [সুবন্‌ধো] *বি* যত্ন। **সুবন্ধে** *ক্রিবিণ* সযত্নে (সুবন্ধে রাখম কাছে—*কয়ু*)। { *স.* সু+বন্ধ; *বহু* }

সুবন্ন [শুবন্‌নো] *বি* সুবর্ণ; স্বর্ণ। { *স.* সুবর্ণ>সুবন্ন}

সুবর্ণ [শুবর্‌নো] *বিণ* ১ সোনা। ২ স্বর্ণের পরিমাণবিশেষ; ১৬ মাষা। ৩ সুন্দর রং বিশিষ্ট। ৪ উত্তম (সুবর্ণ সুযোগ)। ৫ সুন্দর অক্ষরবিশিষ্ট। ৬ শ্রেষ্ঠ জাতিতে উৎপন্ন। **~কদলী** *বি* চাঁপা কলা। **~কমল** *বি* লাল পদ্ম। **~কমলিনী** *বি স্ত্রী.* সুন্দরী নারী। **~কার** *বি* স্বর্ণকার; সেকরা; সোনারু; যে গহনা তৈরি করে। **~খচিত** *বিণ* স্বর্ণ সুশোভিত। **~গঠিত, ~নির্মিত** *বিণ* সোনা দিয়ে তৈরি। **~গর্ভা** *বিণ স্ত্রী.* ১ সুসন্তানের গর্ভধারিণী। ২ স্বর্ণপ্রসবা। **~জয়ন্তী** *বি* পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষে উৎসব। **~দ্বীপ** *বি* সুমাত্রা দ্বীপ। **~পক্ষা** *বিণ স্ত্রী.* সোনার পক্ষযুক্তা। **~পদ্ম** *বি* সোনার তৈরি পদ্ম। **~প্রতিমা** *বি* সোনার মতো ছবি; সোনার মূর্তির মতো অবয়ব; সোনার মূর্তি। **~বণিক** *বি* সোনার বেনে; হিন্দু সম্প্রদায়বিশেষ। **~ময়** *বিণ* সোনায় পূর্ণ; স্বর্ণমণ্ডিত; স্বর্ণে প্রস্তুত। **~সুযোগ** *বিণ* উত্তম সুযোগ বা সুবিধে; golden opportunity। **~লতা** *বি* ১ স্বর্ণলতা। ২ স্বর্ণকান্তি নারী। ৩ আলোকলতা। { *স.* সু+বর্ণ; *বহু* }

সুবলিত [শুবোলিতো] *বিণ* ১ সুগঠিত (নিতম্ব পীবর রম্ভা; উরু সুবলিত—*সাখা*)। ২ শক্তিমান; বলশালী (সুবলিত ভুজ—*ভারা*)। { *স.* সুবল+ইত(ইতচ)}

সুবহ [শুবহো] *বিণ* অনায়াসে বহনযোগ্য। { *স.* সু+বহ}

সুবহ, সুবে, সুবহে [সুবহ্, সুবে, –বহে] *বি* প্রাতঃকাল; প্রত্যুষ। **~উম্মিদ** *বি* আশার প্রভাত; আশার আলো (সুবহে উম্মিদ হেরিয়ে দিয়াছে—*সুকা*)। **~কাজিব/কাযিব** *বি* কপট প্রভাত; ভোরের পূর্বে অল্পক্ষণের জন্য পূর্বাকাশে যে আলোর রেখা দেখিতে পাওয়া যায় (সুবে কাযিবের দ্যুতি মনে লৈ শংকাহত প্রাণে ঘন অন্ধকারে ফের মুছে গেল নীরন্ধ্র আকাশ—*ফজা*)। **~সাদেক** *বি* বাঞ্ছিত শুভ, ভোর; উষাকাল; প্রাতঃকাল; যখন প্রথম সূর্যকিরণ আভা পূর্ব গগনে দৃষ্টিগোচর হয় (আলো করি সুবেহ সাদেক শিখিল বিশ্ব উষা নেমে এলে—*ফজা*)। হিন্দুদের ব্রাহ্মমুহূর্ত। **~শাম** *বি* সকাল সন্ধ্যা (মোল্লারা সুবে শাম ভালো ভালো কেতাব-পুঁথি পড়েন—*সৈমু*)। { *আ.* সুবাহ্ صبح }

সুবহান আল্লাহ, সুভানাল্লা (*বিরল*) [সুবহান্‌আল্‌লাহ্, সুভানাল্–] *অব্য* আল্লাহর মহিমা ঘোষণা করি (নাম জপে তসবীহ্ পড়াতে ও বিস্ময় প্রকাশে ব্যবহৃত)। { *আ.* সুবহান আল্লাহ্ سبحان الله }

সুবা, সুবে, সুবাহ [সুবা, –বে, –বাহ্] *বি* প্রদেশ; province; বাদশাহি আমলে দেশের রাজনৈতিক বিভাগ (সুবে বাংলা)। **~জাত** *বি* প্রদেশসমূহের (কাম্বিরা উপস্থিত ছিল ইহাতে সুবাজাতের তহশিল তাগাদা কিছু হইয়াছিল—*রাম*)। **~দার** *বি* ১ প্রাদেশিক শাসনকর্তা। ২ নবাব। ৩ সৈন্যদলে একটি পদের নাম। **~দারি, ~দারী** *বি* সুবেদারের কাজ। { *ফা.* সুবাহ্ صوبه }

সুবাক্য [শুবাক্‌কো] *বি* ভালো বা সুমিষ্ট কথা। { *স.* সু+বাক্য; *সুপ্‌সুপা*}

সুবাতাস [শুবাতাশ্] *বি* অনুকূল বায়ু (মনের পাল সুবাতাসে ভরে উঠলো—*অঠা*)। { *স.* সু+ *স.* বাত>বাতাস; সুপ্‌সুপা}

সুবাদ [শুবাদ্] *বি* সম্পর্ক (গ্রাম সুবাদে চাচা গ্রাম সুবাদে মামা)। { *স.* সু+বাদ}

সুবাস [শুবাশ্] *বি* ১ সুরভি; সুগন্ধ; খুশবু (ফুলের সুবাস)। ২ উত্তম নিবাস। □ *বিণ* সৌরভযুক্ত। **সুবাসিত** *বিণ* সুরভিত; সুরভিযুক্ত। **সুবাসিনী** *বি, স্ত্রী.* ১ সুগন্ধযুক্তা নারী। ২ পিত্রালয়ে অবস্থানরতা স্ত্রী। { *স.* সু+বাস; *প্রাদি* }

সুবিচার [শুবিচার্] *বি* ন্যায্য মীমাংসা; ইনসাফ; উত্তম ব্যবস্থা। **সুবিচারক** *বিণ* ন্যায় বিচারকারী। { *স.* সু+বিচার; *সুপ্‌সুপা*}

সুবিজ্ঞাত [শুবিগ্‌গ্যাতো] *বিণ* উত্তমরূপে জানা গেছে এমন। { *স.* সু+বিজ্ঞাত}

সুবিদিত [শুবিদিতো] *বিণ* ১ ভালোরূপে জানা গেছে এমন; সুবিজ্ঞাত; উত্তমরূপে জ্ঞাত। ২ প্রসিদ্ধ; সুপরিজ্ঞাত। { *স.* সু+বিদিত; *সুপ্‌সুপা*}

সুবিধা [শুবিধা] *বি* ১ সুযোগ। ২ আনুকূল্য। ৩ মঙ্গল; কল্যাণ (এতে তোমার সুবিধা হবে না)। **~বাদী** *বিণ* নিজের স্বার্থ ও সুযোগ বুঝে কাজ করে এমন। { *স.* সু+বিধা; *সুপ্‌সুপা*}

সুবিধান [শুবিধান্] *বি* ১ উত্তম নিয়ম। ২ প্রতিকার; সুব্যবস্থা। **সুবিধি** *বি* সুন্দর বিধান; সুনিয়ম। { *স.* সু+

বিধান; *প্রাদি*}

সুবিধি [শুবিধি] *বি* উৎকৃষ্ট নিয়ম বা বিধান। {*স.* সু+বিধি; *প্রাদি*}

সুবিনয় [শুবিনয়] *বি* অতি নম্রতা বা বিনয়। **সুবিনীত** *বিণ* ১ সুশিক্ষিত। ২ বিনীত; বিনম্র; সংযত। {*স.* সু+বিনয়; *সুপ্‌সুপা*}

সুবিন্যস্ত [শুবিন্‌নস্‌তো] *বি* ১ সুশৃঙ্খলভাবে সজ্জিত। ২ উত্তমরূপে স্থাপিত। {*স.* সু+বিন্যস্ত; *বহু*}

সুবিন্যাস [শুবিন্‌ন্যাশ] *বি* ১ উত্তমরূপে স্থাপন বা রক্ষণ। ২ সুন্দরভাবে সজ্জা (কেশবিন্যাস)। {*স.* সু+বিন্যাস; *সুপ্‌সুপা*}

সুবিপুল [শুবিপুল] *বিণ* ১ বিশাল; অতিবৃহৎ। ২ প্রশস্ত। ৩ সুগভীর; অগাধ। ৪ মহৎ; উদার। **সুবিপুলা** *স্ত্রী*। {*স.* সু+বিপুল; *সুপ্‌সুপা*}

সুবিমল [শুবিমল] *বিণ* খুব নির্মল। {*স.* সু+বিমল; *সুপ্‌সুপা*}

সুবিশাল [শুবিশাল] *বিণ* অত্যধিক বড় বা ব্যাপক (সুবিশাল পর্বতমালা)। {*স.* সু+বিশাল; *সুপ্‌সুপা*}

সুবিস্তীর্ণ, সুবিস্তৃত [শুবিস্‌তির্‌নো, –ত্রিতো] *বিণ* সুপ্রশস্ত; ব্যাপকভাবে প্রসারিত। {*স.* সু+বিস্তীর্ণ, বিস্তৃত}

সুবিহিত [শুবিহিতো] *বিণ* ১ যথোচিত সুশৃঙ্খলভাবে কৃত। ২ সুনিষ্পন্ন। □*বি* উত্তম বিধান বা ব্যবস্থা। {*স.* সু+বিহিত; *সুপ্‌সুপা*}

সুবীর [শুবির] *বিণ* মহাবীর। {*স.* সু+বীর; *প্রাদি*}

সুবুদ্ধি [শুবুদ্‌ধি] *বিণ* সৎবুদ্ধিসম্পন্ন (সুযোগ্য সুবুদ্ধি এবং সুরূপ বলিয়া সমাদর করিত— *রঠা*)। □*বি* শুভবুদ্ধি; সৎবুদ্ধি; ভালো বুদ্ধি। {*স.* সু+বুদ্ধি; *বহু*}

সুবৃষ্টি [শুবৃশ্‌টি] *বি* ভালো বৃষ্টি; শুভকর বৃষ্টি। {*স.* সু+বৃষ্টি; *সুপ্‌সুপা*}

সুবৃহৎ [শুবৃহত্] *বিণ* খুব বড়; সুবিশাল। {*স.* সু+বৃহৎ; *সুপ্‌সুপা*}

সুবে ⇒ সুবহ্

সুবেশ [শুবেশ] *বি* ভালো সাজ। □*বিণ* উত্তম সাজযুক্ত। **সুবেশা** *বিণ স্ত্রী*। **সুবেশী** *বিণ* উত্তম পরিচ্ছদবিশিষ্ট। {*স.* সু+বেশ; *বহু*}

সুবোধ [শুবোধ] *বি* সৎবুদ্ধি যুক্ত। □*বিণ* ১ (*বা.*) শান্তশিষ্ট ও আজ্ঞাবহ (সুবোধ বালক)। ২ অতিশয় বুদ্ধিমান। {*স.* সু+বোধ; *বহু*}

সুবোধ্য [শুবোদ্‌ধো] *বিণ* সহজে বোঝা যায় এমন। {*স.* সু+বোধ্য; *সুপ্‌সুপা*}

সুব্যক্ত [শুব্যাক্‌তো] *বিণ* ১ সুপ্রকাশিত। ২ স্পষ্টভাবে উদ্‌ঘাটিত। ৩ স্পষ্টরূপে পরিস্ফুট। {*স.* সু+ব্যক্ত; *সুপ্‌সুপা*}

সুব্যবস্থা [শুব্যাবোস্‌থা] *বি* ১ ভালো বন্দোবস্ত; উত্তম ব্যবস্থা। ২ সুন্দর নিয়ম। ৩ সুরাহা। **সুব্যবস্থিত** *বিণ* উত্তম ব্যবস্থাযুক্ত। {*স.* সু+ব্যবস্থা; *প্রাদি*}

সুব্রত [শুব্‌ব্রোতো] *বি* ১ যথাযথ নিয়মে ব্রত অনুষ্ঠানকারী। ২ ধর্মপরায়ণ। **সুব্রতা**[১] *স্ত্রী*। {*স.* সু+ব্রত; *বহু*}

সুব্রতা[২] [শুব্‌ব্রোতা] *বি স্ত্রী* ১ পতিব্রতা। ২ যে গাভী অনায়াসে দোহন করা যায়। {*স.* সুব্রত+আ(টাপ্); *বহু*}

সুব্রহ্মণ্য [শুব্রোম্‌হোন্‌নো] *বিণ* অতিশয় ব্রহ্মণ্য তেজযুক্ত। {*স.* সু+ব্রহ্মণ্য; *সুপ্‌সুপা*}

সুব্রাহ্মণ [শুব্রাম্‌হোন্] *বি* সর্বগুণসমন্বিত ব্রাহ্মণ। {*স.* সু+ব্রাহ্মণ; *সুপ্‌সুপা*}

সুভগ [শুভগো] *বিণ* ১ ভাগ্যবান। ২ প্রিয়। ৩ নয়নমুগ্ধকর। **সুভগা** *বি স্ত্রী*, পতিব্রতা রমণী। □*বিণ* সৌভাগ্যবতী। {*স.* সু+ভগ; *বহু*}

সুভদ্র [শুভদ্‌দ্রো] *বিণ* ১ অত্যন্ত ভদ্র; শরিফ। ২ সৌভাগ্যবান। ৩ উত্তম। {*স.* সু+ভদ্র; *বহু*}

সুভদ্রা [শুভদ্‌দ্রা] *বি স্ত্রী*, মহাভারতে চিত্রিত অর্জুনপত্নী। {*স.* সু+ভদ্রা; *বহু*}

সুভব্য [শুভোব্‌বো] *বিণ* শান্তশিষ্ট; শরিফ; অত্যন্ত ভদ্র; পরিশীলিত। {*স.* সু+ভব্য; *বহু*}

সুভাগিনী [শুভাগিনি] *বিণ স্ত্রী* ভাগ্যবতী। {*স.* সু+ভাগিনী; *বহু*}

সুভালাভালি [শুভালাভালি] *ক্রিবিণ* ভালোয় ভালোয়; নির্বিঘ্নে (সুভালাভালি ফিরে আসা)। {*স.* সু+*বা.* ভালোয়–ভালোয়>}

সুভাষ [শুভাশ] *বিণ* মধুরভাষী। **সুভাষিত** *বিণ* সুন্দরভাবে ব্যক্ত; বাকপটু; মধুরভাষী। □*বি* সুবচন; হিতোপদেশ। **সুভাষিতা** *বি স্ত্রী*, সুকথন (সুভাষিতাবলী ও মুখে মুখেই চলে—*প্রচৌ*)। **সুভাষী** (–ষিন্) *বিণ* মধুরভাষী। **সুভাষিণী** *স্ত্রী*। {*স.* সু+ভাষা; *বহু*}

সুভাস [শুভাশ] *বিণ* উজ্জ্বল; দীপ্তিসম্পন্ন। {*স.* সু+ভাস}

সুভিক্ষ [শুভিক্‌খো] *বি* ১ অন্ন ইত্যাদির প্রাচুর্য (কত ফসল কাটা কত ফসল নষ্ট হওয়া কত সুভিক্ষ এবং কত দুর্ভিক্ষ— *রঠা*)। ২ প্রচুর ভিক্ষা; যেখানে প্রচুর ভিক্ষা পাওয়া যায়। **দুর্ভিক্ষ** *বিপ*। {*স.* সু+ভিক্ষা; *বহু*}

সুভেষ [শুভেশ] *বিণ* সুভাষিণী; মিষ্টভাষিণী (চাতুরী সুভেষ বালা জাগায় অনঙ্গ কলা অঙ্গে অঙ্গে পরশি বিশেষ—*দৌবা*)। {*স.* সুভাষ>; *বহু*}

সুভ্রূ [শুভ্রু] *বি* সুন্দরী নারী যার ভ্রূযুগল মনোহর। {*স.* সু+ভ্রূ; *বহু*}

সুমঙ্গল [শুমঙ্‌গোল] *বি* পরম শুভ; অত্যন্ত কল্যাণ। {*স.* সু+মঙ্গল; *সুপ্‌সুপা*}

সুমত [শুমত] *বি* ১ সৎবুদ্ধি। ২ সৎপরামর্শ। {*স.* সু+মত; *বহু*}

সুমতি [শুমোতি] *বি* ১ সদিচ্ছা। ২ দয়া। ৩ সৎপ্রবৃত্তি। ৪ উত্তম বা সৎবুদ্ধি। {*স.* সু+মতি; *বহু*}

সুমধুর [শুমোধুর] *বিণ* ১ অত্যন্ত মিষ্ট; অতিশয় মধুর; সুমিষ্ট। ২ চিত্তাকর্ষক (সুমধুর ধ্বনি)। {*স.* সু+মধুর; *সুপ্‌সুপা*}

সুমধ্যম [শুমোদ্‌ধোম] *বিণ* সুন্দর কটিবিশিষ্ট। **সুমধ্যমা** *বিণ স্ত্রী*, কোমর সরু ও সুগঠিত এমন। {*স.* সু+মধ্যম; *বহু*}

সুমন [শুমন] *বি* ফুলবিশেষ; উত্তম মন যার; সুবুদ্ধিসম্পন্ন ব্যক্তি। {*স.* সু+মন; *বহু*}

সুমনা, সুমনাঃ [শুমনা, –নাহ্] *বি* ১ (*পু.*) বিদ্বান; জ্ঞানী পণ্ডিত ব্যক্তি। □*বিণ* মহাত্মা; সদাশয়; মহামানী। {*স.* সু+মনস্; *বহু*}

সুমনোহর [শুমনোহর] *বিণ* ১ মনের সন্তোষ সাধন করে

এমন। ২ বিশেষভাবে রমণীয় বা সুন্দর। {স. সু+মনোহর; সুপ্সুপা}

সুমন্ত্র [শুমন্ত্রো] *বি* রামায়ণে উক্ত দশরথের মন্ত্রী ও তার সারথি। {স. সু+মন্ত্র; বহু}

সুমন্ত্রণা [শুমন্ত্রোনা] *বি* সৎপরামর্শ; নসিহত। {স. সু+মন্ত্রণা; সুপ্সুপা}

সুমন্দ [শুমন্দো] *বি* মৃদুমন্দ; মন্দ মন্দ; ধীরগতি (সুমন্দ পবন, সুমন্দ হাসি)। {স. সু+মন্দ; সুপ্সুপা}

সুমরন [শুমরন] *বি* স্মরণ। **সুমরইত** *অক্রি* মনে করতে করতে (মাধব সুমরইত সুন্দরী ভেলি—*বিপ*)। **সুমরি** *অক্রি* স্মরণ করে (সুমরি পুরব নেহা—*বিপ*)। {স. স্মরণ>}

সুমসাম [সুমসাম্] *বিণ* নিঝঝুম; নীরব; নিস্পন্দ (যদি সব সুমসাম, তুমি কেন কাঁদ আর—*নই*)। {⇒ **সুনসান**}

সুমহৎ, সুমহান [শুমহোত্, -মহান্] *বিণ* ১ অত্যধিক উন্নত। ২ অতিশয় উদার। ৩ অতিশয় গৌরবপূর্ণ। **মহতী** *বিণ স্ত্রী*। {স. সু+মহৎ, মহান; সুপ্সুপা}

সুমার ⇒ শুমার

সুমালী [শুমালি] *বি* রাক্ষসদের আদি পুরুষ। {স. সু+মালী}

সুমিত [শুমিতো] *বিণ* অতিশয় অল্প; সংযত (উপমা অলঙ্কার ইত্যাদির প্রয়োগ তো সুমিত—*সুদ*)। **সুমিতি** *বি* পরিমাণমতো হওয়া (সব ব্যাপারে সুমিতিই এর স্বাভাবিক গুণ—*আআআ*)। {স. সু+মিত; সুপ্সুপা}

সুমিত্রা [শুমিত্ত্রা] *বি স্ত্রী*. রামায়ণোক্ত লক্ষ্মণের জননী; দশরথের কনিষ্ঠা মহিষী। {স. সুমিত্র+আ; বহু}

সুমিষ্ট [শুমিশ্টো] *বিণ* ১ মিষ্টি স্বাদযুক্ত। ২ সুমধুর। ৩ শ্রুতিমধুর (সুমিষ্ট গান)। ৪ অতিশয় মধুর (সুমিষ্ট হাসি)। {স. সু+মিষ্ট; সুপ্সুপা}

সুমুখ১ [শুমুখ] *বিণ* সুন্দর মুখমণ্ডলযুক্ত; সুবদন; সুন্দর চেহারাবিশিষ্ট। {সু+মুখ; বহু}

সুমুখ২ [শুমুখ্] *বি* সম্মুখ; সামনে (সুমুখ দিয়ে চলে গেল)। {স. সম্মুখ>}

সুমুদ্দুর ⇒ সমুদ্র

সুমুন্দি [শুমুন্দি] *বি* সম্বন্ধী; স্ত্রীর বড় ভাই; শ্যালক; গালিবিশেষ (জানিস ওর এই খোঁড়া পাটায় লাঠির বাড়ি মারে বাপ তো না সুমুন্দি—*অচিসে*)। {স. সম্বন্ধী>}

সুমেধাঃ [শুমেধাহ্] *বিণ* অত্যন্ত বুদ্ধিসম্পন্ন; উত্তম বোধশক্তি স্মৃতিশক্তি বা ধারণাশক্তিসম্পন্ন। {স. সু+মেধাঃ; বহু}

সুমেরু [শুমেরু] *বি* ১ একটি পৌরাণিক পর্বতের নাম (কামনা বুঝি কনক ধুনী সুমেরু চূড়া লঙ্ঘিতে—*সদ*)। ২ (*ভূগো.*) পৃথিবীর উত্তর সীমা; উত্তর মেরু; north pole। ~**বৃত্ত** *বি* যে কাল্পনিক রেখা পৃথিবীকে উত্তর মেরু থেকে ২৩½° অক্ষাংশ দূরে বেষ্টন করে আছে। {স. সু+√মি+রু}

সুযন্ত্রণা [শুজন্ত্রোনা] *বি* বাদ্যযন্ত্রের বাজনা (সুযন্ত্রণা সুরাগ যেই ক্ষণে শুনএ। ভাবেতে মোহি বিকলিত হএ—*দৌবা*)। {স. সু+যন্ত্রণা; সুপ্সুপা}

সুযাত্রা [শুজাত্ত্রা] *বি* মঙ্গল যাত্রা বা শুভযাত্রার আরম্ভ। {স. সু+যাত্রা; সুপ্সুপা}

সুযুক্তি [শুজুক্তি] *বি* ১ ভালো পরামর্শ। ২ উত্তম যোজনা। ৩ ভালো যুক্তি। {স. সু+যুক্তি; সুপ্সুপা}

সুযুত [শুজুতো] *বিণ* জুতসই; সংশোধিত (যদি এত বেত্রাঘাতে সুযুত না হইল—*বচ*)। {সু+যুত}

সুযোগ [শুজোগ্] *বি* ১ সুবিধা; উত্তম সময়। ২ অবসর। ৩ সংযোগ। ~**সন্ধানী** *বিণ* সুবিধা খুঁজে বেড়ায় এমন। {স. সু+যোগ; সুপ্সুপা}

সুযোগ্য [শুজোগ্গো] *বিণ* সব দিক দিয়ে উপযুক্ত; অত্যন্ত যোগ্যতাসম্পন্ন (পিতার সুযোগ্য পুত্র)। **সুযোগ্যা** *বিণ স্ত্রী*। {স. সু+যোগ্য; বহু}

সুযোজনা [শুজোজোনা] *বি* সুন্দররূপে যোগসাধন (শব্দের সঙ্গে শব্দের সুযোজনায় পাই ভাষা—*আশ*)। {স. সু+যোজনা; সুপ্সুপা}

সুযোধন [শুজোধন্] *বি* যুধিষ্ঠিরের দেওয়া দুর্যোধনের আদরের নাম। ❑ *বিণ* যুদ্ধে পারদর্শী এমন। {স. সু+√যুধ্+অন(ল্যুট্); বহু}

সুয়া, সুয়ো [শুয়া, -য়ো] *বিণ* সোহাগিনী; আদরের। ❑ *বি* ১ শুক পাখিবিশেষ। ২ টিয়া পাখি। {সোহাগী>সোয়াঈ> সুয়া, সুয়ো}

সুর১ [শুর] *বি* ১ স্বর বা ধ্বনি (নিঝুম রাতের বাঁশের বাঁশীর সুরে—*জউ*)। ২ কণ্ঠস্বর (নাকি সুর)। ৩ সঙ্গীতের তাল। ৪ মিল (সুরের ঠিক নেই)। ৫ মত (এখন তার সুর বদলেছে)। ~ **তোলা** *ক্রি* ১ এক ধরনের কথা বলা। ২ মিলিতভাবে কথা তোলা। ~ **বদলানো** *ক্রি* কথার মোড় ঘুরিয়ে দেওয়া। ~**বাহার** *বি* বীণা জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। ~**বোধ** *বি* সঙ্গীতের তাল ইত্যাদি সম্বন্ধে জ্ঞান। ~**লাপ** *বি* গানের সুর ও রাগ-রাগিণী ভাঁজা। {স. √সু+র(ক্রন্)}

সুর২ [শুর] *বি* ১ দেবতা; অমর। ২ সূর্য। ৩ সূত্র (একই সুরে গ্রথিত)। ৪ জ্ঞানী। -**কন্যা** *বি* দেবকন্যা। -**গুরু** *বি* বৃহস্পতি। ~**তরু** *বি* কল্পবৃক্ষ। -**ধুনী** *বি* স্বর্গের নদী; গঙ্গা (বচব সুরধুনী তীরে আমার সুরের উর্বশীরে—*নই*)। ~**ধুনী ধারা** *বি* গঙ্গার স্রোত (অয়ি সুরধুনীধারা—*সদ*)। ~**নদী** *বি* গঙ্গা; প্রস্রবণ; স্রোতোধারা (ওরে এ কোন স্নেহসুরধনী নামল আমার সাহারায়—*নই*)। -**পতি** *বি* ইন্দ্র। -**পুর** *বি* স্বর্গ; অমরাবতী। -**বালা** *বি স্ত্রী*. দেবকন্যা। ~**যোষা** *বি* স্বর্গীয় নারী (সুরযোষা উর্বশীর অলীক সন্ধানে—*মোম*)। -**লোক** *বি* অমর লোক বা স্বর্গ। ~**সুন্দরী, সুরাঙ্গনা** *বি* ১ স্বর্গের অপ্সরা। ২ দেবাঙ্গনা। ৩ ঊষা (কনক উদয়াচলে তুমি দেখা হে সুরসুন্দরী—*মদ*)। ৪ দুর্গা; ভগবতী; দেবকন্যা। **সুরাসুর** *বি* দেবতা ও দানব। {স. √সুর+অ(ক)}

সুরকি, সুরখি, সুর্খী [শুরকি, -খি, -] *বি* ১ ইটের গুঁড়া (কোন সিন্দুকে সুরকির গুঁড়া—*মীম*)। ২ লালিমা (ঝুরে সুর্খীর ঘন লালী উষ্ণীষ ইরানী দূরানী তুর্কীর—*নই*)। {ফা. সুর্খী سرخی}

সুরক্ষিত [শুরোক্খিতো] *বিণ* ১ সংরক্ষিত; যত্নে রাখা হয়েছে এরূপ। ২ সবরকম বিপদ-আপদ থেকে মুক্ত। ৩ সুন্দরভাবে পালিত। ৪ উত্তমরূপে রক্ষিত। {স. সু+√রক্ষ্+ত(ক্ত)}

সুরঙ্গ, সুড়ঙ্গ [শুরঙ্গো, -ড়-] *বিণ* ১ অতি উজ্জ্বল রংবিশিষ্ট (যদ্যপি কনক অসি দেখিতে সুরঙ্গ কোথাও কাটিছে কেবা আপনার অঙ্গ—*দৌবা*)। ☐ *বি* সিঁধ। { *স.* সু+রঙ্গ; বহু }

সুরঙ্গী [শুরোঙ্‌গি] *বিণ* সুন্দর; মনোহর (চলনভঙ্গী অতি সুরঙ্গী—*চদা*)। { *স.* সুরঙ্গ+ইন(ইনি) }

সুরজ [শুরজ] *বি* সূর্য। { *স.* সূর্য>(স্বরাগমে) সুরয>সুরজ }

সুরঞ্জিত [শুরোন্‌জিতো/-ত্] *বিণ* ১ ভালোরূপে রং করা। ২ কোনো কিছুকে খুব বাড়িয়ে বলা। { *স.* সু+রঞ্জিত }

সুরট, সুরাট, সুরাটী [শুরট্, -রা-, -টি] *বি* ১ সুরাটে প্রচলিত রাগিণীবিশেষ। ২ ভারতের নগরবিশেষ { *স.* সুরাষ্ট্র> }

সুরত[১], **সুরৎ, সুরত, সুরাত** [সুরত্, -, -, -রা-] *বি* ১ চেহারা; আকৃতি। ২ রূপ। ৩ প্রকার; রকম; উপায় (কি সুরতে কাজটি করা যায়)। ৪ প্রতিকৃতি; আলেখ্য। ৫ ধরন; ঢং; প্রকৃতি। ৬ অবস্থা। ৭ মূর্তি। ~**ওয়ালি** *বিণ* রূপসী; রূপ আছে এমন (প্রিয়ার মতন ও মদ মদির সুরতওয়ালী ধরতে দাও—*নই*)। ~ **বদলানো** *ক্রি* চেহারা পরিবর্তন করা। ~**হাল** *বি* পরিস্থিতি; অবস্থা; আদালতে এজাহার; ঘটনার প্রকৃত অবস্থা বা বর্ণনা। ~**জামাল** *বিণ* সুন্দর চেহারা (সুরাতজামাল জওয়ানির ঠোঁটে বেকার নওজোয়ান—*ফআ*)। { *আ.* সুরাত্ صورة }

সুরত[২] [শুরত] *বি* ১ রতিক্রীড়া; রমণ (কেহ বা সুরতে রত—*মদ*)। ২ সুখ। ৩ অতিশয় অনুরক্ত। **সুরতা** *বিণ* *স্ত্রী.* অত্যধিক অনুরক্ত। { *স.* সু+√রম্+ত(ক্ত); বহু }

সুরতি[১] [শুরোতি] *বি* কামকেলি; আলিঙ্গন (তবে ভুঞ্জিব আমি সুরতি শৃঙ্গার—*হেমা*)। { *স.* সু+√রম্+ত(ক্ত)+ই }

সুরতি[২], **সুর্তি**[১] [শুরতি] *বি* পানের সঙ্গে খাবার সুগন্ধি তামাক-গুঁড়া; সুখা। { *হি.* সুরতি }

সুরতি[৩], **সুর্তি**[২] [সুর্‌তি] *বি* চাঁদা তুলে জুয়াখেলা বা ভাগ্য-পরীক্ষার জন্য একপ্রকার জুয়া খেলা। { *পো.* sorte }

সুরধুনী, সুরনদী ⇒ সুর

সুরব [শুরব] *বি* ১ সুন্দর স্বর; মধুর ধ্বনি। ২ সুখ্যাতি। { *স.* সু+রব; সুপ্‌সুপা }

সুরবল্লি [শুরোবোল্‌লি] *বি* আয়ুর্বেদীয় ওষুধে ব্যবহৃত কষায় রসবিশিষ্ট একপ্রকার ছোট গাছ; *Oldenlandia umbellata*। { *স.* সুর+বল্লী }

সুরবাহার ⇒ সুর

সুরভি[১] [শুরোভি] *বি* ১ সুবাস; খুশবু; সৌরভ (কিসের মন মাতাল-করা সুরভিতে নেশা হয়ে সারা বনের গা টলছে—*নই*)। ২ সুগন্ধি দ্রব্যবিশেষ। ৩ চৈত্রমাস বা বসন্তকাল (সুরভি মাস, সুরভি সময়)। ৪ চম্পক, বকুল, কদম, জায়ফল ইত্যাদি বৃক্ষ। ☐ *বিণ* সুগন্ধ; সুবাসযুক্ত; সৌরভময়; সুবাসিত। { *স.* সু+√রভ্+ই(ইন্) }

সুরভি[২], **সুরভী** [শুরোভি] *বি* ১ স্বর্গের কামধেনুর নাম। ২ পৃথিবী। ৩ সুরা। { *স.* সুরভি+ই, ঈ }

সুরভিত [শুরোভিতো] *বিণ* সৌরভযুক্ত; সুগন্ধবিশিষ্ট। { *স.* সুরভ+ইত(ইতচ্) }

সুরমা[১], **সুর্মা** [শুরমা] *বি* চোখে লাগানোর পরিচিত হালকা নীল গুঁড়াবিশেষ (সুর্মা রেখার কাজল হরফ নয়নাতে আর লেখাবোনা—*নই*)। ~**দান,** ~**দানি** *বি* সুরমা রাখার ছোট পাত্রবিশেষ। { *ফা.* সুরমহ্ سرمه }

সুরমা[২] [শুরমা] *বিণ* *স্ত্রী.* অত্যন্ত রমণীয় বা মনোহরা। ☐ *বি* সিলেটের নদীবিশেষ। { *স.* সু+রমা }

সুরম্য [শুরোম্‌মো] *বিণ* ১ অতিশয় মনোহর (সুরম্য অট্টালিকা)। ২ অত্যন্ত সুন্দর। { *স.* সু+রম্য; সুপ্‌সুপা }

সুররিয়ালিজম [সুর্‌রিয়ালিজম্] *বি* পরাবাস্তববাদ; অধিবাস্তববাদ; বিংশ শতাব্দীর একটি মতবাদ, যাতে শিল্প-সাহিত্যে অবচেতন মনের অবস্থা প্রতিফলিত হয়। { *স.* surrealism }

সুরস [শুরশ্] *বি* মিষ্ট রসবিশেষ। ☐ *বিণ* স্বাদু; সুস্বাদবিশিষ্ট। { *স.* সু+রস; বহু }

সুরসাল [শুরশালো] *বি* অতিশয় রসযুক্ত। ☐ *বিণ* অত্যন্ত উপভোগ্য (সুরসাল গল্পগুজব)। { *স.* সু+রস; সুপ্‌সুপা }

সুরসিক [শুরোশিক্] *বিণ* ১ মার্জিত রসবোধসম্পন্ন। ২ উত্তম রসজ্ঞ; ভালোভাবে রস গ্রহণ করতে পারে এমন (সুরসিক লোক)। **সুরসিকা** *স্ত্রী.*। { *স.* সু+রসিক; বহু }

সুরা [শুরা] *বি* মদ্য; শরাব (সুরার সুরাহি ভেঙ্গে ফেল সাকী, আর নিশি নাহি বাকী—*নই*)। ~**জীব,** ~**জীবী** (-বিন্) *বি* মদের ব্যবসায়ী; শুঁড়ি। ~**ধারী** *বি* মদের কলস। **সুরাপ,** ~**পায়ী** *বিণ* মদ্যপানকারী; মদখোর। ~**পান** *বি* মদ্যপান। ~**পানোন্মত্ত,** ~**পানোদ্দীপ্ত** *বিণ* ১ মাতাল। ২ মদ পান করে উত্তেজিত। ~**রঞ্জিত** *বিণ* মদ্য সেবনে রক্তিম। ~**সক্ত** *বিণ* মদের প্রতি আকৃষ্ট। ~**সব** *বি* একপ্রকার মদ; মদের একপ্রকার অবস্থা। ~**সার** *বি* মদের সারাংশ; শোধিত মদ; স্পিরিট; alcohol। { *স.* √সু+র(ক্রন্)+আ(টাপ্) }

সুরাইয়া [সুরাইয়া] *বি* সপ্তর্ষিমণ্ডল তারকা (সুরাইয়া সম গগনচুম্বী লক্ষ্য তাদের হোক—*গোমো*)। { *আ.* ছুরাইয়া ثريا }

সুরাখ[১], **সুরাক** [শুরাখ, -ক্] *বি* গর্ত; ছিদ্র; সুড়ঙ্গ (সর্পের সুরাক যায়া দেখিল বিস্তর—*হেমা*)। { *ফা.* সূরাখ سوراخ }

সুরাখ[২] [শুরাখ্] *বিণ* ছিদ্রযুক্ত; ফুটা; ঝাঁঝরা (কবজা নিসাড়, কলিজা সুরাখ, খাক চুসে নীলা তাজ—*নই*)। { *ফা.* সুরাখ سراخ }

সুরাঙ্গনা, সুরাসুর ⇒ সুর

সুরাটি, সুর্তি [শুরাটি, -র্‌তি] *বি* সুরাট নগরের অধিবাসী। (তিনি পঞ্চাশজন সুর্তি নিয়ে বেরিয়ে পড়লেন—*জহা*)। { সুরাট+ই, > }

সুরালাপ ⇒ সুর[১]

সুরাসুর [শুরাশুর্] *বি* দেবতা ও অসুর (সুরাসুরে দ্বন্দ্ব)। { *স.* সুর+অসুর; দ্বন্দ্ব }

সুরাহা [শুরাহা] *বি* ১ সমাধান; সুপথ; সুবিধা (টাকা সুদে খাটিয়ে মহাজন করে আত্মপ্রকাশের সুরাহা—*সুদ*)। ২ সুগতি; সদুপায় ও ভালো ব্যবস্থা (একটা সুরাহা করতে পারলেই হয়)। { *স.* সু+*ফা.* রাহ راه }

সুরাহি, সুরাহী, সুরাই, সোরাহি, সোরাহী, সোরাই

[শুরাহি, –, –ই, শোরাহি, –, –ই] *বি* ১ কুজো (ফের বসে যায় সুরাহী পেয়ালা প্রিয়া নিয়ে—*সৈমু*)। ২ জলপাত্র বিশেষ। { *আ.* সুরাহী صراحی }

সুরী [শুরি] *বি* ১ দেবী। ২ মদ্যবিশেষ। { *স.* সুর+ঈ}

সুরু ⇒ শুরু

সুরুক, সুলুক [শুরুক, শুলুক] *বি* ১ পথ। ২ সন্ধান। ৩ ছিদ্র; রন্ধ্র। ৪ উপায়। ৫ সূত্র; clue। ৬ ব্যবহার। ~ **সন্ধান** *বি* ১ সন্ধান বা খোঁজ-খবর। ২ গোপন সূত্রের বা গুপ্ত বিষয়ের খোঁজ। { *আ.* সুলুক سلوك }

সুরুচি [শুরুচি] *বিণ* ১ মার্জিত রুচি বা পছন্দবিশিষ্ট। ২ সুন্দর রুচিসম্পন্ন। □ *বি* হিন্দু পুরাণোক্ত ধ্রুবের বিমাতা। ~**বান**, ~**সম্পন্ন** *বিণ* উৎকৃষ্ট রুচিসম্মত। { *স.* সু+রুচি; *বহু* }

সুরুজ [শুরুজ] *বি* সূর্য (চান সুরুজ আর গ্রহতারা)। { ⇒ সুরজ}

সুরুয়া ⇒ শুরুয়া

সুরূপ [শুরুপ] *বিণ* ১ সুদর্শন; রূপবান (সুযোগ্য সুবুদ্ধি এবং সুরূপ বলিয়া সমাদর—*রঠা*)। ২ জ্ঞানবান। **সুরূপা** *বিণ স্ত্রী.* সুন্দরী; রূপবতী (সুরূপা যত পাড়ার মেয়ে পদ্মপুকুরে গা ধুয়ে উঠে গেল—*অঠা*)। { *স.* সু+রূপ; *বহু* }

সুরেখা [শুরেখা] *বি* শুভসূচক লক্ষণ। { *স.* সু+রেখা}

সুরেণু [শুরেনু] *বি* অতি সূক্ষ্ম কণা বা গুঁড়া। { *স.* সু+রেণু}

সুরেন [শুরেন] *বি* 'সুরেন্দ্র'-এর সংক্ষেপ। { *স.* সুরেন্দ্র>}

সুরেন্দ্র [শুরেনদ্রো] *বি* হিন্দুদেবতা ইন্দ্র; দেবরাজ। { *স.* সুর+ইন্দ্র; ৬তৎ }

সুরেলা [শুরেলা] *বিণ* অত্যন্ত মধুর সুর বা স্বরযুক্ত। { *স.* সুর+ *বা.* এল+আ}

সুরেশ [শুরেশ] *বি* 'সুরেশ্বর'-এর সংক্ষেপ। { *স.* সুরেশ্বর>}

সুরেশ্বর [শুরেশশর] *বি* ১ মহাদেব। ২ শিব। ৩ ইন্দ্র। **সুরেশ্বরী** *বি স্ত্রী.* ১ ভগবতী দুর্গা। ২ গঙ্গা। { *স.* সুর+ঈশ্বর; ৬তৎ }

সুরোত্তম [শুরোত্তম] *বিণ* দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ। { *স.* সুর+উত্তম; ৬তৎ }

সুরোৎসব [শুরোতশব] *বি* প্রাচীন ভারতের স্ত্রী-পুরুষের সুরাপান উৎসববিশেষ। { *স.* সুরা+উৎসব}

সুর্কি, সুর্কী, সুরকী ⇒ সুরকি

সুর্খ [শুরখ] *বিণ* লাল বর্ণ (গাজী মোস্তফা কামালের সাথে জেগেছে তুর্কী সুর্খ তাজ—*নই*)। –**নূর** *বি* লাল আলো (সুবহ সাদিকের সুর্খ সুরে পূর্ব আসমান রাঙা হইয়া উঠিতেছে—*গোমো*)। { *ফা.* সুর্খ سرخ }

সুর্তি[১], **সূর্তি**[১], **সুরতি**[১] [সুরতি] *বি* ভাগ্যপরীক্ষামূলক খেলা বিশেষ; lottery (উঠল আমার সুর্তিতে নাম—*মুশ*)। { *পো.* sorte}

সুর্তি[২], **সুরতি**[২], **সূর্তি**, **সূর্তী** [সুরতি] *বি* ১ মসলাবিশেষ; জরদা। ২ সুগন্ধি তামাকবিশেষ। ৩ সুখা। { *হি* সুরতি}

সুর্মা ⇒ সুরমা

সুর্ষা, সুর্শা [শুরশা] *বি* শিকল আটকানোর জন্য ছিদ্রযুক্ত লৌহদণ্ড। { *স.* সুষির>}

সুলক্ষণ [শুলকখোন] *বি* ১ সৌভাগ্যের নিশানা বা চিহ্ন। ২ শুভসূচক লক্ষণ। □ *বিণ* শুভ লক্ষণযুক্ত। **সুলক্ষণা** *স্ত্রী.*। { *স.* সু+লক্ষণ; *বহু* }

সুলক্ষিত [শুলোকখিতো] *বিণ* ভালোভাবে লক্ষ করা হয়েছে এরূপ। { *স.* সু+লক্ষিত; *সুপ্‌সুপা* }

সুলগ্ন [সুলগনো] *বিণ* দৃঢ়ভাবে লগ্ন। { *স.* সু+লগ্ন; *সুপ্‌সুপা* }

সুলতান [সুলতান] *বি* ১ বাদশাহ; রাজা। ২ তুরস্কের পূর্বতন বাদশাহগণের উপাধিবিশেষ। **সুলতানা** *বি স্ত্রী.* বেগম (চাঁদ সুলতানা)। { *আ.* সুলতান سلطان }

সুলতানাত, সলতনৎ [সুলতানাত, –তনত] *বি* বাদশাহি; রাজত্ব (বাংলার স্বাধীন সুলতানাত প্রতিষ্ঠার অনুকূলে আবহাওয়া জোগাইয়াছিল—*মুশ*)। **সুলতানি** *বিণ* সুলতানবিষয়ক (পাতসাহী শিরপা সুলতানী সুলতানাৎ —*ভারা*)। □ *বি* সুলতানের পদ; সুলতানের রাজত্ব। { *আ.* সুলতানাত سلطنة }

সুলভ [শুলভ] *বিণ* ১ সহজ। ২ সস্তা। ৩ অল্প মূল্যে মেলে এমন। ৪ স্বাভাবিকভাবে ঘটে এরূপ (শিশুসুলভ)। **দুর্লভ** *বিপ.*। { *স.* সু+√লভ্+অ(খল)}

সুলম্ব [শুলমবো] *বিণ* বেশ লম্বা (সুলম্ব পরিচ্ছদ—*রঠা*)। { *স.* সু+লম্ব; *সুপ্‌সুপা* }

সুললিত [শুলোলিতো] *বিণ* ১ অতিশয় সুন্দর বা মনোহর (আজানুলম্বিত বাহু সুললিত—*ভারা*)। ২ অত্যন্ত কোমল ও মধুর। { *স.* সু+ললিত; *সুপ্‌সুপা* }

সুলিখিত [শুলিখিতো] *বিণ* উত্তমরূপে লিখিত বা অঙ্কিত; সুন্দররূপে রচিত; সুরচিত। { *স.* সু+লিখিত; *বহু* }

সুলুক ⇒ সুরুক

সুলুপ [শুলুপ] *বি* মাস্তুলের পালে চলা সমুদ্রগামী পোতবিশেষ (কোথায় সুলুপ পাল যুগধর্মে নত—*বিদে*)। { *পো.* sloop}

সুলেখ [শুলেখ] *বিণ* ১ সুন্দর লেখাবিশিষ্ট। ২ সুদৃশ্য লিপিযুক্ত। { *স.* সু+লেখ; *বহু* }

সুলেখক [শুলেখক] *বি* ১ উত্তম গদ্য রচয়িতা। ২ লেখক হিসেবে যার সুখ্যাতি আছে। ৩ যিনি সুন্দর হস্তাক্ষরে লেখেন। **সুলেখিকা** *স্ত্রী.*। { *স.* সু+লেখক; *সুপ্‌সুপা* }

সুলেমানি, সুলেমানী [সুলেমানি] *বি* হজরত সুলায়মান নবি সম্পর্কিত (সুলেমানী মণি থরে থরে—*সদ*)। □ *বিণ* হযরত সুলায়মান (আ.) দ্বারা উদ্ভাবিত বলে লোকবিশ্বাস। { *আ.* সুলায়মানী سليمانى }

সুলোচন [শুলোচোন] *বিণ* ১ সুন্দর নয়নবিশিষ্ট। **সুলোচনা** *স্ত্রী.*। { *স.* সু+লোচন; *বহু* }

সুলোচনা [শুলোচোনা] *বি স্ত্রী.* ১ চোখ দেখতে সুন্দর এমন। □ *বি* হরিণী। { *স.* সু+লোচন; *বহু* }

সুলোহিত [শুলোহিতো] *বিণ* অতিশয় লালবর্ণ। **সুলোহিতা** *স্ত্রী.*। { *স.* সু+লোহিত; *সুপ্‌সুপা* }

সুশম [শুশম] *বি* অত্যধিক শান্তি; উপশম (লোকের সুশম হেতু যত কৈল্প কাম—*সৈআ*)। { *স.* সু+শম; *সুপ্‌সুপা* }

সুশান্ত [শুশানতো] *বিণ* অতিশয় নিরীহ। { *স.* সু+শান্ত; *সুপ্‌সুপা* }

সুশাসন [শুশাশোন] *বি* ন্যায়নীতি অনুযায়ী সুষ্ঠুভাবে

রাজ্য শাসন; উত্তম বা উপযুক্ত বা নিরপেক্ষ শাসন। { *স.* সু+√শাস্+অন(ল্যুট্); *সুপ্সুপা*}

সুশাসিত [শুশাশিতো] *বি* নিয়মিতভাবে পরিচালিত; সুনিয়ন্ত্রিত; উত্তমরূপে বা নিরপেক্ষভাবে শাসিত। { *স.* সু+শাসিত; *বহু* }

সুশিক্ষা [শুশিকখা] *বি* ১ উৎকৃষ্ট শিক্ষা। ২ সৎ শিক্ষা। { *স.* সু+শিক্ষা; *সুপ্সুপা*}

সুশিক্ষিত [শুশিকখিতো] *বিণ* ১ উত্তম শিক্ষালাভ করেছে এমন। ২ সুশিক্ষাসম্পন্ন। ৩ বিদ্বান। { *স.* সু+√শিক্ষ্+ত(ক্ত); *বহু* }

সুশীত [শুশিতো] *বিণ* অতিশয় ঠাণ্ডা; স্নিগ্ধ। { *স.* সু+শীত; *সুপ্সুপা*}

সুশীতল [শুশিতল্] *বিণ* অতিশয় শীতল; তৃপ্তিকর ঠাণ্ডা। { *স.* সু+শীতল; *সুপ্সুপা*}

সুশীল [শুশিল্] *বিণ* ১ উত্তম স্বভাব বিশিষ্ট; সুন্দর আচরণবিশিষ্ট। ২ সচ্চরিত্র। ৩ *(ব্য.)* গোবেচারা। **সুশীলা** *বিণ স্ত্রী.*। { *স.* সু+শীল; *বহু* }

সুশীলতা [শুশিলতা] *বি* বিনয়; নম্রতা (আমি তোমার সৌজন্য ও সুশীলতা দর্শনে পরম পরিতোষপ্রাপ্ত হইয়াছি —*ঈবি*)। { *স.* সু+শীলতা; *সুপ্সুপা*}

সুশৃঙ্খল [শুস্সৃঙ্খল্] *বিণ* ১ সুনিয়ন্ত্রিত। ২ সুন্দরভাবে ব্যবস্থিত। **সুশৃঙ্খলা** *বি* সুব্যবস্থা; সুনিয়ন্ত্রণ। **সুশৃঙ্খলিত** *বিণ* নিয়মিতভাবে ব্যবস্থিত। { *স.* সু+শৃঙ্খল}

সুশোভন [শুশোভোন্] *বিণ* ১ সবদিক থেকে সুন্দর। ২ সম্পূর্ণ উপযুক্ত। ৩ সুসংগত; মানানসই। ৪ অতিশয় শোভাপূর্ণ। { *স.* সু+√শুভ্+অন(ল্যুট্)}

সুশোভিত [শুশোভিতো] *বিণ* সুন্দররূপে সজ্জিত। **সুশোভিতা** *স্ত্রী.*। { *স.* সু+√শোভি+ত(ক্ত)}

সুশোষিত [শুশোশিতো] *বিণ* উৎকৃষ্টরূপে শুষ্কীকৃত। { *স.* সু+√শোষি+ত(ক্ত); *বহু* }

সুশ্রব [শুস্স্রোবো] *বিণ* সানন্দে শ্রবণযোগ্য। { *স.* সু+√শ্রু+অ(খল্); *বহু* }

সুশ্রোণি [শুস্স্রোনি] *বিণ* শোভন নিতম্ব আছে এমন নারী; সুনিতম্বা; ক্ষীণকটি; সুন্দরী; রূপসী; সুমধ্যমা। { *স.* সু+শ্রোণি; *বহু* }

সুশ্রাব্য [শুস্স্রাব্বো] *বিণ* শ্রুতিমধুর; শ্রুতিমুখর। { *স.* সু+শ্রাব্য}

সুশ্রী [শুস্স্রি] *বিণ* ১ অতিশয় সুন্দর। ২ সুদর্শন (মেয়েটি বেশ সুশ্রী)। { *স.* সু+শ্রী; *বহু* }

সুশ্রুত [শুস্স্রুতো] *বিণ* ভালোরূপে শোনা হয়েছে এমন। □ *বি* ১ সুশ্রুত রচিত 'সুশ্রুত সংহিতা' নামক চিকিৎসা-শাস্ত্র। ২ আয়ুর্বেদশাস্ত্রের বিখ্যাত গ্রন্থাকার সুশ্রুত। { *স.* সু+√শ্রু+ত(ক্ত)}

সুশ্লিষ্ট [শুস্স্লিশ্টো] *বিণ* দৃঢ়ভাবে সংযুক্ত। { *স.* সু+√শ্লিষ্+ত(ক্ত)}

সুষনি, সুষুনি [শুশনি, -শু-] *বি* এক ধরনের জলজ শাক (মরেছে কলমীলতা সুষুনি শুকায় দলে দলে—*মোম*)। { *স.* সুনিষণ্ণ> }

সুষম [শুশমো] *বিণ* ১ সুন্দর। ২ যথোপযুক্ত উপাদানবিশিষ্ট (সুষম খাদ্য)। ৩ শোভন। ৪ মনোহর। ৫ সদৃশ (সুষম আচরণ)। **বিষম** *বিপ.*। { *স.* সু+সম; *বহু* }

সুষমা [শুশোমা] *বি স্ত্রী.* ১ সৌন্দর্য; লাবণ্য; মনোহারিতা (বর্ষায় ধোওয়া ফুলের সুষমা বর্ণিতে নাহি পারি—*নই*)। ২ পরম শোভা (অসীম সুষমায় প্রকাশ পাইয়াছে—*এআ*)। **-ময়** *বিণ* ১ রূপবান। ২ সুন্দর (এই পরিবেশটা কত সুন্দর ও সুষমাময়—*সৈমু*)। **-ময়ী** *স্ত্রী.*। { *স.* সুষম+আ}

সুষির [শুশির] *বি* ১ গর্ত। ২ বাঁশি। □ *বিণ* ছিদ্রযুক্ত; ঝাঁজরা। { *স.* √শুষ্+ইর; সুষি+র}

সুষুপ্ত [শুশুপ্তো] *বি* গাঢ় নিদ্রায় নিমগ্ন (সুষুপ্ত বিশ্ব গা-মোড়া দিয়ে তারই জাগরণের সাড়া দিলে—*নই*)। **সুষুপ্তি** *বি* গভীর বা গাঢ় নিদ্রা। { *স.* সু+√স্বপ্+ত(ক্ত)}

সুষুম্না [শুশুম্না] *বি* ১ মেরুদণ্ডের বাইরের দিকে এক ধরনের নাড়ি (ইড়া সুষুম্না পিঙ্গলা নাভিপদ্ম...—*রঠা*)। ২ সূর্যরশ্মিবিশেষ। **-কাণ্ড** *বি* মেরুদণ্ডের মধ্যস্থলের স্নায়ুগুচ্ছ; spinal cord। { *স.* সুষু+√ম্না+অ(ক)+আ(টাপ্)}

সুষ্ঠু [শুশ্ঠু] *বিণ* ১ নিখুঁত; অনবদ্য; ত্রুটিবিহীন। ২ অতি সুন্দর। ৩ সত্য। ৪ শ্রেষ্ঠ (সুষ্ঠু বিচার)। { *স.* সু+√স্থা+উ(কু)}

সুসংগত, সুসঙ্গত [শুশঙ্গতো] *বিণ* ১ অতিশয় সামঞ্জস্যপূর্ণ। ২ সুন্দর যুক্তিযুক্ত। **সুসংগতি, সুসঙ্গতি** *বি*। { *স.* সু+সম্+√গম্+ত(ক্ত)}

সুসংবাদ [শুশঙ্বাদ্] *বি* ১ ভালো সমাচার; খুশখবর; আনন্দদায়ক সংবাদ। ২ *(ব্য.)* অবাঞ্ছিত খবর। **দুঃসংবাদ** *বিপ.*। { *স.* সু+সংবাদ; *সুপ্সুপা*}

সুসংবৃত [শুশঙ্বৃতো] *বিণ* ভালোরূপে আবৃত বা আচ্ছাদিত। **সুসংবৃতা** *বিণ স্ত্রী.*। { *স.* সু+সংবৃত}

সুসংবৃদ্ধ [শুশঙ্বৃদ্ধো] *বিণ* সুন্দররূপে প্রসারিত বা বৃদ্ধিপ্রাপ্ত। { *স.* সু+সংবৃদ্ধ; *বহু* }

সুসংযত [শুশঙ্জতো] *বিণ* শোভন ও সুনিয়ন্ত্রিত; অত্যন্ত সংযমপূর্ণ; দৃঢ়বদ্ধ। { *স.* সু+সংযত; *সুপ্সুপা*}

সুসংযুক্ত, সুসংযুত [শুশঙ্জুক্তো, -জুতো] *বিণ* ভালোভাবে মিশ্রিত বা সুমিলিত। { *স.* সু+সং+যুক্ত, যুত; *সুপ্সুপা*}

সুসংরব্ধ [সুশঙ্রব্ধো] *বিণ* উৎকৃষ্টভাবে আরম্ভ করা হয়েছে এমন। { *স.* সু+সংরব্ধ; *সুপ্সুপা*}

সুসংস্কৃত [শুশঙ্শোশ্কৃতো] *বিণ* ১ বিশেষভাবে সংশোধন করা হয়েছে এমন। ২ সুসংস্কারযুক্ত; উত্তমরূপে মার্জিত; পরিশীলিত; অত্যন্ত ভদ্র। { *স.* সু+সংস্কৃত; *বহু* }

সুসংস্থিত [শুশঙ্শোস্থিতো] *বিণ* ১ উত্তমরূপে সন্নিবেশিত। ২ সুন্দরভাবে ব্যবস্থিত। { *স.* সু+সংস্থিত; *বহু* }

সুসংহত [শুশঙ্হতো] *বিণ* সুদৃঢ়; ভালোভাবে ঘনীভূত। { *স.* সু+সংহত}

সুসজ্জ [শুশজ্জো] *বিণ* পরিপাটিরূপে সাজানো; সুবিন্যস্ত। **সুসজ্জা** *স্ত্রী.*। { *স.* সু+সজ্জা; *বহু* }

সুসজ্জিত [শুশোজ্জিতো] *বিণ* ১ সুন্দররূপে সাজানো। ২ ভালো করে সেজেছে এমন। **সুসজ্জিতা** *স্ত্রী.*। { *স.* সু+সজ্জিত; *বহু* }

সুসজ্জীকৃত, সুসজ্জীভূত [শুশোজ্জিকৃতো, -ভুতো]

বিণ সজ্জিত ছিল না কিন্তু করা হয়েছে এমন। { *স.* সু+সজ্জা+ই(চ্‌বি)+কৃত, ভূত}

সুসভ্য [শুশোভ্‌ভো] *বিণ* ১ অতিশয় ভদ্র বা শিষ্ট। ২ মার্জিত রুচিসম্পন্ন। **সুসভ্যা** *স্ত্রী.*। { *স.* সু+সভ্য; *সুপ্‌সুপা*}

সুসম, সুষম [শুশমো] *বিণ* সামঞ্জস্যপূর্ণ (সকলের কার্য আগে করিছে সুসম—*সৈআ*)। { *স.* সু+সম}

সুসমঞ্জস [শুশমোন্‌জশো] *বিণ* খাপ খায় এমন (ইসলামের মত প্রকৃতির সঙ্গে সুসমঞ্জস ধর্ম আর একটিও তো আসলে নাই—*ইখাঁ*)। { *স.* সু+সমঞ্জস}

সুসময় [শুশোময়] *বি* ১ সুদিন। ২ সুখের বা সৌভাগ্যের দিন। ৩ শুভকাল; উপযুক্ত কাল বা সময়। { *স.* সু+সময়; *সুপ্‌সুপা*}

সুসমাপ্ত [শুশমাপ্‌তো] *বিণ* সুষ্ঠুভাবে নিষ্পন্ন; উত্তমরূপে সম্পাদিত। { *স.* সু+সমাপ্ত; *সুপ্‌সুপা*}

সুসমাহিত [শুশমাহিতো] *বিণ* ১ গভীরভাবে অভিনিবিষ্ট। ২ ধ্যানমগ্ন। ৩ উত্তমরূপে কবরে স্থাপিত। { *স.* সু+সমাহিত; *সুপ্‌সুপা*}

সুসমৃদ্ধ [শুশমৃরিদ্‌ধো] *বিণ* ১ অত্যধিক ঐশ্বর্যসম্পন্ন। ২ অতিশয় বৃদ্ধিযুক্ত। { *স.* সু+সমৃদ্ধ; *সুপ্‌সুপা*}

সুসম্পন্ন [শুশম্‌পোন্‌নো] *বিণ* ১ সুন্দররূপে নির্বাহিত। ২ সুষ্ঠুভাবে নিষ্পন্ন। ৩ সমৃদ্ধিশালী। ৪ ধনবান। { *স.* সু+সম্পন্ন; *সুপ্‌সুপা*}

সুসম্বদ্ধ [শুশমবন্‌ধো] *বিণ* দৃঢ় সঙ্গতিপূর্ণ; এলোমেলো নয় এমন। { *স.* সু+সম্বদ্ধ; *সুপ্‌সুপা*}

সুসর[১] (*মবা.*) [শুশর] *বিণ* ১ সুবিন্যস্ত। ২ সমান (বাছিআ পাঠ করিয়া সুসর—*বচন্দা*)। { *স.* সুস্তর>}

সুসর[২] (*মবা.*) [শুশর] *বি* সুমধুর স্বর। { *স.* সু+স্বর>}

সুসহ [শুশহো] *বিণ* সহজে সহ্য করা যায় এমন। { *স.* সু+√সহ্‌+অ(খল্‌)}

সুসাধ্য [শুশাদ্‌ধো] *বিণ* অনায়াসে করা যায় এমন। **দুঃসাধ্য** *বিপ.*। { *স.* সু+সাধ্য; *সুপ্‌সুপা*}

সুসার[১] [শুশার] *বি* ১ সংস্কার। ২ প্রাচুর্য। ৩ সুবিধা (তাতে করে দেশের লোকের শিক্ষা ও স্বাস্থ্যের কোনই সুসার হবে না—*প্রচৌ*)। { *স.* সংস্কার>}

সুসার[২] [শুশার] *বিণ* সর্বোৎকৃষ্ট (ছেকেন্দর হৈতে হৈল একর্ম সুসার—*সৈআ*)। { *স.* সু+সার}

সুসার[৩] [শুশার] *বি* সুদৃশ্য (ঠেকিয়াছে দায় চাহিয়া আমার নিশ্বাহ পুরী সুসার—*ভারা*)। { *স.* সু+সার}

সুসার[৪] [শুশর] *বিণ* সুবন্দোবস্ত; সুব্যবস্থা (বাসার সুসারে হবে আশার সুসার—*ভারা*)। { *স.* সংসার>}

সুসারিত (*মবা.*) [শুশারিতো] *বিণ* শ্রেষ্ঠ। { *স.* সু+সারিত}

সুসিক্ত [শুশিক্‌তো] *বিণ* ভালোভাবে ভিজানো; যথেষ্টভাবে সিঞ্চিত। { *স.* সু+সিক্ত}

সুসিদ্ধ [শুশিদ্‌ধো] *বিণ* ১ ভালোরূপে সিদ্ধ। ২ সম্পূর্ণভাবে সম্পাদিত। ৩ সম্পূর্ণ সফল। { *স.* সু+সিদ্ধ; *সুপ্‌সুপা*}

সুসুরা (*প্রাবা.*) [শুশুরা] *বি* শাশুড়ি (সুসুরা নিদ … বহুড়ি জাগই—*চর্যাপদ*)। { *স.* শ্বশ্রূ>}

সুস্ত [শুস্‌ত্] *বিণ* অলস। **সুস্তি** *বি* আলস্য। { *ফা.* সুস্ত سوست }

সুস্থ [শুস্‌থো] *বিণ* ১ নীরোগ; স্বাস্থ্যসম্পন্ন। ২ শান্ত; সুস্থির। **~চিত্ত** *বিণ* মন শান্তিতে আছে এরূপ। **~তা** *বিণ* শরীরের ভালো অবস্থা বা স্বাচ্ছন্দ্য; রোগশূন্যতা। { *স.* সু+√স্থা+অ(ক)}

সুস্থিত [শুস্‌থিতো] *বিণ* ১ সুস্থ; স্বাস্থ্যসম্পন্ন। ২ উদ্বেগহীন। ৩ দৃঢ়; অটল। ৪ স্থির; গতিহীন। { *স.* সু+√স্থা+ত(ক্ত)}

সুস্থির [শুস্‌থির] *বিণ* ১ অতিশয় ধীর; শান্ত। ২ বদ্ধমূল। ৩ সুস্থ। { *স.* সু+স্থির; *সুপ্‌সুপা*}

সুস্নাত [শুস্‌স্নাতো] *বিণ* সুন্দরভাবে স্নাত। ❑ *বি* উত্তম স্নান; ভালো গোসল। { *স.* সু+√স্না+ত(ক্ত)}

সুস্নিগ্ধ [শুস্‌স্নিগ্‌ধো] *বিণ* ১ সুকোমল। ২ অত্যন্ত শীতল। ৩ অত্যন্ত মসৃণ। ৪ বিলক্ষণ স্নেহযুক্ত। { *স.* সু+স্নিগ্ধ; *সুপ্‌সুপা*}

সুস্পর্শ [শুস্‌পর্‌শো] *বিণ* ১ সুখস্পর্শ। ২ অতি নিকটে আগমন। { *স.* সু+√স্পৃশ্‌+অ(খল্‌)}

সুস্পষ্ট [শুস্‌পশ্‌টো] *বিণ* ১ অত্যন্ত খোলাখুলিভাবে ব্যক্ত। ২ অতিশয় সুন্দরভাবে প্রকাশিত বা ব্যক্ত। { *স.* সু+স্পষ্ট}

সুস্মিত [শুশ্‌মিতো] *বিণ* মুখের ঈষৎ হাসি দেখতে সুন্দর এমন; মৃদুমধুর হাসিময়। **সুস্মিতা** *স্ত্রী.*। { *স.* সু+স্মিত; *বহু*}

সুস্বন [শুশ্‌শন্] *বিণ* ১ চমৎকার ধ্বনিবিশিষ্ট। ২ সুরবিশিষ্ট। ৩ শঙ্খ। { *স.* সু+স্বন; *বহু*}

সুস্বপ্ন [শুশ্‌শপ্‌নো] *বি* ১ শুভ ফলদায়ক কল্পনা বা স্বপ্ন। ২ আনন্দময় স্বপ্ন। **দুঃস্বপ্ন** *বিপ.*। { *স.* সু+স্বপ্ন}

সুস্বর [শুশ্‌শর্] *বিণ* মধুর স্বর; কলকণ্ঠ। { *স.* সু+স্বর; *বহু*}

সুস্বাগত (*অশু.*) [শুশ্‌শাগোতো] *বি* স্বাগত; অভিবাদন বিশেষ। { *স.* সু+সু+আগত}

সুস্বাদ [শুশ্‌শাদ্] *বি* উত্তম বা উৎকৃষ্ট স্বাদ। ❑ *বিণ* অতিশয় স্বাদপূর্ণ। **বিস্বাদ** *বিপ.*। { *স.* সু+স্বাদ; *বহু*}

সুস্বাদু [শুশ্‌শাদু] *বিণ* সুমধুর; উত্তম স্বাদযুক্ত; স্বাদু; খেতে ভালো লাগে এমন। { *স.* সু+স্বাদু; *বহু*}

সুস্বাস্থ্য [শুশাস্‌থো] *বি* স্বাস্থ্য। { *স.* সু+স্বাস্থ্য}

সুহস্ত [শুহস্‌তো] *বিণ* অতিশয় পাকা হাত; সিদ্ধহস্ত (এ অঘটন কি মিটতো যদি না সুহস্ত রূপদক্ষ তাঁরা পাষাণকে তার জড়ত্বের কঠিন কারাগার থেকে মুক্তি না দিতেন—*অঠা*)। { *স.* সু+হস্ত}

সুহাস [শুহাশ্] *বিণ* সুন্দর হাসিযুক্ত। ❑ *বি* মধুর হাসি। **সুহাসা, সুহাসী, সুহাসিনী** *বিণ স্ত্রী.* মধুরহাসিনী; সুন্দরী। { *স.* সু+হাস; *বহু*}

সুহিত [শুহিত্] *বিণ* ১ অত্যন্ত হিতকর। ২ বিহিত। ৩ উপযুক্ত। { *স.* সু+√ধা+ত(ক্ত); *সুপ্‌সুপা*}

সুহৃদ, সুহৃৎ [শুরিত্‌-দ্] *বিণ* উত্তম হৃদয় এমন। ❑ *বি* ১ বন্ধু মিত্র; সখা; হিতৈষী; হিতকারী। ২ সুন্দর বা শোভন হৃদয়; সহৃদয়। **~বর, সুহৃদ্বর** *বি,বিণ* শ্রেষ্ঠ বন্ধু। { *স.* সু+হৃদ; *বহু*}

সুহৃদয় [শুরিদয়্] *বিণ* ১ নির্মল অন্তঃকরণবিশিষ্ট। ২ অকপট চিত্ত। ৩ উদার মন। ৪ হৃদয়বান। { *স.* সু+হৃদয়; *বহু*}

সুহৃদসম্মিত [শুরিদশোম্‌মিতো] *বিণ* বন্ধু সদৃশ (ইউরোপে গ্রীক ল্যাটিনের বাণী সেখানে ছিল প্রভু–সম্মিত একালে তা হয়েছে সুহৃদ-সম্মিত—*প্রচৌ*)। {*স.* সুহৃদ+সম্মিত}

সূ [শু] *বি* ১ প্রসব। □ *বিণ* প্রসব করে এমন; প্রসূ। {*স.* √সূ+ক্বিপ্‌}

সূক্ত [শুক্‌তো] *বি* ১ মহাজন বাক্য। ২ একাধিক মন্ত্রে রচিত হিন্দু ধর্মগ্রন্থ বেদের স্তোত্র। ৩ উত্তম কথা; সৎবাক্য। {*স.* সু+√বচ্‌+ত(ক্ত)}

সূক্তি [শুক্‌তি] *বি* সুবচন; সৎবাক্য; সুভাষণ; সুভাষিত। {*স.* সু+√বচ্‌+তি(ক্তি)}

সূক্ষ্ম [শুক্‌খোঁ] *বিণ* ১ তীব্র; ধারালো; তীক্ষ্ণ (সূক্ষ্ম বুদ্ধি)। ২ মিহি; সরু। ৩ স্থূল নয় এমন। ৪ চিকন (সূক্ষ্ম কণ্ঠ)। ৫ পুঙ্খানুপুঙ্খ (সূক্ষ্ম বিচার)। ৬ অপ্রশস্ত। ৭ অতীন্দ্রিয় (সূক্ষ্ম দেহ)। **~কোণ** *বি* সমকোণ অপেক্ষা ছোট কোণ; acute angle। **~দর্শন যন্ত্র** *বি* অণুবীক্ষণ যন্ত্র। **~দর্শিতা** *বি* তীক্ষ্ণ বুদ্ধিমত্তা; গভীর বিচক্ষণতা। **~দর্শিনী** *বিণ স্ত্রী.* অত্যধিক বুদ্ধিমতী। **~দর্শী** *বিণ* খুঁটিনাটি বিষয়ও তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে দেখতে পারেন এমন। **~দেহী** *বিণ* এমন ছোট আকৃতির যে অণুবীক্ষণ যন্ত্র ব্যতীত দৃষ্ট হয় না। **~বিচার** *বি* ন্যায্যবিচার। **~বুদ্ধি** *বি* তীক্ষ্ণ বুদ্ধি। □ *বিণ* জটিল বিষয়ের মীমাংসা করতে সক্ষম এরূপ তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন। **সূক্ষ্মাতি~** *বিণ* অতি সূক্ষ্ম; অত্যন্ত ক্ষুদ্র। {*স.* √সূচ্‌+স্ম(স্মন্‌)}

সূচ ⇒ সুচ

সূচক [শুচক্‌] *বিণ* ১ জ্ঞাপক; প্রকাশক (ভয়সূচক, ঘৃণাসূচক)। ২ কথক। ৩ বোধক। □ *বি* ১ সূচনাকারী। ২ সূচিজীবী; দরজি; খলিফা। **সূচিকা** *স্ত্রী.*। {*স.* √সূচ্‌+অক(ণ্বুল্‌)}

সূচন [শুচোন্‌] *বি* ১ ইশারা; সংকেত। ২ জ্ঞাপন। ৩ কথন। **সূচনা** *বি* ১ ভূমিকা। ২ আরম্ভ। ৩ প্রস্তাবনা। ৪ উপক্রম; সূত্রপাত। **সূচনীয়, সূচয়িতব্য, সূচ্য** *বিণ* ১ জ্ঞাপনীয়। ২ কথনীয়। **সূচিত** *বিণ* জানানো হয়েছে এমন; জ্ঞাপিত; কথিত। {*স.* √সূচ্‌+অন(ল্যুট্‌)}

সূচলো, সূচালো [শুচোলো, –চা–] *বিণ* তীক্ষ্ণ; সুচের মতো তীক্ষ্ণ (কলমের আগার মতো সূঁচলো—*অচিসে*)। {*স.* সূচ+*বা.* লো, আলো}

সূচি[১], **সূচী**[১] [শুচি] *বি* সুচ (সূচিকর্ম)। □ *বিণ* তীক্ষ্ণ অগ্রভাগযুক্ত (সূচিমুখ)। **~কর্ম** *বি* ১ সেলাইয়ের কাজ। ২ সূচিশিল্প; needlework। {*স.* সূচ্‌+ই, ঈ(ঙীষ্‌)}

সূচি[২], **সূচী**[২] [শুচি] *বি* ১ জ্ঞাপনী। ২ নির্ঘণ্ট। ৩ পুস্তকের বিষয় নির্দেশক পৃষ্ঠাঙ্কযুক্ত তালিকা; অনুক্রমণিকা; index; contents (সূচিপত্র)। **সূচিকা** *বি* ১ ছুঁচ। ২ হাতির শুঁড়। **~কাভরণ** *বি* আয়ুর্বেদীয় ঔষধবিশেষ যা সূচ্যগ্র পরিমাণে সেবনীয়। **সূচিত** ⇒ সূচন। **~রোমা** *বিণ* সূচির মতো তীক্ষ্ণ লোম আছে এমন। □ *বি* শূকর। **~জীবী** *বি* ১ দরজি। □ *বিণ* সেলাই করে জীবিকা নির্বাহ করে এমন। **~পত্র** *বি* ১ অনুক্রমণিকা। ২ পুস্তকের পৃষ্ঠা–নির্দেশসহ বিষয়–তালিকা। **~ভেদ্য** *বিণ* সুচ ভেদ করতে পারে এমন; জমাট; নিবিড় (সূচিভেদ্য অন্ধকারে রাজপথ মাঝে—*রঠা*)। **~মুখ** *বিণ* সুচের মতো ধারালো মুখবিশিষ্ট; সুচালো (সূক্ষ্মকোণ সূচিমুখ—*রঠা*)। □ *বি* ১ হীরক। ২ বাণবিশেষ। ৩ ব্যূহবিশেষ। {*স.* √সূচ্‌+ই, ঈ(ঙীষ্‌)}

সূচ্য ⇒ সূচন

সূচ্যগ্র [শুচ্‌চোগ্‌গ্রো] *বি* সুচের অগ্রভাগ; সুচের আগা। □ *বিণ* কণামাত্র। **~মেদিনী** *বি* সুচের আগায় যে সামান্য পরিমাণ ভূমি ওঠে সে পরিমাণ। {*স.* সূচি+অগ্র}

সূত [শুতো] *বি* ১ উৎপন্ন; জাত; প্রসূত। ২ অশ্বনিয়ন্তা (রাজা সারথিকে কহিলেন, সূত ! রথ চালনা কর—*ঈবি*)। □ *বি* ১ সূত্রধর জাতি; ছুতার সম্প্রদায়। ২ স্তুতিপাঠক। **সূতক** *বি* ১ জন্ম। ২ হিন্দুসমাজে প্রচলিত প্রসবজনিত অশৌচ। ৩ পারদ। **~পুত্র** *বি* সারথির ছেলে; মহাবীর কর্ণ। {*স.* √সূ+ত(ক্ত)}

সূতলি ⇒ সুতলি

সূতা[১] [শুতা] *বি,বিণ স্ত্রী.* সূতিকা; প্রসূতা; জাতা। {*স.* √সূ+ত(ক্ত)+আ(টাপ্‌)}

সূতা[২] ⇒ সুতা

সূতার ⇒ ছুতার

সূতি[১], **সূতী**[১] [শুতি] *বি* জন্ম বা প্রসব। **সূতিকা** *বি* ১ পেটের পীড়াজনিত প্রসূতির এক ধরনের রোগ। ২ আঁতুড় ঘর। **~কাগার, ~কাগৃহ, ~গৃহ** *বি* আঁতুড়ঘর বা প্রসবগৃহ। {*স.* সূ+তি(ক্তি), +ঈ}

সূতি[২], **সূতী**[২] [শুতি] (*মবা.*) ঘুম। {*স.* সুপ্ত>}

সূত্র [শুত্‌ত্রো] *বি* ১ সুতা। ২ সংজ্ঞা (সূত্র লিখ)। ৩ সম্পর্ক (কোন সূত্রে এসেছে)। ৪ সম্বন্ধ (পরিণয়-সূত্র)। ৫ আইন; বিধি। ৬ সূচনা (সূত্রপাত)। ৭ ব্যপদেশ (কার্যসূত্র)। **~কার** *বি* ব্যাখ্যাকারী। **~ধর, ~ধার**[১] *বি* ছুতার। **~ধার**[২] *বি* সংস্কৃত নাটকে নাট্য প্রযোজক। **~পাত** *বি* ভূমিকা; সূচনা; আরম্ভ। {*স.* √সিব্‌+ত্র(ষ্ট্রন্‌)}

সূদন [শুদন্‌] *বি* হত্যা। □ *বিণ* হত্যাকারী। {*স.* √সূদ্‌+ণিচ্‌+অন(ল্যুট্‌)}

সূনু [শুনু] *বি* ১ ছেলে; পুত্র। ২ কনিষ্ঠ ভ্রাতা। {*স.* √সূ+নু}

সূনৃত [শুনৃতো] *বি* ১ সত্য ও প্রিয় বাক্য। ২ সত্য ও সুন্দর বক্তা। ৩ হিত; মঙ্গল; শুভ। {*স.* সু+√নৃত্‌+অ(ঘঞর্থে ক)}

সূপ ⇒ সুপ

সূপকার [শুপ্‌কার্‌] *বি* বাবুর্চি; যে রাঁধে; পাচক (সূপকারের মতো রূপকারও একটু খানি লাবণ্য যোগ করে—*অঠা*)। {*স.* √সু+প+√কৃ+অ(অণ্‌)}

সূর [শুর্‌] *বি* ১ সূর্য। ২ পণ্ডিত; জ্ঞানী। ৩ বীরপুরুষ। {*স.* √সূ+র(ক্রন্‌)}

সূরি, সূরী [শুরি] *বি* ১ কবি; বিদ্বান; পণ্ডিত। ২ জৈন গুরুদের উপাধিবিশেষ। □ *বিণ* বিচক্ষণ; গুণী; পণ্ডিত। **সূরী**[২] *বি স্ত্রী.* ১ সূর্যের স্ত্রী। ২ মহাভারতোক্ত কুন্তী। {*স.* √সূ+ রি(ক্রী)}

সূর্প, শূর্প [শুর্‌পো] *বি* কুলা। **~ণখা** *বি* রাবণের বোন। **সূর্পী** *বি* ক্ষুদ্র বা ছোট কুলা। {*ওরাও.* 'সুপ'; *স.* √সূর্প্‌+অ(অচ্‌)}

সূর্য [শুর্‌জো] *বি* ১ সৌরজগতের কেন্দ্রীয় নক্ষত্র – যাকে কেন্দ্র করে গ্রহসমূহ আবর্তিত হয় এবং যার নিকট থেকে গ্রহ-উপগ্রহসমূহ আলো ও তাপ পেয়ে থাকে-- পৃথিবী থেকে এর দূরত্ব ৯,৩০,০০,০০০ মাইল, এর ব্যাস ৮,৬৪,০০০ মাইল এবং এর ভর পৃথিবীর তুলনায় ৩,৩০,০০০ হাজার গুণ বেশি। ২ দিবাকর; রবি; ভানু; আফতাব; তপন; প্রভাকর; দিনমণি; বিবস্বান; বিভাবসু; মিত্র; মিহির; সবিতা; ভাস্কর; আদিত্য; মার্তণ্ড; অর্ক, পূষা; সূর; অর্যমা। **~কর**, **~কিরণ**, **~রশ্মি** *বি* সূর্যের আলো; রৌদ্র। **~কান্ত**, **~মণি** *বি* এক প্রকার মণি। **~গ্রহণ** *বি (জ্যোবি)* পৃথিবীর সূর্যকে প্রদক্ষিণকালে চাঁদের ছায়ায় সূর্যের কোনো অংশ বা সমগ্র সূর্যকে আবৃত করলে সূর্যগ্রহণ হয়; সূর্যগ্রাস। **~ঘড়ি** *বি* সূর্যকিরণে যে ছায়া পড়ে তা দেখে সময় নির্ধারণের যন্ত্রবিশেষ (ঢাকার বলধা গার্ডেনে একটি সূর্যঘড়ি আছে); sundial। **~বংশ** *বি* অযোধ্যার রাজকুল। **~মুখী** *বি* হলুদ রঙের সূর্যাকৃতি ফুলবিশেষ; sunflower। **~লোক** *বি* সৌরজগৎ; সূর্য ও তার গ্রহ-উপগ্রহ নিয়ে যে জগৎ। **~সারথি** *বি* অরুণ। **~সিদ্ধান্ত** *বি* সৌর পদ্ধতিতে পঞ্জিকা নির্ণয়ের পুস্তক বিশেষ। **~স্নান** *বি* দেহে সূর্যকিরণ উপভোগ; sunbath। **সূর্যালোক** *বি* ১ সূর্যকিরণ। ২ রৌদ্র। ৩ দিবালোক। **সূর্যাস্ত** *বি* দিনের শেষ ভাগে সূর্যের পশ্চিমে অদৃশ্য হওয়া। **সূর্যোদয়** *বি* প্রত্যুষে সূর্যের প্রকাশ। **সূর্যোপাসক** *বিণ* সূর্যের পূজা করে এমন; সূর্যপূজক। **সূর্যি**, **সূয্যি** *বি* 'সূর্য' শব্দের কথ্য রূপ (সূর্যি না উঠলে পাত্রমিত্রে লোকলস্কর কেউ ঘুম থেকে ওঠে না—*হাব*)। {স. √সৃ/√সূ+য(ক্যপ্)}

সৃক্কণী, **সৃক্ক**, **সৃক্কণ** [সৃক্‌কোনি, –কো, –ন] *বি* ওষ্ঠপ্রান্ত; কশ (মুখ অতি সুবিস্তার সৃক্কেতে রক্তের ধার—*ভারা*)। {স. সৃক্কনি; √সৃজ্+ক্বিপ্…}

সৃজক [সৃজক্] *বিণ* সৃষ্টিকর্তা (আপনে সৃজক সেই না হয় সৃজন—*সৈআ*)। {স. √সৃজ্+অক(ণ্বুল্)}

সৃজন [সৃজন্] *বি* ১ সৃষ্টি। ২ নির্মাণ; রচনা। {স. √সৃজ্+অন(ল্যুট্)}

সৃজা [সৃজা] *ক্রি (পদ্য.)* সৃষ্টি করা। **সৃজিত** *বিণ* সৃষ্ট হয়েছে এমন। **সৃজনীশক্তি** *বি* নতুন কিছু তৈরি করার ক্ষমতা। **সৃজ্যমান** *বিণ* নির্মিত হচ্ছে এমন। {স. √সৃজ্+বা. আ}

সৃত [সৃতো] *বিণ* ১ গত হয়েছে এমন। ২ অতীত। {স. √সৃ+ত(ক্ত)}

সৃতি [সৃতি] *বি* ১ পথ। গমন; গতি। {স. √সৃ+তি(ক্তি)}

সৃপ্ত [সৃপ্‌তো] *বিণ* স্খলিত; slipped (সৃপ্ত হয়ে পড়ে গেছে—*রঠা*)। {স. √সৃপ+তি(ক্ত)}

সৃষ্ট [সৃশ্‌টো] *বি* পয়দা। ◻ *বিণ* রচিত নির্মিত; সৃজিত। {স. √সৃজ্+ত(ক্ত)}

সৃষ্টি, **ছিষ্টি** [সৃশ্‌টি, ছিশ্‌টি] *বি* ১ নতুন কোনো পদার্থের উৎপাদন। ২ নির্মাণ (তাঁর ছিষ্টি করা পাহাড় দেশে তিনি যত্তটা পারেন সূর্যের কাছে ঠেলে তুলেছেন—*অঠা*)। ৩ জগৎ। ৪ শিল্প। ৫ স্বভাব। ৬ রচনা। **~কর্তা** *বি* ১ ঈশ্বর; স্রষ্টা; আল্লাহ। ২ হিন্দুদেবতা ব্রহ্মা। **~কর্ম**, **~কার্য**, **~ক্রিয়া** *বি* ১ নির্মাণের কাজ। ২ আল্লাহ কর্তৃক বিশ্বরচনা। **~কুশলী** *বিণ* নির্মাণে দক্ষ। **~কৌশল** *বি* নির্মাণ-নৈপুণ্য। **~ছাড়া** *বিণ* ১ অদ্ভুত। ২ দুনিয়ার বাহিরে। **~তত্ত্ব** সৃষ্টি সম্পর্কিত তত্ত্বসমূহ; মতবাদ। **~ধর্মী** *বিণ* সৃজনশীল। **~নাশা** *বিণ* ১ সৃষ্টির নাশ বা ধ্বংস করে এমন। ২ সৃষ্টি লোপকারী। ৩ সর্বনাশা। **~রক্ষা** *বি* ১ সৃষ্টিকে ধ্বংসের হাত থেকে সংরক্ষণ। ২ সব রকমে পালন। **~স্থিতি লয়** *বি* *বিক* জগতের উৎপত্তি রক্ষণ এবং ধ্বংস। {স. √সৃজ্+তি(ক্তি)}

সে[১] [শে] *সর্ব* ১ কোনো ব্যক্তি নির্দিষ্ট লোক। ◻ *বিণ* ১ সেই উক্ত নির্ধারিত (সে কথা, সে লোক, সেদিন)। ২ অতীত (সেকালের ঘটনা)। ◻ *অব্য* তা (সে হবে না কিন্তু)। ৩ তখন (সে অবধি কান্না)। ৪ অমনি; সাথে সাথে (শুনেই সে কী খুন)। **সেই** *বিণ* পূর্বে উক্ত বা নির্দেশিত (সেই লোকটি, সেইদিন থেকে)। ◻ *সর্ব* ১ তাহাই (সেই ভালো হবে)। ২ সেই সময়; তৎক্ষণাৎ (যেই শুনা সেই দৌড়)। ◻ *অব্য* অবশেষে; at last (সেই করতে হলো তো?)। **~কাল** *বি* সুদূর অতীত; প্রাচীনকাল। **~কেলে** *বিণ* ১ পুরাকালের। ২ প্রাচীনপন্থি (সেকেলে চালচলন)। **~খানে** *বি* সে জায়গায়। **~খানকার**, **~খানের** *বিণ* ১ সেই জায়গার। ২ পরকালের। **সেথা**, **সেথায়** *ক্রিবিণ (পদ্য.)* সেখানে। **সেইমতো**, **সেইমতি** *ক্রিবিণ* সে ধরনের; সে রকম; তেমন করে। {স. সঃ (তদ্ শব্দ ১মা একব)>}

সে[২] [সে] *বিণ* তিন (সেতার, সেপায়া)। {ফা. সেহ্ سه}

সেউ, **সেও**, **সেব**, **ছেব** [শ্যাও] *বি* আপেলজাতীয় ফল। {ফা. সেব سیب}

সেওই, **সেমাই** [শেওই, শেমাই] *বি* ময়দায় প্রস্তুত সুতার মতো মিহি খাদ্যবিশেষ (তাহার মত কি কেন সেঁওই কে-ই কাটিতে পারে—*জউ*)। {স. সেবিকা}

সেঁওতি[১], **সেঁউতি** [শেঁওতি] *বি* নৌকার পানি সেঁচবার জন্য ব্যবহৃত পাত্র (রাখিলা দুখানি পদ সেউঁতি উপরে —*ভারা*)। {স. সেচনী>}

সেঁওতি[২], **সেঁউতি**[২] [শেঁওতি, –উ–] *বি* এক ধরনের সাদা গোলাপ ফুল (যদি সেঁউতি পরে চরণ পড়ে—*সদ*)। {স. সেবন্তী>}

সেঁওলা ⇒ শেওলা

সেঁক, **সেক** [শেঁক, শে–] *বি* ১ উত্তাপ প্রয়োগ; গরম পানি বা বস্ত্রাদি দিয়ে তাপ প্রয়োগ (মেসের চাকর হয় লবেজান সেঁক দিতে ভাঙ্গা হাড়ে—*জউ*)। ২ সেচন; সিঞ্চন (বারি সেক)। **~ দেওয়া** *ক্রি* গরম পানি বা অন্য জিনিসের সাহায্যে তাপ দেওয়া। {তুল. হি. সেংক}

সেঁকা ⇒ সেকা

সেঁকো, **শেকো** [শেঁকো, শে–] *বি* একপ্রকার ধাতব বিষ; শঙ্খ বিষ; arsenic। {*পো.* arsenico}

সেঁচা, **সিঁচা**, **সেচা** [শেঁচা, শিঁ–, শে–] *ক্রি* সেচন করা; পানি তুলে ফেলা (কাঞ্চন, নিরাহারে নায়ের জল সেঁচিতে সেঁচিতে স্বামীর সাথে চলিলেন—*দমি*)। ◻ *বিণ* জল তুলে ফেলা হয়েছে এমন। {স. √সিচ্+বা. আ}

সেঁজুতি, **সেঁজতি** [শেঁজুতি, -জো–] *বি* ১ সাঁঝের বাতি;

সন্ধ্যাদীপ। ২ হিন্দুদের দীপ প্রজ্বালন প্রথা। ৩ ব্রত বিশেষ। { *স.* সন্ধ্যা+*বা.* বাতি>সাঁঝবাতি>}

সেঁটকানো, সিটকানো [শেঁটকানো, শি-] *বি* মুখ নাক কুঞ্চিত বা বিকৃত করে ব্যঙ্গকরণ। {√সিটকা>}

সেঁটে [শেঁটে] *ক্রিবিণ* ১ সংলগ্ন করে। ২ এঁটে। ৩ কষে। – **ধরা** *ক্রি* শক্ত হয়ে কষে যাওয়া; সংলগ্ন হয়ে আসা (আমার বুকে পিঠে সেঁটে ধরেছে রে—*নই*)। {√সাঁট>}

সেঁতসেঁত, স্যাঁতস্যাঁত [শ্যাঁতশ্যাঁত] *অব্য* ভেজা ভেজা বোধ। **স্যাঁতসেঁতে** *বিণ* প্রায় সিক্ত এরূপ; **সেঁতা** *বিণ* ১ ভেজা। ২ ঈষৎ স্যাঁতসেঁতে। { *স.* সিক্ত>}

সেঁতানো, স্যাঁতানো [শ্যাঁতানো] *ক্রি* প্রায় সিক্ত হওয়া। ▢*বি,বিণ* উক্ত অর্থে। { *স.* সিক্ত>*বা.* আনো}

সেঁধনো, সেঁধানো, সেঁধুনো [শেঁধোনো, -ধা-, -ধু-] *ক্রি* প্রবেশ করা বা করানো। ▢*বিণ* প্রবিষ্ট। { *স.* সন্ধি> সন্ধান>সেঁধন>+*বা.* ও}

সেক, ছেঁক [সেক, ছেঁ-] *বি* ১ সেচন; সিঞ্চন। ২ আস্তে আস্তে তাপ প্রয়োগ। { *স.* √সিচ্+অ(ঘঞ্)}

সেকহ্যান্ড ⇒ শেকহ্যান্ড

সেকরা [শ্যাক্‌রা] *বি* স্বর্ণকার; যে অলঙ্কারাদি নির্মাণ করে। ▢*বিণ* সোনারু (কখন সেকরা কখন শাখারী—*ভারা*)। **সেকরানি** *স্ত্রী*। { *আ.* সিক্কাহ سكة }

সেকা [শেকা] *ক্রি* ১ আস্তে আস্তে গরম করা; ধীরে ধীরে তাপ প্রয়োগ করা। ২ তাপ প্রয়োগ দ্বারা পাকানো। { *স.* √সিচ্>সেক+*বা.* আ}

সেকাল ⇒ সে

সেকেন্ড [সেকেন্‌ড্] *বি* ১ মিনিটের ৬০ ভাগের এক ভাগ। ২ অল্পকাল। ▢*বিণ* দ্বিতীয় (সেকেন্ড ক্লাস)। –**হ্যান্ড** *বিণ* ১ অন্যের ব্যবহারের পরে কেনা। ২ অপরের নিকট থেকে প্রাপ্ত। ৩ মৌলিক নয় এমন। { *ই* second}

সেকেন্দর, সেকান্দর [সেকেন্‌দর্, -কা-] *বি* স্বনামখ্যাত গ্রিক সম্রাট আলেকজান্ডার। { *আ.* গ্রিক Alexander; *ফা.* সেকান্দার سكندر }

সেকেন্দারি গজ [সেকেন্‌দারি গজ] *বি* সম্রাট সেকেন্দর শাহ প্রবর্তিত মাপবিশেষ (৩৮ ইঞ্চিতে ১ সেকেন্দারি গজ)। { *ফা.* সেকান্দার سكندر + *বা.* ই + গজ}

সেকেলে ⇒ সে

সেক্তা(-ক্তৃ) [শেক্‌তা] *বিণ* ১ সেচনকারী; সেচক। ২ সেক দেয় এমন। { *স.* √সিচ্+তৃ(তৃচ্)}

সেক্রেটারি [সেক্‌রেটারি] *বি* ১ সম্পাদক (স্কুলের সেক্রেটারি)। ২ কর্মাধ্যক্ষ। ৩ প্রধান কার্য নির্বাহকারী। ৪ সহকারী (মন্ত্রীর একান্ত সচিব); সচিব (গভর্নরের সেক্রেটারি)। { *ই* secretary}

সেখ ⇒ শেখ

সেখান ⇒ সে

সেখানকার ⇒ সে

সেগাফ, শিগাফ [শেগাফ, শি-] *বি* ফাটল; ছিদ্র (জমিনে সেগাফ হইল গোর বরাবর—*সৈহা*)। { *ফা.* শিগাফ شگاف }

সেগুন [শেগুন] *বি* এক প্রকার মূল্যবান বৃক্ষ বা তার কাঠ। { *স.* শাক>; তুল. *হি* সাগুন}

সেগো, সেঙো *(অশ্লীল)* [শেগো, -ঙো] *বি* ১ শিশ্ন। ২ স্ত্রীচিহ্ন। { *অমূ* }

সেঙাত, সাঙাত, সাঙ্গাত [শ্যাঙাত্, শা-, -ঙ্গা-] *বি* বন্ধু; সহচর (মন্দ অর্থে)। **সেঙাতিনী** *বি স্ত্রী.* সেঙাতের স্ত্রী/পত্নী; সহচরী (কেহ ডাকে এস সই চল সেঙাতিনী —*ভারা*)। { *স.* সঙ্গ>}

সেঙ্গার, সিংগার [সেঙ্‌গার, শি-] *বি* ১ স্ত্রীলোকের সাজ-সজ্জা; কোনো অনুষ্ঠানাদিতে সাজানো (জেলেখার হেথা সবে করিল সেঙ্গার হুর পরী জিনে রূপ ছুরত তাহার—*ইগ*)। ২ রতিক্রিয়া; রমণ। { *ফা.* সিঙ্গার سنگار }

সেচ [শেচ্] *বি* সেচন; কৃষিক্ষেত্রে পানি দেওয়ার ব্যবস্থা। { *স.* √সিচ্>}

সেচক [শেচক্] *বিণ* সেচ করে এমন; সেচনকারী। { *স.* √সিচ্+অক(ণ্বুল)}

সেচন [শেচোন্] *বি* ১ সিঞ্চন; সেক; ভিজানো; সিক্ত করা; আর্দ্রকরণ। ২ কোন স্থান থেকে পানি তুলে ফেলা। ~-**কলস** *বি* জল সিঞ্চিত করবার জন্য ব্যবহৃত পাত্র (অনতিবৃহৎ সেচন কলস কক্ষে লইয়া—*ঈবি*)। { *স.* √সিচ্+অন(ল্যুট্)}

সেচনী [শেচোনি] *বি* জল সেচন পাত্র; সেচনপাত্র। { *স.* √সিচ্+অন(ল্যুট্)+ঈ}

সেচা ⇒ সেঁচা

সেচান (*মবা.*) [শেচান্] *বি* শ্যেন; বাজপাখি। { *স.* শ্যেন>}

সেজ[১] ⇒ শেজ[১]

সেজ[২]**, সেজো** [শেজো] *বিণ* তৃতীয় (সেজো ভাই)। { *ফা.* সেহ سه + *স.* জ}

সেজ[৩] ⇒ শেজ[২]

সেজদা, সিজদা [শেজ্‌দা, শি-] *বি* দুই পা দুই হাত, দুই হাঁটু, কপাল ও নাকের অগ্রভাগ মাটিতে ঠেকিয়ে আল্লাহর কাছে আত্মনিবেদনের ইসলামি নীতি (সেজদা ত নয়—উপুড় হয়ে পড়ে মাথা কুটতে থাকে—*নই*)। { *আ.* সিজদাহ سجدة }

সেঝা, সিঝা, সেজা, সিজা [শেঝা, শি-, শেজা, শি-] *ক্রি* পানিতে সিদ্ধ হওয়া। ▢*বি* উক্ত অর্থে। **সেঝানো, সিজনো, সেজানো** *ক্রি* সিদ্ধ করা। { *স.* √সিদ্ধ>সিজ্ঝ> সিঝ>}

সেঞেরা (*মবা.*) [সেয়েঁরা] *বি* (বিয়ের) টোপর বা মুকুট; শিরোভূষণ। { *স.* শেখর>*প্রা.* সেহর>*বা.* সেএরা>}

সেঞ্চুরি [সেনচুরি] *বি* ১ শতাব্দী; শতক। ২ ক্রিকেট খেলায় শত রান। ৩ শত বছরে একবার ফোটে এমন ফুল। { *ই* century}

সেট [সেট্] *বি* একজাতীয় দ্রব্য বা এক রকম গহনা ইত্যাদির সমষ্টি (ডিনার সেট); প্রস্থ; দফা। ▢*ক্রি* স্থিত হওয়া; খাপ-খাওয়া। { *ই* set}

সেটকানো ⇒ সেঁটকানো

সেটেলমেন্ট [সেটেল্‌মেন্‌ট্] *বি* ১ ভূমিব্যবস্থা; জমির বন্দোবস্ত (সেটেলমেন্টের কর্মচারী এ গাঁয়ে তাঁবু ফেলিলে দেখা যায়—*কাআউ*)। ২ মীমাংসা; মিটমাট। { *ই* settlement}

সেতাব [শেতাব্] *ক্রিবিণ* দ্রুত, তাড়াতাড়ি (সেতাব খাইয়া তাতে হইল সওয়ার—*সৈহা*)। **সেতাবি, সেতাব** *ক্রিবিণ* অবিলম্বে; তাড়াতাড়ি। { *ফা.* শিতাব شتاب }

সেতার [শেতার্] *বি* তিন তারযুক্ত বাদ্যযন্ত্র বিশেষ। **সেতারি, সেতারী** *বিণ* সেতার বাজায় এমন; সেতার-বাদক। { *ফা.* সিতার ستار }

সেতারা [সেতারা] *বি* তারা (আসমানেরই চাঁদোয়া তলে চাঁদ সেতারার পিদিম জ্বলে—*নই*)। { *ফা.* সিতারহ্ ستاره }

সেতু [শেতু] *বি* ১ পুল বা সাঁকো। ২ বাঁধ। **~বন্ধ** *বি* ১ হিন্দুদের তীর্থস্থান। ২ সেতুনির্মাণ। ৩ ক্ষেত্রাদির উপর আলি বাঁধা। ৪ কোনো কিছুর মধ্যে সংযোগ। { *স.* √সি+তু(তুন্) }

সেথা, সেথায় ⇒ সে

সেথো [শেথো] *বি* সহচর; সঙ্গী। { *স.* সাথ+উয়া=সাথুয়া> }

সেদে, সেধে ⇒ সাধা

সেদ্দত, সিদ্দত [সেদ্দত্, সি–] *বি* কষ্ট; দুঃখ। ❑ *ক্রি* কষ্ট দেওয়া বা দুঃখ দেওয়া (যতেক সেদ্দত মোরা করিয়াছি তারে—*ফগ*)। { *আ.* শিদ্দত شدة }

সেন [শেন্] *বি* ১ হিন্দু পারিবারিক উপাধিবিশেষ (নিখিল সেন)। ২ বীর (ভীমসেন)। ৩ প্রধান। ৪ 'সেনা' শব্দ সমাসে উত্তর পদে 'সেন'। { *স.* সেন }

সেনা [শেনা] *বি* সৈন্য; সিপাহি; যোদ্ধার দল; ফৌজ। **~ধ্যক্ষ, ~নায়ক, ~পতি** *বি* সৈন্যদলের প্রধান পরিচালক বা অধিপতি; সিপাহসালার। **~নিবাস, ~নিবেশ**[1] *বি* ১ সৈন্যদের বসতি বা আবাস। ২ সৈন্যদের শিবির বা ছাউনি। **~নিবেশ**[2] *বি* সৈন্য সংস্থাপন। **সেনানী** *বি* প্রধান পরিচালক; সেনাপতি। **~শিবির** *বি* সৈন্যদলের অস্থায়ী আবাস বা অবস্থান; সেনাছাউনি; cantonment। **~সঞ্চালক** *বি* সেনাপতি। { *স.* √সি+ন(নন্)+আ(টাপ্) }

সেনাক্ত, সনাক্ত ⇒ শনাক্ত

সেনিটোরিয়াম [সেনিটোরিয়াম] *বি* ১ স্বাস্থ্যনিবাস (শেষ পর্যন্ত চিকিৎসকরা তাকে সেনেটোরিয়ামে পাঠাইবার পরামর্শ দিয়াছেন—*আমআ*)। ২ আরোগ্যনিবাস। { *ই* sanatorium }

সেনি, ছেনি [সেনি] *বি* ডেকচির ঢাকনা। { *ফা.* সেনী سینی }

সেন্ট [সেন্‌ট্] *বি* সুগন্ধ; সুগন্ধি বস্তু। { *ই* scent }

সেন্টিমেন্টাল [সেন্‌টিমেন্‌টাল্] *বিণ* ভাবপ্রবণ (কি যে সেন্টিমেন্টাল হচ্ছে—*রামা*)। { *ই* sentimental }

সেন্সর, সেন্সার, সেনসর [সেন্‌সর, –সার্, –সর্] *বি* ছাপা হবার পূর্বে বইপত্র চিঠিপত্র বা সংবাদাদির পরীক্ষা। **~বোর্ড** *বি* ১ সাধারণের মধ্যে অবাঞ্ছিত বই চিঠিপত্র নাটক চলচ্চিত্র সংবাদপত্র ইত্যাদি প্রচারের পূর্বে নিয়ন্ত্রণের জন্য সরকারি সমিতি বা পরিষদ (সেন্সরবোর্ডের বিশ্বাস বিস্তর ছবি বেরবে—*সৈমু*)। ২ বিচারক সংস্থা বা সমিতি। { *ই* censor board }

সেন্সাস, সেনসাস [সেন্‌সাস্] *বি* আদমশুমারি; লোকসংখ্যা গণনা। { *ই* census }

সেপাই ⇒ সিপাই

সেপায়া, তেপায়া [সেপায়া, তে–] *বি* তিন পায়াবিশিষ্ট ছোট সেজবিশেষ; ক্ষুদ্র টেবিল; teapoy (রূপার সেপায়ার উপরে যে পাত্র ছিল—*বচ*)। { *ফা.* সিহ্‌পায়হ্ سهپایه }

সেপ্টেম্বর, সেপটেম্বর [সেপ্‌টেম্‌বর্] *বি* খ্রিস্টীয় বছরের নবম মাস। { *ই* September }

সেফটিপিন [সেপ্‌টিফিন্] *বি* নিরাপদে ব্যবহার করা যায় এমন এক ধরনের পিন, আটকানোর পর যার মাথা ভিতরে ঢাকা অবস্থায় থাকে। { *ই* safety pin }

সেফালিকা ⇒ শেফালি

সেবক[1] [শেবক্] *বিণ* সেলাইকারক। **সেবন** *বি* সীবন; সেলাই। { *স.* √সেব্+অক(ণ্বুল্) }

সেবক[2] [শেবক্] *বি, বিণ* ১ খাদিম; সেবাকারী; খিদমতগার। ❑ *বি* ১ শুশ্রূষাকারী। ২ ভৃত্য; পরিচারক। ❑ *বিণ* ভক্ত। **সেবিকা, সেবকা** *(বিরল)* *স্ত্রী.*। **সেবকাধম** *বিণ* অত্যন্ত হীন সেবক। { *স.* √সেব্+অক(ণ্বুল্) }

সেবন [শেবন্] *বি* ১ ঔষধাদি বা মাদক দ্রব্য সেবন (ঔষধসেবন, অহিফেন সেবন)। ২ উপভোগ (বায়ু সেবন)। ৩ সেবা; শুশ্রূষা। **সেবনীয়, সেব্য** *বিণ* সেবার যোগ্য; সেবন করা উচিত এরূপ। **সেবমান** *বিণ* সেবারত, সেবন করছে এমন। **সেবিত** *বিণ* ১ সেবা বা পরিচর্যা প্রাপ্ত। ২ পূজিত। ৩ উপাসিত। ৪ আশ্রিত। **সেবিতা** *স্ত্রী.*। **সেবী**(–বিন্) *বিণ* ১ সেবনকারী (অহিফেনসেবী)। ২ সেবক (সংস্কৃতিসেবী)। ৩ তোষামুদে। **সেব্যমান** *বিণ* ১ সেবা করা হচ্ছে বা সেবা করা যায় এমন। ২ আরাধ্যমান। { *স.* √সেব্+অন(ল্যুট্) }

সেবা[1] [শেবা] *বি* ১ যত্ন বা শুশ্রূষা। ২ উপাসনা। ৩ ভোজন; আহার (সেবা শেষে শয়ন)। ৪ উপভোগ (ইন্দ্রিয় সেবায় মশগুল)। **–গেহ** *বি* ১ আশ্রম। ২ পরিচর্যা বা সেবা গ্রহণের জন্য যে গৃহ। **–দাসী** *বি* ১ আজ্ঞাবহ দাসী; পরিচর্যাকারিণী; সন্ন্যাসী প্রভৃতির পরিচর্যাকারিণী দাসী বা উপপত্নী। ২ *(ব্য.)* উপপত্নী। **~ধর্ম** *বি* সেবা বা পরিচর্যার ব্রত। { *স.* √সেব্+অ+আ(টাপ্) }

সেবা[2] [শেবা] *ক্রি* ১ পরিচর্যা করা। ২ *(পদ্য.)* শুশ্রূষা করা। ৩ *(পদ্য.)* উপাসনা করা। { *স.* √সেব্+অ+আ(টাপ্) }

সেবাইত, সেবায়েত, সেবায়ত [শেবাইত্, –য়েত্, –য়ত্] *বি* ১ পূজারি। ২ সেবাকারী। { *স.* সেবা+*বা.* আইত, > }

সেবিকা ⇒ সেবক

সেবিত, সেবী, সেব্য, সেব্যমান ⇒ সেবন

সেমই, সেমাই [শেমোই, –মাই] *বি* আটা বা ময়দাজাত সরু ও লম্বা অজাকারের খাদ্যবিশেষ। { *হি.* সিমাই }

সেমতি ⇒ সে

সেমন্তি, সেমন্তী [শেমোন্‌তি] *বি* সাদা গোলাপ; সেঁউতি। { *স.* সেবন্তী>; *তা.* সামন্তিপ্পু> }

সেমিকোলন [সেমিকোলোন্] *বি* বিরাম চিহ্নবিশেষ (;)। { *ই* semicolon }

সেমিজ ⇒ শেমিজ

সেমিতি [শেমিতি] *বিণ* হযরত নূহ (আ.)-এর পুত্র সামের

বংশধর অতি প্রাচীন জাতি সম্বন্ধীয় বা তাদের মধ্যে প্রচলিত ধর্মমত (যথা ইহুদি, খ্রিস্টান, ইসলাম প্রভৃতি) সম্বন্ধীয়। { *আ.* সামীয়াহ سامية ; ই Semitic}

সেমিনার [সেমিনার্] *বি* আলোচনা সভা (কাল সেমিনারে ঐ নিয়ে তর্ক হবে—*বর*)। { ই seminar}

সেমেটিক, সেমিটিক [সেমেটিক্, -মি] *বি, বিণ* সেমিটিক নামক জাতি। { **সেমিতি** ⇒ }

সেয়ানা, সিয়ানা [শেয়ানা, শি-] *বিণ* ১ সাবালক; পূর্ণ বয়স্ক (সেয়ানা তুমি তাই গায়ে হলুদ দেওয়ার পরেও মতামত দেওয়া চাই—*মোম*)। ২ চতুর; চালাক। ৩ ধুরন্ধর; ধূর্ত (সেয়ানা লোকের পাল্লায় পড়া)। ৪ সজ্ঞান (সেয়ানা পাগল)। ৫ জ্ঞানবান। **সেয়ানে সেয়ানে কোলাকুলি** *বি* (*আল.*) সমকক্ষ ব্যক্তিদের প্রতিযোগিতা। { *স.* সজ্ঞান> সঞ্এঞান>}

সের[১] [শের্] *বি* এক কিলোগ্রাম অপেক্ষা প্রায় ১½ ছটাক কম; ৮০ তোলা পরিমাণ; এক মনের ৪০ ভাগের এক ভাগ; চার পোয়ার সমষ্টি (রূপার মা দিলেন আনি সেরেক খানেক ধান—*জউ*)। ~**কিয়া** *বি* (*গণিত*) সেরের হিসাবে গণনা পদ্ধতি। **সেরকে** *বি* প্রতি সেরে (সেরকে ছটাক কম দেওয়া)। ~**কে পশুরি চুরি** (*আল.*) *বি* এক সেরে পাঁচ সের চুরি অর্থাৎ অবিশ্বাস্যভাবে মরাত্মক চুরি। **সেরা, সেরি** *বিণ* সের ওজনের (পাঁচসেরা/ সেরি মাছ)। { *প্রা.* সের}

সের[২] ⇒ শের

সেরকশ, সরকাশ [শেরকশ্, শরকাশ্] *বিণ* বেয়াড়া; উদ্ধত; একরোখা; ঘাড়বাঁকা; একগুঁয়ে (সাক্ষী বড় সেরকশ—*বচ*)। { *ফা.* সরকশ্ سرکش }

সেরা [শেরা] *বিণ* ১ শ্রেষ্ঠ; উৎকৃষ্ট (বাজারের সেরা)। ২ অপ্রতিদ্বন্দ্বী (সেরা ছাত্র)। { *ফা.* সর্ سر + *বা.* আ}

সেরি, শেরি [শেরি] *বি* মদবিশেষ। { ই sherry}

সেরেফ, স্রেফ, ছেরেফ [সেরেফ, স্রে-, ছে-] *বিণ* ১ কেবল; মাত্র (সেরেফ এইটুকুই বলিলাম—*আমজা*)। ২ একদম (সেরেফ সোজা পথ)। ৩ শুধু; শুধুমাত্র। { *আ.* সির্ফ صرف }

সেরেস্তা, সেরেশতা [শেরেশ্তা] *বি* ১ দপ্তর; দফতর অফিস (জমিদারের সেরেস্তায় কাজ করতে করতে বুড়ো হয়ে গেল)। ২ আদালত (জজের শেরেস্তা)। ~**দার** *বি* সেরেস্তার ভারপ্রাপ্ত কর্মচারী; বড় কেরানি; office superintendent (সকল কর্মের ভার সেরেস্তাদার এবং হেড-কেরানীর উপর ছিল—*বচ*)। { *ফা.* সুরিশ্তাহ্ سورشته }

সেলাই [শেলাই] *বি* সুচ দিয়ে বদ্ধ করা বা জোড়া দেওয়া; সীবন। { *স.* সীবন>}

সেলাখানা [শেলাখানা] *বি* অস্ত্র রাখার ঘর; অস্ত্রশালা; অস্ত্রাগার। { *আ.* সিলাহ্+*ফা.* খানহ্ سلاح خانه }

সেলাপচি, সেলাপচী [শেলাপ্‌চি] *বি* হাত ধোয়াবার পাত্রবিশেষ; চিলমচি (একটা বাঁদী সেলাপচী লইয়া হাত ধোয়াইতে আসিল—*কাই*)। { *তু.* চলবচী}

সেলাম [সেলাম্] *বি* ১ (*কথ্য*) সালাম; অভিবাদন। ২ আশীর্বাদ। □ *ক্রি* ১ আশীর্বাদ করা। ২ অভিবাদন করা; নমস্কার করা। ~ **আলায়কুম**—আপনার উপর শান্তি বর্ষিত হোক; মুসলমানি প্রথায় অভিবাদন। ~**গাহ** *বি* যেখানে দাঁড়িয়ে আগত ব্যক্তি রাজাকে সালাম করে (ভাঁড়ে করে ভাঁড়াই নর্তকে নাচে গায়। নকীর সেলাম গাহে সেলাম জানায়—*ভারা*)। ~ **ঠোকা** *ক্রি* কপালে হাত ঠেকিয়ে সালাম করা (আর সে এসে হাজির হবে দুয়োরের বাহিরে জুতো রেখে দুহাতে সেলাম ঠুকতে ঠুকতে—*অঠা*)। **সেলামত, সালামত** *বি* ১ মঙ্গল বা শুভ (নকীব ফুকারে মহারাজা সেলামত—*ভারা*)। ২ শান্তি (সেলামতে থাকা)। ~ **/সালাম পাঠানো** *ক্রি* সম্ভ্রান্ত ব্যক্তিকে তলব করা বা হাজির হবার আদেশ করার সৌজন্যমণ্ডিত রীতি (বড় সাহেব আপনাকে সালাম পাঠিয়েছেন)। ~**বাজানো** *ক্রি* (*বা.*) অধীনতা জ্ঞাপন করা। ~**সুপারিশ** *বি* যাওয়া আসার অভিবাদন; অনুরোধ ও উপরোধ (সেলাম সুপারিশের শ্রাদ্ধ করিতে হয়—*রঠা*)। **সেলামালকি, সেলামাল্কি** *বি* (*কথ্য*) আশীর্বাদ; মুসলমানি অভিবাদন (মোল্লা ও ব্রাহ্মণ উভয়কেই সমান দেখতেন, মানীর মান রাখতেন ও লোকের খাতির সেলামাল্কির গুণ করতেন না—*প্যামি*)। **সেলামি, সেলামী, সালামি** *বি* ১ নজরানা; যৌতুক; ভেট; ঘুষ; উৎকোচ (সেলামী আর নজরানা, কিস্তি খেলাপ সুদের বোঝায় ভুড়ীর উপড় বাড়ছে ভুড়ী, দিনে যতই দিন চলে যায়—*জউ*)। ২ জমি বন্দোবস্ত নেয়ার সময় জমিদারকে যে অর্থ প্রদান করতে হয় (নাম মাত্র সেলামীতেই বিরাট গোয়ালকুল বিলের পাকা বন্দোবস্ত পেল সলিম—*শাহ*)। { *আ.* সালাম سلام }

সেলুন [সেলুন্] *বি* ১ বিমান, জাহাজ, রেলগাড়ি ইত্যাদিতে বিলাসবহুল বড় কেবিন। ২ চুলকাটা ও দাড়ি কামানোর জন্য নাপিতের দোকান (সেলুনে কি পানের দোকানে রবীন্দ্রনাথের পাশে পাশে তোমার ফটোগ্রাফ—*শাহা*)। { ই saloon}

সেলুলয়েড [সেলুলয়েড্] *বি* রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত এক প্রকার স্থিতিস্থাপক পদার্থ। { ই celluloid}

সেলেখানা ⇒ সেলাখানা

সেলেট ⇒ স্লেট

সেশন [সেশন্] *বি* ১ ফৌজদারি মামলা বিচারের জন্য জজ ও জুরির অধীনে গঠিত আদালতবিশেষ। ২ শিক্ষাবর্ষ (১৯৯২-৯৩ সেশন)। ~**জট** *বি* সময়মতো শিক্ষাবর্ষ শেষ না হওয়ায় সৃষ্ট জটিলতা। { ই session}

সেশ্বর [শেশ্শর্] *বি* আল্লাহর অস্তিত্ব প্রমাণকারী; এক মে কালাম; সেশ্বর দর্শন। { *স.* ঈশ্বর>}

সেস [সেস্] *বি* কর (বেআইনী সেস আদায়ের ব্যবস্থা করা হয়—*কাআমা*)। { ই cess}

সেসি (*মবা*) [শেশি] *সর্ব* সেই, তা-ই, তাহাই (সেসি তারে ভাবে—*দৌবকীনন্দন*)। { সেহি>}

সেস্ত [শেস্ত] *বিণ* আয়ত্ত; অধীন। { *বা.* শায়েস্তা> সেস্ত}

সেহ, সেহি, সেহো [শেহো, -হি, -হো] সেই (হিয়ার ভিতরে বড় ধন আছে সেহ—*চদা*)। { *স.* সে+অ> }

সেহলা [শেহলা] *বি* শেওলা; শৈবাল (স্রোতের সেহলা ভ্রমিয়াছে তারা উদ্দেশ্যহীন হায়—*জউ*)। { *স.* শৈবাল>}

সেহাই, চৈহাই কলম [শেহাই, চোইহাই কলোম্] *বি* কালিকলম; লিখনকার্য (সাহিত্যে সেহাই কলমের কাজ করতে গিয়ে যারা শুধু কলমের কালি ঝাড়েন তাঁরাই কেবল নিজের মনকে প্রবোধ দেবার জন্য পূর্বোক্ত মিথ্যাটিকে সত্য বলে গ্রাহ্য করেন—*প্রচৌ*)। { *ফা.* সিয়াহী سیاهی + *আ.* কলম قلم }

সেহেরা, সিহারা [শেহেরা, শিহা-] *বি* ১ ফুল বা জরির তৈরি টোপর (নওশার বেশে সাজাও বন্ধু মোদের পুনর্বার খুনের সেহেরা পরাইয়া দাও হাতে বাঁধি হাতিয়ার—*নই*)। ২ ললাটের টিপ (রতন সেহেরা ভালে—মুক্তালোর তাহে দোলে, তারকা বেষ্টিত শশধরে—*সৈআ*)। { *ফা.* সিহরাহ سهره }

সেহেরি, সেহেরী, সেহরি [শেহেরি, -, শেহো-] *বি* ১ রোজা রাখার জন্য মুসলমানগণ সুবেহ সাদিকের আগে যে খাবার গ্রহণ করেন (এখন শেষ রাত। সেহেরীর প্রথম ঘন্টা পিটিয়ে দিয়েছে—*মুচৌ*)। ২ সর্গাই। { *আ.* সহ্‌রী سحری }

সেহেলি, সহেলি [শেহেলি, শ-] *বি* খেলার সাথি; বান্ধবী (চল্লিশ সেহেলি সাতে দাই দাসীগণ—*সৈহা*)। { *হি.* সহেলী> }

সৈকত [শোইকত্] *বি* সমুদ্র নদী প্রভৃতির বালুকাময় বিস্তৃত তীরভূমি। **সৈকতিনী** *বি* পাহাড়ি ঝরনা (শুষ্ক শীর্ণ দৈন্য দিনে বহি যায় অক্লান্ত প্রবাহে সৈকতিনী—*রঠা*)। { *স.* সিকতা+অ(তদ্ধি) }

সৈতান *(মবা.)* [শোইতান্] *বি* শয়তান (যুদ্ধ করে সৈতানে সৈতানে—*কমু*)। { *আ.* শয়তান شیطان ; *ই.* Satan }

সৈনাপত্য [শোইনাপত্তো] *বি* সেনাপতির কাজ বা পদ। { *স.* সেনাপতি+য(য্যঞ্) }

সৈনিক [শোইনিক্] *বি* সিপাহি; যোদ্ধা। □ *বিণ* সৈন্য সম্বন্ধীয়। { *স.* সেনা+ইক(ঠক) }

সৈন্ধব [শোইন্ধব্] *বিণ* ১ সমুদ্রে উদ্ভূত। ২ সমুদ্র থেকে তৈরি। ৩ সিন্ধুপ্রদেশে উৎপন্ন বা জাত। ~ **লবণ** *বি, বিণ* খনিজ লবণ; শিলাময় লবণ। { *স.* সিন্ধু+অ(অণ্) }

সৈন্য [শোইনো] *বি* ১ যোদ্ধা। ২ ফৌজ; সৈনিক দল। ~ **সামন্ত** *বি* যোদ্ধার দল ও সামন্তরাজাগণ। **সৈন্যাধ্যক্ষ** *বি* সেনানায়ক; সিপাহসালার। { *স.* সেনা+য(ষ্যঞ্) }

সৈবো ⇒ সইব

সৈমন্তিক [শোইমোন্‌তিক্] *বি* সীমন্তে ব্যবহৃত বস্তু; সিঁদুর। { *স.* সীমন্ত+ইক(ঠক) }

সৈয়দ, সাইয়িদ [সোইয়দ, সাইয়িদ] *বিণ* ১ নবি-নন্দিনী হজরত ফাতিমা ও হজরত আলির বংশধর। ২ সম্ভ্রান্ত ও কুলীন মুসলমানের পদবি। **সৈয়দুল কাওনায়েন** *বি* ১ ইহলোকের ও পরলোকের প্রভু। ২ হজরত মুহম্মদ (সা.)-এর উপাধি (সৈয়দুল কাওনায়েন আমি আপনার খেদমতে একটা আরয করিতে চাই—*আমআ*)। { *আ.* সায়্যিদ سید }

সৈরিন্ধ্রী, সৈরন্ধ্রী [শোইরিন্ধ্রি, -রো-] *বি, বিণ* পরগৃহে বাস করে শিল্পকর্মাদি দ্বারা স্বাধীনভাবে জীবিকা নির্বাহকারিণী। { *স.* স্বৈর+√ইন্ধ+ঈ(ঙীষ্) }

সো *(মবা.)* [শো] *বিণ, সর্ব* সেই রকম; তাদৃশ (সরোবর সো হল মলিন নলিনী দল নীর বীনু জানি শুকি বায়—*দৌবা*)। **সোই** *সর্ব* সেই (সোই কোকিল অব লাখ লাখ ডাকউ—*বিপ*)। { *স.* সঃ> }

সোআথ, সোআথি, সোয়াথ *(ব্র., মবা.)* [সোয়াথ, -থি, -থ] *বি* স্বস্তি (না পাও সোয়াথ—*বচ*)। { *স.* স্বস্তি> }

সোওয়াদ [শোওয়াদ] *বি* স্বাদ; আস্বাদ; আস্বাদন সুখ (কিন্তু সোওয়াদ খাসা—*সৈমু*)। ⇒ সোয়াদ। { *স.* স্বাদ> }

সোওয়াব ⇒ সোয়াব

সোওয়ার ⇒ সোয়ার

সোঁ ⇒ শোঁ

সোঁঅরা, সোঁঙরা, সোঁঙরা *(মবা.)* [সোঁঅরা, সোঁঙরা, সোঁঅরা] *ক্রি* স্মরণ করা। **সোঁঅরি**—স্মরণ করি (আমি সোঁঅরি—*বচ*)। **সোঁঅরিহ**—স্মরণ কোরো (সোঁঅরিহ বড়ায়ি আম্কার বাণী—*বচ*)। { *স.* √স্মৃ> }

সোঁকা ⇒ শোঁকা

সোঁটা [শোঁটা] *বি* ১ ছোট ডাণ্ডাবিশেষ; লাঠি (লাঠিসোঁটা)। ২ (সর্দারের ব্যবহারযোগ্য) ছোট আকারের লাঠি। ~ **ঘুরানো** *ক্রি* ১ ছড়ি লাঠি প্রভৃতি চক্রাকারে চালনা করা। ২ কর্তাগিরি করা; মাতব্বরি ফলানো; সর্দারি চাল চালনা। ⇒ সোটা। { *স.* যষ্টি> }

সোঁত *(কথ্য)* [শোঁত] *বি* স্রোত; প্রবাহ (এসেছিনু মোরা ভাসিয়া দুজনে জীবন-নদীর সোঁতে—*আজই*)। { *স.* স্রোত> }

সোঁতা [শোঁতা] *বি* স্রোত; ক্ষীণ প্রবাহ (বাড়ীর পূর্বেই ছিল একটা সোঁতা—*হুউ*)। □ *বিণ* ১ স্রোতযুক্ত। ২ আবেশ (ফল্গু প্রেমের সোঁতা ফাল্গুনী গেল কোথা?—*সদ*)। { *স.* স্রোত> }

সোঁদা [শোঁদা] *বি* ১ ভাপসা গন্ধ; দগ্ধ বা তপ্ত মাটিতে পানি দিলে যে গন্ধ হয়। ২ তৈলাদি সংযোগে চুলের যে গন্ধ পাওয়া যায় (রয়ে রয়ে তাদের এলানো কেশপাশ বেয়ে কেমন মধুর এক সোঁদা গন্ধ ভেসে আসছিল—*নই*)। { *স.* সুগন্ধ> }

সোঁদাল [শোঁদাল্] *বি* হরিৎ বর্ণের ফুলের গাছ; কর্ণিকার গাছ। □ *বিণ* হলুদ বর্ণযুক্ত। **সোঁদালি, সোঁদালী** *বি* হলুদ বর্ণের ফুলদার গাছবিশেষ। { *স.* স্বর্ণ>সোনা>সোন্দা> }

সোঁসর, সোসর [শোঁশর্, শো-] *বি* সঙ্গী; অবলম্বন; সমান; সমকক্ষ। □ *বিণ* সদৃশ; সমসর; সজ্ঞান (বিদ্যা নাম সোঁসর দোসর নাহি সাথে। কথার দোসর মাত্র শুক পক্ষী হাতে—*ভারা*)। { *স.* সমসর> }

সোকর ⇒ শোকর

সোকানি [সোকানি] *বি* সুকানি; জাহাজের কর্ণধার (কোথায় সোকানি কোথায় সারেং—সাগরে উঠেছে জোর—*জউ*)। { ⇒ সুকানি }

সোঙরা, সোঞরা ⇒ সোঁঅরা

সোঙরি [সোঙ্‌গরি] *ক্রি (পদ্য.)* স্মরণ করে (সোঙরি তাহার রূপ প্রাণ মোর কাঁদে—*কমু*)। { *স.* স্মৃত্বা> }

সোচ্চার [শোচ্‌চার্] *বিণ* তীব্র বা প্রবলভাবে উচ্চারিত হয় এমন; অত্যন্ত মুখর; তর্জন-গর্জন; চিৎকার; হৈ চৈ। { *স.* স+উৎ+চারি; বহু }

সোজা [শোজা] *বিণ* ১ সহজ; সিধা; ঋজু (সোজা পথ)। ২ শান্ত; অমায়িক প্রকৃতির (সোজা লোক)। ৩ আড়ম্বরহীন; প্রাঞ্জল (সোজা করে বলা)। ৪ সরল; কুটিলতাশূন্য (সোজা মন)। ৫ স্পষ্ট; খোলাখুলি (ঘুরিয়ে না বলে সোজা করে বলা)। ৬ কঠিন নয় এমন (সোজা অঙ্ক)। ☐ *বি* শায়েস্তা; দুরস্ত (মেরে সোজা করা)। ☐ *ক্রিবিণ* বরাবর (সোজা সামনে চলা)। **~সুজি** *ক্রিবিণ* ১ বরাবর; সরাসরিভাবে (সোজাসুজি চলা)। ২ সরল সোজাভাবে। { *স.* সম্মুখ>*প্রা.* সমুজ্‌ঝ>; *স.* সহজ}

সোঝা [শোঝা] *ক্রি* ঠাহর করে; বিশেষভাবে লক্ষ্য করে নির্ধারণ করা (বিশেষভাবে লক্ষ্য না করলে চোখে সোঝে না)। { *স.* সম্মুখ>*প্রা.* সমুজ্‌ঝ>}

সোটা, সোঁটা [শোটা] *বি* ছোট আকারের লাঠি যার মাথায় গুটলি থাকে (চোপদারেরা সোনার সোটা হাতে ইতস্ততঃ ছুটাছুটি করে বেড়াতে লাগল—*শেক*)। **~ঘুরানো** *ক্রি* ১ ছড়ি লাঠি প্রভৃতি চক্রাকারে চালনা করা। ২ কর্তাগিরি করা; মাতব্বরি করা; সর্দারি চাল চালা। **লাঠি~** *বি* লাঠি ও লাঠির মতো অস্ত্র। { *স.* যষ্টি>}

সোডা [শোডা] *বি* ক্ষার জাতীয় সাদাচূর্ণ। **~ওয়াটার** *বি* সোডিয়াম বাইকার্বনেট মিশ্রিত পানীয়বিশেষ (অত সোডাওয়াটার কেনে?—*রাব*)। { *ই.* soda}

সোত ⟹ সোঁত

সোৎকণ্ঠ [শোতকন্‌ঠো] *বিণ* ব্যাকুল; উৎকণ্ঠাযুক্ত; চিন্তিত। { *স.* স+উৎকণ্ঠা; *বহু*}

সোৎপ্রাস [শোতপ্রাশ] *বি* ১ অল্প হাসির সঙ্গে উচ্চারিত কথা; পরিহাসবাক্য; শ্লেষ বাক্য। { *স.* স+উৎপ্রাস; *বহু*}

সোৎসাহ [শোতশাহো] *বিণ* ১ উৎসাহযুক্ত। ২ উল্লসিত। **সোৎসাহে** *ক্রিবিণ* ১ হর্ষোৎফুল্লচিত্তে। ২ উৎসাহিত হয়ে; উৎসাহের সঙ্গে। { *স.* স(সহ)+উৎসাহ}

সোৎসুক [শোতশুক] *বিণ* ১ কৌতূহলযুক্ত। ২ অত্যন্ত উৎসুক; আগ্রহান্বিত। **~চিত্তে** *ক্রিবিণ* ১ উৎকণ্ঠিত চিত্তে; আগ্রহান্বিত হয়ে। ২ কৌতূহলপরবশ হয়ে (সকলেই সোৎসুকচিত্তে তাহার কথা শুনিবার জন্য আগ্রহ প্রকাশ করিতে লাগিলেন—*ইহো*)। { *স.* স(সহ)+উৎসুক; *বহু*}

সোদর [শোদর] *বিণ* সহোদর; একই গর্ভে জাত ভাই। **সোদরা** *বিণ স্ত্রী.*। **~প্রতিম** *বিণ* এক মায়ের সন্তান না হলেও ভাইয়ের সমতুল্য। { *স.* স(সমান)+উদর; *বহু*}

সোদ্বেগ [শোদ্‌বেগ] *বিণ* উদ্বেগ উৎকণ্ঠা বা দুশ্চিন্তা যুক্ত। **সোদ্বেগে** *ক্রিবিণ* উদ্‌বিগ্ন বা উৎকণ্ঠিত হয়ে। { *স.* স+উদ্বেগ; *বহু*}

সোনা [শোনা] *বি* ১ স্বর্ণ; কাঞ্চন; মূল্যবান দীপ্ত পীতাভ ধাতুবিশেষ। ২ স্বর্ণের গহনা (হিন্দু বিধবারা গায়ে সোনা পরে না)। ৩ আদরের ধন (সোনামানিক আমার)। ৪ মূল্যবান বস্তু (তোমার দেওয়া উপহার, সে আমার হাজার সোনা)। ☐ *বিণ* ১ সোনালি রঙের (সোনারং)। ২ উৎকৃষ্ট বা অত্যন্ত ভালো (যতো বলো সোনা তার চেয়ে সোনা বাংলাদেশের মাটি)। **~দানা** *বি* ১ সোনা ও সোনার মতো মূল্যবান বস্তু। ২ সোনা দিয়ে প্রস্তুত গহনা (নূতন শাড়ী রং-বেরং এর চুড়ি সোনাদানা সবকিছুই—*রখা*)। **~মুখি/মুখী** *বিণ* সোনা রঙের মুখ যার (সোনামুখি সুই)। ☐ *বি* ১ এক প্রকার বিরেচক পাতাযুক্ত লতা। ২ সূক্ষ্ম সেলাইয়ের কাজে ব্যবহৃত সুচবিশেষ। **~মুগ** *বি* সোনালি বর্ণের মুগের ডাল। **~মুঠি/মুঠো** *বি* পরিপূর্ণ একমুঠি সোনা (ভাসা কথায় বলে... ছাইমুঠো ধরলে সোনামুঠো হয়ে যায়—*প্যামি*)। **সোনায় সোহাগা** *বি* অপূর্ব এবং চমৎকার মিলন (সহজে হইবে বলি সোনায় সোহাগা—*ঘচ*)। **সোনার অঙ্গ** *বি* ১ সোনার বরণ শরীর। ২ অতি সুন্দর দেহ। **সোনার কাঠি রুপোর কাঠি** *বি* ১ জীবন কাঠি ও মরণকাঠি। ২ (*আল.*) বাঁচা মরার উপায়। **সোনার দোয়াত-কলম হওয়া** *বি* বিদ্বান ও বিত্তবান হওয়া। **সোনার পাথরবাটি** *বি* অসম্ভব ও অসঙ্গত বস্তু। **সোনার বেনে** *বি* ১ স্বর্ণ ব্যবসায়ী। ২ হিন্দু সম্প্রদায়বিশেষ। **সোনার সংসার** *বি* সুখশান্তিতে পূর্ণ ঐশ্বর্যশালী সংসার। **সোনারু, সোনার** *বি* স্বর্ণকার (পানি-পান্তা খেয়ে গঞ্জের বাজারে যায় সোনারুর দোকানে কামকাজ শিখতে—*সজ*)। **~রুপা** *বিণ* স্বর্ণ ও রৌপ্যের মতো মূল্যবান। ☐ *বি* স্বর্ণ ও রৌপ্য (সোনারূপা তুচ্ছজ্ঞান—*রঠা*)। **~লতা** *বি* সোনালি রঙের পত্রবিহীন লতা (সোনালতায় গড়ব বালা তোমার দু'খান সোনা হাতের—*জউ*)। **সোনালি, সোনালী** *বিণ* পীতাভ স্বর্ণ বর্ণের; স্বর্ণাভ; গিলটি। **সোনালি আঁশ/সুতা** *বি* বিদেশে বিক্রি করে সোনার মতো দামি বৈদেশিক মুদ্রা পাওয়া যায় এমন আঁশ; স্বর্ণসূত্র; পাট (আমার দশের সোনালি সূতার কথা—*রখা*)। **কেলে~** *বি* কালোমানিক; কালো রঙের ছেলে; কালাচাঁদ; শ্রীকৃষ্ণ। { *স.* স্বর্ণ>}

সোনেলা [শোনেলা] *বি,বিণ* সোনালি রঙের; সোনালি ভীমরুল (কত বোলতা সোনেলা রোদ পিয়ে বুঁদ হয়ে ফেরে—*সদ*)। { *স.* স্বর্ণ>*বা.* সোনা+এলা}

সোন্দা [শোনদা] *বি* বীজবিশেষ; স্নানের পূর্বে এটি বেঁটে গা মাজা হয় (দেশাল সোন্দা নাহি চাই আমি, গায়ে মাখিবার দেশাল মেথি না চাহি—জউ)। { *স.* সুগন্ধি>}

সোপকরণ [শোপোকরোন] *বিণ* উপকরণ সম্বলিত; উপকরণের সঙ্গে। { *স.* স+উপকরণ; *বহু*}

সোপচার [শোপোচার] *ক্রিবিণ* অর্চনার বা সেবার সামগ্রী সহকারে। { *স.* স+উপহার; *বহু*}

সোপর্দ, সোপরদ্দ (*বিরল*) [শোপরদো, শোপরদ্‌দো] *বি* ১ সমর্পণ (বাবা নাকি তার কাছে ফর্দ সোপর্দ করে গেছেন—*কেম*)। **~করা** *ক্রি* বিচারার্থ সমর্পণ করা; হস্তান্তর বা প্রেরণ করা (মামলা দায়েরায় সোপর্দ করা)। { *ফা.* সুপুর্দ سپرد }

সোপাধি, সোপাধিক [শোপাধি, -ক] *বিণ* উপাধিযুক্ত; পদযুক্ত। { *স.* স(সহ)+উপাধি, +ক(কপ)}

সোপান[1] [শোপান] *বি* উপরে ওঠার সিঁড়ি; আরোহণী (দুটি ফোঁটা অশ্রুজলে মন্দির সোপান—*সদ*)। { *স.* সহ+উপ+√অন্‌+অ}

সোপান[2] (বিরল) [শোপান] *বি* সুযোগ; সুবিধা (কুৎসা করিবার অণুমাত্র সোপান পাইলে ধাবমান হয়—*ঈবি*)। { *স.* সহ+উপ+√অন্‌+অ}

সোফাসেট [সোফাসেট] *বি* উপবেশনের গদি-আঁটা কয়েকটি আসনের সমাহার (সোফাসেট ইজি-চেয়ার সবই আছে বারান্দায়—*আআআ*)। { *ই.* sofa set}

সোবহানাল্লাহ, সুবহানাল্লাহ [সোব্‌হানাল্‌লাহ্, সু-] *বি* ১ আল্লাহ্ মহান পবিত্র; আশ্চর্য অর্থে (সোবহানাল্লা কি মজার চালই না চালা হয়েছে—*মীম*)। ২ আল্লাহ্‌র মহিমা। { *আ.* সুবহান আল্লাহ্ سبحان الله }

সোবে, শোবা [শোবে, শোবা] *বি* সন্দেহ; সংশয় (সেই মুখই বটে, তবু সোবে হয় যায়নাক ঠিক চেনা—*মোম*)। { *আ.* শুবাহ্ شبهة }

সোভা, সভা *(মবা.)* [শোভা, শভা] *বি* শোভা (ও নিজভাব সোভা বিসরল—*বিপ*)। { *স.* শোভা> }

সোম [শোম] *বি* ১ চন্দ্র। ২ জলজ লতাবিশেষ; সোমলতা। ৩ সোমলতার রসে প্রস্তুত প্রাচীন সুরাবিশেষ। **~নাথ, সোমেশ্বর** *বি* হিন্দুদেবতা শিব; সোমনাথ মন্দিরের দেবতা। **~বার** *বি* সপ্তাহের একটি দিন। **~রস** *বি* সোমলতা নিঃসৃত মদবিশেষ। **~রাজ** *বি* এক প্রকার ওষধি। { *স.* √সু+ম(মন) }

সোমত্ত, সমত্ত [শোমত্‌তো, শ-] *বিণ* বিয়ের উপযুক্ত (ঘরে আমার সোমত্ত মেয়ে); যৌবনপ্রাপ্ত; বয়ঃপ্রাপ্ত; সমর্থ (সোমত্ত মেয়ে মাথার উপরে—*কাআও*)। **সোমথ** *বিণ* সোমত্তের কথ্যরূপ (সে সোমথ হয়ে উঠেছে, সুতরাং তার মামুরা যে তাকে আর থুবড়ো রাখবে তা তো মনে করতে পারিনে—*নই*)। { *স.* সমর্থ> }

সোমালিয়া [শোমালিয়া] *বিণ* সোমালি দেশীয় (দিগন্তে সোমালিয়া কোন সেহেলী ইশারায় ডাকে তায়—*শাহো*)। { সোমালি+ইয়া }

সোয়াতি *(মবা.)* [শোয়াতি] *বি* স্বস্তি; স্থৈর্য; শান্তি (জনম অবধি না পাই সোয়াতি—*চদা*)। { *স.* স্বস্তি>সোয়াস্‌তি> }

সোয়াথ [শোয়াথ্] *বি* স্বস্তি বা মনের শান্তি। { *স.* স্বস্তি> সোয়াস্তি> }

সোয়াদ *(প্রাপ্র)* [শোয়াদ্] *বি* ১ স্বাদ (পেলাম না দিল সুখের সোয়াদ, দিন কাটাল ব্যথাই নিয়ে—*নই*)। ২ ইচ্ছা; সাধ; অভিপ্রায়। ⇒ সোওয়াদ। { *স.* স্বাদ, সাধ> }

সোয়াব, সওয়াব, সাওয়াব, ছওয়াব [সোয়াব্, সও-, সোও-, ছ-] *বি* ১ পুণ্য; সৎকর্মের ফল (রোজাকালে চেহের খাইব প্রতিনিত। খাইলে সোয়াব না খাইলে অনুচিত—*সৈআ*; খুউব সোওয়াবের কাজ—*আজা*; আর তুমি হালহজ্জা, শেখ, অতএব তোমার সব সাওয়াব (পুণ্য) বাজেয়াপ্ত হয়ে গেছে, কাজেই তোমার কপালেও জাহান্নাম ধরাবাঁধা—*নই*)। ২ কায়দা (আমরাও কিছু ছওয়াব—*ওয়ালী*)। { *আ.* ছাওয়াব ثواب }

সোয়ামি, সোয়ামী [শোয়ামি] *বি* স্বামী; পতি; নাথ (বেশ করেছি নিজ সোয়ামীকে মেরেছি—*নই*)। { *স.* স্বামী> }

সোয়ার, সওয়ার, সোওয়ার, ছওয়ার [শোয়ার্, শও-, শোও-, ছ-] *বিণ* আরোহী; অশ্বারোহী (দেখ সম্মুখে কারবালা মাঠ সোওয়ার হয়ে—*আকাশা*; কুম্ভীরের উপর ছওয়ার হইয়া বাটী আসিয়াছিল—*শেহা*; আরবী ঘোড়ার উপর সওয়ার—*সৈমু*)। □ *বি* বোঝা; যাকে বহন করে আনা হয়েছে (মউর দুটো খাজাঞ্চির ঘরে সোয়ার নামিয়ে—*অঠা*)। **সওয়ারি, সোয়ারি, সোয়ারী, শোয়ারী** *বি* ১ আসোয়ার; আরোহী (সোয়ারীর অশ্ব আনে গগনে বাতাস—*ভারা*)। ২ চৌদোলা; যাতে আরোহণ করে পর্দানশীন মেয়েরা যাতায়াত করে; পালকি; ডুলি (অচেতনার দেশে শোয়ারী চলিল কাঁদিয়া উঠিল হিয়া—*জউ*)। ৩ নৌকা পালকি বা ডুলি মধ্যস্থ যাত্রী। ৪ তানপুরা সেতারা প্রভৃতি যন্ত্রের তার যে অস্থি বা কাষ্ঠখণ্ডের উপরে জড়িয়ে টেনে কানে বাঁধা হয়। { *ফা.* সুয়ারী سواری }

সোয়াল ⇒ সওয়াল

সোয়াস্তি [শোয়াস্‌তি] *বি* ১ উদ্বেগহীনতা। ২ অবসর (কবে সোয়াস্তির শ্বাস ফেলব আমরা—*মব*)। ৩ বিরাম (পায়ে চলার সোয়াস্তি নাই)। ৪ নিরাপত্তা (যুদ্ধের মাঠে সোয়াস্তি নাই)। ৫ শান্তি (আহত যে ক্ষত ব্যথায় সোয়াস্তি চায়, চায় সে আরাম—*নই*)। ৬ উপশম (রোগের সোয়াস্তি)। { *স.* স্বস্তি> }

সোর ⇒ শোর

সোরগোল ⇒ শোর

সোরৎ ⇒ সোহরত

সোরপোষ ⇒ সরপোশ

সোর-সরাবত, শোর-শরাবত [শোর্‌শরাবত্] *বি* আওয়াজ; শোরগোল; সাড়াশব্দ, সোর সরাবত নেই—*অচিসে*)। { *ফা.* শোর شور + *আ.* শহরত شهرة }

সোরসার *(কথ্য)* [শোরশার্] *বি* ১ মিলিত কণ্ঠের বাদ-প্রতিবাদজনক সাড়াশব্দ; গণ্ডগোল; চেঁচামেচি (বাহিরে কত হৈল সোরসার—*সৈহা*)। ২ বেকায়দা কথোপকথন; বাদ-প্রতিবাদ (ঝগড়ায় সোরসারই হইল, ফল কিছুই হইল না)। { *ফা.* শোরশার شورشار }

সোরা ⇒ শোরা

সোরাই [সোরাই] *বি* সুরাহি; পানির বা মদের বোতল; কুঁজো। { *আ.* সরাহী صراحی }

সোরাহি, সোরাহী ⇒ সুরাহি

সোলা [শোলা] *বি* হালকা ও নরম কাঠবিশেষ; এক প্রকার জলজ উদ্ভিদ (ব্রাহ্মণের ছেলের বুক বেদান্ত পড়ে পড়ে শুকিয়ে একেবারে সোলার মত চিমসে ও খরখরে হয়ে গিয়েছিল—*প্রচৌ*)। □ *বিণ* লঘুভার (সোলার মতো পাতলা)। **~কচু** *বি* এক ধরনের হালকা কচু। **~কাঠি** *বি* শোলা গাছের কাঠি (রাক্ষসী বিছানার নীচে সোলাকাঠি পাতিল—*দমি*)। **~টুপি, সোলার টুপি** *বি* সোলা দিয়ে তৈরি টুপি; হ্যাটবিশেষ; pith hat (মস্ত একটা সোলাটুপির মধ্যে আমাদের জাতীয় জীবন ধরা পড়ে পালিত হচ্ছে—*অঠা*)। { *প্রা.* সলাহর> }

সোলে [সোলে] *বি* আপোস; নিষ্পত্তি। **~নামা** *বি* আপোস-মীমাংসা বা নিষ্পত্তির দলিল। { *আ.* সুলহ্ صلح }

সোশিয়লজি [সোশিয়োলোজি] *বি* সমাজবিজ্ঞান (সাইকলজি এবং সোশিয়লজি যে বটানির অন্তর্ভুক্ত একথা তো কোন কেতাবে কোথাও লেখে না—*প্রচৌ*)। { *ই.* Sociology }

সোসর *(প্রাপ্র)* [শোশর্] *বিণ* ১ *(পদ্য.)* সদৃশ; সমতুল্য (কেল্লা কসর পাহাড় সোসর বুরুজ মীনার সমুদ্যত—*সদ*)। ২ ন্যায়; অনুরূপ (সিংহ সোসর হাঁকে—*সদ*)। ৩ অপরাজিত; সমপরাক্রমশালী (দুইজনে টানাটানি উভয়ে সোসর—*অঠা*)। ৪ সঙ্গে, সাথে (স্বপ্নাধ্যায় পালা গাই এখানে সোসর—*বিপ্র*)। { সমসর> }

সোসরি *(ব্র.)* [শোশরি] *বিণ* সদৃশ; সমান (সোসরি মাঝারি অঙ্গ---*জ্ঞাদা*)। {সমসর>}

সোসাইটি [সোসাইটি] *বি* সমিতি; সঙ্ঘ (১৭৮৪তে এশিয়াটিক সোসাইটি স্থাপিত হয়---*আনিস*)। {ই society}

সোস্ত [শোস্‌ত] *বিণ* ১ শান্ত; স্থির; মন্থর (সোস্ত হয়ে দক্ষিণ হাওয়া কাঁদল সে আফসোস ভনে---*নই*)। ২ দুর্বল; ঢিলা; অলস। {ফা. সুস্ত ــــــ}

সোহন *(মব্য.)* [শোহোন্] *বি* শোভন; চারুদৃশ্যমান (বস্ত্র-আভরণ সোহন মোহন খেনে ভবন বিরাজে---*দৌআ*)। **সোহিনী** *স্ত্রী*। {স. শোভন>}

সোহবত, ছোহবত [সোহোবত্, ছো-] *বি* ১ সংসর্গ; সঙ্গ; সাহচর্য (জীবনের বিশ বছর কাল এমনিভাবে চৌধুরী সাহেবের সোহবতে কেটে গেছে---*ইখা*)। ২ স্ত্রীসঙ্গ; সহবাস। {আ. সুহবত صحبة}

সোহম, সোঽহম্ [শোহম্] *বি* আমিই সে অর্থাৎ আমিই ব্রহ্ম---ব্রহ্ম ও আত্মা অভিন্ন (সোঽহম্ ধ্বনিছে নিত্য ... 'আনাল-হক্‌কে'র মন্ত্র মাঝে---*শাহে*)। **সোঽহং** *বি* আমিই ব্রহ্ম; আত্মতৃপ্তির ভাব (সভ্যতা সম্বন্ধে প্রতি জাত নিজকে সোঽহং মনে করে---*প্রচৌ*)। **সোঽহংতত্ত্ব** *বি* আত্মা ও ব্রহ্ম এক---এই দার্শনিক তত্ত্ব। {স. সঃ+অহম্}

সোহরত, সোহরৎ, সহরত, শুহরত [শোহোরত্, ... শ-, শু-] *বি* প্রচার; ঘোষণা; খ্যাতি; ঢোল বাজিয়ে বিশেষ ঘোষণা (... অঙ্গ থরথর---*মীম*; দেশে দেশে সোহরৎ হলো ... মাথা গুড়োর সঙ্গে বেরেথে গিয়েছে---*দীমি*)। {আ. শুহরত شهرة}

সোহাগ [শোহাগ্] *বি* আদর; স্নেহ; যত্ন (একটু আদর তো ছোট কথা, জন্ম ধরে পাখিটির মতন করে বুকে রেখে আদর সোহাগ করে ভালবেসেও তোমার মন পাইনি---*নই*)। **সোহাগি, সোহাগী, সোহাগিনী** *বিণ স্ত্রী* ১ সোহাগপ্রাপ্তা; আদরপ্রাপ্তা (সোহাগিনী লো সোহাগ ছাড়ো কিংবা দিব আর---*মজান*)। ২ আদর স্নেহ পাওয়ার জন্য অভিমানিনী। {স. সৌভাগ্য>}

সোহাগা [শোহাগা] *বি* স্বর্ণাদি গলাবার ক্ষারজাতীয় পদার্থ; টঙ্কণ; borax। {স. সৌভাগ্য>}

সোহায়ল *(ব্র.)* [শোহায়লো] *ক্রি* শোভা করল; শোভিত করল; সৌন্দর্যমণ্ডিত করল (বদন সোহায়ল শ্রমজল---*বিপ*)। {স. শোভ>}

সোহিনী, শোহিনী *(মব্য.)* [শোহিনি] *বি* সঙ্গীতের রাগ-বিশেষ (বাঁশিতে ...জিল ব্যথার সোহিনী---*মোম*)। □ *বিণ* সুন্দর শোভা ধারণকারিণী; সৌন্দর্যে চিত্ত বিনোদনকারিণী (নব নাগরী নাগরমোহিনী রূপ নিরুপম সোহিনী---*ভরা*)। {স. শোভিনী>}

সোহে *(মব্য.)* [শোহে] *ক্রি* আঘ্রাণ গ্রহণ করা (শুক চঞ্চু নাসিকা কমল মুখ সোহে পদ্মিনীর মুখ দেখি জগজন মোহে---*সৈআ*)। {শোকা>}

সোহেলা [শোহেলা] *বি* উৎসব কালের আনন্দ গান। {হি সোহেলা}

সৌকর্য [শৌউকোরজো] *বি* সুকরত্ব; অনায়াসে সুসাধ্যতা; সহজসাধ্যতা (আমি ইন্দ্রিয়ের সৌকর্যের চেয়ে তোমার দেহের কথা ভেবেছিলাম---*আহা*)। {স. সুকর+য(ষ্যঞ)}

সৌকুমার্য [শৌউকুমারজো] *বি* ১ লালিত্য; কমনীয়তা (একটি সুললিত সৌকুমার্য প্রকাশ পাইতেছে---*রঠা*)। ২ সুকুমারতা (ছেলেটির চেহারায় সৌকুমার্যের ভাব বিদ্যমান)। {স. সুকুমার+য(ষ্যঞ)}

সৌক্ষ্ম্য [শৌউকখোঁ] *বি* সূক্ষ্মতা; মিহি সরু বা পাতলার ভাব (চারুকলার সৌক্ষ্ম্য বৈশিষ্ট্য)। {স. সূক্ষ্ম+য(ষ্যঞ)}

সৌখিন, সৌখীন, সওকীন ⇒ শৌখিন

সৌখ্য [শৌউকখো] *বি* সুখের প্রবাহ; সুখের অবস্থা। {স. সুখ+য(ষ্যঞ)}

সৌগত [শৌউগতো] *বিণ* বৌদ্ধ। {স. সুগত+অ(ষ্ণ)}

সৌগন্ধ, সৌগন্ধ্য [শৌউগনধো] *বি* খোশবু; সৌরভ; সুঘ্রাণ (... আত্মা উড়ে চলে তার সৌগন্ধ্যে---*বুব*)। **সৌগন্ধিক** *বি* গন্ধবণিক; সুগন্ধ দ্রব্যের ব্যবসায়ী। □ *বিণ* সৌগন্ধ সম্বন্ধীয়। {স. সুগন্ধ+অ(ষ্ণ), য(ষ্যঞ)}

সৌচি, সৌচিক [শৌউচি, -ক] *বি* ১ দরজি; সূচিকাজের ব্যবসায়ী (সংক্ষিপ্ত সৌকুমার্যের স্বপ্ন সৌচিককেই সাজে ---*সুদ*)। ২ সূচসম্বন্ধীয় (সৌচিক কর্ম সৌচিককেই সাজে ---*সুদ*)। {স. সূচ+ই(ইঞ), ইক(ঠক)}

সৌজন্য [শৌউজোনো] *বি* সুজনের ভাব বা আচরণ; ভদ্রতা; সুজনতা; শরাফত; মার্জিত ব্যবহার; শিষ্টাচার (আমি তোমার সৌজন্য ও সুশীলতা দর্শনে পরম পরিতোষপ্রাপ্ত হইয়াছি---*ঈবি*)। **--চর্চিত** *বিণ* ভদ্র ব্যবহারের সঙ্গে; মার্জিত ব্যবহারসহ (মনোমুগ্ধকর সৌজন্য-চর্চিত আদানে প্রদানে ---*হাহা*)। {স. সুজন+য(ষ্যঞ)}

সৌজাত্য [শৌউজাততো] *বি* জন্মের উৎকর্ষ; কৌলীন্য; সুজনন (সৌজন্যে আমি সৌজাত্যকেই ডরাই বংশসংস্কারে ক্রমধর আপত্তি নেই---*সুদ*)। **--বিদ্যা** *বি* উৎকৃষ্ট সন্তান উৎপাদনবিদ্যা (তবুও কৌথ---এর ন্যায় সাধারণিক মতাবলম্বি সৌজাত্যবিদ্যার ঠেলায় আজ এই সিদ্ধান্তে পৌঁছেছেন যে মানুষের জাতিগত বিভেদ প্রাগুমানুষিক আদিকের পরিণাম---*সুদ*)। {স. সুজাত+য(ষ্যঞ)}

সৌত্র, সৌত্রিক [শৌউতত্রো, -ত্রিক] *বিণ* ১ সূত্রানুযায়ী। ২ সূত্রসম্বন্ধীয়। ৩ *(ব্যা.)* সূত্রে উল্লিখিত (সৌত্রিক ধাতু)। □ *বি* সূত্রধারী; ব্রাহ্মণ। {স. সূত্র+অ(ষ্ণ), ইক(ঠক)}

সৌদামিনী [শৌউদামিনি] *বি* বিদ্যুৎ; তড়িৎ (তার সৌদামিনীর মত সেগুলো শুধু ...ময়ী প্রখর তেজে জ্বলছে---*নই*)। {স. সুদামন্+অ(ষ্ণ)+ঈ}

সৌধ [শৌউধো] *বি* প্রাসাদ; অট্টালিকা (সৌধ কিরীটিনী যথা মুণ্ডমালা গলে---*মদ*)। **--কিরীটিনী** *বি* বহু অট্টালিকা শোভিত সুউচ্চ প্রাসাদ; অট্টালিকা যে নগরীর কিরীটস্বরূপ (কোথায় সৌধকিরীটিনী লঙ্কা মনোহরা পুরী---*মদ*)। **--মালা** *বি* অট্টালিকাসমূহ। **--শিখর** *বি* প্রাসাদের উপরিভাগ। {স. সুধা+অ(ষ্ণ)}

সৌন্দর্য [শৌউনদোরজো] *বি* ১ রূপ; মনোহর রূপমাধুরী (দৈহিক সৌন্দর্য)। ২ শোভা। ৩ লালিত্য; সুন্দরতা;

মনোহারিত্ব (সুরের সৌন্দর্য বৃদ্ধি)। { স. সুন্দর+য(ষ্যঞ)}

সৌপর্ণ [শোউপরনো] *বিণ* ১ সুন্দর পালকযুক্ত। ২ গরুড় সম্বন্ধীয়। ☐ *বি* ১ গরুড়। ২ মরকত মণি। { স. সুপর্ণা+অ(অণ)}

সৌপ্তিক [শোউপ্‌তিক্] *বি* ১ নৈশ যুদ্ধ। ২ মহাভারতের একটি যুদ্ধপর্ববিশেষ। ☐ *বিণ* সুপ্তি সম্বন্ধীয়। { স. সুপ্তি+ইক(ঠঞ)}

সৌবর্চল [শোউবরচল্] *বি* সুবর্চল দেশজাত কালো লবণ; সাজিমাটি। { স. সুবর্চল+অ(অণ)}

সৌবর্ণ [শোউবরনো] *বিণ* ১ স্বর্ণজাত; সোনার তৈরি। ২ স্বর্ণময়। { স. সুবর্ণ+অ(অণ)}

সৌবীর [শোউবির্] *বি* সিন্ধুনদের নিকটবর্তী প্রাচীনকালের দেশ; সৌবীরদের রাজা জয়দ্রথ; সৌবীরবাসী; কুলিঙ্গ [illegible]। { স. সুবীর+অ(অণ)}

সৌবীরাঞ্জন [শোউবিরানজন্] *বি* সৌবীর দেশের অঞ্জন বা সুরমা; কালো সুরমা। { স.}

সৌভদ্র, সৌভদ্রেয় [শোউভদ্‌দ্রো, -দ্‌দ্রেয়ো] *বি* অভিমন্যু; সুভদ্রার পুত্র। { স. সুভদ্রা+অ(অণ), এয়(ঢক)}

সৌভাগিনেয় [শোউভাগিনেয়ো] *বি* অত্যন্ত ভাগ্যবতীর পুত্র। সৌভাগিনেয়ী *বি* পরম সৌভাগ্যবতীর কন্যা। সৌভাগিনেয় *বিণ*। { স. সুভগা+ইন(ইনঙ)+এয়(ঢক)}

সৌভাগিন্য [শোউভাগিন্‌নো] *বি* ভগিনীদের মধ্যে পরস্পর সম্প্রীতি বা সদ্ভাব। { স. সুভাগিনী+য(ষ্যঞ)}

সৌভাগ্য [শোউভাগ্‌গো] *বি* ১ ভালো কপাল; শুভ ভাগ্য; কল্যাণকর অদৃষ্ট; অনুকূল ভাগ্য। ২ সৌন্দর্য। সুষমা। ~**ক্রমে** *ক্রিবিণ* অনুকূল ভাগ্যবশত। ~**বান** *বিণ* অদৃষ্ট সুপ্রসন্ন এমন। ~**বতী** স্ত্রী। { স. সুভগ+য(ষ্যঞ)}

সৌভিক [শোউভিক্] *বি* জাদুকর। { স. সৌভ+ইক(ঠক)}

সৌভ্রাত্র [শোউভ্রাত্‌ত্রো] *বি* পরস্পর সম্প্রীতিযুক্ত বোধ; ভাইদের মধ্যে পরস্পর সদ্ভাব। { স. সুভ্রাতৃ+অ(অণ)}

সৌমনস্য [শোউমনোশ্‌শো] *বি* ১ ভালোবাসা; প্রীতি; সম্প্রীতি। ২ সদ্ভাব। { স. সুমনস্+য(ষ্যঞ)}

সৌম্য [শোউম্‌মো] *বিণ* ১ প্রশান্ত; ধীর; স্থির (সৌম্য শান্ত প্রাকৃতিক পরিবেশ)। ২ মনোরম; মনোহর; চারুদর্শন (সৌম্য দর্শন)। ৩ প্রসন্ন (সৌম্য মূর্তি)। ৪ সোমরস পানকারী। ☐ *বিণ* চন্দ্রপুত্র, বুধ নামক গ্রহ। **সৌম্যতা** *বি* প্রশান্তি। **সৌম্যা** *বিণ স্ত্রী* ১ শান্ত ধীর স্থির নারী। ২ প্রসন্না। ৩ সোমরস পানকারিণী বা পরিবেশনকারিণী। { স. সোম+য(ষ্যঞ)}

সৌর [শোউরো] *বিণ* ১ সূর্যবিষয়ক (সৌরকর)। ২ সূর্যের উপাসক (সৌর সম্প্রদায়)। ~**কর** *বি* সূর্যরশ্মি; সূর্যকিরণ। ~**জগৎ** *বি* সূর্য ও তার গ্রহ-উপগ্রহ মিলে যে জগৎ (সৌরজগৎ সংক্রান্ত বহু তথ্য নির্ণীত হয়—*আকাশ*)। ~**বৎসর** *বি* ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮.৭৬৮ মিনিটে পৃথিবী সূর্যকে একবার প্রদক্ষিণ করে; এ সময়কে সৌরবৎসর বলা হয়; solar year। { স. সুর+অ(অণ)}

সৌরভ [শোউরভ্] *বি* সুগন্ধ; কুমকুম; সুন্দর গন্ধ (পুষ্পসৌরভ উদ্যানটিকে আমোদিত করেছে)। { স. সুরভি+অ(অণ)}

সৌরাজ্য [শোউরাজ্‌জো] *বি* সুশাসিত রাজ্য (সৌরাজ্য দেশের উন্নতি সাধন করে)। { স. সুরাজ+য(ষ্যঞ)}

সৌরাষ্ট্র [শোউরাশ্‌ট্রো] *বি* ১ পশ্চিম ভারতের কাথিয়াওয়াড় অন্তর্গত রাজ্য বা প্রদেশবিশেষ; সুরাট দেশ। ২ সুরাট দেশবাসী। { স. সুরাষ্ট্র+অ(অণ)}

সৌরি [শোউরি] *বি* ১ সূর্যপুত্র শনি; যম; কর্ণ; কৃষ্ণ; বিষ্ণু। ☐ *বিণ* সূর্য সম্পর্কিত। { স. সুর+ই(ইঞ)}

সৌরিক [শোউরিক্] *বিণ* ১ মদ বা সুরা সম্পর্কিত। ২ মদ ব্যবসায়ী। ৩ স্বর্গীয়। ☐ *বি* শনি। { স. সুর/সুরা+ইক(ঠক)}

সৌষ্ঠব [শোউশ্‌ঠব্] *বি* ১ সৌন্দর্য; উৎকর্ষ (সুষমার সঙ্গে অঙ্গতে যে একটি সৌষ্ঠব [illegible])। ২ সুগঠন (অঙ্গসৌষ্ঠব)। ৩ দক্ষতা (কাজের সৌষ্ঠব)। { স. সুষ্ঠু+অ(অণ)}

সৌসাদৃশ্য [শোশাদৃশ্‌শো] *বি* সম্পূর্ণ সাদৃশ্য; অত্যন্ত মিল। { স. সুসদৃশ+য(ষ্যঞ)}

সৌহার্দ, সৌহার্দ্য, সৌহৃদ, সৌহৃদ্য [শোউহারদো, -হারদ্‌দো, -হৃদো, -হৃদ্‌দো] *বি* ১ বন্ধুত্ব; সখ্য; মৈত্রী (দেশের সঙ্গে দেশের সৌহার্দ অতি রমণীয় হইয়াছে—[illegible])। ২ প্রেম; ভালোবাসা; সম্প্রীতি (সৌহার্দ্য [illegible])। ৩ এই স্ত্রীলোকের বিলক্ষণ সৌহার্দ্য ছিল—[illegible]) সৌজন্য বোধ; সৌজন্য। { স. সুহৃদ্+অ(অণ), য(ষ্যঞ)}

স্কন্দ [স্কন্‌দো] *বি* হিন্দুপুরাণোক্ত দেবসেনাপতি; কার্তিকেয় (ভূমি, কাঁধ; স্কন্দ এখন [illegible]—*রবীন্দ্র*)। ☐ *বিণ* জ্ঞানী; বিদ্বান। { স. √স্কন্দ [illegible]}

স্কন্ধ [স্কন্‌ধো] *বি* ১ কাঁধ; অংশ। ২ গাছের গুঁড়ি থেকে শাখা পর্যন্ত অংশ; গুঁড়ি। ৩ গ্রন্থের পরিচ্ছেদ; অধ্যায়; পর্ব। ৪ সেনা সন্নিবেশের ব্যূহবিশেষ। ৫ বস্তুর কাণ্ড [illegible] হয়। ৬ বৌদ্ধদর্শনের পাঁচ বিষয়ের অন্যতম। **স্কন্ধাবার** *বি* ১ সৈন্যদল। ২ সৈন্যদের তাঁবু; ছাউনি; শিবির। ৩ রাজধানী। **স্কন্ধী** (-ন্ধিন্) *বিণ* ১ স্কন্ধ বহনকারী; স্কন্ধধারী। ২ স্কন্ধসম্পর্কীয়। ৩ বৃক্ষ। { স. স্কন্+√ধা+অ(ক)}

স্কলারশিপ [স্কলারশিপ্] *বি* ছাত্রবৃত্তি (জুনিয়র স্কলারশিপ পরীক্ষায় উত্তীর্ণ হন—*জসীম*) { ই. scholarship}

স্কুটার [স্কুটার্] *বি* স্বয়ংচালিত দ্বিচক্র যান বিশেষ। { ই. scooter}

স্কুল, ইস্কুল [ইস্‌কুল্] *বি* ১ বিদ্যালয়; শিক্ষাগার; পাঠশালা; প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়। ২ মতবাদ। ৩ গোষ্ঠী; সম্প্রদায়। ~**ঘর** *বি* বিদ্যালয়-গৃহ। ~**ঘেঁষা** *বিণ* বিশেষ কোনো গোষ্ঠীর মতবাদ বা বিশ্বাস সম্বন্ধীয় (এখানো অনেক কথা তুললেন যা দস্তুরমতো জটিল এবং ইস্কুলঘেঁষা—*বুদ্ধ*)। ~**ফাইনাল** *বি* স্কুলের সর্বশেষ পরীক্ষা। ~**বোর্ড** *বি* প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা তত্ত্বাবধানের জন্য নির্বাচিত বা মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। ~**মাস্টার** *বি* প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক। ~**মাস্টারি** *বি* প্রাথমিক বা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকতার কাজ। { ই. school}

স্ক্রু ⇒ ইস্ক্রু

স্খলন [স্‌খলোন্] *বি* ১ পতন। ২ ন্যায়পথ থেকে চ্যুত হওয়া (স্খলন পতন ত্রুটি—*রবী*)। ৩ পিছলানো (পদস্খলন)। ৪ বিপথগামী হওয়া (ধর্মপথ থেকে

পদস্খলন)। ৫ উচ্চারণ (বাক্যস্খলন)। ৬ বিকৃতি। ৭ নিঃসরণ (পানি স্খলন)। **স্খলিত** *বিণ* ১ বিচ্যুত (বৃন্তস্খলিত আম)। ২ বিপথগামী (ধর্মস্খলিত লোক)। ৩ নিঃসরিত (স্খলিত জলের নালি)। ৪ নিস্তেজ। ৫ স্খলন সম্বন্ধীয়। **স্খালন** *বি* ১ পরিষ্কারকরণ (পানিতে পদস্খালন)। ২ পরিত্যাগ; বিদূরণ (অসৎ সম্পর্ক স্খালনযোগ্য)। ৩ সংশোধন (অপরাধ বা দোষ স্খালন)। ৪ অপসারণ (আবর্জনা স্খালন)। { *স.* √স্খল্+অন(ল্যুট্)}

স্টক [স্টক্] *বি* মজুদ (মেঘমল্লার রাগিণীর যার যত গান জমা আছে স্টকে—*নই*)। { *ই.* stock}

স্টার [এস্‌টার্] *বি* ১ তারা; তারকা। ২ পরীক্ষায় শতকরা ৮০ ভাগ নম্বর পাওয়ার স্মারক। { *ই.* star}

স্টিম [স্টিম্] *বি* বাষ্প (স্টিম ইঞ্জিন)। { *ই.* steam}

স্টিমার [স্টিমার্] *বি* বাষ্পীয় পোত; জাহাজ। { *ই.* steamer}

স্টিল [স্টিল্] *বি* ইস্পাত; পাকা লোহা। { *ই.* steel}

স্টুপিড, ইস্টুপিট [স্টুপিড্, –ট্] *বিণ* নির্বোধ; বোকা (স্টুপিড ডেঁপো ছোকরা—*বিব*)। { *ই.* stupid}

স্টুয়ার্ড [ইস্‌টুয়ারড্] *বিণ* ১ খাদিম; খিদমতগার। ২ খেলাধুলার শৃঙ্খলারক্ষক। { *ই.* steward}

স্টেজ [স্টেজ্] *বি* মঞ্চ (উঠানের এক কোণে স্টেজ বাঁধা হয়েছে—*বিব*)। { *ই.* stage}

স্টেট [স্টেট্] *বি* ১ রাজ্য। ২ জমিদারির বিষয়সম্পত্তি। { *ই.* state; estate}

স্টেথিসকোপ, স্টেথোস্কোপ [এস্‌টেথিস্‌কোপ্, –থো–] *বি* হৃদবীক্ষণযন্ত্র (রোগীর বুকে স্টেথোস্কোপ লাগিয়ে—*অচিসে*)। { *ই.* stethoscope}

স্টেনগান [স্টেন্‌গান্] *বি* ছোট মেশিনগান। { *ই.* Sten gun}

স্টেনো [স্টেনো] স্টেনোগ্রাফারের সংক্ষিপ্তরূপ। –**গ্রাফার** *বি* সাটলিপিকার। { *ই.* stenographer}

স্টেশন [এস্টেশন্] *বি* রেল জাহাজ ইত্যাদি থামার এবং থাকার স্থান। { *ই.* station}

স্টোভ [স্টোভ্] *বি* কেরোসিন তেলে চালিত ধাতব চুল্লিবিশেষ (ক্রমে উত্তপ্ত স্টোভের ন্যায় তাহার গলা বড় ও জ্বালাময় হইয়া উঠিত—*মাউ*)। { *ই.* stove}

স্টোর [স্টোর্] *বি* ১ ভাণ্ডার; ভাঁড়ার; ধন খাদ্য অন্যান্য বস্তু সংরক্ষণের স্থান। ২ গুদাম। ৩ দোকান (ঢাকা মেডিকেল স্টোর)। –**কিপার** *বি* ভাণ্ডাররক্ষক; ভাণ্ডারী। –**রুম** *বি* ভাঁড়ার-কক্ষ; ভাঁড়ার। –**হাউস** *বি* গুদাম-ঘর; গোলাঘর। { *ই.* store}

স্ট্যান্ডার্ড [স্ট্যান্‌ডার্‌ড্] *বি* ১ নির্ধারিত মান। ২ আদর্শ। ৩ নির্ধারিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত মাপ; সময় ইত্যাদি। { *ই.* standard}

স্ট্যাম্প [স্ট্যাম্‌প্] *বি* ১ ডাকটিকিট। ২ দলিল সম্পাদন করার সরকারি মোহরযুক্ত রাজস্ব প্রদানসূচক ক্রীত কাগজ। { *ই.* stamp}

স্ট্রিট, স্ট্রীট, ষ্ট্রীট [স্ট্রিট্] *বি* শহরের চওড়া রাস্তা। { *ই.* street}

স্ট্রাইক [স্‌ট্রাইক্] *বি* ধর্মঘট। { *ই.* strike}

স্তন [স্‌তন্] *বি* ১ নারীদেহের বক্ষঃস্থলের গ্রন্থিবিশেষ, যার মধ্যে শিশুসন্তানের জন্য দুগ্ধ সঞ্চিত থাকে; পয়োধর; কুচ; (*কথ্য*) মাই; মায়ের বক্ষের দুগ্ধাধার (স্তন হতে তুলে নিলে কাঁদে শিশু ডরে—*রঠা*)। ২ দুধ; milk। **স্তনাগ্র** *বি* স্তনের অগ্রভাগের বোঁটা; চুচুক। { *স.* √স্তন্+অ(অচ্)}

স্তনন [স্‌তনন্] *বি* ১ ধ্বনি; শব্দ; রব। ২ কাতরোক্তি; কাতরধ্বনি। ৩ মেঘের গর্জন। **স্তনিত** *বিণ* ১ শব্দিত; ধ্বনিত। □ *বি* ১ রতিকর্মের শব্দ। ২ মেঘাদির পরস্পরের সংঘর্ষের শব্দ। ৪ বজ্রধ্বনি। ৫ করতালি ধ্বনি। { *স.* √স্তন্+অন(ল্যুট্)}

স্তনন্ধয় [স্‌তনোন্‌ধয়্] *বিণ* ১ স্তন্যপায়ী। □ *বি* অত্যন্ত অল্পবয়স্ক শিশু। **স্তনন্ধয়ী** *বিণ স্ত্রী.* স্তন্যপায়িনী। { *স.* স্তন+√ধে+অ(খশ্), 'ম' (মুম্) আগম}

স্তনাংশুক [স্‌তনাঙ্‌শুক্] *বি* কাঁচুলি; স্তনাচ্ছাদন বস্ত্র (ফুটিলে আভাসে কার স্তনাংশুক যেন, মনোহর বাহুভঙ্গি—*মোম*)। { *স.* স্তন+অংশুক}

স্তনাগ্র ⇒ স্তন

স্তনিত ⇒ স্তনন

স্তন্য [স্‌তন্‌নো] *বি* স্তননিঃসৃত দুধ। { *স.* স্তন+য(যৎ)}

স্তন্যজীবী (–বিন্), **স্তন্যপায়ী** (–য়িন্) [স্‌তোন্‌নোজিবি, –পায়ি] *বিণ* স্তনজ দুধ পান করে জীবন ধারণ করে এমন; mammal। □ *বি* শিশু। { *স.* স্তন্য+জীবী, পায়ী}

স্তন্যপান [স্‌তোন্‌নোপান্] *বি* মায়ের বুকের দুগ্ধ পান; (*কথ্য*) মাই খাওয়া। { *স.* স্তন্য+পান}

স্তন্যপিপাসু [স্‌তোন্‌নোপিপাশু] *বিণ* স্তনের দুগ্ধ পান করার জন্য তৃষ্ণার্ত ; দুগ্ধপোষ্য শিশু (এই নবাগত, ক্ষুদ্রকায়, স্তন্য পিপাসু শ্যালকটি নিদ্রাতুর —*রঠা*)। { *স.* স্তন্য+পিপাসু}

স্তব [স্‌তব্] *বি* ১ প্রশংসা কীর্তন। ২ আরাধনা; স্তুতি (সান্ধ্য স্তব)। ৩ মন্ত্র উচ্চারণ; মন্ত্রপঠন। ৪ স্তোত্র। **স্তবন** *বি* ১ গুণকীর্তন; প্রশংসাকীর্তন। ২ মন্ত্রোচ্চারণ। □ *ক্রি* আরাধন। **স্তাবক** *বিণ* ১ স্তুতিগায়ক (কালিদাসাদি যেখানে আমার স্তাবক সেখানে আমি ... করিব না কেন—*বচ*)। ২ মন্ত্রপাঠক; ব্রাহ্মণ। □ *বি, বিণ* চাটুকার; খোশামুদে; চামচা। **স্তাবকতা** *বি* চাটুকারিতা; খোশামোদ। { *স.* √স্তু+অ(অপ্)}

স্তবক [স্‌তবক্] *বি* ১ থোকা; গুচ্ছ। ২ গ্রন্থাদির অধ্যায়; সর্গ (পঞ্চম স্তবক)। ৩ কবিতার ছন্দবদ্ধ চরণসমষ্টি; stanza। ৪ শ্লোক বা মন্ত্রের বিভাগ। **স্তবকিত** *বিণ* তোড়া-বাঁধা; একত্র। { *স.* √স্তু+অক(বুন্)}

স্তাবক, স্তাবকতা ⇒ স্তব

স্তব্ধ [স্‌তব্‌ধো] *বিণ* ১ নিশ্চল; নিস্পন্দ; নিঃসাড় (স্তব্ধ হৃদয়)। ২ মূর্ছিত; সংজ্ঞাহীন। ৩ অবাক; বাকরুদ্ধ; বধির (স্তব্ধ হয়ে চিন্তা করা)। ৪ পলকহীন (স্তব্ধ নয়ন)। ৫ ভয়ার্ত; স্তম্ভিত। **স্তব্ধতা** *বি* স্তব্ধ হওয়ার ভাব; নীরবতা; নিঃসাড়তা (আজ রাত্রে মোর কাছে খুলে দিলে স্তব্ধতার ঢাকা—*রঠা*)। **স্তব্ধীভূত** *বিণ* ১ স্তম্ভিত; নিশ্চল; নিঃস্পন্দ বা বাকরুদ্ধ হওয়ার অবস্থা (শুধু দ্যুতিহীন ... স্তব্ধীভূত প্রতীক্ষা—*অচিসে*)। ২ জড়ীভূত। { *স.* √স্তম্ভ্+ত(ক্ত)}

স্তম্ব [স্‌তম্‌বো] *বি* ধান ইত্যাদি গাছের ডাঁটা; কাণ্ডশূন্য বৃক্ষ; তৃণগুচ্ছ। **স্তম্বেরম** *বি* হাতি। { *স.* √স্তম্ভ্+অ(অচ্)}

স্তম্ভ [স্‌তম্‌ভো] *বি* ১ খুঁটি; ঘরের থাম। ২ খবরের কাগজাদির কলাম; column (সম্পাদকীয় স্তম্ভ)। ৩ নিরোধ; প্রতিরোধ (বাণস্তম্ভ)। ৪ অসাড় (হস্তস্তম্ভ)। ☐ *বিণ* স্তম্ভিত; আশ্চর্যান্বিত (রায়ের বিক্রম দেখি রাজা হল স্তম্ভ—ঘচ)। { *স.* √স্তম্ভ+অ(ঘঞ্‌) }

স্তম্ভন [স্‌তম্‌ভন্‌] *বি* ১ নিরোধকরণ; নিবারণ। ২ মন্ত্র দ্বারা আবিষ্টকরণ। ৩ প্রতিরোধকরণ (বাণ স্তম্ভন)। ৪ স্থিরীকরণ। ৫ হিন্দুদেবতা কন্দর্পের বাণবিশেষ। **স্তম্ভিত** *বিণ* ১ মুগ্ধ; আবিষ্ট (মৌন জল স্থল স্তম্ভিত বিষাদে নম্র—*রঠা*)। ২ স্তম্ভের মতো জড়ীভূত। ৩ প্রতিরোধকৃত। ৪ অবরুদ্ধ (স্তম্ভিত হৃদয় বেদনা)। { *স.* √স্তম্ভ+অন(ল্যুট্‌) }

স্তর [স্‌তর্‌] *বি* ১ মৃত্তিকা বায়ু সময় ইত্যাদির বিভাগবিশেষ stratum (ভাটা সুরু হলো তিমির স্তরে—*সদ*)। ২ থাক; স্তবক; অধ্যায় (পঞ্চম স্তরের অন্তর্ভুক্ত)। ৩ পলি ইত্যাদির বিভাগ (একে স্তর পলিমাটি)। ৪ শ্রেণি (সমাজের স্তরে স্তরে)। { *স.* √স্তৃ+অ(অচ্‌) }

স্তাম্বলি, ইস্তাম্বলী, স্তাম্বুলী, ইস্তাম্বুলী [ইস্‌তাম্‌বোলি, –, –বু–, –] *বিণ* ১ তুরস্কের প্রাক্তন রাজধানী ইস্তাম্বুলে তৈরি; কনস্টান্টিনোপল জাত (স্তাম্বলী সুরমা মাখা তার কালো আঁখির পাতা ঝরে দু'ফোঁটা অশ্রু গড়িয়ে পড়ল—*নই*)। ২ ইস্তাম্বুলসম্বন্ধীয়। { *তু.* ইস্তাম্বুল استنبول +*বা.* ই, ঈ }

স্তিমিত [ইস্‌তিমিতো] *বিণ* ১ ক্ষীণ; বিস্মৃতপ্রায় (সে স্বাদ যেন স্তিমিত হয়ে আসছে তার শরীরে—*অচিসে*)। ২ ক্ষীণপ্রভ; অনুজ্জ্বল (স্তিমিত প্রদীপ)। ৩ অপ্রখর (স্তিমিত প্রবাহ)। ৪ আধখোলা বা ঝাপসা (স্তিমিত নয়নে)। ৫ মন্থর (স্তিমিত গতি)। ৬ সিক্ত; আর্দ্র; ভেজা। ☐ *বি* আবছা; অস্পষ্ট (স্তিমিত কণ্ঠস্বর)। { *স.* √স্তিম্‌+ত(ক্ত) }

স্তুত [স্‌তুতো] *বিণ* ১ প্রশংসিত। ২ আরাধিত। **স্তুতা** *বি* *স্ত্রী.* প্রশংসিতা (বিশ্বের স্তুতা—*সদ*)। { *স.* √স্তু+ত(ক্ত) }

স্তুতি [স্‌তুতি] *বি* ১ প্রশংসা; হামদ; গুণকীর্তন। ২ খোশামোদ (বড় সাহেবের স্তুতি গাওয়া)। ৩ আরাধনা (দেবস্তুতি)। ৪ মন্ত্রপঠন (সান্ধ্য স্তুতি)। **–বাদ** *বি* প্রশংসাবাদ; খোশামোদবাক্য। **–স্তুত্য** *বিণ* ১ প্রশংসার যোগ্য। ২ প্রশংসিত হওয়ার উপযুক্ত। ৩ মহান। **স্তূয়মান** *বিণ* প্রশংসা করা হচ্ছে এমন। { *স.* √স্তু+ তি(ক্তি) }

স্তূপ [স্‌তুপ্‌] *বি* ১ একত্রে জমাকৃত বস্তুর রাশি; ঢিপি; গাদা; কাঁড়ি; রাশিসমূহ। ২ জমা করা; একত্র করা; ঢিবির আকারের বৌদ্ধ সমাধিস্তম্ভ; stupa। **~ করা** *ক্রি* রাশি করা; জমা করা; একত্র করা; একত্র করা। **স্তূপাকার, স্তূপাকৃতি, স্তূপীকৃত** *বিণ* ১ রাশীকৃত। ২ সঞ্চিত। { *স.* √স্তূপ্‌+অ(ঘঞ্‌) }

স্তেন [স্‌তেন্‌] *বি* চোর; চৌর্য। **স্তেয়, স্তৈন, স্তৈন্য** *বিণ* চুরিকার্য সম্বন্ধীয়। **স্তেয়ী** (–য়িন্‌) *বি* ১ চোর। ২ স্বর্ণের কর্মকার; সোনারু; সেকরা (বাংলায় শব্দগুলির প্রয়োগ বিরল)। { *স.* √স্তেন্‌+অ(অচ্‌) }

স্তোক [স্‌তোক্‌] *বিণ* ১ অপ্রচুর; অল্প। ২ ঈষৎ; সামান্য। ☐ *বি* মিথ্যা প্রবোধ; সান্ত্বনা বা আশ্বাস (সে ভদ্রতা করে মিসেস স্মিথ দুঃখ করেছিল বলে তাকে স্তোক দেবার জন্যে—*প্রচৌ*)। **~বাক্য** *বি* প্রবোধ বচন; মনভুলানো মিষ্টকথা। { *স.* √স্তুচ্‌+অ(ঘঞ্‌) }

স্তোতা [স্‌তোতা] *বি,বিণ* বন্দনাকারী; প্রশংসাকারী; স্তবকারী (স্তোতার স্তুতি বাক্য)। { *স.* √স্তু+তৃ(তৃচ্‌) }

স্তোত্র [স্‌তোত্‌ত্রো] *বি* ১ স্তুতি বাক্য; স্তব বাক্য। ২ মন্ত্র; শ্লোক। { *স.* √স্তু+ত্র(ষ্ট্রন্‌) }

স্তোভ [স্‌তোভ্‌] *বি* ১ রোধ; স্তম্ভন। ২ নিবারণ। ৩ অর্থহীন শব্দ। ৪ স্তোকবাক্য; মিথ্যাপ্রবোধ। { *স.* √স্তুভ্‌+অ(ঘঞ্‌) }

স্ত্রী [ইস্‌ত্রি] *বি* ১ জায়া; পত্নী; বেগম; বিবি; বধূ। ২ নারী; রমণী; আওরত; কামিনী (স্ত্রীজাতি)। ☐ *বিণ* নারীজাতীয়; মেয়ে সম্প্রদায়ের (স্ত্রীশিক্ষা); মাদি (স্ত্রীপশু)। **–আচার** *বি* স্ত্রীজাতির সংস্কার; নারীদের অনুষ্ঠান পালন; বিবাহে সধবা নারীদের মাঙ্গলিক অনুষ্ঠান। **–গমন** *বি* নারীসঙ্গম; নারীসম্ভোগ। **–চরিত্র** *বি* নারীজাতির বৈশিষ্ট্য বা প্রকৃতি। **~চিহ্ন** *বি* যে চিহ্ন দ্বারা নারীজাতিকে চেনা যায়; যোনি। **স্ত্রীত্ব** *বি* ১ মেয়েলি ধর্ম; মেয়েলি স্বভাব। ২ নারীদের বিশেষ লক্ষণ; স্ত্রীচিহ্ন। ৩ ভার্যা হওয়ার গুণবৈশিষ্ট্য। **~দ্বেষী** (–ষিন্‌) *বিণ* নারী জাতির প্রতি বিদ্বিষ্ট; নারীদের প্রতি ক্রুদ্ধ মনোভাবসম্পন্ন। **~ধন** *বি* নারীর ধনসম্পদ; বিবাহকালে প্রাপ্ত সম্পদ। **–ধর্ম** *বি* ১ স্ত্রীলোকের কর্তব্য; স্ত্রীদের করণীয়। ২ রজঃ; ঋতু। **~পুরুষ** *বি* নর-নারী; স্বামী-স্ত্রী। **~প্রত্যয়** *বি* স্ত্রীলিঙ্গবাচক প্রত্যয়। **~বশ, ~বশ্য** *বিণ* স্ত্রীর অনুগত; পত্নীর বাধ্য; স্ত্রৈণ। **~রত্ন** *বি* ১ অতি আদরের স্ত্রী। ২ শ্রেষ্ঠা নারী। **~রোগ** *বি* কেবল নারীদের যে রোগ হয়। **–লক্ষণ** *বিণ* স্তন, যোনি প্রভৃতি লৈঙ্গিক বৈশিষ্ট্য। **–লিঙ্গ** *বি* (*ব্যা.*) স্ত্রীবাচক শব্দ। **–সংসর্গ, ~সঙ্গম, –সহবাস** *বি* স্ত্রীগমন; স্ত্রীসম্ভোগ। **~সুলভ** *বিণ* স্ত্রীলোকের পক্ষে স্বাভাবিক; মেয়েলি। **~স্বভাব** *বি* ১ নারীত্ব। ☐ *বিণ* মেয়েলি স্বভাব। **–স্বাধীনতা** *বি* নারী মুক্তি। **~হরণ** *বি* নারী অপহরণ। { *স.* স্ত্যৈ+র(ড্রট্‌) }

স্ত্রৈণ [স্‌ত্রোইনো] *বিণ* স্ত্রীবশ; পত্নীর অতিশয় বাধ্য; henpecked। **স্ত্রৈণতা** *বি* স্ত্রীবাধ্যতা; স্ত্রীর প্রতি অশোভন আনুগত্য (নিতান্ত স্ত্রৈণতাবশতঃ মনে মনে বিবেচনা করিলেন—*ঈবি*)। { *স.* স্ত্রী+ন(নঞ্‌) }

–স্থ [সৃথ্‌] *বিণ* ১ অন্তর্গত। ২ বর্তমান; বিদ্যমান (নগরস্থ)। ৩ অবস্থিত; স্থিত (বৃক্ষস্থ)। { *স.* √স্থা+অ(ক) }

স্থকিত ⇒ স্থগিত

স্থগন [স্‌থগন্‌] *বি* ১ নিবৃত্তকরণ। ২ আবৃতকরণ। { *স.* √স্থগ্‌+অন(ল্যুট্‌) }

স্থগিত [স্‌থোগিতো] *বিণ* ১ ক্ষান্ত; নিবৃত্ত; মুলতবি; প্রতিহত (স্থকিত হৈল যেন গলাড়ে খাইয়া—*সৈআ*)। ২ আবৃত; আচ্ছাদিত। ৩ মন্থর (স্থকিত চলার স্তব্ধ ভাষা—*রঠা*)। { *স.* √স্থগ্‌+ত(ক্ত) }

স্থণ্ডিল [স্‌থনডিল্‌] *বি* ১ যজ্ঞ অনুষ্ঠানের জন্য পরিষ্কৃত স্থান। ২ সমতল বা সমান স্থান। { *স.* √স্থা+অণ্ডিল(ডণ্ডিল) }

স্থপতি [স্‌থপোতি] *বি,বিণ* ১ বাস্তুকলাবিদ; গৃহাদি নির্মাণের পরিকল্পনাকারী; architect। ২ গৃহাদি নির্মাণকারী; রাজমিস্ত্রি (স্থপতি যোদের স্থাপনা করেছে বরভূধরের ভিত্তি—*সদ*)। **~কলা** *বি* নির্মাণকার্য-কৌশল (পৃথিবী তখন স্থপতিকলা—*সদ*)। { *স.* √স্থা+অ(ক)+পতি; ৬তৎ }

স্থবির [স্‌থোবির্] *বিণ* ১ বয়সাধিক্য হেতু অচল ও অথর্ব (কুটিরেতে দেখিনু স্থবির—সদ)। ২ রোগযুক্ত, রোগাদি হেতু নিশ্চল। ❑*বি* সন্ন্যাস পালনকারী প্রবীণ বা জ্ঞানবৃদ্ধ ভিক্ষু; থের। **স্থবিরতা** *বি* ১ বার্ধক্য। ২ রোগাদি হেতু অচলাবস্থা। ৩ সচলতার অভাব। **স্থবিরা** *বিণ স্ত্রী* বৃদ্ধা রমণী। {স. √স্থা+ইর(কিরচ)}

স্থল [স্‌থল্] *বি* ১ জায়গা; স্থান (রণস্থল, বাণিজ্যস্থল)। ২ জলশূন্য জায়গা (স্থলভাগ)। ৩ আধার; পাত্র (আশ্রয়স্থল)। ৩ অবস্থা; পরিস্থিতি (এরূপ স্থলে)। **~কমল, ~পদ্ম** *বি* ফুলবিশেষ; ডাঙ্গায় যে পদ্মফুল জন্মে (স্থল-কমলের দল—মধু)। **~চর** *বিণ* ১ ডাঙ্গায় বিচরণকারী। ২ স্থলে বসবাসকারী। **~পথ** *বি* ডাঙ্গা বা ভূমির উপর দিয়ে যে পথ বা রাস্তা। **~বাণিজ্য** *বি* স্থলপথেই যে ব্যবসায় পরিচালিত হয়; আকাশ বা জলপথে যে বাণিজ্য পরিচালিত হয় না। **স্থলাভিষিক্ত** *বিণ* ১ উত্তরাধিকারী। ২ অন্যের স্থান বা পদে অধিষ্ঠিত। ৩ কারও পরিবর্তে কাজ করে এমন; বদলি। ❑*বিণ, বি* প্রতিনিধি। **স্থলারবিন্দ** *বি* স্থলকমল। **স্থলী** *বি* ১ স্থান; জায়গা। ২ ডাঙ্গা; মাটি; ভূমি। ৩ থলে। **স্থলীয়** *বিণ* স্থলবিষয়ক; স্থলে থাকে এমন। {স. √স্থল্+অ(অচ)}

স্থাণু [স্‌থানু] *বি* ১ গোঁজ; খোঁটা; স্তম্ভ। ২ নির্জীব বস্তু; নিস্পন্দ অবস্থা; স্থবির (নাদির স্থাণুর মতই সিংহাসনে বসিয়া রহিলেন—আকআ)। ৩ হিন্দুদেবতা শিব (স্থাণুদিগে বিধাতা বিধি স্থাণুর ললাটে—মদ)। ৪ উইপোকার সঞ্চিত ঢিপি। ❑*বিণ* ১ শান্ত; নিশ্চল (প্রোজ্জ্বল রাখিয়া স্থির স্থাণুর মতন—সদ)। ২ শাখা-পত্রহীন; নিশ্চল। **~বৎ** *বিণ* ১ নিশ্চল; সাড়াশব্দহীন। ২ স্থাণুর মত। {স. √স্থা+ণু}

স্থাতব্য [স্‌থাতোব্‌বো] *বি* ১ স্থিতিযোগ্য। অবস্থান করা যায় এমন। {স. √স্থা+তব্য}

স্থাতা [স্‌থাতা] *বিণ* অবস্থান করে এমন; থাকে এমন; করা যায় এমন। {স. √স্থা+তৃ(তৃচ)}

স্থান [স্‌থান্] *বি* ১ জায়গা। ২ ঠাঁই; আসন। ৩ আশ্রয় (স্থান পাওয়া)। ৪ পদ (বক্ষস্থল)। ৫ আবাস (স্থান ছাড়া)। ৬ নিকট; সমীপ (পিতৃস্থানে নিবেদন)। **~চিত্র** *বি* বিশেষস্থানের আলেখ্য; ছবি (অনেক কাজ মানুষ ছবিতে পাহাড় আঁকতে পারেনি, একটা স্থানচিত্র আঁকতে পারেনি—জঠা)। **~চ্যুত, ~ভ্রষ্ট** *বিণ* জায়গা থেকে অপসারিত; নিজের বাসস্থান বা দেশ ছাড়তে বাধ্য হয়েছে এমন। **স্থানান্তর** *বি* ভিন্ন স্থান (এ বেলা আমরা স্থানান্তরে গিয়ে আহার করি—ঈর্দি)। **স্থানান্তরিত** *বিণ* এক স্থান হতে অন্য স্থানে অপসারিত। **স্থানাভাব** *বি* জায়গার অভাব। **স্থানী** [-নি] *বিণ* ১ স্থিতিশীল; অবস্থানশীল। ২ স্থান সম্বন্ধীয়। **স্থানীয়** *বিণ* ১ স্থানসম্পর্কিত। ২ স্থানে অবস্থিত। ৩ সমতুল্য (পিতৃস্থানীয়)। **স্থানীয় সময়** *বি* দ্রাঘিমাংশ অনুসারে সূর্যের অবস্থান হেতু কোনো স্থানের যে সময় স্থির করা হয়; local time। {স. √স্থা+অন(ল্যুট)}

স্থানিক [স্‌থানিক্] *বিণ* স্থানগত; স্থানীয়; local (কোন অংশেই স্থানিক কালিক ও ব্যক্তিক প্রভাব নিরপেক্ষ নয়—আশ)। {স. স্থান+ইক(ঠক)}

স্থানেশ্বর [স্‌থানেশ্‌শর্] *বি* থানেশ্বর; প্রাচীন কুরুক্ষেত্র।

স্থাণীশ্বর *বি* মহাদেব। {স. স্থাণু+ঈশ্বর, স্থাণু+ঈশ্বর}

স্থাপক [স্‌থাপোক্] *বি* যে সংস্থাপন কর্ম সমাধা করে; প্রতিষ্ঠাকারী। {স. √স্থাপি+অক(ণ্বুক)}

স্থাপত্য [স্‌থাপোত্‌তো] *বি* স্থপতির গৃহাদি তৈরির কাজ; architecture। **~বিদ্যা, ~বিজ্ঞান** *বি* গৃহ ও ভবনাদি নির্মাণের কলা ও বিজ্ঞান; গৃহাদি নির্মাণকার্যের কৌশল ও জ্ঞানবিষয়ক বিজ্ঞান। **~শিল্প, স্থাপত্যকলা** *বি* গৃহাদি কার্য; নির্মাণশিল্প (মার্বেল পাথরে তৈরি এই প্রকাণ্ড দালানটি চীনের একটি বিস্ময়কর স্থাপত্যশিল্প—আকাশা)। {স. স্থপতি+য(ষ্যঞ্)}

স্থাপন, স্থাপনা [স্‌থাপোন্, -না] *বি* ১ প্রতিষ্ঠা; নির্মাণ (স্থপতি মোদের স্থাপনা করেছে বরভূধরের ভিত্তি—সদ)। ২ নিয়োগকরণ (মনোযোগ স্থাপন)। ৩ রেখে দেওয়া; সংরক্ষণ (মাটিতে স্থাপন করা)। ৪ নিবাসন (মোজাহিদদের নিবাস স্থাপন)। **স্থাপনীয়, স্থাপ্য** *বিণ* সংস্থাপনের যোগ্য; প্রতিষ্ঠার উপযুক্ত; স্থাপন করতে হবে এমন। **স্থাপয়িতা** (-তৃ) *বিণ* প্রতিষ্ঠাতা; স্থাপনকারী (মৌলিকের স্থাপয়িতা—সদ)। **স্থাপয়িত্রী** *বিণ* প্রতিষ্ঠাত্রী। **স্থাপিত** *বিণ* প্রতিষ্ঠিত; সংস্থাপনকৃত। **স্থাপিতা** *বিণ স্ত্রী* প্রতিষ্ঠিতা। {স. √স্থাপি+অন(ল্যুট), +আ(টাপ)}

স্থাপয়িতা, স্থাপয়িত্রী ⇒ স্থাপন

স্থাপা (পদ্য) [স্‌থাপা] *ক্রি* প্রতিষ্ঠা করা; স্থাপন করা (স্থাপিলা বিধুরে বিধি—মদ)। {স. √স্থাপি+বা. আ}

স্থাপিত, স্থাপ্য ⇒ স্থাপন

স্থাবর [স্‌থাবর্] *বিণ* ১ নিশ্চল। ২ স্থানান্তরিত করার অযোগ্য। ৩ অসাড়, জড় প্রকৃতির। **জঙ্গম** *বিপ.*। {স. √স্থা+বর(বরচ)}

স্থায়িত্ব ⇒ স্থায়ী

স্থায়িভাব ⇒ স্থায়ী

স্থায়ী [স্‌থায়ি] *বিণ* ১ স্থির; স্থিতিশীল। ২ টিকে থাকার যোগ্য; পাকা (স্থায়ী রং)। ৩ শক্ত; মজবুত। ৪ অচল; অনড় (স্থায়ী বসতবাড়ি)। ৫ দীর্ঘজীবী; পাকাপোক্ত (চাকরি স্থায়ী হওয়া)। ৬ অপরিবর্তনীয়; বদ্ধমূল (স্থায়ী ধারণা)। **স্থায়িত্ব** *বি* স্থিতিশীলতা; স্থায়ী অবস্থা। **স্থায়িভাব, স্থায়ীভাব** *বি* (অলং) রতি, ক্রোধ, বীভৎসাদি মনের মনের শাশ্বত ভাব। {স. √স্থা+ইন(ণিনি)}

স্থাল [স্‌থাল্] *বি* ১ রেকাবি; প্লেট; থালা। ২ অগভীর ও ছড়ানো ধরনের পাত্রবিশেষ। **স্থালী** *বি স্ত্রী* রন্ধনপাত্র; হাঁড়ি; ছোট থালা (দেশ আপন রিক্ত স্থালীর দিকে চাহিয়া ভাবিতেছিল কী খাইব—রঠা)। {স. √স্থল্+আল(আলচ)}

স্থিত [স্‌থিতো] *বিণ* ১ রক্ষিত (পাত্রটি এখানে স্থিত হয়েছে)। ২ অবস্থিত। ৩ বিদ্যমান; দণ্ডায়মান (দ্বারে স্থিত লোকটি)। ৪ বর্তমান (স্থিত অবস্থায় রাখা)। ৫ ধীর-স্থির; শান্ত (স্থিতপ্রকৃতি)। **স্থিতধী, স্থিতপ্রজ্ঞ** *বিণ* ১ বুদ্ধির পরিপক্বতা অর্জিত হয়েছে এমন। ২ ধ্যানমগ্ন বা গভীর চিন্তায় মগ্ন (এমন স্থিতপ্রজ্ঞ, এমন স্নায়ুবিহীন দুঃখে অনুদ্বিগ্নমনা, স্থিতধী মুনিপ্রবর আমি কখনো দেখিনি—সৈমু)। **স্থিতাবস্থা চুক্তি** *বি* যুদ্ধাদি মীমাংসাকালীন বিদ্যমান অবস্থা বজায় রাখার সাময়িক চুক্তি; statusquo। {স. √স্থা+ত(ক্ত)}

স্থিতি [স্থিতি] *বি* ১ অবস্থান। ২ বিদ্যমানতা। ৩ অবিচলিত ভাব; স্থিরতা। **–শীল** *বিণ* স্থায়ী; অবস্থানশীল। **–স্থাপক** *বিণ* ১ প্রসারণ ও সংকোচনের পরেও যা স্বাভাবিক অবস্থা ফিরে পায়; elastic। ২ স্থায়িত্ব সংস্থাপক (বহিঃপ্রকৃতির সঙ্গে এদের সম্বন্ধ আমাদের চেয়ে অনেক বেশি স্থিতিস্থাপক—সুদ)। **–স্থাপকতা** *বি* নমনীয়তা; সংস্থাপনা (গদ্য-পদ্যের অভ্যস্ত ছন্দশৃঙ্খলা ভেঙে যাওয়াতে ভাষায় এতখানি স্থিতিস্থাপকতা এসেছে—সুদ)। {স. √স্থা+তি(ক্তি)}

স্থির [স্থির] *বিণ* ১ অবিচল (স্থিরচিত্ত)। ২ স্থায়ী (স্থির ধারণা)। ৩ নিশ্চিত; দৃঢ়। ৪ নির্ধারিত (স্থির সময়ে)। ☐ *ক্রিবিণ* অনিবার্যরূপে; নিশ্চিতরূপে। **–তা, –ত্ব** *বি* ১ স্থায়িত্ব (স্থিরতার চির অন্তঃপুরে—রঠা)। ২ নিশ্চয়তা। **–দৃষ্টি** *বি* অনিমেষ দৃষ্টি; পলকহীন দৃষ্টি। **–নিশ্চয়** *বিণ* সুনিশ্চিত; দৃঢ়সংকল্প। **–যৌবনা** *বিণ স্ত্রী* চিরযৌবনা; দীর্ঘস্থায়ী যৌবনের অধিকারিণী (এই ফল খাও, চিরজীবনী ও স্থিরযৌবনা হবে—হরি)। **স্থিরা** *বি স্ত্রী* অবিচল। **স্থিরায়ু** *বিণ* ১ চিরজীবী। ২ দীর্ঘায়ু; দীর্ঘজীবী। **স্থিরীকরণ** *বি* নিশ্চিতকরণ; সঠিককরণ; নির্ধারণ। **স্থিরীকৃত** *বিণ* সুনিশ্চিত; নির্ণীত; নির্ধারিত; ধার্যকৃত। {স. √স্থা+ইর(কিরচ্)}

স্থূণা [স্থুনা] *বি* প্রাচীন ভারতের একপ্রকার যুদ্ধাস্ত্র। {স. √স্থূ+ন}

স্থূণা [স্থুনা] *বি* ১ ঘরের খুঁটি। ২ কামারের হাপর। {স. √স্থূ+ন+আ(টাপ্)}

স্থূল [স্থুল] *বিণ* ১ বৃহৎকায়; মোটা (স্থূল দেহ)। ২ মাংসল; নাদুস (স্থূল শরীর)। ৩ অপরিপক্বতা ও অসূক্ষ্ম; প্রজ্ঞাশূন্য (স্থূলবুদ্ধি)। ৪ অগভীর; ভাসা ভাসা (স্থূল দৃষ্টি)। ৫ সাধারণ (স্থূল বিষয়)। **–কোণ** *বি (জ্যা)* এক সমকোণ অপেক্ষা বড় কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোট কোণ; obtuse angle। **–তা, –ত্ব** *বি* ১ অপরিপক্ব। ২ অগভীরতা। ৩ বৃহদাকৃতি। **–দর্শী** *বিণ* অগভীর দৃষ্টিসম্পন্ন; যে কোনো কিছুই গভীরভাবে তলিয়ে দেখে না। **–দৃষ্টি** *বি* ১ সূক্ষ্ম বিচারহীন দৃষ্টি। ২ সাধারণ দৃষ্টি। **–দেহ** *বিণ* ১ মোটা দেহ। ২ পাঞ্চভৌতিক দেহ। **–বুদ্ধি** *বিণ* মোটাবুদ্ধিসম্পন্ন। ☐ *বি* মোটা বুদ্ধি। **স্থূলান্ত্র** *বি* নীচের ও মোটা মলনিঃসারক অন্ত্র বা নালি যা পেটের ভিতর থাকে। **স্থূলোদর** *বিণ* পেট মোটা এমন। {স. √স্থূল+অ(অচ্)}

স্থেয় [স্থেয়ো] *বিণ* ১ স্থাপনযোগ্য। ২ স্থির; শান্ত। ☐ *বি* মধ্যস্থ ব্যক্তি। {স. √স্থা+য(যৎ)}

স্থৈতিকশক্তি [স্থোইতিক শোক্‌তি] *বি* সঞ্চিত শক্তি; স্থির শক্তি (অবস্থানের ফলে যে শক্তি সঞ্চিত থাকে উহাকে স্থৈতিক শক্তি বলে—অপ্র)। {স. স্থিতি+ইক(ঠক্)+√শক্+তি(ক্তি)}

স্থৈর্য [স্থোইর্‌জো] *বি* স্থিরতা; ধীরতা; মানসিক দৃঢ়তা (নেই সেই বিচারবোধের স্থৈর্য—অচিসে)। **–হীন** *বি* অস্থির; চঞ্চল (স্থৈর্যহীন ধৈর্যচ্যুত আত্মারে আমার)। {স. স্থির+য(ষ্যঞ্)}

স্থৌল্য [স্থোউল্‌লো] *বি* স্থূলতা; মোটা আকৃতি। {স. স্থূল+য(ষ্যঞ্)}

স্নব [স্নব্] *বিণ* ১ বড়লোক-ঘেঁষা। ২ দাম্ভিক। ৩ বড়লোকের (মোটেই না বের কথা স্নবের লক্ষণ—সৈমু)। **স্নবারি** *বি* ১ বড়লোক-ঘেঁষা বা চালবাজের কাজ। ২ চালবাজি (এই স্নবারি ছাড়া অন্য কোনো দিক দিয়ে ব্রিটিশ রাজ-ত্বের মনোবৃত্তির যুক্তিযুক্ত অর্থ করা যায় না—সৈমু)। {ই. snob}

স্নাত [স্নাতো] *বিণ* ১ স্নান বা গোসল করেছে এমন। ২ বিধৌত (পদ্মানদীর জলে স্নাত বনানী)। **স্নাতক** *বি* ১ স্নানকারী (সরোবরে স্নাতক দেখি না—চঃ)। ২ বেদপাঠ সমাপনান্তে গৃহকর্মে প্রবিষ্ট ব্যক্তি। ৩ বিশ্ববিদ্যালয়ের প্রথম ডিগ্রি; গ্রাজুয়েট। **–কোত্তর** *বিণ* গ্রাজুয়েট ডিগ্রির পরবর্তী ডিগ্রি; postgraduate। **স্নাতা** *বিণ স্ত্রী* স্নান বা গোসল করেছে এমন। **স্নাতানুলিপ্ত** *বিণ* স্নানের পর অঙ্গে চন্দনাদি মেখেছে এমন। {স. √স্না+ত(ক্ত)}

স্নান [স্নান্] *বি* গোসল; নাওয়া; সম্পূর্ণ অঙ্গ ধৌতকরণ। **–যাত্রা** *বি* জ্যৈষ্ঠ পূর্ণিমায় হিন্দুদেবতা জগন্নাথের স্নান উপলক্ষে উৎসব। **স্নানাগার** *বি* স্নানের ঘর; গোসলখানা; হাম্মাম; bathroom। **স্নানিকা** *বি* ওজু (স্নানিকা সমাপি অঙ্গে পবিত্র মানসে বিরাট মসজিদে সবে হন উপস্থিত—ইব)। **স্নানীয়** *বিণ* স্নানের যোগ্য বা উপযুক্ত। **স্নায়ী** (–য়িন্) *বিণ* স্নান করে এমন। **স্নানোদক** *বি* স্নানের পানি (স্নানোদক ঢালি দেহ স্নেহের সৌরভে—মোম)। **সূর্য–** *বি* সূর্যকিরণে সর্বাঙ্গ উত্তাপিতকরণ; রৌদ্রস্নান; sunbath। {স. √স্না+অন(ল্যুট্)}

স্নাপক ⇒ স্নাপন

স্নাপন [স্নাপোন্] *বি* স্নান করানোর কাজ; স্নানকার্য। **স্নাপক** *বিণ* স্নান করায় এমন। **স্নাপিকা** *স্ত্রী*। **স্নাপিত** *বিণ* স্নান করানো হয়েছে এমন। {স. √স্না+ই (ণিচ্)+অন(ল্যুট্)}

স্নাপিকা ⇒ স্নাপন

স্নাপিত ⇒ স্নাপন

স্নায়বিক, স্নায়বীয় [স্নায়োবিক্, -বিয়ো] *বিণ* স্নায়ু সম্বন্ধীয়। {স. √স্নায়ু+ইক(ঠক্); ঈয়(ছক্)}

স্নায়ী(–য়িন্) [স্নায়ি] *বিণ* স্নানকারী; গোসলকারী (নিত্যস্নায়ী)। {স. √স্না+ইন(ণিনি)}

স্নায়ু [স্নায়ু] *বি* জীবদেহের অনুভূতি ও গতিসঞ্চারক সূক্ষ্ম সূত্রসমূহ; nerve। **–ক্লান্ত** *বিণ* কঠোর পরিশ্রমের পর যার স্নায়ু নিস্তেজ হয়েছে এমন (অফিস ফেরত স্নায়ুক্লান্ত কেরানিদের নিজেকে কেমন অপাঙ্‌ক্তেয় মনে হত—রাখা)। **–যুদ্ধ** *বি* নানাবিধ উপায়ে আতঙ্ক সৃষ্টির দ্বারা শত্রুর মনোবল নাশ। **–বিক, স্নায়বীয়** *বিণ* স্নায়ু সম্পর্কীয়। **–দৌর্বল্য, স্নায়বিক দৌর্বল্য** *বি* স্নায়ুর দুর্বলতাজনিত রোগ; nervous debility। {স. √স্না+উ(উণ্)}

স্নিগ্ধ [স্নিগ্‌ধো] *বিণ* ১ মোলায়েম; স্নেহপূর্ণ; মায়াজড়িত (স্নিগ্ধ ব্যবহার)। ২ লালিত্যপূর্ণ; মধুর (স্নিগ্ধ কণ্ঠস্বর)। ৩ সুখদায়ক (স্নিগ্ধ বায়ু)। ৪ শীতল, তেজোহীন (স্নিগ্ধ কিরণ)। ৫ পরিষ্কার; মেদুর; মসৃণ (স্নিগ্ধ আকাশ)। ৬ তৈলাক্ত (তৈলস্নিগ্ধ শান্ত তনু নিদ্রালসে ভরা—রঠা)।

স্নিগ্ধা *স্ত্রী*। ~তা *বি* কোমলতা; মধুরতা। ~কর *বিণ* স্নিগ্ধ করে এমন। {*স.* √স্নিহ্+ত(ক্ত)}

সুষা [সুশা] *বি* পুত্রবধূ। {*স.* √সু+স+আ(টাপ্)}

স্নেহ [স্নেহো] *বি* ১ আদর; সোহাগ। ২ বাৎসল্য; প্রীতি; ভালোবাসা। ৩ চর্বি; ঘৃত (কলাপ মেলি করে সে ফেলি রৌদ্রে স্নেহ সঞ্চারি—*সদ*)। ~ **পদার্থ** *বি* তেল চর্বি ঘৃত ইত্যাদি পদার্থ। ~**পাণি** *বি* আদর, সোহাগ ও ভালোবাসায় যে হাত পরিপূর্ণ (পরিপূর্ণ করুণার ও মমতার স্নেহপাণি সহজ বন্ধুত্বের মাধুর্যে তাহার দিকে এমন প্রসারিত করিয়া দিয়াছিল—*বিব*)। ~**পাত্র/পাত্রী** *বি* ১ ভালোবাসার পাত্র; প্রীতিভাজন। ২ আদরের ধন; পরম প্রিয়জন। ☐*বিণ* স্নেহ করা যায় এমন। ~**পাত্রী** *বি* কন্যা বা ছোট বোনের সমতুল্য যে নারী বা বালিকাকে স্নেহ করা যায়। ~**পুত্তলি** *বি* অতি আদরের বা সোহাগের পাত্র। **স্নেহালিঙ্গন** *বি* স্নেহ বা সোহাগের বশবর্তী হয়ে জড়িয়ে ধরা। **স্নেহাশীর্বাদ** *বি* স্নেহপূর্ণ আশিস; দোয়া ও মঙ্গল কামনা। **স্নেহী** (-হিন) *বিণ* স্নেহময়; স্নেহ দ্বারা সম্পৃক্ত; মায়ামমতায় সহৃদয় (পুত্রের ব্যাধি আপনি লইয়া স্নেহী রাজা অকালে মরে—*সদ*)। {*স.* √স্নিহ্+অ(ঘঞ্)}

স্পঞ্জ [স্পনজ্] *বি* ১ এক প্রকার সামুদ্রিক জীব বা তার দেহ—যে দেহে অসংখ্য ছিদ্র থাকায় তা পানিশোষক। ২ চপ্পল; স্যান্ডেল; পাদুকা (স্পঞ্জ পায়ে দিয়ে সান্ধ্য ভ্রমণে বের হওয়া)। ☐*বিণ* স্থিতিস্থাপক। {*ই* sponge}

স্পন্দ, স্পন্দন [স্পনদো] *বি* ১ ঈষৎ কম্পন; মৃদু নড়াচড়া (নাড়ীর স্পন্দন; কিছুতেই তাঁহার স্পন্দন স্তব্ধ হয় না—*এআ*)। ২ স্ফুরণ। ~**মান** *বিণ* কম্পমান; অস্থির (জমে আছে স্পন্দমান দ্বিকালের শ্বাস—*মনির*)। ~**রহিত,** ~**শূন্য,** ~**হীন** *বিণ* অচল; স্থির; অকম্পিত; নিস্পন্দ। **স্পন্দিত** *বিণ* ১ আন্দোলিত। ২ কম্পিত (সূর্যতাপে স্পন্দিত সে বন—*সদ*)। {*স.* √স্পন্দ্+অ(ঘঞ্), অন(ল্যুট্)}

স্পর্ধা [স্পরধা] *বি* ১ দর্প; বড়াই; অহঙ্কার। ২ আস্ফালন; দম্ভ। ৩ দুঃসাহস (ঐটুকু নৌকাগুলি সীমাহীন সমুদ্রের তরঙ্গে কোন স্পর্ধায় নিশ্চিন্ত আরামে খেলিয়া বেড়াইতেছে—*শামা*)। **স্পর্ধিত, স্পর্ধী**(-র্ধিন) *বিণ* দর্পযুক্ত; উদ্ধত; স্পর্ধাকারী (স্পর্ধিত কুশ্রীতা নিত্য যতই করুক সিংহনাদ—*রঠা*)। **স্পর্ধিতা** *বিণ স্ত্রী* স্পর্ধা বা দর্পকারিণী। {*স.* √স্পর্ধ্+অ(অচ্)+আ(টাপ্)}

স্পর্শ [স্পরশো] *বি* ১ ছোঁয়া (অঙ্গ স্পর্শ করা); ত্বগিন্দ্রিয় গ্রাহ্যগুণ; দেহচর্মের অনুভূতি। ২ সান্নিধ্য; সংসর্গ (গুণীর স্পর্শ)। **স্পর্শক**[১] *বিণ* স্পর্শকারী; স্পর্শ করে এমন। ☐*বি* (*জ্যা.*) বৃত্তের পরিধি স্পর্শকারী সরলরেখা যা বর্ধিত করলেও বৃত্তকে ছেদ করে না; tangent। ~**কাতর** *বিণ* সামান্যতেই যে হৃদয়ে আঘাত পায়; sensitive। ~**কাতরতা** *বি*। ~**কারী** *বিণ* আলোড়িত করে এমন। ~**ক্রামী** (-মিন্) *বিণ* ছোঁয়াচে; সংস্পর্শ দ্বারা সংক্রামক। **স্পর্শন** *বি* স্পর্শকরণ; ছোঁয়া। ~**নীয়, স্পৃশ্য** *বিণ* স্পর্শ করার যোগ্য। ~**বর্ণ** *বি* ক থেকে ম পর্যন্ত পঁচিশটি বর্গীয় বর্ণ। ~**মণি** *বি* পরশপাথর। **স্পর্শী**(-র্শিন) *বিণ* স্পর্শ করে এমন। **স্পর্শিনী** *স্ত্রী* স্পর্শকারিণী। **স্পর্শেন্দ্রিয়, স্পর্শনেন্দ্রিয়** *বি* যে ইন্দ্রিয় দ্বারা স্পর্শ করা যায়; ত্বক। **স্পৃষ্ট** *বি* স্পর্শ করা হয়েছে এমন। **স্পৃষ্টি** *বি* স্পর্শন; স্পর্শকরণ। {*স.* √স্পৃশ্+অ(ক)}

স্পষ্ট [স্পশটো] *বিণ* ১ সুব্যক্ত; স্ফুট; প্রকাশিত (দিবালোকের মতো স্পষ্ট)। ২ খোলাখুলি; কিছু গোপন নেই এমন; প্রকাশ্য (স্পষ্ট কথা)। ৩ বিশদ; বিস্তারিত (স্পষ্ট বর্ণনা)। ☐*ক্রিবিণ* বিশদভাবে; পরিস্ফুটভাবে (স্পষ্ট শোনা)। **স্পষ্টত, স্পষ্টতঃ** *অব্য* স্পষ্টই। **স্পষ্টতা** *বি* পরিস্ফুটতা। ~**বক্তা,** ~**বাদী**(-দিন্), ~**ভাষী**(-ষিন্) *বিণ* উচিতবাদী; কারো তোয়াক্কা না করে খোলাখুলিভাবে বলে এমন। ~**বাদিনী,** ~**ভাষিণী** *স্ত্রী*। ~**বাদিতা** *বি* স্পষ্ট কথা বলার অভ্যাস। **স্পষ্টাক্ষরে** *ক্রিবিণ* পরিষ্কার পরিচ্ছন্ন এবং সহজবোধ্য অক্ষরে বা লেখায়। **স্পষ্টাস্পষ্টি** *বিণ* খোলাখুলি; অত্যন্ত স্পষ্ট (স্পষ্টাস্পষ্টি কথা)। ☐*ক্রিবিণ* খোলাখুলিভাবে; প্রকাশ্যভাবে (স্পষ্টাস্পষ্টি বলা)। **স্পষ্টীকৃত** *বিণ* স্পষ্ট করা হয়েছে এমন। **স্পষ্টীকরণ** *বি* যা স্পষ্ট ছিল না তাকে স্পষ্ট করা। {*স.* √স্পশ্+ত(ক্ত)}

স্পিকার, স্পীকার [ইস্‌পিকার] *বি* পার্লামেন্ট বা আইন-সভার সভাপতি। {*ই* speaker}

স্পিচ, স্পীচ [ইস্‌পিচ] *বি* বক্তৃতা; ভাষণ (দিনের বেলা রিফরমেশনের স্পিচ করেন—*প্যামি*)। {*ই* speech}

স্পিড, স্পীড [ইস্‌পিড] *বি* গতি; গতিবেগ (দস্তুরমতো স্পিড দিচ্ছে যে—*অচিসে*)। {*ই* speed}

স্পিরিট [ইস্‌পিরিট] *বি* ১ সুরাসার; বিশুদ্ধ মদ (স্টোভের স্পিরিট)। ২ আত্মা; ভূত; (প্ল্যানচেটে স্পিরিট আনা)। ৩ বল; বীর্য; উত্তেজনা (প্রতিবাদের স্পিরিট)। ⇒ ইস্পিরিট। {*ই* spirit}

স্পুটনিক [ইস্‌পুটনিক] *বি* কৃত্রিম উপগ্রহ (কৃত্রিম উপগ্রহ বা স্পুটনিক-এর জন্য দরকার হয় রকেটের—*শাফ*)। {*ই* sputnik}

স্পৃশ্য, স্পৃষ্ট ⇒ স্পর্শ

স্পৃহণীয় ⇒ স্পৃহা

স্পৃহা [স্‌প্রিহা] *বি* ১ ইচ্ছা; অভিলাষ; আকাঙ্ক্ষা; বাঞ্ছা; কামনা। ২ লোভ। ৩ রুচি। **স্পৃহণীয়** *বিণ* ১ কাম্য; স্পৃহার যোগ্য। ২ লোভনীয়। ~**য়ালু** *বিণ* আকাঙ্ক্ষা বা কামনাযুক্ত; লোলুপ; লোভী। {*স.* √স্পৃহ্+ই(ণিচ্)+অ(অঙ্)+আ(টাপ্)}

স্প্রিং [স্‌প্রিঙ্] *বি* ধাতুর তৈরি একপ্রকার স্থিতিস্থাপক বলয়। ⇒ ইস্প্রিং। {*ই* spring}

স্ফটিক [স্‌ফোটিক্] *বি* ১ সূর্যকান্তমণি। ২ একপ্রকার স্বচ্ছ বর্ণহীন প্রস্তর। {*স.* √স্ফট্+ইক(ইকন্)}

স্ফাটিক [সফাটিক] *বি* স্ফটিক; বিশেষ ধরনের প্রস্তর। ☐*বিণ* স্ফটিকে তৈরি; স্ফটিক নির্মিত। {*স.* স্ফটিক+অ(অণ্)}

স্ফার [স্‌ফার] *বি* ১ বিস্ফার; বিস্তৃতি। ২ বিকাশ; স্ফূর্তি। **স্ফারণ** *বিণ* ১ বিকাশ; স্ফূর্তি। ২ বিস্তার; প্রসার। **স্ফারিত** *বি* বিস্তারিত; প্রসারিত। ☐*বিণ* বিকশিত।

{*স.* √স্ফায়্+র(রক)}

স্ফিংস [সফিঙস্] *বি* ১ গ্রিক পুরাণ মতে নারীর মস্তক ও সিংহীর দেহযুক্ত বিকটাকার রাক্ষসী। ২ মিসরের গাজা নামক স্থানে অবস্থিত বিশাল নারী-সিংহী মূর্তি (স্ফিংসের মতো পাহাড় উঁচু হয়ে উঠেছে—*হাহ্*)। {*গ্রি.* sphinx}

স্ফীত [সফিতো] *বিণ* ১ ফুলে বা ফেঁপে উঠেছে এমন (রাখিতে পারে না যেন স্নেহপূর্ণ স্ফীত স্তনভারে—*রঠা*)। ২ প্রবল হয়েছে এমন। ৩ বর্ধিত। ৪ সমৃদ্ধ ঐশ্বর্যমণ্ডিত। **স্ফীতা** *স্ত্রী*। **স্ফীতি** *বি* ১ বৃদ্ধি। ২ প্রাবল্য। ৩ সমৃদ্ধি। ৪ ফেঁপে বা ফুলে ওঠা। {*স.* √স্ফায়্+ত(ক্ত)}

স্ফুট [সফুটো] *বিণ* ১ বিকশিত; ফুল্ল (স্ফুট কুসুম)। ২ রন্ধ্রযুক্ত; ফুটা; বিদীর্ণ (দণ্ডস্ফুট)। ৩ ব্যক্ত; বিশদ; স্পষ্ট (স্ফুট অর্থ)। **স্ফুটন** *বি* ১ স্ফুরণ; বিকাশন। ২ ব্যক্ত হওয়া। ৩ তরল পদার্থাদি তাপে প্রযুক্ত হওয়ার ফলে বুদ্বুদযুক্ত হওয়া। **–নোন্মুখ** *বিণ* প্রস্ফুটিত প্রায়; এখনই ফুটবে এমন (স্ফুটনোন্মুখ ফুলা কপির মত তার জীবন যেন একটির পর একটি দল মেলতে লাগল—*আফ*)। **–বাক** *বিণ* ১ স্পষ্টবক্তা। ২ কথা ফুটেছে এমন। **–নবিন্দু**, **–নাঙ্ক** *বি* উত্তাপ যে মাত্রায় পৌঁছুলে তরল পদার্থ ফুটতে থাকে; boiling point। **স্ফুটিত** *বিণ* ১ বিকশিত। ২ স্পষ্টীকৃত। ২ বিদীর্ণ। ৪ ফুটা; ছিদ্রিত। {*স.* √স্ফুট্+অ(ক)}

স্ফুরণ [সফুরন্] *বি* ১ উদ্রেক। ২ কম্পন। ৩ দীপ্তি। ৪ প্রকাশ (কবিত্বশক্তি স্ফুরণের জন্য একান্ত অনুকূল—*আকসা*)। **স্ফুরিত** *বি* কম্পিত। □ *বিণ* ১ বিকশিত (স্ফুরিত ফুলের উতলা গন্ধে—*সদ*)। ২ প্রকাশিত। ৩ দীপ্ত। ৪ উদ্রিক্ত। **স্ফুরা** *(পদ্য.)* কম্পিত হওয়া। {*স.* √স্ফুর্+অন(ল্যুট্)}

স্ফুরা *(পদ্য.)* [সফুরা] *ক্রি* ১ কম্পিত হওয়া; স্পন্দিত হওয়া। ২ উদ্রিক্ত হওয়া। ৩ প্রকাশ পাওয়া। {*স.* √স্ফুর্+বা. আ}

স্ফুলিঙ্গ [সফুলিঙগো] *বি* অগ্নিকণা; আগুনের ফুলকি। {*স.* √স্ফু+লিনগ্+অ(অচ)}

স্ফূর্ত [সফুরতো] *বিণ* বিকাশ, প্রকাশ বা স্ফূর্তি লাভ করেছে এমন। **স্ফূর্তি** *বি* ১ স্ফুরণ। ২ কম্পন। ৩ প্রকাশ; বিকাশ। ৪ হর্ষ; উৎফুল্লতা। {*স.* √স্ফুর্+ত(ক্ত)}

স্ফূর্তিমান [স্ফুর্তিমান] *বিণ* ১ স্ফূর্তিপূর্ণ। ২ হর্ষযুক্ত; প্রফুল্ল। ৩ বিকাশমান। ৪ প্রতিভাযুক্ত। {*স.* স্ফুর্তি+মৎ}

স্ফোট [সফোট্] *বি* ১ ফোড়া। ২ অর্বুদ; আব। ৩ *(ব্যা.)* পরপর উচ্চারিত বর্ণের দ্বারা অভিব্যক্ত শব্দ। **–বাদ** *বি* শব্দার্থ সম্বন্ধে একটা মত। {*স.* √স্ফুট্+ই(ণিচ)+অ(অচ)}

স্ফোটক [সফোটক] *বি* ১ ফোড়া। ২ অর্বুদ। {*স.* √স্ফুট্+অক(ণ্বুল)}

স্ফোটন [সফোটন্] *বি* ১ বিকাশন; প্রকাশন। ২ বিদারণ। **স্ফোটনী** *বি* ফুড়বার বা বিদ্ধ করবার যন্ত্র; বেধনী; সুচ; তুরপুন। {*স.* √স্ফুট্+ণিচ+অন(ল্যুট্)}

স্মঅরা, স্মঙরা, সোঁঅরা *(মব.)* [সঁঅরা, সঁঙরা, সোঁঅরা] *ক্রি* স্মরণ করা। **স্মঅরিআঁ, স্মঅরী** *অক্রি* স্মরণ করে (স্মঅরিআঁ বিকলী ভৈলোঁ—*বচদা*)। {*স.* √স্মৃ>}

স্মর [শঁর] *বি* ১ স্মরণ। ২ কন্দর্প। □ *বিণ* স্মরণকারী (জাতিস্মর)। **–হর, স্মরারি** *বি* হিন্দুপুরাণোক্ত মদন ভস্মকারী শিব। {*স.* √স্মৃ+অ(অচ)}

স্মরণ [শঁরোন্] *বি* ১ স্মৃতি। ২ ধ্যান; চিন্তা (শ্রবণ কীর্তন স্মরণ বন্দন পাদসেবন—*গোদা*)। ৩ মনে মনে বিগত বিষয়াদির পুনরানুভূতি। ৪ মনে অন্যের সাহায্য কামনা বা আগমন কামনা (মহারাজ আমাকে স্মরণ করেছেন)। **–শক্তি** *বি* মনে রাখবার ক্ষমতা। **স্মরণাতীত** *বিণ* এত পুরাতন যে সকলেই স্মরণ করতে অসমর্থ। **স্মরণার্থ** *ক্রিবিণ* স্মৃতির উদ্রেকহেতু মনে করিয়ে দেওয়ার জন্য। **স্মরণার্হ, স্মরণীয়, স্মর্তব্য** *বিণ* স্মরণযোগ্য। **স্মরণিক** *বিণ* স্মৃতি রক্ষা করে এমন; স্মৃতিরক্ষাকারী; memorial (স্মরণিক স্তম্ভ)। **স্মরণিকা** *বি, স্ত্রী.* স্মরণচিহ্ন; স্মৃতি রক্ষা করে এমন; স্মৃতিরক্ষাকারিণী (মৃণ্ময়ী ধরা স্মরণিকা রাখে যতনে বক্ষপুটে—*শাহো*)। {*স.* √স্মৃ+অন(ল্যুট্)}

স্মরা *(পদ্য.)* [শঁরা] *ক্রি* স্মরণ করা। {*স.* √স্মৃ+*বা.* আ}

স্মারক [শাঁরোক্] *বিণ* স্মরণ করিয়ে দেয় এমন; স্মৃতি উদ্বোধক (স্মারকলিপি)। **–পত্র** *বি* যে পত্রে কোনো বিষয় কর্তৃপক্ষকে স্মরণ করিয়ে দেওয়া হয়; memorandum (রিপনের কাছে প্রেরিত স্মারকপত্রে মুসলমানের শিক্ষার প্রশ্নটিকে স্বতন্ত্রভাবে বিচার করার দাবী জানানো হয়—*আনিস*)। {*স.* √স্মৃ+ণিচ্+অক(ণ্বুল)}

স্মার্ত [শাঁর্তো] *বিণ* ১ স্মৃতিশাস্ত্রসম্পর্কিত। ২ স্মৃতিশাস্ত্রজ্ঞ। ৩ স্মৃতিশাস্ত্রে উক্ত। {*স.* √স্মৃ+অ(অণ্)}

স্মিত [সমিতো] *বি* ঈষৎ হাস্য; অল্প হাসি; সামান্য পরিমাণ হাসি (সুস্মিত)। □ *বিণ* ১ ঈষৎ হাস্যবিশিষ্ট (স্মিত আনন)। ২ বিকশিত; ফুল্ল। {*স.* √স্মি+ত(ক্ত)}

স্মৃত [সৃঁতো] *বিণ* স্মৃতির অন্তর্গত; স্মরণের বিষয়ীভূত; স্মরণ করা হয়েছে এমন। {*স.* √স্মৃ+ত(ক্ত)}

স্মৃতি [সৃঁতি] *বি* ১ মনে মনে অতীত বিষয়ের অনুশীলন বা পুনরাবৃত্তি; স্মরণ। ২ মনে রাখবার ক্ষমতা; স্মরণশক্তি। ৩ স্মারকচিহ্ন। ৪ ধ্যান। ৫ ধর্মসংহিতা। **–কথা** *বি* স্মৃতি থেকে লেখা কাহিনী; অতীত কালের বিবরণী; memoir। **–কর্তা, –কার** *বি* স্মৃতির সাহায্যে অতীত কাহিনীর বর্ণনা। **–চিহ্ন** *বি* স্মারকচিহ্ন। **–বার্ষিক, স্মৃতিবার্ষিকী** *বি* বছরান্তে কোনো বিশেষ ঘটনা স্মরণ করে অনুষ্ঠিত উৎসব বা সভা। **–বিজড়িত** *বিণ* স্মৃতির সঙ্গে সম্পর্কিত (বিশ্বকবির স্মৃতিবিজড়িত আর একটি কুঠিবাড়ী আছে পাবনা জেলার শাহজাদপুরে—*সৈমুআ*)। **–বিভ্রম** *বি* স্মরণশক্তির ভ্রান্তি বা বিপর্যয়। **–ভাণ্ডার** *বি* ১ স্মৃতিরক্ষার জন্য অর্থ সংগ্রহ; স্মৃতি রক্ষার্থে সৃষ্ট ফান্ড বা তহবিল। ২ যেসব বিষয় স্মরণ রাখা হয়। **–ভ্রংশ, –লোপ, –হানি** *বি* মনে রাখবার ক্ষমতার বিলোপ; স্মরণশক্তি লোপ। **–ভ্রষ্ট** *বিণ* ভুলে যাওয়া; বিস্মৃত। **–মান** *বিণ* প্রখর স্মরণশক্তিযুক্ত। **স্মৃতির আতর** *বি* স্মৃতিরূপ আতর; স্মরণজনিত সুখ (আমার সত্তাকে ছুঁয়ে বাতাস ছড়ালো স্মৃতির আতর—*সেশা*)। **–রক্ষা** *বি* মৃত ব্যক্তিকে বা গুরুত্বপূর্ণ কোনো ঘটনাকে চিরস্মরণীয়

করে রাখার আয়োজন বা ব্যবস্থা (তাঁর স্মৃতিরক্ষার্থে একটি বালিকা বিদ্যালয় করব—মুজতবা)। ~রেখা বিস্মৃতির দাগ বা চিহ্ন বা নিশান (স্মৃতিরেখা) তাঁর স্মৃতিরেখা। ~শক্তি বি স্মরণ করবার ক্ষমতা। ~শাস্ত্র বি মনু ও অন্যান্য শাস্ত্রকার প্রণীত হিন্দু ধর্মসংহিতা। ~স্তম্ভ বি কোনো মৃত ব্যক্তিকে বা ঘটনাকে স্মরণ রাখবার জন্য যে স্তম্ভ নির্মিত হয় (স্মৃতিস্তম্ভ মাথা উঁচু করিয়া আছে—ওয়া)। { স. √স্মৃ+তি(ক্তিন্) }

স্মের [শ্যের] *বিণ* ১ স্মিত; মৃদু হাস্যযুক্ত। ২ বিকশিত। ৩ স্ফুট। { স. √স্মি+র }

স্যন্দ [শোনদো] *বি* ১ ক্ষরণ। ২ গমন; গতি। ৩ বেগ; দ্রুতি। **স্যন্দন** *বি* ১ রথ। ২ ক্ষরণ; চোয়ানো। ৩ গমন; গতি; বেগ। **স্যন্দিত** *বিণ* ১ ক্ষরিত। ২ বেগশীল; গতিশীল। **স্যন্দী**(–ন্দিন্) *বিণ* ১ বেগযুক্ত; গমনশীল। ২ ক্ষরিত হয় এমন; ক্ষরণশীল। { স. √স্যন্দ্+অ(ঘঞ্) }

স্যর [স্যার] *বি* স্যার ⇒ স্যার

স্যাতস্যাত ⇒ সেঁতসেঁত

স্যাতসেঁতে ⇒ সেঁতসেঁতে

স্যাঙাত, স্যাঙাৎ, স্যাঙ্গাত, সাঁঙ্গাৎ ⇒ সেঙাত

স্যান্ডুইচ [শ্যানড্‌উইচ্] *বি* দুই টুকরা পাউরুটির মধ্যে মাংস সবজি ইত্যাদি দিয়ে তৈরি খাবার। { ই. sandwich }

স্যান্ডেল [স্যান্‌ডেল্] *বি* চামড়া বা রবারের হালকা পাদুকা (স্যান্ডেল পায়ে ঢুকিয়ে—নীহা)। { ই. sandal }

স্যাতলা [স্যাত্‌লা] *বি* শেওলা (যার জায়গা গিয়েছে নীলচে স্যাতলা—শও)। { স. শৈবাল> }

স্যার ⇒ সার

স্যূত [শুতো] *বিণ* ১ বোনা হয়েছে এমন, সেলাই করা; রিপু করা। ২ গ্রথিত। **স্যূতি** *বি* ১ বোনার কাজ; বয়ন। ২ সেলায়ের কাজ; সীবন। ৩ থলে। ৪ বংশ; সন্তান। { স. √সিব্+ত(ক্ত) }

স্রংস, স্রংসন [স্রোঙ্‌শো, –শন্] *বি* ১ স্খলন; পতন। **স্রংসী** (–সিন্) *বিণ* স্রংসনশীল; স্খলনশীল; পতনশীল। { স. √স্রন্‌স্+অ(ঘঞ্), অন(ল্যুট্) }

স্রক, স্রজ [স্রক্, –জ্] *বি* মালা; হার। { স. √সৃজ্+ক্বিপ্ }

স্রগ্ধর [স্রোগ্‌ধর্] *বিণ* মালা দ্বারা শোভিত বা ভূষিত; মাল্যধারী। **স্রগ্ধরা** *স্ত্রী* সংস্কৃত ছন্দবিশেষ। { স. স্রক্+ধর }

স্রব, স্রবণ [স্রোবো, স্রোবোন্] *বি* ১ স্রাব। ২ প্রস্রবণ; ফোয়ারা। ৩ ক্ষরণ। { স. √স্রু+অ(অপ্), অন(ল্যুট্) }

স্রষ্টব্য [স্রশ্‌টোবেবো] *বিণ* সৃষ্টিযোগ্য; সৃষ্টি করা প্রয়োজনীয়। { স. √সৃজ্+তব্য }

স্রষ্টা (–ষ্টৃ) [স্রোশ্‌টা] *বি* ১ আল্লাহ; বিধাতা; শিব; ব্রহ্মা; বিষ্ণু। ❑ *বিণ* ১ সৃষ্টিকর্তা। ২ রচয়িতা; নির্মাতা। { স. √সৃজ্+তৃ(তৃচ্) }

স্রস্ত [স্রোস্‌তো] *বিণ* ১ গলিত। ২ স্থানবিচ্যুত; স্থানভ্রষ্ট। ৩ শিথিল (স্রস্ত কেশভার পৃষ্ঠে পড়ি গেল খসি—রঠা)। ৪ স্খলিত, ক্ষরিত। { স. √স্রন্‌স্+ত(ক্ত) }

স্রাব [স্রাব্] *বি* ১ পতন; ক্ষরণ (রক্তস্রাব)। ২ ক্ষরিত দ্রব্য। **স্রাবণ** *বিণ* ১ স্রাব বা ক্ষরণ করায় এমন। ২ স্রবণশীল; ক্ষরণশীল। { স. √স্রু+অ(ঘঞ্) }

স্রুত [স্রুতো] *বিণ* স্খলিত; ক্ষরিত; গলিত। **স্রুতি** *বি* ক্ষরণ; গলন; পতন; স্রবণ। { স. √স্রু+ত(ক্ত) }

স্রেফ ⇒ সেরেফ

স্রোত, স্রোতঃ [স্রোত্, –তহ্] *বি* ১ প্রবাহ; ধারা। ২ জলপ্রবাহ। ~স্বতী, ~স্বিনী, **স্রোতোবহা** *বি* নদী; প্রবাহিণী। ❑ *বি* লোক, ও মুসলমানদের সাহিত্য সাধনার স্রোত-ধারা ... হল—আনিস)। **স্রোতে গা** ভাসানো ... ভাবে কিছু করা (আপাতমধুর ... ভাসাইয়া দিতেছে—এআ)। { স. √স্রু+অস্>স্রোতঃ>বা. স্রোত }

স্লাইস [স্লাইস্] *বি* টুকরা; খণ্ড; ক্ষুদ্র অংশ (পাউরুটির স্লাইস)। { ই. slice }

স্লিপ [স্লিপ্] *বি* ক্ষুদ্র পত্রিকা; চিঠি; চোকা; কাগজের ক্ষুদ্র টুকরা (বেয়ারা এলো স্লিপ নিয়ে প্রশান্ত দেখা করতে এসেছে—নীহা)। { ই. slip }

স্লিপার [স্লিপার্] *বি* চটি জুতা; স্যান্ডেল (পায়ে স্লিপারটা ঢুকিয়ে নিয়ে ধরটা বন্ধ করে নীচে—নীহা)। { ই. slipper }

স্লেট [স্লেট্] *বি* যে কালো পাথরের ফলকে লেখা হয়; সেলেট। { ই. slate }

স্লো [স্লো] *বিণ* ১ বিলম্বিত; মন্দগতি; মন্থর (ঘড়িটা স্লো যাচ্ছে)। ২ চটপটে নয় এমন (মেয়েটা কাজে বড় স্লো)। { ই. slow }

স্লোগান, শ্লোগান [স্লোগান্] *বি* মিছিলের ... দাবি আদায়ের জন্য একসঙ্গে বহু মানুষের ধ্বনি; ... { ই. slogan }

স্ব [শ] *সর্ব* ১ আত্ম; স্বয়ং; নিজ (স্বকৃত)। ২ আত্মীয়, কুটুম্ব (স্বজন)। ❑ *বিণ* নিজের (স্বগৃহ)। ❑ *বি, বিণ* সম্পদ। **স্ব-স্ব** *সর্ব* নিজ নিজ (স্ব স্ব কাজ)। **সর্বস্ব** *বি* নিজের সবকিছু সম্পদ। { স. √সু+ব }

স্বঃ [শহ্] *অব্য, বি* স্বর্গ; দ্যুলোক (স্বর্গতি)। ২ নিরবচ্ছিন্ন সুখ। { স. স্বর্>স্ব }

স্বক [শক্] *বিণ* স্বীয়; স্বকীয়; নিজ। { স. স্ব+ক(কন্) }

স্বকপোলকল্পিত [শকপোল্‌কোল্‌পিতো] *বিণ* মনঃকল্পিত বিষয়; নিজের মনগড়া। { স. স্ব+কপোল+কল্পিত }

স্বকীয় [শোকিয়ো] *বিণ* স্বীয়; নিজের। **স্বকীয়তা** *বি* নিজস্ব বৈশিষ্ট্য। { স. স্ব+ঈয়(ছ), 'ক' (কুক্) আগম }

স্বকৃত [শকৃতো] *বিণ* নিজের দ্বারা সম্পন্ন বা কৃত (স্বকৃত উক্তি নাশার যে উত্তর পাইত, তাহাতে তাহার সন্তোষ জন্মিত না—ঈবি)। { স. স্ব+কৃত; ৩তৎ }

স্বকৃতভঙ্গ [শকৃতোভঙ্‌গো] *বিণ* বিবাহে কৌলীন্য প্রথা লঙ্ঘন করা হয়েছে এমন। { স. স্ব+কৃতভঙ্গ }

স্বখাত [শখাত্] *বিণ* আপন হাতে খোঁড়া বা খনিত (তুমি যে স্বখাত সলিলে ডুবিয়া মরিছ—নীহা)। ~**সলিল** *বি* ১ নিজের দ্বারা খোঁড়া বা খনিত জলাশয়ের জল। ২ (*আল.*) স্বীয় কৃতকর্মের ফল। { স. স্ব+খাত }

স্বগত [শগতো] *বিণ* ১ আত্মগত। ২ মনোগত। ৩ নাটকে অভিনেতা অভিনেত্রীর অন্যের অগোচরে উক্ত। **স্বগতোক্তি** *বি* নাটকে আপন মনে কৃত উক্তি। { স. স্ব+গত }

স্বগগ (*মব্য*., *কথ্য*) [শগগো] *বি* স্বর্গ (স্বগগ মর্ত পাতাল—*বচন্দা*)। { *স*. স্বর্গ> }
স্বগৃহ [শগৃহো] *বি* নিজের গৃহ; আপন ঘর। { *স*. স্ব+ গৃহ; ৬তৎ }
স্বগ্রাম [শগ্রাম্] *বি* পৈতৃক গ্রাম; যে গ্রামে নিজের জন্ম হয়েছে, নিজে যে গ্রামের দীর্ঘকাল ধরে অধিবাসী। { *স*. স্ব+গ্রাম; ৬তৎ }
স্বচক্ষে [শচোকখে] *ক্রিবিণ* নিজের চোখে; প্রত্যক্ষ। { *স*. স্বচক্ষু+ *বা*. এ }
স্বচ্ছ [শচ্ছো] *বিণ* ১ প্রতিবিম্ব ধারণে সক্ষম। ২ অত্যন্ত নির্মল; অতিশয় পরিষ্কার। ৩ অনাবিল। ৪ transparent; দৃষ্টি বা আলো দ্বারা ভেদ্য। { *স*. সু+অচ্ছ }
স্বচ্ছতা, স্বচ্ছত্ব [শচ্ছোতা, -চ্ছোত্তো] *বি* প্রতিবিম্ব ধারণক্ষমতা। ২ শুভ্রতা। ৩ নির্মলতা। ৪ অনাবিলতা। **স্বচ্ছমণি** *বি* ১ কাচ। ২ স্ফটিক। { *স*. স্বচ্ছ+তা, ত্ব }
স্বচ্ছন্দ [শচ্ছোনদো] *বি* ১ স্বেচ্ছা; স্বেচ্ছাচার। ২ স্বীয় ইচ্ছা। ☐ *বিণ* ১ অবাধ। ২ স্বাধীন। ৩ নিজ ইচ্ছা অনুসারে। ৪ সুস্থ; নীরোগ। ৫ অযত্নজাত; অযত্নসম্ভূত। –তা *বি* ১ স্বেচ্ছা। ২ স্বাধীনতা। ৩ সুস্থতা। **স্বচ্ছন্দে** *ক্রিবিণ* ১ নিজ ইচ্ছামতো। ২ স্বাধীনভাবে। ৩ সহজে; অনায়াসে। { *স*. স্ব+ছন্দ; *বহু* }
স্বজন [শজোন্] *বি* আত্মীয়; আপনার লোক; বন্ধু-বান্ধব। **স্বজনী** *বি স্ত্রী*. আত্মীয়া; বান্ধবী; প্রিয়সখী (কেও বাজাইছে বাঁশী, স্বজনি—*মদ*)। { *স*. স্ব+জন; ৬তৎ }
স্বজাত [শজাতো] *বিণ* নিজ থেকে উৎপন্ন; স্বয়ম্ভু। { *স*. স্ব+জাত; ৫তৎ }
স্বজাতি [শজাতি] *বি* ১ নিজ জাতি বা গোষ্ঠীভুক্ত লোক। ২ নিজের জাতি। **স্বজাতীয়, স্বজাত্য** *বিণ* ১ স্বজাতি বিষয়ক। ২ স্বীয় জাতি বা গোষ্ঠীভুক্ত; **স্বজাতীয়া** *স্ত্রী*। { *স*. স্ব+জাতি; ৬তৎ }
স্বতঃ [শতহ্, সন্ধিস্থলে পরপদের প্রথম বর্ণের দ্বিত্ব, যেমন—শতোশ্‌শিদ্‌ধো] *অব্য* স্বয়ং; নিজে; নিজ হতে। **স্বতঃপ্রবৃত্ত** *বিণ* আপনা হতে বা স্বেচ্ছায় ব্যাপৃত; স্বেচ্ছাচালিত। **স্বতঃসিদ্ধ** *বিণ* প্রমাণের অপেক্ষা রাখে না এমন; স্বভাবসিদ্ধ। **স্বতঃস্ফূর্ত** *বিণ* স্বয়ং প্রকাশিত; নিজে নিজেই প্রকাশিত। { *স*. স্ব+তস্ }
স্বতন্তর [শতোনতর] *বিণ* ১ স্বাধীন; স্বতন্ত্র (গোসাঞির পুষ্পের সাজি সাজ পাঁচা ঘর তার মধ্যে রহিলা পদ্মা হৈয়া স্বতন্তর—*বিগু*)। ২ পৃথক; ভিন্ন। **স্বতন্তরা** *বিণ* ১ স্বাধীনা; স্বেচ্ছাধীনা; স্বৈরিণী (নারী যার স্বতন্তরা সেজন জিয়ন্তে মরা—*ভারা*; উদ্ভবে যার লম্বিনী বন মর্ত্যে স্বতন্তরা—*সদ*)। ২ ভেদ ভাবাপন্ন। ৩ বিচ্ছিন্ন। { *স*. স্বতন্ত্র>স্বতন্তর(স্বরাগমে) }
স্বতন্ত্র [শতোনত্রো] *বিণ* ১ স্বাধীন; স্বতন্তর। ২ ভিন্ন; পৃথক (অত্যন্ত সুদূর এবং স্বতন্ত্র মনে হইত—*রঠা*)। **স্বতন্ত্রা** *স্ত্রী*। –ভাবে *ক্রিবিণ* পৃথকভাবে (কোন কোন বিষয়ে স্বতন্ত্রভাবে ধরিলে চর্যাগীতির...অন্যায় হয় না—*সৈমু*)। { *স*. স্ব+তন্ত্র; *বহু* }
স্বত্ব [শত্তো] *বি* ধনাদিতে অধিকার; মালিকানা। **স্বত্বাধিকার** *বি* ভোগ দখল ও দান, বিক্রয়াদির অধিকার।
স্বত্বাধিকারী *বিণ* মালিক; দখলকার। **স্বত্বাধিকারিণী** *স্ত্রী*। { *স*. স্ব+ত্ব }
স্বদল [শদল্] *বি* স্বপক্ষ, নিজের দল। **স্বদলীয়** *বিণ* নিজ দলের; স্বীয় দলভুক্ত। **স্বদলীয়া** *স্ত্রী*। { *স*. স্ব+দল }
স্বদেশ [শদেশ্] *বি* ১ নিজের দেশ। ২ জন্মভূমি। **স্বদেশী, স্বদেশীয়** *বিণ* ১ নিজ দেশের। ২ নিজ দেশজাত। **স্বদেশী আন্দোলন** *বিণ* ব্রিটিশ আমলে বিদেশী দ্রব্য বর্জন প্রভৃতি আন্দোলনের দ্বারা ভারতীয়দের স্বাধীনতা অর্জনের চেষ্টা। { *স*. স্ব+দেশ; ৬তৎ }
স্বধর্ম [শধরমো] *বি* ১ নিজের ধর্ম; শাস্ত্রসম্মত নিয়মনীতি ও আদর্শ। ২ স্বজাতি বা নিজ সমাজ বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ধর্ম। ৩ স্বজাতির আচার ও প্রথাসমূহ। ৪ কুলক্রমাগত বা নিজের স্বাভাবিক পেশা। ৫ স্বভাব। { *স*. স্ব+ধর্ম; ৬তৎ }
স্বন [শন্] *বি* স্বর; ধ্বনি; শব্দ; আওয়াজ। **স্বনন** *বি* ১ ধ্বনি; রব; শব্দ (হাহা হাসি শুনিলাম পবন স্বননে—*মোম*)। ২ শব্দকরণ। **স্বনিত** *বি* ১ শব্দ। ২ ধ্বনি; নাদ। ৩ নিনাদ। ☐ *বিণ* শব্দিত; গর্জিত। **স্বনিয়া** (*পদ্য*.) *অক্রি* স্বন স্বন শব্দ করে (প্রাণের ধ্বনি স্বনিয়া বেড়ায়—*মহী*)। { *স*. √স্বন+অ(অপ্) }
স্বনাম [শনাম্] *বি* নিজের নাম। –**খ্যাত**, –**ধন্য** *বিণ* নিজ নামে সর্বত্র পরিচিত বা প্রশংসিত; স্বীয় কীর্তিতে চরিতার্থ; সার্থকনামা। **স্বনামে** *ক্রিবিণ* ১ নিজের নামে; রচনাকার বা মালিকরূপে নিজের নাম ব্যবহার করে। { *স*. স্ব+নাম; ৬তৎ }
স্বপক্ষ [শপোকখো] *বি* ১ আত্মপক্ষ; স্বদল; নিজের party বা team। ২ মিত্রপক্ষ; বন্ধুপক্ষ। **স্বপক্ষীয়** *বিণ* ১ স্বপক্ষসংক্রান্ত। ২ নিজদলভুক্ত। { *স*. স্ব+পক্ষ }
স্বপত্য [শপোত্তো] *বিণ* সুসন্তানবান। { *স*. সু+অপত্য; *বহু* }
স্বপ্ন, স্বপন (*পদ্য*.) [শপনো, শপোন্] *বি* ১ সুপ্ত বা নিদ্রিত অবস্থায় কোনো বিষয়ের প্রত্যক্ষবৎ অনুভব (নিশার স্বপন সম তোর এ বারতা—*মদ*)। ২ নিদ্রিত অবস্থায় মনের ক্রিয়া বা অনুভূত বিষয় (স্বপ্ন হৈল গোবিন্দের—*ভারা*)। ৩ ভবিষ্যৎ সম্পর্কে কল্পনা। ৪ (*আল*.) কল্পনা; মিথ্যা আশা (যেন বিয়েটাই স্থির, মেয়েটা স্বপ্ন—*অচিসে*)। ৫ ঘুম; সুপ্তি; নিদ্রা। –**ঘোর** *বি* জাগরণের পর মনে যে স্বপ্নাবেশ থাকে। –**চারিতা** *বি* নিদ্রাবেশে বা সুপ্ত অবস্থায় বিচরণ; somnambulism। –**জড়িমা** *বি* স্বপ্নহেতু জড়তা বা আলস্য। –**জাল** *বি* জালের ন্যায় স্বপ্নব্যূহ; স্বপ্ন দর্শনের ফলে আবেশ। –**দোষ** *বি* নিদ্রিতাবস্থায় রেতঃস্খলন। –**দ্রষ্টা, স্বাপ্নিক** *বি* কল্পনাকারী; পরিকল্পনা-রচয়িতা; চিন্তাকারী (প্রতিষ্ঠানের প্রথম স্বপ্নদ্রষ্টা বলে অভিহিত—*আনিস*)। –**বৎ** *বিণ* স্বপ্নের মতো মিথ্যা অথচ মনোহর। –**বৃত্তান্ত** *বি* স্বপ্নে দেখা ঘটনাবলির বিবরণ বা কাহিনী। –**ময়** *বিণ* স্বপ্নতুল্য; স্বপ্নাবেশ দ্বারা আচ্ছন্ন; স্বপ্নজাত; কাল্পনিক; কল্পনাপূর্ণ। –**ময়ী** *স্ত্রী*। –**মুখর** *বিণ* কল্পনাপ্রবণ (স্বপ্নমুখর কৈশোরের দিনগুলো সে পথেই শুধু...কেটে গেছে—*হেহো*)। –**লোক**, –**রাজ্য** *বি* ১ স্বপ্নে দেখা মনোহর অথচ কাল্পনিক দেশ। ২ কল্পনার জগৎ। **স্বপ্নাদিষ্ট** *বিণ* স্বপ্নাদেশ প্রাপ্ত।

স্বপ্নাদেশ *বি* স্বপ্নে লব্ধ দৈব আদেশ। **স্বপ্নাদ্য** *বিণ* ১ স্বপ্নে প্রাপ্ত (এককালে শ্যামবাবু পেটেন্ট ও স্বপ্নাদ্য ঔষধের কারবার করিতেন—*রাব*)। ২ স্বপ্নমূলক। **স্বপ্নাবিষ্ট** *বিণ* স্বপ্নঘোরে বা স্বপ্নাবেশে মগ্ন। **স্বপ্নেও না ভাবা** *ক্রি* *(আল.)* কোনোরূপ আশা না করা; কল্পনারও বাইরে। **স্বপ্নোত্থিত** *বিণ* স্বপ্নপূর্ণ নিদ্রা থেকে জাগরিত। { *স.* √স্বপ্+ন(নন্)}

স্ববশ [শবশ] *বি* স্বাধীন। □ *বিণ* নিজের দ্বারা নিয়ন্ত্রিত এমন। { *স.* স্ব+বশ; ৬তৎ }

স্বভাব[শভাব] *বি* ১ স্বরূপ; আত্মভাব; স্বপ্রকৃতি (মানুষের স্বভাব)। ২ জন্ম থেকে অভ্যস্ত; পুনঃপুন অনুশীলনের দ্বারা লব্ধ (চুরি করা ওর স্বভাব) ৩ চরিত্র; আচরণ (সৎ স্বভাব)। ৪ প্রকৃতিগত ধর্ম বা গুণ (জড় পদার্থের স্বভাব)। ৫ প্রকৃতি; নিসর্গ (স্বভাব বর্ণনা)। ৬ স্বাভাবিক অবস্থা। **~কবি** *বি* ১ জন্ম থেকে কবিত্বশক্তিযুক্ত ব্যক্তি। ২ যে কবির মধ্যে শিক্ষিত পটুত্বের চেয়ে স্বতঃস্ফূর্ততাই বেশি। **~কুলীন** *বিণ* বংশগত কৌলীন্য বজায় আছে এবং দানগ্রহণ বা বিবাহাদি দ্বারা নষ্ট হয়নি এমন। **~কৃপণ** *বিণ* ১ প্রকৃতিগতভাবে কৃপণ; স্বভাবত ব্যয়কুণ্ঠ। ২ অনুদার প্রকৃতি। **~গত** *বিণ* ১ স্বভাবে পরিণত। ২ সহজাত; স্বভাবসুলভ। **~চরিত্র** *বি* চালচলন; রীতিনীতি। **~জ** *বি* স্বভাব থেকে উৎপন্ন। □ *বিণ* ১ প্রকৃতিগত; স্বভাবসিদ্ধ। ২ প্রাকৃতিক, স্বাভাবিক। **~ত, ~তঃ** *অব্য* স্বাভাবিকভাবে; চরিত্রগতভাবে। **~দত্ত** *বিণ* প্রকৃতিগত (তিনি তাঁর স্বভাবদত্ত সংবেদনশীলতা তথা দৃকশক্তির ব্যবহার প্রায় ভুলে গেলেন—*সুদ*)। **~প্রকৃতি** *বি* চরিত্র ও চাল-চলন; আচার-আচরণ। **~বিরুদ্ধ** *বিণ* অস্বাভাবিক; প্রকৃতিবিরুদ্ধ। **~ যায় না মলে ইল্লত যায় না ধুলে**—পানি দ্বারা ধুলেও নোংরামি দূর করা যেরূপ অসম্ভব, মনুষ্য প্রকৃতিও সেরূপ অপরিবর্তনীয়। **~লব্ধ** *বিণ* স্বাভাবিকভাবে প্রাপ্ত; প্রকৃতি প্রদত্ত (হযরত ইব্রাহিম বাল্যকাল হইতে স্বভাবলব্ধ দিব্য জ্ঞান প্রাপ্ত হইয়া প্রতিমাবিদ্বেষী ছিলেন—*শেআ*)। **~শোভা** *বি* প্রাকৃতিক সৌন্দর্য; নৈসর্গিক শোভা। **~সিদ্ধ, ~সুলভ** *বিণ* ১ স্বভাবজাত; প্রকৃতিগত (প্রবঞ্চনা স্ত্রীজাতির স্বভাবসিদ্ধ বিদ্যা—*ঈবি*)। ২ স্বাভাবিক। **স্বভাবী**(-বিন্) *বিণ* স্বভাব অনুসারে। **স্বভাবোক্তি** *বি* ১ কোনো বস্তুর যথাযথ বর্ণনা। ২ কাব্যের অলঙ্কারের নাম। { *স.* স্ব+ভাব; ৬তৎ }

স্বমত [শমত] *বি* নিজ মত; আপন অভিপ্রায়। { *স.* স্ব+মত; ৬তৎ }

স্বয়ং, স্বয়ম্ [শয়ঙ্, -ম্] *সর্ব* আপনি; নিজে। **~কৃত** *বিণ* স্বকৃত; নিজের দ্বারা কৃত। **~প্রকাশ** *বিণ* স্বশক্তিতে প্রকাশিত। **~প্রধান** *বিণ* কর্তৃত্ব প্রকাশ; নিজেকে প্রধান বলে জাহির। **~প্রভ** *বিণ* স্বীয় জ্যোতিতে দীপ্তিমান। **~প্রভা** *স্ত্রী*। **~বর** *বি* আমন্ত্রিত ব্যক্তিদের মধ্য থেকে কন্যা কর্তৃক নিজেই পাত্র নির্বাচন (স্বয়ংবর সভা)। **~বরা** *বিণ* আমন্ত্রিত ব্যক্তিদের মধ্য থেকে পাত্র নির্বাচনকারিণী। **~সিদ্ধ** *বিণ* ১ কেবল নিজ চেষ্টা দ্বারাই সিদ্ধি বা সাফল্য লাভকারী (আমি স্বাবলম্বী, স্বয়ংসিদ্ধ, বেপরোয়া—*রাব*)। ২ স্বতঃসিদ্ধ। **স্বয়ংসিদ্ধা** *স্ত্রী*। { *স.* সু+অয়ম্}

স্বয়ম্ভর [শয়ম্‌ভর] *বিণ* নিজেই নিজের ভরণ পোষণ করে এমন; স্বাবলম্বী; স্বনির্ভর (স্বয়ম্ভরের আত্মসাধনা হলো—*বিদে*)। { *স.* স্বয়ম্+√ভৃ+অ}

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ [শয়োম্‌ভু] *বি* ১ স্বয়ং অস্তিত্বশীল; স্বয়ংসৃষ্ট; খোদা। ২ হিন্দু দেবতা ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব। □ *বিণ* স্বেচ্ছায় শরীরধারী। **~তি** *বি* নিজের সৃষ্টি সম্বন্ধে আলোচনা (কবিদের বেলায় রোমন্থন যত না গর্হিত স্বয়ম্ভূতি ততোধিক অভাবনীয়—*সুদ*)। **স্বায়ম্ভুব** *বি* ১ ব্রহ্মা। ২ প্রথম মনু। { *স.* স্বয়ম্+√ভূ+উ(ডু)}

স্বরঃ [শরহ্] *অব্য* ১ স্বর্গ; দেবলোক। ২ সুখময় স্থান; আনন্দলোক। ৩ পরলোক। { *স.* স্বরঃ}

স্বর [শর] *বি* ১ কণ্ঠধ্বনি; গলার স্বর বা শব্দ। ২ শব্দ; আওয়াজ। ৩ সঙ্গীতের সুর। ৪ *(ব্যা.)* যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়াই উচ্চারিত হয়। **~গ্রাম** *বি (সন্)* সপ্তসুর : ষড়জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত, ও নিষাদ। **~বর্ণ** *বি (ব্যা.)* যে বর্ণ অন্য বর্ণের সাহায্য ব্যতিরেকেই উচ্চারিত হয়; অ আ ই ঈ উ ঊ ইত্যাদি। **~ভঙ্গ** *বি* কণ্ঠস্বরের বিকৃতি রোগ; গলাভাঙা। **~ভক্তি** *বি (ব্যা.)* বিপ্রকর্ষ; মধ্যস্বরাগম (যথা : ভক্তি>ভকতি)। **~লহরি/লহরী** *বি* সুরতরঙ্গ; সুরের ঢেউ (তাহাদের মধুর স্বরলহরী মধুর ঝঙ্কার—*আকসা*)। **~লিপি** *বি (সন্)* সুর তাল লয়ের সাংকেতিক লিপি। **~সংগতি, ~সঙ্গতি** *বি* ১ *(ব্যা.)* শব্দে পরবর্তী বা পূর্ববর্তী স্বরধ্বনির প্রভাবে অন্য বর্ণের স্বরধ্বনির বদল বা পরিবর্তন (বিলাতি>বিলেতি)। ২ *(সন্)* স্বরসমন্বয়; ঐকতান; harmony। **~সন্ধি** *বি (ব্যা.)* স্বরবর্ণের সঙ্গে স্বরবর্ণের বা স্বরান্ত পদের সঙ্গে স্বরাদি পদের সন্ধি-সংযোগ। { *স.* √স্বৃ+অ(অচ্)}

স্বরচিত [শরোচিতো] *বিণ* নিজের দ্বারা লিখিত বা প্রণীত; নিজের হাতে গঠিত বা নির্মিত। { *স.* স্ব+রচিত}

স্বরাজ [শরাজ] *বি* ১ স্বাধীনতা। ২ স্বায়ত্তশাসন। { *স.* স্ব+রাজা}

স্বরাজ্য [শরাজ্‌জো] *বি* ১ নিজের শাসিত স্বাধীন রাজ্য বা সরকার। ২ নিজের রাজ্য। { *স.* স্ব+রাজ্য; ৬তৎ }

স্বরাষ্ট্র [শরাশ্‌ট্রো] *বি* ১ নিজ রাজ্য। ২ রাজ্যের অভ্যন্তরীণ শাসনব্যবস্থা। **~মন্ত্রী** *বি* যে মন্ত্রী রাষ্ট্রের অভ্যন্তরীণ শাসনব্যবস্থা বিষয়ে ভারপ্রাপ্ত; Home Minister। **~সচিব** *বিণ* স্বরাষ্ট্র সম্পর্কিত কার্যের সচিব বা সর্বপ্রধান কর্মকর্তা; Secretary for Home Affairs; Home Secretary। { *স.* স্ব+রাষ্ট্র}

স্বরিত [শোরিতো] *বি* ১ *(ব্যা.)* উদাত্ত ও অনুদাত্তের মাঝামাঝি কণ্ঠস্বর। □ *বিণ* ধ্বনিত; উচ্চারিত। { *স.* স্বর+ইত(ইতচ্)}

স্বরূপ [শোরুপ] *বি* ১ নিজের রূপ; প্রকৃত বা আসল রূপ। ২ স্বাভাবিক অবস্থা; প্রকৃতি। ৩ সদৃশ রূপ (মৃত্যুস্বরূপ অপমান)। **স্বরূপত, স্বরূপতঃ** *অব্য* প্রকৃতপক্ষে; বাস্তবিক পক্ষে; যথার্থত। **~তা, ~ত্ব** *বি* নিজ রূপের ভাব; অনন্যতা; নিজ বৈশিষ্ট্য। { *স.* স্ব+রূপ; ৬তৎ }

স্বরোচিঃ, স্বরোচিস্ [শরোচিহ্‌, -চিশ্] *বিণ* ১ স্বপ্রকাশ; স্বয়ংপ্রভ। **স্বরোচিষ** *বি* হিন্দু পুরাণোক্ত মুনিবিশেষ; চণ্ডীতে উল্লিখিত স্বারোচিষ মনুর পিতা। { *স.* স্ব+রোচিস্}

স্বর্গ [শরগো] *বি* ১ পুণ্যবানেরা মৃত্যুর পরে যে স্থানে পুণ্য ভোগকালে সুখে বাস করেন। ২ চির সুখপ্রদ জায়গা; মরণের পর পুণ্যবানদের আবাসস্থল; বেহেশত; জান্নাত। ৩ হিন্দুমতে দেবলোক। ৪ আকাশ (স্বর্গপ্রায় সভা যাহা চন্দ্রিমা আকার—*সৈআ*)। **~গঙ্গা, স্বর্গঙ্গা** *বি* স্বর্গের নদী; মন্দাকিনী; গঙ্গার একটি শাখা যা স্বর্গে প্রবাহিত। **~গত, স্বর্গত** *বি,বিণ* পরলোকগত; জান্নাতবাসী। **~দ্বার** *বি* ১ স্বর্গের প্রবেশ পথ। ২ হিন্দুদের একটি তীর্থক্ষেত্র। **স্বর্গতি, ~প্রাপ্তি, ~লাভ** *বি* ১ মৃত্যু; মরণ। ২ স্বর্গে গমন। **~স্থ** *বিণ* ১ স্বর্গীয়; স্বর্গে গত বা অবস্থিত। ২ মৃত; স্বর্গগত; জান্নাতবাসী। **~ হাতে পাওয়া** *বিণ* ১ অলভ্য বস্তু লাভজনিত আনন্দ প্রকাশ; অনির্বচনীয় আনন্দ প্রাপ্তি বা লাভ। ২ সমস্ত সুখ-সম্পদ লাভ। **স্বর্গারোহণ** *বি* স্বর্গে গমন; মরণ; মৃত্যু। **স্বর্গীয়, স্বর্গ্য** *বিণ* ১ স্বর্গসুলভ। ২ স্বর্গসংক্রান্ত। ৩ স্বর্গগত। ৪ *(আল.)* মৃত। ৫ পবিত্র। **স্বর্গীয়া** *স্ত্রী*। **স্বর্গে তুলে দেওয়া** *ক্রি (আল.)* মাত্রাতিরিক্ত প্রশংসায় অহঙ্কারী করা। **স্বর্গে বাতি দেওয়া** *ক্রি* ১ *(আল.)* বংশ রক্ষা করা। ২ (হিন্দুদের) মৃত পূর্বপুরুষের উদ্দেশ্যে আকাশপ্রদীপ জ্বালা; বক্তার জন্য কিছুই না করা। { *স.* সু+√ঋজ্+অ(ঘঞ্)}

স্বর্গ্য ⇒ স্বর্গ

স্বর্ণ [শরনো] *বি* সুবর্ণ; হিরণ্য; কনক; কাঞ্চন; হেম; সোনা। **~কমল** *বি* সোনার পদ্মফুল; রক্তপদ্ম। **~কার** *বি* যিনি সোনার অলঙ্কার তৈরি করেন; সেকরা; সোনারু। **~কেশী** *বিণ* সোনালি চুলের অধিকারিণী। **~গর্ভ** *বিণ* ভিতরে সোনা আছে এমন; স্বর্ণে পূর্ণ। **~গর্ভা** *বিণ স্ত্রী.* সোনায় পূর্ণ। ☐ *বি (আল.)* সুসন্তানের জননী; যিনি গর্ভে সুসন্তান ধারণ করেছেন। **~পিঞ্জর** *বি (আল.)* সোনার খাঁচা; দেহ; মানবদেহ (স্বর্ণপিঞ্জর শূন্য করিয়া বেহেশতের বুলবুল আজ মহাপ্রস্থান করিয়াছে—*শেক*)। **~প্রতিমা** *বি* ১ স্বর্ণদ্বারা নির্মিত প্রতিমা। ২ *(আল.)* সোনার মূর্তির মতো সুন্দরী যে। **~প্রসূ** *বিণ* ১ স্বর্ণ প্রসব করে এমন। ২ *(আল.)* অত্যন্ত উর্বরা (স্বর্ণপ্রসূ বাংলাদেশ)। **~বণিক** *বি* ১ সোনার ব্যবসায়ী। ২ সোনার বেনে; হিন্দু সম্প্রদায়-বিশেষ। **~ভূমি** *বি* যে ভূমিতে সোনা ফলে অর্থাৎ স্বর্ণসদৃশ মূল্যবান ফসল প্রচুর পরিমাণে ফলে; অতি উর্বরা ভূমি বা দেশ। **~ভূষণ, স্বর্ণালঙ্কার** *বি* সোনার গহনা। **~মৃগ** *বি* ১ সোনার হরিণ। ২ *(আল.)* যা অত্যন্ত মূল্যবান কিন্তু প্রকৃতপক্ষে মিথ্যা বা সর্বনাশা প্রলোভন মাত্র (সোনার হরিণ রূপে উপস্থিত মারীচের প্রতি প্রলুব্ধ হওয়ার ফলেই রাবণ সীতাকে অপহরণ করার সুযোগ লাভ করে)। **~সিন্দূর** *বি* মকরধ্বজ; এক প্রকার পারদঘটিত আয়ুর্বেদীয় ওষুধ। **~সুযোগ** *বি* মহাসুযোগ; সুবর্ণ সুযোগ। **স্বর্ণাক্ষর** *বি* ১ সোনার তৈরি হরফ। ২ সোনার মতো উজ্জ্বল অক্ষর। **স্বর্ণাক্ষরে লেখা** *বিণ* সোনার মতো উজ্জ্বল অক্ষরে লেখা; খ্যাতিসম্পন্ন। { *স.* সু+√ঋণ্+অ; সু(সুন্দর)+বর্ণ যার; বহু}

স্বর্বধূ, স্বর্বেশ্যা [শরবোধু, -বেশ্‌শা] *বি* অপ্সরা। { *স.* স্বর্-বধূ, বেশ্যা; ৬তৎ}

স্বর্বৈদ্য [শরবোইদ্‌দো] *বি* ১ স্বর্গের চিকিৎসক। ২ হিন্দুপুরাণোক্ত অশ্বিনীকুমারদ্বয়। { *স.* স্বর্+বৈদ্য; ৬তৎ}

স্বল্প [শলপো] *বিণ* ১ অতি কম; অতি অল্প; খুব অল্প। ২ ছোট (স্বল্প হাতের কনকচাঁপা মঠোয়—*বিদে*)। **~কায়** *বিণ* আকারে অতিশয় ছোট (স্বল্পকায় বিছানা—*অচিসে*)। **~তা** *বি* অতি অল্পতা; সামান্যতা। **~ভাষী** *বিণ* অল্প কথা বলে এমন (লজ্জায় স্বভাবত স্বল্পভাষী রেণু অস্থির হয়ে উঠে—*রাখা*)। { *স.* সু+অল্প; সুপ্‌সুপা}

স্বল্পায়ু [শল্‌পায়ু] *বিণ* কম আয়ুবিশিষ্ট। { *স.* স্বল্প+আয়ু}

স্বশাসন [শশাশন্] *বি* স্বায়ত্তশাসন। **স্বশাসিত** *বিণ* স্বায়ত্তশাসিত। { *স.* স্ব+শাসন}

স্বসংবেদন [শশঙবেদোন্] *বি* নিজের অনুভব বা অনুভূতি; আত্ম অনুভূতি। **স্বসংবেদ্য** *বিণ* নিজের অনুভবযোগ্য। { *স.* স্ব+সম্+বেদন}

স্বসা(-স্) [শশা] *বি* ভগিনী; বোন। **স্বস্রীয়, স্বস্রেয়** *বি* ১ ভাগিনেয়; বোনপো। ☐ *বিণ* ভগিনীসম্বন্ধীয়। **স্বস্রীয়া, স্বস্রেয়ী** *বি* ভগিনেয়ী; বোনঝি। { *স.* সু+√অস্+ঋ(ঋন্)}

স্বস্তি [শোস্‌তি] *বি* ১ আরাম; উদ্বেগহীনতা; ঝঞ্ঝাটশূন্য অবস্থা; স্বাচ্ছন্দ্য; সুখ (দুর্বলের স্বস্তি আত্মগোপনে—*আশ*)। ২ শুভ; মঙ্গল; কল্যাণ। ৩ সন্তোষ। ৪ আশীর্বাদ (স্বস্তি বচন)। ৫ আশীর্বচনযুক্ত মন্ত্র (স্বস্তিপাঠ)। **~বাচন** *বি* মঙ্গল কার্যের শুরুতে স্বস্তি শব্দ উচ্চারণ। **~মুখ** *বি* যিনি স্বস্তিবচন পাঠ করেন; ব্রাহ্মণ। **সুখের চেয়ে ~ ভালো**—উদ্বেগভরা ধনাঢ্য অবস্থা অপেক্ষা নির্ঝঞ্ঝাট দরিদ্র জীবন ভালো। { *স.* সু+√অস্+তি(ক্তি)}

স্বস্তিক [শোস্‌তিক্] *বি* ১ পিটুলি নির্মিত এক প্রকার মাঙ্গল্য দ্রব্য; শ্রী। ২ যোগের এক প্রকার আসন। ৩ মাঙ্গলিক বস্তুচিহ্ন। ৪ জার্মানির নাৎসি বাহিনীর চিহ্ন (নতুন খাতার বেদাগ পাতায় স্বস্তিকে কে সিঁদুর দেবে—*সদ*)। ৫ সম্মুখে বারান্দাযুক্ত বা চাঁদনিযুক্ত প্রাসাদ। ৬ চৌরাস্তা। ৭ চারটি চতুষ্পদযুক্ত নগরবিশেষ। **স্বস্তিকা** *বি স্ত্রী*। **স্বস্তিকাসন** *বি* যোগসাধনের এক প্রকার আসন। { *স.* স্বস্তি+√কৃ+ অ(ড)}

স্বস্ত্যয়ন [শোস্‌তয়ন্] *বি* আপদ দূরীকরণ; পাপমুক্তি; আপৎশান্তি; পাপমোচন প্রভৃতি ইচ্ছায় হিন্দুদের একপ্রকার পূজানুষ্ঠান (স্বস্ত্যয়নের সাত পুরুতে চুলোচুলি ঘটছে অবশেষে—*সদ*)। { *স.* স্বস্তি+অয়ন; ৬তৎ}

স্বস্থ [শস্‌থো] *বিণ* ১ সুস্থ। ২ নিশ্চিন্ত; উদ্বেগরহিত (সে যেন মানুষকে ধেয়ানী স্বস্থ করে তোলে —*নই*)। { *স.* স্ব+√স্থা+অ(ক)}

স্বস্থান [শস্‌থান্] *বি* ১ নিজের বাসস্থান। ২ নিজের নির্দিষ্ট স্থান। { *স.* স্ব+স্থান}

স্বস্রীয়, স্বস্রেয়ী ⇒ স্বসা

স্বাক্ষর [শাক্‌খোর্] *বি* সই; দস্তখত। { *স.* স্ব+অক্ষর}

স্বাক্ষরিত [শাক্‌খোরিতো] *বিণ* দস্তখত করা হয়েছে এমন। { *স.* স্বাক্ষর+ইত(ইতচ্)}

স্বাগত [শাগতো] *বি* ১ শুভাগত; অভ্যর্থিত অতিথি; welcome; খোশ আমদেদ (স্বাগত সম্ভাষণ)। ২ কুশল

প্রশ্ন। ~ভাষণ কোনো অনুষ্ঠানে সমাগত অতিথিদের অভ্যর্থনা জানিয়ে আমন্ত্রক বা তার প্রতিনিধির ভাষণ; welcome address। **স্বাগতিক** *বি, বিণ* আমন্ত্রক; নিমন্ত্রক; মেজবান; মেহমান বা অতিথিসেবী গৃহস্থ; host। { *স.* সু+আগত; *সুপসুপা*}

স্বাচ্ছন্দ্য [শাসহোনদো] *বি* ১ স্বচ্ছন্দতা। ২ বাধাহীনতা। ৩ সুস্থতা; সুস্থভাব। ৪ সহজ; স্বাভাবিক; কষ্টহীন অবস্থা। { *স.* স্বচ্ছন্দ+য(ষ্যঞ)}

স্বাজাতিক [শাজাতিক] *বিণ* ১ স্বজাতি সম্পর্কিত; স্বদেশবাসী সম্বন্ধীয়। ২ স্বজাতির হিতৈষী; নিজ দেশবাসীর কল্যাণকামী। ~তা, **স্বাজাত্য** *বি* স্বজাতির হিতৈষণা; স্বদেশবাসীর মঙ্গল কামনা (স্বাদেশিকতা, স্বাভাষিকতা ও স্বাজাতিকতা অন্য বস্তু—*আশ*)। { *স.* স্বজাত+ইক(ঠক)}

স্বাতন্ত্র্য [শাতোনত্রো] *বি* ১ অন্যের সঙ্গে প্রভেদ। ২ স্বকীয়তা। ৩ স্বাধীনতা। { *স.* স্বতন্ত্র+য(ষ্যঞ)}

স্বাতি, স্বাতী [শাতি] *বি* ১ *(জ্যোশা)* পঞ্চদশ নক্ষত্র। ২ সূর্যপত্নী (কোথা অতীতে সার্থযুক্ত হাসিনি স্বাতী—*সদ*)। { *স.* সু+√অৎ+ই(ইন), ঈ(ঙীষ); স্বাতি+অ(অণ্)}

স্বাত্মা [শাত্তাঁ] *বি* স্বীয়, বা নিজ আত্মা। { *স.* স্ব+আত্মা, *কর্মধা*; ৬তৎ}

স্বাদ [শাদ] *বি* ১ আস্বাদ; রসনা দ্বারা স্পর্শ করে প্রাপ্ত অনুভূতি (নারীর সর্বশ্রেষ্ঠ কামনা মাতৃত্বের স্বাদ—*শহ*)। ২ রসনায় স্পর্শ করে বস্তুর গুণাগুণ বিচার (স্বাদ গ্রহণ)। ৩ মাধুর্য (ফলের উৎকৃষ্ট স্বাদ)। **স্বাদন** *বি* স্বাদ গ্রহণ। **স্বাদিত** *বিণ* স্বাদ গ্রহণ করা হয়েছে এমন। **স্বাদিষ্ঠ** *বিণ* ১ অতিশয় স্বাদ। ২ সর্বাপেক্ষা স্বাদু বা আস্বাদনযোগ্য। **স্বাদু** *বিণ* উত্তম স্বাদযুক্ত; মধুর; মিষ্ট। { *স.* √স্বদ+অ(ঘঞ)}

স্বাদেশিক [শাদেশিক] *বিণ* ১ নিজ দেশ সম্পর্কিত। ২ স্বদেশীয়; স্বদেশজাত (স্বাদেশিক চালচলনের বিরুদ্ধ অনেক অপরাধ আমার আছে—*রঠা*)। ৩ স্বদেশবাসী। ৪ স্বদেশহিতৈষী; দেশপ্রেমিক। **স্বাদেশিকতা** *বি* ১ দেশপ্রেমিকতা; স্বদেশপ্রীতি। ২ স্বদেশহিতৈষণা (স্বাদেশিকতা ও স্বাভাবিকতা অন্য জিনিস—*আশ*)। { *স.* স্বদেশ+ইক(ঠক)}

স্বাধিকার [শাধিকার] *বি* ১ স্বীয় অধিকার (আমরা আজ নিঃসংশয়ে যে কবিতার স্বাধিকার সহজ কবিত্বের পরাকাষ্ঠা—*সুদ*)। ২ নিজের সম্পত্তি। ~**প্রমত্ত** *বিণ* [illegible] থেকে বিচ্যুত; নিজের অধিকারের ফলে গর্বিত। [illegible] অধিকার}

স্বাধিষ্ঠান [শা[illegible]] *বি* ১ সুষুম্না নামক নাড়ির মধ্যস্থ [illegible] পদ্ম [illegible]। ২ নিজের প্রবাস বা কর্মস্থান। { *স.* [illegible]}

স্বাধীন [illegible] ১ বাধাহীন; [illegible] স্বচ্ছন্দ [illegible] নিজের বশে, [illegible] (স্বাধীন [illegible] বিদেশী [illegible] এমন। [illegible] **স্বাধীনতা** *বি* ১ [illegible]। ২ [illegible] অধীন; ৬তৎ}

স্বাধ্যায় [illegible] হিন্দু ধর্মশাস্ত্র [illegible] শাস্ত্র-পাঠ [illegible] *বি, বিণ* বেদ[illegible]; শাস্ত্রপাঠক। { *স.* সু+আধ্যায়}

স্বানুভাব [শানুভাব] *বি* আত্ম বা স্বীয় অনুভব। { *স.* স্ব+অনুভাব}

স্বানুষ্ঠিত [শানুশঠিতো] *বিণ* নিজের দ্বারা সম্পাদিত। { *স.* স্ব+অনুষ্ঠিত; ৩তৎ}

স্বাপ্নিক [শাপনিক] *বিণ* ১ স্বপ্নবিষয়ক; স্বপ্ন দেখে এমন। □*বিণ, বি (আল.)* স্বপ্নদ্রষ্টা; কল্পনাকারী (ধ্যানী স্বাপ্নিক মনে—*বেআ*)। { *স.* স্বপ্ন+ইক(ঠক)}

স্বাবলম্বন, স্বাবলম্ব [শাবোলমবোন, –বো] *বি* ১ আত্মনির্ভর; স্বনির্ভরতা। ২ অনন্যনির্ভরতা। ৩ নিজ শক্তিতে কাজ করার অবস্থা। **স্বাবলম্বী**(-ম্বিন্) *বি, বিণ* স্বনির্ভর; পরনির্ভর নয় এমন ব্যক্তি। **স্বাবলম্বিনী** *স্ত্রী*। **স্বাবলম্বিতা** *বি* আত্মনির্ভরতা। { *স.* স্ব+অবলম্বন, ২বতৎ}

স্বাভাবিক [শাভাবিক] *বিণ* ১ প্রকৃতিগত। ২ অবিকৃত। ৩ স্বভাবসংগত। ৪ প্রাকৃতিক; স্বভাবসিদ্ধ; স্বভাবজাত; নৈসর্গিক। **স্বাভাবিকতা** *বি* ১ স্বভাবসিদ্ধতা। ২ স্বভাবসুলভতা; বিকৃতিশূন্যতা। { *স.* স্বভাব+ইক(ঠক)}

স্বাভাষিকতা [শাভাশিকতা] *বি* নিজের ভাষার প্রতি মমতা বা আকর্ষণ; স্বীয় ভাষার হিতকামনা (স্বাদেশিকতা স্বাভাষিকতা ও স্বাজাতিকতা অন্য বস্তু—*আশ*)। { *স.* স্বভাষা+ইক(ঠক)+তা(তল্)}

স্বামী(-মিন্) [শামি] *বি* ১ ভর্তা; পতি; খসম; প্রভু; মনিব। ২ মালিক; অধিপতি (ভূস্বামী)। ২ পণ্ডিত; সন্ন্যাসীর উপাধিবিশেষ (স্বামী বিবেকানন্দ)। **স্বামিনী** *স্ত্রী*। **স্বামিত্ব** *বি* মালিকানা; অধিকার। { *স.* স্ব+আমিন্}

স্বামীজী [শামিজি] *বি* সন্ন্যাসীর প্রতি সম্মান প্রদর্শনের জন্য প্রদত্ত উপাধি। { *স.* স্বামী+জী}

স্বায়ত্ত [শায়োত্তো] *বিণ* নিজ অধীন; স্ববশ; নিজ নিয়ন্ত্রাধীন। ~**শাসন** *বি* স্বজাতীয়দের দ্বারা পরিচালিত শাসন; স্বদেশবাসী কর্তৃক রাজ্যশাসন; স্বশাসন। { *স.* স্ব+আয়ত্ত; ৬তৎ}

স্বায়ত্তীকরণ [শায়োত্তিকরোন্] *বি* নিজের অধিকারে আনা। { *স.* স্ব+আয়ত্তীকরণ}

স্বায়ম্ভুব [শায়োম্ভুবো] *বি* স্বয়ম্ভুর পুত্র আদি মনু। { *স.* স্বয়ম্ভূ+অ(অণ্)}

স্বার্থ [শারথো] *বি* ১ নিজ প্রয়োজন; নিজের উদ্দেশ্য। ২ নিজের অর্থ; স্বীয় ধনসম্পদ। ৩ নিজের মঙ্গল বা হিত; নিজের উপকার বা লাভ। ~**গুলজার** *বিণ* স্বার্থজ্ঞান যেখানে অতিশয় প্রবল (অতিশয় স্বার্থপর আর্ত দুঃখীজন আমাদের স্বার্থ-গুলজার সংসারী মাথায় স্থান পায় না—*এআ*)। ~**চিন্তা** *বি* নিজের মঙ্গল সাধনের চিন্তা। ~**ত্যাগ** *বি* নিজের লাভ বা হিত বিসর্জন। ~**ত্যাগী**(-গিন্) *বিণ* নিজের হিত বিসর্জন দেয় এমন; স্বার্থত্যাগকারী। ~**পর** *বিণ* অন্যের হিত না দেখে কেবল নিজের মঙ্গল বা লাভ খোঁজে এমন; খোদগরজ। ~**পরতা, ~পরায়ণতা** *বি* পরের ইষ্ট না ভেবে নিজের ইষ্ট ভাবা; খোদগরজি। ~**সাধন, ~সিদ্ধি** *বি* অন্যের ভালোমন্দ বিবেচনা না করে নিজের ভালো বা হিতসাধন। **স্বার্থান্ধ** *বিণ* অপরের ভালোর প্রতি দৃষ্টিহীন; নিজের

পাতে ঝোল টেনে নেওয়ার জন্য ন্যায়–অন্যায় বিচার–শূন্য। **স্বার্থান্বেষণ** *বি* স্বার্থসাধনের উপায় চিন্তা। **স্বার্থান্বেষী**(–ষিন্) *বিণ* স্বার্থান্বেষণকারী; নিজের মঙ্গল বা লাভ খোঁজে এমন। **স্বার্থোদ্ধত** *বিণ* স্বার্থসিদ্ধির জন্য উগ্র মনোভাবসম্পন্ন; স্বার্থপরতায় হিতাহিত জ্ঞানহীন (স্বার্থোদ্ধত সংগ্রাম–ফণা তোলে পথে—*আর*)। **স্বার্থোন্মত্ত** *বিণ* স্বার্থপরতায় হিতাহিত জ্ঞানশূন্য। { *স.* স্ব+অর্থ; *বহু* }

স্বাস্থ্য [শাস্‌থো] *বি* ১ সুস্থতা; নিরাময়তা। ২ স্বস্তি; সুখ। ৩ শরীরের নীরোগ অবস্থা। **~কর, ~প্রদ** *বিণ* ১ সুস্থতা সম্পাদনকারী; শারীরিক সুস্থতা বিধায়ক। ২ দৈহিক পুষ্টিবর্ধক। **~নাশ, ~ভঙ্গ, ~হানি** *বিণ* রুগ্ন দশা; শারীরিক সুস্থতার ক্ষতি। **~রক্ষা** *বি* দেহের সুস্থতা রক্ষা। **~হীন** *বিণ* ১ রুগ্ন; অসুস্থ। ২ নষ্টস্বাস্থ্য; ভগ্নস্বাস্থ্য। **স্বাস্থ্যোদ্ধার** *বি* রোগের আক্রমণে ভগ্নস্বাস্থ্য পুনরুদ্ধার; দেহের সুস্থতা সম্পাদন। { *স.* স্বস্থ+য(ষ্যঞ) }

স্বাহা [শাহা] *বি* ১ দেবতা; অগ্নির স্ত্রী। ২ দেবতার উদ্দেশ্যে অগ্নিতে ঘৃতাহুতি; ঘৃত বা অন্য দ্রব্য আহুতি প্রদান মন্ত্র। { *স.* সু+আ+√হ্বে+অ }

স্বিন্ন [শিন্‌নো] *বিণ* ১ সিক্ত; আর্দ্র (ধরণী আছে প্রতীক্ষাতে অর্ঘ ধরি স্বিন্ন হাতে— *সদ*)। ২ স্বেদবিশিষ্ট; ঘর্মাক্ত। { *স.* √স্বিদ্+ত(ক্ত) }

স্বীকরণ [শিকরোন্] *বি* আত্তীকরণ; অঙ্গীভূতকরণ; স্বীকার করা বা মেনে নেওয়া। { *স.* স্ব+ঈ(চ্বি)+√কৃ+অন(ল্যুট্) }

স্বীকার [শিকার্] *বি* ১ সম্মতিদান; অঙ্গীকার (সপরিবারে দূরদেশে যাওয়া আমি পারতপক্ষে স্বীকার নহি—*বচ*)। ২ মেনে নেওয়া (শাস্তি স্বীকার)। ৩ সহ্যকরণ (দুঃখ স্বীকার)। ৪ গ্রহণ; কবুল (দাওয়াত স্বীকার)। **স্বীকারোক্তি** *বি* একরারনামা; দোষ স্বীকারসূচক উক্তি। **স্বীকার্য** *বিণ* স্বীকার করার যোগ্য এমন। **স্বীকৃত** *বিণ* ১ রাজি। ২ স্বীকার করা হয়েছে এমন। **স্বীকৃতি** *বি* স্বীকার; সম্মতি; রাজি হওয়া। { *স.* স্ব+ঈ(চ্বি)+√কৃ+অ(ঘঞ) }

স্বীয় [শিয়ো] *বিণ* নিজের; নিজ; আপন; স্বকীয়। **স্বীয়া** *বি স্ত্রী.* স্বামীর প্রতি অনুরক্তা নায়িকাবিশেষ। **স্বকীয়া** *বিণ স্ত্রী.*। { *স.* স্ব+ঈয়(ছ) }

স্বেচ্ছা [শেচ্‌ছা] *বি* আপন ইচ্ছা; স্বাধীন ইচ্ছা। **~কৃত** *বিণ* নিজ ইচ্ছায় করা হয়েছে এমন। **~ক্রমে** *ক্রিবিণ* নিজের খুশিতে; নিজ ইচ্ছায় চালিত বা বশবর্তী হয়ে। **~চার** *বি* নিজের ইচ্ছামতো আচরণ; উচ্ছৃঙ্খলতা; স্বৈরাচার; যথেচ্ছাচার। **~চারী**(–রিন্) *বিণ* নিজ ইচ্ছা অনুযায়ী আচরণকারী; যথেচ্ছাচারী। **~চারিণী** *স্ত্রী.*। **~চারিতা** *বি* নিজ ইচ্ছানুরূপ আচরণ। **~ধীন** *বিণ* ১ স্বাধীন। ২ আপন ইচ্ছার অধীন বা বশ। **~নুবর্তী**(–তিন্) *বিণ* স্বেচ্ছাচারী; যথেচ্ছাচারী। □ *বি স্ত্রী.* ইচ্ছানুযায়ী আচরণ। **~নুবর্তিনী** *স্ত্রী.*। **~নুবর্তিতা** *বি* নিজ ইচ্ছানুযায়ী আচরণ। **~প্রণোদিত** *বিণ* নিজ ইচ্ছায় প্রবৃত্ত। **~মৃত্যু** *বি* আপন ইচ্ছা অনুযায়ী মরণ (ভীষ্মের স্বেচ্ছামৃত্যু)। **~সেবক** *বি* স্বেচ্ছায় বা বিনা বেতনে সেবাকারী; volunteer। **~সেবিকা, ~সেবকা** (*বিরল*) *স্ত্রী.*। { *স.* স্ব+ইচ্ছা; *কর্মধা.* }

স্বেদ [শেদ্] *বি* ১ ঘাম; ঘর্ম; পসিনা। ২ তাপ। ৩ বাষ্প। **স্বেদজ** *বিণ* স্বেদ থেকে জাত বা উৎপন্ন। **~জল, ~বারি** *বি* ঘাম। **স্বেদন** *বি* ১ ঘাম নিঃসারণ। ২ সেকদান। **~স্রুতি, ~স্রাব** *বি* ঘাম বের হওয়া (সেই মাঘ মাসে তাহাদিগের ললাটে স্বেদশ্রুতি হইতে লাগিল—*বচ*)। **স্বেদাক্ত, স্বেদাপ্লুত** *বিণ* ঘর্মসিক্ত; ঘামে ভেজা। { *স.* √স্বিদ্+অ(ঘঞ) }

স্বৈর [শোইরো] *বি* ১ স্বাধীনতা। ২ স্বেচ্ছাচার; যথেচ্ছাচার। □ *বিণ* ১ স্বাধীন। ২ অসংযত। ৩ স্বেচ্ছাচারী। **স্বৈরাচার, ~চার** *বি* ১ নিজ ইচ্ছা অনুযায়ী আচরণ বা ব্যবহার; স্বেচ্ছাচার। ২ উচ্ছৃঙ্খলতা। **স্বৈরাচারী**(–রিন্) *বিণ* ১ উচ্ছৃঙ্খল। ২ স্বেচ্ছাচারী। **স্বৈরতা, স্বৈরিতা** *বি* নিজের স্বাধীন ইচ্ছা অনুযায়ী ব্যবহার; স্বেচ্ছাচার; যথেচ্ছাচার। **স্বৈরী**(–রিন্) *বি* স্বৈরাচারী। □ *বিণ* অবাধ্য। **স্বৈরিণী** *বিণ স্ত্রী.* ১ স্বেচ্ছাচারিণী। ২ ব্যভিচারিণী। { *স.* স্ব+√ঈর্+অ(অচ্) }

স্বোদর [শোদর্] *বি* নিজের উদর। **~পূরক** *বিণ* ১ নিজের পেট ভরায় এমন। ২ স্বার্থপর। { *স.* স্ব+উদর; *৬তৎ* }

স্বোপার্জিত [শোপার্‌জিতো] *বিণ* নিজের অর্জিত (স্বোপার্জিত সম্পত্তি)। { *স.* স্ব+উপার্জিত; *৬তৎ* }

স্বৌজঃ(–জস্) [শৌউজহ্] *বি* ১ নিজস্ব তেজ; আত্মতেজ। ২ স্বকীয় দীপ্তি। { *স.* স্ব+ওজস্ }

হ

হ [হ]— বাংলা ভাষার তেত্রিশ সংখ্যক ব্যঞ্জনবর্ণ। এটি অন্তঃস্বরযন্ত্রজাত ঘোষ মহাপ্রাণ উষ্ম বা শিসধ্বনি (voiced aspirated glottal fricative sound) অথবা স্পর্শহীন অন্তঃস্বরযন্ত্রজাত ঘোষ মহাপ্রাণ ধ্বনি (voiced glottal aspirated sound without stop)।

হঅা (*মবা.*) [হুয়া] *ক্রি* হওয়া। { *বা.* √হ> }

হই [হোই] *ক্রি* হওয়া (উত্তম পুরুষ বর্তমান কালে)। (আমরা দুঃখিত হই)। { *বা.* √হ> }

হই হই ⇒ হৈচৈ

হই, হইএ (*মবা.*) [হোই, -য়ে] *ক্রি* হই (আজ্ঞে হইএ

মাহাদানী—*বচদা*)। {*স.* √ভূ>*বা.* √হ>}

হইতে ⇒ হতে

হইয়া ⇒ হয়ে

হইলে ⇒ হলে

হউ (*মবা.*), **হউক**[উ, –ক] *ক্রি* ১ হোক; হউক (স্থির হউ সকল সংসার *বচদা*)। ২ হয় (সজ হউ দাধির পসার—*বচদা*)। { √ভূ>*বা.* √হ>}

হএ (*মবা.*) [হয়ে] *ক্রি* হয় (মরণ হএ কমন উপাএ—*কমু*)। **হএ নহে** (*মবা.*) হয় নয়, সত্য অথবা মিথ্যা (হএ নহে দেখ রাধা—*বচদা*)। {*স.* √ভূ>*বা.* √হ>}

হওঁ (*মবা.*) [হওঁ] *ক্রি* হই (হওঁ মো গোআল জাতী—*বচদা*)। {*স.* √ভূ>*বা.* √হ>}

হওন [হয়োন্] *বি* ১ হওয়া; ঘটা; সংঘটন (ক্রুদ্ধ হওন)। ২ জন্মগ্রহণ। ৩ স্থিতিকরণ; অবস্থান। ৪ কোনো অবস্থায় বা আকারে পরিণত হওয়া (কেবল ধার্মিক হওনের বাঞ্ছা করিলেই—*প্যারি*)। {*স.* √ভূ>*বা.* √হ>}

হওয়া [হওয়া] *ক্রি* ১ বর্তমান বা বিদ্যমান বা উপস্থিত থাকা। ২ ঘটা বা সংঘটিত হওয়া (কলহ বা বিবাদ বা মারামারি হওয়া)। ৩ উৎপন্ন হওয়া; ফলা; প্রসব করা; জন্মগ্রহণ করা (ক্ষেতে ভুট্টা হওয়া, সন্তান হওয়া)। ৪ জমা বা সঞ্চিত হওয়া (অনেক টাকা হয়েছে)। ৫ বৃদ্ধি পাওয়া; বেশি হওয়া (রাত হওয়া)। ৬ কুলানো; সংকুলান হওয়া। ৭ সম্পন্ন বা শেষ হওয়া (খাওয়া শেষ হয়েছে)। ৮ পরিণত বা রূপান্তর হওয়া (কাজ মাটি হওয়া, রক্ত জল হওয়া)। ৯ পদ বা স্থান লাভ করা; অবস্থা প্রাপ্ত হওয়া (মন্ত্রী বা বেকার হওয়া, মুক্ত হওয়া)। ১০ উপস্থিত বা প্রস্তুত হওয়া (খাওয়ার সময় হওয়া, রান্না হওয়া)। ১১ প্রকাশ লাভ করা; জাগরিত বা উদয় হওয়া (সন্ধ্যা হওয়া)। ১২ সঞ্চার বা উদ্রেক হওয়া (ভয় বা ক্রোধ হওয়া)। ১৩ ব্যেপে ঘটা বা চলা (সাত দিন হওয়া)। ১৪ সম্পূর্ণ হওয়া (কাজটা হয়েছে)। ১৫ নিজস্ব হওয়া; দখলে আসা (তুমি কি আমার হবে)। ১৬ পড়া বা পতিত হওয়া। ১৭ জোগাড় হওয়া বা জোটা; লাভ করা (চাকরি হওয়া, আনন্দ হওয়া)। ১৮ পড়া (বৃষ্টি হওয়া)। ১৯ উচিত; উপযুক্ত বা যোগ্য হওয়া (এমন স্থলে এমন কথা বলতে হয় না)। ২০ জীবন শেষ হয়ে আসা (রোগীর হয়ে এসেছে)। ২১ সম্বন্ধযুক্ত হওয়া (তিনি আমার আত্মীয় হন)। □*বি* ১ জমা বা সঞ্চিত হওয়া। ২ উক্ত সকল অর্থে। □*বিণ* সম্পন্ন-প্রায়; সম্পাদিত (হওয়া কাজ)। {*স.* √ভূ>*বা.* √হ>}

হংকার (*প্রাবা.*) [হঙ্‌কার] *বি* অহংকার। (হংকার—চর্যাপদ)। {*স.* অহংকার>}

হংস [হঙ্‌শো] *বি* ১ হাঁস; জলচর লিপ্তপাদ পাখি। ২ অহম (সংস্কৃতে) তথা অদ্বৈতব্রহ্মবাদী সন্ন্যাসী; নির্লোভ বা সম্পূর্ণ সংসারত্যাগী; যোগী অর্থেও ব্যবহৃত (যথা পরমহংসদেব)। ৩ সূর্য। ৪ শিব। ৫ পরমাত্মা। ৬ বিষ্ণু। ৭ ব্রহ্মা। ৮ মহিষ। ৯ অশ্ব। ১০ মাৎসর্য। ১১ মেরুর উত্তরস্থ পর্বতবিশেষ। ১২ গুরু। ১৩ নরপতি। ১৪ সিত বর্ণ। ১৫ পিঙ্গল চক্ষু। ১৬ তাম্র বর্ণ শৃঙ্গ এবং বৃহৎ-মুখ গাভী। ১৭ প্রাণবায়ু; শরীরস্থ বায়ুবিশেষ। ১৮ উৎকৃষ্ট; শ্রেষ্ঠ; প্রধান। **হংসী** *স্ত্রী*। **–গমন** *বি* হংসের মতো লীলায়িত ভঙ্গিতে গমন। □*বিণ* হংসের মতো মাথা নত করে ও নিতম্ব দুলিয়ে গমনশীল। **–গমনা**, **–গামিনী** *বিণ স্ত্রী*। **–দেব** *বি* 'মৃগপক্ষীশাস্ত্র' গ্রন্থের রচয়িতা। ত্রয়োদশ শতকের জৈন পণ্ডিত। **–নাদিনী** *বি*, *বিণ* হংসের ন্যায় মধুর কণ্ঠ; তন্বী। **–নাদ** *বি* হাঁসের রব। **–পাঁতি** *বি* হংসশ্রেণি। **–বাহন**, **–রথ**, **হংসারূঢ়** *বি* হিন্দু পুরাণোক্ত ব্রহ্মা। **–বাহনা**, **–বাহিনী**, **হংসারূঢ়া** *বি স্ত্রী*. হিন্দু পুরাণের সরস্বতী। **– মধ্যে বকো যথা**—হাঁসের মধ্যে বক যেমন বিসদৃশ ও বেখাপ্পা তেমনি পণ্ডিতদের দলে মূর্খ। **–মালা** *বি* হংসশ্রেণি; হাঁসের দল। **–মিথুন** *বি* হাঁসের জোড়; হংস ও হংসী (আঁচলখানির প্রান্তটিতে হংসমিথুন আঁকা—*রঠা*)। {*স.* √হন্‌+অ(অচ্)}

হংসাণ্ড [হঙ্‌শান্‌ডো] *বি* হাঁসের ডিম। {*স.* হংস+অণ্ড; ৬তৎ}

হংসোদক [হঙ্‌শোদক] *বি* সূর্যকিরণে উত্তপ্ত ও চন্দ্রকিরণে স্থাপিত সুবাসিত নদীজল বিশেষ; স্বচ্ছ বারি; নির্মল জল। {*স.* হংস+উদক; *কর্মধা.*}

হক [হক্] *বি* ১ ন্যায্য অধিকার; ন্যায্য স্বত্ব; দাবি (তখতের হক থাঁরাই—*সৈমু*)। ২ ন্যায্য কথা (হক কথা নিতান্তই কর্কশ—*মীম*)। □*বিণ* প্রকৃত সত্য; যথার্থ; সংগত (তুমি তোমার হক পথে থেকে কাজ করে যাও—*হুউ*)। **হক্কানি**, **হাক্কানি** *বিণ* ১ সত্য; খাঁটি; ন্যায্য (হক্কানি কথা কইছি—*বোখা*)। ২ ন্যায়পরায়ণ। **–দার** *বিণ* ন্যায্য অধিকারী; উচিত দাবিদার (পুরুষের সমান হকদার—*মব*)। **হকিকত** *বি* ঠিক বিবরণ; তথ্য; বয়ান। **হকিকতনামা** *বি* যথার্থ বিবরণ; প্রকৃত তথ্যাবলি সংবলিত বিবরণী (এই হকিকতনামা হইতে তৎকালীন ভাষ্য ও লিখন রীতির উদাহরণ পাওয়া যায়—*সৈমু*)। **হকিয়ত**, **হকিয়ৎ** *বি* ১ স্বত্ব সাব্যস্তের বা নির্ণয়ের মামলা। ২ বাস্তবতা; যথার্থতা। **–-নাহক** *ক্রিবিণ* সত্যমিথ্যা বা ন্যায়-অন্যায়ভাবে (দিন দিন মকদ্দমার সংখ্যা বেশী হইতেছে, হক-নাহক সামান্য কথায় দরখাস্ত পড়িতেছে—*মীম*)। **–-হকুক** *বি* সব রকম স্বত্ব; সকল প্রকার অধিকার (তার হক-হকূক তার দায়িত্বের দ্বারাই সংযত হয়ে থাকে—*আম*)। {*আ.* হক حق}

হকচকানো [হক্‌চকানো] *বি* ১ থতমত খাওয়া; হতভম্ব হওয়া; কিংকর্তব্যবিমূঢ় হওয়া। ২ বিস্ময়ে বিহ্বল অবস্থা (যেখানে যাইতেছি সেখানেই তোলপাড় সবাই হকচকাইতেছে—*শামা*)। {*স.* হঠাৎ চকিত>}

হকার[১] [হকার্] *বি* হ-বর্ণ। {*স.* হ+কার}

হকার[২] [হকার্] *বি* ১ ফেরিওয়ালা (একদিন একজন হকার দাদাকে কিছু জিনিষ বেচিয়াছিল—*রঠা*)। ২ যারা প্রতিদিন ফেরি করে খবরের কাগজ ও অন্যান্য দ্রব্য বিক্রি করে (সকালে বিকালে হকারের হাতে, মাঠে মসজিদে দোকানে ও পাটে এত কথা ছাপা—*আগ*)। {*ই.* hawker}

হকারমার্কেট [হকার্‌মারকেট্] *বি* অস্থায়ী বাজার; ছোট ব্যবসায়ীদের গড়ে তোলা অস্থায়ী বাজার। {*ই.* hawker market}

হকি [হোকি] *বি* বক্রমুখ কাঠের যষ্টি দিয়ে বল নিয়ে এক

প্রকার খেলা। ~স্টিক *বি* হকি খেলার বাঁকা-মাথা লাঠি। { ই. hockey}

হকিকত [হোকিকত] *বি* সত্য বা আসল ঘটনা; যথার্থ বর্ণনা। { *আ.* হাকিকত حقيقت }

হকীম ⇒ হকিম²

হকু *(মবা.)* [হকু] *ক্রি* হোক; হউক (তোমার হকু যশঃ —কমু)। { *স.* হকু(বর্ণবিপর্যয়ে)>হউক; *স.* √ভূ>*বা.* √হ> }

হঙ¹ *(প্রাবা.)* [হঙ] *সর্ব* আমি। { *স.* অহম্>হম্>হঙ }

হঙ² *(মবা.)* [হঙ] *ক্রি* হই; হও; হবো (পাপে মুক্তি হঙ—ভক্তি রত্নাকর)। { *স.* ভূ>*বা.* √হ> }

হছরত, হসরত [হসরত] *বি* ১ খেদ; আকাঙ্ক্ষা; বাসনা (কথা বলে যদি মেরা মেটাও হছরত—*সৈহা*)। ২ আফসোস; অনুতাপ। { *আ.* হাসরত حسرة }

হজ, হজ্জ, হজ্ব [হজ] *বি* হিজরি জিলহজ মাসের ৯ তারিখে নির্দিষ্ট স্থানে ইহরাম বেঁধে মক্কার অদূরবর্তী আরাফত ময়দানে অবস্থান ও পরে কাবার তওয়াফ সম্বলিত ইসলামি অনুষ্ঠান। { *আ.* হুজ্জ্ حج }

হজম [হজোম] *বি* ১ পরিপাক। ২ সহ্যকরণ (গালিটা সহজে হজম করেই বললাম, হুজুর মেহেরবানী চাইছি—*শও*; হজম করে শতেক দুঃখ, হজম করে অত্যাচার—*সদ*)। ৩ আত্মসাৎকরণ (ঘুষটা বেমালুম হজম করতে ওর হয়তো সঙ্কোচ হতে পারে—*প্রেমি*)। **হজমি, হজমী** *বিণ* পরিপাককরণে সাহায্যকারী; পরিপাকজনক। { *আ.* হাদ্‌ম هضم + *বা.* ই }

হজরত, হযরত [হজরত] *বি* সম্ভ্রমের পাত্র; মহাত্মা; পয়গম্বর; অতি সম্মানিত ব্যক্তি (হজরত মুহম্মদ (সা.))। { *আ.* হুদরত حضرة }

হজিমত [হোজিমত] *বি* পরাজয়; ধ্বংস (ডরাইলে হজিমত কেতাবেতে লেখে—*সৈহা*)। { *আ.* হাজ্জিমাত هزيمة }

হজ্জ ⇒ হজ

হজ্জাম [হোজ্‌জাম] *বি* নাপিত; ক্ষৌরকার। { *আ.* হুজ্জাম حجام }

হটকা [হটকা] *বি* দীর্ঘ; লম্বা। { *অমূ.* }

হটহট, হঠহঠ [হটহট, হঠহঠ] *অব্য* ১ শীঘ্র; হঠাৎ; চট। ২ অবিবেচনা। { *ধ্বন্যা.* }

হটা, হঠা [হটা, —ঠা] *ক্রি* ১ সরে বা চলে যাওয়া; অপসৃত হওয়া; দূর হয়ে যাওয়া। ২ পশ্চাৎপদ হওয়া; পিছিয়ে যাওয়া। ৩ পরাভব স্বীকার করা; হারিয়ে যাওয়া। ৪ নিরস্ত হওয়া; থামা। ❑ *বি* ১ অপসরণ। ২ পরাভব। হটানো, **হঠানো** *ক্রি* ১ পরাজিত করা হারানো। ২ সরিয়ে দেওয়া। ৩ নিরস্ত করা; থামানো। ❑ *বি* পশ্চাৎপদ হওয়া। ❑ *বিণ* উক্ত সকল অর্থে। **হট** *অব্য* ১ শীঘ্র; হঠাৎ; তৎপরতা; চট। ২ অবিবেচনা। { *তুল. হি* হটনা }

হট্ট [হটটো] *বি* হাট; বাজার। **~গোল** *বি* হাটসুলভ হৈচৈ; গণ্ডগোল; চেঁচামেচি; গোলমাল (আকাশে পাতালে পাগলে মাতালে হট্টগোল —*রঠা*)। **~বিলাসিনী** *বি* ১ বেশ্যা; বারাঙ্গনা। ২ গন্ধদ্রব্যবিশেষ। **~মন্দির** *বি* হাটের ঘর; হাটের চালা; হাটের দোকান ঘর। ভোজনং যত্র তত্র শয়নং **~মন্দিরে**—১ যেখানে সেখানে আহার এবং হাটের চালার নিচে নিদ্রা। ২ *(আল.)* ছন্নছাড়া নিরাশ্রয় জীবন বা জীবনযাত্রা। { *স.* √হট্+ত(ক্ত) }

হঠ [হঠ] *বি* ১ বলপ্রয়োগ; বলপ্রকাশ। ২ পরাজয়; পরাভব (হঠে নাহি মানা—*ঈবি*)। ৩ অবিবেচনা; বিবেচনাশূন্যতা; গোঁয়ারতুমি। ৪ পশ্চাদপসরণ; পশ্চাদ্‌গতি। ৫ লুণ্ঠন। ৬ ঝগড়া। ৭ শত্রুতা; বিবাদ (আমা সনে করে হঠ—*কমু*)। **~কারী** *বিণ* ১ অবিমৃষ্যকারী; ভেবে চিন্তে কাজ করে না এমন। ২ অন্যায়কারী। ৩ গোঁয়ার; অভদ্র। ৪ অবিবেচক; বিবেচনাশূন্য। ৫ বলপ্রয়োগকারী। **~কারিতা** *বি* ১ অবিবেচনা। ২ অন্যায়। ৩ অভদ্রতা; অশিষ্টতা; গোঁয়ারতুমি। ৪ বলাৎকার। { *স.* √হঠ্> }

হঠযোগ [হঠজোগ] *বি* প্রাণায়াম প্রভৃতি কষ্টসাধ্য সাধন প্রণালি যে যোগে আচরণীয় (তিনি যার সাধনা করেছিলেন সে সেতারের হঠযোগ—*প্রচৌ*)। **হঠযোগী**(—গিন্) *বিণ* হঠযোগ সাধক। { *স.* √হঠ্+অ(অপ্) }

হঠা ⇒ হটা

হঠাৎ [হঠাত্‌] *ক্রিবিণ* সহসা; আচানক; অকস্মাৎ; অতর্কিতভাবে; দৈবাৎ। **~কার** *বি* ১ জবরদস্তি। ২ হঠকারিতা; গোঁয়ারতুমি। { *স.* হঠ, *৫মী একব* }

হঠানো ⇒ হটা

হড্ড [হড্‌ডো] *বি* অস্থি; হাড়। { *স.* অস্থি> }

হড্ডক, হড্ডি, হড্ডিক, হড্ডিপ [হড্‌ডক, হোড্‌ডি, —ক্, —প্] *বি* হাড়ি জাতি। { *স.* হড্ডপ> }

হড়কা [হড়কা] *বিণ* ১ পিচ্ছিল; ঢিলা (হড়কা গেরো)। ২ ঝটকা। { *স.* সরক> }

হড়কানো [হড়কানো] *ক্রি* ১ পিছলে যাওয়া। ২ স্থানভ্রষ্ট হওয়া। ৩ পিছলানো। { হড়কা+আনো; ক্রিয়ারূপ—হড়কাই, হড়কাও, হড়কায়, হড়কাস, হড়কান; *অক্রি*—হড়কাতে, হড়কালে, হড়কিয়ে ইত্যাদি }

হড়ঘর [হড়ঘর] *অব্য* ১ শুষ্ক চর্ম, টিনের পাত ইত্যাদি নড়াচড়ার শব্দ। ২ মেঘের বা বজ্রের শব্দ। { *ধ্বন্যা.* }

হড়পা [হড়পা] *বি* নদীতে হঠাৎ যে বানের আবির্ভাব হয় (বর্ষাকালে হড়পা আসে)। { *অমূ.* }

হড়পি, হড়পী [হোড়পি] *বি* সাপ রাখার ঝুড়ি বা ঝাঁপি (সুখে নিদ্রা যাও তুমি হড়পি ভিতরে—*ক্ষেমানন্দ*)। { সাপুড়া>বর্ণবিপর্যয়ে হড়পা> }

হড়বড় [হড়বড়] *অব্য* অতি দ্রুত কোনো কর্মের ভাব প্রকাশ। ❑ *বি* অস্পষ্ট দ্রুতকথন। ❑ *বিণ* বিশৃঙ্খল। **হড়বড়ানো** *ক্রি* ১ অতিশয় শীঘ্রতা বা ব্যস্ততার ভাব প্রকাশ করা। ২ গোলমাল করে অতি দ্রুত কথা বলা। **~ ~ করে** *ক্রিবিণ* মাত্রাতিরিক্ত বা অত্যন্ত দ্রুততা ও ব্যস্ততার সঙ্গে (হড়বড় হড়বড় করিয়া কোনরূপে নামাযটা শেষ করিয়াই সংসার সমুদ্রে ঝাঁপিয়ে পড়ি—*এআ*)। **হড়বড়ে** *বিণ* ব্যস্তবাগীশ; হড়বড় করে এমন। { *ধ্বন্যা.* হড়বড়িয়া>হড়বড়ে }

হড়হড় [হড়হড়] *অব্য* ১ পিচ্ছিলতার বা গড়িয়ে পড়ার ভাব প্রকাশক। ২ জোরে টানার শব্দ। **হড়হড়ে** *বিণ* পিচ্ছিল। { *ধ্বন্যা.* }

হড়হড়ানে [হড়হড়ানে] *বিণ* অতিশয় ঢালু; হড়হড় করে গড়িয়ে এমন। { হড়হড়+আনে }

হড়া [হড়া] *বি* ছোলা; মটর; অড়হরসহ গাছ। {*হি.* অরহর}

হড়াৎ, হড়াস [হড়াত্, –শ্] *অব্য* হঠাৎ জোর করে দ্রুত খোলা বা ঢালার শব্দ। {*ধ্বন্যা.*}

হড়িয়াল ⇒ হরিয়াল

হণ্ডা [হন্‌ডা] *বি* বড় হাঁড়ি; হাঁড়া। **হণ্ডিকা, হণ্ডি** *বি* হাঁড়ি; মৃৎপাত্রবিশেষ। {*স.* ভাণ্ডক>}

হত [হতো] *বিণ* ১ নিহত; মৃত; বধপ্রাপ্ত। ২ বিনষ্ট; নষ্ট; ধ্বংস; নাশপ্রাপ্ত (হতগৌরব)। ৩ ব্যাহত; বাধাপ্রাপ্ত (হতোদ্যম)। ৪ লুপ্ত (হতবুদ্ধি)। ৫ মন্দ; খারাপ; অশুভ (হতভাগা)। **–চেতন, –জ্ঞান** *বিণ* ১ অচেতন; অজ্ঞান; সংজ্ঞাহীন। ২ মূর্ছিত। **–চ্ছাড়া** *বিণ* লক্ষ্মীছাড়া; দুর্ভাগা; হতভাগা; দুর্দশাগ্রস্ত। **–চ্ছাড়ি** *বিণ* দুর্দশাগ্রস্ত; হতভাগিনী (এই হতচ্ছাড়ী শয়তান মেয়ে গেলি কোথায়—*জোবেদা*)। **–জীব** *বিণ* প্রাণশূন্য; মৃত (হতজীব লক্ষ্মণ সুমতি—*মদ*)। **–ত্রপ** *বিণ* নির্লজ্জ; বেহায়া। **–প্রায়** *বিণ* প্রায় মৃত; মুমূর্ষু; প্রায় বিনষ্ট। **–বল** *বিণ* কিংকর্তব্যবিমূঢ়। **–বুদ্ধিকর** *বিণ* কিংকর্তব্যবিমূঢ় (একটা হতবুদ্ধিকর ঘটনা—*অচিসে*)। **–ভম্ব, –বুদ্ধি** *বিণ* স্তম্ভিত; ভ্যাবাচ্যাকা; কিংকর্তব্যবিমূঢ়। **–ভাগ্য, –ভাগা** *বিণ* ভাগ্য খারাপ হয়েছে এমন; দুর্ভাগ্য; পোড়াকপালে; বদনসিব; অভাগা; দুর্ভাগা। **–ভাগ্যা, –ভাগিনী, –ভাগী** *বিণ স্ত্রী.*। **–মান** *বিণ* অবমানিত; সম্মানহারা; অপদস্থ। **–মূর্খ** *বিণ* মহামূর্খ। **–শ্রদ্ধ** *বিণ* শ্রদ্ধাহীন; বীতশ্রদ্ধ; শ্রদ্ধা নষ্ট হয়েছে বা ক্ষুণ্ণ হয়েছে এমন। **–শ্রদ্ধা** *বি* অবজ্ঞা; অশ্রদ্ধা; অনাদর (পরের মেয়েকে ধরে আনিয়া এমন হতশ্রদ্ধা করিতে নাই—*রঠা*)। **হতশ্রী** *বিণ* ১ হতভাগ্য; লক্ষ্মীছাড়া। ২ সম্পদহীন। ৩ নষ্ট ঐশ্বর্য। ৪ সৌন্দর্যহীন। {*স.* √হন্+ত(ক্ত)}

হতাদর [হতাদর্] *বি* অনাদর; অপমান; অমর্যাদা; অসম্মান। □ *বিণ* ১ অনাদৃত। ২ অবজ্ঞাত। {*স.* হত+ আদর; *বহু*}

হতাশ [হতাশ্] *বিণ* ১ নিরাশ; আশাহীন; মনমরা। ২ ভগ্নহৃদয়। ৩ নিষ্ফল। ৪ অবসন্ন। **হতাশা** *বি* ১ আশাভঙ্গ; নৈরাশ্য; ২ অবসাদ। {*স.* হত+ আশা; *বহু*}

হতাশ্বাস [হতাশ্‌শাশ্] *বিণ* আশা–প্রত্যাশা নষ্ট হয়েছে এমন; ভরসাহীন; নিরাশ; আশ্বাসহীন; সান্ত্বনাহীন। {*স.* হত+আশ্বাস}

হতাহত [হতাহতো] *বিণ* নিহত ও আহত। {*স.* হত+ আহত}

হতে, হইতে, হ'তে [হোতে, হোইতে, হোতে] *অব্য* ১ থেকে (বাড়ি হতে)। ২ অবধি; সময়বাচক শব্দ (সেই হতে বৃষ্টি পড়ছে)। ৩ ফলে; দ্বারা (এই কথা হতে ঠিক করা যায়)। ৪ অপাদান কারকে পঞ্চমী বিভক্তির চিহ্নসূচক শব্দ। {*স.* √ভূ> *বা.* √হ>}

হতোদ্যম [হতোদ্‌দম্] *বিণ* ভগ্নোৎসাহ; নিরুদ্যম; উদ্যমহীন; নিশ্চেষ্ট (রায়বাহাদুর হতোদ্যম হইয়া বসিয়া রহিলেন—*রঠা*)। {*স.* হত+উদ্যম; *বহু*}

হতোস্মি, হতোঽস্মি [হতোশ্‌মি] *বি* আমি মারা গেলাম এরূপ খেদোক্তি; মন্দভাগ্যের খেদোক্তি। **হা – করা** *ক্রি* নৈরাশ্য হেতু 'মারা গেলাম' বলে ব্যাকুল হওয়া। {*স.* হতঃ+ অস্মি}

হত্তুকী, হত্তোকী ⇒ হরীতকী

হত্তেল ⇒ হরিতাল

হত্যা, হত্যে [হোত্‌তা, –ত্তে] *বি* ১ বধ; কতল; প্রাণনাশ; হনন; খুন। ২ অভীষ্ট সিদ্ধির জন্য ধরনা (মন্দিরে হত্যা দেওয়া)। **–কাণ্ড** *বি* হত্যার ঘটনা; খুনের ব্যাপার। **–কারী** (–রিন্) *বিণ* ঘাতক; কাতিল; খুনি; হননকারী। **–পরাধ** *বি* প্রাণনাশের অপরাধ। {*স.* √হন্+য(ক্যপ্)}

হদ ⇒ হদ্দ

হদিস[1], হদীস[1], হদিশ [হোদিস্] *বি* ১ সন্ধান; খোঁজ; খবর; তত্ত্ব (তিনি কিছু হদিশ দিবেন—*মব*)। ২ উপায়; পথ; দিশা; অনুসন্ধানের সূত্র। ৩ কূলকিনারা। ৪ নির্দেশ; খবর। {*আ.* হাদিছ حديث }

হদিস[2] ⇒ হাদিস

হদ্দ, হদ [হদ্‌দো, হদ্] *বি* ১ সীমা; এলাকা; প্রান্ত; limit (হদ্দের বাইরে যাওয়া ভালো নয়)। ২ শেষ পর্যন্ত। □ *বিণ* ১ চূড়ান্ত; চরম; শেষ সীমা। ২ বড় জোর; মোট; অনধিক; সবশুদ্ধ (আবাদ হদ্দ ২০ (বিশ) বিঘা—*দীমি*)। ৩ হয়রান (চাকরানী আয়া হদ্দ হয়ে যায়—*ওয়ালী*)। **–মুদ্দ** *বি* ১ চেষ্টা বাকি না রাখা; চেষ্টার শেষ পর্যন্ত; যতদূর সম্ভব (বাঁশপাতা পোড়ানো আর গাজাপাতা পোড়ানোতে এমনকি তফাত যে দুনিয়ার লোক হদ্দমুদ্দ হয়ে জমায়েত হবে—*সৈমু*)। □ *অব্য* খুব বেশি হলে; বড় জোর (হদ্দমুদ্দ পাঁচ টাকাই হবে)। **–পাজি** *বি* পাজির একশেষ। **–শিকস্ত** *বি* সীমানা লঙ্ঘন (শতকরা নব্বইটি মামলাই কিন্তু হদ্দসিকস্ত নিয়ে—*সৈমু*)। {*আ.* হদ্দ حد }

হনন[1] [হনোন্] *বি* হত্যা; কতল; বধ; ঘাতন। **হননীয়** *বিণ* বধযোগ্য। {*স.* √হন্+অন(ল্যুট্)}

হনন[2] [হনোন্] *বি* অঙ্কশাস্ত্রে পূরণ; গুণন। {*স.* √হন্+ অন(ল্যুট্)}

হনফী ⇒ হানাফী

হনহন [হন্‌হন্] *অব্য* দ্রুত গমনের ভাববাচক শব্দ; ত্বরিত গতিতে গমনসূচক শব্দ (হনহন করে যাওয়া)। {*ধ্বন্যা.*}

হনিমুন, হানিমুন [হোনিমুন্, হা–] *বি* মধুচন্দ্রিমা; বিবাহের প্রথম মাসে নবদম্পতির একত্রে প্রবাস উপভোগ (এতদিনে বেরুতে পারলে হনিমুনের খোয়ার থেকে—*বুব*)। {*ই.* honeymoon}

হনু, হনূ [হোনু] *বি* ১ গণ্ডস্থলের উপরিভাগ। ২ চোয়াল। ৩ চিবুক। ৪ (*মবা.*) হনুমান। **–মান, হনূমান, –মৎ, হনূমৎ** *বি* ১ কালোমুখো এক প্রকার বড় বানর। ২ রামায়ণে বর্ণিত রামের অনুচর। {*স.* √হন্+উ}

হনে ⇒ হন্তে

হন্তদন্ত [হন্‌তোদন্‌তো] *অব্য* ব্যস্তসমস্ত; অত্যন্ত ব্যস্ত ও ব্যাকুল (হন্তদন্ত হয়ে এক ভদ্রলোক এলেন—*মব*)। {*ধ্বন্যা.*}

হন্তব্য [হন্‌তোব্‌বো] *বিণ* হননীয়; বধ্য; হননযোগ্য। {*স.* √হন্+ তব্য}

হন্তা(–ন্তৃ) [হন্‌তা] *বিণ* হত্যাকারী; ঘাতক; বধকারী। **হন্ত্রী** *বিণ স্ত্রী.*। **–রক** *বি* ১ বধকর্তা; হত্যাকারী; ঘাতক। ২ অন্তরায়; বাধা (হিতবুদ্ধি হন্তারক ক্ষণিকের এ

আত্মবিস্মৃতি— *সুদ*)। { *স.* √হন্+ত(ক্ত) }

হন্তে, হনে, হতে *(মবা.)* [হনতে, হনে, হতে] অক্রি ১ হতে; হইতে; থেকে (হাড় হন্তে নির্মিয়া— *সৈআ*; সেই হনেপ্রাণ মোর— *সঞ্জয়*)। ২ পঞ্চমী বিভক্তিবাচক অনুসর্গ। { *স.* √ভূ>*বা.* √হ> }

হন্দর [হনদোর] *বি* ১ ১১২ পাউন্ড বা প্রায় ৫৫ সের বা ৫০ কেজি ৮০২ গ্রাম পরিমাণ ওজনের একক। ২ তাস খেলায় গণনাবিশেষ। { *ই.* hundred-weight }

হন্নে ⇒ হন্যা

হন্য [হোনননো] *বিণ* বধযোগ্য; হন্তব্য; হননীয়। ~**মান** *বিণ* নিহত হচ্ছে এমন। { *স.* √হন্+য(ণ্যৎ) }

হন্যা, হন্যে, হন্নে [হোননা, -নে,] *বিণ* ১ উন্মত্ত; ক্ষিপ্ত; হত্যা বা আক্রমণ করার জন্য ধাবমান। ২ অস্থির (তোমাকে বিয়ে করার জন্য এমনি হন্যে হয়ে আছি যে — *সৈমুআ*)। { *স.* হন্য> }

হপ্তা [হপতা] *বি* ১ সপ্তাহ (হপ্তা মম জুমআ করে পরিশ্রমে লজ্জা না পায়— *আহ*)। ২ পরপর সাতদিন। ৩ সাতদিনের রীতিমাফিক মজুরি (হপ্তা দেওয়া)। { *স.* সপ্তাহ; *ফা.* হফতাহ هفته }

হব, হবু, হেবু *(মবা.)* [হব, হবু, হেবু] *ক্রি* হবে (হবু বর)। { ⇒ হবু }

হবন [হবোন] *বি* ১ হোম (চিরায়মান নির্বাপিত হবনে কালের কৌতুকে—*সুদ*)। ২ যজ্ঞ। **হবনী** *বি* হোমকুণ্ড; অগ্নিকুণ্ড যাতে আহুতি প্রদান করা হয়। **হবনীয়** *বিণ* ১ যজ্ঞীয়; হোমের উপযুক্ত। ২ হব্য; হোমে দেয়। { *স.* √হু+ অন(ল্যুট) }

হবশী ⇒ হাবশি

হব হব, হবো হবো [হবোহবো] *বিণ* হওয়ার উপক্রম হয়েছে এমন; আসন্ন; অতি নিকটবর্তী। { *স.* √ভূ>*বা.* √হ> }

হবা ⇒ হাওয়া[১]

হবিঃ, হবি [হোবিহ্, -বি] *বি* ১ হব্য বস্তু। ২ হোমের ঘৃত। ৩ হোম। ৪ ঘি (যেমন হবিঃ প্রয়োগ করিলে অগ্নি প্রজ্বলিত হইয়া উঠে—*ঈবি*)। { *স.* √হু+ইস্, > }

হবিষ্য, হবিষ্যি [হোবিশশো, -শি] *বি* হিন্দুব্রতাদিতে ভক্ষণীয় আমিষবর্জিত সঘৃত আতপান্ন। ~ **করা** *ক্রি* আমিষবর্জিত সঘৃত আতপান্ন ভোজন করা। **হবিষ্যান্ন** *বি* হবিষ্য। **হবিষ্যাশী**(-শিন্) *বিণ* হবিষ্য ভোজনকারী। { *স.* হবিস্+য(যৎ) }

হবু [হোবু] *বিণ* হবে এমন; ভাবী (হবু বর)। { *স.* √ভূ>*বা.* √হ> }

হবুচন্দ্র, হবচন্দ্র [হবোচনদ্রো, -বু-] *বি* কবিকল্পিত মূর্খ রাজা; নির্বোধবিশেষ। ~ **রাজার গবুচন্দ্র/গবচন্দ্র মন্ত্রী** *বিণ* ১ মূর্খ ও নির্বোধ রাজার জ্ঞানহীন ও আহম্মক মন্ত্রী। ২ *(আল.)* যেমন মূর্খ তেমন তার উপদেষ্টা। { *স.* অবোধ>*বা.* অবা>হাবা>হবু, হব }

হব্য [হোববো] *বি* ১ আহুতির দ্রব্য; ঘৃত। ২ হোম। ৩ হোমের যজ্ঞ। ☐ *বিণ* হোমে প্রদেয়; হোমের যোগ্য। { *স.* √হু+য(যৎ) }

হম ⇒ হাম[২]

হম্মাম ⇒ হাম্মাম

হ-য-ব-র-ল [হজবরল] *বি* ১ বিশৃঙ্খলা; অব্যবস্থা; গোঁজামিল। ২ স্তব্ধ; হতবুদ্ধি; কিংকর্তব্যবিমূঢ় (পূজারী ব্রাহ্মণ... ক্ষণকাল হ-য-ব-র-ল হইয়া—*প্যামি*)। ☐ *বিণ* বিপর্যস্ত; বিশৃঙ্খল; এলোমেলো (রবিনের ঘরের সব কিছু হ-য-ব-র-ল হয়ে আছে)। { হ+য+র+ল+ব; স্বাভাবিক বর্ণানুক্রম থেকে বিচ্যুতি }

হযরত ⇒ হজরত

হয়[১] [হয়] *বি* অশ্ব; ঘোড়া। **হয়ী** *বি স্ত্রী*। ~**গ্রীব** *বিণ* অশ্বের গ্রীবার মতো। **হয়গ্রীবা** *বিণ স্ত্রী*। { *স.* √হয়+ অ(অচ) }

হয়[২] [হয়] *ক্রি* ১ ঘটে। ২ জন্মে (বাংলা হ ধাতুর নিত্য বর্তমানে প্রথম পুরুষের রূপ)। **হয়কে নয় করা** *ক্রি* যা ঘটে বা সংঘটিত হয় তাকে ঘটে না বা ঘটেনি বলে প্রতিপন্ন করা; সত্যকে মিথ্যারূপে প্রমাণ করা। ~ ~ *বিণ* অতি আসন্ন; নিতান্ত নিকটবর্তী (মনে করি হয় হয় তবু কেন হয় না)। { *স.* √ভূ>*বা.* √হ> }

হয়[৩] [হয়] *অব্য* বিকল্পে (হয় তুমি, নয় সে)। { *স.* √ভূ>*বা.* √হ> }

হয়[৪] *(মবা.)* [হয়] *ক্রি* হও। { *স.* √ভূ>*বা.* √হ> }

হয়তো, হয়ত [হয়তো] *ক্রিবিণ* সম্ভবত; হতেও পারে এমন। { *স.* √ভূ>*বা.* √হ> }

হয়রান, হয়রাণ [হয়রান] *বিণ* ক্লান্ত; পরিশ্রান্ত (আমরা বেরঙা বর্ণপরিচয় পড়ে পড়ে হয়রান হতে থাকলাম—*অঠা*)। ২ উত্ত্যক্ত; জ্বালাতন। ৩ উৎপীড়িত; নাকাল। ~ **পেরেশান,** ~ **পরিশান** *বিণ* ১ পরিশ্রম হেতু অতিশয় ক্লান্ত বা অত্যন্ত পরিশ্রান্ত (এই দাখিল-খারিজ সূত্রে প্রজাকে যে কি পর্যন্ত হয়রান-পরিশান করা যায় ও করা হয়—*প্রচৌ*)। ২ অতিশয় বিব্রত (তাহাকে হয়রান পেরেশান করিতেন—*মোহ*)। **হয়রানি, হয়রানী** *বি* ১ হয়রান হওয়ার ভাব; নাকালের একশেষ (ধর্ম এ নয় হয়রাণী—*সদ*)। ২ বিব্রত অবস্থা (জনসাধারণ ভীষণভাবে হয়রাণিতে ভোগতো—*মুআরা*)। { *আ.* হয়রান حيران }

হয়ে, হইয়া, হ'য়ে [হোয়ে, হোইয়া, হোয়ে] *অব্য* ১ পক্ষে বা প্রতিনিধিরূপে (সে আমার হয়ে বললো)। ২ পথিমধ্যে কোনো স্থান ঘুরে যাওয়া (অফিস থেকে আসার পথে বাজারটা হয়ে এসো)। { *স.* √ভূ>*বা.* √হ> }

হর[১] [হর] *বি* হিন্দুদেবতা শিব। ২ অঙ্কশাস্ত্রে ভাজক বা বিভাজক। ☐ *বিণ* ১ হরণকারী। ২ নাশক; অপনোদক; দূরকারী (সন্তাপহর)। ৩ সংহারকারী। **হরা** *বিণ স্ত্রী* নাশিকা; অপনোদনকারী (দুঃখহরা)। ~**গৌরী** *বি* ১ হিন্দু দেব শিব ও দেবী দুর্গা। ২ হিন্দু দেব-দেবী শিব ও দুর্গার একই মূর্তিতে অবস্থিত রূপ। ~**চূড়ামণি** *বি* চন্দ্র। ~ ~ **বম বম** *বি* শিবভক্তদের ইষ্টদেবতা স্মরণের ধ্বনি। { *স.* √হৃ+অ(অচ) }

হর[২] [হর] *বিণ* ১ প্রতি; প্রত্যেক (হর ঘরে দীপ —*নই*)। ২ বিবিধ; নানা; বিভিন্ন (হর কিসিম)। ~**ওক্ত,** ~**ওকত** *বি* ১ সর্বদা; সবসময়ে (তারি মাঝে কাবা আল্লার ঘর দুলে আজ হরওক্ত—*নই*)। ~**কসম,** ~**কিসিম** *বিণ* নানা ধরনের। ~**দম** *অব্য* সর্বদা; সদা সর্বদা; নিয়ত; অনবরত

(মিথ্যে কথা হরদম লিখে—মব; রাইতে বিরাইতে আমরা ত হরদম চলি—মউ)। ~বোলা *বি, বিণ* বিভিন্ন বুলি বলতে পারে বা বলে যে (হরবোলা সেজে সারাক্ষণ হাটে মাঠে বাহবা কুড়ানো—*শরা*)। ~রোজ *ক্রিবিণ* প্রতিদিন; প্রত্যহ (পাঠশালায় নিয়ে গিয়েছে হররোজ—*সজ*)। {*ফা.* হর هر}

হরকত, হরকৎ [হরকত্] *বি* ১ আপত্তি; বাধা; বিঘ্ন; ক্ষতি (আছুদা হইয়া সবে খাও নিয়ামত। ইহাতে নাহিক আর কোন হরকত—*সৈহা*)। ২ আপত্তিকর ব্যবহার (হরকত করা)। ৩ গতি; চলন। {*আ.* হুরকত حركة}

হরকরা [হরকরা] *বি* ১ সংবাদবাহক; চিঠিপত্রের থলে এক ডাকঘরে থেকে অন্য ডাকঘরে আনা-নেওয়া করে যে পিয়ন (চোর কিংবা হবা হরকরা—*ভারা*)। ২ দূত; চর; রানার (হয়রান শুধু শুধু পাঠাইয়া হাকিমের মিথ্যা হরকরা—*সদ*)। {*ফা.* হরকারাহ هركاره}

হরকিসম [হর্‌কিসম্] *বিণ* প্রত্যেক রকম, নানারূপ। {*ফা.* হর هر + কিসম قسم}

হরখ (*মব্য.*)[হরখ্] *বি* হর্ষ; পুলক; আনন্দ। **হরখি** *অক্রি* আনন্দে (পিয়াহিয় হরখি ধরল নিজপাণি—*বিপ*)। {*স.* হর্ষ>(স্বরাগমে) হরষ>(*ব্র.*) হরখ}

হরগিজ, হরগেজ [হরগিজ্, হরগেজ্] *অব্য* কিছুতেই; আদৌ; কখনও (কত বারে বললাম হরগিজ কথা কানে করলো না)। {*ফা.* হরগিজ্ হرگز}

হরগৌরী ⇒ হর[১]

হরণ [হরোন্] *বি* ১ লুণ্ঠন; চুরি; পরদ্রব্য বলপূর্বক কেড়ে নেওয়া। ২ মোচন; অপনোদন; দূরীকরণ (শঙ্কাহরণ, বস্ত্রহরণ)। ৩ নাশক; ধ্বংস (জীবন-হরণ)। ৪ (*গণিত.*) ভাগ করা; ভাগকরণ (হরণ-পূরণ)। {*স.* √হৃ+অন(ল্যুট)}

হরতন [হরতন্] *বি* খেলার তাসের এক প্রকার চিহ্ন বা রং; বৃন্তহীন পানের আকৃতির মতো লাল বর্ণের তাস (দ্বিতীয়ত ইহারা কোন গোত্র ইস্কাপন, চিড়েতন, হরতন অথবা রুইতন—*রঠা*)। {*ওল.* harten}

হরতাল [হর্‌তাল্] *বি* ধর্মঘট; বিক্ষোভ প্রকাশ করার জন্য যানবাহন, হাট-বাজার, দোকান-পাট, অফিস-আদালত ইত্যাদি নির্দিষ্ট সময়ের জন্য বন্ধ করা। {*গুজ.* হর (প্রত্যেক)+তাল (তালা), অর্থাৎ প্রতি দরজায় তালা}

হরদম ⇒ হর[২]

হরফ, হরপ [হরোফ্, -প্] *বি* অক্ষর; বর্ণমালার লেখ্য সংকেত (সে দৃশ্য টিকিট কিনে দেখতে হয়—হরপে ফোটে না—*কেম*)। {*আ.* হুরফ حرف}

হরবখত, হরবকৎ, হরওকত [হরবখত্, -, -ওকত্] *ক্রিবিণ* সর্বদা; সবসময়ে; নিত্য (বন্ধুরা আমাকে হরবখত প্রশ্ন করেন—*মব*; হরবকৎ কথার পিঠে কথা চলবে—*সৈমু*)। {*ফা.* হর هر + ওক্ত وقت}

হরবোলা ⇒ হর[২]

হররা [হর্‌রা] *বি* হাসির উচ্চ কোলাহল (হাসির হররায় সমস্তটা ঘর যেনো গমগম করছে—*হাই*)। {অনু.}

হররোজ ⇒ হর[২]

হরষ ⇒ হর্ষ

হরা[১] [হরা] *ক্রি* ১ হরণ করা; চুরি করা; বলপূর্বক ছিনিয়ে নেওয়া। ২ মোহিত করা; আকর্ষণ করা (মনোহরা)। ৩ দূর করা। ❑ *বি, বিণ* হরণ; চুরি। {*স.* √হৃ+ *বা.* আ}

হরাদ্রি [হরাদ্‌দ্রি] *বি* কৈলাস পর্বত। {*স.* হর+অদ্রি}

হরি [হোরি] *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু; নারায়ণ; কৃষ্ণ; যম। ২ সূর্য। ৩ চন্দ্র। ৪ বায়ু। ৫ সিংহ। ৬ অশ্ব। ৭ পশু। ৮ বানর। ৯ ময়ূর। ১০ কোকিল; পিক। ১১ সর্প। ১২ ভেক; ব্যাঙ; মণ্ডুক। ১৩ কিরণ। ১৪ হংস। ১৫ সবুজ বর্ণ। ১৬ পিঙ্গল বর্ণ। ১৭ ধান্যবিশেষ। ~**গুণগান**, ~**সংকীর্তন/সঙ্কীর্তন** *বি* হিন্দু দেবতা হরি বা বিষ্ণুর মহিমা কীর্তন বা গুণ বর্ণন সূচক গান। ~**ঘোষের গোয়াল** *বি* বহু বেকার লোকের আড্ডা। ~**লুট**, ~**হুট**, ~**রলুট**, ~**লোট** *বি* হিন্দুদের অনুষ্ঠিত হরি-সংকীর্তনের পর ভক্তদের মধ্যে হরির নামে বাতাসা ছড়িয়ে দেওয়া। {*স.* √হৃ+ই(ইন্)}

হরিচন্দন [হোরিচন্‌দোন্] *বি* ১ দেবতরুবিশেষ; কপিলবর্ণ চন্দন; পীতবর্ণ সুগন্ধ সুগন্ধ কাঠবিশেষ; পীত চন্দন; শ্বেতচন্দন; কুঙ্কুম। ২ গোশীর্ষ নামক শ্বেতচন্দন। *তুল.* **হরিগল**। {*স.* হরি+চন্দন}

হরিজন [হোরিজন্] *বি* হিন্দু সমাজের অনুন্নত শ্রেণিকে মহাত্মা গান্ধী কর্তৃক প্রদত্ত নাম। {*স.* হরি+জন, ৬তৎ}

হরিণ [হোরিন্] *বি* বড় চোখবিশিষ্ট সরল বা শাখাপ্রশাখাযুক্ত শিংওয়ালা এক প্রকার গাঢ় বর্ণের সুদৃশ্য প্রাণী, যা খুব দ্রুত দৌড়ায় (হরিণের অন্য দুটি প্রজাতি মৃগ ও কুরঙ্গ)। **হরিণী** *স্ত্রী.*। ~**নয়ন, হরিণাক্ষ** *বিণ* হরিণের মতো সুন্দর চক্ষুযুক্ত। ~**নয়না, হরিণাক্ষী** *স্ত্রী.*। ~**বাড়ি** *বি* ১ জেলখানা। ২ প্রাচীন কলকাতার বিখ্যাত জেলখানা। **হরিণাঙ্ক** *বি* চন্দ্র। {*স.* √হৃ+ইন(ইনচ্)}

হরিৎ, হরিত [হোরিত্] *বি* সবুজ বর্ণ। ❑ *বিণ* সবুজ বর্ণযুক্ত। **হরিতক** *বি* ১ হরিৎ বর্ণ তৃণপত্রাদি। ২ শাক। **হরিতা** *বি* ১ দূর্বা। ২ কপিল দ্রাক্ষা। **হরিতাশ্ম** *বি* ১ মরকত মণি। ২ তুঁতিয়া; তুঁতে। **হরিদশ্ব** *বি* হরিৎ অশ্ববাহিত রথারূঢ় সূর্য। ~**ধান্য** *বি* কাঁচা সবুজ ধান। {*স.* √হৃ+ইৎ(ইতি), ইত(ইতচ্)}

হরিতকী ⇒ হরীতকী

হরিতাল, হত্তেল [হোরিতাল্, হোত্‌তেল্] *বি* ১ পারদযুক্ত হলুদাভ ধাতব পদার্থ। ২ এক প্রকার হলুদ রঙের পাখি; হরিয়াল। {*স.* হরিতাল}

হরিতালিকা, হরিতালী [হোরিতালিকা, -তালি] *বি* ১ ছায়াপথ। ২ ভাদ্রমাসের শুক্লা চতুর্থী। ৩ শুক্লা চতুর্থী। ৪ শ্বেত রেখা। {*স.* হরিতাল+ঈ(ঙীপ্), +ক(কন্)+আ(টাপ্)}

হরিতাশ্ম, হরিদশ্ব ⇒ হরিৎ

হরিদ্রা [হোরিদ্‌দ্রা] *বি* এক প্রকার হলুদ রঙের মসলা; হলুদ। **হরিদ্রাঙ্গ** *বি* হরিয়াল পাখি। {*স.* হরি+√দ্রা+অ(ক)}

হরিদ্রাভ [হোরিদ্‌দ্রাভো] *বিণ* পীতবর্ণবিশিষ্ট; হলদে। {*স.* হরিদ্রা+আভা; বহু}

হরিদ্বার [হোরিদ্‌দার্] *বি* হিমালয়ের পাদদেশে অবস্থিত ভারতের একটি নগর এবং হিন্দু তীর্থক্ষেত্র। {*স.* হরি+দ্বার}

হরিনাম [হোরিনাম্] *বি* ১ হিন্দু দেবতা বিষ্ণু বা হরির নাম। ২ হরিনাম জপ বা সংকীর্তন। ~ **করা** *ক্রি* হরির নাম জপ

করা। **হরিনামের ঝুলি** *বি* যে ঝুলিতে হরিনামের মালা রক্ষিত হয়। **হরিনামের মালা** *বি* কৃষ্ণ ভক্তের জপমালা।

হরিপ্রেম *বি* ঈশ্বরানুরাগ; বিষ্ণুপ্রীতি। {*স.* হরি+নাম}

হরিপ্রিয়া [হোরিপ্‌প্রিয়া] *বি* ১ হিন্দুদেবী লক্ষ্মী। ২ তুলসী-পাতা বা গাছ। {*স.* হরি+প্রিয়া}

হরিবাসর [হোরিবাশোর্] *বি* ১ হিন্দুমতে একাদশীর দিন। ২ *(বা.)* অনশন; উপবাস। {*স.* হরি+বাসর}

হরিবোল [হোরিবোল্] *বি* ধর্মানুষ্ঠান এবং শববহন ও দাহ কার্যে হিন্দুদের সমবেত কণ্ঠে উচ্চারিত ইষ্টনাম। {*স.* হরি+*বা.* বোল}

হরিভক্তি [হোরিভোক্‌তি] *বি* হরির প্রতি ভক্তি। **হরিভক্ত** *বিণ* ১ হরির প্রতি ভক্তিমান। ২ বৈষ্ণব। {*স.* হরি+ভক্তি}

হরিমটর [হোরিমটোর্] *বি (বা.)* অনশন; উপবাস। {*স.* হরি+*বা.* মটর}

হরিয়াল, হড়িয়াল [হোরিয়াল্, –ড়ি–] *বি* এক প্রকার হলুদ বা সবুজ রঙের পাখি; ঘুঘুজাতীয় পাখি (স্তব্ধ কদমের ডালে ক্লান্ত হরিয়াল—*আহা*)। {*স.* হরিতাল>}

হরিশ্চন্দ্র [হোরিশ্‌চন্‌দ্রো] *বি* সূর্যবংশীয় রাজা বিশ্বামিত্র মুনিকে সর্বস্ব দান করে রাজা ত্রিশঙ্কুর পুত্র রাজা হরিশ্চন্দ্র দানবীররূপে খ্যাত। {*স.* হরি+চন্দ্র, 'স' (সুট্) আগম}

হরিষ ⇒ হর্ষ

হরিসংকীর্তন ⇒ হরি

হরিসভা [হোরিশভা] *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণুর মহিমা আলোচনার জন্য সভা। ২ হিন্দু ধর্মীয় আলোচনা-সভা। {*স.* হরি+সভা}

হরিহর [হোরিহর্] *বি* ১ হিন্দুদেবতা বিষ্ণু ও শিব; হরি ও হর। ২ বিষ্ণুর ও শিবের অর্ধেক দেহের মিলিত মূর্তি। **হরিহরাত্মা** *বি (আল.)* অচ্ছেদ্য বন্ধুত্ব; অভিন্নহৃদয় সখ্য। □ *বি, বিণ* একপ্রাণ; একদেহ। {*স.* হরি+হর}

হরীতকী, হরিতকী, হতুকি, হত্তোকী [হোরিতোকি, –, হোতুতুকি, –তো] *বি* ১ মুখশুদ্ধি ও কবিরাজি ঔষধে ব্যবহৃত এক প্রকার পীতবর্ণ কষায় ফল। ২ হরীতকী ফলের গাছ। {*স.* হরি(পীতবর্ণ)+ইত(প্রাপ্ত)+ক(কন্)+ঈ(ঙীষ)}

হরু *(ব্র.)* [হোরু] *ক্রি* হরণ করুক; হরণ করে (হরু ধনী—*বিপ*)। *বিণ* হৃত (চেতন হরু দীনা—*বিপ*)। {*স.* √হৃ>হর>}

হরেক [হরেক] *বিণ* বিবিধ; নানা প্রকার (পূজোর হরেক জিনিষপত্র—*মব*)। □ *বি* বিভিন্ন; নানা (হরেক জনের হরেক কথা)। {*ফা.* হরেক هريك +*বা.* এক}

হরেদরে [হরেদরে] *ক্রিবিণ* ১ মোটামুটি; মোটের উপর। ২ গড়পড়তা; গড়ে। ৩ কমবেশি করে। ৪ লাভ লোকসান হিসাব করে। {*ফা.* হর هر +দর در }

হর্তা [হর্‌তা] *বিণ* ১ হরণকর্তা। ২ চোর; অপহারক। ৩ গ্রহণকারী। ৪ সংহারক; বিনাশক (তুমি হর্তা শত্রুদলের ---*বচ*)। **–কর্তা** *বি* ১ সর্বময় কর্তা। ২ সংহার ও সৃষ্টির কর্তা। **–-কর্তা-বিধাতা** *বি* ১ সৃষ্টি-স্থিতি-প্রলয় কর্তা। ২ নির্মাণ ব্যবস্থাপনা ও বিনাশের কর্তা। ৩ *(আল.)* সর্বময়/সর্বোচ্চ ক্ষমতাবান ব্যক্তি। {*স.* √হৃ+তৃ(তৃচ)}

হর্ম্য, হর্ম্ম্য [হরমো] *বি* প্রাসাদ; সৌধ; অট্টালিকা; সুন্দর অট্টালিকা (মনোহর হর্ম্যগুলি—*কায়*)। {*স.* √হৃ+য+'ম'(মুট্) আগম}

হর্যক্ষ, হর্য্যক্ষ [হরজোক্‌খো] *বি* ১ সিংহ (অগ্নিময় চক্ষু যথা হর্যক্ষ—*মদ*)। ২ কুবের। {*স.* হরি(পিঙ্গলবর্ণ)+অক্ষি}

হর্যশ্ব [হরজোশশো] *বি* ইন্দ্র। {*স.* হরি(পিঙ্গলবর্ণ)+অশ্ব}

হর্ষ, হরষ, হরিষ [হরশো, হরোশ্, –রি–] *বি* ১ আনন্দ; উল্লাস; পুলক। ২ উদ্‌গম; উদ্ভেদ; খাড়া হওয়া; শিহরণ (রোমহর্ষ)। **হর্ষণ** *বি* পুলক; হর্ষ; আনন্দ। □ *বিণ* ১ আনন্দদায়ক। ২ শিহরে বা খাড়া করে তোলে এমন (রোমহর্ষণ)। **হর্ষিত** *বিণ* ১ আমোদিত। ২ আনন্দিত; পুলকিত। ৩ তোষিত। **–বর্ধন** *বি* থানেশ্বরের প্রভাকর বর্ধনের পুত্র। □ *বিণ* আনন্দবর্ধন। **হর্ষোচ্ছ্বাস** *বি* অতিশয় উৎফুল্লতা। {*স.* হৃষ+অ(ঘঞ)}

হল, হস [হল্, –শ্] *বি* ব্যঞ্জনবর্ণসমূহ; সমস্ত ব্যঞ্জনবর্ণকে বোঝাতে সাংকেতিক নামরূপে ব্যবহৃত। **হলন্ত, হসন্ত** *বিণ* ১ ব্যঞ্জনবর্ণান্ত; ব্যঞ্জনবর্ণ শেষে আছে যে শব্দের। ২ হস্ (্) চিহ্নযুক্ত (কর)। □ *বি* ব্যঞ্জনবর্ণ। {*স.* হল্, হস্}

হল[১] [হল্] *বি* জমি চাষ করার যন্ত্র; লাঙল। **~কর্ষণ, ~চালনা, ~চালন** *বি* লাঙলের সাহায্যে জমি চাষ। **~দণ্ড** *বি* লাঙলের ঈষ। **~ধর, ~ভৃৎ, হলী** *বি* ১ লাঙলের চালক; কৃষক; চাষি। ২ বলরাম। **হলাগ্র** *বি* লাঙলের ফাল। **হলায়ুধ** *বি* হিন্দুপুরাণোক্ত বলরাম। **হল্য** *বিণ* ১ লাঙল সম্বন্ধীয়। ২ কর্ষণযোগ্য। {*স.* √হল্+অ(অচ)}

হল[২] [হল্] *বি* ১ দ্রবীকরণ; রসানো। ২ সমাধান; মোচন। □ *বিণ* সোনালি। ~ **করা** *ক্রি* সোনার পানিতে কলাই করা; গিলটি করা। **–কারী** *বি* গিলটিকরণ। {*আ.* হল্ حل }

হল[৩] [হল্] *বি* বড় ঘর; প্রশস্ত কামরা; ছাত্রাবাস (শহীদুল্লাহ হল)। {*ই* hall}

হলক ⇒ হলকা

হলকা, হল্কা, হলক [হল্‌কা, –, –লোক্] *বি* ১ দল; পালসমূহ; দঙ্গল (ষোড়শ হল্কা হাতী—*ভারা*)। ২ চক্র। ৩ অশ্বের গলদেশে যে চর্মনির্মিত বেড় পরানো হয়। ৪ উত্তপ্ত বায়ুস্রোত; উষ্ণ বায়ুপ্রবাহ (চারিদিকে আগুনের হলকা—*হবা*)। **~বন্দী** *বি* চক্র বা দলরূপে গঠন। {*আ.* হুলকাহ حلقة }

হলকুম [হল্‌কুম্] *বি* ১ কণ্ঠনালি (হলকুমে হানে তেগ ও কে বসে ছাতিতে—*নই*; বিভ্রান্ত পুত্র অস্ত্র যদি হানে বৃদ্ধ পিতার হলকুমে—*ফআ*)। ২ বাগ্‌যন্ত্র (কিন্তু কথা বলতে চাইলেই কি বলা যায়, তার জন্য হলকুমের ট্রেনিং দরকার—*শও*)। {*আ.* হুলকূম্ حلقوم }

হলদি, হলদী [হোলদি] *বি* হলুদ; হরিদ্রা। **~ কোটা** *বি* বিয়ের অনুষ্ঠানবিশেষ। {*স.* হরিদ্রা>*প্রা.* হলিদ্দা>}

হলদে ⇒ হলুদ

হলন্ত ⇒ হল

হলফ, হলপ [হলোফ, –প্] *বি* সত্য বলার জন্য যে শপথ করা হয়; দিব্য; শপথ। **হলফান** *ক্রিবিণ* হলফ করে। {*আ.* হলফ حلف }

হলহল [হল্‌হল্] *অব্য* ঢলঢলে; অতিশয় ঢিলা;

শিথিলভাব। **হলহলে** *বি* অতিশয় ঢিলা। □*বিণ* ১ হলহল করছে এমন। ২ পাতলা; লঘু। { *ধ্বন্যা.* }

হলহলা, হলাহলা *(মব.)* [হলহলা, হলা-] *অব্য* হর্ষধ্বনি; আনন্দধ্বনি; কলরব (মুখে হলাহলা সাধু—*ক্ষেদা*)। { *স.* হলহলা}

হলা [হলা] *অব্য* নারীর প্রতি নারীর সম্বোধনবাচক শব্দ; ওলো (হলা প্রিয়ংবদে)। { *স. ধ্বন্যা.* }

হলায়ুধ ⇒ হল[১]

হলাহল [হলাহল] *বি* ১ তীব্র বিষবিশেষ; কালকূট (অন্তরে পেয়ে অমৃত; অঙ্ক মাগিতেছে হলাহল—*নহ*)। ২ কোলাহল (পবন ছড়ায় হলাহল—*সদ*)। { *স.* হলহিল}

হলী ⇒ হল[১]

হলুদ, হলদি [হোলুদ, হোলদি] *বি* হলুদ গাছ ও তার কন্দ; মসলাবিশেষ। □*বি, বিণ* হলুদ রং। **হলদে** *বিণ* হরিদ্রা বর্ণবিশিষ্ট; পীত (হলদে ফুল)। ~ **কোটা** *বি* বিবাহের পূর্বে গায়ে হলুদ মাখানো অনুষ্ঠান (আজকে তাহার হলদি কোটা বিয়ের গানে ভরা বাড়ী—*জউ*)। **গায়ে~** *বি* বিয়ের আগে বর বা কনের গায়ে হলুদ দেওয়ার অনুষ্ঠান।{ *স.* হরিদ্রা>*প্রা.* হলিদ্দা>}

হলে, হইলে [হোলে, হোইলে] *ক্রি* ঘটলে। { *স.* √ভূ>*বা.* √হ>}

হল্য ⇒ হল[২]

হল্লা [হল্‌লা] *বি* কোলাহল; গোলমাল; সমস্বরে চিৎকার (আল্লার ঘর কাবায় করিত হল্লা পিশাচভূত—*নই*)। { *হি* হল্লা}

হস্ ⇒ হল্

হসই *(ব্র.)* [হশই] *ক্রি* হাসে; বিদ্রূপ করে (ঐছে করবি যৈছে বৈরী না হসই—*বিপ*)। { *স.* হসতি>}

হসন [হশোন্] *বি* ১ হাস্য; হাসি। ২ হাস্যকর (তমঃ যথা উষার হসনে—*মদ*)। **হসিত** *বিণ* ১ হাস্যযুক্ত; সহাস্য। ২ বিকশিত; প্রফুল্ল। { *স.* √হস্+অন(ল্যুট্)}

হসন্ত[১] ⇒ হল

হসন্ত[২] [হশোনতো] *বিণ* ১ ফুল্ল; প্রস্ফুটিত (যহাঁ কুন্দ কুসুম কেতকী হসন্ত—*বিপ*)। { *স.* √হস্+*বা.* অন্ত}

হসন্তিকা, হসন্তি [হশোনতিকা, -তি] *বি* ১ অগ্নিপাত্র; ধুনুচি; firepan। ২ মল্লিকাবিশেষ। ৩ হাসির বই। □*বিণ স্ত্রী.* হাসছে এমন। { *স.* √হস্+*বা.* অন্ত+ইকা, ই}

হসব নসব ⇒ নছব

হসরত ⇒ হছরত

হসিত ⇒ হসন

হস্টেল ⇒ হোস্টেল

হস্ত [হস্‌তো] *বি* ১ হাত; কর; পাণি। ২ বাহু; ভুজ। ৩ মণিবন্ধ, কনুই অথবা বগল থেকে আঙুলের অগ্রভাগ পর্যন্ত দেহের অংশবিশেষ। ৪ আঠারো ইঞ্চি বা চব্বিশ অঙ্গুলি পরিমাণ দৈর্ঘ্যের এককবিশেষ। ৫ হাতির শুঁড়। ~**কণ্ডূয়ন** *বি* হাত চুলকানি; কিছু করার জন্য হাতের নিশপিশ ভাব। ~**কৌশল** *বি* ১ হাতের কায়দা। ২ হাত সাফাই। ~**ক্ষেপ, ~ক্ষেপণ, হস্তার্পণ** *বি* ১ হাত দেওয়া। ২ নিয়ন্ত্রিত করা। ৩ কোনো কাজে বাধা দেওয়া বা যোগদান। ~**গত** *বিণ* অধিকারে আনীত; অধিকৃত; দখলীকৃত; করায়ত্ত; বশীভূত। ~**গ্রাহ্য** *বিণ* হাত দ্বারা গ্রহণীয়; স্পর্শসাধ্য। ~**চ্যুত** *বিণ* ১ হাত থেকে পড়ে গেছে এমন। ২ হাতছাড়া; হাতের বাইরে চলে গেছে এমন। **হস্তত্র** *বি* হাতের আবরণবিশেষ; দস্তানা। ~**ধারণ** *বি* হাত ধরা। ~**রেখা** *বি* হাতের তালুর বা করতলের রেখা। ~**লাঘব** *বি* হাত সাফাই; অপহরণ। ~**লিখিত** *বিণ* হাতের লেখা (টাইপ করা বা ছাপানো নয়)। ~**লিপি, ~লেখ** *বি* হাতের লেখা। ~**সিদ্ধি** *বি* বেতন। ~**সূত্র** *বি* ১ হাতের সূতা। ২ রাখি। ৩ বলয়। **হস্তাক্ষর** *বি* ১ হাতের লেখা। ২ হাতের লেখার ছাপ। **হস্তান্তর, হস্তার্পণ** *বি* ১ অন্যের দখলে বা অধিকারে অর্পণ। ২ হাত বদল। **হস্তান্তরিত** *বিণ* ১ অন্যের হাতে দিয়ে দেওয়া হয়েছে এমন। ২ অন্যের অধিকারগত। **হস্তাবর্তন** *বি* হাত বুলানো বা ঘুরানো। **হস্তাবর্তিত** *বিণ*। **হস্তাবলেপ** *বি* হাত দিয়ে প্রলেপ দান; অপরিচ্ছন্ন করা (সে দৈন্যবোধে ব্যক্তিগত দারিদ্র্যের স্থূল হস্তাবলেপ নেই—*সুদ*)। **হস্তামলক** *বি* ১ করতলস্থ আমলকী। ২ *(আল.)* যে বস্তু সহজে আয়ত্ত হয়। ৩ অধিকার করায়ত্ত (জগৎ হয়েছে হস্তামলক—*সদ*)। ৪ শঙ্করাচার্যকৃত বেদান্ত গ্রন্থ। { *স.* √হস্+ত(তন্)}

হস্তবুদ [হস্‌তোবুদ] *বি* ১ বর্তমান ও অতীতের হিসাব; জমাবন্দি। ২ জমিদারির মোট আয়ের হিসাবের কাগজপত্র (এক্ষেত্রে হস্তবুদ তৈরি করবার ভার দেশী আমলাদেরই হাতে থাকবে—*প্রচৌ*)। ~ **জমা** *বি* বিভিন্ন খাতে রাজস্বের সমষ্টি। { *স.* হস্ত+*ফা.* বূদ بود }

হস্তা [হস্‌তা] *বি (জ্যোবি)* ত্রয়োদশ নক্ষত্র। { *স.* হস্ত+আ(টাপ্)}

হস্তাক্ষর, হস্তান্তর, হস্তামলক, হস্তার্পণ ⇒ হস্ত

হস্তিনাপুর [হোসতিনাপুর] *বি* কৌরবদের রাজধানী। { *স.* হস্তিনাগপুর>}

হস্তী [হোসতি] *বি* হাতি; করী; গজ; ঐরাবত; মাতঙ্গ; বারণ; দ্বিপ; দন্তী; দ্বিরদ। **হস্তিনী** *স্ত্রী*। ~**কর্ণ** *বি* ১ হাতির কান। ২ এরণ্ড বৃক্ষ। ৩ উপদেবতা। ৪ ধূলিবর্ষণ। □*বিণ* হিমানী। **হস্তিপ, ~পক** *বি* মাহুত; হস্তীর চালক বা পালক। ~**পর্ণী** *বি* লতাবিশেষ। ~**মদ** *বি* ক্ষিপ্ত হাতির শুঁড় ও চক্ষু হতে যে উৎকট গন্ধযুক্ত জল নির্গত হয়। ~**মল্ল** *বি* ১ রণহস্তী। ২ ভস্মস্তূপ। ৩ ধূলিবর্ষণ। □*বিণ* হিমানী। ~**মূর্খ** *বি* অতিশয় মূর্খ; অত্যন্ত নির্বোধ (একটি নিরেট হস্তিমূর্খ—*আখাঁ*)। ~**শালা** *বি* হাতি রাখার স্থান; হাতির আস্তাবল; পিলখানা। ~**শুণ্ড** *বি* হাতির শুঁড়। **হস্ত্যশ্ব** *(বিরল)* *বি* হাতি ও ঘোড়া। **হস্ত্যাজীব** *(বিরল)* *বি* ১ হস্তিপালক। ২ হাতিব্যবসায়ী। ৩ হাতিশিকারি। **হস্ত্যায়ুর্বেদ** *(বিরল)* *বি* হাতির চিকিৎসাশাস্ত্র। **হস্ত্যারোহ** *(বিরল)* *বি* ১ যে ব্যক্তি হাতির পিঠে আরূঢ়। ২ মাহুত। **হস্ত্যারোহী** (বিরল) *বিণ* হস্তিপৃষ্ঠে আরূঢ়। { *স.* হস্ত+ইন্(ইনি)}

হা [হা] *অব্য* ১ হায়। ২ যন্ত্রণা, বিস্ময়, ক্লেশ, শোক, বিষাদ প্রভৃতিসূচক শব্দ। ৩ নিন্দাসূচক শব্দ। ~ **কপাল** *বি* মন্দভাগ্যের প্রতি ইঙ্গিত। ~ **ধিক** *বি* ১ ঘৃণা প্রকাশ। ২ দুঃখ প্রকাশ। ~ **পিত্যেশ** *বি* ১ অতিশয় লোভহেতু আকাঙ্ক্ষা। ২ আফসোস; অনুশোচনা। ৩ দীর্ঘকালব্যাপী

প্রত্যাশা বা কামনা। ~-**ভাত** *বি* অন্নের জন্য হাহাকার; দুর্ভিক্ষ। -**হুতাশ** *বি* খেদ; আক্ষেপ; অতিশয় আফসোস। ~ **হস্ত** *অব্য* অত্যন্ত কাতরতাপূর্ণ উক্তি; গেলাম; মলাম। {*ধ্বন্যা.*}

হাই [হাই] *বি* জৃম্ভণ; আলস্য হেতু হা করা; ঘুমের ভাবহেতু মুখ বাদান (এসো ভাই, তোলো হাই, শুয়ে পড়ে চিৎ—*রবি*)। {সং. হাক্কিকচ>}

হাই-আমলা [হাইআমলা] *বি* যে আমলকী ও অন্যান্য বস্তুর মিশ্রিত পিণ্ড দ্বারা বরকে কন্যার বশে রাখার জন্য চেষ্টা করা হয়। {সং. হস্তলেপ আমলকী>}

হাইওয়ে [হাইওয়ে] *বি* দূরপাল্লার সড়কপথ; পরিবহন চলাচল উপযোগী দূরগামী দীর্ঘ ও উঁচু পাকা রাস্তা বা সড়ক। {ই. high way}

হাইকমিশনার [হাইকোমিশনার] *বি* কমনওয়েলথভুক্ত দেশগুলোর একটি থেকে অন্যটিতে নিযুক্ত রাষ্ট্রদূত {ই. high commissioner}

হাইকোর্ট [হাইকোর্ট] *বি* উচ্চ বিচারালয়। {ই. high court}

হাইগ্রমিটার [হাইগ্রোমিটার] *বি* আর্দ্রতামাপক যন্ত্র (আর্দ্রতা মাপার যন্ত্রকে বলা হয় হাইগ্রমিটার—*আজা*)। {ই. hygrometer}

হাইজাক [হাইজাক] *বি* ছিনতাই। {ই. hijack}

হাইড্রোজেন [হাইড্রোজেন] *বি* মৌলিক গ্যাসবিশেষ, যার রাসায়নিক প্রতীক H; উদজান (দুইভাগ হাইড্রোজেনের সঙ্গে একভাগ অক্সিজেন সংযুক্ত বা মিলিত হলে জলের সৃষ্টি হয়—*প্রচৌ*; বাতাসের চেয়ে হাইড্রোজেন হালকা—*শাফ*)। {ই. hydrogen}

হাইফেন [হাইফেন] *বি* দুই শব্দের মধ্যবর্তী যোগসূচক চিহ্ন (হর্তা-কর্তা-বিধাতা)। {ই. hyphen}

হাইবেঞ্চ [হাইবেন্‌চ] *বি* বেঞ্চের সম্মুখস্থ লম্বা ও উচ্চতর আসনবিশেষ। {ই. high bench}

হাইল[১] ⇒ হাল[১]

হাইল, আইল [হাইল্‌, আ-] *বি* সীমা; ক্ষেত্রের চারিদিকে সীমাজ্ঞাপক ঈষৎ উচ্চবাঁধ; প্রতিবন্ধক। {*আ.* হাইল حائل}

হাইস্কুল [হাইসকুল] *বি* ১ উচ্চবিদ্যালয়। ২ দশম শ্রেণি পর্যন্ত পড়ানোর ব্যবস্থা আছে যে স্কুলে। {ই. high school}

হাউই [হাউই] *বি* আকাশগামী আতশবাজি। {*ফা.* হবাঈ هوائی}

হাউকাউ [হাউকাউ] *বি* হট্টগোল। {*ধ্বন্যা.*}

হাউড়ি, হাউড়ী [হাউড়ি] *বি* শাশুড়ি (পাড়ে কান্দে হাউড়ী—*পূগী*)। {শাশুড়ী>}

হাউজ, হৌজ, হাওজ [হাউজ্, হোউজ্, হাও-] *বি* চৌবাচ্চা; জলাধার (হাতেম গোসল করে হাউজে যাইয়া—*সৈহা*)। {*আ.* হাওদ حوض}

হাউড় ⇒ হাওড়

হাউড়ে [হাউড়ে] *বি, বিণ* যা মনে আসে তাই বলে বেড়ায় যে; বাতুল; আউল। {আউলিয়া>}

হাউমাউ, হাঁউমাঁউ [হাউমাউ, হাঁ-মাঁ-] *বি* ১ উচ্চৈঃস্বরে ক্রন্দন; বহুজনের একসঙ্গে ক্রন্দনের রোল। ২ কান্না। ৩ ক্ষোভ। ~ **খাউ/খাঁউ** *বি* রূপকথার রাক্ষস বা রাক্ষসীর মনুষ্যগন্ধে উদ্রিক্ত ভোজনস্পৃহাপ্রকাশক ধ্বনি। {*ধ্বন্যা.*}

হাউলি ⇒ হাবেলি

হাউস[১] [হাউশ্] *বি* শখ; আকাঙ্ক্ষা; বাসনা (হাউস মিটিয়া যায়)। {*আ.* হবস حوس}

হাউস[২] ⇒ হৌস

হাউস সার্জন [হাউস্‌সারজোন] *বি* হাসপাতালের আবাসিক চিকিৎসক। {ই. house surgeon}

হাউসে কওসর [হাউসে কওসর] *বি* ১ ইসলামি বিশ্বাসমতে শেষ বিচার দিনে হজরত মুহম্মদ (সা.)-কে এই নামের একটি বিশিষ্ট চৌবাচ্চা দেওয়া হবে। তিনি উম্মতদের এর সুশীতল ও সুমিষ্ট পানি পান করাবেন (হাওযে কওসরের সুপেয় সুমিষ্ট সলিলে তাপতপ্ত শতকণ্ঠ স্নিগ্ধ হইতেছে—*এআ*)। ২ মতান্তরে জান্নাতের একটি নহর বা স্রোতস্বিনীর নাম; সে নহরের একটি শাখা পুণ্যবানদের পিপাসা নিবারণের জন্য অমৃতস্বরূপ পানি কিয়ামতের ময়দানে প্রবাহিত হবে। {*আ.* হাওদে-কাওছার حوض كوثر}

হাওড়, হাউর [হাওড়্, -উর্] *বি* সাগরসদৃশ পানির বিস্তীর্ণ প্রান্তর। {সাগর>}

হাওদা [হাওদা] *বি* ১ হাতি বা উটের পিঠে বসার জন্য যে আসন পাতা হয় (হাতিপৃষ্ঠে সুবর্ণ হাওদায় চড়িয়া আগমন করিলেন—*ইহো*)। ২ বিস্তৃত পরিসর বস্তু। ৩ (*ব্য.*) অতি স্থূলোদর ব্যক্তি। {*আ.* হাওদজ هودج}

হাওয়া[১]**, হবা, হওয়া** [হাওয়া, হ-, -] *বি* বাইবেল ও কুরআনে উক্ত আদি মানব হজরত আদম (আ.)-এর স্ত্রী; বিবি হাওয়া; পৃথিবীর আদি নারী (চলে গেল হাওয়া আদম নহি)। {*আ.* হাওয়া حوا}

হাওয়া[২] [হাওয়া] *বি* ১ বায়ু; বাতাস (উত্তুরে হাওয়া)। ২ জলবায়ু; climate। ৩ (*আল.*) সংসর্গ; স্পর্শ; ছুত (ওর হাওয়া তোমারও গায়ে লেগেছে দেখছি)। ৪ গতি; অবস্থা; শিক্ষা; সংস্কার; ভাব কল্পনাসম্বন্ধীয় অবস্থা (যুগের হাওয়া)। ~ **খাওয়া** *ক্রি* ১ মুক্ত বায়ু সেবন করা। ২ বেড়ানো। ৩ (*আল.*) কিছু না খাওয়া। ~ **গাড়ি** *বি* মোটর। ~ **চলা** *ক্রি* বায়ু প্রবাহিত হওয়া। ~ **হওয়া** *ক্রি* (*আল.*) চম্পট দেওয়া; পালিয়ে যাওয়া। ~ **বদলানো** *ক্রি* স্বাস্থ্যের উন্নতির জন্য স্থান বদলানো। হাওয়াই *বিণ* বায়বীয়; বাতাসে যা ভেসে চলতে পারে (উড়ে যাচ্ছে সোলায়মানের হাওয়াই সিংহাসন—*হাহ*)। **হাওয়াই আড্ডা** *বি* উড়োজাহাজের ঘাঁটি; বিমান বন্দর; aerodrome। **হাওয়াই জাহাজ** *বি* যে জাহাজ আকাশপথে আরোহী স্থানান্তরে যাতায়াত করে; aeroplane; উড়োজাহাজ; বিমান। **হাওয়াই শাড়ি** *বি* সূক্ষ্ম রেশমি শাড়ি। {*আ.* হাৱা هوا}

হাওয়াস [হাওয়াশ্] *বি* ১ চৈতন্য। ২ জ্ঞান (পাহালওয়ান লোকের গেল হাওয়াস উড়ে—*সৈহা*)। ২ ইন্দ্রিয়। {*আ.* হাৱাস هواس}

হাওর [হাওর্] *বি* সাগর সদৃশ পানির বিস্তীর্ণ প্রান্তর (কিশোরগঞ্জের হাওর অঞ্চল); জলাভূমি; অগভীর জলাভূমি—যা সারা বছরই জলময় থাকে। {সাগর>}

হাওলা, হাওয়ালা [হাওলা, -ওয়ালা] *বি* তত্ত্বাবধান; খবরদারি; অধিকার; ভার; জিম্মা (পেঙ্খায়েও চৌকিদার হাওলা করে—*মীম*)। ~ **জমি** *বি* যে নিষ্কর জমি বিশেষ শর্তে দেওয়া হয়। **-দার** *বি* হাওলা জমির মালিক; ঐ জমি ভোগ করে যে; বংশীয় পদবি। { *আ.* হাওয়ালাহ حوالة }

হাওলাত, হাওলাৎ [হাওলাত্] *বিণ* ১ ঋণ; কর্জ (অমনি খাতায় তোমার নামে হাওলাত—*অঠা*)। ☐ *বি* আমানত; জিম্মা। ~ **বরাত** *বি* কর্জ ও অনুগ্রহ। **হাওলাতি** *বিণ* ধার সম্পর্কীয়; ধার হিসেবে গ্রহণ করা হয় এমন। { *আ.* হাওয়ালাহ حوالة }

হাওলে [হাওলে] *বিণ* ১ ভয়ঙ্কর; ভয়াল। ২ প্রতারক; প্রবঞ্চক (পাত্র হল ইন্দ্রজাল কোটাল হাওলে—*ঘচ*)। { *আ.* হাওয়ালাহ حوالة }

হাঁ[1] [হাঁ] *বি* মুখ ব্যাদান; মুখ খোলা (কুকুরের হাঁ)। { *স.* হর্ম> }

হাঁ[2], **হ্যাঁ** [হাঁ, হ্যাঁ] *অব্য* ১ সম্মতি বা স্বীকৃতিসূচক শব্দ। ২ সাড়া; যথার্থ; সঠিকতা; বিদ্যমানতা; নেতিবাচক ভাবের বিপরীত জবাবসূচক শব্দ। { *ধ্বন্যা.* }

হাঁ[3] [হাঁ] *অব্য* ঘনিষ্ঠ সম্বোধনসূচক; হ্যালো। { *ধ্বন্যা.* }

হাঁউ, হউ (*প্রাবা.*) [হাঁউ, হউ] *সর্ব* আমি (এতকাল হাঁউ অছিলেঁ স্বমোহে—*চর্যা*)। { *স.* অহম্> }

হাঁক, হাঁকার [হাঁক, হাঁকার] *বি* ১ উচ্চৈঃস্বরে ডাকা (হাঁক পাড়া)। ২ হুংকার (হাঁক ছাড়া)। **হাঁকডাক** *বি* ১ পুনঃপুন উচ্চকণ্ঠে ডাকাডাকি। ২ শোরগোল। ৩ শক্তি ও ধন সম্পদের খ্যাতি। ৪ লম্ফসূচক ও দম্ভপ্রকাশক চিৎকার। **হাঁক পাড়া** *ক্রি* উচ্চ স্বরে আহ্বান করা। { *স.* হুঙ্কার> }

হাঁকড়ানো, হাঁকানো [হাঁকড়ানো, হাঁকানো] *ক্রি* ১ হুঙ্কার দেওয়া (ঐ শোন-নর হাঁকড়ায় ওরে আয়—*নই*)। ২ সদর্পে চালনা করা (লাঠি হাঁকড়ানো)। ৩ দর্প বা বেগের সঙ্গে চালানো (গাড়ি হাঁকানো)। ৪ জাঁকজমকের সঙ্গে তৈরি করা (বাড়ি হাঁকানো)। ☐ *বি,বিণ* উক্ত সকল অর্থে। { *স.* হুঙ্কার> }

হাঁকপাঁক ⇒ হাঁকুপাঁকু

হাঁকা [হাঁকা] *বি* ১ হাঁক দেওয়া। ২ চিৎকারপূর্বক আস্ফালন বা ঘোষণা করা (হাঁকে বীর—*নই*)। { *স.* হুঙ্কার> }

হাঁকানো ⇒ হাঁকড়ানো

হাঁকাহাঁকি [হাঁকাহাকি] *বি* ১ ডাকাডাকি; উচ্চৈঃস্বরে ডাকা। ২ বচসা। { হাঁক+আ+হাঁক+ই }

হাঁকুপাঁকু, হাঁকপাঁক [হাঁকুপাঁকু, হাঁকপাঁক] *বি* অতিশয় ব্যস্ত; আকুলতা প্রকাশ (হাঁকুপাঁকু করে কি যে গালে ভরে—*সদ*)। **হাঁকুচ পাঁকুচ** *বি* অতিশয় ব্যস্ত; আকুল (যেটা পায়না সেটাই পাবার জন্যে হাঁকুচপাঁকুচ করে—*নই*)। { আঁকুপাঁকু> }

হাঁচা [হাঁচা] *ক্রি* হাঁচি দেওয়া। ☐ *বি* হাঁচি। { *স.* হক্কি/হক্কিকা> }

হাঁচি [হাঁচি] *বি* নাক-মুখ দিয়ে হঠাৎ সজোরে ও সশব্দে বায়ু ত্যাগ করা; ক্ষুৎ। { *স.* হক্কি> }

হাঁচুটি, হেঁচেতা [হাঁচুটি, হেঁচেতা] *বি* ছিক্কনি; সিকনি। { *স.* ছিক্কিকা> }

হাঁটকানো [হাঁট্‌কানো] *ক্রি* ১ উলট-পালট করে সন্ধান করা; দ্রব্যাদি উদ্‌ঘাটন করে দেখা (ঘরে এসে চাহি মশা পুঁথির সিন্দুক হাঁটকে—*অঠা*)। ☐ *বি,বিণ* বিশৃঙ্খলভাবে নাড়াচাড়া। { *স.* উদ্‌ঘাটন> }

হাঁটন ⇒ হাঁটা

হাঁটা [হাঁটা] *ক্রি* পায়ে চলা; পায়ে হাঁটা। ☐ *বি* পদব্রজে চলন। ☐ *বিণ* পায়ে চলবার জন্য। **-হাঁটি** *বি* হেঁটে বার বার যতায়াত। **হাঁটুনি, হাঁটন** *বি* পায়ে হেঁটে চলাচল করণ। { *স.* √অট্>; তুল. *হি.* হাঁট্‌না }

হাঁটু [হাঁটু] *বি* জানু (বৈশাখ মাসে তার হাঁটুজল থাকে—*রঠা*)। ~**জল** *বি* হাঁটু পরিমাণ পানি। **হাঁটুর বয়স** *বি* (*বা.*) খুব বা যথেষ্ট কম বয়স। **হাঁটুর বয়সী** *বিণ* খুব ছোট। { *স.* অষ্ঠি> }

হাঁড়ল [হাঁড়োল] *বি* বৃহৎ গর্ত; বিস্তৃত পরিসর গহ্বর (জঙ্গল হাঁড়ল বৃষ্টির জলভরা টুইটুম্বুর —*সদ*)। { হাঁড়িয়া> }

হাঁড়া [হাঁড়া] *বি* ১ হাঁড়ি অপেক্ষা বৃহৎ মৃৎপাত্রবিশেষ; ছোট জালা (কুলপি রাবড়ীর হাঁড়া—*অঠা*)। ২ ধাতু বা মৃত্তিকা নির্মিত বৃহদাকার কলসি। { *স.* হণ্ডিকা> }

হাঁড়ি, হাঁড়ী [হাঁড়ি] *বি* রন্ধন করবার পাত্রবিশেষ; ক্ষুদ্র জালার মতো পাত্র। ~**কুঁড়ি** *বি* হাঁড়ি, কলসি প্রভৃতি। ~**ঠেলা** *ক্রি* ক্লেশকর রান্নার কাজ করা। ~**পানা** *বিণ* ১ হাঁড়ির মতো বৃহৎ গোল; ব্যবহৃত হাঁড়ির ন্যায় কালো; বৃহৎ; গোল। ২ মলিন; বিষণ্ণ (যেদিন সে রেগে থাকত ব। মুখখানা হাঁড়িপানা করে বসে থাকত—*নই*)। ~**মুখ** *বি* (রাগে বা অভিমানে) গম্ভীর মুখ; কালো মুখ। **হাঁড়ির খবর** *বি* ভেতরের খবর। **হাঁড়ির মুখের মতো সরা হওয়া** *ক্রি* (*আল.*) যেমন খারাপ কন্যা তেমন খারাপ বর হওয়া। { *স.* হণ্ডী> }

হাঁড়িচাঁচা, হাঁড়ীচাঁচা [হাঁড়িচাঁচা] *বি* পাখিবিশেষ; এদের কণ্ঠ ও পুচ্ছ-প্রান্ত কালো ও বাকি অংশ ধূসর বর্ণ (একেবারে হাঁড়ীচাঁচা পাখী সেজে বসে আছে—*বিব*)। { চাঁচা হাঁড়ির রং অর্থে }

হাঁড়িয়া[1], **হাড়িয়া** [হাঁড়িয়া] *বিণ* ১ হাঁড়ির মতো। ২ বৃহৎ; প্রকাণ্ড (হাঁড়ীয়া চামর বেচে চারি পণ দরে—*কমু*)। { *স.* হাঁড়ি+আ }

হাঁড়িয়া[2], **হাড়িয়া** [হাঁড়িয়া] *বি* ভাত থেকে প্রস্তুত মদবিশেষ (দশবারো জন মেয়ে-মরদ ভাঁড় থেকে হাড়িয়া খাচ্ছে—*শও*)। { *সাঁওতালি.* হাঁড়িয়া }

হাঁড়িয়া[3] ⇒ হাড়িয়া

হাঁড়ী ⇒ হাঁড়ি

হাঁড়ীচাঁচা ⇒ হাঁড়িচাঁচা

হাঁদা [হাঁদা] *বিণ* ১ বোকা; মূর্খ; স্থূলবুদ্ধি। ২ মোটা (হাঁদা পেট)। ~**রাম** *বি* বোকারাম; অতি নির্বোধ। { *স.* হণ্ডা> }

হাঁপ, হাঁফ [হাঁপ্, -ফ] *বি* ১ দীর্ঘশ্বাস; দম (হাঁপছাড়া)। ২ শ্রম বা দুশ্চিন্তার জন্য শ্বাসবেগ; হাঁপানি (হাঁপ ধরা)। ~ **ছাড়ার সময় নেই**—অবসর বা ফুরসত নেই। **হাঁপানো, হাঁফানো** *ক্রি* ১ রুদ্ধপ্রায় শ্বাসজনিত ক্লেশ হওয়া। ২ ক্লান্ত হয়ে পড়া। ☐ *বি* ঘন ঘন বা কষ্টে শ্বাস গ্রহণ। **হাঁপানি, হাঁপি** *বি* ১ শ্বাসকষ্টজনিত রোগীবিশেষ। ২ ঘন ঘন শ্বাসত্যাগ ও গ্রহণ। **হাঁপাহাঁপি** *বি* অতিশয় ব্যগ্রভাব;

উৎকট অস্থিরতা। {√হাঁপা/√হাঁফা+আনো}

হাঁফাল *(মবা.)* [হাঁফাল্] *বি* লাফ (হাঁফালে ধরিতে যায় ঘাড়ে—ঘচ)। {*স.* উল্লম্ফ>}

হাঁরে, হ্যাঁরে [হাঁরে, হ্যাঁ-] *অব্য* অতি পরিচিতিমূলক সম্বোধন। {*ধ্বন্যা.*}

হাঁস [হাঁশ্] *বি* হংস; মরাল; একজাতীয় জলচর পাখি। {*স.* হংস>}

হাঁসকল [হাঁশ্‌কল্] *বি* চৌকাঠের সঙ্গে দরজার পাল্লা ঝোলানোর বক্র লৌহদণ্ড (চিড়িয়াখানার দরজায় একটা হাঁসকল পাতা আছে—*অঠা*)। {হাঁস+কল}

হাঁসপাতাল ⇒ হাসপাতাল

হাঁস-ফাঁস, হাঁশ-ফাঁশ [হাঁশ্‌ফাঁশ্] *বি* ১ অতি কষ্টে ঘন ঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ (হাঁশ-ফাঁশ উঠে কি সে পড়ে কি ?—*সদ*)। ◻ *অব্য* অস্থিরতা প্রকাশক (মনটা কিন্তু কি বলার জন্য হাঁস ফাঁস করে মরে—*সজ*)। {*স.* হংস>*বা.* হাঁস; *স.* শ্বাস>*বা.* ফাঁস}

হাঁসলি ⇒ হাঁসুলি

হাঁসা[১] ⇒ হাসা

হাঁসা[২] *(মবা.)* [হাঁসা] *বিণ* হাসের দেহের শ্বেতবর্ণ; সাদা রঙ। {*স.* হাস্য>হাঁস+আ}

হাঁসা[৩] [হাঁশা] *বি* পুরুষ হাস। **হাঁসি** *স্ত্রী.*। {*স.* হংস>}

হাঁসানো [হাঁশানো] *ক্রি* হেঁসো দিয়ে গভীর করে কাটা; ফাঁসানো। {*স.* হংস>}

হাঁসিয়া[১] ⇒ হাঁশিয়া

হাঁসিয়া[২]**, হাঁসুয়া, হেঁসে, হেঁসো** [হাঁশিয়া, -শু-, হেঁশে, -শো] *বি* কাস্তের ন্যায় অর্ধচন্দ্রাকৃতি তীক্ষ্ণধার এক প্রকার দা। {*স.* হংস>}

হাঁসুলি, হাঁসলি, হাঁসুলী [হাঁশুলি, -শ্-, -শু-] *বি* মেয়েদের কণ্ঠের অলঙ্কার; এক প্রকার অর্ধচন্দ্রাকৃতি কণ্ঠাভরণ (গলায় রূপার ভারী হাঁসুলী হাতে কঙ্কণ—*শারা*)। {*স.* হংস>+*বা.* উলি}

হাঁ হাঁ [হাঁহাঁ] *অব্য* হঠাৎ তীব্র নিষেধ বা নিবারণসূচক শব্দ (হাঁ হাঁ শব্দ করা)। {*ধ্বন্যা.*}

হ্যাঁ ⇒ হাঁ

হাকল *(মবা.)* [হাকল্] *বিণ* আকুল ~ **বিকল, হাকুলি বিকলি** *বিণ* আকুলি বিকুলি; গভীরভাবে ব্যাকুল (কাহ্ন হাকল বিকল—*বচদা*)। {*স.* আকুল>}

হাকানো [হাকানো] *ক্রি* *(মবা.)* বাজন করা বা ঢুলানো (তাহাকে আন তুমি চামর হাকাইয়া—*মাগান*)। {*প্রা.* হক>}

হাকিক [হাকিক্] *বি* একপ্রকার মূল্যবান প্রস্তর। {*অমৃ.*}

হাকিনী [হাকিনী] *বি* হিন্দুপুরাণ মতে দুর্গা দেবীর অন্যতমা যোগিনী। {*স.* হাকিনী}

হাকিম[১] [হাকিম্] *বি* ১ বিচারপতি (হাকিম হয়ে হুকুম দেয় প্যাদা হয়ে মারে—*অঠা*)। ২ শাসনকর্তা। ~ **নড়ে তো হুকুম নড়ে না**—হুকুম দানকারীর প্রস্থান করলেও হুকুম কার্যকর থাকে এমন। **হাকিমি** *বি* বিচারকের বৃত্তি। ◻ *বিণ* ১ বিচার বা বিচারক সম্বন্ধীয়। ২ ভেষজ বিষয়ক (হাকিমি চিকিৎসা)। **নিম-** *বি* হাতুড়ে কবিরাজ। {*আ.* হাকিম حاكم}

হাকিম[২]**, হেকিম, হকীম** [হাকিম্, হেকিম্, হো-] *বি* ১ ইউনানি চিকিৎসক; বৈদ্য; কবিরাজ (বিষম তোমার হৃদয়-ক্ষত, ডাকো হাকিম—*নই*)। ২ বিজ্ঞ; জ্ঞানী। **হকিমি, হকিমী** *বি* হকিমের চিকিৎসা। ◻ *বিণ* ১ হেকিম সম্পর্কিত। ২ ইউনানি; ইউনানি চিকিৎসামতে। {*আ.* হাকীম حكيم}

হাগা [হাগা] *(অশি.)* *ক্রি* পায়খানা করা। ◻ *বি* মলত্যাগ **হাগানো** *ক্রি* মলত্যাগ করানো। {*স.* হদ>}

হাঘর [হাঘর্] *বি* ১ আশ্রয়হীন; নিরাশ্রয়। ২ নিঃস্ব। ৩ হীনবংশ। **হাঘরে** *বিণ* ১ গৃহহীন; আশ্রয়হীন। ২ অন্নহীন। ৩ নিঃস্ব; চালচুলা কিছুই নেই এমন। ৪ নিচুবংশ/জাতি। {*বা.* হাঘরিয়া>হাঘরে}

হাঙ হাঙ, হাঙু হাঙু [হাঙ্‌হাঙ্, হাঙু হাঙু] *বি* বাঘের গর্জন (হাঙ হাঙ হাঁফালে; হাঙু হাঙু হাঁচনালে—*ঘচ*)। {*ধ্বন্যা.*}

হাঙ্গর, হাঙর [হাঙ্‌গোর, হাঙোর] *বি* তীক্ষ্ণদন্ত বৃহদাকার মাছজাতীয় হিংস্র সামুদ্রিক জন্তু; shark। {*স.* হাঙক> হাঙর>; *তুল.* মকর}

হাঙ্গামা, হাঙ্গাম, হ্যাঙ্গাম, হ্যাঙ্গামা [হাঙ্‌গামা, -ম্, হ্যাঙ্‌গাম্, -মা] *বি* ১ দাঙ্গা; লড়াই; মারামারি। ২ গোলমালে (বরযাত্রিগণ খেপিয়া উঠিয়া মহা-হাঙ্গামা করিতে লাগিল—*রঠা*)। ৩ ফ্যাসাদ (যতো সব হাঙ্গাম ছন্দের—*রখাঁ*)। ৪ উৎপাত (অতো হাঙ্গাম কোরো না বাপু)। ৫ বিপদ; বিপত্তি। {*ফা.* হাঙ্গামহ هنگامه}

হাজত[১]**, হাজৎ** [হাজোত্] *বি* বিচারের পূর্বে অপরাধীকে প্রয়োজনমতো হাজির করার জন্য পুলিশের জিম্মায় বন্দী রাখা বা রাখার স্থান (শশীকে হাজত হইতে জামিনে খালাস করিলেন—*রঠা*)। {*আ.* হাজত حاجة}

হাজত[২] [হাজোত্] *বি* ১ মুলতবি খাজনা; স্থগিত রাখা রাজস্ব। ২ অভাব (হাজতের নামাজ)। {*আ.* হাজত حاجة}

হাজরা, হাজারি, হাজারী [হাজ্‌রা, -জারি, -] *বি* ১ হাজার সৈন্যের বা লোকের অধিনায়ক। ২ গ্রামের মোড়ল। ৩ পারিবারিক উপাধিবিশেষ (আবদুল গণি হাজারী)। {*ফা.* হজার هزار}

হাজরি, হাযিরী [হাজ্‌রি, -জিরি] *বি* ১ উপস্থিতি; আগমন। ২ ইউরোপীয় প্রথায় আহার। **ছোট ~** *বি* প্রাতরাশ; লঘু নাস্তা; জলযোগ; breakfast। **বড় ~** *বি* মধ্যাহ্নের পেটভরা খাবার; গুরু ভোজন; lunch; dinner। {*আ.* হাদ্‌রি حاضرى}

হাজা [হাজা] *ক্রি* ১ পানি-কাদায় পচে যাওয়া। ২ পানিতে ভিজে নষ্ট হওয়া (হইয়া উন্মত্ত বেশ হাজালে কলিঙ্গ দেশ—*কমু*)। ৩ প্লাবন বা অতিবৃষ্টিতে শস্য নষ্ট হওয়া। ◻ *বি* অত্যন্ত পানি ঘাঁটার ফলে হাতপায়ের আঙুলের এক প্রকার ক্ষত রোগ। ◻ *বিণ* হেজে গেছে এমন। **~ ভোঁতা** *বিণ* নিকৃষ্ট খারাপ ও নষ্ট (একই ফটোগ্রাফারের বিশখানা হাজা-ভোঁতা প্রিন্ট দেখে দেখে সহ্যের সীমা পেরিয়ে যায়—*সৈমু*)। **~ শুখা** *বিণ* অতিবৃষ্টিতে পচা (চেহারা যেটা ভেসে উঠেছিল চোখের সামনে সেটা নিতান্তই হাজাশুখা, গরলায়েক পতিত জমির চেহারা—*অচিসে*)। হেজে,

হাজিয়া *বিণ* পচে গেছে এমন (মরিয়া হাজিয়া গেল—*বিব*)। {স. মজ্জন>মজ্জা>}

হাজাম, হাজ্জাম [হাজাম্, -জ্জাম্] *বি* ১ মুসলমান ক্ষৌরকার বা নাপিত (একটি হাজ্জামের নিষ্ঠুর হাতে সেলিনার সুন্দর চুল ছিন্নভিন্ন হয়ে যায়—*ওয়ালি*)। ২ যে খতনা করে (সুন্নত করিয়া নাম দেখালো হাজ্জাম—*কমু*)। **হাজামত, হাজামৎ** *বি* ১ ক্ষৌরকর্ম। ২ খৎনাকরণ। {আ. হাজামত حجامة}

হাজার, হাযার [হাজার্] *বি* দশ শত সংখ্যা; ১০০০। □*বিণ* সহস্র/দশ শত সংখ্যক। ~ ~ *বিণ* অসংখ্য; অগণিত; বহুসহস্র (ধনুর্বাণধারী চলে হাজারে হাজার—*রঙ্গসে*)। **হাজারি, হাজারী, হাযারী** *বি* ১ সহস্র সৈন্যের অধিনায়ক (হাজারি পঞ্চম সিংহ ইন্দ্রসেন সুত—*ভারা*)। ২ সহস্র গ্রামের মণ্ডল। ৩ পদবিবিশেষ। {ফা. হাজার هزار}

হাজি[১] ⇒ হাজী

হাজি[২], **হাজী** [হাজি] *বি* যিনি মক্কা থেকে হজ্জ করে এসেছেন। {আ. হাজ্জ حاج ; ফা. হাজী حاجی}

হাজির, হাযির [হাজির্] *বিণ* উপস্থিত; আগত; বর্তমান (যাইয়া হাতেম তাই হইল হাজির—*সৈহা*)। ~**জবাব** *বিণ* উপস্থিত বক্তা; উপস্থিত মতে জবাব দানে পটু। ~**জামিন** *বিণ* নির্দিষ্ট কালে আদালতে কাউকে উপস্থিত করতে হবে এ অঙ্গীকারে জামিন থাকে এমন। **হাজিরা, হাজিরি, হাযিরী, হাজরি** *বি* উপস্থিতি; আগমন (জীয়ন্ত সবার করে হিসাব হাজিরী—*হেমা*)। **গর~** *বিণ* অনুপস্থিত; উপস্থিত না থাকা; অনাগত। {আ. হাদির حاضر}

হাজ্জাম ⇒ হাজাম

হাট [হাট্] *বি* ১ সপ্তাহের এক বা একাধিক নির্দিষ্ট দিনে ব্যাপক ক্রয়-বিক্রয়ের স্থান। ২ (*আল.*) প্রচুর উপস্থিতি; বহু লোকের সমাবেশ (রূপের হাট)। ~ **করা** *ক্রি* ১ হাট থেকে দ্রব্যাদি কেনা। ২ (*আল.*) উন্মুক্ত করা; খোলা (দরজা হাট করে রেখেছ কেন?)। ৩ (*আল.*) বিশৃঙ্খল বা এলোমেলো করা; অগোছালো (বইগুলো হাট করা)। ৪ (*আল.*) প্রকাশ করা। ৫ (*আল.*) কোলাহল; চেঁচামেচি বা গোলমাল করা। ~**কানা** *বি* হাটের রকমারি জিনিস দেখে যার তাক লেগে যায়। ~ **বসা**, ~**লাগা** *ক্রি* ১ হাটে বেচা-কেনা শুরু হওয়া। ২ হাটে ক্রয়-বিক্রয় আরম্ভ হওয়া। ৩ (*আল.*) বহুজনের সমাবেশ হওয়া। ৪ (*আল.*) হাটের মতো চেঁচামেচি; গণ্ডগোল করা (ক্লাসে যেন হাট বসেছে)। ~ **বসানো** *ক্রি* ১ হাট স্থাপন করা। ২ (*আল.*) প্রচুর লোক আসা। ৩ (*আল.*) হৈচৈ বা চেঁচামেচি বা চিৎকার করা। ~**বার** *বি* হাটের দিন; সপ্তাহের যে দিনে হাট বসে। **হাটুরে, হাটুরিয়া** *বি* হাটে যে ক্রয়-বিক্রয় করে (হাটের শেষে রুক্ষ বেশে ঠিক দুপুরে ধায় হাটুরে—*সদ*)। □*বিণ* ১ হাটে বিক্রয় করার জন্য পণ্য বহনকারী (হাটুরে গাড়ি)। ২ হাটে ক্রয়-বিক্রয়কারী। **হাটে বিকানো** *ক্রি* দশজনের দ্বারা আদৃত হওয়া। **হাটের দুয়ারে কপাট** *বি* অসম্ভব ব্যাপার। **হাটে হাড়ি ভাঙা** *ক্রি* গোপন কথা প্রকাশ করা বা প্রকাশ হয়ে যাওয়া। **ভাঙা** *বি* যে হাটে ক্রয়বিক্রয় প্রায় শেষ হয়েছে; পড়ন্ত অবস্থা। {স. হট্ট>}

হাটক [হাটক্] *বি* ১ স্বর্ণ; রৌপ্য প্রভৃতি মূল্যবান ধাতু। ২ দেশের নাম (নগর হাটক নিবাসী—*কাদা*)। □*বিণ* সোনার তৈরি। {স. √হট্+অক(ণ্বুল)}

হাটহদ্দ [হাট্‌হদ্‌দো] *বি* ১ সকল ব্যাপার। ২ সব খবর; শেষ সীমা। {হাট+হদ্দ}

হাটুয়া, হেটো [হাটুয়া, হেটো] *বিণ* ১ হাট সম্বন্ধে। ২ হাটে বিক্রয়যোগ্য। ৩ হাটে পাওয়া যায় এমন; হাটে প্রাপ্তব্য। {স. হাট+উয়া>}

হাটুরা, হাটুরিয়া, হাটুরে ⇒ হাট

হাট্যা (*মধ্য.*) [হাট্‌ট্যা] *বি* বিক্রয়ের জন্য হাটে পণ্য আনয়নকারী (হাট্যা চলিল আনন্দে—*কমু*)। {স. হাট+উয়া>হাটুয়া>হাট্যা}

হাড় [হাড়্] *বি* ১ অস্থি। ২ (*আল.*) মর্ম; শরীরের অন্তরতম বা গভীরতম স্থান (হাড়ে হাড়ে টের পাওয়া)। ~ **কাটে তো মাস কাটে না**—অত্যন্ত ভোঁতা অথচ ভারী অস্ত্র; তাবহেতু হাড় ভাঙে কিন্তু ধার না থাকায় মাংস কাটে না। ~ **কালি হওয়া**, ~ **ভাজা হওয়া** *ক্রি* ১ অত্যন্ত দুঃখ-কষ্ট ভোগ করা। ২ অতিরিক্ত পরিশ্রমে নির্জীব হয়ে পড়া। ~**কৃপণ**, ~**কিপটে** *বিণ* অতি কৃপণ-স্বভাব। ~ **গুঁড়া করা** *ক্রি* ভীষণভাবে প্রহার করা। ~**গোড়** *বি* অস্থিপঞ্জরাদি; অস্থি ও উপাস্থি প্রভৃতি। ~**জিরজিরে** *বিণ* কঙ্কালসার। ~**জুড়ানো** *ক্রি* স্বস্তি লাভ করা; শান্তি পাওয়া। ~ **জ্বালানো** *ক্রি* অতিশয় জ্বালাতন করা। □*বিণ* অত্যন্ত জ্বালাতন করে এমন। ~**বজ্জাত** *বিণ* অতি দুষ্ট প্রকৃতির লোক (হাড়-বজ্জাত লড়াইবাজ)। ~ **ভাঙা** *ক্রি* খুব মার দেওয়া (পিটিয়ে হাড় ভাঙা); চোট পেয়ে বা দুর্ঘটনায় হাড়ি ভেঙে যাওয়া। □*বিণ* অতিশয় শ্রমসাধ্য (হাড় ভাঙা খাটুনি)। ~ **ভাজা ভাজা হওয়া** *ক্রি* নির্যাতিত হওয়া। ~ **মাটি করা** *ক্রি* দেহপাত করা। ~**মাস** *বি* অস্থি ও মাংস (জাহাজে দিনের পরদিন রাতের পর রাত দুঃসহ গরমে হাড়মাস যেন কাবার হয়ে গিয়েছিল—*সৈমু*)। ~**মাস আলাদা করা** *ক্রি* নিদারুণ প্রহার করা। ~**হদ্দ** *বি* শরীরের গভীরতম অস্থিসীমা পর্যন্ত; আদ্যন্ত; নাড়ি-নক্ষত্র (সর্দারজী দেখলুম এদের হাড়হদ্দ সবকিছুই জানেন—*সৈমু*)। ~**হাবাতে** *বিণ* একেবারে নিঃস্ব; লক্ষ্মীছাড়া (ঐ যে হাড়হাবাতে ছোটলোকের ঘরের মেয়ে এনেছিলাম, সংসারটা শুদ্ধ উচ্ছন্ন দিলে—*বিব*)। **হাড়ে চটা** *বিণ* অত্যন্ত ক্রুদ্ধ; অতিশয় চটা ভাবাপন্ন। **হাড়ে বাতাস লাগা** *ক্রি* স্বস্তিবোধ করা; বিশ্রাম ও শান্তি ভোগ করা (ওটাকে দূর করিতে পারিলেই আমার হাড়ে বাতাস লাগে—*রঠা*)। **হাড়ে দূর্বা গজানো** *ক্রি* দীর্ঘ বা বিফল প্রতীক্ষা করা। **পাকা হাড়, পাকা হাড্ডি** *বি* অভিজ্ঞ ব্যক্তি; কুলীন। {স. হড্ড>}

হাড়গিলা, হাড়গিলে [হাড়গিলা, -লে] *বি* শকুনিজাতীয় মাংসাশী পাখি। {হাড়+গিলা}

হাড়জিরজিরে, হাড়হদ্দ, হাড়হাবাতে ⇒ হাড়

হাড়াই-ডোমাই [হাড়াইডোমাই] *বি* হাড়ি-ডোমের আচরণ; নীচতা; ইতরামো (তাই এমন হাড়াই-ডোমাই করছিলো—*অচিসে*)। {হাড়ি>+ডোম>}

হাড়ি, হাড়ী [হাড়ি] *বি* জাতিবিশেষ; অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ। **হাড়িনী** *বি স্ত্রী.*। {*স.* হড্ডিক>}

হাড়িকাঠ, হাড়িকাট, হাড়কাট [হাড়িকাঠ্, –ট্, হাড়্‌কাট্] *বি* ১ একপ্রকার কাষ্ঠনির্মিত ফাঁদ যাতে পশু বলি দেওয়া হয়; যূপকাষ্ঠ (দ্বেমক ছাগলকে হাড়িকাঠে ফেলিয়া—*বচ*)। ২ পা আটকে রাখার জন্য বেড়িজাতীয় কাষ্ঠবিশেষ। **হাড়িকাঠে মাথা বা গলা দেওয়া** *ক্রি* ইচ্ছাকৃতভাবে মৃত্যুবরণ করা; নিশ্চিত ও গুরুতর বিপদ বরণ করা। (হাড়িকাঠে গলা দিবে—*শচ*)। {ঘাড়কাট>}

হাড়িপা, হাড়িফা, হাডিপা (*মবা.*) [হাড়িপা, –ফা, হাডিপা] *বি* হাড়িজাতীয় যোগী পুরুষ (হাড়িপা কানূপা বন্দিলাম জ্ঞানবিন্দ—*গোদা*)। {*স.* হড্ডি+পাদ>}

হাড়িয়া (*মবা.*) [হাড়িয়া] *বিণ* ঈশান। ~ **কোণ** *বি* ঈশান কোণ; উত্তর ও পূর্বদিকের মধ্যবর্তী কোণ (হাড়িয়া কোণে যেন দেওয়া গর্জিল—*মাগান*)। {হর(শিব)+ইয়া>}

হাডু-ডুডু, হাডুডু [হাডুডুডু, হাডুডু] *বি* কাবাডি বা কপাটি খেলা। {*ধ্বন্যা.*}

হাণ্ডা [হান্‌ডা] *বি* বড় আকারের হাঁড়ি; হাঁড়া। {হণ্ডিক>}

হাণ্ডি, হাণ্ডিয়া [হান্‌ডিয়া] *বি* হাঁড়ি। □ *বিণ* হাঁড়ির মতো বৃহদাকার (হাণ্ডিয়া হাণ্ডিয়া তাল—*মাকৃ*)। {হণ্ডিকা>}

হাড্ডি [হাড্‌ডি] *বি* হাড় (দেখিনি শ্রীহীন এই মানুষ জীর্ণ হাড্ডি-চামড়া সার—*নই*)। **–সার** *বিণ* কঙ্কালসার; অতিশয় জীর্ণ-শীর্ণ (পাঁচফুট লম্বা টিঙটিঙে হাড্ডিসার ছোকরা—*সৈমু*)। {*স.* হড্ড>}

হাত [হাত্] *বি* ১ হস্ত। ২ পাণি; কর। ৩ ভুজ; বাহু। ৪ মণিবন্ধ কনুই অথবা বগল থেকে আঙুলের অগ্রভাগ পর্যন্ত দেহাংশ। ৫ আঠারো ইঞ্চি বা চব্বিশ আঙুল পরিমিত দৈর্ঘ্যের একক। ৬ (*আল.*) প্রভাব (আমি কি করব বলুন, আমার কি হাত—*প্রেমি*)। ৭ (*আল.*) সহায়তা বা বিরোধিতার জন্য হস্তক্ষেপ (এ ব্যাপারে সে হাত দিয়েছে)। ৮ (*আল.*) অধিকার; দখল; আয়ত্ত; অধীন (হাতে আসা)। ~ **আসা** *ক্রি* অভ্যাস বা রপ্ত হওয়া; দানের অভ্যাস হওয়া (হাত আসুক)। ~ **ওঠানো** *ক্রি* নিরস্ত হওয়া। ~ **কচলানো** *ক্রি* দুই করতল ক্রমাগত ঘষে অতি দীনভাবে মিনতি করা বা প্রার্থনা করা। ~**কড়ি, –কড়া** *বি* অপরাধীর হাতের শৃঙ্খলযুক্ত লৌহ বলয়বিশেষ। ~ **করা** *ক্রি* ১ হস্তগত করা। ২ বশে আনা; আয়ত্ত করা। **–কর্জা** *বি* চিঠা বা টোকাবিহীন ঋণ। ~**–করাত** *বি* এক হাত দিয়ে চালানো যায় এমন ছোট করাত। ~**কষা** *বি* কৃপণ। **–কাটা** *বিণ* ১ হাত কাটা গেছে এমন; ছিন্নহস্ত। ২ বগল থেকে কনুই পর্যন্ত হাতাযুক্ত; সম্পূর্ণ হাতাশূন্য (হাত-কাটা জামা)। **– কামড়ানো** *ক্রি* বঞ্চিত হয়ে আফসোস করা। ~ **কামড়ানি** *বি* অনুতাপ; আফসোস। ~**খরচ** *বি* ব্যক্তিগত খুচরা ব্যয়। ~**খালি** *বিণ* রিক্তহস্ত; নিঃস্ব। ~ **খালি করা** *ক্রি* রিক্তহস্ত বা নিঃস্ব হওয়া; হাতে পয়সা না থাকা। ~**খোলা** *বিণ* ১ খরচে; ব্যয়শীল। ২ দাতা; দানশীল। ~ **গুটানো** *ক্রি* নিরস্ত হওয়া; নিজকে লিপ্ত না রাখা। ২ কারবার বন্ধ করা। ~ **গোনা** *ক্রি* হস্তরেখা দেখে ভাগ্য স্থির করা; জ্যোতিষ বিদ্যাবলে ভূত-ভবিষ্যৎ গণনা করা। ~**চলা** *ক্রি* ১ প্রহার করা। ২ দ্রুত হস্তে কাজ করা। ~**চিঠা** *বি* ক্ষুদ্র চিঠি; রসিদ; প্রাপ্তিস্বীকারপত্র। ~ **চুলকানো** *ক্রি* ১ কোনো কিছু করার জন্য হাত নিসপিস করা বা অস্থিরতা প্রকাশ করা। ২ অর্থপ্রাপ্তি বা খরচের ইঙ্গিত বলে প্রচলিত বিশ্বাস। ~**ছাড়া** *বিণ* হস্তচ্যুত; বেহাত; হাতের বাইরে; অধিকারচ্যুত; বেদখল। ~**ছানি** *বি* হাত নেড়ে ইঙ্গিত বা ইশারা (একটি চতুর্দশবর্ষীয়া বালিকা প্রফুল্লকে হাতছানি দিয়া ডাকিল—*বচ*)। ~**জোড় করা** *ক্রি* ১ ক্ষমা প্রার্থনা করা। ২ মিনতি করা। ৩ নমস্কার করা। **– জোড়া থাকা** *ক্রি* ১ হাতে কাজ থাকা; কর্মব্যস্ত থাকা। ২ অবসর না থাকা; কাজে লিপ্ত থাকা। **–টান** *বি* ১ কৃপণতা; কিপটেমি। ২ অর্থাভাব। ৩ চুরি-ছেঁচড়ামির অভ্যাস। ~**ড়ানো** *ক্রি* হাত দিয়ে অনুভবের সাহায্যে অনুসন্ধান করা বা খোঁজা। ~**তালি** *বি* করতালি; দুই করতলে পরস্পর আঘাত। **–তোলা**[1] *ক্রি* ১ হাত উঠানো। ২ প্রহার বা সমর্থনের জন্য হাত উঁচুতে ওঠানো। ~**তোলা**[2] *বি* অন্যের অনুগ্রহস্বরূপ প্রদত্ত অর্থ বা গ্রাসাচ্ছাদন। □ *বিণ* ১ অপরের অনুগ্রহের উপর নির্ভরশীল। ২ অন্যের অনুগ্রহস্বরূপ প্রদত্ত। **– দেওয়া** *ক্রি* ১ হস্তক্ষেপ করা (আমার হাতের কাজে তোমার আর হাত দিতে দিচ্ছি না—*অঠা*)। ২ হাত দিয়ে স্পর্শ করা। ৩ সহায়তা বা বিরোধিতার জন্য হস্তক্ষেপ করা। ~ **দেখা** *ক্রি* ১ করেরেখা বিচার করে ভাগ্য নির্ণয় করা। ২ নাড়ি পরীক্ষা করে রোগের অবস্থা নির্ণয় করা। ~**–ধরা** *বিণ* বশীভূত; অধীন; বশবর্তী। □ *ক্রি* হস্তগ্রহণ করা; অন্যের হস্ত অবলম্বন করা। ~ **ধুয়ে বসা** *ক্রি* ১ আশা ত্যাগ করা। ২ (*ব্য.*) দাওয়াত রক্ষা করতে গিয়ে আহারের জন্য অত্যধিক ব্যস্ত হওয়া। ~ **পড়া** *ক্রি* ১ হস্তক্ষেপ হওয়া; হাতলাগা। ২ স্পর্শ লাগা। ~ **পাকানো** *ক্রি* অভ্যাস দ্বারা নিপুণতা লাভ করা। **– পা চলা** *ক্রি* ১ একই সঙ্গে হাত ও পা দিয়ে প্রহার করা। ২ চড় ঘুষি ও লাথি মারা। **– পা ছেড়ে দেওয়া** *ক্রি* নিশ্চেষ্ট হওয়া; হতাশ হওয়া; মরণাপন্ন অবস্থা। ~ **পাতা** *ক্রি* ভিক্ষা করা। **– পাতা রোগ** *বি* ঘুষ খাওয়ার বদ অভ্যাস। **– পা না ওঠা** *ক্রি* খুব ভীত ও অসহায় বোধ করা। ~**–পা পেটের মধ্যে ঢোকা/সেঁধুনো** *ক্রি* অত্যন্ত আতঙ্কগ্রস্ত হওয়া। ~**–পা বাঁধা** *বিণ* অসহায়; উপায়হীন; নিরুপায়। ~**–পা বেঁধে জলে ফেলা** *ক্রি* পরিত্রাণ লাভের পথ রুদ্ধ করে মৃত্যুমুখে বা নিদারুণ বিপদে নিক্ষেপ করা। □ *বি* অপাত্রে কন্যাদান। ~**–পা বের হওয়া** *ক্রি* ১ যথেষ্ট পরিমাণে অতিরঞ্জিত হওয়া। ২ কর্মশক্তি অতিশয় বৃদ্ধি পাওয়া। **– ফসকানো** *বি* ১ হাত থেকে চলে যাওয়া। ২ হাত থেকে পিছলে পড়ে যাওয়া। ~**–ফেরতা** *ক্রিবিণ* ঘুরে-ফিরে; ক্রমান্বয়ে হাত বদল হয়ে (ইহাই হাত-ফেরতা হইতে হইতে আমাদের ইতিহাস ও তফছিরে প্রবেশ লাভ করিয়াছে—*আখাঁ*)। **–ফেরানো** *ক্রি* এক জনের হাত থেকে অন্য জনের হাতে যাওয়া। ~**বদল** *বি* হস্তান্তর; অধিকার বদল; অন্য হাতে

যাওয়া। ~বাক্স *বি* টাকাকড়ি রাখার ছোট বাক্স। ~**বাড়ানো** *ক্রি* ১ কিছু ধরবার বা সাহায্য করার জন্য হাত বিস্তার করা। ২ *(আল.)* লোভ করা। ৩ লাভ করতে চেষ্টা করা। ~**ভারী** *বিণ* কৃপণ; ব্যয়কুণ্ঠ। ~**মোজা** *বি* দস্তানা। ~**যশ** *বি* দক্ষতার খ্যাতি। ~ **রাঁড় করা** *ক্রি* বিধবার মতো হাত খালি করা। **হাতল** *বি* বস্তুকে ধরবার জন্য বস্তুসংলগ্ন আংটা; handle; বাঁট। ~ **লাগানো** *ক্রি* কাজে প্রবৃত্ত হওয়া। ~**সই** *বি* হাতের ভালো নিশানা। □*বিণ* এক হাত মাপবিশিষ্ট। ~**সাফাই** *বি* ১ চুরি (দু হাতা দুধ-সাফাই করে রেখে দিয়েছে—*অচিসে*)। ২ হাতের ছলা-কলা; হাতের পটুতা। **হাতে করা** ⇒ হাতে নেওয়া। **হাতে কলমে** *ক্রিবিণ* স্বহস্তে কাজ করে এমন (নিজের পুত্রকে হাতে কলমে রসায়ন শিক্ষা দেন—*আম*)। **হাতেখড়ি** *বি* ১ শিশুদের প্রাথমিক শিক্ষারম্ভ অনুষ্ঠান। ২ *(আল.)* কোনো কিছুতে প্রথম হস্তক্ষেপ; কর্মারম্ভ। ৩ *(আল.)* শিক্ষারম্ভ; শিক্ষা শুরু (সবে তো হাতে খড়ি)। **হাতে খোলা** *বিণ* হস্তে ভিক্ষাপাত্র অর্থাৎ সর্বস্বান্ত। **হাতে গড়া** *বিণ* ১ হস্তদ্বারা নির্মিত (হাতে গড়া রুটি)। ২ স্বয়ং শিখিয়ে পড়িয়ে মানুষ করা (নিজ হাতে গড়েছি ওকে)। ৩ কারো দ্বারা বিশেষভাবে শিক্ষিত বা প্রভাবান্বিত (তুমি তো বাবার হাতে গড়া)। **হাতে থাকা** *ক্রি* ১ সঞ্চিত থাকা। ২ অনুকূল থাকা। ৩ বশে থাকা। **হাতে ধরা** *ক্রি* বিশেষভাবে অনুরোধ বা মিনতি করা। **হাতে নয় ভাতে মারা** *ক্রি* ১ প্রহার না করে শুধু খাদ্য না দিয়ে শেষ করা। ২ *(আল.)* বলপ্রয়োগ না করে খাদ্য বন্ধ করে দুর্বল করা। **হাতে-নাতে** *ক্রিবিণ* ১ অপরাধের প্রমাণ শুদ্ধ; বমাল; মালসহ। ২ অপরাধ কার্যে রত অবস্থায়। **হাতে নেওয়া, হাতে করা** *ক্রি* ১ গ্রহণ করা। ২ দায়িত্ব নেওয়া। **হাতে পাওয়া** *ক্রি* আয়ত্তে পাওয়া; কর্তৃত্ব প্রদর্শনের সুযোগ পাওয়া। **হাতে পাঁজি মঙ্গলবার**—*(আল.)* মীমাংসার নির্ভরযোগ্য উপায় থাকতে তর্ক-বিতর্ক বৃথা। **হাতে বেড়ি পড়া** *ক্রি (আল.)* অপরাধের দায়ে গ্রেপ্তার হওয়া। **হাতে মাথা কাটা** *ক্রি* ১ শুধু হাত দিয়ে মাথা কাটার মতো অসম্ভব কাজ সাধন করা। ২ *(আল.)* নিদারুণ উদ্ধত ও শক্তিমদমত্ত হয়ে যা খুশি তা করতে ইচ্ছা করা। **হাতে মারা** *ক্রি* প্রহার করা। **হাতের জল না গলা** *ক্রি (আল.)* অত্যন্ত কৃপণতা করা। **হাতের ঢিল ছুড়ে দিলে আর ফেরে না** *(আল.)* সুযোগ নষ্ট করলে আর পাওয়া যায় না। **হাতের পাঁচ** *বি* যার উপর নিজের বিশেষ অধিকার আছে; শেষ সম্বল। **হাতের পুতুল** *বিণ* যাকে দিয়ে ইচ্ছামতো কাজ করানো যায় (ইংরেজের হাতের পুতুল —*মমু*)। **হাতের লক্ষ্মী পায়ে ঠেলা** *ক্রি* হেলায় সুযোগ নষ্ট করা। **হাতে হাঁড়ি** *বি* পাকস্পর্শ; বউভাত। **হাতে হাতে** *ক্রিবিণ* সঙ্গে সঙ্গে; তৎক্ষণাৎ; সদ্য সদ্য; সরাসরি। **কপালে ~ দেওয়া** *ক্রি* অদৃষ্টের দোহাই দেওয়া। **কাঁচা ~** *বি* অপটুতা; নৈপুণ্য বা দক্ষতার অভাব; অনভিজ্ঞতা। **গালে হাত দেওয়া** *ক্রি* বিস্ময় বা বিষাদ প্রকাশ করা। **ডান~ বাঁ~ করা** *ক্রি* আদান-প্রদান করা। **ডান হাতের ব্যাপার** *বি* ভোজন; আহার। □*ক্রিবিণ* আহারের আয়োজন। **পাকা~** *বি* ১ নৈপুণ্য; পটুত্ব। ২ দক্ষতা; অভিজ্ঞতা। **পায়ে ~ দেওয়া** *ক্রি* ১ প্রণাম করা; কদমবুসি করা। ২ চরণ স্পর্শ করে মিনতি বা প্রতিজ্ঞা করা। **বাঁ হাতের ব্যাপার** *বি* ১ *(আল.)* ঘুষ বা উৎকোচ গ্রহণ। ২ উৎকোচ। **বুকে ~ দেওয়া** *ক্রি* সাহস প্রকাশ করা। **মাথায় ~ দেওয়া** *ক্রি* ১ *(আল.)* হতাশ হওয়া। ২ অন্যের মাথায় হাত রেখে প্রতিজ্ঞা করা। **মাথায় ~ বুলানো** *ক্রি* ১ *(আল.)* সান্ত্বনা দেওয়া। ২ প্রবঞ্চনা করা। {স. হস্ত>প্রা. হত্থ>বা. হাত}

হাতড়ানো ⇒ হাত

হাতল ⇒ হাত

হাতা[১] [হাতা] *বি* ১ বাটিযুক্ত দীর্ঘ সরু দণ্ডবিশেষ; দীর্ঘ হাতলযুক্ত বাটি; দবি (ইচ্ছে যে করে উহাদের মুখে হাতা পুড়াইয়া দাগে—*জউ*)। {স. হস্ত>বা. হাত+আ}

হাতা[২] [হাতা] *বি* ১ জামার আস্তিন (ফুল-হাতা জামা)। ৩ বাঘ প্রভৃতির নখরযুক্ত সম্মুখের পদ; থাবা। **ফুল~** *বিণ* কব্জি পর্যন্ত হাতাবিশিষ্ট। **হাফ~** *বিণ* কনুই পর্যন্ত হাতাবিশিষ্ট। {স. হস্ত> বা. হাত+আ}

হাতা[৩], **হাথা** [হাতা, -থা] *বি* ১ সীমা; এলাকা; গৃহসংলগ্ন বেষ্টিত স্থান (বাড়ীর হাতা)। ২ *(আল.)* দখল; অধিকার। {আ. ইহাতাহ্ إحاطة >হাতা (আদিস্বরলোপে)}

হাতা[৪] [হাতা] *বি* প্রতিবন্ধক; বাধা (হতে এলি হাতা—*ঘচ*)। {স. হন্তা>হাতা}

হাতানো [হাতানো] *ক্রি* ১ হাত দিয়ে নেড়েচেড়ে দেখা। ২ হস্তগত করা; অধিকার করা। ৩ আত্মসাৎ করা; অপহরণ করা। □*বি, বিণ* উক্ত সকল অর্থে। {হাত+আনো}

হাতাহাতি [হাতাহাতি] *বি* হাত দিয়ে মারামারি। {হাত+আ, হাত+ই; বহু}

হাতি, হাতী [হাতি] *বি* ১ হস্তী; গজ; করী। ২ *(আল.)* অত্যন্ত স্থূলকায় ব্যক্তি; খুব মোটা লোক। ~ **পোষা** *ক্রি (আল.)* অত্যন্ত ব্যয়সাধ্য কাজ করা। **হাতির খোরাক** *বি (আল.)* প্রচুর ব্যয়; বিরাট খরচ। **হাতির পাঁচ পা দেখা** *ক্রি* অতিশয় বাড়াবাড়ি করা। **হাতির ভোগে/হাতির মুখে দূর্বা ঘাস** *বিণ* যেখানে প্রভূত ভোজ্যের প্রয়োজন সেখানে অল্প খাদ্যের আয়োজন। ~**শাল** *বি* পিলখানা; হাতির আস্তাবল। ~**শুঁড়** *বি* এক প্রকার গুল্ম যার ফুলের মঞ্জরি হাতির শুঁড়ের মতো। **দুয়ারে ~ বাঁধা থাকা** *ক্রি* অত্যন্ত ধনী হওয়া। {স. হস্তিন্>}

-হাতি, -হাতী [হাতি] *বিণ* হস্ত পরিমিত (দশহাতি কাপড়)। {হাত+ই}

হাতিয়ার [হাতিয়ার] *বি* ১ হাতে বহন করা যায় এমন অস্ত্রশস্ত্র। ২ শিল্পসাধন যন্ত্র; হস্ত দ্বারা ব্যবহারযোগ্য যন্ত্রপাতি। ৩ প্রয়োজনীয় অস্ত্রাদি (প্রাচীন শাস্ত্রকেই তারা সংগ্রামের হাতিয়ার তৈয়ার করেন—*আনিস*)। {স. হস্ত>হাত+স. অস্ত্র>আর; তুল. হি. হথিয়ার}

হাতুড়ি, হাতুড়ী [হাতুড়ি] *বি* লোহার ছোট মুগুর যা দিয়ে পেরেক প্রভৃতি পিটানো বা ঠোকা হয় (তোমার হুকুমে হাতুড়ি হাঁকাই—*সদ*)। {হাতমুগুর>}

হাতুড়ে, হাতুড়িয়া [হাতুড়ে, -ড়িয়া] *বিণ* আনাড়ি বা

অশিক্ষিত চিকিৎসক (তাহাকে হইতে হয় পাড়াগাঁয়ের হাতুড়ে ডাক্তার—*বিব*)। ❑*বি* অশিক্ষিত; আনাড়ি; অনভিজ্ঞ। {হাত+উড়িয়া>হাতুড়িয়া>হাতুড়ে}

হাতে-নাতে ⇒ হাত

হাথা ⇒ হাতা[১], হাতা[২]

হাথাড়িয়া [হাথাড়িয়া] *অক্রি* হাতড়িয়ে (দেখিতে না পায় ইন্দ্র হাথাড়িয়া ইলি—*কাদা*)। {*স.* হস্ত>হাত>হাথড়াইয়া}

হাথান [হাথানো] *ক্রি* হস্তগত করা। {হাতানো>হাথানো}

হাথাঞা (*মবা.*) [হাথায়াঁ] *অক্রি* হস্তগত করে (দুর্বলা হাথাঞা তায়—*কমু*)। {হাতানো>হাথানো}

হাদিস, হদিস[২], হাদিছ [হাদিস] *বি* মুসলিমদের অনুসৃত হজরত মুহম্মদের (সা.) নির্দেশ, কর্ম ও আচরণসমষ্টি। তাঁর অনুমোদিত বাক্য ও কার্য হাদিস নামে পরিচিত। {*আ.* হাদিছ حديث }

হানো, হান [হানো] *ক্রি* ১ নিক্ষেপ করো; মারো (হান রহিমার বুকে তোমার শাণিত অস্ত্র—*শেক*)। {*স.* √হা+ *বা.* আনো}

হানা[১] [হানা] *ক্রি* ১ আক্রমণ করা। ২ ছোড়া; নিক্ষেপ করা (অস্ত্র হানা)। ৩ মারা; হনন করা; হত্যা করা; বধ করা। ❑*বি* ১ আক্রমণ (এবার আসিলে হানা—*সদ*)। ২ খানাতল্লাশি; গ্রেপ্তার করার জন্য আগমন (পুলিশের হানা)। ❑*বিণ* অপদেবতাদের দ্বারা আক্রান্ত বা অধিকৃত (হানাবাড়ি)। ~**দার** *বিণ* আক্রমণকারী; অন্যায়ভাবে আক্রমণকারী (যেন কোন হানাদার দুর্গ আক্রমণ করেছে —*ওহ*)। ~**বাড়ি** *বি* ভূত প্রেত অপদেবতার আশ্রয়স্থল। ~**হানি** *বি* আঘাত-প্রত্যাঘাত; আক্রমণ-প্রতি-আক্রমণ। {হান+আ+হান+ই; বহু}

হানা[২] [হানা] *বি* ১ কণ্ঠ; গলদেশ; বাহু। ২ জিন; গদি (রত্ন ভরা খুঙ্গীপুঁথি ঘোড়ার হানায়—*ভারা*)। {*আ.* হুনক حنك }

হানাফি, হানিফি [হানাফি, –নি–] *বি* ইমাম আবু হানিফার মতাবলম্বী মুসলিম (দুনিয়ার অধিকাংশ মুসলমান হানাফী মযহাব অনুসরণ করে। হানিফী ওহাবী ফেল্ রে ভাঙ্গিয়া —*ইহো*)। {*আ.* হানিফাই حنيفه }

হানি [হানি] *বি* ১ ক্ষতি; অপচয়; লোকসান (তাহাতে হানি কি)। ২ দোষ-ত্রুটি। ❑*বিণ* নাশ (প্রাণহানি)। ~**কর,** ~**জনক** *বিণ* ১ ক্ষতিকর। ২ বিনাশক। {*স.* √হা+ তি(ক্তি)}

হানিফি ⇒ হানাফী

–**হানী** [হানি] *বি* ঘাতক; হন্তা (পুত্রহানী শত্রু সে দুর্মতি —*মদ*)। {*স.* √হন>}

হাপর [হাপোর] *বি* ১ চুল্লিতে হাওয়া দেওয়ার জন্য নলসংযুক্ত চামড়ার তৈরি থলি; ভস্ত্রা (রেতো তার হাপর ঠেলতে ঠেলতে তাকে একবার আড়নয়নে দেখে নিল—*নই*)। ২ জেলেদের মাছ জিইয়ে রাখার আধারবিশেষ। ৩ যেখানে বীজ অঙ্কুরিত হয়। {*স.* খর্পর>}

হাপরানো [হাপ্‌রানো] *ক্রি* তরল খাদ্য সশব্দে খাওয়া। ❑*বি* উক্ত অর্থে। {√হাপরা>}

হাপিত্যাশ ⇒ হা

হাপু [হাপু] *বি* দুশ্চিন্তা; ভাবনা; প্রমাদ; হাহুতাশ (মালিনী বলিছে বাপু এত কেন ভাব হাপু—*ভারা*)। {হাঁপ>}

হাপুতা, হাপুতি, হাপুতী (*মবা.*) [হাপুতা, –তি, –] *বিণ* অপুত্রক বা পুত্রহীনা (হাপুতির পুত্র যেন দরিদ্রের কড়ি—*কাদা*)। **হাপুতিনী** *বিণ* মৃত কন্যার জন্য শোকাতুরা। **হাপুত** *পু.*। {হা+*স.* পুত্র>পুত+আ, ই, ঈ}

হাপুস[১] [হাপুশ্] *অব্য* হাপরানোর শব্দ (হাপুস হাপুস করে খাওয়া)। {*ধ্বন্যা.*}

হাপুস[২] [হাপুশ্] *বিণ* বাষ্পাচ্ছন্ন; অশ্রুপূর্ণ (হাপুস নয়ন)। ~ **নয়নে** *বি* অশ্রুপূর্ণ নয়নে (হাপুস নয়নে কাঁদিতে লাগিলেন—*দীমি*)। {*স.* সবাষ্প>(বর্ণবিপর্যয়ে) বাপস>}

হাফ [হাফ্] *বিণ* ১ অর্ধ; অর্ধেক (হাফ হাতা)। ২ খাটো; হ্রস্ব (হাফ প্যান্ট)। ~**-আখড়াই** *বি* ১ আখড়াই অপেক্ষা অল্প সময় স্থায়ী সঙ্গীত-সভাবিশেষ। ২ বাংলার প্রাচীন সঙ্গীতের বৈঠকবিশেষ। ~**-টাইম** *বি* বিরতি; অর্ধেক সময় (হাফ টাইমের পর খেলাটা যদি দেখতেন—*সৈমু*)। ~ **টিকিট** *বি* অল্পবয়স্ক যাত্রী বা দর্শকের জন্য অর্ধেক বা অপেক্ষাকৃত কম মাশুলে ক্রয়যোগ্য টিকিট। **হাফডে,** ~**-হলিডে** *বি* কর্মস্থানে বা বিদ্যালয়ে একবেলা ছুটি। {*ই.* half}

হাফটোন [হাফ্‌টোন্] *বি* রং এবং সূক্ষ্ম রেখা দ্বারা তৈরি আলোকচিত্র। {*ই.* halftone}

হাফারখানা [হাফারখানা] *বি* নহবৎখানা (রসুন-চকী বাজায়ে তারা হাফারখানা ঘরে—*মৈগী*)। {*অমূ.*}

হাব[১] [হাব্] *বি* মনোহর লাস্য বা বিলাস-ভঙ্গি। ~**ভাব** *বি* ১ ছলাকলা (হাবভাব করে এসে বলে আমি এই কারণে সুন্দর—*অঠা*)। ২ চালচলন। {*স.* √হ্বে+অ(ঘঞ্)}

হাব[২] [হাব্] *বি* আহ্বান। {*স.* √হ্বে+অ(ঘঞ্)}

হাবজা [হাবজা] *বি* জঞ্জাল; আবর্জনা; বাজে বা অসার বস্তু; অকিঞ্চিৎকর জিনিস। ~ **গোবজা** *বিণ* তুচ্ছ; অকিঞ্চিৎকর; অসার বাজে পাঁচমিশালি। {*স.* আবর্জনা>}

হাবড়হাটি [হাবোড়হাটি] *বি* ১ কর্দম; পঙ্ক; জলকাদা; কাদামাটি। ২ আজেবাজে কথা (তবে কেন আমি এত হাবড়হাটি লিখিয়া মরি—*বচ*)। {বোড়>হাবড়+হাট (বহুলোকের চিৎকার চেঁচামেচিতে পূর্ণ)+ই}

হাবড়া [হাব্‌ড়া] *বিণ* অসাড়; অকর্মণ্য; অথর্ব (তোকেও একটা বুড়ো-হাবড়া বর কুটিয়ে দিয়ে নেকা দিয়ে দেব—*নই*)। {হা+বুড়া>; *হি.* হাবড়া(খাদ্যলোলুপ)>}

হাবলা [হাবলা] *বিণ* ১ হাবা; নির্বোধ; বুদ্ধিহীন। ২ হাবার তুল্য। {*ফা.* আব্‌লহ্ ابله }

হাবলি ⇒ হাবেলি

হাবশি, হাবসি, হবশী [হাবশি, –, হব্‌শি] *বি* ১ আবিসিনিয়ার অধিবাসী (হাবসী কালো লোকমানেরে মানে আরব আর ইরানী —*সদ*)। ২ কাফরি; নিগ্রো। ~**খানা** *বি* হাবশিদের বাসস্থান (দিলেক হাবসিখানা অন্ন-জলে বৈল মানা—*ভারা*)। {*আ.* হবশী حبشى }

হাবা [হাবা] *বিণ* ১ মূক। ২ অতিশয় নির্বোধ; গোবেচারা; হাবলা (হায় হাবা মেয়ে, সব ভুলে গেলি দয়িতের কাছে এসে—*নই*)। ৩ স্থূলবুদ্ধি। ৪ সামান্য বিকৃতমস্তিষ্ক। ~**কালা** *বিণ* মূক ও বধির। ২ বুদ্ধি-বিবেচনাহীন। ~**গঙ্গারাম, ~গবা, ~গোবা** *বিণ* বোকা ও মুখচোরা বা

বোবা। { *ফা.* আব্লহ ابله }

হাবাত ⇒ হাভাত

হাবাতিয়া, হাবাতে [হাবাতিয়া, হাবাতে] *বিণ* ১ সম্বলহীন; নিঃস্ব। ২ হতভাগ্য। { হাভাতিয়া>হাবাতিয়া> হাবাতে> }

হাবালা, হাবাল [হাবালা, –ল্] *বি* হাওলা; জিম্মা (নাজীরের হাবালে করিল—*ভারা*; বড় দুটো তাদের মিউনিসিপ্যালেটির মহিষের হাবালা করে দিতে পারলেই খালাস—*শচ*)। { *আ.* হাৱালাহ حوالة }

হাবিব, হাবীব [হাবিব্] *বি, বিণ* প্রিয়; প্রিয়জন (হাবিব বন্ধু হারায়ে পিতায় সে এল ধরা মাঝারে—*নই*)। { *আ.* হাবীব حبيب }

হাবিজাবি [হাবিজাবি] *বিণ* আজে–বাজে (ওরে আমার হাবিজাবি ওই মুখে বাতাসা খাবি—*জউ*)। { *অনু.* }

হাবিয়া [হাবিয়া] *বি* দোজখ; নরকবিশেষ (আমার জন্য হাবিয়া নরকদ্বার উদ্‌ঘাটিত রহিয়াছে—*মীম*)। { *আ.* হাবিয়াহ هاوية }

হাবিলদার [হাবিল্‌দার্] *বি* সিপাহিদের নায়ক; হাওয়ালাদার (আজ আমি হাবিলদার হলুম—*নই*)। { *আ.* হাৱালাহ حوالة + *ফা.* দার دار }

হাবিলাষ (*মবা.*) [হাবিলাশ্] *বি* অভিলাষ; বাসনা (ক্ষুদ্রবুদ্ধি সে গুণ বর্ণিতে হাবিলাষ—*দৌবা*)। { *স.* অভিলাষ> }

হাবীব ⇒ হাবিব

হাবুজখানা [হাবুজ্‌খানা] *বি* কারাগার; জেলখানা (সে এখন হাবুজখানায় আছে—*বচ*)। { *আ.* হাবস্ حبس + *ফা.* খানহ خانه }

হাবুডুবু [হাবুডুবু] *বি* ১ বারবার ডুবে যাওয়ার জন্য শ্বাসকষ্ট। ২ বারবার পানিতে ডুবে যাওয়া ও ভেসে ওঠা (হাবুডুবু খাওয়া)। □ *বিণ* নিমজ্জিত-প্রায় (হাবুডুবু অবস্থা)। { *ধ্বন্যা.* }

হাবেলি, হাবলি [হাবেলি, –ব্–] *বি* ১ পাকাগৃহ; অট্টালিকা (চুপচাপ মেরে হাবলিতে বসেই রহ—*প্যামি*)। ২ গৃহের শ্রেণি; পাড়া। ৩ বাসস্থান; গৃহ। { *আ.* হাৱালী حوالی ; *ফা.* হাৱীলী حویلی }

হাবেশ, হাবাস, হাব্যাস (*মবা.*) [হাবেশ, হাবাশ্, হাব্যাশ্] *বি* উদ্বেগ; আকুলতা; উৎকণ্ঠা (কর্ণধারে ঘন ডাকে উচ্চস্বরে দেশের হাবেশে ধনপতি; মায়ের হাব্যাসে মরি—*কমু*; পিতার হাবাসে পুত্র—*কাদা*)। { *স.* আবেশ> }

হাভাত, হাবাত [হাভাত্, -বা–] *বি* ১ নিরন্ন দশা; অন্নের জন্য হায় হায়; অন্নসংস্থানহীন ব্যক্তি। ২ হতভাগ্য (হাভাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায়—*ভারা*)। **হাভাতে** *বিণ* ভাতের জন্য হায় হায় করে এমন (এই হাভাতেদের ভাতের কান্না শুনে—*অচিসে*)। { হা + ভাত; অব্যয়ী }

হাম¹ [হাম্] *বি* এক প্রকার উটকায়ুক্ত জ্বর রোগ; মিলমিলে; measles। { *আ.* حصى }

হাম², হম² [হাম্, হম্] *সর্ব* (*মবা.*) আমি (আজু রজনী হম ভাগে গমায়ল—*বিপ*)। **–বড়া, –বড়** *বিণ* ১ আমিই সর্বাপেক্ষা বড়; সর্বেসর্বা। ২ আত্মগর্বী; অহঙ্কারী। **–বড়াই** *বি* আমি বড় এই ভাব; আত্মম্ভরিতা; অহমিকা; অহঙ্কার (হামবড়াই এর সংহিতা কোড বেবাক কাটে—*সদ*)। { *স.* অহং> }

হাম³, হম³ [হাম্, হম্] *বিণ* সমান; সম। **–ছায়, –ছায়া** *বি* প্রতিবেশী (হামছায়া কারো অনাহারে যদি রহে—*তাহে*; মাটির মানুষ সে তবু তার হামছায়া জিবরিল—*গোমো*)। **–দম** *বি* ১ বন্ধু। ২ প্রেমিক। ৩ সাথী। **–দর্দি, –দর্দী** *বি* সমবেদনা (মানুষের হামদর্দীতে তার অদেয় কিছুই নাই—*তাহো*)। □ *বিণ* সমবেদনাকারী; সমব্যথী; সহানুভূতিশীল। **–দিল** *বি* সখা। **–রাহী, –রাই** *বি, বিণ* সহযাত্রা; সহযাত্রী। { *ফা.* হম্ هم }

হামবাগ [হাম্‌বাগ্] *বি, বিণ* ভান; ভানকারী। □ *বিণ* দমবাজ; প্রতারক (শিক্ষিত হামবাগের দল—*নই*)। { *ই.* humbug }

হামলা [হাম্‌লা] *বি* ১ আক্রমণ। ২ চড়াও হওয়া (খাঁচার ঘুঘুর উপর হামলা করত—*ইখাঁ*)। ৩ দাঙ্গা। { *আ.* হুমলাহ حملة }

হামলানো [হাম্‌লানো] *ক্রি* ১ বাছুরের অদর্শনে গাভীর হাম্বা রবে চিৎকার করা (গরুর মতো হামলাচ্ছ কেন?)। ২ প্রিয়বিরহে অস্থির হয়ে ডাকাডাকি। □ *বি, বিণ* উক্ত সকল অর্থে। { *স.* হম্বা> }

হামা [হামা] *বি* দুই হাত দুই জানুর উপর ভর দিয়ে চলন (রবি মামা দেয় হামা—*নই*)। **–গুড়ি** *বি* হামা দিয়ে গমন; হাঁটু মুড়ে হেঁট মুখে অবস্থান। { *স.* √গম্> }

হামান (*মবা.*) [হামান্] *বি* তাঁতে বোনা গাত্রবস্ত্র। { *অনু.* }

হামানদিস্তা, হামানদিস্তে [হামান্‌দিস্‌তা, –তে] *বি* হাত দিয়ে কঠিন দ্রব্যাদি চূর্ণ করার উপযোগী লৌহ–পাত্র ও লৌহদণ্ড (ভক্তের বুকের মধ্যে হামানদিস্তের ঘা পড়তে থাকে—*অচিসে*)। { *ফা.* হাবন্‌দস্তহ هاونسته }

হামাম, হাম্মাম [হামাম্, হাম্‌মাম্] *বি* ১ স্নানাগার; গোসলখানা (খোলে হুরপরী মরি ফিরদৌসের হাম্মামে—*নই*)। ২ সাধারণের ব্যবহারের জন্য গরম পানির গোসলখানা (মেয়েরা হাম্মাম পর্যন্ত পৌঁছাইয়া দিয়া সরিয়া দাঁড়ায়—*শামা*)। { *আ.* হাম্মাম حمام }

হামায়িল শরীফ ⇒ হেমায়েল শরিফ

হামার, হামারি (*মবা., ব্র.*) [হামার্, হামারি] *সর্ব* আমার (হামারি দুখের নাহি ওর—*বিপ.*)। { *স.* অস্মদ্> }

হামার (*মবা.*) [হামার্] *বি* শস্য সঞ্চয়ের গোলা বা সরাই (ধান্য বানু সড়িষাতে পুরিবে হামার—*কমু*)। { *স.* মরার>; *ফা.* অনবর্ عنبر }

হামে, হামক (*মবা, ব্র.*) [হামে, হামক] *সর্ব* আমাকে (হামক মন্দিরে যব আওব; হামে হেরি বিহসলি—*বিপ.*)। { *স.* অস্মদ্> }

হামি [হামি] *বি* রক্ষক; সাহায্যকারী; সহায়ক। **হামিয়া** *স্ত্রী*। **হামি²** (*মবা.*) *বি* হাই (হামি তুমি—*মাদা*)। { *আ.* হামী حامی }

হামিলা ⇒ হামেলা

হামেলা, হামিলা [হামেলা, –মি–] *বিণ* গর্ভবতী (হামেলা

আওরতের গেল হামিল পড়ে—*সৈহা*)। { *আ.* হামিলাহ حاملة }

হামেশা, হামেসা, হামেহাল [হামেশা, -, -হাল] *ক্রিবিণ* ১ প্রায়ই (অকারণে মুচকি হাসি হামেসা—*রঠা*)। ২ সর্বদা; সবসময়; চিরকাল (বড়দার মুখ হামেহাল পানের পিকে ভর্তি—*সৈমু*)। { *ফা.* হামীশাহ همیشه ; *ফা.* হমহ همه + *আ.* হাল্ حال }

হাম্বর [হাম্বর] *বি* লোহার বড় হাতুড়ি (হাম্বর দিয়ে মিস্ত্রি কাজ করছে)। { *ই* hammer}

হাম্বা, হম্বা [হাম্বা, হম্-] *অব্য* গাভীর ডাক; গরুর ডাক। { *তুল. স.* হম্বা>; *ধ্বন্যা.*}

হাম্বীর, হাম্বির [হাম্বির] *বি (সন্)* রাগিণীবিশেষ (আমি হাম্বির আমি ছায়ানট, আমি হিন্দোল—*নই*)। { *স.* হাম্বীর}

হাম্ভী, হাম্বী *(মবা.)* [হাম্ভি, -বি] *বি* হাই; দীর্ঘশ্বাস (সঘন ছাড়িল রাধা হাম্বী—*বচ*)। { *স.* জৃম্ভন>}

হাম্মাম ⇒ হামাম

হাযার ⇒ হাজার

হায় [হায়] *অব্য* খেদ অনুতাপ শোক দুঃখ নৈরাশ্য ইত্যাদিব্যঞ্জক শব্দ; হা। { *তুল. স.* হা; *ধ্বন্যা.*}

হায়ওয়ান [হায়্ওয়ান্] *বি* প্রাণী; পশু; জানোয়ার (হয়ে লাঞ্ছিত বারম্বার হায়ওয়ান সাথে মিলাল হাত—*নই*)। **হায়ওয়ানিয়ত, হায়ওয়ানাত** *(বিরল) বি* পাশবিকতা; পশুর কাজ (মানুষ হয়ে হায়ওয়ানাত করেছ বরণ—*আহা*)।{ *আ.* হায়ৱান حیوان (*ফা.* অর্থ জানোয়ার)}

হায়দর [হায়্দর্] *বি* ১ সিংহ। ২ হজরত আলি (রা.)-এর উপাধি। **হায়দরি হাঁক, হায়দরী হাঁক** *বি* মহাবীর হজরত আলির রণহুঙ্কার (তোমার হায়দরি হাঁক শোনাও আবার)। { *আ.* হায়দর حیدر }

হায়ন [হায়োন্] *বি* ১ বছর (হায়নের অগ্র অগ্রহায়ণ জানিয়া—*ভারা*)। ২ অব্দ; সাল; সন। { *স.* √হা+ অন(ল্যুট্)}

হায়রান ⇒ হয়রান

হায়া[১] [হায়া] *বি* লজ্জা; শরম। ~**-শরম** *বি* লজ্জা-শরম; শালীনতাবোধ (ওদের মেয়েদের পর্যন্ত হায়াশরম নেই—*সৈমু*)। **বেহায়া** *বিণ* নির্লজ্জ। { *আ.* হায়া حیاء }

হায়া[২] [হায়া] *বি* হাওয়া বিবি; Eve (আপনি চণ্ডিকা দেবী তিহ হৈল হায়া বিবি—*রাপ*)। { *আ.* হওৱা حوا }

হায়াত [হায়াত্] *বি* আয়ু; জীবন; পরমায়ু (রহিবেন জেন্দা জাহানে হায়াতে—*অঠা*)। { *আ.* হায়াত حیاة }

হার[১] [হার্] *বি* ১ এক প্রকার কণ্ঠাভরণ; গলায় ঝুলিয়ে পরার অলঙ্কারবিশেষ (জলেতে ফেলিয়া হার তোল একেবারে—*সৈআ*)। ২ মালা। ৩ হরণ; ভাগ। ৪ অনুপাত (শতকরা হারে)। ৫ দর; সংখ্যা বা পরিমাণ হিসেবে একক অনুসারে মূল্য। **হারক** *বি* ভাজক; divisor। ☐ *বিণ* হরণকারী। **হারাহারি** *বি* ১ অনুপাত অনুযায়ী ভাগ-বাঁটোয়ারা। ☐ *বিণ* গড়পরতা; অনুপাত অনুযায়ী গড়ে (হারাহারি ভাগ)। { *স.* √হৃ+অ(অণ্)}

হার[২] [হার্] *বি* পরাজয়; পরাভব (হার মানা হার—*রঠা*)। **-কাত** *বি* খেলায় পরাজিত দল বা পক্ষ। { *স.* √হৃ+ অ(অণ্)}

হারফনমওলা, হরফুনমৌলা [হার্ফোন্মওলা, হরফুন্মোউলা] *বি, বিণ* ১ সর্ববিদ্যাবিশারদ। ২ *(ব্য.)* সবজান্তা; সকল কাজের কাজি। { *ফা.* হরফনমওলা هرفنمولا }

হারমাদ, হার্মাদ [হার্মাদ্] *বি* ১ পর্তুগিজ জলদস্যু (হার্মাদের নৌকা সঙ্গে হৈল দরশন—*সৈআ*)। ২ যুদ্ধজাহাজ। **হারমাদি** *বি* হারমাদের মতো স্বভাব (এ কি হারমাদি—*বোখা*)। { *পো.* Armada}

হারমোনিয়াম [হার্মোনিয়াম্] *বি* সুপরিচিত বাদ্যযন্ত্র। { *ই* harmonium}

হারা [হারা] *ক্রি* পরাজিত হওয়া; পরাজয় বরণ করা। ☐ *বি* পরাজয়। ☐ *বিণ* ১ হারানো বা খোয়ানো গেছে বা নাশ হয়েছে এমন; বঞ্চিত; বিহীন (মাতৃহারা)। ২ হারিয়ে গেছে এমন (হারাধন)। **হারানো** *ক্রি* ১ খোয়ানো। ২ পরাজিত করা; পরাস্ত করা। ৩ নিখোঁজ হওয়া; খোঁজ না পাওয়া (জিনিস হারানো)। ৪ হস্তচ্যুত হতে দেওয়া; ত্যাগ করা (সুযোগ হারানো)। ৫ নষ্ট করা (সম্পত্তি হারানো)। ৬ ঠিক না রাখা; বিকৃত করা (বুদ্ধি হারানো)। ৭ বিচ্ছিন্ন হয়ে যাওয়া। ☐ *বি, বিণ* উক্ত সকল অর্থে। **~হারি** *বি* ১ জয়-পরাজয়। ২ আনুপাতিক। { *স.* হার+ *বা.* আ}

হারাকিরি [হারাকিরি] *বি* কোনো কাজে ব্যর্থতার দায়ভাগ বহন করে জাপানিদের পেট চিরে আত্মহত্যা করার প্রাচীন অভ্যাস। { *জা.* হারাকিরি}

হারাঙ *(মবা.)* [হারাঙ্] *ক্রি* হারাই। **~ হারাঙ** *অব্য* হারাই হারাই; হারিয়ে ফেলি (হারাঙ হারাঙ হেন সদা করে চিত—*বলরাম*)। { হারাই>}

হারাবলি, হারাবলী [হারাবোলি] *বি* মুক্তাসমূহ দ্বারা প্রস্তুত কণ্ঠহার; মুক্তাবলি। { *স.* হার+আবলি}

হারাম [হারাম্] *বি* ১ ইসলাম ধর্মের বিধানে অবৈধ বা নিষিদ্ধ কাজ, বিষয়বস্তু বা প্রাণী (সে বিনে আমার এই দুনিয়ার সব আনন্দ-সুখ হারাম—*নই*)। ২ শূকর। **~ খাওয়া** *ক্রি* অবৈধ উপায়ে টাকা পয়সা গ্রহণ বা নিষিদ্ধ খাদ্য ভক্ষণ করা। **~খোর** *বিণ* হারাম খায় এমন। **~জাদা, ~জাদ** *বিণ* বেজন্মা; জারজ; এক প্রকার গালি। **~জাদি/ জাদী** *বিণ স্ত্রী.*। **হারামি** *বি, বিণ* জারজ; অতিশয় পাজি বা দুর্জন; গালিবিশেষ (লোকটা আস্ত একটা হারামি)। **~মউত** *বি* অবৈধ মৃত্যু; আত্মহত্যা (তাহলে দেখছি কোনদিন বিষ খেয়ে আমাকে হারামী মউত মরতে হবে—*নই*)। { *আ.* হারাম حرام }

হারাহারি ⇒ হার[১]

হারি [হারি] *বি* পরাভব; হার; পরাজয় (দুর্বল মনুষ্য হইলে এ অত্যাচারে হারি মানিয়া—*বচ*)। ☐ *বিণ* মনোহর; রুচির। **~কণ্ঠ** *ক্রি* কোকিল। { *স.* √হৃ+ই(ইঞ্)}

হারিকেন [হারিকেন্] *বি* বাতাস ও পানি হতে সুরক্ষিত কাচের আবরণযুক্ত এক প্রকার তেলের লণ্ঠন; ঘূর্ণিঝড়। { *ই* hurricane}

হারিণ (বিরল) [হারিন্] *বিণ* হরিণসম্বন্ধীয়। ☐ *বি* হরিণের মাংস। **হারিণিক** *(বিরল) বি* হরিণঘাতক; ব্যাধ। { *স.* হরিণ+অ(অণ্)}

হারিত[১] [হারিতো] *বিণ* ১ অপহারিত। ২ পরাজিত। { *স.*

হৃ+ই(ণিচ্)+ত(ক্ত)}

হারিত[1] [হারিত্] *বিণ* সবুজবর্ণবিশিষ্ট। {স. হরিত+অ(অণ্)}

হারিদ্র [হারিদ্‌দ্রো] *বিণ* হরিদ্রাবর্ণবিশিষ্ট; হলদে। {স. হরিদ্রা+অ(অণ্)}

হারী (–রিন্) [হারি] *বিণ* হারশোভিত; হারযুক্ত। **হারিণী** *স্ত্রী*। {স. √হৃ+ইন(ণিনি)}

–হারী (–রিন্) [হারি] *বিণ* ১ হরণকারী (চিন্তাহারী)। ২ বাহক (জলহারী)। ৩ অপনোদন কারক (শোকহারী)। **–হারিণী** *বিণ স্ত্রী*। {স. √হৃ+ইন(ণিনি)}

হারীত [হারিত্] *বি* ১ শুকপাখি। ২ 'স্মৃতিশাস্ত্র' প্রণেতা হিন্দু ঋষিবিশেষ (হারীতের বরে সূতা ধরে—*সদ*)। {তুল. স. হারিত>}

হারুয়া ⇒ হেরো

হারেম [হারেম্] *বি* অন্তঃপুর; অন্দরমহল; নিষিদ্ধ বা পবিত্র স্থান। **হারেম শরিফ** *বি* কাবাগৃহ সংলগ্ন পবিত্রস্থান। {আ. হ়ারম حرم}

হার্ট [হার্‌ট্] *বি* হৃদয়। {ই. heart}

হার্টফেল [হার্‌ট্‌ফেল্] *বি* হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়া (যদি হার্টফেল হয়ে মরি—*ওহ*)। {ই. heartfail}

হার্দ, হার্দ্য [হার্‌দো] *বি* প্রণয়; প্রীতি; হৃদ্যতা; স্নেহ। □*বিণ* ১ হৃদগত; আন্তরিক; অন্তরজাত (তখন কোনও রকম হার্দ্য বাদানুবাদে জড়িয়ে—*সুদ*)। ২ মনোজ্ঞ; মনোহর। {স. হৃদয়>হৃদ+অ(অণ্), য}

হার্দিক [হার্‌দিক্] *বিণ* ১ আন্তরিক; হৃদয়জাত; হৃদগত (ইতিমধ্যেই আবদুর রহমানের সঙ্গে আমার রীতিমত হার্দিক সম্পর্ক স্থাপিত হয়ে গিয়েছে—*সৈমু*)। ২ হৃদয় সম্পর্কিত। {স. হার্দ+ইক(ঠক্)}

হার্দী (–দিন্) [হার্‌দি] *বিণ* স্নেহযুক্ত; সহৃদয়; স্নেহবান। {স. √হার্দ+ইন(ইনি)}

হার্দ্য ⇒ হার্দ

হার্য [হার্‌জো] *বিণ* ১ হরণযোগ্য; অপহরণীয়। ২ গ্রহণীয়। ৩ বহনযোগ্য। ৪ (*গণিত*) বিভাজ্য; ভাগযোগ্য; ভাগ করার উপযুক্ত; divisible। {স. √হৃ+য(ণ্যৎ)}

হাল[1] [হাল্] *বি* ১ লাঙ্গল। ২ গাড়ির চাকার লৌহবেড়। **হালিক** *বি,বিণ* হালসম্বন্ধীয়; হালচাষকারী; হালিয়া। {স. √হল+অ(অণ্), ইক(ঠক্)}

হাল[2], **হালি, হাইল** [হাল্, –লি, –ইল্] *বি* ১ নৌকা চালানোর বা ঘোরানোর কাঠের যন্ত্রবিশেষ। ২ (*আল.*) আশা; ভরসা (তবু হাল ছাড়ে না গফুর—*শাহ*)। {তুল. ই. helm}

হাল[3] [হাল্] *বি* ১ অবস্থা; দশা (বিবি সাহেব তোমার এ হাল কে করিল—*রঠা*; আল্লা যে হালে রাখেন সে হালেই থাকি —*সজ*)। ২ বর্তমান কাল (সাহিত্যের এই রকম হাতে ঠেলাঠেলি আরম্ভ হয়েছে হালে—*রঠা*)। □*বিণ* বর্তমান; উপস্থিত; আধুনিক; চলতি (হাল ফ্যাশন)। ~ **আইনে** *ক্রিবিণ* বর্তমান মতে; বর্তমান আইনে (অন্যের ন্যায় ঈশ্বর গুপ্তও হাল আইনে অনেক স্থানে ধরা পড়েন—*বচ*)। ~ **আমল** *বি* বর্তমান জমানা। ~**খাতা** *ক্রিবিণ* নতুন বছরের হিসাব-নিকাশের জন্য নতুন খাতা ও নতুন খাতা আরম্ভের উৎসব। –**চাল** *বি* ১ অবস্থা; দশা (কিন্তু আজকের আমাদের হালচাল দেখে কেউ বলবে আমরাই—*অঠা*)। ২ আচার-ব্যবহার। ৩ ভাবভঙ্গি। **হালত, হালৎ** *বি* দুর্দশা; অবস্থা; হাল (বেকার ও কন্যাদায়ে হালতের পরিচয় দিচ্ছেন—*প্যামি*)। –**ফ্যাশন** *বি* আধুনিক রীতি; চলতি নিয়ম (মস্তবড় হালফ্যাশনের হোটেল—*হেহো*)। ~ **হকিকত,** ~ **হকীকত** *বি* প্রকৃত অবস্থা (হাতেমের হাল-হকিকত—*সৈহ*; বন্ধুর হাল-হকিকত আমার জানা —*শও*)। {আ. হ়াল حال}

হালকা, হাল্কা [হাল্‌কা] *বিণ* ১ অল্প ভারযুক্ত; পাতলা (হালকা দেহের জন্য বলকা দুধ)। ২ লঘু। ৩ মৃদু (হাল্কা হাসি হাসছে কেবল—*সদ*)। ৪ ফিকা (জলের মত হাল্কা রঙ—*অঠা*)। ৫ গুরুত্বশূন্য (হালকা কথা)। ৬ চিন্তাশূন্য (হালকা মন)। ৭ আলতো (হালকা হাত)। ৮ কর্মহীনা (হাত হালকা হওয়া)। ~**পনা, হালকামি** *বি* লঘুতা; ছেলেমানুষি; অর্বাচীনতা (পিতামাতাও তেমনি অবাধ্য ছেলের নিন্দা করে নিজেদের হালকামির পরিচয় দেন—*লুর*)। {আ. হলকান هلكان ; স. লঘুক>}

হালখাতা, হালচাল, হালত, হালত ⇒ হাল

হালট [হালোট্] *বি* ১ হালের গরু চলাচলের পথ; গোপাট। ২ গ্রামাঞ্চলের নিচু কাঁচা রাস্তা (শ্মশানের ঘাট পেরিয়েই দেবে শিমুলতলীর হালটে পাড়ি—*জউ*)। {হাল+ট}

হালদার, হাওলাদার [হাল্‌দার্, হাওলা–] *বি* ১ পদবি বিশেষ। ২ পুলিশ বা সামরিক কর্মচারী; তত্ত্বাবধায়ক; সংরক্ষক। {আ. হ়াৱালাহ্ حوالة + ফা. দার دار}

হালফিল [হাল্‌ফিল্] *ক্রিবিণ* ১ বর্তমান; সম্প্রতি; অধুনা (আর হালফিলের ঐ একটি বৃহৎ ব্যাপার—*মব*)। ২ সর্বদা (বেতাল মাতালগুলা খায় হালফিল—*সদ*)। {আ. ফিলহ়াল্ فى الحال}

হালাক, হাল্লাক [হালাক্, হাল্‌লাক্] *বি* ১ সর্বনাশ। ২ বধ; হত্যা (হালাল না করিয়া করে এক হালাক—*ভারা*)। □*বিণ* ১ পরিশ্রান্ত; হয়রান (অনর্থক হালাক হয়ে ফিরে যাবে—*নই*)। ২ প্রাণান্ত (মাঝে মাঝে গাছের ছায়ায় বসি, পানি খাই আরও হাল্লাক হয়ে পড়ি—*শও*)। {আ. হ়ালাক هلاك}

হালাল [হালাল্] *বিণ* ইসলাম ধর্মানুসারে বৈধ ও পবিত্র (যেমন নিমক খালি হালাল করিলি ভালি—*ভারা*)। □*বি* ১ বৈধ কাজ। ২ মুসলমান ধর্মের নিয়মানুযায়ী বৈধ পশুপাখি জবেহ। **হালালি** *বিণ* বৈধ (খেয়ো না এ-কদন্ন হালালী অন্ন খাও—*নই*)। {আ. হ়ালাল্ حلال}

হালিক ⇒ হাল[1]

হালি[1] [হালি] *বিণ* ১ যে ব্যক্তি লাঙ্গল চালনা করে; কৃষক; চাষি। {হাল+ই}

হালি[2] [হালী] *বি* যিনি নৌকার হাল ধরেন; মাঝি। {হাল+ই}

হালি[3] [হালি] *বিণ* ১ নতুন বছরের (হালি চাউল)। ২ টাটকা (হালি ডিম)। ৩ চারটি (একহালি আম)। {আ. হ়াল حال +ই}

হালিয়া, হালি[4] [হালিয়া, হালি] *বি,বিণ* কৃষক; হালচাষকারী। {স. হাল+ইয়া, ই}

হালুইকর [হালুইকর্] *বি* ময়রা; মিষ্টি প্রস্তুতকারী। { *ফা.* হালুবা+গর حلوا+گر }

হালুম [হালুম্] *অব্য* বাঘের ডাক; ব্যাঘ্র-গর্জন। { *ধ্বন্যা.* }

হালুয়া [হালুয়া] *বি* মোহনভোগ; ঘি চিনি দুধ দিয়ে বা অন্যান্য বস্তু থেকে প্রস্তুত মিষ্টান্নবিশেষ (চিনি নিয়ে আয় তো খোকা একটু হালুয়া করি—*বিব*)। { *আ.* হালুয়া حلوا }

হালে [হালে] *বিণ* সম্প্রতি; ইদানীং। { *আ.* হাল حال + *বা.* এ }

হাল্কা ⇒ হালকা

হাল্লাক ⇒ হলাক

হাশর [হাশোর্] *বি* পুনরুত্থান; কিয়ামত; শেষ বিচারের দিন; আল্লাহর বিচারের দিন (স্বপনে দেখিনু হাশরের ময়দান—*মোম*)। { *আ.* হাশ্‌র حشر }

হাশিয়া [হাশিয়া] *বি* ১ শাড়ি বা শালের ফুলতোলা পাড়বিশেষ। ২ পুস্তকের পার্শ্বে লিখিত টীকা। { *আ.* হাশিয়াহ্ حاشية }

হাশিশ, হাশীশ [হাশিশ্] *বি* ১ ভাং; মাদক দ্রব্যবিশেষ (হাশিশ খাওয়ায়ে অজ্ঞান করে রেখেছিল এতদিন—*মোম*)। ২ ক্লান্তিনাশক; শান্তিদায়ক (বেদনা ও প্রশান্তি হাশিশ ঢেলে দিই নিঃশব্দ সেথায়—*বিদে*)। { *আ.* হাশীশ حشيش }

হাস [হাশ্] *বি* ১ হাস্য; হাসি (পুষ্প সম পুণ্য হাস—*সদ*)। ২ উপহাস। **হাসক** *বিণ* হাসায় এমন। **হাসিকা** *বিণ স্ত্রী.*। { *স.* √হস্+অ(ঘঞ) }

হাসনাহেনা, হাসনুহানা, হাসনোহানা [হাশনাহানা, -নুহা-, -নো-] *বি* এক প্রকার ছোট সাদা সুগন্ধি ফুল। { *জা.* হাস-উ-নো-হানা }

হাসপাতাল [হাশ্‌পাতাল্] *বি* রোগীদের চিকিৎসালয়; রুগ্নাবাস; সাধারণের চিকিৎসালয়। { *ই.* hospital }

হাসলি [হাশ্‌লি] *বি* হাঁসুলি; অর্ধচন্দ্রাকার হার (নাকেতে বুলক, গলায় হাসলী, গোল খাড়ু দুটি পায়—*জউ*)। { *স.* হাঁসুলি> }

হাসা [হাশা] *ক্রি* হাস্য করা। □ *বি* হাস্য। **হাসানো** *ক্রি* হাসতে বাধ্য করা; উপহাস্য হওয়া; লোক হাসানো। **-হাসি** *বি* পরস্পরের কথায় বা ইঙ্গিতে হাস্য-রহস্য করা। **হেসে কুটি কুটি হওয়া** *ক্রি* হাসতে হাসতে আত্মহারা হওয়া; প্রচুর পরিমাণে হাসা। { *স.* হস+ *বা.* আ }

হাসি [হাশি] *বি* ১ হাস্য; হাস। ২ উপহাস (হাসির পাত্র হওয়া)। **-কান্না** *বি* ১ বিষাদ ও আনন্দের মিশ্রিত ভাব। ২ হাস্য ও ক্রন্দন। **-খুশি** *বিণ* হাসি ও আনন্দে পরিপূর্ণ। **-ঠাট্টা, -তামাশা** *বি* রঙ্গরস; রঙ্গরসিকতা; ঠাট্টা-তামাশা। **-মুখ** *বি* সহাস্য বদন; হাসিতে পূর্ণ মুখমণ্ডল। **-হাসি** *বিণ* প্রফুল্ল; আনন্দময়; সামান্য হাস্যময়; ঈষৎ হাসিযুক্ত। **অট্ট-** *বি* সশব্দে দীর্ঘ হাস্য। **কাষ্ঠ-** *বি* নীরস কৃত্রিম হাস্য। **দেঁতো -** *বি* দন্ত প্রদর্শনে সীমাবদ্ধ আন্তরিকতাশূন্য কৃত্রিম। **দেখন-** *বি* দর্শনমাত্র মুখের হাস্যময় অবস্থা। { *স.* হাস্য>*প্রা.* হস্‌স>হাস+ই }

হাসিকা [হাশিকা] *বি* হাস্য সৃষ্টিকারী। { *স.* √হস্+ই(ণিচ)+ক(কন)+আ }

হাসিনা, হাসীনা [হাসিনা] *বি* সুন্দরী (ভোরের পেয়ালা কানা ভোর হাতে হাতে দেয় হাসিনা-সাকী—*মোম*)। { *আ.* হাসিনাহ্ حسينة }

হাসিনী [হাশিনি] *বিণ* হাস্যময়ী; হাস্যকারিণী (মধুর হাসিনী)। **হাসী**(-সিন) *(বিরল)* *বিণ* পুরুষ হাস্যকারী। { *স.* √হস্+ইন(ণিনি)+ঈ }

হাসিয়াল, হাসিয়ালি, হাঁসিয়ালি [হাশিয়াল্, -লি, হাঁ-] *বি* হেঁশেল; রন্ধনশালা; রসুইঘর। **~ ঘর** *বি* রান্নাঘর; রাঁধুইঘর (হাসিয়ালী ঘরত সোন্দাইল—*মাগা*)। { *স.* হাণ্ডীশাল>হাঁড়িশাল> }

হাসিল [হাসিল্] *বি* ১ (নিন্দার্থে) বুদ্ধি ও কৌশলপূর্বক কার্য উদ্ধার। ২ আদায়; সিদ্ধি; সম্পাদন; অর্জন। ৩ উৎপন্ন দ্রব্য। ৪ কল্যাণ; মঙ্গল; ভালো। ৫ মালের উপর শুল্ক; গরু-ছাগলাদি কেনার জন্য ইজারাদারকে দেয় মাশুল (গরু কিনে বাজারে হাসিলের টাকা দিয়েছি)। □ *বিণ* সিদ্ধ; পূর্ণ; লব্ধ; সম্পাদিত (মতলব তার হবে না হাসিল দিল্লীর পথ চেয়ে—*আজই*; মতলব হাসিল করতে হবে—*মব*)। { *আ.* হাসিল حاصل }

হাস্তী [হাস্‌তি] *বি* অস্তিত্ব; সত্তা; স্থিতি ('যিনি স্বীয় হাস্তী নষ্ট করিতে পারেন')। { *স.* অস্তি ?> }

হাস্য [হাশ্‌শো] *বি* হাসি; হাস। **~কর, ~জনক** *বিণ* ১ হাসির উদ্রেক করে এমন। ২ উপহাসের যোগ্য; উপহসনীয়। **~কৌতুক, ~পরিহাস** *বি* ১ রসিকতা। ২ ব্যঙ্গ-বিদ্রূপ; রঙ্গ-রসিকতা। **~ময়** *বিণ* সহাস্য; হাসিযুক্ত। **~ময়ী** *বিণ স্ত্রী.*। **~রতি** *বি, বিণ* হাসি এবং স্ফূর্তিতে চঞ্চলমতি (লাস্যগতি, হাস্যরতি সিন্ধু তুমি বন্দনীয়—*সদ*)। **~রসিক** *বি* যে লেখক বা অভিনেতা হাস্যরস পরিবেশন করতে পারেন বা হাসাতে পারেন। □ *বিণ* পরিহাসপটু; রসিকতায় দক্ষ। **হাস্যালাপ** *বি* হাসির কথায় পূর্ণ বাক্যালাপ; সরস কথাবার্তা বা কথোপকথন বা আলোচনা। **হাস্যোদ্দীপক** *বিণ* ১ হাস্যরসের সৃষ্টি করে এমন। ২ উপহসনীয়। { *স.* √হস্+য(ণ্যৎ) }

হাহা[১] [হাহা] *অব্য* ১ শোক; দুঃখ; বিস্ময়সূচক শব্দ; রোদন ধ্বনি। ২ শূন্যতা প্রকাশ; খাঁ খাঁ। ৩ অট্টহাসির শব্দ। **~কার** *বি* শোক বা আর্তনাদের ব্যাপক ও উচ্চ হা হা ধ্বনি। { *ধ্বন্যা.* }

হাহা[২] [হাহা] *বি* হিন্দু পুরাণোক্ত গন্ধর্ববিশেষ। { *স.* হাহা }

হা-হুতাশ, হা-হুতাস [হাহুতাশ্] *বি* আক্ষেপ ধ্বনি; শোক প্রকাশ (এত কুসুম এত বাতাস কেন তবু এ হাহুতাস—*নই*)। { *স.* হা+হতাশ; তুল. *স.* 'হা হতোঽস্মি' }

হিঅ, হিঅঅ *(প্রাব.)* [হিঅ, হিঅঅ] *বি* হৃদয়; মন। **হিঅহি, হিঅএ**—হৃদয়ে (হিঅহি ণ পইসই—*চর্যাপদ*)। { *স.* হৃদয়>হিঅঅ> }

হিঅহিঅ *(মবা.)* [হিঅহিঅ] *অব্য* হেঁইও (হিঅহিঅ বুলী কাহ্ন বাহে নাএ—*বচদা*)। { *ধ্বন্যা.* }

হিউমাস [হিউমাস্] *বি* মাটির ভিতরকার পচা জৈব পদার্থ; humus (গাছপালা ও জীবজন্তুর দেহ পচিয়া মাটিতে যেসব জৈব পদার্থের সৃষ্টি হয় তাহাকে হিউমাস বলে—*আঅ*)। { *ই* humus }

হিং, হিঙ [হিঙ্] *বি* একজাতীয় বৃক্ষের কটু গন্ধময় নির্যাস—যা ঔষুধের উপাদান বা ব্যঞ্জনের মসলারূপে ব্যবহৃত হয় (কাবুলী হিং—*নই*)। { *স.* হিঙ্গু> }

হিংচা¹ ⟹ হেলেঞ্চা

হিংচা², হিঞ্চা, হেলেঞ্চা [হিঙ্চা, –ন্চা, হ্যালেন্চা] *বি* জলজ তিক্ত শাকবিশেষ। { *স.* হিলমোচিকা> }

হিং টিং ছট [হিঙ্টিঙ্ছট্] *অব্য* সংস্কৃত মন্ত্রের মতো গাম্ভীর্যপূর্ণ কিন্তু প্রকৃতপক্ষে অর্থহীন বিদ্রূপাত্মক শব্দসমষ্টি (*থেকে থেকে হেঁকে উঠে হিং টিং ছট—রঠা*)। { *ধ্বন্যা.* }

হিংলি [হিঙ্লি] *বি* তামাক গাছবিশেষ। { *স.* হিঙ্গলী> }

হিংসক [হিঙ্শক্] *বি* হিংস্র জীব। □ *বিণ* ১ শত্রু (দুরন্ত হিংসক শূলপাণি—*মদ*)। ২ হন্তা; ঘাতক। ৩ ঈর্ষাপরায়ণ; হিংসাকারী; হিংসুটে। { *স.* √হিংস্+অক(বুঞ্) }

হিংসন [হিঙ্শন্] *বি* ১ হিংসাকার্য; মারণ। ২ বিদ্বেষ ভাব। ৩ ক্ষতিকরণ। **হিংসনীয়** *বিণ* হিংসাযোগ্য। { *স.* √হিংস্+অন(ল্যুট্) }

হিংসা [হিঙ্শা] *বি* ১ বধ; হনন। ২ অনিষ্ট; অপকার; ক্ষতি। ৩ পরের ক্ষতি করবার বাসনা। ৪ পরশ্রী-কাতরতা; ঈর্ষা; বিদ্বেষ। **–ত্মক** *বিণ* মূলে হিংসা আছে এমন; হিংসাযুক্ত; ক্ষতি করবার বাসনাযুক্ত। **হিংসালু** *বিণ* ১ ঘাতক (ভ্রমে আশেপাশে হিংসালু শিবা—*সুদ*)। ২ ক্ষতিকারক। ৩ হিংস্র; হিংসাশীল। ৪ বিদ্বেষপরায়ণ। **হিংসিত** *বিণ* ১ বিনাশিত। ২ হিংসার লক্ষ্য বা বিষয় করা হয়েছে এমন। **হিংস্য** *বিণ* ১ বধ্য। ২ হিংসার উপযুক্ত; হিংসাযোগ্য। { *স.* √হিংস্+অ+আ(টাপ্) }

হিংসুক (*অশুপ্র.*) [হিঙ্শুক্] *বিণ* হিংসুটে; ঈর্ষাপরায়ণ; পরের অপকার করবার প্রবৃত্তিযুক্ত; পরশ্রীকাতর। { *স.* হিংসা+*বা.* উক }

হিংসুটে [হিঙ্শুটে] *বিণ* পরশ্রীকাতর; হিংসাপরায়ণ। { *স.* হিংসা+*বা.* উটিয়া>টে }

হিংস্য ⟹ হিংসা

হিংস্র, হিংস্রক [হিঙ্স্রো, –স্রক্] *বি* ১ প্রাণহারক; বিনাশক। □ *বিণ* উগ্র হিংসাযুক্ত প্রকৃতিবিশিষ্ট; হিংসাকারী। **হিংস্রা, হিংস্রিকা** *বিণ স্ত্রী.*। { *স.* √হিংস্+র, +অক(বুঞ্) }

হিঁচড়ানো, হেঁচড়ানো, হিঁচড়নো [হিঁচ্ড়ানো, হেঁ–, হিঁ–] *ক্রি* বলপূর্বক টানা; ধৃত ব্যক্তির অনিচ্ছায় তার ক্লেশ উৎপাদন করে সবলে আকর্ষণ বা টেনে নিয়ে যাওয়া (আমরা তবু তাকে হিঁচড়ে টেনে নিয়ে যাচ্ছি—*সুরা*)। □ *বি, বিণ* উক্ত অর্থে। { *স.* √হিঁচড়্+আনো, > }

হিঁদু [হিঁদু] *বি* হিন্দু; হিন্দুধর্ম; হিন্দু ধর্ম আচরণকারী (হিঁদুর দেবতা—*ঈগু*)। **–আনি, –য়ানি** (থাকি আয় হিঁদু আনি ছেড়ে—*ঈগু*)। { *ফা.* হিন্দু هندو }

হিঁয়ালি ⟹ হেঁয়ালি

হিকমত, হেকমত [হিক্মত্, হে–] *বি* ১ কৌশল (হুজুরী সরকারের হেকমত দেখবে—*প্যামি*)। ২ দক্ষতা; কর্মকুশলতা। ৩ চাতুর্য; কৌশল; কায়দা (এমন হেকমতে আল্লাহ মানুষের মস্তিষ্ক প্রস্তুত করেছেন—*মঈন*)। ৪ শক্তি; ক্ষমতা। ৫ জ্ঞানবত্তা। **হিকমতি** *বিণ* ১ কৌশলী। ২ চতুর; কর্মকুশল। ৩ শক্তিশালী। **হিকমতে** *ক্রিবিণ* কৌশলে (নেয় যেমন হিকমতে—*ফআ*)। { *আ.* হিকমত حكمة }

হিক্কা [হিক্কা] *বি* হেঁচকি (হিক্কা ওঠা)। { *স.* √হিক্ক্+অ+আ(টাপ্) }

হিঙ ⟹ হিং

হিঙ্গু [হিঙ্গু] *বি* হিং। { *স.* হিঙ্গু }

হিঙ্গুল, হিঙ্গুলি, হিঙুল [হিঙ্গুল্, –লি, –ল্] *বি* পারদ ও গন্ধক মেশানো এক প্রকার ঘোর লাল রঙের পদার্থ; cinnabar (আঙুলে হিঙুল নিয়ে ফেরে কে মেঘ রাঙিয়ে —*সদ*)। { *স.* হিঙ্গু+√লা+অ(ড) }

হিজড়া, হিজড়ে [হিজ্ড়া, –ড়ে] *বি* ১ নপুংসক; ক্লীব (এই হিজড়ে নপুংসকগুলো দেখে মরকর পাপে—*নই*)। ২ একই দেহে স্ত্রী ও পুংচিহ্নযুক্ত মানুষ বা অন্য জীব। { *ফা.* হীজ هيز }

হিজরত [হিজ্রত্] *বি* দেশত্যাগ; হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা থেকে মদিনায় গমন। { *আ.* হিজরত هجرة }

হিজরি, হিজরা [হিজ্রি, –রা] *বি* খ্রিস্টজন্মের ৬২২ বছর পরে হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা ত্যাগ করে মদিনায় গমনের (হিজরতের) দিন থেকে গণিত চান্দ্র-অব্দ। { *আ.* হিজরী هجرى ; হিজরত هجرة }

হিজল [হিজল্] *বি* ফুল ফল ও বৃক্ষবিশেষ (হিজলের বনফুলের আখরে লিখিয়া রঙীন চিঠি—*জউ*)। { *স.* হিজ্জল> }

হিজলি বাদাম [হিজ্‌লি বাদাম্] *বি* হিজলি নামক স্থানে উৎপন্ন কাজু বাদাম। { হিজলি+বাদাম }

হিজিবিজি [হিজিবিজি] *বি* আঁকাবাঁকা রেখাযুক্ত অস্পষ্ট অর্থহীন লেখা (কাগজে কতকগুলো হিজিবিজি কাটিয়া আমাকে ফাঁকি দিয়া গেল—*রঠা*)। □ *বিণ* পরস্পর জড়িত হয়ে অবোধ্য। { *ধ্বন্যা.* }

হিঞ্চা, হিঞ্চে ⟹ হেলেঞ্চা

হিটলারি [হিট্লারি] *বিণ* (*আল.*) অত্যন্ত উগ্র; হিটলারের মতো উগ্র (হিটলারি মেজাজ, হিটলারি কাণ্ডকারখানা)। { *জ.* হিটলার+*বা.* ই }

হিড় হিড় [হিড়্হিড়্] *অব্য* ১ বলপূর্বক দ্রুত টেনে নিয়ে যাওয়ার সময় উদ্ভুত শব্দ। ২ টানার শব্দ। { *ধ্বন্যা.* }

হিড়িক [হিড়িক্] *বি* ১ হুজুগ; সাময়িক অনুষ্ঠান; ফ্যাশন (খুচরা সভাসমিতির হিড়িক পড়ে গেল—*মব*)। ২ চাপ; প্রাবল্য; আধিক্য (কাজের হিড়িক)। ৩ হাঙ্গামা; ঝঞ্ঝাট; ভিড় (ঈদের হিড়িক)। { ভিড়> }

হিণ্ডন [হিন্ডন্] *বি* বিচরণ বা ভ্রমণ। **হিণ্ডই** (*প্রাবা.*) *ক্রি* খেলা করে (একেলী সবরী এ বন হিণ্ডই—*চর্যা*)। { *স.* √হিণ্ড্> }

হিত [হিত, সমাসবদ্ধ পদে 'হিতো'] *বি* উপকার; কল্যাণ; ইষ্টসাধন; মঙ্গল। □ *বিণ* কল্যাণজনক; উপকারী; মঙ্গলজনক। **–কথা** *বি* উপকারী বা কল্যাণকর কথা; সৎপরামর্শ; সদুপদেশ। **–কর** *বিণ* মঙ্গলজনক; উপকারী। **–করী** *বিণ স্ত্রী.*। **–কারী** (–রিন্) *বি, বিণ* কল্যাণকারী;

মঙ্গলকারী; উপকারক; ইষ্টসাধক। ~বাদ *বি* সবচেয়ে অধিক লোকের বেশি উপকার সাধনের মতবাদ। ~বাদী (-দিন্) *বিণ* সদুপদেশক; সৎপরামর্শদাতা। ~সাধন *বি* মঙ্গলকরণ; উপকারসাধন। **হিতাকাঙ্ক্ষী**(-ঙ্ক্ষিন্), **হিতার্থী** (-র্থিন্) *বি* যে মঙ্গল কামনা করে; কল্যাণপ্রার্থী। **হিতাশী** *বিণ* হিতৈষী; হিতাকাঙ্ক্ষী (রায় বলে বাসা দিলা হইলা হিতাশী—*ভারা*)। **হিতাহিত জ্ঞান** *বি* শুভাশুভ; ভালো-মন্দ; ন্যায়ান্যায় সম্বন্ধে চেতনা। **হিতৈষণা, হিতৈষা** *বি* মঙ্গল করার ইচ্ছা বা আকাঙ্ক্ষা (সুপ্রকট হিতৈষণা সত্ত্বেও—*সুদ*)। **হিতৈষী**(-ষিন) *বি* মঙ্গল করতে ইচ্ছুক (চিঠি তো নয় হিতৈষী পরমাত্মীয়জনের শুভকামনা—*রাখা*)। **হিতৈষিণী** *বিণ স্ত্রী*। **হিতোপদেশ** *বি* কল্যাণ; হিতকর উপদেশ। { *স.* √ধা+ত(ক্ত)}

হিদায়তী ⇒ হেদাতি

হিদায়েত, হিদায়ত, হেদায়েত [হিদায়েত, -য়ত, হেদায়েত] *বি* সদুপদেশ; সত্যপথ প্রদর্শন; ন্যায়ের পথে পরিচালন; দেশনা (বহুদেশ হেদায়েত করিবার পর—*মোব;* হুজুর আমায় হেদায়েত করুন—*এও*)। { *আ.* হিদায়ত هدايت }

হিন্তাল, হেঁতাল [হিনতাল, হেঁতাল] *বি* তালজাতীয় বৃক্ষ; হেঁতাল গাছ (গ্রন্থিল বাঁকা হিন্তালশাখা ধরিতে আমরা ডরি—*সদ*)। { *ফা.* হীন্তাল هنتال }

হিন্দি [হিনদি] *বি* উত্তর-ভারতের একটি ভাষা; বর্তমানে ভারতের রাষ্ট্রভাষা; হিন্দুস্তানী। { *ফা.* হিন্দী هندی }

হিন্দু [হিনদু] *বি,বিণ* প্রাচীন ভারতবর্ষের বেদাশ্রিত সনাতন জাতি বা ধর্ম; সনাতন হিন্দু ধর্মে বিশ্বাসী ব্যক্তি। ~ত্ব *বি* হিন্দু ধর্ম ও আচার; হিন্দুভাব; হিন্দুয়ানি। ~ধর্ম *বি* শ্রুতি-স্মৃতি-পুরাণ বিহিত ধর্ম। ~য়ানি, ~য়ানী *বি* ১ হিন্দুর ধর্ম ও আচার-আচরণ (ইহাদের মধ্যে কাহাকেও যদি হিঁদুয়ানি পাইলাম না, তবে হিন্দু ধর্ম কি—*বচ*)। ২ হিন্দু ধর্মনিষ্ঠায় বাড়াবাড়ি উগ্রতা বা ভণ্ডামি। ~স্তান/স্থান *বি* ভারতবর্ষ। ~স্তানি/স্থানি *বি* ফারসিমিশ্রিত হিন্দি ভাষা; উর্দু; উত্তর-ভারতের মুসলমানদের মধ্যে প্রচলিত ভাষা, যা বর্তমানে পাকিস্তানের রাষ্ট্রভাষা। □ *বিণ* ১ হিন্দুস্তানের বা ভারতের অধিবাসী; ভারতীয়। ২ উত্তর-ভারতের অধিবাসী; ভারতীয়। ৩ হিন্দি ভাষী; পশ্চিমা; বিহারি। { *ফা.* হিন্দ هند ; *স.* সিন্ধু> }

হিন্দোল, হিন্দোলা [হিনদোল, -লা] *বি* ১ (*সং*) একটি রাগের নাম (পাশের উপবন হইতে তরুণী কণ্ঠের মল্লার হিন্দোলা ভেসে আসছিল—*নই*)। ২ দোলা; দোলন (চল ঊর্মির হিন্দোল-দোল—*নই*)। ৩ ঝুলনযাত্রা নামক উৎসব। { *স.* √হিন্দোল+অ(ঘঞ)}

হিপ হিপ হুররে [হিপ্‌হিপ্‌হুররে] *অব্য* জয়ধ্বনি; বিশেষত খেলায় সমবেত উচ্চকণ্ঠ ধ্বনি। { *ই* hip-hip-hurrah }

হিফয ⇒ হেফজ

হিবা, হেবা [হিবা, হে-] *বি* দান; উপহার; ইসলামের বিধান মতে সম্পত্তি দান। ~নামা *বি* হেবার দলিল; দানপত্র। { *আ.* হিবাহ هبه }

হিবাচী [হিবাচি] *বি* চুল্লি; হাপর (হিবাচীতে আগুন জেলে শিখছে ওরা কব্জা কল—*সদ*)। { অমূ }

হিবুক [হিবুক] *বি* লগ্নের চতুর্থ স্থান। { *স.* হিবুক}

হিব্রু [হিবরু] *বি* ১ ইহুদি জাতি। ২ প্রাচীন ইহুদি জাতির মাতৃভাষা। ইবরিয়দের ভাষা। { *ই.* Hebrew }

হিম [হিম] *বি* ১ তুষার; বরফ (হিম পাত)। ২ নীহার; শিশির। ৩ শীতকাল; হিমঋতু। ৪ শৈত্য; শীতলতা; শীতল বা ঠাণ্ডা স্পর্শ (হিম যে লাগিবে—*কায়*)। □ *বিণ* ঠাণ্ডা (হাত-পা হিম হয়ে গেল)। ~কর *বি* যার কিরণ শীতল; চন্দ্র। ~গিরি, ~বান, ~বৎ, ~শৈল *বি* ভারতের উত্তর সীমায় অবস্থিত সর্বদা তুষারাচ্ছন্ন পর্বতশ্রেণি (নম নম হিমবান—*সদ*)। ~পাত *বি* তুষার পতন; বরফ পড়া। ~বাহ *বি* তুষার স্তূপ বা তুষার প্রবাহ যা পর্বতগাত্র বেয়ে ধীরে ধীরে নিম্নদিকে চলতে থাকে; glacier। ~মণ্ডল *বি* দুই মেরুর সন্নিহিত অত্যন্ত শীতল অতি ক্ষীণ সূর্যালোকযুক্ত পৃথিবীর অংশবিশেষ; frigid zone। ~রেখা *বি* পর্বতের যে অংশ সর্বদা তুষারাচ্ছন্ন থাকে, তার নিম্নস্থ রেখা; snowline। ~শিলা *বি* করকা; বরফ; তুষার। ~শীতল *বিণ* তুষার বা বরফের মতো ঠাণ্ডা; তুষারশীতল। ~সাগর *বি* ১ তুষার বা বরফে আচ্ছন্ন সমুদ্র। ২ (*আল.*) প্রবল শৈত্য; প্রচণ্ড ঠাণ্ডা। ৩ উন্নত জাতের আমবিশেষ। ৪ এক প্রকার কবিরাজি তেল যা ব্যবহারে মস্তিষ্ক শীতল থাকে। { *স.* হিম+অ(অচ)}

হিমশিম, হিমসিম [হিমশিম্] *বি* হয়রান; নাজেহাল; অত্যন্ত পরিশ্রান্ত বা ক্লান্ত হওয়া। ~খাওয়া *ক্রি* নাকাল হওয়া; নাজেহাল হওয়া। { *ধ্বন্যা.*}

হিমাংশু [হিমাঙশু] *বি* ১ চন্দ্র। ২ কর্পূর। { *স.* হিম+অংশু}

হিমাগম [হিমাগম] *বি* ১ শীত বা হেমন্ত ঋতু। { *স.* হিম+আগম; *বহু*}

হিমাগার [হিমাগার] *বি* শীতল ঘর; ঠাণ্ডা গুদাম; cold store। { *স.* হিম+আগার; ৬তৎ}

হিমাঙ্গ [হিমাঙগো] *বি* একেবারে ঠাণ্ডা বা তাপশূন্য দেহ; প্রাণহীন বা মৃতদেহ। □ *বিণ* দেহ তাপশূন্য এমন। { *স.* হিম+অঙ্গ; *বহু*}

হিমাচল, হিমাদ্রি [হিমাচল, -দ্রি] *বি* হিমালয় পর্বতশ্রেণি (ক্ষুদ্র বালুকণা হ'তে হিমাদ্রি-শিখর—*কায়*)। { *স.* হিম+অচল, অদ্রি; *কর্মধা.*}

হিমানী [হিমানি] *বি* তুষারপুঞ্জ; বরফ (পাণ্ডু আকাশে খণ্ড চন্দ্র হিমানীর গ্লানি মাখা—*রঠা*)। { *স.* হিম+ঈ(ঙীষ)}

হিমালয় [হিমালয়] *বি* ভারতের উত্তর সীমানায় অবস্থিত বিশ্ববিখ্যাত পর্বতশ্রেণি। ~নন্দিনী *বি* উমা; দুর্গাদেবী। { *স.* হিম+আলয়; ৬তৎ}

হিমিকা [হিমিকা] *বি* ১ কুয়াশা; কুজ্ঝটিকা (হিমিকার অস্পষ্ট আঁধারে আচ্ছন্ন। ২ শিশির। { *স.* হিম+ক(কন্)+আ(টাপ)}

হিম্মত, হিম্মৎ [হিমমত] *বি* ১ সাহস; মনোবল (ছিঁড়িতেছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ—*নই*)। ২ ক্ষমতা; শক্তি; বীরত্ব; বীর্য; তেজ (দুদিন এ দলে থাক দেখি তোমার হিম্মৎ কতটা—*অঠা*)। ~জিগর *বি* সাহসী কলিজা (এতবড় দরাজ ছিল আর হিমৎজিগরের নিশান

আফগানিস্তানের ইতিহাসে আর নেই— *সৈমু*)। **হিম্মতি** *বিণ* সাহসী। { *আ.* হিম্মত همة }

হিয় (*প্রাচী.*, *মধ্য.*) [হিঅ্] *বি* হৃদয় (বসন তনু হিয় লাগি —*বিপ*)। **হিয়এ** (*প্রাচী.*) হৃদয়ে (হিয়এ পইসই— বৌদ্ধগান ও দোহা)। { *স.* হৃদয়>*প্রা.* হিঅঅ> }

হিয়া (*পদ্য.*) [হিয়া] *বি* হৃদয়; অন্তঃকরণ; মন (আজিও আমার হিয়া মেলে রাখি দিধা নিয়া—*সিজা*)। { *স.* হৃদয়>*প্রা.* হিঅঅ> }

হিরণ [হিরণ্] *বি* ১ স্বর্ণ; সোনা; হেম; সুবর্ণ (হিরণপ্রভা)। ২ কড়ি; কপর্দক। **~জরি** *বিণ* সোনালি সুতায় বা সোনায় মোড়া সুতা (হিরণ-জরির ওড়না গায়—*সদ*)। { *স.* √হৃ+অন(লুট্) }

হিরণময় ⇒ হিরণ্ময়

হিরণ্ময়, হিরণময় [হিরন্ময়] *বিণ* ১ স্বর্ণনির্মিত; সোনার তৈরি (আমার পরাণ করি হিরণ্ময়—*রঠা*)। ২ স্বর্ণবর্ণ; সোনালি (হিরণ্ময় বেশ— *আর*)। ▢ *বি* পরব্রহ্ম; ব্রহ্ম। **হিরণ্ময়ী** *স্ত্রী*। { *স.* হিরণ্য+ময়(ময়ট্) }

হিরণ্য [হিরোন্নো] *বি* ১ সুবর্ণ; স্বর্ণ; সোনা (একখানি রৌপ্য পীত হিরণ্য অঞ্চল—*রঠা*)। ২ রৌপ্য। ৩ ধন। ৪ কড়ি। ৫ ধুতুরা। **~কশিপু** *বি* হিন্দু পুরাণে দৈত্যরাজবিশেষ যাঁর পুত্র প্রহ্লাদ। **~গর্ভ** *বিণ* স্বর্ণপূর্ণ; সোনায় ভরা। ▢ *বি* ১ হিন্দু দেবতা ব্রহ্মা। ২ বেদোক্ত সৃষ্টির প্রথম পুরুষ। **হিরণ্যদ** *বি* ১ রত্নাকর; সমুদ্র। ▢ *বিণ* সুবর্ণদাতা। **হিরণ্যদা** *বি* পৃথিবী। **~নাভ** *বি* মৈনাক নামক পর্বত। **~বাহ** *বি* শোণ নদ। **~রেতা, ~রেতাঃ** *বি* ১ অগ্নি। ২ সূর্য। ৩ হিন্দু দেবতা শিব। { *স.* √হর্য+অন্য(কন্যন্) }

হিরাকস [হিরাকশ্] *বি* ১ লৌহের একপ্রকার কষ বা উপরস; কাসীস; green vitriol sulphate of iron। { *ফা.* হিরাকশ حراكش }

হিরো [হিরো] *বি* ১ বীরপুরুষ। ২ নায়ক। { *ই* hero }

হিরোইন[1] [হিরোইন্] *বি* নায়িকা। { *ই* heroine }

হিরোইন[2] [হিরোইন্] *বি* মরফিন থেকে প্রস্তুত মাদ দ্রব্য বিশেষ। { *ই* heroin }

হিল, হীল [হিল্] *বি* গোড়ালি; জুতার উঁচু গোড়ালি। { *ই* heel }

হিলমিল [হিলমিল্] *বি* ঝিলমিল (হিলমিল করে বাহিরে সলিল—*সদ*)। { ঝিলমিল> }

হিলসা, হিলসে [হিলশা, –শে] *বি* ইলিশ মাছ। { *স.* ইল্লীশ, ইলীশ>; *ই* hilsa }

হিলা [হিলা] *ক্রি* হেলে পড়া। ▢ *বি* ১ নড়া। ২ কৌশল; ছল; চাতুরী। { *আ.* হিলাহ حيلة }

হিলানো ⇒ হেলা

হিলাল ⇒ হেলাল

হিল্লা, হিল্লে [হিল্‌লা, –লে] *বি* ১ উপায়; গতি (একটা হিল্লে লাগিয়ে দেওয়া যাবে—*বিব*)। ২ ব্যবস্থা (তোমার একটা হিল্লে আমি করে দেবো—*বর*)। ৩ আশ্রয়; অবলম্বন। { *আ.* হিলাহ حيلة }

হিল্লোল [হিল্‌লোল্] *বি* ১ তরঙ্গ; ঢেউ। ২ দোলন; দোলা (প্রত্যেক হিল্লোলে উভয়ের প্রাণ যেন উধাও—*কায়*)। ৩ আন্দোলন। { *স.* √হিল্লোল্+অ(অচ্) }

হিশাব ⇒ হিসাব

হিষ্টিরিয়া ⇒ হিস্টিরিয়া

হিষ্ট্রি ⇒ হিস্ট্রি

হিসাব, হিশাব, হিসেব, হিশেব [হিশাব্, -, –শেব্] *বি* ১ গণনা; সংখ্যাকরণ। ২ জমা–খরচের গাণিতিক বিবরণ। ৩ জমা–খরচ নির্ধারণ বা নির্ণয়। ৪ দর (শতকরা পাঁচ টাকা হিসাবে। ৫ (*আল.*) বিচার–বিবেচনা (হিসাব করে কথা বলো)। ৬ (*আল.*) কৈফিয়ত; কারণ প্রদর্শন; জবাবদিহি (হিসাব কি দিবি তার—*সুভ*)। **~ করা** *ক্রি* ১ গণনা করা। ২ পরিমাণ বা মাত্রা স্থির করা। ৩ বিচার–বিবেচনা করা। ৪ নির্ধারণ করা। **~-কিতাব/ কেতাব** *বি* ১ বিস্তারিত বা খুঁটিনাটি হিসাব; পুঙ্খানুপুঙ্খ হিসাব (সমস্ত হিসাব–কিতাব শৃঙ্খলা সামঞ্জস্য একেবারে নয়-ছয় করিয়া দেয়—*রঠা*)। ২ বিবেচনা। **~ চুকানো, ~ মেটানো** *ক্রি* প্রাপ্য বা দেনা–পাওনা পরিশোধ করা। **~ দেওয়া** *ক্রি* ১ জমা–খরচের বিবরণ দেওয়া। ২ কৈফিয়ত দেওয়া; জবাবদিহি করা। **~-নবিস** *বি* আয় ব্যয়ের হিসাব লেখক; জমা–খরচ লেখক। **~-নিকাশ** *বি* ১ আয় ও ব্যয়ের বিস্তারিত লিখিত বিবরণ; সঠিকভাবে দেনা–পাওনা নির্ণয়। ২ হিসাব পত্রের কাজ (হিসাব–নিকাশে গ্রীক সংখ্যা ব্যবহার করেন —*আকআ*)। ৩ কৈফিয়ত; জবাবদিহি। **~ নেওয়া** *ক্রি* ১ আয়–ব্যয় বা জমা–খরচের বিবরণ সঠিকভাবে বুঝে নেওয়া। ২ কৈফিয়ত নেওয়া। **~-পরীক্ষক** *বি* আয়–ব্যয় ও জমা–খরচ পরীক্ষা করেন যিনি; auditor। **~ পরীক্ষা** *বি* জমাখরচের বিবরণ নির্ভুল কিনা তা পরীক্ষা; audit। **হিসাবানা** *বি* প্রধানত তহসিলদারগণ কর্তৃক প্রজাদের খাজনাদি হিসাব করে দেওয়া বাবদ পারিশ্রমিক বা ঘুষ। **হিসাবি, হিসাবী** *বিণ* ১ হিসাব সম্পর্কিত। ২ আয় বুঝে ব্যয় করে এমন। ৩ বিবেচক; সাবধানী; সতর্ক; বিচক্ষণ; মিতব্যয়ী। { *আ.* হিসাব حساب }

হিসেব ⇒ হিসাব

হিস্টিরিয়া, হিসটিরিয়া [হিস্‌টিরিয়া] *বি* এক ধরনের মূর্ছারোগ (রাগিয়া কাঁদিয়া উপবাসী থাকিয়া হিস্‌টিরিয়া করিয়া পাড়া মাথায় করিল —*রঠা*)। { *ই* hysteria }

হিস্ট্রি, হিষ্ট্রি [হিস্‌ট্রি] *বি* ইতিহাস; আনুপূর্বিক বিবরণ (হিস্ট্রি কিতাব লইয়া—*রঠা*)। { *ই* history }

হিস্‌সা, হিস্যা, হিসসে, হিস্যে [হিশ্‌শা, –শ্যা, –শে, –] *বি* ১ প্রাপ্য অংশ; প্রাপ্য ভাগ; অংশ; প্রাপ্য (মরতে হয় মরব আমার হিস্যার গুলী খেয়ে—*সৈমু*)। ২ ভাগ (বড় হিস্‌সা; তাহার ধর্মভাইও রীতিমত হিস্‌সা পাইতে লাগিলেন—*গোমো*)। **~দার** *বি, বিণ* অংশীদার; ভাগীদার (অতো হিস্যেদারের সম্পত্তি নিলামে উঠলেও তো কেউ কেনে না—*সৈমু*)। { *আ.* হিস্‌সাহ حصة }

হিহি [হিহি] *অব্য* ১ শীতে বা ঠাণ্ডায় কাঁপার শব্দ। ২ উচ্চ হাসির ধ্বনি। ৩ বিদ্রূপের বা উপহাসের ধ্বনি। { *ধ্বন্যা.* }

হীন [হিন্] *বিণ* ১ নীচ; অধম; কমিনা; হেয়; ঘৃণ্য (হীন চরিত্র)। ২ শূন্য (পিতৃহীন)। ৩ পরিত্যক্ত; বর্জিত। ৪ ক্ষীণ; শীর্ণ; কৃশ; হ্রাসপ্রাপ্ত (হীনবল)। ৫ অতি বিনীত (হীনভাবে নিবেদন)। ৬ দীন; দুর্দশাগ্রস্ত; অভাবযুক্ত; দরিদ্র (তাহার অবস্থা উত্তরোত্তর যতই হীন হইয়া আসিতে

লাগিল— *রঠা*)। **হীনা** *বিণ স্ত্রী*। **হীনতা** *বি* ১ নীচতা। ২ দীনতা। **–বল** *বিণ* ১ শক্তিহীন। ২ সৈন্যসামন্তহীন। **–বর্ণ** *বি* নীচজাতি। **–মতি** *বিণ* ১ দুর্বুদ্ধি; নীচমতি। ২ মূঢ়মতি। **হীনাবস্থ** *বিণ* দুর্দশাগ্রস্ত; দরিদ্র; গরিব; দীন। { *স.* √হা+ত(ক্ত)}

হীনযান [হিনোযান] *বি* ১ বৌদ্ধধর্মের প্রাচীন শাখা। ২ পালিশাস্ত্রে বর্ণিত বৌদ্ধমত। { *স.* হীন+যান}

হীয়মান [হিয়োমান] *বিণ* হ্রাস পাচ্ছে এমন; ক্ষীয়মাণ। { *স.* √হা+আন(শানচ)}

হীরক, হীরা, হিরে [হিরক, হিরা, –রে] *বি* উজ্জ্বল রত্নবিশেষ; এক প্রকার অতি মূল্যবান ও দ্যুতিমান রত্ন (নড়িলে হীরক যথা পড়ে ঠিকরিয়া—*রঠা*)। **হীরার টুকরা** *বি (আল.)* অতিশয় সৎস্বভাব বা প্রতিভাবান; অতি গুণবান ছেলে। **হীরার ধার** *বিণ* হীরার ধারের ন্যায় অতি তীক্ষ্ণ। { *স.* হীরক, >}

হীরামন, হীরেমন [হিরামন, –রে–] *বি* শুকপাখি; তোতাপাখি। { *তুল. হি.* হীরামন}

হিরে ⇒ হীরক

হীরেমন ⇒ হীরামন

হীল = হিল

হুইপ [হুইপ্] *বি* ১ চাবুক; বেত (আর হুইপ সেই —*বচ*)। ২ সচেতক; পার্লামেন্ট-এ স্বীয় দলভুক্ত করার ও রাখার দায়িত্বে নিয়োজিত সদস্য। { *ই.* whip}

হুইল [হুইল] *বি* ১ চাকা (ঝপ ঝপ শব্দে ইস্টিমারের হুইল ঘুরে ছেড়ে দিলে—*প্যামি*)। ২ মাছ-ধরা ছিপসংলগ্ন সুতা গোটানোর একপ্রকার চক্র। ৩ ঐরূপ চক্রযুক্ত ছিপ। { *ই.* wheel}

হুইসল, হুইসিল [হুইস্‌ল, –সি–] *বি* বাঁশি (বিকট হুইসিল দিল আমাদের ট্রেন—*সৈশা*; যাবার আগে হুইসিল অন্তত একটা—*অচিসে*)। { *ই.* whistle}

হুইস্কি [হুইসকি] *বি* উগ্র মদবিশেষ; whisky (শ্মশানে আগুন জ্বলে হুইস্কি কি তাড়ি চলে—*বিদে*)। { *ই.* whisky}

হুংকার ⇒ হুঙ্কার

হুংকারা ⇒ হুঙ্কারা

হুঁ [হুঁ] *অব্য* স্বীকৃতি; সম্মতি; সন্দেহ ইত্যাদি বাচক শব্দ। { *ধ্বন্যা.*}

হুকরে, হুকরে [হুঁক্‌রে, হু–] *অব্য* গুমরে; ফুঁপিয়ে (এত হুকরে হুকরে বুক ফেটে কান্না আসছে কিসের—*নই*)। { *তুল.* ডুকরে ডুকরে}

হুঁকা, হুঁকো [হুঁকা, –কো] *বি* কাঁসা পিতল দস্তা বা মাটি দ্বারা অথবা নারকেল খোলে প্রস্তুত নলিচাযুক্ত এক প্রকার যন্ত্র যা তামাক খেতে বা ধূমপান করতে ব্যবহৃত হয় (বাঁধানো হুঁকা যতনে মেজে—*রঠা*)। **–বরদার** *বিণ* ১ হুঁকো নিয়ে প্রভুর সঙ্গে সঙ্গে ফেরে এরূপ ভৃত্য। ২ *(আল.)* মোসাহেব; তোশামোদকারী (হুজুরের জী-হাঁ হুঁকোবরদার —*শারা*)। { *আ.* হুক্কাহ حقه }

হুঁকারি [হুঁকারি] *বিণ* হুঁকাতে আসক্ত; তামাকখোর (বাবুরাম বাবু ঘোর হুঁকারি—*প্যামি*)। { হুঁকা+আরি}

হুঁচট, হুঁচোট ⇒ হোঁচট

হুঁশ, হুঁস, হুশ, হোশ [হুঁশ্, –, হু–, হো] *বি* ১ চেতনা; জ্ঞান; চৈতন্য; অনুভূতি (কিন্তু নেশা তখনও হুঁশের গোড়া ধরে টান মারতে পারেনি—*শও*)। ২ সাবধানতা; সতর্কতা। { *ফা.* হোশ هوش }

হুঁশিয়ার, হুশিয়ার [হুঁশিয়ার্, হু–] *বিণ* ১ সতর্ক; সচেতন; সাবধান; চেতনাযুক্ত; অবহিত (লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার—*নই*)। ২ চতুর। **হুঁশিয়ারি, হুশিয়ারি** *বি* সতর্কতা; সাবধানতা। { *ফা.* হুশিয়ার هوشيار }

হুক [হুক] *বি* ১ লৌহ-নির্মিত বাঁকা আঁকশি। ২ বড়শি। ৩ বোতাম। ৪ খিল। { *ই.* hook}

হুকমত, হুকমৎ ⇒ হুকুম

হুকুম [হুকুম্] *বি* ১ আজ্ঞা; আদেশ; নির্দেশ (গৌড়েশ্বর রাজার হুকুম হইল রদ—*ধচ*)। ২ আদালতাদির নির্দেশ। ৩ অনুমতি। **–জারি** *বি* হুকুম প্রচার (তাহার প্রতি হুকুমজারি করে—*বিব*)। **হুকুমত, হুকমৎ, হুকুমত, হুকমৎ** *বি* ১ প্রভুত্ব (হুকুমত এক আল্লাহর তালিম)। ২ শাসন। ৩ সরকার; গভর্নমেন্ট (হুকুমতে ইরাক)। **–তামিল** *বি* আদেশ বা নির্দেশ পালন। **–নামা** *বি* আদেশপত্র; পরোয়ানা; নির্দেশযুক্ত পত্র (মহারাজের দস্তখতি হুকুমনামা দপ্তরখানায় রয়েছে—*অঠা*)। **–বরদার, –বর্দার** *বি* আজ্ঞাবাহক (আমরা হুকুমবর্দার তাঁর পাইয়াছি ফরমান—*নই*)। **–বরদারি** *বি* হুকুমবরদার বা আজ্ঞা বাহকের কাজ (এই যে হুকুমবরদারী—*মোহ*)। **– রদ** *বি* হুকুম রহিতকরণ বা স্থগিতকরণ। **জো –** *অব্য* যে আজ্ঞা বা আদেশ। □ *বি, বিণ* আজ্ঞাবহ; স্তাবক; মোসাহেব (যো হুকুমের দল)। **হাকিম নড়েতো – নড়ে না** ⇒ হাকিম[১]। { *আ.* হুকম حكم }

হুক্কাহুয়া [হুক্‌কাহুয়া] *বি* শিয়ালের ডাক। { *ধ্বন্যা.*}

হুঙ্কার, হুংকার [হুঙ্‌কার্] *বি* হুম শব্দ; গর্জন; নাদ। **হুঙ্কারিত, হুংকারিত** *বিণ* ১ গর্জন ধ্বনিতে পূর্ণ। ২ হুঙ্কারপূর্ণ; হুঙ্কারযুক্ত। **হুঙ্কৃত, হুংকৃত** *বিণ* গর্জিত। **হুঙ্কৃতি** *বি* হুঙ্কার; হুঙ্কার ধ্বনি; গর্জন। **হুঙ্কারা, হুংকারা** *ক্রি (পদ্য.)* হুঙ্কার করা। { হুম্+কার}

হুঙ্কারিত, হুঙ্কৃত ⇒ হুঙ্কার

হুজরা [হুজ্‌রা] *বি* ছোট কক্ষ; কামরা; মসজিদের সংলগ্ন ছোট কামরা; কুঠরি (ইউসুফ এমনি দেখে করে হায় হায়; কাঁদেন এয়াকুব নবী বসিয়া হুজরায়—*ফগ*)। **–খানা** *বি* মসজিদ ইত্যাদির সংলগ্ন মুয়াজ্জিনের আশ্রয়ের জন্য ছোট কামরা বা কুঠরি (মসজিদের কোণে যে অব্য বহৃত অপরিষ্কার হুজরাখানা ছিল কমরুদ্দীন আসার পর সেটা পরিষ্কার করা হয়—*আজা*)। { *আ.* হুজরাহ্ حجره }

হুজুক, হুজুগ [হুজুক্, –গ্] *বি* ১ সাময়িক আন্দোলন; আবেগবশ্যতা (নিজের বিরুদ্ধে হুজুক করা চলে না—*প্রচৌ*; লড়াইয়ের হুজুগে পল্টন গঠিত হইয়াছিল—*মাউ*)। ২ জনরব; গুজব (হুজুকে মাতা)। ৩ ঝোঁক; ফ্যাশন (পরোয়া করি না, বাঁচি না বাঁচি যুগের হুজুগ কেটে গেলে —*নই*)। **হুজুকে, হুজুগে** *বিণ* ১ হুজুকপ্রিয়। ২ হুজুকে মেতে বা সোৎসাহে যোগদান করে এমন। **–দার** *বিণ* হুজুকপ্রিয় (হুজুকদারেরা আজকাল পদ্মলোচনকে—*প্যামি*)। { *আ.* হুজো هجو + *ফা.* গূঈ گوئى

হুজুর, হুযুর [হুজুর্] *বি* ১ সম্মানসূচক সম্বোধন; মহাশয়। ২ প্রভু; মনিব। ৩ প্রভুর সমীপ; নিকট; সম্মুখ (দেওয়ান কহিল যদি বিবীর হুজুরে—*সৈহা*)। { *আ.* হুদুর حضور }

হুজ্জত, হুজ্জৎ [হুজ্জত্] *বি* ১ গোলমাল; হাঙ্গামা (তার ভিতর কত হাঙ্গামা কত হুজ্জত—*সৈমু*)। ২ তর্কাতর্কি; কলহ। ৩ জিদ (দেশকে নতুন করে গড়ে পিটে নিতে চেয়েছে হুজ্জত সব জ্বলন্ত জোয়ান—*শারা*)। **হুজ্জতি** *বিণ* ১ কলহকারী; তার্কিক। ২ জেদি। ৩ হুজ্জত সংক্রান্ত। { *আ.* হুজ্জত حجة }

হুট [হুট্] *অব্য* ১ হঠাৎ; সহসা; বিবেচনা না করেই (হুট্ করে এলো কেন?)। ২ উপেক্ষা ও অবজ্ঞাসূচক শব্দ। ৩ মৃদু হুট শব্দ। { *ধ্বন্যা.* }

হুটার (*মবা.*) [হুটার্] *বি* উছট খেয়ে পড়া (হুতাশে হুটারে হাথী পড়ে ঠায় ঠায়—*ঘচ*)। { *স.* উৎসার> }

হুটোপুটি [হুটোপুটি] *বি* ১ গোলমাল; চিৎকার; চেঁচামেচি ও লাফালাফি (তাদের কিচিরমিচির বক্তৃতায় আর... হুটোপুটির চোটে সারারাত তার ঘুম হয়নি—*নই*)। ২ হুড়াহুড়ি; ঠেলাঠেলি ও বিশৃঙ্খলা সৃষ্টি। { *ধ্বন্যা.* }

হুড় [হুড়্] *বি* ১ ভিড়; বহুলোকের বিশৃঙ্খলসমাবেশ। ২ জনতার ঠেলাঠেলি। ৩ বেগ। { *স.* হুড়> }

হুড়কা[১]**, হুড়কো**[১] [হুড়্কা, -কো] *বি* অর্গল; কপাট বন্ধ রাখার ঠেঙ্গা বা খিল (রাজার হুড়কোতে তো হাত যায় না মনে হচ্ছে যেন আকাশে উঠে গেছে—*অঠা*)। { *স.* হুড়ক্ক> }

হুড়কা[২]**, হুড়কো**[২] [হুড়্কা, -কো] *বিণ* পতি-সংসর্গত্যাগিনী; যে স্ত্রী স্বামীর নিকট যেতে অনিচ্ছুক বা আতঙ্কিত (হুড়কো মেয়ে ঝমকে ওঠে খসম কাছে এলে—*দীমি*)। { *স.* উৎকা>উটকা>হুটকা>হুড়কা }

হুড়কি (ধান) [হুড়্কি] *বি* উড়ি ধান (হুড়কি ধানের মুড়কি— *ছড়া*)। { *সাঁও.* হড়> }

হুড়মুড় [হুড়্মুড়্] *অব্য* ১ অনেক জিনিসের একসঙ্গে পতনসূচক শব্দ। ২ ভিড় বা ঠেলাঠেলি করে প্রবেশ বা নির্গমনের ভাববাচক। ৩ হঠাৎ প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক। { *ধ্বন্যা.* }

হুড়হুড় [হুড়্হুড়্] *বি* পানি জোরে পড়ার শব্দ। ❑ ১ *অব্য* একসঙ্গে অনেকের প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক। ২ গুড়গুড় (পেট হুড়হুড় করা)। { *ধ্বন্যা.* }

হুড়া, হুড়ো [হুড়া, -ড়ো] *বি* তাড়া; আক্রমণ; ঠেলা; গুঁতা। ~**হুড়ি** *বি* ১ ঠেলাঠেলি (রাম রাম প্রণাম সেলাম হুড়াহুড়ি—*ঘচ*)। ২ হুটোপাটি; বিশৃঙ্খলা ও গোলমাল সৃষ্টি। **তাড়া**~ *বি* দ্রুত কাজ করার জন্যে তাড়না বা আঘাত। { *ধ্বন্যা.* }

হুড়ুক [হুড়ুক্] *বি* ১ গতিবেগ (বজ্রবাণ এড়ে রাম বজ্রের হুড়ুকে—*কৃও*)। ২ হেঁচকা টান। ৩ ঠেলা। { *ধ্বন্যা.* }

হুড়ুৎ [হুড়ুত্] *বি* পাত্রের জল বেগে ফেলে দেওয়ার শব্দ (হুড়ুৎ করে পানি ফেলা)। { *ধ্বন্যা.* }

হুড়ুম[১] [হুড়ুম্] *বি* ১ মুড়ি। ২ মুড়ির মতো ভাজা চিড়া। { *স.* হুড়ুম্ব; মূলে *ধ্বন্যা.* }

হুড়ুম[২] [হুড়ুম্] *অব্য* হঠাৎ বিশৃঙ্খলা সৃষ্টি ও লাফালাফির ভাববাচক (হুড়ুম দুড়ুম)। { *ধ্বন্যা.* }

হুণ্ড [হুন্ডো] *বিণ* ১ মূর্খ। ২ গুণ্ডা; গোঁয়ার। { *হি.* হুঁড়ার }

হুত [হুতো] *বিণ* প্রজ্বলিত হোমাগ্নি বা যজ্ঞাগ্নিতে অর্পিত। { *স.* √হু+ত(ক্ত) }

হুতাশ[১] [হুতাশ্] *বি* ১ হতাশা; নৈরাশ্য প্রকাশ (কাহার হুতাশ দীরঘ নিশা সম—*নই*)। ২ চিন্তা দুর্ভাবনা বা আতঙ্কের প্রকাশ। **হুতাশী** *স্ত্রী.*। { *স.* হতাশ> }

হুতাশ[২] ⇒ হুতাশন

হুতাশন, হুতাশ[২] [হুতাশোন্, হুতাশ্] *বি* ১ অগ্নি (কাঁচা কাষ্ঠেত লাগিল হুতাশন—*সৈআ*)। ২ প্রজ্বলিত হোমাগ্নি। { *স.* হুতাশন }

হুতি [হুতি] *বি* হোম; যজ্ঞ; আহুতি। { *স.* √হু+তি(ক্তি) }

হুতুম ⇒ হুতোম

হুতোম, হুতুম [হুতোম্, -তু-] *বি* আতঙ্কজনক রবকারী এক প্রকার বড় পেঁচা। ~**পেঁচা** *বি* 'হুতোম পেঁচার নক্সা' গ্রন্থের লেখক কালীপ্রসন্ন সিংহের ছদ্মনাম। **হুতোমি ভাষা** *বি* যে ভাষা কালীপ্রসন্ন সিংহ তাঁর গ্রন্থে ব্যবহার করেছিলেন। { *ধ্বন্যা.* }

হুদ্দা, হুদ্দো [হুদ্দা, -দো] *বি* সীমানা; অধিকার; কর্মক্ষেত্রের এলাকা; jurisdiction। { *আ.* হুদ্দ حد }

হুনর, হুনুর [হুনোর্] *বি* ১ গুণ। ২ বিদ্যা; কৌশল; কলাজ্ঞান (অষ্ট বসুর কুলের দুলাল হুনর তোমার সাত বুড়ি—*সদ*)। ৩ কর্মদক্ষতা; শ্রমশিল্পে কুশলতা। { *ফা.* হুনর هنر }

হুনুরি, হুনুরি, হুনরী, হুনরি [হুনুরি, -, -নো-, -] *বি* নিপুণ বা দক্ষ শিল্পী। ❑ *বিণ* শিল্পবিষয়ক। ~**কাজ**, ~**কর্ম** *বি* কারিগরি কাজ; শিল্পকর্ম (তাই একটু লেখাপড়া ও হুনরি কর্ম শিখিয়াছি—*প্যামি*)। { *ফা.* হুনরী هنری }

হুন্ডি [হুন্ডি] *বি* ১ দূরবর্তী কারো নিকট নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের নির্দেশ লিপি; bill of exchange (বাঙলায় রাজা শেঠের হুণ্ডি দেখলে বুখারার খান পর্যন্ত চোখ বন্ধ করে কাঁচা টাকা ঢেলে দিতেন—*সৈমু*)। ২ ঋণ-শোধের প্রতিজ্ঞাপত্র হ্যান্ডনোট। { *ফা.* হুন্ডি هندی }

হুপ[১] [হুপ্] *অব্য* ১ হঠাৎ লাফ দেওয়ার ভাব প্রকাশক। ২ বানরের ডাক বা রব (হুপহাপ দুপদাপ—*ভারা*)। { *ধ্বন্যা.* }

হুপ[২] [হুপ্] *বি* আশা-ভরসা (যাহার হুপ আর বুক—*প্যামি*)। { *ই.* hope }

হুপো [হুপো] *বি* ১ একজাতীয় ঝুঁটিওয়ালা পক্ষী। { *ই.* Hoopoe }

হুবহু [হুবোহু] *অব্য* সঠিক; অবিকল; একেবারে এক (অভিন্ন যথাযথ হুবহু লিখব—*মব*)। { *আ.* হু هو + *ফা.* ব ب + *আ.* হু هو }

হুমকি [হুম্কি] *বি* ভীতি প্রদর্শন; ধমকানি; তর্জন; গর্জন; হুঙ্কার (এ ছেলের হাতের মোয়া নয় যে খাবে হুবকি (হুমকি) দিয়ে—*রাসে*)। { হুম (হুঙ্কার বা ধমক অর্থে)+কি অথবা, হুঙ্কার' এবং ধমকি (ধমক) এর মিলিত রূপ }

হুমড়ি [হুম্ড়ি] *বি* উপুড়; সম্মুখে ঝোলা; হামাগুড়ি; হামড়ি। ~ **খেয়ে পড়া** *ক্রি* ১ পাওয়ার জন্য লোভাতুর হয়ে ঝুঁকে পড়া (যে ভাবে চায়ের কাপে হুমড়ি খেয়ে পড়েছেন —*মঙ্গ*)। ২ উপুড় হয়ে পড়া। { *ধ্বন্যা.* }

হুমা, হুমো [হুমা, হুমো] *বি* ১ হুম হুম রবকারী হুমা বা

হুমো পাখি (আয়রে পাখি হুমো—ছড়া)। ২ হুতোম প্যাঁচা। ৩ আস অকর্মণ্য গোঁয়ার বালক বা বয়স্ক ব্যক্তি (হুমো ছেলে বা বুড়ো)। { ফা. হুমা هما ; স. বিহঙ্গমা> হুমা}

হুযুর ⇒ হুজুর

হুর, হুরি, হুরী [হুর, -রি, -] *বি* ১ অতিশয় সুন্দরী; জান্নাতের পরী; স্বর্গের অপ্সরী (পিশাচীকে হুর বলছ—*শেক*)। ২ বেহেশতের সুন্দরী (একতা নিয়ে নেমে আসে হুর—*কায়*)। { *আ.* হুর حور }

হুরমত [হুর্‌মত্] *বি* সম্ভ্রম; সম্মান; ইজ্জত (মক্কা-মদিনার হুরমত রক্ষা হইবে না—*আমআ*)। { *আ.* হুরমত حرمة }

হুরী ⇒ হুর

হুল, হূল [হুল্] *বি* ১ কীট-পতঙ্গের সূক্ষ্মাগ্র তীক্ষ্ণ অঙ্গ। ২ ধনুকের প্রান্তভাগ। { *স.* অল> }

হুলা, হুলো [হুলা, -লো] *বি* মর্দা বিড়াল; পুং মার্জার। □ *বিণ* অণ্ডকোষবিশিষ্ট; পুরুষজাতীয়; মর্দা। {হোল+ আ, >}

হুলানো [হুলানো] *ক্রি* পিছনে তাড়া করা (আমীর বহুতর হুলায়—*ভারা*)। { *হি.* হুলনা}

হুলাহুলি [হুলাহুলি] *বি* ১ উলুধ্বনি (হুলাহুলি নৌকা বাহে বাহল বাজন—*কাদৌ*)। ২ হল্লা; কোলাহল। { *স.* হুলহুলী> }

হুলিয়া [হুলিয়া] *বি* বাহ্যিক শারীরিক বিবরণ; আসামিকে গ্রেপ্তারের জন্য তার চেহারার বিবরণসহ বিজ্ঞাপন (ব্রিটিশ সরকারের হুলিয়া ছুটল দেশ-দেশান্তরে—*মব*)। { *আ.* হুলিয়াত حلية }

হুলু [হুলু] *বি* পূজা, বিবাহ প্রভৃতি শুভকর্মে হিন্দু স্ত্রীলোকদিগের আনন্দসূচক ধ্বনি; জোকার; জিহ্বা ও তালু সংযোগে সৃষ্ট উলুধ্বনি। { *স.* হুলহুলী> }

হুলুস্থূল, হুলস্থূল [হুলুস্‌থুল্, হুল-] *বি* গোলমাল; হৈচৈ কাণ্ড; তুমুল ব্যাপার। **হুলথুল** *বি* হুলস্থূল (হুলথুল কুল কুল ব্রহ্মাডিম্ব ফুটছে—*ভারা*)। { *স.* হুলহুলী}

হুলো ⇒ হুলা

হুল্লোড় [হুল্‌লোড়্] *বি* দল বেঁধে আনন্দ কোলাহলপূর্ণ স্ফূর্তি (উল্লাস ভরে হুল্লোড় কভু—*সদ*)। { *স.* হল্লা+ হুড়=হুল্লোড় (?); *তুল. হি.* হুল্লড়> }

হুশ[1] ⇒ হুঁশ

হুশ[2] ⇒ হুস[2]

হুস, হুশ [হুশ্] *বি* ১ জিহ্বা ও তালু সংযোগে মুখের বাতাস ত্যাগের শব্দ। ২ পাখি হঠাৎ উড়ে যাওয়ার বা উড়িয়ে দেওয়ার শব্দ। ৩ ইঞ্জিনাদি থেকে বেগে ধূম নির্গমন শব্দ; রেল-গাড়ির গমনের শব্দ। ~ ~ *অব্য* ১ অবিরত হুস শব্দ। { *ধ্বন্যা.* }

হু হু [হু হু] *অব্য* ১ প্রবল বেগে বাতাস প্রবাহিত হওয়ার বা আগুন জ্বালানোর শব্দ (বৃদ্ধা আজিমুন্নেসা হু হু করে কেঁদে উঠলেন—*আফ*)। ২ অন্তর্দাহ নৈরাশ্য বা যাতনাসূচক শব্দ। { *ধ্বন্যা.* }

হুহুঙ্কার [হুহুঙ্‌কার্] *বি* সিংহনাদ; গর্জন (নীড়ের বাঁধন বাঁধিয়া রাখিতে পারে না আর গগনে শুনেছে কাহার হুহুঙ্কার—*নই*)। { *স.* হুঙ্কার> }

হূণ ⇒ হূন

হূত [হুতো] *বিণ* আহূত; আসতে বলা হয়েছে এমন। **হূতি** *বি* আহ্বান; আমন্ত্রণ; দাওয়াত। { *স.* √হ্বে+ত(ক্ত) }

হূতি [হূতি] *বি* আহ্বান; আমন্ত্রণ। { *স.* √হু+তি(ক্তি) }

হূন, হূণ, হান [হুন্] *বি* একটি প্রাচীন জাতি যারা ভারতের উত্তরস্থ অঞ্চলে বাস করতো। { *স.* হূণ}

হূয়মান [হুয়োমান্] *বিণ* আহ্বান করা হয়েছে বা হচ্ছে; আহূয়মান। { *স.* √হ্বে+মান(শানচ) }

হূল ⇒ হুল

হূহূ [হুহু] *বি* পুরাণোক্ত গন্ধর্ববিশেষ। { *স.* হূহূ}

হৃৎ, হৃদ্ [হৃত্, হৃদ্] *বি* ১ হৃদয়। ২ চিত্ত; মন; অন্তঃকরণ। ৩ বক্ষের অভ্যন্তরভাগ; হৃৎপিণ্ড। ৪ বক্ষঃস্থল; বুক। **হৃৎকমল** *বি* হৃদয়রূপ পদ্ম; মনরূপ পদ্ম। **হৃৎকম্প** *বি* ১ হৃৎপিণ্ডের স্পন্দন; বক্ষস্পন্দন। ২ ভয়ে বা আবেগে হৃৎপিণ্ডের স্পন্দন। ৩ ভয়ে বা আবেগে হৃৎপিণ্ডের বৃদ্ধিপ্রাপ্ত স্পন্দনবেগ। **হৃৎপতন** *বি* মনের পতন (যদি হৃৎপতন থেকে অতুল বাঁচতে চায়—*অচিসে*)। **হৃৎপদ্ম** *বি* হৃৎকমল (নাভিপদ্ম হৃৎপদ্ম...আনিয়া ফেলিলেন—*রঠা*)। **হৃৎপিণ্ড, হৃদ্‌পিণ্ড** *বি* স্বয়ংক্রিয় স্পন্দনশীল রক্তসঞ্চালক যন্ত্রবিশেষ যা বক্ষঃস্থলে অবস্থিত। **হৃৎস্পন্দন** *বি* (জীবনের লক্ষণসূচক) হৃৎপিণ্ডের স্পন্দন। **হৃদ্‌গত** *বিণ* মনোগত; অন্তঃকরণস্থ; হৃদয়গত (বস্তুত আবেগ মাত্রই হৃদ্‌গত বা ঐকান্তিক নয়—*সুদ*)। **হৃদ্দেশ** *বি* বুক; বক্ষঃস্থল। { *স.* √হৃ+ক্বিপ্}

হৃত [হৃতো] *বিণ* ১ অপহৃত; লুণ্ঠিত; চুরি হয়েছে এমন। ২ আনীত। ৩ আকৃষ্ট। **হৃতাধিকার** *বি* যার অধিকার হরণ করা হয়েছে। **-সর্বস্ব** *বিণ* যাবতীয় ধনসম্পদ লুট হয়ে গেছে এমন; নিঃস্ব। { *স.* √হৃ+ত(ক্ত) }

হৃদ ⇒ হৃৎ

হৃদয়, হৃদি [হৃদয়্, হৃদি] *বি* ১ অন্তঃকরণ; চিত্ত; মন (আমার প্রেমের বরষায় ধুয়ে তব হৃদি হল সুনীলতর—*নই*)। ২ বক্ষ; বুক; বক্ষঃস্থল (আপনার হৃদয় বিদারিল—*দৌবা*)। ৩ বুকের ভিতরের অংশ। **~গত** *বিণ* মনোগত। **~গ্রাহী** *বিণ* মনোরম; চিত্তাকর্ষক; হৃদয়কে আকর্ষণ করে এমন। **-ঙ্গম** *বিণ* ১ অনুভূত; বোধগম্য; উপলব্ধ; উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন। ২ অন্তঃকরণে প্রবিষ্ট। **হৃদয়জ** *বিণ* হৃদয় থেকে উৎপন্ন; চিত্তজ। **~বল্লভ** *বি স্ত্রী.* ১ প্রাণপ্রিয়; প্রিয়তম। ২ স্বামী; পতি। ৩ প্রণয়ী; প্রেমিক। **~বল্লভা** *বি স্ত্রী.* ১ প্রাণপ্রিয়া; প্রিয়তমা। ২ পত্নী; স্ত্রী। ৩ প্রণয়িনী; প্রেমিক। **~বান(-বৎ)** *বিণ* ১ উদারচিত্ত; মহানুভব। ২ সহানুভূতিশীল। **~বতী** *স্ত্রী.*। **~বিদারক** *বিণ* ১ মর্মভেদী; মর্মন্তুদ। ২ অত্যন্ত শোকাবহ। **-বৃত্তি** *বি* হৃদয়ের ধর্ম; চিত্তবৃত্তি; মনের প্রবৃত্তি। **~বেদন, -ব্যথা** *বি* মনঃকষ্ট; মনোবেদনা; মর্মযন্ত্রণা; দুঃখ। **~ভেদী(-দিন্)** *বিণ* ১ অত্যন্ত দুঃখজনক; মর্মান্তিক; মর্মন্তুদ; মর্মপীড়াদায়ক। ২ শোকাবহ। **-শূন্য, ~হীন** *বিণ* দয়ামায়াহীন; প্রেমবর্জিত; নির্দয়; নিষ্ঠুর; নির্মম। **~শূন্যা, -হীনা** *বিণ স্ত্রী.*। **হৃদয়েশ** *বি* ১ প্রাণেশ্বর; প্রাণবল্লভ। ২ প্রণয়ী; প্রেমিক। ৩ স্বামী; পতি। { *স.* হৃ+অয়(কয়ন্); *স.*

হৃদি=হৃদ্+৭*মী একব*}

হৃদাকাশ [হৃদাকাশ্] *বি* হৃদয়রূপ আকাশ; হৃদয়ই আকাশ (হৃদাকাশে সেই জ্যোতি প্রকাশিত হলো)। {*স.* হৃদ্+আকাশ; *কর্মধা.*}

হৃদাসন [হৃদাসন] *বি* হৃদয়রূপ আসন (হৃদাসনে আপনি চিরতরে অধিষ্ঠিত হলেন)। {*স.* হৃদ্+আসন; *কর্মধা.*}

হৃদি ⇒ হৃদয়

হৃদিপদ্ম [হৃদিপদ্‌দোঁ] *বি* হৃৎকমল; হৃদয়ের পদ্মরূপ আসন। {*স.* হৃদি+পদ্ম}

হৃদিমন্দির [হৃদিমোন্‌দির্] *বি* হৃদয়রূপ মন্দির। {*স.* হৃদি+মন্দির; *কর্মধা.*}

হৃদিসরোবর [হৃদিশরোবর্] *বি* হৃদয়রূপ সরোবর; সরোবর তুল্য বিশাল নির্মল ও সুন্দর হৃদয়। {*স.* হৃদি+সরোবর; *কর্মধা.*}

হৃদ্গত ⇒ হৃৎ

হৃদ্য [হৃদ্‌দো] *বিণ* ১ মনোজ্ঞ; হৃদয়গ্রাহী; রুচির। ২ প্রিয়; প্রীতিভাজন। ৩ আন্তরিকতাপূর্ণ; আন্তরিক। **হৃদ্যা** *বিণ স্ত্রী.*। **হৃদ্যতা** *বি* ১ সৌহার্দ্য; বন্ধুত্ব; প্রীতি (কী অপরাধে যে হঠাৎ রাজার হৃদ্যতা কমেনি একটুও—*হেমা*)। ২ আন্তরিকতা। ৩ হৃদয়গ্রাহিতা। {*স.* হৃদ্+য(যৎ)}

হৃষিত [হৃশিতো] *বিণ* পুলকিত; আহ্লাদিত; প্রীত; প্রফুল্ল; হৃষ্ট। {*স.* √হৃষ্+ত(ক্ত)}

হৃষীক [হৃশিক] *বি* ইন্দ্রিয়। {*স.* হৃষ+ঈক(ঈকন)}

হৃষীকেশ [হৃশিকেশ] *বি* (হিন্দুমতে) পরমাত্মা; বিষ্ণু; নারায়ণ; কৃষ্ণ। {*স.* হৃষীক+ঈশ; ৬তৎ}

হৃষ্ট [হৃশ্‌টো] *বিণ* ১ প্রফুল্ল; আনন্দিত; পুলকিত; খুশি। ২ রোমাঞ্চিত। **হৃষ্টা** *বিণ স্ত্রী.*। **–চিত্ত** *বিণ* ১ খোশ-মেজাজ। ২ আনন্দিত বা প্রফুল্লহৃদয়। **–পুষ্ট** *বিণ* ১ বলিষ্ঠ ও প্রফুল্ল। ২ মানসিক ও শারীরিক স্বাস্থ্যযুক্ত। ৩ মোটা; স্থূলকায়। **হৃষ্টি** *বি* হর্ষ; আনন্দ; পুলক। {*স.* √হৃষ্+ত(ক্ত)}

হে [হে] *অব্য* ১ ওহে; সম্বোধন বা আহ্বানসূচক শব্দ। ২ অবজ্ঞা ও ঘৃণায়। ৩ ছন্দের মাত্রা রক্ষার জন্য পাদপূরণে ব্যবহৃত শব্দ। {*ধ্বন্যা.*}

হেঁই, হেই [হেঁই, হে–] *অব্য* অত্যন্ত অনুরোধবোধক শব্দ। **হেঁইও, হেঁইয়ো** *অব্য* গুরুভার দ্রব্য স্থানান্তরিত করার কালে কৃত ধ্বনি (হেঁইয়ো বলে হ্যাঁচকা টানে ফেলো কাহিল করে—*ফঅা*)। {*ধ্বন্যা.*}

হেঁচকা, হ্যাঁচকা [হ্যাঁচকা] *অব্য* হঠাৎ সজোরে টান (বলেই কোঁচায় হেঁচকা টান দেয়—*নই*)। ☐ *বিণ* সজোরে এবং অতর্কিত প্রযুক্ত (হেঁচকা টান)। {*স.* √হিক্ক>}

হেঁচকি *বি* হিক্কা। {*স.* √হিক্ক>}

হেঁচড়ানো ⇒ হিঁচড়ানো

হেঁজিপেঁজি [হেঁজিপেঁজি] *বিণ* তুচ্ছ; নগণ্য; অখ্যাত; সামান্য। {*অনু.*}

হেঁট [হেঁট্] *বি* ১ দেহের নিম্নাঙ্গ (হেঁটে বস্ত্র)। ২ তলদেশ; অধোভাগ; নিম্নদেশ (হেঁটে কাঁটা)। ☐ *বিণ* ১ অবনত; অধোবদন (মাথা হেঁট হলো)। ২ নিম্ন (জিনিলা ও সকল রাজ্য উদ্ধ কিংবা হেঁট—*সৈআ*; আপনার আর লেজ মুড়ে হেঁট হেঁট করতে হবে না—*মুচৌ*)। **মাথা ~ করা** *ক্রি* লজ্জা পাওয়া। **মাথা ~ হওয়া** *ক্রি* ১ লজ্জায় অধোবদন হওয়া। ২ সম্মান লাঘব হওয়া। **হেঁটে** *ক্রিবিণ* নিচে; নিম্নে (হেঁটে কাঁটা উপরে কাঁটা—*উপকথা*)। {*স.* অধস্তাৎ>*প্রা.* হেট্‌ঠা>}

হেঁড়াল, হেঁড়েল[1] [হেঁড়াল্, –ড়েল্] *বি* ঘড়িয়াল; কুমির জাতীয় জলজন্তু (সেখানে শেয়াল ভালুক হেঁড়েল এরাই যেতে পারে—*অঠা*)। {*হি.* ঘড়িয়াল>}

হেঁড়ে, হেঁড়েল[2] [হেঁড়ে, –ল্] *বিণ* ১ হাঁড়ির মতো চেহারাযুক্ত; হাঁড়ির মতো বড় (নিন্দার্থে হেঁড়ে মুখ)। ২ উচ্চশব্দযুক্ত; মোটা ও কর্কশ (হেঁড়ে গলা)। ৩ অত্যন্ত গম্ভীর। {*স.* হাণ্ডী> *বা.* হাঁড়ি+ইয়া=হাঁড়িয়া>হেঁড়ে; হাঁড়ি+আল= হাঁড়িয়াল>হেঁড়েল}

হেঁড়েল ⇒ হেঁড়াল ও হেঁড়ে

হেঁতাল ⇒ হিন্তাল

হেঁয়ালি, হিঁয়ালি [হেঁয়ালি, হি–] *বি* প্রহেলিকা; ধাঁধা; দুরূহ সমস্যা; বুদ্ধিবিভ্রমকারী প্রশ্ন (তুমি বড় হেঁয়ালি সৃষ্টি করে কথা বল)। {*স.* প্রহেলিকা>}

হেঁশেল, হেঁসেল [হেঁশেল্] *বি* রন্ধনাগার; রান্নাঘর; পাকঘর (ভিন্ন হেঁশেল হতে পারে—*রাব*)। {হাঁড়িশাল>}

হেঁসে[1]**, হেঁসো, হাঁসিয়া** [হেঁশে, –শো, হাঁশিয়া] *বি* ১ কণ্ঠের এক প্রকার হার; হাঁসুলি। ২ কাস্তের ন্যায় এক প্রকার অস্ত্র; হাঁসিয়া। {*স.* হংস>}

হেঁসে ⇒ হাঁসিয়া[2]

হেঁ হেঁ [হেঁ হেঁ] *অব্য* ১ কাষ্ঠ হাসিসূচক শব্দ। ২ মোসাহেবি বোধক শব্দ। {*ধ্বন্যা.*}

হেকমত ⇒ হিকমত

হেকারত, হিকারত [হেকারত্, হি–] *বি* অবজ্ঞা; তাচ্ছিল্য; ঘৃণা (আমাদের দিকে অবজ্ঞার হেকারতের দৃষ্টিতে দেখেছেন—*নই*)। {*আ.* হিকারাত حقارة}

হেকিম ⇒ হাকিম

হেঙ্গল [হেঙ্‌গল] *বি* কুকুর। **হেঙ্গলী** *স্ত্রী.*। {হেংলা>}

হেঙ্গাম, হেঙ্গামা ⇒ হাঙ্গামা

হেট[1] [হেট্] *অব্য* গরু প্রভৃতি চালানোর শব্দ। **~~** *অব্য* গরু প্রভৃতি চালানোর সময় দ্রুত চলার জন্য সংকেত বাচক শব্দ। {*ধ্বন্যা.*}

হেট[2] ⇒ হেঁট

হেড [হেড্] *বি* ১ মাথা; মস্তিষ্ক; বুদ্ধি (বেহেড; হেড অফিসে গোলমাল)। ২ মেধা। ☐ *বিণ* প্রধান (হেড পণ্ডিত)। **~বাবু** *বি* অফিসের প্রধান কেরানি; বড়বাবু। **~ মাস্টার** *বি* বিদ্যালয়ের প্রধান শিক্ষক। **–লাইন** *বি* হাতের তালুর প্রধান রেখা; বুদ্ধির রেখা। ২ মোটা হরফে যা মুদ্রিত হয়; শিরোনামা (পত্রিকার হেডলাইন)। {*ই.* head}

হেডিং [হেডিঙ্] *বি* শিরোনাম; শিরোলিপি (কিন্তু ইহার একটি হেডিং আছে—*বচ*)। {*ই.* heading}

হেতা (*মবা.*) ⇒ হেথা

হেতার (*মবা.*) [হেতার্] *বি* হাতিয়ার; যুদ্ধের অস্ত্র (কোন দেব ... দিয়াছে হেতার—*ঘচ*)। {*হি.* হাথিয়ার}

হেতাল, হেঁতাল (*মবা.*) [হেতাল্, হেঁ–] *বি* হিন্তাল বা হেঁতাল গাছ। **~ বাড়ি** *বি* হিন্তাল বৃক্ষের লাঠি (হেতাল

বাড়ি কাছে করি চলে সদাগর—*বিগু*)। { *স.* হিন্তাল> }

হেতু [হেতু] *বি* ১ যুক্তি; argument ২ কারণ; reason; নিমিত্ত; মূল। ৩ প্রয়োজন; দরকার। ৪ উদ্দেশ্য; অভিপ্রায়। **হেতুক** *বিণ* হেতু সম্পর্কীয়। ❑ *বি* কারণ। **~বাদ** *বি* যুক্তিতর্ক; যুক্তিবাদ; হেতু উল্লেখকরণ (বহিঃপ্রকৃতি কোনোদিন কাল্পনিক হেতুবাদের তোয়াক্কা রাখে না—*সুদ*)। **~বাদী** যুক্তিবাদী। **~শাস্ত্র** *বি* তর্কশাস্ত্র; logic। { *স.* √হি+তু }

হেতের ⇒ হাতিয়ার

হেত্বাভাস [হেত্‌তাভাশ্‌] *বি* ন্যায়ের (শাস্ত্রে) ফাঁকি; হেতু দোষ; কুতর্ক; দুষ্ট বা বাজে যুক্তি; আপাত-দৃষ্টিতে সঠিক প্রতীয়মান হলেও প্রকৃতপক্ষে ভুল এমন যুক্তি; fallacy (তাদের অন্তর বাহিরের মধ্যে যখন হেত্বাভাসটুকুও... —*সুদ*)। { *স.* হেতু+আভাস; ৬তৎ }

হেথা, হেথায় [হেথা, -থায়] *ক্রিবিণ* এ স্থানে; এ জায়গায়; এখানে (হেথা নয়, হেথা নয়, অন্য কোথা, অন্য কোনখানে —*রঠা*)। { *স.* অত্র> }

হেদাতি, হিদায়তী [হেদাতি, -য়োতি] *বি* ১ হিদায়ত বা সৎপথ অবলম্বনকারী (যারা প্রকাশ্যে হেদাতি; অন্দরে বেদাতী গোপনে বজ্জাতি তাদের অসাধ্য কিছু নেই—*মীম*)। { *আ.* হিদায়াত هداية }

হেদানো, হ্যাদানো, হেদনো [হেদানো, হ্যা-, হেদো-] *ক্রি* প্রিয়জনের বিরহে ব্যাকুল বা উৎকণ্ঠিত হওয়া; কোনো ব্যক্তি বা বস্তুর জন্য ব্যাকুলতা বা খেদ প্রকাশ করা (খুকী পর্যন্ত কেমন হেদিয়ে গিয়েছিল—*নই*)। { *স.* খেদ> }

হেদায়েত ⇒ হিদায়েত

হেদুয়া ⇒ হেদো

হেদে, হ্যাদে [হ্যাদে] *অব্য* সম্বোধনসূচক শব্দ হ্যালো; ওহে; ওগো; ওলো (হেদে হে নিলাজ বন্ধু লাজ নাহি বাস —*বৈষ্ণবপদ*)। { *ধ্বন্যা.* }

হেদো, হেদুয়া [হেদো, -দুয়া] *বি* ১ পুকুর; পুষ্করিণী। ২ হ্রদ। ৩ কলকাতার একটি বিখ্যাত পুকুর। { *স.* হ্রদ+ *বা.* উয়া> }

হেন [হেনো/হ্যা-] *বিণ* ১ (*পদ্য.*) এমন; এরূপ। ২ এর তুল্য; অনুরূপ। { *স.* ইদম্>এতৎ(৩য়া বিভক্তির রূপ)> এন> }

হেনস্তা, হেনস্থা, হেনেস্তা, হেনেস্থা [হ্যানোস্‌তা, -থা, হেনেস্‌তা, -থা] *বি* ১ অবজ্ঞা; অপমান; অবহেলা (অবহেলা হেনস্তা সইতে হয়নি—*নই*; মেয়েদের ইজ্জতও তেমনি; নিজে যদি রাখি তবে কার সাধ্য হেনস্তা করে —*সজ*)। ২ দুর্দশা; দুরবস্থা; নাকাল অবস্থা (অতিথির হেনস্তা হতে দেবে না—*মব*)। { *স.* হীনাবস্থা> }

হেনা [হেনা] *বি* ১ মেহেদি (হেনা-মাখা হাত—*নই*)। ২ মেহেদি গাছ। { *আ.* হিনা حناء }

হেনেস্তা, হেনেস্থা ⇒ হেনস্তা

হেপা, হ্যাপা [হ্যাপা] *বি* ১ হুজুক; হিড়িক (নারদ তুইও এই হেপায় ঘর ভর্তি কর—*অঠা*)। ২ ঝক্কি; ঝুঁকি; তাল (কারবারের হেপায় আস্থির হইয়া গেল—*প্যামি*)। ৩ ঝঞ্ঝাট। ৪ বেগ; ঠেলা; টান (হ্যাপা সামলাবে কে?)। { *ধ্বন্যা.* }

হেপাজত, হেফাজত, হিফাজত [হেপাজত্‌, -ফা-, হিফা-] *বি* রক্ষণাবেক্ষণ; জিম্মাদারি; তত্ত্বাবধান; দায়িত্ব; পরিচর্যা (সেই থানার হেফাজতে থাকা অবস্থায় আমার আগমন-সংবাদ পেলেন—*ইখাঁ*)। { *আ.* হিফাজত حفاظة }

হেফজ [হেফ্‌জো] *বি* ১ মুখস্থ; কণ্ঠস্থ (আইনের কেতাবগুলি কোরানের মত হেফজ করেছেন—*ওয়ালি*)। ২ রক্ষণ। { *আ.* হিফজ় حفظ }

হেবভই (*প্রাবা.*) [হেবভোই] *ক্রি* দেখে; অনুভব করে (জোই ভুসুকু হেবভই অন্ধ কারা—*চর্যাপদ*)। { ভাবা> }

হেবা ⇒ হিবা

হেম [হেম্‌] *বি* সোনা; সুবর্ণ; স্বর্ণ। **~কূট, হেমাদ্রি** *বি* সুমেরু পর্বত। **~চন্দ্র** *বি* সোনার চাঁদ। **~ঝারি** *বি* স্বর্ণঘট (স্নান সারি ভরি লয়ে হেমঝারি অশথবটের বাটে—*সদ*)। **~পুষ্প** *বি* ১ চম্পক পুষ্প। ২ অশোক ফুল। **~মুকুলিকা** *বি* স্বর্ণনির্মিত পুষ্পকলিকা (শ্রবণ উপর দেশে হেম মুকুলিকা ভাসে—*কমু*)। **~লতা** *বি* স্বর্ণলতা। **~হার** *বি* সুবর্ণময় কণ্ঠভূষণ (হেমহার ফেলি শৃঙ্খল পরো—*সদ*)। **হেমা** *বি* সুন্দরী নারী; অপ্সরাবিশেষ। **হেমাঙ্গ** *বিণ* স্বর্ণময় দেহযুক্ত। ❑ *বি* হিন্দুদেবতা ব্রহ্মা। **হেমাঙ্গী** *স্ত্রী*। **হেমাঙ্গিনী** *স্ত্রী*. সুন্দরী রমণী (হেমাঙ্গিনী সঙ্গিনী দল সাথে—*মব*)। { *স.* √হি+মন্(মনিন্) }

হেমন্ত [হেমন্‌তো] *বি* ১ ঋতুবিশেষ; কার্তিক ও অগ্রহায়ণ মাস; শীতের পূর্ববর্তী এবং শরতের পরবর্তী ঋতু। ২ হিমালয় পর্বত (দক্ষ গৃহ ছাড়ি হেমন্তেরই বাড়ী জনমিলা সতী আসি—*ভারা*)। { *স.* হিমবন্ত> }

হেমলক [হেমলক্‌] *বি* হেমলক নামক বিষবৃক্ষ এবং এই গাছ থেকে উৎপন্ন বিষ, যা প্রয়োগ করে বিখ্যাত দার্শনিক সক্রেটিসের মৃত্যু বিধান করা হয়। { *ই.* hemlock }

হেমাঙ্গ, হেমাঙ্গি ⇒ হেম

হেমাভ [হেমাভো] *বিণ* সোনালি। { *স.* হেম+আভা; বহু }

হেমায়েল শরিফ, হামায়িল শরীফ [হেমায়েল্‌ শোরিফ্‌, হামায়িল্‌-] *বি* খুব ছোট কোরান শরিফ যা সাধারণত গলায় ঝুলিয়ে রাখা হয় (ও একখানা হেমায়েল শরিফ তাবিজ করে দেওয়া হয়েছে—*আহ*)। { *আ.* হুমাইল حمائل ; *একব* হিমালাত حمالة }

হেয় [হেয়ো] *বিণ* ১ তুচ্ছ; নীচ। ২ ত্যাজ্য; ত্যাগের যোগ্য। ৩ ঘৃণার্হ; ঘৃণ্য। { *স.* √হা+য(যৎ) }

হেরই (*ব্র.*) [হেরই] *ক্রি* দেখে (নিরজনে উরজ হেরই—*বিপ*)। **হেরইতে** (*ব্র.*) *ক্রি* দেখতে (দুহুঁ মুখ হেরইতে —*বিপ*)। **হেরত** (*ব্র.*) *ক্রি* দেখে। **হেরন** (*ব্র.*) *বি* দর্শন। **হেরনু** *ক্রি* দেখলাম (স্বপনহি হেরনু—*বিপ*)। **হেরব,** দেখবে (কেহুনে হেরব—*বিপ*) **হেরলি** (*ব্র.*) *ক্রি* দেখল (কবরী হেরলি—*চদা*)। **হেরসি** (*ব্র.*) *ক্রি* দেখছ (নাহি হেরসি তাক বয়ান—*বিপ*)। **হেরহ** (*ব্র.*), **হেরহু** (*ব্র.*) *ক্রি* দেখ (হেরহ মুরারি—*বিপ*)। **হেরু** (*ব্র.*), **হেরি** (*ব্র.*) দেখে (গগনমণ্ডল হেরু—*চদা*)। **হেরিলু** (*ব্র.*), **হেরিলোঁ** (*ব্র.*) *ক্রি* দেখলাম (হেরিলোঁ অপরূপ গোরী—*বিপ*)।

{ তুল. হি. হেরনা}

হেরনচি ⇒ হেরোইন

হেরফের [হেরফের] *বি* ১ অদলবদল (এতটুকু হেরফের না হয়—*মব;* ভাষা ও কথার হেরফের—*রবী*)। ২ অসংগতি (মৌলিক গুরুত্ব আরোপের হেরফের—*মজিবর*)। {ফের>}

হেরম্ব [হেরমবো] *বি* হিন্দুদেবতা গণেশ। {*স.* হে+রম্ব}

হেরা[1] [হেরা] *ক্রি (পদ্য.)* দেখা; নিরীক্ষণ করা; দর্শন করা; তাকানো। **হেরি** *অক্রি (পদ্য.)* দেখে (কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে—*রঙ্গসে*)। { তুল. হি. হেরনা}

হেরা[2] [হেরা] *বি* মক্কার পর্বতবিশেষ। {*আ.* হিরা حرا }

হেরেম [হেরেম] *বি* ১ অন্দরমহল (একদিন মেয়েদের হেরেম থেকে বের হওয়া ছিল হারাম)। ২ পবিত্র স্থান; নিষিদ্ধ স্থান; সংরক্ষিত পবিত্র স্থান—কাবা। {*আ.* হুরম حرم }

হেরোইন, হিরোইন [হেরোইন্, হি-] *বি* মরফিন থেকে প্রস্তুত মাদকদ্রব্য যা নেশা করার জন্য ব্যবহৃত হয়। **হেরনচি** *বি* হেরোইনে আসক্ত ব্যক্তি। {*ই.* heroin}

হেলা[1] [হেলা, হ্যা-] *ক্রি* ১ ঝোঁকা; একপাশে নত হওয়া; একদিকে কাত হওয়া। □ *বি, বিণ* উক্ত অর্থে। **হেলানো**[1] *বি* ১ হেলে পড়া। ২ ঝুঁকে পড়া অবস্থা। **হেলানো** *বি* ১ ঠেসান; কাকেও অবলম্বন (হেলান দেওয়া)। ২ হেলে বা একপাশে নত হয়ে অবস্থান। **হেলানো**[2], **হিলানো** *ক্রি* ১ ঝোঁকানো। ২ একপাশে নত বা কাত করানো। □ *বি, বিণ* উক্ত অর্থে। {√হেল্+আ; তুল. হি. হিলনা}

হেলা[2] [হ্যালা] *বি* ১ অবজ্ঞা; ঘৃণা; তাচ্ছিল্য; অশ্রদ্ধা। ২ অবলীলা; অক্লেশ; সহজে যা করা যায় (হেলায় লঙ্কা করিল জয়—*দ্বিরা*)। **হেলন** *বি* ১ অবজ্ঞা; অশ্রদ্ধা। ২ অবহেলা বা তাচ্ছিল্যকরণ। **~গোছা** *বি* বিশৃঙ্খলা; এলোমেলো (বাক্সের ভিতর আনাড়ি হাতের হেলাগোছা করা থাকে—*বিব*)। **~ফেলা** *বি* অবজ্ঞা; তুচ্ছতাচ্ছিল্য (পাগড়ি নিয়ে হেলাফেলা করতে নেই—*সৈমু*)। {*স.* হেড়্+আ}

হেলায়, হেলে [হেলায়, হেলে] *ক্রিবিণ* সহজে; অনায়াসে; অবহেলায় (বাঙ্গালির ছেলে বিজয়সিংহ হেলায় লঙ্কা করিল জয়—*সদ;* তোমায় আনিয়া দিব হেলে—*বৃদা*)। {*স.* হেলা+৭মী একব, সাধারণত পদ্যে ব্যবহৃত হয়}

হেলাল, হিলাল [হেলাল, হি-] *বি* নব শশিকলা; নতুন চাঁদ। **হিলালে-আহমর** *বি* ১ লোহিত বর্ণ অর্ধচন্দ্র। ২ সেবামূলক বিশ্ব-সংস্থা; Red Crescent Society। {*আ.* হিলাল هلال }

হেলে[1] [হেলে] *বি* ১ একজাতীয় নির্বিষ সাপ (হেলে ধরতে পারে না কেউটে ধরতে যায়—সহজ কাজ করতে অক্ষম, কঠিন কাজ করার আস্ফালন)। ২ এক প্রকার সর্পাকৃতি হার। {হেলা>}

হেলে[2] [হেলে] *বিণ* ১ হালে জোতা হয় এমন (হেলে গোরু)। ২ হালিয়া; চাষি; কৃষক। {হাল+এ}

হেলেঞ্চা, হিঞ্চা, হিঞ্চে, হিংচা [হ্যালেন্চা, হিন্চা, -চে, হিঙচা] *বি* এক প্রকার তিক্ত স্বাদযুক্ত জলজ শাক (হেলেঞ্চার ঝোপ থেকে এক ঝাড় জোনাকি—*জীদা*)। {*স.* হিলমোচিকা>}

হেলেম [হেলেম] *বি* ... শীলতা; সহনশীলতা; বুদ্ধিমত্তা; অধ্যবসায়। ২ নম্রতা; ভদ্রতা (যার সত্যিকার এলেম থাকে তার হেলেমও থাকে)। {*আ.* হিল্‌ম حلم }

হেস্তনেস্ত [হ্যাস্‌তোনাসতো] *অব্য* ১ যে-কোনো রূপ নিষ্পত্তি বা সমাধান; শেষ মীমাংসা। ২ ভালোমন্দ যে-কোনো রূপ মীমাংসা (তারপর যা হয় একটা হেস্তনেস্ত হবে—*আকআ*)। {*ফা.* হাস্ত্ ও নীস্ত্ هست و نیست }

হৈচৈ, হইচই, হৈহৈ, হইহই [হোইচোই, -, -হোই, -] *বি* গোলমাল; চিৎকার। {*ধ্বন্যা.*}

হৈতে ⇒ হইতে

হৈম[1] [হোইমো] *বিণ* ১ স্বর্ণময়; স্বর্ণনির্মিত। ২ স্বর্ণবর্ণ, সোনালি (দুই বিন্দু প্রেমঅশ্রু মুক্তার মত হিরণের হৈম গণ্ডে—*কায়*)। ৩ স্বর্ণসংক্রান্ত। {*স.* হেমন্+অ(অণ)}

হৈম[2] [হোইমো] *বিণ* হিমসম্বন্ধীয়। {*স.* হিম+অ(অণ)}

হৈমন্ত [হোইমোন্‌তো] *বি* হেমন্ত ঋতু। □ *বিণ* ১ হেমন্তকালীন; হেমন্ত কালের। ২ হেমন্ত সংক্রান্ত। ৩ হেমন্তকালে উৎপন্ন। {*স.* হেমন্ত+অ(অণ)}

হৈমন্তিক [হোইমোন্‌তিক] *বি* যে শস্য হেমন্তকালে উৎপন্ন হয়; আমন ধান। □ *বিণ* ১ হেমন্তকালীন (সৃষ্টির হৃদয়ে হৈমন্তিক স্পন্দনের পথের ফসল—*জীদা*)। ২ হেমন্তকালে জাত। ৩ হেমন্ত সংক্রান্ত বা সম্পর্কীয়। {*স.* হেমন্ত+ইক(ঠঞ)}

হৈমবত [হোইমোবতো] *বি* ১ ভারতবর্ষ। □ *বিণ* হিমালয় সংক্রান্ত। **হৈমবতী** *বিণ স্ত্রী.* হিন্দু দেবীবিশেষ; পার্বতী; দুর্গা। □ *বি* গঙ্গা। ২ হরীতকী। {*স.* হিমবৎ+অ(অণ)}

হৈয়ঙ্গবীন [হোইয়ঙ্‌গোবিন্] *বি* ১ পূর্বদিনে দোহন করা দুগ্ধজাত ঘৃত। ২ সদ্যোজাত ঘৃত। {*স.* হ্যোগোদোহ+ঈন(খঞ), নিপাতনে}

হৈহয় [হোইহয়] *বি* ১ প্রাচীন দেশ। ২ একটি প্রাচীন জাতি। {*স.* হৈহয়/হরিহয়}

হৈহৈ ⇒ হৈচৈ

হোই *(প্রাবা.)* [হোই] *ক্রি* হয় (অজরামর হোই-*চর্যাপদ*)। {*স.* ভবতি>}

হোইঅ *(প্রাবা.)*, **হোহিসি**, *(প্রাবা.)*, **হোহী** *(প্রাবা.)*, **হোহু** *(প্রাবা.)* [হোইঅ, -হিসি, -হি] *ক্রি* হও (হোহিসি একুমণা, মা হোহী, হোহু ভান্তো—*চর্যাপদ*)। {*স.* ভব>}

হোউ, হউ *(প্রাবা.)* [হোউ] *সর্ব* আমি (হউ পণ্ডিঅ—*চর্যাপদ*)।

হোঁচট, হুঁচট, হুঁচোট [হোঁচোট্, হুঁ-, -] *বি* চলমান অবস্থায় কোনো বস্তুর সঙ্গে অলক্ষিতে হঠাৎ পায়ের বা পায়ের আঙ্গুলের সংঘর্ষ বা চোট। ⇒ উচট। {*স.* উচ্চোট>}

হোঁতকা, হোঁৎকা [হোঁত্‌কা] *বিণ* ১ মোটা; স্থূল (রাঙা চোখওলা হোঁৎকা লোকটার প্রতি... অনুরক্ত—*সৈমু*)। ২ স্থূলবুদ্ধি; মোটাবুদ্ধি; বোকা। ৩ গোঁয়ার। {*স.* হস্তা}

হোঁদড় [হোঁদোড়] *বি* হিংস্র পশুবিশেষ; গো-বাঘা; হায়েনা।

হোঁদল [হোঁদোল] *বিণ* ভুঁড়িওয়ালা; ভুঁড়িযুক্ত; স্থূলোদর;

নাদাপেটা। –কুতকুত, –কুৎকুৎ *বি* ঘোর কৃষ্ণবর্ণ কুৎসিত স্থূলোদর প্রাণী বা ব্যক্তি। {*তুল. হি* তোঁদেল}

হোক, হউক [হোক্, হউক্] *ক্রি* হওয়া অর্থে আদেশ বা অনুরোধ জ্ঞাপক ক্রিয়াপদ (তোমার যাওয়া হোক, যা হয় হোক)। –গে *অব্য* (অবজ্ঞা, বিরক্তি বা উপেক্ষায় উচ্চারিত) যা হয় হোক (দূর হোক গে ছাই বলে সে গভীর বিরক্তি প্রকাশ করলো)। {*স.* √ভূ>√হ>}

হোগলা, হোগল [হোগ্‌লা, –গোল্] *বি* ১ জলাভূমিতে জাত লম্বাকৃতি তৃণবিশেষ। ২ হোগলা দিয়ে প্রস্তুত মাদুর। {*স.* গুন্দ্রমূল>?}

হোজরা [হোজ্‌রা] *বি* ১ কামরা; কুঠুরি; প্রকোষ্ঠ (হোসেন মাননীয়া বিবি সালেমার হোজরা সমীপে গমন করিলেন —*মীম*)। {*আ.* হিজ্‌রাহ্ حجرة }

হোটেল [হোটেল্] *বি* ১ মূল্য দিয়ে ভোজন এবং/অথবা বাসের ব্যবস্থা করা যায় যে গৃহে। ২ পান্থশালা। *তুল.* মোটেল। –ওয়ালা *বি* হোটেলের মালিক বা পরিচালক। {*ই.* hotel}

হোড়[১] [হোড়্] *বি* ১ পাঁক; জল-কাদা। ২ কর্দমকুণ্ড। {হাওর>হোড়}

হোড়[২] [হোড়্] *বি* ১ নৌকাবিশেষ। ২ বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। {*স.* √হোড়্+অ(অল্)}

হোড়[৩] (*মবা.*) [হোড়্] *বি* পণ; বাজি (মন্মাধুর্য রাধাপ্রেম দোঁহে হোড় করি—*কৃক*)। {*স.* হার>}

হোতা [হোতা] *বি* ১ যজ্ঞকারী পুরোহিত; হোমকারী; যজমান। ☐*বিণ* হোম বা যজ্ঞ করে এমন; যজ্ঞকর্তা। **হোত্রী** *বিণ* স্ত্রী.। {*স.* √হু+তৃ(তৃচ)}

হোত্র [হোত্‌ত্রো] *বি* হোম; যজ্ঞ। **হোত্রী** *বি* যজ্ঞকর্তা; যাজ্ঞিক; হোমকারী (বহে হবির্বহ হোত্রী মহামন্ত্র জপি—*মদ*)। **হোত্রীয়** *বি* ১ হব্য রাখার গৃহ। ☐*বিণ* ১ হোম সংক্রান্ত। ২ হোতৃ সম্পর্কিত। {*স.* √হু+ত্র(ত্রন্)}

হোথা, হোথায় (*পদ্য.*) [হোথা, –য়্] *ক্রি,বিণ* (*পদ্য.*) ঐ স্থানে; ঐ জায়গায়; ওখানে; সেখানে। {তথা>}

হোবল [হোবোল্] *বি* প্রাক-ইসলামি যুগের আরব দেশের দেবতারূপে পূজিত ও কাবাগৃহে প্রতিষ্ঠিত মূর্তিসমূহের অন্যতম (রোয়ে ওজ্জা হোবল ইবলিস খারেজিন কাঁপে জ্বীন—*নই*)। {*আ.* হুবল هبل }

হোম[১] [হোম্] *বি* যজ্ঞাগ্নিতে ঘৃতাহুতি (বামুনরা অগ্নিকুণ্ডের চারিদিকে বসে হোম কচ্চেন—*প্যামি*)। –কুণ্ড *বি* যজ্ঞাগ্নি জ্বালানোর জন্য যে গর্ত খোঁড়া হয়; যে কুণ্ডে অগ্নি জ্বলে। –ধান্য *বি* তিল। –ধেনু *বি* যে গাভীর দুগ্ধে হোমের জন্য প্রয়োজনীয় ঘৃত প্রস্তুত হয়। **হোমাগ্নি**, –নল *বি* যজ্ঞের অগ্নি বা আগুন। {*স.* √হু+ম(মন্)}

হোম[২] [হোম্] *বি* বাড়ি; বাসস্থান; দেশ (ইংরেজরা হোমে যেতেন)। {*ই.* home}

হোমরা-চোমরা [হোমড়াচোমড়া] *বিণ* ১ সম্ভ্রান্ত ও প্রভাবসম্পন্ন; প্রতিপত্তিযুক্ত; প্রচুর ক্ষমতাবিশিষ্ট। ২ উচ্চপদস্থ ব্যক্তি (হোমরা চোমরাদের কাছে এগোনো যায় না)। {*তুল.* আমীর উমরা}

হোমিওপ্যাথি [হোমিয়োপ্যাথি] *বি* স্যামুয়েল হ্যানিম্যান (১৭৫৫–১৮৪৩) প্রবর্তিত রোগ সৃষ্টিকর বস্তুর সূক্ষ্মাংশ প্রয়োগে ঐরূপ রোগের চিকিৎসা প্রণালি; সদৃশ-বিধান (গাঁয়ের রশিদ মাস্টার হোমিওপ্যাথি দাওয়াই জানে—*শও*)। **হোমিওপ্যাথিক** *বিণ* হোমিওপ্যাথি চিকিৎসা সংক্রান্ত (হোমিওপ্যাথিক ডাক্তারের ডিসপেন্‌সারী—*বিব*)। {*ই.* homeopathy}

হোয় (*ব্র.*), **হোয়ে** (*ব্র.*) [হোঅ, হোয়ে] *ক্রি* হয়; হয়ে থাকে (ক্ষণে হোয় ভোর—*বিপ*)। **হোয়ত** *ক্রি* হয়। **হোয়ব** *ক্রি* হবে। **হোয়বি** *ক্রি* হবি। **হোয়ল** *ক্রি* হলো। {*স.* √ভূ>√হ>}

হোর (*মবা.*) [হোর্] *অব্য* আরও (হোর দেখ নবনব গৌরাঙ্গ মাধুরী—*পদকল্পতরু*)। {*তুল. হি* ঔর(আউর্)}

হোরা [হোরা] *বি* ১ রাশিচক্রাদি গণনাসম্বন্ধীয় শাস্ত্র বিশেষ; জ্যোতিষ বিষয়ক শাস্ত্র। ২ আড়াই দণ্ড পরিমিত কাল; একঘণ্টা। ৩ (*জ্যোশা*) রাশি পরিমাণের অর্ধাংশ সময়। {*স.* হোরা; মূলে গ্রিক থেকে সংস্কৃতে গৃহীত; *তুল. ই.* hour}

হোরি ⇒ হোলি

হোল (*অশি.*) [হোল্] *বি* (*অশি.*) অণ্ডকোষ; শুক্রথলি। {*আ.* হুল্ল حول }

হোলা[১], **হুলা** [হোলা] *বিণ* অণ্ডকোষবিশিষ্ট; মর্দা (হুলা বিড়াল)। {*আ.* হুল্ল حول }

হোলা[২] [হোলা] *বি* বিস্তৃত মুখবিশিষ্ট মাটির গোল পাত্র; কোলা (পান্ত খাবার হোল—*কমু*)। {*হি* হোলসা}

হোলি, হোলী, হোরি [হোলি, –, –রি] *বি* বসন্ত-উৎসব; দোলযাত্রা (সেই হোলি খেলার গানটা মনে পড়েছে—*নই*)। {*স.* হোলিকা>}

হোল্ডল [হোলডল্] *বি* বিছানা সুন্দরভাবে বাঁধার জন্য চামড়া ও শক্ত কাপড়ের তৈরি আধারবিশেষ (তখন আর এক রত্তি শক্তি নেই যে বিছানা গুটিয়ে হোল্ডল বন্ধ করি—*সৈমু*)। {*ই.* holdall}

হোশ ⇒ হুঁশ

হোস্টেল, হস্টেল [হোস্‌টেল্] *বি* ছাত্রাবাস; ছাত্রীনিবাস (এমনি কোন হস্টেলে গিয়েই উঠবে—*অচিসে*)। {*ই.* hostel}

হো হো [হোহো] *অব্য* অট্টহাসির শব্দ। {*ধ্বন্যা.*}

হৌজ [হৌউস্] *বি* চৌবাচ্চা। {*আ.* হাওদ্ حوض }

হৌস [হোউস্] *বি* ১ বাণিজ্য কুঠি। ২ সওদাগরি দপ্তর বা অফিস (সওদাগর সাহেবদিগের হৌসে অনায়াসে কর্ম হইত—*বিপ*)। ৩ ব্যবসায়ীর দল বা ব্যবসায় প্রতিষ্ঠান; firm। {*ই.* house}

হ্যাংলা, হ্যাঙলা [হ্যাঙ্‌লা] *বিণ* ১ হীনভাবে লোভ প্রকাশ করে এমন। ২ খেলো ধরনের; লঘুচিত্ত। –পনা, **হ্যাংলামি** *বি* অশোভন লোলুপতা; হীনভাবে লোভের প্রকাশ; লঘুচিত্ততা।

হ্যাঁ ⇒ হাঁ

হ্যাঁগা, গ্যা [হ্যাঁগা, গা] *অব্য* সম্বোধনসূচক শব্দ (হ্যাঁগা শুনচ, শুনচ গ্যা)। {*ধ্বন্যা.*}

হ্যাঁচকা ⇒ হেঁচকা

হ্যাজাক [হ্যাজাক্] *বি* অধিকতর উজ্জ্বল আলোদানকারী গ্যাসের বাতিবিশেষ (হ্যাজাক দুটো জ্বালো—*সৈশু*)। {*অমূ.*}

হ্যাট, হেট [হ্যাট্] *বি* সাহেবি টুপি (আবিদ হেট মাথায় ছড়ি হাতে; একটি হ্যাট–কোটধারী বাইশ–তেইশ বছরের ছেলে—*রাব*। { *ই* hat}

হ্যান্ডনোট [হ্যানড্‌নোট্] *বি* ঋণ স্বীকারপত্র; যে কাগজে ঋণ গ্রহণের পরিমাণ ইত্যাদি লিখে ঋণগ্রহীতা স্বাক্ষর করে; খত; হাতচিঠা (হ্যাণ্ডনোট লিখে দিয়ে সে টাকাটা নিল)। { *ই* handnote}

হ্যান্ডবিল [হ্যানড্‌বিল্] *বি* প্রচারপত্র (বাজনা বাজিয়ে হ্যাণ্ডবিল বিলি করে—*সৈশা*)। { *ই* handbill}

হ্যাদান ⇒ হেদান

হ্যাদে ⇒ হেদে

হ্যাপা ⇒ হেপা

হ্যাভারস্যাক্‌ [হ্যাভার্‌স্যাক্] *বি* সৈন্যদের খাদ্য বহনার্থ ঝোলাবিশেষ (যাক আমার হ্যাভারস্যাক থেকে একটু আঙ্গুর বের করে খাওয়া যাক—*নই*)। { *ই* haver sack}

হ্রদ [রদ, হ্রদ্] *বি* চতুর্দিকে স্থলবিশিষ্ট বৃহৎ স্বাভাবিক জলাশয়। { *স.* √হ্রাদ্+অ(অচ্)}

হ্রস্ব [রশ্‌শো, হ্র–] *বিণ* ১ ক্ষুদ্র; খর্ব; বেঁটে; খাটো; বামন। ২ হালকা; লঘুভার। ৩ সামান্য; কম; অল্প। ৪ (*ব্যা.*) একমাত্রা উচ্চারণবিশিষ্ট বর্ণ (যথা—ই,উ)। **–তা, –ত্ব** *বি* ১ ক্ষুদ্রতা; খর্বতা। ২ লঘুতা। ৩ অল্পতা। **~–দীর্ঘ জ্ঞান** *বি* ১ সাধারণ জ্ঞান; common sense; কাণ্ডজ্ঞান। ২ ছোট–বড় বা জ্যেষ্ঠ–কনিষ্ঠ বা উচ্চ–নিচের প্রভেদ জ্ঞান; লঘু–গুরু জ্ঞান। { *স.* √হ্রস্+ব(বন্)}

হ্রাদ [হ্রাদ, রা–] *বি* ধ্বনি; নিনাদ। **হ্রাদী** (–দিন্) *বিণ* নিনাদকারী। **হ্রাদিনী** *স্ত্রী*. *বি* ১ বজ্র। ২ বিদ্যুৎ। ৩ নদী। □ *বিণ* নিনাদকারিণী। { *স.* √হ্রাদ্+অ(ঘঞ্)}

হ্রাস [হ্রাশ্, রা–] *বি* ১ হ্রস্বতা; কমতি; ঘাটতি; লাঘব। ২ ক্ষয়; অপচয়। { *স.* √হ্রস্+অ(ঘঞ্)}

হ্রী [হ্রি] *বি* লজ্জা। { *স.* √হ্রী+ক্বিপ্}

হ্রেষা [হ্রেশা] *বি* ঘোড়ার ডাক; অশ্বরব (তুরঙ্গের হ্রেষারব —*কায়*)। { *স.* √হ্রেষ্+অ+আ(টাপ্)}

হ্লাদ, হ্লাদন [হ্লাদ্, –দোন্] *বি* আনন্দ; হর্ষ। **হ্লাদিত** *বিণ* আহ্লাদিত; আনন্দিত। { *স.* √হ্লাদ্+অ(ঘঞ্), + অন(ল্যুট্)}

হ্লাদী (–দিন্) [হ্লাদি] *বিণ* ১ আহ্লাদযুক্ত; সহর্ষ; আনন্দিত। ২ আনন্দদায়ক; আনন্দজনক। { *স.* √হ্লাদ্+ইন(ণিনি)}

হ্লাদিনী [হ্লাদিনি] *বি* ১ বৈষ্ণব শাস্ত্রমতে ভগবানের স্বরূপশক্তি যা ভগবান ও ভক্তকে আনন্দিত করে। ২ শ্রীরাধিকা। □ *বিণ* ১ আনন্দদানকারিণী। ২ আনন্দময়ী; আহ্লাদযুক্তা। { *স.* √হ্লাদ্+ইন(ণিনি)+ঈ}

পরিশিষ্ট

[ব্যবহারিক অভিধানের পরিমার্জিত সংস্করণের পরিশিষ্ট হিসেবে মুদ্রণের পূর্বে সংশ্লিষ্ট বিশেষজ্ঞ কমিটির নিকট 'বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম'–এর মধ্যকার কিছু অসঙ্গতির প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলে ২৭ নভেম্বর ২০০০ তারিখে উক্ত কমিটির একটি সভায় তা আলোচিত হয় এবং কিছু সংশোধনী গ্রহণ করা হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন প্রফেসর আনিসুজ্জামান, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, জনাব জামিল চৌধুরী এবং জনাব সেলিনা হোসেন। সংশোধিত 'নিয়ম'টি এখানে মুদ্রিত হলো।]

বাংলা একাডেমী প্রমিত বাংলা বানানের নিয়ম

মুখবন্ধ

উনিশ শতকের আগে পর্যন্ত বাংলা বানানের নিয়ম বলতে বিশেষ কিছু ছিল না। উনিশ শতকের সূচনায় যখন বাংলা সাহিত্যের আধুনিক পর্ব শুরু হলো, বাংলা সাহিত্যিক গদ্যের উন্মেষ হলো, তখন মোটামুটি সংস্কৃত ব্যাকরণের অনুশাসন–অনুযায়ী বাংলা বানান নির্ধারিত হয়। কিন্তু বাংলা ভাষায় বহু তৎসম অর্থাৎ সংস্কৃত শব্দ গৃহীত হলেও অর্ধ–তৎসম, তদ্‌ভব, দেশী, বিদেশী শব্দের পরিমাণ কম নয়। এ–ছাড়া রয়েছে তৎসম–অতৎসম শব্দ, প্রত্যয়, বিভক্তি, উপসর্গ ইত্যাদি সহযোগে গঠিত নানারকমের মিশ্র শব্দ। তার ফলে বানান নির্ধারিত হলেও বাংলা বানানের সমতাবিধান সম্ভবপর হয় নি। তাছাড়া, বাংলা ভাষা ক্রমাগত সাধু রীতির নির্মোক ত্যাগ করে চলিত রূপ পরিগ্রহ করতে থাকে। তার উপর, অন্য অনেক ভাষার মতো বাংলারও লেখ্য রূপ সম্পূর্ণ ধ্বনিভিত্তিক নয়। তাই বাংলা বানানের অসুবিধাগুলি চলতেই থাকে। এই অসুবিধা ও অসঙ্গতি দূর করার জন্য প্রথমে বিশ শতকের বিশের দশকে বিশ্বভারতী এবং পরে ত্রিশের দশকে কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের নিয়ম নির্ধারণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিয়ম রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র সহ অধিকাংশ পণ্ডিত ও লেখক সমর্থন করেন। এখন পর্যন্ত এই নিয়মই আদর্শ নিয়মরূপে মোটামুটি অনুসৃত হচ্ছে।

তবু বাংলা বানানের সম্পূর্ণ সমতা বা অভিন্নতা যে প্রতিষ্ঠিত হয়েছে তা নয়। বরং কালে কালে বানানের বিশৃঙ্খলা বেড়ে যাচ্ছে। কতকগুলি শব্দের ক্ষেত্রে দেখা যায় নানাজনে নানারকম বানান লিখছেন। এটি গৌরবের কথা নয়। বানানের এইসব বিভিন্নতা ও বিশৃঙ্খলার কী কী কারণ থাকতে পারে এখানে সে–আলোচনা নিষ্প্রয়োজন। তবে অনেক চলমান ও বর্ধিষ্ণু ভাষাতেই দীর্ঘকাল জুড়ে ধীরে ধীরে বানানের কিছু কিছু পরিবর্তন হতে দেখা যায়। তখন এক সময়ে বানানের নিয়ম নতুন করে বেঁধে দেওয়ার বা সূত্রবদ্ধ করার প্রয়োজন হয়। এ–যাবৎ কলকাতা বিশ্ববিদ্যালয়–নির্দেশিত নিয়ম আমরা অনুসরণ করে চলেছি। কিন্তু আধুনিক কালের দাবি–অনুযায়ী, নানা বানানের যে–সব বিশৃঙ্খলা ও বিভ্রান্তি আমরা দেখছি সেই পরিপ্রেক্ষিতে বানানের নিয়মগুলিকে আর একবার সূত্রবদ্ধ করার প্রয়োজন দেখা দিয়েছে। বিশেষত কলকাতা বিশ্ববিদ্যালয়–নির্দেশিত নিয়মে বিকল্প ছিল কিছু বেশি। বিকল্প হয়তো একেবারে পরিহার করা যাবে না, কিন্তু যথাসাধ্য তা কমিয়ে আনা দরকার। এইসব কারণে বাংলা একাডেমী বাংলা বানানের বর্তমান নিয়ম নির্ধারণ করছে।

বাংলাদেশে এ–কাজ হয়তো আরো আগে হওয়া উচিত ছিল। ১৯৪৭–এর পর সরকার, কয়েকটি প্রতিষ্ঠান ও কোনো কোনো ব্যক্তি বাংলা বানান ও লিপির সংস্কারের চেষ্টা করেন। কিন্তু সে–চেষ্টা কখনো সফল হয় নি। আমরা এই নিয়মে বানান বা লিপির সংস্কারের প্রয়াস না করে বানানকে নিয়মিত, অভিন্ন ও প্রমিত করার ব্যবস্থা করেছি। এ–কাজ করার দাবি অনেক দিনের। এবং তা যে বাংলাদেশে একেবারে হয় নি সে–কথাও ঠিক বলা চলে না। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ১৯৮৮ সালে কর্মশালা করে ও বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করেছেন। বোর্ড এই নিয়ম করেছেন প্রাথমিক শিক্ষার পর্যায়ে পাঠ্যপুস্তকে ব্যবহারের জন্য। সেই নিয়মের খসড়া থেকে আমরা সাহায্য নিয়েছি এবং সেজন্য আমরা বোর্ডের প্রতি কৃতজ্ঞ। বলা বাহুল্য, বিশ্বভারতী ও কলকাতা বিশ্ববিদ্যালয় এই ক্ষেত্রে যে পথিকৃতের কাজ করেছিলেন তার জন্য সকল বাঙালিই তাঁদের কাছে কৃতজ্ঞ।

এ-ছাড়া বহু অভিধান-প্রণেতার সাহায্য আমরা গ্রহণ করেছি। তাঁদের প্রতিও আমরা কৃতজ্ঞতা প্রকাশ করছি।

এই নিয়ম সুপারিশ করার জন্য বাংলা একাডেমী নিম্নরূপ বিশেষজ্ঞ কমিটি গঠন করেন :

প্রফেসর আনিসুজ্জামান, সভাপতি ;
প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, সদস্য ;
ডক্টর জামিল চৌধুরী, সদস্য ;
অধ্যাপক নরেন বিশ্বাস, সদস্য ; এবং
জনাব বশীর আলহেলাল, সদস্য-সচিব।

এখন থেকে বাংলা একাডেমী তার সকল কাজে, তার বই ও পত্রপত্রিকায় এই বানান ব্যবহার করবে। ভাষা ও সাহিত্যের জাতীয় প্রতিষ্ঠানরূপে বাংলা একাডেমী সংশ্লিষ্ট সকলকে—লেখক, সাংবাদিক, শিক্ষক, বুদ্ধিজীবী এবং বিশেষভাবে সংবাদপত্রগুলিকে—সরকারি ও বে-সরকারি সকল প্রতিষ্ঠানকে এই বানান ব্যবহারের সুপারিশ ও অনুরোধ করছে।

প্রতিটি নিয়মের সঙ্গে বেশি করে উদাহরণ দেওয়া হয়েছে যাতে নিয়মটি বুঝতে সুবিধা হয়। অদূর ভবিষ্যতে এই নিয়মানুগ, যতদূর সম্ভব বৃহৎ একটি শব্দকোষ সংকলন ও প্রকাশের ইচ্ছা আমাদের রয়েছে।

বাংলা বানান সংস্কার করা আমাদের উদ্দেশ্য নয়। আমরা কেবল বানানের নিয়ম বেঁধে দিয়েছি, বরং বলা যায়, বানানের নিয়মগুলিকে ব্যবহারকারীর সামনে তুলে ধরেছি। এইসব নিয়ম বা এইসব বানানে ব্যাকরণের বিধান লঙ্ঘন করা হয় নি।

তৎসম শব্দ

১.০১. তৎসম অর্থাৎ বাংলা ভাষায় ব্যবহৃত অবিকৃত সংস্কৃত শব্দের বানান যথাযথ ও অপরিবর্তিত থাকবে। কারণ এইসব শব্দের বানান ও ব্যাকরণগত প্রকরণ ও পদ্ধতি নির্দিষ্ট রয়েছে।

১.০২. তবে যে-সব তৎসম শব্দে ই ঈ বা উ ঊ উভয় শুদ্ধ সেইসব শব্দে কেবল ই বা উ এবং তার-কার চিহ্ন ি ু ব্যবহৃত হবে। যেমন : কিংবদন্তি, খঞ্জনি, চিৎকার, ধমনি, ধূলি, পঞ্জি, পদবি, ভঙ্গি, মঞ্জরি, মসি, লহরি, সরণি, সূচিপত্র, উর্ণা, উষা।

১.০৩. রেফ-এর পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : অর্চনা, অর্জন, অর্থ, অর্ধ, কর্দম, কর্তন, কর্ম, কার্য, গর্জন, মূর্ছা, কার্তিক, বার্ধক্য, বার্তা, সূর্য।

১.০৪. সন্ধির ক্ষেত্রে ক খ গ ঘ পরে থাকলে পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার (ং) লেখা যাবে। যেমন: অহংকার, ভয়ংকর, সংগীত, শুভংকর, হৃদয়ংগম, সংঘটন। তবে অঙ্ক, অঙ্গ, আকাঙ্ক্ষা, গঙ্গা, বঙ্গ, লঙ্ঘন, সঙ্গ, সঙ্গী প্রভৃতি সন্ধিবদ্ধ নয় বলে ঙ স্থানে ং হবে না।

অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দ

২.০১. **ই ঈ উ ঊ**

সকল অ-তৎসম অর্থাৎ তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দে কেবল ই এবং উ এবং এদের-কার চিহ্ন ি ু ব্যবহৃত হবে। এমনকি স্ত্রীবাচক ও জাতিবাচক ইত্যাদি শব্দের ক্ষেত্রেও এই নিয়ম প্রযোজ্য হবে। যেমন গাড়ি, চুরি, দাড়ি, বাড়ি, ভারি (অত্যন্ত অর্থে), শাড়ি, তরকারি, বোমাবাজি, দাবি, হাতি, বেশি, খুশি, হিজরি, আরবি, ফারসি, ফরাসি, বাঙালি, ইংরেজি, জাপানি, জার্মানি, ইরানি, হিন্দি, সিন্ধি, ফিরিঙ্গি, সিঙ্গি, ছুরি, টুপি, সরকারি, মাস্টারি, মালি, পাগলামি, পাগলি, দিঘি, কেরামতি, রেশমি, পশমি, পাখি, ফরিয়াদি, আসামি, বে-আইনি, ছড়ি, কুমির, নানি, দাদি, বিবি, মামি, চাচি, মাসি, পিসি, দিদি, বুড়ি, ছুঁড়ি, নিচ, নিচু, ইমান, চুন, পুব, ভুখা, মুলা, পুজো, উনিশ, উনচল্লিশ।

অনুরূপভাবে—আলি প্রত্যয়যুক্ত শব্দে ই-কার হবে। যেমন : খেয়ালি, বর্ণালি, মিতালি, সোনালি, হেঁয়ালি।

তবে কোনো কোনো স্ত্রীবাচক শব্দের শেষে ঈ–কার দেওয়া যেতে পারে। যেমন : রানী, পরী, গাভী।

সর্বনাম পদরূপে এবং বিশেষণ ও ক্রিয়া–বিশেষণ পদরূপে কী শব্দটি ঈ–কার দিয়ে লেখা হবে। যেমন : কী করছ ? কী পড়ো ? কী খেলে ? কী আর বলব ? কী জানি ? কী যে করি ! তোমার কী। এটা কী বই ? কী করে যাব ? কী বুদ্ধি নিয়ে এসেছিলে। কী আনন্দ ! কী দুরাশা !

অন্য ক্ষেত্রে অব্যয় পদরূপে ই–কার দিয়ে কি শব্দটি লেখা হবে। যেমন : তুমিও কি যাবে ? সে কি এসেছিল ? কি বাংলা কি ইংরেজি উভয় ভাষায় তিনি পারদর্শী।

পদাশ্রিত নির্দেশক টি–তে ই–কার হবে। যেমন : ছেলেটি, লোকটি, বইটি।

২.০২. ক্ষ

ক্ষীর, ক্ষুর ও ক্ষেত শব্দ খির, খুর ও খেত না লিখে সংস্কৃত মূল অনুসরণে ক্ষীর, ক্ষুর ও ক্ষেত–ই লেখা হবে। তবে অ–তৎসম শব্দ খুদ, খুদে, খুর, খেপা, খিধে, ইত্যাদি লেখা হবে।

২.০৩. মূর্ধন্য ণ, দন্ত্য ন

তৎসম শব্দের বানানে ণ, ন–য়ের নিয়ম ও শুদ্ধতা রক্ষা করতে হবে। এ–ছাড়া তদ্‌ভব, দেশী, বিদেশী, মিশ্র কোনো শব্দের বানানে ণত্ব–বিধি মানা হবে না অর্থাৎ ণ ব্যবহার করা হবে না। যেমন: অঘ্রান, ইরান, কান, কোরান, গুনতি, গোনা, ঝরনা, ধরন, পরান, সোনা, হর্ন।

তৎসম শব্দে ট ঠ ড ঢ–য়ের পূর্বে যুক্ত নাসিক্য বর্ণ ণ হয়, যেমন : কণ্টক, লুণ্ঠন, প্রচণ্ড। কিন্তু তৎসম ছাড়া অন্য সকল শব্দের ক্ষেত্রে ট ঠ ড ঢ–য়ের আগেও কেবল ন হবে। ৪.০১ দ্রষ্টব্য।

২.০৪, শ, ষ, স

তৎসম শব্দে শ, ষ, স–য়ের নিয়ম মানতে হবে। এ–ছাড়া অন্য কোনো ক্ষেত্রে সংস্কৃতের ষত্ব–বিধি প্রযোজ্য হবে না।

বিদেশী মূল শব্দে শ, স–য়ের যে প্রতিষঙ্গী বর্ণ বা ধ্বনি রয়েছে বাংলা বানানে তাই ব্যবহার করতে হবে। যেমন : সাল(=বৎসর), সন, হিসাব, শহর, শরবত, শামিয়ানা, শখ, শৌখিন, মসলা, জিনিস, আপস, সাদা, পোশাক, বেহেশ্‌ত, নাশতা, কিশমিশ, শরম, শয়তান, শার্ট, স্মার্ট। তবে পুলিশ শব্দটি ব্যতিক্রমরূপে শ দিয়ে লেখা হবে। তৎসম শব্দে ট, ঠ বর্ণের পূর্বে ষ হয়। যেমন: বৃষ্টি, দুষ্ট, নিষ্ঠা, পৃষ্ঠা। কিন্তু বিদেশী শব্দে এই ক্ষেত্রে স হবে। যেমন : স্টল, স্টাইল, স্টিমার, স্টুডিয়ো, স্টেশন, স্টোর, স্ট্রিট।

কিন্তু খ্রিষ্ট যেহেতু বাংলায় আত্তীকৃত শব্দ এবং এর উচ্চারণও হয় তৎসম কৃষ্টি, তুষ্ট, ইত্যাদি শব্দের মতো, তাই ষ্ট দিয়ে খ্রিষ্ট শব্দটি লেখা হবে।

২.০৫. আরবি–ফারসি শব্দে 'সে' (ث), 'সিন' (س), 'সোয়াদ' (ص) বর্ণগুলির প্রতিবর্ণরূপে স, এবং 'শিন' (ش)–এর প্রতিবর্ণরূপে শ ব্যবহৃত হবে। যেমন : সালাম, তসলিম, ইসলাম, মুসলিম, মুসলমান, সালাত, এশা, শাবান (হিজরি মাস), শাওয়াল (হিজরি মাস), বেহেশ্‌ত। এই ক্ষেত্রে স–এর পরিবর্তে ছ লেখার কিছু কিছু প্রবণতা দেখা যায়, তা ঠিক নয়। তবে যেখানে বাংলায় বিদেশী শব্দের বানান সম্পূর্ণ পরিবর্তিত হয়ে স ছ–য়ের রূপ লাভ করেছে সেখানে ছ ব্যবহার করতে হবে। যেমন : পছন্দ, মিছিল, মিছরি, তছনছ।

২.০৬. ইংরেজি ও ইংরেজির মাধ্যমে আগত বিদেশী s বর্ণ বা ধ্বনির জন্য স এবং sh, -sion, -ssion, -tion প্রভৃতি বর্ণগুচ্ছ বা ধ্বনির জন্য শ ব্যবহৃত হবে।

২.০৭. জ, য

বাংলায় প্রচলিত বিদেশী শব্দ সাধারণভাবে বাংলা ভাষার ধ্বনিপদ্ধতি–অনুযায়ী লিখতে হবে। যেমন : কাগজ, জাহাজ, হুকুম, হাসপাতাল, টেবিল, পুলিশ, ফিরিস্তি, হাজার, বাজার, জুলুম, জেব্রা।

কিন্তু ইসলাম ধর্ম–সংক্রান্ত কয়েকটি বিশেষ শব্দে 'যে' (ز), 'যাল' (ذ), 'যোয়াদ' (ض), 'যোই' (ظ) রয়েছে, যার ধ্বনি ইংরেজি z–এর মতো, সেক্ষেত্রে উক্ত আরবি বর্ণগুলির জন্য য ব্যবহৃত হওয়া সঙ্গত। যেমন : আযান, এযিন, ওযু, কাযা, নামায, মুয়াযযিন,

যোহর, রমযান। তবে কেউ ইচ্ছা করলে এই ক্ষেত্রে য-এর পরিবর্তে জ ব্যবহার করতে পারেন। জাদু, জোয়াল, জো, ইত্যাদি শব্দ জ দিয়ে লেখা বাঞ্ছনীয়।

২.০৮. এ, অ্যা

বাংলায় এ বা ে-কার দ্বারা অবিকৃত এ এবং বিকৃত বা বাঁকা অ্যা এই উভয় উচ্চারণ বা ধ্বনি নিষ্পন্ন হয়। তৎসম বা সংস্কৃত ব্যাস, ব্যায়াম, ব্যাহত, ব্যাপ্ত, জ্যামিতি, ইত্যাদি শব্দের বানান অনুরূপভাবে লেখার নিয়ম রয়েছে। অনুরূপ তৎসম এবং বিদেশী শব্দ ছাড়া অন্য সকল বানানে অবিকৃত-বিকৃত নির্বিশেষে এ বা ে-কার হবে। যেমন : দেখে, দেখি, যেন, জেনো, কেন, কোনো (ক্রয় করো), গেল, গেলে, গেছে।

বিদেশী শব্দে অবিকৃত উচ্চারণের ক্ষেত্রে এ বা ে-কার ব্যবহৃত হবে। যেমন : এন্ড (end), নেট, বেড, শেড।

বিদেশী শব্দে বিকৃত বা বাঁকা উচ্চারণে অ্যা বা ্যা ব্যবহৃত হবে। যেমন অ্যান্ড (and), অ্যাবসার্ড, অ্যাসিড, ক্যাসেট, ব্যাক, ম্যানেজার, হ্যাট।

তবে কিছু তদ্ভব এবং বিশেষভাবে দেশী শব্দ রয়েছে যার ্যা-কারযুক্ত রূপ বহুল-পরিচিত। যেমন : ব্যাঙ, চ্যাঙ, ল্যাঙ, ল্যাঠা। এসব শবেদ ্যা অপরিবর্তিত থাকবে।

২.০৯. ও

বাংলা অ-কারের উচ্চারণ বহুক্ষেত্রে ও-কার হয়। এই উচ্চারণকে লিখিত রূপ দেওয়ার জন্য ক্রিয়াপদের বেশ কয়েকটি রূপের এবং কিছু বিশেষণ ও অব্যয় পদের শেষে, কখনো আদিতে অনেকে যথেচ্ছভাবে ো-কার ব্যবহার করছেন। যেমন : ছিলো, করলো, বলতো, কোরছ, হোলে, যেনো, কেনো (কীজন্য), ইত্যাদি ও-কারযুক্ত বানান লেখা হচ্ছে। বিশেষ ক্ষেত্রে ছোড়া অনুরূপ ো-কার ব্যবহার করা হবে না। বিশেষ ক্ষেত্রের মধ্যে রয়েছে এমন অনুজ্ঞাবাচক ক্রিয়াপদ এবং বিশেষণ ও অব্যয় পদ বা অন্য শব্দ যার শেষে ো-কার যুক্ত না করলে অর্থ অনুধাবনে ভ্রান্তি বা বিলম্ব ঘটতে পারে। যেমন : ধরো, চড়ো, বলো, বোলো, জেনো, কেনো (ক্রয় করো), করানো, খাওয়ানো, শেখানো, করাতো, মতো, ভালো, আলো, কালো, হলো।

২.১০. ং, ঙ

তৎসম শব্দে ং এবং ঙ যেখানে যেমন ব্যবহার্য ও ব্যাকরণসম্মত সেইভাবে ব্যবহার করতে হবে। এ-সম্পর্কে পূর্বে ১.০৪ অনুচ্ছেদে কিছু নিয়মের কথা বলা হয়েছে। তদ্ভব, দেশী, বিদেশী, মিশ্র শব্দের বানানের ক্ষেত্রে ওই নিয়মের বাধ্যবাধকতা নেই। তবে এই ক্ষেত্রে প্রত্যয় ও বিভক্তিহীন শব্দের শেষে সাধারণভাবে অনুস্বার (ং) ব্যবহৃত হবে। যেমন : রং, সং, পালং, ঢং, রাং, গাং। তবে শব্দে অব্যয় বা বিভক্তি যুক্ত হলে কিংবা পদের মধ্যে বা শেষে স্বরচিহ্ন থাকলে ঙ হবে। যেমন : বাঙালি, ভাঙা, রঙিন, রঙের। বাংলা ও বাংলাদেশ শব্দ-দু'টি ং দিয়ে লিখতে হবে। বাংলাদেশের সংবিধানে তাই করা হয়েছে।

২.১১. রেফ (́) ও দ্বিত্ব

তৎসম শব্দের অনুরূপ বানানের ক্ষেত্রে যেমন পূর্বে বলা হয়েছে, অ-তৎসম সকল শব্দেও রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন : কর্জ, কোর্তা, মর্দ, সর্দার।

২.১২. বিসর্গ

শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন : কার্যত, মূলত, প্রধানত, প্রয়াত, বস্তুত, ক্রমশ, প্রায়শ।

পদমধ্যস্থ বিসর্গ থাকবে। তবে অভিধানসিদ্ধ হলে পদমধ্যস্থ বিসর্গ বর্জনীয়। যেমন : দুস্থ, নিস্পৃহ।

২.১৩. আনো প্রত্যয়ান্ত শব্দ

আনো প্রত্যয়ান্ত শব্দের শেষে ো-কার যুক্ত করা হবে। যেমন : করানো, বলানো, খাওয়ানো, পাঠানো, নামানো, শোয়ানো।

২.১৪. বিদেশী শব্দ ও যুক্তবর্ণ

বাংলায় বিদেশী শব্দের বানানে যুক্তবর্ণকে বিশ্লিষ্ট করার প্রবণতা দেখা যাচ্ছে। যুক্তবর্ণের

সুবিধা হচ্ছে তা উচ্চারণের দ্বিধা দূর করে। তাই ব্যাপকভাবে বিদেশী শব্দের বানানে যুক্তবর্ণ বিশ্লিষ্ট করা অর্থাৎ ভেঙে দেওয়া উচিত নয়। শব্দের আদিতে তো অনুরূপ বিশ্লেষ সম্ভবই নয়। যেমন : স্টেশন, স্ট্রিট, স্প্রিট, স্প্রিং। তবে কিছু কিছু বিশ্লেষ করা যায়। যেমন : সেপ্টেম্বর, অকটোবর, মার্ক্‌স, শেক্‌সপিয়র, ইস্‌রাফিল।

২.১৫. **হস্‌-চিহ্ন**

হস্‌চিহ্ন যথাসম্ভব বর্জন করা হবে। যেমন : কাত, মদ, চট, ফটফট, কলকল, ঝরঝর, তছনছ, জজ, টন, হুক, চেক, ডিশ, করলেন, বললেন, শখ, টাক, টক।

তবে যদি ভুল উচ্চারণের আশঙ্কা থাকে তাহলে হস্‌-চিহ্ন ব্যবহার করা যেতে পারে। যেমন : উহ্‌, যাহ্‌।

যদি অর্থের বিভ্রান্তির আশঙ্কা থাকে তাহলেও তুচ্ছ অনুজ্ঞায় হস্‌-চিহ্ন ব্যবহার করা যেতে পারে। যেমন : কর্‌, ধর্‌, মর্‌, বল্‌।

২.১৬. **ঊর্ধ্ব-কমা**

ঊর্ধ্ব-কমা যথাসম্ভব বর্জন করা হবে। যেমন : করল (=করিল), ধরত, বলে (=বলিয়া), হয়ে, দু জন, চার শ, চাল (=চাউল), আল (=আইল)।

বিবিধ

৩.০১. যুক্ত-ব্যঞ্জনবর্ণগুলি যতদূর সম্ভব স্বচ্ছ করতে হবে অর্থাৎ পুরাতন রূপ বাদ দিয়ে এগুলির স্পষ্ট রূপ দিতে হবে। তার জন্য কতকগুলি স্বরচিহ্নকে বর্ণের নিচে বসাতে হবে। যেমন গু, রু, শু, দ্রু, শ্রু, রূ, স্তু, হূ, ত্রু, ভ্রু।

তবে ক্ষ, জ্ঞ, ঞ্জ, ঞ্চ, হ্ম, ত্র, হ্ন—এইসব ক্ষেত্রে পরিচিত যুক্ত-রূপ অপরিবর্তিত থাকবে। কেননা তা বিশ্লিষ্ট করলে উচ্চারণবিকৃতির সম্ভাবনা থাকে।

৩.০২. সমাসবদ্ধ পদগুলি একসঙ্গে লিখতে হবে, মাঝখানে ফাঁক রাখা চলবে না। যেমন : সংবাদপত্র, অনাস্বাদিতপূর্ব, পূর্বপরিচিত, রবিবার, মঙ্গলবার, স্বভাবগতভাবে, লক্ষ্যভ্রষ্ট, বারবার, বিষাদমণ্ডিত, সমস্যাপূর্ণ, অদৃষ্টপূর্ব, দৃঢ়সঙ্কল্প, সংযতবাক, নেশাগ্রস্ত, পিতাপুত্র।

বিশেষ প্রয়োজনে সমাসবদ্ধ পদটিকে একটি, কখনো একটির বেশি হাইফেন (-) দিয়ে যুক্ত করা যায়। যেমন মা-মেয়ে, মা-ছেলে, বেটা-বেটি, বাপ-বেটা, ভবিষ্য-তহবিল, সর্ব-অঙ্গ, বে-সামরিক, স্থল-জল-আকাশ-যুদ্ধ, কিছু-না-কিছু।

৩.০৩. বিশেষণ পদ সাধারণভাবে পরবর্তী পদের সঙ্গে যুক্ত হবে না। যেমন : সুনীল আকাশ, স্তব্ধ মধ্যাহ্ন, সুগন্ধ ফুল, লাল গোলাপ, ভালো দিন, সুন্দরী মেয়ে। কিন্তু যদি সমাসবদ্ধ পদ অন্য বিশেষ্য বা ক্রিয়াপদের গুণ বর্ণনা করে তাহলে স্বভাবতই সেই যুক্তপদ একসঙ্গে লিখতে হবে। যেমন : কতদূর যাবে, একজন অতিথি, তিনহাজার টাকা, বেশির-ভাগ ছেলে, শ্যামলা-বরন মেয়ে। তবে কোথাও কোথাও সংখ্যাবাচক শব্দ একসঙ্গে লেখা যাবে। যেমন : দুজনা।

৩.০৪. নাই, নেই, না, নি এই নঞর্থক অব্যয় পদগুলি শব্দের শেষে যুক্ত না হয়ে পৃথক থাকবে। যেমন : বলে নাই, যাই নি, পাব না, তার মা নাই, আমার ভয় নেই।

তবে শব্দের পূর্বে নঞর্থক উপসর্গরূপে না উত্তরপদের সঙ্গে যুক্ত থাকবে। যেমন : নারাজ, নাবালক, নাহক।

অর্থ পরিস্ফুট করার জন্য কোনো কোনো ক্ষেত্রে প্রয়োজন অনুভূত হলে না-এর পর হাইফেন ব্যবহার করা যায়। যেমন : না-বলা বাণী, না-শোনা কথা, না-গোনা পাখি।

৩.০৫. উদ্ধৃতি মূলে যেমন আছে ঠিক তেমনি লিখতে হবে। কোন পুরাতন রচনায় যদি বানান বর্তমান নিয়মের অনুরূপ না হয়, উক্ত রচনার বানানই যথাযথভাবে উদ্ধৃত করতে হবে। যদি উদ্ধৃত রচনায় বানানের ভুল বা মুদ্রণের ত্রুটি থাকে, ভুলই উদ্ধৃত করে তৃতীয় বন্ধনীর মধ্যে শুদ্ধ বানানটির উল্লেখ করতে হবে। এক বা দুই ঊর্ধ্ব-কমার দ্বারা উদ্ধৃত অংশকে চিহ্নিত করতে হবে। তবে উদ্ধৃত অংশকে যদি ইনসেট করা হয় তাহলে ঊর্ধ্ব-কমার চিহ্ন ব্যবহার করতে হবে না। তাছাড়া কবিতা যদি মূল চরণ-বিন্যাস অনুযায়ী উদ্ধৃত হয় এবং কবির নামের উল্লেখ থাকে সে-

ক্ষেত্রেও উদ্ধৃতি–চিহ্ন দেওয়ার দরকার নেই। ইনসেট না হলে গদ্যের উদ্ধৃতিতে প্রথমে ও শেষে উদ্ধৃতি–চিহ্ন দেওয়া ছাড়াও প্রত্যেক অনুচ্ছেদের প্রারম্ভে উদ্ধৃতি–চিহ্ন দিতে হবে। প্রথমে, মধ্যে বা শেষে উদ্ধৃত রচনার কোনো অংশ যদি বাদ দেওয়া হয় অর্থাৎ উদ্ধৃত করা না হয়, বাদ দেওয়ার স্থানগুলিকে তিনটি বিন্দু বা ডট (অবলোপ চিহ্ন) দ্বারা চিহ্নিত করতে হবে। গোটা অনুচ্ছেদ, স্তবক বা একাধিক ছত্রের কোনো বৃহৎ অংশ বাদ দেওয়ার ক্ষেত্রে তিনটি তারকার দ্বারা একটি ছত্র রচনা করে ফাঁকগুলিকে চিহ্নিত করতে হবে।

কোনো পুরাতন অভিযোজিত বা সংক্ষেপিত পাঠে অবশ্য পুরাতন বানানকে বর্তমান নিয়ম–অনুযায়ী পরিবর্তিত করা যেতে পারে।

৪.০১. **ণত্ব-বিধি সম্পর্কে দুই মত**

অ-তৎসম শব্দের যুক্তাক্ষরের বানানের ক্ষেত্রে কমিটির সদস্যগণ একমত হতে পারেন নি। একটি মতে বলা হয়েছে যে, এসব শব্দে যুক্তাক্ষরে ণ্ট ণ্ঠ ণ্ড ণ্ঢ হবে। যথা : ঘণ্টা, লণ্ঠন, গুণ্ডা। অন্যমতে বলা হয়েছে যে, এসব শব্দের যুক্তাক্ষরে ন্ট, ন্ঠ, ন্ড, ন্ঢ ব্যবহৃত হবে। যথা : ঘন্টা, প্যান্ট, প্রেসিডেন্ট, লন্ঠন, গুন্ডা, পান্ডা, ব্যান্ড, লন্ডভন্ড।

চলতি ভাষায় ক্রিয়াপদের কতকগুলি রূপ

হ্–ধাতু: হয়, হন, হও, হস, হই। হচ্ছে। হয়েছে। হোক, হোন, হও, হ। হলো, হলে, হলাম। হতো। হচ্ছিল। হয়েছিল। হবো, হবে। হয়ো, হস। হতে, হয়ে, হলে, হবার (হওয়ার), হওয়া।

খা–ধাতু: খায়, খাও, খান, খাস, খাই। খাচ্ছে। খেয়েছে। খাক, খান, খাও, খা। খেল, খেলে, খেলাম। খেত, খাচ্ছিল। খেয়েছিল। খাব, খাবে। খেয়ো, খাস। খেতে, খেয়ে, খেলে, খাবার (খাওয়ার) খাওয়া।

দি–ধাতু: দেয়, দেন, দাও, দিস, দিই। দিচ্ছে। দিয়েছে। দিক, দিন, দাও, দে। দিল, দিলে, দিলাম। দিত। দিচ্ছিল। দিয়েছিল। দেবো, দেবে। দিও (দিয়ো), দিস। দিতে, দিয়ে, দিলে, দেবার (দেওয়ার), দেওয়া।

নি–ধাতু: নেয়, নেন, নাও, নিস, নিই। নিচ্ছে। নিয়েছে। নিক, নিন, নাও, নে। নিল, নিলে, নিলাম। নিত। নিচ্ছিল। নিয়েছিল। নেব, নেবে। নিও (নিয়ো), নিস। নিতে, নিয়ে, নিলে, নেবার (নেওয়ার), নেওয়া।

শু–ধাতু: শোয়, শোন, শোও, শুস, শুই। শুচ্ছে। শুয়েছে। শুক, শোন, শোও, শো। শুল, শুলে, শুলাম। শুত। শুচ্ছিল। শুয়েছিল। শোব, শুয়ো, শুস। শুতে, শুয়ে, শুলে, শোবার (শোওয়ার), শোয়া।

কর্–ধাতু: করে, করেন, করো, করিস, করি। করছে। করেছে। করুক, করুন, করো, কর। করল করলে, করলাম। করত। করছিল। করেছিল। করব, করবে। কোরো, করিস। করতে, করে, করলে, করবার (করার), করা।

কাট্–ধাতু: কাটে, কাটেন, কাটো, কাটিস, কাটি। কাটছে। কেটেছে। কাটুক, কাটুন, কাটো, কাট। কাটল, কাটলে, কাটলাম। কাটত। কাটছিল। কেটেছিল। কাটব, কাটবে। কেটো, কাটিস। কাটতে, কেটে, কাটলে, কাটবার (কাটার), কাটা।

লিখ্–ধাতু: লেখে, লেখেন, লেখো, লিখিস, লিখি। লিখছে। লিখেছে। লিখুক, লিখুন, লেখো, লেখ। লিখল, লিখলে, লিখলাম। লিখত। লিখছিল। লিখেছিল। লিখব, লিখবে। লিখো, লিখিস। লিখতে, লিখে, লিখলে, লেখবার (লেখার), লেখা।

শিখ্–ধাতু: শেখে, শেখেন, শেখো, শিখিস, শিখি। শিখছে। শিখেছে। শিখুক, শিখুন, শেখো, শেখ। শিখল, শিখলে, শিখলাম। শিখত। শিখছিল। শিখেছিল। শিখব, শিখবে। শিখো, শিখিস। শিখতে, শিখে, শিখলে, শেখবার (শেখার), শেখা।

উঠ্–ধাতু: ওঠে, ওঠেন, ওঠো, উঠিস, উঠি। উঠছে। উঠেছে। উঠুক, উঠুন, ওঠো, ওঠ। উঠল, উঠলে, উঠলাম। উঠত। উঠছিল। উঠেছিল। উঠব, উঠবে। ওঠো, উঠিস। উঠতে, উঠে, উঠলে, ওঠবার (ওঠার), ওঠা।